বাঙ্গালা ভাষার অভিধান

। উচ্চারণ, ব্যুৎপত্তি, অর্থ, প্রয়োগ প্রভৃতি নির্দ্দেশক, প্রচলিত যাবতীয় সংস্কৃত ধাতু ও ধাত্বর্থ, বাঙ্গালা কাব্য, ইতিহাস,
পুরাণাদি গ্রন্থে উল্লিখিত প্রসিদ্ধস্থানের উচ্চারণসহ ভৌগোলিক সংস্থান, বাঙ্গালা ভাষায় প্রচলিত সংস্কৃত, হিন্দী
ও বৈদেশিক প্রবচন ও শব্দাদির অভিধান, প্রাচীন ও আধুনিক মুদ্রা, পরিমাণ সংখ্যা ও পরিমাপবাচক
শব্দাভিধান, বাঙ্গালা ভাষায় সুপ্রচলিত প্রবাদ বা উল্লেখের সহিত সংসৃষ্ট পৌরাণিক
ঐতিহাসিক ও কাল্পনিক ব্যক্তির নাম, বঙ্গীয় নরনারীর প্রচলিত নামসংক্ষেপ ও
ডাকনামবোধক শব্দাভিধান, বাঙ্গালী মুসলমানদিগের আরবী ও ফারসী
নামের বিশুদ্ধ উচ্চারণসঙ্গত বানান এবং ব্যুৎপত্তিগত অর্থ,
বিদেশী নামের বাঙ্গালা লিপ্যন্তর, উচ্চারণ ও
সংক্ষিপ্ততম পরিচয় ইত্যাদি বিবিধ
প্রয়োজনীয় বিষয়ক পরিশিষ্ট
সম্বলিত শব্দাভিধান।

"মেঘনাদবধকাব্যে"র টীকাকার, "চরিত্রগঠন", "ঋদ্ধি" এবং
"বঙ্গের বাহিরে বাঙ্গালী" প্রণেতা

শ্রীজ্ঞানেন্দ্রমোহন দাস কর্ত্তৃক

সঙ্কলিত ও সম্পাদিত।

প্রকাশক

ইণ্ডিয়ান প্রেস—এলাহাবাদ।

ইণ্ডিয়ান্ পাব্লিশিং হাউস্—কলিকাতা

মূল্য ৭৲ টাকা।

নিউ আর্টিষ্টিক প্রেস, ১ নং রামকিষণ দাসের লেন, কলিকাতা

শ্রীশরৎশশী রায় দ্বারা মুদ্রিত

ও

এলাহাবাদ, ইণ্ডিয়ান্ প্রেস্ হইতে শ্রীঅপূর্ব্বকৃষ্ণ বসু দ্বারা প্রকাশিত।

ভূমিকা।

বাঙ্গালার এমনও দিন গিয়াছে, যখন মহামহোপাধ্যায় পণ্ডিতগণ অমরকোষাদি সংস্কৃত অভিধানের শব্দসমূহ বিভক্তিযুক্ত অথবা বিভক্তিহীন করিয়া বঙ্গীয় পদ্ধতি-সিদ্ধ ক্রিয়াযোগে সম্পূর্ণ সংস্কৃত ব্যাকরণের ছাঁচে-ঢালা পণ্ডিতী বাঙ্গালার সৃষ্টি করিতেছিলেন; যখন বৌদ্ধ-বাঙ্গালা চাপা পড়িয়া গিয়াছিল, বৈষ্ণব-বাঙ্গালা সম্প্রদায়গত ছিল, অপণ্ডিতের ভাষা পণ্ডিত-সমাজে অবজ্ঞাত হইয়াছিল এবং নব্য ইংরেজীশিক্ষিত সভামহলে কথা-বাঙ্গালা অকথ্য হইয়া উঠিতেছিল। সেই সময়ের বাঙ্গালা অভিধান-গুলিকে সংস্কৃত-বাঙ্গালা অভিধান বলা যাইতে পারে। তাহার পরবর্ত্তী কালেও গতানুগতিকভাবে বাঙ্গালা অভিধানকারগণ সাহিত্যে প্রবিষ্ট অসংস্কৃত শব্দগুলিকে অতি সন্তর্পণে বর্জ্জন করিয়া অভিধানের বিশুদ্ধি ও মর্য্যাদা রক্ষা করিয়া গিয়াছেন। ইতিপূর্ব্বে দুই একখানি বাঙ্গালা অভিধান এই প্রথার অন্যথাচরণ করিলেও, এখনও সে চেষ্টা এককালে পরিত্যক্ত হয় নাই। কিন্তু, অভিধান সঙ্কলনের পূর্ব্বপদ্ধতি বজায় থাকা সত্ত্বেও, কাল প্রভাবে, এখন বাঙ্গালানামধেয় সংস্কৃত-বাঙ্গালা পুরাতন অভিধানের নুতন সংস্করণে মধ্যে মধ্যে বাঙ্গালা গ্রন্থ হইতে উদ্ধার এবং সংস্কৃতের অপভ্রষ্ট ও অবঙ্গীয় শব্দও যুক্ত করিতে হইতেছে। সাহিত্যে টেকচাঁদ ঠাকুর যেমন অসীম সাহসে আলালী ভাষার প্রবর্ত্তন করিয়া যুগান্তর আনিয়াছিলেন, বঙ্গীয় শব্দসিন্ধুকার শ্রীযুক্ত রজনীকান্ত বিদ্যাবিনোদ মহাশয়ের পর, পাণ্ডিত্যে লব্ধপ্রতিষ্ঠ অধ্যাপক শ্রীযুক্ত যোগেশচন্দ্র রায় বিদ্যানিধি মহাশয় তেমনি অসীম সাহসে তাঁহার বাঙ্গালা ব্যাকরণ প্রণয়ন ও বাঙ্গালা শব্দকোষ সঙ্কলন করিয়া বাঙ্গালা ব্যাকরণ ও অভিধানের ইতিহাসে যুগান্তর আনয়ন করিয়াছেন। কিন্তু, পূর্ব্ব পূর্ব্ব অভিধানকারগণ যেমন বাঙ্গালা ভাষা ও সাহিত্য হইতে বিশুদ্ধ সংস্কৃত শব্দগুলি বাছিয়া বাছিয়া অভিধানের অন্তর্ভুক্ত করিয়াছেন, বিদ্যানিধি মহাশয় তদ্রূপ একটা মূল উদ্দেশ্য ধরিয়াই তাঁহার অভিধান হইতে সেইগুলিকে বিসর্জ্জন করিয়াছেন। তথাপি তাঁহার শব্দকোষ পরবর্ত্তী অভিধানসঙ্কলয়িতাগণের কর্ম্মক্ষেত্র সুগম করিয়া দিয়াছে এবং তিনি তাঁহাদের ও সাধারণের কৃতজ্ঞতাভাজন ও ধন্যবাদার্হ হইয়াছেন। বর্ত্তমান অভিধানের উদ্দেশ্য স্বতন্ত্র, সুতরাং প্রণালীও ভিন্ন। এলাহাবাদ অবস্থানকালে পঞ্চদশবর্ষ পূর্ব্বে "বঙ্গভাষা ও বাঙ্গালা অভিধান" এবং "বাঙ্গালা শব্দতত্ত্ব" প্রবন্ধে "প্রবাসী" ও "সাহিত্যপরিষৎ-পত্রিকায়" অভিধান সঙ্কলনের প্রণালী সম্বন্ধে যে আভাস দিয়াছিলাম বর্ত্তমান "বাঙ্গালা ভাষার অভিধানে" প্রধানতঃ তাহারই অনুসরণ করিয়াছি।

বাঙ্গালা অভিধান

ভাষা-বৈজ্ঞানিকের সিদ্ধান্তমতে মাগধী-প্রাকৃতই প্রাচীনতম বাঙ্গালার মূল। কিন্তু কি প্রাচীন কি বর্ত্তমান সকল অবস্থাতেই সংস্কৃতের প্রভাব অল্পাধিক বিদ্যমান আছে। প্রাচীন বাঙ্গালা যুগ-প্রভাবের অধীন হইয়া পূর্ব্বরূপ অল্পাধিক পরিবর্ত্তন এবং হিন্দী, গুজরাতী প্রভৃতি সংস্কৃত-প্রাকৃত মূলক, দ্রাবিড়, আরবী, ফারসী, পর্ত্তুগীজ ও ইংরেজী প্রভৃতি ভাষার শব্দ ও ভাব গ্রহণ করিতে করিতে বর্ত্তমান রূপে পরিণত হইয়াছে। মহামহোপাধ্যায় পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয়-সম্পাদিত বৌদ্ধবাঙ্গালা তান্ত্রিক

গ্রন্থগুলিতে প্রাকৃত-প্রভাবের নিদর্শন পাওয়া যায়। প্রাচীনতর নিদর্শনাভাবে এক্ষণে ইহাই প্রাচীনতম বাঙ্গালা বলিয়া স্বীকৃত হইবে। পরবর্তী বাঙ্গালা সাহিত্য—চৈতন্য-পূর্ব্ব সাহিত্য এবং চৈতন্য-দেব-প্রবর্ত্তিত সম্প্রদায়-সৃষ্ট বৈষ্ণব-সাহিত্য। ইহাই প্রাচীন বাঙ্গালার যুগ-নির্দ্দেশক। সপ্তদশ শতাব্দীর শেষ হইতে বঙ্কিমচন্দ্রের পূর্ব্বপর্য্যন্ত—বাঙ্গালার দ্বিতীয় বা মধ্যযুগ। বঙ্কিমচন্দ্র ও বঙ্গদর্শনের পর হইতে আধুনিক বাঙ্গালা ভাষা ও সাহিত্যের সূত্রপাত হইয়াছে।

প্রাচীন দুর্ব্বোধ্য বাঙ্গালা "পর অপ্পাণ ম ভন্তি করু" কিরূপে আমাদের সময়ের "আপনি ও পর, এ ভ্রান্তি করিও না"* এরূপ সুখপাঠ্য ও সুবোধ্য বাঙ্গালায় পরিণত হইয়াছে তাহা জানিবার জন্য, এবং এই পরিণতির সূত্র ধরিয়া মূলে পৌঁছিবার জন্য প্রাচীন, মধ্য ও আধুনিক বঙ্গসাহিত্য আলোচনা করিবার প্রয়োজন আছে। ভাষার ব্যাকরণ ও অভিধানই তাহার অদ্বিতীয় সহায়স্বরূপ হইবে। সকল যুগের† বাঙ্গালাই সুতরাং বাঙ্গালা ভাষার অভিধানের লক্ষ্য। এই শত শত বর্ষব্যাপী বিশাল সাহিত্যে কত দেশের ও কত জাতীয় ভাষার শব্দ কবে, কোন অর্থে, কি সূত্রে আসিয়া প্রবেশ লাভ করিয়াছে, তাহা নির্ণয় করা যত কঠিনই হউক, তাহাই অভিধানের প্রধান কার্য্য। কিন্তু জাতীয় উন্নতির সঙ্গে সঙ্গে তাহার সাহিত্যানুশীলনের যে অবস্থায় মাতৃভাষার এরূপ একখানি অভিধানের সঙ্কলন ও সর্ব্বাঙ্গসুন্দরভাবে

* "হাজার বছরের পুরাণ বাঙ্গালায় বৌদ্ধগান ও দোহা" গ্রন্থে শাস্ত্রী মহাশয়-কৃত অনুবাদ।

† "পর অপ্পাণ ম ভন্তি করু", "এতকাল হাউ অচ্ছিলেঁ স্বমোহেঁ। এবে মই বুঝিল সদ্গুরুবোহেঁ" (বৌদ্ধগান ও দোহা, ৮—৯ম শতাব্দী); "হাত পাতি লহ সেবকর অর্ঘ পুষ্প পানী। সেবক হব সুখী আমনি ধামাৎ কন্নি" (শূন্য-পুরাণ, ১০—১১শ শতাব্দী); "অফিন্না বীন্নার ধোপ আনে উপাড়িয়া" (১১—১২শ শতাব্দী); "নেউঠি চল ভৈন আমার পুরেতে" (মনসামঙ্গল, ১৩শ শতাব্দী); "হেন হেতু আক্ষিসব একত্রে মিলন।" "রথ হৈতে পড়িবারে চাহসি অর্জুন॥" (সঞ্জয়, ১৪শ শতাব্দী); "কে না বাঁশী বাএ বড়ায়ি কালিনী নই কূলে।" "সক্ষারে বুঝিলোঁ বড়ায়ি সাজাইআঁ আকুডী।", "এগো গোপী ভাল নহে সব দুঠ মনে।", "ঘৃত দুধ লআঁ তোঁএ যাসী, ধাআঁ ধাআঁ মথুরা পালাসী॥" (শ্রী, কী, ১৪শ শতাব্দী); "গাভী দোহায়েন্ত কেহ দুগ্ধ আবর্ত্তনে। গুরুজন সমাধান করে কোহ্ন জনে॥" (শ্রীকৃষ্ণবিজয়, ১৫শ শতাব্দী); "জাপে দেপি নাক্ষি তাথে কীরূপে ভাবিব * * * তাপে গর্ভদশা ইব স্থিতি॥ * * তেহোঁ কে॥ তেহঁ প্রথম পুরুষ" (১৬শ শতাব্দীতে নরোত্তম ঠাকুর লিখিত বাঙ্গালা গদ্য, সা-প-প, ১৩০৪); "কামিল্যা বন্ধানী গঠিছে বিয়নি শুধু সুবর্ণের ডাটী। বিয়নি দেখিয়া স্থির নহে হিয়া পবন মানিল ভাটী॥" (কেতকাদাস, ১৬৫০ খৃঃ অব্দ); "কোন বিশএ উদ্বিগ্ন নহিবে * * * হাজি মুস্তফাকে তুমি সাক্ষাতে ডাকিয়া কহিবে ক্রিহ আমারদিগের বেরাদরির মধ্যে * * দুইজনকে মিলজুল করিয়া দিবে * * *" (১৭৭২ খৃঃ অব্দে মহারাজ নন্দকুমার কর্ত্তৃক তাঁহার পুত্র রাজা গুরুদাসকে লিখিত পত্রাংশ, সা-প-প, ১৩১০)। "ইয়াদি আত্মবিক্রয় পত্রমিদং—শ্রীকৃষ্ণনাথ ন্যায়ভূষণ ওলদে গদাধর সিদ্ধান্ত সাকিম চান্দশী পরগণে রাঙ্গরোড়া * * * সুচরিতেষু:—শ্রীমতী কুঞ্জমালা ওমর ২৭ সাতাইস বরিষ রঙ্গশ্যাম জওজে রাম রুদ্রতে সাকিন * * অস্য লিখনং আগে আমী মহাকষ্ট পালিত খোরাক পোষাক আজিজ হইয়া মারা জাই এবং আমার কন্যা শ্রীমতী মহামায়া ওমর সাত বরিষ রঙ্গশ্যাম এহারও অন্নবস্ত্র দিয়া পরিপোষণ করিতে না পারি এবং কেহ আমার ধর অন্নবস্ত্র দিয়া পরবিষ করে এমত না যাছে অতএব আপন রাজিরকবতে সচ্ছেন্দ আক্রেবহাল তবিয়তে সেইচ্ছা পুর্ব্বক আমি ও আমার কন্যা বহায় আপনার স্থানে মবলগ ৩ তিন রূপাইয়া পুরোওজন দহমানী চলনসহী দস্তবদস্ত পাইয়া আত্মবিক্রয় হইলাম আপনে লওয়াজিমা খোরাক/পোষাক দিয়া মুদত ৭০ সত্রী বরিষ দাসী অর্থ কর্ম্ম দান বিক্রীরধিকারী হইয়া করাইতে রহ জদি এই মুদ্দত মৈদ্ধে আচাদ হইতে চাহি তবে ১।৫ সোয়ামণ হলধি সিধা দিয়া আচাদ হইব এই করারে আত্মবিক্রয় হইলাম ইতি সন ১১৯৫ এগার শত পাচানবৈ শাল তেরিখ চৌদ্দহী মাহে অগ্রহায়ণ।" (১৮শ শতাব্দী। সাহিত্য, ১৩২০, ৫ম সংখ্যা, পৃ, ৪৩৫-৬)। "আর বালকেরা এস্তাহাম দিবার নিমিত্তে অতিশয় ব্যাগ্র হইয়া বেড়াইতেছে। * * * ইত্যিঙ্গ, সাহেব ও মুছলমান ও বাঙ্গালি লোকেরা গাড়ী ও পাঁলকিতে চড়িয়া আইলেন * * *" (পত্রকৌমুদী, ১৮২০ খৃঃ অব্দ); "জীবনে ভাগ্যের হাসিমুখ দেখেন নাই" (১৯০৮ খৃঃ অব্দে রায় সাহেব দীনেশচন্দ্র সেন কর্ত্তৃক 'বঙ্গভাষা ও সাহিত্য' গ্রন্থে লিখিত); "তাহার প্রবল প্রতিক্রিয়ারূপে রেনেসাঁশের যুগ আসিয়াছিল" (ডাঃ সার্ রবীন্দ্রনাথ ঠাকুর কর্ত্তৃক জীবনস্মৃতি গ্রন্থে লিখিত)। অধুনা প্রমান পাওয়া যাইতেছে বৌদ্ধগান শূন্যপুরাণের গদ্যভাগ, ময়নামতীর গান, সুভাষিত-সংগ্রহ, শ্রীকৃষ্ণকীর্ত্তন প্রভৃতি কয়েকখানিমাত্র গ্রন্থে ব্যতীত চৈতন্য-পূর্ব্ব প্রাচীন বাঙ্গালা [illegible] ভাষা আমাদের হস্তগত হয় নাই।

সম্পাদন সম্ভব হইতে পারে, সে অবস্থায় পৌঁছিতে আমাদের এখনও বিলম্ব আছে। সাহিত্যে প্রবিষ্ট শব্দারণ্যে কথ্য-ভাষায় সহস্র সহস্র গ্রাম্য শব্দ এবং তাহাদের উচ্চারণ-বিকার ও ব্যবহার-বৈষম্যজনিত অসংখ্য প্রাদেশিক রূপান্তর মিলিত হইয়া অভিধান-সঙ্কলয়িতার কর্ম্মক্ষেত্র কণ্টকিত করিয়া রাখিয়াছে। ভাষার অভিধানে কোন্ গুলি গ্রহণযোগ্য এবং কোন্ গুলি বর্জ্জনীয় প্রথমতঃ তাহাই এক বিষম সমস্যা! বাঙ্গালা বৈষ্ণবপদাবলী-সাহিত্য মৈথিল শব্দে (ব্রজবুলিতে) আকণ্ঠ ডুবিয়া আছে। কয়েক শতাব্দীর মুসলমান শাসন মধ্যবাঙ্গালা ভাষাকে আরবী ও ফারসী শব্দবহুল করিয়া ফেলিয়াছে। আদালতের ভাষা ও মুসলমানী বাঙ্গালা তাহার প্রকৃষ্ট প্রমাণ। য়ুরোপীয় সংস্রব বর্ত্তমান বাঙ্গালাকে কিরূপ যুগোচিত ছাঁচে ঢালিতেছে, ৺ চন্দ্রনাথ বসু মহাশয় ১৮ বৎসর পূর্ব্বে তাহার আলোচনা করিয়া গিয়াছেন। বৈদেশিক শব্দ ব্যতীত বাঙ্গালা সাহিত্যে এত অধিক গ্রাম্য শব্দ প্রাচীন এবং বর্ত্তমান শ্রেষ্ঠ লেখকগণ কর্ত্তৃক ব্যবহৃত হইয়াছে যে সংস্কৃত, প্রাকৃত ও বৈদেশিক শব্দ সমূহের মধ্যে ঐ গুলিকেই খাঁটি বাঙ্গালা শব্দ বলিবেন কি না তদ্বিষয়ে অনেকের সন্দেহ জন্মিতেছে। সাধারণ ও স্বাভাবিক নিয়মে যে কোন শব্দই হউক, কোন ভাষায় ব্যবহারের প্রাচীনতা এবং ভূরি প্রচলনের দ্বারা সেই ভাষার খাঁটি শব্দে পরিণত হইতে পারে। হোরা, পিক, তামরসাদি যে ম্লেচ্ছ ভাষার শব্দ তাহা পণ্ডিত কালীবর বেদান্তবাগীশ মহাশয় বিশেষভাবেই প্রদর্শন করিয়াছেন।* ঐ সকল শব্দ বাঙ্গালা ভাষাতেও বহু প্রচলিত। কিন্তু এগুলি খাঁটি সংস্কৃত শব্দ নহে সুতরাং অপাঙ্‌ক্তেয় বলিয়া খাঁটি সংস্কৃত অভিধান হইতে কি কেহ বর্জ্জন করিয়াছিলেন অথবা এখন কেহ তাহা সংস্কৃত বা বাঙ্গালা অভিধান হইতে বিসর্জ্জন করিতে পারেন? খাঁটি বাঙ্গালা শব্দাভিধান হইতে যদি বিশুদ্ধ সংস্কৃত ও বৈদেশিক শব্দসমূহ বর্জ্জন করা যায়, যদি অমিয়া, পণ্ড, আইন, কানুন, সাবান, ফিতা, রসদ, রসাদ, টেবিল, চেয়ার, পাঁউরুটী, রেস্ত, বোতাম, বোতল, গেলাস, ডিশ্, স্কুল, কলেজ প্রভৃতি যে সকল শব্দ ভিন্ন ভিন্ন যুগের বাঙ্গালা সাহিত্যকে পরিপুষ্ট করিয়া ভাষার অস্থিমজ্জাগত হইয়া পড়িয়াছে, সে সমস্ত বাদ দেওয়া যায়, তাহা হইলে, কেবল খুদ কুঁড়া, ঢেঁকী কুলা আর গো-ডিম শ্রেণীর শব্দ লইয়া—থোড় বড়ি আর খাড়া লইয়া খাঁটি বাঙ্গালা অভিধান খাড়া করিতে হয়। সুতরাং বিশুদ্ধ সংস্কৃত শব্দই কি, বিশুদ্ধ বৈদেশিক শব্দই কি, আর দেশীয় অনার্য্য শব্দই কি—যাহা ভাষায় প্রচলিত আছে তাহা ভাষার অভিধানে স্থান পাইবার যোগ্য। এতদনুসারে বাঙ্গালা ভাষার অভিধানে সেই সকল শব্দ গৃহীত হইয়াছে; কিন্তু পয়োর, এধিত, মিথঃ, নন্দথু, কিমুত, রংহ প্রভৃতি সংস্কৃত ভাষায় ব্যবহৃত বা সংস্কৃত অভিধানের অন্তর্ভুক্ত শব্দ, যাহার ব্যবহার বাঙ্গালা কথ্য বা লিখিত ভাষায় নাই এবং কখনও যে ব্যবহারে আসিবে তাহার সম্ভাবনা অল্প—যাহাদের স্থান প্রয়োজনীয় শব্দে পূর্ণ হইতে পারে, তৎসমুদয় বর্জ্জিত হইয়াছে, অথচ যেগুলির প্রচলন না থাকিলেও, ব্যবহারে ভাষার সৌন্দর্য্য ও ভাবের গাম্ভীর্য্য বৃদ্ধি পাইতে পারে, সেরূপ বহুশব্দ গৃহীত হইয়াছে। শিল্পবিজ্ঞান, রসায়ন, দর্শন, স্মৃতি প্রভৃতি গ্রন্থে ব্যবহৃত এবং বিজ্ঞানাচার্য্য পণ্ডিত রামেন্দ্রসুন্দর ত্রিবেদী, ডাক্তার প্রফুল্লচন্দ্র রায়-প্রমুখ বিশেষজ্ঞগণ কর্ত্তৃক উদ্ভাবিত বঙ্গীয়সাহিত্য-পরিষদের সুধীবৃন্দ কর্ত্তৃক আলোচিত বহু পারিভাষিক শব্দও ইহার অন্তর্ভুক্ত করা হইয়াছে।

ইংরেজীতে যে-সকল শব্দ প্রাকৃত-জনোচিত (vulgar বা slang), কথ্য (colloquial) ও প্রাদেশিক (provincial) বলিয়া বিশেষিত, তাহা গ্রাম্য-পর্য্যায়ভুক্ত। জীবিত ভাষায় ইহার বাহুল্য

* সাহিত্য-সংহিতা।

অনিবার্য্য। সর্ব্ব শ্রেণীর নরনারীকে বুঝাইবার জন্য যে ভাষার আশ্রয় লইতে হয়, এবং সাধারণের উপভোগ্য যে সকল কাব্য, গাথা, ছড়া, গান প্রভৃতি সাধারণবোধ্য (popular) ভাষায় বলিবার ও লিখিবার প্রয়োজন হয়, প্রাচীন বাঙ্গালা সাহিত্যে সেই ভাষায় এরূপ গ্রাম্য শব্দের সংখ্যা প্রচুর; আধুনিক সাহিত্যেও তাহার অসদ্ভাব নাই। প্রাচীন বাঙ্গালা যাঁহাদের দ্বারা পুষ্ট হইয়াছিল, তাঁহাদের অধিকাংশ যে সংস্কৃত-ভাষাজ্ঞানহীন, সমাজের নিম্নশ্রেণীর লোক এবং সাধারণতঃ স্বল্পশিক্ষিত ছিলেন, ক্রমেই তাহার নিদর্শন পাওয়া যাইতেছে। সংস্কৃত-প্রাকৃত-শব্দ-মিশ্রিত গ্রাম্যভাষাই তাঁহাদের অবলম্বনীয় ছিল। ইহা পণ্ডিতসমাজে 'প্রাকৃত' "দেশী", "অশুদ্ধ", "ভাষা", "অপভাষা" বা ইতর ভাষা বলিয়া উক্ত হইত। সংস্কৃতজ্ঞদিগের দ্বারা এবং শিক্ষিতসমাজে বাঙ্গালা যে আদর পায় নাই তাহার প্রমাণ ইহার "অপভাষা"* এই নামেই পাওয়া যায়। তাঁহাদের দ্বারা অনুশীলিত না হওয়ায় জ্ঞানবিজ্ঞানাদি বিভাগে এই অপভাষায় শব্দ সম্পদের এরূপ শোচনীয় অভাব ঘটিয়াছিল যে, হৃদ্গত ভাব ব্যক্ত করিবার উপযুক্ত শব্দ ভাষায় কুলাইয়া উঠিত না। প্রধানতঃ সেই কারণে এবং অংশতঃ সাধন-প্রক্রিয়াদি গুহ্য রাখিবার উদ্দেশ্যে সংস্কৃতানভিজ্ঞ বা সংস্কৃত ব্যবহারে অনিচ্ছুক লেখকগণ যে ভাষা ব্যবহার করিতেন তাহা পণ্ডিত-সমাজে কতক বোধ্য ও কতক অবোধ্য হওয়ায় "সান্ধ্য ভাষা" নাম প্রাপ্ত হইয়াছিল। শাস্ত্রী মহাশয়-সম্পাদিত প্রাচীন বৌদ্ধ বাঙ্গালা তন্ত্র গ্রন্থের সংস্কৃত টীকা দেখিয়া মনে হয় পণ্ডিতসমাজে সুবোধ্য করিবার জন্যই হউক বা বৌদ্ধ পণ্ডিত কর্ত্তৃক প্রাকৃত ভাষার প্রতি শ্রদ্ধা প্রকাশার্থেই হউক তখন সংস্কৃত ভাষায় টীকা লেখা হইত।

অভিধানে এই "অপভাষায়" ব্যবহৃত অসংখ্য গ্রাম্য শব্দ সঙ্কলন করার ঔচিত্যানৌচিত্য বিষয়ে মতভেদ আজিও আছে। কিন্তু পূর্ব্বে গ্রাম্য শব্দের অভিধান অভাবে প্রাচীনতম গ্রন্থগুলি আমাদের নিকট এমনই দুর্ব্বোধ হইয়া আছে যে বাঙ্গালায় লিখিত বলিয়াই মনে হয় না। তজ্জন্য অধুনা প্রাচীন বাঙ্গালা গ্রন্থ সম্পাদন কালে গ্রন্থশেষে একটী শব্দার্থপরিশিষ্ট সংযোগের প্রয়োজন হইতেছে। সাহিত্যে ব্যবহৃত গ্রাম্য শব্দ ব্যতীত কথ্য ভাষায় উচ্চারণ-বিকার-জনিত বহু শব্দের বিকার-বাহুল্য কথ্য ভাষাকে লিখিত ভাষা হইতে এরূপ পৃথক করিয়া রাখিয়াছে যে, লিখিত ভাষায় বলিলে অথবা বলিবার ভাষায় লিখিলে বৈদেশিকের ত বটেই, আমাদেরই চখে ঠেকে এবং কানে বাজে। সংস্কৃত ব্যাকরণের নিয়মবন্ধ আড়ষ্টভাব ঘুচাইয়া বাঙ্গালা ভাষাকে অধিকতর ব্যাপক, সরল, স্বাভাবিক ও শক্তিশালী করিয়া তুলিবার উদ্দেশ্যে অধুনা এক সম্প্রদায় এই পার্থক্য দূর করিবার চেষ্টা করিতেছেন। ইহাতে ভাষার সৌন্দর্য্য গাম্ভীর্য্য নষ্ট হওয়া এবং উভয়ের মিশ্রণে গুরুচণ্ডালী দোষে দুষ্ট হওয়া সম্বন্ধে প্রবল মতদ্বৈধ রহিয়াছে। অভিধানসঙ্কলয়িতার এবিষয়ে পক্ষানুরাগ হইতে পারে না। উচ্চসাহিত্য বা সুকুমার-সাহিত্য বা কলাসাহিত্য সার্ব্বজনিক (popular) সাহিত্য হইতে চিরদিনই পৃথক্ থাকিবে; পক্ষান্তরে গ্রাম্য কথ্য ভাষা সাহিত্যের অঙ্গীভূত হইয়া কোটি কোটি নরনারীর মাতৃ-ভাষাকে জীবন্ত ও শক্তিশালী করিয়া তুলিবে। এই বিংশ শতাব্দীর নব-অভ্যুদয়ের দিনে জীবন্ত ভাষার পক্ষে ইহা অবশ্যম্ভাবী ও অনিবার্য্য। যে ভাষায় আমাদের আটপৌরে জীবনের সমস্তটাই

* "তাহার চরিত্র কিছু কহিতে করি আশা। দোষ না করিয় ভাই বলি অপভাষা॥ চণ্ডাল ভাণ্ডেতে যদি থাকে গঙ্গাজল। তথাপি পবিত্র বড় জানিয় নিশ্চল॥" —দুর্গামঙ্গল (রূপনারায়ণ)।

—আমাদের সুখ দুঃখ, হাসি কান্না, প্রণয়-আলাপ—আমাদের মনের কথা এবং প্রাণের গান ধরা আছে—সেই ভাষাকে প্রাকৃত বলুন, দেশী বলুন, অশুদ্ধ বলুন, ভাষা বলুন আর অপভাষাই বলুন, মাতৃভাষার ঐ অংশেই আমাদের প্রাণপুরুষের পরিচয়। সুতরাং ভাষার অভিধানে ঐ অংশের স্থান আছে। "বাঙ্গালা ভাষার অভিধানে" সেইজন্য "স্থান" এবং "ঠাঁই", "গুহা" এবং "গোফা" এই দুই রূপই থাকিবে। আশঙ্কা, শঙ্কা, ভীতি যেমন থাকিবে, ভয় এমন কি ডর, ডরা, ডরানও থাকিবে। যে কারণে সংস্কৃত "স্থান" শব্দের প্রাকৃত (ঠান)—"ঠাঁই" অভিধানে স্থান পাইয়াছে, সেই কারণেই সংস্কৃত "স্ত্রী"র প্রাকৃতরূপ "তিরি" শব্দ ইহাতে স্থান পাইবে। এটি আধুনিক সাহিত্যে চলে বলিয়া থাকিবে, ওটি প্রাচীন বাঙ্গালা পদাবলী সাহিত্যে চলিত বলিয়া রাখিতে হইবে। অনেক মেয়েলি এবং অশিক্ষিত জনসমাজে প্রচলিত শব্দ, যথা—মন্দ অর্থে অমন্দ, পল্‌কা অর্থে অপল্‌কা, খালিস অর্থে নিখালিস, বৃথা অর্থে অব্রেথা (সা-প, গ্রন্থাবলী, ৪৩, পৃ, ৫৫) প্রভৃতি উপন্যাস্ নাটকাদিতে দৃষ্ট হয়। অভিধানে ওগুলি স্থান না পাইলে, ভিন্নভাষাভাষীর, এমন কি জানা না থাকিলে, আমাদেরই পক্ষে তাহাদের অর্থগ্রহ দুরূহ হইবে। শব্দতত্ত্ব হিসাবেও উহাদের মূল্য আছে।

গ্রাম্য শব্দ হইতে বিশুদ্ধ প্রাদেশিক শব্দ নির্ব্বাচন করা কঠিন। কোন্ শব্দ কোন্ প্রাদেশিক এবং কোন্‌গুলি সাহিত্যে স্থান পাইতে পাইতে প্রাদেশিকতার সীমা অতিক্রম করিয়াছে তাহা নির্ণয় করাও সহজ নহে। সাহিত্য-পরিষদের অন্যতম সদস্য শ্রীযুক্ত রাজকুমার বেদান্ততীর্থ মহাশয় বঙ্গদেশের বিভিন্ন জেলার সাহিত্যানুরাগীদিগের সহায়তায় প্রাদেশিক-শব্দাভিধান সঙ্কলন করিতেছেন। তিনি এই বিরাট কার্য্যের ভার গ্রহণ করত অভিধানকারগণের দায়িত্ব ও শ্রম হ্রাস করিয়া ধন্যবাদার্হ হইয়াছেন। বাঙ্গালাভাষার অভিধানে যে যে শব্দের পর [ ] এই বন্ধনীর মধ্যে "প্রাদে" বলিয়া ইঙ্গিত করা হইয়াছে তাহা প্রাদেশিক ব্যবহার বা অর্থে বুঝিতে হইবে, যথা—শব্দপরিশিষ্টান্তর্গত "জাগর" শব্দ।

শব্দগুলি অকারাদি ক্রমে এবং অকার হইতে ঔকার যোগের পর ং, ঃ, ঁ এবং তাহার পর ব্যঞ্জনবর্ণ যোগে বিন্যস্ত হইয়াছে, যথা—ক, কঅ, কআ, কই, কঈ, কউ, কঊ, কঋ, কঌ, কএ, কঐ, কও, কঔ, কং, কঃ, কঁ, কক্, কক * * * কহ্লার, কা, কাই ইত্যাদি।

যে সকল সংস্কৃত শব্দ বিভক্তি-বর্জ্জিতমাত্র হইয়া বাঙ্গালায় অবিকল ব্যবহৃত হইতেছে তাহাদের বানানে বিকৃতি নাই। প্রাকৃতজ অর্থাৎ মূল বাঙ্গালা ও বিদেশী শব্দের বানান লইয়াই যত গোল।

বানান। ঐ সকল শব্দের ইকার (ি) ও ঈকার (ী), উকার (ু) ও ঊকার (ূ), একার (ে) ও য-ফলাযুক্ত আকার (্যা), 'জ' ও 'য', 'ণ' ও 'ন', 'ব' ও 'ব', 'শ' 'ষ' ও 'স' লইয়া সচরাচর গোল বাধে। উচ্চারণ করিব ইকার উকারের কিন্তু লিখিব ঈকার ঊকার এবং শ্রুতিলিখনে বানানে ভুল করিবার সম্ভাবনা রাখিব কেন? জোড় না যোড়, বাণান না বানান, সোণা না সোনা—কি লিখিব? তালব্য 'শ', মূর্দ্ধন্য 'ষ' এবং দন্ত্য 'স' এই তিনটির বানানে ঠিক রাখিব, কিন্তু তিনটিরই মূর্দ্ধণ্য উচ্চারণ করিব কেন? অভিধানে শব্দবিন্যাসে এবং সংস্কারে বর্গীয় ও অন্তস্থ ব'য়ের ভেদ রাখিব কিন্তু লিখিবার বা উচ্চারণ করিবার কালে উভয়কেই বর্গীয় মত পড়িব কেন?

বাঙ্গালায় একমাত্র বর্গীয় ব'য়ের উচ্চারণ আছে। অন্তস্থ ব'র উচ্চারণ ত হয়ই না, বরং তাহার বিশুদ্ধ উচ্চারণ করিলে সাধারণের পক্ষে শব্দার্থগ্রহে ব্যাঘাত জন্মিতে পারে। ল বর্ণের পর

অন্তস্থ ব পর্য্যায়ে প্রায় সমস্ত বকারাদি শব্দই পাওয়া যায়। কারণ বর্গীয় বকারাদি শব্দ প্রচলিত ও অপ্রচলিত লইয়া সংখ্যায় সাড়ে ছয় শত মাত্র কিন্তু অন্তস্থ বকারাদি শব্দ সংখ্যায় প্রায় সাড়ে পাঁচ হাজার। সপ্ত-কোটী বাঙ্গালীর বাগ্‌ধারা হঠাৎ পরিবর্ত্তিত হইয়া বর্গীয় উচ্চারণ যে অন্তস্থে পরিণত হইবে, সে আশা করি না। কালে যদি হয়, তখন অভিধানের সংস্কার করিতে বিলম্ব হইবে না। কিন্তু অন্তস্থ ব'র বিশুদ্ধ উচ্চারণে অভ্যস্ত হইবার প্রয়োজন দিন দিন বৃদ্ধি পাইতেছে। এজন্য বর্ত্তমান অভিধানে সংস্কৃত ও সংস্কৃতমূলক উভয় বকারাদি শব্দ বর্গীয় পর্য্যায়ে বিন্যস্ত হইয়াছে এবং বাঙ্গালায় প্রবিষ্ট অ-সংস্কৃত শব্দ, শিক্ষিত সমাজে যাহার মূলানুযায়ী উচ্চারণের চেষ্টা হইতেছে সেগুলি ল বর্ণের পর সন্নিবিষ্ট হইয়াছে। সুতরাং বর্গীয় ও অন্তস্থ বকে "ব" এবং "ব়" দ্বারা পৃথক্ করা হইয়াছে। বফলার উচ্চারণ বর্গীয় অর্থাৎ bর মত হইলে ফ-ফলার পর এবং অন্তস্থ অর্থাৎ wর মত হইলে বা অনুচ্চার্য্য থাকিলে ল-ফলার পর পাওয়া যাইবে। যথা—নিম্ব, ধম্ব। Wilson বঙ্গলিপিতে হইবে "ব়িল্‌সন্": কারণ w = ১ = ব়, কিন্তু বিল্‌সন্ হইবে না কারণ ব = B এবং মূল শব্দটি Bilson নহে। বাঙ্গালায় অন্তস্থ ব'র প্রকৃত উচ্চারণ অভাবেই w স্থানে উ (যথা উইল্‌সন্) এবং ও (যথা ওকালত) বর্ণদ্বয়ের আশ্রয় লওয়া হয়। তবে যে বাঙ্গালায় উকীল, ওকালৎ লেখা এবং ইংরেজীতে Vakil লেখা ও ভোকীল বা ভ্যাকীল বলা হয়, তাহা ভুল। শুদ্ধ রূপ বাঙ্গালায় ব়কিল বা ব়কীল এবং ইংরেজীতে Wakil. বাঙ্গালা ও আরবীতে vর উচ্চারণদ্যোতক বর্ণ নাই ও বাঙ্গালায় wর উচ্চারণ করা হয় না বলিয়া এই বিভ্রাট। অন্তস্থ ব'র প্রকৃত উচ্চারণদ্যোতক ব় প্রচলিত হইলে উআ, ওআ, ওয়া, ভা, বামে ইলেক যুক্ত বা পেটকাটা ব প্রভৃতি ব্যবহারের প্রয়োজন হয় না। সমোচ্চার্য্য বর্ণের মধ্যে উচ্চারণ-ভেদ না রাখায় দেশী প্রাকৃতের স্বতঃসিদ্ধ নিয়মে বাঙ্গালা সাহিত্যে শব্দানুযায়ী (phonetic) বানানের সৃষ্টি হইয়াছিল।

জমীদারী-মহাজনী খাতাপত্র লিখিবার কালে, প্রাচীন গ্রন্থাদির নকল ও দলিল-দস্তাবেজ, পাটা-পত্রাদি প্রস্তুত করিবার সময় স্বল্পশিক্ষিত বা সংস্কৃতানভিজ্ঞ ব্যক্তিগণ ণত্ব ষত্বের ধার ধারিতেন না, এমন কি, শিক্ষিত সমাজে সাংসারিক চিঠিপত্র লিখনে আজিও অনেকে মূলানুগত বিশুদ্ধ বানানের মর্য্যাদা রাখেন না। এরূপ ক্ষেত্রে যে সকল শব্দের প্রাকৃত রূপ সাহিত্যে আভিজাত্য লাভ করিয়াছে, যেমন সংস্কৃত কর্ণ-স্বর্ণ-আদি-জাত "কান" "সোনা" প্রভৃতি, তৎসমুদয় অভিধানের গ্রাহ্য; এবং যে সকল শব্দরূপ*—যেমন অহিমান (অভিমান) রিষি (ঋষি) ঘণ (ঘন) বিসম (বিষম) বিসুদ্ধ (বিশুদ্ধ) শসি, শশি (শশী), ষহজ (সহজ) প্রভৃতি—তাহা লাভ করে নাই, তৎসমুদয় বর্জ্জনীয়।

বৈদেশিক শব্দের উচ্চারণ-বৈষম্য এবং উচ্চারণানুযায়ী বর্ণবিন্যাস-চেষ্টাজনিত একই শব্দের বিভিন্ন-রূপ সাহিত্যে প্রবেশলাভ করায় অভিধানকারগণ নূতন সমস্যায় পতিত হন। প্রসিদ্ধ চীনা পরিব্রাজকের নাম যাহা রোমান অক্ষরে Hiuen-Thsang, Hiuen-tshang, Hiouen-Thsang, Yüan Chuang, Hsüan Chuang প্রভৃতি আকারে পাওয়া যায়, তাহার বাঙ্গালা বানানের অন্ত নাই। বাঙ্গালায় হাইয়েন সাঙ্, হিউএন্ সিয়াং, হিউয়েন সাঙ্, হিউএন্থ্ সাঙ্, হুয়েনথ্-সাং, হুএন সাং, হোএন সাং,

* বঙ্গীয়-সাহিত্যপরিষৎ-মন্দির হইতে প্রকাশিত প্রাচীন গ্রন্থাবলী দ্রষ্টব্য।

হোএন্‌-থ-সাঙ্‌ প্রভৃতি এমন কি ইয়াং চিয়াংও দেখা যায়। রায় সাহেব দীনেশচন্দ্র সেন মহাশয় হুয়েন্থ সাঙ্‌ এবং অধিকাংশস্থলে "হিউন সাঙ্‌" ও একস্থানে "হিউএন্‌ সাং" লিখিয়াছেন।* শ্রীযুক্ত শিবচন্দ্র শীল মহাশয়-সম্পাদিত প্রাচীন কবি দুর্ল্লভ-মল্লিক-কৃত গোবিন্দচন্দ্রগীত গ্রন্থের টীকায় "হিউএন্‌ সাঙ্‌" এবং "হিউএন্ত সং" এই দুইরূপ বানান করিয়াছেন। রাজধানী পেকিঙের চীনারা এই নামটার প্রথমাংশ ঈষৎস্পৃষ্ট ফারসী যে (ژ) সহ লঘু "শ" যুক্ত "যুআন" বং এবং শেষাংশ চোআঙ্‌ ও চুআঙএর মাঝামাঝি উচ্চারণ করিয়া থাকেন। বিভিন্ন প্রদেশের চীনার বাগ্‌যন্ত্রে মূল শব্দের যেরূপ ভিন্ন ভিন্ন উচ্চারণ য়ুরোপীয়ের শ্রবণেন্দ্রিয়ে ধৃত হইয়াছিল, উপরি উক্ত রোমান বানান সমূহ তাহারই শব্দানুযায়ী (phonetic) রূপ। বঙ্গের অর্দ্ধভাগ মুসলমান। মুসলমান-দিগের নাম হিন্দু-প্রতিবেশ-প্রভাবে অল্পসংখ্যক হিন্দুবৎ ও কতিপয় ফারসী হইলেও প্রায় সমস্তই আরবী। কিন্তু আরবীর চর্চ্চা সাধারণের মধ্যে তদ্রূপ না থাকায় মুসলমানদিগের মধ্যেই অনেকের সেই সকল নামের অর্থবোধ এবং বিশুদ্ধভাবে উচ্চারণও হয় না। যে সকল নাম বঙ্গের গৃহে গৃহে পরিচিত ও নিত্য কথিত, যথা—সিরাজুদ্দৌলা, তাহারও বানান "সিরাজ উদ্দৌলা" "সেরাজদ্দৌলা" এমন কি "স্রাজের দৌলা"† রূপও প্রাপ্ত হইয়াছে। এরূপ অনেক শব্দের উল্লেখ করা যাইতে পারে। যে ভাষার যে শব্দ তাহা ঠিক সেই ভাষার বিশুদ্ধ উচ্চারণের নিকটতম করিয়া বৈজ্ঞানিক প্রথায় বঙ্গলিপিতে বর্ণান্তরিত করিতে পারিলে, এই শ্রেণীর বানান-সমস্যার মীমাংসা হইতে পারে। বৈদেশিক শব্দের বাঙ্গালা বানানের সহিত সুতরাং উচ্চারণের অচ্ছেদ্য সম্বন্ধ। শব্দের পর তজ্জন্য উচ্চারণ নির্দ্দেশ করা হইয়াছে। উচ্চারণ-বিশুদ্ধি উন্নত ও

উচ্চারণ

মার্জ্জিত শিক্ষার একটি প্রধান অঙ্গ। ভিন্ন ভাষা-জ্ঞানের অভাবে এবং জাতীয় ভাষায় প্রাদেশিকতার প্রভাবে একই শব্দের বিভিন্ন উচ্চারণ দেশের সর্ব্বত্র ভদ্র সমাজেও প্রচলিত আছে, কিন্তু রাজধানী ও তাহার চতুষ্পার্শ্ববর্ত্তী স্থানের শিষ্টসমাজ-প্রচলিত উচ্চারণই সকল দেশে আদর্শ বলিয়া মান্য হয়। আদর্শ স্বীকৃত হয় বলিয়াই যে তাহাকে বিশুদ্ধ বলিয়া মানিতে হইবে তাহা নহে। বিশুদ্ধ উচ্চারণের সাধারণ ও সর্ব্বপ্রধান লক্ষণ এই যে, কোন ভাষার শব্দ উচ্চারণ করিবামাত্র সেই ভাষা-ভাষীর কানে না বাজে এবং সে উহা শুনিবামাত্র স্বীয় মাতৃভাষার শব্দ বলিয়া চিনিতে ও বুঝিতে পারে। কথার স্বরে ও কথন ভঙ্গীতে একটা বিশেষ টান থাকিলে তাহা প্রাদেশিক উচ্চারণ বলিয়া গণ্য হয়। প্রাদেশিক শব্দবাহুল্যে যত না হউক, পশ্চিমবঙ্গ ও পূর্ব্ববঙ্গের কথায় এই স্বরভঙ্গী, উভয়কে অধিক পৃথক করিয়া রাখিয়াছে। আয়র্ল্যাণ্ড ও স্কট্‌ল্যাণ্ডের লোকের মুখে ইংরেজী উচ্চারণ তেমনি লণ্ডনের শিক্ষিত অশিক্ষিত উভয় শ্রেণীর লোকের কানে বাজে। উত্তর মধ্য ও দক্ষিণ চীনের উচ্চারণে একই শব্দ পরস্পরের দুর্ব্বোধ্য করিয়া রাখিয়াছে। চীন দেশের এক কেন্দ্রের লোক অন্য কেন্দ্রের লোকের কথা সহজে বুঝিতে পারে না, কিন্তু, তিন কেন্দ্রের লোকেই লেখা দেখিয়া তাহা বুঝিতে পারে, তাহাদের অর্থগ্রহে মতভেদ থাকে না। চট্টগ্রাম, ঢাকা, মৈমনসিংহাদির সহিত পশ্চিমবঙ্গের প্রাদেশিক-শব্দ-বহুল কথ্য-ভাষা ব্যতীত লিখিত ভাষার আবৃত্তিতে যে গোল, লেখায় তাহা নাই। সুতরাং বাঙ্গালা ভাষার অভিধানে শব্দের পশ্চিমবঙ্গীয় উচ্চারণ প্রদর্শন

* বঙ্গভাষা ও সাহিত্য পৃ. ৫৯।

† বঙ্গসাহিত্য-পরিচয়, ২য় ভাগ ১৬৯৯, ১৭৩২ পৃষ্ঠা।

করা সঙ্গত কিনা সে বিষয়ে অর্দ্ধবঙ্গ প্রশ্ন করিতে পারেন। ঢাকাও বঙ্গদেশের প্রাচীন রাজধানী ছিল, এবং এথনও পূর্ব্ববঙ্গের প্রধান ও বঙ্গের দ্বিতীয় রাজনগরী। অতএব ঢাকার উচ্চারণ আদর্শ কেন না হইতে পারিবে? আর কলিকাতা অঞ্চলের উচ্চারণ যে বিশুদ্ধ এবং আদর্শ তাহারই বা প্রমাণ কি? "করিয়া" এই শব্দ লিখিত হইলে পশ্চিমবঙ্গ পড়িবে "কোঋআ", পূর্ব্ববঙ্গ পড়িবে "কইর্যা" (ক-ি-র-য়-া) কথা ভাষায় পূর্ব্ববঙ্গে ইহা বিকৃত হইবে না কিন্তু পশ্চিমবঙ্গে ইহা বিকৃত হইয়া "কোরে" এইরূপ হইবে। পশ্চিমবঙ্গে বলিবে "কৃষ্ণকে", পূর্ব্ববঙ্গে বলিবে "কৃষ্ণেক"। উভয়বঙ্গে লেখে "করিতেছি", পূর্ব্ববঙ্গের কথায় বলে "করতেছি" (ছি=সি, উচ্চারণ চ ও স'র মাঝামাঝি), পশ্চিমবঙ্গে বলে "কোত্তেছি", সংক্ষেপে "কোর্‌চি", দ্রুত উচ্চারণে "কোচ্চি"। সুতরাং উচ্চারণে কেহই সর্ব্বতোভাবে বিশুদ্ধ নিয়মের অধীন নহে। কেবল যেরূপ শুনিতে যে অভ্যস্ত নহে, সেরূপ শুনিলে তাহার কানে বাজে। দুয়ের সামঞ্জস্য রাখিয়া পূর্ব্ববঙ্গকে পশ্চিমবঙ্গের এবং পশ্চিমবঙ্গকে পূর্ব্ববঙ্গের উচ্চারণে বাধ্য করা যায় না। এক্ষেত্রে উচ্চারণ প্রকটিত না করিলে বরং লেখা দেখিয়া সকলেই আপনাপন সংস্কারমত শুদ্ধ উচ্চারণ করিতে সমর্থ হন। সুতরাং বর্ত্তমান অভিধানে শব্দের উচ্চারণ নির্দ্দেশ করার জন্য কৈফিয়ৎ আবশ্যক। প্রথমতঃ রাজধানী কলিকাতার উচ্চারণকে আদর্শ করিয়াছি. কারণ, দেখিতেছি কেবল পশ্চিমবঙ্গেই নহে, উত্তর বঙ্গ এমন কি পূর্ব্ববঙ্গের অধিবাসী কলিকাতা অঞ্চলে বাস করিয়া স্ব স্ব প্রাদেশিক উচ্চারণ ও স্বরভঙ্গী ত্যাগ করত রাজধানীর উচ্চারণই গ্রহণ করেন। বাঙ্গালা দেশের বাহিরে উত্তর বা দক্ষিণ ভারতে বঙ্গের নানা অঞ্চল হইতে সমাগত শিক্ষিত ব্যক্তিগণের মধ্যে কথাবার্ত্তার ধরণ-ধারণ, স্বরভঙ্গী বা টান ঘুচিয়া গিয়া ধীরে ধীরে রাজধানীর অনুযায়ী হইয়া আসে। প্রাচীন রাজধানী নদীয়ার উচ্চারণই পূর্ব্বে পশ্চিমবঙ্গের আদর্শ ছিল। নদীয়া, হুগলী, ২৪ পরগণার উচ্চারণ প্রায় একই প্রকার। মহানগরী কলিকাতা রাজধানী এবং প্রধান কর্ম্মকেন্দ্র বলিয়া নানা স্থানের লোক এখানে সমবেত হন এবং সকলের প্রতিবেশ-প্রভাবে সকল প্রাদেশিকতা বর্জ্জিত একই উচ্চারণ-সঙ্গত-ভাষাভাষী হইয়া পড়েন। এই রাজধানীর উচ্চারণ গড়িয়া তুলিতে পূর্ব্ববঙ্গবাসীও সাহায্য করিয়াছেন। বঙ্গের অন্য অঞ্চলে এরূপ দেখা যায় না। বিরল ব্যতিক্রম অবশ্য গণনার মধ্যে আসে না। দ্বিতীয়তঃ, এতদ্দ্বারা পশ্চিম বঙ্গের উচ্চারণ পূর্ব্ববঙ্গের এবং পূর্ব্ববঙ্গের উচ্চারণধারা পশ্চিম বঙ্গের পরিচিত হওয়ায় অমঙ্গলের ত আশঙ্কাই নাই বরং কল্যাণের সম্ভাবনা অধিক। পূর্ব্বোক্ত প্রাদেশিক শব্দাভিধানে পূর্ব্ব ও উত্তর বঙ্গের উচ্চারণ প্রদর্শিত হইলে সে অভাব দূর হইতে পারে। তৃতীয়তঃ, কোন ভাষার অভিধান সেই ভাষাভাষীর মাত্র ব্যবহারের জন্য সঙ্কলিত হওয়া উচিত নহে। অভিধান যাহাতে অন্য ভাষাভাষীরও ব্যবহারে আসিতে এবং তাঁহাদের ভাষাশিক্ষার সহায়তা করিতে পারে তৎপক্ষে দৃষ্টি রাখা কর্ত্তব্য। বাঙ্গালা যাঁহাদের ভাষা নহে তাঁহারা স্বভাবতঃ রাজধানীর উচ্চারণ এবং আদালতের ভাষাকেই কথ্যভাষার আদর্শরূপে গ্রহণ করিতে চাহিবেন। চীনদেশে বহু প্রাদেশিক উচ্চারণ প্রচলিত থাকা সত্ত্বেও আদালতের এবং রাজপুরুষদিগের কথা ও উচ্চারণ "কোআন্ হোআ"ই (Mandarin dialect) বৈদেশিকগণের আদর্শ। গ্রেট ব্রিটেনে নানা প্রাদেশিকতা (provincialism) চলিত আছে, কিন্তু রাজধানী লণ্ডনাঞ্চলের শিক্ষিত লোকের উচ্চারণই আদর্শ বলিয়া স্বীকৃত হয়। ফ্রান্সে তদ্রূপ পারির ভাষা সমাদৃত। জাপানে টোকিয়োর কথ্যভাষার উচ্চারণ তাঁহাদেরই মতে বিকৃত বলিয়া স্বীকৃত হইলেও রাজধানীর উচ্চারণ বলিয়া সর্ব্বজন-কর্ত্তৃক গৃহীত হইতেছে। বৈদেশিকগণ রাজধানী কলিকাতার উচ্চারণকেই আদর্শ মনে করেন। পাঁচ বৎসর পূর্ব্বে বঙ্গের পল্লীবাসে

এবং ১৫।১৬ বৎসর পূর্ব্বে সুদূর পশ্চিমাঞ্চল-প্রবাসে কয়েকটি সম্ভ্রান্তা য়ুরোপীয়া মহিলা (একজন ইংরেজ, একজন আমেরিকান, একজন জর্ম্মান এবং একজন ইঙ্গভারতীয়া) আমার নিকট বাঙ্গালা ভাষা ও সাহিত্য অধ্যয়নকালে প্রত্যেকেই রাজধানী কলিকাতার উচ্চারণ আয়ত্ত করিবার জন্য বিশেষ আগ্রহ প্রকাশ করিতেন। ইহার কয়েক বৎসর পূর্ব্বে ছাপ্‌রানিবাসী জনৈক বিহারী ব্যবহারাজীব বাঙ্গালা শিক্ষা করিবার কালে বলিয়াছিলেন "খাস রাজধানীর উচ্চারণ আমায় শিখাইয়া দিবেন"। ইংরেজ-মহিলা "স্বর্ণলতা" উপন্যাস পাঠ করিতেন। প্রথম দিনেই আমি অভ্যাস মত "শর্নোলতা" এইরূপ উচ্চারণ করিয়াছিলাম। আমার ছাত্রী "র্ন"কে "র্নো"-বৎ উচ্চারণ করিতে শুনিয়া বলিয়াছিলেন "শর্নোলোতা"। সংশোধন করিয়া দিলে বলিয়াছিলেন "আপনারা বাঙ্গালা অভিধানে উচ্চারণ দেন না কেন ?" ইঁহাদের মুখে "বারাণসীর", "কমিশনর", "নবনারী", "করিব", "খাইব", "যাইব", প্রভৃতি শব্দকে "বারান্‌সীর", "কমিশ্‌নর", "নব্‌ নারী" ও "নোবোনারী" এবং আমার বিহারী বন্ধুর মুখে হিন্দী কর্‌ব, খাব্‌, জাব্‌ প্রভৃতির অনুকরণে "করিব্‌", "খাইব্‌", "য়াইব্‌" এবং তাহা স্বয়ং সংশোধন করিয়া জাইব্‌ প্রভৃতি উচ্চারণ করিতে শুনিয়াছি। কলিকাতারই একজন শিক্ষিত বাঙ্গালীকে জনৈকা সম্ভ্রান্তা মুসলমান-মহিলা-লিখিত বাঙ্গালা গ্রন্থে "খোয়াবগা" এই শব্দ পাঠকালে "খোআ-বগা" বলিতে শুনিয়াছি। শব্দটি ফারসী, উচ্চারণ "খোআব্‌গাহ্‌" বা "খ্বাব্‌গাহ্‌", অর্থ "স্বপ্নমন্দির" অর্থাৎ শয়নাগার। আমার স্মরণ হইতেছে, কবি রাম বসুর গানে "যেন মা হীনা কন্যে, তিন দিনের জন্যে এলো হে হিমালয়" এই অংশ "যেন মাহিনা কন্যে" এইরূপ পড়িতে শুনিয়াছি। মাহিনা আর মা-হীনা উচ্চারণে ততটাই প্রভেদ ঘটায়, যতটা প্রভেদ বেতন ও মাতৃহীনা শব্দদ্বয়ের অর্থে বুঝা যায়। আমার বেশ স্মরণ হইতেছে, চারি বৎসর পূর্ব্বে একদিন বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ-মন্দিরে যাই। তখন পরিষৎ গৃহে বসিয়া অক্লান্ত সাহিত্য-সেবী শ্রদ্ধেয় শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয় পুরাতন পুঁথির পাঠোদ্ধারে ব্যাপৃত ছিলেন। কথা প্রসঙ্গে তিনি একখানি সুমুদ্রিত গ্রন্থের কবিতাংশ আমায় দেখান এবং বলেন তিনি তাহার প্রকৃত পাঠ ও অর্থনির্ণয়ে একপ্রকার হতাশ হইয়াছেন। গ্রন্থখানি অন্নদামঙ্গল ; কোন্ সংস্করণ মনে নাই।* কবিতাংশটি—"উজ্জ্বল কজ্জলবাসে ঘেরিয়াছে চারি পাশে রোহেলা জল্লাদ আদি যত।" তাতার জাতির শাখা-পরিচায়ক তুর্কী শব্দ "উজ্‌বক্‌" ; এবং "কজ্জল্‌বাশ্‌" মোগলবংশের বীরত্বপরিচায়ক পারিবারিক উপাধিবিশেষ। তখন বিদ্বদ্বল্লভ মহাশয়কে বলিয়াছিলাম উহা ছাপার ভুল, উহা উজ্‌বক্‌ কজ্জল্‌বাশ্‌ হইবে। পরে যখন বঙ্গবাসী প্রেস হইতে প্রকাশিত ও শ্রীযুক্ত বিহারীলাল সরকার মহাশয়কৃত ভূমিকা এবং শ্রীযুক্ত দেবেন্দ্রবিজয় বসু মহাশয়-লিখিত সমালোচনা-সম্বলিত একখণ্ড পুরাতন সটীক সংস্করণ অন্নদামঙ্গল গ্রন্থে দেখিলাম "উজ্জ্বল কজলবাসে ঘেরিয়াছে চারি পাশে" ইত্যাদি তখন মনে হইল আরও গোড়ায় গলদ আছে। উহা স্বল্পশিক্ষিত নকলনবীশের কীর্ত্তি। নকল করিবার কালে আদর্শ পুস্তকে হাতের লেখা পড়িতে না পারিলে বা ভুল পড়িলে নকলনবীশ অশুদ্ধ পাঠ লিখিয়া যাইতেন। এসম্বন্ধে তাঁহারা কবিগণ অপেক্ষাও নিরঙ্কুশ ছিলেন। উজ্‌বক্‌ শব্দ বিকারে উজ্‌বেগ্‌ হইয়াছে। আদর্শ গ্রন্থে যদি এই পাঠটিই লিখিত হইয়া থাকে, তাহা হইলে হাতের লেখা একারকে আর একটি "জ" এবং "গ"কে "ল" পড়িয়া ও "ব"কে পূর্ব্ববর্ণে ব-ফলা স্বরূপ যুক্ত করিয়া "উজ্জ্বল" লেখা অসম্ভব নহে। তাহাতে উজ্জ্বলের সহিত কজ্জল বা কজল বসিয়া দীর্ঘ ত্রিপদী ছন্দঃ ও অনুপ্রাস অলঙ্কার এই দুই বজায় থাকে। কজ্জল্‌বাশ্‌

* লিখিবার পর বসন্তবাবুর নিকট শুনিয়াছি উহা বঙ্গবাসী প্রেসের সংস্করণ।—জ্ঞ ৮

শব্দ "কজলবাস" রূপে লিখিত হওয়ায় টীকায় ইহার অর্থ হইয়াছে "একপ্রকার পাহারাদার জাতি; অথবা গরদাও হয়।" উজ্জ্বলের টীকা নাই। পশ্চিমাঞ্চলে থাকিতে কজলবাশ্-উপাধিক জনৈক ভদ্রলোকের সহিত আমার বন্ধুত্ব হইয়াছিল। তিনি শিয়া-সম্প্রদায়ভুক্ত। তাঁহার নাম ঐ প্রদেশের সিভি.ল্ লিস্ট্তে (Civil List) পাওয়া যায়। তিনি অবশ্য উজ্‌বক্ ছিলেন না। যাহা হউক, আরবী ظ ض ز ذ র অনুরূপ উচ্চারণদ্যোতক বর্ণের ব্যবহার থাকিলে, বা "বাস" স্থলে মূল উচ্চারণজ্ঞাপক "বাশ" বা "বাষ" লিখিত থাকিলে এরূপ অশুদ্ধ পাঠ এবং অনুমানের উপর নির্ভর করিয়া টীকা লিখিবার প্রয়োজন হইত না। পুরাতন বাঙ্গালায় এত অধিক অশুদ্ধ পাঠ প্রবেশ লাভ করিয়াছে যে, তাহা হইতে অভিধানের জন্য শব্দসঙ্কলন কোন মতেই নিরাপদ নহে। কিন্তু সেই সকল পুঁথি এবং তাহাদের মুদ্রাকরপ্রমাদ-পূর্ণ আধুনিক সংস্করণগুলি ভিন্ন যখন গত্যন্তর নাই, তখন যে সকল শব্দের শুদ্ধি সম্বন্ধে সন্দেহের কারণ থাকিবে, সেগুলি আনুমানিক অর্থের উপর নির্ভর করিয়া অভিধানভুক্ত করা বিধেয় নহে। বর্ত্তমান অভিধানে এই নীতি যথাসাধ্য অনুসরণ করিবার চেস্টা হইয়াছে। সকল ক্ষেত্রে সে চেষ্টা ফলবতী হয় নাই। প্রকৃত উচ্চারণ-প্রকাশের উপায় ও চেষ্টা না থাকায় এইরূপ দৃষ্টান্তের সংখ্যা বৃদ্ধি পাইয়াছে। ইংরেজী উচ্চারণ জানিবার জন্য কোন ইংরেজের নিকট যাইবার প্রয়োজন হয় না। ইংরেজী অভিধানই এ সম্বন্ধে অভ্রান্ত পথ-প্রদর্শক। কিন্তু আমাদের ভুল পদে পদে।

যাহা হউক, এসকল অন্যের মুখে আমাদের ভাষা এবং আমাদের মুখে অন্যের ভাষার শব্দ উচ্চারণের কথা। আমাদেরই মুখে আমাদেরই মাতৃভাষার শব্দ উচ্চারণ-বিকারে দুর্ব্বোধ্য হইতে পারে। "অস্থির অঙ্গার"—পূর্ব্ববঙ্গের ধারায় পশ্চিমবঙ্গে যদি অকারাদিক উচ্চারণ করা যায়, তাহা হইলে শ্রোতা "অস্থির" অর্থে "চঞ্চল" বুঝিতে পারেন। আবার পশ্চিমবঙ্গের ধারানুসারে "অ"কে "ও"র মত করিয়া যদি "ওস্থির্ ওঙ্গার" বলা হয়, তাহা হইলে পূর্ব্ববঙ্গে "ওস্থির" ও পশ্চিম বঙ্গে "ওঙ্গার" শুনিয়া কেহ হাস্য সম্বরণ করিতে পারিবেন না। কলিকাতার বাঙ্গালী বলিবেন "ওস্থির্ অঙ্গার্" তবেই "হাড়ের কয়লা" বুঝিবেন। বাঙ্গালা এখন উত্তরোত্তর বঙ্গের বাহিরেও বিস্তার লাভ করিতেছে এবং ইহার প্রতি সমগ্র সভ্য-জগতের দৃষ্টি পড়িতেছে। এই সকল কারণে "বাঙ্গালা ভাষার অভিধানে" শব্দোচ্চারণের প্রয়োজনীয়তা * অনুভব করি এবং রাজধানী কলিকাতার উচ্চারণকেই আদর্শ মনে করি। শব্দের অব্যবহিত পরেই তজ্জন্য ( ) এইরূপ বন্ধনীর মধ্যে উচ্চারণ প্রদত্ত হইয়াছে।

উচ্চারণ-পরিভাষা

যেরূপ বর্ণযোজনা করিলে মূল উচ্চারণের নিকটতম অনুকরণ হইতে পারে, সেইভাবে বর্ণবিন্যাসের চেস্টা করা হইয়াছে। † বর্ণে কোন স্বরচিহ্ন যুক্ত না থাকিলে তাহা অকারান্তবৎ উচ্চারিত হইবে। "অ"বর্ণের যে ৪ প্রকার ও "আ"বর্ণের ৩ প্রকার এবং অন্যান্য স্বরবর্ণের যে সকল উচ্চারণ বাঙ্গালায় প্রচলিত আছে, তাহা অভিধানের যথাস্থানে প্রদর্শিত হইয়াছে। ব্যঞ্জনবর্ণ গুলির অকারান্ত উচ্চারণ বাঙ্গালার বিশেষত্ব। উহাদের দ্রুত বা লঘু আকারান্ত

* প্রেম শব্দের ম্ (এস্থলে বর্ণের নিম্নে কষি চিহ্ন দিলেও চলে, যথা—প্রে), মোণির মো, মোতিম হারের মো ও ম, রমজানের ম্, মশ্‌লার ম্ (accent বুঝাইতে বর্ণের মাথায় উল্টা রেফ চিহ্ন ব্যবহার করিলে চলে যথা—ম শ্ লা), মড়ার ম, মন্থরার মো, উচ্চারণে এক নহে।

† "আমি আম খাব আতাও খাব। ময়দাতে যেমন হয়, আটায় তেমন আটা হয় না" উচ্চারণে—"আমি আম্ খাবো আতাও খাবো। ময়্‌দাতে জ্যামোন্ হয়্, আটায় ত্যামোন্ আটা হয়্ না।" লিখি—"বাথার ব্যথী", কলিকাতা অঞ্চলে বলি—"ব্যাথার বেথি"। লিখি—"ননী খুব ননী খেতে ভালবাসে", বলি—নোনি খুব্ নোনি খেতে ভালোবাশে"

উচ্চারণ হিন্দীর বিশেষত্ব এজন্য বঙ্গাক্ষরে লিখিত যাবতীয় হিন্দী, মৈথিল শব্দের অ বা অকারান্ত ব্যঞ্জনবর্ণ স্বল্প স্পৃষ্ট বা লঘু আকারান্তবৎ উচ্চারিত হইবে।

যুক্তাক্ষরের উচ্চারণ-নির্দ্দেশ-কালে বর্ণদ্বয় পৃথক্ করিয়া এবং পর-বর্ণ অকারান্ত রাখিয়া পূর্ব্ব বর্ণে হসন্ত চিহ্ন যুক্ত করা হইয়াছে। যথা—কন্ঠ (কণ্ঠ দ্রঃ)।

পদান্ত বা পদমধ্যস্থ অকারান্ত বর্ণে হসন্ত চিহ্ন থাকিলে অর্দ্ধ বা লঘু হসন্ত যুক্তবৎ উচ্চারিত হইবে, যথা—অশোক্। এই ক্ = ক ও ক্'র মাঝামাঝি। কিন্তু প্রকৃত স্বর-বর্জ্জিত ব্যঞ্জনের হসন্ত চিহ্ন পাইকা টাইপে মুদ্রিত মূল শব্দেই সংযুক্ত দেখা যাইবে, সুতরাং স্বতন্ত্রভাবে দেখাইবার প্রয়োজন নাই। যথা—দিক্, দিক্‌পাল, ফট্ ইত্যাদি।

পদের আদি বর্ণে হসন্ত যুক্ত থাকিলে তাহা বল (accent) চিহ্ন বুঝিতে হইবে। যথা—আ্তা। কিন্তু যুক্তবর্ণ-বিচ্ছেদ স্থলে পূর্ব্ব বর্ণের নিম্নে এই চিহ্ন accent নহে, তাহা হসন্ত চিহ্ন ; যথা—স্কুল=স্কুল্।

পদের আদি মধ্য বা অন্তে অকারযুক্ত ব্যঞ্জন বর্ণে "ে।" এই চিহ্নযুক্ত থাকিলে তাহা অকার এবং ওকারের মাঝামাঝি অর্থাৎ অল্প স্পৃষ্ট ওকারযুক্তবৎ উচ্চারিত হইবে। যথা,—মধু (মোধু), জয়দ্রথ (জয়দ্‌দ্রোথো)। কিন্তু ে।। এই চিহ্ন যুক্ত হইলে পূর্ণ ওকারের উচ্চারণ হইবে। মূল শব্দে যে বর্ণে "ে।" যুক্ত আছে তাহার উচ্চারণে "ে।" মাত্র যুক্ত থাকিলেও পূর্ণ ওকারের উচ্চারণ হইবে।

।। চিহ্ন আকারের পূর্ণ বা দীর্ঘ উচ্চারণবোধক যথা,—অকালজ (অকালজ)।

উচ্চারণে ি এবং ী হ্রস্ব ও দীর্ঘ ঈকারের উচ্চারণ বুঝাইবে।

"্য" এই চিহ্ন যুক্ত থাকিলে পশ্চিমবঙ্গের এ (এক, এমন), পূর্ব্ববঙ্গের ে (তেল, বেল) ও ইংরেজী a (an, at) সদৃশ উচ্চারণ করিতে হইবে। যথা—উদ্যান (উদ্‌দ্যান্)। কিন্তু উচ্চারণে য বা য়="ইঅ" বৎ।

বৈদেশিক শব্দের উচ্চারণজ্ঞাপক ও বর্ণমালার অতিরিক্ত বর্ণসমূহ

সংস্কৃতমূলক ভাষার বহির্ভূত বহু শব্দ বাঙ্গালা ভাষায় প্রবেশ লাভ করিয়াছে এবং নিত্যই বহু শব্দ সংবাদ ও সাময়িক পত্রাদির মধ্য দিয়া প্রবিষ্ট হইতেছে। আমাদের বর্ণমালায় সকল বৈদেশিক স্বরদ্যোতক বর্ণ না থাকায়, আমরা অধিকাংশ স্থলেই ভুল লিখি এবং ভুল উচ্চারণ করি। সেই সকল শব্দের শুদ্ধ উচ্চারণ প্রকটনের জন্য কয়েকটি অক্ষরে বিন্দুযোগ করিয়া অতিরিক্ত বর্ণের সৃষ্টি করা হইয়াছে।* যথা,—

অ় আ় ই় ঈ় |=আরবী ع রোমান্ 'a, 'i, 'u ইল্‌ম্ ও উমর্ শব্দ আরবী ع বর্ণে জের ও পেশ-যোগে নিষ্পন্ন হয় বলিয়া রোমানে 'ilm ও 'umr এইরূপ লিখিত হয়। বাঙ্গালায় ঐ দুই স্বর পরিভাষিত করিবার জন্য ই় এবং উ় এই দুই বিন্দুযুক্ত স্বর ব্যবহৃত হইয়াছে। যথা ই়ল্‌ম্, উ়মর্। আল্‌জিব বা তালুর নিম্নদেশ অর্থাৎ অনেকটা কণ্ঠনালীর মুখ চাপিয়া উচ্চার্য্য। ইহা আরবীর একটী ব্যঞ্জন ধ্বনি।

ক়—আরবী ও ফারসী ق=রোমান্ qw বা qu (quorum)।

খ়= ,, خ= ,, kh, kh ক্ষ ও হ যোগে মূর্দ্ধা ও তালুর মধ্যস্থল হইতে উচ্চার্য্য।

গ়= ,, غ= ,, gh, ঘ় রূপও চলিতে পারে। কণ্ঠনালীর মুখ চাপিয়া তালু হইতে উচ্চার্য্য।

জ়= ,, ذ, ز, ض, ظ=রোমান্ z (zero)।

* এ সম্বন্ধে সাহিত্য-গুরু ৺অক্ষয়কুমার দত্ত মহাশয় আমাদের পথ-প্রদর্শক।

ঝ.=ফারসী ژ (আরবী জা-ই-ফারসী কারণ আরবীতে এ বর্ণ নাই)=রোমান zh।

ত.=আরবী ط=রোমান=ṭ ফারসী ت (=t–ত) অপেক্ষা বেশী কড়া ও সবল উচ্চারণ।

থ.= " ث=th (think), ṡ বা s ফারসীতে এই বর্ণ ও উচ্চারণ নাই। ফারসীতে ইহা স বা স বৎ উচ্চারিত হয়। উপরের দন্ত-পঙ্‌ক্তির নিম্নে জিহ্বাগ্র ঈষৎ স্পর্শ করিয়া জিহ্বার দুই পার্শ্ব দিয়া মুখমারুত ত্যাগের সঙ্গে সঙ্গে থ ও স'র মাঝামাঝি উচ্চারণ করিতে হয়. ইহা অনেকটা পালী "স"র বর্ম্মী উচ্চারণ মত।

দ.—আরবী ও ফারসী ض; ইহার ফারসী উচ্চারণ "জোয়াদ্" কিন্তু আরবী উচ্চারণ করিতে হইলে উপরের দন্ত-পঙ্‌ক্তির নিম্নে জিহ্বাগ্র ঈষৎ স্পর্শ করত জিহ্বার দুই পার্শ্ব দিয়া মুখমারুত ত্যাগের সঙ্গে সঙ্গে "দোআদ্" ও "জোআদে"র মাঝামাঝি উচ্চারণ করিতে হয়।

ধ.=আরবী ذ=রোমান dh বা ẕ বা ż ফারসীতে ইহাকে জাল্ বলে। কিন্তু ইহার প্রকৃত উচ্চারণ ধাল ও জাল্ এই দুয়ের মাঝামাঝি।*

ফ= " ف=রোমান f (father).

ব= " و= " w (water, word), সংস্কৃত ও হিন্দী অন্তস্থ ব। বাঙ্গালায় ব ও ব ব্যবহৃত হইতে দেখা যায়। ব অধিক সরল ও অন্য বিন্দুযুক্তের সমশ্রেণীস্থ শেমিতিক ও রোমান প্রণালীর অনুযায়ী।

ভ.= " v (verb) আরবী মৌলবী (=Maulwi) শব্দের বী=আ و=wi. কিন্তু বাঙ্গালা বর্ণমালায়, و এর সমোচ্চার্য্য বর্ণ না থাকায় অধুনা মুসলমান লেখকগণ বাঙ্গালায় ঐ শব্দ "মৌলভী" এইরূপে লিখিতে আরম্ভ করিয়াছেন। তাঁহারা ভীর স্থলে বী বা ব.ী লিখিলেই ভাল হয়।

য়=সংস্কৃত ও হিন্দী য=রোমান ya।

শ }
ষ } =আরবী ও ফারসী ش=রোমান sh (sheet); বাঙ্গালায় "শ" ও "স"র প্রকৃত উচ্চারণ না করিয়া দুইটিরই "ষ"র মত উচ্চারণ করা হয়। মৈথিল ও হিন্দী ভাষাতে ষ "খ"র মতও উচ্চারিত হয়। বাঙ্গালা পদাবলী-সাহিত্যে ঐ দুই ভাষার বহু শব্দের যথাযথ উচ্চারণ প্রচলিত থাকায় অভিধানে ش ও sh এর উচ্চারণ "শ" দ্বারা পরিভাষিত হইয়াছে।

স= " س=রোমান s (see).

স.= " ص=রোমান ṣ ফারসীতে ث, س ও ص এই তিন বর্ণেরই একরূপ উচ্চারণ বলিয়া মূল ভাষার বিশুদ্ধ বানান বুঝাইবার জন্য যথাক্রমে থ. স ও স. এই বর্ণত্রয় ব্যবহৃত হইয়াছে।

হ.=ফারসী "বড়া হে" ও আরবী "হা" ح=রোমান ḥ; ইহা মুখ দিয়া দীর্ঘশ্বাস নির্গমনকালীন "হ" বৎ।

উচ্চারণের পরই ব্যাকরণাংশ সন্নিবিষ্ট হইয়াছে। শব্দের ব্যুৎপত্তি, ইতিহাস, গঠন-বিশ্লেষণ প্রভৃতি [ ] এইরূপ বন্ধনীর মধ্যে আবদ্ধ করিয়া অবশিষ্টাংশ হইতে বিশেষিত করা হইয়াছে। শব্দের

* মূল অভিধানে ব্যবহৃত অতিরিক্ত বর্ণগুলি ঢালাই হইয়া যাইবার পর পরিশিষ্ট ভাগে বিদেশী শব্দের লিপ্যন্তর করিবার কালে ঝ., ত., থ., দ., ধ., ভ., স. এবং হ. বর্ণের প্রয়োজন লক্ষিত হয়। তখন সময় না থাকায় এগুলির সম্বন্ধে পূর্ব্ব প্রণালী অবলম্বন করা সম্ভব হয় নাই। এজন্য উক্ত বর্ণের এবং ব ব্যতীত পাইকা টাদের বর্ণের পার্শ্বে বিন্দযুক্ত হইয়াছে। মূল অভিধানে যে "ভ." বর্ণ ব্যবহৃত হইয়াছে তাহারও কারণ নিম্নে বিন্দযুক্তবর্ণগুলি ঢালাই হইয়া যাইবার পর তাহার প্রয়োজন হয়।—জ্ঞ।

ব্যুৎপত্তি-নির্ণয় (etymology), তাহার অঙ্গপ্রত্যঙ্গের বিশ্লেষণাদি ব্যাকরণের বিষয়ীভূত। ব্যাকরণ সেই জন্য অভিধানের মর্ম্মাংশ। অধুনা এদিকে সাহিত্যিকগণের দৃষ্টি বিশেষভাবেই পড়িয়াছে। ইংরেজী ভাষা এবং শুদ্ধ ইংরেজী কেন, য়ুরোপীয় প্রায় সকল ভাষায় শব্দব্যুৎপাদক অভিধান সন্তোষজনক। আমাদের এক সংস্কৃত অভিধানই এ বিষয়ে সর্ব্বাঙ্গ-সুন্দর। বাঙ্গালার অন্তর্গত সংস্কৃত, প্রাকৃত, আরবী, পারসী প্রভৃতি এবং য়ুরোপীয় শব্দের ব্যুৎপত্তি নির্ণয়ে গোল নাই। কিন্তু যত গোল সেই সকল শব্দের ব্যুৎপত্তি লইয়া, যাহারা অপভ্রংশ ও গ্রাম্য পর্য্যায়ের অন্তর্ভুক্ত এবং যাহাদের সম্বন্ধে ইতিপূর্ব্বে কোন বৈয়াকরণ বা শাব্দিক আলোচনা বা অকাট্য যুক্তিদ্বারা মূল নির্ণয় করিয়া যান নাই। এরূপ স্থলে শাব্দিকগণ স্ব স্ব বহুদর্শন ও বিবিধ ভাষাজ্ঞানানুসারে ব্যাকরণের সূত্রানুযায়ী বা স্বাভাবিক পরিবর্ত্তনের নিয়ম ধরিয়া অথবা ধ্বনি ও অর্থসাদৃশ্য অবলম্বন করিয়া একটা উৎপত্তি-মূল নির্ণয় করিয়া থাকেন। এতদ্দ্বারা সকল ক্ষেত্রে ভুল-ভ্রান্তির হস্ত হইতে নিষ্কৃতিলাভও ঘটে না। অধিকাংশ স্থলে দেখা যায়, আমাদের যে ভাষা বা ভাষাসমূহে দখল অধিক, আমরা সেই বা সেই সকল ভাষার ধাতু ও শব্দ হইতে ব্যুৎপত্তি নির্ণয়ে অনুরাগ প্রদর্শন করিয়া থাকি। ইহা অনেকটা স্বাভাবিকও বটে, কিন্তু ইহা যে প্রধানতঃ আমাদের মধ্যে ভারতীয় আর্য্য ও অনার্য্য ভাষাসমূহে জ্ঞানের অভাবজনিত তাহাতে সন্দেহ নাই। প্রদেশভেদে বিভিন্ন প্রাকৃতের জ্ঞান, দ্রাবিড় ভাষায় বিস্তারিত জ্ঞান, অন্যান্য পার্ব্বত্য এবং আদিম জাতিসমূহের ভাষায় জ্ঞান না থাকিলে অজ্ঞাত-মূল শব্দ কোন্ ধাতু বা শব্দ হইতে উৎপন্ন অথবা কোন্ প্রাকৃতের মধ্য দিয়া রূপান্তরিত হইতে হইতে বর্ত্তমান অবস্থা প্রাপ্ত হইয়াছে তাহার সিদ্ধান্তে উপনীত হইতে আমাদিগকে চিরদিনই বেগ পাইতে হইবে। য়ুরোপের আদর্শে এখানে ভারতীয় সকল ভাষার ও উপভাষার বৈজ্ঞানিক প্রণালীসঙ্গত আলোচনা করিতে সমর্থ করিবার মত কলেজ বা পরিষৎ প্রতিষ্ঠার একান্ত প্রয়োজন হইয়াছে।

ব্যাকরণাংশ ও শব্দের ব্যুৎপত্তি বিশ্লেষণ ও ইতিহাস

বাঙ্গালা ভাষার অভিধানে সংস্কৃত শব্দের ব্যুৎপত্তি-নির্ণয়ে শব্দসার, শব্দকল্পদ্রুম, বাচস্পত্য, প্রকৃতিবাদ প্রভৃতি অভিধান-নির্দ্দিষ্ট পন্থা অনুসরণ করা হইয়াছে। কিন্তু তদ্ধিত ও কৃৎপ্রত্যয় অধিক সরল করিবার জন্য কোথাও মুগ্ধবোধ কোথাও বা কলাপ অনুসৃত হইয়াছে।

সকল সংস্কৃত ধাতু ও প্রত্যয়াদি-নিষ্পন্ন শব্দের ব্যুৎপত্তির সহিত অর্থের সামঞ্জস্য রক্ষা করা যায় না এরূপ শব্দসমূহের এবং যাহাদের ব্যুৎপত্তি কোন সঙ্গত অনুমানেরও অধীন করা যায় না সে সমুদয়ের কষ্টকল্পিত ব্যুৎপত্তি না দিয়া—শব্দটি সংস্কৃত হইলে "সং", পালি হইলে "পা", অন্য প্রাকৃত হইলে "প্রাকৃ", এইরূপ লিখিত হইয়াছে। অজ্ঞাত স্থলে কিছুই লেখা হয় নাই, সন্দেহ স্থলে প্রশ্নচিহ্ন ব্যবহৃত হইয়াছে এবং স্থলবিশেষে অমর, হেম, মেদিনী, অভিধানপ্পদীপিকা প্রভৃতি সংস্কৃত ও পালি কোষাদি হইতে মূলার্থব্যঞ্জক বচনমাত্র উদ্ধৃত হইয়াছে। অনুকারাত্মক (onomatopoetic) পদগুলি বিশেষ বিশেষ ধ্বনি হইতে উৎপন্ন। অভিধানের প্রথম কয়েক ফর্ম্মায় সেই সকল শব্দ ধ্বন্যাত্মক বলিয়া নির্দ্দেশ করা হইয়াছিল, কিন্তু অলঙ্কার-শাস্ত্রে ঐ শব্দের পারিভাষিক অর্থে প্রয়োগ আছে বলিয়া অধিক সহজবোধ্য "শব্দাত্মক" পদই সর্ব্বত্র ব্যবহৃত হইয়াছে, যথা,—"উলু" "কড়াৎ" ইত্যাদি।

বন্ধনীর বাহিরে প্রথমেই বিশেষ্য, বিশেষণ, ক্রিয়া, অব্যয়াদি পদপরিচায়ক বি, বিণ, ক্রি, অ প্রভৃতি সঙ্কেত সন্নিবিষ্ট হইয়াছে। সাধারণতঃ বিশেষ্য-পদবাচ্য এবং প্রয়োজনস্থলে বিশেষণবাচ্য

সংস্কৃত শব্দের লিঙ্গ নির্দ্দেশ করা হইয়াছে। ত্রিলিঙ্গবাচক শব্দের ও সংস্কৃত ব্যাকরণানুসারে যে সকল শব্দ ক্লীবলিঙ্গবাচক অথচ পুরুষকেই বুঝায় (যথা—"মহাপাত্র"), এবং যে সকল শব্দ অপভ্রষ্ট ও অসংস্কৃত—বাঙ্গালা অভিধানে তাহাদের লিঙ্গ নির্দ্দেশ করার প্রয়োজন বোধ করি নাই। শেষোক্ত শ্রেণীর অধিকাংশ শব্দের অর্থ হইতে সহজেই লিঙ্গ নির্ণীত হইতে পারে। ইহাদের মধ্যে বিশেষ বিশেষ স্থলে পুংলিঙ্গ বা স্ত্রীলিঙ্গবোধক সাঙ্কেতিক চিহ্ন "পুং" বা "স্ত্রী" লিখিত হইয়াছে।

পদ ও লিঙ্গ নির্ণয়

পূর্ব্ব পূর্ব্ব বৃহৎ বাঙ্গালা অভিধানে অমরাদি কোষ-ধৃত শব্দের সংস্কৃত সাহিত্যে ব্যবহৃত যাবতীয় অর্থ সঙ্কলন করিবার আগ্রহ দৃষ্ট হয়। কিন্তু যে সকল অর্থ বাঙ্গালায় চলিত নাই, বর্ত্তমান অভিধানে বিশেষ বিশেষ স্থলে সেই সমুদয় অর্থের পৃথক্ উল্লেখ করা হইয়াছে (ক, ক্ষেপ ইত্যাদি দ্রষ্টব্য) এবং অবশিষ্ট বর্জ্জন করত বাঙ্গালায় প্রচলিতার্থে ব্যবহৃত বহু অসংস্কৃত শব্দের স্থান করা হইয়াছে। প্রথমেই শব্দের ব্যুৎপত্তিগত মূলার্থ, পরে সম্ভবমত বিবিধ গৌণার্থ, বিশেষার্থ, পারিভাষিক অর্থ, প্রাদেশিকার্থ এবং অপ্রচলিতার্থ একাধিক সংখ্যাক্রমে নির্ণীত এবং আবশ্যক স্থলে প্রসিদ্ধ লেখকগণের গ্রন্থপত্রাদি হইতে স্থলবিশেষ উদ্ধার করত প্রয়োগ প্রদর্শিত হইয়াছে। বর্ত্তমান অভিধানে বহু সহস্র প্রয়োগ উদ্ধৃত হইয়াছে। আরও বহু শত উদ্ধার সংগৃহীত হইতে পারিত, কিন্তু সকল শব্দের ও নিত্য ব্যবহৃত শব্দসমূহের প্রয়োগ প্রদর্শনের প্রয়োজন কেহই স্বীকার করিবেন না এবং সর্ব্বদা ব্যবহার্য্য বৃহৎ অভিধানেরও আকার এবং কাগজ মুদ্রাঙ্কনাদি ব্যয়-জনিত একটা মূল্যেরও সীমা থাকা উচিত। প্রত্যেক উদ্ধারের শেষে লেখক বা তাঁহার গ্রন্থ পত্রাদির নাম উল্লিখিত হইয়াছে, কিন্তু অল্প কয়েকটি স্থলে স্মারকলিপিতে টুকিয়া না রাখায় বা স্মরণ না থাকায় তাহা উল্লেখ করিতে পারা যায় নাই; সেই সকল স্থল উদ্ধারচিহ্নে বদ্ধ করা হইয়াছে মাত্র (উহ, ওতু দ্রষ্টব্য)। ইহাতে সেই সকল গ্রন্থকার বা সম্পাদক মহাশয়দিগের নিকট আমি সমভাবেই ঋণী।

শব্দের অর্থ ও প্রয়োগ

এমন অনেক শব্দ আছে, যাহার যথাযথ অর্থ বা ভাব ইংরেজী ভাষার সাহায্যে অধিক পরিস্ফুট হইতে পারে এবং সহজে বোধগম্য হয়; সেই সকল শব্দের ইংরেজী প্রতিশব্দ বা ব্যাখ্যা প্রদত্ত হইয়াছে, যথা—এডিটর, হাফটোন ইত্যাদি।

যথায় দেখা গিয়াছে যে, কোন শব্দের প্রয়োগস্থলই তাহার অর্থদ্যোতনায় অধিক পরিস্ফুট, তথায় বিস্তৃত ব্যাখ্যা না দিয়া সেই স্থল ব্যাখ্যা স্বরূপ উদ্ধৃত হইয়াছে। ইতিপূর্ব্বে কোন বাঙ্গালা অভিধানে প্রদত্ত হয় নাই, এরূপ বহু সহস্র নূতন অর্থ ও প্রয়োগ ইহাতে প্রদত্ত হইয়াছে।

অতঃপর মূল শব্দ ব্যতীত সমস্তপদ (compound words), পদসমুচ্চয় (phrases), ব্যুৎপত্তিলব্ধ বা যৌগিক শব্দ (derivatives), স্বল্পার্থক বা ক্ষুদ্রতাবাচক শব্দ (diminutives), প্রবাদবাক্য (proverbes), বাগ্‌ধারা (idioms) ও সমনাম (synonyms) প্রভৃতি শব্দানুক্রমে যথাস্থানে সন্নিবিষ্ট হইয়াছে এবং সহজে পাঠকের দৃষ্টি আকর্ষণ করিবে বলিয়া পাইকা টাইপে মুদ্রিত হইয়াছে।

শব্দব্যুৎপত্তি ও শব্দার্থনির্ণয়ই শাব্দিক অভিধানের প্রধান লক্ষ্য; কিন্তু, ভাষাশিক্ষা ও সাহিত্যানুশীলনের অনুকূল অথচ অবান্তর বিষয় হইলেও তৎসমুদয় অন্ততঃ পরিশিষ্টাকারে অভিধানের অন্তর্ভুক্ত হওয়া আবশ্যক। এই হেতু সূচী-নির্দ্দিষ্ট বিষয়গুলি পরিশিষ্টে সন্নিবিষ্ট হইয়াছে।

যে সকল শব্দ, ব্যুৎপত্তি, অর্থ ও প্রয়োগ মূল অভিধানে ছাড় পড়িয়াছিল, অথবা পরে সঙ্কলিত হইয়াছিল, তৎসমুদয় কোষ-পরিশিষ্টে অকারাদিক্রমে প্রদত্ত হইল। এই কোষ-পরিশিষ্টে [ ] এইরূপ প্রথম বন্ধনীর পর যুক্ত "—" এই চিহ্নের পরবর্ত্তী অংশ অভিধানান্তর্গত তৎসংস্পৃষ্ট অংশের পর যুক্ত হইবে,—ইহাই বুঝাইবে। শব্দের পর [দ্রঃ] এই সঙ্কেত "অভিধানের যথাস্থানে এই শব্দ দ্রষ্টব্য" বুঝাইবে। ১৫৩০—৪১ পৃষ্ঠায় নাম-পরিশিষ্ট.—এই চিহ্নের পরবর্ত্তী নামাংশ পূর্ব্ববর্ত্তী মূল নামের সহিত যুক্ত করিয়া পড়িতে হইবে, যথা—গুরু. —দাস,—নাথ ইত্যাদি স্থলে গুরুদাস, গুরুনাথ অথবা অমীর-অদ্-দিন্,—আলি,—খাঁ ইত্যাদি স্থলে অমীরুদ্দিন, অমিরআলি, অমীর খাঁ ইত্যাদি পড়িতে হইবে।

পরিশিষ্ট

বাঙ্গালার কত শব্দ সংস্কৃত ধাতুমূলক তাহা অনুসন্ধিৎসুগণ এবং প্রধানতঃ শিক্ষার্থিগণ অনায়াসে নির্দ্ধারণ করিতে পারিবেন এবং কোন অজ্ঞাতমূলক শব্দ সংস্কৃত ধাতু হইতে ব্যুৎপন্ন কি না তদ্বিষয়ে সন্দেহ উপস্থিত হইলে তাহার মীমাংসা পক্ষে অনেকটা সাহায্য পাইতে পারিবেন বলিয়া ২২৬৮টি সংস্কৃত ধাতুর অর্থ সহ তালিকা প্রদত্ত হইয়াছে। যে ভাষার তিন ভাগের অধিক শব্দই সংস্কৃত বা সংস্কৃতমূলক সেই ভাষাভাষীর পক্ষে সংস্কৃত ধাতু ও তাহার অর্থ-জ্ঞান থাকা যে একান্ত আবশ্যক তাহা কেহ অস্বীকার করিবেন বলিয়া মনে করি না।

সংস্কৃত ধাতু

অভিধানে পোড়া শব্দের ব্যুৎপত্তি নির্ণীত হয় নাই। উহা কোন সংস্কৃত প্রাকৃত অথবা অনার্য্য প্রাকৃত হইতে আগত কি না তাহা আর্য্যানার্য্য উভয় ভাষায় অধিকার না থাকিলে নিশ্চয়-বাক্যে বলা নিরাপদ নহে। সমগ্র উত্তর ও দক্ষিণ ভারতে পোড়া অর্থে জ্বলা শব্দের ব্যবহার আছে। সমস্ত বঙ্গে এবং বঙ্গ-সংলগ্ন পূর্ব্ব ও দক্ষিণাঞ্চলে জ্বলা ও পুড়া বা পোড়া এই উভয় শব্দেরই প্রচলন আছে। অসমীয়া ভাষায় "পোর্" ধাতু হইতে পোরন্ অর্থে জ্বলন। এই "র" বাঙ্গালা "ড়" র বিকারমাত্র, অথবা 'ড়' ই 'র'র বিকার কিনা বলা কঠিন। আবার হিন্দীতে "বার" ধাতুজ "বারণা" অর্থে জ্বালান। সংস্কৃতে বর্ণ্ ধাতুর অর্থ দীপন। ব স্থানে প এবং র স্থানে ড় হইয়া যদি পড়না—পোড়না, শেষে পোড়ান হইয়া থাকে তাহা হইলে বলা যায় না। কিন্তু অনেকে পুট্ (দীপ্তি-অর্থক) ধাতু হইতে ইহার ব্যুৎপত্তি অনুমান করিয়াছেন। সংস্কৃতে পুট্, পুটি, পুণ্ট্, পুণ্ড্, প্রুষ্, প্লুষ্, প্লুষ্ ও পুড়ি (চর্ণন-অর্থক) ধাতু বিদ্যমান থাকিতে পুড়া বা পোড়া শব্দের ব্যবহার এরূপ সীমাবদ্ধ হইতে দেখিয়া ইহা কোন অসংস্কৃত বা অনার্য্য ভাষা হইতে প্রাপ্ত কিনা তদ্বিষয়ে সন্দেহ হয়।

পরিশিষ্টভাগে ঐতিহাসিক ও জীবিত ব্যক্তিগণের জীবনচরিত এবং দ্রব্যগুণসম্বন্ধীয় স্বতন্ত্র পরিশিষ্ট সংযুক্ত করা হয় নাই। দ্রব্যগুণাভিধান ও বৈদ্যক গ্রন্থান্তর্গত শব্দসমূহ মূল অভিধানে স্থান পাইয়াছে। জীবনচরিত শাব্দিক অভিধানের বিষয়ীভূত নহে। সংক্ষিপ্তাকারে জীবনের প্রধান ঘটনাবলীর মাত্র উল্লেখ করিলেও অভিধানের অনেকটা স্থান অধিকার করে। তাহাতে জীবনীও অসম্পূর্ণ থাকে, অথচ নির্দ্দিষ্ট পরিসরের মধ্যে বহু সহস্র শব্দের স্থান সঙ্কুলান হয় না। এজন্য পৌরাণিক ব্যক্তিগণের নাম ও সংক্ষিপ্ত পরিচয় উল্লেখ বা উপলক্ষ (allusion) নির্ণয়ার্থ মূল অভিধানের অঙ্গীভূত করা হইয়াছে।

আমরা অক্ষর-যোজনার দ্বারা যেমন মনোভাব লিখিয়া ব্যক্ত করিতে পারি মূক বধিরগণ তদ্রূপ অঙ্গুলি-বিন্যাসদ্বারা ইঙ্গিতে বা ঠারে ঠোরে মনোভাব প্রকাশ করিতে এবং অন্যের ইঙ্গিত দেখিয়া বুঝিতে পারেন। সেই সকল সঙ্কেতের চিত্রই মূকবধিরদিগের লিখিত ভাষার বর্ণমালা। বাঙ্গালী মূকবধির-

দিগের শিক্ষার জন্য কলিকাতা-মূকবধির বিদ্যালয়ের অধ্যক্ষ শ্রীযুক্ত যামিনীনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় যে বর্ণমালা এবং বর্ণযোজনার দ্বারা লিখন প্রণালীর উদ্ভাবন করিয়াছেন তাহার প্রতিলিপি পরিশিষ্টে প্রদত্ত হইল। বাঙ্গালা ভাষার অভিধানে উহা ব্যবহার করিতে দেওয়ায় আমি তাঁহার নিকট বিশেষ কৃতজ্ঞ রহিলাম।

বঙ্গভাষা ও সাহিত্যের ক্রমোন্নতি ও বিস্তারের সঙ্গে সঙ্গে সংবাদ ও সাময়িক পত্র, ভাষাতাত্ত্বিক পণ্ডিতগণের রচনা এবং বৈদেশিক সুলেখকদিগের গ্রন্থাদির বঙ্গানুবাদের ভিতর দিয়া পৃথিবীর নানা দেশীয় প্রসিদ্ধ স্থান ও নরনারীর নামের সহিত আমাদের নিত্য পরিচয় হইতেছে।* এইরূপ পরিচয় শিক্ষিত সমাজে নূতন নহে। শিক্ষিত সমাজের চলিত ভাষাও এরূপ রাজভাষার শব্দবহুল হইয়া পড়িয়াছে যে, যাঁহার ইংরেজী জানা নাই এবং সহরাঞ্চলে বাসও নহে, তাঁহার পক্ষে বাঙ্গালা সংবাদপত্রস্থ সকল সংবাদের সম্যক্ মর্ম্মগ্রহণ করা একরূপ অসম্ভব।†

বিদেশী নামের বাঙ্গালা লিপ্যন্তর

ধর্ম্মপ্রচার, শিক্ষা, বাণিজ্য, রাষ্ট্রবিপ্লব, সংগ্রাম প্রভৃতি কারণে, প্রাচ্য ও পাশ্চাত্য জাতির সংস্রব-হেতু, বিগত বুয়র যুদ্ধ, রুষ জাপান যুদ্ধ এবং বর্ত্তমান জগদ্ব্যাপী মহাসমর-প্রসঙ্গে, বহু বৈদেশিক নাম বাঙ্গালায় লিপ্যন্তরিত হইয়াছে ও হইতেছে। কিন্তু বর্ণান্তরীকরণের ও তাহা যথাযথ উচ্চারণের নির্দ্দিষ্ট পদ্ধতি অনুসৃত না হওয়ায় একই নামের নানা প্রকার বানান এবং একই শব্দের বহুরূপ ও উচ্চারণ দাঁড়াইয়া যায়, বিদেশীয় নামকে আমাদের সংস্কার সঙ্গত ও সুখোচ্চার্য্য করিয়া লিপ্যন্তরিত করিবার ঝোঁকে নামগুলি এতদূর বিভিন্ন হইয়া পড়ে যে অধিকাংশের মূল খুঁজিয়া লওয়া দুরূহ হয়। প্রাচীন ভারতের বহু গ্রীক, আরবী, তিব্বতী ও চীনা নাম এই কারণে আজিও ভৌগোলিক ও ঐতিহাসিকদিগের তর্কস্থল হইয়া আছে। অবশ্য কতকগুলি নাম অতিপরিচয় হেতু বহু বিকৃতির মধ্য দিয়াও চিনিতে পারা যায়। বর্ণের সংখ্যাল্পতা ও

* "মেসপটেমিয়া (হইতে) সংবাদ আসিয়াছে। ইংরাজ সেনা বাগ্দাদ অধিকার করিয়া অগ্রসর হইতেছে।" "জর্ম্মাণ সেনারা পোয়াভি অঞ্চলে * * বারানোভিচের পূর্ব্বদিকে সমবেত হইয়াছিল * * * খানিকিন অঞ্চলে রুষসেনারা কানাইচাতিন নামক একটি দুর্গ অধিকার করিয়াছে। * * ইস্ক্রেভের * * পোয়াভির * * আক্রমণ ব্যর্থ হইয়াছে। কাভোর * * দিকে এরুতি নামক স্থানে * * বোয়োবোনে অঞ্চলে ষ্টথড নদীর তীরে * * মরনেষ্ট নামক স্থানে * * বারানোভিচি নামক স্থানে * * ওডিনগ্র খালের নিকটে * * খাদ্যদ্রব্য উদ্ধার করিয়াছে।"—হিতবাদী, ২৪শে চৈত্র, ১৩২৩। "কুট-এল-আমরা অধিকার করিয়া মেসোপোটেমিয়ায় বৃটিশ সেনাদল * * * বোগদাদ অভিমুখে ছুটিয়াছে।" "ইয়ারোডেল" জাহাজের কতিপয় মার্কিণ প্রজাকে"—বঙ্গবাসী, ২৬শে ফাল্গুন, ১৩২৩। "'ইয়ারাউডেল' নামক জাহাজে * * গ্রেপ্তার করা হইয়াছে।"—নায়ক, ৬ই মাঘ, ১৩২৩। মেসোপোটেমীয়ায় * অগ্রসর হইতেছে। তাহারা বাগদাদ সামার রেলপথে ইস্তাবুলাত নামক ষ্টেশনে * * পৌছিয়াছে।" "বীও-দি জেনেরি ব্রেজিলের লোকদের * আতঙ্ক হইয়াছে।"—বাঙ্গালী, ৬ই বৈশাখ, ১৩২৪। "রিমসের পূর্ব্বদিকে * * * পথে এবং সেণ্ট হিলেরা সেণ্ট সাউপ্লেত রোডের মধ্যভাগে প্রথম লাইনটী সম্পূর্ণ দখল করে। মোরোণভিলার্স নামক স্থানের দক্ষিণে * * এগার কিলোমিটার বিস্তৃত ভূমি দখল করে।"—নায়ক, ৬ই বৈশাখ, ১৩২৪। "রিমসের পূর্ব্বে আরও অগ্রসর হইয়া আমরা সেণ্ট হিলেরার * * * প্রথম লাইনের প্রায় ১৫ কিলোমিটার স্থান দখল করিয়াছি। তারপর আমাদের সেনা মরণভিলিয়ার্স গ্রামের দক্ষিণে * * প্রায় ১১ কিলোমিটার স্থান দখল করে। * সয়সন ও রীমসের মধ্যবর্ত্তী স্থানে ঘোরতর যুদ্ধ চলিতেছে।" "বক্তৃ প্রসঙ্গে স্যর উইলিয়ম" যেমন জানাইয়াছেন,"—বাঙ্গালী, ৬ বৈশাখ, ১৩২৪। "লাওনেও আবার ভীষণ যুদ্ধের সূত্রপাত হইয়াছে" "রয়টার জানান * * * মিঃ উইলসনের নূতন বিল পাশ হইতে পারে"—বঙ্গবাসী, ২৬শে ফাল্গুন, ১৩২৩। "বার্লিন হইতে দূরিত সহরে ফিরিয়া"—বসুমতী, ১৭ই চৈত্র, ১৩২৩।

† "তিনজন তালিক্লাকের কাজ করেন। তাঁহারা সেখানকার একজনে কোয়াটার্সে থাকেন। অপরাহ্ন তিনটার পর তাঁহারা হোটেলে আহার করিয়া কোয়াটার্সে যান।"—বঙ্গবাসী, ২৬শে ফাল্গুন, ১৩২৩। "প্রতি পাউণ্ডে সাড়ে নয় পেনী করিয়া দাম দিয়া নিকোলাসের পনীর সংগ্রহ করিতেছেন।"—বসুমতী, ১৭ই চৈত্র, ১৩২৩।

ভূমিকা।

সরলাকৃতি হেতু রোমান লিপিতে অক্ষরান্তরীকরণের প্রণালী সমগ্র য়ুরোপ ও আমেরিকায় আদৃত হইয়াছে। তজ্জন্য সভ্যজগতের প্রসিদ্ধ নামগুলি আমরা রোমান লিপিতেই প্রাপ্ত হই। কিন্তু উক্ত পদ্ধতি সাধারণে প্রচলিত না থাকায় আমরা বাঙ্গালায় বিদেশী নামের বানান ও উচ্চারণ বিভ্রাট ঘটাইয়া থাকি। রোমান লিপিতে লিখিত ফরাসী "Versailles" শব্দকে বঙ্গলিপিতে "ভার্সেইল্‌স্‌", "ভার্সেল্‌", "ভার্সেলে" বলিতে শুনিয়াছি। ঐ শব্দ বঙ্কিম বাবুর গ্রন্থেই "বর্সেল" আকার প্রাপ্ত হইয়াছে। ফরাসী ভাষায় ইহার প্রকৃত উচ্চারণের নিকটতম রূপ "ভ্যার্‌সায়্‌"। ফরাসী "les" শব্দ বাঙ্গালায় কেহ লেখেন ও বলেন লেস্‌, কেহ "লা", কেহ "লে"। ফরাসীরা বলেন "লে"। সুতরাং "লে" বলাই ভাল। এইরূপ বহু শব্দের উল্লেখ করা যাইতে পারে। এখন ঠিক স্মরণ নাই, কিন্তু কোন বাঙ্গালা কাগজে যুদ্ধ সংবাদ-স্তম্ভে দেখিয়াছি প্‌শেমিস্‌ (Przemysl) স্থলে "জেমশীল", "প্রেজিমিসিল" এবং অন্য এক কাগজে "প্রেমশিলা" রূপ ধারণ করিয়াছে। শেষোক্ত রূপ নিশ্চয়ই রহস্যচ্ছলে প্রদত্ত কিন্তু উহা চলিয়া গেলে প্রকৃত নামটি আর খুঁজিয়া পাওয়া যাইবে না। এসম্বন্ধে যদি ভাষাতাত্ত্বিক ও শব্দবৈজ্ঞানিকগণের দৃষ্টি আকৃষ্ট হয়, এবং বঙ্গসাহিত্যসেবিগণ লিপ্যন্তর-পদ্ধতির একই ধারাক্রমে বিদেশী নাম বঙ্গলিপিতে রূপান্তরিত করেন, তাহা হইলে বানান ও উচ্চারণ-বিভ্রাটের সম্ভাবনা থাকে না। এপক্ষে যাহাতে সামান্য সাহায্যও হইতে পারে তজ্জন্য বিদেশী ও ভারতের ভিন্ন প্রদেশীয় নামের লিপ্যন্তর ও তৎপ্রণালীর ইঙ্গিত মূলভাষার নিকটতম উচ্চারণ সহ পরিশিষ্টে প্রদত্ত হইল। ইহাতে অন্যূন ১২০০ নাম আছে। তন্মধ্যে মহারাষ্ট্র নামের বানান ও উচ্চারণ স্বনাম-প্রসিদ্ধ সাহিত্যিক ৺ সখারাম গণেশ দেউস্কর মহাশয়-কর্ত্তৃক প্রস্তুত তালিকা হইতে গৃহীত হইয়াছে। রোমান লিপির বর্ণবিন্যাস ও পাঠ সম্বন্ধীয় নির্দ্দেশ (directions) এবং বিদেশী নামের তালিকার জন্য আমি আমার সাহিত্যবন্ধু, কলিকাতা য়ুনিভার্সিটি কলেজের ইংরেজী ভাষা ও সাহিত্যের সুযোগ্য অধ্যাপক শ্রীযুক্ত সুনীতিকুমার চট্টোপাধ্যায়, এম, এ, মহাশয়ের নিকট সম্পূর্ণভাবে ঋণী। ভাষাতত্ত্ব ও লিপ্যন্তর পদ্ধতি তাঁহার বিশেষ অনুশীলন ও অনুরাগের বিষয়। সুতরাং তাঁহার ন্যায় বিশেষজ্ঞের হস্তে এই বিষয়ের, এমন কি, তাহার প্রুফ পর্য্যন্ত দেখিবার ভার অর্পণের অবকাশ দিয়া তিনি আমায় অশেষ কৃতজ্ঞতাপাশে বদ্ধ করিয়াছেন। মূল অভিধানে শব্দোচ্চারণের যে ধারা আমি আদ্যোপান্ত অবলম্বন করিয়াছি তাহা সুনীতি বাবুর অবলম্বিত প্রণালীর বিরোধী হয় নাই, বরং তাঁহার উদ্ভাবিত পার্শ্বে বিন্দুযুক্ত বর্ণ সমূহ (ঝ., থ., দ., ধ., ভ., স. ও হ.) পূর্ব্বাবলম্বিত ধারার অনুকূল হওয়ায় অভিধানের পূর্ব্বাপর সামঞ্জস্য রক্ষায় বিঘ্ন ঘটে নাই। তিনি মধ্যে মধ্যে অনেক দুষ্প্রাপ্য গ্রন্থ ও শব্দ সংগ্রহ করিয়া দিয়া আমার বিশেষ সাহায্য করিয়াছেন। আমার সাহিত্যবন্ধু প্রবাসীর সহকারী সম্পাদক শ্রীযুক্ত চারুচন্দ্র বন্দ্যোপাধ্যায়, বি, এ, মহাশয় নানা কাব্যনাটকাদি হইতে বহু শব্দ ও উদ্ধার সংগ্রহ করিয়াছিলেন। তিনি যে সকল গ্রন্থ ব্যবহার করিয়াছিলেন তাহার মধ্যে অনেকগুলি গ্রন্থের সেই সেই সংস্করণ বা তাহাদের অন্য সংস্করণ হইতে শব্দ নির্ব্বাচন কালে যদিও অনেক শব্দ ও প্রয়োগ পুনঃ সঙ্কলিত এবং উদ্ধারের পাঠান্তর গৃহীত হইয়াছে, তথাপি, এই কারণে কয়েকখানি গ্রন্থ পুনরায় পাঠ করিবার প্রয়োজন হয় নাই এবং সেই সময় অন্যান্য গ্রন্থ পাঠে নিয়োগ করিবার অবসর পাইয়াছিলাম। তাঁহার ন্যায় সাহিত্যসেবীর পরিশ্রমের ফলভাগী হওয়ায় আমি তাঁহাকে গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি। "এলাহাবাদ-কায়স্থপাঠশালা" কলেজের অধ্যাপক আমার বিশিষ্ট বন্ধু শ্রীযুক্ত সুরেন্দ্রনাথ দেব, এম, এ, মহাশয় স্বতঃপ্রবৃত্ত হইয়া প্রসিদ্ধ সাময়িকপত্র

ও গ্রন্থাদি হইতে বহু শব্দ সংগ্রহ করিয়া পাঠাইয়াছিলেন এবং পাছে এই দীর্ঘকালব্যাপী বহু শ্রমসাধ্য কার্য্যে ধৈর্য্য হারাই এজন্য মধ্যে মধ্যে উৎসাহ দান করিয়া বহু মূল্যবান্ মন্তব্যসহ পত্র ব্যবহার করিয়াছিলেন। অভিধান সঙ্কলনের প্রথমাবস্থায় এইরূপ বন্ধুগণের নিকট হইতে প্রাপ্ত, আমার স্মারক পুস্তকাবলীতে পূর্ব্বসংগৃহীত এবং প্রাচীন ও আধুনিক মুদ্রিত গ্রন্থাবলীতে চিহ্নিত শব্দ, প্রয়োগাদি নকল করিয়া ও অকারাদিক্রমে সাজাইয়া দিয়া পণ্ডিত চণ্ডীচরণ কাব্যতীর্থ মহাশয় আমার আন্তরিক ধন্যবাদার্হ হইয়াছেন। বলা বাহুল্য উহা আমায় স্বহস্তে করিতে হইলে বর্ত্তমান অভিধান সমাপ্ত হইতে অন্ততঃ আরও দুই বৎসর লাগিত। কিন্তু এই সময় আমি প্রাচীন ও সমসাময়িক সাহিত্য হইতে নূতন নূতন শব্দ সঙ্কলনের সুযোগ পাইয়াছিলাম। আমার অন্যতম শ্রদ্ধেয় বন্ধু এলাহাবাদপ্রবাসী পণ্ডিত নয়নচন্দ্র মুখোপাধ্যায় মহাশয় এবং প্রুফ-রীডার প্রবীণ পণ্ডিত শ্রীযুক্ত পঞ্চানন শিরোরত্ন ভট্টাচার্য্য মহাশয় প্রুফ দেখিবার কালে মধ্যে মধ্যে পরিত্যক্ত শব্দাদি সংযোজনায় সাহায্য করিয়াছেন। ইঁহাদের প্রত্যেকের নিকট আমার আন্তরিক কৃতজ্ঞতা জ্ঞাপন করিতেছি।

মুদ্রাঙ্কন সম্বন্ধে যাঁহারা বিশেষজ্ঞ, তাঁহারা "বাঙ্গালা ভাষার অভিধানে" মূল ও পরিশিষ্ট ভাগের মুদ্রাঙ্কন কার্য্য দেখিলেই বুঝিতে পারিবেন প্রিণ্টার ও কম্পোজিটরদিগের উপর কিরূপ ধকল গিয়াছে। আমি প্রত্যেক ফর্ম্মার শেষ গ্যালি ও অর্ডার প্রুফ দেখিয়া দিয়াছি কিন্তু অভিধানের উত্তরার্দ্ধের অধিকাংশ ভাগের পাণ্ডুলিপি প্রস্তুতকরণ মুদ্রণ ও প্রুফ সংশোধন এই তিন কার্য্যই এক সঙ্গে চলিয়াছিল বলিয়া, পেজ্ প্রুফেও প্রায়ই পরিবর্ত্তন এবং শব্দাদি সংযোজন করিতে বাধ্য হইয়াছি। তথাপি ফোরম্যান্ বাবু নারায়ণচন্দ্র হাজারার দক্ষতাগুণে তাহা সম্ভব হইয়াছে। প্রিণ্টার, কম্পোজিটার সকলেই আমার এই অত্যাচার অম্লান-বদনে সহ্য করিয়া অভিধানের সমাপ্তি পক্ষে যত্নবান্ হওয়ায় আমি ইঁহাদের সকলের নিকটই কৃতজ্ঞ।

"বাঙ্গালা ভাষার অভিধান" বঙ্গভাষাভাষী ও বাঙ্গালা-শিক্ষার্থী বিদেশীয়দিগের ব্যবহারোপযোগী করিবার মত সঙ্কলনে চেষ্টা ও পরিশ্রমের ত্রুটি করি নাই। কিন্তু বৈদ্যুতিকশক্তি-চালিত যন্ত্রের সঙ্গে সঙ্গে পাণ্ডুলিপির যোগান দেওয়া যে একজনের পক্ষে কিরূপ গুরুতর পরিশ্রম-সাপেক্ষ তাহা এইরূপ কার্য্যে যাঁহারা হস্তক্ষেপ করিয়াছেন এবং এই কার্য্যে ব্রতী আছেন তাঁহারাই সম্যক উপলব্ধি করিতে সমর্থ হইবেন। বৎসরের পর বৎসর প্রত্যহ ১৪ হইতে ১৭ ঘণ্টা পর্য্যন্ত একভাবে পরিশ্রম করিয়াও মধ্যে মধ্যে মুদ্রাঙ্কন-কার্য্য বন্ধ রাখিয়া পাণ্ডুলিপি প্রস্তুত করিবার সময় লইতে হইয়াছে। লঘু ব্যায়ামস্বরূপ প্রাতঃ সন্ধ্যায় ভ্রমণ করা ত দূরের কথা, মধ্যে মধ্যে এমনও হইয়াছে যে, উপর্য্যুপরি সাত আট দিন রাজপথের মুখ দেখি নাই। শারীরিক-ব্যায়ামহীন এইরূপ অতিরিক্ত পরিশ্রমজনিত স্বাস্থ্যভঙ্গের সম্ভাবনা-ভয়ে মধ্যে মধ্যে অল্পদিনের জন্য যুক্তপ্রদেশ, দার্জ্জিলিং এবং দক্ষিণ ভারতের সমুদ্রোপকূল ভ্রমণ করিয়া পুনরায় এই কার্য্যে ব্যাপৃত হইয়াছি। কিন্তু বিশেষ সাবধনতা অবলম্বন করিয়াও নানাস্থানে ভুল-চুক থাকিয়া গিয়াছে। তথাপি, আমার ন্যায় স্বল্পশক্তি ব্যক্তির দ্বারা সঙ্কলন ও সম্পাদনের কাঠিন্য উপলব্ধি করিয়া সুধীবৃন্দ এবং বিশেষজ্ঞগণ অভিধানের এই অমার্জ্জনীয় ত্রুটিও মার্জ্জনা করিবেন বলিয়া আশা করি। ইতিপূর্ব্বে যে যে শ্রেণীর শব্দ বর্জ্জিত এবং অল্পসংখ্যায় গৃহীত হইয়াছে বলিয়া উক্ত হইল, তাহা ছাড়া ব্যাখ্যার অপেক্ষা রাখে না এরূপ সহজবোধ্য সমস্তপদাদি (self-explaining compound words) গ্রহণ করিয়া শব্দসংখ্যা অযথা বৃদ্ধি করা হয় নাই। কারণ,

সর্ব্বাপেক্ষা অধিক সংখ্যক শব্দ সঙ্কলন দ্বারা কলেবর স্ফীত করা বর্ত্তমান অভিধানের উদ্দেশ্যের বহির্ভূত। সুতরাং ঐ শ্রেণীর শব্দ এবং বিস্তৃততর পাঠের সময়াভাবে যে সকল শব্দ এই সংস্করণে বাদ পড়িয়া গেল, তদ্ব্যতীত কোন কোন লেখকের কপোল-কল্পিত বা খেয়াল-প্রসূত, যাহা সুধীসমাজে প্রচলিত হয় নাই, এরূপ বহু শব্দ ইচ্ছাপূর্ব্বক বর্জ্জন করা হইয়াছে। তথাপি ৬ শতাধিক সংস্কৃত, ফারসী ও আরবী নামের ব্যুৎপত্তি ও অর্থ, ৩ শতাধিক সংস্কৃত হিন্দী প্রবাদ ও বিদেশী বাক্যাংশের (phrases) অর্থ, প্রায় ৬ শত পৌরাণিক ও ঐতিহাসিক স্থানের ভৌগোলিক সংস্থান ও পরিচয়, জগতের প্রসিদ্ধ ব্যক্তি ও স্থানবাচক নামের বাঙ্গালা লিপ্যন্তর ও উচ্চারণসহ সংক্ষিপ্ততম পরিচয়, ফরাসী দশমিক প্রণালী এবং সাঙ্কেতিক চিহ্ন ও সংক্ষেপাদির ব্যাখ্যা ইত্যাদি পরিশিষ্টান্তর্গত বিষয় ব্যতীত উচ্চারণ ও বহু সহস্র প্রয়োগসহ ৭৫ হাজারের অধিক শব্দ, শব্দসমুচ্চয় ও সমস্তপদ ইহাতে স্থান পাইয়াছে।

"বাঙ্গালা ভাষার" অভিধানে দুইটি বিষয় বিশেষভাবে লক্ষিত হইবে। প্রথম, ইহার আকার (size)* এবং টাইপ† হেতু পত্রাঙ্কের তুলনায় অনেক বেশী শব্দ ও বিষয়ের (matter) স্থান হইয়াছে এবং দ্বিতীয়, বাঙ্গালায় অব্যবহৃত শব্দ যথাসম্ভব বর্জ্জন করায় সংস্কৃত অভিধানগ্রাহ্য শব্দের সংখ্যা কিছু কমিয়াছে কিন্তু বাঙ্গালা শব্দের সংখ্যা অনেক বাড়িয়াছে। অ-আদি শব্দপর্য্যায়ে খাঁটি বাঙ্গালা শব্দ খুব কম এবং সংস্কৃতের সংখ্যাই সর্ব্বাপেক্ষা অধিক। তাহাতে চার হাজার সাত শতাধিক শব্দ স্থান পাইয়াছে। কিন্তু টবর্গে সংস্কৃত শব্দ সংখ্যা অল্প, ফ-আদি বর্ণেও তদ্রূপ। "বাঙ্গালা ভাষার অভিধানে" ট বর্গ প্রায় ১৫৫০ শব্দে সমাপ্ত হইয়াছে এবং ফ-আদি শব্দপর্য্যায়ে সাড়ে সাত সতের অধিক শব্দ স্থান পাইয়াছে। তথাপি, এবং আধুনিক বাঙ্গালা শব্দের প্রাচীন রূপকে স্বতন্ত্র শব্দ বলিয়া পরিগণিত না করিলেও,‡ এখনও বহু শব্দ সঙ্কলিত হইতে বাকী আছে এবং থাকিবে। সকল সময়ই জীবিত ভাষার অভিধান

* Super-royal অপেক্ষা একটু লম্বা ও চওড়া।

† পাইকা বডিতে ব্রিভিয়ার ফেসের বাঙ্গালা অক্ষর, বর্ণমালার অতিরিক্ত চিহ্নিত বর্ণ (accented letters)

‡ যে বাঙ্গালা এ পর্য্যন্ত প্রাচীন কবিদিগের ভাষা বলিয়া গ্রাহ্য ছিল, শাস্ত্রী মহাশয়ের আবিষ্কৃত "বৌদ্ধগান ও দোহা", অধ্যাপক বেণ্ডল কর্ত্তৃক সম্পাদিত "সুভাষিত সংগ্রহ" এবং শ্রীযুক্ত বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ মহাশয়ের আবিষ্কৃত চণ্ডীদাসের "শ্রীকৃষ্ণকীর্ত্তন" প্রকাশিত হওয়ার পর তাহা কবিদিগের ভাষা বলিয়া এখন আর গ্রহণ করা চলিবে না। প্রাচীন বাঙ্গালা পুথির পাঠোদ্ধারে লব্ধবিদ্য বসন্তবাবু অনেক পুথি ঘাঁটিয়া সিদ্ধান্ত করিয়াছেন যে আমরা কোন কবিরই প্রকৃত ভাষা পাই নাই। বানানে চন্দ্রবিন্দু যোগ, বিভক্তি অর্থে উ, উঁ, এ, এঁ, ক ত, র, ল, হো, হোঁ প্রভৃতি যোগ : অ স্থলে আ, আঁ, আ : ি স্থলে ী, ু স্থলে ূ, ক্ষ স্থলে খ, ট স্থলে ঠ, ঠ স্থলে ট, ড স্থলে ঢ, ন স্থলে ণ, য স্থলে অ, জ, এ, এ ; যফলা, রেফ এবং যুক্ত বর্ণের মধ্যে একটির লোপ বা বিকার প্রভৃতি প্রাকৃত হইতে বাঙ্গালায় ক্রমপরিণতির প্রাচীনাবস্থার সাধারণ লক্ষণ। প্রাচীন পুথি আবিষ্কারের সঙ্গে সঙ্গে দেখা যাইতেছে অসংখ্য প্রাচীন শব্দ উক্ত লক্ষণাদি বর্জ্জিত হইয়া আধুনিক নামে পরিচিত হইয়াছে। নবাবিষ্কৃত শ্রীকৃষ্ণকীর্ত্তনের পাণ্ডুলিপি যে কবির সমসাময়িক তাহা বিশেষজ্ঞ শ্রীযুক্ত রাখালদাস বন্দ্যোপাধ্যায় মহাশয় স্থির করিয়াছেন। ইহার ভাষা যে চণ্ডীদাসের প্রচলিত পদাবলী অপেক্ষা "প্রাচীন বৌদ্ধগান ও দোহার" ভাষার সহিত অধিক সাদৃশ্য রাখে, তাহাও নিঃসঙ্কোচে বলা যাইতে পারে। বিদ্বদ্বল্লভ মহাশয় আমায় যে সকল নিদর্শন দেখাইয়াছেন তাহাতে শ্রীকৃষ্ণকীর্ত্তনের কবি চণ্ডীদাসের ভাষাই যে পরবর্ত্তী কালে প্রচলিত পদাবলীর ভাষায় পরিণত হইয়াছে তাহা বেশ বুঝা যায়। বাঙ্গালা শব্দের ধারাবাহিক ইতিহাস অভাবে এইরূপ একই শব্দের প্রাচীন, পরবর্ত্তী ও আধুনিক রূপের বিভিন্ন শব্দ বলিয়া পরিগণিত হওয়া বিচিত্র নহে এবং অনেক ক্ষেত্রে তাহাই হইতেছে। তৎসমুদয় স্বতন্ত্র স্বতন্ত্র শব্দ পরিচয়ে অভিধানের শব্দসংখ্যাবৃদ্ধি করিবে, অথবা, কোন শব্দের একাধিক রূপ সেই শব্দের ব্যুৎপত্তি নির্ণয়ক্রমে উল্লিখিত মাত্র হইবে, তাহা এক্ষণে আলোচনার বিষয়। অবশ্য প্রাচীন প্রাকৃত রূপ এককালে পরিত্যক্ত হইয়া যে বহু শব্দ কেবল বিভক্তিবর্জ্জিত বা বিকৃত হইয়া সম্পূর্ণ সংস্কৃত রূপে আধুনিক সাহিত্যের অঙ্গ পুষ্ট করিয়াছে। তাহা বলাই বাহুল্য : যেমন—"কোঁঅলী" (স্ত্রী, কী) শব্দ এখন চলে না, কিন্তু "কোমলাঙ্গী" প্রচলিত হইয়াছে। এক্ষেত্রে "কোঁঅলী" শব্দ বাঙ্গালা অভিধানের গ্রাহ্য।

ভূমিকা।

সঙ্কলন ও সম্পাদনের উপযুক্ত, কিন্তু তাহা সম্পূর্ণ করিবার সময় কখনই আসে না। জাতীয় ভাষার অভিধান কোন জীবিত জাতিই সম্পূর্ণ বা শেষ করিতে পারে না। সঙ্কলনকারগণের কার্য্য তাহাকে নিয়ত পুষ্ট করিতে থাকা। বিশেষজ্ঞগণ কর্তৃক সঙ্ঘবদ্ধ হইয়া অভিধান সঙ্কলন ও সম্পাদনের যুগ এখনও বাঙ্গালায় আসে নাই। কিন্তু শিক্ষার স্রোত এরূপ প্রবল বেগে বহিয়াছে, দেশাত্মবোধ এমন ভাবে জাগিতেছে, উচ্চ-শিক্ষিত, বিবিধ জ্ঞান-বিজ্ঞানে পারদর্শী ও বহুভাষাভিজ্ঞ ব্যক্তিগণ মাতৃ-ভাষায় লেখনী সঞ্চালন করায় বিগত শতাব্দীর শেষভাগ হইতে বঙ্গভাষায় কৃতিত্বলাভ দেশবাসীর যেরূপ বাসনার বস্তু এবং সাধনার ধনে পরিণত হইয়াছে—এমন কি, বাঙ্গালা ভাষা ও সাহিত্য এরূপ ব্যাপকভাবে সভ্যজগতের অনুশীলনীয় হইবার লক্ষণ দেখা যাইতেছে যে, আশা হয়, শীঘ্রই সেদিন আসিবে। সে দিন আসিবে, যে দিন মরে সাহেবের নূতন ইংরেজী শাব্দিক অভিধান (Murray's New English Dictionary) সঙ্কলনের ন্যায় একজন লোকের সম্পাদকতায়, দুইশত সহকারী সম্পাদকের সহযোগিতায় এবং এক সহস্র পাঠক বা শব্দসঙ্কলনকারীর পরিশ্রমে বাঙ্গালা ভাষার সর্ব্বাঙ্গসুন্দর বৃহত্তম শাব্দিক অভিধান সম্পাদিত হইবে। কিন্তু বাঙ্গালায় সেদিন তখনই আসিবে, যখন জ্ঞানবৃদ্ধ দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের অন্তর্দৃষ্টি, বাচস্পতির কর্ম্মশক্তি এবং হরিনাথ দের বহু-ভাষাজ্ঞান বঙ্গভাষারূপ সাগরসঙ্গমে আসিয়া একত্র মিলিত হইবে।

মুদ্রাঙ্কনের পর যে সকল ভ্রমপ্রমাদ দৃষ্টিপথে পতিত হইয়াছে, তজ্জন্য একখানি "সংযোজন ও সংশোধন" পত্র পরিশিষ্টশেষে প্রদত্ত হইল। যে কয়েকস্থলে শব্দবিন্যাসের ক্রম ভঙ্গ হইয়াছে, পরবর্ত্তী সংস্করণে তৎসমুদয় এবং অন্যান্য ত্রুটি সংশোধিত হইবে।

পরিশেষে বক্তব্য এই যে, "বাঙ্গালা ভাষার অভিধান" বঙ্গভাষাভাষী ও বাঙ্গালাশিক্ষার্থী বৈদেশিকগণের ব্যবহারে এবং কথঞ্চিৎ উপকারে আসিলে আমার সকল শ্রম সার্থক বোধ করিব।

কলিকাতা
৩১শে চৈত্র, ১৩২৩

শ্রীজ্ঞানেন্দ্রমোহন দাস

কৃতজ্ঞতা স্বীকার

বাঙ্গালী মুসলমান ডাক-নামের তালিকার জন্য আমি বঙ্গীয় সাহিত্য-পরিষদের অন্যতম সদস্য ডাক্তার আব্দুল গফুর সিদ্দিকী সাহেবের নিকট ঋণী। ভূমিকায় ইহা উল্লেখ করা আমার উচিত ছিল, কিন্তু ভ্রমবশতঃ তাহা হয় নাই।

শ্রীজ্ঞানেন্দ্রমোহন দাস।

"বাঙ্গালাভাষার অভিধানে" ব্যবহৃত সংক্ষেপের তালিকা

সংক্ষেপ		অর্থ
অ	=	অব্যয়।
অ, চি	=	অভিধান চিন্তামণি।
অ, ম	=	অন্নদামঙ্গল।
অধি	=	অধিকরণ বাচ্য।
অধু	=	অধুনা
অপ্র	=	অপ্রচলিত।
অমর	=	অমরকোষ।
অস	=	অসমীয়া ভাষায়।
অস ক্রি	=	অসমাপিকা ক্রিয়া।
আ, আ	=	আরবী ভাষায়।
আদা	=	আদালতের ভাষায়।
আধু	=	আধুনিক।
আলাল	=	"আলালের ঘরের দুলাল (টেকচাঁদ প্রণীত)।
অ্যা-স্যা	=	Anglo Saxon
ই	=	ইংরেজী ভাষায়।
ইতা	=	ইতালীয় ভাষায়। Italian
ঈ. গুপ্ত	=	ঈশ্বরচন্দ্র গুপ্ত।
উ	=	উর্দ্দু ভাষায়।
উ. পু	=	উত্তম পুরুষ।
উ. স	=	উপাসক সম্প্রদায় (অক্ষয়কুমার দত্ত প্রণীত)।
উৎ	=	উৎকলী ভাষায়।
এ্যা বা এং স্যাঃ	=	অ্যাংগ্লো স্যাক্‌সন ভাষায়। Anglo Saxon
কথ্য	=	কথিত ভাষায়।
কবিক	=	মুকুন্দরাম কবিকঙ্কণ কৃত চণ্ডীকাব্য।
করণে	=	করণ বাচ্যে।
কর্ত্ত	=	কর্ত্তৃবাচ্য।
কর্ম্মধা	=	কর্ম্মধারয় সমাস।
কর্ম্মে	=	কর্ম্মবাচ্য।
কাশী	=	কবি কাশীরাম দাস কৃত
কৃত্তি	=	কবি কৃত্তিবাস।
ক্রি	=	ক্রিয়া।
ক্রি, বিণ	=	ক্রিয়ার বিশেষণ
ক্লী	=	ক্লীব লিঙ্গ।
গঃ গণিত	=	গণিতিক পরিভাষা।
গথ	=	গথিক। Gothic
গি, গিরি	=	গীতগোবিন্দের বাঙ্গালা পদ্যানুবাদক প্রাচীন কবি গিরিধর।
গিরিশ	=	গিরিশচন্দ্র ঘোষ।
গুর্জ্জ	=	গুজরাতী ভাষায়।
গোবিন্দ গীত	=	গোবিন্দচন্দ্র গীত। প্রাচীন কবি দুর্লভমল্লিক কর্ত্তৃক ১১০৬ সালের পুঁথি হইতে সম্পাদিত শিবচন্দ্র শীল মহাশয়ের সটীক সংস্করণ)।
গ্রা	=	গ্রাম্য।
গ্রী	=	গ্রীক, Greek
চ	=	চলিত, প্রচলিত।
চী	=	চীনা বা চীন ভাষায়।
চৈ	=	চৈতন্যদেব।
চৈ, চরি	=	চৈতন্যচরিতামৃত।
চৈ, ভা	=	চৈতন্যভাগবত।
জমা পরিঃ	=	জমীদারী পরিভাষা
জর্ম্ম	=	জর্ম্মান ভাষায়। German
জ্ঞান	=	জ্ঞানদাস।
জ্যো	=	জ্যোতির্বিদ্যা। Astronomy
ডচ	=	হল্যাণ্ডীয় Dutch
ডে	=	ডেনিশ্। Danish
তুলসী	=	তুলসীদাসকৃত রামচরিতমানস
তে, তেল	=	তেলুগুভাষায়।
দ্র	=	দ্রষ্টব্য।
দ্বি রায়	=	দ্বিজেন্দ্রলাল রায়।
ধ ম	=	ধর্ম্মমঙ্গল।
নর্	=	নরবের ভাষায় [illegible]
নিত্য	=	নিত্যসমাস।
পদ সা	=	পদাবলী-সাহিত্য।
পরিঃ	=	পরিভাষা।
পরি দ্র	=	পরিশিষ্ট দ্রষ্টব্য।
পরিমা	=	পরিমাণ ও পরিমাপাদি সম্বন্ধীয়।
পর্ত্ত	=	পর্ত্তুগীজ ভাষায় Portuguese.
পলি	=	পলিনেশিয়। Polynesian
পা	=	পালিভাষায়।
পাণি	=	পাণিনি।
পী. রস	=	পীতাম্বরদাসের রসমঞ্জরী।
পুং	=	পুংলিঙ্গ।
পুংনাম	=	পুরুষের নাম।
পূ বঙ্গে	=	পূর্ব্ব বঙ্গে প্রচলিত।
পৃ	=	পৃষ্ঠা।
প্র	=	প্রয়োগ।
প্র-অ	=	প্রয়োগের অভাব বা প্রয়োগ অতিবিরল।
প্র-পু	=	প্রথম-পুরুষ।
প্রা	=	প্রাচীন।
প্রাকৃ	=	প্রাকৃত ভাষায়, প্রাকৃত।
প্রাদে	=	প্রাদেশিক ব্যবহারে বা অর্থে।
প্রু	=	প্রুশীয় ভাষায়। Prussian
ফা	=	ফারসী বা পারসীক ভাষায়।
ফ্রে	=	ফ্রেঞ্চ অর্থাৎ ফরাসী ভাষায়। French.
বৰ্দ্ধ	=	বৰ্দ্ধমান. বৰ্দ্ধমান রাজসংস্করণ (মহাভারত)
বহু	=	বহুব্রীহি সমাস।
বহুব	=	বহুবচন।
বাং	=	বাঙ্গালা।
বাং-গান	=	বাঙ্গালীর গান (বঙ্গবাসী), (২) বাঙ্গালা গান
বাং-তে	=	বাঙ্গালা ভাষাতে বা সাহিত্যে।

"বাঙ্গালাভাষার অভিধানে" ব্যবহৃত সংক্ষেপের তালিকা

বাং-য় = বাঙ্গালা ভাষায়।
বি = বিশেষ্য।
বি. প = বিদ্যাপতির পদাবলী।
বি.প (ন.গুপ্ত) „ নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয় কৃত সটীক সংস্করণ।
বিণ = বিশেষণ।
বিরল আধুনিক বাঙ্গালায় বিরল প্রয়োগ।
বে = বেল্‌জিয়ান্ ; Belgian.
বৈ-সা = বৈষ্ণব সাহিত্য।
বৌদ্ধগান ও দোহা — মহামহোপাধ্যায় পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় সম্পাদিত হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় "বৌদ্ধগান ও দোহা।"
ব্যাঃ = ব্যাকরণ।
ব্রজ — ব্রজবুলিতে।
ভবি — ভবিষ্যৎকাল।
ভাবে = ভাববাচ্যে।
ভারত = ভারতচন্দ্র রায় গুণাকর।
মঃ — মহারাষ্ট্রী বা মরাঠী ভাষায়।
ম-প-লো = মধ্য-পদ-লোপী।
ম-পু = মধ্যম পুরুষ।
ম-বাং = মধ্যযুগের বাঙ্গালা।
মহা = মহাভারত।
মুঃ = মুসলমান।
মুগ্ধঃ মুগ্ধবোধ মতে।
মৃ = মৃচ্ছকটিক নাটক।
মেঃ = মেদিনীকোষ
মে-না-ব, মেঘনাদ = মেঘনাদবধ কাব্য।
মৈ = মৈথিল ভাষায়।
রবি = রবিন্দ্রনাথ ঠাকুর।
রাজ = রাজকৃষ্ণ রায়।
রামা-রাজ = রাজকৃষ্ণ রায় কৃত বাল্মীকি রামায়ণের বাঙ্গালা পদ্যানুবাদ।
রামাঃ = রামায়ণ।
লিথু = লিথুআনিয়ান ভাষায় : Lithuanian.
ল্যা = ল্যাটিন ভাষায় : Latin.
শব্দকল্পে = শব্দকল্পদ্রুম অভিধানে।
শরীর বিঃ পরিঃ = শরীর-বিজ্ঞানের পরিভাষা।
শূ-পু, শূঃ পুঃ — শূন্য পুরাণ।
শ্রী, কী = চণ্ডীদাসের শ্রীকৃষ্ণ কীর্ত্তন।
শ্রীকর, শ্রীকরণ = শ্রীকরণ নন্দী রচিত।
স = সর্ব্বনাম।
সং = সংস্কৃত ভাষায়।
সম = সমনাম, Synonym.
সা-প-প = সাহিত্য পরিষৎ পত্রিকা।
সাধাঃ সধারণতঃ।
সিংহ = কালীপ্রসন্ন সিংহ।
সী. ব = সীতার বনবাস (বিদ্যাসাগর)।
সুই = সুইডিশ্ : Swedish.
স্পে = স্পেনীয় ভাষায় : Spanish
স্ত্রী = স্ত্রীলিঙ্গে বা স্ত্রীবাচক।
স্বঃ = সঙ্গীতশাস্ত্রের ও স্বরলিপি সম্বন্ধীয় পারিভাষিক শব্দ ও সঙ্কেত।
স্বঃ রঃ = স্বর্ণ রৌপ্য রত্নাদির ওজন ও মূল্যাদি সম্বন্ধীয়।
হঙ্গে = হঙ্গেরীয় ভাষায় ; Hungarian.
হি, হিং, হিঃ — হিন্দী ভাষায়।
হি,শ সাগর = হিন্দী-শব্দ-সাগর নামক হিন্দী অভিধান।
হেম, হেম বন্দ্যো = কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
হেমচন্দ্র = জৈন সূরি হেমচন্দ্র।
Glossary — Glossary of Vernacular Judicial and Revenue Terms.

সূচী।

বাঙ্গালা ভাষার অভিধান

অ

অ—অকার। বাঙ্গালা বর্ণমালার আদ্যবর্ণ। আলিকালির প্রথম অক্ষর [আলিকালি দ্রঃ]। স্বরবর্ণমালার আদ্য স্বর। ব্যঞ্জন বর্ণে যুক্ত হইলে অন্যান্য স্বর রূপান্তর প্রাপ্ত হয়, কিন্তু অকারের কোন চিহ্ন থাকে না। যথা—ক্ + অ = ক।

ইহার উচ্চারণ স্থান কণ্ঠ। বাঙ্গালায় ইহার উচ্চারণ প্রধানতঃ চারি প্রকার ;—

(১) লঘু। যথা—অর্থ, অদ্বৈত প্রভৃতির অ।

(২) গুরু। যথা—অতল, অপর, অন্যায় প্রভৃতির অ।

(৩) লঘুতর বা অর্দ্ধব্যক্ত ওকারের মত। যথা—কলিকা, রজনী, ললিত প্রভৃতি শব্দের ক্, জ্, ল্ সংযুক্ত অ।

(৪) পূর্ণব্যক্ত ওকারের মত। যথা—অতিশয়, অনুরোধ প্রভৃতির অ ; এবং মন, যত্ন প্রভৃতি শব্দের ম্, য্, সংযুক্ত অ (ও) ; অর্থাৎ ঐ সকল শব্দ "ওতিশয়", "ওনুরোধ", "মোন" এবং "যোত্ন"র মত উচ্চারিত হইবে।

মৈথিল-বাঙ্গালা (ব্রজবুলি) এবং হিন্দীতে ইহা ঈষৎ স্পৃষ্ট বা লঘু আকারের ন্যায় উচ্চারিত হয়। সুতরাং "অতি" শব্দ অনেকটা "আতি"র মত হইবে। প্রাচীন বঙ্গসাহিত্যে "অতি" স্থলে "আতি"র প্রয়োগও দৃষ্ট হয়। ইহার আধুনিক বিশুদ্ধ উচ্চারণ "ওতি"। "অজ্ঞ"র "অ" উচ্চারণ এবং ব্যঞ্জনবর্ণগুলির অকারান্ত উচ্চারণ বাঙ্গালা ভাষারই বিশেষত্ব। (ভূমিকায় উচ্চারণ দ্রষ্টব্য)।

[অ বর্ণের হ্রস্ব, দীর্ঘ, প্লুত, অনুনাসিক, অননুনাসিক, উদাত্ত, অনুদাত্ত, স্বরিত প্রভৃতি উচ্চারণ ও স্বরভেদ সংস্কৃত অভিধানে দ্রষ্টব্য।] ইহার অর্থ সাধারণতঃ নিষেধবাচক এবং এই অর্থে অ অন্য শব্দের সংযোগ ব্যতীত প্রযুক্ত হয় না।

নঞ্ এই অব্যয় শব্দের রূপান্তর স্বরূপ [অর্থাৎ নঞ্ (ন্ + অ + ঞ্) এর "অ" মাত্র থাকিয়া] অন্য শব্দের পূর্ব্ববর্ত্তী তৎপুরুষ সমাস-যুক্ত হইয়া অভাব, অল্পতা, অপ্রশস্ততা, অন্যত্ব, সাদৃশ্য ও বিরোধ এই ছয় প্রকার অর্থ জ্ঞাপন করে। যথা—অভাবার্থে—"অচক্ষু সর্ব্বত্র চান" (ভারতচন্দ্র) ; "অগতির গতি" (ব্রহ্মসঙ্গীত) ; অবস্তু (no-thing) ; অনঙ্গ [অ (অন্) + অঙ্গ। অ স্বরবর্ণের পূর্ব্বে যুক্ত থাকিলে তাহার স্থানে "অন্" হয়]।

অল্পতা অর্থে—অবোধ (অল্প-বুদ্ধি) ; অনায়াস (অল্প আয়াস) ; অনুদরী কন্যা (অল্পোদরী অর্থাৎ কৃশোদরী বা মন্দোদরী)।

অপ্রশস্ততা অর্থে—(অপ্রশস্ত, অবৈধ, অশুভ, অপরিণত, অযথা, অযোগ্য প্রভৃতি বোধক) অকাল-বোধন ; অক্ষত্রিয় আচরণ ; অলক্ষণ ; অসময় ইত্যাদি।

অন্যত্ব অর্থে—অব্রাহ্মণ (ব্রাহ্মণ ভিন্ন অন্য-জাতি) যথা—

"কহিলেন—অব্রাহ্মণ নহ তুমি, তাত!
তুমি দ্বিজোত্তম, তুমি সত্যকুলজাত!"
—রবীন্দ্র।

অঘট (ঘট ভিন্ন অন্য পদার্থ)।

সাদৃশ্য অর্থে—অব্রাহ্মণ (ব্রাহ্মণসদৃশ : ক্ষত্রিয় বা বৈশ্য)। এই অর্থে বিরল ব্যবহার।

বিরোধ অর্থে—অসুর (সুরবিরোধী) ; অহিন্দু আচরণ (হিন্দু বিরোধী আচরণ) ; অশাস্ত্রীয় ; (শাস্ত্রবিরোধী) ইত্যাদি।

অ—অব্যয় শব্দ, খেদ। অনুকম্পা। [প্রাদে] সম্বোধন। ২। বি, বিষ্ণু (মেদিনীকোষ)। ৩। ব্রহ্ম। যথা,—"অকার কেবল ব্রহ্ম একাক্ষর কোষে" (অ, ম,)।

প্রাচীন বাঙ্গালায় ইহা এ, ও, য়, এবং হ এর স্থান অধিকার করিত। যথা—এখন স্থলে অখন ("অখনে দেখিয়া আইস পুরী আপনার"-মুকু-জগ-বিজয়) ; রাখিও স্থলে রাখিঅ ("না কহিয় কার ঠাঁই রাখিঅ অন্তরে" —চম্পক-কলিকা)। নয়ন স্থলে নঅন, নায়ক স্থলে নাঅক ইত্যাদি। [প্রাকৃতে য় স্থলে অ ব্যবহার ব্যাকরণসঙ্গত]

২। প্রা-বাং-র কথার মাত্রাস্বরূপ। যথা, কিঅ, তুঅ, কেঅ, লঅ ইত্যাদি। চণ্ডীদাসের পদাবলী দ্রঃ।

৩। সন্ধির নিয়মে একার বা ওকারান্ত পদের পরবর্ত্তী অ লুপ্ত হইলে ঽ (মাত্রাহীন হকার) এইরূপ আকার ধারণ করে। ইহাকে লুপ্ত অকার কহে। যথা—"সোঽহম্" (সঃ = সো + অহম্ এর অ = "ঽ")।

৪। প্রণব (ওঁ = অ + উ + ম) এর আদ্য-অক্ষর। তন্ত্রে অকারের সৃষ্টি, অমৃত, ললাট, কণ্ঠ প্রভৃতি ১৭ প্রকার অর্থ আছে কিন্তু বঙ্গভাষায় সে সকল অর্থে প্রয়োগ নাই।

অ—বাঙ্গালার এই নঞ্ অর্থক উপসর্গ ইংরেজী ভাষার নঞ্ অর্থক উপপদ (Prefix) a, ib, im, in, no, non, ir, un প্রভৃতির তুল্য। তুল্য—ইং un, on ; আইস্—o (অ) ; সুইড—o ; ডেন—u.
[সংস্কৃতমূলক ভারতীয়, সিংহলী, ব্রহ্ম প্রভৃতি যাবতীয় ভাষার আদ্যক্ষরের উচ্চারণ বাঙ্গালা "অ" এবং লঘু আকারযুক্ত হিন্দী "অ"র সমতুল। ফিনিক্, হিব্রু, তুর্কী, আরবী, ফার্সী, প্রভৃতি সেমেটিক ভাষাগুলির আদ্যক্ষরের উচ্চারণ "আলিফ্" এবং য়ুরোপীয় বর্ণমালার প্রথম অক্ষর "এ" ; গ্রী, উচ্চারণ "অ্যাল্‌ফা"]

অই (ওই) [সং. অদস্ শব্দ ১মা, বহু-ব—অমী = প্রাকৃ, অঈ = বাং অই (পদ্যে ও সঙ্গীতে) = ঐ (গদ্যে এবং ছন্দের অনুরোধে পদ্যে)] অ, পুরোভাগে ; ইন্দ্রিয়-গোচরে ; সম্মুখে। প্র—"অই যে জগৎ জাগে, স্বদেশ অনুরাগে।" —কাব্যবিশারদ।
২। ওখানে ; যথায় বিরাজ করিতেছে ঠিক সেই স্থানে।
প্র—"অই শশী অই খানে, এই স্থানে দুই জনে" —হেমবন্দ্যো।
প্র—"শারি কহে কই তব, তমালিকা কই, শুক বলে অই দেখ, ডালে বসে অই।" —বাসবদত্তা।
৩। অদূরে। ৪। দূরে। ৫। অনন্য : নির্দিষ্ট। ৬। উক্ত ; উল্লিখিত। ৭। স্মরণ সূচক। ৮। দোষ বা ভয় প্রদর্শন সূচক। উচ্চারণ সাদৃশ্য হেতু 'অই' স্থলে পদ্যে 'ওই' (সংক্ষেপে 'ও') এবং 'ঐ' ব্যবহৃত হয়। [ঐ, ও, ওই, দ্রঃ]
ব্রজ, প্রা-বৈ-সাহিত্যে, 'অই' স্থলে 'ও' এবং 'উহ' শব্দের প্রয়োগ দৃষ্ট হয়। প্র—"উহ রসময়ী ইহ রসিক-শিরোমণি,"—জ্ঞানদাস।
"ও নব জলধর অঙ্গ।
ইহ থির বিজুরী তরঙ্গ।"
—গোবিন্দদাস।

অইন (ওইন্) [প্রাদে] বি, ছোট গাছ।
২। মদ্য বিশেষ। [শব্দার্থ প্রকাশিকা]

অইল (ওইল) [প্রাদে] বি, অম্লকুচির গাছ। ইহার কষ লাগাইয়া চামড়া নরম, পরিষ্কার ও রং করা (Tan) হয়।

অঋণী (অরিনি) [অঋণিন্ শব্দ। অ (না, নহে) + ঋণিন (ঋণগ্রস্ত, ধেরো)—যে ঋণী নহে] বিণ, যে কাহারও কিছু ধার করে নাই। (২) যে এক্ষণে কাহার কিছু ধারে না ; যাহার উপস্থিত ঋণ নাই। (৩) ঋণমুক্ত ; যে ঋণ পরিশোধ করিয়াছে।
২। দেব-ঋণ, ঋষিঋণ ও পিতৃঋণ নামক ঋণত্রয় হইতে যাগ, যজ্ঞ, দান ও সন্তানোৎপাদন দ্বারা মুক্ত।

অওবর্ষণ (ন্) [প্রাদে] বি, সঙ্গীতের স্বরের ঐক্য (harmony)।

অওরো [প্রাদে] বি, অবতরণ ; অষ্টমস্বর হইতে ক্রমশঃ নিম্ন নিম্ন স্বরে অবতরণ।

অংশ [অনশ্ (ভাগকরা) + অ (ভাবে, অল্)] বি, ভাগ ; part ; division.
প্র—২ অংশ হাইড্রোজেন্ এবং ১ অংশ অক্সিজেন সংযুক্ত হইয়া জল হয়।
২। বিভাগ ; বণ্টন ; share.
প্র—"যদি পিতা বিভাগ করিয়া দেন, তাহা হইলে পুত্রদিগকে (স্বোপার্জ্জিত ধন) ইচ্ছামত অংশ করিয়া দিতে পারিবেন।" * * * পিতার পরলোক-প্রাপ্তির পর বিভাগ করিলে, স্ত্রীধনরহিত মাতাও পুত্রদিগের সমান অংশ প্রাপ্ত হইবেন।"—যাজ্ঞবল্ক্য, উনবিংশ সংহিতা, পৃ—১৮০১।
৩। একদেশ ; স্থান বিশেষ ; নির্দিষ্ট স্থল। প্র—আরব দেশের কোন কোন অংশ সর্ব্বদা উত্তপ্ত থাকে।
৪। টুকরা ; খণ্ড ; part.
প্র—"হোমিওপ্যাথি মতে প্রস্তুত ঔষধের অদ্ভুত কার্য্যকারীশক্তির ইহা একটী অকাট্য প্রমাণ স্থল। বিন্দুমাত্র ভেষজ-পদার্থ কোটী কোটী অংশে বিভক্ত হইয়াও তদ্দ্বারা দুরারোগ্য ব্যাধি প্রশমিত হয়।"—ভৌতিক তত্ত্ব।
৫। ভগ্নাংশ ; fraction.
[সামান্য ভগ্নাংশ—Simple fraction ; দশমিক ভগ্নাংশ—Decimal fraction]।
৬। ভূপরিধির ৩৬০ ভাগের এক এক ভাগকে এক একটী অংশ বলে।
৭। রাশিচক্রের ত্রিংশ ভাগের এক ভাগ।
৮। শরীর বা যন্ত্রাদির প্রত্যঙ্গ ; (Limb)।
প্র—"একটি বিদ্যুৎ-পরিচালক দুই অংশে বিভক্ত। সূচ্যগ্র বিশিষ্ট প্রথমাংশ এক গাছি লৌহ শিক, * * * দ্বিতীয়াংশ একটি লৌহ পাত, * * * * "—ভৌতিকতত্ত্ব।
তিনি সেলায়ের কলের অংশগুলি খুলিয়া পরিষ্কার করিয়া একে একে যথা স্থানে সংলগ্ন করিয়া দিয়াছেন।
৯। অঙ্গ ; অবয়ব ; মূর্ত্তি। প্র—
"মনে মনে প্রভুর হইল অভিলাষ।
এক অংশ চারি অংশে হইতে প্রকাশ
শ্রীরাম ভরত আর শত্রুঘ্ন লক্ষ্মণ।
এক অংশে চারি অংশ হৈলা নারায়ণ।
—কৃত্তিবাস।
"যিনি দেবতাগণের অভ্যর্থনানুসারে দশরথ-গৃহে অংশ চতুষ্টয়ে অবতীর্ণ হইয়া বানর-সৈন্য সমভিব্যাহারে সমুদ্রে সেতুবন্ধন পূর্ব্বক দুর্বৃত্ত দশাননের বংশ ধ্বংস করিয়াছেন।"
—বিদ্যাসাগর (বেতাল-প, বিং)।
১০। অবতার ; ভগবানের জীব-দেহে জন্ম-গ্রহণ ; incarnation.
প্র—"সৃষ্ট্যাদির নিমিত্ত যেই অংশের অবধান। সেই ত অংশের কহি অবতার নাম॥"
—চৈতন্যচরিতামৃত।
১১। বিষয় ; সম্বন্ধ।
প্র—"প্রসবের পর অপত্যসংস্কারবিধি যথাবিধি সমাহিত হইবেক, কোনও অংশে অঙ্গহীন হইবেক না।" —বিদ্যাসাগর (সী, ব,)। "জাত্যংশে শ্রেষ্ঠ দেখিয়া নবাব কন্যাকে কালাপাহাড়ের হস্তে অর্পণ করিতে সম্মত হইয়াছিলেন।"
১২। [অনশ্ + অ (কর্ত্তৃ)] স্কন্ধ ; কাঁধ। বিণ, অংশী, অংশিত। ক্রি, অংশ করা—বিভাগ করা, বণ্টন করা। ২। নির্দেশ করা। অংশান (অংশানো)—দায়ভাগসূত্রে প্রাপ্য হওয়া ; উত্তরাধিকারসূত্রে পাত্রান্তরে প্রযুক্ত হওয়া বা খাটা ; স্বাধিকার স্থাপিত হওয়া।

অংশক (ক) [অংশ + অক (কর্ত্তৃ)] বি, পুং, জ্ঞাতি। ২। ক্লী, দিন। ৩। ভাগ।

অংশকূট (অংশকুট্) [অংশ (স্কন্ধ) + কূট (শিখর)] বি, ক্লী, বৃষের স্কন্ধের উপরিস্থিত উন্নত মাংসপিণ্ড ; ককুদ ; ষাঁড়ের ঝুঁটি।

অংশগত [অংশ + গত (প্রাপ্ত)] বিণ, দায়াধিকারভুক্ত ; উত্তরাধিকারসূত্রে যাহার প্রাপ্য তাহার বিষয়ের অন্তর্গত। প্র—তাহার পৈতৃক বিষয়ের কিছুই এখনও অংশগত হয় নাই।
২। ভাগ সম্বন্ধীয় ; বিভজনজাত।
প্র—উইলপত্রে ঐ অংশগত ত্রুটির জন্যই ত তাহাদের বিষয় লইয়া এত মোকদ্দমা।

অংশন (ন) [অনশ্ (ভাগ করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী ; বিভাগ করণ ; বিভজন ; খণ্ড খণ্ড করণ।
২। অংশ ; ভাগ ; খণ্ড-স্বত্ব। প্র—"তুমি নরাধিপ হও বিষ্ণু অংশন।"
—চৈতন্যচরিতামৃত।

অংশনীয় (অংশোনিও) [অনশ্ + অনীয় (কর্ম্মে)] বিণ, ভাগ করিবার উপযুক্ত ; যাহা ভাগ করা উচিত ; যাহা ভাগ করিবার জন্য আছে বা ভাগ করিতে হইবে ; বিভাজ্য।

অংশভাক্ [মূল শব্দ অংশভাজ্, অংশ + ভাজ্ (ভাগ করা)—যে ভাগ করিয়া লয়] বি, পুং, অংশী ; অংশীদার ; উত্তরাধিকারী।

অংশমান (অংশোমান) [অংশ + আন (কর্ত্তৃ, শানচ)] বিণ, যে ভাগ করিয়া লইতেছে।

অংশল (ল) [অংশ (শক্তি) + ল (অস্ত্যর্থে)—যাহার শক্তি আছে] বিণ, বলবান ; শক্তিশালী।
২। অংশ (ভাগ) + লা (গ্রহণকরা) + অ (কর্ত্তৃ) অংশ গ্রহণকারী] বিভাগ গ্রাহী ; অংশগ্রাহক।

অংশহর (অংশোহর্) [অংশ+হর (হৃ=হরণ করা)—যে হরণ বা গ্রহণ করে] বিণ, যে, অংশ লয় ; অংশগ্রাহী। ২। অংশাপহারী। ৩। অংশলোপকারী।

অংশান (নো) ক্রি, অংশ দেখ।

অংশাংশ (শো) [অংশ+অংশ (অংশের অংশ-ষষ্ঠীতৎ) বিভাগের ভাগ ; কলা।
প্র—"অংশের অংশ যেই কলা তার নাম।"
—চৈতন্যচরিতামৃত।
২। [অংশ (এবং) অংশ-দ্বন্দ্ব সমাস] ভিন্ন ভিন্ন ভাগ।

অংশাংশি—বি, স্ত্রী, পরস্পর ভাগ। ২। যাহার যে ন্যায্য অংশ।

অংশিত (ওংশিত) [অংশ+ত (কর্ম্মে)] বিণ, বিভাজিত ; বিভক্ত। স্ত্রী, **অংশিতা।**

অংশিত্ব (ওংশিৎতো) [অংশ+ইন্+ত্ব] বি, ভাগাধিকারিত্ব।

অংশী (ওংশি) [অংশিন্ শব্দ। অন্শ্ (ভাগকরা) +ইন্ (কর্ত্তৃ)] বিণ, ভাগী : যে অংশ করিয়া লয়। (২) যে ভাগ পাইতে পারে ; ভাগার্হ। (৩) (কোন বিষয়ে) যাহার অংশ আছে।
২। [—ইন্ (বিশিষ্টার্থে) অংশ বিশিষ্ট] অংশধর ; অংশের আধার।
প্র—"কৃষ্ণ যদি অংশ হইত অংশী নারায়ণ।"
—চৈতন্যচরিতামৃত।
স্ত্রী, **অংশিনী** (ওংশিনি)—অংশবিশিষ্টা ; অংশধরা।
প্র—"অবতরি কৃষ্ণ যৈছে করেন অবতার।
অংশিনী রাধার হৈতে তিন গণের বিস্তার।"
—চৈতন্যচরিতামৃত।

অংশু (ওংশু) [অশ্ (বিকীরণ করা, ব্যাপা)+উ (কর্ত্তৃ) সংজ্ঞার্থে,—যে ব্যাপে ছড়াইয়া পড়ে। বিজ্ঞানমতে সমস্ত পদার্থই একপ্রকার অতীব লঘু ও প্রবল স্থিতিস্থাপক বাষ্পীয় পদার্থদ্বারা পরিব্যাপ্ত থাকে, তাহার অণু সকল কম্পায়মান গতিদ্বারা অসীমবেগে চালিত হইয়া দীপ্তিরশ্মি উৎপন্ন করে। দীপ্তি-রশ্মি আকাশপদার্থে (ether) নীত হইয়া তরঙ্গায়িত গতিদ্বারা চতুর্দ্দিকে ব্যাপ্ত হয় বা ছড়াইয়া পড়ে। ঐ রশ্মি দর্শনেন্দ্রিয়ে পতিত হইলে সমস্ত পদার্থ আমাদের দৃষ্টিগোচর হয়। সেই বিকীর্ণরশ্মির এক একটি রশ্মি বা রেখা (Luminous rays)কে অংশু বলে] বি, পুং, রশ্মি ; আলোক-রেখা ; কিরণ।
প্র—"কভু সাধ্বী ঋষি-বংশ-বধূ
সুহাসিনী, আসিতেন দাসীর কুটিরে,
সুধাংশুর অংশু যেন অন্ধকার ধামে।"
—মেঘনাদ।
"দিনমণি অগ্নিস্ফুলিঙ্গের ন্যায় প্রচণ্ড অংশু-সমূহ নিক্ষেপ করিতে লাগিলেন।"—কাদম্বরী।
২। প্রভা ; রুচি ; কান্তি ; দীপ্তি।
প্র—"তিনি কথা কহিবার সময়ে মুখপদ্মের নিকটবর্ত্তী ভ্রমরগণকে দশনাংশুদ্বারা শুক্লবর্ণ করিয়া কথা কহিয়াছিলেন।" —কাদম্বরী।
৩। সূত্রাদির সূক্ষ্মাংশ ; তন্তু ; আঁশ।
৪। বস্ত্র।
৫। [সহস্রাংশু স্থলে] সূর্য্য [অপ্র]

অংশুকায় (ওংশুকায়) [অংশু (কিরণ)—কায় (দেহ)—বহু] বি, পুং, যে সকল জীবের দেহস্থ কর্ম্মেন্দ্রিয় সকল অংশুর মত দেখায়। প্রবালকীট, তারামৎস্য (Star fish) প্রভৃতি ; Rayed animals.

অংশুধর (ওংশুধর্)—[অংশু (কিরণ)—ধর (যে ধরে) যিনি অংশু ধারণ করেন। উপপদ] বি, পুং, সূর্য্য। ২। সূর্য্যবংশীয় সগর রাজার পুত্র অসমঞ্জরাজা।

অংশুপট্ট (ওংশুপট্‌ট) [অংশু (সূক্ষ্ম সূত্র) নির্ম্মিত—পট্ট (রেশমী বস্ত্র)—অর্থাৎ রেশমের সূক্ষ্ম সূত্র নির্ম্মিত বস্ত্র] বি, ক্লী, পট্ট বস্ত্র, ক্ষৌমবাস। গরদ তসর মটকা প্রভৃতি রেশমী অর্থাৎ কৃমিকোষজাত সূক্ষ্ম সূত্র নির্ম্মিত বস্ত্র।
প্র—"পীতবর্ণ অংশুপটে শোভে বনমালী।"

অংশুবাণ (ওংশুবান্)—[অংশু (কিরণ)—বাণ (শর)। কিরণ যাহার বাণসদৃশ—বহু] বি, পুং, সূর্য্য।
২। বিণ, অংশুমান ; অংশুবিশিষ্ট।

অংশুমৎ (ওংশুমৎ) [অংশু (কিরণ) + মৎ (মতু)—অস্ত্যর্থে] বিণ, প্রভান্বিত ; কিরণযুক্ত ; আভাময়।
বি, পুং, ২। সূর্য্য। ৩। সূর্য্যবংশীয় রাজা। সগর রাজার পৌত্র ; ইনি সগরের মেধ্য অশ্বের রক্ষক নিযুক্ত হইয়াছিলেন।

অংশুমৎফলা (ওং) [অংশুমৎ (প্রভাযুক্ত)—ফল+আ (বিশিষ্টার্থে)] বি, স্ত্রী, কদলী-বৃক্ষ : কলাগাছ।

অংশুমান (ওংশুমান্) [অংশুমৎ শব্দ। অংশু (কিরণ)+মৎ (অস্ত্যর্থে মতু)—যাহার অংশু আছে] বি, পুং, সূর্য্য। ২। সূর্য্যবংশীয় রাজা অসমঞ্জের পুত্র ও সগররাজার পৌত্র।
৩। বিণ, কিরণ বিশিষ্ট।

অংশুমালা (ওংশুমালা) [অংশুর মালা (শ্রেণী)—৬ তৎ] বি, স্ত্রী, কিরণমালা ; রশ্মিজাল।

অংশুমালী (ওংশুমালি) [অংশুমালিন্ শব্দ। অংশুমালা (কিরণমালা)+ইন্(অস্ত্যর্থে)—যাহার অংশুমালা আছে] বি, পুং, সূর্য্য।
২। বিণ, কিরণমালা বিশিষ্ট।
প্র—"দিনমণি যেন অংশুমালী" —মেঘনাদ।

অংশুল (ওং, ল্) [অংশু (কিরণ)+ল—(অস্ত্যর্থে)] বিণ, কিরণময় ; জ্যোতির্ম্ময় ; উজ্জ্বল।
২। [অংশু (প্রজ্ঞা, অর্থাৎ বুদ্ধি, প্রতিভা) +ল (অস্ত্যর্থে)] বি, পুং, তীক্ষ্নবুদ্ধি চাণক্য মুনি।

অংশুশিরালদেহ (ওংশুশিরালোদেহ্) + [অংশু (অংশুর মত)—শিরাল (শিরাযুক্ত)—দেহ যাহার—বহু] বি, পুং, যে-সকল জীবের শরীরস্থ শিরাসমূহ একটী কেন্দ্র হইতে সূর্য্যের অংশুর ন্যায় দেহের সর্ব্বত্র ব্যাপ্ত হয় (পুরুভুজাদি) ; Radiata

অংশুহস্ত (ওংশুহস্‌তো) [অংশু (কিরণ) হস্ত স্বরূপ যাহার (বহু)—জলাকর্ষণ প্রভৃতি হস্তনিষ্পাদ্য ক্রিয়া অংশু দ্বারা সাধিত হয় বলিয়া] বি, পুং, সূর্য্য।

অংস (অংশো) [অম্ (রুগ্ন হওয়া)+স (সংজ্ঞার্থে)—যে ভারাদি দ্বারা রুগ্ন অর্থাৎ পীড়িত হয়] বি, পুং,—ক্লীং, স্কন্ধ ; কাঁধ।
প্র—"বন্দুক সদর্প ভরে, তুলিনিল অংসোপরে ;
সঙ্গিনে কণ্টকাকীর্ণ হ'ল রণস্থল"—
নবীনচন্দ্র (পলাশি)।
২। দুইটী স্কন্ধের অর্দ্ধাঙ্গুলি পরিমিত স্নায়ুবিশিষ্ট স্থান।
৩। [অংস্ (ভোগকরা) + অ (ণক্,ভাবে)] পুং, বিভাগ। (অংশ দ্রঃ)। [অপ্র]

অংসকূট (অংশোকূট্) [অংস (স্কন্ধ)—কূট (শিখর) ৬ষ্ঠী তৎ] বি, পুং, ষাঁড়ের ঝুঁটি ; ককুদ।

অংসত্র (অংশৎত্র) [অংস (স্কন্ধ)—ত্র(ত্রৈ—ত্রাণ করা)+অ—(কর্ত্তৃ, ক)। যে রক্ষা করে] বি, স্কন্ধরক্ষক কবচ ; স্কন্ধাবরক।

অংসফলকাস্থি (অংশফলকাস্‌থি) [অংস (স্কন্ধ) ফলক—অস্থি—৬ষ্ঠী তৎ] বি, ক্লী, হস্তমূল চালনার সঙ্গে উভয় স্কন্ধের পশ্চাৎভাগে চালিত হইতে দৃষ্ট হয় যে ত্রিকোণাকার অস্থি-খণ্ডদ্বয় : Scapula.

অংসভার (অংশোভার্) [অংস (স্কন্ধ) —ভার (যাহাকে বহন করা যায়) ৬ তৎ] বি, ক্লী, স্কন্ধের ভার , কাঁধের বোঝা।

অংসল (অংশল) [অংস (স্কন্ধ)+ল (অস্ত্যর্থে)] বিণ, পুষ্টদেহ ; মহাকায় ; শক্তিশালী ; মহাবল। ২। উন্নতস্কন্ধ।

অংহ [অনহ্ (গমনকরা) +অ (করণে অন্) সংজ্ঞার্থে। যাহা দ্বারা অধোগমন ঘটে] বি, ক্লী, অঘ : পাপ ; অধর্ম্ম ; অধঃপতন।

অংঘ্রি (ওংঘ্রি) অংহ্রি দ্রঃ। অংহ+রি (করণে, সংজ্ঞার্থে) যাহা দ্বারা গমন করা যায়। অঙ্ঘ্রি দ্রঃ] বি, পুং, চরণ।
প্র—"অংঘ্রিযুগ"—মদনমোহন তর্কালঙ্কার।
২। বৃক্ষমূল। ৩। (কবিতার) চতুর্থাংশ।

অংঘ্রিপ (অংঘ্রপ) [অংঘ্রি (পাদ)—প (পা=পান করা) +অ (কর্ত্তৃ ড)—

যে পাদ—মূলদ্বারা পান অর্থাৎ আকর্ষণ করে—৩য়া তৎ] বি, পুং, বৃক্ষ। [বাং বিরল]

অংঘ্রিস্কন্ধ (ওংঘ্রিশ্‌কন্‌ধ) [অংঘ্রি (চরণ)—স্কন্ধ (গুঁড়ি) ৬ষ্ঠী তৎ] বি, পুং, গোড়ালি। [বাং প্র-অ]

আঁকোল (ল্) [সং অঙ্কোল] আঁকড়গাছ।

আঁটা [প্রাদে। স্থানভেদে—পুলা। নড়া। ড়=ট, নড়া=নটা=আঁটা। তুল—হিন্দী, আঁটী—মুষ্টি] বি, হস্ত ; হাথ।

প্র—"আঁটা ধরি উঠালেক বাদিয়ার পোকে" —শিবায়ন।

অকচ (চ্) [ন= অ (নাই) - কচ (কেশ) যাহার, বহু] বিণ, কেশরহিত ; নেড়া।

২। [চুল নাই—মাথা নাই বলিয়া] কেতুগ্রহ।

অকটকিনা (অকোট্‌কিনা) [প্রাদে। তুল—হিঃ কট্‌কনা : ওড়ি-কট্‌কনা, হিন্দী কঠিনাঙ্গ অর্থে কাঠিন্য, কড়াকড়ি। কটকিনা দ্রঃ] কঠোর বা কড়াকড়ি নিয়মের অভাব। বাঁধাবাঁধি নিয়ম বা ধরাকাট না থাকার ভাব। অকঠোরতা ; অপ্রতিবন্ধ।

২। বিণ, অকঠোর ; অকঠিন।

অকটু (অকোটু) [ন=অ+কটু (নঞ) —যাহা কটু নহে] বিণ, কটুতারহিত ; সুস্বাদু।

অকঠিন (অকোঠিন্) [ন=অ+কঠিন (নঞ তৎ)—যাহা কঠিন নহে] বিণ, কোমল ; নরম ; সুকুমার ; মৃদু।

অকঠোর (র্) [ন=অ+কঠোর (নঞ তৎ)—যাহা কঠোর নহে] বিণ, অকঠিন ; যে বস্তু শক্ত নহে।

২। যে বিষয় দুরূহ নহে ; সহজ ; সরল ; সুখবোধ্য।

৩। [বাক্য প্রভৃতি সম্বন্ধে] যাহা উগ্র বা রুক্ষ নহে : অকর্কশ।

৪। [হৃদয়, স্বভাব প্রভৃতি সম্বন্ধে] সদয় ; কোমল।

অকড়িয়া (কো) [গ্রা। ন=অ+কড়িয়া (কড়িযুক্ত)=ধনী] বিণ, যাহার কড়িনাই ; ধনহীন ; দরিদ্র।

২। কড়ি দিয়া ক্রীত নহে ; মূল্যহীন।

অকণ্টক (অকন্‌টক্) [ন=অ-কণ্টক (কাঁটা) যাহাতে—বহু] বিণ, কণ্টক-রহিত ; কাঁটাশূন্য। প্র—পথ অকণ্টক করা।

২। [শত্রু কণ্টক স্বরূপ ক্লেশকর বলিয়া] শত্রু রহিত ; নিষ্কণ্টক : নিরাপদ : নিরুপদ্রব ; নির্ব্বিঘ্ন। প্র—রাজ্য অকণ্টক করা।

ক্রিঃ বিণ, **অকণ্টকে**—নির্ব্বিঘ্নে; নিরাপদে ; অবাধে। প্র—অকণ্টকে রাজ্যভোগ।

অকণ্ঠস্থ (অকন্‌ঠোস্‌থ) [ন=অ-কণ্ঠ+স্থা+অ (কর্ত্তৃ—ড] বিণ, প্রকৃতপক্ষে যাহা কণ্ঠে ধারণ করা হয় নাই ; যাহা কণ্ঠাগত হয় নাই।

২। (তাহা হইতে) মুখস্থ করা নয় ; অনভ্যস্ত।

অকথন (অকথোন) [ন=অ (অনুচিত) - কথন (কথা)] বিণ, যাহা কথনের বা বলিবার অযোগ্য ; অবক্তব্য।

প্র—"অকথন বেয়াধি এ, কহা নাহি যায়।
যে করে কানুর নাম, ধরে তার পায়॥"
—চণ্ডীদাস।

অকথনীয় (অকথোনিও) [ন=অ-কথনীয় (বলিবার উপযুক্ত, বক্তব্য)] বিণ, যাহা বলিবার অনুপযুক্ত ; অবক্তব্য ; যাহা কহা উচিত নহে ; অকথ্য ; যাহা কথা (ভাষা) দ্বারা প্রকাশ করা যায় না।

অকথা [ন=অ (কুৎসিত)—কথা] বি, স্ত্রী, কুকথা ; কুৎসিত কথা ; অশ্লীল কথা ; যে কথা মুখে আনা যায় না বা বলিতে লজ্জা হয় ; অশিষ্ট বাক্য ; অনুচিত কথা।

অকথ্য (অকোথ্‌থো) [ন=অ-কথ্য] বিণ, অকথনীয়, কহিবার অযোগ্য ; অবাচ্য, যাহা কহা উচিত নহে, অশ্লীল।

প্র—অকথ্য ভাষা প্রয়োগকারী শিষ্ট সমাজে নিন্দনীয় হইয়া থাকে।

২।—যাহা বলা যায় না ; যাহা বাক্যে প্রকাশ করিতে পারা যায় না ; যাহা বলা অসাধ্য। প্র—"শেষ খণ্ডে শচী-দুঃখ অকথ্য কথন।"—চৈতন্যভাগবত। "অকথ্য বেদনা সেই কহা নাহি যায়।"—চণ্ডীদাস। "সে যে অকথ্য অদ্বৈত অনিত্য-রহিত অনন্তরূপ-ধারিণী।"—দেওয়ান রামদুলাল (বাং গান)।

অকনিষ্ঠ (অকোনিশ্‌ঠো) বিণ, যাহার কনিষ্ঠ নাই ; কনিষ্ঠহীন।

২। (অক) [অক (পাপ—বেদনিন্দা-জনিত অধর্ম, তাহাতে) নিষ্ঠ (রত) অর্থাৎ পাপিষ্ঠ —আক্রোশোক্তি] বি, পুং বুদ্ধদেব।

অকপট (ট্) [ন=অ-কপট (ছল)] বিণ, কপটতাহীন ; ছলশূন্য প্রবঞ্চনাহীন ; সরল ; Sincere.

প্র—"অকপট সখা বলি কর অহঙ্কার রে।
বিকট দুর্দ্দিনে তোমায় করে পরিহার রে।"
—ব্রহ্মসঙ্গীত।

বি, **অকপটতা**—সরলতা। ২। ঔদার্য্য।

ক্রি, বিণ, **অকপটে**—কপটতা বা ছলনা না করিয়া ; সরলভাবে ; সরল অন্তরে।

৩। গোপন না করিয়া ; খুলিয়া ;

অকবজ (জ্) [ন=অ+আ কব্‌জ্ (অধিকার)] বিণ, যাহা হাতে আসে নাই ; অনায়ত্ত।

অকবি (অকোবি)—বিণ, কবিত্ববিহীন ; রসজ্ঞান হীন।

প্র—"আশে পাশে ঘোরে ঝি টা—নিতান্ত অকবি।"—দ্বিজেন্দ্ররায়।

অকম্প (অকম্‌প) [ন=অ—কম্প(স্পন্দন, নড়ন)] বিণ, কম্পনশূন্য ; স্থির।

প্র—"অগ্নিময়তেজঃ বাজী ধাইল অম্বরে, অকম্প চামর শিরে ;"—মেঘনাদ।

অকম্পন (ন্) [ন=অ—কম্প (কাঁপা) +অন্ (ভাবে)] বি, ক্লী, কম্পনশূন্য ; স্থির।

২। রাবণের একজন সেনাধ্যক্ষ।

প্র—"অকম্পন, রণে ধীর, যথা ভূধর, পড়েছে সহ অতিকায় রথী।"—মেঘনাদ।

অকম্পিত (অকোম্‌পিতো)[ন=অ—কম্পিত] বিণ, কম্পন-রহিত ; অচঞ্চল ; স্থির ; ধীর।

প্র—অকম্পিত কলেবর, অকম্পিত কণ্ঠ, অকম্পিত চরণ।

২। [যাঁহাদের বুদ্ধি চাঞ্চল্য নাই] বি, পুং, বৌদ্ধসম্প্রদায়ের গণাধিপতিবিশেষ। স্ত্রী, **অকম্পিতা**।

অকম্প্র [ন=অ—কম্প্র। কম্প+র] বিণ, অকম্পিত ; স্থির। প্র—অকম্প্র নেত্র, সমরে অকম্প্র (কম্প্র দ্রঃ।

অকর (র্) [ন=অ—কর (হস্ত)—বহু] বিণ, যাহার কর নাই ; হস্তশূন্য।

১। ক্রি, বিণ, করহীন হইয়া ; কর ব্যতিরেকে।

২। রাজকর রহিত ; নিষ্কর। স্ত্রী, **অকরা**—আমলকী।

অকরণ (ন) [ন=অ—করণ] বি,ক্লী, নাকরা ; অননুষ্ঠান ; অক্রিয়া ; নিবৃত্তি।

২। অনুচিত কর্ম্ম।

৩। বি, পুং, নির্গুণ ব্রহ্ম ; সর্ব্বকর্ম্ম রহিত পরমাত্মা।

৪। [করণ=ইন্দ্রিয়] বিণ, ইন্দ্রিয়াদি হীন, অবয়ব হীন, নিরাকার।

অকরণি (নি)[বাং অনুবাদ গ্রন্থ ব্যতীত ব্যবহার বিরল। "শাপে আক্রোশে অকরণিরিত্যাদয়ঃ" —অমরটীকা] বি, ক্রোধে অধীর হইয়া কাহারও প্রতি অনিষ্ট-সূচক বাক্য-প্রয়োগ ; অভিশাপ ; আক্রোশ।

অকরণী (নি) [পারিভাষিক শব্দ। ন=অ—করণী (যেরাশির মূল সূক্ষ্মরূপে বাহির করা যায় না)]। বি, স্ত্রী, যে রাশির মূল আকর্ষণ অর্থাৎ বাহির করিলে বা ভাগ করিলে ভাগশেষ থাকে না। ইহার সাঙ্কেতিক চিহ্ন √ এইরূপ। যথা,—√৪=২ ; √৯=৩ ; rational quantity.

অকরণীয় (অকরোনিও) [ন= অ— করণীয় (কর্ত্তব্য, করণযোগ্য)] বিণ, অকর্ত্তব্য অনুষ্ঠানের অযোগ্য।

অকরুণ (অকোরুন) [ন=অ—(নাই) করুণা (দয়া) যাহার—বহু] করুণারহিত ; নিষ্ঠুর ; নির্দ্দয় ; নির্ম্মম।
প্র—"—কিবা তুমি কর ভয় বন্ধু তোর নহে অকরুণ।"—চণ্ডীদাস।

অকরোটী [ন=অ(অভাব বা অল্পতা)—করোটী (মাথার খুলি)] বি, যে সকল জন্তুর মাথার খুলির সম্পূর্ণ বা আংশিক অভাব আছে। এই সকল জন্তু পঞ্জরী প্রাণীর নিম্নস্তরে অবস্থিত। ইং Acrania.

অকর্কশ (শ্) [ন=অ—কর্কশ]। বিণ, কার্কশ্য-রহিত। কোমল ; নরম।
২। মসৃণ।

অকর্ণ (র্ন) [ন=অ (অভাবার্থে—নাই)—কর্ণ (কাণ) যাহার—বহু] বিণ, শ্রবণেন্দ্রিয়হীন।
প্র—"অচক্ষু সর্ব্বত্র চান, অকর্ণ শুনিতে পান। অপদ সর্ব্বত্র গতাগতি।"—ভারতচন্দ্র।
২। বধির ; বদ্ধকালা।
৩। [অ (অভাবার্থে)—কর্ণ (সুতপুত্র-রাধেয়)=অঙ্গরাজ মহাবীর কর্ণ] কর্ণশূন্য (তুল—"অরাম বা অরাবণ"—মেঘনাদ)।
৪। [ন=অ (নাই) কর্ণ (হাল) যাহার (বহু)] হালশূন্য (নৌকা)। [প্র, অ,]
৫। [সর্পের কর্ণ নাই। চক্ষুই তাহার কর্ণের কার্য্য করে বলিয়া] সর্প। [অপ্র

অকর্ত্তব্য (অকর্‌তোব্‌বো) [ন= অ—কর্ত্তব্য। কৃ—করা+তব্য (ভাবে—করণ-যোগ্য)] বিণ, করিবার অনুপযুক্ত ; অকরণীয় অননুষ্ঠেয়। ২। অনুচিত।
বি, অকর্ত্তব্যতা।

অকর্ত্তা [ন=অ—কর্ত্তা (কর্ত্তৃশব্দের ১মা, ১ব)] বি, পুং, যে কর্ত্তা নহে। অপ্রভু।
প্র—সকলেই যখন কর্ত্তৃত্ব দেখাইতেছে তখন কে কর্ত্তা আর কে অকর্ত্তা কি বলিব?
২। অনির্ম্মাতা। ৩। অপ্রধান।

অকর্ত্তৃত্ব (অকোর্‌তৃৎতো) [ন=অ—কর্ত্তৃত্ব] বি, ক্লী, কর্ত্তৃত্বের অভাব ; অপ্রভুত্ব।
২। কর্ত্তৃত্বাভিমান রাহিত্য।

অকর্ম্ম (অ—করম্‌)[ন=অ—কর্ম্মন্ (মূলশব্দ) কার্য্য। গ্রা, অকম্মো] বি, ক্লী, অপকর্ম্ম ; অকার্য্য ; গর্হিত কাজ ; কুকার্য্য।
প্র—"সম ধর্ম্মাধর্ম্ম, সম কর্ম্মাকর্ম্ম, শত্রুমিত্র সমতুল।"—ভারতচন্দ্র।
২। কর্ম্মাভাব ; কর্ম্মরাহিত্য ; কর্ম্মসন্ন্যাস ; কর্ম্মত্যাগ বা বিসর্জ্জন। প্র—জীবন্মুক্ত সন্ন্যাসীর কর্ম্মও নাই অকর্ম্মও নাই।

অকর্ম্মক, (অকর্‌মোক্) [ন=অ (নাই) কর্ম্মন্ (কর্ম্ম) যাহার+ক (বহু সমাসে ক যোগ)] বিণ, যাহার কর্ম্ম নাই, যে কর্ম্ম করিতেছে না ; কর্ম্মরহিত।
২। কর্ম্মে অনুপযুক্ত।
৩। [ব্যাকরণে] যাহার কর্ম্ম থাকে না এমন ক্রিয়াপদ। যথা,—যাওয়া, মরা। Intransitive.

অকর্ম্মঠ [কর্ম্ম+ঠ (কর্ত্তৃ) ক্ষমতার্থে—উভয় দৈহিক এবং কৌশলজ্ঞান সম্বন্ধে। "থ"র কঠোর ও দৃঢ়তররূপ"ঠ"। ইহা সং—স্থা—স্থান ও থাকা বোধক ; সুতরাং কর্ম্মে স্থিতি জ্ঞাপক। কিন্তু শক্তি ও কৌশল জ্ঞান না থাকিলে স্থান অধিকার করা যায় না তাই কর্ম্মঠ অর্থে কর্ম্ম-ক্ষম। অ+কর্ম্ম+ঠ (স্থ। শক্ত, কুশল)] বিণ, অকর্ম্মক্ষম ; অকর্ম্মণ্য। ২। অলস ; কুঁড়ে। [গ্রা, মেয়েলীভাষায়—অকম্মিষ্টি]।

অকর্ম্মণ্য (অকর্‌মোন্‌নো) [ন=অ+কর্ম্মণ্য) (কর্ম্মক্ষম, কর্ম্মের যোগ্য)] বিণ, যে কর্ম্মক্ষম নহে ; কর্ম্মের অযোগ্য ; যে কোন কর্ম্ম করিতে পারে না। যাহার কর্ম্ম করিবার ক্ষমতা নাই। প্র—সে ক্রমাগত রোগে ভুগিয়া এক প্রকার অকর্ম্মণ্য হইয়া পড়িয়াছে।
২। অকেজো ; অব্যবহার্য্য ; যে বস্তু কোন কার্য্যেই লাগে না ; অচল ; বিকল। বি, অকর্ম্মণ্যতা—কর্ম্মে অযোগ্যতা ; কর্ম্মে অপটুতা।

অকর্ম্মভোগ (অকর্‌মোভোগ্) [ন=অ-কর্ম্ম+ভোগ।—কৃতকর্ম্মের ফলভোগ করিতে জীব বার বার সংসারে জন্মগ্রহণ করে। সেই কর্ম্মভোগ হইতে অব্যাহতি বা মুক্তি] বি, কর্ম্মফল ভোগ হইতে অব্যাহতি।
২। বৃথা কষ্ট না পাওয়া ; বৃথা শ্রম হইতে নিষ্কৃতিলাভ।
৩। [অকর্ম্ম—ভোগ] কুকর্ম্ম বা দুক্রিয়ার ফলভোগ।

অকর্ম্মা অকর্ম্মন্ শব্দ [১মা ১বা ন=অ+কর্ম্মন্] বিণ, যে কোন কর্ম্ম সম্পন্ন করিতে পারেনা ; যে কোন কর্ম্মের নয় ; যে কোন কাজেই লাগেনা। ২। অলস ; জড়প্রকৃতি-বিশিষ্ট; কর্ম্ম-বিমুখ। প্র—"তোমারি তুলনা তুমি চাঁদ অকর্ম্মার ধাড়ি।"—দ্বিজেন্দ্র রায়।
৩। [অ(অপকৃষ্ট) +কর্ম্ম+আ (কর্ত্তৃত্বার্থে)] অপকর্ম্ম বা নিন্দনীয় কর্ম্মকারী : কুক্রিয়াকারী।

অকর্ম্মান্বিত (অকর্মাননিতো) [ন=অ-কর্ম্ম-অন্বিত (যুক্ত) কর্ম্মদ্বারা অন্বিত ৩তৎ, ন কর্ম্মান্বিত নঞ তৎ—যে কর্ম্মে যুক্ত নহে] বিণ, যে কোনো কার্য্যে নিযুক্ত নাই ; কর্ম্মহীন ; কর্ম্মশূন্য ; নিষ্কর্ম্মা ; বেকার।
২। অকার্য্যে রত ; দুষ্কর্ম্মান্বিত।

অকলঙ্ক [ন=অ-(নাই) কলঙ্ক (দাগ, চিহ্ন, দোষ) যাহার বহু] বিণ, বেদাগ ; শুভ্র ; কলঙ্কহীন ; নির্ম্মল ; নির্দ্দোষ।
প্র—"খঞ্জন গঞ্জন আঁখি অকলঙ্ক শশিমুখী, শিরোরুহ অসিত চামর।।"—কবিকঙ্কণ।

অকলঙ্কী [ন=অ—কলঙ্ক+ইন্ (অস্ত্যর্থে)] বিণ, কলঙ্কহীন ; নির্দ্দোষ ; নির্ম্মল।

অকল্ক [ন=অ-কল্ক (কাইট, মল)] বিণ, পুং ক্লী, নির্ম্মল।
২। [কল্ক=পাপ] অপাপ ; নিষ্পাপ।
৩। [কল্ক=অহঙ্কার] নিরহঙ্কার। স্ত্রী, অকল্কা—জ্যোৎস্না। [বিরল]

অকল্পনা [ন=অ (অপ্রশস্ত অনুদার)—কল্পনা (চিন্তা)] বি, অনুচিত চিন্তা ; মন্দ মতলব।
২। চিন্তার অভাব।

অকল্পিত (অকোল্‌পিতো) [ন=অ-কল্পিত (কৃতকল্পনা ; কল্পনাসিদ্ধ)] বিণ, যাহা কল্পনা-সিদ্ধ নহে ; অকৃত্রিম ; প্রকৃত ; যথার্থ। বি, অকল্পিততা।

অকল্য (অঁকোল্‌লো) [ন=অ-কল্য (সুস্থ)—যে সুস্থ নয়—বহু] বিণ, অসুস্থ ; পীড়িত। [বিরল]

অকল্যাণ (অকোল্‌ল্যান্) [ন=অ—কল্যাণ (মঙ্গল)] বি,ক্লী, অশুভ ; অমঙ্গল।
২। অনিষ্ট ; অহিত।

অকষ্ট [ন=অ-কষ্ট (ক্লেশ)] বিণ, ক্লেশহীন।

অকষ্টকল্পনা [অকষ্ট — কল্পনা—কষ্টকল্পনা (তুল—laboured language, laboured thought) নহে] বি, অনায়াস-সাধ্য কল্পনা অর্থাৎ যে কল্পনা বা রচনা কবির মানস হইতে স্বতঃ উত্থিত বা লেখকের লেখনী হইতে স্বতঃ বিনির্গত হয় ; যে রচনার জন্য লেখককে আয়াস স্বীকার করিতে হয় না ; সহজসাধ্য রচনা।

অকষ্টবন্ধ [অ (অতিরিক্ত) + কষ্ট = অকষ্ট (যার পর নাই কষ্ট) —বন্ধ(বন্ধন)] বি, বিষমসঙ্কট ; অধিক দুঃখ ; যে অবস্থায় নড়িবার পর্য্যন্ত শক্তি থাকে না ; অপ্রতিহার্য্য আপদ ; উভয় সঙ্কট ; যে কষ্ট বা দুঃখের সহজে প্রতিকার হয় না। প্র—"পেয়ে বহুকষ্ট, বাহির প্রকোষ্ঠ, অকষ্টবন্ধের ন্যায়।" —বাসবদত্তা।
বি, অকষ্টবন্ধতা।
[তুল—সং, "হা কষ্টং বন্ধঃ ; সং, অক(সুখের অভাব ; কষ্ট) ইং ache]

অকসার (আক্‌সার্) [ফা (অতিদ্রুত ইএক্ এবং ইয়াক্ এর মাঝামাঝি স্বরে প্রথম বর্ণ উচ্চারণ করিতে হইবে) য়্‌ক্‌সর্—ইহারই বিকার আকছার্ ও আকচার। স=চ, ছ] ক্রি, বিণ, প্রায়ই ; যখনতখন ; সদাসর্ব্বদা ; every now and then : always.
আকসার দ্রঃ।
প্র—এরকম ঘটনা অকসার (প্রয়োগে প্রায় আকচার্) ঘটছে।

অকস্মাৎ (অকোশ্‌শাৎ) [ন=অ(নহে) কস্মাৎ (কিম্—৫মী একবচন স্থানে স্মাৎ=হইতে

=কাহা হইতে বা কোথা হইতে)—কোনস্থান হইতে নহে—কি কারণে কোথা হইতে আসিয়া দেখা দিল বা ঘটিল তাহার পূর্ব্বজ্ঞান বা নিদর্শন নাই] অ, ক্রি-বিণ,হঠাৎ ; বিনা-কারণে : অসম্ভাবিতরূপে।
প্র—"বিশেষ একক কেন আসিবে এথায়। অকস্মাৎ আসিবেক কোন্ অভিপ্রায় ॥"
—মহা-কাশী, (বিরাট)।

অকা [সং, অজ্ঞ—প্রাদে। অপভ্রংশে অগা, অঘা] বিণ, অজ্ঞ ; নির্ব্বোধ : বোকা ; মূর্খ। (সাধাঃ অগা)

অকাজ (জ্)[ন=অ (অপ্রশস্ত, অন্যায়)—কাজ (কার্য্যশব্দের অপভ্রংশ)] বি, অসৎকার্য্য ; কুকর্ম্ম। প্র—"অকারণে অকাজ লয়ে ঘাড়ে অসময়ে অপথ দিয়ে যান।"—রবীন্দ্র।
২। বৃথা। ৩। অন্যায় ; অকর্ম্ম।
প্র—"যত করে মুসলমান সকলি অকাজ।"
—ভারতচন্দ্র (অ, ম)।
৪। অনর্থ। প্র—"না দেখিয়া ছিনু ভাল। দেখিয়া অকাজ হল, না দেখিলে প্রাণ কেন কান্দে—" —চণ্ডীদাস।

অকাটা [প্রাদে। আকাটা দ্রঃ। অ (না) +কাটা (কর্ত্তিত) যাহা কাটা হয় নাই বা যাহা খণ্ডিত নহে] বিণ, অকর্ত্তিত ; অখণ্ডিত ; আস্ত : গোটা। প্র—অকাটা গুপারী।

অকাট্য (অকাট্টো) [প্রাদে, ন=অ (না)—কাট্য (প্রাকৃ—কট্ট ধাতু)=কর্ত্তনীয় বা কর্ত্তনসাধ্য—যাহা কাটা উচিত নয় বা কাটা যায় না] বিণ, অখণ্ড্য ; অখণ্ডনীয় ; যাহা খণ্ডন করা উচিত নয় বা যাহা অবহেলা করা যায় না। প্র—অকাট্য যুক্তি।

অকাণ্ড (অকান্ডো) [ন=অ—কন্ (দীপ্তি পাওয়া)+ড ; অ=আ] বিণ, কুকাণ্ড ; অঘটনীয় ব্যাপার।
২। বি, গুঁড়িহীন বৃক্ষ ; যে বৃক্ষের ডাল-পালা মাটি হইতেই বাহির হয়, কাণ্ড থাকে না।

অকাতর, (অকাতোর্) [ন=অ+ কাতর] বিণ, অক্লিষ্ট : অব্যাকুল ; অনভিভূত।
২। নিঃশঙ্ক ; নির্ভীক।
৩। বি, অক্লেশ ; অসঙ্কোচ। ক্রি-বিণ, **অকাতরে**—অক্লেশে : অবলীলাক্রমে ; অনায়াসে। প্র—অকাতরে দান করা। বি, **অকাতরতা**।

অকাপট্য (অকাপোট্টো) [ন=অ—কাপট্য] বি, অকপটতা ; সারল্য। ২। ঔদার্য্য।

অকাম (ম্) [ন=অ—কাম (কামনা)] বিণ, নিষ্কাম ;বাসনাশূন্য। ২।ইন্দ্রিয়পরায়ণতাশূন্য।
২। [অকর্ম্ম শব্দের অপভ্রংশ] বৃথা কর্ম্ম ; নিষ্প্রয়োজনীয় কার্য্য। ৩। কুকার্য্য (অকাজ দ্রঃ)।

অকামিক (ক্) [আকস্মিক শব্দজ। ব্রজ] অকস্মাৎ ; হঠাৎ।
প্র—"বিধিক ঘটনে ভেল অকামিক
লোচনে লোচনে মেলা ॥" —বিদ্যাপতি (গুপ্ত)।
২। অকারণ। প্র—"অতি পুলকিত তনু বিহসি অকামিক জাগি ঠেলি সানন্দা ॥"
—বিদ্যাপতি (গুপ্ত)।

অকাম্য (অকাম্মো) [ন=অ—কাম্য] বিণ, অনভিপ্রেত ; অনভিলষণীয়।

অকায় (অকায়্) [ন=অ (নাই) কায় (দেহ) যাহার—বহু] বিণ, শরীরবিহীন।
২। বি, পুং, পরমাত্মা।
৩। রাহুগ্রহ [সমুদ্রমন্থনকালে, রাহু-দৈত্য ছদ্মবেশে দেবগণের সহিত অমৃত পান করিতে আরম্ভ করিলে, নারায়ণ জানিতে পারিয়া তাহার মস্তক ছেদন করেন। অমৃত তাহার কণ্ঠদেশ পর্য্যন্ত গমন করায় সে অমরত্ব লাভ করে বটে, কিন্তু মুণ্ড দেহ (কায়) হইতে বিচ্ছিন্ন হওয়ায় রাহু মুণ্ডসর্ব্বস্ব বা অকায় হয় (দেহ কেতু নামে প্রসিদ্ধ হয়)—মহাভারত।]

অকার (র্) [অ+কার (স্বার্থে)] বি, পুং, স্বরবর্ণের আদ্যক্ষর—'অ'।
২। অ এই শব্দ বা ধ্বনি। ৩। ব্রহ্ম।
প্র—"অকার কেবল ব্রহ্ম একাক্ষর কোষে।"
—অন্নদামঙ্গল।

অকারণ (অ্কারোন্) [ন=অ—কারণ] ক্রি-বিণ, বিনা কারণে ; নিষ্প্রয়োজনে। এই অর্থে বাং-তে—**অকারণে**। প্র—"নতুবা আপনি, অকারণে, অথবা সামান্য কারণে, আর্য্যাকে বিসর্জ্জন দিবেন ইহা কাহার মনে ছিল।" —বিদ্যাসাগর।
২। অনর্থক ; নিরর্থক ; বৃথা। প্র—
"অকারণ ধরি এ আজানু-বাহু-দণ্ড।
অকারণ ধরি আমি ধনুক প্রচণ্ড ॥"
—কৃত্তিবাস।
৩। বিণ, কারণশূন্য ; উদ্দেশ্যবিহীন।
প্র—"শুধু অকারণ পুলকে
ক্ষণিকের গান গা রে আজি প্রাণ,
ক্ষণিক দিনের আলোকে।" —রবি।

অকারাদি [অকার+আদি। অবর্ণ আদিতে যাহার—বহু] বিণ, যে শব্দ বা বাক্যের প্রথমেই অ আছে।

অকারান্ত (অকারানতো) [অকার (অবর্ণ)+অন্ত (শেষ) যাহার (বহু)] বিণ, যে শব্দের অন্তে বা শেষে অকার আছে। যথা,—সর্প ; দেহ ; হস্ত : দৈব ইত্যাদি। ঐ সকল শব্দের অন্ত্যাক্ষর অকার যুক্ত বলিয়া উহাদিগকে অকারান্ত বলে। বাঙ্গালায় অকারান্ত শব্দের অন্ত্য অকারের প্রায়ই উচ্চারণ হয় না।

অকার্য্য (অকার্জো) [ন=অ (অবৈধ, কুৎসিত, নিষ্প্রয়োজনীয়) কার্য্য] বি, ক্লী, অকর্ত্তব্য কার্য্য ; অবৈধ কর্ম্ম ; অসৎকার্য্য ; কুকর্ম্ম ; গর্হিত কর্ম্ম। প্র—"শাস্ত্রকারেরা গর্হিত অকার্য্য দ্বারা সুহৃদের প্রাণরক্ষা কর্ত্তব্য বলিয়া থাকেন ; সুতরাং অতি লজ্জাকর ও মানহানির কর্ম্মও আমার কর্ত্তব্য পক্ষে পরি-গণিত হইল।" —কাদম্বরী।
২। বৃথা কার্য্য। ৩। বিণ, অকরণীয় ; অননুষ্ঠেয়। প্র—তাহারা যেরূপ দুর্ব্বৃত্ত তাহাতে মনে হয় তাহাদের অকার্য্য কিছুই নাই।

অকার্য্যক্ষম (অকার্জোক্খম্) [ন=অ (নাই)—কার্য্য (কার্য্যের) ক্ষম (ক্ষমতা) যাহার (বহু)—যে অকার্য্য করিতে পারে বা যে কার্য্যক্ষম নহে] বিণ, মন্দ বা অনুচিত কাজ করিতে সমর্থ ; খারাপ কাজে পটু ; কুকর্ম্মা।
২। যে কর্ম্ম করিতে অক্ষম ; অপটু।

অকার্য্যচিন্তা (অকার্জোচিন্তা) [ন=অ—কার্য্য (কার্য্যের) চিন্তা—ষষ্ঠীতৎ] বি, অনর্থক চিন্তা। ২। কুচিন্তা। ৩। আকশ-কুসুম-চয়ন ; অসম্ভব চিন্তা। বিণ, **অকার্য্য-চিন্তক**—কুচিন্তাকারী ; অনর্থক চিন্তাকারী।

অকাল (ল্) [ন=অ (অপ্রশস্ত ; অশুভ)—কাল (সময়)] বি, অসময় ; যাহার যে সময় নয় ; অপরিণত কাল ; অপূর্ণ কাল। প্র—অকাল মৃত্যু।
২। অশুদ্ধকাল ; গুরু শুক্রের বৃদ্ধাস্তবাল্যাদি কাল ; মলমাস প্রভৃতি ; শুভকর্ম্মের অযোগ্য কাল।
প্র—"এই দুই কর্ম্ম ব্রহ্মা করিতে সাধন। অকালে শরতে কৈল চণ্ডীর বোধন॥"—কৃত্তি।
৩। দুর্ভিক্ষ ; দুঃসময়।
ক্রি, বিণ, অকালে।

অকালকুষ্মাণ্ড (অকালকুশ্শানডো)[অকাল (অকালে বা অসময়ে জাত)+কুষ্মাণ্ড(কুমড়া)—যে কুমড়া বলিদানাদি কার্য্যে লাগে না ; যে কুষ্মাণ্ড কোন কাজের নয়] বি, পুং, অকেজো ; অকর্ম্মণ্য। ইহা তিরস্কারচ্ছলেই ব্যবহৃত হয়। প্র—"নাহি কি জ্ঞানকাণ্ড? অকাল কুষ্মাণ্ড!" —দ্বিজেন্দ্র রায়।
২। গান্ধারী কুষ্মাণ্ডাকার একটী মাংস-পিণ্ড অকালে প্রসব করেন এবং সেই পিণ্ড হইতে কুরুকুলনাশন দুর্য্যোধনাদি শত পুত্রের জন্ম হয়। ইহা হইতে কেহ সমাজ বা পরিবারের অনিষ্টকর কার্য্য করিলে তাহাকে "অকাল কুষ্মাণ্ড" বলে। —বিশ্বকোষ।

অকালকুসুম (অকালকুশুম্) [অকালের—কুসুম—৬ষ্ঠী তৎ] বি, ক্লী, অসময়ের ফুল।
২। যাহা অসম্ভব।

অকালজ (কো) [অকাল(অসময়)—জ(যে বা

যাহা উৎপন্ন)] বিণ. অপূর্ণকালে উৎপন্ন ; অসময়ে জাত।

অকালজলদোদয় (কা. দো) [অকালে—জলদ (মেঘ)—উদয়.—অকালে জলদের উদয় —৭মী তৎ + ৬ষ্ঠী তৎ] বি. পুং. অসময়ে মেঘোদয়। ২। কুয়াসা ; কুজ্ঝটিকা।

অকালসহ (অকালশহ) [ন = অ — কাল (সময়, বিলম্ব)—সহ (যে সয়) যাহার কাল সয়না] বিণ. যাহার কাল বিলম্ব সয়না ; অধৈর্য্য ; অস্থির।

২। যাহাতে কালবিলম্ব সহেনা বা যে বিষয় সম্বন্ধে কালবিলম্ব করা চলে না।

অকালে—ক্রি-বিণ. অসময়ে ; অনুপযুক্ত কালে।

প্র.— * * * * * * "তোমরা অবলা কহ, কি লাগিয়া হেথা আইলা অকালে ?" —মেঘনাদ।

২। অপরিণত বয়সে ; অল্প বয়সে।

প্র—"সম্মুখ সমরে পড়ি, বীরচূড়ামণি বীরবাহু, চলি যবে গেলা যমপুরে অকালে, —মেঘনাদ।

অকাল্পনিক—(অকাল্‌পোনিক্) [ন=অ—কল্পনা+ইক] বিণ. যাহা কল্পনা-সম্ভূত নহে ; প্রকৃত ; যথার্থ।

অকিঞ্চন (অ্‌কিন্‌চন্) [ন=অ—কিঞ্চন (কিছু)—যাহার কিছুই নাই (বহু)] বিণ. নিঃস্ব ; দুঃখী ; দরিদ্র ; সম্বলহীন ; দীন।

বাঙ্গালায় বিশেষ্যরূপেও ব্যবহৃত হয়।

প্র—"—কিন্তু কোথা পাব
(দীন আমি !) রত্নরাজী, তুমি নাহি দিলে,
রত্নাকর ? কৃপা, প্রভু, কর অকিঞ্চনে
—মেঘনাদ।

"অকিঞ্চনে কর দয়া বিশ্ববিমোহিনি !"
—তিলোত্তমাসম্ভব।

"শুন অকিঞ্চনের গোহারি।" —কবিক।

২। সামান্য ; ইতর। প্র.—"আমাদিগের অনুচিকীর্ষাবৃত্তি কি শুদ্ধ তাঁহাদিগের অকিঞ্চন গুণের বা দোষের অনুকরণ করিতে শিক্ষা দিয়াই চরিতার্থ থাকিবে ?"
—রচনাবলী।

৩। মূঢ় ; মত্ত ; প্র—
"অকিঞ্চন মন দৃঢ় ভাবে জপ নারায়ণ।
তবে রে দুর্জ্জয় ভয় হয় নিবারণ ॥"
—দেওয়ান রঘুনাথ (বাং গান)।

বি. অকিঞ্চনতা ; অকিঞ্চনত্ব।

অকিঞ্চনতা [অকিঞ্চন+তা (ভাবার্থে)] বি. স্ত্রী. কিছুমাত্র সঙ্গতি না থাকা ; নিঃস্বতা ; দারিদ্র্য ; দৈন্য।

অকিঞ্চনত্ব (অকিন্‌চনোৎতো) বি. ক্লী. অকিঞ্চনের ভাব ; দীন ভাবের বিদ্যমানতা।

কিঞ্চিৎ [ন=অ—কিঞ্চিৎ (কিছু)] বিণ. কিছুই নয় ; যাহাতে কিছু নাই ; যৎ সামান্য ; নগণ্য।

অকিঞ্চিৎকর (র্) [ন=অ—কিঞ্চিৎ—কর (যে করে)—উপপদ] বিণ. যাহাতে কিছুই হয়না। ২। [তাহা হইতে] তুচ্ছ। প্র—"ধৈর্য্য অবলম্বন করুন ; এবং অন্তঃকরণ হইতে অকিঞ্চিৎকর শোককে নিষ্কাশিত করিয়া, রাজকার্য্যে মনোনিবেশ করুন।"
—বিদ্যাসাগর।

"গদ্যময় কাব্যকে আলঙ্কারিকেরা কথা ও আখ্যায়িকা এই দুইভাগে বিভক্ত করিয়া থাকেন। কিন্তু এই দুয়ের বৈলক্ষণ্য এমন সামান্য যে ইঁহাদিগের ভাগদ্বয়ে বিভাগ অনাবশ্যক ও অকিঞ্চিৎকর।" —কাব্যনির্ণয়।

৩। সামান্য ; অল্প।

অকীর্ত্তি (অকীর্‌ত্তি) [ন=অ—(অপকৃষ্ট) কীর্ত্তি (যশঃ)] বি. স্ত্রী. অখ্যাতি ; অযশঃ ; নিন্দা দুর্নাম। (অপকীর্ত্তি দ্রঃ)।

প্র—"স্বধর্ম্ম ও কীর্ত্তি ত্যাগ করায় পাপ প্রাপ্ত হইবে পরন্তু লোকে তোমার অক্ষয় অকীর্ত্তি ঘোষণা করিবে ; মানী ব্যক্তির অকীর্ত্তি মরণ অপেক্ষাও অধিক হয়।"—গীতা (আর্য্য মিশন)

অকীর্ত্তিকর (র্) [ন=অ—কীর্ত্তি (যশঃ)—কর (যে করে)] বিণ. অযশস্কর ; অখ্যাতিকর নিন্দাজনক।

অকু (ওকু)[আ - বক্‌] বি. ঘটনা।

২। কুস্থান ; কুৎসিত স্থান।

৩। [আইনে] মারপিট ; চুরি প্রভৃতি ঘটনা ; অপরাধযুক্ত ঘটনা।

৪। ঘটনা স্থান ; Scene of occurrence.

অকুআৎ (ওকুয়াৎ) [আ] ক্রি দুষ্ক্রিয়া সমূহ ; অপরাধ সমূহ ; misdeeds.

অকুটিল (ল্) [ন=অ—কুটিল] বিণ. অবক্র ; কুটিলতা শূন্য ; সরল ; খলতাহীন।

বি. অকুটিলতা।

অকুণ্ঠ [ন=অ— কুণ্ঠ্ (আলস্য করা)+অ (কর্ত্তৃ. অচ)] বিণ. অসঙ্কুচিত ; যাহা নমিত হয় না। প্র—পরশুরাম অকুণ্ঠধার কুঠার দ্বারা পৃথিবীকে একবিংশতিবার নিঃক্ষত্রিয় করিয়াছিলেন। ২। প্রতিভাযুক্ত। ৩। অক্ষুব্ধ।

অকুণ্ঠিত (তো)[ন=অ+কুণ্ঠ্ (আলস্য করা) + ত (কর্ত্তৃ. ক্ত)] বিণ. প্রশস্ত ; অসঙ্কুচিত ; মুক্ত ; উদার। প্র—অকুণ্ঠিত চিত্ত।

২। অক্ষুব্ধ।

স্ত্রী. অকুণ্ঠিতা। প্র—"উষার উদয় সম অনবগুণ্ঠিতা তুমি অকুণ্ঠিতা।"—উর্ব্বশী (রবি)।

অকুৎসিত (শিৎ) [ন=অ—কুৎসিত (গ্রাম্য প্রয়োগ "অকুচ্ছিত")] বিণ. সুন্দর। ২। সম্ভ্রান্ত।

অকুতোভয় (য়্) [ন=অ—কুতঃ (কিম্+তঃ=হইতে) কোন স্থান হইতে—ভয় (শঙ্কা) —যাহার কোন স্থান হইতে ভয় নাই] বিণ. নিঃশঙ্ক ; নির্ভয় ; যে কাহাকেও ভয় করে না ; যে কোনও কারণে ভয় পায় না।

বি. **অকুতোভয়তা**—অসমসাহসিকতা ; একান্ত ভয়শূন্যতা ; নির্ভয়তা।

অকুমারী [ন=অ—কুমারী] বি. স্ত্রী. দশবৎসরের বালিকা।

অকুল (ল্) [অ (অপ্রশস্ত) + কুল (বংশ, ঘর)] বিণ. অধম ; যে বংশের সহিত করণকারণ চলিত নাই।

২। অকুলীন।

৩। [ব্রজ—প্রা. বৈ. সা] বি. বিপদ। প্র—"সখি হে, অব অকুল শত নাহি মানি।"—গোবিন্দ দাস।

[অকূল দ্রঃ]

অকুলন (লোন্) [ন=অ—কুল (রাশি করা) + অন (অনট্)] বি. অনাটন ; অভাব।

২। অল্প হওন ; কম পড়ন। অকুলান দ্রঃ।

অকুলান (ন্) [অকুলন দ্রঃ] বি. অপ্রাচুর্য্য ; অপ্রতুলতা।

অকুলীন (অ্‌কুলিন্) [ন=অ—কুলীন] বিণ. কুলমর্য্যাদাশূন্য ; নীচকুলোদ্ভব।

২। বল্লালসেনকৃত কুলবন্ধন বহির্ভূত।

অকুব (ওকুব্) [আ—বক্‌ফ্ (বুদ্ধি) তুল—বৌদ্ধযুগের বাঙ্গলায়—অকইব=পণ্ডিত (শূন্য পুরাণ)] বি. জ্ঞান ; বুদ্ধি ; আক্কেল। বাঙ্গালায় প্রায় "আক্কেল" শব্দের সহিত যুক্ত হইয়া ব্যবহৃত হয় ; যথা.—আক্কেল অকুব।

অকুশল (ব্রজ—ল ; বাং—ল্) [ন=অ—কুশল (মঙ্গল)] বি. অমঙ্গল ; অশুভ ; বিপদ। প্র—"শুনি কহে জটিলা,
ঘটিল কি অকুশল।
ঘর সঞে বাহির হোয়।
বহরিয়া পাণি ধরি হেরহ
কিয়ে অকুশল কহ মোয় ॥"
—বিদ্যাপতি।

অকূল (অকুল) [ন=অ (নাই) কূল (তীর) যাহার (বহু)] বিণ. যাহার তীর নাই ; কূলহীন ; অপার।

২। অতি বিস্তৃত ; সুবিশাল।

প্র—চলিলা যথা গরুত্মতী তরী,
তরঙ্গ-নিকরে রঙ্গে করি অবহেলা,
অকূল সাগর জলে ভাসে একাকিনী।"
—মেঘনাদ।

৩। অনন্ত ; অসীম।

প্র—"তখন আছিলে তুমি একাকিনী
অখণ্ড অকূল আত্মহারা ;"—রবি।

৪। সাগর ; সমুদ্র ; সিন্ধু। প্র—
"ঢেউ দেখে যে ভয় পাবে না,
অকূল পারে নেজাই তারে ?" —গি. ঘোষ।

"ফেলিয়া অকূলে, সে গেছে অকূলে,
ভুলে আছি তোরে লয়ে কোলে।"
—কমলে কামিনী (গি. ঘোষ)।

[দ্রঃ। অপার অতল সাগরের সহিত তুলনীয় বলিয়া রূপকচ্ছলে জীবন, সংসার, প্রেম, শোক প্রভৃতির সিন্ধু বুঝাইতে অকূল শব্দ ব্যবহৃত হয়]।

৫। যাহার কূল কিনারা নাই; যাহার ঠিক ঠিকানা নাই; যে বিষয়ের অন্ত বা তল পাওয়া যায় না।

প্র—"অকূল হাঝে ভাসিয়ে তরী
যাচ্ছি অজানায়।" —রবীন্দ্র।

৬। ঠিকানা, ঠাঁই, গৃহ, বা সমাজের আশ্রয়শূন্যতা; ভরসা বা সহায়হীনতা; অশরণ; অনাশ্রয়। প্র—"বুঝি কালী অকূলেতে কুলাইল কূল।" —বাসবদত্তা।
"ছিলাম গৃহবাসী, করলে উদাসী,
কুল ত্যজে হে অকূলে ভাসি, "—গি. ঘোষ।

৭। নিরুপায়। প্র—"সুখ দুঃখ মাঝে দোলে, নিবিড় আঁধারে, অকূলে না কূল পায়, দারুণ শৃঙ্খল পায়। নিরানন্দ নিরুপায়, পলাইতে নারে,"— —গি. ঘোষ।

৮। সঙ্কট; বিপদ; শোক তাপ; দুঃখ; ভবযন্ত্রণা; প্র—"বন শ্বাপদ-সঙ্কুল, ওমা পরাণ আকুল,
রাখ অকূলে তনয়ারে তারিণি।"—গি. ঘোষ।
"ছিল যারা অনুকূল, তারা হয়ে, প্রতিকূল
যায় চলে অকূলে ফেলিয়া।"
—বাসবদত্তা।

[এই অর্থে 'অকুল' শব্দও মৈথিল-বাঙ্গলা ও প্রাচীন বৈষ্ণব সাহিত্যে ব্যবহৃত হইয়াছে।]

অকূলপাথার (অকূল্ পাথার্) [অকূল (কূলহীন)—পাথার (পাথস্—জল)] বি, কূল-কিনারাহীন জল-বিস্তার; অসীম সমুদ্র। ২। (তাহা হইতে) মহা বিপদ। প্র—
"তুমি হে ভরসা মম অকূলপাথারে,
আর কেহ নাহি যে, বিপদ ভয় বারে,
এ আঁধারে যে তারে॥"
—দ্বিজেন্দ্রঠাকুর।
"আকুল পরাণ মোর অকূল-পাথারে।"
—ভারত।

অকৃত [ন=অ—কৃত] বিণ, যাহা কৃত নয়; যাহা করা হয় নাই; অননুষ্ঠিত; অসম্পাদিত। প্র—অকৃতদার। ২। নিরর্থক; বিফল। প্র—অকৃতাত্মা।

অকৃতকর্ম্মা [মূলশব্দ অকৃতকর্ম্মন। অকৃত+কর্ম্মন্—বহু] বিণ, অকেজো; অপটু; যে কৃতী নহে; যে কাজ করিয়া শিক্ষিত হয় নাই; unpractical.

অকৃতকার্য্য (অকৃতোকারজো)[ন=অ—কৃত-কার্য্য] বিণ, বিফল; বিফল-মনোরথ; নিষ্ফল; হতাশ।

অকৃতকীর্ত্তি [ন=অ—কৃত—কীর্ত্তি] বিণ, অকৃতকর্ম্মা; কীর্ত্তিহীন; অকর্ম্মা; অকর্ম্মণ্য। প্র—"বিদ্যাসাগর এই অকৃতকীর্ত্তি অকিঞ্চিৎকর বঙ্গসমাজের মধ্যে নিজের চরিত্রকে মনুষ্যত্বের আদর্শরূপে প্রস্ফুট করিয়া"
—চারিত্রপূজা।

অকৃতকৃত্য [ন=অ—কৃত—কৃত্য] বিণ, অকৃতকার্য্য। ২। অকৃতার্থ; অচরিতার্থ। ৩। কর্ত্তব্য পালনে অক্ষম।
৪। [অকৃত (অননুষ্ঠিত) কৃত্য (কার্য্য) যৎকর্ত্তৃক—বহু] বিণ, অননুষ্ঠিত কর্ম্মা।

অকৃতঘ্ন (অকৃতোঘ্নো)[ন=অ—কৃত (উপকার)—ঘ্ন (যে নাশ করে)] বিণ, কৃতজ্ঞ; যে কৃত উপকার মানিয়া চলে; যে উপকার স্বীকার করে; কৃত উপকার স্মরণকারী।

অকৃতজ্ঞ (অকৃতোগ্‌গোঁ) [ন=অ—কৃতজ্ঞ (যে উপকার স্বীকার করে)—উপপদ] বিণ, কৃতজ্ঞ নয়; যে ব্যক্তি উপকার স্বীকার করে না; উপকারকের সহিত সদ্ব্যবহার করে না; যে উপকারকের অনিষ্টচিন্তা করে। বি, অকৃতজ্ঞতা।

অকৃতজ্ঞতা (তোগ্‌গোঁ) [ন=অ—কৃতজ্ঞ+তা (ভাবে)] বি, স্ত্রী, অকৃতজ্ঞের ব্যবহার; উপকার অস্বীকার করণ; উপকারকের প্রতি অসদ্ব্যবহার।

অকৃতদার, (তোদার্) [ন=অ—কৃত—দার (ভার্য্যা)—বহু] বিণ, পুং, যে দার পরিগ্রহ করে নাই; অনূঢ়; অবিবাহিত।

অকৃতবিবাহ [ন=অ—কৃত (বিহিত) বিবাহ (দারপরিগ্রহ) যৎকর্ত্তৃক—বহু]—যে বিবাহ করে নাই] বিণ, যাহার বিবাহ হয় নাই; অবিবাহিত; অনূঢ়। স্ত্রী, **অকৃতবিবাহা।**

অকৃতাপরাধ (ধ) [ন—কৃত=অকৃত—অপরাধ (যৎকর্ত্তৃক)-বহু] বিণ, যে অপরাধ করে নাই; নিরপরাধ। ২। নির্দ্দোষ। ৩। ক্রি—বিণ, বিনা অপরাধে; অপরাধ ব্যতিরেকে।

অকৃতার্থ (র্থো)[ন=অ—কৃত (সাধিত)—অর্থ (প্রয়োজন) যৎ কর্ত্তৃক—বহু] বিণ, অকৃতকার্য্য; বিফল-মনোরথ।
২। অচরিতার্থ। [কৃতার্থ দ্রঃ]

অকৃতাহ্নিক (অকৃতান্‌হিক)[অকৃত (ন-অনুষ্ঠিত—আহ্নিক (দিনকৃত্য উপাসনা) যৎকর্ত্তৃক—বহু] বিণ, যে দৈনিক ক্রিয়ার অনুষ্ঠান করে নাই; দৈনিক ক্রিয়া বিহীন।

অকৃতিত্ব (ত্ত) [অকৃতিন (অক্ষম)+ত্ব (ভাবে)] বি, স্ত্রী, অক্ষমতা; অযোগ্যতা; অপটুতা।

অকৃতী (অক্‌কৃতি) [অকৃতিন্ শব্দ (ন=অ—কৃতিন্)] বিণ, যে কৃতী নয়; অক্ষম; অযোগ্য; কার্য্যে অদক্ষ; অপটু। প্র—

"মা! মোরে লয়ে চল ভবনদীপার;
গো তারা! আমি অতি অকৃতী অধম
দুরাচার॥" —কমলাকান্ত।

অকৃতোদ্বাহ (অকৃতোদ্‌বাহ্) [ন=অ—কৃত—উদ্বাহ (বিবাহ) যৎকর্ত্তৃক—বহু—যিনি বিবাহ করেন নাই] বিণ, অবিবাহিত; আইবড়। স্ত্রী, **অকৃতোদ্বাহা।**

অকৃত্য (ত্ত) [ন=অ (কুৎসিত)—কৃত্য (কার্য্য) নঞ তৎ] বি, স্ত্রী, নিন্দিত কার্য্য।
২। বিণ, যাহা করা উচিত নয়; অকরণীয়।

অকৃত্রিম (অকৃৎতৃম্) [ন=অ+কৃত্রিম (দ্রঃ)] বিণ, যাহা কৃত্রিম বা কাল্পনিক নহে; যথার্থ; স্বাভাবিক।
২। অকপট; ছলশূন্য। প্র—অকৃত্রিম স্নেহ বা প্রণয়। ৩। বিশুদ্ধ; অমিশ্রিত; খাঁটি। প্র—অকৃত্রিম ঔষধ। অকৃত্রিম সুবর্ণ।

অকৃপ [ন=অ—(নাই) কৃপা (দয়া) যাহার—বহু; কৃপা=কৃপ] বিণ, নির্দ্দয়; অকরুণ।
২। কৃপ (কৌরব সেনাপতি কৃপাচার্য্য) শূন্য।

অকৃপা [ন=অ—কৃপা (নঞ তৎ)] বি, স্ত্রী, নির্দ্দয়তা; কৃপাশূন্যতা। কৃপার অভাব।

অকৃষ্ট [ন=অ—কৃষ (কর্ষণ করা)+ত(কর্ম্মে ক্ত)] বিণ, অকর্ষিত; যাহাতে চাস করা হয় নাই; কর্ষণ করা নহে এমন। প্র—অকৃষ্টভূমি। ২। অননুশীলিত; uncultured.

অকৃষ্টপচ্য (অকৃষ্‌টোপোচচো) [ন=অ—কৃষ্ট (চষা ক্ষেত)—পচ্ (পাক করা)+য (কর্ম্ম-কর্ত্তৃ, ক্যপ)] বিণ, পতিত বা অকর্ষিত ক্ষেত্রে স্বয়ং পক্ব।

অকৃষ্ণ (অকৃশ্‌ণ) [ন=অ—কৃষ্ণ (কৃষ্ণবর্ণ)] বিণ, কৃষ্ণবর্ণহীন। ২। বি, পীত বর্ণ। প্র—"অকৃষ্ণ বরণে কহি পীতবরণ॥"
—চৈতন্য চরিতামৃত।

অকৃষ্ণকর্ম্মা (অকৃশ্‌ণোকর্‌মা) [কর্ম্মন্ শব্দ—ন=অ (নাই) কৃষ্ণ (কাল=পাপ)—কর্ম্মন (কার্য্য) যাহার—বহু] বিণ, দুষ্কর্ম্ম-রহিত; নিষ্কলঙ্ক; নিষ্পাপ। প্র—অকৃষ্ণকর্ম্মা শান্তনুতনয়।

অকেজো [অকার্য্য হইতে প্রা-বাং অকাজুয়া—আধু-বাং সংক্ষেপ। অ—কাজ (পা, কজ্জ)+উআ] বিণ, কার্য্যের অনুপযুক্ত; যাহার দ্বারা কোন কাজ হয় না; যে কোন কাজ করে না; নিষ্কর্ম্মা।
২। যে বা যাহা কোনো কাজে লাগে না।
প্র—"কার্য্যময় এই ব্রহ্মাণ্ড ভিতরে
প্রকাণ্ড অকেজো পাহাড়।"
—দ্বিজেন্দ্র রায় (মন্দ্র)

অকেশরপরাগকোষ (অকেশর্ পরাগ্

কোষ) [ন=অ—কেশর (কিঞ্জল্ক) পরাগ (পুষ্পরজঃ) কোষ (আধার)—কেশর এবং পরাগ যে কোষে নাই (দ্বন্দ্ব ও বহু)] বি, যে পুষ্প-বৃন্তে কেশর এবং পরাগ কিছুই নাই ; sessile anther.

অকৈতব (ব্) [ন=অ—কৈতব (মিথ্যা)] বিণ, অকপট ; ছলনাহীন ; অকৃত্রিম। প্র—"অকৈতব কৃষ্ণ প্রেম, যেন জাম্বুনদ হেম সেই প্রেম নৃলোকে না হয়।"
—চৈতন্য চরিতামৃত।
"অকৈতবে কৃষ্ণ সেবে করি প্রাণপণ।
—শিবায়ন।

অকৌশল (ল্) [ন=অ—কুশল+অ (ভাবে, ষ্ণ)] বি, কৌশলাভাব ; অপটুতা।
২। মনোভঙ্গ ; অম্বরস। ৩। বিবাদ ; ঝগড়া।
প্র—"এইরূপে দুইজনে হল অকৌশল"
—মহা—বন (কাশী)

অক্কা (অক্কা) [অক(দুঃখ)+ক (কৈ-শব্দকরা) +অ (কর্ত্তৃ, ড) স্ত্রীলিঙ্গে আপ্—যিনি সন্তানের প্রসবকাল হইতেই দুঃখসূচক শব্দ করেন] বি, স্ত্রী, মাতা ; জননী। তুল—অত্তা (অম্বা) ; মঃ—অক্কা (মান্যা স্ত্রী, জ্যেষ্ঠা ভগিনী) ; ফা—আকা (মালিক ; প্রভু) ; তুর্কী—আতা (পিতা)] ২। মৃত্যু ; পঞ্চত্ব।

অক্কা পাওয়া [ফা—আকা (মালিক ; ঈশ্বর) প্রাপ্তি] বি, ঈশ্বরপ্রাপ্তি ; স্বর্গলাভ। ২। ক্রি, প্রাণত্যাগকরা ; পঞ্চত্ব পাওয়া ;মরিয়া যাওয়া। প্র—"বাবা অক্কা পেলো"
—বুড়ো বক্কেশ্বর।

অক্টোবর (র্) [ইং October ; হিঃ—অক্তুবর ; অনুকরণে, বাং আদালতের কাগজ-পত্রে অক্তোবর, অক্তুবর] বি, খ্রীষ্টাব্দের দশম মাস প্রায় আশ্বিন মাসের ১৪ বা ১৫ তারিখ হইতে কার্ত্তিক মাসের ১৪ বা ১৫ তারিখ পর্য্যন্ত।

অক্ত [অনজ্ (মাখা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, লিপ্ত ; মিশ্রিত। প্র—তৈলাক্ত ; রুধিরাক্ত ; ঘর্ম্মাক্ত ইত্যাদি। (এই শব্দের স্বতন্ত্র ব্যবহার দেখা যায় না)।

অক্রম (অক্রোম্) [ন=অ (অভাব)—ক্রম্ (শৃঙ্খলা)] বি, বিশৃঙ্খল ; অনিয়ম ; ঠিক পরপর নয়।

অক্রিয় (অক্কৃও) [ন=অ (কুৎসিত) —ক্রিয়া যাহার (বহু)] বিণ, অক্রিয়াম্বিত ; শাস্ত্রীয় কর্ম্মরহিত।
২। [ন=অ (নাই) ক্রিয়া (পাপ-পুণ্য-রূপ) যাহার (বহু)] বি, পুং কর্ম্মশূন্য ; ক্রিয়ারহিত ; পরমাত্মা। স্ত্রী, অক্রিয়া—ক্রিয়াভাব। (২) অশাস্ত্রীয় ক্রিয়া ; অন্যায় কার্য্য।

অক্রিয়কর্ম্মা (অক্কৃও করমা) [অক্রিয়কর্ম্মন (শব্দ) যাহার—বহু] বিণ, কুকর্ম্মকারী।

অক্রিয়মাণ (অক্কৃওমান্) [কৃ+আন (শান, কর্ম্মে) ম, য আগম ; কৃ+য়—মান, ই আগম=ক্রিয়মাণ ; ন ক্রিয়মাণ=অক্রিয়মাণ] বিণ, যে কাজ করে না ; নিষ্কর্ম্মা।

অক্রিয়াচরণ (অক্কৃ—ন্) [অক্রিয়া (অবৈধ ক্রিয়া)—তাহার আচরণ] বি, ক্লী, অশিষ্ট আচরণ ; কুব্যবহার।

অক্রিয়াম্বিত (অক্কৃয়ান্নিত) [অক্রিয়া দ্বারা অম্বিত] বিণ, কুকর্ম্মশালী ; মন্দকার্য্যরত।

অক্রিয়াময় (অক্কৃয়াময়্) [ন=অ—ক্রিয়া —ময় (পূর্ণার্থে ময়ট্) যে অক্রিয়াপূর্ণ] বিণ, দুষ্ট ; অনুচিত বা অসঙ্গত কর্ম্মপূর্ণ।

অক্রীড়া (অক্কৃড়া) [ন=অ—ক্রীড়া] বি, অযোগ্য ক্রীড়া ; অনুপযুক্ত খেলা।

অক্রীত (অক্কৃত) [ন=অ—ক্রীত] বিণ, যাহা ক্রয় করা হয় নাই ; যাহা কেনা নহে।

অক্রুদ্ধ [ন=অ—ক্রুদ্ধ (কোপিত)] বিণ, যে কোপিত বা রুষ্ট নয়। ক্রোধহীন।
২। শান্ত ; স্থির।
৩। বি, ক্লীব, অক্রোধ [প্রত্য বি, অক্রুদ্ধতা।

অক্রূর [(অক্কুর্) ন=অ—ক্রূর (কুটীল, অসরল)] বিণ, সরল। স্ত্রী, অক্রূরা।
২। বি, পুং, (ওক্কুর্) কৃষ্ণের পিতৃব্য ; যদুবংশীয় শফল্কের ঔরসে গান্ধারীর গর্ভে ইঁহার জন্ম। ইনিই কংশবধের জন্য বলরাম ও কৃষ্ণকে বৃন্দাবন হইতে মথুরা লইয়া যান।
প্র—"হায় রে যমুনে, কেনে না ডুবিল
তোমার জলে .
অদয় অক্রূর, যবে সে আইল
ব্রজ মণ্ডলে।"
—ব্রজাঙ্গনাকাব্য।
বি, অক্রূরতা—সরলতা।

অক্রেয় (অক্কেঅ) [ন=অ—ক্রী (ক্রয় করা) +য (কর্ম্মে)] বিণ, আক্রা ; যাহা মূল্যাধিক্য বশতঃ ক্রয় করিতে পারা যায় না ; দুর্ম্মূল্য ; যাহা মূল্যে পাওয়া যায় না ; মহার্ঘ। বি, অক্রেয়তা।

অক্রোধ (অক্রোধ্) [ন=অ—ক্রোধ (রাগ)] বি, পুং, ক্রোধাভাব ; গৃহীর ধৃতি, ক্ষমা প্রভৃতি দশধর্ম্মান্তর্গত ধর্ম্মবিশেষ।
২। বিণ, ক্রোধশূন্য ; যাহার ক্রোধ নাই। প্র—"অক্রোধ পরমানন্দ মোর গৌর হরি।"
—চৈতন্যচরিতামৃত।
বিণ, অক্রোধিত ; অক্রোধী।

অক্রোধন (অক্রোধন) [ন=অ—ক্রোধন] বিণ, সহসা যাহার ক্রোধ জন্মে না ; ক্রোধের কারণ থাকিলেও যাহার ক্রোধের উদ্রেক হয় না ; যে সহজে ক্রোধ সংবরণ করে ; অকোপন।

২। বি, পুং, কুরুবংশীয় রাজা অযুতায়ুসের পুত্র।

অক্লান্ত (অক্লান্‌তো) [ন=অ (নাই)—ক্লান্ত (ক্লান্তি) যাহার—বহু] বিণ, ক্লান্তিরহিত ; যে পরিশ্রম করিয়া শ্রান্তি বা ক্লান্তি বোধ করে না ; অশ্রান্ত। বি, অক্লান্তি। স্ত্রী, অক্লান্তা।

অক্লিষ্ট (অক্‌ক্লিশ্‌টো) [ন=অ—ক্লিষ্ট (ক্লেশ প্রাপ্ত)] বিণ, যে ক্লেশ বোধ করে না ; পরিশ্রমে যাহার কষ্ট নাই। unwearied. প্র—অক্লিষ্টকর্ম্মা। ২। অপরিক্ষীণ ; অদম্য। প্র—অক্লিষ্ট অধ্যবসায়।

অক্লিষ্টকর্ম্মা (অক্‌ক্লিশটোকরমা) [ন=অ (নাই) ক্লিষ্ট (ক্লেশযুক্ত—কর্ম্মন্ যাহার বহু] বিণ, অক্লেশে বা অনায়াসে কর্ম্ম-সমাধাকারী। indefatigable.
প্র—"তুমি সেই মহাবল পরাক্রান্ত অক্লিষ্ট-কর্ম্মা কৃষ্ণকে অবগত হইতে সমর্থ হও নাই"
—মহাভারত (সিংহ)।

অক্লিষ্টকান্তি (অক্‌ক্লিশ্‌টোকান্তি) [ন=অ—ক্লিষ্ট (ক্লেশপ্রাপ্ত ;বিবর্ণ) কান্তি (লাবণ্য) যাহার] বিণ, যাহার দেহের কান্তি অর্থাৎ লাবণ্য বিবর্ণ হয় না বা হয় নাই।

অক্লীব (অক্‌ক্লীব) [ন=অ—ক্লীব] বিণ, অবন্ধ্য। ২। ধৈর্য্যশালী ; সহিষ্ণু। ৩। বীর।

অক্লেদ্য (অক্‌ক্লেদ্দ) [ন=অ—ক্লিদ্ (ক্লিন্ন হওয়া)+য (কর্ম্মে, যন্] বিণ, যাহা ক্লিন্ন হয় না ; যাহা আর্দ্র বা গলিত হয় না ; যাহা জলে গুলিয়া যায় না।
প্র—"আত্মা জীর্ণ শরীর পরিত্যাগ করিয়া অন্য নূতন দেহ ধারণ করে। শস্ত্রসকল ইহাকে ছেদন করিতে পারে না। অগ্নি ইহাকে পোড়াইতে পারে না, জল ইহাকে ভিজাইতে পারে না এবং বায়ু ইহাকে শুষ্ক করিতে পারে না। ইনি অচ্ছেদ্য, ইনি অদাহ্য, ইনি অক্লেদ্য এবং অশোষ্য।"
—গীতা (আর্য্যমিশন্)।
২। যাহা ক্লেদযুক্ত হয় না।

অক্লেশ (অক্‌ক্লেশ্) [ন=অ—ক্লেশ] ক্রি, বিণ, ক্লেশ ব্যতিরেকে। [বিরল]
২। বি, পুং, ক্লেশাভাব। ক্রি, বিণ, অক্লেশে—অনায়াসে ; সহজে ; বিনা ক্লেশে।

অক্ষ (ওক্‌খো) [অক্ষ্ (ব্যাপা)+অ (কর্ত্তৃ, অন্)] বি, পুং, পাশক ; পাশা (খেলিবার) ; a die or cube. প্র—অক্ষক্রীড়া। ২। পদ্মবীজ (২) রুদ্রাক্ষবীজ। প্র—অক্ষমালা।
৩। [বৈদ্যকে] (১) বহেড়া, কাঁকড়াশৃঙ্গী। (২) দেবশিরীষ। (৩) বহেড়া। (৪) (তুঁতিয়া, তুঁতে। (৫) রসাঞ্জন। (৬) সৌবর্চ্চল লবণ। (৭) ধুনা। (৮) তিনিশ বৃক্ষ।

৪। [বাণিজ্যে] এক কর্ষ বা ভরি পরিমাণ ; ১৬ মাসা [বিশ্বকোষ] ; দুইতোলা [দ্রব্য-গুণাভিধান]

৫। [ভূগোলে] গোলকপৃষ্ঠে বিষুব রেখার উভয় পার্শ্বের যে কোন স্থানের দূরত্ব।

(২) আবর্ত্তন দণ্ড ; মেরু ; axsis. যথা—অক্ষদণ্ড।

৬। [খগোলে] রবিমার্গ হইতে কোনো নক্ষত্র বা গ্রহের দূরত্ব পরিমাণ। (২) গ্রহ-গণের পরিভ্রমণের পথ ; রাশিচক্রের অবয়ব।

৭। [ব্যবহার শাস্ত্রে]—ব্যবহার ; আইন ; রাজনীতি ; Law ; Jurisprudence.

৮। [শিল্পে] রথাদির অবয়ব বিশেষ। চক্র। (২) চক্রের মধ্যমণ্ডল ; ভিতরের ঈষ axle. (৩) শকট ; রথ।

৯। ক্লী. ইন্দ্রিয় ; যথা—অধোক্ষজ। (২) চক্ষু। যথা—অক্ষপাদ গৌতম। ১০। আত্মা (২) জ্ঞান ["অক্ষো...জ্ঞানে চাত্মনি"—হেমচন্দ্র] ১১। জন্মান্ধ। ১২। কুষ্ঠি। ১৩। সর্প। ১৪। রাবণের পুত্র। ১৫। গরুড়। ১৬। কাশ্মীরের রাজা, ২য় নররাজের পুত্র, গোপাদিত্যের পিতা, ৫৯৮ শকাব্দের পূর্ব্বে আবির্ভূত হন। ইঁহার নির্ম্মিত দেবপুরীর নাম অক্ষবাল। [বিশ্বকোষ]

১৭। বিণ, আত্মজ্ঞ। [বিশ্ব]

অক্ষকূট (ওক্‌খোকুট) [অক্ষ(চক্ষু)—কূট(তারা) ৬তৎ] বি. পুং, নয়নের তারা।

অক্ষক্রীড়া (ওক্‌খোকৃড়া) [অক্ষ (পাশক)—ক্রীড়া (খেলা)—৩য়া তৎ] বি. স্ত্রী. দ্যূত-ক্রীড়া ; পাশাখেলা।

অক্ষচক্র (ওক্‌খোচক্‌ক্র) [অক্ষ—চক্র] বি. ক্লী. ভার উত্তোলন যন্ত্র বিশেষ। ঐ যন্ত্রস্থ দণ্ডসম্বলিত চক্রের পরিধিতে বলপ্রয়োগ দ্বারা ঐ দণ্ডে বেষ্টিত রজ্জুসংলগ্ন গুরু-ভার সহজে উত্তোলিত হয়। ঐ দণ্ডের নাম অক্ষ ; wheel and axle.

অক্ষজ (ওক্‌খোজো) [অক্ষ (ইন্দ্রিয়)—জ (জন্মান) যাহা অক্ষ হইতে জন্মে—৫মী তৎ] বিণ, ইন্দ্রিয়জাত।

২। [দধীচিমুনির অস্থি দ্বারা নির্ম্মিত বলিয়া] বি, বজ্র।

অক্ষত (অক্‌খত) [ন=অ— ক্ষত (হিংসিত) —ক্ষণ্ +ত (কর্ম্মে ক্ত)] বিণ, অনাহত ; যাহা আঘাত প্রাপ্ত হয় নাই। প্র—তিনি যুদ্ধস্থল হইতে অক্ষত দেহে প্রত্যাবর্ত্তন করিয়াছেন।

২। [স্মৃতিতে] পুরুষসংসর্গরহিত। যথা—অক্ষতযোনি। [বিদ্যাসাগর]

৩। অখণ্ডিত ; অবিসম্বাদী ; অবিরোধী। প্র—অক্ষত সত্য।

৪ বেদাগ ; আঁচড়শূন্য ; নিখুঁত। প্র—অক্ষত বিল্বপত্র ; অক্ষত বস্ত্র।

৫। বি, পুং, আতপতণ্ডুল। (২) যব। (৩) লাজ ; খই। (৪) সমস্ত শস্য। প্র—"ধান্য, দূর্ব্বা, অক্ষত, সিদ্ধার্থ, চন্দন, অগুরু, কস্তুরী, কুঙ্কুম, দধি, মধু, ঘৃত, পুষ্প, গোরোচনা সজ্জিত রৌপ্যময় অর্ঘ্যপাত্র কবি-বরকে অর্পণ করেন।" —সা, প, প।

(৫) ধান্য। যথা—দূর্ব্বাক্ষত (=ধান্য দূর্ব্বা)—কবিক। স্ত্রী, **অক্ষতা**—পুরুষসংসর্গ-হীনা স্ত্রী।

অক্ষতযোনি (অক্‌খতজোনি) [অক্ষত—যোনি যাহার (বহু)] বি, স্ত্রী, যে স্ত্রীলোকের পুরুষ সঙ্গম হয় নাই ; কুমারী।

অক্ষদণ্ড (ওক্‌খোদনড্) বি, পৃথিবীর মধ্যদেশ-ভেদী ও উভয় মেরু স্পর্শকারী কাল্পনিক সরলরেখা যাহা বেষ্টন করিয়া পৃথিবী প্রতিদিন পশ্চিম হইতে পূর্ব্বাভিমুখে একবার আবর্ত্তিত হয়।—মেরুদণ্ড দ্রঃ ; axis ; minor axis.

অক্ষদর্শক (ওকখোদর্শক্) [অক্ষ (ব্যবহার ; ঋণদানাদিসম্বন্ধীয় বিবাদ) দর্শক(দর্শনকারী) —২য়া তৎ]। বি, পুং, ব্যবহারদ্রষ্টা ; বিচারক ; জজ্।

অক্ষদৃক্ (ওক্‌খোদৃক্) [অক্ষ—দৃশ্ (যে দেখে) ক্বিপ্ কর্ত্তৃ] অক্ষদর্শক দ্রঃ।

অক্ষদেবন (অক্‌খোদেবন্) [অক্ষদ্বারা দেবন (ক্রীড়া) ৩য়া তৎ] বি, ক্লী, পাশক্রীড়া ; পাশা খেলা।

অক্ষদেবী (ওক্‌খো—) [অক্ষ (পাশক) দেবিন্ (দিব=ক্রীড়া করা+ইন্—কর্ত্তৃ, ণিন্)। যে অক্ষ-দ্বারা ক্রীড়া করে—৩য়া তৎ] বি, পুং, দ্যূতকারী ; পাশ ক্রীড়ক ; যে পাশা খেলা করে।

অক্ষধর (ওক্‌খোধর্) [অক্ষ(চক্র ; রথাবয়ব বা তাহার কীলকস্বরূপ কণ্টক) ধর (যে ধরে)—উপপদ] বি, পুং, বিষ্ণু। ২। চক্র। ৩। শেওড়া গাছ। বিণ, পাশা কিম্বা চক্রধারক।

অক্ষধুরা (ওক্‌খোধুরা) [অক্ষ (চক্র) —ধুর্ (অগ্র)—৬ষ্ঠী তৎ] বি, স্ত্রী, অক্ষদণ্ড ; চক্রাগ্র ; চাকার ধুরো ; the pole of a carriage or axle tree.

অক্ষধূর্ত্ত (ওক্‌খো—) [অক্ষ (পাশা খেলায়) ধূর্ত্ত (চতুর, দক্ষ) ৭মী তৎ] বিণ, দ্যূতক্রীড়ক ; জুয়াড়ী।

অক্ষপটল (ওক্‌খোপটল্) [অক্ষ (চক্ষু) পটল (আবরণ)] বি, ক্লী, ছানী।

অক্ষপাদ (ওক্‌খোপাদ্) [অক্ষ (জ্ঞান) পাদ (গমন)—যাহার জ্ঞানেতে গমন—বহু। পুরাণে—ব্যাসদেব গৌতমকৃত ন্যায়শাস্ত্রের নিন্দা করিলে, মুনিবর ক্রুদ্ধ হইয়া ব্যাসের মুখ দর্শন করিবেন না বলিয়া প্রতিজ্ঞা করেন। পরে ব্যাসদেব ক্ষমা প্রার্থনা করিলে গৌতম তৎপ্রতি প্রসন্ন হন। কিন্তু প্রতিজ্ঞাভঙ্গ ভয়ে স্বাভাবিক চক্ষুদ্বারা দর্শন না করিয়া স্বীয় চরণোপরি চক্ষু সৃষ্টি করিয়া তদ্দ্বারা ব্যাসের মুখ দর্শন করেন। তদবধি গৌতম-মুনি অক্ষপাদ নামে খ্যাত হন] বি, পুং, ন্যায়শাস্ত্র-প্রণেতা গৌতম মুনি।

২। চক্রাঙ্গ ; চাকার ধুরো।

অক্ষম (অক্‌খম্) [ন=অ+ক্ষম (সমর্থ)] বিণ, ক্ষমতাহীন ; শক্তিহীন ; দুর্ব্বল ; অপটু। প্র—লোকটী রোগে অক্ষম হইয়া পড়িয়াছে।

২। অপারগ ; অসমর্থ।

প্র—"রাজনীতি বিষয়ে বিধিপূর্ব্বক উপদিষ্ট না হইলে, রাজকার্য্য নির্ব্বাহে একান্ত অপটু ও রাজমর্য্যাদা রক্ষণে নিতান্ত অক্ষম হইবেক।" —বিদ্যাসাগর।

৩। অযোগ্য ; অকৃতী।

৪। [অ+ক্ষমা] ক্ষমাহীন। [বিরল]

অক্ষমা (অক্‌খমা) [ন=অ—ক্ষমা (ক্ষান্তি)—নঞ তৎ] বি, স্ত্রী, ক্ষমা-শূন্যতা ; ক্রোধ। ২। অসহিষ্ণুতা। ৩। ঈর্ষ্যা। ৪। শক্তিহীনা। পুং, অক্ষম।

অক্ষমতা (অক্‌খমোতা) [অ—ক্ষম+তা (ভাবে)] বি, স্ত্রী, ক্ষমতাহীনতা ; অসামর্থ্য।

অক্ষমালা (ওক্‌খোমালা) [অক্ষ (রুদ্রাক্ষ) মালা—৬ষ্ঠী তৎ] বি, স্ত্রী, রুদ্রাক্ষমালা।

২। জপমালা।

৩। বশিষ্ঠপত্নী অরুন্ধতী। ৪। আকাশ মণ্ডলের উত্তরদিকে বশিষ্ঠ সমীপস্থা অরুন্ধতীকে বেষ্টন করতঃ মালাকারে অবস্থিত সপ্তর্ষিমণ্ডল।

অক্ষয় (পূ-বঙ্গে, অক্‌খয্ ; কলিকাতা অঞ্চলে, অক্‌খয্, ওক্‌খোয্) [ন=অ (নাই) ক্ষয় (বিনাশ) যাহার (বহু)। যাহার ক্ষয় নাই] বিণ, ক্ষয়রহিত ; অবিনশ্বর ; অমর ; চিরস্থায়ী ; অবিনাশী ; সর্ব্বদা বর্ত্তমান।

প্র—অক্ষয়কীর্ত্তি বা যশ।

২। যাহা নিঃশেষিত হয় না অর্থাৎ ফুরায় না। প্র—অক্ষয় ভাণ্ডার। ৩। নিরবচ্ছিন্ন। প্র—অক্ষয় স্বর্গবাস।

অক্ষয়তৃতীয়া (অক্‌খয্) [যে তৃতীয়া তিথিতে কর্ম্মফলের ক্ষয় হয় না] বি, স্ত্রী, চান্দ্র-বৈশাখের শুক্লতৃতীয়া (এই তিথিতে সত্যযুগের আরম্ভ ও যবের উৎপত্তি)।

অক্ষয়তূণ (অক্‌খয্‌তূন্) [ন=অ—ক্ষয়= অক্ষয়—তূণ (কর্ম্মধা)] বি, যে তূণের বাণ ফুরায় না।

অক্ষয়বট (অক্‌খয্‌বট্) বি, প্রয়াগ, ভুবনেশ্বর, গয়া, চন্দ্রনাথ প্রভৃতি তীর্থস্থানে রোপিত বটবৃক্ষ। উক্ত হইয়াছে ঐ সকল বৃক্ষমূলে জলসেক করিলে এবং ঐ বৃক্ষের পূজা করিলে অক্ষয় পুণ্যলাভ হয়। জগন্নাথ পুরীতেও অক্ষয়

বট প্রদর্শিত হয়। কবিবর মাইকেল মধুসূদন দত্ত বর্ণনা প্রসঙ্গে বৈতরণী নদীর তটে অক্ষয় বটের উল্লেখ করিয়াছেন। যথা,—
"অক্ষয় নামেতে বট বৈতরণী তটে।"
—মেঘনাদ।

অক্ষয়লোক (অক্‌খয়্‌লোক্) [অক্ষয় (নিত্য, অনন্ত) + লোক (দেশ, জন্ম ইত্যাদি)] বি, নিত্যধাম ; স্বর্গ।

অক্ষয়া (অক্‌খয়া) [অক্ষয় + অ—(অস্ত্যর্থে) যাহাতে অক্ষয় পুণ্য বর্ত্তমান আছে] বি, স্ত্রী, বারতিথি ঘটিত যোগবিশেষ। সোমবারে অমাবস্যা, রবিবারে সপ্তমী, মঙ্গলে চতুর্থী ও বৃহস্পতিতে অষ্টমী তিথি হইলে, তাহাকে 'অক্ষয়া' বলে। কারণ এই যোগে অনুষ্ঠিত কর্ম্মের ফল-ক্ষয় নাই।

অক্ষয্য (অক্‌খজ্‌জ) [অক্ষয় + য (ভাবে, ষ্য)] বি, ক্লী, অক্ষয়ত্ব।
২। [অ—ক্ষি (ক্ষয় পাওয়া) + য (কৰ্ম্মে)] ঘৃতমধুযুক্ত জল। ৩। বিণ, ক্ষয়ের অযোগ্য।

অক্ষর (অক্‌খর্) [ন = অ—ক্ষর (ক্ষরিত হওয়া—যাহার ক্ষরণ নাই—বহু] বি, ক্লী, ব্রহ্ম ; পরমেশ্বর ; পরমাত্মা।
২। জীবাত্মা। প্র—"তত্ত্বজ্ঞানবলে যখন জীবাত্মা প্রকৃতিকে ক্ষর ও মহদাদি গুণ বিশিষ্ট এবং আপনারে নির্গুণ প্রকৃতি হইতে সম্যক্‌রূপে পৃথক ও পরমাত্মার সহিত অভিন্ন বলিয়া অবগত হয়েন ; অর্থাৎ যখন প্রাকৃত গুণসকলকে নিন্দা করিয়া পরব্রহ্মের অনুসরণ পূর্ব্বক পরমাত্মাতে মিলিত হয়েন, তখনই তাহাকে অক্ষর বলিয়া নির্দ্দেশ করা যায়।" —কালীপ্রসন্ন সিংহের মহাভারত। ৩। শিব। বিষ্ণু। ৪। আকাশ ; ether. ৫। ধর্ম্ম ; তপস্যা। ৬। মোক্ষ।
৭। [সাংখ্য দর্শনে] বি, স্ত্রী, প্রকৃতি।
৮। (ওক্‌খোর্) শব্দের এক একটী ক্ষুদ্রতম অংশ ; অকারাদি বর্ণ।
৯। সীসা প্রভৃতি নির্ম্মিত অক্ষর, টাইপ, type. [সাহিত্যগুরু অক্ষয়কুমার দত্তের খুল্লতাত সুপ্রীমকোর্টের দেওয়ান হরমোহন দত্তের হস্তাক্ষর দেখিয়া বর্ত্তমান বাঙ্গালার সীসাক্ষর প্রস্তুত হইয়াছিল। — মহেন্দ্রনাথ বিদ্যানিধি-লিখিত অক্ষয় দত্তের জীবনী]
১০। বিণ, ক্ষরণশূন্য ; ক্রিয়াশূন্য ; নিত্য ; স্থির। প্র—"অতএব সকল ক্ষর অর্থাৎ অনিত্য ও বিকারী বস্তু ত্যাগ করিয়া অক্ষর অর্থাৎ নিত্য ও অবিকৃত বস্তুরই ধ্যান করা উচিত।"
—বিষ্ণুসংহিতা (বঙ্গবাসী)।

অক্ষরে অক্ষরে পালন করা—উপদেশ বা আদেশমত কার্য্য করা তাহার কিঞ্চিন্মাত্রও অন্যথা না করা। **ঘুণাক্ষরে**—সামান্য ইঙ্গিতে ; ইশারায়। **ক অক্ষর গোমাংস**—যে বর্ণমালান্তর্গত বর্ণের আদ্যক্ষর 'ক'ও কখন অস্পৃশ্য গোমাংসের ন্যায় মুখে আনে নাই, অর্থাৎ বর্ণমালা স্পর্শও করে নাই ; বিদ্যাহীন ; মূর্খ।

অক্ষরচুঞ্চু (ওক্‌খোরচুন্‌চু) [অক্ষর + চুঞ্চু (খ্যাতার্থে)—যে অক্ষর অর্থাৎ বর্ণবিন্যাস দ্বারা খ্যাত] বিণ, লিপিকর্ম্মে নিপুণ ; যাহার হস্তাক্ষর সুন্দর ; সুলেখক।

অক্ষরজননী (ওক্‌খোর্‌জনোনি) [অক্ষর—জননী। অক্ষরের জননী ; অর্থাৎ যাহা হইতে অক্ষরের উৎপত্তি—৬ষ্ঠী তৎ] বি, স্ত্রী, লেখনী ; কলম। [বিরল]

অক্ষরজীবী (ওক্‌খোর্‌জিবি) [অক্ষর দ্বারা জীবী(যে প্রাণ ধারণ করে)। অক্ষর অর্থাৎ লিপিদ্বারা যে জীবিকা নির্ব্বাহ করে—৩য়া তৎ] বিণ, পুং, লেখক।

অক্ষরজীবক (ওক্‌খোর্‌জীবক) [অক্ষর —জীবক (যে প্রাণ ধারণ করে] বিণ, অক্ষর জীবী দ্রঃ।

অক্ষরজীবিক (ওক্‌খোর্) [অক্ষর—জীবিকা (জীবনোপায়) যাহার—বহু] বিণ, লিপিকর ; মসিজীবী ; যে লিখিয়া জীবিকা উপার্জ্জন করে।

অক্ষরণ (অক্‌খরন্) [ন = অ—ক্ষরণ(স্রাব)] বি, স্রাবরাহিত্য।

অক্ষরতুলিকা (ওক্‌খোর্‌তুলিকা) [অক্ষরের —তুলিকা —৬ষ্ঠী তৎ] বি, স্ত্রী, লিখিবার তুলি (চীনারা এখনো তুলি দ্বারা লিখে ; ভারতবর্ষেও এইরূপ লিখনযন্ত্র প্রচলিত ছিল বলিয়া অনুমিত হয়) ; লেখনী ; কলম।

অক্ষরনিবদ্ধ (ওক্‌খোরনিবদ্‌ধ) [অক্ষর দ্বারা নিবদ্ধ(৩য়া তৎ)] বিণ, অক্ষরে প্রকাশিত ; লিখিত।

অক্ষরন্যাস (ওক্‌খোরন্‌নাশ) [অক্ষরের—ন্যাস (ক্ষেপণ, সন্নিবেশ) করা হয় যাহাতে] বি, পুং, লিপি ; পত্রিকা।
২। [অক্ষরের— ন্যাস—৬ষ্ঠী তৎ] বি, ক্লী, পরিপাটীরূপে অক্ষর-পঙ্‌ক্তি লিখন ; অক্ষর বিন্যাস বা সাজানো।

অক্ষরপরিচয় (ওক্‌খোর্‌পরিচয়্) [অক্ষরের পরিচয়—৬ষ্ঠী তৎ] বি, বর্ণমালাজ্ঞান ; অক্ষর জানা বা চেনা।
২। প্রথম শিক্ষা ; হাতে খড়ি।

অক্ষরবিন্যাস (ওকখোরবিনন্যাস্) [অক্ষরের বিন্যাস। বি (বিশেষ ভাবে) নি—অস্((ক্ষেপণ করা) + অ (ভাবে)—৬তৎ] বি, সুন্দরভাবে অক্ষর সাজাইয়া লিখন ; অক্ষর বা বর্ণসংস্থাপন। প্র—"এ ভুজঙ্গ-নির্ম্মোক নহে, ভূর্জ্জ পত্র গত অক্ষরবিন্যাস"। —বিক্রমোর্ব্বশী।
২। পত্র ; লিপি।
৩। লিখন প্রণালী ; বর্ণ বিন্যাস প্রণালী।
[অক্ষর ন্যাস দ্রঃ]

অক্ষরমালা (ওক্‌খোর্‌মালা) [অক্ষরের মালা—৬ষ্ঠী তৎ] বি, স্ত্রী, বর্ণমালা ; অক্ষর-শ্রেণী।

অক্ষরমুখ (ওকখোর্‌মুখ) [অক্ষর মুখে যাহার ; যাহার মুখে অক্ষর অর্থাৎ অক্ষরাত্মক শাস্ত্র বা অক্ষর সকল বিদ্যমান আছে—বহু] বিণ, অক্ষরজ্ঞ ; শাস্ত্রাভিজ্ঞ। বি, পুং, শিষ্য ; ছাত্র।
২। [অক্ষরের মুখ (আদি ; প্রথম)—৬ষ্ঠী তৎ] বি, ক্লী, প্রথম অক্ষর 'অ'।

অক্ষরসংস্থান (ওক্‌খোর্‌শংস্থান্) [অক্ষরের —সংস্থান(আকৃতি ; স্বরূপ আরোপণ)—৬ষ্ঠী তৎ ; কিম্বা অক্ষরের সংস্থান যাহাতে—বহু। যাহাতে অক্ষরের সংস্থান অর্থাৎ স্থিতি আছে]। বি, ক্লী, লিখন ; লিপি।
২। অক্ষর বিন্যাস ; অক্ষর সাজানো।

অক্ষরুচক (ওক্‌খরুচক্) বি, ক্লী, সৌবর্চ্চল লবণ।

অক্ষরেখা (ওক্‌খোরেখা) বি, নিরক্ষ-রেখা হইতে সমদূরবর্ত্তী উত্তর ও দক্ষিণস্থিত এবং গোলকের পূর্ব্ব পশ্চিমে ব্যাপ্ত মণ্ডলাকার কল্পিত রেখা (এই সকল রেখা দুইস্থানের পরস্পর সংস্থান ও দূরত্ব নির্দ্ধারণের জন্য কল্পিত) ; Parallel of Latitude.

অক্ষবাট (ওক্‌খোবাট্) [অক্ষ(যুদ্ধ) তার—বাট (স্থান)—৬ষ্ঠী তৎ] বি, পুং, মল্লভূমি ; কুস্তির আখড়া।
২। [অক্ষ (পাশক্রীড়া)—বাট (স্থান)—৬ষ্ঠী তৎ] বি, পুং, দ্যূতস্থান ; পাশা খেলার আড্ডা।

অক্ষবৃত্ত (ওক্‌খোবৃত্ত) বি, নিরক্ষবৃত্তের সমান্তরাল এবং নিরক্ষবৃত্ত হইতে ক্রমশঃ দশ দশ অংশ অন্তরে কল্পিত বৃত্তসমূহ ; অক্ষসমান্তরাল ; Parallel of Latitutde.

অক্ষসমান্তরাল (ওক্‌খশমান্তরাল্) বি, অক্ষবৃত্ত দ্রঃ।

অক্ষসূত্র (ওক্‌খোশুৎত্র) [অক্ষ—সূত্র—৬ষ্ঠী তৎ] বি, পুং, জপমালা।
প্র—"একাসনে অনশনে অন্নদার ধ্যানমনে অক্ষসূত্র কমণ্ডলুধারী।" —অ, ম।
২। [অক্ষ (জপমালা) তার সূত্র—৬ষ্ঠী তৎ। বি, ক্লী, যে সূত্রে জপমালা গ্রথিত হয়।

অক্ষাংশ (ওক্‌খাংশ) [অক্ষ—অংশ—৬ষ্ঠী তৎ] ভূগোলবেত্তারা বিষুব রেখার উত্তর-দক্ষিণ অথবা পূর্ব্ব-পশ্চিম ভূভাগ ৩৬০ অংশে বিভাগ করিয়াছেন। ইহার এক এক ভাগ এক এক অক্ষাংশ ; degree.

অক্ষাগ্রকীলক (ওক্‌খাগ্‌গ্রকিলক্) [অক্ষ (চক্র) তার অগ্রকীলক (অগ্রভাগের খিল)—৬ষ্ঠী তৎ] বি, পুং, চাকার খিল।

অক্ষান্তি (অক্‌খান্‌তি) [ন=অ — ক্ষান্তি (ক্ষমা) নঞ্‌ তৎ] বি, স্ত্রী, অক্ষমা ; অসহিষ্ণুতা ; ঈর্ষা।

অক্ষারলবণ (অক্‌খার্‌ লবন্‌) [ন=অ —ক্ষার—লবণ] বি, ক্লী, সৈন্ধবাদি লবণ।
২। হবিষ্য দ্রব্য। [দ্রঃ—পিতামাতাদির মরণাশৌচে ব্যবহার্য্য—গোদুগ্ধ এবং গোঘৃত, ধান্ত (আতপতণ্ডুল), মুগের ডাল, তিল যব এবং সমুদ্রের জল-জাত লবণ]

অক্ষি (ওক্‌খি) [অক্ষ (ব্যাপা) +ই (কর্ত্তৃ)— যে রূপকে ব্যাপে। তুলঃ—গ্রী—Okos, Okkos ; ল্যা—Oculus ; লিথু— Akis] বি, ক্লী, চক্ষু ; আঁখি।

অক্ষিক, অক্ষীক (ওক্‌খিক্‌) বি, পুং, রঞ্জন বৃক্ষ ; আচফলের গাছ।

অক্ষিকাচ (ওক্‌খি কাচ্‌) বি, অচ্ছক ; পরকলা কাচ ; লেন্স ; lens.

অক্ষিকূটক (ওক্‌খিকুটক্‌) [অক্ষির— কূটক(গোলক)—৬ষ্ঠী তৎ] বি, ক্লী, চক্ষুর গোলক ; আঁখির তারা।

অক্ষিগত (ওক্‌খিগত)[অক্ষিকে গত (প্রাপ্ত) ২তৎ] বিণ, নয়নগোচর ; যে বস্তু চক্ষুর বিষয়তা প্রাপ্ত হয় ; দৃষ্টির বিষয়ীভূত।

অক্ষিগোল (ওক্‌খিগোল্‌) বি, চক্ষুগোলক ; চক্ষুর সমস্ত গোল অংশ ; eyeball.

অক্ষিপট (ওক্‌খিপট্‌) বি, অক্ষিগোলকের পশ্চাৎভাগস্থ অতিসূক্ষ্ম ঝিল্লি বা পর্দা, যাহাতে গিয়া অক্ষিস্নায়ু সকল শেষ হইয়াছে এবং যাহার উপর আলোক পাত হইলে দৃষ্টির অনুভূতি জন্মে ; retina.

অক্ষীণ (অক্‌খিন) [ন=অ—ক্ষীণ (দুর্ব্বল)] বিণ, অকৃশ ; অক্ষুণ্ণ ; সবল।

অক্ষীণবৃত্ত (অক্‌খিনবৃত্ত) [অক্ষীণ (দৃঢ়) বৃত্ত=বৃত্তি (নিষ্ঠা) যাহার—বহু] বিণ, বেদবিহিত আচারনিষ্ঠ।

অক্ষুণ্ণ (অক্‌খুন্ন) [ন=অ — ক্ষুণ্ণ] বিণ, ক্ষুণ্ণ নয় ; যে কোনো বিষয়ে ক্ষুণ্ণ বা নিরাশ হয় নাই।
২। অননুশীলিত ; প্র—অক্ষুণ্ণ জ্ঞানার্ণব।
৩। অনবগাঢ় ; অনালোড়িত।
প্র—অক্ষুণ্ণহ্রদ (যে হ্রদে কেহ কখনো অবগাহনাদি করে নাই)।
৪। সুস্থ ; অটুট। প্র—অক্ষুণ্ণ দেহ।
৫। অক্ষুব্ধ। প্র—অক্ষুণ্ণহৃদয়।
৬। অবিকৃত। প্র—"যখন ভাব আমাদিগের অন্তঃকরণে অক্ষুণ্ণ ও দৃঢ়রূপে বদ্ধমূল হইয়া উঠে তখন উহাকে স্থায়ি-ভাব বলা যায়।" —কাব্য নির্ণয়।
৭। যাহা হ্রাস প্রাপ্ত হয় নাই ; অখণ্ড ; পূর্ণ। প্র—অক্ষুণ্ণ প্রতাপ। ৮। পূর্ব্ববৎ ; বজায়। প্র—"কিন্তু সে সকল কারণ অন্তরিত হইলেও সন্ধি অক্ষুণ্ণ থাকিবে, এরূপ কথনই সম্ভাবিত নহে।"—নবাব নন্দিনী (দামোদর)
৯। অস্পৃষ্ট। স্ত্রী, অক্ষুণ্ণা।

অক্ষুধা (অঃখুধা,) [ন=অ(অল্প বা অভাব)— ক্ষুধা—নঞতৎ] বি, ক্ষুধামান্দ্য ; খাইবার অনিচ্ছা বা অল্প ইচ্ছা।

অক্ষুধিত (অক্‌খুধিত) [ন=অ (নাই)—ক্ষুধা +ইত(অস্ত্যর্থে) নাই ক্ষুধা যাহার] বিণ, যাহার ক্ষুধা হয় নাই।

অক্ষুভিত (অক্‌খুভিত) [ন=অ—ক্ষুভ (চঞ্চল হওয়া) +ত(কর্ত্তৃ, ক্ত)—ই আগম] বিণ, অক্ষুব্ধ দ্রঃ।

অক্ষুব্ধ (অক্‌খুবধ) [অ—ক্ষুভ্‌ +ত (কর্ত্তৃ, ক্ত) =ক্ষুব্ধ (ক্ষোভপ্রাপ্ত)] বিণ, ক্ষোভশূন্য ; ক্ষুব্ধ নয় ; অব্যাকুল ; অনাকুল ; অনাকুলিত ; ভয়ের কারণ বা বিপদ ঘটিলে যে ব্যাকুল হয় না। প্র—অক্ষুব্ধ মানস।

অক্ষেত্র (অক্‌খেৎত্র) [ন=অ—ক্ষেত্র (স্থান)] বি, ক্লী, যে ক্ষেত্র শস্যোৎপাদনের উপযুক্ত নহে ; যে ক্ষেত্রে শস্য জন্মে না। মরুভূমি ; উষরভূমি।
২। অপাত্র ; অযোগ্য পাত্র।
৩। অস্থান ; অযোগ্য স্থান।

অক্ষেম (অক্‌খেম্‌) [ন=অ (অভাব) ক্ষেম (মঙ্গল) নঞ্‌ তৎ] বি, ক্লী, অমঙ্গল।

অক্ষোট,—ড় (অক্‌খোট্‌, ড়্‌) [অক্ষ্‌ (সংহতি—জমাট)—ওট, ওড় ; যে ফলের আবরণ ত্বক অষ্টিল। ইহার জন্মস্থান হিমালয়ে —আখরোট ; প্রাকৃত—অক্রোড় ; হিঃ— আখ্‌রোট্‌ তাহা হইতে পস্তু বা ফা-তে গৃহীত আকার অখ্‌রোট্‌] বি, আখরোট নামক কঠিনত্বক্‌ ও আমড়ার মত গোলাকার, পার্ব্বত্য ফলের গাছ ; Juglans regia; Aleurites triloba. ২। আখ্‌রোট ফল ; a wall nut.

অক্ষোভ (অক্‌খোভ্‌) [ন=অ (নাই) ক্ষোভ (কাতরতা, চঞ্চলতা) যাহার—বহু] বিণ, যাহার ক্ষোভ নাই ; ক্ষোভরহিত ; অকাতর।
২। বি, ভগ্নোৎসাহহীনতা।
প্র—"বিফল মনোরথ হেতু আক্ষেপ, চঞ্চলতা বা কাতরতাশূন্য তরুণগণ সুখসৌভাগ্যের অদ্বিতীয় হেতু সাহস ও অক্ষোভগুণে একান্ত বঞ্চিত থাকেন।" —রচনাবলী।
৩। অনায়াস ; অক্লেশ।
প্র—"অম্লানবদনে ও অক্ষোভে অপব্যয়িত করেন।"—রচনাবলী
৪। হস্তিবন্ধন স্তম্ভ ; আলান।
৫। ক্রি, বিণ, ক্ষোভব্যতিরেকে।

অক্ষোভণীয় (অক্‌খোভনীয়) [ন=ক্ষুভ+অনীয় (কর্ম্মে)] বিণ, অক্ষোভ্য দ্রঃ।

অক্ষোভী (অক্‌খোভি) [ন=অ—ক্ষোভ +ইন্‌ (অস্ত্যর্থে)] বিণ, অক্ষুব্ধ দ্রঃ।

অক্ষোভ্য (অক্‌খোভ্‌ভ) [ন=অ—ক্ষুভ্‌ (চঞ্চল হওয়া ; কাতর হওয়া) +য (কর্ম্মে)] বিণ, অবিচলনীয় ; যাহা সহজে বিচলিত হয় না। প্র—"অক্ষোভ্য সাগরের ন্যায় অবিচলিত।" —মহাভারত (সিংহ)

অক্ষৌহিণী (অক্‌খৌহিনি) [অক্ষ (গজাদি) উহিনী (সংখ্যাকারিণী ; নির্ণয়কারিণী।—উহ (বিতর্ক করা) +ইন্‌ (কর্ত্তৃ) —স্ত্রী, ঈপ। অশ্বগজাদির সংখ্যাকারিণী— ৬ তৎ] বি, স্ত্রী, চতুরঙ্গিণী সেনার সংখ্যাভেদ ; যে সেনাদলে ১০৯৩৫০ পদাতি, ৬৫৬১০ অশ্ব, ২১৮৭০ হস্তী ও ২১৮৭০ রথ—মোট, ২,১৮,৭০০ সৈন্য থাকে। এক হস্তী, এক রথ, তিন অশ্ব, ও পঞ্চ পদাতিতে এক পত্তি হয়। ৩ পত্তিতে এক সেনামুখ, তিন সেনামুখে এক গুল্ম, তিন গুল্মে এক গণ, তিন গণে এক বাহিনী, তিন বাহিনীতে এক পৃতনা, তিন পৃতনায় এক চমূ, তিন চমূতে এক অনীকিনী, দশ অনীকিনীতে এক অক্ষৌহিণী। [স্বতন্ত্র স্বতন্ত্র সেনাদলের অধ্যক্ষ স্বতন্ত্র স্বতন্ত্র নামে অভিহিত। যথা,—পত্তিপতি, সেনামুখনেতা, গুল্মনায়ক, গণনায়ক, বাহিনীপতি, পৃতনাপতি, চমূপতি, অনীকিনীপতি, অক্ষৌহিণীপতি, এবং সকলের উপর সেনাপতি (Commander-in-chief)]

অখণ্ড [ন=অ—খণ্ড (অংশ ; ভাগ)। যাহার অংশ নাই—বহু] খণ্ডহীন ; যাহা খণ্ড করা নয় ; পূর্ণ ; সমগ্র ; গোটা ; আস্ত ; অভগ্ন ; অভঙ্গ।
২। অক্ষত ; নিখুঁত।
৩। অবিভক্ত ; পূর্ব্ববৎস্থায়ী ; যাহার হ্রাস হয় নাই ; যাহা খর্ব্ব করা হয় নাই ; অক্ষুণ্ণ। প্র—অখণ্ড প্রতাপ।

অখণ্ডদণ্ড [ন=অ—খণ্ড (বিভক্ত) দণ্ড (শাসন)—অখণ্ড দণ্ড যাহার (বহু)] বি, একাধিপত্য। ২। বিণ, যাহার অখণ্ড প্রতাপ।

অখণ্ডদ্বাদশী (অখণ্ডদাদোশি) বি, চান্দ্র অগ্রহায়ণের শুক্লা দ্বাদশী (যাহাতে কর্ম্মফলের খণ্ডন হয় না)।

অখণ্ডন (অখনডন্‌) [ন=অ—খণ্ডন (খণ্ড) যাহার (বহু)] বি, পুং, (নিরাকার ও অনাদি অনন্ত বলিয়া) পরমাত্মা।
২। বিণ, অখণ্ড।

অখণ্ডনীয় (অখনডোনিও) [ন=অ— খণ্ডনীয়—নঞ তৎ] বিণ, পুং যাহা খণ্ডন করিতে পারা যায় না ; অপরিবর্ত্তনীয় ; অনুল্লঙ্ঘ্য ; অকাট্য। প্র—অখণ্ডনীয় প্রমাণ।
বি, অখণ্ডনীয়তা। স্ত্রী, অখণ্ডনীয়া।

অখণ্ডিত (অখোনডিত) [ন=অ—খণ্ডিত,

নঞ তৎ] বিণ, পুং, যাহা খণ্ডিত নয় ; অবিভক্ত ; জোড়া ; লিপ্ত। প্র— সশফ পশুদিগের মধ্যে অশ্বজাতীয় পশুর খুর অখণ্ডিত। ২। যাহা খণ্ডন হয় নাই। প্র—অখণ্ডিত সত্য। স্ত্রী, **অখণ্ডিতা**।

অখণ্ডিতপত্র (অখোন্‌ডিতো পৎত্রো) বি, ক্লী, যে পত্রের পার্শ্বদেশ বিভক্ত নহে ; আম, কাঁটাল ইত্যাদির পত্র।

অখণ্ডিতবাহু (অখোন্‌ডিতো বাহু) [অখণ্ডিত বাহু যাহার (বহু)] বিণ, যে ক্ষেত্রের বাহু বিভক্ত হয় নাই। ২। যে ছিন্ন হস্ত নহে।

অখণ্ড্য (অখোন্‌ড) বিণ, অখণ্ডনীয় ; যাহা খণ্ডন করা যায় না। প্র— অখণ্ড্য প্রমাণ।

অখদ্যে (অখোদ্‌দে) [অখাদ্য শব্দজ] বিণ, খাদ্যের অযোগ্য ; কার্য্যের অযোগ্য ; অকর্মণ্য ; অকার্য্যকারী। **অখদ্যে অবদ্যে** (অখোদ্‌দে অবোদ্‌দে) [অখদ্যে (অখাদ্য) + অবদ্যে (অবাদ্য =অকথ্য)] যাহা এত অপকৃষ্ট যে স্পর্শযোগ্য নহে এবং কহতব্যও নহে ;যাহা মুখে দিবার নয় মুখে আনিবারও নয় ; যাহা কোনই কাজে লাগে না।প্র—এমন অখদ্যে অবদ্যে জিনিষও কিনিতে আছে।

অখনন (নন) [ন=অ—খনন (খনিত)] বিণ, অখণ্ডিত ; যাহা খোঁড়া নহে। ২। (নন্) বি, খননাভাব। বিণ, অখনিত।

অখরোট (অখ্‌রোট্) বি,অক্ষোট দ্রঃ।

অখর্ব্ব [ন=অ—খর্ব্ব (নঞ তৎ)] বিণ, অক্ষুদ্র ; বামন নহে। ২। লম্বা ; দীর্ঘ।

অখল (ল্) [ন=অ—খল—নঞ-তৎ)] বিণ, পুং, খলতাশূন্য ; সরল। প্র—
"না ঠেলহ ছলে অবলা অখলে
যে হয় উচিত তোর।" —চণ্ডী।

স্ত্রী, **অখলা**—সরলা। প্র—
"হাম সে অবলা, হৃদয় অখলা
ভাল মন্দ নাহি জানি।"
—চণ্ডী।

অখাত (ত্) [ন=অ—খন্ (খোঁড়া) +ত (কর্মে)। যাহা খনিত নহে] বি, পুং, দেবখাত ; স্বাভাবিক খাত। ২। বিণ, অখনিত।

৩। [ভূগোলে] উপসাগর ; সমুদ্রাংশ।

অখাদ্য (অখাদ্দ) [ন=অ (অপ্রশস্ত)—খাদ্য (ভোজনীয়) নঞ-তৎ] বিণ, খাদ্য স্বরূপ গ্রহণ করিবার অযোগ্য ; যাহা খাইবার মত নহে এরূপ ; অভক্ষ্য প্র—"অঘোর পন্থীদিগের অখাদ্য কিছুই নাই।"—উ, স, অক্ষয় দত্ত। ২। নিষিদ্ধভোজ্য ; ধর্ম্মবিরুদ্ধ খাদ্য। প্র— গো, গবয়, শরভ, হিন্দুর অখাদ্য, কিন্তু বস্ত-শূকর এবং গণ্ডার খাদ্য কি অখাদ্য এ বিষয়ে পণ্ডিতগণের মতভেদ আছে।

অখিন্ন (অখিন্দ) [ন=অ—খিদ্ (দীন-ভাব—দৈন্য)+য (কর্মে)] বিণ, অক্লান্ত। অশোচ্য ; খেদরহিত।

অখিদ্যমান (অখিদ্দমান্) [ন=অ—খিদ্ (শোক করা) + আন (শান)—য আগম] বিণ, অম্লান ; অননুশোচ্য।

অখিন্ন (অখিন্‌ন) [ন=অ—খিদ্ (খেদ-করা)+ত (কর্মে) ; দ—ত=ন্ন)] বিণ, খেদশূন্য ; দুঃখবিহীন। ২। অশ্রান্ত।

অখিল (ওখিল্) [ন=অ (নাই) খিল (শূন্য) যাহাতে (বহু)] বিণ, সকল ; সমস্ত। প্র—"অখিল জীবের গতি দেব নারায়ণ।" —মহা, বন—কাশী।
"অখিল ব্রহ্মাণ্ডপতি, প্রণমি চরণে তব,
প্রেম ভক্তিভরে শরণ লাগি।"—ব্রহ্মসঙ্গীত।

২। ক্রি, বিণ, সর্ব্বত্র। প্র—
"অখিল বিখ্যাত কীর্ত্তি, মহারাজ চক্রবর্ত্তী
কীর্ত্তিচন্দ্র নরেন্দ্র প্রধান।" —ধ, ম,

৩। বি, বিশ্ব ; জগৎ। প্র—
"মৃদু বহিল সমীর গাহিল অধীর
কোকিল, অখিল মোহিয়া
—বি, মজুমদার।

৪। পৃথিবী। [ঘনরাম, ধ, ম]

৫। আকাঙ্ক্ষা। প্র—
অর্থের কাঙ্গাল নই অচলের ঝি।
অকিঞ্চন অনেক অখিল ভরে দি॥"
—শিবায়ন।

"বখিল না হয় তায়, অখিল ভরিয়া যায়।"
—ঈ, গুপ্ত।

অখিল-খণ্ড—ভূখণ্ড। প্র—
"ঈশান অখিল-খণ্ডে যদি যাও ভাই।
তিন মাসে তরণি-সরণি সুখে যাই॥"
—ঘনরাম।

অখেদ (দ্) [ন=অ (নাই) খেদ (দৈন্য) যাহার—(বহু)] বিণ, অনুতাপিত নহে ; দুঃখিত নহে।

২। বি, দুঃখের অভাব ; খেদরাহিত্য। প্র—ও বিষয়ে তাহার খেদ বা অখেদ কিছুই বুঝা যায় না।

অখ্যাত (অক্‌খ্যাত) [ন=অ—খ্যা (কথন)+ত (কর্মে ক্ত) যে লোকের কথন যোগ্য নহে] বিণ, অপ্রসিদ্ধ ; অপ্রতিষ্ঠিত ; নিন্দিত। বি, অখ্যাতি।

অখ্যাত (অক্‌খ্যাৎ, চ—অক্‌খেৎ) [অখ্যাতি শব্দের প্রাদেশিক ব্যবহার] বি, অখ্যাতি ; নিন্দা ; গ্লানি।

অখ্যাতি (অক্‌খ্যাতি) [ন=অ (কুৎসিত) খ্যাতি (খ্যা+ক্তি ভাবে)—যশঃ] বি, স্ত্রী, অযশঃ ; নিন্দা ; অপবাদ।

অখ্যাতিকর (র্) [অখ্যাতি (অযশঃ) কর (যে করে)] বিণ, পুং, অযশস্কর ; দুর্নামজনক।

অখ্যাতিকারক (অক্‌খ্যাতিকারোক্) বি, পুং, নিন্দাকারক ; যে অযশ ঘোষণা করে ; যাহাতে অযশ ঘটায়।

অখ্যাতিবোধ (অখ্যাতিবোধ্) বি, অমর্যাদা-বোধ ; নিন্দাজ্ঞান ; অগৌরবের বোধ।

অগ [ন=অ (গমন করা)+অ (কর্তৃ, ড) —যে গমন করে না] বি, পুং, নগ ; অচল ; পর্ব্বত।

২। [আর্য্যভট্টাদির বিশ্বাসমতে সূর্য্য গতি-হীন অর্থাৎ অচল বলিয়া অথবা জ্যোতিঃশাস্ত্র-মতে সূর্য্য বক্রগতিদ্বারা গমন করে না বলিয়া, অগ] বি, সূর্য্য ৩। বৃক্ষ। ৪। সর্প।

অগই (অগৈ) [প্রাদেশিক] এক জাতীয় ফলের গাছ ; Dilleuiā scabrella

অগঙ্গ [ন=অ (নাই) গঙ্গা যেখানে—বহু] বিণ, গঙ্গাহীন দেশ। প্র—অগঙ্গ প্রদেশ।
২। যে প্রদেশ হইতে গঙ্গা ৪ ক্রোশাধিক দূরে অবস্থিত।

অগচ্ছিত (অগোচ্‌ছিতো) [ন=অ—গচ্ছিত (ন্যস্ত)] বিণ, যাহা গচ্ছিত নহে ; যাহা ন্যস্ত নহে ; যাহা জিম্মা দেওয়া হয় নাই।

অগজ [অগ (পর্ব্বত ; বৃক্ষ ইত্যাদি)+জন (জন্মান)+অ (কর্তৃ)] বিণ, পর্ব্বতজাত।
২। [ন=অ (অভাব)—গজ] গজের অভাব ; গজশূন্য।

অগড়বগড় অগড়মবগড়ম (ড়্, ড়্ ; ম্, ম্) [হিঃ—অগড়ম্‌বগড়ম—অর্থহীন বাক্য। শব্দাত্মক ; প্রাদে,গ্রা—আগ্‌ড়োম্‌বাগ্‌ড়োম্] বি, অর্থহীন বাক্য ; যা তা বকুনি ; অসম্বদ্ধ প্রলাপ ; ভালমন্দ মিশ্রিত বাক্য ; বাতুলের প্রলাপ।
[দ্রঃ—যে এইরূপ আগড়মবগড়ম বকে, হিন্দিতে তাহাকে বৌড়ম্ (বাতুল) বলে]

অগণ্‌তি (অগোনতি) [সং—অগণিত। গ্রা—অগুনতি। ন=অ—গণতি (গণনা)—যাহার বহু] বিণ, যাহা গণা যায় না ; অগণিত ; অসংখ্য ; অত্যধিক।

অগণন (নন ছন্দানুরোধে 'নন'ও হয়) [ন=অ—গণন (সংখ্যাকরা) অন (ভাবে)] বিণ, যাহার গণনা হয় না ; গণিয়া শেষ করা যায় না ; অগণ্য ; অসংখ্য ; অসংখ্যে। প্র—
"হাতে লয়ে দীপ অগণন
চরাচর কার সিংহাসন
নীরবে করিছে প্রদক্ষিণ ?" —রবি।
"গায় নরনারী অগণন, কেহ নহে নীরব।"
—ব্রহ্মসঙ্গীত।

অগণনীয় (অগনোনিও) [ন=অ—গণন (সংখ্যা করা)+অনীয় (কর্মে)] অসংখ্য। ২। অগ্রাহ্য ; যে ব্যক্তি গণনীয় নহে। ৩। তুচ্ছ ; সামান্য।

অগণিত (অগোণিতো) [ন=অ—গণন

(সংখ্যাকরা) ত (কর্ম্মে)] বিণ, অগণ্য ; অসংখ্য। প্র—"প্রতিশৃঙ্গপক্ষ,
মৃগ লক্ষ লক্ষ
পশুগণ অগণিত।" —মহা (কাশীদাস)।
২। অসংখ্যাত ; যাহা গণিতে পারা যায় নাই ; যাহার সংখ্যা করা হয় নাই।
প্র—আর সমস্ত গণা হইয়াছে, কেবল এইগুলি এখনও অগণিত আছে।

অগণ্য (অগোনন) [ন=অ—গণন (সংখ্যা করা)+য (কর্ম্মে)] বিণ, যে গণনার যোগ্য নহে ; অগণ্য ; অমান্য ; অসম্মানিত। ২। অকিঞ্চিৎকর ; সামান্য ; তুচ্ছ ; নগণ্য।
৩। গণনার অতিরিক্ত ; অসংখ্য।
প্র—"অগণ্য বিশ্ব তব পদতলে,
ভ্রাম্যমান দিবস রজনী।" —ব্রহ্মসঙ্গীত।

অগত [ন=অ—গত যে গত নয়] বিণ, বিদ্যমান ; বর্ত্তমান ; উপস্থিত। ২। অপ্রাপ্ত।

অগতি (অগোতি) [ন=অ (নাই)+গতি (গমন) যাহার (বহু)] বিণ, গতিহীন ; স্থির ; অচল।
২। [গতি—অবলম্বন ; উপায়] বি, যাহার অবলম্বন নাই ; যাহার উদ্ধারের উপায় নাই ; নিরুপায়। প্র—অগতির গতি তুমি রহিলে কোথায়।" —কালীপ্রসন্ন ঘোষ।
৩। অন্ত্যেষ্টি ক্রিয়া সুসম্পন্ন হওয়ার অভাব।

অগতিক (অগোতিক্) [ন=অ (নাই)—গতিক (গত) গমন)+ইক অন্যর্থে) যাহার গত্যন্তর নাই—বহু] বিণ, নিরুপায় ; অনাশ্রিত ; অনাথ।
২। অসুবিধা ; গোলমাল ; বেগতিক।

অগত্যা (অগোৎত্যে) [অ—গত্যা) গতি-শব্দ—৩য়া ১ বচনে—গতিদ্বারা)] ক্রি-বিণ, অ, গতির অভাব হেতু ; গত্যন্তর বা অন্য গতি নাই বলিয়া ; উপায় অভাবে ; অনুপায়ে ; কাজেকাজে ; বাধ্য হইয়া। প্র—
"অগত্যা রামহরি তাহাতেই স্বীকৃত হইয়াছে। —যোগেশ্বরী (দামোদর)।
[দ্রঃ—এই সংস্কৃত তৃতীয়া বিভক্ত্যন্ত শব্দটী বাঙ্গালায় অব্যয়রূপে যথাবৎ চলিয়া গিয়াছে]

অগদ [ন=অ (নাই) গদ (রোগ)—যাহা হইতে রোগ নাই—বহু] বি, পুং, ঔষধ।
২। [যাহার রোগ নাই—বহু] বিণ, সুস্থ ; নির্ব্যাধি। ৩। [অ—গদা] গদাহীন।

অগদঙ্কার (র্) [অগদং—কার (যে করে) যে রোগীকে অরোগীকরে—উপপদ। অথবা অগদ (ঔষধ)কৃ+অ (কর্তৃ)] বি, পুং, বৈদ্য ; চিকিৎসক।

অগদ্য (অগোদ্দ) [ন=অ—গদ্য] বি, ক্লী, সদোষ গদ্য ; গদ্যই নহে। ২। কবিতা।

অগন্তব্য (অগোন্‌তোব্‌বো) [ন=অ—গন্তব্য (গমনের যোগ্য স্থান)] বিণ, গমন করিবার অযোগ্য ; অগম্য ; যথায় গমন করা অনুচিত।

অগভীর (অগোভীর্) বিণ, পুং, গভীর নহে ; গহেরা নয় ; চটান।
২। অল্পগভীর ; বেশী নীচা বা নাবাল নহে। ৩। অল্প ভাসা ভাসা ; অপ্রগাঢ় ; (জ্ঞান বুদ্ধি পক্ষে)। ৪। অগভীর (স্বভাব প্রকৃতি পক্ষে) স্ত্রী, অগভীরা।

অগম (ম্) [ন=অ—গম (যে গমন করে)] বিণ, গতিহীন।
২। [প্রাদেশিক] অথই ; অতলস্পর্শ।
প্র—মাছটা অগম জলে প্রবেশ করেছে।
৩। বি, পর্ব্বত। ৪। বৃক্ষ। [অগ দ্রঃ]

অগমতা (অগমোতা) বি, গতিহীনতা; অপ্রবেশ।
২। [অগম+তা (ভাবে)—মান্যব্যক্তিকে স্থাবর জ্ঞানে তুচ্ছ করা] অমর্য্যাদা ; অসম্ভ্রম ; তুচ্ছতাচ্ছিল্য ; অপমান।

অগমন (ন) বি, গমনাভাব ; স্থিরতা। বিণ, স্থির।

অগমনীয় (অগমোনিও) বি, গমনের অযোগ্য। অগম্য। ২। দুর্গম।

অগম্য (অগোম্‌ম) [ন=অ—গম্ (গমন করা)+য (কর্ম্মে)] বিণ, গমনের অযোগ্য ; যে খানে যাওয়া উচিত নহে।
২। দুর্গম ; যেখানে যাওয়া যায় না ; যেখানে যাওয়া দুর্ঘট। প্র—এমন অগম্য স্থানই নাই যথায় যাইতে তাহার সাহসে কুলায় না।
৩। যাহা সহজে বুঝা যায় না ; যাহা বুঝা কঠিন বা দুরূহ ; দুর্ব্বোধ ; যাহা জ্ঞানগম্য নহে। প্র—
"অগম্য অপার তুমি হে।
কে জানে কে জানে তোমায়।"
—ব্রহ্মসঙ্গীত।

অগম্যা (অগোম্‌ম্যা) বিণ, স্ত্রী, যে স্ত্রীকে সম্ভোগ করা বিহিত নহে ; যে স্ত্রীর সহিত সংসর্গ নীতি ও ধর্ম্ম বিরুদ্ধ।
[দ্রঃ—বিবাহিতা স্ত্রী ভিন্ন স্ত্রী মাত্রই অগম্যা। স্মৃতিশাস্ত্রে, গুরুজনদিগের পত্নী, রাজা, শ্রোত্রিয়, ঋত্বিক্ উপাধ্যায় এবং বন্ধুপত্নী, ভগিনী ও ভগিনীসমা কন্যা, ও কন্যাসমা, সগোত্রা, উত্তমবর্ণা, কুমারী, অন্ত্যজা, রজস্বলা, শরণাগতা, প্রব্রজ্যাবলম্বিনী এবং দাসীকৃতা অগম্যা বলিয়া উক্ত হইয়াছে। এই সকল স্ত্রী-বিশেষে গমন হেতু অতিপাতক, মহাপাতক ও অনুপাতক হয়]

অগম্যাগমন—অগম্যা স্ত্রীকে সম্ভোগ করা।

অগরী—বি, স্ত্রী, বৃক্ষবিশেষ ; দেবতাড় বৃক্ষ।

অগরু (অগোরু) বি, পুং, ক্লী, চন্দনবিশেষ ; সুগন্ধি কাষ্ঠবিশেষ ; অগুরু।

অগর্হিত (গো) [ন=অ—গর্হ (কুৎসা)+ত]। বিণ, অনিন্দিত ; নির্দ্দোষ ; অদূষিত।

অগল (ল্) [আগল দ্রঃ। প্রা, বাং] বিণ, অগ্রসর। ২। দক্ষ।—পদ্মাপুরাণ (বিজয়)। [অগ্র]

অগস্ত্য, অগস্তি (অগস্‌ত, অগোস্‌তি) [অগ (পর্ব্বত)—স্তৈ(স্তম্ভিত করা)+অ(কর্ত্তৃ-ড) যিনি সূর্য্যাদির গতি রোধকারী বিন্ধ্য পর্ব্বতকে স্তম্ভিত করিয়াছিলেন।—২য়া তৎ] বি, পুং, স্বনামখ্যাত মুনি। উর্ব্বশীর উদ্দেশে মিত্রাবরুণ-নিষিক্ত তেজ হইতে কুম্ভমধ্যে সম্ভূত মহর্ষি। [রামায়ণ] ইনি খর্ব্বাকৃতি ছিলেন ইঁহার পত্নীর নাম লোপামুদ্রা। বেদ, রামায়ণ ও পুরাণাদিতে উল্লেখ দৃষ্ট হয়। বিন্ধ্যপর্ব্বত বর্দ্ধিত হইয়া সূর্য্যের গতিরোধ করিবার উপক্রম করিলে, অগস্ত্যমুনি বিন্ধ্যের নিকটে উপস্থিত হন ; বিন্ধ্য স্বীয় গুরুকে নত হইয়া প্রণাম করিলে, মুনি তাহাকে বলেন, 'যাবৎ আমি প্রত্যাবৃত্ত না হই তাবৎ তুমি এই অবস্থায় থাক'। এই বলিয়া তিনি দক্ষিণাপথে প্রস্থান করেন, আর ফিরেন নাই। কেহ কেহ এই আখ্যায়িকাটিকে আর্য্যকর্ত্তৃক বিন্ধ্য অতিক্রম করিয়া দক্ষিণাপথে উপনিবেশ সংস্থাপনের রূপক মনে করেন। দক্ষিণাপথের লোকেও তাঁহাকে দ্রাবিড়জাতির প্রথম জ্ঞানোপদেষ্টা বলিয়া বিশ্বাস করে। ডাক্তার কল্‌ডোয়েল অগস্ত্যমুনির প্রাদুর্ভাবকাল খৃষ্ট জন্মের ৬।৭ শত বৎসর পূর্ব্বে অনুমানকরেন। খৃঃ ৬ষ্ঠ শতাব্দীতে এই নামে জনৈক তামিল গ্রন্থকার বিদ্যমান ছিলেন। —ভারতকোষ।
২। অগস্ত্য নক্ষত্র (যাহার উদয়ে শরৎ ঋতু সূচিত হয়) the Canopus.

অগস্ত্যোদয় (অগস্‌তোদয়) [অগস্ত্য—উদয়—৬ষ্ঠী তৎ] বি, পুং, ভাদ্রমাসের সপ্তদশ বা অষ্টাদশ দিনে [অগস্ত্য (মুনির) নক্ষত্রের (রূপে) উদয় অগস্ত্য তারকার উদয় শরৎ ঋতুর আগমন সূচিত করে এই সময় হইতে আকাশ ও জল পরিষ্কার হইয়া আসে।
প্র—"তেজস্বী কুম্ভসম্ভূত অগস্ত্যতারকার উদয় হেতু সলিল নির্ম্মল ও প্রশান্ত হইল।"—রঘু ৪।২১। (হরলাল গুপ্ত কবিরত্নের অনুবাদ)] প্র—
"জয়লাভে দেবের প্রসন্ন হউক মন।
অগস্ত্য-উদয়ে জল বিমল যেমন।"
—নিবাতকবচ বধ

অগস্ত্যযাত্রা (অগস্‌তোজাৎত্রা) [অগস্ত্য—যাত্রা—৬ষ্ঠী তৎ] বি, স্ত্রী, ভাদ্রমাসের প্রথম দিন (এই দিনে অগস্ত্যমুনি বিন্ধ্যগিরি লঙ্ঘন করত দক্ষিণাভিমুখে যা

করিবার পর আর প্রত্যাগত হ'ন নাই বলিয়া এই দিন যাত্রাপক্ষে নিষিদ্ধ হইয়াছে)। ক্রমে মাসের প্রথমদিন মাত্রই অগস্ত্যযাত্রা বলিয়া বিবেচিত হয় এবং কেহ অগস্ত্যযাত্রা করিয়াছে বলিলে বুঝিতে হইবে যাত্রাকারী আর ফিরিবে না।

অগস্ত্যসংহিতা (অগস্তশংহিতা) [অগস্ত্য—সংহিতা (ধর্ম্মশাস্ত্র)=অগস্ত্য-সংগৃহীত সংহিতা—ম. প. লো কর্ম্মধা] বি. স্ত্রী. অগস্ত্যমুনিকর্ত্তৃক সংগৃহীত বা প্রণীত ধর্ম্মশাস্ত্র।

অগা, অঘা [সং—অজ্ঞ, অজ্ঞান] বিণ. বোকা; নির্ব্বোধ। গ্রাম্যব্যবহারে—**অগা-কান্ত, অগারাম**—বি. বোকারাম নির্ব্বোধ। ২। শ্লেষ বা প্রচ্ছন্ন স্নেহযুক্ত তিরস্কার। **অগামারা**—নির্ব্বোধ; অকর্ম্মণ্য (তুচ্ছার্থক তিরস্কার)।

অগাত্মজা (অগাৎর্তজা) [অগ (পর্ব্বত)—আত্মজা (কন্যা)—৬ষ্ঠী তৎ] বি. স্ত্রী. হিমালয়ের কন্যা, উমা বা পার্ব্বতী।

অগাধ (ধ্) [ন=অ—নাই—গাধ (গাধ্, প্রতিষ্ঠিত হওয়া+অ(ভাবে, অল্)=প্রকৃষ্টস্থিতি। যাহার প্রকৃষ্টস্থিতি নাই—বহু] বিণ. অতলস্পর্শ; যাহার তল স্পর্শ করিতে পারা যায় না।

২। অতিশয় গভীর এবং বিশাল।

প্র—"যে দেখি তরঙ্গ অগাধ বারি, ভয়ে কাঁপে অঙ্গ ডুবে বা মরি।"—রাম প্রসাদ।

৩। প্রগাঢ়। প্র—অগাধ বিদ্যা। ৪। গভীরতায় অপরিমেয়; অপরিসীম।

প্র—"সমুদ্রের তল আছে পার আছে তার।
অপার অগাধ মাতৃস্নেহ-পারাবার॥"
—পদ্যপাঠ, ৩য় ভাগ।

৫। [ব্যাপ্তি অর্থে] বিস্তারে অসীম; অনন্ত।

প্র—"(কত) উঠেছিল চাঁদ নিশীথ অগাধ আকাশে, বনে দুলেছিল ফুল গন্ধ ব্যাকুল বাতাসে,"
—রবীন্দ্র।

অগার (র্) [অগ (স্তম্ভভূতবৃক্ষ, খুঁটি)—আর (যে গ্রহণ—ধারণ করে)—উপপদ] বি. ক্লী. আগার; গৃহ; আলয়।

প্র—"দোহাই রাজার, লুঠিলি অগার, ধরিয়া খাইলি জাতি।"
—অন্নদামঙ্গল।

অগুণ (ন্) [ন-অ—গুণ (নঞ তৎ)] বি. অহিত; অনুপকার; দোষ।

২। [অ—নাই (গুণ যাহার) বহু] বিণ. যাহার গুণ নাই; নির্গুণ; অকেজো।

অগুণকারক (অগুন্কারোক্) [অগুন-কারক (যে করে)] বিণ. অনুপকারক; অহিতকারক; যাহাতে অগুণ করে।

অগুরু [ন-অ—গুরু (ভারি)—যাহা হইতে গুরু নাই—বহু] বি. স্ত্রী. শিংশপাবৃক্ষ; অগুরু শিংশপা।

২। পুং. ক্লী. হরিদ্রা বর্ণ সুগন্ধকাষ্ঠ বিশেষ। অগুরু; অগুরুচন্দন; কৃষ্ণ চন্দন।

প্র—"অগুরুচন্দনকাষ্ঠ কুঙ্কুম কস্তুরী"—মহা—(সিংহ)। "রূপের সাগর, গুণের নাগর, অগুরুচন্দন গায়"। —ভারতচন্দ্র।

[দ্রঃ—অগুরু শিংশপা, হরিদ্রাবর্ণ অগুরু এবং কৃষ্ণাগুরুর মধ্যে হরিদ্রাবর্ণ অগুরুই অগুরু চন্দন নামে খ্যাত। ইহা সুগন্ধযুক্ত বলিয়া অঙ্গরাগ স্বরূপ ব্যবহৃত হইয়া থাকে]।

২। বিণ. উপদেশক হীন।

৩। লঘু। ৪। গৌরব রহিত।

অগুহ্য (অগুজ্ ঝ) [ন-অ—গুহ্য (গোপনীয়)] বিণ. অগোপন; লুকানো নয়; প্রকাশ্য।

অগূঢ় [ন-অ—গুহ+ত=গূঢ় (নঞতৎ)] বিণ. অগুপ্ত; প্রকাশিত। **অগূঢ়-ভাব**—বি. পু; সরল; অকপট।

অগেয়ান (ন্) বিণ. অজ্ঞান দ্রঃ।

অগো (ওগো) [সং—অঙ্গ (সম্বোধনে—অ, কোষ) তুল—ব্রজ. "গে"। প্র—"সজনি গে—বি. প.] অ. সম্বোধন; হে; ওগো (দ্রঃ)।

প্র—"স্বামীসেবা সম ধর্ম্ম
সংসারে কি আছে কর্ম্ম,
শুন শুন অগো কুলবালা" —ধর্ম্মমঙ্গল।

অগোচর (র্) [ন্=অ—গোচর (ইন্দ্রিয় বিষয়)—নঞতৎ] বিণ. যাহা বুদ্ধি বা ইন্দ্রিয় বিষয়ীভূত নহে; পরোক্ষ, অপ্রত্যক্ষ; অজ্ঞেয়, অবিজ্ঞেয়; ইন্দ্রিয়ের অতীত।

প্র—"যিনি চক্ষের চক্ষু হইয়াও চক্ষের অগোচর, বাক্যের বাক্য হইয়াও বাক্যের অগোচর, মনের মন হইয়াও মনের অগোচর, তাঁহার বিষয় উপদেশ এইমাত্র, যে তিনি বিদিত কি অবিদিত তাবৎ বস্তু হইতে ভিন্ন।"—উপনিষৎ (ব্রাহ্মধর্ম্ম)। ক্রি. বিণ. **অগোচরে**—অজ্ঞাতে।

অগোপন (ন্) [ন-অ-গুপ্+অনট্ (ভাবে)—নঞতৎ] বি. গোপনাভাব।

২। বিণ. অগুপ্ত; প্রকাশ। বিণ. **অগোপনীয়** (নিও) গোপন করিবার অযোগ্য; প্রকাশ্য।

অগোর, অগৌর (র্, র্) [অগুরু শব্দজ] বি. সুগন্ধি কাষ্ঠ বিশেষ। প্র—

"সুবাসিত গন্ধ আদি অগোর চন্দন"—কবিক।
"আছে লোক মহানন্দে, অগোর ধূপের গন্ধে আমোদিত সবাকার ঘর" —শিবায়ন।

অগৌণ (ন্) [ন=অ (না)—গৌন (বিলম্ব)] বি. দেরি না হওয়া বা করা; শীঘ্র; অবিলম্ব। ক্রি বিণ. **অগৌণে**—শীঘ্র; ত্বরায়

অগৌর (র্)—অগুরু; অগোর দ্রঃ।

অগৌরব (ব্) [ন—অ—গৌরব—নঞতৎ] বি. অমর্য্যাদা; অসম্মান; অযশ; নিন্দা।

অগ্নি (ওগ্নি) [অগ্, অনগ্ (গমন করা)+নি (কর্ত্তৃ) সংজ্ঞার্থে—যে উর্দ্ধে গমন করে। তুল—ল্যা. ইগনিঃ (স্=ঃ) ignis; ফ্রে—ইগ্নি igne; স্লাভ—ogni; স্পে. ইতা—ignes; ফা—আতশ্; হিঃ—আগ, আগি, অগিন্; বাং—আগুন] বি. পুং. বহ্নি; আগুন। (ইহা পঞ্চভূতের তৃতীয়, তেজেরই প্রকার ভেদ। শব্দ, স্পর্শ ও রূপ বিশিষ্ট বলিয়া অগ্নি ত্রিগুণাত্মক। শ্রুতির মতে, আকাশ হইতে বায়ু ও বায়ু হইতে তেজের উৎপত্তি হইয়াছে। অগ্নি তিন প্রকার। যথা,—ভৌম, দিব্য ও জঠর। কাষ্ঠাদি পার্থিব পদার্থ হইতে উৎপন্ন অগ্নিকে ভৌম; জল, বায়ু হইতে উৎপন্ন বিদ্যুৎ, উল্কা, বজ্র প্রভৃতিকে দিব্য; এবং ভুক্ত অন্ন পানাদি পরিপাককারী উদরস্থ অগ্নিকে জঠরাগ্নি বলে।

২। ব্রহ্মার জ্যেষ্ঠ পুত্র ও দক্ষকন্যা স্বাহার স্বামী [বিষ্ণুপুরাণ]। মহাভারতের মতে, ধর্ম্মের ঔরসে ও বসুভার্য্যার গর্ভে অগ্নির জন্ম হয়। ইনিই প্রথম অগ্নি বলিয়া বিখ্যাত। মতান্তরে ব্রহ্মার মুখ হইতে অগ্নির জন্ম। ইঁহার দেহ রক্তবর্ণ, কেশ ও চক্ষু পিঙ্গলবর্ণ, উদর স্থূল, ইঁহার হস্তে শক্তি ও অক্ষ-সূত্র ও বাহন ছাগ।

৩। পূর্ব্ব ও দক্ষিণদিকের মধ্যবর্ত্তী কোণ। (অগ্নি দক্ষিণ-পূর্ব্বদিকের অধিপতি: এজন্য ঐদিক অগ্নিকোণ নামে খ্যাত।)

অগ্নি দেবতাদিগের মুখস্বরূপ; তিনি দেবতাদিগের যজ্ঞাংশ যথাস্থানে পৌঁছাইয়া দেন। বিষ্ণুপুরাণে, অগ্নি ব্রহ্মার জ্যেষ্ঠ পুত্র; তাঁহার স্ত্রী স্বাহা।

ঋগ্বেদে অগ্নি দেবদূত বলিয়া বর্ণিত। তিনি দেবতাদিগের যজ্ঞাংশ যথাস্থানে পৌঁছাইয়া দেন। গ্রীক অগ্নিদেব হার্মিস্ ও (Hermes.) দেবতাগণের দূত ছিলেন।

[দ্রঃ—অথর্ব্ববেদ মতে ব্রহ্মার জ্যেষ্ঠ পুত্র অথর্ব্বা "প্রমন্থ" বা অগ্নির স্রষ্টা (গ্রীক প্রমিথিউস্ Prometheus স্বর্গ হইতে অগ্নি আনয়ন করেন)]

অগ্নিকণ (ওগ্নিকন্) [অগ্নি—কণ (অংশ; স্ফুলিঙ্গ) ৬ষ্ঠী তৎ] বি. পুং. অগ্নিকণিকা; স্ফুলিঙ্গ; ফিন্কি।

অগ্নিকর্ম্ম (ওগ্নিকর্ম) [অগ্নি—কর্ম্ম, ৭মীতৎ] বি. ক্লী. অগ্নিহোত্রাদি কর্ম্ম।

২। অন্ত্যেষ্টি ক্রিয়া।

অগ্নিকলা (ওগ্নিকলা) [অগ্নি—কলা (৬ তৎ)] বি. স্ত্রী. অগ্নির দশাবয়ব;—

(১) ধূম্রার্চ্চিঃ (২) উষ্মা (৩) জ্বলিনী (৪) জ্বালিনী (৫) বিস্ফালিনী (৬) সুশ্রী (৭) সুরূপা (৮) কপিলা (৯) হব্যবহা ও (১০) কব্যবহা—অগ্নির এই দশটী বর্ণ, মূর্ত্তি বা কলা।

অগ্নিকল্প (ওগ্‌নিকল্‌পো) [অগ্নি—কল্প (ঈষৎ ন্যূন অর্থে কল্প)] বিণ. অগ্নিতুল্য তেজস্বী উষ্ণ ; উগ্র ; ক্রোধান্বিত।

অগ্নিকাণ্ড (ওগ্‌নিকান্‌ডো) [অগ্নি—কাণ্ড (ব্যাপার) ৬তৎ] বি. পুং. ক্লী. গৃহাদি দাহ।
২। আগ্নেয়াস্ত্র প্রয়োগ ; গোলা গুলি বর্ষণ।
৩। (ক্রোধাগ্নির লীলা) তুমুল ঝগড়া ? বিষম অনর্থ।

অগ্নিকারক (ওগ্‌নিকারোক্) [অগ্নি-কৃ+অক] বিণ. অগ্নিকর দ্রব্য বিশেষ ; অরণি ; চকমকি।

অগ্নিকার্য্য (ওগ্‌নিকার্জ্ঝো) [অগ্নি—কার্য্য (ক্রিয়া) ৬তৎ] বি. ক্লী. অগ্নিদ্বারা কার্য্য ; মৃত ব্যক্তির দাহক্রিয়া।
প্র—"বিভীষণ যথাবিধি অগ্নিকার্য্য করিলেন। রাক্ষসবীরের দেহ ভস্মীভূত হইলে, তিনি কৃতস্নান হইয়া আর্দ্রবসনে বিধি অনুযায়ী সদর্ভ তিলোদকে উঁহার তর্পণ করিলেন।"
—রামায়ণ-তত্ত্ব।

অগ্নিকুণ্ড (ওগ্‌নিকুন্‌ড) [অগ্নি—কুণ্ড (খাত) ৬তৎ] বি. ক্লী. অগ্ন্যাধান স্থান ; অগ্নি জ্বালিবার গর্ত্ত।
প্র—"অগ্নিকুণ্ড জ্বালি রতি সতী হৈতে চায়।"
—অন্নদামঙ্গল।

অগ্নিকুমার (ওগ্‌নিকুমার্) [অগ্নি—কুমার (৬ষ্ঠী তৎ) । একদা বশিষ্ঠাদি সপ্ত ঋষিপত্নী অরুন্ধতী প্রভৃতির রূপলাবণ্য দর্শনে অগ্নিদেবের চিত্তবিকার উপস্থিত হইলে তাঁহার পত্নী দক্ষ-দুহিতা স্বাহা অরুন্ধতী ব্যতীত অপর ছয় ঋষি-পত্নীর রূপ ধারণ পূর্ব্বক তাঁহার সহিত ছয়বার বিহার করেন এবং অগ্নিরেতঃ কাঞ্চন কুণ্ডে নিক্ষেপ করেন. তাহা হইতে কার্ত্তিকেয়ের জন্ম হয় বলিয়া তিনি অগ্নিকুমার। মতান্তরে মহাদেব তারকাসুর বধের জন্য অগ্নিতে স্বীয় বীর্য্য নিক্ষেপ করাতে ইনি তন্মধ্য হইতে উৎপন্ন হন বলিয়া অগ্নিভূ বা অগ্নিকুমার] বি. কার্ত্তিকেয়।

অগ্নিকোণ (ওগ্‌নিকোন্) [পূর্ব্ব দক্ষিণ দিকের মধ্যবর্ত্তী কোণ। অগ্নির কোণ—৬তৎ। অগ্নিদেব এই কোণের অধিপতি বলিয়া] বি. পুং. পূর্ব্ব দক্ষিণ দিকের মধ্যবর্ত্তী কোণ।

অগ্নিক্রিয়া (ওগ্‌নিক্রিয়া) [অগ্নি—ক্রিয়া (৬ষ্ঠী তৎ)] বি. স্ত্রী. বিধিপূর্ব্বক দাহক্রিয়া ; অন্ত্যেষ্টি ক্রিয়া ; অগ্নিকার্য্য।

অগ্নিক্রীড়া (ওগ্‌নিক্রিড়া) [অগ্নি দ্বারা ক্রীড়া, (৩য়া তৎ)] বি. স্ত্রী. আগুন লইয়া খেলা ; বাজি পোড়ান ; নানাবর্ণের আগুন প্রজ্বলিত করণ ; আতস বাজি ; fire works.

অগ্নিগর্ভ (ওগ্‌নিগরভ) [অগ্নি—গর্ভ। যাহার গর্ভদেশ অগ্নির ন্যায় জারক—বহু] বি. পুং. অগ্নিজার বৃক্ষ।
২। [অগ্নি গর্ভে যাহার] সূর্য্যকান্ত-মণি আতসী কাচ ; lens. স্ত্রী. অগ্নিগর্ভা।

অগ্নিগর্ভা (ওগ্‌নিগরভা) [অগ্নি—গর্ভা (বহু)] বি. স্ত্রী. শমীবৃক্ষ (এই বৃক্ষের মধ্যে অগ্নি লুক্কায়িত ছিলেন)] বিণ. যাহার ভিতর অগ্নি আছে।

অগ্নিচিৎ (ওগ্‌নিচিৎ) [অগ্নি—চিৎ ; চি (চয়ন করা) ক্বিপ্ (কর্ত্তৃ) যে অগ্নি চয়ন করে—উপপদ] বি. পুং. সাগ্নিক অগ্নিহোত্রী ব্রাহ্মণ ; যে মন্ত্রপূর্ব্বক অগ্নি স্থাপন করিয়া নিত্য হোম করে। ক্লী. অগ্ন্যাধান।

অগ্নিচূর্ণ, অগ্নিচূর্ণক (ওগ্‌নিচুর্‌নক্) [অগ্নি (উৎ-পাদক বা গর্ভ) চূর্ণ—ম. প. লো কর্ম্মধা] বি. বারুদ ; gunpowder.
প্র—"যোদ্ধৃগণ প্রথমে নালাস্ত্র পরিষ্কার করিবে, পরে তন্মধ্যে অগ্নি চূর্ণ দান করিয়া শলাকা দ্বারা দৃঢ়রূপে আঘাত করিয়া চূর্ণকে বসাইবে, পরে উহার মধ্যে গোলা ও কর্ণে অগ্নিচূর্ণ দিয়া তাহাতে অগ্নি সংযোগ করিবে, তাহাতে গোলা যাইয়া লক্ষ্যে পড়িবে।" —[শুক্রনীতি—৪ অ, ৭ম প্রকরণ, উমেশ বিদ্যারত্নের অনুবাদ—উপাসনা, ৬ষ্ঠ বর্ষ]।

অগ্নিজ (ওগ্‌নিজ) [অগ্নি—জ , জন—(জন্মান) ড (কর্ত্তৃ)। অগ্নি হইতে জন্ম যাহার উপপদ] বি. কার্ত্তিকেয়।
২। [মহাভারতে] স্বর্ণ।
৩। [অগ্নি উদ্দীপনার্থে যে জন্মে—বহু] অগ্নিজার বৃক্ষ। পশ্চিম সমুদ্রজাত ঔষধ বিশেষ ; A medicinal plant with stimulating properties.

অগ্নিজিহ্ব (ওগ্‌নিজিহ্‌ভ) [অগ্নি জিহ্বা যাহাদের (বহু) । যাঁহারা অগ্নিরূপ জিহ্বা দ্বারা দ্রব্যাস্বাদন করেন অর্থাৎ আহুত দ্রব্য সকল ভোজন করেন] বি. পুং. দেবতা।
২। [বরাহমূর্ত্তি ধারণকালে অগ্নিজিহ্ব হইয়াছিলেন বলিয়া] বিষ্ণু।

অগ্নিজিহ্বা (ওগ্‌নিজিহ্‌ভা) বি. স্ত্রী. অগ্নির শিখা [করালী, ধূমিনী, শ্বেতা, লোহিতা, নীল-লোহিতা, পদ্মরাগা, সুবর্ণা—এই সপ্তপ্রকার মূর্ত্তি বিশিষ্ট শিখা অগ্নির জিহ্বা বলিয়া উক্ত]।
২। লাঙ্গলী বৃক্ষ ; বিষলাঙ্গলিয়া বৃক্ষ।

অগ্নিজ্বালা (ওগ্‌নিজ্‌জালা) [অগ্নি (র) জ্বালা (শিখা) ৬ষ্ঠী তৎ] বি. স্ত্রী. অগ্নিশিখা।
২। [রক্তবর্ণ পুষ্পযুক্ত বলিয়া যাহা দেখিতে অগ্নির জ্বালার (শিখার) ন্যায়, বহু] জলপিপ্পলী ; ধাতকী বৃক্ষ।

অগ্নিতপ্ত (ওগ্‌নিতপ্‌ত) [অগ্নি (দ্বারা) তপ্ত, ৩ তৎ] বিণ. অগ্নিদ্বারা তপ্ত ; অগ্নিতে বা অগ্নি সংযোগে তপ্ত-করা।
২। অগ্নির মত উষ্ণ ; আগুনের মত গরম ; গরম, আগুন।

অগ্নিত্রয় (ওগ্‌নিৎত্রয়) [অগ্নি—ত্রয় (তিন) ৬ তৎ] দ্বি. ক্লী. তিন প্রকার অগ্নি যথা.—
(১) গার্হপত্য অর্থাৎ গৃহপতি সম্বন্ধীয় অগ্নি. যে অগ্নি সাগ্নিক গৃহস্থ যজ্ঞাদি হেতু চিরদিন গৃহে রক্ষা করে এবং কখনও যাহা নির্ব্বাপিত হইতে দেয় না।
(২) আহবনীয় অর্থাৎ যজ্ঞাগ্নি যাহা গার্হপত্য হইতে উদ্ধৃত করিয়া হবন বা হোমার্থ সংস্কৃত করা হয়।
(৩) দাক্ষিণ্য অর্থাৎ দক্ষিণাগ্নি বা দক্ষিণ দিকের অগ্নি। কারণ এই অগ্নি দক্ষিণা প্রদত্ত হইলে তৃপ্ত হইয়া অমরদিগকে দক্ষিণা-ভাগ দান করে।

অগ্নিদ (ওগ্‌নিদ) [অগ্নি—দ, দা (দান করা)+ড (কর্ত্তৃ—যে দেয়)] বিণ. যে আততায়ী গৃহ দগ্ধ করিবার জন্য অগ্নিদান করে ; যে আগুন লাগায়। ২। অগ্নিউৎপাদক।

অগ্নিদগ্ধ (ওগ্‌নিদগ্‌ধ) [অগ্নি—দগ্ধ, ৩য়া তৎ] বিণ. যাহা বা যে ব্যক্তি অগ্নিতে দগ্ধ হইয়াছে ; আগুনে পোড়া।
প্র—অগ্নিদগ্ধ কলেবর।
২। বিধিপূর্ব্বক যাহার মৃতদেহ অগ্নিদ্বারা দগ্ধ করা হইয়াছে।
৩। বি. পুং. পিতৃলোক।

অগ্নিদগ্ধপ্রস্তর (ওগ্‌নিদগ্‌ধপ্রোস্‌তর্) [অগ্নিদ্বারা দগ্ধ যে প্রস্তর—৩য়া তৎ, কর্ম্মধা] বি. ক্লী. অগ্নিসংযোগে উৎপন্ন প্রস্তর [ভূতত্ত্বে—প্রস্তরসমূহ দুইভাগে বিভক্ত,—(১) অগ্নিদগ্ধ বা আগ্নেয় প্রস্তর ও (২) বারুণ প্রস্তর। "পৃথিবীর প্রথম অংশে পরিগণিত প্রস্তর সকল অগ্নির সাহায্যে বর্ত্তমান অবস্থা প্রাপ্ত হইয়াছে অর্থাৎ তাহারা অগ্নিদ্বারা দ্রব হইবার পর শীতল হইয়া বর্ত্তমান রূপ ধারণ করিয়াছে।"—প্রাকৃত ভূগোল (ডাঃ রাজেন্দ্র মিত্র)] ; volcanic rocks.

অগ্নিদাতা (ওগ্‌নি—) [অগ্নি—দাতা (যে দান করে)] বি. পুং. যে অন্ত্যেষ্টি ক্রিয়া বিধানে মৃতদেহ দাহন করে, যে মুখাগ্নি করে।

অগ্নিদেব (ওগ্‌নিদেব্) [অগ্নির দেব, ৬তৎ ; অথবা অগ্নি—দেব, কর্ম্মধা] বি. পুং. অগ্নির অধিপতি ; অগ্নি।

অগ্নিদেবা [অগ্নি হইয়াছে দেব দেবতা অধিপতি যাহার (বহু) স্ত্রী-আ] বি. স্ত্রী. কৃত্তিকা নক্ষত্র।

অগ্নিদ্রবার্হ (ওগ্‌নিদ্রোবারুহ্) [অগ্নি—দ্রব—অর্হ (উপযুক্ত)] বিণ. অগ্নিতে দ্রব হইবার উপযোগী ; যাহা অগ্নিতে গলে ; গালা প্রভৃতি অগ্নিদ্রাব্য বস্তু। [বস্তুবিচার]

অগ্নিপক্ক (ওগ্‌নিপক্‌ক) [অগ্নি (দ্বারা) পক্ক—৩তৎ] বিণ, আগুনে পাক করা।

অগ্নিপরীক্ষা (ওগ্‌নিপরিক্‌খা) [অগ্নি দ্বারা পরীক্ষা—৩য়া তৎ] বি, স্ত্রী, অগ্নিদ্বারা শুদ্ধাশুদ্ধ নির্ণয়; যেমন, অগ্নিদ্বারা স্বর্ণের বিশুদ্ধি পরীক্ষা করা হয়। অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিয়া সতীত্ব পরীক্ষা; যেমন—সীতার অগ্নিপরীক্ষা।

২। কঠোর পরীক্ষা।

অগ্নিপ্রভ (ওগ্‌নিপ্রোভো) [অগ্নির প্রভার ন্যায় প্রভা যাহার—বহু] বিণ, অগ্নির ন্যায় দীপ্তিশালী; অগ্নির মত উজ্জ্বল; অগ্নিবর্ণ।

অগ্নিপ্রয়োগ (ওগ্‌নিপ্‌প্রয়োগ্) [অগ্নির প্রয়োগ—৬তৎ] বি, পুং, অগ্নি সংযোগ করণ; অগ্নিদান; আগুন লাগান।

অগ্নিপ্রস্তর (ওগ্‌নি প্রোস্‌তর্) [অগ্নির প্রস্তর (পাথর) ৬তৎ] বি, পুং, যে পাথর হইতে অগ্নি উৎপন্ন হয়; অগ্নি উৎপাদক পাথর; চকমকির পাথর; flint.

অগ্নিপুরাণ (ওগ্‌নিপুরান্) বি, ক্লী, অষ্টাদশ পুরাণের অন্যতম পুরাণ। এই পুরাণ প্রধানতঃ প্রলয়,সৃষ্টি প্রকরণ ও অগ্নিকার্য্য, দেবপ্রতিষ্ঠা, নরকবর্ণন, প্রায়শ্চিত্তবিধি, তীর্থাদিমাহাত্ম্য, জ্যোতিষ, আশ্রমবিধি, দীক্ষা, ধর্ম্মনীতি, পূজাপদ্ধতি, সন্ধ্যাবিধি, ধনুর্ব্বেদ, আয়ুর্ব্বেদ, ছন্দ, শব্দানুশাসন, ব্রহ্মজ্ঞান, প্রভৃতি বিষয় বর্ণিত আছে।

অগ্নিবর্ণ (ওগ্‌নিবর্‌ন) অগ্নি—বর্ণ (বহু)] বিণ, অগ্নির ন্যায় বর্ণ; রক্তবর্ণ।

২। বি, পুং, কুশরাজার পুত্র; শ্রীরামচন্দ্রের পৌত্র।

অগ্নিবর্দ্ধক (ওগ্‌নিবর্‌ধক্) [অগ্নি(র) বর্দ্ধক (যে বৃদ্ধি জন্মায়) ৬তৎ] বি, পুং, বায়ু।

২। বিণ, পরিপাক শক্তির বৃদ্ধিকারক।

অগ্নিবাণ (ওগ্‌নিবান্) বি, পুং, আগ্নেয় অস্ত্র।

২। যে বাণ নিক্ষিপ্ত হইলে অগ্নি উদ্গীরণ করে।

প্র—"ব্রহ্মশির নামে বাণ, পূর্ব্বে কৈল গুরু দান,
সকল হইল অগ্নিময়॥"
"পার্থ ছাড়ে অগ্নিবাণ, যেন অগ্নি দীপ্তিমান,
কর্ণপানে চান একদৃষ্টি।"
—কাশী, মহা—কর্ণ।

অগ্নিবাহ,অগ্নিবাহন (ওগ্‌নিবাহোন) [অগ্নি—বাহ, বাহন—৬তৎ] বি, পুং, (অগ্নির বাহন বলিয়া) ছাগ।

২। যে অগ্নিকে বহন করে।

অগ্নিবাহু (ওগ্‌নিবাহু) [অগ্নি—বাহু] বি, পুং, ধূম।

২। প্রিয়ব্রতের ঔরসে ও কাম্যার গর্ভে জাত রাজপুত্র বিশেষ।

অগ্নিবৃদ্ধি (ওগ্‌নিবৃদ্‌ধি) [অগ্নি—বৃদ্ধি, ৬তৎ] বি, স্ত্রী, জঠরাগ্নির বৃদ্ধি; ক্ষুধাবৃদ্ধি।

অগ্নিবৃষ্টি (ওগ্‌নিবৃশ্‌টি) [অগ্নি(রূপ)বৃষ্টি—কর্ম্মধা] বি, স্ত্রী, অগ্নিবর্ষণ, বারিবিন্দুর বদলে অগ্নিকণা পতন (শাস্ত্রকারের মতে অগ্নিবৃষ্টি খণ্ডপ্রলয় বা মহাপ্রলয়ের সূচনা)।

২। ভয়ানক গ্রীষ্ম।

৩। প্রখর সূর্য্যের তাপে উত্তপ্ত বায়ুর প্রবাহ।

৪। গোলাগুলি প্রভৃতি আগ্নেয়াস্ত্রের পতন।

অগ্নিবেশ্ম (ওগ্‌নিবেশ্‌শ) [অগ্নি(র) বেশ্ম (গৃহ) ৬তৎ] বি, ক্লী, যে গৃহে অগ্নি রক্ষা করা হয়; অগ্নিগৃহ।

অগ্নিবেশ্য (ওগ্‌নিবেশ্‌শ) [অগ্নি হইতে উৎপন্ন বলিয়া এই নাম] বি, পুং ধনুর্ব্বিদ্যা বিশারদ জনৈক ঋষি: দ্রোণাচার্য্যের গুরু।

অগ্নিভ (ওগ্‌নিভ) [অগ্নি—ভ (দীপ্ত্যর্থক 'ভা' ধাতুজ) যে বা যাহা অগ্নির ন্যায় ভা (দীপ্তি) পায় (বহু)] বি, ক্লী, স্বর্ণ।

২। [অগ্নি—ভ (নক্ষত্র)—৬ষ্ঠী তৎ] কৃত্তিকা নক্ষত্র। বিণ, অগ্নিবর্ণ।

অগ্নিভূ (ওগ্‌নিভূ) [অগ্নি—ভূ (হওয়া) ক্বিপ (কর্ত্তৃ) মহাদেবের তেজ ধারণে দেবী অসমর্থা হইলে সেই তেজ অগ্নিতে নিক্ষিপ্ত হয়; তাহা হইতে কার্ত্তিকের জন্ম হয়] বি, পুং, কার্ত্তিকেয়। ২। ক্লী, [অগ্নি হইতে জলের উৎপত্তি (উপনিষৎ)] জল। ৩। বিণ, অগ্ন্যুৎপন্ন।

অগ্নিভূতি (ওগ্‌নিভুতি) [অগ্নি—ভূ+তি—ভাবে] বি, পুং, বৌদ্ধ বিশেষ; জৈনদের শেষ আচার্য্য।

অগ্নিমণি (ওগ্‌নিমোনি) [অগ্নির—মণি (রত্ন) —৬ষ্ঠী তৎ] বি, পুং, সূর্য্যকান্তমণি; আতসী পাথর; lens.

অগ্নিমন্থ (ওগ্‌নিমন্থ) [অগ্নি—মন্থ। মন্থ্ (মন্থন করা)+অ (কর্ম্মে ঘঞ্)। ইহার কাষ্ঠ ঘর্ষণে শীঘ্র অগ্নি উঠে বলিয়া ইহা অগ্নির জন্য মথিত হইত। ৪র্থী তৎ] বি, পুং, গণিকারিকা বৃক্ষ।

অগ্নিময় (ওগ্‌নিময়্) [অগ্নি+ময় (ট্—ব্যাপ্ত্যর্থে)] বিণ, অগ্নিপূর্ণ, অগ্নিদ্বারা পরিব্যাপ্ত।

প্র—"যথা দুর দাবানল পশিলে কাননে,
অগ্নিময় দশ দিশ;"—মেঘনাদ।

অগ্নিমান্দ্য (ওগ্‌নিমান্দ) [অগ্নি (জঠরাগ্নি)—মান্দ্য (হ্রাস)—৬ষ্ঠী তৎ] বি, ক্লী, পরিপাক শক্তির হ্রাস; অজীর্ণ রোগ।

২। ক্ষুধামান্দ্য ক্ষুধার অল্পতা।

অগ্নিমারুতি (ওগ্‌নিমারুতি) [অগ্নিমারুত+ই (অপত্যার্থে) কিংবা, অগ্নি (জঠরানল)—মারুতি (হনুমান)।° যাঁহার (যে মুনির) হনুমানের ন্যায় পরিপাক শক্তি আছে] বি, পুং, অগস্ত্যমুনি। ইনি মেষবেশধারী বাতাপি নামক দৈত্যকে উদরস্থ করতঃ পরিপাক করিয়াছিলেন—(মহাভারত)।

অগ্নিমিত্র (ওগ্‌নিমিৎত্র) [অগ্নি—মিত্র] বি, পুং, রাজা বিশেষ। ইনি পুষ্যমিত্রের পুত্র। শুঙ্গ বংশের রাজা। খৃষ্টপূর্ব্ব ১৫০ সালে প্রাদুর্ভূত হইয়াছিলেন, পতঞ্জলির সমসাময়িক; পতঞ্জলি ইঁহার নামোল্লেখ করিয়াছেন। কালিদাসের নাটক মালবিকাগ্নিমিত্র, ইঁহারই আখ্যায়িকা অবলম্বনে লিখিত বলিয়া অনুমিত হয়।

অগ্নিমুখ (ও, খ্) [অগ্নি—মুখ। যাঁহাদের অগ্নিই মুখ; যাঁহারা অগ্নিরূপ মুখদ্বারা হোমীয় দ্রব্যাদি (ঘৃতাদি) ভক্ষণ করেন। বহু] বি, পুং, দেবতা।

২। [যাঁহাদের মুখে অগ্নি (শাপানল) আছে—বহু] ব্রাহ্মণ।

৩। [অতিশয় দাহ্য বলিয়া অগ্নির মুখের ন্যায়] চিত্রক বৃক্ষ; ভেলাগাছ।

অগ্নিমুখী (ওগ্‌নিমুখি) [অগ্নিমুখ স্ত্রঃ] বি, স্ত্রী, ভেলাগাছ।

২। বিষলাঙ্গলীয়া বৃক্ষ।

৩। গায়ত্রীমন্ত্র।

অগ্নিমূর্ত্তি (ওগ্‌নিমুর্‌তি) [অগ্নির মূর্ত্তি—৬ তৎ] বি, পু, অগ্নি।

২। [অগ্নির তুল্য মূর্ত্তি যাহার—বহু] বিণ, অগ্নির ন্যায় আকার বিশিষ্ট।

৩। অতিশয় ক্রোধান্বিত; অগ্নিশর্ম্মা।

অগ্নিমূল্য (ওগ্‌নিমুল্‌লো) [অগ্নি—মূল্য। মূল্যাধিক্য হেতু যাহা অগ্নিবৎ অস্পৃশ্য] বিণ, দুর্মূল্য; মহার্ঘ; উচ্চমূল্য; আক্রা।

অগ্নিযন্ত্র (ওগ্‌নিজনত্র) [অগ্নি—যন্ত্র, অগ্নিনিক্ষেপকযন্ত্র, মপলো, কর্ম্মধা] বি, পুং, আগ্নেয় যন্ত্র; কামান; বন্দুকাদি; আগ্নেয়াস্ত্র।

অগ্নিরক্ষণ (ওগ্‌নিরোক্‌খোন্) [অগ্নি—রক্ষণ। রক্ষ (রক্ষাকরা)+অন (ট্—) (ভাবে) অগ্নির রক্ষণ—৬তৎ। (২) রক্ষ—অধি, অনট্। যাহাতে অগ্নি রক্ষা করা যায়] বি, ক্লী, অগ্নিহোত্র। অগ্নিহোত্রগৃহ। অগ্ন্যাধান। (পুরাকালে ব্রাহ্মণগণ নিত্য হোম করিতেন; অগ্নি উৎপাদন করা এখনকার মত সহজসাধ্য ছিল না; এজন্য ব্রাহ্মণগণ সযত্নে অগ্নি রক্ষা করিতেন; একবার অগ্নি নিবিয়া গেলে অরণিকাষ্ঠ ঘর্ষণ করিয়া অগ্নি উৎপাদন করা অপেক্ষা অগ্নি রক্ষা অনেক সহজ বিবেচিত হইত)।

অগ্নিলোক (ওগ্‌নিলোক্) [অগ্নি—লোক (দেশ) ৬ষ্ঠী তৎ] বি, অগ্নির দেশ; যে দেশের অধিপতি অগ্নি; এই দেশ মেরুর নিম্নে অবস্থিত। পুরাণে ইহার অবস্থান অন্তরিক্ষ প্রদেশে কল্পিত হইয়াছে। কাশীখণ্ডের মতে ইহা ইন্দ্রপুরীর দক্ষিণে।

অগ্নিশর্ম্ম, অগ্নিশর্ম্মা (ওগ্‌নিশরম্‌, শরমা) [মূলশব্দ—শর্ম্মন। শর্ম্মা ব্রাহ্মণের উপাধি। অগ্নি—তুল্য শর্ম্মা মপলো কর্ম্মধা, যে শর্ম্মা অগ্নির ন্যায় উষ্ণ, উগ্র] বিণ, মহাক্রোধী।
প্র—"প্রখরমূর্ত্তি অগ্নিশর্ম্ম,
ছাত্র মরে আতঙ্কে।" —রবি।
২। বি, পুং, ঋষি বিশেষ।

অগ্নিশিখ (ওগ্‌নিশিখ) [অগ্নি—শিখা। অগ্নির শিখার ন্যায় শিখা অর্থাৎ কেশর যাহার বহু] বি, ক্লী, কুসুম।
২। বিণ, অগ্নিতুল্য অগ্রভাগবিশিষ্ট।

অগ্নিশিখা (ওগ্‌নি) [অগ্নিশিখার ন্যায় বা অগ্নির ন্যায় শিখা অর্থাৎ দীপ্তি যাহার—বহু] বি, স্ত্রী, বিষলাঙ্গলিয়া বৃক্ষ।
২। [উগ্রতায় অগ্নিশিখার ন্যায়] ঝোঁয়াতা শাক; ওলগাছ।
৩। [৬ষ্ঠী তৎ] অগ্নিজ্বালা: আগুনের শিখা।

অগ্নিশুদ্ধ (ওগ্‌নিশুদ্ধ) [অগ্নিদ্বারা শুদ্ধ —৩তৎ] বিণ, অগ্নিস্পর্শদ্বারা পবিত্রীকৃত।
বি, অগ্নিশুদ্ধি।

অগ্নিশেখর (ওগ্‌নি—র্) [অগ্নি—শেখর (চুড়া —শিরোভূষণ) যাহার, বহু] বি, পুং, (ললাটে বহ্নি থাকায়) মহাদেব।
২। [অগ্নির শেখর) শিরোভূষণ)] বি, পুং, কুঙ্কুমবৃক্ষ; কুসুমবৃক্ষ; ঈষলাঙ্গলা। নটেশাক।

অগ্নিষ্টুৎ (ওগ্‌নিশ্‌টুৎ) [অগ্নি—স্তু+ —ক্বিপ্ (অধি) যাহাতে অগ্নির স্তুতি হয়] বি, পুং, অগ্নিষ্টোম যজ্ঞ।

অগ্নিষ্টোম (ওগ্‌নিশ্‌টোম্) [অগ্নি—স্তোম (স্তু=স্তুতি করা+ম—মন্ (—অধি) স্তুতি] বি, পুং, বহু প্রজা সৃষ্টিকল্পনায় প্রজাপতি কর্ত্তৃক প্রবর্ত্তিত পঞ্চদিন সাধ্য বসন্তকালীন যাগবিশেষ।
২। মনু চাক্ষুষের ঔরসজাত নবলাগর্ভসম্ভূত ঋষি।

অগ্নিষ্ঠ (ওগ্‌নিশ্‌ঠ) [অগ্নি—স্থা (থাকা) ড (কর্ত্তৃ)—যে অগ্নির উপরে থাকে (উপপদ)] বি, পুং, কটাহ; কড়া।

অগ্নিস্ফুলিঙ্গ (ওগ্‌নিশ্‌ফুলিংগ) [অগ্নির স্ফুলিঙ্গ (কণা) ৬তৎ] বি, পুং আগুনের ফিন্‌কি।

অগ্নিষ্বাত্ত (ওগ্‌নিশ্‌শাৎত) [অগ্নিতঃ (অগ্নি হইতে) স্ব (স্বকীয়ভাগ)—আত্ত (গৃহীত) হয় যৎকর্ত্তৃক—(বহু) অগ্নিতে প্রদত্ত আহুতি হইতে আপনাপন অংশ যাঁহারা গ্রহণ করেন] বি, পুং, মরীচিপুত্রগণ (উপদেবতাগণ) পিতৃলোক। পরম পিতৃগণ। চন্দ্রলোকে ইঁহাদের বাসস্থান; ইঁহারা অনগ্নি। —ভারতকোষ।

অগ্নিসংস্কার (ওগ্‌নিশংশ্‌কার) [অগ্নি দ্বারা সংস্কার—৩য়া তৎ] বি, পুং, অগ্নিদ্বারা শোধন।
২। বিধিপূর্ব্বক দাহাদিকার্য্য; মৃতসংকার।
প্র—"অঙ্গদ সুগ্রীবের সহিত, সজল নয়নে পিতাকে চিতার উপর শয়ন করাইলেন এবং বিধানানুসারে অগ্নিপ্রদান করিয়া ব্যাকুলমনে ঐ সুদূর প্রস্থিত মহাবীরকে দক্ষিণাবর্ত্তে প্রদক্ষিণ করিতে লাগিলেন। অনন্তর অগ্নিসংস্কার করিয়া বানরগণ স্রোতস্বতীতে স্নানার্থ গমন করিল।" —রামায়ণ তত্ত্ব।

অগ্নিসখ (ওগ্‌নিশখ) [অগ্নির সখা (বন্ধু) সখা=সখ—কারণ অগ্নি প্রজ্বলিত হইবার একমাত্র উপায়—বায়ু] বি, পুং, বায়ু।

অগ্নিসৎকার (ওগ্‌নিশৎকার) [অগ্নি দ্বারা সৎকার—৩য়াতৎ,] বি, পুং, দাহকার্য্য।

অগ্নিসন্দীপন (ওগ্‌নিশন্‌দীপন) [অগ্নির সন্দীপন (প্রজ্বালন) ৬তৎ] বি, ক্লী, অগ্নিপ্রজ্বালন।
২। [অগ্নির সন্দীপন হয় যাহা দ্বারা—বহু] জঠরাগ্নিবর্দ্ধক ঔষধবিশেষ।

অগ্নিসহায় (ওগ্‌নিশহায়্) [অগ্নির সহায় (বন্ধু) ৬তৎ] বি, পুং, ১। বায়ু।
২। বনকপোত। ৩। [অগ্নির ন্যায় সহায়, মপলো ৬ তৎ] সহগামী।

অগ্নিসার (ওগ্‌নিশার্) বি, ক্লী, রসাঞ্জন।

অগ্নিসেবন (ওগ্‌নিশেবন্) [অগ্নি(র) সেবন—৬তৎ] বি, ক্লী, অগ্নির উত্তাপ উপভোগ; আগুন পোয়ান।

অগ্নিস্তম্ভ (ওগ্‌নিস্‌তম্ভ) [অগ্নি—স্তম্ভ (স্তন্ভ্—রোধ করা+অ—ভাবে)—রোধ। অগ্নির স্তম্ভ হয় যাহা হইতে (বহু) যাহা দ্বারা অগ্নির দাহিকাশক্তি রোধ হয়] বি, পুং, ঔষধ বা মন্ত্রবলে অগ্নির দাহিকাশক্তি নিরোধ বা নিবারণ।
২। [অগ্নি—স্তম্ভ—৬ষ্ঠী তৎ] স্তম্ভাকারে অগ্নি; আগুনের থাম।
প্র—"তমোময় যমদেশে অগ্নিস্তম্ভ সম
জ্বলি উজলিবে দেশ।" —মেঘনাদ।

অগ্নিহোত্র—(ওগ্‌নিহোৎত্র) [অগ্নি—হোত্র (হু=হোম করা+ত্র—অধি) অগ্নির হোত্র (হোম) করা হয় যাহাতে—বহু] বি, পুং, ক্লী, সাগ্নিকের প্রাত্যহিক হোম। অগ্নিহোত্রী, অর্থাৎ সাগ্নিকগণ বিবাহ করিয়া, শরৎ, বসন্ত, বা গ্রীষ্মকালে অগ্নিস্থাপন করিয়া প্রত্যহ প্রাতে ও সন্ধ্যায় তাহাতে হোম করিয়া থাকেন। ইহা মাসসাধ্য বা যাবজ্জীবন-সাধ্য। যাবজ্জীবন-সাধ্য হোমের রক্ষিত অগ্নির দ্বারা তাঁহাদের অন্তিমে দাহকার্য্য হয়।
২। [অগ্নি—হু (হোমকরা)+ত্র (করণে) বি, পুং, ঘৃত।

অগ্নিহোত্রী (ওগ্‌নিহোৎত্রী) [অগ্নিহোত্রিন্ শব্দ। অগ্নি—হোত্রিন্ (হোত্র+ইন্—অস্ত্যর্থে) —হোতা] বি, পুং, নিত্য হোমকর্ত্তা; সাগ্নিক।

অগ্নীধ্র, অগ্নীধ্ (ওগ্‌নিধ্র, ওগ্‌নিধ্) [অগ্নি—ইধ্র (ইন্ধ্=দীপ্ত করা+র—রক্, কর্ত্তৃ। ন—লোপ; যে দীপ্ত করে)। অগ্নি —ইন্ধ্+ক্বিপ্ (কর্ত্তৃ) যে অগ্নিকে দীপ্ত করে —উপপদ] বি, পুং, যজ্ঞীয় অগ্নিরক্ষায় নিযুক্ত ব্রাহ্মণ; কর্ম্মাগ্নি রক্ষক ঋত্বিক্‌বিশেষ।
২। প্রিয়ব্রত রাজার জ্যেষ্ঠপুত্র, কাম্যার গর্ভজাত। ইনি জম্বুদ্বীপের অধিপতি হইয়াছিলেন। পূর্ব্বচিত্তী-নাম্নী অপ্সরাকে ইনি বিবাহ করিয়াছিলেন। এই অপ্সরাগর্ভজ নাভি, কিম্পুরুষ, হরি, ইলাবৃত, রম্যক, হিরণ্ময়, কুরু, ভদ্রাশ্ব ও কেতুমাল জম্বুদ্বীপকে নববর্ষে বিভক্ত করিয়াছিলেন। —ভারতকোষ।

অগ্নীধ্রা (ওগ্‌নিধ্‌রা) [অগ্নীধ্র দ্রঃ]। স্ত্রী; অগ্নিমন্থন; ঘৃতাহুতির পর অগ্নিজ্বালন।

অগ্নীন্ধন (ওগ্‌নিনধন্ [অগ্নি—ইন্ধন (ইন্ধ্ =দীপ্তকরা+অন্—ভাবে) উদ্দীপন —৬ষ্ঠী তৎ] বি, ক্লী, আগুন জ্বালান; ঘৃতাহুতির দ্বারা অগ্নিজ্বালন।
২। [অগ্নি—ইন্ধন্ (ইন্ধ্=দীপ্ত করা+ অন (কর্ত্তৃ) উদ্দীপক। যে অগ্নিকে প্রদীপ্ত করে] অগ্নি জ্বালিবার কাঠ; জ্বালানি কাট।

অগ্ন্যগার, অগ্ন্যাগার (ওগ্‌নগার্, ওগ্যাগার্) [অগ্নি রক্ষার্থ অগার, আগার (গৃহ) মপলো কর্ম্মধা] বি, ক্লী, সাগ্নিকের হোমগৃহ।

অগ্ন্যবতার (ওগ্‌নবতার্) [অগ্নি—অবতার। অগ্নির অবতারের ন্যায় অবতার (মূর্ত্তি) যাহার—বহু] বিণ, অতিকোপান্বিত; শীঘ্র-ক্রোধী।

অগ্ন্যস্ত্র (ওগ্‌নস্‌ত্র) [অগ্নি (নিক্ষেপক) অস্ত্র মপলো কর্ম্মধা] বি, ক্লী, আগ্নেয়াস্ত্র: (আধুনিক) কামান, বন্দুক প্রভৃতি। পৌরাণিক যুগের শতঘ্নী, বৃহন্নালীক, ক্ষুদ্রনালীক প্রভৃতি নালাস্ত্র [শুক্রনীতি]। নারাচ, বিকর্ণি প্রভৃতি [রামায়ণ, মহাভারত]।
২। অগ্নিবাণ। (নালাস্ত্র দ্রঃ)

অগ্ন্যাধান (ওগ্‌গাধান্) [অগ্নি—আধান (স্থান) ৬ষ্ঠী তৎ]। বি, ক্লী, বেদমন্ত্রদ্বারা অগ্নিস্থাপন; অগ্নিহোত্র যাগ।
প্র—"পূর্ব্বমৃতা স্ত্রীর যথাবিধি অন্ত্যেষ্টিক্রিয়া নির্ব্বাহ করিয়া পুনরায় দারপরিগ্রহ ও পুনরায় অগ্ন্যাধান করিবেক।" —বহুবিবাহ।

অগ্ন্যাহিত (ওগ্‌গাহিত) [অগ্নি—আহিত (স্থাপিত) যৎকর্ত্তৃক (বহু); এই বাক্যে অগ্ন্যাহিত এবং আহিতাগ্নি এই উভয় রূপই হইবে] বি, পুং, আহিতাগ্নি; সাগ্নিক।

অগ্ন্যুৎপাত (ওগ্‌নুৎপাৎ) [অগ্নি—উৎপাত। অগ্নিদ্বারা উৎপাত কিম্বা অগ্নিসংক্রান্ত উৎপতন —মপলো কর্ম্মধা] বি, পুং, আগ্নেয় পর্ব্বতগর্ভ হইতে অগ্নির উৎপতন; অগ্ন্যুদ্গার।

২। নক্ষত্র অগ্নিকৃত অশুভসূচক উপদ্রব। যথা,—উল্কাপাত, বজ্রপাত, ধূমকেতুর উদয় ইত্যাদি। ৩। যে কোন অগ্নিকাণ্ডজ উপদ্রব। যথা—গৃহদাহাদি।

অগ্ন্যুদ্গম (ওগ্‌নুদ্‌গম্) [অগ্নির—উদ্গম (ঊর্দ্ধ-গমন) ৬তৎ] বি, পুং, আগ্নেয় পর্ব্বত হইতে অগ্নির উৎপতন বা উৎক্ষেপণ।

২। অগ্নির উত্থান; আগুন বাহির হওয়া।

অগ্ন্যুদ্গার (ওগ্‌নুদ্‌গার্) অগ্নির উদ্গার উর্দ্ধগমন) ৬তৎ] বি, পুং, অগ্নিনিঃসারণ; অগ্ন্যদ্গম।

অগ্ন্যুৎসব (ওগ্‌নুৎশব্) [অগ্নি (দ্বারা) উৎসব —৩য়া তৎ] বি, পুং, হর্ষসূচক অগ্নিক্রীড়া; আনন্দব্যঞ্জক অগ্নিপ্রজ্বালন; দোলের চাঁচর। [হিন্দুস্থানে হোলা বা হোলি জ্বলন পর্ব্ব]

অগ্র (অগ্‌গ্র) [অগ্ (অনগ—গমনকরা) + র (কর্ত্তৃ —রক্) যে আদিতে বা প্রথমে গমন করে] বিণ, আদ্য; প্রথম। প্র—অগ্রজ সন্তান। [বাঙ্গলায় বিশেষ্য, বিশেষণ ও ক্রিয়ার বিশেষণে অগ্রস্থলে অগ্রে শব্দ ব্যবহৃত হয়।

প্র—"অগ্রে পাঠ শেষ কর তাহার পর যাও।"]

২। অগ্রবর্ত্তী; আগবাড়ান।

প্র—"সকল কাজে তাহাকেই দেখি অগ্র।"

৩। প্রধান; শ্রেষ্ঠ।

প্র—অগ্রমহিষী; অগ্রযোদ্ধা। ২। বি, উপরিভাগ।

প্র—"গৃহাগ্রে উড়িছে ধ্বজ।"—মেঘনাদ।

৩। প্রান্তভাগ; শেষভাগ।

প্র—কুশাগ্র; সূচ্যগ্র।

৪। অবলম্বন; আশ্রয়; নিষ্ঠা।

প্র—একাগ্র চিত্ত।

৫। সূক্ষ্মাগ্র চূড়া; শীর্ষদেশ; শিখর; মস্তক; আগা; ডগা; apex.

৬। পুরোভাগ।

প্র—"রথের অগ্রেতে বৈসে বীর হনুমান।" —কাশী, মহা।

৭। [অগ্রস্থলে অগ্রে]

ক্রি, বিণ, পূর্ব্বে।

প্র—"তব অগ্রে তারা সব গেছে স্বর্গলোকে।" —মহা—কাশী, স্বর্গারোহণ।

৮। সম্মুখে।

প্র—"তব অগ্রে মারে সেনা দেখিছ দাণ্ডায়ে।" —মহা—কাশী, দ্রোণ।

৯। সমীপে; নিকটে।

প্র—"দ্রোণ-গুরু-অগ্রে কহে করিয়া রোদন।" —মহা—কাশী, দ্রোণ।

অগ্রকর [বৈজ্ঞা, পরি] বি, আধিশ্রাণিক বিন্দু; অগ্রাংশু; focal point.

অগ্রকায় (অগ্‌গ্রোকায়্) [অগ্র—কায় (দেহ)। কায়ের অগ্র—৬ তৎ] বি, পুং, দেহের অগ্রভাগ।

অগ্রগ [অগ্র—গ (গম্ +(কর্ত্তৃ, ড) যে গমন করে—উপপদ] বিণ, যে সকলের অগ্রে বা সকলকে পশ্চাতে করিয়া গমন করে; যে আগে যায়; অগ্রগামী।

প্র—"মগধরাজ সেনাগণের অগ্রগ হইয়া কহিলেন"— —মহাভারত (সিংহ)

অগ্রগণ্য (অগ্‌গ্রোগোনননো) [অগ্রেতে গণ্য (গণনীয়) ৭ তৎ] বিণ, অগ্রে যাহার গণনা, সর্ব্বাগ্রে গণনীয়, অর্থাৎ উল্লেখযোগ্য শ্রেষ্ঠ, প্রধান।

প্র—পণ্ডিতদিগের অগ্রগণ্য; চোরের অগ্রগণ্য।

অগ্রগামী (অগ্‌গ্রোগামি) [অগ্রগামিন্ শব্দ। অগ্র + গামিন্ (গম্ ণিন্ (কর্ত্তৃ) যে গমন করে—উপপদ]—বিণ, অগ্রে গমনকারী; পুরোগামী; অগ্রসর। স্ত্রী, **অগ্রগামিনী**।

অগ্রজ (অগ্‌গ্রোজো) [অগ্র—জ (জন্—উৎপন্ন হওয়া) ড কর্ত্তৃ (যে জন্মে) উপপদ] বিণ, প্রথমোৎপন্ন; জ্যেষ্ঠভ্রাতা; অগ্রজন্মা।

প্র—"মায়াময় লঙ্কাধাম, পূর্ণ ইন্দ্রজালে; কামরূপী তবাগ্রজ।" —মেঘনাদ।

[দ্রঃ—অগ্রে জন্ম হইলেই অগ্রজ বা জ্যেষ্ঠ হয়। বহু-পত্নীকের প্রধানা পত্নীর গর্ভজাত হইলে অগ্রজ হয় না, জ্যেষ্ঠা স্ত্রীর পূর্ব্বে যদি কনিষ্ঠার সন্তান ভূমিষ্ঠ হয় তবে সেই অগ্রজ বা জ্যেষ্ঠ হইবে।—স্মৃতি]

২। [চতুর্ব্বর্ণের মধ্যে অগ্রে ব্রাহ্মণের জন্ম বলিয়া] বি, পুং, ব্রাহ্মণ।

অগ্রজন্মা (অগ্‌গ্রো—) [অগ্রে যাহার জন্ম হইয়াছে] লোকপিতামহ ব্রহ্মা। ২। [অগ্রজন্মন্ শব্দ। অগ্রে ব্রহ্মার মুখ হইতে জন্ম যাহার—বহু] বি, পুং, ব্রাহ্মণ। ৩। [অগ্রে জন্ম যাহার—বহু] বিণ, প্রথমোৎপন্ন; জ্যেষ্ঠ।

অগ্রজিহ্বা (ভা) বি, আলজিভ্; অলিজিহ্বা দ্রঃ।

অগ্রজাত (অগ্‌গ্র—) [অগ্রে—জাত—৭ তৎ অথবা অগ্র (প্রধান স্থান, মুখ) হইতে জাত, ৫তৎ] বি, পুং, ব্রাহ্মণ।

অগ্রজাতক, অগ্রজাতি (অগ্‌গ্রজাতক্) [অগ্র—জাতক (যে জন্মে); অগ্র—জাতি (কুল শ্রেণী)] বি, পুং, ব্রাহ্মণ।

অগ্রণী (অগ্‌গ্রোনি) [অগ্র—ণী (লওয়া) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে অগ্রে লইয়া যায়, উপপদ]। বিণ, শ্রেষ্ঠ; অধ্যক্ষ; দক্ষ।

২। বি, পুং, নায়ক; নেতা; দলপতি।

৩। সেনাপতি।

অগ্রতঃ (অগ্‌গ্রত) [অগ্রতস্ শব্দ। অগ্র + তঃ=তে, ৭মী স্থানে তস্] ক্রি বিণ, অ, অগ্রে; প্রথমে। ২। সম্মুখে। (সংস্কৃতে সপ্তমী বিভক্তি স্থানে তঃ হয়। এই সংস্কৃত শব্দটি বাঙ্গলায় অব্যয়রূপে চলিয়া গিয়াছে)।

অগ্রদানী (অগ্‌গ্রোদানি) [অগ্রদানিন্ শব্দ। অগ্রে দান, ৭ তৎ, অগ্রদান + ইন (অস্ত্যর্থে) প্রেতোদ্দেশে যাহাকে অগ্রে দান করা যায়] বি, পুং (শ্রাদ্ধে তিল দান গ্রহণ হেতু) পতিত ব্রাহ্মণ; যে ব্রাহ্মণ জাতি প্রেত সম্প্রদানের ষড়ঙ্গ তিলাদিদান গ্রহণ করে।

অগ্রদ্বীপ (অগ্‌গ্রদ্‌দিপ) [অগ্র (জাত) দ্বীপ (মপলো কর্ম্মধা)] বি, পুং, স্ত্রী, গঙ্গার গর্ভে প্রথম চর পড়িয়া যে দ্বীপ উৎপন্ন হয়, তাহাই অগ্রদ্বীপ নামে প্রসিদ্ধ।

অগ্রনেতা [নেতৃশব্দ। নী (লওয়া) + তৃন্, কঁ, অগ্রনেতৃ ১মার একবচনে। অগ্রনেতা (যে অগ্রে লইয়া যায়)] বি, পুং, সেনাপতি; অগ্রনায়ক।

অগ্রপর্ণী (অগ্‌গ্রোপোর্‌নি) [অগ্র—প্রধান হইয়াছে পর্ণ (পাতা) যাহার স্ত্রীলিঙ্গে ঈ—বহু] বি, স্ত্রী, আলকুশী গাছ।

অগ্রপশ্চাৎ (অগ্‌গ্র—) [অগ্র এবং পশ্চাৎ দ্বন্দ্ব] ক্রি, বিণ, পূর্ব্বাপর, আগপাছ; ভূত-ভবিষ্যৎ।

প্র—অগ্রপশ্চাৎ ভাবিয়া দেখা; অগ্রপশ্চাৎ না ভাবিয়া কার্য্য করা।

অগ্রপাণি (অগ্‌গ্রোপানি) [অগ্র—পাণি (হস্ত)—পাণির অগ্র, পদ বিপর্য্যয়ক্রমে অগ্রপাণি, ৬ তৎ] বি, পুং, হস্তাগ্র।

২। [অগ্র (আহার প্রভৃতি কার্য্যের কারণ বলিয়া প্রধান) পাণি (কর্ম্মধা)] দক্ষিণ হস্ত; ডান হাত।

অগ্রবর্ত্তী [অগ্‌গ্রোবোর্‌তি) [অগ্র—বর্ত্ত্ + ইন্ —যে অগ্রে থাকে—বহু। কিম্বা; অগ্রে—বর্ত্তী ৭মী তৎ;] বিণ, অগ্রগামী; অগ্রযায়ী; সম্মুখস্থ। স্ত্রী, **অগ্রবর্ত্তিনী**।

অগ্রভাগ (অগ্‌গ্রভাগ্) [অগ্রবর্ত্তী ভাগ, ম, প, লো কর্ম্মধা]; বি, পুং, প্রথমোদ্ধৃত ভাগ।

প্র—"* * *—অগ্রভাগ লয়ে।
ভবানীর নামে দিলা একভাব হয়ে॥" —অন্নদামঙ্গল।

২। ডগা, শেষভাগ। যথা,—কুশের অগ্রভাগ।

অগ্রভূমি (অগ্‌গ্র) বি, স্ত্রী, প্রধান আশ্রয়

২। প্রাপ্যস্থান বা বস্তু।

অগ্রমহিষী (অগ্‌গ্রোমোহিষি) [অগ্র (প্রধানা) —মহিষী (রাণী); পালি—অগ্‌গমহেসী] বি, পাটরাণী।

অগ্রমাংস, অগ্রমাস (অগ্‌গ্রোমাংশো, মাশ্) [অগ্র (প্রধান) মাংস বা মাস—কর্ম্মধা] বি, ক্লী, বক্ষঃস্থলে পদ্মাকৃতি মাংসভাগ; বুকের কলিজার অগ্রভাগের মাংস; দূষিত ভাবে যকৃতের মাংসবৃদ্ধিরূপ রোগ-বিশেষ।

প্র—"বয়স তার বছর ষোল,
দেখতে শুনতে কালকোল,

পিলে অগ্রমাসে মলো,
আমি তখন থানায় পড়ে—" —বিষবৃক্ষ।

অগ্রযান (অগ্‌গ্রোজান) [অগ্রে (সর্ব্বাগ্রে) যান (গমন) ৭ তৎ, অথবা—অগ্রে (সেনাপতির অগ্রভাগে) যান (গমন) যাহাদের —বহু] বি, স্ত্রী, সেনাপতির অগ্রগামী সৈন্য।

অগ্রযায়ী (অগ্‌গ্রোজাঈ) [অগ্রযায়িন্ শব্দ। [অগ্র—যায়িন্; যা (যাওয়া) + ইন্ (কর্ত্তৃ, যে যায়) উপপদ] বিণ, অগ্রগামী। স্ত্রী, **অগ্রযায়িনী**।

অগ্রসর, অগ্রসার (অগ্‌গ্রশর্, শার্) অগ্র—সর, সার (সৃ=গমন করা) + অ (কর্ত্তৃ —টক্), সার (কর্ত্তৃ ঘঞ্) —যে গমন করে— উপপদ] বিণ, যে অগ্রে যায়; অগ্রগ; অগ্রগামী; অগ্রযায়ী। যথা,—"ইত্যবসরে তিনি অগ্রসর হইলেন।"
২। সকলের অগ্রে প্রবৃত্ত বা উদ্যোগী। [তুলঃ—সং-অগ্রসর, অগ্রেসর; ইং aggressor.]

অগ্রসন্ধ্যা (অগ্‌গ্রশোন্‌ধ্যা) (অগ্র—সন্ধ্যা —কর্ম্মধা] বি, স্ত্রী, পূর্ব্বসন্ধ্যা; উষা।

অগ্রসামান্যবন্ধনী (অগ্‌গ্রোশামান্ন বন্‌ধোনি) বি, স্ত্রী, মেরুদণ্ডের সম্মুখভাগস্থ বন্ধনী। ইং—Anterior Common Ligament. [মেরুদণ্ডের অস্থিখণ্ড বা কশেরুকা সকল যে স্থিতিস্থাপক, নমনীয় উপাস্থিময় শ্বেত পদার্থ দ্বারা দৃঢ় সম্বদ্ধ থাকে তাহার নাম বন্ধনী।]

অগ্রসূচনা (অগ্‌গ্রোশুচোনা) [অগ্রে—সূচনা, ৭ তৎ] পূর্ব্বাভাষ। ২। পূর্ব্বারম্ভ।

অগ্রস্ত্রী (অগ্‌গ্রোস্‌ত্রি) [অগ্র (পূর্ব্ব)—স্ত্রী —কর্ম্মধা] বি, স্ত্রী, প্রথমবিবাহিতা পত্নী।

অগ্রস্থিত (অগ্‌গ্রস্‌থিত) [অগ্রে—স্থিত—৭ তৎ] বিণ, সম্মুখে বিদ্যমান; পুরোবর্ত্তী।

অগ্রহণীয় (অগ্‌গ্রোহোনিও) [ন=অ (অযোগ্য) গ্রহ + অনীয় (কর্ম্মে)] বিণ, গ্রহণের অযোগ্য।

অগ্রহায়ণ (অগ্‌গ্রোহাওন্) [অগ্র (প্রথম) + হায়ন (বৎসর)—বৎসরের প্রথম। অথবা, অগ্র (শ্রেষ্ঠ) হায়ন (ব্রীহি ধান্য)—বৎসরের যে সময় শ্রেষ্ঠ ব্রীহি উৎপন্ন হয়। প্রতি বৎসর অগ্রহায়ণ মাসে ক্ষেত্রে হৈমন্তিক শস্য প্রাচুর্য্যসহ হায়ন বা ব্রীহি ধান্য উৎপন্ন হয়। পূর্ব্বে এই কৃষি-প্রধান দেশে সাধারণ লোকে ঐ সময় হইতেই বৎসরের আরম্ভ গণনা করিতে থাকে; চন্দ্র সূর্য্যের গতি লক্ষ্য করিয়া বৎসর গণনা করিতে তাহারা জানিত না। তখন ৬ ঋতু হেমন্তকে আদি করিয়া শিশির, বসন্ত, গ্রীষ্ম, বর্ষা ও শরৎ পর্য্যায়ে গণনা করা হইত। এই হেতু বৎসরের প্রথম মাস বা শ্রেষ্ঠ হায়ন অর্থাৎ ব্রীহি-উৎপাদক মাসের নাম হয় অগ্রহায়ণ] বি, পুং, হেমন্ত ঋতুর প্রথম মাস; মার্গশীর্ষ।

অগ্রাহ্য (অগ্‌গ্রাঝ্‌ঝ) [ন=অ—গ্রাহ্য (গ্রহণীয়) নঞতৎ] বিণ, গ্রাহ্য নয়; গ্রাহ্য করিবার উপযুক্ত নয়; হেয়; অবজ্ঞেয়; অশ্রদ্ধেয়।
প্র—গুরুজনের কথা অগ্রাহ্য করা উচিত নহে।
২। গ্রহণের অনুপযুক্ত।
৩। যাহা গ্রহণ করা অপ্রশস্ত বা অবৈধ।

অগ্রিম (ওগ্‌গৃম্) [অগ্র + ইম (ভাবার্থে] বিণ, প্রথম; জ্যেষ্ঠ; শ্রেষ্ঠ; প্রধান।
২। আগাম; অগ্রে দেয়। প্র—অগ্রিম মূল্য।

অগ্রিয়, অগ্রীয় (ওগ্‌গৃঅ) [অগ্র + ঈয় (ভাবার্থে)] বিণ, অগ্রেস্থিত; অগ্রসম্বন্ধীয়। [অগ্রিম দ্রঃ]

অগ্রীয়গর্ভতন্তু (ওগ্‌গৃওগর্‌ভোতোন্‌তু) [অগ্রীয় (অগ্রভাগে স্থিত) গর্ভতন্তু (ডিম্বকোষের উপরস্থিত দীর্ঘ সূত্রবৎ অংশ)] বি, পুং, পুষ্পের ডিম্বকোষের অগ্রভাগ হইতে উত্থিত গর্ভকোষের উপরিস্থিত দীর্ঘ সূত্রবৎ অংশ বা গর্ভতন্তু। ইং Apical Style. [গর্ভকেশর ও ডিম্বকোষ দ্রঃ]

অগ্র্য (অগ্‌গ্র) [অগ্র + য (ভাবার্থে)। যে অগ্রে হয়] বিণ, আদ্য। ২। শ্রেষ্ঠ।

অগ্লানি (অগ্‌গ্লানি) [ন=অ—গ্লানি] বি, গ্লানিহীনতা। ২। বিণ, অশ্রান্ত; অক্লান্ত। ৩। অবিরক্ত।

অঘ [অঘ্ (পাপ করা) + অ (ভাবে অল্)] বি, ক্লী, পাপ। ২। কলঙ্ক। ৩। দুঃখ। ৪। ব্যসন। [অঘ্ (পাপ করা) + অল্—ক] পুং, অসুরবিশেষ পূতনা ও বকাসুরের ভাই। [অঘাসুর দ্রঃ]

অঘট, অঘটন (ট্, ন্) [ন=অ—ঘট, ঘটন (যাহা ঘটে)] বিণ, অসম্ভব; যাহা ঘটে না; যাহা ঘটা সম্ভব নহে।

অঘটন-ঘটনা (ন) বি, স্ত্রী, অসম্ভব সম্ভব হওয়া; যাহা ঘটিবার নহে তাহা সংঘটিত হওয়া। **অঘটন-ঘটন-পটীয়স্,—ঘটনা পটীয়স্**—যাহা ঘটিবার নহে এমন অসম্ভবকে সম্ভব করিবার পটুতা বিশিষ্ট; অসাধ্য সাধনে পটু। স্ত্রী, **অঘটন-ঘটন-পটীয়সী,—ঘটনা-পটীয়সী**। প্র—অঘটন-ঘটন-পটীয়সী মায়া।

অঘটনা [ন=অ—ঘটনা] বি, স্ত্রী, যাহা সহজে ঘটে না। ২। অসম্ভব ঘটনা।

অঘটনীয় [ন=অ—ঘটনীয়] বিণ, যাহা ঘটিতে পারেনা; অসম্ভাব্য; অসাধ্য।
২। যা ঘটা উচিত নহে।

অঘটিত (টো) [ন=অ—ঘটিত] বিণ, ক্লী, ঘটনারহিত।

অ-ঘন [ন = অ + ঘন (মেঘ)] বিণ, মেঘশূন্য। ২। [অ — ঘন (নিবিড়)] অনিবিড়; পাতলা।

অঘনাশক [অঘের—নাশক, ৬তৎ] বি, পাপনাশক; দুরিতহারী।

অঘনাশন (অঘোনাশন্) [অঘ—নাশন ৬তৎ] বিণ, পাপনাশন। ২। বি, বিষ্ণু।

অঘবান্ [অঘ + বৎ (অস্ত্যর্থে বতু)] বিণ, পাপী; পাপকর্ম্মকারী; দুষ্কৃতী।

অঘময় (য়্) [অঘ (পাপ)—ময় (ময়ট্)] বিণ, পাপময়; পাপবিশিষ্ট।

অঘর (র্) [ন=অ (অপ্রশস্ত)—ঘর (=পরিবার বা বংশ)] বি, খারাপ ঘর; কুলীনের মেল বহির্ভূত বংশ; হীনকুল; মন্দ পরিবার। ২। অচল বা আদান প্রদান রহিত ঘর বা কুল।

[ন = অ — ঘর্ম্ম] ঘর্ম্মাভাব; স্বেদহীনতা।

অঘা (অ্‌ঘা) [সং, অজ্ঞ—অপভ্রংশে] বিণ, অপদার্থ; মূর্খ। প্র—"বাবুরাম অঘা অতি হইয়াছে ভীমরথী,"—টেকচাঁদ। [অগা দ্রঃ]

অঘাচণ্ডী, অঘারাম [গ্রা, স্নেহগর্ভ তিরস্কার]। **অঘামারা** [গ্রা, তুচ্ছার্থক তিরস্কার] নির্ব্বোধ; মূর্খ; অপদার্থ।

অঘাট (ট্) [ন=অ—ঘাট] বি, পুং, জলাশয়ের যে পার্শ্বে ঘাট নাই; আঘাটা।

অঘাটি, অঘাটী [অ (নাই) + ঘাট (হিঃ ঘাট্ ন্যূনতা, দোষ) + ই, ঈ (বিশিষ্টার্থে)] বিণ, অহীন; ত্রুটীশূন্য; নির্দ্দোষ।
প্র—"কুলে শীলে রূপে গুণে সকলি অঘাটি।
সারাদিন করি সারা সংসারের পাটি॥"
—শিবায়ন।

অঘাতক (ক্) [ন=অ (না)—ঘাতক] বি, যে বধকারী নহে। ২। অহিংসক।

অঘাতী [ন=অ—ঘাতিন্] বি, যে প্রাণান্তক নহে। ২। অনপকারক।

অঘাতুক (ক্) [ন=অ—ঘাতুক] বি, অবিনাশক।

অঘাসি (শি) [ন=অ (=অপ্রশস্ত)—ঘাসি (ঘাস) প্রাদে। চ, আঘাসা]। বি, নিকৃষ্ট ঘাস; কাঁচড়া ঘাস।
প্র—"অনাদরে অঘাসি ঈশান মুখে খায়।"
—ঘনরাম।

অঘাসুর (অ্‌ঘাশুর্) বি, অসুর বিশেষ। বকাসুর ও পূতনার কনিষ্ঠ ভ্রাতা এবং কংসের সেনাপতি। [শৈশব সময়ে কৃষ্ণ যখন নন্দালয়ে অবস্থান করিতে ছিলেন, তখন তাঁহার বিনাশার্থ কংস বকাসুর ও পূতনা রাক্ষসীকে তাঁহার নিকটে প্রেরণ করেন। কিন্তু কৃষ্ণ তাহাদের উভয়কেই বিনাশ করেন। পরে অঘাসুর ভ্রাতা ও ভগিনীবধের প্রতিহিংসা সাধনার্থ কৃষ্ণকে

বিনাশ করিতে কৃতসঙ্কল্প হয় এবং চারিযোজন লম্বা সুবৃহৎ অজগরের রূপ ধারণ করিয়া মুখ-ব্যাদান পূর্ব্বক পথিমধ্যে পড়িয়া থাকে। গৃহ-প্রত্যাগমনকালে কৃষ্ণ-সহচর গোপালগণ অজ-গর-রূপধারী অঘাসুরের মুখগহ্বরকে পর্ব্বতগুহা মনে করিয়া তন্মধ্যে প্রবিষ্ট হয়। কৃষ্ণ সহচর-গণের বিপদ ও অঘাসুরের দুষ্টাভিসন্ধি বুঝিতে পারিয়া সর্ব্বপশ্চাৎ নিজেও অজগরের মুখ-গহ্বরে প্রবেশ করিয়া বিরাট-মূর্ত্তি ধারণ করেন। তাহাতেই অঘাসুরের প্রাণ বহির্গত হয়।

অঘৃণ (ন) বিণ. নির্ঘৃণ ; ঘৃণাশূন্য।

অঘৃণ্য (ম) বিণ. যাহা ঘৃণার বস্তু নহে ; ঘৃণার অযোগ্য।

অঘৃষ্য (শ্‌শ) [ন=অ—ঘৃষ (ঘর্ষণ করা) +য (কর্ম্মে)] বি. পু, ক্লী. যাহা ঘর্ষণ করার অযোগ্য ; অঘর্ষণীয়।

অঘোর (র্‌) বিণ. অচেতন ; সংজ্ঞাহীন ; প্র—অঘোরে নিদ্রা যাইতেছে।

"প'ড়ে আছে হইয়ে অঘোর।"

—(অশোক গুচ্ছ)।

২। [ন=অ (নাই) ঘোর (ভয়ানক) যাহা হইতে, বহু—যৎপরোনাস্তি ঘোর] বি. পুং, অতি ভয়ানক ; প্রচণ্ড ; দুর্দ্ধর্ষ। প্র—

"নিতি নিতি বাড়ে বড় অঘোর বাদল।"

—ঘনরাম।

৩। [অ (নয়) ঘোর (ভয়ানক) নঞ-তৎ] যিনি ভয়ানক নহেন। ৪। শিব। প্র—"অঘোর মন্ত্রেতে শিখা বাঁধে ততক্ষণ।"

—রামপ্রসাদ—বি, সু।

অঘোরা [অঘোর (শিব)+অ (অত্যর্থে) স্ত্রীলিঙ্গে—আ। যাহাতে শিবের উপাসনা হয়] বি. স্ত্রী. ভাদ্রমাসের কৃষ্ণা চতুর্দ্দশী। [শিবলোক প্রাপ্তি কামনায় উপাসক অঘোরা চতুর্দ্দশীতে শিব পূজা করে]

অঘোরপন্থী (অঘোর্‌পোনথি) [অঘোর শিব, ভয়ানক—পন্থী (পথিন্‌ শব্দজ)] বি. পুং, শৈবসম্প্রদায়-ভেদ। ইহারা নিতান্ত অপরিষ্কার থাকে। নির্ব্বিকার ও নির্ঘৃণ হওয়াই ইহাদের ধর্ম্মনীতির মূলমন্ত্র। ইহারা আমমাংস, গলিত দুর্গন্ধময় শব এমন কি মল-মূত্র পর্য্যন্ত অম্লান বদনে উদরস্থ করিয়া থাকে। ইহারা কখনও অঙ্গমার্জ্জনা বা মুখ পরিষ্কার করে না। মদ্যপান করিবার জন্য ইহাদের প্রত্যেকের হস্তে এক একটি নরকপাল থাকে। ইহাদের পরিধানে কৌপিন ও বহির্বাস। "ইহারা নরবলি দ্বারা পূজা করে।"

—ভারতকোষ।

"ভারতবর্ষীয়-উপাসক সম্প্রদায়" গ্রন্থে অক্ষয়-কুমার দত্ত মহাশয় লিখিয়াছেন "ইহারা মদ্য মাংস ভক্ষণ ; সর্পাদির অস্থি ও পশ্বাদির কপাল ধারণ ও অন্য অন্য নানাবিধ ঘৃণিত ও কুৎসিত ব্যবহার করে। বিশেষ এই যে, ইহারা যোগী, এইজন্য কন্‌ফট্‌-যোগীদের মত কর্ণযুগলে এক-রূপ দর্শন অর্থাৎ কুণ্ডল পরিয়া থাকে। ইহারা শিবের উপাসক, এ নিমিত্ত অস্থিমালা ও করোটীমালার সহিত রুদ্রাক্ষমালা ও ঠুম্‌রা প্রভৃতি তীর্থ-চিহ্ন ধারণ করে। ক্ষৌরী হয় না ; কেশ ও শ্মশ্রু রাখিয়া দেয়।" এই সম্প্রদায়ের আদিস্থান বড়োদারাজ্য। এখানে অঘোরেশ্বর নামে একটি মঠ ছিল ; তথায় অঘোর-স্বামী বাস করিতেন। রাজস্থানের অন্তর্গত আবুপর্ব্বত, কাটিয়াবাড়, বঙ্গদেশ প্রভৃতি স্থানে এখনও মধ্যে মধ্যে অঘোরপন্থী যোগী দেখা গেলেও ইহারা ক্রমেই নির্মূল হইয়া আসিতেছে।

এই সম্প্রদায় অতি প্রাচীন। ইহাদের বিষয় মার্কোপোলো, প্লিনী, এরিষ্টট্‌ল্‌-প্রমুখ বৈদেশিকগণ তাঁহাদের গ্রন্থমধ্যে উল্লেখ করিয়া গিয়াছেন।

২। দুরাচার উন্মার্গগামী সম্প্রদায় ; অঘোরী।

৩। অঘোরী যোগীদিগের মত যাহাদের ভক্ষ্যাভক্ষ্য বিচার নাই এবং আহার সম্বন্ধে নির্ঘৃণ তাহাদের অঘোরপন্থী বলে।

অঘোষ (ষ্‌) [ন=অ (নাই) ঘোষ (গোপ) বা (ধ্বনি) যেখানে, বহু] বিণ. ঘোষশূন্য বা ধ্বনিশূন্য প্রদেশ।

২। কলাপ ব্যাকরণের সংজ্ঞাবিশেষ। ঘোষ দ্রঃ।

অঘোষবান (ষ্‌, ন) বিণ. যাহাতে ধ্বনি নাই।

২। যে সকল বর্ণ ঘোষহীন। যথা—ক, খ, চ, ছ ইত্যাদি অর্থাৎ বর্গের প্রথম দুই বর্ণ।

অঘ্ন, অঘ্ন্য (অঘ্‌ন) [অঘ (আরম্ভ করা) +ন, ষ্ণন (কর্ত্তৃ) যিনি জগৎ সৃষ্টি করিতে আরম্ভ করেন] বি. পুং ব্রহ্মা।

২। [ন=অ (অযোগ্য) হন্‌ (বধকরা) অ,—য (কর্ম্মে নিপাতনে)] বিণ. বধের অযোগ্য।

অঘ্না, অঘ্ন্যা (অঘ্‌না) [ন=অ—হন্‌ (বধকরা)+অ (অক), য (কর্ম্মে, যক)—নিপাতন—স্ত্রীলিঙ্গে আ] বি. স্ত্রী. গাই।

২। বিণ. বধের অযোগ্যা।

অঘ্রাণ (অগ্‌ঘ্রান্‌) [অগ্রহায়ণ শব্দের অপ-ভ্রংশ] বি. অগ্রহায়ণ মাস।

প্র—"অঘ্রাণে তোর ভরা ক্ষেতে কি দেখেছি মধুর হাসি।

—রবীন্দ্র (গান)।

"অঘ্রাণে শীতের রাতে নিঠুর শিশিরাঘাতে পদ্মগুলি গিয়াছে মরিয়া।"

—রবীন্দ্র (কথা)।

২। ঘ্রাণরাহিত্য ; গন্ধশূন্যতা। ৩। বিণ. গন্ধহীন ; নির্গন্ধ।

অঘ্রাত (অগ্‌ঘ্রাত) [অ (নহে)—ঘ্রাত (আঘ্রাত)] বিণ. অনাঘ্রাত ; যাহার ঘ্রাণ লওয়া হয় নাই। প্র—অঘ্রাত পুষ্প।

অঙ্ক [অঙ্ক্‌ (লক্ষ্য করা)+অ (করণে, ভাবে অল্‌)—যাহা দ্বারা লক্ষ্য করা যায়] বি. পুং, চিহ্ন। প্র—

"জয় শিবেশ শঙ্কর বৃষধ্বজেশ্বর মৃগাঙ্কশেখর দিগম্বর।"

—অ, ম।

২। কলঙ্ক। প্র—"তুমি যে ধর্ম্মশীল অকপট ললিতমোহনের চরিত্রে অঙ্কদান কল্লে, এতে আমার অন্তঃকরণ বিদীর্ণ হয়ে যাচ্ছে।"

—লীলাবতী (দীনবন্ধু)।

৩। উৎসঙ্গ ; ক্রোড় ; কোল। প্র—

"সাঙ্গ এবে ধুলাখেলা, অঙ্গ পড়ে ঢুলে, শঙ্কাহরা কোথা তুমি অঙ্কে লহ তুলে!"

—সুধীন্দ্রনাথ ঠাকুর।

"শৈশবকালে বীণার ন্যায় এক অঙ্ক হইতে অঙ্কান্তরে যাইতাম।" —কাদম্বরী।

৪। রেখা। প্র—"রুদ্রকান্ত চলিয়া গেলেন পাষাণ সহজে অঙ্কিত হয় না ; রুদ্রকান্তের হৃদয়ে মালতীর রোদন জন্য অঙ্কপাতহইল না।"

—বিমলা (দামোদর)।

৫। ভূষণ ; অলঙ্কার। প্র—বৃষাঙ্ক।

৬। সংখ্যাজ্ঞাপক চিহ্ন ; আঁক (যেমন ১।২।৩।৪ ইত্যাদি)।

৭। [গণিত-পরিভাষায়] বীজ গণিতে কোন রাশি কতবার লওয়া হইয়াছে তাহার জ্ঞাপক বর্ণ বা সংখ্যা ; গুণক ; coefficient. **অব্যক্ত বর্গাঙ্ক**—প্রকৃতি দ্রঃ ; coefficient of square of unknown quantity.

৮। নাটকের পরিচ্ছেদ বা সর্গ (ইহাতে প্রসঙ্গাধীন স্থুল তাৎপর্য্য একপ্রকার শেষ হয়। অঙ্কের মধ্যস্থ দৃশ্যাবলী বা প্রসঙ্গমূলক ক্ষুদ্র পরিচ্ছেদকে গর্ভাঙ্ক বলে।

৯। নাটকাদি রূপক বা অভিনয়ভেদ। দৃশ্যকাব্যে স্বভাবের অনুকরণ করা হয় বলিয়া নাটকের অন্য নাম রূপক। প্র—"অঙ্কে বর্ণিত নায়ক-চরিত্র প্রত্যক্ষবৎ প্রতীয়মান হইবে।" —কাব্যদর্পণ।

১০। শরীর। ১১। স্থান। **অঙ্ককরা, অঙ্ককষা**—ক্রি, আঁককষা ; গণনা করা ; হিসাব লেখা ; workingout mathematical sums.

অঙ্কক্রম (অঙ্কক্‌ক্রম্‌) [অঙ্ক+ক্রম—৬তৎ] বি, পুং, অঙ্কপর্য্যায়। ২। ক্রি, বিণ, ক্রমে ক্রমে।

অঙ্কগ [অঙ্ক+গম+অ (কর্ত্তৃ ড)] বিণ. কোলের শিশু ; অপোগণ্ড বালক ; দুধের ছেলে।

অঙ্কগত [অঙ্ক—গত—২তৎ] বিণ. ক্রোড়ে আসীন ; ক্রোড়স্থিত।

২। হস্তগত ; অধিকৃত।

অঙ্কতন্ত্র—বি. গণিত বা বীজগণিত-বিষয়ক রাশি-বিজ্ঞান।

অঙ্কন (অংকন্) [অঙ্ক+অন (অনট্)—ভাবে] বি, ক্লী, চিহ্নকরণ। ২। সংখ্যালিখন। ৩। [জ্যামিতিতে] রেখাপাতন। ৪। আঁকা ; চিত্র করণ।

অঙ্কপাত (ৎ) [অঙ্কের পাত—৬তৎ] বি, পুং, সংখ্যা ; সংস্থাপন আঁক রাখা। ২। অঙ্ককষা। ৩। চিহ্নিতকরণ।

অঙ্কপালি, অঙ্কপালিকা, অঙ্কপালী [অঙ্ক (ক্রোড়)—পালি, পালিকা, পালী (পাল্=পালন করা+ই, ঈ—ভাবে)। যে অঙ্কের দ্বারা পালন করে—৩য়া তৎ] ধাত্রী। ২। আমলকী।

অঙ্কপাশ (শ্) [অঙ্ক—পাশ] বি, ক্লী, অঙ্কপাতন ; আঁক রাখা। ২। [গণিত-পরিভাষায় (লীলাবতী)] অঙ্কের পরিবৃত্তি বা বিবিধ বিন্যাস ; permutation of digits. —সা, প, প।

অঙ্কপাশাধ্যায় (য়্) [অঙ্ক—পাশ—অধ্যায়] বি, পুং, সুশৃঙ্খলার সহিত অঙ্ক সকলকে পরস্পর বিন্যস্ত করণ।

অঙ্কপূরণ (ন্) [অঙ্ক (দ্বারা) পূরণ ৩তৎ] বি, ক্লী, গুণন ; গুণ করা।

অঙ্কবিদ্যা (অংকবিদ্দ্যা) [অঙ্ক—বিদ্যা] বি, স্ত্রী, অঙ্কশাস্ত্র ; গণিত বিদ্যা।

অঙ্কবিদ্যাব্যবসায়ী (অংকোবিদ্দ্যাবব শাঈ) [অঙ্কবিদ্যা+ব্যবসায়ী] ; বি, পুং, অঙ্কবিদ্ পণ্ডিত ; গণিতশাস্ত্রে পণ্ডিত ; যিনি অঙ্কবিদ্যা শিক্ষা দেন।

অঙ্কবৃদ্ধি [অঙ্ক—বৃদ্ধি] বি, স্ত্রী, আঁক বাড়ান ; অঙ্কের গুণ কিংবা বৃদ্ধি করণ। অধিক অঙ্ক।

অঙ্কভাক্ [অঙ্ক—ভাজ্] বিণ, অঙ্কপার্শ্বে স্থিত ; শ্রোণীদেশস্থ।

অঙ্কলগ্ন [অঙ্কে লগ্ন (স্থিত) ৭ তৎ] বি, পুং, ক্রোড়স্থিত ; পুত্র। বিণ, ক্রোড়স্থ।

অঙ্কলক্ষ্মী (অংকলোক্‌খি) [অঙ্কস্থিতা-লক্ষ্মী, কর্ম্মধা] বি, স্ত্রী, পত্নী ; স্ত্রী।

অঙ্কশাস্ত্র [অঙ্কের—শাস্ত্র ৬ তৎ] বি, ক্লী, গণিতশাস্ত্র ; বীজগণিত, পাটীগণিত প্রভৃতি।

অঙ্কশায়ী [অঙ্কশায়িন্ শব্দ (অঙ্ক—শী+ণিন—কর্ত্তৃ)] বিণ, পুং, ক্রোড়ে শয়নকারী। স্ত্রী, **অঙ্কশায়িনী**।

অঙ্কস্থ [অঙ্ক—স্থা+ড কর্ত্তৃ] বিণ, অঙ্কস্থিত ; ক্রোড়স্থিত ; ক্রোড়ে প্রতিপালিত। ২। অতি নিকটস্থ

অঙ্কস্থিত—বিণ, ক্রোড়স্থিত। ২। অতি নিকটস্থ।

অঙ্কহরণ (অংকহরন) [অঙ্ক—হরণ] বি, পুং, অঙ্ক ভাগ করণ।

অঙ্কিত (ওংকিত) [অঙ্ক (চিহ্ন করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, চিহ্নিত ; দাগ-কাটা ; আঁক-কাটা।
প্র—"ললাটে বিন্দু বিন্দু ঘর্ম্ম
বলি-অঙ্কিত শিথিল চর্ম্ম।" —রবীন্দ্র।
"মৃগাঙ্কে অঙ্কিত" —নিবাতকবচ বধ।
২। চিত্রিত ; ক্ষোদিত। প্র—প্রতিকৃতি অঙ্কিত হওয়া ; তুলিকা দ্বারা অঙ্কিত ; প্রস্তরে অঙ্কিত।
৩। বিবৃত ; delineated.
প্র—চরিত্র অঙ্কিত হওয়া।
৪। গ্রথিত হওয়া ; গাঁথিয়া যাওয়া ; ছাপ পড়া ; impressed.
প্র—কোন দৃশ্য মানসপটে অঙ্কিত হওয়া।
৫। অঙ্কপাতা ; টানা।
প্র—রেখা বা বৃত্ত অঙ্কিত করা।
৬। গণনা দ্বারা নির্দ্ধারিত ; গণিত।
৭। লক্ষিত।

অঙ্কী (ওংকি) [অঙ্কিন্ শব্দ। অঙ্ক (চিহ্ন ; (ক্রোড়)+ইন—বিশিষ্টার্থে] বিণ, কলঙ্কী।
প্র—"অঙ্কী কলানিধি, যে বাক্যে জলধি পাইল কটুত্ব লোন।" —কাশীদাস।

অঙ্কুর, অঙ্কূর (ওংকুর্) [অঙ্ক (অনক্=লক্ষ্য করা) উর, উর (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)—যে বীজ হইতে লক্ষিত হয় বা দেখা দেয়। অপভ্রংশ—আঁকুর, আঁকুড়] বি, পুং বীজ বপন বা রোপণ করিলে বীজ ভেদ করিয়া যাহা প্রথম নির্গত হয় ; কল।
প্র—শস্যের অঙ্কুর ; বীজাঙ্কুর।
২। কলিকা ; মুকুল।
প্র—"বসন্তাদি ঋতুসহ সদা যথা কাম।
চূতাঙ্কুর শরহস্তে বিহরে প্রকাম।"
—নিবাতকবচবধ।
৩। উন্মেষ ; প্রকাশ ; সঞ্চার।
প্র—"কিছু কিছু উতপতি অঙ্কুর ভেল।
চরণ চপলগতি লোচন নেল।" —বিদ্যাপতি।
৪। উদ্ভিন্নবস্তু ; নবোদিত বস্তু।
প্র—"উরজ অঙ্কুর চীরে ঝাঁপায়সি
থোর থোর দরশায়।" —বিদ্যাপতি।
৫। আদি ; মূল ; প্রারম্ভ ; গোড়া ; সূত্রপাত।
প্র—"সজনি কানুকে কহবি বুঝাই।
রোপিয়া প্রেমকবীজ অঙ্কুরে মোড়লি,
বাঁচব কোন্ উপাই।" —বিদ্যাপতি।
৬। অগ্রভাগ ; ডগা। প্র—কুশাঙ্কুর।

অঙ্কুরিত (ওংকুরিত) [অঙ্কুর+ইত—জাতার্থে] বিণ, অঙ্কুরোদ্গম ; যাহার অঙ্কুর নির্গত হইয়াছে। মুকুলিত।—প্র—"চূতকলিকা অঙ্কুরিত—"
—কাদম্বরী।
২। প্রকাশিত ; আবির্ভূত।
প্র—"মনোজ হইল যেন আসি অঙ্কুরিত।"
—বিক্রমোর্ব্বশী।

অঙ্কুরোদয় (ওংকুরোদয়্) [অঙ্কুরের—উদয়, ৬ষ্ঠী তৎ] বি, পুং, অঙ্কুরোদ্ভব।

অঙ্কুশ, অঙ্কুষ (ওংকুশ্) [অনক্ (গমন করা)+উশ, উষ—ণ (সংজ্ঞার্থে)—যাহা মর্ম্ম স্থানে গমন করে] বি, পুং, ক্লী, হস্তীর মস্তকে প্রহার করিয়া বা খোঁচা দিয়া উহার দুষ্টতা দমন বা গতি বৃদ্ধি করিবার আঁকশির মুখের ন্যায় সূচ্যগ্র বক্র-মুখ লৌহদণ্ড বিশেষ ; হস্তী তাড়ন দণ্ড ; ডাঙ্গস।
প্র—"গজ গমনে আঁকশির ন্যায় অঙ্কুশ মাহুতগণ কর্ত্তৃক ব্যবহৃত হইবে।"—শুক্রনীতিসার।

অঙ্কুশ দুর্দ্ধর (র্) [অঙ্কুশ দ্বারা দুর্ (দুঃখে) ধর (যে ধরা দেয়) ৩তৎ। যে অঙ্কুশ দ্বারা কষ্টে ধরা দেয় বা বশ্যতা স্বীকার করে] বি, পুং, দুরন্ত হস্তী।

অঙ্কুশী (ওংকুশি) [অঙ্কুশ+ঈ] বি, স্ত্রী, অঙ্কুশ-ধারণকর্ত্রী। জৈনগণ-দেবতাভেদে অশোকা, মানবী, চণ্ডাদি শাসন-দেবী।

অঙ্কোপরি [অঙ্কের উপরি (৬ তৎ)] অ, ক্রোড়ের উপর।

অঙ্ক্য (ওংক) [অঙ্ক+য (কর্ম্ম,) অঙ্কে (ক্রোড়ে) রাখিয়া যাহা বাজান যায়] বি, পুং, মৃদঙ্গ। পাখোয়াজ। ঢোল। ২। বিণ, ক্রোড়ের যোগ্য।

অঙ্গ [অনগ্ (গমন করা, বোধ করা)+অ (কর্ত্তৃ, করণে অল্)—যে গমন করে, বা যদ্দারা আকৃতির বোধ হয়] বি, ক্লী, হস্ত পদাদি অবয়ব ও শরীরের অংশ।
২। শরীর যন্ত্র ; organ. ৩। শরীর ; দেহ।
প্র—"অঙ্গে যতই চাপায় রতন,
কবি বসে থাকে ছবির মতন।"—রবি।
"কপালে কঙ্কণ মারে, রুধির বহিছে ধারে।
কাম-অঙ্গ-ভস্ম লেপে অঙ্গে।" —অ, ম,।
৪। আকৃতি ; মূর্ত্তি ; চেহারা। প্র—
"অনঙ্গের অঙ্গ দিলি"—ভারত।
"একদা তুমি অঙ্গ ধরি ফিরিতে নব ভুবনে
মরি মরি অনঙ্গ দেবতা।"—রবি।
৫। অংশ ; অবয়ব। প্র—
"অঙ্গ শব্দে অংশ কহে শাস্ত্র পরমাণ।
অঙ্গের অবয়ব উপাঙ্গ আখ্যান।
অদ্বৈত নিত্যানন্দ চৈতন্যের দুই অঙ্গ।
অঙ্গের অবয়বগণ কহিয়ে উপাঙ্গ।"
—চৈতন্যচরিতামৃত।
৬। অপরিহার্য্য অংশ ; যাহার অভাবে কোন কিছু সম্ভাবিত হয় না ; যাহা না হইলে কোন কিছু অসম্পূর্ণ রহিয়া যায়।
প্র—"বিরাম কাজেরই অঙ্গ একসাথে গাঁথা।
নয়নের অংশ যেন নয়নের পাতা।"
"জন্ম মৃত্যু দোঁহে মিলে জীবনের খেলা,
যেমন চলার অঙ্গ পা-তোলা পা-ফেলা।"—রবি।
রথাঙ্গ ; চতুরঙ্গ ইত্যাদি।

৭। উপকরণ। প্র—জিনিষগুলি ফেলিয়া দিও না গুগুলি পূজার অঙ্গ।

৮। স্ব (আপন) এই অর্থবাচক। প্র—অঙ্গীকার।

৯। বেদাঙ্গ; বেদের ৬টী অবয়ব গ্রন্থ। যথা,—(১) শিক্ষা (২) কল্প (৩) ব্যাকরণ (৪) ছন্দঃ (৫) নিরুক্ত (৬) জ্যোতিষ। প্র—"যিনি অষ্টাঙ্গ সংযুক্ত মেধা ও গুরু শুশ্রূষা অবলম্বন করিয়া অঙ্গ, উপনিষৎ ও ইতিহাস পুরাণের সহিত চতুর্ব্বেদ অধ্যয়ন করেন;—মহা-বন, (বর্দ্ধমান)।

১০। বৌদ্ধধর্ম্মশাস্ত্র ভেদ।

১১। [জ্যোতিষে] জন্মাদি লগ্ন।

১২। [ব্যাকরণে] অন্তস্থ প্রত্যয়ের পূর্ব্ববর্ত্তী প্রকৃতি।

অঙ্গ—বি, রাজা বিশেষ; রাজ্য বিশেষ; অঙ্গ রাজ্যের অধিবাসী।

[পুরাণ] অসুর বংশীয় বলিরাজার। ক্ষেত্রজ পুত্র, বলিপত্নীর গর্ভে দীর্ঘতমা মুনির ঔরসে ইঁহার জন্ম। [ভাগবত; মহাভারত]

২। বলিপুত্র অঙ্গ-প্রতিষ্ঠিত, গঙ্গা সরযূ-সঙ্গম হইতে আরম্ভ করিয়া পূর্ব্বদিকে বিস্তৃত দেশ বিশেষ। [রাম-রাজ—টীকা] দুর্য্যোধন কর্ণকে অঙ্গ রাজ্যের অধিপতি করিয়াছিলেন। বর্ত্তমান ভাগলপুর ও তৎসন্নিহিত প্রদেশকে ও তাহার অধিবাসীদিগকেও অঙ্গ বলা হইত।

[মহাভারত, বিষ্ণু পু,]

[ভৌগোলিক সংস্থান] কৌশিকী নদীর দক্ষিণে ও গঙ্গানদীর পূর্ব্বতীরে অঙ্গদেশ অবস্থিত। চম্পা নগর ইঁহার রাজধানী। চম্পা সময়ে সময়ে লোমপাদ পুরী, অঙ্গপুরী, কর্ণপুরী ও মালিনী নামেও অভিহিত হইত। সংস্কৃত কাব্যকারগণের নির্দ্দেশমত অঙ্গদেশ মগধ রাজ্যের রাজধানী গিরিব্রজের পূর্ব্বপ্রান্তে এবং মিথিলার পূর্ব্বদক্ষিণ বা পূর্ব্বোত্তর কোণে অবস্থিত। চীন পরিব্রাজক হোএন্-থ্-সাঙ্ ইহার ভৌগোলিক সংস্থান নির্ণয়ে বলেন ইহা গঙ্গা-গর্ভস্থ প্রস্তরময় দ্বীপ বিশেষ হইতে ২৪ মাইল দূরে অবস্থিত। প্রত্নতাত্ত্বিক মিঃ, কানিংহাম ভাগলপুরের নিকট চম্পানগর ও চম্পাপুর নামে দুইটী গ্রাম এবং ভাগলপুরের ২৪ মাইল পশ্চিমে একটী শিলাকীর্ণ জনপদের অস্তিত্ব দেখিয়া ঐ জনপদটীকেই উক্ত প্রস্তরময় দ্বীপ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন। **অঙ্গঝাড়া**—বি, গা-ঝাড়া; আলস্য বর্জ্জন; জড়তা ত্যাগ। প্র—"অঙ্গঝাড়া দিয়া এবে উঠিল যুবক।"—রঙ্গমতী।

অঙ্গমোড়া—শরীর সংকোচন, ও প্রসারণ এবং জৃম্ভণাদি দ্বারা আলস্যত্যাগ; গা মোড়া।

[অঙ্গ]গ্রহ (অংগোগ্‌গ্রোহো) [অঙ্গের গ্রহ (যে গ্রহণ করে; আক্রমণ করে) ৬ তৎ] বি, পুং, [গা]ত্রব্যথা। ধনুষ্টঙ্কার বা খেঁচারোগ। —প্র "অঙ্গগ্রহ নামে ভয়ঙ্কর যমচর গ্রহিছে প্রবলে ক্ষীণ অঙ্গ—" মেঘনাদবধ।

অঙ্গগ্লানি (অংগগ্‌গ্লানি) [অঙ্গের গ্লানি—৬ তৎ] বি, স্ত্রী, দেহের কষ্ট। ২। গায়ের ময়লা।

অঙ্গচালন, অঙ্গসঞ্চালন (অংগশন-চালোন) [অঙ্গের চালন—৬ তৎ] বি, ক্লী, হস্ত-পদাদি অবয়বের সঞ্চালন; অঙ্গবিক্ষেপ।

অঙ্গচ্ছেদ (অংগছ্‌ছেদ) [অঙ্গের—ছেদ (ছিদ্+অল) ৬ তৎ] বি, পুং, অবয়ব বা অংশ ছেদন করা; মূল অংশ হইতে একদেশ চ্যুত করা। প্র—বঙ্গের অঙ্গচ্ছেদ।

২। খণ্ডিত বিগ্রহ।

অঙ্গচ্ছেদক [অঙ্গের ছেদক—৬ তৎ] বি, পুং, নাড়ী ছেদন করিবার অস্ত্রাদি বিশেষ।

২। বিণ, শরীর ছেদনকারী।

অঙ্গজ [অঙ্গ—জ (জন্)=উৎপন্ন হওয়া+অ (কর্ত্তৃ, ড)—যে জন্মে। অঙ্গ হইতে যে জন্মে] বি, পুং, পুত্র।

প্র—"রঘুজ অজ অঙ্গজ বিখ্যাত ভুবনে।"

—মেঘনাদবধ।

২। [অঙ্গ (মন)—জ (জন্মে)] মন-সিজ; কামদেব। ৩। ব্যাধি। ৪। কেশ।

বিণ, অঙ্গ হইতে জাত; দেহোৎপন্ন।

প্র—"শিবনিন্দা শ্রবণে করিব প্রতিকার।
তোমার অঙ্গজ তনু রাখিব না আর॥"

—কবিকঙ্কণ।

স্ত্রী, **অঙ্গজা**—কন্যা।

অঙ্গজনু (অংগোজনু) [অঙ্গ হইতে জনু (জন্ম) যাহার (বহু)] বি, পুং, পুত্র ও কন্যা;

প্র—"ভরদ্বাজ অঙ্গজনু"— —কাশীদাস।

২। বিণ, ত্রি, অঙ্গজাত; দেহোৎপন্ন।

প্র—"তব অঙ্গজনু তেজিব এ তনু,
তবে যাবে মোর পাপ।"— —অন্নদামঙ্গল।
গিরিসুতা-অঙ্গজনু খর্ব্ব পীবর তনু
একদন্ত কুঞ্জর বদন।" —কবিকঙ্কণ।

অঙ্গঠা (অংগ্‌ঠা) [হিঃ অঙ্গেঠী] বি, অঙ্গার রক্ষণ পাত্র।

অঙ্গণ অঙ্গন (অংগন্) [অনগ্ (গমন করা)+অন, যে স্থানে গমন করে] বি, ক্লী, উঠান; আঙ্গিনা; চত্বর। ২। রাজবাটী। ৩। কাছারী।

অঙ্গত্যাগ [অঙ্গের ত্যাগ্] বি, দেহত্যাগ। ইচ্ছামৃত্যু। [বিরল]

অঙ্গত্রাণ, অঙ্গত্র (অঙ্গৎত্রান) [অঙ্গ (শরীর)—ত্র, ত্রাণ (ত্রৈ=রক্ষাকরা+অ, (অন—কর্ত্তৃ)। যে রক্ষা করে] অঙ্গরক্ষক; বর্ম্ম; সাঁজোয়া।

অঙ্গদ (দ্) [অঙ্গ—দ (দয়্=গ্রহণ করা; দে=পোষণ করা; দৈ (প)=শোধন করা +অ (কর্ত্তৃ, ড)—যে অঙ্গ (প্রধানতঃ বাহু) গ্রহণ করে বা রক্ষা করে বা শোধন করে] বি, ক্লী, বাহুতে পরিধান যোগ্য অলঙ্কার-বিশেষ; কেয়ূর; বাজু।

প্র—"অঙ্গদ দুটি বাহুতে পরায় কুণ্ডল দেয় কানে।" —রবি।

২। পুং, কিষ্কিন্ধ্যাধিপতি বালির পুত্র।

প্র—"অঙ্গদ বলেন প্রভু যুক্তি নাহি হয়।
বালিপুত্র আমি যে আমাতে কি প্রত্যয়॥"

—কৃত্তিবাস।

(বালিরাজার ঔরসে ও তারার গর্ভে অঙ্গদের জন্ম হয়। অঙ্গদ বাকপটুত্বের জন্য বিশেষ বিখ্যাত ছিলেন। শাস্ত্রকারেরা বলেন, অঙ্গদ বৃহস্পতির অংশ বিশেষ। রাবণ কর্ত্তৃক সীতা হরণের পর যখন শ্রীরামচন্দ্র সীতা-অন্বেষণার্থ কপিসৈন্যগণকে চতুর্দ্দিকে প্রেরণের ব্যবস্থা করেন, তখন অঙ্গদ একদল সৈন্যের অধিনায়ক-রূপে দক্ষিণদিকে প্রেরিত হন এবং সম্পাতির নিকট হইতে সীতার সন্ধান আনিয়া দেন। সুগ্রীবের মৃত্যুর পর অঙ্গদ কিষ্কিন্ধ্যার রাজ-সিংহাসন লাভ করেন।)

৩। লক্ষ্মণের একটী পুত্রের নাম। ইনি ঊর্ম্মিলার গর্ভে জন্মগ্রহণ করিয়াছিলেন।

৪। দুর্য্যোধনের পক্ষাশ্রিত জনৈক যোদ্ধা।

অঙ্গদা—বি, স্ত্রী, পিঙ্গলা-নাম্নী দক্ষিণ দিগ্-হস্তিনী।

অঙ্গন—অঙ্গণ দ্রঃ।

অঙ্গন (ন্) [পরিভাষা—তাড়িত-বিজ্ঞানে] বি, যাহার মধ্য দিয়া তাড়িতশক্তি কার্য্য করে; dielectric. **অঙ্গন-ফল, অঙ্গনাঙ্ক** dielectric constant. **অঙ্গনপ্রবাহ** dielectric current.—সা, প, প।

অঙ্গনা [অঙ্গ (দেহ)+ন—প্রশংসার্থে। যাহার প্রশস্ত অঙ্গ আছে। স্ত্রীলিঙ্গে আ (আপ্)] বি, স্ত্রী, অঙ্গসৌষ্ঠবসম্পন্না স্ত্রী; রমণী। প্র—বীরাঙ্গনা; ব্রজাঙ্গনা; "কি রঙ্গে অঙ্গনা- বেশ ধরিলি, দুর্ম্মতি।"

—মেঘনাদ।

২। উত্তরদিগ্-হস্তিনী। ৩। কন্যারাশি।

অঙ্গনাপ্রিয় [অঙ্গনা (নারী) তাহার প্রিয়—৬ষ্ঠী তৎ। নারীগণ যাহার পুষ্পদ্বারা কেশ ও অঙ্গ ভূষিত করে, এবং যাহার বল্কলাদিতে স্ত্রীলোকদিগের সর্ব্বপ্রকার রোগের ঔষধ হয়] বি, পুং, অশোকবৃক্ষ।

২। দক্ষিণদিগ্ গজ বিশেষ।

৩। বিণ, রমণীর প্রীতিকর।

অঙ্গনিগ্রহ (অংগনিগ্‌গ্রোহ) বি, তপস্যা, উপবাসাদি দ্বারা শরীরনিগ্রহ। ২। বর্ণ বা জাতিতত্ত্বে—Sacrification.

অঙ্গন্যাস (অংগোন্‌ন্যাশ্) [অঙ্গ (দেহ) ন্যাস—৭মী তৎ। হৃদয়াদিস্থলে মন্ত্রভেদের ন্যাস] বি, পুং বিভিন্ন স্থলের বিভিন্ন

মন্ত্রোচ্চারণ পূর্ব্বক হৃদয়, মস্তক, বাহু, শিখা, চক্ষু, ও করতলস্পর্শ।

অঙ্গপালি [অঙ্গ—পাল (বন্ধন করা পালন করা)+ই (অধি) যাহাতে অঙ্গের সম্যক্ প্রকার বন্ধন হয়, ৬তৎ] বি, স্ত্রী, আলিঙ্গন।

২। প্রসিদ্ধা বেশ্যা, ইনি বৌদ্ধধর্ম্ম গ্রহণানন্তর শুচি ও পুণ্যবতী হ'ন।

অঙ্গপ্রত্যঙ্গ (অংগপ্রোৎতংগ) [অঙ্গ—প্রতি (সম্বন্ধীয়)—অঙ্গ, ৬তৎ, কিম্বা অঙ্গ এবং প্রত্যঙ্গ, দ্বন্দ্ব] বি, স্ত্রী, হস্তপদাদি দৈহিক অবয়ব।

অঙ্গপ্রায়শ্চিত্ত [অঙ্গ—প্রায়শ্চিত্ত, অঙ্গ-শোধক প্রায়শ্চিত্ত—মপলো কর্ম্মধা] বি, স্ত্রী, পাপমোচনের জন্য অশুদ্ধ দেহ শোধন; অশৌচ অন্ত হইলে দ্বিতীয় দিনে যে শোধনা-নুষ্ঠান করিতে হয়।

অঙ্গবিকৃতি [অঙ্গ+বি+কৃ+তি—৬তৎ] বি, স্ত্রী, অঙ্গের বিকার। ২। অপস্মার; মৃগী-প্রমুখ ব্যাধিবিশেষ; apoplexy.

অঙ্গবিক্ষেপ (অংগবিক্খেপ্) [অঙ্গ—বিক্ষেপ (ক্ষেপণ)—৬ষ্ঠী তৎ] বি, পুং, নৃত্যাদিকালে অঙ্গসঞ্চালন; কোনরূপ কৌতু-কাদি দেখাইবার জন্য অঙ্গ-প্রত্যঙ্গাদির চালন ক্রিয়া। ২। হাত পা খেঁচা; spasm.

অঙ্গবৈকৃত [অঙ্গ—বিকৃত (বিকার প্রাপ্ত) +অ (ভাবে ষ্ণ)—৬তৎ] বি, পুং, অঙ্গভঙ্গী; ইঙ্গিত; ইসারা।

অঙ্গভঙ্গ (অংগভংগ) [অঙ্গ (দেহ)—ভঙ্গ, —৬ষ্ঠীতৎ] বি, পুং, অঙ্গচালনাদি দ্বারা মনোভাব প্রকাশ করা।

প্র—"ননী ছানা খাওয়াইয়া, রসরঙ্গ শিখাইয়া, অঙ্গভঙ্গ দেখাইয়া, তুমি কৈলা কামী।"
—ভারতচন্দ্র।

অঙ্গভঙ্গিয়া—ক্রি, অঙ্গভঙ্গ করিয়া। প্র—"ভৃঙ্গী নাচে অঙ্গভঙ্গিয়া" —অ, ম।

অঙ্গভঙ্গিমা (অংগভোংগিমা) [অঙ্গ—ভঙ্গিমা] বি, অঙ্গভঙ্গ (দ্রঃ)।

অঙ্গভঙ্গী (অংগভোংগি) [অঙ্গ—ভঙ্গী,—৬ষ্ঠীতৎ] বি, পুং, অঙ্গভঙ্গ (দ্রঃ)।

প্র—"হেন অঙ্গভঙ্গী করি নাচে গৌরচন্দ্র।"
—চৈতন্যভাগবত।

অঙ্গমর্দ্দ, অঙ্গমর্দ্দক, অঙ্গমর্দ্দী—(অংগমরদ্, মরদক্, মোর্‌দি) [অঙ্গ—মর্দ্দ, মর্দ্দক, মর্দ্দী (মৃদ্=মর্দ্দন করা+অ (অন্), অক (ণক), ইন্ (ণিন্)—কর্ত্তৃ) যে মর্দ্দন করে] যে অঙ্গ মর্দ্দন করিয়া দেয়; যে গা চাপিয়া দেয়; অঙ্গসংবাহক।

অঙ্গরক্ষণী, অঙ্গরক্ষিণী (অংগরোক্খোনি, রোক্খিনি) [অঙ্গ—রক্ষণী, রক্ষিণী (রক্ষ =রক্ষা করা+অন (অনট্) করণে, ইন্ (ণিন)—কর্ত্তৃ, ৬তৎ স্ত্রী, —ঈ(ঈপ্)। যাহা কর্ত্তৃক অঙ্গ রক্ষিত হয়] বি, স্ত্রী, আঙরাখা; কোট, সার্ট, পিরাণ ইত্যাদি।

২। অঙ্গত্রাণ; কবচ; সাঁজোয়া।

অঙ্গরক্ষা (রো) [অঙ্গ—রক্ষা। হিং অংগ্‌রখা] বি, স্ত্রী, অঙ্গরক্ষণী দ্রঃ।

অঙ্গরাখা—বি, স্ত্রী, আংরাখা; জামা; অঙ্গত্রাণ। [অঙ্গরক্ষা দ্রঃ]

অঙ্গরাগ (অঙ্গরাগ্) [অঙ্গ—রাগ (রন্‌জ্ = রংকরা+অ (ঘঞ্—ভাবে) রংকরা। অঙ্গের রাগ—৬ষ্ঠীতৎ] বি, পুং, চন্দন, কুঙ্কুমাদি সুগন্ধ দ্রব্যদ্বারা গাত্র লেপন; অঙ্গভূষণ; সাজগোজ প্রসাধন; toilet. ২। [অঙ্গ—রন্‌জ্ (রংকরা) +অ (করণে ঘঞ্) যাহা দ্বারা ভূষিত হয়] অঙ্গে লেপনোপযোগী দ্রব্য।

প্র—"অঙ্গরাগে এমন অদ্ভুত হৈল ছবি।
পারে নাই তুল্য হ'তে প্রভাতের রবি॥"
—শিবায়ন।

অঙ্গরাজ (জ্) [অঙ্গ—রাজন্+অন্]। বি, পুং, অঙ্গদেশের অধিপতি; কর্ণ।

অঙ্গরুহ [অঙ্গ—রুহ (রুহ্ =উৎপন্ন হওয়া +অ (কর্ত্তৃ, ক)। অঙ্গ হইতে যে জন্মে—৫মী তৎ] বি, পুং, লোম। (তুল—শিরো- রুহ =কেশ) ২। পালক। ৩। পশম।

অঙ্গলেপ (প্) [অঙ্গ—লিপ+অল (করণে)] বি, পুং, অনুলেপনোপযোগী দ্রব্য।

অঙ্গসংস্কার (অংগশংশ্কার্) [অঙ্গ—সংস্কার (পরিষ্কার)—৬ষ্ঠী তৎ] বি, পুং, চন্দনকুঙ্কুমাদিদ্বারা দেহের শোভা করণ; শরীরমার্জ্জন।

অঙ্গসংস্থান (অংগশংস্থান্) [অঙ্গ—সংস্থান] বি, জীবদেহবিজ্ঞান; morphology.

অঙ্গসঞ্চালন (অংগশনচালন্) [অঙ্গের (সঞ্চালন) ৬তৎ] বি, স্ত্রী, হস্তপদাদি অব-য়বের চালনা। ২। অঙ্গবিক্ষেপ।

অঙ্গসঙ্গ (অঙ্গশঙ্গ) [অঙ্গ—সং+গম+অ, নিপাতনে] বি, পুং, অঙ্গের পরস্পর সংযোগ; সম্ভোগ; মৈথুন। ২। সহচর।

প্র—"অতিপ্রিয় পারিষদ শঙ্কর তরঙ্গ।
হরষিত রামবোল সদা অঙ্গসঙ্গ॥"—অন্নদামঙ্গল।

অঙ্গসঙ্গী (অংগ্‌শোংগি) [অঙ্গ—সঙ্গিন] অনুরক্ত; সংসক্ত। ২। আনুষঙ্গিক।

অঙ্গসেবা (অংগ্‌শেবা) [অঙ্গ (=দেহ)—সেবা (=সজ্জা, সংস্কার) ৬তৎ] বি, অঙ্গরাগ। ২।দেবমূর্ত্তির সাজসজ্জা বা দেহসংস্কার।

অঙ্গসৌষ্ঠব (অঙ্গশৌশ্‌ঠব্) [অঙ্গ—সৌষ্ঠব (সৌন্দর্য্য) ৬ তৎ]। বি, ক্লী, দেহের সৌন্দর্য্য; অবয়বের কোন অংশের গঠনে কোনরূপ খুঁৎ বা দোষ না থাকা।

অঙ্গস্পর্শ (অংগশ্‌পরশ) [অঙ্গের স্পর্শ—৬তৎ] বি, পু, দেহ স্পর্শ; গা ছোঁয়া।

অঙ্গহানি [অঙ্গের হানি,৬তৎ] বি, পু, কোন অঙ্গ না থাকা; অঙ্গের বিকলতা।

২। কার্য্যের অংশবিশেষের অননুষ্ঠান।

অঙ্গহার (র্) [অঙ্গ—হার (হরণ)। অঙ্গ সকলের হরণ অর্থাৎ একস্থান হইতে স্থানান্তরে লওয়া—৬ষ্ঠী তৎ] বি, পুং, ক্লী, অঙ্গবিক্ষেপ; অঙ্গচালন; নর্ত্তনাদির সঙ্গে অঙ্গভঙ্গী।

অঙ্গহীন (অংগহিন্) [অঙ্গদ্বারা হীন (চ্যুত)—৩য়া তৎ] বিণ, যাহার এক বা তদধিক অঙ্গ না থাকে; বিকলাঙ্গ।

২। অসম্পূর্ণ; অংশহীন। প্র—দ্রব্য-কালাদি উপকরণহীন।

প্র—"আকুল হইল পূজা হয় অঙ্গহীন।"
—অন্নদামঙ্গল।

প্র—"অঙ্গহীন হয়ে সেটা, দগ্ধ করে অঙ্গ।"
—রামপ্রসাদ।

৩। শরীর বিহীন; নিরাকার; অশরীরী। বি, **অঙ্গহীনতা,** বি, স্ত্রী, অবয়বের হীনতা। অঙ্গের পরিমাণ হীনতা।

অঙ্গাঙ্গি (অংগাংগি) [অঙ্গ (এক অঙ্গ বা পক্ষ)+অঙ্গ (অন্য অঙ্গ বা পক্ষ)+ই (ভাবার্থে)—এক অঙ্গকে অন্য অঙ্গের সামিল করার ভাব] অ, এক অঙ্গ বা পক্ষের সহিত অন্য অঙ্গের বা পক্ষের সম্বন্ধ বা সম্পর্ক; co-ordination; co-relation.

২। স্বপক্ষাশ্রিতের প্রতি পক্ষপাত; স্বম পক্ষীয় লোকের পক্ষ টানা।

৩। অঙ্গে অঙ্গে প্রবৃত্ত যে যুদ্ধ।

অঙ্গাঙ্গিভাব (ব্)—প্রগাঢ় সৌহার্দ্দ; আত্মীয়তা; গলাগলি ভাব।

২। গৌণ-মুখ্যভাব।

অঙ্গাধিপ (প্) [অঙ্গ (দেশবিশেষ)—অধিপ—৬ষ্ঠী তৎ] বি, পুং, অঙ্গদেশের রাজা; কর্ণ।

অঙ্গার (র্) [অন্‌গ্ (পাওয়া)+আর (আরন্—কর্ত্তৃ, সংজ্ঞার্থে)—যে রক্তবর্ণত্ব বা কৃষ্ণবর্ণত্ব পায়]। বি, পুং, ক্লী, আঙ্গরা; আঙার; কয়লা। ২। কালী; কলঙ্ক।

প্র—"ওরে দুরাচার হিন্দুকুলাঙ্গার
এই কি তোদের দয়া সদাচার।
হয়ে আর্য্যবংশ অবনীর সার,
রমণী বধিছ পিশাচ হয়ে।"—হেমচন্দ্র।

৩। পুং, মঙ্গলগ্রহ।

অঙ্গারক (ক্) [অঙ্গার+ক (তুল্যার্থে) —যে অঙ্গারের মত রক্তবর্ণ] বি, পুং, কুরণ্টক গাছ; ভীমরাজ।

২। [অঙ্গার+ক, স্বার্থে] পুং, ক্লী, আঙরা; আঙ্গার। কার্ব্বণ্ (Carbon).

৩। পুং, মঙ্গলগ্রহ। ৪। [অঙ্গার +ক (অল্পার্থে)] অগ্নিস্ফুলিঙ্গ। ৫। অঙ্গার; কয়লা; charcoal.

৬। স্ত্রী. স্বনাম প্রসিদ্ধ জ্বর-নাশক তৈল। এই তৈল শরীরে ও সন্ধিস্থলে মর্দ্দন করিলে জীর্ণ-জ্বর উপশমিত হয়)।

অঙ্গারক মণি (অঙ্গারক্মোনি) [অঙ্গারক (মঙ্গল গ্রহ) + মণি (রত্ন) ৬ষ্ঠীতৎ; ইহা রক্তবর্ণ বলিয়া মঙ্গল গ্রহের প্রিয়] বি. পুং. প্রবাল; পলা; coral.

অঙ্গারধানিকা [অঙ্গার—ধানিকা (ধা = ধারণকরা + অন (কর্ত্তৃ) যে ধারণ করে—৬তৎ] বি. স্ত্রী. অঙ্গার ধারণের পাত্র; ধুনুচী; অগ্নি রক্ষা করিবার পাত্র; আঙ্গঠা। [অঙ্গার ধানী দ্রঃ]

অঙ্গারধানী • (অংগারধানি) [অঙ্গার—ধা (ধারণকরা) + অন (ট্, অধি) স্ত্রী—ঈ] বি. স্ত্রী. অগ্নিপাত্র; আগুনের মালসা; ধুনুচী।

অঙ্গার-পরিপাচিত (পো) [অঙ্গার দ্বারা পরিপাচিত, ৩ তৎ] বিণ. ক্লী. অঙ্গার-পক্ক; শূলবিদ্ধ পক্ক মাংস; শিক্কাবাব।

অঙ্গারপর্ণ [অঙ্গার—পর্ণ (পাতা) যার—বহু, যাহার পত্র অঙ্গারের ন্যায়] বি. ক্লী. চিত্ররথ গন্ধর্ব্বের উদ্যান।

২। [অস্ত্যর্থে—অ] বি. পুং. গন্ধর্ব্বগণের অধ্যক্ষ; চিত্ররথ গন্ধর্ব্ব।

অঙ্গারপর্ণী, অঙ্গারবর্ণী (পো, বো) [অঙ্গার বর্ণ পত্র বিশিষ্ট] বি. স্ত্রী. ভার্গী; বামনহাটীর গাছ (ইহার ডাঁটা ও পাতার শিরাগুলি লোহিত বর্ণ, ইহা শ্বেতপুষ্প ও নীলপুষ্প ভেদে দুইপ্রকার)।

অঙ্গারপুষ্প [অঙ্গার—পুষ্প (যে বৃক্ষের পুষ্প অঙ্গারের ন্যায় লোহিত বর্ণ) বহু] বি. পুং. ইঙ্গুদীবৃক্ষ।

অঙ্গারবল্লরী [অঙ্গার + বল্লরী (যাহার অঙ্গারের মত লালবর্ণ বল্লরী বা মঞ্জরী) বহু] বি. স্ত্রী. কুঁচ; গুঞ্জা; নাটাকরঞ্জ; ব্রাহ্মণ-যষ্টিকা বৃক্ষ; বামনহাটী; ভার্গী।

অঙ্গারবল্লী (অংগারবোল্লি) বি. স্ত্রী. অঙ্গার বল্লরী দ্রঃ।

অঙ্গারমঞ্জী—বি. স্ত্রী. ডহর করঞ্জ; ডারকরমচা।

অঙ্গারমলিন (অংগারমোলিন্) [অঙ্গারবৎ মলিন (কর্ম্মধা)] বিণ. অঙ্গারের ন্যায় কৃষ্ণবর্ণ।

অঙ্গারশকটী [অঙ্গার + শকটি (ক্ষুদ্র শকট) ৬ষ্ঠী তৎ] বি. স্ত্রী. অগ্নি রক্ষা করিবার পাত্র; আঙ্গটা; অঙ্গারধানিকা দ্রঃ।

অঙ্গারাম্ল [অঙ্গার + অম্ল (অম্লজান) দ্বন্দ্ব] অঙ্গার ও অম্লজানের রাসায়নিক সংযোগে সমুৎপন্ন বাষ্পবিশেষ; Carbonic Acid Gas.

অঙ্গারিকা [অঙ্গার + ইক—বিদ্যমানার্থে + আ] স্ত্রী. বি, আঙ্গটা।

২। আকগাছ; the stalk of the sugar-cane. ৩। পলাশ; কিংশুক।

অঙ্গারিত—বিণ. দগ্ধপ্রায়। বি. ক্লী. পলাশ কলিকোদ্গম।

অঙ্গাবরণ (ন্) [অঙ্গ + আবরণ, ৬তৎ বি. ক্লী. অঙ্গাচ্ছাদন বস্ত্র।

অঙ্গিকা (ওংগিকা) [অঙ্গ + ই (আচ্ছাদনার্থে) + ক (স্বার্থে) + আ—স্ত্রী. হিঃ—আঙ্গিয়া বা আঙিয়া] বি. স্ত্রী. কঞ্চুলিকা; কাঁচুলী।

অঙ্গিরা (ওংগিরা) [অঙ্গ (জ্ঞান) + ইরস্ (অস্ত্যর্থে); অথবা, অনগ্ (গমনকরা) + ইরস্ (নামার্থে)] বি. পুং. সপ্তর্ষির মধ্যে এক জন; বৃহস্পতির পিতা; ব্রহ্মার মানস পুত্র; ইনি কর্দ্দম ঋষির কন্যা শ্রদ্ধার পাণিগ্রহণ করেন। ইনি ঋক্‌বেদীয় বহুশ্লোকের রচয়িতা বলিয়া প্রসিদ্ধ।

অঙ্গী (ওংগি) [মূলশব্দ অঙ্গিন্ অঙ্গ + ইন্ (অস্ত্যর্থে) যার অঙ্গ আছে] বিণ. অবয়ব বিশিষ্ট; শরীরী; organic.

অঙ্গীকরণ (ওংগিকরন্) [অঙ্গী—করণ—অঙ্গীভূত করণ। অঙ্গীকার দ্রঃ] বি. ক্লী. স্বীকার করণ।

অঙ্গীকার (ওংগিকার্) [অঙ্গ + কার —কৃ + ঘঞ (ভাবে) করণ—যাহা অঙ্গে ছিল না তাহাকে স্বীয় অঙ্গীভূত করা + ঈ (অভূততদ্ভাবার্থে চ্বি] বি. পুং. পূর্ব্বে যাহা ছিল না তাহা স্বীয় অঙ্গীভূত করণ। প্র—

"পিতামাতা গুরুগণ আগে অবতরি
রাধিকার ভাব বর্ণ অঙ্গীকার করি॥"
—চৈতন্যচরিতামৃত।

২। অঙ্গে ধারণ। প্র—"বল আর কার সুখে অলঙ্কার করি অঙ্গীকার অঙ্গে সই।—"
—স্বপ্ন বিলাস (কৃষ্ণকমল গোস্বামী)।

৩। প্রতিশ্রুতি; স্বীকার; প্রতিজ্ঞা।
প্র—যখন কথাটা বলিবে বলিয়া অঙ্গীকার করিয়াছ, তখন তাহা বলিতেই হইবে।

অঙ্গীকৃত (ওংগিকৃত) [অঙ্গ + কৃ + ত (যাহা করা হইয়াছে) + অঙ্গ (চ্বি অভূততদ্ভাবার্থে)] বিণ. স্বীকৃত; প্রতিশ্রুত।

অঙ্গীভূত (ওংগিভুত) [অঙ্গ + চ্বি (অভূততদ্ভাবার্থে) = অঙ্গী—ভূ + ত (কর্ত্তৃ-ক্ত)] বিণ. অঙ্গত্বপ্রাপ্ত, পূর্ব্বে যাহা অঙ্গ রূপে ছিল না এক্ষণে তাহা অঙ্গ হইয়াছে।

২। অঙ্গের অন্তর্ভুক্ত; শরীরস্থ।

অঙ্গু (ওংগু) [সং—অঙ্গ। ব্রজ] বি. অঙ্গ প্র—"অঙ্গু অঙ্গু পরশ ভোর"—জ্ঞানদাস।

২। হস্ত; কর। প্র—অঙ্গুষ্ঠ।

অঙ্গুরি, অঙ্গুরী (ওংগুরি) [অনগ্ (লওয়া) + উরি—(করণে)। যে গ্রহণ জন্য গমন করে] বি. স্ত্রী. অঙ্গুলিভূষণ; আঙ্গটি।

অঙ্গুরীয়, অঙ্গুরীয়ক (ওংগুরিয়, ওংগুরিয়ক্) [অঙ্গুলি—অঙ্গুরি + ঈয়—ক (ইদম অর্থে অর্থাৎ অঙ্গুলীর ইহা)] বি. পুং. ক্লী. আঙ্গটি; অঙ্গুলী ভূষণ। প্র—"শচী-তীর্থের ঘাটে স্নান করিতে করিতে অঙ্গুরীয়ক তোমার সখীর হস্ত হইতে গঙ্গাস্রোতে পরিভ্রষ্ট হইয়া পড়িয়া গিয়াছিল। * * * অঙ্গুরীয়ক! তুমি কেন সেই কোমল ও বন্ধুর অঙ্গুলি বিশিষ্ট কর হইতে ভ্রষ্ট হইয়া সলিলোপরি নিমগ্ন হইলে?" —অভিজ্ঞান শকুন্তল।

২। শনি গ্রহের বেষ্টনী; Ring of the planet Saturn. [শনিগ্রহ দ্রঃ]

অঙ্গুল (ওংগুল্) [অনগ্ (গমন করা) উল্—সংজ্ঞার্থে। যাহা গ্রহণের জন্য গমন করে] বি. পুং. আঙ্গুল; করশাখা। প্র—

"হাসিয়ে সুন্দর রায়, অঙ্গুলে ছুঁইলা তায়
বীরসিংহ পায় দিব্য জ্ঞান।"—অ, ম।
"উঠিবে বাজি তন্ত্রীরাজি মোহন অঙ্গুলে;"
—রবি।

২। অঙ্গুষ্ঠ।

৩। ৮টী যব পরস্পর সংলগ্ন-মধ্য করিয়া পরে পরে রাখিলে তাহাদের মধ্য স্থলের যে দৈর্ঘ্য।

৪। বাৎস্য মুনির পুত্র, বাৎস্যায়ন মুনি।

অঙ্গুলি, অঙ্গুলী (ওংগুলি) [অনগ্ (গমন করা) + উলি (সংজ্ঞার্থে) যাহা গ্রহণের নিমিত্ত গমন করে] বি. স্ত্রী. অঙ্গুল; কর-পদ শাখা। ২। হস্তি শুণ্ডের অগ্রাংশ।

৩। হাতিশুঁড়োর গাছ।

অঙ্গুলিগ (ওংগুলিগ্) [অঙ্গুলি—গ (যে গমন করে)—উপপদ] বিণ. যে সকল জীব অঙ্গুলির উপর ভর দিয়া গমন করে।

অঙ্গুলিগলি (অংগুলিগোলি) অঙ্গুলি সন্ধিস্থলের মধ্যে পরস্পর ব্যবধান; দুই আঙুলের মধ্যবর্ত্তী ফাঁক।

অঙ্গুলিগ্রন্থি (ওংগুলি গ্রোন্থি) বি. আঙ্গুলের গাঁট; a knuckle.

অঙ্গুলিচালন (ওংগুলিচালোন) [অঙ্গুলির চালন—৬ তৎ] বি. অঙ্গুলি সঙ্কেত দ্বারা মনোভাব ব্যক্ত করণ।

অঙ্গুলিঠার (ওংগুলিঠার্) [অঙ্গুলি (দ্বারা) ঠার (সঙ্কেত) ৩ তৎ] বি. অঙ্গুলি দ্বারা সঙ্কেত; অঙ্গুলি হেলন।

অঙ্গুলিতোরণ (ওংগুলিতোরন) [অঙ্গুলি —তোরণ (বাটীর সম্মুখস্থ ছাদ বিশিষ্ট প্রবেশ দ্বার) অঙ্গুলিকৃত তোরণ—মপলো —কর্ম্মধা] বি. পুং. ললাটে অর্দ্ধচন্দ্রাকৃতি তিলক (শক্তি উপাসকগণ এইরূপ তিলক ধারণ করেন)।

অঙ্গুলিত্র, অঙ্গুলিত্রাণ (ওংগুলিৎত্র, লিৎত্রান্) [অঙ্গুলি—ত্র, ত্রাণ (ত্রৈ রক্ষা করা + ডক) যে রক্ষা করে] বি. ক্লী. অঙ্গুলি রক্ষক। ২। চর্ম্ম বা ধাতু-নির্ম্মিত অঙ্গুলির আবরণ; থিম্বল; thimble.

৩। দস্তানা।

অঙ্গুলিধ্বনি (ওংগুলিধ্ধোনি) [অঙ্গুলি-রব —অঙ্গুলির ধ্বনি, ৬ তৎ] বি, চুট্‌কি শব্দ।
২। আঙুল মটকাইবার শব্দ।

অঙ্গুলিপঞ্চক (ওংগুলিপন্‌চক্) বি, ক্লী, পঞ্চ অঙ্গুলি একত্র, যথা—অঙ্গুষ্ঠ, তর্জ্জনী, মধ্যমা, অনামিকা ও কনিষ্ঠা বা কনিষ্ঠিকা।

অঙ্গুলিপর্ব্ব (ওংগুলি পর্‌বো) [অঙ্গুলির পর্ব্ব —৬ তৎ] বি, আঙ্গুলের পাব ; আঙ্গুলের গায়ে দাগের মধ্যবর্ত্তী অংশ : আঙ্গুলের দুই অস্থি-সন্ধির মধ্যবর্ত্তী অংশ। digits.

অঙ্গুলিমুদ্রা (ওংগুলিমুদ্রা) [অঙ্গুলি—মুদ্রা (মুদ্র=চিহ্ন করা—অ) ৬ষ্ঠী তৎ—অঙ্কিত ভূষণ] বি, স্ত্রী, স্বনামাঙ্কিত অঙ্গুলি ভূষণ।
২। দেবারাধনা সময়ে করণীয় অঙ্গুলি সন্নিবেশ বিশেষ। যথা—অঙ্কুশমুদ্রা ; অভয়-মুদ্রা ; আবাহনীমুদ্রা : বরমুদ্রা। এইরূপ শঙ্খমুদ্রা, চক্রমুদ্রা, গদামুদ্রা, পদ্মমুদ্রা প্রভৃতি বহু প্রকার অঙ্গুলি মুদ্রার বিবরণ ও রচনা-কৌশল তন্ত্র শাস্ত্রে উক্ত হইয়াছে।

অঙ্গুলিমূল (ওংগু—ল্) [অঙ্গুলির মূল —৬ তৎ] বি, ক্লী, আঙ্গুলের গোড়া।

অঙ্গুলিমোটন (ওংগু—ন্) [অঙ্গুলির মোটন (মুট্=চূর্ণ করা+অন—ভাবে) মট্‌কান, ৬ষ্ঠী তৎ] বি, ক্লী, আঙ্গুল মট্‌কান, অঙ্গুলি মর্দ্দনোত্থিত শব্দ।

অঙ্গুলিসংজ্ঞা, অঙ্গুলিসন্দেশ (ওংগুলি-শোংগ্যা, শন্দেশ্) [অঙ্গুলি দ্বারা সংজ্ঞা, সন্দেশ (সংবাদ জ্ঞাপন) ৩য়া তৎ] বি, অঙ্গুলি সঙ্কেত।

অঙ্গুলিসন্ধি (ওংগুলি শোন্‌ধি) [অঙ্গুলি(র)-সন্ধি—৬ তৎ] বি, পু, অঙ্গুলিদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান ; দুই আঙুলের সংযোগ স্থান।

অঙ্গুলিস্ফোটন, অঙ্গুলীস্ফোটন (ওং-গুলিশ্‌ফোটন্) [অঙ্গুলি, লী (র)-স্ফোটন ৬ তৎ] বি, ক্লী, অঙ্গুলিদ্বয়ের মর্দ্দনশব্দ ; আঙ্গুল মট্‌কান।

অঙ্গুলীয়ক (ওংগুলিঅক্) [অঙ্গুলীয় (অঙ্গুরীয়, র=ল)+ক (স্বার্থে)] বি, ক্লী, অঙ্গুলিভূষণ ; আঙ্‌টি। [অঙ্গুরীয়ক দ্রঃ]

অঙ্গুলীসম্ভূত (ওংগুলিশম্‌ভূত) [অঙ্গুলি +সম্ভূত (উৎপন্ন বা জাত) ৭মী তৎ] বি, পুং, নখ। ২। বিণ, অঙ্গুলি হইতে উৎপন্ন ; অঙ্গুলিজাত।

অঙ্গুল্যগ্র (ওংগুলগ্‌গ্র) [অঙ্গুলি—অগ্র] বি, ক্লী, অঙ্গুলির অগ্রভাগ ; আঙ্গুলের মুড়ি।

অঙ্গুল্যস্থি (ওংগুলোস্‌থি) [অঙ্গুলি(র)+অস্থি (হাড়) ৬ তৎ] বি, ক্লী, আঙ্গুলের হাড় ; phalanges.

অঙ্গুষ্ঠ (ওংগুশ্‌ঠ) [অঙ্গু (কর)+স্থ (স্থা +ড, কর্ত্তৃ) যে থাকে অর্থাৎ যাহা অঙ্গুতে প্রধানরূপে অবস্থান করে, ৭মী তৎ] বি, পুং, বৃদ্ধাঙ্গুলি ; বুড়া আঙ্গুল ; যবরেখাঙ্কিত অঙ্গুলি।

অঙ্গুষ্ঠানা (ওংগু) [ফা, অংগুশ্‌ৎ=অঙ্গুষ্ঠ, অংগুস্তানা] বি, অঙ্গুলিত্রাণ ; আংস্তানা অঙ্গুলিরক্ষক ঠুলি বা ঠুসি যাহা আঙুলে পরিয়া দরজিরা সেলাই করে ; ইহা আঙ্গুলে পরিলে আঙ্গুলের মাথায় সূচ ফুটিতে পারে না thimble.

অঙ্ঘঃ (অংঘ) [অঙ্ঘস্ (গমন করা)+ অস্ (করণে) যদ্দ্বারা অধোগতি হয়] বি, ক্লীং, অংহ ; পাপ।

ঘ্রি (ওংঘ্রি) [অঙ্ঘ+রি (করণে) যদ্দ্বারা গমন করা যায়] বি, পুং, চরণ ; পদ। প্র—
"দ্বিকর কমল কমলাঙ্ঘ্রিতল
ভুজ কমলের দণ্ড—"
—কাশীরামদাস।
"চন্দ্র মন দিক শ্রুতি অঙ্ঘ্রি যার বসুমতী
আমি আত্মা সমুদ্র জঠর।"
—শিবায়ন।
২। বৃক্ষমূল। ৩। শ্লোকের এক এক চরণ।
৪। চতুর্থাংশ ; সিকি ; one fourth part.

অঙ্ঘ্রিপ (ওংঘ্রিপ্) [অঙ্ঘ্রিপ (পা=পান করা+অ (কর্ত্তৃ, ড) যে পান করে অর্থাৎ যাহারা মূল দ্বারা জল ও রসাদি পান বা আকর্ষণ করে—৩য়া তৎ] বি, পুং, তরু ; পাদপ ; বৃক্ষ।

অঙ্ঘ্রিপর্ণী (ওংঘ্রিপোর্‌নি) [অঙ্ঘ্রির ন্যায় পর্ণ যাহার—বহু] বি, স্ত্রী, চাকুলিয়া গাছ।

অচকিত (অচকিৎ) [ন=অ, চক্ (ভয় পাওয়া) +ত (কর্ত্তৃ-ক্ত) ই আগম—নঞ তৎ] বিণ, অত্রাসিত ; অবিস্মিত। স্ত্রী, **অচকিতা**।

অচক্রী (অচোক্‌ক্রি) [ন=অ, চক্র+ইন্ (অস্ত্যর্থে)=চক্রী (ছলকারী) ন—চক্রী অচক্রী—নঞ তৎ] বিণ, সরল ; যাহা বক্র নহে ; অকপট ; অখল ; যে ছলনাকারী নহে।

অচক্ষু (অচোক্‌খু) [অচক্ষুস্, ন=অ(নাই)+ চক্ষু যাহার—বহু] বিণ, চক্ষুবিহীন ; নেত্রশূন্য। প্র—"অচক্ষু সর্ব্বত্র চান, অকর্ণ শুনিতে পান।" —অন্নদামঙ্গল।
২। ক্লী—কুৎসিত চক্ষু।

অচঞ্চল (ল্) [ন=অ+চঞ্চল (অস্থির) নঞ তৎ] বিণ, যাহা চঞ্চল নহে ; যাহা আন্দোলিত হয় নাই : ধীর ; স্থির।
প্র—"রত্নময় কর্ণপুর, তিমির করয়ে দূর
অচঞ্চল বিজুলি কপোলে।" —কবিকঙ্কণ।
স্ত্রী, **অচঞ্চলা**।

অচণ্ড [ন=অ—চণ্ড, নঞ্ তৎ] বিণ, শান্ত ; নম্র।

অচণ্ডী (অচোন্‌ডি) [ন=অ+চণ্ডী (কোপনা)] বি, স্ত্রী, শান্তা। ২। শান্ত গাভী।

অচতুর (অচোতুর্) [ন=অ+চতুর (নিপুণ)] বিণ, চতুরতাশূন্য ; স্থূলবুদ্ধি ; অকৌশলী ; অপটু। স্ত্রী, **অচতুরা**। বি, **অচতুরতা**।

অচন্দ্রিক (চো—ক্) [চন্দ্র+ইক (তস্য ইদমর্থে)=চন্দ্রিক, ন—চন্দ্রিক—অচন্দ্রিক—নঞ তৎ] যাহা চন্দ্র কিরণের দ্বারা উজ্জ্বল নহে।

অচপলতা [ন=অ চপল (চঞ্চল)+তা (ভাবে)] বি, স্ত্রী, ধৈর্য্য ; চাঞ্চল্য শূন্যতা ; গাম্ভীর্য্য।

অচর (র্) [ন=অ—চর (গমন করা)+অ (কর্ত্তৃ, অন্)] বিণ, চর রহিত ; স্থাবর ; স্থিতিশীল। প্র—"অতিরিক্ত সূক্ষ্ম বুদ্ধি যার তারি নিত্য অকারণ অসন্তোষ। বুদ্ধি তার বিশ্বচরাচর বিঁধিতে ব্যাকুল।" —রবীন্দ্র।

অচরিতার্থ (চো) [ন=অ, চরিতার্থ (কৃতকার্য্য) নঞ্ তৎ] বিণ, অসন্তোষজনক ; অতৃপ্তিজনক।

অচরিত্র (অচোরিৎত্র) [ন=অ (কুৎসিত) চরিত্র (স্বভাব) যাহার—বহু ; কিম্বা, নঞ তৎ। বিণ, ক্লী ; কুস্বভাব ; কদর্য্য চরিত্র ; চরিত্রহীন।

অচরিষ্ণু (অচোরিশ্‌নু) [ন=অ—চরিষ্ণু (চর+ইষ্ণু, কর্ত্তৃ) নঞ তৎ] বিণ, চলৎশক্তি-রহিত ; স্থির ; অচল।

অচর্চ্চ [ন=অ, (নাই) চর্চ্চা (অনু-শীলন) যাহার—বহু] বিণ, অনমুশীলিত।
২। অবিবেচক ; চিন্তাহীন।

অচর্চ্চা [ন=অ (অভাব) চর্চ্চা (অনু-শীলন) ন ঞ তৎ] বি, স্ত্রী, অনমুশীলন।
২। অবিবেচনা ; চিন্তাশূন্যতা।

অচর্ব্বণ (ন্) [ন=অ—চর্ব্বণ (চিবান) নঞ তৎ] বি, ক্লী, না চিবান ; দন্তদ্বারা পেষণ নহে।

অচর্ব্বিত (চো) [ন=অ—চর্ব্বিত (চর্ব্ব+ত, কর্ম্মে) নঞ তৎ] যাহা দন্ত দ্বারা পিষ্ট নহে।

অচর্ব্ব্য, অচর্ব্বণীয় (অচোর্‌ব্ব, অচর্‌বনিও) [ন=অ—চর্ব্ব (চিবান)+য (অনীয়, কর্ম্মে)—নঞ তৎ] বিণ, চর্ব্বণের অযোগ্য।

অচল (ল্) [ন=অ—চল (চল্=গমনকরা ; চলা)—অ (কর্ত্তৃ-ক)—যে চলে না] বিণ, গতিশূন্য ; চলৎশক্তি রহিত।
২। স্থির ; অটল ; অবিচলিত ; দৃঢ়।
৩। যাহার বিনিময় চলে না ; বিনিময় রহিত। প্র—এগুলি অচল পয়সা কারণ গোরক্ষপুরী পয়সা বঙ্গদেশে চলে না।
৪। মেকী ; ভেজাল। প্র—সে একটা অচল টাকা চালাইতে চেষ্টা করায় পুলিশ কর্ত্তৃক ধৃত হইয়াছে।
৫। সামাজিক ব্যবহার বর্জ্জিত ; সমাজ-চ্যুত ; একঘরে। প্র—গ্রামে সে অচল।

৬। অপ্রচলিত ; যাহার চলন বা ব্যবহার উঠিয়া গিয়াছে। প্র—ও আইন এখন অচল হইয়া গিয়াছে। কড়ি এখন পৃথিবীর প্রায় সকল বড় বড় সহরেই অচল হইয়া গিয়াছে।
৭। কাজের বাহির ; অকর্ম্মণ্য। প্র—যন্ত্রগুলি এখন অচল হইয়া গিয়াছে।
৮। পরিচালনা বা নির্ব্বাহের উপায়-রহিত। প্র—তাহার সংসার এখন অচল।
৯। স্পন্দন-রহিত ; নিস্পন্দ। প্র—তাহার নাড়ী এখন অচল হইয়া গিয়াছে। অচল দেহ।
১০। বি, পুং, পর্ব্বত। প্র—
"উচল বলিয়া অচলে চড়িনু
পড়িনু অগাধ জলে।"
—চণ্ডীদাস।
"অনন্তর গরুড় পক্ষপবন দ্বারা অচলকুল বিচলিত করিয়া অনতিবেগে তথা হইতে প্রস্থান করিলেন।" —মহা—বন (বর্দ্ধ)।
১১। পার্ব্বতীর পিতা হিমালয়।
প্র—"শুন অচলের ঝি" —কবিব।
১২। প্রস্তর ; শৈল। স্ত্রী, অচলা।

লকীলা [অচল (পর্ব্বত) হইয়াছে কীল স্তম্ভ) যাহার, বহু, স্ত্রী, আপ্] বি, স্ত্রী, র্ণী : অবনী : পৃথ্বী। [প্র অ]।

লতড়িৎ (অচল্-তোড়িৎ) [পরিভাষা—াড়িতবিজ্ঞান] বি, স্ত্রী, স্থির-তাড়িত : Stacal electricity. —সা, প, প।

লত্রাতা (লৎত্রাতা) [অচল+ত্রাতৃ] , বৌদ্ধপ্রধানের উপাধিবিশেষ।

াতা [ন=অ—চল+তা (ভাবে)] বি, , গতিশূন্যতা।

ান (অচলন্) [ন=অ (নাই)—চলন ল) যাহার, বহু] বি, ক্লী, চলনাভাব। প্রচলনের অভাব ; ব্যবহারাভাব। বিণ, চলনীয়—চলনের অযোগ্য। ২। ্যবহৃত।

া [ন=অ—চলা—নঞ্তৎ] বিণ, স্ত্রী, ঞ্চলা ; স্থিরা ; অটলা। প্র—অচলা ভক্তি।
তাপ-তপনে কীর্ত্তি-পদ্ম বিকাশিয়া।
াসেন রাজলক্ষ্মী অচলা করিয়া॥"—অ, ম।
[অপ্রশস্ত অর্থে ন=অ (নাই) চলা স্থিরস্বভাবা) যাহা হইতে—বহু] বি, স্ত্রী, া।
পৃথিবী (কোন কোন হিন্দু জ্যোতিষীর পৃথিবীর গতি নাই বলিয়া এই নাম)।
"তোমার চরণ বন্দি লোটায়ে অচলা"
—ঘনরাম (ধর্ম্ম-মঙ্গল)।
চলন-রহিত ; ঠেকো।

ধিপ (প্) [অচল+অধিপ (অধি—ভু), ৬তৎ] বি, পুং, হিমালয় পর্ব্বত ; ীর পিতা হিমালয়।

অচলিত (ত, ত্) [ন=অ—চল+ত (ই—আগম) নঞ্তৎ] বিণ, যাহা প্রচলিত নহে। ২। অব্যবহৃত।

অচলিতব্য (অচলিতোব্বো) [নি=অ—চল+তব্য (কর্ম্মে) নঞ্তৎ] বিণ, যাহা প্রচলনযোগ্য নহে। ২। অব্যবহার্য্য।

অচলিষ্ণু (অচলিশ্ণু) [ন=অ—চল+ইষ্ণু=অচলিষ্ণু, নঞ্তৎ] বিণ, স্থির ; যে গতিশীল নহে।

অচাক্ষুষ (অচাক্খুশ্) [ন=অ, চক্ষুস্+অন্ (সংসৃষ্টার্থে)=চাক্ষুষ, অ—চাক্ষুষ, নঞ্তৎ] বিণ, যাহা চক্ষে দেখা যায় নাই ; অদৃষ্ট ; অপ্রত্যক্ষ।

অচাঞ্চল্য (অচান্চোল্লো) [ন=অ—চাঞ্চল্য, নঞ্তৎ] বি, ক্লী, স্থৈর্য্য। ২। গাম্ভীর্য্য।

অচাতুরী [ন=অ—চাতুরী, নঞ্তৎ] বি, ছলনার অভাব ; শঠতা-শূন্যতা ; অকাপট্য।

অচাতুর্য্য (অচাতুর্জ) [ন=অ—চাতুর্য্য, নঞ্তৎ] বি, ক্লী, অকৌশল ; চতুরতার অভাব ; অনিপুণতা।
২। অশাঠ্য ; প্রবঞ্চনার অভাব।

অচাপল্য (অচাপোল্লো) [ন=অ—চাপল্য, নঞ্তৎ] বি, ক্লী, অচাঞ্চল্য ; সুস্থিরতা ; গম্ভীরতা।

অচালন (ন্) [ন=অ—চালন, নঞ্তৎ] বি, ক্লী, চালনার অভাব ; অস্পন্দন।

অচালনীয় (চা) [ন=অ—চালনীয়, নঞ্তৎ] বিণ, যাহা চালনা করা যায় না ; চালনার অযোগ্য।

অচালয়িতব্য (তোব্বো) [ন=অ—চালয়িতব্য, নঞ্তৎ] বিণ, যাহা চালনা করিবার যোগ্য নহে ; অচালনীয়।

অচালিত [ন=অ—চালিত, নঞ্তৎ] বিণ, যাহা স্থানান্তরিত হয় নাই ; যাহার চালনা করা হয় নাই।

অচাল্য (ল্ল) [ন=অ—চাল্য, নঞ্তৎ] বিণ, যাহা স্থানান্তরিত করার যোগ্য নহে ; অচালনীয়।

অচিকিৎসনীয় (শোনিও) [ন=অ—চিকিৎসনীয়] বিণ, দুশ্চিকিৎস্য বা অচিকিৎস্য ; যে রোগের চিকিৎসা নাই বা যাহার চিকিৎসা দ্বারা প্রতিকারলাভ দুর্ঘট ; অপ্রতিকার্য্য।

অচিকিৎসা (শা) [ন=অ—চিকিৎসা] বি, স্ত্রী, চিকিৎসার অভাব। ২। মন্দ চিকিৎসা।

অচিকিৎসিত (শিত) [ন=অ—চিকিৎস+ত (কর্ম্মে) নঞ্তৎ] বিণ, যাহার চিকিৎসা হয় নাই।

অচিকিৎস্য (শ) [ন=অ—চিকিৎস্য, নঞ্তৎ] বিণ, যে রোগের চিকিৎসা নাই। (অচিকিৎসনীয় দ্রঃ)।

অচিকীর্ষু [ন=অ—কৃ+সন্+উস্] বিণ, অনিচ্ছুক : অলস ; কর্ম্ম করিতে অনিচ্ছুক।

অচিক্কণ (অচিক্কন্) [ন=অ—চিক্কণ, নঞ্তৎ] বিণ, যাহা চিক্কণ বা পিচ্ছিল নহে ; অস্নিগ্ধ ; অমসৃণ।
২। [প্রাদে] অনুজ্জ্বল। ৩। অসুন্দর।

অচিৎ [ন=অ (নাই) চিৎ (জ্ঞান) যাহার—বহু] বিণ, জ্ঞানহীন ; মূর্খ : অচেতন।
২। বি, স্ত্রী, রামানুজ সম্প্রদায়ী বৈষ্ণবগণের মতানুগত চিৎ, অচিৎ ও ঈশ্বর এই পদার্থত্রয়ের অন্যতম।

অচিন (ন্) [সং—অচিহ্নিত। গ্রা] বিণ, অচেনা ; অজ্ঞাত ; অপরিচিত।
প্র—"খাঁচার ভিতর অচিন পাখী কমনে আসে যায়" —রবীন্দ্র (গোরা)।
২। অচিহ্নিত।

অচিনা [ন=অ (না)—চিনা (পরিচিত)। অচেনা দ্রঃ] বিণ অজ্ঞাত ; অপরিচিত।
২। বি, অজানা স্থান : অজ্ঞাত ব্যক্তি।

অচিন্ত [ন=অ (নাই) চিন্তা যাহার—বহু] বিণ, পুং, ক্লী, চিন্তা-রহিত। ২। অচিন্ত্য ; চিন্তাতীত। বি, অচিন্ততা, অচিন্তত্ব—চিন্তারাহিত্য। ২। চিন্তার অতীত অবস্থা।

অচিন্তনীয় [ন=অ—চিন্তনীয়] বিণ, অভাবনীয় ; চিন্তার অতীত : অচিন্ত্য।

অচিন্তা—বি, স্ত্রী চিন্তার অভাব।
২। অচেষ্টা : অমনোযোগ।

অচিন্তিত [ন=অ—চিন্তিত] বিণ, যাহার চিন্তা করা যায় নাই ; যাহা ঘটিবে বলিয়া অনুমান করা হয় নাই।
প্র—"কত অসম্ভাবিত ও অচিন্তিত বিষয় স্বপ্ন কল্পিতের ন্যায় সহসা উপস্থিত হয়"
—কাদম্বরী।

অচিন্তিতপূর্ব্ব—বিণ, পূর্ব্বে যাহার চিন্তা করা হয় নাই : অভাবিতপূর্ব্ব।

অচিন্ত্য [ন=অ—চিন্তি (ভাবনা করা)+য (কর্ম্মে)] বি, পুং, ঈশ্বর।
প্র—"বৃষ্ণিবংশ ধ্বংস করি হৃষীকেশ
এড়াইয়া যত সংসারের ক্লেশ
নিশ্চিন্ত অচিন্ত্য হইলা শেষে।"
—অপূর্ব্ব স্বপ্নকাব্য।
২। বিণ, চিন্তা করণের অযোগ্য ; যে বিষয় চিন্তা করিবার প্রয়োজন নাই।
৩। চিন্তাতীত ; অচিন্তনীয়।
প্র—"অনন্ত অচিন্ত্য মায়া"—কবিকঙ্কণ।
"অচিন্ত্য রচনা বিশ্ব যেই করিলা রচনা।"
—ব্রহ্মসঙ্গীত।

অচির (র, র্) [ন=অ—চির (দীর্ঘকাল) নঞ্তৎ] বিণ, যাহা দীর্ঘ নয় ; অল্প।
২। অল্পকালস্থায়ী। প্র—'অচিরদ্যুতি'।

৩। ক্রি-বিণ, আশু ; সত্বর ; শীঘ্র ; অনতি-বিলম্বে। [বিরল] বি, **অচিরতা**—ক্ষণ-স্থায়িত্ব ; অনিত্যতা। ক্রি-বিণ, **অচিরে**। প্র—"পুরবাসিগণ অচিরে রাজকুমার দেখিব এই মনের উল্লাসে * * * উৎসব ক্রিয়া করিতে লাগিল।"—বিদ্যাসাগর (সী, ব)।

অচিরক্রিয় [ন=অ—চির=অচির (অল্পক্ষণ-স্থায়ী) ক্রিয়া যাহার—বহু] বিণ, যে শীঘ্র কার্য্য সম্পন্ন করিতে পারে ; ক্ষিপ্রকারী। স্ত্রী, **অচিরক্রিয়া**। বি, **অচিরক্রিয়তা, অচিরক্রিয়ত্ব**।

অচিরজীবী [অচিরজীবিন্ শব্দ, ১মা, ১ব। ন=অ—চিরজীবী, নঞ্‌তৎ] বি, পুং, অল্পায়ু-বিশিষ্ট ; অচিরায়ুঃ। স্ত্রী, **অচিরজীবিনী**—অল্পায়ুবিশিষ্টা।

অচিরত্ব [ন=অ—চির+ত্ব (ভাবে)] বি, ক্লী, অল্পকালস্থায়িত্ব ; অনিত্যত্ব।

অচিরদ্যুতি, অচিরপ্রভা [অচির (ক্ষণকালস্থায়ী)—দ্যুতি, প্রভা (দীপ্তি)—যাহার, বহু] বি, স্ত্রী, বিদ্যুৎ ; সৌদামিনী ; চপলা ; ক্ষণপ্রভা। ২। অস্থির দীপ্তি।

অচিরস্থায়ী [ন=অ—চিরস্থায়িন্ শব্দ, ১ম, ১ব] বিণ, যাহা চিরদিন থাকে না ; নশ্বর। ২। ক্ষণস্থায়ী। স্ত্রী, **অচিরস্থায়িনী**। বি, **অচিরস্থায়িত্ব**।

অচিরাংশু—বি, পুং, বিদ্যুৎ ; অচিরদ্যুতি দ্রঃ।

অচিরাৎ, অচিরাত (ৎ) [ন=অ—চিরাৎ (চিরকাল হইতে) অথবা, অচির+অৎ (গমন করা)+ক্বিপ্—যে অচির কালকে পায়] অ, ক্রি-বিণ, শীঘ্র ; আশু ; অবিলম্বে। প্র—"অচিরাৎ আপনি পুত্রমুখ নিরীক্ষণ করিয়া আনন্দিত হইবেন, সন্দেহ নাই।"—কাদম্বরী। [দ্রঃ—সংস্কৃত বিভক্তিযুক্ত এই শব্দটি বাঙ্গালায় চলিয়া গিয়াছে—ইহার রূপ পরিবর্ত্তিত হয় না] কিন্তু প্রা-বাং, 'অচিরাতে' ও দৃষ্ট হয়। প্র—"মহাদেবে দক্ষ যেন বল কুবচন, অচিরাতে হবে তোর ছাগল বদন।"—কবিক।

অচিরাভা [অচির (অল্পকাল স্থায়ী) হইয়াছে আভা যাহার, বহু] বি, স্ত্রী, বিদ্যুৎ ; ক্ষণ-প্রভা ; চপলা।

অচিরে [ন=অ (নাই) চির (বিলম্ব) যাহাতে, বহু] ক্রি-বিণ, অনতিবিলম্বে ; শীঘ্র। প্র—"অচিরে যবন-রাজ্য টলিবে নিশ্চয়।" —নবীনচন্দ্র (পলাসীর যুদ্ধ)।

অচিহ্ন [ন=অ—চিহ্ন, নঞ্‌তৎ] বিণ, চিহ্ন রহিত।

অচিহ্নিত [ন=অ—চিহ্নিত (অঙ্কিত) নঞ্‌তৎ] বিণ, চিহ্ন-রহিত ; যাহাতে কোন চিহ্ন অঙ্কিত নাই ; অপরিচিত। **অচিহ্নিত-কর্ম্মচারী**—যে কর্ম্মচারীর রাজার সহিত কোনরূপ সর্ত্ত নাই ; uncovenanted servant.

অচূড় [ন=অ (হয় নাই) চূড়া (চূড়াকরণ) যাহার, বহু] বিণ, যাহার চূড়াকরণ সংস্কার হয় নাই। ২। [অ (নাই) চূড়া (কেশ) যাহার] কেশগুচ্ছহীন।

অচূর্ণ [ন=অ—চূর্ণ, নঞ্‌তৎ] বিণ, চূর্ণ করা নহে ; গুঁড়া করা নহে। ২। অখণ্ড ; আস্ত।

অচূর্ণিত [ন=অ—চূর্ণিত, নঞ্‌তৎ] বিণ, যাহা চূর্ণিত নহে ; অখণ্ডিত ; যাহা গুড়ান হয় নাই। ২। যাহা ধ্বংস করা হয় নাই ; অবিনষ্ট।

অচূর্ণ্য (অচুর্ণ্) [ন=অ—চূর্ণ+য (কর্ম্মে) নঞ্‌তৎ] বিণ, যাহাকে চূর্ণ করা যায় না।

অচূষিত [ন=অ—চূষ্ (পান করা)+ত (কর্ম্মে ক্ত) ই আগম] বিণ, যাহা চোষা হয় নাই।

অচূষ্য (অচুশ্‌শ) বিণ, যাহা চোষণ যোগ্য নহে ; যাহা চুষিয়া খাওয়া যায় না।

অচেত [ন=অ—চিত (জ্ঞান)+অন্ (ভাবে) নাই চেত যাহার—বহু] বিণ, জ্ঞানশূন্য ; তত্ত্বজ্ঞানহীন।
প্র—"যে জন চেতনামুখী সেই সদা সুখী।
যে জন অচেত-চিত্ত সেই সদা দুঃখী॥
—ভারতচন্দ্র (অন্নদামঙ্গল)।
২। চিত্তবৃত্তি-নিরোধ-শক্তিহীন (অর্থাৎ আত্মার বহির্মুখী বৃত্তি সম্পন্ন)।

অচেতন (ন্) [ন=অ (নাই) চেতনা (জ্ঞান) যাহার—বহু] বিণ, জীবন বা চেতনা-শূন্য ; জড়। প্র—"যে সকল বস্তুর জীবন নাই যেখানে রাখ সেইখানে থাকে, এক স্থান হইতে অন্যস্থানে যাইতে পারে না, তাহাদিগকে অচেতন পদার্থ কহে। যথা—জল, মৃত্তিকা, কাষ্ঠ প্রভৃতি।"
—বিদ্যাসাগর (বোধোদয়)।
২। অজ্ঞান ; মূর্চ্ছিত। ৩। রোগ, শোক, মোহ প্রভৃতি কারণ বশতঃ যাহার চেতনা আচ্ছন্ন হয় ; সংজ্ঞাশূন্য ; বাহ্য-জ্ঞানহীন।

অচেনা [ন=অ—চেনা (হি—চিন্‌হা ; সং—চিহ্ন শব্দজ)] বিণ, অপরিচিত ; অজানা ; অজ্ঞাত। প্র—"দূরের উন্নত গিরিশৃঙ্গগুলি প্রহরীর ন্যায় নীল আকাশপথে দণ্ডায়মান থাকিয়া এই অচেনা পথিকদলকে আদর অভ্যর্থনা করিতেছিল।"—প্রদীপ, ১১শ বর্ষ। ২। বি, অপরিচিত ব্যক্তি।
প্র—"অচেনায় চিনিয়ে দিয়ে, মন আমার যে ছিনিয়ে নিলে। অচেনায় দেখলে পরে, প্রাণ যে কেন এমন করে, খুলে তা বল্‌বো তারে অচেনা যদি মিলে।—রাজকৃষ্ণ রায়।

অচেষ্ট (অচেশ্‌ট) [অ (নাই)—চেষ্টা যাহার, বহু] বিণ, চেষ্টা-রহিত। ২। জ্ঞান-শূন্য ; অসাড়।
প্র—"ঝাঁপ দিয়া পড়ে কেহ অচেষ্ট হইয়া।"
—চৈতন্য ভাগবত।

অচেষ্টক (অচেশ্‌টক্) [ন=অ (নাই) চেষ্টা যাহার=অচেষ্ট+ক] বিণ, যাহাতে চেষ্টার উত্তেজক কোন পদার্থ নাই ; চেষ্টো-দ্দীপক পদার্থহীন।

অচেষ্টা (অচেশ্‌টা) বিণ, চেষ্টাহীনতা।

অচেষ্টিত (অচেশ্‌টিত) বিণ, অনন্বেষিত ; যাহার জন্য চেষ্টা বা যত্ন করা হয় নাই।

অচৈতন্য (অচোইতোন্ন) [ন=অ (নাই) চৈতন্য যাহার—বহু] বিণ, সংজ্ঞাশূন্য ; চৈতন্যহীন ; মূর্চ্ছিত। প্র—"তখন স্বরূপ ও রামানন্দ দুই শিষ্য অচৈতন্য চৈতন্যদেবকে সচৈতন্য করিলেন।"
—অক্ষয়কুমার দত্ত (উপাসক সম্প্রদায়)।

অচ্ছ [অর্চ (পূজা করা)+ছ (র লোপ) যিনি পূজিত হন অথবা, অ-চ্ছ—ছো (ছেদন করা)+অ (কর্ত্তৃ ড) যাহা দৃষ্টির গতিরোধ করে না, বহুব্রীহি] বিণ, স্বচ্ছ ; নির্ম্মল ; পরিষ্কৃত ; উজ্জ্বল। প্র—অচ্ছোদ সরোবর। ২। যে পদার্থের ভিতর দিয়া আলোক স্বচ্ছন্দে ভেদ করিয়া যাইতে পারে, অথচ যাহার ভিতর দিয়া অপর দিকের কোনো জিনিষই দেখা যায় না, সেইরূপ পদার্থকে অচ্ছ বলে ; প্রায় স্বচ্ছ, যেমন—ঘসা কাচ, পাতলা কাগজ প্রভৃতি ; translucent.
৩। স্ফটিক ; সূর্য্যকান্তমণি।

অচ্ছত্র (অচ্ছৎত্র) [ন=অ (নাই) ছত্র (রাজ ছত্র) অর্থাৎ যেখানে রাজচ্ছত্র নাই—বহু] বিণ, ছত্রশূন্য। ২। অরাজক ; রাজহীন।

অচ্ছদ [ন=অ (নাই) ছদ (আবরণ পত্র) যেখানে, বহু] বিণ, অনাচ্ছাদিত ; অনাবৃত খোলা ; পত্র রহিত ; যাহা ঢাকা নহে।

অচ্ছদ্ম [ন=অ (নাই) ছদ্ম (আচ্ছাদন বা কপটতা যাহার, বহু] বিণ, অনাচ্ছাদিত ; অনাবৃত। ২। ছলশূন্য ; নিষ্কপট।

অচ্ছন্ন [ন=অ—ছন্ন] বিণ, খোলা ; অনাবৃত।

অচ্ছল (ল্) [ন=অ (নাই)+ছল যাহার, বহু] বিণ, ছলনাশূন্য ; সরল ; সাধু।

অচ্ছভল্ল [অচ্ছ (সম্মুখে)—ভল্ল (ভল্ =বধ করা)+অ (কর্ত্তৃ) যে সম্মুখে বধ করে] বি, পুং, ভল্লুক।

অচ্ছায় (য্) [ন=অ (নাই) ছায়া যেখানে, বহু] বিণ, ছায়াশূন্য।

অচ্ছায়া [ন=অ (অল্প) (ছায়া) নঞ্‌তৎ] বি, 'আবছায়া,' মৃদুচ্ছায়া বা অল্পচ্ছায়া।

অচ্ছিদ্র [ন=অ (নাই) ছিদ্র যাহাতে, বহু] বিণ, ছিদ্রবিহীন। ২। [অ+ছিদ্র (দোষ বা ত্রুটি)] নির্দ্দোষ। ৩। সম্পূর্ণ।

অচ্ছিদ্রাবধারণ (ন্) [অচ্ছিদ্র+অবধারণ, ৬তৎ] বি, স্ত্রী, সুসমাপন ; নির্দ্দোষ সমাপ্তি।

অচ্ছিন্ন [ন = অ+ছিন্ন—নঞতৎ] বিণ, অখণ্ডিত ; অবিভক্ত।

অচ্ছিন্নত্বক্—বি, পুং, যাহার খৎনা বা ত্বক-চ্ছেদ-সংস্কার হয় নাই। যাহার সুন্নৎ বা মুসলমানী হয় নাই ; uncircumcised.

অচ্ছেদ (দ) [ন=অ (নাই) ছেদ (ছিদ্র) যাহাতে, বহু] বি, ছিদ্রশূন্যতা। ২। বিণ, ছিদ্রহীন।

অচ্ছেদনীয় (অচ্ ছেদোনিয়) [ন = অ+ছেদনীয়, নঞতৎ] বিণ, অবিভাজ্য ; যাহা ছেদন যোগ্য নহে।

অচ্ছেদিত [ন=অ+ছেদিত, নঞ্ তৎ] বিণ, অখণ্ডিত ; ছিদ্রশূন্য।

অচ্ছেদিতব্য [ন = অ + ছেদিতব্য, নঞ-তৎ] 'অচ্ছেদনীয়' দ্রঃ।

অচ্ছেদ্য (অচ্ছেদ্দ) [ন=অ+ছেদ্য (ছিদ্ =ছেদন করা) য (কর্ম্মে) ছেদনযোগ্য নঞতৎ] বিণ, যাহা ছেদন করা যায় না অভেদ্য ; যাহা ছেদন করা কর্ত্তব্য নহে।

অচ্ছোদ (অচ্ছোদ্) [অচ্ছ (নির্ম্মল) উদ (উদক (জল) যাহাতে, বহু] বিণ, স্বচ্ছতোয়তড়াগাদি।

প্র—"অচ্ছোদ সরসী নীরে রমণী যে দিন নামিলা স্নানের তরে."—রবীন্দ্র।

২। হিমালয় প্রদেশে অবস্থিত স্বচ্ছ জল-বিশিষ্ট সরোবর।

প্র—"হিমালয় প্রদেশে অচ্ছোদ নামক সরোবর। নির্ম্মল জল বলিয়া ইহার নাম অচ্ছোদ হইয়াছে। কিম্পুরুষ পর্ব্বতের অদূরে এই মনোহর সরোবর, ইহার তীরে মহাশ্বেতার আশ্রম ছিল।" —কাদম্বরী।

অচ্যুত (ওচ্চুত) [ন=অ+চ্যুত (চ্যু পতন, ক্ষরণ বা ভ্রংশ হওয়া)+ত (কর্ত্তৃ) অর্থাৎ নিজ স্থান হইতে যাঁহার চ্যুতি বা ভ্রংশ বা ক্ষরণ নাই (বহু), যিনি চ্যুত হন নাই, হইতেছেন না এবং হইবেন না] বি, পুং, ক্ষয় বিহীন ; 'চরম মুক্তি হইতে অভিন্ন' (মহাভারত) 'যিনি স্বীয় স্বভাব হইতে অবিচলিত'—(স্কন্দ পুরাণ) 'সৃষ্ট বস্তুর সহিত যাঁহার সংহার হয় না'—(বিষ্ণুপুরাণ) ; কৃষ্ণ ; বিষ্ণু।

২। বিণ, স্থির ; অভ্রষ্ট ; অস্খলিত ; অবিনাশী ; অনশ্বর ; অক্ষর ; অক্ষয় ; অব্যয়।

অচ্যুতাগ্রজ (অচ্চুতাগ্ গ্রোজো, অগ্ গ্রজ্) [অচ্যুত (কৃষ্ণ)+অগ্রজ (জ্যেষ্ঠ) ষষ্ঠীতৎ] বি, পুং, শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ বলরাম ; বলদেব।

২। ইন্দ্র (ইন্দ্র অদিতির গর্ভে কশ্যপের ঔরসে বিষ্ণুর বামনরূপে জন্ম গ্রহণ করিবার পূর্ব্বেই জন্মগ্রহণ করিয়াছিলেন, এই নিমিত্ত ইন্দ্র বিষ্ণুর অবতার কৃষ্ণের অগ্রজ)।

অচ্যুতাবাস [অচ্যুত (বিষ্ণু) আবাস (বাস-স্থান) ষষ্ঠী তৎ] বি, পুং, বৈকুণ্ঠ ; দ্বারকা পুরী ; মথুরা। ২। অশ্বত্থ বৃক্ষ ; যজ্ঞডুম্বুর বৃক্ষ।

অছা [প্রা বাং। সং—অস্ (থাকা) ধাতু হইতে। হিঃ—অছনা=বিদ্যমান থাকা। এই ধাতু প্রাচীন হিন্দীর ভিতর দিয়া ব্রজ ও প্রা, বৈ, সা—ত্যে প্রচরদ্রূপ। আছা দ্রঃ] ক্রি, থাকা। [অপ্র]

উ পু—অছি ; ম পু—ছৈহ ; ছি অহ ; প্র পু, অছ, অছয় (আছে)। প্র—কে অছ এহি মহীতল"—বি, প। "জিবন অছয় পুন তুয় প্রতি আস"—বি, প। অছইতে (হিঃ—অছত =থাকিতে)—থাকিতে ; বিদ্যমানে ; সাম্নে। প্র—"অছইতে বধূ নহি করিঅ উদাস"(বি,প.) —অর্থাৎ (প্রার্থিত) বস্তু থাকিতে বিমুখ করিও না। **অছলিহু, লোঁ**—আছিলাম। প্র—"এত দিন অছলিহু অপনে গেয়ানে"—বি, প। **অছল, অছলো, লোঁ**—ছিল। প্র—"শৈশব অছল সে ডরে পলাএল"—বি,প।

অছি (ওছি) [আ—বসী। তুরুস্ক ভাষায় 'অচী' =বড়ভাই ; তাহা হইতে অভিভাবক। অলি অছি দ্রঃ] বি, অভিভাবক ; তত্ত্বাবধায়ক ; executor. প্র—"যে নাবালকের অছি আমাকে তাহা বিক্রয় করিল তাহারা তাহার প্রকৃত অধিকারী নহে।"—বিমলা (দামোদর)।

অছিলা [ফা—বসীলা। উপায় দ্রঃ] বি, সূত্র, ছল ; অবলম্বন ; ছুতা ; বাব ; pretext. প্রঃ—"এই ভয়ে একটা মিথ্যা অছিলা করিয়া, আগেই কোতোয়ালের নিকট সাফাই করিয়া রাখিতেছি।"—নবাবনন্দিনী (দামোদর)

অজ [ন=অ+জ (জন্=উৎপন্ন হওয়া+ড (কর্ত্তৃ)] যে জন্মে না, যিনি কাহারও গর্ভে জন্ম গ্রহণ করেন নাই] বি, পুং, ঈশ্বর।

২। [ঈশ্বর তাঁহার সত্ত্ব রজঃ ও তমঃ এই ত্রিগুণাত্মক কার্য্য—সৃষ্টি,স্থিতি ও প্রলয়ের প্রবৃত্তি হেতু যথাক্রমে ব্রহ্মা, বিষ্ণু, ও মহেশ্বর এই তিন নামে আখ্যাত হইয়াছেন] ব্রহ্মা।

প্র—'মহামুনিগণ নিত্য ধ্যান করে যায়। যে পদ পঙ্কজ অজ দেখিতে না পায়।'—শি।

২। জীবাত্মা ; প্র—"ইঁহার (জীবাত্মার) জন্ম নাই, মৃত্যু নাই, * * * ইনি অজ, নিত্য, শাশ্বত ও পুরাণ।"—মহাভারত (সিংহ)।

৩। [সাঙ্খ্যদর্শনে] সত্ব, রজঃ ও তমঃ এই ত্রি-গুণাত্মিকা মায়া ; আদ্যাশক্তি।

৪। [অজ (জন্ম রহিত) ব্রহ্মা দক্ষ-যজ্ঞকালে মেষরূপ ধারণ করিয়া পলায়ন করিয়াছিলেন বলিয়া] মেষ। [প্রঃ অঃ]

৫। [অ (বিষ্ণু)—জ (জন্=জন্মান)+অ (কর্ত্তৃ, ড)—যিনি বিষ্ণুর মন হইতে জন্মিয়াছেন চন্দ্র। [প্রঃ অঃ]

৬। [অ (বিষ্ণু=কৃষ্ণ)—জ+অ—যিনি কৃষ্ণের ঔরসে জন্মগ্রহণ করিয়াছেন] কন্দর্প ; মদন। [প্রঃ অঃ]

৭। স্বর্ণমাক্ষিক ; মাক্ষিক ধাতু।

৮। অজশৃঙ্গী ; মেড়াশিঙ্গে ; ভেড়ার শিঙ্গের মত পাকান পাতা বিশিষ্ট তিক্তাস্বাদ কাঁটা গাছ ; ছাগলবেঁটে।

৯। [অজ (গমন করা)+ অন্ (কর্ত্তৃ) —যে তৃণাদি ভোজনার্থ গমন করে] বি, পুং, ছাগ, মেষ।

১০। [জ্যোতিষে] রাশিচক্রের প্রথমরাশি অর্থাৎ মেষরাশি।

১১। অযোধ্যাপতি রামচন্দ্রের পিতামহ ও রাজা দশরথের পিতা, বাল্মীকির মতে ইনি নাভাগের পুত্র ; কিন্তু অধ্যাত্ম রামায়ণ ও কালিদাস-কৃত রঘুবংশ মতে ইনি রঘুর পুত্র।

প্রঃ—"রঘুজ-অজ-অঙ্গজ বিখ্যাত ভুবনে" —মেঘনাদ। [কাব্যে] রামের 'পিতামহ' এবং 'ছাগ' এই দ্ব্যর্থবাচক অজ শব্দ ব্যাজস্তুতি অলঙ্কারে স্তুতিচ্ছলে নিন্দা প্রকাশ করিয়া থাকে। প্র—"বিবাহ করিয়া সীতারে লয়ে, আসিছেন রাম নিজ আলয়ে ; শুনিয়া যতেক বালক সবে, আসিয়া হাসিয়া কহে রাঘবে ; শুন হে কুমার ! তোমারি আজ, কুলের উচিত হইল কাজ, তব হে জনম অতি বিপুলে, ভুবন-বিদিত অজের কুলে, জনক-দুহিতা বিবাহ করি তাহাতে ভাসালে যশের তরি।" —কাব্যনির্ণয়। স্তুতিপক্ষে, অজ= অজরাজ ; জনকদুহিতা= সীতা ; নিন্দাপক্ষে অজ=ছাগল ; জনক-দুহিতা=ভগিনী।

১২। ভাগবতের মতে একাদশ রুদ্রের একজন ; কিন্তু বিষ্ণুপুরাণ, বায়ুপুরাণ ও মৎস্যপুরাণে রুদ্রগণের নাম মধ্যে ইঁহার নাম নাই।—ভারতকোষ।

১৩। বিণ, জন্মরহিত। স্ত্রীলিঙ্গে, **অজা** —ছাগী। **অজ** (অজ্) [আদা] খাঁটী।

অজকব (ব্) [অজ (বিষ্ণু)+ক (ব্রহ্মা) +অস্ত্যর্থে ব, যাহাতে ব্রহ্মা ও বিষ্ণু বর্ত্তমান আছেন ; অথবা অজ (বিষ্ণু)+ক (ব্রহ্মা) ব=বা (সেবা করা)+ অ (করণে) অর্থাৎ ত্রিপুরাসুর নিধন সময় যাহা দ্বারা ব্রহ্মা ও বিষ্ণু তুষ্ট হইয়াছিলেন] বি, স্ত্রী, পিনাক, হরধনু। [বেণ রাজার দক্ষিণ হস্ত মন্থন সময়ে ইহা স্বর্গ হইতে পতিত হয়।—পুরাণ] ইহা অজকাব, অজগাব, অজগাব শব্দেও অভিহিত। ২। অজক (ছাগল) ব= বা (সেবা করা) +অ (কর্ত্তৃ) যে ছাগলের সেবা করে] বর্ব্বটী, বাবুই তুলসী।

অজকা [অজ+ক (স্বার্থে)—স্ত্রী, আ] বি, স্ত্রী, ছাগলের গলদেশে লম্বিত স্তনাকৃতি মাংস-খণ্ড ; অজা-গলস্তন।

অজগ [অজ (ব্রহ্মা) গৈ (গানকরা)+ড

(কর্ম্মে)] বি, পুং, ব্রহ্মা কর্ত্তৃক গীত অর্থাৎ ব্রহ্মা যাহার নাম গান করেন। বিষ্ণু। ২। অগ্নি। ৩। [করণে, ড] শিবধনু।

অজগন্ধা [যাহার অজের ন্যায় গন্ধ, বহ্] বি, স্ত্রী, বন যমানী ; বন যোয়ানের গাছ।

অজগন্ধিকা (অজোগোনধিকা) বি, স্ত্রী, বাবুইতুলসী।

অজগন্ধিনী (অজোগোনধিনি) বি, স্ত্রী, তিত কঁচীর গাছ ; গাড়োল শিঙে।

অজগব (ব্) [অজগু (অজ = বিষ্ণু + গো = বৃষ, প্রলয়কালে বিষ্ণু যাঁহার বৃষ হইয়াছিলেন)—শিব + (ইদমর্থে) অ ; অজ = বিষ্ণু—গব (গো = বাণ + অ—বহুব্রীহি) = বাণ অর্থাৎ বিষ্ণু ত্রিপুরাসুর বধকালে যাঁহাতে শরত্ব প্রাপ্ত হইয়াছিলেন] বি, স্ত্রী, পিনাক ; হরধনু। (বেণরাজার দক্ষিণ হস্ত মন্থন করিলে যখন পৃথুরাজার উৎপত্তি হয়, সেই সময় স্বর্গ হইতে এই ধনু পতিত হয়) অজকব, অজকাব, আজগব, অজগাব এই কয়টি শব্দই একার্থবোধক।

অজগর (র্) [অজ (ছাগ) + গর (গৄ = ভোজন করা + অন্, কর্ত্তৃ) যে ভোজন করে অর্থাৎ যে ছাগল ভোজন করে] বি, এক জাতীয় অতি বৃহৎ সর্প, ইহারা অনায়াসে আস্ত ছাগল, হরিণ প্রভৃতি জন্তুদিগকে গিলিয়া ফেলিতে পারে।

অজগর-ব্রত—বিণ, অজগরের ন্যায় স্ফূর্ত্তিহীন ও শ্রমবিমুখ ; অলস।

অজচ্ছল (অজচ্ ছল্) [অজস্র—অপভ্রংশে] বিণ, অপরিমিত ; পর্য্যাপ্ত ; যথেষ্ট ; অজস্র। প্র—"কেন আঁখি করে ছল ছল। ধরায় হরিচরণামৃত অজচ্ছল।"—মতিলাল রায় (গান)।

অজটা—বি, স্ত্রী, ভূম্যামলকী ; ভুঁই আমলা।

অজড়—বিণ, যে নির্ব্বোধ নয়।

অজড়া—বি, স্ত্রী, আলকুশী।

অজজীবক [অজ (ছাগাদি) + জীবিকা (জীবনোপায়) যাহার—বহ্] বিণ, অজ যাহার জীবন ধারণের উপায় অর্থাৎ যে ছাগমেষাদি ক্রয় বিক্রয় দ্বারা জীবিকা সংস্থান করে ; ছাগ বা মেষ পালক।

অজন্ত [অচ্ + অন্ত যাহার—বহ্] পুং, স্বরান্ত ; যে শব্দের শেষে স্বরবর্ণ থাকে।

অজন্ত [অ—জন্ত (দন্ত) যাহার দন্ত নাই—বহ্] বি, পুং, ভেক ; বেঙ। ২। সূর্য্য [দক্ষযজ্ঞভঙ্গের সময় সূর্য্য দন্তহীন হইয়াছিলেন বলিয়া পৌরাণিক প্রসিদ্ধি আছে] ৩। বিণ, দন্ত শূন্য ; অদন্ত।

অজন্মা [অজন্মন্ শব্দ। ন্ = অ + (নাই) জন্মন্ (উৎপত্তি) যাহাতে (যে মোক্ষ উপাসনায়) বহ্] বি, পুং, মোক্ষ ; ২। শস্যাদি-জন্মাভাব ; উৎপত্তির অভাব ; দুর্ভিক্ষ। ৩। [অ (কুৎসিত) + জন্মা - বহ্] অবৈধজাত ; জারজ।

অজন্মিত (অজোনমিতো) [গ্রা, অজন্মিৎ] বি, বিজন্মা ; জারজ। ২। অনুৎপত্তি ; শস্যাদি না হওয়া।

অজন্য (অজোন্ন)[ন = অ + জন্য (জন্ = জন্মান + প্রেরণার্থে + য) জনিত অর্থাৎ পুরুষ সংসর্গ বা ব্যাপারে যাহা জনিত নহে] বি, ক্লীং, ভূমিকম্প প্রভৃতির স্বাভাবিক অশুভসূচক চিহ্ন ; অমঙ্গলের লক্ষণ।

অজপ [ন = অ (কুৎসিত) + জপ্ (পাঠ করা) + অ (অচ্) কর্ত্তৃ] বি, পুং, কুপাঠক। ২। ন = অ (নাই) জপ যাহার—(বহ্) ক্লীং, জপরহিত। ৩। [অজ (ছাগল) + প (পা—পালন করা) + অ - যে পালন করে] পুং, ছাগপালক।

অজপা [ন = অ + জপ (জপ = জপকরা) + অ (কর্ম্মে, অল্)—জপনীয় + আ (স্ত্রীলিঙ্গে) —যাহা জপিবার নহে, অর্থাৎ, যাহা অনায়াসে, আপনা হইতে প্রাণীদিগের নিশ্বাস প্রশ্বাস ক্রিয়া রূপে জপ হয়] বি, স্ত্রী,স্বাভাবিক নিশ্বাস ও প্রশ্বাস ক্রিয়া দ্বারা সাধ্য, 'হং সঃ' —এই মন্ত্র। (শ্বাস গ্রহণ কালে 'হং 'এবং ত্যাগ কালে 'সঃ' এই মন্ত্র আপনা হইতেই উচ্চারিত হইয়া থাকে)। প্র—"হং-বর্ণ পূরকে হয়, সঃ-বর্ণ রেচকে কয়। অহর্নিশি করে জপ হংস হংস বলিয়ে॥ অজপা হইলে সাঙ্গ ; কোথা তব রবে রঙ্গ সকলি হইল ভঙ্গ, ভবানীরে না ভাবিয়ে।" —রামপ্রসাদ। "অন্নদার পদে দেই অজপা জপিয়া॥" —অ, ম,।

[শাস্ত্রে অজপার সংখ্যা এইরূপ নির্দ্ধারিত হইয়াছে ;—৬০ শ্বাসে প্রাণ ; ৬ প্রাণে এক নাড়িকা ; ৬০ নাড়িকা বা ২১৬০০ বার মানবের দিবারাত্রির শ্বাস ক্রিয়া বা অজপা-সংখ্যা। য়ুরোপীয় চিকিৎসা বিজ্ঞানমতে সুস্থ-দেহ পূর্ণ বয়স্ক ব্যক্তির দিবারাত্রির শ্বাস সংখ্যা প্রায় ৩৮৮৮০।]

২। [অ—জপ্ (জপকরা)—অল্ (ভাবে] প্রাণ বায়ু ; জীবন। প্র—"বাল্যকালে কত খেলা, মিছে খেলায় দিন গোঁয়াল, পরে জায়ার সঙ্গে লীলা খেলায়, অজপা ফুরায়ে গেল।" —রামপ্রসাদ।

৩। তান্ত্রিকদিগের আরাধ্যা দেবী বিশেষ।

অজপাদ (দ্) [অজ—পাদ, অজের (মেষরাশির) পাদের(চতুর্থাংশের)ন্যায় পাদ যাহার— বহুব্রীহি] বি, পুং, একাদশ রুদ্রের মধ্যে একজন। ২। পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রের অধিদেবতা।

অজমীঢ় (ঢ়) [অজম্ (বিষ্ণুকে বা কৃষ্ণকে) —ঈড্ (ইচ্ছা করা, ভালবাসা) + ত] বি, পুং ; যুধিষ্ঠির। ২। ভারতবর্ষ মধ্যে প্রদেশ বিশেষ আধুনিক আজমীর [অজ = (দশরথের পিতা) + মীঢ় (মিহ্ = সিক্তি—অভিষিক্ত হওয়া + ত) অর্থাৎ যেখানে অজরাজা যজ্ঞে অভিষিক্ত হইয়াছিলেন] ৩। চন্দ্রবংশীয় হস্তী রাজার পুত্র। প্র—"অজমীঢ় মহারাজ হস্তীর নন্দন। তার পুত্র রাজা হৈল নাম সম্বরণ॥" —কাশীরামদাস—মহাভারত।

অজয় (য়) [ন = অ + জি (জয়করা) + অ (ভাবে) নঞ্ তৎ] বি, পুং ; পরাজয় ; জয়ের অভাব। ২। নদ বিশেষ [এই নদের তীরে কেন্দুবিল্ব গ্রামে জগদ্বিখ্যাত কবি জয়দেব বাস করিতেন। ৺জয় হাজারিবাগের পাহাড় হইতে নিঃসৃত হইয়া সাঁওতাল পরগণা এবং বীরভূম ও বর্দ্ধমানের মধ্যে প্রবাহিত হইয়া কাটোয়ার নিকট গঙ্গায় মিলিত হইয়াছে]। ৩। বিণ, অজেয়। প্র—"আয়ু যশঃপ্রদ অজয় সম্পদ পাইতে যাহার বুলি।" —কাশীরাম দাস। স্ত্রী, **অজয়া**—সিদ্ধি ; ভাঙ্।

অজয্য (অজোজ্জো) [ন = অ—জি (= জয়করা) + য (শক্যার্থে)] বিণ, যাহাকে জয় করিতে পারা যায় না ; অজেয় ; দুর্জ্জয়।

অজর (র্) [অ + জরা (বার্দ্ধক্য) অর্থাৎ যাঁহাদের বৃদ্ধত্ব নাই] বি, পুং, দেবতা। ২। বিণ, জরা বা বার্দ্ধক্য রহিত। প্র—"ভব-জলধি-তারণ, শরণ, অতিপবিত্র, শুভনিধান, অজর, অভয়, অবিনাশী।" —ব্রহ্মসঙ্গীত। ৩। যাহা জীর্ণ নয় ; অতিশয় কঠিন। স্ত্রী, **অজরা**—ঘৃতকুমারী। ২। বিণ, অক্ষয়।

অজরামর (র্) [অজর + অমর] বিণ, জরা বা বার্দ্ধক্য এবং মরণ রহিত। প্র—"লেখা-জোখা জানি নাহি রামরস পেয়ে। হয়েছি অজরামর হরিগুণ গেয়ে॥" —শিবায়ন। ২। জরা মরণ রহিত ব্রহ্ম। প্র—"অজর অক্ষয় অভ্রান্ত, অজরামর অপ্রান্ত, অনাদি পূর্ণ অনন্ত, পরমাত্মা পুরাতন॥" —মনোমোহন বসু (গান)।

অজবীথী [অজ (অজা = অনাদি কালব্যাপিনী) - বীথী (নক্ষত্র শ্রেণী)] বি, স্ত্রী, আকাশের উত্তর দক্ষিণ বিস্তৃত ছায়াপথ ; স্বর্গপথ ; the Milkyway.

অজস্র [অ + জস্র (জস্ = ত্যাগ করা + র) যে ত্যাগ করে না। গ্রা-অজচ্ছল] বি, স্ত্রী, সর্ব্বদা ; নিরন্তর ; ক্রমাগত।

অজহল্লিঙ্গ [ন = অ + জহৎ (হা = ত্যাগ করা + অৎ (শতৃ, কর্ত্তৃ) যে ত্যাগ করে (ব্যাকরণে পারিভাষিক শব্দ)] বি, পুং, যে

শব্দ অজ লিঙ্গবাচক শব্দের বিশেষণ রূপে প্রযুক্ত হইলেও স্বলিঙ্গ পরিত্যাগ করে না।

অজা [অজ+আ (স্ত্রীলিঙ্গে)] বি. স্ত্রী. ছাগী ; পাঁঠি।

২। [সাঙ্খ্যদর্শনে] মায়া ; সত্ব, রজ ও তম— এই ত্রিগুণাত্মিকা প্রকৃতি।

অজাগর (র্) [ন=অ (নাই) জাগর (জাগরণ) যাহার—বহু] বিণ. ঘুমন্ত ; চিরনিদ্রিত।

২। ভৃঙ্গরাজ বা ভীমরাজ বৃক্ষ।

৩। [প্রাদেশিক] অজগর অর্থে ব্যবহৃত।

অজাজীব (ব্) [অজ+আজীব (জীবিকা) যাহার—বহু] বি. পুং. ছাগ-মেষ ব্যবসায়ী। (হিন্দুস্থানে যাহাদের গাড়ারিয়া বলে)।

অজাত [ন=অ (নহে) জাত (জন—ভাবে ক্ত) যে] বিণ. জন্মরহিত ; অনুৎপন্ন।

২। [প্রাদে। অ (বিরুদ্ধ বা অপকৃষ্ট) জাত] বি. অনাচরণীয় জাত ; অকুল ; অঘর।

প্র—অজাতে বিবাহ দিয়া সে জাতে ঠেলা আছে।

অজাতশত্রু, অজাতারি (অজাতশোৎত্রু) [ন=অ+জাত (উৎপন্ন) শত্রু বা অরি— যাহার শত্রু (জন্মে) নাই ; অ+জাত (প্রাণী)+শত্রু অর্থাৎ যিনি জীবমাত্রেরই শত্রু নহেন—বহু] বি. পুং. যিনি কখন কাহার শত্রুতা করেন না ; যুধিষ্ঠির।

২। মহারাজ জরাসন্ধের অধস্তন ৩৬শ পুরুষ মগধাধিপতির নাম অজাতশত্রু। ইঁহার সময় মহাত্মা বুদ্ধদেব জন্মগ্রহণ করেন। অজাতশত্রু প্রথমে হিন্দুছিলেন পরে বৌদ্ধ হন। প্র—
"অজাতশত্রু রাজা হল যবে পিতার আসনে আসি
সঁপিল যজ্ঞ অনল-আলোতে বৌদ্ধশাস্ত্ররাশি।"
—রবীন্দ্র।

৩। শত্রু বিহীন।

অজাতশ্মশ্রু (অজাতশোঁস্স্রু) [অজাত (অনুৎপন্ন) হইয়াছে শ্মশ্রু (দাড়ি) যাহার— বহু] বিণ. যাহার দাড়ি উঠে নাই এরূপ বালক ; অল্পবয়স্ক।

অজানত [চ. অজান্তে] ক্রি. বিণ. অজ্ঞাতসারে ; না জানিয়া।

অজানা [অ–জানা (পরিচয় বা পরিচিত)] বি. না জানা ; যাহা বা যে পরিচিত নহে। বিণ. অজ্ঞাত ; অপরিচিত।

প্র—"অধরে লইয়ে হাসি, অজানা আনন্দ রাশি"
—গোবিন্দ দাস (কুঙ্কুম)

২। বি. অপরিচিত পুরুষ বা অপরিচিতা স্ত্রী।

প্র—" 'অজানারে কবে আপন করিব'
কহে বিরহিণী নারী।"
—রবীন্দ্র (চয়নিকা)

৩। অজ্ঞাত দেশ।

প্র—"কোন্ অজানায়"—রবীন্দ্র।

অজানিত—বিণ. অজ্ঞাত ; অপরিচিত।

২। বি. অজ্ঞাত বা অপরিচিত দেশ, বস্তু বা ব্যক্তি।

প্র—"নিজেরে হায় চিত্ত উদাস গানে উড়িয়ে দিলে অজানিতের পানে।" —রবীন্দ্র।

অজামিল (ল্) বি. পুং. ভাগবত পুরাণোক্ত জনৈক চৌর্য্য ব্যবসায়ী গণিকাসক্ত ব্রাহ্মণ। [ভারতকোষ]

অজিজ্ঞাস (অজিগ্‌গাঁশ) [ন=অ (নাই) জিজ্ঞাসা (জানিবার ইচ্ছা) যাহার (বহু)] বিণ. যিনি কুতূহলী নহেন ; অকৌতূহলী।

অজিজ্ঞাসনীয় (অজিগ্‌গাঁশনিও) বিণ. যাহা জিজ্ঞাসা করিবার যোগ্য নহে ; প্রশ্ন করিবার অনুপযুক্ত।

অজিজ্ঞাসিত (শিতো) বিণ. যাহা বা যাহাকে জিজ্ঞাসা করা হয় নাই।

অজিজ্ঞাসিতব্য (শিতোব্বো) বিণ. জিজ্ঞাসা করণের অযোগ্য।

অজিজ্ঞাসু (শু) [ন=অ—জিজ্ঞাসু—নঞতৎ] বি. যে জিজ্ঞাসার্থী নহে ; প্রশ্ন করিতে অনিচ্ছুক।

২। যাহার অনুসন্ধানের প্রবৃত্তি নাই।

অজিজ্ঞাস্য (শ্‌শো) [ন=অ—জিজ্ঞাস্য, নঞ-তৎ] বিণ. যাহা জিজ্ঞাসার উপযুক্ত নহে।

অজিত [ন=অ—জি (=জয়করা)+ত (কর্ম্মে) —যিনি অন্য কর্ত্তৃক পরাজিত নহেন] বি. পুং. বিষ্ণু। প্র—"অপ্রমিত তেজঃ অজিত বংশজ ঈষিতে করিল ধ্বংস।" —কাশীরাম দাস।

২। শিব। ৩। বুদ্ধদেব। ৪। বিণ. অপরাজিত। ৫। অনায়ত্ত ; অবশ।

অজিত-বল্লভা [অজিত (বিষ্ণু) তাঁহার বল্লভা, ৬তৎ] বি. স্ত্রী ; লক্ষ্মী। প্র—"অজিত-বল্লভা দেবী ব্রহ্মার জননী। তোমার চরণ বন্দোঁ জোড় করি পাণি॥" —কবিকঙ্কণ।

অজিতেন্দ্রিয় [ন=অ+জিতেন্দ্রিয়—নঞতৎ অথবা অজিত+(অপরাজিত) ইন্দ্রিয় যৎ কর্ত্তৃক (বহু) যৎ কর্ত্তৃক (ইন্দ্রিয় পরাভূত নহে)] বিণ. যিনি জিতেন্দ্রিয় নন ; ইন্দ্রিয় সকল যাহার বশীভূত নয় ; অসংযতেন্দ্রিয় ; ইন্দ্রিয়-পরায়ণ।

অজিন [অজ (ছাগ জাতীয় মৃগবিশেষ)+ইন (তস্য ইদং চর্ম্মার্থে)] কিম্বা [অজ্ (পাওয়া)— ইন—ব্রতানুষ্ঠানকারিগণ যাহা প্রাপ্ত হন] বি. ক্লী. মৃগচর্ম্ম ; কৃষ্ণসার মৃগচর্ম্ম ; চর্ম্মনির্ম্মিত আসন ; চর্ম্ম (অজিনপত্রা দ্রঃ)।

প্র—"অজিন রঞ্জিত আহা কত শত রঙ্গে। পাতি বসিতাম কভু দীর্ঘতরুমূলে।"—(মেঘনাদ)

২। [শরীর বিঃ, পরিঃ] ত্বক ; skin.

অজিনপত্রা, অজিনপত্রিকা (পোৎ-ত্রিকা)[অজিন (চর্ম্মময়) পত্র বা পত্রিকা (পাখা) যাহার—বহু] বি. স্ত্রী. চর্ম্মচটিকা ; চামচিকা।

অজিহ্ম [ন=অ+জিহ্ম (বক্র) যে বা যাহা বক্র নহে] বিণ. ঋজু ; সরল ; অবক্র।

অজিহ্মগ [ন=অ+জিহ্ম (অবক্র)+গ (গমন করা) যে সোজা ভাবে গমন করে] বি. পুং. শর ; বাণ। ২। বিণ. সরলগামী।

অজিহ্ব [ন=অ (নাই) জিহ্বা (রসনা) যাহার —বহু] বিণ. জিহ্বাশূন্য। ২। বি. পুং. ভেক [অগ্নির রসাতলে লুক্কায়িত থাকার সংবাদ দেবগণকে দিবার জন্য অগ্নিশাপে ভেক নষ্টজিহ্ব হয় এইরূপ পৌরাণিক প্রবাদ আছে]।

অজীগর্ত্ত—বি. পুং. ঋষিবিশেষ ; শুনঃশেফের পিতা ; ইহার অপর নাম ঋচীক।

অজীর্ণ [ন=অ+জৄ (জীর্ণ হওয়া)+ত (ভাবে)] বি. ক্লী. পরিপাক বা জীর্ণ না হওয়া ; অপচার। ২। ভুক্তদ্রব্যের অপরিপাক জাত রোগবিশেষ ; dyspepsia.

৩। বিণ. যাহা জীর্ণ বা পরিপাক হয় নাই।

অজীব (ব্) [ন=অ (নাই)+জীব (জীবন) যাহার—বহু] বিণ. মৃত ; নির্জ্জীব ; অবসন্ন।

অজুগুপ্সিত [ন=অ—জুগুপ্সিত (গুপ্— নিন্দার্থে+সন্=জুগুপ্স+ত (কর্ম্মে ক্ত) নঞতৎ] বিণ. অনিন্দিত।

অজুরদার (অজুর্‌দার্) [ফা] বি. কর্ম্মচারী ; জনমজুর ; শ্রমজীবী।

অজুরা (ওজুরা) [ফা] বি. আজুরা ; বেতন ; পারিশ্রমিক ; মজুরী।

অজুহন্নামা (ওজুহন্‌নামা) [ফা] বি. মোকদ্দমার কারণ লিখিত কাগজ পত্র।

অজুহাত (ওজুহাৎ) [ফা] বি. কারণ ; জন্য ; নিমিত্ত ; হেতু।

ন=অ+জেয়—নঞ তৎ] বিণ. যাহাকে জয় করা বা পরাভব করা যায় না। দুর্জ্জয় ; অজেতব্য।

অজৈকপাদ (দ্) [অজ+একপাদ ; অজের (মেষ রাশির) এক পাদের (চতুর্থাংশের) ন্যায় পাদ যাহার—বহু] বি. পুং. শিবমূর্ত্তি ; একাদশ রুদ্রান্তর্গত রুদ্র বিশেষ।

অজৈব [ন=অ, জীব (বৃহস্পতি) তস্য ইদং অর্থে অন্=জৈব, নঞ তৎ] বিণ. যাহা জীব সম্বন্ধীয় নহে ; inorganic.

অজ্জুকা [অর্জ্জ্ (অর্জ্জন করা)+উক) স্ত্রী—আপ] বি. স্ত্রী. যে স্ত্রী ধনাদি অর্জ্জন করে।

২। [সংস্কৃত নাটকে] নটী।

৩। বেশ্যা বা গণিকা।

অজ্ঞ (ওগ্‌গঁ) [ন=অ (না)+জ্ঞ (জ্ঞা= জানা+অ—কর্ত্তৃ ড) অর্থাৎ যে কিছুই জানে না] বিণ. মূর্খ ; মূঢ় ; সাধারণ জ্ঞানরহিত ; অজ্ঞান ; নির্ব্বোধ। ২। বিশেষ জ্ঞান-রহিত ; অজ্ঞাত।

অজ্ঞতা (ওগ্‌গঁতা) [অজ্ঞ+তা (ভাবে)] বি. স্ত্রী. মূঢ়তা ; জ্ঞানশূন্যতা ; মূর্খতা।

অজ্ঞতামূলক (ওগ্‌গোঁতামূলক্) [অজ্ঞতা হইয়াছে মূল যাহার, বহু] বিণ. অজ্ঞতাজনিত ; না জানাহেতু উৎপন্ন ; অজ্ঞানতাহেতু।

অজ্ঞাত (অগ্‌গ্যাঁত) [ন=অ+(জ্ঞাত=অবগত) নঞ তৎ] বিণ, অবিদিত ; অজানিত। ২। গুপ্ত বা অপ্রকাশিত। প্র—'পাণ্ডবের অজ্ঞাতবাস'।
৩। ক্রি, বিণ, অজানিত রূপে।

অজ্ঞাত-কুলশীল (অগ্‌গ্যাঁতকুলোশিল্) [অজ্ঞাত হইয়াছে কুল এবং শীল যাহার—বহু] বিণ, যাহার বংশ ও স্বভাব জানা জায় নাই।

অজ্ঞাতনামা (অগ্‌গ্যাঁতনামা) [অজ্ঞাত হইয়াছে নাম যাহার—বহু] বিণ, পুং, অপ্রসিদ্ধ নাম বিশিষ্ট, যাহার নাম জানা নাই এতাদৃশ।

অজ্ঞাতপিতৃক (অগ্‌গ্যাঁত পিতৃক্) [অজ্ঞাত (অপরিচিত) পিতা যাহার—বহু] বি, পুং, জারজাতক।

অজ্ঞাতপূর্ব্ব (অগ্‌গ্যাঁত পূর্‌ব) [পূর্ব্বে অজ্ঞাত] বিণ, যাহা পূর্ব্বে জানা যায় নাই।

অজ্ঞাতযৌবনা (অগ্‌গ্যাঁতজৌবনা) [অজ্ঞাত (অপ্রকাশিত) যৌবন যাহার—বহু] বিণ, স্ত্রী, অননুভূতযৌবনা ; অপ্রকাশিত-যৌবনা ; অনুদ্ভিন্ন-যৌবনা। ২। মুগ্ধ-নায়িকা ভেদ। প্র—"হয়েছে যৌবন যার নহে অনুভব। অজ্ঞাত-যৌবনা তাকে বলে কবি সব॥"
—রসমঞ্জরী।

অজ্ঞাতসার, অজ্ঞাতসারে (অগ্‌গ্যাঁত-শার্) [ন—জ্ঞাত অজ্ঞাত+সার (গমন)] ক্রি, বিণ, অসাক্ষাতে ; অজানিত রূপে।

অজ্ঞাতা (অগ্‌গ্যাঁতা) [ন-অ, জ্ঞা (জানা) তৃন (কর্ত্তৃ) ১মার এক বচনে] বি, কোন বিশেষ বিষয়ে অজ্ঞ ; যে জানে না।

অজ্ঞাতি (অগ্‌গ্যাঁতি) [ন=অ (নাই) জ্ঞাতি সপিণ্ড যাহার—বহু] জ্ঞাতি বিরহিত।

অজ্ঞাতে (অগ্‌গ্যাঁতে) ক্রি, বিণ, না জানাইয়া ; অগোচরে ; অসাক্ষাতে ; অজ্ঞাতসারে।

অজ্ঞান (অগ্‌গ্যাঁন্) [ন=অ (নাই) জ্ঞান যাহার—বহু] বিণ, জ্ঞান শূন্য, সাধারণ জ্ঞান হীন। ২। চৈতন্য রহিত। প্র—"অজ্ঞান হইয়া আমি পড়িনু ভূতলে।" —মেঘনাদ। ৩। নির্ব্বোধ। প্র—"সে বড় অজ্ঞান"
—অন্নদামঙ্গল।
৪। [নঞ তৎ] বি, জ্ঞানাভাব, অজ্ঞতা।
প্র—"আমাদের অজ্ঞান, আমাদের হৃদয়ের দুর্ব্বলতাই তাহার বল।"—চারিত্র পূজা।
৫। মায়া ; অবিদ্যা ; মোহ।
[দ্রঃ—মায়া বা মোহে আচ্ছন্ন আছে বলিয়া লোকে আত্মজ্ঞান বা আপনার স্বরূপ জ্ঞান এবং জগতের স্বরূপ বিষয়ে অজ্ঞ থাকে]।
ব্রজ ও বৈ, সা—ত্যে ইহার প্রাকৃত রূপ **অগেয়ান**।
প্র—"চাচর চিকুর, কিছু না সম্বর, কেনে হইলে অগেয়ান।"—চণ্ডীদাস। ক্রি, বিণ, **অগেয়ানে**—অজ্ঞানপক্ষে ; অজ্ঞ হইলে।
প্র—"অগেয়ানে কোন্ করয়ে ব্যবহার।"
—বিদ্যাপতি।
স্ত্রী, **অগেয়ানী ; আগেয়ানী**—জ্ঞান-হীনা ; বোধহীনা। প্র—"বিদ্যাপতি কহে তুহুঁ অগেয়ানী।" —বিদ্যাপতি।]

অজ্ঞানতা (অগ্‌গ্যাঁনোতা) [অজ্ঞান+তা (ভাবে)] বি, স্ত্রী, মূর্খতা ; মূঢ়তা।
২। জানা না থাকা ; না জানা ; জ্ঞানের অভাব।

অজ্ঞানকৃত (অগ্‌গ্যাঁনকৃত) [অজ্ঞান কর্ত্তৃক কৃত—৩য়া তৎ] বিণ, অজ্ঞের ন্যায় অনুষ্ঠিত।
২। অজ্ঞান বা জ্ঞানশূন্য অবস্থায় অনুষ্ঠিত বা আচরিত। ৩। না জানিয়া সম্পাদিত।

অজ্ঞানতিমির (অগ্‌গ্যাঁন্ তিমির্) [অজ্ঞান-রূপ তিমির, রূপক কর্ম্মধা] বি, ক্লী, অজ্ঞানরূপ অন্ধকার ; মায়াঘোর।

অজ্ঞানতিমিরান্ধ (অগ্‌গ্যাঁন্ তিমিরান্ধ) [অজ্ঞান রূপ তিমির দ্বারা অন্ধ—রূপক কর্ম্মধা =গর্ভ ৩য়াতৎ] বিণ, অজ্ঞান রূপ আঁধারে দৃষ্টি রহিত ; মায়াঘোরে অভিভূত ; মায়ামুগ্ধ।

অজ্ঞানতিমিরাচ্ছন্ন (অগ্‌গ্যাঁন্ তিমিরাছ্-ছন্নো) [অজ্ঞানরূপ যে তিমির তদ্দ্বারা আচ্ছন্ন, রূপক কর্ম্মধা, গর্ভ ৩য়াতৎ] বিণ, অজ্ঞান রূপ অন্ধকারে আবৃত ; মায়ামুগ্ধ।

অজ্ঞানী (অগ্‌গ্যাঁনি) [অজ্ঞান+ইন =অস্ত্যর্থে] বিণ, জ্ঞান নাই যাহার ; মূর্খ ; মূঢ় ; অনভিজ্ঞ।

অজ্ঞানে (অগ্‌গ্যাঁনে) ক্রি, বি,—না জানিয়া।
২। নির্ব্বুদ্ধিতা হেতু।

অজ্ঞাপনীয় (অগ্‌গ্যাঁপোনিও) [জ্ঞাপি+অনীয় =জ্ঞাপনীয়, ন=অ-জ্ঞাপনীয়—নঞ তৎ] বিণ, যাহা জ্ঞাপন যোগ্য নহে।

অজ্ঞাপিত (অগ্‌গ্যাঁপিত) [জ্ঞাপি+ত (কর্ম্মে ক্ত) ই=আগম ; ন=অ-জ্ঞাপিত—নঞ তৎ] বিণ, অপ্রকাশিত ; যাহা জানান হয় নাই।

অজ্ঞেয় (অগ্‌গেঁও) [ন=অ-জ্ঞেয়, (জ্ঞা-য-কর্ম্মে) নঞ তৎ] বিণ, যাহা জানা বা বুঝা যায় না ; যাহা জ্ঞানগোচর নহে ; জ্ঞানের বহির্ভূত ; জ্ঞানাতীত ; অবোধ্য।

অজ্যোতি (অজ্‌জোতি) [ন=অ-(নাই) জ্যোতি (তেজঃ) যাহার—বহু] বিণ, জ্যোতিশূন্য।

অজ্যেষ্ঠ (অজ্‌জেশ্‌ঠ) [ন=অ (নাই) জ্যেষ্ঠ যাহার—বহু] বিণ, পুং, ক্লী, যাহা অপেক্ষা জ্যেষ্ঠ নাই। ২। [ন+জ্যেষ্ঠ—নঞতৎ] বিণ, জ্যেষ্ঠের ন্যায় যাহার আচরণ নহে।

অজ্বর (অজ্‌জর) [ন=অ(নাই)—জ্বর যাহার—বহু] বিণ, জ্বর বা রোগশূন্য ; বিজ্বর ; সুস্থ।

অঝর, অঝোর (র) [ব্রজ—অঝর। সং অজস্র, প্রা, অজ্‌ঝোর বিণ, অবিশ্রান্ত ; অবিরাম (প্রবাহ)।
প্র—"আর না শুনিব স্তুতি সে চাঁদবদনে। কাঁদেন করুণাময়ী অঝোর নয়নে॥"—ধর্ম্মমঙ্গল।
ক্রি, বিণ, **অঝরে**—অবিশ্রান্ত ভাবে ; ঝর্ ঝর্ করিয়া। প্র—"অঝরে ঝরয়ে দুই কমল-নয়ন।" —চৈতন্য ভাগবত।
"অঙ্গ পুলকিত, সরস সহিত,
অঝরে নয়ন ঝরে।" —চণ্ডী।

অঝরু [ব্রজ ; প্রা, বৈ, সা, সং—অশ্রু] বি, ঝরণা ; নির্ঝর। ২। অশ্রুপ্রবাহ। প্র—"সদাই কাঁদনা দেখি, অঝরু ঝরয়ে আঁখি, জাতি কুল সকল পাছে যায়।" —চণ্ডীদাস।

অঞ্চল (অন্‌চল্) [অনচ্ (গমনকরা)+অল (সংজ্ঞার্থে)] বি, পুং, বস্ত্রের প্রান্তভাগ ; আঁচল।
প্র—"চঞ্চল করে অঞ্চল টানি
রোষছলে যায় চলি।"—রবীন্দ্র (চয়নিকা)
২। প্রান্তভাগ। প্র—"তোমার গেরুয়া বস্ত্রাঞ্চল দাও পাতি নভস্তলে।" —রবীন্দ্র।
"নয়নক অঞ্চল চঞ্চল ভাণ।" —বিদ্যাপতি।
৩। আবরণ। প্র—শস্যশীর্ষে শিহরিয়া কাঁপি ওঠে ধরার অঞ্চল।" —চয়নিকা।
"কেন গো বসন ফেল, ঘুচাও অঞ্চল।"
—রবীন্দ্র।
৪। দেশের অংশবিশেষ ; প্রদেশ।
প্র—"এতদিন এতকষ্টে এদূর অঞ্চলে"—প্রেম ও ফুল। তিনি এক্ষণে পশ্চিমাঞ্চলে অবস্থিতি করিতেছেন।

অঞ্চলপ্রভাব (অনচলপ্রোভাব্) [অঞ্চল (স্ত্রীলোকের বস্ত্র-প্রান্ত)+প্রভাব (ক্ষমতা)] বি, পুং, প্রণয়িনীর প্রাদুর্ভাব। প্র—"বাবা যম! তুমি আহার কর, তোমাকে লইয়া বিষ্ণুঠাকুরের নিকট লইয়া যাইব, লক্ষ্মীর দ্বারা অনুরোধ করাইব। আজকাল অঞ্চল-প্রভাব অতীব প্রবল।" —দেবগণের মর্ত্ত্যে আগমন।

অঞ্চিত (ওনচিত) [অনচ্ (পূজা করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, পূজিত। প্র—'বিরিঞ্চি-অঞ্চিত পদ দিলা বলি মাথে।' —মেঘনাদ।
২। উত্থিত ; রোমাঞ্চিত। ৩। গ্রথিত।
৪। ভূষিত। ৫। বক্রীকৃত, আকুঞ্চিত।

অঞ্জন (অনজন্) [অন্‌জ (দীপ্তি পাওয়া)—অন (করণে)—যাহাদ্বারা নেত্র দীপ্তিশালী হয়] বি, ক্লী, নেত্রপ্রসাধন ; শূর্মা (হিঃ)। আঞ্জনাই, অঞ্জন ; কজ্জল ; কাজল ; প্র—"নয়নক অঞ্জন মুখক তাম্বুল।" —বিদ্যাপতি।
"মম মোহের স্বপন-অঞ্জন পরায়ে তব নয়নে দিয়েছি অয়ি মুগ্ধনয়নবিহারী! —রবীন্দ্র।
২। মালিন্য ; কালিমা। প্র—"সত্য-স্বতন্ত্র-নিরঞ্জন হে।" —বাসবদত্তা।
"নিষ্কলঙ্ক তুমি নাথ নিত্য নিরঞ্জন।
জ্বলন্ত অনল তুমি কলুষ নাশন।"—ব্রহ্মসঙ্গীত।
৩। [ভাবে, অন] ভ্রক্ষণ ; ব্যক্তকরণ ; গমন। [সংস্কৃতে ব্যবহার]

৪। দীপশিখার কালিমা ; ভুষা।
৫। [অঞ্জন (অস্ত্যর্থে অ) যে অঞ্জনবৎ বর্ণবিশিষ্ট] পশ্চিম দিক্ হস্তী। ৬। আঞ্জনাই, আঞ্জুনে। ৭। পর্ব্বতবিশেষ।
৮। [আয়ুর্ব্বেদে] সৌবীরাঞ্জন (ধূম্রবর্ণ), রসাঞ্জন (ধূম্রবর্ণ), স্রোতোঞ্জন (পীতের আভাযুক্ত), পুষ্পাঞ্জন (শুক্লবর্ণ) এবং নীলাঞ্জন বা নীলমেঘ (নীলবর্ণ)—এই পাঁচ প্রকার অঞ্জন প্রসিদ্ধ। (২) প্রলেপবিশেষ।
৯। [পুরাণে] দেবার্চ্চনায় ব্যবহৃত,—(১) সৌবীর, (২) কাজ্জল, (৩) তুথ, (৪) ময়ুর গ্রীকর, (৫) দর্বিকা, (৬) নীলমেঘ (নীলাঞ্জন)—এই ছয় প্রকার অঞ্জন।
প্র—"নয়নে সজল স্নিগ্ধ-মেঘের
নীল অঞ্জন লেগেছে—" —রবীন্দ্র।

অঞ্জনকেশী [অঞ্জনের ন্যায় কেশ হয় যদ্দারা—বহু] বি, স্ত্রী, হট্টবিলাসিনী-নামক গন্ধদ্রব্যবিশেষ ; নখী। ২। বিণ, অঞ্জনের ন্যায় কৃষ্ণকেশী।

অঞ্জনা [অঞ্জন+অ (অস্ত্যর্থে) যে অঞ্জনের ন্যায় কৃষ্ণবর্ণা] বি, স্ত্রী, হনুমান-জননী [রাজর্ষি বিশ্বামিত্রের অভিশাপে কুঞ্জর-তনয়া-নাম্নী বিদ্যাধরী বানরীরূপ পরিগ্রহ করিলে তদীয়-গর্ভে অঞ্জনার জন্ম হয়]। ২। পশ্চিম দিক্-হস্তিনী। ৩। [অলঙ্কার শাস্ত্রে] ব্যঞ্জনাবৃত্তি।

অঞ্জনাবতী (বো) [অঞ্জন+বৎ (অস্ত্যর্থে বতু)+ঈ (স্ত্রী)] বি, স্ত্রী, অঞ্জন নামক দিগ্‌গজের পত্নী। ২। ঈশানকোণের অধিষ্ঠাত্রী হস্তিনী।

অঞ্জনিকা [অঞ্জন+ক+আ] বি, স্ত্রী, আঞ্জনাই ; আঞ্জুনে। ২। [অঞ্জনা+ক(স্বার্থে)] প্রতীক নামক দিগ্‌গজের পত্নী।

অঞ্জনিয়া [অঞ্জন দ্রঃ] ক্রি, অঞ্জনে রঞ্জিত করিয়া। কাজল পরিয়া। প্র—"ধায় কোন শশিমুখী, অঞ্জনিয়া এক আঁখি,
এক করে অঞ্চল বসন।" —কবিকঙ্কণ।

অঞ্জলি [অন্জ্ (প্রকাশ পাওয়া)+অলি (সংজ্ঞার্থে—করণে)—যাহাদ্বারা বিনয় প্রকাশ পায়] বি, পুং, সম্পুটপাণি ; যুক্তকর।
প্র—"অঞ্জলি করিয়া গৌরী কহিলা শঙ্করে।" —কবিক।
২। যুক্তকরদ্বয় চিৎ করিয়া গণ্ডূষের ন্যায় গঠিত আকারবিশেষ ; আঁজল ; আঁজলা।
প্র—সে অঞ্জলি করিয়া জল পান করিল।
৩। সেবা ; ভজনা ; পূজা।
প্র—"কেবা সেবা নাহি করে মহেশের পদ॥
ব্রহ্মা আদি দেব যাঁরে করেন অঞ্জলি।
ইন্দ্র চন্দ্র দিবাকর বাঞ্ছে পদধূলি॥"—কবিকঙ্কণ।
৪। অঞ্জলির পরিমাণ ; অঞ্জলিপুটে যত ধরে। প্র—এক অঞ্জলি জল।

অঞ্জলিকা [অঞ্জলি+ক (স্বার্থে) আপ্ (স্ত্রী)] বি, স্ত্রী, বালমূষিকা।

অঞ্জলিকারিকা [অঞ্জলি+কারিকা—করণার্থে) স্পর্শমাত্র যাহার পত্র সম্বদ্ধ হইয়া যায়]। বি, স্ত্রী, লজ্জাবতী লতা। ২। পুতুল।

অঞ্জলিপুট (ট্) [অঞ্জলির—পুট—৬তৎ বা অঞ্জলিদ্বারা (রচিত) পুট—৩য়া তৎ] বি, করপত্রদ্বয় রচিত গণ্ডূষাকার গহ্বর। ক্রি, বিণ, **অঞ্জলিপুটে**—যুক্তকরে ; কৃতাঞ্জলি হইয়া ; বিনীতভাবে। প্র—"কহি গো অঞ্জলিপুটে, উরগো আমার ঘটে দূর কর দুর্গতি কুজ্ঞান।" —কবিক।

—বিণ, বদ্ধাঞ্জলি ; জোড়হস্ত ; কৃতাঞ্জলিপুট। স্ত্রী, **অঞ্জলিবদ্ধা**।

অঞ্জলিবন্ধ, অঞ্জলিবন্ধন (ন্) বি, ক্লী, অঞ্জলি রচনা ; করপত্রদ্বয়ে সংপুট গঠন।

অঞ্জাম (ম্) [ফা—আন্জাম্] বি, আয়োজন ; উদ্‌যোগ ; সরঞ্জাম।

অঞ্জিষ্ঠ, অঞ্জিষ্ণু [অন্জ্ (দীপ্তি পাওয়া)+অন্=(কর্তৃ) অঞ্জ+ইষ্ঠ—(অতিশয়ার্থে), ইষ্ণু (কর্তৃ)] বি, পুং, অতিশয় দীপ্তিমান ; সূর্য্য। [বিরল]

অঞ্জীর (আন্জীর্) [ফা—আনজীর্] বি, বৃহৎ ডুমুর।

অটন (ন্) [অট্ (গমনকরা)+অন (ভাবে)] বি, ক্লী, গমন ; ভ্রমণ। যথা—পর্য্যটন।

অটনি, অটনী [অট্ (গমনকরা)+অনি (কর্তৃ—সংজ্ঞার্থে)—ধনুকের গুণ যাহা হইতে গমন করে] বি, স্ত্রী, ধনুকের অগ্রভাগ ; ধনুকের হুল্ বা কোটি।

অটমান (ন্) [অট+আন—(কর্তৃ)] বিণ, গমনশীল ; ভ্রমণশীল। স্ত্রী, **অটমানা**।

অটল (ল্) [ন=অ+টল (টলা, চঞ্চল হওয়া)+অ (কর্তৃ)] বিণ, স্থির ; অচঞ্চল।
প্র—"অটল অচল যথা—দাঁড়াইলা বলী
সে রৌরবে" —মেঘনাদ।
২। দৃঢ়। প্র—"চলিল কুমার যেন কুমার অটল" —ভারতচন্দ্র।

অটবি, অটবী [অট (বিচরণ করা)+অ+বি (বিহগ, পক্ষী) যথায় বিহগেরা বিচরণ করে ; অথবা অট্ (ভ্রমণ করা)+অবি (অবি) যথায় বৃদ্ধাবস্থায় গমন করে—বহু, তুল :—"পঞ্চাশোর্দ্ধে বনং ব্রজেৎ"] বি, স্ত্রী, বন।

অটুট (ট্) [অত্রুটি শব্দজ। হিঃ-অটোটা] বিণ, অভগ্ন ; সম্পূর্ণ ; কোনো বিষয়ে হীনতা না থাকা।

অটো (অ) [ইং Otto] বি, গন্ধদ্রব্যবিশেষ ; গন্ধসার। [এই ইংরাজি শব্দ বাঙ্গালায় চলিয়া গিয়াছে] প্র—"আমরা চাই না লেবেণ্ডর চাই না অটো" —রজনী সেন।

অটোল (ল্) [অ (না)-টোল (দাবানো, গর্ত)] বিণ, যাহা টোল পড়া নয় ; যাহা দুমড়ানো, চোপ্সানো নয় ; সর্ব্বাঙ্গসুন্দর ; পূর্ণ ; পুষ্ট ; গোলগাল ; নিটোল।

অট্ট [অট্ট (অনাদর বা খাট করা)+অ (ঘঞ্-করণে) যদ্দ্বারা বা যাহার তুলনায় অন্যান্য গৃহ খাট হইয়া যায়] বি, পুং, অট্টালিকা ; ইষ্টক বা প্রস্তর নির্ম্মিত উচ্চ গৃহ।
২। প্রাসাদের উপরিস্থিত গৃহ।
৩। হাট। ৪। গুমটী ঘর। ৫। বিণ, উচ্চ ; উচ্চশব্দ যুক্ত। প্র—অট্টহাস (দ্রঃ)।
অট্টকলস্বর—উচ্চ কলরোল।
প্র—"বিদীর্ণ তরঙ্গরাশি অট্টকলস্বরে নৌকার দুই পার্শ্বে উন্মত্তভাবে নৃত্য করিতে লাগিল।" —(গল্পগুচ্ছ) রবীন্দ্র।

অট্টট্ট, অট্টঅট্ট—বি, অতি উচ্চ হাস্য ধ্বনি ; বিকট হাস্যরব। ২। বিণ, ঐরূপ ধ্বনি বিশিষ্ট।
প্র—"চতুর্ভুজা মুক্তকেশী, মুখে অট্ট অট্ট হাসি"। —শিবায়ন।

অট্টহাস (শ্) [অট্ট (উচ্চ)+হাস (হাস্য) কর্ম্মধা] বি, পুং, উচ্চহাস্য ; উচ্চহাসি।

অট্টহাসক (হাশক্) [অট্টহাস+ক (কর্তৃ)—সাদৃশ্যার্থে] বিণ, যে অট্টহাস্য করে ; উচ্চহাস্যকারী।
২। [উচ্চহাস্য করিবার কালে শুভ্র দন্তপংক্তি প্রকাশিত হয়। তদ্রূপ প্রকাশ করে বলিয়া] বি, পুং, কুন্দ পুষ্পবৃক্ষ ; কুঁদ ফুলের গাছ। [কুন্দধবল দন্তের হাস্য ও যশ (নিষ্কলঙ্ক বলিয়া) শুভ্রবর্ণ বলিয়া কবিকল্পিত]

অট্টহাসী (শি) [অট্টহাসিন্ শব্দ-অট্টহাস+ইন্ (অস্ত্যর্থে) অথবা অট্ট+হাসী (হাস্যকারী)] বি, পুং, শিব।

অট্টাল, অট্টালক (ল্, ক্) [অট্ট (প্রাসাদ গৃহ)+অল্ (পর্য্যাপ্ত অর্থে)+অ (অন্ কর্তৃ) স্বার্থে ক। প্রাসাদবৎ পর্য্যাপ্ত] বি, পুং, প্রাসাদোপরি গৃহ।

অট্টালিকা [অট্টালক+আ, স্ত্রী] বি, স্ত্রী, প্রাসাদ ; পাকাবাড়ী ; হাবেলী।

অট্টালিকাকার [অট্টালিকা+কার (কর্ত্তা)] বি, পুং, রাজমিস্ত্রী। ২। সঙ্কর জাতিবিশেষ [অতি পূর্ব্ব কালে এই জাতি অট্টালিকা নির্ম্মাণাদি করিত]।

অঠেল (ল্) [অ (না)+ঠেল—যাহা ঠেলিতে পারা যায় না। প্রাদে—অঢেলও বলে] বিণ, প্রচুর। ২। অকাট্য।
৩। বি, একপ্রকার হরিদ্রাভ কাষ্ঠ, এই কাষ্ঠ হইতে মালা প্রস্তুত হয়।

অড়র, অড়হর (র্) [হিঃ অড়হর্] বি, কলায়বিশেষ ; এক প্রকার দাল।

অণি, অণী (ওনি) [অণ্ (শব্দ করা)+ই] বি, পুং, প্রান্ত বা সীমা। ২। সূচী, শলাকা প্রভৃতির অগ্রভাগ। ৩। চক্রধুরার প্রান্তস্থিত খিল।

অণিমা (অনিমা) [অণিমন্—অণু=সূক্ষ্ম+ইমন্,

(ভাবে) উ—লোপ] বি, পুং, অণুত্ব ; অতিসূক্ষ্ম হইয়া যাইবার ক্ষমতা বা ঐশ্বর্য্যবিশেষ দেবতা বা উপদেবতাগণ এই বিভূতি বা ঐশ্বর্য্য লাভ করিলে যথেচ্ছ সূক্ষ্ম শরীর ধারণ করিয়া অপরের অলক্ষ্যে সর্ব্বত্র বিচরণ করিতে সম হন। প্র—"ধর্ম্ম অর্থ কাম মোক্ষ যার নাম শিবের সেই অণিমা গো।" —অন্নদামঙ্গল

অণীমাণ্ডব্য (ওনিমান্ডোব্বো) [অণী (শূল স্থ—মাণ্ডব্য (মুনি) । কথিত আছে, ইনি শৈশবে পতঙ্গের দেহে তৃণ প্রবেশ করাইয়া দেন বলিয়া রাজা তাঁহাকে শূলে দেন। তাঁহার ঐ পাপ জনিত শূল আর তাঁহার দেহচ্যুত হয় নাই। এই জন্য তাঁহার এই নাম] বি, পুং, স্বনাম প্রসিদ্ধ মুনি।

অণীয়ান্ (ওনিয়ান্) [অণীয়স্ শব্দ। অণু+ ঈয়স্ (ঈয়সু অত্যর্থে)] বিণ, অতিশয় সূক্ষ্ম ; পরমাণু।

অণু (ওনু) [অণ্ (শব্দকরা) + উ (অল্পার্থে—কর্ত্তৃ) যাহার অল্পমাত্র শব্দ হয়] বিণ, ক্ষুদ্র ; অল্প ; ঈষৎ। ২। রেখা।
প্র—"দন্তাবলী শিশু-অলি, কুন্দকলি মাঝে। ভুরু অণু কামধনু হেম তনু সাজে।"
—কবিরঞ্জন বিদ্যাসুন্দর।
৩। বি, পুং, সূক্ষ্ম বা ক্ষুদ্রতম পরমাণু : পদার্থের সূক্ষ্মতম অংশ যাহা আর বিভাগ করা যায় না ; atom. ৪। সূক্ষ্মাংশ ; particle. ৫। সরু ধান ; চীনা ধান।

অণুক (ওনুক্) [অণু+ক (অল্পার্থে)] বিণ, ক্ষুদ্র। ২। সূক্ষ্ম। ৩। (সূক্ষ্ম হইতে) নিপুণ। ৪। [শরীর—বিঃ পরিঃ] অন্তরাস্থি বিশেষ।

অণুচ্ছেদ (ওনুচ্ছেদ্) বি, পুং, পরিচ্ছেদের অংশ ; paragraph.

অণুদর্শন (ওনুদরশন্) [অণু (সূক্ষ্ম)—দৃশ+ অন (করণে)] বি, অণুবীক্ষণ ; যে যন্ত্রদ্বারা অতি ক্ষুদ্র বস্তুও নয়নগোচর হয়।
২। সূক্ষ্মদর্শন ; অন্তঃপ্রবেশ ; অন্তর্দৃষ্টি।

অণুমাত্র (ওনুমাৎত্র) [অণু+মাত্র (পরিমাণার্থে)] বিণ, ত্রি, অল্পপরিমাণ ; সামান্য ; কিঞ্চিন্মাত্রও। প্র—"ইহাদের রীতি নীতি আচার বিচার অণুমাত্র নাহি জানি—"
—নবীনচন্দ্র (পলাশি)।
"আর্য্যা যে সম্পূর্ণ শুদ্ধচারিণী, সে বিষয়ে অন্ততঃ আমি যত দূর জানি, আপনকার অন্তঃকরণে অণুমাত্র সংশয় নাই ;"
—বিদ্যাসাগর (সী, ব)।

অণুবীক্ষণ (ওনুবিক্খন্) [অণু (সূক্ষ্ম)+ বীক্ষণ (বি=বিশেষভাবে)+ঈক্ষ=দর্শনকরা + অন (করণে) দর্শন, যাহার দ্বারা সূক্ষ্ম সূক্ষ্ম বস্তু গোচরীভূত হয়] বি, ক্লী, সূক্ষ্মদর্শক যন্ত্রবিশেষ ; যে যন্ত্রের দ্বারা চক্ষুর অগোচর অণু পরমাণু-সকল দৃষ্ট হয় ; microscope.

অণুব্রীহি (ওনুব্রীহি) [অণু—ব্রীহি (ধান্য কর্ম্মধা] বি, পুং, সরু ধান।

অণ্ড [অম্ (গমন করা, নির্গত হওয়া) + ড + ক—সংজ্ঞার্থে, যাহা ভেদ করিয়া শাবক নির্গত হয়। হিঃ—আণ্ডা] বি, ক্লী, ডিম্ব বা ডিম প্র—ব্রহ্মাণ্ড। ২। [অণ্ডাকার বলিয়া। গ্রাম্য —আঁড়] মুষ্ক বা কোষ। প্র—বৃষাণ্ড। ৩ মৃগনাভি ; কস্তুরী ; ফা, মশ্ক্ ; ইং musk.

অণ্ডকটাহ [অণ্ড (ব্রহ্মাণ্ড) + কটাহ ব্রহ্মাণ্ড-রূপ কটাহ (কড়া) জীবের কর্ম্মবিপাক স্থান] বি,ক্লী, জীবের অনুষ্ঠিত শুভাশুভ কর্ম্মের ফলাফল ভোগ স্থান ; বিশ্ব ; ব্রহ্মাণ্ড।

অণ্ডকোশ, অণ্ডকোষ (শ্) [অণ্ড+ কোষ (আশ্রয় স্থান) ৬তৎ] বি, পুং, মুষ্ক।

অণ্ডজ (জ, জ্) [অণ্ড+জ (জন্=জন্মান+ড) অণ্ড হইতে যে জন্মে] বিণ, অণ্ড হইতে জাত ; ডিম্বোৎপন্ন। বি, পুং, যে সকল প্রাণী অণ্ড হইতে জন্মে ; সর্প, পক্ষী, মৎস্য, কৃকলাস আদি ; oviparous. স্ত্রী, অণ্ডজা—কস্তুরী ; মৃগনাভি।

অণ্ডলালা [অণ্ড—লালা] বি, ডিম্বের ভিতর লালাবৎ যে শ্বেত অংশ ; the white of egg.

অণ্ডাকার, অণ্ডাকৃতি (র্) [অণ্ড+আকার কর্ম্মধা বা আকৃতি যাহার—বহু] বিণ, অণ্ড বা ডিমের ন্যায় আকার।

অণ্ডালু [অণ্ড+আলু (অস্ত্যর্থে)] বি, পুং, ডিম্ব-বিশিষ্ট মৎস্য ইত্যাদি [তুল—আণ্ডাওয়ালা তপসে মাছ] ২। অণ্ডবিক্রেতা ; ডিম-ওয়ালা।

অণ্ডিন (ওণ্ডিন্)বি, অণ্ডমধ্যস্থ শ্বেতাংশতুল্য পদার্থ ; এলবুমেন ; albumen.

অণ্ডীর (র্) [সং। "অণ্ডীরঃ পুরুষে শক্তে"— মেদিনী] বি, পুং, শক্তিমান্ পুরুষ ; বলশালী ব্যক্তি। ২। ["ষণ্ডশ্চাণ্ডীরো"—ত্রিকাণ্ডশেষ] ষণ্ড। ৩। বিণ, সমর্থ।

অণ্ডীল (ল্) [চ, আণ্ডিল। সং, অণ্ডীর শব্দজ। "শক্তোঽপি ষণ্ডশ্চাণ্ডীরো"—ত্রিকাণ্ডশেষ— নানার্থ সংগ্রহে। র=ল] বিণ, আঢ্য ; ধনবান্।

অত [সং ইয়ৎ শব্দজ। প্রা-বাং অতেক হইতে] অ, ওই পরিমাণ ; প্রচুর পরিমাণ ; অধিক। প্র—"তোমাদের বটে তাহাতে আমোদ হতে পারে সম্ভবতঃই, কিন্তু ধ্রুব বলা যায় না অন্যের হয় কি না ওটা অতই।"
—দ্বিজেন্দ্র রায় (মন্দ্র)।
"তবে কি ভেরণ গাছে অত পাতা উঠিয়াছে।"
—কুসুম।
২। বি, আধিক্য ; বাড়াবাড়ি। প্র—"আর অতদ কাজ নাই।"—গিরিশ ঘোষ (গৃহলক্ষ্মী)।

অতএব (ব্) [অতঃ (ইদম্+হেত্বর্থে—তঃ)= এই হেতু+এব (নিশ্চয়াত্মক) অর্থাৎ এই হেতুই] অ, এই নিমিত্ত ; এই হেতু ; এই কারণ। ২। সুতরাং ; কাজেকাজেই। ব্রজ, প্রা,বাং—অতএ ; অতয়ে ; অতেব।
প্র—"তুহু জগতারণ, দীন দয়াময়, অতয়ে তোহারি বিশোয়াসা ॥"
—বিদ্যাপতি (প্রাচীন কাব্য সংগ্রহ)।
"বিদ্যাপতি কহ অতয়ে সে দুঃখ বহ হেরি হেরি না পুরল আশা ॥"
—বি, প, (বৈ, পদলহরী)।"
"এ হরি এ হরি অতএ আমার।"
—জ্ঞানদাস (বৈ, প, ল)।

অতঃপর (র্) [অতঃ (ইহার) + পর] অ, ইহার পর ; তাহার পর ; তৎপরে।

অতট (ট্) [ন=অ (নাই)+তট(আলম্বন) যেখানে অর্থাৎ যে স্থানে তট বা আলম্বন স্থান নাই—বহু] বি, পুং পর্ব্বতাদির উচ্চ স্থল ; ভৃগু ; প্রপাত। ২। নদীর আড়লী বা ধার। ৩। নদ্যাদির তটস্থ উচ্চভূমি। বিণ, তটহীন। ২। বিপুল। ৩। অনঙ্গ।

অতথ্য (অতোথ্থো)[ন=অ+তথ্য (যাথার্থ্য) নঞতৎ] বিণ, অযথার্থ ; অসত্য ; মিথ্যা ; অসম্ভব।

অতথ্যবাদী (অতোথ্থোবাদি)[অতথ্য+বাদিন্ (বদ্+বলা+ইন (কর্ত্তৃ ণিন্) যে অসত্য বলে] বিণ, মিথ্যাবাদী।

অতথ্যভাষী (অতোথ্থোভাশি) [অতথ্য+ ভাষিন্—ভাষ (বলা)+ইণ (কর্ত্তৃ)—যে অসত্য কহে] বিণ, যে মিথ্যা কথা কহে ; মিথ্যাবাদী।

অতদ্বির (অতোদ্বির্) [ন=অ (অভাব)— ফা, তদ্‌বীর্=তত্ত্বাবধান] তত্ত্বাবধানের অভাব ; প্রতীকার চেষ্টার অভাব ; অতাদারক।

অতনু (অতোনু) [ন=অ (নাই) তনু (অঙ্গ) যাহার—বহু] বিণ, অনঙ্গ ; কামদেব ; মদন। প্র—"অতনু কি প্রাপ্ত পুন রতি ?"
—রঙ্গলাল (কাঞ্চী-কাবেরী)।

অতন্দ্র [ন=অ (নাই)+তন্দ্রা (অল্প নিদ্রা) যাহার—বহু] বিণ, তন্দ্রাশূন্য ; সাবধান ; সতর্ক ; মনোযোগী ; অনলস।

অতন্দ্রিত [ন=অ+তন্দ্রিত (অলসভাবা-পন্ন) নঞ্তৎ] বিণ, সাবধান। ২। অনলস। ৩। অবিরাম।

অতর্ক [ন=অ (নাই) তর্ক (যাহার বা যাহাতে কিম্বা অ (কুৎসিত) তর্ক হইয়াছে ', বহু]·বিণ, যাহা তর্কই নহে ; অনর্থক-তর্ক ; শুষ্কতর্ক পরায়ণ। ২। কুতর্ক। ৩। [প্রাদে] অসতর্ক।

অতর্কণীয় [ন=অ+তর্কণীয়। তর্ক (বিতর্ককরা) +অনীয়--নঞ তৎ] বিণ, যাহা

তর্কদ্বারা মীমাংসা করিতে পারা যায় না। ২। অভাবনীয়।

অতর্কিত (অতোর্কিতো) [ন=অ+তর্কিত, নঞ তৎ] বিণ, যে বিষয়ে কোন সন্দেহই করা যায় নাই; অচিন্তিত। ২। অসম্ভাবিত। ৩। ক্রী, অলক্ষিত; হঠাৎ।

অতর্কিতচর [অতর্কিত (পূর্ব্বে অবিবেচিত) চর (চরট্) নঞ তৎ] বিণ, যাহা ঘটা সম্ভব বলিয়া কেহ কখন ধারণাই করে নাই; অসম্ভাবিত।

অতল (ল্) [অ =(ইদম্-এই)+তল] বি, ক্লী, সপ্ত পাতালের মধ্যে অন্যতম; প্রথম পাতাল। ২। ন=[অ+ (নাই) তল= নিম্নস্থান যাহার—বহুব্রীহি] বিণ, যাহার তল নাই; তলশূন্য; অথাই।

প্র—"ডুবিব অতল সলিলে" —ব্রহ্মসঙ্গীত।

অতলস্পর্শ, অতলস্পৃক্ [ন=অ+ (নাই) তল+স্পর্শ, যাহার তলস্পর্শ নাই-বহু] বিণ, যাহার তল বা অধোদেশ স্পর্শ করিতে পারা যায় না; অগাধ; অথাই।

অতসী (অতোশি) বি, স্ত্রী, পুষ্প বিশেষ (ইহার বর্ণ হরিতালের ন্যায়)।

প্র—"অশোক, চম্পক, পদ্ম, অতসী, কাঞ্চন অনন্ত শাটীতে ঘেরা—অদ্ভুত ঘাগরি!" —অশোক গুচ্ছ।

২। মসিনা; তিসি; common flax.
৩। শন; Indian hemp.

অতসীপুষ্পবর্ণাভ (অতোশিপুশ্পবর্ণাভ) [অতসী পুষ্পের বর্ণের আভা (সৌন্দর্য্য) যাহার—৬ তৎ, বহু] বিণ, পুং, হরিতাল-বর্ণ-বিশিষ্ট। কার্ত্তিকেয়।—বর্ণাভা [অতসী পুষ্পের বর্ণের আভার ন্যায় আভা যাহার—বহু] স্ত্রী, দুর্গা।

অতি (ওতি) [অৎ (নিয়ত গমন করা)+ই (কর্ত্তৃ) আধিক্য অর্থে—যে নিয়ত গমন করে] [প্রা বাং—অতিস্থলে 'আতি' দৃষ্ট হয়। ইহা হিন্দী উচ্চারণের অনুযায়ী] অ, উপসর্গের (প্র, পরা প্রভৃতি) মধ্যে একটী উপসর্গ। ২। অধিক; অতিশয়; খুব। প্র—অতিশীঘ্র।
৩। [লঙ্ঘনার্থে] অতিরিক্ত; অসঙ্গত; অনুচিত; অযথা। প্র—অতিদর্প; অতিমান; অতিবাড় বাড়া। ৪। অমিত; অসীম। প্র—অতিবল; অতিশক্তি। ৫। [ব্রজ। প্রশংসার্থে। প্রা, বাং। অপ্র] উত্তম; উৎকৃষ্ট। প্র—"সে অতি নাগর তোঁএ তসু তুল।" —বিদ্যাপতি (নগেন্দ্র গুপ্ত)।
৬। [প্রা-প্রাকৃতে ৫মী বিভক্তি 'হন্তে' রূপান্তরে হ'তে-উচ্চারণ বিকারে হতি, পরে অতি (প্রাদে, ময়মন সিং)] হইতে; থেকে।
প্র—"আইজ অতি জানিলাম, মুসোয়ামী কেমন ধন" —সাহিত্য সংহিতা।
৭। পূজন [অপ্র]

অতিকথা (ওতি কথা) [অতি (অতিক্রান্ত)+কথা (নিত্য সমাস)] বি, অতিরিক্ত বিবরণ। ২। বৃথা বাক্য ব্যয়।

অতিকায় (ওতিকায়্) [অতি (বৃহৎ) +কায় (শরীর) যাহার—বহু] বি, পুং রাবণের পুত্র—ইনি অত্যন্ত বলশালী ও প্রকাণ্ড দেহ বিশিষ্ট ছিলেন বলিয়া ইঁহার এই নামকরণ হইয়াছে। ইনি লক্ষ্মণ কর্ত্তৃক নিহত হন
২। বিণ,—প্রকাণ্ড দেহ বিশিষ্ট।

অতিকৃচ্ছ্র (ওতিকৃছ্ছ্) [অতি অতিশয় +কৃচ্ছ্র (দুঃসাধ্য প্রায়শ্চিত্ত)] বি, ক্লী, অতিশয় কষ্টকর। ২। প্রায়শ্চিত্ত বিশেষ। ইহাতে ৬ দিন কাল একগ্রাস মাত্র করিয়া ভোজন এবং তৎপরে তিন দিন ধরিয়া অনশন বিধি।

অতিকৃতি (ওতি) বি, স্ত্রী, ২৫ অক্ষরা সংস্কৃত ছন্দঃ।

অতিক্রম (ওতিক্‌ক্রোম্) [অতি (বাহিরে) +ক্রম (পদক্ষেপ করা)+অল্ (ভাবে)] বি, পুং, সীমার বাহিরে গমন; লঙ্ঘন।
২। কার্য্য সম্পাদিত হইবার পরও কার্য্য করণের প্রবৃত্তি বা ইচ্ছা। ৩। অধিক হওয়া। ৪। বিপরীতাচরণ; বিপর্য্যয়।
৫। শত্রুর প্রতি আক্রমণ। ৬। অনাদর। প্র—"ধর্ম্মনিষ্ঠ জ্যেষ্ঠ ভ্রাতাকে অতিক্রম করা কোন ব্যক্তির উচিত হইতে পারে?" —মহা (বর্দ্ধমান)।
ক্রি, অতিক্রমা—অতিক্রম করা। অস, ক্রি, অতিক্রমি—অতিক্রম করিয়া।
প্র—"অতিক্রমি বঙ্গপারাবার"। —নবীন।

অতিক্রমণীয় (ওতিকক্রোমোনিও) [অতি (অতিশয়)+ক্রম্ (পাদ বিক্ষেপ করা) +অনীয়] বিণ, উল্লঘনীয় অর্থাৎ যাহা অতিক্রম বা লঙ্ঘন করা যাইতে পারে; লঙ্ঘনের যোগ্য; লঙ্ঘনসাধ্য। বি, অতিক্রমণ—অতিক্রমকরণ।

অতিক্রান্ত (ওতিক্রান্‌তো) [অতি+ক্রম+ত (কর্ম্মে ক্ত)] বিণ, লঙ্ঘিত। ২। অতীত; বিগত। ৩। অনাদৃত। ৪। আক্রান্ত।

অতিক্ষেত্র [বৈঃ পরিভাষা—অপূর্ব্বচন্দ্র দত্ত] বি, ক্ষেত্রতত্ত্বের বক্ররেখা-বিশেষ; অতিক্ষেপণী; hyperbola.

অতিগ (ওতিগ) [অতি (অতিশয়) গম্+ড, কর্ত্তৃ] বি, যে অতিশয় গমন করে। ২। অতিক্রম করিয়া গমনকারী। ৩। অতিমাত্র গমনশীল।

অতিগণ্ড (ওতিগনড) বি, পুং, অতিগণ্ডযোগ—বিষ্ক ম্ভাদি সপ্তবিংশতি যোগের মধ্যে ষষ্ঠ যোগ।

অতিগন্ধ (ওতিগনধ) [অতি (অতিশয়) গন্ধ যাহার—বহুব্রীহি] বি, পুং, চম্পক বৃক্ষ। ২। মুগরোগাছ। ৩। গন্ধতৃণ। ৪। বিণ, তীব্র গন্ধযুক্ত।

অতিগর্ব্ব (ওতিগর্‌বো) [অতি (অতিরিক্ত) গর্ব্ব (অহঙ্কার) নিত্য সমাস] বি, অতিশয় বা অতিরিক্ত অহঙ্কার।

অতিগর্ব্বিত (ওতিগোর্‌বিত) [অতি (অতিমাত্র) গর্ব্ব (অহঙ্কার করা)+ইত (যুক্ত) কর্ত্তৃ] বিণ, অতিশয় গর্ব্বকারী; অত্যন্ত অহঙ্কৃত।

অতিগর্ব্বী (ওতিগোর্‌বি) [অতি (অতিশয়) গর্ব্ব (অহঙ্কার করা)+ইন্ (অস্ত্যর্থে) যাহার অতিশয় গর্ব্ব আছে] বিণ, অত্যন্ত গর্ব্বকারী; অতিশয় অহঙ্কারী।

অতিচার (ওতিচার) [অতি-চর (গমনকরা) +অ (ভাবে ঘঞ্)] বি, পুং, দ্রুতগমন। ২। [জ্যোতিষে] গ্রহগণের নিজ নিজ রাশি অতিক্রম করিয়া অন্য রাশিতে গতি। মঙ্গলাদি গ্রহগণ যদি এইরূপে পূর্ব্ব রাশিতে গমন করে তবে তাহাকে বক্রাতিচার এবং পর রাশিতে গমন করিলে অতিচার কহে।

অতিচ্ছত্র (ওতিছ্‌ছত্র) [অতি+ছত্র (ছাতা)] বি, পুং, বেঙের ছাতা; mush-room.
২। জল তৃণ বিশেষ। স্ত্রী, অতিচ্ছত্রা বি, স্ত্রী, শুলফা শাক। ২। মৌরী। ৩। ছত্রবৃক্ষ (ইহার মূল ও পত্র বচের মত)।

অতিজগতী (ওতিজগোতি) বি, স্ত্রী, ত্রয়োদশাক্ষরা ছন্দোবিশেষ।

অতিজাগরণ (ওতিজাগরন) [অতি (অতিশয়) জাগৃ (জাগিয়া থাকা)+ভাবে (অন)] ক্লী, অতিশয় জাগরণ করা; নিদ্রা ত্যাগ করা।

অতিডীন (ওতিডিন্) [অতি+ডীন (ঊর্দ্ধ বা নভোগতি, উড়া)] বি, ক্লী, পক্ষীদিগের অতি ঊর্দ্ধে গমন।

অতিতর (ওতিতর্) [অতি+তর (উভয়ের মধ্যে একের উৎকর্ষ অর্থে)] বিণ, অতিশয়; অত্যন্ত। প্র—"তাহার কামিনী চন্দ্রিণী পদ্মিনী দোঁহে প্রেম অতিতর।"—অন্নদামঙ্গল। স্ত্রী,—অতিতরা।

অতিথ (ওতিথ্) [অতিথি ও পান্থ দ্রঃ। অতিথি শব্দের প্রাদেশিক অপভ্রংশে] বি, অভ্যাগত; আগন্তুক; পান্থ। প্র—"ঐ শোন গো অতিথ, বুঝি আজ, এল আজ।" —রবীন্দ্র। ২। ভিক্ষুক; ফকীর; সাধু: সন্ন্যাসী।

অতিথি (ওতিথি) [অৎ (নিয়ত অটন বা গমন করা)+ই থি (ন, কর্ত্তৃ) সংজ্ঞার্থে।— নিয়ত পর্য্যটনকারী। (২) অ+তিথি (স্থিতি=থিতি=তিথি বর্ণ বিপর্য্যয়ে)— গৃহস্থের গৃহে এক রাত্রের অধিক যাহার স্থিতি নাই। (৩) অ+তিথি (নির্দ্ধারিত কাল

বা দিন) যাহার গমনাগমনের বা গৃহস্থের গৃহে আগমনের কোন নির্দ্ধারিত তিথি নাই] বি, আগন্তুক ; অভ্যাগত ; গৃহাগত। প্র—"অতিথি আসিত নিত্য করভকরভী, মৃগশিশু, বিহঙ্গম * * * * সেবিতাম সবে মহাদরে"—মেঘনাদ। "পথ দেখিয়ে আনবে যবে সাথে অতিথি সজ্জনে।"—চয়নিকা।

২। [বৌদ্ধ শাস্ত্রে] যাঁহার গমনাগমনের কোন নির্দ্ধারিত তিথি নাই, যিনি বিদ্বান,সর্ব্বত্র ভ্রমণকারী এবং যিনি প্রশ্নোত্তররূপ উপদেশ দ্বারা জনসাধারণের হিত সাধন করেন।

[সম—অতিথি এবং পান্থ দুই জনেই ভ্রমণ করে কিন্তু অতিথির ভ্রমণের নির্দ্দিষ্টকাল, গন্তব্যস্থান বা পথ নাই। পান্থের গন্তব্যস্থান থাকিতে পারে ; যে পথ চলে বা পথের যাত্রী মাত্রই পান্থ বা পথিক। কোন্ কোন্ পান্থশালায় বিশ্রাম করিবে, কোন্ পথ দিয়া যাইবে, কবে কোথায় উপস্থিত হইবে ইত্যাদি পান্থের জানা থাকিতে পারে কিন্তু অতিথির সে সকল স্থির নাই। কোন্ গৃহস্থের গৃহে কোন্ তিথিতে গিয়া উপস্থিত হয় তাহার ঠিক নাই। অতিথি আবার এক রাত্রের অধিকও গৃহস্থের গৃহে বাস বা আহার করে না। অনাহূত বা অনিমন্ত্রিত গৃহাগত ব্যক্তি মাত্রই অভ্যাগত। যে কোন অজ্ঞাত কুলশীল নবাগত ব্যক্তিই আগন্তু বা আগন্তুক]

৩। কুশ রাজার ঔরষে ও নাগরাজভগিনী কুমুদ্বতীর গর্ভজাত সূর্য্যবংশীয় রাজা বিশেষ।

৪। বিণ, গোচর ; নয়নপথের পথিক।

অতিথিপূজা (ওতিথিপূজা)—অতিথি সৎকার দ্রঃ।

অতিথিশালা (ওতিথিশালা) [অতিথির শালা, ৬ তৎ] বি, স্ত্রী, অভ্যাগতদিগের থাকিবার গৃহ। ২। পান্থনিবাস।

অতিথিসৎকার (ওতিথিশৎকার্) [অতিথির সৎকার (পরিচর্য্যা) ৬ তৎ] বি, অতিথিসেবা ; অতিথিকে আদর, আশ্রয় ও আহারাদি দ্বারা পরিচর্য্যা।

অতিথিসেবা (ওতিথিসেবা) [চ, ওতিথসেবা] বি, অতিথি সৎকার দ্রঃ।

অতিদান (ওতিদান্) [অতিশয়িত দান, নিত্য সমাস] বি, ক্লী, অপরিমিত দান।

অতিদীন (ওতিদীন্) [অতি (অতিশয়) দীন (অর্থহীন)—নিত্য] বিণ, অতিহীনাবস্থা সম্পন্ন ; অত্যন্ত দরিদ্র। ২। অত্যন্ত বিনীত।

অতিদীর্ঘ (ওতিদীর্ঘ) [অতি (অত্যন্ত) দীর্ঘ, নিত্য সমাস] বিণ, অপরিমিত লম্বা।

অতিদেশ (ওতিদেশ্) [অতি+দিশ্ (আরোপ করা)—অ (ল্) ভাবে। পারিভাষিক শব্দ] বি, পুং, এক ধর্ম্মের ধর্ম্মান্তরে আরোপ। নিমিত্তাতিদেশ, রূপাতিদেশ, ব্যপদেশাতিদেশ, শাস্ত্রাতিদেশ, ও কার্য্যাতিদেশ ভেদে ইহা পঞ্চবিধ।

অতিদৈন্য (ওতিদৈন্ন) [অতি—দীন+য (ভাবার্থে)] বি, ক্লী, অতি দরিদ্র দশা।

অতিদৈব (ওতিদৈব) [দৈবকে অতিক্রান্ত, ২য়া তৎ] বিণ, দেবতার অতীত ; দেবগণেরও অসাধ্য।

অতিদৈবিক (ওতিদৈবিক্) [অতি—দেব+ইক (ইদমর্থে ফিক)] বিণ, অতিদৈব দ্রঃ। [তুল—অতিমানুষিক, supernatural.

অতিদ্বয় [দুইজনকে অতিক্রম করিয়াছে যে, বহু] বিণ, দুই ব্যক্তিকে অতিক্রমকারী।

অতিধৃতি (ওতিধৃতি) বি, স্ত্রী, সংস্কৃত ছন্দো বিশেষ ; উনবিংশাক্ষরাবৃত্তি বিশেষ।

অতিনীল (ওতিনীল্) বি, ঘননীলবর্ণ ; dark-blue.

অতিনৌ (ওতিনৌ) [অতি (অতিক্রান্ত) নৌ (নৌকা) যৎ কর্ত্তৃক—বহু] বিণ, নৌকা হইতে তীরে আগত ; নৌকা হইতে অবতীর্ণ। [প্র, অ]

অতিপতন (ওতিপতন) [অতি (অত্যন্ত) পতন পত (পড়া)+অন(ভাবে)] বি, অতিশয় হানি বা ক্ষতি।

২। অতিক্রমণ ; উল্লঙ্ঘন। ৩। [প্রাদে] অতিশয় বেগে পতিত হওন। (৪) অত্যন্ত নিম্নে গমন ; অতিরিক্ত মাত্রায় চরিত্রস্খলন। অতিপাত দ্রঃ।

অতিপথ (ওতিপথ্) [অতিপথিন্ শব্দ, অতি (উৎকর্ষার্থে, প্রশংসার্থে)+পথিন্ (পথ) নিত্য সমাস] বি, পুং, উৎকৃষ্ট বা উত্তম পথ ; সুন্দর পথ।

অতিপাত (ওতিপাৎ) [অতি+পত্—ঘঞ্ (ভাবে)] বি, পুং, অতিপতন ; লঙ্ঘন ; অতিক্রমণ। ২। কর্ত্তব্যে অনাস্থা। ৩। অতিবাহন ; ক্ষেপণ। প্র—সময়াতিপাত। ৪। ক্ষতি ; অহিত। [তুল—ব্যতীপাত (বি+অতিপাত) = অমঙ্গলজনক উৎপাত]

৫। বিণ, অতিবাহিত। প্র—"বৎসরেক অতিপাত হল কোন মতে" —মহা-বিরাট (সিংহ)।

অতিপাতক (ওতিপাতোক্) [অতি+পাতক (পাপ) নিত্য সমাস] বি, ক্লী, জননী, কন্যা ও বধূ গমন এই ত্রিবিধ অতিপাতক। ইহা মহাপাতক হইতেও গুরুতর।—যাজ্ঞবল্ক্যসংহিতা। মহাপাতক দ্রঃ।

অতিপাতকী (ওতিপাতোকি) [অতি—পাতক (মাতৃদুহিতৃবধূ গমনরূপ পাপ)+ইন (অস্ত্যর্থে)] বিণ, যাহার ত্রিবিধ অতিপাতক হইয়াছে। ২। ঘোর পাপকারী।

অতিপাতী (ওতিপাতি) [অতি—পত+ইন (কর্ত্তৃ) = অতিপাতিন্ ১মা এক বচন] বিণ, পুং, অতিক্রমকারী।

অতিপ্রকৃত (ওতিপ্রকৃতো) [অতি—প্রকৃত (প্র—কৃ+ত, ভাবে)] বিণ, অতিশয় সত্য ; অতিযথার্থ। তুল—ইং very true.

অতিপ্রবন্ধ (ওতিপ্রোবন্ধ) [অতি—প্র—বন্ধ +অন্ (ভাবে)] বি, পুং, অতিশয় ; অবিরামতা ; খুব ঘন ঘন বা নিয়ত হওনের ভাব।

অতিপ্রসঙ্গ (ওতিপ্রোশংগ) [অতি (অতিক্রম) + প্রসঙ্গ (প্রসক্তি বা আসক্তি)] বি, পুং, অতিমাত্রায় আসক্তি। ২। পুনঃ পুনঃ উক্তি ; অত্যুক্তি ; অতি বিস্তৃত কথন। ৩। বাহুল্য ; বাড়াবাড়ি।

অতিপ্রসক্তি (ওতিপ্রোশোক্তি) [অতিপ্রসঙ্গ দ্রঃ। প্রসক্তি = আসক্তি] বি, স্ত্রী, অতিমাত্রায় আসক্তি ; অত্যাসক্তি। ২। অত্যুক্তি ; পুনঃ পুনঃ উক্তি। ৩। বাহুল্য ; বাড়াবাড়ি।

অতিপ্রাকৃত (ওতি—) [অতি(অতিক্রমার্থে) প্রাকৃত (প্রকৃতির ভাব)—অতিস্বাভাবিক] বিণ, স্বভাবের অতিরিক্ত ; অতিস্বাভাবিক ; অনৈসগিক ; supernatural.

[সম—যাহা প্রাকৃত বা স্বাভাবিক নহে, যাহা প্রকৃতির ভিতর, বা সাধারণের মধ্যে বা লোকে দেখা যায় না, যাহা অনৈসর্গিক বা অলৌকিক তাহা অপ্রাকৃত। যাহা প্রকৃতির সীমা অতিক্রম করিয়া যায় তাহাই অতি প্রাকৃত। প্রকৃতির নিয়ম বিরুদ্ধ বা অস্বাভাবিক হইলে অপ্রাকৃত unnatural বা non-natural হয় এবং প্রকৃতি বা স্বভাবের নিয়মের বহির্ভূত বা বাহিরে তাহা অতিপ্রাকৃত ; supernatural.]

অতিবক্তা (ওতি) বিণ, যে বড় বেশী বকে। ২। অত্যুক্তিকারী।

অতিবড় (ওতিবড়ো) [অতিবৃদ্ধ শব্দজ] বিণ, ১। অত্যন্ত বৃহৎ ; খুব বড়। ২। অধিক বয়স্ক। প্র—"অতি বড় বৃদ্ধপতি সিদ্ধিতে নিপুণ" —(অন্নদামঙ্গল)।

৩। উৎকৃষ্ট। ৪। কঠিনতম। প্র—'অতিবড় দিব্যি'। ৫। সর্ব্বশ্রেষ্ঠ। ৬। অত্যুচ্চ।

অতিবয়া (ওতিবয়া) [অতি (অতিশয়িত হইয়াছে বয়ঃ (বয়স) যাহার—বহু] বিণ, বৃদ্ধ ; বয়োবৃদ্ধ।

অতিবর্ত্তন (ওতিবর্তন্) [অতি (বাহিরে) +বৃৎ (বিদ্যমান থাকা)+অন (ভাবে)] বি, ক্লী, অতিক্রম ; লঙ্ঘন।

অতিবর্ত্তনীয় (ওতিবর্তোনিয়ো) [অতি (বাহিরে) + বৃৎ (অবস্থিতি করা) +অনীয়] বিণ, অতিক্রমণীয় ; লঙ্ঘনীয়।

অতিবর্ত্তিত (ওতিবোর্তিতো) [অতি (বাহিরে)+বর্ত্তিত (বৃৎ=অবস্থিতি করা +ক্ত, কর্ম্মে)] বিণ, লঙ্ঘিত ; অতিক্রান্ত।

অতিবর্ত্তী (ওতিবোর্‌তি) [অতি বর্ত্তিন্—অতি +বর্ত্তী (যে বিদ্যমান থাকে)] বিণ, লঙ্ঘনকারী ; অতিক্রমকারী ।

অতিবর্ত্তুল (ওতিবোর্‌তুল্) [অতি (অতিশয়িত) বর্ত্তুল (নিত্য সমাস)] বি, পু, বাঁটুলা কড়াই ; মটর কড়াই ।

অতিবল (ওতিবল্) [অতি+বল, যাহার—বহু] বিণ, অত্যন্তবলশালী। স্ত্রী, অতিবলা ।

অতিবলা (ওতি) স্ত্রী, বিশ্বামিত্র ঋষি কর্তৃক মহর্ষি কৃশাশ্বের নিকট হইতে প্রাপ্ত বিদ্যাবিশেষ । এই বিদ্যাধিকারীর অনশন জনিত ক্লেশ হয় না । তাড়কা রাক্ষসীকে বধ করিবার নিমিত্ত বিশ্বামিত্র যখন রাম লক্ষ্মণকে লইয়া যান তখন তিনি তাঁহাদিগকে এই বিদ্যা দান করিয়াছিলেন ।
—রামায়ণ ।

২। পীতবেড়েলা ; Sida rhombifolia.

৩। গোরক্ষ চাকুলিয়া ; নাগবলা ; Hedysarum, Sida spinosa..

৪। বিণ, স্ত্রী, অতিশয় বলশালিনী । পুং, অতিবল ।

অতিবাড় (ওতিবাড়্) [অতিবৃদ্ধি শব্দজ] বি, অত্যধিক বৃদ্ধি ; অধিক স্পর্দ্ধিত হওয়া ; অত্যন্ত দম্ভ ।

প্র—"অতিবাড় বেড়ো না ঝড়ে পড়িবে, অতি ছোট হয়ো না ছাগলে মুড়িবে ।" —প্রবচন ।

অতিবাত (ওতিবাত্) বি, ঝড় ।

অতিবাদ (ওতিবাদ্) [অতি+বদ্ (বলা) +ঘঞ্] বি, পুং, অত্যুক্তি । ২। অপ্রিয় বা কঠোর বাক্য ।

অতিবাদী (ওতিবাদি) [অতিবাদিন্—অতি (অতিক্রম) +বাদী (যে বলে)] বিণ, যে অপরকে অতিক্রম করিয়া বলে বা অপরের মত খণ্ডন করিয়া নিজ মত স্থাপনা করে ।

২। অত্যুক্তিকারী ।

অতিবাহন (ওতিবাহোন্) [অতি+বাহি (যাপন করা) +অন (ভাবে) বি, ক্লীং, যাপন ; কাটান ; ক্ষেপণ ।

অতিবাহিত (ওতিবাহিতো) [অতি+বাহি (বাহন) + ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহা ক্ষেপণ করা হইয়াছে ; যাপিত ।

অতিবিকট (ওতিবিকট্) [অতি—বিকট (নিত্য)] বিণ, অতিভয়ানক ।

২। বি, পুং, দুষ্টহস্তী ।

অতিবিশাল (ওতিবিশাল্) [অতি (অতিশয়) বিশাল (বিস্তৃত) নিত্য] বি, পুং, অতিশয় বিস্তৃত ; বৃহদাকার ; সুবিশাল ।

অতিবিষা [হিঃ—আতইশ্ । তেলু—অতিবস চেট্টু] বি, স্ত্রী, আতইচ ; Aconitum heterophyllum.

অতিবিষাণ (ওতিবিশান্) [অতিশয় বিষাণ (শৃঙ্গ) যাহার—বহু] বি, মহিষ ।

অতিবৃত্ত (ওতিবৃত্ত) [অতি=অতিক্রান্ত + বৃত্ত (বৃৎ=বিদ্যমান থাকা + ক্ত, কর্ম্মে)] বিণ, উদ্বৃত্ত ; অতিক্রান্ত ।

অতিবৃষ্টি (ওতিবৃশ্‌টি) [অতি (প্রয়োজনাতিরিক্ত) বৃষ্টি (নিত্য)] বি, স্ত্রী, শস্যাদির হানিজনক অত্যধিক বর্ষণ ; অতিরিক্ত বর্ষণ ।

অতিবেল (ওতিবেল্) [অতি (অতিক্রম) +বেলা=সীমা অর্থাৎ যে সীমাকে অতিক্রম করিয়াছে—২য়া তৎ] বিণ, ক্লী, অসীম ; অধিক ।
২। বেলাভূমি অতিক্রমকারী ।

অতিব্যগ্র (ওতিব্যাগ্র) [অতি (অতিশয়) ব্যগ্র (ব্যস্ত)—নিত্য] বিণ, অতিশয় ব্যস্ত ; অত্যন্ত অধীর ।

অতিব্যাপ্তি (ওতি) [অতি+ব্যাপ্তি] বি, স্ত্রী, অত্যধিক ব্যাপকতা ।

প্র—দাক্ষিণাত্যে কয়েকজন বৈষ্ণব উত্তর পশ্চিম দেশে কতিপয় শৈব এবং বঙ্গে কয়েকজন বৈষ্ণব দেখিয়া যদি কেহ বলেন ভারতের অধিবাসীরা হিন্দু তাহা হইলে অতিব্যাপ্তি দোষ হয় ।

২। [দর্শন শাস্ত্রে] অলক্ষ্যে লক্ষণের অনুগমন ; বিশেষ লক্ষণ সামান্য লক্ষণায় ব্যাপ্তি । over-comprehension ; extension of a definition beyond the ilmits covered by the objects defined. (Ganguli)

অতিভক্তি (ওতিভোক্‌ক্তি) [অতি (অতিরিক্ত) ভক্তি] বি, স্ত্রী, অসঙ্গত ভাবে অধিক ভক্তি ; আন্তরিকতার সীমা অতিক্রম করিয়া যায় যে ভক্তি । বিণ, **অতিভক্ত** ।

অতিভক্তি চোরের লক্ষণ—অত্যধিক ভক্তি দেখাইয়া বিশ্বাসভাজন হইতে পারিলে চুরির সুবিধা হয় সুতরাং তাহা চোরের পরিচায়ক ।

অতিভার (ওতিভার্) [অতিশয়িত ভার (নিত্য)] বি, পু, অতিগুরুত্ব ; অত্যন্তভার ; গুরুভার ।

অতিভারাক্রান্ত (ওতিভারাকক্রান্ত) [অতিশয় ভার দ্বারা আক্রান্ত, ৩য়া তৎ] বিণ, অতিশয় ভারপীড়িত । ২ । যে অতিশয় দায়িত্ব গ্রহণ করিয়াছে ।

অতিভৃত (ওতি) বিণ, অতি যত্নে পুষ্ট বা পরিপালিত । ২। যে অতিভোজন করিয়াছে । স্ত্রী, অতিভৃতা ।

অতিভোজন (ওতিভোজন্) [অতিশয়িত ভোজন (নিত্য)] বি, ক্লী, অপরিমিত ভোজন ; গুরুতর ভোজন ।

অতিমঙ্গল্য (ওতিমংগোল্লো) [অতি+মঙ্গল+ য (সাধু (উৎকর্ষ) অর্থে ক্য)—সকল মঙ্গল মধ্যে সাধু বা উত্তম] বি, পুং, বিল্ববৃক্ষ ।
২। বিণ, অত্যন্ত মঙ্গলকারক । স্ত্রী, **অতিমঙ্গল্যা** ।

অতিমর্ত্ত্য (ওতিমর্‌ত) [অতি—মর্ত্ত্য=মানুষ] বিণ, লোকাতীত ; অতিমানুষ (দ্রঃ) ।

অতিমাত্র (ওতিমাৎত্রো) [অতি (অতিক্রম) +মাত্রা (অল্প) অর্থাৎ যে মাত্রাকে অতিক্রম করিয়াছে—২য়া তৎ ; কিম্বা অতিক্রান্ত মাত্রা যৎ কর্ত্তৃক, বহু] বিণ, অত্যন্ত ; অতিশয় ; অত্যধিক ; অতিরিক্ত ।

প্রঃ—"রাম ও জানকী শ্রবণমাত্র অতিমাত্র ব্যগ্র হইয়া কহিলেন,"—বিদ্যাসাগর (সী, ব) । স্ত্রী, **অতিমাত্রা** ।

অতিমান (ওতিমান্) [অতি (অতিশয়.) +মান (অভিমান) [বি, পুং, অভিমান ; অনুচিত মান । ২। [অতি (অতিক্রান্ত) +মান (মাপ)] বিণ, পরিমাণাতিরিক্ত ।

অতিমানুষ (ওতিমানুশ্) [অতি (অতিক্রম) +মানুষ—অর্থাৎ যে মনুষ্য চরিত্রকেও অতিক্রম করিয়াছে ; ২য়া তৎ] বিণ, অলৌকিক ; লোকাতীত ; superhuman. [অতিদৈব দ্রঃ]

অতিমানুষিক (ওতিমানুশিক্) [অতি—মনুষ্য+ইক (ইদমর্থে, ষ্ণিক)] বিণ, অতিমানুষ দ্রঃ ।

অতিমুক্ত (ওতিমুক্‌তো) [অতি (অতিক্রম +মুক্তা—অর্থাৎ শুক্লবর্ণ পুষ্প হেতু যাহা মুক্তাকেও অতিক্রম করিয়াছে—২য়া তৎ] বি, পুং, মাধবীলতা । ২। [(ওতিমুক্ত)অতি+মুক্ত (মুচ্ =মুক্তহওয়া +ক্ত) অর্থাৎ গত বা কৈবল্য মুক্তি প্রাপ্ত] বিণ, ত্রি ; নির্ব্বাণ মুক্তিপ্রাপ্ত । ৩। সঙ্গী রহিত । ৪। বন্ধ্যা ।

অতিমুক্তক (ওতিমুক্তক্) বি, পুং, তিনিশ বৃক্ষ ; mountain ebony.

২। গাবগাছ । ৩। নবমল্লিকা বিশেষ ; মল্লিনী ।

৪। মাধবী-লতা ; double jasmine.

অতিমোদা (ওতি) [অতি (=অতিশয়) +মোদ (=আনন্দ) অর্থাৎ যাহার গন্ধে অতিশয় আনন্দোদ্ভব হয়—বহু] বি, স্ত্রী, নবমল্লিকা ; সেউতি ; Rosa moschata . jasmimum arboreum.

২। বিণ, অতিশয় আনন্দযুক্ত ।

অতিরক্ত (ওতিরক্‌তো) [অতিশয়িত রক্ত (লালবর্ণ বা অনুরক্ত)—নিত্য] বিণ, অতিশয় লোহিতবর্ণ ; গাঢ় লাল ; dark red purple.

২। অতিশয় অনুরাগ ভাজন ; অত্যন্ত অনুরক্ত বা আসক্ত ।

অতিরথ (ওতিরথ্) [অতি (অতিক্রান্ত) রথ (রথারোহী সেনাকে) ২তৎ] বি, পুং, অসংখ্য যোদ্ধার সহিত যুদ্ধ করিতে সমর্থ যোধ বিশেষ ; মহারথী অপেক্ষাও ক্ষমতাশালী ।

অতিরম্য (ওতিরোম্‌মো) [অতি (অতিশয়িত) রম্য (নিত্য)] বি, ক্লী, অতিশয় মনোজ্ঞ ।

অতিরসা (ওতিরশা) [অতি (অতিশয়িত)

রস যাহার—বহু] বি, স্ত্রী ; যষ্টিমধু ; লতাকস্তুরী মূর্ব্বা ; রাস্না ; শতমূলী।

অতিরাত্র (ওতিরাত্র) [অতি+রাত্রি+অ (অন্ত্যার্থে)—যাহা সমাধা করিতে এক রাত্রের অতিরিক্ত সময় লাগে] বি, পুং, ব্রহ্মার পশ্চিম মুখ হইতে উৎপন্ন একরাত্রি-সাধ্য যজ্ঞ বিশেষ। [বিষ্ণু পুরাণ]
২। নবলা-গর্ভজ চাক্ষুষ মনুর ঔরস-পুত্র। [বিষ্ণু পুরাণ

অতিরিক্ত (ওতি) [অতি (অতিক্রম)+রিক্ত (শূন্য) যাহা শূন্যকে অতিক্রম করিয়াছে—২য়া তৎ] বিণ, ত্রি, প্রয়োজনের অত্যধিক সীমাতিক্রান্ত। ২। ভিন্ন ; ব্যতীত। ৩। উন্নত ; শ্রেষ্ঠ।

অতিরুক্ (ওতি) [শরীর বিঃ পরিঃ] বি, জানুদেশ।

অতিরেক (ওতি) [অতি (অতিক্রম)+রেক (রিচ্=বিযুক্ত করা+ঘঞ্) যে বিয়োগকে অতিক্রম করিয়াছে—২য়া তৎ] বি, পুং, প্রাচুর্য্য ; আধিক্য ; প্রাধান্য ; ভেদ।
২। বিণ, প্রচুর ; যথেষ্ট ; অধিক।
প্র—"আজিকার ভিক্ষা মাতা অতিরেক নহে। বিশেষ যুদ্ধের শ্রমে পেটে অগ্নি দহে॥" —কাশীদাসী মহা-আদি।

অতিরোমশ (ওতিরোমশ্) [অতি (অতিশয়িত) রোমশ্ (রোমন+অস্ত্যর্থে শ) অতিশয় রোমযুক্ত] বিণ, অত্যন্ত রোমবিশিষ্ট। ২। বি, পুং, বৃহৎ বানর। ৩। বন্যছাগ।

অতিলঙ্ঘন (ওতিলংঘন্) [অতি—লঙ্ঘন (লঙ্ঘ্+অনট্ ভাবে)] বি, ক্লী, অতিক্রম।

অতিশয় (ওতিশয়্) [অতি+শী (অতিরিক্ত হওয়া)+টক্ (কর্ত্তৃ)] বিণ, অতিরিক্ত ; অধিক। ২। বি, পুং, আধিক্য।

অতিশয়িত (ওতিশোইতো) [অতি+শী (অতিরিক্ত হওয়া)+ত (কর্ত্তৃ ক্ত) কিম্বা অতিশয়+ইত (যুক্তার্থে)] বিণ, অধিক।

অতিশয়োক্তি [অতিশয়+উক্তি—কর্ম্মধা ; অথবা অতিশয় হইয়াছে উক্তি যাহাতে—বহু] স্বরূপ বা প্রকৃত অপেক্ষা বাহুল্য বর্ণন।
২। [কাব্যালঙ্কারে] অর্থালঙ্কার বিশেষ ; "উপমেয়ের একেবারে উল্লেখ না করিয়া যদি উপমানকেই উপমেয়রূপে নির্দ্দেশ করা যায় তাহা হইলে অতিশয়োক্তি অলঙ্কার বলে। যথা—মুখ হইতে সুমধুর বচন নিঃসৃত হইতেছে, এই অর্থে মুখ হইতে সুধাবর্ষণ হইতেছে বলিলে, অতিশয়োক্তি অলঙ্কার হয়।"—কাব্যনির্ণয়। Fig: hyperbole.

অতিশায়ন (ওতিশায়ন্) [অতি—শায়ি+অন (ভাবে)] বি, ক্লী, প্রকর্ষ ; আধিক্য ; আতিশয্য।

অতিশায়ী (ওতিশাই) [অতি+শী+ইন (কর্ত্তৃ)=অতিশায়িন্ ১মার একবচন] বিণ, পুং, অতিক্রমকারী।

অতিশোভন (ওতিশোভন্) [অতি (অতিশয়) শোভন (নিত্য)] বিণ, অতিশয় শোভাযুক্ত ; অতিসুন্দর ; অত্যন্ত শোভা সম্পাদক।
২। [প্রাদেশিক] খুব মানানসই ; সুসাজন্ত।

অতিশ্রান্ত (ওতিশ্রান্তো) অতিশ্রান্ত (শ্রম্=ক্লান্ত হওয়া—ত (কর্ত্তৃ ক্ত)] বিণ, অতিশয় শ্রমক্লিষ্ট ; আক্রান্ত ; পরিশ্রান্ত।

অতিষ্ঠ—বিণ, থাকিতে অশক্ত। ক্রি, বিণ, স্থির থাকা দুঃসাধ্য ; অস্থির ; উত্যক্ত।
প্র—"কিন্তু জলে দুই সপ্তাহেই আমাকে অতিষ্ঠ করিয়া তুলিয়াছে" —প্রভাত মুখোপাধ্যায়।

অতিসন্ধান (ওতিশন্ধান্) [অতি—সম্—ধা+অন (ভাবে)] বি, ক্লী, প্রবঞ্চনা [প্র, অ,]

অতিসর্গ (ওতিসর্গ) [অতি—সৃজ (ত্যাগ করা)+ঘঞ্ (ভাবে)] বি, পুং, উৎসর্গ ; ত্যাগ ; বিসর্জ্জন। [বিরল]

অতিসর্জ্জন (ওতিশর্জন্) [অতি সৃজ (ত্যাগকরা)+ঘঞ্, ভাবে] বি, ক্লী, দান ; ত্যাগ ; উৎসর্গ ; বিসর্জ্জন।

অতিসার, অতীসার (ওতিশার্) অতি (অতিশয়)+সৃ (গমনকরা)+অ (ঘঞ্, করণে) অর্থাৎ যদ্দ্বারা অতিশয় পুরীষ নির্গত হইয়া থাকে] বি, পুং, পেটের পীড়া ; উদরাময় ; কলেরা ইত্যাদি রোগ। আয়ুর্ব্বেদ মতে অতিসারের বহুপ্রকার ভেদ আছে, যথা—রক্তাতিসার ; মূত্রাতিসার ; মলাতিসার ইত্যাদি।

অতিসারকী [অতিসারকীন্, অতি—সৃ+অক=অতিসারক+ইন্] বিণ, অতিসার বা উদরাময়যুক্ত। ২। বি, উদরাময়ে আক্রান্ত রোগী।

অতিসৃষ্ট (ওতিসৃশ্টো) [অতি+সৃজ+ক্ত কর্ম্মে] বিণ, ত্যক্ত ; নিযুক্ত ; দত্ত ; বিসর্জ্জিত।

অতিসৌরভ (ওতিশৌরভ্) [অতি+সৌরভ—বহু] বিণ, ত্রি, অত্যন্ত গন্ধযুক্ত। ২। বি, পুং, আম্রবৃক্ষ।

অতিহসিত, অতিহাস (ওতিহোশিত, ওতিহাশ্) [অতি+হস—ইত (হাস)] বি, অশ্বের ন্যায় চিৎকার শব্দ পূর্ব্বক হাস্য ; বিকট হাস্য ; অট্ট হাস।

অতিহুঁ (ওতিহুঁ) [ব্রজ। বৈ, সা।] অ, অতিশয়। প্র—"অতিহুঁ লাজ ভয় ; অতিহুঁ করুণা।" —বিদ্যাপতি।

অতীত (ওতীত্) [অতি+ইত (ই=গমনকরা+ক্ত)] বিণ, বিগত ; ভূত ; মৃত ; যাহা হইয়া গিয়াছে। ২। বি, গতকাল।—
প্র—"অসীম অতীতে, চাহিতে চাহিতে দেখা দেয় অবশেষে।" —রবীন্দ্র।
৩। বি, শৈব সম্প্রদায় ভুক্ত শাখা বিশেষ। অতীত দণ্ডিগণ মঠে বাস করেন এবং কেহ কেহ সংসার ধর্ম্মও করেন। অতীতের মধ্যে যাঁহারা বিবাহিত হন তাঁহারা সমযোগী নামে অভিহিত হন। ইঁহারা উভয়েই ব্যবসা বাণিজ্য করেন এবং পৌরোহিত্যও করিয়া থাকেন। —ভারতবর্ষ।

অতীতবেত্তা (ওতীতবেত্তা) [অতীত—বিদ্+তৃ ১মা এক বচন—বেত্তা] বি, অতীতজ্ঞ ; যে গত কালের বিষয় জানে ; ইতিহাসবেত্তা ; ঐতিহাসিক।

অতীতবেদী (ওতীতবেদি) [অতীত (ভূত) বিদ্ (জানা)+গিন্ (কর্ত্তৃ)=অতীতবেদিন ১মা ১বচন। উপপদ] বিণ, পুং, ভূতদর্শী ; প্রাচীন ; অভিজ্ঞ ; বৃদ্ধ ; ইতিহাসজ্ঞ।

অতীন্দ্রিয় (ওতীনদৃও) [অতি (অতিক্রম)+ইন্দ্রিয় অর্থাৎ যে ইন্দ্রিয়কে অতিক্রম করিয়াছে, ২য়া তৎ] বিণ, চক্ষু কর্ণাদি ইন্দ্রিয়ের অগোচর ; ইন্দ্রিয়াতীত।

অতীব (ওতীব্) [অতি+ইব অবধারণার্থে] অধিক ; অতিশয় ; অত্যন্ত।

অতুর (ওতুর্) [ন=অ (নাই) তুর (ত্বরা) যাহার—বহু] বিণ, যে ত্বরা করে না।
২। কার্য্যাক্ষম ; সমীক্ষকারী। ৩। পীড়িত।
প্র—"অতুরে নেম নাস্তি" —প্রবচন।
৪। নাচার ; নিরুপায়।

অতুল (ল্) [ন=অ+তুল(তুল্=সদৃশ বা সমান হওয়া+অ, ভাবে) অথবা অ+তুল যাহার তুলনা নাই—বহু] বিণ, তুলনা রহিত ; অনুপম। [দ্রঃ—কোন ব্যক্তির নাম অর্থে "ওতুল্" এইরূপ উচ্চারিত হয়।]

অতুলন (ন্) [ন=অ (নাই) তুলনা যাহার—বহু] বিণ, তুলনা রহিত ; অনুপম। স্ত্রী, **অতুলনা**—অনুপমা। প্র—"শর্ম্মিষ্ঠা সাবিত্রী সীতা, দময়ন্তী পতিব্রতা, অতুলনা ভারত-ললনা।" —সত্যেন্দ্রনাথ ঠাকুর।

অতুলিত [অতুল+ইত] বিণ, তুলনা রহিত ; যাহার তুলনা নাই। প্র—"বিদ্যাধরী দল যথা হায়রে ভূতলে অতুলিত" —মেঘনাদ।

অতুল্য (অতুললো) [ন=অ (নাই)—তুল্য (সমান) যাহার—বহু, অথবা নঞ্ তৎ] বিণ, যাহার তুলনা নাই ; যাহার সাদৃশ্য খুঁজিয়া পাওয়া যায় না বা মিলে না ; অদ্বিতীয়।
২। অসমান ; অসদৃশ।

অতৃপ্ত, অতৃপ্তি [ন=অ+তৃপ্ত বা তৃপ্তি, নঞ্ তৎ] বিণ, যাহার, তৃপ্তি বা সন্তোষ জন্মে নাই বা আশা মিটে নাই। ২। অসন্তুষ্ট ; অপরিতুষ্ট। দ্রঃ—এই অর্থে অতৃপ্তি শব্দের ব্যবহার দেখা যায় না।

অতৃপ্তি—বি, অপরিতোষ ; অসন্তোষ।

অতেক (ক্) [প্রাদে, অত+ক (স্বার্থে)=অতক উচ্চারণ বিকারে অতেক। আধু-বাং—অত] অ, অত ; ওই পরিমাণ ; অতঅধিক।

অতেব (ব্) [অতএব শব্দের সংক্ষেপ। প্রা,

বাং। দ্র—অতএ, অতরে] অ, অতএব ; সুতরাং ; এই হেতু। প্র—"অতেব এনেছে সাথে ধরে হাত পায়।" —শিবায়ন।
"অতেব হলেম সাহস হারা" —কমলাকান্ত।

অতৈল (ল্) [ন=অ (সদৃশ) + তৈল—(নঞ্ তৎ)] বি, ক্লী, তিল সর্ষপাদির রস ; তিলজাত স্নেহ পদার্থের ন্যায়। [প্র, অ,]

অত্ত (অৎত) [অতি শব্দের অপভ্রংশ। প্রা, বাং] বি, অতি ; অতিশয়। প্র—"বিশেষ না জানি তত্ত্ব, আমি মূঢ় হীন অত্ত, তুমি মম মন্ত্র দিলা কাণে।"—মনসার ভাসান (ক্ষেমানন্দ)। [দ্রঃ—ছন্দানুরোধে প্রাচীন বাঙ্গালায় এরূপ শব্দ বিকৃতির ভূরি প্রয়োগ দেখা যায়]

অত্যতি (ওৎতোতি) [অতি+অতি] বিণ ; অত্যন্ত ; চূড়ান্ত ; চরম ; যৎপরোনাস্তি। প্র—"আবার প্রাবৃট্ কালে, যখন কালো মেঘের পার্শ্বে অতি কালো মেঘ, তাহার পার্শ্বে অত্যতি কালো মেঘ,—"—অক্ষয় সরকার (সনাতনী)।

অত্যধিক (ওৎতোধিক্) [অতি+অধিক—নিত্য] বিণ, অতিশয় বেশী ; যত অধিক হওয়া উচিত তদপেক্ষা বেশী।

অত্যন্ত (ওৎতোন্‌তো) [অতি (অতিক্রান্ত) + অন্ত (শেষ বা সীমা) অর্থাৎ যাহা সীমা বা শেষ অতিক্রম করিয়াছে—২য়া তৎ] অতিশয় ; যত অধিক হওয়া উচিত তদপেক্ষা অধিক।

অত্যন্তগামী (ওৎতোন্‌তোগামি) [অত্যন্ত—গম (যাওয়া) + ণিন্, কর্ত্তৃ=অত্যন্ত গামিন ১মা এক বচন] বিণ, পুং, অতিশীঘ্র-গমনকারী ; অতিক্রুত গামী। স্ত্রী, **অত্যন্তগামিনী**।

অত্যন্তসংযোগ (ওৎতোনতোশংজোগ্) [অত্যন্ত + সংযোগ (সম্বন্ধ)—কর্ম্মধা। ব্যাকরণের পারিভাষিক শব্দ] বি, পুং, ব্যাপ্তি ; uninterrupted extention.
[দ্রঃ—তিল মধ্যে তৈলের যে অভিব্যাপ্তি সম্বন্ধ তাহাকে অত্যন্তসংযোগ বলে।]

অত্যন্তসুকুমার (ওৎতোন্‌তোশুকুমার্) বিণ, অত্যন্ত কোমল। ২। বি, কদলীবৃক্ষ ; কাঁদাল গাছ। ৩। কাঙ্গনী বা প্রিয়ঙ্গু ; Panicum Italicum.

অত্যন্তাভাব (ওৎতোনতাভাব্) [অত্যন্ত + অভাব, অর্থাৎ অন্ত বা সীমার অতিরিক্ত অভাব, সর্ব্বদা অভাব] বি, পুং, অতিশয় অভাব ; সম্পূর্ণ অভাব ; শূন্য। ২। অনস্তিত্ব।

অত্যম্ল (ওৎতম্ল) [অতি (অতিশয়) অম্ল (অম্লরস) যাহার—বহু] বি, ক্লী, তেঁতুল ; বৃক্ষাম্ল। ২। বিণ, অত্যন্ত টক। স্ত্রী, অত্যম্লা।

র্ণী (ওৎতম্লপোর্নি) অতিশয় অম্ল পর্ণ যাহার—বহু] বি, স্ত্রী, আমরুল শাক বিশেষ

ত্যম্লা (ওৎতম্লা) বি, স্ত্রী, টাবালেবু ; মধু টাবা ; মাতুলুঙ্গ ; Citrus Medica.

অত্যন্তীন (ওৎতোনতিন্) [অত্যন্ত—ঈন (গমনার্থে)] বিণ, অতিবেগবান। ২। অত্যধিক।

অত্যয় [অৎতয়্] [অতি (অতিক্রম) + ই (গমন করা + অ (ভাবে অল্)] বি, পুং, মৃত্যু ; বিনাশ ; ধ্বংস ; লোপ। প্র—"অচিরাৎ সে অনলে পাইবে অত্যয়।"—রঙ্গলাল (কাঞ্চী-কাবেরী) ২। অতিক্রম। ৩। অপগম। ৪। অপচয়। ৫। দোষ। ৬। দুঃখ।

অত্যর্থ (ওৎতরথ) [অতি (অতিক্রম) + অর্থ (নিবৃত্তি) যে নিবৃত্তিকে অতিক্রম করিয়াছে, ২য়া তৎ] বি, ক্লী, অধিক ; অত্যন্ত ; বিস্তর।

অত্যল্প (ওৎতল্প) [অতি (অতিশয়) = অল্প (নিত্য)] বিণ, খুব কম ; যৎকিঞ্চিৎ ; অতি অল্প।

অত্যাচার (ওৎত্যাচার্) (চ, ওত্তেচার্) [অতি (অতিক্রম) + আচার ; আ—চর + অ (ঘঞ্ ভাবে) = আচরণ] বি, পুং, অন্যায় আচরণ ; অভদ্র ব্যবহার ; অসদ্ব্যবহার উপদ্রব ; দৌরাত্ম্য ; পীড়ন।

অত্যাচারপরায়ণ (ওৎত্যাচারপরায়ন্) [অত্যাচার হইয়াছে পর (প্রধান) অয়ন (আশ্রয়) যাহার—বহু] বিণ, অন্যায়াচরণশীল ; সর্ব্বদা উপদ্রবকারী।

অত্যাচারী (ওৎত্যাচারি) [অত্যাচারিন্, শব্দ। অত্যাচার + ইন (ণিন্)] বিণ, পুং, যে অত্যাচার করে ; পীড়নকারী। ২। আচারভ্রষ্ট। স্ত্রী, **অত্যাচারিণী**।

অত্যাজ্য (অৎত্যাজ্জ) [ন=অ+ত্যজ্ (ত্যাগ করা) + য—শক্যার্থে] বিণ, যাহা পরিত্যাগ করিবার নহে ; যাহা ত্যাগ করিতে পারা যায় না।

অত্যাধান (ওৎত্যাধান) [অতি—আ—ধা + অন (ভাবে অনট্] বি, ক্লী, উপশ্লেষ ; আশ্লেষ ; একদেশ সম্বন্ধ। [বিরল]

অত্যাবশ্যক (ওৎত্যাবশ্শক্) [অতি—আবশ্যক (নিত্য)] বিণ, অতি প্রয়োজনীয় ; অতিশয় দরকারী। ২। বি, অতি প্রয়োজন।

অত্যায়ত (ওৎত্যায়ত) [অতি + আয়ত (বিস্তৃত) নিত্য] বিণ, অতিশয় আয়ত বা বিস্তৃত।

অত্যারূঢ় (ওৎত্যারুঢ়) [অতি + আরূঢ় (আ + রুহ্ = আরোহণ করা + ত—ভাবে, ক্ত)] বি, ক্লী, অতি বৃদ্ধি ; অতিবিস্তৃত।
২। [অতি + আ + রুহ্ = আরোহণ করা + ত (কর্ত্তৃ ক্ত)] বিণ, প্রবৃদ্ধ ; বর্দ্ধিত। বি, **অত্যারূঢ়ি**—স্ত্রী, অত্যুন্নতি ; সমৃদ্ধি।

অত্যাশ্চর্য্য (ওৎতাশ্চোর্‌জো) [অতি (অতিশয়) আশ্চর্য্য (বিস্ময়জনক) নিত্য] বিণ, অত্যদ্ভুত ; অতি বিস্ময়কর।

অত্যাসক্ত (ওৎত্যাশক্ত) [অতি (অতিশয়) আসক্ত (লিপ্ত, অনুরক্ত) নিত্য] বিণ, অত্যন্ত অনুরক্ত ; একান্তলিপ্ত। বি, **অত্যাসক্তি**।

অত্যাহিত [অতি + আ + ধা + ত (ভাবে, ক্ত)] বি, ক্লী, অমঙ্গল ; অলক্ষণ। ২। মহাভয়। ৩। অত্যনিষ্ট ; সর্ব্বনাশ।

অত্যুক্তি (ওৎতুক্‌তি) [অতি + উক্তি—নিত্য] বি, স্ত্রী, অতিশয় উক্তি ; স্বরূপ অপেক্ষা অতিরিক্ত বা অতিরঞ্জিত বর্ণনা ; অসম্ভব বর্ণন ; fig: hyperbole.

অত্যুগ্র (ওৎতুগ্র) [অতি অতিশয়) উগ্র (প্রখর) নিত্য] বিণ, অত্যন্ত উৎকট ; অতিশয় প্রখর ; অতি তীব্র।

অত্যুজ্জ্বল (ওৎতুজ্জ্বল্) [অতি (অতিশয়িত) উজ্জ্বল (দীপ্তিমান্) নিত্য] বিণ, অতিশয় দীপ্তিমান ; অত্যন্ত উজ্জ্বল ; প্রদীপ্ত।

অত্যুৎকট (ওৎতুৎকট্) [অতি + উৎকট (নিত্য)] বিণ, অতিশয় উগ্র। অত্যন্ত তীব্র।

অত্যুৎকৃষ্ট (ওৎতুৎকৃশ্‌ট) [অতি + উৎকৃষ্ট—নিত্য] বিণ, অতি উত্তম।

অত্যুষ্ণ (ওৎতুশ্‌ন) [অতি (অতিশয়িত) উষ্ণ (উত্তপ্ত) নিত্য] বিণ, অত্যন্ত উত্তপ্ত ; অতিশয় গরম।

অত্যূহ (ওৎতুহ) [অতি + উহ + অ (ন্) (কর্ত্তৃ) = যে তর্ক বা শব্দ করে] বি, পুং, ডাকপাখী ; দাত্যূহ।
২। [+অন্ (ভাবে)] অতিশয় বিতর্ক।

অত্র (অৎত্র) [ইদম্ শব্দের সপ্তমী বিভক্তি স্থানে 'ত্র' আদেশ। অবিকল সংস্কৃত আকারেই ইহা বাংলায় প্রচলিত হইয়াছে] অ, এই খানে ; এইস্থানে।
২। এই।
[দ্রঃ, অত্র হইতে বাঙ্গালা প্রাদেশিক রূপ 'এথা' এবং 'হেথা' হইয়াছে। তুল—ইং, at ; এ্যা, স্যাক্স্—aet ; গথ, আইস্, ডেন,—at ; সুইস্ at (অৎ)]

অত্রত্য (অৎত্রোৎতো) [অত্র (এখানে) + ত্য (ভাবার্থে)] বিণ, এই স্থানের ; এই দেশের ; এই স্থান সংক্রান্ত।

অত্রপ (অৎত্রপ্) [ন = (অ) নাই + ত্রপা (লজ্জা) যাহার—বহু] বিণ, অবিনীত ; নির্লজ্জ।

অত্রস্ত (অৎত্রস্ত) [ন=অ + ত্রস্ত (ভীত) নঞ্ তৎ] বিণ, যে ভয় প্রাপ্ত হয় নাই।
২। যে ত্রস্ত বা ত্বরান্বিত বা ব্যস্ত নহে ; স্থির।

অত্রস্থ (অৎত্রস্থ) [অত্র + স্থ] অ, এই স্থানের ; এই জায়গার ; এখানকার ; এই বাড়ীর বা পরিবারের। প্র—'অত্রস্থ মঙ্গল'।

অত্রি (ওৎত্রি) [অত্রিন্, অৎ (সর্ব্বদা গমন করা) + রি (কর্ত্তৃ সংজ্ঞার্থে) অর্থাৎ যে সর্ব্বদা ধর্ম্মার্থে গমন করে] বি, পুং, সপ্তর্ষির মধ্যে

অন্যতম ঋষি। ইঁহার নেত্র হইতে চন্দ্রের উদ্ভব বলিয়া ইনি চন্দ্রের জনক।

২। ধর্ম্মশাস্ত্র প্রণেতা ; সংহিতাকার।

অথ, অথো [অথ্ (যাচ্ঞাকরা) + অ (বা ও)] অ, অনন্তর ; প্রকরণ ; আরম্ভ ; সংশয় ; প্রশ্ন ; দৃঢ়তা, সমুচ্চয় ; চিহ্ন ; অতএব ; এক্ষণে ; মঙ্গল ; সাকল্য ; স্বীকার ; যদি ; আরও। [এই শব্দ প্রাচীন বাঙ্গলা ও সংস্কৃত গ্রন্থাদির বঙ্গানুবাদে পূর্ব্বে ব্যবহৃত হইত আধুনিক বাঙ্গলায় ইহার ব্যবহার নাই]

অথই (অথোই) [অস্থল শব্দজ] বিণ, অতলস্পর্শ ; গভীর জলাশয় ; যাহার তল পাওয়া যায় না।

অথচ [বিয়োগার্থ অব্যয় ; মূল সংস্কৃত অর্থ 'আরও'] অ, তাহা সত্ত্বেও ; তথাপি।

২। সাধারণতঃ 'কিন্তু' অর্থে ব্যবহৃত হয়।

অথবা (অ্থোবা) [অথ (সংশয়) + বা (বিকল্প)] অ, কিম্বা ; পক্ষান্তর।

অথর্ব্ব [অথর্ব্বন্ শব্দ, অথ (মঙ্গল) + ঋ (গমন করা) + বন্ অর্থাৎ যে মঙ্গলে গমন করে] বি, স্ত্রী, চতুর্থ বেদ (এই বেদ ব্রহ্মার উত্তরদিকের, মতান্তরে, পূর্ব্বদিকের মুখ হইতে বিনির্গত বলিয়া প্রবাদ আছে)। এই বেদকে অনেকে বেদ বলিয়া গণ্য করেন না ; মনু ও অমরকোষে ঋক্, যজু ও সাম এই তিন বেদের উল্লেখ আছে। এজন্য বেদের নামান্তর—ত্রয়ী। কিন্তু সাম বেদের ছান্দোগ্য উপনিষদে অথর্ব্ব চতুর্থ বেদ বলিয়া উল্লিখিত হইয়াছে। ইহা প্রধানত ৯ ভাগে বিভক্ত। ইহার বহু শাখার মধ্যে অধুনা শৌনক শাখা মাত্র প্রাপ্তব্য। অথর্ব্ব বেদের ব্রাহ্মণ ভাগের নাম 'গো-পথ' ব্রাহ্মণ। অথর্ব্ব ও অঙ্গিরা ঋষির বংশধরগণ, মতান্তরে ভৃগুবংশীয়গণ, মতান্তরে অথর্ব্ব ঋষি ইহার সঙ্কলন কর্ত্তা।

২। পুং, বেদের ব্রাহ্মণ অংশ।

৩। বশিষ্ঠ ঋষি। ৪। বিণ, অতি বৃদ্ধ।

৫। উত্থান শক্তিহীন (বার্দ্ধক্য বশতঃ)।

[এই অর্থে কথ্য ভাষায় 'অথর্ব্ব' এবং 'অথব্ব' ও বলে]

প্র—"অথর্ব্ব উঠিতে নারি আছি এক কোণে।
দয়া কর কেন দুঃখ দেও অকিঞ্চনে ॥"

—শিবায়ন।

৬। নিশ্চেষ্ট ; জড়। ৭। অক্ষম ; অকর্ম্মণ্য।

অথর্ব্বণ (ন্) বি, পুং, শিব।

অথর্ব্বণি—বি, পুং অথর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ ; আচার্য্য ; পুরোহিত।

অথর্ব্ববিৎ [অথর্ব্ব + বিদ্ (জানা) + ক্বিপ্ (কর্ত্তৃ) যিনি অথর্ব্ব বেদ জানেন] বি, পুং, অথর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ।

অথল (ন্) [ন = অ—থল (স্থল) নঞ্ তৎ] বিণ, স্থল রহিত ; অতলস্পর্শ ; অথই ; অতল ; গভীর।

প্র—"আমার দুয়ারে জল হইল অথল।
উঠানে ডুবিয়া মরি না জানি সাঁতার।"

—কবিকঙ্কণ।

অথান্তর (অথান্তর্) [প্রাদে] বি, চেষ্টা ; শ্রম ; বিপদ ; অসুবিধা ; মুস্কিল।

প্র—"বহু অথান্তর সেই পুষ্পের কারণ"

—পদ্মপুরাণ।

[গ্রাম্য উচ্চারণ ভেদ,—আতান্তর।]

অথির (র্) [অস্থির শব্দজ] বিণ, অস্থির ; ব্যাকুল। প্র—"শুনিয়া বচন তার অথির পরাণি" —চণ্ডীদাস।

অদক্ষ (অদোক্খো) [ন = অ + দক্ষ] বিণ, অনিপুণ ; অকুশল ; অপটু।

অদক্ষিণ (অদোক্খিন্) [ন = অ, দক্ষিণ (অনুকূল) নঞ্ তৎ] বিণ, প্রতিকূল ; বাম ; দক্ষিণ নায়কগুণহীন। ২। [ন = অ (নাই) দক্ষিণা যে কর্ম্মেতে, বহু] দক্ষিণাবিহীন কর্ম্ম।

অদণ্ড্য (অদনড) [ন = অ + দণ্ড + য, অর্হার্থে —নঞ তৎ] বিণ, যাহাকে দণ্ড দেওয়া উচিত নহে। অদণ্ডনীয় ; দণ্ডের অযোগ্য।

অদণ্ডনীয় (অদনডোনিও) [ন = অ + দণ্ড + অনীয় (কর্ম্মে)] বিণ, অদণ্ড্য ; যাহার দণ্ড হওয়া উচিত নয়।

অদত্ত [ন = অ + দত্ত। দা (দানকরা) + ত(কর্ম্মে ক্ত)] বিণ, যাহা দান করা হয়নাই ; অনর্পিত। ২। [স্মৃতিশাস্ত্রে] বি, যাহা ধর্ম্ম শাস্ত্রানুসারে দত্ত বলিয়া স্বীকার করা হয় না ; যাহা প্রকৃত পক্ষে দত্ত বলিবার উপযুক্ত নহে। স্মৃতি শাস্ত্রে ১৬ প্রকার অদত্তের উল্লেখ আছে। যথা— উৎকোচ স্বরূপ দত্ত, পরিহাসচ্ছলে দত্ত, ভয়ে দত্ত, বৈরনির্য্যাতনার্থে নিযুক্ত লোককে দত্ত, অজ্ঞান কর্ত্তৃক দত্ত, সন্তান কর্ত্তৃক দত্ত, অধীন কর্ত্তৃক দত্ত, আর্ত্তের প্রদত্ত, অপ্রাপ্ত বয়স্কের দত্ত, শোকার্ত্ত কর্ত্তৃক দত্ত, উন্মত্তের দত্ত, মাদক-সেবী কর্ত্তৃক দত্ত ইত্যাদি ধন অদত্ত বলিয়া উক্ত।

অদত্তা [ন = অ + দত্তা—নঞ্ তৎ] বি, স্ত্রী, অবিবাহিতা বালিকা ; অনূঢ়া ; অপরিণীতা।

অদন (ন্) [অদ্ (ভোজন করা) + অন(ভাবে অনট্)] বি, ক্লী, ভক্ষণ ; আহার।

প্র—"বদনে রদন নড়ে অদনে বঞ্চিত।"

—ভারতচন্দ্র।

২। অদ্ (ভোজনকরা) + অনট্ (কর্ম্মে) ভক্ষ্যবস্তু।

অদন্ত [ন = অ (নাই) + দন্ত যাহার—বহু] বিণ, যাহার দন্তোদ্গম হয় নাই। ২। যাহার দন্ত স্খলিত হইয়াছে ; দন্তহীন।

অদন্তী (অদোন্তি) [ন = অ—দন্ত + ইন্] বিণ, দন্তহীন। ২। বি, যে সকল প্রাণী দন্তহীন ; edentata.

অদর্শন (ন্) [ন = অ + দর্শন (দৃষ্টি) যাহার—বহু] বি, ক্লী, দৃষ্টির বহির্ভূত হওন ; দর্শনের অভাব ; বিনাশ। ২। বিণ, দৃষ্টির অগোচর।

অদল (অদল্) [ন = অ (অভাব)—দল (পাপড়ী)] বিণ, যে সকল পুষ্পের পাপড়ী নাই ; পাপড়ীহীন ; দলশূন্য ; apetalons.

অদলবদল (অদোল্ বদোল্) [আ—অদল্ (সাদৃশ্য) + আ—বদল্ (পরিবর্ত্তন) হিঃ—অদল্ বদল্] বি, পালটাপালটি ; পরিবর্ত্তন ; এক জিনিষ দিয়া অন্য জিনিষ লওয়া ; Exchange.

অদাতা [অদাতৃ—মূল শব্দ, ন = অ + দাতৃ (যে দান করে)] বিণ, যে ব্যক্তি ধন সত্ত্বেও দানে পরাঙ্মুখ ; দান-কৃপণ।

অদাহ্য (অদাব্ঝ) [ন = অ + দাহ্য [দহ = দগ্ধকরা + ঘ্যণ্ অর্হার্থে = দহনীয়] বিণ,

১। দগ্ধের অযোগ্য। ২। শাস্ত্রের বিধানমতে দাহন ক্রিয়া বা অগ্নিসংস্কারের অযোগ্য। ৩। যাহা পোড়ান যায় না ; দহনশীল নহে ; incombustible.

প্র—"অদাহ্য অভ্র প্রাণ অক্ষত এমন।"

—ফুলরেণু।

অদিতি [ন = অ + দো (ছেদনকরা) + তি (কর্ম্মে ক্তি) যাহাকে বৃহত্ব বশতঃ ছেদন করা যায় না] বি, স্ত্রী, পৃথিবী। ২। [অ + দা (দানকরা) + তি, সংজ্ঞার্থে দা = দি, অর্থাৎ যিনি বেদনা দেন না ; অথবা—অ (বিরোধার্থে) + দিতি (দনুজকন্যা)] দক্ষ প্রজাপতির কন্যা ; দেবতাদিগের মাতা ও কশ্যপ মুনির পত্নী। ইঁহার গর্ভে ইন্দ্রাদি দেবতা এবং বামন অবতারে বিষ্ণু জন্ম গ্রহণ করিয়াছিলেন।

অদিতিজ, অদিতিনন্দন (জ, ন্) [অদিতি হইতে + জ (জাত)—৫তৎ ; (পুত্র) অদিতির নন্দন, ৬তৎ] বি, পুং, দেবতা।

অদীন (ন্) [ন = অ + দীন (কাতর, দরিদ্র) নঞ্ তৎ] বিণ, অকাতর ; দুঃখহীন।

২। ধনী। ৩। ভয়শূন্য ; নির্ভীক।

প্র—"অনন্তর দুর্য্যোধন ভীমসেনকে তাদৃশ ভাবে আগত দেখিয়া অদীনভাবে নিনাদ করত অতিবেগে তাঁহার প্রতি ধাবিত হইলেন।"

—মহা, শল্য (বর্দ্ধমান)।

অদীনসত্ত্ব (অদীনশত্ত) [অদীন (অকাতর, অকুণ্ঠ)) হইয়াছে সত্ত্ব (প্রাণ) যাহার, বহু] বি, পুং, দাতা। ২। অমেয়াত্মা ; অকুণ্ঠসত্ত্ব ; মহানুভব। ৩। ধর্ম্মাত্মা। প্র—"তদনন্তর অদীনসত্ত্ব রাজা যুধিষ্ঠির বলরাম, জনার্দ্দন, কৃষ্ণতনয় শাম্ব, শিনির পৌত্র সাত্যকি ও অন্যান্য বৃষ্ণি সন্তানদিগের সমীপে গমনপূর্ব্বক তাঁহাদিগকে ধর্ম্মানুসারে পূজা করিলেন।"

—মহা—বন (বর্দ্ধমান)।

অদূর (র্) [ন = অ (বিরোধার্থে) + দূর—নঞ্ তৎ]

বিণ. অল্পদূরে ; অনতিদূরে ; নিকট ; কাছে।
২। ক্রি. বিণ. **অদূরে।**
প্র—"অদূরে হেরিলা রক্ষপতি রণক্ষেত্র।"
—মেঘনাদ।
"অদূরে মহারুদ্র ডাকে গভীরে।
অরে রে অরে দক্ষ দেরে সতীরে॥"
—অন্নদামঙ্গল।

অদূরদর্শিতা (অদূরদোর্‌শিতা) [অদূরদর্শী দ্রঃ। অদূরদর্শিন্‌+তা (ভাবে)] বি. স্ত্রী. অদূরদর্শীর ধর্ম্ম ; অপরিণামদর্শিতা।

অদূরদর্শী (অদূরদোর্‌শি) [অদূর—দৃশ+ণিন্‌ (কর্ত্তৃ)=অদূরদর্শিন্‌ ১মা ১বচন] বিণ. পুং. যাহার দূর বা ভবিষ্যৎ কি হইবে তাহা দর্শন করিবার শক্তি নাই ; যে পরিণাম বিবেচনা করে না ; অপরিণামদর্শী ; ভবিষ্যৎ দৃষ্টিহীন। স্ত্রী. **অদূরদর্শিনী।**

অদূরবর্ত্তী [অদূর—বৃত্‌+ণিন (কর্ত্তৃ)=অদূর বর্ত্তিন ১মা ১বচন] বিণ. পুং. অদূরস্থ ; নিকট-বর্ত্তী। বি. **অদূরবর্ত্তিতা।**

অদৃক্‌ [অদৃশ্‌, ন=অ (নাই)+দৃশ্‌ (চক্ষু) যাহার—বহু] বিণ. অন্ধ ; দৃষ্টিহীন।

অদৃশ্য (অদৃশ্‌শো) [ন=অ+দৃশ্য—নঞতৎ] বিণ. যাহা দেখিতে পাওয়া যায় না ; দৃষ্টির অগোচর।

অদৃশ্যন্তী (অদৃশ্‌শোন্‌তি) বি. স্ত্রী. বশিষ্ঠ-মুনির পুত্র শক্তি ঋষির ভার্য্যা এবং পরাশরের মাতা।

অদৃষ্ট (অদৃশ্‌টো) [ন=অ+দৃশ্‌+ক্ত (নঞতৎ) —যাহাকে দেখা যায় না] বিণ. দৃষ্টির অগোচর ; অদৃশ্য। প্র—"অঙ্গের অদৃষ্ট কিছু কারিকরি করি।" —অ. ম.।
২। বি. স্ত্রী. [হিন্দু শাস্ত্র মতে] দৈব ; পূর্ব্ব পূর্ব্ব জন্মের কর্ম্মফল এজন্মে ভোগ হইতেছে, ভোগ হইতে হইতে যাহা অবশিষ্ট থাকিবে তাহা পর পর জন্মে ভোগ হইবে, আবার এজন্মের কর্ম্মফল কতক এই জন্মে ভোগ হইতেছে এবং কিয়দংশ পর পর জন্মের জন্ম সঞ্চিত হইতেছে ; যাহা ভোগ হইতেছে তাহাই অদৃষ্ট বা দৈব। ভোগ করিতে করিতে আমরা যে কর্ম্ম করি তাহাই পুরুষকার। "পূর্ব্বজন্মকৃত অভিব্যক্ত পুরুষকারই দৈব" —যাজ্ঞবল্ক্য।
এই মত বা দর্শনকে **অদৃষ্টবাদ** বলে।
[পুরুষকার দ্রঃ]
৩। ভাগ্য ; কপাল ; ললাট ; নসিব। ৪। আপদ ; বিড়ম্বনা। ৫। ধর্ম্মাধর্ম্ম ; পাপপুণ্য। **অদৃষ্টের পরিহাস** (রূ, শ.) [ইং irony of fate" এর ভাবানুবাদ] বি. বিধির বিড়ম্বনা।
প্র—"ইহা ভারতের পক্ষে অদৃষ্টের নির্ম্মম পরিহাস হইলেও, চীনের কৃষকদিগের পক্ষে—বিশেষতঃ চৈনিক কমলাকান্তদিগের পক্ষে পোহাবারো।" —হিতবাদী (১৩১৮)

অদৃষ্টচর, অদৃষ্টপূর্ব্ব (রূ) [অদৃষ্ট—চর (গমন করা)+অ (ট—কর্ত্তৃ) অদৃষ্টানুসারে বিচরণকারী,—উপপদ ; পূর্ব্বে দৃষ্ট=পূর্ব্বদৃষ্ট ৭তৎ ; ন=অ, পূর্ব্বদৃষ্ট নঞতৎ] বিণ. যাহা পূর্ব্বে কখন দেখিতে পাওয়া যায় নাই।

অদৃষ্টাকাশ (শ.) [অদৃষ্ট—আকাশ (রূপ-কর্ম্মধা)] বি. ভাগ্যরূপ আকাশ ; অদৃষ্টগগন।
প্র—"মানব অদৃষ্টাকাশে বিরাজিয়া পুণ্যবতী।" —নবীনচন্দ্র (কুরুক্ষেত্র)।

অদৃষ্টায়ত্ত [অদৃষ্ট (দ্রঃ)+আয়ত্ত] বিণ. অদৃষ্টের বশ ; দৈবাধীন। প্র—"সকলই অদৃষ্টায়ত্ত ; আমার অদৃষ্টে যাহা ছিল, তাহাই ঘটিয়াছে।" —বিদ্যাসাগর (সী. ব)।

অদৃষ্টি [অ (বিরোধার্থে)+দৃষ্টি নঞ্‌ তৎ] বি. স্ত্রী. সরোষ দৃষ্টি ; বিরক্তিপূর্ণ দৃষ্টি।
২। [অ (অভাবার্থে)+ন=অ (নাই) দৃষ্টি যাহার—বহু] বি. দৃষ্টির অভাব। ৩। বিণ. দৃষ্টিহীন।

অদেখা, আদেখা (অ, আ—দ্যাখা) [অদৃষ্ট শব্দজ] বিণ. যাহা দেখা হয় নাই ; অনব-লোকিত ; না-দেখা। ২। অদৃষ্ট ; অন্তরাল ; দৃষ্টির অগোচর। প্র—"আঁখির অদেখা হলে সে যেন সে নয়।" —ফলরেণু।

অদেয় (য়ো) [ন=অ (নহে)—দেয় (দানার্হ, দানযোগ্য, নঞতৎ, যাহা দিতে হইবে)] বিণ. দানের অযোগ্য ; যাহা দিতে পারা যায় না : যাহা না দিতে পারা যায়। প্র—"কি আছে অদেয় ? তুমি সর্ব্বস্ব আমার !" —অশোক গুচ্ছ।

অদেহবদ্ধ [ন=অ—দেহ-বদ্ধ] বিণ. অগঠিত ইন্দ্রিয়াদি ; unorganised.

অদ্বয় (অদ্‌দয়) [অ নাই +দ্বয় (দ্বৈতবুদ্ধি) যাহার—বহু] বি. স্ত্রী. ব্রহ্ম। ২। পুং. বৌদ্ধ। ৩। বিণ. দ্বয়শূন্য ; অদ্বিতীয়।

অদ্বয়বাদী (অদ্‌দয়্‌বাদি) [মূলশব্দ অদ্বয়-বাদিন্‌, অদ্বয় (অদ্বিতীয়) বাদী (যে বলে) -উপপদ ; যাঁহারা এক মাত্র ঈশ্বর স্বীকার করেন—২য়া তৎ] বি ; পু. বৌদ্ধ।
২। বিণ. অদ্বৈতবাদী ; একব্রহ্মবাদী ; যে একব্যতীত দ্বিতীয় ঈশ্বর স্বীকার করে না।

অদ্বিতীয় (অদ্‌দিতীঅ) [ন=অ (নাই) দ্বিতীয়—যাহার দ্বিতীয় নাই—বহু] বিণ. যাহার দ্বিতীয় নাই ; অতুল্য ; যাহার সমান নাই। ২। বি. স্ত্রী. ব্রহ্ম।

অদ্বৈত (অদ্‌দৈতো) [ন=অ+দ্বৈত (দ্বিতীয়ত্ব) যাহাতে, বহু] বি. স্ত্রী. ব্রহ্ম।
২। [ন=অ(নাই) দ্বৈত (দ্বিতীয় বুদ্ধি) যাহার—বহু] বিণ. দ্বৈত বা ভেদ শূন্য ; অদ্বিতীয়।
৩। বি. পুং. নবদ্বীপের অন্তর্গত শান্তিপুর-নিবাসী স্বনাম প্রসিদ্ধ পরম কৃষ্ণ-ভক্ত মহাপুরুষ। আচার্য্য অদ্বৈত, অদ্বৈত প্রভু নামে খ্যাত ; চৈতন্যদেবের অন্যতম প্রধান পার্ষদ। নবদ্বীপে ইঁহার দারুময় মূর্ত্তি প্রতিষ্ঠিত হইয়া বৈষ্ণবগণ কর্ত্তৃক শিবের অবতার জ্ঞানে পূজিত হইতেছে। শান্তিপুরের উড়িয়া গোস্বামী ব্যতীত প্রায় সকল গোস্বামী অদ্বৈত প্রভুর সন্তান।

অদ্বৈতবাদ (অদ্‌দৈতোবাদ্‌) [ন=অ+দ্বৈত (দ্বিবিধত্ব)+বাদ (বদ্‌—ঘঞ্‌ (ভাবে)] বি. জীবাত্মা ও পরমাত্মা বা জীব ও ব্রহ্ম অভিন্ন বা এক এই মত। ব্রহ্ম সত্য জগৎ মিথ্যা ; ব্রহ্ম ব্যতীত দ্বিতীয় কিছুই নাই—বেদান্ত-ভাষ্যকার স্বনাম প্রসিদ্ধ সন্ন্যাসী শঙ্করাচার্য্য-প্রতিপাদিত এই মত।

অদ্বৈতবাদী (অদ্‌দৈতোবাদি) [অদ্বৈত+বাদী (বাদিন্‌—বদ্‌=বলা+ইন্‌ (কর্ত্তৃ, ণিন্‌) ব্রহ্মের দ্বৈত নাই—এই মত স্বীকারকারী] বিণ. পুং. অদ্বৈতবাদ-প্রতিষ্ঠাতা শঙ্করাচার্য্যের মতাবলম্বী দার্শনিক সম্প্রদায়।

অদ্ভুত (অদ্‌ভুৎ) [অৎ (আশ্চর্য্যজনক অব্যয়)+ভূ=হওয়া+উত (অধি)] বিণ. আকস্মিক ; বিস্ময়জনক ; যাহার অনুভূতি সচরাচর প্রাপ্ত হওয়া যায় না।
২। বি. স্ত্রী. বিস্ময় ; আশ্চর্য্য।
৩। বি. পুং. কাব্য-রসবিশেষ। যখন কোন রচনায় অলোকসামান্য বস্তু বা বিষয়ের বর্ণনা ও তাহার গুণাদির মহিমা পাঠ করিতে করিতে বিস্ময়ে অভিভূত হওয়া যায় এবং স্তম্ভ, রোমাঞ্চ, স্বেদ, সম্ভ্রম, গদ্‌গদ বচন নেত্র বিকাশ প্রভৃতির সহিত অন্তঃকরণ দ্রবীভূত হয় তখন এই রসের সঞ্চার হইয়াছে বলা যায়।
৪। নবম মন্বন্তরের পর মরীচি, গর্ভ এবং সুধর্ম্ম নামধেয় যে তিন শ্রেণীর দেবতা হন তাঁহাদের পরাক্রমশালী অধিপতির নাম অদ্ভুত ; নবম মন্বন্তরের ইন্দ্র—(বিষ্ণু ও ভাগবত পুরাণ)।

অদ্য (ওদ্‌দো) [ইদম্‌ (এই)+দ্য (নিপাতন)] অ. আজি। ২। এইক্ষণে ; ৩। সম্প্রতি ; বর্ত্তমান সময়ে বা দিনে। **অদ্য-প্রভৃতি—** অদ্যাবধি দ্রঃ।

অদ্যকার (ওদ্দোকার) [অদ্য—কার+(ভাবার্থে)] বিণ. আজকার ; এই দিনের।

অদ্যতন (ওদ্দোতন্‌) [অদ্য+তন (ভবার্থে)] বিণ. আজকার ; অদ্য যাহা উৎপন্ন হইয়াছে ; অদ্যকার দিবস সম্বন্ধীয়।

অদ্যশ্বীন (ওদ্দশ্‌শিন্‌) [অদ্য+শ্ব (কল্য)+ঈন] বিণ. যাহা আজ বা কালি হওয়া সম্ভব। স্ত্রী. **অদ্যশ্বীনা**—যে গাভী আজ কালের মধ্যেই প্রসব হইবে ; আসন্নপ্রসবা গাভী।

অদ্যাপি (ওদ্দাপি) [অদ্য (নিপাত)+অপি (ও)] আজিও ; এখনও ; একাল পর্য্যন্ত ; আজপর্য্যন্ত। এই অর্থে বাঙ্গালায় "অদ্যাপিও" শব্দের ভুল ব্যবহার আছে।

অদ্যাবধি অদ্যপ্রভৃতি (ওদ্দ্যাবোধি, ওদ্দোপ্রাভৃতি) [অদ্য + অবধি বা প্রভৃতি] অ, আজ হইতে।

অদ্রব (অদ্রোবো) [ন = অ, দ্রব—নঞ্ তৎ, বা দ্রবের অভাব (অব্যয়ী)] বি, ক্লী, যাহা দ্রব হয় না ; যাহা গলে না। প্র—"অদাহ্য অদ্রব প্রাণ অক্ষত এমন"— ফুলরেণু।

অদ্রি (ওদ্দ্) [ন = অ + দ্রি (দ্রা = পলায়ন-করা + ই—সংজ্ঞার্থে (নঞ্ তৎ) অর্থাৎ যে পলায়ন করে না : অদ্ (ভোজন করা) + রি —সংজ্ঞার্থে] বি, পু, পর্ব্বত। ২। বৃক্ষ। ৩। সূর্য্য। ৪। মাপ বিশেষ।

অদ্রিকর্ণী (ওদ্দৃকোর্নি) বি, স্ত্রী, অপরাজিতা ; clitoria te-natea.

অদ্রিকীলা (ওদ্দৃকিলা) [অদ্রি (পর্ব্বত হইয়াছে) + কীল (শঙ্কু) যাহার—বহু] বি, স্ত্রী, পৃথিবী ; ভূমি।

অদ্রিজ (ওদ্দৃজ্'জ) [অদ্রি (পর্ব্বত হইতে) + জ (জন্ = জন্মান + ড (কর্ত্তৃ) যে জন্মে—উপপদ] বিণ, পর্ব্বতজাত : পার্ব্বতীয়। ২। বি, ক্লী, শিলাজতু ; গিরিমাটী ; শৈলেয় নামক গন্ধ দ্রব্য বিশেষ।

অদ্রিজা (ওদ্দৃজা) [অদ্রি + জ + আ (স্ত্রীলিঙ্গে) অদ্রিজ দ্রঃ] বি, স্ত্রী, পার্ব্বতী ; দুর্গা ; ২। সিংহলদেশীয় পিপ্পলী।

অদ্রিরাজ (ওদ্দৃরাজ্) [অদ্রি + রাজ (রাজ্ = দীপ্তি পাওয়া) + কিপ্ (কর্ত্তৃ) অথবা রাজন্ + অ)—৬ষ্ঠী তৎ] বি, পুং, হিমালয় পর্ব্বত ; গিরিশ্রেষ্ঠ।

অদ্রিশৃঙ্গ (ওদ্দৃস্হংগ [অদ্রি + শৃঙ্গ—৬ তৎ] বি, পুং, পর্ব্বতের চূড়া ; শিখর।

অদ্রিসার (ওদ্দৃশার্) [অদ্রি (র) সার—৬ তৎ] বি, পুং, লৌহ।

অদ্রীশ (ওদ্দৃশ) [অদ্রি + ঈশ (পতি, প্রধান)—৬ষ্ঠী তৎ] বি, পুং, শিব ; হিমালয় পর্ব্বত।

অদ্রোহ (অদ্দ্রোহো) [ন = অ + দ্রোহ—নঞ তৎ ; বা, ন = অ (নাই) দ্রোহ যাহার—বহু] বি, পুং, অহিংসা ; সদ্ব্যবহার।

অধঃ [অধস্ শব্দ—অধর + অস্—র-লোপ] অ, নিম্নে ; পাতালে।

অধঃকৃত [অধস্ + কৃত] বিণ, পরাভূত। ২। নিপাতিত।

অধঃপাত (ৎ) [অধস্ (নীচে) + পাত (পতন) ৭ তৎ] বি, ক্লী, অধঃপতন ; রসাতলে গতি ; উচ্ছন্ন প্রাপ্তি।

২। নীতি চরিত্রাদি বিষয়ে সম্যক অবনতি ; নীচত্ব প্রাপ্তি।

অধঃপাত (ৎ) বি, অধঃপতন।

২। উচ্ছন্ন অবস্থা ; কুপথ, নীচপথ, কুসঙ্গ ; সর্ব্বনাশের পথ।

বিণ, **অধঃপাতিয়া, অধঃপেতে**—যে অধঃপাতে গিয়াছে বা যাইতেছে উন্মার্গগামী ; উৎসন্ন ; নষ্ট ; দুষ্ট। **অধঃপাতে যাওয়া** —উচ্ছন্ন যাওয়া ; বিগড়নো ; খারাপ হওয়া।

অধঃশিরাঃ, শির (র্) [মূলশব্দ—অধঃশিরস্ —অধঃ (নীচে) + শিরস্ (মস্তক) অধোদেশে শির যাহার—বহু] বিণ, যাহার মাথা নিম্ন দিকে।

অধঃস্থ (অধস্থ) [অধস্ (নীচে) + স্থ (থাকা)—উপপদ] বিণ, নিম্নে যাহা আছে ; নিম্নদেশস্থিত ; নিম্নাবস্থিত।

অধঃস্বস্তিক (অধঃশোস্তিক্) ভূপৃষ্ঠে দণ্ডায়মান ব্যক্তির পদতলের টানে ভূগোলের অপর পৃষ্ঠের উপরিস্থিত আকাশবিন্দু : ইহা স্বস্তিকের বিপরীত বিন্দু ; অধোবিন্দু ; nadir.

অধন (ন্) [ন = অ নাই + ধন যাহার—বহু] বিণ, যাহার ধন নাই ; ধনহীন ; নিঃস্ব ; নির্ধন।

২। যাহাদের নিজস্ব বলিবার কিছুই নাই ; স্বোপার্জ্জিত ও কোন কিছু যাহাদের নিজস্ব নহে। প্র—"শাস্ত্রে নিশ্চিত আছে যে, অস্বাধীন দাস, পুত্র ও নারী এই তিন জন অধন, অর্থাৎ ইহাদের নিজস্ব কিছুই থাকে না, ইহারা যাহা কিছু লাভ করে, তাহা স্বামীরই হয়।" —মহা-সভা (বর্দ্ধমান)।

অধন্য (অধোন্নো) [ন = অ—ধন্য—নঞ তৎ] বিণ, অভাগ্য ; ২। নিন্দিত অপ্রশংসনীয়। ৩। অকৃতার্থ। বি, **অধন্যতা**।

অধম (ম্) [অব্ (রক্ষা করা) + অম, ব = ধ ; অথবা—অধস্ + স্থিতার্থে—ম, স—লোপ যে নিম্নে অবস্থান করে] বিণ, নীচ ; অপকৃষ্ট ; নিন্দিত ; তুচ্ছ ; জঘন্য ; damn. প্র—"উত্তমে উত্তমে মিলে অধমে অধমে। কোথায় মিলন হয় অধমে উত্তমে॥" —ভারতচন্দ্র। ২। বি, পুং, কুবেরের পুত্র ; শিবের অবতার বিশেষ। ৩। (কাব্যালঙ্কার) নায়ক বিশেষ ; অপকৃষ্ট গুণবিশিষ্ট নায়ক।

অধমভৃতক (অ্ধম্ ভৃতক্) বি, পুং, নীচ ভৃত্য ; মুটিয়া। ২। বিণ, অপকৃষ্ট ; দাস্য ভাব।

অধমর্ণ (অ্ধমর্ন) [অধম (অপকৃষ্ট ; নিন্দিত) + ঋণ (যাহা বৃদ্ধি পায়)—কুষীদ বৃদ্ধি হেতু অধম অর্থাৎ নিন্দিত বা ঋণ বিষয়ে অধম] বিণ, ঋণকারী ; খাতক ; দেনাদার।

অধমাঙ্গ [অধম (সর্ব্বনিম্নস্থ) অঙ্গ—কর্ম্মধা] বি, ক্লী, চরণ ; পাদ।

অধম্ম [সং অধর্ম্ম। অ—ধম্মো (পা)। গ্রা] বি, অধর্ম্ম। ২। বিড়ম্বনা।

অধম্মিয়া, অধম্মে (অধোম্মে) [গ্রা—অধম্ম দ্রঃ] বিণ, অধার্ম্মিক ; শঠ ; প্রতারক ; অন্যায়কারী ; পাপী ; (ইহা উভয় লিঙ্গেই ব্যবহৃত হয়)।

অধর (র্) [ন = অ + ধর (ধৃ = ধরা + অল, কর্ত্তৃ) যে ধরে। যে নিজে ধরিতে পারে না] বি, পুং, নীচের ঠোঁট। প্র—"পাকা বিম্ব জিনিয়া অধর।" —উদ্ধবদাস।
"ওষ্ঠে অধরেতে চাপি অন্তরের দ্বার ঝাঁপি
রাত্রি দিন তীব্র জ্বালা জ্বেলে রাখে চোখে।"
—চয়নিকা।

২। বিণ, নীচ ; অধম ; নিম্ন। [বিরল] ৩। উভয় নিম্ন এবং উপর ওষ্ঠ ; (তাহা হইতে) মুখ। প্র—"যে জন অধরে রাধানাম ধরে"—বাং গান। "অধরে ধরিলো মধু গরল অন্তরে" —মেঘনাদ।

স্ত্রী, **অধরা**—বিণ, অধরবিশিষ্টা।
প্র—"কিম্বা বিম্বাধরা রমা অম্বুরাশি তলে!"
—মেঘনাদ।

অধরামৃত [অধর + অমৃত—৬ষ্ঠী তৎ] বি, ক্লী, অধর-সুধা ; অধর-রস। ২। নিষ্ঠীবন ; থুতু।

অধরু [অধৈর্য্য শব্দজ। ব্রজ ; গ্রা, বাং] বিণ, অধীর ; অস্থির। ২। অধরে। প্র—"অধরু আচর ওর। ফুয়ল কবরী মোর" —বিদ্যাপতি

অধর্ম্ম (অধর্মো) [ন = অ + ধর্ম্ম—নঞ্ তৎ] বি, পুং, পাপ ; অন্যায় ; ধর্ম্মবিরুদ্ধ আচরণ। ২। [ন = অ (নাই) ধর্ম্ম যাহার—বহু] বিণ, পুণ্যহীন। ৩। [গ্রা, অধম্ম] বিড়ম্বনা।

অধর্ম্মাচরণ, অধর্ম্মানুষ্ঠান (ন্) [অধর্ম্মের আচরণ, অনুষ্ঠান—৬তৎ] বি, পাপ কার্য্য ; ধর্ম্ম বিরুদ্ধ কর্ম্ম ; অন্যায়।

অধর্ম্মাচারী—বিণ, পাপী। ২। ধর্ম্মবিরুদ্ধ কার্য্য সম্পাদক। অন্যায়কারী।

অধর্ম্মী [অধর্ম্মিন্ শব্দ, অধর্ম্ম + ইন্—অস্ত্যর্থে, (গ্রা, অধর্ম্মে, অধম্মে, অধম্মিয়া দ্রঃ)] বিণ, অধার্ম্মিক ; যে অধর্ম্ম আচরণ করে ; ধর্ম্মচ্যুত ; ধর্ম্মজ্ঞানশূন্য। প্র—"সমরে এবে পশি বিনা-শিব অধর্ম্মী সৌমিত্রি মূঢ়ে, কপট-সমরী ;"
—মেঘনাদ।

অধর্ম্ম্য (অধর্ম্ম) [ন = অ + ধর্ম্ম—(হিতার্থে —য) নঞ্তৎ] বিণ, ধর্ম্ম বিরুদ্ধ।

অধশ্চর (অধশ্চর্) [অধস্ (অধোভাগে) + চর (যে গমন করে) উপপদ] বিণ, অধোগামী। ২। বি, পুং, চোর।

অধশ্চোর, (অধশ্চোর্) [অধস্ + চোর + স্বার্থে —অ] বি, পুং, সিঁধেল চোর।

অধস্ত্বক (অধস্তক্) [অধঃ—ত্বক অধঃ (অধস্থ) ত্বক—কর্ম্মধা] বি, ত্বকের নিম্নস্থিত অনুভবনশীল চর্ম্ম। dermis.

অধস্তন (অধস্তন্) [অধস্ + তন, ভাবে] বিণ, নিম্নস্থিত ; অধস্থিত ; নিম্নগত ; নিম্নে উৎপন্ন।

অধার্ম্মিক (ক্) [অ+ধার্ম্মিক] বিণ. পাপিষ্ঠ ধর্ম্মবিহীন।

অধি (ওধি) [ন=অ+ধা (ধারণ করা ই (কর্ত্তৃ) যে অভিধা সম্বন্ধে অর্থকে ধারণ করে না, কারণ উপসর্গ দ্যোতক কিন্তু বাচক নহে উপসর্গ. অ. উপরি ; প্রাধান্য ; আধিক্য আধিপত্য ; ঐশ্বর্য্য ; অধিকার।
প্রঃ—"কোন জনে করে অধি রবি যতক্ষণ।
প্রকাশে যামিনী যোগে যেমন মদন॥"
—ঘনরাম
২। [ধ দ্রঃ] সীমাবসায়িতা বাচক-অব্যয়।
৩। আধার আধেয় বাচক-অব্যয়।
[তুলঃ—ল্যা-ad ; অন্যান্য য়ুরোপীয় ভাষায় et ; at ; az.]

অধিক (ওধিক্) [অধি (আধিক্য)+ক (কৈ=শব্দ করা+অ) যে শব্দ করে অর্থাৎ যে অতিরিক্ত শব্দ করে বা কথা কহে—উপপদ] বিণ. অনেক ; অতিরিক্ত ; বহুল ; বলবান ; অত্যুত্তম। ২। বি. স্ত্রী. অর্থালঙ্কার বিশেষ ; এই অলঙ্কারে আধার ও আধেয়ের মধ্যে একের উৎকর্ষ বর্ণিত হয়।

অধিকন্তু (ওধিকোনতু) [অধিকং (অধিক)+তু (ও)] অ ; আরও ; বিশেষতঃ ; অপ্রর।

অধিকরণ (ওধিকরোন্) [অধি (উপরি করা)+অধি—কৃ—অনট্ অর্থাৎ যাহার উপরি করা যায়] বি. স্ত্রী ; সামীপ্য, একদেশ-সম্বন্ধ, বিষয়, ব্যাপ্তি এই চতুর্ব্বিধ আধার। ২। পাত্র। ৩। দ্রব্য। ৪। [ব্যাকরণে] কারক বিশেষ ; বাচ্য বিশেষ। ৫। মীমাংসা দর্শনান্তর্গত গ্রন্থ বিশেষ। ৬। বিচারালয় ; আদালত ; [বাঙ্গালায় এই অর্থে ইহা "ধর্ম্ম" শব্দের সহিত যুক্ত হয়। প্র—"ধর্ম্মাধিকরণ।"]
৭। [ভাবে-অনট্] আধিপত্য ; দখল।

অধিকরণিক (ওধিকরনিক্) [অধিকরণ (বিচারালয়)+ইক] বি. পুং. প্রাড়্‌বিবাক্ ; ধর্ম্মাধিকরণে নিযুক্ত বিচারকর্ত্তা।

অধিকাঙ্গ (ওধিকাংগ) [অধিক+অঙ্গ যাহার—বহু] বিণ. অতিরিক্ত অঙ্গ বিশিষ্ট।

অধিকার (ওধিকার্) [অধি—কৃ—ঘঞ্(ভাবে)] বি. পুং. স্বত্ব ; স্বামিত্ব। প্র—পৈতৃক বিষয়ে অধিকার। ২। দখল ; আয়ত্ত। প্র—স্বত্ব অধিকার করা। ৩। শাসন ; আধিপত্য ; রাজত্ব। প্র—এই প্রদেশ রাজার অধিকার ভুক্ত। ৪। সংস্রব ; সম্বন্ধ ; সম্পর্ক। প্র—কাহার সহিত কথা কহিবার অধিকার। ৫। বিজ্ঞতা ; [illegible] ; জ্ঞান ; প্রবেশ। প্র—শাস্ত্রে অধিকার। ৬। ক্ষমতা ; ভার ; দায়িত্ব। প্র—"এক এক বিভাগীয় কার্য্যের অধিকার।"
—রায় বিদ্যাবিনোদ।
৭। স্বীকার। ৮। আরম্ভ। ৯। নিয়োগ। ১০। অনুষ্ঠান। ১১। রাজাদের ছত্রচামরাদি ধারণ। ১২। উপযোগিতা ; নীতি, ধর্ম্ম ও সমাজ সম্মত যোগ্যতা। প্র—"অধিকার-ভেদ নাহি মানে, এধনে সবার অধিকার।"
—গোবিন্দমোহন।
১৩। [কর্ম্মে-ঘঞ্] পদ। ১৪। [ব্যাকরণে] প্রকরণ বিশেষ ; পূর্ব্ব সূত্রস্থ পদের পরসূত্রে উপস্থিতি।

অধিকারী (ওধিকারি) [মূলশব্দ—অধিকারিন্ অধিকার+ইন্, অস্ত্যর্থে] বিণ. যাহার অধিকার আছে ; স্বামী ; দখলিকার। ২। অধ্যক্ষ (যাত্রার দলের)। প্র—"ছড়া কাটাও গো অধিকারী মহাশয়"
—দীনবন্ধু মিত্র (লীলাবতী)
৩। বৈষ্ণব সম্প্রদায়ের অধ্যক্ষ। ৪। জাতি বিশেষের উপাধি।

অধিকৃত (ওধিকৃত) [অধি—কৃ+ত (কর্ম্মে ক্ত)] বিণ. যে বিষয় অধিকার করা হইয়াছে ; অধিগত ; আয়ত্ত ; প্রাপ্ত। ২। বি. পুং. অধিকারী ; অধ্যক্ষ ; যাহার হস্তে কর্ম্মনির্ব্বাহের ভার অর্পিত হয়।

অধিক্ষিপ্ত (ওধিক্‌খিপ্‌ত) [অধি+ক্ষিপ্ (ক্ষেপণ বা নিন্দা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ. নিন্দিত ; ভর্ৎসিত। ২। স্থাপিত। ৩। নিক্ষিপ্ত।

অধিক্ষেপ (ওধিক্‌খেপ্) অধি+ক্ষিপ্ (ক্ষেপণ বা নিন্দা করা)+অ—ভাবে] বি. পুং. নিন্দা ; তিরস্কার। ২। প্রেরণ।

অধিগত (ওধিগত) [অধি+গম (পাওয়া বা জানা)+ক্ত (কর্ম্মে)] বিণ. জ্ঞাত। ২। প্রাপ্ত। ৩। শিক্ষিত। ৪। বিদিত। ৫। স্বীকৃত।

অধিগম (ওধিগম্) [অধি+গম্ (গমন করা বা পাওয়া)+অ] বি. পুং. প্রাপ্তি ; লাভ।
২। স্বীকার। ৩। জ্ঞান। ৪। শিক্ষা।

অধিজ্য (ওধিজ্জ) [অধি+জ্যা (ধনুকের ছিলা) অর্থাৎ যে জ্যা-কে অধিকার করিয়া থাকে] বি. স্ত্রী. জ্যাসংযুক্ত ধনুক ; ছিলা আরোপিত ধনুক।

অধিজিহ্ব (ওধিজ্‌জিভ)[অধি (অধিক)+জিহ্ব] জিহ্বার উপরিস্থিত স্ফোটক বা ফোড়া।

অধিজ্যোতিষ (ওধিজোতিশ) বি. জগতের জ্যোতির্ম্ময় অংশ সমূহ।

অধিত্বক (ওধিত্বক) বি. উপরিস্থ ত্বক ; প্রাণিশরীরের অনঅনুভবনশীল উপরের চামড়া ; epidermis.

অধিত্যকা (ওধিৎতকা) [অধি (উপরি)+ত্যকণ্ (ভবার্থে)+স্ত্রী—আপ্, অর্থাৎ যে উপরে থাকে] বি. স্ত্রী. পর্ব্বতের উপরিস্থ বিস্তৃত ভূমি ; table-land. [ইহার বিপরীত উপত্যকা ; valley.]

অধিদেব পুং. **অধিদেবতা** স্ত্রী. **অধিদৈবত** ক্লী. (ওধিদেব্) [অধি—দেব. দেবতা. দৈবত] বি. অধিষ্ঠাত্রী দেবতা ; অন্তর্যামী পুরুষ ; সূর্য্যমণ্ডলবর্ত্তী দেবতাদিগের অধিপতি।

অধিপ, অধিপতি (ওধিপ. ওধিপোতি) [অধি+প (পতি, যা যে পালন করে)] বি. পুং. স্বামী ; প্রভু ; রাজা ; অধিকারী।

অধিবাস (ওধিবাশ্) [অধি+বাস (বস্=বাস করা+ঘঞ্)] বি. পু. নিবাস। ২। প্রতিবেশী ;
৩। [অধি+বাস (বস্+ণিচ্=বাসি=সংস্কার করা)+ঘঞ্] বি. পুং. গন্ধমাল্য, ধূপ, ধান্য ইত্যাদি দ্বারা পূজা এবং বিবাহের পূর্ব্বে সংস্কার করণ। প্র—"হেমন্ত হরিষে, কন্যা অধিবাসে করিল দুন্দুভি বাজনা"—কবিক।
৪। শুভ কার্য্যাদির পূর্ব্বানুষ্ঠান। প্র—"আজি অধিবাস, কালি পাব ছত্রদণ্ড"—কৃত্তিবাস।

অধিবাসন (ওধিবাশন্) [অধি+বাসন] বি. ক্লী. গন্ধমাল্যাদি দ্বারা সংস্কার ; অবস্থান ; যজ্ঞারম্ভের পূর্ব্বে দেবতা স্থাপন। প্র—"যতেক দ্বিজ মুনি, করায় বেদধ্বনি, গৌরীর গন্ধাধিবাসনে" —কবিকঙ্কণ।

অধিবাসিত (ওধিবাশিত) [অধি+বাস (বস্+ণি) ণিচ্+ক্ত কর্ম্মে] বিণ. গন্ধমাল্যাদিদ্বারা সংস্কৃত ; স্থাপিত।

অধিবাসী (ওধিবাশি) [অধিবাসিন্ শব্দ। অধি+বাসী (যে বাস করে)] বিণ. নিবাসী ; বসবাসী।

অধিবিদ্য (ওধিবিদ্দ) [অধি+বিদ্যা—(অধিগতা) যৎবর্ত্তৃক—বহুব্রীহি] বিণ. অতিশয় বিদ্বান।

অধিবিন্না (ওধিবিন্না) [অধি (পূর্ব্বে)+বিন্ন (বিদ্=লাভ করা+ক্ত, কর্ম্মে অর্থাৎ যাহাকে পূর্ব্বে লাভ করা বা প্রাপ্ত হওয়া গিয়াছে] বি. স্ত্রী. দ্বিতীয় বা বহুবার বিবাহিত ব্যক্তির প্রথমা পত্নী।

অধিবেত্তা (ওধিবেৎতা) [মূল শব্দ—অধিবেত্তৃ, অধি+বিদ্ (লাভ করা)+তৃন্] বি. পুং. প্রথম বিবাহিতা স্ত্রী সত্বে যে পুরুষ পুনরায় বিবাহ করিয়াছে।

অধিবেদন (ওধিবেদন্ [অধি+বিদ্ (লাভ করা)+অন, ভাবে] বি. ক্লী ; প্রথমা স্ত্রী বর্ত্তমান সত্বেও দারান্তর পরিগ্রহ।

অধিভূ (ওধিভু) [অধি+ভূ (হওয়া)+ক্বিপ্] বি. পুং. স্বামী ; রাজা ; প্রভু।

অধিভূত (ওধিভুত) [অধি (উপরি)+ভূত (পঞ্চভূত)] বি. ক্লী. যাহা বিনশ্বর দেহাদি পদার্থভূত সকলকে অধিকার করিয়া থাকে।

অধিমাস, অধিমাংস (ওধিমাষ্, ওধিমাংশো) [অধি (অধিক)+মাস, মাংস] বি. পু. অতিরিক্ত মাংস ; বিস্ফোটক ; মলমাস। প্র—"কোন মনুষ্যের আত্মা নানা প্রকারে আপনাকে পীড়া দিতে পারে, প্রথমতঃ যখন

কাহারও আস্থা বিস্ফোটকের ভাব ধারণ করে—জগতের পৃষ্ঠে একটা অধিমাংস হইয়া অবস্থিতি করে—সেই একপ্রকার পীড়া।"—জ্যোতিঠাকুর (মার্কস অরিলিয়সের আত্মচিন্তা)।

অধিযজ্ঞ (ওধিজোগ্‌গ্য) [অধি (অধিকৃত) + যজ্ঞ] বি, পু, অর্থাৎ যাহা লক্ষ্য করিয়া যজ্ঞ করা হয় ; কৃষ্ণ। প্র—"আমি এই দেহ যজ্ঞের অধিষ্ঠাত্রী দেবতারূপে অবস্থান করিতেছি এই জন্য অধিযজ্ঞ বলিয়া অভিহিত হইয়া থাকি।"—গীতা।

অধিযোগ (ওধিজোগ্) [অধি + যুজ্ + ঘঞ্] বি, পু, জ্যোতিষশাস্ত্রোক্ত শুভযোগ বিশেষ।

অধিরথ (ওধিরথ্) বি, পু, কর্ণের পালকপিতা, অধিরথ সুত বা সারথির কার্য্য করিতেন বলিয়া কর্ণ সুতপুত্র।

অধিরাজ (ওধিরাজ্) [অধি (প্রধান) + রাজ্ (দীপ্তি পাওয়া) + ক্বিপ্ ; অধি + রাজন + অ] বি, পুং, সম্রাট্ ; প্রধান রাজা ; সার্ব্বভৌম।

অধিরোপণ (ওধিরোপন্) [অধি + রোপণ (রুহ) + ণিচ্ = রোপি + অন, ভাবে] বি, ক্লী, আরোহণ করান ; ধনুকে শর সংযোগ।

অধিরোহণ (ওধিরোহন্) [অধি + রুহ (আরোহণ করা) + অনট্—ভাবে] বি, ক্লী, উপরে উঠা।

অধিরোহণী, অধিরোহিণী (ও—নি) [অধি + রুহ্ (আরোহণ করা) + ইন্ + ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, যাহার দ্বারা উপরে উঠা যায় ; সোপান ; সিঁড়ি।

অধিশয়িত (ওধিশোইত) [অধি—শয়িত শী = শয়ন করা + ক্ত (কর্ত্তৃ)] বিণ, অধিষ্ঠিত।

অধিশায়িত (ওধিশাইত) [অধি—শী (ণিজন্ত) = শায়ি + ক্ত (কর্ম্মে)] বিণ, অধিষ্ঠাপিত ; শায়িত।

অধিশ্রয় (ওধিস্‌স্রয়্) [অধি—শ্রি—অ (অধি, অনট্)] বি, কাচাদির দ্বারা যে বিন্দুতে কিরণ একত্রীভূত হয় ; focus.

—নবীনচন্দ্র দত্ত (খগোল বিবরণ)।

[অধিশ্রয়ণ দ্রঃ]

অধিশ্রয়ণ (ওধিস্‌স্রয়ন্) [অধি + শ্রি (পাক করা) + অনট্ (ভাবে)] বি, ক্লী, পাক করণ ; পাকের নিমিত্ত চুল্লীর উপর পাকপাত্র স্থাপন। ২। *কাচ বা স্ফটিকখণ্ডের মধ্য দিয়া সূর্য্যরশ্মি* বিকীর্ণ হইয়া যে বিন্দুতে একত্রীভূত হয় ; focus.

অধিশ্রয়ণী, অধিশ্রয়িণী (ওধিস্‌স্রয়নি ; ওধিস্‌স্রোইনি) [অধি + শ্রি (পাককরা) + অনট্ (অধি) অর্থাৎ যাহাতে অন্নাদি চড়ান যায় + ইন] বি, স্ত্রী, উনন ; চুলী।

অধিশ্রিত (ওধিস্‌সৃত) [অধি + শ্রি (আশ্রয়-করা) + ক্ত (কর্ম্মে)] বিণ, প্রাপ্ত। ২। স্থাপিত। ৩। আশ্রিত।

অধিষ্ঠাতা (ওধিশ্‌ঠাতা) [মূলশব্দ—অধিষ্ঠাতৃ, অধি + স্থা + তৃন্ (কর্ত্তৃ)] বিণ, যে অধিষ্ঠান করে ; অবস্থিত। ২। বি, পুং, অধ্যক্ষ। ৩। শাস্তা। নিয়ন্তা ; স্ত্রী, **অধিষ্ঠাত্রী**—আশ্রয়দাত্রী ; স্থিতিকারিণী।

অধিষ্ঠান (ওধিশ্‌ঠান) [অধি + স্থা + অনট্—ভাবে] বি, ক্লী, উপস্থিতি ; স্থিতি ; উপবেশন ; আবির্ভাব ; সন্নিধান ; অধিকরণ ; উপস্থিত হওন। ২। [(অধি) অনট্] নগর ; আধার। ৩। [(করণে) অনট্] চক্র। ৪। প্রভাব।

অধিষ্ঠিত (ওধিশ্‌ঠিত) [অধি + স্থা (থাকা) + ত (কর্ম্মে ক্ত)-] বিণ, অবস্থিত। ২। যথায় অবস্থিতি করা গিয়াছে। ৩। আবির্ভূত। ৪। রক্ষিত। ৫। বেষ্টিত।

অধীত (ওধিত) [অধি + ই (অধ্যয়ন করা) + ত (কর্ম্মে ক্ত)] বিণ, পঠিত ; যাহা পাঠ করা বা অধ্যয়ন করা হইয়াছে। ২। বি, ক্লী, অধ্যয়ন। [অপ্র]

অধীন (ওধীন) [অধি (অধিগত) + ইন্ (প্রভু অর্থে) —প্রভুর অধিগত বা আয়ত্ত—২য়াতৎ] বিণ, আয়ত্ত ; বশীভূত ; অনুগত ; আশ্রিত ; বাধ্য এই ত্রিলিঙ্গবাচক অধীন শব্দ বাঙ্গলায় পুংলিঙ্গেই সাধারণত ব্যবহৃত হয়। স্ত্রী, **অধীনা**। কিন্তু বাঙ্গলায় **অধীনা, অধিনী, অধীনী** এই তিন শব্দেরই প্রয়োগ আছে।

প্র—"বসাইও ফুলাসনে এদাসীরে তব সনে
তুমি নব জলধর এ তব অধিনী।"

—ব্রজাঙ্গনা।

"অধীনী জনে প্রাণনাথ, নিদয় হয়ে,
ছিলে হে কেমনে।" —নিধুবাবু।

"অধিনী"—মনোমোহন বসু ; কাশীপ্রসাদ ঘোষ ; "অধীনী"—বিষ্ণুরাম চট্টোপাধ্যায় (বাং গান) ; "প্রেমাধিনী"—রাম বসু।

অধীনতা (ওধিনতা) [অধীন + তা—ভাবে] বি, স্ত্রী, অপরের আজ্ঞানুবর্ত্তিতা ; পরের আদেশমত কার্য্য করার ভাব।

অধীয়ান (ওধিআন্) [অধি + ই (গমন করা—অধ্যয়ন করা) + আন (শান—কর্ত্তৃ)] বিণ, বিদ্যার্থী ; ছাত্র। ২। বিদ্বান।

প্র—"*জেন্দাভেস্তার এই আরিয়ানা ভেইজোকে বহু অধীয়ান সুপণ্ডিত ব্যক্তি* মনুর আর্য্যাবর্ত্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছিলেন।"

—মানবের আদি জন্মভূমি।

৩। [অধীয়ৎ—১মা, ১ব ; অধি + অৎ (কর্ত্তৃ—শতৃ)] যে অনায়াসে পাঠ করে। ৪। অবধান কারী।

অধীর (অধীর্) [ন = অ + ধীর = স্থির—নঞতৎ] বিণ, চঞ্চল ; অস্থির ; অসহিষ্ণু ; ধৈর্য্যহীন। ২। কাতর ; ভীত। স্ত্রী, **অধীরা**—নায়িকা-বিশেষ। ২। চঞ্চলা। ৩। বিদ্যুৎ। [দ্রঃ—কবি মধুসূদন, অধীর হইতে '**অধীরিয়া**' এই ক্রিয়া পদ গঠন করিয়াছেন]

অধীরতা (অধিরতা) [অধীর + তা—ভাবে] বি, স্ত্রী, চঞ্চলতা ; অস্থিরতা ; ধৈর্য্যহীনতা।

অধীশ, অধীশ্বর (ওধীশ্, ওধিশ্‌শর্) [অধি (প্রধান) + ঈশ (ঈশ্বর)] বি, পুং, মহারাজ ; প্রধান রাজা ; চক্রবর্ত্তী ; সম্রাট্ ; যে রাজা অপর কাহাকেও কর প্রদান করে না। ২। বিণ, প্রভু ; কর্ত্তা।

অধুনা (ওধুনা) [ইদম্ (এই)—সপ্তম্যন্ত] অ, এক্ষণ ; সম্প্রতি ; বর্ত্তমান সময়ে ; ইদানীং ; আজিকালি।

অধুনাতন (ওধুনাতন্) [অধুনা + তন (ট্যন—ভবার্থে)] বিণ, বর্ত্তমানকালীন ; আধুনিক ; ইদানীন্তন ; যাহা ইদানীং জন্মিয়াছে বা ঘটিয়াছে।

অধৃষ্ট (অধৃশ্‌ট) [অ + ধৃষ (প্রগলভ হওয়া) ত (কর্ত্তৃ ক্ত) নঞতৎ] বিণ, অপ্রগলভ ; বিনীত ; নিরহঙ্কার ; লজ্জাশীল।

অধৃষ্য (অধৃশ্‌শ) [ন = + ধৃষ্ (পরাজয় করা) + য (কর্ম্মে)—নঞতৎ] বিণ, যাহাকে পরাজয় করা যায় না ; অজেয় ; যাহার নিকট যাওয়া যায় না ; দুর্দ্ধর্ষ। বি, **অধৃষ্যতা**।

অধৈর্য্য (অধৈরজ্) [অধীর + য (ভাবে ষ্ণ্য)] বিণ, ব্যাকুল ; ধৈর্য্যহীন ; চঞ্চল ; অস্থির।

অধোংশুক (ক্) [অধস্ (নিম্ন) + অংশুক (বস্ত্র) অধঃস্থিত অংশুক ম, প, লো, কর্ম্মধা] বি, ক্লী, ধুতি প্রভৃতি পরিধেয় বস্ত্র।

অধোক্ষজ [অধোক্ষ (অধ = ইন্দ্রিয়, পাদ) + জ(জন্মা)—৫মী তৎ] শ্রীকৃষ্ণ (অধঃপ্রদেশে কৃষ্ণের ক্ষয় না থাকা হেতু এই নাম)। ২। বিষ্ণু (এক কল্পে মহাদেবের পাদদেশ হইতে উৎপন্ন বলিয়া)। ৩। অতীন্দ্রিয় (জিতেন্দ্রিয়দিগের প্রত্যক্ষীভূত বলিয়া)।

অধোগতি (অধোগোতি) [অধস্ (নীচে) + গতি (গমন)] বি, স্ত্রী, নিম্নগতি ; অবনতি ; হীনদশাপ্রাপ্তি। ২। নরক গতি ; নরকে বাস। ৩। তির্য্যক্ যোনি প্রাপ্তি ; নীচ যোনিতে জন্ম।

[দ্রঃ, ঊর্দ্ধগতি—স্বর্গপ্রাপ্তি ; মধ্যগতি—স্বর্গ ও নরকের মধ্যবর্ত্তী পৃথিবীতে নরলোকে জন্ম]

অধোদৃষ্টি (অধোদৃশ্‌টি) [অধঃ (নিম্নে) + দৃষ্টি (দর্শন)] বিণ, নিম্নদৃষ্টি ; যোগাভ্যাসের সময় নাসিকার অগ্রভাগে নিবদ্ধ দৃষ্টিযুক্ত।

অধোভুবন (অধোভুবন) [(অধস্ = নিম্ন) + ভুবন] বি, ক্লী, পাতাল ; রসাতল। ২। নাগলোক। ৩। অসুররাজ বলির রাজ্য।

অধোমুখ, অধোবদন (অধোমুখ্, বদন্) [অধস্ (নিম্ন) + মুখ, বদন যাহার—বহুব্রীহি ; অথবা অধস্ (অধঃকৃত) + মুখ—বহু] বিণ, নতমুখ ; অধোবদন ; যে লজ্জা বা কোন কারণবশতঃ সঙ্কোচে অধোমুখ হইয়া থাকে।
২। [জ্যোতিষে] মূলা, অশ্লেষা, কৃত্তিকাদি নক্ষত্রগণ বিশেষ।

অধোবায়ু [অধস্ (অধোগামী) + বায়ু —কর্ম্মধা] বি, পুং, গুহ্যদেশস্থবায়ু ; অপানবায়ু।

অধোবিন্দু—নভোমণ্ডলের যে স্থল আমাদের পদতলের ঠিক নিম্নভাগে অবস্থিত। অধঃ-স্বস্তিকের বিপরীত ; nadir.

অধোলোক্ (ক্) [অধস্ (নিম্ন) + লোক (জগৎ) (কর্ম্মধা)] বি, পুং, পাতাল। অধোভুবন দ্রঃ।

অধ্যক্ষ (ওধ্ধোক্কো) [অধি (উপরি) + অক্ষ (ব্যাপা) সম্পন্ন করা + অন্] বি, পুং, কর্ম্ম-কর্ত্তা ; প্রভু ; তত্ত্বাবধায়ক ; কলেজের প্রিন্সিপাল।
২। [অধি + অক্ষ (ইন্দ্রিয়) অর্থাৎ যাহা ইন্দ্রিয়কে অধিকার করিয়া বর্ত্তে] বিণ ইন্দ্রিয়গ্রাহ্য ; প্রত্যক্ষ। [প্র, অ]

অধ্যক্ষতা (ওধ্ধোক্খোতা) [অধ্যক্ষ + তা —ভাবে] বি, স্ত্রী, প্রভুত্ব ; কর্ত্তৃত্ব ; তত্ত্বাবধান।

অধ্যগ্নি (ওধ্ধোগ্গি) [অধি (সমীপে) + অগ্নি—অব্যয়ীভাব] ক্রি, বিণ, অগ্নির নিকট।
২। বি, ক্লী, বিবাহ সময়ে অগ্নি সমক্ষে কন্যাকে প্রদত্ত ধন।

অধ্যবসায় (ওধ্ধবশায়) [অধি + অব + সো (নষ্ট করা, উৎসাহ করা) + ঘঞ্ (ভাবে)] বি, পুং, অবিরাম উৎসাহ ; দৃঢ় প্রযত্ন, অবলম্বিত কার্য্য সম্পাদনে তৎপরতা ; ২। নিশ্চয়। [প্র, অ,] বিণ, অধ্যবসায়ী।

অধ্যয়ন (ওধ্ধয়ন) [অধি + ই (গমন করা— পাঠ করা) + অনট্, ভাবে] বি, ক্লী, অভিনিবেশ-পূর্ব্বক পাঠ ; শাস্ত্রালোচনা। ২। বেদ পাঠ।

অধ্যর্দ্ধ (ওধ্ধর্ধ) [অধি (অধিক) + অর্দ্ধ] বিণ, দেড় ; সার্দ্ধ ; একের অধিক অর্দ্ধ।

অধ্যশন (ওধ্ধশন্) [অধি (অধিক) + অশন (ভোজন)] বি, ক্লী, অতি ভোজন ; ভুক্ত দ্রব্য পরিপাক হইবার পূর্ব্বে পুনরায় ভোজন ; অজীর্ণাবস্থায় ভোজন। [বিরল]

অধ্যবসায়ারূঢ় (ওধ্ধবশায়ারূঢ়) [অধ্যবসায় + আরূঢ়] বিণ, যে কোন কার্য্য সম্পন্ন করিব বলিয়া স্থির-প্রতিজ্ঞ হইয়াছে।

অধ্যবসায়ী (ওধ্ধবশাঈ) [মূলশব্দ—অধ্য-বসায়িন্, অধ্যবসায় + ইন্—অস্ত্যর্থে] বিণ, যে ব্যক্তির অধ্যবসায় আছে ; অধ্যবসায়-শীল ; যে ব্যক্তি আরব্ধ কার্য্য সম্পাদনের জন্য অবিচলিত যত্ন করে।

অধ্যাত্ম (ওধ্ধ্যাৎত) [অধি + আত্মন + অ, অর্থাৎ যাহা আত্মাকে অধিকার করিয়া বর্ত্তে] অ, পরমাত্ম-বিষয়ক ; শরীর সম্পর্কীয় ; চিত্ত-বিষয়ক। ২। পরব্রহ্ম।

অধ্যাত্মতত্ত্ববিৎ (ওধ্ধ্যাৎত—তৎতবিৎ) [অধ্যাত্ম + তত্ত্ব (গূঢ় কারণ) + বিৎ (যে জানে) উপপদ] বিণ, পরমাত্ম-বিষয়ক গূঢ় রহস্যজ্ঞ।

অধ্যাপক (ওধ্ধ্যাপক্) [অধ্যাপি (অধ্যয়ন করান) + অক] বি, পুং, যিনি পড়ান বা অধ্যয়ন করান ; শিক্ষক ; উপদেশক আচার্য্য ; শিক্ষাগুরু ; উপাধ্যায়।

অধ্যাপন—ক্লী, **অধ্যাপনা**—স্ত্রী (অধ্ধ্যা পন্) [অধ্যাপি (পড়ান) + অনট্ (ভাবে + আ (স্ত্রী)] বি, শিক্ষা প্রদান ; অধ্যয়ন করান।

অধ্যাপয়িতা [মূলশব্দ—অধ্যাপয়িতৃ, অধ্যাপি =পড়ান + তৃন্] বি, পুং, অধ্যাপক। **অধ্যাপয়িত্রী**।

অধ্যায় (ওধ্ধ্যায়্) [অধি + (ই = পাঠ করা) + ঘঞ্, —যাহা অধ্যয়ন করা যায়] বি, পুং গ্রন্থের পরিচ্ছেদ, অংশ বা বিভাগ ; সর্গ বর্গ ; স্কন্ধ ; কাণ্ড ; পটল ; প্রকরণ উচ্ছ্বাস ; আহ্নিক ; উল্লাস ; অঙ্ক ; পর্ব্ব পাঠ ; chapter. ২। বেদের অংশ।

অধ্যারূঢ় (ওধ্ধ্যারূঢ়) [অধি + আরূঢ়] বিণ যে আরোহণ করিয়াছে। ২। অত্যন্ত সমধিক। [বিরল]

অধ্যারোপ (ওধ্ধ্যারোপ্) [অধি + আরোপ] বি, পুং, এক বস্তুতে অপর বস্তুর কল্পনা বা সত্তার আরোপ ; একে অন্যের কল্পনা।

অধ্যারোপণ (ওধ্ধ্যারোপন্) [অধি + আরোপণ] বি, ক্লী, স্থাপন ; আরোপ-করণ।

অধ্যাবাহনিক (ওধ্ধ্যাবাহোনিক্) [অধি + আবাহন + ইক (ষ্ণিক)] বি, ক্লী, পতিগৃহে গমন কালে পিতৃগৃহ হইতে প্রাপ্ত ধন।

অধ্যাস (ওধ্ধ্যাশ্) [অধি + অস্ (ক্ষেপণ করা) + অ (ঘঞ্)] বি, পুং, এক বস্তুতে অন্য বস্তুর আরোপ বা জ্ঞান (যথা—রজ্জুতে সর্পজ্ঞান)। ২। [অধি + আস্ (উপ-বেশন করা) + ঘঞ্—ভাবে] অধিষ্ঠান ; উপ-বেশন ; আসন ; আধিপত্য।

অধ্যাসীন (ওধ্ধ্যাশিন্) [অধি + আস্ + শান ; আন = ঈন] বিণ, অধিষ্ঠিত ; উপবিষ্ট ; যে বসিয়া আছে।

অধ্যাহরণ (ওধ্ধ্যাহরন্) [অধি + আ + হৃ (হরণ করা, উহ্য করা) অন (ট্)] বি, ক্লী, অধ্যাহার দ্রঃ।

অধ্যাহার (ওধ্ধ্যাহার্) [অধি + আ + হৃ (হরণ করা, উহ্য করা) + ঘঞ্ (ভাবে)] বি, পুং, উহ্য করণ ; উদ্ধার ; সমাহার। •প্র— "একথার সমর্থন জন্য আমরা...একটি শ্লোকের অধ্যাহার করিব।" —উমেশ বিদ্যারত্ন।
২। পাদ পূরণ। বিণ, **অধ্যাহৃত**।

অধ্যাহার্য্য (ওধ্ধ্যাহার্জ) [অধি + আহার্য্য] বিণ, অনুসন্ধেয় ; উহ্য।

অধ্যুষিত (ওধ্ধুশিত) [অধি + উষিত (বস্= বাস করা) + ত (অধি—ক্ত)] বিণ, যে স্থান বা দিকে বাস বা উপবেশন করা যায়। ২। [কর্তৃ, ক্ত] উপনিবিষ্ট ; অধিষ্ঠিত। প্র— "আমাদিগের অধ্যুষিত এই জনপদের নাম হৈমবত বর্ষ বা ভারতবর্ষ।"—মানবের আদি জন্মভূমি। ৩। [কর্ম্মে ক্ত] যাহাকে উপবেশন করান হইয়াছে।

অধ্যুষ্ট [অধি + বস্ (বাস করা) + ত (কর্তৃ, ক্ত)] বিণ, প্রসিদ্ধ। ২। [কর্ম্মে ক্ত] যাহাকে বাস করান হইয়াছে।
৩। [অধি, ক্ত] যেখানে বাস করা হয়।

অধ্যুষ্ট্র (ওধ্ধুশট্র) [অধি + উষ্ট্র] বি, পুং, উষ্ট্র যুক্ত রথ বা যানাদি।

অধ্যূঢ় (ওধ্ধুঢ়) [অধি + ঊঢ় (যাহা বহন করা যায়, বহ + ক্ত)] বিণ, সমৃদ্ধ ; বৃদ্ধিশীল।

অধ্যূঢ়া (ওধ্ধুঢ়া) [অধি (অগ্রে) + ঊঢ়া (বিবাহিতা) অর্থাৎ যে অগ্রে বিবাহিতা] বি, স্ত্রী, যে স্ত্রীর স্বামী পুনরায় বিবাহ করে।

অধ্যেতা (ওধ্ধেতা) [অধ্যেতৃ শব্দ, অধি + ই (অধ্যয়ন করা) + তৃন্ ১মা ১বচন] বি, পু, যে অধ্যয়ন করে ; ছাত্র ; পাঠক ; বিদ্যার্থী ; শিষ্য।

অধ্যেষণ (ওধ্ধেশন্) [অধি + ইষ্ (ইচ্ছা করা) + অনট্] বি, ক্লী, প্রার্থনা ; সবিনয় জিজ্ঞাসা। স্ত্রী, **অধ্যেষণা**।

অধ্রুব (অধ্ধ্রুব) [অ + ধ্রুব (স্থির)] বিণ, চঞ্চল ; অস্থির ; অনিত্য ; ২। অনিশ্চিত।

অধ্ব (অধ্ধ) [অধ্বন্ শব্দ, অৎ (সতত গমন করা) + বন্ (অধি) দ = ধ, অর্থাৎ যাহাতে সতত যাতায়াত করা যায়] বি, পুং, পথ ; সময় ; পরাভব ; উপায়। ২। অবয়ব। ৩। আক্রমণ। ৪। বেদের শাখা বিশেষ।

অধ্বগামী (অধ্ধগামি) [মূলশব্দ—অধ্বগামিন্ —অধ্বন (পথ) + গামী (যে গমন করে)] বিণ, পথিক ; পথগামী।

অধ্বর (র্) [অধ্বন্ (পথ) + রা (দান করা) + অ, ড কর্তৃ অর্থাৎ যে স্বর্গ পথ দান করে, উপপদ] বি, পুং, যজ্ঞ। প্র—"জয়, বিষাক্ত কণ্টক, কৃতান্ত বঞ্চক, ত্রিশূলধারক, নতাধ্বর।" —অন্নদামঙ্গল।
২। [অ + ধ্বৃ = কুটিল হওয়া + অ] বি, অষ্ট-বসুর অন্যতম। ৩। বিণ, সাবধান ; মনযোগী।

অধ্বরথ (অধ্ধরথ্) [অধ্বন (পথ) + রথ, অর্থাৎ যাহার পথই রথ—বহুব্রীহি] বি, পুং, পথাভিজ্ঞ দূত ; পথ গমনোপযুক্ত রথ।

অধ্বর্য্যু (ওধ্বর্জ্জু) [অধ্বর + ব—(অ-লোপ) ; ব=উ। অথবা—অধ্বর + যু (যু=যোগ করা + ক্বিপ্) যিনি অধ্বর যোগ করেন, উপপদ] বি, পুং, যজুর্ব্বেদজ্ঞ ঋত্বিক্ ব্রাহ্মণ।

অন্ [স্বরবর্ণের পূর্ব্ববর্ত্তী উপসর্গ অ, তুল :— un, on ; কেল্ট—an, ল্যা— in] উপসর্গ, না। যথা—অনন্ত। অ দ্রঃ।

অনংশ [ন (নাই) অংশ (ভাগ) যাহার, বহু, নএর অক্ষর বিপর্য্যয় অন্ + অংশ = গ্রহণের উপযোগী অধিকার] বিণ, অনধিকারী ; ভাগের অনুপযুক্ত। স্ত্রী, **অনংশা** বি, নন্দ ও যশোদার কন্যা। ২। বিণ, অনধিকারিণী। ৩। বি, অংশনয় ; বিণ, **অনংশিত**।

অনক্ষ [অন + অক্ষ। ন (নাই) অক্ষ (ইন্দ্রিয় বা চক্র) যাহার, বহু] বিণ, অন্ধ। ২। ইন্দ্রিয়-রহিত। ৩। চক্রশূন্য।

অনক্ষর (র্) [অন্ (কুৎসিত) + অক্ষর (বর্ণ) অর্থাৎ যাহাতে কুৎসিত বা অশ্লীল বর্ণ আছে —বহু] বি, ক্লী, নিন্দা ; অবক্তব্য বা নিন্দনীয় কুৎসিত কথোপকথন।

২। [ন=(নাই) অক্ষর (বর্ণ) যাহার, বহু] বিণ, বর্ণজ্ঞানহীন মূর্খ ; illiterate.

৩। লুপ্ত অক্ষর ; undeciphered.

প্র—"আঁধারিল যুবকের মানস নয়ন।
হ'ল কাব্য অনক্ষর।"—নবীনচন্দ্র (রঙ্গমতী)।

অনগ্নি [অন্ + অগ্নি, ন (নাই) অগ্নি যাহার বহু] বিণ, অগ্নিশূন্য। ২। দাহকার্য্য রহিত।

অনঘ [ন=অন্ (নাই) + অঘ (পাপ), যাহাতে পাপ নাই—বহুব্রীহি] বিণ, পবিত্র ; নিষ্পাপ ; নির্ম্মল।

২। মনোজ্ঞ। ৩। দুঃখ রহিত।

অনঙ্গ (অনংগ) [ন=অন্ (নাই) + অঙ্গ (দেহ) যাহার—বহু] বি, পুং, কন্দর্প ; মদন ; কামদেব। হরকোপানলে দগ্ধ হওয়ায় কন্দর্প অনঙ্গ হন।

প্র—"যাহারে বলেন কাম পণ্ডিত নিকর,
সেই সে কন্দর্প পূর্ব্বে ছিলা দেহধর,
* * * * *
শিবের সে দৃষ্টিপাতে মদনের অঙ্গ
দগ্ধ হইবাতে নাম হইল অনঙ্গ।"
—রামায়ণ, রাজ, বালকাণ্ড ২৩সর্গ।

২। [অবয়ব রাহিত্য হেতু] আকাশ ; শূন্য। [অভ্র]

৩। [ন্যায়দর্শনে—চিত্তের সূক্ষ্মাদপি সূক্ষ্ম অণুত্ব হেতু অনঙ্গ] চিত্ত।

৪। শরীরস্থ ছয় রিপুর প্রথম ও প্রধান রিপু কাম ; মনের যে ধর্ম্ম হেতু স্ত্রী পুরুষের মধ্যে আসঙ্গলিপ্সা জন্মে।

প্র—"হে বীর ! আমি অনঙ্গের বশতাপন্ন হইয়াছি, তোমার গুণসমূহে আমার চিত্ত আকৃষ্ট হইয়াছে।" —মহা, বন (বর্দ্ধমান)।

৫। বিণ, অঙ্গহীন।

অনচ্ছ [ন অচ্ছ=অনচ্ছ, নঞ তৎ] বিণ, যাহার মধ্য দিয়া আলোকও ভেদ করিতে পারে না এবং এপার হইতে ওপার দেখাও যায় না। অস্বচ্ছ ; opaque. যেমন :—কাঠ, পাথর ইত্যাদি।

২। আবিল ; ঘোলা ; সমল।

অনঞ্জন (ন্) [অন্ + অনজ (গমন করা) অর্থাৎ ব্রক্ষিত করা + অনট্] বিণ, অঞ্জন বা কজ্জলশূন্য ; দোষহীন।

২। বি, ক্লী, পরব্রহ্ম ; আকাশ। [নিরঞ্জন দ্রঃ]

অনটন (ন্) [-ন=অন + অটন (চলন)] বি, ক্লী, অপ্রতুল ; অভাব ; টানাটানি। গ্রা, ব্যবহারে "অনাটন"।

অনডান্ [অনডুহ (অনস্=শকট + বহ্ = বহন করা + ক্বিপ্ অর্থাৎ যে শকট বহন করে) উপপদ] বি, পুং, বলদ ; বৃষ। স্ত্রী, **অনডুহী, অনড্বাহী**—গাভী।

অনড় (ড়) বিণ, যাহা নড়ে না ; যাহাকে নড়ানো যায় না ; অচল ; স্থির।

প্র—"পড়ে আছি এক আলস্যের স্তূপ,—
কঠিন অনড় ভূধর" —দ্বিজেন্দ্রলাল (মন্দ্র)।

২। অপরিবর্ত্তনশীল ; অটল। প্র—তাহার কথার নড়চড় হইবার যো নাই ; সে যাহা একবার বলে তাহা অনড় মনে ক'রো।

অনতহি [সং অন্যত্র শব্দের প্রাকৃত রূপ অনত + হি (হিন্দী ৭মী বিভক্তি)] অ, অন্যত্র ; অন্যস্থানে ; অন্যদিকে।

প্র—"অনতহি গমনে এতহি নিহার।"
—বিদ্যাপতি।

অনতিক্রম, অনতিক্রমণ (ম্, ন্) [ন= অন্ + অতিক্রম বা ক্রমণ] বি, পুং, অতিক্রম বা লঙ্ঘন না করা ; অনুল্লঙ্ঘন।

অনতিক্রমণীয় [ন=অন্ + অতিক্রম + অনীয় (কর্ম্মে)] বিণ, যাহা অতিক্রম করা উচিত নহে বা করা যায় না ; অনুল্লঙ্ঘনীয়।

অনতিদীর্ঘ [ন = অন + অতি + দীর্ঘ—নঞ তৎ] বিণ, যাহা অতিদীর্ঘ নয় ; যেরূপ দীর্ঘ হওয়া আবশ্যক ; কিঞ্চিৎ দীর্ঘ ; নাতিদীর্ঘ।

অনতিদূর (র্) [ন=অন + অতি + দূর—নঞ তৎ] বিণ, অতিশয় দূর নহে ; কিয়দ্দূর, বা কতকটা দূর ; নাতিদূর।

অনতিপরিস্ফুট [ন=অন + অতি + পরিস্ফুট] বিণ, যাহা অতি পরিস্ফুট বা স্পষ্ট নয় ; পরিস্ফুট।

অনতিযত্ন [ন=অ + অতি + যত্ন, নঞতৎ] ক্রি-বিণ ; সামান্য যত্নে ; সমধিক যত্ন ব্যতীত।

অনতিবর্ত্তন (ন্) [ন=অ + অতিবর্ত্তন—নঞ তৎ] বি, ক্লী, লঙ্ঘন বা অতিক্রম না করা ; অনুল্লঙ্ঘন।

অনতিবর্ত্তনীয় [ন=অন্ + অতিবর্ত্তনীয়—নঞ তৎ] বিণ, অনুল্লঙ্ঘনীয় ; অনতিক্রমণীয়।

অনতিবিলম্ব [ন=অন্ + অতি + বিলম্ব—নঞ তৎ] বিণ, অধিক বিলম্ব নয়।

অনতিবিস্তৃত [ন=অন্ + অতি + বিস্তৃত— নঞতৎ] বিণ, অত্যন্ত বিস্তৃত নয়।

অনধিক (ক্) [ন=অন্ + অধিক, নঞ তৎ] বিণ, অল্প ; কিঞ্চিৎ ; ঈষৎ।

অনধিকার (র্) [ন=অন্ + অধিকার, নঞতৎ] বি, পু, অধিকার বা স্বত্বের অভাব ; অনায়ত্ত ; অদখল ; বশের অভাব।

অনধিকারচর্চ্চা [ন=অন + অধিকার + চর্চ্চা (অনুশীলন)৬তৎ] বি, স্ত্রী, যাহার যে বিষয়ে অধিকার নাই তাহার সেই বিষয়ের আলোচনা বা চিন্তা ; যে বিষয়ের অভিজ্ঞতা নাই তাহাতে হস্তক্ষেপ।

অনধিকারী [অনধিকারিন শব্দ ; ন=অন্ + অধিকারিন্, নঞতৎ] বিণ, অধিকারশূন্য ; যাহার অধিকার নাই। ২। সম্পর্ক রহিত। [অধিকার দ্রঃ]

অনধিকৃত [ন=অন্ + অধিকৃত, নঞতৎ] বিণ, যে বিষয় অধিকার করা যায় নাই ; যাহা অধিকৃত নয়। ২। অসম্পর্কিত। ৩। অনধিগত ; অপ্রাপ্ত ; অনায়ত্ত।

অনধিগত [ন=অন + অধিগত=প্রাপ্ত, নঞ তৎ] বিণ, অপ্রাপ্ত ; অজ্ঞাত ; অপঠিত।

অনধ্যায় [ন=অন্ + অধ্যায় (অধ্যয়ন) নঞতৎ] বি, পু, অধ্যয়নাভাব ; যে দিবস বা তিথিতে শাস্ত্রাদি অধ্যয়ন নিষিদ্ধ (তিথি বার বা প্রকৃতির অবস্থানুসারে দিনবিশেষে টোলের ছাত্রগণ অধ্যয়নাদি বন্ধ রাখে), যে কালে উৎসবাদি উপলক্ষে বিদ্যালয়ের অধ্যাপনা স্থগিত থাকে।

অননুকরণীয় [ন=অন্ + অনুকরণীয়, নঞ-তৎ] বিণ, যাহা অনুকরণ করিতে পারা যায় না ; যাহা অনুকরণের অসাধ্য।

২। যাহা অনুকরণের উপযুক্ত বা যোগ্য নহে।

অননুজ্ঞাত [ন=অন্ + অনুজ্ঞাত—নঞ তৎ] বিণ, অননুমত ; যে বিষয়ে অনুজ্ঞা বা সম্মতিদান করা হয় নাই ; অনাদিষ্ট।

অননুভূত [ন=অন্ + অনুভূত, নঞতৎ] বিণ, যাহা অনুভব করা হয় নাই ; যে বিষয়ে অনুভূতি নাই।

অননুভূতপূর্ব্ব [ন=অন্ + অনু + ভূত + পূর্ব্ব, নঞতৎ] বিণ, পূর্ব্বে যাহা অনুভূত হয় নাই ; কখনও যাহা অনুভব করা হয় নাই।

অননুমত [ন=অন + অনুমত, নঞতৎ] বিণ, যে বিষয়ে অনুমতি দেওয়া হয় নাই ; যাহা অনুমতি সঙ্গত নহে ; অননুজ্ঞাত।

অননুমোদিত [ন=অন্ + অনুমোদিত, নঞ-তৎ] বিণ, যাহা অনুমোদিত নয় ; যে বিষয়ে

মত দেওয়া বা অনুমোদন করা হয় নাই ; অননুজ্ঞাত ; অননুমত।

অননুশীলন [ন=অন+অনুশীলন, নঞ্‌তৎ] বি, স্ত্রী, চর্চ্চার অভাব ; অনুশীলনে অনভ্যাস।

অননুশীলিত [ন=অন্+অনুশীলিত, নঞ্‌তৎ] বিণ, যে বিষয়ের বা যাহার অনুশীলন করা হয় নাই ; অচর্চ্চিত।

অননুষ্ঠিত [ন=অন্+অনুষ্ঠিত, নঞ্‌তৎ] বিণ, যাহার অনুষ্ঠান করা হয় নাই ; অসম্পাদিত।

অনন্ত [ন=অন্+অন্ত (শেষ) অর্থাৎ যাহার বিনাশ নাই—বহু] বি, পুং, বিষ্ণু। ২। সর্পরাজ ; শেষনাগ। ৩। বলদেব। ৪। সিন্ধুবার বৃক্ষ। ৫। ক্লী, ব্রহ্ম। ৬। আকাশ। ●৭। [সর্পাকৃতি বলিয়া] বাহুর অনন্ত ; অলঙ্কার ; তাগা। ৮। বিণ, অন্তহীন। ৯। অনশ্বর ; অক্ষয়। প্র—"সঙ্গে বরাঙ্গ শচী অনন্তযৌবনা।" —মেঘনাদ। "অনন্তপথে গতি"—হেমচন্দ্র। স্ত্রী, অনন্তা।

অনন্তচতুর্দ্দশী (অনোন্‌তচোতুর্‌দোশি) [অনন্ত (বিষ্ণু)+চতুর্দ্দশী] বি, স্ত্রী, ভাদ্র শুক্লা চতুর্দ্দশী (এই তিথিতে 'অনন্তব্রত' অনুষ্ঠিত হইয়া থাকে)।

অনন্তর (র্‌) [ন=অন্+অন্তর=ব্যবধান, নঞ্‌-তৎ] বি, ক্লী, সমীপ ; অব্যবধান। ২। [যাহার ব্যবধান নাই—বহু] বিণ, নিকটবর্ত্তী ; সন্নিহিত ; অব্যবহিত। ৩। পরবর্ত্তী ; পশ্চাৎবর্ত্তী। প্র—"অনন্তর বংশ"। ৪। অ, তাহার পর ; অতঃপর ; পশ্চাৎ। প্র—"রাম কিয়ৎক্ষণ স্তব্ধ হইয়া রহিলেন, অনন্তর দীর্ঘনিশ্বাস সহকারে হায়! কি হইল বলিয়া নিরতিশয় কাতর বাক্যে কহিতে লাগিলেন," —বিদ্যাসাগর (সী, ব)।

অনন্তরজ [অনন্তর+জ (জন=জন্মান)+অ (কর্ত্তৃ ড)—যে পরে জন্মে] বিণ, অনুজ ; পশ্চাৎজাত। ২। অনুলোমজাত পুত্র ; পুরুষ অপেক্ষা নিম্নজাতীয়া স্ত্রীর গর্ভজাত পুত্র।

অনন্তরাশি [কর্ম্মধা] বি, পুং, অঙ্কশাস্ত্রে যে রাশির সীমা নির্দ্ধারণ করা যায় না।

অনন্তরূপ (প্‌) [অনন্ত—রূপ, কর্ম্মধা অথবা অনন্ত রূপ যাহার—বহু] বিণ, নানা রূপ। স্ত্রী, **অনন্তরূপ, অনন্তরূপা, অনন্তরূপী, অনন্তরূপিণী**—বহু মূর্ত্তিধারিণী। প্র—"ভূতলে ভকত ধন্য, যাহার ভজন জন্য একমূর্ত্তি অনন্তরূপিণী।" —শিবায়ন।

[illegible]বিজয় (য়্‌) [অনন্তের (নাগরাজের)+[illegible] (পরাজয়) যৎকর্ত্তৃক (যাহার শব্দে) বহু] [illegible] পুং, রাজা যুধিষ্ঠির কর্ত্তৃক ব্যবহৃত শঙ্খ।

[illegible]ত (অনোন্‌তব্রোতো) [অনন্ত+ব্রত— [illegible]] বি, ক্লী, ভাদ্র শুক্লা চতুর্দ্দশীতে আচরিত [অনন্ত শীর্ষন্ শব্দ ; অনন্ত (অসংখ্য)+শীর্ষন্ (মস্তক) যাহার—বহু] বি, পুং, বাসুকি। ২। বিণ, অসংখ্য মস্তক। ৩। স্ত্রী—বাসুকি পত্নী।

অনন্তা [অনন্ত দ্রঃ] বি, স্ত্রী, যাহার অন্ত নাই ; অব্যয়া ; দুর্গা। প্র—"অনাদ্যা অনন্তা অম্বা অম্বিকা অজয়া।" —অন্নদামঙ্গল। ২। পৃথিবী। ৩। দূর্ব্বা। ৪। আমলকী। ৫। হরীতকী। ৬। অনন্তমূল।

অনন্য (অনোননো) [ন+অন্য] বিণ, অভিন্ন ; একমাত্র ; অদ্বিতীয়।

অনন্যকর্ম্মা (অনোননো করমা) [মূলশব্দ-অনন্যকর্ম্মন—ন=অন্ (নাই) অন্য+কর্ম্মন যাহার—বহু] বিণ, যাহার অন্য কোন কর্ম্ম নাই ; যে ব্যক্তি কোন নির্দ্দিষ্ট কার্য্য নির্ব্বাহের জন্য অপর সমুদয় কার্য্য পরিত্যাগ করে।

অনন্যগতি (অনোননো গোতি) [ন=অন (নাই)+অন্য+গতি যাহার—বহু] বিণ, গত্যন্তরহীন ; যাহার অন্য গতি নাই। ২। নিরুপায়। ৩। নিরাশ্রয় ; অনন্যশরণ।

অনন্যগতিক (অনোন্‌নোগোতিক্‌) [(অনন্য-গতি দ্রঃ) ন+অন্যগতি+ক—স্বার্থে] বিণ, গত্যন্তরহীন ; একাশ্রয়।

অনন্যজ (অনোন্‌নজো) [ন=অন্ (নাই)+অন্য (হইতে)+জ (জন)+ড(কর্ত্তৃ)জন্ম যাহার—বহু] বি, পুং, মনসিজ ; যিনি একমাত্র মনেই জন্মিয়াছেন। ২। [অনন্য=বিষ্ণু+জ—৫মী তৎ] মদন ; কন্দর্প।

অনন্যতন্ত্র [ন=অ+অন্য+তন্ত্র] বিণ, মৌলিক। বি, **অনন্যতন্ত্রতা, অনন্যতন্ত্রত্ব**—মৌলিকতা ; নিজত্ব ; originality. প্র—"অনেকে বিদ্যাসাগরের অনন্যতন্ত্র প্রতিভা ছিল না বলিয়া আভাস দিয়া থাকেন ; তাঁহারা জানেন, অনন্যতন্ত্রত্ব কেবল সাহিত্যে এবং শিল্পে, বিজ্ঞানে এবং দর্শনেই প্রকাশ পাইয়া থাকে।" —চারিত্র পূজা।

অনন্যদৃষ্টি [ন=অন (নাই)+অন্য+দৃষ্টি যাহার—বহু] বিণ, যাহার অন্য কোন বিষয়ে দৃষ্টি নাই।

অনন্যধর্ম্মা [মূলশব্দ অনন্যধর্ম্মন্‌, ন=অন (নাই)+অন্য+ধর্ম্ম যাহার—বহু] বিণ, যাহার একভিন্ন ধর্ম্ম নাই ; যে একমাত্র ধর্ম্মকে অবলম্বন করে।

অনন্যমন (অনোন্‌নোমোন্‌) [অনন্যমনস্‌ শব্দ] বি, একাগ্রচিত্ত ; একমন। বিণ, অনন্যমন ; অনন্যমনা। ক্রি, বিণ, **অনন্যমনে**।

অনন্যমনা [মূলশব্দ—অনন্যমনস্‌, ন=অন্ (নাই)+অন্য+মনস্‌ যাহার—বহু] বিণ, যাহার অন্য কোন দিকে মন নাই।

অনন্যবৃত্তি [ন=অন (নাই)+অন্য+বৃত্তি (প্রবৃত্তি বা স্থিতি) যাহার—বহু] বিণ, একাগ্র ; একাগ্র চিত্ত। ২। একমাত্র বৃত্তি ; অনন্যকর্ম্ম।

অনন্যসাধারণ (অনোন্‌নো শাধারোন্‌) [ন=অন্+অন্য+সাধারণ (তুল্য) ৬ তৎ, অন্যের সাধারণ নয়—নঞ্‌ তৎ] বিণ, যাহা সাধারণ বা সুলভ নহে ; যাহাতে অপরের অংশ বা অধিকার নাই। ২। অসাধারণ ; বিশেষ।

অনন্বয় (অনোন্ নয়্‌) [অন্+অন্বয়] বি, পুং, অর্থালঙ্কার বিশেষ ; ইহাতে উপমান ও উপমেয় উভয়ের ধর্ম্ম একই বস্তুতে আরোপিত হয়। ২। [নাই অন্বয় যাহার বা যাহাতে, বহু] বিণ, অন্বয় হীন।

অনন্বিত (অনোন্‌নিতো)[ন=অন্+অন্বিত, নঞ্‌ তৎ] বিণ, অসংলগ্ন ; পূর্ব্বাপর সংলগ্ন হীন ; অসম্বদ্ধ ; বিরহিত।

অনপত্যতা (অনোপোৎতোতা) [ন=অন্ +অপত্য+তা—ভাবে নাই অপত্য যাহার সে অনপত্য বহু, অনপত্যের ধর্ম্ম অনপত্যতা—নঞ্‌তৎ] বি, স্ত্রী, সন্তানাভাব।

অনপত্রপ (অনপৎত্রপ্‌) [ন=অ (নহে) অপত্রপ (নির্লজ্জ) যে—বহু] বিণ, সলজ্জ ; লজ্জাশীল। স্ত্রী, **অনপত্রপা**।

অনপরাধ (ধ্‌) [ন=অন্ (নাই) অপরাধ যাহার—বহু] বিণ, পুং, যাহার অপরাধ নাই ; ২। নির্দ্দোষ। ৩। বি, অপরাধের অভাব ; নির্দ্দোষতা।

অনপরাধী [মূলশব্দ—অনপরাধিন্‌, অন্+অপরাধ+ইন—অস্ত্যর্থে, অপরাধী (দোষী) নঞ্‌ তৎ] বিণ, নির্দ্দোষ ; নিরপরাধ। স্ত্রী, **অনপরাধিনী**।

অনপায়ী [অনপায়িন্ শব্দ, অন্+অপায়িন (বিনাশী) অপায় (বিনাশ)+ইন্—অস্ত্যর্থে =অপায়ী ন অপায়ী—নঞ্‌ তৎ] বিণ, অবিনাশী ; নিশ্চল।

অনপেক্ষ [ন=অন্ (নাই) অপেক্ষা যাহার—বহু] বিণ, নিরপেক্ষ ; যে কাহারও মুখাপেক্ষী নহে।

অনপেক্ষকারী [অনপেক্ষকারিন্ শব্দ—অন+অপেক্ষা+কারী] বিণ, অপেক্ষাকারী নহে ; যে কাহারও ভরসায় থাকে না নিজেই সকল কার্য্য নির্ব্বাহ করে।

অনপেক্ষতা [অনপেক্ষ+তা—ভাবে] বি, স্ত্রী, কাহারও মুখাপেক্ষা না করা ; অন্যের অপেক্ষায় না থাকা।

অনপেক্ষিত [অন্+অপেক্ষিত, নঞ্ তৎ] বিণ, অসম্ভাবিত ; যাহা ঘটিবে বলিয়া আশা করা যায় নাই ; অপ্রত্যাশিত।

অনবকাশ (শ্‌) [ন=অন্+অবকাশ, নঞ্‌তৎ] বি, পুং, অবকাশের অভাব ; অনবসর। বিণ, যাহার অবসর নাই ; অবকাশ শূন্য।

অনবগত [অন+অবগত, নঞ্‌ তৎ] বিণ,

অবিদিত ; অজ্ঞাত। প্র—"এজন্য সকলের সকল ভাব সকলে অনবগত।" —টেকচাঁদ।

অনবগীত [ন=অন+অবগীত (নিন্দিত) নঞ তৎ] বিণ, দোষ শূন্য ; অনিন্দিত।

অনবগুণ্ঠিতা [ন=অ=অন্—অবগুণ্ঠিতা] বিণ, স্ত্রী, অনাবৃতমুখী ; ঘোমটাখোলা ; অনাবৃতা। প্র—"উষার উদয় সম অনবগুণ্ঠিতা তুমি অকুণ্ঠিতা।" —রবীন্দ্র।

অনবদ্য (অনবোদ্দো) [ন=অন্+অবদ্য (অ+বদ্+য—নিন্দার্থে) নঞ তৎ] বিণ, অনিন্দনীয় ; নির্দ্দোষ ; হৃদয়গ্রাহী।

অনবধান (ন্) [ন=অন্+অবধান (মনোযোগ) নঞ তৎ] বি, ক্লী, অমনোযোগ ; অযত্ন ; উপেক্ষা। ২। [যাহার অবধান বা মনোযোগ নাই—বহু] বিণ, যত্নহীন ; অমনোযোগী।

অনবধানতা [অনবধান+তা—ভাবে] বি, স্ত্রী, অমনোযোগিতা ; উপেক্ষা ; প্রণিধানাভাব।

অনবমাননীয় [ন=অন+অব (বিপরীত) +মান্ (পূজা করা)+অনীয়, কর্ম্মে—নঞ তৎ] বিণ, যে অবজ্ঞার পাত্র নহে ; পূজনীয় ; অনবজ্ঞেয়।

অনবরত [ন=অন্+অবরত (অব+রম্ =ক্রীড়া করা, বিশ্রাম করা+ত, ভাবে) অর্থাৎ যাহাতে বিশ্রাম নাই, বহু] বিণ, সর্ব্বদা ; নিরন্তর। ২। ক্রি, বিণ, অবিশ্রামে ; অবাধে ; অজস্র ; সতত।
প্র—"তৎকালে আমার নয়নযুগল হইতে অনবরত অশ্রুধারা নির্গত হইতেছিল ;" —বিদ্যাসাগর (সী, ব)।

অনবলম্ব, অনবলম্বন (ন) পু, ক্লী, [ন=অন্+নাই অবলম্বন (আশ্রয়) যাহার—বহু] বি, অবলম্বনহীন ; গতিহীন ; নিরাশ্রয় ; অশরণ। স্ত্রী, **অনবলম্বা,—লম্বনা।**

অনবলোভন (ন্) [অন+অব+লুভ্ (লাভাকাঙ্ক্ষী হওয়া)+অন—ভাবে] বি, ক্লী, গর্ভারম্ভের চতুর্থ মাসে কর্ত্তব্য সংস্কার বিশেষ।

অনবসর (অনবশর্) [ন=অন+অবসর, নঞ তৎ] বি, পুং, অবসরাভাব ; অনবকাশ। ২। অসময় ; সুযোগাভাব।

অনবস্থা (অনবস্থা) [ন=অন্+অবস্থা (স্থিরতা) নঞ তৎ] বি, স্ত্রী, অবস্থাভাব ; স্থিরতা বা নিয়মের অভাব। ২। অবিশ্রান্তি। ৩। উপপাদ্য ও উপপাদকের অবিশ্রান্তি হেতু তর্ক দোষ বিশেষ।

অনবস্থিত (অনবস্থিতো) [ন=অন (নাই)+অবস্থিত (স্থির) যাহার—বহু] বিণ, চঞ্চল, অস্থির ; অব্যবস্থিত।

অনবস্থিত-চিত্ত [অনবস্থিত+(চঞ্চল) চিত্ত যাহার—বহু] বিণ, যাহার চিত্তের স্থিরতা নাই ; অস্থির বা চঞ্চলচিত্ত ; অব্যবস্থিত চিত্ত ; যাহার প্রতিক্ষণে মত পরিবর্ত্তিত হয়।

অনবহিত (অনবোহিতো) [ন=অন+অবহিত, নঞ তৎ] বিণ, অমনোযোগী ; যত্নহীন।

অনভিজাত [ন=অন (না)+অভিজাত (কুলীন) নঞ তৎ] বিণ, অকুলীন ; নীচবংশোদ্ভব ; যে ব্যক্তি উচ্চকুল বা ভদ্রবংশজাত নহে ; বংশমর্য্যাদাহীন।

অনভিজ্ঞ (অনভিগ্‌গঁ) [ন=অন্+অভিজ্ঞ—নঞ তৎ (অভি+জ্ঞা+ড কর্ত্তৃ)] বিণ, অজ্ঞ ; অজ্ঞান ; মূর্খ ; যাহার অভিজ্ঞতা জন্মে নাই।

অনভিপ্রেত [ন=অন্+অভিপ্রেত, নঞ তৎ] বিণ, অনভিমত ; অভিপ্রেত নয় ; অসম্মত।

অনভিভূত [ন=অন্+অভিভূত, নঞ তৎ] বিণ, অব্যাহত ; অপরাজিত ; অনাকুল।

অনভিমত [ন=অন্+অভিমত (সম্মত) নঞ তৎ] বিণ, অসম্মত ; অনভিপ্রেত ; অননুমোদিত।

অনভিব্যক্ত [ন=অন্+অভিব্যক্ত, নঞ তৎ] বিণ, অস্পষ্ট ; অব্যক্ত ; অস্ফুট ; অপরিস্ফুট ; অপ্রকাশিত।

অনভিলষণীয় [ন=অন+অভিলষণীয়, নঞ তৎ] বিণ, বাঞ্ছনীয় নয় ; অপ্রার্থনীয়। ২। অপ্রীতিকর।

অনভিলষিত (অনভিলোশিতো) [ন=অন্ +অভিলষিত, নঞ, তৎ] বিণ, অপ্রার্থিত ; অবাঞ্ছিত ; অনভীপ্সিত।

অনভিলাষ (অনোভিলাশ্) [ন=অন্+অভিলাষ, নঞ তৎ] বি, পুং, অনিচ্ছা ; বাসনার অভাব।

অনমনীয় [ন=অ+নম্ (নোয়ান)+অনীয় (কর্ম্মে)] বিণ, যাহাকে নত করা যায় না ; যাহা নোয় না ; শক্ত।

অনম্বর (র্) [ন=অন্+(নাই) অম্বর (বস্ত্র) যাহার—বহু] বিণ, বস্ত্রহীন ; নগ্ন ; দিগম্বর। ২। বি, ক্লী, [নাই আবরণ যাহার—বহু] আকাশ।
প্র—"অনম্বর পথে"—মেঘনাদ। ৩। যাহারা কাছা দেওয়া বস্ত্র পরিধান করে না ; বৌদ্ধ বিশেষ ; বৈষ্ণব বিশেষ ; [মুসলমানদিগের মধ্যে ও অনম্বর (কাছাহীন) আছে]

অনয় (য়্) [অ—নয় (নীতি—পরিণতি)] বি, কুফল ; দুর্ভাগ্য ; অনর্থ। প্র—"এই দেখুন ভীমসেন হইতে মহাভয় উপস্থিত * * ভারতগণ মধ্যে এই যে পরম অনয় উৎপন্ন হইল, ইহা দৈবই অগ্রে প্রেরণ করিলেন।" —মহা-সভা (বর্দ্ধ)।

অনর্গল (ল্) [ন=অন্ (নাই)+অর্গল (খিল বা প্রতিবন্ধক) অর্থাৎ যাহার কোন বাধা বা প্রতিবন্ধক নাই—বহু] বিণ, অবাধ ; স্বেচ্ছাচারী ; অপ্রতিবন্ধক ; উদ্দাম। ২। অজস্র।
প্র—"নয়নযুগল হইতে অনর্গল অশ্রুজল নির্গত হইতে লাগিল।"—বিদ্যাসাগর (সী-ব)।

অনর্ঘ [ন=অন্ (নাই)+অর্ঘ (মূল্য) যাহার—বহু] বিণ, অমূল্য। ২। পূজার অভাব।

অনর্ঘরাঘব (ব্)—বি, ক্লী, মুরারি মিশ্র রচিত স্বনাম-খ্যাত রামচরিত সম্বলিত সংস্কৃত নাটক বিশেষ। ইহা ত্রয়োদশ ও চতুর্দ্দশ শতাব্দীর মধ্যভাগে রচিত।

অনর্থ [ন=অন্ (নাই)+অর্থ (প্রয়োজন) যাহার—বহু] বি, পু, অশুভ ; অমঙ্গল ; অনিষ্ট। প্র—"বিনাশ উপস্থিত হইলে * * বিনাশের নিমিত্ত * * অনর্থ সকল অর্থরূপে এবং অর্থ সমস্ত অনর্থরূপে প্রতীত হইয়া উঠে * * *" —মহা-সভা (বর্দ্ধমান)।
২। অর্থহীন ; অভিধেয় শূন্য ; যাহার মানে নাই। ৩। ধনহীন। ৪। নিষ্ফল ; নিরর্থক ; বৃথা। প্র—"অতএব রে দুর্ম্মতে! অনর্থ বাক্যব্যয় ও আত্মশ্লাঘা করিলে কি হইবে?"—মহা-শল্য (বর্দ্ধমান)।

অনর্থক (ক্) [অনর্থ+ক—স্বার্থে] ক্রি, বিণ, বৃথা ; অকারণে ; নিষ্ফল ; নিষ্প্রয়োজন। ২। বিণ, ব্যর্থ। ৩। বি, ক্লী, অসম্বন্ধ প্রলাপ।

অনর্থপাত (ত্) [অনর্থ+পাত (ঘটনা) ৬ তৎ] বি, পুং, অশুভ ঘটনা ; বিপদ ঘটনা।

অনর্হ [ন=অন্+অর্হ (যোগ্য) নঞ তৎ] বি, অযোগ্য ; অনুপযুক্ত। ২। অপূজ্য।

অনল (ল্) [অন (বাঁচা)+অল্ (করণ)—যদ্দ্বারা বাঁচা যায় ; অথবা অন্+অল্ (পর্য্যাপ্ত হওয়া)—ভূরি দহনেও যাহার তৃপ্তি হয় না—বহু] বি, পুং, অগ্নি ; ২। অষ্ট বসুর অন্যতম (ষষ্ঠ)। ৩। অনল নামক পীঠস্থান।
প্র—"ঊর্দ্ধ-দন্তপংক্তি অনলে হৈল ধাম।
সংক্রুর ভৈরব দেবী নারায়ণী নাম॥"
—অন্নদামঙ্গল।

অনলপ্রভা [অনলের প্রভার ন্যায় প্রভা যাহার —বহু] বি, স্ত্রী, লতা বিশেষ। ২। [৬ তৎ] অনলদীপ্তি।

অনল্প [ন=অন্+অল্প, নঞ তৎ] যাহা অল্প নয়। ২। বিণ, অধিক ; বহুল ; মহৎ।

অনশন (ন্) [অন্+অশন (ভোজন) নঞ তৎ] বি, ক্লী, উপবাস। ২। [ন=অন্ নাই অশন ভোজন যাহার—বহু] বিণ, ভোজন শূন্য ; অনাহার।

অনশ্বর (অনশ্‌শর্) [ন=অ+নশ্বর, নঞ তৎ] বিণ, যাহার নাশ নাই ; চিরস্থায়ী ; অবিনাশী ; অক্ষয়।

অনসূয় [ন=অন+(নাই) অসূয়া যাহার—বহু]

বিণ, অসূয়াহীন ; যে অন্যের শুভ দেখিয়া হিংসা করে না।

অনসূয়া [ন=অন্‌+(নাই) অসূয়া যাহার—বহু] বি, স্ত্রী, প্রসূতির গর্ভজাতা দক্ষের কন্যা অত্রি মুনির পত্নী ; শকুন্তলার সখী। ২। অসূয়া-হীনতা ; "গুণি ব্যক্তির গুণের অপলাপ না করা, অন্যের গুণের প্রশংসা করা এবং অন্যের দোষ দেখিয়া উপহাস না করা, ইহার নাম অনসূয়া।"
—অত্রি সংহিতা।

অনহঙ্কৃত [ন=অন্‌+অহঙ্কৃত, নঞ তৎ] বিণ, নিরহঙ্কার ; অহঙ্কারশূন্য।

অনা—বাঙ্গালা উপসর্গ। অভাব, বিকৃত, বিরূপ, অশুভ প্রভৃতি-বাচক। প্র—অনামুখ ; অনাসৃষ্টি।

অনাকর্ণনীয় [ন=অন্‌+আকর্ণনীয় (শ্রোতব্য) নঞ্‌ তৎ] বিণ, যাহা শ্রবণ যোগ্য নহে ; যাহা শুনিবার মত নহে ; অশ্রোতব্য।

অনাকুল (ল্‌) [ন=অন+আকুল, নঞ তৎ] বিণ, যে শোক, ক্ষোভ, ক্রোধ ইত্যাদিতে বিচলিত হয় না ; স্থির ; অসঙ্কীর্ণ।

অনাকুলিত [ন=অন+আকুলিত, নঞ তৎ] বিণ, অব্যাকুল ; স্থির। [অনাকুল দ্রঃ]

অনাগমন (ন্‌) [ন=অন্‌+আগমন, নঞ তৎ] বি, ক্লী, অনুপস্থিতি।

অনাগত [ন=অন্‌+আগত, নঞ তৎ] বিণ, অনুপস্থিতি। ২। ভবিষ্যৎ ; ভাবী।

অনাগতবিধাতা [অনাগতবিধাতৃ শব্দ, অনাগত (ভাবী)+বিধাতা (প্রতিবিধান-কর্তা) ৬ষ্ঠী তৎ] বিণ, ভবিষ্যতের সংস্থান-কারী ; পরিণামদর্শী ; সমীক্ষ্যকারী।

অনাগতার্ত্তবা [ন=অন্‌+আগত (উপস্থিত)+আর্ত্তব (স্ত্রী রজঃ) যাহার—বহু, স্ত্রী—আ] বি, স্ত্রী, কুমারী ; যে কন্যা ঋতুমতী হয় নাই।

অনাঘ্রাত [ন=অন্‌+আঘ্রাত, নঞ তৎ] বিণ, যাহার আঘ্রাণ লওয়া হয় নাই ; অগৃ-হীত-সৌরভ। ২। অনুপভুক্ত। স্ত্রী, **অনাঘ্রাতা**।

অনাচার (র্‌) [ন=অন্‌+কুৎসিত আচার (আচরণ) নঞ তৎ] বি, পুং, অভদ্র বা অশিষ্ট আচার ; কদাচার। ২। [ন=অন (নাই) আচার যাহার—বহু] বিণ, আচরণ শূন্য।

অনাচারী [অনাচারিন শব্দ ; অনাচার+(অস্ত্যর্থে) ইন্‌] বিণ, কদাচারী ; গর্হিতাচারী। ২। শাস্ত্র বা সমাজ বিরুদ্ধ আচরণকারী ; ভ্রষ্টাচারী ; অশুদ্ধাচারী।

অনাটন (ন) [অ (অন্‌)—আটন (কুলানো) প্রাদেশিক] বি, অপ্রতুল ; অভাব ; অকুলান ; টানাটানি ; কম হওয়া।

অনাতপ (প্‌) [ন=অন নাই+আতপ=রৌদ্র যেখানে, বহু] বিণ, পুং, অনাতপ স্থান। ২। বি, স্ত্রী, ছায়া। ৩। [অব্যয়ীভাব] রৌদ্রের অভাব।

অনাতুর (র্‌) [ন=অন্‌+আতুর, নঞ তৎ] বিণ, অক্লিষ্ট ; অরুগ্ন।

অনাত্মজ্ঞ (অনাত্তোগ্‌গঁ) [ন=অন্‌+আত্মন্‌ (আপনা)+জ্ঞ (যে জানে) অর্থাৎ যে আপনাকে জানে না, নঞ্‌তৎ] বিণ, যে নিজে কি প্রকৃতির লোক তাহা জানে না ; যাহার আত্মজ্ঞান নাই। বি, **অনাত্মজ্ঞতা**।

অনাত্মবেদী (অনাৎতঁবেদি) [মূলশব্দ—অনাত্মবেদিন্‌ ন=অন্‌+আত্মন্‌+বেদী (যে জানে) নঞ্‌ তৎ] বিণ, অনাত্মজ্ঞ দ্রঃ। স্ত্রী, অনাত্মবেদিনী। বি, **অনাত্মবেদিতা**।

অনাত্মীয় (অনাৎতিঁঅ) [ন=অন্‌+আত্মীয়—আত্মীয় নয়] বিণ, পর। ২। শত্রু। ৩। [ন=অন্‌ (নাই) আত্মীয় যাহার—বহু] বিণ, আত্মীয় বিহীন ; যাহার আত্মীয় নাই। বি, অনাত্মীয়তা।

অনাত্মীয়তা [ন=অন্‌+আত্মীয়তা, নঞ্‌তৎ] বি, স্ত্রী, পরভাব ; অসদ্ভাব। ২। বিপক্ষতা বা বিদ্বেষ ভাব। ৩। আত্মীয়তার অভাব।

অনাথ (থ্‌) [ন=অন (নাই) নাথ—(সহায় বা শরণ) যাহার—বহু] বিণ, নাথ হীন ; সহায় শূন্য ; নিরাশ্রয়। স্ত্রী, **অনাথা**—নিরাশ্রয়া ; বিধবা। **অনাথিনী** শব্দেরও ব্যবহার আছে। প্র—"অনাথিনী করিলে খুল্লনা"—কবিকঙ্কণ। প্রাচীন বাঙ্গালায় **অনাথী**ও ব্যবহৃত হইয়াছে। প্র—"অনাথী জনের বেতন কই?"—চণ্ডীদাস।

অনাথনিবাস, অনাথাশ্রম (অনাথ্‌নিবাশ্‌, অনাথাস্রম্‌) বি, পুং, মাতৃপিতৃহীন বালকদের আশ্রয় স্থল, অনাথ নরনারীর থাকিবার স্থান ; orphanage.

অনাথশরণ (অনাথ্‌শরন্‌) [অনাথ—শরণ (আশয়, গতি) ৬ষ্ঠী তৎ] বি, যিনি অনাথদিগের আশ্রয় স্থল ; অনাথনাথ ; অনাথের সহায়। ২। জগদীশ্বর ; দীননাথ।

অনাদর (র্‌) [ন=অন্‌+আদর, নঞ্‌ তৎ] বি, পুং, ক্লী, আদর বা যত্নের অভাব ; অযত্ন ; অস্নেহ। ২। উপেক্ষা ; অমনোযোগ। ৩। অপমান। ৪। ঘৃণা।

অনাদরণীয় [ন=অন্‌+আদরণীয়, নঞ্‌ তৎ] বিণ, অনাদর বা অবহেলার উপযুক্ত।

অনাদায় [ন=অ+আদায়] বি, অপ্রাপ্তি। ২। বিণ, বাকী ; অপ্রাপ্ত। প্র—এ বৎসরের খাজনা অনাদায় রহিল।

অনাদি [ন=অন (নাই)+আদি যাহার—বহু] বিণ, উৎপত্তি হীন ; আদি রহিত ; স্বয়ম্ভু। ২। [অন্‌+আদি=কারণ বা পূর্ব্বকাল অর্থাৎ যাহার পূর্ব্বকাল নাই] বি, পুং, পরমেশ্বর। প্র—"আলো দিতে অবনীতে অনাদি আজ্ঞায়।"
—দ্বাদশ কবিতা (দীনবন্ধু)।

অনাদিক [ব্রজ। ক=য়, ক দ্রঃ] অনাদি সম্বন্ধীয় ; অনাদির ; আদিরহিতের। প্র—"আদি অনাদিক, নাথ কহায়সি"—বিদ্যাপতি।

অনাদিপরম্পরা [বৈঃ পরিঃ] বি, অনাদি-কাল বা সংখ্যা পর্য্যন্ত ; ad infinitum.

অনাদৃত [ন=অন+আদৃত, নঞ তৎ] বিণ, অবমানিত ; অবজ্ঞাত ; যাহার অনাদর হইয়াছে। ২। উপেক্ষিত। স্ত্রী, **অনাদৃতা**।

অনাদ্যা (অনাদ্‌দ্যা) বি, স্ত্রী, যাঁহার আদি নাই ; সনাতনী ; দুর্গা। প্র—"অনাদ্যা অনন্তা অম্বা অম্বিকা অজয়া।"
—অন্নদামঙ্গল।
"অনাদ্যারূপিণী" —হেমচন্দ্র।

অনাময় (য়্‌) [ন=অন+আময় (রোগ) নঞ্‌ তৎ ; অথবা আময়ের অভাব—অব্যয়ীভাব] বি, ক্লী, রোগাভাব ; আরোগ্য ; স্বাস্থ্য। ২। [নাই আময় যাহার (বহু)] বিণ, নিরাময় ; নীরোগ ; সুস্থ। বি, অনাময়তা।

অনাময়তা [অনাময় দ্রঃ] বি, সুস্থতা ; ব্যাধি-শূন্যতা। ২। নির্ম্মলতা। প্র—"সেই পরমাত্ম জ্ঞান, সেই ব্রত নিষ্ঠা, সেই একাগ্রমতি, সেই কর্ত্তব্যপ্রিয়তা, সেই চিত্তের অনাময়তা, সেই স্থিত প্রতিজ্ঞা * * প্রভৃতি যে কোন বিষয়ে চিন্তা করি সকল বিষয়ে তিনি যেন কোন এক দুরারোহ স্থানে আছেন বলিয়া মনে হয়।"
—ভারতী, ৩৬শ বর্ষ।

অনামা, অনামিকা [ন=অ নাই+নামন্‌ যাহার—বহু, ১মা ১বচন, অথবা অ+নামিকা (নামন+কণ্‌) যাহার অপর নাম নাই] বি, স্ত্রী, কনিষ্ঠাঙ্গুলির পূর্ব্বস্থিত অঙ্গুলি।

অনামুখ (খ্‌) **অনামুখো** [প্রাদে, গ্রা] বিণ, অশুভদর্শন ; যাহার মুখ, দেখিলে শুভ হয় না।

অনায়ত [ন=অন্‌+আয়ত, নঞ্‌ তৎ] বিণ, অবিস্তৃত ; সংকীর্ণ। ২। অনিয়ন্ত্রিত ; অসংযত। ৩। নিকটস্থ।

অনায়ত্ত [ন=অন+আয়ত্ত (অধীন) নঞ্‌ তৎ] বিণ, অবাধ্য ; অবশীভূত ; অনধিকৃত ; আয়ত্তের বহির্ভূত।

অনায়াস (শ্‌) [ন=অন+আয়াস (ক্লেশ) নঞ্‌ তৎ] বি, পুং, অল্প আয়াস বা পরিশ্রম ; অক্লেশ। ২। [ন=অন্‌ (নাই) আয়াস যাহার—বহু] বিণ, প্রযত্নহীন। ৩। ক্রি-বিণ, বিনা আয়াসে ; শ্রমব্যতিরেকে ; অক্লেশে ; সহজে।

অনায়াসলব্ধ (অনায়াশ্‌লব্‌ধ) বিণ, আয়াস স্বীকার না করিয়া যাহা লাভ করা যায় ; অক্লেশপ্রাপ্ত ; সহজে প্রাপ্ত। প্র—"অনায়াসলব্ধ মৃত্তিকা" —অক্ষয় দত্ত।

অনায়াসসাধ্য (অনায়াশ্‌সাধ্‌ধ) [অনায়াস+সাধ্য, নঞ্‌ তৎ, ৩য়া তৎ] বিণ, যাহা অনায়াসে করা যায় ; সহজ সাধ্য।

অনায়াসে (অনায়াশে) [অনায়াস দ্রঃ] ক্রি-বিণ, অক্লেশে; সহজে। বাঙ্গালায় ইহার সংকুচিত আকার **অনাসে** শব্দের ব্যবহার আছে। প্র—"রিপুগণ বশে, রহিত অনাসে, মনের হরিষে থাকিতাম," —হরুঠাকুর।

অনার (অনার্) [honour] বি, মান্য; সম্মান; বি, এ, প্রভৃতি পরীক্ষায় সাধারণ নির্ব্বাচিত পাঠ্যের অতিরিক্ত গ্রন্থপাঠ করিয়া যে পাশ।

অনারত [ন=অন্+আরত (আ+রম্=ক্রীড়া করা, আরাম করা+ত—ভাবে) বিশ্রাম অর্থাৎ যাহাতে বিশ্রাম নাই, বহু] বিণ, অবিরত; নিরত; অবিশ্রান্ত।

অনারারী [honorary] বিণ, অবৈতনিক।

অনারেবল, অনারেবেল (ল্) [honorable] বিণ, মাননীয়; সম্মানিত। প্র—"অম্বল থেকে অনারেবল আর কে অমন আছে", —হেমবন্দ্যো।
২। লাটসভার সদস্যদিগের উপাধি, নামের পূর্ব্বে বসে।

অনার্জ্জব (ব্) [ন=অন+আর্জ্জব (ঋজুতা) নঞ্ তৎ] বি, ক্লী, কপটতা; সারল্যহীনতা। ২। [নাই আর্জ্জব যাহার—বহু] বিণ, কুটিল; অসরল। স্ত্রী, **অনার্জ্জবা।**

অনার্ত্তবা [ন=অন্+আর্ত্তবা (স্ত্রীরজঃ) ন=অন (হয় নাই) আর্ত্তব (স্ত্রীরজঃ) যাহার—বহু] বি, যে স্ত্রী ঋতুমতী হয় নাই; অজাতরজস্কা।

অনার্য্য (অনার্জ্জ) [ন=অন+আর্য্য (মান্য) নঞ্ তৎ] বিণ, অভদ্র; অসাধু। ২। অধম; হীন। ৩। অসৎকুলজাত। ৪। আর্য্যেতর জাতি; non-Aryan.

অনার্য্যতা [অনার্য্য+তা—ভাবে] বি, স্ত্রী, অসাধুতা; অভদ্রতা।

অনালোচিত [ন=অন+আলোচিত, নঞ্ তৎ] বিণ, যাহার আলোচনা করা হয় নাই; অচর্চ্চিত; অনুনুশীলিত। ২। অবিবেচিত।

অনালোড়িত [ন=অন+আলোড়িত, নঞ্ তৎ] বিণ, আলোড়িত নয়; অক্ষুণ্ণ; অক্ষোভিত; অনান্দোলিত।

অনাবিল (ল্) [ন=অন্+আবিল (ঘোলা) নঞ্ তৎ, যাহা ঘোলা নয়] বিণ, আবিলতাশূন্য; নির্ম্মল; স্বচ্ছ; অকলুষিত।
২। অসন্দিগ্ধ।

অনাবিষ্কৃত [ন=অন+আবিষ্কৃত, নঞ্ তৎ] বিণ, যাহা প্রকাশিত হয় নাই; অপ্রকাশিত। ২। যাহা উদ্ভাবিত হয় নাই; অনুদ্ভাবিত।

অনাবিষ্কৃতপূর্ব্ব [অন=আবিষ্কৃত+পূর্ব্ব—পূর্ব্বকাল ব্যাপিয়া আবিষ্কৃত, ২তৎ; ন আবিষ্কৃত পূর্ব্ব, নঞ্ তৎ] বিণ, যাহা পূর্ব্বে আবিষ্কৃত হয় নাই।

অনাবিষ্ট [ন=অন্+আবিষ্ট (মনোযোগী) নঞ্ তৎ] বিণ, অমনোযোগী।

অনাবৃত [ন=অন্+আবৃত, নঞ্ তৎ] বিণ, অনাচ্ছাদিত; খোলা।

অনাবৃত্তি [ন=অন্+আবৃত্তি (অভ্যাস বা আগমন) নঞ্ তৎ] বি, স্ত্রী, অনভ্যাস। ২। অপুনরাগমন।

অনাবৃষ্টি [ন=অন্+আ (সম্যক্)+বৃষ্টি, নঞ্ তৎ] বি, স্ত্রী, বর্ষণাভাব; কৃষি কার্য্যোপযোগী বৃষ্টি না হওয়া।

অনাবেশ (শ্) [ন=অন্+আবেশ, নঞ্ তৎ] বি, পুং, অমনোযোগ; উপেক্ষা। ২। অনাসক্তি, অনমুরাগ।

অনাশ্রয় (য়্) [ন=অন (নাই)+আশ্রয় যাহার—বহু] বিণ, সহায় শূন্য; নিরাশ্রয়; আশ্রয় বিহীন।

অনাসন্ন (অনাশন্নো) [ন=অন্+আসন্ন (নিকটবর্ত্তী) নঞ্ তৎ] বিণ, (স্থান পক্ষে) নিকটবর্ত্তী নয়; দূরবর্ত্তী। ২। (কাল পক্ষে) যাহা এখনি ঘটিবার নয়।

অনাসাদিত (অনাশাদিতো) [ন=অন+আসাদিত, নঞ্ তৎ] বিণ, যাহা ঘটে নাই; অপ্রাপিত; অবর্ত্তমান।

অনাসৃষ্টি [ন=অন—আ—সৃষ্টি, নঞ্ তৎ] বিণ, সৃষ্টির বহির্ভূত; অদ্ভুত; আশ্চর্য্য। প্র—"অনাসৃষ্টি বশিষ্ঠ বলিল পুনঃ পুনঃ"— —শিবায়ন।

অনাস্থা [ন=অন্+আস্থা (আদর) নঞ্ তৎ] বি, স্ত্রী, আদরের অভাব; উপেক্ষা; অযত্ন; অমনোযোগ; অবহেলা। ২। [অন্+আস্থা (ভরসা, বিশ্বাস)] ভরসার অভাব; অনির্ভর; অবিশ্বাস।

অনাহত [ন=অন্+আহত, নঞ্ তৎ] বি, ক্লী, নূতন কোরা কাপড়।
২। [তন্ত্রে] হৃদয়ে সুষুম্না মধ্যে দ্বাদশদল পদ্ম—এই স্থলে জীবাত্মা অবস্থান করে; অনাহত পদ্ম বা চক্র। ৩। অজপা বা হংস মন্ত্রধ্বনি। [অজপা দ্রঃ] প্র—"অনাহত শবদ বাজন্ত ভেরীরে" —ব্রহ্মসংগীত।
৪। অকৃত-আঘাতজাত; অক্ষোভিত; অক্ষত। ৫। বিণ, নূতন।

অনাহার (র্) [ন=অন+আহার, নঞ্ তৎ] বি, পুং, উপবাস; অনশন।

অনাহারী [ন=অন্+আহারী, নঞ্ তৎ] বিণ, উপবাসী; যাহার আহার হয় নাই।

অনাহ্লাদ (অনাল্হাদ্) [ন=অন্+আহ্লাদ, নঞ্ তৎ] বি, পুং, অসন্তোষ; অপ্রীতি; নিরানন্দ।

অনাহূত [ন=অন+আহূত, নঞ্ তৎ] বিণ, অনিমন্ত্রিত; যাহাকে আহ্বান বা নিমন্ত্রণ করা হয় নাই।

অনি [অন্য—প্রাকৃত উচ্চারণে অনি, আন] বিণ, অন্য।

প্র—"দুহুঁ ভুজ চাপি জীবন-ধন সাঁচে।
কুচ কাঁচলকো বিফল কাঁচে॥
দরশন পরশন হয় অনি বারে।"
[দ্রঃ—সাঁচে=সঞ্চিত করে, লুকায়। কাঁচল=কাঁচুলি। কাঁচে=বন্ধন করে। অনি=অন্য। হয়=ভুজদ্বয়। বারে=নিবারণ করে]।

অনিচ্ছা [ন=অন্+ইচ্ছা, নঞ্ তৎ] বি, স্ত্রী, ইচ্ছা না থাকা; অপ্রবৃত্তি; অসাধ; অনভিলাষ। প্র—"নিতান্ত অনিচ্ছাপূর্ব্বক যজ্ঞদর্শনে গমন করেন"—বিদ্যাসাগর।
২। অরুচি। প্র—আহারে অনিচ্ছা।
৩। ঔদাসীন্য। প্র—"কিন্তু রামচন্দ্র সে বিষয়ে ঐকান্তিকী অনিচ্ছা প্রদর্শিত করিয়া মৌনভাবে অবনত বদনে অবস্থিত রহিলেন।" —বিদ্যাসাগর।

অনিচ্ছু [ন=অন্+ইচ্ছু, নঞ্ তৎ] বিণ, যার ইচ্ছা নাই। [বাং—**অনিচ্ছুক** শব্দের ভূরি ব্যবহার আছে]

অনিত্য (অনিত্ত) [ন=অ+নিত্য (চিরস্থায়ী) নঞ্ তৎ] বিণ, নিত্য বা চিরস্থায়ী নয়; অস্থায়ী; অবিনাশী।

অনিত্যতা (অনিত্ততা) [অনিত্য+তা—ভাবে] বি, স্ত্রী, যাহা চিরকাল থাকিবে না; অস্থায়িত্ব।

অনিদান (ন্) [ন=অ (নাই)+নিদান (কারণ) যাহার—বহু, নিদান নয়, এই অর্থে নঞ্ তৎ, নিদানের অভাবার্থে—অব্যয়ীভাব] বিণ, অকারণ।

অনিদ্র [ন=অ (নাই) নিদ্রা (স্বপ্ন) যাহার—বহু] বিণ, নিদ্রাহীন; বিনিদ্র।
প্র—"অনিদ্র নিদ্রার ছলে গড়াইয়া যায়।
ঠেকিল ঠাকুর গিয়া ঠাকুরাণী গায়॥" —শিবায়ন।

অনিন্দনীয় [ন=অ+নিন্দনীয়] বিণ, নিন্দার যোগ্য নয়; সুন্দর; প্রশংসার যোগ্য।

অনিন্দিত [ন=অ+নিন্দিত—নঞ্ তৎ] বিণ, অগর্হিত; প্রশংসিত। ২। সুন্দর; অনবদ্য।

অনিন্দ্যাঙ্গী [ন=অ+নিন্দ্য+অঙ্গ+যাহার—বহু, ঈ—স্ত্রী] বিণ, সর্ব্বাঙ্গসুন্দরী। প্র—"অনিন্দ্যাঙ্গী দ্রৌপদী নিকটবর্ত্তী একটা স্তম্ভ অবলম্বন করিয়া দণ্ডায়মানা রহিয়াছেন।" —মহা-সভা (বর্দ্ধ)।

অনিভৃত [ন=অ+নিভৃত (দ্রঃ)] বিণ, যাহা নিভৃত নয়; প্রকাশিত। ২। অধৃত; অস্থির।

অনিমিক, অনিমিখ (ক্, খ্) [অনিমিষ শব্দ হিন্দীর অনুকরণে ষ=খ, তুল—বিভীখন] বিণ, নিমেষশূন্য; অপলক; নিষ্পন্দ।
প্র—"অনিমিকে দুটী আঁখি ভুলিয়ে রয়েছে।" —কমলাকান্ত।
ফিরান যে দায় হল আঁখি অনিমিক" —অশোকগুচ্ছ।

অনিমিষ, অনিমেষ (ষ্) [ন=অ+ নিমিষ বা নিমেষ (চক্ষুর পলক) অর্থাৎ যাহাদের চক্ষুর পলক নাই—বহু] বি, পুং দেবতা। ২। চক্ষের পলক পড়িতে যতটুকু সময় যায় তাহারও কম সময় ; এক নিমেষ ও নহে ; সূক্ষ্ম কাল পরিমাণ। ৩। বিণ, যাহার চক্ষুর নিমেষ বা পলক পড়ে না ; অপলক ; বদ্ধ-দৃষ্টি ; স্থিরদৃষ্টি ; নিঃস্পন্দ। প্র—"আঁখি অনিমিষ" —রবীন্দ্র। অনিমেষ দৃষ্টি।

অনিয়ত [ন=অ+নিয়ত, নঞ্ তৎ, অথবা নাই নিয়ত যাহার—বহু] বিণ, অস্থির ; অনিশ্চিত ; স্থিরতা বা নিশ্চয়তা বিহীন।
২। [অ—নি+যত] বিণ, অসংযত ; অবশীকৃত ; উচ্ছৃঙ্খল।

অনিয়তাকার (র্) [খনিজঃ পরিঃ] বি, আকারহীন ; সর্ব্বাকার ; অনার্কিক ; amorphous.

অনিয়ন্ত্রিত [ন=অ+নিয়ন্ত্রিত (দমিত) নঞ্ তৎ] বিণ, উচ্ছৃঙ্খল ; অনিবারিত ; অনির্দ্দিষ্ট ; অনিরূপিত। ২। অগোছাল।

অনিয়ম (ম্) [ন=অ+নিয়ম—নিয়মের অভাব বা অন্যথার ভাব] বি, পুং অবিধি।
২। বিশৃঙ্খলা ; অব্যবস্থা অক্রম।
৩। অসংযম ; অব্রত।

অনিয়মিত [অনিয়ম+ইত (যুক্তার্থে)] বিণ, অসংযত। ২। অক্রমানুগত। ৩। অপরিমিত।
৪। অনির্দ্দিষ্ট ; অনির্দ্ধারিত

অনিরাকরণ (ন্) [ন=অ—নিরাকরণ] বি, স্ত্রী, অনির্দ্ধারণ ; অনিরূপণ।
২। অনিবারণ। ৩। অখণ্ডন।

অনিরাকরণীয় [ন=অ+নিরাকরণীয়, নঞ্ তৎ] বিণ, যাহার নিরাকরণ বা নির্দ্ধারণ করিতে পারা যায় না ; অনিরূপণীয়।
২। অনিষ্কাশনীয়। ৩। অনিবারণীয়।
৪। অখণ্ডনীয়।

অনিরাকৃত [ন=অ+নিরাকৃত (নিবারিত) নঞ্ তৎ] বিণ, অনিবারিত ; অপ্রতিরুদ্ধ। ২। অনবধারিত ; অনির্ণীত।
৩। অনিষ্কাশিত ; অদূরীকৃত।
৪। অখণ্ডিত।

অনিরুদ্ধ [ন=অ+নিরুদ্ধ, নঞ্ তৎ, অর্থাৎ যিনি কোন যুদ্ধে নিরুদ্ধ হন নাই] বি, পুং, প্রদ্যুম্নের পুত্র এবং শ্রীকৃষ্ণের পৌত্র। ইনি বাণ রাজার দুহিতা উষাকে হরণ করিয়াছিলেন। ২। দূত ; চর (দূতকে আবদ্ধ করা রাজনীতির বিরুদ্ধ)। ৩। বিণ, অনিবারিত ; অবাধ। ৪। অদম্য।

অনিরুদ্ধপথ (থ্) [অনিরুদ্ধ+পথ, কর্ম্মধা, অর্থাৎ যে পথ নিরুদ্ধ হয় নাই] বি, স্ত্রী, আকাশ। ২। বিণ, অবারিত গতি।
৩। মুক্তপথ ; যে পথে কোন আটক নাই।

অনিরূপিত [ন=অ+নিরূপিত, নঞ্ তৎ] বিণ, অনির্দ্দিষ্ট ; অনিশ্চিত ; অনির্ণীত।

অনির্ণীত [ন=অ+নির্ণীত] বিণ, অনির্দ্দিষ্ট ; অনির্দ্ধারিত। ২। অনিশ্চিত।

অনির্ণেয় [ন=অ+নির্ণেয়, নঞ্ তৎ] বিণ, যাহা নির্ণয় হয় না ; অনিরূপণীয় ; যাহা নিশ্চয় করা অসাধ্য।

অনির্দ্দিষ্ট [ন=অ+নির্দ্দিষ্ট, নঞ্ তৎ] বিণ, অনির্দ্ধারিত ; অনিশ্চিত।

অনির্দ্ধারণীয় [নঞ্ তৎ] বিণ, যাহা নির্দ্ধারণ করা যায় না ; অনিরূপণীয়।

অনির্দ্ধারিত [ন=অ+নির্দ্ধারিত, নঞ্ তৎ] বিণ, অনিশ্চিত ; অনবধারিত।
২। অনিরূপিত।

অনির্ভর (র্) [ন=অ+(নাই) নির্ভর (গুরুত্ব) যাহার—বহু] বিণ, ভার শূন্য ; গুরুত্বহীন ; লঘু।
২। ক্ষুদ্র ; অল্প। ৩। [অ+নির্ভর (ভরসা, আশ্রয়)] ভরসাশূন্য ; আশ্রয়হীন।

অনির্ব্বচনীয় [ন=অ+নির্ব্বচনীয়=বর্ণনীয়, নঞ্ তৎ] বিণ, যাহা ব্যক্ত বা বর্ণনা করা যায় না ; বর্ণনার অসাধ্য ; বর্ণনাতীত।
প্র—"আমার চিত্ত-চকোর চরিতার্থ ও অন্তরাত্মা অনির্ব্বচনীয় আনন্দরসে আপ্লুত হয়।" —বিদ্যাসাগর (সী-ব)

অনির্ব্বাচ্য [ন=অ+নির্ব্বাচ্য (নিরূপণীয়) নঞ্ তৎ] বিণ, বাক্যে যাহা প্রকাশ করা যায় না ; অবর্ণনীয় ; বর্ণনাতীত। ২। নির্গুণ।
৩। নির্ব্বাচনের অযোগ্য বা অসাধ্য। স্ত্রী, **অনির্ব্বাচ্যা**—অবর্ণনীয়া। (২) নির্ব্বাচনের অযোগ্যা বা অসাধ্যা। (৩) গুণাতীতা ; বাক্যে যাঁহাকে বুঝান যায় না।
প্র—"অনির্ব্বাচ্যা নিরুপমা আপনি আপনা সমা সৃষ্টি স্থিতি প্রলয়-আকৃতি।" —অন্নদামঙ্গল।

অনির্ব্বাণ (ন্) [ন=অ+নির্ব্বাণ, নঞ্ তৎ] বিণ, যাহার নির্ব্বাণ নাই ; মুক্তি রহিত ; অমুক্ত।
২। অনির্ব্বাপিত ; জ্বলন্ত। ৩। অশান্ত ; অনিবৃত্ত। ৪। [অ+নির্ব্বাণ স্নান, সাধারণত হস্তীর স্নান] অস্নাত ; অনিমজ্জিত।

অনির্ব্বাদ (দ্) [ন=অ+নির্ব্বাদ (কলহ) নঞ্ তৎ] বি, পুং, নির্ব্বিবাদ ; মনের মিল।
প্র—"অনির্ব্বাদে নির্ব্বাহ করয়ে কত দায়। আহা মরি দেখিলে চক্ষুর পাপ যায়॥" —অন্নদামঙ্গল।

অনির্ব্বাহ [ন=অ+নির্ব্বাহ, নঞ্ তৎ] বি, পুং, নির্ব্বাহ বা অভাব মোচন না হওয়া ; অসংস্থান ; অপ্রতুল ; অভাব।
"ভীম আছে হাপুয়া আর অনির্ব্বাহ কি।" —শিবায়ন।

অনির্ব্বিণ্ণ [ন=অ+নির্ব্বিণ্ণ, নঞ্ তৎ] বিণ, নির্ব্বাহের উপায়হীন ; নিঃস্ব ; দরিদ্র। ২। দুঃখী। ৩। যে ভগ্ন শোকাদিতে খিন্ন হয় না ; অখিন্ন ; অকাতর।
৪। নির্ব্বেদ শূন্য।

অনির্ব্বেয় [ন=অ+নির্ব্বেয় (নির্ব্বেয় দ্রঃ) নঞ্ তৎ] বিণ, নির্ব্বাপণের অযোগ্য।
২। নির্ব্বাপণের অসাধ্য ; যাহা নির্ব্বাপিত, প্রশমিত বা শান্ত হয় না।
প্র—"অনির্ব্বেয় কোপানলা" —মহাভারত।

অনির্ব্বৃতি [ন=অ+নির্ব্বৃতি (সাচ্ছন্দ্য) নঞ্ তৎ] বি, স্ত্রী, অস্বস্তি ; অশান্তি ; অসুখ।
২। অসংস্থান ; অনির্ব্বাহ ; দারিদ্র্য।
৩। অসমাপ্তি।

অনিল (ল্) [অন্ (বাঁচা বা শ্বাস প্রশ্বাস ফেলা) +ইল (করণে—সংজ্ঞার্থে) যদ্দ্বারা শ্বাস প্রশ্বাস ক্রিয়া চলে বা বাঁচা যায়] বি, পুং, বায়ু ; বাতাস ; পবন। ২। পঞ্চম বসু।
৩। বাতরোগ।

অনিলসখ (অনিলশখ) [অনিল (বায়ু) +সখ (সখি=শব্দজাত) ৬ষ্ঠী তৎ] বি, পুং, অগ্নি ; বায়ুসখ।

অনিলাময় [অনিল (বায়ু)+আময় (রোগ) বায়ুদ্বারা উৎপন্ন রোগ ৩য়া তৎ] বি, পুং, বাতরোগ।

অনিবার (র্) [ন=অ+নাই নিবার (ধারণ) যাহার—বহু] বিণ, যাহা নিবারিত হয় না ; অনিবার্য্য।
প্র—"পুনঃ পুনঃ বাড়ে সুখ অতি অনিবার।" —চৈতন্যভাগবত।
২। অবিরল ; অজস্র।
প্র—"কিসে এ বারি নিবারি, ভেবে দাশরথির অনিবারই বারি নয়নে," —দাশরথি রায়।
৩। ক্রি-বিণ, ক্রমান্বয়ে ; জন্মজন্মান্তরে ; অবিচ্ছেদে।
প্র—"তোমারেই যেন ভাল বাসিয়াছি শতরূপে শত বার। জনমে জনমে, যুগে যুগে অনিবার॥" —রবি।

অনিবারণীয় [ন=অ+নিবারণীয়] বিণ, যাহা নিবারণ করা যায় না ; অপ্রতিষেধনীয় অনিবার্য্য। ২। যাহাকে বারণ করিয়া রাখা যায় না ; যাহাকে থামান যায় না ; অবাধ্য ; যে নিষেধ মানে না।

অনিবারিত [ন=অ+নিবারিত, নঞ্তৎ] বিণ, নিবারিত নহে ; অপ্রতিহত ; অবাধিত।
২। অনিষিদ্ধ।

অনিবার্য্য [ন=অ+নিবার্য্য (নিবারণীয়) নঞ্তৎ] বিণ, নিবারণের অযোগ্য ; নিবারণের অসাধ্য ; অপ্রতিষেধনীয় ; অবাধ ; অপ্রতিবিধেয়। প্র—"আমার শোকসাগর অনিবার্য্যবেগে উথলিয়া উঠিতেছে।" —বিদ্যাসাগর।
২। অবশ্যম্ভাবী।

অনিশ [ন=অ+নিশা (বিরাম কাল)]

বিণ. অবিরাম ; অবিরত ; সর্ব্বদা ; সতত ; নিরন্তর। [প্র-অ]

অনিশ্চিত (অনিশ্ চিৎ) [ন=অ+নিশ্চিত] বিণ. যাহা স্থির বা নিশ্চয় নয় ; অনির্দ্ধারিত ; অনির্ণীত। ২। সন্দেহযুক্ত ; যাহার সম্ভাবনা সম্বন্ধে সন্দেহ আছে।

অনিষিদ্ধ [ন=অ+নিষিদ্ধ, নঞতৎ] বিণ. অনিবারিত ; যাহার সম্বন্ধে কোন নিষেধ নাই। ২। অবৈধ।

অনিষ্ট [ন=অন+ইষ্ট (ইষ্ =ইচ্ছা করা—কর্ম্মে ক্ত)=অভিলষিত, নঞ্ তৎ] বিণ. অনভিলষিত ; অবাঞ্ছিত। ২। অপ্রিয়। ৩। [ভাবে ক্ত] বি. পুং. ক্ষতি ; হানি ; অনুপকার ; অপকার ; অমঙ্গল। ৪। [কর্ম্মে ক্ত, নাই ইষ্ট যাহাতে, বহু] বি. পাপ ; দুঃখ। [বিরল]

অনিষ্টাপাত (ত্) [ন—ইষ্ট=অনিষ্ট (নঞ তৎ) অনিষ্ট আপাত (আপতন ; ঘটনা) —৬ তৎ] বি. পুং. অশুভ বা অপ্রিয় ঘটনা ; অমঙ্গল ঘটনা।

অনীক (ক্) [অন (বাঁচিয়া থাকা, রক্ষা পাওয়া) ঈক (করণে) যাহাদ্বারা রাজ্য রক্ষা পায়] সৈন্য ; সৈন্যদল। প্র—"কাটাকাটি করি কত কোটি কোটি মৈল। অনেক অনীক হতনাথ হয়ে গেল॥"—শিবায়ন। ২। যুদ্ধ ; সমর। ৩। দল ; সমূহ।

অনীকিনী (অনীকিনি) [অনীক+ইন্ অস্ত্যর্থে—স্ত্রী—ঈপ্] বি. স্ত্রী. সৈন্যদল ; ২১৮৭ হস্তী, ২১৮৭ রথ, ৬৫৬১ অশ্ব, ১০৯৩৫ পদাতি, সর্ব্বসমেত ২১৮৭০ সংখ্যক ; অক্ষৌহিণীর দশমাংশ।

অনীত (ত্) [অনীতি শব্দের অপভ্রংশ] বি. কুরীতি ; অনুচিত ব্যবহার। প্র—"বাছা কেন করগো এমন অনীত।" —কালীকীর্ত্তন। বিণ. অশিষ্ট ; অবিনীত প্র—"অনীত দেখিয়া শিবে দক্ষ কোপে রোষে।" —কবিকঙ্কণ। ২। নীতিহীন ; গর্হিত। প্র—"অনীত হইল কর্ম্ম দেখিয়া রুষিল ধর্ম্ম।" —শিবায়ন।

অনীতি [ন=অ+নীতি, নঞ্ তৎ] বি. স্ত্রী. কুনীতি ; দুর্নীতি। ২। নীতি বিগর্হিত কার্য্যের আয়োজন।

অনীশ্বর (অনীশ্ শর্) [ন=অন+ঈশ্বর] বিণ. ঈশ্বরহীন ; নাস্তিক। ২। পাষণ্ড। ৩। ভগবদ্ভক্তিহীন। ৪। অপ্রভু। প্র—"ধর্ম্মরাজ যুধিষ্ঠির পূর্ব্বে গৃহ মধ্যে আমাদিগের অধীশ্বর ছিলেন, কিন্তু ইনি স্বয়ং পরাজিত হইয়া কাহার প্রভু হইতে পারেন, তাহা আপনারাই অবধারণ করুন।" —মহা-সভা (বর্দ্ধ)।

অনীশ্বরবাদী (র্) [অনীশ্বরবাদিন্ —ন=অন্+ঈশ্বর+বাদী (যে বলে)] বি. পুং. যে ঈশ্বরের অস্তিত্ব স্বীকার করে না বা ঈশ্বর মানে না ; নাস্তিক।

অনীহা [ন=অন+ঈহা—ঈহ (চেষ্টা করা)+অ (ভাবে—অ ঙ্) স্ত্রী—আপ্] বি. অচেষ্টা উৎসাহ হীনতা ; নিস্পৃহতা ; apathy. বিণ **অনীহ**।—নিস্পৃহ।

অনু (ওনু) [অন (বাঁচা বা থাকা) +উ (সাদৃশ্যাদি অর্থে)] অ. উপসর্গ ; পরে ; পশ্চাৎ। প্র—অনুধাবন ; অনুজ। "কেহ কেহ তরাসে তখনি ত্যজে তনু। ঘালি খেয়ে ঘরে যেয়ে কেহ মল অনু॥" —ঘনরাম। ২। পশ্চাৎ ভাগ ; পিছন দিক। প্র—"সেন বড় সুবুদ্ধি সন্ধান করে অনু"—ঘনরাম। ৩। সাদৃশ্য। প্র—অনুকরণ ; অনুপাতক ; অনুরূপ। ৪। সহিত। প্র—অনুচর। ৫। বীপ্সা ; ব্যাপ্তি। প্র—অনুদিন ; অনুক্ষণ। ৬। সামর্থ্য। প্র—অনুভাব ; অনুভূতি। ৭। সাকল্য ; সম্যক। প্র—অনুমান। ৮। অধীন। প্র—অনুগত। ৯। নিকৃষ্ট ; হীন। প্র—অনুকল্প ; অনুশিষ্য। ১০। যোগ্য। ১১। তুল্য। প্র—অনুরূপ। ১২। পুনঃ পুনঃ। প্র—অনুলাপ ; অনুলেপন। ১৩। সমীপ। প্র—অনুগঙ্গ। ১৪। পরস্পর। ১৫। বহির্ভাগ। ১৬। চিহ্ন। ১৭। অংশ।

অনু (ওনু) বি. পুং. যযাতি রাজার ঔরসে শর্ম্মিষ্ঠার গর্ভজাত পুত্র।

অনুকম্পা (ওনুকম্পা) [অনু (সহিত)+কম্প (কাঁপা বা বিচলিত হওয়া)+অ—ভাবে] বি. স্ত্রী. অপরের সুখ দুঃখ হর্ষাদির অবস্থার সহিত নিজকে তদবস্থ করা ; সহানুভূতি ; sympathy. ২। কৃপা ; দয়া ; করুণা ; অনুগ্রহ।

অনুকম্প্য (ওনুকম্প) [অনু+কম্প+য—অর্হার্থে] বিণ. সহানুভূতির যোগ্য (পাত্র) ; অনুগ্রহের উপযুক্ত ; কৃপার পাত্র।

অনুকরণ (ওনুকরন্) [অনু (সদৃশ) + করণ] বি. ক্লী. অপরের কার্য্যাদির নকল ; সদৃশীকরণ। ২। অনুসরণ।

অনুকরণীয় (ওনুকরনিঅ) [অনু (অনুসারে)+কৃ+অনীয়—কর্ম্মে] বিণ. যে বিষয়ের অনুকরণ করা উচিত ; অনুকরণের যোগ্য।

অনুকর্ষ (ওনুকরশ) [অনু+কৃষ (চসা বা টানা)+অ—কর্ম্মে] বি. পুং. রথের নিম্নদেশে চক্রের উপরিস্থিত কাষ্ঠ। ২। প্রার্থনা পূর্ব্বক দেবতাকে আবাহন। ৩। পূর্ব্বোক্ত সূত্রের পর সূত্রাদিতে পুনরাবৃত্তি। ৪। [ঐ—ভাবে অ] আকর্ষণ।

অনুকর্ষণ (ওনুকরশন্) [অনু+কৃষ+অন(ট্)—ভাবে] বি. ক্লী. অনুকর্ষ। ২। আকর্ষণ।

অনুকল্প (ওনুকল্প) [অনু (হীন)+ক (মুখ্যবিধি) অর্থাৎ যাহা মুখ্য বিধির নিকৃষ্ট বি. পুং. গৌণ বা হীন কল্প ; অপ্রধান কল্প ২। বদল ; পরিবর্ত্ত। ৩। প্রতিনিধি।

অনুকার (ওনুকার্) [অনু+কৃ+ঘঞ্ ভাবে] বি. পুং. উপমা ; অনুকরণ ; সদৃশ করণ। প্র—অনুকার শব্দ।

অনুকারা (ওনু) [অনুকার+আ (বাং ক্রি বিভক্তি)। উ-পু—অনুকারি। ম-পু-অনুকার প্র-পু—অনুকারে। অস-ক্রি, অনুকারিতে অনুকারিয়া, অনুকারি (পদ্যে)] ক্রি. অনুকরণ করা। প্র—"পড়ি জল নীলে ধবল সৌধ ছবি, অনুকারিছে নভ অঙ্গন ও॥" —যমুনা লহরী। "শুন কি তরঙ্গ ভঙ্গ হইতেছে আনন্দের শিবিরে শিবিরে, সমুদ্র তরঙ্গ-ভঙ্গ অনুকারি তীরে।" —নবীনচন্দ্র (প্রভাস)। বি. **অনুকারিতা**।

অনুকারী (ওনুকারি) [অনুকারিন্ শব্দ ; অনু=অনুসারে+কৃ+ইন্] বিণ. যে অনুকরণ করে ; অনুসারী ; অনুরূপ ; সদৃশ। স্ত্রী. **অনুকারিণী**।

অনুকীর্ণ (ওনুকীর্ন) [অনু+কীর্ণ (কৄ +ত—কর্ম্মে ক্ত)=কীর্ণ] বিণ. বিকীর্ণ ; পরিব্যাপ্ত ; বিস্তৃত।

অনুকূল (ওনুকুল্) [অনু+কূল] বিণ. সহায় ; হিতকারী ; যে কোন কার্য্যের সহায় বা পোষকতা করে। ২। যে নায়ক একমাত্র নায়িকাতে আসক্ত ; প্র—'একে অনুরাগ যার সেই অনুকূল'—রসমঞ্জরী। ৩। অনুরক্ত। ৪। সদয়। প্র—"চিরদিনে সে বিহি ভেলি অনুকূল।"—বিদ্যাপতি। স্ত্রী. **অনুকূলা**—দন্তী বৃক্ষ। (২) বিণ. সহায়া ; সদয়া।

অনুকৃত (ওনুকৃত) [অনু (অনুসারে)+কৃ+ক্ত, কর্ম্মে] বিণ. যাহাকে অনুকরণ বা সদৃশকরণ করা হইয়াছে ; যাহার নকল করা হইয়াছে ; অনুসৃত ; বি. **অনুকৃতি**।

অনুক্ত (অনুক্‌ত) [ন=অন+উক্ত (কথিত) নঞ্ তৎ] বিণ. অকথিত ; যাহা বলা হয় নাই ; অব্যক্ত।

অনুক্রম (ওনুক্রম্) [অনু (রীতিমত)+ক্রম্ (গমন করা)+অল্—ভাবে] বি. পুং. যথাক্রম ; পর্য্যায়-ক্রম ; ক্রমান্বয় ; আনুপূর্ব্বী। প্র—"শ্রীরাম কহেন তবে, কিরূপে পূজিতে হবে, অনুক্রম কহ শুনি তার।" —কৃত্তিবাস।

অনুক্রমণিকা (ওনুক্রমোনিকা) [অনু+ক্রম+অন্—ভাবে+ইক—আ—স্ত্রী] বি. স্ত্রী. পুস্তকের অবতরণিকা ; ভুমিকা বা মুখবন্ধ।

অনুক্রমি (ওনুক্রোমি) [অনুক্রম দ্রঃ] অস. ক্রি. অনুসরণ করিয়া বা পূর্ব্বক। প্র—"কহিবে পাণ্ডবগণে কাল অনুক্রমি।" —কাশী. মহা.. বিরাট।

অনুক্রোশ (ওনুক্রোশ্) [অনু (নিমিত্ত)+ক্রুশ্ (দুঃখ করা)+ঘঞ্—ভাবে] বি, পুং অনুকম্পা ; দয়া।

অনুক্ষণ (ওনুক্খন্) [অনু (প্রতি)+ক্ষণ] ক্রি-বিণ, ক্লী, প্রতিক্ষণ ; সর্ব্বদা ; নিরন্তর অবিরত। ২। [বাঙ্গালায় বিশেষার্থে] বিণ চমৎকার ; অত্যাশ্চর্য্য ; বিস্মিত। [অপ্র] প্র—"ব্যাধের ধনুক শিক্ষা, কেবা তাহে পায় রক্ষা, পেলে ধনু যোকে অনুক্ষণ।" —কবিকঙ্কণ
পদ্যে অনুক্ষণের কোমল রূপ 'অনুখণ' শব্দের ব্যবহার আছে। প্র—"অনুখণ কঙ্ক কিঙ্কিণী ঝঙ্কর, রতি জয় মঙ্গল তুর।" —গোবিন্দদাস
"হৃদয় মাহ মধু জাগসি অনুখণ।" —রবীন্দ্র

অনুগ (ওনুগ) [অনু (পশ্চাৎ)+গ (গমন করা)+ড (কর্ত্তৃ)] বিণ, পশ্চাদ্গামী।
২। বি, পুং, অনুচর ; সেবক। ৩। প্রভু স্বামী।

অনুগত (ওনুগত) [অনু+গম্ (পশ্চাৎ গমন করা)+ক্ত(কর্ত্তৃ)] বিণ, পশ্চাদ্গত ; যে মতানুসারে চলে ; মতানুবর্ত্তী ; অধীন ; আশ্রিত ; বাধ্য। প্র—"অনুগত, শরণাগত ও মিত্রভাবাপন্ন নৃপতিদিগের নিমন্ত্রণ কর।" —বিদ্যাসাগর।
"অনুগত জনেরে ছাড়িতে না জুয়ায়।" —বিদ্যাপতি।
২। [অনু+গম্+ক্ত—কর্ম্মে] অনুসৃত ; ক্রমানুযায়ী। প্র—বংশানুগত ; সংস্কারানুগত। [সম।—অনুগত—বাধ্য। শরণাগত না হইয়াও অনুগত হওয়া যায় কারণ তাহা অনুগত ব্যক্তির স্বেচ্ছাধীন। শরণাগত—আশ্রিত সুতরাং স্বভাবতঃই শরণ্যের অনুগত কারণ তাহাকে আশ্রয়দান শরণ্যের ইচ্ছাধীন।]

অনুগম (ওনুগম্) [অনু+গম [গম্=গমন করা +অ (ভাবে—অল্)] বি, পুং, পশ্চাদ্গমন ; মীমাংসা ; অনুলোম ; সঙ্গতি ; বিরুদ্ধভাবদূরীকরণ।

অনুগমন (ওনুগমন্) [অনু (পশ্চাৎ বা সঙ্গে) +গম্=গমন কৃ+অন—ভাবে] বি, ক্লী, পশ্চাদ্গমন ; অনুসরণ ; অপরের মতানুযায়ী কার্য্যকরা ; সহমরণ।

অনুগামী (ওনুগামি) [মূলশব্দ—অনুগামিন, অনু+গম+ইন্] বিণ, পশ্চাদ্গামী ; সহচর ; অনুগমনকারী।

অনুগৃহীত (ওনুগৃহীত) [অনুগ্রহ+ক্ত, কর্ম্মে] বিণ, অনুগ্রহ প্রাপ্ত ; যাহাকে অনুগ্রহ করা হইয়াছে ; বাধ্য ; উপকৃত ; প্রতিপালিত।

অনুগ্র [অন+উগ্র] বিণ, উগ্রতাশূন্য ; শিষ্ট ; ভদ্র ; ঠাণ্ডা ; অনুদ্ধত। ২। তীব্রতাশূন্য।

অনুগ্রহ (ওনুগ্‌গ্রোহ) [অনু+গ্রহ (গ্রহণকরা, দয়া করা)+অ (ল্) ভাবে] বি, পুং, অন্যের অনিষ্ট নিবারণ পূর্ব্বক উপকার করা ; দুঃখদূর করণ ; আনুকূল্য। ২। প্রসন্নতা প্রসাদ ; favour. ৩। দয়া ; কৃপা।

অনুগ্রাহক (ওনুগ্‌গ্রাহোক্) [অনু+গ্রহ+অক (কর্ত্তৃ)] বিণ, অনুগ্রহকারী ; পালক ; সহায় ; দয়াবান। করুণান্বিত ; স্ত্রী, অনুগ্রাহিকা।

অনুগ্রাহী (ওনুগ্রাহি) [অনুগ্রাহিন্ শব্দ, অনু+গ্রহ (গ্রহণ করা)+ইন্] বিণ, অনুগ্রাহক।

অনুগ্রাহ্য (ওনুগ্‌গ্রাঝ্‌ঝ) [অনু+গ্রহ+য (কর্ম্মে)] বিণ, অনুগ্রহ করিবার উপযুক্ত পাত্র ; অনুগ্রহের যোগ্য।

অনুচর (ওনুচর্) [অনু (সহিত বা পশ্চাৎ)+চর (চর্=গমন-করা+অ (ট) (কর্ত্তৃ) যে গমন করে] বিণ, অনুগামী ; সহচর ; দাস ; সঙ্গী ; সাথী। স্ত্রী, অনুচরী।

অনুচরী (ওনুচোরি) বি, স্ত্রী, সহচরী।
২। দাসী। ৩। [বিশেষার্থে] পত্নী হইতে অভিলাষিণী।
প্র—"তপস্যা করেন যথা দেব ত্রিপুরারি॥
আছেন অভয়া তাঁর হয়ে অনুচরী।" —কবিকঙ্কণ।

অনুচারী (ওনুচারি) [অনুচারিন্ শব্দ, অনু (পশ্চাৎ)+চর্+ইন্] বিণ, ভৃত্য ; অনুগামী ; অনুগ।

অনুচ্চারণীয় (অনুচ্‌চারনিঅ) [ন=অন্+উচ্চারণীয়] বিণ, অনুচ্চার্য্য ; যাহা উচ্চারণ করিতে পারা যায় না ; উচ্চারণের অযোগ্য ; যাহা উচ্চারণ করা অনুচিত।

অনুচ্চার্য্য (অনুচ্‌চার্‌জ) [ন=অন্+উচ্চার্য্য, নঞ্তৎ] বিণ, যাহা উচ্চারণ করা অনুচিত ; অকথ্য ; অবক্তব্য।

অনুচিকীর্ষা (ওনুচিকীর্‌শা) [অনু (পশ্চাৎ বা সদৃশ)+চিকীর্ষা—কৃ+সন্] বি, স্ত্রী, অনুকরণ করিবার ইচ্ছা ; অনুকরণেচ্ছা।

অনুচিকীর্ষিত (ওনুচিকীর্‌শিত) [অনু চিকীর্ষা +ক্ত] বিণ, যাহাকে অনুকরণ করিবার ইচ্ছা হইয়াছে।

অনুচিকীর্ষু (ওনুচিকীর্‌শু) [অনু+কৃ+সন্+উ] বিণ, অনুকরণ করিতে ইচ্ছুক।

অনুচিত (ত) [ন=অন্+উচিত] বিণ, অন্যায় ; অকর্ত্তব্য ; মন্দ ; অনুপযুক্ত ; অবিহিত।

অনুচিততা [অনুচিত দ্রঃ] বি, অন্যায়।
২। অলঙ্কার দোষবিশেষ। দেশ কাল পাত্র ব্যবহারাদির বিপরীত বা অনুচিত বর্ণন স্থলে এই দোষ হয়। অনৌচিত্য দ্রঃ।

অনুচিন্তন (ওনুচিনতন) [অনু+চিন্তি+অন —ভাবে] বি, ক্লী, পশ্চাৎ চিন্তা করা ; অনুধ্যান। ২। সতত চিন্তা ; নিয়ত আন্দোলন।

অনুচ্ছিষ্ট [অন+উচ্ছিষ্ট] বিণ, যাহা উচ্ছিষ্ট করা হয় নাই ; শুদ্ধ ; পবিত্র।

অনুজ, অনুজন্মা (ওনুজ্, ওনুজন্‌মা) [অনু (পশ্চাৎ)+জ (জন+জন্মান+অ (কর্ত্তৃ ড) বা+জন্মন) যে পশ্চাৎ জন্মে] বিণ, যে পরে জন্মে ; কনিষ্ঠ ভ্রাতা। প্র—"কি করিব কোথা যাব অনুজ লক্ষ্মণ।" —কৃত্তিবাস।
"যমজ লক্ষ্মণ আর, শত্রুঘ্ন পুত্র তার,
অনুজন্মা বিজয়ী সদাই॥" —কবিক।
স্ত্রী, অনুজা—কনিষ্ঠা ভগিনী।
প্র—"করি অগ্রজে অপমান, অনুজা দিলে দান,
সেই অর্জ্জুন হতমানে গত হয়।" —মনোমোহন বসু।
২। দক্ষের কনিষ্ঠা কন্যা বলিয়া সতীর নাম অনুজা। [অ, ম]

অনুজিঘৃক্ষা (ওনুজিঘৃক্‌খা) [অনু+গ্রহ (গ্রহণ করা) অর্থাৎ কৃপা করা+ইচ্ছার্থে সন্—ভাবে—আ] বি, স্ত্রী, অনুগ্রহ করিবার ইচ্ছা।

অনুজীবী (ওনুজিবি) [অনুজীবিন্ শব্দ, অনু (পশ্চাৎ বা সহিত)+জীবী (যে বাঁচে) অর্থাৎ যে অন্যের (প্রভুর) সেবাদি করিবার পর বা অন্যকে আশ্রয় করিয়া জীবন ধারণ করে] বি, পুং, ভৃত্য ; আশ্রিত ; পোষ্য ; সহায় ; অনুবর্ত্তী।

অনুজঙ্ঘাস্থি (ওনুজংঘাস্‌থি)—[শরীরঃ বিঃ, পরিঃ] বি, অন্তর্জঙ্ঘাস্থি ; হাঁটুর নীচে, গোড়ালির উপরে যে দুই খানি হাড় থাকে, তন্মধ্যে প্রধানতঃ বড় হাড় খানি ; tibia.

অনুজ্ঞা (ওনুগ্‌গাঁ, ওনুগ্‌গাঁা) [অনু+জ্ঞা+আ—ভাবে] বি, আজ্ঞা ; আদেশ। প্র—"অনুজ্ঞা করিল ইন্দ্র চারি জলধরে" —কৃত্তিবাস।
"ভরতের প্রতি রাম, কি অনুজ্ঞা হয়" —ঐ।
২। অনুমতি ; সম্মতিদান। ৩। প্রবর্ত্তনা ; নিয়োগ।

অনুজ্ঞাত (ওনুগ্‌গাঁত) [অনুজ্ঞা+ক্ত] বিণ, আজ্ঞা প্রাপ্ত ; আদিষ্ট ; অনুমত অর্থাৎ যে বিষয়ে আজ্ঞা বা অভিমত দেওয়া হইয়াছে।

অনুতপ্ত (ওনুতপ্‌ত) [অনু+তপ+ক্ত] বিণ, সন্তপ্ত ; পশ্চাত্তাপবিশিষ্ট ; অনুতাপযুক্ত।

অনুতাপ (ওনুতাপ্) [অনু (পশ্চাৎ)+তপ্ (উত্তপ্ত হওয়া)+ঘঞ্—ভাবে] বি, পুং, অনুশোচনা ; পশ্চাত্তাপ ; কোন গর্হিত কার্য্য করিয়া পশ্চাৎ শোক ; আপ্‌শোষ।

অনুতাপী (ওনুতাপি) [অনুতাপ+ইন্(যুক্তার্থে)] বিণ, পুং, অনুশোচনাযুক্ত ; অনুতপ্ত।
২। অনুশোচনাকারী ; পশ্চাত্তাপকারী।
প্র—"অনুতপ্ত অশ্রু ধার কখন সহেনা তার,
অনুতাপী পাপী পেলে পুণ্য করে দান ;" —কাব্যকুসুমাঞ্জলি।

অনুৎপন্ন [ন=অন্+উৎপন্ন—নঞ্তৎ] বিণ, উৎপন্ন রহিত। ২। [ন=অন (নয়) উৎপন্ন (উৎপত্তি) যাহার—বহু] অজাত।

অনুত্তম (ম্) [ন=অন্ (নাই)+উত্তম যাহা হইতে—বহুব্রীহি] বিণ, যাহা অপেক্ষা আর উত্তম নাই ; অত্যুত্তম ; সর্বোৎকৃষ্ট। ২। (নঞতৎ) নিকৃষ্ট ; অধম।

অনুত্তর (র্) [ন=অন্ (নাই)+উত্তর=উত্তম যাহা হইতে—বহু] বিণ, মুখ্য ; সর্বশ্রেষ্ঠ। ২। [নাই উত্তর যাহার—বহু] উত্তর দানে অসমর্থ বা অনিচ্ছুক (এই অর্থে 'নিরুত্তর' শব্দই ব্যবহৃত হইয়া থাকে) ; প্রত্যুত্তরহীন ; মৌনী। ৩। [ন=অন্ (তদন্য) উত্তর, নঞ-তৎ] উত্তরের অন্যদিক অর্থাৎ বিপরীত দিক ; দক্ষিণ দিক্ ; অধঃ। ৪। দৃঢ়।

অনুত্তান (ন্) [ন=অন্+উত্তান, নঞ্ তৎ] উবুড় হইয়া শয়ন।

অনুদয় (য়্) [ন=অন্—উদয়, নঞতৎ] সূর্য্যোদয়ের পূর্ব্ব। প্র—"অনুদয়ে স্নান সন্ধ্যা করি সমাপন। বিল্বদল বিস্তর করিবে আহরণ।" —শিবায়ন।

অনুদর (র্) [ন=অন (অল্প)+উদর যাহার—বহু] বিণ, কৃশ ; দুর্ব্বল ; ক্ষীণমধ্য। স্ত্রী **অনুদরী**—কৃশোদরী ; ক্ষীণমধ্যা। ২। সুন্দরী।

অনুদাত্ত [ন=অন্+উৎ (উর্দ্ধ)+আ+দা (দান করা, বলা) +ক্ত (কর্ম্মে) ন উদাত্ত, নঞতৎ, অর্থাৎ যাহা জোরে উচ্চারণ করা যায় না] বি, পুং, নিম্নস্বর ; বেদের মন্ত্রবিশেষ ; ২। বিণ, যাহা উদাত্ত নয়।

অনুদার (র্) [ন=অন্+উদার, নঞতৎ] বিণ, সংকীর্ণ মন ; ক্ষুদ্র ; নীচাশয়। ২। কৃপণ। ৩। [অনু (অনুগতা)+দারা= স্ত্রী যাহার (যে পুরুষের)] যাহার স্ত্রী অনুগতা ; অনুগতদার। [প্র, অ]

অনুদিত [ন=অন্+উদিত (উদ্গত) নঞ তৎ] বিণ, অনুদ্গত ; অপ্রকাশিত ; ২। [ন=অন+বদ্ (বলা)+ক্ত—কর্ম্মে। ই আগম বদ্=উদ্+ইত] অকথিত ; অনুক্ত।

অনুদিন (ওনুদিন্) [অনু+দিন, অব্যয়ীভাব] অ, প্রত্যহ ; প্রতিদিন ; রোজ।
প্র—"নিদয়া বইসে খাটে, মাংস লয়্যা গোলা হাটে, অনুদিন বেচয়ে ফুলরা।" —কবিক।
"অনুদিন সঘন নয়নজল মুছয়ি" —রবি।
"নিরখি নিরখি অনুদিন মোরা ডুবিব রূপসাগরে,"—ব্রহ্মসঙ্গীত।

অনুদ্ঘাতিনী (অনুদ্ঘাতিনি) [ন=অন্-উৎ-ঘাত (দ্রঃ)+ইন্=অনুদ্ঘাতিন্+ঈ, স্ত্রী, নঞ তৎ] বিণ, স্ত্রী, সমতল।
প্র—"কিন্তু বাঙ্গালাদেশের অন্যত্র ভূমি যেরূপ সচরাচর অনুদ্ঘাতিনী, এ প্রদেশে সেরূপ নহে ;" —কপালকুণ্ডলা।

অনুদ্দিষ্ট [ন=অন+উদ্দিষ্ট, নঞ তৎ] বিণ, *যাহার কোন উদ্দেশ বা সন্ধান পাওয়া যায় না অপ্রাপ্ত সন্ধান।*

অনুদ্দেশ (শ্) [ন=অন্ (নাই)+উদ্দেশ যাহার—বহু] বি, পুং, যে বিদেশগত ব্যক্তির কোন সন্ধান পাওয়া যায় নাই ; নিরুদ্দেশ।

অনুদ্ধত [ন=অন্+উদ্ধত, নঞ তৎ] বিণ, বিনীত ; নম্র ; শান্ত ; ধীর।

অনুদ্ধৃত [ন=অন্+উদ্ধৃত, নঞ তৎ] বিণ, যাহার উদ্ধার হয় নাই ; যাহা উত্তোলিত হয় নাই বা উঠান যায় নাই।

অনুদ্যোগ (অনুদ্দোগ্) [ন=অন্+উদ্যোগ, নঞ তৎ] বি, পুং, অনুদ্যম ; ঔদাস্য ; অবহেলা ; উপেক্ষা ; আলস্য।

অনুদ্ভিন্ন (অনুদ্‌ভিন্‌ন) [ন=অন্+উদ্ (উপরি)+ভিদ্ (ভেদ করা)+ক্ত—কর্ম্মে, নঞতৎ] বিণ, যাহা উঠে নাই ; অনুদ্গত ; ২। অপুষ্ট ; অনুদ্ভিন্নদেহ—অপুষ্টদেহ জীব।

অনুদ্রুত (ওনুদ্রুত) [অনু (পশ্চাৎ)+দ্রুত (গত)=পলায়িত] বিণ, পশ্চাৎ ধাবিত ; অনুগত। ২। বি, ক্লী, সঙ্গীত শাস্ত্রে তাল বিশেষ ; সিকি মাত্রা তাল ; (অর্দ্ধ মাত্রাকে, দ্রুত বলে, দ্রুতের অর্দ্ধেক অনুদ্রুত)।

অনুধাবন (ওনুধাবন্) [অনু (পশ্চাৎ)+ধাব্ (দৌড়ান)+অন (ট্) (ভাবে)] বি, ক্লী, পশ্চাৎ অনুসরণ ; পশ্চাদ্গমন। ২। মনোনিবেশ। ৩। অনুসন্ধান। ৪। পর্য্যালোচনা ; বিবেচনা।
প্র—"আর ইহারও অনুধাবন করা আবশ্যক, আপনি যত দিন শোকাকুল থাকিবেন, রাজকার্য্যে মনোনিবেশ করিতে পারিবেন না।" —বিদ্যাসাগর।

অনুধাবিত (ওনুধাবিত) [অনু (পশ্চাৎ) +ধাব+ক্ত] বিণ, অনুদ্রুত ; পশ্চাদ্ধাবিত। ২। অভিনিবিষ্ট।

অনুধ্যান (ওনুধ্যান্) [অনু—ধ্যৈ (চিন্তা করা) +অন—ভাবে] বি, ক্লী, অনুচিন্তন ; স্মরণ। ২। শুভচিন্তা।

অনুনয় (ওনুনয়্) [অনু+নী (লইয়া যাওয়া, প্রার্থনা বা স্তুতি করা)+অল্—ভাবে] বি, পুং, বিনয় ; নম্রতা ; শিষ্টতা। ২। স্তব ; স্তুতি ; প্রার্থনা। ৩। সাধ্য-সাধনা।

অনুনাদিত [অনু (পুনঃপুনঃ) নাদ (ধ্বনি) +ইত] বিণ, প্রতিধ্বনিত ; শব্দিত।

অনুনাসিক (ওনুনাশিক্) [অনু (অনুগত, সহিত)+নাসিক অথবা অনু=পশ্চাৎ, নাসিকা স্থান হইতে উচ্চারণ যাহাদের ; মুখ, পূর্ব্ব উচ্চারণ স্থান, পশ্চাৎ নাসিকাস্থান] বি, পুং, নাসিকা সাহায্যে উচ্চার্য্যমাণ বর্ণমালা যথা—ঙ, ঞ, ণ, ন, ম, ং, ঁ। নাসিকা সম্বন্ধীয়।

অনুনীত (ওনুনীত) [অনু—নী+ক্ত (কর্ম্মে)] বিণ, বিনীত। ২। অনুনয় দ্বারা তুষ্ট। ৩। পূজিত ; সম্মানিত। ৪। প্রার্থিত। ৫। হৃষ্টচিত্ত ; প্রসাদিত।

অনুপ (প্) [ন=অন্ (নাই)+উপ (উপমা) যাহার—বহু] বিণ, উপমারহিত ; অতুলিত ; সাদৃশ্য শূন্য।
প্র—"ভুবনে অনুপবাস" —জ্ঞানদাস।
"থাকে সব ঠাঁই কেহ দেখে নাই বেদেতে কহে অনুপ।" —ভারতচন্দ্র।
২। (নঞ তৎ) সজল স্থান ; জলপ্রায় দেশ। (অনূপ দ্রঃ)

অনুপকার (র্) [ন=অন্+উপকার, নঞ তৎ] বি, পুং, ক্ষতি ; হানি। ২। অকল্যাণ। ৩। অগুণ।

অনুপকারক (ক্) [ন=অন্+ উপকারক, নঞ তৎ] বিণ, অপকারী ; অহিতকারী ; অগুণকারক।

অনুপকারী [অনুপকারিন্ শব্দ ন=অন্+উপকারী, নঞ্ তৎ] বিণ, অপকারী ; স্ত্রী, **অনুপকারিণী**

অনুপকৃত [ন=অন্+উপকৃত, নঞ্ তৎ] বিণ, যাহার উপকার করা হয় নাই।

অনুপদ (ওনুপদ্) [অনু (পশ্চাৎ)+পদ (গমন করা) পদের অনু(পশ্চাৎ) অব্যয়ীভাব] অ, ক্লী, অনন্তর ; পশ্চাৎ।
প্র—"কপিঞ্জল অনুপদে গিয়াছে তাহার" —আলো ও ছায়া।
২। পদে পদে। ৩। শীঘ্র। ৪। বারবার। ৫। বিণ, পশ্চাদ্গামী।

অনুপদিষ্ট [ন=অন—উপদিষ্ট, নঞ্ তৎ] বিণ, যাহাকে উপদেশ প্রদান করা হয় নাই ; যাহাকে শিখাইয়া দেওয়া হয় নাই ; অশিক্ষিত।

অনুপদী (ওনুপোদি)[অনুপদিন্ শব্দ, অনুপদ+ইন্—অস্ত্যর্থে] বিণ, অন্বেষণকারী ; অনুগামী ; পশ্চাদ্গামী। প্র—"মৃগ অনুপদী বীর ধায় লঘুগতি।" —কবিকঙ্কণ।

অনুপদীনা (ওনুপো—) [অনু (সকল)+পদ +ব্যাপকার্থে—ইন্+স্ত্রী—আ] বি, স্ত্রী, মোজা। ২। পাদাচ্ছাদন ; বুটজুতা ; long-boot.

অনুপপত্তি [ন=অন্ (নাই)+উপপত্তি=সিদ্ধান্ত যাহার—বহু] বি, স্ত্রী, অযুক্তি ; অসঙ্গতি। ২। অসিদ্ধি ; অসমাপ্তি ; অকৃতকার্য্যতা। প্র—"কর্ম্মকর্ত্তার অযথাবিধি কর্ম্মকরণ প্রভৃতি বৈগুণ্য প্রযুক্ত যাগফলের অনুপপত্তি দেখিতে পাওয়া যায়।" —রমানাথ সরস্বতী।
৩। অসচ্ছলতা ; অভাব।

অনুপপন্ন [ন=অন্+উপপন্ন (সিদ্ধ) নঞ্

তৎ] বিণ, অযুক্ত ; অসিদ্ধ ; অপ্রমাণীকৃত। ২। অসম্পন্ন। ৩। অনুৎপন্ন।

অনুপম (ওনুপম্) [ন=অন্+(নাই) উপমা যাহার—বহু] বিণ, নিরুপম ; উপমা রহিত ; অতুল্য ; অত্যুৎকৃষ্ট। স্ত্রী, **অনুপমা**—নিরুপমা সুন্দরী। ২। কুমুদ-নামক দিগ্‌গজভার্য্যা ; অগ্নি বা নৈর্ঋত কোণের হস্তিনী।

অনুপমেয় [ন=অন+উপমেয়, নঞ্ তৎ] বিণ, উপমা রহিত ; নিরুপম ; যাহার উপমা দেওয়া যায় না।

অনুপযুক্ত (অনুপজুক্‌তো) [ন=অন্+উপযুক্ত নঞ্ তৎ] বিণ, অনুচিত ; অযুক্ত। ২। অযোগ্য ; অকার্য্যকর। ৩। অক্ষম ; অশক্ত।

অনুপল (ওনুপল্) [পলের অনু—অব্যয়ীভাব—সংজ্ঞার্থে] অত্যল্পকাল ; সময়ের অতি ক্ষুদ্রাংশ ; ক্ষণ ; মুহূর্ত্ত।
প্র—"যৌবনের এককণা—এক অনুপল
বিশাল ব্রহ্মাণ্ড গ্রাসে এত অভিমান !"
—গোবিন্দদাস (ফুলরেণু)।

অনুপলব্ধি (অনুপলোব্‌ধি) [ন=অন্+উপলব্ধি (প্রাপ্তি) নঞ্ তৎ] বি, স্ত্রী, অপ্রাপ্তি। ২। অনিশ্চিত ; অননুমান। ৩। অননুভূতি।

অনুপস্থান (অনুপস্‌থান্) [ন=অন্+উপস্থান, নঞ্ তৎ] বি, স্ত্রী, অনুপস্থিতি।

অনুপস্থিত (অনুপসথিৎ) [ন=অন্+উপস্থিত, নঞ্ তৎ] বিণ, অসাক্ষাৎ ; অবর্ত্তমান। ২। যাহার আগমন হয় নাই ; অনাগত।

অনুপস্থিতি [ন=অন্+উপ+স্থা+ক্তি, নঞ্ তৎ] বি, স্ত্রী, অনুপস্থান ; উপস্থিত না থাকা ; অবর্ত্তমানতা। ২। অনাগমন।

অনুপহত [ন=অন্+উপহত (আহত) নঞ্ তৎ] বিণ, অনাহত। ২। যাহার উপঘাত (দ্রঃ) হয় নাই ; অবিনাশিত। ৩। অনিবারিত। ৪। অনাক্রান্ত।

অনুপাত (ওনুপাত্) [অনু+পাত (পতন)] বি, পুং, পশ্চাৎ পতন ; সমসূত্রভাবে পাতন ; এক রাশির সহিত অপর এক রাশির যে সম্বন্ধ ; পশ্চাদ্গমন ; proportion.

অনুপাতক (ওনুপাতোক্) [অনু (সদৃশ) + পাতক (পাপ)—মহাপাতক সদৃশ পাপ] বি, ক্লী, মিথ্যাকথা, প্রবঞ্চনা, মিথ্যা সাক্ষ্য দান, গচ্ছিত দ্রব্যাপহরণ, ভূমিহরণ, পরদার, বেদবিস্মরণ, বন্ধুদ্রোহ, সুরাপান প্রভৃতি ৩৫ প্রকার পাপ। —স্মৃতি।

অনুপান (ওনুপান্) [অনু+পান] ক্লি, ক্লী, ঔষধের সহিত সেবনীয় রসাদি দ্রব্য।

অনুপাম (ওনুপাম্) [অনুপম স্থলে প্রাচীন বাঙ্গালা পদ্যে ব্যবহৃত] বিণ, অনুপম। অতুলনীয় ; নিরুপম।
প্র—মুখচন্দ্র অনুপাম, বিন্দুবিন্দু শোভে ঘাম, সিন্দুর তিলক তিমিরারি।" —কবিক।
প্র—"ক্ষণে ক্ষণে বৈদগ্‌ধি কলা অনুপাম।"
—বিদ্যাপতি।
"ভণয়ে বিদ্যাপতি রস অনুপাম।"
—বিদ্যাপতি।

অনুপায় [ন=অ—উপায়] বিণ, উপায় হীন ; নিরুপায় ; সহায় শূন্য। বি, উপায়ের অভাব ; কোন উপায় নাই এমন অবস্থা।
প্র—"আমি আছি গো তারিণি ! ঋণী তব পায়। মা ! আমার অনুপায়।"
—দাশরথি রায়।

অনুপাল্য (ওনুপাল্‌ল) [অনু (সম্যক্)—পাল্য] বিণ, সর্ব্বতোভাবে পালনযোগ্য ; আশ্রিত।
প্র—"অনুপাল্য তোমার আমরা সর্ব্বজন।"
—চৈ, ভা।

অনুপ্রাস (ওনুপ্রাশ্) [অনু(সদৃশ)+প্রাস (প্রস্=বিস্তার করা+ঘঞ্, ভাবে)]বি, পুং, বিস্তার ; তুল্য বর্ণ বিন্যাসরূপ কাব্যালঙ্কার ; একজাতীয় ব্যঞ্জন বর্ণের পুনঃপুনঃ ব্যবহার ও উচ্চারণ ; যমক শব্দ ; মিত্রাক্ষর।
প্র—"মুঞ্জ বিকচ কুসুমপুঞ্জ,মধুপ শবদ গুঞ্জগুঞ্জ,
কুঞ্জর গতি গঞ্জি গমন মঞ্জুল কুলনারী,
ঘন গঞ্জিত চিকুর পুঞ্জ, মালতি ফুল মালে রঞ্জ,
অঞ্জন যুত কঞ্জনয়নী খঞ্জন গতিহারী॥"
—জগদানন্দ (পদাবলী)।
"যথায় কমলালয়ে, কমল-আসনে,
বসেন কমলময়ী কেশব-বাসনা
লঙ্কাপুরে।" —মেঘনাদ।

অনুবৎসর (ওনুবৎশর্) [জ্যোতিষিক পরিঃ] বি, চান্দ্রমানে এক বৎসর ; lunar year.

অনুবন্ধ (ওনুবন্ধ) [অনু—বন্ধ (বন্ধনকরা)—ভাবে—অল্] বি, পুং, আরম্ভ ; উপক্রম।
"দক্ষ জীয়াইতে হর করে অনুবন্ধ।"
—কবিক।
২। অবতারণা। ৩। সম্বন্ধ। ৪। । প্রসঙ্গ। প্র—
"হৈমবতী হরপাশে হাসে মন্দ মন্দ।
কান্ত সনে করিয়া কথার অনুবন্ধ॥"
—শিবায়ন।
৫। অভিলাষ ; সঙ্কল্প।
প্র—"তছু মধু মানস, মাতল মধুকর
পীবইতে করু অনুবন্ধে॥"—গোবিন্দদাস।
"শঙ্করে ছলিতে তবে হলো অনুবন্ধ।"
—ঘনরাম।
৬। চেষ্টা। প্র—"আছাড় মারিতে ভূমে করে অনুবন্ধ।"—ঘনরাম।
"অনুবন্ধ করে বাধা ভাঙ্গিতে পিঞ্জর।"
—ঘনরাম।
৭। অনুরোধ। ৮। আরোপ। ৯। অনুবৃত্তি ; পুনঃ পুনঃ আবৃত্তি। ১০। অবিচ্ছেদ। ১১। বন্ধন ; বাধ্য-বাধকতা। ১২। পূর্ব্বলক্ষণ। ১৩। [ব্যাকরণে] ইৎ বা কল্পিতবর্ণ, শব্দ-সংগঠন কালে যাহার লোপ হয় ; গুণবৃদ্ধ্যাদি কার্য্য বিশেষ। ১৪। [বেদান্তদর্শনে] শাস্ত্রাধ্যয়নের পক্ষে অধিকারী, বিষয় প্রভৃতি চারিটি প্রধান এবং অপরিহার্য্য গুণ বা প্রয়োজন। ১৫। [পাটীগণিতে] ভগ্নাংশের যোগ বা সমীকরণ। ১৬। [কর্ত্তৃ অল্] যে শিশু পিতা পিতামহাদি গুরুজনের অনুযায়ী বা আদর্শানুযায়ী।

অনুবন্ধী (ওনুবোন্‌ধি) [মূলশব্দ অনুবন্ধিন্ ; অনুবন্ধ+ইন] বিণ, সম্বন্ধীয় ; অনুবন্ধ-বিশিষ্ট ; সংক্রান্ত ; অন্বিত ; অবিচ্ছিন্ন। ২। অনুরোধী। ৩। অনুবর্ত্তী ; সহকারী ; সহচর। —[মহা, সভা, কাশী]

অনুবর্ত্তন (ওনুবরতন্) [অনু (পশ্চাৎ) + বৃত্ (বিদ্যমান থাকা) + অনট্—ভাবে] বি, ক্লী, অনুযাত্রা ; অনুগমন ; অনুসরণ ; পশ্চাদ্গমন। ২। সেবা ; অনুবৃত্তি। ৩। স্থানান্তর গমন। ৪। পূর্ব্ব সূত্রস্থ পদের পরসূত্রে অনুবৃত্তি। ৫। অনুবন্ধ। ৬। অনুরোধ।

অনুবর্ত্তিতা (ওনুবোরতিতা) [অনুবর্ত্তিন+তা—ভাবে] বি, স্ত্রী, অনুবর্ত্তন।

অনুবর্ত্তী (ওনুবোর্‌তি) [মূলশব্দ—অনুবর্ত্তিন্ ; অনু (পশ্চাৎ) + বৃত্ (বিদ্যমান থাকা) + ইন্] বিণ, অনুসরণকারী ; সহগামী ; অনুগামী। ২। যে অপরের মতানুসারে চলে। ৩। পশ্চাদ্বর্ত্তী। স্ত্রী, **অনুবর্ত্তিনী**—স্বামীর মৃত্যুর পর যে স্ত্রী চিতারোহণ পূর্ব্বক জীবন বিসর্জ্জন করে

অনুবল (ওনুবল্) [অনু (অনুগত) বল—২য়া তৎ—অর্থাৎ যে বলকে অনুগমন করে] বি, অনুগ্রহ। প্র—"ধর্ম্ম অনুবলে তাহা হইল পূরণ।"—কাশীরাম (মহা, সভা)।
২। সহায়। প্র—"শঠতা করিয়া তারা যদি ধরে ছল। সেই কালে কেবা মোর হবে অনুবল॥"—কবিক। ৩। [অনু —বল (সামর্থ্য)] ক্রি, বিণ, প্রভাবে।

অনুবলে (ওনুবলে) [অনুবল দ্রঃ] ক্রি-বিণ, প্রভাবে ; ক্ষমতানুযায়ী।
প্র—"ব্যাস জপে অনশনে,
অন্নদা জানিল মনে,
ব্যাসের তপের অনুবলে।"—ভারতচন্দ্র।

অনুবাক (ওনুবাক্) [অনু+বচ্+ঘঞ্] বি, পুং, সাম বা যজুর্ব্বেদের অংশ বিশেষ।

অনুবাক্যা (ওনুবাক্‌ক্যা) [অনু+বচ্+য (কর্ম্মে)] বি, স্ত্রী, ঋক্‌বেদান্তর্গত দেবতা-আহ্বান সাধিকা মন্ত্র বিশেষ।

অনুবাদ (ওনুবাদ্) [অনু (পুনঃপুনঃ, সদৃশ,

মন্দ ইত্যাদি) বদ্ (বলা)+অ (ভাবে ঘঞ্)] বি, পুং, ভাষান্তর ; তর্জমা ; এক ভাষার অর্থ বা ভাব অন্য ভাষায় ব্যক্ত করণ ; translation. ২। অনুকরণ। ৩। নিন্দা ; অপবাদ। ৪। দোষারোপ। ৫। বিড়ম্বনা। প্র—"খাইতে নাহিক ঘরে, সাধ বড় করে,
মিছি করে অনুবাদ।"—চণ্ডীদাস।

অনুবাদক (ওনুবাদক্) [অনুবাদ+অক] বিণ, যে অনুবাদ বা ভাষান্তর করে ; translator. ২। অনুকারক। ৩। নিন্দক। ৪। দোষারোপকারী। ৫। বিড়ম্বনাকারী।

অনুবাদিত (ওনুবাদিত) [অনুবাদ+ইত] বিণ, যাহার অনুবাদ করা হইয়াছে ; ভাষান্তরিত।

অনুবাদী (ওনুবাদি) [মূলশব্দ অনুবাদিন্, অনুবাদ+ইন্] বিণ, অনুবাদক। ২ সদৃশ ; অনুরূপ।

অনুবাদ্য (ওনুবাদ্দো) [অনু+বদ্ (বলা)+য —কর্মে (ঘ্যণ্)] বিণ, যাহার অনুবাদ করা উচিত ; অনুবাদের যোগ্য ; যাহা ভাষান্তরিত করিতে হইবে ; অনুবাদনীয়। ২। অনুকরণীয়। ৩। উদ্দেশ্য।

অনুবাসন (ওনুবাশোন্)[অনু+বাসি+অনট্] বি, ক্লী, বস্তিক্রিয়াবিশেষ অর্থাৎ বস্ত্রভাগ (দশী) সুরভিকরণ ; স্নেহ ধূপন ; অর্থাৎ স্নেহ পদার্থ দ্বারা সুগন্ধীকরণ ; ধূপ দ্বারা সুরভিকরণ ; ধূপন ; ধূপ।

অনুবিদ্ধ (ওনুবিধ্‌ধ) [অনু+ব্যধ (বিদ্ধ করা, যোগ করা বা গাঁথা)+ক্ত(কর্মে)] বিণ, যুক্ত ; খচিত ; সম্পৃক্ত ; ব্যাপ্ত ; অলঙ্কৃত ; গ্রথিত ; গুম্ফিত ; প্রতিরুদ্ধ ; পরাহত। ২। বি, ক্লী, গ্রহণ।

অনুবিম্ব (ওনুবিম্ব) [অনুরূপ—বিম্ব ; প্রাদি] বি, ক্লী, প্রতিবিম্ব।

অনুবৃত্তি (ওনু) [অনু (পশ্চাৎ)+বৃৎ (বিদ্যমান থাকা)+ক্তি—ভাবে] অনুবর্তন ; পশ্চাদ্‌গমন। ২। অনুকরণ। ৩। সেবা। ৪। অনুবন্ধ। ৫। [ব্যাকরণে] পূর্বসূত্র হইতে পরসূত্রে উপস্থিতি।

অনুবেদন (ওনুবেদন্) [অনু—বিদ্ (জ্ঞান) +অন (ভাবে)] বি, ক্লী, জ্ঞানদান ; জ্ঞাপন ; বিজ্ঞাপন। প্র—"তুমি অনুবেদন করিলে পাই হরি। তাঁর তরে তুয়া পায় নিবেদন করি।"—শিবায়ন।

অনুবেল [অনু+বেলা] অ, নিরত ; সতত ; নিরন্তর ; প্রতিক্ষণ। ২। বেলাভূমির উপকণ্ঠে ; উপকূলে।

অনুব্রজ (ওনুব্রোজ) [অনু (পশ্চাৎ) ব্রজ্ (গমন করা, যাওয়া)+অ (কর্তৃ অচ)] বি, পশ্চাৎ গমন। ২। প্রত্যুদ্‌গমন ; অগ্রবর্তী হওয়া বা আগ বাড়াইয়া যাওয়া। প্র—"দূত গিয়া বার্তা দিল জনক রাজারে। অনুব্রজে লও রাজা অজের কুমারে।" —কৃত্তিবাস। বিণ, অনুব্রজী—পশ্চাদ্‌গামী। প্র—"অনুব্রজী নরপতি পাছু পাছু ধায়।"
—কবিকঙ্কণ।

অনুব্রজ্যা (ওনুব্রোজ্‌জা) [অনু+ব্রজ্যা ব্রজ+ক্যপ] বি, স্ত্রী, পশ্চাদ্‌গমন ; প্রত্যুদ্‌গমন।

অনুব্রত (ওনুব্‌ব্রোতো) [অনু—বৃ (বরণ করা) +অত (চ—অধি)] বি, বরণ করা হয় যাহাতে ; ব্রত বিশেষ। ২। ক্রি-বিণ, নিরন্তর। প্র—"মোর বাপে স্তুতি শুক্র করে অনুব্রতে।"—কাশীরাম দাস (মহা-আদি)

অনুভব (ওনুভব্) [অনু+ভূ (হওয়া)+অল্ —ভাবে] বি, পুং, জ্ঞান ; বোধ ; উপলব্ধি প্র—"সখি কি পুছসি অনুভব মোয়।"
—বিদ্যাপতি
প্র—"নিশিতে দেখিনু আজ কিছু অনুভব।
—চৈতন্য ভাগবত
২। প্রভাব। প্র—"ব্রহ্মাদির দুর্লভ দেখিব অনুভব।" —চৈতন্য ভাগবত। ৩। মহিমা। প্র—"অল্পে সর্বশাস্ত্রের জানিব অনুভব।"—চৈতন্য ভাগবত। "জানিনু তোমার অনুভব" —অ, ম। ৪। আবির্ভাব। প্র—"বিশেষিয়া শুন কই, কালিকা আকাশে অই, অই অনুভবে এ সকল।"—অন্নদামঙ্গল। [অনুভবে=আবির্ভাব হেতু]

অনুভাব (ওনুভাব্) [অনু+ভূ (সমর্থ হওয়া) +ঘঞ্—ভাবে] বি, পুং, বোধ ; জ্ঞান। ২। প্রভাব ; সামর্থ্য। ৩। মহিমা। ৪। তেজঃ। ৫। মানসিক অভিপ্রায়-সূচক হাব, ভাব ইত্যাদি ; ইসারা। ৬। মনের উন্নতি বা মহত্ত্ব। ৭। নিশ্চয়। ৮। সুখানুভূতি ; সুখ। প্র—"কামুক পরশে যতেক অনুভাব। অনুভাবি অঙ্গ পরক সমুঝাব।"—গোবিন্দ দাস। ৯। [অলঙ্কার শাস্ত্রে] রসব্যঞ্জক ভ্রূভঙ্গাদি। ১০। [কাব্যালঙ্কারে] স্থায়িভাবের কার্য্যকে অনুভাব বলে। ইহা হইতে রসের উৎপত্তি হয়।
স্থায়িভাবের কার্য্য, যথা—ক্রন্দন, রোমাঞ্চ, ভূমিতে লুণ্ঠন, কেশাকর্ষণ, আস্ফালন, দন্ত-নিষ্পেষণ প্রভৃতি করণ, বীর, রৌদ্রাদি রসের অনুভূতি করায় বলিয়া তাহাদিগকে অনুভাব বলে।

অনুভাবি [প্রা, বৈ, সা,] ক্রি, অনুভব করিয়া। প্র—"অনুভাবি অঙ্গপরক সমুঝাব।"
—গোবিন্দদাস।

অনুভূত (ওনুভূত) [অনু—ভূ+ক্ত] বিণ, উপলব্ধ ; জ্ঞাত ; অবগত ; যে বিষয়ের অনুভব হইয়াছে।

অনুভূতি (ওনুভূতি) [অনু—ভূ+ক্তি—ভাবে] বি, স্ত্রী, উপলব্ধি ; অনুভব ; জ্ঞান। ২। [ন্যায়শাস্ত্রে] বুদ্ধির বিভাগ বিশেষ। ইহা প্রত্যক্ষ, অনুমিতি, উপমিতি ও শাব্দ ভেদে চারি প্রকার।

অনুমত (ওনুমত) [অনু+মন্ (বোধ করা, আজ্ঞা করা বা স্বীকার করা)+ক্ত] বিণ, সম্মত ; স্বীকৃত ; অনুমোদিত ; অনুজ্ঞাত।

অনুমতি (অনুমোতি) [অ+মন্ (জানা, আজ্ঞাকরা)+তি—ভাবে] বি, স্ত্রী, কলাহীন চন্দ্রযুক্ত পূর্ণিমা অর্থাৎ শুক্ল চতুর্দশীযুক্ত পূর্ণিমা। ২। আজ্ঞা ; আদেশ ; সম্মতি।

অনুমন্তা (ওনুমনতা) [অনুমন্তৃ শব্দ, অনু+মন্+তৃন্—১মা ১ বচন] বিণ, আজ্ঞাকর্তা ; অনুমতিকারক।

অনুমন্ত্রণ (অনুমোনত্রোন) [অনু+মন্ত্রণ] বি, পুং, মন্ত্রোচ্চারণ দ্বারা যজ্ঞের সংস্কার বিশেষ।

অনুমন্ত্রিত (অনুমোনত্রিত) [অনু+মন্ত্র+ক্ত] বিণ, মন্ত্রোচ্চারণ দ্বারা সংস্কৃত ; মন্ত্রপূত

অনুমরণ (ওনুমরন্) [অনু (পশ্চাৎ বা সহিত)+মরণ] বি, ক্লী, সহমরণ ; পতির সহিত চিতায় বা অব্যবহিত পরে স্বেচ্ছায় প্রাণত্যাগ।
প্র—"উদ্দেশে প্রণাম করি পিতৃ-মাতৃ পদে করিলাম আয়োজন অনুমরণের"—
—আলো ও ছায়া।

অনুমস্তিষ্ক (অনুমোস্‌তিশ্‌কো) মস্তকের পশ্চাৎ-ভাগে যে মস্তিষ্কের অংশ থাকে—ইহা পেশীর কার্য্য নিয়মিত করে ; cerebellum.

অনুমান (ওনুমান্) [অনু (পশ্চাৎ বা অনুসারে) মা (পরিমাণ করা)+অন (ভাবে)] বি, ক্লী, অনুভব ; বোধ ; হেতু বা তর্ক দ্বারা কোন বস্তুর অনুভব বা নির্ণয় করণ। ২। অর্থালঙ্কার বিশেষ ; (অনুমিতি দ্রঃ) "যদি রূপকাদি দ্বারা বৈচিত্র্য বিশেষের জ্ঞাপক হয় তাহা হইলে অনুমান অলঙ্কার হয়।" প্র—"তব তেজঃ প্রাদুর্ভাবে করি অনুমান, দৈত্য আঁধারের আজি নিশা অবসান।" —নিবাতকবচবধ কাব্য।

অনুমানতত্ত্ব (ওনুমান্‌তৎত) বি, বিশেষ হইতে সামান্যের অনুমান ঘটিত তর্কশাস্ত্র ; আরোহিক ন্যায়শাস্ত্র ; inductive Philosophy ; Logic.

অনুমানি (ওনুমানি) [অনুমান দ্রঃ] ক্রি, বোধকরি ; অনুমান করি ; মনে করি।

প্র—"প্রভাত সুরভি অতি, সমীর সুধীর-গতি, তব যশ বহে অনুমানি।" —মনোমোহন বসু।

অনুমাপক (ওনুমাপক্) [অনু + মাপি (পরিমাণ করা) + অক (কর্ত্তৃ)] বিণ. অনুমানের হেতু ; অনুমানজনক ; নির্ণায়ক।

অনুমিত (ওনুমিত) [অনু + মা + ক্ত (কর্ম্মে)] বিণ. লক্ষণ, যুক্তি বা হেতু দ্বারা নির্ণীত ; যে বিষয়ের অনুমান করা গিয়াছে।

অনুমিতি (ওনুমিতি) [অনু + মা (পরিমাণ বা নির্ণয় করা) + ক্তি—ভাবে] বি. স্ত্রী. অনুমাণ করণ ; বিতর্ক।
২। [ন্যায়দর্শনে] ব্যাপ্য হেতু বা লক্ষণ দ্বারা ব্যাপক বস্তুর নিশ্চয়, কার্য্য দর্শনে কারণের বা কারণ দর্শনে কার্য্যের অনুভূতি।
৩। [গণিতবিজ্ঞানে] কোন প্রতিজ্ঞা হইতে এক বা বহু ফলের উপলব্ধি ; উপপাদিত প্রতিজ্ঞার অনুমান ; corollary.
৪। [অলঙ্কার শাস্ত্রে] সাধনের জ্ঞান হেতু সাধ্যের জ্ঞানবোধক অর্থালঙ্কার।

অনুমৃত (ওনুমৃত) [অনু (পশ্চাৎ) + মৃ (মরা) + ক্ত (কর্ম্মে)] বিণ. পশ্চাৎ মৃত ; সহমৃত। স্ত্রী. **অনুমৃতা**—সহমৃতা।
প্র—"অনুমৃতা হবে রতি, হেনকালে সরস্বতী, আকাশে কহিলা হিতবাণী।" —কবিকঙ্কণ।

অনুমেয় (ওনুমেয়) [অনু + মা (পরিমাণ করা বা নির্ণয় করা) + য (কর্ম্মে)] বিণ. অনুমান যোগ্য ; সিদ্ধান্ত দ্বারা স্থির করিবার যোগ্য। ২। অনুমানসাধ্য ; যাহা অনুমান করা যাইতে পারে।

অনুমোদন (ওনুমোদন) [অনু + মুদ্ (হৃষ্ট হওয়া, আজ্ঞা দেওয়া) + অন—ভাবে] বি. ক্লী. হৃষ্টচিত্তে সম্মতি দান। ২। প্রবৃত্তিপ্রদান ; উৎসাহ দান। ৩। প্রবর্ত্তন।

অনুমোদিত (ওনুমোদিত) [অনু + মুদ্ + ক্ত (কর্ম্মে)] বিণ. অনুমত ; অনুজ্ঞাত।
২। প্রোৎসাহিত। ৩। সদৃশ।
৪। অনুগামী।

অনুযাত (ওনুজাত) [অনু + যাত (গত)] বিণ. অনুগত ; পশ্চাদ্গত ; অনুসৃত।
২। অনুকৃত।

অনুযাত্র (অনুজাৎত্র) [অনু (পশ্চাৎ) যা (গমন করা) + ত্র (কর্ত্তৃ)] বিণ. অনুযায়িবর্গ।

অনুযাত্রিক (ওনুজাৎত্রিক্) [অনু (পশ্চাৎ) যাত্র (গমন) + ইক, অর্থাৎ যাহারা পশ্চাৎ গমন করে] বিণ. অনুগামী। ২। বি. অনুচর ; সমভিব্যাহারী লোক।

অনুযায়ী (ওনুজায়ি) [অনু + যা + ইন (কর্ত্তৃ)] বিণ. অনুগামী ; অনুবর্ত্তী। ২। অনুচর ; সেবক। ৩। অনুরূপ ; সদৃশ।

অনুযোক্তা (ওনুজোক্তা) [মূলশব্দ অনুযোক্তৃ, অনু + যুজ্ + তৃণ (কর্ত্তৃ)] বিণ. অনুযোগকারী ; দোষদাতা।
২। তিরস্কারক।

অনুযোগ (ওনুজোগ্) [ওনু + যুজ্ (যোগ করা) + অল্ (ভাবে)] বি. পুং. প্রশ্ন ; জিজ্ঞাসা।
প্র—"লোকে করে অনুযোগ, সাধুর কি হ'ল রোগ।" —কবিকঙ্কণ।
২। দোষারোপ। প্র—"মিথ্যা অনুযোগ মা হইয়া কহ কত।" —ভারতচন্দ্র।
৩। ভৎ'সনা ; তিরস্কার। ৪। নিন্দা।
প্র—"বৃদ্ধ জানি মোরে অনুযোগ করে ছলে।" —কাশীদাস (মহা—ভীষ্ম)
৫। আক্ষেপ। ৬। প্রবোধ। ৭। শিক্ষা ; উপদেশ। ৮। সাধন। ৯।

অনুযোগী (ওনুজোগি) বিণ. কোন বস্তুর সহিত আধার আধেয় সম্বন্ধে সম্বন্ধ।

অনুযোজক (ওনুজোজক্) [অনু + যুজ (যোগ করা) + অক (কর্ত্তৃ)] বিণ. অনুযোগকারী।

অনুযোজ্য (ওনুজোজ্জ) [অনু + যুজ + (কর্ম্মে)] বিণ. অভিযোগের পাত্র।

অনুরক্ত (ওনুরক্ত) [অনু + রনজ (রঙ করা) + ক্ত (কর্ম্মে)] বিণ. রত ; প্রীত ; আসক্ত ; অনুরাগবিশিষ্ট। ২। অনু + রঞ্জ (রঙ্ করা) + ক্ত (কর্ম্মে)] রঞ্জিত। বি. অনুরক্তি।

অনুরক্তি (ওনুরোক্তি) [অনু + রঞ্জ (রঙ করা, প্রীত হওয়া) + ক্তি—ভাবে] বি. স্ত্রী. চিত্তাসঙ্গ ; আসক্তি ; অনুরাগ ; প্রীতি।
প্র—"রামচন্দ্রের প্রতি তাঁহার যেরূপ অবিচলিত ভক্তিও ঐকান্তিক অনুরক্তি ছিল," —বিদ্যাসাগর। বিণ. অনুরক্ত।

অনুরঞ্জক (ওনুরনজক্) [অনু + রঞ্জি (রঙ্ করান, প্রীত করা) + অক (কর্ত্তৃ)] বিণ. যে অনুরঞ্জন করে ; প্রীতি সম্পাদনকারী।
২। রঙ্গকারক ; যে বস্ত্রাদি রঙ্ করে।

অনুরঞ্জন (ওনুরনজন্) [অনু + রঞ্জি (রঙ্ করান, আপ্যায়িত করা) + অনট্—ভাবে] বি. ক্লী. সন্তোষ বা হর্ষ জনন ; তুষ্টিকরণ।
প্র—"যদি প্রজালোকের সর্ব্বাঙ্গীন অনুরঞ্জনের জন্য, আমায় স্নেহ, দয়া বা সুখভোগ বিসর্জ্জন দিতে হয়, অথবা প্রাণপ্রিয়া জানকীর মায়া পরিত্যাগ করিতে হয়, তাহাতেও আমি কিছুমাত্র কাতর হইব না।" —বিদ্যাসাগর (সী. ব)

অনুরণন (ওনুরনন্) [অনু + রণ্ (শব্দ করা) + অ (ভাবে—অনট্)] বি. ক্লী. শব্দের পশ্চাৎ শব্দ ; প্রতিধ্বনি ; প্রতিশব্দ।

অনুরত (ওনুরত) [অনু + রম্ + ক্ত (কর্ত্তৃ) ম লোপ] বিণ. অনুরক্ত ; প্রিয় ; আসক্ত।

অনুরথ্যা (ওনুরোথ্থ্যা) [অনু (ক্ষুদ্র) + রথ্যা (পথ)] বি. সংকীর্ণপথ ; গলিপথ।

অনুরাগ (ওনুরাগ্) [অনু + রনজ (রঙ করা, অনুরক্ত হওয়া বা ভালবাসা) + ঘঞ্—ভাবে] বি. পুং. স্নেহ ; প্রীতি ; প্রেম।
প্র—"সোই পিরীতি অনুরাগ বাখানিতে তিলে তিলে নূতন হোয়," —বি. প.।
"অনুরাগ তুমি হে অন্তরে মম।"
"কানু-অনুরাগ" —জ্ঞানদাস
২। সোহাগ।
প্র—"অনুরাগে কুঞ্জে জাগে নাগরী নাগর।" —গিরিশ ঘোষ।
৩। আদর ; যত্ন।
৪। ক্রোধ ; কোপ ; বিরাগ। [অপ্র]
প্র—"কেন মাতা বিষহরি, আমারে আক্রোশ করি, কে আঁটে তোমার অনুরাগে।" —কেতকাদাস (মনসা মঙ্গল)
৫। রাগের সহচরী।
প্র—"ছত্রিশ রাগিণী মেলে, ছয় রাগ সদা খেলে অনুরাগ সে সব রাগিণী।" —অ. ম।
৬। অঙ্গরাগ। প্র—"ছিল অনুরাগ, তাহা কৈলা ত্যাগ, দিল যে রাক্ষস রাজে।" —মহা. কাশী।
৭। প্রবৃত্তি ; আসক্তি। প্র—অধ্যয়নে অনুরাগ ; ধর্ম্মানুরাগ।

অনুরাগী (ওনুরাগি) [মূলশব্দ অনুরাগিন্ : অনুরাগ + ইন—অস্ত্যর্থে ; অথবা অনু (পশ্চাৎ) + রনজ (রঙকরা, অনুরক্ত হওয়া) + ইন্—শীলার্থে] বিণ. আসক্ত ; অনুরাগযুক্ত। স্ত্রী. **অনুরাগিণী**—প্রেমিকা। প্র—"নব অনুরাগিণী রাধা। কছু নাহি মানয়ে বাধা।" —বিদ্যাপতি।

অনুরাধা (ওনুরাধা) [অনু + রাধ (সিদ্ধি করা) + আ—সংজ্ঞার্থে—অর্থাৎ যাত্রাদিতে ইষ্ট সিদ্ধ করে] বি. স্ত্রী. সপ্তদশ নক্ষত্র—এই নক্ষত্রে যাত্রা করিলে সিদ্ধি লাভ হয় বলিয়া প্রবাদ আছে।

অনুরুদ্ধ (ওনুরুদ্ধ) [অনু + রুধ (রোধ করা) + ক্ত (কর্ম্মে)] বিণ. যাহাকে বা যে বিষয়ের অনুরোধ করা হইয়াছে ; কৃতানুরোধ। ২। নিবারিত। ৩। শাসিত। ৪। স্বীকৃত।

অনুরূপ (ওনুরূপ্) [অনু (তুল্য, যোগ্য) + রূপ (আকার)] বিণ. সমতুল্য ; সদৃশ।
২। যোগ্য। ৩। অনুসারী ; অনুযায়ী।
স্ত্রী. **অনুরূপা**—তুল্যা ; যোগ্যা।

অনুরোধ (ওনুরোধ্) [অনু + রুধ্ (রুদ্ধ করা, অনুরোধ করা) + ঘঞ্—ভাবে] বি. পুং. উপরোধ ; অপরকে কিছু বলা বা প্রার্থনা করা। ২। অপেক্ষা। ৩। অনুরাগ।
৪। অনুসরণ। ৫। পক্ষপাত। ৬। হেতু ; নিমিত্ত। প্র—"দোষ অনুরোধি

মোরে দিলা অভিশাপ।" —কবিক (অ-সরকার)।

অনুল (ওনুল) [প্রাদেশিক] বি. অভাব; অপ্রতুল। প্র—"পুঁজি আর প্রবঞ্চনা বাণিজ্যের মূল। মহেশের সেত নাহি সকলি অনুল।" —শিবায়ন।

অনুলম্ব (ওনুলম্ব) [জীব বিদ্যায়] বিণ. লম্বালম্বী; উর্দ্ধাধঃ; longitudinal.

অনুলাপ (ওনুলাপ্) [অনু (পুনঃ পুনঃ)+লপ্ (বলা)+ঘঞ্—ভাবে] বি. পুং. পৌনরুক্তি; পুনঃ পুনঃ কথন

অনুলিপ্ত (ওনুলিপ্‌ত) [অনু+লিপ্+ক্ত (কর্ম্মে)] বিণ. রঙ করা; অনুরঞ্জিত।

অনুলেপ, অনুলেপন (ওনুলেপ্, ওনুলেপন্) [অনু+লিপ্ (লেপন করা)+অল্, অন (অনট্) ভাবে] বি. ক্লী. গন্ধ দ্রব্যাদি লেপন। ২। [অনট্—করণে] যাহা দ্বারা লেপন করা যায়, চন্দন ইত্যাদি; প্রলেপ।

অনুলেহ (ওনুলেহ) [অনু—লেহ (স্নেহ)—অনুরাগ। ব্রজ] বি. অনুরাগ; স্নেহ; প্রীতি। প্র—"তেজল অব জগজন অনুলেহ।" —বিদ্যাপতি।

অনুলোম (ওনুলোম্) [অনু+লোম (রোম, বর্ণ)] বি. পুং. অনুক্রম; যথাক্রম। ২। বিণ. অনুকূল। ৩। অ. প্রতিরোমে। ৪। ক্রি, বি. প্রকৃষ্ট প্রণালী সম্মত; যথাক্রমে। [প্রতিলোম দ্রঃ]

অনুলোমজ [ওনুলোম+জ—অনুলোম হইতে জাত—উপপদ] বিণ. উচ্চ বর্ণ পুরুষের ঔরসে নিম্ন বর্ণা স্ত্রীর গর্ভজাত সন্তান।

অনুল্লঙ্ঘন (ওনুল্‌লংঘন্) [ন=অন+উল্লঙ্ঘন, নঞ্ তৎ] বি. ক্লী. অনতিক্রম; অতিক্রম না করা।

অনুল্লঙ্ঘনীয় (ওনুল্‌লংঘনিয়) [ন=অন+উল্লঙ্ঘনীয়, নঞ্ তৎ] বিণ. অনতিক্রমণীয়; যাহা অতিক্রম করিতে পারা যায় না বা করা উচিত নয়।

অনুশাসন (ওনুশাশন) [অনু+শাস্+অনট্] বি. ক্লী. আদেশ; আজ্ঞা। ২। উপদেশ দান; শিক্ষাদান। ৩। নিয়োগ।

অনুশিষ্য (ওনুশিশ্‌শ) [অনু (হীন)+শিষ্য] বি. পুং. শিষ্যের শিষ্য।

অনুশীলন (ওনুশিলন) [অনু+শীল (একান্ত প্রবৃত্ত হওয়া)+অনট্—ভাবে] বি. ক্লী. অভ্যাস; আলোচন; পুনঃ পুনঃ আন্দোলন বা অভ্যাস।

অনুশীলনীয় (ওনুশিলনিয়) [অনু+শীল (চিন্তা করা)+অনীয় (কর্ম্মে)] বিণ. অনুশীলনের যোগ্য; আলোচনার উপযুক্ত; যে বিষয়ের অনুশীলন করিতে হইবে।

অনুশীলিত (ওনুশিলিত্) [অনু+শীল (চিন্তা করা)+ক্ত] বিণ. যে বিষয়ের অনুশীলন করা হইয়াছে; সম্যক আন্দোলিত; অভ্যাসিত।

অনুশোচন, অনুশোচনা (ওনুশোচন্, ওনুশোচনা) [অনু+শুচ্ (শোক করা)+অনট্—ভাবে] বি. ক্লী. পশ্চাত্তাপ পশ্চাৎ পর্য্যালোচন ও শোক করণ; গত বিষয়ের জন্য আক্ষেপ বা খেদ।

অনুষঙ্গ (ওনুশংগ) [অনু—সনঞ্জ (সঙ্গ, আলিঙ্গন করা)+অ (ভাবে ঘঞ্)] বি. পুং. প্রণয় ২। সম্বন্ধ। ৩। কৃপা; অনুগ্রহ অনুকম্পা। প্র—"তুহুঁ যদি কহসি করিঞা অনুষঙ্গ।" —বিদ্যাপতি ৪। ইঙ্গিত।

অনুষ্টুপ্, অনুষ্টুভ্ (ওনুশ্‌টুপ্, ভ্) [অনু+স্তুভ্ (স্তব্ধ হওয়া)+ক্বিপ্] সংস্কৃত ভাষার কবিতার অষ্টাক্ষর ছন্দ। ইহা একবিংশ-স্তোম, অথর্ব্ববেদ, আপ্তোর্যাম যাগ বৈরাজ সামের সহিত ব্রহ্মার উত্তর মুখ হইতে উৎপন্ন। —বিষ্ণু পুরাণ
বাঙ্গলা ভাষাতেও এই ছন্দের বিরল প্রয়োগ আছে। ইহা চারি চরণে গঠিত। প্রত্যেক চরণে আট আট অক্ষর থাকে। প্রতি চরণের পঞ্চম অক্ষর লঘু, ষষ্ঠ বর্ণ গুরু, এবং দ্বিতীয় ও চতুর্থ চরণের সপ্তম বর্ণ লঘু। প্র—"আইল নৃপ বালিকা, বাজিল করতালিকা। দোলত ফুল মালিকা, সা মনসিজ নালিকা।" —বাসবদত্তা।

অনুষ্ঠাতা (ওনুশ্‌ঠাতা) [মূলশব্দ অনুষ্ঠাতৃ; অনু+স্থা (থাকা, অনুষ্ঠান করা) +তৃন্] বি. পুং. অনুষ্ঠানকর্ত্তা; কর্ম্মকর্ত্তা; উদ্যোগ কর্ত্তা।

—**ন** (ওনুশ্‌ঠান) [অনু+স্থা (থাকা, আরম্ভ করা)+অনট্—ভাবে] বি. ক্লী. আরম্ভ; উদ্যোগ; নির্ব্বাহ; শাস্ত্রানুগ কর্ম্ম সম্পাদন; প্রদান।

অনুষ্ঠিত (ওনুশ্‌ঠিত) [অনু+স্থা+ত (কর্ম্মে)] বিণ. নির্ব্বাহিত; সম্পাদিত; কৃত। ২। আচরিত। ৩। আরব্ধ।

অনুষ্ঠেয় (ওনুশ্‌ঠেয়) [অনু+স্থা+য(কর্ম্মে)] বিণ. অনুষ্ঠানযোগ্য; যাহার অনুষ্ঠান করিতে হইবে; সম্পাদ্য।

অনুষ্ঠ্যুত (ওনুশ্‌ঠত) বিণ. অবিচ্ছিন্ন; পরম্পর-সম্বন্ধ বা সংযুক্ত।

অনুষ্ণ (অনুশ্‌ণ) [ন=অন্+উষ্ণ, নঞ্ তৎ] বিণ. শীতল; অলস; জড়; অক্রোধী।

অনুসঙ্গ (ওনুশংগ) [অনুষঙ্গ দ্রঃ] বি. পুং. দয়া; প্রণয়; স্নেহ। ২। সম্পর্ক। ৩। ইঙ্গিত।
[প্রা, বাং ও পদাবলীতে]

অনুসন্ধান (ওনুশন্‌ধান্) [অনু+সম্+ধা (ধারণা করা, অন্বেষণ করা)+অনট্—ভাবে] বি. ক্লী. অন্বেষণ; খোঁজ; সন্ধান করণ; তত্ত্ব।

অনুসন্ধানাত্মিকা (ওনুশন্‌ধানাৎতিকা) [অনুসন্ধান+আত্মন্+ইক—স্ত্রী—আপ্] বিণ. স্ত্রী. সূক্ষ্মভাবে অবগত হইবার চেষ্টাযুক্ত; গবেষণাত্মিকা।

অনুসন্ধানি (ওনুশনধানি) [অনুসন্ধানিন শব্দ, অনুসন্ধান+ইন] বিণ. অনুসন্ধানকারী; যে ব্যক্তি সূক্ষ্ম অনুসন্ধানে পটু।

অনুসন্ধিৎসা (ওনুশোনধিৎশা) [অনুসন্ধান+সন—ইচ্ছার্থে+আ (ভাবে) স্ত্রী] বি. স্ত্রী. অনুসন্ধান করিবার ইচ্ছা বা প্রবৃত্তি।

অনুসন্ধিৎসু (ওনুশনধিৎশু) [অনু+সম্+ধা=অন্বেষণ করা+সন+উ] বিণ. যে ব্যক্তি অনুসন্ধান করিবার জন্য উৎসুক; অনুসন্ধানে আগ্রহান্বিত।

অনুসন্ধেয় (ওনুশনধেয়) [অনু+সম্+ধা (অন্বেষণ করা)+য (কর্ম্মে)] বিণ. অনুসন্ধানের উপযুক্ত। ২। যাহার অনুসন্ধান আবশ্যক।

অনুসরণ (ওনুশরন) [অনু (পশ্চাৎ)+সৃ (গমন করা)+অনট্—ভাবে] বি. ক্লী. অনুগমন; পশ্চাদ্গমন; অনুবর্ত্তন; অনুসারে চলা। ২। অনুরূপ আচরণ।

অনুসার (ওনুশার্) [অনু+সৃ (গমন করা)+ঘঞ্—ভাবে] বি. পুং. অনুসরণ, অনুগমন; অনুকরণ; অনুরূপ করণ।
প্র—"এমত কৃষ্ণের লীলা করি অনুসার। শ্রীপতি খেলেন নিত্য মনে নাহি আর।" —কবিকঙ্কণ।
২। অনুরোধ। ৩। প্রথা; রীতিনীতি; ব্যবহার। ৪। [সৃ=বিস্তার করা] প্রসারণ; বিস্তার। [অপ্র] ক্রি. অনুসারা।

অনুসারে (ওনুশারে) [অনুসার দ্রঃ] ক্রি. বিণ. অনুরূপ; মত; অনুযায়ী। প্র—কথা অনুসারে কাজ।
"তিনি যে ধর্ম্ম অনুসারে চলিবেন, আমরা প্রজা আমাদিগকেও সেই ধর্ম্ম অবলম্বন করিয়া চলিতে হইবেক"—বিদ্যাসাগর।
২। অনুকরণে। ৩। পশ্চাতে; অনুগমনে (তাহা হইতে) নিমিত্ত, জন্য।
প্র—"ভিক্ষার অনুসারে ফিরেন ঘরে ঘরে করিয়া ডম্বুর বাজনা।" পাঠান্তরে ভিক্ষা অনুসারে, ক্রমে ঘরে ঘরে,—ডম্বুর করিয়া বাজন।" —কবিকঙ্কণ।
৪। ক্রি, প্রসারিত করে; বাড়ায়।
প্র—"জল দেহ বলে মুনি হস্ত অনুসারে।" —কৃত্তিবাস।

অনুসারী (ওনুশারি) [মূলশব্দ—অনুসারিন্,

অনু (পশ্চাৎ)+সৃ (গমন করা)+ইন্] বিণ. অনুসরণকারী; পশ্চাদ্‌গামী ২। অনুরূপ; অনুযায়ী।

অনুসূদন (ওনুশুদন্) [প্রাদে। অনুসন্ধান শব্দের অপভ্রংশ] বি. ভালমন্দ বিচার অন্বেষণ; অনুসন্ধান।

অনুসূয়া, অনসূয়া (ওনুশুআ) [অন্ বা অনু+সূ (প্রসব করা)+য—সংজ্ঞার্থে] বি. স্ত্রী; অত্রিমুনির পত্নী।

অনুস্যূত (ওনুশ্‌শুত) [অনু+সিব্ (সেলাই করা)+ক্ত (কর্ম্মে)] বিণ. গ্রথিত; সংসক্ত নিত্য সম্বন্ধ।

অনুস্মৃতি (ওনুঃস্‌তি) [অনু+স্মৃ+ক্তি, ভাবে] বি. স্ত্রী. স্মরণ; পশ্চাৎস্মরণ।

অনুস্বর, অনুস্বার (ওনুশ্‌শর্, শার্) [অনু (সহিত)+স্বর (স্বৃ=শব্দ করা+অল্) বা স্বার (স্বৃ+ঘঞ্) অর্থাৎ যে স্বরবর্ণের সহিত নিত্য থাকে] বি. পুং. এক বিন্দু বর্ণ—ং; অনুনাসিক বর্ণ বিশেষ।

অনুহরণ, অনুহার (ওনুহরন্, ওনুহার্) ক্লী. পুং. [অনু=তুল্য+হৃ (হরণ করা) লইয়া যাওয়া+অন (ভাবে অনট্, ঘঞ্)] বি. অনুকরণ; সদৃশী করণ; তুল্যতা; সদৃশ গমন। [বিরল]

অনূঢ় [ন=অন্+ঊঢ় (বিবাহিত) নঞ্ তৎ] বিণ. যার বিবাহ হয় নাই; অপরিণীত; স্ত্রী. **অনূঢ়া**—কন্যা; কুমারী; অবিবাহিতা।

অনূক (ক্) [শরীর বিঃ পরিঃ] বি. মূত্রবস্তি; urinal bladder.

অনূদিত (ও) [ন=অন্+বদ্ (বলা)+ক্ত (কর্ম্ম)] বিণ. পশ্চাৎ কথিত; অনুচ্চারিত; অকথিত। ২। ভাষান্তরিত; অনুবাদিত।

অনূপ (প্) [অনু (নিকট বা সহিত)+অপ্=জল (অ=উ) অর্থাৎ যাহা প্রায় জলের সহিত বর্ত্তমান] সজলদেশ; জলপ্রায় স্থান। ২। [অনূপ+অ] পুং. মহিষ।

অনূরু [ন=অন্+উরু—যাহার উরুদ্বয় নাই—বহু] বি. পু. অপ্রাপ্ত কালে ডিম্বস্ফোটন হওয়ায় অরুণের নিম্ন অঙ্গ প্রত্যঙ্গ সম্পূর্ণতা প্রাপ্ত হয় নাই; এই নিমিত্ত অরুণের নাম অনূরু; সূর্য্যসারথি; অরুণ। **অনূরুসারথি**—বি. পুং. অরুণ যাহার সারথি; সূর্য্য।

অনৃজু (অনৃজু) [অ (অন্=না) ঋজু (সরল)] বিণ. সরল বা সোজা নহে; বাঁকা। ২। অসরল; কুটিল। ৩। শঠ; প্রবঞ্চক।

অনৃণী (অনৃনি) [অনৃণিন শব্দ—ন=অ (অন্)+ঋণ+ইন (অস্ত্যর্থে)] বিণ. ঋণ রহিত; ঋণমুক্ত।

অনৃত (অন্‌নৃত, অনৃত) [ন=অন্+ঋত (সত্য) নঞ্ তৎ] বিণ. অসত্য; মিথ্যা।

অনৃতবাদী [মূল শব্দ—অনৃতবাদিন, অনৃত+বদ+ণিন্, ১মা, ১বচন] বিণ. মিথ্যাবাদী অসত্যবাদী।

অনৃতভাষী [অনৃতভাষিণ্ শব্দ অনৃত+ভাষী (যে বলে)] বিণ. যে মিথ্যা কহে। মিথ্যাবাদী; অসত্যবাদী। স্ত্রী. **অনৃতভাষিণী**

অনেক (ক্) [ন=অন্+(নাই) এক (একত্বসংখ্যা) যাহাতে—বহু বা ন=অন্—এক—নঞ্ তৎ অর্থাৎ এক নহে, একাধিক, বহু] বিণ. ভূরি; প্রচুর; যথেষ্ট; নানা; অধিক; ঢের। ২। জগৎ; বিশ্ব। [অপ্র] প্র—"অনেকের পতি তেঁই পতি মোর বাম।" —অন্নদামঙ্গল।

অনেক অনেক, অনেকানেক—বহু; অংশে অংশে বিভক্ত বহু দ্রব্য। **অনেক-গ্রথিত-পত্র**—তেঁতুলাদি পত্রের ন্যায় এক দাঁটায় বহু দলযুক্ত পত্র; compound leaf.

অনেকজ [অনেক+জন+ড (কর্ত্তৃ) যে একাপেক্ষা অধিকবার জন্মে] বি. পুং. যে একাধিকবার জন্মে; পক্ষী; দ্বিজ; প্রজাপতি।

অনেকধা [অনেক+ধা (প্রকারার্থে)] অ. বহুবিধ; নানাপ্রকার; বহুমুখী।

অনেকবিধ (ক্) [অনেক+বিধা (প্রকার) যাহার—বহু] অ. নানারূপ; বিবিধ প্রকার; বহুবিধ।

অনৈক্য (অনৈক্ক) [ন=অন্+ঐক্য) নঞ্ তৎ] বি. ক্লী. বিরোধ; পরস্পর ঐক্যের অভাব; অসম্মিলন। ২। বহুত্ব; অনেকত্ব।

অনোথা [হিঃ। চ—আনকা] বিণ. অপরিচিত; বেঠিক (আনোখা দ্রঃ)।

অনৌচিত্য (—চিত্ত) [উচিত+য, ভাবে=ঔচিত্য ন=ঔচিত্য=অনৌচিত্য, নঞ্ তৎ] বি. ক্লী. অযুক্ততা; অনুচিততা।
২। অলঙ্কার দোষ বিশেষ। (অনুচিততা দ্রঃ) দেশ কাল পাত্র ব্যবহারাদির বিপরীত বা অযথা বর্ণন। প্র—"প্রণমিয়া কাম তবে উমার চরণে কহিলা; * * *

কেমনে মন্দির হতে নগেন্দ্রনন্দিনী বাহির হইবা, কহ এ মোহিনী বেশে? মুহূর্ত্তে মাতিবে মাতঃ জগত, হেরিয়া—ও রূপ-মাধুরী; * * *
* * * *
ছদ্মবেশী হৃষীকেশে হেরি ত্রিভুবন
কামাকুল চাহিয়া রহিল তার পানে।
অধর অমৃত আশে ভুলিলা অমৃত।
* * * *
হেরি পৃষ্ঠদেশে বেণী; মন্দর আপনি
অচল হৈলা হেরি উচ্চ কুচযুগ!"
—মেঘনাদ।
[মাতঃ বলিয়া সম্বোধন করিয়া এসকল উক্তি অনুচিত]

অন্ত [অম্ (গমন করা)+তন্—ভাবে] বি. পুং. নাশ; মৃত্যু। ২। শেষাংশ; প্রান্ত; সীমা; অবধি। ৩। সমাপ্তি; অবসান। ৪। স্বরূপ; স্বভাব। ৫। ভিতরের কথা; মনের কথা বা ভাব। ৬। পশ্চাৎ; পশ্চিম। ৭। বিণ. নিকটস্থ। ৮। সুন্দর। ৯। চরম। ক্রি-বিণ. **অন্তে**।
[তুলঃ—end; এ্যাংলো স্যা—enda; ডেনিশ্ enda; সুইড—anda.]

অন্তঃকরণ (অনতক্‌করন্) [তুল—হিঃ অন্তশ্‌করণ। অন্তর (ভিতর)+করণ (ইন্দ্রিয়) অর্থাৎ দেহাভ্যন্তরস্থিত ইন্দ্রিয়, ম. প. লো. কর্ম্মধা] বি. ক্লী. মন; অন্তরিন্দ্রিয়; হৃদয়। mind.

অন্তঃকুটিল (অনতক্‌কুটিল্) [অন্তঃ (অন্তঃকরণ) কুটিল যাহার—বহু] বিণ. কুটিলান্তঃকরণ; ক্রূরমন; অসরল-হৃদয়। ২। বি. পুং. শঙ্খ।

অন্তঃপট (অনতপ্‌পট্) [অন্তঃ (অভ্যন্তরস্থ) পট (পরদা)—কর্ম্মধা] বি. ভিতরের বস্ত্র; কৌপীন।
প্র—"তবে মধ্যে অন্তঃপট ধরি লোকাচারে।" —চৈতন্যভাগবত।

অন্তঃপাতী (অন্‌তপ্‌পাতি) [মূলশব্দ অন্তঃপাতিন্, অন্তর (মধ্য)+পত্ (পতিত হওয়া)+ণিন্] বিণ. অন্তর্গত; মধ্যবর্ত্তী; মধ্যগত।

অন্তঃপুর (অনতপ্‌পুর্) [অন্তর্ (মধ্য)+পুর (গৃহ বা নগর) পুরের অন্তঃ—৬তৎ, অথবা অন্তঃ (অন্তর্বর্ত্তী) পুর, ম. প লো কর্ম্মধা] বি. ক্লী. স্ত্রীমহল; বাটীর যে অংশে মহিলাগণ বাস করে; অবরোধ; অন্দর মহল।

অন্তঃপুরিকা (অন্‌তপ্‌পু) [অন্তঃপুর+ইক—আপ্—স্ত্রী] বি. স্ত্রী. কঞ্চুকী; অন্তঃপুরচারী স্ত্রীলোক।

অন্তঃপ্রবেশন (অনতপ্‌প্রোবেশন্) [অন্তঃ (ভিতরে, মধ্যে, কোন রচনাদির মধ্যে) প্রবেশন (প্রবিষ্ট করণ, প্রক্ষেপণ)] বি. কোন রচনার মধ্যে রচনান্তর সংযোজন; প্রক্ষেপ; interpolation.

অন্তঃশত্রু (অনতশ্‌শোৎত্রু) [অন্তর (ভিতর)+শত্রু=অন্তরস্থ শত্রু, ম. প. লো. কর্ম্মধা] বি. পুং. শরীরাভ্যন্তরস্থিত কামাদি ষড় রিপু। ২। রাজ্যাভ্যন্তরস্থিত শত্রু। যথা—বিদ্রোহী প্রজা ইত্যাদি। ৩। গৃহবৈরী

অন্তঃশীলা (অন্‌তশ্‌শিলা) [প্রা। সং. অন্তঃসলিলা শব্দের অপভ্রংশ] বিণ. অন্তঃসলিলা দ্রঃ।

অন্তঃশ্বসন (অন্‌তশ্‌শশন) [জীববিদ্যায়—অন্তঃশ্বাস শব্দজ] বি. শ্বাস গ্রহণ : নিশ্বাস টানা ; inspiration.

অন্তঃসংজ্ঞা (অনতশ্‌শোংগ্যা) [অন্তর=আভ্যন্তরীণ+সংজ্ঞা=চেতনা. কর্ম্মধা] বি. স্ত্রী. আন্তরিক জ্ঞান বা বিবেকশক্তি ; অন্তর্বোধ ; চৈতন্য ; চেতনা। বিণ. অন্তঃসংজ্ঞ।

অন্তঃসত্ত্বা (অনতশ্‌শত্তা) [অন্তর (ভিতর)+সত্ত্ব (প্রাণী) অর্থাৎ যাহার গর্ভে জীব আছে. বহু] বি. স্ত্রী. গর্ভবতী ; সসত্ত্বা ; গর্ভিণী। ২। ভল্লাতক বা ভেলাগাছ।

অন্তঃসলিল (অন্‌তশ্‌শোলিল্‌) [অন্তর্‌ (অভ্যন্তরে) সলিল যাহার—বহু] বি. পুং. অন্তর্ভৌম জলবিশিষ্ট।

অন্তঃসলিলবাহিনী (শোলিল্‌) বিণ. স্ত্রী. যাহার ভিতরে সলিল প্রবাহিত ; অন্তঃসলিলা ; subterranean.

অন্তঃসলিলা (শো) [অন্তর্‌ (অভ্যন্তরে)+সলিল যাহার—বহু. স্ত্রী—আ] বি. স্ত্রী. অন্তর্ভৌম জলবিশিষ্টা ; যে নদীর জলপ্রবাহ অপ্রকাশ্য ভাবে প্রবাহিত। প্র—"অন্তঃসলিলা ফল্গুনদী।"

অন্তঃসার (অনতশ্‌শার্‌) [অন্তঃ (অন্তর্গত) সার (স্থিরাংশ) যাহার—বহু] বিণ. যাহার ভিতরে বস্তু বা সারভাগ বা স্থিরাংশ আছে ; যাহার ভিতর খালি বা ফোঁপরা নহে।

অন্তঃসারশূন্য (—শার্‌শুন্ন) বিণ. যাহার ভিতর ফাঁপা বা বস্তুহীন ; স্থিরাংশবিহীন ; শূন্যগর্ভ। ২। গুণহীন ; অপদার্থ।

অন্তঃস্থ, অন্তস্থ (অন্‌তস্‌থ) [অন্তর+স্থ (স্থা=থাকা+ড) যে থাকে] বিণ. মধ্যবর্ত্তী ; অন্তরস্থ। ২। বিণ. পুং. স্পর্শ ও উষ্ম এই উভয় বর্ণের মধ্যে থাকে বলিয়া য. র. ল ও ব এই বর্ণ চতুষ্টয় অন্তস্থ বলিয়া অভিহিত। ২। অন্তে বা শেষে যে অবস্থিতি করে ; প্রান্তস্থ ; শেষস্থ।

অন্তঃস্বেদ (অন্‌তশ্‌শেদ) [অন্তঃ (মধ্যে) স্বেদ (মদজল) যাহার—বহু] বি. পুং. মদস্রাবী হস্তী।

অন্তক (অন্‌তক্‌) [অন্ত (নাশকরা)+অক (কর্ত্তৃ. ণক)—যে বিনাশ করে] বি. পুং. যম ; শমন। প্র—"অথমে আনিতে অন্তকের আজ্ঞা পেয়ে। অদ্ভুত অদ্ভুত যমদূত আইল ধেয়ে॥" —শিবায়ন। ২। বিণ. নাশকারী ; নিহন্তা।

অন্তকর (অন্‌তকর্‌) [অন্ত+কর (কৃ—কর্ত্তৃ—ট) =যে করে] বিণ. সংহারক ; বিনাশ বা ধ্বংসকারী। ২। সাংঘাতিক।

অন্তকাল (অন্‌তকাল্‌) [অন্ত (শেষ)+কাল (সময়) ৬তৎ] বি. পুং. জীবনান্তকাল ; মৃত্যুকাল ; চরমকাল ; অন্তিম সময় ; শেষ সময়। প্র—"আমার এ অন্তকালে, ওর শুভ দৃষ্টি হলে, ছেলেটী ডরাবে এ চাঁদ মুখ দেখিলে." —রাসবিহারী মুখো।

অন্তগ [অন্ত+গ (গম্‌=গমন কৃ+ড) যে গমন করে] বিণ. মৃত। ২। পারগামী। ৩। অবসান প্রাপ্ত। ৪। প্রান্তবর্ত্তী।

অন্ততঃ (অন্‌তত) [অন্ততস্‌ শব্দ. অন্ত+তস্‌) অ. ন্যূনকল্পে ; শেষ কল্পে ; শেষে ; নিকৃষ্ট কল্পে ; তুল্য।

অন্তবর্গ [জীববিদ্যায়] বি. প্রধান বর্গের অন্তর্গত বর্গ বা গণ বা শ্রেণী ; sub-order.

অন্তর্‌ [অন্তঃ (শেষ)+রা (গ্রহণ করা)+ক্বিপ্‌] অ. মধ্যে ; শেষে ; চিত্তে ; স্বীকারে; দূর ; ব্যবধান। ইহার স্বতন্ত্র ব্যবহার নাই অন্য শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া ব্যবহৃত হয়।

অন্তর (র্‌) [অন্ত=শেষ+'র' (রা=দান করা+ড কর্ত্তৃ)] বি. ক্লী. অবকাশ। ২। মধ্যবর্ত্তী স্থান। ৩। ছিদ্র। ৪। ভেদ। ৫। সীমা। ৬। অন্তর্দ্ধান। ৭। বহিঃস্থান ; দূর ; ব্যবধান ; তফাৎ। ৮। শীঘ্র। ৯। আত্মীয়। ১০। বিনা ; তারতম্য। ১১। ভিন্ন ; অপর। প্র—দেশান্তর। ১২। তুল্য। ১৩। সুযোগ। ১৪। হৃদয় ; অন্তরাত্মা। ১৫। [প্রা—বাং] ক্রি-বিণ. অন্তরে। প্র—"বিরিঞ্চি মরীচি প্রজাপতি পুরন্দর। ধ্যানেতে চরণ যাঁর না পায় অন্তর॥" —কবিক। ১৬। পরিধান বস্ত্র।

অন্তরঙ্গ [প্রাদে। অন্তর (মধ্য+গম+খ—কর্ত্তৃ (যে গমন করে) ; কিম্বা. অন্তর=সদৃশ+অঙ্গ যাহার—বহু] বি. আত্মীয় ; বন্ধু সুহৃদ। প্র—"তোরে অন্তরঙ্গ জানি, করিনু যুগল পাণি উপকারে আসিতে আমার"— —অন্নদামঙ্গল।

অন্তরঙ্গতা [অন্তরঙ্গ+তা—ভাবে] বি. স্ত্রী. আত্মীয়তা।

অন্তরজ্ঞ (অন্তরোগ্‌গ) [অন্তর=ভেদবিশেষ+জ্ঞ (যে জানে)] বিণ. বিশেষজ্ঞ ; ধীর ; দূরদর্শী ; মনীষী ; অন্তর্যামী।

অন্তরটিপুনী (অন্তর্‌টিপুনি) [অন্তর (গোপন)—টিপুনী (টেপা) প্রাদে] বি. সকলের অলক্ষ্যে টেপা ; সকলের অজ্ঞাতে এমন চিমটি কাটা যাহাতে অন্তঃকরণে কষ্ট বোধ হয়।

অন্তরস্থ (অনতরস্‌থ)[অন্তর+স্থ—স্থা+ড(কর্ত্তৃ) =যে থাকে] বিণ. আন্তরিক ; মনোগত ; যাহা অন্তর মধ্যে থাকে।

অন্তরা [অন্তর (মধ্য)+ই (গমন করা)+আ (ডা) অধি] অ.—বিনা ; মধ্যে ; সমীপে। ২। গানের পদবিশেষ ; কবিতা বা সঙ্গীতের মধ্যস্থ পদ ; গানের ধুয়া ও আভোগের মধ্যবর্ত্তী অংশ।

অন্তরাত্মা (অনতরাৎতা) [মূলশব্দ—অন্তরাত্মন —অন্তর্‌ (মধ্য+আত্মন্‌—কর্ম্মধা] বি. পুং. শরীর মধ্যস্থিত জীবাত্মা ; আত্মাপুরুষ ; জীবাত্মা। ২। অন্তঃকরণ। প্র—"কর্ণ যেমন শাব্দিক বাক্য শুনিবার বাহ্যেন্দ্রিয়, অন্তরাত্মা তেমনি অন্তর্যামী পরমাত্মার অশাব্দিক আদেশ শুনিবার অন্তরিন্দ্রিয় ; ইংরেজিতে তাই conscienceএর আর এক নাম voice of God." —দ্বিজেন্দ্র ঠাকুর।

অন্তরাপত্যা (—পোৎত্যা) [অন্তর (মধ্যে)+অপত্য=সন্তান যাহার+স্ত্রী—আ. বহু] বি. স্ত্রী. অন্তরে বা গর্ভে যাহার অপত্য অর্থাৎ সন্তান আছে ; গর্ভবতী।

অন্তরাবরণ (ন্‌) বি. ফুলের মধ্যস্থ আচ্ছাদন. যাহা জননাঙ্গসকল রক্ষা করে ; ফুলের আন্তর বেষ্টন ; ফুলের পাপড়ী প্রভৃতি রঙিন ভাগ ; corolla.

অন্তরায় (য়্‌) [অন্তর্‌=মধ্যে+ই (অয়)=গমন করা+ঘঞ্‌—ভাবে] বি. পুং. বাধা ; প্রতিবন্ধক ; বিঘ্ন।

অন্তরাল (ল্‌) [অন্তরা (মধ্যে)+লা (গ্রহণ করা)+ড. কর্ত্তৃ] বি. পুং. ও ক্লী. আড়াল ; মধ্য ; ব্যবধান ; অবকাশ।

অন্তরালবর্ত্তী (অন্‌তরাল্‌বোর্‌তি) [অন্তরাল (আড়াল)+বৃত্‌+ণিন (কর্ত্তৃ)] বিণ. অন্তরালে স্থিত। স্ত্রী—**অন্তরালবর্ত্তিনী**।

অন্তরি [অন্তরস্থিত শব্দের সংক্ষেপ. প্রা. বাং] বিণ. অন্তরস্থ ; হৃদ্‌গত ; ভিতরের। প্র—"অন্তরি লক্ষ্মীর প্রেম কিবা হইল ব্যক্ত" [অপ্র]

[আধু. বাঙ্গলায় এই অর্থে "ভিতরি" (অর্থাৎ ভিতরের) শব্দের প্রয়োগ আছে প্র—ভিতরি কথা।

অন্তরিক্ষ, অন্তরীক্ষ [অন্তর (মধ্যগত)+ঋক্ষ (নক্ষত্র যাহার—বহু) বা+ঈক্ষ (দেখা)+কর্ম্মে—অল্‌] বি. আকাশ ; গগন ; পৃথিবী ও সূর্য্যের মধ্যবর্ত্তী স্থান। ২। কেতুমালবর্ষ ; পারস্য ; আপোগস্থান প্রভৃতি যবনদেশ (মানবের আদি জন্মভূমি)।

অন্তরিক্ষবিদ্যা, অন্তরীক্ষবিদ্যা (অন্তরিক্‌খ বিদ্‌দ্যা) [অন্তরিক্ষ সম্বন্ধীয় বিদ্যা—কর্ম্মধা] বি. যে শাস্ত্রে অন্তরিক্ষ তত্ত্ব জানা যায়। আবহ বিদ্যা ; meteorology.

অন্তরিক্ষমণ্ডল (অন্তরীক্‌খ মোণ্ডল্‌) [৬তৎ] বি. বায়ু মণ্ডল ; আবহ মণ্ডল ; atmosphere.

অন্তরিত [অন্তর (মধ্য ; দূর)+ইত] বিণ. ব্যবহিত ; আচ্ছন্ন ; আবৃত ; লুক্কায়িত। ২। স্বতন্ত্র ; পৃথক্‌কৃত। ৩। দূরীভূত

অন্তর্হিত ; অপসারিত। ৪। বিলুপ্ত। ৫। আবদ্ধ। ৬। অন্তর্গত। ৭। অন্তরে জাত ; গর্ভস্থ ; অভ্যন্তরস্থ। প্র—"কিন্তু সে সকল কারণ অন্তরিত হইলেও সন্ধি অক্ষুণ্ণ থাকিবে, এরূপ কখনই সম্ভাবিত নহে।"
—নবাবনন্দিনী (দামোদর)।
'গিরি (দেখিলা) লড়িছে
অন্তরিত পরাক্রমে, অসমর্থ যেন
রোধিতে প্রবল বায়ু আপনার বলে।"
—মেঘনাদ

অন্তরিন্দ্রিয় [অন্তর (অন্তর্গত) ইন্দ্রিয়—কর্ম্মধা বি, ক্লী, অন্তঃকরণ ; মন।

অন্তরীক্ষচর (র্) [অন্তরীক্ষ—চর্ (গমন করা) + ট(কর্ত্তৃ)] বিণ, পু, যাহারা আকাশে বিচরণ করে ; নভশ্চর।

অন্তরীক্ষমণ্ডল (মো, ল) [অন্তরীক্ষ—মণ্ডল বি, অন্তরীক্ষ ; atmosphere.

অন্তরীক্ষবাসী (অনতরীক্‌খবাশি) [অন্তরীক্ষ বস্ (বাসকরা) + ণিন্ (কর্ত্তৃ) = অন্তরীক্ষবাসিন্ ১মা ১ বচন] বিণ, আকাশনিবাসী স্ত্রী, **অন্তরীক্ষবাসিনী।**

অন্তরীপ (প্) [অন্তর্ = মধ্য + অপ (জল অ (ঈ) অর্থাৎ জলের মধ্যে যাহা আছে বি, পুং, যে ভূমিখণ্ডের অগ্রভাগ ক্রমশঃ সূক্ষ্ম হইয়া সমুদ্র মধ্যে প্রবিষ্ট হইয়াছে তাহাকে অন্তরীপ কহে ; a cape ; a promontory.

অন্তরীয় [অন্তর (পরিধান) + ঈয়] বি, ক্লী, পরিধেয় ; অধোবস্ত্র ; ধুতি প্রভৃতি।
[উত্তরীয় দ্রঃ

অন্তরূপ্য (—রূপ্‌প) [রাসাঃ পরিঃ] বি, সীসক ; lead.

অন্তরে [অন্তর + ই (গমন করা) + বিচ্, সং অন্তরেণ অর্থে—বিনা ; ব্যতিরেকে। [বিরল]। ২। ভিতরে ; মধ্যে। প্র—অন্তরে বাহিরে। ৩। হৃদয়ে ; প্রাণে প্র—অন্তরে আঘাত। ৪। তফাতে ; দূরে। প্র—"ছেলি লুকাইয়া মাতা রহিল অন্তরে।"
—কবিক।

অন্তর্গত [অন্তর্ (মধ্য) + গত (প্রাপ্ত) ২ তৎ] বিণ, মধ্যগত ; মধ্যে নিবিষ্ট ; মধ্যবর্ত্তী। ২। হৃদগত ; মনোগত। ৩। বিস্মৃত।

অন্তর্গূঢ় [অন্তরে গূঢ় (৭ মৎ)] বিণ, বাহিরে অপ্রকাশিত ; মনে গুপ্ত।

অন্তর্গৃহ [অন্তর্ (ভিতর) + গৃহ, ৬ তৎ] বি, ক্লী, ঘরের ভিতর ; গৃহাভ্যন্তর। ২। বড় গৃহের অভ্যন্তরস্থ গৃহ। ৩। অন্তঃপুর।

অন্তর্ঘন [অন্তর্ + হন্ + অল্] বি, পু, বহির্দ্বারের অভ্যন্তরস্থিত মুক্তাঙ্গন ; অভ্যন্তর প্রদেশ।

অন্তর্জ্জল, অন্তর্জ্জলী (ল, অন্তর্জোলি) [জলের অন্তঃ, ৬ তৎ] বি, ক্লী, জলমধ্যে ; স্থল ও জল মধ্যে। ২। মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে মুমূর্ষুকে জলে উপবেশন বা তাহার উত্তমাঙ্গ স্থলে ও অধমাঙ্গ জলে স্থাপন করতঃ হিন্দুশাস্ত্রানুযায়ী অনুষ্ঠিত কৃত্য বিশেষ।

অন্তর্জ্যোতিঃ, অন্তর্জ্যোতি [অন্তরস্থ জ্যোতি (কর্ম্মধা)] বি, ক্লী, অন্তরাত্মা।

অন্তর্দাহ [অন্তরের দাহ, ৬ তৎ] বি, পু, অগ্নিসন্তাপের মতন মনের কষ্ট ; শোকদহন। প্র—"ক্রমাগত দ্বাদশবৎসর, দুর্বিবহ শোকদহনে নিরন্তর অন্তর্দাহ হওয়াতে, জানকীর অলৌকিক রূপ ও লাবণ্য এককালে অন্তর্হিত, এবং কলেবর চর্ম্মাবৃত কঙ্কাল মাত্রে পর্য্যবসিত হইল।" —বিদ্যাসাগর। ২। গায়ের জ্বালা ; হিংসা।

অন্তর্দ্দেশ (শ্) [অন্তরস্থ দেশ, কর্ম্মধা] বি, পু, দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী স্থান ; উপত্যকা ; valley.

অন্তর্দ্ধান (ন্) [অন্তর্—ধা + অন (ট্ ভাবে)] বি, ক্লী, তিরোধান ; অদৃশ্য হওন। ২। ব্যবধান। ক্রি, **অন্তর্দ্ধান করা** —অন্তর্হিত হওয়া ; অদৃশ্য হওয়া।

অন্তর্দ্বার (অনতরদ্দার্) [অন্তর + দ্বার, ৬ তৎ] বি, ক্লী, গুপ্তদ্বার।

অন্তর্নিহিত [অন্তরে নিহিত—৭ তৎ] বিণ, হৃদয় মধ্যে স্থাপিত ; ভিতরে স্থিত ; অভ্যন্তরে সন্নিবিষ্ট।

অন্তর্বর্গ—বি, কোন বৃহৎ বিভাগের অন্তর্গত ক্ষুদ্রতর বিভাগ ; sub-order.

অন্তর্ব্বত্নী (অনতর্‌বোৎনি) [অন্তর + বতু (অস্ত্যর্থে) স্ত্রীলিঙ্গে ঈ—নিপাতনে] বিণ, স্ত্রী, অন্তঃসত্ত্বা ; গর্ভবতী।

অন্তর্ব্বর্ত্তী (অনতরবোর্‌তি) [অন্তর্—বর্ত্তিন্ (বৃত + ণিন, কর্ত্তৃ) ১ মা ১ বচনে] বিণ, অন্তর্গত ; অন্তর্ভূত ; অন্তঃপাতী।

অন্তর্বাণিজ্য (—নিজ্জ) [অন্তর্গত বাণিজ্য—ম, প, লো, কর্ম্মধা] বি, ক্লী, দেশের মধ্যে ক্রয় বিক্রয় ; inland trade. [বহির্বাণিজ্য দ্রঃ]

অন্তর্ব্বাস (অনতর্‌বাশ্) [অন্তর্ (ভিতর) বাস (বাসস্)—আচ্ছাদন] বি, ক্লী, বৈষ্ণবদিগের অন্তঃপরিধেয় বস্ত্র ; কৌপীন।
[বহির্বাস দ্রঃ]

অন্তর্ব্বাহ—বি, [পারিভাষিক শব্দ] পরস্পরের সহিত সংসক্তি আছে এমন দুই তরল পদার্থের একটী দ্বারা কোন পাত্র পূর্ণ করিয়া ও তাহার মুখ সূক্ষ্ম চর্ম্মাবৃত করিয়া অন্য তরল পদার্থপূর্ণ পাত্রমধ্যে ডুবাইয়া রাখিলে দুইটী প্রবাহের ক্রিয়া দেখা যায় ; একটী প্রবাহ পাত্র হইতে চর্ম্মের ভিতর দিয়া বাহিরে আসে এবং আর একটী বাহির হইতে পাত্রের ভিতরে প্রবেশ করে। যে প্রবাহ বাহিরে যায় তাহা বহির্বাহ, যাহা ভিতরে যায় তাহা অন্তর্ব্বাহ।
—পদার্থ বিদ্যা।

অন্তর্ব্বিপ্লব (ব্) [অন্তরস্থিত বিপ্লব—কর্ম্মধা] বি, পুং, স্বদেশের মধ্যে তদ্দেশীয়গণের পরস্পর বিবাদ। আপনা আপনি কলহ ; গৃহ বিবাদ।

অন্তর্ব্বিবাহ [জাতিঃ পরিঃ] বি, স্বগোত্রে বিবাহ ; স্বকুলে বিবাহ ; endogamy.

অন্তর্ব্বেদনা [অন্তরের বেদনা, ৬ তৎ] বি, স্ত্রী মনের যাতনা।

অন্তর্ব্বেদি, অন্তর্ব্বেদী [অন্তর্—বেদি, বেদী (মৃত্তিকা রাশিতে নির্ম্মিত উচ্চ ভূমি)] বি, স্ত্রী, দুই নদীর মধ্যস্থ প্রদেশ। ২। প্রয়াগ হইতে হরিদ্বার পর্য্যন্ত গঙ্গা ও যমুনার মধ্যবর্ত্তী দেশ ; দোয়াব ; ব্রহ্মাবর্ত্তদেশ।

অন্তর্ভাব (ব্) [অন্তর্—ভূ + ঘঞ্ (ভাবে)] বি, পুং আন্তরিকভাব। ২। অন্তর্নিবেশ।

অন্তর্ভূত [অন্তর্—ভূ + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, অন্তর্গত ; মধ্যস্থিত। ২। অন্তরে জাত।

অন্তর্মনাঃ [অন্তর (অন্তর্হিত বা অন্তর্নিবিষ্ট সুতরাং বাহ্যজ্ঞানশূন্য) মনঃ যাহার—বহু, সমাসে অন্তর্মনস্ ১মা ১ বচনে = অন্তর্মনাঃ] বিণ, পুং, ব্যাকুল ; উদ্বিগ্ন ; সমাহিত চিত্ত। ২। গুপ্তমনোবৃত্তি ; যাহার মনোভাব প্রকাশপায় না।

অন্তর্মুখ (খ্) [অন্তর্ (পরমাত্মা) মুখ অর্থাৎ প্রবেশ দ্বার যাহার—বহু] বিণ, বাহ্যবস্তু পরিহার পূর্ব্বক পরমাত্মা বিষয়ে নিবিষ্ট-চিত্ত ; আধ্যাত্মিক ; আন্তর্বাহিক ; introspective. **অন্তর্মুখা** শব্দেরও ব্যবহার আছে। ২। ভিতরদিকে যাহার মুখ ; ভিতরমুখ। (বিপরীত—বহির্মুখ ; বারমুখ)।

অন্তর্যামী, অন্তর্য্যামী (অনতর্‌জামি) [অন্তর—যামিন্, যম + ক্রি (ণিচ) যামি (অবস্থান করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) যিনি অন্তরে অবস্থান করেন] বি, পুং, অন্তরাত্মা ; জীব। ২। জীবের প্রবৃত্তি নিবৃত্তির নিয়ামক ; ঈশ্বর। ৩। অন্তরজ্ঞ ; অন্তর্জ্ঞানী। প্র—"হৃদয় বেদনা বহিয়া প্রভু, এসেছি তব দ্বারে। তুমি অন্তর্যামী হৃদয়স্বামী সকলি জানিছ হে।" —রবীন্দ্র।

অন্তর্হাস (শ্) [অন্তর্ (মধ্য) হাস (হাস্য) ৬ তৎ] অথবা অন্তরস্থিত হাস, কর্ম্মধা] বি, পুং, অপ্রকাশিত হাস্য ; গুপ্তহাসি।

অন্তর্হিত [অন্তর্ (মধ্য) ধা (ধারণকরা) + ত (কর্ত্তৃ ক্ত) ধা = হি] বিণ, যে অন্তর্দ্ধান করিয়াছে ; তিরোহিত ; অদৃষ্ট। ২। [+ ক্ত (কর্ম্মে)] আবৃত।

অন্তশয্যা (অন্তশোজ্জ্যা) [অন্ত (শেষ) শয্যা (বিছানা) ৬ তৎ] বি. স্ত্রী. মৃত্যুকালীন ভূমি শয্যা ; death bed.

২। মৃত্যু। ৩। শ্মশান।

অন্তস্তল (ল্) [অন্তর্ (মধ্য) তল (স্থান) ৬ তৎ কিম্বা অন্তরস্থ তল (কর্ম্মধা)] বি. মধ্যবর্ত্তী স্থান ; ভিতর ; মন। প্র—"তুমি আমার অন্তস্তলের খবর জান, ভাবতে প্রভু আমি লাজে মরি—" —রজনী সেন।

অন্তাবসায়ী, অন্ত্যাবসায়ী (অন্তাবশাঈ) [অন্ত (শেষ)] অন্ত্য+অব—সো (নাশ করা)+ইন (কর্ত্তৃ ণিন্)] বি. পুং. (১) চাণ্ডাল (নিষাদ) (২) শ্বপচ (ব্যাধ) চণ্ডাল (৩) ক্ষত্তা (ক্ষত্রিয়া বা বৈশ্যার গর্ভে শূদ্রের ঔরস জাত) (৪) সূত (ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসজাত) ছুতার ; (৫) বৈদেহক (শূদ্রের ঔরসে বৈশ্যার গর্ভজাত) (৬) মাগধ (বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়া গর্ভজাত) এবং (৭) অয়োগব (শূদ্রের ঔরসে বৈশ্যা গর্ভজাত (এই সপ্তজাতি। [শব্দকল্পদ্রুমঃ] ২। [নখাদির অন্তভাগ নাশ করে বলিয়া] ক্ষৌরকার।

অন্তিক (ওনতিক্) [অন্ত (শেষ) ইক] বিণ. সন্নিহিত। ২। ক্লী. সন্নিধান ; নৈকট্য। প্র—"অত্যন্ত অন্তিকে আসি ধরি দুটী পায়।" —শিবায়ন।

স্ত্রী. **অন্তিকা**—জ্যেষ্ঠা ভগিনী [নাট্যোক্তিতে ব্যবহৃত।]

অন্তিম (ওনতিম্) [অন্ত (শেষ)+ইম (ভবার্থে —ডিম)] বিণ. পরিণাম : চরম ; শেষ।

২। অন্তকালীন। ৩। অন্তিম সংস্কার।

অন্তুজ (ওনতুজ্) [অন্ত্যজ দ্রঃ] বিণ. নীচ। —দীনবন্ধু (লীলাবতী)।

অন্তে [অন্ত দ্রঃ] ক্রি-বিণ. শেষে ; শেষ হইলে পর ; অবসানে। প্র—"বসন্ত অন্তে ক কোকিলা গায় পল্লব-বসনা শাখা-সদনে !" —ব্রজাঙ্গনা।

অন্তেবাসী (অনতেবাশি) [অন্তে (সমীপে) বাসী (বস+ইন্=বাসিন্) যে পাঠকালে গুরু সমীপে বাস করে] বি. পু. ছাত্র ; শিষ্য।

২। [অন্তে (নগরপ্রান্তে) বাসী] চণ্ডালাদি। ৩। বিণ. সমীপবর্ত্তী ; নিকটস্থ। ৪। বি. প্রতিবেশী। প্র—"যত অন্তেবাসী থাকে জিজ্ঞাসিলুঁ একে একে কহিতে পরাণ মোর ফাটে।" —কবিকঙ্কণ।

অন্ত্য (অনত) [অন্ত (শেষ)+য (ভবার্থে)] বিণ. শেষোৎপন্ন ; শূদ্র ; চতুর্থবর্ণ। [তুল—আদ্য (প্রথম বা আদিভব)] ২। অন্তিম ; চরম ; অবশিষ্ট ; শেষ। প্র—অন্ত্যজ, অন্ত্যবর্ণ। ৩। সহস্র লক্ষ কোটি সংখ্যা : ১০০০০০০০,০০,০০০,০০০। ৪। মুস্তক ; মুথা।

অন্ত্যজ, অন্ত্যজন্মা [অন্ত্য=অন্ত+জ. জন্মা (যে জন্মে)] বি. ব্রাহ্মণাদি তিন বর্ণ জন্মিলে শেষজাত ; চতুর্থ বর্ণ শূদ্র।

অন্ত্যজ (অনতজ্) [অন্ত্য (শূদ্র) হইতে+জ (জাত)—শূদ্রের ঔরসে উচ্চবর্ণের স্ত্রীর গর্ভে প্রতিলোমজ সন্তান] বি. পুং. চণ্ডাল। ২। [অন্ত্য (নীচ) কুলে+জ (যে জন্মে)] বিণ. নীচকুল জাত। ৩। নীচাশয় ; অধম।

অন্ত্যভ [অন্ত্য (শেষ) ভ (নক্ষত্র বা রাশি) কর্ম্মধা] বি ক্লী. শেষ নক্ষত্র, রেবতী ; শেষ রাশি মীন।

অন্ত্যবর্ণ [অন্ত্য (শেষ) বর্ণ জাতি বা অক্ষর, কর্ম্মধা] বি. পু. চতুর্থ বর্ণ শূদ্র।

২। শেষ অক্ষর।

অন্ত্যাবসায়ী—অন্তাবসায়ী দ্রঃ।

অন্ত্যেষ্টি (অনতেশ্‌টি) [অন্ত্য (শেষ) ইষ্টি (যজ্ঞ) শেষ যজ্ঞ] বি. চরম সংস্কার ; শবদাহাদি ; মৃত সৎকার।

অন্ত্র [অম্ (রুগ্ন হওয়া)+ত্র (করণে) যাহা রুগ্ন হইলে সকল রোগ উৎপন্ন হয় ; অথবা অন্ত্ (বন্ধন করা)+র (সংজ্ঞার্থে) অর্থাৎ যাহা জড়াইয়া থাকে] বি. ক্লী. আঁতড়ি ; নাড়ীভুড়ি ; entrails.

অন্ত্রবিদ্যা—অন্ত্রের অবস্থান, রোগ, চিকিৎসা প্রভৃতি সম্বন্ধীয় বিজ্ঞান ; splanchnology.

অন্ত্রবৃদ্ধি—বি. স্ত্রী. নাড়ী বৃদ্ধির রোগ বিশেষ ; hernia ; a rupture.

অন্দর (অনদর্) [ফা—অন্দর্ (ভিতর) তুল—গং অন্তর্ ; অন্তঃপুর] বি. ভিতর। (তাহা হইতে অর্থ হইয়াছে) অন্তঃপুর ; শুদ্ধান্ত ; গৃহের যে অংশে স্ত্রীলোকেরা বাস করেন। প্র—"রাজার সকল জানি অন্দর বাহির।" —ভারতচন্দ্র।

অন্দরমহল (অনদোর্মোহোল্) [ফা. অন্দর্ মহাল্] বি. অন্তঃপুর ; বাটীর ভিতরের অংশ ; ভিতর বাটী।

অন্দু, অন্দূ (ওনদু) [অনদ (বন্ধন করা) +উ (করণে কু—কূ)] বি. স্ত্রী. নিগড়। ২। হস্তী বন্ধন শৃঙ্খল। ৩। স্ত্রী. পাদভূষণ। [বিরল]

অন্দেশা, আন্দেশা [ফা—অনদেশা (চিন্তা)] বি. চিন্তা ; ভাবনা।

অন্ধ (অনধ) [অন্ধ্ (দৃষ্টিহীন হওয়া)+অ কর্ত্তৃ (ন)] বিণ. যাহার দুই চক্ষু নাই ; **অন্ধা বা আন্ধা** এই দুই হিন্দী শব্দের ব্যবহার প্রাচীন বাঙ্গালায় দেখা যায়। স্ত্রী. **অন্ধনী**। [অপ্র] প্র—"আন্ধার মাণিক ঘাছা অন্ধনীর নড়ি।" —ঘনরাম।

অন্ধের নড়ি, যষ্টি—অক্ষমের অবলম্বন—অসহায়ের সহায়। **অন্ধ হওয়া**—দৃষ্টি শক্তিহীন হওয়া। ২। কোন বিষয়ে বা কাহার গুণ বা দোষ না দেখা। ৩। মোহে, প্রেমে বা অনুরাগে মত্ত হওয়া বা হিতাহিত জ্ঞান শূন্য হওয়া ; রিপুর বশীভূত হওয়া।

অন্ধক (ক্) [অন্ধ+ক, স্বার্থে] বি. মুনি বিশেষ। ২। অসুর বিশেষ। ৩। দেশ বিশেষ। ৪। অন্ধকার।

অন্ধকরিপু [অন্ধক (অসুর বিশেষ) রিপু (শত্রু) যাহার—বহু] বি. পু. অন্ধকাসুরনাশক—শিব। ২। অন্ধকারহারক—সূর্য্য।

অন্ধকার (র্) [অন্ধ (দৃষ্টিহীন) করে (কৃ+অন্—কর্ত্তৃ) যে অন্ধ সদৃশ করে, উপপদ] বি. পু. ক্লী. আলোকের অভাব ; তমঃ ; তিমির। **অন্ধকার দেখা**—আসন্ন বিপদ বা সর্বনাশ উপস্থিত হইলে মাথা ঘুরিয়া দৃষ্টি হীন হওয়া ; ভয়ে ও ভাবনায় দিগ্‌বিদিগ জ্ঞানশূন্য হওয়া অর্থাৎ উদ্ধার বা মুক্তির পথ দেখিতে না পাওয়া। **অন্ধকার দেখান**—কাহাকেও সমূহ বিপদে ফেলিয়া বা বিপদের বার্ত্তা দিয়া তাহাকে অভিভূত করা। **অন্ধকারে থাকা**—কোন বিষয় সম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ থাকা। **অন্ধকারে ঢিল মারা**—কোন বিষয় প্রতিপন্ন করিবার জন্য বিশেষ না জানিয়া বহু প্রমাণ প্রদর্শন করা, তন্মধ্যে যেটি ঠিক লাগিয়া যায়।

অন্ধকূপ (প্) [অন্ধ (অন্ধকারময়) —কূপ (অল্প পরিসর স্থান) কর্ম্মধা] বি. অন্ধকারময় কূপ ; এঁদো কুয়া। ২। নিবিড় অন্ধকারময় স্থান।

অন্ধগোলাঙ্গুলন্যায়—এই ন্যায়ের তাৎপর্য্য এই যে মূর্খের উপদেশ গ্রহণ করিলে কার্য্য সিদ্ধি ত হয়ই না, পরন্তু মহা বিপন্ন হইতে হয়। "একদিন এক অন্ধ আপন মিত্রের বাড়ীতে যাইবার বাসনায় গমন করিল, কিছু দূর অগ্রসর হইয়া আর পথ ঠিক করিতে না পারিয়া দুঃখিত মনে অবস্থান করিতেছে, এই সময়ে এক রাখাল গরুর পাল লইয়া সেইস্থান দিয়া গমন করিতেছিল, রাখাল অন্ধকে দুঃখিতমনে বসিয়া থাকিতে দেখিয়া কারণ জিজ্ঞাসা করিল এবং সমস্ত অবগত হইয়া বলিল "আমার এই গোরুটী তোমার পথ দেখাইয়া লইয়া যাইবে, তুমি ইহার লেজ ধরিয়া থাক।" অন্ধ তাহাই করিল, গরুর লেজ চাপিয়া ধরায়, গো দিকবিদিক জ্ঞান শূন্য হইয়া দৌড়িল, ইহাতে অন্ধের মিত্রের বাড়ীতে যাওয়া হইলই না পরন্তু সর্ব্বশরীর ক্ষত বিক্ষত হইয়া গেল।"—হেত্বাভাস (মথুরানাথ টীকা)। অন্যত্র—কোন অন্ধ শ্বশুরালয়ে যাইবার মানসে জনৈক রাখালকে সঙ্গে করিয়া লইয়া যাইতে অনুরোধ করে। রাখাল স্বয়ং যাইতে না পারিয়া অন্ধের শ্বশুর-বাড়ীর গরুর লেজ ধরিয়া যাইতে পরামর্শ দেয়। অন্ধ দৃঢ় মুষ্টিতে গরুর

লেজ ধরিতে সে ত্রাসে উন্মত্তের ন্যায় ছুটিয়া চতুর্দ্দিকে লাফালাফি করিয়া এবং কাঁটাবন প্রভৃতির ভিতর দিয়া সন্ধ্যার পর অন্ধের শ্বশুর বাড়ী গিয়া উপস্থিত হয়। অন্ধ প্রাণপণ যত্নে লেজ ধরিয়াছিল বটে এবং শ্বশুর বাড়ীও পৌঁছিল কিন্তু তাহার অঙ্গ ক্ষত বিক্ষত ও সে উলঙ্গ হইয়া পড়িয়াছিল। অধিকন্তু রাত্রে গরু-চোর বলিয়া শ্বশুরের চাকরগণ অন্ধকে বিলক্ষণ প্রহার করিল। কোন ব্যক্তি মূর্খ বা খলের পরামর্শ গ্রহণ করিয়া বিপন্ন ও লজ্জিত হইলে এই অন্ধের সহিত তাহার তুলনা করা হয়।

অন্ধতম [অন্ধ—তম (বহুর মধ্যে একের উৎকর্ষার্থে)] বিণ, অত্যন্ত অন্ধকার ময়।

অন্ধতমস্ (শ্) [অন্ধ (নিবিড়) তমস্ (অন্ধকার)—কর্ম্মধা] বি, ক্লী, গাঢ় অন্ধকার; ঘনান্ধকার।

অন্ধতমসাচ্ছন্ন (তমোশাছ্ছনন্)—বি ণ, গাঢ় অন্ধকারে আবৃত; ঘোর তিমিরাবৃত। ২। ঘোর অজ্ঞানতায় মগ্ন; অজ্ঞানান্ধ।

অন্ধতামিস্র (মিস্র) [অন্ধ—(গাঢ়) তামিস্র (অন্ধকার) কর্ম্মধা] বি, ক্লী, গাঢ় অন্ধকার। ২। [অন্ধ (গাঢ়) হইয়াছে তামিস্র (অন্ধকার) যেখানে, বহু] অন্ধকার ময় নরক বিশেষ। ৩। পঞ্চ অবিদ্যা বা অজ্ঞানতার মধ্যে একটী; দেহ নাশের পর আর কিছুই থাকিবে না, আত্মা বলিয়া কিছু নাই, মৃত্যুর সঙ্গে সঙ্গে সব ফুরাইবে এই বুদ্ধি।

অন্ধপঙ্গুন্যায়—এই ন্যায়ের তাৎপর্য্য এই যে, একজনের সম্পূর্ণ শক্তি না থাকিলেও উভয়ে মিলিয়া ক্রিয়া সমাধা করিতে পারে। "একদিন এক অন্ধ ও এক পঙ্গুর স্থানান্তরে যাওয়ার আবশ্যক হওয়ায় উভয়ে এই পরামর্শ স্থির করিল যে, পঙ্গু অন্ধের স্কন্ধে উঠিয়াপথ দেখাইবে, অন্ধ হাঁটিয়া যাইবে, এইভাবেই পঙ্গুর চক্ষু ও অন্ধের পদদ্বারা তাহাদের স্থানান্তরে গমন ক্রিয়া সমাধা হইল।" —কাব্যপ্রকাশ (চণ্ডীদাস টীকা)। পাতঞ্জল দর্শনে রূপকস্থলে উক্ত হইয়াছে যে, এক মহাপুরুষের ক্ষেত্রজ্ঞ নামে পঙ্গু দাস ও প্রকৃতি-নাম্নী অন্ধ দাসী ছিল। তাহারা উক্তরূপ পরস্পর সাহায্যে সংসার নির্ব্বাহ করিত। ইহা পুরুষ ও প্রকৃতি যোগে সৃষ্টিস্থিতি এবং বিয়োগে লয়ের ইঙ্গিত। পরস্পরের সামর্থ্য দিয়া পরস্পরের অভাব মোচন করিলে তাহা অন্ধপঙ্গু ন্যায় হয়।

অন্ধপরম্পরা ন্যায়—অনেক অনভিজ্ঞ লোক একত্র হইয়াও ইষ্টসাধন করিতে পারে না ইহাই তাৎপর্য্য। বহু অন্ধ যদি কোন এক পথে গমন করে তবে সেই পথে যদি কূপ থাকে তবে একজন কূপে পড়িলে ক্রমে সকল অন্ধই জড়াজড়ি করিয়া কূপে পতিত হয়।

অন্ধহস্তিন্যায়—"কয়েক জন অন্ধ একত্র হইয়া হস্তী কিরূপ তাহা জানিবার মানসে কোন এক চক্ষুষ্মান্ ব্যক্তিকে অনুরোধ করিল। চক্ষুষ্মান ব্যক্তি অন্ধদিগকে গজশালায় লইয়া গিয়া গজের অঙ্গ স্পর্শ করাইয়া বলিল, এই গজ। ইহাতে যে যে অন্ধ হস্তীর যে যে অঙ্গ স্পর্শ করিয়াছিল সে সেই অঙ্গকেই হস্তী বলিয়া মনে করিল।" —ভাগবত। অনভিজ্ঞ এবং অল্পদর্শী ব্যক্তিগণ কোন বিষয়ের একদেশ দর্শন করিয়াই সেই বিষয়ের চরম-সিদ্ধান্তে উপনীত বা প্রবৃত্ত হইলে তাহাদিগকে অন্ধহস্তি ন্যায়ের অন্ধের সহিত তুলনা করা হয়।

অন্ধলা [প্রাদে। চ—আঁধ্লা] বিণ, অন্ধ; দৃষ্টিহীন। ২। আলোক ও অন্ধকারের মধ্যবর্ত্তী; আলো আঁধারি।

অন্ধা [হিঃ অন্ধা] বিণ, অন্ধ; দুই চক্ষুহীন। ২। আচ্ছন্ন। প্র—"গর্ব্ব অন্ধা" —চৈতন্যভাগবত। ৩। [সং—অন্ধকার। গ্রা, অন্ধার—পরে, অন্ধা] বি, অন্ধকার; আঁধার। [অপ্র]

অন্ধিকা (ওন্ধিকা)[অন্ধ+ইক—স্ত্রী, আপ্] বি, স্ত্রী, রাত্রি। ২। নেত্ররোগ। ৩। দ্যূতক্রীড়া বিশেষ। ৪। স্ত্রী সর্প; নাগিনী।

অন্ধিসন্ধি (ওনধিশোনধি) [অন্ধি (রন্ধ্র শব্দজ) সন্ধি (সন্ধান ফাঁক); প্রাদে।] বি, ছিদ্র; রন্ধ্র; ফাঁক। ২। উদ্দেশ; হদিস; আভাস মাত্র; তত্ত্ব। প্র—এত বড় বাড়ী যে তার অন্ধি সন্ধি পাওয়া যায় না।
"লোকটী সাম্প্রদায়িক কিন্তু আপন অভিপ্রায় কি তাহা ডুবুরি ডুবিলেও অন্ধিসন্ধি পাইত না।" —টেকচাঁদ।

অন্ধু (ওনধু)[অন্—(গমন করা)+তু, সংজ্ঞার্থে—নিপাত—যথায় জলার্থে গমন করে] বি, পু, কূপ; কুয়া।

অন্ধুল (ওনধুল্) বি, পু, শিরীষ গাছ।

অন্ধ্র—বি, পু, জাতিবিশেষ, ব্যাধ, কলিঙ্গের পশ্চিম দেশবিশেষ।

অন্ন [অদ্ (ভোজন করা)+ত (কর্ম্মে ক্ত) (দ—ত=ন্ন) যাহা ভোজন করা যায়] বিণ, ভুক্ত; ভক্ষিত। ২। বি, ওদন; ভাত; প্রধান ভোজ্য দ্রব্য। ৩। ভুক্ত বা ভক্ষিত দ্রব্য।

অন্নকষ্ট [অন্নের নিমিত্ত কষ্ট—৬তৎ] বি, ক্লী, অন্নাভাবে ক্লেশ; দুর্ভিক্ষ। বিণ, **অন্নকষ্টিআ, অন্নকষ্টে, অন্নকোষ্টে, অন্নকোষ্টা।**

অন্নকোষ্ঠক (ক্) বি, পু, তণ্ডুলাদি রক্ষা করিবার গৃহ; গোলা।

অন্নকোষ্ঠে, অন্নকোষ্ঠা [অন্নকষ্ট শব্দজ। প্রাদে] বিণ, অন্নদানে কাতর; অন্নদানবিমুখ। ২। অন্নাভাবে কাতর বা কৃশ। প্র—"খুঁজিতে খুঁজিতে বন্দীর বুকে পড়ে পা। অন্নকোষ্ঠা বন্দী ছাড়ে বিপরীত রা॥" —কবিকঙ্কণ।

অন্নগতপ্রাণ (ন) [অন্নগত যে প্রাণ—কর্ম্মধা] বি, পু, যে প্রাণ অন্নাভাবে বাঁচে না; অন্নের-দ্বারা রক্ষিত প্রাণ। ২। [অন্নগত হইয়াছে প্রাণ যাহার—বহুব্রী] বিণ, যে ব্যক্তির প্রাণ অন্নাভাবে বাঁচে না।

অন্নগন্ধি (অন্নোগোনধি) বি, পু, উদরাময়; পেটের ব্যারাম।

অন্নছত্র (—ছৎত্র) [অন্নসত্র শব্দজ। গ্রা।] বি, অন্নদানরূপ যজ্ঞ; অন্নদান ব্রত; অন্নশালা; যে স্থানে অন্নার্থীদিগকে অন্ন দেওয়া হয়।

অন্নদ [অন্ন (ভোজ্য)—দ (দা—দান করা)+ড, কর্ত্তৃ] বিণ, যিনি অন্নদান করেন। স্ত্রী, অন্নদা।

অন্নদা—বি, স্ত্রী, ভগবতী; অন্নপূর্ণা। প্র—অন্নদামঙ্গল। ২। বিণ, অন্নদাত্রী; অন্নদায়িনী। প্র—"ভিক্ষা দেহ, রঘুবধূ, (অন্নদা এ বনে তুমি!) ক্ষুধার্ত্ত অতিথে!" —মেঘনাদ।

অন্নদাতা [অন্ন—দা (দানকরা)+তৃন্, কর্ত্তৃ = অন্নদাতৃ শব্দ—১মা ১বচনে] বিণ, পু, যিনি অন্নদান করেন; প্রতিপালক। স্ত্রী, **অন্নদাত্রী।**

অন্নদান (ন) [অন্নের দান, ৬তৎ] বি, ক্লী, ভোজ্যদ্রব্য বিতরণ করা।

অন্নদাস (অননোদাশ্) [অন্ন—দাস—ম-প-লো কর্ম্মধা] বিণ, যে অন্নের জন্য পরের দাসত্ব করে; ভাতুড়িয়া।

অন্ননালী—বি, যে নালী বাহিয়া খাদ্য দ্রব্য মুখ হইতে পাকস্থলীতে নীত হয়; the gullet.

অন্নপূর্ণ [অন্নদ্বারা পূর্ণ—৩তৎ] বিণ, পু, প্রচুর অন্নযুক্ত। স্ত্রী, অন্নপূর্ণা।

অন্নপূর্ণা [তুল—ল্যা, Anna Perona, Anna Perenna—Lempriere's Classical Dictionary.] বি, স্ত্রী, জগন্মাতার জগৎ-পালিকা মূর্ত্তি (ব্রহ্মরূপ অন্ন ধাতুর উৎপত্তির মূল আদ্যাশক্তি বা মূল প্রকৃতির নাম অন্ন, এই অন্নদ্বারা যিনি চতুর্দ্দশ ভুবন পূর্ণ করেন)। ২। স্ত্রীলোকের সাধারণ নাম-মন্ত্র।

অন্নপ্রাশন (ন) [অন্নের—প্রাশন (ভোজন) ৬তৎ] বি, ক্লী, জাত বালকের প্রথম অন্নাহার-রূপ সংস্কারবিশেষ; অন্নারম্ভ।

অন্নবহনালী—বি, অন্ননালী দ্রঃ; alimentary canal.

অন্নবিকার (র্) [অন্নের বিকার (রূপান্তর প্রাপ্তি) ৬তৎ] বি, পু, অন্নের ভুক্তাবশেষে রূপান্তরিত দশা। ২। বিষ্ঠা। ৩। শুক্র।

অন্নবিসর্জ্জন (শ, ন্) [অন্নের বিসর্জ্জন, ৬তৎ] বি, ক্লী, অন্নত্যাগ।

অন্নব্যঞ্জন (অননোব্যানজোন্) [অন্ন এবং ব্যঞ্জন —দ্বন্দ্ব] বি, ক্লী, ভাত ও তরকারী।

অন্নভোক্তা [অন্ন—ভোক্তা; ভুজ—(ভোজন-

করা) + তৃন্ (কর্ত্তৃ) = ভোক্তৃ—১মা ১বচনে ভোক্তা. ৬তৎ] বিণ. যাহার পক অন্ন খাওয়া যাইতে পারে; অথবা যাহার সহিত একত্র বসিয়া অন্ন আহার করা চলে; পংক্তিভোজী; কুটুম্ব। ২। অন্নভোজী; যে অন্ন ভোজন করে।

অন্নময়কোষ (ম্, ষ) [অন্নময়—কোষ, কর্ম্মধা] বি, পুং. অন্নদ্বারা রক্ষিত কোষ। ২। [বেদান্তে] স্থূল-শরীর।

অন্নমল (ল্) বি, স্ত্রী. মদ; মদ্য। ২। পুরীষ।

অন্নরস (শ্) [অন্নের রস, ৬তৎ] বি, স্ত্রী. ভুক্ত দ্রব্যের সারাংশ হইতে উদ্ভূত এক প্রকার দুগ্ধবৎ রস; chyle.

অন্নসংস্থান (—শংস্থান্) [অন্নের সংস্থান (আয়োজন) ৬তৎ] বি. খাদ্য দ্রব্যের সংগ্রহ; খাবার সংগ্রহ। ২। জীবিকার উপায়।

অন্নহীন (ন) [অন্নের দ্বারা হীন, ৩তৎ] বিণ. যাহার অন্নের সংস্থান নাই; নিরন্ন। ২। ভিক্ষুক।

অন্নাচ্ছাদন (ন) [অন্ন এবং আচ্ছাদন, দ্বন্দ্ব] বি, স্ত্রী. অন্নবস্ত্র; ভাত কাপড়।

অন্নাভাব (ব্) [অন্নের অভাব, ৬তৎ] বি, পুং. অন্ন না থাকা; অন্নকষ্ট।

অন্নার্থী [অন্নের অর্থী (যাচক) ৬তৎ, অন্ন—অর্থিন্ (অর্থ—যাচ্ঞা করা) + পিন্ (কর্ত্তৃ) = অর্থী] বিণ. অন্নের যাচক। স্ত্রী. **অন্নার্থিনী**।

অন্য (ওন্নো) [অন্ (বাঁচা) + য—কর্ত্তৃ] বি. ভিন্ন, অপর। ২। ব্যতীত; ছাড়া। ৩। সদৃশ।

অন্যঅন্য (ওন্নো ওন্নো) [বিভক্ত বহুলতা অর্থে দ্বৈত] ভিন্ন ভিন্ন; অপর; প্রত্যেকগুলি; অপরাপর; আর আর। [অন্যান্য দ্রঃ]

অন্যগতপ্রাণ (ওন্নোগতোপ্রান্) [অন্যগত প্রাণ হইয়াছে যাহার—বহু] বিণ. যাহার প্রাণ অন্যকে দিয়াছে, অর্থাৎ যে বাঁচিলে বাঁচে, মরিলে মরে এতাদৃশ।

অন্যত, অন্যতঃ (ওন্নোতো) [অন্য শব্দের পর ৫মী বা ৭মী স্থানে তস্ প্রত্যয় হয়। অন্য + তস্ = অন্যতঃ, বঙ্গ ভাষায় বিসর্গান্ত ও বিসর্গহীন উভয়ই দেখা যায়] অ. অন্য হইতে; অন্য স্থানে; অন্যত্র।

অন্যতম (ওন্নোতম্, ম) [অন্য + তম (বহুর মধ্যে একজনকে বুঝাইতে)] বিণ. একজন; বহুর মধ্যে একজন।

অন্যতর (ওন্নোতর্, র) [অন্য + তর (দুইয়ের মধ্যে একজন বুঝাইতে)] বিণ. উভয়ের মধ্যে একজন; দুইয়ের মধ্যে একটী; অন্যটী। [তুলঃ—গ্রী—heteros. ল্যা. aeter. ইং. another.]

অন্যত্র (ওন্নোত্ত্র) [অন্য + ত্র (৭মী স্থানে ত্র)] অ. অন্য স্থানে; অন্য বিষয়ে; অপরত্র; আর এক ক্ষেত্রে বা স্থানে।

অন্যথা (ওন্নোথা) [অন্য + থা (প্রকারার্থে)] বিণ. অন্যরূপ; ভিন্নরূপ। প্র—"এই চির-পরিচিত সাংসারিক নিয়মের কোনও কালে, অন্যথাভাব দেখিতে পাওয়া যায় না।" —বিদ্যাসাগর।

২। বিপরীত; বিরুদ্ধ।

প্র—"বৎস! কল্য প্রভাতেই মদীয় আদেশের অনুযায়ী কার্য্য করিবে, কোন মতে অন্যথা করিবে না।" —বিদ্যাসাগর (সী. ব)।

৩। অ. নতুবা।

অন্যথাচরণ (ওন্নোথাচরোন) [অন্যথা (অন্য প্রকার) + আচরণ (ব্যবহার) কর্ম্মধা] বি, স্ত্রী. বিপরীত ব্যবহার; প্রতিকূলাচরণ।

অন্যথাসিদ্ধি (ওন্নোথাশিধ্ধি) বি, স্ত্রী. অন্য প্রকারে সিদ্ধি, যে রূপ সম্ভাবনা করা যায় না তদ্রূপ কর্ম্মের উৎপত্তি। [ন্যায় দর্শনে] হেতুর দোষ; হেত্বাভাস বিশেষ; কার্য্যের পূর্ব্ববর্ত্তী হইয়াও কার্য্যের উৎপাদক না হওয়াতে তাহাকেই অন্যথাসিদ্ধি বলে।

অন্যদা (ওন্নোদা) [অন্য + দা (কালার্থে)] অ. সময়ান্তরে; কালান্তরে; অন্যকালে; অন্য-সময়ে।

অন্যদীয় (ওন্নোদীয়) [অন্যদ্ + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ. অন্য সম্বন্ধীয়; অপরের।

অন্যপুষ্ট (ওন্নোপুশ্ট) [অন্য (কর্ত্তৃক) পুষ্ট (পালিত) ৩তৎ] বি. কোকিল; কাকপালিত; পরভৃৎ। স্ত্রী. **অন্যপুষ্টা**—কোকিলা।

অন্যপূর্ব্বা (ওন্নোপূর্ব্বা) বি, স্ত্রী. যে কন্যা বাগ্‌দানাদি দ্বারা পূর্ব্বে অন্যদীয়া হইয়াছিল, কোন কারণে যদি সেই বর ঐ কন্যার পতি না হয় তবে তাহাকে অন্যপূর্ব্বা বলে।

অন্যভৃৎ (ওন্নো) [অন্য—ভৃ + কিপ, কর্ত্তৃ—যে অন্যকে পোষণ করে] বি, পুং. কাক; বায়স।

অন্যভৃত (ওন্নো) [অন্য কর্ত্তৃক ভৃত (পালিত) ৩তৎ] বি, পুং. কোকিল।

২। বিণ. অন্য বা অপরের দ্বারা পুষ্ট; পরপালিত।

অন্যমত (ওন্নোমত) [অন্য যে মত (অভিপ্রায়) কর্ম্মধা] বি, স্ত্রী. ভিন্নমত; মতান্তর।

২। [অন্য (অন্যপ্রকার) মত যাহার—বহু] বিণ. যাহার অভিপ্রায় অন্যরূপ। ৩। অন্যবিধ; স্বতন্ত্র প্রকার।

অন্যমনস্ক (ওন্নোমোনশ্‌কো) [অন্য (অন্য-বিষয়ে) মনঃ যাহার—সমাসে ক, বহু] বিণ. যাহার মন অন্যবিষয়ে নিবিষ্ট; অন্যমনা; আনমনা।

অন্যমনা, অন্যমনাঃ (ওন্নোমোনা) [অন্য (অন্যবিষয়ে) মনঃ যাহার—বহু, অন্যমনস্ শব্দ ১মা ১বচনে অন্যমনাঃ, বঙ্গভাষায়—আনমনা শব্দেরও ব্যবহার আছে] বিণ. অন্যাসক্তচিত্ত। ২। অন্যমনস্ক।

অন্যবিধ (ওন্নোবিধ) [অন্য হইয়াছে বিধা (প্রকার) যাহার, বহু] বিণ. অপরপ্রকার; আর একরকম; ভিন্নরূপ।

অন্যাদৃক্, অন্যাদৃশ (ওন্ন্যা) [অন্য—দৃশ্ (দর্শনকরা) + ক্বিপ (কর্ম্মে)—অন্য = অন্যা, দৃশ্ = দৃক্ যাহাকে অন্যের ন্যায় দেখা যায়] বিণ. অন্যপ্রকার; ভিন্ন আকার।

অন্যান্তর (ওন্ন্যান্তর্) [অন্য—অন্তর (ব্যবধান) যাহার—বহু] বি. অন্যস্থান; অন্যত্র।

প্র—"তপস্বীর দেখি কিছু চঞ্চল অধর। সেই স্থান ছাড়ি গৌরী যান অন্যান্তর।" —কবিকঙ্কণ।

অন্যান্য (ওন্ন্যান্ন) [অন্য—অন্য—দ্বন্দ্ব] বিণ. ভিন্ন ভিন্ন; অপরাপর।

অন্যায় (অন্ন্যায়) [ন = অ, ন্যায়, নঞ্ তৎ] বি, পুং. অবিচার, অনৌচিত্য।

২। বিণ. ন্যায় বিরুদ্ধ; অকর্ত্তব্য; অনুচিত; অন্যায্য।

অন্যায়ত, অন্যায়তঃ (অন্ন্যায়ত) [অন্যায় + তস্ প্রত্যয়] অ. অন্যায়রূপে, অন্যায়পূর্ব্বক।

অন্যায়াচরণ (অন্ন্যায়াচরন্) [অন্যায় যে আচরণ, কর্ম্মধা] বি, স্ত্রী. বিরুদ্ধ ব্যবহার।

২। [অন্যায় আচরণ যাহার—বহু] বিণ. বিরুদ্ধাচারী।

অন্যায়োপজীবী (অনন্যায়োপজীবি) [অন্যায় (কর্ম্ম দ্বারা) উপজীবী। উপ—জীব + পিন (কর্ত্তৃ) = উপজীবিন্ ১মা ১বচনে] বিণ. অন্যায় কার্য্য দ্বারা জীবিকানির্ব্বাহকারী।

অন্যায্য (অন্ন্যাজ্জ) [ন = অ—ন্যায্য (ন্যায় + য, ভাবার্থে) নঞ্ তৎ] বিণ. ন্যায়ানুমোদিত নহে; অনুচিত; ন্যায়বিরুদ্ধ। ২। অযোগ্য।

অন্যূন (অনুন্,—ন) [ন = অ—ন্যূন—নঞ্ তৎ] বিণ. ন্যূন নহে; কম নহে। ২। সম্পূর্ণ; সমস্ত।

অন্যোন্য, অন্যোহন্য (অনোনোন্ন) [অন্যঃ + অন্য (সকারাগম)] বিণ. পরস্পর।

প্র—"অন্যোহন্যে সভার বদন সভে চায়।" —চৈতন্যভাগবত।

২। অর্থালঙ্কার বিশেষ [পরস্পর অর্থাৎ এক অপরের দ্বারা উপকৃত হইলে এই অলঙ্কার হয়]।

অন্যোহন্যবিরোধী (অনোনোন্ন—) [অন্যোহন্য—বিরোধী, ৬তৎ] বিণ. পরস্পর বিরোধী, পরস্পর অনিষ্টাকাঙ্ক্ষী।

অন্যোন্যাভাব (অনোনোন্নাভাব্) [অন্যোন্য + অভাব ৬তৎ] বি, পরস্পরের অভাব।

অন্যোন্যাশ্রয় (অনোনোন্নাস্রয়্) বি, পুং. পরস্পর সাপেক্ষ।

২। তর্কদোষ বিশেষ; একের জ্ঞানাভাবে যথায় অন্যের জ্ঞান হয় না তথায় এই দোষ হয়।

অন্বয় (অন্নয়্) [অনু + ই (গমনকরা) + অ (ভাবে, অল্)] বি, অনুবৃত্তি।

২। বাক্যের মধ্যে কর্ত্তা কর্ম্ম ক্রিয়াদি পদের পরস্পর সম্বন্ধ ; sequence.
৩। সরল গদ্যে পরিণতি ; সরল অর্থ নির্ণয়।
৪। বংশ ; কুল ; গোত্র।
৫। সন্তান। ৬। আদি পুরুষ। ৭। সম্পর্ক সম্বন্ধ। ৮। ক্রম ; ধারা। ৯। বিদ্যমানতা।

অন্বয়ব্যতিরেক (অন্‌নয়্‌বেতিরেক্) [অন্বয় (একের অস্তিত্বে অন্যের অস্তিত্ব বা একটা হইলে অন্যটা হয় এইরূপ সম্বন্ধ) এবং ব্যতিরেক (তদ্বিপরীত—একটা না হইলে আর একটা হয় না এইরূপ বিপরীত যুক্তি)—দ্বন্দ্ব] বি, তৎসত্বে তৎসত্তা এবং তৎ অসত্বে তৎ অসত্তা এইরূপ যুক্তিপ্রদর্শন পূর্ব্বক সাধ্যসাধন রূপ ন্যায় (in logic) methods of concomitance and separation ; agreement and difference. —*Ganguli*

অন্বয়ী [অন্বয় দ্রঃ] বিণ, অন্বয়যুক্ত।
২। সম্বন্ধিত।

অন্বর্থ (অন্‌নর্থ) [অনু (অনুগত) অর্থ যাহার বা যাহাতে, বহু] বিণ, প্রকৃত অর্থযুক্ত, যথার্থ, সঙ্গত, অর্থানুগত।
প্র—"হা বিধাতঃ! এত দিনের পর তুমি আমার দুর্ম্মুখ নাম অন্বর্থ করিয়া দিলে।"
—বিদ্যাসাগর (সী, ব,)

অন্ববায় (অন্‌নবায়্)] অনু—অব=অন্বব—ই (গমন করা)+অ (ঘঞ্‌--ভাবে)] বি, পুং, বংশানুবর্ত্তন ; পুরুষ ; বংশ ; গোত্র ; কুল।

অন্বাচয় (অন্‌নাচয়্) [অনু (সহিত)—আ—চি (চয়ন করা)+অ (ল্ ভাবে)] বি, পুং, একটী উদ্দেশ্য সিদ্ধি করিতে যাইয়া অন্য আর একটী অনুদ্দেশ্য বিষয়ের সিদ্ধি ; আনুষঙ্গিক।

অন্বাসন (অন্‌নাশন্)[অনু—আস্ (উপবেশনে) + অন (ট্—ভাবে)] বি, ক্লী, অনুশোচনা। ২। উপাসনা। ৩। [অধি—অনট্] শিল্পাগার। ৪। [কর্ম্মে—অনট্] স্নেহদ্রব্য।

অন্বাসিত (অন্‌নাশিত) [অনু (পশ্চাৎ) আসিত, আস্ (উপবেশন করা)—ক্ত কর্ম্মে] বিণ, পশ্চাদুপবিষ্ট।
২। পূজিত ; সেবিত ; আরাধিত।

অন্বাহিত (অন্‌নাহিত) [অনু—আহিত (আ—ধা=ধারণকরা,—কর্ম্মে ক্ত। ধা=হি) ন্যস্ত] বিণ, পুনর্গচ্ছিত ; একজনের নিকট হইতে পুনরায় অন্যজনের নিকট গচ্ছিত বা ন্যস্ত রাখা।

অন্বিত (ওন্নিত) [অনু—ই (গমন করা)+ত (কর্ত্তৃ)] বিণ, মিলিত ; সম্বদ্ধ ; যুক্ত ; সংলগ্ন। ২। অন্বয় বিশিষ্ট। ৩। যাহার অন্বয় করা হইয়াছে।

অন্বিষ্ট (ওন্নিশ্‌ট) [অনু—ইষ্ (ইচ্ছা করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে অন্বেষণ করা হইয়াছে।

২। বাঞ্ছিত ; আকাঙ্ক্ষিত।

অন্বীক্ষণ (ওন্নিক্‌খন্) [অনু=ঈক্ষ (দর্শন করা)+অন(ট্ ভাবে)] বি, ক্লী, পশ্চাৎ দর্শন ; অন্বেষণ।
(ওন্নিক্‌খা) [অনু—ঈক্ষ+অ (ঙ্—ভাবে) স্ত্রী—আ] বি, স্ত্রী, দর্শন। ২। বেদ বাক্য শ্রবণানন্তর তদর্থ পর্য্যালোচনা। ৩। অনুমান।

অন্বেষক (ওন্‌নেশক্) [অনু—ইষ্ (ইচ্ছাকরা) +অক—কর্ত্তৃ] বিণ, যে অনুসন্ধান করে ; অনুসন্ধায়ী।

অন্বেষণ (ওন্নেশন্) [অনু—ইষ+অন (ট্ ভাবে)] বি, ক্লী, অনুসন্ধান ; গবেষণা। ২। আকাঙ্ক্ষা। স্ত্রী, **অন্বেষণা** [অনু—এষণা] বি, তর্কাদি দ্বারা যথার্থ ধর্ম্মের অন্বেষণা।

অন্বেষণীয় (ওন্নেশনিয়) [অনু—ইষ+অনীয় (কর্ম্ম)] বিণ, যাহার অনুসন্ধান করা আবশ্যক বা উচিত ; অনুসন্ধেয়।

অন্বেষিত (ওন্নেশিত) [অনু—ইষ্ +ণিচ্+ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহাকে অনুসন্ধান করা গিয়াছে ; অন্বিষ্ট ; অনুসন্ধাত ; গবেষিত।

অন্বেষ্টব্য (ওন্নেশ্‌টোব্‌ব) [অনু—ইষ+তব্য (কর্ম্মে)] বিণ, যাহা অন্বেষণ করার যোগ্য ; অন্বেষণীয়।

অন্বেষ্টা (ওন্নেশ্‌টা) [অনু—ইষ+তৃ (ন্) কর্ত্তৃ =অন্বেষ্টৃ ১মা ১বচনে] বিণ, পুং, যে অনুসন্ধান করে ; অন্বেষক। স্ত্রী, **অন্বেষ্ট্রী**।

অপ্, অপ [আপ্ (পাওয়া)+ক্বিপ (কর্ম্মে)—আ=অ কিম্বা আপ্ (ব্যাপ্তি, বেষ্টন করা)+ক্বিপ (কর্ত্তৃ) যে পৃথিবীকে বেষ্টন করিয়াছে] বি, স্ত্রী, জল ; সলিল ; বারি ; উদক। প্র—"হৃদয় বায়ু বহ্নি অপ তারে দিল স্থল।"
—কবিকঙ্কণ।

অপ্‌চ (অপ্‌চো) [অপচয় শব্দের অপভ্রংশ] বি, অপচয় ; নষ্ট। প্র—"বৃকোদর বলে বেটীর বড় না দেখি ত্বরা। অপ্‌চ করে এমন কথা দিন লেগেছে পারা॥" —শিবায়ন।

অপ [ন=অ—পা (রক্ষা করা)+অ (কর্ত্তৃ ড)—যে নিজের প্রকৃতিগত অর্থ রক্ষা করে না] অ, উপসর্গ। ২। স্থানান্তর। প্র—অপায়। ৩। কুৎসিত। প্র—অপবাদ ; অপহসিত। ৪। বিরুদ্ধ ; প্রতিকূল। প্র—অপগত ; অপলাপ ; অপসব্য। ৫। অপগত। প্র— । ৬। রহিত ; বর্জ্জিত। প্র—অপব্যয়। ৭। বর্জ্জন ; ত্যাগ। ৮। মন্দ। প্র—অপকর্ম্ম। ৯। বৈপরীত্য। প্র—অপমান। ১০। বিয়োগ। প্র—অপদার্থ। ১১। অধোদেশ। প্র—অপান। ১২। চৌর্য্য। প্র—অপহরণ। ১৩। অপকৃষ্ট। প্র—অপমৃত্যু।

অপকর্ম্ম [অপ (মন্দ) কর্ম্ম—অব্যয়ী] বি, কুকর্ম্ম ; দুষ্কৃতি।

অপকর্ম্মা [অপ (কুৎসিত) কর্ম্মন্ (ক্রিয়া) যাহার, বহু] বিণ, দুষ্কর্ম্মান্বিত ; কুক্রিয়াসক্ত।

অপকর্ষ [অপ (অধম) কৃষ্ (কর্ষণ করা)+অ (ল্ ভাবে)] বি, পুং, হীনতা ; অপকৃষ্টতা ; অপ্রধানতা ; অনুৎকর্ষ। ২। [অপ্ (নিম্ন) কর্ষ] নিম্নে বা অধোদেশে আকর্ষণ।

অপকলঙ্ক [অপ—কলঙ্ক] বি, পুং, অমূলক কলঙ্ক ; মিথ্যা অপবাদ।

অপকারক (অপকারোক্) [অপ—কৃ+অক—কর্ত্তৃ] বিণ, যে অপকার করে ; অপকারী ; ক্ষতিকারক ; অনিষ্টকারী।

অপকারী (অপোকারি) [অপ—কারী (কৃ+ণিন্)=কারিন্ ১মা·১বচনে] বিণ, অনিষ্টকারী ; মন্দকারক ; অহিত জনক।

অপকীর্ত্তি (অপোকীর্তি) [অপ (অপগত, মন্দ) কীর্তি (যশঃ, নাম)] বি, স্ত্রী, অযশঃ ; দুর্নাম ; নিন্দা ; কু-কীর্ত্তি। প্র—"লোকে অপকীর্ত্তি, জগতে দুর্বৃত্তি সব পুত্র হ'তে হইল॥"
—মহা-সভা-কাশী।

অপকৃত (অপোকৃত) [অপ—কৃ+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার অপকার করা হইয়াছে ; ক্ষতিগ্রস্ত। ২। [ভাবে ক্ত] বি, অনিষ্ট।

অপকৃতি (অপোকৃতি) [অপ—কৃ+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, অপকার ; অহিত ; অনিষ্ট।

অপকৃষ্ট (অপোকৃশ্‌ট) [অপ—কৃষ+ত (ক্ত কর্ম্মে)] বিণ, নিকৃষ্ট ; অধম ; নীচ ; জঘন্য। ২। অপনীত। নিম্নাকৃষ্ট।

অপক্রম (অপক্‌ক্রোম্) [অপ—ক্রম্ (গমন করা) অ (ল্—ভাবে)] বি, পুং, একস্থান হইতে স্থানান্তরে গমন। প্রস্থান ; পলায়ন।

অপক্রমণ (অপক্‌ক্রোমোন্) [অপ—ক্রম্+অন (ট্—ভাবে)] বি, ক্লী, প্রস্থান ; পলায়ন।

অপক্রান্ত (অপোক্‌ক্রান্‌তো) [অপক্রম্+ত (ক্ত, কর্ম্মে)] বিণ, অপসৃত ; পলায়িত।

অপক্রিয়া (অপক্‌কৃআ) [অপ (নিন্দিত, হীন) ক্রিয়া (কর্ম্ম)] বি, স্ত্রী, অপকার ; হানি ; ক্ষতি। ২। কুক্রিয়া ; কুকর্ম্ম ; দুষ্কৃত।

অপক্রোশ (অপক্‌ক্রোশ্) [অপ—ক্রুশ্ (চীৎকার করা)+অ (ল্ ভাবে)] বি, পুং, নিন্দা। ২। তিরস্কার।

অপক্ক (অপক্‌ক) [ন=অ—পক্ক] বিণ, যাহা পক্ক নয় ; কাঁচা। ২। অসিদ্ধ।

অপক্ষপাত (অপোক্‌খোপাত্) [ন=অ—পক্ষ—পাত] বি, পুং, পক্ষপাতের অভাব ; অসহায়তা। ২। যথার্থবাদ ; সুবিচার ; ন্যায়কারিতা।

অপক্ষপাতী (অপোক্‌খোপাতি) [ন=অ—

পক্ষ (সহায়তা)—পাতী (যে করে)] বিণ, যে কোন পক্ষের সহায়তা করে না ; যথার্থবাদী ; ন্যায়দর্শী।

অপগত [অপ—গত (গম্—গমন করা+ত (কর্ত্তৃ, ক্ত)—যে স্থানান্তরে গিয়াছে] বিণ, গত ; পলায়িত ; অপসৃত। ২। বিদূরিত। ৩। মৃত। ৪। রহিত।

অপগম (অপোগম্) [অপ—গম্+অ (অল—ভাবে)] বি, পুং, পলায়ন : প্রস্থান : অপসরণ। ২। বিনাশ।

অপগমন (অপোগমন্) [অপ—গম্+অন (ট্—ভাবে)] বি, ক্লী, অপগম।

অপগা [অপ্ (নিম্ন কিম্বা জল)+অ (বিদ্যমানার্থে)=অপ (নিম্ন কিম্বা সমুদ্র) গ (গম্+ড, কর্ত্তৃ—যে গমন করে) আ—স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী, যে নিম্নদিকে বা সমুদ্রে গমন করে : নদী ; স্রোতোবহা। ২। বিণ, নিম্নগামিনী ; সমুদ্রগামিনী।

অপগ্রহ (অপোগ্‌গ্রোহো) [অপ (প্রতিকূল) গ্রহ] বি, পুং, বিরুদ্ধগ্রহ ; প্রতিকূল গ্রহ।

অপঘন [অপ—হন (নাশকরা)+অ (কর্ম্মে—ঘ) ; হ=ঘ] বি, পু, যাহা বিনষ্ট হয় ; অঙ্গ ; দেহ। ২। [অপ (অপগত) হইয়াছে ঘন (মেঘ) যে সময়ে] শরৎকাল। ৩। বিণ, মেঘমুক্ত।

অপঘাত (অপোঘাত্) [অপ—হন+অ (ভাবে ঘঞ্) হন্=ঘাত] বি, পুং, ব্যাধি ব্যতিরেকে কোন আকস্মিক কারণে মৃত্যু ; হঠাৎ মৃত্যু : অপকৃষ্ট মৃত্যু : অপমৃত্যু।

অপঘাতক (অপোঘাতোক্) [অপ – হন্+অক্ (কর্ত্তৃ) হন্=ঘাত] অপঘাতকারী।

অপঘাতী [অপ—হন+ইন্ (কর্ত্তৃ) হন=ঘাত] বিণ, অপহত্যাকারী।

অপঘৃণ (অপোঘৃন) [অপ (অপগত) ঘৃণা (করুণা বা লজ্জা) যাহার—বহু] বিণ, অকরুণ ; নির্দ্দয়। ২। ঘৃণা লজ্জা হীন ; নির্লজ্জ।

অপচয় (অপোচয়্) [প্রাদে, গ্রা—অপ্‌চ। অপ (বিপরীত) চি (চয়ন করা)+অ (ভাবে অল্)] বি, পুং, ক্ষতি ; হ্রাস। ২। অপব্যয়।

অপচায়িত (অপোচাইতো) [অপ—চায়্ (পূজাকরা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, পূজিত। ২। শাণিত। [অপ্র]
৩। [অপ—চি—ণিচ্=চায়ি+ক্ত (কর্ম্মে)] যাহার অপচয় বা অপব্যয় করা হইয়াছে ; অপব্যয়িত।

অপচার, অবচার (অপোচার্, অবোচার) বিণ, অজীর্ণ ; অপরিপাক ; বদহজম। ২। স্বধর্ম্ম ব্যতিক্রম। [অপ্র]

অপচিকীর্ষা [অপ—কৃ+সন্ প্রত্যয় (ইচ্ছার্থে) =চিকীর্ষা (করিবার ইচ্ছা)] বি, স্ত্রী, অপকার করিবার বাসনা ; মন্দ করিবার ইচ্ছা।

অপচিকীর্ষু—বিণ, অপকার করিতে যে ইচ্ছা করে ; অমঙ্গলেচ্ছু ; পরের মন্দ করাই যাহার অভিলাষ ; অনিষ্টাভিলাষী।

অপচিত [অপ—চি (চয়নকরা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, যে বস্তুর অপব্যয় বা অপচয় হইয়াছে। অপব্যয়িত ; নষ্ট। ২। ক্ষয়প্রাপ্ত ; ক্ষীণ। ৩। পূজিত। [অপ্র] বি, **অপচিতি**।

অপচ্ছায় (অপোচ্‌ছায়্) [গ্রা, আব্‌ছায়া। অপ (অপগত) হইয়াছে, ছায়া যাহার—বহু] বিণ, ছায়াশূন্য। স্ত্রী, অপচ্ছায়া।

অপচ্ছায়া [অপ—ছায়া, কর্ম্মধা] বি, স্ত্রী, আবছায়া ; বিকৃতছায়া ; অস্পষ্ট প্রকাশ ; ভূত পেত্নীর ছায়াময় শরীর ; অনিষ্টকর ছায়া।

অপজয় (অপোজয়্) [অপ (বিরুদ্ধ)—জি (জয় করা)+অ (ল্—ভাবে)] বি, পুং, পরাজয় ; পরাভব।

অপঞ্চীকৃত (অপোন্‌চিকৃত) [ন=অ, পঞ্চ (পঞ্চন্ শব্দজ—পাঁচ, ব্রহ্মাণ্ড সৃষ্টির মুল পঞ্চভূত) —কৃত+চ্বি (অভূত- তদ্ভাবার্থে) নঞ্ তৎ] বিণ, যাহার পঞ্চীকরণ হয় নাই : সূক্ষ্মভূত।

অপঞ্জরী (অপন্‌জোরি) [পঞ্জর (মেরুদণ্ড) +ইন্ (অস্ত্যর্থে)=পঞ্জরী—ন পঞ্জরী—নঞ্ তৎ] বিণ, যে সকল—প্রাণীর পঞ্জর বা মেরুদণ্ড নাই ; invertebrata.

অপটান্তর (র্) [ন=অ (নাই) পট দ্বারা (বস্ত্রদ্বারা) অন্তর (ব্যবধান) যাহার—বহু] বিণ, যাহার বস্ত্রদ্বারা পর্য্যন্ত ব্যবধান নাই : অব্যবহিত ; সংসক্ত।

অপটী (পো) [ন=অ, পট্ (গমনকরা)+অ (কর্ত্তৃ) ঈ—স্ত্রী, যে পথ অবরোধ পূর্ব্বক গমন করিতে দেয় না] বি, স্ত্রী, বস্ত্রাবরণ : কানাৎ ; পর্দ্দা।

অপটীক্ষেপ অপোটিক্‌খেপ্ [ন=অ, পটী (পর্দ্দা)=ক্ষেপ, ৬ তৎ পুরুষান্তর্গত নঞ্ তৎ] পটক্ষেপ বা পট পরিবর্ত্তন বি, পুং, (নাট্যে) না করিয়া পাত্রপাত্রীর রঙ্গমঞ্চে প্রবেশ।

অপটু (অপোটু) [ন=অ, পটু (শক্ত, নিপুণ) নঞ্ তৎ] বিণ, অসমর্থ ; অক্ষম, অশক্ত। ২। অসুস্থ ; ভগ্নস্বাস্থ্য। ৩। অনিপুণ ; অদক্ষ।

অপটুতা (অপোটুতা) [ন=অ—পটু+তা (ভাবে)] বি, স্ত্রী, অসামর্থ্য : অক্ষমতা। ২। অকৌশল ; অদক্ষতা।

অপঠিত (অপোঠিতো) [ন=অ,—পঠ্—(পাঠকরা)+ত (কর্ম্মে ক্ত) ই আগম, নঞ্ তৎ] বিণ, যাহা পঠিত নহে ; অনধীত।

অপড় (ড়)—বিণ, যাহা পড়ে না বা যাহা কখন পড়ে নাই।

অপণ্ডিত (অপোন্‌ডিত্) [ন=অ, পণ্ডিত, নঞ্ তৎ] বিণ, শাস্ত্রাদি জ্ঞান হীন ; মূর্খ।

অপতর্পণ (অপোতর্‌পোন) বি, ক্লী, অনাহার ; উপবাস ; লঙ্ঘন।

অপত্নীক (অপোৎনিক্) [ন=অ (নাই) পত্নী (স্ত্রী) যাহার—বহুব্রীহি সমাসে ক প্রত্যয়] বিণ, পুং, মৃতপত্নীক ; স্ত্রীহীন। ২। অবিবাহিত।

অপত্য (অপোৎত) [ন=অ—পত্ (গমনকরা) +য—করণে, যাহার উৎপত্তি দ্বারা বংশের পতন হয় না] বি, ক্লী, সন্তান ; পুত্র ; কন্যা।

অপত্যঘাতক (অপোৎতঘাতক্) [অপত্য (সন্তান) ঘাতক (হন—বধকরা—অক, কর্ত্তৃ) যে সন্তান বিনাশ করে] বিণ, পুং, অপত্যহন্তা ; অপত্যঘাতী ; সন্তান নাশক। স্ত্রী, **অপত্যঘাতিকা**, বিণ, পুত্র কন্যাঘাতিনী ; সন্তানধ্বংসিনী : অপত্যঘাতিনী।

অপত্যদ, অপত্যদা [অপত্য (সন্তান) দ, দা (দান করা)+(কর্ত্তৃ—ক প্রত্যয়)] বি, স্ত্রী, গর্ভদাত্রী বৃক্ষ ; লক্ষ্মণাকন্দ। ২। ভার্য্যা।

অপত্যনির্ব্বিশেষ (অপোৎতোনির্ব্বিশেষ) [অপত্য—(সন্তান) হইতে নির্ব্বিশেষ, নিঃ (নাই) বিশেষ (প্রভেদ—তারতম্য) যাহাতে, বহু] বি, সন্তান হইতে অভিন্ন ভাব ; সন্তানের প্রতি যেমন ব্যবহার করা যায় সেইরূপ ব্যবহার। ক্রি, বিণ, **অপত্যনির্ব্বিশেষে**—সন্তান হইতে ভিন্ন বা ভেদ না রাখিয়া আপনার সন্তানেরই মত। প্র—"রাম**অপত্যনির্ব্বিশেষে প্রজাপালন করিতে লাগিলেন।"—বিদ্যাসাগর।

অপত্যসংস্কারবিধি (অপোৎতোশংস্কার্‌বিধি) বি, পুং, পুত্রের জাতকর্ম্মাদি অনুষ্ঠান। প্র—"প্রসবের পর, অপত্যসংস্কারবিধি যথাবিধি সমাহিত হইবেক।" —বিদ্যাসাগর (সী, ব)।

অপত্যস্নেহ (অপোৎতোস্‌নেহঁ) [অপত্যের প্রতি স্নেহ (অনুরাগ)—৭ তৎ] বি, পুং, সন্তানের প্রতি স্বাভাবিক স্নেহ বা ভালবাসা।

অপত্রপ (অপৎত্রপ্) [অপ (অপগত বা রহিত) ত্রপা (লজ্জা) যাহার, বহু] বিণ, যাহার লজ্জা নাই ; নির্লজ্জ : লজ্জাহীন বা হীনা।

অপত্রপা (অপৎত্রপা) ["লজ্জা সাঽপত্রপান্যতঃ" —অমর। "সা লজ্জা পরসকাশাচ্চেদপত্রপা" —অমরটীকা] বি, স্ত্রী, অন্য হইতে উৎপন্ন লজ্জা। ২। ধৃষ্টতা।

অপত্রস্ত [অপ—ত্রস্ত (ত্রস্—ত্রাসকরা)+ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, সন্ত্রস্ত ; ভীত।

অপত্রী (অপোৎত্রী) [ন=অ (নাই) পত্রী (পক্ষ—পাখা) যাহার—বহু] বিণ, পক্ষ হীন পতঙ্গ। মাকড়শা ; বিছা ও কীট এই শ্রেণীর অন্তর্গত : aptera.

অপথ (থ্) [ন=অ (অপ্রশস্ত)—পথ (রাস্তা) নঞ্‌তৎ] বি, কুপথ ; মন্দ পথ ; অন্যায় পথ। প্র—"অকারণে অকাজ লয়ে ঘাড়ে অসময়ে অপথ দিয়ে যাস।" —রবীন্দ্র। ২। [পথের অভাব—অব্যয়ী] পথাভাব। ৩। [নাই পথ যাহার—বহু] পথবিহীন।

অপথ্য (অপোথ্‌থো) [ন=অ, পথ্য (রোগীর

আহার যোগ্য) নঞ্‌ তৎ] বিণ, কুপথ্য ; রোগীর ভোজনের অযোগ্য।

অপন্থা [ন=অ—পন্থা (পথিন্ শব্দ ১মা ১বচনে পন্থা)] বি, পুং, অপথ দ্রঃ। ২। কুপন্থা ; অসদুপায়।

অপদ (দ্) [ন=অ (নাই) পদ (চরণ) যাহার—বহু] বিণ, পদ বিহীন।
প্র—"অচক্ষু সর্ব্বত্র চান অকর্ণ শুনিতে পান। অপদ সর্ব্বত্র গতাগতি।" —ভারতচন্দ্র।

অপদস্থ [ন=অ—পদস্থ (পদ—স্থা + অ—কর্ত্তৃ, ক) নঞ্‌ তৎ] বিণ, পরাভূত। [অপ্র] ২। অবমানিত ; লাঞ্ছিত।

অপদান্তর (র্) [ন=অ (নাই)—পদের অন্তর (ব্যবধান) যাহাতে—বহু] বিণ, ব্যবধান-রহিত ; অব্যবহিত।

অপদার্থ (অপদার্থ) [ন=অ—পদার্থ (বস্তু) নঞ্‌ তৎ] বি, অবস্তু [বিরল]। ২। [নাই পদার্থ যাহাতে—বহু] বিণ, অযোগ্য ; অকর্ম্মণ্য ; অসার। প্র—"রাজত্ব লাভে এই ফল দর্শিয়াছে যে, আমাকে স্নেহ, দয়া, মমতা, ও ভদ্রতায় বিসর্জ্জন দিতে হইল। উত্তরকালীন লোকেরা আমাকে নৃশংস বলিবে, অথবা নিতান্ত অপদার্থ বলিয়া গণনা ও কলঙ্ক ঘোষণা করিবেক।" —বিদ্যাসাগর।

অপদিশ (শ্) [অপ (মধ্য) দিশ কিম্বা দিকের অপ (অবান্তর)—অব্যয়ীভাব] দুই দিকের মধ্যস্থল ; অগ্নি ; বায়ু ; নৈর্ঋত এবং ঈশান কোণ।

অপদী (অপোদি) [ন=অ (নাই) পাদ যাহার—বহু—সমাসে পাদ=পদ, স্ত্রী—ঈ] বিণ, পদহীন ; যে সকল প্রাণীর পদ নাই ; সরীসৃপ ; জোঁক, সাপ, প্রভৃতি প্রাণী ; apoda ; lepido sauria.

অপদেবতা [অপ (অপকৃষ্ট) দেবতা] বি, স্ত্রী, ভূতপ্রেতাদি ; বিদ্যাধর, অপ্সরা, যক্ষ, রক্ষ, গন্ধর্ব্ব কিন্নর, পিশাচ, গুহ্যক, সিদ্ধ ও ভূত ; ইহারা দেবযোনি হইলেও ইন্দ্রাদি দেবগণ হইতে হীনবল বলিয়া অপদেবতা নামে খ্যাত।

অপদেশ (শ্) [অপ—দিশ্ (বলা) + অ (ল্ ভাবে)] বি, পুং, নির্দ্দেশ। ২। [করণে অল্] ছল ; ব্যাজ ; চিহ্ন ; নিমিত্ত। ৩। [কর্ম্মে অল্] স্থান। ৪। লক্ষ্য।

অপধ্যান (অপোদ্ধ্যান্) [অপ (অপকৃষ্ট) ধ্যান (চিন্তা)] বি, ক্লী, অসচ্চিন্তা ; অমঙ্গল বিষয় ভাবনা।

অপধ্বংস (অপধ্বংশ) [অপ—ধ্বনস্ (বিনাশ পাওয়া) + অ (ল—ভাবে)] বি, পুং, অপঘাত। ২। [করণে অল্] ধিক্কার ; নিন্দা। ৩। ত্যাগ।

অপধ্বস্ত (অপধ্বস্ত) [অপ—ধ্বনস্ (বিনষ্ট হওয়া) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, বিনষ্ট ; চূর্ণিত। ২। পতিত। ৩। নিন্দিত।

অপনয় (য়্) [অপ—নী (লওয়া) + অ (ল্-ভাবে)] বি, পুং, অপনয়ন দ্রঃ।

অপনয়ন [অপ—নী + অন (ট্—ভাবে)] বি, ক্লী, অপনোদন ; অপসারণ ; নিরাকরণ ; সরাইয়া ফেলন। ২। ত্যাগ ; দূরীকরণ। ৩। মুছিয়া ফেলন। ৪। অপহরণ।

অপনীত (অপোনিত) [অপ—নী + ত (কর্ম্মে ক্ত)] বিণ, অপনোদিত ; অপসারিত ; নিরাকৃত। ২। প্রক্ষালিত ; পরিমার্জ্জিত। ৩। অপহৃত।

অপনুব (ব্) [অপরূপ শব্দের উচ্চারণ বিকার। ব্রজ। অপরূপ দ্রঃ] বিণ, অপূর্ব্ব ; অপরূপ। প্র—"গিরি সম গরুঅ মান নহি মুঞ্চসি অপনুব তুঅ ব্যবহারে॥"—বিদ্যাপতি।

অপনোদ (দ্) [অপ—নুদ্ (প্রেরণ করা) + অ (ঘঞ্‌ ভাবে)] বি, পুং, অপনোদন দ্রঃ।

অপনোদন (ন্) [অপ—নুদ্ + অন (ট্—ভাবে)] বি, ক্লী, অপনয়ন ; অপসারণ। ২। খণ্ডন। ৩। অপচয়। [অপ্র]

অপন্যায় (অপোন্যায়্) [অন্যায়শব্দজ] বি, অন্যায় ; অনুচিত কার্য্য।
প্র—"তোমার পুত্রের অপন্যায় শুন সব"।— —চৈতন্যভাগবত।

অপপাঠ (ঠ্) [অপ (অশুদ্ধ) পাঠ] বি, অশুদ্ধ পাঠ। **অপপাঠ-বহুল**—যাহাতে অশুদ্ধ পাঠ অধিক আছে।

অপপ্রয়োগ (অপপ্রোয়োগ্) [অপ (অপকৃষ্ট) প্রয়োগ] বি, পুং, অশুদ্ধ প্রয়োগ ; ব্যাকরণ-বিরুদ্ধ প্রয়োগ।

অপবরক (অপবরক্) [অপ—বৃ (আবরণ করা) + অ (কর্ত্তৃ, অল্)—ক প্রত্যয়] বি, গৃহের ভিতরের গৃহ ; গর্ভগৃহ।

অপবর্গ [অপ—বৃজ্ (ত্যাগ করা) + অ (ভাবে ঘঞ্) জ=গ] বি, পুং, পরিত্যাগ। ২। জীবাত্মার সহিত পরমাত্মার যোগ ; মোক্ষ। সংসার বন্ধন হইতে মুক্তি। ৩। ফলসিদ্ধি। ৪। শেষ ; নিষ্পত্তি। ৫। দান।

অপবর্জ্জন (ন্) [অপ—বৃজ (ত্যাগ করা) + অন (ট্—ভাবে)] বি, ক্লী, ত্যাগ ; বিসর্জ্জন ; পরিহার। ২। মুক্তি। ৩। দান।

অপবর্জ্জিত (অপবোর্জ্জিত) [অপ—বৃজ্ (ত্যাগ করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, পরিত্যক্ত। ২। বিমুক্ত। ৩। অপচিত।

অপবর্ত্তক (ক্) [অপ—বৃত্ (বিদ্যমান থাকা) + অক (কর্ত্তৃ)] বিণ, এক রাশি দ্বারা অন্য রাশিকে ভাগ করিলে যদি অবশিষ্ট বা বাকী না থাকে তাহা হইলে ঐ রাশির ভাজককে অপবর্ত্তক কহে। যথা ২)৮(৪ দুই আটের অপবর্ত্তক ; measure.

অপবর্ত্তন [অপ—বৃত্ (বর্ত্তমান থাকা) + অন (ট্—ভাবে)] বি, ক্লী, সংক্ষিপ্ত করণ ; ক্ষুদ্র বা সমান রাশি দ্বারা কোন বৃহৎ বা সমান রাশির ভাগ করণ বা বিভজন ; divisi on by a common measure ; measurement. ২। পরিবর্ত্তন। ৩। বিচলন। বিণ, **অপবর্ত্তিত**।

অপবর্ত্ত্য (অপবর্ত্তো) [অপ—বৃত্ + ণিচ্ + য—কর্ম্মে] বিণ, যে রাশিদ্বারা অপর রাশিকে ভাগ করা যায় তাহাকেই অপবর্ত্ত্য কহে multiple.

অপবাদ (দ্) [অপ—বদ (বলা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, অপযশ ; নিন্দা ; কুৎসা। ২। দোষ।
[সম—অযথা বাদ বা অসত্য দোষারোপের নাম অপবাদ। নিন্দাবাদ, সত্য দোষারোপ ; দোষের কীর্ত্তন মাত্রই নিন্দাবাদ ; ইহা অপ্রশংসার নামান্তর। যে নিন্দা বা কলঙ্ক বহু বিস্তৃত হইয়া লোক চক্ষে হীন করে তাহা অপযশ ; ইহা অখ্যাতি বা বদনামের নামান্তর ; অপবাদই রটিতে রটিতে অপযশের সৃষ্টি করে। কুৎসা ও কলঙ্ক দ্রঃ।]

অপবাদক (ক্) [অপ—বদ্ + অক (কর্ত্তৃ)] বিণ, যে অন্যের দোষ প্রদর্শন করে ; নিন্দা-কারী ; কুৎসাকারক।

অপবারণ (ন্) [অপ—বৃ + ণিচ্=বারি + অন (ট্—ভাবে)] বি, ক্লী, বর্জ্জন। ২। অন্তর্দ্ধান। ৩। ব্যবধান।

অপবারিত [অপ—বৃ + ণিচ্ + ত (কর্ম্মে ক্ত)] বিণ, বর্জ্জিত ; ত্যক্ত। ২। আচ্ছাদিত ; ব্যবহিত। ৩। গোপিত ; অন্তর্হিত।

অপবাহিত [অপ—বহ + ণিচ্=বাহি + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, বিতাড়িত ; স্থানান্তরিত।

অপবিত্র (অপোবিৎত্র) [ন=অ—পবিত্র, নঞ্ তৎ] বিণ, যাহা বিশুদ্ধ নয় ; অশুচি ; অশুদ্ধ।

অপবিদ্ধ [অপ—ব্যধ্ (তাড়না করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, পরিত্যক্ত। ২। বিচূর্ণিত। বি, জনক জননী কর্ত্তৃক পরিত্যক্ত এবং অন্য কর্ত্তৃক পুত্র রূপে গৃহীত বালক।

অপব্যয় (অপোব্ব্যায়্) [অপ (অপকৃষ্ট) ব্যয় (প্রাদি)] বি, পুং, বৃথা ব্যয় ; কুকর্ম্মে অর্থব্যয়। ২। অপচয় ; অর্থনাশ।

অপব্যয়ী (অপোব্ব্যাঈ) [অপব্যয় + ইন (অস্ত্যর্থে)=অপব্যয়িন্ ১মা ১ বচনে] বিণ, অসৎ বিষয়ে ব্যয়কারী ; অযথাব্যয়ী ; বৃথাব্যয়ী।

অপভাষ (অপোভাশ্) [অপ (অসাধু ; নিন্দিত) + ভাষ (ভাষণ, উক্তি, কথা)] বি, পুং, নিন্দার কথা ; নিন্দা। প্র—"আমি ত শুনিলাম ভালে যদি শুনে তার জনে, শুনিলে হইবে অপভাষ।" —চণ্ডীদাস।

অপভাষা (পো) [অপ (অপকৃষ্ট, নিন্দিত, ইতর) ভাষা (কথন, উক্তি)] বি, স্ত্রী, অভদ্র বা ইতর ভাষা, গ্রাম্য বা সাধারণের ভাষা ; প্রাকৃত ভাষা ; অসাধু ভাষা ; অসংস্কৃত ভাষা।
পূর্ব্বে বঙ্গভাষা (কি লিখিত কি কথিত) অপভাষা বলিয়া উক্ত হইত এবং শিক্ষিত ব্যক্তিগণ তাহাতে গ্রন্থাদি রচনা করিতে লজ্জা ও সঙ্কোচ বোধ করিতেন। প্রায় ৩০০ বৎসর পূর্ব্বে কবি রূপনারায়ণ (১৫১৭ খৃষ্টাব্দে জন্ম) "দুর্গা-মঙ্গল" রচনাকালে লিখিয়াছিলেন,—
"তাহার চরিত্র কিছু কহিতে করি আশা।
শ্লেষ না করিয় ভাই বলি অপভাষা॥
চণ্ডালভাণ্ডেতে যদি থাকে গঙ্গাজল।
তথাপি পবিত্র বড় জানিয় নিশ্চল॥"
২। নিন্দা। ৩। দুর্ব্বাক্য ; কটুকথা : গালাগাল। প্র—"গেলে পাবে পরিতাপ, সভায় তোমার বাপ, অপভাষা বলিবে আমারে।"
—শিবায়ন।

অপভ্রংশ, অপভ্রংস (অপোঃভ্রোংশ) [অপ—ভ্রনশ্, ভ্রন্‌স্(পতিত হওয়া) + অ (ল্—ভাবে)] বি, পুং, অপভাষা ; মূল ভাষার বিকৃতি ; অশুদ্ধ ভাষা। ২। ব্যাকরণ ও অলঙ্কার দোষে দুষ্ট ভাষা। ৩। পতন ; স্খলন। ৪। বিকার।

অপভয় (য়্) [অপ (অপগত) ভয় যাহার, বহ্] বিণ, নির্ভয় ; ভয়হীন।

অপমর্শ, অপমর্ষ [অপ (অপকৃষ্ট) মৃশ্ (ষ্) (বিবেচনা করা) + অ (ল্—ভাবে)] বি, পুং, অপহরণ। ২। নিন্দা।

অপমান (ন্) [অপ (অপগত) মান (মর্য্যাদা, সম্মান)] বি, ক্লী, অসম্মান ; অনাদর ; অবহেলা ; অবজ্ঞা ; অমর্য্যাদা। ২। লাঞ্ছনা।

অপমানিত [অপমান + ইত (অস্ত্যর্থে) অথবা অপ (অপগত) মান (পূজা প্রভৃতি) + ত(কর্ম্মে ক্ত) ই আগম] বিণ, যাহাকে অপমান করা হইয়াছে ; অনাদৃত ; অসম্মানিত। ২। লাঞ্ছিত।

অপমৃত্যু (অপোমৃৎতু) [অপ (অপকৃষ্ট) মৃত্যু (মরণ)] বি, পুং, বার্দ্ধক্য জনিত বা রোগ ভিন্ন কারণে মরণ ; অপঘাত মরণ : আকস্মিক কারণে মৃত্যু। ২। অস্বাভাবিক মৃত্যু।

অপযশ, অপযশঃ (অপোজশ্) [অপ (অপকৃষ্ট) যশস্ (খ্যাতি, কীর্ত্তি)] বি, ক্লী, অকীর্ত্তি ; দুর্নাম ; কলঙ্ক ; অখ্যাতি ; নিন্দা।

অপয়া [ন = অ (নাই) + পয় (সৌভাগ্য) যাহার—বহ্] বি, অশুভ ; অমঙ্গলকর ; অভাগ্য ; অলক্ষণা।
প্র—"কিন্তু জেঠাইমা যখন একবার সুলোচনাকে সুলক্ষণা বলিয়া গ্রহণ করিয়াছেন, তখন আর কিছুতেই তিনি তাহাকে "অপয়া" বা অলক্ষণা বলিতে প্রস্তুত নহেন।"
—যোগেন্দ্র চট্টো (প্রবাসী ১৩১০)
[পয়া দ্রঃ]

অপযান (অপোজান্) [অপ (অপকৃষ্ট) যা (গমন করা) + অন (ট্—ভাবে)] বি, ক্লী, অপকৃষ্ট গমন ; পলায়ন।

অপর (র্) [ন = অ, পর (অন্য) নঞ্ তৎ] বিণ, শত্রু ভিন্ন ; আত্মীয় ; আপনার। ২। অন্য কেহ ; পর ; অনাত্মীয়। ৩। অন্য ; পৃথক ; ভিন্ন। ৪। উল্টা ; বিপরীত প্রতিকূল। ৫। সাধারণ।

অপরক্ত [অপ—রন্‌জ্ (রঞ্জনকরা, অনুরক্ত হওয়া) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, অনুরাগহীন ; বিরক্ত। [বিরল]

অপরঞ্চ (অপরন্‌চ) [সংস্কৃত অপরম্ চ] অব্য, আরও ; অপিচ ; কিঞ্চ।
[আধুনিক বাঙ্গালায় বিরল]

অপরতি (অপরোতি) [অপ (অপগত) রম্ (ক্রীড়া করা) + তি (ভাবে, ক্তি) ম লোপ] বি, স্ত্রী, নিবৃত্তি ; উপরতি। [বিরল]

অপরত্র (অপরৎত্র) [অপর + ত্র (কালার্থে) অ, পরকালে। ২। অন্যত্র ; অন্যস্থানে। ৩। অপরপক্ষে ; অন্যক্ষেত্রে।

অপরপক্ষ (অপর্‌পোক্‌খো) [অপর (শেষ) অথবা অপর (শুক্ল পক্ষ হইতে অন্য) যে পক্ষ, কর্ম্মধা। চন্দ্রের হ্রাস বৃদ্ধির মধ্যে শেষ পক্ষই কৃষ্ণপক্ষ] বি, পুং, কৃষ্ণপক্ষ। [চৈত্রমাসের শুক্ল প্রতিপদ হইতে বর্ষের আরম্ভ হয় বলিয়া শুক্লপক্ষকে পূর্ব্বপক্ষ বলে ; এই পূর্ব্বপক্ষ দেবগণের পরপক্ষ। এবং শুক্লপক্ষের পরপক্ষ অর্থাৎ কৃষ্ণপক্ষ পিতৃগণের অপরপক্ষ] ২। [দর্শন এবং শাস্ত্রবিচারে] প্রশ্ন ; প্রতিজ্ঞা ; পূর্ব্বপক্ষ।

অপররাত্র [অপর (শেষ) রাত্র (রাত্রি শব্দজ) অপর যে রাত্রি (কর্ম্মধা) অথবা রাত্রির অপর (৬তৎ)] বি, পুং, শেষ রাত্রি।

অপরস্পর (অপরশ্‌পর্) [ন = অ পরস্পর (পর-পর, স আগম) নঞ্ তৎ] বিণ, যাহা পর পর নয় ; অক্রমাগত ; সতত। ২। এককালে ; একসঙ্গে।

অপরা [ন = অ—পরা—নঞ্ তৎ] বি, স্ত্রী, পশ্চিমদিক্। ২। জরায়ু। ৩। বিণ, যাহা বস্তুজ্ঞান প্রতিপাদক নহে। মায়িক ; জাগতিক। (পরা দ্রঃ)। ৪। অশ্রেষ্ঠ।

অপরাগ (গ্) [অপ (অপগত) রন্‌জ্ (অনুরক্ত হওয়া) + অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, অননুরাগ ; বিদ্বেষ।

অপরাজিত [অপর (অন্য) কর্ত্তৃক (ন = অ—জিত) যে পরাভূত নহে, অথবা ন—পরাজিত—নঞ্ তৎ] বিণ, অপরাভূত। ২। বি, শিব। ৩। বিষ্ণু। ৪। ঋষিবিশেষ। স্ত্রী, অপরাজিতা।

অপরাজিতা—বি, স্ত্রী, লতাবিশেষ ; পুষ্পবিশেষ। ২। দুর্গা। ৩। দূর্ব্বা। ৪। ছন্দোবিশেষ। ৫। বিণ, অপরাভূতা।

অপরাদ্ধ (অপরাধ্‌ধ) [অপ—রাধ্ (সিদ্ধিকরা) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, অপরাধী। ২। ভ্রান্ত। ৩। পতিত ; স্খলিত।

অপরাধ (অপোরাধ্) [অপ—রাধ্ (সম্পন্নকরা) + অ (ল্—ভাবে)] বি, পুং, অপকর্ম্মজন্য দোষ ; ত্রুটী। ২। পাপ ; sin. প্র—
"তারা ! কোন অপরাধে, এ দীর্ঘ মেয়াদে,
সংসার গারদে থাকি বল।"
—নীলাম্বর মুখো (বাঙ্গালীর গীত)।
"অপরাধ কত করেছি নাথ মোহপাশে পড়ে ;"
—ব্রহ্মসঙ্গীত।
৩। আইন বিরুদ্ধ কর্ম্মজনিত রাজদ্বারে দণ্ডার্হ দোষ ; crime. প্র—সে ভারতবর্ষীয় দণ্ডবিধির ৩০২ধারা অনুসারে অপরাধী সাব্যস্ত হইয়াছে।

অপরাধী (অপোরাধি) [অপরাধ + ইন্ (অস্ত্যর্থে)] বিণ, দোষী ; অন্যায়-কর্ম্মানুষ্ঠাতা ; অপরাধকারী। স্ত্রী, অপরাধী ; অপরাধিনী।

অপরান্ত (অপরান্‌তো) [অপরা (পশ্চিমদিক্)—অন্ত (সীমা)] বি, পুং, পশ্চিমদিকের সীমা ; পশ্চিমদিগন্ত। ২। বিণ, পাশ্চাত্য ; পশ্চিম দেশীয়। [প্র, অ,]

অপরাবিদ্যা [অপরা যে বিদ্যা—কর্ম্মধা] বি স্ত্রী, যে বিদ্যা শ্রেষ্ঠ নয় ; ষড়ঙ্গ সহিত কর্ম্ম কাণ্ডের নাম অপরা বিদ্যা। [বিদ্যা দ্বিবিধ, পরা ও অপরা ইহার মধ্যে ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, অথর্ব্ববেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ পরিগণিত। ব্যাকরণ—মুখস্বরূপ, নিরুক্ত—শ্রবণেন্দ্রিয়স্বরূপ, ছন্দোগ্রন্থ—পদদ্বয় স্বরূপ, জ্যোতিষ—চক্ষুঃস্বরূপ। পরা দ্রঃ]

অপরামর্শ [ন = অ—পরামর্শ—নঞ্ তৎ] বি, পুং, কুপরামর্শ ; কুমন্ত্রণা ; অসৎ পরামর্শ। ২। অযোগ্য মন্ত্রণা।

অপরাহ্ণ (অপরান্‌হ্) [অপর (শেষ) অহ্ন (অহন + অ (অন) অহনের (দিনের) অপর (শেষভাগ) নিপাতনে পদের বিপর্য্যয়] বি, পুং, দিবসের তৃতীয় বা শেষভাগ ; বিকাল। (১ম ভাগ প্রাহ্ণ, ২য় ভাগ মধ্যাহ্ন)।

অপরিক্লিষ্ট [ন = অ—পরি—ক্লিশ (ক্লেশ পাওয়া) + ত (কর্ম্মে ক্ত) শ—ত = ষ্ট, নঞ্ তৎ] বিণ, সহজসাধ্য। ২। যাহা ক্লিষ্ট নয় ; অপরিশ্রান্ত।

অপরিগ্রহ (অপোরিগ্রোহো) [ন = অ, পরিগ্রহ (গ্রহণ করা + অ—ভাবে) নঞ্ তৎ] বি, পুং, অগ্রহণ ; অস্বীকার। ২। [নাই পরিগ্রহ (দান গ্রহণ) যৎ কর্ত্তৃক, বহ্] পরিব্রাজক। ৩। [নাই পরিগ্রহ (বিবাহ) যাহার—বহ্] অবিবাহিত।

অপরিচিত (পো) [ন = অ—পরিচিত (জ্ঞাত) নঞ্ তৎ] বিণ, যাহার সহিত আলাপ নাই ; যাহাকে জানা নাই ; অজ্ঞাত ; অবিদিত।

অপরিচ্ছন্ন (অপোরিচ্ছন্নো) [ন=অ—পরিচ্ছন্ন (পরিষ্কৃত) নঞ্ তৎ] বিণ, অপরিষ্কৃত ; মলিন ; নোংরা ।

অপরিচ্ছিন্ন (অপোরিচ্ছিন্নো) [ন=অ—পরিচ্ছিন্ন (বিভক্ত) নঞ্ তৎ] বিণ, যাহার পরিচ্ছেদ নাই ; নিরবচ্ছিন্ন ; অবিভক্ত ; অসীম ; অপরিমিত ; অনন্ত ।

অপরিজ্ঞাত (অপোরিগ্ গ্যাঁতো) [ন=অ—পরিজ্ঞাত (বিদিত) নঞ্ তৎ] বিণ, যাহার সম্বন্ধে কিছু জানা যায় নাই, সর্ব্বতোভাবে অজানিত ; অবিদিত ; অপরিচিত ।

অপরিজ্ঞান (অপোরিগ্ গ্যাঁন্) বি, বিশেষ জ্ঞানাভাব ; অপরিচয় ; অচেনা ।

অপরিণত (অপোরিনতো) [ন=অ—পরিণত, নঞ্ তৎ] বিণ, যাহা পরিণতি বা অবস্থান্তর প্রাপ্ত হয় নাই । ২ । [বয়সার্থে] অপরিপক্ক ; কাঁচা ; অপূর্ণ ; তরুণ ।

অপরিণতবয়স্ক (অপোরিনতবয়শ্ ক) [ন=অ (হয় নাই) পরিণত (অধিক) বয়স্ (বয়ঃ) যাহার, বহুব্রীহি সমাসে ক আগম] বিণ, যাহার বয়স পূর্ণতাপ্রাপ্ত হয় নাই ; অনধিকবয়স্ক ; তরুণবয়স্ক ; অল্পবয়স্ক ।

অপরিণতবুদ্ধি (অপোরিনতবুধ্ ধি)[ন=অ—পরিণত (অধিক) বুদ্ধি যাহার—বহু] বিণ, চঞ্চল বুদ্ধি ; অস্থির বুদ্ধি ; চপল মতি । ২ । অদূরদর্শী ।

অপরিণামদর্শী (অপোরিনাম্‌দোর্‌শি) [ন=অ—পরিণাম—দৃশ্ (দর্শন করা) + ইন্= দর্শিন—যে পরিণামে কি হইবে তাহা দেখে না] বিণ, যে পরিশেষে কি হইবে ইত্যাদি বিবেচনা না করিয়া কার্য্য করে ; যে পরে কি হইবে তাহা পূর্ব্বে বুঝিতে পারে না ; অদূরদর্শী ; অবিবেচক ; অনভিজ্ঞ ।
বি, **অপরিণামদর্শিতা** ।

অপরিণীত (অপোরিনিত) [ন=অ—পরিণীত (বিবাহিত) নঞ্ তৎ] বিণ, অবিবাহিত । স্ত্রী, **অপরিণীতা** ।

অপরিতৃপ্ত (পো) [ন=অ—পরিতৃপ্ত (পরি—তৃপ্—তৃপ্ত হওয়া) + ত (কর্ত্তৃ, ক্ত) নঞ্ তৎ] বিণ, যাহার সর্ব্বতোভাবে তৃপ্তি হয় নাই ; অতৃপ্ত । ২ । অপূর্ণ ; অসিদ্ধ । স্ত্রী, **অপরিতৃপ্তা** ।

অপরিত্যাজ্য (অপোরিৎত্যাজ্ জো) [ন=অ-পরি-ত্যজ্ (পরিত্যাগ করা) + য (কর্ম্মে ঘ্যণ্) নঞ্ তৎ] বিণ, পরিত্যাগের অযোগ্য ; অপরিহার্য্য ।

অপরিপক্ক (অপোরিপক্‌ক) [ন=অ-পরি-পচ্ + ত (কর্ত্তৃ, ক্ত) ; চ্—ত=ক—নঞ্ তৎ] বিণ, যাহা সর্ব্বতোভাবে পক্কতা প্রাপ্ত হয় নাই ; যাহা সুপক্ক নয় ; কাঁচা । ২ । অসিদ্ধ । ৩ । অপরিণত । ৪ । অনিপুণ ; অপটু ; অদক্ষ ।

অপরিবর্ত্তন (পো, ন্) [ন=অ-পরিবর্ত্তন (বদলাইয়া লওয়া) নঞ্ তৎ] বি, ক্লী, পরিবর্ত্তন না করা ; অবস্থান্তর প্রাপ্তির অভাব ; সমভাবে অবস্থিতি ।

অপরিবর্ত্তনীয় (পো) [ন=অ-পরিবর্ত্তনীয়, নঞ্ তৎ] বিণ, পরিবর্ত্তনের অযোগ্য ; যাহা বদলান যায় না ।

অপরিবর্ত্তনশীল (অপোরিবর্ত্তন্‌শিল্) বি, পুং, যাহার পরিবর্ত্তন হয় না ; যে চিরদিনই একভাবে থাকে ।

অপরিবর্ত্তিত (অপোরিবোর্ত্তিত) বিণ, যে বা যাহা ভাবান্তর বা অবস্থান্তর প্রাপ্ত নহে ; সমভাবে অবস্থিত ; অবিকৃত ।

অপরিমিত (পো) [ন=অ-পরি-মা বা মি (পরিমাণ করা) + ত (কর্ম্মে ক্ত) নঞ্ তৎ] বিণ, যাহা পরিমাণ বা সীমাবদ্ধ নয় ; অসীম । ২ । প্রচুর ; যথেষ্ট ; অপর্য্যাপ্ত ; বহুল ।

অপরিম্লান (পো, ন্) [ন=অ-পরি-ম্লা (হর্ষ ক্ষয় হওয়া) + আন (শান, কর্ত্তৃ) পরিম্লান (বিষাদিত অথবা-পরি-ম্লা + অনট্—ভাবে) বিষাদ । ন-পরিম্লান-নঞ্ তৎ] বিণ, অবিমর্ষিত ; আনন্দিত ; উৎফুল্ল । ২ । বি, পুং, রক্তাম্লান বৃক্ষ ।

অপরিমেয় (পো) [ন=অ—পরি—মা (পরিমাণ করা) + য (কর্ম্মে) মা=মে, নঞ্ তৎ] বিণ, পরিমাণের অযোগ্য ; যাহার পরিমাণ হয় না ; অমেয় ।

অপরিশীলন (অপোরিশিলন) [ন=অ—পরিশীলন (চর্চ্চা) নঞ তৎ] বি, ক্লী, অননুশীলন । ২ । অনুসন্ধান না করণ । বিণ, **অপরিশীলিত**—অনালোচিত ; অচর্চ্চিত ; অননুশীলিত ।

অপরিশুদ্ধ (পো) [ন=অ-পরিশুদ্ধ, নঞ্ তৎ] বিণ, যাহা বিশুদ্ধ নয় ; মলিনতাযুক্ত ।

অপরিশোধ্য (অপোরিশোধ্‌ধ) [ন=অ-পরিশোধ্য (পরিশোধের যোগ্য) নঞ্ তৎ] বিণ, যাহা পরিশোধ করা যায় না ।

অপরিষ্কার (পো, র্) [ন=অ-পরিষ্কার, নঞ্ তৎ] বি, পুং, যাহা পরিষ্কার নয় ; মলিন ; অপরিচ্ছন্ন ।

অপরিষ্কৃত [ন=অ-পরিষ্কৃত, নঞ্ তৎ] বিণ, যাহা পরিষ্কার করা হয় নাই ; মলিন ; অপরিচ্ছন্ন ।

অপরিসীম (অপোরিশীম্) [ন=অ (নাই) পরিসীমা (শেষসীমা) যাহার—বহু] বিণ, অসীম ; অনন্ত ; অশেষ ।
স্ত্রী, **অপরিসীমা** ।

অপরিস্ফুট (অপোরিশ্ ফুট) [ন=অ-পরিস্ফুট (ব্যক্ত) নঞ্ তৎ] বিণ, যাহা ব্যক্ত নয় ; অব্যক্ত ; অস্পষ্ট ; অস্ফুট ।

অপরিহরণীয় (পো) [ন=অ-পরিহরণীয়, নঞ্ তৎ] বিণ, যাহা পরিত্যাগের যোগ্য নয় ; অপরিহার্য্য ; অত্যাজ্য ।

অপরিহার্য্য (অপোরিহার্জ) [ন=অ-পরিহার্য্য (ত্যাজ্য) নঞ্ তৎ] বিণ, পরিত্যাগের অযোগ্য ; অত্যাজ্য ।

অপরুব (অপোরুব্) [অপূর্ব্ব শব্দের প্রাকৃত রূপ ; ব্রজ] বিণ, অপরূপ দ্রঃ ।
প্র—"কি হেরি লো অপরুব গোরি ।"
—বিদ্যাপতি ।
"এ সখি পেখনু অপরুব গোরি—" —ঐ
[দ্রঃ—কথিত ভাষায় ইহার গ্রাম্য ব্যবহার থাকিলেও লিখিত ভাষায় অপ্রচলিত]

অপরূপ (অপোরূপ্) [সং—অপূর্ব্ব শব্দের প্রাকৃত] বিণ, পূর্ব্বে যেরূপ দেখা যায় নাই ; সচরাচর যেরূপ দেখিতে পাওয়া যায় না ; অতুলনীয় রূপ ।
প্র—"তব অপরূপ রূপ হেরি গুণমণি"
—ব্রজাঙ্গনা ।
"কিবা অপরূপ রূপ হেরি তরুতলে ।
হেন মনে সাধ করি তুলে পরি গলে ॥"
—ভারত ।
২ । আশ্চর্য্য , বিস্ময়কর । ৩ । [অপ (অপকৃষ্ট) রূপ, প্রাদি] কুরূপ । [অপ্র]
৪ । [ব্যঙ্গার্থে] অদ্ভুত ; কিম্ভূত কিমাকার ।

অপরোক্ষ [অক্ষের (ইন্দ্রিয়ের) পর (অতীত) পরোক্ষ (যাহা ইন্দ্রিয়ের অবিষয়) ন=অ—পরোক্ষ—নঞ্ তৎ] সাক্ষাৎ ; প্রত্যক্ষ ।
প্র—"পরোক্ষ জ্ঞান এবং অপরোক্ষ জ্ঞান ।"

অপর্ণা [ন=অ+পর্ণা (যিনি তপস্যা কালে পর্ণ পর্য্যন্ত ভোজন করেন নাই) বহু] বি, স্ত্রী, পার্ব্বতী ; দুর্গা ।
প্র—"বৃক্ষের গলিত-পত্র করিল ভোজন ।
শিবপদ ধ্যান গৌরী করে অনুক্ষণ ॥
ত্যজিল বৃক্ষের পত্র ত্যজি অন্নপান ।
এই হেতু অপর্ণা হইল অভিধান ॥" —কবিক ।
"যোগশাস্ত্র অনুসারে, সকলি ত্যজিয়া দূরে,
শীর্ণপর্ণ রহিল আহার ।
তাহা ত্যাগ হৈল যবে অপর্ণাখ্যা হয়ে তবে ।"
—শিবায়ন ।

অপর্য্যাপ্ত (অপোর্‌জ্জাপ্‌তো) [ন=অ (নাই) পর্য্যাপ্ত (প্রচুর)—নাই পর্য্যাপ্ত যাহা হইতে, বহু] বিণ, প্রচুর । প্র—"অন্নার্থী অপর্য্যাপ্ত অন্ন, অর্থাভিলাষী প্রার্থনাধিক অর্থ, ভূমিকাঙ্ক্ষী আকাঙ্ক্ষাতিরিক্ত ভূমি, প্রাপ্ত হইতে লাগিল ॥"
—বিদ্যাসাগর ।
২ । [নঞ্ তৎ] অসমর্থ [ভগবদ্গীতা—ভাষ্য, শঙ্করাচার্য্য ।] ৩ । পরিমিত [ঐ মতান্তরে] ৪ । অপ্রচুর [বিরল] ৫ । [বাঙ্গালায়] প্রয়োজনাতিরিক্ত ।

অপল (ল্) [ন=অ (নাই) পল (মাংস) যাহার—বহু] বিণ, মাংসহীন ।

২। পলহীন ; যে দ্রব্যের গাত্রে উচ্চরেখা বা শির তোলা হয় নাই। ৩। বি, কীলক ; আলপিন।

অপলক (ক্) [ন=অ (নাই) পলক (চক্ষের নিমেষ) যাহার—বহু] বিণ, পলকহীন ; নির্নিমেষ ; স্থিরনেত্র।
প্র—"পঞ্চদশবর্ষ বয়স্ক বালক,
* * * *
আকাশের পানে দৃষ্টি অপলক,
দাঁড়ায়ে উন্নত ভূধর শিরে।"
—গোবিন্দদাস (চন্দন)।

অপলপিত (অপলোপিত) [অপ—লপ্+ত (কর্ম্মে ক্ত) ই আগম] বিণ, যাহার অপলাপ করা হইয়াছে ; অস্বীকৃত ; অপহ্নুত।

অপলাপ (অপোলাপ্) [অপ—লপ্ (বলা) ঘঞ্ (ভাবে)] বি, পুং, গোপন : অস্বীকার : অন্তরূপ প্রতিদান।
প্র—"সে এইরূপে অপলাপ করিল বটে ; কিন্তু তাহার আকার প্রকার দর্শনে, রামের অন্তঃকরণে বিষম সন্দেহ উপস্থিত হইল।"—বিদ্যাসাগর (সী, ব)। **অপলাপ করা**—ক্রি, মিথ্যা বলা : অস্বীকার করা। প্র—"তুমি অবশ্যই দোষ কীর্ত্তন শুনিয়াছ, অপলাপ করিতেছ কেন ?"
—বিদ্যাসাগর (সী,ব)।

অপল্কা [গ্রা,] পল্কা দ্রঃ।

অপশঙ্ক [অপ (অপগত) শঙ্কা (ভয়) যাহার—ব২] বিণ, নির্ভয়। স্ত্রী, **অপশঙ্কা**—অমঙ্গল বা মন্দ বিষয়েরই শঙ্কা হয়, যাহা অতি নন্দ তাহাই অপশঙ্কা।

অপশদ, অপসদ (অপশদ্) [অপ (অপকৃষ্ট)—শদ্ (স) গমন করা+অ (কর্ত্তৃ অচ্)] বি, পুং, নরাধম বা নীচ ব্যক্তি।

অপশব্দ [অপ (অপকৃষ্ট) শব্দ] বি, পুং, অপ্রভ্রংশ ; ব্যাকরণ দুষ্ট শব্দ। ২। অশ্লীল শব্দ ; ইতর কথা।

অপশোক (ক্) [অপ (অপগত) শোক যাহা হইতে] বি, পুং, অশোক বৃক্ষ। ২। [অপগত শোক যাহার—বহু] বিণ, শোকশূন্য।

অপসব্য (অপশোব্ব) [অপ—সব্য (সু+য) দক্ষিণ] বিণ, দক্ষিণদিক্। প্র—"বিহঙ্গমগণ অপসব্য-মণ্ডলে পরিভ্রমণ করিতে লাগিল।"
—মহা—মৌষল (বর্দ্ধ)।
২। বিপরীত দিক। প্র—"দারুকনন্দন সত্বরে সৈন্যদিগকে অপসব্যস্থ করিল।"
—মহাভারত।
৩। (অপ—সু—গতি, পীড়ন অর্থে+য) প্রতিকূল।

অপসর (অপশর্) [অপ—সৃ (গমনকরা) +অ (ল—ভাবে)] বি, পুং, অপসরণ দ্রঃ।

অপসরণ (অপশরন্) [অপ—সৃ+অন (ট্)] বি, ক্লী, স্থানান্তর গমন ; সরিয়া যাওয়া। ২। পলায়ন। ৩। নির্গম।

অপসরী [অপ্সরা শব্দের অপভ্রংশ] স্ত্রী, অপ্সরা। প্র—"সুর অপসরী কিয়ে লগ কুমারী।" —বি, প।

অপসর্জ্জন (অপশর্জন্) [অপ—সৃজ (ত্যাগ-করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, ত্যাগ ; বিসর্জ্জন। ২। দান। ৩। হত্যা ; মারণ। ৪। মুক্তি ; অপবর্গ দ্রঃ।

অপসর্প (শ) [অপ—সৃপ্—(গমন করা)+অ (ল—ভাবে)] বি, পুং, প্রস্থান ; পলায়ন। ২। [অল্—সংজ্ঞার্থে] গুপ্তচর। ৩। দূত।

অপসর্পণ (অপশর্পন্) [অপ—সৃপ (গমনকরা) +অন (ট্—ভাবে)] বি, প্রস্থান পলায়ন ; অপসরণ।

অপসারণ (অপোশারোন) [(অপসরণ দ্রঃ) অপ—সৃ+ণিচ] বি, স্থানান্তরিত করণ ; সরান।

অপসারি (অপোশারি) [অপসারিয়া সংক্ষেপে পদ্যে। অপ—সৃ+ণিচ=সারি (গমন করান)] ক্রি, অস, অপসারণ করিয়া ; দূর করিয়া। প্র—"হৃদয় বিমল হোক্, প্রাণ সবল হোক্, বিঘ্ন দাও অপসারি।" —রবীন্দ্র।

অপসারিত (অপোশারিত) [অপ—সৃ+ণিচ্=সারি (গমন করান)+ত(কর্ম্মে, ক্ত)] বিণ, চালিত। ২। দূরীকৃত ; বহিষ্কৃত ; নিষ্কাশিত ; বিতাড়িত। ৩। উন্মোচিত ; উন্মুক্ত ; অনাবৃত ; খোলা। ৪। বিস্তারিত। [বিরল]

অপসৃত (অপসৃত) [অপ—সৃ+ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, অপগত ; পলায়িত ; প্রস্থিত।

অপস্কর (অপশ্কর্) [অপ—কৃ+অ (ল—কর্ম্মে) স্—আগম] বি, পুং, রথ, শকট প্রভৃতি যানের কোন অঙ্গ বা অংশ। প্র—"স্বর্ণময় নেমি, স্বর্ণময় যুগন্ধর। স্বর্ণময় ধুরা, স্বর্ণময় অপস্কর॥" —কাঞ্চীকাবেরী।
২। গুহ্যদেশ : the anus. ৩। মল পুরীষ : foeces.
প্র—"অনাসৃষ্টি বশিষ্ঠ বলিল পুনঃ পুনঃ।
এক দিন বলে আজি অপস্কর আন॥"
—শিবায়ন।

অপস্নাত [অপ (অপকৃষ্ট) স্নাত, স্না (স্নান-করা)+ত (কর্ত্তৃ—বা কর্ম্মে ক্ত)] বিণ, যে অপকৃষ্ট রূপ স্নান করে বা যাহাকে স্নান করায়। ২। অশৌচান্তে স্নাত। ৩। [ভাবে ক্ত] বি, সংস্কারার্থ মৃত দেহের স্নান।

অপস্নান (ন্) [অপ—স্না (স্নানকরা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, শবস্নান। ২। মৃতের উদ্দেশে স্নান। ৩। অশৌচান্তে স্নান।

অপস্মার (অপশ্শাঁর্) [অপ (অপগত) স্মার (স্মরণ শক্তি) যাহা হইতে—বহু] বি, পুং, মূর্চ্ছারোগ। ২। [কাব্যালঙ্কারে] ভূতাদির আবেশ জন্ত মনের বিকলতা (ভূপতন, কম্প, ঘর্ম্ম, ফেন, লালাদি ইহার জ্ঞাপক)।
—কাব্যনির্ণয়।
(২) নির্ব্বেদ, জড়তা, মোহ, স্মৃতি, চিন্তাদি ৩৩ প্রকার সঞ্চারি ভাবের মধ্যে একটি।
[সঞ্চারি ভাব দ্রঃ]

অপহত [অপ—হন্ (বধকরা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিহত ; বিনষ্ট।

অপহরণ (রোন্) [অপ—হৃ (হরণকরা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, অন্যায় রূপে পরের দ্রব্য গ্রহণ ; চুরি ; কাহাকে বঞ্চিত করিয়া তাহার দ্রব্য গ্রহণ ; অন্যের বস্তু অযথা আত্মসাৎ করণ।

অপহরি (অপহোরি) [অপহরণ দ্রঃ। পদ্যে] ক্রি, অস, অপহরণ করিয়া। [মেঘনাদ]

অপহর্ত্তা [অপ—হৃ+তৃ (ন্ কর্ত্তৃ)=হর্ত্তৃ—১মা ১ বচনে] বি, পুং, যে অপহরণ করে ; চোর ; তস্কর।

অপহসিত (অপহোশিত) [অপ (অপকৃষ্ট) হস্ (হাস্যকরা)+ত (ভাবে ক্ত)] বি, ক্লী, কুৎসিত হাস্য। ২। উচ্চহাস্য ; অশ্রুৎ—পাদক হাস্য ; বিকট হাস্য।

অপহস্ত [অপ (অপসারণার্থ) হস্ত (প্রাদি)] বিণ, গলায় হাত দিয়া দূরীভূত ; গলাধাক্কা প্রাপ্ত। ২। অপহৃত।

অপহস্তিত (হো) [অপ—হস্ত+ইত] বিণ, পরিত্যক্ত। ২। হস্ত বহির্ভূত ; আয়ত্তাতীত।

অপহা [অপ—হন্ (বধকরা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, যে হনন করে ; বিনাশক ; উচ্ছেদক।

অপহার (র্) [অপ—হৃ (হরণ করা)+অ ভাবে (ঘঞ্)] বি, পুং, চুরি যাওয়া। ২। অপব্যয় ; অপচয় ; ক্ষমতার অতিরিক্ত ব্যয়। ৩। ক্ষতি ; নোকসান। ৪। অপনয়ন।

অপহারক (ক্) [অপ—হৃ+অক (কর্ত্তৃ)] বি, পুং, অপহরণকারী ; চৌর ; তস্কর। ২। ক্ষতিকারক। [প্র, অ,]
৩। যে স্থানান্তরে লইয়া যায়। [প্র, অ,]

অপহারিত [অপ—হৃ+ণিচ্=হারি (হারান) +ত (কর্ম্মে ক্ত) যাহা অপহৃত হইয়াছে] বিণ, হৃত ; চোরিত ; লুণ্ঠিত। ২। বিনাশিত।

অপহারী [অপ—হৃ (হরণ করা)+ইন্ (ণিন্) কর্ত্তৃ, যে হরণ করে] বিণ, চোর ; অপহারক। ২। অপনয়নকারী। স্ত্রী, **অপহারিণী**।

অপহাস (শ্) [অপ—হস্ (হাস্য করা)+অ (ঘঞ্, ভাবে)] বি, পুং, উপহাস ; অযথা হাস্য ; ২। অকারণ বা অমূলক হাস্য।

অপহৃত [অপ—হৃ (হরণ করা)+ত (কর্ম্মে ক্ত) যাহা চোরিত হইয়াছে] বিণ, যাহা চোরে লইয়া গিয়াছে ; লুণ্ঠিত। ২। বিনষ্ট ; অপচিত।

অপহ্নব (অপন্হব্) [অপ—হ্নু (গোপন করা)

+অ (ল—ভাবে)] বি, পুং, সত্যের অপলাপ ; যাহা আছে তাহা নাই বলিয়া গোপন : অস্বীকার। প্র—"আমি তোমার ধারি না বলিয়া উত্তমর্ণের ধন অধমর্ণ অপহ্নব করিলে পর যদি উত্তমর্ণ সাক্ষী লেখ্যাদি দ্বারা ধন প্রমাণ করাইতে পারে, তবে রাজা উত্তমর্ণকে ধন দেওয়াইবেন এবং অধমর্ণকে তাহার শক্তি বুঝিয়া অপহ্নবের দণ্ড করিবেন।"—মনু—৮ অ। ৫১। (রত্নমালা)। ২। প্রেম ; স্নেহ। ৩। চৌর্য্য।

অপহ্নুত [অপ—হ্নু+ত (কর্ম্মে ক্ত)] বিণ, গোপিত ; অদর্শনীকৃত।

অপহ্নুতি [অপ—হ্নু (গোপন করা)+তি (ভাবে ক্তি)] বি, স্ত্রী, গোপন করা ; অপলাপ ; অস্বীকার। ২। [অর্থালঙ্কারে] উপমেয়ের গোপন করিয়া উপমানের স্থাপন ; গোপনীয় বিষয় স্বয়ং কোন প্রকারে প্রকাশ করিয়া পুনরায় প্রকারান্তরে তাহার গোপন ; (হেন, বুঝি, বোধ হয়, ছলে প্রভৃতি শব্দ ইহার জ্ঞাপক)—কাব্যনির্ণয়। প্র—"নাভি কূপে যাইতে কাম কুচশম্ভু বলে। ধরেছে কুন্তল তার রোমাবলী ছলে॥" —ভারতচন্দ্র।

অপাক (ক্) [হিঃ—নাপাক। ন=অ—পাক পচ্ (পাক করা)+ঘঞ্ (ভাবে) (হজম) নঞ্ তৎ] বিণ, অজীর্ণ ; পরিপাক না হওয়া ; গরহজম ; অপচার। ২। [অ+হিঃ—পাক (পবিত্র)] অপবিত্র। প্র—"অপাক শরীর বল্যা নাহি দেই বেটা"— —কবিবল্লভ (শীতলামঙ্গল)।

অপাকরণ (ন্) [অপ—আ—কৃ+অন (ট্—ভাবে)] বি, ক্লী, অপসারণ ; দূরীকরণ ; নিরাকরণ। ২। প্রশমন। ৩। বিকৃতি ; প্রকৃতির অন্যথাকরণ। ৪। পরিশোধ।

অপাকৃত [অপ—আ—কৃ (করা)+ত (কর্ম্মে ক্ত)—যাহা স্থানান্তরিত করা হইয়াছে] বিণ, দূরীকৃত। ২। তিরস্কৃত। ৩। প্রশমিত। ৪। নিবারিত। বি, **অপাকৃতি**—অপাকরণ দ্রঃ।

অপাঙ্‌ক্তেয় (অপাংক্তেয়) [অ—পঙ্‌ক্তি (শ্রেণী)+এয় (ঢেয়)] বিণ, অশ্রেণীবদ্ধ। ২। সমাজে সাধুসজ্জনের সহিত এক পঙ্‌ক্তিতে বসিয়া ভোজনের অযোগ্য।

অপাক্ষ [অপ (অপগত) অক্ষ (অক্ষি শব্দজ—চক্ষু) যাহার—বহু] বিণ, নেত্রশূন্য। ২। [অপ (অপকৃষ্ট) অক্ষ (প্রাদি)] কুৎসিতচক্ষু ; কুচক্ষু। ৩। [অপ (কুৎসিত) অক্ষ (ইন্দ্রিয়)] কুৎসিত ইন্দ্রিয়।

অপাঙ্গ [অপ (অপগত) অঙ্গ (শরীর) যাহার—বহু] বিণ, অঙ্গহীন। [অ প্র] ২। [অপ (অপকৃষ্ট) অন্গ্ (গমন করা)+অ (ল্) সংজ্ঞার্থে—যে বক্র গমন হেতু অপকৃষ্ট গমন করে] বি, ক্লী, চক্ষুর প্রান্ত ভাগ ; নয়নকোণ। ৩। অপাঙ্গদর্শন ; কটাক্ষ। ৪। তিলক ; টিপ ; ফোঁটা।

অপাঙ্গক (ক্) [অপাঙ্গ (দ্রঃ)+ক (স্বার্থে)] বিণ, অঙ্গহীন। ২। বি পুং, আপাং বৃক্ষ।

অপাঙ্গদর্শন (ন) [অপাঙ্গ দ্বারা দর্শন—৩তৎ] বি, ক্লী, বক্রদৃষ্টি ; কটাক্ষপাত ; আড়চাহনি।

অপাটব (ব্) [ন=অ, পাটব (পটু+অ—ভাবার্থে)=পটুতা, নঞ্ তৎ] বি, ক্লী, অপটুতা। ২। জড়তা। ৩। অসুস্থতা ; রোগ।

অপাত্র (অপাৎত্র) [ন=অ (কুৎসিত)—পাত্র—নঞ্ তৎ] বি, ক্লী, অসৎ পাত্র ; অধম পাত্র ; কুৎসিত পাত্র। ২। দানাদির অযোগ্য পাত্র।

অপাত্রীকরণ (ন্) বি, ক্লী, পাপবিশেষ ; নিন্দিত ব্যক্তির দান গ্রহণ, বাণিজ্য, শূদ্রসেবা, মিথ্যাভাষণ এই চারি প্রকার পাপকার্য্য। —মনু।

অপাদান (ন্) [অপ—আ—দা (দান করা, গ্রহণ করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, অপকৃষ্ট দান ; অপকৃষ্ট গ্রহণ।
২। [অপ (কোন স্থান বা কিছু হইতে) আদান (গ্রহণ)] ব্যাকরণে—কারক বা বাচ্য বিশেষ।

অপান (ন্) [অপ (নিম্নগামী বলিয়া অপকৃষ্ট) অন্ (বাঁচিয়া থাকা) +অ (ঘঞ্ করণে) যাহা দ্বারা বাঁচিয়া থাকে, বায়ু] বি, পুং, মলদ্বারের বায়ু ; বাতকর্ম্ম। ২। [অপ (অপগত নিঃসৃত) অন (মলদ্বার বায়ু) যাহা হইতে, বহু] ক্লী, মলদ্বার ; গুহ্যদ্বার।

অপাপ (প্) [ন=অ (নাই) পাপ যাহার—বহু] বিণ, পাপশূন্য ; নিষ্পাপ।

অপাপবিদ্ধ [পাপ দ্বারা বিদ্ধ, ন পাপবিদ্ধ—নঞ্ তৎ] বি, পুং, যাহারা পাপলিপ্ত নয় ; পাপহীন ; নিষ্পাপ।
প্র—"সবাই অপাপবিদ্ধ, সকলেই স্বতঃসিদ্ধ ; এখানে সকলি শুদ্ধ, অশুদ্ধ কোথায় ?" —গোবিন্দ দাস (চন্দন)।

অপাবরণ (ন্) [অপ—আ—বৃ (আবরণ করা)+অন(ট্—ভাবে)] বি, ক্লী, আচ্ছাদন। ২। অপগত আবরণ ; উন্মোচন।
৩। স্বেচ্ছা-প্রবৃত্তি। ৪। [অপ (অপগত) হইয়াছে আবরণ যাহার] বিণ, প্রকাশিত।

অপাবৃত [অপ—আ—বৃ+ত (কর্ম্মে ক্ত)] বিণ, অনাবৃত ; উদ্ঘাটিত। ২। তিরোহিত। ৩। স্বেচ্ছা-প্রবৃত্ত। ৪। স্বাধীন ; স্বতন্ত্র। ৫। অবরুদ্ধ।

অপাবৃত্ত [অপ—আ—বৃত্ (হওয়া)+ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, ভূলুণ্ঠিত।
২। প্রতিনিবৃত্ত ; যিনি ফিরিয়া আসিয়াছেন ; প্রত্যাবৃত্ত।

অপামার্গ [অপ—আ—মৃজ্ (পরিষ্কার করা) অ (করণে ঘঞ্) জ=গ, যাহার ক্ষার দ্বারা বস্ত্রাদি পরিষ্কার করা যায়] বি, পুং, আপাং গাছ।

অপায় (য়্) [অপ—ই—(গমন করা)+অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, অবনতি ; অধোগতি। ২। ক্ষতি। ৩। দুঃখ ; অমঙ্গল।
প্র—"ধর্ম্ম যার সখা তার কিসের অপায়"— —ঘনরাম।
৪। মৃত্যু। ৫। উন ; এক কম।—মনু।১।৭০। বাধা ; প্রতিবন্ধক। —হাউটন।

অপায়ন (অপায়ন্) [অপ—ই (গমন করা)+অন (ট্—ভাবে)=অয়ন] বি, ক্লী, পলায়ন। ২। উপায়।
প্র—"নিরুপায়ে অপায়ন বুঝি কাঞ্চীপতি। নতঃ শিরে নিজ দুর্গে করিলেন গতি॥" —রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)

অপায়ী (অপায়ী) [অপায় (দ্রঃ)+ইন্ (অস্ত্যর্থে)=অপায়িন্ ১মা ১ বচনে] বিণ, অপায় বিশিষ্ট। ২। নশ্বর।

অপার (র্) [ন=অ (নাই) পার (সীমা) যাহার—বহু] বিণ, অসীম ; পারহীন ; অকূল। ২। অগাধ। ৩। দূরপার। ৪। অধিক। ৫। যাহা অক্লেশে পার হইবার মত নহে। ৬। নদ্যাদির অপর পার বা কূল ; পরপার। ৭। [প্রাদেশিক] যাহার সহিত পারা যায় না ; যাহাকে আঁটিয়া উঠা যায় না। শাসনের বহির্ভূত।

অপারক (ক্) [ন=অ—পারক (পৃ+অক, কর্ত্তৃ)। গ্রা, অপারগ। নঞ্ তৎ] বিণ, অশক্ত ; অসমর্থ ; অক্ষম।

অপার্থ [অপ (অপগত) অর্থ (ধন বা বল প্রভৃতি) যাহার, বহু] বিণ, যাহার ধন কিম্বা বল ক্ষয় হইয়াছে ; নির্ধন। ২। ব্যর্থ ; নিষ্ফল। ৩। নিরর্থক। ৪। [ন=অ (নাই) পার্থ (অর্জ্জুন) যেখানে, বহু] বিণ, পার্থহীন। (তুল—অরাম বা অরাবণ হবে ভব আজি"—মেঘনাদ)। বি, **অপার্থতা**।

অপার্য্যমাণ (অপার্জমান্) [পৃ (পালন করা) +ণিচ=পারি+আন—কর্ম্মে, য-ম-আগম। ন=অ=পার্য্যমাণ—নঞ্ তৎ] বিণ, যাহাকে পোষণ করা যায় না ; পোষণের অযোগ্য। ২। [প্রাদে। গ্রা-অপার্জ্জিমানে : অপাজ্জিমানে] ক্রি-বিণ, অপারক পক্ষে : অসাধ্য বা অসমর্থ পক্ষে ; অক্ষমতা হেতু না পারায়।

অপালন (ন্) [ন=অ—পালন (রক্ষা) নঞ্ তৎ] বি, ক্লী, পালনের অভাব ; শিক্ষা

বিধানাভাব। ২। অরক্ষণ। ৩। অযত্ন ; উপেক্ষা।

অপাশ্রয় (অপাস্স্রয়) [অপ (অপগত) হইয়াছে আশ্রয় (রক্ষক) যাহার—বহু] বিণ. নিরাশ্রয় ; আশ্রয় শূন্য। ২। [অপ (অপকৃষ্ট) আশ্রয় (প্রাদি)] বি. পুং. চন্দ্রাতপ ; চাঁদোয়া ; সামিয়ানা।

অপাসঙ্গ (—শংগ) [অপ (অপর দিকে) আসঙ্গ (সম্বন্ধ) যাহার—বহু, অর্থাৎ যাহা বীরের পৃষ্ঠদেশে লম্বিত থাকে] বি. পুং. তূণ ; শরাসন।

অপাসন (অপাশন্) [অপ—অস্ (ক্ষেপণ করা) + অন (ট্—ভাবে) ; অপ (অপগত) হয় অসন (হস্ত পদাদির বিক্ষেপ বা ক্রিয়া) যে দশাতে] বি. ক্লী. মরণ ; মৃত্যু।
২। অপক্ষেপণ ; দূরীকরণ।

অপাস্ত [অপ—অস্ (বিদ্যমান থাকা) + ত (কর্ত্তৃ ক্ত)] বিণ. যিনি বিদ্যমান বা উপস্থিত থাকিতে পারেন নাই ; অপগত ; বিগত।
২। ক্ষান্ত ; নিবৃত্ত। ৩। অপসারিত : বহিষ্কৃত। ৪। খণ্ডিত। ৫। প্রত্যাখ্যাত।

অপাহরণ (ন্) [অপ—আ—হৃ (হরণ করা) + অন (ট্—ভাবে) ; অপ (অপকৃষ্ট রূপে) আহরণ (গ্রহণ)—প্রাদি] বি. চুরি ; বলপূর্ব্বক গ্রহণ। ২। আকর্ষণ।

অপি (ওপি) [উপসর্গ। তুল :—গ্রী-Epi (upon) ; সং-অপিধান (পরিধান) এর অপি] অ. সম্ভাবনা। ২। অবধারণ ; নিশ্চয়। ৩। সন্দেহ। ৪। সমুচ্চয়। ৫। সর্ব্বতোভাব। ৬। অনুজ্ঞা। ৭। নিন্দা। ৮। প্রশ্ন। ৯। অপর। ১০। অল্পত্ব। ১১। যুক্তপদার্থ। ১২। পুনঃ।
[এই উপসর্গের ব্যবহার বাং-য় বিরল]

অপিচ (ওপিচ) [সং] অ. এবং : অধিকন্তু ; আরও। ২। [পালিতে তথাপি অর্থে ব্যবহৃত] তথাপি ; তা হলেও।
[আধু বাং-য় বিরল]

অপিধান (ওপিধান্) [অপি—ধা (ধারণ করা, আচ্ছাদন করা) + অন (ট্) ভাবে] বি. ক্লী. আচ্ছাদন ; আবরণ। ২। তিরোধান।

অপিনদ্ধ [অপি—নহ (বন্ধন করা) + ত—(কর্ম্মে ক্ত) হ—ত=দ্ধ)] বিণ. যাহাকে শরীর আবরক রূপে বন্ধন করা হইয়াছে ; পরিহিত ; যাহা পরিধান করা হইয়াছে।

অপীনস (অপিনশ্) বি. ক্লী. পীনসরোগ।
২। [নাই পীনস যাহার—বহু] বিণ. পীনস রোগ শূন্য।

অপুচ্ছা—বি. স্ত্রী. শিংশপাবৃক্ষ ; শিশু গাছ।
২। [ন=অ (নাই) পুচ্ছ যাহার] বিণ. পুচ্ছরহিত।

অপুচ্ছী—বি. পুচ্ছহীন উভচর প্রাণী ; anura. (ভেক এই জাতীয়)।

অপুচ্ছাঙ্কুর (র্) [ন=অ নাই পুচ্ছের অঙ্কুর যাহাদের—বহু, যাহাদের পুচ্ছ নাই, মস্তক এবং মুখের গহ্বর প্রশস্ত, লম্ফ দিয়া গমনোপযোগী সম্মুখের পদ অপেক্ষা পশ্চাতের পদ বড়] বি. পুং. ভেক জাতীয় প্রাণী ; অপুচ্ছী ; anura.

অপুত্র (অপুৎত্র) [ন=অ (নাই) পুত্র যাহার—বহু] বিণ. পুত্রহীন ; নিঃসন্তান। ২। [ন=অ (কুৎসিত) পুত্র] কুপুত্র।

অপুত্রক (ক্) [অপুত্র + ক (স্বার্থে)—বহুব্রীহি] বিণ. পুং. পুত্রহীন ; সন্ততিহীন ; নিঃসন্তান।
প্র—"অপুত্রক আমি মনে পাই বড় দুঃখ।"
—কৃত্তিবাস।

অপুনরাবৃত্তি [ন=অ (নাই) পুনঃ (পুনর্ব্বার) আবৃত্তি (আগমন, তাৎপর্য্য জন্মান্তর) যাহা হইতে, বহু—অথবা পুনরাবৃত্তি (পুনর্জ্জন্ম) ন পুনরাবৃত্তি—নঞ্ তৎ] বি. স্ত্রী. নির্ব্বাণমুক্তি : মোক্ষ ; অপুনর্ভব। ২। অপুনরাগমন : পুনর্ব্বার ফিরিয়া না আসা।

অপুনর্ভব (ব্) [ন=অ—পুনঃ (পুনর্ব্বার) ভব=ভূ (হওয়া) + অ (ল্—ভাবে) জন্ম, নঞ্ তৎ] বি. পুং. অপুরাবৃত্তি দ্রঃ। ২। বিণ. পুনর্জ্জন্ম রহিত ; নির্ব্বাণ মুক্ত ; পুনরুৎপত্তি রহিত।

অপুরোদন্তী (—দোন্তি) [ন=অ—পুরস্ অগ্রে—দন্ত + ইন্ (অস্ত্যর্থে) = দন্তী, যাহাদের মুখের অগ্রভাগে দন্ত নাই—বহু] বি. পুং. পুরোদন্তহীন প্রাণী (পিপীলিকাভুক্, বজ্রকীটাদি) ; e.len ata.

অপুষ্পক (অপুশ্ পক্) [ন=অ (নাই) পুষ্প যাহাদের—বহু + ক (সমাসে)] বিণ. ক্লী. যে সকল বৃক্ষের পুষ্প হয় না, কিংবা যাহাদের পুষ্পে কেশর ও শীষ থাকে না ; cryptogam.

অপুষ্পাফলদ [ন=অ (নাই) পুষ্প যাহার সে অপুষ্প অথচ ফলদ (দা=দান করা + ড কর্ত্তৃ) যে ফল প্রসব করে] বি. পুং. কাঁটালবৃক্ষ।
২। পৃথক পুষ্প ব্যতিরেকে জাত ফলের বৃক্ষ।

অপূত [ন=অ—পূত (পবিত্র) নঞ্ তৎ] বিণ. অপবিত্র ; অসংস্কৃত।

অপূপ ('প্) [অপ্ (জল) বপ্ (বপন করা) + অ (কর্ম্মে) যাহা জলদ্বারা উপ্ত (পক্ব) হয়—৩তৎ] বি. পুং. পিষ্টক ; পিটা ; pudding ; cake.
২। রোটিকা ; রুটি ; bread ; loaf.

অপূর্ব্ব [ন=অ—পূর্ব্ব] বি. ক্লী. অদৃষ্ট। ২। যাহা পূর্ব্বে ঘটে নাই ; অভূতপূর্ব্ব ; নূতন ; অভিনব। প্র—অপূর্ব্ব ঘটনার সমাবেশ। ৩। অতি উৎকৃষ্ট ; অতি উপাদেয় ; অতিসুন্দর। প্র—অপূর্ব্ব সামগ্রী। ৪। অদৃষ্টপূর্ব্ব (প্রশংসার্থে) চমৎকারজনক। প্র—অপূর্ব্ব রূপলাবণ্য।

অপৃষ্ঠবংশী (ষোং) [অপঞ্জরী দ্রঃ] বিণ. মেরুদণ্ডহীন প্রাণী ; invertibrata.

অপেক্ষণ (অপেক্খন্) [প্রাদেশিক] অ. রক্ষণ ; রক্ষণাবেক্ষণ। তত্ত্বাবধান দ্রঃ।
প্র—"নিয়োজিত কর তারে ছেলি অপেক্ষণ।"
—কবিকঙ্কণ।

অপেক্ষা (অপেক্খা) [অপ + ঈক্ষা (ঈক্ষ্ = চাহিয়া দেখা + অঙ্—ভাবে) স্ত্রী. আ] বি. মুখ চাহিয়া থাকার ভাব ; প্রতীক্ষা। প্র—তাহার অপেক্ষা না করিয়া নিজেই কাজটা শেষ করিয়া ফেল। ২। আপ্যায়ন। প্র—
"উপযুক্ত অন্তকালে অপেক্ষা আদর"
—ঘনরাম।
৩। সম্ভ্রম : খাতির ; অনুরোধ। প্র—
"তোমার অপেক্ষা হেতু ক্ষমি শুধু আমি।"
—কাশীরাম দাস।
৪। গণনা : বিচার। প্র—"আমার ভাগিনা বলি না করো অপেক্ষা। বলিদান দিয়া তারে পূজিবে কামাখ্যা॥" —ঘনরাম।
৫। বিলম্ব ; দেরী। প্র—একটু অপেক্ষা কর, এখনি ফিরিব। ৬। উৎকর্ষাপকর্ষবোধক সম্বন্ধ ; তুলনা। প্র—ইহার অপেক্ষা উহা ভাল। ৭। স্পৃহা : বাসনা ; আকাঙ্ক্ষা : প্রার্থনা। প্র—এখন আর তাহার কিসের অপেক্ষা, জীবনে যাহা সাধ ছিল তাহা তাহার সমস্তই হইয়াছে।
৮। মনোযোগ। ৯। সম্যক্দর্শন ; পর্য্যবেক্ষণ। ১০। [বাং—পদ্যে ক্রিয়াপদ। উ পু—অপেক্ষি : অপেক্ষিব। ম পু—অপেক্ষ ; অপেক্ষিবে। প্র পু—অপেক্ষে, অপেক্ষিবে। অস. ক্রি. ক্রি—অপেক্ষিতে ; অপেক্ষিয়া ; অপেক্ষি] ক্রি. অপেক্ষা করা ; অপেক্ষা রাখা ; অপেক্ষায় থাকা।

অপেক্ষাকৃত—ক্রি-বিণ. তুলনাকৃত ; এক হইতে অন্যের তুলনায়। ২। পূর্ব্বাপেক্ষা অধিক ; অধিকতর। ৩। অনধিক ; অল্প। প্র—এ সময় অপেক্ষাকৃত উষ্ণজলে স্নান করিতে দোষ নাই।

অপেক্ষাবুদ্ধি—বি. স্ত্রী. [পারিভাষিক শব্দ] এই একটী এই একটী এইরূপ অনেকত্ব বিষয়িণী বুদ্ধি ; discrimination of numbers.

অপেক্ষিত [অপ—ঈক্ষ (দর্শন করা) + ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে দর্শন করা হইয়াছে ; প্রতীক্ষিত। ২। ঈপ্সিত ; আকাঙ্ক্ষিত। ৩। অনুরুদ্ধ। ৪। বিবেচিত। ৫। পর্য্যবেক্ষিত। ৬। সম্বন্ধিত। তুলিত। ৭। সম্মানিত ; পূজিত। প্র—"সর্ব্বলোকে অপেক্ষিত"
—চৈতন্যভাগবত।
৮। শ্রেষ্ঠ।

অপেতরাক্ষসী (শি) [অপেত (অপগত ; দূর হয়) রাক্ষসী (রাক্ষসপ্রকৃতি ; রাক্ষস, প্রেত,

পিশাচ প্রভৃতি) যাহা হইতে] বি, স্ত্রী, তুলসী গাছ। [এই জন্যই হিন্দুমাত্রে তুলসীপত্রদ্বারা পূজার অনুষ্ঠান করেন এবং আপন আলয়ে তুলসী বৃক্ষ স্থাপন করেন]।

অপেয় [ন=অ (না) পেয় (পা + য—কর্ম্মে) (পানযোগ্য) নঞ্ তৎ] বিণ, যাহা পান করিবার উপযুক্ত বা যোগ্য নহে। প্র—দূষিত জল অপেয়। ২। যাহা পান করা যায় না। প্র—সমুদ্র জল অপেয়। ৩। যাহা পান করা ধর্ম্মবিরুদ্ধ বা অবৈধ। প্র—মদ্য অপেয়। [তুল—অখাদ্য]

অপোগণ্ড [প্রাদে-উচ্চারণ বিকারে, অবগণ্ড। অপ (অপকৃষ্ট)—গম্ (গমনকরা) + ড (কর্ত্তৃ) সংজ্ঞার্থে (প—পো)] বি, পঞ্চদশ বৎসরের অনধিকবয়স্ক শিশু : নাবালক। [পোগণ্ড দ্রঃ]। ২। ভীরু ; বিকলাঙ্গ।

অপোড় (ড়্) [গ্রা—আপোড়া। অ (না)—পোড় (দহন)] বিণ, যাহা ভাল পোড়া নহে ; অদগ্ধ ; যাহা পুড়ে নাই।

অপোহ [অপ (বিরুদ্ধ) উহ (তর্ক করা) + অ (ল – ভাবে)] বি, পুং, তর্ক। ২। অপনোদন।

অপৌরুষ (ষ্) [ইহা পুরুষের এই অর্থে পুরুষ + অন্ = পৌরুষ—ন = অ—পৌরুষ—নঞ্ তৎ] বি, ক্লী, ইহা পুরুষ সম্বন্ধীয় নয়। ২। অগৌরব : অপ্রশংসা।

অপৌরুষেয় [ন=অ – পৌরুষেয়, পুরুষ দ্বারা কৃত অর্থে এয়ণ, নঞ্ তৎ] বিণ, যাহা পুরুষ দ্বারা কৃত নহে ; অমানুষিক ; অলৌকিক।

অপ্পেয়ে [অল্পায়ুঃ শব্দের গ্রা, রূপ। ভেদে—অলপ্পেয়ে, অল্পেয়ে] বিণ, যাহার পরমায়ু অল্প ; অচিরজীবী (গালিবিশেষ)।

অপ্রকট (অপ্‌প্রোকট) [অ – প্রকট (প্রকাশিত)] বিণ, অপ্রকাশ। ২। পরলোকগত ; অন্তর্হিত। [সাধুমহাত্মাদিগের মৃত্যু হইলে তাহাকে অপ্রকট হওয়া বলে, তাঁহাদের মৃত্যুর নামান্তর তিরোভাব বা তিরোধান। বৈঃ সাহিত্যে প্রচরদ্রূপ]।

অপ্রকাণ্ড (অপ্‌প্রোকানডো) [ন=অ (নাই) প্রকাণ্ড (প্রকৃষ্ট কাণ্ড—গাছের গুঁড়ী) যাহার বা যাহাতে, বহু] বি, পুং, কাণ্ড বিহীন বা গুঁড়ী হীন বৃক্ষ। ঝিণ্টীগাছ ; গুল্ম ; ঝোপ। ২। বিণ, অবৃহৎ ; অপ্রশস্ত।

অপ্রকাশ (অপ্‌প্রোকাশ্) [ন=অ – প্র – কাশ্ (দীপ্তি পাওয়া) + অ (ভাবে ঘঞ্) নঞ্ তৎ, বা নাই প্রকাশ যাহার—বহু] বি, পুং, গোপন ; অনভিব্যক্তি। ২। বিণ, অপ্রকাশিত ; অব্যক্ত। প্র—কথাটা এখন অপ্রকাশ থাক। ৩। লুক্কায়িত ; গা ঢাকা। প্র—এখন সে কিছু দিন অপ্রকাশ থাকিবে।

অপ্রকাশ্য (অপ্‌প্রোকাশ্‌শো) [ন=অ – প্র—কাশ্ + য (কর্ম্মে) নঞ্ তৎ] বিণ, যাহা প্রকাশের যোগ্য নয় ; গোপনীয়। ২। অন্তরালে অবস্থিত : সাধারণের দৃষ্টি বহির্ভূত।

অপ্রকাশিত (প্‌প্রো) [ন=অ – প্রকাশ + ত (কর্ত্তৃ—ক্ত) অথবা প্রকাশ + ইত(কর্ম্মে) নঞ্ তৎ] বিণ, যাহাকে প্রকাশ করা হয় নাই ; গুপ্ত। ২। লুক্কায়িত।

অপ্রকৃত (প্‌প্রো) [ন=অ – প্র – কৃ + ত (কর্ম্মে ক্ত) নঞ্ তৎ] বিণ, যাহা প্রকৃষ্ট রূপে কৃত নয় ; কল্পিত ; অযথার্থ ; অসত্য ; মিথ্যা।

অপ্রগুণ (অপ্‌প্রোগুন) [ন=অ (নাই) প্র (প্রকৃষ্ট) গুণ (উপকরণ বা কার্য্য-সামর্থ্য) যাহার—বহু] বিণ, যাহার কার্য্যকারিতা গুণ নাই। ২। ব্যাকুল : চঞ্চল।

অপ্রজ, অপ্রজঃ (অপ্‌প্রোজো) [ন=অ (নাই) প্রজা (সন্তান) যাহার—বহু, নঞের সহিত বহুব্রীহি সমাস হইলে প্রজা স্থানে প্রজস্ (স্=ঃ)] বিণ, যাহার সন্তান নাই ; নিঃসন্তান। স্ত্রী, **অপ্রজা**—বন্ধ্যা।

অপ্রণিধান (অপ্‌প্রোনিধান্) [ন=অ (নাই) প্রণিধান (মনোযোগ) নঞ্ তৎ] বি, ক্লী, অবধানের অভাব ; অমনোযোগ। ২। [নাই প্রণিধান যাহার—বহু] বিণ, অমনোযোগী।

অপ্রণিহিত (অপ্‌প্রোনিহিত) [ন=অ—প্র—নি—ধা (ধারণ করা) + ত (কর্ত্তৃ ক্ত) ধা = হি, নঞ্ তৎ] বিণ, প্রকৃষ্ট রূপ ধারণা রহিত। ২। অমনোযোগী : অনবধান।

অপ্রতিকার্য্য (অপ্‌প্রোতিকার্‌জ) [ন=অ, প্রতি – কৃ + য (ভাবে)—প্রতিকার করার অযোগ্য, যাহার প্রতিকার করা যায় না] বিণ, প্রতিবিধানের অতীত ; অপ্রতিবিধেয়। ২। অচিকিৎসনীয় : চিকিৎসাসাধ্য নয়।

অপ্রতিবন্ধ (অপ্‌প্রোতিবধ্‌ধ) [ন=অ, প্রতি—বন্ধ (আবদ্ধ করা) + ত (কর্ম্মে ক্ত) নঞ্ তৎ] বিণ, যাহার কোনরূপ প্রতিবন্ধক নাই ; প্রতিবন্ধক রহিত ; অব্যাহত ; অপ্রতিহত।

অপ্রতিবন্ধ (অপ্‌প্রো) [অ—প্রতি (প্রতিকূল) বন্ধ (বন্ধন)] বি, অব্যাঘাত ; বিঘ্নাভাব।

অপ্রতিবন্ধক (অপ্‌প্রোতিবন্‌ধক্) [অ—প্রতি—বন্ধ + অক (কর্ত্তৃ, ণক)] বিণ, অবিঘ্নকারক ; অপ্রতিহত।

অপ্রতিভ (অপ্‌প্রোতিভ) [ন=অ (নাই) প্রতিভা (দীপ্তি) যাহার—বহু] বিণ, হতবুদ্ধি : বুদ্ধির তীক্ষ্ণতা হীন ; অপ্রত্যুৎপন্নমতি। ২। সলজ্জ ; অপ্রস্তুত। ৩। প্রভাহীন ; দীপ্তিহীন। ৪। ক্ষুব্ধ।

অপ্রতিম (অপ্‌প্রোতিম) [ন=অ (নাই) প্রতিমা (সাদৃশ্য) যাহার—বহু] বিণ, প্রতিমা বা সাদৃশ্য রহিত ; নিরুপম ; অতুলনীয়।

অপ্রতিরথ (অপ্‌প্রোতিরথ্) [ন=অ (নাই) প্রতিরথ—প্রতি (প্রতিপক্ষ) রথ (রথান্তর) অর্থাৎ যাহার প্রতিপক্ষ রথান্তর নাই] বি, পুং, অপ্রতিদ্বন্দ্বী যোদ্ধা। ২। বিণ, প্রতিযোধহীন। ৩। ক্লী, যুদ্ধার্থ যান। ৪। যুদ্ধ যাত্রাকালে মঙ্গলাচরণ। ৫। সামবেদোক্ত প্রাস্থানিক মন্ত্র।

অপ্রতিরুদ্ধ (অপ্‌প্রোতিরুধ্‌ধ) [ন=অ, প্রতি-রুধ্ (আবরণ করা) + (কর্ম্মে ক্ত)] বিণ, যাহার প্রতিরোধ করা যায় না ; অনিবারিত : অপ্রতিহত।

অপ্রতিরূপ (অপ্রোতিরুপ্) [ন=অ (নাই) প্রতিরূপ (সদৃশ) যাহার, বহু] বিণ, যাহার সদৃশ নাই ; যাহার সমান রূপ নাই ; সমকক্ষহীন।

অপ্রতিবিধেয় (অপ্‌প্রোতিবিধেঅ) [ন=অ, প্রতিবিধেয় (প্রতিবিধান যোগ্য) নঞ্ তৎ] বিণ, প্রতিবিধানের অযোগ্য বা অসাধ্য ; যাহার প্রতিকার করা যায় না ; অপ্রতিকার্য্য। প্র—"ভবদীয় ভাব দর্শনে স্পষ্ট প্রতীয়মান হইতেছে, অবশ্যই কোনও অপ্রতিবিধেয় অনিষ্ট সঙ্ঘটন হইয়াছে।"

—বিদ্যাসাগর (সী, ব)।

অপ্রতিষিদ্ধ (অপ্‌প্রোতিশিধ্‌ধ) [ন=অ (না) প্রতি – সিধ্ (প্রতিষেধ করা) + ক্ত (কর্ম্মে) নঞ্ তৎ] বিণ, যাহাকে প্রতিষেধ করা হয় নাই : অনিষিদ্ধ।

অপ্রতিষেধনীয় (অপ্‌প্রোতিষেধনিয়) [ন= অ + প্রতি—সিধ + অনীয় (কর্ম্মে)] বিণ, যাহা প্রতিষেধ করিবার উপযুক্ত বা যোগ্য নয়। ২। যাহা নিষেধ বা নিবারণ করা যায় না।

অপ্রতিষ্ঠ (অপপ্রোতিশঠ) [ন=অ (নাই) প্রতিষ্ঠা (খ্যাতি বা প্রতিপত্তি যাহার, বহু] বিণ, যশোহীন : প্রতিপত্তিরহিত ; অবিখ্যাত। ২। অনির্ণীত। ৩। স্থিতিবিহীন।

অপ্রতিসমাধেয় (অপ্‌প্রোতিশমাধেঅ) [ন= অ, প্রতি—সং—আ—ধা + য (কর্ম্মে)] বিণ, যাহা প্রকৃষ্ট রূপে সমাধানের যোগ্য নহে ; অপ্রতিকার্য্য।

অপ্রতিহত (অপ্‌প্রোতিহত) [ন=অ, প্রতি—হন্ + ক্ত (কর্ম্মে)] বিণ, যাহার ব্যাঘাত বা বাধা নাই ; অব্যাহত ; অপ্রতিবন্ধ ; অবাধ ; অপ্রতিরুদ্ধ। প্র—"রাম রাজপদে প্রতিষ্ঠিত হইলেন এবং অপ্রতিহতপ্রভাবে রাজ্যশাসন * * * করিতে লাগিলেন।" —বিদ্যাসাগর (সী, ব)

অপ্রতীকার্য্য (অপ্রোতিকার্জ) বিণ, অপ্রতিকার্য্য দ্রঃ।

অপ্রতুল (অপ্রোতুল্) [ন=অ (নাই) প্র (প্রকৃষ্ট) তুলা (পরিমাণ, সাদৃশ্য) যাহার] বি, ক্লী, আধিক্যের অভাব ; অপ্রাচুর্য্য। ২। অভাব। প্র—"অর্থ অপ্রতুলে কত দীন বাছাধন, অজ্ঞান আঁধারে বসি কাটিছে জীবন।" —নবীনচন্দ্র। ৩। অসঙ্গতি।

অপ্রত্যক্ষ (অপ্‌প্রোতোক্‌খো) [ন=অ, প্রতি—অক্ষ (ইন্দ্রিয়) নঞ্‌তৎ, যাহা প্রকৃষ্টরূপে ইন্দ্রিয়ের লক্ষ্য হয় না] বিণ, অতীন্দ্রিয়; ইন্দ্রিয়ের অগোচর; পরোক্ষ। ২। ক্লী, প্রত্যক্ষাভাব।

অপ্রত্যয় (অপ্রোৎতয়্) [ন=অ, প্রতি—ই +অ (ল্) সংজ্ঞার্থে নঞ্‌তৎ] বি, পুং, অবিশ্বাস। ২। [ব্যাকরণে] যাহা প্রত্যয় নহে।

অপ্রত্যাখ্যেয় (অপ্রোৎত্যাক্‌খেঅ) [ন= অ+প্রত্যাখ্যেয় (প্রত্যাখ্যানযোগ্য)] বিণ, প্রত্যাখ্যানের অযোগ্য; যাহাকে প্রত্যাখ্যান করা চলে না বা যায় না।

অপ্রধান (অপ্‌প্রোধান্) [ন=অ+প্রধান, নঞ্‌তৎ] বিণ, প্রধান নয়; অশ্রেষ্ঠ। ২। বি, ক্লী, গৌণ।

অপ্রধৃষ্য (অপ্‌প্রোধৃশ্‌শ) [ন=অ—প্র—ধৃষ্ (পরাজয় করা)+য (কর্ম্মে) নঞ্‌তৎ] বিণ, যাহাকে পরাজয় করা যায় না; অনভিভবনীয়; অপরাজেয়।

অপ্রবীণ (অপ্‌প্রোবিন্) [ন=অ, প্রবীণ (বহুদর্শী) নঞ্‌তৎ] বিণ, অল্পদর্শী।

অপ্রমত্ত (অপ্‌প্রোমৎত) [ন=অ, প্র—মদ্+ক্ত (কর্ত্তৃ), নঞ্‌তৎ] বিণ, সাবধান; অবহিত; সতর্ক; প্রমাদশূন্য।

অপ্রমাদ (অপ্‌প্রোমাদ্) [ন=অ, প্র—মদ্+ঘঞ্, নঞ্ তৎ] বি, পুং, প্রমাদরাহিত্য; অবধান। ২। বিণ, প্রমাদশূন্য; অবহিত; অপ্রমত্ত।

অপ্রমাণ (অপ্‌প্রোমান্) [ন=অ প্র—মা+অন, নঞ্‌তৎ] বিণ, ক্লী, প্রমাণরহিত; অপ্রামাণিক। ২। অশ্রদ্ধেয়; হেয়; অগ্রাহ্য।

অপ্রমিত (অপ্‌প্রো) [ন=অ-প্র—মা+ক্ত (কর্ম্মে)] বিণ, অপরিমিত; প্রভূত; অসীম। ২। অগণিত; অসংখ্য।
প্র—"বর্ণন না যায় যার গুণ অপ্রমিত।"
—কাশীরাম দাস (মহা-আদি)

অপ্রমেয় (অপ্‌প্রোমেঅ) [ন=অ, প্রমেয় (প্রমাণযোগ্য) নঞ্ তৎ] বিণ, যাহার পরিমাণ নাই; অপরিমেয়; অসীম। ২। অপর্য্যাপ্ত; প্রচুর।
প্র—"চর্ব্ব্য চূষ্য লেহ্য পেয় পাতে পাতে অপ্রমেয়।" —অন্নদামঙ্গল।

অপ্রযত্ন (অপ্‌প্রোজৎন) [ন=অ—প্রযত্ন (প্রকৃষ্ট প্রয়াস)] বি, চেষ্টার অভাব; অনুদ্যম; জড়তা। ২। বিণ, নিশ্চেষ্ট। বি, অপ্রযত্নতা।

অপ্রয়াস (অপ্‌প্রোয়াশ্) [অ—প্রয়াস (যত্ন)] বি, অচেষ্টা; অপ্রযত্ন; নিরুদ্যম।

অপ্রযুক্ত (অপ্‌প্রোজুক্‌ত) [ন=অ—প্রযুক্ত (সঙ্গত, যোগ্য)] বিণ, অসঙ্গত; অযোগ্য; অন্যায়। ২। অব্যবহার্য্য। ৩। অনাচরিত।

অপ্রযুক্ততা (অপ্‌প্রোজুক্‌তোতা) [অপ্রযুক্ত—তা (ভাবে)] বি, অযোগ্যতা; অসঙ্গতি। ২। ব্যবহারাসঙ্গতি; যাহা প্রয়োগ করা সঙ্গত নহে তাহার প্রয়োগ। ৩। কাব্যালঙ্কার দোষ বিশেষ। যে শব্দ অভিধানের অন্তর্ভুক্ত কিন্তু কবিগণ তাহা ব্যবহার করেন নাই বা বিরল ব্যবহার করিয়াছেন, তাহার প্রয়োগে এই দোষ হয়। যথা—
"ঈশাক্ষের উৰ্ব্বর্ধে মারা গেল মার।
নাকেতে নির্জ্জরগণ করে হাহাকার" —উদ্ভট।
[উৰ্ব্বর্ধ=অগ্নি, মার=মদন, নাক=স্বর্গ, নির্জ্জর=দেবতা]

অপ্রয়োগ (অপ্‌প্রোয়োগ্) [অ—প্রয়োগ] বি, অপপ্রয়োগ; অপব্যবহার। ২। প্রয়োগের অভাব; অব্যবহার; অপ্রবর্ত্তন।

অপ্রয়োজন (ন্) [অ—প্রয়োজন] বি, প্রয়োজনের অভাব; অনাবশ্যক।

অপ্রয়োজনীয়—বিণ, অনাবশ্যক; অদরকারী। বি, অপ্রয়োজনীয়তা।

অপ্রশংসনীয় (অপ্রোশংশনিঅ) [ন=অ প্রশংসনীয়, নঞ্‌তৎ] বিণ, প্রশংসার অযোগ্য। ২। নিন্দার্হ।

অপ্রশস্ত (অপ্‌প্রোশস্‌ত) [ন=অ, প্রশস্ত (বিস্তৃত বা উৎকৃষ্ট) নঞ্‌তৎ] বিণ, প্রশস্ত নয়; অবিস্তৃত; কম চওড়া। ২। নিন্দিত; ৩। অশুভ; ৪। প্রতিকূল; ৫। অসচ্ছন্দ; ৬। অপ্রচলিত।

অপ্রশুদ্ধ (অপ্‌প্রো) [ন=অ—প্র—শুধ্+ক্ত (কর্ম্মে)] বিণ, অপরিশুদ্ধ; অপবিত্র।

অপ্রসন্ন (অপ্‌প্রোশন্‌ন) [ন=অ—প্রসন্ন (সন্তুষ্ট) নঞ্ তৎ] বিণ, যে প্রসন্ন নয়; বিরক্ত; অসন্তুষ্ট। ২। অপ্রফুল্ল; ম্লান। ৩। ক্ষুব্ধ; দুঃখিত। প্র—অপ্রসন্ন চিত্ত। বি, অপ্রসন্নতা।

অপ্রসিদ্ধ (অপ্‌প্রোশিদ্‌ধ) [ন=অ প্রসিদ্ধ (বিখ্যাত) নঞ্ তৎ] বিণ, যাহা প্রসিদ্ধ নয়; যাহা সচরাচর সকলের নিকট জ্ঞাত নয়। ২। অবিখ্যাত। ৩। অসিদ্ধ; অনিষ্পন্ন; অপ্রমাণিত। ৪। অমূলক।

অপ্রস্তুত (অপ্রোস্‌তুত্) [ন=অ—প্রস্তুত, নঞ্ তৎ] বিণ, অপ্রকৃত। ২। অবর্ত্তমান; অনুপস্থিত। ৩। যাহা প্রস্তুত বা তৈয়ার হয় নাই; অনির্ম্মিত। ৪। অনিচ্ছুক। ৫। অতৎপর। ৬। অপ্রতিভ; সলজ্জ।

অপ্রহত (অপ্‌প্রোহত) [ন=অ—প্র—হন্+ত (কর্ত্তৃ ক্ত) নঞ্ তৎ] বিণ, অক্ষুণ্ণ; অনাহত। ২। অকর্ষিত। ৩। অপদস্পৃষ্ট; untrodden.

অপ্রাকরণিক (অপ্‌প্রাকরনিক্) [ন=অ, —প্রকরণ+ইক (ণ) নঞ্ তৎ] বিণ, যাহা প্রস্তাবিত নয়; অপ্রাসঙ্গিক।

অপ্রাকৃত (অপ্‌প্রা) [ন=অ—প্রাকৃত (লৌকিক) নঞ্ তৎ] বিণ, অলৌকিক। ২ অসাধারণ। ৩। অস্বাভাবিক; অনৈসর্গিক; কৃত্রিম; unnatural. ৪। অবাস্তব।

অপ্রাপ্ত (প্‌প্রা) [ন=অ—প্র—আপ্+ক্ত (কর্ম্মে) নঞ্ তৎ] বিণ, যাহা অধিগত হয় নাই, অলব্ধ; অনধিগত। প্র—অপ্রাপ্তযৌবন। ২। [কর্ত্তৃ ক্ত]—যে ব্যক্তি প্রাপ্ত হয় নাই।

অপ্রাপ্তবয়স্ক (অপ্‌প্রাপ্তবয়শ্‌ক) [ন=অ (হয় নাই) প্রাপ্ত বয়ঃ (বয়স) যাহার, বহুব্রীহি সমাসে ক] বিণ, যে উপযুক্ত বয়স প্রাপ্ত হয় নাই; অপ্রাপ্তব্যবহার; নাবালক; minor. স্ত্রী, অপ্রাপ্তবয়স্কা।

অপ্রাপ্তব্যবহার (অপ্‌প্রাপ্তব্যাবহার্) [অপ্রাপ্ত (অলব্ধ) হইয়াছে ব্যবহার (ব্যবহারযোগ্য কাল) যৎ কর্ত্তৃক—বহু] বিণ, যে ব্যবহারযোগ্যকাল (বয়স) প্রাপ্ত হয় নাই; নাবালক; অপ্রাপ্তবয়স্ক।

অপ্রাপ্তযৌবন (অপ্‌প্রাপ্তজৌবন্) [অপ্রাপ্ত (অলব্ধ) হইয়াছে যৌবন যৎ কর্ত্তৃক—বহু] বিণ, যে এখনও যৌবনাবস্থায় পৌছে নাই; যাহার যৌবনকাল এখনও হয় নাই; কিশোর; বালক।

অপ্রাপ্তলক্ষণ (অপ্‌প্রাপ্তলোক্‌খোন্) [অপ্রাপ্ত (অলব্ধ) হইয়াছে লক্ষণ (চিহ্ন) যাহার, বহু] বিণ, যাহার কোন চিহ্ন পাওয়া যায় নাই; যাহার নিদর্শন নাই।

অপ্রাপ্তি (অপ্‌প্রা) [ন=অ—প্র—আপ+ক্তি (ভাবে) নঞ্ তৎ] বি, স্ত্রী, লাভরাহিত্য; অলাভ; পাওনার অভাব। ২। অসদ্ভাব; অভাব। ৩। অসঙ্গতি।

অপ্রাপ্য (অপ্‌প্রাপ্প) [ন=অ—প্র—আপ্ +য (কর্ম্মে) নঞ্ তৎ] বিণ, যাহা পাওয়া অসাধ্য; দুর্লভ।

অপ্রামাণিক (অপ্‌প্রামানিক্) [ন=অ—অপ্রমাণ+ইক (ণ) নঞ্ তৎ] বিণ, যাহার কোন প্রমাণ নাই; যাহা প্রমাণযোগ্য নয়; অবিশ্বাস্য। ২। অশ্রদ্ধেয়; অগ্রাহ্য। বি, অপ্রামাণিকতা।

অপ্রামাণ্য (অপ্‌প্রামান্ন) [ন=অ—প্রমাণ+য (ণ)নঞ্ তৎ] বিণ, ক্লী, যাহা প্রমাণ-সিদ্ধ নহে।

অপ্রাসঙ্গিক (অপ্‌প্রাশোংগিক্) [ন=অ—প্রসঙ্গ+ইক (ণ) নঞ্ তৎ] বিণ, যাহার প্রসঙ্গ (প্রস্তাব) হয় নাই; অপ্রাস্তাবিক।

অপ্রিয় (অপ্‌প্রিঅ) [ন=অ—প্রিয় (রমণীয়) —নঞ্ তৎ] বিণ, অপ্রীতিজনক; অরুচিকর। ২। অনভিপ্রেত। ৩। অশুভকর; অকল্যাণকর। বি, ক্লী, অশুভ। ২। ক্ষতি। ৩। নিন্দা।

অপ্রিয়ভাব (অপ্‌প্রিওভাব্‌) [অপ্রিয় (অপ্রীতিকর, রূঢ়)+ভাব (ভাবা)] বি. কর্কশ বাক্য; কঠোর বাক্য; কটুকথা। প্র—"কঠিন অপ্রিয় ভাব, করিলে শ্রবণ। রক্তজবা-রাগ ধরে মনুজলোচন॥" —সদ্ভাবশতক।

অপ্রিয়ভাষিণী (অপ্রিওভাষিনি) [অপ্রিয়—ভাষ+ণিন্‌ (কর্ত্তৃ) স্ত্রীং ঈপ্‌] বিণ. স্ত্রী. যে কামিনী কর্কশ বাক্য বলে; অপ্রিয়বাদিনী। বি. অপ্রিয়ভাষিতা—অপ্রীতিকর বাক্য প্রয়োগ।

অপ্রিয়ভাষী (অপ্‌প্রিওভাশি) [অপ্রিয়—ভাষ +ণিন=অপ্রিয়ভাষিন্‌ (উপপদ) ১মা ১বচনে] বিণ. পুং. যে পুরুষ অপ্রিয় বা অপ্রীতিকর কথা বলে। কর্কশবাদী; কটুভাষী। স্ত্রী. অপ্রিয়ভাষিণী।

অপ্রিয়বাদী (অপ্‌প্রিওবাদি) [অপ্রিয়—বদ+ণিন্‌ (কর্ত্তৃ)=অপ্রিয়বাদিন্‌ ১মা ১বচনে] বিণ. পু. অপ্রিয়ভাষী দ্রঃ। স্ত্রী. অপ্রিয়বাদিনী।

অপ্রিয়া (অপ্‌প্রিআ) [ন=অ+প্রিয়; স্ত্রীং আপ্‌—নঞ্‌ তৎ] বিণ. যে রমণীর অঙ্গসৌষ্ঠব এবং ব্যবহার প্রীতিজনক নহে। ২। অপ্রীতিদায়িনী।

অপ্রীত (অপ্‌প্রিত) [ন=অ—প্রী (প্রীত হওয়া)+ত (কর্ত্তৃ ক্ত) নঞ্‌ তৎ] বিণ. যে প্রীত নহে; অসন্তুষ্ট; বিরক্ত।

অপ্রীতি (অপ্‌প্রিতি) [ন=অ—প্রী (প্রীত হওয়া)+তি (ভাবে ক্তি) নঞ্‌ তৎ] বি. স্ত্রী. প্রীতির অভাব। অপ্রণয়; অসদ্ভাব; অসন্তোষ; বিরক্তি; বিরোধ।

অপ্রীতকর (অপ্‌প্রিতিকর্‌) [অপ্রীতি (অসন্তোষ) কৃ+অ (ট্‌) কর্ত্তৃ; যে করে অর্থাৎ যে অন্যের অসন্তোষ জন্মায়, উপপদ] বিণ. অসন্তোষজনক; বিরক্তিকারক।

অপ্রীতিভাজন (অপ্‌প্রিতিভাজন্‌) [অপ্রীতির ভাজন (পাত্র)—৬তৎ] বিণ. ক্লী. যাহার প্রতি বিরাগ জন্মিয়াছে; অসন্তোষের পাত্র।

অপ্সর (অপ্‌শর্‌) [অপ্সরা শব্দের অপব্যবহার। অপ্‌সরস্‌ শব্দ। অপ্‌ (জল)—সৃ (গমনকরা) +অস্‌ (কর্ত্তৃ)—যাহারা জলে গমন করে অর্থাৎ জলবিহার করে] বি. দেবযোনিবিশেষ; অপ্সরা দ্রঃ। প্র—"দেবতা অসুর রক্ষ অপ্সর কিন্নর যক্ষ সবে ভোগ করে নানা রস।" —অন্নদামঙ্গল।

অপ্সরা (:) (অপ্‌শরা) [অপ্সরস্‌ শব্দ—১মা ১ব—অপ্সরাঃ। বহুবচনে অপ্সরোগণ। বাং বিসর্গ লোপ। অপ্‌ (জল)+সৃ (গমন করা) +অ (ল্‌) বা অস্‌ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)—যাহারা জলে গমন করিয়া ক্রীড়া করিতে বা জলবিহার করিতে ভাল বাসে] বি. স্ত্রী. দেবযোনিবিশেষ; স্বর্গবেশ্যা; সুরসুন্দরী; nymph. অপ্সরোগণের মধ্যে প্রসিদ্ধা;—উর্ব্বশী, বিদ্যুৎপর্ণা, তিলোত্তমা, পুণ্ডরীকা, সুবাহু, সুরথা, প্রমাথিনী, মেনকা, সুকেশী, রুচিরা, পুঞ্জিকাস্থলা, অলম্বুষা, রম্ভা, সুমধ্যা, হেমা, ঘৃতাচী, বিশ্বাচী, মিশ্রকেশী, নাগদন্তা, সোমা, বামনা। [দ্রঃ বাঙ্গালায় 'অপ্সর' এবং 'অপ্সরী' এই ব্যাকরণদুষ্ট শব্দদ্বয়ের বিরল ব্যবহার আছে]।

অপ্সরোগণ (অপ্‌সরোগন্‌) [অপ্সরাঃ দ্রঃ। অপ্সরস্‌দিগের গণ (সমূহ) ৬তৎ] বি. পু. অপ্সরাসমূহ। [ভারতচন্দ্র 'অপ্সরগণ' এবং 'অপ্সরাগণ' উভয়ই ব্যবহার করিয়াছেন; প্র—"গন্ধর্ব্ব অপ্সরগণ সেবা করে অনুক্ষণ ঋষি মুনি কিন্নর কিন্নরী॥" —অ, ম,]

অফল (ল্‌) [ন=অ (নাই) ফল যাহার—বহু] বিণ. যাহার ফল হয় না; নিষ্ফল; বিফল। ২। বন্ধ্য। স্ত্রী. অফলা—বন্ধ্যা; রাঁড়ী। ২। ভুঁই আমলা। ৩। ঘৃতকুমারী।

অফুট (টো) [অস্ফুট শব্দজ] বিণ. অস্ফুট; অপ্রস্ফুটিত; অপ্রকাশিত। প্র—"গুঞ্জরিছে অলি মঞ্জরীর কাণে, 'ফোট না অফুট বকুল-নারী'।" —বরদা মিত্র (অবসর)। ২। [প্রাদে] ছিদ্রহীন।

অফুরন্ত [অ—ফুরন্ত। প্রাদে] বিণ. যাহা ফুরায় না; যাহা খরচ করিলেও শেষ হয় না। পর্য্যাপ্ত।

অফুরান (নো) [প্রাদে] বিণ. যাহা ফুরায় না; যাহার শেষ হয় না; অনতিক্রম্য; অফুরন্ত। প্র—"রাত্রে অন্ধকারে যত পথ অফুরান হত" —রবীন্দ্র।

অফেন (ন) [ন=অ (নাই) ফেন যাহার—বহু; ফেনশূন্য] বিণ. ফেনশূন্য। ২। [ন= অ (কুৎসিত) ফেন (নির্য্যাস) যাহার] বি. ক্লী. অহিফেন; আফীম।

অব—অ. উপসর্গ। নিশ্চয়ার্থক। প্র—অবধারণ। ২। অপকৃষ্ট, ঘৃণ্য বা হেয়। প্র—অবজ্ঞা। ৩। বিস্তার। প্র—অবরোধ ৪। নিম্ন। প্র—অবতরণ; অবলুণ্ঠন ৫। ন্যূন। প্র—অবদাহ। ৬ ভিতরে। প্র—অবগাহন। ৭। দূর প্র—অবচ্ছেদ। ৮। নিন্দা। প্র—অবগীত ৯। জ্ঞান। ১০। পশ্চাৎ। ১১। বিয়োগ প্র—অবসর; অবকাশ। ১২। বিপরীত [দ্রঃ—দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয় অব উপসর্গের নিচু এই অর্থ করিয়াছেন;—দেশে নিচু,—অবতরণ, অবরোহণ, অবলুণ্ঠন। লৌকিকভাবে নিচু—অবজ্ঞা, অবহেলা, অবমাননা। দার্শনিক ভাবে নিচু,—অবান্তর, অবধারণ, অবগতি। জ্যামিতিকভাবে নিচু,—অবশেষ, অবচ্ছেদ, অবকাশ। —সা-প-প]

অব [সং অব ধাতু] ক্রি. রক্ষা করা। প্র—"অপরাধ ক্ষম মাগো অব গো অব্যয়া॥" —ভারতচন্দ্র। ২। আগমন করা। প্র—"অবইতে গোকুল * * * অবইতে জাইতে জনি জনি পুছ বনমারি।" —পদাবলী।

অবংশ [ন=অ—বংশ] বি. বংশ ভিন্ন। প্র—"অবংশ-নির্ম্মিত বাণ গুণযুক্ত হইলে লোকের মর্ম্ম ভেদ করে।"

অবক [ব্রজ। বৈ-পদ-সা] বিণ. এখনি; এইক্ষণ।

অবকর (অবকর্‌) [অব-কৃ (বিক্ষেপ করা)+অল্‌—কর্ম্মে] বি. পু. যাহাকে সম্মার্জ্জনী দ্বারা বিক্ষেপ করা হয়; আবর্জ্জনা; জঞ্জাল; ঝ্যাঁটার ধুলা; ওঁচলা।

অবকর্ষণ (ন) [অব (স্থানান্তর, নিম্নদেশ) কৃষ (আকর্ষণ করা)+অন (ট্‌) (ভাবে)] বি. ক্লী. কোথাও লইয়া যাইবার জন্য বলপূর্ব্বক আকর্ষণ। ২। নিম্নদেশে লইয়া যাওয়া।

অবকলিত (অবকোলিত) [অব-কল্‌ (গণনা করা, সংগ্রহ করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ. সংকলিত; সমাহৃত। ২। জ্ঞাত। ৩। দৃষ্ট। ৪। বদ্ধ।

অবকাশ (শ্‌) [অব (নাই) কাশ (প্রকাশ)+অ (ভাবে অল্‌) অর্থাৎ কার্য্য দশায় যেরূপ সকলের সমক্ষে প্রচারিত হয় কার্য্য ত্যাগ দশায় সেরূপ প্রচারিত হয় না] বি. পু. কার্য্য হইতে বিরাম; অবসর; ছুটী। ২। দুই ঘটনায় মধ্যবর্ত্তী কাল বা স্থান। (এখানে উপসর্গ বশত ধাতুর অন্যার্থে ব্যবহার)। ৩। ফাঁক।

অবকীর্ণ [অব-কৄ (বিক্ষেপ করা)+ত (কর্ম্মে ক্ত) যাহাকে বিক্ষেপ করা হইয়াছে] বিণ. ইতস্ততঃ বিক্ষিপ্ত। ২। বিধ্বস্ত; চূর্ণিত। ৩। ন্যস্ত। ৪। বি. ক্লী. উল্লঙ্ঘন।

অবকৃষ্ট [অব—কৃষ (কর্ষণ করা)+ত (কর্ম্মে ক্ত) যাহাকে কর্ষণ করা হইয়াছে] বিণ. আকৃষ্ট। ২। নিষ্কাশিত। ৩। অপসারিত; বিতাড়িত। ৪। অধম; জঘন্য। ৫। হেয়; ঘৃণ্য। ৬। হীনজাতি। ৭। যে জলাকর্ষণ ও বহন এবং গৃহমার্জ্জন করে; ঝাড়ুদার; মেথর; ফরাস।

অবকে [হিঃ অবকি। ব্রজ। বৈ-পদ-সা] অ. এখানে; অতঃপর। প্র—"অবকে মিলন সমুচিত হোয়।" —বিদ্যাপতি।

অবক্তব্য (অবক্‌তোব্‌বো) [ন=অ, বচ্‌ (বলা) +তব্য (কর্ম্মে) নঞ্‌ তৎ] বিণ. বলিবার অযোগ্য; অকথ্য। ২। যাহা বাক্য দ্বারা প্রকাশ করিবার নহে; অনির্ব্বচনীয়।

অবক্রিয়া [অব (কুৎসিত) কৃ (করা) + শ (চ্—ভাবে) স্ত্রী. আপ] বি. স্ত্রী. অপকর্ম্ম ; কুৎসিতকর্ম্ম। ২। অনাদর। ৩। উদাসীনতা।

অবক্রোশ (অবক্রোশ্) [অব - ক্রুশ্ (ক্রোধ করা) + অ (ঘঞ্ ভাবে)] বি. পুং. ক্রোধ। ২। ক্রোধ পূর্ব্বক ভর্ৎসনা ; তিরস্কার। ৩। চীৎকার। ৪। অভিশাপ। বিণ. অবক্রুষ্ট।

অবক্ষিপ্ত [অব - ক্ষিপ (ক্ষেপণ করা) + ত (কর্ম্মে ক্ত) যাহাকে ক্ষেপণ করা হইয়াছে] বিণ. কিতাড়িত। ২। উপহাসের সহিত উক্ত ; উপহসিত। ৩। যাহাকে ব্যঙ্গ করা হইয়াছে।

অবক্ষেত্র [বৈঃ পরিভাষা (অপূর্ব্বচন্দ্র দত্ত)] বি. অণ্ডাকৃতি ; ক্ষেত্রবিশেষ ; অঙ্গুরীয়ক ; বৃত্তাভাস (দ্বিজেন্দ্র ঠাকুর), ellipse.

অবক্ষেপ (প্) [অব (স্থানান্তর, নিম্ন) ক্ষিপ্ (ক্ষেপণ করা) + অ (ল্ ভাবে)] বি. পু. ধিক্ষেপ ; ইতস্ততঃ ক্ষেপণ। ২। নিম্নে ক্ষেপণ। ৩। শ্লেষোক্তি। ৪। তিরস্কার।

অবক্ষেপক (ক্) [অব - ক্ষিপ্ + অক কর্ত্তৃ] বিণ. যে অবক্ষেপ করে ; বিক্ষেপকারী। ২। যে শ্লেষোক্তি করে।

অবক্ষেপণ (ন্) [অব - ক্ষিপ্ + অন (ট্—ভাবে)] বি. ক্লী. তিরস্কার ; অপবাদ ; নিন্দা। ২। শ্লেষোক্তি। ৩। নিম্ন ক্ষেপণ।

অবগণিত (অবগোনিত) [অব (হীন) গণ (গণনা করা) + ত (কর্ম্মে ক্ত) যাহাকে অপকৃষ্টরূপে গণনা করা হইয়াছে] বিণ. অবজ্ঞাত ; অপমানিত ; তিরস্কৃত ; অনাদৃত ; উপেক্ষিত।

অবগণ্ড [অব - গনড (বদনের একদেশ) + অ (ল্ করণে) যাহা দ্বারা গণ্ড অপকৃষ্ট হয়] বি. পুং. গণ্ডস্থ ব্রণ ; বয়স-ফোড়া। ২। [অপোগণ্ড শব্দের উচ্চারণ বিকার] অতি শিশু।

অবগত [অব - গম্ (গমন করা) + ত (কর্ত্তৃ ক্ত) যে গমন করিয়াছে] বিণ. প্রস্থিত ; অপসৃত। ২। [গম্ (জ্ঞাত হওয়া) কর্ম্মে ক্ত] যে বিষয় জ্ঞাত হওয়া গিয়াছে ; বিজ্ঞাত ; জ্ঞানপ্রাপ্ত ; পরিজ্ঞাত ; বিদিত ; সংবাদ-প্রাপ্ত।

অবগতি (অবগোতি) [অব - গম্ (গমন করা) + তি (ভাবে ক্তি)] বি. স্ত্রী. প্রস্থান। [অপ্র] ২। [অব - গম্ (জ্ঞাত হওয়া) ক্তি (ভাবে)] বি. স্ত্রী. জ্ঞান ; বোধ। ৩। জ্ঞানপ্রাপ্তি ; সংবাদপ্রাপ্তি। ৪। অবধান ; শ্রবণ। প্র—"তা সবার দুঃখ শুনি কহে এক সতী। অপূর্ব্ব আমার দুঃখ কর অবগতি॥" —ভারতচন্দ্র।

অবগন্তব্য (অবগোন্তোব্বো) [অব - গম্ (গমন করা) + তব্য (কর্ম্মে)] বিণ. যাহাকে অবশ্য গমন করিতে হইবে ; গমনযোগ্য। ২। [অব - গম্ (জ্ঞাত হওয়া)] জ্ঞাতব্য ; বোদ্ধব্য ; অবগত হওয়ার যোগ্য।

অবগম (ম্) [অব - গম্ (গমন করা) + অ (ল্) ভাবে] বি. পু. গমন ; প্রস্থান। [অপ্র] ২। [অব - গম্ (জ্ঞাত হওয়া)] জ্ঞান ; অবগতি।

অবগর (র্) [আ—অব্—গয়র্ = অপর ; ভিন্ন] বিণ. ইহা ব্যতীত ; অতিরিক্ত। প্র—"জগবন্ধু দেখে ভবসিন্ধু হনু পার। অবগর কি বর অপর আছে আর॥" —শিবায়ন।

অবগাই [ব্রজ—বৈ-পদ-সা। অবগ্রাহ = পাঠ-কালে কিয়ৎক্ষণ বিশ্রাম—(ব্যাকরণে)] বি. বিশ্রাম। প্র—"বোলইতে বচন অলপ অবগাই।" —জ্ঞানদাস। ২। ক্রি. শান্ত করিয়া ; প্রশমন করিয়া ; দমন করিয়া ; প্র— "মধুর বচন কহি কানুকে বুঝাই এহি কর দেখি রোখ অবগাই।" —বি. প.।

অবগাঢ় [অব—গাহ (প্রবেশ, প্রাপ্তি, সেবা) + ত (কর্ত্তৃ ক্ত)] বিণ. যে প্রবেশ করিয়াছে ; অন্তঃপ্রবিষ্ট। ২। স্নাত। ৩। নিমগ্ন। ৪। অভিভূত ; বিহ্বল। ৫। [অব (না) গাহ + ক্ত (অধি)] যেখানে প্রবেশ করা যায় না ; নিবিড় ; নিশ্ছিদ্র।

অবগাঢ়ি [অবগাঢ় দ্রঃ। ব্রজ] বিণ. বিহ্বল ; । প্র—"ললিতা কহত অমঙ্গল শুনলু সতী পতি-ভয় অবগাঢ়ি॥"—বিদ্যাপতি।

অবগাহ [অব—গাহ (স্নান করা) + অ (ল্—ভাবে)] বি. পুং. অবগাহন। ২। [অধি অ (ল্)] যথায় অবগাহন করা হয় ; স্নানের ঘাট।

অবগাহা—ক্রি. অবগাহন করা ; জলে নিমজ্জিত হইয়া স্নান করা। ২। নিমজ্জিত করা। প্র—"কেহ অবগাহে দেহ, স্বচ্ছ সরোবরে।" —মেঘনাদ। [অবগাহে দ্রঃ]

অবগাহন (ন্) [অব—গাহ (স্নান করা) + অন (ট্ ভাবে)] বি. ক্লী. জলে নামিয়া স্নান ; জলমধ্যে গমন ; মজ্জন ; সলিল প্রবেশ। [গাহন দ্রঃ]

অবগাহি [অবগাহা দ্রঃ] ক্রি. অবগাহন করিয়া। ২। ডুবিয়া ; মজিয়া। ৩। ভিতরে প্রবেশ করিয়া ; তলাইয়া। প্র—"অব বুঝনু অবগাহি।" —বিদ্যাপতি।

অবগাহিত [অব—গাহ্ + ত (কর্ত্তৃ ক্ত) যে অবগাহন করিয়াছে] বিণ. স্নাত ; মজ্জিত।

অবগাহে [অবগাহন শব্দজ] ক্রি. অবগাহন করে ; স্নান করে। ২। নিমজ্জিত করে ; ডবায়। ৩। ডুব দেয়। "কেহ অবগাহে দেহ স্বচ্ছ সরোবরে।" —মেঘনাদ। ৪। অবগাহন করিয়া ; ডুবিয়া। ৫। ভিতরে প্রবেশ করিয়া ; তলাইয়া। প্র— "আপন মনে ধরি বুঝ অবগাহে॥" —বিদ্যাপতি।

অবগীত (ত, ত) [অব (কুৎসিত) গৈ (গান বা শব্দ করা) + ক্ত—কর্ম্মে] বিণ. যাহার প্রতি কুৎসিত শব্দ প্রয়োগ করা হইয়াছে ; নিন্দিত। ২। [ভাবে ক্ত] বি. ক্লী. কুৎসিত গান ; মন্দ গীত। ৩। অপবাদ।

অবগুণ (ন্) [হিঃ—অবগুণ, অবগুন (তুলসী-দাসকৃত রামচরিতমানস)। অব (অবসৃত) হইয়াছে গুণ যাহা হইতে—বহু] বি. পুং. দোষ ; গুণরাহিত্য ; অগুণ ; অপগুণ ; ক্রোধ। প্র—"সো সব অবগুণ ঢাকল একল পিক, বোলত মধুরিম বাণী।" —বিদ্যাপতি। "অবগুণ পরিহরি হরখি হরু ধনি মানক অবধি বিহানে।" —ঐ।

অবগুণ্ঠন (অবগুনঠন্) [অব (অল্পার্থে) গুণ্ঠ (বেষ্টন করা) + অন (ট্ করণে)—যাহাদ্বারা স্ত্রীলোকের মুখ অল্প বা অসম্পূর্ণভাবে বেষ্টন করা হয়] বি. ক্লী. স্ত্রীলোকদিগের মুখাবরণের বস্ত্র ; ঘোমটা ; মুখাবরণ। ২। আবরণ। ৩। [অন (ট্, ভাবে)] মস্তক আবরণ ক্রিয়া ; মুখাচ্ছাদন। ৪। সম্মার্জ্জন ; ধূলাঝাড়া। [অপ্র]

অবগুণ্ঠনমুদ্রা (অবগুনঠনমুদ্রা) বি. স্ত্রী. অবগুণ্ঠনের আকারে অঙ্গুলিদ্বারা রচিত তন্নাম-ধেয় মুদ্রা।

অবগুণ্ঠনবতী (অবগুনঠনবোতি) [অবগুণ্ঠন + বতু (অস্ত্যর্থে) স্ত্রী ঈপ্] বিণ. স্ত্রী. যে স্ত্রীর মস্তকে অবগুণ্ঠন আছে ; বস্ত্রাঞ্চলদ্বারা আবৃত-মুখী ; বসনসংবৃতাননা ; অবগুণ্ঠিতা।

অবগুণ্ঠনাবৃত (অবগুনঠনাব্‌বৃত) [অবগুণ্ঠন-দ্বারা আবৃত) ৩ তৎ] বিণ. ঘোমটাদ্বারা আচ্ছাদিত।

অবগুণ্ঠিকা (অবগুন্‌ঠিকা) [অবগুণ্ঠ (বেষ্টন-করা) + অক (কর্ত্তৃ) অ = ই ; স্ত্রী—আপ্] বি. স্ত্রী. যে অবগুণ্ঠন করে ; অবগুণ্ঠন বস্ত্র ; মুখাচ্ছাদন বস্ত্র। ২। যবনিকা।

অবগুণ্ঠিত [অব—গুণ্ঠ + ত (কর্ম্মে ক্ত) যাহাকে অবগুণ্ঠন করা হইয়াছে] বিণ. কৃতাবগুণ্ঠন ; আবৃত মুখ ; ঘোমটা দেওয়া।

অবগুণ্ঠিতা। তুল—"উষার উদয় সম অনবগুণ্ঠিতা তুমি অকুণ্ঠিতা।"—রবীন্দ্র।

অবগ্রহ (অবগ্‌গ্রোহ) [অব (পশ্চাৎ বা বিরুদ্ধ)

গ্রহ গ্রহণ করা=(holding back)+অ (ল্—ভাবে)] বি, পুং, বৃষ্টিস্তম্ভ ; বৃষ্টিরোধ। ২। অনাবৃষ্টি। ৩। গ্রহণ। ৪। অপহরণ। ৫। প্রতিবন্ধক। ৬। ভ্রমজ্ঞান ; মনের ভ্রম। ৭। শাপ। ৮। নিন্দাবাদ। ৯। অনাদর। ১০। তিরস্কার। ১১। নিগ্রহ। ১২। প্রকৃতি। ১৩। হস্তি-সমূহ। ১৪। হস্তীর ললাটদেশ। ১৫। পাঠকালীন বিরাম (ব্যাকরণে)।

অবগ্রহণ (অবগ্গ্রোহোন্) [অব—গ্রহ (গ্রহণ-করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, প্রতিবন্ধ ; বাধা। ২। অনাদর ; অবজ্ঞা। ৩। নিরাকরণ।

অবগ্রাহ—অবগ্রহ দ্রঃ।

অবঘট্ট [অব—ঘট্ট (চালিতকরা)+অ] বি, পুং, পেষণযন্ত্র ; যাঁতা। ২। গর্ত্ত।

অবঘাত (ত্) [অব—হন্ (বধকরা)+ঘঞ্ (ভাবে)] বি, পুং, সাজ্ঘাতিক প্রহার ; দারুণ আঘাত। ২। অপমৃত্যু। ৩। ধান্যাদি কণ্ডন ; চাউল কাঁড়া।

অবঘাতী [অব—হন্ (বধকরা)+ইন্(কর্ত্তৃ)] বিণ, যে অবঘাত করে ; অবঘাতকারক।

অবচনীয় [ন=অ, বচ্ (বলা)+অনীয় (কর্ম্মে)] বিণ, কথনের অযোগ্য ; অবক্তব্য। ২। বাক্যা-তীত ; অনির্ব্বচনীয়। ৩। অনিন্দনীয়।

অবচয় (য়) [অব (ব্যাপ্তি অর্থে, স্থানান্তর হইতে বুঝাইতে) চি (চয়ন করা)+অ(ল্—ভাবে)] বি, ক্লী, চয়নকরা ; পুষ্পসংগ্রহ ; ফলতোলা। ২। [সং—অপচয়] অপচয়। ক্রি, অস—**অবচয়ি** (মাইকেল)—চয়ন-করিয়া ; তুলিয়া (ফুল)। প্র—"অবচয়ি ফুলচয় সে নিকুঞ্জ বনে।" —মেঘনাদ। "অবচয়ি ফুলচয় চলিছে মালিনী কোথাও।" —ঐ।

অবচয়ন (ন্)—অবচয় দ্রঃ।

অবচয়নীয় [ন=অ, বচ্ (বলা)+অনীয় (কর্ম্মে)] বিণ, কথনের অযোগ্য, অবক্তব্য। ২। বাক্যাতীত ; অনির্ব্বচনীয়। ৩। অনিন্দ-নীয়।

অবচিত [অব—চি (চয়ন করা)+ত (কর্ম্মে ক্ত, যাহাকে চয়ন করা হইয়াছে] বিণ, কৃতাবচয়ন ; সংগৃহীত। ২। কৃতাহরণ ; আহৃত। ৩। সঞ্চিত। ৪। [ইহার বিপরীত উপ-চিত] অপচয়িত ; অপব্যয়িত।

অবচূড় [অব (নিম্নে) চূড়া (শিখা) যাহার—বহু] বি, পুং, ধ্বজাগ্রবদ্ধ নিম্নদিকে লম্বমান বস্ত্রখণ্ড। ২। মাল্য। ৩। চামর। স্ত্রী, **অবচূড়া**—মাল্য ; শিরোভূষণ, [বিরল]।

বচূর্ণিত [অব—চূর্ণ (গুঁড়া করা)+ত (কর্ম্মে ক্ত) যাহাকে চূর্ণ করা হইয়াছে] বিণ, চূর্ণীকৃত ; গুঁড়ান।

অবচূল (ল্) [অব (নিম্নে) চূড়া (শিখা) যাহার—বহু, ড়=ল] বি, পুং, পতাকার অধোমুখে লম্বিত বস্ত্রখণ্ড। ২। চামর।

অবচূলক (ক্) [অবচূল দ্রঃ। সাদৃশ্যার্থে ক] বি, চামর।

অবছায়া (অব্ছায়া) [অপচ্ছায়া শব্দের অপভ্রংশ] বি, আবছায়া ; অস্পষ্ট প্রকাশ ; ছায়ামূর্ত্তি। প্র—"তুমি মাত্র অনন্ত কালের অবছায়া।" —কাঞ্চী কাবেরী।

অবচ্ছিন্ন [অব—ছিদ্ (নির্ণয় করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহাকে নির্ণয় অর্থাৎ বিশেষিত করা হইয়াছে] বিশিষ্ট ; যুক্ত। প্র—শোকাবচ্ছিন্ন।
২। মিলিত ; সংযুক্ত। ৩। [অব—ছিদ্ (ছেদন করা)+ত] বিভক্ত ; বিচ্ছিন্ন। প্র—নিরবচ্ছিন্ন।
(২) বিশ্লিষ্ট। ৪। [ন্যায় দর্শনে] অবচ্ছেদের আশ্রয়।

অবচ্ছুরিত [অব—ছুর্ (ছেদন করা বা শব্দ করা)+ত (ভাবে, ক্ত)] বি, ক্লী, আচ্ছুরিত ; ঘোড়ার মত চিঁহিঁ চিঁহিঁ শব্দে হাস্য।
২। অট্টহাস্য। ৩। বিণ, সংমিলিত ; মিশ্রিত। (২) বিস্তৃত। (৩) ক্লিষ্ট।

অবচ্ছেদ (দ্) [অব—ছিদ্ (ছেদন করা) +ঘঞ্, ভাবে] বি, পুং, ছেদন ; কর্ত্তন। ২। বিচ্ছেদ। ৩। বিরাম। ৪। পরিচ্ছেদ। ৫। খণ্ড ; কর্ত্তিত অংশ। ৬। একদেশ ; একাংশ। ৭। [ন্যায় দর্শনে] বিশেষণত্ব।

অবচ্ছেদক [অব—ছিদ্+অক, কর্ত্তৃ] বিণ, যে অবচ্ছেদ করে, অবচ্ছেদকারক ; বিচ্ছেদ-কারক ; ব্যাবর্ত্তক। ২। বিশেষক।
৩। বিভাজক। ৪। নিয়ামক।
৫। পুং, সীমা। ৬। [ন্যায়দর্শনে] ইতর ব্যাবর্ত্তক বিশেষণ।
অবচ্ছেদাবচ্ছেদে, অবচ্ছেদে—ক্রি-বিণ, সর্ব্ব-সাকল্যে ; সর্ব্বসাধারণে ; নির্ব্বিশেষে।

অবজয়, অবজিতি (য়) [অব—জয় (জি =জয় করা+অল্) জিতি (জি—তি, ভাবে)] বি, পরাজয় ; পরাভব। [বিরল]

অবজান (ন্) [অব (হীন)+জান (জ্ঞান)। অপভ্রংশ] বি, অবজ্ঞা।
প্র—বুঝিয়া কার্য্যের তত্ত্ব নিবেদয়ে ভাঁড়ু দত্ত
পশ্চাতে করিয়া অবজান।" —কবিক।

অবজিত [অবজয় দ্রঃ—ত (কর্ম্মে ক্ত)] বিণ, বিজিত ; পরাভূত।

অবজ্ঞা (অবগ্ গ্যাঁ) [অব (অপকৃষ্ট ভাবে) জ্ঞা (বোধ করা)+অ (ঙ্—ভাবে) স্ত্রী আপ্] বি, স্ত্রী, অবমাননা ; অনাদর ; ঘৃণা।
২। তাচ্ছল্য ; উপেক্ষা। ৩। তিরস্কার। [স্তুপ্র]

অবজ্ঞাত [অব (অপকৃষ্ট ভাবে) জ্ঞা (বোধ করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহাকে অবজ্ঞা করা হইয়াছে ; অপমানিত ; অনাদৃত। ২। উপেক্ষিত। ৩। তিরস্কৃত।

অবজ্ঞান (ন্) [অব—জ্ঞা+অন (ট্—ভাবে)] বি, ক্লী, অবজ্ঞা দ্রঃ।

অবজ্ঞেয় [অব (নিকৃষ্ট ভাবে) জ্ঞা (জানা) +য (কর্ম্মে)—যাহাকে ঘৃণা করা যায়] বিণ, ঘৃণার যোগ্য ; অবজ্ঞার পাত্র ; ঘৃণ্য ; অনাদরণীয় ; অশ্রদ্ধেয়। ২। উপেক্ষণীয়।

অবট ["গর্ত্তাঽবটৌ ভুবি শ্বভ্রে"—অমর। অব (রক্ষা করা)+অট (ন্) সংজ্ঞার্থে, যাহাতে প্রবেশ করিয়া শৃগাল প্রভৃতি পশুগণ প্রাণ রক্ষা করে] বি, পুং, ভূমিস্থিত গর্ত্ত ; ভূগর্ত্ত ; গহ্বর ; কৃত্রিম গর্ত্ত ; কূপ। ২। ঐন্দ্র-জালিক। ৩। শরীরস্থিত ব্রণাদি-জনিত ক্ষত।

অবটি, অবটী (বো) [অব্ (রক্ষা করা)+অটি —টী (ল) সংজ্ঞার্থে] বি, স্ত্রী, অবট দ্রঃ।

অবটীট (ট্) [অব (অবনত) নাসিকা যাহার—বহু, নাসিকা স্থানে টীট আদেশ] বিণ, নিম্ন-নাসিক ; খাঁদা। [প্র, অ,]

অবটু (অবোটু) বি, পুং, স্ত্রী, মস্তকের সন্ধিস্থান-বাচক ; ঘাড় ; গ্রীবার পশ্চাদ্ভাগ।
২। বৃক্ষবিশেষ। (দ্রব্যগুণাভিধান)।

অবডীন (ন্) [অব (নিম্ন) ডীন (ডী=উড়া +ত, ভাবে ক্ত=ন)] বি, ক্লী, উড্ডয়নশীল পক্ষীর অবরোহণগতি ; পক্ষীর অধোগমন।
২। যে উর্দ্ধে গমন করিয়াছে ; উড্ডীন।

অবতংস (শ) [অব—তন্স্ (ভূষিত করা) +অ (ল্—কর্ত্তৃ)—কিম্বা করণে,—যে ভূষিত করে বা যাহা দ্বারা ভূষিত হয়] বি, পুং, ক্লী, ভূষণ। প্র—"রঘুবংশাবতংস।" ২। কর্ণভূষণ। প্র—"এক কর্ণে অবতংস আপন ভূষণ অংশ নাহি জানে কোন রামাগণ।" —কবিকঙ্কণ।
৩। শিরোভূষণ ; কিরীট।

অবতমস (শ্) [অব (অল্প) তমস্ (অন্ধকার) +অ (ৎ)] বি, ক্লী, অল্প অন্ধকার। [প্র, অ,]

অবতর (র্) [অব (নিম্ন) তৃ (পার হইয়া যাওয়া ; গমন করা প্রভৃতি) +অ (ল্—ভাবে)] —অবতরণ দ্রঃ।

অবতরণ (ন্) [অব (নিম্ন)+তৄ (পার হওয়া, গমন করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, উর্দ্ধ হইতে নিম্নে গমন করা ; অবরোহণ, নীচে নামন। ২। নদ্যাদি পার হওন ; উত্তরণ। ৩। দেবতাদির ভূতলে জন্ম গ্রহণ ; অবতার রূপে মর্ত্ত্যে আগমন।
প্র—"শীঘ্র নাথ মরতভূমে করহে অবতরণ।
শিখাও শীঘ্র জীববৃন্দে নাম ব্রহ্ম সাধন॥"
—গোবিন্দ ব্রহ্মচারী।

অবতরণিকা (নি) [অবতরণ+ইক, স্ত্রী—

আপ্ ; সংজ্ঞার্থে] গ্রন্থের ভূমিকা ; প্রস্তাবনা ; আভাষ উপক্রমণিকা ; a preface, introduction. ২। সোপান।

অবতরি—ক্রি, অবতরণ করিয়া।
২। অবতীর্ণ হইয়া ; আবির্ভূত হইয়া।
প্র—"অবতরি কারাগারে, বন্ধন দেখিয়া বীরে,
লজ্জা হইল চণ্ডীর তখন।"
—কবিকঙ্কণ।

অবতরিবারে (অবোতোরিবারে) ক্রি-বিণ, অবতীর্ণ হইবার জন্য বা অবতার হইবার জন্য।
প্র—"অবতরিবারে প্রভু করিলা উদ্যোগ।"
—চৈতন্যভাগবত।

অবতান (অবতান্)[অব—তন (বিস্তারকরা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, বিস্তার।
২। আবরণ ; আচ্ছাদন। ৩। চন্দ্রাতপ ; পটমণ্ডপ।

অবতার (অবোতার্) [অব (নিম্নে)+তৃ (গমন করা)+অ(ঘঞ্—ভাবে)] বি, পুং, অবতরণ ; পার হওয়া। ২। দেবতার মনুষ্যাদির মূর্ত্তি পরিগ্রহ করিয়া পৃথিবীতে আগমন। ৩। আবির্ভূত দেবতা। মৎস্য ; কূর্ম্ম ; বরাহ ; নৃসিংহ ; বামন ; পরশুরাম ; রামচন্দ্র ; কৃষ্ণ ; বুদ্ধ ও কল্কী—বিষ্ণুর এই দশ অবতার। ৪। চরম অভিব্যক্তি। প্র—"চরম উন্নতি অবতারণ যখন ঘটিয়াছে : সে যুগের সেই অবতার। প্রথম সলিলে মৎস্য! এই নীতিবলে সলিল পঙ্কিল যবে কূর্ম্ম অবতার।" —নবীনচন্দ্র (রৈবতক)। ৬। প্রাদুর্ভাব। ৭। [করণে, ঘঞ্] যাহা দ্বারা অবতরণ করা যায় ; সোপান ; পুষ্করিণ্যাদির ঘাট ; তীর্থ। ৮। উৎপত্তি ; জন্ম।
প্র—"যাবৎ না হয় কার্ত্তিকেয় অবতার॥"
—কবিক।

অবতারণ (অবোতারোন) [অব—তৃ+ণিচ=তারি (পার হইয়া যাওয়া)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, ঊর্দ্ধ হইতে নিম্নে আনয়ন ; নীচে নামান ; অবরোহণ। ২। প্রস্তাবন। ৩। অপসারণ। ৪। অবতার গ্রহণ। (অবতার দ্রঃ)। ৫। উৎপত্তি। ৬। অভিব্যক্তি। প্র—"চরম উন্নতি অবতারণ যখন ঘটিয়াছে।" —রৈবতক। ৭। অর্চ্চনা।

অবতারণা (ণা) বি, স্ত্রী, অবতরণিকা ; উপক্রমণিকা। ২। সোপান।

অবতারণিকা (নি) [অবতারণ—ঈপ্, ক যোগ, স্ত্রী, আ] বি, স্ত্রী, অবতারণী দ্রঃ।

অবতারণী (নি) [অবতারণ+ঈপ্, যে অবতারণ করায় বা যাহা দ্বারা অবতীর্ণ হয়] বিণ, স্ত্রী, সিঁড়ি ; সোপান। ২। উপক্রমণিকা ; প্রস্তাবনা।

অবতারিত [অব (নিম্নে) তারি (আনয়নকরা) +ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহাকে অবতারণ করা বা নামান হইয়াছে : অবরোপিত। প্র—"রাম বশিষ্ঠকে সবিশেষ সম্মান প্রদর্শনের নিমিত্ত ত্বরিতপদে গৃহ হইতে বহির্গত এবং তাঁহার রথের নিকট উপস্থিত হইয়া সাদরে কর গ্রহণ পূর্ব্বক স্বয়ং তাঁহাকে অবতারিত করিলেন।" —রামায়ণতত্ত্ব।

অবতীর্ণ [অব (নিম্নে)—তীর্ণ (তৃ=পার হওয়া, যাওয়া+ত—কর্ম্মে ক্ত, ত=ন)] বিণ, উচ্চ হইতে নীচে আগত ; নিম্নাগত। ২। [স্বর্গ হইতে দেবতাদির পৃথিবীতে বা দেবলোক হইতে জীবলোকে জন্মগ্রহণের ভাব হইতে] গৃহীতাবতার। ৩। আবির্ভূত ; উপস্থিত : উপনীত। ৪। অতিক্রান্ত ; উত্তীর্ণ। ৫। অপনীত।

অবথব, অবুথবু (ওবুথোবু) [প্রাদে। কেহ কেহ জবুথবুও বলেন] বিণ, স্থবির ; জড়সড় ; অবসাদযুক্ত ; স্ফূর্ত্তিহীন ; অকর্ম্মণ্য ; জড়ভরত।

অবদাত [অব—দা (দৈপ্) (শোধন, নির্ম্মল, শুভ্র হওয়া)+ত (কর্ত্তৃ ক্ত)] বি, পুং, শ্বেতবর্ণ ; ২। পীতবর্ণ। ৩। বিণ, শ্বেতগুণবিশিষ্ট ; শ্বেত। ৪। নির্ম্মল।
প্র—ধন্য রাজা রঘুনাথ কুলে শীলে অবদাত
শ্রীকবিকঙ্কণ রস-গান।
—কবিকঙ্কণ।
৫। সুন্দর ; মনোজ্ঞ।
প্র—তার সুত রঘুনাথ রাজগুণে অবদাত
গুরু করি করিল পূজিত।
—ঐ।

অবদাতক (ক্) [অবদাত+ক (স্বার্থে)] বিণ, অবদাত দ্রঃ।

অবদান (ন্) [অব (শুদ্ধি অর্থে, পূজার্থে)—দা (দানকরা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, পূজা বা অর্চ্চনার্থ দান ; অর্ঘ্য ; oblation. ২। দান ; gift। ৩। সম্পাদিত কর্ম্ম। ৪। বিক্রম প্রকাশ ; পরাক্রম ; সাহসের কার্য্য। ৫। কীর্ত্তি। ৬। [দো—ছেদন করা] খণ্ড ; ছিন্নাংশ। ৭। [দৈ—শুদ্ধকরা] শোধন। ৮। [দে—পালন করা] পালন। ৯। বেণা বা উশীর মূল ; খসখস্।

অবদারক (ক্) [অব—দৃ (বিদারণকরা)+অক, কর্ত্তৃ] বিণ, যে বিদারণ করে ; বিদারক ; ভেদক। ২। বি, পুং, ভূমিখননাস্ত্র।

অবদারণ (ন্) [অব—দৃ+ণিচ=দারি (বিদীর্ণ হওয়ান)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, বিদারণ। ২। খনন ; খোঁড়া।
২। [করণে—অন (ট্)] যাহাদ্বারা বিদারণ করা যায়। ভূমিবিদারণাস্ত্র ; খন্তা ; কোদালি ; শাবলাদি।

অবদাহ [অব (অপগত)—দহ (তাপিতকরা)+অ (ঘঞ্ অপাদানে) অপগত হয় দাহ (শরীরসন্তাপ) যাহা হইতে] বি, ক্লী, দাহনাশক ; সন্তাপ-বিঘাতক। ২। উশীর-মূল ; বেণার মূল ; খস্‌খস্। ৩। জ্বরাদি জন্য দাহ ; শরীর সন্তাপ।

অবদীর্ণ [অব—দৃ (বিদীর্ণ হওয়া)+ত (কর্ত্তৃ ক্ত), দৃ—ত=দীর্ণ] বিণ, যে বিদীর্ণ হইয়াছে ; বিদীর্ণ। ২। গলিত ; দ্রবীভূত। ৩। চূর্ণীভূত।

অবদ্ধ [ন=অ, বন্ধ (বন্ধনকরা)+ত (কর্ম্মে ক্ত) নঞ্‌তৎ, ন লোপ, ত=ধ] বিণ, যাহাকে বন্ধন করা হয় নাই ; অসংযত। ২। সম্বন্ধশূন্য। ৩। বি, অসম্বদ্ধ বা নিরর্থক বাক্য ; প্রলাপ।

অবদ্ধমুখ (খ্) [অবদ্ধ (অসংযত) হইয়াছে মুখ যাহার—বহু, তুল—মুখের আগড়াক নাই] বিণ, যে মুখে যাহা আইসে তাহাই বলে ; অপ্রিয়বাদী ; দুর্ম্মুখ ; মুখর।

অবদ্য (অবোদ্দো) [ন=অ, বদ্ (বলা)+য নিন্দার্থে নিপাত] বিণ, অকথ্য ; কথনাযোগ্য। ২। নিন্দনীয়। ৩। নীচ ; হীন। [তুল—ইং—bad ; উ—বদ্]

অবধান (অবোধান্) [অব—ধা (ধারণ করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, চিত্তের একাগ্রতা ; অভিনিবেশ ; প্রণিধান ; মনোযোগের সহিত শ্রবণ ; কর্ণদান। প্র—"বুলান বলেন রায় কর অবধান।" —কবিকঙ্কণ।
২। মন ; মতি। প্র—"বেদ পথে নহে অবধান" —কবিক।
৩। অ, শুনিতে আজ্ঞা হউক ; attention.
প্র—"কহে মন্ত্রিবর, জুড়ি দুই কর, অবধান মহীপতি" —রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)
৪। নমস্কার ; অভিবাদন বিশেষ। প্র—"কর্ত্তা মহাশয় অবধান, বড় বাবু নমস্কার করি গো।" —নীলদর্পণ।
৫। অ, সাবধান। সাধু সাবধান। অবধানপর—"চতুর্দ্দিকের বিষয়ব্যাপার বিশেষ ভাবে দর্শনেচ্ছু" —কৃষ্ণ বন্দ্যো।

অবধারণ (ন্) [অব+ধৃ—ণিচ=ধারি (ধারণ করা, স্থির করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, নির্দ্ধারণ ; নিশ্চয় ; ধার্য্য। ২। ইয়ত্তাপরিচ্ছেদ ; সীমানির্দ্ধারণ ; পরিমাণ নির্ণয়।

অবধারল, অবধারলি (ধা) [ব্রজঃ। অবধারণ শব্দজ] ক্রি, অবধারণ করিয়াছি ; স্থির করিয়াছি। প্র—"হমে অবধারল শুন শুন কানু, নাগর করহু অপন অবধান॥"
—বিদ্যাপতি (গুপ্ত)

অবধারিত [অব—ধৃ—(ধারণ করা)+ণিচ=ধারি+ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহাকে অবধারণ করা হইয়াছে ; নির্দ্ধারিত ; নির্ণীত ; স্থিরীকৃত ; নিশ্চিত।

অবধি [অব (নিম্ন অর্থে, অবতরণার্থে—অব উঃ)—ধা (ধারণ করা) + ই (ভাবে কি)—উৎপত্তি বা মূলসূত্র ধারণ করিয়া বর্ত্তমানে নামিয়া আসিবার ভাব। প্র—জন্মাবধি অর্থাৎ জন্ম মুহূর্ত্ত ধারণ করিয়া যে কাল বর্ত্তমান মুহূর্ত্তে অবতরণ করিয়াছে] অ. হইতে। প্র—"জনম অবধি হাম, রূপ নেহারনু নয়ন না তিরপিত ভেলা।" —বিদ্যাপতি। ৩। বি. সীমা; শেষ; অন্ত; অবসান। প্র—"অবধি জানিতে, সুধাই কাহাতে, ঘুচাই মনের ব্যথা।" —চণ্ডীদাস। "কতমত সুখ নাহি অবধি।" —ভারতচন্দ্র। ২। পর্য্যন্ত। প্র—মরণাবধি (আমরণ উঃ)। "কোথা অবধি যাইবে?" যে কাল অবধি আমি না আসি তুমি যাইও না। ৪। নিয়ম; নির্দ্ধারণ। প্র—"কালিক অবধি করিয়া পিয়া গেল।" —বি. প। ৫। [অধিকরণে ই] যে ধারণ করে: আধার। প্র—"সুবর্ণের পুষ্প সেই গন্ধের অবধি।" —কাশীদাসী মহাভারত, বন।

অবধীরণ (অবধিরন্) [অবধীর্ (অবজ্ঞা করা) অন (ট্—ভাবে)] বি. অবমাননা।

অবধীরণীয় (অবোধীরনিয়) বিণ. ঘৃণ্য; অবজ্ঞেয়; উপেক্ষণীয়।

অবধীরিত [অবধীর + ত (কর্ম্মে ক্ত)] বিণ. অনাদৃত; ঘৃণিত; উপেক্ষিত।

অবধূত (ত, ত্) [অব—ধূ (কম্পিত হওয়া) + ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে কম্পিত করিয়াছিল; কম্পিত; আন্দোলিত; উদ্বেলিত। ২। বিক্ষিপ্ত; চালিত। ৩। প্রসারিত। ৪। পরিত্যক্ত। ৫। অভিভূত। ৬। অভিহত; আহত; পদদলিত। ৭। তিরস্কৃত; অবমানিত; অনাদৃত। ৮। সংসার মায়া-মুক্ত। ৯। বি. পুং. শৈব সম্প্রদায় (ইঁহারা জটা ও শ্মশ্রু ধারণ করেন এবং সন্ন্যাস গ্রহণ, ষট্‌কর্ম্ম সাধন ও নানাবিধ বৃত্তি অবলম্বন করেন)। তন্ত্রমতে অবধূত চারি প্রকার যথা—(১) ব্রহ্মাবধূত (২) শৈবাবধূত (৩) ভক্তাবধূত ও (৪) হংসাবধূত।
প্র—"কখন ব্রাহ্মণ ভাট ব্রহ্মচারী,
কখন বৈরাগী যোগী দণ্ডধারী,
কখন গৃহস্থ কখন ভিখারী,
অবধূত জটাধর হে।" —অন্নদামঙ্গল।
স্ত্রী. অবধূতানী, অবধূতী।

অবধূতানী, অবধূতী [অবধূত + ঈ, আনী (স্ত্রী)] বি. স্ত্রী. স্ত্রী অবধূত; সন্ন্যাসিনী। ২। ভবানী; দুর্গা। ৩। অবধূতের বৃত্তি। [অবধূতী বা সন্ন্যাসিনীগণ অবধূতানী নামে অভিহিতা হন। ইঁহারা সন্ন্যাসীদের মত বিভূতি রুদ্রাক্ষাদি শৈবচিহ্ন ধারণ করেন এবং তীর্থ পর্য্যটন ও ভিক্ষা দ্বারা জীবন ধারণ করেন। সন্ন্যাসী যেমন সন্ন্যাসীর গুরু অবধূতানী তদ্রূপ অবধূতানীদিগের গুরু; গঙ্গাগিরি-নাম্নী জনৈকা স্ত্রী প্রথম অবধূতানী হন।—উপাসক সম্প্রদায়, ২য় ভাগ]

অবধেয় [অব—ধা (ধারণ করা) + য (কর্ম্মে)] বিণ. অবধানযোগ্য: যে বিষয়ে মনোযোগ করা আবশ্যক: প্রণিধানযোগ্য।

অবধ্বংস (অবোদ্‌ধংশো) [অব—ধ্বন্‌স্ (বিনষ্ট হওয়া) + অ (ল্—ভাবে)] বি. পুং. বিনাশ। ২। ত্যাগ; পরিহার। ৩। অববাদ; পরিবাদ; নিন্দা।

অবধ্বস্ত (অবোদ্‌ধসতো) [অব—ধ্বন্‌স্ (বিনষ্ট হওয়া) + ত, কর্ম্মে ক্ত] বিণ. যাহাকে বিনাশ করা হইয়াছে; বিনষ্ট; বিচূর্ণিত। ২। প্রস্থিত; গত। ৩। পরিত্যক্ত। ৪। নিন্দিত।

অবধ্য (অবোধ্‌ধো) [ন = অ, বধ্ (বিনাশ করা) + য (কর্ম্মে) নঞ্ তৎ] বিণ. যাহাকে বধ করা উচিত নহে: বধের অযোগ্য। স্ত্রী. অবধ্যা। বি. অবধ্যতা।

অবধ্যতা, অবধ্যত্ব (অবোধ্‌ধোতা, অবোধ্‌ধোৎত) [অবধ্য + তা, ত্ব (ভাবে)] বি. ক্লী. বধের অযোগ্যতা।

অবনটে (অবনোটে) [প্রাদেশিক] বিণ. খাঁদা; নতনাসিক।

অবনত [অব—নম্ (নত হওয়া) + ত—কর্ত্তৃ ক্ত, ম্—লোপ] বিণ. নিম্নভাগে লম্বমান; বিনত: যাহা নিম্নদিকে ঝুঁকিয়াছে। ২। পতিত; প্রণত। ৩। বিনীত; বিনম্র। [বিপরীতে—উন্নত] প্র—"অবনত-বয়নী ধরণী নখে লেখি।" —বিদ্যাপতি।

অবনতি (অবোনোতি) [অব—নম্ + তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. অধোনমন; অধোগতি। ২। পতন; চরিত্র স্খলন। ৩। অনুন্নতি। ৪। প্রণতি, বিনয়। ৫। অনৌদ্ধত্য। ৬। গ্রহোপগ্রহাদির অস্ত গমন।

অবনদ্ধ (নদ্‌ধ) [অব—নহ (বন্ধন করা) + ত (কর্ম্মে ক্ত); হ—ত = দ্ধ] বিণ. যাহাকে বন্ধন করা হইয়াছে; আবদ্ধ। ২। আচ্ছাদিত। ৩। খচিত: বসান: জড়িত। ৪। লিপ্ত। ৫। বি. ক্লী. বস্ত্রাদি পরিধান। (২) আনদ্ধ যন্ত্র; মৃদঙ্গ; ঢক্কাদি বাদ্য।

অবনমিত (অবোনোমিত) [অব—নম্ + ণিচ্ = নমি (নোয়ান) + ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে নোয়ান হইয়াছে; বক্রীকৃত।

অবনয়ন (অবোনয়ন্) [অব (নিম্নে)—নী (লওয়ান) + অন (ট্ ভাবে)] বি. নিম্নদিকে নোয়ান; অবনতি; নমন; অধোনয়ন; অধঃপাতন; নিপাতন।

অবনি, অবনী (অবনি) [অব—(রক্ষা করা) + অনি কর্ত্তৃ, সংজ্ঞার্থে, যিনি সমস্ত ধারণ করিয়া রক্ষা করেন] বি. স্ত্রী. পৃথিবী; ভূমি। ২। দেশ; ভূভাগ। প্র—"ময়না নগর বাড়ী দক্ষিণ অবনী।" —ঘনরাম (ধ. ম.)।

অবনিতল, অবনীতল (ল্) বি. ভূতল; ধরাতল। প্র—"জগত-মোহিনী উষা আগত অবনীতলে।" —কালীপ্রসন্ন ঘোষ।

অবনিপতি, অবনীপতি (পো) বি. ভূপতি; রাজা।

অবনিবনাও (অ = বোনিবনাও) [হিঃ বনিবনাউ] বিণ. অস্বরস; অসৌহার্দ্দ্য; অমিল; অনৈক্য।

অবন্তি (অ—বোন্‌তি) [গ্রা। অ—বন্তি (হিঃ বনতি = সদ্ভাব)] বিণ. অবনিবনাও।

অবন্তি, ন্তী (অবোন্তি) [অব্ (রক্ষা করা, পালন করা) + অন্তি (অধি, সংজ্ঞার্থে) যে স্থানে প্রজাগণ বিশিষ্টরূপে পালিত হয় অথবা কর্ত্তৃ, অন্তি—যিনি সন্তানবৎ পালন করেন] বি. পুং. মালবদেশ। ২। মালবদেশবাসী। স্ত্রী. অবন্তি, অবন্তী, অবন্তিকা—উজ্জয়িনী নগরী; রাজা বিক্রমাদিত্যের রাজধানী।

অবন্ধ্য (অবোন্‌ধো) [ন = অ, বন্ধ্য (বিফল) নঞ্ তৎ] বিণ. যে বন্ধ্য অর্থাৎ ফলহীন নয়; ফলবান্। ২। সফল; সার্থক। স্ত্রী. অবন্ধ্যা।

অবপতন (ন) [অব (নিম্নে) পত্ (গমন) + অন (ট্—ভাবে)] বি. ক্লী. অধঃপতন; অবনতি।

অবপন্ন [অব (নিম্নে) পদ্ (গমন করা) + ত (কর্ত্তৃ ক্ত) যে নিম্নদিকে গমন করিয়াছে] বিণ. অধঃপতিত; অধোগত।

অবপাত (ত্) [অব (নিম্নে) পত্ (গমন, পড়া) + অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. অধঃপতন; অধোগমন; অবতরণ; নীচে নামন; নীচে পড়িয়া যাওন। ২। [নাট্যে] ভয়াদি হেতু পলায়নাদি দ্বারা প্রস্তুত বিষয়ের পরিবর্ত্তন। ৩। [+ঘঞ্ অধি] যাহাতে পতিত হয়; গজাদি বন্যজন্তু ধরিবার জন্য তৃণাদি দ্বারা আচ্ছাদিত গুপ্ত গর্ত্ত; চোরা গর্ত্ত।

অবপ্লুত (অবপল্‌লুত) [অব—প্লু (লম্ফ দিয়া গমন করা) + ত (ভাবে)] বি. ক্লী. উল্লম্ফন গতি; লাফ দিয়া গমন। ২। বিণ. সহসা অবতীর্ণ। ৩। [কর্ত্তৃ ক্ত] যে লাফ দিয়া গমন করে।

অববাদ (দ্) [অব (অপকৃষ্ট) বদ্ (বলা) + অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. অপবাদ; নিন্দা। ২। অনুজ্ঞা; আদেশ। ৩। বিশ্বাস।

অববাহিকা [অব—বহ্ (বহনকরা)+ণিচ্= (বহান)+অক—স্ত্রী—আপ্) অপ্ (জল) যে বহন করে] বি, স্ত্রী, নদীর উভয় পার্শ্বস্থ ভূমির যতদূর হইতে জল আসিয়া নদীতে পতিত হয় ততদূর পর্য্যন্ত ভূমিকে সেই নদীর অববাহিকা বলে ; basin of a river.

অববুদ্ধ [অব—বুধ্ (জানা)+ত (কর্ম্মে ক্ত) যে বিষয় জ্ঞাত হওয়া গিয়াছে] বিণ, কৃতবোধ ; পরিজ্ঞাত। ২। অনুভূত। ৩। [কর্ত্তৃ ক্ত] যিনি জানিতে পারেন ; জ্ঞানী। ৪। প্রবুদ্ধ ; জাগরিত ; নিদ্রাপরিহৃত।

অববোধ (ধ্) [অব (বিশেষ) বুধ্ (জানা) +অ (ঘঞ্ ভাবে)] বি, পুং, বিশেষ জ্ঞান : তত্ত্বজ্ঞান : বিবেক। ২। অনুভূতি : উপলব্ধি। ৩। শিক্ষা : উপদেশ। ৪। জাগরণ। ৫। [ণিজন্ত—বুধ্+ঘঞ্] উদ্বোধন ; জ্ঞাপন ; জানান ; জাগান। ৬। অপরের নিদ্রা ভাঙ্গা।

অবভাস (শ্) [অব—ভাস্ (দীপ্তি পাওয়া) +অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, দীপ্তি। ২। প্রকাশ ; স্ফুরণ। ৩। সাক্ষাৎকার। ৪। আরোপ। ৫। ছল ; ভাণ।

অবভৃথ [অব—ভৃ (ভরণ বা পোষণ করা) + থ (ক্—কর্ত্তৃ) সংজ্ঞার্থে—যাহা প্রাণিসমূহকে পোষণ করে] বি, পুং, যজ্ঞ। [যজ্ঞ হইতে বৃষ্টি হয়, বৃষ্টি হইতে অন্ন হয়, অন্ন দ্বারা প্রাণী পুষ্ট হয় সুতরাং যজ্ঞই প্রাণি-পোষণের মূল] ২। প্রধান যজ্ঞের অঙ্গীভূত যজ্ঞ ; যজ্ঞশেষে কোন বিষয়ে ন্যূনতা না ঘটে এজন্য সকল ত্রুটি পূরণার্থ যে যজ্ঞ অনুষ্ঠিত হয়। **অবভৃতস্নান**—দীক্ষাস্নান।

অবমত [অব (অপকৃষ্ট) মন্ (বোধ করা) +ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহাকে অপকৃষ্ট জ্ঞান করা হয় ; অনাদৃত ; অবজ্ঞাত। ২। তিরস্কৃত। বি, **অবমতি**।

অবমন্তা [অব (অবকৃষ্ট) মন্ (বোধ করা) +তৃ (ন্, কর্ত্তৃ)=অবমন্তৃ ১মা ১ বচনে] বিণ, যে অবমান করে ; অবমানকারী : অবজ্ঞাকারী। ২। তিরস্কারকারী।

অবমর্দ্দ [অব—মৃদ্ (মর্দ্দন করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, শত্রু কর্ত্তৃক নির্দ্দয়ভাবে প্রহার ; দলন। ২। শত্রু নগরাদির ধ্বংস বা উচ্ছেদ ; উৎপীড়ন। ৩। ভিড়।

অবমর্দ্দন (ন্) [অব—মৃদ্ (মর্দ্দনকরা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, পীড়ন। ২। উচ্ছেদ। ৩। [কর্ত্তৃ—অন (ট্)] বিণ, যে অবমর্দ্দন করে ; পীড়নকারী। ৪। উচ্ছেদকারী।

অবমর্শ [অব—মৃশ্ (স্পর্শ, প্রণিধান, পরামর্শ, চিন্তা)+অ (ঘঞ্ ভাবে)] বি, পুং, স্পর্শ। ২। প্রণিধান ; চিন্তা। ৩। পরামর্শ।

অবমর্শন (ন) [অব—মৃশ+অন (ট্—ভাবে)] বি, ক্লী, অবমর্শ দ্রঃ। পর্য্যালোচনা। ২। বিলোপ। ৩। বিস্মৃতি। ৪। [নাট্যে] সন্ধির অংশবিশেষ।

অবমর্ষণ (ন্) [অব—মৃষ্ (সেচন, ক্ষমা, সহন)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, অবমর্শন দ্রঃ।

অবমান (ন) [অব (বিপরীত) মান্ (পূজা) +অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, অপমান।

অবমাননা [অব (বিপরীত) মান্ (পূজা করা) +ণিচ্=মানি+অন, ভাবে] বি, স্ত্রী, অপমান ; অনাদর ; অবজ্ঞা ; হতাদর।

অবমানয়িতা [অব—মান+তৃ (ন্) অবমানয়িতৃ ১মা ১বচনে] বিণ, অন্যের অবমাননাকারী ; অমানদ।

অবমানিত [অবমাননা (দ্রঃ)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কৃতাপমান ; অবজ্ঞাত ; অনাদৃত : অপমানিত ; লাঞ্ছিত।

অবমোচন (ন্) [অব—মুচ্ (মুক্ত করা) +অন (ট্—ভাবে)] বি, ক্লী, মুক্তকরান : মুক্তিদান ; পরিত্যাগ ; খালাস।

অবমোটন [অব—মুট (আক্ষেপ, প্রমর্দ্দন) +অন (ট্—ভাবে)] বি, ক্লী, আক্ষেপ করণ। ২। শরীরমর্দ্দন ; মোচড়ান।

অবয়ব (ব্) [অব—যু (যুক্ত হওয়া)+অ (ল্, কর্ত্তৃ) যে অঙ্গীর সহিত যুক্ত হয়] বি, পুং, অঙ্গ.: হস্তপদাদি প্রত্যঙ্গ। ২। অংশ। ৩। উপকরণ। ৪। [অঙ্গ প্রত্যঙ্গ হইতে] আকৃতি : চেহারা। ৫। আদর্শ ; আদল। ৬। [ন্যায়দর্শনে] প্রতিজ্ঞাদি পঞ্চক।

অবয়বী [অবয়ব+ইন (অস্ত্যর্থে)=অবয়বিন্ ১মা ১বচনে] বিণ, যাহার অবয়ব আছে : সাবয়ব : সাঙ্গ ; অঙ্গী। ২। অংশ বিশিষ্ট। ৩। উপকরণ বিশিষ্ট। ৪। [ন্যায় দর্শনে] প্রতিজ্ঞাদি পঞ্চাঙ্গ বিশিষ্ট।

অবর (র্) [ন=অ+বর (শ্রেষ্ঠ, জ্যেষ্ঠ)—নঞ্ তৎ—যে শ্রেষ্ঠ নহে] বিণ, অশ্রেষ্ঠ ; অধম ; অপকৃষ্ট। ২। পশ্চাদ্বর্ত্তী ; অনন্তর। ৩। চরম ; শেষ। ৪। অজ্যেষ্ঠ ; পশ্চাজ্জাত ; কনিষ্ঠ। ৫। শূদ্র। ৬। হীনকুলজাত। ৭। [পর শব্দের বিপরীত] অপর ; ইহ। প্র—"যাহারা মিথ্যা কহে তাহাদিগের পর ও অবর একোনপঞ্চাশত্তম ইষ্ট ও পূর্ত্ত নামক কর্ম্ম নষ্ট হইয়া থাকে।"
—মহাভারত (সিংহ)।
৮। হস্তিজঙ্ঘার পশ্চাদ্ভাগ। স্ত্রী, **অবরা**—যাহা হইতে শ্রেষ্ঠা নাই ; দুর্গা।

অবরজ [অবর (পশ্চাৎ) জ (জন্+ড, কর্ত্তৃ) =জাত—অনুজাত] বি, পুং, অনুজ ; কনিষ্ঠ। ২। নিকৃষ্ট। ৩। শূদ্র। ৪। হীনকুলজাত। স্ত্রী, **অবরজা**—কনিষ্ঠাভগিনী।

অবরতি [অব—রম্ (ক্রীড়াকরা) বিশ্রাম করা)+তি (ভাবে ক্তি)] বি, স্ত্রী, ক্রীড়া। ২। বিরাম : বিশ্রাম। ৩। বিরতি : নিবৃত্তি : ত্যাগ।

অবরবর্ণ (র্) [ন—বর (শ্রেষ্ঠ, প্রধান)= অবর (নঞ্ তৎ)—শেষ যে বর্ণ (জাতি) —কর্ম্মধা] বি, পুং, চতুর্থ বর্ণ : শূদ্র। ২। বৃষল।

অবরুগ্ন [অব—রুজ্ (পীড়া)+ত (কর্ত্তৃ—ক্ত) জ্=গ ক্ত=ন] বিণ, রোগগ্রস্ত : পীড়িত : ব্যাধিযুক্ত। ২। ভগ্ন।

অবরুদ্ধ [অব—রুধ্ (অবরোধকরা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে অবরোধ বা কয়েদ করা হইয়াছে : বন্দী। ২। প্রতিরুদ্ধ : —প্রতিহত : ব্যাহত। ৩। যাহা বেষ্টন করা (ঘেরাও) করা গিয়াছে : বেষ্টিত : আবৃত :—আচ্ছাদিত : পরিবৃত। ৪। বদ্ধ : রুদ্ধ। প্র—"অবরুদ্ধ বায়ু। স্ত্রী, **অবরুদ্ধা**—রাজান্তঃপুরে স্থিতা স্ত্রীলোক। ২। বন্দিনী।

অবরূঢ় [অব (নিম্ন)—রুহ্ (গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত) হ—ত=ঢ়, উ=ঊ] বিণ, যে অবরোহণ করিয়াছে : ঊর্দ্ধ হইতে নিম্নে আগত : অবতীর্ণ।

অবরোধ (ধ্) [অব—রুধ্ (আবরণকরা) +অ(ঘঞ্—ভাবে)] বি, পুং, প্রতিবন্ধ, বাধা। ২। আটক : প্রতিরোধ। ৩। পরিবেষ্টন : আবরণ, ঘেরা। ৪। [ঘঞ্—অধি] যাহাতে অবরোধ করা হয় : রাজস্ত্রীদিগের অন্তঃপুর। ৫। রাজপ্রাসাদ। ৬। [ঘঞ্—কর্ম্মে] যাহাকে রাজান্তঃপুরে অবরোধ করা হয় : অন্তঃপুরস্ত্রী।

অবরোধপ্রথা—যে প্রথায় স্ত্রীলোকদিগকে অন্তঃপুরের মধ্যে এমনভাবে রক্ষা করা হয় যাহাতে তাহারা বাহিরে ইচ্ছামত যাইতে না পারে এবং স্বামী, গুরুজন এবং স্নেহভাজন আত্মীয় ব্যতীত অন্যে তাহাদিগকে দেখিতে না পায়।

অবরোধক [অব—রুধ্ (আবরণ করা)+অক (কর্ত্তৃ)] বিণ, যে অবরোধ করে : অবরোধকারী, নিরোধকর্ত্তা। ২। বি, ক্লী, যে গৃহের চতুর্দ্দিক অবরোধ (আবরণ) করে ; বৃতি : ভিত্তি : বেড়া। ৩। পুং, অন্তঃপুর রক্ষক : বিপক্ষনিবারক। স্ত্রী, **অবরোধিকা**—অন্তঃপুররক্ষিকা স্ত্রী।

অবরোধন (ন্) [অব—রুধ্ (রোধ করা) +অন (ট্—ভাবে)] বি, ক্লী, নিরোধ। ২। প্রতিবন্ধ। ৩। [অন (ট্ অধি)] রাজাদিগের অন্তঃপুর।

অবরোধিক (ক্) [অবরোধ+ইক (ণ্) (চরত্যর্থে)] বি, পুং, যে অন্তঃপুর রক্ষার জন্য বিচরণ করে ; অন্তঃপুররক্ষক। অবরোধিকা দ্রঃ।

অবরোপণ (ন্) [অব—রুপ (বিমোহন করা)+অন (ট্—ভাবে)] অব পূর্ব্বক রূপ ধাতু অবরোহণ অর্থে ব্যবহৃত, অথবা অব পূর্ব্বক রুহ্+ণিচ—রোহি স্থানে রোপি—ভাবে অন (ট্)] বি, অবরোহণ করান; অবতরণ; নামান। ২। অপসরণ; অপনয়ন; উৎপাটন। ৩। অস্তগমন।

অবরোপিত [অব—রুহ্+ণিচ=হ—স্থানে প,=রোপি+ত (কর্ম্মে ক্ত)] বিণ, *অবতারিত। ২। উৎপাটিত; অপসারিত; দূরীকৃত।

অবরোহ [অব—রুহ্ (আরোহণ করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, উর্দ্ধ হইতে নীচে নামা; অবতরণ। ২। প্রাদুর্ভাব; উৎপত্তি। ৩। [ঘঞ্—অপাদানে] মনুষ্যগণ পুণ্যভোগাবসানে যে স্থান হইতে মর্ত্ত্যলোকে অবতরণ করে; স্বর্গ।
৪। [দর্শনে] যুক্তির পন্থা বা প্রণালীবিশেষ; কারণ হইতে কার্য্যে, নিদান হইতে ফলে বা পরিণতিতে উপস্থিত হওয়ার প্রণালী; a priori; from cause to the effect.

অবরোহণ (ন্) [অব—রুহ্ (আরোহণ করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, উর্দ্ধ হইতে অধোগমন; অবতরণ; নিম্নে আগমন।
২। আরোহণ; অধিরোহণ।

অবরোহশাখী [অবরোহ (অবরোহণ), ভূম্যবতরণ করিয়াছে শাখা যাহার, যাহার জটা শাখা হইতে ভূমিতে অবতরণ করে] বি, পুং, বটবৃক্ষ।

অবরোহী [অব—রুহ্+ণিন্ কর্ত্তৃ, যে অবরোহণ করে] বিণ, অবতরণকারী। ২। আরোহণকর্ত্তা। ৩। বি, পুং, বটবৃক্ষ।

অবর্ণ [অ-বর্ণ] বি, পুং, 'অ' অক্ষর; অকার।
২। [অ (অপ্রশস্ত) বর্ণ (জাতি)] যে ব্রাহ্মণাদি চারিবর্ণান্তর্গত নহে; নীচজাতি। ৩। [ন=অ (নাই) বর্ণ (রং) যাহার—বহু] বর্ণহীন।

অবর্ণনীয় [ন=অ—বর্ণনীয় (বর্ণনার যোগ্য বা বর্ণনাসাধ্য] বিণ, বর্ণনার অযোগ্য; অকথ্য। ২। বর্ণনার অসাধ্য; অনির্ব্বাচ্য। প্র—"প্রকৃতির অবর্ণনীয় লাবণ্যরাশিতে হৃদয় ডুবিয়া গেল।" —প্রদীপ, ১ম বর্ষ।

অবল (ল্) [ন=অ (নাই) বল যাহার—বহু] বিণ, বলহীন; দুর্ব্বল। স্ত্রী, অবলা।

অবলগিত (লো) [অব—লগ্ (লাগিয়া থাকা) +ত (কর্ম্মে ক্ত)] বি, ক্লী, যে সংলগ্ন থাকে; সংযুক্ত। ২। [নাট্যে] দৃশ্য কাব্যের প্রস্তাবনা বিশেষ।

অবলগ্ন [অব—লগ্ (লাগিয়া থাকা)+ত (অধি, ক্ত) সংজ্ঞার্থে—যাহাতে বস্ত্র লাগিয়া থাকে] বি, পুং, ক্লী, কটিদেশ; কাঁকালি; মাজা। ২। [ভাবে ক্ত] ক্লী, সংলগ্ন; লাগিয়া থাকা। ৩। [কর্ত্তৃ ক্ত)] পুং, যে লাগিয়া থাকে; সংলগ্ন; দৃঢ়সংযুক্ত।

অবলম্ব [অব—লম্ব্ (লম্বিত হওয়া)+অ (ল্—ভাবে)] বি, পুং, অবলম্বন; আশ্রয়। ২। [অল্ কর্ত্তৃ] অবলম্বমান; অবলম্বী। ৩। [অধি] আশ্রয় স্থান।
৪। [করণ] যাহাদ্বারা লম্বিত হওয়া যায়; অবলম্বনের বস্তু; লাঠি।

অবলম্বন (ন্) [অব—লম্ব্ (লম্বিত হওয়া) +অন (ট্—ভাবে)] বি, ক্লী, ভর অর্পণ; ভর করণ। প্র—ইহার উপর কোন অবলম্বন নাই। ২। নির্ভর। প্র—তাহার কথা মাত্র অবলম্বন করিয়া সে এই কার্য্য করিয়াছে।
৩। আশ্রয় করণ; গ্রহণ। প্র—ধর্ম্মাবলম্বন।
৪। উপায়। প্র—কোন একটা অবলম্বন স্থির করা যাইবে। ৫। ধারণ। প্র—ধৈর্য্যাবলম্বন। ৬। গতি; আশ্রয়। প্র—তাহার শেষ অবলম্বনটীও হস্তচ্যুত হইল। জগদীশ্বরই সকলের একমাত্র অবলম্বন।
৭। উপলক্ষ।

অবলম্বিত (অবলোম্‌বিতো) [অব—লম্ব+ত (কর্ত্তৃ ক্ত)] বিণ, যে অবলম্বন করিয়াছে; শরণাগত। ২। রক্ষিত। ৩। [অব (নিম্নে)+লম্বিত] অবনত; অধোগত।
৪। [কর্ম্মে—ক্ত] যাহাকে অবলম্বন করা হইয়াছে; ধৃত; গৃহীত।

অবলম্বী (অবলোম্‌বি) [অবলম্ব+ইন্ (অস্ত্যর্থে কর্ত্তৃ)] বিণ, যাহার অবলম্বন আছে। আশ্রয়কারী; অবলম্বনকারী।

অবলা [গ্রা—অবোলা। ন=অ (নাই)—বল যাহার—বহু, স্ত্রী—আপ্। সম্বোধনে, অবলে] বি, স্ত্রীলোক; ললনা; কুলকন্যা; কুলবধূ। প্র—"হে সুন্দরী, প্রভু মম, রবি-কুল-রবি,
* * * *
* * * তোমরা অবলা,
কহ কি লাগিয়া হেথা আইলা অকালে?"
—মেঘনাদ।
২। বিণ, বলহীনা; ভীরু। প্র—"কে বলে মা তুমি অবলে।" —বঙ্কিম।

অবলিপ্ত [অব—লিপ্ (লেপন করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহা লেপন করা হইয়াছে; কৃতলেপন; প্রলিপ্ত। ২। [লিপ্ (গর্ব্বিত হওয়া)+ত (কর্ত্তৃ ক্ত)] ধনগর্ব্বিত; অহঙ্কৃত; দৃপ্ত।

অবলী (অবোলি) [অ—বলী] বিণ, দুর্ব্বল। প্র—"অবলা, অবলী, মূর্খ, অবধ্য সমরে"
—নবীনচন্দ্র (রঙ্গমতী)।

অবলীঢ় [অব—লিহ্ (আস্বাদন করা, চাটা)+ত (কর্ম্মে ক্ত) যাহা আস্বাদন করা হইয়াছে] কৃতাবলেহ; ভক্ষিত; আস্বাদিত। ২। ব্যাপ্ত। ৩। দগ্ধ। [বিরল]।
৪। [কর্ত্তৃ ক্ত] যে অবলেহন করে; অবলেহনকারী।

অবলীলা [অব—লীলা (ক্রীড়া)] বি, স্ত্রী, অনায়াস; অক্লেশ। ২। অসঙ্কোচ।
প্র—"করি চণ্ডী অবলীলা বুকের যুচাল শিলা হুংকারে ছিণ্ডিল বন্ধন।" —কবিকঙ্কণ।
৩। কৌতুক; পরিহাস। ৪। ক্রীড়া।

অবলীলাক্রমে—ক্রি-বিণ, অনায়াসে; অক্লেশে; সহজে; হেলায়।

অবলুণ্ঠন (ন্) [অব (নিম্নে) লুন্‌ঠ্ (লুটিয়ে পড়া)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, ভূমিতে লোটান; গড়াগড়ি দেওয়া; ভূলুণ্ঠন।

অবলুণ্ঠিত [অব—লুন্‌ঠ্+ত (কর্ত্তৃ ক্ত)] যে অবলুণ্ঠন করিয়াছে; ভূলুণ্ঠিত।

অবলেপ (প্) [অব—লিপ্ (লেপন করা) +অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, গৃহাদি লেপন; লেপন। প্র—"ত্রিশূল সদৃশ জিহ্বা লুলি অবলেপে।" —মেঘনাদ।
২। অহঙ্কার; দর্প; গর্ব্ব। ৩। আক্ষেপ।
৪। হিংসা; আক্রোশ; বিদ্বেষ। ৫। পরিবাদন; দোষারোপণ। ৬। সম্বন্ধ; সংসর্গ। ৭। ভূষণ। ৮। ক্ষেপণ।

অবলেপন (ন্) [অব—লিপ্+অন (ট্—ভাবে)] বি, ক্লী, বিলেপন; প্রলেপ। ২। ম্রক্ষণ। ৩। অহঙ্কার বা দর্প প্রকাশ।

অবলেহ [অব—লিহ্ (আস্বাদন করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, জিহ্বাদ্বারা আস্বাদন করা; চাটা। ২। [কর্ম্মে—ঘঞ্] যাহাকে অবলেহন করা হয়; অবলেহন করিয়া বা চাটিয়া খাইবার ঔষধ।

অবলেহন (ন্) [অব—লিহ্+অন (ট্—ভাবে)] বি, ক্লী, অবলেহ দ্রঃ। জিহ্বাদ্বারা গ্রহণ বা চাটা।

অবলোক (ক্) [অব—লোক্ (দর্শনকরা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, দর্শন; দৃষ্টি; দেখা; অবলোকন। [বিরল]

অবলোকন (ন্) [অব—লোক্+অন (ট্—ভাবে)] বি, ক্লী, অবলোক দ্রঃ। ২। অনুসন্ধান। ৩। আলোক। ৪। [করণে অন (ট্) যাহাদ্বারা দেখা যায়] নয়ন; নেত্র। [বিরল]

অবলোকনীয় [অব—লোক্+অনীয়, কর্ম্মে] বিণ, যাহাকে অবলোকন করা যায়; দেখিবার উপযুক্ত বা দর্শনীয়; দর্শনের যোগ্য।

অবলোকিত [অব—লোক্+ত (কর্ম্মে ক্ত) যাহাকে অবলোকন করা হইয়াছে] বিণ, দৃষ্ট; নিরীক্ষিত। ২। [ক্ত ভাবে] বি, ক্লী, দর্শন; দৃষ্টি। [প্র, অ]
৩। বি, পুং, জৈন মুনি।

অবশ (শ্) [ন=অ (নাই) বশ (স্বাধীনতা) যাহার—বহু] বিণ, অবাধ্য।

প্র—"বল তারে কথায় রাখিব কত টেলে।
অবশ সে বশ নয় পরের ছেলে॥"
—গোপাল উড়ে (বাং-গান)
২। অনধিকৃত ; অনায়ত্ত। ৩। দুর্ব্বল ; শিথিল ; নিস্তেজ। প্র—অবশেন্দ্রিয়। ৪। অস্বাধীন ; পরতন্ত্র। ৫। অসাড়। প্র—ঠাণ্ডায় হাত পা অবশ হয়ে গে'ছে। ৬। [ক্রি-বিণ] অবশ্য ; নিশ্চিত।

অবশিষ্ট [অব—শিষ্ (শেষ রাখা) + ত (কর্ম্মে ক্ত)] বিণ. অবশেষে যাহা থাকে ; বাকী : উদ্বৃত্ত ; অতিরিক্ত ; পরিশিষ্ট।

অবশীভাব (অবোশিভাব্) [ন = অ + বশীভাব (বশ + ভূ + ঘঞ্)—অভূততদ্ভাবে, চ্বি—দীর্ঘ] বি, স্ত্রী. বশ্যতার অভাব ; অবাধ্যতা।

অবশেন্দ্রিয় [অবশ (অনধীন) হইয়াছে ইন্দ্রিয় যাহার, বহু] বিণ. যা'র ইন্দ্রিয় বশীভূত নহে ; অজিতেন্দ্রিয় ; যাহার ইন্দ্রিয় দমনে শক্তি নাই।

অবশেষ (ষ্) [অব—শিষ্ (বধ করা, শেষ রাখা) + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং. উদ্বৃত্ত। ২। অবশিষ্ট অংশ। প্র—ভস্মাবশেষ। ৩। অবসান ; পরিশেষ ; অন্ত ; সমাপ্তি। প্র—কথাবশেষ। ৪। নিঃশেষ। ৫। পরিসীমা : সীমা। প্র—দুঃখ বা কষ্টের অবশেষ।

অবশ্য (অবোশ্শো) [ন = অ—বশ্য (অধীন) নঞ্ তৎ] বিণ. যে বশ্য নয় ; বশীকরণের অযোগ্য : অদম্য ; অবাধ্য। ২। নিশ্চয় ; নিঃসন্দেহ ; নিঃসংশয়। স্ত্রী. **অবশ্যা**—অনায়ত্তা।

অবশ্য-অবশ্য—[বাক্য দৃঢ় করণার্থে দ্বিত্ব] অ, সুনিশ্চয় : কথার অন্যথা না হওয়া।
প্র—"আমার সঙ্গে অবশ্য অবশ্য সাক্ষাৎ করিয়া যাইবে।" —বঙ্কিম।

অবশ্যম্ভাবী (অবশ্‌সম্ভাবি) [অবশ্যম্ (নিশ্চয়) ভূ (হওয়া) + ইন (ণিন ভবিষ্যদর্থে)] বিণ. যাহা নিশ্চয় হইবে ; যাহা অন্যথা হইবার নহে। **অবশ্যম্ভাবিতা**—বি, স্ত্রী. অবশ্য হইবার নিশ্চয়তা। **অবশ্যম্ভাবিত্ব**—ক্লী. ঘটিবার সংশয় রাহিত্য।

অবশ্রয়ণ (অবস্‌স্রয়ন্) [অব—শ্রি (পাক করা) + অন (ট্—ভাবে)] বি, ক্লী. চুল্লী হইতে অবতরণ; উনুন হইতে পাকপাত্র নামাইয়া লওয়া।

অবষ্টব্ধ (অবশ্‌টব্‌ধ) [অব—স্তন্‌ভ (স্তব্ধ হওয়া, আবরণ করা ; আরম্ভ করা ইত্যাদি) + ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে আবদ্ধ করা হইয়াছে ; সংযত ; বদ্ধ। ২। পরিবেষ্টিত। ৩। রুদ্ধ। ৪। অভিভূত ; স্তব্ধ। ৫। প্রতিবদ্ধ। ৬। [কর্ত্তৃ] আশ্রিত ; রক্ষিত। ৭। জড়ীভূত ; স্তব্ধীভূত। ৮। আসন্ন।

অবষ্টম্ভ [অব—স্তন্‌ভ + অ (ল্—ভাবে)] বি, পুং. আরম্ভ ; সূচনা। ২। অবলম্বন ; আশ্রয়। ৩। সৌষ্ঠব। ৪। অহঙ্কার ; অভিমান। ৫। স্তব্ধীভাব।

অবসথ (অবশথ্) [অব—সো (পুষ্ট হওয়া) + থ (ক্) অধি—সংজ্ঞার্থে, সো = স (নিপাত) বিশেষরূপে পরিপালিত হওয়া যায় যেখানে] বি, পুং. বাসভূমি ; আবাস। ২। গ্রাম। ৩। আখড়া ; আড্ডা। ৪। পাঠগোষ্ঠী ; পাঠশালা।

অবসথ্য (অবশোথ) [অবসথ + য, স্বার্থে] বি, অবসথ দ্রঃ।

অবসন্ন (অবশোন্‌নো) [অব—সদ্ (অবসন্ন হওয়া) + ত (কর্ত্তৃ ক্ত) দ—ত = ন্ন] বিণ. যে অবসাদ প্রাপ্ত হইয়াছে ; বিষণ্ণ ; বিমর্ষ ; ম্লান ; স্ফূর্ত্তিহীন। প্র—অবসন্ন মন।
২। শ্রান্ত ; ক্লান্ত ; শিথিল ; শক্তিহীন।
প্র—অবসন্ন দেহ।
৩। অবসান প্রাপ্ত ; ক্ষয় প্রাপ্ত।
প্র—রাত্রি অবসন্ন হইলে ইত্যাদি।

অবসর (অবশর্) [অব—সৃ (গমন করা) + অ (ল্—ভাবে)] বি, পুং. গমন করা।
২। অবকাশ ; ছুটী।
প্র—তিনি কার্য্য স্থান হইতে দীর্ঘ অবসর লইয়া দেশ ভ্রমণে বহির্গত হইয়াছেন।
৩। সুযোগ ; সুসময়।
প্র—অবসর বুঝিয়া তাহাকে সে কথা বলিও।
৪। শূন্যস্থান ; ফাঁক।
প্র—"বন-অবসরে খণ্ড জ্যোৎস্না নির্ম্মল
পড়িয়াছে দেব-অঙ্গে,—"
—নবীনচন্দ্র (অমিতাভ)।

অবসর্প (শর্প) [অব—সৃপ্ (গমন করা) + অ (ঘঞ্—ভাবে)] বি. গমন করা।
২। [কর্ত্তৃ অ (ল্) বি, পুং. দূত ; প্রণিধি। ।। গুপ্তচর। স্ত্রী. অবসর্পিণী।

অবসর্পিণী (অবশোর্পিনি) [অবসর্প দ্রঃ] বি, স্ত্রী. জৈনদিগের কাল যাহা দশকোটি কোটি সাগর বর্ষে সমাপ্ত হয়।

অবসাদ (অবশাদ্) [অব—সদ্ (অবসন্ন হওয়া) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং. শিথিলতা ; অবসন্নতা। ২। দৈন্য ; স্ফূর্ত্তিহীনতা ; নৈরাশ্য : উৎসাহহীনতা।
প্র—"অবসাদ হিমে ডুবিয়ে ডুবিয়ে।"
—গোবিন্দ রায়।
"ঘরে অন্ন নাহি যার, মরণ মঙ্গল তার,
তার কেন বিলাসের সাদ।
যার নারী সুতা সুত, সদা অন্ন কষ্টযুত,
সর্ব্বদা তাহার অবসাদ।
—ভারতচন্দ্র।
৩। খেদ ; বিষাদ। ৪। ক্লান্তি।
৫। পরাজয়।
প্র—"শৈশব যৌবনে উপজল বাদ।
কোই না মানই জয় অবসাদ॥"
—বিদ্যাপতি।
৬। ক্ষয় ; নাশ। ৭। বিরাম ; শেষ।
"একে মোর অন্তর, পোড়ায়
তিল এক নাহি অবসাদ॥"
ম্ব।

অবসাদন (অবোশাদন্) [অব—সদ্ করা) ণিচ্ + অন (ট্—ভাবে)] বি গমন করান। ২। বিনাশ। ৩। ি করণ ; সমাপন। ৪। বলহীন নিঃশক্তি করণ।

অবসাদিত (অবোশাদিত) [অব—সদ সাদি + ত (কর্ম্মে ক্ত)] বিণ. অবসাদ প্র আক্রান্ত। ২। নিঃশেষিত। ৩। বি ৪। বিষাদিত ; খিন্ন।

অবসান (অবোশান্) (অব—সো (শেষ ক + অন (ট্—ভাবে)] বি, ক্লী. বিরা ক্রিয়াসমাধান। প্র—কর্ম্মাবসান।
২। মৃত্যু। ৩। সীমা ; পর্য্যন্ত।
প্র—কোথায় আরম্ভ কোথায় অবসান তাহা ঠিক নাই।
৪। নিশ্চয় ; নির্ণয় ; নির্দ্ধারণ।
৫। অবসাদ। ৬। অবস্থান ; স্থিতি।
৭। বিণ. শেষ ; সমাপ্ত।
প্র—"নিশি হ'ল অবসান।"
৮। নীচ ; অন্ত্যাবসায়ী ; ম্লেচ্ছ ; গণনা-বহির্ভূত।
প্র—"দেশের বাহিরে যেন অবসান জাতি।"
—কাশীদাস (মহাভারত)।
[দ্রঃ—অন্ত বা শেষ অর্থে 'অবসান' স্থলে ব্রজভাষায় ছন্দানুরোধে এবং উচ্চারণ মাধুর্য্য হেতু 'অবসানা' শব্দের ব্যবহার দেখা যায়।
প্র—"কত চতুরানন, মরি মরি যাওত
ন তুয়া আদি অবসানা।
তোহে জনমি পুন, তোহে সমাওত,
সাগরী লহরী সমানা॥"
—বিদ্যাপতি।

অবসায় (অবশায়্) [অব—সো (সমাপন করা) + অ (ঘঞ্—ভাবে) য—আগম] বি, পুং. অবসান। ২। নিশ্চয়। ৩। ক্রি-বিণ. সমাপন করিয়া ; সমাধান করিয়া। (২) নিশ্চিত করিয়া।

অবসারণ (অবশারন্) [অব—সৃ + ণিচ্ = সারি (সারান) + অন (ট্—ভাবে)] বি, ক্লী. স্থানান্তর করণ ; সরান।

অবসিত (অবশিতো) [অব—সো (শেষ করা) + ত (কর্ত্তৃ ক্ত)] বিণ. যাহার অবসান হইয়াছে ; অবসান প্রাপ্ত ; সমাপ্ত ; শেষ।
প্র—"অবসিত পঠদ্দশা হইল যেমন,
কোথা হ'তে অতি ক্ষুদ্র বিষাদের রেখা
পড়িল হৃদয়ে মম—" —আলো ও ছায়া।
২। অপসারণ ; দূরীকরণ।
৩। বিগত ; গত ; অতীত। ৪। পরিণতি প্রাপ্ত ; পরিণত।

প্র—সমস্তই এক্ষণে কষ্টে অবসিত হইল। ৫। স্থিরীকৃত; নিশ্চিত। ৬। [অব—সো (জানা) + ক্ত (কর্তৃ)] বিদিত; বিজ্ঞাত। ৭। সঞ্চিত। ৮। [অব—সি (বন্ধন করা) + ক্ত (কর্ম্মে)] বদ্ধ। ৯। [অব + সো (সমাপ্ত করা) + ক্ত (ভাবে)] বি, ক্লী, অবসান।

অবসৃত [অব—সৃ (গমন করা) + ত (কর্তৃ ক্ত)] বিণ, অপসৃত; দূরীকৃত। ২। অবসর প্রাপ্ত।

অবস্কন্দ (অবশ্‌কন্‌দ) [অব (বিরুদ্ধ) স্কন্দ্ (গমন করা) + অ (ল্—অধি) সৈন্যগণ বিশ্রামার্থ যথায় গমন করে] বি, পুং, স্কন্ধাবার; সেনানিবেশ; ছাউনি; শিবির; তাম্বু। ২। [অল্, ভাবে] আক্রমণ; অবরোধ। ৩। অবতরণ। ৪। অবগাহন।

অবস্কন্দন (অবশ্‌কন্‌দন্) [অব—স্কন্দ (গমন করা) + অন (ট্—ভাবে)] বি, ক্লী, গমন। ২। অবরোহণ। ৩। অবগাহন। ৪। আক্রমণ। ৫। অবরোধন; নিরোধ।

অবস্কর (অবশ্‌কর্) [অব (নিম্নে) কৄ (বিক্ষিপ্ত করা) + অ (ল্—কর্ম্মে)] বি, পুং, সংমার্জ্জনীদ্বারা যাহা পরিষ্কার করা হয়; আবর্জ্জন; জঞ্জাল; ওঁচ্‌লা। ২। বিষ্ঠা; ময়লা। ৩। [অ (ল্—অপাদানে) যে স্থান হইতে মল নির্গত হয়] মলদ্বার; গুহ্যদেশ; private parts; the anus. ৪। [অ (ল্) অধিকরণে] যে স্থানে ময়লা সঞ্চিত হয়; পায়খানা; আঁস্তাকুড়।

অবস্তু (অবোসতু) [ন + অ (নাই) বস্তু (সার) যাহাতে, বহু] বিণ, অসার; অপদার্থ। ২। [ন = অ (নিকৃষ্ট) বস্তু; নঞ্‌তৎ অকিঞ্চিৎকর পদার্থ। ৩। [বেদান্তে ব্রহ্মাতিরিক্ত সমস্ত পদার্থই অবস্তু; অসৎ (তুল—ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা)। (২) অসত্তা; অবিদ্যমানতা; বস্তুর অভাব; non-entity nothing.

অবস্থা (অবোস্‌থা) [অব—স্থা (থাকা) + অ (ঙ্—ভাবে)] বি, স্ত্রী, স্থিতি। ২। স্থিতির প্রকারভেদ; কালকৃত বৈলক্ষণ্য দশা। প্র—"যতদিন ভবে না হবে না হবে, তোমার অবস্থা আমার সম। ঈষৎ হাসিবে, শুনে না শুনিবে, বুঝে না বুঝিবে যাতনা মম।"

—কৃষ্ণচন্দ্র মজুমদার (সদ্ভাবশতক)।

৩। সাংসারিক দশা। প্র—এখন তাহার অবস্থা ভাল, কোন অভাবই আর তাহার নাই। ৪। সঙ্গতি; সৌভাগ্য; সমৃদ্ধি; শ্রী। প্র—অবস্থাপন্ন লোক। ৫। সুযোগ; সুবিধা। প্র—"অবস্থা বুঝিয়া ব্যবস্থা।" —প্রবচন। ৬। বেশ; প্রকার; ভাব। প্র—এরূপ অবস্থায় তথায় যাওয়া উচিত নহে। ৭। ক্ষেত্র। প্র—এ অবস্থায় তিনি কি করিতেন বলা যায় না। ৮। লক্ষণ; গতিক। প্র—রোগীর অবস্থা বড় ভাল বলিয়া বোধ হইল না। ৯। দুঃখ; দুর্দ্দশা। প্র—"ভাটের অবস্থা করে এত ধরে বল।" —মাণিক গাঙ্গুলি (ধ,ম,) ১০। নরক যন্ত্রণা; পাপের ভোগ। প্র—"জীবে দুঃখ দিছ তোমার হইবে অবস্থা।"

—চৈতন্যচরিতামৃত।

১১। অপালন জনিত ক্লেশ [এই অর্থে "আবস্থা" এইরূপ মেয়েলি প্রয়োগ আছে। প্র—মা-খেকো ছেলেটার ভারি অবস্থা হচ্চে। ১২। বয়োদশা; বাল্য, যৌবন, প্রৌঢ়, বার্দ্ধক্য ভেদে জীবনের কাল। [স্মৃতিশাস্ত্রে—(১) পৌগণ্ড (জন্ম হইতে ৫ বৎসর বয়স পর্য্যন্ত), (২) কৌমার (৫—১০), (৩) কৈশোর (১০—১৫) মতান্তরে বাল্য (১০—১৬), (৪) যৌবন (১৬—৭০)। মতান্তরে ১৬—৩০। এবং প্রৌঢ় = যৌবন ও বার্দ্ধক্যের মধ্য অবস্থা (প্রৌঢ়া দ্রঃ)। (৫) বার্দ্ধক্য (৭০—১০০), (৬) বর্ষীয়ান্ ১৩। পরিমাণ।

অবস্থান (ন) [অব—স্থা (থাকা) + অন (ট্—ভাবে)] বি, ক্লী, স্থিতি; বাস; থাকা। ২। অবস্থান কাল; স্থিতিকাল। ৩। সূর্য্যের পথের নাম উত্তর, মধ্যম এবং দক্ষিণ এই তিন অবস্থান অর্থাৎ তিনভাগে বিভক্ত, উত্তর অবস্থান বা ঐরাবত, মধ্যমের নাম জারদ্গব, দক্ষিণের নাম বৈশ্বানর। ৪। [অধি—অনট্, অবস্থান করা যায় যে স্থানে] বাসস্থান; আবাস; আলয়। ৫। দশা; অবস্থা। বিণ, অবস্থিত।

অবস্থান্তর (র্) [অবস্থা—অন্তর, অবস্থার অন্তর (পরিবর্ত্তন) ৬তৎ] বি, ক্লী, বৈলক্ষণ্য; ভিন্ন অবস্থা; অন্য দশা। ২। ভাবান্তর; অবস্থার পরিবর্ত্তন; ভিন্নভাব। ৩। স্বতন্ত্র আকার; রূপান্তর। বিণ, **অবস্থান্তরিত**।

অবস্থাপন (ন্) [অব—স্থা + ণিচ = স্থাপি (প—আগম) + অন (ট্—ভাবে)] বি, ক্লী, স্থাপিত করণ; সন্নিবেশ; সংস্থাপন। ২। স্থিরীকরণ, নির্দ্ধারণ। বিণ, অবস্থাপিত।

অবস্থাপিত [অব—স্থা + ণিচ্ = স্থাপি (প—আগম) + ত (কর্ম্মে—ক্ত)—যাহাকে স্থাপন করা হইয়াছে] বিণ, সন্নিবেশিত; সংস্থাপিত। ২। স্থিরীকৃত; নিশ্চিত।

অবস্থায়ী [অব—স্থা + ইন্ (ণিন্ কর্তৃ) য—আগম = অবস্থায়িন্ ১মা ১বচনে অবস্থায়ী] বিণ, যে অবস্থান করে; স্থিতিকারী।

অবস্থিত [অব—স্থা + ত (কর্তৃ ক্ত) ই—আগম আ—লোপ] বিণ, যে অবস্থিতি করিয়াছে: কৃতাবস্থান। ২। স্থির; অবিচলিত। ৩। আশ্রিত। ৪। নিবিষ্ট। ৫। নিযুক্ত।

অবস্থিতচিত্ত—বিণ, যাহার চিত্ত স্থির হইয়াছে; স্থিরচিত্ত; প্রশান্ত।

অবস্থিতি (অবোস্‌থিতি) [অব (চতুর্দ্দিকে বিস্তার করিয়া) স্থিতি (স্থা—থাকা, ভাবে (ক্তি—তি)] বর্ত্তমানতা অর্থে অবস্থান; থাকা। ২। বাস; বসবাস। ৩। [জড়বিজ্ঞানে] বস্তু বা পদার্থের অবস্থিতি, ইহা "দিক এবং দূরত্ব দ্বারা নির্ণীত হয়।" —রামেন্দ্রসুন্দর ত্রিবেদী।

অবস্রংসন (অবস্রোংশন্) [অব—স্রন্‌স্ (ক্ষরিত, চ্যুত হওয়া) + অন (ট্—ভাবে)] বি, ক্লী, অধঃপতন। ২। ক্ষরণ।

অবস্রস্ত (অবস্রোসৃত) [অব—স্রন্‌স্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অধঃপতিত; ক্ষরিত। ২। চ্যুত।

অবহসিত (অবহোশিত) [অব—হস্ (হাস্য করা) + ত (ভাবে—ক্ত) বি, ক্লী, উচ্চহাস্য।

অবহস্ত [অব (বিপরীত) হস্ত] বি, পুং, হস্তপৃষ্ঠ, করতলের উল্টা পিঠ।

অবহার (র্) [অব—হৃ (হরণ করা) + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, হরণ; চৌর্য্য। ২। যুদ্ধাদির বিরাম। ৩। যুদ্ধবিরত সৈন্যগণকে শিবিরে প্রত্যাগমন করান। সেনানিবাসে বা শিবিরে প্রত্যাগমন। প্র—"অনন্তর দ্রোণ দুর্য্যোধন প্রভৃতি সকলে অবহার করিলে অর্জ্জুন শত্রুগণকে ভীত ও যুদ্ধে পরাঙ্মুখ জানিয়া স্বসৈন্যগণকে ক্রমে ক্রমে অবহার করিলেন।" —মহাভারত (সিংহ)। ৪। স্বধর্ম্ম-ত্যাগ করতঃ ধর্ম্মান্তর গ্রহণ বা আশ্রয়।

অবহি [ব্রজ; হিঃ] অ, এখন; এখনই। ২। এখনও।

অবহিত [অব—ধা (ধারণ করা, মনোযোগ করা) + ত (কর্ম্মে—ক্ত) ধা = হি, যাহা মনে বা হৃদয়ে ধারণ করা হইয়াছে] বিণ, অবধান যুক্ত; সাবধান; ২। জ্ঞাত; বিদিত; পরিচিত। ৩। সতর্ক। ৪। [ধা (মনোযোগ করা) + ক্ত (কর্তৃ)] মনোযোগী। ৫। অপ্রমত্ত; ধীর; স্থির। প্র—"তিনি প্রতিদিন যথাকালে অমাত্যবর্গ-পরিবৃত হইয়া অবহিতচিত্তে রাজকার্য্যের পর্য্যালোচনা করিতেন।"

—বিদ্যাসাগর (সী, ব)।

অবহিত্থ [ন = অ, বহিস্ (বাহিরে) স্থা (থাকা) + অ (ড,—ভাবে) স্ লোপ, স্থ = থ, বাহিরে না থাকা, অর্থাৎ অদর্শন] বি, ক্লী, আকারগুপ্তি। স্ত্রী, **অবহিত্থা**—মনের ভাব গোপন। ২। [অলঙ্কার শাস্ত্রে] সঞ্চারিভাব বিশেষ; ছলাদি দ্বারা আকার গোপনের চেষ্টা (রূপ গোস্বামী মতে)। "গৌরব, ভয় ও লজ্জাদি-সম্ভূত যে হর্ষাদির আকার গোপন, তাহার নাম অবহিত্থা। ব্যাপারান্তরে আসক্তি, অন্য প্রকার বাক্যকথন ও অন্যদিকে

প্র—"বল তারে কথায় রাখিব কত টেলে।
অবশ সে বশ নয় পরের ছেলে।"
—গোপাল উড়ে (বাং-গান)
২। অনধিকৃত; অনায়ত্ত। ৩। দুর্ব্বল; শিথিল; নিস্তেজ। প্র—অবশেন্দ্রিয়। ৪। অস্বাধীন; পরতন্ত্র। ৫। অসাড়। প্র—ঠাণ্ডায় হাত পা অবশ হয়ে গে'ছে। ৬। [ক্রি-বিণ] অবশ্য; নিশ্চিত।

অবশিষ্ট [অব—শিষ্ (শেষ রাখা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ. অবশেষে যাহা থাকে; বাকী; উদ্বৃত্ত; অতিরিক্ত; পরিশিষ্ট।

অবশীভাব (অবোশিভাব্) [ন=অ+বশীভাব (বশ+ভূ+ঘঞ্)—অভূততদ্ভাবে, চ্বি—দীর্ঘ] বি, ক্লী. বশ্যতার অভাব; অবাধ্যতা।

অবশেন্দ্রিয় [অবশ (অনধীন) হইয়াছে ইন্দ্রিয় যাহার, বহু] বিণ. যা'র ইন্দ্রিয় বশীভূত নহে; অজিতেন্দ্রিয়; যাহার ইন্দ্রিয় দমনে শক্তি নাই।

অবশেষ (ষ্) [অব—শিষ্ (বধ করা, শেষ রাখা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, উদ্বৃত্ত। ২। অবশিষ্ট অংশ। প্র—ভস্মাবশেষ। ৩। অবসান; পরিশেষ; অন্ত; সমাপ্তি। প্র—কথাবশেষ। ৪। নিঃশেষ। ৫। পরিসীমা; সীমা। প্র—দুঃখ বা কষ্টের অবশেষ।

অবশ্য (অবোশ্শো) [ন=অ—বশ্য (অধীন) নঞ্ তৎ] বিণ. যে বশ্য নয়; বশীকরণের অযোগ্য; অদম্য; অবাধ্য। ২। নিশ্চয়; নিঃসন্দেহ; নিঃসংশয়। স্ত্রী. **অবশ্যা**—অনায়ত্তা।

অবশ্য-অবশ্য—[বাক্য দৃঢ় করণার্থে দ্বিত্ব] অ, সুনিশ্চয়; কথার অন্যথা না হওয়া।
প্র—"আমার সঙ্গে অবশ্য অবশ্য সাক্ষাৎ করিয়া যাইবে।" —বঙ্কিম।

অবশ্যম্ভাবী (অবশ্শম্ভাবি) [অবশ্যম্ (নিশ্চয়) ভূ (হওয়া)+ইন (ণিন ভবিষ্যদর্থে)] বিণ. যাহা নিশ্চয় হইবে; যাহা অন্যথা হইবার নহে। **অবশ্যম্ভাবিতা**—বি, স্ত্রী, অবশ্য হইবার নিশ্চয়তা। **অবশ্যম্ভাবিত্ব**—ক্লী. ঘটিবার সংশয় রাহিত্য।

অবশ্রয়ণ (অবস্স্রয়ন্) [অব—শ্রি (পাক করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী. চুল্লী হইতে অবতরণ; উনুন হইতে পাকপাত্র নামাইয়া লওয়া।

অবষ্টব্ধ (অবশ্টব্ধ) [অব—স্তন্ভ (স্তব্ধ হওয়া, আবরণ করা; আরম্ভ করা ইত্যাদি)+ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে আবদ্ধ করা হইয়াছে; সংযত; বদ্ধ। ২। পরিবেষ্টিত। ৩। রুদ্ধ। ৪। অভিভূত; স্তব্ধ। ৫। প্রতিবন্ধ। ৬। [কর্ত্তৃ] আশ্রিত; রক্ষিত। ৭। জড়ীভূত; স্তব্ধীভূত। ৮। আসন্ন।

অবষ্টম্ভ [অব—স্তন্ভ+অ (ল্—ভাবে)] বি, পুং, আরম্ভ; সূচনা। ২। অবলম্বন; আশ্রয়। ৩। সৌষ্ঠব। ৪। অহঙ্কার; অভিমান। ৫। স্তব্ধীভাব।

অবসথ (অবশথ্) [অব—সো (পুষ্ট হওয়া)+থ (ক্) অধি—সংজ্ঞার্থে, সো=স (নিপাত) বিশেষরূপে পরিপালিত হওয়া যায় যেখানে] বি, পুং, বাসভূমি; আবাস। ২। গ্রাম। ৩। আথড়া; আড্ডা। ৪। পাঠগোষ্ঠী; পাঠশালা।

অবসথ্য (অবশোথ) [অবসথ+য, স্বার্থে] বি, অবসথ দ্রঃ।

অবসন্ন (অবশোন্নো) [অব—সদ্ (অবসন্ন হওয়া)+ত (কর্ত্তৃ ক্ত) দ—ত=ন্ন] বিণ. যে অবসাদ প্রাপ্ত হইয়াছে; বিষণ্ণ; বিমর্ষ; ম্লান; স্ফূর্ত্তিহীন। প্র—অবসন্ন মন।
২। শ্রান্ত; ক্লান্ত; শিথিল; শক্তিহীন।
প্র—অবসন্ন দেহ।
৩। অবসান প্রাপ্ত; ক্ষয় প্রাপ্ত।
প্র—রাত্রি অবসন্ন হইলে ইত্যাদি।

অবসর (অবশর্) [অব—সৃ (গমন করা)+অ (ল্—ভাবে)] বি, পুং, গমন করা।
২। অবকাশ; ছুটী।
প্র—তিনি কার্য্য স্থান হইতে দীর্ঘ অবসর লইয়া দেশ ভ্রমণে বহির্গত হইয়াছেন।
৩। সুযোগ; সুসময়।
প্র—অবসর বুঝিয়া তাহাকে সে কথা বলিও।
৪। শূন্যস্থান; ফাঁক।
প্র—"বন-অবসরে খণ্ড জ্যোৎস্না নির্ম্মল
পড়িয়াছে দেব-অঙ্গে,—"
—নবীনচন্দ্র (অমিতাভ)।

অবসর্প (শরূপ) [অব—সৃপ্ (গমন করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, গমন করা।
২। [কর্ত্তৃ অ (ল্) বি, পুং, দূত; প্রণিধি।
৩। গুপ্তচর। স্ত্রী. অবসর্পিণী।

অবসর্পিণী (অবশোর্পিনি) [অবসর্প দ্রঃ] বি, স্ত্রী. জৈনদিগের কাল যাহা দশকোটি কোটি সাগর বর্ষে সমাপ্ত হয়।

অবসাদ (অবশাদ্) [অব—সদ্ (অবসন্ন হওয়া)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, শিথিলতা; অবসন্নতা। ২। দৈন্য; স্ফূর্ত্তিহীনতা; নৈরাশ্য; উৎসাহহীনতা।
প্র—"অবসাদ হিমে ডুবিয়ে ডুবিয়ে।"
—গোবিন্দ রায়।

"ঘরে অন্ন নাহি যার, মরণ মঙ্গল তার,
তার কেন বিলাসের সাদ।
যার নারী সুতা সুত, সদা অন্ন কষ্টযুত,
সর্ব্বদা তাহার অবসাদ॥"
—ভারতচন্দ্র।

৩। খেদ; বিষাদ। ৪। ক্লান্তি।
৫। পরাজয়।
প্র—"শৈশব যৌবনে উপজল বাদ।
কোই না মানই জয় অবসাদ॥"
—বিদ্যাপতি।
৬। ক্ষয়; নাশ। ৭। বিরাম; শেষ।

প্র—"একে মোর অন্তর, পোড়ায় নিরন্তর,
তিল এক নাহি অবসাদ॥"
—জ্ঞানদাস।

অবসাদন (অবোশাদন্) [অব—সদ্ (গমন করা) ণিচ্+অন (ট্—ভাবে)] বি, ক্লী. গমন করান। ২। বিনাশ। ৩। নিঃশেষ করণ; সমাপন। ৪। বলহীন করণ নিঃশক্তি করণ।

অবসাদিত (অবোশাদিত) [অব—সদ+ণিচ সাদি+ত (কর্ম্মে ক্ত)] বিণ. অবসাদ প্রাপ্ত; আক্রান্ত। ২। নিঃশেষিত। ৩। বিনষ্ট। ৪। বিষাদিত; খিন্ন।

অবসান (অবোশান্) (অব—সো (শেষ করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী. বিরাম; ক্রিয়াসমাধান। প্র—কর্ম্মাবসান।
২। মৃত্যু। ৩। সীমা; পর্য্যন্ত।
প্র—কোথায় আরম্ভ কোথায় অবসান তাহার ঠিক নাই।
৪। নিশ্চয়; নির্ণয়; নির্দ্ধারণ।
৫। অবসাদ। ৬। অবস্থান; স্থিতি।
৭। বিণ. শেষ; সমাপ্ত।
প্র—"নিশি হ'ল অবসান।"
৮। নীচ; অন্ত্যাবসায়ী; ম্লেচ্ছ; গণনা-বহির্ভূত।
প্র—"দেশের বাহিরে যেন অবসান জাতি।"
—কাশীদাস (মহাভারত)।
[দ্রঃ—অন্ত বা শেষ অর্থে 'অবসান' স্থলে ব্রজ-ভাষায় ছন্দানুরোধে এবং উচ্চারণ মাধুর্য্য হেতু 'অবসানা' শব্দের ব্যবহার দেখা যায়।
প্র—"কত চতুরানন, মরি মরি যাওত
ন তুয়া আদি অবসানা।
তোহে জনমি পুন, তোহে সমাওত,
সাগরী লহরী সমানা॥"
—বিদ্যাপতি।

অবসায় (অবশায়্) [অব—সো (সমাপন করা)+অ (ঘঞ্—ভাবে) য—আগম] বি, পুং, অবসান। ২। নিশ্চয়। ৩। ক্রি-বিণ. সমাপন করিয়া; সমাধান করিয়া। (২) নিশ্চিত করিয়া।

অবসারণ (অবশারন্) [অব—সৃ+ণিচ্=সারি (সারান)+অন (ট্—ভাবে)] বি, ক্লী. স্থানান্তর করণ; সরান।

অবসিত (অবশিতো) [অব—সো (শেষ করা)+ত (কর্ত্তৃ ক্ত)] বিণ. যাহার অবসান হইয়াছে; অবসান প্রাপ্ত; সমাপ্ত; শেষ।
প্র—"অবসিত পঠদ্দশা হইল যেমন,
কোথা হ'তে অতি ক্ষুদ্র বিষাদের রেখা
পড়িল হৃদয়ে মম—" —আলো ও ছায়া।
২। অপসারণ; দূরীকরণ।
৩। বিগত; গত; অতীত। ৪। পরিণতি প্রাপ্ত; পরিণত।

প্র—সমস্তই এক্ষণে কষ্টে অবসিত হইল। ৫। স্থিরীকৃত ; নিশ্চিত। ৬। [অব—সো (জানা)+ক্ত (কর্ত্তৃ)] বিদিত ; বিজ্ঞাত। ৭। সঞ্চিত। ৮। [অব—সি (বন্ধন করা)+ক্ত (কর্ম্মে)] বদ্ধ। ৯। [অব+সো (সমাপ্ত করা)+ক্ত (ভাবে)] বি, ক্লী, অবসান।

অবসৃত [অব—সৃ (গমন করা)+ত (কর্ত্তৃ ক্ত)] বিণ, অপসৃত ; দূরীকৃত। ২। অবসর প্রাপ্ত।

অবস্কন্দ (অবশ্‌কন্দ) [অব (বিরুদ্ধ) স্কন্দ্ (গমন করা)+অ (ল—অধি) সৈন্যগণ বিশ্রামার্থ যথায় গমন করে] বি, পুং, স্কন্ধাবার ; সেনানিবেশ ; ছাউনি ; শিবির ; তাম্বু। ২। [অল্, ভাবে] আক্রমণ ; অবরোধ। ৩। অবতরণ। ৪। অবগাহন।

অবস্কন্দন (অবশ্‌কন্দন্) [অব—স্কন্দ (গমন করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, গমন। ২। অবরোহণ। ৩। অবগাহন। ৪। আক্রমণ। ৫। অবরোধন ; নিরোধ।

অবস্কর (অবশ্‌কর্) [অব (নিম্নে) কৄ (বিক্ষিপ্ত করা)+অ (ল—কর্ম্মে)] বি, পুং, সংমার্জ্জনীদ্বারা যাহা পরিষ্কার করা হয় ; আবর্জ্জন ; জঞ্জাল ; ওঁচলা। ২। বিষ্ঠা ; ময়লা। ৩। [অ (ল—অপাদানে) যে স্থান হইতে মল নির্গত হয়] মলদ্বার ; গুহ্যদেশ ; private parts ; the anus.
৪। [অ (ল্) অধিকরণে] যে স্থানে ময়লা সঞ্চিত হয় ; পায়খানা ; আঁস্তাকুড়।

অবস্তু (অবোস্‌তু) [ন+অ (নাই) বস্তু (সার) যাহাতে, বহু] বিণ, অসার ; অপদার্থ। ২। [ন=অ (নিকৃষ্ট) বস্তু ; নঞ্তৎ] অকিঞ্চিৎকর পদার্থ। ৩। [বেদান্তে] ব্রহ্মাতিরিক্ত সমস্ত পদার্থই অবস্তু ; অসৎ (তুল—ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা)। (২) অসত্তা ; অবিদ্যমানতা ; বস্তুর অভাব ; non-entity ; nothing.

অবস্থা (অবোস্‌থা) [অব—স্থা (থাকা)+অ (ঙ্—ভাবে)] বি, স্ত্রী, স্থিতি। ২। স্থিতির প্রকারভেদ ; কালকৃত বৈলক্ষণ্য দশা।
প্র—"যতদিন ভবে না হবে না হবে, তোমার অবস্থা আমার সম। ঈষৎ হাসিবে, শুনে না শুনিবে, বুঝে না বুঝিবে যাতনা মম।"
—কৃষ্ণচন্দ্র মজুমদার (সদ্ভাবশতক)।
৩। সাংসারিক দশা। প্র—এখন তাহার অবস্থা ভাল, কোন অভাবই আর তাহার নাই। ৪। সঙ্গতি ; সৌভাগ্য ; সমৃদ্ধি ; শ্রী। প্র—অবস্থাপন্ন লোক। ৫। সুযোগ ; সুবিধা। প্র—"অবস্থা বুঝিয়া ব্যবস্থা।" —প্রবচন। ৬। বেশ ; প্রকার ; ভাব। প্র—এরূপ অবস্থায় তথায় যাওয়া উচিত নহে। ৭। ক্ষেত্র। প্র—এ অবস্থায় তিনি কি করিতেন বলা যায় না। ৮। লক্ষণ ; গতিক। প্র—রোগীর অবস্থা বড় ভাল বলিয়া বোধ হইল না। ৯। দুঃখ ; দুর্দ্দশা। প্র—"ভাটের অবস্থা করে এত ধরে বল।" —মাণিক গাঙ্গুলি (ধ,ম,) ১০। নরক যন্ত্রণা ; পাপের ভোগ। প্র—"জীবে দুঃখ দিছ তোমার হইবে অবস্থা।"
—চৈতন্যচরিতামৃত।
১১। অপালন জনিত ক্লেশ [এই অর্থে "আবস্থা" এইরূপ মেয়েলি প্রয়োগ আছে। প্র—মা-থেকো ছেলেটার ভারি অবস্থা হচ্চে। ১২। বয়োদশা ; বাল্য, যৌবন, প্রৌঢ়, বার্দ্ধক্য ভেদে জীবনের কাল। [স্মৃতিশাস্ত্রে—(১) পৌগণ্ড (জন্ম হইতে ৫ বৎসর বয়স পর্য্যন্ত), (২) কৌমার (৫—১০), (৩) কৈশোর (১০—১৫) মতান্তরে বাল্য (১০—১৬), (৪) যৌবন (১৬—৭০)। মতান্তরে ১৬—৩০। এবং প্রৌঢ় = যৌবন ও বার্দ্ধক্যের মধ্য অবস্থা (প্রৌঢ়াদ্রঃ)। (৫) বার্দ্ধক্য (৭০—১০০), (৬) বর্ষীয়ান্ ১৩। পরিমাণ।

অবস্থান (ন) [অব—স্থা (থাকা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, স্থিতি ; বাস ; থাকা। ২। অবস্থান কাল ; স্থিতিকাল। ৩। সূর্য্যের পথের নাম উত্তর, মধ্যম এবং দক্ষিণ এই তিন অবস্থান অর্থাৎ তিনভাগে বিভক্ত, উত্তর অবস্থান যা ঐরাবত, মধ্যমের নাম জারদ্গব, দক্ষিণের নাম বৈশ্বানর। ৪। [অধি—অনট্, অবস্থান করা যায় যে স্থানে] বাসস্থান ; আবাস ; আলয়। ৫। দশা ; অবস্থা। বিণ, অবস্থিত।

অবস্থান্তর (র্) [অবস্থা—অন্তর, অবস্থার অন্তর (পরিবর্তন) ৬তৎ] বি, ক্লী, বৈলক্ষণ্য ; ভিন্ন অবস্থা ; অন্য দশা। ২। ভাবান্তর অবস্থার পরিবর্ত্তন ; ভিন্নভাব। ৩। স্বতন্ত্র আকার ; রূপান্তর। বিণ, **অবস্থান্তরিত**।

অবস্থাপন (ন্) [অব—স্থা+ণিচ=স্থাপি (প—আগম)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, স্থাপিত করণ ; সন্নিবেশ ; সংস্থাপন। ২। স্থিরীকরণ, নির্দ্ধারণ। বিণ, অবস্থাপিত।

অবস্থাপিত [অব—স্থা+ণিচ্=স্থাপি (প—আগম)+ত (কর্ম্মে—ক্ত)—যাহাকে স্থাপন করা হইয়াছে] বিণ, সন্নিবেশিত ; সংস্থাপিত। ২। স্থিরীকৃত ; নিশ্চিত।

অবস্থায়ী [অব—স্থা+ইন্ (ণিন্ কর্ত্তৃ) য—আগম=অবস্থায়িন্ ১মা ১বচনে অবস্থায়ী] বিণ, যে অবস্থান করে ; স্থিতিকারী।

অবস্থিত [অব—স্থা+ত (কর্ত্তৃ ক্ত) ই—আগম আ—লোপ] বিণ, যে অবস্থিতি করিয়াছে কৃতাবস্থান। ২। স্থির ; অবিচলিত। ৩। আশ্রিত। ৪। নিবিষ্ট। ৫। নিযুক্ত।

অবস্থিতচিত্ত—বিণ, যাহার চিত্ত স্থির হইয়াছে ; স্থিরচিত্ত ; প্রশান্ত।

অবস্থিতি (অবোস্‌থিতি) [অব (চতুর্দ্দিকে বিস্তার করিয়া) স্থিতি (স্থা—থাকা, ভাবে (ক্তি—তি)] বর্ত্তমানতা অর্থে অবস্থান ; থাকা। ২। বাস ; বসবাস। ৩। [জড়বিজ্ঞানে] বস্তু বা পদার্থের অবস্থিতি, ইহা "দিক এবং দূরত্ব দ্বারা নিণীত হয়।" —রামেন্দ্রসুন্দর ত্রিবেদী।

অবস্রংসন (অবস্‌স্রোংশন্) [অব—স্রন্‌স্ (ক্ষরিত, চ্যুত হওয়া)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, অধঃপতন। ২। ক্ষরণ।

অবস্রস্ত (অবস্‌স্রোস্‌ত) [অব—স্রন্‌স্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অধঃপতিত ; ক্ষরিত। ২। চ্যুত।

অবহসিত (অবহোশিত) [অব—হস্ (হাস্য করা)+ত (ভাবে—ক্ত) বি, ক্লী, উচ্চহাস্য।

অবহস্ত [অব (বিপরীত) হস্ত] বি, পুং, হস্ত-পৃষ্ঠ, করতলের উল্টা পিঠ।

অবহার (র্) [অব—হৃ (হরণ করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, হরণ ; চৌর্য্য। ২। যুদ্ধাদির বিরাম। ৩। যুদ্ধবিরত সৈন্যগণকে শিবিরে প্রত্যাগমন করান। সেনানিবাসে বা শিবিরে প্রত্যাগমন। প্র—"অনন্তর দ্রোণ দুর্য্যোধন প্রভৃতি সকলে অবহার করিলে অর্জ্জুন শত্রুগণকে ভীত ও যুদ্ধে পরাঙ্মুখ জানিয়া স্বসৈন্যগণকে ক্রমে ক্রমে অবহার করিলেন।" —মহাভারত (সিংহ)। ৪। স্বধর্ম্ম-ত্যাগ করতঃ ধর্ম্মান্তর গ্রহণ বা আশ্রয়।

অবহি [ব্রজ ; হিং] অ, এখন ; এখনই। ২। এখনও।

অবহিত [অব—ধা (ধারণ করা, মনোযোগ করা)+ত (কর্ম্মে—ক্ত) ধা=হি, যাহা মনে বা হৃদয়ে ধারণ করা হইয়াছে] বিণ, অবধান যুক্ত ; সাবধান ; ২। জ্ঞাত ; বিদিত ; পরিচিত। ৩। সতর্ক। ৪। [ধা (মনোযোগ করা)+ক্ত (কর্ত্তৃ)] মনোযোগী। ৫। অপ্রমত্ত ; ধীর ; স্থির। প্র—"তিনি প্রতিদিন যথাকালে অমাত্যবর্গ-পরিবৃত হইয়া অবহিতচিত্তে রাজকার্য্যের পর্য্যালোচনা করিতেন।"
—বিদ্যাসাগর (সী, ব)।

অবহিত্থ [ন=অ, বহিস্ (বাহিরে) স্থা (থাকা)+অ (ড,—ভাবে) স্ লোপ, স্থ=থ, বাহিরে না থাকা, অর্থাৎ অদর্শন] বি, ক্লী, আকারগুপ্তি। স্ত্রী, **অবহিত্থা**—মনের ভাব গোপন। ২। [অলঙ্কার শাস্ত্রে] সঞ্চারি-ভাব বিশেষ ; ছলাদি দ্বারা আকার গোপনের চেষ্টা (রূপ গোস্বামী মতে)। "গৌরব, ভয় ও লজ্জাদি-সম্ভূত যে হর্ষাদির আকার গোপন, তাহার নাম অবহিত্থা। ব্যাপারান্তরে আসক্তি, অন্য প্রকার বাক্যকথন ও অন্যদিকে

অবলোকন ইহাতে জন্মিয়া থাকে।"

প্র—"গিরির পাশেতে গিয়া, গৌরী ছিল দাঁড়া-ইয়া, লজ্জা পেয়ে বিয়ার কথায়। কমল কুসুম-দলে, গণনা করেন ছলে, যেন মন অন্য দিকে ধায়॥" —কুমারসম্ভব।

—এই উদাহরণে কমলদল গণনাচ্ছলে পার্ব্বতী হর্ষাদি গোপন করিতেছেন।"

—জয়গোপাল গোস্বামী (কাব্য-দর্পণ)।

অবহুজ্ঞ (অবোহুগ্‌গ) [ন=অ, বহু জানে যে সে বহুজ্ঞ, নঞ্‌ তৎ] বিণ, যে বহু বিষয় জানে না; অল্পজ্ঞ।

অবহেলন (ন্) [অব—হেড়্ (অনাদর করা) +অন (ট্‌—ভাবে)] বি, ক্লী, অবহেলা।

অবহেলা (অবোহেলা—হ্যালা) [অব—হেড়্ (অবজ্ঞা করা)+অ (অঙ্—ভাবে) আপ্, স্ত্রী, ড়=ল] বি, স্ত্রী, হেলা; অনাদর; অবজ্ঞা; উপেক্ষা; অযত্ন। ২। অমনোযোগ। প্র—পাঠে অবহেলা।

৩। অবলীলা; অনায়াস।

[দ্রঃ—মাইকেল মধুসূদন দত্ত ক্রিয়া পদে "অবহেলি" "অবহেলিল" প্রভৃতি ব্যবহার করিয়াছেন (মেঘনাদ)]

অবহেলনীয় [অব—হেড়্ +অনীয় (কর্ম্মে)] বিণ, অবহেলার যোগ্য; অবজ্ঞেয়; উপেক্ষণীয়।

অবহেলিত [অব—হেড়্ +ত (কর্ম্মে)] বিণ, যাহাকে অবহেলা করা হইয়াছে; অবজ্ঞাত; উপেক্ষিত। ২। [ভাবে—ক্ত] বি, ক্লী, অনাদর।

অবাক্ (অবাক্) [ন=অ (নাই) বাক্ (বাক্য) যাহার, বহু] বিণ, নির্ব্বাক্; বাক্য হীন; মূক। ২। বিণ, আশ্চর্য্যান্বিত; স্তম্ভিত; স্তব্ধ; আশ্চর্য্যান্বিত হইলে প্রায়ই বাক্‌স্ফূর্ত্তি হয় না, এজন্য 'অবাক্' মানে 'আশ্চর্য্যান্বিত' হইয়াছে। প্র—"জ্ঞান অনন্তরূপে পশিবে নাথ মম হৃদে, অবাক্ হইয়ে অধীর মন শরণ লইবে শ্রীপদে।"

—পুণ্ডরীক মুখো (ব্রহ্ম সঙ্গীত)।

[সমনাম—আনন্দ, প্রেম, ভক্তি, ভয়, বিস্ময় প্রভৃতি ভাবে হৃদয় ভরিয়া আসিলে বাক্‌স্ফূর্ত্তি হয় না বলিয়াই লোকে গদগদ বচনে কথা কহে। (তুল—"আনন্দ গদগদ নারদ মাতিল"—হেম) পরে ভাবোদয় অতি মাত্রায় হইলে 'অবাক্' হয়। কল্পনা বা আশার অতীত অর্থাৎ অপ্রত্যাশিত বিষয় ব্যাপারে মুগ্ধ হইলে লোকে বিস্মিত বা বিস্ময়াপন্ন হয়। প্র—"কন্যার এরূপ রূপ লাবণ্য যে কোন ক্রমেই তাহাকে চণ্ডাল-কন্যা বলিয়া বোধ হয় না। রাজা তাহার নিরুপম সৌন্দর্য্য ও অসামান্য সৌকুমার্য্য অনিমেষ লোচনে অবলোকন করিয়া বিস্ময়াপন্ন হইলেন।"—কাদম্বরী। বিস্ময়ের সহিত আনন্দ ও প্রশংসার ভাব জড়িত থাকিলে তাহা 'চমৎকৃত' পদবাচ্য হয়। প্র—"চন্দ্রাপীড় কাদম্বরীর সৌজন্য ও দাক্ষিণ্য এবং মদলেখার মধুর বচনে চমৎকৃত ও বিস্মিত হইয়া কহিলেন—আমি তোমাদিগের গুণে অতিশয় বশীভূত হইয়াছি।" —কাদম্বরী।

"বিস্মিত অদ্ভুত বীর্য্য হেরি।" —বৃত্রসংহার।

বিস্ময়াদির আতিশয্য হেতু দেহ মনের বৃত্তি সমুদয় রুদ্ধ হইলে লোকে 'স্তম্ভিত' (স্তম্ভের ন্যায় নিঃশব্দ, নিস্পন্দীভূত ও জড়ভাবাপন্ন) হয়।

প্র—"সুরলোক মোহিত মোহন কুহকে।
স্তম্ভিত বীণাপাণি সুরতান্ পুলকে॥"

—দশমহাবিদ্যা।

মনের বৃত্তি স্তম্ভিত হইলে পর কর্ত্তব্য অবধারণে অক্ষমতা হেতু নিশ্চেষ্ট হইলে মানুষ কিং-কর্ত্তব্য-বিমূঢ় হয়। অস্বাভাবিক এবং অসম্ভাবিত বিষয় বা বস্তুকে সম্ভব হইতে দেখিয়া বা শুনিয়া লোকে আশ্চর্য্যান্বিত হয়। প্র—"চণ্ডালের গৃহে এরূপ সুন্দরী কুমারীর সম্ভব নিতান্ত অসম্ভব ও আশ্চর্য্যের বিষয়।" "প্রথমতঃ ইহাই আশ্চর্য্য যে, পক্ষী মনুষ্যের মত কথা কহিতে পারে।" —কাদম্বরী।]

অবাক্‌জলপান (অবাক্ জলপান্) বি, জলপান যাহা খাইলে তাহার গুণে আশ্চর্য্যান্বিত হইয়া অবাক্ হইতে হয়। এই জলপান নানা-বিধ ভর্জ্জিত শস্য একত্র করিয়া লবণ তৈল লঙ্কা সংযোগে প্রস্তুত হয়।

অবাক্‌পুষ্প, অবাক্‌পুষ্পী [অবাক্ (অধোভাগে) পুষ্প যাহার—বহু, যাহার পুষ্প অধোমুখে থাকে] বি, স্ত্রী, হেমপুষ্পী। ২। মৌরী। ৩। শতপুষ্পা। ৪। শুলফা। ৫। চোরকাঁটা।

অবাক্‌শিরা (রা) [মূলশব্দ অবাক্‌শিরস্—১মা ১ বচনে অবাক্‌শিরা, অবাক্ (অধোভাগে) শিরস্ (মস্তক) যাহার—বহু] বিণ, নতশীর্ষ; হেঁটমাথা।

প্র—"কুরুরাজ * * * অবাক্‌শিরাঃ ও বিমনায়মান হইয়া চিন্তা করিতে লাগিলেন।"

—মহাভারত (সিংহ)।

অবাগ্র [অব (বিপরীত, অধোমুখ) হইয়াছে, অগ্র (মস্তক—আগা) যাহার, বহু] বিণ, অবনতাগ্র; অধোমুখ; নতমুখ।

অবাঙ্মুখ (অবাংমুখ) [অবাক্ (অধোভাগে) মুখ (বদন) যাহার, বহু] বিণ, নতমুখ; অধোবদন।

অবাচিকা [পারিভাষিক শব্দ] বি, কুমেরু প্রদেশ; Antarctica.

অবাচী [অবাচ্ (দক্ষিণ দিক্)+ঈ—স্ত্রী] বি, স্ত্রী, দক্ষিণ দিক্। ২। অধোদিক্। বিণ, অর্বাচীন।

অবাচ্য (চ্চ) [ন=অ (অপ্রশস্ত, কুৎসিত) বাচ্য—বচ্ +য (কর্ম্মে) নঞ্‌ তৎ] বি, ক্লী, দুর্ব্বাক্য; দুর্ব্বচন; নিন্দা। ২। বিণ, বলিবার অযোগ্য; অবক্তব্য; অকথ্য। ৩। [অবাচ্ +য, ভবার্থে] দক্ষিণদেশীয়।

অবাত (-ত্) [ন=অ (নাই) বাত (বায়ু) যেখানে, বহু] বিণ, বায়ুশূন্য; নির্ব্বাত।

অবাধ (ধ্) [ন=অ (নাই) বাধা যাহার—বহু] বিণ, বাধাহীন; অনর্গল; প্রতিবন্ধকতা শূন্য। ২। পীড়াশূন্য।

অবাধে—ক্রি-বিণ, কোনরূপ বাধা না পাইয়া; অনায়াসে; নির্ব্বিঘ্নে।

অবাধ্য (ধ্‌ধ) [ন=অ—বাধ্য (বশীভূত) নঞ্‌ তৎ] বিণ, বাধা দিবার অযোগ্য বা অসমর্থ। ২। অবশীভূত। ৩। যে কথা শোনে না। বি, অবাধ্যত্ব।

অবাধ্যতা [অবাধ্য দ্রঃ—তা (ভাবে)] বি, স্ত্রী, আদেশ অমান্য করণ; নিষেধ অবহেলন; আজ্ঞা লঙ্ঘন। ২। অবশীভূততা।

অবান্তর (র্) [অব (গত) অন্তর (মধ্য)—নিত্য] বিণ, অন্তর্গত; অন্তর্ভুক্ত; অন্তঃ-পাতী; প্রধানের অঙ্গভূত। প্র—অবান্তর-বিভাগ। ২। বিশেষ। ৩। [ক্রি-বিণ] অধিকন্তু; আনুষঙ্গিক। ৪। মূল প্রসঙ্গের বহির্ভূত; irrelevant. প্র—মূল প্রসঙ্গ ছাড়িয়া অবান্তর বিষয়ের আলোচনার প্রয়োজন নাই। ৫। অপ্রধান।

অবান্তর-বিভাগ—(র্, গ্) বি, পুং, বিভাগের বিভাগ।

অবান্তর-শাসন (র্, শাসন্) বি, ক্লী, রাজ্যের অন্তর্গত বিষয় সকল যে শাসনের অধীন।

অবান্তর (র্) [বৃত্তান্ত শব্দের অপভ্রংশ ও পরে প্রাদেশিক উচ্চারণ বিকার] বি, বৃত্তান্ত; কাহিনী; ইতিহাস। প্র—"জানিল দেবতা-গণ সব অবান্তর।"—কাশী—মহা—গদা।

[আবান্তর দ্রঃ]

অবান্ধব (ব্) [ন=অ (নাই) বান্ধব (মিত্র) যাহার বা যাহাতে—বহু] বিণ, বান্ধবশূন্য; মিত্রহীন; বন্ধুশূন্য।

অবারণীয় [ন=অ, বৃ+ণিচ্–বারি (নিবারণ করা)+অনীয় কর্ম্মে, নঞ্‌ তৎ] বিণ, বারণ করিবার অযোগ্য; যাহা বারণ করিবার নয়। ২। নিবারণের শক্তিবহির্ভূত; অনিবার্য্য; দুর্ব্বার।

অবারিত [ন=অ, বৃ+ণিচ=বারি (নিবারণ করা)+ক্ত (কর্ম্মে) নঞ্‌ তৎ] বিণ, যাহাকে নিবারণ করা যায় না; যাহা রুদ্ধ বা নিষিদ্ধ নয়; অনিবারিত; অপ্রতিষিদ্ধ; মুক্ত। প্র—অবারিত দ্বার। ২। ক্রি-বিণ, যাহাতে বারণ নাই; বারণ ভিন্ন; বারণ ব্যতিরেকে; অবাধে।

অবার্য্য (অবার্জ) [ন=অ—বৃ+ণিচ=বারি (বারণ করা)+য (ঘ্যণ্—কর্ম্মে) নঞ্‌তৎ] বিণ, যাহাকে বারণ করা যায় না ; অনিবার্য্য ; দুর্ব্বার।

অবাস্তব (ব্) [ন=অ, বাস্তব৴ বস্তু+অ (ণ্) তস্য ইদমর্থে, নঞ্‌তৎ] বিণ, যাহা বাস্তব নয় ; অসত্য ; অযথার্থ ; অলীক ; অপ্রকৃত ; অমূলক। ২। ভ্রমাত্মক ; অযৌক্তিক। ৩। অবস্তু সম্বন্ধীয়।

অবাস্তবিক (ক্) [ন=অ, বস্তু+ইক (ণ্) তস্য ইদমর্থে] বিণ, অবাস্তব দ্রঃ।

অবাসা (শা) [মূল শব্দ অবাসস্, ন=অ (নাই) বাসস্ (বস্ত্র) যাহার, বহু, ১মা ১বচনে অবাসা] বিণ, বস্ত্রহীন ; বিবস্ত্র ; নগ্ন ; উলঙ্গ।

অবিকত্থন (অবিকথ্‌থন্) [ন=অ (নাই) বিকত্থন যাহার—বহু] বিণ, যে বিকত্থন করে না ; নিরহঙ্কার ; যে আত্মশ্লাঘা করে না ; আত্মপ্রশংসাশূন্য। ২। [ন=অ—বি—কত্থ+অন (ট্—ভাবে)] বি, স্ত্রী, আত্মশ্লাঘার অভাব ; নিরহঙ্কারিতা।

অবিকল (ওবিকল্) [ন=অ—বিকল (দোষযুক্ত) নঞ্‌তৎ] বিণ, যাহা বিকল নয় ; যে অঙ্গহীন নয় ; কোন অংশে হীন বা অধিক নয় ; যেরূপ হওয়া আবশ্যক ঠিক তদ্রূপ। ২। সম্পূর্ণ ; অবিকৃত। প্র—
"চয়ন করিয়া যেই চরণের রজঃ।
অবিকল সকল রচনা করে অজ॥" —শিবায়ন।
৩। অবিসংবাদী। [বিরল]

অবিকার (র্) [ন=অ (নাই) বিকার (বি—কৃ+ঘঞ্—ভাবে—ভাবান্তর) যাহার—বহু] বিণ, কোন অবস্থাতেই যাহার বিকার হয় না ; সমভাবাপন্ন ; বিকার রহিত ; বিকৃতিশূন্য ; নির্ব্বিকার। ২। অপরিবর্ত্তিত ; স্থির।

অবিকৃত [ন=অ, বি—কৃ+ত (কর্ম্মে ক্ত) নঞ্‌তৎ] বিণ, যাহাকে বিকৃত করা হয় নাই ; যাহা ভাবান্তরিত নহে ; বিকার রহিত। ২। পূর্ব্বাবস্থ। ৩। অমিশ্র ; খাঁটি ; বিশুদ্ধ।

অবিক্রীত [ন=অ, বি—ক্রী (কেনা)+ত (কর্ম্মে ক্ত) নঞ্‌তৎ] বিণ, যাহা বিক্রীত হয় নাই।

অবিক্রেয় [ন=অ, বি—ক্রী+য (কর্ম্মে) নঞ্‌তৎ] বিণ, যাহা বিক্রয় করার উপযুক্ত নহে ; বিক্রয় করিবার জন্য নহে ; যাহা বিক্রয় করা যায় না ; বেচিবার মত নহে।

অবিক্লব (ব্) [ন=অ—বিক্লব (বি—ক্লব্=ভীত হওয়া)+অ (কর্তৃ অল্) নঞ্‌তৎ] বিণ, বৈক্লব্যহীন ; প্রশান্ত ; অব্যাকুল ; স্থির।

অবিক্ষত [ন=অ—বিক্ষত, নঞ্‌তৎ] বিণ, অবিদ্ধ ; অক্ষত ; আঘাতশূন্য। ২। অখণ্ডিত ; পূর্ণ।

অবিক্ষিপ্ত (অবিক্‌খিপ্‌ত) [ন=অ+বিক্ষিপ্ত নঞ্‌তৎ] বিণ, যাহা বিক্ষিপ্ত নহে ; অচঞ্চল ; স্থির। ২। যাহা ছড়াইয়া নাই ; যাহা বিছান নয় ; অবিস্তৃত। ৩। অনিক্ষিপ্ত।

অবিগর্হিত [ন=অ—বিগর্হিত, নঞ্‌তৎ] বিণ, অদূষিত। ২। সাধুসম্মত। ৩। অনিন্দিত।

অবিগীত [ন=অ, বিগীত (বি—বিশেষভাবে —গৈ=শব্দ করা+ত—কর্ম্মে ক্ত)—নঞ্‌তৎ] বিণ, যাহা বিগীত নয় ; অবিগর্হিত। ২। অনিন্দিত ; প্রশংসিত। প্র—
"পরাশর ব্রহ্মঋষি তোর পিতা যেই।
অবিগীত ব্রাহ্মণ-ব্রাহ্মণী জন্য সেই॥"
—অন্নদামঙ্গল।

অবিঘ্ন [ন=অ—বিঘ্ন, নঞ্‌তৎ] বি, বিঘ্ন রহিত ; প্রতিবন্ধকশূন্য। ২। বিণ, নির্ব্বিঘ্ন ; নিরাপদ। ক্রি-বিণ, অবিঘ্নে ; নির্ব্বিঘ্নে ; অবাধে। বৈ, সা, ও ব্রজবুলিতে প্রাকৃত উচ্চারণ অবিঘিনে। প্র—
"বিহি পায়ে করি পরিহার।
অবিঘিনে সুন্দরী করু অভিসার॥"
—বিদ্যাপতি।

অবিচল (ল্) [ন—অ, বি—চল+অ (ল্—ভাবে) নঞ্‌তৎ] বিণ, পুং, যাহা বিচলিত নহে ; অচঞ্চল ; স্থির। প্র—
"দাঁড়াইয়া তরুরাজি স্থির, অবিচল।"
—নবীনচন্দ্র (পলাশির যুদ্ধ)
২। অভ্রষ্ট। প্র—"অবিচলকুল, রমণীসকল, শুনিয়া হরল চিত।" —চণ্ডীদাস।

অবিচলিত (অবিচোলিত, ত্) [ন=অ—বিচলিত (চঞ্চল)] বিণ, স্থির ; দৃঢ় ; অচঞ্চল। প্র—রামচন্দ্রের প্রতি তাঁহার যেরূপ অবিচলিত ভক্তি ও ঐকান্তিক অনুরক্তি ছিল, তাহার কিঞ্চিন্মাত্র ব্যতিক্রম ঘটে নাই।"
—বিদ্যাসাগর।

অবিচার (র্) [ন=অ—বি—চর+অ(ভাবে—ঘঞ্)] বি, পুং, বিচারের অভাব। ২। অন্যায় বিচার ; বিপরীত বিচার। ৩। ধর্ম্মাধর্ম্ম নির্ণয়ের অভাব ; অন্যায়। ৪। অবিবেচনা। ৫। অত্যাচার।

অবিচ্ছিন্ন [ন=অ—বিচ্ছিন্ন] বি, যাহার বিচ্ছেদ নাই ; অবিরাম। ধারাবাহিক।

অবিচ্ছেদ (দ্) [ন=অ—বিচ্ছেদ] বি, পুং, বিচ্ছেদাভাব ; সংলগ্নতা ; সঙ্গতি। ২। অখণ্ডতা। ৩। অবিরহ ; মিলন। ৪। বিণ, অবিভক্ত ; অখণ্ড। ৫। ধারাবাহী অবিরাম ; একটানা। ৬। ক্রি-বিণ, ক্রমাগত ; ক্রমান্বয়ে। ৭। অবাধে। [ক্রি-বিণে, 'অবিচ্ছেদে' ও ব্যবহৃত হয়]

অবিজ্ঞ (অবিগ্‌গঁ) [ন=অ—বিজ্ঞ, নঞ্‌তৎ] বিণ, যাহার বিজ্ঞতা জন্মে নাই ; অবিশেষজ্ঞ ; অবহুদর্শী ; অপ্রবীণ ; অনভিজ্ঞ ; অশিক্ষিত।

অবিজ্ঞাত (অবিগ্‌গ্যাঁত) [ন=অ—বিজ্ঞাত (বিশেষভাবে জানা)] বিণ, সম্পূর্ণ ; অজানিত ; অজ্ঞাত ; অবিদিত ; অনবগত ; অপরিজ্ঞাত। ২। যিনি সাক্ষাৎভাবে জ্ঞানগম্য নহেন ; পরব্রহ্ম ; আত্মা ; পরমাত্মা।

অবিজ্ঞেয় (অবিগ্‌গেঁয়) [ন=অ—বিজ্ঞেয়] বিণ, বিজ্ঞানাতীত ; অপরিজ্ঞেয় ; অনবগম্য জ্ঞানাতীত ; অজ্ঞেয়।

অবিতথ [ন=অ—বিতথ=অসত্য] বিণ, সত্য ; যথার্থ।

অবিতৃপ্ত [ন=অ—বিতৃপ্ত (সন্তুষ্ট)] বিণ, অসন্তুষ্ট ; অতৃপ্ত ; অপরিতুষ্ট।

অবিতৃষ্ণ (অবিতৃশ্‌ণ্‌ট) [ন=অ (নাই) বিতৃষ্ণা যাহার, বহু] বিণ, যাহার বিতৃষ্ণা জন্মে নাই ; তৃষ্ণাযুক্ত ; সাভিলাষ ; সতৃষ্ণ। ২। প্রবৃত্ত।

অবিদিত [ন=অ—বিদিত (জ্ঞাত) নঞ্‌তৎ] বিণ, যাহা বিদিত নহে ; যাহা জানা নাই ; অজ্ঞাত ; অপরিচিত।

অবিদূর (র্) [ন=অ—বিদূর, নঞ্‌তৎ, যাহা দূরস্থিত নয়] বিণ, অদূরস্থিত ; নিকটস্থ ; সমীপবর্ত্তী।

অবিদ্য (অবিদ্দ) [ন=অ (নাই) বিদ্যা (জ্ঞান) যাহার, বহু] বিণ, যাহার বিদ্যা নাই ; অবিদ্বান ; মূর্খ ; অজ্ঞ। ২। বিদ্যার অবিষয়ীভূত ; জ্ঞানের অবিষয়।

অবিদ্যমান (অবিদ্দোমান) [ন=অ—বিদ্যমান, নঞ্‌তৎ] বিণ, যাহা বিদ্যমান নাই ; অনুপস্থিত ; অবর্ত্তমান। ২। অস্তিত্বরহিত ; সত্তাশূন্য ; non-existent ; absent. বি, **অবিদ্যমানতা**—অনুপস্থিতি। ২। সত্তারাহিত্য।

অবিদ্যা (অবিদ্দা) [ন=অ—বিদ্যা (জ্ঞান) নঞ্‌তৎ] বি,স্ত্রী, অজ্ঞান ; মায়া। [অবিদ্যা পঞ্চবিধ যথা—তম, মোহ, মহামোহ, তামিস্র, এবং অন্ধতামিস্র] ২। প্রকৃতি। ৩। বেশ্যা। ৪। যুদ্ধাস্ত্র বিশেষ। [রত্নমালা]

অবিধা [ন=অ (না) বিধা (সুযোগ)] বি, অসুবিধা ; কুবিধা ; সুযোগাভাব।

অবিধান (ন্) [ন=অ—বিধান (বিধি) নঞ্‌তৎ] বি, স্ত্রী, অন্যায় বিধান ; অব্যবস্থা ; অশাস্ত্রীয় বিধান বা ব্যবস্থা।

অবিধি [ন=অ—বিধি (নিয়ম) নঞ্‌তৎ] বি, পুং, অব্যবস্থা ; অশাস্ত্র ; অনিয়ম। ২। কুবিধি ; মন্দ ব্যবস্থা। ৩। বিণ, অবৈধ ; শাস্ত্রবিরুদ্ধ ; অশাস্ত্রীয়।

অবিধেয় [ন=অ—বিধেয় (কর্ত্তব্য) নঞ্‌তৎ] বিণ, যাহা বিধেয় নহে ; অন্যায় ; অযোগ্য ; অকর্ত্তব্য।

অবিধ্বংসী (অবিধ্বোংশি) [ন=অ—বিধ্বংসী, নঞ্ তৎ] বিণ, যাহা ধ্বংস হইবার নহে ; বিনাশাযোগ্য : চিরস্থায়ী ; অক্ষয় ; অবিনাশী। প্র—"তাবত সকল পাপ সবাকার দেহে। অবিধ্বংসি রামনাম যাবত না কহে ॥"
—শিবায়ন।

অবিনত [ন=অ—বিনত (বিনয়যুক্ত) নঞ্ তৎ] বিণ, যে বিনয়যুক্ত নহে ; অবিনয়ী। ২। বি, বিনয়হীন ব্যক্তি। [বিরল] প্র—"নির্ভর জানেনা এ অবিনত—"
—রজনী সেন।

অবিনয় [ন=অ—বিনয় (শিষ্টাচার) নঞ্ তৎ] বি, পুং, বিনয়ের অভাব ; অশিষ্টতা ; ঔদ্ধত্য ; ধৃষ্টতা। ২। অনার্য্য ব্যবহার ; অনাচার। ৩। অপরাধ। ৪। [ন=অ (নাই) বিনয় যাহার, বহু] বিণ, অবিনীত।

অবিনশ্বর (অবিনশ্শর্) [ন=অ—বিনশ্বর (বি—নশ্ (অদর্শন হওয়া) + বর (ট্—কর্ত্তৃ) যাহা বিনাশ প্রাপ্ত হয়—নঞ্ তৎ] বিণ, যাহা নাশশীল নহে ; অবিনাশী ; ক্ষয়রহিত ; অক্ষয় ; মরণ ধর্ম্ম রহিত ; অমর।

অবিনাভাব (ব্) [ন=অ—বিনা (ব্যতিরেকে) ভাব (বিদ্যমানতা) নঞ্ তৎ। ন্যায় দর্শনে] বি, যাহার বিদ্যমানতায় বিদ্যমানতা এবং অবিদ্যমানতায় অবিদ্যমানতার অনুমান ; যথা—"বহ্নিমান্ ধূমাৎ" ধূম থাকিলে বহ্নি নিশ্চয়ই থাকিবে আর ধূম না থাকিলে বহ্নির অভাব অনুমান হইবে। ২। নিত্য সম্বন্ধ।

অবিনাশী [ন=অ—বিনাশ+ইন্ (অস্ত্যর্থে) বিনাশিন্ ১মা ১বচনে বিনাশী, নঞ্ তৎ] বিণ, যাহার বিনাশ নাই ; অবিনশ্বর : অমর ; অক্ষয়।
প্র—"প্রভু দয়ার অবতার অতুল-গুণনিধান, পূর্ণব্রহ্ম অবিনাশী।" —ব্রহ্ম সঙ্গীত।

অবিনীত [ন=অ—বি—নী+ক্ত (কর্ত্তৃ) নঞ্ তৎ] বিণ, যে বিনয় করে না ; অশিষ্ট : উদ্ধত : ধৃষ্ট। ২। অসৎ ; অশিক্ষিত। স্ত্রী, **অবিনীতা**—দুর্ব্বিনীতা। ২। কুলটা ; অসতী।

অবিন্ধন (ন্) [অপ্ অর্থাৎ জল হইয়াছে ইন্ধন (কাষ্ঠ) স্বরূপ যাহার, বহু] বি, পুং, জলে যে বহ্নি বাহির হইয়াছে ; বড়বানল। ২। বজ্রাগ্নি।

অবিপ্রিয় (অবিপ্‌পৃঅ) [ন=অ—বিপ্রিয় (বিগতপ্রিয়, অপ্রিয়) নঞ্ তৎ] বিণ, যাহা বিরক্তিকর নহে ; যাহা পাইতে ইচ্ছা আছে ; অপ্রতিকূল : ইষ্ট ; প্রিয়। ২। অনবজ্ঞাত। ৩। (ওবিপপৃও) [অবি (মেষ) + প্রিয় মেষের প্রিয়] বি, শ্যামাকতৃণ ; শ্যামাঘাস। স্ত্রী, **অবিপ্রিয়া**—শ্যামালতা ; শ্বেতালতা।

অবিপ্লুত [ন=অ—বি—প্লু ত (বি—প্লু=প্লুত গতিতে বা লম্ফ দিয়া গমন—ত, কর্ত্তৃ—নঞ্ তৎ)] বিণ,, যে অশ্বের ন্যায় প্লুতগতিতে বা লম্ফ দিয়া যায় না ; অবাধে প্রবর্ত্তিত ; অবিগত। ২। অবিধ্বংস ; অবিনষ্ট। ৩। [কর্ম্মে ক্ত] আচরিত। ৪। [অ+বিপ্লু ত (বি—প্লু = গমনকরা, উপদ্রবকরা) + ত] অনুপদ্রুত ; অবিপর্য্যস্ত। ৫। অদূষিত। ৬। [অ+ বিপ্লু ত (অপ্লাবিত)] যাহা জলপ্লাবনে বিপর্য্যস্ত হয় নাই ; অপ্লাবিত।

অবিভক্ত [ন=অ—বিভক্ত, নঞ্ তৎ ; যাহা ভাগ করা হয় নাই] বিণ, অখণ্ডিত ; অনংশিত। ২। [কর্ত্তৃ ক্ত] যাহারা সম্পত্তি বিভাগ করিয়া লয় নাই ; অপৃথককৃত ; অকৃতবিভাগ।

অবিভাজ্য (জ্জ) [ন=অ—বিভাজ্য (বি—ভজ্ + য (ঘ্যণ্—কর্ম্মে) যাহা ভাগ করা উচিত, নঞ্ তৎ] বিণ, যাহা ভাগকরা অনুচিত বা যাহা ভাগ করিতে নাই। প্র—অবিভাজ্য সম্পত্তি। ২। যাহা ভাগ করা যায় না indivisible. প্র—অবিভাজ্য রাশি।

অবিভাতি [প্রাদেশিক। অবিবাহিত শব্দের অপভ্রংশ] বিণ, অবিবাহিত। প্র—"অবিভাতি কন্যা প্রায় লয় মোর মনে।"
—কাশীদাস (মহাভারত)

অবিমুক্ত [ন=অ—বিমুক্ত (পরিত্যক্ত)—নঞ্ তৎ] বি, ক্লী, যাহা কখন পরিত্যাগ করা হয় নাই ; অপরিত্যক্ত ; অপরিহার্য্য। ২। বি, মুমুক্ষু ব্যক্তি কিম্বা হরগৌরী কখন পরিত্যাগ করেন নাই এমন পুরী ; বারাণসী ; কাশী।

অবিমুক্তেশ্বর (র্) [অবিমুক্ত—ঈশ্বর (কর্ম্মধা)] বি, পুং, বিশ্বেশ্বর ; শিবলিঙ্গবিশেষ।

অবিমৃষ্য (অবিমৃশ্‌শ) [ন=অ—বি—মৃষ্ (ক্ষমা করা, বিবেচনাকরা) + য (ক্যপ্) নঞ্ তৎ] বিণ, অসহনশীল ; অবিবেচক।

অবিমৃষ্যকারিতা [অবিমৃষ্য—কৃ + ণিন্= কারিন্ + তা—ভাবে] বি, স্ত্রী, বিবেচনা না করিয়া কার্য্য করা ; পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কর্ম্ম করা ; অবিবেকতা। ক্লীবলিঙ্গে, **অবিমৃষ্যকারিত্ব**।

অবিমৃষ্যকারী [অবিমৃষ্য—কৃ + ইন্ (ণিন্) = কারিন্ ১মা ১বচনে=কারী] বিণ, যে পূর্ব্বাপর বিবেচনা না করিয়া কর্ম্ম করে। অবিবেচক। স্ত্রী, **অবিমৃষ্যকারিণী**। বি, অবিমৃষ্যকারিতা।

অবিমৃষ্যবাদী—যে বিবেচনা না করিয়া বলে ; যে অবিবেচনার কথা কহে।

অবিমৃষ্যভাষী—যে সুচিন্তিত বাক্য বলে না। যে বিবেচনা করিয়া কথা কহে না।

অবিবক্ষিত (অবিবোক্‌খিত) [বিবক্ষিত (বচ্—বলা) + স (ন্) ইচ্ছার্থে=বিবক্ষ+ত (কর্ম্মে ক্ত) ই আগম ; ন=অ—বিবক্ষিত, নঞ্ তৎ] বিণ, বিবক্ষা বা কথনেচ্ছারহিত। ২। অনভিপ্রেত (উক্তিসম্বন্ধে)। ৩। অনুপলক্ষিত : অধ্বনিত ; তাৎপর্য্যদ্বারা অনুপলব্ধ ; unimplied, not signified.

অবিবাদে [ন=অ (নাই) বিবাদ যাহাতে] ক্রি-বিণ, বিনা বিবাদে ; অবিরোধে ; নির্ব্বিবাদে।

অবিবাহিত [ন=অ—বিবাহিত (বিবাহ+ ইত (চ্—অস্ত্যর্থে) নঞ্ তৎ] বিণ, যাহার বিবাহ হয় নাই ; অনূঢ় ; অপরিণীত ; অকৃতদার। স্ত্রী, **অবিবাহিতা**।

অবিবেক (ক্) [ন=অ—বিবেক (বিবেচনা) নঞ্ তৎ] বি, পুং, বিবেকের অভাব ; সদসদ্ বিবেচনা শূন্যতা ; অবিমৃষ্যকারিতা। ২। অজ্ঞান। ৩। ভ্রম ; ব্যাকুলতা হেতু মোহ। ৪। [ন=অ (নাই) বিবেক যাহার—বহু] বিণ, বিবেকহীন ; অজ্ঞ ; সদসদ্‌বিচার বিহীন ; মূঢ়। বি, অবিবেকতা।

অবিবেকতা [অবিবেক+তা, ভাবে] বি, স্ত্রী, অবিবেচনা ; অবিমৃষ্যকারিতা ; মূঢ়তা।

অবিবেকী [অবিবেক+ইন্ (অস্ত্যর্থে)—অবিবেকিন্ ১মা ১ বচনে অবিবেকী] বিণ, সদসদ্ বিবেচনা শূন্য ; অবিবেচক ; মূঢ়। ২। শাস্ত্রাদিজ্ঞানশূন্য। ৩। [সাঙ্খ্যদর্শনে] প্রধান।

অবিবেচক (ক্) [ন=অ—বিবেচক, নঞ্ তৎ] বিণ, যে বিবেচক নয় ; যাহার বিবেচনা ; নাই ; ন্যায় অন্যায় বিবেচনা বা বিচারবিহীন ; বিচার বুদ্ধি শূন্য। ২। অন্যায়কারী।

অবিবেচনা [ন=অ—বিবেচনা, নঞ্ তৎ] বি, স্ত্রী, বিবেচনার অভাব। ২। বুদ্ধিহীনতা। ৩। অন্যায় বিবেচনা ; অবিচার।

অবিরক্ত [ন=অ—বিরক্ত, নঞ্ তৎ] বিণ, যে বিরক্ত নয় ; বিরক্তিহীন। ২। অনুরাগযুক্ত ; অনুরক্ত ; আসক্ত। ৩। যে উদাসীন নহে।

অবিরত [ন=অ (নাই) বিরত (বিরতি : বিশ্রাম) যাহাতে—বহু। অথবা ন=অ—বিরত, নঞ্ তৎ] ক্রি-বিণ, বিরতিবিহীন : অনবরত ; নিরত ; সতত। ২। যাহার বিশ্রাম নাই ; অবিশ্রান্ত। বি, অবিরতি।

অবিরতি (রো) [ন=অ—বিরতি (নিবৃত্তি) নঞ্ তৎ] বি, স্ত্রী, বিশ্রামের অভাব ; অনিবৃত্তি। বিণ, অবিরত।

অবিরল (ল্) [ন=অ—বিরল (ফাঁক)—বি+ রম্+অল, ম লোপ] বিণ, যাহাতে ফাঁক নাই ; ছিদ্রহীন ; ঘন ; গাঢ় ; নিবিড়। ২। নিরন্তর ; অবিশ্রান্ত। ৩। অজস্র। প্র—"অবিরল চক্ষুজল মুছিয়া আঁচলে।
—মেঘনাদ।

অবিরাম (ম্) [ন=অ (নাই) বিরাম (বিশ্রাম)

যাহার, বহু] বিণ, যাহার বিশ্রাম নাই ; যাহা থামে না ; বিশ্রামশূন্য। ২। ক্রি-বিণ, সর্ব্বদা ; সতত।

অবিরুদ্ধ (অবিরুদ্‌ধ) [ন=অ—বিরুদ্ধ, নঞ্‌ তৎ] বিণ, যাহা বিরুদ্ধ নয় ; অবিপরীত ; অনুযায়ী। ৪। নির্দ্দোষ। ৫। প্রাসঙ্গিক ; সংলগ্ন। ২। অনুকূল। ৩। অনিবারিত অপ্রতিহত। ৬। ন্যায্য ; সুসঙ্গত।

অবিরোধ (ধ্‌) [ন=অ—বিরোধ, নঞ্‌ তৎ] বি, পুং, বিরোধের অভাব ; বিবাদের অভাব। ২। বিরুদ্ধ মতরাহিত্য ; সম্মতি। ৩। সমন্বয়। ৪। বিণ, বিরোধ রহিত ; অবাধ। ৫। ক্রি-বিণ, বিনা বিরোধে ; নির্ব্বিরোধে ; অবিবাদে [এই অর্থে 'অবিরোধে' শব্দের ব্যবহার আছে]।

অবিরোধী [বিরোধ+ইন্‌, অস্ত্যর্থে=বিরোধিন্‌ ১মা ১বচনে বিরোধী—ন=অ—বিরোধী, নঞ্‌ তৎ] বিণ, যে বিরোধী নয় ; যে বিরোধ করে না। নিরীহ ; শান্তস্বভাব। ২। সঙ্গত ; ৩। অবিরুদ্ধ ; অনুকূল ; অনুযায়ী। স্ত্রী, **অবিরোধিনী**।

অবিলম্ব [ন=অ—বিলম্ব, নঞ্‌ তৎ] বি, পুং, বিলম্বের অভাব, ত্বরা। ২। বিণ, বিলম্ব শূন্য। ক্রি-বিণ, **অবিলম্বে**—বিলম্ব না করিয়া ; শীঘ্র ; সত্বর।

বিলম্বিত (লো) [ন=অ—বিলম্বিত (গৌণ) নঞ্‌ তৎ] বিণ, যাহাতে বিলম্ব করা হয় নাই ; ত্বরিত ; শীঘ্র ; আশুকৃত। ২। ক্রি-বিণ, শীঘ্র ; সত্বর।

[ন=অ—বিশঙ্কা (ভয়) নঞ্‌ তৎ] বি, স্ত্রী, শঙ্কার অভাব ; অভয়। ২। বিশ্বাস।

ঙ্কিত [ন=অ—বিশঙ্কা+ইত (চ্‌—অস্ত্যর্থে)] বিণ, যাহার শঙ্কা নাই ; দুর্ভাবনারহিত ; ভয়হীন ; অভয়।

অবিশুদ্ধ (অবিশুদ্‌ধ) [ন=অ—বিশুদ্ধ, নঞ্‌ তৎ] বিণ, যাহা বিশুদ্ধ নয় ; মলিন ; দোষযুক্ত। ২। যাহা খাঁটি নয় ; মিশ্রিত ; ভেজাল। ৩। দোষাশ্রিত ; দোষদুষ্ট। ৪। ভ্রম সঙ্কুল ; ভ্রান্তিযুক্ত ; অশুদ্ধ। ৫। অপবিত্র ; অশাস্ত্রীয় ; আচার-বিরুদ্ধ।

অবিশেষ (ষ্‌) [ন=অ—বিশেষ (প্রভেদ) নঞ্‌ তৎ] বি, পুং, বিশেষ নহে ; ভেদরাহিত্য ; অভেদ। ২। [ন=অ (নাই) বিশেষ যাহার—বহু] বিণ, পৃথক্‌কৃত নহে ; অভিন্ন ; নির্ব্বিশেষ।

অবিশ্রান্ত (অবিস্‌স্রান্‌ত) [ন=অ—বিশ্রান্ত (ক্লান্ত) নঞ্‌ তৎ] বিণ, শ্রান্তিরহিত ক্লান্তিরহিত ; অশ্রান্ত ; অক্লান্ত। ২। ক্রি-বিণ, বিশ্রাম বা বিরাম ব্যতিরেকে ; অবিরাম ; অনবরত ; সতত ; অবিরত। প্র—"অবিশ্রান্ত ডাক তাঁরে সরল অন্তরে।" —ব্রহ্মসঙ্গীত।

৩। অজস্র। প্র—"তথায় অবিশ্রান্ত জলধারার পতন শব্দে চতুর্দ্দিক মুখরিত করিয়া রাখিয়াছে।"

অবিশ্রুত (অবিস্‌স্রুত) [ন=অ—বিশ্রুত, নঞ্‌ তৎ] বিণ, যাহা বিখ্যাত নয় ; অপ্রসিদ্ধ।

অবিশ্বসনীয় (অবিশ্‌শনিঅ) [ন=অ—বিশ্বসনীয়, নঞ্‌ তৎ] বিণ, যাহা বিশ্বাস-যোগ্য নয় ; যাহাকে বিশ্বাস করা উচিত নহে বা যায় না ; অবিশ্বাস্য।

অবিশ্বস্ত (অবিশ্‌শস্‌ত) [ন=অ—বিশ্বস্ত, নঞ্‌ তৎ] বিণ, যে বিশ্বস্ত নয় ; যে বিশ্বাস ভঙ্গ করিয়া বিশ্বাসের অযোগ্য প্রমাণিত হইয়াছে ; প্রত্যয়ের অযোগ্য ; বিশ্বাসঘাতক।

অবিশ্বাস (অবিশ্‌শাশ্‌) [ন=অ—বিশ্বাস, নঞ্‌ তৎ] বি, পুং, বিশ্বাসের অভাব ; অপ্রত্যয়।

অবিশ্বাসী (অবিশ্‌শাশি) [বিশ্বাস+ইন্‌ (অস্ত্যর্থে) যাহার বিশ্বাস আছে,=বিশ্বাসিন্‌ ন=অ—বিশ্বাসিন্‌, নঞ্‌ তৎ ; অবিশ্বাসিন্‌ শব্দের ১মা ১বচনে] বিণ, যাহার কাহারও প্রতি বিশ্বাস নাই ; অপ্রত্যয়কারী। ২। যাহাকে কেহ বিশ্বাস করে না ; ৩। বিশ্বাসঘাতক। ৪। প্রতারক ; প্রবঞ্চক।

অবিশ্বাস্য (অবিশ্‌শাশ্‌শ) [ন=অ—বিশ্বাস্য (বিশ্বাসযোগ্য) নঞ্‌ তৎ] বিণ, বিশ্বাসের অযোগ্য ; যাহাকে বিশ্বাস করা যায় না।

অবিষ (ষ্‌) [ন=অ (নাই) বিষ যাহাতে—বহু] বিণ, বিষহীন ; নির্ব্বিষ। ২। কুৎসিত বিষ। ৩। যৎসামান্য বিষ। স্ত্রী, **অবিষী**—নির্ব্বিষা তৃণ।

অবিষয় (য়্‌) [ন=অ—বিষয়, নঞ্‌ তৎ] বি, ইন্দ্রিয়গ্রাহ্য বিষয়াভাব ; অদর্শন ; অস্থিতি। ২। বিণ, ইন্দ্রিয়াতীত ; অজ্ঞাত ; ইন্দ্রিয়জ্ঞান রহিত। ৩। অপ্রাসঙ্গিক।

অবিসম্বাদ (অবিশম্‌বাদ) বি, পুং, বিরোধাভাব ; মিলন। ক্রি-বিণ, **অবিসম্বাদে**—নির্ব্বিবাদে ; অবাধে।

অবিস্পষ্ট (অবিশ্‌পশ্‌ট) [ন=অ—বিস্পষ্ট (স্পষ্ট) নঞ্‌ তৎ] বিণ, অস্পষ্ট ; অস্ফুট ; অব্যক্ত। ২। বি, অস্ফুট বাক্য ; অস্পষ্ট কথা। ৩। ক্রি-বিণ, **অস্পষ্টভাবে**—অস্ফুটবাক্যে।

অবিহিত [ন=অ—বিহিত, নঞ্‌ তৎ] বিণ, বিহিত নয় ; বিধিবিরুদ্ধ ; অবৈধ ; অশাস্ত্রীয় ; অন্যায্য। ২। নিষিদ্ধ। ৩। অনাচরণীয় ; অকর্ত্তব্য ; অনুচিত। ৪। অননুষ্ঠিত ;

অবীচি (ন=অ (নাই) বীচি (তরঙ্গ) যেখানে, বহু] বিণ, যেখানে তরঙ্গ নাই ; তরঙ্গ রহিত। ২। বি, দান ; দ্রব্যবিনিময় ; সাক্ষ্যদানে মিথ্যাচরণকারীর কর্ম্মভোগের জন্য নির্দ্দিষ্ট নরকবিশেষ।

অবীর (র্‌) [ন=অ—বীর (বলবান্‌) নঞ্‌ তৎ] বিণ, যে বীর নয় ; নির্ব্বীর্য্য ; বলহীন দুর্ব্বল। ২। [ন=অ (নাই) বীর যেখানে, বহু] বীরশূন্য। এই অর্থে মাইকেল মধুসূদন দত্ত নির্ব্বীর শব্দ এবং তাহা হইতে ক্রিয়াপদে নির্ব্বীরিবে শব্দ সংগঠন করিয়াছেন। প্র—
"নির্ব্বীরিবে লঙ্কা আজি সৌমিত্রি কেশরী"
—মেঘনাদ।

৩। বি, [ন=অ (নাই) বীর যাহা হইতে] প্রধান বীর। [বিরল] ৪। বীরের অভাব। [তুলঃ—'dis-hero,' 'dis-heroed'—vide Bradley's Grammar of the English Language]

অবীরা [ন=অ (নাই) বীর যাহার, বহু] বিণ, স্ত্রী, বীরশূন্যা। ২। পতিপুত্ররূপ বীর যাহার নাই ; অনাথা ; পতিপুত্রহীনা ; বিধবা। প্র—"কর্পূর কহেন অবীরার কণ্ঠহার।" —ঘনরাম।
"হ'য়ে অলঙ্কার শূন্যা, নেত্রজলে ভাসি,
হইনু অবীরা আজি!" —অশোকগুচ্ছ।

অবুঝ (ঝ্‌) [ন=অ (নাই)—বুঝ (বোধ) যাহার, বহু। অবুদ্ধি বা অবোধ শব্দজ] বিণ, নির্ব্বোধ ; বোকা ; যে কিছু বুঝে না বা যাহাকে কিছু বুঝান যায় না। প্র—
"অবুঝকে বুঝাব কত বোধ নাহি মানে।
ঢেঁকিকে বুঝাব কত নিত্য ধান ভানে॥"
—প্রবচন।

অবুঝা [অবোধশব্দজ, প্রাদেশিক] বিণ, অবুঝ (দ্রঃ)। ২। নির্ব্বোধ ; যে বোধ বা প্রবোধ মানে না। প্র—অধিক অবুঝা, পিট ভরা কুঁজা, শুতে গেলে করে উঃ।"
—ঘনরাম।
"আমার বচন শুন না হয়ো অবুঝা।" —ঐ।

অবুধ (ধ্‌) [ন=অ—বুধ (বুদ্ধি, পাণ্ডিত্য) নঞ্‌ তৎ। বুদ্ধিশূন্য। প্রা, বাং—অবুধ (ডাকের বচন)] বিণ, যে পণ্ডিত নয় ; অজ্ঞান ; নির্ব্বোধ। প্র—"গোকুল নগরে, কেবা কি না করে, অবুধ মূঢ় সে লোকে।"
—চণ্ডীদাস।

২। যে বোধ মানে না ; অবুঝ ; অবোধ। প্র—"না কর আরতি এ অবুধ নহে।"
—বিদ্যাপতি।

৩। অশিক্ষিত। প্র—মিশ্র বলে তুমি ত অবুধ বিপ্র-সুতা।" —চৈতন্যভাগবত।

অবুরে-সবুরে (ওবুরেশোবুরে) [হিঃ—'অবের-সবের' শব্দজ। অবের=অ—বের (বেলা)=অসময়+সবের, স—বের=সময়] ক্রি-বিণ, সময়ে অসময়ে। ২। কালে ভদ্রে ;

নিতান্ত দরকার সময়ে ; বিশেষ অচল হইলে : কখন কখন ; সুযোগক্রমে।

অবৃদ্ধিক (অবৃদ্‌ধিক্) [ন=অ (নাই) বৃদ্ধি যাহার—বহুব্রীহি সমাসে ক যোগ=অবৃদ্ধিক] বিণ. যাহার ধনের বৃদ্ধি নাই ; কুসীদ বা সুদ দ্বারা যে ধনের বৃদ্ধি নাই। ২। সুদরহিত।

অবেক্ষণ (অবেক্‌খন্) [অব (ব্যাপ্তি, বিস্তার অর্থে)—ঈক্ষ্ (দেখা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী. অবলোকন : দৃষ্টিপাত ; বিলোকন। ২। পর্য্যবেক্ষণ ; পরিদর্শন ; inspection. ৩। অবধান ; মনোযোগ। ৪। পর্য্যালোচনা ; সদসদ্ নিরূপণ। ৫। অনুসন্ধান। ৬। প্রতীক্ষা।

অবেক্ষা [অবেক্‌খা) [অব—ঈক্ষ+অ (ঙ্) স্ত্রী. আ] বি. দর্শন ; আলোচনা ; অনুসন্ধান। ২। আপ্যায়ন ; যত্ন ; আদর ; অভ্যর্থনা : খাতির। ৩। অবধান ; মনোযোগ। ৪। বিচার। ৫। অনুরোধ। প্র—"সেই মুনি সন্তান-প্রতিবন্ধকতারূপ ভাবী-আপদ্ধর্ম্মের অবেক্ষায় তাহাকে অভিচারযুক্ত মন্ত্র প্রদান করিলেন।" —মহা—আদি (বর্দ্ধ)

অবেক্ষণীয় (অবেক্‌খোনিঅ) [অব—ঈক্ষ+অনীয়, কর্ম্মে] বিণ. দর্শন করিবার যোগ্য : অবলোকনীয় ; দর্শনীয়। ২। আলোচনার উপযুক্ত ; আলোচ্য। ৩। অবধারণের যোগ্য। ৪। অনুসন্ধেয়।

অবেক্ষমাণ (অবেক্‌খোমান্) [অব—ঈক্ষ্+আন (শ্) কর্তৃ, ম—আগম] বিণ. যে অবলোকন করিতেছে। ২। অনুসন্ধান তৎপর। ৩। যাহার আলোচনা করা হইতেছে।

অবেক্ষিত [অব—ঈক্ষ+ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে অবলোকন করা হইয়াছে ; দৃষ্ট : অবলোকিত। ২। পর্য্যালোচিত। ৩। যাহার প্রতি মনোযোগ আকৃষ্ট হইয়াছে।

অবেণীবদ্ধ, অবেণীসংবদ্ধ [ন=অ—বেণী—বদ্ধ, সংবদ্ধ] বিণ. যাহা বিননী করিয়া বা বিনাইয়া বাঁধা হয় নাই ; আলুলায়িত ; ।
প্র—"অবেণী-সংবদ্ধ নিবিড় কৃষ্ণ কেশরাশি ধূলায় লুঠাইতেছে।"
—নবাবনন্দিনী (দামোদর)।

অবেদনীয় [ন=অ—বেদনীয়, বিদ্ (জানা) +অনীয় (কর্ম্মে)] বিণ. যাহা জ্ঞানগম্য নহে ; অজ্ঞেয় ; অবেদ্য ; unknowable.

অবেদ্য (অবেদ্দ) [ন=অ—বিদ্+য (ঘ্যণ্, কর্ম্মে) নঞ্ তৎ] বিণ. যাহাকে জানা যায় নাই ; অজ্ঞেয় ; অনবগম্য ; অবেদনীয় ; unknowable.
২। অবোধ্য ; বুদ্ধির অগম্য। ৩। [অ—বেদ্য=বেদন (পরিণয়)-যোগ্য] অবিবাহ্য ; বিবাহের অযোগ্য।

অবেধ্য (ধ্‌ধ) [ন=অ+বেধ্য=বেধন যোগ্য] বিণ. বিদ্ধকরণের অযোগ্য। ২। [জ্যোতিষে] বিবাহাদিনিষেধক গ্রহসংস্থাপনের অযোগ্য।

অবের (র্) [হিঃ অবের্। অ—বের (বেলা, সময়)] বি. অবেলা ; অসময়।

অবেলা (অব্যালা) [ন=অ (অপ্রশস্ত) বেলা (সময়)। গ্রা] বি. অতিক্রান্ত বেলা ; অসময় ; অনুচিত সময়। ২। দিনশেষ ; শেষ বেলা ; দিবাবসান কাল।

অবৈতনিক (অবোইতোনিক্) [ন=অ—বেতন+ইক (ণ্—কর্তৃ) গ্রহণার্থে] বিণ. যে বেতন গ্রহণ করে না : যে বেতন না লইয়া কর্ম্ম করে : বেতনহীন : honorary.

অবৈধ (অবোইধ) [ন=অ—বিধি+অ (ণ্—ইদমর্থে) বিধি=বৈধ, নঞ্ তৎ] বিণ. যাহা বিধি-বোধিত নহে ; ধর্ম্ম ও নীতি শাস্ত্র বিরুদ্ধ : শাস্ত্রে যাহার বিধান বা ব্যবস্থা নাই।
২। আইন বিরুদ্ধ ; রাজবিধির বিরোধী ; বে-আইন ; unlawful, illegal. ৩। অকর্ত্তব্য ; অনুচিত। ৪। নিষিদ্ধ। ৫। অযৌক্তিক।
অবৈধ জনতা—বেআইন জটলা : অপরাধ করিবার উদ্দেশ্যে লোকের সম্মিলন বা জটলা : unlawful assembly.

অবোধ (ধ্) [ন=অ, নাই বোধ (বুদ্ধি, জ্ঞান) যাহার—বহু] বিণ. বুদ্ধিশূন্য : বোধহীন : জ্ঞানশূন্য ; নির্ব্বোধ।
প্র—"কুঞ্জ দুয়ারে অবোধের মত
রজনী প্রভাতে বসে রব কত,
এবারের মত বসন্ত গত জীবনে ;" —রবীন্দ্র।
২। যে বিশিষ্ট বুদ্ধিমান নহে।
৩। [নঞ্ তৎ] বি. জ্ঞানের অভাব : বোধহীনতা। ৪। [প্রাদে] বালক ; শিশু।
[তুল :—বৌদ্ধযুগের বাঙ্গালায় **অবুধ** (ডাকের বচন)]

অবোধগম্য—বিণ. অজ্ঞেয় ; unknowable.

অবোধিয়া [অবোধ+ই=অবোধি+আ (স্বার্থে)] বিণ. বোধহীন ; অবোধ।
প্র—"কর্ণধার বলে অবোধিয়া সদাগর।"
—কবিক।

অবোল (ল্) [ন=অ (নাই) বোল (হিঃ বোলী, বোল=বাক্য) যাহার—বহু] বিণ. নির্ব্বাক ; বাক্‌শক্তিহীন : মূক। ২। নিরীহ। গ্রা—**অবোলা**। প্র—অবোলা জন্তু।

অব্জ [অপ্ (জল)—তাহাতে যে জন্মে] বি. ক্লী. পদ্ম ; কমল। ২। (জলে জন্ম বলিয়া) শঙ্খ। ৩। (সমুদ্র মন্থনে উৎপন্ন বলিয়া) চন্দ্র ; ধন্বন্তরি। ৪। শতকোটি সংখ্যা : ১০০০০০০০০০ ; এক বৃন্দ। ৫। নিচুল বৃক্ষ। ৬। বিণ. যে জলে জন্মে ; জলজ। [বিরল]

অব্জযোনি (—জোনি) [অব্জ (বিষ্ণুর নাভিকমল) হইয়াছে যোনি (উৎপত্তি স্থান) যাহার, বহু] বি, পুং, পদ্মযোনি : ব্রহ্মা : কমলাসন।

অব্জিনী (ওব্‌জিনি) [অব্জ+ইন্ (সমূহার্থে) স্ত্রীলিঙ্গে ঈপ্] বি, স্ত্রী. পদ্মসমূহ : পদ্মিনী। ২। পদ্মলতা। ৩। পদ্মঝাড়। ৪। পদ্মবন।

অব্দ (অব্‌দ) [অব্ (রক্ষা করা, পালন করা) +দ (সংজ্ঞার্থে, কর্তৃ) যে দিবা ও রাত্র্যাত্মক কাল ত্রিজগৎ রক্ষা ও পালন করে] বি, পুং, বৎসর ; হায়ন। ২। [অপ্ (জল)—দ (দা—দান করা+ড, কর্তৃ) যে জল দান করে] মেঘ। ৩। পর্ব্বতবিশেষ। ৪। মুতা-ঘাস ও মূল।

অব্দসার (অব্‌দশার)--কর্পূরবিশেষ।

অব্ধি (ওব্‌ধি) [অপ্ (জল) ধা (ধারণ করা)+ই (কি—কর্তৃ) : যে জলকে ধারণ করে] বি পুং, সমুদ্র।
অব্ধিকফ, অব্ধিফেন—সমুদ্রফেন।
অব্ধিমণ্ডূকী—শুক্তিকা : ঝিনুক।

অব্‌ভ্র [অপ্ (জল) ভৃ (ধারণ করা) অ (ক—কর্তৃ) যে জল ধারণ করে] বি, ক্লী. মেঘ ; জলদ : বারিবাহ। [অভ্র দ্রঃ]

অব্যক্ত (অব্‌বক্‌ত) [ন=অ—ব্যক্ত (প্রকাশিত) যিনি ব্যক্ত নহেন, নঞ্ তৎ,] বি, পুং, ব্রহ্মা। ২। বিষ্ণু। ৩। শিব। (ইঁহাদিগকে কেবল ধ্যান দ্বারা জানা যায় বলিয়াই অব্যক্ত)। ৪। কাম : মনসিজ (কেবল মনেতে প্রকাশ বলিয়াই অব্যক্ত)। ৫। পরমাত্মা : পরব্রহ্ম। ৬। [লোকসমাজে যাহার নাম প্রচার নাই] মূর্খ। ৭। অতি সূক্ষ্ম : অস্পষ্ট : অস্ফুট। ৮। অপ্রকাশিত। ৯। [গণিতে] অজ্ঞাত-রাশি : an unknown quantity.

অব্যক্তপুষ্পক (অব্‌বক্‌তপুশ্‌পক্) [অব্যক্ত—পুষ্প যাহার—বহুব্রীহি সমাসে ক যোগ] বিণ. যে বৃক্ষের পুষ্প বিশেষরূপে ব্যক্ত হয় না (যথা—কাঁটাল) cryptogamus.

অব্যক্তরাগ (অব্‌বক্তরাগ্) [অব্যক্ত (অস্পষ্ট) রাগ (রক্তবর্ণ) কর্ম্মধা] বি, পুং, ঈষৎ লোহিতবর্ণ।

অব্যক্তরাশি (অব্‌বক্ত—) [অব্যক্ত (অস্পষ্ট) রাশি—কর্ম্মধা]বি, পুং, গণিতে—অজ্ঞাতরাশি ; an unkuown quantity.

অব্যক্তশিরস্ক (অব্‌বক্‌তশিরশ্‌ক) [অব্যক্ত—শিরঃ (মস্তক) যাহার—বহু—ক—আগম] বি, যাহার মস্তক স্পষ্ট বুঝা যায় না ; ঝিনুক-জাতীয় জীব ; acephala.

অব্যক্তশক্তি [অব্যক্ত হইয়াছে—শক্তি (শারীরিক বল) যাহার, বহু] বি, জড়ে ও জীবে যে শক্তি প্রচ্ছন্ন হইয়া থাকে ; কেবল সুবিধার অভাবে পরিস্ফুট হয় না ; potential energy.

অব্যথ (অব্‌বথ) [ন=অ (নাই)—ব্যথা (দুঃখ,

ভয়) যাহার, বহু] বিণ, ব্যথারহিত। ২। ভয়শূন্য। ৩। [নাই ব্যথা যাহা হইতে] যে পরের মনে দুঃখ দেয় না; অ-পর-পীড়ক।

অব্যথা (ব্‌ব) বি, স্ত্রী, হরীতকী। ২। স্থলপদ্ম। ৩। শুঁঠ।

অব্যথ্য (অব্‌বোথ্‌থো) [ন=অ—ব্যথ্য, ব্যথ্ (ব্যথা দেওয়া)+য (ক্যপ্) কর্ত্তৃ, নিপাত] বিণ, অব্যথ দ্রঃ।

অব্যবধান (অব্‌বধান্) [ন=অ—ব্যবধান, নঞ্‌তৎ] বিণ, যাহার ব্যবধান নাই; ব্যবধানশূন্য; অব্যবহিত; সংযুক্ত।

অব্যবসায় (অব্‌ববশায়্) [ন=অ—ব্যবসায়, নঞ্‌তৎ] বি, পুং, ব্যবসায়, অভ্যাস বা চর্চ্চার অভাব; অননুশীলন; উদ্যোগের অভাব। ২। অনধিকার; অসংস্রব।

অব্যবসায়ী (অব্‌ববশাঈ) [ব্যবসায়+ইন্ (অস্ত্যর্থে)=ব্যবসায়িন্ ১মা ১বচনে ব্যবসায়ী—ন=অ—ব্যবসায়ী, নঞ তৎ] বিণ, যাহার ব্যবসায়, অনুশীলন বা চর্চ্চা নাই। ২। যে ব্যবসায়ী নহে। ৩। অনধিকারী; সংস্রবহীন। ৪। ব্যবসায়ীর প্রকৃতিবিশিষ্ট নহে; ব্যবসায়ীর অনুপযোগী; unbusinesslike. স্ত্রী, **অব্যবসায়িনী**।

অব্যবস্থ (অব্‌ববসৃথ) [ন=অ (নাই) ব্যবস্থা যাহার, বহু] বিণ, যাহার কার্য্যে বিধিব্যবস্থা নাই; বিশৃঙ্খল; বেবন্দোবস্ত। ২। অনিশ্চিত। ৩। অস্থির; চঞ্চল; উদ্বিগ্ন।

অব্যবস্থা (অব্‌ববসৃথা) [ন=অ—ব্যবস্থা, নঞ্‌তৎ] বি, স্ত্রী, শাস্ত্রীয় বিধানরাহিত্য; শাস্ত্রবিরুদ্ধতা। ২। কোন বিষয়ের নিয়ম না থাকা: বিশৃঙ্খলতা; বেবন্দোবস্ত। ৩। ব্যবস্থার অভাব।

অব্যবস্থিত (অব্‌ববসৃথিত) [ন=অ—ব্যবস্থিত, নঞ্ তৎ] বিণ, শাস্ত্র ব্যবস্থানভিজ্ঞ। ২। অবিহিত। ৩। স্থৈর্য্য বা স্থিরতাশূন্য; কর্ত্তব্যাকর্ত্তব্যনির্দ্ধারণ-রহিত; স্থিরতাহীন। প্র—"অব্যবস্থিত চিত্ত।" ৪। অমীমাংসিত; অনিশ্চিত। স্ত্রী, **অব্যবস্থিতা**।

অব্যবস্থিতচিত্ত (অব্‌ববসৃথিতচিৎত) [অব্যবস্থিত—চিত্ত যাহার—বহু] বিণ, যাহার চিত্তের স্থিরতা নাই; মতিস্থৈর্য্যহীন; অস্থির-মতি। প্র—"অব্যবস্থিত-চিত্ত ব্যক্তির প্রসাদও ভয়ঙ্কর।"

অব্যবহার্য্য (অব্‌ববহারজ) [ন=অ—ব্যবহার্য্য, নঞ্ তৎ] বিণ, ব্যবহারের অযোগ্য; অকর্ম্মণ্য। ২। অনুপভোগ্য। ৩। অনাচরণীয়। ৪। আইন-বহির্ভূত।

অব্যবহিত (অব্‌ববহিত) [ন=অ—ব্যবহিত (ব্যবধানীকৃত) নঞ তৎ] বিণ, ব্যবধানশূন্য; ফাঁক রহিত; সংলগ্ন। ২। সন্নিহিত; সন্নিকটস্থ।

অব্যবহৃত (অব্‌ববহৃত) [ন=অ—ব্যবহৃত, নঞ্ তৎ] বিণ, যাহা ব্যবহার করা হয় নাই। ২। যাহার চলন হয় নাই; অপ্রচলিত। ৩। যাহার সহিত কেহ সামাজিক ব্যবহার করে না; অচল। ৪। বিচার ক্ষেত্রে বা আইনে ব্যবহার-রহিত। ৫। অনুক্ত; অনুদ্ধৃত। ৬। অনুপভুক্ত।

অব্যবু (অব্‌বোবু) [প্রাদে। অবুথবু দ্র:] বিণ, অজ্ঞান; মোহিত; মায়ামুগ্ধ। প্র—
"বিলম্ব দেখিয়া মোরে, ছলে নিতে আইল ঘরে
দৃষ্টিমাত্র হারাইব জ্ঞান।
অব্যবু করিয়া মোরে ছলিয়া যাবেক ঘরে
পশ্চাতে খাবেক মোর প্রাণ।
—শিবায়ন।

অব্যভার (অব্‌বভার্) [অব্যবহার শব্দের অপভ্রংশ] বি, অব্যবহার বা মন্দ ব্যবহার; দুর্ব্ব্যবহার; কদাচরণ।
প্র—"সত্য তবে করিব সভার অব্যভার।"
—চৈতন্য ভাগবত।

অব্যভিচার (অব্‌ব্যাভিচার্) [ন=অ+ব্যভিচার] বি, অবাধ; অনায়াস।
ক্রি-বিণ, **অব্যভিচারে**—অনায়াসে; অবাধে। [বশিষ্ঠ সংহিতা, বঙ্গবাসী]

অব্যভিচরিত (অব্‌ব্যাভিচোরিত) [ন=অ—ব্যভিচরিত, নঞ্‌তৎ] বিণ, ক্লী, বাধাহীন; অবাধ।

অব্যভিচারী (অব্‌ব্যাভিচারি) [ব্যভিচার+ইন্, অস্ত্যর্থে=ব্যভিচারিন্ ১মা ১বচনে ব্যভিচারী। ন=অ—ব্যভিচারী, নঞ্ তৎ] বিণ, ব্যভিচারী নহে। ২। অবিকল; অভিন্ন। ৩। ব্যভিচার দোষ রহিত; ধর্ম্ম হইতে অবিচলিত। ৪। অপরিবর্ত্তনশীল; দৃঢ়; স্থির; নিত্য। (২) অবিসংবাদী: constant. ৫। [ন্যায়দর্শনে] কোনরূপ প্রতিকূল কারণ দ্বারা নিবারণ করিতে অশক্য। (২) অলক্ষ্যে যাহার সমন্বয় হয় না।

অব্যয় (অব্‌বয়্) [ন=অ (নাই) ব্যয় (বি—ই=গমন করা, পাওয়া+অ=অল্, ভাবে) যে বিবিধ রূপান্তর প্রাপ্ত হয় না] বি, পুং, যে সকল লিঙ্গে এবং সকল বিভক্তিতেই একরূপ থাকে; কারক ভেদে যাহার কোন রূপান্তর ঘটে না। ২। [ন=অ (নাই) ব্যয় (নাশ) যাহার, বহু] বি, পুং, যাহার নাশ নাই; অনন্ত; অনাদি। ৩। শিব। (২) বিষ্ণু। (৩) পরব্রহ্ম। ৪। [নাই ব্যয়, অর্থের দানাদি যাহার] কৃপণ; ব্যয়কুণ্ঠ।
প্র—"অব্যয় সাধুর, রাজা নিল সব,
বন্দী হইল দৈব দোষে॥"
—রামেশ্বর ভট্ট (সত্য নারায়ণ)।
স্ত্রী, **অব্যয়া**—দুর্গা।
প্র—"অনাদ্যা অনন্তা অম্বা অম্বিকা অভয়া।
অপরাধ ক্ষম মাগো অব গো অব্যয়া॥"
—অন্নদামঙ্গল।

অব্যয়ীভাব (অব্‌বোইভাব) [অব্যয়+ঈ (চ্বি—অভূত তদ্ভাবার্থে)+ভাব, (ভূ+অ=ঘঞ্, ভাবে) অর্থাৎ যে সমাসে পরপদ অনব্যয় থাকিলেও পূর্ব্বস্থিত অব্যয় পদ যোগে সমুদয় অব্যয় হয়] বি, পুং, সমাস-বিশেষ; বিশেষ্যের পূর্ব্বে অব্যয় পদ যোগে সমাস হইয়া কোন কোন সমস্ত পদ অব্যয়ভাব ধারণ করিলে তাহাকে অব্যয়ীভাব সমাস বলে। যথা—উপকুম্ভ—উপ অব্যয়, কুম্ভ অনব্যয়; অনব্যয় অব্যয় হইল বলিয়াই অব্যয়ীভাব। ২। [অব্যয়ী (অব্যয়+ইন্, অস্ত্যর্থে) ব্যয়শূন্য—ভাব (দশা)] ব্যয়শূন্যতা; অবিনাশিস্বভাব; মরণ-ধর্ম্ম-রাহিত্য।

অব্যর্থ (অব্‌বরৃথ, ওব্‌বরৃথ) [ন=অ—ব্যর্থ (বৃথা) নঞ্ তৎ] বিণ, অমোঘ; সফল সার্থক।

অব্যাকুল (অব্‌ব্যাকুল্) [ন=অ—ব্যাকুল, নঞ্ তৎ] বিণ, অনাকুল; চিত্তের চঞ্চলতাশূন্য; চিত্তচাঞ্চল্য বিহীন।

অব্যাকৃত (অব্‌ব্যাকৃত) [ন=অ—ব্যাকৃত, (বি+আ—কৃ—করা+ত) নঞ্ তৎ] বিণ, যাহা অপরিবর্ত্তিত; অভিন্ন; অবিভক্ত; অখণ্ডিত। ২। [বেদান্তদর্শনে] ক্লী, ব্রহ্মভিন্ন জগদুৎপত্তি-বীজ।

অব্যাখ্যেয় (অব্‌ব্যাক্‌খেয়) [ন=অ—ব্যাখ্যেয়, নঞ্ তৎ] বিণ, যাহা ব্যাখ্যা করা যায় না; ব্যাখ্যার অতীত; দুর্ব্বোধ। ২। যাহা ব্যাখ্যা করা অনুচিত; ব্যাখ্যার অযোগ্য।

অব্যাঘাত (অব্‌ব্যাঘাত্) [ন=অ—ব্যাঘাত, নঞ্ তৎ] বি, পুং, ব্যাঘাতের অভাব। ২। [ন=অ (নাই) ব্যাঘাত যাহার, বহু] বিণ, যাহার বাধা বা বিঘ্ন নাই; অপ্রতিবন্ধক। ক্রি-বিণ, **অব্যাঘাতে**—নির্ব্বিঘ্নে; অবাধে।

অব্যাজ (অব্‌ব্যাজ্) [ন=অ—ব্যাজ (কপটাচার) নঞ্ তৎ] বি, ব্যাজের অভাব; ছলের অভাব; অকপটতা; সারল্য। ২। বিণ, স্বাভাবিক। ৩। শীঘ্র; ত্বরা; অবিলম্ব। ক্রি-বিণ, অব্যাজে।

অব্যাজে (অব্‌ব্যাজে) ক্রি-বিণ, অবিলম্বে; শীঘ্র। ২। অকপটে।
প্র—"অব্যাজে বিষ্ণুর পূজা চণ্ডাল যে করে।
চতুর্ব্বেদী ব্রাহ্মণাতিরিক্ত দেখি তারে॥"
—শিবায়ন।

অব্যাপ্যাবৃত্তি (অব্‌ব্যাপ্‌পোবৃৎতি) [ন=অ (নাই) ব্যাপ্য বৃত্তি (বর্ত্তন, অবস্থান) যাহার, বহু] বিণ, যে সমস্ত ব্যাপিয়া থাকে না; একাংশে স্থিত; একদেশবর্ত্তী।

২। বি, স্ত্রী, একদেশে স্থিতি ; একাংশে স্থিতি।

অব্যাহত (অব্ব্যাহত) [ন=অ—ব্যাহত (বাধাপ্রাপ্ত) নঞ্ তৎ] বিণ, যে বাধা প্রাপ্ত নয় ; ব্যাঘাত শূন্য ; যাহার প্রতিবন্ধক নাই ; অবাধ ; অবারিত। ২। অকুণ্ঠিত ; অব্যর্থ। ৩। [বিশেষার্থে] মুক্তকণ্ঠ। [অ, ম.]

অব্যাহতরূপে (অব্ ব্যা) [বিশেষার্থে] ক্রি-বিণ, মুক্তকণ্ঠে।
প্র—"হেনকালে বসুন্ধরা অব্যাহতরূপে।
কান্দিয়া কহিছে মজি পতি-শোক-কূপে॥"
—অন্নদামঙ্গল।

অব্যাহতি (ওব্ব্যাহোতি) [ন=অ—ব্যাহতি (বি—আ—হন্—হিংসা করা+তি—ভাবেক্তি) =ব্যাঘাত—নঞ্ তৎ], বি, স্ত্রী, অব্যাঘাত ; হিংসার অভাব ; অহিংসা। [অপ্র]
২। নিস্তার ; পরিত্রাণ।
প্র—"মরিলেও নাহি অব্যাহতি।"
—অন্নদামঙ্গল।
৩। [প্রা-বাং] বিণ, অব্যাহত ; বাধাহীন।
প্র—"আনন্দে তরলমনা, কাটা-মুণ্ড লোফে দানা,
মহাবীর রণে অব্যাহতি।"
—কবিকঙ্কণ।

অব্যুৎপন্ন (অব্বুৎপনন) [ন=অ—ব্যুৎপন্ন, নঞ্ তৎ] বিণ, যে ব্যুৎপন্ন নয় ; ব্যুৎপত্তি-হীন। ২। শব্দার্থানভিজ্ঞ। ৩। অশিক্ষিত ; অজ্ঞান।

অব্যূঢ় (অব্বূঢ়) [ন=অ+ব্যূঢ় (ব্যূঢ় দ্রঃ)] বিণ, অবিবাহিত ; অনূঢ়। স্ত্রী, **অব্যূঢ়া**। ২। অসম্বদ্ধ ; অবিন্যস্ত। ৩। অপ্রশস্ত।

অব্যূঢ়ান্ন (অব্বূঢ়ান্ন) [অব্যূঢ় (অপভ্রংশে—আইবুড়)+অন্ন] বি, আইবুড়া ভাত ; বিবাহের সংসৃষ্ট সংস্কার বিশেষ।

অব্রণ (অব্রোন) বিণ, ব্রণরহিত ; অক্ষত ; শারীরিক পীড়া বা যন্ত্রণারহিত ; ২। পূর্ণ ; perfect.
প্র—"তিনি অব্রণ, তিনি শুদ্ধ, তিনি অপাপ-বিদ্ধ।" —উপনিষৎ (ব্রাহ্মধর্ম্ম)।

অব্রত (অব্রোতো) [ন=অ+(নাই) ব্রত যাহার—বহু] বিণ, যে ব্রত অবলম্বন করে নাই ; যাহার কোন ব্রত নাই ; ব্রতহীন।

অব্রতী (অব্রোতি) [ন=অ—ব্রতী, নঞ্ তৎ] বিণ, যে ব্রত আচরণ করে না ; ব্রতাচরণ-পরাঙ্মুখ ; যে ব্রত ধারণ করে নাই। ২। অনিয়োজিত ; অসংসৃষ্ট। ৩। অপ্রবৃত্ত।

অব্রহ্মণ্য (অব্ব্রোম্‌হোঁনো) [ন=অ+ব্রহ্মণ্য (ব্রাহ্মণের যোগ্য)] বিণ, ব্রাহ্মণের অযোগ্য বা অনাচরণীয় ; ব্রাহ্মণ্য ধর্ম্ম বহির্ভূত। ২। [সং-নাট্যে] 'অবধ্য' বা 'বধ করিও না' এই কথা বলা।

অব্রাহ্মণ (অব্ব্রাম্‌হোন) [ন=অ (অপকৃষ্ট) ব্রাহ্মণ, নঞ্ তৎ] বি, পুং, অপকৃষ্ট ব্রাহ্মণ। ২। যে ব্রাহ্মণ নয় কিন্তু ব্রাহ্মণ সদৃশ অন্য জাতি। প্র—ভট্ট দৈবজ্ঞাদি।
৩। বিণ, ব্রাহ্মণের লক্ষণহীন ; ব্রাহ্মণই নহে।
প্র—"একে পুণ্যবলে তাতে যে দৈব করা গিয়াছে আপনার কি বিপদ হইতে পারে? যদ্যপি তা হইত তবে আমরা অব্রাহ্মণ।"
—আলাল।
৪। ব্রাহ্মণ ব্যতীত অন্য কেহ ; ব্রাহ্মণেতর।
প্র—"উঠিলা গৌতম ঋষি ছাড়িয়া আসন।
বাহু মেলি,—বালকেরে করি আলিঙ্গন॥
কহিলেন—অব্রাহ্মণ নহ তুমি, তাত!
তুমি দ্বিজোত্তম, তুমি সত্য কুল-জাত!"
—রবি (চয়নিকা)।
"ব্রাহ্মণ হউক আর অব্রাহ্মণই হউক সাধারণ শৈব বা বৈষ্ণবের মনে সেরূপ বিদ্বেষ ছিল না।"
—গৌড় রাজমালা।

অব্রুবাণ (অব্‌ব্রুবান) [ন=অ—ব্রূ (বলা)+আন (শান্ কর্ত্তৃ) নঞ্ তৎ] বিণ, যাহার কথা বলিবার ক্ষমতা নাই ; বাক্‌শক্তি রহিত। ২। শিশু ; বালক।

অভক্তি (অভোক্তি) [ন=অ—ভক্তি, নঞ্ তৎ] বি, স্ত্রী, ভক্তির অভাব ; অশ্রদ্ধা ; অবজ্ঞা ; ঘৃণা। ২। অরুচি ; অপ্রীতি। বিণ, **অভক্ত**।

অভক্ষ্য (অভোখ্‌খ) [ন=অ—ভক্ষ্য, নঞ্ তৎ] বিণ, যাহা ভক্ষণ করা যায় না ; ভোজনের অযোগ্য বা যাহা ভক্ষণ করা উচিত নয় ; অখাদ্য ; অভোজ্য। ২। যে ভোজ্য শাস্ত্রে নিষিদ্ধ।

অভঙ্গ (অভংগ) [ন=অ+ভঙ্গ, নঞ্ তৎ—যাহা ভঙ্গ নয়] বিণ, অভগ্ন ; অটুট ; আভাঙা ; আস্ত ; গোটা। ২। বি, মহারাষ্ট্র দেশপ্রচলিত ছন্দোবদ্ধ কবিতা বিশেষ। তুকারামের অভঙ্গ প্রসিদ্ধ।

অভদ্র (অভদ্‌দ্রো) [ন=অ—ভদ্র, নঞ্ তৎ] বিণ, যে ভদ্র নয় ; যাহার ভদ্রতা নাই ; অশিষ্ট। ২। বি, স্ত্রী, নিন্দিত ; গর্হিত।
প্র—"অভদ্র ব্যবহার।" ৩। দুঃখ। ৪। নীচ। ৫। অশুভ ; অমঙ্গল। ৬। বিঘ্ন। এই অর্থে গ্রা, বাঙ্গালায় **অভদ্রা** ও ব্যবহৃত হয়।
প্র—কাজটায় এমন অভদ্রা পড়েছে যে কোন মতেই আর শেষ হয় না। বি, **অভদ্রতা**—অভদ্রের ভাব বা আচরণ ; অশিষ্টতা।

অভয় (অভয়্) [ন=অ (নাই)+ভয়, নঞ্ তৎ] বি, স্ত্রী, ভয়ের অভাব।
২। কালিকার দক্ষিণের ঊর্দ্ধ করস্থিত 'অভয়' মুদ্রা (দক্ষিণের নিম্ন করে বর মুদ্রা, বাম উপর হস্তে খড়্গ এবং বাম নিম্ন করে মুণ্ড)।
প্র—"চন্দ্রার্দ্ধধারিণী কৃষ্ণা, দিগম্বরী ভীমা
সব্য হস্তে মুক্ত খড়্গ দক্ষিণে অভয়।"
—নবীনচন্দ্র (রঙ্গমতী)।
৩। "মাভৈঃ" এই বাণী ; ভয় নাই বলিয়া সাহস দান।
প্র—"তোমার অভয় বাজে হৃদয় মাঝে হৃদয়-হরণী।"
—রবীন্দ্র।
৪। দেবানুগ্রহ ; বর।
প্র—"রাজার তর্জ্জনে ব্যাধি নাহি করে ভয়।
দেবের অভয় তারে আছয়ে নিশ্চয়॥"
—কবিকঙ্কণ।
৫। [নাই ভয় যাহার—বহু] বিণ, ভয়হীন ; নির্ভয়। ৬। [নাই ভয় যাহা হইতে, বহু] যে ভয়ানক বা ভয়ঙ্কর নহে। ৭। বেণার মূল ; উশীর। স্ত্রী, অভয়া।
অভয়দক্ষিণা—অভয়রূপ দক্ষিণা ; অভয়-দান। **অভয়দান**—ভয়ার্ত্তকে 'ভয় নাই' বলিয়া সাহস ভরসা প্রদান।

অভয়ডিণ্ডিম (য়্) [অভয়্ ডিন্‌ডিম্] বি, পুং, নিজের সৈন্যগণকে অভয় দিয়া উৎসাহিত করিবার জন্য যে ডিণ্ডিম বাদ্য বাদিত হয় ; যুদ্ধ ঢক্কা ; জয় ঢাক।

অভয়া [অভয় শব্দের স্ত্রীলিঙ্গ] বিণ, অভয় (দ্রঃ)। ২। বি, স্ত্রী, ভগবতীর মূর্ত্তিভেদ ; অভয় দান করেন বা ভয় হরণ করেন বলিয়া অভয়া ; দুর্গা। ৩। হরীতকী ; chebulic myrobalan. ৪। শ্বেত নিশুণ্ডী ; মঞ্জিষ্ঠা ; জয়ন্তী ; জয়া ; সিদ্ধি ; মৃণাল ; কাঞ্জি ; কাঞ্চন বৃক্ষদ্বয়। [দ্রব্যগুণাভিধান]

অভব্য (অভোব্ব) [ন=অ (অপ্রশস্ত) ভব্য (ভূ—হওয়া+য, কর্ত্তৃ) নঞ্ তৎ] বি, স্ত্রী, অকল্যাণ ; অশুভ ; অমঙ্গল। ২। দুর্ভাগ্য ; দুরদৃষ্ট। ৩। বিণ, অসভ্য ; ভদ্র সমাজের অনুপযুক্ত ; অশিষ্ট ; গোঁয়ার।
প্র—"হঠাৎকারে করে কর্ম্ম সে অতি অভব্য।"
—জগদ্রাম (রামায়ণ)।
স্ত্রী, **অভব্যা**।

অভব্যতা—[অভব্য+তা (ভাবে)] বি, স্ত্রী, অসভ্যতা ; অশিষ্টতা। ২। গোঁয়ারতমি।

অভাগা [সং—ভাগ্যশব্দজ। অ (নাই)+ভাগ (সৌভাগ্য)+আ (বিশিষ্টার্থে) যাহার সৌভাগ্য নাই] বিণ, পুং, ভাগ্যহীন ; হত-ভাগ্য ; দুর্ভাগ্য। ২। দুঃখী ; দয়ার পাত্র। অভাগ্য, অভাগিয়া (দ্রঃ)। স্ত্রী, **অভাগা**, অভাগী, অভাগিনী।
ব্রজ—**অভাগলি** (বি, প)।
প্র—"শ্যামের বিরহানলে, সুভগে অভাগা জ্বলে,
তারে যে করনা তুমি মনে?"
—ব্রজাঙ্গনা।

অভাগিয়া [অ+ভাগ (ভাগ্য)+ই (বিশিষ্টার্থে)+আ (স্বার্থে)] বিণ, পুং, স্ত্রী, হতভাগ্য ; দুর্ভাগ্য। ২। দয়ার পাত্র ; দীন ; দীনহীন।

প্র—"অধমের অগ্রগণ্য অভাগিয়া আমি।
কোন গুণে অভাজনে দেখা দিলে তুমি।
—শিবায়ন।
[গ্রাম্য—অভাগে। অভাগ্য দ্রঃ]

অভাগী, অভাগিনী—বিণ, স্ত্রী, মন্দ অদৃষ্টের স্ত্রী, দুর্ভাগ্যবতী ; দুঃখিনী ; দয়ার পাত্রী। প্র—"চলিল অভাগী জন্য পুত্রের উদ্দেশে।"
—বীরাঙ্গনা।
"কি কুক্ষণে দেখেছিলি তুই রে অভাগী।"
—মেঘনাদ।
২। পতিতা। ৩। পাপিষ্ঠা।
প্র—"——কোন্ জন্মে, কোন পাপে পাপী
তোর কাছে অভাগিনী, তাই দিলি বাছা,
এত তাপ?—" —বীরাঙ্গনা।
"ভজে শ্যামে রাধা অভাগিনী" —ঐ।

অভাগ্য (অভাগ্‌গো) [ন=অ (নাই) ভাগ্য যাহার—বহু] বিণ, ভাগ্যহীন ; হতভাগ্য ; হতভাগ্য। ২। [ন—ভাগ্য—নঞ্ তৎ] বি, দুর্ভাগ্য ; মন্দভাগ্য ; দুরদৃষ্ট।
প্র—"অভাগ্যের উপহাস—" —রবি।

অভাজন (ন্) [ন=অ—ভাজন (পাত্র) নঞ্ তৎ] বি, ভাজনের অভাব। ২। কুৎসিত ভাজন ; অপাত্র ; অযোগ্য ; নির্গুণ ; অক্ষম। ৩। দুর্ভাগ্য ; মন্দভাগ্য। প্র—"মরি অভাজনে হল দয়াবারি বিতরণ।"
—দেঃ রামদুলাল। (বাং গান)।
"আমি অভাজন, পরমভাজন, ঘটক নারদ ভায়া"—অ, ম,। [প্রা, বৈ, সা, ভূরি প্রয়োগ] ৩। [নাই—ভাজন (পাত্র) যাহার, বহু] বিণ, পাত্রহীন। [বিরল]

অভাব (ব্) [ন=অ—ভূ (হওয়া)+অ (ঘঞ্ ভাবে) নঞ্ তৎ] বি, পুং, অসত্তা ; অবিদ্যমানতা ; না থাকার ভাব। ২। ধ্বংস ; মৃত্যু। ৩। অপ্রতুল ; অনাটন ; দারিদ্র্য। ৪। অসঙ্গতি। ৫। [ন্যায় দর্শনে] চারি প্রকার অভাব ;—(১) প্রাগভাব (ঘট উৎপন্ন হইবার পূর্ব্বে ঘটের যে অভাব ইহার নাম প্রাগভাব) (২) ধ্বংসাভাব (কোন বস্তু নষ্ট হইলে যে অভাব) (৩) অন্যোন্যাভাব (ভেদ ; ইহা ঘট নয় কিন্তু পট ইত্যাকার বোধ) (৪) অত্যন্তাভাব (এখানে পুস্তক নাই এইরূপ অভাব)। ৬। ভাবহীনতা। ৭। প্রয়োজন।—প্র—"আপনার প্রকৃত অভাব না বুঝিয়া ব্যয় করিলেই প্রকৃত অভাব আসিয়া উপস্থিত হয়।"—বিজ্ঞান নীতি প্রসূন।

অভাবনীয় [ন=অ—ভূ+ণিচ্=ভাবি+অনীয় (কর্ম্মে)] বিণ, ভাবনার অতীত ; যাহা কখনও ঘটিবার সম্ভাবনা নাই ; অচিন্তনীয়। অসম্ভাবনীয়। ২। যাহা ভাবনার অযোগ্য। যাহা ভাবনার বিপরীতভূত নহে।

অভাবিত [ন ভাবিত, নঞ্ তৎ] বিণ, যাহা ঘটিতে পারে বলিয়া কখন ভাবনা করা হয় নাই ; অসম্ভাবিত ; অকল্পিত ; অচিন্তিত।

অভাষণ (ন্) [ন=অ—ভাষণ, নঞ্ তৎ] বি, ক্লী, ভাষণের অভাব, কথা না বলা ; মৌন। ২। [নাই ভাষণ যাহার, বহু] বিণ, মৌনী ; যে চুপ করিয়া থাকে।

অভি (ওভি) উপসর্গ। সম্মুখ ; আভিমুখ্য ; towards. প্র—অভিসার ; অভিযান। ২। সমীপ। প্র—অভিমুখ। ৩। চতুর্দ্দিকে। প্র—অভিবীক্ষণ। ৪। প্রশস্ত ; উত্তম। প্র—অভিজাত। ৫। নির্ভর। প্র—অভিমন্যু। ৬। সর্ব্বদা ; সর্ব্বতোভাবে। প্র—অভিব্যাপ্ত ; অভিনির্ম্মুক্ত ; অভিভাষণ। ৭। বিরুদ্ধ। প্র—অভিযান ; অভিবাদ ; অভিশাপ। ৮। অপকৃষ্ট। প্র—অভিভব। ৯। পুনঃ পুনঃ। প্র—অভীষ্ট ; অভীপ্সিত। ১০। । ১১। পূজা। ১২। সাদৃশ্য। ১৩। বিভিন্নতা। ১৪। বিশেষকরণ। ১৫। একীকরণ। ১৬। চিহ্ন। প্র—অভিজ্ঞা ; অভিজ্ঞান।

অভিক্রম (ওভিক্‌ক্রম্) [অভি (সম্মুখে) ক্রম্ (গমন করা)+অ (ল্—ভাবে)] বি, পুং, যুদ্ধপ্রয়াসী হইয়া শত্রুগণের নিকট গমন ; অভিযান। ২। আক্রমণ। ৩। আরোহণ। ৪। উপক্রম ; আরম্ভ।

অভিক্ষেপ (ওভিক্‌খেপ্) [অভি (সম্মুখ) ক্ষিপ্ (প্রেরণ করা)+অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, অভিমুখে বা সম্মুখে ক্ষেপণ করা। ২। পরাজয়। ৩। অনাদর ; অবমান।

অভিখ্যা (ওভিক্‌খ্যা) [অভি—খ্যা (বলা)+অ(ঙ্—করণে)—যাহাদ্বারা প্রকাশ করা যায়] বি, স্ত্রী, অভিধান ; নাম ; সংজ্ঞা। ২। উপাধি। ৩। [ভাবে অ (ঙ্)] আখ্যান ; কথন। ৪। খ্যাতি ; প্রসিদ্ধি ; উপাধি। ৫। কীর্ত্তি। ৬। মাহাত্ম্য। ৭। শোভা।

অভিগম (ওভিগম্) [অভি (সম্মুখ) গম্ (গমন করা)+অ (ল্—ভাবে)] বি, পুং, অভিমুখে বা সম্মুখে গমন করণ ; প্রত্যুদ্গমন। ২। প্রাপ্তি ; পাওয়া। ৩। সেবা ; আরাধনা। ৪। [অধি, অ (ল্)] যেস্থানে অভিগমন করা হয় ; আশ্রয়।

অভিগমন (ওভিগমন্) [অভি—গম্+অন (ট্—ভাবে)] বি, ক্লী, অভিগম দ্রঃ। ২। উপগমন ; সঙ্গম ; সম্ভোগ।

অভিগ্রস্ত (ওভিগ্‌গ্রোস্‌তো) [অভি (সর্ব্বতোভাবে) গ্রস্ত (আক্রান্ত)] বিণ, যাহাকে সর্ব্বতোভাবে গ্রাস করা হইয়াছে ; কবলীকৃত। ২। আক্রান্ত। লুণ্ঠিত।

অভিগ্রহ (ওভিগ্‌গ্রোহো) [অভি (সম্মুখ) গ্রহ (গ্রহণ করা)+অ (ল্—ভাবে)] বি, পুং, সম্মুখ হইতে বল পূর্ব্বক গ্রহণ ; আক্রমণ। ২। যুদ্ধার্থ অভিমুখে গমন ; অভিযান। ৩। লুঠ। ৪। স্পর্দ্ধা।

অভিগ্রহণ (ওভিগ্‌গ্রোহোন্) [অভি—গ্রহ+অন (ট্—ভাবে)] বি, ক্লী, সম্মুখে বলপূর্ব্বক গ্রহণ ; লুণ্ঠন।

অভিঘাত (ওভিঘাত্) [অভি (সম্যক)+হন্ (হিংসা করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, দণ্ডাদি দ্বারা গুরুতর আঘাত ; প্রহার। ২। নির্দ্দয় ভাবে ধর্ষণ বা আলোড়ন। ৩। হনন ; বিনাশ। বিণ, অভিঘাতী।

অভিঘাতী (ওভিঘাতি) [অভি—হন্+ইন্ (ণিন—কর্ত্তৃ) ; হন্=ঘাত—ঘাতিন্, ১মা ১বচনে] বি, পুং, শত্রু। ২। আঘাতকারী ; বিনাশকারী। স্ত্রী, **অভিঘাতিনী**।

অভিচার (ওভিচার) [অভি-চর্ (গমন করা, হিংসা করা)+অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, অন্যের হিংসাভিপ্রায়ে মারণ, মোহন, স্তম্ভন, বিদ্বেষণ, উচ্চাটন ও বশীকরণ নামক তন্ত্রোক্ত প্রক্রিয়া। আপনার ইষ্টসিদ্ধির জন্য তন্ত্রোক্ত ঐ ৬ প্রকার প্রক্রিয়াবিশেষদ্বারা অন্যের অনিষ্টসাধন বা অন্য কর্ত্তৃক ভাবী অনিষ্টের প্রতিকারসাধন। ২। শ্যেনাদি যজ্ঞে অনপরাধীর মারণ [ভারতকোষ]। ৩। পরহিংসা। ৪। উপপাতক বিশেষ। বিণ, অভিচারী।

অভিচারমন্ত্র (ওভিচার্‌মোন্‌ত্রো) বি, তন্ত্রোক্ত ষড়্‌বিধ হিংসাকর্ম্ম সাধনের মন্ত্র। প্র—"উঠিয়ে নিশ্বাস ছাড়ি, অভিচার মন্ত্র পড়ি, যজ্ঞকুণ্ডে দিলেক আহুতি।" —শিবায়ন।

অভিচারী (ওভিচারি) [অভি—চর্+ইন্ (ণিন্, কর্ত্তৃ)=অভিচারিন্ ১মা ১বচনে অভিচারী। যে অভিচার মন্ত্রদ্বারা হিংসা করে] বিণ, পুং, অভিচারকর্ত্তা। স্ত্রী, **অভিচারিণী**।

অভিজন (ওভিজন্) [অভি (সম্যক্) জন (জন্ম হওয়া)+অ (ল্—অধি)] বি, পুং, জন্ম হয় যাহাতে ; বংশ ; গোত্র ; কুল। ২। জন্মভূমি। ৩। [অপাদানে (অল) জন্ম হয় যাহা হইতে] পূর্ব্ববন্ধু ; পিত্রাদি। ৪। [কর্ত্তৃ—অ (চ্)] কুলশ্রেষ্ঠ। ৫। অভিজাত ; কুলীন ; উচ্চবংশীয় ; a man of rank. ৬। কীর্ত্তি ; যশঃ।

অভিজাত (ওভিজাত্) [অভি (প্রশস্ত)—জাত (জন্=জন্ম হওয়া)+ক্ত—কর্ত্তৃ, যে উত্তম বংশে জন্মিয়াছে] বিণ, সদ্বংশজাত ; উচ্চবংশীয় ; কুলীন। [জ্ঞানী, সুশ্রী, যোগ্য, মনোহর প্রভৃতি অর্থও হয় কিন্তু বাঙ্গালায় ব্যবহার বিরল] বি, **অভিজাত্য ; আভিজাত্য**। স্ত্রী, **অভিজাতা**। **অভিজাত-তন্ত্র**—প্রধান ব্যক্তিগণের অধিকৃত রাজ্যশাসন।

উচ্চশ্রেণী ধনীদিগের দ্বারা রাজ্যশাসন প্রণালী aristocracy.

অভিজিৎ (ওভিজিৎ) [অভি—জি (জয় করা) +ক্বিপ্] বিণ. জয়কারী। ২। [জ্যোতির্বিজ্ঞানে] বি. স্ত্রী. নক্ষত্রবিশেষ। উত্তরাষাঢ়ার শেষ ১৫ দণ্ড এবং শ্রবণার প্রথম ৪ দণ্ড মোট এই ১৯ দণ্ডকে অভিজিৎ কহে। the star vega. ৩। [অভি সংজ্ঞার্থে—ক্বিপ্] কুতপ লগ্ন. দিবসকে ১৫ ভাগ করিলে তাহার অষ্টম ভাগ অর্থাৎ অষ্টম মুহূর্ত্তের নাম কুতপ বা অভিজিৎ। ৪। যদুবংশীয় ভবের পুত্র।

অভিজ্ঞ (ওভিগ্‌গঁ) [অভি (সম্যক্) জ্ঞ (জ্ঞা =জানা)+অ (কর্ত্তৃ ড)—যে সমস্ত জানে] বিণ. বহুজ্ঞ ; বিশেষজ্ঞ ; বহুদর্শী ; জ্ঞানী। ২। যে বোধ বা অনুভব করিয়াছে ; ভুক্তভোগী। ৩। কুশল ; নিপুণ। ৪। লব্ধবিদ্য ; পণ্ডিত। বি. অভিজ্ঞতা।

অভিজ্ঞতা (ওভিগ্‌গঁতা) [অভিজ্ঞ+তা ভাবে] বি. স্ত্রী. অনেক দর্শন ও শ্রবণ জন্য যে জ্ঞান জন্মে ; নিপুণতা ; বহুদর্শিতা।

অভিজ্ঞা (ওভিগ্‌গাঁ) [অভি—জ্ঞা (জানা) অ (ঙ্—ভাবে)] বি. স্ত্রী. প্রথমেই যে জ্ঞান জন্মে ; আদ্যজ্ঞান।

অভিজ্ঞাত (ওভিগ্‌গ্যাঁত) [অভি (জ্ঞা)+ক্ত, কর্ম্মে, যে বিষয় জানা গিয়াছে] বিণ. বিদিত। ২। বিণ. নিদর্শন বা চিহ্নদ্বারা যে জ্ঞান হয়। ৩। অনুসন্ধানদ্বারা পরিজ্ঞাত।

অভিজ্ঞান (ওভিগ্‌গ্যান্) [অভি (চিহ্ন, নিদর্শন) +জ্ঞা (জানা) +অন (ট্—করণে)] বি. ক্লী. যাহাদ্বারা জ্ঞান জন্মে ; স্মৃতির উদ্রেককারী নিদর্শন ; স্মারক ; চিহ্ন ; নিদর্শন। প্র—"কাঞ্চী জয় অভিজ্ঞান" —কাঞ্চীকাবেরী। ২। নাম ; লিঙ্গ ; স্বরূপ। প্র—"তুমি মাত্র অনন্ত শক্তির অভিজ্ঞান ॥"

—কাঞ্চীকাবেরী।

অভিজ্ঞানপত্র—নিদর্শনপত্র ; প্রশংসাপত্র ; certificate. **অভিজ্ঞানশকুন্তল** (ম্)—মহাকবি কালিদাসকৃত জগদ্বিখ্যাত সংস্কৃত নাটক।

অভিতপ্ত (ওভিতপ্‌ত) [অভি—তপ্ (উত্তপ্ত হওয়া)+ত (কর্ত্তৃ ক্ত)] বিণ. অগ্নিতে উত্তপ্ত। ২। ঝল্‌সান ; দগ্ধ। ৩। দুঃখিত ; সন্তাপিত।

অভিদ্যোতিত (ওভিদ্দোত্তিত) [অভি—দ্যুত (দীপ্তি পাওয়া)+ত (কর্ত্তৃ ক্ত)—ই আগম। যে প্রকাশ পাইয়াছে] বিণ. অভিব্যক্ত ; প্রকাশিত। ২। যাহার আভাস প্রদত্ত হইয়াছে ; দত্তোপদেশ ; enlightened. ৩। সুসজ্জিত ; পরিশোভিত। ৪। উল্লসিত।

অভিদ্রুত (ওভিদ্রুত) [অভি (অতিবেগে) দ্রু (ধাবন করা) +ত (কর্ম্মে ক্ত)] বিণ. বেগে ধাবিত বা পলায়িত। বি. অভিদ্রবণ।

অভিদ্রোহ (ওভিদ্‌দ্রোহ) [অভি—দ্রোহ (দ্রুহ্ =হিংসা করা+অ (ল্)—ভাবে)] বি. পুং. বিরুদ্ধাচরণ ; অপকার ; অনিষ্টচিন্তা ; আক্রোশ।

অভিধা (ওভিধা) [অভি (চিহ্ন)—ধা (ধারণ করা)+অ (ঙ্—ভাবে) সংজ্ঞার্থে] বি. স্ত্রী. নাম। ২। উপাধি। ৩। [করণে অ (ঙ্)] যে শক্তিদ্বারা শব্দার্থের জ্ঞান হয় ; শব্দশক্তি। ৪। ঈশ্বরের ইচ্ছারূপা শক্তি।

অভিধান (ওভিধান্) [অভি (সম্যক্) ধা (ধারণ, পোষণ করা)—অন(ট্, অধি)—যাহাতে অর্থ সম্যক্‌রূপে ধৃত হয় অথবা করণে অনট্,—যাহাদ্বারা অর্থের সম্যক্ প্রকাশ হয়] বি. শব্দার্থকোষ ; কোষ ; dictionary. ২। [অভি (সম্মুখে)—ধা (ধারণ বা স্থাপন করা)—অন(ট্—ভাবে)—"নামোচ্চারণের মন্ত্রবলে নামীকৃত বস্তুকে মনশ্চক্ষের সম্মুখে দাঁড় করানো।" —দ্বিজেন্দ্র ঠাকুর]। ৩। নাম। প্র—"ত্যজিল বৃক্ষের পত্র ছাড়ি অন্নপান। এই হেতু অপর্ণা হইল অভিধান ॥"

—কবিক।

"বাড়িতে লাগিল শিশু পুণ্ডরীক নামে,
শ্বেত শতদলে জন্ম তেঁই অভিধান"

—আলো ও ছায়া।

৪। পরিচয়। ৫। কথন।

অভিধাবন (ওভিধাবন) [অভি (অভিমুখ, প্রতি অর্থে)—ধাব্ (গমন করা)+অন (ট্—ভাবে] বি. ক্লী. পশ্চাৎ ধাবন ; অনুসরণ অনুধাবন।

অভিধেয় (ওভিধেও) [অভি—ধা+য (কর্ম্মে)] বিণ. অভিধা শক্তি প্রতিপাদ্য ; বাচ্য। ২। দ্যোতক ; বোধক ; যে শব্দ উচ্চারণ করিলে যে বস্তু বুঝায় ঐ বস্তুই সেই উচ্চারিত শব্দের অভিধেয়, যথা—বৃক্ষ শব্দের অভিধেয় শাখাপল্লবাদিবিশিষ্ট বস্তু ; উপাধি। ৩। বর্ণনীয় বিষয় ; বক্তব্য। ৪। [করণে (য)] যাহা দ্বারা আহ্বান করা হয় ; নাম ; সংজ্ঞা।

অভিধ্যান (ওভিধ্‌ধ্যান্) [অভি (অভিমুখ বা সম্মুখ)—ধ্যৈ (চিন্তা করা)+অন (ট্—ভাবে)—মনোনেত্রের সম্মুখে রাখিয়া চিন্তা] বি. ক্লী. মনোনিবেশপূর্ব্বক চিন্তা ; প্রগাঢ় চিন্তা।

অভিনন্দন (ওভিনন্‌দন্) [অভি (সম্যক্) নন্দ্ (আনন্দ পাওয়া, আনন্দ দান করা)+অন (ট্—ভাবে)—সানন্দমনে অন্যকে আনন্দদান করা] বি. ক্লী. আনন্দ প্রকাশ ; প্রশংসাবাদদ্বারা আনন্দদান ; প্রশংসা ; স্তুতি ; স্তব। ২। অনুমোদন। ৩। হর্ষ ; আহ্লাদ। ৪। পুং. চতুর্থ জৈন অবতার ; চতুর্থ তীর্থঙ্কর। বিণ. অভিনন্দিত।

অভিনন্দনপত্র (ওভিনন্‌দন্‌পৎত্র) [অভিনন্দনার্থ পত্র—৪র্থীতৎ] বি. ক্লী. কোন ব্যক্তির আগমন বা বিদায় উপলক্ষ্যে তাঁহার প্রতি সম্মান প্রদর্শনার্থ ভাবোচ্ছ্বাস সম্বলিত যে পত্র প্রদান করা হয় ; সম্মানসূচক প্রশংসাপত্র।

অভিনন্দিত (ওভিনোন্‌দিতো) [অভিনন্দন দ্রঃ] বিণ. প্রশংসিত ; স্তুত ; বন্দিত। ২। অনুমোদিত। ৩। হর্ষোৎফুল্ল। স্ত্রী. অভিনন্দিতা।

অভিনব (ওভিনব) [অভি (সম্যক্)+নব (নূতন)] বিণ. সম্পূর্ণ নূতন ; অপূর্ব্ব ; নব্য। ২। [অভি—নু (স্তব করা)—অ (ল্—ভাবে)] বি. স্তুতি ; স্তব। [অপ্র]

অভিনয় (ওভিনয়) [অভি—নী+অ (ল্—ভাবে)] বি. পুং. নাটকোক্ত পাত্রপাত্রীগণের বেশভূষা, অঙ্গভঙ্গী, উক্তি ও কার্য্যাবলীর যথাবৎ অনুকরণ ;a dramatic performance. ২। রসভাবাদি প্রকাশক চেষ্টাবিশেষ ; ব্যঞ্জক। ৩। যাহা হইয়া গিয়াছে বা ঘটিয়াছে তাহার সদৃশীকরণ। ৪। আন্তরিকতাশূন্য (লোক দেখান) কার্য্যকলাপ ; ভাণ। ৫। নকল। ৬। প্রসাধন ; বেশভূষাদ্বারা সজ্জাকরণ ; সঙ সাজা। বিণ. অভিনীত। ক্রি. করা।

অভিনিবিষ্ট (ওভিনিবিশ্‌ট) [অভি—নি—বিশ্ (প্রবেশ করা)+ত (কর্ত্তৃ ক্ত)] বিণ. যে অভ্যন্তরে প্রবেশ করিয়াছে ; অন্তঃপ্রবিষ্ট। ২। আগ্রহান্বিত ; অতিশয় যত্নশীল। ৩। গাঢ়মনোনিবেশকারী। বি. অভিনিবেশ। স্ত্রী. অভিনিবিষ্টা.

অভিনিবেশ (ওভিনিবেশ্) [অভি—নি—বিশ্+অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. অভ্যন্তরে প্রবেশ করা। ২। মনোনিবেশ ; মনোযোগ : প্রণিধান ; close attention· ৩। আবেশ। ৪। আগ্রহ ; সবিশেষ যত্ন। ৫। [সাংখ্যদর্শনে] আশঙ্কা ; ভয় ; apprehension. ৬। [যোগদর্শনে] মৃত্যুভয়জনিত অবিদ্যা ; মরণে আশঙ্কা হইতে উৎপন্ন অবিদ্যা।

অভিনির্যাণ, অভিনির্য্যাণ (ওভিনির্‌জান্) [অভি (অভিমুখে, শত্রু অভিমুখে) নির্ (বাহির) যা (যাওয়া) +অন (ট্—ভাবে)] বি. ক্লী. শত্রুদমনার্থ বহির্গমন ; যুদ্ধ যাত্রা ; অভিযান।

অভিনীত (ওভিনিত) [অভি—নী (লইয়া যাওয়া)+ত (কর্ম্মে ক্ত)] বিণ. রঙ্গমঞ্চে যে নাটকের বা যে বিষয়ের অভিনয় হইয়া গিয়াছে। ২। অভিনয়যোগ্য বা অভিনয়ের বিষয়ীভূত। ৩। অনুকৃত। ৪। বিনীত। ৫। অলঙ্কৃত। ৬। ক্রোধযুক্ত। [অপ্র] বি. অভিনীতি।

অভিনেতা (ওভি) [অভি—নী—তৃ (চ্—

কর্ত্তৃ)] বিণ. যে অভিনয় করে ; অভিনয় কর্ত্তা ; ২। রঙ্গমঞ্চে ক্রীড়াপ্রদর্শক। ৩। অনুকরণকারী ; অনুরূপকারী।

অভিনেয় (ওভিনেও) [অভি—নী+য (কর্ম্মে)] বিণ. যাহা অভিনয় করিতে হইবে বা করা যাইতে পারে ; অভিনয়ের যোগ্য বা কর্ত্তব্য।

অভিন্ন [ন=অ—ভিদ্ (বিদারণ করা)+ত (কর্ম্মে ক্ত) নঞ্‌ তৎ] বিণ. যাহা ভিন্ন নয় ; ভেদরহিত। প্র—" গোত্র। ২। যাহা বিদারিত করা বা ফাড়া বা চেরা হয় নাই ; অবিদারিত। ৩। যাহা ভগ্ন বা ছিন্ন করা হয় নাই ; অভগ্ন ; অচ্ছিন্ন। ৪। একান্নবর্ত্তী। প্র—অভিন্ন পরিবার।

অভিপন্ন (ওভি) [অভি—পদ্ (গমন করা)+ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ. বিপন্ন ; বিপদ্‌গ্রস্ত। ২। অপরাধী। ৩। শরণাগত। ৪। পলায়িত।

অভিপ্রণীত (ওভিপ্রোনিত) [অভি—প্র—নী+ত (কর্ম্মে ক্ত)] বিণ. বৈদিক মন্ত্রদ্বারা সংস্কৃত ; মন্ত্রসংস্কৃত। ২। আরাধিত। ৩। সম্যক্ রচিত।

অভিপ্রায় (ওভিপ্‌প্রায়্) [অভি—প্র—ই (গমন, প্রাপ্তি, জ্ঞান)+অ (ঘঞ্—ভাবে)] বি. ইচ্ছা ; অভিলাষ ; আশয়। ২। উদ্দেশ্য। ৩। তাৎপর্য্য ; মতলব। ৪। মনোভাব ; মনোগত উদ্দেশ্য। প্র—"রাম, নূতন রাজ্যশাসন বিষয়ে প্রজাগণের অভিপ্রায় অবগত হইবার নিমিত্ত, তাহাকে নিয়োজিত করিয়াছিলেন।" —বিদ্যাসাগর (সীতার বনবাস)। ৫। মত ; অভিমত। ৬। গমন। প্র—

"জয়ার শুনিয়া কথা বলেন শঙ্কর।
অভিপ্রায় করি তারে দিলেন উত্তর॥"
—কবিকঙ্কণ।

"অভিপ্রায়ে দেখি যেন ইন্দ্রের নগরী।"
—ঐ

অভিবাদ (ওভিবাদ্) [অভি (বিরুদ্ধ) বদ্ (বলা)+অ (ঘঞ্ ভাবে)] বি. পুং. অপ্রিয়বাদ ; অপবাদ ; নিন্দাবাদ ; অপযশ। ২। বন্দনা ; অভিবাদন।

অভিপ্রেত (ওভিপ্‌প্রেত) [অভি—প্র-ই+ত (কর্ম্মে ক্ত)] বিণ. যে বিষয়ের অভিপ্রায় করা হইয়াছে ; অভিলষিত ; বাঞ্ছিত ; অভীষ্ট ; ঈপ্সিত। ২। মনোগত। ৩। সম্মত ; স্বীকৃত। ৪। বি. অভিপ্রায়ের বিষয় ; উদ্দিষ্ট বিষয় ; লক্ষ্য ; aim ; object.

অভিবাদক (ওভিবাদক্) [অভি—বদ্+(বলা, প্রণাম করা)+অক (ণক—কর্ত্তৃ)] বিণ. অভিবাদনকারী ; বন্দনকারী ; নমস্কর্ত্তা।

অভিবাদন (ওভিবাদন্) [অভি—বদ্+ণিচ্ =বাদি (বলা, প্রণামকরা)+অন (ট—ভাবে)] বি. স্ত্রী. বন্দনা ; নমস্কার ; পাদস্পর্শপূর্ব্বক প্রণাম। ২। অভ্যর্থনা ; অভিনন্দন।

অভিবাদ্য (ওভিবাদ্দ) [অভি—বাদি (বন্দনা করা)+য (কর্ম্মে)] বিণ. যাহাকে অভিবাদন করা আবশ্যক বা উচিত ; অভিবাদার্হ ; অভিবাদনের যোগ্য।

অভিবীক্ষণ (ওভিবীক্‌খন্) [অভি (সমন্তাৎ) বীক্ষণ (অবলোকন)] বি. স্ত্রী. সম্যক্ দৃষ্টিপাত ; চতুর্দ্দিক দর্শন ; বিশেষভাবে অবলোকন।

অভিব্যক্ত (ওভিব্বক্‌ত) [অভি—বি—অন্‌জ্ (প্রকাশিত করা)+ত (কর্ম্মে ক্ত)—ন্‌লোপ, জ্ =ক্] বিণ. যাহা প্রকাশ করা হইয়াছে ; প্রকাশিত। ২। স্পষ্ট। ৩। বিকাশপ্রাপ্ত ; স্ফুটিত।

অভিব্যক্তি (ওভিব্বোক্‌তি) [অভি—বি—(অন্‌জ্ প্রকাশ করা)+তি (ভাবে—ক্তি—ন্) লোপ, জ্=ক্] বি. স্ত্রী. প্রকাশ ; বিকাশ ; স্ফুরণ ; evolution. অভিব্যক্তিবাদ—বি. ক্রমবিকাশ-নীতি, the theory of evolution.

অভিব্যাপ্ত (ওভিব্‌ব্যাপ্‌তো) [অভিব্যাপ্তি দ্রঃ] বিণ. সর্ব্বতোভাবে বিস্তৃত ; পরিব্যাপ্ত। বি. অভিব্যাপ্তি।

অভিব্যাপ্তি (ওভিব্‌ব্যাপ্‌তি) [অভি (সর্ব্বতোভাবে) বি—আপ্+তি (ভাবে ক্তি) সর্ব্বতোভাবে ব্যাপন করা বা ব্যাপিয়া থাকা] বি. স্ত্রী. সর্ব্বতোভাবে ব্যাপ্তি বা বিস্তৃতি। বিণ. অভিব্যাপ্ত।

অভিভব (ওভিভব্) [অভি—ভূ+অ (অল্—ভাবে)] বি. পুং. পরাভব ; পরাজয়। ২। অবমান ; লাঞ্ছনা। ৩। আকুলীভাব।

অভিভাব (ওভিভাব্)—অভিভব দ্রঃ।

অভিভাবক (ওভিভাবোক্) [অভি—ভূ+অক (কর্ত্তৃ)] বি. পুং. যে অভিভব করে ; অভিভবকারী। [অপ্র] ২। যে রক্ষণাবেক্ষণ করে ; তত্ত্বাবধায়ক ; guardian. ৩। আশ্রয়দাতা। স্ত্রী. অভিভাবিকা—অভিভাবক পত্নী। ২। তত্ত্বাবধায়িকা ; রক্ষয়িত্রী ; আশ্রয়দাত্রী।

অভিভাষণ (ওভিভাষন্) বি. সম্ভাষণ। ২। বক্তৃতা ; address. প্র—"সভাপতির অভিভাষণ" —দ্বিজেন্দ্র ঠাকুর।

অভিভূত (ও) [অভি—ভূ (হওয়া)+ত (কর্ত্তৃ ক্ত)] বিণ. যিনি অভিভব প্রাপ্ত হইয়াছেন ; পরাভূত। ২। আক্রান্ত ; বিহ্বল। ৩। আয়ত্ত ; বশীভূত। ৪। আকুল। ৫। আচ্ছন্ন। ৬। অজ্ঞান। অজ্ঞান-অভিভূত—সংজ্ঞাশূন্য এবং এলোমেলো অবস্থাপন্ন। বি. অভিভূততা।

অভিভূতি (ওভিভুতি) [অভি—ভূ+তি (ভাবে ক্তি)] বি. স্ত্রী. অভিভব ; পরাভব ; আক্রমণ।

অভিমত (ও) [অভি (সর্ব্বতোভাবে)—মন্+ত (কর্ম্মে ক্ত) যাহা সর্ব্বতোভাবে মনন করা হইয়াছে] বিণ. মনোনীত ; প্রিয়। ২। ইষ্ট ; অভিপ্রেত। ৩। অনুমোদিত। ৪। (ওভিমত্) [ক্তি—ভাবে] বি. স্ত্রী. অভিপ্রায় ; বাসনা ; উদ্দেশ্য ; মনোগতভাব ; মত।

অভিমন্ত্রণ (ওভিমোন্‌ত্রন্) [অভি (সম্মুখে, নিকটে), মন্ত্র্ (মন্ত্রণা করা)+অন (ট—ভাবে)] বি. স্ত্রী. সম্মুখে বা নিকটে মন্ত্রণা করা ; আমন্ত্রণ ; আহ্বান। ২। সম্বোধন। ৩। মন্ত্রদ্বারা সংস্কার করণ।

অভিমন্ত্রিত (ওভিমোন্‌ত্রিত) [অভি—মন্ত্র+ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে আমন্ত্রণ করা হইয়াছে ; আহূত ; নিমন্ত্রিত। ২। মন্ত্রসংস্কৃত।

অভিমন্থ (ওভিমোন্থ) বি. পুং. চক্ষুরোগ বিশেষ ; opthalmia.

অভিমন্যু (ওভিমোন্নু) বি. পুং. অর্জ্জুন ও সুভদ্রার পুত্র ; পরীক্ষিতের পিতা।

অভিমর্দ্দ (ওভিমর্‌দ) [অভি—মৃদ্ (মর্দ্দন করা)+অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. পীড়ন ; মর্দ্দন ; চূর্ণীকরণ ; নিষ্পীড়ন। ২। যুদ্ধ।

অভিমান (ওভিমান) [অভি—মন্ (জ্ঞান)+অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. জ্ঞান ; প্রতীতি ; বোধ [বিরল]। ২। অহংজ্ঞান ; egoism ৩। আত্মাভিমান ; অহঙ্কার ; গর্ব্ব ; self conceit ; pride. ৪। প্রণয় ; সোহাগ। ৫। প্রণয় স্থলে অনাদর বা উপেক্ষাদিজনিত অপমান বোধ ; চিত্তক্ষোভ ; সাধারণতঃ সংক্ষেপে 'মান'ও বলে। মান দ্রঃ। প্র—"অকারণ তব রোষ, আবার নহেক দোষ,—সোহাগিনি ! ইথে তোর এত অভিমান !" —অশোক গুচ্ছ।

অভিমানী (ওভিমানি) [অভিমান+ইন্ (অস্ত্যর্থে, কর্ত্তৃ)=অভিমানিন্ ১ মা ১ বচনে অভিমানী, যাহার অভিমান আছে] বিণ. যে ধনাদির অহঙ্কার করে ; গর্ব্বিত ; অহঙ্কারী। সম্বোধনে—অভিমানিন্ ; অভিমানি। প্র—" * * * দেখিয়া ও গতি, কি লজ্জায় আর তুই মুখ দেখাইবি, অভিমানি ?" —মেঘনাদ। স্ত্রী. অভিমানিনী।

অভিমুখ (ওভিমুখ্) [অভি (প্রতি, দিকে) মুখ] বিণ. নিকটবর্ত্তী। ২। সম্মুখ। ৩। উদ্দেশ্য। ৪। ক্রি-বিণ. অভিমুখে ; দিকে ; প্রতি ; towards. ৫। সম্মুখে। ৬। নিকটে।

অভিযাচিত (ওভিজাচিত) [অভি (সম্মুখে) —যাচিত (প্রার্থিত)] বিণ. যাহাকে প্রার্থনা করা হইয়াছে ; সম্মুখে প্রার্থিত ; যাচিত।

অভিযান (ওভিজান্) [অভি—(বিরুদ্ধে) যা (গমন করা) + অন (ট্—ভাবে)] বি. স্ত্রী. শত্রুর বিরুদ্ধে গমন করা ; যুদ্ধ যাত্রা। ২। আক্রমণ। ৩। অনুগমন ; অভিগমন।

অভিযুক্ত (ওভিজুক্তো) [অভি—যুজ্ (যোগ করা) + ত (কর্ম্মে ক্ত)—যাহার বিরুদ্ধে অভিযোগ করা হইয়াছে] বিণ. শত্রু কর্ত্তৃক আক্রান্ত ; অবরুদ্ধ। ২। ভর্ৎসিত। [অপ্র] ৩। প্রতিবাদী ; আসামী ; defendant.

অভিযোক্তা (ওভিজোক্তা) [অভি—যুজ্ (যোগ করা) + তৃ (ন্—কর্ত্তৃ) = অভিযোক্তৃ শব্দের ১ মা ১ বচনে] বি. পুং. অভিযোগকারী ; অভিযোগকর্ত্তা ; বাদী ; ফরিয়াদী। ২। আক্রমণকারী।

অভিযোগ (ওভিজোগ্) [অভি—যুজ্ + অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. কোন ব্যক্তির অপরাধ প্রকাশ করিয়া বিচারার্থ বিচারপতির নিকট আবেদন ; নালিশ। ২। দোষারোপ। ৩। তিরস্কার ; ভর্ৎসনা। ৪। শপথ। ৫। উদ্যোগ। ৬। যুদ্ধার্থ আহ্বান। ৭। আক্রমণ। ৮। যুদ্ধ। ৯। অভিনিবেশ ; অত্যন্ত মনোযোগ।

অভিরত (ওভিরত) [অভি (সম্যক্] রত (অনুরক্ত)] বিণ. অত্যাসক্ত ; অনুরক্ত। ২। প্রীত। বি. **অভিরতি**।

অভিরাম (ওভিরাম্) [অভি = রম্ (রত, অনুরক্ত হওয়া) + অ (ঘঞ্) অধি. যাহাতে মন রত বা অনুরক্ত হয়] বিণ. রম্য ; রমণীয় ; সুন্দর ; প্রিয় ; মনোজ্ঞ। প্র—"সে জনার প্রশংসা সে জন অভিরাম। সেইজন কুলীন সে জন গুণধাম॥"

—কবিকঙ্কণ।

স্ত্রী. **অভিরামা** (বৈ. সা : ব্রজ)।

অভিরুচি (ওভিরুচি) [অভি—রুচ্ (দীপ্তি-পাওয়া, রোচক হওয়া) + ই (ভাবে)] বি. স্ত্রী. অভিলাষ ; প্রবৃত্তি। ২। দীপ্তি [অপ্র]

অভিরূপ (ওভিরূপ্) [অভি—রূপ (রূপ-যুক্ত করা) + অ (ল্—কর্ম্মে) ; অথবা অভি (মনোজ্ঞ) রূপ যাহার, বহু] বিণ. মনোরম ; প্রিয়। ২। অনুরূপ। [বিরল] ৩। বিষ্ণু ; শিব ; কামদেব ; চন্দ্র। [অপ্র.

অভিরোধ (ওভিরোধ্) [অভি + রোধ (রুধ্ = আবরণ করা, রোধ করা + ভাবে, ঘঞ্)] বি. পুং. পীড়ন।

অভিরোষ (ওভিরোষ্) [অভি—রুষ্ (রাগ করা) + অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. অভিমানজনিত ক্রোধ ; রাগ ; ক্রোধ। প্র—"ইহা শুনি পুরোহিত বলে অভিরোষে। কেন বা আইনু সাধু তোমার নিবাসে॥"

—কবিকঙ্কণ।

"ইহা সবাকার দোষে, যদি এই অভিরোষে, উদ্ধার না কর ধর্ম্মপতি।" —কাশী—মহা। ২। ক্রি. ক্রুদ্ধ হয় ; রাগ করে। প্র—"জ্ঞাতি যদি অভিরোষে, গরুড়ের পাখা খসে, ইহার উচিত পাবে ফল॥" —কবিক।

অভিলষণীয় (ওভিলশনিয়) [অভি—লষ্ (অভিলাষ করা) + অনীয় (কর্ম্মে)] বিণ. অভিলাষের যোগ্য ; বাঞ্ছনীয় ; স্পৃহণীয়।

অভিলষিত (ওভিলোষিত) [অভি—লষ্ (বাঞ্ছা করা) + ত (কর্ম্মে ক্ত)] বিণ. কৃতাভিলাষ ; ঈপ্সিত ; বাঞ্ছিত ; অভীষ্ট। ২। প্রার্থিত। ৩। [ভাবে—ক্ত] বি. ক্লী. অভিলাষ ; বাসনা।

অভিলাষ (ওভিলাষ্) [অভি—লষ্ (ইচ্ছা করা) + অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. বাসনা ; ইচ্ছা ; বাঞ্ছা ; স্পৃহা। ২। অনুরাগ। ৩। লিপ্সা ; লোভ। ক্রি. **অভিলাষে**—অভিলাষ করে ; ইচ্ছা করে। ক্রি-বিণ. স্বেচ্ছায় ; সখ করিয়া ; আদরে। প্র—"ইষ্ট কুটুম্ব আদি, সঞ্চয় কেতুর জ্ঞাতি, অভিলাষে দিলেন যৌতুক।"—কবিক। বিণ. অভিলাষী।

অভিলাষী (ওভিলাষি) [অভিলাষ + ইন্ (অস্ত্যর্থে) = অভিলাষিন্ ১ মা ১ বচনে অভিলাষী, যাহার অভিলাষ আছে] বিণ. ইচ্ছুক ; স্পৃহাযুক্ত। ২। লোভী ; লোলুপ। স্ত্রী. **অভিলাষিণী, অভিলাষবতী**।

অভিলাষুক (ওভিলাষুক্) [অভিলষ্ (ইচ্ছা-করা) + উক (ঞ্—কর্ত্তৃ)] বিণ. যে অভিলাষ করে ; অভিলাষী।

অভিশঙ্কা (ওভিশংকা) [অভি (সম্যক্) শঙ্কা—শনক্ (শঙ্কাকরা) + অ (ঙ্—ভাবে)] বি. স্ত্রী. সর্ব্বথা আশঙ্কা। ২। সংশয় ; সন্দেহ। ৩। ভ্রান্তি ; ভুল।

অভিশঙ্কী (ওভিশোংকি) [অভিশঙ্কা + ইন্ (অস্ত্যর্থে)] বিণ. যাহার আশঙ্কা আছে ; শঙ্কাবিশিষ্ট। ২। সংশয়যুক্ত। ৩। ভ্রান্ত।

অভিশপ্ত (ওভিশপ্ত) [অভি—শপ্ (শাপ-দেওয়া) + ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে অভিশাপ করা হইয়াছে ; অভিশাপগ্রস্ত ; প্রাপ্তাভিশাপ ; cursed. ২। কোন দোষে যে প্রকৃতপক্ষে দুষ্ট নহে সেই দোষের উল্লেখ করিয়া তাহাকে অযথা দূষিত করা ; মিথ্যাপবাদিত।

অভিশাপ (ওভিশাপ্) [অভি—শপ্ (শাপ দেওয়া) + অ (ঘঞ্ ভাবে)] বি. পুং. অন্যের অনিষ্ট কামনা ; অমঙ্গল প্রার্থনা ; অভিসম্পাত [এই অর্থে সাধারণতঃ সংক্ষেপে শাপ ; গ্রা—শাপ]। ২। মিথ্যাপবাদ।

অভিষঙ্গ, অভীষঙ্গ (ওভিষংগ) [অভি (বিরুদ্ধ) সন্জ্ (আলিঙ্গন করা) + অ (ঘঞ্)] বি. পুং. আলিঙ্গন। ২। আসক্তি ; ভূতাবেশ। ৩। সম্পর্ক ; সম্বন্ধ। ৪। পরাভব। ৫। আক্রোশ ; হিংসা। ৬। শোক ; দুঃখ ; ব্যসন। ৭। অভিসম্পাত। ৮। দিব্য ; শপথ। ৯। অপবাদ।

অভিষব (ওভিষব্) [অভি—সু (প্রসব করা, স্নান করা) + অ (ল্—ভাবে)] বি. প্রসব। ২। যজ্ঞাদিকর্ম্মের পূর্ব্বে স্নান। ৩। যজ্ঞান্ত স্নান। ৪। সোমরস পান। ৫। মদ চোয়ান। ৬। [অ (ল্—সম্প্রদানে)] যে উদ্দেশে স্নান করে] যজ্ঞ।

অভিষবণ (ওভিষবন্) [অভি—সু + অন (ট্ —ভাবে)] বি. ক্লী. অভিষব।

অভিষিক্ত (ওভিষিক্ত) [অভি—সিচ্ (জলাদি সেক করা) + ত (কর্ম্মে ক্ত), চ্ = ক্] বিণ. যাহাকে অভিষেক করা হইয়াছে ; বিধিপূর্ব্বক তীর্থজলাদি দ্বারা স্নাপিত ; কৃতাভিষেক। ২। স্নাত। ৩। সিক্তি ; ভিজান ; আর্দ্র। ৪। কৃতনিয়োগ ; কোন কার্য্য বা বিষয়ে নিযুক্ত।

অভিষেক (ওভিষেক্) [অভি—সিচ্ (জলাদি-সেক করা) + অ (ঘঞ্—ভাবে), চ্ = ক্] বি. পুং. প্রথম রাজসিংহাসনে বসিবার নিমিত্ত যে অনুষ্ঠান ; মন্ত্রপূত তীর্থজল দ্বারা স্নান ; installation. ২। অবগাহন ; স্নান। ৩। আর্দ্রকরণ। ৪। কর্ম্মে নিয়োগ।

অভিষুত (ওভিষুত) [অভি—সু (স্নানকরা) + ত (কর্ম্মে ক্ত)] বিণ. পরিস্রুত ; বিন্দু বিন্দু করিয়া নিঃস্যন্দিত ; চুয়ান ; distilled. ২। বি. সোমরস। ৩। কাঁজি।

অভিষ্টুত (ওভিশটুত) [অভি—স্তু (স্তব-করা) + ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে স্তব করা হইয়াছে ; প্রশংসিত ; স্তুত। ২। বর্ণিত। ৩। [ভাবে ক্ত] বি. ক্লী. স্তব ; স্তুতি।

অভিষ্যন্দ, অভিস্যন্দ (ওভিশ্শন্দ) [অভি (চতুর্দ্দিকে)—স্যন্দ (ক্ষরিত হওয়া, উন্নত হওয়া) + অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. জলাদি ক্ষরণ ; জলের প্রবাহ। ২। অতি স্ফীতি ; অতিশয় বৃদ্ধি ; আধিক্য। ৩। অতিশয় উন্নতি। ৪। নেত্ররোগবিশেষ। ৫। কোন নগরের উদ্বৃত্ত লোকের দ্বারা গঠিত। প্র—অভিষ্যন্দ নগর। ৬। অতিরিক্ত প্রজা সংখ্যা ; লোকসংখ্যাধিক্য। বিণ. **অভিষ্যন্দী**।

অভিষ্বঙ্গ (ওভিশ্শংগ) [অভি—স্বন্জ্

(আলিঙ্গন করা) + অ (ঘঞ্—ভাবে), ন্ জ্ = ঙ্গ] বি, পুং, আলিঙ্গন। ২। আসক্তি; অনুরাগ।

অভিসন্তাপ (ওভিসন্‌তাপ্) [অভি (অধিক) সন্তাপ (সং—তপ্ + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, মনস্তাপ; মর্ম্মান্তিক দুঃখ। ২। উত্তাপ। ৩। অভিশাপ। ৪। [অভি (অধিক) সন্তাপ হয় যাহাতে, বহু] যুদ্ধ।

অভিসন্ধান (ওভিশন্‌ধান্) [অভি—সং—ধা (ধারণ করা) + অন (ট্—ভাবে)] বি, স্ত্রী, অভিসন্ধি।

অভিসন্ধি (ওভিশোন্‌ধি) [অভি—সং—ধা (ধারণ করা) + ই, ভাবে] বি, পুং, অভিপ্রায়; উদ্দেশ্য; মতলব। ২। প্রতারণা; প্রবঞ্চনা। ৩। উদ্যোগ। ৪। সন্ধি।

অভিসর (ওভিসর্) [অভি (অভিমুখে, সঙ্গে বা সমীপে) + সর (যে গমন করে)] বি, অনুগামী; অনুচর; সহচর।

অভিসরণ (ওভিশরন্) [অভি (পশ্চাৎ বা সহিত) সৃ (গমন করা) + অন (ট্ ভাবে)] বি, স্ত্রী, অনুগমন; পশ্চাৎ গমন; অনুবর্ত্তন। ২। নায়ক নায়িকাগণের সঙ্কেতস্থানে গমন।

অভিসার (ওভিসার্) [অভি (সম্মুখ) সৃ + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, সম্মুখে গমন; সহগমন; পশ্চাৎ গমন। ২। সম্ভোগেচ্ছায় নায়ক এবং নায়িকার সঙ্কেত স্থানে গমন। প্র—"প্রিয়র মিলন আশে কুঞ্জেতে গমন।
সঙ্কোচপূর্ব্বক, অভিসারের লক্ষণ ॥"
—ভক্তমাল।

"পড়ে মনে বরিষার বৃন্দাবন অভিসার,
একাকিনী রাধিকার চকিত চরণ।"—রবীন্দ্র।

অভিসারক (ওভিশারক্) [অভি—সৃ (গমন করা) + অক (ণক—কর্ত্তৃ)] বি, পুং, যে অভিমুখে গমন করে; অগ্রগামী। প্র—
"জয় কপালধারক, কপালমালক
চিতাভিসারক শুভঙ্কর।" —অন্নদামঙ্গল
২। কান্তার্থ সঙ্কেত স্থানগামী। স্ত্রী, অভিসারিকা।

অভিসারিকা [অভিসারক শব্দের স্ত্রীলিঙ্গের রূপ] বি, স্ত্রী, কান্তের নিমিত্ত যে কামিনী গৃহ হইতে সঙ্কেত স্থানে গমন করে। প্র—
"স্বামীর সঙ্কেত স্থানে যে করে গমন।
তারে অভিসারিকা বলয়ে কবিগণ ॥"
—রসমঞ্জরী।

২। উপপতির সহিত মিলন উদ্দেশে সঙ্কেত স্থানে গমনকারিণী।

অভিসারী (ওভিশারি) [অভি (অভিমত-স্থান) সৃ + ইন্ (ণিন্) কর্ত্তৃ—যে গমন করে] বি, পুং, যে অভিমত স্থানে গমন করে। ২। কান্তার্থে যে জন সঙ্কেতস্থানে গমন করে। স্ত্রী, **অভিসারিণী**; অভিসারিকা।

অভিহত (ওভিহত) [অভি—হন্ (বধ করা, প্রহার করা) + ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহাকে প্রহার করা হইয়াছে; আহত; আঘাত প্রাপ্ত। ২। তাড়িত। ৩। পরাজিত। ৪। নষ্ট; যাহাকে বধ করা হইয়াছে। ৫। রুদ্ধ। ৬। গুণিত। বি, **অভিঘাত**।

অভিহরণ (ওভিহরন্) [অভি—হৃ (হরণ করা) + অন (ট্ ভাবে)] বি, স্ত্রী, আহরণ; আনয়ন। ২। অপহরণ। ৩। বিবাহে যৌতুকদান।

অভিহিত (ওভি) [অভি—ধা (ধারণ করা, বলা) + ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহা ধারণ করা হইয়াছে; ধৃত। ২। যাহা বলা হইয়াছে; উক্ত; কথিত; উল্লিখিত। ৩। অভিধা-যুক্ত; যাহার নামকরণ হইয়াছে; সংজ্ঞিত।

অভী [ন = অ (নাই)—ভী (ভয়) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, যে ভয় করে না; নির্ভয়; ভীতিশূন্য।

অভীক (ক্) [ন—অ (নাই) ভী (ভয়) যাহার) বহু,—ক যোগ] বিণ, নির্ভীক। ২। (ওভিক্) [অভি—ইক্ (গমন করা) + অ (ক্) অথবা—কম্ (কামনা করা) অ (ড)—কর্ত্তৃ] বিণ, যে অভিলষিত কামনার অনুগমন করে; কামুক। ৩। ক্রূর।

অভীত—[ন = অ ভীত, নঞ্ তৎ] বিণ, যে ভীত নয়; শঙ্কারহিত; নিঃশঙ্ক।

অভীপ্সিত (ওভিপ্‌শিত) [অভি (একান্ত) আপ্ (পাওয়া) + স (ন্—ইচ্ছার্থে) + ত (কর্ম্মে ক্ত), আ = ঈ] বিণ, যাহা একান্ত পাইতে ইচ্ছা; অভিলষিত; অভীষ্ট; বাঞ্ছিত। স্ত্রী, **অভীপ্সিতা**।

অভীপ্সু (ওভিপ্‌শু) [অভি—আপ্ (পাওয়া) + স (ন্—ইচ্ছার্থে) + উ, কর্ত্তৃ, আ = ঈ] বিণ, যে পাইতে ইচ্ছা করে; অভিলাষুক; ইচ্ছুক।

অভীরু [ন = অ—ভী + রু—কর্ত্তৃ, নঞ্ তৎ] বিণ, ভয়শূন্য; নির্ভীক। ২। ভৈরব। ৩। বি, শতমূলী; asparagus racemosus.
অভীরুপত্রী (অভীরুপোৎত্রি) বি, স্ত্রী, শতমূলী।

অভীষ্ট (ওভিষ্‌ট) [অভি—ইষ্ (ইচ্ছা করা) + ত (কর্ম্মে ত)] বিণ, যাহা পাইতে ইচ্ছা করা হইয়াছে; অভিলষিত; বাঞ্ছিত। ২। প্রিয়। স্ত্রী, **অভীষ্টা**—রেণুকা নামক গন্ধ দ্রব্য বিশেষ।

অভীষ্টসিদ্ধি (ওভিষ্‌টশিদ্‌ধি) [অভীষ্ট (তাহার) সিদ্ধি, ৬তৎ] বি, স্ত্রী, ইষ্টলাভ; বাঞ্ছিত বস্তু বা বিষয়ের প্রাপ্তি; অভিলাষের পূর্ত্তি।

অভুক্ত [ন = অ—ভুজ্ (ভোজন করা) + ত (কর্ম্মে ক্ত) জ্ = ক্, নঞ্ তৎ] বিণ, যাহা কেহ ভোজন করে নাই; যাহা ভুক্ত নয়। ২। যাহা ভোগ করা হয় নাই; অতৃপ্ত। প্র—"প্রহরীর পদ-শব্দে; পবন-স্বননে,
চকিতে অভুক্ত তন্দ্রা ভাঙ্গে সেইক্ষণে।"
—নবীনচন্দ্র (পলাশি)।

৩। যে ভোজন করে নাই (অকর্ম্মক ভুজ্ ধাতুর কর্ত্তৃবাচ্যে ক্ত) বাঙ্গালায় এরূপ ব্যাকরণ-বিরুদ্ধ ব্যুৎপত্তিগত অর্থের ব্যবহার আছে] যাহার আহার হয় নাই; উপবাসী। স্ত্রী, **অভুক্তা**।

অভূতপূর্ব্ব [পূর্ব্বে—ভূত—ভূতপূর্ব্ব (সুপ্ সুপা সমাস) ন—অ—ভূতপূর্ব্ব, নঞ্ তৎ] বিণ, পূর্ব্বে যাহা ঘটে নাই; অদ্ভুত; অপূর্ব্ব। ২। অননুভূতপূর্ব্ব; unprecedented. প্র—"আমার * * * ইন্দ্রিয় সকল অভূতপূর্ব্ব রসাবেশে অবশ হইয়া আসিতেছে—"
—বিদ্যাসাগর (সী, ব)।

অভূততদ্ভাব (ব্) [অভূত (যে বস্তু ছিল না বা অনুৎপন্ন) তাহার যে সদ্ভাব (সেই বস্তু-রূপে উৎপন্ন হওয়া) অর্থাৎ বস্তুর পূর্ব্ব ধর্ম্ম পরিত্যাগানন্তর অবস্থান্তর প্রাপ্তিকে অভূত-তদ্ভাব কহে। যথা—সূত্রের (যাহা বস্ত্র ছিল না) বস্ত্ররূপে পরিণত হওয়া] বি, পুং, যাহা পূর্ব্বে ছিল না তাহা হওয়া।

অভূমি (অভূমি) [ন = অ—ভূমি (স্থান) নঞ্ তৎ] বি, স্ত্রী, অপ্রশস্ত ভূমি। ২। ভূমির অভাব; স্থলাভাব। ৩। অবিষয়। ৪। অপাত্র।

অভেদ (দ্) [ন = অ—ভেদ (প্রভেদ) নঞ্ তৎ] বি, পুং, ভেদের অভাব; ঐক্য; অবিশেষ; অপার্থক্য। ২। [ন = অ (নাই) ভেদ যাহার—বহু] বিণ, যাহাদের মধ্যে তারতম্য নাই; অভিন্ন; ভেদ রহিত; নির্ব্বিশেষ; এক।

অভেদী [ন = অ—ভেদী (ভেদ + ইন্ (অস্ত্যর্থে) নঞ্ তৎ] বিণ, ভেদভাব রহিত। প্র—"আপনার উদার ও অভেদী প্রকৃতি স্মরণ করিয়া শ্রদ্ধা-চিহ্ন স্বরূপ এই ক্ষুদ্র গ্রন্থখানি আপনাকে উৎসর্গ করিতেছি।" —টেকচাঁদ ঠাকুর।
অভেদে—[অভেদ দ্রঃ] ক্রি-বিণ, ভেদ না করিয়া; অভিন্নরূপে।
প্র—"অভেদে ভাবরে মন কালা আর কালী।"
—রাম দত্ত (বাং—গান)।

অভেদ্য (অভেদ্‌দো) [ন = অ—ভিদ্ (ভেদ করা) + য (য্যণ্) কর্ম্মে, নঞ্ তৎ] বিণ, যাহা ভেদ করা যায় না; ভেদের অযোগ্য; যাহা পৃথক করা অসম্ভব। ২। অপ্রবেশ্য। ৩। [যাহাকে কোন ধাতু ভেদ বা ছেদ করিতে পারে না] বি, স্ত্রী, হীরক।

অভোগ্য (—গ্‌গ) [ন = অ—ভোগ্য (ভুজ্ + য য্যণ্—কর্ম্মে) নঞ্ তৎ] বিণ, যাহা ভোগ

করা উচিত নয়। স্ত্রী. অভোগ্যা, বিণ. যাহাকে সম্ভোগ করা উচিত নয় ; অগম্যা।

অভোজ্য (অভোজ্‌জ) [ন=অ—ভোজ্য ভুজ্‌+য (ঘ্যণ্‌ কর্ম্মে) ভোজনযোগ্য, নঞ্‌ তৎ] বিণ. যাহা ভোজনের যোগ্য নয় ; অখাদ্য ; অভক্ষ্য।

অভ্যক্ত (ওব্‌ভক্‌ত) [অভি—অন্‌জ্‌ (ম্রক্ষণ করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহার আপাদমস্তক তৈল দ্বারা ম্রক্ষণ করা হইয়াছে ; আভাং করিয়া তেল মাখান।

অভ্যগ্র (ওব্‌ভগ্র) [অভি—অগ্র (অব্যয়ী ভাব)] বি. সমীপ ; নিকট।

অভ্যঙ্গ (ওব্‌ভংগ) [অভি—অন্‌জ্‌ (ম্রক্ষণ করা)+অ (ঘঞ্‌—ভাবে) নজ্‌=ঙ্গ] বি, পুং. তৈল বা তৈলবৎ মসৃণ বস্তু দ্বারা অঙ্গ মর্দ্দন ; আভাং ; অভ্যঞ্জন ; আপাদ-মস্তক তৈলাক্ত করণ। প্র—অভ্যঙ্গ স্নান। ২। [করণে (ঘঞ্‌)] যাহা দ্বারা অঙ্গ মর্দ্দিত হয় ; তৈলাদি।

অভ্যঞ্জন (ওব্‌ভন্‌জন্‌) [অভি—অন্‌জ্‌+অন (ট্‌—ভাবে)] বি. ক্লী. অভ্যঙ্গ দ্রঃ।

অভ্যধিক (ওব্‌ভোধিক্‌) [অভি—অধিক, (অব্যয়ীভাব)] বিণ. অত্যধিক। ২। সর্ব্বোৎকৃষ্ট ; অত্যুত্তম।

অভ্যন্তর (ওব্‌ভোন্‌তর্‌) [অভি—অন্তর] বি. ক্লী. ভিতর ; মধ্য ; অন্তর। ২। অন্তরাল। ৩। বিণ. অন্তর্গত ; ভিতরের।

অভ্যন্তরীণ (ওব্‌ভোন্‌তোরিন্‌) [অভ্যন্তর+ ঈন (বিদ্যমানার্থে)] বিণ. যে অভ্যন্তরে থাকে ; মধ্যবর্ত্তী ; অন্তরস্থিত ; অন্তর্ব্বর্ত্তী ; আন্তরিক। **অভ্যন্তরীণ-বিবাদ**—(অব্‌ভোনতোরিন্‌ বিবাদ্‌) [অভ্যন্তরীণ (গৃহগত) যে বিবাদ—কর্ম্মধা] বি. পুং. গৃহ-বিচ্ছেদ ; গৃহকলহ ; ঘরোয়া জ্ঞাতি বিগ্রহ ; civil war.

অভ্যবহরণ (ওব্‌ভবহরন্‌) **অভ্যবহার** (ওব্‌ভবহার্‌)। [অভি—অব—হৃ (হরণ করা, খাওয়া)+অ (ঘঞ্‌), অন (ট্‌)—ভাবে] বি. ক্লী. ভক্ষণ ; ভোজন ; অশন ; আহার। বিণ. **অভ্যবহৃত**।

অভ্যবহার্য্য (ওব্‌ভবহার্জ) [অভি—অব—হৃ +য (কর্ম্মে)] বিণ. ভোজনের যোগ্য ; আহার্য্য ; ভক্ষণীয়।

অভ্যর্থন (ওব্‌ভোর্‌থোন্‌) বি. ক্লী. অভ্যর্থনা দ্রঃ।

অভ্যর্থনা (ওব্‌ভোর্‌থোনা) [অভি—অর্থ (যাচ্‌ঞা করা)+ণিচ্‌-অর্থি+অন্‌ ভাবে] বি. স্ত্রী. সংবর্দ্ধনা ; অভ্যাগত ব্যক্তির সৎকার ও সমাদর।

অভ্যর্থনীয় (ওব্‌ভোর্‌থোনিয়) [অভি—ণিজন্ত—অর্থি+অনীয় (কর্ম্মে)] বিণ. অভ্যর্থনার যোগ্য।

অভ্যর্থিত (ওব্‌ভোর্‌থিত) [অভি—ণিজন্ত —অর্থি+ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে অভ্যর্থনা করা হইয়াছে।

অভ্যসন (ওব্‌ভশন্‌) [অভি—অস্‌ (হওয়া) পুনঃ পুনঃ অনুশীলন করা+অন (ট্‌—ভাবে)] বি. ক্লী. অভ্যাস : বারম্বার ; আলোচনা।

অভ্যসূয় (ওব্‌ভোশূয়) [অভি (প্রবল) হইয়াছে, অসূয়া (গুণে দোষারোপ) যাহার—বহু] বিণ. অসূয়াযুক্ত ; অসূয়ান্বিত। স্ত্রী. অভ্যসূয়া—মিথ্যা দোষারোপ ; গুণে দোষারোপ। ২। ঈর্ষা ; দ্বেষ। ৩। নিন্দা ; অপবাদ।

অভ্যস্ত (ওব্‌ভোস্‌তো) [অভি—অস্‌+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা অভ্যাস করা হইয়াছে ; শিক্ষিত। ২। কণ্ঠস্থ ; মুখস্থ। ৩। [ব্যাকরণে] দ্বিরুক্ত ধাতু। ৪। প্রকৃতিগত স্বভাবে পরিণত।

অভ্যাগত (ওব্‌ভ্যাগতো) [অভি—আ—গম্‌ (গমন করা) +ত (কর্ত্তৃ—ক্ত) যে আগমন করিয়াছে] বি. পুং. অতিথি ; গৃহাগত। ২। বিণ. সম্মুখাগত। স্ত্রী. **অভ্যাগতা**। [সমনাম—অভ্যাগত ; আগন্তুক ; অতিথি দ্রঃ]

অভ্যাস (ওব্‌ভ্যাশ্‌) [অভি—অস্‌ (বিদ্যমান থাকা)+অ (ঘঞ্‌—ভাবে)] বি. পুং. শিক্ষা করিবার জন্য বারংবার উচ্চারণ ; আবৃত্তি ; একই কার্য্য পুনঃ পুনঃ করণ ; মুখস্থ করা। প্র—পাঠাভ্যাস। ২। [ব্যাকরণে] দ্বিরুক্ত ধাতুর পূর্ব্বভাগ। ৩। [গণিতে] গুণন। ৪। প্রকৃতি ; স্বভাব। প্র—সকল বিষয় অতিরঞ্জিত করিয়া বলাই তাহার অভ্যাস। ৫। বাণ নিক্ষেপ। ৬। সন্নিধি ; সমীপ ; বিণ. অভ্যাসিত ; অভ্যস্ত।

অভ্যাসী (ওব্‌ভ্যাশি) [অভ্যাস+ইন্‌ (অস্ত্যর্থে)=অভ্যাসিন ১মা ১ বচনে অভ্যাসী, যে অভ্যাস করে] বিণ. অভ্যাসকারী।

অভ্যাহার (ওব্‌ভ্যাহার্‌) [অভি—আ—হৃ (হরণ করা)+অ (ঘঞ্‌—ভাবে)] বি. পুং. বলপূর্ব্বক গ্রহণ ; লুণ্ঠন ; ডাকাতি। ২। আক্রমণ। ৩। ভোজন ; আহার। ৪। বারম্বার।

অভ্যুক্ষণ (ওব্‌ভুক্‌খন্‌) [অভি—উক্ষ্‌ (আর্দ্র করা)+অন (ট্‌—ভাবে)] বি. ক্লী. জলসেচন দ্বারা আর্দ্র করণ।

অভ্যুক্ষণীয় (ওব্‌ভুক্‌খোনিয়) [অভি—উক্ষ্‌ (সেচন করা)+অনীয়, কর্ম্মে] বিণ. যাহাকে অভ্যুক্ষণ করা উচিত, বা করিতে হইবে ; সেচনযোগ্য।

অভ্যুক্ষিত (ওব্‌ভুক্‌খিত) [অভি—উক্ষ্‌ (সেচন করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে জলসেক করা হইয়াছে ; সিক্ত।

অভ্যুচ্চয় (ওব্‌ভুচ্‌চয়্‌) [অভি—উৎ—চি (একত্র করা)+অ (ল্‌—ভাবে)] বি. পুং. সমুচ্চয় ; সমূহ ; রাশি ; পুঞ্জ।

অভ্যুত্থান (ওব্‌ভুৎথান্‌) [অভি—উৎ—স্থা (থাকা)+অন (ট্‌—ভাবে)—স্‌—লোপ.] বি. ক্লী. উত্থান ; উঠা। ২। অভ্যুন্নতি ; সমৃদ্ধি ; উদয় ; সমুত্থান। ৩। উদ্যম। ৪। সুখ্যাতি। ৫। প্রত্যুদ্‌গমন ; সগৌরবে উত্থান। ৬। অভ্যাগত জনের সমাদর বা অভ্যর্থনা করিবার জন্য আসন হইতে উত্থান ; অভ্যর্থনা। প্র—"হেন কালে বর আসি কৈলা অধিষ্ঠান। সম্ভ্রমে উঠিয়া সবে কৈলা অভ্যুত্থান॥" —অন্নদামঙ্গল। ৬। বিরুদ্ধে অস্ত্র ধারণ ; বিদ্রোহী হইয়া উঠন।

অভ্যুত্থায়ী (ওব্‌ভুৎথাঈ) [মূলশব্দ—অভ্যুত্থায়িন্‌, ১ মা ১ বচনে] বিণ. অভ্যুত্থানকারী।

অভ্যুত্থিত (ওব্‌ভুৎথিত) [অভি—উৎ—স্থা+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. যে অভ্যুত্থান করিয়াছে ; উত্থিত ; উদিত। ২। প্রজ্বলিত। ৩। বিরুদ্ধে উত্থিত বা গৃহীতাস্ত্র ; কৃতবিদ্রোহ। ৪। যাহার অভ্যুত্থান হইয়াছে ; সমুন্নত ; সমৃদ্ধ।

অভ্যুদয় (ওব্‌ভুদয়্‌) [অভি—উদয়] বি. পুং. উদয় ; উদ্‌গম ; উত্থান। ২। উন্নতি, ভাগ্যোদয় ; সমৃদ্ধি ; সৌভাগ্য ; শ্রীবৃদ্ধি। ৩। মঙ্গল ; শুভ। ৪। বৃদ্ধি শ্রাদ্ধ। ৫। উৎসব। ৬। ইষ্ট লাভ ; অভ্যুদয় সাধন। **অভ্যুদয়-হেতু** [অভ্যুদয়ের হেতু —৬ তৎ] বি. পুং. ঐহিক এবং পারত্রিক সুখের হেতু যজ্ঞাদি অনুষ্ঠানসাধ্য ধর্ম্ম।

অভ্যুদাহরণ (ন্‌) [অভি+উদাহরণ] বি ক্লী. প্রতিকূল দৃষ্টান্ত ; প্রতিপক্ষে উদাহরণ।

অভ্যুদিত (ওব্‌ভুদিত) [অভি—উৎ—ই (গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. যে উদয় প্রাপ্ত হইয়াছে ; উদিত। ২। প্রকাশিত। ৩। উন্নত। ৪। মঙ্গল সাধনে প্রবৃত্ত। ৫। সূর্য্যোদয় হইলেও যে শয্যা ত্যাগ করে না।

অভ্যুদীরিত (ওব্‌ভুদীরিত) [অভি—উৎ—ঈর্‌ (স্তুতি করা, বলা)+ত (কর্ম্মে—ক্ত) —ই আগম] বিণ. যাহাকে স্তব করা হইয়াছে ; স্তুত। ২। যাহা বলা হইয়াছে ; —উক্ত ; কথিত। ৩। বিক্ষিপ্ত।

অভ্যুদ্ধৃত (ওব্‌ভুদ্‌ধৃত) [অভি (সম্যক্‌)—উৎ—ধৃ (ধারণ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা সর্ব্বতোভাবে উদ্ধার করা হইয়াছে ; সম্যক্‌ উদ্ধৃত।

অভ্যুদ্যত (ওব্‌ভুদ্দত) [অভি (সমন্তাৎ) উৎ—যম্‌+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে উদ্যুক্ত করা হইয়াছে : উদ্যুক্ত ; প্রবৃত্ত। ২। উদ্দিত। ৩। উত্থিত।

অভ্যুপগত (ওব্‌ভুপগত) [অভি (সমীপে) উপগত—উপ+গম্‌—ত (কর্ম্মে ক্ত)—ম লোপ] বিণ, সমীপাগত ; সমুপস্থিত। ২। প্রাপ্ত। ৩। আসক্ত। ৪। প্রতিশ্রুত ; অঙ্গীকৃত। ৫। নির্ণীত।

অভ্যুপগম (ওব্‌ভুপগম্) [অভি—উপ—গম্ (গমন করা)+অ (ল্—ভাবে)] বি, পুং, উপস্থান ; সমীপাগমন। ২। প্রাপ্তি। ৩। প্রতিশ্রুতি। ৪। আসক্তি। ৫। নির্ণয়।

অভ্যুপপত্তি (ওব্‌ভুপোপোৎতি) [অভি—উপপত্তি] বি, অনুগ্রহ। ২। উপকার ; অভীষ্ট সম্পাদন। ৩। অঙ্গীকার। ৪। রক্ষা।

অভ্যুপায় (ওব্‌ভুপায়্) [অভি=উপ—ই (গমন করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, অভ্যুপগমন। ২। সদুপায়। ৩। অঙ্গীকার।

অভ্যুপায়ন (ওব্‌ভুপায়ন) [অভি—উপায়ন] বি, ক্লী, উপঢৌকন ; ভেট ; উপহার।

অভ্যুপেত (ও) [অভি—উপ—ই (গমন করা, পাওয়া)+ত (কর্ম্মে—ক্ত) বিণ, প্রাপ্ত। ২। অঙ্গীকৃত। ৩। উপাগত ; সমুপাগত : approached.

অভ্র (অব্‌ভ্র) [অপ্ (জল)—ভৃ (ধারণ করা) +অ (ক—কর্ত্তৃ) যে জল ধারণ করে] বি, মেঘ ; সর্ব্বনিম্নে স্তরে স্তরে সজ্জিত মেঘ ; the cloud—stratus. বারিবাহ ; জলধর। ২। আকাশ ; গগন। ৩। স্বর্ণ। ৪। অভ্রক ধাতু ; mica ; talc. ৫। মুথাঘাস। বিণ, **অভ্রিয়**, **অভ্রভেদী**—মেঘভেদকারী। ২। গগনস্পর্শী ; আকাশভেদী। প্র—"অভ্রভেদী গিরিচূড়া।" —মেঘনাদ।

অভ্রংলিহ (অব্‌ভ্রংলিহ) [অভ্রং (মেঘকে) লিহ (জিহ্বা দ্বারা স্পর্শ করা)+অ (খশ্—কর্ত্তৃ)] বি, পুং, যে মেঘকে চালিত করে ; বায়ু। ২। বিণ, মেঘস্পর্শী ; অত্যুচ্চ ; অতি উন্নত। প্র—"অভ্রংলিহ মাতঙ্গ সমূহ"।

অভ্রক (অব্‌ভ্রক্) [তুল—ফা অবর্ ; উঃ অব্‌রক্, হিঃ আভ্] বি, ক্লী, ধাতুবিশেষ ; অভ্র ; mica ; talc. শ্বেত, পীত, নীল ও লোহিত ভেদে অভ্রক ৪ প্রকার এবং নীল বা কৃষ্ণাভ্র—দর্দ্দুর, নাগ, পিনাক ও বজ্র ভেদে চারি প্রকার। ঔষধার্থে কৃষ্ণাভ্র প্রশস্ত, এবং গুণভেদে বজ্রাভ্রই শ্রেষ্ঠ।

অভ্রঙ্কষ (অব্‌ভ্রংকষ্) [অভ্র (মেঘ) কষ্ (সৃ) (গমন করা, হিংসা করা)+অ (খ) কর্ত্তৃ] বি, পুং, যে মেঘের প্রতি গমন করে বা যে মেঘসকলকে ছিন্নবিচ্ছিন্ন করে ; বায়ু। ২। বিণ, মেঘস্পর্শী।

অভ্রপিশাচ (অব্‌ভ্রোপিশাচ্) বি, পুং, রাহু গ্রহ।

অভ্রপুষ্প (অব্‌ভ্রোপুষ্‌প) [অভ্র—পুষ্প, অভ্র (মেঘ) সমাগমে পুষ্প হয় যাহার—বহু] বি, পুং, বেতস বৃক্ষ : বেতগাছ ; জলবেতস। ২। [৬তৎ। মেঘ হইতে জল বাহির হয়, উহা দেখিতে পুষ্পের মতন শুভ্র বলিয়াই বৃষ্টিকে অভ্রপুষ্প বলে] ক্লী, জল ; বৃষ্টি। ৩। আকাশকুসুম ; খপুষ্প ; chimera.

অভ্রমাতঙ্গ (অব্‌ভ্রমাতংগ) [অভ্র (মেঘ) মাতঙ্গ (হস্তী) ৬তৎ, অভ্রের কিম্বা অভ্রাধিপতি ইন্দ্রের হস্তী, কিম্বা অভ্রসদৃশ বৃহৎ মাতঙ্গ, (মধ্যপদলোপী কর্ম্মধা)] বি, পুং, ঐরাবত ; ইন্দ্রের হস্তী : ইন্দ্রবারণ।

অভ্রমু (অবভ্রোমু) [অভ্র (মেঘ) মা (পরিমাণ-করা)+উ (তু—কর্ত্তৃ)] বি, স্ত্রী, যে মেঘের সদৃশ নীলবর্ণ এবং বৃহৎকায়। ২। পূর্ব্বদিগ্‌-হস্তিনী ; ঐরাবতের স্ত্রী।

অভ্ররোহ (অব্‌ভ্ররোহ)—বি, বৈদূর্য্যমণি ; lapis lazuli ; sapphire.

অভ্রাতৃক (ক্) [ন=অ (নাই) ভ্রাতা যাহার, বহু, ক—যোগ] বিণ, যাহার ভ্রাতা নাই ; ভ্রাতৃহীন।

অভ্রান্ত (অব্‌ভ্রান্‌ত) [ন=অ—ভ্রান্ত] বিণ, যাহার ভ্রম জন্মে নাই ; ভ্রান্তিরহিত ; প্রমাদহীন ; নির্ভুল।

অভ্রি, অভ্রী (ওব্‌ভৃ) [অভ্র (গমন করা)+ই—(ঈ) কর্ত্তৃ, সংজ্ঞার্থে] বি, স্ত্রী, যে নৌকায় মল মার্জ্জনা নিমিত্ত গমন করে। ২। মল পরিষ্কারক কাষ্ঠাদি নির্ম্মিত কোদাল ; কেঠো।

অভ্রোত্থ (অব্‌ভ্রোৎথ) [অভ্র—উত্থ' (উত্থিত) উৎ—স্থা+অ (ড কর্ত্তৃ) যাহা মেঘ হইতে উৎপন্ন হইয়াছে, ৫তৎ] বি, ক্লী, বজ্র।

অমঙ্গল (অমোংগোল্) [ন=অ—মঙ্গল, নঞ্‌-তৎ] বি, ক্লী, মঙ্গলের অভাব। ২। [নাই মঙ্গল যাহাতে বা যাহার—বহু] বিণ, মঙ্গলশূন্য ; মঙ্গল রহিত ; অশুভ।

প্র—"হায় রে মঙ্গলধ্বনি অমঙ্গল দিনে।" —মেঘনাদ।

৩। পুং, এরণ্ডক বৃক্ষ ; রেড়ীর গাছ। **অমঙ্গল-জনক**—বিণ, অমঙ্গলকারক ; অশুভ-উৎপাদক ; অমঙ্গল্য। **অমঙ্গল-সূচক**—বিণ, অশুভজ্ঞাপক।

অমঙ্গলা (অমোংগলা) বিণ, স্ত্রী, অমঙ্গলকারিণী ; অশুভা ; অলক্ষণা।

অমঙ্গল্য (অমোংগোল্‌লো) [ন=অ—মঙ্গল +য (ণ্)] বিণ, অমঙ্গল জনক।

অমত (ত্) [ন=অ—মত, নঞ্ তৎ] বি, ক্লী, মতের অভাব ; সম্মতি না থাকা ; অসম্মতি। ২। [নাই মত যাহাতে বা যে বিষয়ে—বহু] বিণ, অনভিমত : অমনোনীত ; অমনোমত : not approved of. ৩। [নাই মত যাহার—বহু] বিণ, অসম্মত। ক্রি-বিণ, **অমতে**—অসম্মতিতে ; ইচ্ছার বিরুদ্ধে ; অনভিমতে : সম্মতি বা মত না লইয়া। প্র—গুরুজনের অমতে কোন কাজ করিও না।

অমৎসর (অমৎশর্) [ন=অ—মৎসর (পরশ্রীকাতর) নঞ্ তৎ] বিণ, যে পরশ্রীকাতর নহে : মৎসরতা রহিত ; অসূয়া শূন্য।

অমন (অমন্) [অদস্ শব্দজ অমুষ্মিন্ হইতে। অ(ই) ম(ত) ন] অ, ঐ প্রকার ; ঐরূপ, ওরূপ। প্র—"অমন দীন-নয়নে তুমি চেয়ো না। অমন সুধা-করুণ সুরে তুমি গেয়ো না।" —রবীন্দ্র।

অমনি, অম্‌নি (অমনি, ওম্‌নি) [সং- অদস্ শব্দ পুং, ৭মী, অমুষ্মিন্ (অমুইন্= অমুনি)। প্রাদে উচ্চারণ আমুনি। প্রা-বাং আমনি। প্র—"দ্বাদশ ভকত আমনি"—শূন্য পুরাণ। (বৈ-সা) মধ্য বাং-ঐমনি। প্র—"জৈমিনিরে ঐমনি বলিলা বেদব্যাস।" —শিবায়ন] অ, ঐ মত ; ঐ প্রকার ; ঐরূপ। প্র—"ওগো তুমি অমনি সন্ধ্যার মত হও।" —রবীন্দ্র। ২। বিনা কারণে ; শুধু শুধু। প্র—সেখানে অমনি না গিয়ে কোন একটা কাজ নিয়ে যেও। ৩। বিনা সম্বলে ; খালি হাতে। প্র—অত দূর যেতে হবে, অমনি যাওয়া ভাল নয়, পথ খরচ কিছু নিয়ে যাও। ৪। শূন্য ; খালি। প্র—বাড়ীখানা অম্‌নি পড়ে' আছে। পাত্রটা অম্‌নি রেখে দাও। ৫। অনাবৃত ; অনাচ্ছাদিত ; আদুড়। প্র—অম্‌নি পায়ে, অম্‌নি গায়ে যেতে দিওনা, ছেলেকে ঠাণ্ডা লাগবে। ৬। আনুষঙ্গিকহীন ; তরকারী ব্যতীত ; অবলম্বন রহিত। প্র—ভিখারীও অমনি ভাত খায়না ; অন্ততঃ নুনটা শাকটারও দরকার হয়। ৭। বিনামূল্য। প্র—"আমি ও বাঁশীটির দাম চাই না, অনেক ব্যাপার করে' থাকি, একটা ভাল নয়, অমনি দিলাম"— —স্বর্ণলতা।

৮। তৎক্ষণাৎ।

প্র—"কি ভাবে ভাবিনী যদি বুঝিতে, সজনি,
পিঞ্জর ভাঙ্গিয়া ওরে ছাড়িতে অমনি।"
—ব্রজাঙ্গনা।

"যেন করে স্বর্গ পাই, অম্‌নি খেয়ে যাই,
আনন্দে হোয়ে বিভোরা।" —রামবসু।

৯। শুদ্ধ উহাতে ; অন্য সাহায্য ব্যতীত ; অনন্যসহায়ে। প্র—"এ আগুনে কেনে আহুতি দান? অমনি নারে কি জ্বালাতে প্রাণ?" —ব্রজাঙ্গনা।

অমনি এক রকম—বড় ভালও নহে বড় মন্দও নহে ; so so.

অমনুষ্যত্ব (অমোনুষ্‌যত্ত) [ন=অ—মনুষ্যত্ব,

নঞ্ তৎ] বি. ক্লী. মনুষ্যত্বের অভাব ; মনুষ্যত্বহীনতা ।

অমনোযোগ (অমোনোজোগ্) [ন=অ—মনোযোগ. নঞ্ তৎ] বি. ক্লী. মনোযোগের অভাব ; অনবধানতা ; উপেক্ষা ।

অমনোযোগী (অমোনোজোগি) [মনোযোগ +ইন্ (অস্ত্যর্থে) =মনোযোগিন্ – ১মা.১বচনে. ন=অ—মনোযোগী—নঞ্ তৎ] বিণ.যে মনোযোগী নয় ; অনবধান ।

অমন্ত্র (অমোনত্র) [ন=অ—মন্ত্র. নঞ্ তৎ] বি. ক্লী. মন্ত্রের অভাব । ২ । যাহাকে মন্ত্র বলিয়া গণ্য করা যায় না : যাহা মন্ত্রই নয় । ৩ । [নাই মন্ত্র যাহার—বহু] বিণ. মন্ত্রহীন । স্ত্রী. **অমন্ত্রা**—চারি গ্রাস পরিমাণ ভিক্ষালব্ধ অন্ন ।

অমন্ত্রক (অমোনত্রক্) বিণ. যাহাকে মন্ত্র দেওয়া হয় নাই ; যাহার গুরুমন্ত্র গ্রহণরূপ সংস্কার হয় নাই । স্ত্রী. **অমন্ত্রকা** ।

অমন্থর (অমোনথর্) [অ—মন্থর] বিণ. অমন্দ : ত্বরান্বিত ; তাড়াতাড়ি । প্র—অমন্থর গতি ।

অমন্দ (অমোনদো) [ন=অ—মন্দ (মৃদু)] বিণ. অমন্থর ; ত্বরান্বিত । প্র—অমন্দগতি । ২ । মন্দ নয় ; মাঝারি ; প্রায় ভাল ; ভালই । ৩ । [প্রাদে. মেয়েলি । অ (স্বার্থে) মন্দ] বিণ. মন্দ ; অপসন্দ । প্র—জিনিসটা নেহাত অমন্দ বলতে পারা যায় না । কাজটা অমন্দ হয়ে থাকে. ঘাট হয়েছে ।

অমর (র্) [ন=অ—মর (মৃ=মরা+অল্. ভাবে)—নাই মরণ যাহাদের—বহু] বি. পুং. দেবতা ।

প্র—"ধিক্ হে অমর নামে. দৈত্য ভয়ে যদি
অমরা পশিতে ভয় এতই পরাণে."
"বল হে অমরগণ বল প্রকাশিয়া
এইরূপে চিরদিন থাকিবে কি হেথা ?"
—হেমচন্দ্র (বৃত্রসংহার) ।

২ । বিণ. মরণরহিত ।
প্র—"অজর অমর শূর স্বর্গ অধিকারী.
দেববৃন্দ স্বর্ভ্রষ্ট পড়িয়া পাতালে ॥"
—বৃত্রসংহার ।

৩ । কীর্ত্তিদ্বারা চিরস্মরণীয় ; চিরযশস্বী ; চিরদিন লোকে যাঁহার গুণ-কীর্ত্তন করে । প্র—
"সেই ধন্য নরকুলে. লোকে যারে নাহি ভুলে.
মনের মন্দিরে নিত্য সেবে সর্ব্বজন.
কিন্তু কোন গুণ আছে. যাচিব যে তব কাছে.
হেন অমরতা আমি. কহ গো শ্যামা জন্মদে !
তবে যদি দয়া কর. ভুল দোষ গুণ ধর.
অমর করিয়া বর দেহ দাসে. সুবরদে !
ফুটি যেন স্মৃতিজলে. মানসে মা যথা ফলে
মধুময় তামরস—কি বসন্ত. কি শরদে ।"
—মাইকেল ।

৪ । অমরকোষ নামক প্রসিদ্ধ সংস্কৃত শব্দকোষ প্রণেতা কবি অমরসিংহ ।

৫ । পারদ । ৬ । স্বর্ণ । ৭ । হাড়যোড়া গাছ । কিজুগাছ । রুদ্রাক্ষগাছ । অশ্বকর্ণ বৃক্ষ । কুলিশবৃক্ষ । বি. **অমরতা**, অমরত্ব । স্ত্রী. অমরা. **অমরী** (মাইকেল মধুসূদন দত্ত ব্যবহৃত) । প্র—"অমরী আমরা. দেব ! বরিনু তোমারে আমা সবে ।" —মেঘনাদ ।

অমরকোষ (র্. ষ্). বি. অমরসিংহ কৃত সংস্কৃত শব্দকোষ বা অভিধান ।

অমরজ—বি. দেবদারু । দুষ্খদির । গুয়ে বাবলা ।

অমরত্ব [অমর+ত্ব—ভাবে] বি. ক্লী. অমরের ধর্ম্ম ; মরণরাহিত্য । ২ । দেবত্ব ; সুরত্ব ; দেবতার প্রকৃতি ; দেব-ভাব ; দেবচরিত্র । ৩ । চিরস্মরণীয়তা ; কীর্ত্তি জন্য চিরদিন লোকের হৃদয়ে জাগরূক থাকা ; অক্ষয় যশ ; immortality.

অমরদারু (র্) [অমর—দারু (বৃক্ষ) ৬তৎ. ইহা অমরগণের প্রিয়] বি. পুং. দেবদারু বৃক্ষ ।

অমরদ্বিজ (অমরদ্দিজ) [অমর (দেবতা) পূজক দ্বিজ (ব্রাহ্মণ)—ম-প-লো কর্ম্মধা] বি. পুং. দেবল ; পূজারি ব্রাহ্মণ ।

অমরপুষ্পক (র্. ক্) [অমর—পুষ্প +ক (স্বার্থে) যাহার. বহু] বি. পুং. যাহার পুষ্প ম্লান হয় না ; কাশতৃণ ; কেশে ।
২ । কল্পবৃক্ষ । স্ত্রী. **অমরপুষ্পিকা, পুষ্পী**—কেশে ; চোরখড়্কে ; হেটহলি ।

অমররত্ন—বি. ক্লী. স্ফটিকমণি ।

অমরা [অমর+অ (ন্) অস্ত্যর্থে. আপ্ স্ত্রী.] বি. স্ত্রী. ইন্দ্রের পুরী ; অমরাবতী । ২ । স্বর্গ ; ত্রিদিব ।
প্র—"ধিক্ হে অমর নামে. দৈত্যভয়ে যদি
অমরা পশিতে ভয় এতই পরাণে."
—বৃত্রসংহার ।

৩ । [আয়ুর্ব্বেদে] দূর্ব্বা । গুড়ূচী । রাখাল শসা । বটগাছ । মহানীল গাছ । ঘৃতকুমারী । বিছাটী । জরায়ু । ফুল । নাভিনালা । মেষশৃঙ্গী বা মেড়াশিঙে । নদীবট ।

অমরাদ্রি (অমরাদ্দৃ) [অমরের অদ্রি. ৬তৎ—যে পর্ব্বতে দেবগণ বাস করেন] বি. পুং. সুমেরু পর্ব্বত ।

অমরাবতী (বোতি) [অমরা (দেবসকল—বিদ্যমান থাকে ইহাতে এই অর্থে) +বতু+ঈ (স্ত্রীলিঙ্গে)] বি. স্ত্রী. দেবসকলের বাসভূমি ; ইন্দ্রনগরী ; সুরলোক । প্র—"হরিনামামৃত পানে বিমোহিত সদা আনন্দিত নারদ ঋষি. গায়িতে গায়িতে অমরাবতীতে আইল একদা উজলি দিশি ।" —হেমচন্দ্র ।

অমরালয় (য়) [অমর—আলয়. ৬তৎ] বি. পুং. অমরের আবাস ভূমি ; স্বর্গ ।

অমরেশ (শ্) [অমর (দেবতা) ঈশ (ঈশ্বর) প্রধান) ৬তৎ] বি. পুং. দেবতার রাজা ; ইন্দ্র ; অমরেশ্বর ।

অমর্ত্ত (অমর্তো) [সং—অমৃত শব্দের গ্রা-রূপ] বি. অমৃত ; সুধা । প্র—"অমর্ত্ত কুণ্ডের পানি"—শূন্য পুরাণ ।

অমর্ত্ত্য (অমর্ত) [ন=অ+মর্ত্ত্য (মরণার্হ. মনুষ্য) নঞ্তৎ. যাহারা মরণার্হ মনুষ্য নয়] বি. পুং.দেবতাগণ । [তুলঃ—গ্রী. Ambrotos ; ল্যা. immortalis]

অমর্ত্ত্যভুবন (ন্) বি. ক্লী. স্বর্গ ।

অমর্য্যাদক (অমোর্জাদক্) [ন=অ—মর্য্যাদা +ক (কারী) যে পরের মর্য্যাদা করে না] বিণ. অবমানকারী ; অনাদরকর্ত্তা ; যে কাহার মান রাখে না ।

অমর্য্যাদা (অমোর্জ্যাদা) [ন=অ—মর্য্যাদা —নঞ্তৎ] বি. স্ত্রী. মর্য্যাদার অভাব ; অনাদর ; অপমান । ক্রি. **অমর্য্যাদা করা**—অনাদর করা ; মান না দেওয়া ; সম্মান রক্ষার্থ ধনাদি বা নজর না দেওয়া ।

অমর্ষ [ন = অ—মৃষ্ (ক্ষমা করা) +অ (ঘঞ্—ভাবে) নঞ্ তৎ] বি. পুং. ক্রোধ. কোপ । ২ । অপরের অপরাধ ক্ষমা না করা ; অক্ষমা । ৩ । অসহিষ্ণুতা । ৪ । [ন=অ (নাই) মর্ষ (ক্ষমা) যাহার—বহু] বিণ. ক্ষমা-শূন্য ; ক্রোধী ।

অমর্ষণ (ন্) [ন=অ—মৃষ্ (ক্ষমা করা) + অন (ট্—ভাবে)] বি. ক্লী. ক্রোধ । ২ । [ন= অ (নাই) মর্ষণ যাহার. বহু] বিণ. অসহন ; সহজে যাহার ক্রোধের উদ্রেক হয় এবং যে তাহা প্রকাশ করে । যে রাগ সামলাইতে পারে না ; যাহার রাগ পড়ে না ; যে ক্ষমা করে না ; অক্ষমা ।

অমর্ষপরায়ণ (ন্) [অমর্ষ (ক্রোধ) পর (প্রধান) অয়ন (গতি) যাহার. বহু] বিণ. ক্রোধই যাহার প্রধান গতি ; ক্রোধপরবশ ; অত্যন্ত কোপনস্বভাব ।

অমর্ষিত [অমর্ষ+ইত. অস্ত্যর্থে] বিণ. ক্রোধান্বিত ; ক্রোধবিশিষ্ট ।

অমর্ষী (অমোর্ষি) [মর্ষ+ইন্ (অস্ত্যর্থে) =মর্ষিন্ ন=অ—মর্ষিন্. নঞ্তৎ ১মা ১ বচনে অমর্ষী] বিণ. অমর্ষকারী ; কোপন-স্বভাব । ২ । অক্ষমা ।

অমল (ল্) [ন=অ—মল (আবিল) নঞ্তৎ] বিণ. মলাভাব । ২ । [ন=অ (নাই) মল যাহার—বহু] মলহীন । নির্ম্মল । প্র—"অমল শ্যামল তব কমল বদন । আহা মলিন হয়েছে হেরি. বল কি কারণ ॥" —মনোমোহন বসু । ৩ । শুভ্র ; ধবল । ৪ । [আয়ুর্ব্বেদে] সমুদ্রফেন ; অভ্র ; কর্পূর ; রজত মাক্ষিক ; পিত্ত ; কতক বৃক্ষ. নির্ম্মল গাছ ; গন্ধদ্রব্য বিশেষ । স্ত্রী. **অমলা**—লক্ষ্মী । ২ । [আয়ুর্ব্বেদে] সাতলাবৃক্ষ ভূম্যামলকী বা ভুঁই

আমলা; আমলা; নাভিনালা; বড়নীল; কেহও বৃক্ষ।

অমলক (ক্) [অমল+ক—সংজ্ঞার্থে] বি, পুং, আমলকী। ২। অধিত্যকাস্থ বাসস্থান।

অমলিন (মো, ন্) [ন=অ—মলিন—নঞ্‌তৎ] বিণ, যাহা মলিন নয়; উজ্জ্বল; নির্দোষ; নিষ্কলঙ্ক; প্র—"মেলি যত বন্ধুজন, দশদিকে দেও মন, যথা পাও অমলিন কুল।"—কবিক।

অমা [ন=অ—মা (পরিমাণ করা)+ক্বিপ্] অ, চন্দ্রমণ্ডলের ষোড়শ কলার মধ্যে পঞ্চদশ কলা যাহাকে আশ্রয় করিয়া আছে, সেই নিত্য, ক্ষয়-বৃদ্ধি রহিত প্রধান কলা। ২। অমাবস্যা। প্র—অমানিশা। ৩। সহিত; নিকট। (স্বতন্ত্র প্রয়োগ নাই) দ্রঃ—অমাত্য; অমাবস্যা।

অমাংস (শ) [ন=অ—মাংস, নঞ্‌তৎ] বি, স্ত্রী, মাংসের অভাব। ২। [ন=অ (অল্প) মাংস যাহার—বহু] বিণ, যাহার শরীরে অল্প মাংস আছে; মাংসহীন; কৃশ।

অমাংসল (শল্) [মাংস+ল (অস্ত্যর্থে) যাহার মাংস আছে) ন=অ—মাংসল, নঞ্‌তৎ] বিণ, মাংসহীন; কৃশ।

অমাতৃক (ক্) [ন=অ (নাই)—মাতা যাহার বহু+ক যোগ] বিণ, মাতৃহীন।

অমাত্য (ত্ত) [অমা (নিকট)+ত্য (বিদ্য-মানার্থে) যে নিকটে বিদ্যমান থাকে; কিম্বা অমা (সহিত) অৎ (সতত গমন করা)+য সংজ্ঞার্থে) যিনি সততই মন্ত্রণার্থ সঙ্গে সঙ্গে গমন করেন] বি, পুং, মন্ত্রী। ২। সহচর।

অমাত্র (অমাৎত্র) বিণ, মাত্রাহীন।

অমানব (ব্) [ন=অ—মানব, নঞ্‌তৎ] বিণ, কুৎসিত মানব; অমানুষ দ্রঃ।

অমানুষ (অমানুষ) [ন=অ (অন্যত্ব বা অল্পতাজ্ঞাপক)—মানুষ, নঞ্‌তৎ] বিণ, মনুষ্যাতীত; অলৌকিক। প্র—লোকটার অমানুষ সাহস। ২। মনুষ্যত্বহীন; মনুষ্য ধর্ম্মের বহির্ভূত; যে মানুষের মধ্যে গণ্য নহে; মন্দ মানুষ; কুলোক। প্র—অমানুষ না হলে আর ওরূপ ব্যবহার করে?

অমানুষিক (ক্) বিণ, মানবীয় ক্ষমতার অতীত; মানুষের পক্ষে যাহা সম্ভব তাহার অতিরিক্ত। [সমনাম—মানুষে যাহা সম্ভবে না তাহাই অমানুষিক। অমানুষিক অত্যাচারও হয় আবার অমানুষিক পরিশ্রমও হয়; ইহাতে আসুরিক ভাবই অধিক প্রকট। মানুষে যাহা সম্ভব তাহার অতীত অর্থাৎ মনুষ্য শক্তির অতিরিক্ত যাহা তাহাই অতিমানুষিক ইহাতে দেবভাবই সমধিক প্রকটিত হয়।]

অমান্য (ন্ন) [ন=অ (নাই) মান্য যাহার—বহু] বিণ, যাহার মান নাই; অনাদরণীয়। ২। [নঞ্‌তৎ] মান্য নয়; অপাল্য; অরক্ষণীয়; ৩। [গ্রাম্য ব্যবহারে] বি, অসম্মান; অনাদর।

অমাবস্যা বা বাস্যা (অমাবোশ্‌শা) [অমা (সহিত) বস্ (বাস করা)+য, বাস্যা (অধি, ষ্যণ্) সূর্য্যের সহিত চন্দ্রের একত্র বাস হয় যে তিথিতে] বি, স্ত্রী, অমা কলার সহিত সূর্য্য ও চন্দ্রের একত্র বাস করায় ঐ কলা বা তিথির নাম অমাবস্যা বা অমাবাস্যা। [পুরাণে] পিতৃগণ যে সময়ে চন্দ্রের পঞ্চদশ কলাত্মক সুধা পান করেন তাহাই অমাবস্যা; কৃষ্ণপক্ষের শেষ তিথি। [গ্রাম্যপ্রয়োগ, আমাবোস্যে]। **অমাবস্যার চাঁদ**—অদর্শনীয়। বন্ধু বা প্রিয়জনের অদর্শনে অর্থাৎ তাহার দেখা না পাইলে তাহাকে অমাবস্যার চাঁদের সহিত তুলনা করা হয়।

অমায় [ন=অ (নাই) মায়া যাহার, বহু] বিণ, মায়াশূন্য। ২। অমায়িক; অকপট; সরল। ৩। অপ্রবঞ্চক।

অমায়া [অ+মায়া] বি, অকপটতা; সরলতা। ক্রি-বিণ, **অমায়ায়**—অকপটে। প্র—"সেইদিন অমায়ায় কহিলেন কথা।" —চৈতন্য ভাগবত।

অমায়িক (অমায়িক্) [ন=অ—মায়িক (মায়াযুক্ত) নঞ্‌তৎ; মায়া+ইক (ন্) যে মায়াযুক্ত নহে] বিণ, যে ছল বা কপটতা জানে না; সরল; স্নেহশীল; ভদ্র; নিরহঙ্কারী; সদালাপী। বি, অমায়িকতা।

অমায়িকতা (অমাইকতা) [অমায়িক+তা (ভাবে)] বি, স্ত্রী, সরল হৃদয়তা; অমায়িক বা প্রিয় আচরণ; মধুর ব্যবহার।

অমিত [ন=অ—মিত (পরিমিত) নঞ্ তৎ] বিণ, যাহার পরিমাণ করা যায় না; অসীম; অপরিমিত; অত্যধিক; প্রচুর। প্র—অমিত-বল; অমিত সাহস; অমিত তেজ।

অমিততেজা [অমিত (অপরিমিত) তেজস্ (দীপ্তি বা ক্ষমতা) যাহার, বহু, মূলশব্দ অমিততেজস্ ১মা ১ বচনে] বিণ, অপরিমিত তেজ বিশিষ্ট; অসীম ক্ষমতাবান্।

অমিতৌজস্ (শ্) [অমিত (অপরিমিত) ওজস্ (বল) যাহার, বহু] বিণ, অসীমশক্তি-সম্পন্ন; অপরিমিত বলশালী।

অমিত্র (অমিৎত্র) [ন=অ—মিত্র (বন্ধু) নঞ্ তৎ] বি, পুং, মিত্রভিন্ন; যে মিত্র নয়; শত্রু। ২। [ন=অ, (নাই) মিত্র যাহার, বহু] বিণ, যাহার মিত্র নাই; বন্ধুহীন।

অমিয় (ওমিও) [সং—অমৃত শব্দের প্রাকৃত উচ্চারণ] বি, পুং, অমৃত; সুধা। ২। বিণ, অমৃতময়; সুধাপূর্ণ; মধুময়। প্র—অমিয় বচন। স্ত্রী, অমিয়া।

অমিয়া (ওমিআ) [ন=অ, মি+য, কর্ম্মে=অমিয়া, যাহার তুলনা করা যায় না, স্ত্রী, আপ্] বি, স্ত্রী, সুধা। প্র—অমিয়া বরিখে জনু শারদ পুনিম শশী।" —বি, প "অমিয়া সাগরে সিনান করিতে সকলি গরল ভেল।" —চণ্ডীদাস। ২। বিণ, অতুলনীয়া।

অমিয়া-মিঠ [ব্রজ] বিণ, অমৃতের মত মিষ্ট। প্র—"কিবা সে বচন অমিয়া-মিঠ।"—বি, প।

অমিশ্র (অমিস্‌স্র) [ন=অ—মিশ্র, নঞ্ তৎ] বিণ, যাহা মিলিত নয়; বিশুদ্ধ; খাঁটী। ২। স্বতন্ত্র; পৃথক্।

অমিশ্রিত [ন=অ—মিশ্রিত, নঞ্ তৎ] বিণ, যাহার সহিত কিছু মিশ্রিত করা হয় নাই; বিশুদ্ধ; খাঁটী।

অমুক (ওমুক্) [অদস্‌শব্দজ, অদস্+ক=অমুক (নিপাতন)] স, অনির্দ্দিষ্টনামা; অজ্ঞাতনামা ব্যক্তি বা বস্তু। এই শব্দ অজ্ঞাত নামের পরিবর্ত্তে প্রযুক্ত হয়। প্র—"অস্থিমজ্জাগত সাহেবী, দৃষ্টান্ত দেখ না অমুক বাঁড় য্যে।" —রজনী সেন।

অমুক্ত (অমুক্‌তো) [ন=অ—মুক্ত, নঞ্ তৎ] বিণ, যাহাকে মুক্তি দেওয়া হয় নাই; মুক্ত নয়; অবরুদ্ধ; আবদ্ধ। ২। অনি-ক্ষিপ্ত; অপরিত্যক্ত। ৩। অনধিগতমোক্ষ; মায়াবদ্ধ; অপ্রাপ্তপরিত্রাণ। ৪। আবৃত; আচ্ছাদিত; ঢাকা। ৫। অপরিষ্কৃত। ৬। বি, স্ত্রী, হস্তধৃত ছুরিকাদি অস্ত্র।

অমুনি (ওমুনি) [প্রাদে] ক্রি-বিণ, তৎ-ক্ষণাৎ; তখনই; তন্মুহূর্ত্তেই। অমনি দ্রঃ।

অমূর্ত্ত [ন=অ (নাই) মূর্ত্ত (আকৃতি) যাহার—বহু] বিণ, মূর্ত্তিহীন; অবয়ব রহিত; আকৃতি-হীন। ২। [ন্যায়দর্শনে] কাল; আকাশ; আত্মা; দিক্। ৩। [বেদান্তে] বায়ু; আকাশ। ৪। শিব।

অমূর্ত্তগুণ (ন্) [ন্যায়ের পারিভাষিক শব্দ] অমূর্ত্ত পদার্থের বিশেষ গুণ। যথা—আকাশের শব্দ; আত্মার ইচ্ছা, বুদ্ধি, সুখ দুঃখাদি গুণ।

অমূল (ল্) [ন=অ (নাই) মূল (গাছের গোড়া, আদ্য) যাহার—বহু] বিণ, শিকড়হীন। ২। যাহার মূল নাই; আদিকারণ শূন্য; অকারণ। ৩। কল্পিত; কাল্পনিক; নির্ম্মূল; অপ্রামাণিক; মিথ্যা। ৪। [হিং অনুমোল্। অমূল্য শব্দের অপভ্রংশ পদ্যে। মূল দ্রঃ।]

অমূলক (ক্) [অমূল+ক, স্বার্থে] অমূল দ্রঃ। অকারণ। ২। মিথ্যা; অসত্য। প্র—"আমি যদি রাজ্যের ভার গ্রহণ না করিতাম * * * তাহা হইলে অমূলক লোকাপবাদে অবজ্ঞা প্রদর্শন করিয়া নিরুদ্বেগে সংসার যাত্রা নির্ব্বাহ করিতাম।" —বিদ্যাসাগর (সী, ব)।

অমূল্য (অমুল্ল) [ন=অ (নাই) মূল্য যাহার, বহু] বিণ, যাহার উপযুক্ত মূল্য নাই; যাহা মূল্য দিয়াও পাওয়া যায় না। ২। যাহার মূল্য

নিরূপিত করা যায় না ; যাহার মূল্যের সীমা নাই ; যাহার এত অধিক মূল্য যে তদ্দ্বারা ক্রয় করা অসাধ্য। ৩। ক্রি-বিণ, বিনামূল্যে। প্র—"অমূল্য বিতরিত"।

অমৃত [ন=অ—মৃত (মৃত্যু) যাহা হইতে মৃত্যু নাই—বহু] বি, ক্লী, যাহা পান করিলে মৃত্যু হয় না ; পীযূষ ; সুধা। ২। [অমৃত পান করিয়া মৃত্যুঞ্জয় হইয়াছিলেন বলিয়া] দেবতা। ৩। [সমুদ্রমন্থনে অমৃত ভাণ্ড লইয়া উত্থান হেতু] ধন্বন্তরি। ৪। [আয়ুর্ব্বেদে] (দেহপালক এবং প্রাণদ বলিয়া) ক্ষীর ; দুগ্ধ। (আয়ুঃপ্রদ বলিয়া) ঘৃত ; নবনীত ; তক্র। (প্রাণধারণের হেতু বলিয়া) জল। (জীবন ধারণের মূল বলিয়া) অন্ন। (রোগহর এবং প্রাণদ বলিয়া) ঔষধ। (ঔষধ স্বরূপ রসায়ন যোগে পান করিলে দীর্ঘায়ু করে বলিয়া) পারদ। (অগ্নিতে ক্ষয় প্রাপ্ত হয় না এবং কালসহ বলিয়া) স্বর্ণ ; বারাহী কন্দ ; শূয়ার আলু ; চামার আলু ; বনমুগ ; বিষ। ৫। স্বাদুদ্রব্য ; রসনার অত্যন্ত তৃপ্তিদায়ক খাদ্য। ৬। হৃদ্য। ৭ স্বর্গ ; পরমধাম ; অনন্ত-শান্তির ধাম। প্র—"চল সে অমৃতধামে, শান্তিহারা নরনারি, * * * যেথায় নাহিক শোক, নাহি পাপ, নাহি দুঃখ, আনন্দ-সমীরণ বহে যথা স্নিগ্ধকারী।"
—ব্রহ্মসঙ্গীত।
৮। ব্রহ্ম ; পরব্রহ্ম। প্র—"সরল হৃদয় লয়ে, চল সবে অমৃতের দ্বারে কত সুধা মিলিবে।" —ব্রহ্মসঙ্গীত।
৯। মোক্ষ ; মুক্তি। ১০। [জ্যোতিষে] যোগবিশেষ ; নক্ষত্রামৃতযোগ ; তিথ্যমৃত-যোগ। রবিবারে উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ, রোহিণী, পুষ্যা, হস্তা, মূলা, রেবতী ; সোমবারে শ্রবণা, ধনিষ্ঠা, রোহিণী, মৃগশিরা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্র-পদ, উত্তরভাদ্রপদ, হস্তা, অশ্বিনী ; মঙ্গলবারে পুষ্যা, অশ্লেষা, কৃত্তিকা, স্বাতী, উত্তরভাদ্রপদ, রেবতী ; বুধবারে কৃত্তিকা, রোহিণী, শতভিষা, অনুরাধা ; বৃহস্পতিবারে স্বাতী, পুনর্ব্বসু, পুষ্যা, অনুরাধা ; শুক্রবারে পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, অশ্বিনী, শ্রবণা, অনুরাধা এবং শনিবারে স্বাতী ও রোহিণী নক্ষত্র হইলে নক্ষত্রামৃতযোগ হয়, এবং রবি ও সোম-বারে পূর্ণাতিথি, মঙ্গলে ভদ্রা, বুধ ও শনিতে নন্দা, বৃহস্পতিতে জয়া এবং শুক্রে রিক্তা হইলে তিথ্যমৃতযোগ হয়। ১১। প্রাচীন ওষধবিশেষ। [বঙ্গকোষ]
১২। বিণ, মরণহীন ; অমর। ১৩। মৃত নহে ; জীবিত ; জীবন্ত। ১৪। অমৃততুল্য আনন্দপ্রদ ; অমৃতময়। প্র—"জননীর স্নেহপ্রীতি, শতধারে সুধা ঢালে নিতিনিতি, জগতের প্রেম মধুর মাধুরী, ডুবায়ে অমৃত-সরসে।" —ব্রহ্মসঙ্গীত।
স্ত্রী, **অমৃতা**—প্লক্ষদ্বীপে প্রবাহিতা নদী-বিশেষ। যে ঐ নদীর জল পান করে সে সর্ব্বদা সন্তুষ্ট থাকে। [ভারতকোষ]
২। আনন্দা, মধ্যা, ভূতনা, পুতনা এই চারিটী জলবাহিনী সূর্য্যরশ্মি। ৩। [আয়ুর্ব্বেদে] গুড়ূচী ; আমলকী ; হরীতকী ; তুলসী ; কাঠধাত্রী ; রাখালশসা ; অতিবিষা ; ত্রিবৃৎ ; দূর্ব্বা ; পিপ্পলী ; লতাকটকী ; নাগবল্লী ; পান ; রাস্না ; জ্যোতিষ্মতী ; গোরক্ষদুগ্ধা ; লিঙ্গিনী ; ফট্‌কিরী। ৪ [অমৃতের সহিত উঠিয়াছিল বলিয়া] মদিরা ; সুরা।
[তুলঃ—সং—অমৃত। গ্রী, ambrotos. সং, মৃ=ল্যা—mori (to die) mrotos, mortal. ইং—ambrosia—the fabled food of the gods, which gave immortal youth and beauty to those who ate it.
—*Davidson.*]

অমৃতকর (র্) [অমৃত (অমৃতস্বরূপ সুধা-বহ)—কর (কিরণ) যাহার] বি, পুং, সুধাকর ; চন্দ্র।

অমৃতকুণ্ড [অমৃত—কুণ্ড (কূপ) ৬তৎ] বি, ক্লী, অমৃতের কূপ ; অমৃতভাণ্ড।

অমৃতজটা—বি, জটামাংসী নামক গন্ধদ্রব্য

অমৃততরঙ্গিণী [অমৃত—তরঙ্গিণী, ৬তৎ] বি, স্ত্রী, চন্দ্রকিরণ ; জ্যোৎস্না ; কৌমুদী ; চন্দ্রিকা।

অমৃতপ (প্) [অমৃত—প (পা=পানকরা +অ—ড, কর্ত্তৃ) যাঁহারা অমৃত পান করেন] বি, পুং, দেবতা। ২। [অমৃত—প (পা=রক্ষা করা)+অ—কর্ত্তৃ, ড] যিনি অসুর-গণের নিকট হইতে মোহিনীমূর্ত্তি ধারণ করিয়া অমৃত রক্ষা করিয়াছিলেন ; বিষ্ণু। ৩। বিণ, **অমৃতপায়ী**।

অমৃতফল (ল্) [অমৃত—(অমৃততুল্য স্বাদু) ফল (কর্ম্মধা)] বি, ক্লী, আম্রফল। ২। নাসপাতী ; Nak pyrus communis. ৩। পারদ। ৪। বৃদ্ধিনামক ঔষধ। ৫। পটোল। ৬। ধাতৃবৃক্ষ। স্ত্রী, **অমৃতফলা**—দ্রাক্ষা ; আমলকী ; হরীতকী।

অমৃতভাষী [অমৃত—ভাষ্+ইন (ণিন্ কর্ত্তৃ) =অমৃত ভাষিন্ ১মা ১বচনে অমৃতভাষী] বিণ, যাহার ভাষা (বাক্য) অমৃতের ন্যায় মিষ্ট। স্ত্রী, **অমৃতভাষিণী**—সুধার ন্যায় মিষ্টভাষিণী ; সুবচনী। প্র—" * * কহ হে দেবী অমৃত-ভাষিণি!" —মেঘনাদ।

অমৃতযোগ (জোগ্) [অমৃত—যোগ] বি, পুং, যোগবিশেষ [জ্যোতিষ শাস্ত্রে]। এই যোগ নক্ষত্রামৃত যোগ ও তিথ্যমৃতযোগরূপে উক্ত হইয়াছে। [অমৃত দ্রঃ]।

অমৃতস্রবা [অমৃত—স্রু (ক্ষরিত হওয়া)+অ (ল্—অপাদানে)=অমৃতস্রব+আ—স্ত্রী] বি, স্ত্রী, যাহা হইতে অমৃত ক্ষরিত হয় ; অমৃত-নিস্যন্দিনী। ২। [আয়ুর্ব্বেদে] বি, অমৃতবল্লী ; রুদন্তীবৃক্ষ।

অমৃতায়মান (ন্) [অমৃত+য (ক্যঙ্) শান (চ্) কর্ম্মে] বিণ, যাহা অমৃতের ন্যায় বোধ হয় ; অমৃতোপম। প্র—"সীতা রামমুখ-বিনিঃসৃত অমৃতায়মান বচনপরম্পরা শ্রবণ-গোচর করিয়া, হাস্যমুখে কহিলেন," —বিদ্যাসাগর।

অমৃতাশন (ন্) [অমৃত হইয়াছে—অশন (ভোজন) যাহাদের—বহু] বি, পুং, দেবতা ; অমর।

অমৃতাহ্ব (অমৃতাব্‌ভ) [অমৃত হইয়াছে—আহ্বা (নাম—সংজ্ঞা) যাহার—বহু] বি, ক্লী, সেব ফল ; আপেল ; apple. প্র—"কিম্বা সেই ফল, অমৃতে বিহ্বল, অমৃতাহ্ব যার নাম।" —কর্ম্মদেবী।

অমৃতী (ওমৃতি) [ওমৃত+ইন্ (অস্ত্যর্থে)—যাহাতে অমৃত আছে। গ্রা—ওমির্তি] বি, জিলাপীর আকৃতি, পাকানো-কিনারা মিষ্টান্নবিশেষ। ২। পানপাত্রবিশেষ ; গলা সরু এক প্রকার জলপাত্র। [ভারতকোষ]

অমৃতীবান্ [অমৃতভাণ্ড শব্দজ] বি, লালবর্ণ মৃন্ময় ভাণ্ডবিশেষ।

অমৃতোপম [অমৃত—হইয়াছে উপমা যাহার, বহু] বিণ, যাহা খাইতে এত মধুর যে অমৃতের সঙ্গে উপমা দেওয়া যায় ; অমৃতায়মান ; অমৃত-সদৃশ ; সুধাবৎ।

অমেধাঃ [ন=অ (নাই) মেধা (ধারণাবতী বুদ্ধি) যাহার, বহু, মূলশব্দ মেধা, বহুব্রীহি সমাসে মেধা স্থানে মেধস্] বিণ, যাহার মেধা নাই ; মেধাহীন ; বুদ্ধিশূন্য ; ধারণাহীন ; অবোধ ; মূর্খ।

অমেধ্য (অমেধ্‌ধ) [ন=অ—মেধ্য (পবিত্র) নঞ্‌তৎ] বিণ, অপবিত্র। ৩। যাহা যজ্ঞের যোগ্য নয় ; অযজ্ঞিয়। ৪। বি, ক্লী, অপবিত্র বস্তু ; পুরীষাদি ; মল। প্র—"সর্ব্ব-অঙ্গে অমেধ্য পঙ্কের পরকাশ।" —চৈতন্য ভাগবত।

অমেয় [ন=অ—মেয় (পরিমাণ যোগ্য) নঞ্‌-তৎ] বিণ, যার পরিমাণ হয় না ; অপরিমেয় ; অপরিচ্ছেদ্য ; ইয়ত্তাশূন্য। প্র—অমেয় আত্মা।

অমেয়াত্মা (অমেআৎতা) [অমেয় (পরিমাণের অতীত) আত্মা যাহার—বহু] বিণ, যাহার স্বরূপের ইয়ত্তা নাই ; অপরিচ্ছেদ্য আত্মা ; মনোতীত বুদ্ধি। ২। বি, পুং, বিষ্ণু।

অমোঘ (ঘ্) [ন=অ—মোঘ (ব্যর্থ) নঞ্ তৎ] বিণ, অব্যর্থ ; সার্থক ; সফল। ২। বিষ্ণু। স্ত্রী, অমোঘা।

অমোঘত্ব (ত্ত) [অমোঘ+ত্ব—ভাবে] বি, ক্লী, অব্যর্থতা।

অমোঘরেতাঃ [মূলশব্দ রেতস্, অমোঘ (অব্যর্থ) রেতস্ (বীর্য্য) যাহার—বহু] বিণ, যাহার রেতঃ ব্যর্থ হইবার নহে ; অব্যর্থবীর্য্য।

অমোঘা—বি, স্ত্রী, শক্তিবিশেষ। (বিশ্বামিত্র তাড়কাবধ সময়ে রামচন্দ্রকে অমোঘা ও বিজয়া নামে দুই শক্তি প্রদান করিয়াছিলেন)। ২। শান্তনু ঋষির পত্নী। ৩। নদীবিশেষ ; ব্রহ্মপুত্রনদের জননী।
—ভারতকোষ।
৪। দুর্গা। ৫। [আয়ুর্ব্বেদে] পাটলীবৃক্ষ ; বিড়ঙ্গ ; পদ্মিনী ; হরীতকী।

অম্বর (অম্‌বর্) [অম্ব্ (শব্দ)+অর (অস্ত্যর্থে) সংজ্ঞার্থে, যাহাতে শব্দ থাকে] বি, শব্দাশ্রয় ; আকাশ। প্র—"ওগো কে বাজায়, বুঝি শুনা যায়, মহা রহস্যে রসিয়া
চিরকাল ধরে, গম্ভীর স্বরে, অম্বরপরে বসিয়া।"
—রবীন্দ্র (সোণার তরী)।
২। শূন্য। প্র—"ক্ষণে ভূমে ক্ষণেক অম্বরে।" —কবিকঙ্কণ।
৩। বসন ; বস্ত্র। প্র—"আচ্ছাদিয়া লোচন অম্বরে"।
—কবিকঙ্কণ।
৪। [আয়ুর্ব্বেদে] অভ্র ; কার্পাস ; স্বনামখ্যাত গন্ধদ্রব্য। ইহা লঘু ও পাংশুবর্ণ এবং ধূপের ন্যায় দাহ্য (তুল—ইং Amber. আ—অম্বর্)। ৫। অম্বরদ্বারা সুগন্ধযুক্ত তামাক। ৬। বিণ, অম্বরদ্বারা সুগন্ধযুক্ত ; অম্বর মিশ্রণে সুরভিত। স্ত্রী, অম্বরী।

অম্বরমণি (অম্‌বরমণি) [অম্বরে—মণির ন্যায় (উপমিত)] বি, পুং, সূর্য্য।

অম্বরিষ (অম্‌বোরিশ্) বি, পুং, ক্লী, ভর্জ্জনপাত্র ; ভাজনাখোলা। (অম্বরীষও ব্যবহৃত হয়)।

অম্বরী (অম্‌বোরি) [অম্বর দ্রঃ। গ্রা—ওম্বুরি] বি, অম্বর নামক গন্ধদ্রব্য ঘটিত তামাক। ২। বিণ, অম্বরদ্বারা সুগন্ধযুক্ত। ৩। বসনাবৃতা ;—বস্ত্রা ;—বাসা। প্র—দিগম্বরী ; নীলাম্বরী।

অম্বরীষ (ষ) [অম্ব্ (গমনকরা)+ঈষ (ন্) কর্ত্তৃ, সংজ্ঞার্থে] বি, পুং, সূর্য্যবংশীয় রাজাবিশেষ। নাভাগের পুত্র। ২। ইন্দুমতীর গর্ভজাত, মান্ধাতার পুত্র। ৩। প্রদ্যুম্নকের পুত্র। ৪। ঋষিবিশেষ ; পুলহনামক ব্রহ্মর্ষির পুত্র। ৫। নরক-বিশেষ। ৬। অন্তরীক্ষ ; আকাশ। ৭। আমড়া। ৮। ভর্জ্জন পাত্র (অম্বরিষ দ্রঃ)।

অম্বল (অম্‌বোল্) [অম্ল শব্দের অপভ্রংশ] বি, টক ; চুকা ; অম্লাস্বাদ ব্যঞ্জন। প্র—আলু সবেতেই লাগে, ঝোলে, ঝালে, অম্বলে। অম্বলের মাছ। ২। অম্লরোগ ; acidity. প্র—অবেলায় খেয়ে ভারি অম্বল হয়েছে। [তুল—অম্বলপিত্তি (অম্লপিত্ত)] ৩। বিণ, অম্লরসযুক্ত ; টক। **গুড়-অম্বল**—গুড় বা চিনি মিশ্রিত অম্লাস্বাদ ব্যঞ্জন ; অম্লমধুর রসাশ্রিত ব্যঞ্জন। প্র—"কাঁচা আঁব দুটো পেড়ে আন সখি, গুড় দিয়ে রাঁধ অম্বল"—(বিরহ)।

অম্বলিয়া, অম্বুলে [ওম্বুলে] বিণ, ট'কো ; অম্লাস্বাদ।

অম্বষ্ঠ (অম্‌বশ্‌ঠ) বি, পুং, জাতিবিশেষ। ভিষক্ বা বৈদ্যবৃত্তিক বলিয়া অম্বষ্ঠের নামান্তর বৈদ্য। [বৈদ্য দ্রঃ] ২। পঞ্জাবের অন্তর্গত দেশবিশেষ। ৩। মাহুত। স্ত্রী, অম্বষ্ঠা।

অম্বষ্ঠা, অম্বষ্ঠিকা—বি, স্ত্রী, আম্রাতক ; আমড়া। ২। নিমুকা। আকনাদি। যুঁই। আমরুল শাক।

অম্বা [অম্ব (শব্দ করা, গোবৎসের শব্দানুকরণে) +অ (ল্—কর্ম্মে) সংজ্ঞার্থে, যাহাকে "অম্ব" বলিয়া সম্বোধন করে] বি, স্ত্রী, মা ; মাতা। ২। দুর্গা। ৩। কাশীরাজের জ্যেষ্ঠা কন্যা (কনিষ্ঠার নাম অম্বালিকা)। ৪। [আয়ুর্ব্বেদে] অম্বষ্ঠা দ্রঃ। [তুল—হিঃ আম্মা ; হিব্রু—আম্মা ; আ—আম্মা, উম্ব্ ; ব্রহ্ম, সিংহল, এসিরিয়া, ফিনিশীয়া, কালডিয়া—অম্ব, আম্মা, উম্ব্ ; য়ুরোপীয়—মাম্মা ; চীনা—মো]।

অম্বালা [অম্বা—লা (গ্রহণ করা)+অ (ক কর্ত্তৃ) যিনি অম্বা শব্দ গ্রহণ করেন] বি, স্ত্রী, মাতা। ২। দুর্গা। ৩। পঞ্জাবের সহর বিশেষ।

অম্বালিকা [অম্বালা (মাতা)+ক (স্বার্থে) স্ত্রী—আপ্] বি, স্ত্রী, মাতা। ২। দুর্গা। ৩। কাশীরাজের কনিষ্ঠা কন্যা ; পাণ্ডুর মাতা (জ্যেষ্ঠার নাম অম্বা)। ৪। [আয়ুর্ব্বেদে] পাঠা ; আকনাদী ; stephania permandifolia. (২) পুদিনা।

অম্বিকা (ওম্‌বিকা) [অম্বা (মাতা)+ক (স্বার্থে) স্ত্রী, আ] বি, স্ত্রী, মাতা। ২। কাশীরাজের মধ্যমা কন্যা ; ধৃতরাষ্ট্রের মাতা। ৩। জৈন দেবী বিশেষ। ৪। দুর্গা। ৫। [আয়ুর্ব্বেদে] পুদিনা ; কটুকী। অম্বষ্ঠা ; মায়াফল। **অম্বিকানাথ, অম্বিকাপতি**—শিব।

অম্বিকেয় (ওমবিকেঅ) [অম্বিকা+এয়(ণ্) অপত্যার্থে] বি, পুং, গণেশ ; কার্ত্তিকেয়। ২। ধৃতরাষ্ট্র। ৩। বিণ, অম্বিকাসম্বন্ধীয়।

অম্বু (ওম্‌বু) [অম্ব্ (শব্দ করা)+উ কর্ত্তৃ, সংজ্ঞার্থে] বি, ক্লী, জল। ২। [আয়ুর্ব্বেদে] বালা ; pavodia odorata. **অম্বুকেশর**—ছোলঙ্গ লেবু। **অম্বুচামর**—শৈবাল ; শেওলা। **অম্বুজন্মা**—পদ্ম। **অম্বুতাল**—শৈবাল।

অম্বুকণা (ওম্‌বুকনা) [অম্বু—কণা, ৬তৎ] বি, স্ত্রী, জলবিন্দু ; শীকর।

অম্বুজ (ওম্‌বুজ্) [অম্বু (জল) জ (যে জন্মে)] বি, ক্লী, জলজ ; পদ্ম। ২। শঙ্খ। ৩। সমুদ্রমন্থনোদ্ভূত বলিয়া চন্দ্র, লক্ষ্মী প্রভৃতি। স্ত্রী, অম্বুজা।

অম্বুদ (ওম্‌বুদ) [অম্বু (জল) দ (দান করা) +অ (ড—কর্ত্তৃ)—উপপদ। যে জল দান করে] বি, পুং, বারিদ ; জলদ ; মেঘ। ২। মুথা। ৩। বিণ, জলদানকারী।

অম্বুদাগম (ওম্‌বুদাগম্) [অম্বুদের (মেঘের) আগম হয় যে সময়ে—বহু] বি, পুং, মেঘাগম ; বর্ষাকাল ; প্রাবৃট্‌কাল।

অম্বুধর (ওম্‌বুধর্) [অম্বু (জল) ধর (যে ধারণ করে) উপপদ] বি, পুং, জলধর ; বারিবাহ ; মেঘ।

অম্বুধি (ওম্‌বুধি) [অম্বু (জল) ধা (ধারণ করা) +ই (কি—কর্ত্তৃ) যে জল ধারণ করে, (উপপদ)] বি, পুং, বারিধি ; জলধি ; সমুদ্র ; সাগর।

অম্বুধিস্রবা (ওম্‌বুধিস্রোবা) বি, স্ত্রী, ঘৃতকুমারী।

অম্বুনিধি (ওম্‌বুনিধি) [অম্বু (জল)—নিধি (সম্পত্তি) জলই যাহার সর্ব্বস্ব] বি, পুং, সমুদ্র।

অম্বুপ (ওম্‌বুপ) [অম্বু (জল) প—পা (পালন করা, রক্ষা করা)+অ (কর্ত্তৃ ড) যে জল রক্ষা করে] বি, পুং, জলের অধিদেবতা ; জলেশ্বর বরুণ। ২। শতভিষা নক্ষত্র। ৩। চাকুন্দা। ৪। [প—পা (পান করা) যে জল পান করে] বিণ, জলপায়ী।

অম্বুবিম্ব (ওম্‌বুবিম্ব) [অম্বু (তাহার) বিম্ব (বুদ্বুদ) ৬তৎ] বি, জলবিম্ব ; জলবুদ্বুদ। প্র—"কে না জানে অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃপাতী ?" —মাইকেল।

অম্বুভৃৎ (ওম্‌বুভৃৎ) [অম্বু (জল) ভৃ (ধারণ করা)+কিপ্—কর্ত্তৃ ; যে জল ধারণ করে, উপপদ] বি, পুং, জলধর ; বারিবাহ ; মেঘ। ২। সমুদ্র। ৩। অভ্র ধাতু। ৪। মুথা।

অম্বুমান্ (ওম্‌বুমান্) [অম্বু (জল)+মতু—অস্ত্যর্থে, জল আছে যাহাতে] বি, পুং, সমুদ্র, জলধর। ২। কচ্ছ ; নদীর তীর বা তটভূমি ; কূল। ৩। জল-বহুল স্থল। ৪। কুরুক্ষেত্রে প্রবাহিত নদী বিশেষ। ৫। বিণ, জলময়। স্ত্রী,

অম্বুরাশি (ওম্‌বুরাশি) [অম্বু (জল) রাশি (সমূহ)] বি, সমুদ্র। **অম্বুরাশিরব**—

সমুদ্র গর্জ্জন। প্র—"নাদিল কম্বু অম্বুরাশি রবে!" —মেঘনাদ

অম্বুরাশি (ওম্‌বুরাশি) [অম্বুরাশি (সমূহ) ৬তৎ] বি, পুং, জলসমূহ; সমুদ্র। প্র—"কিম্বা বিম্বাধরা রমা অম্বুরাশি তলে।" —মেঘনাদ

অম্বুরি, রী (ওম্‌বুরি) [অম্বর দ্রঃ] বি, উগ্রতা-বিহী। সুগন্ধযুক্ত মিঠা তামাক; ভ্যালসা তামাক বিশেষ। প্র—"অম্বুরি অথবা ভ্যালসায় সানে না, কড়া তামাকের উপর কড়া তামাক খাইতে লাগিল।" —আলাল।

অম্বুরুহ (ওম্‌বুরুহ) [অম্বু—রুহ (রুহ্‌=জন্মান) +অ (কর্ত্তৃ ড) যে জলে জন্মে, উপপদ] বি, ক্লী, জলজ পদ্ম। স্ত্রী, অম্বুরুহা। —পদ্মিনী।

অম্বুরোহিণী (ওম্‌বু-) বি, স্ত্রী, নলিনী; পদ্মিনী।

অম্বুবাচি, চী (ওম্‌বু) বি, স্ত্রী, জ্যৈষ্ঠ সংক্রান্তির পর যে সময় সূর্য্য মিথুন রাশিতে গমন করিয়া আর্দ্রা নক্ষত্রের প্রথম পাদ ভোগ করে সেই সময়কেই অম্বুবাচী বলে।

অম্বুবাহ (ওম্‌বু) [অম্বু—বহ্‌ (বহন করা) +অ (ন)] বি, পুং, যে জল বহন করে; বারিবাহ; মেঘ। ২। [আয়ুর্ব্বেদে] মুথা। অভ্র। ৩। বিণ, জল বহনকারী।

অম্বুবাহিনী (ওম্‌বুবাহিনি) [অম্বু—বহ+ণিচ্‌=বাহি+অন (ট্‌)+ঈপ্‌] বি, স্ত্রী, যে জল বহন করে; জলসেচনী; কাষ্ঠনির্ম্মিত জল-সেচন-পাত্র।

অম্বুবাহী (ওম্‌বু) [অম্বু বহ+ইন্‌ (ণিন্‌) অম্বুবাহিন্‌, ১মা ১বচনে] বিণ, যে জল বহন করে; জলবহনকারী। স্ত্রী, অম্বুবাহিনী —জলসেচনী।

অম্বুবেতস (ওম্‌বুবেতশ্‌) বি, পুং, জলবেতস; শাক বিশেষ।

অম্ভঃ [অন্‌ভ্‌ (শব্দ করা)+অস্‌—কর্ত্তৃ] বি, ক্লী, জল।

অম্ভঃসার (অম্‌ভশার্‌) বি, মুক্তা।

অম্ভোজ (জ্‌) [অম্ভস্‌ (জল) জ (জন=জন্মান+অ (কর্ত্তৃ ড) যে জলে জন্মে (উপপদ)] বি, ক্লী, জলজ; পদ্ম। ২। পুং, সমুদ্র হইতে উৎপন্ন বলিয়া—চন্দ্র। ৩। পুং ক্লীং, শঙ্খ। ৪। পানা। ৫। বিণ, জলজাত। স্ত্রী, অম্ভোজা—লক্ষ্মী।

অম্ভোজিনী (অম্‌ভোজিনি) [অম্ভোজ+ইন্‌ (অস্ত্যর্থে) ঈপ্‌ স্ত্রী] বি, পদ্মের ঝাড়; পদ্মিনী। ২। পদ্মলতা। ৩। পদ্মবহুল দেশ।

অম্ভোদ (দ্‌) [অম্ভস্‌ (জল) দ (দা দান করা) +অ (ড—কর্ত্তৃ)] বি, যে জল দান করে; মেঘ। [অম্বুদ দ্রঃ] প্র—"ঘন গর্জ্জিল অম্ভোদ" —রঙ্গমতী।

অম্ভোধি (অ্‌) [অম্ভস্‌—ধি—ধা (ধারণ করা)+ই (কর্ত্তৃ, কি)]। বি, পুং, সমুদ্র।

অম্ভোনিধি [অম্ভস্‌—নি—ধা (ধারণ করা) +ই (কি—কর্ত্তৃ)] বি, পুং, সমুদ্র।

অম্ভোরুহ [অম্ভস্‌—রুহ (জন্মান)+অ (ক কর্ত্তৃ) যে জলে জন্মে,] বি, ক্লী, পদ্ম। ২। বিণ, জলোৎপন্ন।

অম্ময় (য়্‌) [অপ্‌ (জল)+ময় (ট্‌—বিকারার্থে) প=ম] বিণ, জলবিকার; ফেনাদি। ২। জলময়। [এই অর্থে কথ্য ভাষায় জলম্ময়ও বলে। প্র—এ স্থানটা জলে জলম্ময় হইয়া গিয়াছে।]

অম্র (অম্‌ম্র) [আম্র দ্রঃ] বি, পুং, আম্রবৃক্ষ। ২। ক্লী, আম্রফল।

অম্রাত (ত্‌) [অম্র—অত্‌ (গমন করা, বোধ হওয়া)+অ (ল্‌—কর্ত্তৃ) সংজ্ঞার্থে, যাহার ফল আম্রফলের ন্যায় বোধ হয়] বি, পুং, আমড়া গাছ। ২। ক্লী, আমড়া ফল।

অম্ল [অম্‌ (রুগ্ন হওয়া)+ল (করণে) সংজ্ঞার্থে —যাহা খাইলে রোগ হয়] বি, পুং, রস বিশেষ; টক। ২। বিণ, অম্লাস্বাদ; ট'কো। স্ত্রী, অম্লী (ওম্‌লী) [তুল—হিং—ইম্‌লি] তেঁতুল গাছ।

অম্লকেশর (র্‌) [অম্ল হইয়াছে কেশর যাহার—বহু] বি, পুং, গোঁড়ালেবু; বীজপুর। স্ত্রী, অম্লকেশরী—গোঁড়ালেবু।

অম্লচূড় (ড্‌) [অম্ল হইয়াছে চূড়া (শিখা) যাহার, বহু] বি, পুং, অম্লশাক; চুকা বা টক পালঙ। ২। তেঁতুলের অম্বল।

অম্লজম্বীর (জোম্‌বীর্‌) [অম্ল (অম্লরস বিশিষ্ট জম্বীর)] বি, পুং, অম্লনিম্বুক; গোঁড়া-লেবু।

অম্লজান (ন্‌) [অম্লজনক বা অম্লজান বায়ু (ত্রিবেদী)] বি, পুং, প্রাণপ্রদবায়ু (রাজেন্দ্র-লাল মিত্র); দহক বায়ু (সা, প, প, ১৩০২)। এই বায়ুতে অম্লপদার্থ বিদ্যমান আছে বলিয়া অম্লজান শব্দই অধুনা সাধারণত ব্যবহৃত হয়; oxygen.

অম্লপঞ্চফল (ল্‌) [অম্লরসযুক্ত—পঞ্চফল—কর্ম্মধা] বি, ক্লী, কুল। (২) দাড়িম। (৩) তেঁতুল। (৪) চুকাপালঙ। (৫) অম্ল-বেতস। মতান্তরে, (১) জম্বীর (২) নাগবল্লী (নারঙ্গা) (৩) অম্লবেতস (৪) তেঁতুল (৫) টাবালেবু।

অম্লপনস (শ্‌) বি, পুং, ডহু; মাদার।

অম্লফল (ল্‌) [অম্ল (অম্লরসযুক্ত)—ফল (কর্ম্মধা)] বি, ক্লী, তেঁতুল; আম্র [বিরল]

অম্লবতী (বোতি) [অম্ল (অম্লরস)+বতী (অস্ত্যর্থে—স্ত্রীলিঙ্গে)] বি, স্ত্রী, আমরুল; চাঙ্গেরী; ক্ষুদে মুনী।

অম্লবর্গ—বি, পুং, চাঙ্গেরী; লকুচ, অম্ল বেতস, জম্বীর; বীজপুর; নাগরঙ্গ। দ্রব্যগুণাভিধানে —দাড়িম্ব, কপিত্থ, অম্ল, বীজাম্লক, অম্লষ্ঠা, করমর্দ্দক, নিম্বুক, তিন্দুক, কোল, তিন্তিড়ী।

অম্লবল্লী (—বোল্লি) বি, স্ত্রী, ত্রিপর্ণিকা নামক কন্দবিশেষ।

অম্লবাটিকা—বি, স্ত্রী, নাগবল্লী; পান।

অম্লবাস্তুক (ক্‌) বি, ক্লী, চুকাপালঙ্‌ শাক; অম্লবেতুয়া।

অম্লবীজ (জ্‌) বি, ক্লী, তেঁতুল।

অম্লবেতস (শ্‌) বি, পুং, আমলতাস। ২। ক্লী, অম্লকুচাই; চুকাপালঙ্‌; Ruxem vesicarius.

অম্ললোনী, অম্ললোনিকা [অম্লদ্বারা যে অরুচি নাশ করে] বি, স্ত্রী, আমরুল শাক; oxalis corniculata.

অম্লশাক (ক্‌) [অম্লরস বিশিষ্ট শাক (কর্ম্মধা)] বি, ক্লী, তেঁতুল। ২। চুকা পালঙ্‌ শাক।

অম্লসার (শার্‌) [অম্ল রসের মধ্যে সার প্রধান, ৬ তৎ] বি, পুং, ক্লী, কাঞ্জিক; নিম্বুক; হিন্তাল বা হেঁতাল গাছ।

অম্লহরিদ্রা (হোরিদ্‌দ্রা) [অম্লরস যুক্ত হরিদ্রা, কর্ম্মধা] বি, স্ত্রী, শটী। ২। আম আদা।

অম্লাঙ্কুশ (শ্‌) বি, পুং, অম্লবেতস।

অম্লান (ন্‌) [ন=অ—ম্লান (মলিন) নঞ্‌ তৎ] বিণ, বিমল; স্বচ্ছ; বিকসিত; পরিষ্কৃত। ২। পুং, আমলা বৃক্ষ; বান্ধুলী গাছ; ঝিণ্টী; gomphrena globosa. ৩। আয়না; দর্পণ। ৪। অবিষণ্ণ; প্রফুল্ল। প্র—"অম্লান বদনে।"

অম্লিকা, অম্লীকা (ওম্‌লিকা) [অম্ল+ক যুক্তার্থে অ=ই] বি, স্ত্রী, তেঁতুলগাছ। ২। পলাশ লতা। ৩। পুদিনা।

অম্লোটক (ক্‌) বি, পুং, অম্লকুচাই; অশ্মন্তবৃক্ষ।

অম্লোটজ (জ্‌) বি, পুং, আমরুল।

অয় [অয়স্‌ শব্দ ১মা ১ব, অয়ঃ] বি, ক্লী, লৌহ; কান্তলৌহ। অয়স্‌ দ্রঃ।

অয়ঃপিণ্ড (পিন্‌ড) [অয়স্‌—পিণ্ড (গোলাকার বড় বস্তু) ৬ তৎ] বি, পুং, লৌহপিণ্ড; পিণ্ড; অয়োগোলক।

অযত্ন (অজত্‌ন) [ন=অ, যত্ন, নঞ্‌ তৎ] বি, পুং, যত্নের অভাব। ২। অচেষ্টা; অনাদর; অবহেলা। ৩। [নাই যত্ন যাহার, বহু] বিণ, যত্নহীন।

অযত্নকৃত (অজত্‌নকৃত) [অযত্ন দ্বারা কৃত; সম্পাদিত। ৩ তৎ] বিণ, যাহা যত্ন পূর্ব্বক করা হয় নাই; বিনা চেষ্টায় সম্পাদিত; অনায়াস-সম্পন্ন।

অযত্নসম্ভূত (অজত্‌নশম্‌ভুত) [ন= অ, যত্ন দ্বারা সম্ভূত, ৩ তৎ] যাহা যত্ন দ্বারা উৎপন্ন হয় নাই; অক্লেশে উৎপন্ন; অনায়াস-লব্ধ; স্বভাবজাত।

অযথা (অজথা) [ন=অ, যথা] বিণ, অমূলক; অলীক; অপ্রামাণিক; অপ্রকৃত: অসত্য। ২। ক্রি-বিণ, অন্যায়রূপে।

অযথাতথ (অজথাতথ) [অযথা (যেরূপ) তথা (সেরূপ)] বিণ, যেরূপ হওয়া উচিত বা আবশ্যক সেরূপ নহে; যাহা যথাযথ নহে।

অযথাভূত (অজথাভুত) [ন=অ—যথা (যেরূপ) ভূত (যাহা হইয়াছে.) নঞ্ তৎ] বিণ, যেরূপ হওয়া উচিত সেরূপ নহে: সম্পূর্ণ অবয়ব বিশিষ্ট বা সর্ব্ব লক্ষণাক্রান্ত নহে; অসম্পূর্ণ। ২। [দর্শনশাস্ত্রে] উদ্দেশ্যের বিপরীতার্থ-প্রতিপাদক।

অযথার্থ (অজথার্থ) [ন=অ—যথার্থ, নঞ্ তৎ] বিণ, যাহা যথার্থ নহে; মিথ্যা: অসত্য: অপ্রকৃত; অবাস্তব: কৃত্রিম। ২। অন্যায্য: অবৈধ; অনুচিত।

অযথার্থতা (অজথার্থতা) [অযথার্থ+তা (ভাবে)] বি, স্ত্রী, অলীকতা; কৃত্রিমতা: অবাস্তবিকতা। ২। অনৌচিত্য; অন্যায্যতা।

অয়ন (অয়ন্) [অয়্ অথবা ইন্ (গমন করা) +অন (ট—করণে) যাহা দ্বারা অথবা (অধিকরণে) যাহাতে গমন করা হয়] পথ: মার্গ। ২। মর্য্যাদা ক্রমে অগ্রপশ্চাৎ অবস্থিতির স্থান; ব্যূহপথ। ৩। ভূমি। ৪। গৃহ; আবাসস্থান। ৫। আশ্রয়; অবলম্বন। ৬। [গমনার্থ ধাতুর জ্ঞানার্থ ব্যবহারে—করণে অন (ট্) যাহাদ্বারা জ্ঞানের অধিগম হয়] শাস্ত্র; শিক্ষা, কল্প, ব্যাকরণ,জ্যোতিষাদি। ৭। যজ্ঞাদি ক্রিয়াপদ্ধতি। ৮। [ভাবে অন (ট্)] গতি। ৯। [জ্যোতিষে] সূর্য্যের গতি; ক্রান্তি; solstice; বিষুব রেখা (equator) হইতে সূর্য্যের ছয় মাস (মাঘ হইতে আষাঢ়) উত্তর দিকে যে গতি অর্থাৎ উত্তরায়ণ মকর ক্রান্তি (এইসময় সূর্য্য মকর রাশিস্থ হয়) Winter solstice; এবং ছয়মাস (শ্রাবণ হইতে পৌষ) দক্ষিণ দিকে যে গতি অর্থাৎ দক্ষিণায়ন; কর্কট কান্তি (এই সময় সূর্য্য কর্কটরাশিস্থ হয়) Summer solstice; সূর্য্যের গতিপথ। ১০। বৎসরার্দ্ধ; ৬ মাস কাল। ১১। বৎসরের সমষ্টি; যুগ; কল্পাদি। প্র—"তুমি স্বর্গ, তুমি মর্ত্ত্য তুমি দিবারাতি, * * অয়ন বৎসর মাস তিথি পঞ্চদশ। তুমি যোগ তুমি ভোগ তুমি সে তাপস।"—কাশী—মহাভারত।

অয়নমণ্ডল (অয়ন মোন্ডল্) [অয়ন (সূর্য্যের গতিপথ) মণ্ডল(চক্রবৃত্ত)] বি, রাশিচক্র; রাশিচক্রস্থ সূর্য্যের গতিপথ বা ভ্রমণপথ; অয়নবৃত্ত; the Ecliptic. **উত্তরায়ণ মণ্ডল**—শীত মণ্ডল; the Frigid zone. **দক্ষিণায়ণ মণ্ডল**—গ্রীষ্মমণ্ডল the Torrid zone.

অয়নাংশ—বি, অয়নান্ত বৃত্তাংশ; "the arc between the vernal equinox and the beginning or first point of aries." —*Ganguli.*

অয়নান্ত [অয়ন (সূর্য্যভ্রমণের পথ)+অন্ত (শেষ)—সূর্য্যগতিপথের শেষ সীমা] বি, সূর্য্যের উত্তর বা দক্ষিণ গতির শেষ সীমা; ক্রান্তি; অয়নবিন্দু; অয়ন মণ্ডলের যে বিন্দু বিষুবরেখা হইতে চরম দূরে অবস্থিত; solstice. ২। বিণ, সূর্য্য বিষুবরেখার উত্তরে মকররাশি গত অথবা দক্ষিণে কর্কট রাশি গত।

অয়নান্তপ্রদেশ (প্রোদেশ্) বি, অয়নান্ত বৃত্তের অন্তর্গত স্থান সমূহ; অয়নবিন্দুর নিকটস্থ-স্থান; বৃহৎ-বৃত্ত-মধ্যস্থ অঞ্চল; tropical regions. **নব-অয়নান্তপ্রদেশ**—নব-ক্রান্তিমণ্ডল, Neotropical regions.

অয়নান্তবৃত্ত [অয়নান্ত+বৃত্ত (সীমারেখা)] বি, নিরক্ষবৃত্তের ২৩° ২৮' অর্থাৎ প্রায় সাড়ে ২৩ ডিগ্রী দূরস্থ বৃত্ত বা রেখা: সূর্য্যের উত্তর ও দক্ষিণ গতির সীমা-নিরূপক রেখা; অয়নান্তের অহোরাত্র বৃত্ত; মকরক্রান্তি ও কর্কটক্রান্তি; the tropics. **উত্তরায়ণ-বৃত্ত**—কর্কটক্রান্তি; উত্তরপরমাল্পদ্রজ্যাবৃত্ত: the tropic of cancer. **দক্ষিণায়নবৃত্ত**—মকরক্রান্তি: দক্ষিণপরমাল্পদ্রজ্যাবৃত্ত; the tropic of capricorn.

অযশ (অজশ্) [ন=অ—যশস্=অযশঃ। নঞ্ তৎ] বি, স্ত্রী, অপযশ; অকীর্ত্তি: অখ্যাতি; দুর্নাম। ২। [নাই যশ যাহার, বহু] বিণ, যশরহিত।

অযশস্কর (অজশশ্কর্) [অযশস্—কর (যে করে)] বিণ, যাহাতে অযশ হয় এরূপ কার্য্য যে করে। ২। অখ্যাতিজনক: অপবাদজনক: অকীর্ত্তিকর। স্ত্রী, **অযশস্করী**।

অযশস্য (অজশশ্শ) [অ—যশস্য] বিণ, অযশস্কর; অকীর্ত্তিকর; অখ্যাতিজনক; নিন্দাজনক।

অয়স্ (অয়শ্) [অয়্ কিম্বা ই (ন্) (গমন করা, পাওয়া)+অস্ সংজ্ঞার্থে, যাহার সর্ব্বত্র গতি, যাহা খনি হইতে পাওয়া যায়। তুল—গথিক—অইস্ (ais); জর্ম্ম—এসন্ (eisen); ইং—আয়রন্ (iron)] বি, ক্লী, লৌহ। ২। লৌহনির্ম্মিত অস্ত্র; কুঠারাদি। ৩। ইস্পাত। ৪। লৌহবর্ম্ম। ৫। লৌহ-নির্ম্মিত ঔষধ।

অয়স্কান্ত (অয়শ্কান্ত) [অয়স্ (লৌহ) কান্ত (রত্ন)] বি, পুং, লৌহাকর্ষকমণি; কান্তপাষাণ; চুম্বক পাথর। ২। কান্তিলৌহ।

অয়স্কার (অয়শ্কার্) [অয়স্—কার (যে করে)] বি, পুং, লৌহকার; লোহার মিস্ত্রী; কামার।

অযাচিত (অজাচিত) [ন=অ—যাচিত (প্রার্থিত) নঞ্ তৎ] বিণ, যাহা যাচিত নয়; অপ্রার্থিত। ২। পুং, মুনিবিশেষ।

অযাচ্য (অজাচ্চো) [ন=অ—যাচ্ (যাচ্ঞা করা)+য (য্যণ্) কর্ম্মে, নঞ্ তৎ] যাহা প্রার্থনীয় নয়: অযাচনীয়; প্রার্থনার অযোগ্য।

অযাজ্য (অজাজ্জো) [ন=অ—যাজ্য (যাজনীয়) নঞ্ তৎ] বিণ, অযাজনীয়; যাজন ক্রিয়ার অযোগ্য; শ্রুতি এবং স্মৃতি নিষিদ্ধ যাজন কর্ম্ম।

অযাজ্যযাজন (অজাজ্জজাজোন) [অযাজ্য (যাজনের অযোগ্য) যাজন, ৬তৎ] বি, ক্লী, পতিতদিগের যাজন: অযাজনীয়ের পৌরোহিত্য; অনধিকারীর যজ্ঞক্রিয়া।

অযাজ্যযাজী (অজাজ্জজাজি) [অযাজ্য—যজ্+ইন্ (ণিন)=অযাজ্যযাজিন, ১মা ১বচনে] বিণ, যে যজ্ঞে অনধিকারী ব্যক্তির যজ্ঞ করে; পতিতগণের পুরোহিত।

অয়ি (ওঈ) [অয়্ (গমন করা)+ই সংজ্ঞার্থে] সম্বোধনবাচক অব্যয়। ২। অনুনয়বাচক সম্বোধন। প্র—"অয়ি বনদেবতে! ভগবতি ভবিতব্যতে! অম্ব বসুন্ধরে! করুণা প্রকাশ করিয়া দয়িতার জীবন প্রদান কর।" —কাদম্বরী।
৩। ভক্তি, স্তুতি প্রভৃতিবাচক সম্বোধন। প্র—"অয়ি ভুবন মনোমোহিনী! অয়ি নির্ম্মল-সূর্য্যকরোজ্জ্বল ধরণী, জনকজননী-জননী!" —রবি।
৪। প্রশ্নবাচক সম্বোধন। প্র—"অয়ি জানকি! এমন আনন্দের সময় শোকাকুল হইলে কেন?" —বিদ্যাসাগর।
৫। অনুরাগবাচক। ৬। সান্ত্বনাসূচক।

অযুক্ (অজুক্) [ন=অ—যুজ্ (যোগ করা)+ক্বিপ্ কর্ত্তৃ, যে যুক্ত নয়:] বিণ, অযুগ্ম; বিযোড়। [বাঙ্গালায় ইহা অন্য শব্দের সহিত মিলিত হইয়া ব্যবহৃত হয়। প্র—অযুকছদ।]

অযুকছদ (অজুকছদ্) [অযুক্ (বিযোড়, অযুগ্ম) ছদ (পত্র) যাহার, বহু, অযুগ্মচ্ছদ; যে বৃক্ষের প্রত্যেক পল্লবে ৭টী পাতা জন্মে] বি, পুং, সপ্তপর্ণ বৃক্ষ; ছাতিম গাছ।

অযুক্ত (অজুক্ত) [ন=অ—যুক্ত, নঞ্ তৎ] বিণ, যোগ করা নয়; সংযোগরহিত; পৃথক্; যোগরহিত; বিযুক্ত। ২। যাহা যুক্তিসিদ্ধ নহে; অনুচিত; যুক্তিবিরুদ্ধ; অসঙ্গত; অসংলগ্ন। ৩। অনিয়োজিত; অপ্রবৃত্ত। বি, অযুক্তি।

অযুক্তি (অজুক্তি) [ন=অ—যুক্তি, নঞ্ তৎ] বি, স্ত্রী, সংযোগের অভাব; বিয়োগ। ২। যাহা যুক্তিসঙ্গত নহে; অপরামর্শ; অসৎ পরামর্শ; কুপরামর্শ। ৩। [দর্শনে] অনুপপত্তি; বিচারে অসঙ্গতি। ৪। অনুপযোগিতা; যুক্তিযুক্ততার অভাব; অনৌচিত্য।

অযুগ (অজুগ) [ন=অ—যুগ (যোড়) নঞ্ তৎ] বিণ, বিযোড়; অযুগ্ম; বিষম।

অযুগ্ম (অজুগ্গম,—গ্গ) [ন=অ—যুগ্ম (যোড়া)

নঞ্ তৎ] বিণ, যাহা যুগ্ম নয় ; বিযোড় ; বিষম। ২। স্বতন্ত্র ; পৃথক্।

অযুগ্মচ্ছদ (অজুগ্গোঁচ্ছদ্) বি, অযুক্ছদ দ্রঃ

অযুত (অজুত) [ন=অ—যুত (যুক্ত—গণিত) নঞ্ তৎ] বি, স্ত্রী, অযুক্ত ; যাহা সংযুক্ত নয় ; পৃথক্। ২। (ওজুত্) দশসহস্রসংখ্যা ; ১০০০০। স্ত্রী, অযুতা।

অযুতনায়ী (অজুতোনাঈ) [অযুত—(দশ হাজার পুরুষমেধযজ্ঞ) + নায়িন্ (আনয়ন বা অনুষ্ঠানকারী)—অযুতনায়িন্ শব্দের ১মা ১বচনে] বি, পুং, চন্দ্রবংশীয় রাজা, মহাভৌমের অপত্য। প্র—"যিনি অযুতসংখ্যক পুরুষমেধ যজ্ঞ করিয়া অযুতনায়ী, এই নাম লাভ করিয়াছিলেন।" —মহাভারত।

অয়ে [তুল—হিঃ—অয়ে (তুলসী দাস কৃত রামায়ণে) প্রা-অয় ; ফা-আয় । আধু বাং সাহিত্যে বিরল ব্যবহার] অ, প্রিয় সম্বোধন ; কোমল সম্বোধন। (তুল—পরুষ সম্বোধন 'অরে')। ২। [তুল—হিঃ অয় ; আধু বাং অই ; আরে ; অঃ] বিস্ময়, বিষাদ, স্মৃতি, আক্ষেপ, ক্রোধ প্রভৃতি ব্যঞ্জক অব্যয়।

অয়েলক্লথ [(অএলক্লথ্) । ইং—oil cloth শব্দ=তেলা কাপড়] বি, তেলা কাপড়। ইহাতে জলীয় পদার্থ পড়িলে কাপড় ভেদ করিয়া নিয়ে পড়ে না।

অযোগ (অজোগ্) [ন=অ—যোগ, নঞ্ তৎ] যোগাভাব ; বিয়োগ ; বিচ্ছেদ।
২। পরস্পর সম্বন্ধ বিরহ ; অসম্বন্ধতা।
৩। নায়ক নায়িকার বিচ্ছেদ বা অনুরাগাভাব।
৪। বিদ্বেষ ; বিরাগ। ৫। সম্ভাবনার অভাব।
৬। কঠোর উদ্যম ; উৎকট চেষ্টা। ৭। দুঃখ: কষ্ট। ৮। [জ্যোতিষ শাস্ত্রে] অশুভকর যোগ বিশেষ ; কুযোগ ; দুর্যোগ। ৯। [বৈদ্য শাস্ত্রে] বমন ; বিরেচনাদি ঔষধের প্রতিলোম প্রবৃত্তি অথবা অল্প প্রবৃত্তি। ১০। [নাই যোগ যাহার—বহু] বিণ, বিযুক্ত।

অয়োগব (ব্) [অয়স্ (লৌহ) গো (বাক্য) + অ (ন্) ভাবে, লৌহবৎ কঠিন বাক্য যাহার—বহু কিম্বা অযোগ (বিযুক্ত, উচ্ছৃঙ্খল) ব—বা (গমন করা) + অ (ড) কর্তৃ] বি, পুং, যে উচ্ছৃঙ্খল ভাবে গমন করে।
২। যে শূদ্রের ঔরসে বৈশ্যাগর্ভে জন্মিয়াছে।

অযোগবাহ (অজোগ্বাহ) [অযোগ—বাহি (বাহন করান) + অ, সংজ্ঞার্থে] বি, পুং, অনুস্বার ; বিসর্গ ; চন্দ্রবিন্দু ; যে সকল বর্ণ অন্য বর্ণের সহিত যুক্ত না হইয়া স্বতন্ত্র থাকে না বা উচ্চারিত হয় না।

অয়োগুল (ল্) [অয়স্ (লৌহ) = লৌহ নির্ম্মিত—গুল=গোলাকার বস্তু] বি, পুং, লোহার গুলি।
২। লৌহ ঘটিত ঔষধের বটিকা।

অয়োগোলক (ক্) [অয়ো নির্ম্মিত গোলক, (কর্ম্মধা)] বি, পুং, লোহার গোলা।
২। কামানের গোলা।

অযোগ্য (অজোগ্গ) [ন=অ—যোগ্য (উপযুক্ত) নঞ্ তৎ] বিণ, অযুক্ত ; অনুচিত ; অনুপযুক্ত।
২। অক্ষম ; অকর্ম্মণ্য ; অশক্ত।

অযোগ্যম্মন্য (অজোগ্গমোনো) [অ-যোগ্য—মন্ (বোধ করা) + য, ম্—আগম] বি, পুং, যে আপনাকে অযোগ্য বলিয়া মনে করে।

অয়োগ্র (গ্গ্র) [অয়স্ (লৌহ) হইয়াছে অগ্র (অগ্রভাগে) যাহার—বহু] বি, স্ত্রী, লৌহ-নির্ম্মিত মুষল।
২। লোহা দিয়া বাঁধান-মুখ মুগুর।
৩। বাণাদি অস্ত্র : যাহার মুখে বা অগ্রে লৌহ থাকে।

অয়োঘন [অয়স্ (লৌহ) হন্ (বধ করা) + অ (ল্) করণে, যাহাদ্বারা লৌহপিণ্ড পিটা হয়] বি, পুং, লৌহ মুদ্গর ; হাতুড়ি।

অযোত্র (অজোৎত্র) [ন=অ (অভাব) —যোত্র (জোয়াল, জোত দড়ি)। নাই যোত্র যাহার, বহু। যাহার লাঙ্গলের জোয়াল নাই। (কৃষি প্রধান বঙ্গে লাঙ্গলের অভাবই দারিদ্র্যের লক্ষণ)] বিণ, নির্ধন ; নিঃস্ব।

অযোধ্য (অজোধ্ধ) [ন=অ—যুধ্ (যুদ্ধ করা) + য (ঘ্যণ্) কর্ম্ম] বিণ, যাহার সহিত যুদ্ধ করা যায় না ; অজেয় ; দুর্দ্ধর্ষ। ২। যুদ্ধের অযোগ্য। ৩। যাহার প্রতিপক্ষ নাই।

অযোধ্যা (অজোধ্ধা) বি, স্ত্রী, সরযূনদীর তীরে অবস্থিত উত্তর কোশলরাজ্যের রাজধানী এবং দিলীপ, রঘু, রামচন্দ্রাদি সূর্য্যবংশীয় রাজাদিগের জন্মভূমি। ইহা অতি প্রাচীন নগরী। প্রাচীন অযোধ্যা ৪৮ ক্রোশ দীর্ঘ ছিল ; ইহা সুদৃঢ় প্রাচীর ও অতি গভীর জলদুর্গ দ্বারা বেষ্টিত এবং শত্রু মিত্র উভয়ের দুরধিগম্য ছিল। মহাবল হস্তী, অশ্ব ও সহস্র ধ্বজপতাকাধারী তুরগসৈন্য পূর্ণ এই সুদৃশ্য নগরী কেহ জয় করিতে বা তথায় যুদ্ধ করিতে সমর্থ হইত না বলিয়া ইহার এই নাম। [রামায়ণ বালকাণ্ড ৫ম সর্গ।] প্রাচীন অযোধ্যার অপর নাম (১) বিনীতা [কল্পদ্রুমকলিকা] (২) সাকেত পত্তন (অধ্যাত্ম রামায়ণ) (৩) বিশাখ ; বিশাখ পত্তন (Cunningham) (৪) অযুতো, অযুদো (হুএন্-থ্—সাং) (৫) বাগদ, ভাগদ (তিব্বতী নাম) প্রাচীন অযোধ্যা দিল্লী হইতে ১৮০ ক্রোশ দূরে অবস্থিত ছিল, এক্ষণে ধ্বংসপ্রাপ্ত ও জঙ্গলাবৃত। [ভারতকোষ] ২। অযোধ্যা প্রদেশ (যাহার অন্তর্গত লক্ষ্ণৌ, উনাও, সীতাপুর, হর্দোই, রায়বেরিলী, খেরী, ফয়জাবাদ, বারাবাঙ্কী, গোঁড়া, বহ্রাইচ, সুলতানপুর ও প্রতাপগড় এই ১২টী জেলা) যাহা অধুনা আয়ুধ্ (Oudh) নামে অভিহিত। ৩। ফয়জাবাদ জেলার অন্তর্গত সরযূনদীর উপকূলে প্রাচীন জঙ্গলাবৃত রাজধানীর সন্নিকটস্থ নগরী : হিন্দুর বর্ত্তমান তীর্থস্থান।

অযোনি (অজোনি) [ন=অ—যোনি, নঞ্তৎ] বি, স্ত্রী, যোনি ভিন্ন স্থান। ২। [নাই যোনি (উৎপত্তি স্থান) যাহার—বহু] বিণ, অজ ; জন্ম রহিত।

অযোনিজ (অজোনিজ) [ন=অ—যোনি (গর্ভ) জ (জন্=জন্মান + অ (ড)—কর্তৃ] বিণ, যোনি হইতে অনুৎপন্ন ; অগর্ভজ ; অজরায়ুজ। [ন্যায় দর্শনে] দ্বিবিধ দেহী যথা —স্বেদজ (মশকাদি) এবং উদ্ভিদজ (তরু-গুল্মাদি)। ২। পরমেশ ; অজ ; ব্রহ্মা। স্ত্রী, অযোনিজা—সীতা। ২। দ্রৌপদী। ৩। তীর্থ বিশেষ।

অযোনিসম্ভবা (অজোনিশম্ভবা) [অযোনি হইতে সম্ভব (উৎপত্তি) যাহার—বহু] বি, স্ত্রী, সীতা। প্র,—"অযোনিসম্ভবা উনি জন্মিবেন চাষে"—কৃত্তিবাস। ২। [পাঞ্চালরাজ দ্রুপদের অনুষ্ঠিত পুত্রেষ্টি যজ্ঞকালে যজ্ঞীয় অনল হইতে জন্ম হইয়াছিল বলিয়া (মহা—আদি)] দ্রৌপদী। পুং, অযোনিসম্ভব।

অযোনিসম্ভূত (অজোনিশম্ভূত) [অযোনি হইতে সম্ভূত (উৎপন্ন)] বিণ, অগর্ভজাত। ২। ধৃষ্টদ্যুম্ন। ৩। অগস্ত্য, ৪। দ্রোণ। প্র,—"আমি মহর্ষি অঙ্গিরার কুলে সমুৎপন্ন, ভরদ্বাজের পুত্র অযোনিসম্ভূত, আমার নাম দ্রোণ।"—মহা-আদি।

অয়োমল (ল্) [অয়স্—মল (মলা মরিচা) ৬তৎ] বি, স্ত্রী, লোহার মরিচা।

অয়োমুখ (খ্) [অয়স্ (লৌহ) হইয়াছে মুখ যাহার, বহু] বি, পুং, যাহার অগ্রভাগে লৌহ আছে ; লৌহমুখ বাণ ; অয়োগ্র দ্রঃ। ২। দানব বিশেষ। ৩। বিণ, লৌহময় মুখ বিশিষ্ট ; লোহার ন্যায় কঠিন মুখ বা চঞ্চু বিশিষ্ট। ৪। পর্ব্বত বিশেষ।

অযৌক্তিক (অজৌক্তিক্) [ন=অ—যৌক্তিক, নঞ্ তৎ] বিণ, যাহা যুক্তি সম্মত নহে ; যুক্তিবিরুদ্ধ ; অন্যায্য ; unreasonable. বি, অযৌক্তিকতা।

অযৌক্তিকতা (অজৌক্তিকোতা [অযৌক্তিক + তা—ভাবে] বি, স্ত্রী, যুক্তিবিরুদ্ধতা ; অন্যায়। বিণ, অযৌক্তিক।

অর [ঋ (গমন করা) + অ (ল্) করণে] বি, স্ত্রী, চক্রের নাভি ; চক্র নেমি ; সংযুক্ত কাষ্ঠ। ২। চকোর পাখী। ৩। জৈনদিগের কালচক্রের দ্বাদশাংশ। ৪। জৈনদিগের অষ্টাদশ তীর্থঙ্কর। ৫। সংস্কৃতে শীঘ্র অর্থে ব্যবহার আছে, বাং-য় তাহা অপ্র। [দ্রঃ—য়ুরোপীয় পণ্ডিতগণ অনুমান করেন কর্ষণার্থক 'অর' ধাতু হইতে সং,

আর্য্য এবং গ্রীক্, ল্যাটিন, লিথুয়েনিক্, এংলো স্যাক্সন্, ইংরেজি, আইরিশ্, কর্ণিশ্, ওয়েল্শ্, রুষ, নর্স্, প্রভৃতি য়ুরোপীয় ভাষায় কৃষিবাচক কতকগুলি শব্দ নিষ্পন্ন হইয়াছে]।

অরক্ষণীয় (অরোখ্খোনিও) [ন=অ—রক্ষণীয়] বিণ. যাহাকে রক্ষা করা যায় না ; যাহাকে আর রাখা অনুচিত ; অরক্ষ্য। স্ত্রী. **অরক্ষণীয়া**—যে কন্যাকে আর অবিবাহিতা রাখা যায় না ; যে কন্যার বিবাহ না দিলে পাপ স্পর্শ করিবে বা কর্ত্তব্যে ত্রুটি হইবে।

অরক্ষিত (অরোক্খিতো) [ন=অ—রক্ষিত, নঞ্ তৎ] বিণ. যাহাকে রক্ষা করা হয় নাই ; অপালিত। ২। অপরিদর্শিত ; যাহা কাহার তত্ত্বাবধানে নাই। ৩। যাহা রক্ষিত বা সঞ্চিত হয় নাই ; অসঞ্চিত।

অরঘট্ট [অর (চক্রাবয়ব সদৃশ কাষ্ঠ বিশেষ) ঘট্ট (কাষ্ঠ বিশেষ দ্বারা যাহা চালিত হয়)] বি. পুং. কূপ হইতে জল তুলিবার কাষ্ঠ নির্ম্মিত যন্ত্র ; কূপ জলোত্তোলক। ২। কূপ ; ইন্দারা ;

অরঘট্টঘাটিকা [অরঘট্ট (কূপ)—ঘাটিকা (ঘাট) ৬ তৎ] বি. স্ত্রী. কূপের পাড়। ২। কূপের ভিত্তি গর্ত্ত। ৩। কূপে অবতরণ করিবার জন্য লৌহ নির্ম্মিত শৃঙ্খল বিশেষ।

অরজাঃ (ঃ) [অ+রজা, ন=অ (নাই রজস্ (ঋতু) যাহার—বহু] বি. স্ত্রী. যে স্ত্রী ঋতুমতী হয় নাই। ২। বিণ. রজোগুণের কার্য্যরহিত অর্থাৎ কাম ক্রোধাদি শূন্য ; ক্রোধাদিবর্জ্জিত। ৩। রজঃ বা ধূলিশূন্য ; পরিষ্কৃত।

অরণি (নি) [ঋ (গমন করা, পাওয়া) + অনি] বি. পুং. স্ত্রী. যাহার ঘর্ষণে অগ্নি পাওয়া যায় ; অগ্নিমন্থন কাষ্ঠ। ২। গণিকারিকা ; শ্যোণাগাছ ; চিত্রকবৃক্ষ। ৩। চক্‌মকির পাথর।

অরণ্য (অরোননো) [ঋ (গমন করা) + অন্য (সংজ্ঞার্থে, অধি) যেখানে পশুকুল আহার বিহারার্থ গমন করে] বি. ক্লী. বন ; কানন। **অরণ্যে রোদন**—জন-মানবহীন স্থানে রোদন করিলে শুনিবার লোক অভাবে যেমন তাহাতে কোন ফল হয় না। দয়া, মায়া, সহানুভূতিহীন ব্যক্তির (যাহার হৃদয় অরণ্যের তুল্য) বা হৃদয়হীনের নিকট রোদন অর্থাৎ দুঃখ জ্ঞাপন করায় ফল নাই ; নিষ্ফল রোদন।

অরণ্য-কদলী (অরোন্নোকদোলি) বি. স্ত্রী. পাহাড়ী কলা।

অরণ্য-ধান্য (অরোন্নোধান্নো) [অরণ্য—ধান্য, ৬তৎ] বি. ক্লী. উড়ি ধান ; নীবার।

অরণ্য-বায়স (অরন্নোবায়শ্) [অরণ্যের বায়স, ৬তৎ] বি. পুং. স্ত্রী. দ্রোণ কাক ; ডোমকাক ; দাঁড়কাক।

অরণ্য-মক্ষিকা (অরোন্নো মোক্খিকা) [অরণ্যের মক্ষিকা, ৬তৎ] বি. স্ত্রী. মশক বিশেষ ; ডাঁশ ; দংশকীট।

অরণ্যশূরণ (অরোন্নোশুরন্) বি. পুং. বুনো ওল।

অরণ্যষষ্ঠী (অরোন্নোশোশ্ঠি) বি. স্ত্রী. জ্যৈষ্ঠ মাসের শুক্লা ষষ্ঠী ; জামাই ষষ্ঠী।

অরণ্যানী (অরোন্নানি) [অরণ্য + আন (মহদর্থে) ঈপ্ স্ত্রীঃ] বি. স্ত্রী. সুবিস্তৃত কানন ; মহাবন।

অরতি (অরোতি) [ন=অ—রতি (প্রীতি) নঞ্ তৎ] বি. স্ত্রী. অসন্তোষ ; অপ্রীতি ; বিরক্তি। ২। ক্রোধ। ইষ্টনাশ-জনিত আকুলতা ; উদ্বেগ। ৪। অসুখ ; দুঃখ ; ক্লেশ। ৫। অবসাদ। ৬। পিত্তরোগ বিশেষ। ৭। [ন=অ (নাই) রতি (রম্=ক্রীড়া করা) ভাবে—ক্তি=রমণ, যাহার, বহু] বিণ. রতি-শক্তিহীন।

অরত্নি (অরোত্নি) [ন=অ—রত্নি, ঋ (গমনার্থ + অত্নি)] বি. পুং. একহস্ত পরিমাণ ; a cubit length ; কনিষ্ঠাঙ্গুলি ভিন্ন মুষ্টি ; মুটম হাত। ২। কফোণি।

অরন্ধন (অরন্ধন্) [ন=অ (অভাব) রন্ধন (রধ্ + অনট্=পাক করা) নঞ্ তৎ] বি. রন্ধনের অভাব ; পাক না করা ; যে দিনে পাক করিতে নিষেধ ; এই ব্রত ভাদ্র মাসের সংক্রান্তিতে পাল্য এবং ত্রৈমাসের যে কোন দিন পালনীয় ইচ্ছারন্ধন বৃদ্ধারন্ধন উপলক্ষে হিন্দুর পাক করা নিষিদ্ধ ; অনেক হিন্দু এই দিন পূর্ব্বদিন-পক খাদ্য আহার করিয়া থাকেন।

অরব (ব্) (ন=অ—রব (শব্দ) নঞ্ তৎ] বি. পুং. শব্দাভাব ; নিঃশব্দ। ২। [নাই রব (বাক্য) যাহার, বহু] রবশূন্য ; নিঃশব্দ ; মূক। ক্রি-বিণ. **অরবে**—নিঃশব্দে, নির্ব্বাক হইয়া।

প্র—"বসেছে অরবে শাখে পাখী !——"
—মেঘনাদ।

অরবিন্দ [অর (শীঘ্র) বিন্দ (লাভ করা) + অ (শ কর্ম্মে) ভ্রমর যাহাকে শীঘ্রই লাভ করে] বি. ক্লী. পদ্ম ; কমল। ২। নীলোৎপল। ৩। রক্ত কমল। ৪। তাম্র। ৫। পুং. সারস পক্ষী [কাব্যালঙ্কারে] মুখ, নয়ন, চরণের রূপক করিয়া কবিগণ কর্ত্তৃক প্রযুক্ত হয়। পদ্ম দ্রঃ। যথা, মুখারবিন্দ ; চরণারবিন্দ।

প্র—"বন্দি ও চরণ অরবিন্দ।"

প্র—"রঙ্গণ মালতি কুন্দ, করবীর অরবিন্দ,
থরে থরে লাগয়ে তাহাতে।"
—বিদ্যাপতি।

স্ত্রী. **অরবিন্দিনী**—পদ্মিনী। ২। পদ্মলতা। ৩। পদ্মময় বা পদ্ম-বহুল দেশ।

অররু (রো) [ঋ (গমন/করা, হিংসা করা) + অরু (কর্ত্তৃ) যে হিংসা করে।] বি. পুং. অরি শত্রু।

প্র—"কে আছে সীতার আর এ অররু পুরে।"
—মেঘনাদ।

২। বি. অস্ত্র ভেদ। ৩। বি. অসুর বিশেষ। ৪। বিণ. হিংস্র।

অরসজ্ঞ (অরশগ্গ) [ন=অ—রস—জ্ঞ (জ্ঞা=জানা + অ—ড কর্ত্তৃ)] বিণ. অরসিক ; রসজ্ঞানহীন ; রস-বোধশক্তিবিহীন।

অরসিক (অরোশিক্) [ন=অ, রসিক (রসজ্ঞ) নঞ্ তৎ] বিণ. যে রসিক নয় ; যার রস বোধ নাই ; অরসজ্ঞ। ২। গোঁয়ার। ৩। নীরস ; শুষ্ক। স্ত্রী. **অরসিকা**।

অরাজক (অরাজোক্) [ন=অ (নাই) রাজা যেখানে, বহু, ক-যোগ স্বার্থে] বিণ. যেখানে রাজা নাই ; রাজাশূন্য দেশ। ২। যথায় যাহার যাহা ইচ্ছা তাহাই করে, কেহ শাসন বা নিবারণ করিবার নাই।

প্র—"কাড়া কাড়ি ঘন, না মানে বারণ,
অরাজক হ'লো পারা।" —চণ্ডীদাস।

[তুল—হিঃ. "অন্ধের নগরী চোপট্ রাজা"]।

অরাতি [ন=অ—রা (দান করা) + তি কর্ত্তৃ, যে সুখ দেয় না] বি. পুং. শত্রু ; অরি।

প্র—"অরাতি বিক্রমে পরাজিত হলে
চিতানলে যারা তনু দিত ঢেলে,"
—হেম বন্দ্যো।

অরাতিতপন (ন্) [অরাতি (শত্রু) তপন (যে সন্তাপ দেয়) অরাতির প্রতি তপন (সূর্য্যের ন্যায়)—উপমিত] বিণ. শত্রু সন্তাপকারী ; বিপক্ষদলনকারী ; অরিন্দম।

অরাম (ম্) [ন=অ (নাই) রাম (দশরথ পুত্র) যেখানে, বহু] বিণ. রামবিহীন ; রামশূন্য।

প্র—"অরাবণ অরাম বা হবে ভব আজি।"
—মেঘনাদ।

অরি (ওরি) বি. পুং. অনিষ্টকর্ত্তা ; শত্রু ; বিপক্ষ। ২। কাম ক্রোধাদি শরীরস্থ ছয় রিপু। ৩। রথচক্র। ৪। [গণিতে] ৬ সংখ্যা। ৫। [জ্যোতিষে] লগ্ন হইতে ৬ষ্ঠ স্থান।

অরিত্র (ওরিৎত্র) [ঋ (গমন করা) + ই ত্র—করণে, যাহার দ্বারা নৌকা গমন করে] বি. ক্লী. নৌকার গমনসাধন হাইল ; দাঁড়। ২। বাহনাদি। ৩। রথ, শকট প্রভৃতি যানের চক্র।

অরিন্দম (ওরিনদম্) [অরি (শত্রু) দম্ (দমন করা) + অ (খ—কর্ত্তৃ) ম্-আগম] বিণ. যে শত্রুকে দমন করে ; শত্রুদমনক ; শত্রুবিঘাতক। প্র—"অরিন্দম ইন্দ্রজিৎ, প্রমীলা-সুন্দরী পত্নী তাঁর" —মেঘনাদ।

অরিন্দমী (ওরিনদোমি) [মূলশব্দ অরিন্দমিন্ ; অরিম্ (শত্রুকে) দমী (দমনকারী)] বিণ. শত্রুদমনকারী ; শত্রুজয়ী।

অরিমর্দ্দ, অরিমর্দ্দন (ও, ন্) [অরি (শত্রু) মর্দ্দন (মৃদ্ = চূর্ণ করা + অন, কর্ত্তৃ) যে শত্রুর মর্দ্দক] বিণ. শত্রুদমনকর্ত্তা ; বিপক্ষনাশক। ২। কৃষ্ণার্জ্জুনের নামান্তর। ৩। অক্রূরের সহোদর।

অরিষ্ট (অরিশ্‌ট) [ন = অ (নাই) রিষ্ট (অমঙ্গল) যেস্থানে, বহু] বিণ. অমঙ্গলশূন্য। ২। কুশল। ৩। সমর্থ। ৪। অহিংসিত। ৫। অক্ষয় ; অমর। বি. দেবালয়। ২। সূতিকাগৃহ ; আঁতুড় ঘর। ৩। অন্তঃপুর। ৪। অবরোধ গৃহ বা স্থান। ৫। অদৃষ্ট। ৬। মঙ্গল বা অমঙ্গল। ৭। মৃত্যুলক্ষণ। ৮। ভূকম্পনাদি উৎপাত ; উপদ্রব। প্র—"সেইকালে অরিষ্ট হইল বহুতর।" —কবিক। ৯। ঘোল। ১০। মদ্য ; আসব। ১১। ঔষধ বিশেষ ("ইক্ষুবিকারমিশ্রিত অভয়া চিত্রকদন্তীপিপ্পল্যাদি ভূরিভেষজকাথাদি সংস্কারবান্ দ্রব্যকে অরিষ্ট বলে।" —ভারতকোষ)। ১২। দৈত্যরাজ বলির পুত্র ; বৃষরূপধারী অসুর ; বৃষভাসুর (কৃষ্ণকর্ত্তৃক নিহত)। ১৩। বৈবস্বত মনুর পুত্র ; নাভাগ। ১৪। রিঠা বা রীঠা গাছ ; soapbery plant. ১৫। নিমগাছ। ১৬। লশুন। স্ত্রী. **অরিষ্টা**—দক্ষকন্যা ও কশ্যপের পত্নী ; ত্রয়োদশ পত্নীর মধ্যে চতুর্থী। ২। কটুকী ; কট্‌কী। ৩। নাগবল্লী।

অরিষ্টনেমি—বি. পুং. বিনতা-গর্ভজাত কশ্যপ পুত্র। ২। দক্ষজামাতা প্রজাপতি বিশেষ। ইনি দক্ষের ৪টী কন্যা বিবাহ করেন। ৩। বৃষ্ণির প্রপৌত্র। ৪। সূর্য্যরথাধিষ্ঠিত যক্ষ (পৌষমাসে সূর্য্যের চক্রাশ্বের লাগাম সংযত করিয়া দেয় বলিয়া উক্ত)। —বিষ্ণুপুরাণ। ৫। দ্বাবিংশতি জৈন তীর্থঙ্কর। [ভারতকোষ]

অরিষ্টসূদন (শূদন্) [অরিষ্ট (অসুরবিশেষ) সূদন (যে নাশ করে) ৬তৎ] কংসকর্ত্তৃক অরিষ্টাসুর কৃষ্ণবধার্থ গোকুলে প্রেরিত হইলে কৃষ্ণকর্ত্তৃক নিহত হয়] বি. পুং. শ্রীকৃষ্ণ ; বিষ্ণু। ২। বিণ. অরিষ্টনাশক।

অরিহা (ওরিহা) [অরি (শত্রু) হন (বধ করা) + ক্বিপ্ কর্ত্তৃ = অরিহন্ শব্দের ১মা ১ বচনে, যে অরিকে বধ করে (উপপদ)] বিণ. রিপুনাশক ; শত্রুঘাতক। ২। সূর্য্য।

অরু (ওরু) [অরুণ শব্দের সংক্ষেপ। ব্রজ] বি. বিণ. রক্তবর্ণ। প্র—"সুন্দর বদন, চারু অরু লোচন কাজরে রঞ্জিত ভেলা।" —বিদ্যাপতি। ২। [হিঃ ঔর শব্দজ] অ. আর।

প্র—"লগনাহি সবয়ে শুনয়ে নাহি বোল। অরু বেরি বেরি করহি কর জোর॥" —বিদ্যাপতি।

"একদিন হেরি হেরি হসি হসি যায়। অরু দিন নাম ধয় মুরলি বাজায়॥" বি. প। (নগেন্দ্র গুপ্ত)

অরুক্ [ন = অ—রুজ্ (রুগ্ন হওয়া) + ক্বিপ্ ভাবে, নাই (রুক্ = পীড়া) যাহার, বহু] বিণ. নীরোগী ; সুস্থ। [বাঙ্গালায় স্বতন্ত্র ব্যবহার হয় না, অন্য শব্দের সহিত মিলিত হইয়া ব্যবহৃত হয়]।

অরুগ্ন [ন = অ—রুজ্ + ত (কর্ত্তৃ, গ = ক্ত) জ্,—ত = ন = গ্ন, নঞ্ তৎ] বিণ. সুস্থ ; নীরোগী।

অরুচি [ন = অ—রুচি (ইচ্ছা, দীপ্তি) নঞ্ তৎ] বি. স্ত্রী. অনভিলাষ ; অনিচ্ছা ; অপ্রীতি। ২। রুচির অভাব ; আহারে প্রবৃত্তির অভাব। ৩। আহারে অনিচ্ছারূপ রোগ। ৪। [কাব্যালঙ্কারে] দশবিধ স্মর দশার মধ্যে বস্তুবৈরাগ্যরূপ দশা বিশেষ। ৫। [নাই রুচি যাহার] বিণ. ইচ্ছারহিত। ৬। দীপ্তিহীন। ৭। [ব্যঙ্গার্থে] বিরাগ বা বিতৃষ্ণা হেতু পরিত্যক্ত ; যাহার মরণ নাই। প্র—"যমের অরুচি।"

অরুচিকর (র্) [অরুচি—কর (যে করে)] বিণ. বিরক্তিকর ; অপ্রীতিজনক ; অসন্তোষকর।

অরুণ (ওরুন্) [ঋ (গমন করা) + উণ (ন্) কর্ত্তৃ—যে নিয়ত গমন করে] বি. পুং. সূর্য্য। প্র—"বিদ্যাপতি কহে চাঁদ গেল নিজ ঠাঁই। অরুণ কিরণ হবে ফিরে ঘরে যাই॥"—বি. প। ২। সূর্য্য সারথি, বিনতাগর্ভজাত কশ্যপপুত্র ; গরুড়ের জ্যেষ্ঠ ভ্রাতা। ৩। বালার্ক ; রৌদ্র উঠিবার পূর্ব্বাবস্থায় দৃশ্যমান লোহিতবর্ণ সূর্য্য। প্র—"শিউলি তলার পাশে পাশে, ঝরা ফুলের রাশে রাশে, শিশির ভেজা ঘাসে ঘাসে, অরুণ রাঙা চরণ ফেলে নয়ন-ভুলানো এলে।" —শারদোৎসব (রবি) ৪। কৃষ্ণাভরক্তবর্ণ (purple) ; কপিলবর্ণ) ৫। রক্তবর্ণ ; উষারাগ ; সন্ধ্যারাগ। ৬। কুঙ্কুম। ৭। সিন্দূর। ৮। অর্কবৃক্ষ ; আকন্দগাছ। ৯। পুন্নাগ বৃক্ষ। ১০ ; শ্যোণাকবৃক্ষ। ১১। কৃষ্ণের পুত্র। ১২। সূর্য্য বংশীয় ত্রিধন্বার পুত্র। ১৩। চন্দ্রবংশীয় উরুক্ষ রাজার জ্যেষ্ঠ পুত্র। ১৪। শাল্মলী দ্বীপস্থ ক্ষত্রিয়গণ। ১৫। [সঙ্গীত শাস্ত্রে] মল্লার, কানড়া এবং নট সংযোগে উৎপন্ন রাগ বিশেষ। [ভারতকোষ] বিণ. অরুণরাগরঞ্জিত ; উষারাগরঞ্জিত ; সন্ধ্যারাগরঞ্জিত ; কৃষ্ণাভ রক্তবর্ণ বিশিষ্ট। প্র—"অরুণনয়ন তব মরম সঙে মম নিমিখ ন অন্তর হোয়।"—রবি। ২। (অরুন্) বাক্‌শক্তিহীন ; বোবা। ৩। নিঃশব্দ ; স্ত্রী. অরুণা। [তুলঃ—ল্যা. aurora]

অরুণকমল (ওরুন্‌কমল্) [অরুণ (রক্তবর্ণ) কমল (পদ্ম) কর্ম্মধা] বি. স্ত্রী. রক্ত পদ্ম ; রক্ত কমল।

অরুণবসন (ওরুন্ বশন্) [অরুণ (রক্তবর্ণ) বসন (বস্ত্র)] বি. রক্তবস্ত্র ; রক্তাম্বর। প্র—"অরুণবসন পরি বিগলিত কেশ। আভরণ তেজল ঝাঁপল বেশ॥" —বিদ্যাপতি। ২। বিণ. রক্তবস্ত্র পরিহিত।

অরুণ-লোচন (ওরুন্ লোচন্) [অরুণ (রক্তবর্ণ বিশিষ্ট) হইয়াছে লোচন (চক্ষু) যাহার, বহু] বিণ. লোহিত নয়ন ; রক্ত আঁখি। ২। ক্রোধ-কষায়িত লোচন। ৩। বি. পুং. স্ত্রী. পারাবত ; পায়রা।

অরুণসারথি (ওরুনশারোথি) [অরুণ (গরুড়াগ্রজ) হইয়াছে সারথি যাহার, বহু] বি. পুং. সূর্য্য।

অরুণা (ওরুনা) [অরুণ শব্দের স্ত্রীলিঙ্গে] বি. স্ত্রী. অতিবিষা ; আতইচ। ২। মঞ্জিষ্ঠা, ৩। পৌণ্ডরীক নামক ক্ষুদ্র বৃক্ষ ; Root stock of nymphoea lotus. হিঃ—পুঁড়েরী। ৪। ত্রিবৃৎ Ipomœa Turpenthum. তেউড়ী। ৫। জবা। ৬। শ্যামালতা। ৭। ইন্দ্রবারুণী। ৮। গুঞ্জা। ৯। পুনর্নবা। ১০। মুণ্ডিতিকা বা মুণ্ডিরী বা বড় থুলকুড়ী ; Sphaeranthus Indicus. ১১। কশ্যপের ঔরসে তাঁহার প্রধানাম্নী পত্নীর গর্ভে জাতা অপ্সরা। অরুণোদয় কালে জন্ম বলিয়া এই নাম। ১২। প্লক্ষদ্বীপস্থ সাতটী নদীর মধ্যে সর্ব্বপ্রধান নদী : অরুণোদয় কুণ্ড হইতে নির্গত হইয়াছে বলিয়া এই নাম। অপর নাম অরুণোদা। ১৩। অরুণবর্ণ বিশিষ্টা ; গোলাবী ; রক্তবর্ণা ; অরুণবর্ণা। প্র—

"নূতন প্রীতি আনিবে নীতি
কুমারী উষা অরুণা ;
আবার কবে ধরণী হবে তরুণা ?"
—মানসী (রবি)।

অরুণাত্মজ (ওরুনাৎতজ্) [অরুণ (সূর্য্যসারথি) তাহার আত্মজ (পুত্র) ৬তৎ] বি. পুং. জটায়ুপক্ষী।

অরুণানুজ (ওরুনানুজ্) [অরুণের অনুজ (কনিষ্ঠ) ৬তৎ] বি. পুং. গরুড় পক্ষী।

অরুণিত (ওরুনিত) [অরুণ (বাল সূর্য্য, তদ্রূপ লোহিতবর্ণ) + ইত (যুক্ত)] বিণ. লালরঙ্গে রঞ্জিত। প্র—"পিতৃবৈর শোধে ধর অরুণিত বেশ॥" —সুরসুন্দরী। *[দ্রঃ—রাজপুতদিগের যুদ্ধবাস রক্তবর্ণে রঞ্জিত হইত]।

অরুণিম (ওরুনিম) [অরুণিমা শব্দের অপভ্রংশ] বিণ. অরুণবর্ণবিশিষ্ট ; অরুণাক্ত।

প্র—"অরুণিম আসবের বিম্বের স্বরূপ
গোলাপী নেশায় পূর্ণ রাঙ্গা ঠোঁট যোড়া।"
—গোবিন্দদাস (ফুলরেণু)

অরুণিমা (ওরুনিমা) [অরুণ+ইমন্—ভাবে =অরুণিমন্, ১মা ১বচনে] বি, পুং, রক্তিমা; রক্তত্ব; লৌহিত্য।

অরুণোদয় (ওরুনোদয়) [অরুণের উদয় হয় যে কালে, বহু] বি, পুং, সূর্য্যোদয়ের ৪ দণ্ড পূর্ব্ব সময়; সূর্য্যোদয়ের প্রাক্কাল। ২। [অরুণের উদয়, ৬তৎ] অরুণের প্রকাশ; প্রভাত। **অরুণোদয়-সপ্তমী**—মাঘী শুক্লসপ্তমী। এই তিথিতে অরুণোদয়কালে স্নান করিয়া সূর্য্যার্ঘ্য দান করিতে হয়।

অরুণোপল (ওরুনোপল্) [অরুণ (রক্তবর্ণ) উপল (প্রস্তর) কর্ম্মধা] বি, পুং, রক্তবর্ণ মণিবিশেষ; পদ্মরাগমণি; চুনী।

অরুন্তুদ (ওরুনতুদ্) [অরুস্ (মর্ম্মস্থান) তুদ্ (পীড়া দেওয়া)+অ (খস্) কর্ত্তৃ, স=ম, (উপপদ)] বিণ, যে মর্ম্মচ্ছেদ করে; মর্ম্মঘাতী; মর্ম্মভেদী; মর্ম্মপীড়ক; মর্ম্মচ্ছেদী; মর্ম্মান্তিক। ২। কর্কশ; কটুবাক্য।

অরুন্ধতী (ওরুনধোতি) [ন=অ—রুধ্ (রুদ্ধ করা)+ত (ন্ কর্ত্তৃ) ঈপ্ স্ত্রী, যে মঙ্গলানুষ্ঠান বা শুভকার্য্য রোধ করে না] বি, স্ত্রী, কর্দ্দম মুনির কন্যা, দেবহূতির গর্ভজাতা, বশিষ্ঠ-মুনির পত্নী। পাতিব্রত্যধর্ম্মবলে স্বামীর সহিত নক্ষত্রলোকবাসী হইয়াছেন। [জ্যোতিষে] সপ্তর্ষিমণ্ডলে (Ursa major) ইঁহার উদয় হয়। ইনি পতিব্রতা নারীর আদর্শস্থানীয়া। হিন্দু আর্য্যদিগের বিবাহকালে তজ্জন্য নববধূকে ঐ নক্ষত্র দর্শন করান হয়। যাহাতে বধূ ঐ চিরযশস্বিনী পতিব্রতাগ্রগণ্যা অরুন্ধতীর ন্যায় পত্নীধর্ম্ম পালন করে। দেবগণ সীতাকে ইঁহার সহিত তুলনা করিতেন। অরুন্ধতীর অপর নাম অক্ষমালা। কথিত হয় যাহার পরমায়ু শেষ হইয়াছে সে ঐ নক্ষত্র দেখিতে পায় না। ২। দক্ষ প্রজাপতির কন্যা ও ধর্ম্মের জ্যেষ্ঠা পত্নী।

রূপরাশি (প্) বি, যাহার মূল ঠিক বাহির হয় না; করণী; Surds.

রুহা—বি, স্ত্রী, ভুঁই আমলা।

রে (ওরে) [অরে দ্রঃ। ঋ (গমন করা)+এ—(করণে) ঋ=অর্, যাহাদ্বারা লোক অভিমুখে গমন করে] অ, নীচব্যক্তিকে সম্বোধন; অবজ্ঞাব্যঞ্জক সম্বোধন। প্র—"ওরে কৃতঘ্ন প্রাণ! তুই আর কেন যাতনা দিস্।" —কাদম্বরী। ৩। [সং—অরেরে শব্দের অপভ্রংশ] সক্রোধ আহ্বানে **অরেরে**। প্র—"অদূরে মহারুদ্র ডাকে গম্ভীরে।
অরেরে অরে দক্ষ দেরে সতীরে।" —অ, ম। ৪। [গ্রা, ব্যবহার] বিস্ময়সূচক অব্যয়।
[দ্রঃ—হিং, স্ত্রী সম্বোধনে আরি, এরী, রী]

অরোগ (গ্) [ন=অ (নাই) রোগ (ব্যাধি) যাহার, বহু] বিণ, নীরোগ; অনাময়। ২। রোগমুক্ত। ৩। [নঞ্ তৎ] বি, পুং, রোগাভাব; অনাময়তা; স্বাস্থ্য। বিণ, ।

অরোচক (ক্) [ন=অ—রুচ্+অক (কর্ত্তৃ) রোচক, নঞ্ তৎ] বি, পুং, অরুচিরোগ; অগ্নিমান্দ্য; অন্নগ্রহণে অনিচ্ছারূপ রোগ।

অর্ক [অর্ক (তাপ দেওয়া)+অ (ন—কর্ত্তৃ) সংজ্ঞার্থে] বি, পুং, সূর্য্য। প্র—"বালার্ক সিন্দূর ফোঁটা কে তোমার ভালে দিল।"
—ব্রহ্মসঙ্গীত।
২। [জ্যোতিষে] রবিবার। ৩। স্ফটিক; আতসী প্রস্তর; rock crystal. ৪। কিরণ; আলোক। ৫। [সূর্য্যের ন্যায় উষ্ণবীর্য্য বা তীক্ষ্ণ বলিয়া] আকন্দ গাছ—যথা—অর্কপত্র; Calotropis gigantea. ৬। তাম্র। ৭। পুং, ক্লী, নির্য্যাস; ৮। ইন্দ্র। ৯। রামচন্দ্রের সেনাপতি বানরবিশেষ।—(রামায়ণ)। ১০। [রাসাঃ পরিঃ] বি, আরক; tincture.

অর্কচন্দন (ন্) [অর্ক-বর্ণ-বিশিষ্ট চন্দন, কর্ম্মধা] বি, ক্লী; রক্তচন্দন।

অর্কতনয় (য়্) [অর্ক (সূর্য্য) তনয় (পুত্র) ৬তৎ] বি, সূর্য্যের ঔরসে কুন্তী-গর্ভজাত পুত্র কর্ণ। ২। মনু। ৩। শনি। ৪। যম। ৫। সুগ্রীব। ৬। অশ্বিনীকুমারদ্বয়। স্ত্রী, **অর্কতনয়া**—যমুনা। ২। তপতী নদী। (the river Tapti)।

অর্কতাপত্তি (পোৎতি) [খনিজঃ পরিঃ] বি, স্ফাটিকভবন; crystallisation.

অর্কপত্র [সূর্য্যের ন্যায় তীক্ষ্ণ পত্র যাহার, বহু] বি, পুং, আকন্দ গাছ। ২। [অর্ক (আকন্দ গাছ) পত্র (পাতা) ৬তৎ] বি, ক্লী, আকন্দের পাতা। স্ত্রী, **অর্কপত্রা**—ইষের মূল।

অর্কপুষ্পিকা, অর্কপুষ্পী—বি, স্ত্রী, সূর্য্যবল্লী; অর্কবল্লী; শ্বেত হুড়হুড়ে। ২। রক্তাপরাজিতা। ৩। ক্ষীরুই গাছ।

অর্কপ্রিয়া—বি, স্ত্রী, জবা। ২। হুড়হুড়ে।

অর্কবন্ধু (বোনধু) [অর্ক (সূর্য্য) বন্ধু (জ্ঞাতি) ৬তৎ, সূর্য্য বংশে জন্ম বলিয়া সূর্য্যের মিত্র] বি, পুং, গৌতম। ২। বৌদ্ধ ধর্ম্মপ্রণেতা।

অর্কবিদ্যা—বি, স্ত্রী, স্ফটিকবিদ্যা; Crystallography.

অর্কব্রত (অর্কব্রোতো [অর্ক (সূর্য্য) ব্রত (উপাসনা) ৬তৎ] বি, পুং, সূর্য্যদেবের প্রীতি সাধনার্থ মাঘ মাসের শুক্ল পক্ষীয় সপ্তমী প্রভৃতি তিথিতে অনুষ্ঠেয় ব্রত। ২। রাজাদিগের অনুষ্ঠিত রাজস্ব আদায় রূপ ব্রত।

অর্কিড্ [ইং Orchid] বি, পরগাছা; ভুমিচম্পকাদি পুষ্পবৃক্ষ।

অর্কোপল (ল্) [অর্ক (সূর্য্যের মতন দীপ্ত) উপল (প্রস্তর) কর্ম্মধা] বি, পুং, সূর্য্যকান্তমণি; চুনী।

অর্গল (ল্) [অর্জ্জ্ (উপার্জ্জন করা)+অল (ক্) করণে, সংজ্ঞার্থে] যাহা দ্বারা ধর্ম্ম অর্জ্জন বা মুক্তিলাভ করা যায়] বি, দেবী মাহাত্ম্যের স্তব বিশেষ; চণ্ডীস্তোত্রবিশেষ। ২। খিল; হুড়কা। ৩। প্রতিবন্ধক; অন্তরায়; প্রত্যবায়। স্ত্রী, **অর্গলী; অর্গলিকা**—ক্ষুদ্র অর্গল; ছোট হুড়কা।

অর্ঘ [অর্ঘ্ (ক্রয় করা)+অ (ল—ভাবে)] বি, পুং, ক্রয়করণ। ২। [করণে, যাহা দ্বারা ক্রয় করা হয়] মূল্য। প্র—দিন দিন শস্যাদি মহার্ঘ হইয়া উঠিতেছে। ৩। [অর্ঘ (পূজা করা)+অ (ল—ভাবে)] বি, পুং, পূজা। ৪। [করণে, যাহা দ্বারা পূজা করা হয়] পূজার উপকরণ।

অর্ঘঘাস (ওর্ঘগাশ্)—বি, গন্ধতৃণ বিশেষ; ইহাতে সুগন্ধ তৈল (grassoil) প্রস্তুত হয়; Andropogon schoenanthus.

অর্ঘ্য (ওর্ঘো) [অর্ঘ+য (অর্হার্থে বা প্রয়োজনার্থে)] বিণ, অর্ঘ্যদানাদি দ্বারা সম্মানযোগ্য; পূজ্য; মান্য। ২। বি, ক্লী, পূজোপচার; পূজার সামগ্রী; আতপ তণ্ডুল, দূর্ব্বা, পুষ্প, চন্দন মিশ্রিত জল। ৩। জল, দুগ্ধ, কুশ, দধি, ঘৃত, আতপ তণ্ডুল, যব, শ্বেত সর্ষপ, এই অষ্ট দ্রব্য দ্বারা অষ্টাঙ্গ অর্ঘ্য (কাশীখণ্ড) এবং দূর্ব্বা, আতপ তণ্ডুল, চন্দন, পুষ্প ও জল এই পঞ্চ দ্রব্যে পঞ্চাঙ্গ অর্ঘ্য হয়। ৪। যজ্ঞাদিতে বা সভায় সর্ব্বপ্রধান ও মান্য ব্যক্তিকে সম্মান প্রদানের নিদর্শক দ্রব্য বিশেষ; মাল্য চন্দনাদি। ৫। জরৎকারুমুনির তপোবনস্থ তরুজাত মধু। (রাজবল্লভ)।

অর্চ্চক (ক্) [অর্চ্চ (পূজা করা)+অক, কর্ত্তৃ] বি, পুং, যে অর্চ্চনা করে; পূজক।

অর্চ্চন (ন্) [অর্চ্চ (পূজা করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, দেবাদির উপাসনা করণ; পূজন।

অর্চ্চনা [অর্চ্চ,+ণিচ্ স্বার্থে=অর্চ্চি (পূজা করা) +অন, ভাবে] বি, স্ত্রী, উপাসনা, পূজা।

অর্চ্চনীয় [অর্চ্চ+অনীয়, কর্ম্মে] বিণ, অর্চ্চনার যোগ্য; যাহাকে পূজা করা উচিত বা আবশ্যক; পূজনীয়; পূজ্য; উপাস্য; আরাধ্য।

অর্চ্চা [অর্চ্চ+অ (ঙ্) ভাবে] পূজা; উপাসনা। ২। [অধি, অ (ঙ্) অর্চ্চনা করা হয় যাহাতে] নির্ম্মিত দেবতা; প্রতিমা।

অর্চ্চি (ওর্চি) [অর্চ্চ (দীপ্তি পাওয়া)+ই (করণে) যাহা দ্বারা যাবতীয় বস্তু দীপ্তি পায়] বি, পুং, স্ত্রী, আতপ; রৌদ্র; সূর্য্যকিরণ। ২। অগ্নিশিখা। ৩। কৃশাশ্বের স্ত্রী।

অর্চ্চিসন্তান (ওর্চ্চিসন্তান) [রাসাঃ পরিঃ বি, আলোক-তরঙ্গ ; light-wave.

অর্চ্চিত (ও) [অর্চ্চ+ত (কর্ম্মে—ক্ত) যাহাকে অর্চ্চনা করা হইয়াছে] বিণ, উপাসিত ; পূজিত ; স্তুত ; আরাধিত।

অর্চ্চিষ্মান্ (ওর্চ্চিশ্মান) [অর্চ্চিস্ (তেজঃ +মতু (অস্ত্যর্থে) = অর্চ্চিষ্মৎ, ১মা ১বচনে অর্চ্চিষ্মান্] বি, পুং, যাহার প্রবল তেজ আছে সূর্য্য। ২। অগ্নি। ৩। দেবর্ষিবিশেষ ৪। বিণ, তেজস্বী ; দীপ্তিশালী। ৫। প্রজ্বলিত

অর্চ্চ্য [অর্চ্চ+য (যাণ্) কর্ম্মে] বিণ, বন্দ্য পূজ্য ; সেব্য ; আরাধ্য , পূজনীয়।

অর্জ্জক (ক্) [অর্জ্জ (উপার্জ্জন করা) + অক, কর্ত্তৃ] বিণ, যে অর্থ উপার্জ্জন করে উপার্জ্জনকারী ; রোজগারে। ২। যে অর্জ্জন করে বা লাভ করে ; প্রাপক।

অর্জ্জন (ন্) [অর্জ্জ+অন (ট—ভাবে)] বি, ক্লী, উপার্জ্জন ; আয়। ২। চেষ্টা দ্বারা প্রাপ্তি ; লাভ।

অর্জ্জয়িতা [ণিজন্ত অর্জ্জ+তৃ (ন্) কর্ত্তৃ= ই আগম, অর্জ্জয়িতৃ ১মা ১বচনে] বিণ, উপার্জ্জক দ্রঃ।

অর্জ্জিত (ওর্জ্জিত) [অর্জ্জ+ত (কর্ম্মে ক্ত) যাহা উপার্জ্জন করা হইয়াছে] বিণ, উপার্জ্জিত। প্রয়াসলব্ধ ; পুরুষকার দ্বারা প্রাপ্ত।

অর্জ্জুন (ওর্জ্জুন) [অর্জ্জ্ (উপার্জ্জন করা) + উন, কর্ত্তৃ, যিনি কুবের প্রভৃতিকে জয় করিয়া ধন উপার্জ্জন করিয়াছিলেন] বি, পুং, পাণ্ডুরাজের তৃতীয় পুত্র। ২। কার্ত্তবীর্য্য রাজা। ৩। নেত্ররোগ বিশেষ ; আঙ্গুনি। ৪। বৃক্ষবিশেষ ; অর্জ্জুন গাছ ; Tarminalia Arjuna. স্ত্রী, অর্জ্জুনা—অনিরুদ্ধের স্ত্রী ; উষা। ২। করতোয়া নদী।

অর্ণব (ব্) [অর্ণস্ (জল) + ব (অস্ত্যর্থে) স্—লোপ, জল যাহাতে আছে] বি, পুং, বারিধি ; সমুদ্র ; তোয়াধার ; জলনিধি।

অর্ণবজ [অর্ণব (সমুদ্র) হইতে জ (জন (জন্মান) +ড (কর্ত্তৃ) সমুদ্র হইতে যাহার জন্ম হইয়াছে] বি,পুং, ক্লী, সমুদ্রফেন। ২। বিণ, সমুদ্রজাত।

অর্ণবতরি (তোরি) [অর্ণব (সমুদ্র)—তৃ (তরণ করা, যাতায়াত করা) + ই, কর্ত্তৃ বা করণে, যে সমুদ্রপথে গমনাগমন করে] বি , স্ত্রী, অর্ণবপোত ; জাহাজ।

অর্ণবযান (জান্) [অর্ণব (সমুদ্রে) যান (গমন) যাহার, বহু] যে সমুদ্র দিয়া যাতায়াত করে] বি, ক্লী, অর্ণবপোত ; জাহাজ ; সমুদ্রতরি।

অর্ত্তি (ওর্তি) [অর্দ্দ (আঘাত করা) + তি, (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, আঘাত। ২। [করণে ক্তি, যাহাদ্বারা যাতনা পায়] পীড়া ; ব্যাধি।

অর্ত্তিক (ওর্তিক্) (অর্ত্তি (আঘাত) + ক সংজ্ঞার্থে, পিষ্ট হয় বলিয়া] বি, পুং, পিষ্টক-বিশেষ। ২। বিণ, পীড়াযুক্ত ; ব্যাধিগ্রস্ত। স্ত্রী, অর্ত্তিকা—(সংস্কৃত নাট্যে) জ্যেষ্ঠা ভগিনী।

অর্থ (অর্থ) [অর্থ্ (প্রার্থনা করা) অল্] বি, প্রার্থনা ; যাচনা। প্র—বিদ্যার্থী ; বিচারার্থী। ২। [প্রার্থনার বস্তু। অথবা, ঋ (গমন করা) + থন্] যাহা গমনশীল বা গমন করে ; what is exchangeable ; ধন ; ঐশ্বর্য্য ; রাজ্য-সম্পদ ; সম্পত্তি ; দৌলত ইত্যাদি ভোগ্যবস্তু। প্র—"অর্থ সকল ত্যাগ করিতে হইলে দুঃখ হয়, তাহা রক্ষা করিতেও সুখ নাই * * * অতএব অর্থনাশের বিষয় চিন্তা করিবে না।"—মহা-শান্তি। ৩। দ্রব্যের পণ ; টাকা কড়ি ; মুদ্রা। প্র—"টাকা কড়ির বিষয় কখন লঘুভাবে দেখিবে না—অর্থই চরিত্র।"—বুলওয়ার (মহাজনবন্ধু) "সন্তানের শিক্ষার জন্য জলের মত অর্থব্যয় করিবে।" ওকালতীতে তাঁহার বেশ অর্থাগম হইতেছে। [দ্রঃ—"ধন বলিতে কেবল অর্থ বা মুদ্রা বুঝায় না, কিন্তু অর্থ বা মুদ্রা বলিলেই ধন বুঝায়।"—ঋদ্ধি। (ধন দ্রঃ)। ৪। চতুর্ব্বর্গের অর্থাৎ ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ এই পুরুষার্থ বা পুরুষের প্রয়োজন-চতুষ্টয়ের দ্বিতীয় বর্গ (human pursuit)। ঐহিক ধনজনিত সৌভাগ্য। প্র—"তাঁহাদিগের প্রভাবে ধর্ম্মাদি অর্থ সমুদয় সিদ্ধ হয় * * ।" "যে রাজা ধর্ম্মার্থচিন্তক ও ধর্ম্মসংরক্ষী হইয়া এইরূপে অর্থদৃষ্টি করিতে আরম্ভ করেন, তিনি নিশ্চয়ই বিপুল অর্থ ভোগ করিতে পারেন।"—মহা—শান্তি। ৫। কর্ম্ম ; বেদবিহিত কর্ম্ম। প্র—"কুটুম্ব, পুত্র, পত্নী, শরীর ও ধনসঞ্চয় প্রভৃতি যাহা কিছু থাকে পরলোকে গমন করিলে তৎসমুদয় থাকিবে না। * * * * তখন তুমি কেন অনর্থে প্রসক্ত হইয়া স্বকীয় প্রয়োজন অনুষ্ঠান করিতে বিরত রহিয়াছ ? * * কেবল সুকৃত ও দুষ্কৃত কর্ম্ম সকল তোমার অনুগমন করিবে।" "যে রাজা অর্থানুষ্ঠান শূন্য, কামাচারী ও আত্মশ্লাঘী, তিনি সমুদয় সুবিধা লাভ করিয়াও সত্বর বিনষ্ট হন।"—মহা—শান্তি।
৬। প্রয়োজন ; উদ্দেশ্য ; অভিপ্রায়। প্র—"যাঁহারা স্বধর্ম্মে বিদ্যমান থাকেন, তাঁহাদেরই অর্থসিদ্ধি দৃষ্ট হইয়া থাকে ;" "যে মহীপতি অর্থসিদ্ধি অপেক্ষা ধর্ম্মকে উৎকৃষ্ট বলিয়া বিবেচনা করেন"—মহা—শান্তি।
৭। অভিসন্ধি ; মন্দ অভিপ্রায়। প্র—ইহাতে দুর্বৃত্তদিগের কোন গূঢ় অর্থ নিহিত আছে বলিয়া মনে হয়। ৮। বস্তু ; বিষয় ; জ্ঞাতব্য বিষয়। প্র—"সেই সর্ব্বার্থ-তত্ত্ববিৎ দেবপ্রবর কৃষ্ণ সমর্থ হইয়াও * * * মহাযোগ অবলম্বন করত শয়ান হইলেন।"—মহা—মৌষল। "বিবিধার্থ সংগ্রহ"। ৯। ফল ; পরিণাম। প্র—তাহার সকল চেষ্টাই ব্যর্থ হইল। "কর্ম্ম কর, মানবজীবন নিরর্থক নহে কদাচন।"—কর্ম্মগীতা (হিন্দু পত্রিকা)। ১০। হেতু ; নিমিত্ত ; কারণ ; জন্য। প্র—"ভোল পরদোষ, পরদুরাচার সও। শুভার্থ দুরাচারীর কর্ম্মযোগী হও॥"—ঐ। ১১। তাৎপর্য্য। প্র—বিষয়টী এতই জটিল যে সহসা তাহার অর্থগ্রহ হয় না। ১২। শব্দের অভিধাশক্তি ; প্রতিপাদ্য ; মানে। প্র—"নানার্থ বর্গ ;" "শব্দার্থ-মুক্তাবলী ;" "সুতরাং ধন বলিতে কেবল অর্থই বুঝায় না, যাহা কিছু শ্রমসাধ্য অর্থাৎ শ্রমের দ্বারা উৎপন্ন তাহাই ধন।"—ঋদ্ধি। ১৩। নিষেধ ; নিবৃত্তি। প্র—অত্যর্থ [অতি=অতিক্রম+অর্থ= নিবৃত্তি ; যে নিবৃত্তি অতিক্রম করিয়াছে (অর্থাৎ অত্যন্ত, অধিক)—স্বতন্ত্র ব্যবহার নাই] ১৪। স্বরূপ কথন ; প্রশংসা ; স্তুতি। প্র—অর্থবাদ [স্বতন্ত্র ব্যবহৃত হয় না] ১৫। প্রকার ; রীতি ; প্রণালী। [বাং-অপ্র] ১৬। হিত ; মঙ্গল ; কল্যাণ। প্র—"মহাত্মা হিতৈষী বিদুরের মহৎ অর্থযুক্ত বাক্য সকল শ্রবণ না করিয়া এরূপ পরিতাপ প্রাপ্ত হইতেছি।"—মহা—অশ্বমেধ। "আপদ্‌কালে প্রজাপীড়ন অর্থের নিমিত্তই হইয়া থাকে ; তাহা স্বতন্ত্র ; আর তৎকালে প্রজাপীড়ন না করা অনর্থের নিমিত্ত হয়,"—মহা—শান্তি (রত্নমালা)। ১৭। নীতি ; রাজনীতি ; স্বরাষ্ট্র ও পররাষ্ট্রনীতি। প্র—"সর্ব্ববিদ্যাকুশল মন্ত্রবিদ্ রাজাও একাকী মন্ত্রী ব্যতিরেকে মন্ত্ররূপ অর্থ কদাপি চিন্তা করিবেন না।"—রত্নমালা। (১ম খণ্ড)। ১৮। [ব্যবহার শাস্ত্রে] অভিযোগ ; নালিশ ; বাদ। [অর্থী দ্রঃ] ১৯। যথার্থ ; সত্য ; তথ্য। প্র—"রাজা অর্থ ও অনর্থ বুঝিয়া ধর্ম্ম ও অধর্ম্মের প্রতি দৃষ্টি রাখিয়া, ব্রাহ্মণাদি ক্রমে অর্থী ও প্রত্যর্থীর কার্য্য সকল দর্শন করিবেন।"—মনু। রত্নমালা, ১ম খণ্ড। ২০। [অলঙ্কারশাস্ত্রে] ত্রিবিধ অর্থ—(১) বাচ্য। (২) লক্ষ্য। (৩) ব্যঙ্গ। ব্যুৎপত্তিগত ও প্রয়োগসম্মত অর্থ যাহাকে মুখ্যার্থও বলে এবং যাহা অভিধা দ্বারা বোধগম্য হয়, তাহা বাচ্যার্থ। যথা—গৌড় অর্থে গৌড়দেশ কিন্তু যদি বাক্যের মধ্যে ইহার এরূপ প্রয়োগ হয় যে লক্ষণা দ্বারা গৌড় অর্থে গৌড়-দেশবাসী বুঝায় তাহা হইলে তাহাকে লক্ষ্যার্থ বলে। প্র—"কি জানি—হারায় বিদ্যা হাসিবেক গৌড়।"—বি, সু। এবং বাচ্যার্থ ও লক্ষ্যার্থের অতীত ব্যঞ্জনাদ্বারা অর্থান্তর পরিগ্রহ হইলে ব্যঙ্গার্থ হয়। প্র—"সেদিন ঝরঝা ঝরঝর ঝরে কহিল কবির স্ত্রী—

* * * *

ভারতীরে ছাড়ি ধর এইবেলা
লক্ষ্মীর উপাসনা !
*   *   *
দেখি সে মুরতি সর্ব্ব নাশিয়া
কবির পরাণ উঠিল ত্রাসিয়া,
কহে যুড়ি করপুট,—
*   *   *   *
লক্ষ্মী সদয় লক্ষ্মীছাড়ারে,
ঘরেতে আছেন নাইকো ভাঁড়ারে
একথা শুনিবে কেবা !
আমার কপালে বিপরীত ফল
চপলা লক্ষ্মী মোরে অচপল
ভারতী না থাকে থির একপল
এত করি তাঁর সেবা
—চয়নিকা (রবি)

এখানে লক্ষ্মীর বাক্যার্থ কমলা এবং ব্যঙ্গার্থে কবির স্ত্রী। ২১। বিণ, ঐশ্বর্য্যশালী ধনবান্। ২২। বিদ্বান্; শাস্ত্রজ্ঞ [বাঙ্গালায় স্বতন্ত্র ব্যবহার দেখা যায় না]।

অর্থকর (র্) [অর্থ+কর (যে করে)] বিণ, বিত্ত বা ধনোৎপাদক; ধনসঞ্চয়কারী; আয়জনক; লাভকর। ধনপ্রদ। ২। কার্য্যকর। ৩। উদ্দেশ্য বা প্রয়োজনসিদ্ধিজনক; সফল; প্রয়োজনোপযোগী। প্র—"হে মানদ! উর্ব্বশী তোমাকে যে অভিশাপ প্রদান করিয়াছে, সেই অভিশাপ তোমার পক্ষে অর্থকর ও কল্যাণসাধক হইবে।"—মহা—বন (বর্দ্ধমান)।
স্ত্রী, **অর্থকরী**। প্র—"সন্তানগণকে শুদ্ধ অর্থকরী বিদ্যাশিক্ষা দিয়াই পিতামাতার ক্ষান্ত হওয়া কর্ত্তব্য নহে।"

অর্থকরীবিদ্যা (কো) বি, যে বিদ্যা দ্বারা অর্থোপার্জ্জন করা যায়। অর্থকর দ্রঃ।

অর্থকৃচ্ছ্র (অর্থকৃছ্ছ্র) [অর্থ—কৃচ্ছ্র (কষ্ট)] বি, অর্থের অভাব বা অল্পতাহেতু সংসারযাত্রা নির্ব্বাহে ক্লেশ; অর্থকষ্ট; ধনকষ্ট।

অর্থগৃধ্নু [অর্থ—গৃধ্ (লাভ করা)+নু—কর্ত্তৃ] বিণ, ধনলুব্ধ; অর্থলোলুপ। ২। কৃপণ।

অর্থতঃ [অর্থ+তস্] অ, বস্তুতঃ; ফলতঃ; বাস্তবিক। [বাঙ্গালায় ইহা স্বতন্ত্রভাবেও ব্যবহৃত হয়। "যথা" শব্দের যোগেই অধিক ব্যবহৃত হইয়া থাকে]

অর্থতত্ত্ব (ত্ত) [অর্থ—তত্ত্ব (যথার্থ) ৬তৎ] বি, ক্লী, যাথার্থ্য; প্রকৃত বিষয়-নিরূপণ; স্বরূপ। ২। অর্থশাস্ত্র; ধনবিজ্ঞান।

অর্থদূষণ (ন্) [অর্থ—দূষণ (নাশ—অপব্যয়)] বি, ক্লী, ধনের অযথা ব্যয়। ২। পর ধনের অপহরণ, দেয় অর্থ প্রদান না করা প্রভৃতি ব্যসন বিশেষ।

অর্থপর (র্) [অর্থ হইয়াছে পর (প্রধান) যাহার] বিণ, ধনলুব্ধ; অর্থলোলুপ; ধনে আসক্ত। ২। ব্যয়কুণ্ঠিত; কৃপণ।

অর্থপরায়ণ (ন্) [অর্থ হইয়াছে পর (প্রধান) অয়ন (আশ্রয়) যাহার, বহু] বিণ, যে ধন বড় ভালবাসে; কৃপণ।

অর্থপিশাচ (চ্) [অর্থ বিষয়েতে পিশাচ, ৭তৎ] বিণ, যে ব্যক্তি ধর্ম্মাধর্ম্ম বিচার না করিয়া কেবল ধনের জন্যই ব্যগ্র; নিতান্ত ধনলুব্ধ; অত্যন্ত ধনলোভী; ধনলাভের জন্য যে পৈশাচিক বা অতি নীচ এবং নিন্দিত উপায়ও অবলম্বন করিয়া থাকে; কৃপণ।

অর্থপ্রয়োগ (গ্) [অর্থ (ধন) প্রয়োগ, ৬তৎ] বি, পুং, ধন বৃদ্ধির ব্যবস্থা; টাকা খাটান; কুসীদব্যবহার; বৃদ্ধির জন্য ঋণদান ব্যবসায়াদিতে ধন নিয়োগ বা টাকা ফেলা। ২। অভিধা বা তাৎপর্য্যের আরোপ।

অর্থবাদ (দ্) [অর্থ (বস্তু—স্বরূপ) বাদ (কথন) ৬তৎ] বি, পুং, প্রশংসা; গুণকীর্ত্তন; স্তুতিবাদ। ২। স্বাভিপ্রায় প্রকাশ। ৩। ব্যঞ্জনা; স্তুত্যর্থবাদ ও নিন্দার্থবাদ। ৪। আবেদন; petition.

অর্থবান্ [অর্থ (ধন)+বতু (অস্ত্যর্থে)] বিণ, যাহার ধন আছে; ধনী; ঐশ্বর্য্যবান্। ৩। সার্থক; অর্থযুক্ত; সফল। ২। সাভিপ্রায়। ৪। ক্রি-বিণ, যথাপ্রয়োজন।

অর্থবিজ্ঞান (ন্) [অর্থ (শব্দের প্রতিপাদ্য) বিজ্ঞান (জ্ঞান) ৬তৎ] বি, ক্লী, শব্দার্থজ্ঞান; শব্দশক্তি-গ্রহ। ২। সম্পত্তিশাস্ত্র; ধন বিজ্ঞান; Political Economy.

অর্থবিদ্ [অর্থ (অভিধেয়) বিদ্ (জানা)+ক্বিপ, কর্ত্তৃ (উপপদ) যে অর্থ জানে] বিণ, জ্ঞানী; শব্দার্থজ্ঞ; শব্দার্থবিদ্; তত্ত্বজ্ঞ;

অর্থবিনিয়োগ (গ্) [অর্থ—বিনিয়োগ, ৬তৎ] বি, পুং, অর্থ প্রয়োগ দ্রঃ।

অর্থভেদ (দ্) [অর্থের ভেদ, ৬তৎ] বি, পুং, অর্থের বিভিন্নতা। ২। তাৎপর্য্যনিরূপণ।

অর্থলুব্ধ [অর্থ—লুব্ধ, ৬তৎ] বিণ, ধনলোলুপ; ধনলোভী; অর্থগৃধ্নু।

অর্থশাস্ত্র [অর্থ (ধন) শাস্ত্র, ৬তৎ] বি, ক্লী, ধনবিজ্ঞান; সম্পত্তিশাস্ত্র। ২। চতুঃষষ্টিকলা-শাস্ত্র। ৩। রাজনীতি-শাস্ত্র। ৪। নীতিশাস্ত্র। ৫। ব্যবহার-শাস্ত্র। ৬। কৃষিশাস্ত্র। ৭। অর্থ-শাস্ত্র। ৮। শিল্পশাস্ত্র।

অর্থশুচি [অর্থবিষয়েতে শুচি, ৭তৎ] বিণ, অর্থ ব্যবহার সম্বন্ধে যে সাধু; অধর্ম্ম করিয়া যে অর্থোপার্জ্জন করে না; অর্থোপার্জ্জন বিষয়ে যে সৎপথ অবলম্বন করিয়া থাকে।

অর্থশৌচ (চ্) [অর্থ বিষয়ে শৌচ, ৭তৎ] বি, ক্লী, ধন উপার্জ্জন বিষয়ে সাধুতা; সাধুগিরি; সাউকরী।

অর্থসঞ্চয় (—শনচয়্) বি, ধনসংগ্রহ; আয় অপেক্ষা ব্যয় অল্প করিয়া অবশিষ্ট অর্থের সংরক্ষণ।

অর্থসিদ্ধি (—শিধ্‌ধি) [অর্থ—সিদ্ধি, ৬তৎ] বি, স্ত্রী, অর্থ প্রাপ্তির উপায় সাধন; ইষ্টসিদ্ধি; প্রয়োজনসিদ্ধি; কার্য্যসফলতা।

অর্থহর (র্) [অর্থ (ধন) হর (যে হরণ করে)] বিণ, উত্তরাধিকার সূত্রে পৈতৃক ধনভাগী; ধনাধিকারী। ২। তস্কর।

অর্থাগম (ম্) [অর্থের আগম, ৬তৎ] বি, পুং, ধনের আগমন; ধনাগম; বিত্তলাভ; অর্থপ্রাপ্তি; উপার্জ্জন; আয়।

অর্থাৎ [অর্থ (ধনাদি) পঞ্চমীর একবচনান্ত রূপের অনুরূপ অব্যয়। বাঙ্গালাতেও ঠিক সংস্কৃতানুরূপ ব্যবহৃত হইয়াছে] অ, অর্থবশতঃ; প্রয়োজনবশতঃ; তাৎপর্য্যবশতঃ। ২। ফলতঃ; বস্তুতঃ। ৩। মানে।

অর্থান্তর (র্) [অর্থ+অন্তর (অন্য, ভিন্ন)] বি, ক্লী, অর্থভেদ; অভিপ্রায়ভেদ; অন্য অর্থ; দ্বিতীয় অর্থ; অপর অর্থ; কলিতার্থ।

অর্থান্তরন্যাস (র্ ন্যাশ্) [অর্থান্তরের ন্যাস, ৬তৎ] বি, পুং, অর্থান্তর কথন। ২। কাব্যের অলঙ্কার। যে স্থানে সামান্যদ্বারা বিশেষের এবং বিশেষদ্বারা সামান্যের, কার্য্য দ্বারা কারণের এবং কারণ দ্বারা কার্য্যের অর্থাৎ বিষয়ান্তরের উল্লেখদ্বারা প্রস্তাবিত বিষয়ের সমর্থন করা হয় তথায় এই অলঙ্কার হয়। প্র—"কে ছেঁড়ে পদ্মের পর্ণ? কেমনে হরিল ও বরাঙ্গ-অলঙ্কার বুঝিতে না পারি।" —মেঘনাদ। [এখানে পদ্মঘটিত বিষয়ান্তরদ্বারা বরাঙ্গের অলঙ্কার হরণরূপ প্রস্তাবিত বিষয়ের সমর্থন করা হইতেছে]।

অর্থাপত্তি (অর্‌থাপোৎতি) [অর্থ+আপত্তি (প্রাপ্তি)] বি, স্ত্রী, [দর্শন শাস্ত্রে] অনুমানবিশেষ; সুতরাং প্রাপ্তি; সিদ্ধান্ত দ্বারা প্রাপ্তি। ২। [কাব্যালঙ্কারে] প্রস্তাবিত অর্থ, বিষয় বা বর্ণনাদ্বারা অপ্রস্তাবিত কিম্বা অপ্রস্তাবিত দ্বারা প্রস্তাবিত অর্থ, বিষয় বা বর্ণনার উপলব্ধি হইলে তাহাকে অর্থাপত্তি বলে; অন্য বাক্যের কথন ব্যতিরেকেও একটী বাক্যের কথনে যাহার অর্থ প্রাপ্তি বা বোধ হয়; লক্ষণা; fig. metonymy.

অর্থিক (ওর্‌থিক্) [অর্থ+ইন্ (প্রয়োজনার্থে) =অর্থিন+ক স্বার্থে, ন্ লোপ] বি, পুং, যাহার অর্থে প্রয়োজন আছে; যাচক; অর্থী; ভিক্ষুক। ২। অর্থসম্বন্ধীয়। ৩। নিদ্রিত রাজাদিগের নিদ্রাভঙ্গের জন্য নিযুক্ত; বন্দনাকারী বা বন্দী; বৈতালিক।

অর্থিত (ওর্‌থিত) [অর্থ (প্রার্থনা করা)+ক্ত

(কর্ম্মে ক্ত)] বিণ. যাহা প্রার্থনা করা হইয়াছে; যাচিত; প্রার্থিত। ২। যাহার নিকট যাচ্ঞা করা হইয়াছে। ৩। [প্রশ্নার্থেও সংস্কৃতে অর্থ-ধাতুর প্রয়োগ দেখা যায়] পৃষ্ট: জিজ্ঞাসিত।

অর্থিতা, অর্থিত্ব [অর্থিন্+তা] ত্ব—ভাবে, ন্ লোপ। তা—স্ত্রী, ত্ব—ক্লী] বি. ভাব বা ধর্ম্ম। ২। প্রার্থনা: যাচ্ঞা। ৩। অভিলাষ; ইচ্ছা।

(ওর্থি) [অর্থ্ (যাচ্ঞা করা)+ইন (প্রয়োজনার্থে)কর্ত্তৃ] বিণ. প্রয়োজন বশতঃ যে অন্যের নিকট প্রার্থনা করে; যাচক; ভিক্ষুক। ২। ধনবান্: অর্থশালী। ৩। যে বিচারালয়ে ব্যবহার শাস্ত্রমতে কাহারো নামে অভিযোগ করে: বাদী। প্র—
"পাত্রমিত্র অমাত্য আদি,
অর্থী প্রার্থী বাদী প্রতিবাদী।" —রবি।
"সভামধ্যে অর্থী ও প্রত্যর্থীর সম্মুখে সাক্ষী-দিগকে উপস্থিত করাইয়া প্রাড়্বিবাক, প্রিয়-বচনে তাহাদিগকে এই কহিবেন,—তোমরা বাদী ও প্রতিবাদীর উপস্থিত বিষয়ে যাহা জান তাহা সত্য করিয়া বল, যেহেতু তোমাদিগকে এবিষয়ে সাক্ষী মানা গিয়াছে।"
—মনু (রত্নমালা—১ম খণ্ড)।
৪। সহায়। ৫। ভৃত্য।

অর্থে [অর্থ+এ (তে)] নিমিত্তে; জন্য; কারণে।

অর্থোপার্জ্জন (ন্) [অর্থের—উপার্জ্জন, ৬তৎ] বি. ক্লী. ধনসংগ্রহ; আয়করণ; শ্রম বিনিময়ে অর্থলাভ।

অর্থ্য (ওর্থ) [অর্থ+য (সাধু অর্থে)] বিণ. যুক্তিযুক্ত; ন্যায়সঙ্গত; ন্যায্য। ২। [অর্থ+য (অনপেত অর্থে)] অর্থযুক্ত। ৩। [অর্থ+য (কর্ম্মে)] প্রার্থনার যোগ্য; যাহাকে প্রার্থনা করা যাইতে পারে।

অর্দ্দন (ন্) [অর্দ্দ্ (পীড়ন করা)+অন (ট্—ভাবে)] বি. ক্লী. পীড়া; হিংসা; হনন; যুদ্ধ। ২। [অর্দ্দ্ (যাচ্ঞা করা)+অন (ট্—ভাবে)] প্রার্থনা। [অপ্র] ৩। [কর্ত্তৃ—অন (ট্)] বিণ. বিনাশক: হন্তা। প্র—"জয় কেশীমর্দ্দন, কৈটভঅর্দ্দন গোপিকাগণ মোহন।" —অন্নদামঙ্গল।

অর্দ্দিত (ওর্দ্দিত) [অর্দ্দ+ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাকে পীড়ন করা হইয়াছে; পীড়িত; হিংসিত। ২। যাহাকে প্রার্থনা করা হইয়াছে: প্রার্থিত; যাচিত।

অর্দ্ধ (অর্দ্ধ) [ঋধ্ (বৃদ্ধি পাওয়া)+অ (ল—করণে) যাহাদ্বারা বৃদ্ধি পাওয়া পূর্ণ হয়] বি. পুং. অসমাংশ: দুই ভাগের যে কোন ভাগ। তুল:—Two unequal halves, greater half, lesser half. প্র—"বেশী অর্দ্ধেক রাধ, কম অর্দ্ধেক লও।" ৩। ক্লী. সমান অর্দ্ধাংশ; ঠিক অর্দ্ধেক। ৪। বিণ. দ্বিভাগীকৃত: দুইভাগ করা। প্র—অর্দ্ধ-ভূমণ্ডল; গোলার্দ্ধ।

অর্দ্ধক (ক্) [অর্দ্ধ+ক (স্বার্থে)। অর্দ্ধক স্থলে "অর্দ্ধেক" শব্দেরই প্রচলন আছে গ্রা—"অদ্ধেক, আদেক"] বি. ক্লী. অর্দ্ধ।

অর্দ্ধখার (র্) [অর্দ্ধ—খার (খারী+অ) পরি-মাণবিশেষ] বি. ক্লী. খারী পরিমাণের অর্দ্ধাংশ।

অর্দ্ধগঙ্গা [যুবনাশ্বের শাপে অর্দ্ধরূপে কাবেরী নামে তাঁহার এক কন্যা জন্মগ্রহণ করেন এই জন্য কাবেরীর নাম অর্দ্ধগঙ্গা। —মহাভারত। পুনশ্চ—ইহাতে স্নান করিলে গঙ্গাস্নানের অর্দ্ধ-ফল হয় বলিয়া] বি. স্ত্রী. কাবেরী নদী।

অর্দ্ধচন্দ্র [অর্দ্ধ—চন্দ্র, চন্দ্রের অর্দ্ধ, ৬তৎ, অথবা অর্দ্ধ (অর্দ্ধখণ্ড বিশিষ্ট) চন্দ্র (কর্ম্মধা)] বি. পুং. চন্দ্রখণ্ড। ২। [অর্দ্ধচন্দ্রের আকৃতি বলিয়া। প্রাদে] গলাধাক্কা: যাহা গলদেশে প্রদান করিয়া অপরাধীকে বাহির করিয়া দেয়। প্র—"আদর সুরু লাঠি জুতায় শেষে অর্দ্ধচন্দ্র।"
—দ্বিজেন্দ্র রায়।
৩। ময়ূরপুচ্ছের চন্দ্রক; মেচক। ৪। হস্তীর আভরণ বিশেষ। ৫। (অগ্রভাগ অর্দ্ধ চন্দ্রের মতন বলিয়া) বাণ। ৬। স্ত্রীলোক-দিগের কপালের অর্দ্ধচন্দ্রাকার তিলক। ৭। ইস্‌লামীয় পতাকা; মুসলমানদিগের জাতীয় পতাকা।
প্র—"ধুঝিল একাকী,—হইল উজ্জ্বল, যবনের অর্দ্ধচন্দ্র।" —নবীন(খানেশ্বর)।

অর্দ্ধচন্দ্রাকার (র্) [অর্দ্ধ চন্দ্রের ন্যায় আকার যাহার, বহু] বিণ. অর্দ্ধ চন্দ্রাকৃতি; অর্দ্ধ চন্দ্রের আকারে নির্ম্মিত।

অর্দ্ধচন্দ্রাকৃতি (কৃ) [অর্দ্ধ চন্দ্রের ন্যায় আকৃতি যাহার, বহু] বিণ. যাহার আকার অর্দ্ধ চন্দ্রের ন্যায়। অর্দ্ধচন্দ্রাকার দ্রঃ।

অর্দ্ধজরতীয় ন্যায়— বাদী ও প্রতিবাদীর মতদ্বৈধের সামঞ্জস্য রক্ষার্থে একপক্ষের মতের কিয়দংশ ও অন্য পক্ষীয় মতের কিয়দংশ গ্রহণ করাকে পণ্ডিতেরা অর্দ্ধজরতীয় ন্যায় বলিয়া থাকেন। একটী গল্প আছে যে, এক বিষয়-বুদ্ধি-বিহীন বৃদ্ধ ব্রাহ্মণ দুরবস্থায় পতিত হইয়া তাঁহার গাভীটীকে বিক্রয় করিতে হাটে লইয়া যান। মানুষ প্রাচীন হইলে অভিজ্ঞতা ও বহুদর্শিতা হেতু অধিক মূল্যবান হয় বলিয়া, গাভীকেও অধিক মূল্যে বিক্রয় করিবার মানসে, তাহাকে প্রাচীনা বলিতে থাকেন, তাহাতে ক্রেতা আর জুটে না: অবশেষে জনৈক বুদ্ধিমান লোক কর্ত্তৃক গাভীটীকে নবীনা ও এক বিয়ানী বলিতে উপদিষ্ট হওয়ায় তিনি ভাবিলেন একবার প্রাচীনা বলিয়া আবার তাহাকে কিরূপে নবীনা বলা যাইতে পারে—সুতরাং উভয় দিক রক্ষা করিয়া গাভীটাকে অর্দ্ধজরতী ও অর্দ্ধ নবীনা বলাই স্থির করেন। পরে জনৈক ক্রেতা আসিলে ব্রাহ্মণ ঐরূপই বলেন। তাহাতে ব্রাহ্মণকে বিষয়-বুদ্ধিহীন জানিয়া সে গাভীটিকে মূল্য দিয়া লইয়া যায়। ইহাই অর্দ্ধজরতীয় ন্যায়।

অর্দ্ধনারীশ (শ্) [অর্দ্ধ (অর্দ্ধাঙ্গভূত) যে নারী তাহার ঈশ (প্রভু) ৬তৎ] বি. পুং. শিবের মূর্ত্তিভেদ। এই মূর্ত্তি নীলমণির ন্যায় চিক্কণ, ত্রিনেত্র, চতুর্ভুজ, হস্তে পাশ, রক্তপদ্ম, নর-কপাল ও শূল, নানাবিধ ভূষণে ভূষিত, ললাটে অর্দ্ধচন্দ্র।

অর্দ্ধনারীশ্বর (অর্দ্ধনারীশ্শর্) [অর্দ্ধ (অর্দ্ধাঙ্গ) নারী (তাঁহার সহিত) ঈশ্বর (শিব)—এই মূর্ত্তিতে প্রকৃতি পার্ব্বতীরূপে এবং পুরুষ শিবরূপে মিলিত] বি. পুং. হর গৌরীর যুগলমূর্ত্তি। দেবী পুরাণে লিখিত আছে—"ত্রিষষ্টি ভুবনের মধ্যে সপ্ত পাতাল শ্রেষ্ঠ। * * * অষ্টম উপপাতাল সুবর্ণময়। তথায় ভগবান্ অর্দ্ধনারীশ্বর বাস করেন এবং ব্রহ্মাদি তথায় নিত্য ক্রীড়া করেন। ঐ স্থানে বিবিধ মনোহর ভোগ্যবস্তু, দেখিলে দ্বিতীয় কৈলাস পুরী বলিয়া মনে হয়।"

অর্দ্ধপথ (থ্) [অর্দ্ধ—পথিন্ (পথ) কর্ম্মধা] বি. ক্লী. পথের অর্দ্ধ; মধ্যপথ; পথের মধ্যস্থল।

অর্দ্ধপাদ (দ্) [অর্দ্ধ—পাদ] বি. ক্লী. আধফুট পরিমাণ। ২। কপাটের প্রকারভেদ। [শব্দসার]

অর্দ্ধস্ফুট [অর্দ্ধ—স্ফুট (উচ্চারিত)] বিণ. আধ আধ; অর্দ্ধোচ্চারিত। ২। অর্দ্ধবিকশিত; আধফুটা; আধফুটন্ত।

অর্দ্ধবীক্ষণ (ন্) [অর্দ্ধ—বীক্ষন (দর্শন) কর্ম্মধা] বি. ক্লী. অর্দ্ধেক দৃষ্টি। ২। কটাক্ষ; অপাঙ্গ-দর্শন; আড়দৃষ্টি।

অর্দ্ধব্রাহ্মণ (ন্) বি. কেরল-উৎপত্তিতে লিখিত আছে, পরশুরাম সমুদ্রের নিকট স্থান লইয়া কতকগুলি ব্রাহ্মণকে, তদ্দেশবাসিগণের কার্য্যে নিযুক্ত করেন, উহারা অর্দ্ধব্রাহ্মণ। *[ভারতকোষ]।

অর্দ্ধভাক্ [অর্দ্ধ—ভাজ্ (ভজ্=ভজনা করা, ভাগ করা)+(কিপ্) কর্ত্তৃ] বিণ. যে অর্দ্ধাংশ প্রাপ্ত হয়; অর্দ্ধাংশভাগী।

অর্দ্ধভূমণ্ডল (মো, ল্) [অর্দ্ধ (অর্দ্ধাংশ বিশিষ্ট) ভূমণ্ডল (পৃথিবী) কর্ম্মধা] বি. ক্লী. আধুনিক ভূগোলবেত্তারা ভূমণ্ডলকে কাল্পনিক দুইটী ভাগে বিভক্ত করিয়া একভাগকে অর্দ্ধভূমণ্ডল নামে অভিহিত করেন; hemisphere.

অর্দ্ধমাত্রা (অর্‌ধোমাৎত্রা) [অর্দ্ধ—মাত্রা (পরিমাণ)] বি. স্ত্রী. নির্দ্ধারিত পরিমাণের অর্দ্ধ; অর্দ্ধপরিমাণ। ২। ওঁ এই শব্দে ৺ এই চিহ্ন

ব্রহ্মরূপিণী বলিয়া উক্ত। ["অকারো ভগবান্ ব্রহ্মা উকারো বিষ্ণুরুচ্যতে। মকারো ভগবান্ রুদ্রোঽপ্যর্দ্ধমাত্রা মহেশ্বরী॥"—মহেশ্বরী। ৩। [আয়ুর্বেদে] ঔষধের যতটুকু পূর্ণ বয়স্কের এককালে সেবনের বিধি সেই পরিমাণের অর্দ্ধেক; half a doze. ৪। [ব্যাকরণে—"একমাত্রো ভবেদ্ হ্রস্বো দ্বিমাত্রো দীর্ঘ উচ্যতে ত্রিমাত্রস্তু প্লুতো জ্ঞেয়ো ব্যঞ্জনঞ্চার্দ্ধমাত্রকং॥" —মুগ্ধবোধ টীকা।] ব্যঞ্জনবর্ণ, যথা—ক, খ ইত্যাদি। ৫। [সঙ্গীতে—"তালেন যাবতা পাণিঃ পর্য্যেতি জানুমণ্ডলে। সা মাত্রা"] যতটুকু সময় তাল দিবার ছলে হাত উঠাইয়া জানুর উপর ফেলা হয় তাহা পূর্ণমাত্রা, তাহারই অর্দ্ধকাল। এই অর্দ্ধমাত্রা গায়ক ও বাদকের ইচ্ছাক্রমে দ্রুত বা বিলম্বিত হইতে পারে। মাত্র দ্রঃ। অর্দ্ধমাত্রার চিহ্ন ৺ এইরূপ।

অর্দ্ধরাত্র (অরধোরাৎত্র) [অর্দ্ধ (অর্দ্ধপরিমিত) রাত্রি=অর্দ্ধরাত্র (কর্ম্মধা) অথবা রাত্রির অর্দ্ধ ৬তৎ, ই=অ] বি, পুং, মধ্যনিশা; নিশীথ; দুই প্রহর রাত্রি। ব। মহানিশা; রাত্রির অষ্টম মুহূর্ত্ত।

অর্দ্ধলক্ষ্মীহরি (অরধলোক্‌খিঁহোরি) বি, বিষ্ণুমূর্ত্তি ভেদ। [তন্ত্রসার]

অর্দ্ধাংশ [অর্দ্ধ—অংশ, কর্ম্মধা] বি, ক্লী, অংশ বা ভাগের অর্দ্ধ; অর্দ্ধভাগ।

অর্দ্ধাঙ্গ [অর্দ্ধ+অঙ্গ। শাস্ত্রে পত্নীকে অঙ্গের অর্দ্ধ বলিয়াছেন। তুল—the better-half. বাং—পত্নী অর্থে 'অর্দ্ধাঙ্গিনী' শব্দের ব্যবহার সমধিক] বি, সহধর্ম্মিণী; পত্নী; স্ত্রী। ২। অঙ্গের অর্দ্ধ; অর্দ্ধদেহ।

অর্দ্ধার্দ্ধ [অর্দ্ধের—অর্দ্ধ, ৬তৎ] বি, পুং, ংশ; সিকিভাগ। ২। [অর্দ্ধ+অর্দ্ধ] বিণ, দুই সমভাগে বিভক্ত; আধাআধি।

অর্দ্ধার্দ্ধি [অর্দ্ধ-অর্দ্ধ (নিপাতন)] অ, অর্দ্ধেক অর্দ্ধেক; দুই সমান অংশ; আধাআধি।

অর্দ্ধাশন (ন্) [অর্দ্ধ (অর্দ্ধপরিমিত) অশন (ভোজন) কর্ম্মধা] বি, ক্লী, অর্দ্ধেক আহার বা ভোজন; আধপেটা আহার। ২। বিণ, অর্দ্ধভুক্ত; অর্দ্ধেক আহার করিয়াছে এমন।

অর্দ্ধাসন (শন্) [অর্দ্ধ—আসন (বসিবার স্থান বা আধার) ৬তৎ] বি, ক্লী, আসনের অর্দ্ধভাগ। ২। উপবেশনার্থ আসনের অর্দ্ধদানরূপ স্নেহব্যঞ্জক সম্মান। প্র—অর্দ্ধাসন দান করা। [তুল—"এস এস বঁধু এস আধ আঁচলে ব'স।"]

অর্দ্ধেন্দু [অর্দ্ধ (অর্দ্ধপরিমিত) ইন্দু (চন্দ্র) (কর্ম্মধা) কিম্বা ইন্দুর অর্দ্ধ, ৬তৎ] বি, পুং, চন্দ্রের অর্দ্ধভাগ। অর্দ্ধচন্দ্র দ্রঃ।

অর্দ্ধোক্ত [অর্দ্ধ—উক্ত] বিণ, অর্দ্ধ কথিত; অর্দ্ধোল্লিখিত; আধ উচ্চারিত।

অর্দ্ধোক্তি [অর্দ্ধ—উক্তি] বি, স্ত্রী, সম্পূর্ণ না বলিয়া বক্তব্যের অর্দ্ধাংশ কথন। ২। অস্পষ্ট উক্তি।

অর্দ্ধোদয় (য়) [অর্দ্ধ—উদয় দিঙ্মণ্ডলের অর্দ্ধ ভাগে সূর্য্যোদয় কাল, যখন দান এবং স্নানে মহা ফলোদয় হয়] বি, পুং, পৌষ কিম্বা মাঘ মাসের রবিবারে যদি ব্যতীপাত যোগ এবং শ্রবণা নক্ষত্র হয় তবেই অর্দ্ধোদয় নামক যোগ হইয়া থাকে।

অর্দ্ধোদিত [অর্দ্ধ—উদিত] বিণ, অর্দ্ধ প্রকাশিত; যে বস্তু অর্দ্ধ পরিমাণে প্রকাশ পাইয়াছে। ২। অর্দ্ধ উক্ত। ৩। অর্দ্ধাংশ মাত্র উত্থিত।

অর্পণ (ন্) [ণিজন্ত ঋ=অর্পি (প্রেরণ করা+অনট্—ভাবে] বি, ক্লী, দান করা; দেওয়া। ২। স্থাপন; ন্যস্ত করণ; সংস্থাপন।

অর্পণা (না) [অর্পি+অন (ভাবে) স্ত্রী আপ] বি, স্ত্রী, স্থাপনা। ২। দান। অর্পন দ্রঃ।

অর্পণীয় [অর্পণ দ্রঃ] বিণ, অর্পণ করিবার উপযুক্ত বা যোগ্য। স্ত্রী, অর্পণীয়া।

অর্পয়িতা [অর্পি+তৃ (চ) কর্ত্তৃ] বিণ, অর্পণকর্ত্তা; অর্পণকারী; স্থাপয়িতা; প্রদাতা। স্ত্রী, অর্পয়িত্রী।

অর্পিত (ওর্‌পিতো) [অর্পি+ত (কর্ম্মে-ক্ত)] বিণ, কৃতার্পণ। ২। স্থাপিত; ন্যস্ত; বিন্যস্ত। ৩। প্রদত্ত; প্রদানীকৃত।

অর্ব্বাচীন (ন্) [অর্ব্বাচ্ (পশ্চাদর্থে)+ঈন (ভবার্থে)] বিণ, পশ্চাৎ উৎপন্ন; পশ্চাদ্বর্ত্তী; নূতন; অপ্রাচীন; নবীন। ২। যে বিশেষ বুদ্ধির পরিচয় দিতে পারে না; বয়োবৃদ্ধির সহিত যাহার বুদ্ধি পরিপক্ব হয় নাই। ৩। নীচজাতীয়; অধম। [অপ্র। তুল—urchin.]

অর্ব্বুদ (ওর্‌বুদ্) [অর্ব (হিংসা করা)+উদ, সংজ্ঞার্থে] বি, ক্লী, দশ কোটি সংখ্যা। ১০,০০,০০,০০০। ২। রোগ বিশেষ; আব; tumour. ৩। রাজপুতানার অন্তঃপাতী আরাবলী পর্ব্বতশ্রেণীর শৃঙ্গবিশেষ; ৫০০০ ফুট উচ্চ। এখানে বশিষ্ঠাশ্রম থাকায় হিন্দুর ইহা প্রসিদ্ধ তীর্থ ক্ষেত্র। ইহার বর্ত্তমান নাম আবুপর্ব্বত। ৪। জাতিবিশেষ [মহাভারত] ৫। ভ্রূণস্থ মাংসপিণ্ড যাহা ক্রমশঃ বর্দ্ধিত হইয়া সন্তানে পরিণত হয়।

অর্ভক (ক্) [অর্ব (গমন করা, বৃদ্ধি পাওয়া)+অক—সংজ্ঞার্থে; র্ব=র্ভ—যে ক্রমে বৃদ্ধিপ্রাপ্ত হইয়া গমন করিতে পারে] বি, শিশু; বালক। ২। পশুশাবক। ৩। বিণ, ক্ষুদ্র। ৪। স্বল্প। ৫। ক্ষীণ; দুর্ব্বল। ৬। অজ্ঞ; মূর্খ।

অর্ম্মণ (ন্) বি, দ্রোণ-পরিমাণ অর্থাৎ এখনকার ৩২ সের।

অর্য্য (অরজ) [ঋ (গমন করা, পাওয়া)+য (কর্ত্তৃ) যে প্রভুত্ব প্রাপ্ত হয়] বি, পুং, প্রভু; ভর্ত্তা; স্বামী। ২। যে কৃষি কর্ম্মে তৎপর; বৈশ্য। ৩। উত্তম নায়কগুণপ্রাপ্ত। ৪। বিণ, প্রধান; শ্রেষ্ঠ। স্ত্রী, অর্য্যা বা অর্য্যাণী—বৈশ্যজাতীয়া স্ত্রী। অর্য্যী—বৈশ্য-পত্নী।

অর্য্যমা (অরজমা) [ঋ+মন্—কর্ত্তৃ, সংজ্ঞার্থে য আগম, ঋ+অর্=অর্য্য+মন্=অর্য্যমন্—১মা ১বচনে] বি, পুং, যিনি অবিরত গমন করেন; সূর্য্য। ২। দ্বাদশ আদিত্যের মধ্যে একটী আদিত্য। ৩। পিতৃলোকবিশেষ। ৪। বৃক্ষবিশেষ। ৫। আকন্দ গাছ। (সূর্য্যবাচক শব্দমাত্রেই আকন্দ বৃক্ষ বুঝায়)। ৬। উত্তরফল্গুনী নক্ষত্র।

অর্শ (অরশ) বি, ক্লী, মলদ্বারে মাংসাঙ্কুরবৎ যন্ত্রণাদায়ক রোগবিশেষ; the piles; hæmorrhoids. [মলদ্বারে "প্রবাহিণী, বিসর্জ্জনী ও সম্বরণী" নামক শঙ্খাবর্ত্তবৎ বলীত্রয়ে বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, সান্নিপাতিক, রক্তজ ও সহজ এই ছয় প্রকার অর্শ হয় (নিদান)। —ভারতকোষ]।

অর্শান (নো) ক্রি, বর্ত্তানো; প্রাপ্ত হওয়া। 'দোষ অর্শে'=দোষ হয়। প্র—"মহারাজ গোবিন্দ সিংহের বংশ কৃষ্ণপক্ষের চন্দ্রমাবৎ ক্রমে ক্রমে ক্ষয় প্রাপ্ত হ'লে কাছাড়ের সিংহাসন আমাকেই অর্শে।" —দীনবন্ধু মিত্র।

অর্শোঘ্ন (অরুশোঘ্‌ন [অর্শস্ (রোগবিশেষ)—ঘ্ন (হন্=বধ করা)+অ(টক্—কর্ত্তৃ) উপপদ, যে অর্শরোগ নাশ করে] বি, পুং, শূরণ; ওল। ২। অর্শনাশক। স্ত্রী, অর্শোঘ্নী—তালমূলী।

অর্হ (অরহ) [অর্হ্ (যোগ্য হওয়া)+অ (চ্—কর্ত্তৃ)] বিণ, উপযুক্ত; যোগ্য। (বাং—স্বতন্ত্র ব্যবহার বড় নাই; অন্য শব্দের পর যুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে। যথা—দণ্ডার্হ; পূজার্হ)। ২। অর্হ্ (পূজা করা)+(ল—কর্ম্মে) যাহাকে পূজা করা উচিত] পূজ্য; মান্য। ৩। অর্ঘ; মূল্য। (এই অর্থে ইহা বাঙ্গালায় মহৎ শব্দের সহিতই ব্যবহৃত হয়। যথা—মহার্হ)। ৪। ইন্দ্র। ৫। ঈশ্বর।

অর্হণ (ন্) [অর্হ (পূজা করা)+অন (ট—ভাবে)] বি, ক্লী, পূজা। ২। [করণে অনট্, যাহা দ্বারা পূজা করা যায়] পূজার উপকরণ। ৩। গৌরব; সম্মান। ৪। উপযোগিতা; যোগ্যতা।

অর্হণা (না) [অর্হ+ণিচ্=অর্হি+অন (ভাবে) স্ত্রী—আপ্] বি, স্ত্রী, অর্হণ দ্রঃ।

অর্হণীয় [অর্হ+অনীয়, কর্ম্মে] বিণ, পূজ্য; পূজনীয়; অর্চ্চনীয়।

অর্হৎ—বি, জৈন সন্ন্যাসী। ২। জিনের

নামান্তর। ৩। বুদ্ধ। ৪। বৌদ্ধ-সন্ন্যাসী ; ক্ষপণক। ৫। বেঙ্কট ও কুটকের জনৈক রাজা। [ভাগবত]

অর্হা [অর্হ্‌+অ (ভ) স্ত্রী—আপ্‌] বি, স্ত্রী যোগ্যা। ২। পূজ্যা।

অর্হিত [অর্হ্‌+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে পূজা করা হইয়াছে ; অর্চ্চিত ; পূজিত ; সম্মানিত।

অল (ল) বি, স্ত্রী, হুল। ২। বৃশ্চিকপুচ্ছ ; যাহা হুলের মত ফুটায়। ৩। হরিতাল।

অলং—অ, বাংল্য : ইতি। ২। ভূষণ। [বাঙ্গালায় অন্যান্য অর্থে ব্যবহার নাই]।

অলক (ক্‌) [অল্‌ (অলঙ্করণ, শোভা করা)+অক (কর্ত্তৃ)—যাহা (মুখমণ্ডলের) শোভা সম্পাদন করে। চুল কোঁকড়াইয়া কপালে আসিয়া পড়িলে মুখের শোভা হয় বলিয়া সেই-রূপ কোঁকড়া চুলকে, অলক বলে। প্র—"প্রধান-ভঙ্গুরাঃ কেশা অলকাঃ"—অমরটীকা। "অল-কস্তু কর্করালঃ খঙ্গরশ্চূর্ণকুন্তলঃ"—হেমচন্দ্র। তুল—হি, কাকুল (সং—কর্করাল)] বি, পুং, স্ত্রী, স্বভাববক্র ভঙ্গিযুক্ত কেশ ; চূর্ণকুন্তল ; কপোলস্পর্শী কুঞ্চিত কেশ। প্র—"সখী রে ঝলকিয়া অলকেরে চামেলী ও বকুলে, উজলিয়া দেলো মোরে মোহনিয়া ছকুলে।"
—অপূর্ব্ব ব্রজাঙ্গনা।

"অধরে অধরে মিলন অলকে অলকে
কোথা পুলকের তুলনা।" —রবীন্দ্র।

[দ্রঃ—'অলক' নিম্নললাটে বা কপালের কাছে ঝুলিয়া পড়িলে সেই অপেক্ষাকৃত লম্বিত কৃষ্ণবর্ণ চূর্ণকুন্তলের গুচ্ছ মুখকমলে ভ্রমরের ন্যায় শোভা পায় বলিয়া তাহাকে 'ভ্রমরক' বলে। কিন্তু বাঙ্গালায় তাহাও অলক নামে অভিহিত। হিন্দিতেও ভ্রমরক ও অলকে বড় প্রভেদ করা হয় না। হিন্দী অভিধানে আছে, অলক অর্থে—"ঘুঙ্ঘরালে বালোঁকী লট্‌ বো গালোঁ পর্‌ ঝুল্‌তী হায়্‌।" —মানসকোষ]। ২। [অলকের ন্যায় কুঞ্চিত ও তরঙ্গায়িত বলিয়া] মেঘবিশেষের নাম ; অলকমেঘ ; cirrus. ৩। অঙ্গে লিপ্ত কুঙ্কুম। স্ত্রী, অলকা।

অলক, অলকমেঘ (ক্‌ ঘ্‌) [অলকের ন্যায় মেঘ] বি, পুং, যে সকল মেঘ আকাশের অতি উচ্চে অলকগুচ্ছের ন্যায় শোভা পায়, অথবা বিক্ষিপ্ত কার্পাসের মত দৃষ্ট হয় ; cirrus.

অলকস্তর (ক্‌, র্‌) অলকমেঘ ও স্তরমেঘের মধ্যবর্ত্তী মেঘ ; বিচিত্রবর্ণ মেঘ—ইহা অলকাকারে উৎপন্ন হইয়া স্তরমেঘের (ছাড়া ছাড়া মেঘ) সহিত মিলিত হয় ; cirrus stratus.

অলকস্তূপ (ক্‌ প্‌) অলক মেঘ ও স্তূপ ; মেঘের মধ্যবর্ত্তী মেঘ। ইহা অলকাকারে উৎপন্ন হইয়া কৃষ্ণবর্ণ লোমস্তূপের আকারে পরিণত হইতে হইতে অধিকতর কৃষ্ণবর্ণ স্তূপ বা শৈল মেঘের সহিত মিলিত হয় ; cirro cumulus.

অলকা—বি, স্ত্রী, হিমালয় পর্ব্বতোপরি অলকা নন্দানদীতটস্থ কুবেরনগরী। (সুসজ্জিত সুদৃশ্য নগরীর আদর্শ বা দৃষ্টান্ত স্থল)। ২। ৮ হইতে ১০ বৎসর বয়স্কা কন্যা। ৩। শ্বেত আকন্দ। অলর্ক দ্রঃ।

অলকা, অলকাতিলক (ক্‌) **অলকা-তিলকা** [মেয়েরা সম্মুখের চুল কপালে নামাইয়া বা পাড়িয়া চুল বাঁধিলে বলে—'পেটো-পাড়া' (আধু, পাতাকাটা)। হিন্দীতে অলক অর্থে চুলের পাটা, "বালোঁকে পট্টে (পাট্টা) ; ওড়ি—অলকাপাটী," ইহাই 'অলকা' এবং চন্দনাদিদ্বারা তিলপুষ্পের মত নাকে তিলক, কপালে তিলকফোঁটা ও গালে কদম্বপুষ্পাদিবৎ চিত্রকরণের নাম তিলক বা তিলকা। কনেচন্দনে আভাস পাওয়া যায়] বি, চন্দন-কুঙ্কুমাদিদ্বারা মুখের শোভা সম্পাদনার্থ চিত্র-রচনা ; তিলকফোঁটা ; পত্রলেখা। প্র—"অলকা মণ্ডিত মণি মুকুতার পাঁতি।"
—ঘনরাম (ধর্ম্মমঙ্গল)।

"পহিলাহি অলকা তিলকা করি সাজ"
—বিদ্যাপতি।

"বিন্দু বিন্দু গোরোচনা শোভা করে অতি।
অলকা তিলকা রেখা অর্দ্ধ অর্দ্ধ পাঁতি॥"
—কৃত্তিবাস।

অলকাধিপ (প্‌) [অলকা (কুবেরপুরী) অধিপ (রাজা) ৬তৎ] বি, পুং, কুবের।

অলকানন্দা [অলকা—নন্দা] বি, স্ত্রী, গঙ্গো-ত্তরীর নিকটস্থ গঙ্গার চারি ধারার মধ্যে একটী ; অপর তিন ধারার নাম সীতা, চক্ষু ও ভদ্রা। অলকানন্দা ভারতের দক্ষিণ দিক্‌-প্রবাহিণী ও ৭ ভাগে বিভক্ত হইয়া সমুদ্রে পতিত হইতেছে। [পুরাণে] স্বর্গবাহিনী গঙ্গা। গঙ্গা ব্রহ্মলোক হইতে মেরু পর্ব্বতের নিম্নে গঙ্গোত্তরীতে অব-তীর্ণা হইয়া ত্রিধারায় প্রবাহিতা হন। এক ধারা 'অলকানন্দা' স্বর্গনদী (মন্দাকিনী) দ্বিতীয় ধারা 'জাহ্নবী' মর্ত্ত্যনদী এবং তৃতীয় ধারা 'অধোগঙ্গা' (ভোগবতী) পাতালের নদী। ২। অষ্টমবর্ষীয়া কন্যা ; মতান্তরে দশম-বর্ষীয়া।

অলক্ত, অলক্তক (ক্‌) [ন=অ (নাই) রক্ত (রক্তবর্ণ) যাহা হইতে, বহু ; র=ল ; স্বার্থে ক যোগে অলক্তক। তুল—কর্ণাটী —অলতগে, মঃ—অলিতা] বি, পুং, লাক্ষা ; গালা ; জৌ ; lac, the red animal dye. ২। লাক্ষারস ; যাবক ; আলতা।

অলক্তবর্ণ [অলক্ত (আলতা)—বর্ণ] বি, আল্‌-তার রঙ্গ ; crimson.

অলক্ষণ (ন্‌) [ন=অ (নাই) লক্ষণ (শুভসূচক চিহ্ন) যাহাতে, বহু] বিণ, যে চিহ্ন দেখিলে অশুভ ঘটনার সম্ভাবনা মনে হয় ; দুর্ভগ ; কুলক্ষণযুক্ত।
২। লক্ষণহীন। ৩। বি, স্ত্রী, কুলক্ষণ। ৪। মন্দ লক্ষণ ; অশুভ চিহ্ন। স্ত্রী, অলক্ষণা।

অলক্ষণা (না) [ন=অ (নাই) লক্ষণ (শুভচিহ্ন) যাহার, বহু] বিণ, যে স্ত্রীলোকের লক্ষণ ভাল নয় ; যাহার শরীর-চিহ্ন শুভসূচক নয়। প্র—
"তখন যে ধন ছিল এখন সে ধন, তবে মোরে অলক্ষণা কন কি কারণ।" —ভারতচন্দ্র।

অলক্ষণাক্রান্ত—বিণ, অলক্ষণযুক্ত ; অশুভ চিহ্নবিশিষ্ট ; অমঙ্গলসূচক।

অলক্ষণে (অলোক্‌খোনে) [সং—অলক্ষণীয়া গ্রাম্য উচ্চারণবিকারজ ব্যবহারে, **অলোক্ষুণে, ওলুক্ষুণে**] বিণ, অল-ক্ষণাক্রান্ত। ২। অমঙ্গলজনক ; বিপদজনক। অশুভ। প্র—এমন অলক্ষণে কথা কখন শুনি নাই। এমন অলক্ষণে ছেলেও কখন দেখি নাই।

অলক্ষিত (ল) [ন=অ+লক্ষিত (লক্ষ+ত (কর্ম্মে ক্ত) নঞ্‌ তৎ] বিণ, যাহা লক্ষিত হয় নাই ; অদৃষ্ট ; অনিরীক্ষিত+২.। অজ্ঞাত। ৩। অতর্কিত। ৪। অকৃতলক্ষণ। ক্রি-বিণ, **অলক্ষিতে, অলক্ষিতভাবে**—অতর্কিত বা অসতর্ক অবস্থায়। ২। অজ্ঞাতসারে। ৩। দৃষ্টির অগোচরে।

অলক্ষ্মী (অলক্‌খি, খিঁ) [ন=অ (বিরুদ্ধ)] বি, স্ত্রী, লক্ষ্মীর বিরোধিনী দেবতা ; আলক্ষ্মী, দুষ্টলক্ষ্মী ; দুর্ভাগ্যের অধিষ্ঠাত্রী দেবতা ; যে দেবতার আবির্ভাবে দুরবস্থার শেষ থাকে না। [পুরাণে] সমুদ্রমন্থনকালে লক্ষ্মীর জ্যেষ্ঠা ভগিনী অলক্ষ্মীর উৎপত্তি হয়। দেবাসুর মধ্যে কেহই তাঁহাকে গ্রহণ করিতে সম্মত না হইলে দুঃসহ নামে জনৈক মহাতপা ব্রাহ্মণ তাঁহাকে পত্নী-রূপে গ্রহণ করেন। তিনি কৃষ্ণবর্ণা, দ্বিভুজা, কৃষ্ণবস্ত্র-পরিধানা, লৌহাভরণভূষিতা, শর্করা-(কাঁকর) চন্দনচর্চ্চিতা, গৃহসম্মার্জ্জনী-(ঝাঁটা) হস্তা, গর্দ্দভারূঢ়া এবং কলহপ্রিয়া। [লিঙ্গপুরাণ]
২। দুর্ভাগ্য ; দুরবস্থা। **অলক্ষ্মীর দশা**—শ্রীহীনতা ; দারিদ্র্য ; আকখুটেপণা। —অভাব ; অনাটন ; সংসারের দারিদ্র্য, যে অবস্থায় কোন কিছুই বাঁচান যায় না।

অলক্ষ্মীক (ক্‌) [ন=অ (নাই) লক্ষ্মী (শ্রী) যাহার—বহু, ক—যোগ] বিণ, ২। যাহার শরীরের সৌন্দর্য্য নাই, যাহার সম্পদ নাই ; নির্ধন। ৩। যে লোক প্রিয়দর্শন নয় ; অপ্রিয় ; অলক্ষ্মীর লক্ষণযুক্ত। প্র—"যে ব্যক্তি লোকের মর্ম্মপীড়ক পরুষভাষী ও বাক্যরূপ

কণ্টক দ্বারা অন্তের হৃদয় বিদ্ধ করে তাহাকে অলক্ষ্মীক বলে। তাহার মুখে অলক্ষ্মীর চিহ্ন সুস্পষ্ট প্রতীয়মান হয়।"—মহা-সিংহ।

অলক্ষ্য [ন=অ-লক্ষ্য, নঞ্ তৎ] বিণ, যাহাকে দৃষ্টির গোচর করা যায় না ; অদৃশ্য ; অগোচর। ২। অচিহ্নিত ; অনির্ণেয় ; অনিরূপণীয়। ৩। অনুদ্দিষ্ট।

অলক্ষুণে (অলোক্খুনে) [অলক্ষণ+ইয়া (আক্রান্ত অর্থে) সঙ্কুচিত আকার] বিণ, অপয়া ; অশুভচিহ্নযুক্ত ; কুচিহ্ন বিশিষ্ট ; অশুভ। [অলক্ষণে দ্রঃ]।

অলখিতে [অলক্ষ্য শব্দজ] ক্রি-বিণ, অলক্ষ্যভাবে ; গোপনে ; অগোচরে।—"অলখিতে মোহে হেরি বিহসলি থোরি"—বিদ্যাপতি। "কি লিখি পুঁথিতে অলখিতে হায়, দেবতা গেলেন চলি।"—আবুবেন (সত্যেন্দ্রনাথ দত্ত)। "অলখিতে আওল কান" —বিদ্যাপতি।

অলগর্দ্দ, অলিগর্দ্দ (ওলিগাদ) বি, কেউটে সাপ। ২। জল ঢোঁড়া সাপ।

অলঘু (অলোঘু) [ন=অ—লঘু, নঞ্ তৎ] বিণ, যাহা লঘু নয় ; গুরু ; দুর্ভর। ২। বিলম্বিত ; অশীঘ্র। ৩। প্রবল। ৪। গুরুবর্ণ ; আকারাদি স্বর।

অলঙ্করণ (ন্) [অলম্ (ভূষিত) কৃ (করা)+অন (ট্—করণে)] বি, ক্লী, যাহা দ্বারা ভূষিত করা হয় ; আভরণ : ভূষণ ; অলঙ্কার ; বলয়কুণ্ডলাদি। ২। [ভাবে অন-(ট্) ভূষা বিধি ; অলঙ্কার ধারণ ; অলঙ্কারে সজ্জিত করণ ; প্রসাধন।

অলঙ্কর্ত্তা [অলং কর্ত্তা কৃ+তৃ (চ্)=অলঙ্কর্ত্তৃ ১মা ১ বচনে অলঙ্কর্ত্তা] বিণ, যে অলঙ্কার দ্বারা সজ্জিত করে ; প্রসাধক।

অলঙ্করিষ্ণু [অলম্—কৃ+ইষ্ণু (কর্ত্তৃ)] বিণ, যে অলঙ্কৃত করে ; অলঙ্কর্ত্তা ; প্রসাধনশীল।

অলঙ্কার (র্) [অলম্ (অলঙ্করণ, ভূষণ—কৃ (করা)+অ (ঘঞ্-করণে)] বি, পুং, যাহা দ্বারা শরীর অলঙ্কৃত করা হয় ; আভরণ ; ভূষণ; প্রসাধন। ২। অলঙ্কার শাস্ত্র ; কাব্যালঙ্কার। [স্বর্ণ, মণি-মুক্তাদি অলঙ্কার এবং দয়া, দাক্ষিণ্য, ভক্তি, বিনয়াদি গুণ যেমন নর-নারীর সৌন্দর্য্য ও মাধুর্য্য বৃদ্ধি করে, ছন্দঃ, অনুপ্রাস, যমকাদি শব্দ বিন্যাস ও শব্দ বৈচিত্র্য, উপমা, রূপকাদি অর্থবৈচিত্র্য এবং ওজঃ, মাধুর্য্যাদি গুণ কাব্যের উৎকর্ষ ও চমৎকারিত্ব সম্পাদন করে বলিয়া উহারা কাব্যের **অলঙ্কার** অর্থাৎ কাব্যরূপ পুরুষের অঙ্গভূষণ এবং যে শাস্ত্রে এই অলঙ্কারের বিষয় সম্যক্ ব্যাখ্যাত হয় তাহার নাম অলঙ্কার শাস্ত্র]।

অলঙ্কৃত [অলং-কৃ+ত (কর্ম্মে)] বিণ, যাহাকে ভূষণ দ্বারা ভূষিত করা হইয়াছে ; সজ্জিত ; ভূষিত।

অলঙ্ক্রিয়া (অলংকৃআ) [অলম্—কৃ+অ (ক্যাপ্-ভাবে)] বি, স্ত্রী, ভূষিতকরণ ; অলংকরণ ; সজ্জাকরণ।

অলঙ্ঘন (অলংঘন্) [ন=অ-লঙ্ঘন, নঞ্ তৎ] বি, ক্লী, লঙ্ঘন না করণ ; অতিক্রম না করণ ; অনতিক্রম ; অনতিবর্ত্তন।

অলঙ্ঘনীয় [ন=অ-লঙ্ঘনীয়, নঞ্ তৎ] বিণ, যাহা লঙ্ঘন করা উচিত নয় ; অনতিক্রমণীয়। ২। অবশ্য প্রতিপাল্য বা রক্ষণীয়।

অলঙ্ঘ্য (অলোংঘো) [ন=অ-লঙ্ঘ্য, নঞ্ তৎ] বিণ, যাহা লঙ্ঘন বা অতিক্রম করা যাইতে পারে না ; লঙ্ঘনের অযোগ্য ; অনতিক্রম্য। প্র-"অলঙ্ঘ্য সাগর লঙ্ঘি, উতরিনু যবে লঙ্কাপুরে।" -মেঘনাদ।

অলজ্জ [ন=অ (নাই) লজ্জা যাহার, বহু] বিণ, নির্লজ্জ ; লজ্জাশূন্য ; ধৃষ্ট।

অলঞ্জর (অলন্জর্) [অলম্ (শীঘ্র) জৄ (জীর্ণ হওয়া)+অ (ল্-কর্ত্তৃ) যাহা অল্প দিনে জীর্ণ হইয়া যায়] বি, পুং, মৃন্ময় জলপাত্র ; কলসী ; জালা। (তুল-ইং-jar)।

অলদে (ল্) [আ-বল্দ্ (পুত্র) মূল ভাষায় উচ্চারণকালে দ'য়ে লঘু একার যুক্ত করা হয়] বি, অমুকের পুত্র ; son of (ওলদে দ্রঃ)। • বহুবচনে অলদান [আ, বাল্দান্]।

অলপ [অল্প শব্দের কোমলরূপ, পদ্যে] বিণ, অল্প।

প্র-"সো যদি জানিতাম, অলপ ইঙ্গিতে
তবে কি এমন করি।"
-চণ্ডীদাস।

"ধনী অলপ-বয়সী বালা!" -বিদ্যাপতি।

অলবড্যা (অল্বোড্যা, -ডে) [প্রাদে] বিণ, দীর্ঘসূত্রী ; নিড়্বিড়ে ; অগোছাল। প্র-"মেয়ে বড় অলবড্যা" -টেক্‌চাঁদ।

অলবড়ে (অল্বোড়্ড়ে) [প্রাদে। সং-অলং (অল্পার্থে) বুদ্ধি-অপভ্রংশ বডিড+আ (বিশিষ্টার্থে) অল্পবুদ্ধি বিশিষ্ট] বিণ, অগোছাল ; এলোমেলো। ২। নির্বুদ্ধি ; অপক্কবুদ্ধি ; হাব্লা।

অলব্ধ [ন=অ-লব্ধ, নঞ্ তৎ] বিণ, যাহা লাভ করা হয় নাই ; অপ্রাপ্ত ; অনধিগত।

অলভ্য (অলোভ্ভ) [ন=অ-লভ্য, নঞ্ তৎ] বিণ, যাহা লাভ করিতে পারা যায় না ; অপ্রাপ্য। ২। যাহার তত্ত্ব পাওয়া যায় না ; অনধিগম্য।

অলম্বুদ্ধি [অলং (আধিক্যার্থে) বুদ্ধি] বি, পরিতোষ ; ভরপূর ভাব।

অলম্বুষ (ষ্) [অলম্ (অতিশয়) বুস্ (ক্ষতি করা)+অ, কর্ত্তৃ, সংজ্ঞার্থে] বি, পুং, যে সাধারণের অনেক ক্ষতি করে। ২। রাক্ষস বিশেষ (কুরুক্ষেত্রে অভিমন্যুর সহিত মায়া-যুদ্ধে পরাস্ত হইয়া পলায়ন করে, শেষে ঘটোৎকচের হস্তে নিহত হয়)। স্ত্রী, **অলম্বুষা**। ৩। কুরুক্ষেত্র যুদ্ধে সাত্যকির হস্তে নিহত জনৈক রাজা। ৪। তীর্থবিশেষ।

অলম্বুষা—অপ্সরাবিশেষ ; কশ্যপপত্নী প্রধার-গর্ভজা ও সূর্য্যবংশীয় তৃণবিন্দু রাজার পত্নী এবং বৈশালী নগরীর স্থাপনকর্ত্তা বিশালদেব, শূন্যবন্ধু ও ধূমকেতুর জননী। ২। লজ্জাবতী লতা। ৩। ভুঁই কদম। ৪। কুকশিম। ৫। গণ্ডী বা অন্যের প্রবেশনিবারক রেখা।

অলর্ক [অল্ (অতিশয়) অর্ক্ (স্তুতি করা) +অ (কর্ম্মে)—দংশন ভয় নিবৃত্তির জন্য যে স্তুত হয়, কিম্বা অল্ (অতিশয়) অর্ক (যে গমন করে)] বি, পুং, ক্ষিপ্ত কুক্কুর। ২। শূকরের মত আকৃতি অষ্টপদ, তীক্ষ্ণদন্ত লোমশ পশুবিশেষ। ৩। অসুরবিশেষ [দংশ-নামক অসুর ভৃগুর অভিশাপে অষ্টপদবিশিষ্ট অতি তীক্ষ্ণদন্ত ভয়ঙ্কর আকৃতি ধারণ করিয়া, অলর্ক নামে খ্যাত হইয়াছিল। —মহা] ৪। চন্দ্রবংশীয় প্রতর্দ্দনের পুত্র, মদালসার গর্ভজ, ইনি লোপামুদ্রার বরে দীর্ঘজীবী হইয়া ৬৬০০০ বৎসর রাজত্ব করেন বলিয়া উক্ত [পুরাণ] ৫। কাশীরাজ বৎসের পুত্র। ৬। শ্বেত আকন্দ ; calotropis gigantea.

অলল (অলল্) [আদাঃ পরিঃ] বিণ, অনির্দ্দিষ্ট।

অলস, আলস (শ্) [ন=অ—লস্ (সংশ্লিষ্ট হওয়া)+অ (অল্—কর্ত্তৃ) যে কোন বিষয়ে সংশ্লিষ্ট হয় না] বিণ, আলস্যাশ্রিত ; জড় ; শ্রমবিমুখ ; কার্য্য করিবার উৎসাহশূন্য। প্র—"সকল কার্য্যের উদ্যোগের হেতু উৎসাহ (ইহা জীবের ধর্ম্মবিশেষ) সেই উৎসাহহীন যে মনুষ্য সে অলস।" —পুরুষপরীক্ষা। ২। [গমনাগমন ক্লেশকর হয় বলিয়া] ক্রমাগত জল লাগিয়া পায়ের হাজা রোগ ; পাঁকুই। ৩। [দুর্ব্বল এবং অবসাদগ্রস্ত করে বলিয়া] অজীর্ণ রোগ। স্ত্রী, **অলসা**—হংসপদীলতা ; গোয়াল লতা। বি, **অলসতা, অলসত্ব**—আলস্য। বিণ, **অলসিয়া, আলসিয়া** (সংক্ষেপে আল্সে)—আলস্যযুক্ত। **অলস-পরতন্ত্র**—বিণ, আলস্যপরায়ণ। **অলস-প্রকৃতি**—বিণ, স্বভাবতঃ শ্রমবিমুখ বা কুঁড়ে। **অলস-বিন্যস্ত**—বিণ, শিথিল-ভাবে সজ্জিত।

অলাত (ত্) [ন=অ—লা (গ্রহণ করা)+ত (কর্ম্মে—ক্ত) সংজ্ঞার্থে, যাহা গ্রহণ করা যায় না] বি, ক্লী, জ্বলন্ত অঙ্গার ; অর্দ্ধদগ্ধ কাষ্ঠ। ২। নির্ব্বাপিত কয়লা ; পোড়া কয়লা। (অলাতশিলা দ্রঃ)।

অলাত চক্র [অলাত (অঙ্গার) চক্র] বি, ক্লী, চক্রাকার অগ্নি ; জ্বলন্ত কাষ্ঠাঙ্গার সজোরে ঘুরাইতে থাকিলে যে বহ্নিচক্রবৎ দৃষ্ট হয় তাহা।

অলাতশিলা [অলাত (অঙ্গার) শিলা (পাষাণ—প্রস্তরবৎ)] বি. স্ত্রী. পাথুরে কয়লা

অলাবু [ন=অ (না) লব্ (জলে মগ্ন হওয়া +উ (কর্ত্তৃ. সংজ্ঞার্থে)] বি. স্ত্রী. যাহা জলে মগ্ন হয় না ; লাউ ; তুম্বী ; cagenaria vulgaris ; a white pumpkin ; gourd.

অলাভ (ভ্) [ন=অ—লাভ, নঞ্ তৎ] বি. পুং. লাভের অভাব ; অপ্রাপ্তি ; না পাওয়া ২। ক্ষতি ; নোকসান।

অলি (ওলি) [অল্ (ভূষিত করা +ই (কর্ত্তৃ. সংজ্ঞার্থে) যে পুষ্পের শোভা বর্দ্ধন করে] বি. পুং. ভ্রমর। স্ত্রী. **অলিনী** শব্দের ব্যবহার পাওয়া যায়।

প্র—"সঙ্গেতে অলিনী „ নিচল নলিনী
না জান বিরহ ব্যথা।"
—কবিকঙ্কণ

২। [অলিবৎ কৃষ্ণবর্ণ বলিয়া] কোকিল কাক। [অপ্র]
৩। [অল (বৃশ্চিকের হুল) +ই (অস্ত্যর্থে)] বৃশ্চিক। ৪। [বৃশ্চিক হইতে] বৃশ্চিক রাশি। ৫। মদ্য।

অলি (ওলি) [আ. বলি (অভিভাবক)] বি. নাবালকের অভিভাবক ; রক্ষক।

অলিঅছি (ওলিওছি) [আ. বলি (অভিভাবক ; বালিদা=মাতা) +অছি (আ. বসী=অভিভাবক ; guardian and administrator স=ছ)। তুল—তুর্কী, অচী=বড় ভাই, তাহা হইতে অভিভাবক] বি. মাতা অভিভাবক ; কোন নাবালকের মাতা তাহার অভিভাবক হইলে মাতাকে অলিঅছি বলে।

অলিকুল (ওলিকুল) [অলি+কুল (বহুবচনে)] বি. ভ্রমরসমূহ।

অলিকুলসঙ্কুল (ওশংকুল্) [অলিকুল (দ্বারা) সঙ্কুল (পরিব্যাপ্ত) ৩তৎ] বিণ. ভ্রমরাবৃত। ২। কুব্জকবৃক্ষ ; গোলাপ ফুলের গাছ।

অলিগলি (ওলিগোলি) [সং—বলীক (চালের প্রান্তভাগ, ছাঁচ। "বলীকনীধ্রে পটলপ্রান্তে"—অমর) শব্দের অপভ্রংশে অলি+(হিঃ) গলি (সুঁড়িপথ)। অলিগলি পরস্পর সহচর শব্দ। তুল—"গলি ঘুঁজি"] বি. কাছাকাছি অবস্থিত একাধিক সরু পথ ; সরু সরু রাস্তা ; সংকীর্ণপথ। প্র—ছদ্মবেশে কতকাল মাসিক পত্রের অলিতে গলিতে * * * ভ্রমিবে।"
—অশোকগুচ্ছ।

অলিজিহ্বা (ওলিজিব্‌ভা, ওলিজ্জিভা) [অলি (অল=বৃশ্চিকলাঙ্গুল+ই, সাদৃশ্যার্থে—অর্থাৎ বৃশ্চিকলাঙ্গুলবৎ) জিহ্বা, শব্দোচ্চারণে জিহ্বার সহায়ক এবং জিহ্বার ন্যায় বলিয়া অথবা, অলি (দ্বিরেফ—তাহার রেফের মত) অথবা, বলীক (পটলপ্রান্তে—তাহা হইতে প্রান্তস্থ) অপভ্রংশে অলি+জিহ্বা] বি. স্ত্রী. জিহ্বামূলের উপরিস্থিত এবং তালুর প্রান্ত হইতে লম্বমান ক্ষুদ্র কোমল মাংসখণ্ড ; আল্‌জিভ ; uvula. [দ্রঃ—অলিজিহ্বা অমরাদি প্রাচীন সংস্কৃত অভিধানে নাই। শব্দকল্পদ্রুমে শব্দরত্নাবলী হইতে উদ্ধৃত হইয়াছে। সম্ভবতঃ ইহা প্রাদেশিক শব্দ আল্‌জিভ (আল অর্থাৎ হুল বা মোচার সূক্ষ্মাগ্রের মত, cone) হইতে সংস্কৃত করিয়া অলিজিহ্বা হইয়াছে]

অলিঞ্জর (ওলিন্‌জর্) [অলি (শীঘ্র) জর (যাহা ভাঙ্গিয়া যায়। ম্—আগম] বি. জালা। অলঞ্জর দ্রঃ।

অলিন্দ (ওলিন্দ) [অল্ (ভূষিত করা) + ইন্দ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)—যাহা দ্বারা গৃহ শোভিত হয়] বি. পুং. দ্বারের সম্মুখস্থ চাতাল ; বারাণ্ডা ; প্র—"সাজাইয়া শতবাজী বিবিধ সাজনে, মন্দুরা হইতে আনে অলিন্দের কাছে, আনন্দে" —মেঘনাদ।

অলী (ওলি) [অল্ (গমন করা—ভূষিত করা) +ইন্ (কর্ত্তৃ, ণিন্) সংজ্ঞার্থে—যে সততই মধু অন্বেষণে উড়িয়া বেড়ায় কিম্বা যে কুসুমে মধুপান করিতে বসিয়া তাহার শোভা বৃদ্ধি করে বা তাহাকে ভূষিত করে] বি. পুং. ভ্রমর ; মধুকর ; মধুপ। প্র—"আর কি পরে লো কভু ফুলহার ব্রজকামিনি, অলীবঁধু তার কে আছে রাধার হতভাগিনি !"—ব্রজাঙ্গনা। ২। [অল (হুল) +ইন্ (অস্ত্যর্থে) যাহার হুল আছে] বৃশ্চিক ; বিছা। [আলী দ্রঃ]

অলিপিজ্ঞ (অলিপিগ্‌গঁ) [ন=অ—লিপিজ্ঞ (লিপিজ্ঞান বিশিষ্ট)] বিণ. লিখনপঠনজ্ঞান রহিত ; মূর্খ ; illiterate.
স্ত্রী. **অলিপিজ্ঞা**।

অলিপ্ত [ন=অ—লিপ্ত] বিণ. যাহা লিপ্ত নয় ; জড়িত নয়। ২। সংস্রবহীন।

অলীক (অক্) [অল (নিবারণ করা) +ঈক (ন—অপাদানে) যাহা হইতে লোক নিবারিত হয়] বি. ক্লী. অসত্য ; মিথ্যা। ২। বিণ. অমূলক। ৩। অপ্রামাণিক। ৪। বৃথা গর্ব্বিত ; অহঙ্কৃত। ৫। অপ্রিয়। ৬। অল্প। ৭। অসার। বি. **অলীকতা**—অসত্য ; মিথ্যা। ২। বৃথাগর্ব্ব ; অহঙ্কার। ৩। অসারতা।

অলোকনীয় [ন=অ—লোকনীয়, নঞ্ তৎ] বিণ. অদর্শনীয় ; অদৃশ্য।
স্ত্রী. **অলোকনীয়া**।

অলোকসাধারণ (অলোক্‌-সাধারোন্) [লোকের মধ্যে সাধারণ—লোকসাধারণ, ৭মী তৎ, ন=অ—লোকসাধারণ, নঞ্‌তৎ] বিণ. মনুষ্যলোকে সাধারণতঃ যাহা দেখা যায় না ; জগতে সচরাচর যাহা ঘটিতে দেখা যায় না ; অসাধারণ। [সমঃ—ইহলোকে সচরাচর যাহার অভাব বা যাহা নাই তাহা অলোকসাধারণ। সাধারণ লোকের মধ্যে যাহা নাই বা যাহার অভাব দৃষ্ট হয় তাহা অসাধারণ। অলৌকিক, অলোকসামান্য দ্রঃ]

অলোকসামান্য (অলোক্‌শামান্ন) [লোকমধ্যে সামান্য—৭তৎ, ন=অ—লোকসামান্য, নঞ্ তৎ] বিণ. অলোকসাধারণ দ্রঃ। [সম :—যাহা ইহলোকে সমান পরিমাণে নাই তাহা অলোকসামান্য। যাহা ইহলোকে সাধারণের মধ্যে নাই তাহা অলোকসাধারণ। অসামান্য—যাহা সকলের বা অনেকের মধ্যে সমান পরিমাণে নাই। অলৌকিক দ্রঃ।]

অলোকসুন্দর (ক্, র্) বিণ. অসামান্য সুন্দর। স্ত্রী. **অলোকসুন্দরী**।

অলোকিত [ন=অ—লোকিত (দৃষ্ট)] বিণ. অন্যের দৃষ্টির অতীত ; অদৃষ্ট।
স্ত্রী. **অলোকিতা**।

অলৌকিক (ক্) [ন=অ (নাই) লোক (জগৎ) +ইক (ন্) সংসৃষ্টার্থে, নঞ্ তৎ] বিণ. যাহা লোকে সম্ভাবিত নহে ; পৃথিবীতে যাহা নাই ; লোকাতীত ; যাহা মানুষে সম্ভব নয় ; অমানুষিক। প্র—"কিয়ৎক্ষণ পরে দেখিতে পাইলাম, এক অলৌকিক রূপলাবণ্যে পরিপূর্ণা কামিনী * * * তাঁহাকে দেখিলে বোধ হয়, যেন কমলাদেবী ভূমণ্ডলে অবতীর্ণা হইয়াছেন।" —বিদ্যাসাগর (সী-ব)। ২। [ন=অ—লোক (মনুষ্য) –] যে লোকব্যবহারে অভিজ্ঞ নয় ; লোকের প্রতি কিরূপ সামাজিক আদান প্রদান বা আচার ব্যবহার করিতে হয়, তাহা যে জানে না ; লোকাচার-পদ্ধতি-জ্ঞানহীন। [সম :—অলৌকিক – যাহা এ লোকে বা এ জগতে নাই। লোকাতীত যাহা এ লোককে অতিক্রম করিয়া ঊর্দ্ধ বা উন্নততর লোকে সম্ভব। অতিলৌকিক যাহা লোকচরিত্র বা মনুষ্যচরিত্র অতিক্রম করিয়াছে, যাহা লোকশক্তির অতীত এবং মানববুদ্ধির অগম্য। অলোক-সাধারণ, অলোক-সামান্য, অসাধারণ ও অসামান্য দ্রঃ]

অলৌকিকতা [ন=অ—লৌকিক+তা (ভাবে)] বি. স্ত্রী. লোকাতীতের ভাব ; চমৎকারজনকতা। ২। লোকব্যবহারে অনভিজ্ঞতা। লোক ব্যবহারে অনাদর।

অল্প (অল্‌প, অল্‌পো) [অল্ (নিবারণ করা) + প—কর্ত্তৃ। গ্রাম্য উচ্চারণ **অপ্পো**। পালি 'অপ্পো' হইতে। পদ্যে কোমলরূপ—অলপ] বিণ. ক্ষুদ্র ; সামান্য ; তুচ্ছ ; ঈষৎ ; কম। ২। অনুদার ; সঙ্কীর্ণ ; লঘু। প্র—এই লোকটা বড়ই অল্পপ্রাণ। **অল্পজলের মাছ**—ক্ষুদ্রপ্রাণ। ২। সামান্য অবস্থাপন্ন ; অল্প পুঁজির লোক। ৩। যে গভীর পাণ্ডিত্য অর্জ্জন করে নাই ; যাহার বিদ্যা সামান্য।

অল্প অল্প—[বারাধিক্যে দ্বিত্ব] বিণ. পরিমাণে অনধিক কিন্তু বারে অধিক ; কম কম ; ঈষৎ ; একটু একটু। ২। সামান্য। প্র—"অল্প অল্প বৃষ্টি পড়িতেছে।" ৩। ক্রি-বিণ. একটু একটু করিয়া ; কম কম করিয়া ; অল্পশঃ।

অল্পক (ক্) [অল্প+ক (অল্পার্থে)] বিণ. ক্ষুদ্র ; নীচ।

অল্পকাল (অল্‌পোকাল্) বি. অল্পসময়। ২। অল্পবয়স। প্র—"মর্ত্ত্যের দুর্ল্লভ দেখ মনুষ্য জনম। অল্পকালে মোরে ভাই ডাকা দিল যম॥" —কবিকঙ্কণ।

অল্পক্ষণ (ন্) [অল্প—ক্ষণ (সময়)] বি. কিয়ৎক্ষণ ; ক্ষণকাল।

অল্পচেতাঃ, অল্পচেতা [অল্প (ক্ষুদ্র, হাল্‌কা) চেতস্ (মনঃ) যাহার, বহু—অল্পচেতস্ ১মা ১বচনে অল্পচেতাঃ] বিণ. লঘুচেতাঃ ; ক্ষুদ্র-প্রাণ ; অনুদার বা সঙ্কীর্ণ হৃদয়।

বিন্ শব্দ, ১মা, ১ব] বিণ. যে অল্পদিন বাঁচে ; অল্পায়ু। স্ত্রী. **অল্পজীবিণী**।

অল্পজ্ঞ (অল্‌পগ্‌গ্যঁ) [অল্প—জ্ঞা (জানা)+অ (ড) কর্ত্তৃ] বিণ. যে অল্প জানে ; সামান্য বা সাধারণ জ্ঞানবিশিষ্ট ; যে কোন বিষয়ে পারদর্শী নয়। ৩। মূর্খ ; নির্ব্বোধ।

অল্পতনু (তোনু) [অল্প—তনু (শরীর) যাহার—বহু] বিণ. হ্রস্বদেহ ; বামন ; খর্ব্বাকৃতি ; বেঁটে। ২। ক্ষীণজীবী ; দুর্ব্বল।

অল্পদর্শী (অল্পদোর্শি) [অল্প—দৃশ্+ইন্ (ণিন্)=অল্পদর্শিন্ ১মা ১বচনে অল্পদর্শী] বিণ. যে পরিণাম দর্শন করে না ; ভবিষ্যতে কি হইবে তাহা যে চিন্তা করে না ; অদূরদর্শী। ২। অনভিজ্ঞ। বি. **অল্পদর্শিতা**।

অল্পধী [অল্প হইয়াছে ধী (বুদ্ধি) যাহার, বহু] বিণ. যাহার বুদ্ধিবৃত্তি কম ; অল্পমতি ; অল্প-জ্ঞান বা বুদ্ধি ; কমবুদ্ধি। (তুল—ফা. কম-বখৎ)।

অল্পপ্রমাণক (প্রোমানক্) [অল্প হইয়াছে প্রমাণ (পরিমাণ) যাহার ; বহু—ক যোগ] বিণ. যাহার পরিমাণ কম ; ক্ষীণ পরিমাণ। ২। খর্ব্বাকৃতি ; ক্ষুদ্র ; খাটো। ৩। অল্পপ্রমাণবিশিষ্ট।

অল্পপ্রাণ (ন্) [অল্প হইয়াছে, প্রাণ (ক্ষমতা বা সামর্থ্য) যাহার] বিণ. যাহার ক্ষমতা কম ; ক্ষীণশক্তি। ২। সংকীর্ণ হৃদয় ; অনুদার। ৩। কৃপণ। ৪। খুঁৎখুঁতে। ৫। ক্ষীণজীবী। ৬। অল্পপ্রাণ বায়ু সাহায্যে উচ্চারিত বর্ণ। বর্গের ১ম, ৩য়, ৫ম বর্ণ এবং য র ল ব ইহারা অল্পপ্রাণ।

অল্পবয়স্ক (শ্‌ক) [অল্প—বয়স্ যাহার, বহু—(বিশিষ্টার্থে) ক যোগ] বিণ. যাহার বয়স্ কম ; অনধিকবয়স্ক ; নাবালক। স্ত্রী. **অল্পবয়স্কা**।

অল্পবিদ্যা—বি. সামান্য লেখাপড়া ; অগভীর বিদ্যা ; স্বল্পশাস্ত্র জ্ঞান ; little learning.

অল্পবুদ্ধি [অল্প—বুদ্ধি (জ্ঞান) যাহার, বহু] বিণ. অল্পধী ; মন্দমতি ; জড়বুদ্ধি ; হীনমতি।

অল্পভাষী (অল্‌পোভাষি) (অল্প—ভাষ্ (বলা+ইন্ (ণিন) কর্ত্তৃ.=অল্পভাষিন্ ১মা ১বচনে অল্পভাষী] বিণ. যে অল্প কথা বলে ; যে অধিক কথা বলে না ; মিতভাষী। স্ত্রী. **অল্পভাষিণী**।

অল্পমতি (অল্‌পোমোতি) [অল্প (ক্ষুদ্র) মতি (বুদ্ধি) যাহার—বহু] বিণ. ক্ষুদ্রবুদ্ধি। প্র—"ছোট ছোট শিশুগুলি; অল্পমতি অল্পজ্ঞান, সকলের বড় তুমি অনন্ত ভূমা মহান।" —ব্রহ্মসঙ্গীত।

অল্পমাত্র (—মাৎত্র) [অল্প—মাত্র (মাত্রা-যুক্ত)] বিণ. অল্পপরিমিত ; যৎসামান্য। স্ত্রী. **অল্পমাত্রা**।

অল্পমূল্য (—মুল্‌ল) বি. কম দাম। ২। বিণ. সস্তা ; কম দামের।

অল্পশঃ [অল্প+শস্] ক্রি-বিণ. একটু একটু করিয়া ; অল্পে অল্পে ; প্রতিবারে ; অল্প-পরিমাণে।

অল্পসরঃ (শর) [অল্প (ক্ষুদ্র) সরস্ (ঃ) সরোবর, কর্ম্মধা] বি. ক্লী. ক্ষুদ্র সরোবর ; পল্বল ; ডোবা ; বর্ষার জলে যাহা পূর্ণ হয় এবং গ্রীষ্ম-কালে শুকাইয়া যায়।

অল্পসার (শার্) [অল্প—সার (স্থিরাংশ, সামর্থ্য) যাহার, বহু] বিণ. দুর্ব্বল ; অল্পবল ; হীন-বল ; সামর্থ্যবিহীন। ২। যাহার মধ্যে শস্য কম আছে ; সামান্য শাঁসযুক্ত। ৩। প্রায় ফোঁপরা ; প্রায় অসার ; অপদার্থপ্রায়।

অল্পস্বল্প (—শল্প) বিণ. অত্যল্প ; একটু আধটু।

অল্লাই [অল্পায়ু শব্দজ, গ্রাম্য] বি. অল্পায়ু। ২। বিণ. যাহার মৃত্যু নিকট ; অলপ্পেয়ে। প্র—"ব্রাহ্মণী লজ্যন-ফলে যাবিরে অল্লাই।" —কবিকঙ্কণ। [ইহার বিপরীত "পরমাই"। —কবিকঙ্কণ]।

অল্পায়ত [অল্প—আয়ত (বিস্তৃত)] বিণ. অল্প পরিসর ; কম চওড়া ; সঙ্কীর্ণ।

অল্পায়ুঃ, অল্পায়ু [অল্প—আয়ুস্ (জীবন) যাহার, বহু। ইহা হইতে গ্রাম্য 'অলপ্পেয়ে' 'অল্পেয়ে', 'অল্লাই'] বিণ. যাহার আয়ু অল্প ; অল্পদিনেই যাহার আয়ুঃ শেষ হয় ; অল্পজীবী। [ইহার বিপরীত পরমায়ু]

অল্পাল্প [অল্প অল্প দ্রঃ। অল্প+অল্প, অতিশয় অর্থ বুঝাইবার দ্বিত্ব] বিণ. অতি অল্প। ২। ক্রি-বিণ অল্পে অল্পে।

অল্পাশয় (য়্) [অল্প (অনধিক)—আশয় (আশা) যাহার, বহু] বিণ. যাহার অধিক আশা নাই ; অল্পাকাঙ্ক্ষী ; স্বল্পে সন্তুষ্ট। ২। [হীনতা-সূচক। যাহার অল্প অর্থাৎ ক্ষুদ্র আশয় বা অভিপ্রায়] হীনমতি ; নীচাশয় ; নীচপ্রকৃতি। ৩। [অল্প—আশয় (অভিলাষ ; ইচ্ছা)] ক্ষুদ্রবিষয়ে লোভপরবশ।

অল্পাহার (র্) [অল্প (অল্পপরিমিত) আহার যাহার, বহু] বিণ. অল্পভোজনকারী ; মিত-ভোজী ; মিতাহারী। ২। [অল্প—আহার, কর্ম্মধা] লঘুপাক দ্রব্য ভোজন।

অল্পাহারী [অল্প—আহার+ইন্ (অস্ত্যর্থে)= অল্পাহারিন্ ১মা ১বচনে অল্পাহারী] বিণ. যে অল্প আহার করে ; মিতভোজী ; লঘু-ভোজনকারী।

অল্পে অল্পে—ক্রি-বিণ; ক্রমে ক্রমে ; ক্রমশঃ। ২। কম কম করিয়া। ৩। অল্পের উপর দিয়া ; অধিক হাঙ্গাম না করিয়া ; বেশী গোল-যোগ না করিয়া। প্র—বিবাদটা যা'তে অল্পে অল্পে মিটে যায় তাই কর। ৪। খরচপত্রের বাড়াবাড়ি না করিয়া ; সামান্য ভাবে। প্র—বিবাহটা যা'তে অল্পে অল্পে হ'য়ে যায় তা'র যোগাড় দেখ। অল্পে অল্পে সারা, ইত্যাদি।

অল্পেয়ে (অল্‌পেএ) [অল্পায়ু দ্রঃ] বি. যাহার পরমায়ু কম ; অচিরজীবী। গালাগালিতেই অধিক ব্যবহৃত হয়। প্র—"ওরে বুড়া আঁট-কুড়া, নারদা অল্পেয়ে। হেন বর কেমনে আনিলি চক্ষু খেয়ে॥" —অন্নদামঙ্গল।

অল্ল [অল (পর্য্যাপ্ত) লা (গ্রহণ করা ইত্যাদি)+অ (ক) কর্ত্তৃ, যিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্ব-গ্রাহী, সর্ব্বব্যাপক] বি. পুং. পরমেশ্বর ; মুসল-মানেরা এই নামে পরমেশ্বরের উপাসনা করেন ; আল্লা।

অল্লা [অল্ (বিভূষিত করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) লা (দান করা, গ্রহণ করা) অ (ড) কর্ত্তৃ+আ—স্ত্রীলিঙ্গে, যিনি নিজের অঙ্গ ভূষিত করিবার জন্য নিজ অঙ্কে বালককে গ্রহণ করেন] বি. স্ত্রী. মাতা [সং নাট্যোক্তিতে]। ২। পরম-দেবতা। [দ্রঃ—অথর্ব্ববেদোক্ত অথর্ব্বণসূক্তে অল্লার স্বরূপ বর্ণিত হইয়াছে। তন্মধ্যে মিত্র, বরুণ, ইন্দ্র, ব্রাহ্মণ, সূর্য্য, চন্দ্র, ঋষি, আকবর এবং মহম্মদ প্রভৃতি শব্দও একত্র গ্রথিত আছে। শব্দকল্পদ্রুম, ভারতকোষ প্রভৃতি অভিধানে সেই সূক্ত উদ্ধৃত হইয়াছে।]

অশকুন (অশোকুন্) [ন=অ, শকুন, নঞ্ তৎ] বি. ক্লী. অমঙ্গল ; অলক্ষণ ; দুর্নিমিত্ত। প্র—"না মানিনু অশকুন যাত্রার সময়॥"—কাঞ্চী-কাবেরী।

অশক্ত [ন=অ—শক্ত, নঞ্ তৎ] বিণ. নিঃশক্তি ; দুর্ব্বল ; শক্তিশূন্য ; অসমর্থ ; অক্ষম, অপটু।

অশক্তি (শো) [ন=অ—শক্তি, নঞ্ তৎ] বি. স্ত্রী. শক্তি না থাকা ; অক্ষমতা ; অপটুতা ; অসামর্থ্য ; দুর্ব্বলতা।

অশক্য (অশোক্ক) [ন=অ—শক্য, নঞ্ তৎ] বিণ. যাহা সাধন করিতে পারা যায় না ; অসাধ্য ; শক্তির অতীত।

অশঙ্ক [ন=অ (নাই) শঙ্কা (ভয়) যাহার, বহ্.] বিণ, নিঃশঙ্ক ; শঙ্কারহিত ; নির্ভয়। ২। নিশ্চিত।

অশঙ্কনীয় [ন=অ—শঙ্কনীয়, নঞ্ তৎ] বিণ, যাহা শঙ্কা করিবার নয় ; শঙ্কা করিবার অযোগ্য।

অশঙ্কিত (অশোংকিত) [ন=অ=শঙ্কিত, নঞ্ তৎ] বিণ, যে শঙ্কাযুক্ত নয় ; যে ভয় পায় নাই, অ-ত্রস্ত ; অভীত। ২। চিন্তা বা উদ্বেগ-রহিত ; শান্ত ; নিশ্চিন্ত ; নিরুদ্বেগ।

অশন (ন্) [অশ্ (ভোজন করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী ভোজন : আহার। ২। [কর্ম্মে—অন (ট্)] ভোজ্যদ্রব্য, আহার্য্যসামগ্রী। ৩। পিয়াশাল : চিত্রক বৃক্ষ ; ভেলার গাছ।

অশনাচ্ছাদন (ন্) [অশন (ভোজন) এবং আচ্ছাদন (বসন, বস্ত্র)—দ্বন্দ্ব] বি, ক্লী, অন্ন-বস্ত্র ; ভাত-কাপড়, গ্রাসাচ্ছাদন, খাওয়া-পরা।

অশনি (অশোনি) [অশ্ (গ্রাস করা)+অনি—কর্ত্ত, সংজ্ঞার্থে, যে পর্ব্বত এবং দানবদিগকে গ্রাস বা সংহার করে] বি, পুং, বজ্র ; কুলিশ। ২। বিদ্যুৎ ; মেঘোৎপন্ন জ্যোতিঃ। ৩। [ব্যঙ্গার্থে] অশনির ন্যায় কঠিন বস্তু বা বিষয়। **অশনিসম্পাত**—বজ্রপতন।

অশরণ (ন্) [ন=অ (নাই) শরণ (আশ্রয়) যাহার, বহ্] বিণ, নিরাশ্রয়, অসহায় ; অনাথ। প্র—"সঞ্জীবনী সুধা এনেছে অশরণ লাগি রে." —রজনী সেন। ২। [নাই শরণ (গৃহ) যাহার] গৃহশূন্য। স্ত্রী, **অশরণা**।

অশরীর (অশোরির্) [ন=অ (নাই) শরীর (দেহ) যাহার, বহ্] বিণ, দেহহীন : কায়াশূন্য। ২। পুং, কামদেব ; আনন্দ। ৩। পরমাত্মা। ৪। [নাই—শরীর (দেহাভিমান) যাহার] শরীরের অভিমান হীন ; জীবন্মুক্ত।

অশরীরিবাক্, বাণী (অশোরিরিবাক্, বানি) [অশরীরী (যাহার শরীর নাই) তাহার বাক্, বাণী (বাক্য) ৬তৎ] বি, স্ত্রী, দৈববাণী ; আকাশবাণী।

অশরীরী (অশোরিরি) [ন=অ—শরীর+ইন্ (অস্ত্যর্থে)=শরীরিন্ ১মা ১বচন শরীরী। নঞতৎ] বিণ, যাহার শরীর নাই বা দেখা যায় না ; নিরাকার ; নিরবয়ব। স্ত্রী, **অশরীরিণী**।

অশর্ম্ম [ন=অ—শর্ম্মন্ (সুখ) নঞ্ তৎ, ন্ লোপ] বি, ক্লী, সুখ নয় ; সুখের অভাব ; দুঃখ ; ক্লেশ। ২। [ন=অ (নাই) শর্ম্ম (সুখ) যাহার, বহ্] বিণ, যা'র সুখ নাই ; দুঃখিত ; পীড়িত।

অশান্ত [ন=অ—শান্ত, নঞ্ তৎ] বিণ, যাহার চিত্তে শান্তি নাই। ২। চঞ্চল ; অশান্তিময়। প্র—অশান্ত হৃদয়। ৩। তরঙ্গসঙ্কুল ; অস্থির। প্র—অশান্ত সমুদ্র। ৪। দুরন্ত। প্র—অশান্ত বালক (গ্রা—অশান্তে। প্র—অশান্তে ছেলে)। ৫। উদ্ধত স্বভাব ; দুর্দান্ত ; দুর্ব্বৃত্ত ; দুষ্ট। [প্রা. বাং, অশন্ত (অনন্ত রামায়ণ)]

অশাশ্বত (অশাশ্শত) [ন=অ—শাশ্বত (নিত্য)] বিণ, অনিত্য। স্ত্রী, **অশাশ্বতী**।

অশাসন (অ-শাশোন্) [ন=অ—শাসন, নঞ্ তৎ] বি, ক্লী, শাসনের অভাব। ২। প্রশ্রয়। ৩। অরাজকতা।

অশাসনীয় (অশাশোনিঅ) [ন=অ—শাসনীয়, নঞ্ তৎ] বিণ, শাসনের অযোগ্য ; অশান্ত ; অদম্য।

অশাসিত (অশাশিত) [ন=অ—শাসিত, নঞতৎ, যাহাকে শাসন করিতে পারা যায় নাই] বিণ, যে শাসিত নয় ; অদমিত। ২। অতিরস্কৃত ; অভর্ৎসিত।

অশাস্ত্র [ন=অ—শাস্ত্র, নঞ্ তৎ] বি, ক্লী, অসৎশাস্ত্র ; বেদ স্মৃতি আদি বহির্ভূত শাস্ত্র। ২। শাস্ত্রের অভাব। ৩। অবিধি। ৪। শাস্ত্রের মধ্যে যাহা গণ্য নহে ; যাহা শাস্ত্রই নহে।

অশাস্ত্রীয় [ন=অ—শাস্ত্রীয়, নঞ্ তৎ] বিণ, যাহা শাস্ত্রসম্বন্ধীয় নয়। ২। শাস্ত্রবিরুদ্ধ : শাস্ত্রবহির্ভূত। ৩। অবৈধ।

অশিক্ষিত [ন=অ—শিক্ষিত, নঞ্ তৎ] বিণ, যাহাকে শিক্ষা দেওয়া হয় নাই ; যে লেখাপড়া শিখে নাই ; অপ্রাপ্ত-শিক্ষা। ২। মূর্খ ; বিদ্যাবিহীন। ৩। [কদর্থে] যাহাকে পূর্ব্বাভাস বা পরামর্শ দেওয়া হয় নাই ; অপ্রাপ্ত উপদেশ ; কোন বিষয় সম্বন্ধে পূর্ব্বে যাহাকে শিখাইয়া পড়াইয়া রাখা হয় নাই। ৪। যে সভ্য সমাজের শিক্ষা পায় নাই ; অভদ্র ; অসভ্য ; গোঁয়ার। স্ত্রী, **অশিক্ষিতা**।

অশিব [ন=অ—শিব (মঙ্গল) নঞ্ তৎ] বি, ক্লী, মঙ্গলের অভাব ; অমঙ্গল। ২। [নাই শিব যার, বহ্] অমঙ্গলযুক্ত।

অশিশু [ন=অ—শিশু, নঞ্ তৎ] বি, পুং, শিশুভিন্ন। ২। [ন=অ(নাই) শিশু যাহার, বহ্] বিণ, শিশু রহিত।

অশিশ্বী, অশিশ্বিকা [ন=অ (নাই) শিশু যাহার, বহ্ ; স্ত্রী, ঈ (প্)] বি, স্ত্রী, শিশুহীনা ; ২। আঁটকুড়ী।

অশিষ্ট [ন=অ—শিষ্ট (শান্ত) নঞ্ তৎ] বিণ, যে শিষ্ট নয় ; অশান্ত ; দুরন্ত। ২। অসভ্য ; অভদ্র। বি, অশিষ্টতা।

অশিষ্টতা [অশিষ্ট+তা—ভাবে] বি, স্ত্রী, শিষ্ট বা সভ্যসমাজ বহির্ভূত ব্যবহার ; অসভ্যতা ; অসাধুতা। ২। দৌরাত্ম্য ; দুরন্তপনা। বিণ, অশিষ্ট।

অশিষ্টাচরণ (ন) [অশিষ্ট—আচরণ, কর্ম্মধা] বি, অভদ্র ব্যবহার ; অভদ্রতা। ২। দুর্ব্ব্যবহার।

অশিষ্টাচার (র্) [অশিষ্ট—আচার, কর্ম্মধা] বি, শিষ্টসমাজ বহির্ভূত আচার ; অভদ্রতা।

অশিষ্য (অশিশ্শ) [ন=অ—শিষ্য, নঞ্ তৎ] বিণ, শিষ্যের অযোগ্য। ২। কুশিষ্য।

অশীতি [অষ্ট—দশন্+তি (নিপাতন) আট সংখ্যার দশগুণ, ৮×১০=৮০] বি, স্ত্রী, আশী সংখ্যা। ২। বিণ, আশীসংখ্যক, অশীতি সংখ্যা বিশিষ্ট। [দশ পর্য্যন্ত সংখ্যা, সংখ্যা মাত্রকেই বুঝায়, ততোধিক সংখ্যা, সংখ্যা এবং সংখ্যাবিশিষ্ট উভয়কেই বুঝায়]

অশুচ (অশুচ্) [অশৌচ শব্দের অপভ্রংশ] বি, জ্ঞাতি বা আত্মীয়ের জন্ম বা মরণ জন্য অশুদ্ধি ; অশুচি ; অসুধ (দ্রঃ)।

অশুচি [ন=অ—শুচি, নঞ্ তৎ] বিণ, যাহা শুচি নয় ; অপবিত্র ; অশুদ্ধ। ২। বি, **অশুচিতা, ত্ব**—শুচির অভাব ; অপবিত্রতা।

অশুদ্ধ [ন=অ—শুদ্ধ, নঞ্ তৎ] বিণ, অশুচি। (ইহার অপভ্রংশে অসুধ শব্দের গ্রাম্য ব্যবহার আছে। প্র—জ্ঞাতির মরণে অসুধ হওয়া বা অসুধ যাওয়া)। ২। অনির্দোষ ; অপবিত্র ; অনির্ম্মল। ৩। যাহা শাস্ত্রীয় বিধানে শোধন করা হয় নাই ; অসংস্কৃত। প্র—অশুদ্ধ মন বা চিত্ত। ৪। যাহাতে বর্ণ কিম্বা অর্থগত অসামঞ্জস্য আছে ; ভ্রমাত্মক। ৫। স্ত্রীলোক দিগের রজস্বলা অবস্থা। গ্রাম্য কথায়—নোংরা। ৬। রাসায়নিক প্রক্রিয়ায় ধাতু প্রভৃতি শোধন করা নহে। বি, **অশুদ্ধতা, -ত্ব**।

অশুদ্ধি [ন=অ—শুদ্ধি, নঞ্ তৎ] বি, স্ত্রী, শৌচাভাব ; অপবিত্রতা। ২। শুদ্ধির অভাব। ৩। ভ্রান্তি। ৪। [নাই শুদ্ধি যাহাতে, বহ্] বিণ ; অপবিত্র। **অশুদ্ধি-পত্র**—ভুল-ভ্রান্তির তালিকা-পত্র।

অশুভ [ন=অ—শুভ, নঞতৎ] বি, ক্লী, যাহা শুভ নয় ; অমঙ্গল ; অশিব ; অকল্যাণ। ২। [ন=অ (অভাব) শুভের অভাব হয় যাহা হইতে, বহ্] পাপ। ৩ [নাই শুভ যাহার, বহ্] বিণ, অকল্যাণকর ; অমঙ্গলজনক। **অশুভক্ষণ**—কুক্ষণ।

অশেষ (ষ্) [ন্=অ—শেষ, নঞ্ তৎ] বি, শেষের অভাব। ২। বিণ, যাহার শেষ নাই ; অনন্ত। প্র—"অশেষ শরীরী শেষ যথা"—মেঘনাদ। সমস্ত ; আমূল ; সমুদায় ; সম্পূর্ণ। ৪। [প্রাদে] বিশেষ ; সনির্ব্বন্ধ। প্র—অশেষ বিশেষ

অশেষজ্ঞ [অশেষ—জ্ঞ (যে জানে)] বিণ, যাহার কিছুই অবিদিত নাই, যাহার কিছুই জানিবার বাকী নাই; সর্ব্বজ্ঞ। ২। যে অশেষ বা অসংখ্য বিষয় জানে; বহুজ্ঞ; জ্ঞান-বিজ্ঞান-বিশারদ।

অশেষতত্ত্বজ্ঞ [অশেষ—তত্ত্ব (যাথার্থ্য) জ্ঞ (যে জানে)] বিণ, সমস্ত বিষয়ের যাথার্থ্য যে জানে; যাহার কিছুই জানিতে বাকী নাই। ২। অসংখ্য বিষয়ে অভিজ্ঞ ব্যক্তি; মহা-পণ্ডিত।

অশেষ প্রকার—অনন্তরূপ; সকল রকম; অশেষ বিধ।
ক্রি, বিণ, **অশেষ প্রকারে**—অনন্তরূপে; সর্ব্বতোভাবে:

অশেষবিধ [অশেষ—বিধা (প্রকার যাহার, বহু)] বিণ, বিবিধ; নানা প্রকার; বহুবিধ: সর্ব্বপ্রকার। প্র—"পুরবাসিগণ * * * অশেষ বিধ উৎসব ক্রিয়া করিতে লাগিল।"
—বিদ্যাসাগর।

অশোক (ক্) [ন=অ (নাই) শোক যাহার, বহু] বিণ, নিবৃত্তশোক; শোক শূন্য; বিগত-দুঃখ; শোকরহিত।

অশোক (ক্) [হি—অশোগী। ন=অ—শোক, নঞ্ তৎ] বি, পুং, স্বনামখ্যাত বৃক্ষ; Jonesia Asoka; Saraca Indica.
গৌরী ইহার তলে তপস্যা করিয়া পূর্ণমনোরথ ও বিগতশোক হইয়াছিলেন বলিয়া এই নাম। প্রমদাগণের চরণাঘাতে অশোক পুষ্পের বিকাশ হয় বলিয়া কবিপ্রসিদ্ধি আছে। প্র—"হে অশোক কোন রাঙ্গা চরণ চুম্বনে মর্ম্মে মর্ম্মে শিহরিয়া হলি লালে লাল।"
—অশোকগুচ্ছ।
২। ক্লী, বকুল গাছ। ৩। পারদ।
৪। মগধের বিখ্যাত রাজা; বিন্দুসারের পুত্র ও চন্দ্র গুপ্তের পৌত্র। ইনি রাজা হইয়া বৌদ্ধ ধর্ম্ম অবলম্বন করেন। ইঁহার গৃহে ৬৪০০০ বৌদ্ধগুরু পালিত হইতেন, ইনি ৮৪০০০টী বৌদ্ধস্তূপ ভারতের নানা স্থানে স্থাপন করেন। বুদ্ধের মৃত্যুর ২১৮ বৎসর পরে ইঁহার রাজত্ব কাল। ইঁহার অপর নাম অশোকবর্দ্ধন। [ভারতকোষ] ৫। দশরথের মন্ত্রী [কৃত্তিবাসে মূল রামায়ণে ইনি অকোপ নামে প্রসিদ্ধ]। ৬। কাশ্মীরের জনৈক রাজা জলোকের পিতা [২৬৩,২২৬ খৃঃ পূঃ]। স্ত্রী, **অশোকা**—কট্‌কী। ২। জৈনদিগের গৃহদেবতা।

অশোকষষ্ঠী (ক্, ষো) [অশোক—ষষ্ঠী (শোক-নাশিনী ষষ্ঠী) কর্ম্মধা] বি, স্ত্রী, চৈত্র মাসীয় শুক্লা ষষ্ঠী—যে তিথিতে পুত্রের কল্যাণার্থ পুত্রবতী স্ত্রীলোকেরা ষষ্ঠীদেবীর পূজা করিয়া থাকে।

অশোক-সুন্দরী—নহুষের পত্নী ও যযাতির জননী [পদ্মপুরাণ]। **অশোকারি**—বি, কদম্ব বৃক্ষ।

অশোকাষ্টমী [অশোক (শোকরহিত) অষ্টমী, কর্ম্মধা] বি, স্ত্রী, চৈত্র মাসের শুক্লা অষ্টমী; বাসন্তী শুক্লা অষ্টমী। এই তিথিতে অষ্টসংখ্যক অশোক পুষ্পের জল পানে লোকে শোকরহিত হয়।

অশোচনীয় [ন=অ—শুচ্+অনীয়, কর্ম্ম] বিণ, শোকের অযোগ্য; যাহার জন্য শোক করিবার প্রয়োজন নাই; অশোচ্য।

অশোচ্য (চ্চ) [ন=অ—শোচ্য, নঞ্‌তৎ] বিণ, অশোচনীয়।

অশোধনীয় [ন=অ—শোধনীয় (শোধন যোগ্য) নঞ্ তৎ] বিণ, যাহা পরিশোধ করা যায় না। ২। যাহা শোধন বা বিশুদ্ধ করা যায় না।

অশোধ্য (ধ্ধ) [অ—শোধ্য] বিণ, অশোধ-নীয়।

অশোভন (ন্) [ন=অ—শোভন (যাহা শোভা পায়) নঞ্ তৎ] বিণ, যাহা শোভা পায় না; যাহা মানায় না; অসুন্দর।
স্ত্রী, **অশোভনা**।

অশোভিত [ন=অ—শোভিত (শোভাযুক্ত) নঞ্ তৎ] বিণ, অসজ্জিত; অনলঙ্কৃত।

অশৌচ (চ্) [ন=অ—শৌচ, নঞ্ তৎ] বি, ক্লী, অশুদ্ধি; শুচি না থাকা; জনন এবং মরণাদি জন্য দেহাশুদ্ধি।

অশৌচান্ত [অশৌচ—অন্ত (শেষ)] বি, পুং, অশৌচের শেষ; অশৌচ সমাপ্তি।
২। অশৌচের শেষ দিন।

অশ্ম (অশ্‌শ্‌) [অশ্মান্। অশ্ (ব্যাপা)+মন্, কর্ত্তৃ—সংজ্ঞার্থে] বি, পুং, পাষাণ; শিলা; প্রস্তর; পাথর। প্র—"সতী-শাপে আপনি ঈশ্বর হইল অশ্ম"—শিবায়ন।
২। পর্ব্বত। ৩। জলধর; মেঘ। ৪। [রাসাঃ পরিঃ] শিলাজতু; bitumen.

অশ্মক (অশ্‌শক্) বি, পুং, সূর্য্যবংশীয় রাজা বিশেষ; পুরাণে কথিত আছে যে, সূর্য্যবংশীয় রাজা সৌদাসের পত্নী মদয়ন্তী সাত বৎসর যাবৎ গর্ভ ধারণ করিয়া একদিন অত্যন্ত অধীরা হইয়া তীক্ষ্ণ অশ্ম (প্রস্তর দ্বারা) গর্ভ বিদারণ করাতে উদরস্থ সন্তান ভূমিষ্ঠ হইল। এই জন্যই বালককে অশ্মক নামে অভিহিত করা হয়। [বিষ্ণুপুরাণ] ২। দাক্ষিণাত্যবাসী জাতিবিশেষ [মহা, রামা]

অশ্মকুট্ট,—ক (অশ্‌শ্ কুট্টক্) [অশ্মন (পাথর) কুট্ট (যাহা দ্বারা কোটা বা পেষণ করা হয়] বি, প্রস্তর-নির্ম্মিত ধান্যাদিপেষক যন্ত্র। ২। বিণ, পাথরে কোটা বা পেষা; প্রস্তর-পিষ্ট।

অশ্মকেতু (অশ্‌শ্) বি, স্ত্রী, ক্ষুদ্র পাষাণভেদী বৃক্ষ (হিন্দীতে বলে শিলফোড়)। ইহা পার্ব্বত্য দেশে সম্পূর্ণ মৃত্তিকাহীন মসৃণ পাষাণেও জন্মে। অনেক সময় এক একটি পাতা পাথরের গায়ে দাঁড়াইয়া আছে বলিয়া মনে হয়।

অশ্মঘ্ন (অশ্‌শঘ্ন) বি, পুং, পাষাণ ভেদ করিয়া যে বৃক্ষ বাহির হয়; হাথা জুড়ি; পাথরকুচী। ২। শ্বেত-করবীর গাছ।

অশ্মজ (অশ্‌শজ্) [অশ্মন্ (পর্ব্বত) জ (যে জন্মে) যাহা পর্ব্বতে জন্মে (উপপদ)] বি, ক্লী, শৈলজ গন্ধৌষধি বিশেষ: পার্ব্বতীয় গন্ধদ্রব্য বিশেষ। ২। শিলাজতু (হিঃ—শিলাজিৎ)। ৩। লৌহ। ৪। গৈরিক; গিরিমাটী। ৫। সৈন্ধব লবণ। ৬। বিণ, পার্ব্বত্য; শৈলজাত; পাষাণোৎপন্ন।

অশ্মদারণ (অশ্‌শ দারণ্) [অশ্মন্ (পাথর) দারণ (যে বিদারণ করে) যে পর্ব্বত বিদারণ করে, উপপদ] বি, পাষাণভেদক অস্ত্র; টঙ্ক: টাঙি। ২। পাষাণ বিদারণ।

অশ্মন্ত, অশ্মন্তক (অশ্‌শ নৃতক্) [অশ্মন্ (পাষাণ) অন্ত, অন্তক (শেষ, মৃত্যু) যথায় পাষাণও শেষ হয় বা গলিত হয়] বি, অগ্নিস্থান: চুল্লী। ২। মৃত্যু। ৩। দীপাধারের আবরণ।

অশ্মন্ত—বি, পুং, শিলফোড়। ২। কোবিদার বৃক্ষ সদৃশ অম্লপত্র, অম্লচুকাই। ৩। অশুভ-ক্ষেত্র। ৪। বিণ, অশুভ। ৫। অসীম।

অশ্মপুষ্পা (অশ্‌শপুষ্‌প) [অশ্মন্—পুষ্প, ৬ তৎ] বি, ক্লী, শৈলেয়; গন্ধৌষধি। ২। শিলাজতু; শিলাজিৎ (ইহা পাথর ঘামিয়া গাঢ় রসের মত নির্গত হয় এবং বাহিরের হাওয়াতে আঠার মত জমিয়া যায়)।

অশ্মভিদ্, ভেদ্ (অশ্‌শভিদ্, ভেদ্) [অশ্ম (পাথর) ভিদ্, ভেদ (যে ভেদ করে)] বি, পুং, পাষাণ ভেদ করিয়া যে বৃক্ষ জন্মে; শিলফোড়। ২। পাথরকুচা বা কুচী; Colcus aromaticus.

অশ্মময় (অশ্‌শময়্) বিণ, প্রস্তরময়; পাথুরে।

অশ্মর (অশ্‌শর্) [অশ্ম (পাথর) + র] বিণ, প্রস্তর সম্বন্ধীয়; প্রস্তরময়; পাথুরিয়া: পাথুরে; ২। পাথুরীরোগ। স্ত্রী, **অশ্মরী**—পাথুরী-রোগ।

অশ্মরীঘ্ন—বি, পাথুরীরোগনাশক। ২। বরুণ-বৃক্ষ।

অশ্মসার (অশ্‌শসার্) বি, লৌহসার; ইস্পাৎ।

অশ্র [(অস্র) অ (ব্যাপা)+র (ক্) কর্ত্তৃ, সংজ্ঞার্থে। রোদনকালে যাহাদ্বারা কষ্ট ব্যাপ্ত হয়] বি, ক্লী, অশ্রু। ২। রক্ত। [অস্র] ৩। [পারিভাবিক] কোণ; cone.

অশ্রদ্দধান (অশ্রোদ্দধান্) [ন=অ—শ্রদ্দধান (শ্রদ্ধান্বিত) নঞ্‌তৎ] বিণ, যাহার শ্রদ্ধা নাই; শ্রদ্ধাহীন; অশ্রদ্ধ; অশ্রদ্ধান্বিত।

অশ্রদ্ধা (স্রো) [ন=অ—শ্রদ্ধা, নঞ্তৎ] বি, স্ত্রী, অভক্তি ; অপ্রেম ; অনমুরাগ। ২। অবিশ্বাস। ৩। অপ্রবৃত্তি। ৪। অবজ্ঞা ; অনাদর ; ঘৃণা।

অশ্রদ্ধিত (স্রো) [ন=অ—শ্রদ্ধিত, নঞ্তৎ] বিণ, যাহাকে অশ্রদ্ধা করা হইয়াছে।

অশ্রদ্ধেয় (স্রো) [ন=অ-শ্রদ্ধেয়, নঞ্তৎ] বিণ, শ্রদ্ধার অপাত্র ; অনাদরণীয় ; ঘৃণ্য।

অশ্রপ (অস্স্রপ্,প) [অশ্র (রক্ত) প (পা—পান করা—কর্ত্তৃ—ড) যাহারা রক্ত পান করে, (উপপদ)] বি, পুং, রাক্ষস। ২। বিণ, শোণিতপায়ী।

অশ্রান্ত (অস্স্রান্ত) [ন=অ-শ্রান্ত, নঞ্তৎ] বিণ, শ্রান্তিরহিত ; বিরামরহিত ; অক্লান্ত। ২। ক্রি-বিৎ, সতত, অবিরত ; অবিশ্রান্ত। বি, **অশ্রান্তি**।

অশ্রাব্য (অস্স্রাব্ব) [ন=অ-শ্রাব্য (শ্রবণ-যোগ্য) নঞ্তৎ] বিণ, শ্রবণের অযোগ্য ; শ্রুতিকটু। ২। অশ্লীল (যাহা শিষ্ট সমাজে শ্রাব্য নহে)।

অশ্রি (অস্স্রি) [অশ্ (ভোজন করা) + রি সংজ্ঞার্থে, যে রক্ত দ্বারা লিপ্ত হয়] বি, স্ত্রী, খড়্গাদির ধার। ২। কোণ ; cone.

অশ্রু (ওস্স্রু) [অশ্ (ব্যাপা) + রু, করণে, সংজ্ঞার্থে] বি, ক্লী, শোক, দুঃখ কিম্বা ভক্তি সময়ে চক্ষু হইতে যে জল নির্গত হইয়া কণ্ঠ ও বক্ষস্থলকে ব্যাপ্ত করে ; নেত্রবারি ; নয়নজল।

অশ্রু-আঁখি—অশ্রুপূর্ণ নয়ন ; অশ্রুপূর্ণ লোচন। প্র—"অশ্রু-আঁখি বিধুমুখী ভ্রমে ফুলবনে" —মেঘনাদ। **অশ্রু-গদ্‌গদকণ্ঠ**—অশ্রুজনিত অথবা ক্রন্দবেগবশতঃ রুদ্ধস্বর। ক্রি, বিণ, অশ্রুগদ্‌গদ কণ্ঠে। **অশ্রুধারা**—নয়নজলের প্রবাহ। প্র—"আমার নয়নযুগল হইতে অনবরত অশ্রু-ধারা নির্গত হইতেছিল।"—বিদ্যাসাগর।

অশ্রুত (অস্স্রুত) [ন=অ-শ্রুত, নঞ্তৎ] বিণ, যাহা শ্রুত নয় ; যাহা শুনা যায় নাই ; কর্ণ বা শ্রুতির অগোচর। ২। বেদ বা শ্রুতিবিরুদ্ধ। ৩। মূর্খ ; যৎকর্ত্তৃক শাস্ত্রোপদেশ শ্রুত হয় নাই।

অশ্রুত (ওস্স্রুত) [প্রা-বাং অশ্রু + ত (যুক্ত)] বিণ, অশ্রুপূর্ণ। প্র-"চিন্তায় চিন্তিত সাধু অশ্রুতলোচন॥"—কবিক।
"জুড়িয়া উভয় পাণি, বলে সবিনয় বাণী, মোহে রাজা অশ্রুতলোচন॥"—কবিক।

অশ্রুতপূর্ব্ব [ন=অ-শ্রুতপূর্ব্ব (পূর্ব্বে শুনা) নঞ্তৎ] বিণ, পূর্ব্বে যাহা শুনা যায় নাই।

অশ্রুপাত (ওস্স্রুপাত) [অশ্রু (নয়নজল) —পাত (পতন হওয়া) ৬তৎ] বি, পুং, শোক, হর্ষ কিম্বা ভক্তিভরে চক্ষু হইতে জলপতন ; ক্রন্দন।

অশ্রুপূর্ণ (ওস্স্রুপূর্ণ) [অশ্রু দ্বারা পূর্ণ—৩তৎ] বিণ, অশ্রু দ্বারা পরিপূর্ণ ; বাষ্পাকুল ; নেত্রবারি-পরিপ্লুত। প্র—"রাম কিয়ৎক্ষণ অশ্রুপূর্ণ নয়নে অবনত বদনে মৌনাবলম্বন করিয়া রহিলেন ;" —বিদ্যাসাগর। **অশ্রুবিমোচন** (ওস্স্রুবিমোচন্)—অশ্রু-মোচন দ্রঃ। **অশ্রুবিসর্জ্জন** (ওস্স্রুবিশর্জন্) বি, অশ্রুত্যাগ ; নেত্রবারিপাত ; ক্রন্দন।

অশ্রুমুখ (ওস্স্রুমুখ্) [অশ্রু (নয়নজল) মুখে যাহার, বহু] বিণ, যাহার মুখ নয়নজলে আপ্লুত রহিয়াছে ; যে রোদন করিতেছে। স্ত্রী—**অশ্রুমুখী**। **অশ্রুমোচন** (ওস্স্রুমোচন্) বি, নেত্রবারি বিসর্জ্জন ; অশ্রুপাত।

অশ্রেয়ঃ, অশ্রেয় (অস্স্রেয়) [ন=অ-শ্রেয়স্, নঞ্তৎ] বি, ক্লী, অমঙ্গল ; অশুভ। ২। অনর্থ। ৩। [ন=অ (নাই) শ্রেয়স্ (মঙ্গল) যাহার, বহু] বিণ, যাহার মঙ্গলের সম্ভাবনা নাই। (২) অমঙ্গলের হেতু। ৩। অনুত্তম ; অনুৎকৃষ্ট। স্ত্রী, **অশ্রেয়সী, অশ্রেয়া**।

অশ্রেয়স্কর (অস্স্রেঅশ্কর্ [ন=অ-শ্রেয়স্ (মঙ্গল) কর (যে করে) নঞ্তৎ] বিণ, যাহা শ্রেয়স্কর নহে ; যে মঙ্গলজনক নয় ; অনুচিত।

অশ্রেষ্ঠ (অস্স্রেষ্ঠ) [ন=অ—শ্রেষ্ঠ, নঞ্তৎ] বিণ, অনুত্তম ; মন্দ ; নিরেষ। ২। অপ্রধান। স্ত্রী, অশ্রেষ্ঠা।

অশ্রোতব্য (অস্স্রোতব্ব) [ন=অ—শ্রোতব্য (শ্রাব্য, শ্রবণযোগ্য) নঞ্তৎ] বিণ, অশ্রাব্য ; শ্রবণের অযোগ্য।

অশ্রোত্রিয় (অস্স্রোত্রিঅ) [ন=অ-শ্রোত্রিয় (বিদ্বান্ ব্রাহ্মণ) নঞ্তৎ] বি, পুং, বেদাধ্যয়ন-হীন ব্রাহ্মণ। প্র—"ফলতঃ অশ্রোত্রিয় ব্যক্তি শ্রোত্রিয়ের সহিত, অরথী ব্যক্তি রথীর সহিত এবং রাজা না হইলে রাজার সহিত কখন সখ্যস্থাপন করিতে পারে না ;"—মহাভারত (বর্দ্ধমান)। ২। [ন=অ (নাই) শ্রোত্রিয় যে স্থানে, বহু] বিণ, শ্রোত্রিয় বিহীন (দেশ) ; বেদজ্ঞ ব্রাহ্মণশূন্য।

অশ্লাঘনীয়, অশ্লাঘ্য (ঘ্‌ঘ) বিণ, অপ্রশংস-নীয় ; গৌরব করিবার অযোগ্য।

অশ্লীল (অস্স্লীল্) [ন=অ-শ্রী + ল (অস্ত্যর্থে) =শ্রীল (শ্রীযুক্ত) শ্রী=শ্লী, র স্থানে ল, যাহা শ্রীযুক্ত নহে] বিণ, কুৎসিত ; শ্রীহীন ; অসাধু ; জঘন্য ; ঘৃণ্য ; লজ্জাপ্রদ ; শিষ্টসমাজবিরুদ্ধ ; অশিষ্ট। ২। ক্লী, লজ্জাবোধক গ্রাম্য বাক্য। যথা—অশ্লীল কথা। ইহা কাব্যালঙ্কারে দোষ বলিয়া পরিগণিত। বি, অশ্লীলতা।

অশ্লীলতা—কাব্যালঙ্কারে দোষবিশেষ ; যে রচনা পাঠ করিতে বা শুনাইতে লজ্জা বোধ হয় ; যে রচনা পাঠ কালে লজ্জা ও ঘৃণা-জনক এবং সভ্য-সমাজ-বহির্গত কদর্য্য বা কুৎসিত ভাবের উদয় হয়, তাহাকে অশ্লীলতা দোষ কহে।

অশ্লীলভাষী (অস্স্লীল্‌ভাষি) [অশ্লীল-ভাষ্ + ইন্ (ণিন্—কর্ত্তৃ)=অশ্লীলভাষিন্ ১মা ১বচনে অশ্লীলভাষী] বিণ, অশ্লীলভাষা প্রয়োগকারী ; অশিষ্টবাদী। স্ত্রী, -**ভাষিণী**।

অশ্লেষা (অস্স্লেষা) [ন=অ—শ্লেষ + আপ্—স্ত্রী] বি, স্ত্রী, নবম নক্ষত্র।
২। [নাই শ্লেষ (আলিঙ্গন) যাহার] বিণ, যাহার আলিঙ্গন করিবার শক্তি নাই। [অ, প্র]
৩। [নাই (শ্লেষ) (বক্রোক্তি যাহার)] বিণ, বক্রোক্তিশূন্য। [অ, প্র]

অশ্ব (অশ্‌শ) [অশ্ (ব্যাপা, ভোজন করা) + ব (কর্ত্তৃ) সংজ্ঞার্থে—যে দ্রুতগামিত্ব হেতু সর্ব্বদেশ ব্যাপিতে পারে বা যে তৃণাদি ভোজন করে] বি, পুং, ঘোটক ; ঘোড়া। ২। [সূর্য্যের সপ্ত অশ্ব হইতে] ৭সংখ্যা। যথা—"অশ্ব রাম জলনিধি চন্দ্রের উদয়" (অর্থাৎ ১৭৩৭ শক)—কাশীখণ্ড (কেবলকৃষ্ণ বসু)। ৩। অশ্বজাতি পুরুষ। [তুল—সং—অশ্ব ; পালি—অস্সো ; ফা—অস্প্ ; ইং—horse ; জর্ম্ম—ross ; আইস্—horss ; প্রুশিয়—rossa ; ফ্রে—rosse.]

অশ্বের অঙ্গ প্রত্যঙ্গের নাম—**থোবনা**—মুখের শেষ বা অগ্র ভাগ। **ঘোণা**—নাকের শেষাংশ ; নাসিকা। **ঘাটা**—ঘাড়। **কেশর**—ঘাড়ের চুল। **কশ্য**—পৃষ্ঠের যেখানে জিন কশা হয়। **কলা**—পশ্চাদ্ভাগ। পুঠ্‌ঠি—পাছার উপর ও পৃষ্ঠের শেষ ভাগ ; croup. **বালামচি, বালধি, বাল-হস্ত**—লেজ ; লেজের চামরবৎ কেশ। **রাণ, রাং**—পশ্চাতের উপরিস্থিত উরুদেশ। **জাংশির**—জঙ্ঘা ; পশ্চাতের পদদ্বয় ; পশ্চাদ্দিকের মধ্য-গ্রন্থি ; hamstring. **মোজা**—খুরের উপর হইতে হাঁটুর নিম্ন পর্য্যন্ত অংশ। **গ্রন্থিরোমাবর্ত্ত**—খুরের উপর পশ্চাতের গাঁইটের রোমগুচ্ছ, fetlock. **ঠিউনা, গুল্ফ**—গ্রন্থিরোমাবর্ত্তের বিপরীত অংশ ; pastern. **খুর**—পদের সর্ব্ব-নিম্নাংশ। **চাট**—খুরের তলদেশ। **বাজু, দস্ত**—সম্মুখের পদদ্বয়। **কলাচি** [সং—কলাচিকা] জাংশিরের বিপরীত অংশ। **নিগাল**—বক্ষ ও কণ্ঠের মধ্যবর্ত্তী স্থান।

স্ত্রী-অশ্ব—অশ্বা, অশ্বী, অশ্বিনী, বড়বা, বামী। **অশ্বশালা**—মন্দুরা ; আস্তাবল। **অশ্বগতির নাম**—ধারা। (অশ্বগতি দ্রঃ)

বিশেষ বিশেষ গতির নাম—(১) আস্কন্দিত ; canter. (২) ধৌরিতক ; trot. (৩) রেচিত। (৪) বল্গিত ; gallop. (৫) প্লুত। অশ্বধ্বনি—হ্রেষা ; হ্রেষা। অশ্বশিশুর নাম—কিশোর। শ্বেত অশ্বের নাম—কার্ক। উত্তম-ঘোটকের নাম—আজানেয় ; কুলীন। বহনস্বভাব (riding) অশ্ব—বিনীত। রথবাহী অশ্বের নাম—রথ্য। যুদ্ধে অক্ষম অশ্বের নাম—বীত। শীঘ্রগামী অশ্বের নাম—জবন। বেটো ঘোড়ার নাম—পৃষ্ঠ্য। অশ্বসজ্জা—(১) লাগাম (অশ্বরজ্জু)। (২) মুখস ; কড়িয়ালী (লাগামের যে অংশ মুখে পরাইয়া দেওয়া হয়)। (৩) দুমচি (অশ্বপুচ্ছবন্ধনী) চর্ম্ম (crupper) (৪) পেটী ; জিনকশ। (৫) জিন ; ঘোড়ার পিঠের গদি বা পালান (Saddle.) (৬) রেকাব ; পা-দান (Stirrup) (৭) ; নাল (Shoe) (৮) তঙ্ বা তলসারক (বক্ষস্থলবন্ধনরজ্জু)।

অশ্বক (অশ্‌শক্) [অশ্ব—ক (সাদৃশ্যে)] বি, অশ্ব সদৃশ।

অশ্বকর্ণ (অশ্‌শকর্ণ) বি, বৃক্ষবিশেষ ; শালগাছ ; Shorea robusta.

অশ্বকোবিদ্ (অশ্‌শকোবিদ্) [অশ্ব—কোবিদ (পণ্ডিত)] বি, অশ্বতত্ত্বজ্ঞ। ২। অশ্ব চালনায় দক্ষ।

অশ্বক্রান্ত—য়ুরোপের পৌরাণিক নাম ; অন্য নাম ইষুজাত। [ভারতবর্ষবিচার—য়ুরোপ দ্রঃ]

অশ্বখুর (র্) [অশ্বের খুর—৬তৎ] বি, পুং, ঘোড়ার খুর। ২। [অশ্বখুরাকৃতিহেতু] নখীনামক গন্ধদ্রব্য। স্ত্রী, **অশ্বখুরা, অশ্বখুরী**—অপরাজিতা।

অশ্বগতি (অশ্‌শোগোতি) [অশ্বের গতি—৬তৎ] বি, পুং ; ঘোটকের গমন ; ধারা। [অশ্বগতির বিশেষ বিশেষ নাম—(১) আস্কন্দিত বা কদম চাল (মৃদুমন্দগতি)—slow canter. (২) ধৌরিতক (পা তুলিয়া তুলিয়া দ্রুত গমন ; trot) ৩। রেচিত—ধৌরিতক অপেক্ষা দ্রুত কিন্তু বল্গিত অপেক্ষা ধীরগতি—an easy gallop ; cantering) (৪) বল্গিত (লম্ফ দিতে দিতে অতিশয় দ্রুত ধাবন ; gallop) (৫) প্লুত (রুদ্ধশ্বাসে চরমবেগে দৌড়ন)। ২। ছন্দো-বিশেষ। ৩। [অশ্বের গতির ন্যায় গতি যাহার, ম, প, লো ; বহু] বিণ, অশ্বের ন্যায় দ্রুতগামী।

অশ্বগন্ধা (অশ্‌শগন্ধা) [অশ্বের গন্ধের ন্যায় গন্ধ যাহার, বহু] বি, স্ত্রী, স্বনাম-খ্যাত ক্ষুদ্র বৃক্ষবিশেষ ; withania somnifera ; phy. salls fleiussa.

অশ্বগোযুগ (অশ্‌শগোযুগ্) [অশ্ব (ঘোটক) +গোযুগ (দুইটী)] বি, ক্লী, যুগল অশ্ব ; যুড়ি ঘোড়া। [বিরল]

অশ্বগ্রীব (অশ্‌শগৃব, ব্) [অশ্বের ন্যায় গ্রীবা যাহার (ম, প, লো ; বহু)] বি, পুং, হয়গ্রীবনামক অসুর। এই দৈত্য বিষ্ণুদ্বেষী ছিল। ২। বৃষ্ণিবংশীয় চিত্রকের পুত্র। ৩। বিণ, ঘোটকের মত লম্বা গ্রীবাবিশিষ্ট।

অশ্বঘ্ন (অশ্‌শঘ্ন) [অশ্ব (ঘোড়া) ঘ্ন (যে নাশ করে)] বি, পুং, শ্বেত করবীর গাছ।

অশ্বডিম্ব—বি, ঘোড়ার ডিম ; যে বস্তুর অস্তিত্ব নাই, আকাশকুসুমবৎ অলীক। প্র—"অধর্ম্ম জগতে সে কি অশ্বডিম্ব নয় ?"

—কুঙ্কুম।

অশ্বতর (অশ্‌শতর) [অশ্ব+তর (ক্ষুদ্রার্থে) যে অশ্ব অপেক্ষা আকৃতিতে ক্ষুদ্র। অশ্ব—তৃ (তরণ করা, পরাস্ত করা) +অ (ন—কর্ত্তৃ) সংজ্ঞার্থে, যে গমনদ্বারা অশ্বকে পরাজয় করিতে পারে] বি, পুং, অশ্বের ঔরসে গর্দ্দভীর গর্ভে কিম্বা গর্দ্দভের ঔরসে ঘোটকীর গর্ভজাত পশু ; খচ্চর। ২। নাগবিশেষ। ৩। গন্ধর্ব্ববিশেষ। ৪। পুংবৎস। স্ত্রী, **অশ্বতরী**—খচ্চরী।

অশ্বতীর্থ (অশ্‌শতির্থ) [অশ্ব নামক তীর্থ] বি, ক্লী, কান্যকুব্জ দেশের তীর্থবিশেষ ; যেখানে কালীনদী গঙ্গাতে মিলিয়াছে।

অশ্বত্থ (অশ্‌শথ্‌থ) [ন=অ (অবিরোধি)—শ্ব (চিরকাল) স্থা (থাকা) অ (ড) কর্ত্তৃ—সংজ্ঞার্থে যে বৃক্ষ শালবৃক্ষের মত বহুকাল অবিরোধে বাঁচিয়া থাকে। কিম্বা, যাহার পত্রসকল অশ্বের কর্ণের ন্যায় সদা সচল বলিয়া যে অশ্বের ন্যায় থাকে] বি, পুং, অশদগাছ। ইহার পৌরাণিক উৎপত্তি সম্বন্ধে 'তুলসী' দ্রঃ।

অশ্বত্থামা (অশ্‌শথ্‌থামা) [অশ্ব (ঘোড়া)—স্থা (থাকা) +মন্—কর্ত্তৃ, তুল্যার্থে=অশ্বত্থামন্ ১মা ১বচনে অশ্বত্থামা, যুদ্ধস্থলে অশ্বের ন্যায় স্থিতি যাহার] বি, পুং, দ্রোণাচার্য্যের পুত্র ; কৃপীর গর্ভে ইহার জন্ম হয়, জাতমাত্র ঐ বালক অশ্বের মত উচ্চনিনাদে ধরা কম্পিত করিয়াছিল বলিয়া ইহার নাম অশ্বত্থামা। অশ্বের ন্যায় থাম (বল) যাহার (বাচস্পত্য)। ২। সাবর্ণি মনুর পুত্র।

অশ্বপতি (অশ্‌শপোতি) বি, পুং, মদ্ররাজ ; সাবিত্রীর পিতা। ২। কেকয়রাজ ও কৈকেয়ীর পিতা।

অশ্বপাল (অশ্‌শপাল্) [অশ্ব (ঘোড়া) পাল (যে পালন করে) ৬তৎ] বি, পুং, অশ্বপোষক ; অশ্বরক্ষক ; সহিস।

অশ্ববক্ত্র (অশ্‌শবক্ত্র) [অশ্বের (ঘোড়ার) বক্ত্রের (মুখের) ন্যায় বক্ত্র (মুখ) যাহার, বহু] বি, পুং, কিন্নর। স্ত্রী, **অশ্ববক্ত্রা**—কিন্নরী।

অশ্ববাল (অশ্‌শবাল) [অশ্বের (ঘোড়ার) বাল (কেশর) ৬তৎ] বি, পুং, অশ্বের কেশর ; বালামচি। ২। অশ্বকেশরের আকার বলিয়া কাশপুষ্প ; কেশে।

অশ্ববাহ (অশ্‌শবাহ) [অশ্বের (ঘোড়ার) বাহ (বাহনযোগ্য) (বহ্=বহনকরা+ঘঞ্ কর্ম্মে) ৬তৎ] বি, পুং, অশ্ব যাহাকে বহন করে ; অশ্বসঙ্গী ; অশ্বারোহী ; ঘোড়সওয়ার।

অশ্ববিদ্ (অশ্‌শবিদ্) [অশ্ব (ঘোড়া) বিদ্ (যে জানে)] বি, পুং, যে অশ্ব পালন ও পরিচালন-বিদ্যা জানে ; অশ্ববিদ্যাবিশারদ। ২। নলরাজা।

অশ্বমহিষিকা (অশ্‌শমোহিষিকা) [অশ্ব এবং মহিষ=অশ্বমহিষ+ইক (নিত্য বিরোধার্থে) বি, স্ত্রী, অশ্ব এবং মহিষের ন্যায় নিত্য বিরোধভাব এবং সর্ব্বদা বৈরতা।

অশ্বমুখ (অশ্‌শমুখ্) [অশ্বের মুখের ন্যায় মুখ যাহার, বহু] বি, পুং, কিন্নর ; কিম্পুরুষ ; তুরঙ্গবদন। স্ত্রী, **অশ্বমুখী**—কিন্নরী।

অশ্বমেধ (অশ্‌শমেধ্) অশ্ব (ঘোড়া)—মেধ (বলি) হয় যে যজ্ঞে, বহু] বি, পুং ; যজ্ঞবিশেষ। এই যজ্ঞে মনোহর স্বর্ণবর্ণ মুখ ও শ্বেতবর্ণ কর্ণ সর্ব্বশরীর শ্যামবর্ণ ও চিক্কণ, কিম্বা সর্ব্বাঙ্গ দুগ্ধ-ফেননিভ শুক্ল, কর্ণ শ্যামলবর্ণ—ইহার অন্যতম অশ্বকে বিধিপূর্ব্বক স্নান করাইয়া জয়পত্র কপালে বান্ধিয়া একবৎসর স্বেচ্ছায় বিচরণ করিতে দেওয়া হয়, তৎকালে তাহাকে রক্ষা করত বৎসরান্তে তাহাকে বধ করিয়া তাহার মাংসদ্বারা হোম করিতে হয়।

অশ্বমেধিক (অশ্‌শমেধিক্) [অশ্ব—মেধ (যজ্ঞবিশেষ)+ইক (ন—সংসৃষ্টার্থে, যোগ্যার্থে)] বি, পুং, যে অশ্ব অশ্বমেধ যজ্ঞের উপযোগী ; মেধ্যাশ্ব। ২। অশ্বমেধ যজ্ঞ সম্বন্ধীয় গ্রন্থ। ৩। অশ্বমেধ সংক্রান্ত। ৪। মহাভারতের চতুর্দ্দশ পর্ব্ব।

অশ্বমেধীয় (অশ্‌শমেধীঅ) [অশ্বমেধ (যজ্ঞ) +ঈয় (যোগ্যার্থে)] বি, পুং, অশ্বমেধ যজ্ঞীয় অশ্ব। ২। বিণ, অশ্বমেধ যজ্ঞসম্বন্ধীয়।

অশ্বযুক্ (অশ্‌শজুক্) [অশ্ব (ঘোড়া)—যুজ্ (যোগ করা)+ক্বিপ্, কর্ত্তৃ, জ্=ক্] বি, পুং, যে অশ্ব যোজনা করে। ২। [যে অশ্বের আকারবিশিষ্ট] বি, স্ত্রী, অশ্বিনী নক্ষত্র। ৩। পুং, আশ্বিন মাস।

অশ্বরক্ষ, অশ্বরক্ষক (অশ্‌শরোক্‌খোক্) [অশ্ব (ঘোড়া) রক্ষ (যে রক্ষা করে) ৬তৎ] বি, পুং, অশ্বপাল ; অশ্বপোষক।

অশ্বশালা (অশ্‌শ) [অশ্বের (ঘোড়ার) শালা (গৃহ)—৬তৎ] বি, স্ত্রী, অশ্ব থাকিবার ঘর ; মন্দুরা ; আস্তাবল।

অশ্বশৃগালিকা—বি, স্ত্রী, অশ্ব ও শৃগালের পরস্পর শত্রুভাব।

অশ্বসাদী (অশ্‌শসাদি) [অশ্ব (ঘোড়া) সদ্

(আরোহণ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন) = অশ্বসাদিন্ ১মা ১বচনে অশ্বসাদী, যে অশ্বে আরোহণ করে] বি, পুং, অশ্বারোহী ; ঘোড়সওয়ার।

অশ্বসেন (অশ্ শশেন্) বি, পুং, সনৎকুমারের পিতা। ২। দ্রোণাচার্য্যের সারথি। ৩। নাগরাজ তক্ষকের পুত্র।

অশ্বারি (অশ্ শারি) [অশ্ব (ঘোড়ার) অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, অশ্বের শত্রু ; মহিষ।

অশ্বারূঢ় (অশ্ শারূঢ়) [অশ্ব (ঘোড়া) আরূঢ় (কৃত আরোহণ) ২তৎ বা ৭তৎ, যে অশ্বে আরোহণ করিয়াছে] বি, পুং, যে অশ্বে আরোহণ করিয়াছে ; অশ্বারোহী। ২। অশ্বারোহী যোদ্ধ্ পুরুষ। স্ত্রী, **অশ্বারূঢ়া**।

অশ্বারোহণ (অশ্ শারোহন্) [অশ্ব (ঘোড়া) আরোহণ (চড়া) ৭তৎ] বি, ক্লী, অশ্বে আরোহণ ; ঘোড়ায় চড়া।

অশ্বারোহী (অশ্ শারোহি) [অশ্ব (ঘোড়া) আ—রুহ্ (আরোহণ করা) + ইন্ (ণিন্—কর্ত্তৃ) = অশ্বারোহিন্ ১মা ১বচনে অশ্বারোহী, যে অশ্বে আরোহণ করে] বিণ, অশ্বপৃষ্ঠে আরোহণকারী ; যে ঘোড়ায় চড়ে। ২। অশ্বারোহণ-কৌশলে অভিজ্ঞ।

অশ্বিনী (ওশ্ শিনি) [অশ্ব (ঘোড়া) + ইন্ (সদৃশার্থে) স্ত্রীলিঙ্গে ঈপ্। অশ্ব মস্তকের স্থায় আকার বলিয়া অশ্বিনী] বি, স্ত্রী, আদি নক্ষত্র ; দক্ষ প্রজাপতির কন্যা ; চন্দ্রভার্য্যা। ২। অশ্বিনীরূপধারিণী স্বর্গ-বেশ্যা। ৩। অশ্বিনীকুমারদ্বয়ের জননী [বিশ্বকর্ম্মার কন্যা ও সূর্য্যপত্নী সংজ্ঞা পতির তেজ সহ্য করিতে না পারিয়া অশ্বিনীবেশে উত্তর কুরুবর্ষে ভ্রমণ করিতে থাকেন ; সূর্য্য সন্ধান পাইয়া উত্তরকুরুবর্ষে তাঁহার সহিত সঙ্গত হন। তাহাতে তাঁহাদের আশ্বিন ও রেবন্ত নামে দুই অশ্বিনীকুমারের জন্ম হয়]। ৪। ঘোটকী।

অশ্বিনীকুমার (ওশ্ শিনিকুমার্) [অশ্বিনী (অশ্বরূপিণী সংজ্ঞানামক সূর্য্যপত্নী) তাঁহার কুমার (পুত্র) ৬তৎ] বি, পুং, দেববৈদ্য ; স্বর্গবৈদ্য। উত্তর কুরুবর্ষে সূর্য্যের ঔরসে অশ্বিনীরূপা সংজ্ঞার গর্ভে আশ্বিন ও রেবন্ত নামে দুই যমজ পুত্র জন্মে। ইঁহারা একাকৃতি ছিলেন এবং নিয়ত একত্র অবস্থান করিতেন। ইঁহারা সৌন্দর্য্যের আধার এবং চিকিৎসা বিদ্যায় অদ্বিতীয় পারদর্শী ছিলেন, ইঁহারা সুরূপ ও সুচিকিৎসকের উপমাস্থল।

অশ্বী (ওশ্ শি) (অশ্বরূপিণী সূর্য্যপত্নী) + ইন্ (অপত্যার্থে) = অশ্বিন্ ১মা ১বচনে অশ্বী] বি, পুং, সূর্য্যের ঔরসে অশ্বিনীগর্ভজাত যমজ পুত্রদ্বয় ; স্বর্গবৈদ্য ; অশ্বিনীকুমারদ্বয়। ২। অশ্ব আছে যাহার ; যে অশ্বারূঢ় ; সাদি।

অষ্ট (অশ্ ট) [অশ্ (ব্যাপা) + তন্, শ = ষ, ত = ট] বি, আট সংখ্যা ; ৮। ২। ৮ সংখ্যক বা সংখ্যাবিশিষ্ট। [তুলঃ—গ্রী, octo ; ল্যা, octo, জর্ম্ম, acht. এ্যা-স্যাক্‌সন্, cahta. ইং- eight. হিঃ-আঠ্, বাং আট] **অষ্ট-ঐশ্বর্য্য**—ঈশ্বর বা শিবের অষ্টগুণ ;—অনিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িতা। **অষ্টকাল**—(১) প্রাতঃ, (২) পূর্ব্বাহ্ন, (৩) মধ্যাহ্ন, (৪) সায়াহ্ন, (৫) অপরাহ্ন, (৬) প্রদোষ, (৭) অর্দ্ধরাত্রি, (৮) নিশান্তক। **অষ্টকুলাচল**—মহেন্দ্র, মলয়, সহ্য, শক্তিমান, ঋক্ষ, বিন্ধ্য, পারিযাত্র ও হিমালয় পর্ব্বতমালা। **অষ্টদিক্**—পূর্ব্ব, ঈশান, উত্তর, বায়ু, পশ্চিম, নৈঋর্ত, দক্ষিণ, অগ্নি। **অষ্টদিক্‌পাল**—ইন্দ্র, বহ্নি, যম, নৈঋর্ত, বরুণ, মরুৎ, কুবের, ঈশান। **অষ্টদিগ্‌গজ**—ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্প-দন্ত, সার্ব্বভৌম, সুপ্রতীক। **অষ্টধর্ম্ম**—সত্য, শৌচ, অহিংসা, অনসূয়া, ক্ষমা, অনৃশংস্য, অকার্পণ্য, সন্তোষ। **অষ্টধাতু**—স্বর্ণ, রৌপ্য, তাম্র, পিত্তল, কাংস্য, ত্রপু (রাং) শীশক, লৌহ। **অষ্টনাগ**—অনন্ত, বাসুকি, পদ্ম, মহাপদ্ম, তক্ষক, কুলীর, কর্কট, শঙ্খ। **অষ্টনায়িকা**—মঙ্গলা, বিজয়া, ভদ্রা, জয়ন্তী, অপরাজিতা, নন্দিনী, নারসিংহী, কৌমারী। **অষ্টপারিষদ**—(বিষ্ণুর) নন্দ, সুনন্দ, প্রচণ্ড, চণ্ড, কুমুদ, কুমুদেক্ষণ, বল। **অষ্টপাশ** (মায়াবন্ধন)—ঘৃণা, লজ্জা, মান, অপমান, মোহ, দম্ভ, দ্বেষ, পৈশুন্য। **অষ্টবর্গ**—ঋষভ (ঋষভক), জীবক, মেদ (মেদা), মহামেদ (মহামেদা), ঋদ্ধি, বৃদ্ধি, কাকোলী, ক্ষীরকাকোলী। ২। [জ্যোতিষে] জন্মকালীন শুভাশুভ ফলসূচক চক্রবিশেষ। **অষ্টবসু**—ধর, ধ্রুব, সোম, সাবিত্র, অনল, অনিল, প্রত্যুষ, প্রভাস। মতান্তরে সাবিত্রী ও প্রভাসস্থলে আপ, ও প্রভব বা প্রভাব। [প্রকৃতিবাদ] মতান্তরে ভব, ধ্রুব, সোম, বিষ্ণু, অনিল, অনল, প্রত্যুষ, ও প্রভব [সমর্থ-কোষ]। **অষ্টভৈরব**—অসিতাঙ্গ, রুরু, চণ্ড, ক্রোধোন্মত্ত, ভয়ঙ্কর, কপালী, ভীষণ ও সংহার। **অষ্টমঙ্গল**—ব্রাহ্মণ, গো, অগ্নি, সুবর্ণ, ঘৃত, সূর্য্য, জল ও রাজা। মতান্তরে, সিংহ, বৃষ, হস্তী, জলকুম্ভ, ব্যজন, ধ্বজ, শঙ্খ ও দীপ। ২। মুখ, পুচ্ছ, বক্ষ ও পৃষ্ঠদেশ শুক্লবর্ণ অশ্ব। **অষ্টমূত্র**—ছাগ, মেষ, গো, মহিষ, ঘোটক, হস্তী, গর্দ্দভ ও উষ্ট্র, ইহাদের স্ত্রীজাতির মূত্র। **অষ্টমূর্ত্তি** (শিবের)—সর্ব্বনামে ক্ষিতিমূর্ত্তি, ভব নামে জলমূর্ত্তি, রুদ্র নামে অগ্নিমূর্ত্তি, উগ্র নামে বায়ু, ভীম নামে আকাশ, পশুপতি নামে যজমান, মহাদেব নামে চন্দ্র এবং ঈশান নামে সূর্য্যমূর্ত্তি [তন্ত্রসার]। পঞ্চভূত, চন্দ্র, সূর্য্য, অগ্নি [স্কন্দপুরাণ]। **অষ্টরস**—শৃঙ্গার, বীর, করুণ, অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস, রৌদ্র। **অষ্টলোহক**, **অষ্টলৌহ**—সুবর্ণ, রজত, তাম্র, রঙ্গ, সীস, কান্তলৌহ, মুণ্ডলোহ, তীক্ষ্ণলোহ।

অষ্টক (ক্) [অষ্টন্ (আট) + ক (স্বার্থে)] বি, ক্লী, অষ্ট শ্লোক বিশিষ্ট গ্রন্থ, যে গ্রন্থে আটটী মাত্র শ্লোক আছে কিম্বা অষ্টম অধ্যায়। ২। পাণিনিমুনিকৃত অষ্টাধ্যায়ী গ্রন্থ। ৩। ঋগ্বেদের সূক্ত বিশেষ। ৪। দৃষদ্বতীর গর্ভজাত বিশ্বামিত্রের পুত্র। ৫। সূর্য্যবংশীয় বিকুক্ষির পুত্র। ৬। বিণ, অষ্টসংখ্যক ; অষ্টসংখ্যাপরিমিত।

অষ্টকা [অশ্ (ভোজন করা) + তক (ন) অধি, যে তিথিতে পিত্রাদি উদ্দেশ্যে মৎস্য, মাংস, পিষ্টকাদি দ্বারা ব্রাহ্মণভোজন করান হয়] বি, স্ত্রী, সপ্তম্যাদি তিন তিথি ২। পৌষ, মাঘ, ফাল্গুন এই তিন মাসের কৃষ্ণাষ্টমী। পৌষ মাসের কৃষ্ণাষ্টমীতে পূপাষ্টক, মাঘমাসের কৃষ্ণাষ্টমীতে মাংসাষ্টক, ফাল্গুন মাসের কৃষ্ণাষ্টমীতে শাকাষ্টক শ্রাদ্ধ করিতে হয়, কেহ বলেন আশ্বিন কৃষ্ণাষ্টমীও অষ্টকামধ্যে গণ্য। ৩। পিতৃশ্রাদ্ধ-বিশেষ।

অষ্টকাঙ্গ [অষ্টক (আট) অঙ্গ, যাহার আটটী অঙ্গের বিভাগ করা রহিয়াছে, অর্থাৎ যাহাতে আটটী কোট করা হইয়াছে] বি, ক্লী, পাশার ছক ; পাশার কোট। ২। বিণ, অষ্টাঙ্গ-বিশিষ্ট।

অষ্টধা [অষ্ট + ধা (প্রকার অর্থে] অ, আট প্রকার। ২। আটবিষয়ে। ৩। আটবারে ৪। আটভাগে ; আটখানা। প্র—"অষ্টধা হইয়া দুই তীক্ষ্ণ তরবার"—রঙ্গমতী।

অষ্টপাদ (দ্) [অষ্ট (আটখানি) পাদ (পা) যাহার, বহু] বি, পুং, শরভ। ২। ঊর্ণা ; মাকড়শা। **অষ্টপ্রহর** (প্রোহোর্) [গ্রা, অষ্টম্ প্রহর, আটপহর] বি, দিবারাত্রি। ২। অষ্টপ্রহরব্যাপী সংকীর্ত্তন (এই অর্থেই অষ্টমপ্রহর শব্দের প্রাদেশিক ব্যবহার আছে)।

অষ্টবিধ [অষ্টন্ (আট) বিধা (প্রকার)] যাহার, বহু] বিণ, অষ্ট প্রকার ; আট প্রকার ; অষ্টধা।

অষ্টভুজা [অষ্ট—ভুজ + আ (স্ত্রী)] বিণ, অষ্ট-হস্ত-বিশিষ্টা। ২। দুর্গার মূর্ত্তিভেদ। দুর্গা। প্র—"অন্নপূর্ণা অপর্ণা অন্নদা অষ্টভুজা।" —অন্নদামঙ্গল।

অষ্টম (ম্) [অষ্টন্ (আট) + ম (সংখ্যা পূরণার্থে)] বিণ, আট সংখ্যার পূরক সংখ্যা ; স্ত্রী, **অষ্টমী**—অষ্টম সংখ্যার পূরণকারিণী

স্ত্রী ; ২। তিথিবিশেষ ; চন্দ্রের অষ্টম কলার হ্রাস বা বৃদ্ধি ক্রিয়া যেদিন হয়।

অষ্টমান (ন্) বি, ক্লী, আটমুষ্টি পরিমিত (তণ্ডুলাদির) পরিমাণ। ২। ৩২ তোলা।

অষ্টমিকা [পারিভাষিক শব্দ। আয়ুর্ব্বেদীয় চিকিৎসাশাস্ত্রে] বি, স্ত্রী, চারি তোলা পরিমাণ।

অষ্টরম্ভা [প্রাদে, গ্রা] বি, কিছুই না ; শূন্য ; ফাঁকি।
প্র—ছেলে এদিকে খুব চালাক কেবল লেখা পড়ার বেলাতেই অষ্টরম্ভা।

অষ্টাংশিত [অষ্ট (আট) অংশিত (অংশ-কৃত, বিভক্ত)] বিণ, আট ভাগে বিভক্ত। ২। আট পেজী : octavo.

অষ্টাকপাল, অষ্টকপাল (ল্) [অষ্টন্ (আট) কপাল (কলসের অংশবিশেষ) যে যজ্ঞে সার্দ্ধ অষ্ট কলসী-ঘৃত দ্বারা হোম করে] বি, পুং, যজ্ঞবিশেষ। ২। বিণ, অষ্ট কপালে বা মৃৎপাত্রে পাক করা (অন্ন)। ২। আট-কপালে ; হতভাগ্য ; দরিদ্র।

অষ্টাকষ্টিয়া, অষ্টাকষ্টে (অশ্‌টাকোশ্‌টে) [প্রাদে। অষ্ট—কোষ্ট (প্রকোষ্ঠ—ঘর) + ঈ (সম্বন্ধিত, ঘটিত অর্থে) ৮ ঘর চাল-ঘটিত খেলা] বি, ৪টা কড়ি চালিয়া খেলা। দুই জনে বা দুই পক্ষে ২৫টী ঘরকাটা ছক পাতিয়া এই খেলা খেলিতে হয়, কড়ি চারিটি চালিলে চারটিই উপুড় হইলে ঘুঁটি এক চালেই ৮ ঘর উঠিতে পারে।

অষ্টাঙ্গ [অষ্ট (আটটি) অঙ্গ (অবয়ব) কর্ম্মধা] বি, ক্লী, দেহের অষ্ট অবয়ব। যথা—দুইহস্ত, হৃদয়, কপাল, দুই চক্ষু, কণ্ঠ ও মেরু-দণ্ড। মতান্তরে, দুই হস্ত, হৃদয়, কপাল, দুই চক্ষু, মন এবং বাক্য। মতান্তরে, পায়ের দুই বৃদ্ধাঙ্গুলি, ২হাঁটু, ২হাত, বক্ষ ও নাসিকা। ২। [অষ্ট (আট প্রকার) অঙ্গ (অবয়ব) যাহার, বহু] বি, পুং, যোগের অষ্ট অঙ্গ ; যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান, ধারণা, সমাধি। ৩। প্রাণায়ামের অষ্ট অঙ্গ ; জানু, পদ, হস্ত, উরস্ (বক্ষঃ), বুদ্ধি, শিরস্, বাক্য, চক্ষুঃ। ৪। রাজনীতির অঙ্গভূত অষ্ট উপায়। ৫। পাশা বা অক্ষফলক (ইহার প্রত্যেক পংক্তিতে অষ্ট পদরূপ অঙ্গ আঁকা আছে বলিয়া)।

অষ্টাত্রিংশ [অষ্টন্ (আট অধিক) ত্রিংশৎ (ত্রিশ)—অষ্টাত্রিংশৎ, ম, প, লো, কর্ম্মধা ;—অষ্টাত্রিংশৎ+অ (ড) পূরণার্থে, অষ্টাত্রিংশ] বি, ৩৮সংখ্যা। ২। বিণ, আটত্রিশ সংখ্যার পূরক।

অষ্টাদশ (শ্) [অষ্টাধিক—দশ (ম, প, লো, কর্ম্মধা)] বি, আঠার সংখ্যা। ২। বিণ, আঠার সংখ্যার পূরক।

অষ্টাপদ (দ্) [অষ্টন্ (আট) পদ (স্থান) যাহার, বহু—যাহার প্রতি পঙক্তিতে আটটি স্থান আছে, নিপাতনে অ=আ] বি, পুং, সারি ফলক ; পাশার ছক ; সতরঞ্চ খেলিবার কোট। ২। [প্রাচীন হিন্দুমতে, আট প্রকার লৌহ হইতে অগ্নি-বিকারোৎপন্ন বলিয়া, অথবা অষ্ট (আট প্রকার ধাতুর মধ্যে) পদ (প্রাধান্য) যাহার, বহু] স্বর্ণ।
প্র—"কাঠের সেঁউতী মোর হৈল অষ্টাপদ।"
—অন্নদামঙ্গল।
৩। অষ্টপদ বিশিষ্ট জলজন্তু ; অক্টোপস্ : octopos.
৪। শরভ। ৫। ঊর্ণা।

অষ্টাবক্র [অষ্ট (আট) বক্র (বাঁকা) যাহার, বহু] বি, পুং, উদ্দালক মুনিকন্যা সুজাতার গর্ভে কাহোড় মুনির ঔরসজাত পুত্র : ইহার অষ্ট স্থান বক্র বলিয়া এই নাম।

অষ্টাবক্র সংহিতা (শংহিতা) বি, অষ্টাবক্র ঋষিপ্রণীত সংহিতা : অষ্টাবক্র ঋষি জনক রাজর্ষিকে মোক্ষ-ধর্ম্ম সম্বন্ধে যে উপদেশ করিয়াছিলেন তাহাই এই সংহিতায় লিখিত হয়।

অষ্টাবিংশ [অষ্টাধিক বিংশ] বিণ, ২৮ সংখ্যার পূরক। ২। বি, ২৮ সংখ্যা। **অষ্টাবিংশতি**—আটাশ : ২৮। **অষ্টাবিংশতিতম**—২৮ সংখ্যার পূরক।

অষ্টাশি, শী [অষ্ট (আট) আশি (অশীতি শব্দজ)] বি, ৮৮ সংখ্যা। ২। বিণ, ৮৮ সংখ্যার পূরক। **অষ্টাশীতি**—অষ্টাশি ; ৮৮। **অষ্টাশীতিতম**—৮৮ সংখ্যার পূরক।

(ওশ্‌টি) [অস্ (ক্ষেপণ করা) + তি (কর্ম্মে ক্তি) যাহা কার্য্যের অনুপযোগী বলিয়া নিক্ষেপ করে] বি, স্ত্রী, আঁটি ; বীচি। ২। ষোড়শাক্ষর ছন্দোবিশেষ।

অষ্টেপৃষ্ঠে [অষ্ট (আট) পৃষ্ঠ (পার্শ্ব)] ক্রি-বিণ, আটদিকে ; সর্ব্বাঙ্গে ; সকল পাশে। **অষ্টে পৃষ্ঠে ললাটে**—সর্ব্বাঙ্গে ; সকল দিকে।

অষ্ঠি (ওশ্‌ঠি) [অ—স্থা (শেষ থাকা) + ই, স্থা—ষ্ঠ] বি, ফলের আঁটি ; বীচি।

অষ্ঠীলা—বি, স্ত্রী, বীজ ; আঁটি। ২। বর্ত্তুলা-কৃতি শিলাখণ্ড ; গোল নুড়ি। ৩। নাভির নিম্নে পাষাণ খণ্ডের ন্যায় বাতজন্য রোগ বিশেষ।

অসংখ্য (অশোংখো) [ন=অ (নাই) সংখ্যা (গণনা) যাহার, বহু] বিণ, যাহার সংখ্যা নাই ; সংখ্যাতীত ; অগণনীয় ; অগণ্য।

অসংখ্যাত (অশংখ্যাত) [ন=অ—সংখ্যাত, নঞ্‌তৎ] বিণ, যাহা সংখ্যা করিতে পারা যায় নাই ; অপরিমিত ; অগণিত।

অসংখ্যেয় (অশোংখেয়) [ন=অ—সংখ্যেয়, নঞ্‌তৎ] বিণ, যাহাকে গণনা করা যায় না ; যাহার সংখ্যা নাই ; অগণনীয়।

অসংজ্ঞ (অশংগ) [ন=অ (নাই) সংজ্ঞা (চেতনা) যাহার, বহু] বিণ, সংজ্ঞাহীন ; অসাড় ; জ্ঞানরহিত ; চৈতন্যবিহীন।

অসংবিদান (অশংবিদান) [ন=অ—সংবিদান (সং—সম্যক্—বিদ্ জানা) + আন (কর্ত্তৃ)] বিণ, অজ্ঞান ; অজ্ঞ ; জ্ঞানহীন। ২। [সং (পূর্ব্বার্থে)] পূর্ব্ব প্রতিশ্রুতি রহিত ; অকৃত স্বীকার।

অসংবৃত (শং) [ন=অ (নাই) সং (সম্যক্) বৃ (আবরণ করা) + ত (কর্ম্মে ক্ত) সংবৃত (আচ্ছাদিত) নঞ্‌ তৎ ; যাহাকে সম্যক্ আবরণ করা হয় নাই] বিণ, অনাচ্ছাদিত ; আবরণ শূন্য ; আচ্ছাদনহীন। স্ত্রী, **অসংবৃতা** (বাং অসম্বৃতাও লিখিত হয়)। সম্বোধনে, **অসংবৃতে।**
প্র—"দিগন্তে মেখলা তব টুটে আচম্বিতে
অয়ি অসংবৃতে !"
—রবীন্দ্র (উর্ব্বশী)।

অসংযত (অশংজত) [ন=অ (নাই) সং (সম্যক্) যম্ (বিরত করা, নিবৃত্ত করা) + ত (কর্ম্মে ক্ত) ম্ লোপ, =সংযত, নঞ্‌তৎ যাহাকে সম্যকরূপ বিরত করা হয় নাই] বিণ, যে বিরত নয় ; যে নিবৃত্ত নয় ; যে রুদ্ধ নয়। ২। বন্ধনবিহীন। ৩। অনিয়মিত। ৪। অজিতেন্দ্রিয় ; সংযমহীন।

অসংযম (অশংজম্) [ন=অ (নাই) সংযম (নিবৃত্তি) নঞ্‌তৎ] বি, পুং, নিবৃত্তির অভাব ; ইন্দ্রিয় দমনের অভাব। ২। [নাই সংযম (চিত্তস্থিরতা) যাহার, বহু] যাহার চিত্তের স্থিরতা নাই। ২। অজিতেন্দ্রিয়।

অসংযুক্ত (অশংজুক্ত) [ন=অ (নাই) সং (সম্যক) যুক্ত (মিলিত)=সংযুক্ত, নঞ্‌তৎ] বিণ, যাহা সম্যক মিলিত নহে ; যাহা সংযুক্ত নয় ; অমিলিত ; বিযুক্ত।

অসংযোগ (অশংজোগ্) [ন=অ (না) সংযোগ (মিলন) নঞ্‌তৎ] বি, পুং, মিলনের অভাব ; বিভাগ ; অমিল।

অসংলগ্ন (অশংলগ্‌ন) [ন=অ (না) সংলগ্ন (মিলিত) নঞ্‌তৎ] বিণ, যে মিলিত নহে ; অযুক্ত ; স্বতন্ত্র। ২। পূর্ব্বাপর-বিরুদ্ধ ; অসঙ্গত। ৩। প্রসঙ্গ বহির্ভূত।

অসংশয় (অশংশয়) [ন=অ (না) সংশয় (সন্দেহ) নঞ্‌তৎ] বিণ, নিঃসন্দেহ ; সংশয় রহিত ; নিশ্চিত। ২। [ন=অ (নাই) সংশয় (সন্দেহ) যাহাতে—বহু] ক্রি-বিণ, অসন্দিগ্ধচিত্তে ; নিঃসংশয়ে ; সন্দেহ ব্যতিরেকে।

অসংশয়নীয় (শং) [ন=অ (না) সংশয়নীয়

(সন্দেহের যোগ্য) নঞ্‌তৎ] বিণ. যাহাতে সংশয় হইতে পারে না ; সন্দেহ করিবার অযোগ্য।

অসংশয়ান (অশংশয়ান্) [ন=অ (না) সংশয়ান (সন্দেহকারী) নঞ্‌তৎ] বিণ. যে সংশয়কারী নহে ; অসন্দিহান ; অসংশয়িত-চিত্ত।

অসংশয়িত (শং) [ন=অ (না) সংশয়িত (সংশয়যুক্ত) নঞ্‌তৎ] বিণ. যে সংশয়যুক্ত নহে ; অসন্দিগ্ধ।

অসংশ্লিষ্ট (শং. স্লি) বিণ. যাহা সংশ্লিষ্ট নয় ; অসম্পর্কিত ; সম্বন্ধ রহিত।

অসংসক্ত (অশংশক্ত) [ন=অ (না) সং (সম্যক্) সন্‌জ্ (মিলন বা অনুরাগ করা) +ত (কর্ম্মে বা কর্ত্তৃ—ক্ত)=সংসক্ত, নঞ্‌তৎ] বিণ. অসংশ্লিষ্ট ; আসক্তি রহিত ; সংসর্গ-বিহীন।

অসংসাহসিক (অশংশাহশিক্) [ন=অ (নাই) সং (সংগত) সাহস (নির্ভীক কার্য্য) +ইক (কর্ত্তৃ) নঞ্‌তৎ] বিণ. অসঙ্গত সাহসযুক্ত ; যে অন্যায় সাহস দেখায় ; দুঃসাহসিক। ২। যাহা সাধন করিতে অকুতোভয়ের প্রয়োজন ; যাহাতে বিপদের সম্ভাবনা আছে। বি. **অসংসাহসিকতা।**

অসংস্পৃষ্ট—বিণ. অসংশ্লিষ্ট।

অসংস্কৃত (অশংশ্‌কৃত) [ন=অ (না) সং (সম্যক্) কৃ (করা) +ত (কর্ম্মে ক্ত) সংস্কৃত, নঞ্‌তৎ] বিণ. অমার্জ্জিত ; অপরিষ্কৃত ; ২। শাস্ত্রীয় সংস্কার রহিত ; অনুপনীত ; অকৃতচূড় ; অজাত-সংস্কার। ৩। সংস্কৃত ভাষায় এতদূর অপকৃষ্ট রচনা যে তাহাকে সংস্কৃতই বলা যায় না ; হীন বা অপকৃষ্ট সংস্কৃত। ৪। অপভাষা ; সংস্কৃতের অপভ্রংশ। বি. **অসংস্কার**। স্ত্রী. **অসংস্কৃতা।**

অসংস্কৃতবাক্য (অশংশ্‌কৃতবাক্‌কো) [সংস্কৃত যে বাক্য (কর্ম্মধা) ; ন=অ (না) সংস্কৃত বাক্য (বিশুদ্ধ কথা) নঞ্‌তৎ] বি. ক্লী. সংস্কৃত ভিন্ন বাক্য। ২। অসাধু ভাষা। ৩। অপরিমার্জ্জিত ভাষা ; অপভাষা ; ইতর ও অশিক্ষিত ব্যক্তির কথাবার্ত্তা।

অসংস্থান (অশংস্থান্) [ন=অ (না) সংস্থান (সম্পূর্ণ স্থিতি) নঞ্‌তৎ] বি. ক্লী. সংস্থান না থাকা ; অপ্রতুল ; অসঙ্গতি ; অসদ্ভাব।

অসংহত (শং) [ন=অ (না) সংহত (মিলিত) নঞ্‌তৎ] বিণ. যাহা মিলিত নয় ; যাহা সংলগ্ন নয় ; একত্রাবস্থিত নয় ; বিক্ষিপ্ত। ২। পুং. ব্যূহ বিশেষ।

অসকাল (অশকাল্) [অ (অতিক্রান্তি-বোধক) + সকাল (সময়)] বি. অসময়। ২। অবসান। ৩। সন্ধ্যা ; দিবাবসান। প্র—"অসকালে যাব কোথা। আমি ঘুরে এলাম যথা তথা। দিবা হলো অবসান, তাই দেখে কাঁপিছে প্রাণ, তুমি নিরাশ্রয়ের আশ্রয় হয়ে, স্থান দাও গো জগন্মাতা।"

—রামপ্রসাদ।

"বেলি অসকালে, দেখিনু ভালে,
পথেতে যাইতে সে।"

—চণ্ডীদাস।

৪। [ন=অ—সকাল (শীঘ্র)] বিলম্ব ; দেরি। প্র—"অ-সকাল হয় পাছে পেতে চাই নাথ।"

—ঘনরাম।

অসকৃৎ (শ) [ন=অ (না) সকৃৎ (একবার)] অ. একাধিকবার ; বহুবার ; ভূয়োভূয়ঃ ; পুনঃপুনঃ। [বিরল]

অসক্ত (অশক্ত) [ন=অ—সক্ত (আসক্ত, সংশ্লিষ্ট) নঞ্‌তৎ] বিণ. অসংলগ্ন ; অসংস্পৃষ্ট। ২। অনাসক্ত ; নির্লিপ্ত। ৩। বিরক্ত ; বিষয়ে অনুরাগরহিত। ৪। ফলা-কাঙ্ক্ষা রহিত।

অসগোত্র (শ) [ন=অ—সগোত্র, নঞ্‌তৎ] বিণ. সগোত্র ভিন্ন ; যে এক গোত্রে উৎপন্ন নয় ; অসমান গোত্র ; ভিন্ন গোত্র।

অসঙ্কুচিত (অশোংকুচিতো) [ন=অ—সঙ্কুচিত, নঞ্‌তৎ] বিণ. সঙ্কোচরহিত ; অকুণ্ঠিত। ২। প্রশস্ত ; অকুঞ্চিত। স্ত্রী. **অসঙ্কুচিতা।**

অসঙ্কুল (অশোংকুল্) [ন=অ—সঙ্কুল (বিরুদ্ধ বাক্য) নঞ্‌তৎ] বি. পরস্পর অবিরুদ্ধ বাক্য। ২। [অ—সঙ্কুল (সঙ্কীর্ণ, আকীর্ণ)] অসঙ্কীর্ণ ; বিস্তীর্ণ। ৩। অনাকীর্ণ।

অসঙ্কোচ (শ. চ) [ন=অ—সঙ্কোচ] বি. সঙ্কোচের অভাব। ২। জড়সড়ভাব রাহিত্য। ক্রি. বিণ. **অসংকোচে।**

অসঙ্গ (অশংগ) [ন=অ—সঙ্গ, নঞ্‌তৎ] বিণ. সঙ্গরহিত ; নিঃসঙ্গ। ২। নির্লিপ্ত। ৩। অপ্রতিবদ্ধ। ৪। [নাই সঙ্গ (সম্বন্ধ) যাহার, বহু] সম্বন্ধ রহিত। ৫। বি. পুং. বিষয়ে বিরক্তি ; পুত্র কলত্রাদি ত্যাগরূপ বৈরাগ্য। ৬। পরমাত্মা।

অসঙ্গত (অশঙ্গত) [ন=অ—সঙ্গত, নঞ্‌তৎ] বিণ. অনুপযুক্ত ; অযৌক্তিক ; যুক্তি বিরুদ্ধ। ২। পূর্ব্বাপর-বিরুদ্ধ। ৩। অসম্ভব। ৪। অন্যায্য ; অনুচিত। ৫। অসদৃশ ; বিষম। ৬। অসম্বদ্ধ ; সংসর্গ-চ্যুত। বি. অসঙ্গতি

অসঙ্গতি (অশংগোতি) [ন=অ—সঙ্গতি, নঞ্‌তৎ] বি. স্ত্রী. সম্বন্ধাভাব ; অসংস্থান। ২। পূর্ব্বাপর বিরোধ। ৩। অসংলগ্নতা। ৪। কার্য্য-কারণের ভিন্নদেশবর্ত্তিতারূপ অর্থালঙ্কার বিশেষ। কার্য্য ও কারণ ভিন্ন ভিন্ন আধারে অবস্থিত হইলে এই অলঙ্কার হয় ; separation of cause and effect.—কাব্য-নির্ণয়।

প্র—"শিবের কপালে রয়ে, প্রভুর আহুতি লয়ে,
না জানি বাড়িল কিবা গুণ।
একের কপালে রহে, আরের কপালে দহে,
আগুনের কপালে আগুন॥"

বিণ. অসঙ্গত। —অন্নদামঙ্গল।

অসচ্চরিত্র। (অশচ্চরিৎত্র) [ন-অ—সৎ+চরিত্র, নঞ্‌তৎ] বিণ. যাহার চরিত্র সৎ নহে ; অসাধু ; দুশ্চরিত্র ; চরিত্রহীন। স্ত্রী **অসচ্চরিত্রা**। বি. **অসচ্চরিত্রতা।**

অসৎ (অশৎ) [ন=অ—সৎ (সাধু) নঞ্‌তৎ] বিণ. সৎ ভিন্ন ; নিন্দিত ; গর্হিত ; মন্দ। ২। অসাধু। ৩। সত্তারহিত ; যে বস্তুর বর্ত্তমান সময়ে অভাব আছে ; অবিদ্যমান।

অসৎপথ বি. কুপথ, অসাধুপথ, অসদুপায়। **অসৎপথাবলম্বী** বিণ. কুপথগামী। স্ত্রী. **অসৎপথাবলম্বিনী।**

অসত্তা (শ) [ন=অ—সত্তা] বি. অনস্তিত্ব ; ঐকান্তিকাভাব। ২। মিথ্যা।

অসতর্ক (শ) বিণ. যে সতর্ক নয় ; অসাবধান। বি. **অসতর্কতা।**

অসতী (অশোতি) [ন=অ—সতী (সাধ্বী) নঞ্‌তৎ] বি. স্ত্রী. ব্যভিচারিণী ; কুলটা ; ভ্রষ্টা। ২। বিণ. অসৎস্বভাবা ; কুচরিত্রা।

অসত্য (অশোত্তো) [ন=অ—সত্য, নঞ্‌তৎ] বি. ক্লী. মিথ্যা। ২। বিণ. যাহা সত্য নয় ; অযথার্থ ; অলীক।

অসত্যবাদী (অশোত্তোবাদি) [ন=অ—সত্য —বদ্+ইন্ (গিন্) কর্ত্তৃ=অসত্যবাদিন্ ১মা ১বচনে অসত্যবাদী, নঞ্‌তৎ] বিণ. মিথ্যাবাদী ; অযথার্থবাদী। বি. **অসত্যবাদিতা।**

অসত্যসন্ধ (অশোত্তশন্ধ) [ন=অ (নাই) সত্যে সন্ধা যাহার, বহু] বি. যাহার সত্য ব্যবহারে অভিলাষ নাই ; কপটাচারী ; ।

অসদৃশ [ন=অ—সদৃশ, নঞ্‌তৎ] বিণ. বিষম ; বিসদৃশ। ২। অনুপযুক্ত ; অযোগ্য। ৩। বিরুদ্ধ। ৪। অনুপম ; অতুল্য।

অসদ্‌গ্রাহী (অশদ্‌গ্রাহি) [ন=অ—সৎ—গ্রহ+ইন্ (গিন্) গ্রাহিন্—১মা ১বচনে গ্রাহী, নঞ্‌তৎ] বিণ. যে অনুচিত বিষয়ে দানাদি গ্রহণ করে ; অবৈধ ধন গ্রহণকারী।

অসদ্বৃত্তি (শ) [ন=অ—সৎ—বৃত্তি] বি. কুপ্রবৃত্তি। ২। অসাধু ব্যবহার।

অসদ্ব্যবহার (শ. বৃ) [অসৎ—ব্যবহার] বি. কদাচরণ ; দুর্ব্যবহার।

অসদ্ভাব (অশদ্‌ভাব্) [ন=অ—সদ্ভাব, নঞ্ তৎ] বি, পুং, অসত্তা ; অবিদ্যমানতা। ২। অপ্রতুল ; অসংস্থান। ৩। অপ্রণয় ; মনোমালিন্য। ৪। বিবাদ। ৫। দুরভিসন্ধি। [বিরল]

অসন্তুষ্ট (অশনতুষ্‌ট) [ন=অ—সন্তুষ্ট, নঞ্ তৎ] বিণ, যে সন্তুষ্ট নয় ; সন্তোষরহিত। ২। অতৃপ্ত। ৩। অপরিতুষ্ট ; অপ্রীত ; বিরক্ত। বি, অসন্তুষ্টি।

অসন্তুষ্টি (অসনতুষ্টি) [ন=অ—সন্তুষ্টি, নঞ্ তৎ] বি, স্ত্রী, অসন্তোষ ; অতৃপ্তি ; বিরক্তি। বিণ, অসন্তুষ্ট।

অসন্তোষ (অশনতোষ্) [ন=অ—সন্তোষ, নঞ্ তৎ] বি, পুং, সন্তোষের অভাব। ২। বিরক্তি ; বিরাগ। ৩। অতৃপ্তি।

অসন্দিগ্ধ (ন=অ—সন্দিগ্ধ, নঞ্ তৎ] যাহার সন্দেহ নাই ; সংশয়-রহিত ; সন্দেহশূন্য ; অনিষ্টাশঙ্কা-রহিত ; বিশ্বস্ত। ২। যাহাতে বা যে বিষয়ে সন্দেহ নাই ; নিশ্চিত ; স্থির ; ভরসান্বিত।

অসন্দিহান (অসোন্‌দিহান্) [ন=অ—সন্দিহান, নঞ্ তৎ] বিণ, যে সন্দেহ করে না ; অসংশয়চিত্ত ; অসন্দিগ্ধ।

অসন্নদ্ধ (অশনন্‌ধধ) [ন=অ—সন্নদ্ধ সং—নহ্ (বন্ধন করা) +ত (কর্ম্ম ক্ত) নঞ্ তৎ] বিণ, যাহা বদ্ধ করা হয় নাই ; অবদ্ধ ; বন্ধন রহিত ; খোলা ; আল্‌গা। ২। বর্ম্ম-কবচাদিহীন ; অবর্ম্মিত। ৩। অশ্রেণীবদ্ধ ; অকৃতব্যূহবদ্ধ। ৪। অপরিহিত পরিচ্ছদ।

অসন্নিকর্ষ (অশন্নিকর্ষ) [ন=অ—সন্নিকর্ষ, নঞ্ তৎ] বি, পুং, নিকটতাভাব ; দূরত্ব। ২। বিষয় হইতে মন বা জ্ঞানেন্দ্রিয়ের সম্বন্ধ বা সংযোগ রাহিত্য।

অসন্নিকৃষ্ট (অশন্নিকৃশ্‌ট) [ন=অ—সন্নিকৃষ্ট (নিকটবর্ত্তী) নঞ্ তৎ] বিণ, দূরবর্ত্তী।

অসন্নিধান (অশোন্নিধান্) [ন=অ—সন্নিধান, নঞ্ তৎ] বি, স্ত্রী, অবিদ্যমানতা ; অনুপস্থিতি। ২। দূরত্ব।

অসপত্ন (অশপৎন) [ন=অ (নাই) সপত্ন (শত্রু) যাহার, বহু] বিণ, যাহার শত্রু নাই ; শত্রু রহিত ; নিষ্কণ্টক। ২। [নঞ্ তৎ] শত্রুর অভাব।

অসপিণ্ড (অশপিন্‌ড) [ন=অ (নাই) স (সমান) পিণ্ড যাহার, বহু] বিণ, যাহার সপ্তম পুরুষের সমান পিণ্ড নাই ; সপিণ্ড ভিন্ন ; সপ্তম পুরুষের অন্ত ; যে ক্রমিক সাত পুরুষের মধ্যে নহে।

অসবর্ণ (অশবরুন) [ন=অ—সবর্ণ (একজাতীয়) নঞ্ তৎ] বিণ, অসমানবর্ণ ; বর্ণাশ্রম ধর্ম্মানুসারে ভিন্ন জাতীয়, যথা—ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র পরস্পর অসবর্ণ। ২। ভিন্ন-বর্ণান্তর্গত।

অসভ্য (অশোভ্‌ভ) [ন=অ (না) সভ্য, (সভার যোগ্য) নঞ্ তৎ] বিণ, অসামাজিক ; সভার অযোগ্য ; ভদ্র সমাজের যোগ্য নয়। ২। অশিক্ষিত ; দুর্ব্বিনীত ; অশিষ্ট ; গোঁয়ার।

অসভ্যতা (অশোব্‌ভোতা) [ন=সভ্য—নঞ্ তৎ=অসভ্য+তা (ভাবে)] বি, স্ত্রী, অসভ্যের ব্যবহার ; অশিষ্টতা ; শিষ্ট বা সাধুসমাজ-বহির্ভূত আচরণ।

অসম (অশম, ম্) [ন=অ (না) সম (সমান) একবিধ, নঞ্ তৎ] বিণ, অসমান ; সাদৃশ্যহীন ; যাহাদের পরস্পরের মধ্যে সাদৃশ্য বা সাম্য নাই। ২। বিষম ; বিযোড়।

অসম সাহস—বি, অকুতোভয়তা। বিণ, **অসমসাহসিক, —সাহসী**—অকুতোভয়।

অসমক্ষ (অশমকখ) [ন=অ (না) সং (সম্যক্) অক্ষ (অক্ষিগোচর), সমক্ষ, নঞ্ তৎ] বিণ, যাহা সম্পূর্ণ অক্ষিগোচর নহে ; পরোক্ষ ; অগোচর। ২। ক্রি-বিণ, অসাক্ষাতে।

অসমঞ্জস (অশমনজশ্) [ন=অ—সং (সম্পূর্ণ) অঞ্জ (মিলিত) +অস, কর্ম্মে=সমঞ্জস (সদৃশ) যুক্তিযুক্ত ; নঞ্ তৎ] বিণ, যাহা সম্পূর্ণ মিলিত হয় নাই ; অসদৃশ। ২। অসঙ্গত ; বিষম। ৩। অনুপযুক্ত। ৪। ক্লী, অযুক্ত ; অযুক্তিযুক্ত। ৫। বি, পুং, সগর রাজার জ্যেষ্ঠ পুত্র।

অসমবায়িকারণ (অশমোবাঈ কারোন্) [ন্যায়ের পারিভাষিক শব্দ ন—সমবায়ী= অসমবায়ী (নঞ্ তৎ) যে কারণ ক্রিয়ার-নিমিত্ত-কর্ম্মধা] বি, ক্লী, সমবায়ী কারণের অতিরিক্ত কারণ ; সমবায়ী কারণে সম্বন্ধিত হইয়া যে কারণ হয়। যথা—বস্ত্রের প্রতি সূত্রসংযোগ অসমবায়ী কারণ, সূত্র সমবায়ী কারণ।

অসময় (অশোময়) [ন=অ (না) সময়, নঞ্ তৎ] বি, পুং, অনুপযুক্ত সময় ; অপ্রকৃত সময় ; যাহার যে সময় নহে ; অকাল। প্র—তুমি বড় অসময়ে আসিয়াছ। ২। দুঃসময়। প্র—"ভাল দুঃখ দিলে মাতা পেয়ে অসময়, কিন্তু জননীর হেন যোগ্য কভু নয়।"

—কৃত্তিবাস।

৩। যে সময় অতীত হইয়া যায়।

অসমর্থ (অশমরৃথ) [ন=অ—সমর্থ (কার্য্যক্ষম) নঞ্ তৎ] বিণ, কার্য্যাক্ষম নহে ; অক্ষম, দুর্ব্বল ; অপটু। ২। যে শব্দের যে স্থানে অন্বয় হওয়া উচিত তাহার ব্যতিক্রম।

অসমর্থতা (শ) [অসমর্থ+তা—ভাবে] বি, অক্ষমতা ; দুর্ব্বলতা। ২। অলঙ্কার দোষ বিশেষ ; যে শব্দের যে অর্থ প্রকাশের শক্তি নাই সেই অর্থে তাহার প্রয়োগ। "আমার লপিতে দেহ রাধার নন্দন" [লপিতে =বাক্যে ; রাধার নন্দন=কর্ণ কিন্তু রাধার নন্দন বলিলে শ্রবণেন্দ্রিয় কর্ণ বুঝায় না। এই রূপ উত্তর=বিরাট তনয় (মহাভারত) এবং উত্তর=জবাব ; কিন্তু বিরাটতনয় অর্থে জবাব বুঝায় না। সুতরাং জবাব বা উত্তর অর্থে বিরাট তনয় প্রয়োগ করিলে অসমর্থতা দোষ হয়]।

অসমস্ত (অশোমোস্‌তো) [ন=অ—সমস্ত (সমাস যুক্ত) নঞ্ তৎ] বিণ, যাহা একত্রীকৃত নহে। ২। সমাসরহিত ; সমাসে অযুক্ত। যাহা সমাসযুক্ত নহে।

অসমাঙ্গ (অশমাঙ্গো) [ন=অ—সম (তুল্য) অঙ্গ (অবয়ব) নঞ্ তৎ] বিণ, যাহা সমাবয়ব যুক্ত নহে ; যাহার সকল দিক এক রকম নহে ; সুশৃঙ্খলতাহীন ; unsymmetrical. ২। অসম অঙ্গ যাহার, বহু] যাহার অঙ্গ সমান নহে।

অসমান (অশোমান্) [ন=অ (না) সমান (তুল্য) নঞ্ তৎ] বিণ, যাহা সমান নয় ; অসদৃশ ; যাহা সমতুল্য নহে। প্র—"জলে জলে যোগ্য যোগ্য যুগ্ম যুগ্ম যুঝে। অসমানে নাহি মানে স্বসমানে খুঁজে॥ —শিবায়ন। ২। জাতীয় ভিন্ন ; বিজাতীয়।

অসমাপ্ত (অশমাপ্‌তো) [ন=অ—সমাপ্ত, নঞ্ তৎ] বিণ, সমাপ্ত নয় ; অসম্পূর্ণ ; শেষ রহিত। ২। আংশিক ; অসম্পাদিত। বি, **অসমাপ্তি**।

অসমীক্ষ্যকারিতা (অশোমিক্‌খো) [অস-মীক্ষ্যকারী+তা—ভাবে] বি, স্ত্রী, অগ্রপশ্চাৎ দেখিয়া শুনিয়া কাজ না করা ; অবিমৃশ্য-কারিতা।

অসমীক্ষ্যকারী [সমীক্ষ্য সং—ঈক্ষ (দেখা) +য (প্) দেখিয়া, কারী—কৃ+ইন্ (ণিন্) কর্ত্তৃ, সমীক্ষ্যকারী—ন=অ—সমীক্ষ্যকারী, নঞ্ তৎ] বিণ, যে দোষ গুণ এবং অগ্রপশ্চাৎ না ভাবিয়া কার্য্য করে ; মূর্খ ; গোঁয়ার। স্ত্রী, **অসমীক্ষ্যকারিণী**।

অসমীক্ষ্যভাষী (অশোমিক্‌খো) [ন=অ—(না) সমীক্ষ্য (সম্যক্ বিবেচনা করিয়া) ভাষ্ +ইন্ (ণিন্)=ভাষিন্, ১মা ১বচনে ভাষী (যে বলে) নঞ্ তৎ] বিণ, যে সম্যক্ বিবেচনা না করিয়া হঠাৎ কোন কথা বলিয়া ফেলে। স্ত্রী, **অসমীক্ষ্যভাষিণী**।

অসমীচীন (অশোমীচিন্) [ন=অ—সমীচীন, নঞ্ তৎ] বিণ, অনুত্তম ; অসঙ্গত ; অন্যায়। ২। অনুপযুক্ত।

অসম্পর্ক (অশম্‌পর্ক) [ন=অ—সম্পর্ক, নঞ্ তৎ] বি, পুং, সম্পর্কের অভাব ; সম্পর্ক না থাকা। ২। নাই সম্পর্ক যাহার—বহু] বিণ, সম্বন্ধরহিত।

অসম্পর্কীয় (অশমপোর্‌কিও) ন=অ—সম্পর্কীয়, নঞ্ তৎ] বিণ, যাহার সহিত কোন

রূপ সম্বন্ধ নাই ; সম্বন্ধবিহীন ; অসম্পৃক্ত ; অসংসৃষ্ট।

অসম্পূর্ণ (অশম্‌পূর্ণ) [ন=অ—সম্পূর্ণ, নঞ্‌ তৎ] বিণ, অপূর্ণ ; অসমাপ্ত। ২। যাহা পরিপূর্ণ হয় নাই।

অসম্পৃক্ত (অশম্‌পৃকত) [ন=অ—সম্পৃক্ত, নঞ্‌ তৎ] বিণ, অসম্পর্কিত ; অসম্বন্ধিত ; অসংসৃষ্ট।

অসম্বদ্ধপ্রলাপ (অসম্‌বদ্‌ধপ্রোলাপ্‌) [অসম্বদ্ধ (সম্বন্ধহীন) প্রলাপ (অনর্থক বাক্য, কর্ম্মধা] বি, পুং, সঙ্গতিহীন উক্তি ; সম্বন্ধবিহীন উক্তি ; পাগলের স্থায় কথা ; অর্থহীন বাক্য।

অসম্বদ্ধপ্রলাপী (অসম্‌বদ্‌ধপ্রোলাপী) [অসমদ্ধ–প্রলাপ+ইন্‌ (ণিন্‌) প্রলাপিন্‌, ১মা ১বচনে প্রলাপী (উপপদ)] বিণ, অসম্বদ্ধভাষী ; অর্থহীন বাক্য-প্রয়োগকারী ; পাগলের স্থায় উক্তিকারী।
স্ত্রী, **অসম্বদ্ধপ্রলাপিনী**।

অসম্বদ্ধভাষী (অশম্‌বদ্‌ধভাষি) [অসম্বদ্ধ-ভাষিন্—১মা ১বচনে] বিণ, যে সম্বন্ধহীন ও অর্থহীন কথা বলে ; অসম্বদ্ধপ্রলাপী। স্ত্রী, **অসম্বদ্ধভাষিণী**।

অসম্বন্ধ (অশমবন্‌ধ) [ন=অ (নাই) সম্বন্ধ (মিলন) যাহার—বহু, যাহার সম্বন্ধ নাই] বিণ, সম্বন্ধবিহীন ; অসংলগ্ন। ২। অসঙ্গত ; পূর্ব্বাপর বিরুদ্ধ।

অসম্বর (অশম্‌বর্‌) [ন=অ–সং—বৃ+অ (ল্‌—ভাবে) নাই সম্বর (ধৈর্য্য) যাহার, বহু] বিণ, সম্বরণে অসমর্থ বা অযোগ্য ; অধৈর্য্য ; অসামাল। প্র—"শেষে প্রভু হইলেন বড় অসম্বর।" —চৈতন্যভাগবত।

অসম্বাধ (অশম্‌বাধ্‌) [ন=অ (নাই) সম্বাধা (বাধা, ব্যাধি) যাহার–বহু, সংঘর্ষ রূপ বাধা বা পীড়া রহিত] বিণ, বাধারহিত, বিঘ্নহীন ; সংঘর্ষশূন্য। ২। প্রশস্ত। ৩। বিরল। ৪। জনসঙ্ঘবিহীন।
স্ত্রী, **অসম্বাধা**।

অসম্ভব (অশম্‌ভব্‌) [ন=অ (নাই) সম্ভব (উৎপত্তি) যাহার—বহু] বিণ, যাহা সম্ভব নয় ; দুর্ঘট ; অঘটনীয়। প্র—"একি অসম্ভব কথা শুনে বা কি বল্‌বে লোকে। ঐ যে যার মা জগদীশ্বরী, তার ছেলে মরে পেটের ভুকে॥" —রামপ্রসাদ।
২। অসাধ্য। ৩। অদ্ভুত ; বিস্ময়জনক। ৪। বি, পুং, অলৌকিক ঘটনা।

অসম্ভাবনীয় (অশম্‌ভাবোনিয়ো) [ন=অ—সম্ভাবনীয়, নঞ্‌ তৎ] বিণ, যাহা সম্ভাবনার অতীত ; যাহা হইতে পারে না ; অঘটনীয়।

অসম্ভাবিত (অশম্‌ভাবিত) [ন=অ—সম্ভাবিত, নঞ্‌ তৎ] বিণ, যাহা সম্ভব হইবে বলিয়া পূর্ব্বে মনে করা হয় নাই ; যাহা মনে করা যায় নাই ; অভূত কল্পনা ; অভাবিত ; যাহা হইবে না বলিয়াই অনুমিত।

অসম্ভাব্য (অশম্‌ভাব্‌বো) [ন=অ—সম্ভাব্য (সম্ভাবনার যোগ্য) নঞ্‌ তৎ] বিণ, যাহা সম্ভাবনার যোগ্য নহে ; অসম্ভবপর।
২। অলৌকিক।

অসম্ভ্রম (অশম্‌ভ্রম্‌) [ন=অ—সম্ভ্রম, নঞ্‌তৎ] বি, পুং, অসামান্য ; অমর্য্যাদা ; অসম্মান ; অনাদর। ২। চাঞ্চল্যাভাব ; স্থৈর্য্য। ৩। [নাই সম্ভ্রম (মর্য্যাদা) যাহার, বহু] বিণ, মর্য্যাদারহিত। ৪। [কথ্য] অপদস্থ। প্র—তাঁহাকে অসম্ভ্রম করা ভাল হয় নাই।

অসম্ভ্রান্ত (অশম্‌ভ্রান্‌ত) [ন=অ—সম্ভ্রান্ত, নঞ্‌ তৎ] বিণ, উদ্বেগরহিত ; অচঞ্চল ; স্থিরপ্রকৃতি ; ধীর। প্র—"অসম্ভ্রান্ত চিত্ত" —(মহাভারত,—সিংহ)।
২। সম্ভ্রমশূন্য ; মানমর্য্যাদাহীন ; অভদ্র।

অসম্মত (অশম্মত) [ন=অ—সম্মত (অভিমত) যাহার, বহু] বিণ, যাহার সম্মতি নাই ; যাহার মত নাই ; অপ্রবৃত্ত ; অনভিমত ; অননুমত ; অনিচ্ছুক। ২। অস্বীকৃত। ৩। অপ্রিয়। ৪। প্রতিকূল ; বিরুদ্ধাচারী। বি, অসম্মতি।

অসম্মতি (অসম্মতি) [ন=অ—সম্মতি, নঞ্‌ তৎ] বি, স্ত্রী, অস্বীকার ; অপ্রবৃত্তি ; অমত ; অনিচ্ছা। ২। বিরাগ ; বিরক্তি। বিণ, অসম্মত।

অসম্মান (অসম্‌মান্‌) [ন=অ—সম্মান, নঞ্‌-তৎ] বি, ক্লী, অসম্ভ্রম ; অমর্য্যাদা ; অবমাননা ; হতাদর।

অসম্যক্‌ (অশোম্মক্‌) [ন=অ—সম্যক্‌, নঞ্‌ তৎ] বিণ, অসম্পূর্ণ। ২। অপ্রচুর ; যাহা যথেষ্ট নহে।

অসম্যক্‌কারী (অশোম্মক্‌কারি) [ন=অ—সম্যক, কৃ+ইন্‌=কারিন্—১মা ১বচনে কারী, নঞ্‌ তৎ] বিণ, যে সম্পূর্ণরূপ কার্য্য করে না ; যে কার্য্য অপূর্ণ রাখে।

অসংশ্লিষ্ট (অশম্‌শ্লিশ্‌ট) [ন=অ—সংশ্লিষ্ট—নঞ্‌ তৎ] বিণ, সংস্রবরহিত ; অসম্মিলিত ; সংযোগ রহিত ; অমিশ্র ; অবিমিশ্র।

অসহ (অশহ) [ন=অ—সহ (যে সহ্য করে) নঞ্‌ তৎ] বিণ, ক্ষমাশূন্য ; অমর্ষণ। ২। যাহা সহ্য হয় না ; অসহ্য॥ প্র—"অসহ যাতনা দেব সহিব কেমনে ?" —ব্রজাঙ্গনা। "এ বেশ ভূষণ লহ সখি লহ, এ কুসুম-মালা হয়েছে অসহ, এমন যামিনী কাটিল বিরহ-শয়নে॥" —রবীন্দ্র।

অসহন (অশহন্‌) [ন=অ—সহন—সহ (সহ্য করা) + অন (ট্‌—কর্ত্তৃ)—সংজ্ঞার্থে, গ্রা,—মেয়েলি—অশৈরণ] বি, পুং, শত্রু। ২। ক্লী, অসহিষ্ণুতা ; অধৈর্য্য। ৩। বিণ, অসহিষ্ণু ; ক্ষমাশূন্য ; কাহারও কথা যার গায়ে সহে না। ৪। অসহ্য ; অসহনীয়।

অসহনীয় (অশহনিও) [ন=অ—সহনীয়, নঞ্‌ তৎ] বিণ, সহনাতীত ; যাহা সহা যায় না ; অসহ্য।

অসহমান (অশহমান্‌) [ন=অ—সহমান, নঞ্‌ তৎ] বিণ, সহ্য করিতে অসমর্থ ; যে ক্ষমা করিতে পারে না।

অসহায় (অশহায়্‌) [ন=অ—সহায়, নঞ্‌ তৎ] বিণ, সহায়ের অভাব। ২। [ন=অ—নাই সহায় যাহার, বহু] বিণ, নিঃসহায় ; সহায়হীন ; যাহার সাহায্য করিবার নাই। ৩। সঙ্গরহিত) ৪। নিঃসঙ্গ ; একাকী।

অসহায়ী (অশহাঈ) [ন=অ—সহায়+ইন্‌=সহায়িন্‌ কিম্বা সহ (সঙ্গে) অয়্‌ (গমন করা) + ইন্‌ (ণিন্‌) সহায়িন্‌, ১মা ১বচনে সহায়ী—নঞ্‌ তৎ] যাহার সঙ্গে কেহ গমন করে না। একাকী ; নিরাশ্রয়।

অসহিষ্ণু (অসহিশ্‌টু) [ন=অ—সহিষ্ণু (সহনশীল) নঞ্‌ তৎ] বিণ, যাহার সহিষ্ণুতা নাই ; যে সহ্য করিতে পারে না ; যার ধৈর্য্য নাই ; অধীর। বি, অসহিষ্ণুতা।

অসহিষ্ণুতা [অসহিষ্ণু+তা—ভাবে] বি, স্ত্রী, সহিষ্ণুতাগুণের অভাব ; ধৈর্য্যহীনতা ; অধীরতা।

অসহ্য (অশোঝ্‌ঝ) [ন=অ—সহ্য (সহনীয়) নঞ্‌ তৎ] বিণ, যাহা সহ্য করিতে পারা যায় না ; অসহনীয় ; দুঃসহ।

অসাক্ষাৎ (অশাক্‌খাৎ) [ন=অ—সাক্ষাৎ, নঞ্‌ তৎ] অ, পরোক্ষে ; ইন্দ্রিয়ের অগোচরে। ২। বি, অনুপস্থিতি ; অবর্ত্তমান। প্র—তাহার অসাক্ষাতে কোন কথা হয় নাই।

অসাক্ষাৎকার (অশাক্‌খাৎকার্‌) [ন=অ—সাক্ষাৎ—কার, নঞ্‌ তৎ] বি, পুং, প্রত্যক্ষের অভাব। ২। প্রত্যক্ষের অবিষয়। ৩। পরোক্ষ জ্ঞান। ৪। অদর্শন।

অসাক্ষিক (অশাক্‌খিক্‌) [ন=অ—সাক্ষিন্‌ (সাক্ষাৎ দ্রষ্টা) + ক, ন্‌—লোপ,, নাই সাক্ষী যে বিষয়ে, বহু] বিণ, যে বিষয়ে সাক্ষী নাই ; অবিদ্যমানসাক্ষিক। ২। অপ্রামাণিক।

অসাজন্ত (অশাজন্‌তো) [প্রাদে। ন=অ—সাজন্ত] বিণ, অশোভন ; বেমানান ; যে বা যাহা মানানসই নয় ; তুল্য নয় ; ঠিক যেমনটি হইলে ভাল দেখায়, যে তেমনটি নয় ; যাহা থাপ খায় না। প্র—"আমার একটি মেয়ে আমি কি * * অসাজন্ত বরে দিতে পারি।" —নবীনতপস্বিনী।

অসাড় (অশাড়্‌) [অ—সাড় (সংজ্ঞা, সান) বা অ—সাড় (উত্তর, অনুভূতি, response)] বিণ, অনুভূতিশূন্য ; সংজ্ঞাবিহীন ; অজ্ঞান।

প্র—"জুড়ায় কিবা দহ্ম করে অসাড় বিমুগ্ধ প্রাণে।"—অবসর। বি. অসাড়তা।

অসাড়ে (অশাড়ে) [অসাড় দ্রঃ] ক্রি-বিণ. অজ্ঞাতসারে; অজান্তে। প্র—"অসাড়ে জোঁকের মতন, রক্ত শোষণ।" —মনোমোহন বসু।

অসাধ (অশাধ্) [অ=সাধ (সাধনা, প্রার্থনা, কামনা, ইচ্ছা, অভিলাষ)] বি. অনিচ্ছা; অনভিলাষ।

অসাধারণ (অশাধারন) [ন=অ—সাধারণ, নঞ্ তৎ] বিণ. সাধারণে যাহা দেখা যায় না; অসামান্য। ২। যাহাতে অন্যের সম্বন্ধ নাই; অনন্যসাধারণ। ৩। বিশেষ। ৪। জনসাধারণের যাহাতে অধিকার নাই। [সম—যাহা সকলের বা অনেকের মধ্যে নাই তাহা অসাধারণ। যাহা সকলের বা অনেকের মধ্যে সমান ভাবে বা সমপরিমাণে নাই তাহা অসামান্য। অল্প কতিপয়ের মধ্যে যাহা পাওয়া যায় তাহা অসাধারণ। বহুপরিমাণে যাহা পাওয়া যায় তাহা অসামান্য]।

অসাধারণত্ব (অশাধারোনোৎত) [ন=অ—সাধারণ+ত্ব—ভাবে, নঞ্ তৎ] বি. ক্লী. অসামান্যত্ব; বিশেষত্ব।

অসাধু (অসাধু) [ন=অ—সাধু (সজ্জন) নঞ্ তৎ] বিণ. সাধুভিন্ন; অসৎ; অভদ্র। ২। গর্হিত; নিন্দার্হ। ৩। অপ্রিয়। ৪। অপভ্রংশ; প্রয়োগবিরুদ্ধ ও ব্যাকরণ-দুষ্ট। স্ত্রী. অসাধ্বী—নষ্টচরিত্রা; ভ্রষ্টা; কুলটা।

অসাধ্য (অশাধ্ধ) [ন=অ—সাধ্য—নঞ্ তৎ] বিণ. দুঃসাধ্য; কষ্টসাধ্য; যাহা সম্পন্ন করিতে পারা যায় না; সাধ্যাতীত। ২। যার প্রতিকার হওয়া কঠিন; অপ্রতিকার্য্য; অচিকিৎসনীয়। প্র—শিবের অসাধ্য ব্যাধি।

অসান (ন্) [প্রাদে। অ—সান (সংজ্ঞা, অনুভূতি, সাড়া] বিণ. অসংজ্ঞ; অসাড়; অনুভূতিহীন; বোধশূন্য। প্র—"চুম্বিয়া অসান মুখ দেয় চুপে নীরব বিদায়।" —অশোকগুচ্ছ।

অসাবধান (অশাবোধান্) [ন=অ (না) সাবধান (সতর্ক) নঞ্ তৎ।] বিণ. যে সাবধান নয়; অসতর্ক। ২। কর্ত্তব্য বিষয়ে যাহার মনোযোগ নাই; অনবহিত।

অসাময়িক (অশামইক্) [ন=অ—সময়+ইক (ন্) কর্ত্তৃ=সাময়িক—নঞ্ তৎ] বিণ. যাহা সময়ের উপযুক্ত নয়; অকালিক।

অসামান্য (অশামান্য) [ন=অ—সামান্য (সাধারণ) নঞ্ তৎ] বিণ. যাহা সামান্য নহে; অসাধারণ। ২। [ন=অ (নাই) সামান্য (তুল্যতা) যাহার, বহু] বিণ. অনুপম; তুলনারহিত; অতুল্য। [সম—অলোকসামান্য। অসাধারণ দ্রঃ]

অসামাল (অশামাল্) [সামলান দ্রঃ। গ্রা] বিণ. রক্ষা করিতে অসমর্থ; অসাবধান।

অসামাল হয়ে পড়া—বাহ্যের বেগ ধারণ করিতে অসমর্থ হইয়া কাপড়ে বাহ্যে করিয়া ফেলা। ২। আপনাকে সামলাইতে বা ধরিয়া রাখিতে না পারা। ৩। হঠাৎ সর্ব্বসমক্ষে বিবস্ত্র বা অন্যপ্রকারে বিব্রত হইয়া তাহার প্রতিকার করিতে না পারা।

অসাম্য (অশাম্য) [ন=অ—সাম্য, নঞ্ তৎ] বি. ক্লী. সাদৃশ্যের অভাব; অসাদৃশ্য; অসমানতা; অসমতা; বৈষম্য; inequality.

অসার (অশার্) [ন=অ (নাই) সার (স্থিরাংশ) যাহার, বহু] বিণ. সার বা সত্বরহিত; স্থিরাংশবিহীন। প্র—"তরল বাঁশের বাঁশী নামে বেড়াজাল। * * * * অন্তরে অসার বাঁশী বাহিরে সরল॥"—চণ্ডীদাস। ২। অপদার্থ; অবস্তু। ৩। মিথ্যা; অকিঞ্চিৎকর; বৃথা। প্র—"অসার প্রেমেতে ভুলে কেন হও প্রবঞ্চিত। বিপদ কালে দেখিবে কে তব সুহৃদ কত।" —বিহারীলাল চক্রবর্ত্তী। ৪। দুর্ব্বল।

অসারতা (অশারোতা) [অসার+তা (ভাবে)] বি. স্ত্রী. সারহীনতা; অপদার্থতা। ২। অক্ষমতা। ৩। লঘুতা, জ্ঞান সম্বন্ধে অগভীরতা।

অসি (ওশি) [অস্ (ক্ষেপণ করা)+ই, কর্ম্মে সংজ্ঞার্থে] বি. পুং. খড়্গ; করবাল; তরবারি; খাঁড়া। ["এই অস্ত্রটী অতি পুরাতন, অতি পূর্ব্বকালে ইহা অসি, বিশসন, খড়্গ, তীক্ষ্ণবর্ম্মা, দুরাশদ, শ্রীগর্ভ, বিজয়, ধর্ম্মপাল বা ধর্ম্মমাল, নিস্ত্রিংশ, চন্দ্রহাস, ঋষ্টি, কৌক্ষেয়ক, মণ্ডলাগ্র, করপাল, করবাল, তরবার ও তরবারি এই সকল নামে অভিহিত হইত। বিশেষ বিশেষ লৌহে ইহা বিশেষ বিশেষ পাইন দ্বারা প্রস্তুত হইয়া সুদৃঢ় ও ধারাল হইত, শিল্পি-বিশেষে এমত সুতীক্ষ্ণ অসি পূর্ব্বকালে প্রস্তুত করিত যে অসির আঘাতে প্রস্তরস্তম্ভও কর্ত্তিত হইত, পাথরে আঘাত করিলেও ধার থাকে, ভাঙ্গিয়া যায় না, এরূপ অসি এখন আর দেখা যায় না।"—রত্নমালা ১ম ভাগ। বিশেষ বিবরণ ৺রামদাস সেন কৃত ভারত-রহস্য দ্রঃ। তুল—ল্যা-ensis.] ২। অসিনদী। ইহা কাশীর দক্ষিণ দিকে গঙ্গাতে মিলিত হইয়া উত্তর দিকে বরণানদীর সহিত মিলিত হইয়াছে এই জন্য কাশীর অন্য নাম বারাণসী। প্র—"পুণ্যভূমি বারাণসী বেষ্টিত বরণা অসি, যাহে গঙ্গা আসিয়া মিলিত।"—অন্নদামঙ্গল। "অসি বরুণার মধ্যে তীর্থ বারাণসী। মায়ের করুণা বরুণা-ধারা, অসিধারা অসি।" —রামপ্রসাদ।

অসিক (অশিক্) [অস্ (দীপ্তি পাওয়া)+ইক (ন্) কর্ত্তৃ, সংজ্ঞার্থে] বি. ক্লী. অধর ও চিবুকের মধ্যভাগ।

অসিক্নী (অসিক্নি) [ন=অ—সিত (শুক্ল)+ঈ,ত=ক্ন নিপাত] বি. স্ত্রী. বয়সের সহিত যাহার চুল পাকে নাই; অন্তঃপুরচারিণী অবৃদ্ধা বা যুবতী দাসী। ২। বীরণ প্রজাপতির কন্যা ও দক্ষের পত্নী। ইঁহার অন্য নাম বৈরণী। ইনি হর্য্যশ্বগণের, শবলাশ্বগণের এবং ৬০টী কন্যার জননী। ৩। বর্ত্তমান চন্দ্রভাগা নদী।

অসিগণ্ড (ওশিগনড্) [অসি (ন্যস্ত, স্থাপিত হয়) গণ্ড (গাল) যাহাতে, বহু] বি. পুং. ক্ষুদ্র উপাধান; গাল বালিশ।

অসিচর্ম্ম (ওশিচর্‌মো) [অসি এবং চর্ম্ম (দ্বন্দ্ব)] বি. ক্লী. ঢাল তলোয়ার।

অসিচর্য্যা (ওশিচোর্জ্যা) [অসি—চর্য্যা (গতি পরিচালন] বি. স্ত্রী. অসিচালন-শিক্ষা; অসির ব্যবহার বা প্রয়োগের অভ্যাস।

অসিত (অশিত, ত) [ন=অ—সিত (শুক্লবর্ণ) নঞ্ তৎ] বি. পুং. কৃষ্ণবর্ণ। প্র—অসিতপক্ষ। ২। [ন=অ (নহে) সিত (শুক্লবর্ণ) যাহার, বহু] বি. পুং শনিগ্রহ। ৩। কৃষ্ণপক্ষ। ৪। অসিতনামক মুনি বিশেষ। [এই নামে জনৈক ঋষি হিমালয়ে বাস করিতেন তিনি বুদ্ধের জন্ম সময়ে বুদ্ধকে দেখিতে গিয়াছিলেন, ঠিক Simeon এইরূপ যীশুকে দেখিতে গিয়াছিলেন] ৫। সূর্য্যবংশীয় নৃপতি ভরতের পুত্র [পদ্মপুরাণ ও হরিবংশে ইনিই বাহু নামে উক্ত]। ৬। পর্ব্বত-বিশেষ। ৭। বিণ. কৃষ্ণবর্ণবিশিষ্ট; শ্যামল।

অসিতা (অশিতা) [ন=অ—সিত (শুক্ল)+স্ত্রী—আপ্, নঞ্ তৎ] বি. স্ত্রী. অন্তঃপুরচারিণী অবৃদ্ধা দাসী; অসিক্নী। ২। স্বনামখ্যাতা স্বর্গবেশ্যা। ৩। অম্লিকা; তেঁতুল; ৪। নীলীবৃক্ষ। ৫। শ্যামলা।

অসিতাঙ্গ (অশিতাংগ) বি. ভৈরব-বিশেষ। ২। বিণ. কৃষ্ণবর্ণ দেহ। স্ত্রী. অসিতাঙ্গী।

অসিতাপাঙ্গী (অশিতাপাংগি) [অসিত (কৃষ্ণ) অপাঙ্গ (চক্ষুর প্রান্ত ভাগ) যে স্ত্রীর, বহু] বি. স্ত্রী. কাল চক্ষু-বিশিষ্টা; অসিতলোচনা; যে স্ত্রীর নয়নতারা কৃষ্ণবর্ণ।

অসিতার্চ্চি (অশিতার্চি) [মুলশব্দ অর্চ্চিস্, অসিত (কৃষ্ণবর্ণ) অর্চ্চিস্ (প্রভা) যাহার, বহু, যাহার প্রভা কৃষ্ণবর্ণ] বিণ. কৃষ্ণবর্ণাভ; কৃষ্ণপ্রভ। ২। বি. পুং. অগ্নি।

অসিতোৎপল (অশিতোৎপল্) [অসিত (কৃষ্ণবর্ণ বিশিষ্ট) উৎপল (পদ্ম) কর্ম্মধা] বি. ক্লী. নীলকমল; ইন্দীবর; নীল পদ্ম।

অসিদংষ্ট্র (ওশিদংশ্‌ট্র) [অসি (খড়্গ)

হইয়াছে দংষ্ট্রা (দন্ত) যাহার বহু, যাহার দন্ত অসির ন্যায় ধারাল] বি, পুং মকর; হাঙ্গর।

অসিদ্ধ (অশিদ্‌ধ) [ন=অ—সিদ্ধ (সম্পূর্ণ) নঞ্‌তৎ] বিণ, যাহা উষ্ণ জলে ভাপানো নয়; অপক্ক। ২। অসম্পন্ন; অনিষ্পন্ন। ৩। অপ্রমাণিত; অপ্রতিষ্ঠিত। ৪। সিদ্ধিরহিত; সফলতা রহিত; নিষ্ফল।

অসিদ্ধি (অশিদ্‌ধি) [ন=অ—সিদ্ধি (নিষ্পত্তি) নঞ্‌তৎ] বি, স্ত্রী, অনিষ্পত্তি। ২। সফলতারাহিত্য: নিষ্ফলতা। ৩। [ন্যায় দর্শনে] অসিদ্ধি: অপ্রসিদ্ধি; প্রসিদ্ধির অভাব; হেতু দোষ।

অসিধাবক (ওশিধাবোক্) [অসি—ধাব্ (শুদ্ধি করা, পরিষ্কার করা)+অক, কর্তৃ, যে খড়্গ ধারাল করে] বি, পুং, যে অস্ত্রাদির ধার তীক্ষ্ণ করে; শাণকার।

অসিধারক (ওশিধারোক্) [অসি—ধারক (যে ধরে)] বিণ, খড়্গধারী। ২। অস্ত্র-পরিষ্কারক।

অসিধারা (ওশিধারা) [অসি=ধারা (ধার, প্রান্ত)] বি, স্ত্রী, খড়্গের অগ্রভাগ।

অসিধারাব্রত (ওশিধারাব্রোতো) বি, যুবক-যুবতীর অবিকৃতচিত্তে একত্র বাসরূপ ব্রত।

অসিধেনু,—ধেনুকা (ওশি) [অসি—ধেনু (ধনুস্‌শব্দজ) ধনুকের ন্যায় অসি (ক) প্রত্যয়ে ধেনুকা] বি, স্ত্রী, ছুরিকা; ছুরি। ২। ভোজালে। ৩। ছোরা।

অসিপত্র (ওশিপৎত্র) [অসির ন্যায় ধারাল, পত্র যাহার, বহু] বি, পুং, খড়্গের ন্যায় তীক্ষ্ণপত্র-যুক্ত বৃক্ষ ইক্ষু। ২। নরকবিশেষ; অসিপত্রবন (দ্রঃ)। ৩। ক্লী, অসিকোষ; খড়্গের খাপ্। ৪। ইক্ষু পত্রের আকারের ন্যায় উত্তরদিকে ধারযুক্ত খড়্গ। ৫। গণ্ডানামক তৃণ।

অসিপত্রবন (ওশিপৎত্রবন্) [অসিপত্র-বন, অসিপত্রের বন হইয়াছে যেখানে, বহু] বি, ক্লী, নরকবিশেষ; যে নরকের বৃক্ষপত্র সকল তীক্ষ্ণধার অসির মত। অকারণে বৃক্ষচ্ছেদনকারী ও শাস্ত্রলঙ্ঘনকারীর ঐ নরকে গতি হয় স্মৃতিতে এরূপ উক্ত হইয়াছে।

অসিপুচ্ছ (ওশিপুচ্ছ) [অসির ন্যায় ধারাল পুচ্ছ (লেজ) যাহার, বহু] বি, পুং, শিশুমার; শুশুক; শঙ্কর মৎস্য।

অসিপুত্রী, অসিপুত্রিকা (ওশিপুৎতৃকা) [অসি—পুত্রী (কন্যা) ৬তৎ;+ক=অসি-পুত্রিকা, ক্ষুদ্র বলিয়া পুত্রী শব্দ দ্বারা বিশেষিত করা হইয়াছে] বি, স্ত্রী, খঞ্জর; ছোরা; ছুরি; ছুরিকা।

অসিসাধক (ওশিশাধোক্) [অসি-সাধক] বিণ, যে অসিসাধনা করে; অসিচালনা, অসি ব্যবহার ও অসিযুদ্ধকৌশল সাধনাকারী; অসি-জীবী; যোদ্ধা; রণবীর। প্র—"কঠোর-হৃদয় অসি-সাধক বীরের রসনায় এত মধু সঞ্চিত থাকিতে পারে ইহা আমার জানা ছিল না।" —নবাবনন্দিনী (দামোদর)।

অসিহেতি (ওশি) [অসি (খড়্গ) এবং হেতি (ঢাল) আছে যাহার, বহু] বি, পুং অসিচর্মচারী যোদ্ধা; খড়্গধারী যোদ্ধৃপুরুষ।

অসীম (অশীম্) [ন=অ (নাই) সীমা (প্রান্তভাগ) যাহার, বহু] বিণ, সীমাহীন; অশেষ; অনন্ত। ২। প্রভূত; অত্যধিক। প্র—অসীম সাহস; অসীমশক্তি।

অসু (ওশু) [অস্ (হওয়া)+উ (ন) করণে, সংজ্ঞার্থে] বি, পুং, শরীরস্থ পঞ্চবায়ু: প্রাণ, অপান, সমান, উদান এবং ব্যান। ২। প্রাণ; life.

অসুকর (শুকর্) [ন=অ-সুকর (সহজ) নঞ্‌তৎ] বিণ, দুঃসাধ্য; দুষ্কর; কৃচ্ছ্র। প্র—"অসুকর কার্য্যে ব্যাপৃত"—মহাভারত।

অসুখ (অশুখ্) [ন=অ—সুখ্ (সুখী হওয়া) +অ (ল্—ভাবে)] বি, ক্লী, সুখাভাব; ক্লেশ; মনস্তাপ; দুঃখ। ২। অশান্তি। ৩। অতৃপ্তি। প্র—"বসি আলিসার আড়ে ভিজে কাক ডাক ছাড়ে মনের অসুখে।"—রবি। "কেউ চেনে সুখ, কেউ বা অসুখ কেউ কাঁদে কেউ যায় হেসে॥" —অতুলকৃষ্ণ মিত্র। ৪। রোগ; ব্যাধি; পীড়া। ৫। বিণ, দুঃখিত; দুঃখজনক। **অসুখ করা**—ক্রি, রোগ হওয়া।

অসুখড় (অশুখড়্) [অ—সুখ; ড় (দ)। প্রাদেশিক] বিণ, অসুখদ; অসুখদাতা। প্র—"ডরাইয় নাই সই, আমি অসুখড় নই, বড় সুখ পাবে আলিঙ্গনে।"—শিবায়ন।

অসুখ-বিসুখ (অশুখ্‌বিশুক্) [ন=অ—সুখ, এবং বি (বিগত) সুখ, অনির্দিষ্ট ইত্যাদি বাচক শব্দদ্বৈত] বি, অসুখ ও তদানু-ষঙ্গিক আরো কিছু; নানারূপ অসুখ।

অসুখাবহ (অশুখাবহ) [অসুখ—আবহ (জনক, বহনকারী) আ—বহ্—(জন্মান) +অ (চ্—কর্তৃ)] বিণ, অসুখের জনক; পীড়াকর; ক্লেশাবহ।

অসুখিত (অসুখিত) [অসুখ+ত (কর্মে—ক্ত)] বিণ, অসুখপ্রাপ্ত; পীড়িত; দুঃখিত।

অসুখী (অশুখি) [অসুখ+ইন, অস্ত্যর্থে= অসুখিন্ ১মা ১ বচনে অসুখী] বিণ, যে অসুখে আছে; যে সুখে নাই; দুঃখিত; পীড়িত; দুঃখী। স্ত্রী, **অসুখিনী** (প্রাদে)।

অসুন্দর (অশুন্দর্) [ন=অ—সুন্দর; নঞ্‌তৎ] বিণ, যে সুন্দর নয়; কুৎসিত; বিশ্রী; কুরূপ। ২। অশোভন। ৩। অসঙ্গত; অযুক্ত। ৪। অপ্রিয়।

অসুভৃৎ (ওসুভৃৎ) [অসু (প্রাণ) ভৃ (ধারণ করা)+ক্বিপ্, কর্তৃ] বিণ, যে প্রাণ-ধারণ করে; প্রাণী; জীবন্ত; সজীব।

অসুমান্ (ওশুমান্ [অসু (প্রাণ)+মতু (অস্ত্যর্থে)=অসুমৎ ১মা ১বচনে অসুমান্] বি, পুং; প্রাণী; সজীব।

অসুমার (অশুমার্) [সং—অ+ফা—শুমার (গণনা)—যাহার গণনা নাই] বিণ, অগণিত; গণনাতিরিক্ত; পরিমাণাতীত; অপর্য্যাপ্ত; অফুরন্ত; অঢেল।

অসুর (ওশুর্) [ন=অ (বিরোধ) সুর (দেবতা) যাহারা দেবতার সহিত বিরোধ করে, অথবা ন=অ (নাই) সুরা (সুধা) যাহাদের, বহু। যাহারা সমুদ্রমন্থনোত্থিত সুধা পায় নাই] বি, পুং, সুরবিরোধী; দানব [দৈত্য দ্রঃ]। ২। ময়নামক দানবের পুত্র। ৩। সূর্য্য। ৪। রাহু। স্ত্রী, **অসুরী**—অসুর-পত্নী। ২। রাই সরিষা। [তুল—পারসীক অহুর]।

অসুরা (ওশুরা) বি, স্ত্রী, রাত্রি। ২। রাশি।

অসুলভ (অশুলভ্) [ন=অ—সুলভ, নঞ্‌তৎ] বিণ, দুর্লভ; আয়াসলভ্য; কষ্টলভ্য।

অসুস্থ (অশুসথ) [ন=অ—সুস্থ, নঞ্‌তৎ] বিণ, সুস্থ নয়; রুগ্ন; পীড়িত। [প্রা, বাং —**আসোয়াস্থ** (পদ্মাপুরাণ, বিজয় গুপ্ত)]।

অসুস্থতা (অশুসথোতা) [ন=অ—সুস্থ+তা—ভাবে, নঞ্‌তৎ] বি, পীড়া বা অসুস্থের অবস্থা; অস্বাস্থ্য বেয়ারাম। ২। অশান্তি।

অসূক্ষ্মদর্শী (অশুক্‌খোদোর্শি) [ন=অ—সূক্ষ্ম—দৃশ্+ইন্ (ণিন্)=দর্শিন্ ১মা ১বচনে দর্শী] বিণ, যে সূক্ষ্ম দর্শন করে না; অতীক্ষ্ণ-বুদ্ধি; অপরিণামদর্শী; স্থূলদর্শী। [তুল—বিপরীত শব্দ—কুশাগ্রবুদ্ধি]।

অসূয়ক (অশূয়ক্) [অসু (অনাদর করা)+অক, যে অসূয়া করে] বিণ, পরগুণে দোষারোপ-কারী; নিন্দক; হিংসুক।

অসূয়া (অশুআ) [অসু (অনাদর করা)+অ (ঙ্—ভাবে) য আগম, স্ত্রী, আপ্] বি, স্ত্রী, পরগুণের অনাদর; (তাহা হইতে) নিন্দা; (শেষে) ঈর্ষা; হিংসা; দ্বেষ। ২। স্পর্দ্ধা। ৩। ক্রোধ।

অসূয়াপর, অসূয়াপরতন্ত্র (অশুআপর্) [অসূয়া—পর, পরতন্ত্র (পরবশ) ৬তৎ] বিণ, ঈর্ষাপরবশ; ঈর্ষাযুক্ত; হিংসাপরায়ণ; বিদ্বেষ-যুক্ত।

অসূয়াপরবশ (অশুআপরবশ্) [অসূয়ার পরবশ (অধীন) ৬তৎ] বিণ, অসূয়াপরতন্ত্র; ঈর্ষাধীন।

অসূর্য্যম্পশ্যা (অশূর্জম্‌পোশ্‌শা) [ন=অ—সূর্য্যম্ (সূর্য্যকে)—পশ্য=দৃশ্+য (খশ্) কর্তৃ,

যে দেখে] বিণ. যে সূর্য্যের মুখ পর্য্যন্ত দেখে না। স্ত্রী. **অসূর্য্যম্পশ্যা**—যে অন্তঃপুরচারিণী কখন সূর্য্যেরও মুখ দেখিতে পায় না ; লোকনয়নান্তরালে স্থিতা যাহাকে পতি ভিন্ন অন্য কোন পুরুষ দেখিতে পায় না। প্র—"তুমিত অসূর্য্যম্পশ্যা গৃহ-কোণে অমাবস্যা !" —গোবিন্দদাস (কুঙ্কুম)

অসূর্য্যম্পশ্যরূপা (অসূর্জম্‌পশ্‌শোরূপা) [অসূর্য্যম্পশ্য—রূপ—যাহার, বহু] বি. স্ত্রী. যে স্ত্রীর রূপ সূর্য্যের সুতরাং পর পুরুষের দৃষ্টিগোচর হয় নাই, যে অন্তঃপুরচারিণী কখন গৃহের বাহির হয় না।

অসৃক্ (ক্) [অস্ (ক্ষেপণ করা)+ঋজ্ (কর্ম্মে)—যাহা ধমনিপথে শরীরে সর্ব্বত্র বিক্ষিপ্ত হয় বি. শোণিত ; রক্ত ; রুধির। ২। [রক্তবর্ণ হেতু] কুঙ্কুম। ৩। মাহেন্দ্র, বিষ্কম্ভ প্রভৃতি ২৭যোগের (কালাংশ, ক্ষণ) মধ্যে যোগবিশেষ।

অসৃগ্ধরা [অসৃক্ (রক্ত)—ধর (যে ধরে) উপপদ] বি. স্ত্রী. ত্বক্ ; চর্ম্ম।

অসেচনক (অশেচনক্) [ন=অ (হয় না) সেচন—(ক্ষরণ, বিচ্যুতি) যাহা হইতে—বহু. ক (স্বার্থে)] বিণ. যাহার রূপ দেখিলে নয়ন ও মন তাহা হইতে বিচ্যুত হয় না বা সরে না ; অতিপ্রিয়দর্শন ; যাহাকে দেখিলে আনন্দের সীমা থাকে না। [আসেচন আসেচনকও হয়। সংস্কৃতের অনুবাদ গ্রন্থ ব্যতীত বাঙ্গালায় ইহার ব্যবহার বিরল]।

অসৈরন (অশৈরন্) [প্রাদে। গ্রা। অসহন শব্দের অপভ্রংশ—মেয়েলী কথায় ব্যবহৃত] বি. অসহ্য ব্যবহার ; অন্যায় আচরণ ; মন্দ চরিত্র ; যে আচরণ অসহনীয় বা সহা যায় না। প্র—"অসৈরণ সইতে নারি......... ।"

অসৌজন্য [ন=অ—সৌজন্য, নঞ্ তৎ] বি. অভদ্রতা ; ভদ্রতার অভাব।

অসৌরস (অশৌরশ্) [অম্বরস শব্দজ] অবনিবনাও ; মনোভঙ্গ ; বিবাদ ; মনোমালিন্য।

অসৌষ্ঠব (অশৌশ্‌ঠব্) [ন=অ—সৌষ্ঠব (সৌন্দর্য্য) নঞ্ তৎ] বি. ক্লী. অসৌন্দর্য্য ; মালিন্য। ২। [ন=অ (নাই) সৌষ্ঠব-(সৌন্দর্য্য) যাহার, বহু] বিণ. অশোভন ; অসুষ্ঠু ; সৌন্দর্য্যহীন। ৩। সামঞ্জস্যহীন। ৪। অগোছাল। ৫। [অলঙ্কার শাস্ত্রে] স্মরদশা-বিশেষ।

অসৌহার্দ্দ, অসৌহৃদ্য (শৌ. হৃদ্দ) বি. বন্ধুত্বাভাব।

অস্খলিত (অশ্‌খোলিত) [ন=অ—স্খলিত (পিছলিয়া পতিত) নঞ্ তৎ] বিণ. যাহা বিচ্যুত হয় না। ২। যাহা পতিত হয় না ; অপতিত। ৩। অবাধ ; অপ্রতিহত। অচঞ্চল ; অবিচলিত ; স্থির।

অস্ত (অস্‌ত) [অস্ (ক্ষেপণ করা)+ত (অধি—ক্ত) গ্রহাদির অস্ত অর্থাৎ অদর্শন হয় যেখানে বহু] বি. পুং. পশ্চিমাচল ; অস্তাচল। ২। [+ক্ত—ভাবে] ক্লী. চন্দ্রসূর্য্যাদির অস্ত গমন ৩। শেষ ; অবসান। ৪। মৃত্যু ৫। [কর্ম্মে ক্ত] বিণ. নিরস্ত।

অস্তগত (অস্‌তোগত) [অস্ত—গত] বিণ অতিক্রান্ত দৃষ্টি ; অদৃশ্য : দৃষ্টিবহির্ভূত। ২। পশ্চিমাচলে বা দিগ্বলয়ের নিম্নদেশে দৃষ্টির অন্তরালে প্রস্থিত ; অস্তমিত।

অস্তগিরি—বি. পুং. যে পর্ব্বতের অপর পার্শ্বে সূর্য্য গমন করিলে দৃষ্ট হয় না ; অস্তাচল।

অস্তব্যস্ত (অস্‌তব্‌বস্‌তো) [প্রয়োগভেদে—আস্তেব্যস্তে—তাহা হইতে মেয়েলী ভাষায়—আথি-বিথি (ভারতচন্দ্রে) অস্ত-ব্যস্ত উভয়ই অস্ ধাতুজ, অস্=ক্ষেপণ করা। অস্থিরতার আধিক্যার্থে ব্যস্তশব্দের সহচর অস্ত] বিণ. অতিব্যস্ত অস্থির ; ব্যতিব্যস্ত। ২। ক্রি-বিণ. ক্ষিপ্রতার সহিত : তাড়াতাড়ি। ব্যাকুলতাপূর্ব্বক। [আস্তেব্যস্তে দ্রঃ]।

অস্তমন (ন্) বি. সূর্য্যের অস্তগমন।

অস্তময় (য়্) [অস্ত—ই (গমন করা)+অ (ল্—ভাবে) ই=অয়, ম আগম] বি. পুং. সূর্য্যের অস্তগমন। [উদয়ের বিপরীত] ২। বিনাশ ; ধ্বংস। বিণ. অস্তমিত।

অস্তমিত [অস্তম্—ইত (গত)] বিণ. অস্তগত। ২। বিলুপ্ত ; অবসানপ্রাপ্ত ; ৩। ক্ষয়প্রাপ্ত ; নষ্ট।

অস্তর (র্) [ফা—অস্‌তর্] বি. জামা প্রভৃতির ভিতরে যে কাপড় লাগান হয়। ২। [অস্ত্রের অপভ্রংশ] যন্ত্রাস্ত্র ; হাতিয়ার ; শিল্পকারের যন্ত্র ; চিকিৎসকের ব্যবহার্য্য অস্ত্র ; instruments. ৩। পলস্ত্রা ; plaster. **অস্তরকরা**—চিকিৎসককর্ত্তৃক ফোড়া প্রভৃতি কাটা ; শরীরের দূষিত অংশে অস্ত্রপ্রয়োগ করা। প্র—ফোড়া অস্তর করা।

অস্তাচল (অস্‌তাচল্) [অস্ত—অচল (পর্ব্বত) ম, প, লো, কর্ম্মধা] বি. পুং. অস্তগিরি ; সূর্য্যের অস্তগমন স্থান। প্র – "ভানুগেছে অস্তাচলে" – – গান।

অস্তি (ওস্‌তি) [অস্ (হওয়া)+তি, বর্ত্তমান-কালে প্রথম পুরুষের এক বচনের বিভক্তি কিম্বা ভাবে তি (ক্তি)] ক্রি. আছে। ২। বি. সত্তা ; থাকা। [এই শব্দটী সংস্কৃতশব্দমিশ্রিত কবিতাদিতে প্রযুক্ত হইতে দেখা যায় তাহাও বিরল ; কিন্তু নঞ্ যোগে ইহার ব্যবহার প্রায়ই দেখা যায়। নাস্তি দ্রঃ। "অস্তি নাস্তি ন জানন্তি আমি বেটা মরি খেটে।" —ঈ. গুপ্ত]। ৩। জরাসন্ধের কন্যা ও কংসের পত্নী।

অস্তিত্ব (ওস্‌তিত্ত) [অস্তি (আছে অর্থে অব্যয় শব্দ)+ত্ব—ভাবে] বি. ক্লী. সত্তা। ২। বিদ্যমানত্ব ; স্থায়িত্ব।

অস্তিনাস্তি (ওস্‌তিনাস্‌তি) [অস্তি—ন+অস্তি] অ. থাকা না থাকা—থাকুক আর নাই থাকুক। প্র—"অস্তিনাস্তি ন জানন্তি আমি বেটা মরি খেটে"।—ঈশ্বর গুপ্ত। [অস্তি দ্রঃ]

অস্তু (ওসতু) [অস্ (হওয়া)+তু, অনুজ্ঞার প্রথম পুরুষ একবচন] ক্রি. হউক ; অনুজ্ঞা। বাঙ্গালায় ইহার স্বতন্ত্র প্রয়োগ নাই কিন্তু শব্দান্তরের সহিত মিলিত প্রয়োগ আছে, যথা—"দীর্ঘায়ুরস্তু" "তথাস্তু" "সিদ্ধিরস্তু"। প্র—"তথাস্তু বলিয়া দেবী দিলা বর দান"—অন্নদামঙ্গল।

অস্তেয় [ন=অ—স্তেয় (স্তেন=চুরি করা+য় ; ন লোপ] বি. অন্যায় পূর্ব্বক পরধন গ্রহণ না করা ; চুরি না করা।

অস্তোদয় (য়্) [অস্ত এবং উদয় (দ্বন্দ্ব)] বি. পুং. সূর্য্যের অদর্শন এবং প্রকাশ ; উদয়াস্ত। ২। সূর্য্যের অস্ত হইতে উদয় পর্য্যন্ত কাল। ৩। ক্রি-বিণ.—সূর্য্যাস্ত হইতে সূর্য্যোদয়কাল পর্য্যন্ত।

অস্ত্যথ (ওস্‌তথ) বি. যতদিন অস্থি থাকিবে ততদিন প্রাণ থাকিবে ; অস্থিগত। প্র—"অন্নদার অনুগ্রহে পরাণ বিয়োগ নহে অস্থি মধ্যে অস্ত্যথ জীবন।"—ভারতচন্দ্র। [অপ্র]

অস্ত্র (অস্‌ত্র) [অস্ (ক্ষেপণ করা)+ত্র (কর্ম্মে ত্রন, সংজ্ঞার্থে)—যাহাকে ক্ষেপণ করা যায়] বি. যাহা নিক্ষেপ করিয়া বিপক্ষকে প্রহার করিতে হয় ; ক্ষেপ্য প্রহরণ : আয়ুধ ; any weapon that is shot or thrown [Haughton.] ২। ধারাল যন্ত্র ; an edged tool ; an instrument. ৩। শস্ত্র। (শস্ত্র দ্রঃ। তুল—"এক হস্তে হলযন্ত্র অপর হস্তে রণশস্ত্র"—অক্ষয়কুমার দত্ত (উপাসক-সম্প্রদায়)। [দ্রঃ—অস্ত্র, যাহা ছুঁড়িয়া মারিবার যোগ্য। যন্ত্রচালিত প্রহারককে অস্ত্র বলে : যথা—ঐন্দ্রাস্ত্র : বায়ব্য-অস্ত্র (air-gun) আগ্নেয়াস্ত্র (কামান, বন্দুক, শতঘ্নী, ক্ষুদ্র-নালিক, বৃহন্নালিক প্রভৃতি) শক্তি, পরিঘ ইত্যাদি। শস্ত্র, যাহা ছুঁড়িয়া মারিবার নহে, হাতে করিয়া প্রহার করিতে হয়। যথা—অসি, গদা, পরশু ইত্যাদি। কিন্তু সাধারণতঃ অস্ত্র এবং শস্ত্র একই অর্থে ব্যবহৃত হয়। স্থলবিশেষে শর অস্ত্র বা শস্ত্র মধ্যে পরিগণিত হয় নাই। প্র—"সর্ব্বশাস্ত্র-পারদর্শী বীরদ্বয় কিয়ৎক্ষণ এইরূপে অস্ত্রযুদ্ধ করিয়া পরিশেষে শরযুদ্ধে প্রবৃত্ত হইলেন।"

—মহা-বন (বর্দ্ধমান)]।

অস্ত্র-শস্ত্র—সর্ব্বপ্রকার প্রহরণ ; প্রহরণাদি ; উভয় প্রহারকরণ ও প্রহার নিবারণের যোগ্য

আয়ুধ ; আক্রমণ ও আত্মরক্ষার উপযোগী অস্ত্রাদি।

[দ্রঃ—প্রাচীন ভারতে প্রচলিত যুদ্ধোপযোগী কতিপয় প্রসিদ্ধ অস্ত্রশস্ত্রের নাম (বিবরণ স্ব স্ব স্থানে দ্রষ্টব্য।—(১) অসি (২) ইষু (৩) কুন্ত (৪) গদা (৫) গোশীর্ষ (৬) চক্র (৭) টাঙ্গী (৮) তোমর (৯) দণ্ডকণ্টক (১০) দ্রুঘ্ন (১১) পট্টিশ (১২) পরশু (১৩) পরিঘ (১৪) পাশ (১৫) পিনাক (১৬) প্রাস (১৭) বজ্র (১৮) বৃহন্নালিক (১৯) ভিন্দিপাল (২০) ভুসুণ্ডী (২১) ময়ুখী (২২) মুদ্গর (২৩) মুষল (২৪) লগুড় (২৫) লঘিত্র (২৬) লঘুনালিক (২৭) লাঙ্গল বা সীর (২৮) শক্তি (২৯) শতঘ্নী। যে সকল যুদ্ধাস্ত্রের নাম পাওয়া যায় কিন্তু আকার ও ব্যবহার কৌশল জানা নাই তন্মধ্যে কতিপয়—(১) অবিদ্যা (২) ঐন্দ্রচক্র (৩) কালচক্র (৪) ক্রৌঞ্চাস্ত্র (৫) গান্ধর্ব্ব (৬) গারুড়াস্ত্র (৭) জৃম্ভকাস্ত্র (৮) দণ্ড (৯) দণ্ডচক্র (১০) ধর্ম্মচক্র (১১) নন্দন (১২) নাগাস্ত্র (১৩) নারাচ (১৪) প্রশমন (১৫) প্রস্বাপন (১৬) বরুণপাশ (১৭) বর্ধণ (১৮) বায়ুঅস্ত্র (১৯) বিদ্যা (২০) বিলাপন (২১) ব্রহ্মশির (২২) মোদকী (২৩) শূল (২৪) শোষণ (২৫) সন্তাপন (২৬) হয়শির।]

অস্ত্রচিকিৎসা (শা) [অস্ত্র দ্বারা চিকিৎসা, ৩তৎ] বি, স্ত্রী, ক্ষতাদি রোগের উপশমার্থ-অস্ত্রপ্রয়োগ দ্বারা চিকিৎসা ; surgery.

অস্ত্রধারী [অস্ত্র—ধৃ (ধারণ করা) + ইন্ (ণিন্) কর্ত্তৃ = ধারিন্ ১মা ১বচনে ধারী, যে অস্ত্র ধারণ করে] বিণ, গৃহীতাস্ত্র ; সশস্ত্র। ২। যোদ্ধৃ-পুরুষ ; সৈনিক ; শাস্ত্রী।

অস্ত্রবিদ্ (অস্ত্রোবিদ্) [অস্ত্র – বিদ্ (জানা) + ক্বিপ্ কর্ত্তৃ] বিণ, যে অস্ত্র ব্যবহার করিতে জানে ; অস্ত্রজ্ঞ।

অস্ত্রবৈদ্য (অসত্রোবৈদ্দ) বি, অস্ত্র চিকিৎসক ; a surgeon.

অস্ত্রহীন (অসত্রোহিন) বিণ, অস্ত্রশূন্য ; নিরস্ত্র ; unarmed.

অস্ত্রাগার (র্) [অস্ত্র—আগার (গৃহ) ৬তৎ] বি, ক্লী, অস্ত্র রাখিবার স্থান ; আয়ুধাগার ; অস্ত্রালয় ; শেলাখানা ; armoury.

অস্ত্রাঘাত (ত্) [অস্ত্র দ্বারা আঘাত, ৩তৎ] বি, ক্লী, অস্ত্র প্রহার।

অস্ত্রালয় (য়) [অস্ত্র—আলয় (গৃহ) ৬তৎ] বি, ক্লী, অস্ত্রাগার ; শেলাখানা ; armoury.

অস্ত্রাহত [অস্ত্রদ্বারা আহত ৩তৎ] বিণ, যাহাকে অস্ত্রদ্বারা আঘাত করা হইয়াছে; অস্ত্রের আঘাত প্রাপ্ত।

অস্ত্রী (ওস্ত্রি) [অস্ত্র + ইন (অস্ত্যর্থে) = অস্ত্রিন্ ১মা ১বচনে অস্ত্রী] বিণ, অস্ত্রধারী।

অস্থান (অস্থান্) [ন=অ (অপ্রশস্ত) স্থান] বি, ক্লী, অযোগ্য স্থান। ২। মন্দ স্থান কুস্থান ; জঘন্যস্থান। অপবিত্র দেশ। ৩। অযোগ্য পাত্র।

৪। [ন=অ (নাই) স্থান যাহাতে—বহু] বিণ, অস্থল ; অতি গভীর ; অতলস্পর্শ।

৫। ক্রি-বিণ, অনুচিত স্থলে বা ক্ষেত্রে।

(২) অযথাকালে। ক্রি-বিণ, **অস্থানে**—অযথাস্থানে : শরীরের সাজ্যাতিক অংশে মর্ম্মস্থানে। **স্থানে-অস্থানে**—শরীরের এমন কোন অনির্দ্দিষ্ট স্থানে যথায় আঘাত লাগিলে প্রাণ-সংশয় হইতে পারে। প্র—ঢিল ছুঁড়িও না স্থানে অস্থানে লাগিয়া যাইবে। গ্রা—**থানেঅথানে**।

অস্থাবর (র্) [ন=অ—স্থাবর (স্থিতিশীল) নঞ্ তৎ] বিণ, যাহা স্থাবর ভিন্ন; যাহা একস্থান হইতে স্থানান্তরে যাইতে পারে বা লইয়া যাওয়া যাইতে পারে ; গমনশীল ; জঙ্গম ; moveable. ২। [ব্যবহারশাস্ত্রে] যে সম্পত্তি বা বিষয় স্থানান্তরিত করা যাইতে পারে, যেমন গহনা-পত্র ; টাকাকড়ি ; তৈজসপত্রাদি ; moveable. property.

অস্থায়িতা [ন=অ=স্থা + ইন্ (ণিন্) স্থায়িন্ + তা (ভাবে)] বি, স্ত্রী, স্থায়ী না হওয়ার অবস্থা ; অচিরস্থায়িতা ; নশ্বরতা।

অস্থায়ভাব (ব্) বি, পুং, যে ভাব চিরস্থায়ী নয়।

২। [অলঙ্কারে] যে ভাব আমাদের অন্তঃকরণে অক্ষুণ্ণ ও দৃঢ় রূপে বদ্ধমূল বা স্থায়ী না হইয়া কখন আবির্ভূত এবং কখন তাহা হইতে অন্তর্হিত হয় তাহাকে অস্থায়িভাব, সঞ্চারিভাব এবং ব্যভিচারিভাব বলে।

অস্থায়ী (অস্থাই) [ন=অ—স্থা (থাকা) + ইন্ (ণিন্) স্থায়িন্ ১মা ১বচনে স্থায়ী ; নঞ্-তৎ] বিণ, যে স্থায়ী নয় ; যাহা অধিকদিন থাকে না ; অল্পকাল স্থায়ী ; বিনাশী ; ক্ষণভঙ্গুর।

অস্থি (ওস্থি) [অস্ (ক্ষেপণ করা) + থি (ক্) কর্ম্মে] বি, ক্লী, শরীরস্থিত সপ্ত ধাতুর অন্তর্গত একপ্রকার ধাতু : হাড়।

[তুল—গ্রী, osteon. ল্যা, ossis, os]

অস্থিচর্ম্মবিশিষ্ট [অস্থি এবং চর্ম্ম দ্বারা বিশিষ্ট (দ্বন্দ্ব-গর্ভ ৩ তৎ)] বিণ, যাহার কেবল অস্থি এবং চর্ম্ম মাত্রই আছে ; অমাংসল ; অতিকৃশ ; অস্থিচর্ম্মসার। ২। যে দেহ অস্থি ও চর্ম্মময়।

অস্থি-চর্ম্মসার (ও—শার্) [যাহার অস্থি এবং চর্ম্ম মাত্রই সার (স্থিরাংশ) রহিয়াছে] বিণ, অস্থি চর্ম্মাবশিষ্ট : অতিশয় কৃশ ; জীর্ণ ; শীর্ণ। ২। মুমূর্ষু।

অস্থিচর্ম্মাবশিষ্ট [অস্থি এবং চর্ম্মদ্বারা অবশিষ্ট (দ্বন্দ্বগর্ভ ৩ তৎ)] বিণ, যাহার শরীরে হাড় এবং চামড়া ভিন্ন আর কিছুই নাই,—এরূপ দেখায় ; শীর্ণ ; অতিকৃশ। ২। মুমূর্ষু।

অস্থিজ (ওস্থিজ) [অস্থি—জ (জন + ড—কর্ত্তৃ)] বি, পুং, যে অস্থির মধ্যে জন্মে ; মজ্জা।

অস্থিতপঞ্চ (ত্) [ন=অ—স্থা (থাকা) + ত—ভাবে, নাই—স্থিতি (সত্তা, নিত্যতা) যাহার, বহু, এতাদৃশ পঞ্চ (কর্ম্মধা)] বি, নশ্বর যে পঞ্চভূতময় সৃষ্টি। ২। [অস্থিরপঞ্চক দ্রঃ] চিন্তাকুলতা : কিংকর্ত্তব্য-বিমূঢ়তা। প্র—"অস্থিতপঞ্চে পড়েছি কিছুই স্থির কত্তে পাচ্চিনে"—লীলাবতী।

অস্থিতপাটীগণিত (অস্থিত্ পাটীগোণিত্) রাশির হ্রাস বৃদ্ধি ঘটিত বা অস্থিত গণনামূলক সংখ্যাশাস্ত্র বা অঙ্কশাস্ত্র ; arithmetic of infinites.

অস্থিতুণ্ড (ওস্থিতুনড্) [অস্থি (হাড়) তুণ্ড (মুখ) অস্থিময় হইয়াছে তুণ্ড যাহার, বহু] বি, পুং, স্ত্রী, পক্ষী।

অস্থিপঞ্জর (ওস্থিপনজর্) [অস্থি (হাড়) পঞ্জর (পিঞ্জর) হাড়ের পিঞ্জর] বি, পুং, দেহ, চর্ম্ম, মাংস, মেদ ও রক্ত হীন হইলে যে অস্থি সমূহ অবশিষ্ট থাকে ; পিঞ্জরাকার অস্থিসমূহ ; কঙ্কাল-দেহ ; কঙ্কাল ; হাড়পাঁজরা। কঙ্কাল দ্রঃ।

অস্থিবিদ্যা (ওস্থিবিদ্দ্যা) বি, স্ত্রী, শরীরস্থ অস্থি সম্বন্ধীয় শাস্ত্র ; Osteology.

অস্থিভঙ্গ (ওস্থিভংগো) [অস্থি—ভঙ্গ, ৬তৎ] বি, পুং, আঘাতজনিত জীব-দেহের হাড় ভাঙ্গিয়া যাওয়া ; অস্থিভেদ ; fraction of bone. ২। হাড়ভাঙ্গা গাছ।

অস্থিভূয়িষ্ঠ (ওস্থিভুইষ্ঠ) [অস্থি—ভূয়িষ্ঠ (বহু + ইষ্ঠ—বহুস্থানে ভূ আদেশ ও য-আগম) —বহুল হইয়াছে যাহাতে, বহু] বিণ, অনেক অস্থি বিশিষ্ট ; অস্থিবহুল।

অস্থিভেদ (ওস্থিভেদ্) [অস্থি—ভেদ, ৬তৎ] বি, পুং, অস্থিভঙ্গ দ্রঃ।

অস্থিভেদী (ওস্থিভেদি) [অস্থি—ভেদ + ইন্ (ণিন্) ভেদিন্ ১মা ১বচনে ভেদী, যে অস্থি ভেদ করে] বিণ, যে অস্থি ভাঙ্গিয়া দেয় ; হাড়ভাঙ্গা ; অস্থিভঙ্গকারী।

অস্থিমালী (ওস্থিমালি) [অস্থি—মালা + ইন্—অস্ত্যর্থে, যাহার হাড়ের মালা আছে] বি, পুং, শিব ; মুণ্ডমালী। ২। বিণ, অস্থি-মালাধারী। স্ত্রী, **অস্থিমালিনী**—কালী।

অস্থির (র্) [ন=অ—স্থির (স্থায়ী) নঞ্ তৎ] বিণ, যে স্থির নহে ; অস্থায়ী ; নশ্বর। ২। অধীর ; চঞ্চলমতি। ৩। উদ্বেগযুক্ত ; আকুল ; উৎকণ্ঠিত ; ব্যাকুল। ৪। সন্দেহাকুল। ৫। অমীমাংসিত ; অনিশ্চিত।

অস্থিরচিত্ত (র্) [ন=অ (নাই) স্থির চিত্ত যাহার—বহু] বিণ, যাহার চিত্ত ব্যাকুল

হইয়াছে ; ব্যাকুল-হৃদয় ; আকুল-প্রাণ। ২। চিত্তের স্থিরতাহীন ; অব্যবস্থিতচিত্ত।

অস্থিরতা, অস্থিরত্ব [অস্থির+তা, ত্ব (ভাবে)] বি, স্ত্রী, ক্লী, অস্থায়িত্ব ; নশ্বরতা ; ভঙ্গুরতা। ২। চাঞ্চল্য ; চিত্তের তরলতা। ৩। উদ্দেশ্যের নিত্যপরিবর্ত্তনশীলতা।
৪। সন্দেহ বা সংশয়বুদ্ধিতা। ৫। ব্যাকুলতা; উৎকণ্ঠা ; উদ্বেগ।

অস্থিরপঞ্চক, অস্থিরপঞ্চম (অস্থির্পন্চক্, ম্) বি, পাটীগণিতে অঙ্কবিশেষ ; চারিজন সন্ন্যাসীর রুটি খাওয়ার অঙ্ক ; indeterminate equation ; anomalous cases of arithmetical calculation (এই অঙ্ক অত্যন্ত কঠিন বলিয়া কষিতে বিশেষ চিন্তার আবশ্যক হয়, সেইজন্য ইহার এইরূপ অর্থ হইয়াছে)। ২। চিন্তাকুলতা ; মহা-ভাবনাযুক্ততা ; কিংকর্ত্তব্য-বিমূঢ়তা।

অস্থিরবায়ুমণ্ডল (অস্থির্বায়ুমোনডল্) [পারিভাষিক শব্দ] বি, ক্লী, বায়ুমণ্ডলের যে প্রদেশে কখন প্রবল বেগে বাত্যা প্রবাহিত হয় এবং কখন নির্ব্বাত স্থির থাকে ; regions of the variable wind and calms.

অস্থিশৃঙ্খলা (ওস্থিস্হংখলা) [অস্থি—শৃঙ্খলা (শিকল)—অস্থির শৃঙ্খলা ভাঙ্গিয়া গেলে যথাস্থানে নিবিষ্ট হয় যাহাদ্বারা] বি, স্ত্রী, গ্রন্থিমান্ বৃক্ষ ; হাড়যোড়া।

অস্থিসঞ্চয় (ওস্থিশন্চয়্) [অস্থির—সঞ্চয় (একত্রীকরণ) ৬তৎ] বি, পুং, মৃতব্যক্তির চতুর্থ দিবসে সন্তানের কর্ত্তব্য দগ্ধ দেহের অস্থিসংগ্রহরূপ কার্য্য।

অস্থিসন্ধি (ওস্থিশোন্ধি) [অস্থি—সন্ধি (সংযোগস্থান) ৬তৎ] বি, স্ত্রী, অস্থিদ্বয়ের মিলন স্থল। ২। ভগ্ন অস্থিদ্বয়ের মিলন (joints) বা সংযোজন।

অস্থিসমর্পণ (ওস্থিশমর্পন্) [অস্থির সমর্পণ, ৬তৎ] বি, ক্লী, মৃতব্যক্তির দাহাবশিষ্ট অস্থি গঙ্গা-গর্ভে নিক্ষেপরূপ অনুষ্ঠান।

অস্থিসার (ওস্থিশার্) [অস্থি (হাড়)—সার (অবশেষ) বহু] বিণ, কঙ্কালাবশেষ ; হাড়সার ; অতিকৃশ ; বিশীর্ণ। প্র—"লম্বোদর, অস্থিসার, শিরা গণা যায়।" —কৃত্তিবাস। ২। [অস্থি+সার (সারাংশ)—৬তৎ] বি, পুং, মজ্জা ; marrow.

অস্থূল (অস্থূল্) [ন=অ (না) স্থূল (মোটা)] বিণ, স্থূলতাবিহীন ; সূক্ষ্ম ; কৃশ ; রোগা।

অস্থৈর্য্য (অস্থৈর্জ) [ন=অ—স্থৈর্য্য (স্থিরতা) নঞ্ তৎ] বি, ক্লী, স্থৈর্য্যাভাব ; অস্থিরতা। ২। অস্থায়িত্ব ; নশ্বরত্ব ; ভঙ্গুরতা।

অস্নাতক (অস্নাতোক্) [ন=অ—স্নাতক, নঞ্ তৎ] বি, পুং, যে স্নান করে নাই। ২। যে ব্যক্তি ব্রহ্মচর্য্যব্রত যথাবিধি পালন করিয়া গৃহস্থাশ্রমে প্রবিষ্ট হয় নাই।

অস্পন্দ [ন=অ+স্পন্দ(স্পন্দ্+অল্—ভাবে)] বিণ, স্পন্দনহীন ; অনড় ; অচঞ্চল ; স্তব্ধ। প্র—"অস্পন্দ অন্তরে যেন স্তব্ধ ধরাতল।" —পলাশি (নবীনচন্দ্র)।

অস্পর্শ্য (অশ্পর্‌শ) [ন=অ—স্পৃশ্+ণিচ্ (স্বার্থে)=স্পর্শি+য (কর্ম্মে)] বিণ, যাহাকে স্পর্শ করা উচিত নয় ; অস্পৃশ্য ; অস্পর্শনীয়। ২। অগ্রাহ্য ; যাহা গ্রহণ যোগ্য নহে ; অখাদ্য।

অস্পর্শনীয় (অশ্পরশনিঅ) [ন=অ—স্পর্শ—স্পৃশ্+অনীয় (কর্ম্মে)] বিণ, স্পর্শের অযোগ্য ; অস্পৃশ্য।

অস্পষ্ট (অশ্পষ্‌ট) [ন=অ—স্পষ্ট, নঞ্ তৎ] বিণ, যাহা স্পষ্ট বা সম্যক্ ইন্দ্রিয়গোচর নহে। ২। অব্যক্ত ; অপরিস্ফুট ; অস্ফুট। ৩। যাহা সম্যক্ জ্ঞানগম্য নহে ; যাহাকে সম্পূর্ণ রূপে ধারণা করা যায় না। ৪। যাহা পড়া যায় না ; অদৃশ্য। প্র—লেখাটা ক্রমশঃ অস্পষ্ট হইয়া যাইতেছে। বি, অস্পষ্টতা।

অস্পষ্টতা (অশ্পশ্টোতা) [অস্পষ্ট দ্রঃ] বি, স্ত্রী, অস্ফুটতা ; জড়তা।

অস্পষ্টভাষী (অশ্পষ্‌টভাষি) [অস্পষ্ট—ভাষ্+ইন্ (ণিন্)—ভাষিন্—১মা ১বচনে ভাষী] বিণ, যে স্পষ্ট কথা কহে না ; যে স্পষ্ট উচ্চারণ করে না। স্ত্রী, **অস্পষ্ট-ভাষিণী**।

অস্পৃশ্য (অশপৃশ্‌শ) [ন=অ—স্পৃশ্ (স্পর্শ-করা)+য (ক্যপ্) কর্ম্মে—অর্হার্থে, নঞ্ তৎ] বিণ, স্পর্শ করিবার অযোগ্য। ২। অশুচি। ৩। ঘৃণ্য।

অস্পৃষ্ট (অশ্পৃষ্‌ট) [ন=অ-স্পৃশ্+ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহাকে স্পর্শ করা হয় নাই ; অস্পর্শিত ; যাহাকে ছোঁয়া হয় নাই। ২। যে খাদ্য বা পানীয় এখনও মুখে স্পর্শ করা হয় নাই।

অস্পৃহ (অশ্পৃহো) [ন=অ (নাই) স্পৃহা—যাহার, বহু] বিণ, স্পৃহাশূন্য ; নিঃস্পৃহ ; অনাসক্ত ; উদাসীন। বি, **অস্পৃহা**—অনাসক্তি ; অনিচ্ছা ; বৈরাগ্য।

অস্ফুট (অশ্ফুট) [ন=অ—স্ফুট (বিকাশ-প্রাপ্ত) নঞ্ তৎ] বিণ, অপ্রাপ্ত-বিকাশ ; অবিকসিত ; আফোটা ; অফুটন্ত ; অফুট। প্র—"যবে দেখেছিনু তায়, প্রভাত প্রভায় বসন্ত-কুঞ্জ-কাননে—সেহি অস্ফুট-দল কলিকা বিমল মৃদু বিচলিত পবনে।" —বিজয়চন্দ্র মজুমদার (কলিকা ও ফুল)। ২। অনভিব্যক্ত ; অব্যক্ত ; যাহা মুখ ফুটিয়া বলা হয় নাই। ৩। অতিমৃদু। প্র—অস্ফুটস্বরে ক্রন্দন। ৪। (দৃষ্টি সম্বন্ধে) অস্পষ্ট। প্র—অস্ফুট রেখাঙ্কন।
৫। (শ্রবণসম্বন্ধে) অস্পষ্ট ; আধ আধ (কথা)। প্র—শিশুর অস্ফুট কথা শুনিতে বড়ই মধুর। ৬। (অর্থ বা তাৎপর্য্য সম্বন্ধে) অস্পষ্ট ; অপরিস্ফুট। প্র—বাক্যের অন্তর্গত দুরূহ শব্দগুলির অর্থ এখন আর অস্ফুট নাই। ৭। কাকলি ; মধুর অস্ফুট সূক্ষ্মধ্বনি। ৮। কোলাহলে পরিণত ; কলরবসঙ্কুল। প্র—"চারিদিকে সমুত্থিত অস্ফুট আরাব
"সে অস্ফুটধ্বনি ক্রমে পূরে রসাতল
ঢাকিয়া সিন্ধুর নাদ গভীর নিনাদে ;"
—বৃত্রসংহার।

অস্ফুটবাক্ (অশ্ফুটবাক্) [অস্ফুট (অব্যক্ত) হইয়াছে বাচ্—বাক্ (বাক্য) যাহার, বহু] বিণ, অস্পষ্টবক্তা ; হাবা।

অস্মদ্ (অশ্শদ্) [অস্ (হওয়া)+মদ্—কর্ত্তৃ—উত্তম পুরুষ] এই সংস্কৃত শব্দটীর বঙ্গভাষায় যথাবৎ ব্যবহার আছে] সং, আমি ; আমরা। ২। মদীয় ; আমাদের। প্র—অস্মদ্-সমাজে।

অস্মদাদি (অশ্শদাদি) [অস্মদ্ (আমরা)—আদি (প্রভৃতি)] বি, পুং, আমরা এবং আর আর বা অন্যান্য ব্যক্তি ; আমাদের সদৃশ লোক ; আমরা এবং আমাদের স্বশ্রেণীস্থ ব্যক্তিবর্গ বা দলবল।

অস্মদীয় (অশ্শদিঅ) [অস্মদ্+ঈয় (ইদমর্থে)] বিণ, আমাদের সম্বন্ধীয় ; আমাদিগের সংক্রান্ত; আমাদের।

অস্মিতা (ওশ্শিতা) [অস্মি (আমি)+তা—ভাবে] বি, স্ত্রী, "আমি এই" এইরূপ অহঙ্কার ; অহং জ্ঞান ; আমিত্ব। ২। [সাংখ্যদর্শনে] প্রধান পুরুষের অভেদরূপ অভিমান ; মোহ।

অস্র (অস্স্র) [অস্ (ক্ষেপণে)+র (কর্ম্মে) —রোগ বিনাশ জন্য যাহা ক্ষেপণ করা যায়] বি, ক্লী, রক্ত। ২। [দুঃখ, শোক ও হর্ষাদি বশতঃ যাহা নিক্ষিপ্ত হয়] অশ্রু।

অস্রপ (অস্স্রপ্) [অস্র—প (পা—পানে+অ—কর্ত্তৃ—ড) যে রক্ত পান করে (উপপদ)] বি, পুং, রাক্ষস। স্ত্রী, **অস্রপা**—রাক্ষসী ; জলৌকা ; জোঁক ; মশা প্রভৃতি রক্তাহারী জীব।

অস্রু (ওস্স্রু) [অস্ (ক্ষেপণ করা)—রু (কর্ম্মে—সংজ্ঞার্থে)] বি, ক্লী, চক্ষের জল ; নেত্র-ধারা। অশ্রু দ্রঃ। [অপ্র]

অস্বচ্ছন্দ (অশ্শছ্ছন্দ) [ন=অ (নাই) স্ব (আপনার) ছন্দ (অভিলাষ) যাহার, বহু] বিণ, যে আপনার ইচ্ছাধীন নহে ; পরাধীন ; অস্বাধীন। ২। অস্বস্তিযুক্ত ; অকষ্টবদ্ধ।

অস্বতন্ত্র (অশ্শতন্ত্র) [ন=অ (নাই) স্ব (আপনার) তন্ত্র (প্রাধান্য) যাহার, বহু] বিণ,

অস্বাধীন ; পরায়ত্ত ; পরাধীন ; পরবশ। স্ত্রী. **অস্বতন্ত্রা**—পরাধীনা নারী।

অস্বস্ত (অশ্‌শস্ত) [অ—সু (শুভ, সুন্দর) —অস্ত (শেষ)] বিণ. অশুভ ; অসুন্দর। ২। দুরন্ত ; অশান্ত।

অস্বপ্ন (অশ্‌শপ্‌ন) [ন=অ (নাই) স্বপ্ন (নিদ্রা) যাহার, বহু] বি, পুং, দেবতা ; অমর। ২। বিণ. নিদ্রাবিহীন ; স্বপ্নশূন্য। পদ্যে—অস্বপন। প্র—"জাগ্রত কি অস্বপন দৈত্যহারী দেব ?" —বৃত্রসংহার।

অস্বর (অশ্‌শর্) [ন=অ (অপ্রশস্ত)—স্বর, নঞ্‌তৎ] বিণ. কর্কশস্বরযুক্ত। ২। বি, পুং, স্বরভিন্ন বর্ণ ; ব্যঞ্জনবর্ণমাত্র। ৩। উদাত্তাদি স্বররহিত লৌকিক উচ্চারণ।

অস্বরস (অশ্‌শরশ্)। [প্রাদে—অসৈরণ দ্রঃ] বি, পুং, মনোমালিন্য ; মনোভঙ্গ ; প্রীতিহীনতা ; অকৌশল ; অসৌরস।

অস্বর্গ্য (অশ্‌শর্গ) [ন=অ—স্বর্গ+য(হিতার্থে) নঞ্‌তৎ] বিণ. স্বর্গ গমনের প্রতিবন্ধক বা ব্যাঘাতজনক ; নরকসাধক।

অস্বস্তি (অশ্‌শস্‌তি) [ন=অ (না)—স্বস্তি (স্বাচ্ছন্দ্য) নঞ্‌তৎ] বি. অস্বাচ্ছন্দ্য ; সর্ববিষয়ে অসুখ ; আরামের অভাব ; অমঙ্গল।

অস্বস্থ (অশ্‌শস্‌থ) [ন=অ—স্বস্থ (সুস্থ)—নঞ্‌তৎ। তুল—প্রা-বাং—আসোয়াস্থ (পদ্মাপুরাণ—বিজয়গুপ্ত)] বিণ. অসুস্থ ; শান্তিহারা। ২। অসুখ ; অশান্তি ; স্বস্তিশূন্য। বি, **অস্বস্থতা**।

অস্বাধ্যায় (অশ্‌শাধ্‌ধ্যায়) [ন=অ (নাই) স্বাধ্যায় (বেদাধ্যয়ন) যে দিনে বা তিথিতে, বহু] বি, পুং, প্রতিপদ্‌, অষ্টমী প্রভৃতি বেদ ও বেদাঙ্গের অধ্যয়ন-নিষিদ্ধ দিবস বা তিথি ; অনধ্যায় কাল। ২। বিণ. বিধিপূর্ব্বক বেদাধ্যয়নহীন।

অস্বামিক (অশ্‌শামিক্) [ন=অ (নাই) স্বামিন্—স্বামী (প্রভু) যাহার, বহু+ক)] বিণ. যাহার প্রভু বা অধিকারী নাই ; অধিকারী বিহীন ; মালিকরহিত ; অকর্তৃক বে-ওয়ারিস্।

অস্বার্থ (অশ্‌শার্থ) [ন=অ—স্ব (আপন)—অর্থ (প্রয়োজন প্রভৃতি) নঞ্‌তৎ] বিণ. স্বার্থশূন্য ; নিঃস্বার্থ। ২। উদ্দেশ্যবিহীন অভীষ্ট-প্রয়োজন-শূন্য ; নিষ্কাম।

অস্বাস্থ্য (অশাস্‌থ) [ন=অ—স্বাস্থ্য (সুস্থতা) নঞ্‌তৎ] বি, ক্লী, স্বাস্থ্যের অভাব ; অসুস্থতা ; ব্যাধি ; পীড়া।

অস্বীকার (অশ্‌শিকার্) [ন=অ—স্বীকার, নঞ্‌তৎ] বি, ক্লী, অপহ্নব ; অপলাপ। ২। অসম্মতি প্রদর্শন ; অমত প্রকাশ। ৩। দায়িত্ব গ্রহণ না করা ; মানিয়া না লওয়া। ৪। প্রত্যাখ্যান। ক্রি, অস্বীকার করা।

অস্বীকৃত (অশ্‌শীকৃত) [ন=অ—স্বীকৃত, নঞ্‌তৎ] বিণ, যাহা স্বীকার করা হয় নাই ; অননুমোদিত। ২। অস্বীকারকারী। ৩। অপহ্নুত ; কৃতাপলাপ।

অস্বৈরী (অশ্‌শৈরি) [ন=অ—স্বৈরিন্ (স্বাধীন) নঞ্‌তৎ] বিণ. অস্বাধীন ; পরবশ ; পরাধীন। স্ত্রী. **অস্বৈরিণী**।

অহ (ঃ) [অহন্ বা অহস্ শব্দজ] বি, ব্রহ্মার জ্যোৎস্না, রাত্রি, অহঃ ও সন্ধ্যা এই চারিপ্রকার শরীরের অন্যতম। ২। দিনমান ; দিবালোক। প্র—"সমরের উপক্রম সমাগতে অহ" —কাঞ্চীকাবেরী। ৩। দিবস ; দিন। "আশুতোষ উমাপতি যদি দিলা ক'য়ে। ষড়হ সাধিল সকৃৎ পাংশুমুষ্টি খেয়ে॥" —শিবায়ন।

অহ—অ, শোক ; খেদ ; আক্ষেপসূচক। । প্রশংসাসূচক।

অহঃপতি (অহপ্‌পোতি) [অহন্ (দিন)—পতি (অধিপতি) ৬তৎ, ন্=র্ (বিকল্পে—অহর্পতি)] বি, পুং, দিবসের অধিপতি ; সূর্য্য।

অহঙ্কার (অহংকার্) [অহং (আমি) কৃ (করা) +ঘঞ্—ভাবে] বি, পুং, সকল বিষয়ে আমি আমি অর্থাৎ আপনাকেই প্রকাশ করা ; আপনাকে বড় জ্ঞান করা ; আপনার কর্তৃত্ব গুণ প্রভৃতির উল্লেখ দ্বারা বড়াই করা ; গর্ব্ব ; আত্মাভিমান ; অহমিকা ; আমিত্ব।

অহঙ্কারী (অহংকারি) [অহঙ্কার+ইন্—অস্ত্যর্থে] বিণ. যে অহঙ্কার করে ; অভিমানী ; অহঙ্কার যুক্ত ; গর্ব্বিত। স্ত্রী. **অহঙ্কারিণী** —গর্ব্বিতা স্ত্রী।

অহঙ্কৃত [অহং—কৃ+ত (কর্তৃ—ক্ত)] বিণ. যে অহঙ্কার করে ; গর্ব্বিত। স্ত্রী. **অহঙ্কৃতা**।

অহত [ন=অ—হন্ (বধ করা)+ত (কর্ম্মে ক্ত) নঞ্‌তৎ ; যাহাকে বধ করা হয় নাই] বিণ. অনাহত ; অনুপহত ; অক্ষত। ২। যে বা যাহা হত বা নষ্ট হয় নাই। ৩। যাহাকে তাড়না করা হয় নাই ; অতাড়িত।

অহন্ [ন=অ—হা (ত্যাগ করা)+অন্ (কন্) আ—(লোপ] বি, ক্লী, দিবস ; দিন [বাঙ্গালায় স্বতন্ত্র ব্যবহার দেখা যায় না]

অহমিকা [অহম্+ইক—আপ্ স্ত্রী] বি, আমিত্ব ; অহঙ্কার। ২। বৃথা গর্ব্ব ; বড়াই ; দম্ভ। প্র—"ভাঙ্গ এ অহমিকা, মিথ্যা গৌরব।" —রজনীসেন।

অহম্পূর্ব্বিকা [অহম্—পূর্ব্ব+ইক—আপ্, স্ত্রী] বি, স্ত্রী, আমি পূর্ব্বে বা অগ্রে এই বলিয়া সকল বিষয়ে আপনার অগ্রগামিত্বের প্রয়াস বা আগ্রহ।

অহম্বুদ্ধি [অহম্—বুদ্ধি (বোধ)] বি, স্ত্রী, আমিই সব এইরূপ জ্ঞান ; অহঙ্কার ; অহমিকা।

অহম্মতি [অহম্—মতি (বুদ্ধি)] বি, স্ত্রী, অহং এই বুদ্ধি। ২। অবিদ্যা ; অজ্ঞান। [অহম্বুদ্ধি দ্রঃ]

অহরহ (ঃ) [অহঃ—অহঃ, বীপ্সায় দ্বিত্ব] ক্রি-বিণ, প্রত্যহ ; প্রতিদিবস ; নিত্য। ২। সদা ; সর্ব্বদা ; অবিরত।

অহর্দিব [অহন্—দিবা (সমাহার দ্বন্দ্ব—বীপ্সার্থে)] অহরহঃ ; প্রত্যহ।

অহর্নিশ (শ, শ্) [অহন্ (দিন) নিশা (রাত্রি)-দ্বন্দ্ব] ক্রি, বিণ, নিশিদিন ; সমস্ত দিন রাত ; দিবারাত্রি ; অহোরাত্র ; সতত। [ইহার অপভ্রংশ অহর্নিশি শব্দের বিরল ব্যবহারও দেখা যায়]

অহর্মুখ (খ্) [অহন্ (দিন) মুখ (আদি, আরম্ভ) ৬তৎ] বি, ক্লী, দিনের আদি বা আরম্ভ ; প্রত্যূষ ; উষা।

অহল্য (অহোল্ল) [ন=অ—হল্য (হলদ্বারা কৃষ্ট)] বিণ. লাঙ্গলাদিদ্বারা অকৃষ্ট ভূমি ; যে ভূমি হলদ্বারা কর্ষণ করা যায় না বা করা উচিত নয়।

অহল্যা (অহোল্ল্যা) [ন=অ—হল্যা (বিরূপা) অপূর্ব্বসুন্দরী। "ব্রহ্মা-ইন্দ্রকে বলিতেছেন,—* * * * * আমি একটী স্ত্রীলোক সৃষ্টি করিলাম, যে প্রাণীর যে অঙ্গ প্রত্যঙ্গ উৎকৃষ্ট, আমি তাহাই উদ্ধৃত করিলাম। তাহা হইতে রূপগুণ-সম্পন্না অহল্যা কন্যাকে নির্ম্মাণ করিলাম। হল শব্দে বৈরূপ্য ; এবং হল হইতে যাহা প্রসূত হইয়াছে, তাহাকে হল্য কহে। যাহার শরীরে কিছুই বৈরূপ্য নাই তাহাকে অহল্যা বলা যায়। আমি তাহার অহল্যা এই নাম রাখিয়াছিলাম"—রামায়ণ—উ-কাণ্ড] বি, গৌতম মুনির পত্নী। গৌতমরূপধারী, ছদ্মবেশী ইন্দ্রের সহিত সংগত হওয়ায়, ইনি পতিশাপে নিরাহারা, বায়ুভক্ষ্যা, সকলের অদৃশ্যা, দিবারাত্রি অনুতাপপরায়ণা হইয়া বহুসহস্র বৎসর আশ্রমভস্মের উপর পাষাণের ন্যায় অবস্থিতি করিয়াছিলেন ; অনন্তর রামচন্দ্রের চরণ-স্পর্শে মুক্তিলাভ করেন এবং মহর্ষি গৌতম কর্তৃক পুনর্গৃহীতা হন। কুমারিল ভট্টের মতে ইহা রূপকমাত্র। ইন্দ্র সূর্য্যের এবং অহল্যা রজনীর রূপক। সূর্য্যোদয়ে রাত্রি অদৃশ্যা হয় ইহাই অবলম্বন করিয়া উপাখ্যানটী কল্পিত হয়।
মতান্তরে অহল্যা উষার রূপক ; দিবসে ইন্দ্ররূপী সূর্য্যোদয়ে ভুবনমোহিনী উষা অসূর্য্যম্পশ্যা হইয়া যান।
২। রাজা ইন্দ্রদ্যুম্নের পত্নী, অপ্সরা বিশেষ। ইন্দ্র-অহল্যার পৌরাণিক কাহিনী শ্রবণ করিয়া ইনি ইন্দ্র নামক জনৈক কামুকের প্রতি আসক্তা হন এবং রাজা কর্তৃক রাজ্য হইতে বহিষ্কৃতা হন।

● । মালবদেশের স্বনামধন্যা রাজ্ঞী এবং স্বনামখ্যাত মলহর রাওএর পুত্র কুণ্ডজী রাওয়ের পত্নী। ইনি রাজবেশে সিংহাসনে উপবিষ্টা হইয়া স্বয়ং রাজকার্য্য পরিচালনা করিতেন। ইনি সুশিক্ষিতা, ধার্ম্মিকা, দয়াবতী এবং সর্ব্বপ্রকার সদনুষ্ঠানে মুক্তহস্তা ছিলেন। ইনি অতিশয় দক্ষতার সহিত ৩০ বৎসর রাজ্য সুশাসন করিয়া ১৭৯৫ খৃঃ অব্দে পরলোক গমন করেন। ইনি অসংখ্য ধর্ম্মশালা, দেবালয়, রাজপথ, আতুরাশ্রম, কাশীর বিশ্বেশ্বরমন্দিরের পুনরায় নির্ম্মাণ ও গয়াধামের বিষ্ণুপদ-মন্দির ও নাট-মন্দির এবং কলিকাতা হইতে কাশী পর্য্যন্ত সুপ্রশস্ত রাজপথ নির্ম্মাণে ও অন্যান্য বহুবিধ সৎকার্য্যে লক্ষ লক্ষ টাকা অকাতরে ব্যয় করিয়া যশস্বিনী হইয়াছেন।

অহস্কর (অহশ্‌কর্‌) [অহন্‌ (দিন) কর (যে করে) যিনি দিবস করেন, উপপদ] বি, পুং, সূর্য্য ; দিনকর ; দিবাকর। ২। আকন্দ বৃক্ষ।

অহ্‌মাল (আহ্‌মাল্‌) [আঃ হম্‌ল্‌ (গর্ভস্থ সন্তানের ভার বা বোঝা—দ্রব্যাদির বোঝা) বহুবচনে আহ্‌মাল। আদালতের ভাষা] বি, দ্রব্যসম্ভার ; জিনিষপত্র।

অহহ [সং, আধু-বাং, বিরল] অ, আর্ত্তনাদ : আক্ষেপ : খেদ। ২। আনন্দ। ৩। স্মরণ। ৪। বিস্ময়। ৫। প্রশংসা। ৬। যন্ত্রণা। ৭। বিদ্রূপ। ৮। মোহ।

অহার্য্য (অহার্জ) [ন—অ—হার্য্য (হরণীয়) নঞ্‌তৎ] বিণ, যাহা হরণ করিবার যোগ্য নয় ; অহরণীয়। ২। বি, পুং, যাহাকে স্থানান্তরিত বা লড়ান যায় না : অচল : পর্ব্বত। ৩। অবহনীয় ; অবাহ্য।

অহি (ওহি) [ন=অ-হা (ত্যাগ করা)+ই সংজ্ঞার্থে] বি,পুং, সর্প। প্র—অহিনকুল সম্বন্ধ। ২। খল। ৩। [আয়ুর্ব্বেদে] শীসক : মনসাসিজ : তেকাটাসিজ : নাড়াসিজ।

অহিংসক (শক্‌) [ন=অ—হিংসক, নঞ্‌তৎ] বিণ, যে হিংসক নয় : যে কাহারও হিংসা বা অনিষ্ট করে না : অহিংস্র। প্র—"অতিথি আসিত নিত্য করভ, করভী, মৃগশিশু, বিহঙ্গম, স্বর্ণ-অঙ্গ কেহ, অহিংসক জীব যত।" —মেঘনাদ।

অহিংসা (শা) [ন=অ—হিংসা (ক্ষতি) নঞ্‌তৎ] বি, স্ত্রী, হিংসার অভাব : কায়মন বাক্যে অর্থাৎ সর্ব্বপ্রকারে পরপীড়া দানে বিরতি : প্রাণিপীড়া নিবৃত্তি। ২। পরের অনিষ্ট ইচ্ছা বা শত্রুতার অভাব ; পরের মন্দ চেষ্টা না করা ; দ্বেষহীনতা। [সাধারণতঃ অহিংসা অর্থে প্রাণীমাত্রেরই প্রাণ-নষ্ট না করা এবং বিশদার্থে দয়া বুঝায়]

অহিংস্য (শ) [ন=অ—হিংস্য, নঞ্‌ তৎ] বিণ, অহিংসার যোগ্য : যাহাকে কেহ হিংসা করে না : কেহ যার মন্দ করিতে চেষ্টা করে না : হিংসার অপাত্র।

অহিংস্র [ন=অ-হিংস্র, নঞ্‌তৎ] বিণ, যে হিংসা করে না। অহিংসক : সর্ব্বতোভাবে পরপীড়াদানে বিরত।

স্ত্রী, **অহিংস্রা**—কণ্টকপালী : কুলেখাড়া ; capparis sopiasia.

অহিচ্ছত্র (ওহিছ্‌ছৎত্র) [অহি (সর্প) ছত্র (ছাতা)] বি, পুং, আর্য্যাবর্ত্তের অন্তর্গত পঞ্চাল রাজ্যের উত্তর অর্দ্ধাংশ, যাহা দ্রোণাচার্য্য অর্জ্জুন-সহায়ে পঞ্চালরাজ দ্রুপদকে পরাস্ত করিয়া স্বয়ং গ্রহণ করিয়াছিলেন (অপরার্দ্ধ তিনি দ্রুপদকে প্রত্যর্পণ করিয়াছিলেন)।—মহাভারত। ইহার অপর নাম **অহিক্ষেত্র**। ইহার রাজধানীর নাম **অহিচ্ছত্রা** [উক্ত আছে "এখানে আভীর জাতীয় আদি নামে এক-ব্যক্তি যখন নিদ্রিত ছিল, সেই সময় একটী সর্প (অহি) তাহার মস্তকে ফণা (ছত্র) ধারণ করিয়াছিল। পরে ঐ ব্যক্তি ঐ স্থানের রাজা হইলে তাঁহার রাজ্য উক্ত নামে অভিহিত হয়।" —ভারতকোষ]

অহিত (ত্‌) [ন=অ-হিত (মঙ্গল)] বি, পুং, অমঙ্গল। ২। [যাহা হইতে মঙ্গলের আশা নাই] শত্রু। ৩। কুপথ্য : রোগ বৃদ্ধি-কর বা অস্বাস্থ্যকর উপায় অনুষ্ঠান।

অহিতকারী [অহিত (অমঙ্গল) - কারী - কারিন্‌ (যে করে)] বিণ, অপকারী : অনিষ্ট-জনক : অমঙ্গলকর ; ক্ষতিকর।

অহিতুণ্ডিক (ওহিতুন্‌ডিক্‌) [অহি (সর্প) - তুণ্ড (মুখ) - ইক (ষ্ণিক) ধারণার্থে - সর্পের মুখধারক] বি, পুং, যে সর্পের মুখ ধরিয়া ক্রীড়া করে : সাপুড়ে। [আহিতুণ্ডিক দ্রঃ]

অহিনকুল (ওহিনোকুল্‌) [অহি (সর্প) - নকুল (বেঁজী)] বি, সর্প এবং নেউল। ২। স্বভাববৈরী ; চিরশত্রু।

অহিনকুলতা, অহিনকুলিকা (ওহিনো-কুলোতা) [ওহিনকুল - তা, ইক (ভাবে)—আ] বি, স্ত্রী, সাপ নেউলের মত পরস্পর শত্রুতা : চিরশত্রুতা।

অহিপূতন (ওহিপূতন) বি, শিশুদিগের মলদ্বারে জাত ব্রণ বা স্ফোটক ; intertrigo.

অহিফেন (ওহিফেন) [অহি (সর্প)—ফেন (বিষ)] বি, সর্পবিষ ; গরল। ২। আফিম : পোস্ত গাছের ফলের আটা। [তুল—গ্রী—opion ; ইং—opium ; মহারাষ্ট্রী --আফুন]

অহিবুধ্ন (ওহিবুধ্‌ন্‌) [অহি—বুধ্ন (গ্রীবা)] বি, সর্পের ন্যায় গ্রীবা যাহার ; সর্পগ্রীব। ২। রুদ্র বিশেষ। ৩। উত্তরভাদ্রপদ নক্ষত্র :

অহিব্রঘ্ন (ওহিব্রোন্‌ধ) [অহি—ব্রঘ্ন (বন্ধন করা) বি, সর্প যাহার গলদেশ বন্ধন করিয়া থাকে ; শিব। ২। রুদ্রবিশেষ।

অহিভয় (ওহিভয়্‌) বি, সর্পভয়। ২। নৃপতির স্বপক্ষ হইতে ভয় : রাজাদিগের বিপক্ষ ভয়।

অহিভয়দা (ওহিভয়োদা) [অহি—ভয়—দা (ছেদক, নাশক)] যে সর্পের ভয় নাশ করে। ২। ভুঁইআমলা।

অহিভুক্‌ (ওহিভুক্‌) [অহি—ভুক্‌ (যে ভোজন করে)] বি, যে সর্প ভোজন করে : সর্পাহারী। ২। গরুড়। ৩। ময়ূর। ৪। নকুল। ৫। গন্ধনাকুলী।

অহিমতেজাঃ [অহিম (উষ্ণ) তেজা (দীপ্তি-মান)] বি, সূর্য্য।

অহিমর্দ্দনী (ওহিমর্দ্দনি) বি, গন্ধনাকুলী।

অহিমার, অহিমেদ, অহিমেদক (ওহি মার্‌, দ্‌, ক্‌) বি, অরিমেদ। ২। গুয়েবাবলা।

অহিলতা (ওহিলতা) [অহি (অহির মত) লতা] বি, গন্ধনাকুলী। ২। তাম্বুলিলতা।

অহীন (ন) [অহি+ঈন্‌ (শ্রেষ্ঠার্থে)] বি, সর্পরাজ : অনন্ত : অজগর। ২। [ন=অ+হীন] বিণ, হীন নহে। অনূন।

অহীনগু—বি, সূর্য্যবংশীয় দেবানীকের পুত্র। ইনি সর্ব্বদা সৎসংসর্গে কালযাপন করিয়া প্রবল প্রতাপে রাজত্ব করিয়াছিলেন। ২। [অহীন +গু (গো শব্দজ) = কিরণ] বিণ, কিরণোজ্জ্বল।

অহীন্দ্র—বিণ, অনন্তমূল : শারিবা।

অহীরণি (ওহিরোনি) বি, দ্বিমুখ সর্প : দুমুখো সাপ।

অহীশ্বর (ওহিশশর্‌) বি, নাগেশ্বর : শেষ : অনন্ত।

অহৃত [ন=অ+হৃত (আহৃত : চোরিত)] বিণ, যাহা হরণ করা হয় নাই : যাহা চুরি যায় নাই।

অহৃদ্য (অহৃদ্দ) [ন=অ+হৃদ্য (প্রিয়)] বিণ, যাহা মনোমত নহে ; অপ্রিয় ; নিরানন্দ-জনক।

অহৃষ্ট (অহৃষ্‌ট) [ন=অ+হৃষ্ট (আনন্দিত)] বিণ, অপ্রফুল্ল ; আনন্দবিরহিত ; অসন্তুষ্ট।

অহে (ওহে) [সম্বোধনার্থক সংস্কৃত শব্দ] অ, বন্ধুকে তুল্য পদবীর এবং ন্যূন পদবীর পুরুষকে সম্বোধন করিবার শব্দ। [ওহে দ্রঃ] কবিতায় স্ত্রীলোককে সম্বোধন করিতেও অহে শব্দ ব্যবহৃত হয়। প্র—"অহে দূতি এ বসন্তে আসিবে না কান্ত।" —কাব্যনির্ণয়।

অহেতু—বিণ, অকারণ ; হেতুবিহীন ; কারণ-হীন। ২। বি, হেতু বা কারণের অভাব।

অহেতুক (ক্‌) বিণ, হেতুবিহীন : কারণশূন্য : অনিদান। ২। অনর্থক : নিষ্প্রয়োজন : অকারণ। ৩। আকস্মিক। ৪। স্বার্থশূন্য ; নিঃস্বার্থ।

অহেতুকী—বিণ, স্ত্রী, হেতু বা কারণ রহিত

২। কোন স্বার্থ বা প্রয়োজন সিদ্ধির জন্য নহে ; নিঃস্বার্থ। প্র—অহেতুকী ভক্তি।

অহেয়—বিণ, অঘৃণ্য। ২। অত্যাজ্য।

অহেরু—বি, অনন্তমূল ; শতমূল ;

অহৈতুকী—বিণ, অহেতুকী দ্রঃ।

অহো [সং] অ, সম্বোধন। ২।খেদ ; বিলাপ। ৩। অনুতাপ ; আপসোস। ৪। বিস্ময়। ৫। বিষাদ। ৬। বিতর্ক। ৭। অনুকম্পা। ৮। দ্বৈধ। ৯। সন্দেহ। ১০। প্রশংসা। ১১। ১২। অতএব। ১৩। পাদপূরণ। ১৪। নিন্দা।

অহোরাত্র [অহন্—অহঃ+রাত্রি] বি, সূর্য্যোদয় হইতে সূর্য্যোদয়ের মধ্যে ৩০ মুহূর্ত্ত কাল। ২। পিতৃলোকের অহোরাত্র, আমাদের ১মাস কাল। ৩। দেবতাদিগের অহোরাত্র, আমাদের ১ বৎসর। ৪। ব্রহ্মার অহোরাত্র, আমাদের আটশো চৌষট্টি কোটী ৮৬৪০০০০, ০০০ বৎসর বা এক কল্প। ২। অ, দিবারাত্রি ; দিবানিশি ; সর্ব্বদা ; অবিরাম। [ইহার অপভ্রংশ অহোরাত্রি এই অশুদ্ধ শব্দেরও বিরল ব্যবহার দেখা যায়]

অহ্ন (অন্‌হ্‌) [পর অপর পূর্ব্ব প্রভৃতি শব্দযোগে বাঙ্গালায় ব্যবহৃত হয়] বি, দিন ; দিবস।

অহ্রস্ব (অহ্রশ্‌শ) [ন=অ+হ্রস্ব] বিণ, যাহা হ্রস্ব নহে। ২। দীর্ঘ।

অহ্বলা (অব্‌ভলা) বি, ভল্লাতক ; এলা ; the marking nut, semecarpus anacardium. **অহ্বলা তৈল**—অহ্বলা দগ্ধ করিয়া যে তৈল প্রস্তুত হয় ; ভেলার তেল।

আ

আ—স্বরবর্ণমালার দ্বিতীয় বর্ণ। দীর্ঘ ও প্লুত স্বর। ইহার উচ্চারণ স্থান—কণ্ঠ। জিহ্বা মুখবিবরের নিম্নদিকে সঙ্কুচিত করিয়া সম্পূর্ণ ব্যাদান করত উচ্চার্য্য।

বাঙ্গালায় ইহার লঘু, গুরু, ভেদে তিন প্রকার উচ্চারণ। (১) লঘু বা অল্প স্পৃষ্ট—আঠা বা আম্‌সির আ (২) আটা বা আমের 'আ' (৩) সঙ্গীতে আ—া—া।

অন্তবর্ণের সহিত যুক্ত হইলে ইহার আকৃতি 'া' এইরূপ হয়। যথা—ক্+আ=কা।

[আলি কালির দ্বিতীয় বর্ণ। সেমিতীয় বর্ণমালার প্রথমবর্ণের সহিত তুলনীয়, আলেফ্ বা আলিফ্ : গ্রী—আল্‌ফা : মিশরীয়—আহম্ ; সংস্কৃতোদ্ভব যাবতীয় ভাষায় 'আ']

২। [ব্যাকরণে] বাঙ্গালা প্রত্যয় বিশেষ।—

(১) স্বার্থে। প্র—মাথা : গোয়ালা ; ল্যাজা।

(২) সাদৃশ্যার্থে। প্র—হাতা (জামার)।

(৩) অনাদরে, অবজ্ঞায় বা অতিপরিচয়ে। প্র—পাগ্‌লা : শামা : গোবরা।

(৪) বিশিষ্টার্থে। প্র—তেলা ; লোনা : বেসুরা।

(৫) বৃহৎঅর্থে। প্র—হাঁড়া ; ঝোড়া ; খোন্তা।

(৬) বিশেষণে। প্র—আধা পথ : কাটা মুণ্ড।

(৭) সম্বন্ধার্থে। প্র—ঘরোয়া কথা।

(৮) জাতঅর্থে। প্র—পানা ; ভয়সা ঘী (মহিষা=হিঃ ভঁয়সা=বাং ভয়সা)।

৩। বি, পুং, শিব। (২) বিষ্ণু। (৩) অনন্ত। [বিরল]

৪। [অব্যয় শব্দ] সুখবোধ ; আনন্দ। প্র—"আ! কি আরাম"।

(২) স্মরণ। প্র—"আ তাই বটে"।

(৩) বিস্ময় ; সস্নেহবিস্ময়। প্র—"আ মরিয়া যাই? সোনা আমার, তোর কাকীমাকে এখনো ভুলিস্ নাই।" —গল্পগুচ্ছ (রবি)। (৪) অনুকম্পা।

(৫) সন্তাপ। প্র—"আ কি বিপদ!" —মালতীমাধব।

(৬) সহানুভূতি। প্র—"আ মরে যাই"

(৭) নিশ্চয়। (৮) ব্যঙ্গ। প্র—"আমরি আমরি যমেরি ভুল" —নবীন তপস্বিনী।

(৯) ঘৃণা, লজ্জা, ক্রোধ মিশ্রিত বিদ্রূপ। প্র—"আ মরণ আর কি"? "আ গেল যা।" "আ মরণ? পোড়াকপালী বলে কি"—গল্পগুচ্ছ (রবি)।

(১০) ধিক্কার ; আত্মগ্লানি। প্র—"আ পাপীয়সি দুর্বিনীতে মহাশ্বেতে! ইনি তোমার কি অপকার করিয়াছিলেন?" "আ এখনও জীবিত আছি"—কাদম্বরী।

(১১) প্রশংসা : বাহবা। প্র—"কি শোভা আ মরি হায়।" —কবি রঘুনাথ দাস।

৫। [উপসর্গ] ঈষৎ ; অল্প। প্র—আনত ; আকুঞ্চিত ; আপোড়া ; আভাঙ্গা।

(২) সম্যক্। প্র—আগত।

(৩) সীমা ; পর্য্যন্ত। প্র—"আজন্ম ; আকর্ণ ; আব্রহ্ম।

(৪) নিষেধ ; না। প্র—আপুনি ; আচাছা ; আঘাটা।

(৫) বিপরীত। প্র—আগমন (গমনের বিপরীত)

(৬) সম্পূর্ণ বা সর্ব্বতোভাবে। প্র—আকাশ [আ (সর্ব্বতোভাবে) কাশ (প্রকাশ পায়) —যে বা যাহা সর্ব্বতোভাবে প্রকাশ পায়]

৬। বাঙ্গালা বিভক্তি বিশেষ ; প্রাচীন বাঙ্গালায় সম্ভ্রমার্থে কোন কোন ক্রিয়াপদে আ যোগ হইত। করুক+আ (সম্ভ্রমার্থে)=করুকা। এইরূপ হরুক+আ =হরুকা। আধুনিক বাং সাহিত্যে এই 'আ' স্থলে আন্ পরে 'ন' হয়। যথা—করুকান - করুন।

(২) অসমাপিকা ক্রিয়া বিভক্তি য় স্থলে প্রাচীন বাঙ্গালা সাহিত্যে "আ"র ব্যবহার ছিল, যথা—চিন্তিআ (চিন্তিয়া, চিন্তা করিয়া)। হাসিআ (হাসিয়া, হাস্য করিয়া) ইত্যাদি (চৈ, ম), য় স্থলে প্রাকৃতের অনুরূপ বিশেষ্য পদেও "আ"র ব্যবহার ছিল, যথা—সং—হৃদয়, প্রাকৃ—হিঅঅ, প্রা-বাং—হিআ (হিয়া) ; সং—বদন, প্রাকৃ —বঅন, প্রা-বাং—বআন (বয়ান) ইত্যাদি।

(৩) মৈথিল-বাঙ্গালা - প্র-বৈ সাহিত্যে আকার কথার মাত্রা। যথা—নয়ন স্থলে নয়না, কহল স্থলে কহলা (বিদ্যাপতি) ; বঁধুয়া (চণ্ডীদাস) ; রসালা (গোবিন্দ দাস) ইত্যাদি। (৪) প্রাচীন বাঙ্গালায় বহুবচনবোধক নাম শব্দে আ যোগ হইত।

প্র—"নরা গজা বিশ শয়, তার অৰ্দ্ধেক বাঁচে হয়, বাইশ বলদা, তের ছাগলা।" (খনা) —বঙ্গভাষা ও সাহিত্য।

(৫) প্রাচীন বাঙ্গালায় হস্তলিপিতে আ ও'র সহিত যুক্ত হইয়া "ওয়াব্"এর স্থান অধিকার করিত। প্র—"বলা নয় ব্রজে যাওা বিষম সঙ্কট।" —শীতলামঙ্গল (নিত্যানন্দ)।

৭। [সং—আগমনার্থক আ ধাতু। ঊর্দ্ধ হিঃ—আনা ; আসা—আ ধাতু (ওড়ি—আ) তুল—হিঃ—আ=তেলু—রা=বাং—আ, আয়] ক্রি, আসা ; আগমন করা। [উ-পু—আই। ম-পু—আও। প্র-পু - আএ, আওয়ে (হিঃ আবে) অস—ক্রি—আইতে। এইরূপ আইব, আইবে, আইত, আইলাম, ইত্যাদি আধু, বাংয় ই স্থলে সি] ৮। বাঙ্গালায় ক্রিয়াপদ নিষ্পাদনে। যথা—বলা, করা, দেখা, যাওয়া, শোয়া, ইত্যাদি। তুল—হিঃ "না" যথা,—খানা, দেখ্‌না, বোলনা, লেনা, দেনা ইত্যাদি।

আই [প্রা ও মধ্য বাং। আধু—বাং কথ্য। সং—আর্য্যা (মাতা); ওড়ি—আঈ; আসামী—আই; হিঃ ও মৈথিল—মাঈ] বি, স্ত্রী, মাতা। প্র—"শ্যাম শুক্ররূপে দেখিলেন শচী আই" —চৈতন্যভাগবত। ২। [আয়ি, আয়ীও হয়। প্রা, প্রাদে—আধু কথ্য। সং—আর্য্যকী=মাতার মাতা; সম্মান ও প্রীতিপূর্ব্বক মাতৃ সম্বোধন। আইমা দ্রঃ] বি, স্ত্রী, মাতার মাতা; দিদিমা। প্র—"আইগো চিনতে পার, গোটা দুই অন্ন বাড়" —মেয়েলী ছড়া।

"কহে কোন আই, আমি যদি পাই, পলাইয়া যাই, এদেশ থেকে।" —রামপ্রসাদ।

"কাঁদিয়া বলে প্রভু শুন মোর আই"—চৈ, চ।

আই [আসা—দ্রঃ। প্রা] ক্রি, আয়। প্র—আই আই চাঁদ। —পদ্যপাঠ।

আই [অব্যয়ার্থক সং—অয়ি ("প্রশ্নে, অনুনয়ে, সম্বোধনে, অনুরাগে চ"—বাচস্পতি) বাঙ্গালায়—বিস্ময়ে, ঘৃণায়, লজ্জায়। এই অর্থে দ্বিত্ব "আই আই" (তুল—ছি স্থলে ছিছি; ছিয়ে ছিয়ে (ব্রজ); ইং—ফাই ফাই)। আইমা দ্রঃ। হি—ব্রজ—'মাই'। প্র—"আজুক লাজ তোহে কি কহব মাই :" —বি, প] অ, বিস্ময়ে। প্র—"আই আই ওই বুড়ো কি এই গৌরীর বর লো!" —ভারতচন্দ্র।
২। লজ্জার্থে। প্র—"দশনে রসনা কাটি গুড়ি গুড়ি যায়। আই আই কিবা লাজ কিবা লাজ হায়॥" —ভারতচন্দ্র।
৩। ধিক্কারে। প্র—"আই আই হরের মায়ের একি অপমান॥" —শিবায়ন।
৪। লজ্জা দিবার ছলে নিন্দায়। প্র—"ফিরিয়া দাঁড়াও তোমার চাঁদমুখ চাই॥ আই আই পড়েছে মুখে কাজরের শোভা।"—চণ্ডীদাস।

আই [সং—আয়ুঃ শব্দের অপভ্রংশে। হি—"আই—আয়ুঃ, বয়, জিন্দগী" —মানসকোষ (রামচরিত মানস)] বি, আয়ু। যথা—চিরাই; পরমাই; প্রমাই; অল্পাই। **আই-মঙ্গল হাঁড়ি, আই-হাঁড়ি**—আয়ুর মঙ্গলজনক সংস্কার ঘটিত আট হাঁড়ি; বিবাহ কার্য্যে ব্যবহৃত মাঙ্গলিক হাঁড়ি। আই হাঁড়ি দ্রঃ।

আই—বাঙ্গালা প্রত্যয়। স্নেহ অর্থে। যথা—জগাই মাধাই। (২) তদ্গুণ, তদ্ভাব, তদবস্থা প্রভৃতি অর্থে। যথা—বড়াই (তুল—হিঃ—বঢ়িআই); ভালাই; উঁচাই; খাড়াই; লম্বাই; চওড়াই। (৩) ক্রিয়াবাচক। যথা—বাঁধাই; খোদাই; বাচাই। (৪) বহু অর্থে। যথা—লাটাই; চ্যাটাই; মিঠাই। (৫) সম্বন্ধবাচক (হিন্দীর অনুকরণে)। যথা—ঘরাই (ঘরোয়া) পরাই (তুল—হি—পরাই মাল); ঢাকাই।

আইও [সং—'আয়ু' হইতে আয়ো, আইয়ো, আইও, আইয়, আইহ (বর্ণ বিপর্য্যয়ে ওড়ি—আহিয়); প্রাদে, প্রা ও মধ্য বাং। আধু বাং—এয়ো। আয়তি দ্রঃ] বি, স্ত্রী, সধবা স্ত্রীলোক।

আইঁষ, শ (শ্) [সং—আমিষ (মাংস)—প্রাকৃ—মিষ=ইঁষ। মাংস হইতে ক্রমে মাংস, মৎস্য, ও ডিম্ব] বি, আমিষ; মাংস; মৎস্য; ডিম্ব। **আঁইষপান্না, আঁষপান্না**—শ্রাদ্ধের পর নিয়ম লঙ্ঘনের দিন জ্ঞাতিগণের সহিত মৎস্য বা আমিষ ভোজনরূপ সংস্কার। **আইঁষ-বঁটি, আঁষবঁটি**—যে বঁটিতে মাছ কাটা হয়। **আইঁষ-হাঁড়ি, আঁষহাঁড়ি**—যে হাঁড়িতে মৎস্য, মাংস, ডিম্বাদি রন্ধন করা হয়। (কেবল মৎস্য রন্ধনের হাঁড়ি বুঝায় না)। [আঁষ দ্রঃ] **আইঁষ-হেঁসেল**—আমিষ ব্যঞ্জনাদি রন্ধনের আগার। ২। [সং—অংশু অপভ্রংশে আঁষ—উচ্চারণভেদে আঁইশ, ষ] অংশুবিশিষ্ট বলিয়া মৎস্যের শল্ক; আঁশ। [দ্রঃ—আমিষ ও অংশুময় শল্ক উভয়ই মৎস্যে বর্ত্তমান বলিয়া ক্রমে আইঁষ, আঁইষ অর্থে মৎস্যের শল্ক বুঝাইতে থাকে]। **আইঁষ্টিয়া, আইঁষ্টা** [চ, আঁষ্টে]। বিণ, ক্লু। ২। মৎস্য-গন্ধযুক্ত : আঁষগন্ধ।

আঁইচ (চ্) বি, বৃক্ষ ও পুষ্পবিশেষ। ২। পদবী বা উপাধিবিশেষ।

আইজ্ঞ (জ) [সং—অদ্য; পালি ও প্রাকৃ—অজ্জ। কথ্য—পূঃ বঙ্গে আইজ্ঞ; পশ্চিমবঙ্গে, আজি—সংক্ষেপে আজ। আজি দ্রঃ]। ক্রি-বিণ, অদ্য; আজ।

আইড় (ড়্) [আইল বা আলি (ল=ড়) সং—আলি=ব্যবধান। আড়ি দ্রঃ। সংক্ষেপে, আড়]। বি, বাঁধ; সীমা। ২। ক্ষেত্রের আইল। প্র—"প্রভাতে নিড়াতে ক্ষেতে নারে বৃকোদর। আইড়ের উপরে ঘাসে বসে মহেশ্বর॥" —শিবায়ন। ৩। পার্শ্ব; কাত। ৪। অন্তরাল; আড়াল। ৫। টেংরা মৎস্যাকৃতি বৃহদাকার মৎস্যবিশেষ; আড়মাছ। ৬। বিণ, বক্র; কাত।

আইড়া [সং—উচ্ছিষ্ট হইতে প্রাদে—পশ্চিমবঙ্গে কথ্য—এ্যাড়া] বি, উচ্ছিষ্ট; সঁকড়ি। প্র—এঁটো বাসী অন্ন। আইড়া বা এড়া ভাত।

আইঢাই [প্রাদে। আই (আগমনের ভাব) ঢাই (ধাই—ধাবন, উদ্গমনের অর্থাৎ প্রাণবায়ু বহির্গমনের ভাব) তুল—হাঁইফাঁই। প্রাণ যেন একবার ফিরিয়া আসিতেছে আবার মনে হইতেছে যেন বাহির হইয়া যাইবে] ক্রি-বিণ, গলদ্‌ঘর্ম্ম ও শ্বাসরোধ হইবার মত; ছট্‌ফট্। ২। বিণ, অস্থির; ব্যাকুল।

আইন (ন্) [আ, আঈন্] বি, রাজবিধি; কানুন। প্র—"শেষে আইন-পেসার পেস্কারিতে মানটা গেল ঘেটে" —হেমচন্দ্র। **আইনমতে**—রাজবিধির অনুযায়ী; আইন-সঙ্গত; সম্মত-আইনের অভিপ্রায়ানুরূপ; যথাবিধি। **চৌদ্দ আইন**—বেশ্যাদিগের নাম রেজিষ্ট্রী ও পরীক্ষাবিষয়ক আইন (উঠিয়া গিয়াছে)। **আইনকানুন**—বি, বিধিব্যবস্থা। **পাঁচ আইন**—Act v of 1861; পুলিসের ক্ষমতা ও কর্ত্তব্যবিষয়ক আইন। **সাত-আইন**—Act VII of 1876; জমিদারদিগের নাম রেজিষ্ট্রীকরণবিষয়ক আইন।

আইনা [ফা—আইনাহ্] বি, দর্পণ। ২। কাচ।

আইন্দা [ফা। চ, আএন্দা] বি, ভবিষ্যৎ। ২। ক্রি-বিণ, ভবিষ্যতে। ৩। আগামী।

আইবড়, আইবুড় (ড়ো) [সং—অব্যূঢ় শব্দজ] বিণ, পুং, স্ত্রী, অবিবাহিত বা অবিবাহিতা। প্র—"আইবড় এতবড় বেটা হৈল ঘরে। কেমন করিয়া দেখে পেটে ভাত জরে॥" —শিবায়ন।

"ঘরে আইবড় মেয়ে কখন না দেখ চেয়ে, বিবাহের না ভাব উপায়।" —ভারতচন্দ্র।

আইবড়ভাত, আইবুড়োভাত—গাত্র-হরিদ্রার পর এবং বিবাহের পূর্ব্বে পাত্রের কুমার অবস্থায় এবং কন্যার পিতৃগৃহে কুমারী-অবস্থায় শেষ ভাত খাওয়ারূপ সংস্কার। **আইবুড়োপথ বদলান**—যে পথ দিয়া বিবাহ করিবার জন্য যাত্রা করে, বিবাহের পর পথ বদল করিয়া অর্থাৎ ভিন্ন পথ দিয়া প্রত্যাগমন করা। ২। তাহা হইতে—অভিনব পন্থা অবলম্বন করা বা কোন প্রচলিত ধারার পরিবর্ত্তন করা।

আইমঙ্গল—আইহাঁড়ি দ্রঃ।

আইমা (আয়ীমা) [আই=মাতা+মা] বি, স্ত্রী, মাতার মাতা; মাতামহী; আই। ২। বিস্ময়, লজ্জা প্রভৃতি-বোধক অব্যয়। প্র—"আইমা এ লাজ কি রাখিতে ঠাঁই আছে।" —ভারত।

"আইমা লো চেয়ে রৈল ফেলিয়া ঘোমটা।" —ঐ।

৩। আএমা দ্রঃ।

আইয়ো [আয়ুঃ শব্দজ। আইও দ্রঃ] বি, স্ত্রী, সধবা। **আইয়ো-স্ত্রী**—সধবা নারী। চ—এয়েস্ত্রী।

আইল (ল্) [সং—আলি। বর্ণবিপর্য্যয়ে, আইল] বি, ক্ষেত্রের আলি; বাঁধ; জমীর সীমা নির্দ্দেশক কিঞ্চিৎ উন্নত ভূভাগ।

আইল, লা [আসিল—ক্রিয়াপদের প্রাচীন রূপ (সি=ই); আধু—পদ্যে। আ (আগমন করা, হিঃ—আনা)+ইল (বর্ত্তমানে)। আসা দ্রঃ] ক্রি, ১ম পু, আসিল; আগমন করিল। প্র—"আইল মৃগবালিকা।" —বাসবদত্তা।

"আইলা ত্রিপুরারি" —কবিকঙ্কণ। "বর্ষান্তরে গৌড়ের যত ভক্তগণ আইলা" —চৈতন্যচরিতামৃত। উত্তম পু—আইলাম। বৈ, সা, আইলাঙ। ব্রজ—আইলুঁ—তাহা হইতে বাং আইনু: সংক্ষেপে-এনু। প্র—"সোই কেন বা আপন খেয়ে আইলাম যমুনায়" —রঘুনাথ দাস (বাং-গান): "হেরিয়া আইনু রাই" —বিদ্যাপতি। প্রাচীন বাঙ্গালায় আইনু অর্থে 'আইনড়ি' শব্দের ব্যবহার ছিল। প্র—"তাঁর বোলে আইনড়ি তোমার সদনে।" —শ্রীকৃষ্ণবিজয়। ম পু—আইলেন (সম্ভ্রমার্থে), আইলে (সমানার্থে), আইলি (তুচ্ছার্থে) গদ্যে। প্র—"তৎপরে ধনদত্ত তীর্থদর্শন করিয়া আপন গৃহে আইলেন"—বত্রিশসিংহাসন (১৮০২)। অপ্র। গ্রাম্য হিন্দীতে 'আগমন' অর্থে "আইলি'র ব্যবহার আছে। **আইতে**—আসিতে। প্র—"আইতে পড়লহি ধাই"—বিদ্যপতি। —অপ্র।

আইশাশ (শ্) [আই (মাতা)+শাশ (শ্বশ্রূ) প্রাদে] বি, স্ত্রী, শাশুড়ীর মাতা: দিদি-শাশুড়ী। প্র—"এ বড় আনন্দ মাসী আই-শাশ হবে।"-ভারতচন্দ্র।

আইস (শ) [সং—'আয়াহি' শব্দের মতান্তরে আগচ্ছ শব্দের অপভ্রংশ (কালীবর-বেদান্ত-বাগীশ)। গ্রাম্য-সংক্ষেপে "এস" (সং এহি=এস)] ক্রি, আগমন কর। **আইসন** (শন্) বি, আগমন: উপস্থিত হওন। আসা দ্রঃ।

আইসে (শে) [আইস দ্রঃ।] ক্রি, আগমন করে। ২। আছে: হয়; উচিত হয়। প্র—"পরের বড়াই করে অপরাধী কিসে, যার বড়াই করে তারে মারিতে আইসে"—কৃত্তিবাস। ৩। [আসা দ্রঃ] পারগতা; ক্ষমতা; দক্ষতাবোধক। প্র—সূচীকর্ম্ম তাহার আইসে না।

আইহ [আইও দ্রঃ] বি, স্ত্রী, সধবা স্ত্রীলোক। প্র—"যতেক আইহ মেলি করেন হুলাহুলি:"—কবিকঙ্কণ।

আইহাঁড়ি [প্রাদে। আই (আয়ু)—হাঁড়ি (আয়ুর মঙ্গলজনক সংস্কার-সম্বন্ধীয় হাঁড়ি)] বি, বিবাহ কার্য্যে ব্যবহৃত মাঙ্গলিক ক্ষুদ্র ক্ষুদ্র আটটী হাঁড়ি বিশেষ: আটহাঁড়ি; আই-মঙ্গল হাঁড়ি (মেয়েলি কথায় আইমুংলি হাঁড়ি)।

আউ—অ, বিস্ময়, ক্লেশ প্রভৃতি সূচক অব্যয় শব্দ। ২। [আয়ুঃ শব্দের অপভ্রংশ। প্রা, গ্রা, বাং, ব্যবহৃত।] বি, জন্ম। প্র-"আউ মিত্তু নহি ছিল যমের তাড়ন।"—শূন্য পুরাণ।

আউওল (ল্) [আ-আউব্‌ল্] বিণ, প্রথম; প্রধান; উৎকৃষ্ট। ২। যাহাতে সর্ব্বপ্রকার শস্যাদি ষোল আনা উৎপন্ন হয় এমন উর্ব্বর জমি।

আউক (ক্) [সং-ইক্ষু শব্দের বিকার। হি—উক, বাং আক] বি, ইক্ষু; আক।

আউচালি [প্রাকৃ-"উথল্লী"। গ্রা] বিণ, উথলা: চঞ্চল। প্র—"গঙ্গা বড় আউচালি, সদাই পাড়য়ে গালি, স্বামীর সোহাগ পর-তাপে।" —কবিকঙ্কণ।

আউট, ঔট্ (আউট্) [ইং out শব্দজ] ক্রি-বিণ, উত্তীর্ণ: বাহির; যাহার আর শিখিবার জানিবার কিছু বাকী নাই: সকল বিদ্যায় পারদর্শী। প্র—"তাহাদের বিশ্বাস ছিল, রুদ্রকান্ত কালেজের ঔট্"—বিমলা (দামোদর)। ২। বিণ, [ব্যঙ্গোক্তি] ফাজিল; জ্যাটা। প্র—ও ছেলে একবারে আউট হয়ে গেছে।

আউটন, আওটন (ন্) [সং—আবর্ত্তন। হি-আওটন] বি, কোন তরল পদার্থ তাপ যোগে ফুটাইবার কালে আলোড়ন বা ঘোঁটন। ২। ধাতুদ্রব্য গলাইয়া শক্তকরণ। প্র—"জ্বালি হুতাশন, আউটে কাঞ্চন, চারি ভিতে স্বর্ণবাড়।"—কবিক।

আউড় (ড়্) [প্রাদে। আইড় দ্রঃ।] বিণ, বক্র: আড়। প্র—"হাসিয়া চাহে আউড় দৃষ্টি ডাক বলে সেই সে নষ্টী।"—ডাকের বচন।

আউড়ি (প্রাদে) বি, দরমা প্রভৃতি দ্বারা নির্ম্মিত ধান্যাদির গোলা। ২। সূতিকা গৃহের অগ্নি। প্র—"কাড়িয়া চালের খড় জ্বালেন আউড়ি।"—কবিক।

৩। [আউড় দ্রঃ। আউড়িয়া, কথ্য আউড়ে] ক্রি. অস, ফিরিয়া। প্র—"পথিক দেখিয়া আউড়ি চায়"—ডাকের বচন।

আউঢাউ [হাবুডুবু উচ্চারণ ভেদে (মাণিক চাঁদের গান)] বি, আইঢাই: শ্বাসরোধ হইবার অবস্থা; হাবুডুবু।

আউদড় (ড়্) [হি—উধড়, উধড়ে (রামচরিত-মানস) প্রা, বাং। আধু—বাং—আদুড়] বিণ, অনাবৃত। ২। আলুথালু: অসম্বদ্ধ। প্র—"উর্দ্ধশ্বাস হীনবাস আউদড় চুলি। দণ্ড কমণ্ডলু পড়ে নাহি লয় তুলি"—কাশীরাম দাস। "মায়ে বার্ত্তা দিতে ধায় আউদড় চুলি।"—কবিকঙ্কণ।

আউদর (র্) [আউদড় দ্রঃ। সং—উদার=অকপট, খোলা প্রাণ—তাহা হইতে খোলা, অনাবৃত। প্রাদে, গ্রা। আধু—আদুড়] বিণ, আলুলায়িত: শিথিল; অসম্বদ্ধ। প্র—"বস্ত্র না সম্বরে রাণী, আউদর চুলী" —কৃত্তিবাস।

আউন্স [ইং—Ounce] বি, পরিমাণ বিশেষ; মাপে প্রায় অর্দ্ধ ছটাক এবং ওজনে ৪৮০ গ্রেণ।

আউপাতালি [দেশী প্রাকৃ—উথল্লপথল্ল। আতালি পাতালি দ্রঃ] বিণ, যে অল্প কারণেই কাঁদিয়া কাটিয়া আকুল হয়; ছিচকাঁদুনে। প্র—মেয়ে যেন আউপাতালি দুর্গা।

আউমাউ, আঁউমাউ [প্রাদে। শব্দাত্মক পদ। তুল—হাঁউমাউ, কাঁউমাউ, খাঁউমাউ। প্রা, বাং—আঁঙমাঙ] বি, দুঃখ, ক্লেশ, ভয় প্রভৃতি-ব্যঞ্জক অব্যক্ত শব্দ। ২। বহু লোকের একত্র ক্রন্দন শব্দ। প্র—তাহারা আউমাউ করিয়া কাঁদিয়া উঠিল।

আউর (র্) [সং—আরু পিঙ্গলবর্ণ—শুকাইয়া লালাভ বা আরু হয় বলিয়া। প্রাদে। পু, বঙ্গে, বিশেষতঃ রাজসাহীতে] বি, বিচালি: খড়; শুষ্ক ধান্যের গাছ।

আউরান (নো) [সং—আরু বা অরুণ=কৃষ্ণলোহিতবর্ণ। শরীরের কোন অংশে ক্ষত বা আঘাতজনিত কালশিরা পড়া ও তাহার সহিত প্রদাহ ও স্ফীতি (inflammation) জনিত লোহিতবর্ণ প্রাপ্তির ভাব] ক্রি, অঙ্গের কোন স্থান বিস্ফোটক, ক্ষত বা আঘাত হেতু পিঙ্গল বা লালবর্ণ হইয়া ফুলিয়া উঠা এবং বেদনাযুক্ত হওয়া। প্র—তাহার ফোড়াটা আউরেছে বা আউরে

আউল (ল্) [ফা-আউলিয়া=দৈবশক্তি-সম্পন্ন] বি, ধর্ম্মোপাসক সম্প্রদায় বিশেষ; "ইহাদের আর একটী নাম সহজ কর্ত্তাভজা। *** ইহাদের পরমার্থ সাধন ** কি প্রকাশ্য, কি অপ্রকাশ্য, ইচ্ছানুরূপ বহুতর বারাঙ্গনা ও গৃহাঙ্গনা ইহাদের সাধন সম্পাদনে নিযুক্ত থাকে *** বাউল ও ন্যাড়ারা যেরূপ শ্মশ্রু ও ওষ্ঠলোমাদি সমুদায় কেশ রাখিয়া দেয়, ইহারা ** ঐ উভয়ই ক্ষৌরী হইয়া থাকে।" —ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়।

২। [আউল সম্প্রদায়ের ব্যবহার হইতে] উচ্ছৃঙ্খল। প্র—"বাউলকে কহিও লোক হইল আউল; বাউলকে কহিও হাটে না বিকায় চাউল। *** বাউলকে কহিও ইহা কহিয়াছে বাউল।" —চৈতন্যচরিতামৃত। [অদ্বৈতাচার্য্য জগদানন্দকে দিয়া নবদ্বীপ হইতে নীলাচলবাসী চৈতন্যদেবকে রূপকচ্ছলে বলিয়া পাঠাইতেছেন যে এখানে লোক উচ্ছৃঙ্খল ভাব ধারণ করিয়াছে, কেহ আর বৈষ্ণব ধর্ম্ম এবং হরিনাম বড় লইতেছে না] ৩। বিণ, আকুল। প্র—"আউল নয়ন-তরঙ্গে।" —বি, প,।

আউলচাঁদ (ল্, দ্) বি, কর্ত্তাভজা নামক বৈষ্ণবসম্প্রদায়ের প্রতিষ্ঠাতা। নদীয়া উলা-গ্রামের বারুই জাতীয় পানব্যবসায়ী মহাদেব দাসের গৃহে পালিত। ১৬০৮ শকে জন্ম।

আউলঝাউল (ল্, ল্) [প্রাদে। ঝাউল (দ্রঃ)—ঝাউল (সহচর শব্দ)] বিণ,

এলোমেলো। প্র—"সেই ধান সেই চাউল গিন্নীগুণে আউলঝাউল" —প্রবচন।

আউলান (নো) [আলুলান (আলুলায়িত করণ, এলান। প্রা, বাং)] ক্রি, উন্মুক্ত করা; খুলিয়া ফেলা, এলান। **আউলায়্যা**—অস-ক্রি, আউলাইয়া; এলাইয়া; শ্লথ করিয়া। প্র—"চূড়া বান্ধ আউলায়্যা কবরী" —জ্ঞানদাস।

আউলিয়া [আউল দ্রঃ। আ—বলী শব্দের বহুবচনে আউলিয়া=দৈবশক্তিসম্পন্ন] বিণ, আউলসম্প্রদায়ভুক্ত। ২। [বাতুল বা বাউল+ইয়া (তদ্ভাবাপন্ন)] বিণ, উন্মাদ; বাতুল। ৩। [আউল দ্রঃ] বিণ, উচ্ছৃঙ্খল; সাংসারিক-বুদ্ধিহীন; এলেমেলো ধরণের লোক। **আউলিয়া-চাঁদ, আউল্যে চাঁদ**—আউল চাঁদ দ্রঃ। ২। খ্যাপাটে: যে অল্পেই আকুল হইয়া উঠে বা বাতুলের ন্যায় ব্যবহার করে। (তুল—আউপাতালি দুর্গা)।

আউলিয়া মনোহর দাস—জনৈক প্রসিদ্ধ বৈষ্ণব-পদসংগ্রহকর্ত্তা। পদসমুদ্র তাঁহার বিরাট গ্রন্থ। হুগলী বদনগঞ্জে তাঁহার সমাধি আছে। তথায় প্রতিবৎসর মকর সংক্রান্তিতে মেলা হয়। মনোহর দাস সখীভাবে শ্রীকৃষ্ণের ভজনা করিতেন; হাতে বালা, কানে কানবালা, নাকে নোলক, অঙ্গে কাঁচলি এবং চোখে কাজল পরিতেন; স্ত্রীলোকের ন্যায় খোঁপা বাঁধিতেন, ঘাঘরা ও ওড়না ব্যবহার করিতেন এবং পাঁয়জোর পরিয়া নাচিতেন। কথিত আছে ইনি "সাধনবলে আড়াইশত বৎসরের অধিককাল জীবিত ছিলেন।" —নব্যভারত (১৩০০)

আউলী [আকুল। বাউলী দ্রঃ। তুল—আকুলি ব্যাকুলি] বিণ, আকুল; ব্যাকুল। ২। অস্থির। ৩। বিশৃঙ্খল। প্র—"নৃপতির ঠাটগুলি খেয়ে বুলে তালি। হাসেন চণ্ডিকা দেখি ঠাটের আউলী॥" —কবিকঙ্কণ।

আউশ, আউস (শ্) [আশু (ধান্য) অপভ্রংশে] বি, বর্ষাকালে উৎপন্ন ধান্য। ইহার চাউল মোটা। আশু বা শীঘ্র পাকিয়া উঠে বলিয়া এই নাম।

আএন্দা—আয়েন্দা দ্রঃ।

আএব—আয়েব দ্রঃ।

আএমা (আয়্মা) [আ] বি, পুরস্কারস্বরূপ রাজদত্ত নিষ্কর ভূমি; স্বল্পকরে পুরস্কার স্বরূপ দত্ত জমি। **আএমাদার**—বি, আএমা জমির অধিকারী বা উপস্বত্বভোগী।

আও [ব্রজ। হিং—আব্] ক্রি, আইস। 'সজনি আও আওলো।" "কুঞ্জবনমে আওলো।"—রবীন্দ্র (ভানুসিংহের পদাবলী)। ২। আইসে। প্র—"নিতি নিতি নিয়র আও বিনু কাজ" —বিদ্যাপতি। **আওই** (আবোই) আগমন করে। প্র—"গিয়া নিজ দেশ না আওইরে" —বি, প,। **আওত** (আবোত) আসিতেছে। **আওনু আওলু, -লুঁ**—আসিলাম (তুল—আইনু)। **আওব**—আসিবে। প্র—"কতিক্ষণে আওব কুঞ্জরগমনী" —বি, প,। **আওয়ে**—আইসে। **আওল**—আসিল। **আওলি**—আসিলি।

আওজন (ন্) [প্রাদে, কথ্য] বি, আটক করণ; বন্ধ করণ। **আওজান** (নো) ক্রি, আটক করা: বন্ধ করা: দরজা আওজান। ২। ঢাকা দেওয়া। প্র—দুগ্ধ আওজান।

আওটন (ন্) [আবর্ত্তন শব্দজ] বি, তরল দ্রব্য জ্বাল দিয়া গাঢ় করণ। ২। গালান। ৩। ধাতু দ্রব্যের মিশ্রণ। আউটন দ্রঃ। ক্রি, **আওটান** (নো)

আওড় (ড়্) [সং—আবর্ত্ত] বি, নদীর জল যে স্থানে ঘূর্ণপাক দিয়া বিপরীত দিকে যায়।

আওড়ন (ন) [সং—আবৃত্তি] বি, আবৃত্তি করণ। ২। মুখস্থ করিবার জন্য পুনঃ পুনঃ পাঠ। **আওড়ান** (নো) ক্রি, আবৃত্তি করা। প্র—"আওড়ালেন বহু শ্লোক সব বেদ ও পুরাণ থেকে" —দ্বিজেন্দ্র রায়।

আওতা [সং—আবৃত। আও (আড়)+তা (বিশিষ্টার্থে) প্রাদে] বি, রৌদ্র-নিবারক আবরণ বা আচ্ছাদন। প্র—গাছের আওতা। **আওতান** (নো) ক্রি, মুষড়িয়া বা শুকাইয়া যাওয়া।

আওভাও [আহ্বান শব্দজ] বি, অভ্যর্থনা; সাদরে গ্রহণ।

আওয়া (আ) [প্রাদে। সং—অর্ব্বুদ—তাহা হইতে আব উচ্চারণ ভেদে আব্—নাসিকার ভিতরস্থ অর্ব্বুদ (tumour)] বি, নাসারোগ।

আওয়াজ (আওয়াজ্) [ফা—আবাজ্ মুখের শব্দ] বি, শব্দ; বুলি।

আওয়াজি—বি, ছোট জানালা।

আওয়ারি আওয়ারি [ফা—আবারা (যাহার কোন ঠিকানা নাই তুল—ল্যা, vagari—to wander)। প্রা, বাং—ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব] ক্রি-বিণ, নির্দ্দিষ্ট ঠিকানা বা বাড়ী শূন্য (তাহা হইতে) বাড়ী বাড়ী।
প্র—"শুনিয়া শিবের শিঙ্গা, ধায় যত বিঙ্গা চিঙ্গা,
সাথে ফিরে আওয়ারি আওয়ারি।"
—কবিকঙ্কণ।

আওয়ারী, আওয়াড়ী [প্রাদে। সং—আকৃতি। তুল—উ, হবেলী] বি, বাড়ী। ২। বিপণি; পণ্যবীথিকা; হট্টমন্দির; হাটচালা। প্র—"সোণার প্রাচীর ঘর, স্বর্ণ আওয়ারী" —কৃত্তিবাস।

আওয়াস (আওআশ্) [সং—আবাস, ব=ব্=ওআ। প্রা, বাং—বানানে—আওাস, অপ্র] বি, আবাস; বাসস্থান; বাসগৃহ। প্র—"তার মধ্যে দেখ পদ্মাবতীর আওাস" —পদ্মাবতী (আলোয়াল)। ২। [ওড়ি—আওয়াস=রাজবাড়ী, প্রাসাদ] রাজপ্রাসাদ; অট্টালিকা। প্র—"গঠিছে আওয়াস ঘর, থাকিবেন রঘুবর" —কৃত্তিবাস। "আওয়াস তুলিল এক ক্রোশ পরিমাণ" —কবিকঙ্কণ।

আওরৎ, আউরৎ [আ, আওরৎ=নারী। প্রা, বাং: মুসলমানী বাং এবং আদালতের বাং প্রচলিত] বি, নারী; স্ত্রীলোক। ২। পত্নী!

আওরান (নো) [প্রাদে। অউরান দ্রঃ] ক্রি, টাটান; স্পর্শমাত্র যন্ত্রণাকর হইয়া উঠা।

আওরে [আরু পিঙ্গলবর্ণ। শুকাইয়া আরু বা আউর। আউর দ্রঃ] ক্রি, শুষ্ক বা ম্লান হয়; শুকায়। প্র—"মস্তকেতে পঞ্চফুল কেহ না আওরে" —কৃত্তিবাস। ২। [ব্রজ। হি—আও (আইস) রে (সম্বোধনে) পদ্যে। তুল—আওইরে] এসরে: আয়রে।
প্র—"বঁধুয়া, হিয়া পর আওরে,
মিঠি মিঠি হাসয়ি, মৃদু মধু ভাষয়ি,
হমার মুখ পর চাওরে!"
—রবীন্দ্র (ভানু সিংহের পদাবলী)।

আওল (আওল্) [সং, আবিল] বি, অপরিচ্ছন্ন স্থান। ২। আলোকহীন অপরিষ্কৃত স্থান। ৩। জঙ্গল। [আওলাত দ্রঃ] ৪। [সং, আর্দ্র] ভিজা নীচু জমি; নাবাল।

আওল (আবল) [ব্রজ] ক্রি, আইল; আসিল।
প্র—"বসন্ত আওল" —বিদ্যাপতি।
"হেরি হাসি তব মধুঋতু ধাওল, শুনয়ি বাঁশি তব পিককুল গাওল, বিকল ভ্রমরসম ত্রিভুবন আওল, চরণ কমলযুগ ছোঁয়, কো তুঁহু বোলবি মোয়?"—রবীন্দ্র (ভানুসিংহের পদাবলী)।
ম, পু, **আওলি**—আইলে: আসিলে
প্র—"ফেরি আওলি বহু পূরবক পুণে।"
—বিদ্যাপতি।

আওলা [আওল দ্রঃ] বি, বন; জঙ্গল। ২। আওল।

আওলাত, দ (ত্) [আ, আবলাদ্] বি, পুত্র; সন্তান: বংশ। ২। বৃক্ষাদি স্থাবর ও অস্থাবর সম্পত্তি। ৩। ফলকর বৃক্ষ।

আওসৎ [আ. অওসৎ=মধ্যবর্ত্তী ; তাহা হইতে অধীন ; নিম্নস্থ বা অধস্তন ; subordinate.] বি. বড় জমীদারীর অধীন খাজনা করা ভূসম্পত্তি ; পূর্ব্ববঙ্গে প্রচরদ্রূপ। [দ্রঃ—a term applied to a tenure of land or part of an estate held of a superior. The term is peculiar to east Bengal." —*Glossary Judicial and Revenue terms*]. **আওসৎ হাওয়ালা** (আওসৎ ও হাওয়ালা দ্রঃ) হাওয়ালার অধীন জমীদারী ; "a tenure subordinate to a hawala" —*Glossary, ditto.*

আওসৎ-তালুক—বড়তালুকের এলাকাধীন ছোট তালুক ; a portion of a taluk held in subordination to the entire taluk." —*Wilson.*

আওসা (শা) [প্রাদে] বি. গোব্যাধি বিশেষ ; পায়ের খুরের যোড়ের মধ্যে ক্ষত। ২। মুখ রোগ. ইহাতে গরুর মুখ ফুলে ও লালা নির্গত হয়। এইরূপে লালা নির্গত হইতে থাকিলে তাহাকে আওসানি বলে। ৩। মড়ক ; মহামারী ; epidemic.

আওসান (আওশানো) [প্রাদে—কথ্য। আওজান দ্রঃ] ক্রি. ভেজাইয়া দেওয়া।

আওহাল (আহ্‌বাল) [আ—আহ্‌বাল্। হাল্ (অবস্থা) শব্দের বহুবচন। "আব্‌হাল" ও লিখিত হয়] বি. অবস্থা। প্র—"আমি সকলকে ডেকে বলি যে আমার এই আওহাল, তোমরা সব আপনারা রয়ে বসে বেচে কিনে নাও।"—গিরিশ (প্রফুল্ল)।

আং [সং—অঙ্গ শব্দের প্রাকৃত উচ্চারণ। হি-অংগ্, কমায়ুঁ-গঢ়বালী কথ্য হিন্দী—আংওআ] বি. অঙ্গ। ২। প্রত্যঙ্গ। আঙ্গ দ্রঃ।

আংগা, আঙ্গা [হি—আঙ্গা] বি. অঙ্গরাখা ; অঙ্গাবরণ বিশেষ।

আংটা, আঙ্গটা [সং অঙ্গুষ্ঠ। হি—আংগঠা (অঙ্গুঠা অপেক্ষা বৃহৎ) অঙ্গুরীয়কের আকার বলিয়া] বি. কড়া ; ring ; কড়া প্রভৃতি ধাতুপাত্র ধরিবার মত আংটার আকৃতিবিশিষ্ট হাতল (handle)। প্র—কড়ার আংটা ধরিয়া উনানের উপর বসাও।

আংটী [আঙ্গুঠী দ্রঃ।] বি. অঙ্গুরীয় ; অঙ্গুরী।

আঃ (আহ্) [সং—আঃ। ইং ah। ফা আংখ্] অ. বিরক্তি, অসন্তোষ, ক্ষোভ প্রভৃতি ব্যঞ্জক। প্র—আঃ কি আপদ। আঃ কি যন্ত্রণা।
২। বিস্ময়। প্র—আঃ গেল !
৩। কোপ প্রকাশ। প্র—আঃ মর।
৪। আত্মগ্লানি। প্র—আঃ আমার পোড়া কপাল।
৫। ভর্ৎসনা। প্র—আঃ মরণ তোমার। আঃ তোমার মুখে আগুন।
৬। দৈহিক বা মনঃপীড়া ব্যঞ্জক। প্র—আঃ প্রাণ যায়।
৭। সন্তোষ ; শান্তি ; আরাম। প্র—"আঃ বেঁচেছি এখন ! শর্ম্মা ও দিকে আর নন !" —বাল্মীকিপ্রতিভা।

আঁ [উচ্চারণ ভেদে এ্যাঁ। সং—আ। তুল—ইং- aye] অ. প্রশ্নে। প্র—আঁ কি করিতে হইবে ?
২। সম্মতি বা স্বীকার সূচক হাঁ স্থলে।
৩। ভয় প্রদর্শনে। প্র—আঁ এত বড় স্পর্দ্ধা !
৪। বেশ হইয়াছে (well-done) এই অর্থে। প্র—আঁ ! ঠিক হয়েছে।

আঁ-আঁ—ক্রন্দনের শব্দ। প্র—সে ক্রমাগত আঁ আঁ করিয়া কাঁদিতেছে। **আঁই-আঁই**—ক্রন্দনের শব্দ। ২। বিরক্তিজনক ক্রন্দন।

আঁ-হঁ—অসম্মতি সূচক অব্যয় ; না।

আঁইদ, আঁদি, আঁদ (দ্) [সং—আদি, আদ্য (পূঃ বঙ্গের উচ্চারণ—আইদ্য)] বিণ, আদি ; মূল ; জড়। প্র—দুষ্টের আঁদি ; খলের আঁদি। ২। [প্রাদে] বি. লাঙ্গলের জোআল ও আঁকড়া যাহাতে বদ্ধ করা যায়।

আঁইষ, শ (শ্) আইঁষ দ্রঃ।

আঁইশ (শ্) [সং—অংশু=আঁশ] বি. বৃক্ষাদির বল্কল ; পত্র ; ফল প্রভৃতি-জাত সূত্র ; ফেঁশো ; সূক্ষ্ম তন্তু। ২। মৎস্যের শল্ক। আইঁষ দ্রঃ।

আঁওত (ত্) [সং বন্ধ্রী, নন্ধ্রী=চর্ম্ম রজ্জু। প্রা, বাং আঁওদ, -আঁওদ] বি. যে চর্ম্মরজ্জু দ্বারা লাঙ্গল দণ্ড জোয়ালের সহিত বদ্ধ থাকে। প্র—"সুণার যে লাঙ্গল কৈল রূপার জে ফাল। আগে পিছু লাঙ্গলেত এ তিন গোজাল॥ আস জ্যোতি পাশ জ্যোতি আওদর বড় চিন্তা। দুদিগে দুসলি দিআ জুআলে কৈল বিন্ধ্যা॥" —শূন্য পুরাণ।

আঁওল (ল্) [আ. হমল্ the fœtus.] বি. জরায়ু ; গর্ভকোষ।

আঁওলা—আমলকী দ্রঃ।

আঁক্‌করা (আঁক্) [সং—আতঙ্ক, তাহা হইতে আঁৎকান—আতঙ্ক জনিত আঁ এই শব্দ করা] ক্রি, আঁৎকিয়া উঠা ; ভয়ে, বিস্ময়ে আঁ এই শব্দ মাত্র করিয়া নির্ব্বাক্ হওয়া।

আঁক (ক্) [সং—অঙ্ক] বি, চিহ্ন ; দাগ। প্র—নাম লিখিতে না জান একটা আঁক করে দাও। শাদা দেয়ালে কয়লার আঁক পড়েছে।

আঁকপাড়া—অঙ্কপাত করা ; দাগকাটা। ২। রেখা। **আঁককাটা**—রেখাঙ্কন করা ; রেখা চিহ্ন করা। প্র—প্রথমে, সোজা একটা আঁক কেটে যাও। ৩। [গণিতে] সংখ্যা।

আঁককষা—গণিতের ফল নিষ্কাশন করা।

আঁকরাখা—সংখ্যাপাত করা ; সংখ্যা সংস্থাপন করা। ৪। পোড়া দাগ। **আঁকধরা, আঁকিয়া যাওয়া**—অধিক আঁচে হাঁড়ির তলায় অন্ন জলাদি চুঁইয়া পুড়িয়া চিহ্নিত হওয়া। ৫। [প্রাদে। পূঃ বঙ্গে] গণ্ডী ; মণ্ডল। প্র—"মাঘ মণ্ডল সোণার কুণ্ডল। * * * আঁকে বসিয়া দুধ ভাত খাই"—মাঘ মণ্ডল ব্রত (বিক্রমপুরের ইতিহাস)।

আঁকড়্‌ষী (কো, ড়্) [সং—আকর্ষী] বি, বৃক্ষ হইতে ফল পুষ্পাদি পাড়িবার অঙ্কুশাকার অগ্রবিশিষ্ট দণ্ড ; আঁকশী ; লগী ; লগা।

আঁকড়া (ক্) [আঁকড়ষী দ্রঃ। ক্ষুদ্রার্থে আঁকড়ী] বি, যাহাতে বাধাইয়া কোন দ্রব্য ঝুলান যাইতে পারে ; hook. ২। [আঙ্গটা দ্রঃ] কড়া ; ক্ষুদ্র বলয় ; চুড়ী ; বড় আংটী।

আঁকড়াআঁকড়ি (ক্ ক্) [আঁকড়ান দ্রঃ। পরস্পর আঁকড়ানোর অর্থে দ্বিত্ব] বি. জড়াজড়ি। ২। টানাটানি (বিরল)।

আঁকড়ান (ক্, নো) [আঁকাড় দ্রঃ। উ, পু—আঁকড়াই। ম, পু—আঁকড়াও, আঁকড়ান্, আঁকড়া। প্র, পু—আঁকড়ায়, আঁকড়ান। অস-ক্রি—আঁকড়াইতে, আঁকড়িতে ; আঁকড়াইয়া, আঁকড়িয়া, আঁকড়ি (পদ্যে)] ক্রি, দুই বাহু দ্বারা বেষ্টন করা। প্র—গাছটার গুঁড়ি এত মোটা যে আঁকড়ান যায় না।
২। জড়ান ; আলিঙ্গন করা। **আঁকড়িয়া বা আঁকড়ে ধরা**—দুইবাহু দ্বারা দৃঢ়ভাবে জড়ানো : বদ্ধ মুষ্টিতে গ্রহণ করা। প্র—"আঁকড়ে ধরিস যা কিছু তা ফস্কে যায়" —রজনী সেন। **আঁকড়িয়া বা আঁকড়ে পাওয়া**—দুই বাহু বেষ্টনের মধ্যে আনা বা প্রাপ্ত হওয়া ; আয়ত্ত করা। প্র—সে এত দূর বেড়ে গেছে যে এখন তাহাকে আঁকড়িয়া পাওয়া ভার। প্র—"মাতৃস্তনপানে রত শিশুর মত পড়ে আছে শিখর আঁকড়ি"—রবীন্দ্রনাথ।

আঁকড়ি (ক্) [সং—আকর্ষণী, আকর্ষী] বি, অঙ্কুশাকার-অগ্র দণ্ডবিশেষ ; আঁকশি। ২। ক অক্ষরের মাত্রা সংলগ্ন ১ এই চিহ্ন। ৩। দণ্ডাদির অঙ্কুর আকৃতি অগ্র।

আঁকড়ি দেওয়া—"১" এই চিহ্ন সংযুক্ত করা।

আঁকবাড়ি (ক্) [আঁক (অঙ্ক দ্রঃ) + বাড়ি (দ্রঃ)] বি, দ্রব্যাদির খরিদ বিক্রয়ের পরিমাণ চিহ্ন-সূচক যষ্টি ; মাপকাঠি ; যে কাঠিতে আঁক পাড়িয়া অশিক্ষিত লোক রোজের হিসাব রাখে।

আঁকশলা, শলী, সলি (আঁকশলা, শোলি) [অক্ষ (চক্রের মধ্য-মণ্ডল) শলাকা] বি.

ঢেঁকির মধ্যদেশ ভেদ করিয়া যে কাষ্ঠখণ্ড উভয় পার্শ্বস্থ পোয়ার উপর থাকে ; যে দণ্ড বা শলাকা আশ্রয় করিয়া ঢেঁকী অর্দ্ধ আবর্ত্তিত হয়। প্র—"আঁকশলী পুয়া যোনা গড়ে মেকামেকী"—অন্নদামঙ্গল। "পুয়া হৈল পুরাতন আঁকসলি নড়ে"—শিবায়ন।

আঁকশি, যি (ক্) [সং—অঙ্কুশ (হস্তিতাড়ন দণ্ড ; ডাঙ্গশ) অঙ্কুশের মত বক্রমুখ বলিয়া আকর্ষণীর এই নাম] বি, আঁকুশী দ্রঃ।

আঁকা [অঙ্ক হইতে আঁক+আ (ক্রি-বিভক্তি)। উ-পু-আঁকি। ম-পু-আঁক ; আঁকুন্ ; আঁক্। প্র-পু-আঁকে ; আঁকেন্। অস-ক্রি-আঁকিতে ; আঁকিয়া, আঁকি (পদ্যে), এঁকে(গ্রা)। নিজন্ত-আঁকান (নো)] ক্রি, চিত্র করা ; ছবি আঁকা ; দাগ কাটা। ২। চিহ্নিত করা। প্র—"বারি সংঘটিত ঘটে সুসিন্দূরে আঁকি"—মেঘনাদ। ৩। অঙ্ক-পাত করা। ৪। রন্ধনকালে অতিরিক্ত উত্তাপ হেতু দগ্ধপ্রায় হইয়া যাওয়া ; ধরিয়া যাওয়া ; চুঁয়ে যাওয়া। বিণ, [গত্যর্থক সং—অন্‌ক্ ধাতুজ] বক্রগতি ; বাঁকা (আঁকাবাঁকা দ্রঃ)। ২। অঙ্কিত ; চিত্রিত। প্র—"থাকুন তিনি পটে আঁকা"—দ্বিঃ, রায়। ৩। চিহ্নিত ; দাগ লাগা। ৪। চুঁয়া ; কলঙ্ক ধরা। আঁকাজোঁকা [আঁকা—জোঁখা (সাদৃশ্য তুলনার্থে)] ক্রি, চিত্রকরা ; ছবি আঁকা। ২। বিণ, চিত্রিত। (২) চিত্রবিচিত্র করা।

আঁকাড় (ড়্) [সং—কাণ্ড হইতে কাঁড়, কাঁড়ি (রাশি)—আ (পর্য্যন্ত, অবধি)—কাঁড় (রাশি) —কাঁড় পর্য্যন্ত পৌঁছিতে বা কাঁড় প্রমাণ করিয়া ধরিতে দুই হস্ত প্রসারিত করিতে হয়। (তাহা হইতে) যত পরিমাণ দুই হাতে বেষ্টন করা বা আঁকড়িয়া ধরা যায়। গ্রাম্য ব্যবহারে] বি, রাশি ; স্তূপ ; ঢের। প্র—আঁকাড় কেড়ে চাল নিয়েছে, অত ছোট হাঁড়িতে ধরবে কেন ? এক আঁকাড়—যে পরিমাণ দুই বাহু বেষ্টনের মধ্যে আইসে। (তুল—একরাশ)। ক্রি, আঁকড়ান (নো)। আঁকাড়ি—আঁকড়িয়া ; জড়াইয়া।

আঁকাড়ি [আঁকাড় দ্রঃ] বি, আঁকাড় ; বেষ্টন। ২। রাশি। প্র—"আঁকাড়ি করিয়া দানা পুরিছে বদন।"—কবিকঙ্কণ।

আঁকান [অঙ্কন শব্দজ] বিণ, অস্ত্র দ্বারা কৃত অঙ্কন। ২। চুঁয়ান ; যাহা পোড়াইয়া চিহ্নিত করা হইয়াছে। ক্রি, আঁকান (নো)—অস্ত্র দ্বারা চিত্রিত করাইয়া লওয়া। ২। দগ্ধপ্রায় করান ; কলঙ্ক ধরান।

আঁকাবাঁকা [অন্‌ক্ গতি অর্থে, বন্‌ক্ বক্রগতি অর্থে—অঙ্কবঙ্ক, বক্রগতি] বিণ, সর্পগতিবৎ বহুস্থানে বক্র ; ঘুরান ফিরান। প্র—"আঁকাবাঁকা পথ।" ২। টেড়াবাঁকা ; তেরছা ; তীর্য্যক্। প্র—"মরি কি আঁকাবাঁকা চেপটা নাকে নয়ন ঢাকা"—প্রফুল্ল (গিঃ ঘোষ)।

আঁকুড়ি [সং—আকর্ষী] বি, আঁকষি ; যাহা দ্বারা ফল ফুল প্রভৃতি আকর্ষণ করা যায়। প্র—"সাজি আঁকুড়ি হাতে চলিলা কানন-পথে সোঙরিয়া ভবানী শঙ্কর।"—কবিকঙ্কণ।

আঁকুবাঁকু, আঁকুপাঁকু [অঙ্কবঙ্ক শব্দজ। অতিশয় ব্যস্ততায় অঙ্গভঙ্গ স্বাভাবিক। তুল :—সাঁওতালী হাঁকোপাঁকো] বি, উদযোগ ; শীঘ্রতাজ্ঞাপক ; ঔৎসুক্যজ্ঞাপক ; অতিশয় ব্যস্ততা বা উদ্বেগ প্রকাশ করা অর্থে বাঙ্গালার কোন কোন প্রদেশে "হাঁকপাঁক করা" বলে ; আগ্রহ।

আঁকুর (র্) [সং—অঙ্কুর] বি, অভিনবোৎপন্ন উদ্ভিদ ; অঙ্কুর। প্র—"বিফল প্রেমক আঁকুর মোড়ি"—বিদ্যাপতি।

আঁকুশী, ষী [সং—অঙ্কুশ। হস্তিতাড়ন দণ্ডের মত বক্রমুখ বলিয়া আকর্ষণীর এই নাম। ওড়ি—আঙ্কুশি] বি, আকর্ষী ; লগা।

আঁকোড় (ড়্) [সং—অঙ্কোট, ঠ] বি, শ্বেতবর্ণ ফলপ্রদ ক্ষুদ্র ওষধি বৃক্ষ বিশেষ ; বাবআঁচড়া ; ধলা আঁকড়া (তুল—ওড়ি :—ধলাঙ্কু) ; alangium hexapetalum ; alangium lamarckii.

আঁখ, আঁখি (খ্) [সং—অক্ষি ; হি—আঁখ, আঁখি, আঁখিয়া ; ল্যা—oculus. পদ্যে] বি, চক্ষু ; নেত্র। প্র—"আঁখ উপর তুহুঁ রচলহি আসন"—রবি। "অবিরল স্রোতে, আঁখিযুগ হতে, প্রেমধারা নির্ঝরিবে"
—কালীপ্রসন্ন ঘোষ।
"আঁখি নত করি একলা গাঁথিছ ফুল"—রবি।
আঁখিঠার (র্)—ইসারা ; চক্ষুর ইঙ্গিত। প্র—"সখীগণে সুন্দরী কহিল আঁখিঠারে"
—ভারতচন্দ্র।
আঁখিপালট (ট্)—চক্ষুর প্রত্যাবর্ত্তন ; দৃষ্টির অপসরণ। আঁখিপালটিয়া—ক্রি, বিণ, চোখ ফিরাইয়া। প্র—"আঁখি পালটিয়া ঘরে যাওয়া হৈল কাল"—ভারতচন্দ্র। আঁখিমুদা—ক্রি, চক্ষু বন্ধ করা ; চোখ বোজা। ২। মরিয়া যাওয়া। পদ্মআঁখি—রামচন্দ্র (পদ্ম সদৃশ চক্ষু বলিয়া)। প্র—"পদ্মআঁখি আজ্ঞা দিলে আমি পদ্মবনে যাব"
—স্বর্ণলতা।

আঁখর (র্) [সং—অক্ষর। আখর দ্রঃ] বি, অক্ষর ; বর্ণ। প্র—"পিরীতি বলিয়া এ তিন আঁখর ভুবনে আনিল কে"—চণ্ডীদাস।

আঁচ (আঁচ্) [সং—অর্চ্চিস্—অর্চি (অগ্নিশিখা —জ্বাল "বহ্নের্যোর্দ্ধ্বলিকীলাবর্চ্চিহেতিঃ শিখা"—অমর। তুল—উনানে জ্বাল দেওয়া ; জ্বাল ঠেলিয়া দেওয়া ; জ্বাল বাড়ান) অপভ্রংশে] বি, অগ্নিশিখা বা জ্বাল। ২। উষ্ণতা ; উত্তাপ। ৩। অল্প তাপ ; ভাপ ; ঝাঁজ। প্র—"বোধ হয় উননের তাপের আঁচ মেয়েটিকে একবার লাগিয়াছিল, তাই সে একবার কাঁদিল।"
—বঙ্কিম (আনন্দমঠ)।

আঁচ (আঁচ্) [ঈষৎ তাপ বা ঝাঁজের ভাব হইতে অথবা সং—অঞ্চ্ ধাতু (অব্যক্ত শব্দ) হইতে সামান্য বা অস্ফুট ভাষ] বি, হৃদ্গত ভাবের আভাস মাত্র ; ইসারা ; হাই। প্র—তাহার কথার আঁচ বুঝা গেল বা একটু আঁচ পাইলেই বুঝিতে পারিব। ২। আন্দাজ ; অনুমান। প্র—আচ্ছা সে এখন কি করিবে তাহা আঁচ করিতে পার ? ক্রি, আঁচা।

আঁচড়, র্ (আঁচড়্, র্) [আঁ (ঈষদর্থে আ) কর্ষণ —আঁকড় দ্রঃ। হল কর্ষণের ভাব হইতে] বি, দাগ ; ছড় ; নখাঘাত। তুল—"নখআঁচড় লাগিল" —ভারত। ২। রেখা। প্র—আঁচড় কাটা। ৩। চাঁচন ; কুরন। ৪। [স্বর্ণ প্রভৃতি ধাতু কষ্টিপাথরে কষিয়া অর্থাৎ ঘষিয়া বা আঁচড় দিয়া পরীক্ষা করিবার ভাব হইতে] বি, স্বল্প পরীক্ষা ; ইসারা ; ইঙ্গিত। প্র—"এক আঁচড়ে পেলেম প্রেমের পরিচয়" —রাম বসু। ৫। আভ্যন্তরিক আক্ষেপবিশেষের উত্তেজনায় হস্তপদাদিদ্বারা মৃত্তিকা বিদারণ বা দেহে হস্তবিলিখন। ক্রি, আঁচড়ান (দ্রঃ)। আঁচড় কাটা—দাগ দেওয়া ; রেখাপাত করা। ২। কদক্ষর লেখা। ৩। তাড়াতাড়ি লেখা। আঁচড় দেওয়া—আঁচড় কাটা ; আঁচড়ান। কালির আঁচড়—লেখাপড়ার চিহ্ন ; বিদ্যা। প্র—তাহার পেটে কালির আঁচড়ও নাই।

আঁচড়া (চ) [আঁচড় দ্রঃ] বি, লাঙ্গল। ২। ক্ষেত্রে সামান্য হলাকর্ষণ। প্র—এখনও এমাঠে আঁচড়া পড়ে নাই। ৩। আঁচড় কাটিবার যন্ত্র ; ছুতারের ব্যবহার্য্য রেখা টানিবার যন্ত্র।

আঁচড়ান (চ্, নো) [আকর্ষণ বা হল কর্ষণের ভাব হইতে। আঁকড়া দ্রঃ] ক্রি, কেশের মধ্যে চিরুণী বা অঙ্গুলী চালনা করা। কেশ সংস্কার করা। প্র—চুল আঁচড়ান ; মাথা আঁচড়ান। ২। নখাদিদ্বারা ঈষৎ বিদারণ করা। আঁচড়ান-কামড়ান—নখাঘাত ও দন্তাঘাত করা। আঁচড়ি, আঁচড়িয়া—(তুল—ওড়ি—আঁপুড়ী) নখাঘাত করিয়া। প্র—"ভূমিতলে নাগর নাগরী কামড়ি আঁচড়ি।" —মেঘনাদ।

আঁচড়া-আঁচড়ি—পরস্পর নখাদিদ্বারা আঘাতকরণ।

আঁচড়াকুড় (চ্, ড়্) [সং—আবর্জ্জনাকুণ্ড বা আচমন-কুণ্ড] বি, গৃহের আবর্জ্জনা বা ওঁচলা ফেলিবার স্থান; আঁস্তাকুড়।

আঁচড়াপড়া (চ্) [আঁচড়া—পড়া] বিণ, যে আঁকড়িয়া পড়িয়া থাকে; নেয়ে আঁকড়া; কাইয়া।

আঁচমন (আঁচ্‌মন্) [সং—আচমন। উচ্চারণ বিকারে আঁ] বি, ধর্ম্মকর্ম্মের জন্য মন্ত্রপাঠপূর্ব্বক বিধিমত জল গ্রহণ। ২। ভোজনান্তে বিধিমত মুখ প্রক্ষালন। **আঁচমনীয়**—বিণ, যে দ্রব্য ভক্ষণ করিলে আঁচমন করিতে হয়। যথা—সিদ্ধ তণ্ডুলাদি। প্র—"আঁচমন মুখশুদ্ধি সারি সুতপনে। সন্তোষে বসিলা শিব শার্দ্দূল অজিনে॥" —শিবায়ন।

আঁচর, আঁচোর (আঁচোর্) [সং—অঞ্চল। হি—আঁচরা। ব্রজ, প্রা, বাং, ল=র] বি, বস্ত্রের প্রান্তভাগ; আঁচল। প্র—"এস এস বঁধু এস আধ আঁচরে বস" —চণ্ডীদাস। "আঁচরে ঝাঁপয়ি আনন চন্দ" —গোবিন্দদাস। "কুসুম তুলিয়া লহ ভরিয়া আঁচোর" —অশোকগুচ্ছ।

আঁচল (আঁচোল্) [সং—অঞ্চল। হি—আঁচল]। বি, বস্ত্রের প্রান্তভাগ। প্র—"ক্রোধে রাণী ধায় রড়ে; আঁচল ধরায় পড়ে।" —ভারতচন্দ্র। "আঁচলে চাবির থোলো কোলে গলা বেড়ে।" —হেমবন্দ্যো।

আঁচল ধরিয়া বেড়ান—কোন স্ত্রীলোকের অধীন হইয়া চলা; স্ত্রীলোকের দ্বারা পরিচালিত হওয়া বা তাহার সঙ্গে সঙ্গে ফেরা।

আঁচলা (আঁচ্‌লা) [সং—অঞ্চল। হি—আঁচ্‌লা, আঁচরা] বি, অঞ্চল; কাপড়ের (দশি প্রধানতঃ প্রতিমাদির বস্ত্রের প্রান্তভাগকেই বুঝায়)। বস্ত্রপ্রান্তের যে অংশে ফুল কাটা বা জরি প্রভৃতির কাজ করা থাকে।

আঁচা [আঁচ (দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি)। উ-পু—আঁচি। ম, পু—আঁচ; আঁচুন্; আঁচ্। প্র-পু—আঁচে; আঁচেন্। অস-ক্রি—আঁচিতে, আঁচিয়া, আঁচি (পদ্যে) এঁচে (গ্রা)। ণিজন্ত—আচান (নো)] ক্রি, ঠিক করিয়া বর্ণনা করা; অনুমান করা।

আঁচা-আঁচি [আঁচ দ্রঃ] বি, পরস্পরের মনোগত ভাব অনুমান দ্বারা নির্ণয় চেষ্টা বা সন্ধান। প্র—"কি করি দুজনে মনে করে আঁচা-আঁচি" —ভারতচন্দ্র। ২। পরস্পর ছিদ্রানুসন্ধান। ৩। পরস্পর ইঙ্গিত।

আঁচান [সং—আচমন হইতে] বি, ভোজনান্তে হস্তমুখ প্রক্ষালন।

আঁচান (নো) [অকর্ম্মক ক্রিয়া। উ-পু—আঁচাই। ম-পু—আঁচাও; আঁচান্; আঁচা। প্র-পু—আঁচায়; আঁচান্। অস-ক্রি—আঁচাইতে; আঁচাইয়া; আঁচিয়ে (গ্রা)] ক্রি, আচমন করা; আহারান্তে হাত মুখাদি ধোয়া।

প্র—"পার্ব্বতীর পাক প্রশংসিলা সব ছেল্যা, মিছা মিছা খেয়ে মিছা মিছা আঁচাইলা॥" —শিবায়ন।

২। আঁচ দেওয়া; তাতান। **না আঁচালে বিশ্বাস নাই**—আহারান্তে আঁচাইতে হয় সুতরাং তখনই আহার সম্বন্ধে নিঃসন্দেহ হওয়া যায়; ইহা হইতে কোন কার্য্য সিদ্ধ না হইলে তাহা সম্পাদিত হইবে কিনা তাহা বলা যায় না।

আঁচি (আঁচি) [প্রাদে কথ্য] বি, নারিকেল-মালা। ২। জননাশৌচ।

আঁচিল (ল্) বি, ব্রণবিশেষ; উপমাংস; ব্যাধিবিশেষ। "জননী কহিল মোর জনক কনক-গৌর, বামনাসা উপরে আঁচিল॥" —কবিকঙ্কণ।

আঁচীল (ল্) আচীর দ্রঃ। **আঁচীল-পাঁচীল**—আচীর-প্রাচীর দ্রঃ।

আঁচোট (ট্) [আ—চোট] বিণ, পতিত।

আঁজন (ন্) [সং—অঞ্জন। হি—আঁজন্; আঁজি। বি, কজ্জল; কাজল; নেত্রলেপ।

আঁজনাই [সং—অঞ্জনা। অঞ্জনিয়া—পৃষ্ঠে অঞ্জনবর্ণের ডোরা আছে বলিয়া] বি, জেঠী; আঞ্জনে। ২। নেত্ররোগবিশেষ।

আঁজল, আঁজলা (আঁজল্, আঁজ্‌লা) [সং—অঞ্জলি] হি—অঁজলী, অঁজলা, অঁজল] বি, অঞ্জলি; করপুট। ২। অঞ্জলি পরিমাণ; ৩২তোলা পরিমাণ।

আঁজল-পাঁজল (ল্,ল্) [তুল—উঁজল্ বা ওঁজোল্ পাঁজল্। সং—পঞ্জর—পাঁজর; সহচর শব্দ আঁজর। হি—অঁজরপঁজর] বি, অস্থিপঞ্জরের বন্ধন শিথিল হওয়া।

আঁজি [অঞ্জন দ্রঃ। চোখের কোলে অঞ্জনের রেখা শলাকা দ্বারা টানার ভাব হইতে] বি, টানা রেখা। ২। বস্ত্রাদির প্রান্তস্থ সূত্ররেখা; বস্ত্র রুমাল প্রভৃতির পাড়ের অংশ বিশেষ। ৩। টুকরা। ৪। জমি প্রভৃতির খণ্ড; **আঁজি দেওয়া, আঁজি ধরান**—চুণ, সুরকি, সিমেণ্ট, বালি প্রভৃতি দ্বারা ইট পাথর প্রভৃতির জোড়ের মুখ বন্ধ করা; খড়া মারা।

আঁজি পুঁজি, আঁজু পাঁজু [আঁজি দ্রঃ। অন্ধকারে আগুনের রেখা টানার ভাব। প্রাদে] বি, ক্রীড়া বিশেষ। দীপালীর বা কালীপূজার রাত্রে ছেলেরা পাকাটী জ্বালাইয়া ঘুরাইতে ঘুরাইতে রাজপথে দৌড়াদৌড়ি করিয়া খেলা করে তাহার নাম আঁজি পুজি বা আঁজু পাঁজু।

আঁট (ট্) [ওড়ি—আণ্ট্‌ আ—টান; ইং—tight; জর্ম্ম—dight. আঁটা দ্রঃ] বি, টান। প্র—বন্ধন বা গেরোতে আঁট দেওয়া; আঁট দিয়ে গেরো বাঁধা। ২। হাত টান; (আত্মসাৎ করণের ভাব)। আঁট সাঁট দ্রঃ। ৩। বাঁধুনি; যুক্তির বন্ধন। প্র—তাহার কথা গুলিতে বেশ আঁট আছে। "আঁট করে পাঁচ কথা কটু যদি কয়।" —শিবায়ন। ৪। যত্ন; মনোযোগ; অশৈথিল্য। প্র—কার্য্যে তাহার খুব আঁট। ছেলেটির লেখা পড়ায় একেবারেই আঁট নাই। ৫। বিণ, টান-টান; কষা; মাপে ছোট; খাট। প্র—জামাটা তাহার গায়ে আঁট হয়েছে। বেশ আঁট করে বাঁধ। (এই অর্থে 'আঁটো'ও উচ্চারিত হয়)। **আঁট সাঁট** (আঁট্ শাঁট্) দৃঢ়তা; শক্তাশক্তি; কষাকষি। ২। প্রযত্ন; মনোযোগ। **আঁটিসাঁটি**—হাত টান; আপনার গণ্ডা বুঝিয়া লইবার অতি যত্ন বা কড়াকড়ি। প্র—"আপনার বেলা আঁটিসাঁটি পরের বেলা দাঁত কপাটি।" —প্রবচন।

আঁটকুড় (আঁট্‌কুড়্) [আঁট (এঁটা, এঁটো—সং—উচ্ছিষ্ট) কুড়=কুল (ল=ড়) =স্থান, "কুলং * * * স্থানং।" —হেমচন্দ্র (অভিধান-চিন্তামণিঃ)। তলা বা স্থল; তুল—ছাঁচ্‌কুড়=ছাঁচ্‌তলা) অর্থাৎ যথায় এঁটো ভাত এঁটো পাত প্রভৃতি পতিত হয়। তুল—এঁটো পড়া; এঁটোকুড়। আঁস্তাকুড় দ্রঃ।] বি, আঁস্তাকুড়; উচ্ছিষ্ট অন্নাদি ফেলিয়া দিবার স্থান; আদাড়। **আঁটকুড়-পাঁটকুড়**—আঁস্তাকুড় এবং পাঁশকুড়; এঁটো ফেলিবার স্থান এবং ছাই ফেলিবার স্থান। তুল—আঁদাড় পাঁদাড়।

আঁটকুড় (আঁট্‌কুড়ো) **আঁটকুড়া** (ট্) [আঁট (সং—আত্ত—গৃহীত, কালের দ্বারা গৃহীত) কুড় (কুল—বংশ "কুলং গোত্রে সজাতীয়গণেঽপি।" —মেদিনী)+আ (কর্ত্তা এই অর্থে)—যাহার কুল কালের দ্বারা গৃহীত বা অভিভূত বা হত—যাহা হইতে বংশ লোপ পায়, যে বংশলোপকারী। তুল—ওড়ি, আণ্ট্‌কুড়া] বিণ, অনপত্য; নিঃসন্তান; নির্ব্বংশ। প্র—"ওরে বুড়া আঁটকুড়া নারদা অল্পেয়ে" —ভারতচন্দ্র। "বন্ধ্যা যার রমণী, আপনি আঁটকুড়া।" —ধনরাম।

স্ত্রী, **আঁটকুড়ি, ড়ী**—যে স্ত্রীর সন্তান হয়

নাই ; বাঁজা। ২। যে স্ত্রীর সন্তান জীবিত নাই ; নিঃসন্তানা।
"কতদিনে রঞ্জাকে করিব আঁটকুড়ি"
—ঘনরাম।

আঁটন (টোন্) [সং—আকর্ষণ। হি—আঁএট্। আঁট দ্রঃ।] বি. দৃঢ় বন্ধন ; কর্ষণ।

আঁটনি, আঁটুনি [আঁট, আঁটন দ্রঃ।] বি. দৃঢ় বন্ধনী ; টান। প্র—"বজ্র আঁটুনির আল্‌গা গেরো" —প্রবচন।
"চারি পাশে সাজে, প্রবাল মুকুতা, গাঁথন আঁটনি, কত" —চণ্ডীদাস।
২। যুক্তির বন্ধন ; বাঁধুনি। প্র—কথার আঁটুনি। বিণ. **আঁটুনিয়া** (আঁটুন্‌্যা দ্রঃ)।

আঁটা [আঁট দ্রঃ।] ক্রি. দৃঢ় করিয়া বাঁধা ; কষা ; টান করিয়া বাঁধা ; শক্ত করিয়া ফাঁস দেওয়া ; বন্ধন করা। প্র—কোমর আঁটা ; পাগড়ী আঁটা ; "কটিদেশ যতনে আঁটিলা বিবিধ রতনময় স্বর্ণসারসনে।" —মেঘনাদ।
"ব্যস্ত হয়ে বিধুমুখী হস্ত লন টেনে।
হাঁটু দুটি আঁটিয়া আটক করে বেগে॥"
—শিবায়ন।
২। পর্য্যাপ্ত হওয়া ; কুলান ; সংকুলান হওয়া। প্র—"এত যে গঙ্গার ঘাট কারে নাহি আঁটে" —ঘনরাম। "বেসাতি করিতে যদি নাহি আঁটে কড়ি" —কবিক।
৩। কোন আধার মধ্যে কোন দ্রব্য সম্পূর্ণভাবে ধারণ করা ; ধরা। প্র—অত দুধ ঐ ছোট বাটীতে আঁটিবে না। ৪। সমকক্ষ হওয়া ; দমন করা ; শাসন করা ; পারগ হওয়া ; পারা। প্র—"না জানি এ বামা দলে কে আঁটে সমরে" —মেঘনাদ।
আঁটে থাকা—ক্রি. সতর্ক থাকা ; ওত করিয়া থাকা ; অপেক্ষা করিয়া বসিয়া থাকা। প্র—"ব্যগ্র হয়ে বুড়াটী আসিবে পিছু পিছু।
আঁটে থেকো আমি আইলে বলিবে যে কিছু।"
—শিবায়ন।

আঁটাআঁটি [আঁটা দ্রঃ] বি. কষাকষি ; শক্তাশক্তি ; দৃঢ়তা। প্র—"মিছা কেন কুল নিয়া কর আঁটাআঁটি" —ঈশ্বর গুপ্ত।

আঁটাল (লো) [আঁট বা আঠা + আল (বিশিষ্টার্থে) আঁট দ্রঃ] বিণ. আঁটযুক্ত ; কঠিন ; শক্ত। ২। [আঠা দ্রঃ] আঠাযুক্ত।

আঁটি, ঠি [সং—অষ্টি। পা. অট্‌ঠি। আট দ্রঃ। বি. ফলাদির কঠিন আবরণযুক্ত বীজ। প্র—আমের আঁটি ; কুলের আঁটি ; "এ যে কুল কুল নয় সার মাত্র আঁটি"—ঈশ্বর গুপ্ত। ২। তৃণ শস্যাদির ক্ষুদ্র-মুষ্টি-বদ্ধ পরিমাণ ; আঁটি ; গুচ্ছ। প্র—ঘাসের আঁটি ; শাকের আঁটি ; "আটপণে কিনিয়াছি কাট আট আঁটি" —ভারতচন্দ্র। ৪। জোড়ের মুখবন্ধ করা।
প্র—হাঁড়ির মুখে সরা রাখিয়া ময়দা দিয়া আঁটিয়া দাও। ৫। জুড়িয়া দেওয়া ; সংলগ্ন করা। প্র—খামে টিকিট আঁটা ; দেয়ালে কাগজ আঁটা। ৬। [বন্ধনের ভাব হইতে] দমন করা ; হারাইয়া দেওয়া ; সমর্থ হওয়া ; সমকক্ষ হওয়া ; সমকক্ষতা করা ; পারগ হওয়া বা পারা (তুল—তাহার সহিত আর পারিয়া উঠি না ; তাহাকে পারি না ইত্যাদি)। প্র—"কে তারে আঁটিবে বিগ্রহে।"
—মেঘনাদ।
সে দুরন্ত ছেলেকে আঁটা যায় না। ৭। বিণ. শক্ত ; বদ্ধ ; লগ্ন। [ণিজন্তরূপ] **আঁটান** (নো) বাঁধান। প্র—"ছবি ফ্রেমে আঁটান"। ২। ধরান ; তাংড়ান।

আঁটি [আঁটা দ্রঃ। 'আঁটিয়া' সংক্ষেপে] ক্রি. ভর্ৎসনা করিয়া। প্র—"তর্জ্জন করিয়া বলে অর্জ্জুনেরে আঁটি"—কাশী. মহা—দ্রোণ। ২। মিলিত হইয়া ; মিলিয়া। প্র—"পিতা পুত্রে দুয়ে আঁটি, গজালে গাঁথিল পাটি, গড়ে ডিঙ্গা দেখিতে স্বরূপস॥"—কবিক।

আঁটু, আঁঠু [সং—অষ্টি ; উড়ি—আণ্টু ; হি—ঠিউনা, ঘুট্‌না] বি. জানুঅস্থি ; হাঁটু ; জানু। প্র—"আঁঠু পেড়ে রক্ত খায় বিদারিয়া বুক।" —শিবায়ন।
"আঁঠু ঢাকি বস্ত্র দিহ পেট ভরি ভাত।
প্রীতি করো যেমন জানকী রঘুনাথ"—শিবায়ন।

আঁটুন্যা (আঁটুন্‌ন্যা) [আঁট, আঁটুনি (দ্রঃ) + আ (যুক্তার্থে)—আঁটুনিয়া—প্রাদে. উচ্চারণে আঁটুন্যা] বিণ. শক্ত ; কঠিন ; কড়া। প্র—"এমন আঁটুন্যা হাত নাহি তিন লোকে॥"
—শিবায়ন। [অপ্র]

আঁটুবাঁটু (আঁটুবাঁটু) [আঁট দ্রঃ। হি—আঁএট্ ; অট্‌কাব্ ; অট্‌পটানা ; অট্‌পটাউ (চলনে আটক বা বাধা ; আগুপিছুকরণ] বি. জড়সড় ; চলনে বাধিয়া যাওয়ার ভাব। প্র—"পাকা গোঁফ দাড়ি, পায়ে পড়ে দিলে ছাড়ি চলনে কতেক আঁটু-বাঁটু" —অন্নদামঙ্গল। ২। আগ্রহাতিশয্য। ৩। বিণ. শক্ত ; কঠিন। (তুল—হি. অটপট্ = কঠিন)।

আঁটুলবাঁটুল (ল্, ল্) প্রাদে। আঁটু বা হাঁটুতে হাত দিয়া খেলিতে হয় বলিয়া এই নাম] বি. ক্রীড়া বিশেষ ; শিশুদিগের খেলা বিশেষ। প্র—
"আঁটুল বাঁটুল খেলে পসারিয়া পা।
আর লীলা খেলা যত কত কব তা॥"—শিবায়ন

আঁটুলি, লী [আঁটাল (দ্রঃ) + ই, ঈ (যে আঁটিয়া ধরিয়া থাকে) তুল—হি. আঁঠাই ; কিলনী] বি. কুকুরাদি জন্তুর লোমকীট বিশেষ ; যাহা তাহাদের গায়ে কামড়াইয়া ধরিয়া থাকে ও রক্তপান করে ; এঁটুলি নামক ক্ষুদ্র অষ্টপদী কীট ; tick. প্র—"সাপের আঁটুলী আনে খুঁজি যেদ্যাঘরে।" —কবিকঙ্কণ।

আঁঠু [আঁটু দ্রঃ] বি. হাঁটু ; জানু। প্র—
"আঁঠু ঢাকি বস্ত্র দিহ পেট ভরি ভাত"।
—শিবায়ন।

আঁড়ুবাঁড়ু, আঁড়ুল-বাঁড়ুল [প্রাদে] বি. বমনেচ্ছা।

আঁড়রা, আঁটরা (ড়্) [প্রাদে। আড় (বক্র), আঁট (শক্ত, দৃঢ়)] বি. অবাধ্য ; একগুঁয়ে ; ২। কঠিন হৃদয় ; নিঠুর ; দুর্দ্দান্ত ; প্র—"বৃদ্ধ বলি স্বামী শিবে ত্যজ তুমি
কেমন আঁড়রা মেয়ে।" —শিবায়ন।
৩। শক্ত ; কঠিন ; প্র—ঝিয়ের আঁড়রা হাত জান নাহি তুমি।"—শিবায়ন। **আঁড়রা কাটা** (ড়) [গ্রাম্য ; এঁাড় কাটা দ্রঃ] বিণ. ছিন্নমুষ্ক ; হীনবীর্য্য ; কাপুরুষ। ২। বোকা। দামড়া দ্রঃ।

আঁড়া [প্রাদে। রণ্ডা (রাঁড়া শব্দজ)] বি. বন্ধ্যা ; ফলপুষ্পহীন। রাঁড়া দ্রঃ।

আঁড়িয়া [অণ্ড + ইয়া (বিশিষ্টার্থে) যাহার অণ্ড আছে। তুল—সং—"অণ্ডীরঃ পুরুষে শক্তে"—মেদিনী। ষণ্ড দ্রঃ।] বি. পুং. এঁড়ে বাছুর ; পুং গোবৎস। ২। (লম্বমান অণ্ডকোষ হেতু) বৃষ। ৩। শিশুর স্তনপানকালমধ্যে জননী অন্তঃসত্ত্বা হইলে স্তন্যাভাবে যে সন্তান ক্ষীণ ও দুর্ব্বল হয় তাহাকে আঁড়িয়া লাগা বলে। [এঁড়ে লাগা দ্রঃ]

আঁত, আঁৎ (ত্) [সং—অন্ত্র হইতে] বি. নাড়ী। ২। [অন্ত্রাগার বলিয়া] উদর ; পেট। প্র—"দশমাস অভাগী ধরেছে যারে আঁতে।
সে কেমনে পুত্র ধরে, কাটিবে সাক্ষাতে॥
—ঘনরাম।
"ভয়ে মুক, কাঁপে বুক, লাগে হুক আঁতে"
—ভারতচন্দ্র।
৩। [ব্রজ] অন্তর।
প্র—"প্রেমক অঙ্কুর আঁতজাত ভেল"
—বিদ্যাপতি।
আঁতউঠা—অতিশয় বমন বেগে পেটের নাড়ী পর্য্যন্ত উদ্গীর্ণ হওয়া (দুর্গন্ধাদি জনিত ঘৃণার আতিশয্য ব্যঞ্জক) ; বমনেচ্ছা হওয়া। তুল—গন্ধে নাড়ী উঠা।
প্র—"নাক ধরে নিকটে বসিতে আঁত উঠে।"
—শিবায়ন।
আঁতখালি হওয়া—ক্রি. উদরে অন্ন না থাকা ; 'পেট খোলে পড়িয়া যাওয়া'।
আঁত পড়া, বসা—ক্রি. আঁত খালি হওয়া ; পেটে কিছু না থাকায় পেট নামিয়া খোলে পড়া।

আঁতমরা—বিণ. আঁত শুকনো. নাড়ী মরাও বলে। অল্পাহার করিতে করিতে যাহার নাড়ী শীর্ণ হইয়া গিয়াছে এবং যাহার ক্ষুধার তেজ কমিয়া গিয়াছে। অল্পভোজী। **আঁতে ঘা**—বি. অন্ত্রে আঘাত ; গুরুতর আঘাত। ২। (অন্ত্র হইতে অন্তর—হৃদয়) হৃদয়ে আঘাত ; মর্মে আঘাত। **আঁতের টান**—নাড়ীর টান ; পেটের সন্তানের প্রতি যে স্বাভাবিক এবং অতি প্রবল মায়ার আকর্ষণ ; রক্তের টান ; অত্যধিক স্নেহ। তুল—'বত্রিশটি নাড়ী ছেঁড়া।'

আঁতড়ী, আঁৎড়ী, আঁতুড়ী [অন্ত্র—আঁতর্ (র=ড়) কোমলতার্থে ঈ (তুল—ফলের আঁতী) হীন বা তুচ্ছার্থে ড়ী। তুল—হি—অঁৎড়ী] বি. নাড়ীভুঁড়ী ; জীব জন্তুর নাড়ী-ভুঁড়ি। [দ্রঃ—মানুষের অন্ত্রকে বলে—আঁত, পশ্বাদির আঁতড়ী, ফলের আঁতী।]

আঁতপুত [আঁত (আত্মন্ = স্বয়ং) পুত (পুত্র) – আত্মন্ ও আত্মজ] বি. পিতা-পুত্র।
প্র—"আঁতে পুতে ভাল চাষ অভাবে সোদর।"
—শিবায়ন।

আঁতর (র্) [অন্তর শব্দজ] বি. ব্যবধান।
প্র—"নদী গিরি আঁতর ভেলা"
—বিদ্যাপতি।
২। অন্তর ; ভিতর।
প্র—"আঁতরে সুরধুনী ধারা" —বিদ্যাপতি।
[ব্রজ ভাষায় "আঁতল" পাঠ ও আছে (অক্ষয় সরকার)] [অপ্র]
৩। জমি চষিবার কালে লাঙ্গল এক এক পাক ঘুরিয়া যাইলে মধ্যে মধ্যে যে অকর্ষিত জমি পড়ে তাহাকে আঁতর বলে।

আঁতিপাঁতি [হি—অঁরতী পঁরতী। প্রা—আঁয়ড়ী, বঁয়ড়ী। সং—অংগহ্। ফা—পায়্‌তানা (হিঃ—সিরহানা পায়্‌তানা)] শয্যার শিয়র ও পায়ের দিক ; তুল—আগ্‌পাছ্‌তলা ; তাহা হইতে সর্বত্র।

আঁতমোড়া, আঁৎমোড়া (ত্) [আঁত (অন্ত্র) মোড়া (ভেড়া বা ছাগলের শিঙের মত পাকান) সং—অজ-শৃঙ্গী। কর্ণাটী—উরিয়মর] বি. (স্ক্রুপের পাক দেওয়ার মত ফল হয় বলিয়া) ক্ষুপ বিশেষ ; ভেড়া শিঙে ; ছাগলবেঁটে ; helicteres isora.

আঁতী [সং—অন্ত্র। আঁত দ্রঃ। হিঃ অঁৎড়ী] বি. শসা, পেঁপে, কুমড়া, খরমুজা প্রভৃতি ফলের ভিতরের সবীজ শাঁস বা কোমলাংশ।

আঁতুড় (ড়্) [সং—অন্ত্র=নাড়ী, যথায় সদ্যোজাত শিশুর নাড়ী কাটা হয় ; অথবা অন্ত্র (দ্রঃ) = আঁত = উদর = গর্ভ, যথায় গর্ভ মোচন করা হয়। ওড়ি—অন্তড়ি] বি. সূতিকাগার ; যে গৃহে সন্তান প্রসব হয়।

আঁতুড়ে ছেলে—বি. সদ্যঃপ্রসূত সন্তান। **আঁতুড়ে খোকা** (বিদ্রূপোক্তি) নিতান্ত শিশু।

আঁতুড়ী [আঁতুড় দ্রঃ] বি. সূতিকাগৃহস্থ অগ্নিকুণ্ড।
প্র—"চালের পাড়িয়া খড় জ্বালিল আঁতুড়ি
—কবিকঙ্কণ।

আঁৎকান (নো) [সং—আতঙ্ক+আন (বাং ক্রিয়া গঠনে)=আতঙ্কান—দ্রুত উচ্চারণে আঁৎকান] ক্রি. আতঙ্কিত হওয়া ; হঠাৎ ভয় পাইয়া চম্‌কান ; সহসা ভয়ে, বিস্ময়ে আড়ষ্ট হওয়া। আঁক্ করা দ্রঃ। **আঁৎকে উঠা**—চমকে উঠা ; হঠাৎ ভয়ে শব্দ করিয়া উঠা। [দ্রঃ—'উঠা' এখানে উত্থিত হইবার ভাব প্রকাশ করে। যে আনমনে বসিয়াছিল সে হঠাৎ ভয় পাইয়া লাফাইয়া উঠিল]

আঁৎরাস (শ্) [প্রাদে] বি. কুমারের পোয়ানের জ্বালকাষ্ঠ বিশেষ।

আঁদরসা (আঁদ্‌রশা) আঁদসা দ্রঃ।

আঁদসা, আঁতসা (দ্ ত্ শা) [প্রাদে] বি. গুড়ে মাতান চালের গুঁড়ার ভর্জিত পিষ্টক বিশেষ ; আঁদরসা ; গুড়পিঠা বিশেষ।

আঁদি (আঁদি) [সং—অন্ধ। হিঃ—আঁধি] বি. অন্ধকার। ২। ধূলা মিশ্রিত ঝড় ; আঁধি দ্রঃ।
প্র—"নৌকা আঁদিতে, এগিয়ে পড়ে, মাজিরা কিছুই ঠাওর করিতে পারে নাই ; এমনি ঝড়ের জোর যে নৌকা একেবারে উল্টে যায়।"
—আলাল।
৩। [আদি] মূল ; গোড়া ; হেতু ; উৎপত্তি-স্থান ; (তাহা হইতে) অগ্রবর্তী ; সর্দার।
প্র—চোরের আঁদি ; খলের আঁদি। [অথবা, আন্ধী দ্রঃ] কেন্দ্র ; centre.

আঁদিসাঁদি (শাঁ) [অন্ধিসন্ধি দ্রঃ। রন্ধ্র (ফাঁক) সন্ধি (কোণ)] বি. কোণ ; ফাঁক ; রন্ধ্র। ২। প্রবেশ পথ। ৩। অনুসন্ধান ; সন্ধান। ৪। শৃঙ্খলা।
প্র—"ঝাঁকড় মাকড় চুল নাহি আঁদিসাঁদি।
হাতে দিলে ধূলা উড়ে যেন কেয়া কাঁদি॥
—ভারতচন্দ্র।

আঁধল (ল্) [সং—অন্ধ—ল (প্রা, হিন্দীর অনুকরণে)] বি. চক্ষুহীন ব্যক্তি ; অন্ধ।
প্র—"আঁধলের নড়ি বাছা নির্ধনের কড়া"
—কবিকঙ্কণ।
২। [যে প্রেমাস্পদের দোষ দেখিতে পায় না, প্রেমান্ধ] বিণ. অদোষদর্শী।
প্র—"আঁধল, পহিলহি না হেরিনু, সো বহু-বল্লভ কান" —গোবিন্দদাস।

আঁধলা (ধ্) [আঁধল দ্রঃ] বিণ. অন্ধ ; চক্ষু-হীন। ২। বি. যাহার দুই চক্ষু নাই ; অন্ধ ব্যক্তি।

প্র—"ভরা-পূরা যৌবন উদাসে যাসি শূন্য আঁধলারে দেখাইতে নাহি পাপ পুণ্য।
—ভারতচন্দ্র।

আঁধা [হি—অন্ধা। প্রা-বাং পদ্যে] বিণ. অন্ধ।
প্র—"আঁধা বাঁকা রোগী কুড়ি চান করেন জলে"
—শূন্যপুরাণ। কেঁদে কেঁদে হল আঁধা।
[বিরল]
স্ত্রী. আঁধী (অন্ধিনী দ্রঃ। হিঃ—অন্ধী)।
ক্রি. **আঁধায়ল** (ব্রজ) অন্ধ করিল। **আঁধায়লু**—অন্ধ করিলাম। প্র—"নয়ন আঁধায়লু পিয়া পথ পেখি"—বিদ্যাপতি।

আঁধার (আঁধার্) [সং—অন্ধকার, প্রাকৃ-অন্ধআর শব্দজ] বি. অন্ধকার। প্র—"তখনো রাত আঁধার আছে বেজে উঠল ভেরী"—রবি।
২। বিষণ্ণ ; গম্ভীর ; ভার ; শোকে মলিন।
প্র—মুখ আঁধার করে থাকা। আঁধারমুখ।

আঁধারঘরের মাণিক [মাণিকের উজ্জ্বলতায় অন্ধকার ঘর আলোকিত হয় এইজন্য আঁধার ঘরের পক্ষে মাণিক মৃতদেহে জীবন তুল্য] বি. যত্ন ও প্রার্থনার ধন ; প্রাণসম প্রিয়-বস্তু। **আঁধারে ঢিল-ছোঁড়া** [অন্ধকারে ঢিল ছুঁড়িলে লক্ষ্য স্পর্শ করিবে কিনা তাহার নিশ্চয়তা থাকেনা] ক্রি. পরিণাম সম্বন্ধে অনিশ্চিত হইয়া কোন অনুষ্ঠান করা ; আন্দাজী কিছু বলা বা করা। অনুমান করিয়া কোন প্রশ্নের বহু প্রকার উত্তর দেওয়া, যেটা খাটিয়া যায়। অনিশ্চিত হইয়া কোন বিষয় সমর্থন করিতে, অনেকগুলি প্রমাণের অবতারণা করা, তাহার মধ্যে যেটা লাগে। **আঁধারের বাতি**—বি. হৃদয়ানন্দকর বস্তু ; পরম আনন্দ স্বরূপ। প্র—"আমার খুল্লনা কন্যা আঁধারের বাতি।" —কবিকঙ্কণ।

আঁধার মাণিক—অন্ধকারেই যে মাণিকের গুণ পায় অর্থাৎ আঁধারেই যার আলো খোলে।

আঁধারি [প্রাদে] বি. অন্ধকার। ২। যে খড় দ্বারা খড়ের চালে খুঁচি দেওয়া হয় ; যে খোড়ো চাল বিস্তৃত করিয়া ছাওয়া হয়। ৩। দুটী তক্তার মুখ পরস্পর সংলগ্ন করিবার জন্য উভয় প্রান্তে সূক্ষ্ম মুখ পেরেক ; জলুই। ৪। ক্রি. **আঁধারিয়া** [পদ্যে, সংক্ষেপে—আঁধারি] অন্ধকার করিয়া। প্র—"আঁধারি জলধিগৃহ, গিয়াছেন গৃহে।" —মেঘনাদ।

আলোআঁধারি [অন্ধকারে পথপ্রদর্শক আলোকের রশ্মি চক্ষে পড়িলে আলোকের পশ্চাতে যে অন্ধকার দেখা যায় তাহাকে আলোআঁধারি বলে] বি. পুলিশ প্রহরী-দিগের লণ্ঠন বিশেষ ; 'আঁধারে' the bull's eye.

আঁধি, আঁধী [হি—আঁধী। সং—অন্ধ। হি—অন্ধ্ বাই (অন্ধবায়ু)—'অঁধবাই (কবি, সুরদাস) যে হাওয়া বেগে উত্থিত হইয়া ধূলায় চতুর্দ্দিক অন্ধকারময় করে এবং সকলকে অন্ধ করে। সং—রাত্র্যন্ধতাকে হিন্দীতে বলে রতৌঁধী। হিন্দী তে আঁধী স্থলে আঁধ্যার। আঁধরা (অন্ধকার) শব্দের প্রয়োগ আছে ; "আঁধি অন্ধড়্" (অন্ধধূল) সহচর শব্দ] বি, আকাশ মেঘাচ্ছন্ন করিবার মত চতুর্দ্দিক অন্ধকার করিয়া ধূলি উড়াইয়া যে ঝড় উঠে তাহাকে আঁধি বলে।

আঁধি-সাঁধি (শাঁ) [অন্ধি-সন্ধি, আঁদিসাঁদি দ্রঃ] বি, কোন বিষয়ের সকল দিক ; গূঢ় বা ভিতরের বিষয়। ২। সকল দিক। ৩। কোণ ; ফাঁক। প্র—
"আঁধি সাঁধি রোধি রামা রঙ্কিনীর পা,
সার করি সরমে সাকার সাজে মা।।"—ঘনরাম

আঁধী [সং—অন্ধ (হি- অন্ধী। 'কানামাছি' খেলায় যে চোখে কাপড় বাঁধিয়া অন্ধ হয়। বোধ হয় ইহা মেয়েদের মধ্যেই প্রথমে প্রচলিত হয় তাই অন্ধ বা অন্ধা না হইয়া অন্ধী হইতে আঁধী, পরে আঁদি (আঁদি দ্রঃ)] বি, কাণা মাছি খেলায় যে অন্ধ হয়। ২। যে চোরাই মাল রাখে।

আঁধু [সং—ধূম হইতে ধুঁয়া বর্ণবিপর্য্যয়ে আঁধু্] বি, ধূমাদি জাত ঝুল।

আঁধুয়া (আ—) [অন্ধ+উয়া (ভবার্থে) আন্ধুয়া (এঁদো দ্রঃ)। তুল—blind well. আঁধি দ্রঃ] বিণ, অন্ধকারময়। ২। গুল্মাবৃত : জঙ্গলময়। ৩। আলোক হীন, নিভৃত এবং স্যাঁৎসেতে বা ভিজে। ৪। বি, পঙ্কিল জলাশয় ; জঙ্গলাকীর্ণ ডোবা।

আঁধুল (ল্) [গ্রা—কথ্য] বিণ, অন্ধকারময়। ২। ঘোর কৃষ্ণবর্ণ। ৩। অতিশয় মলিন।

আঁধুল-লেতা [মেয়েলি—ন্যাতা] অতিশয় মলিন বস্ত্র খণ্ড। ২। রন্ধনাগারে ব্যবহৃত ধুঁয়া ভুসা বা কালী প্রভৃতি দ্বারা মলিন বস্ত্র-খণ্ড বিশেষ।

আঁব (আঁব্) [সং—আম্র হইতে প্রাকৃ, আম্ব—তাহা হইতে, আম, আঁব। ওড়ি—আম্ব, হি—আম্, মঃ—আঁবা] বি, আম্র ; আম।

আঁবআদা (ব্) আমআদা দ্রঃ।

আঁবসন্দেশ (আঁব্শন্দেশ্) বি, আম্রের আকারের ছাঁচে তোলা আম্রের গন্ধযুক্ত সন্দেশ-নামক মিষ্টান্ন।

আঁবুই (আঁ) [বিভিন্ন প্রাদেশিক ব্যবহার—আঁবুইমা ; মাউই। সং—নাট্যে জনকের প্রতিশব্দ আবুক, জননীর অম্বা, বাং—মাঁ। আবুক পরে (স্ত্রীলিঙ্গে) আবুকী, আবুঈ+মা= আবুই-মা, মাবুই=আঁবুই এবং মাউই। মতান্তরে "আর্য্যবধূ" হইতে। —গাঙ্গুলী] বি, ভাই বা ভগ্নীর শাশুড়ী। পুং, তাওুই।

আঁশ (শ্) [সং—অংশু ; হি—রেশা] বি, তরু, গুল্ম ও ফলাদির অভ্যন্তরস্থ সূক্ষ্ম তন্তু। প্র—"দিতে পারি মনোমত কিন্তু তাহে আঁশ" —দীনবন্ধু।
২। চোঁচ ৩। বস্ত্রাদির গাত্রোত্থিত সূক্ষ্ম সূত্র।

আঁশান (নো) [আ—শুষ্ক—অংশু এই তিনের উচ্চারণ ও অর্থগত সংযোগের সংক্ষেপ আ=শুষ্ক—ঈষৎ বা প্রায় শুষ্ক। বাং—আশু-ষ্কান—সংক্ষেপে আঁশান। অংশু হইতে। শুষ্ক হইলে অংশুল পদার্থের সূক্ষ্ম অংশুগুলি খাড়া খাড়া হইয়া উঠে, বলিয়া] ক্রি, কিঞ্চিৎ শুকাইয়া লওয়া। প্র—ভিজা কাপড়খানা রৌদ্রে একটু আঁশিয়ে নিয়ে প'রে ফেল। ২। আঁশ উঠান বা তোলা।

আঁশাল (সং—অংশুল। অংশু (আঁশ) +আল। হি—ৱালা (বিশিষ্ট)] বিণ, আঁশ-যুক্ত। ২। আঁশ-বহুল।

আঁষ (শ্) [সং—আমিষ তাহা হইতে আঁইষ ; সংক্ষেপ আঁষ] বি, আমিষ। ২। বিণ, আমিষ-ঘটিত ; আমিষ সংক্রান্ত। প্র—আঁষ-হাঁড়ি : আঁষ বঁটি। **আঁষজল**—মাছ ধোয়া জল বা যে জলে মাছ জীয়ান থাকে। **আঁষপান্না**—শ্রাদ্ধের পর জ্ঞাতিগণের সহিত ভোজনকালে মৎস্যাদি ভোজন দ্বারা নিয়মভঙ্গকরণরূপ সংস্কার। **আঁষফল**—লিচুজাতীয় ফলবৃক্ষবিশেষ ; ইহার গোলাকার মসৃণ ফলের ভিতর আমিষ-গন্ধ শস্য থাকে বলিয়া এই নাম। **আঁষবঁটি**—যে বঁটিতে মাছ কুটা হয়। **আঁষহাঁড়ি**—আমিষ রন্ধনের হাঁড়ি। **আঁষহেঁসেল**—আমিষ রন্ধনের স্থান।

আঁষ্টে, আইঁষ্টা [আমিষতা+ইয়া (যুক্তার্থে) অথবা আমিষ+ইয়া+টা=আমিষিয়াটা, বর্ণ-বিপর্য্যয়ে আমিষ্টিয়া—আঁইষটিয়া ; সংক্ষেপে আঁইষ্টা, আঁষ্টে] বিণ, আমিষযুক্ত ; আমিষ-গন্ধযুক্ত।

আঁস্তাকুড় (আঁস্তাকুড়্) [আঁটকুড় দ্রঃ। আঁস্তা (সং—উচ্ছিষ্ট হইতে। তুল আঁইষ্টা—আঁইটা—এঁটা—এঁটো—আঁট) কুড় (সং কুল হইতে। "কুলং * * * স্থানং * *"—হেমচন্দ্র কৃত অভিধান-চিন্তামণিঃ)। মতান্তরে—"আবর্জ্জনাকুণ্ড" হইতে, মতান্তরে "আচমন কুণ্ড" হইতে (Haughton) কিন্তু, পূর্ব্বে, আবর্জ্জনা (ওঁচলা) ও আচমনের জলাদি (হস্তমুখাদি প্রক্ষালনেরও উচ্ছিষ্ট জল) ফেলিবার পৃথক্ পৃথক্ স্থানে নির্দ্দিষ্ট ছিল। ওঁচলা বাহিরে ফেলিবার ও ভিতরে আঁচাইবার স্থান। সেই জন্য কথায় আছে আঁটকুড় পাঁটকুড় (দ্রঃ)] বি, বাড়ীর যে স্থানে আবর্জ্জন ফেলা হয় ; ওঁচলা কুড় ; পূর্ব্বে ইহা বাটীর বাহিরে হইত, পরে বাড়ীর ভিতরে হওয়ায় যথায় মল মূত্র ত্যাগ করা, ওঁচলা ও ময়লা জল ফেলা, হাত মুখ ধোয়া, আঁচান প্রভৃতি হয়। প্র—"এক পাট চটি বিছানায় এক পাট আঁস্তাকুড়ে" —দ্বিজেন্দ্র রায়।

আঁস্তাকুড়ের পাতা—ময়লা বা আবর্জ্জনাময় স্থানের পাতা। ২। নীচ ব্যক্তি।

আঁস্তাকুড়ের পাতা স্বর্গে যায় না—নীচমনা ব্যক্তি মহৎ কার্য্য করে না বা উচ্চ হৃদয়ের পরিচয় দেয় না।

আঁহাঁ—অ, অসম্মতিসূচক শব্দ ; না।

আঁহাঁ-হাঁ—অ, নিবারণসূচক শব্দ। ২। আসন্ন বিপৎপাতে শঙ্কাপ্রকাশক শব্দ।

আক (ক্) [সং—ইক্ষু (ইক্‌খু) হইতে বাং—আউক, আক, আখ (আখ দ্রঃ) হি—উক্, ইখ, উখ। ওড়ি—আখু। তেলু—চেরুকু, চেরেকু ; saccharum officinarum] বি, ইক্ষু ; sugar cane. [আক ১২ প্রকার বলিয়া পৌণ্ড্রক বা পুঁড়ো (হি—পোঁড়া), ভীরুক, কাণ্ডেক্ষু, তাপস, কাণ্ডা (হি—গন্না), বংশক, শতপোরক, সূচিপত্রক, নৈপাল, দীর্ঘপত্রক, নীলপোর, কোশকৃৎ। বাঙ্গালার প্রসিদ্ধ আক শামসাড়া]।

আককাটা (ক্) [আকাট (ঠ) রূপান্তরিত+আ (অবজ্ঞার্থে)] বিণ; গোঁয়ার ; নিরেট মূর্খ।

আককুটে আকখুটে (আক্‌কুটে, খুটে) [সং—আখেটক (ব্যাধ, যাহারা সঞ্চয় করে না), তাহাদের স্বভাব হইতে—আখখুটেপণা= আখেটকপণা] বিণ, যাহার জিনিসপত্রে যত্ন নাই ; যে দ্রব্যাদির অমিতব্যয়ী ; যে সঞ্চয় না করিয়া যত্র আয় তত্র ব্যয় বা অকারণে এবং অযত্নে নষ্ট করে ; উড়নচড়ে বা উড়ানিয়া।

আকচকান (ক্ নো) [হি—হিচক্‌না—তাহা হইতে বাং—হক্‌চকান পরে আকচকান, আক-চাকান] ক্রি, থতমত খাওয়া।

আকচার, আকছার (আক্‌চার, আক্‌ছার্) [আ—অক্‌সর্ (বড় বেশী) সচরাচর শব্দজ] ক্রি-বিণ, সচরাচর ; সদাসর্ব্বদা ; হামেশা।

আকজ, আখজ, আখেজ (আকোজ্, খোজ্, খেজ্) [আ—অখজ্=ধৃতকরা, আরম্ভ করা (তাহা হইতে) আক্রমণ (পরে) বিরোধ, শত্রুতা। তুল—সং—আক্রোশ] বি, আক্রোশ ; বিদ্বেষভাব ; বৈরভাব। ২। বিবাদ।

আকজা-আকজি, আখচা-আখচি (ক্, খ্) [আকজ দ্রঃ। পরস্পর অর্থে

ষিত। তুল—মারামারি, ঘেষাঘেষি, হিংসাহিংসি ইত্যাদি] বি, পরস্পরের প্রতি পরস্পরের বৈরভাব বা বিদ্বেষ ; হিংসাহিংসি। ২। রাগারাগি।

আকট (ট্) [আকাট দ্রঃ। আ (সাদৃশ্যার্থে) +কট (শ্মশান, শব "কটঃ শবে"—মেদিনী, "শবে * * শ্মশানয়োঃ"—হেম) যাহার হৃদয় শ্মশানবৎ অথবা যে শববৎ] বিণ, দয়াহীন ; নির্দ্দয় ; কঠোর। ২। জ্ঞানহীন ; মূর্খ।

আকড়িয়া, আকড়ে (কো) [এক কৌড়িয়া বা কড়িয়া হইতে এক কড়ি মূল্যের, এককোড়ে ; তাহা হইতে আকড়ে। তুল—হি — এক কৌড়িকা। কোকটিয়া = বিনামূল্যের। তেলু—ওকাটি—একাসংখ্যা ; একটি] বিণ, এক কড়া মূল্যের ; বিনামূল্যের ; মূল্যহীন।

আকণ্ঠ (ক) [আ (পর্য্যন্ত) কণ্ঠ (গলদেশ)] ক্রি-বিণ, গলা পর্য্যন্ত ; গলায় গলায়।

আকণ্ঠ-মগ্ন —বিণ, কণ্ঠদেশ পর্য্যন্ত মগ্ন ; যে বা যাহার কণ্ঠ পর্য্যন্ত মগ্ন হইয়াছে।

আকতা, আখ্‌তা (আক্‌তা, খ্) [ফা—আখ্‌তা (ছিন্নাণ্ড)] বিণ, মুষ্কহীন, খাসি, castrated. **আখ্‌তা ঘোড়া**—যে ঘোড়ার অণ্ড কাটিয়া দেওয়া হইয়াছে ; gelding. **আখ্‌তা করে দেওয়া**—অণ্ড কাটিয়া দেওয়া।

আকনি (আক্) [ফা—য়খ্‌নী (মাংসের কাথ)] বি, মাংস ঘটিত অন্নব্যঞ্জনাদি পাক করিবার জন্য মসলার জল।

আকন্দ [সং—অর্ক, মন্দার। হি—মান্দার ; কর্ণাটী—অক। বাং—ডেওমান্দার হইতে পৃথক করিবার জন্য অর্কমান্দার ; পরে আকন্দ। উচ্চারণ ভেদে হাকন্দ] বি, পুং, উপবিষ জাতীয় বৃক্ষ বিশেষ ; অর্কবৃক্ষ; calotropis gigantia. ২। অর্কবৃক্ষের ফল। প্র—"আকন্দ বদলে মাকন্দ পাব জায়ফল বদলে জীরা।"—কবিক।

আকপিশ (কো, শ্) [আ (ঈষৎ) কপিশ (নীল পীত মিশ্রিতবর্ণ)] বি, নীলপীত মিশ্রিত বর্ণ ; পাংশুটেবর্ণ। বিণ, পাংশুটে ; পাটকিলে ; ইষ্টকের বর্ণবিশিষ্ট।

আকব্বরী [আ, আখ্‌বর (স্বনাম প্রসিদ্ধ দিল্লীর সম্রাট) + ঈ (সম্বন্ধার্থে)] বিণ, সম্রাট আকবরের আমলের বা তাঁহার নামাঙ্কিত। **আকব্বরীমোহর**—আকবর বাদশাহের নামাঙ্কিত স্বর্ণমুদ্রা (বিশুদ্ধ স্বর্ণ নির্ম্মিত)।

আকম্প [আ (ঈষৎ) + কম্প্ (কম্পিত হওয়া) অ (অল্—ভাবে)] বি, পুং, ঈষৎ কাঁপা ; অল্প বিচলিত হওয়া। **আকম্পমান** (আকম্‌পমান্) বিণ, ঈষৎ কম্পান্বিত।

আকম্পন (আকম্‌পন্) [আ—কম্প্ + অন্ (ট্—ভাবে)] বি, ক্লী, ঈষৎ কম্পন।

আকম্পিত (আকোম্‌পিত) [আ (ঈষৎ) + কম্প্ + ইত (যুক্ত)] বিণ, ঈষৎ কম্পিত ; ঈষৎ আন্দোলিত। [দ্রঃ—আধিক্যার্থে, প্রকম্পিত]।

আকর (র্) [আ—কৃ (করা) উৎপন্ন হওয়া + অ (অল্)] বি, পুং, উৎপত্তি স্থান। ২। [অক্ষর শব্দজ] আখর ; সঙ্গীতে স্বর-নৈপুণ্য প্রদর্শনার্থ বাক্য যোগ করিয়া আলাপ। (বঙ্গীয় শব্দসিন্ধু)। ৩। [ফা] দ্রব্য সামগ্রী। **আকর আওলাত** (ফা) দ্রব্যাদি ও বৃক্ষাদি। ২। জমির উপরিস্থ বৃক্ষাদি। বিণ, **আকরী**। **আকরবিক্রয়**—বি, লোকসান-মহলের জিনিস-পত্র বিক্রয়।

আকরকরা (আকর্‌কোরা) [সং—অকর্কর, আকারকরভ (বৈদ্যকে) ফা—অকর্‌করহ্] বি, এক প্রকার বচ ; আকরকরা বচ। anacyclus pyrethrum.

আকরজ (জ্) [আকর—জন (জন্মান) + অ (কর্ত্তৃ—ড)] বিণ, খনিজাত ; খনিজ।

আকরিক (আকোরিক্) [আকর (খনি) + ইক (স্বার্থে ষ্ণিক)] বিণ, আকরীয় ; আকর-সম্বন্ধীয়। ২। আকরজাত ; খনিজ ; স্বর্ণ লৌহাদিধাতু ; সৈন্ধব লবণাদি। ৩। খনিতে নিযুক্ত।

আকরীয় [আকর + ঈয়] বিণ, খনিজাত ; আকরোদ্ভূত ; খনিজ ; আকরসম্বন্ধীয় ; আকরিক।

আকর্ণ [আ (অবধি, পর্য্যন্ত) কর্ণ—কর্ণ পর্য্যন্ত বিস্তৃত] ক্রি-বিণ, কর্ণপর্য্যন্ত বিস্তৃত ; যাহার টান কর্ণ পর্য্যন্ত পৌঁছিয়াছে। প্র—"আকর্ণ লোচন"। ২। শরাকর্ষণ প্রণালী বিশেষ। প্র—"আকর্ণ পূরিয়া, সন্ধান করিয়া সম্মোহন বাণ লয়ে"—ভারতচন্দ্র।

আকর্ণন (ন্) [আ—কর্ণি = শ্রবণ করা + অন্ (ভাবে অনট্)] বি, ক্লী, শ্রবণ। বিণ, **আকর্ণিত**—শ্রুত।

আকর্ণনীয় [আ—কর্ণি + অনীয় (কর্ম্মে)] বিণ, শ্রবণযোগ্য ; কর্ণপাত করিবার মত বা উপযুক্ত।

আকর্ণয়িতা [আ—কর্ণি (শ্রবণ করা) + তৃণ্ (কর্ত্তৃ)] বিণ, যে কর্ণপাত করে ; যে শুনে। স্ত্রী, **আকর্ণয়িত্রী**।

আকর্ণসন্ধান (শন্‌ধান্) বি, কর্ণমূল পর্য্যন্ত টানিয়া শরাকর্ষণ দ্বারা সন্ধান ; শরাকর্ষণ প্রণালী বিশেষ ; বৎসকর্ণ। প্র—"আকর্ণ পূরিয়া সন্ধান করিয়া সম্মোহন বাণ লয়ে।"—অ, ম। [ইহা প্রধানতঃ পাঁচ প্রকার ;—(১) কৈশিক (কেশমূল পর্য্যন্ত আকর্ষণ) ; (২) সাত্ত্বিক (শৃঙ্গ পর্য্যন্ত আকর্ষণ) ; (৩) বৎসকর্ণ (আকর্ণ সন্ধান) ; (৪) ভরত (গ্রীবা পর্য্যন্ত আকর্ষণ) ; (৫) স্কন্ধ (স্কন্ধ সংলগ্ন আকর্ষণ)]।

আকর্ষ [আ-কৃষ্ (কর্ষণ করা, টানা) + অ (ভাবে—অল্)] বি, পুং, আকর্ষণ ; টান। ২। [করণে, অল্] যাহার দ্বারা আকর্ষণ করা হয় বা টানা যায় ; আকর্ষী ; আঁকুশি। ৩। চুম্বক-পাথর (বিরল)। ক্রি, **আকর্ষা**—টানা। আকর্ষি, আকর্ষিতে, আকর্ষিয়া, আকর্ষিল, আকর্ষিলা ইত্যাদি রূপান্তর।

আকর্ষক, আকর্ষিক (আকর্‌শক্) [আ—কৃষ্ + অক (কর্ত্তৃ—ণক)] বি, পুং, যে আকর্ষণ করে। ২। চুম্বক লৌহ।

আকর্ষণ (ন্) [আ—কৃষ্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, টান ; আপনার প্রতি কোন কিছু আনয়ন করিবার জন্য শক্তি প্রয়োগ। ২ [তন্ত্রে] মন্ত্রবলে কাহাকে আনয়ন সম্বন্ধীয় অভিচার-ক্রিয়া। ৩। [বিজ্ঞানে] যে শক্তি দ্বারা একটী জড় পদার্থ অন্য জড় পদার্থকে নিয়ত টানিতে থাকে, জড়জগতের প্রত্যেক পদার্থের মধ্যে পরস্পরের প্রতি স্বাভিমুখে বলপ্রয়োগ ; attraction ; মাধ্যাকর্ষণ।

আকর্ষণী (নি) [আ—কৃষ্ (কর্ষণ করা) + অন (ভাবে অনট্) স্ত্রী, ঈপ্] বি, স্ত্রী, যাহা দ্বারা আকর্ষণ করা যায় ; আঁকুশি। ২। চুম্বক। ৩। আকর্ষণ করণোপযোগী শক্তি ; আকর্ষণী শক্তি। প্র—"আকর্ষণী মত আবার এ বনে লইয়া আসিবে সাথে" —আলো ও ছায়া।

আকর্ষী [আকর্ষ + ইন্—অস্ত্যর্থে] বিণ, যে আকর্ষণ করে ; আঁকুশি।

স্ত্রী, **আকর্ষিণী**—আঁকুশি। ২। স্ত্রী বা পুরুষকে আনয়ন করিবার জন্য মন্ত্রবিশেষ ; আকর্ষণী শক্তি। প্র—"কুন্তী যে-আজ্ঞা বলিয়া তৎক্ষণাৎ মাদ্রীকে আকর্ষণী বিদ্যা প্রদান করিলেন"—মহা (বর্দ্ধ)।

আকলন (ন্) [আ—কল্ (গণনা করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, গণন। ২। আকর্ষণ। ৩। সংগ্রহ। বিণ, **আকলিত**—সংখ্যাত। ২। সঙ্কলিত। ৩। আকৃষ্ট।

আকল্প [আ (অবধি, পর্য্যন্ত) + কল্প (প্রলয়কাল)] ক্রি-বিণ, প্রলয়কাল পর্য্যন্ত ; কল্পাবসান পর্য্যন্ত।

আকষ (শ্) [আ—কষ্ (পরীক্ষা করা) + অ (অধি, অল্)—যাহাতে স্বর্ণাদি ধাতু ঘর্ষণদ্বারা পরীক্ষা করা যায়] বি, পুং, কষ্টি পাথর ; নিকষ।

আকস্মিক (আকোশ্‌শিক্) [অকস্মাৎ (হঠাৎ অর্থে অব্যয় শব্দ) + ইক (তবার্থে—ষ্ণিক)] বিণ, যাহা কোথা হইতে ঘটিল বা যাহার ঘটিবার কারণ জানা নাই ; যাহা ঘটিবে বলিয়া মনেও করা হয় নাই ; অচিন্ত্য ; দৈব।

আকা [সং—অঙ্কিকা] বি. উনন ; চুলী। আখা দ্রঃ।

আকাঁড়া [সং—অকণ্ডিত] বিণ. তুষ হইতে যাহা কাঁড়িয়া পৃথক ও পরিষ্কৃত করা হয় নাই ; অপরিষ্কৃত ; সতুষ। প্র—আকাঁড়া চাউল। ২। অমার্জ্জিত ; নিরেট প্র—আকাঁড়া মূর্খ।

আকাঁড়া [হি—অখাড়া (কুস্তির আকড়া). এবং হি. অঁকড়্না (বুক ফুলানো. মর্দ্দানি করা) এই দুই শব্দের উচ্চারণ ও ভাব হইতে। আখড়ার পালোয়ানেরা বুক ফুলাইয়া ও সর্ব্বাঙ্গ প্রসারিত করিয়া চলে (তুল—হি. অকড়্. অকড়বাজ. অক্ড়িার=খিঁচাব, তনাব্ অর্থাৎ সম্প্রসারণ)] বিণ. লম্বাচৌড়া (তাহা হইতে বাং) যাহাকে আঁকড়িয়া ধরিতে পারা যায় না ; মহাকায় ও মহাবল। প্র—'আকাঁড়া জোয়ান' (তুল—আখড়াই পালোয়ান) ২। [আকাঁড়া দ্রঃ] অপরিমিত। প্র—আকাঁড়া আশা বা আকাঙ্ক্ষা (মেয়েলি ভাষায়, আকাঁড়া আহিক্কে)।

আকাঙ্ক্ষণীয় (আকাংখোনীও) [আ—কাঙ্ক্ষ্ (অভিলাষ করা) + অনীয় (কর্ম্মে)] বিণ. অভীষ্ট ; স্পৃহণীয় ; অভিলাষের উপযুক্ত ; প্রার্থনার যোগ্য।

আকাঙ্ক্ষা (আকাংখা) [আ—কাঙ্ক্ষ্ (ইচ্ছা করা) + অ. স্ত্রী. আপ্] বি. স্ত্রী. ইচ্ছা ; অভিলাষ ; বাসনা। ২। প্রার্থনা। ৩। আশা (এই অর্থে মেয়েলি ভাষায় 'আহিক্কে')। ৪। অপেক্ষা। ৫। [ব্যাকরণে] যে পদ-জ্ঞানের অভাবে অন্য পদের অর্থ প্রতীতি হয় না, সেই জ্ঞান।

আকাঙ্ক্ষিত (আকাংখিতো) [সংক্ষেপে কাঙ্ক্ষিত] বিণ. অভিলষিত ; বাঞ্ছিত। ২। প্রার্থিত। ৩। অপেক্ষিত। ৪। প্রয়োজনীয়।

আকাঙ্ক্ষী—[আ—কাঙ্ক্ষ্ (ইচ্ছা করা) + ইন্ (অস্ত্যর্থে)] বিণ. পুং. স্ত্রী. যে আকাঙ্ক্ষা করে ; অভিলাষী। স্ত্রী. **আকাঙ্ক্ষিণী**।

আকাট (ট্) [(আকা দ্রঃ) + ট (স্বার্থে) তুলঃ—খখাট, লোপাট] বি. আখা ; উনান; চুল্লী।

আকাট (ট্) [আ (পরিণতি বা সাদৃশ্য অর্থে + কাট (কাষ্ঠ. block) অথবা কট = শব. "কটঃ শবে"—মেদিনী। অথবা আ (অভাব অর্থে) + কট (গতি) + অ (ঘঞ্) ।—যে কাষ্ঠ বা শবে পরিণত—তদ্বৎ যাহার গতি নাই সুতরাং জড়বৎ। তুল—blockhead] বিণ. নিশ্চল ; অসাড়। ২। ভয়ে আড়ষ্ট ; স্তম্ভিত। ৩। নিরেট ; জমাট। ৪। জড়-বুদ্ধি ; নিরেট মূর্খ ; মহামূর্খ ; হিতাহিত বিবেচনাশূন্য। **আকাট মূর্খ**—নিরেট-মূর্খ ; blockhead.

আকাটা [না = আ—কাটা (কর্ত্তিত)—যাহা কাটা হয় নাই] বিণ. অকর্ত্তিত ; অখণ্ডিত। ২। আ (নাই)—কাট (কাষ্ঠ) + আ (অস্ত্যর্থে) —যাহাতে কাষ্ঠত্ব অর্থাৎ কাটের সার ভাগ নাই] বি. অন্তঃসারশূন্য কাষ্ঠ ; ফোঁপরা কাট।

আকাড়ি, আকড়ি, আকড়ে, (প্রাদে) ক্রি-বিণ. দুই হস্ত দ্বারা ; বাহু বেষ্টন দ্বারা ; দুই হাত মেলিয়া।

আকামান, আকামানো—বিণ.অমুণ্ডিত। ২। [প্রাদে] যে সর্পের বিষদাঁত ভাঙ্গা হয় নাই। ৩। অমুপার্জ্জিত ; আল্টপ্কা পাওয়া। (কামান দ্রঃ)।

আকার (র্) [আ—কৃ (করা. প্রকাশকরা) + অ (ঘঞ্)] বি. পুং. মূর্ত্তি ; চেহারা ; স্বরূপ। ২। সাদৃশ্য। ৩। ধরণ ; লক্ষণ। প্র—লোকটার ত সহজে এখান থেকে নড়বার আকার দেখছি না। **আকার-ইঙ্গিত, আকারপ্রকার** [সহচর শব্দ] চেহারা এবং চোখ মুখাদির ভঙ্গী ; ভাবভঙ্গী ; ধরণ-ধারণ। **মড়ার-আকার**—(শবের ন্যায়) অত্যন্ত শীর্ণ ও বিবর্ণ। **কোন আকারে**—ক্রি-বিণ. কোন প্রকারে ; যে কোন রকমে বা উপায়ে।

আকার (র্) বি. আ এই বর্ণ ; া এই চিহ্ন। **অকার আকার চেনা**—স্বরবর্ণের বিশেষ বিশেষ চিহ্ন ও তাহাদের রূপান্তর পরিচয়।

আকারগুপ্তি (র্) [আকার (মুখবিকারাদি) —গুপ্তি (গোপন), ৬তৎ] বি. স্ত্রী. চেহারায় প্রকৃত ভাব অপ্রকাশ করণ। আকার দেখিয়া মনের ভাব কেহ বুঝিতে না পারে এমন করা। বাহ্য আকার দ্বারা অন্তরের প্রকৃত ভাব গোপন। ২। [অলঙ্কারে] অবহিত্থ।

আকারানুভাবকতা (ভাবোকোতা)[আকার + অনুভাবকতা (অনু—ভূ + অক + তা) ৬তৎ] বি. স্ত্রী. যে শক্তিদ্বারা আকার অনুভব করা যায় বা আকারের প্রকৃত জ্ঞান বা বোধ হয় ; faculty of form ; sense of form.

আকারোপলক্ষিত (লোক্খিতো) [আকার + উপলক্ষিত (উপ—লক্ষ্ + ত (ক্ত) ৩তৎ) বিশিষ্ট] বিণ. আকারধারী ; সাকার।

আকাল (ল্) [তেলু—"আকালি" = ক্ষুধার আতিশয্য ; হি—অকাল = দুর্ভিক্ষ। অকাল দ্রঃ] বি. পুং. দুর্ভিক্ষ ; দুঃসময় ; শুকো। হাজা শুকো দ্রঃ। প্র—"হায় কি হলো আকাল এলো—আবার ধ্বজা তুলে"—হেমচন্দ্র। [দ্রঃ—আকাল স্থলে অনাকাল শব্দের বিরল প্রয়োগ আছে। প্র—"অনাকাল ?ত" অর্থাৎ যে ব্যক্তি দুর্ভিক্ষের সময় প্রাণধারণ জন্য দাসবৃত্তি অবলম্বন করে] বিণ. আকালিক, আকালিকী।

আকালিক (ক্) [আকাল দ্রঃ] বিণ. পুং. দুর্ভিক্ষ সম্বন্ধীয়। ২। [অ—কাল + ইক (ভাবে-ষ্ণিক)] অসাময়িক। **আকালিক প্রলয়** (ক্. প্রো. য়্) বি. কপিল মুনির শাপে যে অকালে জলপ্লাবনে জগৎ ধ্বংস হইয়াছিল তাহার নাম।

আকালিকী [আকালিক + ঈ (স্ত্রী. ঈপ্)] বিণ. স্ত্রী. অকালজাত ; অসময়ে উৎপন্ন। ২। অকাল সম্বন্ধীয়। ৩। বিদ্যুৎ। (বিরল)

আকাশ (শ্) [আ (সর্ব্বতোভাবে. সর্ব্বত্র. নিত্য অর্থে) কাশ (প্রকাশ পাওয়া. বর্ত্তমান থাকা) + অ (কর্ত্তৃ-অল্)—যে ঐরূপ প্রকাশ পায়। হি—আগাশ ; ইং sky ; ফা. আস্মান্] বি. ক্ষিতি-অপ-তেজ্-মরুৎ-ব্যোম এই পঞ্চভূতের পঞ্চম ভূত ও পঞ্চভূতের আদি. যথা—আকাশ হইতে বায়ু, বায়ু হইতে তেজ, তেজ হইতে অপ্ বা জল, জল হইতে ক্ষিতি। ব্যোম ; ether. ২। দৃশ্যমান গগন ; অম্বর ; the sky. প্র—"রাঙ্গা মেঘ ছড়িয়ে দেছে আকাশের গায়"—বাং গান। ৩। স্বর্গ ; heaven. প্র—আকাশ পাতাল (তুল—স্বর্গ মর্ত্ত্য পাতাল)। ৪। নভঃ ; নভোমণ্ডল ; বায়ুমণ্ডল the atmosphere. প্র—আকাশে উড়িয়া বেড়ায়। ৫। বায়ুর শৈত্য, তাপ, আর্দ্রতা, শুষ্কতা প্রভৃতি অবস্থা ; weather. প্র—আকাশের গতিক বড় ভাল বোধ হইতেছে না অবিলম্বে ঝড় বৃষ্টি হইতে পারে। আকাশ বেশ পরিষ্কার আছে। ৬। শূন্য। প্র—তিনি আকাশ পথে চলিলেন। আকাশে ফাঁদ পাতিয়া ঝগড়া করা। ৭। লঘু ; হাল্কা। প্র—শরীর আকাশ পারা হওয়া। **আকাশকক্ষা** (শ্. কো) বি. চক্রবাল ; গগনান্তরাল ; the horizon. **আকাশ কুসুম** (শ্. শুম্) শূন্য বা অবস্তু ; কাল্পনিক বিষয় বা বস্তু ; যাহার অস্তিত্ব নাই ; খ-পুষ্প। প্র—"(আমি) কেবলি স্বপন করেছি বপন বাতাসে। (তাই) আকাশ-কুসুম করিনু চয়ন হতাশে"—রবি। **আকাশ-কটাল, কাটাল, খাটাল করা** (ল্) মেঘ কেটে যাওয়া ; বৃষ্টি ধরণ করা ; আকাশ পরিষ্কার হওয়া। **আকাশগঙ্গা**—স্বর্গের নদী মন্দাকিনী ; স্বর্গগঙ্গা। ২। দুধ পথ ; the milky way. **আকাশ-চর** (র্) যাহারা আকাশে চরে বা ভ্রমণ করে ; নভশ্চর ; পক্ষী। **আকাশ-থেকে পড়া**—অনভিজ্ঞতার ভাণ করা ; পূর্ব্বে হইতে আভাসপ্রাপ্ত বা জানা বিষয় বা ঘটনা শুনিয়া বা দেখিয়া বিস্ময় প্রকাশ করা। প্র—"তুমি যে একেবারে আকাশ থেকে পড়লে!" **আকাশ ঘোর**

করা, আকাশ ঘোরঘটা করে আসা—চতুর্দ্দিক মেঘে আচ্ছন্ন হওয়া ; গগন মেঘাবৃত হওয়া। আকাশ-দীপ, প্রদীপ—হিন্দুগৃহে দেবোদ্দেশে আকাশে যে দীপ দেওয়া হয়; বাঁশ পুঁতিয়া তাহার আগায় এই দীপ বাঁধিয়া দেওয়া হয় এবং কার্ত্তিকমাস-ভোর প্রতিসন্ধ্যায় ঐ দীপ জ্বালা হয়। আকাশ-দুহিতা—আকাশ হইতে জাতা ; প্রতিধ্বনি । প্র—"আকাশ-দুহিতা—ওগো শোন প্রতিধ্বনি" —মেঘনাদ। আকাশ-ধরা, -ধরণকরা—বৃষ্টি পড়া বন্ধ হওয়া ; বৃষ্টি ধরা। আকাশনন্দিনী—আকাশ-দুহিতা ; প্রতিধ্বনি। প্র—"বুঝিলাম এতক্ষণে কে তুমি ডাকিছ আকাশ-নন্দিনী" —ব্রজাঙ্গনা। আকাশপথ—আকাশে গমনাগমনের পথ। রামায়ণ মতে ৭টী ; যথা—১ম। ক্সিঙ্গক ও পারাবতের। ২য়। কাক ও শুকের। ৩য়। ভাস, কুরর ও ক্রৌঞ্চের। ৪র্থ। শ্যেনের। ৫ম। গৃধ্রের। ৬ষ্ঠ। হংসের। ৭ম। বৈনতেয়দিগের। আকাশ-ফুটো—ভিত্তিহীন ; শূন্যগর্ভ ; অমূলক। প্র—এমন আকাশ ফুটো কথা কে বলিল। আকাশবল্লী, বালি—অমর-বেল লতা। আকাশবাণী, বচন—যে বাণী বা বচন কাহার মুখ হইতে বাহির হইল জানা যায় না বা বক্তাকে দেখা যায় না ; দৈববাণী। প্র—"কহিলেন অন্নপূর্ণা আকাশ-বচনে" "আকাশবাণীতে হাতে পাইলা আকাশ"—অন্নদামঙ্গল। আকাশবৃত্তি—জীবিকার নির্দিষ্ট উপায়াভাব ; শূন্যবৃত্তি বা দৈবের উপর নির্ভর করিয়া থাকা ; দৈবনির্ভর। আকাশ ভাঙ্গিয়া পড়া,—ভাঙ্গিয়া মাথায় পড়া—হঠাৎ মহা বিপদ গণনা করা ; বজ্রাহতের ন্যায় হওয়া ; হঠাৎ ভাবনায় অভিভূত হওয়া। প্র—কথাটা শুনতে না শুনতেই যে তোমার দেখছি আকাশ ভেঙ্গে মাথায় প'ড়্‌ল।

আকাশমণ্ডল (মোনড্‌ল্‌) নভোমণ্ডল ; উর্দ্ধে যতদূর দৃষ্টিগোচর হয় ; the etherial sky. আকাশমুখী—যে সন্ন্যাসী উর্দ্ধমুখে থাকেন। আকাশমূলী—যাহার মূল শূন্যে থাকে ; জলের পানা। আকাশ-সম্ভবা—প্রতিধ্বনি। সম্বোধনে—আকাশ-সম্ভবে। প্র—"যে ব্রজে শুনিতে আগে সঙ্গীতের ধ্বনি, আকাশসম্ভবে," —ব্রজাঙ্গনা। আকাশ হাতে পাওয়া—দুর্লভ বা আশার অতীত এবং অভাবনীয় দূরের বস্তু বিনা চেষ্টায় হস্তগত হওয়া ; অসম্ভব সম্ভব হওয়া ; দুরাশা পূর্ণ হওয়া ; দুরাকাঙ্ক্ষিত বিষয় লাভের আভাস পাওয়া। প্র—"হইল আকাশবাণী বুঝি অনুভবে। চল যাছা বর্দ্ধমান বিদ্যালাভ হবে।" "আকাশবাণীতে হাতে পাইয়া আকাশ। সোয়ারির অশ্ব আনে গমনে বাতাস।"—অন্নদামঙ্গল।

আকাশ-পাতাল (শ্‌, ল্‌) [আকাশ (হইতে) পাতাল (পর্য্যন্ত) মধ্যের ব্যবধানের (মর্ত্ত্য বাদ দিয়া) বিশালতা এখানে লক্ষ্য] ক্রি-বিণ, আকাশ হইতে পাতাল পর্য্যন্ত অর্থাৎ স্বর্গ-মর্ত্ত্য-পাতাল—অর্থাৎ সর্ব্বত্র। ২। [ব্যবধানের বিশালতা হইতে প্রভেদের পরিমাণাধিক্য-জ্ঞাপক অব্যয়] অনেক। প্র—কিসে আর কিসে তুলনা করিতেছ ও দুয়ের মধ্যে আকাশ পাতাল তফাৎ। তুল—উ, জমীন্‌ আস্‌মান্‌ ; ফা—ফর্‌ক্‌। বাং—আসমান জমীর তফাৎ।

আকাশবর্ণ—বি, আকাশের ন্যায় নীলবর্ণ ; আশমানী রঙ ; sky-blue.

আকাশবল্লী (শ্‌, বো) [হি—অমরবেল, অমরবেলি] বি, পত্রহীন সরু লতা বিশেষ, যাহা অন্য বৃক্ষের উপর জন্মে এবং তাহারই রসে পুষ্ট ও বিস্তৃত হইয়া তাহাকে ঢাকিয়া ফেলে ; cassytha, filiformis.

আকাশাণু, আকাশপরমাণু [রাসাঃ পরিঃ] বি আণবিক ব্যূহ ; ether atom · groups of atom.

আকাশে [সং—নাটকে] অ, নেপথ্যে সম্ভাষণ ; অদৃশ্য ব্যক্তির সম্ভাষণ। [বাং—বিরল] ২। আকাশ মার্গে ; শূন্যে।

আকিঞ্চন (আকিন্‌চন্‌) [অকিঞ্চন+অ (ষ্ণ ভাবার্থে)] বি, ক্লী, যাহার কিছুই নাই তাহার অবস্থা ; দারিদ্র্য ; দৈন্য [অকিঞ্চন দ্রঃ] ২। [প্রাদে। দৈন্যের ভাব হইতে] "দৈন্যের ভাবে প্রকাশিত ইচ্ছা" (ল-বন্দ্যো) ; আশা ; আকাঙ্ক্ষা। ৩। আগ্রহ ; বাসনা ; অভিলাষ ; প্র—"(প্রভু) পূজিব তোমারে আজি বড় আছে আকিঞ্চন, হৃদয় কবাট খুলি পেতেছি মন-আসন।"—ব্রহ্মসঙ্গীত। ৪। প্রয়াস ; চেষ্টা।

আকীর্ণ [আ (সম্যক্‌)+কীর্ণ (ব্যাপ্ত, ক্ষিপ্ত) কৄ (বিক্ষেপ করা)+ত (ক্ত) কৄ=কীর্‌। ত=ন)] বিণ, বিক্ষিপ্ত ; বিস্তীর্ণ।

আকুঞ্চন (আকুন্‌চন্‌) [আ (ঈষৎ) কুঞ্চ্‌ (কোঁচকান) অন (ভাবে—অনট্‌)) তু—জর্ম, schranken (শ্র্যাংকেন্‌) এংলো স্যা—scrincan (স্ক্রনকেন্‌)—বক্রকরণ] বি, ক্লী, কোঁকড়ান ; কোঁচকান ; গুটান ; সঙ্কোচ। ২। বক্র হওন ; বক্রকরণ। ৩। (ন্যায় শাস্ত্রে) উৎক্ষেপণ, অবক্ষেপণ, আকুঞ্চন, প্রসারণ, গমন—এই পঞ্চ কর্ম্মান্তর্গত কর্ম্ম-বিশেষ। বিশেষণে—(১) আকুঞ্চিত—ঈষৎ কুঞ্চিত বা বক্রীকৃত ; কোঁচকা ; কোঁকড়া ; সঙ্কুচিত। (২) আকুঞ্চনীয় (নি অ) কুঞ্চিত হইবার বা কোঁচকাইবার যোগ্য ; যাহাকে গুটাইতে বা কোঁচকাইতে হইবে। বি, আকুঞ্চনীয়তা—জড় ধর্ম্মবিশেষ ; যে ধর্ম্ম বা গুণথাকিলে জড় পদার্থ শৈত্য বা চাপ যোগে ঘনীভূত ও আয়তনে হ্রাস প্রাপ্ত হয় ; compressibility.

আকুড়া (আ) [আঁকুরা দ্রঃ। র=ড়। হি—অঁকুড়া (সং অঙ্কুর হইতে)="লোহে কা ঝুকা হুয়া টেঢ়া কাঁটা" "হল কী বহ্‌ লকড়ী জিসমে ফাল লগায়া জাতা হায়্‌"—শব্দসাগর] বি, মাছ ধরিবার কাঁটা বা লাঙ্গলদণ্ডে ফালযুক্ত মুখের ন্যায় বক্রমুখ কাষ্ঠখণ্ড। ২। বঁড়শীর আকার মুখ ধাতুময় অস্ত্রবিশেষ। প্র—"বরুণের সাজাকুড়া কনক আকুড়া"—কবিকঙ্কণ। ৩। কামারশালে ব্যবহার্য্য আগুনে খোঁচা দিবার বক্রমুখ ছড় বা কাঁটা। ৪। আকর্ষণী। ক্ষুদ্রার্থে আকুড়ী।

আকুড়ী [আঁকড়ী, আঁকুড়া দ্রঃ] বি, ১ এইরূপ চিহ্ন। প্র—ক এর আঁকড়ী মুছিয়া ব হইয়া গিয়াছে। ২। অঙ্কুর ; কল। ৩। লতাতন্তু ; প্রতান ; শুঁয়া ; tendril.

আকুণ্ডকুণ্ড [সং—অকাণ্ড তাণ্ডব। হিন্দীতে ইহার ব্যবহার আছে—হিন্দী শব্দসাগর। ইহার অনুকরণে বাং—আকুণ্ডকুণ্ড] বি, খুনো-খুনিকাণ্ড ; ঘোরতর কলহ ; তুমুল ঝগড়া।

আকুত, আকূত (ত্‌) [আ—কু (শব্দ করা) +ত (ক্ত)] বি, আগ্রহ ; ইচ্ছা ; আশয় ; অভিপ্রায়। ২। কৌতুক ; রঙ্গ ; তামাসা। [বীরভূম অঞ্চলে]

ক্রি-বিণ, আকুতে—আগ্রহে ; আনন্দে। প্র—"মনের আকুতে" —চণ্ডীদাস।

আকুরা [সং—অঙ্কুর। হিঃ—অঁকুড়া] বি, মাছ ধরিবার কাঁটার মত বক্রমুখ ধাতুময় অস্ত্র-বিশেষ। প্র—"বরুণের সাজাকুরা কনক আকুরা"—কবিক। আঁকুড়া দ্রঃ।

আকুল (ল্‌) [আ—কুল (রাশিকরা, ব্যগ্র হওয়া) অ (কর্ত্তৃ—ক)—ভারাক্রান্ত] বিণ, ব্যগ্র ; উৎসুক ; উৎকণ্ঠিত। প্র—"যমুনা কূলে মনের ভুলে ভাসায়ে দিয়ে গাগরী, রহিত চাহি আকুল নয়নে।" —চয়নিকা। ২। ব্যাকুল ; কাতর ; ব্যথিত ; অনুতপ্ত ; ভারাক্রান্ত। প্র—"আকুল পরাণে বাঁচি ও চরণে। এসন্তানগণে করহে স্মরণ।"

—রাধারমণ কাব্যতীর্থ।

"দয়াময় বলে আকুল হৃদয়ে তোমারেও তারা ডাকে না" —ব্রহ্মসঙ্গীত। ৩। অস্থিরচিত্ত ; চঞ্চল ; অধীর। প্র—"কুহুতানে আকুল করে প্রাণ" —গি ঘোষ। "কেমনে বাঁধিবে তার আকুল-পরাণে"

—ব্রহ্মসঙ্গীত।

৪। উন্মুক্ত ; আলুলায়িত। প্র—"আমি এ আকুল কবরী আবরি কেমনে যাইব কাজে। যামিনী না যেতে জাগালে না কেন বেলা হল মরি লাজে।" —রবি।
৫। অভিভূত ; বিহ্বল ; বিকল। প্র—"সই কেবা শুনাইল শ্যাম নাম? কাণের ভিতর দিয়া, মরমে পশিল গো, আকুল করিল মোর প্রাণ।" —চণ্ডীদাস।
৬। পরিপূর্ণ ; ভরপুর ; উদ্বেলিত : উথলিত ; উচ্ছ্বসিত। প্র—"অকূল সিন্ধু উঠিছে আকুলি" —রবি।
৭। বিপর্য্যস্ত ; বিক্ষিপ্ত ; বিকীর্ণ। প্র—"আঁচল আকাশে হতেছে আকুল ;" —রবি। "নূপুর গুঞ্জরী যাও' আকুল-অঞ্চলা, বিদ্যুৎ-চঞ্চলা।"—উর্ব্বশী (রবি)। "আকুল অলক" —বি. প। "আকুল কুন্তল"—রবি। ৮। আবিষ্ট ; বিশিষ্ট ; পূর্ণ ; ভরা। প্র—"কুঞ্জকুটীরে অয়ি ভাবাকুল-লোচনা।" —বর্ষামঙ্গল (রবি)।
বি. **আকুলতা, আকুলত্ব**—ব্যাকুলতা ; বৈকল্য ; ঔৎসুক্য ; অস্থিরতা ; অধীরতা ; বিহ্বলতা। ক্রি. **আকুলি, আকুলিয়া**—আকুল করিয়া ; (পদ্যে)। (২) আকুল হইয়া ; উথলিয়া। প্র—"অকূল সিন্ধু উঠিছে আকুলি"—রবি। **আকুলে**—আকুল করে (পদ্যে)। প্র—"সারি সারি নিকেতন, বেড়া দেওয়া উপবন, দেখে পথিকের মন আকুলে।"—চয়নিকা। বিণ. **আকুলিত**—উদ্বেলিত ; ব্যাপ্ত ; উদ্‌ভ্রান্ত। ২। বিক্ষিপ্ত ; বিপর্য্যস্ত। ৩। আন্দোলিত ; সঞ্চালিত।

আকুলি-ব্যাকুলি [সং—আকুলতা—ব্যাকুলতা সহচর শব্দ। গ্রা. উচ্চারণ ভেদে—আকুলিবিকুলি,—বেকুলি, হাকুলিবিকুলি] বি. ব্যস্তসমস্তভাব ; উৎকণ্ঠা ; অত্যন্ত আগ্রহ ; কাতরতা। ২। ক্রি-বিণ. উৎকণ্ঠিত হৃদয়ে ; বিহ্বলচিত্তে। প্র—"তাহার চরণস্পৃষ্ট তীরের সে ধূলি। দুই হাতে বুকে মাখি আকুলি-ব্যাকুলি।" —কুঙ্কুম।

আকুলীকৃত [আকুল+ঈ (চ্বি) অভূততদ্ভাবার্থে—কৃত যাহা করা হইয়াছে] বিণ. যাহাকে আকুল করা হইয়াছে ; বিক্ষোভিত ; ব্যাকুলীকৃত।

আকুলীভূত [আকুল—ঈ (চ্বি) অভূততদ্‌ভাবার্থে ভূত যাহা হইয়াছে] বিণ. যে আকুল হইয়াছে ; উদ্‌ভ্রান্ত।

আকুসি, আঁকুসি (শি) [সং—অঙ্কুশ। হি—অঁকুসী। "টেড়ী করকে ঝুকাই হুই লোহেকী কীল্ জিস্‌মে কোই চীজ্ লটকাই বা ফঁসাই জায়্" —হিন্দী শব্দসাগর] বি. শিকলের কড়া যাহা দ্বারা পাখীর পা বাঁধা যায়। প্র—"এখন হয়ে অবিশ্বাসী কাটিয়া আকুসি, পলায়ে এসেছে পুরে!" —চণ্ডীদাস।

আকৃতি [আ—কৃ (করা, ব্যক্ত করা) + তি (ক্তি)] বি. স্ত্রী ; অবয়ব ; মূর্ত্তি ; শরীর। ২। রূপ ; আকারপ্রকার ; গঠন ; ধরণ ; প্রকার। ৩। দ্বাবিংশতি অক্ষরা সংস্কৃত ছন্দঃ বিশেষ।

আকৃতি-প্রকৃতি [দেহের গঠন ও স্বভাব চরিত্র সহচর শব্দ] বি. আকার-প্রকার ; আকার-ইঙ্গিত ; মূর্ত্তি ও চরিত্র। প্র—"আকৃতে প্রকৃতে তোমার ঈশ্বর লক্ষণ।" [ছন্দানুরোধে আকৃতিতে প্রকৃতিতে স্থলে আকৃতে প্রকৃতে] —চৈতন্যচরিতামৃত।

আকৃষ্ট [আ—কৃষ্ =চষা, টানা+ত (ক্ত) ত=ট] বিণ. যাহাকে আকর্ষণ করা হইয়াছে ; আকর্ষিত। ২। গৃহীত। ৩। প্রলুব্ধ ; মুগ্ধ।

আকৃষ্যমাণ (ন্) [আ—কৃষ্ (কর্ষণ করা+আন (শানচ্) আ=মা (কর্ম্মে, য)] বিণ. যাহাকে আকর্ষণ করা হইতেছে ; যাহাকে টানা যাইতেছে ; যাহাকে বলপূর্ব্বক আনয়ন করা হইতেছে।

আকেকর (র্) [আ (সম্যক্) কে (মস্তকে) কর (যে করে)—যে নেত্রদ্বয় মস্তকের দিকে করে। তুল—চোখ কপালে তুলা] বিণ ; বক্রাক্ষি ; টেরা। প্র—"অর্জ্জুন তখন জিঘাংসা পরবশ হইয়া আকেকরনেত্রে তাঁহাকে নিরীক্ষণ করিতে লাগিলেন।"—মহা।

আক্কেল (আক্‌কেল্) [আ. আক্‌ল্] বি. বুদ্ধি ; বিচারশক্তি ও ধীশক্তির সমন্বয় ; বিবেচনা। **আক্কেলগুড়ুম্**—বিণ. লুপ্তবুদ্ধি ; স্তম্ভিত। ২। অবাক ; বিস্মিত **আক্কেলছেলামি, সেলামি**—কৃত অপরাধের জন্য যে দণ্ড দেওয়া যায় (বিদ্রূপোক্তি)। **আক্কেলদাঁত** (আক্‌কেল্‌দাঁত) বি. অতিরিক্ত দন্ত ; খলিবর্দ্ধন [এই দাঁত উঠিবার সময় অতিশয় যন্ত্রণা হয়, মুখ ও মাড়ি ফুলিয়া উঠে]। **আক্কেলমন্ত** (আক্‌কেল্ মোন্‌তো) [আক্কেল+মন্ত (বিশিষ্টার্থে)] বিণ. বুদ্ধিমান ; প্রাজ্ঞ।

আক্তা—[আখ্‌তা দ্রঃ] বি. ছিন্নাণ্ড ; মুষ্কহীন ; খাসি।

আক্রন্দ (আক্রোন্‌দো) [আ—ক্রন্দ্ (রোদন করা) + অ (অল্—ভাবে)] বি. পুং. ডুরাহ্বান ; উচ্চৈঃ শব্দ। ২। নাদ ; ধ্বনি। ৩। রোদ ; উচ্চরোল। ৪। তুমুল যুদ্ধ।

আক্রন্দিত (ক্রো) [আ - ক্রন্দ+ত (ভাবে) ক্ত] বি. ক্লী. আর্ত্তনাদ।

আক্রম (আক্‌ক্রোম্) [আ—ক্রম্ (গমন করা) + অ (ভাবে - অল্)] বি. পুং. অতিক্রম। ২। পরাভব। ৩। ব্যাপ্তি ; বিক্ষেপ। ৪। অধিকার ; প্রাপ্তি। ৫। বলপূর্ব্বক অতিক্রমণ। ৬। পরাক্রম ; বিক্রম। প্র—"বিপুল আক্রমে নাশ তারে।"—মেঘ।

আক্রমণ (আক্‌ক্রোমোন্) [আ—ক্রম্+অন (ভাবে অনট্)] বি. ক্লী. হিংসা বা অনিষ্ট করিবার উদ্দেশ্যে বলপূর্ব্বক অন্যের উপর পড়া ; হানা। ২। বলপূর্ব্বক অধিকার করণ। ৩। বিজয়ার্থ পরদেশ আস্কন্দন। বিণ. **আক্রমণীয়**—(আক্রোমোনিয়) যে আক্রমণের যোগ্য ; যাহাকে আক্রমণ করিতে হইবে ; যাহাকে আক্রমণ করা কর্ত্তব্য।

আক্রা (আক্‌ক্রা) [সং—অক্রয্য, অক্রেয়। হি. আক্‌রা (তুলসী) : ৬ড়ি-অক্‌রা। কথ্য-আক্কারা] বিণ. অক্রেয় ; দুর্মূল্য ; মহার্ঘ।

আক্রান্ত (আক্‌ক্রান্‌তো) [আ—ক্রম্+ত (কর্ম্মে ক্ত)] বিণ. অতিক্রান্ত ; যাহাকে আক্রমণ করা হইয়াছে। ২। অভিভূত ; বিহ্বল ; বিবশ ; আবিষ্ট ; আবৃত। ৩। ব্যাপ্ত ; বিক্ষিপ্ত ; বিকীর্ণ। ৪। সঙ্কুল ; সংযুক্ত ; বিশিষ্ট। ৫। ব্যথিত ; ক্লিষ্ট ; পীড়িত। বি. **আক্রান্তি**।

আক্রামক (আক্‌ক্রামোক্) [আ—ক্রম্+অক (কর্ত্তৃ—ণক)] বিণ. যে আক্রমণ করে ; আক্রমণকারী।

আক্রীড় (আক্‌ক্রীড়্) [আ—ক্রীড়্ (খেলা করা) অ (অধি, ঘঞ্)] বি. পুং. রাজোদ্যান ; প্রমোদবন ; কেলিকানন। ২। উপবন। ৩। বিহার। ৪। ক্রীড়া-ভূমি ; আখড়া ; gymnasium. ৫। [ভাবে, ঘঞ্] ক্রীড়া। **আক্রীড়-পর্ব্বত**—বিহারার্থ কৃত্রিম পাহাড় (কালিদাস, কুমার)। **আক্রীড়ভূমি**—রঙ্গস্থল ; বিহারভূমি ; আখড়া।

আক্রুষ্ট [আ—ক্রুশ্ (রোদন করা, ক্রোধ করা) + ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহার উপর আক্রোশ করা হইয়াছে। ২। অভিযুক্ত ; তিরস্কৃত ; নিন্দিত। ৩। অভিশপ্ত।

আক্রোশ (আক্‌ক্রোশ্) [আ—ক্রুশ্ (ক্রোধ করা) (উ=ও) + অ (ভাবে অল্)] বি. পুং. ক্রোধ ; কোপ ; পূর্ব্বসঞ্চিত বিদ্বেষ। ২। অভিযোগ ; নিন্দা ; কটূক্তি ; ভর্ৎসনা। ৩। অভিসম্পাত।

আক্রোশক [কর্ত্তৃ—অক (ণক)] বিণ. যে আক্রোশ করে ; আক্রোশকারী।

আক্রোশন (শন্) [ভাবে অন (অনট্)] বি. ক্লী. আক্রোশ।

আক্লান্ত (আক্‌ক্লান্‌তো) [(আ (অতি) ক্লম্ (ক্লান্ত হওয়া)। অ=আ, ম্=ন্+ত (ক্ত)] বিণ. অতিক্লান্ত ; অতিশয় ক্লিষ্ট।

আক্ষপাদ (আক্‌খোপাদ্) বি. ক্লী. অক্ষপাদ বা গৌতমীয় শাস্ত্র ; ন্যায় দর্শন। ২। বি. পুং. ন্যায় শাস্ত্রে অভিজ্ঞ ; নৈয়ায়িক।

আক্ষিক (আক্‌খিক্) [অক্ষ+ইক (ষ্ণিক)]

বিণ. পাশাক্রীড়াসম্বন্ধীয়। অক্ষক্রীড়া দ্বারা
।

আক্ষিপ্ত (আক্‌খিপ্‌ত) [আক্ষেপ (দ্রঃ) ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহাতে আক্ষেপ জন্মিয়াছে। ২। নিক্ষিপ্ত ; অধঃপাতিত ; দূরীকৃত। **আক্ষিপ্ত-চিত্ত**—যাহার চিত্তে আক্ষেপ জন্মিয়াছে।

আক্ষেপ (আক্‌খেপ্) [আ—ক্ষিপ্ (ক্ষেপণ করা) অ (ল্—ভাবে)] বি, পুং, অঙ্গ বিক্ষেপ ; হাত পা খেঁচুনি ; তড়কা ; convulsion. ২। ক্ষোভ ; বক্ষে কপালে করাঘাত, প্রভৃতির সহিত অথবা তদ্ব্যতীত আত্মগ্লানি ও অদৃষ্টের নিন্দা ; মনস্তাপ। ৩। [অলঙ্কারে] কোন বিশেষ প্রতিপত্তির বা প্রতিপাদনের ইচ্ছায় বিবক্ষিত বিষয়ের নিষেধের ন্যায় অথবা অনভিলষিত অর্থের বিধির ন্যায় যে উক্তি তাহার নাম আক্ষেপ।

আক্ষোট, ড় (ট্, ড়্) [সং। আ. পস্তু—অখ্‌রোট্] বি, আখরোট বৃক্ষ ও ফল।

আখ (খ্) [সং ইক্ষু।] আক দ্রঃ।

আখজ (আখোজ্) [আ. অখ্‌জ (আকজ দ্রঃ)] বি, ঈর্ধ্যা ; হিংসা ; বিদ্বেষ। ২। বিবাদ ; ঝগড়া ; আকজ ; কলহ ; (চলিত 'আখেজ'ও ব্যবহৃত হয়)।

আখট্ [সং অখট্টি। আখটী দ্রঃ] বি, ইচ্ছানুযায়ী বস্তু না পাইলে শিশুর যে ক্রন্দন ; আবদার বা দুরন্তপনা। প্র—"কেবল 'আখট' শুধু খাইতে তোমার 'হুহু'।" —কস্তুরী।

আখটী, আখুট, আখুটী (ট্) [সং—অখট্টি অসদ্ব্যবহার (ত্রিকাণ্ডশেষ ও শব্দকল্পদ্রুমে উদ্ধৃত)] বি, শিশুর আবদার ; আখট্ ; বায়না।
প্র—"ব্রাহ্মণ শিশু আখটি করিয়া ক্রন্দন করিতে আরম্ভ করিল।" —বিজয় বসন্ত।
"বাল্যকালে নিমাই চঞ্চল অতিশয়।
যে আখুটি করে তা ঈশান সমারয়॥"
—চৈতন্যচরিত।
বিণ. **আখটিয়া, আখুটিয়া, আখুটে, আখুটে**—যে আখুটি করে ; আবদারে।

আখড়বাজ (ড়্, জ্,) [হি। কথ্য বাং—চলিতে আরম্ভ হইয়াছে] বিণ, একগুঁয়ে ; গোঁয়ার ; উগ্রস্বভাব।

আখড়া (খ্) [হি—আখাড়া ; সং—অক্ষবাট ; প্রাকৃ—অক্খ-আড়ো] বি, আড্ডা। ২। পাঠশালা ; গীত বাদ্যাদি শিক্ষা বা আলোচনার স্থান ; মল্লবিদ্যা-শিক্ষাস্থান।
প্র—"অতঃপর আখড়া প্রবেশি শুভক্ষণে।
মল্লবিদ্যা আরম্ভ করিল দুইজনে॥"
—ধর্ম্ম মঙ্গল।
৩। সাম্প্রদায়িক সাধু-সন্ন্যাসীর সাধনভজনাদির স্থান ; গদ্দী। ৪। সাধুদিগের সাম্প্রদায়িক মণ্ডলী। প্র—নির্ব্বাণী আখড়া। নিরঞ্জনী আখড়া। ৫। নৃত্য-গীত-বাদ্যাদির আলোচনা। প্র—আখড়া দেওয়া। **আখড়া দেওয়া**—আখড়ায় সমবেত হইয়া উদ্দেশ্যানুরূপ কার্য্য করা ; অধিবেশন করা।

আখড়াই [হিঃ—আখ্‌ড়াই ; rehearsal. বি, যাত্রাদি অভিনয়ের সূত্রপাতে বাদ্যারম্ভ ২। অভিনয়াদির পূর্ব্ব অভ্যাস।
আখড়াই দেওয়া—অভিনয়াদির পূর্ব্বাভ্যাস করা। প্র—"কাজের মধ্যে পাশা খেলা আর রাণী গিরির আখড়াই দেন।"
—ফোয়ারা (ললিত বন্দ্যো)
আখড়াই ভাঁজা—আখড়াই দেওয়া প্র—"বোধ হইল, ভাবী কন্‌গ্রেস মণ্ডপে বাহবা লইবার জন্য ইঁহারা আগে হইতেই আখড়াই ভাঁজিতেছেন।"
—ফোয়ারা (ললিত বন্দ্যো)
আখড়াধারী—বি, আখড়ার প্রধান ব্যক্তি মঠের অধ্যক্ষ।

আখণ্ডল [আখন্‌ডল্] আ—খণ্ড্ =ভগ্ন করা + অল (ডল—কর্ত্তৃ) সংজ্ঞার্থে। যিনি বজ্রদ্বারা পর্ব্বত ভগ্ন করেন, বা শত্রু নাশ করেন] বি, পুং, বজ্রী ; ইন্দ্র। **আখণ্ডল-ধনুঃ**—বি, স্ত্রী, ইন্দ্রধনু। **আখণ্ডলার ফল** [অখণ্ড শব্দজাত] বি, কদলী বা নারিকেল। প্র—"স্বর্ণঘটে সিন্দুর গর্ভেতে গঙ্গাজল, আম্রশাখা উপরে আখণ্ডলার ফল।"
—শীতলামঙ্গল (নিত্যানন্দ)।
[ঘটে পটে ও মূর্ত্তিতে দেবতার পূজা বিধি আছে। তন্মধ্যে ঘটস্থাপনা দ্বারা পূজাকালীন ঘটের মুখে আম্রশাখার উপর নারিকেল স্থাপিত হয়। শান্তিকামনায় যে ঘট স্থাপিত হয় তাহার মুখে আম্রশাখার উপর কদলী ফল স্থাপিত হয়। উহাই আখণ্ডলার ফল]।

আখতা—বি, মুষ্কহীন অশ্ব (আক্তা দ্রঃ)।

আখবার (খ্ র্) [আ. অখ্‌বার্। খবর (সংবাদ) শব্দের বহু বচন] বি, খবরের কাগজ ; সংবাদপত্র।

আখম্বা [আ (সদৃশার্থে) খম্ব (স্তম্ভ শব্দজ। হিঃ—খম্বা) স্তম্ভসদৃশ] বিণ, দীর্ঘাকার ; বিপুল দেহ। প্র—আখম্বা লাঠী ; আখম্বা জোয়ান।

আখর (র্) [সং—অক্ষর। অপভ্রংশে আখর, আঁখর ও আঁকর] বি, অক্ষর। "পিরীতি বলিয়া এ তিন আখর" (চণ্ডী) "প্রেম লিখিতেছে গান কোমল আখরে" রবি। ২। (ব্রজ) সঙ্কেত। প্র—"কিয়ে হাম আখরে কহলু বুঝাই" (বি, প,) কীর্ত্তনাদি গানের সময় গানের মাধুর্য্য বৃদ্ধির জন্য সংযোজিত গীতাতিরিক্ত শব্দ। **আখরকাটা, আঁখরকাটা, আকরকাটা**—অক্ষর পাত করা ; দাগকাটা ; লেখা। (ভুল—কালীর আঁচড় দেওয়া। **আখর দেওয়া**—গান করিবার সময় সঙ্গীতের মাধুর্য্য বৃদ্ধির জন্য মূল গীতের সহিত "মরি হায়" "উহু মরি" প্রভৃতি সময়োচিত সুললিত শব্দ প্রয়োগ। যথা—মূল গীত—"এই সংসার পথ সঙ্কট অতি কণ্টকময় হে, আমি নীরবে যাব হৃদয়ে লয়ে প্রেম-মূরতি তব।" আখর—"পথের কাঁটা মানব না, নীরবে যাব, হৃদয়-ব্যথায় কাঁদব না,নীরবে যাব।"—রবি (গান) কীর্ত্তনাঙ্গ সঙ্গীতেই আখর দেওয়া প্রচরদ্রূপ।

আখরিয়া [সং—অক্ষর হইতে আখর + হি—ইয়া (বাং গ্রা—আখুরে)] বিণ, যে অক্ষর বিন্যাস করে ; যাহার হস্তাক্ষর উৎকৃষ্ট। ২। লেখক ; লিপিকার ; নকলনবীশ। প্র—"শ্রীবিজয় দাস নাম প্রভুর আখরিয়া। প্রভুর অনেক গ্রন্থ দিয়াছে লিখিয়া।"
—চৈতন্য ভাগবত।
খুঁট আখরিয়া, খুঁট আখুরে (ট্) [খুঁট (খুঁৎবিশিষ্ট) হিঃ—খোঁটা (খারাব, মন্দ) টুট (ভগ্ন) আখরিয়া, খুঁট দ্রঃ] যাহার হস্তাক্ষর ভাল নয় ; যাহার হাতের লেখা পাকা নয়। ২। অল্প শিক্ষিত।

আখরোট (খ ট্) [সং—অক্ষোট। পস্তু—অখ্‌রোট্, ইং—walnut] বি, পার্ব্বত্য ফল-বৃক্ষবিশেষ ; হিমালয় ও আফগানিস্থানের পার্ব্বত্যদেশে অধিক জন্মে।

আখা [আকা দ্রঃ। সং—উখা (হাঁড়ী) উখ্যম্ (স্থালীপক্কমাংসাদি) শব্দকল্পদ্রুম। যাহার উপর হাঁড়ী রাখিয়া রন্ধন করা যায়] বি, চুল্লী ; উনান। প্র—"আখা জ্বলে বিনা ফুঁয়ে বিনা চোখে জল। দিয়াকাটি তোর গুণে মাগীরা পাগল॥" —হেম বন্দ্যো।

আখাড়া—আখড়া দ্রঃ।

আখাত (ত) [আ—খন্ (খনন করা) + ত (ক্ত) অ (আন লোপ)] বি, পুং, যাহা খাত অর্থাৎ খনন করা নহে ; অখাত ; অকৃত্রিম জলাশয়।

আখির, আখের (র্) [আ—আখীর্ ; দুসরা ; পরবর্ত্তী, তাহা হইতে শেষ] বি, শেষ ; অন্ত ; পরিণাম। বিণ, **আখিরী** ; চ, **আখেরী**—শেষ ; অন্তিম। প্র—মাসের আখিরী হপ্তা।

আখু [আ—খন্=খোঁড়া + উ (ডু—কর্ত্তৃ ; সংজ্ঞার্থে)] বি, পুং, মূষিক। ২। শূকর। ৩। চৌর।

আখুচী [আ—আখ্‌জ্, আখজ দ্রঃ] বি, আকজ ; বিবাদ ; বিরোধ ; শত্রুতা। ২। আক্রোশ। ৩। খুঁটিনাটি ; নষ্টামি। প্রঃ—"পূর্ব্বেতে কলহ ছিল ধনপতি সনে। আখুচী করিল বেণে তাহার কারণে॥"
—কবিক।

আখুট, আখুটী—আখটী দ্রঃ।

আখখুটে (খ্) [আখটী দ্রঃ] বিণ, আবদারে। ২। উড়নচড়ে ; জিনিষপত্র বৃথা নষ্টকারী।

আখুন, আখুন্দ, আখুনজী (ন্) [ফা. আখুঁন, আখোঁজি=শিক্ষাদাতা। প্রা—আকোন] বি, শিক্ষক ; মহম্মদীয় শিক্ষাগুরু। প্র—"আরে বাবু, এ গান বুঝিতে গেলে আকোনের কাছে গিয়া ফার্শি পড়িতে হয়।" —আলাল।

আখেজ (জ্) বি, আখজ, আখুটী দ্রঃ।

আখেটক, আখেটিক (ক্) [আ—খিট্=ত্রাসিত করা, মৃগয়া করা+অক (কর্ত্তৃ—ণক) ; ইক (নিপুণার্থে) যে অপরকে ত্রাসিত করে] বিণ, শিকারী ; ব্যাধ। ২। শিকারী বা মাংসাশী জন্তু ; যাহারা অন্য জন্তুর মাংসাহারে জীবনধারণ করে। ৩। ভয়োৎপাদক। [বিরল]

আখেটি [হিঃ—আখেটী=মৃগয়াকারী (আখেটক দ্রঃ)] বি, পুং, ব্যাধ। মৃগ-পক্ষী-শিকারকারী। প্র—"পাখা আড়ে আখেটী পাখায় দিল আটা" —ঘনরাম।

আখের, আখের্ [আ—আখীর্=পরে যাহা আছে, আখির দ্রঃ] বি, পরিণাম ; ভবিষ্যৎ ; শেষদশা। প্র—আখেরের ভালর জন্যেই বলা হয়েছে। "ভুলায়ে রাখিতে যদি পারি যুবরাজে। আখেরে আসিবে তোর বৌ ঝিয়ের কাজে॥" —ঘনরাম।

বিণ, **আখেরী**—শেষ ; অন্তিম। প্র—"নিকাশ আখেরী।" "আখেরী হপ্তা।"

আখোট [অক্ষোট দ্রষ্টব্য] বি, ক্লী, আখরোট ফল।

আখোটী [সং—অখট্টি (অসদ্ব্যবহার) আখটি দ্রঃ] বি, স্ত্রী, কলহ ; বিবাদ ; খুঁটিনাটি। প্র—"সুখে রাজ্য করিতে আখোটী হইল কাল। কেন হেন দিলে মাতা বিষম জঞ্জাল॥" —কবিক।

আখ্যা (আক্খ্যা) [আ—খ্যা (বলা)+অ (করণে—অঙ্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, সংজ্ঞা ; অভিধান ; নাম। ২। [ভাবে (অঙ্)] কথন।

আখ্যাত (আক্খ্যাতো) [আখ্যা দ্রঃ, ত (কর্ম্মে ক্ত)] বিণ, কথিত ; উল্লিখিত। ২। বিশিষ্ট ; নির্দ্দিষ্ট ; সূচিত। ৩। ব্যাখ্যাত। ৪। প্রকাশিত ; খ্যাতিপ্রাপ্ত ; প্রসিদ্ধ। ৫। [সং—ব্যাকরণে] তিঙন্ত পদ ; তিপ্, তস্ অন্তি প্রভৃতি বিভক্তি ; ক্রিয়া বা ভাবপ্রধান।

আখ্যান (আক্খ্যান্) [আ—খ্যা (বলা)+অন (ভাবে বা কর্ম্মে অনট্)] বি, ক্লী, কথন ; উল্লেখ ; নামোল্লেখ। ২। কাহিনী ; ইতিহাস। [দ্রঃ—সংস্কৃতের অনুবাদ গ্রন্থে আখ্যান ও উপাখ্যানে বিশেষ পার্থক্য দৃষ্ট হয় না। উভয় শব্দই ইতিহাস ও চরিত বা জীবনী অর্থে প্রযুক্ত হইয়াছে। মহাভারতকে উপাখ্যান, আখ্যান এবং ইতিহাস এই তিনই বলা হইয়াছে। প্র—"হে শৌনক! আমি আপনার যজ্ঞে যে উৎকৃষ্ট ভারতোপাখ্যান কীর্ত্তন করিতেছি। * * * এই ইতিহাস সকল আগমের মধ্যে উৎকৃষ্ট হইয়াছে। * * এই আখ্যানের আশ্রয় ব্যতীত ভূমণ্ডলে আর কোন আখ্যানই বিদ্যমান নাই। * * "আস্তীকাখ্যান * * কীর্ত্তন করিলাম।" —মহা-আদি-২অ (বর্দ্ধমান) ৩। আখ্যায়িকা ; কল্পিত বৃত্তান্ত ; কথা ; উপন্যাস। ৪। রামায়ণ মহাভারতাদি আর্ষ মহাকাব্যের সর্গ। [অপ্র]

আখ্যায়ক (আক্খ্যাঅক্) [আ—খ্যা=বলা+অক (কর্ত্তৃ—ণক)] বিণ, কথক ; প্রকাশক ; প্রচারক ; বার্ত্তাবহ।

আখ্যায়িকা (আক্খ্যাইকা) [আ—খ্যা (বলা)+অক। য আগম। অ=ই] বি, স্ত্রী, ইতিহাস ; বিদিত বৃত্তান্ত কথা ; চরিত কথা ; গল্প। [আখ্যান দ্রঃ]

আখ্যায়ী (আক্খ্যাই) [আখ্যায়িন শব্দ] বিণ, আখ্যায়ক ; কথয়িতা ; বক্তা। ২। আবেদনকারী (দূতাদি) [অপ্র]।

আখ্যেয় (আক্খেঅ) [আ—খ্যা+য (কর্ম্মে)] বিণ, কথ্য ; কথনীয় ; বক্তব্য ; বাচ্য। ২। নামধেয় ; অভিধেয়।

আগ (আগ্) [সং—অগ্র হইতে আগ ; আগা] বি, অগ্রভাগ ; আগা। প্র—"কেশের আগ চুম্বয়ে টাগ, ফিরিয়া ফিরিয়া বান্ধে।" —চণ্ডীদাস।

২। আদি ; প্রথম। ৩। সর্ব্বোচ্চ। প্র—গাছের আগডাল। [এই অর্থে 'আগ' স্থলে 'মগ' হইয়াছে। প্র—মগডাল]

আগতোলা—বিশেষ প্রক্রিয়া দ্বারা শুভাশুভ নির্ণয় ; অগ্রফল উত্তোলন ; শুভাশুভ ফলজ্ঞাপক ক্রিয়া। ২। (দেবতার উদ্দেশে) কোন কিছুর অগ্রভাগ উঠাইয়া লওয়া।

আগ ন্যাংলা যে দিকে যায় পেছ ন্যাংলাও সেই দিকে যায় (প্রাদে, প্রবচন) [আগ (অগ্র) ন্যাং (পদ, দীর্ঘ পদক্ষেপ বা লম্ফ) লা (প্রদানার্থে) অগ্রে অগ্রে পদক্ষেপকারী, অগ্রজ] অগ্রজ বা বড় যে পথ অবলম্বন করে বা পথ দেখায়, পশ্চাদ্গামী বা অনুজ তাহার অনুবর্ত্তন করে। বড়র আচরণ দেখিয়া ছোট, শিক্ষা লাভ করে। ২। [আগ (অগ্রবর্ত্তী) ন্যাংলা (লাঙ্গুলা ; বিশেষার্থে গাড়ল] অগ্রগামী ভেড়া যে দিকে যায় ভেড়ার পাল পশ্চাৎ পশ্চাৎ সেই দিকেই গমন করে ; গড্ডলিকা প্রবাহ ; কোন বিবেচনা না করিয়া অগ্রগামীর দেখা-দেখি প্রচলিত প্রথা বা মতের অনুবর্ত্তী হইয়া চলা।

আগবাড়া—ক্রি, আগে যাওয়া ; অগ্রসর হওয়া ; 'আগুবাড়া' ও বলে।

প্র—"আগুবাড়ি পাঠাইল শচীর নন্দন" —চৈতন্য চরিত।

আগবাড়ান (ন্) [আগ (অগ্র)+বাড়ান (বর্ত্তন, গমন)—আগে বাড়িয়া যাওয়া] বিণ, অগ্রসর। ২। (ন্) অগ্রবর্ত্তী ; আগ্রহান্বিত। প্র "সে সকল বিষয়েই আগ্ বাড়ান"

২। (আগবাড়ানো) ক্রি, অগ্রসর হইয়া আনয়ন ; অগ্রবর্ত্তী হইয়া গমন করা। (২) অগ্রসর করান ; আগে যাইতে বাধ্য করা।

আগ (আগ্) [অগ্নি শব্দের অপভ্রংশ। হিঃ—আগ্] বি, অগ্নি ; আগুন ; অনল। ২। [ব্রজ] অগ্নিতে ; অনলে।

প্র—"বিরহ বিয়োগে আগ দেই ঝাঁপে" —বিদ্যাপতি।

আগচ্ছমান (ন্) [আ—গম্ (গমন করা) +আন (কর্ত্তৃ—শানচ্)] বিণ, যে আগমন করিতেছে ; আগমনশীল।

আগড় (আগড্) [সং—অর্গল ; র=ল=ড়। আগল দ্রঃ] বি, প্রবেশ পথের আটক স্বরূপ বংশাদি নির্ম্মিত বেড়া ; টাটী ; ঝাঁপ।

প্র—"সত্যের দ্বারে আগড় নাই" —নবীন তপস্বিনী (দীনবন্ধু)।

আগড়বাগড় (গড্) [হি—অগড়্ বগড়্। আগড়া দ্রঃ] বি, খোসা খোলা প্রভৃতি আনাজের পরিত্যাগ-যোগ্য অংশ ; (সুতরাং) দুষ্পাচ্য আহারীয়।

প্র—আগড়বাগড় দিয়ে পেট ভরান।

২। অপ্রয়োজনীয় গাছপালা ; আদাড়-বাদাড় ; আগাছা ; বনগাছা। ৩। বাজে কাজ। ৪। বাজে কথা ; প্রলাপ।

আগডম-বাগডম (আগ্ডোম্ বাগ্ডোম্) [উচ্চারণ ভেদে,—'আগডিম বাগডিম,' 'আগডুম বাগডুম'। হি—আগডোর বাগডোর। আগডোর বা আগাড়ী=ঘোড়ার সামনের পা বাঁধিয়া রাখিবার জন্য দড়ী ; বাগ্ডোর (ফা, হি,)=ঘোড়ার বল্গা, লাগাম বা রাস, এসকল ঘোড়ার সাজ সজ্জার মধ্যে। ইত্যাদি বা প্রভৃতি অর্থে সহচর শব্দের ন্যায় ব্যবহৃত। হিন্দীতে সহচর শব্দদ্বয় যুক্ত করিবার কালে 'ম' র প্রয়োগ দেখা যায়। ইহা অনেকটা বাং 'আ' বা 'এ' সদৃশ যথা—চলম্ চলা (চলে চল), ঠেলম্ ঠেলা (ঠেলাঠেলি)] বি, ঘোড়ার সাজসজ্জা। ঘোড়া দ্রঃ।

প্র—"আগডম বাগডম ঘোড়াডম সাজে" —ছেলে ভুলান ছড়া।

আগড়ুম-বাগড়ুম (আগ্ড়ুম্ বাগ্ড়ুম্) [হিঃ—

অওড়ম্ বওড়ম্ (যে বাতুলের ন্যায় অর্থহীন বাক্য বলে বা বড়বড় করিয়া বৃথা বকে তাহাকে 'বওড়ম্' বলে) অওবও, বাং— আলাৎপালাৎ অর্থে] বি, অপ্রাসঙ্গিক বাক্যাবলী ; অর্থহীন অসংলগ্ন কথা ; অপ্রয়োজনীয় বাক্যাবলী।

প্র—কি সব আগড়ম বাগড়ম বকে যাচ্চ, কাজের কথা কও।

আগড়া (গ্) [হি—অগ্‌ড়া = জবার বাজ্‌রা প্রভৃতির খোলা বা খোসা। আগ + ড়া (তুচ্ছার্থে)] বি, যব, ধান প্রভৃতির শীষের আগায় এইরূপ খোসা ; তুঁষ ; ভুষী ; চাউলহীন বা শস্যহীন ধান্য। ২। তুচ্ছধান্য।

আগড়ি [হিঃ—আগাড়ী] বিণ, অগ্রগামী ; অগ্রবর্ত্তী। ২। সম্মুখভাগ ; সামনের দিক। ৩। অশ্বাদির সম্মুখের পা বাঁধিবার দড়ি। [আগাড়ী দ্রঃ]

আগণা (আগোনা) [সং—অগণিত, যাহা হইতে 'অগুণ্তি'] বিণ, যাহা সংখ্যাত নহে ; যাহার গণনা হয় নাই ; যাহার সংখ্যা করা যায় না ; অগণ্য ; অসংখ্য।

আগত [আ—গম্ = গমন করা—আসা + ত (কর্ত্তৃ ক্ত) ম্ লোপ] বিণ, যে আগমন করিয়াছে ; যে উপস্থিত হইয়াছে ; যাহা ঘটিয়াছে ; পঁহুছিয়াছে বা আসিয়াছে। ২। [কর্ম্মে ক্ত] প্রাপ্ত ; অধিগত ; লব্ধ। ৩। [ভাবে ক্ত] বি, আগমন। ৪। অবস্থান ; সংস্থিতি।

আগত-খামার—খাস খামার হইতে দাখিল করা।

আগত-রাইয়তী—কোন রায়তের জমা হইতে দাখিল করা।

আগতি (গো) [অগত দ্রঃ] বি, আগমন। প্র—"পতির আগতি বার্ত্তা শুনি দূত মুখে। দুর্ব্বলারে বলে রামা বিষাদ কৌতুকে॥"
—কবিকঙ্কণ।

আগন্তু (আগোনতু) [আ—গম্ = গমন করা (যাওয়া আসা) + তুন্ (কর্ত্তৃ) আগন্তু] বি, অতিথি ; অভ্যাগত ; অজ্ঞাত-কুলশীল ; নবাগত ব্যক্তি। ২। বিণ, আগমনশীল। ৩। অনিয়ত ; যাহা নিয়ত স্থায়ী নহে।

আগন্তুক (গো, ক্) [আগন্তু + ক (স্বার্থে—কণ্)] বিণ, আগমনশীল ; অভাবিত বা অতর্কিত ভাবে উপস্থিত ; অকস্মাৎ সংঘটিত। ২। বি, পুং,অতিথি ; অভ্যাগত ; নবাগত ব্যক্তি। ৩। আতিথ্য যাহার উপজীব্য। ৪। আকস্মিক ব্যাধি।

আগম (ম্) [আ—গম্ = গমন করা + অ (করণে অল্)] বি, পুং, ক্লী, বেদাদি আপ্ত-বাক্যাত্মক শাস্ত্র। (২) তন্ত্রশাস্ত্র ; যাহা শিবের মুখ হইতে 'আ'গত, গিরিজার কর্ণে 'গ'ত ও বাসুদেবের 'ম'ত সম্মত—তাহাই আ-গ-ম শাস্ত্র। প্র—"শুনেছি কৈলাস-পুরে কৈলাস-নিবাসী ব্যোমকেশ, স্বর্ণাসনে বসি গৌরী সনে, আগম, পুরাণ, বেদ, পঞ্চতন্ত্র কথা পঞ্চমুখে পঞ্চমুখ কহেন উমারে ;"
—মেঘনাদ।

২। [ভাবে, অল্] আগমন ; উপস্থিতি। (২) উপদেশ পরম্পরা। (৩) আশ্রয়। ৩। [করণে, অল্] সাক্ষ্যপত্র ; affidavit দলিল। ৪। [কর্ত্তৃ, অল্] লাভ ; আমদানি ; উপার্জ্জন ; আয়। প্র—অর্থাগম। ৫। ধারা ; প্রবাহ। ৬। [ব্যাকরণে] প্রকৃত্যাদির অনুপঘাতে উপস্থিত বর্ণ ; প্রকৃতি প্রত্যয়ের লোপ না করিয়া তন্মধ্যে আগমন। বিণ, আগত।

আগম-বাগীশ—শাস্ত্রজ্ঞ পণ্ডিতের উপাধিবিশেষ। ২। তন্ত্রাচার্য্য।

আগম-বিরোধ—বেদ বা শ্রুতিবিরোধ ; শাস্ত্রবিরুদ্ধতা।

আগমবেদী (বেদিন্) যিনি বেদাদি শাস্ত্র জানেন ; তন্ত্রশাস্ত্রজ্ঞ ; পণ্ডিত। ২। শঙ্করাচার্য্যের গুরু গৌড়পাদাচার্য্য।

আগম (ম্) [সং—অগম্য হইতে অগম পরে আগম] বিণ, অথাই ; অগাধ। প্র—লোকটা সাঁতার দিতে দিতে আগম জলে গিয়ে পড়েছে।

আগমন (আগোমোন্) [আ—গম্ (গমন করা) + অন (ভাবে অনট্) গমনের বিপরীত] বি, ক্লী, উপস্থিতি ; পঁহুছন ; আসা। বিণ, আগত।

আগমনী (গ্ মো) [সং। আগমন (কৈলাস হইতে পার্ব্বতীর পিত্রালয়ে আগমন) + ঈ (সম্বন্ধার্থে)—তৎসম্বন্ধীয় গীত] বি, গিরিরাণী মেনকার নিকট উমার আগমনবিষয়ক সঙ্গীত। ২। উদ্বোধন সঙ্গীত ; আগমন সঙ্গীত ; আহ্বান সঙ্গীত। প্র—"আকাশবীণার তারে তারে জাগে তোমার আগমনী" —গীতাঞ্জলি। "আনন্দেরই কোলাহলে চারিদিক নিমগন। পাখী গায় আগমনী হাসে বন উপবন॥"
—গান।

আগমিত (আগোমিত) [আ—গমি (গম্-ণিচ্) গমন করান, জানা, অধ্যয়ন করা + ত (কর্ম্মে ক্ত)] বিণ, অধীত ; অভ্যাসিত। ২। জ্ঞাত। ৩। প্রাপ্ত।

আগয়ান (ন্) [সং—অজ্ঞান হইতে ব্রজভাষায়—'আগয়ান,' 'আগোয়ান,' 'অগেয়ান'। —অপ্র] বিণ, অজ্ঞান। প্র—"কেন হইলে আগয়ান"—চণ্ডীদাস।

আগর (র্) [সং—অগ্র] বিণ, অগ্রগণ্য ; শ্রেষ্ঠ ; চূড়ামণি। প্র—"গুণসাগর নাগর, আগর হে"—ভারতচন্দ্র। [মতান্তরে সম্বোধনে 'আগর' শব্দের প্রয়োগ। কিন্তু এখানে 'হে' এই শব্দই সম্বোধন পদ। একইস্থানে দুই সম্বোধনের প্রয়োজনাভাব। ২। [প্রাদে। আগল দ্রঃ] বিণ, অগ্রসর ; দক্ষ। ৩। [সং—আগার শব্দের অপভ্রংশ। ব্রজ] বি, আগার ; নিলয় ; আলয় ; আধার ; খনি ; কূপ। প্র—"তুহুঁ রস আগর নাগর ঢীট"—বিদ্যাপতি। ৪। [প্রাদে (পূ-বঙ্গ) - আগল (ধামা) শব্দের রূপান্তর আগরি দ্র] বি, ডালা।

আগর (র্) [ইং—auger] বি, কাঠাদিতে ছিদ্র করিবার ভ্রমর যন্ত্র।

আগরবালা (র্) [হি—আগর বাল, বালা] বি, দিল্লী, আগ্রা প্রভৃতি স্থানের বৈশ্যসম্প্রদায় বিশেষ।

আগরি (গো) [সং—আগার—অপভ্রংশ] বি, আগার ; আধার। ২। [প্রাদে। আগলি = ধামা] ডালি। প্র—"সে হেন সুন্দরী গুণের আগরি পুন কি পাইব দেখা ?" —চণ্ডীদাস। ৩। [ব্রজ] বিণ, অগ্রগণ্যা ; প্রধানা। প্র—"সে হেন নাগরি রূপে গুণে আগরি"
—বি, প।

। আগুরি দ্রঃ।

আগরী (গো) [অঘোরার্থক আগোর শব্দের স্ত্রীলিঙ্গে] বিণ, স্ত্রী, অঘোর ; অচৈতন্য। প্র—"পরশে নাগরী, হইলা আগরী, পড়িলা বেণ্যানী কোরে।" —চণ্ডীদাস।

আগল (আগল্) [সং—অর্গল। প্রা, বাং—'অগ্‌ল'ও পদ্মাপুরাণে ব্যবহৃত। চ—আগড় = বেড়া ; ঝাঁপ] বি, বেষ্টন ; বেড়া ; ঝাঁপ। ২। রক্ষণ। ৩। অগ্রসর ; দড়। প্র—"তুমি বিবাদে আগল।"
—পদ্মাপুরাণ (বিজয়গুপ্ত)।

আগলন, আগলানো (আগ্‌লোনো, আগ্‌লানো) [অর্গল দ্রঃ] ক্রি, আটক করা। ২। রক্ষা করা। ৩। আবৃত করা। বি, **আগলন** - রক্ষণ।

আগলা (গ্) [আগল (আবরণ) + আ (নিষেধ বা অভাবার্থে) ; অথবা আলগা বর্ণবিপর্য্যয়ে] বিণ, অনাবৃত ; মুক্ত ; খোলা।

আগলি (গো) [সং—অগ্র। আগল, আগলি দ্রঃ] বিণ, অগ্রবর্ত্তী ; অগ্রগামী। ২। প্রধান। ৩। দক্ষ। ৪। আগার ; আলয়। প্র—"কর্ণধার আছিলেন বুদ্ধির আগলি।"
—কবিক।

আগলিকাটা (গ্) ক্রি, ভিড় ঠেলিয়া সকলের আগে যাওয়া ; আর সকলকে অতিক্রম করিয়া আগে বাড়া। "পেছলিকাটা"র বিপরীত। প্র—"আগলিকেটে"
—হেম বন্দ্যো।

আগা [অগ্র শব্দজ] বি, অগ্রভাগ ; ডগা। ২। উপরিভাগ। ৩। প্রান্তভাগ ; ধার। 'গোড়া'র বিপরীত।

আগাও [আগাম দ্রঃ] বিণ, আগাম ; অগ্রিম।

আগাকার, আগেকার (র্) [আগা (অগ্র)—কার (সম্বন্ধার্থে)] অগ্রভাগ সম্বন্ধীয় ; ডগার। [ইহার বিপরীত গোড়াকার]

আগাগোড়া [আগা (অন্ত)+গোড়া (আদি)] বিণ, আদ্যন্ত ; সমস্ত। প্র—"সমস্ত হৃদয় যোড়া, বুকভরা আগাগোড়া" —কুঙ্কুম।

আগাছা [আ (তুচ্ছার্থে—অকেজো, অপ্রয়োজনীয়, অকিঞ্চিৎকর)+গাছা (ছোট-গাছ)] বি, যাহা গাছের মধ্যেই নহে ; যে গাছ কোন কাজে আসে না ; অপ্রয়োজনীয় ছোট বড় গাছ। ২। জঙ্গল।

আগাড়ি [অগ্রবর্ত্তী শব্দজ, হি—অগাড়ি] বিণ, অগ্রবর্ত্তী। ২। অগ্রিম। ৩। অশ্বাদির সম্মুখের পদদ্বয়ে বাঁধিবার দড়ি। (পিছড়ি বা পাছাড়ির বিপরীত)। প্র—'আগাড়ি পিছাড়ি দড়ি ছড়াইয়া রায়."—ঘনরাম।

আগাদা [প্রাদে। সং—আঘাত (পিটন)। অথবা আ (সম্পূর্ণরূপে) গাদ (ঠাস, ঘনিষ্ঠরূপে-সংলগ্ন করা)] ক্রি, ধাতু গলাইয়া বা তাতাইয়া এবং তপ্ত অবস্থায় পিটিয়া জোড় দেওয়া ; welding.

আগাধ (ধ্) [অগাধ+অ (স্বার্থে)] বিণ, অগাধ ; সুগভীর।

আগাপাস্তাড়া, আগাপাস্তলা [আগা (অগ্র) পাস্তলা, পাস্তাড়া (পশ্চাৎ শব্দজ)] ক্রি-বিণ, অগ্র-পশ্চাৎ ; আগাগোড়া। ২। [আগা (অগ্রভাগ মস্তক) পাস্তলা, পাস্তাড়া (পদতল) শব্দজ] মাথা হইতে পা সর্ব্বাঙ্গ। প্র—সে আগাপাস্তলা বা আগাপাস্তাড়া লেপমুড়ি দিয়া শুইয়া আছে।

আগাম (ম্) [সং—অগ্রিম ; হি—অগাউ] বিণ, অগ্রিম ; আগে। প্র—মিস্ত্রীকে আগাম কিছু টাকা দাও।

আগামী (আগামি) [অগামিন (আ—গম্+ইন্, কর্ত্তৃ—ণিন্—শব্দের ১ মার ১ বচনে)] বিণ, পুং, যাহা আসিবে ; ভাবী।

আগাঁথা [সং—অগ্রথিত] বিণ, যাহা গ্রথিত নহে ; যাহা গাঁথা হয় নাই।

আগার (র্) [অগার+অ (স্বার্থে ক)] বি, পুং, আলয় ; গৃহ। প্র—"যেইদিন যাহা পাই তাহা সেই দিন খাই দেড়ি অন্ন না থাকে আগারে!"—কবিক। ২। আধার। প্র—গুণের আগার।

আগাল (আগাল্) [আগ (অগ্র)+আল। প্রাদে] বি, অবশিষ্ট ; ২। ক্ষুদ ; তণ্ডুলকণা। ৩। [হি—অগার (আগে) র=ল] বংশাদির অগ্রভাগ বা ডগ্‌লা। এই অর্থে প্রাদে রূপান্তর, আগালে ও আদালে।

আগালি [আগাল দ্রঃ। হি—অগারী, ড়ী, অগ্‌লা, লী] বিণ, অগ্রবর্ত্তী ; সম্মুখবর্ত্তী ; সাম্‌নের। ২। চতুষ্পদ জন্তুর সম্মুখের পদ। ৩। পাল্কীর সম্মুখভাগের বাহক ; চৌঘুড়ীর অগ্রবর্ত্তী অশ্বদ্বয়।

আগালে [(বিপরীত—পিছালি—পেছলি) তুল—হি—পিছলা] বি, আগাল দ্রঃ।

আগি [সং—অগ্নি ; প্রাকৃ—অগ্‌গি ; হি—আগি] বি. পুং, অগ্নি ; আগুন। প্র—"সতী কুলবতী কুলে জ্বালি দিলি আগি"—চণ্ডীদাস। "শশধর বরিখন আগি"—বিদ্যাপতি। ২। বিণ, অগ্নি-মুর্ত্তি ; অগ্নিশর্ম্মা ; অতিশয় ক্রুদ্ধ। প্র—"ঘরে গুরু দুরজন, ননদিনী আগি"—চণ্ডীদাস।

আগু [সং—অগ্র। হি—আগু] বি, অগ্র ; প্রথম। ২। বিণ, অগ্রবর্ত্তী ; অগ্রগামী। প্র—"আগুদলে যুবরাজ ধায় লঘুগতি"—কবিক। ৩। ক্রি-বিণ, অগ্রে ; প্রথমে।—প্র—'আগু গিয়া রাবণের গলে দিব ফাঁস।" —রামায়ণ। **আগুতে**—প্রথমে। ২। পূর্ব্বে। ৩। পূর্ব্বকালে ; প্রাচীন সময়ে। **আগুবাড়া**—আগবাড়া দ্রঃ।

আগুড়ী [আগু দ্রঃ। প্রাদে] বিণ, অগ্রিম ; আগাম। ২। পূর্ব্ববর্ত্তী।

আগুদল (ল্) [সং—অগ্রদল] বি, অগ্রবর্ত্তী বা অগ্রগামী জনসঙ্ঘ ; সম্মুখবর্ত্তী লোকসমূহ। ২। ব্যগ্রতা সহকারে অগ্রসরণ ; আগবাড়ান গতি।

প্র—"পিশাচ ভৈরবদলে, যক্ষ রক্ষ, আগুদলে, ঘণ্টাকর্ণ নন্দী মহাবলী।"—অন্নদামঙ্গল।

আগুন (ন্) [সং—অগ্নি। হি—অগিন্] বি, অনল ; বহ্নি। ২। ক্রোধাগ্নি ; উত্তাপ। ৩। দুঃখের জ্বালা ; দুরদৃষ্ট। প্র—"কপালে আগুন"। ৪। সর্ব্বনাশ ; ধ্বংস। প্র—"আগুনের কপালে আগুন।"—অন্নদামঙ্গল। **আগুন ওঠা**—আগুন বাহির হওয়া। ২। বিবাদ বাধা ; মর্ম্মদাহী বাক্যের উত্তর প্রত্যুত্তর হেতু বিপক্ষপক্ষদ্বয়ের ক্রোধাগ্নি প্রজ্বলিত হইয়া উঠা। **আগুন করা**—কয়লা কাঠ প্রভৃতি জ্বালাইয়া আগুন প্রস্তুত করা। **আগুনখাগী**—সহমৃতা। ২। অতিক্রুদ্ধা। ৩। শোকসন্তপ্তা ; ভয়চকিতা ; সন্ত্রাসিতা। **আগুন দেওয়া**—অগ্নিসংযোগ করা। **ঘরে আগুন দেওয়া**—ঘর পোড়ান। ২। গৃহবিবাদ বাধান। **আগুন লাগা**—অগ্নি সংযুক্ত হওয়া। ২। বিশৃঙ্খল হওয়া। ৩। নষ্ট হওয়া ; ধ্বংস হওয়া ; উৎসন্ন যাওয়া। ৪। উত্তেজিত হওয়া। ৫। ক্রুদ্ধ হওয়া ; রাগে জ্বলিয়া উঠা। **আগুন লাগান,—লাগাইয়া দেওয়া**—অগ্নি সংযোগ করা। ২। রাগাইয়া দেওয়া ; উত্তেজিত করা। ৩। তুমুল ঝগড়া বাধাইয়া দেওয়া। **আগুন হওয়া**—অতিক্রুদ্ধ হওয়া ; ক্রোধে জ্বলিয়া উঠা। ২। অতিশয় উত্তপ্ত বা গরম হওয়া। ৩। দুর্মূল্য হওয়া। প্র—ক্রমে বাজার আগুন হ'য়ে উঠছে। **আগুন পোয়ান** (নো)—আগুনের কাছে বসিয়া তাপ লওয়া বা হাত পা গরম করা। **ছাইচাপা আগুন**—অনভিব্যক্ত শোক ; যে শোক মনে মনেই আছে প্রকাশও পায় না, দূরও হয় না। ২। চিরপোষিত ; বহুকালস্থায়ী। ৩। দারিদ্র্য, সুযোগের অভাব প্রভৃতি কারণে আপাততঃ অপ্রকাশিত বা সাধারণে অজ্ঞাত, মহদ্‌গুণশালী ব্যক্তি। ৪। গোপনে পোষিত ক্রোধ, হিংসা প্রতিশোধস্পৃহা প্রভৃতি সর্ব্বনাশকারী মনোবৃত্তি। **আগুন ধরে যাওয়া, আগুন ধরা**—কোন দ্রব্যে আগুন লাগিয়া তাহা পুড়িতে থাকা। **আগুন ধরান**—আগুন জ্বালা ; আগুন করা।

আগুনি [অগ্নি হইতে। পদ্যে। বৈ, সা] বি, অগ্নি। প্র—'আগুনি জ্বালিয়া মরিব পুড়িয়া কত নিবারিব মন।" —চণ্ডীদাস। ২। জ্বালা। প্র—মনের আগুনি।

আগুপাছু [সং—অগ্র পশ্চাৎ। প্রাদে—রূপান্তর আগুপাছু, আগেপিছে] ক্রি-বিণ, অগ্রপশ্চাৎ ; ভূতভবিষ্যৎ ; কার্য্যকারণ। (গৌণ অর্থে) পরিণাম। প্র—"আগুপাছু কিছু মাত্র না গণিনু মনে"—দুর্গাপঞ্চরাত্র।

আগুয়ান (আন্) [হি—অগ্‌বান্। সং—অগ্রবান্] বিণ, অগ্রসর ; অগ্রবর্ত্তী ; সম্মুখীন। প্র—"তুমি যদি হস্তে প্রভু ধর ধনুর্ব্বাণ।
তব রণে কোন জন হবে আগুয়ান॥"
—কৃত্তিবাস।
২। অগ্রগামী ; আগবাড়ান্। প্র—"একলি চললি ধনি হয়ে আগুয়ান।"—পদকল্পতরু। "শতেক জনের আগুয়ান"—কবিকঙ্কণ।

আগুরি, আগরি [সং—উগ্র ক্ষত্রিয়] বি, হিন্দুজাতি বিশেষ।

আগুরিতে [ব্রজ। বাং—আগুলিতে, আগুলান দ্রঃ। র=ল] ক্রি, আগলাইতে ; রক্ষা করিতে। ২। সাবধান করিতে। ৩। আটক করিতে।

আগুলান (নো) [সং—অর্গল হইতে বাং—ক্রিয়াপদ—"অর্গলান," আগলান] ক্রি, আটক করা ; পথরোধ করা। প্র—"বাট আগুলিয়া পথে বুড়ী বৈসে ছলে,"—ঘনরাম। ২। অধিকার করা ; আয়ত্ত করা। প্র—
"হট করে হৈমবতী দিতে আনে ভাত।
শার্দ্দূল ঝম্পনে সবে আগুলিল পাত!"
—শিবায়ন।
অস-ক্রি,—আগুলি, আগুলিয়া।

আগুলি [আগলি দ্রঃ। প্রা-বাং] বি, স্ত্রী,

অগ্রগণ্যা; অগ্রবর্ত্তিনী ; প্রধানা; শ্রেষ্ঠা। প্র—"রূপে গুণে যৌবনে ভুবন আগুলি"—
—জ্ঞানদাস।
"সোহাগে আগুলি হৈল ইন্দ্রের ইন্দ্রাণী—"
—চৈতন্য ভাগবত।
ক্রি, আগুলিয়া'র সংক্ষেপ ; আটক করিয়া প্র—"প্রচণ্ড চণ্ডিকা দ্বার আগুলিয়া রয়"—
—শিবায়ন।

আগুসর (শর্) [সং—অগ্রসর। হি—অগ্সার্] বিণ, অগ্রগামী ; অগ্রসর। ক্রি, **আগুসরি**

আগুসরে—অগ্রসর হইয়া। প্র—"সবজন তেজিয়া আগুসরি ফুকরই"—বিদ্যাপতি। "আগুসরে" (কাশী—মহা)।

আগুসার (শার্) [ব্রজ—আগুসার] বিণ, অগ্রগামী। ক্রি, **আগুসারি**।

আগুসারে (শারে) [ব্রজ—আগুসারে। হি—অগ্সার্না] ক্রি, অগ্রসর হয়। প্র—"ঠাড়ি রহল রাই নাহি আগুসারে"—বিদ্যাপতি।

আগে (আগে) ["আর গিয়ে" বা "আস্যে"র সংক্ষেপ। প্রাদে] ক্রি, আর গিয়ে ; ফিরে আয়। প্র—"সর্ব্বতীর্থ ভ্রমি আগে ভাই দুই জনে। যে-জন ভ্রমণ করি আসিবে সকালে। পারিজাত মালা আমি দিব তার গলে।"
—ঘনরাম।

আগে (আগে) [অগ্রে শব্দের অপভ্রংশ] ক্রি-বিণ, অগ্রে ; প্রথমে। প্র—"আগে দিয়া কত দুঃখ, মধ্যে দিলি কত সুখ, শেষে দুঃখ বাড়ালি দ্বিগুণ।" —অ, ম,। ২। পূর্ব্বে। প্র—"আগেকার কালে।" "আগে দেখ, পরে যাহা বলিবার বল।" ৩। সম্মুখে ; পুরোভাগে। ৪। আগে=পরে, আরও; অতঃপর প্র-"প্রভু কহে এহো বাহ্য, আগে কহ আর" —চৈ, চরিতামৃত।

আগে আগে [আগে (অগ্রে)—আগে (অগ্রে অবস্থিতি ও গতির নিরবচ্ছিন্নতা-জ্ঞাপক)] ক্রি-বিণ, অগ্রবর্ত্তী হইয়া ক্রমাগত গমনের ভাববোধক। প্র—তুমি আগে যাও।

আগেকার (র্) [আগে (অগ্রে)—কার (সম্বন্ধার্থে)] বিণ, অগ্রবর্ত্তী। ২। পূর্ব্বের; বিগত। প্র—আগেকার কালে।

আগে-পাছে [অগ্র পশ্চাৎ শব্দের অপভ্রংশ] ক্রি-বিণ, সম্মুখে ও পশ্চাতে। প্র—"আগে পাছে দানা ধায় প্রথমে বেতাল"—অ, ম।

আগেভাগে [সং—অগ্রভাগ] ক্রি-বিণ, সর্ব্বাগ্রে ; প্রথমে ; প্র—"আগেভাগে হরি বিধি সঙ্গে করি গেলা হেমন্তের ঘরে"—
—অন্নদামঙ্গল।

আগেয়ান, আগেয়ানী [ব্রজ—অজ্ঞান, অগেয়ানি, অগেয়ানী, আগোনী পদও দৃষ্ট হয়] বিণ, অজ্ঞানী ; অজ্ঞান। প্র—"বিদ্যাপতি কহ তুহঁ অগেয়ানি।"—বি, প,।

"তাহার পিরীতে, আগেয়ান চিতে,
ফিরে চল হলধর।"—উদ্ধবদাস (বৈ, পদলহরী)। [আগেয়ানি পাঠও দৃষ্ট হয়। ইহা অকারের হিন্দী উচ্চারণ মাত্র]।

আগো (আ) [প্রাদে। ওগো হইতে। মেয়েলি উচ্চারণ। তুল—ওলো হইতে আলো] অ, সম্বোধন, ওগো। প্র—"আগো সই কে জানে এমন রীত।"—চণ্ডীদাস।
"বিদ্যা বলে আগো আই জিজ্ঞাসি তোমায়।"
—ভারতচন্দ্র।

আগোড় (ড়্) [অর্গল শব্দজ আগল হইতে (ল=ড়)] বি, ঝাঁপ ; আবরণ।

আগোর (র্) [সং—অঘোর] বিণ, পুং, অঘোর ; অচৈতন্য। প্র—"আর তিন ভুবন আগোর।" —বিদ্যাপতি। স্ত্রী, **আগোরী** ও **আগরী**।

আগোরল [সং—অর্গল—অর্গলিল—আগলিল—রিল (ল=র)। ব্রজ] ক্রি, লইল ; আগলাইল ; বেষ্টন করিল। প্র—
"কোরে আগোরল নাহ"—বিদ্যাপতি। "আগোরল বাট"—চণ্ডীদাস। ২। প্রকাশ করিল। ৩। অধিকার করিল। প্র—"দিনে দিনে অনঙ্গ আগোরল অঙ্গ।"—বিদ্যাপতি।

আগোরি [আগোরল দ্রঃ। ব্রজ 'আগোরিয়া' সংক্ষেপে] ক্রি, আগুলিয়া ; আবৃত করিয়া। প্র—"পাশ ঘুমাওত কোরে আগোরি।"
—বিদ্যাপতি।

২। [আগরি দ্রঃ] বি, আগোর ; আধার ; ডালি।
প্র—"হেদেলো সুন্দরি প্রেমের আগোরি
শুনহ নাগর কথা।"—চণ্ডীদাস।

আগ্নেয় (আগ্নেও) [অগ্নি+এয় (ঢেয়)—ই—লোপ] বি, পুং, অগস্ত্যমুনি। ২। স্ত্রী, নগরবিশেষ ; দেবীকোটা। ৩। অগ্নিপুরাণ। ৪। বিণ, অগ্নিসম্বন্ধীয়। ৫। অগ্নিগর্ভ। প্র—"আগ্নেয় গিরি"। ৬। অগ্নিবিশিষ্ট ; অগ্নির গুণ বা ধর্ম্মযুক্ত ; জ্বলন্ত ; উজ্জ্বল। প্র—আগ্নেয় অক্ষর। ৭। অগ্নি-উৎপাদক ; অগ্নিযোগে যাহার কার্য্য হয়। প্র—"আগ্নেয় অস্ত্র" "আগ্নেয় পোত"। ৮। অগ্নিকর বা জনক ; জঠরাগ্নি বা ক্ষুধা বৃদ্ধি-কারক। প্র—"আগ্নেয় ঔষধ"।

আগ্নেয়ী (আগ্নেঈ) স্ত্রী, অগ্নিপত্নী 'স্বাহা'। ২। অগ্নিকোণ।

আগ্নেয়গিরি—বি, পুং, যে পর্ব্বত হইতে অগ্নি, ধাতুনিঃস্রব, অঙ্গার প্রভৃতি নির্গত হয় ; volcano.

আগ্নেয়-প্রস্তর (প্রোস্তর্) বি, যে প্রস্তর অগ্নি দ্বারা দ্রব হইবার পর শীতল হইয়া বর্ত্তমান আকারে পরিণত হইয়াছে ; volcanic formation.

আগ্নেয়াস্ত্র [আগ্নেয়+অস্ত্র] বি, ঔর্ব্বমুনি কর্ত্তৃক সগরকে প্রদত্ত অস্ত্র ; ব্রহ্মাস্ত্র ; একাঘ্নী বা পাশুপত, শতঘ্নী প্রভৃতি অস্ত্র ; নালাস্ত্র। মুসলমান অধিকারের পূর্ব্বে ভারতে রাজস্থানে ব্যবহৃত চাঁদকবি কর্ত্তৃক উল্লিখিত, "নলনালা" নামক আগ্নেয় অস্ত্র। (আধু) কামান, বন্দুক প্রভৃতি। [বৈদিকযুগের বজ্র। বজ্র শব্দ দ্রষ্টব্য]।

আগ্রথন (আগ্গ্রোথোন্) [আ (সম্যক্)—গ্রথন (গ্রন্থন)। গ্রথ্=গাঁথা+অন (অনট্)] বি, স্ত্রী, গ্রন্থন, গাঁথা। ২। বন্ধন ; বাঁধা।

আগ্রহ (আগ্গ্রোহো) [আ—গ্রহ্=গ্রহণ করা, যত্ন করা ইত্যাদি+অ (ভাবে অল্) তুল—ইং-eager ; প্রাচীন ফ্রে—aigre.] বি, পুং, ঐকান্তিক যত্ন ; আঠা। ২। অতিশয় ব্যগ্রতা। ৩। অভিনিবেশ ; আসক্তি। ৪। সাহায্য। ৫। আক্রমণ। ৬। গ্রহণ। ৭। অনুগ্রহ ; প্রসাদ। ৮। সামর্থ্য। ৯। অতিক্রম। [অপ্র]

আগ্রহায়ণ, আগ্রহায়ণিক (আগ্গ্রো-হাওন্, আগ্গ্রোহাওনিক্) [অগ্র (অগ্রবর্ত্তী, আদি)—হায়ন (বৎসর)+অ (ষ্ণ)—ইক (ষ্ণিক) স্বার্থে—বৎসরের আদি মাস] বি, পুং, পূর্ব্বে অগ্রহায়ণ হইতে বৎসরারম্ভ হইত এজন্য ইহাকে অগ্রবর্ত্তী বা মার্গশীর্ষ বলে।

আগ্রহারিক (আগ্গ্রোহারিক্) [অগ্রহার+ইক (ষ্ণিক)] বি, পুং, অগ্রদানী ব্রাহ্মণ ; মৃতদানগ্রাহী ব্রাহ্মণ।

আগ্রায়ণ (আগ্গ্রাওন্) [অগ্র—অয়ন+অ (ষ্ণ)] বি, স্ত্রী, নব শস্য হেতু যাগ ; শরৎ ও বসন্ত বিহিত নবান্ন।

আঘট্টন (আঘট্টোন্) [আ (সম্যক্)—ঘট্ট (চালিত করা)+অন্ (ভাবে অনট্)] বি, স্ত্রী, সম্যক্ চালন ; ঘাঁটা বা ঘোঁটন ; সঙ্ঘট্টন ; ২। সঙ্কলন ; কম্পন। ৩। আঘাত।

আঘাট (ট্) [সং—অঘট। আ (অভাবার্থে)—ঘাট] বি, অঘাট বা যেখানে ঘাট নাই এমন স্থান। ২। খারাপ ঘাট।

আঘাটা (আ) [ব্রজ—ঔঘট ঘাট—বি, প, (গুপ্ত)। আ (না)—ঘাট] বি, যাহা ঘাট নহে। যে ঘাট কোন কারণে ব্যবহারের অযোগ্য হওয়ায় কেহ সরে না। প্র—"আঘাটে বসে রৈলে বেলা যাচ্চে ব'য়ে" —রবি।

আঘাত (আঘাত্) [আ—হন্=বধ্ করা+অ (ভাবে ঘঞ্) হন্=ঘাত] বি, পুং, চোট ; কোপ। প্র—তরবারির আঘাত ; গদার আঘাত। ২। মুষ্টি, যষ্টি প্রভৃতি দ্বারা প্রহার। ৩। ছেদন। ৪। তাড়ন। ৫। বধ। ৬। আঘটন। **আঘাতক**—(আঘাতক) [আ—হন—অক (কর্ত্তৃ, ণক)] বিণ, যে আঘাত করে। স্ত্রী, **আঘাতিকা**।

আঘাতসহত্ব (ত্, ত্ত) বি, যে ধর্ম্ম থাকিলে পদার্থ আঘাত পাইয়া ভগ্ন হয় না কিন্তু বিস্তৃত হয় ; ঘাতসহত্ব (রেডিয়াম, প্লাটিনাম, স্বর্ণ, রৌপ্যাদি প্রভৃতি ধাতুতে এই ধর্ম্ম বিলক্ষণ বর্ত্তমান) ; malleability.

আঘাতন (আঘাতোন্) [আ—হন্—ণিচ, বধ-করান+অন (অধি-অনট্)] বি, ক্লী, বধস্থান ; হত্যাগৃহ ; slaughter house. ২। (ভাবে, অনট্) আহনন ; তাড়ন।

আঘাতি [আঘাত দ্রঃ। পদ্যে] ক্রি, আঘাত-করি ; অস্ত্র প্রহার করি। ২। আঘাত করিয়া। **আঘাতিতে**—অস্ত্রপ্রহার করিতে। প্র—"নিরস্ত্র যে অরি, নহে রথিকুলপ্রথা আঘাতিতে তারে।"—মেঘনাদ। **আঘাতিব**—আঘাত করিব। **আঘাতিল**—মারিল প্রহার করিল। প্র—"ডানি করে তার বুকে ; আঘাতিল শূল॥" —কবিক।

আঘাতিয়া (আ) [আঘাত+ইয়া—আঘাতিয়া, আঘাতি, আঘাতে—আঘাত করিবার মত ; সাংঘাতিক ; প্রাণে মারিবার মত] বিণ, সাংঘাতিক। ২। ক্রি, অস, আঘাত করিয়া। **আঘাতিধানহওয়া**—এত অল্প বা অপ্রচুর যে দুর্ভিক্ষ হইবার সুতরাং প্রাণে মরিবার মত।

আঘাতী (আঘাতি) [আঘাতিন্, আঘাত+ইন্—অস্ত্যর্থে)] বিণ, যাহাকে আঘাত লাগিয়াছে ; আঘাত প্রাপ্ত ; আহত ; ঘায়েল।

আঘাবিঘা (আ) [প্রাদে। আঘা (আঘাত শব্দজ) বিঘা (বিঘ্ন শব্দজ)] বি, প্রতিবন্ধক ; বাধা।

আঘাসা (আঘাশা) [আ (সাদৃশ্যার্থে)—ঘাস+আ (তুচ্ছার্থে)] বিণ, ঘাসের মত দেখিতে এমন আগাছা।

আঘূর্ণন (আঘূর্নন্) [আ (ঈষৎ, সম্যক্)—ঘূর্ণ্ (ভ্রমণ করা)+অন (অনট্)] বি, ক্লী, চক্রের ন্যায় ভ্রমণ ; আবর্ত্তন। ২। পরি-ভ্রমন ; ঘূরণ। বিণ, **আঘূর্ণিত**—ঈষৎ ভ্রামিত বা ঘূর্ণিত ; যাহা অল্প ঘুরিতেছে।

আঘোষিত [আ—ঘোষি (শব্দ করান)+ত (ক্ত)] বিণ, শব্দিত। ২। যাহার ঘোষণা করা হইয়াছে ; প্রচারিত।

আঘ্রাণ (আগ্‌ঘ্রান্) [আ—ঘ্রা=গন্ধ গ্রহণ-করা, শোঁকা+অন (করণে অনট্)] বি, ক্লী, নাসিকাদ্বারা গন্ধ গ্রহণ। ২। গন্ধ ; ঘ্রাণ। ৩। আভাস।

আঘ্রাত (আগ্‌ঘ্রাত) [আঘ্রাণ দ্রঃ (ত কর্ম্মে ক্ত)] বিণ, যাহার ঘ্রাণ বা গন্ধ গ্রহণ করা হইয়াছে ; গৃহীতঘ্রাণ।

আঘ্রায়ক (আগ্‌ঘ্রায়ক্) [আ—ঘ্রা=গন্ধ গ্রহণ করা+অক (কর্ত্তৃ—ণক)] বিণ, ঘ্রাণ-গ্রাহক ; যে গন্ধ গ্রহণ করে।

আঙ (আং) [আঙা দ্রঃ] বিণ, আমা ; আধ-পোড়া। প্র—"গলে গেল আঙ হাঁড়ী উনান সহিত" —ধর্ম্মমঙ্গল (মাণিক)। ২। আঙ্গ ; আঙার। বিণ, দগ্ধ কয়লার মত রক্তবর্ণ।

আঙট (ট্) [সং—অখণ্ড পরে আখণ্ড—আঙট] বিণ, অখণ্ড। প্র—"কলার আঙটিয়া পাত" —চৈতন্যচরিত।

আঙটপাত—কলাগাছের অখণ্ড পাতা। প্র—আঙট পাতে ভাত খেতে দেওয়া।

আঙটা [আংটা দ্রঃ। সং—অঙ্গুষ্ঠ। পা—অংগুট্ঠ। হি—আঙ্গুঠী। বাং—আঙ্গোট বা আঙোট (দ্রঃ)—বড় আঙোট বা আঙটা] বি, আংটা ; ছোট বালার আকৃতি ধাতুখণ্ড ; লোহার বা পিতলের কড়া ; ring. প্র—পাত্রটার আঙটা ধরিয়া উনান হইতে উঠাও।

আঙন—আঙিনা দ্রঃ।

আঙরা (ঙ্) [সং—অঙ্গার হইতে—আঙার, পরে আঙরা] বি, অঙ্গার ; জ্বলন্ত কয়লা। বিণ, জ্বলন্ত কয়লার মত রক্তবর্ণ।

আঙরাখা [সং—অঙ্গরক্ষক। হি—আঙ্গরখা (বন্দ্-দার আঙ্গা) হিন্দুস্থানে হিন্দু মুসলমানের মধ্যে প্রাচীনকাল হইতে এই অঙ্গাবরণ সাধারণের পরিধেয়] বি, পুরুষদিগের পরিধেয়-জামাবিশেষ ; চাপকান (হি—অচ্‌কন্) ; হাঁটুর নিম্ন পর্য্যন্ত লম্বা দুই পাট বা পাল্লার এবং চার বা ছয় কলি ও চার বা ছয়টী বন্ধনী-দার জামাবিশেষ। ইহার প্রথম পাল্লা বগলের নীচে সূতা বা সরু ফিতা দিয়া বাঁধিতে হয় এবং দ্বিতীয় পাল্লা সামনে বুকের উপর আনিয়া চার বা ছয় স্থানে ঐরূপ ফিতা দিয়া বাঁধিতে হয় ; অধুনা বন্ধনী স্থানে বোতামও চলিয়াছে। [হিন্দুস্থানে দুইপ্রকার আঙরাখার প্রচলন আছে—"ছ-কলিয়া"—যাহার ছয়টী কলি এবং একপাল্লা বগলের নিম্নে বাঁধিয়া ও তাহা ঢাকিয়া আর এক পাল্লা বুকের উপর রাখিয়া ৪টী বন্ধন দিতে হয়। অন্য 'বালাচর' যাহার ৪টী কলি ও ছটী বন্ধনী থাকে। ইহার বগলের নিম্নে বাঁধিবার পাল্লা নিম্নে থাকে আর অপর পাল্লা ঢাকিয়া বুকের উপর দিয়া আনিয়া অন্য বগলের নিম্নে বাঁধা যায়। মুসলমান আমলে বঙ্গেও ইহা ভদ্রপরিবারে বহু প্রচলিত হইয়াছিল]। ২। অঙ্গরক্ষক ; সাঁজোয়া ; কবচ।

আঙল, আঙলা (ল,—ঙ্‌লা) [আমলক শব্দের অপভ্রংশ। হি—আঁওলা] বি, আমলক ; আমলকী ; আমলা। প্র—"হাটে হাটে তোমার বাপ বেচিত আঙল"—কবিক।

আঙ্‌লানো [আঙুল+আন (করা অর্থে)] ক্রি, অঙ্গুলীদ্বারা নাড়া ; আঙুল দিয়া ঘাঁটা।

আঙা [আমা দ্রঃ। প্রাদে] বিণ, আধপোড়া ; আমা। প্র—"আঙা সরায় আনে গর্দ্দভের দুগ্ধ দই॥" —কবিক। ২। [রাঙ্গা=রাঙা=আঙা] বিণ, লাল। রক্তবর্ণ।

আঙার (র্) [সং—অঙ্গার। আঙ্গার (অঙ্গার—সমূহ) শব্দকল্পদ্রুম। বাং—প্রাকৃ—আঙার, আঙরা] বি, অঙ্গার ; জ্বলন্ত কয়লা। ২। বিণ, পুড়িয়া রক্তবর্ণ।

আঙিনা [সং—অঙ্গন। বাং—আঙ্গিনা। হি—আঙন্ বা আঙিনা] বি, অঙ্গন ; উঠান। প্র—"সই, কেমনে ধরিব হিয়া,
আমার বধুঁয়া, আন বাড়ী যায়,
আমার আঙ্গিনা দিয়া।" —চণ্ডী।

আঙিয়া [সং—অঙ্গিকা। প্রাকৃ—অঙ্গিয়া। হি—অঙ্গিয়া। হি—অঙ্গা বা আঙ্গা (আঙরাখা) +ইয়া (ক্ষুদ্রার্থে) ক্ষুদ্র অঙ্গাবরণ। আঙ-রাখা বা আঙ্গা, পুরুষদিগের ব্যবহারের ; 'আঙিয়া' স্ত্রীলোকদিগের পরিধেয়] বি, আঁট ছোট জামা : কেবল স্তন আবরণোপযোগী পেট ও পিট খোলা ছোট জামা পৃষ্ঠের উপর ইহার বন্ধনী পড়ে ; কাঁচলী (হি—চোলী)।

আঙুর (র্) [ফা-আঙ্গুর হইতে। আঙ্গুর দ্রঃ] বি, দ্রাক্ষালতা ও তাহার ফল ; আঙ্গুর ফল। প্র—"বনের মধ্যে পেয়েছিলেম একটি আঙুর ফল"—রবি। **আঙুর দানা**—ক্ষত বা ঘা পুরিয়া আসিবার সময় যে লাল লাল দানা বাঁধে।

আঙেঠি [আঙ্গটা দ্রঃ। হি—অঙ্গীঠী (অঙ্গীঠা অপেক্ষা ক্ষুদ্র)] বি, স্ত্রী, স্বর্ণকারাদির কর্ম্ম-শালার অগ্নি ; আগুন রাখিবারপাত্র। ২। লোহার তোলা-উনান।

আঙ্ক (আংক) [ঙ্+ক=ঙ্ক] বি, 'ঙ্ক' এই যুক্তবর্ণ। **আঙ্ক-আস্ক**—ককারাদি বর্ণের সহিত অনুনাসিক—ঙ, ঞ, ণ, ন, ম বর্ণের যোগে (আঙ্ক) এবং শ, ষ, স, হ প্রভৃতি বর্ণের যোগে (আস্ক) গঠিত যুক্তবর্ণমালা। **আঙ্কফলা**—ঙ্ক, ঙ্খ, ঞ্চ প্রভৃতি ; ককারাদির সহিত অনুনাসিক বর্ণযোগে গঠিত যুক্তবর্ণমালা ; ঙফলা, ঞফলা, ণফলা, নফলা ও মফলা যুক্ত বর্ণশ্রেণী। প্র—"প্রবীণে নবীনে হয়ে, শিখ্‌ছ এখন আঙ্কফলা" —গোপালউড়ে।

আঙ্গ (আঙ্‌গো) [অঙ্গ+অ(ষ্ণ)] বি, ক্লী, কোমল অঙ্গ ; আঙ। ২। বিণ, অঙ্গ সম্বন্ধীয় ; শারীর। ৩। নাটকাদি সম্বন্ধীয় ; বেদাঙ্গ-সম্বন্ধী। ৪। 'ঙ্গ' এই যুক্তাক্ষর (আঙ্কফলা দ্রঃ)।

আঙ্গট (ট্) [আঙট দ্রঃ] বি, অখণ্ড। ২। পায়ের অঙ্গুষ্ঠের আভরণ ; পাদাঙ্গুরী।

আঙ্গটা (আংটা) [সং অঙ্গারশকটী (আগুন রাখিবার পাত্র ; আতিশদান। হি—অঙ্গেঠী অথবা—সং অগ্নি—টা (ঠা)=স্থা প্রাকৃ—

অগ্নিপট্টী হি—অঙ্গীঠা] বি, পুং অগ্নি রাখিবার পাত্র ; বোরসী ; লোহার তোলা-উনন। স্ত্রী, আঙ্গেটী।

আঙ্গটী (আঁঙটী) [সং—অঙ্গুরী ; হি—আঙ্গুটী] বি, অঙ্গুরীয়ক ; আঙ্গুলের আভরণ ; অঙ্গুরীয়।

আঙ্গরা (আংরা) [সং অঙ্গার। আঙার দ্রঃ] বি, দগ্ধকাষ্ঠ ; কয়লা। ২। জ্বলন্ত কয়লা।

আঙ্গরাখা (আংগ্‌রাখা) [সং—অঙ্গরক্ষা। হি—অঙ্গরখা। আঙরাখা দ্রঃ] বি, অঙ্গত্রাণ ; জামা।

আঙ্গল (আঙল) [অঙ্গুলি শব্দের অপভ্রংশ। প্রাদে] বি, অঙ্গুলি ; আঙুল।

আঙ্গলানো (আংলানো) ক্রি, অঙ্গুলি দ্বারা নাড়া বা ঘাঁটা ; অঙ্গুলি দ্বারা স্পর্শ করা ; আঙ্গুল ডুবাইয়া দেওয়া।

আঙ্গার (আংগার) [অঙ্গার+অ (ষ্ণ)—সমূহার্থে (আঙার দ্রঃ)] বি, ক্লী, অঙ্গার সমূহ। ২। দগ্ধ কাঠ ; জ্বলন্ত কয়লা। ৩। বিণ, অঙ্গার সম্বন্ধীয়।

আঙ্গারথি (আংগারথি) বি, লৌহাস্ত্রবিশেষ। প্র—"কামার পাতিয়া শাল, কোদালি, কুড়ালি, ঢাল গড়ে টাঙ্গি আঙ্গারথি শেল।"—কবিক।

আঙ্গারি [সং—আঙ্গার। হি—অংগারী] বি, অঙ্গার ; কয়লা। ২। প্রসবের পর সজল রক্তস্রাব।

আঙ্গার্য্যস্তর (আংগার্জস্তর্) [ভূতাত্ত্বিক পরিভাষা] ভূগর্ভের পঞ্চমজাতীয় মৃৎস্তর ; carboniferous formation.

আঙ্গিক (আংগিক্) [অঙ্গ+ইক (ষ্ণিক)—কৃতার্থে] বিণ, অঙ্গসম্বন্ধীয়। ২। অঙ্গ হইতে উৎপন্ন। ৩। অঙ্গ দ্বারা সম্পাদিত। ৪। [নাট্যশাস্ত্রে] অভিনয়ের প্রকার ভেদ ; অভিনেতা অভিনেত্রী বা নট-নটীর অঙ্গ সঞ্চালন, ভাবভঙ্গি, ইঙ্গিত প্রভৃতি দ্বারা অভিনয়। ৫। মৃদঙ্গ। ৬। মৃদঙ্গবাদক।

আঙ্গিনা (আংগিনা) [সং—অঙ্গন। হি—অঙ্গনাই, অঙ্‌না, আঙন। আঙিনা দ্রঃ] বি, অঙ্গন ; উঠান। প্র—"একে হাম পরাধিনী, তাহে কুল-কামিনী ঘর হইতে আঙ্গিনা বিদেশ।"—চণ্ডীদাস।

আঙ্গিয়া (আঙিআ) [অঙ্গনশব্দজ (ব্রজ)] বি, অঙ্গন ; উঠান ; আঙিনা। প্র,—"আঙ্গিয়ার মাঝে বঁধুয়া ভিজিছে দেখিয়া পরাণ ফাটে।"—চণ্ডীদাস। [অপ্র]। ২। [হি—অঙিয়া =অঙ্গ শব্দজ] স্ত্রীলোকদিগের অঙ্গরাখা ; কঞ্চুলিকা ; কাঁচুলি।

আঙ্গিরস (আংগিরস্) [অঙ্গিরস্ (ঋষিবিশেষ) +অ (ষ্ণ, অপত্যার্থে)] বি, পুং, অঙ্গিরস্ মুনির পুত্র ; দেবগুরু ; বৃহস্পতি। ২। গোত্রবিশেষ।

আঙ্গুর (আংগুর) [ফা—অঙ্গূর্ ; grapes.] বি, স্বনামপ্রসিদ্ধ লতা ও ফল ; দ্রাক্ষা। আঙুর দ্রঃ [হিমালয়ের পশ্চিম ভাগে ইহা আপনিই জন্মে ; উত্তর পশ্চিম ভারতে, পঞ্জাব ও কাশ্মীরাদি স্থানে ইহার চাষ হয়]। প্র—"একটুকু রসে ভরা চাহি না আঙ্গুর"—অশোকগুচ্ছ।

আঙ্গুল (আংগুল্) [সং—অঙ্গুলি, অঙ্গুল] বি, অঙ্গুলি ; আঙুল। প্র—"লিখে-লিখে ব্যথা হলো আঙ্গুলগুলার গিঁটে"—দ্বিজেন্দ্ররায়। **আঙ্গুল ফুলে কলাগাছ—** [অঙ্গুলি দুষ্টব্রণ বা কীটাদির বিষে কলাগাছের ন্যায় রসপূর্ণ ও অল্পকালের মধ্যে পরিপুষ্ট ও স্ফীত হইয়া উঠে] অল্পদিনে কেহ ঐশ্বর্য্যশালী হইলে বা অচিরে নির্ধনের ধন হইলে তৎপ্রতি ইহা প্রযুক্ত হয়। (ব্যঙ্গোক্তি)।

আঙ্গুলমটকান (আঙ্‌গুল্‌মট্‌কানো) ক্রি, আঙ্গুল টানিয়া বা মোচড় দিয়া মট্‌মট্‌ শব্দ করা ; অঙ্গুলিস্ফোটন করা।

আঙ্গুলহাড়া [আঙ্গুল—হাড়+আ (ব্যাপ্তি অর্থে) যাহা আঙ্গুলের হাড় পর্য্যন্ত অধিকার করে] বি, আঙ্গুলের মাথার ফোড়া ; নখব্রণ ; whitlow.

আঙ্গোট (আঙোট) [সং—অঙ্গুষ্ঠ ; আঙোট দ্রঃ] বি, পদাঙ্গুষ্ঠের অঙ্গুরী ; পায়ের বুড় আঙ্গুলের আংটী ; আংটা। ২। বিণ, অখণ্ড। প্র—আঙ্গোট পাতায় ভাত খাওয়া।

আচকা (আচ্‌কা) [আচম্‌কা সংক্ষেপ। হি—অচানক্] ক্রি-বিণ, সহসা ; অকস্মাৎ। প্র—
"আজগুবি এক যোগী নাকি,
আচ্‌কা রাজসভায় এসেছে।"
—গোপাল উড়ে।
২। [হাউটন অসংখ্য শব্দজ বলিয়া অনুমান করেন] আন্দাজি ; ঠাউকো ৩। বিণ, যাহা সংখ্যাত বা গণনা করা, ওজন করা বা পরিমাণ করা হয় নাই (কেরী)।

আচকান (আচ্‌কান্) [ফা—অচ্‌কন্] বি, অঙ্গাবরণবিশেষ ; চাপকান।

আচঞ্চল (আচনচল্) [আ=ঈষৎ—চঞ্চল] বিণ, ঈষৎ বিচলিত ; সামান্যরূপ চঞ্চল।

আচমকা (ম্) [হি—অচানক, আচক্কা ; অকস্মাৎ, (আশ্চর্য্য) শব্দের বিকার। সং—চমৎকার] ক্রি-বিণ, চমকিত করিয়া ; হঠাৎ ; অকস্মাৎ।

আচমন (আচ্‌মন্) [আ—চম্ (ভোজন করা) +অন (অনট্) ; প্রা—আঁচান] বি, ক্লী, বৈধ কর্ম্মের পূর্ব্বে শুদ্ধিজনক ক্রিয়া ; সন্ধ্যাবন্দনাদির পূর্ব্বে মুখে তিনবার জল দিয়া ওষ্ঠ, নাসিকা, চক্ষুকর্ণাদি অষ্ট অঙ্গে কর স্পর্শ করা ; পূজাদি কর্ম্মের পূর্ব্বে বিন্দু বিন্দু জলপান দ্বারা দেহ শুদ্ধিকরণ। ২। ভোজনের পর জল দ্বারা হস্তমুখ প্রক্ষালন ; আঁচান। প্র—"ভোজনান্তে আচমন সকলে করিলা।" —ভারতচন্দ্র।

আচমনক (আচ্‌মনক্) [আচমন (দ্রঃ)+ক (পাত্র অর্থে) যাহাতে আঁচান যায়] বি, নিষ্ঠীবন পাত্র ; থুতু ফেলিবার পাত্র ; ডাবর ; পিক্‌দান।

আচমনী—আচমনীয় দ্রঃ।

আচমনীয় (আচ্‌মনীয়) [আচমন (দ্রঃ)+অনীয় (কর্ম্মে)] বি, ক্লী, আচমন করিবার জল। ২। হস্ত মুখ ধৌত করিবার জল। ৩। যাহা ভক্ষণ করিলে আচমনের প্রয়োজন হয়। ৪। ভক্ষ্যবস্তু। প্র—"রাজা বৃহদ্রথ তাঁহার আগমনে যথোচিত হৃষ্ট হইয়া অমাত্য, পুরোহিত, পত্নীদ্বয় ও পুত্রের সহিত নির্গমন পূর্ব্বক পাদ্য অর্ঘ্য আচমনীয়াদি দ্বারা তাঁহার অর্চনা করিলেন।"—মহা-সভা (বর্দ্ধ)।

আচম্বা [হি—অচম্ভা। সং—অসম্ভব হইতে হি—অচম্ভব, অচম্ভো] ক্রি, বিণ, হঠাৎ ; আচম্‌কা।

আচম্বিত (আচম্বিৎ) [সং—অসম্ভাবিত ; আচম্ভা=অকস্মাৎ ; অদ্ভুত, আশ্চর্য্য প্রভৃতি। আচমকা দ্রঃ। আচম্বিৎ স্থলে আচম্বিতে এবং প্রা, বাং—আচম্বিতি (শূন্য পুঃ)] ক্রি-বিণ, হঠাৎ ; দৈবাৎ ; অকস্মাৎ ; দৈবযোগে। প্র—"দৈবের নির্ব্বন্ধ আসি ঘটে আচম্বিতে"। —ধর্ম্মমঙ্গল।
"কবির প্রাণেতে পশি আচম্বিতে কে রূপসী
বীণাকরে খেলা করে হসিত বয়ানে।"
—বিহারী চক্রবর্ত্তী।

আচরণ (ন্) [আ—চর্ (গমনকরা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, বিচরণ ; ভ্রমণ। প্র—"প্রেত কাক কুকুরাদি করে আচরণ"
—রামরসায়ন [অপ্র]
২। আচার ; অনুষ্ঠান। প্র—ধর্ম্মাচরণ ; পাপাচরণ ; সদাচরণ। ৩। ব্যবহার ; আচার-ব্যবহার। প্র—তাহাদের প্রতি তাহার এরূপ আচরণ ভাল হয় নাই। ৪। চলন। প্র,—জলাচরণ। ৫। রীতি।

আচরা (চ্) [প্রাদে—যশোহর] বি, ভূমি পরিষ্কার করিবার যন্ত্র।

আচরিত (আচোরিতো) [আ—চর্ (গমন করা)+ত (ক্ত)] বিণ, ক্লী, অনুষ্ঠিত। ২। ব্যবহৃত। ৩। প্রচলিত।

আচাভুয়া [হি—অচম্ভা (অদ্ভুত) সং—অসম্ভব। হি-অচম্ভো, ভৌ শব্দজ] বিণ, আশ্চর্য্য ; অদ্ভুত ; কিম্ভুতকিমাকার। প্র—"আয়তি কেবল আচাভুয়া"—অন্নদামঙ্গল।
"আইবড় বাছা মোর বেঁচে থাক্ ঘরে।
মোর ঝিভার দায় নাই আচাভুয়া বরে।"
শিবায়ন। ২। নির্ব্বোধ। [পদ্মাপুরাণ (বিজয়)]

আচাম (ম্) [আচমন শব্দজ। প্রাদে] বি, আচমন। ২। পান ভোজন। ৩। ভাতের মাড়।

আচার (আচার) [আ—চর্ (গমন করা) +অ (ঘঞ্)] বি, পুং, অনুষ্ঠান। ২। আচরণ ; লোক-ব্যবহার ; চরিত্র। ৩। শাস্ত্রীয় ব্যবহার ; সদাচার। ৪। নিয়ম ; বিধি ; পদ্ধতি। প্র—দেশাচার। ৫। [ব্যবহার শাস্ত্রে] বিচার। সহচর শব্দ—আচার বিচার ; আচার ব্যবহার ; আচার ধর্ম্ম। **স্ত্রী-আচার**—বিবাহকালে এয়োস্ত্রীদিগের দ্বারা বর-বরণ প্রভৃতি মঙ্গলাচার।

আচার (র্) [ফা] বি, নেবুর রস, লঙ্কা, লবণ, তৈল, সরিষা প্রভৃতি দ্রব্য যোগে আম, কুল, লেবু প্রভৃতি ফলে প্রস্তুত অম্লরস খাদ্য ; কাসুন্দি।

আচারপূত (র্) [আচার (দ্রঃ)—পূত (পূ= পবিত্র হওয়া) +ত (ক্ত)] বিণ, সদাচার দ্বারা পবিত্র ; সদাচারী।

আচারভ্রষ্ট (আচার্‌ভ্রোশ্‌টো) [আচার-ভ্রষ্ট, ভ্রস্‌জ্ (ভ্রষ্ট হওয়া) +ত (ক্ত)] বিণ, আচারচ্যুত ; সদাচারহীন ; ভ্রষ্টাচার। ২। দুশ্চরিত্র।

আচারবর্জ্জিত (র্, বো) [আচার+ বর্জ্জিত] বিণ, আচারচ্যুত ; সদাচারবিরহিত। ২। নিয়মবহির্ভূত।

আচারবান্ (র্) [আচার+বৎ (বতু) অস্ত্যর্থে] বি, পুং, সদাচারী ; নিষ্ঠাবান।

আচারী [আচারিন্, আচার+ইন্—অস্ত্যর্থে] বিণ, সদাচার বিশিষ্ট ; শিষ্টাচারী। ২। বি, স্ত্রী, হেলঞ্চা শাক।

আচার্য্য (আচার্‌জ) [আচার দ্রঃ। আ—চর্ (গমন করা, শিক্ষা দেওয়া) +য (কর্ত্তৃ—ণ্যৎ)। যিনি শ্রেষ্ঠ আচার গ্রহণ করাইয়া সমস্ত বিদ্যা অধ্যয়ন করান। গ্রা মেয়েলি—"আচাজ্জি"। ভট্টাচার্য্য হইতে 'ভট্টচাজ্জি'।] বি, পুং, বেদাধ্যাপক। ২। শিক্ষাগুরু। ৩। দৈবজ্ঞ ব্রাহ্মণ ; গ্রহবিপ্র। ৪। পুরোহিত ; দেব-পূজক। স্ত্রী, **আচার্য্যাণী**—আচার্য্যপত্নী। ২। গুরুপত্নী।

আচার্য্যক (আচার্জক্) [আচার্য্য+ কন্ (ইদমর্থে)] বি, ক্লী, আচার্য্যের উপদেশ।

আচার্য্যা (আচারজ্জা) [আচার্য্য স্ত্রীলিঙ্গে আ] বি, স্ত্রী, বেদশিক্ষয়িত্রী। ২। শিক্ষয়িত্রী।

আচালা [আ (না) চালা—যাহা চালা হয় নাই] বিণ, অচালিত। ২। অপরিষ্কৃত। ৩। মোটা।

আচিত (ত) [আ—চি (একত্র করা) + ত (কর্ত্তৃ ক্ত)] বি, ক্লী, রাশীকৃত। ২। ১০ ভার। ৩। ২৫ মণ। ৪। একগাড়ী ; এক গাড়ীর বোঝা। ৫। জড়িত ; গ্রথিত। ৬। পরিব্যাপ্ত, আকীর্ণ।

আচির, আচীর (র) [প্রাচীর শব্দের প্রাদেশিক ব্যবহার ; প্রাচীরের বিকৃত অনুকরণ। প্রাচীরশ্রেণীর ও তদ্বৎ আচির-প্রাচীর এক সঙ্গেও ব্যবহার হয়, আঁচীল পাঁচীল ও বলে] বি, প্রাচীর ; ক্ষুদ্রপ্রাচীর। প্র—"ফুলের আচির ফুলের প্রাচীর ফুলেতে ছাইল ঘর।।"
—চণ্ডীদাস।

আচু (আচু) বি, বৃক্ষ বিশেষ।

আচূষণ (ন্) [আ—চুষ্ (চুষা) +অন (অনট্)] বি, ক্লী, শোষণ। ২। আকর্ষণ।

আচোট (ট্) [সং—আ (বিনা) +হি—চোট (আঘাত)] বিণ, যে জমিতে লাঙ্গলের চোট বা আঘাত লাগে নাই ; অচষা ; অনাকৃষ্ট ; পতিত। ২। অক্ষত ; অনাহত। ৩। বি, চোট ; আঘাত।

আচ্ছন্ন (আছ্‌ছোনেনা) আ—ছদ্ (আবরণ) +ত (ক্ত) ; ত=ন] বিণ, আবৃত ; ঢাকা। ২। পরিব্যাপ্ত। ৩। [আবৃত জ্ঞান] অজ্ঞান ; অভিভূত ; বিহ্বল ; অঘোর ; অচৈতন্য।

আচ্ছা [সং-প্রাকৃ—'যা ইচ্ছা। প্রাদে পূ বাং, "আইচ্ছা"] অ, অঙ্গীকার বা স্বীকার বোধক হাঁ ; যথাভিলাষ ; যে আজ্ঞা (সম্ভ্রমার্থে), তথাস্তু। প্র—রামকে শ্যাম বলিল, সেখানে নিশ্চয় যাইও রাম বলিল, আচ্ছা। ২। ধর ; ধরা যাউক ; প্রমাণ বা যুক্তির পূর্ব্বেই স্বীকার করিয়া লওয়ার ভাবব্যঞ্জক ; let it be granted. প্র—আচ্ছা, যদি তাহাই হয়। ৩। [হি—অচ্ছা (খুব ভাল, বেশ) সং অচ্ছ=স্বচ্ছ (নির্ম্মল)] অ, বেশ ; উত্তম ; ভাল। প্র—"মালিনী বলেন সাঞ্জ হয়ে গেল আচ্ছা। উলু বন হতে যেন বার হল পেচা।" —ঘনরাম। ৪। [হি—বেশ ও ফা খুব অর্থ হইতে বেশি] খুব ; বিলক্ষণ। প্র—ঐ দুরন্ত ছেলেটার পিটে আচ্ছা করে ঘা-কতক বসিয়ে দাও ত। ৫। প্রশংসার ভাব জড়িত বিস্ময়। প্র—তাহার আচ্ছা কৌশল যা হোক। ৬। অপ্রশংসা, বিরক্তি, অশ্রদ্ধা প্রভৃতির ভাবদ্যোতক ব্যঙ্গোক্তি। প্র—আচ্ছা লোকের পাল্লায় পড়িয়াছি।

আচ্ছাদ (আচ্‌ছাদ) [আ—ছাদি (আবরণকরা) +অ (ভাবে ঘঞ্)] বি, আচ্ছাদন ; আবরণ। ২। বিণ, আচ্ছাদক ; আবরক।

আচ্ছাদক (আচ্‌ছাদক্) [আ—ছাদি+অক (ণক)] বিণ, যে আচ্ছাদন করে ; আবরক। বি, আচ্ছাদন।

আচ্ছাদন (আচ্‌ছাদোন) [আ—ছাদি (ছাদন আবরণ করা) +অন (অনট্)] বি, আবরণ। ২। ঢাকনি। ৩। চাঁদোয়া ; চন্দ্রাতপ। ৪। বস্ত্র। ৫। বিণ, আচ্ছাদক ; আবরক। প্র—আচ্ছাদন বস্ত্র।

আচ্ছাদনীয় (আচ্‌ছাদোনিয়ো) [আ—ছাদি (আচ্ছাদন করা) +অনীয় (কর্ম্মে)] বিণ, যাহাকে আচ্ছাদন করিতে হইবে বা করা উচিত। ২। আচ্ছাদ্য ; আবরণোপযোগী।

আচ্ছাদয়, আচ্ছাদয়ে (আছ্‌ছাদয়) [আচ্ছাদ শব্দজ] ক্রি, আচ্ছাদন করে ; ঢাকে। প্র—"অতি লম্বা দাড়ি আচ্ছাদয়ে নাভি-দেশ"—কবিক।

আচ্ছাদি, আচ্ছাদিয়া (আছ্‌ছাদি, আ) [আচ্ছাদ শব্দজ] ক্রি, আচ্ছাদন করিয়া ; আবৃত করিয়া।

আচ্ছাদিত (আচ্‌ছাদিত) [আ—ছাদি (আচ্ছাদন করা) +ত (ক্ত) কর্ম্মে] বিণ, যাহাকে আচ্ছাদন করা গিয়াছে ; আবৃত ; ঢাকা। ২। ঘেরা।

আচ্ছিন্ন (আচ্‌ছিন্‌ন) [আ—ছিদ্ (ছেদন করা) +ত (ক্ত) কর্ম্মে—ত=ন] বিণ, বিচ্ছিন্ন করিয়া লওয়া ; ছিঁড়িয়া লওয়া ; ছিনাইয়া লওয়া ; সবলে গ্রহণ ; কাড়িয়া লওয়া।

আচ্ছুরিত (আচ্‌ছুরিত) [আ—ছুর্ (ছেদন করা, শব্দ করা) +ত (ক্ত)। কোন বস্তু ছেদন করিয়া বা কাটিয়া কাটিয়া ফেলিলে তাহার অংশগুলি চারিদিকে পড়ার ভাব হইতে হাস্যছটা শব্দেরও উৎপত্তি] বি, উচ্চহাস্য ; সশব্দে হাস্য ; অট্ট-হাস্য। ২। অশ্বের হাস্য বা হ্রেষারব। ৩। নখাদি দ্বারা আহত বা ক্ষত। ৪। লেপিত ; মর্দ্দিত।

আছইতে [হি—আছত, আছিত। আছিতে দ্রঃ] ক্রি-বিণ, বিদ্যমান থাকিতে ; বর্ত্তমানে ; উপস্থিতিকালে ; সত্ত্বে ; থাকিতে। ২। পূর্ব্বে ; অগ্রে ; আগে। প্র—"আছ-ইতে আছল কাঞ্চন পুতুলা। ভুবন অনুপাম রূপগুণে কুশলা॥"—বিদ্যাপতি (বঙ্গবাসী)। [দ্রঃ—গ্রা, কাব্যসংগ্রহে (অক্ষয় সরকার মহাশয়ের সংস্করণে) "আছইতে" স্থলে 'আগে'—"আগে সোই আছল কাঞ্চন পুতুলা।"]।

আছড়া (আছ্‌ড়া) [হি—ছড়কনা ; ছিড়কানা (ছড়া দেওয়া) ছড়া দ্রঃ)—ছিড়কাব্=ছড়া, তাহা হইতে আছ্‌ড়া] বি, ছড়া ; পশলা। ক্রি, **আছড়ান** (নো) ছড়া দেওয়া। ২। ভূমিতে জোরে নিক্ষেপ করা ; আছাড় দেওয়া। [বর্দ্ধমান অঞ্চলে] 'কাছড়ান'।

আছড়া (ছ্) [আ—ছড়া (গুচ্ছ)] বি, ধান্য যব প্রভৃতির আটি।

আছয়, আছয়ে, আছএ, আছিয়ে, আছিএ [আছ দ্রঃ। কেবল পদ্যে ; গদ্যে 'আছে'] ক্রি, আছে। প্র—"তার প্রতি যত আশা আছয়ে আমার।" —নিধুবাবু।

"সতী কুলবতী, তুয়া যে খেয়াতি, আছয় গোকুল পুরে।" —চণ্ডীদাস।

আছরম—আশ্রম দ্রঃ।

আছল [প্রা—বাং। ব্রজ—অছল ; তাহা হইতে বাং বৈঃ সাঃ—আছল। আছিল দ্রঃ] ক্রি, ছিল। প্র—"জতহুঁ আছল মোর হৃদয়ক সাধ।" —বিদ্যাপতি ঠাকুর কী পদাবলী।

আছা [সং—অস্ (হওয়া, থাকা) প্রা, হিন্দীতে 'হয়, আছে' অর্থে অবিকল 'অস্' শব্দের প্রয়োগ আছে। মঃ—অসে, অসতো। পৃথিবীর প্রায় সকল আর্য্য ভাষাতেই অস্ ধাতুজ হওয়া বা থাকা-অর্থক শব্দ পাওয়া যায়। তুল—সং—অস্তি ; জেন্দ্—অশ্‌তি osti ; গ্রী-esti ; ল্যা—est ; জর্ম্ম—ist ; ফা—অস্ত্ ; ইং—is. এই অস্ এর স স্থানে চ, ছ, জ, হ হইয়া ভিন্ন ভিন্ন প্রাদেশিক উচ্চারণের সৃষ্টি করিয়াছে। তুল—হি—অছ্‌না=বিদ্যমান থাকা, "অছলোঁ মন বৈরাগী"—কবীর। 'অছহিঁ'—মহম্মদজায়সী। "অছত" তুলসী ইত্যাদি—আসা আসে ; ওড়ি—অছি ; ব্রজ—অছি ; মঃ—আহ ; আস ; বাং—আচে, আছে, আছহ ইত্যাদি। বাং—এই 'ছ' হিন্দীর মধ্য দিয়াই আসিয়াছে বলিয়া বোধ হয় ; কারণ প্রাচীন হিন্দীতে ইহার ভূরি ব্যবহার আছে এবং অছ্‌না ধাতুর রূপান্তর গুলিও অবিকল বাঙ্গালায় আসিয়াছে — যথা—প্রা,হি—অছলোঁ ; প্রা,—বাং—আছিলোঁ, আছলুঁ, আছিমু ; ব্রজ—আছলুঁ ; অছল (বি, প) ; প্রা, বাং—আছল, আধু—আছিল। তুল—হি—অছলো, "কহ কবীর কছু অছলো ন জহিয়া"—কবীর (অর্থাৎ কবীর বলে জগতে কিছুই ছিল না) ইহা হইতে মৈ ও ব্রজ—'অছল'। প্র—"সৈসব অছল সে ডরে পলাএল।"—বিদ্যাপতি। প্রা, বাং পদ্যে—অছন্তি, আছন্ত, আছেন্ত, আছেত ; সং—অসন্তি (সন্তি) এবং থাকিতে, থাকা সত্বে এই অর্থে বাং—আছিতে, আছইতের অনুরূপ প্রা, হি—অছত, অছিত দ্রঃ (হিন্দী শব্দ সাগর। "ছতহুঁ অছত সমান"—বিহারীলাল)। উ, পু— আছি। ম, পু—আছ (সমানার্থে), আছেন (সম্ভ্রমার্থে), আছিস অবজ্ঞার্থে)। প্র, পু—আছে (সমান বা তুচ্ছার্থে), আছেন (সম্ভ্রমার্থে), বর্ত্ত—আছে, আছিএ, আছিয়ে। ভূত—আছিল, ছিল। পদ্যে, আছিমু, ছিমু ; আছিলাম, আছিলাঙ, এ, (প্রা, বৈ, সা, প্রা, বাং, অপ্র)। ভবি—আছিত (অপ্র)। অস-ক্রি—আছিতে, আছইতে (অপ্র)। অনুজ্ঞা—আছুক। প্রধান প্রধান রূপান্তরগুলি স্ব স্ব স্থানে দ্রষ্টব্য] ক্রি, থাকা ; বিদ্যমান থাকা ; অস্তিত্বে বজায় থাকা। ২। বাঁচিয়া থাকা ; জীবিত থাকা। ৩। উপস্থিত থাকা ; হাজির থাকা। ৪। বাস করা ; অবস্থিতি করা ; ৫। সহায়স্বরূপ থাকা। [দ্রঃ—গ্রাম্য হিন্দীতে বিশেষতঃ কথ্য পাহাড়ী হিন্দীতে আছে অর্থে 'ছ' 'ছে' এবং 'ছো' র ব্যবহার আছে]।

আছাড় (ড়্) [হি—পছাড়্। প্রা, বাং—নাচাড়। আছড়া দ্রঃ] বি, উৎপতন ; পতন। ২। পতনজনিত আঘাত। ক্রি, **আছড়ান** (নো) [উ, পু, আছড়াই। ম, পু, আছড়াও ; আছড়ান ; আছড়া। প্র, পু, আছড়ায়। অস-ক্রি, আছড়াইতে ; আছড়াইয়া, আছড়ে (গ্রা)] ক্রি, আছাড় দেওয়া ; ধরিয়া উর্দ্ধে উঠাইয়াই বেগে ভূতলে নিক্ষেপ করা। **আছড়য়ে, আছাড়য়ে**-সংক্ষেপে **আছাড়ে**—জাপটিয়া ধরিয়া মাটিতে ফেলিয়া দেয়। প্র—"কে কারে আছাড়ে কে কারে পাছাড়ে কে মানে কাহার বোল।"—অন্নদামঙ্গল। **আছাড়িয়া, আছড়িয়া, আছড়ি**—আছাড় মারিয়া ; উর্দ্ধ নিক্ষেপ দ্বারা। এই অর্থে—প্রা-বাং, "নাচেড়ে" এই গ্রাম্য শব্দের প্রয়োগ দেখা যায়। প্র—"চরণ নাচেড়ে ভঙ্গ দুর্জ্জয় শকট" —শীতলামঙ্গল (নিত্যানন্দ)।

আছাড়কাছাড় (ড়্ ড়্) বি, হস্তপদ-বিক্ষেপপূর্ব্বক বিলুণ্ঠন ও কাতরানি ; অত্যন্ত শোকব্যঞ্জক বিলাপের সহিত গড়াগড়ি। প্র—ছেলেটি অভিমানে ও দুঃখে আছাড়-কাছাড় করিয়া কাঁদিতে লাগিল। **আছাড় পিছাড় করা** (চ, গ্রা, আচাড়্ পিছেড়)—হাত-পা আছড়ান ; ছটফট্ করা। **আছাড় খাওয়া**—পদস্খলিত হইয়া পতিত হওয়া ; পা পিছলাইয়া পড়িয়া যাওয়া। **আছাড় মারা, আছাড় দেওয়া**-আছড়ান। **আছাড় খাইয়া পড়া**—শোকাদি বশতঃ ইচ্ছাপুর্ব্বক সাষ্টাঙ্গে ভূপতিত হওয়া।

আছালৎন্ [আ, আসালতন্ (আসল হওয়া) শব্দের বিকৃত উচ্চারণ (স=ছ) স্বয়ং হাজির হওয়া] বিণ, যাহা মার্ফতী নহে ; স্বয়ং ; personal. প্র—"বাদীকে আছালৎন্ জবাব দিতে হইবে, উকিলের মার্ফৎ দিলে চলিবেনা" অর্থাৎ স্বয়ং হাজির হইয়া নিজমুখে বলিতে হইবে।

আছি (আছি) [সং—অস্মি শব্দজ, প্রাকৃ—অসি হইতে] ক্রি, হই ; বিদ্যমান আছি। প্র—"পড়িয়া চার্ব্বাকশাস্ত্র সূক্ষ্ম হইনু আর। আছি কি না আছি শেষে জানা হ'ল ভার।" ২। অবস্থিতি করিতেছি ; বাস করিতেছি। প্র—আজ কাল আমি দেশেই আছি। ৩। থাকি। প্র—আমি কোথায় আছি কোথায় নাই তুমি মিথ্যা খুঁজে বেড়াবে? ৪। জীবিত আছি ; বাঁচিয়া আছি। ৫। উপস্থিত আছি ; হাজির আছি। ৬। সহায় স্বরূপ আছি। প্র—আমি আছি, তোমার ভয় কি? আছইতে দ্রঃ।

আছিতে [প্রা, বাং। আছইতে দ্রঃ। হি-তে—অছত ও আছত শব্দের ভূরি ব্যবহার।—"আপু আছত জুবরাজ-পদ, রামহি দেউ নরেস"—তুলসী ; "খসম অছত বহু পী পর জায়"—কবীর ; "উনকে আছত অপনে আলস"—সুরদাস ; "ছতহুঁ অছত সমান"—বিহারী। হিন্দীতে অছিত শব্দের ব্যবহারও আছে। ইহা হইতেই সম্ভবতঃ বাং-আছইতে, ও আছিতে আসিয়া থাকিবে] ক্রি-বিণ, বিদ্যমান থাকিতে ; বর্ত্তমান থাকিতে।

আছিল [সং—আসীৎ পদের প্রাকৃত উচ্চারণ, ত=ল, স=ছ (ভাষাতত্ত্ব) আছা দ্রঃ] ক্রি, ছিল ; বিদ্যমান ছিল ; বর্ত্তমান ছিল। প্র—"আছিল রাবণ রাজা ব্রহ্মবংশে জন্ম।"—কাশী মহা, উদ্যোগ। "আছিল বিস্তর ঠাট প্রথম বয়সে। এবে বুড়া তবু কিছু গুড়া আছে শেষে॥"—ভারতচন্দ্র। (সম্ভ্রমার্থে) **আছিলেন**। প্র—"আছিলেন দুর্য্যোধন রণপরিহরি।"—মহা—কাশী-গদা। [আছিল অর্থে ব্রজবুলিতে ও প্রাচীন বাঙ্গালায় ১ম পুরুষে **আছল** এবং মধ্যম পুরুষে **আছলি** (ছিলি, ছিলে শব্দের ব্যবহার পাওয়া যায়) পদ্যে ছিল স্থলে ছন্দানুরোধে **আছিল** ও **আছিলা**। অধুনা বিরল। [সং—ভূ ও কৃ ধাতুর ন্যায় বাঙ্গালায় অতীতকাল বুঝাইতে সকল ক্রিয়াই আছিল (সংক্ষেপে **ছিল**) ধাতু যোগে নিষ্পন্ন হয় ; যথা—সং—কর্ত্তুম্+আসীৎ=বাং—কর্ত্তে+আছীল=কর্ত্তেছিল (করিতেছিল) —ভাষাতত্ত্ব দ্রঃ] ২। উপস্থিত [মাণিক-চাঁদের গান]

আছিলাম (ম্) [অস্ ধাতুজ আসম্ (ত আগম) আসতম=আছলম্=আছিলাম। অস্+লাম্—(ই আগম) তুল—ব্রজ, **অছলিহু**=ছিলাম। প্র—"এতদিন অছলিহু অপন গেয়ানে"—বি, প, (গুপ্ত)] ক্রি, উ, পু ; ছিলাম। [প্রা-বাং, **আছিলেম, আছিমু আছিলুঁ** ও দেখা যায়। (প্রা, বৈ, সা) **আছিলাঙ** ও **আছিলাএ**। ইহা হি—'অছলোঁ'র অনু-করণে। ব্রজ—অছলোঁ। প্র—"একলি অছলোঁ। হম গঁথইতে হার। সসরি খসল কুচচীর হমার॥"—বিদ্যাপতি।

আছুক (আছুক্) [সং—'অস্তু' ; পালি, প্রাকৃ—আসুত্=বাং—আছুক] ক্রি, থাকুক ; রহুক (অবস্থিতিকরণার্থে)। ২। থাকুক (তুলনার্থে) প্র—"আছুক বিন্ধিতে কাজ তুলিতে নারিল।
হাসিয়া সুশর্ম্মা রাজা ধনু কাড়ি নিল॥"—
কাশী, মহা—আদি।

আছে [অস্তি=প্রাকৃ—অসি, আসি, আসে। বাঙ্গালা উচ্চারণে সে=ছে] ক্রি, ১ম পুঃ, সমানার্থে বা তুচ্ছার্থে, অস্তিত্ব সূচক ; হয় ; বিদ্যমান আছে। প্র—সে আছে। ২। জীবিত আছে ; বাঁচিয়া আছে। প্র—তাহার পাখীটা এখনও আছে না মরেছে। ৩। উপস্থিত আছে। প্র—সে ওখানে আছে এখন যাইলে দেখা হইবে। ৪। প্রচলিত আছে। প্র—কথাতেই আছে "বড় হবি ত ছোট হ"। ৫। বাস করিতেছে। প্র—সে বহুদিন ঐ বাড়ীতেই আছে। ৬। [বাসের লক্ষণা হইতে] সহবাস করিতেছে ; উপপতি বা উপপত্নীরূপে বাস করিতেছে ; অবৈধ প্রণয়ে বদ্ধ আছে (এই অর্থে সহার্থক শব্দের যোগে ব্যবহৃত হয়)। প্র—"ভাল ভাল করে গ্যালাম কেলোর মার কাছে। কেলোর মা বলে আমার জামার সঙ্গে আছে॥" —নীলদর্পণ। ৭। সহায়স্বরূপ আছে। প্র—সে যখন আছে, তোমার ভয় কি। সম্ভ্রমার্থে, **আছেন**। প্র—তিনি আছেন। ইহা প্রা—বাং—'আছেন্ত' শব্দের সংক্ষেপ।

আছেন্ত [সং—'সন্তি' র পূর্ব্বরূপ 'অসন্তি' তাহা হইতে প্রা—বাং আছেন্ত (ভাষাতত্ত্ব ২য় খণ্ড দ্রঃ)] ক্রি, ১ম পু, আছেন। প্র—"পূরব দুয়ারে আছেন্ত পণ্ডিত কংসাই। জল খড়িকা জোগাইলা অনাদ্দর ঠাঞি॥" —শূন্যপুরাণ। ২। থাকেন। [প্রা—বাং পদ্যে] **আছএ, আছয়ে**-আছে। প্র— "যোই নিকুঞ্জে আছয়ে বরমানিনী, তাঁহা যাই উপনীত ভেলি॥"—জ্ঞানদাস। ডোমেতে পণ্ডিতে প্রভেদ আছয়ে নিশ্চয়।" —শূন্যপুরাণ। [আধু বাং বিরল] **আছিয়ে, আছিএ**-আছে। প্র—"আন রমণী সঞে রাজ সম্পদময়ে আছিয়ে যৈছ বৈরাগী।"—বিদ্যাপতি। [দ্রঃ—ময়ে—হি—মে র উচ্চারণ বিকার]

আছোলা (আ) [আ (না)+ছোলা (হি-ছিল্‌না (চাঁচা), ছুলা হুয়া (যাহা চাঁচা হইয়াছে, ছাল ছাড়ান)—যাহার ছাল (সং—ছল্লী, হি-ছালা, ছিল্‌কা) ছাড়ান বা চাঁচা হয় নাই। অথবা আ (সর্ব্বতোভাবে)+ছোল (ছদ্‌=আবরণ। দ=ল)+আ (যুক্ত অর্থে) সম্পূর্ণ ছোলযুক্ত] বিণ, আচাঁচা ; অমসৃণ ; অমার্জ্জিত ; অপরিষ্কৃত ; কর্কশ।

আজ (আজ্) [প্রাকৃ—অজ্জ ; সং—অদ্য] অ, অদ্য। ২। বর্ত্তমানে ; অধুনা। ৩। উপস্থিত ; এক্ষণে ; এই মুহূর্ত্তে (এই অর্থে **আজি** শব্দের ব্যবহার আছে)।

আজ (জ্) [সংস্কৃতে—আজ (অজ্‌=গমন করা—যাহা উর্দ্ধে গমন করে)] বি, যজ্ঞীয় হবি ; ঘৃত। ২। বিণ, অজসম্বন্ধীয়। ৩। ছাগ মাংস সংঘটিত।

আজকাল (আজ্‌কাল্) [আজ (অদ্য, বর্ত্তমান)+কাল (কল্য, পরদিবস, ভবিষ্যৎ)] অ, অধুনা ; বর্ত্তমানে। ২। অদ্য এবং কল্য ; অদ্য নহে কল্য ; আজ নহে কাল ; এখন নহে পরে ; দীর্ঘসূত্রিতা ; আলস্য। প্র—"আজ কাল করিয়া এক বৎসর নষ্ট হইল। আজকাল করিয়া কেবলই হাঁটাহাটি করা ভাল নয়।

আজকে (জ্) [কথিত ভাষা] ক্রি-বিণ, অদ্য ; অদ্যকার দিনে। প্র—সে আজকেই আসিবে বলিয়া গেল। [আজিকে দ্রঃ]

আজ-বাদে-কাল—অবিলম্বে ; শীঘ্র। প্র—"যাহা চিরজীবী, তাহাই থাক্, যাহা মৃত দেহ, আজ-বাদে কাল কীটের খাদ্য হইবে,"—চারিত্রপূজা। "এ পাত্র আজবাদে-কাল ভাঙ্গিয়া যাইতেও পারে।" —চারিত্র পূজা।

আজক্ষীর (আজোক্‌খীর্) বি, ক্লী, ছাগদুগ্ধ।

আজগব (ব্) [অজগব+অ] বি, ক্লী, হরধনু ; পিনাক ; ইহা অজগব, অজগাব, অজকব, অজকাব শব্দেও অভিহিত (অজগাব দ্রঃ)। উক্ত হইয়াছে, বেন রাজার দক্ষিণ হস্ত মন্থনকালে যখন পৃথুর জন্ম হয় তখন আজগব (মহাদেবের ধনু) স্বর্গ হইতে পতিত হয়।

আজগবী, আজগুবী (আজ্‌গোবি) [সং—অযুক্ত ; প্রা—হি—অজুগুতি, আধু-হি—অজগুত=যুক্তি বিরুদ্ধ, আশ্চর্য্যজনক, অদ্ভুত। (২) আ, আজব (অদ্ভুত) শব্দের বিস্তৃতি। (৩) আ, আজ্‌নবী=বিদেশী মনুষ্য। (৪) ফা, অজ্‌+আ, গয়েব=অদৃষ্টস্থান। বাঙ্গালায়, যাহা কিছু নূতন বা অদ্ভুত। তুল—সং—অভিনব ; উ—আজায়েব্] বিণ, আশ্চর্য্য ; । ২। সম্পূর্ণ নূতন ও বিস্ময়কর ; অপূর্ব্ব। ৩। [আজগব দ্রঃ] অদৃষ্টস্থান বা আকাশ হইতে পতিত ; আকাশফক্কট ; আকাশ-ফোঁড়া।

আজড়ান (আজ্‌ড়ানো) [হি—উজাড়্‌না=খালি করা ; উধেড়না=উন্মুক্ত করা, খুলে ফেলা। উ, পু-আজড়াই। ম, পু আজড়াও ; আজড়ান্ ; আজড়া। প্র, পু—আজড়ায়। অস-ক্রি-আজড়াইতে ; আজড়াইয়া ; ; আজড়ে (গ্রা)] ক্রি, খালি করা ; পাত্র মুক্ত করা। ২। খুলিয়া ফেলা ; ত্যাগ করা। প্র—কাপড়-আজড়ান।

আজন (আজোন্) [সং—অঞ্জন শব্দজ] বি, অঞ্জন ; কজ্জল। ২। [অঞ্জনি শব্দজ] আজনাই ; জ্যেষ্ঠী ; আজন বিশেষ। ৩। চক্ষুরোগ বিশেষ ; আজুনিয়া ; stye.

আজনাই (জ্) [অঞ্জনি বা অঞ্জনিকা শব্দজ] বি, জ্যোতিবিশেষ ; আঞ্জুনিয়া বা আঞ্জুনে। ২। চক্ষুরোগ বিশেষ ; stye.

আজন্ম (আজন্‌মো) [আ (অবধি)—জন্মন্] ক্রি-বিণ, ক্লী, জন্মাবধি ; জন্মমুহূর্ত্ত হইতে। ২। জন্মাবচ্ছিন্ন : যাবজ্জীবন।

আজব (আজোব্) [আ, আজব্] অদ্ভুত ; আশ্চর্য্য ; অপূর্ব্ব। প্র—"কিবা কারিকরের আজব কারিকুরি।"—চণ্ডীদাস। "সাবাস হুজুক আজ আজব সহরে"—হেম বন্দ্যো। "গজব করিলে তুমি আজব কথায়"—অন্নদামঙ্গল।

আজব-ঘর—পুরাদ্রব্যালয় ; মিউজিয়ম্ ; museum.

আজবক (আজ্‌বোক্) [তুর্কী—উজ্‌বেগ্=তুর্কীস্থানের তাতার বংশের এক শাখা বিশেষ। ইহাদের প্রকৃতি হইতে। উজবুক দ্রঃ] বিণ, নির্ব্বোধ। ২। আহাম্মক। ৩। বাতুল।

আজবল্ল (জ্) বি, পুং, বনতুলসী ; বাবুই তুলসী ; আজ্‌বলা।

আজবোজ (আজ্‌বোজ্) [আজ=আড় (বাঁকা, বিপরীত)+বোজ=বুঝ (যে বুঝে) —হিন্দীতেও ব্যবহার আছে] বিণ, আড়বুঝো ; অবুঝ ; অবোধ ; বোকা। প্র—"টাকা পেয়ে মুটাভরা, হীরা পরধনহরা বুঝিল এমেনে আজবোজ।" —ভারতচন্দ্র। ২। বাতুল।

আজমীঢ় (জ্ ঢ়্) [অজমীঢ়+অ (ভবার্থে—ষ্ণ)] বি, পুং, জনৈক যদুবংশীয় নৃপতি। ২। বিদুরের নামান্তর।

আজল, আজলি—আজুল দ্রঃ।

আজা [হি—আজা (পিতামহ) : সং—আর্য্যক=পিতামহ : মাতামহ (শব্দকল্পদ্রুম)। তুল—সং-অজ=পিতামহ, ব্রহ্মা] বি, পুং, মাতার পিতা ; মাতামহ। প্র—

"কল্পতরু কেবল কুবের পেয়ে ঘরে।
সেবক সহিত শিবে সমাদর করে॥
ব্রহ্মার সম্বন্ধে বলে বর দিলে আজা।
দিক্‌পাল করি মোরে দিয়াইলে পূজা॥"
—শিবায়ন।

"চক্রবর্ত্তী সম্বন্ধে হাম আজা করি মানে"
—চৈ, চ।

আজাড় (আজাড়্) [আজড়ান দ্রঃ] বি, মোচন। ২। অবসর। ৩। গুরুত্ব। বিণ, শূন্য ; খালি।

আজাড়ন (ন্) [আজড়ান দ্রঃ] বি, খালিকরণ ; পাত্র দ্রব্যশূন্য করণ। ২। পরিষ্কার করিয়া দেওন। ৩। [প্রাদে] পাইলের কাপড় ; পাল।

আজান (আজান) [আ-আজান্] বি, নমাজ পড়িবার জন্য সকলকে জানান্ দিবার শব্দ বা আহ্বানবাণী।

[দ্রঃ—"the Azan is of the following form :—" God is great ! (said four times). I bear witness that there is no God but God (repeated twice). I bear witness that Mohammad is the Apostle of God (repeated

twice). Come to salvation ! (recited twice). God is great ! (said twice). there is no Deity but the Deity (said only once) and the final call."—M. Abdul Anwar Syed Mohommed Ameer Ali.

আজানা [ন=অ=আ+ জানা (জানিত, পরিচিত)] বিণ. অজানা ; অপরিচিত ; অজ্ঞাত ।

আজানু [আ (অবধি)—জানু] ক্রি-বিণ. স্ত্রী. জানু অবধি ; হাঁটু পর্য্যন্ত ।
আজানুলম্বিত (আজানুলোম্‌বিতো) বিণ. জানু পর্য্যন্ত লম্বমান বা দীর্ঘ । **আজানুলম্বিতবাহু, আজানুবাহু**—বিণ. যাহার বাহু জানু পর্য্যন্ত লম্বিত ; দীর্ঘবাহু ।
প্র—"আজানুলম্বিত বাহু দুর্ব্বাদল শ্যাম।"
—কৃত্তিবাস ।
"আজানুলম্বিত বাহু সুললিত,
কোদণ্ড শোভিত তাহে।"
—মনোমোহন বসু ।

আজানেয় [আজ (গমন)+আনেয় (আনীত) —যে বিপদের মধ্যে বা যুদ্ধে গমন করিলেও আনীত হয়] বি. পুং. যুদ্ধাশ্ব । ২। উৎকৃষ্ট-জাতীয় ঘোটক । [আজি দ্রঃ] ।

আজি [সং—অদ্য । পা. প্রাকৃ. অজ্জ তাহা হইতে বাং—আজ, আজি, আজু । অ আ বর্ণের পর ও যুক্তাক্ষরের পূর্ব্বে পূর্ব্ববঙ্গে একটি হ্রস্ব ইকার স্বল্প বা দ্রুত উচ্চারিত হইতে প্রায় শুনা যায় । যথা—অদ্য='অইদ্য,' আচ্ছা ='আইচ্ছা' এইরূপ অজ্জ=অইজ্জ=আইজ্জ =আজি] অ. অদ্য ; এই দিন ।
প্র—"চন্দ্রাবলী ! আজি ছাড়ি দেহ মোরে
* * * * *
কাল আসি হাম, পুরাইব কাম।"—চণ্ডীদাস।
"অরাবণ অরাম বা হবে ভব আজি।"
—মেঘনাদ ।
২। এক্ষণে ; এখনি ; উপস্থিত ; এবে।
প্র—"আজি বড় শোভা রে মধুর বৃন্দাবনে।
রাই কানু বসিলা রতন সিংহাসনে।"
—অনন্তদাস ।
"আজি নয়ন উন্মীলন করিয়া দেখ ***"
৩। বর্ত্তমান কালে ; আমাদের সময়ে ; এ যুগে।
প্র—"সাহস ঐশ্বর্য্য যার ত্রিভুবন চমৎকার—
সে জাতি কোথায় আজি, কোথা সে বিক্রম ?
* * * *
ছিল যারা আজি তারা অসার তেমনি,
আজি এ ভারতে কেন হাহাকার ধ্বনি।"
—হেম বন্দ্যো ।
৪। [সং—আজ=গমন করা। বি. স্ত্রী. গমন, যুদ্ধ, আক্ষেপ, যুদ্ধক্ষেত্র, সমতলভূমি, মর্য্যাদা, নিন্দা, নির্দ্দিষ্টক্ষণ এই সকল অর্থের মধ্যে বাং শেষোক্ত প্রচলিত। অন্যান্য অর্থের কোন কোনটির অনুবাদ গ্রন্থে বিরল ব্যবহার।

আজিকালি—বর্ত্তমানকালে। প্র—আজিকালি ওরূপ ঘটনা ঘটিতে বড় দেখা যায় না ২। অনির্দ্দিষ্ট সময়ে ; অনতি বিলম্বে ; শীঘ্রই। প্র—কাজটা আজিকালির মধ্যেই হইয়া যাইবে। **আজিকালি করা**—আজ নয়—কাল বলিয়া টালিতে টালিতে কোন কাজে বিলম্ব করা বা কোন কিছুর জন্য সময় লওয়া ; ভাঁড়াভাঁড়ি করা। প্র—আজিকালি করিয়া ত এক বৎসর কাটাইলে, এখন কাজটা কবে হাতে লইবে ঠিক করিয়া বল [আজ, আজু দ্রঃ]

আজিকার (র্) [আজি+কার (৬ষ্ঠী বিভক্তি। ক্, কর, কার, কের, কু প্রভৃতি যোগে সম্বন্ধ পদ হয়। আজুক, আজকার, আজকের। ক ও কর হিন্দীতেই প্রচলিত, বাং—তে তাহার অনুকরণ] বিণ. অদ্য-সম্বন্ধীয় ; বর্ত্তমানকালের ; অদ্য। প্র—"জাগ সহচরী আজিকার নিশি ভুলো না।"
—রবি।
"আজকের মতন রেখে যা বলাই।
গোঠে যাবে নারে প্রাণ কানাই।"
—রমাপতি রায়।

আজিকে [দ্রুত উচ্চারণে 'আজ্‌কে'। আজ+কে (হি-র অনুকরণে আজুক দ্রঃ) নির্দ্দেশার্থে বা স্বার্থে)] ক্রি-বিণ, অদ্য ; আজি। প্র—"জুড়াই আজিকে তাপিত জীবন" "জয়দুর্গে! বলি আর্য্যসুতগণ পুলক বিহ্বল আজিকে সবে।"—মানসকানন কাব্য।

আজী, আজীমা [আজা দ্রঃ। প্রাদে] বি. মাতার মা ; মাতামহী ; দিদিমা।
(ব্) [আ—জীব্ (প্রাণ ধারণ করা)+অ (ঘঞ্) যাহা দ্বারা প্রাণ ধারণ করা যায়] বি. জীবিকা। ২। ব্যবসায় ; profession.
৩। [হি] বিণ. আশ্চর্য্য ; অদ্ভুত ; আজব (দ্রঃ) ।

আজীবন (আজিবন্) [আ (অবধি, পর্য্যন্ত, যাবৎ) + জীবন] ক্রি-বিণ. জীবনাবধি ; সমস্ত জীবন ; যাবজ্জীবন ; চিরজীবন। ২। [আ—জীব+অন (ট্—ভাবে)] বি. জীবিকা ; livelihood.

আজীব্য (আজিব্ব) [আ—জীব+য—যাহাতে বা যাহা দ্বারা বাঁচা যায়] বিণ. জীবনের আশ্রয় বা অবলম্বন ; জীবিকার স্থান ; উপজীব্য ; সহায়।

আজু [মূলশব্দ অদ্য। আজি দ্রঃ। ব্রজ ; বৈ. সাহিত্যে ভূরি ব্যবহার] ক্রি-বিণ. আজ ; আজি ; অদ্য। প্র—"আজু রজনী হাম ভাগ্যে পোহায়নু পেখনু পিয়া মুখচন্দা"
—বিদ্যাপতি।
"আজু কেগো মুরলী বাজায়" —চণ্ডীদাস।
"বিহরে আজু রসিকরাজ গৌরচন্দ্র নদীয়া মাঝ" —বলরাম দাস।
[আজুক দ্রঃ]

আজু, জূ [সং—আজূঃ=বিনাবেতনের কর্ম্মকার ; বেগার ইতি ভাষা—শব্দকল্পদ্রুম] বি. বিনা বেতনের মজুর ; বেগার।

আজুক [হি—আজুক, আজক। আজু দ্রঃ। আজু+ক (সম্বন্ধে। আজি দ্রঃ। আজিকার) বৈ. সা। উচ্চারণ ভেদে আজকু] বিণ. আজিকার ; অদ্যকার ; অদ্যসম্বন্ধীয়। প্র—"আজুক কৌতুক কহনে না হোয়"
—বিদ্যাপতি।
২। [আজু+ক। (কে=কু—তে ৭মী বিভক্তি। আজকে আজিকার দিনে এই অর্থে। তুল—ঘরকে ; ঘরকু, জলকে ; জলকু ; দেশকে) দ্রুত উচ্চারণে আজকে] ক্রি-বিণ. অদ্য ; আজ। প্র—"আজুক শয়নে, ননদিনী সনে, শুতিয়া আছিনু সই।" —চণ্ডীদাস।

আজুর (র্) [আজু দ্রঃ] বি. বিনা বেতনের কাজ ; পণ্ডশ্রম ; বেগার।
আ—আজর্=বদলা ; আজ্‌রা= মজুরী ; ভাড়া] বি. মজুরী ; পারিশ্রমিক। ২। ভাড়া।

আজুল, আজুলি, লী [আদুরী হইতে। 'আদুল' শব্দেরও প্রয়োগ আছে। (২) আউল, আউলী হইতে। আউলিয়া দ্রঃ। বাতুল ; বাউলী] বিণ. পুং. স্ত্রী. আদুরে ; আদরিণী ; পাগলী (স্নেহার্থক)। প্র—"দেবকীনন্দন বলে শুন গো আজুলী।
তুমি কি না জান গৌর নাগর বনমালী।"
—দেবকীনন্দন দাস (পদাবলী)।
"এ যদুনন্দন ভণয়ে আজুলি, ওই না গোকুল পিয়া।" —যদুনন্দন দাস (পদাবলী)
২। ন্যাকা ; বোকার ভাণকারী ; (ব্যঙ্গার্থে) 'ন্যাকা আজুলি' (সহচর শব্দ) প্রচলিত আছে। প্র—"ঘর সর্ব্বস্ব ঘরে ন্যাকা আজুলি ভারে" - প্রবচন। পুং-**আজুলে**। প্র-"ন্যাকা আজুলে চাল্‌সে কাণা।
জল বলে খায় চিনির পানা।"
—প্রবাদসংগ্রহ।
[দ্রঃ—'ন্যাকা আদুলে' শব্দেরও ব্যবহার আছে। আদুলে=আদুরে=আদরিয়া। পক্ষান্তরে আউলিয়া—আউলে—আজুলে—আজুলে দুই অর্থে ব্যবহার আছে]।

আজ্জান (আজ্‌জানো) [ফা—আবাদ—দ =জ ক্রমে আবাদ করা অর্থে আবজা আবজান —পরে আজ্জান। তুল—হি—উপজাউ="জোতনে বোনে যোগ্য জমীন" অর্থাৎ বীজবপনযোগ্য জমী।—উপজানো—উৎপন্ন করা ; জন্মান] ক্রি. বপন করা ; রোপণ করা। ২। গাছ পোঁতা।

আজ্জার (আজ্‌জার্) [রাজস্ব বিভাগীয় পরিভাষা] বি. যে জমী জলপ্লাবিত হয় না।

আজ্ঞপ্ত (আগ্‌গঁপত) [আ—জ্ঞা+ণিচ্=জ্ঞাপি (জানান, আদেশ করা)+ত (ক্ত)] বিণ. আজ্ঞাপ্রাপ্ত; আদিষ্ট। বি. **আজ্ঞপ্তি**—আজ্ঞা; আদেশ।

আজ্ঞা (আগ্‌গাঁ) [আ—জ্ঞা (জানা আদেশ-করা)+অ] বি. স্ত্রী. অনুজ্ঞা; আদেশ; হুকুম। ২। অনুমতি। ৩। [জ্যোতিষে] লগ্ন হইতে দশম স্থান। ৪। [তন্ত্রে] সাধনচক্রবিশেষ; ষট্‌চক্রান্তর্গত ষট্‌চক্র। **যে আজ্ঞা**—সম্মতিসূচক বাক্য। "যেরূপ আজ্ঞা করিলেন সেইরূপ করিতেছি" এই বাক্যের সংক্ষেপ। প্র—"রামবল্লভ যে আজ্ঞা বলিয়া তৎক্ষণাৎ তামাক সাজিয়া আলবোলা আনিয়া ধরিয়া দিলেক।" —কামিনীকুমার।

আজ্ঞাকারী (আগ্‌গাঁকারি) [আজ্ঞা-কারিন্, আজ্ঞা—কারী (যে করে)] বিণ. আদেশকারী; আজ্ঞা বা আদেশদাতা। ২। যে আজ্ঞা পালন করে; আদেশপালক; আজ্ঞাবহ; আজ্ঞানুবর্ত্তী; বাধ্য। বি. **আজ্ঞাকারিতা**—আদেশপালন; আজ্ঞানুবর্ত্তিতা; বাধ্যতা। স্ত্রীলিঙ্গে, **আজ্ঞাকারিণী**।

আজ্ঞাচক্র (আগ্‌গাঁচক্র) [আজ্ঞা—চক্র=গোলাকার বৃত্ত] বি. ক্লী. ষট্‌চক্রের অন্তর্গত ষষ্ঠ চক্র।

আজ্ঞাতিক্রম (আগ্‌গাঁতিক্রম্) [আজ্ঞা—অতিক্রম] বি. আজ্ঞালঙ্ঘন।

আজ্ঞাদাতা—বিণ. যে আজ্ঞা দান করে; যে আদেশ করে; হুকুমকারী; অনুমতিদাতা।

আজ্ঞাধীন (আগ্‌গাঁধিন্) [আজ্ঞা—অধীন] বিণ. যে আদেশ লঙ্ঘন করে না; আজ্ঞানুবর্ত্তী। স্ত্রী. আজ্ঞাধীনা।

আজ্ঞানুক্রমে (আগ্‌গাঁনুক্রমে) [আজ্ঞা—অনুক্রমে] ক্রি-বিণ. আজ্ঞানুযায়ী; আজ্ঞানুসারে।

আজ্ঞানুগত—বিণ. আজ্ঞাধীন; বাধ্য।

আজ্ঞানুবর্ত্তী (আগ্‌গাঁনুবোর্তি) [অনুবর্ত্তিন্। আজ্ঞা+অনুবর্ত্তী] বিণ. যে আজ্ঞানুসারে চলে; আজ্ঞাপ্রতিপালক; আদেশানুযায়ী; অনুষ্ঠানকারী। ২। বাধ্য। বি. আজ্ঞানুবর্ত্তিতা। প্র—"ভৃত্যবৎ আজ্ঞানুবর্ত্তিতা দ্বারা যুবতী দেবযানীর সন্তোষ-সম্পাদন করিতে লাগিলেন।" —মহা—আদি (বর্দ্ধ)।

আজ্ঞানুযায়ী (আগ্‌গাঁনুজাঈ) [আজ্ঞা—অনুযায়ী] বিণ. যে আজ্ঞানুসারে কার্য্য করে। ২। আদেশানুরূপ; হুকুমমত।

আজ্ঞানুরূপ (আগ্‌গাঁনুরূপ) [আজ্ঞা—অনুরূপ] বিণ. আজ্ঞানুযায়ী; আদেশমত।

আজ্ঞানুসারী (আগ্‌গাঁনুশারি) [অনুসারিন্, আজ্ঞা—অনুসারী=যে অনুগমন করে] বিণ. আজ্ঞানুবর্ত্তী; আদেশানুযায়ী; আদেশানুরূপ; বাধ্য। স্ত্রী. **আজ্ঞানুসারিণী**।

আজ্ঞাপক (ক্) [আ=জ্ঞা+ণিচ্=জ্ঞাপি (জানান)+অক (ণক)—কর্ত্তৃ] বিণ. যে আজ্ঞা করে; আজ্ঞা বা আদেশদাতা।

আজ্ঞাপত্র (আগ্‌গাঁপত্‌ত্র) [আজ্ঞা—পত্র] বি. ক্লী. আদেশলিপি; হুকুমনামা।

আজ্ঞাপন (ন্) [আ—জ্ঞা+ণিচ্=জ্ঞাপি (জানান)+অন (ট)] বি. ক্লী. বিশেষভাবে জানান; বিজ্ঞাপন। ২। আদেশ; আজ্ঞাদান।

আজ্ঞাপিত [অ—জ্ঞাপি (জানান, আদেশ-করা)+ত (ক্ত)] বিণ. বিজ্ঞাপিত। ২। আদিষ্ট; আজ্ঞাপ্রাপ্ত।

আজ্ঞাপিতে—ক্রি. অস. আজ্ঞাদান করিতে; হুকুম দিতে। ২। আজ্ঞা করিবার জন্য।

আজ্ঞাপ্রমাণ (প্রোমান্) ক্রি-বিণ. আজ্ঞানুসারে; আদেশসম্মত; আদেশানুরূপ।

আজ্ঞাবন্দী (আগ্‌গাঁবোন্দি) [আজ্ঞা—বন্দী] বিণ. আজ্ঞায় বাঁধা। প্র—"আজ্ঞাবন্দী বীর হনু দেববৃক্ষ আনি।" —ঘনরাম।

আজ্ঞাবহ [আজ্ঞা—বহ্ (বহন করা)+অ—ক, যে বহন করে] বিণ. আজ্ঞা যে বহন করে; আজ্ঞাকারী।

আজ্ঞাবিঘাত [আজ্ঞা—বিঘাত (বি—হন্+ত)=বিনাশ] বি. পুং. আজ্ঞাভঙ্গ।

আজ্ঞাভঙ্গ (আগ্‌গাঁভংগো) [আজ্ঞা—ভঙ্গ] বি. ক্লী. আজ্ঞা বা আদেশ লঙ্ঘন; আদেশমত কার্য্য না করা; অবাধ্যতা।

আজ্বালা (আজালা) [আ (না)—জ্বালা] বিণ. যাহা জ্বালা হয় নাই।

আজ্য (আজ্জ) [আ—অনজ্ (ম্রক্ষণ করা)+য (ক্যপ্) ন—লোপ, ম্রক্ষণ করা হয় যাহা দ্বারা] বি. ক্লী. যজ্ঞীয় ঘৃত; হবিঃ। ২। যাগযজ্ঞাদিসাধন তৈল, দধি, দুগ্ধ প্রভৃতি। ৩। তারপিন্ তৈল। ৪। গন্ধবিরজা।

আজ্যপ (আজ্জপ্) [আজ্য—পা (পান করা)+অ (কর্ত্তৃ) যে পান করে] বিণ. হবিপায়ী; ঘৃতপানকারী। ২। পুলস্ত্যসন্তান পিতৃগণ।

আজ্যভাগ (আজ্জভাগ্) [আজ্য—ভাগ=অংশ] বি. পুং. যজ্ঞীয় ঘৃতের একাংশ। ২। বৈদিকগণের আহুতিবিশেষ।

আজ্যভুক্ [আজ্য—ভুজ্ (ভোজন করা)+ক্বিপ্, যে ভোজন করে] বি. পুং. অগ্নি।

আঞ্জিনেয় (আন্‌জিনেয়) [অঞ্জন (কজ্জল)+এয় (ঢেয়)] বি. পৃষ্ঠে নীল অঞ্জনের ডোরাযুক্ত ক্ষুদ্রাকার জ্যোতিজাতীয় সরীসৃপবিশেষ; আজনাই; আঞ্জুনে; Lacerta Anjineya—Carey. ২। সরাল পক্ষী।

আঞ্জীর (র্) [ফা—আনজীর্] বি. বৃহদাকার ডুমুরজাতীয় ফলবিশেষ; ficus carica.

আঝাল, আঝালা (আঝাল্) [আ (ঈষৎ, হীন) ঝাল] বিণ. ঈষৎ ঝাল। ২। ঝালরহিত; কটুরসহীন। ৩। যাহা ঝালান নয়।

আঝোড়া [আ (না)—ঝোড়া (ঝুড়া দ্রঃ)] বিণ. যাহা ঝোড়া হয় নাই। যাহার ঝাড় বা ডালপালা কাটিয়া ফেলা হয় নাই। প্র—গাছের আঝোড়া ডাল। আঝোড়া বাঁশ। ২। হাড় থেকে মাংস যাহার টানিয়া টানিয়া খুলিয়া জড় করা হয় নাই।

আঞ্জনী [সং—অঞ্জন (কজ্জল)—দেহে অঞ্জনের ন্যায় রেখা আছে বলিয়া। আজনাই দ্রঃ] বি. আঞ্জিনেয় (দ্রঃ); আঞ্জুনে। ২। চোখের পাতার ধারে যে ব্রণ হয়।

আঞ্জনেয় (আনজনেয়) [অঞ্জনা+এয় (ঢেয়—অপত্যার্থে)] বি. পুং. অঞ্জনা বানরীর পুত্র; হনুমান।

আঞ্জা (আনজা) [গ্রা—অন্তর (আঁতর)—জন্ম (তুল—উ—অনজনা, যাহার জন্ম হয় নাই)] বি. এক সন্তান জন্মের পর পুনরায় সন্তান গর্ভে ধারণ করিবার মধ্যে যে নিয়মিত বা নির্দ্দিষ্ট অন্তর অর্থাৎ ব্যবধান কাল। প্র—সকল স্ত্রীলোকের সমান আঞ্জা হয় না। কাহার এক বৎসর কাহার বা পাঁচ বছরে আঞ্জা এবং কাহারও বা তাহারও অধিক দেখা যায়।

আঞ্জাম (আনজাম্) [ফা—আনজাম্ (সমাপ্তি; শেষ)] বি. সম্পূর্ণ; নির্ব্বাহ। ২। সরবরাহ। ৩। বন্দোবস্ত।

আঞ্জুমান, মন (ন্) [ফা—আনজুমন্=মজলিস—সভা] বি. সভা; সমিতি; মুসলমান সম্প্রদায় কর্ত্তৃক প্রতিষ্ঠিত সভা সমিতি প্রায়ই আঞ্জুমন নামে অভিহিত হয়। তুল—আঞ্জুমন ইস্‌লামিয়া।

আট (ট্) [সং—অষ্ট। প্রাকৃ—অট্ট—আট। তুল—গ্রীক-octo; ইং—eight] বি. ৮ সংখ্যা। বিণ. অষ্টসংখ্যক। **আটকড়াইয়া**—সন্তান জন্মের অষ্টম দিবসে আট প্রকার কড়াই ভাজা ঘটিত জলপান বিতরণরূপ মাঙ্গলিক সংস্কার। চ—আটকৌড়ে। **আটখানা করা**—আটভাগে বিভক্ত করা। তাহা হইতে নানা প্রকারে ও নানা বিষয়ে "লাগান ভাঙ্গান" (লাগান দ্রঃ)। **আটখানা হওয়া** (আহ্লাদে) অত্যন্ত আনন্দের অস্থিরতায় হস্ত পদাদি বিক্ষেপ ও অঙ্গভঙ্গ। তুল—হেসে কুটিকুটি। **আটঘাটবাঁধা**—আটটি ঘাট বা ঘাটি বন্ধন করা; তত-যন্ত্রের (সেতার প্রভৃতির) সা রি গা মা পা ধা নি সা এই আটটি ঘাট বা স্বরগ্রাম বা পর্দ্দা বাঁধা।

আটচালা—আটচাল বিশিষ্ট ঘর। মাঠে ময়দানে উৎসবাদি কর্ম্মে হোগলা, গোলপাতা প্রভৃতি নির্ম্মিত সুবৃহৎ চাল বা আচ্ছাদনযুক্ত খুঁটি বা থামের উপর রক্ষিত দেওয়াল-হীন ঘেরা স্থান। **আটপিঠা** [তুল—হি অটপটা=কঠিন। আট আঁট (শক্ত) পিঠ (পৃষ্ঠ) যাহার আছে অথবা আট—পিঠিয়া—আট দিকে পিঠ পাতিবার শক্তি যাহার আছে] বিণ, খুব কষ্ট-সহিষ্ণু ও মজবুত দৃঢ়। **আটেপিটে**—ক্রি—বিণ, আট কাঠ ও আষ্টেপিষ্টে দ্রঃ। **আট পহর**—আটপ্রহর দ্রঃ। **আটপর দিন**-সমস্ত দিন ও রাত্রি। **আটভাজা**—প্রথম গর্ভবতীর (সপ্তম মাসে অনুষ্ঠেয় মঙ্গলাচার হেতু) আট প্রকার শস্য (মাষকলাই, মুগ, মটর, শাদাছোলা, ছোলা, বর্ব্বটীকলাই ও দুই প্রকার ধান্য জাত—চাল, চিড়াভাজা ঘটিত জলপান। আটহাঁড়ি (দ্রঃ)।

আট, আঁট (আঁট্) [অষ্টি শব্দজ] বি, দৃঢ় বন্ধন। ২। [আঁট, আঁটো] বিণ, শক্ত; কষা; দৃঢ়।

আটক (ক্) [হি—অটক্ শব্দজ] বি, বাধা; প্রতিবন্ধক; বিঘ্ন। প্র—"ওকে দেবার আটক কি ?" —দীনবন্ধু মিত্র। ২। আবরণ। ৩। অবরোধ; কয়েদ। বিণ, বদ্ধ, রুদ্ধ।

প্র—"অবোধ বিহঙ্গ পড়িবে আটক
তালি দিয়ে, ধনি নাচায়ো তায়।"
—বঙ্কিম (গদ্য পদ্য)।

আটকন (আট্কন্) বি, রোধকরণ; বন্ধকরণ। ২। আগলান।

আটকপালিয়া (আট্কপালিয়া) [আত্ত=হৃত, নষ্ট—কপাল (ভাগ্য)+ইয়া (যুক্ত) প্রা—আট্কপালে বিণ, দুর্ভাগ্য; হতভাগ্য; দুরদৃষ্ট।

আটকা (ট্) [হি—অট্কাব্ শব্দজ] বি, আটক; বাধা। **আটকা পড়া**—বদ্ধ হওয়া; অবরুদ্ধ হওয়া। প্র—সে পথে আটকা পড়েছে।

আটকাট,—ঠ (ট্ ঠ্) [আট (অষ্ট)—কাঠ (সং—কাষ্ঠা=দিক) আটেপিঠে দ্রঃ] বি, আট দিক; তাহা হইতে সর্ব্বদিক; সকল বিষয়; আটঘাট (দ্রঃ)। ক্রি-বিণ, **আটেকাটে, ঠে**—আট দিকে; সকল দিকে; সর্ব্ববিষয়ে। প্র—"আটেকাটে দড় ত ঘোড়ার উপর চড়"—প্রবচন।

আটকান (আট্কানো) [আটক দ্রঃ-হি—অটক্না] ক্রি, আটক করা; অবরুদ্ধ করা। ২। আগলান।

আটকাল, আটকোল (আট্কাল্) [হি—অট্কল্ হইতে] বি, আন্দাজ; অনুমান; অনুভব। প্র—অন্ধকারে আটকাল করে করে চলা। তাহার হাতের আটকাল আছে বলিয়াই যে পরিমাণ চাল লইয়াছিল তাহাতেই সকলের পরিতোষপূর্ব্বক আহার হইল।

আটকিয়া (আটকিআ) অস-ক্রি, আটক করিয়া; বদ্ধ করিয়া; আবদ্ধ রাখিয়া। ২। আট্কে।

আটকিয়া, আট্কে (আট্) [আটকলাইয়া (সংক্ষেপে আটকলায়ে, আট রকম কলাই যাহাতে আছে) শব্দজ] বি, ৺জগন্নাথদেবের মহাপ্রসাদ বিশেষ; জগন্নাথদেবের মন্দিরে বিতরিত দৈনিক নির্দ্ধারিত-পরিমাণ প্রসাদ। **আট্কেবাঁধা**—জগন্নাথদেবের সেবার জন্য যাত্রী কর্ত্তৃক অর্থ প্রদান করাকে আটকে-বাঁধা বলে। ২। ভরণপোষণের ভয়-নিবারক স্থায়ী বন্দোবস্ত।

আটকৌড়ে (ট্) [আট (অষ্ট)+কৌড়ে কলাইয়া= কড়াইয়া = কড়ায়ে = কৌড়ে (উচ্চারণ বিকৃতি)] বি, সন্তান জন্মিবার পর অষ্টম দিবসে ছোলা, মটর, বরবটি, বীরি, মুগ, মসুর, ছুনমুনে ও মাস কড়াই—সাধারণত এই আট প্রকার কলাই ভাজা বিতরণ ঘটিত উৎসব। প্র—"আমার ছেলের আট কৌড়ের দিন আসিস তোরে জলপানি দেব"
—নীলদর্পণ।

"ছয় দিনে ষষ্ঠী পূজা কৈল জাগরণে,
অষ্টকলাই তার কৈল আট দিনে।"
—ধর্ম্মমঙ্গল।

অধুনা স্থান বিশেষে আত্মীয় বান্ধবগণের মধ্যে বিতরণের জন্য ভাজা কড়ায়ের সঙ্গে খই ও কড়ি (হি—কৌড়ী) ছড়ান হয়।

প্রদেশভেদে **আটকেড়েও** বলে। প্র—"ঘেটেরা ষষ্ঠীর পূজা, আটকেড়ে করে রাজা খই কড়ি মোহর ছড়ায়।"
—কৌতুকবিলাস।

আটঘাট (আট্ঘাট্) [আট (অষ্ট, সকল)+ঘাট (পথ, দিক)] বি, চতুর্দ্দিক; সকল পথ; সকল উপায়। প্র—
সে আটঘাট বন্ধ করে বসে আছে।

আটচল্লিশ (আট্চোল্লিশ্) [অষ্টচত্বারিংশৎ শব্দজ] বিণ, ৪৮ সংখ্যা।

আটচালা (ট্) [অষ্ট—চাল যাহার] বি, অষ্ট চাল বা চালাযুক্ত ঘর; বংশাদি নির্ম্মিত ছাদ-যুক্ত প্রশস্ত গৃহ।
২। প্রাচীরহীন ঐরূপ চালযুক্ত স্থান। প্র—বারইয়ারীর জন্য আটচালা বাঁধা হইতেছে।

আটত্রিশ (আট্তৃশ্) [সং—অষ্টাত্রিংশৎ, প্রাকৃ—আটত্রিশ] বিণ, সংখ্যা ৩৮।

আটপটাঙ্গ (আট্পটাং) বি, স্ত্রী, প্রগলভতা; দাম্ভিকতা। ২। জাঁকজমক; সমারোহ; বাহার। বিণ, দাম্ভিক; জেঁকো।

আটপলিয়া, আটপলে (ট্ পো) [হিঃ—অটপহলিয়া। অষ্ট—পল (শিরা, রেখা)+ ই—আ, এ (বিশিষ্টার্থে)] বিণ, অষ্টপলযুক্ত; অষ্টশিরাল। ইং—octagonal.

আটপিটা, আটপিটে (ট্) [আট—(আঁট—শক্ত)—পিঠ (পৃষ্ঠ) ইয়া—(যুক্ত)—অথবা অষ্ট=আট—পিঠিয়া—পিঠ দিতে বা পাতিতে পারে যে—যাহার পিঠ বিবিধ গুরুভার বহনের উপযোগী এবং মজবুত বা দৃঢ়] বিণ, শ্রমসহিষ্ণু; অতিশয় পরিশ্রমী। ২। কষ্টসহিষ্ণু। ৩। সকল বিষয়ে দক্ষ। ৪। গোঁয়ার। ৫। [যে তিরস্কার বা প্রহার আটটা পিঠ পাতিয়া লয়] দুষ্ট; দুর্দ্দান্ত। আট দ্রঃ।

আটপৌরে [সং—অষ্টপ্রহর+ইয়া] বিণ, অষ্টপ্রহরিয়া; যাহা সর্ব্বদা ব্যবহার করা হয়; নিত্য ব্যবহার্য্য। তোলা বা পোষাকীর বিপরীত।

প্র—"পরি এক আটপৌরে শাড়ী, হে সুন্দরী! কোথা যাও ?"
—অশোকগুচ্ছ।

২। যাহা সর্ব্ব সাধারণে অর্থাৎ ভদ্র ইতর সকলেই সর্ব্বদা ব্যবহার করে—এই অর্থে 'আট-পৌরে ভাষারও' ব্যবহার আছে। **আট-পৌরে ভাষা**—ইতর ভাষা; সাধু ভাষার বিপরীত।

প্র—"সাধু ভাষা, পোষাকী ভাষা, ইতর ভাষা আটপৌরে ভাষা"
—দ্বিজেন্দ্র ঠাকুর।

আটপ্রহর (আটপ্রোহোর্) [সং—অষ্টপ্রহর] দিবা চারি প্রহর রাত্রি চারি প্রহর অর্থাৎ সমস্ত দিন ও রাত: ২৪ ঘণ্টা কাল। চ, প্রা—**আটপর** (আটপোর্)—অষ্টপ্রহর।

আটব (আটোব) বি, দক্ষিণাপথ; দাক্ষিণাত্য প্রদেশ। [ব্রহ্মপুরাণ]

আটবিক (আটোবিক্) [অটবী=বন+ইক (ষ্ণিক)-ভাবার্থে] বিণ, বন্য; আরণ্য; বনসম্বন্ধীয়।
২। বি, বন্যজাতি; অরণ্যচর; বনবাসী। ৩। আরণ্যক সেনা।

আটল (আটল্) [আ (ঈষৎ)—টল (বক্র)] বিণ, বাঁকা; আড়া। বি, বংশনির্ম্মিত মাছ ধরিবার যন্ত্র বিশেষ; ঘুণী।

আটলা (ট্) [সং—অট্টিলা] বি, আটি; তাড়া, গোছা। ৩। খড় বা শুষ্ক তৃণাদি নির্ম্মিত বীড়া বা বিড়ে।

আটষট্টি (আট্‌শোট্‌টি) [আট (অষ্ট) + ষট্টি (ষষ্টি)] বিণ, ৬৮ সংখ্যা।

আটসটা (আট্‌শটা) [হি—অট্‌সটা] বি, আনুমানিক হিসাব। তুল—estimate ; হিসাব ; accounts ; book-keeping. ২। গণনা ; সংখ্যা।

আটসটানবীশ (ট্‌, নো, শ্‌) [হি আট্‌সটা + ফা—নবীস্‌] বি, হিসাবরক্ষক ; মুহুরী। accountant ; book-keeper.

আটসত্তর [আট্‌শোৎতোর্‌] [সং—অষ্টোত্তর-সপ্ততি। প্রাকৃ—আটহত্তইড়। বাং—উচ্চারণ-ভেদে—আটাত্তর] বিণ, ৭৮ সংখ্যা।

আটহাঁড়ি (ট্‌) বি, হাঁড়ির আকারের ঢাকনি যুক্ত ক্ষুদ্র মৃৎপাত্র। বিবাহ কার্য্যে স্ত্রীআচারে ইহা বরণডালায় ব্যবহৃত হয়।

আটা [হি—আটা ; ওড়ি—অটা] বি, গোধূম-চূর্ণ। ২। যে কোন শস্য চূর্ণ। ৩। (আ্টা) [আঁট হইতে] কাই ; গঁদ, ময়দা প্রভৃতি দ্বারা প্রস্তুত দ্রব্য, যাহা দ্বারা কাগজ প্রভৃতি জোড়া যায়। ৪। বৃক্ষাদির নির্য্যাস।

প্র—"পিরীতি আটা, ননদী কাঁটা,
পড়সি হইল ফাঁসি।" – চণ্ডীদাস।

৫। যত্ন ; আগ্রহ ; মনঃসংযোগ। প্র—তাহার পড়া শুনায় আর তেমন আটা নাই।

আটা [সং—অষ্ট—আট হইতে] বি, আট বিন্দুযুক্ত তাস ; আটফোঁটা চিহ্নিত তাস।

আটাইশ, আটাশ (শ্‌) [পালি—অট্ঠবীসতি (সং—অষ্টাবিংশতি) প্রাকৃ—আটাইঁশ শব্দজ] বিণ, ২৮ সংখ্যা।

আটাকাটি (আ্টা) [আটা + কাটি] বি, আটা যুক্ত কাটি ; পাখী ধরিবার জন্য আটা মাখান শিক বা দণ্ড।

আটাত্তর (আ্টাৎতোর্‌) [সং—অষ্ট সপ্ততি হইতে প্রাকৃ—আটহত্তইড় শব্দজ] বি, ৭৮ সংখ্যা।

আটানব্বই, আটানই (আ্টানোব্‌বই, আটানৈ) [সং—অষ্টনবতি শব্দজ] বিণ, ৯৮ সংখ্যক। ২। বি, ৯৮ এই সংখ্যা।

আটান্ন (আ্টান্‌নো) [সং—অষ্ট পঞ্চাশৎ (আট আন্ন = পান্ন—পঞ্চাশৎ শব্দজ—ভাষাতত্ত্ব দ্রঃ) হি—অঠাবন্‌] বিণ, ৫৮ সংখ্যা।

আটাপেষা—বি, আটার মত সর্ব্বাঙ্গ পিষ্ট বা চূর্ণ করিয়া প্রহার।

আটাল (আ্টালো) [আটা + ল (বিশিষ্টার্থে)] বিণ, আটাযুক্ত। ২। শক্ত ; কষা।

আটালী, আটুলী—বি, কুকুরাদির দেহের লোমকীট বিশেষ। এঁটুলী দ্রঃ।

আটাশ (আ্টাশ্‌) [অষ্টাবিংশতি শব্দজ] আটাইশ দ্রঃ।

আটাশী [সং—অষ্টাশীতি শব্দজ] বি, ৮৮সংখ্যা।

আটাশে (আ্টাশে) [অষ্ট মাস শব্দের সংক্ষেপ] বিণ, যে আট মাসেই ভূমিষ্ঠ হয়। ২। দুর্ব্বল ; নিস্তেজ ; কম মজবুত।

প্র—"আমি নই আটাশে ছেলে।
ভয়ে ভুলব নাকো চোখ রাঙালে॥"
—রামপ্রসাদ।

"শোন্ রে শমন তোরে কই, আমি তো আটাশে নই, তোর কথা কেন রব সয়ে।"ঐ।

৩। মাসের ২৮ তারিখ।

আটি, আঁটি [অষ্টি শব্দজ। অষ্টির মত জমাট—এই ভাব এবং আঁটিয়া বাঁধার ভাব হইতে। হি—আঁটী ; ওড়ি—অটা] বি, স্তূপ ; গুচ্ছ ; গোছা ; তাড়া। ২। দুই মুষ্টি প্রমাণ ধান গাছ ; দুই হালা [হালা দ্রঃ]। ৩। বীড়া ; বিঁড়ে। ৪। শরাল পক্ষী ; turdas giaginianus.

শাকের আটি—লবুভার। প্র—বোঝার উপর শাকের আটি।

আটিকেড়ে—আটকৌড়ে দ্রঃ।

আটোপ (প্‌) [আ—তুপ্‌ (অহঙ্কার করা) + অ (ভাবে ঘঞ্‌)] বি, পুং, অহঙ্কার ; গর্ব্ব ; দম্ভ।

প্র—"তাই দম্ভভরে কহিলেন ;—* * *। কিন্তু এবার তাহার আটোপ বৃথা হইল।"
—বঙ্গভাষা ও সাহিত্য।

২। সংরম্ভ ; সম্ভ্রম। ৩। বায়ু জন্য পেটের সাড় বা ডাক ; পেটের গুড়গুড় শব্দ।

আটোপটঙ্কার (আটোপ্‌টঙ্কার্‌) [আটোপ—টঙ্কার] বি, সগর্ব্ববাক্য ; অহঙ্কারোক্তি ; আস্ফালন।

প্র—"শুনয়ে মুরারি গুপ্ত আটোপ টঙ্কার।"
—চৈতন্য ভাগবত।

আঠা (আ্ঠা) [আটা দ্রঃ] বি, আটা ; কাই। ২। কাথ ; বৃক্ষের নির্য্যাস : paste ; glue.

আঠার (আ্ঠারো) [সং—অষ্টাদশন্ শব্দজ প্রাকৃ—আটাড় হইতে] বিণ, ১৮ সংখ্যা।

আঠার মাসে বৎসর—বৎসর শেষ হইয়া গেলেও যাহার খবর হয় না বা যে সময়ের ঠিক রাখিয়া কিছু করিতে পারে না তৎপ্রতি ব্যঙ্গস্থলে ইহা উক্ত হয় ; দীর্ঘ-সূত্রতা ; আলস্য ; কুঁড়েমি ; ঢিলামি।

প্র—তাহার আঠার মাসে বৎসর, সে কি সময়ে একাজ করিতে পারিবে ?

আঠারনালা—বি, জগন্নাথ ক্ষেত্রের উত্তরস্থ স্থান বিশেষ ; প্রবাদ, এখানে ইন্দ্রদ্যুম্ন রাজা আপনার পুত্রগণকে বলি দিয়াছিলেন (চৈতন্য ভাগবত)।

আঠাল—বিণ, আঁটাল ; শক্ত। ২। চট্‌চটে। [আটাল দ্রঃ] **আঠাল মাটি**—এঁটেল মাটি।

আঠালু—বি, জন্তুর লোমকীট বিশেষ ; আটুলী (দ্রঃ) ; a nute.

আঠি [অষ্টী শব্দজ] বি, আঁটি ; ফলের কঠিন বীজ ; গুঠলি।

আঠিয়া [অষ্ঠিলা। যাহার মূলে অস্থিবৎ অংশ আছে। এঁঠে] বিণ, আঁটিযুক্ত। ২। এঁটে কলা।

আঠিয়া, আঁঠিয়াকলা—বি, কদলী বিশেষ ; এঁটে কলা।

আড় (ড়্‌) [সং—অন্তরাল (অভ্যন্তর—পরে, কোন কিছুর পশ্চাৎ)—অপভ্রংশে, আড়াল (র=ড়) সংক্ষেপে, আড় (ল=ড়) হি—আড়্‌। প্রা, বাং, 'আয়ড়' তুল—চক্ষের আয়ড় (ধ, ম, মাণিক)] বি, অন্তরাল ; আড়াল।

প্র—"লুকাইল সরমে সে সখীটীর আড়ে।"
—কুঙ্কুম।

তাহাকে আড় করিয়া দাঁড়াইও না। একটা গাছের আড় পড়েছে। ২। [হিন্দী হইতে] পর্দ্দা ; আবরণ। ৩। [ব্যঞ্জনা] আশ্রয় ; রক্ষক।

প্র—এতদিন সে পাহাড়ের আড়ে ছিল এখন সে আড় আর তাহার নাই।

৪। পার্শ্ব।

প্র—"তড়িৎ মণ্ডল, কর্ণেতে কুণ্ডল,
হিমাংশু মণ্ডল আড়ে"
—মহা, কাশী।

আড় (ড়্‌) [সং—অরাল (অসরল ; বক্র)—আল—আড় ; হি—আড় (বক্র : oblique)] বিণ, বক্র ; তির্য্যক্‌ ; বঙ্কিম।

প্র—"আড় বদন তহি" —বিদ্যাপতি। "আড়নয়ন" (তুল—ব্রজ—"তেরছা নয়নে চায়"—তেরছা = তির্য্যক্‌)। ২। বি, বক্রতা ; অসরলতা (তাহা হইতে) অস্পষ্টতা।

প্র—ছেলেটির জিহ্বার এখনও আড় ভাঙ্গে নাই। কথার আড় ভাঙ্গা।

আড় (আড়্‌) [সং—অর্দ্ধ—হি—আধ, অধেড়—আড়। তুল—আড়বাঁকা (অর্দ্ধবক্র) ; আড়াই = সার্দ্ধদ্বয় ; আড়ে গেলা = আধ চিবুনো করে গেলা। আড় পাগলা ; আড়্‌মাৎলা দ্রঃ] বিণ, অর্দ্ধ ; অর্দ্ধেক। আড়মাদ্‌লা দ্রঃ।

আড় (ড়্‌) [হি—আর—ওয়ার্‌ = নদীর এপার ; ওয়ার পার = এপার হইতে ওপার ; across. তুল—আড়্‌ পার হওয়া। নদীর স্রোতের

মুখে অর্থাৎ লম্বালম্বি না হইয়া একূল হইতে ও কূল অর্থাৎ প্রস্থের দিক। এই ভাবে রক্ষিত যাহা কিছু—আড়া, আড়ানিয়া, আড়ালে, এড়ো। তুল—"আড়া, আড়কাঠা" (প্রস্থদিকের কাষ্ঠ)] বি. প্রস্থ; ওসার; পরিসর; চওড়ার দিক।

প্র—নদীর আড় পার হওয়া।

২। বস্ত্র রাখিবার বংশদণ্ড; সাঙ্গা। ৩। পাখী বসিবার দণ্ড; দাঁড়।

প্র—"স্বর্ণময় ঘর দেখিতে সুন্দর পক্ষী বসিবার আড়" —কবিকঙ্কণ।

আড় (ড়্) [আড়ি দ্রঃ] বি. আড়মাছ; আড়টেংরা।

আড়ওড় (আড়্ওড়্) [হি—আড়্ওড়্। আড় (দ্রঃ) ওড় (সহচর শব্দ হিন্দী প্রথায়)] বি. অন্তরাল; আড়াল; গুপ্তস্থান; ঘুঁজি-ঘাঁজি; আড়াল বিড়াল।

প্র—"কেহ নাই দেখে কোথা হতে আড়ে ওড়ে। ঝপ করে ঝাঁপ দিয়া আড় ভেঙ্গে পাড়ে॥" —ঘনরাম।

আড়ংবাড়ং [হি—অওড়ঙ্ বওড়ঙ্: অড়-বঙ্—অর্দ্ধবক্র বা বক্র] বিণ. বাঁকাচোরা।

আড়কাটি [ইং—recruiter এর উচ্চারণ সাদৃশ্য হইতে আরকাটি। তুল—detective হইতে টিক্‌টিকি] বি. কর্ণধার; কাণ্ডারী। ২। নদ্যাদিতে জাহাজের পথপ্রদর্শক; যে সমুদ্র যাত্রীদিগকে নদ্যাদির মোহানা পর্য্যন্ত পৌঁছাইয়া সমুদ্রগামী জাহাজের অধ্যক্ষের হস্তে তাহাদিগকে অর্পণ করে; a pilot. ৩। বস্ত্রবয়নের যন্ত্র বিশেষ; মাকু। ৪। কুলি বা মজুর সংগ্রহ কারক; যাহারা লোকজনকে প্রলোভনের দ্বারা হস্তগত করিয়া স্থানান্তরে মজুরী করিবার জন্য চালান দেয়; কুলির ঠিকাদার; recruiter.

আড়কাঠ, কাঠা (আড়্কাঠ) [আড় (প্রস্থ) কাঠা (কাষ্ঠ) প্রস্থের কাষ্ঠ] বি. ঘরের চাল বা ছাদের প্রস্থকাষ্ঠ; কড়িকাট।

আড়কুজি—বি. আড়মাছ।

আড়খেমটা, আড়াখেমটা (আড়্-খেমটা) [অর্দ্ধ—আড়+খেম্‌টা (দ্রঃ)] বি. সঙ্গীতের তাল বিশেষ। ইহা দ্বাদশ মাত্রার এবং মতান্তরে সার্দ্ধ ত্রয়োদশ মাত্রার তাল। ইহাতে তিনটি তাল ও একটি ফাঁক থাকে। [সঙ্গীতসার]

আড়গড়া (আড়্গড়া) [হি—'অড়্গড়া' আড্ডা ঘোড়া=আড্ডাঘোড়া বা আড়ং ঘোড়া; a horse-depot] বি. অশ্বশালা; আস্তাবল; ঘোড়ার আড্ডা। ২। [হি—কাঠ-ঘরা (কাষ্ঠ গৃহ)-কাড়্গড়া—আড়্গড়া] কাঠ দিয়া ঘেরা স্থান; তক্তাঘেরা স্থান। ৩। ঘোড়ার গায়ে মোটা সিঁড়ি।

আড়ঙ্গ (আড়োং) [হি—আড়ং=হাট, গঞ্জ] বি. আড্ডা; গোলা; গঞ্জ; হাট; বহু-পরিমাণ দ্রব্য ক্রয়-বিক্রয়ের স্থান। ২। কারখানা। ৩। হিন্দু পর্ব্বস্থলে সমবেত পুতুলের রাশি।

আড়ঙ্গঘাটা (আড়োংঘাটা) বি. নৌকা-রোহণের ঘাট বা স্থান।

আড়ঙ্গছাঁটা—কৃষকের বা মহাজনের ঘরে অর্থাৎ আড়ঙ্গে পরিষ্কার করা বা তুষ বাহির করা চাউল। চলিত ভাষায় আড়োনছাঁটা—ঢেঁকি ছাঁটা নয়।

আড়ঙ্গ-ধোপ,—ধোলাই (আড়ংধোপ, আড়োন্‌ধোপ্) বি. কোরা কাপড়ের রং ও মাড় উঠাইয়া শুভ্রীকরণ।

আড়চা (আড়্চা) [সং—লালসা শব্দজ হি—'লালচ্'] বি. লোভ; লালসা। ২। ইশারা; ঈষৎ সঙ্কেত। ৩। বিণ. আড়-ভাবে; আড়াআড়ি: বাঁকা।

আড়চাল (আড়্চাল্) বি. দ্বাদশ (১২) অঙ্গুলি-পরিমিত: আধহাত; এক বিঘৎ। ২। লাঙ্গলে মুড়ার মধ্যে ঈষ দিয়া যে খিল আঁটিয়া দেওয়া হয়।

আড়চোখ, চোক (আড়্চোখ্, ক্) [অরাল চক্ষু। আড় (বক্র) চোক (চক্ষু)] বিণ. বঙ্কিম নয়ন; চোরা (কটাক্ষ)।

ক্রি-বিণ. আড়চোকে—বঙ্কিম নয়নে; বক্র দৃষ্টিতে।

আড়ত, আড়ৎ (ত্) [হি—আড়ৎ] বি. গঞ্জ: গোলা; ক্রয় বিক্রয়ের প্রধান স্থান; কারবার স্থান; কারখানা। প্র—"আরবের বন্দরের নিকটও এইরূপ অনেক মুনের আড়ৎ তৈয়ারী হইয়াছে।"

আড়তদার (আড়োত্‌দার্) বি. যাঁহারা দস্তুরী লইয়া কাহার মাল্ দালাল দ্বারা বিক্রয় করাইয়া দেন।

আড়তদারী—আড়তদারের দস্তুরী।

আড়্দালি, আর্দালি [ইং orderly (অড্ডার্লি) শব্দজ] বি. দ্বারবান; হুকুম-দার।

আড়ন (ন্) বি. বাঁকান; বক্র হওন। ২। ক্ষেপণ।

আড়পাগলা [আড় (অর্দ্ধ) পাগ্‌লা] বি. অর্দ্ধ উন্মত্ত; ক্ষ্যাপাটে।

আড়পাপড়া (আড়্পাপ্‌ড়া) [আড়ফাব্‌ড়াও বলে। আড় (আড় ভাবে নিক্ষিপ্ত) পাপড়া (পর্ব্বন্)] বি. ক্ষুদ্র ও মোটা পর্ব্ব বা পাব বিশিষ্ট লাঠি; খেঁটে।

আড়পার (আড়্পার্) [আড় (প্রস্থ) পার (তট) প্রস্থের দিক দিয়া গেলে যে পার বা তট পাওয়া যায়] বি. নদ্যাদির পরপার; অপর তট।

আড়বাঁক (ড) [অর্দ্ধবক্র—আধবাঁকা (পরে আড়বাঁকা)] বি. যাহা সম্পূর্ণ বঙ্কিম নয়; অর্দ্ধাঙ্গ বঙ্কিম।

আড় বাড় (ড়্) [আড় (প্রস্থ)+বাড় (দৈর্ঘ্য)—দৈর্ঘ ও প্রস্থ সকল দিক] ক্রি-বিণ. সর্ব্বত্র; সকল স্থানে। ২। চতুর্দ্দিকে।

আড়ভাঙ্গা (আড়্ভাংগা) [আড় দ্রঃ] বিণ. সোজা। ক্রি. সোজা করা; বক্র ভাব দূর করা। ২। সরল পথে চালিত করা। ৩। দুষ্টকে শিষ্ট করা; দোরস্ত করা। ৪। জিহ্বার জড়তা দূর করা; বিকৃত উচ্চারণকে সরল এবং বিশুদ্ধ করিয়া আনা।

আড়মাৎলা (ড়্) [আড় (অর্দ্ধ)—মাৎলা (মাতালও বলে)-হি—মাতোয়ালা] বি. অর্দ্ধমত্ত। আধপাগলা দ্রঃ।

আড়মাদ্‌লা (আড়্মাদ্‌লা) [আড়—মাতাল বা মাথাল (মস্তক বা মাথা আড় করিয়া ঘাড় বাঁকাইয়া অর্থাৎ ধড়ের সঙ্গে ঋজু ভাবে না রাখিয়া আড়াআড়ি) হইতে আড়মাথ্‌লা; থ=দ] বিণ. মাথার দিক বাঁকা করিয়া শয়নের জন্য আড়াআড়ি; তির্য্যগ্‌ভাবে।

প্র—একে সঙ্কীর্ণ গলি তাতে আবার লোকটা আড়মাদলা হয়ে পড়ে আছে, কাজে কাজেই তাকে ডিঙ্গাইয়া যাইতে হইল। ২। [আড় (অর্দ্ধ) মাদলা (মর্দ্দল+আ)—মাদলের আধ-খানার মত] প্রায় চতুষ্কোণ অর্থাৎ যতটা লম্বা প্রায় ততটা চওড়া; আধ্‌লা।

প্র—ইটখানা কেমন আড়মাদলা হল; ওখানা খুলে আর একখানা ইট গেঁথে দাও।

আড়মোড়া, আড়ামোড়া (ড়্) [আড়—মোড়া] বি. শরীরের আড়ষ্টভাব বা জড়তা ভঙ্গ করা; আলস্য ভাঙ্গা।

আড়ম্বর (র্) [আ—ড়ম্বর (দম্=বশীভূত করা, জাঁকজমক করা, দ=ড়) বর (ভাবে)] বি, পুং, জাঁকজমক; সমারোহ; ঘটা। ২। একত্র সমাবেশ; বিপুল আয়োজন। ৩। মেঘ গর্জ্জন। ৪। তূর্য্যাদি বাদ্যধ্বনি; রণবাদ্য। ৫। হস্তীর বৃংহন বা গর্জ্জন। ৬। ক্রোধ। ৭। উল্লাস; আনন্দ। ৮। গর্ব্ব। [বাং বিরল]

আড়রি, আড়ুলি—বি. নদীর ধার; কিনারা। ২। তটস্থ উচ্চস্থান; কাঁধা। প্র—"তখন জলোচ্ছ্বাস আরম্ভ হইয়াছিল, কপালকুণ্ডলা একটা আড়রির উপর দাঁড়াইয়া ছিলেন।" —কপালকুণ্ডলা। ৩। গড়ানিয়া স্থান; গোড়েন। ৪। ভৃগুদেশ।

আড়ষ্ট (আড়োশ্‌টো) [সং—অঙ্গাকৃষ্ট—আকৃষ্ট] বিণ. অবশ; অসাড়; অস্পন্দ। প্র—"দিগ দিগঙ্গনা আড়ষ্টের প্রায়" —বিহারী চক্রবর্ত্তী।

আড়সা (আড়্সা) [প্রা। আঁস্তাকুড় দ্রঃ] বি. জঞ্জাল। আবর্জ্জনা; ২। কুস্থান। ৩।

[হি—আড়্সা। প্রায় আড় বা তদ্বৎ] বিণ, বক্র ; আড় ; টেরচা। ২। যাহাকে এড়ান হইয়াছে ; পরিত্যক্ত।

[আ]ড়া [আকার—আআর—আরা—আড়া frame of the body] বি, গঠন ; ঢাঁচা আকৃতি ; ডৌল। প্র—"হাসি হাসি মুখ খানি অপরূপ আড়া"—ঈশ্বর গুপ্ত। তুল—বেয়াড়া =বেডৌল। (২) ধরণ ; প্রকার ; রকম। ২। [সং—আঢ়—আড়ি, আড়া] পরিমাণ বিশেষ ; ধান্যের মাপ ; ৪ মণ। প্র—"পড়িয়া কবিত্ব বাণী সন্তাষিনু নৃপমণি পাঁচ আড়া মাপি দিলা ধান॥" —কবিক। ["পূর্ব্ববঙ্গে ১৬ কাঠায় এক আড়া ; জাহানাবাদ অঞ্চলে ৯৬ সের ওজনে এক আড়া হয়," —বঙ্গীয় শব্দসিন্ধু] ৩। ডাঙ্গা ; কূল ; কিনারা ; পাড় ; তীর। প্র—"আশ্রয়ি পুকুর আড়া," —কবিক। "জলে ভাসে কুম্ভীর আড়ায় ডাকে বাঘ"—শিবায়ন। ৪। বংশ বা বেত্র-নির্ম্মিত পাত্র। প্র—"আড়া ভাঙ্গি তৃণমঞ্চে রাখে পুনর্ব্বার।" —কাশী—মহা—বন। ৫। কড়িকাঠ ; আড় কাঠা ; সাঙ্গা ; ঘরের আড় দিকে ঝুলান বা গাঁথা বাঁশের আলনা। ৬। মাছ ধরিবার যন্ত্রবিশেষ। ৭। নদ্যাদির স্রোত ফিরাইয়া আনিয়া মৎস্য ধরিবার জন্য যে থানা গোঁড়া হয়। ৮। [আড় দ্রঃ] সঙ্গীতের তাল-বিশেষ ; আড়াঠেকা। ৯। [আড় দ্রঃ] বি, প্রস্থদিকের বিস্তার ; চওড়াই। প্র—ঘরের আড়া। কাপড়ের আড়া। ১০। [অর্দ্ধ—আড়+আ] বিণ, অর্দ্ধ ; আধা। (২) সার্দ্ধ। (আড়াই দ্রঃ)।

[আ]ড়াআড়ি [আড় (বক্র) সাদৃশ্যার্থে দ্বিত্ব, ভাবে "ই"] ক্রি-বিণ, আড়ভাবে ; বাঁকা করিয়া ; কোণাকোণি। ২। ঢ্যারার মত অনুপ্রস্থে কসি টানিয়া (×)। ৩। বি, হিংসা-হিংসী ; দ্বেষাদ্বেষী ; পরস্পর শত্রুতা। প্র—"বারমেসে আড়া-আড়ি, এক নিমিষে যাবে টুটে?" —মনোমোহন বসু। ৪। এদিক ওদিক [আ]গু পিছু। প্র—এক দিনের আড়াআড়িতে [কি]ছু আসিয়া যাইবে না। ৫। এক সময়ে দুই [বি]পরীত দিক হইতে রওনা (পাত্রাদি সম্বন্ধে [প্র]যুক্ত) ; crossing.

[আ]ড়াই (আড়াই) [সার্দ্ধদ্বয় শব্দজ অর্দ্ধ [—]আধ) দ্বি (দ্ব—ই=আই)=আধাই—[আ]ঢ়াই বা আড়াই] বিণ, অর্দ্ধ সহ দুই ; [দু]ই এবং আধ ; ২+½। প্র—"শুনিয়া [আ]ড়াই হালা শিব অনুমতি দিলা আগুন [পা]টায়ে দিতে তায়।" —শিবায়ন।

[আড়া]ঠেকা [সঙ্গীতে মধ্যমান কিঞ্চিৎ আড় [দ্রু]ত বিলম্বিত) করিয়া বাজাইলেই আড়াঠেকা হয়] বি, আড়া ; ইহা ৯ মাত্রার তাল, ইহাতে তিনটী তাল ও একটি ফাঁক থাকে [সঙ্গীত রত্নাকর]।

আড়ানা—বি, রাগিণীবিশেষ। সুরট বা মোল্লার ও কানড়া যোগে, অথবা সুঘরাই, কানড়া ও সারঙ্গ মিশ্রণে উৎপন্ন।

আড়ানী—বি, আতপত্র ; চন্দ্রাতপ। ২। বৃহৎ ছত্র। প্র—"তপনের তাপে আড়ানী ধরে মাথে"—সখীসেনা (বঙ্গ সাহিত্য-পরিচয়)। ৩। বড় পাখা। প্র—"ছত্রদণ্ড আড়ানী চামর মোরছল"—অন্নদামঙ্গল।

আড়াভাঙ্গা—ক্রি, আড়ভাঙ্গা ; আড়ষ্ট ভাব ঘুচান [কাশী—মহা]।

আড়ামোড়া [আড়—মোড়া—মর্দ্দন শব্দজ বি, আড়-ভাঙ্গা ; আলস্যভাঙ্গা ; শরীর-ভঙ্গি।

আড়ারি [আড়রি, আড়ুলির উচ্চারণবিকার] বি, নদীর উচ্চতট। [কাশী—মহা—ভীষ্ম]।

আড়াল (অ্যাড়াল্) [সং—অন্তরাল] বি, অন্তরাল। ২। পর্দ্দা ; আচ্ছাদন ; আবরণ। ৩। যাহা কিছু দৃষ্টিরোধ করে ; গোপন ; ব্যবধান। প্র—"ধূলিসাৎ করেছ এ প্রাণের আড়াল।" —রবি।

আড়ি [অন্তরাল শব্দজ আড়াল হইতে ; আ —অড়্ (গমন করা)+ই—সংজ্ঞার্থে—ভাব বা সদ্ভাবে যাওয়া ; মনের অন্তরালে যাওয়া] বি, আড় ; আড়াল। ২। অসদ্ভাব। প্র—"এত দিন তোমার সহিত আমার আড়ি ছিল যে ভাই। এখন ভাব হইয়াছে।" —আড়ি ও ভাব (প্রবাসী, ১৩১০)। ৩। আক্রোশ ; ক্রোধ ; দ্বেষ। প্র—"বুঝনা কেমন হিংসা এ কেমন আড়ি।"—কস্তুরী। ৪। বিবাদ ; ঝগড়া ; শত্রুতা। প্র—"রায় কর্ণসেনে বড় বেড়ে গেল আড়ি।"—ঘনরাম। "অবলার সঙ্গে এত আড়ি॥"—রাম বসু। ৫। পণ ; প্রতিজ্ঞা ; গোঁ। প্র—"আড়ি ধরে বা করে বসা।" ৬। [সং—অরাল=আড়—আইড়—আড়ি] বিণ, বক্র ; আলস্য ভঙ্গকালে শরীর বক্রভাব ধারণ করে বলিয়া তাহাকে আড়িভাঙ্গা বা আড়ভাঙ্গা বলে। [আড় দ্রঃ]। ৭। বিণ, বক্রদৃষ্টি ; উঁকি। **আড়ি ধরা, আড়ি বাঁধা**—গোঁ ধরা ; প্রতিজ্ঞাবদ্ধ হওয়া।

আড়ি [প্রাদেশিক] বি, আইড় নামক মৎস্য ; বৃহৎ টেংরাজাতীয় মৎস্যবিশেষ ; আড়মাছ ; আড়কুজি। ২। ধান্যাদি শস্যের পরিমাণ ; ৩ কাঠা। প্র—"শ্বশুর ঘরের ধান্য ধারি দুই আড়ি" —কবিক। ৬। মৎস্য পরিমাপক ঝুড়ি। ৪। আড়ি পরিমাণ হইতে রাশি বা কাঁড়ি। প্র—"যে সোম শুক্রে পরে শাড়ী, ধন হয় তার আড়ি, আড়ি"—প্রবচন। ৫। শরাল পক্ষী।

আড়াআড়ি—পরস্পরের প্রতি পরস্পরের আড়ি। ২। একটা আর একটার আড়ভাবে থাকা।

আড়িউড়ি—বি, উকিঝুকি। প্র—"এই বনে বড় বৃক্ষে রাখ লুকাইয়া। বাঘা যেন নাহি দেখে আড়িউড়ি দিয়া।" —ঘনরাম।

আড়ি দেওয়া, আড়ি পাতা—ক্রি, গোপনে বা অন্তরালে থাকিয়া কাহার কথা শুনা ; আড়াল হইতে কথা শুনিবার জন্য কান পাতিয়া থাকা।

আড়িপাতুনিয়া, আড়িপাতুনে—বিণ, গোপনীয় বাক্য গোপনে শ্রবণকারী। ২। গোপনে হত্যাকারী।

আড়ি ভাঙ্গা—ক্রি, আলস্য ভঙ্গ করা। ২। সোজা করা ; বক্রভাব দূর করা।

আড়িভাঙ্গা—ক্রি, আলস্য ভঙ্গ করা।

আড়িমারা (মারা দ্রঃ)—আড়িপাতা।

আড়ুমাড়ু, আড়ুবাড়ু, আঁড়ুল্-বাঁড়ুল—বি, অন্ত্রপাক ; পেটের ভিতর পাকাইয়া বা জড়াইয়া উঠান ; বমনোদ্বেগ ; গা বমিবমি।

আড়ুরা [প্রাদে] বি, ছল ; নত্তা॥

আড়ুলি, আড়ুরি [আড়ুরি দ্রঃ] বি, নদীর উচ্চ পাড় বা কাছাড় ; নদীর ধারে খাড়া উঁচু পাড়, জলের তোড়ে যাহার ধস ভাঙ্গিতে থাকে। প্র—"পেরুতে আড়ুলি ভাঙ্গি পড়ে যেন জলে।" —ঘনরাম।

আড়ে [অন্তরালে—আড়ালে—আয়ড়ে—আড়ে। আড় দ্রঃ] ক্রি-বিণ, আড়ালে। ২। অন্তরালে। ৩। প্রস্থের দিকে ; আড় দিকে। ৪। [আ (না—বিনা)—মাড়ে (মর্দ্দিত করিয়া) আমাড়ে সংক্ষেপে আড়ে] ক্রি-বিণ, আমাড়ে ; অর্দ্ধমর্দ্দিত করিয়া ; আধ-চিবনো করিয়া। প্র—আড়ে গেলা।

আড়ে গেলা [আড়ে দ্রঃ] ক্রি, আমাড়ে খাওয়া ; খাদ্য আধ-চিবনোগোছ করিয়া খাওয়া ; না চিবাইয়া তাড়াতাড়ি গলাধঃকরণ করা।

আড়েদীঘে [আড়ে (প্রস্থে)—দীঘে (দীঘ দিকে, দৈর্ঘ্যে] ক্রি-বিণ, লম্বায় চওড়ায় ; দীর্ঘে প্রস্থে।

আড়ে-হাতে [আয়ড় (অন্তরাল) হাতে (হ'তে, হইতে) আড়ে হ'তে, অন্তরালে থাকিয়া ; অজ্ঞাতসারে সুতরাং বিলক্ষণ সুবিধামত] বিলক্ষণ সুযোগে, তাহা হইতে অতর্কিত ভাবে। ২। যৎপরোনাস্তি উদ্যমের সহিত। ৩। [আড়ে (আড়)—হাতে—হাত পশ্চাদ্দিকে বাড়াইয়া সটান সেই হাতে] লম্বা হাতে ; সজোরে।

প্র—আড়েহাতে খুব এক ঘা কশাইয়া দেওয়া। আড়েহাতে লওয়া—প্রতিশোধ দেওয়া। প্র—এই বার সে একচোট বেশ আড়েহাতে লইয়াছে।

আড়েহাতে লাগা—উঠিয়া পড়িয়া লাগা প্রাণপণে পিছনে পড়া; যথাশক্তি করা: প্র—সে দাদ তুলিবার জন্য আড়েহাতে লাগিয়াছে।

আড্ডা [হি—অড্ডা=ঠিকানা] বি, ঠিকানা; বাসা। ২। একত্র হইবার বা মিলনের স্থান। (তাহা হইতে) দুষ্ট লোকদিগের মিলন স্থান। ৩। সাম্প্রদায়িক আখড়া। ৪। উত্তরণ স্থান; সরাই; চটি। প্র—"ক্রমে বেলা হইল ক্ষুধা তৃষ্ণার বেশ উদ্রেক হইয়াছে, এমন সময় এক আড্ডায় পৌঁছিলাম।"—ললিত বন্দ্যো। ৫। গাড়ী, পাল্কী প্রভৃতির বাহকেরা যথায় ভাড়ায় খাটিবার জন্য উপস্থিত থাকে। দ্রঃ—হিন্দীতে এই শব্দ আরও বহু অর্থে ব্যবহৃত হয়। আড্ডা=হিন্দীতে পাখীর বাসা, দাঁড়, দাণ্ডা, ডাণ্ডা, দণ্ড হইতে পায়রা বসিবার উচ্চ মঞ্চ বা মাচা। সং—অট্ট=উচ্চস্থান। তাহা হইতে বসিবার মঞ্চ যাহা সাধারণতঃ জমি হইতে একটু উচ্চে নির্ম্মিত হয়। আদিম অবস্থায় বৃক্ষবাস (tree-dwelling) গুলি প্রায়ই এইপ্রকার ছিল। শব্দকল্পদ্রুমে—অট্টঃ হর্ম্মাদি গৃহম্ ইতি ভরতঃ। প্রাকারোগ্রস্থিত রণগৃহম্ ইতি কৌটিল্য (bastion etc) আড্ডা গাড়া—বাসা করা; বাসা করিয়া থাকা। আড্ডাধারী—আখড়া বা দলের প্রধান ব্যক্তি; আড্ডায় গিয়া যে আমোদ প্রমোদে অধিক সময় ক্ষেপ করে। আড্ডা মারা—দলবদ্ধ হইয়া রঙ্গতামাসা করা: আড্ডার কার্য্যে যোগ দান করা।

আঢ়ক (আঢ়ক্) [সং] বি, পুং, ক্লী, শমী বা শালী; ধান্যবিশেষ; অরহর। ২। আড়ি; আড়ি পরিমাণ। ৩। বৃষ্টি পতনের পরিমাপক। ৪। ধান্যাদির পরিমাণ পাত্রবিশেষ, চতুঃপ্রস্থ পরিমাণ। ৫। দ্রোণ চতুর্থ ভাগ। ৬। দুই মণ পরিমাণ। ৭। [বৈদ্যক মতে] ৮ সের পরিমাণ। ৮। [জ্যোতিষে] ১০০ যোজন লম্বা ও ৩০ যোজন চওড়া। ৯। সুগন্ধি মৃত্তিকা; তুবরিকানামক গন্ধদ্রব্য।

আঢ়কিক, আঢ়কীন (ক্, ন্) [আঢ়ক+ (ইক) ঈন্] বি, আঢ়ক-পরিমিত বীজবপনযোগ্য ক্ষেত্র।

আঢাকা (আ) [আ (না) ঢাকা (আচ্ছাদিত)] বিণ, অনাচ্ছাদিত; অনাবৃত; খোলা; মুক্ত।

আঢ়ি [আঢ়ক শব্দজ] বি, পরিমাণবিশেষ: ৪ কাঠা। আঢ়ক দ্রঃ।

আঢ্য (আড্ঢ) [আ—ধ্যৈ (চিন্তা করা)+অ (ড—কর্ত্তৃ)। ধ=ঢ। যে ধন-চিন্তা করে] বিণ, বিশিষ্ট; যুক্ত; অন্বিত; সম্পন্ন; পূর্ণ। ২। সমৃদ্ধ; ধনী; ঋদ্ধ।

আঢ্যচর (র্) বি, যে পূর্ব্বে ধনী ছিল।

আণ (আন) [অণ্ (শব্দ করা)+অ (ঘঞ্)] বি, পুং শব্দ।

আণক (আনক্) [সং] বিণ, ক্ষুদ্র; অল্প। অপকৃষ্ট।

আণবিক (আনবিক্) [সং—অণু+ইক (ইকণ্)=আণবিক] বিণ, অণুসম্বন্ধীয়; অণুঘটিত। আণবিক আকর্ষণ—যে শক্তিদ্বারা পরমাণু সকল পরস্পর পরস্পরকে আকর্ষণ করে; molecular attraction. আণবিক বিপ্রকর্ষণ—যে শক্তি দ্বারা পরমাণু সকল পরস্পর পরস্পরকে বিযুক্ত করে; molecular repulsion.

আণি (আনি) [অণ্ (শব্দ করা)+ইণ্] বি, পুং, স্ত্রী, খড়্গকোটি; তরবারির ধার। ২। গাড়ির চাকার খিল: অক্ষাগ্রকীলক। ৩। সীমা।

আণ্টাল (ল্) [হি—আণ্টা খেল] বি, কাঠ বা মৃদ্গোলক; ভাঁটা; গুলি। ২। বিলিয়ার্ড খেলা; the game of Billiards.

আণ্ডা [সং—অণ্ড, হি—অণ্ডা] বি, অণ্ড; ডিম। ২। অণ্ডাকার বস্তু; ভাঁটা।

আণ্ডাবাচ্ছা—গর্ভস্থ ও ক্রোড়স্থ সন্তান; ছেলেপুলে।

আণ্ডাল (ল্) আণ্টাল দ্রঃ।

আণ্ডিল (ল্) [আণ্ডীল দ্রঃ] বিণ, বহু ধনশালী; প্রচুর অর্থবান্; মহাধনী; আঢ্য। প্র—"ঢাকার আণ্ডিল উঠি ফণ্ডের ভাঁড়ার"—হেম বন্দ্যো।

আণ্ডীর (র্) [অণ্ড+ক=আণ্ড+ঈর—অস্ত্যর্থে; হি—অণ্ডৈল] বিণ, বহু অণ্ডযুক্ত; ডিম্ববহুল।

আণ্ডীল, আণ্ডেল (ল্) [হি—অণ্ডৈল। সং—অণ্ডীর। "অণ্ডীরঃ পুরুষে শক্তে"—মেদিনী, বিশ্ব। "শক্তেঽপি ষণ্ডশ্চাণ্ডীরো"—ত্রিকাণ্ডশেষ। দৈহিক তাহা হইতে আর্থিক শক্তিযুক্ত। (২) অণ্ডযুক্ত। (৩) গৌণার্থে আঢ্য।

আৎ [সং—আৎ, অপাদান কারকের বিভক্তি বাং অবিকল গৃহীত] অ, হইতে। প্র—প্রমুখাৎ।

আত (ত্) [ফা—আত্ (বহুবচনবোধক প্রত্যয়বিশেষ; বাঙ্গালা আইন আদালতের ভাষায় ব্যবহৃত)] অ, সমূহ; প্রভৃতি; ইত্যাদি। প্র—কাগজাত; দলিলাত।

আতঙ্ক, আতঙ্গ (আতোংকো, গো) [আ—তন্ক্ (কষ্টে বাঁচা, ভয় পাওয়া, ইত্যাদি)+অ (ঘঞ্) আতঙ্ক, পক্ষে ক=গ] বি, পুং, ভয়; শঙ্কা। ২। ব্যাধি; পীড়া। ৩। জ্বর; সন্তাপ। ৪। তড়কা রোগ। ৫। যাতনা। ৬। দুঃখ; কষ্ট। জলাতঙ্ক—বি, ক্ষিপ্ত কুকুর বা শৃগাল কামড়াইলে তাহার বিষজাত যে রোগ হয়। ইহাতে রোগী জল দেখিলেই ভয় পায়; hydrophobia.

আতঞ্চন (আতন্চন্) [আ—তন্চ্ (গমন করা)+অন (অনট্)] বি, ক্লী, দ্রবীভূত দ্রব্যে চূর্ণ মিশ্রিত করণ। ২। দুগ্ধে দম্বল প্রদান। ৩। গলিত স্বর্ণে সোহাগাদি চূর্ণ নিক্ষেপ। ৪। প্রক্ষেপ। ৫। উপদ্রব। ৬। বেগ।

আতত [আ—তন্ (বিস্তার করা)+ত (ক্ত)] বিণ, বিস্তৃত, প্রসারিত; ব্যাপ্ত। ২। আরোপিত। ৩। ঢক্কানাদ; মুরজ ধ্বনি।

আততজ্য (আতোতোজ্য) [আতত (সমন্তাৎ বিস্তৃত) জ্যা (ধনুকের ছিলা) যাহার, বহু] বিণ, আরোপিত-জ্যা; বিস্তৃত ছিলাযুক্ত।

আততায়ী (আততোঈ) [আতোতায়িন্, আতত (সমন্তাৎ বিস্তৃত) ই (গমন করা)+ইন্ (ণিন্)—কর্ত্তৃ] বিণ, যে, গৃহদাহ, বিষপ্রয়োগ, ভূমি দার অর্থাদি হরণ, প্রাণনাশ প্রভৃতি অনিষ্ট সাধনে প্রয়াস পায় বা অনিষ্ট করে; শত্রু; বৈরী। ২। চোর; দস্যু। প্র—"আততায়ী সেনাপতি পাপী কুলাঙ্গার।"
—পলাশী (নবীন)।

বি, আততায়িতা।

আতপ (প্) [আ—তপ্ (তাপ দেওয়া)+অ (ক)—কর্ত্তৃ] বি, পুং, সূর্য্যের কিরণ; রৌদ্র।

আতপতণ্ডুল (আতোপ্তোন্ডুল্) [আতপ—তণ্ডুল] বি, ক্লী, সিদ্ধ না করিয়া যে ধান রৌদ্রে শুষ্ক করিয়া ঢেঁকিতে ভানিয়া প্রস্তুত হয়; আলোচাল। প্রাদে—ব্যবহার—আরুয়া। হি—আরোয়া।

আতপত্র (আতোপৎত্র) [আতপ—ত্র (ত্রৈ (রক্ষা করা)+অ (ড)—কর্ত্তৃ) যে রক্ষা করে। যে আতপ হইতে রক্ষা করে] বি, ক্লী, ছত্র; ছাতা। প্র—"শিখিপুচ্ছ বিরচিত, মণিমুক্তা উপনীত, আতপত্রে শোভে রাঙ্গা ডাটী।"
—কবিক।

আতপত্রচ্ছায়া—বি, ছত্রের আশ্রয়।

আতর (র্) [অন্তর শব্দের অপভ্রংশ। প্রাদে—যশোহর] বি, কর্ষিত ভূমির মধ্যবর্ত্তী স্থান।

আতর, আতার (র্) [আ—তৄ (পার হওয়া)+অ (অল্); আ—তৄ+অ (ঘঞ্) যাহা দ্বারা পার হয়] বি, পুং, নদ্যাদি পার হইবার নৌকা ভাড়া; পারানি; মাশুল।

প্র—"আতর সঞ্চিত নাই বঞ্চিত সাঁতারে।
মানসে মনন যেতে পয়োনিধি পারে।।"
—সম্ভাবশতক।

আতর (তর্, তোর্) [আ—ই'ৎর্=সুগন্ধি] বি, পুষ্পের নির্য্যাস ; সুগন্ধি দ্রব্যবিশেষ।
আতরদান (আতোর্দান্) বি, আতর রাখিবার পাত্র।

আতর (র্) [অস্ত্র শব্দের অপভ্রংশ] বি, অস্ত্র।
প্র—"আচ্ছাদিত হয়ে তনু চত্রিশ আতরে।
পঞ্চশত ধনু তার পঞ্চশত করে।।
সশস্ত্র-সহস্র-হস্ত-অঞ্জলিত তনু।
দুটা চক্ষু দেখি যেন প্রভাতের ভানু।।"
—শিবায়ন।

আতর্পণ (আতর্পোন্) [আ—তৃপ্ (তৃপ্তি করা)+অন (ট্—ভাবে] বি, পুং, তৃপ্তি ; সন্তোষ। ২। প্রীতিসম্পাদন ; তৃপ্তি দান। ৩। আলিপনা।

আতলাস্ (ত্, শ্) [আ—আৎলাস্=রেশমী শাদা কাপড়। আরবদিগের অভ্যুদয় কালে শাদা রেশমী কাপড়ের উপর পৃথিবীর মানচিত্র তুলিয়া রাখা হইত বলিয়া এই নাম] বি, রেশমী বস্ত্রবিশেষ। ২। পৃথিবীর মানচিত্র। "Gk. Atlas, a Titan who bore the world on his shoulders, and whose figure used to be given on the title page of atlases."
—*Rev. Davidson.*

আতস (আতশ্) [ফা—আতশ্। হি—অতাস্। গ্রা-বাং—আতাস= আগুনের ঝাঁজ] বি, অগ্নি। ২। উত্তাপ।
আতসবাজি (আতোশ্বাজি) [ফা—আতশ্ বাজী] বি, অগ্নিক্রীড়াবিশেষ ; উৎসব ও আমোদার্থে বন্দুকের বারুদ, গন্ধক, সোরা কয়লা প্রভৃতি উপকরণে প্রস্তুত তুবড়ী, হাউই, পটকা প্রভৃতি বাজী ; fireworks. প্র— "আপনি অনল হইলা আতস বাজী।"
—অ, ম।

আতসী (আতোশি) বিণ, আগ্নেয় ; দহমান। ২। কাচবিশেষ।
আতসীকাচ (চ্)—যে কাচ সূর্য্যরশ্মি কেন্দ্রীভূত করিয়া দগ্ধ করে ; a burning glass.

আতা (আতা) [সং-প্রাকৃ—অত্তা=মাতা। তুল—তুর্কী, আতা=পিতা] বি, স্ত্রী, মাতা। প্র—"আছিল আমার আতা কিছুই না জানি।"
—পদ্মাপুরাণ।

আতা (আ্তা) [সং—আতৃপ্য (বৈদ্যকে) —শব্দকল্পদ্রুম] বি, আতাফল ; the custard apple

আতাই [ফা—আতাই] বি, বিনা বেতনে গীত বাদ্যকর ; সখের গায়ক বা বাদক। ২। যাঁহারা বিনা বেতনে গীতবাদ্য শিক্ষা দেন।

আতান্তর (আতানতর্) [অত্রান্ত শব্দজ] বি, দুরবস্থা : সঙ্কট ; বিপন্ন অবস্থা ; বিপদ। প্র—সে এখন এমন আতান্তরে পড়েছে যে কোন দিকেই উদ্ধারের পথ পাইতেছে না।

আতাম্র [আ (ঈষৎ)—তাম্র (রক্তবর্ণ)] বি, পাটল ; pink. ২। বিণ, তাম্রবর্ণবিশিষ্ট।

আতারিকাতারি [আতুর হইতে আতার—কাতর হইতে কাতার ভাবার্থে ই] বি, যন্ত্রণায় অস্থিরতা ; কাতরোক্তি ; যাতনার ছটফটানি।

আতালি—বি, ছাদের নিম্নের কার্ণিশ। ২। মঞ্চ ; মাচা ; ভারা।

আতালিক (ক্) [তুর্কী—অ্তালিক্। আ] বি, নীতি শিক্ষার গুরু।

আতালিপাতালি [প্রাকৃ-উথল্লপথল্ল= এদিক ওদিক। —হেম—দেশী নামমালা] বি, সর্ব্বত্র ; চতুর্দ্দিকে। ২। সর্ব্বাঙ্গে। প্র— "শর শেল গুলি আথালিপাথালি, সামালি সামালি চালিছে ঢাল।"
—ঘনরাম।

আতি [প্রা বাং। অতির হিন্দী উচ্চারণের অনুরূপ ও প্রাদেশিক উচ্চারণবিকার] অ, এত। প্র—"তোঁহার বিলম্ব উচিত নহে আতি"—পী, রস।

আতিক্ত [আ=ঈষৎ+তিক্ত] বিণ, ঈষৎ-তিক্ত ; তিতকুটে। চ, আতিত্।

আতিত, আতিতা (ত্) [আতিক্ত হইতে] বিণ, ঈষৎ-তিক্ত। [দ্রঃ—সিক্ত হইতে তিত (তিতিল দ্রঃ) সুতরাং আতিত শব্দে ঈষৎ সিক্ত অর্থ হইতে পারে কিন্তু তিক্ত অর্থই প্রশস্ত]

আতিথেয় [অতিথি+এয় (ঢেয়) সাধ্বর্থে] বিণ, অতিথিসেবা-পরায়ণ ; অতিথিপরিচর্য্যারত। ২। অতিথিসেবার 'সামগ্রী ; অতিথির ভোজ্য পানীয় প্রভৃতি।

আতিথেয়তা [আতিথেয়+তা—ভাবে] বি, স্ত্রী, আতিথেয়ের ব্যবহার।

আতিথেয়ী [আতিথেয়—ঈ, স্ত্রীলিঙ্গে] বিণ, স্ত্রী, অতিথি-সেবা-পরায়ণা ; অতিথি-সৎকার-কারিণী। প্র—"আতিথেয়ী কুন্তী ভক্তি সহকারে তাঁহার সেবাবিধি নির্ব্বাহ করিলেন,"
—মহা—(সিংহ)।

আতিথ্য (আতিথ্থ) [অতিথি+য (ষ্য)— প্রয়োজনার্থে] বি, ক্লী, অতিথিসৎকার ; অতিথিসেবা। ২। অতিথিসৎকারের সামগ্রী ; অতিথির ভোজ্য পানীয় প্রভৃতি। ৩। পুং, অতিথি।

আতিদেশিক (ক্) [অতিদেশ (অন্যত্র আরোপ)+ইক (ষ্ণিক)—ভবার্থে] বিণ, অন্যত্র আরোপিত ; যাহার যে গুণ নাই তাহাতে সেই গুণের আরোপ সম্বন্ধীয় : misapplied. "attributed to a wrong quarter."—*Ganguli.*

আতিবিতি (আ্) [অতিব্যস্ত—আস্তেব্যস্তে] বিণ, অতিসত্বর ; অতিব্যস্ততার সহিত : তাড়াতাড়ি।
প্র—"আতিবিতি গেল রায় বিদ্যার ভবন।"
—ভারতচন্দ্র।
[আথিবিথি দ্রঃ]

আতিশয্য (আতিশোজ্জো) [অতিশয়+য (ষ্য) ভাবে] বি, ক্লী, অতিশয়তা : অতিরেক ; আধিক্য। ২। প্রাবল্য।

আতীত (ত্) [আতিক্ত। আতিত দ্রঃ] বিণ, ঈষৎ তিক্ত।

আতু [আ—তৃ (পার হইয়া যাওয়া)+উ] বি, পুং, ভেলা ; মাড়। **আ-তু**—অ, কুকুর বিড়াল প্রভৃতি জন্তুকে ডাকিবার ইঙ্গিত।

আতু-আতু (আ্তুআ্তু) [আত্মতাশব্দজ] বি, অতিরিক্ত যত্ন ; অত্যন্ত আদর ; রক্ষার্থে মহাযত্ন। ২। [সং অলগ্নতা হইতে আল্গা আল্গা (ভাব) পরে আল্তো আল্তো —শেষে আতুআতু] যে স্পর্শের ভর সয় না এমন কোমল তাহার প্রতি সাবধান যত্ন ; ছুঁতে গ'লে না যায় এরূপ ভাবে ব্যবহার ; সঙ্কোচের সহিত ব্যবহার। প্র—ছেলেটাকে অত আতুআতু করে রেখেও তার রোগ ছাড়ে না। ক্রি, **আতুআতু করা**।

আতুর (র্) [আ—তুর্ (ত্বরা করা)+অ (—কর্ত্তৃ) যে অস্বাস্থ্য হেতু ত্বরান্বিত হয়] বিণ, রুগ্ন ; অসুস্থ। প্র—আতুরাশ্রম। ২। আর্ত্ত : কাতর : অধীর : শোকে অভিভূত ; ব্যথিত। প্র—"শুনেছে তোমার নাম, অনাথ আতুর জন, এসেছে তোমার দ্বারে, শূন্য ফেরে না যেন।"
—ব্রহ্মসঙ্গীত।
"কহে চণ্ডীদাস, পুরহ লালস, নাগর আতুর বড়॥"
—চণ্ডীদাস।
৩। [প্রাদে] আঁতুড়ে আবদ্ধ।

আতুরনিবাস (আতুর্নিবাশ্) [আতুর= পীড়িত—নিবাস=বাসস্থান (৬তৎ)] বি, পুং, রুগ্নাবাস ; রোগীদিগের থাকিবার ও সেবার স্থান ; হাঁসপাতাল ; hospital.

আতৃপ্য [আ—তৃপ্ (তৃপ্ত হওয়া)+য (ক্যপ্)] বিণ, প্রীতিপ্রদ ; তৃপ্তিযোগ্য ; সন্তোষজনক। ২। বি, আতাগাছ ; আতাফল।

আতেলা [অতৈল শব্দজ] বিণ, তৈলহীন।

আতোদ্য (আতোদ্দ) [আ—তুদ্=পীড়ন করা+য (ণ্যৎ) কর্ম্মে] বি, ক্লী, বীণা, সেতার প্রভৃতি তত-যন্ত্র, মৃদঙ্গাদি আনদ্ধযন্ত্র, বংশী, শৃঙ্গাদি শুষিরযন্ত্র, করতালাদি ঘনযন্ত্র এই চারি প্রকার বাদ্য।

আত্ত [আ—দা (দান করা, গ্রহণ করা)+ ত (ক্ত) কর্ম্মে] বিণ, গৃহীত ; প্রাপ্ত।

আত্তগন্ধ, আত্তগর্ব্ব [(আত্ত=গৃহীত—গন্ধ) যাহার গন্ধ গৃহীত হইয়াছে। (আত্ত +গর্ব্ব) যাহার গর্ব্ব গৃহীত হইয়াছে। (বহু)] বিণ, হতগর্ব্ব ; হতদর্প ; চূর্ণিত অহঙ্কার ; বিনীত।

আত্তদণ্ড [আত্ত=গৃহীত—দণ্ড, যিনি দণ্ড প্রহারার্থ দণ্ড গ্রহণ করিয়াছেন (বহু)] বিণ, গৃহীতদণ্ড ; দণ্ডপাণি।

আত্তশস্ত্র [আত্ত=গৃহীত—শস্ত্র, যে প্রহারার্থ শস্ত্র গ্রহণ করিয়াছে (বহু)] বিণ, গৃহীতশস্ত্র ; শস্ত্রপাণি।

আত্তার (আৎতার্) [ফা] বিণ, আতর প্রস্তুতকারী ; গন্ধী ; ঔষধবিক্রেতা ; রাসায়নিক পদার্থ প্রস্তুতকারক ও বিক্রেতা।

আত্তি [আত্মন্ (আপন) প্রা] বি, আত্মতা ; আত্মীয়তা। প্র—তথায় তাঁহাদের যত্ন আত্তির কোন অভাব নাই। ২। মমতা।

আত্তিশুভ, আত্তিশো—বিণ, আপনার অনুগত ; সর্ব্বজনপ্রিয় ; যে পরের মন যোগাইতে পারে ; মমতাশীল।

আত্ম (আৎতঁ) [সং—আত্মন্ (আত্মা দ্রঃ) হি—আপন্ ; প্রা, বাং—আপ্ত। অন্য শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া ব্যবহৃত হয় ; যথা—আত্মদান, আত্ম-কলহ ইত্যাদি] বিণ, স্বীয় ; আপনার ; নিজ। **আত্মকর্ম্ম,—কার্য্য**—স্বকার্য্য। **আত্ম-কলহ**—গৃহবিবাদ। **আত্ম-কুটুম্ব**—আত্মীয় বা জ্ঞাতি কুটুম্ব (কুটুম্ব দ্রঃ)। **আত্মকৃত**—স্বকৃত ; স্বহস্তে সম্পাদিত। **আত্ম-গর্ব্ব, গরিমা**—অহঙ্কার। **আত্মঘাতী**—আত্মপ্রাণ-বিনাশকারী। **আত্মচিন্তা**—আত্মানুসন্ধান। **আত্মজ্ঞান**—আত্মা-সম্বন্ধীয় জ্ঞান ; self-consciousness. **আত্মতত্ত্ব**—অধ্যাত্মবিদ্যা ; আত্মার স্বরূপ জানা যায় যে বিদ্যায়। **আত্মতত্ত্বজ্ঞ**—যে আত্মার স্বরূপ জানিয়াছে। **আত্মতুল্য**—সদৃশ ; নিজের মত। অ আপনার সুখসন্তোষ। **আত্মত্যাগ**—আত্মবিসর্জ্জন ; self-denial. **আত্ম-দর্শন**—আত্মপরীক্ষা ; অন্তর্দৃষ্টি। **আত্মদর্শী**—যাহার আত্ম-দর্শন আছে। **আত্মদান**—আপনাকে পরার্থে নিয়োগ। **আত্মদোষ**—স্বাপরাধ ; আপনার ত্রুটি। **আত্মদ্রোহ**—গৃহবিবাদ। **আত্মদ্রোহী**—আত্মবিদ্রোহী ; যে আপনাকে নির্য্যাতন করে ; আত্মঘাতী। **আত্মনিবেদন**—আত্মোৎসর্গ। **আত্মনিষ্ঠ**—ঈশ্বরানুরাগী ; দেবকার্য্যে আপনাকে যে সমর্পণ করিয়াছে। **আত্ম-প্রশংসা**—আপনার মুখে আপনার সুখ্যাতি। **আত্মপ্রসাদ**—আত্মতৃপ্তি। **আত্ম-বঞ্চনা**—মন্দ করিয়া আপনার মনকে যে ভাল বলিয়া বুঝায়। **আত্মবন্ধু**—আত্মীয় এবং বন্ধু ; জ্ঞাতিবন্ধু। **আত্মবর্গ**—স্বগণ ; আপনার জনগণ। **আত্মবিক্রয়**—সকল বিষয়ে স্বাধীনতা হারাইয়া পরের মতানুসারে পরিচালিত হওন ; সম্পূর্ণভাবে অন্যের বশ্যতা স্বীকার। **আত্মবিদ্যা**—অধ্যাত্মবিদ্যা ; theosophy. **আত্মবিসর্জ্জন**—আত্মত্যাগ। **আত্মবিস্মৃত**—আপনাভোলা। বি, **আত্মবিস্মৃতি**। **আত্মবুদ্ধি**—আত্মবোধ ; consciousness. **আত্মবোধ**—আমিত্বের জ্ঞান বা বোধ। **আত্মশাসন**—আত্মসংযম। **আত্মরক্ষা**—আপনাকে বাঁচান। **আত্মশ্লাঘা**—আত্মপ্রশংসা। **আত্মসংযম**—আপনাকে দমন ; আপনাকে বিবেকের বশে আনয়ন। **আত্মশুদ্ধি**—আত্মার বিশুদ্ধি ; self-purification. **আত্মসদৃশ**—আত্মতুল্য। **আত্মসমর্পণ**—আপনাকে সম্পূর্ণরূপে অন্যের ইচ্ছামত পরিচালন ও ব্যবহারের জন্য ছাড়িয়া দেওয়া।

আত্মগত (আৎতোঁগত) [আত্মন্—গত (গম্ +ত=ক্ত)] বিণ, আপনাতে স্থিত ; আত্মনিষ্ঠ। ২। [নাট্যে] ক্রি-বিণ, স্বগত ; আপন মনে ; অন্যের অশ্রুত বা অগোচর।

আত্মগুণ (আৎতোঁগুন্) [আত্মন্—গুণ] বি, পুং, নিজগুণ ; তাহা হইতে স্বীয় দোষগুণ ; নিজের দোষাদোষ। ২। [ব্যঙ্গার্থে] নিজের অগুণ ; আপনার দোষ। প্র—আর আত্মগুণ ব্যক্ত ক'রতে হবে না। এখন তাহার নিজের মুখ দিয়াই আত্মগুণ প্রকাশ হ'য়ে পড়েছে।

আত্মগুণাভিমানী (আৎতঁগুনাভিমানি) [মানিন, আত্মগুণ—অভিমানী] বিণ, যে আপনার গুণের অভিমান বা গর্ব্ব করে। স্ত্রী, **আত্মগুণাভিমানিনী**।

আত্মগুপ্ত (আৎতঁগুপ্ত) [আত্মন্=আপনি—গুপ্ত=রক্ষিত, যে আত্মদ্বারা রক্ষিত হয় ; ৩ তৎ] বিণ, আত্মশক্তি দ্বারা রক্ষিত। বি, **আত্মগুপ্তি**।

আত্মগুপ্তা—বি, স্ত্রী, আলকুশী গাছ ; (mucuna pruriens).

আত্মগৌরব (আৎতঁগৌরব্) [আত্মন্—গৌরব] বি, ক্লী, স্বীয় গরিমা ; আপনার গৌরব ; আত্ম প্রশংসা ; conceit ; self-importance.

আত্মগ্রাহী (আৎতঁগ্রাহি) [আত্মন্—গ্রাহিন্ যে গ্রহণ করে] বিণ, স্বার্থপর ; আত্মম্ভরি।

আত্মঘাত (আৎতঁঘাত্) [আত্মন্—ঘাত (হনন)] বি, আত্মহত্যা ; নিজহস্তে নিজ প্রাণনাশ ; suicide. ২। আঘাত।

আত্মঘাতি, আত্মঘাতী (আৎতঁঘাতি) [আত্মন্=আপন—ঘাতী (ঘাতিন্), হন (বধ করা) + ইন্ (ণিন্) কর্ত্তৃ—যে হত্যা করে (উপপদ)] বিণ, যে স্বহস্তে স্বীয় প্রাণ নষ্ট করে ; আত্মহত্যাকারী। ২। অজ্ঞানী ; ব্রহ্মজ্ঞানহীন। স্ত্রী, **আত্মঘাতিনী**।

আত্মঘোষ (আৎতোঁঘোষ্) [আত্মন্—ঘুষ্ = শব্দ করা + অ—কর্ত্তৃ, শব্দ দ্বারা যে আত্মাকে ঘোষণা করে (উপপদ)] বি, পুং,কাক। ২। কুক্কুট।

আত্মজ (আৎতঁজ) [আত্মন্—শরীর=জ (জন্ =জন্মান + অ (ড) কর্ত্তৃ, যে আত্মা হইতে জন্মে] বি, পুত্র।
প্র—"* * উত্তরিলা রথী রাবণ-অনুজ, লক্ষ্যি রাবণ-আত্মজে ;" —মেঘনাদ।
স্ত্রী, **আত্মজা**—কন্যা।

আত্মজন (আৎতোঁজন্) [আত্মন্—জন] বি, আপনার লোক। ২। আপনি ; স্বয়ং ; নিজ। প্র—"কালী কালী কালী পড় মন, কালী পদে রাখ প্রীতি।
* * * আত্মজনের কর গতি ॥" —রামপ্রসাদ।

আত্মজন্ম (আৎতঁজনম্) [আত্মন্—জন্ম, ৬তৎ] বি, ক্লী, পুত্ররূপে আপনার জন্ম।

আত্মজন্মা (আৎতঁজনমা) [আত্মন্=শরীর—জন্মন্=উৎপত্তি। যাহার শরীর হইতে জন্ম হয় (বহু)] বি, সন্তান।

আত্মজ্ঞ (আৎতোঁগ্‌গোঁ) [আত্মন্—জ্ঞা (জানা) +অ (ড) কর্ত্তৃ] বিণ, আত্মতত্ত্বজ্ঞ ; পরমাত্মজ্ঞানী ; ব্রহ্মজ্ঞানী। ২। যে আপনার দোষগুণ জানে ; পণ্ডিত ; বুধ।

আত্মজ্ঞান (আৎতোঁগ্‌গ্যান্) [আত্মন্—জ্ঞান] বি, ক্লী, আত্মার স্বরূপ জ্ঞান ; পরমাত্মতত্ত্বজ্ঞান ; ব্রহ্মজ্ঞান।

আত্মতত্ত্ব (আৎতোঁতৎতো) [আত্মন্—তত্ত্ব] বি, ক্লী, আত্মার স্বরূপজ্ঞান ; পরমাত্মার প্রকৃত অবস্থা। ২। [বেদ মতে] চৈতন্য।

আত্মতত্ত্বজ্ঞ (আৎতোঁতৎতোগ্‌গোঁ) [আত্মতত্ত্ব—জ্ঞ, যে জানে] বিণ, পুং, আত্মার স্বরূপ যে অবগত হইয়াছে ; পরমাত্মজ্ঞানী ; ব্রহ্মজ্ঞানী।

আত্মতা (আৎতোঁতা) [আত্মন্ + তা—ভাবে] বি, স্ত্রী, আধ্যাত্মিকতা ; পরমাত্মতত্ত্ব ; স্বরূপতা। ২। আত্মীয়তা ; প্রণয় ; বন্ধুত্ব।
প্র—"দয়া করে সয়া বলে যদি হলে সই।
অনেক আত্মতা হৈল অতএব কই ॥" —শিবায়ন।

আত্মত্যাগ (আৎতোঁত্যাগ) আত্মন্+ত্যাগ] বি, নিঃস্বার্থতা ; পরার্থে স্বীয় সুখ বিসর্জ্জন ; স্বার্থত্যাগ। ২। আত্মদান ; আত্মোৎসর্গ ; self-denial ; self-sacrifice.

আত্মত্যাগী (আৎতোঁত্যাগি) [আত্ম—ত্যাগী (ত্যাগিন্) যে ত্যাগ করে] বিণ, আত্মঘাতী।

২। অজ্ঞানী ; ব্রহ্মজ্ঞানহীন। ৩। পরার্থে আপনার সুখ যে বিসর্জ্জন করে ; স্বার্থত্যাগী।

আত্মদর্শ (আৎতোঁদর্শ) [আত্মন্ (শরীর অবয়ব)+দর্শ্ (দর্শন) অ (অধি, অল্) যাহাতে আপনাকে দেখা যায়] বি, আদর্শ ; দর্পণ ; মুকুর ; আরসি।

আত্মদর্শন (আৎতোঁদর্শন্) [আত্মন্—দর্শন (দৃশ্+অন)] বি, স্ত্রী, স্বকীয় দোষ গুণের পরীক্ষা ; আত্মপরীক্ষা ; অন্তর্দর্শন। introspection. ২। সকল জীবকে আপনার ন্যায় দেখা। ৩। [দর্শন শাস্ত্রে] আত্মা দ্বারা আত্মদর্শন ; মুক্তি ; মোক্ষ।

আত্মদর্শিতা (আৎতোঁদোর্শিতা) [আত্ম—দর্শিন্+তা—ভাবে] বি, স্ত্রী, অন্তর্দর্শনের ভাব ; আত্মপরীক্ষার শক্তি।

আত্মদর্শী (আৎতোঁদোর্শি) [আত্মন্—দর্শী (দর্শিন্) যে দেখে] বিণ, যে আপনার দোষ গুণের প্রতি দৃষ্টি রাখে। স্বীয় অন্তর্দ্রষ্টা ; আত্মপরীক্ষক। ২। আধ্যাত্মিক।

আত্মদান (আৎতোঁদান্) [আত্মন্—দান, ৪র্থী তৎ] বি, পরহিতার্থে বা পরের জন্য আপনাকে বিসর্জ্জন ; আত্মপ্রাণদান ; আত্মনিবেদন ; আত্মোৎসর্গ। প্র—

"আমি চাই প্রেমিকের প্রেমিক পরাণ ;
পরে সদা ভালবাসে,
পরের সুখের আশে,
চির আত্ম-বিসর্জ্জন চির আত্মদান!"
—কাব্যকুসুমাঞ্জলি।

আত্মদোষ (আৎতোঁদোষ্) [আত্মন্—দোষ, ৬ তৎ] বি, পুং, নিজদোষ ; আত্মাপরাধ ; স্বীয় ত্রুটী ; স্বদোষ। প্র—"এক্ষণে তাহার সম্মুখে দুইটী পথ উন্মুক্ত হয়, আত্মদোষ স্বীকার করিয়া উপযুক্ত শাস্তি গ্রহণ করা, অথবা মিথ্যার সাহায্যে আত্মদোষ গোপন করিয়া নিষ্কৃতি লাভ করা।***স্বদোষ স্বীকার করায় সত্যপরায়ণের যেমন শান্তি হয়, সত্যের প্রভাবে তাহার হৃদয় তদপেক্ষা অধিক উন্নত হয়।"
—চরিত্র গঠন।

আত্মদোষক্ষালন (আৎতোঁদোষক্খালন্) বি, আপনার দোষ খণ্ডন ; স্বদোষ মোচন।

আত্মদোষখণ্ডন (আৎতোঁদোষ্খনড়ন্) বি, স্বদোষ মোচন ; নিজের দোষ অপ্রমাণিত করণ।

আত্মদোষজ্ঞ (আৎতোঁদোষগ্গঁ) [আত্মন্—দোষ—জ্ঞা+অ (ড) কর্ত্তৃ—যে জানে] বিণ, যে নিজের দোষ অবগত আছে ; স্বদোষজ্ঞ।

আত্মদ্রোহ (আৎতোঁদ্রোহ) [আত্মন্—দ্রোহ (দ্রুহ্+অ)] বি, পুং আপনার অনিষ্ট। ২। আত্মনিগ্রহ, আত্মপীড়ন। ৩। ঘরোয়া বিবাদ ; গৃহশত্রুতা ; অন্তর্বিদ্রোহ।

আত্মদ্রোহী (আৎতোঁদ্রোহী) [আত্মন্—দ্রুহ (পীড়ন করা)+ইন্ (ণিন্) কর্ত্তৃ] বিণ, আত্মনিগ্রহকারী ; আত্মপীড়ক। ২। আত্মঘাতী। ৩। গৃহশত্রু।

আত্মধী (আৎতোঁধী) [আত্মন্—ধী] বি, আত্মবুদ্ধি ; আত্মজ্ঞান।

আত্মনিবেদন (আৎতোঁনিবেদন্) বি, আপনাকে নিবেদন করিয়া দেওয়া ; আত্মোৎসর্গ ; আত্মদান ; self-devotion ; self-sacrifice.

আত্মনিষ্ঠ (আৎতোঁনিষ্ঠ) [আত্মন্—আত্মজ্ঞান—নিষ্ঠা। আত্মজ্ঞানে নিষ্ঠাপর] বিণ, আত্মাতে যাহার নিষ্ঠা বা একাগ্রতা আছে ; আত্মগত। ২। আত্মজ্ঞানী ; ব্রহ্মনিষ্ঠ। বি, আত্মনিষ্ঠা।

আত্মনীন (আৎতোঁনীন্) [আত্মন্+ঈন (খীন) হিতার্থে] বিণ, আত্মহিতকর। ২। পথ্য। ৩। আত্মসংক্রান্ত ; নিজ। ৪। আত্মীয় ; স্বজন ; সন্তান ; শ্যালক ; বিদূষক। স্ত্রী, আত্মনীনা।

আত্মনেপদ (আৎতোঁনেপদ) [আত্মন্ শব্দের ৪র্থী ১ব=আত্মনে+পদ] বি, ব্যাকরণে পরস্মৈপদের ইতরপদ ; ক্রিয়ার আত্মফলভাগিত্ব-ব্যঞ্জক রূপ। ["*In Sans. Gram.* Some verbs have two forms one when the act denoted by the verb is done for the benefit of the agent himself. (this is আত্মনেপদ, the other when the same act is done for others ; see পরস্মৈপদ"—*Ganguli.*)]

আত্মপর (আৎতোঁপর) [আত্মন্—পর—অপর (দ্বন্দ্ব)] বিণ, আপনি ও অপর। ২। আপনার জন বা পক্ষ ; স্বপক্ষ এবং বিপক্ষ বা শত্রু ; শত্রুমিত্র।

আত্মপ্রত্যয় (আৎতোঁপ্রোৎতয়) [আত্মন্—প্রত্যয়] বি, আত্মপ্রমাণ ; আত্মবিশ্বাস ; নিজ বোধ। প্র—"কেবল নির্ম্মল সহজ জ্ঞানে তিনি প্রকাশিত হন এবং এক আত্মপ্রত্যয়ের বলে সেই জ্ঞানগোচর সত্য সুন্দর মঙ্গল পুরুষের অস্তিত্বে আমরা বিশ্বাস করি।—ব্রাহ্মধর্ম ৯।৭৭।

আত্মবৎ (আৎতোঁবৎ) [সং হইতে অবিকল গৃহীত] অ, আপনার সদৃশ ; আপনার মত ; স্বসদৃশ।

আত্মবত্তা (আৎতোঁবৎত) [আত্ম+বৎ+তা—ভাবে] বি, স্ত্রী, আত্মসাদৃশ্য ; অপক্ষপাতিতা ; নির্ব্বিকারচিত্ততা।

আত্মবন্ধু (আৎতোঁবোনধু) [আত্মন্—বন্ধু (কুটুম্ব) ৬ তৎ] বি, পুং, আত্মীয়সুহৃদ্ ; নিজবন্ধু ; আত্মীয়স্বজন ; বন্ধুবান্ধব ; আপ্তবন্ধু। ২। [দায়ভাগে] পিতৃস্বসৃপুত্র, মাতৃস্বসৃ-পুত্র ও মাতুলপুত্র অর্থাৎ পিসতুতো, মাসতুতো ও মামাতো ভাই—এই তিন জন আত্মবন্ধু।

আত্মবন্ধু (বো) [আত্ম (আত্মীয়) বন্ধু] বি, আত্মীয় এবং বন্ধু ; জ্ঞাতি বন্ধু।

আত্মবশ (আৎতোঁবশ্) [আত্মন্—বশ] বিণ, যে আপনার ইচ্ছামত কার্য্য করিতে পারে বা করিয়া থাকে ; স্ববশ ; অপরাধীন। ২। বি, আপনার ইন্দ্রিয়াদির নিগ্রহ ; আত্মচিত্তবশীকরণ ; আত্মসংযম।

আত্মবান্ (আৎতোঁবান্) [আত্মন্+বৎ (বতু) বিদ্যমানার্থে] বিণ, মহাপ্রাণ ; উদার চেতা। ২। আত্মায় যে প্রতিষ্ঠিত ; আত্মপ্রতিষ্ঠ ; ধৃতিমান্ ; তত্ত্বজ্ঞানী। ৩। মনস্বী। ৪। জিতেন্দ্রিয়। ৫। নিজহিতাকাঙ্ক্ষী।

আত্মবিক্রয় (আৎতোঁবিক্রয়্) [আত্মন্—বিক্রয়] বি, আপনাকে বেচিয়া ফেলা ; অর্থ, অন্ন, ভালবাসা, কৃতজ্ঞতা বা অন্য কোন কিছুর বিনিময়ে আপনার দেহ ও মন বা ইচ্ছার উপর স্বীয় অধিকার অন্যকে সমর্পণ। ২। ক্রীতদাসত্ব। ৩। বেশ্যাবৃত্তি।

আত্মবিগ্রহ (আৎতোঁবিগ্রোহো) [আত্মন্=আপনি, স্বজন—বিগ্রহ=যুদ্ধ] বি, পুং, আত্মদ্রোহ ; স্বজাতির মধ্যে সংগ্রাম ; গৃহযুদ্ধ ; civil-war.

আত্মবিচ্ছেদ (আৎতোঁবিছ্ছেদ্) [আত্মন্—বিচ্ছেদ (বি+ছিদ্+অ—ঘঞ্)] বি, পুং, আত্মীয়-স্বজন-বিরহ। ২। গৃহবিবাদ।

আত্মবিদ্ (আৎতোঁবিদ্) [আত্মন্—বিদ্ (বিদ্=জানা+ক্বিপ্—কর্ত্তৃ)] বিণ, আপনাকে যে জানে ; আত্মার স্বরূপ জ্ঞান যাহার আছে ; আত্মজ্ঞানী ; আত্মতত্ত্বজ্ঞ ; পরমাত্মজ্ঞানী ; ব্রহ্মজ্ঞ। ২। আপনার বলাবল যাহার জানা আছে ; স্বপক্ষজ্ঞ।

আত্মবিদ্যা (আৎতোঁবিদ্দ্যা) [আত্মন্—বিদ্যা (বিদ্=জানা+ক্যপ্)+আ] বি, স্ত্রী, ব্রহ্মবিদ্যা ; পরমাত্মতত্ত্ব ; অধ্যাত্মবিদ্যা। ২। যোগশাস্ত্রাদি।

আত্মবিলোপ আৎতোঁবিলোপ্) [আত্মন্—বিলোপ] বি, আপনার কর্ত্তৃত্বের চিহ্ন না রাখা ; স্বীয় নামযশ গোপন ; আত্মগোপন। প্র—"কিন্তু তাঁহার নাম স্থায়ী করিবার জন্য কিছুমাত্র চেষ্টা করেন নাই, বরং তাহার প্রতিকূলতা করিয়াছেন। এরূপ আত্মবিলোপ এখন ত দেখা যায় না।" —চারিত্রপূজা।

আত্মবিস্মরণ (আৎতোঁবিশ্শঁরোন্) [আত্মন্—বিস্মরণ (বি—স্মৃ+অন(ট্)] বি, স্ত্রী, আপনাকে ভুলিয়া যাওয়া ; আত্মবিস্মৃতি।

আত্মবিস্মৃত (আৎতোঁবিস্সৃঁতো) [আত্মন—বিস্মৃত (বি—স্মৃ+ত—ক্ত)] বিণ, যে আপনাকে ভুলিয়া আছে ; আপনাভোলা ; তন্ময়। ২। স্বীয় দোষ, গুণ, ক্ষমতা অক্ষমতা যে বুঝিতে পারে না।

আত্মবিস্মৃতি (আৎতোঁবিস্সৃঁতি) [আত্মন্—

বিস্মৃতি] বি. আত্মবিস্মরণ ; তন্ময়তা। ২ আপনার দোষ গুণ, ক্ষমতা অক্ষমতা বিষয়ে অজ্ঞতা।

আত্মবুদ্ধি (আৎতঁবুধ্‌ধি) [আত্মন্—বুদ্ধি বি. স্ত্রী. আপনার বোধ শক্তি ; আত্মজ্ঞান স্বজ্ঞান।

আত্মবেদী (আৎতোঁবেদি) [আত্মন্—বেদ (বেদিন্)—যে জানে] বিণ. আপনাকে যে জানে ; আত্মজ্ঞ ; আত্মবিদ্।

আত্মবোধ (আৎতঁবোধ্) [আত্মন্—বোধ বি. নিজ অনুভূতি ; স্বানুভাবকতা ; আত্ম-বিষয়ক জ্ঞান। ২। ব্রহ্মজ্ঞান ; তত্ত্বজ্ঞান

আত্মভব (আৎতঁভব) [আত্মন্—ভব—জন্ম] বিণ. আপনাতে উদ্‌গত। ২। মনোগত ; মানসজন্মা। , ৩। আপনার সত্তা। ৪। নিজ বিদ্যমানতা। ৫। কামদেব ; মদন

আত্মভূ (আৎতঁভূ) [আত্মন্—স্বয়ং—ভূ—হওয়া+কিপ্ (কর্তৃ) যে হয়—৫ তৎ] বি. পুং. যিনি আপনা হইতেই জন্মগ্রহণ করিয়াছেন ; স্বয়ম্ভু ; ব্রহ্মা ; বিষ্ণু ; শিব।
২। কামদেব। ৩। বিণ. স্বয়ং উৎপন্ন।

আত্মমূলী (আৎতঁমূলী) বি. দুরালভা নামক ক্ষু বিশেষ ; হিঙ্গুয়া। বি. স্ত্রী. albagimanrorum.

আত্মম্ভরি (আৎতোম্‌ভোরি) [আত্মন্=আপনাকে—ভরি (ভৃ=পোষণ করা +ই—কর্তৃ) যে আপনাকে পোষণ করে] বিণ. যে আপনি ভোগ করিতে চায় ; যে পরের সুখ চাহে না ; নিজে খাইব নিজে পরিব এইরূপ যাহার প্রবৃত্তি ; স্বার্থপর ; আত্মপরায়ণ ; স্বার্থসাধক। প্র—"আমরা আত্মম্ভরি—আমাদিগকে আত্মবিসর্জ্জন দিতে শিখাও।"—চারিত্রপূজা।

আত্মম্ভরিত্ব, আত্মম্ভরিতা (আৎতোম্‌ভোরিৎতো) [আত্মম্ভরি+ত্ব, তা (ভাবে)] বি. স্বার্থপরতা ; আত্ম-হিতপরায়ণতা ; স্বার্থসাধন।

আত্মযোনি (আৎতোজোনি) [আত্মন্ (স্বয়ং) যোনি=উৎপত্তিস্থান) যিনি আপনিই আপনার উৎপত্তিস্থান (বহু)] বি. পুং. শিব ; বিষ্ণু ; কামদেব।

আত্মরক্ষা (আৎতোঁরোক্‌খা) [আত্মন্—রক্ষা] বি. স্ত্রী. আপনাকে বাঁচান ; নিজ দেহ ও প্রাণ রক্ষা। ২। [শাস্ত্রে] বিঘ্নকর্ত্তা হইতে আপনার শরীর রক্ষা। ৩। বড়মাকাল বা মহেন্দ্রবারুণী বৃক্ষ।

আত্মরূপ (আৎতোঁরূপ্) [আত্মন্—রূপ=সাদৃশ্য] বি. ক্লী. আপনার সাদৃশ্য ; স্বরূপ। ২। আপনার রূপে আপনি প্রকাশমান। স্ত্রী. আত্মরূপা। প্র—"আদ্যা আত্মরূপা আশা পুরাহ আসিয়া।"—ভারতচন্দ্র।

আত্মলাভ (আৎতোঁলাভ) [আত্মন্=স্বয়ং—লাভ, ৬তৎ] বি. পুং. আপনার লাভ। ২। পরমাত্মজ্ঞান। ৩। বিবেক। ৪। স্বার্থ।

আত্মশল্যা (আৎতোঁশোল্লা) বি. স্ত্রী. শতাবরী ; শতমূলী।

আত্মশুদ্ধি (আৎতোঁশুধ্‌ধি) [আত্মন্—শুদ্ধি] বি. স্ত্রী. আপনার শোধন বা সংস্কার। ২। স্বীয় নির্দ্দোষতা ; আত্মাপরাধের ক্ষালন। ৩। চিত্তশুদ্ধতা ; মনের মালিন্য মোচন। ৪। স্বকৃত পাপমোচন ; প্রায়শ্চিত্ত।

আত্মশোধন (আৎতোঁশোধন্) [আত্মন্—শোধন] বি. চিত্তশোধন। ২। স্বপাপ-মোচন ; প্রায়শ্চিত্ত।

আত্মশ্লাঘা (আৎতঁস্লাঘা) [আত্মন্—শ্লাঘা] বি. স্ত্রী. আপনার মুখে আপনার প্রশংসা ; আত্মগর্ব্ব ; বিকত্থনা।

আত্মশ্লাঘিতা (আৎতোঁস্লাঘিতা) [আত্মশ্লাঘিন +তা (ন—লোপ)] বি. স্ত্রী. আত্মগর্ব্ব-প্রকাশ ; নিজমুখে নিজ প্রশংসাকরণ।

আত্মশ্লাঘী (আৎতোঁস্লাঘি) [আত্মন্—শ্লাঘি (শ্লাঘ্=প্রশংসা করা+ইন্ (ণিন্)—কর্ত্তৃ] বিণ. আত্মগর্ব্বী ; আপনার প্রশংসাকারী ; বিকত্থন।

আত্মসংযম (আৎতোঁশংজম্) [আত্মন্—সংযম (সং—যম+অ)] বি. পুং. জিতেন্দ্রিয়তা ; ইন্দ্রিয়নিগ্রহ ; কামক্রোধাদি রিপুগণকে স্ববশে আনয়ন।

আত্মসংস্রব (আৎতঁশংস্রব্) [আত্মন্—সংস্রব (সং+স্রু+অ)] বি. ক্লী. নিজসম্বন্ধ ; স্বসম্পর্ক।

আত্মসম্পর্কীয় (আৎতঁশম্‌পর্‌কিও) [আত্মন্—সম্পর্কীয় (সম্পর্ক+ঈয়)] বিণ. আপনার সহিত যাহার সম্বন্ধ আছে ; স্বসম্বন্ধীয়।

আত্মসম্বন্ধ (আৎতোঁশম্‌বন্‌ধ) [আত্মন্—সম্বন্ধ (সং—বন্ধ+অ)] বি. পুং. আপনার সম্পর্ক ; স্বসম্পর্ক ; স্বসম্বন্ধ।

আত্মসম্বন্ধীয় (আৎতোঁশম্‌বন্‌ধিও) [আত্মন্—সম্বন্ধীয় (সং—বন্ধ+ঈয়)] বিণ. স্বসম্পর্কীয়।

আত্মসম্ভব (আৎতোঁশম্ভব্) [আত্মন্=শরীর—সম্ভব (সং—ভূ+অ)=উৎপত্তি। যাহার আত্মা হইতে উৎপত্তি (বহু)] বি. আত্মজ ; পুত্র। ২। কামদেব ; কন্দর্প। ৩। আকাশসম্ভব ; আকাশসম্ভূত। স্ত্রী সম্ভবা—কন্যা। ২। বুদ্ধি।

আত্মসম্মত (আৎতোঁশম্মত) [আত্মন্—সম্মত (সং—মন্+ত (ক্ত)—ন্—লোপ)] বিণ. যাহাতে আপনার অভিমত আছে ; আপনার সম্মতিযুক্ত ; স্বসম্মত ; স্বাভিমত।

আত্মসম্মিত (আৎতোঁশম্মিত) [আত্মন্—সম্মিত (সম্=সহিত—মা=পরিমাণ+ত—ক্ত) ; আ—ই] বিণ. আপনার সদৃশ ; আপনার তুল্য পরিমাণ ; স্বসদৃশ। প্র—"হে বিপ্রসত্তম! আপনি অনেক উপায়ে এই সমস্ত বস্তু আত্ম-সম্মিত করিয়া তপোনুষ্ঠান দ্বারা মরীচিপ্রভৃতি বেধাদিগকে পরাজয় করিয়াছেন।"
—মহা-(সিংহ)।

আত্মসহায় (আৎতোঁশহায়্) [আত্মন্—সহায়] বিণ. নিজেই নিজের সহায় ; অনন্যসহায় ; বি. আত্মসহায়তা—আত্মনির্ভরতা ; self-help.
প্র—"ভিক্ষা পা বল, পঙ্ক বল, বরফ বল, ক্ষুধা বল, সবই সহ্য হয়, কিন্তু ভিক্ষা নহে ; আমরা ভিক্ষা সহ্য করিতে পারি না! এখানে কেবল রূঢ় সুদৃঢ় আত্মসহায়তা।" —চারিত্রপূজা।

আত্মসাৎ (আৎতোঁশাৎ) [আত্মন্ (আপনি) +সাৎ (চসাৎ)—অধীনতার্থে] অ. আপনার অধীন ; স্বীয় অনুগত। প্র—"ভক্তি দিয়া জীবে প্রভু কর আত্মসাৎ।" —চৈ-ভাগবত। [অপ্র] ২। আয়ত্ত ; হস্তগত। [দ্রঃ—অধুনা ইহা প্রতারণা বা অন্যায়পূর্ব্বক হস্তগত করার অর্থ বুঝায়] ক্রি. আত্মসাৎ করা—স্বহস্তগত করা। ২। হরণ করা ; অন্যায় বা অসৎ উপায়ে গ্রহণ করা ; হাতান।

আত্মসাৎকৃত (আৎতোঁশাৎকৃত) [আত্ম+সাৎ+কৃত] বিণ. যাহা আপনার হস্তগত বা আয়ত্ত হইয়াছে ; স্বায়ত্তীকৃত। ২। যাহা হৃত বা অসদুপায়ে গৃহীত ; যাহা হাতান হইয়াছে।

আত্মসার (আৎতোঁশার্) [আত্মন্—সার—সৃ +অ (ঘঞ্)—আত্মাই প্রধান যাহার—বহু] বি. পুং. আত্মম্ভরি ; স্বার্থপর।

আত্মহত্যা (আৎতোঁহোৎত্যা) [আত্মন—হত্যা (হন্+ক্যপ্) ; ন=ত, অ=আ] বি. স্ত্রী. আপনার দ্বারা আপনার প্রাণনাশ ; উদ্বন্ধন, বিষপান প্রভৃতি উপায়ে আপনার মৃত্যু সংঘটন ; আত্মঘাত।

আত্মহা (আৎতোঁহা) [আত্মন্ (আপনি)—হা (হন্=বধ করা+ক্বিপ)—কর্ত্তৃ—যে হত্যা করে (উপপদ)] বি. পুং. আত্মঘাতী ; আত্মহত্যাকারী। প্র—"কাঁদিছে আত্মহা পাপী হাহাকার রবে।" —মেঘনাদ।
২। বি. শুদ্ধজ্ঞান-বর্জ্জিত ; অজ্ঞ। ৩। [শাস্ত্রে] দেবতাকে উৎসর্গ-করা দ্রব্যসামগ্রী যাহারা স্বকীয় ব্যবহারে আনিয়া আপনার পরকাল হত্যা বা নষ্ট করে ; দেবপূজক ব্রাহ্মণ ; দেবল।

আত্মহিত (আৎতোঁহিত্) [আত্মন—হিত (ধা+ত—ক্ত) ধা=হি] বি. ক্লী. স্বীয় কল্যাণ ; আপনার মঙ্গল ; নিজহিত।

আত্মহিতকর (আৎতোঁহিতোকর্) [আত্মন—হিত—কর] বিণ. আপনার মঙ্গলজনক ; স্বীয় কল্যাণকর।

আত্মা (আৎতাঁ) [আত্মন্—আ—অৎ (নিয়ত গমন করা) + মন্ (কর্ত্তৃ)—সংজ্ঞার্থে] বি, পুং, যিনি সর্ব্বব্যাপী ও আপনাকে আপনি জানেন ; চৈতন্যস্বরূপ। প্র—"তিনি আপনাকে আপনি জানিতেছেন, এই হেতু তিনি আত্মা শব্দে উক্ত হইয়াছেন।"
—ব্রাহ্মধর্ম্ম।

২। [হিন্দু শাস্ত্রে] আত্মা দ্বিবিধ :—জীবাত্মা ও পরমাত্মা। (১) পরমাত্মা ; ব্রহ্ম। প্র—"এই জগৎ পূর্ব্বে কিছুই ছিল না, * * * কেবল একই অদ্বিতীয় সৎস্বরূপ পরব্রহ্ম ছিলেন। তিনি জন্ম-বিহীন, মহান্ আত্মা ; তিনি অজর, অমর, নিত্য ও অভয়।"
—উপনিষৎ (ব্রাহ্মধর্ম্ম ; ২।১০।১॥)

(২) জীবাত্মা : জীব। প্র—"পরব্রহ্মকে ঈশ্বর-পরায়ণ ধীরেরা একাগ্রচিত্ত হইয়া বিশুদ্ধ জ্ঞাননেত্র দ্বারা আপন আপন আত্মার অভ্যন্তরে দর্শন করেন। যেহেতু আত্মরূপ উজ্জ্বল কোষই সর্ব্বব্যাপী পরব্রহ্মের পরমস্থান ; প্রতিজনের আত্মাই তাঁহার প্রকৃষ্ট আসন ;" —ব্রাহ্মধর্ম্ম।
[জীবাত্মা ও পরমাত্মা দ্রষ্টব্য]।
"ব্রহ্মবিৎ ব্যক্তি জ্ঞান প্রসাদে * * * মঙ্গল স্বরূপকে আপনার আত্মাতেই দৃষ্টি করেন **"
—ব্রাহ্মধর্ম্ম।

৩। (ন্যায় দর্শনে) অহং-পদের আশ্রয় ; ego.
৪। অধিষ্ঠাত্রী দেবতা। ৫। স্বরূপ। ৬। আপনি ; স্বয়ং। ৭। জীবন ; প্রাণ ; ৮। পুত্র। ৯। দেহ। ১০। হৃদয়। ১১। মন ; চিত্ত। ১২। বুদ্ধি ; ধী। ১৩। প্রকৃতি : স্বভাব। প্র—"সেই যুক্তাত্মা ধীরেরা সর্ব্বব্যাপী পরমাত্মাকে সর্ব্বত্র প্রাপ্ত হইয়া সকলেতে প্রবিষ্ট হয়েন।"
—উপনিষৎ (ব্রাঃ ধঃ ১৬।১৫৪।১৫॥)।

১৪। ধৃতি ; ধৈর্য্য। ১৫। যত্ন। ১৬। সূর্য্য। ১৭। অগ্নি। ১৮। বায়ু। [দ্রঃ—জীবাত্মার সহিত পরমাত্মার সম্বন্ধ উপনিষদে এইরূপ বর্ণিত আছে :—"দুই সুন্দর পক্ষী, জীবাত্মা আর পরমাত্মা ; পরমাত্মার সৌন্দর্য্যের আভা পাইয়া জীবাত্মাও সুন্দর হইয়াছে। জীবাত্মা তাঁহার অন্তরতম পরমাত্মার সহিত সর্ব্বদাই একত্র যুক্ত আছেন ; তাঁহাদিগের মধ্যে আকাশেরও ব্যবধান নাই ; তাঁহারা উভয়েই এই শরীরে অবস্থিতি করিতেছেন এবং উভয়েই পরস্পরের সখা। পরমাত্মা জীবাত্মাতে সাক্ষিরূপে অবস্থিতি করিয়া তাঁহাকে কর্ম্মফল প্রদান করিতেছেন, জীবাত্মা তাহা প্রাপ্ত হইয়া উপভোগ করিতেছে ; পরমাত্মা প্রেম দান করিয়া জীবাত্মাকে পালন করিতেছেন। জীবাত্মা সংসারে থাকিয়া তাঁহাকে প্রীতিপূর্ব্বক তাঁহার প্রিয় কার্য্য সাধন করিতেছে। পরমাত্মা স্রষ্টা, জীবাত্মা সৃষ্ট ; পরমাত্মা নিয়ন্তা, জীবাত্মা তাঁহার অধীন ; পরমাত্মা প্রদাতা, জীবাত্মা ভোক্তা ; পরমাত্মা আমাদের একমাত্র সহায় আমরা তাঁহার প্রসাদাৎ বিষয়সুখ, আত্মপ্রসাদ, ব্রহ্মানন্দ উপভোগ করিতেছি, জীবাত্মা এই শরীররূপ নীড়ে থাকিয়া অখিল মাতার ক্রোড়ে পুষ্ট হইতেছে।" —ব্রাহ্মধর্ম্ম ৯।১৭৩।১॥]

আত্মাদর (আৎতাঁদর্) [আত্মন্—আদর (আ + দৃ + অ) আত্মবিষয়ে আদর ৭ তৎ] বি, পুং, আপনার প্রতি শ্রদ্ধা৹; আপনাকে নীচ মনে না করা ; আত্মসম্ভ্রম ; আত্মসম্মান self-esteem ; self-respect.

আত্মাপরাধ (আৎতাঁপোরাধ,) [আত্মন্ + অপরাধ(অপ—রাধ + অ) ৬ তৎ] বি, পুং, স্বকৃত দোষ ; নিজকৃত অন্যায়াচরণ স্বাপরাধ।

আত্মাপহার (আৎতাঁপহার্) [আত্মন্—অপহার] বি, পুং, আপনার প্রকৃত পরিচয় গোপন করিয়া মিথ্যা পরিচয় দান ; জাল পরিচয়।

আত্মাপহারক (আৎতাঁপোহারোক্) [আত্মন্—অপহারক (অপ—হৃ + অক—কর্ত্তৃ] বি, পুং, যে আপনার নাম, ধাম, জাতি, কুল প্রভৃতি গোপন করিয়া আপনাকে মিথ্যানামে পরিচিত করে ; প্রবঞ্চক ; কপট।

আত্মাপহারী (আৎতাঁপোহারি) [আত্মন্—অপহারী (হারিন্)] বিণ, আত্মাপহারক জাল পরিচয় দাতা ; কপট ; hypocrite. প্র—"যে ব্যক্তি অন্তঃকরণে এক প্রকার থাকিতে বাহিরে অন্য প্রকার ব্যক্ত করে, সেই আত্মাপহারী চোর কর্ত্তৃক কোন পাপকর্ম্ম কৃত না হয়।"
—মহা—আদি (বর্দ্ধ)।

আত্মাপুরুষ (আৎতাঁপুরুষ] বি, আত্মা ; ২। জীবাত্মা। ৩। প্রাণ।
আত্মাপুরুষ শুকাইয়া যাওয়া—ভয়ে প্রাণ উড়িয়া যাওয়া ; ভয়ে আড়ষ্ট হওয়া ; অত্যন্ত ভয় পাওয়া।

আত্মাভিমত (আৎতাঁভিমত) [আত্মন্—অভিমত (অভি—মন্ + ত—ক্ত) ন্—লোপ] বিণ, আপনার মতানুযায়ী ; আত্মসম্মত।

আত্মাবমাননা (আৎতাঁবোমানোনা) [আত্মন্—অবমাননা—৬ তৎ] বিণ, আপনাকে নীচ মনে করা ; আত্মার অসম্ভ্রম করা ; আত্মগ্লানি।

আত্মাবলম্বন (আৎতাঁবলম্বন্) [আত্মন্—অবলম্বন (অব—লম্ব + অনট্)] বি, স্ত্রী, আত্মাকে আশ্রয় করণ, অন্যের সাহায্য না লইয়া আপনার বুদ্ধি ও ক্ষমতার উপর নির্ভর করা ; আত্মাশ্রয় ; আত্মসহায় ; পুরুষকার ; self-help.

আত্মাবলম্বী (আৎতাঁবলোম্বি) [আত্মন্—অবলম্বী (অব—লম্বিন)] বিণ, যে অন্যের সহায়তার অপেক্ষা না করিয়া আপনার ক্ষমতা ও বুদ্ধিঅনুসারে চলে ; আত্মাশ্রয়ী : স্বাবলম্বী। স্ত্রী, **আত্মাবলম্বিনী**। বি, **আত্মাবলম্বিতা**।

আত্মারাম (আৎতাঁরাম্) [আত্মন্—আরাম (আ—রম + অ—ঘঞ)] বিণ, আত্মাতে যিনি রমণ করেন বা পরমানন্দ উপভোগ করেন।
২। আত্মস্বরূপ জ্ঞানে পরমানন্দিত ; সন্তুষ্ট চিত্ত : লব্ধানন্দ। ৩। [দেহতত্ত্বে] দেহরূপ পিঞ্জরবদ্ধ পক্ষিরূপ প্রাণ ; মন ; প্রাণপাখী ; মন-পাখী।
প্র—"মনরে আমার এই মিনতি। তুমি পড়া পাখী হও, করি, স্তুতি॥ * * * কালী কালী কালী পড় মন, কালী পদে রাখ প্রীতি। ওরে পড় বাবা আত্মারাম, আত্মজনের কর গতি॥" —রামপ্রসাদ।
৪। টিয়া বা শুক আদি যে সকল পক্ষীকে ভগবানের নাম উচ্চারণ করিতে শিখান হয় এদেশে সাধারণতঃ তাহাদিগকে আত্মারাম বলিয়া সম্বোধন করা হয়।
৫। অন্তরাত্মা ; প্রাণ। প্র—ভয়ে আত্মারাম শুকাইয়া যায়।
৬। জীব। প্র—আত্মারামের আত্মা কালী প্রমাণ প্রণবের মতন। তিনি ঘটে ঘটে বিরাজ করেন, ইচ্ছাময়ীর ইচ্ছা যেমন ;" —রামপ্রসাদ।

আত্মাশী (আৎতাঁশি) [আত্মন্—অশ্ (ভোজন করা) + ইন (ণিন্) কর্ত্তৃ। যে স্বকুল ভোজন করে] বি, যে স্বকুল খায় ; স্বসন্তান-খাদক। ২। মৎস্য।

আত্মাশ্রয় [আৎতাঁস্স্রয়) [আত্মন্—আশ্রয় (আ—শ্রি (আশ্রয় করা) + অ (অল্)] বি, পুং, আত্মনির্ভর ; আত্মাবলম্বন : self-defendence.
২। [ন্যায় দর্শনে] স্বাপেক্ষত্বরূপ তর্কদোষ বিশেষ।
বিণ, **আত্মাশ্রয়ী**—স্বাবলম্বী।

আত্মীয় (আৎতিঁয়) [আত্মন্ = আপনি + ঈয়— ইদমর্থে] বিণ, স্বকীয় ; আপন ; স্বীয় ; নিজ। ২। বান্ধব ; স্বজন ; অন্তরঙ্গ। স্ত্রী, **আত্মীয়া**।

আত্মীয়তা (আৎতিঁওতা) [আত্মন্--ঈয় = আত্মীয় + তা)] বি, আপনার মত ব্যবহার ; বন্ধুত্ব ; হৃদ্যতা।

আত্মোদ্ভব (আৎতোঁদ্ভব) [আত্মন্—শরীর—উদ্ভব(উৎ—ভূ + অ(অল্) = উৎপত্তি।

যাহার শরীর হইতে জন্ম (বহু)] বি, পুং, পুত্র ; আত্মজ।

স্ত্রী. আত্মোদ্ভবা—আত্মজা ; কন্যা।

আত্মোন্নতি (আৎতোন্‌নোতি) [আত্মন্—উন্নতি] বি, আপনার উৎকর্ষ ; স্বীয় শ্রীবৃদ্ধি ; আত্মোৎকর্ষ।

আত্মোপকারী (আৎতোপকারি) [আত্মন্—উপকারী ৬তৎ] বিণ, আত্মহিতকারী ; আপনার কল্যাণসাধক।

আত্মোপনিষৎ (আৎতোপনিষৎ) [আত্মন্—উপনিষৎ (উপ—নি—সদ্+কিপ্)] বি, স্ত্রী, ব্রাহ্মাত্মা। ২। জীবাত্মা বা অন্তরাত্মা ও পরমাত্মার স্বরূপ নির্ণায়ক গ্রন্থ।

আত্মোপম (আৎতোপম্) [আত্মন্—উপমা (উপ—মা+কিপ্)যাহার, বহু] বিণ,আত্মতুল্য ; স্বসদৃশ।

আত্মৌপম্য (আৎতৌপোম্য) [উপমা+য (ষ্য)—ভাবে=সাদৃশ্য] বি, ক্লী, আত্মসাদৃশ্য ; আপনার সহিত তুলনা। প্র—আত্মৌপম্য দ্বারা সাধুগণ সর্ব্বজীবে দয়া প্রকাশ করেন।

আত্যন্তিক, আত্যন্তীন (আৎতোন্তিক্, ন্) [অত্যন্ত+ইক (ষ্ণিক) ঈন—ভাবার্থে] বিণ, অতিরিক্ত ; অত্যন্ত ; অতিশয়িত ; অসীম; অত্যধিক। ২। যৎপরোনাস্তি ; যারপর নাই ; অশেষ। ৩। অবিচ্ছিন্ন ; ধারাবাহী।

আত্যন্তিকতা (আৎতোনতিকতা) [আত্যন্তিক+তা (ভাবে)] বি, স্ত্রী, আতিশয্য ; অতিরেক ; অত্যাধিক্য।

আত্যয়িক (আৎতোইক্) [অত্যয় (বিনাশ) +ইক (ষ্ণিক)] বিণ, বিনাশসম্বন্ধীয় ; প্রাণান্তকর ; ক্ষয়কর। ২। বিপজ্জনক ; ৩। পীড়াজনক ; দুঃখজনক। ৪। অমঙ্গলসূচক ; অশুভকর।

আত্রেয় (আৎত্রেয়) [অত্রি=মুনি বিশেষ+এয় (ঢেয়) অপত্যার্থে] বি, পুং, অত্রিমুনির পুত্র ; দত্তাত্রেয় ; সোম ; দুর্ব্বাসা। ২। অত্রিবংশীয়। ৩। আয়ুর্বেদাধ্যাপক মুনিবিশেষ ; নাড়ী-জ্ঞান-প্রকরণ গ্রন্থ প্রণেতা। ৪। শরীরস্থ রস ধাতু। স্ত্রী, আত্রেয়ী।

আত্রেয়ী (আৎত্রেঈ) বি, স্ত্রী, অত্রিবংশোদ্ভবা। ২। অত্রিপত্নী। ৩। ঋতুমতী স্ত্রী। ৪। আত্রাই নদী।

আথর্ব্বণ (আথর্‌বন্) [অথর্ব্বন্+অ (ষ্ণ) জাতার্থে, ইদমর্থে-ব] বি, পুং অথর্ব্ববেদজ্ঞ ব্রাহ্মণ। ২। কুলপুরোহিত। ৩। ক্লী, অথর্ব্ব মুনি প্রণীত সূক্ত সমূহ। ৪। শান্তিগৃহ। ৫। বিণ, অথর্ব্ববেদজ্ঞ ; অথর্ব্ববেদ বিশিষ্ট ; অথর্ব্ববেদ সহিত।

আথান্তর (র্) [হি—অথাহ্ (অথাই=অগাধ) সং অন্তর্ (জলের) স্তর বা তল—অগাধ বা অথাই (জলের) তলে ; অর্থাৎ মহাসঙ্কট। অনুরূপ উক্তি—"অগাধ জলে পতিত হওয়া বা ফেলা।" তুল—তাহার এই কথা শুনিয়া এখন সে অগাধ জলে পড়িল] বি, অতিশয় দুর্ভাবনা ; মহাসঙ্কট ; দুঃখসাগরে এমন গভীরতম দেশ যথা হইতে উদ্ধার পাইবার আশা নাই বলিলেই হয় ; যথায় ভয় ও ভাবনায় লোকে হাত পা হারাইয়া বসে। প্র—এতদিন আশায় আশায় রাখিয়া এখন বেচারাকে আথান্তরে ফেলিলে। **আথান্তরে পড়া**—বিপদ বা দুর্ভাবনারূপ সমুদ্রের অগাধ জলে পড়া ; সমূহ বিপদে পতিত হওয়া। **আথান্তরে ফেলা**—অত্যন্ত দুর্ভাবনায় ফেলা।

আথাল (আথাল্) [প্রাদেশিক] বি, গোহাল।

আথালপাথাল (ল্) [প্রাকৃ—উৎথল্ল-পৎথল্ল ("পার্শ্বদ্বয়েন পরিবর্ত্তনং"—হেমচন্দ্র)] বি, উভয়পার্শ্ব ; এপাশ ওপাশ ; চতুর্দ্দিক, সর্ব্বত্র। ক্রি-বিণ, **আথালি-পাথালি**—সর্ব্বত্র ; চতুর্দ্দিকে। প্র—"শর শেলগুলি, আথালিপাথালি সামালি চালিছে ঢাল"
—ঘনরাম।
"আথালিপাথালি বীর মারে বৃক্ষ বাড়ি।"
—মহা-আদি-কাশী।

আথিবিথি (অা) [অস্তব্যস্ত বা অতিব্যস্ত আতিবিতি দ্রঃ। আতিবিবিও ভারতচন্দ্র প্রয়োগ করিয়াছেন। অপ্র] ক্রি-বিণ, অতিশয় ব্যগ্রভাবে ; ব্যস্তসমস্ত হইয়া। প্র-"আথিবিথি সুন্দরে দেখিতে ধনী ধায়।" —ভারত।

আথেব্যাথে (আথেব্ব্যাথে) [আস্তেব্যস্তে শব্দজ] ক্রি-বিণ, ব্যস্তসমস্ত ভাবে ; তাড়াতাড়ি। প্র—"আথেব্যথে মহাপ্রভু আচমন করি।" "আথেব্যথে কেশ বান্ধে"—চৈতন্য-ভাগবত।

আদ (আদ্) [অর্দ্ধ শব্দজ] বিণ, অর্দ্ধ ; আধ। ২। [আদি শব্দজ] আদি ; পুরাতন ; সাবেক। ৩। মূল ; হেতু ; উৎপত্তিস্থান ; গোড়া।

আদকপালিয়া, আদকপালে (আদ্—) [অর্দ্ধকপাল শব্দজ] বি, শিরঃপীড়া বিশেষ ; যে রোগে মাথার অর্দ্ধভাগ পীড়িত হয়।

আদখানা (দ্) বিণ, অর্দ্ধভাগ ; অর্দ্ধাংশ। স্ত্রী, **আধখানি, আদঙ্গা, আদেঙ্গা**—বিণ, অর্দ্ধখানা ; আদালে।

আদড় (ড্) [প্রাদে] বি, ২০ হাত লম্বা কাপড়।

আদৎ, ত (দোত্) [আ—আদৎ (অভ্যাস)] বি, স্বভাব ; প্রকৃতি ; অভ্যাস ; আচার ; রীতি। ২। [সং-আদিতঃ। আদিতে যেমন ছিল ঠিক তাই] বিণ, আস্ত ; সমগ্র ; সমস্ত ; সম্পূর্ণ। ৩। আসল ; খাঁটী। প্র-"হেঁ হেঁ বেটা আদত চোর"—দ্বি-রায়। ৪। প্রকৃত ; সত্য। প্র—আদৎ কথাটা কি পরে জানা যাবে।

আদতে (আদোতে) [আদৌ বা আদিতঃ] ক্রি-বিণ, স্বভাবতঃ। ২। ব্যবহারতঃ। ৩। মোটেই ; মূলেই।

আদত্ত [আ—দা (আদান করা, গ্রহণ করা)+ত (ক্ত)] বিণ, যাহা আদান করা হইয়াছে ; গৃহীত।

আদদ্ [আ-আদদ্ (সংখ্যা, বার)] বি, গণনা ; সংখ্যা। ২। বার ; দফা।

আদপে (অদোপে) [আদৌ শব্দজ] ক্রি-বিণ, আসলে ; মূলে ; মোটে ; কিছুমাত্র ; একেবারেই।

আদাব (ব্) [আ-আদব্, আদাব্ (উত্তম রীতি নীতি)] বি, শিষ্টাচার। **আদবকায়দা** (দোব্) [আ—আদব্+আ—কায়দা (প্রণালী)] বি, সভ্যসমাজের রীতি পদ্ধতি ; শিষ্টাচার ; ভদ্রতা।

আদমি, আদমী (আদ্‌মি) [আ—আদম্ (প্রথমসৃষ্ট মানব) হইতে জাত মনুষ্য] বি, মানুষ ; ব্যক্তি ; লোক ; জন। প্র—"লস্করে দু তিন লাখ আদমী তোমার"—অন্নদামঙ্গল।

আদমসুমারী [আদম (মনুষ্য)+সুমার (গণনা)] মনুষ্যসংখ্যা ; গণনা ; সেন্সস ; census. **বাবা আদামের সময়**—[আদম-হবা (Adam and Eve) র যুগ অর্থাৎ সৃষ্টির আদি] বহু পূর্ব্বকালে ; "মান্ধাতার আমলে"।

আদর (আদোর্) [আ—দৃ (আদর করা)+অ (অল্)] বি, পুং, যত্ন ; খাতির ; কদর। ২। সম্মান ; মর্য্যাদা। ৩। প্রীতি ; প্রণয়। ৪। অনুরাগ। ৫। শ্রদ্ধা ; ভক্তি ; পূজা। প্র—"আদর করে রাখ হৃদে, আদরিণী শ্যামা মাকে।"—কমলাকান্ত। ৬। আসক্তি। ৭। আরম্ভ। **আদর-অভ্যর্থনা** (আদোর্ ওভ্‌ভোর্‌থোনা) [তুল্যার্থবাচক সহচর শব্দদ্বয়। বিবিধ প্রকারে সম্মান ও যত্ন আত্মীয়তা প্রকাশক] বি, খাতির যত্ন ; সযত্নে আহ্বান। **আদর-আপ্যায়ন** (র্, ন্) [আদর খাতির-যত্ন-আত্মীয়তা (বাচক) আপ্যায়ন (তুষ্টি বিধানের চেষ্টা বোধক)] বি, সমাদর ও সন্তোষ বা প্রীতিবিধান। **আদর-যত্ন** (আদোর্ জৎনো) [একার্থবাচক যুগ্মশব্দে ক্রিয়ার আত্যন্তিকতা ও প্রকার-বাহুল্য বুঝায়] বি, যথেষ্ট আত্মীয়তা ; সমাদর ; যত্ন-আত্তি।

আদরণীয় (আদোরনিও) [আ—দৃ (আদর করা)+অনীয়] বিণ, আদরের যোগ্য বা উপযুক্ত। ২। মান্য ; শ্রদ্ধেয় ; সম্মানার্হ। ৩। গ্রহণযোগ্য ; গ্রাহ্য। ৪। অবলম্ব্য ; সেবনীয়।

আদরা (আদ্‌রা) [সং-আদর্শ শব্দজ] বি, চিহ্ন। ২। আদল ; সাদৃশ্য। ৩। আমেজ। ৪। অতি সামান্য অংশ। ক্রি, **আদরানো**।

আদরিণী—বিণ, স্ত্রী, আদরের যোগ্যপাত্রী। ২। মাননীয়া ; শ্রদ্ধাস্পদা ; ভক্তির যোগ্যা। প্র—"আদর করে হৃদে রাখ, আদরিণী শ্যামা মাকে।"—কমলাকান্ত। ৩। সোহাগিনী ; প্রেমিকা। ৪। [বিশেষ প্রয়োগ] অভিমানিনী।

আদরী, আদুরী, আদুরীয়া [আদরিন্‌ শব্দজ] বিণ, স্ত্রী, যে অন্যের নিকট আদর পায়। ২। আব্দারী। ৩। আহ্লাদী (ব্যঙ্গার্থে)। পুংলিঙ্গে **আদুরে** শব্দ ব্যবহৃত হয়। প্র—আদুরে ছেলে।

আদল (আদোল্) [আদর্শ শব্দজ] বি, সাদৃশ্য আভাস।

আদলা, আধলা (দ, ধ,) [অৰ্দ্ধ শব্দজ] বি, অৰ্দ্ধভাগ ; অৰ্দ্ধেক। ২। এক পয়সার অর্দ্ধ মূল্যের তাম্রমুদ্রা ; আধ পয়সা। ৩। আধখান ইট ; ইষ্টকের অৰ্দ্ধভাগ ; আদালে। [তুল—ইং-Idyl ; ফ্রে-Idylle ; ইতা—idillis ; স্পে—idiles—a little form or image.]

আদলি (আদোলি) [প্রাদেশিক] বি, স্ত্রী, ঘৃতকুমারী। প্র—"আদলি উপরে কেবা কদলি রোপল রে ঐছন দেখি উরুযুগ।"—চণ্ডীদাস।

আদর্শ [আ—দৃশ্ (দেখা)+অ (অল্) যাহাতে দর্শন করা যায়] বি, পুং, দর্পণ ; মুকুর ; আরসি। ২। যাহার অনুকরণ করা যায় ; উৎকর্ষের চরম ; ideal ; model. ৩। নমুনা ; sample ; specimen.

আদর্শচরিত্র—যে চরিত্র অনুকরণের উপযুক্ত ; অত্যুন্নত চরিত্র। **আদর্শ পরিবার**—যে পরিবার পারিবারিক সুখ ও শান্তির আগার ; ধর্ম্ম, নীতি, চরিত্র, শিক্ষা, সদাচরণ প্রভৃতিতে ও গার্হস্থ্য সকল প্রার্থনীয় বিষয়ে গৃহস্থের অনুকরণীয়। **আদর্শ পুরুষ**—যে পুরুষের দৃষ্টান্তে চরিত্রের উৎকর্ষ সাধন করিতে হয়। **আদর্শপুস্তক**—যে পুস্তক দেখিয়া লিপি-চাতুর্য্য শিক্ষা করিতে হয়। **আদর্শ রমণী**—নারীকুলশিরোমণি ; যে রমণীর চরিত্রকে দৃষ্টান্ত স্বরূপ করিয়া চরিত্র পবিত্র ও উন্নত করিতে হয়। **আদর্শ বিদ্যালয়**—শিক্ষাদানের প্রণালী যে বিদ্যালয়ে শিক্ষা দেওয়া হয় ; যে বিদ্যালয়ে বিদ্যালয়-পরিচালনার প্রণালী শিখান বা প্রদর্শিত হয় ; model school. **আদর্শস্থানীয়**—আদর্শ করিবার যোগ্য ; অনুকরণীয়। **আদর্শস্বভাব**—যে স্বভাবের অনুকরণে স্বভাব বা প্রকৃতির বিশুদ্ধি ও উন্নতি সম্পাদন করিতে হয়।

আদা [আর্দ্রক শব্দজ] বি, আদামূল ; আর্দ্রক ; ginger. **আমআদা**—আদা জাতীয় মূল যাহাতে আমের গন্ধ পাওয়া যায়। **বন-আদা**—বনার্দ্রক ; ginger cassumuna. ২। [অৰ্দ্ধশব্দজ আধার উচ্চারণ বিকার] অৰ্দ্ধ ; আধা। **আদাকাঁচকলা** [আদায় কাঁচকলায় দ্রঃ] বিপরীত-গুণবিশিষ্ট ; স্বভাব বিরুদ্ধ। প্র—"তাহাদের উভয়ের মধ্যে আদাকাঁচকলা সম্বন্ধ"। **আদা-জল-খেয়ে লাগা**—উঠিয়া পড়িয়া লাগা ; কষ্ট স্বীকার করিয়াও প্রতিজ্ঞারূঢ় হইয়া কার্য্যসিদ্ধির চেষ্টা করা। প্র—"কেবল আদা জল খাইয়া মহাশয়ের নিকট পড়িয়া আছি।"—আলাল। **আদার ব্যাপারি**—যে আদার ব্যবসায় করে ; যে আদার মত সামান্য বস্তুর কারবার করে সুতরাং সামান্য বিষয়ে ব্যাপৃত ব্যক্তি ; দরিদ্র ; অল্পায়াস। প্র—"যে হও সে হও তাতে না করি বিবাদ ! আদার ব্যাপারি কেন জাহাজ সংবাদ ?" —বাসবদত্তা।

আদাআদি, আধাআধি (আ) [অৰ্দ্ধার্দ্ধি-শব্দজ] বিণ, কোন বস্তুকে ঠিক সমান সমান দুই ভাগ করিয়া তার এক ভাগ ; অৰ্দ্ধাংশ।

আদাগা—বিণ, দাগ করা নয় ; অচিহ্নিত।

আদাড় (ড়) [আবর্জ্জনা—জঙ্গল, স্তূপ-বন, অর্থে—আদাড় ; চট্টলে—আদার। তুল—আদাড়ে কচু। আঁস্তাকুড়ে ছাই ফেলা হয় বলিয়া কচুর খুব বাড় হয় এবং বুনো কচু বেশী কুট্‌কুটে হয়] বি, জঞ্জাল ফেলিবার স্থান ; ছাই ফেলিবার স্থান ; কুস্থান ; ছাইগাদা ; গোবর গাদা। **আদাড় বাদাড়**—আদাড় ও তন্নিকটবর্ত্তী বা তৎসম কুস্থান। **আদাড় পাঁদাড়**—গৃহের পশ্চাদ্‌ভাগ যাহা প্রায়ই পরিষ্কৃত করা হয় না এবং আদাড়ের ন্যায় যাহা কুস্থান বা জঞ্জাল ফেলিবার স্থান।

আদাড়িয়া [আদাড় দ্রঃ। আদাড়+ই—আ। আদাড়িয়া সংক্ষেপে আদাড়ে] বিণ, আদাড় সম্বন্ধীয়। ২। আদাড় জাত ; আদাড়-হইতে উৎপন্ন বা আগত। ৩। অপরিষ্কার ; নোংরা। ৪। বন্য প্রকৃতি (wild) ; তাহা হইতে—মন্দ, দুষ্ট, নষ্ট ; দুর্দ্দান্ত ; দুর্দ্দম্য ; অদম্য। প্র—এমন আদাড়ে ছেলে কোথাও দেখি নাই। **যেমন আদাড়ে কচু তেমনি বাগাটে তেঁতুল**—বুনো কচুতে মুখ কুট্‌কুট্ করিলে তেঁতুলের দ্বারা তাহা নিবারিত হয়। জঙ্গলময় অপরিষ্কৃত স্থানে অযত্ন-সম্ভূত কচু অতিশয় তীব্র—তাহার তীব্রতা দূর করিবার জন্য সুতরাং সুতীব্র অম্লরস বন্য তেঁতুলের প্রয়োজন। এই ভাব হইতে যে যত দুরন্ত তাহার তদ্রূপ উপযুক্ত শাসক হইলে 'অপরাধী' ও 'শাস্তাকে' আদাড়ে কচু ও বাগাটে তেঁতুলের সঙ্গে তুলনা করা হয় ; ইহার অনুরূপ প্রবচন "যেমন কুকুর তেমনি মুগুর।"

আদাড়ে (আদাড়ে) [আদালে দ্রঃ। আধাড়িয়া—হি-অধেড়া, অধৌড়া অৰ্দ্ধ হইতে] বিণ, অৰ্দ্ধ সম্পন্ন। প্র—কাজ আদাড়ে হয়ে পড়ে আছে।

আদান (ন্) [আ—দা (দান করা, গ্রহণ করা) অনট্] বি, গ্রহণ। ২। প্রতিগ্রহ। ৩। স্বীকার। ৪। অশ্বভূষণ ; ঘোড়ার সাজ। ৫। রোগ লক্ষণ।

আদান-প্রদান (আদান্ প্রোদান্) [আদান (গ্রহণ) প্রদান (সম্প্রদান)] বি, ক্লী, দান ও গ্রহণ। ২। বিবাহ সম্বন্ধ ; কন্যা সম্প্রদান ও প্রতিগ্রহ ; কন্যাদান ও কন্যার পাণিগ্রহণ। ৩। পরস্পরের মধ্যে সামাজিক আহার ব্যবহার।

আদাভাগী (আদাভাগি) [অৰ্দ্ধভাগী-শব্দজ] বিণ, অৰ্দ্ধভাগগ্রাহী ; অৰ্দ্ধাংশী।

আদায় (দায়্) [আ—আদা=সংগ্রহ ; প্রাপ্তি ; সং—আদায় (আ—দা=দান করা, গ্রহণ করা +ল্যপ্) অব্যয় শব্দ (১) গ্রহণ করিয়া এবং (২) (আ—দা+ঘঞ্ ভাবে) আদান এই অর্থে ব্যবহার আছে —বাচস্পত্য] বি, গ্রহণ ; প্রাপ্তি। ২। উশুল ; সংগ্রহ। প্র—খাজনা আদায় করা। ৩। শিক্ষা ; আয়ত্ত। ৪। পরিশোধন।

আদায় কাঁচকলায় (আদায় কাঁচকলায়) [আদায় (আর্দ্রকের সহিত)—কাঁচকলা—এতদুভয়ের মিশ্রণ] ক্রি-বিণ, আদা এবং কাঁচকলা পরস্পর বিরুদ্ধরস ও বিরুদ্ধ গুণ-বিশিষ্ট সুতরাং এতদুভয়ের মিলন স্বভাব-বিরুদ্ধ (এই ভাব হইতে) শত্রুভাবে ; অনুরূপ প্রবচন— সাপে নেউলে।

আদালত (ৎ) [আ—অদালৎ (বিচারালয়)] বি, বিচারালয় ; ধর্ম্মাধিকরণ ; কোর্ট ; Court of justice.

আদি (আদি) [আ—দা (দান-করা, গ্রহণ করা) ই (কি) যাহা অগ্রে গৃহীত হয়] বি, পুং, প্রথম। প্র—"আদিতে কিছুই ছিল না একমাত্র সৎ স্বরূপ পরব্রহ্ম ছিলেন।" ২। সকলের মূল ; সর্ব্বকারণ। প্র—"তুমি আদি, তুমি অন্ত, তুমি জ্যোতিঃ স্বরূপ, প্রপঞ্চ বিশ্বাতীত অনাদি অনন্ত কারণ। তুমি সকলের মূলাধার।"—ব্রহ্মসঙ্গীত। ৩। হেতু ; নিদান ; কারণ। ৪। উৎপত্তি ; জন্ম। ৫। পূর্ব্ব। প্র—আদিবাস আদিকাল। ৬। প্রমুখ। প্র—"ব্রহ্মাদি দেবগণ," ৭। [বহুবচন জ্ঞাপক বিভক্তি] প্রা-বাং-"সকল," "সব," "সবে" অর্থে মধ্য বাঙ্গালায় 'আদি'। প্র—"তুমি সব জন্ম জন্ম বান্ধব আমার"—চৈ, ভাগ। 'আমা সবে,' 'তোমা সবে' ইত্যাদি। পরে—"শ্রীপতি শ্রীনিধি পণ্ডিতাদি বাসাঘরে। করিলেন নিযুক্ত শ্রীবাস আচার্য্যেরে।"—নরোত্তম বিলাস। সকল। (২) [আধুনিক বাঙ্গালায়] প্রভৃতি। [দ্রঃ আদি শব্দের

উত্তর স্বার্থে 'ক' বা 'গ' যুক্ত হইয়া আদিক আদিগ হয়। প্র—বৃক্ষাদিক। জীবাদিক। "রামচন্দ্রাদিক যৈছে গেলা বৃন্দাবনে।" —নরোত্তমবিলাস। পরে—"জীবাদিগ" "বৃক্ষাদিগ" ইত্যাদি – বঙ্গভাষা ও সাহিত্য। তুল—ফা, দিগর্ (প্রভৃতি, সকল)]

আদিকবি (আদিকোবি) [আদি=প্রথম কবি, কর্ম্মধা] বি, পুং প্রথম কবি। ২। ব্রহ্মা; বিধি। প্র—"আদিকবি বিধি নিরবধি ভণে, তথাপি অসাধ্য তাঁর অত্যুক্তি করণে।"—বাসবদত্তা। ৩। বাল্মীকি। ৪। পরব্রহ্ম। প্র—"জয় জয় পরব্রহ্ম, অপার তুমি অগম্য * * *
নানা রসযুত ভব, গভীর রচনা তব,
উচ্ছ্বসিত শোভায় শোভায়
মহাকবি! আদিকবি! ছন্দে উঠে শশী রবি,
ছন্দে পুন অস্তাচলে যায়।
* * *" —ব্রহ্মসঙ্গীত।
"আদি কবি তুমি, অনাদি নাথ।"—
—রায় কালীপ্রসন্ন ঘোষ।

আদিকারণ (আদিকারোন্) [আদি—কারণ (কর্ম্মধা)] বি, ক্লী, প্রথম কারণ; মূল নিদান; সর্ব্ব প্রথম হেতু বা নিমিত্ত। ২। যে কারণের আর কারণ নাই; অনাদি; পরব্রহ্ম। ৩। [বৈদ্যক শাস্ত্রে] কারণের কারণ।

আদিকোট (ট্) বি, অহিচ্ছত্রার নামান্তর।

আদিগদাধর (র্) [আদি—গদাধর (কর্ম্মধা)] বি, পুং, গয়াস্থিত বিষ্ণুর নাম। এই বিষ্ণুমূর্ত্তির পাদপদ্মে পিণ্ডদান করে। ২। কাশীস্থ বিষ্ণুমূর্ত্তি।

আদিতাল (ল্) সঙ্গীতের তাল বিশেষ।

আদিতেয় [অদিতি (কশ্যপপত্নী)+এয় (ঢেয়) অপত্যার্থে] বি, পুং, অদিতি নন্দন: দেবতা।

আদিত্য (আদিৎত) [অদিতি=কশ্যপপত্নী +য (ণ্য) অপত্যার্থে] বি, পুং, অদিতির পুত্রগণ। অদিতির গর্ভে কশ্যপের ঔরসজাত বিবস্বান্ অর্য্যমা, পূষা, ত্বষ্টা, সবিতা, ভগ, ধাতা, বিধাতা, বরুণ, মিত্র, শক্র ও উরুক্রম, এই দ্বাদশ আদিত্যের জন্ম হয়। কালিকাপুরাণে বিধাতার স্থলে 'সোম'। ঋগ্বেদে একস্থানে আদিত্য সংখ্যা ৬। যথা—মিত্র, অর্য্যমা, ভগ, বরুণ, দক্ষ ও অংশু। স্থানান্তরে ৭ এবং অন্যত্র ৮ উক্ত হইয়াছে। তৈত্তিরীয়ে – মিত্র, বরুণ, ধাতা, অর্য্যমা, অংশু, ভগ, ইন্দ্র, ও বিবস্বান্ এই ৮ আদিত্য। শতপথব্রাহ্মণে দ্বাদশ আদিত্য দ্বাদশ মাসের স্বরূপ বলিয়া উক্ত হইয়াছে। [ভারতকোষ] পুরাণে উক্ত হইয়াছে, সূর্য্যপত্নী সংজ্ঞা স্বামীর তেজ সহ্য করিতে না পারিলে পিতা বিশ্বকর্ম্মা আদিত্যকে দ্বাদশখণ্ডে বিভক্ত করিয়া সূর্য্যের তেজোহ্রাস করেন। তদবধি সূর্য্য বৈশাখে **তপন,** জ্যৈষ্ঠে **ইন্দ্র,** আষাঢ়ে **রবি,** শ্রাবণে **গভস্তি,** ভাদ্রে **যম,** আশ্বিনে **হিরণ্যরেতা,** কার্ত্তিকে **দিবাকর,** অগ্রহায়ণে **চিত্র,** পৌষে **বিষ্ণু,** মাঘে **অরুণ,** ফাল্গুনে **সূর্য্য,** চৈত্রমাসে **বেদজ্ঞ** নামে উদিত হন।
২। সূর্য্য। ৩। বিষ্ণু। ৪। পুনর্ব্বসু নক্ষত্র। ৫। অর্কবৃক্ষ: আকন্দগাছ। ৬। দেবতা। প্র—"বিনতানন্দন গরুড় বলবান্ অরুণ এবং ভগবান বৃহস্পতি আদিত্যগণ মধ্যে পরিগণিত। অশ্বিনীকুমারদ্বয় সর্ব্ব-ওষধি ও পশুসকল গুহ্যগণ মধ্যে গণিত হইয়া থাকে। হে রাজন্! আনুপূর্ব্বিক এই সকল দেবগণের কীর্ত্তন করিলাম।"
– মহা—আদি (বর্দ্ধমান)।

আদিত্যপত্র (আদিৎতপৎত্র) [আদিত্য= আকন্দ—পত্র] বি, পুং, আকন্দপাতা। আকন্দগাছ; গুড়গুড়ের গাছ।

আদিত্যপুষ্পিকা—বি, লাল আকন্দ।

আদিত্যসূনু (স্তু, শুনু) [আদিত্য=সূর্য্য – সূনু=সন্তান, ৬ তৎ] বি, পুং আদিত্যের সন্তান। ২। যম। ৩। শনি। ৪। সুগ্রীব। ৫। সাবর্ণি মনু। ৬। বৈবস্বত মনু। ৭। কর্ণ।

আদিৎসা (শা) [আ – দিৎস (আদান বা গ্রহণ করিতে ইচ্ছা করা)+আ (ভাবে)] বি, গ্রহণেচ্ছা।

আদিৎসু (শু) বিণ, গ্রহণেচ্ছু; গ্রহণ করিতে অভিলাষী।

আদিদেব (ব্) [আদি – দেব=দেবতা (বরাহরূপ)] বি, পুং, বিষ্ণু; বিষ্ণুর বরাহ অবতার। ২। মহাদেব। ৩। ব্রহ্মা। ৪। সূর্য্যের নামান্তর। ৫। পরব্রহ্ম। ৬। আদিদেবতা জগৎকর্ত্রী মহামায়া। প্র—"আদিদেব নিত্যশক্তি ভুবনমোহন মূর্ত্তি উরিলেন সৃষ্টির কারিণী।" —কবিক। স্ত্রী, **আদিদেবী**—জগৎকর্ত্রী মাহামায়া; দুর্গা। "প্র—আদিদেবী মাহামায়া সৃজন করিতে দিল মন।" —কবিক।

আদিনাথ (থ্) বি, ঈশ্বর; ব্রহ্মাণ্ডপতি; পরব্রহ্ম।
প্র—"আদিনাথ প্রণবরূপ সম্পূরণ দেও হে তব প্রসাদ-শান্তি-সিন্ধু, মহেশ, সকলগুণনিধান।" —ব্রহ্মসঙ্গীত।

আদিপুরাণ (ন্) [আদি=আদ্য—পুরাণ] বি, পুং, ব্রহ্মপুরাণ।

আদিপুরুষ (ষ্) [আদি=প্রথম—পুরুষ, কর্ম্মধা] বি, পুং, বংশের প্রবর্ত্তক; প্রথম পুরুষ, যাহা হইতে বংশ গণনা করা হয়; পূর্ব্বপুরুষ।

আদিবরাহ—বি, বিষ্ণুর বরাহমূর্ত্তি; নারায়ণ যে মূর্ত্তিতে প্রলয়-পয়োধিজলমগ্না ধরিত্রীকে স্বীয় দন্তে ধারণ করিয়া উদ্ধার করিয়াছিলেন।

আদিভূত [আদি (প্রথম)—ভূত (জাত, উৎপন্ন)] বিণ, প্রথমোৎপন্ন; অগ্রজাত; আদ্য। স্ত্রীলিঙ্গে, **আদিভূতা** – আদ্যা। প্র – "আদিভূতা সনাতনী শূন্যরূপা শশীভালী, যখন ব্রহ্মাণ্ড না ছিল গো মা, মুণ্ডমালা কোথা পেলি" —কমলাকান্ত।

আদিম (আদিম্) [আদি+ম (ভবার্থে)] বিণ, প্রথম; আদিভূত; অতিপ্রাচীন।

আদিম অধিবাসী, আদিমজাতি—আর্য্যবাসের পূর্ব্ববর্ত্তী অসভ্য অধিবাসী; বন্যজাতি; the aborigines.

আদিরস (শ্) বি, অলঙ্কার শাস্ত্রোক্ত রসের আদি বা প্রথম; শৃঙ্গার রস।

আদিরসাশ্রিত (আদিরশাস্স্রিত) বি, যে সকল কাব্যে প্রধানতঃ শৃঙ্গার রসের বর্ণনা আছে; আদিরসাত্মক; আদিরস ঘটিত।

আদিরাজ (জ্) [আদি – রাজন্—রাজা (কর্ম্মধা)] বি, পুং, পৃথুরাজা যিনি পৃথিবীকে গাভীর ন্যায় দোহন করিয়াছিলেন। ২। বৈবস্বত মনু। ৩। পুরুবংশীয় রাজা অবিক্ষিতের পুত্র।

আদিশূর (র্) বি, হিন্দুরাজত্বকালে বঙ্গের প্রবল পরাক্রান্ত হিন্দুরাজা। ইঁহার সময় কান্যকুব্জ হইতে পঞ্চব্রাহ্মণ (বর্ত্তমান রাঢ়ীশ্রেণী ব্রাহ্মণদিগের পূর্ব্বপুরুষ) ও পঞ্চকায়স্থ (বর্ত্তমান দক্ষিণরাঢ়ী কায়স্থগণের পূর্ব্বপুরুষ) বঙ্গে আগমন করেন।

আদিষ্ট (আদিষ্‌ট) [আ – দিশ্=অনুমতি করা+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, আজ্ঞাপ্রাপ্ত; আদেশিত; উপদিষ্ট; অনুজ্ঞাত। ২। নিয়োজিত। ৩। [ব্যাকরণে] কৃতাদেশবর্ণ; প্রয়োগসম্মত। ৪। উক্ত; আভাষিত। ৫। [ভাবে, ক্ত] উদ্দিষ্ট। ৬। বি, আদেশ।

আদীপন (ন্) [আ (সম্যক্) দীপ (দীপ্তি পাওয়া) অন (অনট্ – কর্ত্তৃ – ভাবে)] বি, ক্লী, উদ্দীপন; উত্তেজনা সন্দীপন। ২। আলিম্পন; আলিপনা।

আদুড় (ড়্) [আউদড় দ্রঃ। আদুলও হয়। সং – উদার (উন্মুক্ত) বাং – প্রাকৃ—উদাড়—উদড়া—উদলা, আদুর, আদুড়। প্রাদে] বিণ, অনাবৃত; উন্মুক্ত; খোলা। প্র—শীতে আদুড় গায়ে থাকা ভাল নহে। ২। আলুলায়িত। প্র – "হেনকালে মেনকা আদুড় করি মাথা। জানে নাহি জামাই সহিত কহে কথা॥" —শিবায়ন।

আদুড়চুলী—বিণ. স্ত্রী. যে নারীর মাথায় কাপড় নাই : মাথার কাপড় খোলা ; ঘোম্‌টা খোলা। প্র—"ব্যাকুলি আদুড়চুলী ধূলায় ধূসর ধূলি কৃতাঞ্জলি হয়ে মহারাণী" —ধর্ম্মমঙ্গল।

আধুড়ীয় [অর্দ্ধ শব্দের অপভ্রংশ—হি—অধেড়া হইতে] বিণ. আধা-বয়সী ; অপরিণত ; অপরিপক্ক।

আদুর, আদুল (র্, ল্)—আদুড় দ্রঃ।

আদুরে [আদরী দ্রঃ] বিণ. যে অন্যের আদর পায়। ২। যে ক্রমাগত আদর পাইতে পাইতে অযথা বায়না করে ; আব্‌দারে। ৩। প্রিয়।

আদুরে-গোপাল (ল্) [গোপালের (শিশু-কৃষ্ণ) মত সকলের আদরে পালিত] অতিরিক্ত ও অযথা আদরে পালিত ; আবদারে।

আদুলি, আধুলি—বি. অর্দ্ধমুদ্রা ; টাকার অর্দ্ধমূল্যের মুদ্রা ; আটানি।

আদৃত [আ—দৃ (আদর করা)+ত (ক্ত, কর্ম্মে)] বিণ. আদর প্রাপ্ত ; সম্মানিত। ২। পূজাপ্রাপ্ত ; পূজিত। ৩। আগ্রহের সহিত গৃহীত। ৪। অনুমোদিত ; অভিমত। ৫। আদরযুক্ত।

আদেখা [ন=অ (আ)—দেখা (দৃষ্ট)] বিণ. যাহা দেখা হয় নাই ; অদৃষ্ট ; অনীক্ষিত। বি. অদর্শন।

আদেখ্‌লা, আদেখলে (খ্) [ন=অ—দেখ্‌লা (যে দেখে বা দেখিয়া দেখিয়া অভ্যস্ত ; সুতরাং দেখিতে যাহার আর আগ্রহ নাই)] বিণ. যে কোন দ্রব্য কখন দেখে নাই, সুতরাং দেখিবার জন্য অতিব্যগ্র ; অতিলোভী ; কাঙ্‌লা ; উদরপরায়ণ ; ঔদরিক। [স্থান বিশেষে এই অর্থে 'আধকথী' শব্দের প্রয়োগ আছে]

আদেশ (শ্) [আ—দিশ্ (দান করা, অনুমতি করা)+অ (ভাবে—অল্)] বি. পুং. অনুজ্ঞা ; আজ্ঞা ; হুকুম। ২। অনুমতি। ৩। অনুশাসন। ৪। উপদেশ। ৫। নিয়োগ। ৬। [ব্যাকরণে] বর্ণস্থানে বর্ণান্তরোৎপত্তি। ৭। [বিশেষার্থে] যে অনুজ্ঞা বা বাণী মনের মধ্যে স্বতঃই প্রতিভাত হয়, বাহিরে কেহ শুনিতে বা জানিতে পারে না ; দৈববাণী। **আদেশপালক**—যে আজ্ঞানুযায়ী কাজ করে। **আদেশপালন**—আজ্ঞা প্রতিপালন ; আদেশ রক্ষা। **আদেশবিরুদ্ধ**—আজ্ঞার বা অনুশাসনের বিপরীত। **আদেশমত**—আজ্ঞানুযায়ী।

আদেশক (ক্) [আ—দিশ্+অক (ণক)—কর্ত্তৃ] বিণ. যে আদেশ করে ; আজ্ঞাদাতা। ২। অনুমতিদাতা। ৩। নিয়োগকর্ত্তা। ৪। যতিচিহ্নবিশেষ ; রচনার মধ্যে বাক্যবিশেষের বা কোন বিষয়ের বিবরণ বা উদাহরণ দিতে হইলে, এক বিষয় হইতে বিষয়ান্তরে উপস্থিত হইলে, বাক্য বা বাক্যাংশ উহ্য থাকিলে, দীর্ঘ বিরাম স্থলে কোন কোন স্থলে বন্ধনীর পরিবর্ত্তে এবং সঙ্গীতাদিতে, স্বরপ্লুত বা নাটকাদিতে উচ্চারণ দীর্ঘ করিবার জন্য একটী একটী দীর্ঘ কষির আকারে (—) যে চিহ্ন ব্যবহৃত হয় তাহাকে আদেশক বলে ; ইহা ইংরাজি ড্যাশ্ (dash) এর অনুকরণ।

আদেশী (আদেশি) [আ—দিশ্=অনুমতি করা+ইন্ (ণিন্)—আদেশিন] বিণ. আদেশকারী ; আদেশক। ২। উপদেষ্টা। ৩। দৈবজ্ঞ ; গণক।

আদেষ্টা [আ—দিশ্+তৃ (কর্ত্তৃ, তৃন্)] বি. পুং. আদেশকর্ত্তা। ২। উপদেষ্টা। ৩। শাসনকর্ত্তা।

আদোবে [আদো শব্দজ] অ. আদৌ ; এককালে। প্র—"আদোবে জানিতাম না" —রাজনারায়ণ বসু (আত্মচরিত)।

আদৌ [আদি+ই=সপ্তমী বিভক্তির এক বচন, উভয় ইকার স্থানে ঔ। সপ্তম্যন্ত আদি শব্দের রূপ আদৌ] আদিতে ; প্রথমে। ২। অগ্রে। ৩। আরম্ভে ; উপক্রমে। ৪। পূর্ব্বে। ৫। আদোপে ; মোটেই ; মূলেই ; এককালেই।

আদ্দাশ, আদ্দাস (শ্) [প্রা-বাং। ফা—আজ্‌দাস্ত্ হইতে] বি. অভিযোগ ; নালিশ। প্র—"রাজারে আদ্দাশ করি জামতি লুঠিতে" —ঘনরাম।

"একমতি হয়্যা ছোটবড় পশুগণ।
আদ্দাসে চলিল সভে যথা পঞ্চানন॥"—কবিক।

২। নিবেদন। প্র—
"আদ্দাস করয়ে আসি চমরীর ঘটা।
ভাবয়ে বিষাদ সবাকার লেজ কাটা॥"
—কবিক।

৩। আপশোষ ; মনের দুঃখ। প্র—
"পিঠে চুণ মাখি চলে হাটুরে আদ্দাসে।
ভাই বন্ধু পসরা লইয়া যায় বাসে॥"
—কবিক।

"জ্বলে মলাম রে জলফুটা জিহ্বার ঘায় ;
* * * * * *
মরি মনের আদ্দাশে"—গান (মানভূম জেলা)।

আদ্য (আদ্দ) [আদি+য (ভাবে—ষ্যঃ)] বিণ. প্রথম ; আদিম। ২। আদিভূত। ৩। প্রধান ; শ্রেষ্ঠ। ৪। অদ্ (ভক্ষণ করা) য (কর্ম্মে—ঘ্যণ্)] ভক্ষ্য ; ভোজ্য। ৫। বি. ক্লী. ভক্ষ্যদ্রব্য। ৬। ধান্য। স্ত্রী. **আদ্যা**।

আদ্যন্ত (আদ্দোন্‌তো) [আদি (প্রথম)—অন্ত (শেষ) দ্বন্দ্ব] বি. পুং. আদি হইতে অন্ত পর্য্যন্ত ; আগাগোড়া ; সমস্ত [আদ্যোপান্ত দ্রঃ]

আদ্যপ্রাণী (দ্দো) [আদ্য—প্রাণী] বি. যে অবস্থায় জীবের উন্মেষমাত্র হয় ; জীবরাজ্যের নিম্নতম বিভাগীয় জন্তু ; protozoa.

আদ্যপ্রান্ত (আদ্দোপ্রান্‌তো) [আদ্য—প্রান্ত] ক্রি-বিণ. পূর্ব্বাপর।

আদ্যবীজ (আদ্দোবীজ্) [আদ্য—বীজ (মূল-কারণ) কর্ম্মধা] বি. আদি কারণ। ২। [সাংখ্য দর্শনে] প্রধান।

আদ্যমাষক, আদ্যমাসক (আদ্দমাষক্) [আদ্য—মাষক, কর্ম্মধা] বি. পুং. এক মাষা বা ৫ রতি পরিমাণ।

আদ্যরস (আদ্দোরশ্) [আদ্য—রস—কর্ম্মধা] বি. পুং. অলঙ্কার শাস্ত্রোক্ত প্রধান ও প্রথম রস ; আদি রস ; শৃঙ্গার রস। ২। বিবাহে কৌলীন্য ঘটিত সংস্কারবিশেষ ; বিবাহ। প্র—"আমি আদ্যরস কত্তে চাই, একটী কুলীনের মেয়ের সঙ্গে ছেলেটীর বিয়ে দিয়ে তার পরে তোকে পৌত্রীটী সম্প্রদান করি" —জামাইবারিক।

আদ্যশ্রাদ্ধ (আদ্দোস্‌স্রাধ্‌ধো) [আদ্য—শ্রাদ্ধ, কর্ম্মধা] বি. ক্লী. মৃতের উদ্দেশে প্রথম শ্রাদ্ধ ; অশৌচান্তের পরদিনের কৃত্য।

আদ্যা (আদ্দ্যা) [আদ্য—আপ্—স্ত্রী] বি. স্ত্রী. আদিভূতা ; প্রকৃতি ; জগৎকর্ত্রী ; মহাবিদ্যা ; দুর্গা ; কালী ; অনাদ্যা।
প্র—"অনাদ্যা অনন্তা অন্নপূর্ণা অষ্টভুজা।
আদ্যা আত্মরূপা আশা পূরাহ আসিয়া।
আনিয়াছ আপনি আমারে আজ্ঞা দিয়া॥"
—অ, ম।

[দ্রঃ—পুরাণে যুগভেদে আদ্যার নামান্তর কীর্ত্তিত হইয়াছে, যথা—সত্যে—**সুন্দরী**, ত্রেতায়—**ভুবনেশ্বরী**, দ্বাপরে—**তারিণী**, এবং কলিযুগে—**কালী**]।

আদ্যাশক্তি (আদ্দ্যাশোক্‌তি) বি. জগতের আদিকারণ ; সনাতনী ; মহামায়া ; the primordial energy. প্র—"আদ্যাশক্তি তুমি ভগবতি, কে জানে মা তব স্তুতি, অকৃতি কুমতি অকিঞ্চন প্রতি, প্রসীদ বিশ্বজননি।" —রঘুনাথ রায় (বাঙ্গালা গান)।

আদ্যূন (আদ্দূন্) [আদি (দ্বারা) উন—৩ তৎ] বিণ. আদিরহিত ; অনাদি। ২। [আ—দিব্ (ক্রীড়া করা, পোষণ করা)+ত (কর্ত্তৃ ক্ত) ; ব্=ঊ, ত=ন] বিণ. যে কেবল আপনাকে পোষণ করে ; স্বার্থপর ; ঔদরিক।

আদ্যোপান্ত (আদ্দোপান্‌ত) [আদ্য (প্রথম)—উপ (সমীপ) অন্ত (শেষ)—দ্বন্দ্ব] বি. ক্লী. আদি হইতে শেষ পর্য্যন্ত ; আদ্যন্ত ; আগাগোড়া ; সমস্ত।

আদ্রক (আদ্রক্) [হিং আদরক্ ; সং—আর্দ্রক] বি. আর্দ্রক ; আদা।

আদ্রিয়মাণ (আদ্রিওমান) [আ—দৃ+

আন (কর্ম্মে-শানচ্) ব, ম আগম] বিণ. যাহাকে সমাদর করা হইতেছে ; যিনি সম্মান বা পূজা পাইতেছেন। স্ত্রীলিঙ্গে, আদ্রিয়-মাণা।

আধ (আধো) [সং-অর্দ্ধ, প্রাকৃ-অদ্ধ হইতে হি, অদ্ধা, আধা, বাং-আধ] বিণ, অর্দ্ধ ; অর্দ্ধভাগ। প্র—"আধ অঙ্গে শোভে বিভূতি ধবল আধই গন্ধকস্তূরী রে।"—অ, ম,।

আধআধ (আধো আধো) [অর্দ্ধ শব্দজ। প্রায় ঈষৎ সমভাগ অর্থে দ্বিত্ব] বিণ, অসম্পূর্ণ। ২। আধাআধি ; বিভক্ত সমান দুই অংশ। প্র—"কপাল লোচন আধই আধে মিলন হইল বড়ই সাধে। * * * দোঁহার আধ আধ আধশশী শোভা দিল বড় মিলিয়া বসি।"—অ, ম,। ৩। রুদ্ধ ; গদগদ। প্র—"আধ কাঁদা আধ হাসা আধ আধ ভাষা"—প্রেম ও ফুল। ৪। অস্পষ্ট। প্র—"চরণ-কমলে লেখা! আধ আধ রবিরেখা, সর্ব্বাঙ্গে গোলাপ-আভা সীমন্তে শুকতারা জ্বলে" —সারদামঙ্গল।

আধকপালিয়া, আধকপালী, আধকপালে (আধ্—) [অর্দ্ধ কপাল শব্দজ] বিণ, মাথার অর্দ্ধভাগের পীড়া ; শিরঃপীড়া বিশেষ ; hemicrania. আধখেঁচড়া (আধ্খ্যাঁচ্‌ড়া) আধা খেচড়া দ্রঃ। আধ-পাগলা, আধ-পাগলাটে (ধ্, গ্) বাতিকগ্রস্ত ; প্রায়োন্মত্ত ; মতিস্থৈর্য্যহীন : খামখেয়ালী। আধপেটা—অর্দ্ধক্ষুধা রাখিয়া খাওয়া ; অর্দ্ধপূর্ণোদর ; অল্পাহার। আধ-পোড়া—অর্দ্ধদগ্ধ। আধমন—অর্দ্ধ সম্মতি। ২। ২০ সের ; মণের অর্দ্ধেক। আধবুড়া—মধ্যবয়সী ; প্রৌঢ়।

আধকুখী (খো) [সং-ঔদরিক অপভ্রংশে গ্রা, মেয়েলি] বিণ, উদরপরায়ণ ; আহার-লোলুপ ; আদেখ্লা (দ্রঃ)।

আধন (ন্) [না—আ+ধন (অর্থ), অথবা আ (সম্যক্) ধন্ (বিনষ্ট হওয়া)—বিনাশ] বি, ক্ষয়শীল। ২। অস্থায়ী। প্র—"নারীর যৌবন কেবল আধন যেমন জলের কোঁটা"—কবিক। ৩। আধুনিক ; অধুনা-তন। ৪। অকিঞ্চিৎকর।

আধবুড়ো (ধ্) [গ্রা। আধ (অর্দ্ধ) বুড়ো (বৃদ্ধ) হি-অধেড়। অর্দ্ধেক বয়স হইয়াছে যাহার] বিণ, যৌবন ও বার্দ্ধক্যের মধ্যবর্ত্তী বয়সের ; প্রৌঢ়। (তুল—"অর্দ্ধেক বয়স রাজা এক পাটরাণী। পাঁচ পুত্র নৃপতির সবে যুবজানি।"—ভারত)। প্র—আধবুড়ো মিনষের আক্কেল দেখ দেখি, এমন কাজও করে। স্ত্রী, আধবয়সী, আধা-বয়িসী, আধা-বয়সী। প্র—আধাবয়িসী মাগী।

আধমন (ন্) [আ—ধা=ধারণ করা, স্থাপন করা ইত্যাদি+মন (ডমন) ভাবে] বি, ক্লী, বন্ধক দেওন।

আধমাতাল, আধমাতালে—বিণ, যে সম্পূর্ণ মাতাল হয় নাই। ২। আধালে ; আড়মাতলা ; আধেঙ্গা।

আধর্ষিত (আধোর্ষিতো) [আ—ধৃষ্ (বল পূর্ব্বক বদ্ধ করা, প্রগল্‌ভ হওয়া প্রভৃতি)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে কঠোর হস্তে ধৃত করা হইয়াছে ; আক্রান্ত। ২। বিমর্দ্দিত। ৩। অপমানিত। ৪। বিহ্বলীকৃত ; অভিভূত।

আধলা (ধ্) [আধ (অর্দ্ধ)+লা (স্বার্থে)] বি, অর্দ্ধভাগ। ২। ইষ্টকার্দ্ধক। ৩। আধ পয়সা ; পয়সার অর্দ্ধ। তুল—আধুলী=টাকার অর্দ্ধ। ৪। বিণ, আধখানা ; অর্দ্ধাংশিত।

আধলি, আধুলি—বি, অর্দ্ধমুদ্রা ; টাকার অর্দ্ধেক মূল্যের মুদ্রা। আটানি।

আধা [সং—অর্দ্ধ—প্রাকৃ—অদ্ধ—হি—অদ্ধা—আধা] বিণ, অর্দ্ধ।
প্র—"আধা পথ গিয়ে পরে হাসিয়া উঠিছে সব বালিকার দল" —গোবিন্দদাস (কুঙ্কুম)।
[ব্রজ] অর্দ্ধেক।
"তুই সেই শৈল, স্নেহ মন্দাকিনী,
আমার প্রাণের আধা।" —প্রভাস।
"মোর পরাণ পুত্‌লী রাধা সুতনু তনুর
আধা।" —অ, ম,।
বিণ, অতিকৃশ ; ক্ষীণাঙ্গ।

আধাআধি [সং—অর্দ্ধার্দ্ধ ; হি—আধোআধ্। গ্রা—আদাআদি] বিণ, দুই সমান অংশে বিভক্ত বস্তুর একার্দ্ধ ; বিভক্ত সমান দুই অংশ।

আধাখেঁচড়া (আধাখ্যাঁচ্‌ড়া) [মূলে—অর্দ্ধ খেচর+আ (সাদৃশ্য বা তুলনার্থে) সম্পূর্ণা-বয়ব পক্ষী নয়। তুল—হি-প্রবচন—আধা বটের আধা তিতর, অর্থাৎ বটের পাখীও সম্পূর্ণ নয়, তিতর পাখীও সম্পূর্ণ নয়। তাহা হইতে, অর্দ্ধ সম্পন্ন। প্রবচনের দ্বিতীয় অর্থ—অর্দ্ধ খচ্চর হি—খেসর্ অর্দ্ধেক একরকম অর্দ্ধেক অন্য রকম, বাং—গৃহীত হয় নাই] বিণ, অসম্পূর্ণ।

আধাঙ্গা (আধাংগা) [অর্দ্ধাঙ্গ] বিণ, অর্দ্ধাঙ্গ ; অর্দ্ধাংশ ; অসম্পূর্ণ। ২। আড় ; অর্দ্ধ-শায়িত।

আধান (ন্) [আ—ধা (ধারণ করা, স্থাপন করা প্রভৃতি) অন (ভাবে, অনট্)] বি, ক্লী, স্থাপন।
প্র—"পুষিয়া পালিয়া সুত সকল লক্ষণ যুত
গৌরী কোলে করিল আধান।" —কবিকঙ্কণ।
২। সাধন।
প্র—"দেখিব নয়নভরে অখিল আধান" —ঘনরাম।
৩। গর্ভাধান ; নিষেক।
প্র—"প্রকৃতিতে তেজ প্রভু করিল আধান।
রূপবান্ হইলা তাতে তনয় মহান্।" —কবিকঙ্কণ।
৪। সম্পাদন ; করণ। ৫। গ্রহণ ; ধারণ।
প্র—"পঙ্কফুল সমতুল করিয়া আধান।
মন্ত্র পড়ি স্বামীরে হানিবে পঞ্চবাণ।" —কবিকঙ্কণ।
৬। সংস্কারপূর্ব্বক বহ্নি স্থাপন ; অগ্ন্যাধান। ৭। ব্রাহ্মণের নিত্যকৃত্য ; যজন ; হোম। ৮। উৎপাদন। ৯। সঞ্চার। প্র-বলাধান। ১০। [কর্ত্তৃ অনট্] আধার ; পাত্র।
প্র—"গীতে সমর্পিত মন, দ্রব হৈল নারায়ণ,
বিধিরাগে করঙ্গ আধান।" —কবিকঙ্কণ।

আধানিক (ক্) [আধান (দ্রঃ)+ইক—ভবার্থে] বি, ক্লী, গর্ভাধান সংস্কার। ২। বিণ, আধানসম্বন্ধীয়। ৩। [আধুনিক শব্দজ] অধুনাতন ; ইদানীন্তন।

আধানী [অধনী শব্দজ, গ্রা] বিণ, নির্দ্ধন ; দরিদ্র। ২। [আধুনিক শব্দজ] আধুনিক বা নূতন ধনী ; an upstart.

আধার (র্) [আ—ধৃ=ধরা+অ (অধি, ঘঞ্)] বি, পুং, যাহাতে কোন বস্তু থাকে ; পাত্র। ২। স্থান। ৩। আশ্রয় ; অব-লম্বন। ৪। বাঁধ। ৫। আলবাল। ৬। আশয়। ৭। [ব্যাকরণে] অধিকরণ কারক-বিশেষ। ৮। [তন্ত্রে] ষট্‌চক্র মধ্যস্থ আদ্যচক্রাধার। ৯। [গ্রা, বাং] খাদ্য (ডাকের বচন)। ১০। [আধু, বাং-সংকীর্ণার্থে] পাখীর খাদ্য।

আধালে (আধালে) বিণ, অর্দ্ধাংশিত। বি, ইষ্টকার্দ্ধ।

আধাসারি (আধাশারি) [অর্দ্ধসার-শব্দজ] বিণ, অর্দ্ধাবশিষ্ট ; আধাআধি।
প্র—"পসরা এড়িয়া জল খাইতে নাহি পারি।
দেখিতে দেখিতে চিলে করে আধাসারি।" —কবিকঙ্কণ।

আধি [আ-ধ্যৈ (চিন্তা করা, স্থাপন করা ইত্যাদি)+ই (কি)] বি, পুং, মানসিক পীড়া ; মনঃপীড়া ; মানসিক ক্লেশ। প্র-"আধি ব্যাধি' নাহি হয় সর্পের দংশন।" —কবিক (অক্ষয়চন্দ্র সরকার)। ২। [ব্রজ] উৎকণ্ঠা ; ভাবনা ; চিন্তা ; দুঃখ। প্র-"ভণয়ে বিদ্যাপতি আর নাহি আধি।" —বি, প।
[দ্রঃ—আধু-বাং-য়-ব্যাধির পূর্ব্বে ব্যতীত স্বতন্ত্র ব্যবহার নাই] ৩। প্রত্যাশা। ৪। বিপদ ; বিপত্তি। ৫। [ভাবে ই] স্থাপন। ৬। বন্ধক দেওয়া।

আধিকরণিক (আধিকরনিক্) [অধিকরণ+ইক (ষ্ণিক) নিযুক্তার্থে] বি, পুং, বিচারক বিচারপতি।

আধিক্য (আধিক্ক) [অধিক+য (ষ্ণ্য)—ভাবে] বি, স্ত্রী, আতিশয্য। ২। প্রাধান্য উৎকর্ষ; প্রাবল্য।

আধিক্লিষ্ট [আধি=পীড়া—ক্লিষ্ট (ক্লিশ্+ত (ক্ত)=ক্লেশপ্রাপ্ত] বিণ, মনঃপীড়ায় তাপিত মনোবেদনায় আর্ত্ত।

আধিজ [আধি—জন্=উৎপন্ন হওয়া+অ (কর্ত্তৃ ড)] বিণ, মনঃপীড়াজনিত; মনোবেদনাসম্ভূত।

আধিজ্ঞ (আধিগ্‌গঁ) [আধি=দুঃখ ইত্যাদি—জ্ঞা=জানা+অ (কর্ত্তৃ ড) যে জানে] বিণ, দুঃখিত; আর্ত্ত।

আধিদৈবিক (ক্) [অধিদেব+ইক (ষ্ণিক) ভবার্থে] বিণ, দৈবজাত। ২। আকাশ-সম্ভূত দুঃখের প্রকারভেদ; ত্রিতাপের অন্যতম; অতিবৃষ্টি, অনাবৃষ্টি, বজ্রপাত, উল্কাপাতাদিজনিত দুঃখ। সাংখ্যমতে—যক্ষ, রক্ষ, বিনায়ক, গ্রহাদির আবেশহেতু দুঃখ। [আধিভৌতিক, আধ্যাত্মিক দ্রঃ]।

আধিপত্য (আধিপোৎতো) [অধিপতি+য (ভাবে—ষ্ণ্য)] বি, স্ত্রী, প্রভুত্ব; কর্ত্তৃত্ব। ২। রাজত্ব। ৩। প্রাধান্য।

আধিবেদনিক (ক্) [অধিবেদন (সপত্নী-করণ)+ইক (ষ্ণিক)] বিণ, অধিবেদন বা দ্বিতীয়বার বিবাহকালে প্রথমা স্ত্রীকে দত্ত (ধনাদি)।

আধিভোগ (গ্) [আধি (গচ্ছিত বস্তু) ভোগ, ৬ তৎ)] বি, পুং, উপভোগ।

আধিভৌতিক (আধিভৌতিক্) [অধি-ভূত (মূলকারণ)+ইক (ষ্ণিক)—ভবার্থে] বিণ, ত্রিতাপের অন্যতম; পঞ্চভূত বা জন্তুগণ হইতে যে উপদ্রব, ভয় বা দুঃখ জন্মে।
সাংখ্য দর্শন মতে—স্বেদজ, অণ্ডজ, জরায়ুজ ও উদ্ভিজ্জ জনিত চারিপ্রকার দুঃখ।
[আধিদৈবিক ও আধ্যাত্মিক দ্রঃ]

আধিরথি (রো) [অধিরথ (ধৃতরাষ্ট্রের সারথি)+ই (ষ্ণি)—অপত্যার্থে] ইঁহার মাতা কুন্তী ইঁহাকে পরিত্যাগ করিলে অধিরথ ইঁহাকে পালন করিয়াছিলেন] বি, পুং, কর্ণ।

আধিরাজ্য (জ্জ) [অধিরাজ+য (ভাবে ষ্ণ্য)] বি, স্ত্রী, অধিরাজের ভাব; আধিপত্য।

আধিশ্রয়ণিক (আধিস্রয়নিক্) [অধি-শ্রয়ণ+ইক (ষ্ণিক) ভবার্থে] বিণ, অধিশ্রয়ণ-সম্বন্ধীয়; কাচাদি দ্বারা যে বিন্দুতে কিরণ সংগ্রহ করা হয় তৎসম্বন্ধীয়। ২। পাক-যোগ্য।

আধিশ্রয়ণিক ব্যবধি (আধিস্রওনিক্ ব্যবধি) [পারিভাষিক শব্দ] বি, একত্র সংগৃহীত আলোকবিন্দুর দূরত্ব; কেন্দ্রীয় দৈর্ঘ্য; মুকুরের সর্ব্বোচ্চভাগ ও অধিশ্রয়ণ এতদুভয়ের অন্তর; focal distance.

আধীকৃত [আধি=গচ্ছিতবস্তু—কৃত=যাহা করা হইয়াছে, ঈ—আগম] বিণ, যাহা গচ্ছিত রাখা হইয়াছে; বন্ধকী।

আধুত, আধূত [আ—ঈষৎ—ধু—ধূ=কাঁপা+ত (কর্ত্তৃ ক্ত)] বিণ, ঈষৎ কম্পিত; আন্দোলিত; চালিত। ২। বিক্ষিপ্ত। ৩। অভিভূত; ব্যাকুলীভূত।

আধুনিক (ক্) [অধুনা=এক্ষণে+ইক (ষ্ণিক) ভবার্থে] বিণ, ইদানীন্তন; বর্ত্তমান-কালীন; অধুনাতন। ২। অল্পকালীন: সাম্প্রতিক। ৩। নব্য। বি, **আধুনিকতা**—বর্ত্তমানত্ব; অর্ব্বাচীনতা; অপ্রাচীনতা। প্র—"আধুনিকতার আবরণাচ্ছন্ন গ্রন্থ কৃত্তিবাসী রামায়ণ বলিয়া প্রচারিত।"
—হীরেন্দ্র দত্ত (সা, প, প, ১৩০১)।

আধৃত [আ—ধৃ (ধারণ করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, ধৃত; গৃহীত। ২। যাহাকে আশ্রয় বা অবলম্বন দেওয়া হইয়াছে; রক্ষিত।

আধেক (আধেক্) [অর্দ্ধেক শব্দজ] অর্দ্ধেক। প্র—"অরুণ-রথ-চূড়া আধেক যায় দেখা"
—রবি।

আধেঙ্গা (আধেংগা) [সং—অর্দ্ধাঙ্গ] আধাঙ্গা দ্রঃ।

আধেয় (আধেয়ো) [আ—ধা (ধারণ করা)+য] বিণ, ধারণ করিবার যোগ্য। ২। স্থাপনযোগ্য। ৩। আশ্রিত। ৪। উৎপাদ্য। ৫। বন্ধক রাখিবার উপযুক্ত। ৬। বি, আধারস্থ বস্তু।

আধোয়া (আধোআ) [আ—ধোয়া। সং—অধৌত] বিণ, ধৌত করা নহে; অপ্রক্ষালিত।

আধোরণ (ন্) [আ—ধুর (গমন চাতুর্য্য করা)+অন (কর্ত্তৃ)—যে সঙ্কেত দ্বারা হস্তীর গমন-চাতুর্য্য দেখায়] বি, পুং, হস্তিপক; মাহুত।

আধ্মাত (আধ্‌মাঁত) [আ—ধ্মা (শব্দ করা বা অগ্নিসংযোগ করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, ধ্বনিত; শব্দিত; নিনাদিত। প্র—"এই শঙ্খ অর্জ্জুন কর্ত্তৃক আধ্মাত হইয়াও শতধা বিদীর্ণ হইল না।"—মহা। ২। স্ফীত। ৩। বিবর্দ্ধিত; বিস্তৃত। ৪। বায়ুপূরিত। ৫। বাতরোগবিশিষ্ট। ৬। দগ্ধ।

আধ্মান (আধ্‌মাঁন্) বি, স্ফীতি। ২। পেটফাঁপা; যে রোগে বায়ু নিরোধ হেতু পাকাশয়ে স্ফীততা ও গুড়্ গুড়্ শব্দ উৎপন্ন হয়; flatulence. ৩। মুদো। ৪। নিনাদ।

আধ্মানী (আধ্‌মাঁনি) বি, নালিকানামক গন্ধদ্রব্য।

আধ্যাত্মিক (আধ্‌ধাৎতিঁক্) বিণ, অধ্যাত্ম বা আত্মা সম্বন্ধীয়। ২। ত্রিতাপের অন্যতম; ব্যাধি জনিত শারীরিক এবং প্রিয়বিয়োগ, কলহ ও ধননাশাদি জনিত মানসিক দুঃখ। ৩। ব্রহ্মবিষয়ক; ঐশ্বরিক। [আধিদৈবিক ও আধিভৌতিক দ্রঃ] ৪। অন্তর্মুখ; subjective.

আধ্যান (আধ্‌ধ্যান্) [আ—ধ্যৈ, (চিন্তা করা)—অন (ট্—ভাবে)] বি, স্ত্রী, স্মরণ; চিন্তন। ২। উৎকণ্ঠা; দুর্ভাবনা।

আন (আন্) [অন্য শব্দের অপভ্রংশ। হি; ব্রজ; প্রা বাং; বৈ, সা] বিণ, অন্য; ভিন্ন; পৃথক্।
প্র—"বুড়ি বলে ঠাঁটা বেটি থালা আন বাটে।"
—ধনরাম (ধ, ম,)
২। অন্যথা; প্র—"মুক্ত হবে মনে কিছু নাহি মেনো আন।"—শিবায়ন। "কেন বা হইবে আন"—হেমচন্দ্র। "কভু না হেরিয়ে আন।"—চণ্ডীদাস।
৩। অপর; পর। প্র—
"আনের সংসার-সুখ মোর বিষম জ্বালা।"
—কবিক।
৪। অপরের প্রতি। প্র—"আন অনুরাগে পিয়া আন দেশে গেলা।" —বি, প,
৫। অধিক; আর। প্র—"শুন শুন মাধব কি কহব আন।" —বি, প,।
৬। অন্য প্রকার। [এই অর্থে আনহি]

আন (আন) [আনয়ন শব্দজ। ব্রজ। বাং-আনি] ক্রি, আন, আনিয়া; লইয়া আসিয়া। প্র—"ধৈরজ ধরব মিলায়ব আন।"—বি, প,।

আন (আনো) [আনয়ন বা নয়ন শব্দজ] ক্রি, আনয়ন কর; লইয়া আইস। প্র—
আনো বীণা মনোহারিকা—!
* * * *
আন মৃদঙ্গ মুরজ মুরলী মধুরা।
বাজাও শঙ্খ হুলুরব কর বধূরা"
—রবি।
[এই অর্থে ছন্দানুরোধে পদ্যে আনহ শব্দের ব্যবহার আছে] ২। [নিত্য বর্ত্তমানে, অভ্যাস বা স্বভাব অর্থে] আনিয়া থাক। প্র—"আন মন্দ সমীরণে বিহারিতে তার সনে রাধা বিনোদনে কেন আন না, রঙ্গিণি?"
—ব্রজাঙ্গনা।

আন (আন্) [ফা—বহুবচনবোধক প্রত্যয়। বাঙ্গালায় কোন রূপান্তরিত না হইয়াই আইন আদালতের ভাষায় ব্যবহৃত] অ, সমূহ; সকল; প্রভৃতি; আদি। যথা—জমিদারান, নাবালকান; সরীকান; মালিকান ইত্যাদি।

আনক (ক্) [হি – আনা । সং – আনক বি. আনা শব্দের সংস্কৃত প্রতিশব্দ. (স্মৃতি—রঘুনন্দন) টাকার ষোড়শাংশ ; ৪ পয়সা ; (আনা দ্রঃ) ।

আনক (ক্) [আ—অন্ (শব্দ করা) + অক (কর্ত্তৃ – ণক) যে শব্দ করে] বি, পুং, আনদ্ধ যন্ত্র ; বৃহৎ ঢাক ; নাগরা ; পটহ ; ভেরী । ২ । গর্জ্জনশীল মেঘ । ৩ । বিণ, উৎসাহজনক । ৪ । শব্দায়মান ।

আনকদুন্দুভি (ক্) [আনক—দুন্দুভি, কৃষ্ণের পিতা বসুদেবের জন্ম সময়ে দেবগণ আনক এবং দুন্দুভির বাদন করিয়াছিলেন বলিয়া আনকদুন্দুভি এই নাম] বি, পুং, বসুদেবের নামান্তর । ২ । বৃহৎ ঢক্কা ।

আনখ (খ্) [আ (পর্য্যন্ত)—নখ] ক্রি-বিণ, নখ পর্য্যন্ত ।

আনকোরা (আনকোরা) [হি – অন্‌কোরা (কোরা কোরা তুল—কৃরীব্ কৃরীব্ = অন্ কৃরীব্) অথবা হি – অন্‌গঢ়্ (যাহা কাহার দ্বারা গঠিত নহে : স্বয়ম্ভু বা স্বাভাবিক – অর্থাৎ যাহা এখনও নকলের দ্বারা পুরাতন করা হয় নাই) শব্দজ—হিন্দী শব্দসাগর । তেলু—করা = নূতন, আধোয়া (বস্ত্র, বাং – কোরা কাপড়)] বিণ, সম্পূর্ণ নূতন । ৩ । যাহা ব্যবহারে মলিন হয় নাই ; fresh.

আনখা (নো) [অনীক্ষিত শব্দের অপভ্রংশ হি—অনোখা হইতে] বিণ, অজ্ঞাতপূর্ব্ব ; সম্পূর্ণ অভিনব । ২ । অপরিচিত ; অজানিত ।

আনচান (আন্‌চান্) [আন (অন্য) – চান শব্দজ) অথবা চান্ (ফা – চ্‌য়েন্ = সুস্থিরতা ; সুস্থতা)] বিণ, অস্থির ; চঞ্চল । প্র—"আন্‌চান্ করে প্রাণ, ধরা শরশয্যা জ্ঞান" —নবীন ।

"হাঁরে সই শুনি যবে বাঁশীর নিশান । গৃহকাজ ভুলি প্রাণ করে আন চান ॥"—চণ্ডীদাস । [চ স্থলে ছর ব্যবহারও দৃষ্ট হয়] প্র – "তখনে মঝুমন ভেলই আন ছান্"—গোবিন্দদাস ।

আনট (আনোট্) [অঙ্গুষ্ঠ শব্দজ । হি – অংগুঠ —চরণালঙ্কার বিশেষ ; অঙ্গুষ্ঠত্রাণ] বি, পায়ের বুড় আঙ্গুলের আংটি ; আঙ্গোট । আনোট দ্রঃ ।

আনত (আনতো) [আ—নম্ (নম্র হওয়া) + ত (ক্ত) ; ম্—লোপ । আ (ঈষৎ) + নত । আ (সম্যক্) + নত] বিণ, অবনত ; যাহা নুইয়া পড়িয়াছে । ২ । ঈষৎ নত ।

আনত (আ—) [ব্রজ] ক্রি-বিণ, অন্যত্র । ২ । অন্যদিকে ।

প্র – "কেলি-রভস যব শুনে
আনত হেরি ততহি দেই কানে ।"—বিদ্যাপতি ।

আনত (অ্যানোতো) [গ্রা – "ত" অনুরোধ বা অনুজ্ঞাবাচক] ক্রি, আনয়ন কর ।

আনতি (অ্যানোতি) [আনত দ্রঃ । আ – নম্ + তি (ক্তি)] বি, স্ত্রী, প্রণতি ; প্রণাম । ২ । অবনমন । ৩ । নম্রতা ।

আনদ্ধ (আনধ্‌ধ) [আ – নহ্ (বন্ধন করা) + ত (ক্ত) চর্ম্ম দ্বারা বদ্ধ মুখ] বি, যে বাদ্যযন্ত্র চর্ম্মদ্বারা বদ্ধমুখ । মৃদঙ্গ মুরজাদি । বিণ, বদ্ধ ; আবদ্ধ । ২ । গ্রথিত । ৩ । বস্ত্রাদি বা বেশভূষাদিদ্বারা সজ্জিত । ৪ । ব্যাপ্ত ।

আনদ্ধযন্ত্র (আনধ্‌ধজন্‌ত্র) বি, চর্ম্মদ্বারা বদ্ধমুখ বাদ্য যন্ত্র । আনদ্ধ যন্ত্র পাঁচ শ্রেণীতে বিভক্ত । যথা—(১) সভ্য (সভাদি মজলিসে বাদিত)—মৃদঙ্গ : তব্‌লা : ঢোলক । (২) বহির্দ্বারিক (শোভা যাত্রা, নগর সংকীর্ত্তনাদিতে বাদিত)—ঢাক ; ঢোল ; নহবৎ : নাগারা বা নাগাড়া । (৩) গ্রাম্য—মাদল , জোড়খাই ; ডুবডুবি ; ডমরু : খঞ্জনী : খোর্দ্দক ; হুড়কা : ঘুট্‌ক । (৪) সামরিক— জগঝম্প : দামামা ; কাড়া ; ঢক্কা : তাসা । (৫) মাঙ্গল্য—টিকারা ; কাড়া ; নাগাড়া ; ডম্ফ ; খোল । [যন্ত্রকোষ]

আনন (আনোন্) [আ—অন্ (বাঁচিয়া থাকা) + অন (অনট্ – করণে) যাহা দ্বারা আহার করিয়া বাঁচে] বি, ক্লী, মুখ । প্র – চন্দ্রানন । স্ত্রী, **আননা, আননী** (সম্বোধনে, আননি) । প্র—চন্দ্রাননী ।

আনন (আনোন্) [আনয়ন শব্দের সংক্ষেপ] ক্রি-বি, আনয়ন ; উপস্থিত করণ ।

আনন্তর্য্য (আনোন্‌তোর্‌জো) [অনন্তর (পশ্চাৎ) + য (ভাবে—ষ্ণ্য)] বি, ক্লী, অনন্তরত্ব ; পশ্চাদ্ভাব । ২ । অব্যবহিত পরে হওয়া বা থাকার অবস্থা ; অব্যবধানত্ব : contiguity.

আনন্ত্য (আনোন্‌তো) [অনন্ত = অসীম + য (ভাবে—ষ্ণ্য)] বি, ক্লী, অনন্তত্ব ; অসীমত্ব ; অন্তরাহিত্য ; অশেষত্ব ; eternity. ২ । ক্ষয়হীনতা । ৩ । বাহুল্য ।

আনন্দ (আনোন্‌দো) [আ—নন্দ (হৃষ্ট হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, হর্ষ ; পুলক । ২ । সুখ । ৩ । পরব্রহ্ম । ৪ । প্রেমামৃত ; ব্রহ্মানন্দ । প্র—"আনন্দ অমৃতরূপে উদিবে হৃদয় আকাশে, চন্দ্র উদিলে চকোর যেমন ক্রীড়য়ে মন হরবে ।" —ব্রহ্মসঙ্গীত ।

"আনন্দ তরঙ্গ উঠে দশ দিকে
মগ্ন প্রাণ মন অমৃত উচ্ছ্বাসে ।" – ঐ

৫ । মদ্য । ৬ । বাসুদেবের বল বিশেষ । ৭ । শুভবৎসর । ৮ । পূর্ব্ব, পশ্চিম, উত্তর— এই তিন দ্বারযুক্ত গৃহ । ৯ । বিণ, আনন্দিত । প্র—"আনন্দ মনে, বিমল হৃদয়ে, ভজরে ভবতারণে ।" —ব্রহ্মসঙ্গীত ।

আনন্দকন্দ [আনন্দ + কন্দ = মূল] বি, আনন্দের মূল । প্র—"সঙ্গে নিত্যানন্দ ভুবনে আনন্দকন্দ মুকুতির দেখালে শরণি ॥"—কবিক ।

আনন্দজনক—বিণ, আনন্দ উৎপাদক; হর্ষদায়ক । **আনন্দধাম** (আনোন্‌দোধাম্) আগার । প্র—"মর্ত্ত্যলোক এইরূপ আনন্দধাম হইলে" —মহা—আদি (বর্দ্ধ) ।
২ । ব্রহ্মপদ ; মুক্তি ; মোক্ষ ; পরলোক ; স্বর্গ । প্র,—"ঐযে দেখা যায় আনন্দধাম, অপূর্ব্ব শোভন ভব জলধির পারে জ্যোতির্ম্ময় ।" —ব্রহ্মসঙ্গীত ।

"নামে মুক্তি হবে, শান্তি পাবে, যাবে আনন্দধাম ।" —ঐ ।

আনন্দন (আনোন্‌দন্) [আ—নন্দ্—ণিচ্ = নন্দি (তুষ্ট করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, হর্ষ উৎপাদন ; সন্তোষদান । ২ । আলিঙ্গন, স্বাগত প্রশ্নাদিদ্বারা সম্বর্দ্ধনা । ৩ । আমন্ত্রণ । ৪ । হর্ষ : আনন্দ । ৫ । [কর্ত্তৃ – অনট্] বিণ, আনন্দজনক ; প্রীতিকর ; সুখকর ।

আনন্দপট (আনোন্‌দোপট্) [আনন্দ (আনন্দজনক) পট = বস্ত্র] বি, ক্লী, নবোঢ়ার বস্ত্র ; কনের কাপড় ।

আনন্দপ্রভব (আনোন্‌দোপ্রোভব্) [আনন্দ— প্রভব (প্র—ভূ) + অ (অল্—কর্ত্তৃ) যে উৎপাদন করে] বি, ক্লী, বীর্য্য ; রেতঃ ।

আনন্দভরে [আনন্দ—ভর (আধিক্য—পূরণ) ৭মী এ] ক্রি-বিণ, আনন্দের সহিত ; আনন্দে পূর্ণ হইয়া ; হর্ষভরে ; সানন্দে ; পরমানন্দে । প্র—"জাগো মা অন্তরে আনন্দভরে চিদানন্দময়ী হৃদয়বাসিনী ।" —ব্রহ্মসঙ্গীত ।
"বলরে আনন্দভরে মধুর ব্রহ্মনাম ।" —ঐ

আনন্দময় (আনন্‌দোময়্) [আনন্দ + ময়ট্] বিণ, হর্ষযুক্ত ; আনন্দপূর্ণ ; সদাসুখী । প্র— "আনন্দময় তোমার বিশ্ব শোভাসুখ-পূর্ণ ;" – ব্রহ্মসঙ্গীত ।

২ । পরব্রহ্ম । প্র—"শিব-সুন্দর চরণে মন মগ্ন হয়ে রওরে । ভজ রে আনন্দময়ে সব যন্ত্রণা এড়াও রে" —ব্রহ্মসঙ্গীত । ৩ । [বেদান্তদর্শনে] জীব । স্ত্রী, আনন্দময়ী ।

আনন্দময়কোষ (আনন্‌দোময়্‌কোষ) [আনন্দময়—কোষ = আবরণ] বি, পুং, বেদান্তদর্শনে পরমাত্মার পঞ্চকোষের মধ্যে অন্যতম কোষ ; কারণসরিৎ ।

আনন্দময়ী (আনন্‌দোমোঈ) বিণ, স্ত্রী, যে রমণী হর্ষপরিপূর্ণা ; যিনি সদা সুখী ; আনন্দিতা । বি, আনন্দস্বরূপিণী জগন্মাতা । প্র—"যার মা আনন্দময়ী তার কিবা নিরানন্দ ।" —ব্রহ্মসঙ্গীত ।

আনন্দবর্দ্ধন (আনন্‌দোবরধন্‌) বি. হর্ষের বৃদ্ধি বা উৎকর্ষ। ২। বিণ. আনন্দ বৃদ্ধিকারক ; অধিকতর হর্ষদায়ক।

আনন্দবিহ্বল (আনন্‌দোবিভ্‌ভল্‌) বিণ. আনন্দে অভিভূত ; হর্ষসম্পন্ন ; আনন্দে জ্ঞানহারা।

আনন্দবৃন্দাবনচম্পূ (আনন্‌দোবৃন্‌দাবন চোম্‌পু) বি. কবি কর্ণপূর কর্ত্তৃক ৪৫০০ শ্লোক এবং গদ্যে রচিত দ্বাবিংশ স্তবকে বিভক্ত চম্পূ কাব্য।

আনন্দরস (আনন্‌দোরশ্‌) [আনন্দ—রস (মধু) কর্ম্মধা] বি. আনন্দরূপ রস ; প্রেমমধু। ২। [ভক্তি ও যোগ শাস্ত্রে] শিরোমধ্যস্থ সুষুম্নানাড়ীস্থিত সহস্রদলপদ্ম বা সহস্রার হইতে নিঃসৃত অমৃত ; ব্রহ্মানন্দ ; চিদানন্দ। প্র—"পাপ তাপ সব দূরে গেল, আনন্দ রস উথলিল, বাহু তুলে মা মা বলে নৃত্য কর সন্তানবৃন্দ।" —ব্রহ্মসঙ্গীত।

আনন্দলহরী (আনন্‌দোলহরি) বি. আনন্দের তরঙ্গ ; হর্ষতরঙ্গ ; সুখতরঙ্গ। ২। রসলীলা ; প্রেম তরঙ্গ। ৩। আনন্দ যন্ত্রের মধ্যে গ্রাম্য শ্রেণীর একতন্ত্রী বাদ্যযন্ত্র। [ইহাতে প্রায় অর্দ্ধহস্ত পরিমিত একটি শূন্যগর্ভ কাঠের খোলের প্রশস্ততর মুখটি চর্ম্মাচ্ছাদিত থাকে ও চর্ম্মের মধ্যস্থলে ছিদ্র করিয়া তাহাতে একগাছি তন্তুর একপ্রান্ত আবদ্ধ করত অপর প্রান্ত একটী চর্ম্মাবৃত মৃন্ময় বা কাষ্ঠময় ভাণ্ডের চর্ম্মে সংলগ্ন থাকে। খোলটি বাম কক্ষে রাখিয়া বাম হস্তে ভাণ্ডটি ও দক্ষিণ হস্তে একটি শলাকা লইয়া বাজাইতে হয়। (যন্ত্রকোষ)]। ৪। শঙ্করাচার্য্যপ্রণীত বিখ্যাত স্তোত্রগ্রন্থ-বিশেষ।

আনন্দলাড়ু [গ্রা. আনন্দনাড়ু] বি. চাউলের গুঁড়ি, তিল, নারিকেলকোরা ও গুড় ঘটিত ভাজা লাড়ু।

আনন্দলোক (আনন্‌দোলোক্‌) বি. আনন্দধাম ; স্বর্গ ; পরলোক ; অমৃতধাম। প্র—"তুমিই ত আনন্দলোক জুড়াও প্রাণ, নাশ শোক, তাপহরণ তোমার চরণ অসীম শরণ দীন জনার।" —ব্রহ্মসঙ্গীত।

আনন্দসন্দোহ (শ) [আনন্দ+সন্দোহ (দুহ্‌ তাহা হইতে অমৃত ; রাশি, সমূহ)] বি. পুং. আনন্দামৃত। ২। আনন্দরাশি ; পরমানন্দ। প্র—"দেবলোকে দেবগণ এবং পৃথিবীতে সমস্ত প্রাণিগণ আনন্দ সন্দোহ সম্ভোগ করিতে লাগিলেন।" —মহা-আদি (বর্দ্ধ)।

আনন্দসলিল (আনন্‌দো শোলিল্‌) [আনন্দ (রূপ) সলিল (জল)—রূপক কর্ম্মধা] বি. হর্ষবারি ; প্রেম, ভক্তি,আনন্দজ রস। ২। পরমানন্দজনিত অশ্রু ; হর্ষাবেগজনিত নেত্রবারি ; পুলকাশ্রু। ৩। ব্রহ্মানন্দজনিত স্বেদ বা ঘর্ম্ম (ভক্তি ভাবের অবস্থা বিশেষ)।

আনন্দসাগর (আনন্‌দো শাগোর্‌) [আনন্দ (রূপ) সাগর—রূপক কর্ম্মধা] বি. সাগর সম বিশাল ও গভীর আনন্দ ; অসীম আনন্দ ; অপরিমেয় সুখ।

আনন্দস্রোত (—স্রোত্‌) [আনন্দ স্রোত স্বরূপ—উপমিতি। বা আনন্দের (আনন্দ সলিলের) স্রোত—৬তৎ] বি. আনন্দপ্রবাহ ; একটানা সুখ ; অখণ্ড আনন্দ বা সুখ।

আনন্দাশ্রু (আনন্‌দাস্‌স্রু) [আনন্দ (জনিত) অশ্রু— ম প লো কর্ম্মধা] বি. পুলকাশ্রু ; হর্ষাবেগ জনিত নয়নবারি। [আনন্দসলিল দ্রঃ]

আনন্দি (আনন্‌দি) [আ—নন্দ্‌ (হৃষ্ট হওয়া) +ই—ভাবে] বি. পুং. আনন্দ ; হর্ষ। ২। মহান্ত নৃসিংহের শিষ্য ও প্রবোধানন্দ সরস্বতী-রচিত চৈতন্যচরিতামৃত গ্রন্থের প্রসিদ্ধ টীকাকার। ক্রি. আনন্দদান করিয়া ; আনন্দিত করিয়া। [পদ্যে]

আনন্দিত (আনন্‌দিতো) [আনন্দ+ইত (যুক্ত)] বিণ. আনন্দ বা হর্ষ প্রাপ্ত ; আহ্লাদিত ; হৃষ্ট ; সুখী।

আনন্দোচ্ছ্বাস (আনন্‌দোছ্‌ছাশ্‌) [আনন্দ—উচ্ছ্বাস—৬তৎ] বি. আনন্দস্ফীতি ; পূর্ণানন্দজনিত স্ফীতি ; হর্ষকণ্টকিত হইবার ভাব।

আনমন (আনমন্‌) [আ (ঈষৎ)—নমন (নতকরণ)] বি. ঈষৎ নতকরণ ; নোয়ান।

আনমনা (আন্‌মোনা) [অন্যমনস্ক শব্দজ] বিণ. অন্যমনস্ক ; অসতর্ক ; অপ্রস্তুত ; অমনোযোগী। ক্রি-বিণ. **আনমনে**—অন্যমনে ; অন্যমনস্ক ভাবে ; নির্লিপ্তভাবে ; শূন্যমনে। প্র—"ছিলাম নিশিদিন, আশাহীন প্রবাসী। বিরহ তপোবনে আনমনে উদাসী॥" —রবি। "ভুলিয়ে মরমজ্বালা আনমনে হাসে বালা" —অশোকগুচ্ছ।

আনমনীয় (আনমনিও) বিণ. নোয়াইবার যোগ্য ; যাহা নত করা যায়।

আনমিত (আনোমিতো) [আ—নমিত (নত)] বিণ. ঈষৎ নত ; আনত ; বক্র।

আনম্য (আনোম্‌মো) বিণ. আনমনীয় ; যাহা নোয়ান যাইতে পারে। যাহার নিকট নত হওয়া উচিত ; প্রণম্য ; সম্মানার্হ।

আনয় (আ) [ব্রজ] ক্রি. আনিবার জন্য ; লইয়া আসিতে। প্র—"কতি যতনে দূতী পঠাওল আনয় গুয়া পান" —বি. প (গুপ্ত)।

আনয়ন (আনয়োন্‌) [আ—নী (লইয়া যাওয়া) +অন (ভাবে অনট্‌)] বি. ক্লী. লইয়া আসার ব্যাপার ; অন্যত্র হইতে বা স্থানান্তর হইতে উপস্থিত করণ।

আনয়নীয় (আনয়োনিয়ো) [আ—নী (লইয়া যাওয়া) +অনীয়] বিণ. লইয়া আসিবার উপযুক্ত ; যাহা আনিতে হইবে।

আনর্ত্ত (আনর্‌ত্ত) [আ—নৃত্‌ (নৃত্য করা)+ অ (ঘঞ্‌)=অধিকরণে ; যেখানে নৃত্য করা হয়] বি. পুং. রঙ্গালয় , নাট্যশালা ; থিয়েটার। ২। যুদ্ধ। ৩। গুজরাট প্রদেশের অংশ বিশেষ ; দ্বারকা (আধুনিক) কাটিবাড় (Kathiawar)। ৪। আনর্ত্তদেশবাসী। ৫। শর্য্যাতির পুত্র ; রেবত। ৬। বিভুর পুত্র ও সুকুমার রাজার পিতা স্বনামখ্যাত পৌররাজ। **আনর্ত্তপুর**—দ্বারকাপুরী।

আনর্ত্তিত [আ—নৃৎ+ত (কর্ম্মে ক্ত)] বিণ. কৃতনৃত্য ; নর্ত্তিত ; যাহা নাচান হইয়াছে। ২। কম্পিত।

আনর্থ্য (আনরথ) [অনর্থ+য (ভাবে ষ্য)] বি. ব্যর্থতা ; বৈফল্য।

আনর্থক্য (আনোর্‌থোক্‌ক) [অনর্থক+য (ভাবে ষ্য)] বি. ক্লী. অনর্থকতা ; ব্যর্থতা ; নিষ্ফলতা।

আনল (আনল, ল) [অনল শব্দজ। ব্রজ] বি. অনল ; অগ্নি। প্র—"খলের পিরীতি তুষের আনল ধিকি ধিকি যেন বয়।" —চণ্ডীদাস।

"সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু, আনলে পুড়িয়া গেল" —চণ্ডীদাস।

আনল (আ) [ব্রজ] ক্রি. আনিল ; আনয়ন করিল। প্র—"কত পরবোধি আনল অনুরোধি।" —বিদ্যাপতি। **আনলি**—আনিল। ২। আনিলে ; আনিলি। প্র—"কতি সঞে রূপ ধনি আনলি চোরি" —বিদ্যাপতি ;

আনলা [এক হইতে আ—নলা (সং—নল—নালিক—একনালিক) হইতে। তুল—দো নলা (দুই নলবিশিষ্ট)] বি. এক-নলবিশিষ্ট বন্দুক। প্র—"এক পাশ হৈয়া, থাকি লুকাইয়া, দেখি যে বসিল পাখী, ধীরে ধীরে যাই, তাহা পানে চাই, আনলা চালায় দেখি।" —চণ্ডীদাস।

আনবেশ (আন্‌বেশ্‌) [আন (ভিন্ন) বেশ (রূপ)] বি. ভিন্নরূপ ; অন্যপ্রকার। ২। স্বতন্ত্র সাজ। প্র—"আনবেশ দিনে দিনে সাধুর নন্দন। কৌতুকে খুলনা দেয় ভূষণ চন্দন।" —কবিক।

আনহ [আন দ্রঃ। হি. আনহ (তুলসী)= লইয়া আইস] ক্রি. আন ; আনয়ন কর ; ২। বিণ. অন্য ; অপর ; স্বতন্ত্র। **আনহি** [সং—অন্য+হিন্দী—হি]।

আনা [আনয়ন শব্দজ নী-ধাতু হইতে। উ-পু-আনি। ম. পু—আন ; আনুন ; আন্‌। প্র-পু—আনে ; আনেন। অস. ক্রি.-

আনিতে, আন্‌তে (সংক্ষেপে) ; আনিয়া, আনি (পদ্যে), এনে (গ্রা) । ণিজন্ত — আনান (নো)] ক্রি, আনয়ন করা ; লইয়া আসা । প্র—"কোথায় আনিলে আমায়,
আমায় কোথায় আনিলে ।
আনিয়ে সাগর মাঝে তরি ডুবালে ॥"
—রাজা রামমোহন রায় ।
বি, আনয়ন । ২ । [হি – আনা = আসা] আসা ; আগমন । প্র—আনাগোনা ।

আনা [সং—আনক । টাকার ষোড়শাংশ মূল্যের মুদ্রা (রঘুনন্দনের স্মৃতি) ; চারি পয়সা । ২ । কোন কিছুর ষোড়শাংশের এক অংশ । প্র—ক্ষত প্রায় সমস্তই শুকাইয়াছে এখন আনাভোর-মাত্র বাকী আছে ।

আনা [ফা, আনা] অনুকরণ, ব্যবহার, আচরণ, কর্ম্ম প্রভৃতি বাচক প্রত্যয় । প্র—বাবু-আনা ; নবাবীআনা ; গরীবানা ; মুন্সিআনা ; বিবিআনা । ২ । সম্বন্ধ-বাচক । প্র—সালানা (বাং—সালিয়ানা) । ৩ । [প্রাদে—শোণপুর] একপোয়া পরিমাণ জমী । ৪ । [বঙ্গে অঞ্চলে] ৭২ হইতে ৮০ মণ পর্য্যন্ত লবণের পরিমাণ ।

আনাগোনা [আনা (আগমন শব্দজ) গোনা (গমন শব্দজ) হি—আবাগমন্] বি, আসা যাওয়া ; গমনাগমন ; টানাপড়েন । প্র—
"সেই দিন হৈতে সেইত পথেতে,
করে নাকি আনাগোনা ।" —চণ্ডীদাস ।
২ । সংসারে আসাযাওয়া ; জন্মমৃত্যু । প্র—"ঘুচ্‌লো ভবের আনাগোনা ।"—সঙ্গীত ।
"এবার তবে ক্ষান্ত হবে ওরে শ্রান্ততরী
রাখরে আনাগোনা ।" —রবি ।

আনাচকানাচ (চ্) [আনাচ (আ = অবধি, পর্য্যন্ত + নাচ = সদর, প্রকাশ্য স্থান) কানাচ (গৃহের পশ্চাদ্ভাগ, ছাঁচতলা—অন্তরাল, অপ্রকাশ্য স্থান) প্রকাশ্য অপ্রকাশ্য সর্ব্বত্র, অথবা আনাচ (আবর্জ্জনা যুক্ত, আঁস্তাকুড় —অস্থান) কানাচ (ছাঁইচ, তুল—ইং—cornice) । ছাঁচতলা (গৃহের পশ্চাতে) অপরিষ্কার বা নোংরা থাকে, সুতরাং কুস্থান] বি, অস্থান কুস্থান ; আঁদাড় পাঁদাড় । "প্র—ভাল মোদের কাল মন্দ মোদের ভাল—আঁদাড় পাঁদাড় আনাচ কানাচ ঘুরে বেড়াই চল ।"—ম্যাক্‌বেথ্ (গিরিশ) ।

আনাড় (ড়) বিণ, [আ—নাড়] নিনাড় ; নিভৃত ; গুপ্ত । ২ । বি, গুপ্তস্থান । ৩ । দুর্জ্জেয় স্থান । ৪ । যাহাকে নাড়া হয় নাই ।

আনাড়া—বিণ, যাহা নাড়া বা সরান হয় নাই ; অস্থানান্তরিত । ২ । অকম্পিত ; স্থির ; অচঞ্চল ; যাহা কাঁপান বা যাহাতে ঝাঁকুনি দেওয়া হয় নাই ।

আনাড়ী [হি—অনাড়ী (অজ্ঞ) সং—অনেড়ঃমূক = হাবাবোবা] বিণ, অজ্ঞ ; মূর্খ অশিক্ষিত ; অচতুর ; অকৌশলী । প্র—"একি পেয়েছ আনাড়ী দাঁড়ি তুফানে ডরাবে ।"—রামপ্রসাদ । প্র—
"ধনবানে কেনে বই জ্ঞানবানে পড়ে ।
আনাড়ীর ঘোড়া লয়ে অপরেতে চড়ে ॥"
—*সধবার একাদশী ।*

আনাড়ীপণা, না [হি—অনড়্‌পন্] বি, মূর্খতা ; বোকামি ।

আনান (আনানো) [আনয়ন-শব্দজ] বিণ, আনীত ; সংগৃহীত । ২ । ক্রি, আনয়ন করা । (২) ক্রয় করা ।

আনামৎ [আমানৎ বর্ণ বিপর্য্যয়ে] আমানৎ দ্রঃ ।

আনায় (আনায়্) [আ—নী (লওয়া, ধৃত করা) + অ (ঘঞ্)—করণে—যাহাদ্বারা মৎস্যাদি আনা যায়] বি, পুং, জাল ; ফাঁদ । প্র—"আনায় মাঝারে বাঘে পাইলে কি কভু ছাড়েরে কিরাত তারে ?" —মেঘনাদ ।

আনায়ী (আনাঈ) [আনায়িন্, আনায় + ইন্ —অস্ত্যর্থে] বি, পুং, জালিক ; ব্যাধ ; কিরাত ।

আনায্য (আনাজ্জো) বি, পুং, আনয়নের উপযুক্ত । ২ । হোম করিবার জন্য দক্ষিণ-দিকে স্থাপিত অগ্নি ; দক্ষিণাগ্নি ।

আনার (আনার্)[ফা] বি, দাড়িম্ব ফল ; বেদানা ; pomegranate. প্র—"চাহি না আনার যেন অভিমানে ক্রূর ।" —অশোকগুচ্ছ ।
২ । তুবড়ি বাজী ।

আনারস (শ্) [হি – আনানস্ : উ – আনান্নস্ : পর্ত্ত —ananas হইতে ভারতে তেলেগু—অনাস্নপু । সং – আনশ । ল্যা—ananas sativus এবং পাইন বৃক্ষের ফল-সদৃশ বলিয়া ইং – পাইন-এপ্‌ল] বি, অম্ল-মধুরাস্বাদি ফল-বিশেষ ; বহুনেত্র ফল ; pine-apple.

আনারসী (রোশি) [আনারস + ই(যুক্তার্থে)] বিণ, আনারসের স্বাদযুক্ত ; ঈষৎ অম্ল-মধুর ।

আনাহ [সং – আনয় । প্রা-বাং – আনহ, আনাহ (ণিজন্তরূপ)—আধু—আনাও] ক্রি, আনয়ন কর । প্র—"নারদে আনাহ ত্বরাগতি ।"
—শূন্য পুরাণ ।

আনাহ [আ—নহ (বন্ধন করা) + অ (করণে ঘঞ্)] বি, পুং, কোষ্ঠবদ্ধ রোগ ; মূত্ররোধক রোগ । ২ । [নহ্ = বিস্তার করা] বস্ত্রের দৈর্ঘ্য ।

আনি [আনা দ্রঃ] ক্রি, আনিয়া (পদ্যে) । প্র—"অপরূব কে বিহি আনি মিলায়ল"
—বি, প, (গুপ্ত) ।
২ । লইয়া আসি ।

আনি, আনী [আনা দ্রঃ । আনা মূল্যের মুদ্রা । হি – আন্নি, তুল—একান্নী, দোআন্নী, চুয়ান্নী, আটান্নী] বি, চারি পয়সার মুদ্রা । ২ । ষোড়শাংশ ; $\frac{1}{16}$ part. ৩ । [ব্যাকরণে] প্রত্যয়বিশেষ ; ব্যবহার, ব্যবসায় বা কর্ম্ম ; অনুকরণ প্রভৃতি অর্থে ।
প্র—বাবুআনি । (২) [হি—পানি শব্দের সঙ্কুচিতরূপ আনি] জল বাচক ।
যথা—আমানি, চালানি (চেলুনি চাল ধোয়া পানি), ধোয়ানি (ধোয়া পানি) কলতানি = ক্লেদযুক্ত পানি ।

আনিল (ল্) বিণ, অনিল সম্বন্ধীয় । ২ । (আনিল) ক্রি, লইয়া আসিল ; উপস্থিত করিল ; আনয়ন করিল ।

আনিলি [অনিল = পবন + ই (ঞি) অপত্যার্থে] বি, পুং, অনিলপুত্র হনুমান্ ও ভীম । ২ । বিণ, অনিলসম্বন্ধীয় । ৩ । ক্রি, আনয়ন করিলি ।

আনী—আনি দ্রঃ ।

আনীত [আ—নী = লওয়া + ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহা আনয়ন করা হইয়াছে ; উপস্থাপিত ।

আনীল (ল্) [আ (ঈষৎ) – নীল] বিণ, নীলাভ ; light blue. ২ । বি, নীলবর্ণ অশ্ব ।

আন্মু [অন্ধ শব্দজ । ব্রজ] বিণ, অন্ধ ।
প্র—"এতদিনে আন্ধু ভাণে হাম আছনু,
সব বুঝনু অবগাহি ।" —বিদ্যাপতি ।

আনুকূল্য (আনুকুল্‌লো) [অনুকূল + য (ভাবে, ষ্য)] বি, ক্লী, অনুকূলতা ; সহায়তা ; পোষকতা । ২ । অনুগ্রহ । ৩ । উপকার ।

আনুগত্য (আনুগোৎতো) [অনুগত + য (ভাবে ষ্য)] বি, ক্লী, অনুগত থাকার ভাব ; অনুবর্ত্তন ; বাধ্যতা । ২ । তোষামোদ । ৩ । আনুকূল্য ।

আনুপদিক (পো, ক্) [অনুপদ (পদের অনু = পশ্চাৎ) + ইক (ষ্ণিক)] বিণ, পদানুবর্ত্তী ; পদাঙ্কানুসারী । ২ । পশ্চাদ্‌গামী ।

আনুপূর্ব্ব, আনুপূর্ব্ব্য [অনু (পশ্চাৎ) পূর্ব্ব (প্রথম) পূর্ব্বের পশ্চাৎ] বি, অগ্রপশ্চাৎ ; পর-পর ক্রম ; যথাক্রম । ২ । অনুলোম । স্ত্রী, **আনুপূর্ব্বী** ।

আনুপূর্ব্বিক (ক্) [আনুপূর্ব্ব + ইক (ষ্ণিক)] বিণ, অগ্রপশ্চাদ্‌বর্ত্তী ; পরম্পরাক্রমে ; যথাক্রমে ।
প্র—"পরে তিনি উপাধ্যায়ের সম্মুখে আগমন করিয়া * * আনুপূর্ব্বিক সমুদায় বৃত্তান্ত কহিলেন ।" —মহা, আদি (বর্দ্ধ) ।

আনুভাব্য (ব্য) [অনুভব + য (ষ্য)] বিণ, অনুভবনীয় ।

আনুমানিক (ক্) [অনুমান্+ইক (ষ্ণিক)] বিণ. অনুমানযোগ্য। ২। অনুমানসিদ্ধ; সম্ভাবনীয়। ৩। [সাংখ্যদর্শনে] প্রধান

আনুরক্তি (আনুরোক্‌তি) [অনুরক্ত+ই ভাবে] বি. স্ত্রী. আসক্তি; অনুরাগ।

আনুরূপ্য (প্র) [অনুরূপ+য (ভাবে, ষ্ণ্য)] বি. সাদৃশ্য।

আনুলোম্য (ম্য) [অনুলোম+য (ভাবার্থে)] বি. ক্লী. বর্ণানুক্রম; যথাক্রম।

আনুশাসনিক (আনুশাশনিক্) [অনুশাসন +ইক (ষ্ণিক) ভাবার্থে] বিণ. রাজনীতির অনুশাসন সম্বন্ধীয়। ২। মহাভারতান্তর্গত পর্ব্ব বা পরিচ্ছেদ বিশেষ।

আনুষঙ্গিক (ষো. ক্) [অনুষঙ্গ=সম্বন্ধ+ ইক (ষ্ণিক) ভবার্থে] বিণ. সঙ্ঘটিত; যাহা প্রধান বিষয় বা বস্তুর সঙ্গে আসে; অপ্রধান; গৌণ। ২। অপ্রকৃত। ৩। আবশ্যক; প্রয়োজনীয়।

আনুষ্ঠানিক (ক্) আনুষ্ঠিক দ্রঃ।

ক (ক্) [অনুষ্ঠা+ইক (ষ্ণিক)] বিণ. অনুষ্ঠানসম্বন্ধীয়; শাস্ত্রীয় বিধিসম্মত; অনুশাসন অনুযায়ী যে চলে।

[দ্রঃ—বাঙ্গালায় আনুষ্ঠানিক শব্দেরই অধিক প্রচলন]।

আনুসঙ্গ (শংগ) [আনুষঙ্গিক অপভ্রংশে প্রা. বাং] বিণ. আনুষঙ্গিক। ২। গৌণ।

প্র—"আনুসঙ্গ ফল করে সংসারের ক্ষয়" —চৈতন্যচরিত।

আনুপ, আনুপ (প্) বিণ. জলবহুল। বি. জল বহুল দেশস্থ জন্তু;—গণ্ডার, মহিষ, শূকরাদি। ২। আনারসের গাছ। ৩। হিজল গাছ।

আনৃণ্য (ন্র) [অন্-ঋণ+য (ষ্ণ্য)] বি. ক্লী. ঋণরাহিত্য; ঋণমুক্তি; ঋণপরিশোধ।

আনৃশংস্য (—শংস্‌শ) [অ—নৃশংস+য (ষ্ণ্য ভাবে)] বি. ক্লী. অহিংসা; অক্রূরতা। ২। দয়া। ৩। [আ=সম্যক্] সম্যক্ ক্রূরতা।

আনে [আনয়ন শব্দজ] ক্রি. আনয়ন করে। ২। [অন্য শব্দজ] ক্রি-বিণ. অন্যে; অন্য লোকে; অপরে। ৩। অন্যের পক্ষে; অন্যক্ষেত্রে। ৪। [ব্রজ] বিণ. অন্য।

প্র—"এহন জগত নহি আনে।"—বিদ্যাপতি।

আনেতব্য (—তোব্বো) [আ—নী=লওয়া+ তব্য] বিণ. আনয়নীয়; আনিবার যোগ্য।

আনেতা [আ—নী+তৃ (কর্ত্তৃ তৃন্)] বিণ. আনয়নকারী; আহরক।

আনোট, আনোটা (ট্) [অঙ্গুষ্ঠত্রাণ বা অঙ্গুরীয়ক শব্দের অপভ্রংশ। হি—অঁগুঠা শব্দজ আঙোট্ হইতে] বি. পায়ের আঙুলের আংটি; পদাঙ্গুলির আভরণ বিশেষ; আংটা; চুটকি। [আঙ্গোট দ্রঃ]

আন্ত (আনতো) [অন্ত+অ (ষ্ণ)] বিণ. অন্ত-সম্বন্ধীয়। ২। [ব্যাকরণে] অ, আ বর্ণান্ত; যাহার শেষে অ বা আ আছে।

আন্তর (র্) [অন্তর+অ (ষ্ণ) ভবার্থে] বিণ. অন্তর্গত। ২। আন্তরিক; মনোগত। ৩। [অন্তর শব্দের গ্রাম্য উচ্চারণ] বি. তফাৎ; ব্যবধান; দূর। ৪। ক্রি-বিণ. দূরে; ব্যবধানে।

আন্তরিক (ক্) [অন্তর+ইক (ষ্ণিক) ভবার্থে] বিণ. অন্তঃকরণসম্বন্ধীয়। ২। হৃদ্‌গত; মনোগত; মানসিক। ৩। অকপট। ৪। আভ্যন্তরীণ; দেহের ভিতরস্থ। ৫। গভীর। প্র—আন্তরিক ক্রোধ বা বিদ্বেষ।

আন্তরিক-স্রোত (ঃ) (ক্, ত্) [আন্তরিক —স্রোতস্] বি. ক্লী. সমুদ্রগর্ভস্থ অবিরাম প্রবাহ; main currents of the ocean.

আন্তরীক্ষ (আনতোরিক্‌খ) [অন্তরীক্ষ+অ (ষ্ণ) ভবার্থে] বি. স্বর্গ ও মর্ত্ত্যের মধ্যস্থলবর্ত্তী; আকাশসম্বন্ধীয়।

আন্তরীণ (ন্) [অন্তর+ইন—ভবার্থে] বিণ. আভ্যন্তর; অন্তরস্থ; অন্তর্বর্ত্তী।

আন্তে [আনিতে শব্দের সংক্ষেপ] ক্রি. আনয়ন করিতে; লইয়া আসিতে।

প্র—"যদি গোকুলে আন্তে পার শ্রীকান্তে।" —মনোমোহন বসু।

আন্ত্রিক (আনত্রিক্) [অন্ত্র+ইক (সম্বন্ধার্থে ষ্ণিক)] বিণ. অন্ত্রসম্বন্ধীয়; অন্ত্রঘটিত। ২। ['আন্তরিক' শব্দের দ্রুত উচ্চারণ] আন্তরিক; আভ্যন্তরীণ।

আন্ত্রিক জ্বর—অন্ত্রক্ষত ঘটিত বিষম জ্বর; enteric fever.

আন্দাজ (আনদাজ্) [ফা. অন্দাজ্ (অনুমান্)] বি. অনুমান; অনুভব। ২। পরিমাণ। ৩। অনুরূপ। ৪। ঢাঁচা; ডৌল। ৫। [ফা. আন্দাজ্=লক্ষ্যকারী, ক্ষেপণকারী] বাঙ্গালায় ইহা তদ্ধিত প্রত্যয় স্বরূপ অবিকৃত ভাবেই চলিতেছে।

প্র—বরকন্দাজ; তীরন্দাজ।

বিণ. আন্দাজী—আনুমানিক; ঠাউকো; ঠিক না জানিয়া; আজানা।

আন্দু [সং—অন্দু হইতে। হি—আন্দু] বি. হাতীর পা বাঁধিবার দড়ি বা শিকল।

আন্দোলন (ন্) [আন্দোলি+অন (অনট্)] বি. ক্লী. চর্চ্চা; অনুশীলন; তর্ক; বাদানুবাদ। ২। উত্থাপন। ৩। সঞ্চালন। ৪। দোলন। ৫। কম্পন। ৬। [করণে অনট্] দোলা। ৭। তোলা পাড়া (মনের মধ্যে); উদ্বেগ।

আন্দোলনীয় [আন্দোলি+অনীয়] বিণ. আন্দোলনের যোগ্য; যাহার সম্বন্ধে আন্দোলন করিতে হইবে।

আন্দোলিত [আন্দোলি+ত (ক্ত)] বি. যাহাকে আন্দোলিত করা হইয়াছে; যাহার সম্বন্ধে আন্দোলন করা হইয়াছে।

আন্ধ, আন্ধা (আনধ, আনধা) [অন্ধ শব্দজ] বিণ. অন্ধ।

প্র—"আন্ধার মাণিক বাছা অন্ধনীর নড়ি। লোচনের তারা বাছা! কৃপণের কড়ি॥" —ঘনরাম।

আন্ধসিক (আনধশিক্) [আন্ধস্=সিদ্ধ তণ্ডুল+ইক (ষ্ণিক) পাকার্থে] বিণ. পাচক; রাঁধুনি।

আন্ধার (র্) [সং—অন্ধকার—অন্ধআর—অন্ধার] বি. অন্ধকার। প্র—"আন্ধার কৈল ধূলায়" —অন্নদামঙ্গল।

(আধু বাং) আঁধার।

(ব্রজ) আঁধিয়ার; আধিয়ারা (আন্ধিয়ার দ্রঃ)।

আন্ধারিয়া [আন্ধার (অন্ধকার)+ই+আ (যুক্তার্থে)] বিণ. অন্ধকারময়।

প্র—"অবশেষে প্রবেশিল আন্ধারিয়া ঘরে" —কবিকঙ্কণ।

আন্ধিয়ার (আনধিআর্) [অন্ধকার শব্দজ। ব্রজ] বি. অন্ধকার; আঁধার।

প্র—"জম্বু রবিশশী সঙ্গহি উয়ল পিছে কয়ি আন্ধিয়ার।" —বিদ্যাপতি।

"মেঘ জামিনী অতিঘন আন্ধিয়ার"—জ্ঞানদাস।

[ব্রজ ভাষায় "আঁধিয়ার", "আন্ধিয়ারা" ও "আঁধিয়ারা" প্রয়োগ আছে। বর্ত্তমান বাঙ্গালায় অন্ধকার ও আঁধার শব্দ প্রচলিত]

আন্মনা (আন্‌মোনা) [অন্যমনা শব্দজ] বিণ. অন্যমনস্ক।

প্র—"ক্ষ্যাপার মতন আছি চিরদিন উদাসীন আন্মনা" —রবি।

[আনমনা দ্রঃ]

আন্বয়িক [অন্বয়=বংশ+ইক (ষ্ণিক) ভবার্থে] বিণ. সদ্বংশ জাত; কুলীন।

[বিরল]

২। [ব্যাকরণে] অন্বয়সঙ্গত; কৃতান্বয়।

আন্বীক্ষিকী (আনবিক্‌খিকি) [অনু (শ্রবণের পর) ঈক্ষা (দর্শন, মনন, জ্ঞান)+ ইক (ষ্ণিক) অর্থাৎ আত্মতত্ত্ব শ্রবণের পর মানস-নেত্রে দর্শন বা অনুমানরূপ মনন-জ্ঞান-নির্ব্বাহক শাস্ত্র] বি. স্ত্রী. তর্কবিদ্যা; গৌতমীয় ন্যায়দর্শন।

আপ্, আপ (প্) [অপ্ (জল) অ (ষ্ণ) সমূহার্থে] বি. ক্লী. জলরাশি। প্র— "হৃদয় বায়ু বহ্নি আপ্ ভারে দিল স্থল।" —কবিকঙ্কণ।

২। অষ্ট বসুর মধ্যে একজন।

আপ (প্) [সং—আত্মন্, প্রাকৃ—অপ্পণ্, হি—আপ্না—আপ। ব্রজ] বি, আপনি ; নিজে ; স্বয়ং।
প্র—"আপ হি গুরু হোই শিখায়ব কাম" —বিদ্যাপতি।

আপক্ব [আ=ঈষৎ—পক্ব=পরিণত, পাকা] বিণ, ডাঁসা ; পাক্‌লো ; আধপাকা। ২। অর্দ্ধসিদ্ধ। ৩। ভর্জ্জিত ; ভাজা।

আপগা [আপ=জলরাশি—গ (গম্=গমন করা+অ (ড কর্ত্তৃ) যে গমন করে (উপপদ)] বি, স্ত্রী, সমুদ্রগামিনী নদী।

আপড়া [আ (না)—পড়া (প্রাপ্তপাঠ, কৃতপাঠ, অধীত) হি—অন্‌পঢ়=অকৃত-পাঠ] বিণ, অপঠিত ; যাহা পড়া হয় নাই। ২। যে পড়ে নাই ; অশিক্ষিত।

আপণ (ন্) [আ—পণ্ (বাণিজ্য করা)+অ (অল্)] বি, পুং, পণ্য-ক্রয়-বিক্রয়ের স্থান ; বিপণি ; দোকান। ২। হাট।

আপণিক (আপোনিক্) [আপণ+ইক (ষ্ণিক) ধর্ম্মার্থে] বিণ, বাণিজ্য বা ক্রয়বিক্রয়সম্বন্ধীয় ; বিপণি বা দোকানবিষয়ক। ২। যাহারা পণ্য আদান প্রদান করে ; বণিক্ ; ব্যবসায়ী ; দোকানি। ৩। মাশুল ; বাণিজ্যকর।

আপৎ—আপদ দ্রঃ। **আপৎকাল**—বিপদের সময় ; আসন্নকাল ; সঙ্কট সময়।

আপতন (ন্) [আ—পত্=গমন করা+অন (অনট্)] বি, ক্লী, পতন। ২। সংঘটন। ৩। আগমন। ৪। অবতরণ।

আপতিক (আপোতিক্) [আ—পত্=পড়া +ইক] বিণ, হঠাৎ বা দৈবাৎ আগত বা সংঘটিত ; দৈবায়ত্ত ; accidental. বি, বাজ পাখী।

আপতিত (পো) [আপতন (দ্রঃ)+ত (ক্ত)] বিণ, দৈবাৎ বা হঠাৎ আগত ; পতিত ; নিপতিত। ২। উপস্থিত। ৩। অবতীর্ণ।

আপত্তি (আপোৎ তি) [গ্রা, আপোত্ত, আ—পদ্ (গমন করা)+তি (ভাবে, ক্তি)—যে প্রতিকূলে গমন করে] বি, বিপত্তি ; বিপদ ; আপদ। ২। বাধা ; প্রতিবন্ধক। ৩। অসম্মতি : অমত। ৪। তর্ক। ৫। বিপরীত যুক্তি প্রদর্শন। ৬। ভর্ৎসনা [বিরল]।

আপদ্ [আ (বিপরীত, প্রতিকূল)—পদ্ (গমন করা)+ক্বিপ (ভাবে)] বি, বিপত্তি ; বিপদ ; ব্যসন। ২। দুঃখ। ৩। দুর্দ্দশা। [তুল—আ, আফৎ=বিপদ]

আপদ (দ্) [আ (অবধি, পর্য্যন্ত) পদ (চরণ)] ক্রি-বিণ, পদ পর্য্যন্ত ; মাথা হইতে পা পর্য্যন্ত।

আপদ্‌গ্রস্ত (আপোদ্ গ্রোস্‌তো) [আপদ—গ্রস্ত (গ্রস্+ত (ক্ত)] বিণ, আপদে পতিত ; আপন্ন ; বিপদ্‌গ্রস্ত ; বিপন্ন।

আপদচুম্বিত (দ্) [আ—পদ—চুম্বিত (স্পৃষ্ট)] বিণ, যাহা চরণ স্পর্শ করিয়াছে ; মস্তক বা গলদেশ হইতে পদ পর্য্যন্ত লম্বিত।

আপদ্-প্রাপ্ত [আপদকে প্রাপ্ত, ২ তৎ] বিণ, আপন্ন ; বিপন্ন।

আপদবিপদ [প্রকার বাহুল্যার্থে একার্থক যুগ্ম পদ] বি, নানা প্রকারের বিপদ ; বিবিধ দুঃখ ; নানা দিক্ হইতে আশঙ্কিত বিপদ।

আপদলম্বিত (আপদ্ লোম্‌বিতো) [আ—পদ্—লম্বিত] বিণ, আচরণচুম্বিত ; মাথা হইতে পদ পর্য্যন্ত লম্বিত ; গলদেশ হইতে লম্বিত হইয়া যাহা চরণ স্পর্শ করিয়াছে। স্ত্রীলিঙ্গে, **আপদলম্বিনী**—প্র — "শবশিশু-কুণ্ডল, লোল শ্রুতিমূল, দনুজমুণ্ডমাল, আপদলম্বিনী।" —দেওয়ান রঘুনাথ রায় (বাং গান)।

আপদ্ধর্ম্ম (আপোধ্ ধর্‌মো) [আপদ্—ধর্ম্ম (ধৃ+মন্)] বি, পুং, বিপদে পতিত হইলে যে ধর্ম্ম অবলম্বন বিধেয় ; আপদ্‌কালের ধর্ম্ম।

আপন (আপোন্) [সং—আত্মন্ ; শব্দ প্রাকৃ—অপ্পন্ - অপ্‌পন (১) =আপনার (রত্নাবলী)। হি—অপন্, অপ্‌না] বিণ, নিজ : স্বকীয় : নিজস্ব। প্র—"বলে তুমি কহ আপন নাম" —চণ্ডীদাস।
২। আত্মীয়। ৩। স, আপনাকে বা নিজেকে। প্র—"সই কেন বা আপন খেয়ে আইলাম যমুনায়" —হরু ঠাকুর।
৪। আপনার ; নিজের। প্র—"হেলা ফেলা সারা বেলা, একি খেলা আপন সনে।"—রবি। "আপন মনে"। ৫। [আপ্ (প্রাপ্ত হওয়া) +অন (ট্—ভাবে)] প্রাপ্তি : প্রাপণ। বিণ, আপ্ত। **আপন-খাওয়া**—আত্মঘাতী হওয়া ; আপনার মরণের উপায় আপনি করা। ২। মরা। প্র—"সই, কেন বা আপন খেয়ে, আইলাম যমুনায়।" **আপন-পায়ে কুড়াল-মারা**—নিজের হাতে নিজের অনিষ্ট করা ; আত্মঘাতী হওয়া ; আপনার মঙ্গলের সূত্র আপনার হাতে ছিন্ন করা। **আপনওয়ালি** (আপন্‌ওয়ালি) [হি—আপনালি হওয়াই উচিত-ছিল। তুল -ঠাকুরালি] স্বার্থপরতা। প্র—
"তবে যদি কেহ করে আপনওয়ালি
তার রক্তে পূজিব রঙ্কিণী ভদ্রকালী।"
—ঘনরাম।

আপনা [হি-অপ্‌না] বিণ, নিজ ; স্বয়ং ; আত্ম ; আপন। ২। আপনাকে ; নিজেকে। প্র—"সই, কেন বা আপনা খেয়ে আইলাম যমুনায়।" পাঠান্তরে "আপন"—হরু ঠাকুর। **আপনা-আপনি**—স্বতঃপ্রবৃত্ত হইয়া। ২। স্বভাবতঃ ; কাহার চেষ্টাজাত নহে। ৩। আত্মীয়বন্ধু ; স্বজন ; আত্মপক্ষ। ৪। পরস্পর। **আপনার মত**—মনের মত। প্র—"আপনার মত পাই, তবে গ্রাস দুই খাই, পোড়া মাছে জামিরের রস।" - কবিক।

আপনার (র্) [সং—আত্মন্ শব্দ—৬ষ্ঠী,—১ব, প্রাকৃ—অপ্পাণাণং, অপ্পাণ (১) শব্দজ। তুল—মঃ—অপলা] [দ্রঃ - সমানার্থে **তোমার** ; তুচ্ছার্থে **তোর**] স, ত্বদীয়। ২। আত্মীয়। প্র—"তুমি যে আমার কত আপনার, এবার সে কথা বুঝালে।"—রবি।

আপনারা—আপনি এবং আপনার সম্পর্কিত সকলে ; যাঁহাকে সম্বোধন করা হইতেছে তিনি এবং তাঁহার উপস্থিত সহযোগিগণ। ২। [প্রাদে। প্রশ্নে] আপনার জাতি কি ; কোন্ জাতি বা সমাজভুক্ত। (এখানে আপনারা সম্ভ্রমার্থক নহে)। তুল—'তোমরা আপনারা?'

আপনি (আপোনি) [হি-আপ্‌নে। প্রাকৃত তুম্ বা তোম্ শব্দের ১মা, ১ব, "তুমি"র সম্ভ্রমসূচক রূপ] স, ভবান্ ; উপস্থিত মান্য ব্যক্তিকে সম্বোধন। ২। স্বয়ং ; নিজে। প্র—"আপনার জ্বালে মরি যে আপনি"—রবি।
"আজি বসন্ত আপনি হেরি মুখখানি
বিহরে চরণতলে গো।"
—বিজয় মজুমদার (কলিকা ও ফুল)।

আপন্ন—[আ—পদ্+ত (ক্ত, কর্ত্তৃ)] বিণ, আপদ্‌গ্রস্ত ; বিপন্ন। ২। প্রাপ্ত। ৩। লব্ধ।

আপন্নসত্ত্বা (—শৎতা) [আপন্ন (লব্ধ) —সত্ত্ব (প্রাণী)। যে গর্ভে অপত্য প্রাপ্ত হইয়াছে (বহু)] বি, স্ত্রী, অন্তঃসত্ত্বা ; গর্ভিণী।

আপরাহ্ণিক (আপোরান্‌হিক্) [অপরাহ্ণ+ইক (ষ্ণিক) ভবার্থে] বিণ, অপরাহ্ণকালীন ; বৈকালিক। ২। দিবসকে তিন ভাগে বিভক্ত করিয়া শেষ ভাগে কৃত্য শ্রাদ্ধাদি।

আপশানি (আপ্‌শানি) [ফা—আফ্‌শান (বিক্ষেপ, বিস্তার করা)] বি, আস্ফালন। ২। পশ্চাত্তাপ।
ক্রি, **আপ্‌শান** (আপ্‌শানো)

আপশোষ, আপসোস (আপ্‌শোষ্) [ফা—আফ্‌সোস্ (দুঃখ, সন্তাপ)] বি, দুঃখ ; মনস্তাপ ; পরিতাপ।
প্র—"মুখের গ্রাস কেড়ে নিলে, আপ্‌সোসে প্রাণ বাঁচে না।" —বাঙ্গালীর গান।
[আফসোস দ্রঃ]

আপস (আপোশ্) [হি—বীআপস্ (ষ=স্)] আপনি ; স্বয়ং। ২। [উ, আপস্ (পরস্পর)] পরস্পর ; আপনাআপনি। ক্রি-বিণ, **আপসে**—সদ্ভাবে ; উভয় পক্ষের পরস্পর সম্মতিক্রমে। প্র—মামলা আপসে মিটমাট হয়ে গিয়েছে।

আপস্তম্ব (আপস্‌তম্‌বো) বি, পুং, সংহিতা-কার স্বনামখ্যাত মুনি ; কল্পসূত্রকার।

আপা—বি, জলের ধারে মাছ ধরিবার গর্ত্ত।

আপা, আপাকথা (আপা) [আ. আক্‌-ওয়া ; ফোআহ্ (জনরব) শব্দের বহুবচন] বি. জনরব ; জনশ্রুতি ; কিংবদন্তী rumours.

আপাং—আপাঙ্গ দ্রঃ।

আপাক (ক্) [আ=ঈষৎ—পচ্=পাক করা +অ (ঘঞ্)] বি. পুং. ঈষৎ পাক। ২। কুম্ভকারের মৃৎপাত্র দগ্ধ করিবার স্থান ; পোয়ান।

আপাকা [অপক্ক-শব্দজ] বিণ. অপক্ক। ২। অর্দ্ধপক্ক ; অর্দ্ধসিদ্ধ ; অর্দ্ধদগ্ধ।

আপাঙ্গ, (আপাং) [সং—অপামার্গ—অপাঙ্গক, মঃ—আঘাড়া] বি. স্ত্রী. চিড়্‌চিড়ের গাছ ; আপাং গাছ ; Achyranthes aspera.

আপাটল (ল্) [আ=ঈষৎ—পাটল] বিণ. পাটলবর্ণাভ ; ঈষৎ পাটকিলা বর্ণযুক্ত।

আপাণ্ডর, আপাণ্ডুর (র্) [আ-(ঈষৎ) পাণ্ডর, পাণ্ডুর] বিণ. পাণ্ডুবর্ণাভ ; ঈষৎ শুক্লপীতবর্ণযুক্ত ; ফ্যাকাসে।

আপাত [আ—পত্=গমন করা+অ (ঘঞ্)] বি. পুং. পতন। ২। আগমন। ৩। উপস্থিত ; বর্ত্তমান ; আপাততঃ ; তৎকাল ; ঘটনাকাল। প্র—আপাতমধুর। ৪। প্রথম। **আপাতকঠিন** (ন্) বিণ. আপাততঃ কঠিন (পরিণামে কিন্তু কঠিন নহে) **আপাতকর্কশ** (শ্) বিণ. যাহা উপস্থিত বা তৎকালে কর্কশ বলিয়া বোধ হয় (কিন্তু পরিণামে তাহা থাকিবে না)। **আপাতদৃষ্টি**—প্রথমদর্শন ; উপস্থিত দর্শন ; দেখিবামাত্র। **আপাতপরুষ**—প্রথমে কর্কশ বা রূঢ় (পরিণামে নহে)। **আপাতমধুর**—প্রথম বা উপস্থিত মধুর (কিন্তু পরিণামে নহে)। **আপাতবিরস**—উপস্থিত বা প্রথমে রসহীন বা বিমর্ষ (পরিণামে নহে)। **আপাতসরস, সুরস**—উপস্থিত বা এক্ষণে বা তৎকালে রসযুক্ত, সুমিষ্ট ; আপাত মধুর (পরিণামে নহে)।

আপাতক (আপাতোক্) [আপাততঃ শব্দজ] বিণ. উপস্থিত ; এইক্ষণ ; সম্প্রতি ; ২। তাৎকালিক।

আপাততঃ [আপাত (প্রথমে) +তস্ (৭মী স্থানে)] অ. সম্প্রতি ; প্রথমতঃ ; উপস্থিত ; এক্ষণে।

আপাত্য [আ—পত্=গমন করা+য (কর্ত্তৃ য্যণ্)] বিণ.

আপাদমস্তক (দ্ ক্) (আ (অবধি)—পাদ—মস্তক] ক্রি-বিণ. ক্লী. পাদ হইতে মাথা পর্য্যন্ত ; সর্ব্বাঙ্গ। প্র—
"আপাদ মস্তকে"।—শিবায়ন। সে চাদরে আপাদমস্তক ঢাকিয়া পড়িয়া রহিল।

আপান (ন্) [আ—পা=পান করা+অন (অনট্—অধিকরণে) যে স্থানে বসিয়া পান করা হয়] বি. ক্লী. পানভূমি ; সুরাপানগোষ্ঠী ; tavern. ২। মদের দোকান।

আপানভূমি (ন্) [আপান—ভূমি=স্থান] বি. স্ত্রী. মদ্যপানালয় ; মদের দোকান। ২। পান করিবার স্থান।

আপামর (র্) [আ (অবধি)—পামর (অধম, নীচ)] ক্রি-বিণ. ক্লী. পামরপর্য্যন্ত ; অধম পর্য্যন্ত। **আপামর-সাধারণ**—উচ্চ হইতে নীচপর্য্যন্ত ; উত্তমাধম সকলেই।

আপায় (য্) গ্রা—প্রা-ধাং] ক্রি. গত হয় ; যায়। প্র—
"মধুমাস আপায় মাধব পরবেশ।"
—কবিক।

আপালি—বি. পুং. কেশকীট ; উকুন।

আপি (আপি) [অর্পি (অর্পণ করিয়া) শব্দজ] ক্রি. অর্পণ করিয়া ; স্থাপন করিয়া ; রাখিয়া। প্র—"যব হাম সোঁপব করে কর আপি।"
—বিদ্যাপতি।
"অধর উঠই কাঁপিয়া সখি করে কর আপিয়া।"
—রবি।

আপিং, আপিঙ্গ (আপিং) আফিং দ্রঃ।

আপিঙ্গল (আপিংগল্) [আ=ঈষৎ—পিঙ্গল] বিণ. ঈষৎ পিঙ্গলবর্ণ ; পিঙ্গলাভ।

আপিঞ্জর (আপিন্‌জর্) [আ—পিঞ্জর] বিণ. পিঞ্জরপর্য্যন্ত। ২। [পিঞ্জর ; পিঙ্গল] আপিঙ্গল : পীতাভ।

আপিন (ন্) [গ্রী—Opion] আফিং দ্রঃ।

আপিস, অপিস (আপিশ)[ইং— Office-শব্দজ] বি. দপ্তর ; কর্ম্মস্থান ; সেরেস্তা। প্র—"বিষম রাক্ষস ওটা মেলিয়া অপিসকোটা।"
—রবি।
"আপিস ছেড়ে এলাম যদি আপনারই গেটে।"
—দ্বিজেন্দ্র রায়।

আপিসার (আপিশার্) [ইং—Officer] বি. কর্ম্মচারী ; কেরাণী।

আপীড় (ড়্) [আ—পীড়=পীড়ন করা+অ (অল্—করণে) যাহা দ্বারা মস্তক পীড়িত (পিষ্ট) হয়] বি. পুং. পাগড়ী ; কিরীট। ২। [ভাবে, অল্] আপীড়ন ; ক্লেশদান।

আপীড়ন (ন্) [আ—পীড়=পীড়ন করা+অন (ভাবে অনট্)] বি. ক্লী. নিপীড়ন। ২। বিমর্দ্দন ; নিষ্পেষণ। ৩। গাঢ় আলিঙ্গন।

আপীড়িত [আ—পীড়্-পীড়ন করা+ত (কর্ম্মে ক্ত)] বিণ. নিষ্পেষিত ; সম্যক্ পীড়িত। ২। দৃঢ়বদ্ধ। ৩। গাঢ়ভাবে আলিঙ্গিত। ৪। ভারাক্রান্ত।

আপীত (ত্) [আ=ঈষৎ—পীত] বিণ. পিঙ্গলাভ ; পীতাভ। ২। [আ (সম্যক্)—পা (পান করা)+ত (কর্ম্মে ক্ত) যাহা নিঃশেষে পান করা হইয়াছে ; সম্যক্ পীত। ৩। বি. মাক্ষিক ধাতু।

আপীতহরিৎ (হো) [আপীত—হরিৎ] বি. যে বর্ণে ঈষৎ হরিদ্রা ও সবুজের মিশ্রণ আছে : yellowish green.

আপীন (ন্) [আ (ঈষৎ, সম্যক্) প্যায় (বৃদ্ধি পাওয়া) +ত (ক্ত—কর্ত্তৃ) । প্যায়=পী। যে বৃদ্ধি প্রাপ্ত হয়] বিণ. স্থূল ; সুপুষ্ট ; মোটা। ২। [আ—পী (পান করা) +ত, কর্ম্মে ক্ত —যাহা পান করা যায়] বি. গবাদির স্তন ; পালান ; মোড়। [আপ্যান ও হয়। বাঙ্গালায় অপ্র]।

আপীল, আপিল (আপিল্) [ইং - appeal] বি. আবেদন। ২। পুনর্ব্বিচারের আবেদন।

আপীলাণ্ট (ণ্ট্) [হি—আপীলাট্ ; ইং-appellant] বি. যে আপীল করে।

আপূপিক (ক্) [অপূপ=পিষ্টক+ইক (ষ্ণিক - পাকার্থে)] বিণ. যে পিষ্টক প্রস্তুত ও বিক্রয় করে ; হালুইকর ; ময়রা ; পিষ্টক-বিক্রেতা ; মিঠাই বিক্রেতা ; রুটিওয়ালা।

আপূপ্য (প্য) [আপূপ=পিষ্টক+য (ষ্য) ইদমর্থে] বি. পিষ্টকের উপকরণ সামগ্রী ; ময়দা, সুজি প্রভৃতি।

আপূর্ত্ত (আপুর্‌ত) [আ—পূর্ত্ত—পৃ+ত (ক্ত)] বি. ক্লী. খাতাদি খনন।

আপূষ (ষ্) বি. রাং ; রঙ্গধাতু।

আপৃচ্ছা, অপ্রচ্ছন, [আ—প্রচ্ছ্=জিজ্ঞাসা করা+অ (অঙ্)] বি. স্ত্রী. জিজ্ঞাসা। ২। আলাপ। ৩। আহ্বান। [বিরল]

আপেক্ষিক (আপেক্‌খিক্) [অপেক্ষা+ইক (কৃতার্থে ষ্ণিক)] বিণ. অপেক্ষাকৃত ; তুলনা-। বি. **আপেক্ষিকতা**।

আপেক্ষিকগুরুত্ব (আপেক্‌খিক্‌গুরুৎত)—বি. অন্যের সহিত তুলনায় যে গুরুত্ব নিশ্চয় হয়। ২। [বিজ্ঞানে] "সর্ব্বাপেক্ষা লঘুতম একটী পদার্থের ওজনের সহিত তুলনায় অন্যান্য পদার্থের ওজন"—ডাঃ প্রফুল্ল রায়। ৩। "কোন দ্রব্যের একঘন ফুট আয়তনের ওজনকে এক ঘনফুট জলের ওজন অর্থাৎ ৩০ সের দিয়া ভাগ করিলে যে রাশি পাওয়া যায়, সেই রাশিই সেই দ্রব্যের আপেক্ষিক-গুরুত্ব।"—পদার্থবিদ্যা (ত্রিবেদী)। সমায়তন ভিন্ন ভিন্ন বস্তুর পরস্পর গুরুত্বের যে সম্বন্ধ ; specific gravity.

আপেল (আপেল্) [ইং—apple.] বি. সেব নামক পাহাড়ী ফলবিশেষ।

আপোষ (ষ্) [উ—আপস্=পরস্পর ; আপনা-আপনি।

আপোষে [আপোষ দ্রঃ] ক্রি-বিণ. আপনাদিগের বা পরস্পরের মধ্যে—তাহা হইতে মধ্যস্থ যোগে। প্র—তাহারা আপোষে মকদ্দমার নিষ্পত্তি করিয়া লইয়াছে।

আপ্ত (আপ্‌তো)[আত্মন্—আত্ম—আত্ত—আপ্ত] বিণ. আপন ; স্বকীয় ; নিজ। প্র—"ধারি না পরের ধার, আপনি সই আপনার, আপ্ত মানে মানিনী"—রামবসু।

২। আত্মীয় ; স্বজন ; মিত্র। প্র—"যত অবতারের পরিষদ আপ্তগণ।"–চৈ.ভা। "এবে আপ্ত অনেক আনন্দে কর রাজ্য"–ঘনরাম। ৩। বিশ্বস্ত। ৪। হিত। ৫। পরমার্থ। ৬। [আপ্ (পাওয়া)+ত (ক্ত)] যথার্থ; সত্য। ৭। যথার্থবাদী ; হিতোপদেষ্টা। ৮। লব্ধ ; প্রাপ্ত। ৯। গণিত শাস্ত্রোক্ত ভাগফলাদি। ১০। যিনি ছলাদি দোষ রহিত। বি. আপ্তি।

আপ্তকাম—বিণ. পূর্ণকাম ; পূর্ণাভিলাষ ; সিদ্ধমনোরথ ; ধর্ম্মাত্মা, বিদ্বান, সত্যোপদেষ্টা এবং সর্ব্বোপরি কৃপাদৃষ্টিযুক্ত হইয়া অবিদ্যা অন্ধকার নাশ করতঃ অজ্ঞানী লোকের আত্মায় সদা বিদ্যারূপ সূর্য্য প্রকাশ করেন।"

—দয়ানন্দ সরস্বতী।

আপ্তকারী—বিণ. বিশ্বস্তব্যক্তি ; যাহার উপর বিশ্বাস করিয়া কার্য্যভার অর্পণ করা যাইতে পারে। স্ত্রী. **আপ্তকারিণী**।

আপ্তখুদী—[আপ্ত—আ—খুদী—সহচর শব্দ উভয়ই একার্থক] বিণ. স্বেচ্ছাকৃত ; স্বয়ং। ২। স্বার্থপর ; আত্মম্ভরি। ৩। স্বয়ং পর্য্যাপ্ত; self-sufficient.

আপ্তগরজী (—গোরজি) [আপ্‌গরজীও বলে। আ. গরজ্] বিণ. যে আপনার গরজ (প্রয়োজন) বুঝে এবং তদনুসারে কাজ করে ; স্বার্থপর।

আপ্তয়াসী—বিণ. স্বার্থপর ; আপ্তগরজী।

আপ্তভাবে—ক্রি-বিণ. আত্মীয়ের মত। মিত্রবোধ করিয়া, আত্মীয়তা করিয়া। প্র—"সে দেশে কামিলা নাই, পাঠালেন তব ঠাই, আপ্তভাবে নৃপতিনন্দন॥" —কবিক।

আপ্তবচন—বি. আপ্তশ্রুতি ; বেদবাক্য ; ঈশ্বর প্রকটিত সত্য ; প্রত্যাদেশ ; revelation.

আপ্তবন্ধু—বি. আত্মীয় বন্ধু ; বন্ধুবান্ধবাদি আপনার জন।

আপ্তবর্গ—বি. আত্মীয় স্বজন ; স্বজনবর্গ; জ্ঞাতিগোত্র।

আপ্তবাক—বি. বেদ ; আগম

আপ্তবাক্য—বি. ঈশ্বর-প্রকটিত সত্য ; বেদাদি শাস্ত্র ; প্রত্যাদেশ ; revelation. ২। আপ্ত বা আত্মীয় স্বজনের বাক্য। ৩। দোষাদোষ বিচার না করিয়া যে বাক্যের প্রামাণ্য বলিয়া গৃহীত হয়।

আপ্ততা (আপ্‌তোতা) বি. আত্মীয়তা ; স্বজনপ্রীতি। প্র—

"প্রীতি ভয় আপ্ততা সভার হইল মনে।"

–চৈতন্যভাগবত।

আপ্তসার (আপ্‌তোশার্) [আত্মসংস্কার শব্দজ] বি. যোগ. মন্ত্রতন্ত্রাদি প্রক্রিয়া বিশেষ দ্বারা আত্মদেহ বা নিজ শরীর রক্ষা। প্র—"কালীনাম যার আপ্তসার কালের ভয় কি আছে তার।"

—কমলাকান্ত।

২। অমঙ্গলনিবারক অনুষ্ঠান। ৩। বিণ. স্বার্থপর ; selfish,

আপ্তি (আপ্‌তি) [আপ—পাওয়া+তি (ক্ত)] বি, স্ত্রী. প্রাপ্তি ; লাভ। ২। সম্বন্ধ ; যোগ। ৩। যোগ্যতা। ৪। ব্যাপ্তি।

আপ্য (আপ্প) [অপ্=জল+য (ষ্য) ব্যাপ্ত্যর্থে] বিণ. জলময়। ২। জল সম্বন্ধীয়। ৩। [আপ্ (প্রাপ্ত হওয়া)+য] প্রাপ্য ; লভ্য। ৪। বি. কর্ম্মের শেষভূত মন্ত্রাদি।

আপ্যায়ন (আপ্‌প্যায়ন্) [আ—প্যায়্ (বৃদ্ধি পাওয়া) আনন্দে স্ফীত হওয়া)+অন (ভাবে অনট্)] বি. বর্দ্ধন ; অভ্যুদয় ; উন্নতি ; বৃদ্ধি। ২। সম্বর্দ্ধনা ; তোষণ ; প্রীতিসম্পাদন। ৩। পুষ্টি ; পোষণ। ৪। [কর্ত্তৃ—অন্] বিণ. আপ্যায়নকর ; প্রীতিদায়ক ; সন্তোষজনক।

আপ্যায়িত (আপ্‌প্যাইত) [আ—প্যায়্ (বৃদ্ধি পাওয়া, তুষ্ট হওয়া ইত্যাদি)+ত (ক্ত)] বিণ. বর্দ্ধিত ; উন্নত ; স্ফীত। ২। প্রীত ; তুষ্ট ; পরিতৃপ্ত। প্র—

"মোর রূপে অপ্যায়িত করে ত্রিভুবন।
রাধার দর্শনে মোর জুড়ায় নয়ন॥"

—চৈতন্য চরিতামৃত।

৩। পুষ্ট। এই অর্থে সংস্কৃতে বহুল ব্যবহার। তুল—"সূর্য্যস্য বীর্য্যেণ সোমস্যাপ্যায়িত তনুঃ।"

–কূর্ম্মপুরাণ।

আপ্রপদ (আপ্‌প্রোপদ্) [আ (অবধি) প্রপদ (পদাগ্র)] বি. ক্লী. চরণপ্রান্ত পর্য্যন্ত ; পদাগ্রপর্য্যন্ত।

আপ্রপদীন (আপ্‌প্রোপোদিন্) [আ= অবধি–প্রপদ–পদাগ্র+ঈন, ব্যাপ্ত্যর্থে] বিণ. পাদাগ্র পর্য্যন্ত লম্বমান ; আপাদলম্বিত। [বিরল]

আপ্লব, আপ্লাব (ব্) [আ–প্লু (জলে ভাসিয়া যাওয়া)+অ (ভাবে, অল্, ঘঞ্)] বি. জলপ্লাবন। ২। অবগাহন ; স্নান। ৩। উল্লম্ফন গতি। ৪। আচ্ছাদন।

আপ্লবব্রতী, আপ্লুতব্রতী (–ব্রোতি) [আপ্লব আপ্লুত (স্নান)–ব্রতী] বিণ. স্নাতকব্রতী। ২। বি. ব্রহ্মচর্য্যাশ্রম হইতে গৃহস্থাশ্রমে প্রবেশ করিবার কালে স্নাত ব্যক্তি।

আপ্লাবন (ন্) [আ (সম্যক্)—প্লাবন (অভিষেক, বন্যা)] বি. বন্যা। ২। অভিষেক। বিণ. আপ্লাবিত।

আপ্লাবিত–বিণ. পরিপ্লুত ; প্লাবিত ; স্নাত।

আপ্লুত [আ (সম্যক্)–প্লু (জলে ভাসিয়া যাওয়া)+ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ. অভিষিক্ত ; স্নাত। ২। [ভাবে, ক্ত] বি. স্নান। উল্লম্ফনগতি।

আফগান (আফ্‌গান্) [ফা—অফ়গান্] বি. ভারতের উত্তর পশ্চিম প্রান্তদেশবাসী স্বনামপ্রসিদ্ধ জাতি। প্র—"কভু শতধারে, এ উভ পারে, পাঠান, আফগান মোগল ও"

—যমুনালহরী।

"পরে আফগান মোগল পাঠান
দলে দলে দেশ জুড়িয়া" —দ্বিজেন্দ্র রায়।

আফতাব (ফ্ ব্) [ফা—আফ্‌তাব্। তুল—সং আতপ=সূর্য্যকিরণ] বি. সূর্য্য।

আফরা (ফ্) [প্রাদে। উচ্চারণ ভেদে উফ্‌রা (দ্রঃ)] বি. ধানের পোকাধরা রোগ। আফরা ধরা বা লাগা। ধান গাছের গাঁঠের ঠিক উপরে এক প্রকার ক্ষত দেখা যায় তাহার প্রথমাবস্থায় চাষীদের ভাষায় থোড় ও পরিণত অবস্থায় পাকা আফরা বা উফরা বলে।

আফলা—বিণ. যাহাতে ফল হয় নাই বা হয় না।

আফলোদয় (য়্) [আ (পর্য্যন্ত)—ফল (সিদ্ধি—তাহার) উদয়] ক্রি-বিণ. ফলোদয় পর্য্যন্ত ; যাবৎ ফলোদয় না হয়।

আফলোদয়কর্ম্মা,—কারী—বিণ. যতক্ষণ কৃতকার্য্য না হয় ততক্ষণ পর্য্যন্ত যে কর্ম্ম করে।

আফসান (আফ়শানো, আপ্‌শানো) [আ. আফ়্‌শা (য়্)=জাহির বা প্রকাশ করা। ফা—আফ়্‌শান্=জল (জলের ফোঁটা) ছিটান বা আছড়ান তাহা হইতে হাত পা আছড়ান (ক্রোধে)—তাহা হইতে বাং-তে রুদ্ধ-ক্রোধ হাত পা আছড়াইয়া প্রকাশ করা। ক্রুদ্ধব্যক্তি প্রতিকার বা প্রতিশোধ লইতে না পারিলে করতল মর্দ্দন বা নিষ্পেষণ করিতে থাকে তখন তাহার মনের ভাব ঐ প্রকারে এবং ঘন ঘন নিশ্বাস প্রভৃতিতে প্রকাশ পায়। ফা—আফ়্‌শুর্দন=নিষ্পেষণ বা নিংড়ান। করে কর নিষ্পেষণ করা। তুল—উ—"হাথ মল্ মল্ রহ্ গয়া" ; বাং-র "হাত কামড়ে থাকা" ; "হাত কামড়ানি"] ক্রি. চাপা ক্রোধ প্রকাশ করা ; ক্রোধে ক্ষোভে হাত পা আছড়ানো। প্র—প্রতিকারে অসমর্থ হইয়া রুদ্ধ ক্রোধে হাত কামড়ানো। বি. আফসানি। প্র—ছেলেটা যাবার জন্য কতই না করে কিন্তু কোন মতেই যেতে না পাওয়ায় তাহার আফসানিটা একবার দেখ।

আফসোস (আপ্‌ষোষ) (ফা—অফ্‌সোস্ =দুঃখ) বি. দুঃখ; মনস্তাপ; পরিতাপ। [বাঙ্গালায় আফ্‌সোস, আফ্‌শোস, আফ্‌শোষ এই তিনই ব্যবহৃত হয়—আপশোষ দ্রঃ]

আফাটা [আ (না)—ফাটা (বিদীর্ণ, রন্ধ্রযুক্ত)] বিণ. ফাটল বা ফাটশূন্য; ছিদ্রহীন।

আফানি [লম্ফ—লাফ—লাফানি (গ্রা, নাপানি) প্রাদে গ্রা] বি. বেড়াজাল দিয়া মাছ ধরিবার কালে বাড় ডিঙ্গাইয়া পলায়ন করিবার জন্য মাছের লাফানি।

আফিং, আফিঙ্গ, আফিম, আফুক—[সং—অহিফেন; আ—আফিয়ূন্; উ—আ গ্রী—ওপিয়ন্; ইং-ওপিয়ম] বি. পোস্তর (poppy) ঢেঁড়ি হইতে নিষ্কাসিত নির্য্যাস; কৃষ্ণবর্ণ, তিক্তরস মাদক দ্রব্যবিশেষ; স্বনাম প্রসিদ্ধ বিষ। প্র—অস্থিচর্ম্ম করি শেষ আফিঙ্গে নাশিবে দেশ"—কুঙ্কুম। **আফিমী**—যে আফিম খায়। **আফিম-চি, আফিংচি**—আফিম খাদক। **আফিম খোর**—যে আফিমের নেশা করে। [আপিং আপিন দ্রঃ]

আফুট, আফুটন্ত, আফুটা,—টো [আ—ফুট] বিণ, ছিদ্রহীন। ২। [সং—অস্ফুট] যাহা প্রস্ফুটিত নহে; যাহা ফুটে নাই; অফুটন্ত। ৩। অপ্রকাশিত।

আফুলা—বিণ. যাহাতে ফুল ধরে না বা ধরে নাই; পুষ্পহীন।

আব (আব্) [ফা আব্ (জল)] বি. জল। প্র—পঞ্জাব [পঞ্চ+আব (জল)] অর্থাৎ পঞ্চনদ প্রদেশ; আবহাওয়া=জলবায়ু; গোলাব (গুল+আব=জল) অর্থাৎ গোলাব-জল (গোলাব দ্রঃ); আব-খোরা [আব=(জল)+খোরা (খোরা নামক পাত্র) জল পান করিবার বাসন]। ২। [জল এই অর্থ হইতে জলের মত স্বচ্ছ ও উজ্জ্বল এবং শেষে ঔজ্জ্বল্য। মুক্তাদি সম্বন্ধে উক্ত হয়] বি. ঔজ্জ্বল্য; চমক। [জহুরীদিগের ভাষায়। আবদার শব্দ দ্রঃ] অনুরূপ স্থলে ইংরেজিতেও water (আব=জল) শব্দ ব্যবহৃত হয়। তুল—"pearl of the first water." ৩। (তরবারি প্রভৃতি অস্ত্রের) তীক্ষ্ণতা; ধার। [তুল—সং, অপ্‌=জল]

আব [হি—আব্; আবয়্। ব্রজ] ক্রি. আইসে; আগমন করে। প্র—"রাধবি রস জনু পুন পুন আব" —বি, প।

আব (আব্) [অর্ব্বুদ শব্দজ] বি. দেহের কোন স্থানে উৎপন্ন মাংসপিণ্ড। ২। গণ্ড-মালা। বিণ. **আবুয়া, এবো**—আবযুক্ত।

আবওয়াব (আব্‌ওআব্) [ফা—বাব শব্দের বহুবচন] বি. রাজস্ব ব্যতীত রাজা বা জমিদার কর্ত্তৃক গৃহীত বিবিধ কর; অতিরিক্ত কর।

আবকার (আব্‌কার্) [ফা—অব্‌কার্=যে মদ চুয়ায়] বি. মদ্যবিক্রেতা। ২। মাদক দ্রব্য প্রস্তুতকারক।

আবকারী—বি. মাদকদ্রব্যের ব্যবসায়; মাদক দ্রব্যের কর বা মাশুল। বিণ. মাদক দ্রব্যের প্রস্তুতকরণ, ব্যবসায় এবং মাশুলাদি নিয়ামক। প্র—আবকারী বিভাগ; আবকারী মহাল।

আবকারী দারোগা—সরকারী আবকারী বিভাগের পরিদর্শক বা তত্ত্বাবধায়ক; Excise Iuspector.

আবকারী মহাল—মাদকদ্রব্য প্রস্তুত করণ, ব্যবসায় ও মাশুলাদি নিয়ামক রাজকীয় কর্ম্মবিভাগ; Excise Department.

আবখোরা (ব্) [ফা—আব্‌খোরা। আব্ (জল)+খোরা (ফা—খুর্দন্=খানা খাওয়া। তাহা হইতে খুর্দনী, খুরী—খোরাখ বা আহারীয় রাখিবার পাত্র। তাহার বড় খোরা=বড় ভোজন পাত্র)] বি. জলপাত্র করিবার বাসনবিশেষ; পাথরের বড় পান পাত্র।

আবছায়া, অবছায়া (আব্‌ছায়া) [অপচ্ছায়া শব্দজ] বি. অস্পষ্ট ছায়া; অস্পষ্ট প্রকাশ; ক্ষীণ বা অস্পষ্ট ছায়ামূর্ত্তি। প্র—"কার যেন আব্‌ছায়া ছায়া মনে আসে।" —কস্তুরী। "তুমি মাত্র অনন্তকালের আবছায়া" —কাঞ্চীকাবেরী।

আবজান (ব্, নো) [প্রা—নদীয়া কৃষ্ণনগর অঞ্চল] স্থানান্তরে আওজানো। সং আ—বজ্ (গমন করা, পাঠান) তাহা হইতে ভেজান] ক্রি. দ্বার বন্ধ করা; কপাটের এক বাইলের মুখে অপর বাইল মিলাইয়া বা ভিড়াইয়া দেওয়া; দ্বার ভেজিয়ে দেওয়া।

আবড়তাবড় (আবোড়্‌তাবোড়্) বি. যাহা-তাহা; অসংলগ্ন বাক্য; অর্থহীন উদ্দেশ্যহীন বাক্যাবলী। [আবলতাবল দ্রঃ]

আবডাল, আব্ডাল (আব্‌ডাল্) [অন্তরাল অপভ্রংশ] বি. অন্তরাল; আড়াল। প্র—"রাজার ছেলের আবডালেতে উঁকি মারি ভাই" —হেমবন্দ্যো।

আবদার (আব্‌দার্) [হি—আব্‌দা=তীব্র ইচ্ছা] বি. উৎকট ইচ্ছা বা আকাঙ্ক্ষা; বায়না; জেদের সহিত অনুরোধ। প্র—আবদার সবে তার আমার কারণে॥" —শিবায়ন।

বিণ. **আবদারে**—যে আবদার করে বা বায়না ধরে; খোটে। (শিশু সম্বন্ধে অধিক প্রযুক্ত হয়)। চ-**আবদেরে**।

আবদার [ফা-আব্=জল+দার=বিশিষ্ট] বিণ. উজ্জ্বল; চমকদার। বি. আবদারি—উজ্জ্বলতা; চমক। প্র—"মুক্তাটীর আবদারি ভাল"। [দ্রঃ—এই শব্দ মুক্তা হীরকাদি সাগরজলগর্ভজ রত্নের ঔজ্জ্বল্য সম্বন্ধে উক্ত হয়। তুল—pearl of the first water" আব দ্রঃ]

আবদ্ধ (আবদ্‌ধ) [আ—বন্ধ্ (বন্ধন করা)+ত (ক্ত) ন লোপ] বিণ. বদ্ধ; রুদ্ধ। ২। প্রতিশ্রুতি দ্বারা বদ্ধ; বাধ্য। ৩। আটকান; ৪। বন্ধক দেওয়া; mortgaged. ৫। গ্রথিত; বিজড়িত। ৬। সংশ্লিষ্ট। ৭। প্রাপ্ত, লব্ধ [বিরল] ৮। ব্যাপৃত।

আবনেয় [অবনী (পৃথিবী)+এয় (ঢেয়) অপত্যার্থে] বি, পুং, মঙ্গল গ্রহ। ২। [সম্বন্ধার্থে ঢেয়] বিণ. অবনীসম্বন্ধীয়; পার্থিব।

আবন্ধ [আ—বন্ধ্ (বন্ধন করা)+অ (ঘঞ্) যাহা দ্বারা বন্ধন করা যায়] বি, পুং যোক্ত্র; যোয়াল; যোত দড়ি।

২। দৃঢ় বন্ধন। ৩। ভূষণ। ৪। প্রণয়।

আবপন (ন) [আ—বপ্ (বপন করা)+অন (অনট্)] বি, ক্লী, বীজ বপন; রোপণ: বোনা।

২। কেশাদি মুণ্ডন।

আবর (আবোর্) [সং-অভ্র (মেঘ)। হি-অবর,] বি, মেঘ।

২। অবোধ; মূর্খ। প্র—"আবরকে বুঝাব কত বুঝ নাহি মানে, ঢেঁকিকে বুঝাব কত নিত্য ধান ভানে॥"—প্রবচন।

৩। (আবর) ক্রি, আবরণ কর।

আবর (ব) [হি-অবর্=মেঘ] বি, ঝিন্ ঝিনে বৃষ্টি। ২। চোক দিয়া জল পড়া রোগ।

৩। [ফা, অব্‌রা] বস্ত্রের উপরিভাগ: পোষাকের বহির্দ্দেশ।

আবরক (ক্) [আ—বৃ (অবরোধ করা)+অক (ণক—কর্ত্তৃ)] বিণ, আবরণ-কারী: আচ্ছাদনক।

আবরণ (ন) [আ—বৃ=অবরোধ করা+অন (অনট্)] বি, ক্লী, আচ্ছাদন। ২। ঢাকনি। ৩। বর্ম্ম; ঢাল। ৪। পাত্র-বস্ত্র। ৫। অবরোধ।

৬। [বেদান্ত-দর্শনে] অজ্ঞান: মায়া; অবিদ্যা (ইহা চৈতন্যের আবরণ বা আচ্ছাদন স্বরূপ)।

আবরণশক্তি (আবরণ শোক্‌তি) বি, স্ত্রী, মায়াশক্তি; যে শক্তি পরমাত্মার সত্তা ও মানবের জ্ঞান বা উপলব্ধি রূপ দৃষ্টির মধ্যে অন্তরাল বা আবরণ স্বরূপ হইয়া আছে।

আবরান [হি-অবর] বি, অল্প বর্ষণ; জলকণা।

আবরি, আবরিয়া (আবোরি) [আবর দ্রঃ। পদ্যে] ক্রি আবরণ করিয়া। প্র—"আমি এ আকুল কবরী আবরি কেমনে যাইব কাজে।" —রবি।

আবরু (ব্) [ফা, আব্রু=মান, ইজ্জৎ] বি, মান সম্ভ্রম ; ভদ্রত্ব ; বংশমর্য্যাদা ; আভিজাত্য। ২। নারীর সম্ভ্রম ; ইজ্জৎ ; সতীত্ব। ৩। আবরণ ; পর্দ্দা। ৪। রীতি ; পদ্ধতি [বিরল] বে-আবরু—মানহানি ; অপমান ; বে-ইজ্জৎ। ২। বিবস্ত্র।

আবরোঁয়া (আবরোঁআঁ) [ফা—আব্রবাঁ = জল প্রবাহ] বি, ঢাকার উৎকৃষ্ট সূক্ষ্ম বস্ত্রবিশেষ, এই বস্ত্র এত সূক্ষ্ম সূতায় প্রস্তুত হয় যে ইহা জলে ভিজিলে বস্ত্র দৃষ্টি গোচর না হইয়া জলের মতই দেখায়।

আবর্জ্জন, আবর্জ্জনা (আবর্জ্জন্) [আ (সম্পূর্ণ —বর্জ্জন (ত্যাগ)] বি, যাহা পরিত্যক্ত হয় ; জঞ্জাল ; ওঁচলামাটি। ২। পরিত্যাগ ; বিসর্জ্জন।

আবর্জ্জিত (আবোর্জ্জিত) [আ (সম্পূর্ণ)—বর্জ্জিত (ত্যক্ত)] বিণ, বিসর্জ্জিত ; পরিত্যক্ত। ২। প্রদত্ত। ৩। প্রক্ষিপ্ত। ৪। অবনমিত।

আবর্ত্ত [আ+বৃত্ (বেষ্টন করা)+অ (অল্) [বি, পুং জলের পাক ; ঘূর্ণিজল। ২। ভ্রমি ; ঘূর্ণিপাক। প্র—"নরকের আবর্ত্ত হ'তে পাপী জনে কে তরায় ?"—ব্রহ্মসঙ্গীত। "যমুনা-আবর্ত্তশালী বিষম করালী।" —কবিক। চিন্তা। ৪। পরিবর্ত্ত। ৫। আবর্ত্তন ; ঘূর্ণন। ৬। আওটান ; আলোড়ন। ৭। ধাতু গলান। ৮। জন্তুদিগের বিশেষতঃ অশ্বের দেহের যে স্থানে লোমরাজি চক্রাকার বা ঘুরাণ ঘুরাণ থাকে ; অশ্বের দশবিধ রোমসংস্থান বিশেষ ; curl in the hair of a horse. ৯। মেঘাধিপতি-চতুষ্টয়ের অন্যতম ; আবর্ত্ত মেঘ। প্র—"আবর্ত্ত পুষ্কর মেঘ ডাকিতে ডাকিতে" —বৃত্রসংহার। ১০। উদরস্থ আবর্ত্তাকার নাড়ি-সন্নিবেশ বিশেষ। বিণ, আবর্ত্তিত।

আবর্ত্তক (ক) বি, জলভ্রমি। ২। অশ্বের রোমসংস্থান বিশেষ। ৩। আবর্ত্তক বা আবর্ত্ত-নামক মেঘ। ৪। পৃষ্ঠবংশ বা মেরুদণ্ডস্থ প্রতি খণ্ড অস্থি। ৫। [আবর্ত্ত—অক (কর্ত্তৃ, ণক)] বিণ, আবরক ; আচ্ছাদক, ।৬। আবৃত্তিকারক।

আবর্ত্তকী—বি, কোঙ্কনদেশজ লতা-বিশেষ ; সোণামুখী। ২। ভদ্রদন্তী বৃক্ষ।

আবর্ত্তন (ন্) [আ—বৃত্ (হওয়া, ঘোরা) +অন (অনট্)] বি, ক্লী, ঘূর্ণন ; পরিভ্রমণ। ২। প্রত্যাবর্ত্তন ; পুনরাগমন। ৩। আলোড়ন ; ঘোটন ; দুগ্ধাদি আওটন। প্র—"কেহ বা আছিল দুগ্ধ আবর্ত্তনে চুলাতে রাখি বেসালি।"—চণ্ডীদাস। ৪। পুনঃ পুনঃ করণ। ৫। গুণন। ৬। বেষ্টন। ৭। ধাতু গলান। ৮। [অধি, অন] ধাতু গলাইবার পাত্র ; মুছী।

আবর্ত্তবতী (—বোতি) [আবর্ত্ত (জলভ্রম) + বৎ (অস্ত্যর্থে)] বিণ স্ত্রী, জলাবর্ত্ত-বিশিষ্টা।

আবর্ত্তমান (ন্) বিণ, প্রত্যাবর্ত্তনশীল। ২। আবর্ত্তন-শীল।

আবর্ত্তিত (আবোর্ত্তিতো) [আবর্ত্ত দ্রঃ] বিণ, বিঘূর্ণিত। ২। আলোড়িত। ৩। পরিবেষ্টিত। ৪। প্রত্যাবর্ত্তিত ; পুনরাগত। ৫। অভ্যস্ত। ৬। গুণিত।

আবলাৎ (আওলাৎ) [আ—আলাত] বি, স্থাবর অস্থাবর সম্পত্তি।

আবলি, আবলী (আবোলি) [আ—বল্ (গমন করা) + ই] বি, স্ত্রী, পঙ্ক্তি ; শ্রেণী ; সারি ; মালা। প্র—"দেখিয়াছ দগ্ধ বক্ষ জলদ-আবলী"—প্রেম ও ফুল। ২। সমষ্টি ; সংগ্রহ। প্র—গ্রন্থাবলী। অলকাবলী। বাক্যাবলী।

আবলুক (আবলুক্) বি, শ্বেতবর্ণ পারাবতের মুখের একদিক লালবর্ণ থাকিলে তাহাকে আবলুক্ বলে।

আবলুস (ব্ শ্) [হিব্রু—hobni, obni বা eben=কৃষ্ণপ্রস্তর। আ—আব্নূস্। গ্রী—ebenos ; ইং ebony] বি, কালপাথরের ন্যায় কৃষ্ণবর্ণ কঠিন ও ভারী কাষ্ঠ বিশেষ।

আবল্য (আবোল্লো) [অবল + য (ষ্ণ্য)] বি, ক্লী, দুর্ব্বলতা, দৌর্ব্বল্য। ২। জড়তা ; জাড্য, অবশেন্দ্রিয়তা। ৩। স্ফূর্ত্তিহীনতা। ৪। জিহ্বার জড়তা। ৫। তন্দ্রাঘোর। ৬। অচৈতন্য।

আবশ্যক (আবোশ্শোক্) [অবশ্যম্ = নিশ্চয় + ক (কন্—ভবার্থে) ম লোপ] বিণ, অপরিহার্য্য। ২। প্রয়োজনীয়। ৩। অবশ্যকর্ত্তব্য। বি, ৪। প্রয়োজন ; দরকার। ৫। অবশ্যম্ভাব। [দ্রঃ—আবশ্যক স্থলে আবশ্যকীয় এই অশুদ্ধ শব্দের ব্যবহার বাঙ্গালায় প্রচলিত হইয়া গিয়াছে]

আবশ্যকতা (আবোশ্শোকোতা) [আবশ্যক + তা (ভাবে)] বি, স্ত্রী, প্রয়োজনীয়তা।

আবসথ (অবশথ) বি, আশ্রম। ২। গৃহ। ৩। ব্রত বিশেষ।

আবসথ্য (আবশোথ্থো) বি, গার্হস্থ্যাশ্রম। ২। পঞ্চপ্রকার বহ্নির মধ্যে অন্যতম, অগ্ন্যাধান কর্ম্মাঙ্গ বহ্নি।

আবসিত (আবোশিতো) [আ—অব-সো (স্থাপন করা) +ত] বিণ, ন্যস্ত ; সংস্থাপিত। ২। স্তূপীকৃত। ৩। নির্দ্ধারিত ; অবধারিত। ৪। সমস্ত।

আবস্থা [অবস্থা শব্দের গ্রাম্য উচ্চারণ ভেদ] বি, দুঃখ ; কষ্ট। অবস্থা (দ্রঃ)। আবস্থার ব্যবস্থা নাই, একশেষ হয়েছে—যৎপরোনাস্তি ক্লেশ বা দুর্দ্দশা হইয়াছে।

আবহ [আ—বহ্ = বহন করা) কর্ম্মান + অ (অন্)] বিণ, যে বহন করে ; বাহক। ২। যে ধারণ করে ; ধারক। ৩। উৎপাদক ; জনক। ৪। সপ্ত বায়ুর অন্যতম, প্রবহ বায়ুর অধঃস্থ বায়ু ; ভূ বায়ু।

আবহমান (ন্) [আ—বহ + আন্ (শানচ্—কর্ত্তৃ)] বিণ, চিরপ্রচলিত ; ক্রমাগত ; নিরবচ্ছিন্ন। ২। উৎপত্তি বা জন্ম হইতে ; আজন্ম।

আবহমানকাল (মান্কাল্) বি, চিরকাল ; অনাদিকাল ; অনন্তকাল ; from time immemorial.

আবহাওয়া (ব্) [ফা—আব্ (জল)+হাওআ (বায়ু)] বি, জলবায়ু ; স্থানীয় শীতাতপাদি সম্বন্ধীয় অবস্থা ; climate.

আবা—[আ—আবা প্রায় এবা] বি, অঙ্গাবরণ বিশেষ ; গলা হইতে জানুর উপর পর্য্যন্ত লম্বা ঢিলা এবং খোলা জামা।

আবাঁধা—বিণ, অবদ্ধ। ২। এলাইত ; অবিন্যস্ত। প্র—আবাঁধাচুল।

আবা-আবা [সং—আহ্বান] হি—আব (আও)] বি, আবা আবা শব্দে আহ্বান। ২। ছেলেরা আ আ রব করিবার কালে ক্রমাগত করতল দিয়া ঘন ঘন অধরোষ্ঠ স্পর্শ করিতে থাকিলে যে ধ্বনি হয়—শিশুদিগের ইহা এক প্রকার খেলার মধ্যে ; আনন্দধ্বনি। প্র—"আনন্দে ঐছনে করে আবা-আবা ধ্বনি" —ধ, ম (মাণিক)।

আবা দেওয়া—[আ—এবা, ইবা = অস্বীকার করা বা অসম্মতি দেওয়া] শিশুদের খেলা বন্ধ রাখিবার জন্য মুখে করতল আঘাত দ্বারা 'আবা' শব্দে সঙ্কেত করা ; খেলা ক্ষণকাল স্থগিত রাখার ইঙ্গিত করা ; থুড়ি দেওয়া। প্র—এখন ও আবা দিয়ে জল খেতে গেল, এখন ওকে ছুলেও চোর করতে পার না।

আবাগি, আবাগী (আবাগি) [অভাগ্য শব্দজ, অভাগীর উচ্চারণ ভেদ] বি, স্ত্রী, ভাগ্যহীনা ; হতভাগিনী ; প্র—"কোন্ সে আবাগি মাগী জোড়হাত দিল শিখাইয়া" অশোকগুচ্ছ। পুং, আবাগে।

আবাগে (আবাগে) [অভাগ্য শব্দজ, অভাগিয়া,—অভাগের উচ্চারণ বিকার] বিণ, ভাগ্যহীন ; অভাগ্য ; হতভাগ্য।

আবাছা [আ (না) বাছা (নির্ব্বাচিত)] বিণ, অনির্ব্বাচিত ; যাহা বাছিয়া লওয়া বা রাখা হয় নাই।

আবাটা [আ (না) বাটা (পিষ্ট, ঘর্ষিত)। সং-উদ্বর্ত্তন ("* * বিলেপনে ঘর্ষণে"—মেদিনী) উব্বট্টন—হি—উব্টন্] বিণ, যাহা বাটা বা পেষা হয় নাই। ২ । বি, অঙ্গপরিষ্কারক ; আমলকী হরিদ্রা প্রভৃতি বাটা।

আবাথাবা (আ) [অবিথারতা (সং—অবিস্তারতা)] বিণ, অবিস্তীর্ণ ; সংক্ষিপ্ত। ২। শীঘ্র ; তাড়াতাড়ি। প্র—"হয় বলে তোমা হতে বিদগধ কে। আবা থাবা করি বাবা তুক্রি সেয়া দে।" —শিবায়ন।

৩। বি. চাপাচুপি ; ঢাকা ; গোপন। প্র—এখন ও আবাখাবা দিয়ে রেখে দিলে পরে সমস্ত প্রকাশ করবে।

আবাদ (দ্) [ফা—আবাদ্=(১) বসতিযুক্ত। (২) কস্‌বা অর্থাৎ সমৃদ্ধ গ্রাম বা উপনগর। (৩) লোকবহুল (৪) সমৃদ্ধ ; উন্নতিশীল। (৫) খুব ; ভাল। (৬) খুস্ অর্থাৎ আনন্দে, সুখে ; সুখী ; আনন্দিত ; প্র—আবাদ রহো। তুল—সং অবসথ, আবাস। ইং abode] বি. কর্ষিত জমি। ২। উঠিত জমি। ৩। মনুষ্যের বসতি ; যথায় লোকজন বসবাস করে। ৪। চাষ। প্র—"এমন মানব জনম (পাঠান্তরে জমি) রৈল পতিত, আবাদ করলে ফলতো সোনা। —রামপ্রসাদ।

আবাদ করা—ক্রি. চাষ করা। ২। জঙ্গলাদি পরিষ্কার করিয়া লোকজনকে বাস করান ; প্রজা বসান। প্র—"ওয়াজীদ আলি সাহ জঙ্গল কাটিয়া লক্ষ্ণৌ সহর আবাদ করিয়াছিলেন।" "দারা শিকোহ যথায় লোকজনকে বসবাস করান সেই স্থানের নাম হয় 'শিকোহাবাদ'।—এইরূপ সাহ্জাহানাবাদ; মহম্মদাবাদ ইত্যাদি।

আবাদী—বিণ. আবাদের উপযোগী ; চাষযোগ্য। ২। বি. বাসস্থান। গ্রামের উপকণ্ঠ।

আবাধা [আ—বাধ্ (পীড়ন করা, ব্যাঘাত করা)+অ (অঙ্)] বি. স্ত্রী. বিঘ্ন ; ব্যাঘাত। ২। পীড়া ; ব্যাধি। ৩। দুঃখ ; কষ্ট। ৪। [গণিত শাস্ত্রে] বিষম ত্রিভুজ ক্ষেত্রের মধ্যস্থিত লম্ব রেখার উভয় পার্শ্বস্থ ক্ষেত্র ; the segment of the base of a triangle.

আবাস্তর (র্)[সং—বৃত্তান্ত অপভ্রংশে। অবান্তর দ্রঃ] বি. বৃত্তান্ত ; কাহিনী ; ইতিহাস। প্র—"কামরূপী হৈল পক্ষ মহাবলধর। কি হেতু ইহার কহ পূর্ব্ব আবান্তর।" —কাশী—মহা—আদি।

আবাপ (প) [আ—বপ্=বপন করা+অ (ঘঞ্)] বি. পুং. বীজবপন ; রোপণ। ২। নিক্ষেপ। ৩। আলবাল। ৪। বন্ধুর ভূমি। ৫। রাজ্যরক্ষা। ৬। শত্রুরাজ্যচিন্তা ; শত্রুবিষয়ক চিন্তা। ৭। শস্যাদি রাখিবার পাত্র। ৮। প্রধান হোম। বিণ. আবাপক।

আবাপন (ন্) [বাপি=বস্ত্র বয়ন করান] বি. কাপড় বুনিবার তাঁত।

আবার (র্) [হি—অউর্ (এক) বার—আর (অপর) বার "মিলিব আবার—চৈতন্যচরিত। ওড়িয়া—আবর। সংক্ষেপে, আবার] ক্রি-বিণ. আর একবার ; পুনর্ব্বার ; পুনরায়। প্র—"আবার গগনে কেন, সুধাংশু উদয় রে" —হেম বন্দ্যো। ২। সাবধান করণ, ভয় প্রদর্শন বা শাসনসূচক অব্যয়। ৩। সন্দেহাত্মক অব্যয়। প্র—তাহার আবার যাওয়া হবে (অর্থাৎ যাওয়ার নিশ্চয়তা নাই) সে আবার সাহায্য করবে (সাহায্য করা সম্বন্ধে সন্দেহ)। ৪। অধিকন্তু ; উপরন্তু এতদ্ব্যতীত প্রভৃতি শব্দের অর্থদ্যোতক ; আরও ; ও। প্র—যদু, ননি, রাধু গেলেই হবে, তুমি আবার কেন যাবে। ৫। [ইং—again শব্দের প্রয়োগ দৃষ্টে] অ. অপর কথা ; আর এক কথা। [অনন্ত রামায়ণে আবার অর্থে আবর (ওড়িয়া) শব্দের ব্যবহার আছে]

আবাল (ল্) [আ (সম্যক্)—বল্ (গমন করা, বেষ্টন করা)+অ (ঘঞ্)] বি. আলবাল। ২। [আ (অবধি) বাল (বাল্য)] অ. বাল্যাবধি। ২। বালক পর্য্যন্ত।

আবালবৃদ্ধ (আবালবৃধ্‌ধো) [আ (পর্য্যন্ত) বাল (বালক)—বৃদ্ধ] ক্রি-বিণ. স্ত্রী. বালক ও বৃদ্ধ পর্য্যন্ত : সকলেই।

আবালবৃদ্ধবনিতা (—বোনিতা) [আবাল বৃদ্ধ—বনিতা (নারী)] ক্রি-বিণ. বালক, বৃদ্ধ এবং স্ত্রীলোক পর্য্যন্ত ; সকলেই।

আবাল্য (ল্ল) (আ পর্য্যন্ত, অবধি)—বাল্য (শৈশব)] অ. বাল্যাবধি ; আশৈশব।

আবাস (শ্) [আ—বস্ (বাসকরা)+অ (ঘঞ্)] বি. পুং. বাসস্থান ; গৃহ ; বাসা।

আবাহন (ন্) [সং—আহ্বান। পা—আব্‌হান] বি. স্ত্রী. আহ্বান। ২। মন্ত্রোচ্চারণ দ্বারা দেবতাকে আহ্বান। ৩। আমন্ত্রণ ; নিমন্ত্রণ। বিণ. আবাহিত।

আবাহনী (আবাহোণি) [আবাহন+ঈ (স্ত্রীলিঙ্গে)] বি. দেবতাকে আবাহন করিবার জন্য করপুট ও অঙ্গুলির প্রক্রিয়া বিশেষ ; আবাহনের মুদ্রা বিশেষ।

আবাহিকা [আ—বাহক ; স্ত্রী—বাহিকা] বি. স্ত্রী. প্রবাহিকা ; শরীরস্থ রক্তবাহিকা শিরা।

আবাহিত [আবাহন দ্রঃ] বিণ. আমন্ত্রিত ; আহূত। ২। মন্ত্রপাঠাদি দ্বারা যে দেবতার আবাহন করা হইয়াছে।

আবি—বি. অন্ধক দৈত্যের পুত্র। শিব অন্ধক-দৈত্যকে বধ করায় আবি প্রতিশোধ লইবার জন্য উমার অনুপস্থিতিকালে উমারূপ ধরিয়া মহাদেবকে বধ করিতে চেষ্টা করে কিন্তু সর্ব্বজ্ঞ শিবের হস্তে বিনাশ প্রাপ্ত হয়।

আবিক (ক্) [আবি=মেষ] বিণ. মেষ সম্বন্ধীয়। ২। মেষজাত। ৩। বি. কম্বল।

আবিগ্ন (আবিগ্‌ন) [আবেগ দ্রঃ] বিণ. উদ্বিগ্ন ; উৎকণ্ঠিত। ২। বি. পানি আমলা। ৩। করমচা।

আবিদ্ধ [আ—বিদ্ধ] বিণ. ছিদ্রিত। ২। বিদ্ধ।

আবিধ (ধ) [আ—ব্যধ্ (তাড়নাকরা, ছিদ্রকরা)+অ (ক)] বি. সূত্রধরের কাষ্ঠবেধন যন্ত্র ; ভ্রপুণ ; তুরপুণ ; ভ্রমরক ; a gimlet.

আবিয়ে (আবিএ) [অবিবাহিত শব্দজ] বিণ. অবিবাহিত। প্র—"বিশেও আবিয়ে রবে"—কস্তুরী।

আবির (র্) [আবীর দ্রঃ] বি. ফাগ। প্র—"আবির উড়ায়ে হাসে ঊষার অরুণ" —কস্তুরী।

আবির্ভবন (ন্) [আবিস্ (প্রকাশ) ভবন (ভূ+অন) হওন] বি. প্রকাশন ; অধিষ্ঠান ; অবতারণ।

আবির্ভাব (ব্) [আবিস্ (প্রকাশ) ভাব (অবস্থা)] বি. প্রকাশ ; উদয়। ২। অধিষ্ঠান ; অবতরণ। ৩। উৎপত্তি ; উদ্ভব। ৪। প্রাদুর্ভাব। বিণ. আবির্ভূত।

আবির্ভূত—বিণ. প্রকাশিত। ২। উদ্ভূত। ৩। অধিষ্ঠিত, অবতীর্ণ। ৪। প্রাদুর্ভূত।

আবিল (ল্) [আ (সম্যক্)—বিল্ (ভেদকরা)+অ (ক—কর্তৃ)—যে সৌন্দর্য্য বা শোভা ভেদ অর্থাৎ নষ্ট করে] বিণ. কলুষিত ; পাপ-মলিন। প্র—"আবিল জীবনপ্রবাহ আমার"—প্রেম ও ফুল। ২। পঙ্কিল ; ঘোলা ; অনির্ম্মল। ৩। আকুল। ৪। সন্দিগ্ধ। বি. আবিলতা।

আবিষ্করণ (আবিষ্‌করন্) [আবিস্ (প্রকাশ)+করণ] বি. যাহা অপ্রকাশিত বা অজ্ঞাত ছিল তাহার উদ্ভাবন বা প্রকাশ করণ। আবিষ্কার। বিণ. আবিষ্করণীয়—আবিষ্কার করিবার যোগ্য ; যাহা আবিষ্কার করিতে হইবে।

আবিষ্কার (আবিষ্‌কার্) [আবিস্ (প্রকাশ)—কার (করণ)] বি. উদ্ভাবন ; অজ্ঞাত বিষয়ের প্রকাশ ; গুপ্ত বা লুপ্ত বিষয় সাধারণের জ্ঞান-গোচর-করণ ; discovery. প্র—কলম্বস এমেরিকা আবিষ্কার করেন। বিণ. আবিষ্কৃত।

আবিষ্কারক (ক্) বিণ. যে আবিষ্কার করে ; উদ্ভাবক।

আবিষ্কৃত বিণ. যাহা আবিষ্কার করা হইয়াছে ; নব প্রকাশিত ; উদ্‌ভাবিত।

আবিষ্ক্রিয়া (আবিষ্‌কৃআ) [আবিস্ (প্রকাশ)+ক্রিয়া (কার্য্য)] বি. নবপ্রকাশ ; আবিষ্কার উদ্ভাবন ; discovery.

আবিষ্ট (আবিষ্‌টো) [আ (সম্যক্)—বিশ্ (প্রবেশ করা)+ত (কর্ম্মে, ক্ত) শ=ষ, ত=ট] বিণ. প্রবিষ্ট। ২। অধিগত ; অভিভূত ; ৩। পরিব্যাপ্ত। ৪। যাহার মন কোন বিষয়ের ভিতরে প্রবেশ করিয়াছে ; অভিনিবিষ্ট।

৫। ভাবাবেশ-জড়িত ; গদ্‌গদ। প্র—"বাসুকি আবিষ্ট কণ্ঠে কহে—'দেখ কি সুন্দর! কি সুন্দর বৃন্দাবন'।" —প্রভাস। বি, আবেশ।

আবীর, আবীরচূর্ণ (র্) [সং—অভ্র হইতে উ—আবরক্ ; হি—অবীর=ফাগ, অভ্রচূর্ণ ঘটিত রক্তবর্ণ চূর্ণ বিশেষ। অপ্রাচীন সং—আবীর —রঞ্জক দ্রব্য বিশেষ (শব্দসাগর)। আ—আবীর (Haughton.) সুগন্ধচূর্ণ বিশেষ] বি, রক্ত-বর্ণ চূর্ণ বিশেষ ; ফাগ। প্র—"দ্বিজ চণ্ডীদাস আবীর যোগাওত সকল সখীগণ সাথে"—চণ্ডীদাস। [আবির দ্রঃ] "তাহাই লইয়া প্রকাশ্য পথে আবীর খেলাইতেন।" —রবি (চারিত্র পূজা)।

আবুড়াখাবুড়া [হি—অড়্‌বড়্ খড়্‌বড়্ বা উভড়খাবড় (বন্ধুর, rough) শব্দজ। তুল —হি, বেহড়্=উঁচু নিচু জমি] বিণ, উচুনীচু ; বন্ধুর ; অসমান ; অমসৃণ ; খরখরে। [ইহার উচ্চারণ বিকারজ এবড়ো-খেবড়ো শব্দ কথিত ভাষায় ব্যবহৃত হয়]।

আবৃত [আ—বৃ (আবরণ করা)+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, আচ্ছাদিত। ঢাকা। ২। বেষ্টিত। ৩। ব্যাপ্ত ; বিস্তারিত। ৪। অজ্ঞানাচ্ছন্ন।

আবৃতি [আ—বৃ+তি (ভাবে)] বি, স্ত্রী, আবরণ। ২। বেষ্টন। ৩। [করণে ক্তি] যে বেষ্টন করে ; বেড়া ; প্রাচীর। ৪। বেষ্টিত স্থান ; ঘের ; enclosure.

আবৃত্ত [আ—বৃত্=হওয়া—পড়া ইত্যাদি+ত (ক্ত)] বিণ, অভ্যস্ত ; পুনঃ পুনঃ পঠিত। ২। গুণিত। ৩। পুনরাগত। প্রত্যাগত। ৪। বি, মণ্ডল ; চক্র। বি, আবৃত্তি।

আবৃত্তি (আবৃৎতি) বি, স্ত্রী, বারংবার পাঠ ; অভ্যাস। ২। পুনঃ পুনঃ আগমন। পুনরাগমন। ৩। গুণন। ৪। বেদপাঠ (জাতিতত্ত্ব)। ৫। [দেবীবর ঘটকের মতে] কুলীনের সহিত কুলীনের পুত্রকন্যার আদান প্রদান।

আবে [হি—অব্—অব্যয়—এখনই। প্রা-বাং (অনন্ত রামায়ণ)] অ, এখনই ; এই-মাত্র। [অপ্র]

আবেগ (গ্) [আ—বেগ (উদ্বেগ)] বি, উদ্বেগ ; উৎকণ্ঠা। ২। চিত্ত-চাঞ্চল্য ; ব্যাকুলতা। ৩। ব্যগ্রতা ; শীঘ্রতা। ৪। ভাবাবেশ।

আবেগী—বি, বীজতারক লতা ; বীজতারকের গাছ।

আবেদক (ক্) [আ—বেদি=জানান+অক (ণক)—কর্ত্তৃ] বিণ, আবেদনকারী ; বিজ্ঞাপক ; নিবেদক। ২। প্রার্থনাকারী। ৩। অভিযোগকারী।

আবেদন (ন্) [আ—বেদি=জানান+অন (অনট্)] বি, ক্লী, জ্ঞাতকরণ ; জানান ; বিজ্ঞাপন ; নিবেদন। ২। প্রার্থনা ; দরখাস্ত ; petition. ৩। অভিযোগ।

আবেদনীয় (আবেদোনীয়ো) [আ—বেদি=জানান+অনীয়] বিণ, আবেদনের যোগ্য ; নিবেদ্য।

আবেদিত [আ—বেদি+ত(ক্ত)] বিণ, বিজ্ঞাপিত ; নিবেদিত। ২। প্রার্থিত। ৩। ।

আবেদ্য (দ্দ) [আ—বেদি+য] বিণ, আবেদনীয় ; বিজ্ঞাপ্য ; নিবেদ্য। ২। প্রার্থনার যোগ্য।

আবেদ্যমান (আবেদ্দোমান্) বিণ, যাহার জন্য আবেদন করা হইতেছে। যাহার জন্য প্রার্থনা করা যাইতেছে ; যাচ্যমান।

আবেশ (শ্) [আ—বিশ্ (প্রবেশ করা) +অ (ঘঞ্)] বি, পুং, অন্তঃপ্রবেশ ; অনু-প্রবেশ। ২। অভিনিবেশ ; গভীর মনঃ-সংযোগ। ৩। আসক্তি ; অনুরাগ। প্র—সে যে সুবদনী সুন্দরী রাই, আবেশে হিয়ার মাঝারে লই।" —বিদ্যাপতি। ৪। রস বা ভাবের আবেগ ; ভাব ; গদগদ ভাব।

প্র—"আবেশে অবশ অঙ্গ ধীরে ধীরে চলে।" —বলরাম দাস।

"ভাবে ভরল সকল অঙ্গ, মুখেতে না সরে রা।
আবেশে অবশ অথির চরণ, ধরণে না যায় গা।" —বৈষ্ণবপদলহরী।

৫। মনোযোগ।

প্র—"লহনার বুঝি সাধু কপট আবেশ।
মধুর বচনে তারে কহে উপদেশ।" —কবিক।

৬। গর্ব্ব ; মদ।

প্র—"বিষয় আবেশে মন, না ভজিনু সে চরণ,
বঞ্চিত করিল মোরে বিধি।" —অনন্তদাস, বৈ, প, ল।

৭। অপস্মার রোগ।

স্ত্রী, আবেশিনী।

প্র—"আভরণ ভারিণী, নব অনুরাগিণী,
রস আবেশিনী তরঙ্গিণী রে।" —গোবিন্দদাস।

আবেশন (ন) [আবেশ (প্রবেশ, অভিনিবেশ) অধি, অন (ট্)—অভিনিবেশ স্থান] বি, শিল্প-শালা। ২। প্রবেশ। ৩। ভূতাবেশ। ৪। সূর্য্যাদির পরিধি।

আবেষ্টক (ক্) [আ—বেষ্ট=বেষ্টন করা+অক (ণক)] বি, পুং, পরিবেষ্টক। ২। বৃত্তি ; বেড়া। ৩। প্রাচীর।

আবোধন (ন্) [আ—বুধ্=বুঝা+অন (অনট্)] বি, ক্লী, বুদ্ধি। [বিরল]

আবোর (র্) [হি—অবর (সং—অভ্র=মেঘ)] বি, মেঘ। বিণ, (প্রা) অবোধ ; জড়। (আবর দ্রঃ)।

আবোল-তাবোল (ল্, ল্) [হি—অনবোল্ তনবোল্—যা-তা বলা (সং—অন=নহে—হি—বোল=বাক্য, যাহা উক্তিই নহে, অর্থহীন বুলি। প্রা)] বি, অর্থহীন বাক্যাবলী ; সঙ্গতিহীন যদৃচ্ছা উক্তি ; অসম্বদ্ধ প্রলাপ।

আবোল তাবোল বকা বা বকে যাওয়া—প্রলাপ বা অসম্বদ্ধ বাক্য বলা। প্র—"ভিমরুলের পাগলামি কেমন তর? ওরা কি আবোল তাবোল বকে?" —বঙ্কিম (লোকরহস্য)

আভরণ (ন্) [আ—ভৃ (ধারণ করা)+অন (কর্ম্মে—অনট্) যাহা অঙ্গে ধারণ করা যায়] বি, ক্লী, ভূষণ ; অলঙ্কার।

প্র—"মণিময় হার, ভার জনু লাগয়ে,
আভরণ দূর কর গাত।" —গোবিন্দদাস।
"আভরণ ভারিণী, নব অনুরাগিণী,
রস আবেশিনী তরঙ্গিণী রে।" ঐ।

[দ্রঃ—আভরণ ৪ প্রকার, যথা—কুণ্ডলাদি বেধ্য ; অঙ্গদ, তাবিজ, পুষ্পাদি বন্ধনীয় ; হারাদি আরোপ্য এবং কঙ্কণ নূপুরাদি আক্ষেপ্য] ২। [আ (সম্যক্)—ভরণ (পোষণ)] সর্ব্বতোভাবে ভরণ পোষণ। [বিরল] ৩। [আবরণ শব্দের প্রাদেশিক উচ্চারণ-বিকৃতি] আচ্ছাদন। প্র—বরাভরণ বা কন্যা-আভরণের বস্ত্র।

আভা (আভা) [আ—ভা=দীপ্তি পাওয়া+অ (অঙ্) ভাবে] বি, স্ত্রী, প্রভা ; দীপ্তি ; ছটা। ২। শোভা ; কান্তি।

প্র—"হায়রে বর্ত্তুল যথা রম্ভাবন আভা।" —মেঘনাদ।

৩। উপমা। ৪। বাবলা গাছ।

আভাং [অভ্যঙ্গ শব্দের অপভ্রংশ] বি, অভ্যঙ্গ ; তৈল দ্বারা অঙ্গমর্দ্দন।

আভাঙ্গা [আ (না) ভাঙ্গা (ভগ্ন—ভঙ্গ)] বিণ, যে সাপের দাঁত ভাঙ্গিয়া দেওয়া হয় নাই। ২। অভঙ্গ দ্রঃ।

আভাষ (ষ্) [আ—ভাষ্ (বলা)—অ (ল্)] বি, মুখবন্ধ ; ভূমিকা ; অবতরণিকা। ২। আভাষণ ; আলাপ। ৩। প্রবেশিকা। ৪। অনুষ্ঠান।

আভাষণ (ন্) [আ—ভাষ্=বলা+অন (অনট্)] বি, ক্লী, সম্ভাষণ ; আলাপ ; পরস্পর কথোপকথন। ২। অভিভাষণ ; বক্তৃতা ; address. ৩। উক্তি।

আভাষিত [আভাষ দ্রঃ] বিণ, কথিত ; ।

আভাষ্য (আভাষ্ষ) বিণ, আভাষণের উপ-যুক্ত ; আলাপ্য।

আভাস (শ্) [আ—ভাস্=দীপ্তি পাওয়া + অ (অল্)] বি, পুং, আভা ; দীপ্তি ; জ্যোতিঃ। ২। প্রতিবিম্ব ; ছায়া ; an image, a reflection. ৩। তাৎপর্য্য ; অভিপ্রায়। ৪। ক্ষীণ বা অস্পষ্ট আদর্শ বা ভাব a faint idea. ৫। ইঙ্গিত। ৬। সাদৃশ্য। ৭। [নভো-বিজ্ঞানে] মেরু ও বিষুব রেখার মধ্যস্থ ব্যবধান ; ellipticity. ৮। [ন্যায় দর্শনে] অবাস্তব স্বরূপ ; মৃষাবুদ্ধি। ৯। [তর্কশাস্ত্রে] কুতর্ক ; ফাঁকি ; fallacy.

আভাসমান (আভাশ্মান্) বিণ, যাহা আভাসিত হইতেছে ; প্রকাশমান ; প্রতীয়মান।

আভাসি (আভাশি) [আভাসিয়া—আভাস শব্দজ (পদ্যে)] ক্রি, আভাসিত হইয়া ; উদ্ভাসিত হইয়া ; উজ্জ্বল হইয়া ; প্রকাশিত হইয়া।
প্র—"কি মুরতি তব নীলাকাশশায়ী নয়নে উঠে গো আভাসি।" —রবি।

আভাস্বর (আভাশ্শর্) [আ (সর্ব্ব স্থানে) ভাস্বর (ভাস্=দীপ্তি পাওয়া + বর—সংজ্ঞার্থে)] বি, ৬৪ সংখ্যক গণদেবতা বিশেষ। ২। [আ (সম্যক্) ভাস্বর] বিণ, সম্যক্ দীপ্তিশালী।

আভিজন (ন্) [অভিজন=বংশ + অ (ষ্ণ) ভবার্থে] বি, ক্লী, অভিজনের ভাব ; কৌলীন্য।

আভিজাতিক (ক্) [অভিজাত=বংশ + ইক (সম্বন্ধার্থে ষ্ণিক)] বিণ, অভিজাতসম্বন্ধীয়। ২। কুলপরিচায়ক।
আভিজাতিক চিহ্ন—কৌলীন্যপরিচায়ক নিদর্শন বা চিহ্ন ; বংশমর্য্যাদাব্যঞ্জক চিহ্নাদির নির্দ্দেশ ; কুলজি ; heraldry.

আভিজাত্য (—জাৎতো) [অভিজাত + য (ষ্ণ্য)] বি, ক্লী, কৌলীন্য ; উচ্চবংশীয়ত্ব। প্র—"আভিজাত্যে আছে যত মানুষের পুত্র। নীলাম্বর চক্রবর্ত্তী তাহার দৌহিত্র॥"—চৈ, ভা। ২। পাণ্ডিত্য ; বিদ্যাবত্তা। ৩। লজ্জা।

আভিধানিক (ক্) [অভিধান + ইক (ষ্ণিক)] বিণ, অভিধানসম্বন্ধীয়। ২। অভিধান বা কোষগ্রন্থ-গত ; অভিধানের অন্তর্ভুক্ত।
আভিধানিক শব্দ—অভিধানান্তর্গত শব্দ। ২। দুরূহ ও বিরল-ব্যবহৃত শব্দ। ৩। অপ্রচলিত শব্দ।

আভিমুখ্য (—মুখ্খো) [অভিমুখ + য (ষ্ণ্য)] বি, ক্লী, সম্মুখীনত্ব। ২। আনুকূল্য ; অনুগ্রহ।

আভিরূপ্য (প্প) [অভিরূপ (দ্রঃ) + য (ষ্ণ্য)] বি, ক্লী, সৌন্দর্য্য।

আভিষেচনিক (আভিষেচোনিক্) [অভিষেচন + ইক (ষ্ণিক)] বি, অভিষেচন সম্বন্ধীয়, অভিষেচনের যোগ্য বা নিমিত্ত। ২। মহাভারতের অন্তর্গত যুধিষ্ঠিরের রাজ্যাভিষেক বর্ণনাত্মক পর্ব্ববিশেষ।

আভীর (র্) [আহীর দ্রঃ] বি, গোপ জাতি ; গোয়ালা।
প্র—"যতেক আভীর নারী, সবাকার মনোহারী, নানা ছন্দে লিখিল মুরারি।" —কবিক।
২। খৃষ্ট জন্মের ২০০ বৎসর পূর্ব্বে আভীর নামে এক রাজবংশ মগধে বাস করিত। ৩। ভারতের পশ্চিমাঞ্চলস্থ দেশবিশেষ ; পুরাণে—বিন্ধ্যাচলে অবস্থিত দেশবিশেষ। ৪। আভীর দেশের লোক। ৫। সঙ্গীতের রাগবিশেষ। স্ত্রীলিঙ্গে **আভীরী**—আভীরপত্নী। ২। গোপী ; গোয়ালিনী।

আভীরপল্লি, পল্লী (আভীর্পোল্লি) [আভীর (গোপ) পল্লি (পাড়া) —৬তৎ] বি, স্ত্রী, গোপপল্লী ; গোয়ালাপাড়া।

আভীরী—বি, কল্যাণ, গুর্জ্জরী, শ্যাম ও দেশবার যোগে উৎপন্ন রাগ।

আভুগ্ন (আভুগ্ন) [আ=ঈষৎ—ভুজ্ (বক্র হওয়া) + ত (কর্ত্তৃ ক্ত) জ=গ, ত=ন] বিণ, চতুর্দ্দিকে ভগ্ন। ২। আকুঞ্চিত।

আভূতল (ল্) [আ (পর্য্যন্ত) ভূতল (ভূমিতল)] ক্রি-বিণ, ভূমিতল পর্য্যন্ত ; মৃত্তিকা স্পর্শ করিয়া।
প্র—"নিবেদিল আভূতল নত করি শির।" —পলাশি (নবীন)।

আভেরী—বি, মিশ্র রাগিণী ; আভীরি।

আভোগ (গ্) [আ (সম্যক্) ভোগ, ভুজ (ভোজন করা, পূর্ণ হওয়া) + অ (ভাবে ঘঞ্)] বি, পুং ; সম্যক্‌ভোগ ; উপভোগ। ২। সম্পূরণ ; পরিপূর্ণতা। ৩। [সঙ্গীত শাস্ত্রে] গানের যে পদে ভণিতা থাকে, সেই পদ ; কবির নামযুক্ত গীতসমাপিকা পদ। প্র—"বিদ্যাপতি কহ, প্রাণ জুড়াইতে লাখে না মিলিল এক।" —বিদ্যাপতি। (২) সঙ্গীত আলাপের যে চারিটী চরণ নির্দ্দিষ্ট আছে তাহার ১ম অস্থায়ী, ২য় অন্তরা, ৩য় সঞ্চারী, চতুর্থ চরণ [চরণ দ্রঃ] ; (৩) গানের জিল [জিল দ্রঃ]। ৪। বিস্তার। ৫। সর্পফণা বরুণদেব যাহা ছত্ররূপে ব্যবহার করেন।

আভ্যন্তর (আব্‌ভন্তর্) [অভ্যন্তর + অ (ষ্ণ) ভবার্থে] বিণ, অভ্যন্তরসম্বন্ধীয়। ২। ভিতরের।

আভ্যন্তরীণ (আব্‌ভোন্তরিন্) [অভ্যন্তর + ঈন (ভাবে)] বিণ, আভ্যন্তর ; অন্তরস্থ ; অভ্যন্তরজাত ; ভিতরের ; আন্তরিক।

আভ্যুদয়িক (আব্‌ভুদইক) [অভ্যুদয়, অভি (সম্যক্) উদয় (উন্নতি, মঙ্গল) + ইক (ষ্ণিক—জননার্থে)] বিণ, অভ্যুদয় সম্বন্ধীয় ; উন্নতিবিষয়ক। ২। মাঙ্গলিক। ৩। উন্নতিসূচক মঙ্গলজনক যে শ্রাদ্ধ অর্থাৎ শ্রদ্ধাপূর্ব্বক পিতৃপূজা ; পিতৃ-পিতামহাদির তৃপ্তির জন্য কৃত্য শ্রাদ্ধ। ৪। অন্নপ্রাশন বিবাহাদি মাঙ্গলিক অনুষ্ঠান উপলক্ষে করণীয় শ্রাদ্ধ ; ইষ্টলাভার্থ আভ্যুদয়িক শ্রাদ্ধ। [দ্রঃ—হিন্দুর শাস্ত্রমতে এই পরলোকগত পিতৃপুরুষপূজা, মানবের জাতকর্ম্ম প্রভৃতি দশ সংস্কারে এবং তীর্থগমনাদি মঙ্গলকর কার্য্যে বিধেয়। প্রাদে, আভ্যুতি]।

আম (আম্) [আ—অম্ (রোগাক্রান্ত হওয়া) + অ (ঘঞ্)] বি, রোগবিশেষ ; আমাশয়। **আমরক্ত**—রক্ত আমাশয় ; রক্ত মলস্রাবের পীড়া। **আমশূল**—আমাশয় জনিত উদরের বেদনা ; শূলরোগবিশেষ।

আম (আম্) [আ—আম্=সাধারণ] বি, সাধারণ : ২। বিণ, সর্ব্বসাধারণের। প্র—"আমসড়ক" "আম দরবার"।

আম (আম্) [সং—আম্র হইতে প্রাকৃ—অম্ব ; ওড়ি—আম্ব ; ম—আম্বা] বি, স্বনামপ্রসিদ্ধ ফলবিশেষ ; আম্র ; আঁব ; mango.
বর্ণচোরা আম—বাহিরের রং দেখিয়া যে আম কাঁচা ও অম্লস্বাদ হইবে মনে হয় অথচ তাহা সুপক্ক ও সুমিষ্ট। ২। যে বাহিরের আকারে ধরা দেয় না। প্র—"ওঁকে চিন্‌তে পারবে না উনি বর্ণচোরা আম"।
পাকা আম দাঁড়কাকে খায়—সুরসের প্রকৃত বা যোগ্য রসগ্রাহী না হইলে বা উত্তম ভোগ্য বস্তুর অনুত্তম বা অনুপযুক্ত ভোক্তা হইলে আক্ষেপোক্তি স্বরূপ ইহা প্রযুক্ত হয়।

আমআদা (দ্) বি, আম্রের গন্ধযুক্ত আদা বা হরিদ্রার ন্যায় মূলবিশেষ ; অম্ল হরিদ্রা ; curcuma amada.

আমগন্ধি (আম্গোন্ধি) [আম (কাঁচা) গন্ধ + ই (বিশিষ্টার্থে)—যাহার কাঁচাটে গন্ধ (বহু)] বিণ, কাঁচাগন্ধ ; মাংসাদির অপক্ক অবস্থায় যে গন্ধ থাকে সেই গন্ধযুক্ত। ২। দুর্গন্ধ।

আমচুর (আম্চুর্) [আম্রচূর্ণ শব্দজ] বি, আমকে খণ্ড খণ্ড করিয়া বা ছেঁচিয়া ও শুকাইয়া প্রস্তুত অম্লখাদ্য।

আমড়া (ড়্) [আম্রাতক শব্দজ। সং—আম্রাতক। আম—ড়া ক্ষুদ্রার্থে তুচ্ছার্থে, হি—আম্বাড়া ; ওড়ি—অম্বড়া ; মঃ—আঁবাড়ে, আঁবা] বি, আম্রাতক বৃক্ষের ফল ; the hog-plum.

আমড়াগেছে (ছ্) [আমড়া দেখিতে আমের মত বলিয়া (আম্রাতক দ্রঃ) আমড়া গাছকে আম গাছ বলিয়া বুঝিতে দেওয়া বা ধোঁকা দেওয়ার ভাব—তাহা হইতে প্রতারিত। (২) হি—'হম্‌বড়া' (আমিবড় এই বৃথা গর্ব্ব বা অভিমান) ; বাং-তে 'হামবড়া গোছের' হইতে উচ্চারণ বিকারে ক্রমে 'আমড়াগেছে' শব্দেও পরিণত হইয়া থাকিতে পারে, কারণ সে

ক্ষেত্রেও অর্থের বিপর্য্যয় হয় না] বিণ. তোষামোদে আত্মবিস্মৃত।

আমড়াগেছে করা, করিয়া তোলা—তোষামোদে প্রতারিত করা বা ভুলাইয়া দেওয়া : চাটু বাক্যে আকাশে তোলা বা বৃথা গর্ব্বে স্ফীত করিয়া তোলা ; অথবা প্রশংসাদি দ্বারা খুব বাড়াইয়া দেওয়া।

আমতা (য়্) [আমি—তা ; আমিই (দোষী) ইহা স্পষ্ট স্বীকার করিতে ইচ্ছা নাই অথচ স্বীকার করা ভিন্ন উপায় নাই, এরূপ স্থলে অস্পষ্টভাবে 'আমি' বলিয়া ইতস্তত: করার বা কথা চাপা দিবার ভাববোধক 'তা'] বি. 'আমি, আমি না' এই ভাব ; আমতা আমতা করা—ফাঁপরে পড়িয়া আত্মদোষ স্পষ্ট অস্বীকার না করিলেও 'আমি তা আমি তা' বলিয়া স্বীকার করিতে ইতস্ততঃ করা। প্র—আগে ত সে কথাটা উড়াইয়াই দিয়াছিল আমার কাছে সব শুনিয়া তখন আমতা আমতা করিতে লাগিল।

আমদরপ্ত্ (দ্) [ফা—আমদরফ্ৎ] বি. আমদানী রপ্তানী।

আমদানী (আম্‌দানি) [ফ—আম্‌দনি শব্দজ] বি. যাহা বাহির হইতে আইসে। ২। আয়। ৩। ভিন্ন স্থান হইতে পণ্য আনয়ন। আমদানী-রপ্তানী—আমদানীর বিপরীত রপ্তানী। প্র—"বড়বাজারে সে মালের আমদানি রপ্তানি বড় অল্প।" —সংসার (রমেশ)।

আমদানিসুমার (আম্‌দানিশুমার্) [আমদানি (আয়) সুমার (সমষ্টি)—আয়ের সংখ্যার পরিমাণ] বি. মোট আয় ; আয় গণনা।

আমধুর (র্) [আ (ঈষৎ)—মধুর (মিষ্ট)] বিণ. ঈষৎ মিষ্ট ; অল্পমধুরাস্বাদ।

আমন (ন্) [হেমন্ত শব্দের অপভ্রংশ। হি—অমন্ হইতে] বি. হৈমন্তিক ধান্য ; আমন ধান।

আমন্ত্রণ (আমোন্‌ত্রোন্) [আ—মন্ত্র (মন্ত্রণা করা, আহ্বান করা) + অন (ট্)] বি. সম্ভাষণ। ২। আহ্বান। ৩। নিমন্ত্রণ। ৪। অভিনন্দন ; সম্বর্দ্ধনা। ৫। নিয়োগ। বিণ. আমন্ত্রিত।

আমন্ত্রয়িতা (আমোনত্রোইতা) বিণ. পুং. আমন্ত্রণকারী। স্ত্রী. আমন্ত্রয়িত্রী।

আমন্ত্রিত (আমোন্‌তৃতো) নিমন্ত্রিত। ২। আহূত। ৩। অভিনন্দিত ; সম্বর্দ্ধিত। ৪। নিয়োজিত।

আমবাত (আম্‌বাত্) [আম (পীড়াদায়ক)—বাত (শোথ)] বি. "কতকাংশে সার্ব্বাঙ্গিক বিকার সহবর্ত্তী প্রাদাহিক শোথ সংযুক্ত চর্ম্মের তরুণ বা পুরাতন পীড়াবিশেষ। ইহাতে জ্বালা ও চুলকানি অত্যন্ত অধিক হয়, গাত্রে বিছুটী লাগিলে যেরূপ চিহ্নাদি ও লক্ষণ উপস্থিত হয়, এ রোগেও সেই সকল লক্ষণ সহসা প্রকাশ পায়।" —ডাঃ কর ; nettlerash—

আমমোক্তার (আম্‌মোক্‌তার) [আ. আম + মুখ্‌তার্] বি. বিষয়কর্ম্মের সাধারণ ভারপ্রাপ্ত কর্ম্মচারী ; প্রতিনিধি। আদালতে মকদ্দমাদির তদ্বির করিবার ভারপ্রাপ্ত প্রতিনিধি ; attorney. আমমোক্তার নামা—বি. যে দলিলের দ্বারা কেহ এটর্নীর ক্ষমতা প্রাপ্ত হয় ; টর্নীনামা।

আময় (য়্) [অম্ (রুগ্ন হওয়া) + অ (ভাবে, ঘঞ্) = আম + যা (যাওয়া) + অ (কর্ত্তৃ ড)] বি. রোগ ; ব্যাধি। বিণ. আময়িক।

আময়দা—[আমাদাঃ (প্রচুর) শব্দজ] বিণ. প্রচুর ; অপরিমিত।

আময়িক (আমোইক্) বিণ. রোগসংক্রান্ত। ২। রোগপ্রতীকারক ঔষধসম্বন্ধীয় ; theraputical.

আমরক্ত (আম্‌রক্‌ত) [আম—কাঁচা—রক্ত] বি. রক্ত আমাশায় ; যে উদরাময়ে মলের সহিত রক্তস্রাব হয়।

আমরণ (ন্) [আ (পর্য্যন্ত)—মরণ (মৃত্যু)] ক্রি-বিণ. মরণ পর্য্যন্ত।

আমরণান্ত (আমরোনানতো) [আ—মরণ —অন্ত] ক্রি-বিণ. মরণ পর্য্যন্ত ; মরণকালা-বধি।

আমরণাস্তিক (ক্) বিণ. আমরণস্থায়ী।

আমরি (আমোরি) অ. প্রশংসাসূচক ; আহামরি। প্র—"কি শোভা আ-মরি হায়।" —রঘুনাথ দাস (বাং. গান)। ২। বিদ্রূপ ; ব্যঙ্গ। প্র—"আমরি আমরি যমেরি ভুল" —নবীনতপস্বিনী। ৩। সমবেদনাসূচক অব্যয়। প্র—আমরি, বাছাকে বড়ই লেগেছে।

আমরুল (আম্‌রুল্) [অম্ললোনী শব্দজ] বি. অম্লরস শাকবিশেষ ; চাঙ্গরী, অম্লাতী, অম্লোটজ প্রভৃতি নামক গুল্ম ; wool sorrel oxalis cornicalata.

আমর্ষ [অ = আ—মৃষ্ (ক্ষমা করা) + অ (ভাবে, অল্)] বি. অক্ষমা ; ক্রোধ। [অমর্ষ দ্রঃ]

আমল (আমোল্) [আ—আমল্ (জেলা ; রাজত্বকাল)] বি. রাজত্বকাল ; শাসনকাল। প্র—প্রাচীন দলীলাদি হইতে নবাবী আমলের অনেক তথ্য পাওয়া যায়। ২। অধিকার ; দখল। প্র—"পরগণা পরগণা হইল আমল" —ভারতচন্দ্র।

"কটকে হইল আলিবর্দ্দির আমল।
ভাইপো সৌকৎজঙ্গে দিলেন দখল।" —ঐ।

৩। কাল ; জীবন কাল ; যুগ। প্র—ভূসম্পত্তিটী তাহার প্রপিতামহের আমলের। বৃদ্ধের আমলে যাহা হইয়াছে এখন আর কি তাহা সম্ভব? আমল-দেওয়া—ক্রি. দখল দেওয়া ; অধিকার দান করা। আমল-না দেওয়া—ক্রি. নিকটে আসিতে না দেওয়া ; ঘেঁষিতে না দেওয়া। (গৃহে) প্রবেশ করিতে বা বাস করিতে অধিকার না দেওয়া। ২। গ্রহণ না করা। ৩। কাহার প্রার্থনায় বা বক্তব্যে কর্ণপাত না করিয়া এককালে উড়াইয়া দেওয়া বা প্রসঙ্গান্তরে তাহা চাপা দেওয়া ; কোন প্রসঙ্গ উত্থাপনই করিতে না দেওয়া। আমলে-আনা—ক্রি. কার্য্যে পরিণত করা ; কাজ হাতে লওয়া বা আরম্ভ করা। আমলদস্তক—সম্পত্তি অধিকারের ক্ষমতা-দানকারী দলিল বা পরওয়ানা ; warrant giving possession. [দ্রঃ—"a wtitten order from the proper authority to enable the purchaser of an estate at a public sale to obtain possession." —*Wilson.*]

মান্ধাতার আমল—বি. মান্ধাতার রাজত্ব কাল। ২। রাবণের সমসাময়িক মান্ধাতার সময় বা যুগ অর্থাৎ অতি প্রাচীন কাল (ত্রেতা যুগের কথা)।

আমলক, আমলকী (আম্‌লক্, লোকি) বি. পুং.—স্ত্রী. আমলা ; আমলকী গাছ ; emblic myrobalan. ত্রিফলার মধ্যে একটী ফল (অন্য দুটী, হরীতকী ও বহেড়া)।

আমলকী-বর্ত্তন (লো. ন্) [আমলকীর বর্ত্তন = বটী = গুলি, ৬ষ্ঠীতৎ] বি. মাথা ঘষিবার জন্য পিষ্ট আমলকীর গুলি। প্র—"চুয়া সে চন্দন, আমলকী-বর্ত্তন, যতন করিয়া আনে।" —চণ্ডীদাস।

আমলনামা (আমোল্‌নামা) [আ—আমল্‌নামা] বি. কর্ম্মচারীর নিয়োগ পত্র। ২। কর্ম্মচারীর কাজ কর্ম্ম সম্বন্ধীয় সরকারী স্মারক বহি। ৩। জমী কিম্বা অন্য সম্পত্তির অধিকার নির্দ্দেশক আজ্ঞাপত্র ; বিষয়াধিকারের হুকুমনামা। প্র—"বড় গোল লেগেছে খাস মহলে, আছে মোর আমলনামা, তবু কৈ গো তারা আমল দিলে?" —কীর্ত্তন (বাং গান)।

আমলা (য়) [আ—আমল্ (রাজত্ব) শব্দজ + আ—(সম্বন্ধার্থে)] বি. নিম্ন পদস্থ রাজ কর্ম্মচারী ; আদালতাদির কার্য্যনির্ব্বাহক কর্ম্মচারী ; উচ্চপদস্থ রাজকর্ম্মচারীর অধীন ব্যক্তিগণ ; কেরাণী প্রভৃতি। প্র—"যেন রাঙা আমলা তুলে মামলা গামলা ভাঙে না।" —ঈ. গুপ্ত।

"আবার তায় রাক্ষস আমলা, বাঁধিলে মামলা সাম্‌লানো ভার ভিটে আপন।" —মনোমোহন বসু।

আমলা-ফয়লা—ছোট বড় কর্ম্মচারী কেরাণী আমলা।

আমলা [সং—আমলক ; হি-আঁওলা] বি. আমলকী ফল।

আমলাতি, আমলাতী (ম) [আমলকী শব্দজ] বি. আমলকী ; আমলা ; হাঁই আমলা। প্র—"আনিল পাকড়ি ডাল হাঁই আমলাতি। আকুল কুন্তল করি আনে মধ্য রাতি॥" —কবিক।

আমলান (আমলানো) [অম্ল শব্দজ] বি. পচিয়া টকগন্ধ ও অম্লফেনযুক্ত হওয়া ; আঁইয়ে যাওয়া। ২। ব্যথাযুক্ত হওয়া।

আমলেট (ম্, ট্) বি. পায়শে প্রভৃতির মত ক্ষুদ্রজাতীয় মৎস্যবিশেষ।

আমশী, আমসী (আম্শি) [আম্রপেশী শব্দজ] বি. শুষ্ক আম্রচূর্ণ। প্র—"আমশী খাবে আম ফুরালে।" —রামপ্রসাদ। "যদি পাই মিঠা ঘোল, পাকা চালিতার ঝোল প্রাণ পাই পাইলে আমশী॥" —কবিক।

আমসত্ত্ব (আম্শৎত) [আম্রসত্ত্ব বা আম্রাবর্ত্ত শব্দজ] বি. আমের রস জমান ; শুষ্ক আম্ররস। [তুল—হি-অম্বট্ বা অমাবট্ ; বঙ্গের কোন কোন স্থানে বিশেষতঃ উ-বঙ্গে আম্বটও বলে]।

আমসুপারি (আম্সুপারি) [প্রাদে-উ-বঙ্গে। হি—আমরুদ্ (পিয়ারা ফল) শব্দজ ?] বি. পিয়ারাফল ; guava. [স্থানবিশেষে উচ্চারণ বিকার হেতু **টামসুপারি**ও বলে]

আমহরিদ্রা, আমহলদী (আমহোল্দি) বি. আমআদা ; curcuma reclinata

আমা (আমা) [আম শব্দজ] বিণ. অর্দ্ধদগ্ধ ; মৃন্ময় বস্তু যাহা আগুনে পোড়ান হয় নাই ; আধপোড়া ; কাঁচা ; কাঁচাপোড়। প্র—আমা ইট। "আমা সরায় করিয়া আনিল সাপের দই" —কবিক।

আমা (আমা) [সং—অহম্] নিজে ; স্বয়ং। ২। আমি। প্র—"আমা বলে নয় গো আয়ী এমন পণ অনেকে করে।" —বাং-গান। "আমা বোলে নয়"—রাম বসু। ৩। আমাকে। প্র—"তোমার এমন আজ্ঞা আমা অভাগায়" —ঘনরাম।

[পূর্ব্ববঙ্গের প্রাচীন বাঙ্গালা পুঁথিতে সর্বত্রই আমা স্থলে 'আহ্মা' শব্দ ব্যবহৃত। প্র—সত্য কহ আহ্মাতে কপট পরিহরি। কি নাম তোহ্মার কহ কাহার বরনারী।—কবীন্দ্র—মহা (বঙ্গভাষা ও সাহিত্য)]।

আমা-আদি—আমি ও আর আর। **আমা আদি করি**—আমাকে অগ্রবর্ত্তী করিয়া। "আমা আদি করি সবে যত যদুগণ যুদ্ধ করিবারে মানা করিল তখন।"—কাশী-মহা-উদ্যোগ।

আমাজীর্ণ, আমাতী, আমাতিসার (আমাতিশার)—বি. অজীর্ণ বা অতিসার রোগ, ইহাতে প্রায়ই চক্ষুর ঠিক নিম্নদেশের গণ্ডস্থল স্ফীত হয়।

আমাড়ে [আ—মাড় (মর্দ্দন, চর্ব্বণ)] ক্রি-বিণ. না চিবাইয়া ; না মাড়িয়া। ২। [আমাপ স্থলে] অপরিমিত ; ক্রমাগত।

আমাদো-বি. কাঠের পর্দ্দা।

আমানৎ [আ—অমানৎ] বি. কোন ব্যক্তির নিকট জমা স্বরূপ রক্ষিত বস্তু ; গচ্ছিত ধন ; জমা দেওয়া অর্থ [বাঙ্গালায় **আনামৎ**ও বলে]।

"Deposit, charge ; anything held in trust; money deposited in court. Among the Marathas, profit derived from deposits and temporary sequestration of estates."—*Wilson.*

আমানি, আমানী [হি-মাড়, বাং-মাড়ানী] বি. ভাতের গাঁজান মাড় বা মাড়ানী ; কাঞ্জী ; কাঁজী। ২। পান্তাভাতের জল। প্র—"দুঃখ কর অবধান, দুঃখ কর অবধান, আমানি খাবার গর্ত্ত দেখ বিদ্যমান।" —কবিকঙ্কণ।

আমান্ন [আম (অপক্ব)—অন্ন] বি. অপক্ব তণ্ডুল ; কাঁচা চাউল ; অসিদ্ধ চাউল। ২। চাউল। প্র—"আমান্ন মোদক দধি, ফল মূল নানাবিধি অগুরু চন্দন ধূপ ধূনা।"—কবিক।

আমাবাস্য (আমাবাশ্শ) [অমাবস্যা + অ (ষ্ণ)] বিণ. অমাবস্যা তিথিতে করণীয় ; অমাবস্যার কৃত্য।

আমামা—বি. শিরস্ত্রাণবিশেষ ; মুসলমান আমলে ব্যবহৃত পাগড়ীবিশেষ। প্র—"তিনি মস্ত এক আমামা পাগড়ী মাথায় দিয়া আসিতেন"—আত্মচরিত (রাজ—বসু)।

আমার (আমার্) [আমি দ্রঃ। প্রাকৃ—অম্হাণ (?) শব্দজ। প্রা-বাং, আহ্মার] স. মদীয় ; আপনার ; নিজের। প্র—"আমার আমার করে মত্ত হই মা অনিবার, ইন্দ্রিয়াদি দারা সুতে সকলই ভাবি আমার।" —রাম দত্ত (বাং গান)।

২। অভেদাত্মা ; আমাময় ; আমা হইতে অভিন্ন। প্র—"সম্বন্ধে কে হও তুমি, জনক কিম্বা জননী, যে হও সে হও তুমি, তুমি আমার আমি তোমার" —ব্রহ্মসঙ্গীত।

৩। নিজস্ব ; নিজের আয়ত্ত বা অধিকৃত। [গীত ও পদ্যে—**মম ; মোর** (হি—মেরা, মোর, মোহর, মোহার) ব্রজ—(১) হমার, হামারি। প্র—"দংশয়ে হামারি বয়ান"—গোবিন্দদাস। (২) মঝু। প্র—"তছু মঝু মানস মাতল মধুকর" —গোবিন্দদাস। তুল—হি—হমারা ; ঠেট হি—হমার ; মোহার। মঃ—আমচা ; ওড়িয়া —আম্ভর ; ইং our (আমাদের)]।

আমারী (আ—আমারী=হাওদা) বি. ছাদহীন হাওদা। প্র—"হাতীর আমারী ঘরে বসিয়া আমীর। আপন লস্কর লয়ে হইল বাহির।"

—অ, ম.। ২। গোশকটের ধুরা ও মাচান বন্ধ করিবার রজ্জু।

আমাশয় (য়) [আম (অজীর্ণ) + আশয় (স্থান) ৬ তৎ] বি. আমস্থলী। ২। উদরাময় বিশেষ ; dysentery.

আমি [সং—অহম্ (অস্মদ শব্দের ১মা ১ব) ; প্রাকৃ—অম্হি, অহমি (হম্মি) ; হি—হাম ; ব্রজ—হামি ; প্রা-বাং—আহ্মি, আহ্মি, প্র—"আহ্মি দেবকন্যা নহে গন্ধর্ব্বের নারী। সহজে সৈরন্ধ্রী আহ্মি কেশ কর্ম্ম করি।" —কবীন্দ্র-মহাভারত (বঙ্গভাষা ও সাহিত্য) আমিহ] স. আত্ম বোধের পাত্র বা অবলম্বন, আছি এই বোধ যাহার হয় ; অহম্। প্র—কিন্তু আমি কোন খানে ভাবিয়া না পাই ধ্যানে, কোন পথে গেলে ওমা আমি মিলে দেমা বলে, দীন-রামে ভ্রমে আর রেখ না জননী।" —রাম দত্ত (বাং-গান)।

২। আত্মা। ৩। অহঙ্কার।

'আমি'র প্রকৃতরূপ **মোই**। তাহা হইতে প্রা-বাং—**মুই, মুঞি** ও **মো**। হি—মৈ। মঃ—মী। প্র—"মুই নিব তাড়বালা" —চৈতন্য ভাগবত,

"তাহা মুই না পাই দেখিতে"—প্রেমভক্তি-বিলাস। [দ্রঃ-**আমার, আমাকে আমাতে** প্রভৃতি, সং-অস্মদ্ শব্দের কুঞ্চিত রূপ **আম্** শব্দের সহিত ভিন্ন ভিন্ন বিভক্তি যোগে নিষ্পন্ন হয়।—ভাষাতত্ত্ব (শ্রীনাথ)] বহুবচনে—**আমরা**। পদ্যে, **মোরা**। [তুল—আমির উচ্চারণ বিকার-আই (প্রা—চট্টল) ; ইং— i ; গ্রী—iota. ল্যা—sum (ego) জেন্দ্—অস্মি ; লিথু—এস্মি ; সং—অস্মি ('আমি' হই), অহম্ (আমি) ; প্রাকৃ—অহ্ম্ ; পালি—অহম্ ; হি—হম্, ব্রজ—হাম্ ; মৈথিল—হম্ ; নেপালী—মৈ ; পঞ্জা—মৈ (মায়) ; উৎকলী—আম্ভে ; মঃ—মী ; গুজরাটী—হুম্। সম্বন্ধ পদে বহুবচনে তুল—প্রাকৃ—অম্হাণ (?)=অম্হার ; ওড়িয়া—অম্ভর ; মৈথিল—হম্রা ; ব্রজ—হম্রা ; নেপালী—হামিহের ; হি—হমার ; মরাঠী—আমচা ; ইং—our (আমাদের)]

আমি নয়—আত্মহারা ; আত্মবিস্মৃত। প্র—"অমনি দুবাহু পশারি, উমা কোলে করি, আনন্দেতে আমি—আমি নয়॥"—রাম বসু।

আমাতে আর আমি নাই—আমার অস্তিত্ব লুপ্ত হইয়া গিয়াছে ; আত্মহারা হইয়াছি ; আত্মবিস্মৃত হইয়াছি ; আমার প্রাণ উড়িয়া গিয়াছে এই ভাব। প্র—"উমা উমা করে করে আমাতে আর আমি নাই"। —বাং গান।

আমাকে [আমি দ্রঃ] প্রাচীন বাঙ্গালায় আহ্মাতে, আমাক (হি, হমকো), আহ্মারে,

(হি-হমে) মোহারে। আধু পদ্যে—আমারে, মোরে, মোকে। বহুবচনে—আমাসবে, মোসবে, (প্রা-বাং) আমারদিগকে (মধ্য-বাং) আমাদিগে, আমাসবে, মোসবারে (পদ্যে) আমাদিগকে (আধু)।

আমার (র্) [আমি দ্রঃ] স, মৎসম্বন্ধীয় মদীয়। [প্রা বাং] **আহ্মা, আহ্মার, মোহর, মোহার** (হিঃ মোহার) **মোহোর**। [পদ্যে (প্রাচীন ও আধুনিক) মোর। বহুবচনে, মোসবার, আমাসবার (প্রা-বাং); আমারদের, আমারদিগের (মধ্য বাঙ্গালা); আমাদিগের, আমাদের (আধু); আমাগোর (প্রাদে); মোদের (পদ্যে)।

আমিক্ষা, আমীক্ষা—বি, দুগ্ধবিকার; ছানা।

আমিন [হিব্রু ও আরবী—আমীন্ (ঈশ্বর এইরূপই যেন করেন)] অ, স্বস্তিবচন; এমনই হউক। বাঙ্গালা সত্যনারায়ণের কথা সমাপ্তির পর এই শব্দ উচ্চারিত হয়। তুল—গ্রী—ameen ; ইং—amen.

আমিনী [সং কামিনীর ক লোপে] বি, কামিনী; সেবিকা; সেবাদাসী। প্র—"সোলস আমিনী মেলি এহি চন্দন খুরি।" —শূন্যপুরাণ।
"আদ্য কালের আমিনী ধর্ম্মের ব্রতদাসী" —ধ, ম (মাণিক)

আমিষ (ষ্) বি, ক্লী, মাংস। মাছ, মাংস, ডিম্বাদি জৈবখাদ্য। ২। ভোগ্যবস্তু। ৩। লোভ; তৃষ্ণা। ৪। লোভনীয় বস্তু। ৫। অভিলাষ। [বিরল] ৬। উৎকোচ; ঘুষ।

আমিষগৃধ্নু, আমিষলিপ্সু, আমিষলুব্ধ (আমিষ্, গৃধ্নু, লিপ্‌সু, লুব্ধ) [আমিষ (মাংস) গৃধ্নু, লিপ্সু, লুব্ধ (লোভী)] বিণ, মাংসভোজী; আমিষলোলুপ।

আমিষত্যাগী (ষ্) [আমিষ—ত্যাগী] বিণ, যে আমিষ ভোজন ত্যাগ করিয়াছে; নিরামিষাশী।

আমিষপ্রিয় (ষ্) [আমিষ=মাংস—প্রিয় যাহার)—বহু] বিণ, যাহারা মাংস খাইতে ভালবাসে; মাংসলোলুপ। ২। কঙ্কপক্ষী।

আমিষভুক্ (ষ্) [আমিষ—ভুজ্=ভোজন করা+কিপ্—কর্ত্তৃ যে ভোজন করে—উপপদ] বিণ, যে মাংস খায়; মাংসভোজী।

আমিষলিপ্সু, আমিষলোলুপ—আমিষগৃধ্নু দ্রঃ।

আমিষাশী (আমিশাশি) [আমিশ—আশী (অশ্=ভোজন করা+ইন্ (কর্ত্তৃ ণিন্)—যে ভোজন করে)—উপপদ] বিণ, মৎস্যমাংসভোজী।

আমিষী—বি, জটামাংসী।

আমীন, আমিন (ন্) [আ—আমীন—যাহার নিকট কোন বস্তু আমানৎ বা গচ্ছিত রাখা হয়; a trustee] বি, কর্ম্মচারী বিশেষ; তত্ত্বাবধায়ক। ২। [রাজস্ব-বিভাগে] জরিপকারী; যে জমী মাপ করে; যে ব্যক্তি জমীদারের সরখৎ পাইয়া জমির জরিপ কর্ম্মে নিযুক্ত হয়। ৩। [বিচার-বিভাগে] দেওয়ানি মোকদ্দমার বিচারের ভারপ্রাপ্ত কর্ম্মচারী, স্থানীয় মামলা সম্বন্ধে অনুসন্ধানের ভারপ্রাপ্ত কর্ম্মচারী।

"Applied in Upper India especially to a native officer of Government, employed either in the Revenue Department to take charge of an estate and collect the revenues on account of Government, or to investigate and report their amount; or In the Judicial Department, as a Judge and arbitrator in civil cases. In the Presidency of Bengal, in particular, two classes of native judicial functionaries are now so named." —*Wilson*. "Land measurer or Estimator of standing crops; a commissioner employed in local enquiries—*A glossary of vernacular Judicial and Revenue Terms.*

আমীর [র্] বি, বড়লোক; সম্ভ্রান্তবংশীয় ধনী।

আমীরওমরা [আমীরের বহুবচনে আ—উম্‌রাহ্] আমীর ও তত্তুল্য বা তাহার অব্যবহিত নিম্নপদস্থ ব্যক্তি; সম্ভ্রান্ত ধনী লোকেরা, বড় বড় লোক।

আমীরী [আমীর+ঈ (অনুকরণার্থে)] বি, আমীরের চাল চলন; বড়মানুষী।

আমুক্ত (আমুক্‌ত) [আ—(মুচ্=মোচন করা) +ত (ক্ত)] বিণ পরিত্যক্ত; নিক্ষিপ্ত। ২। ঈষৎ মুক্ত; খোলা; উন্মুক্ত। (মুচ্—বন্ধন করা)—বদ্ধ।

আমুক্তি—বি, উদ্ধার; খালাস।

আমুখ (খ্) [আ—মুখ] ক্রি-বিণ, মুখপর্য্যন্ত। ২। [আ—মুখ (আরম্ভ)] (সং নাট্যে) প্রস্তাবনা।

আমুদে [আমোদ শব্দজ] বিণ, আমোদিয়া দ্রঃ। যে আমোদ করে; রসিক; আমোদ-আহ্লাদপ্রিয়।

আমুষ্মিক (আমুশ্‌শিক্) [অমুষ্মিন্=ইদম্ শব্দ সপ্তমীর একবচনের রূপ+ইক (ষ্ণিক) ভবার্থে] বিণ, পারলৌকিক; লোকান্তরিক।

আমূল (ল্) [আ=অবধি—মূল=প্রথম, গোড়া] ক্রি-বিণ, মূলপর্য্যন্ত; প্রথমাবধি; আগাগোড়া।

আমূলতঃ [আমূল+তস্-পঞ্চমী স্থানে] অ, মূল হইতে; গোড়া থেকে।

আমৃষ্ট [আ—মৃজ্=চূর্ণ করা+ত (ক্ত) জ= ষ; ত=ট] বিণ, বিমর্দ্দিত। ২। উচ্ছেদিত; উচ্ছিন্ন।

আমেজ (জ্) [ফা আমেজ্=মিশ্রিত, মিলিত] বি, ঈষৎ প্রকাশ; আদ্রা; লেশ; আভাস; অল্প মিশ্রণ। প্র—"লালের আমেজ"

আমোচন (ন্) [আ (সম্যক্)—মুচ্ (ত্যাগ করা)+অন (অনট্)] বি, ক্লী, মোচন; মুক্তি; খালাস। ২। [ন=অ=আ+মোচন] বন্ধন; পরিধান।

আমোদ (দ্) [আ—মুদ্ (হৃষ্ট হওয়া)+অ ভাবে (অল্)] বি, পুং, আহ্লাদ; আনন্দ; হর্ষ। ২। উৎসব। ৩। [করণে অল্। যাহা দ্বারা ঘ্রাণেন্দ্রিয়ের পরিতোষ জনিত আনন্দ বা তৃপ্তি হয়] বি, অতিদূরগামী গন্ধ; তীব্র সুগন্ধ। [বিরল] ৪। [প্রাদে] বিণ, আমোদিত; সুগন্ধে পূর্ণ।

আমোদ-আহ্লাদ, আমোদ-প্রমোদ—উৎসব আনন্দ; ক্রীড়াকৌতুক; কেলিবিলাস।

আমোদজনক (দ, ক্) [আমোদ—জনক= উৎপাদক] বিণ, যে বা যাহা আমোদ জন্মায়; আনন্দদায়ক।

আমোদন (ন্) [আ—মোদি=আহ্লাদিত করা+অন (অনট্)] বিণ, আমোদজনক। ২। বি, আমোদ করণ।

আমোদি—আমোদিয়া দ্রঃ। আমোদ বা আনন্দ করিয়া। ২। আমোদিত করিয়া।

আমোদিছে—ক্রি, আমোদিত করিতেছে; আনন্দদান করিতেছে। ৩। সুরভিত করিতেছে; অতিশয় সুগন্ধে পূর্ণ করিতেছে; সুবাস বিলাইতেছে। প্র—"পুঞ্জে ঋতুরাজে আজি ফুলজালে ধরণী! ধূপরূপে পরিমল, আমোদিছে বনস্থল, বিহঙ্গমকুল-কল মঙ্গল ধ্বনি!" —ব্রজাঙ্গনা কাব্য।

আমোদিত [আমোদ+ইত—সংজ্ঞার্থে] বিণ, আনন্দিত; পুলকিত; হৃষ্ট। ২। সুবাসিত; সুরভিত; সৌগন্ধযুক্ত।

আমোদিয়া [আমোদ শব্দজ] ক্রি, আনন্দ দান করিয়া; পুলকিত করিয়া। ২। আনন্দ করিয়া। প্র—"মহা আমোদিয়া নাথ করেন ভোজন।" —চৈ, ভা। ৩। বিণ, আমোদ করা যাহার স্বভাব; আমোদপ্রিয়; রসিক। [ইহার কুঞ্চিত আকার আমুদে]।

আমোদী [আমোদ+ইন্ (অস্ত্যর্থে)] বিণ, হর্ষযুক্ত; সানন্দ। ২। আমুদে। ৩। সুগন্ধযুক্ত; সুগন্ধজনক। ৪। কর্পূরাদি মুখের সুগন্ধজনক দ্রব্য।

আম্নায় (আম্‌নায়্) [আ–ম্না (অভ্যাস করা) –অ (কর্ম্মে ঘঞ্)–যাহা মুনি ঋষিদিগের দ্বারা অভ্যস্ত হয়] বি, শ্রুতি; বেদ; নিগমাগম। তন্ত্রশাস্ত্র। ২। [হিন্দী] অভ্যাস; বেদাদির পাঠ বা অভ্যাস।

আম্বর (র্) [ইং—amber. সং—অম্বর= সুগন্ধদ্রব্য] বি, সুগন্ধ রঞ্জন দ্রব্যবিশেষ, যাহা দ্বারা বস্ত্র সুবাসিত ও রঞ্জিত করে।

আম্বা (আম্‌বা) [বৈদিক সং—অম=বল (বৈদিক, নিরুক্ত) তাহা হইতে 'অমবল' অপভ্রংশে 'আম্বা'=বলবিক্রম। বাং-তে সংকীর্ণার্থে বলের নিদান—রক্ত (গ্রা) রস (বীর্য্য) বা তেল। প্র—বড় আম্বা হয়েছে= ভারি রস হয়েছে বা ভারি তেল হয়েছে; তুল —আ, মাল বহুবচনে আম্‌বাল্=ধন, ঐশ্বর্য্য– তাহা হইতে ধনগর্ব্ব, ঐশ্বর্য্যমত্ততা—বাং ব্যঙ্গোক্তিতে আম্বা, রস, তেল, স্থানবিশেষে হয়] বি, শক্তিসামর্থ্য; বলবিক্রম, ক্ষমতা; বীর্য্য; রস; তেল। প্র—

"আপনাকে আঁট নাই পরের মাগ চাও।
এত যদি আম্বা আছে ধরে কেন না যাও॥"
—শিবায়ন।

২। [সং—অহম্‌পূর্ব্বিকা 'অহং পূর্ব্বমহং পূর্ব্বমিত্যহংপূর্ব্বিকা"—অমর। আমি পূর্ব্বে অর্থাৎ আগে যাইব আমি আগে যুদ্ধে যাইব এই রূপ উদ্যমশীলতা। তুল—হি, হাম্‌বড়া] আমি আগে আমি আগে ইত্যাকার ভাব; আগুয়ান হইবার অতি আগ্রহ। প্র—

"বনজন্তু যুদ্ধে কিন্তু আম্বা দেখি বাড়া।"
—কবিকঙ্কণ।

৩। আস্ফালন, স্পর্দ্ধা। প্র—
লোকটার আম্বা দেখ।

৪। যোগ্যতার অতিরিক্ত আকাঙ্ক্ষা; দুরাকাঙ্ক্ষা; উচ্চাভিলাষ। ৫। কর্ত্তৃত্বাভিমান; কর্ত্তৃত্বের বড়াই। প্র—

"মানুষ করে আম্বা,
কিন্তু ঘটান জগদম্বা।"
–অক্ষয় সরকার (সনাতনী)।

ক্রি, আম্বা করা।

আম্বিকেয় [অম্বিকা—এয় (ঢেয়—অপত্যার্থে)] বি, অম্বিকার পুত্র; কার্ত্তিকেয়। ২। কাশীরাজদুহিতা অম্বিকার গর্ভজাত (ব্যাসদেবের ঔরসজাত) পুত্র; ধৃতরাষ্ট্র।

আম্র (আম্‌ম্রো) [সং–অম্র+অ (স্বার্থে ষ্ণ)। তৎপর্য্যায়;—"আম্রশ্চূতঃ রসালঃ"—অমর। ফা—আম্ব; ইং—mango. আম, আঁব দ্রঃ] বি, স্বনামপ্রসিদ্ধ ফল বৃক্ষ; আমগাছ। ২। ঐ বৃক্ষের ফল; আম; আঁব।

আম্রগন্ধক (আম্‌ম্র, ক্) [আম্র—গন্ধ+কণ্—স্বার্থে] বিঁ, পুং, পশ্চিমদেশীয় আম্রগন্ধযুক্ত গুল্মবিশেষ; সমষ্টিল।

আম্রপেশী [আম্র—পেশী (তদ্বৎ)] বি, আমশী; আমশুষ্ক।

আম্রসার (আম্‌ম্রশার্) [আম্র—সার] বি, পুং, আম্রের পত্র বা শাখা; আম্রপল্লব। প্র—

"পূর্ণ ঘট শোভে নারিকেল আম্রসারে।"
—চৈ, ভা।

আম্রাত, আম্রাতক (আম্‌ম্রাতক্) [আম্র—অৎ (গমন করা)+অ, অক (কর্ত্তৃ—অণ, ণক) —যাহা আম্রের নামেই চলিয়া যায়; অনেকটা আম্রের মত বা অনুকরণে বলিয়া] বি, পুং, আমড়া গাছ ও ফল। ২। আমসত্ত্ব। ৩। কামরূপের তীর্থ বিশেষ। ইহার অধিষ্ঠাতা দেব আম্রাতকেশ্বর শিব এবং দেবী সিদ্ধ গঙ্গা।

আম্রাবর্ত্ত (আম্‌ম্রা) [আম্র—আবর্ত্ত (আওটান)] বি, আমসত্ত্ব।

আম্রেড়ক (আম্‌ম্রেড়ক্) বিণ, যে এক বিষয় পুনঃপুনঃ বলে; কণ্ঠস্থকারী।

আম্রেড়ন (আম্‌ম্রেড়ন্) বি, অভ্যাস; পুনঃপুনঃ কথন।

আম্রেড়িত (আম্‌ম্রেড়িত) বিণ, পুনঃ পুনঃ উক্ত; অভ্যস্ত।

আম্ল [অম্ল+অ (ষ্ণ) ভবার্থে] বিণ, অম্লরস যুক্ত; টক।

আম্লকুচি—বি, গুল্ম-বিশেষ; অম্লকুচাইয়ের গাছ।

আম্লবেতস (শ্)—বি, অম্লবেতসের গাছ।

আম্লা—বি, তেঁতুলগাছ। ২। আমলকী।

আম্লানো (আম্‌লানো)—ক্রি, টকে যাওয়া · অম্ল হয়ে যাওয়া; আম্লে যাওয়া। ২। নির্বীর্য্য ও মৃতপ্রায় হওয়া।

আম্লিকা, আম্লীকা—বি, তেঁতুলগাছ। ২। অম্লোদ্‌গার।

আয় (য়্) [আ—ই, অয়্ (গমন করা)—অ (ভাবে, ঘঞ্)—যাহা আগমন করে বা আসে] বি, অর্থাগম; ধনাগম। ২। লাভ। ৩। উপস্বত্ব। ৪। [জ্যোতিষে] একাদশ ভবন। ৫। অন্তঃপুর রক্ষক। [দ্র:–ইহারই স্ত্রীলিঙ্গে, হি—'আয়া' শব্দের উৎপত্তি?] [আসা এই ক্রিয়াপদের অনুজ্ঞা, ম, পু, অসম্ভ্রমার্থে বা স্নেহার্থে ক্রি, আগমন কর্। প্র—কাছে আয়। **আয়গে** (গ্রা)–আইস গিয়া (এসগে); স্বার্থে সম্ভ্রমার্থে **আসুনগে**; গে=গিয়া]।

আয়কর (য়্, র্) [আয়—কর—যে করে] বিণ, আয়প্রদ; ধনপ্রদ; লাভবান। প্র—আয়কর ব্যবসায়। ২। প্রজার উপার্জ্জনের উপর রাজকর বা টেক্স; income tax. প্র—

"আয়কর শুনে গায়ে আসে জ্বর।"
—মনোমোহন বসু।

আয়ত [আ (অ)—যম্ (বিরত হওয়া)–ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, দীর্ঘ বিস্তৃত; বিশাল। ২। দূর। ৩। [কর্ম্মে ক্ত] আকৃষ্ট। ৪। সংহত। ৫। বি, সমচতুষ্কোন বিষমবাহু ক্ষেত্র; rectangle; an oblong.

আয়ত (আয়োৎ [আয়তি দ্রঃ। মেয়েলি কথায় 'এয়োৎ'] বি, সধবার ভাব। স্ত্রীর স্বামী বিদ্যমানতা। প্র—

"এমন আয়ত রাখি পতিব্রতা মেয়ে।
মরে নাই মোর পতি বাঁচে বিষ খেয়ে॥"
–শিবায়ন।

আয়তচ্ছদা [আয়ত (বিস্তৃত) ছদ (পত্র)+ আ (বিশিষ্টার্থে)] বি, কলাগাছ।

আয়তন (ন্) [আ (সম্যক্)—যত্ (যত্ন করা)+অন (অনট্, অধি) যে স্থানে সম্যক্ রূপে যত্ন করা হয়] বি, ক্লী, যজ্ঞবেদী; বেদী। ২। দেবালয়; দেবমন্দির। ৩। বিশ্রাম স্থান। ৪। গৃহ; ভদ্রাসন। ৫। ভিটা; বাস্তু। প্র–

"আয়তন ভূমি বাড়ী বীর দেয় বাক্য পড়ি।
কুশ নীর তিল করি করে।"
—কবিকঙ্কণ।

৬। পরিমাণ। ৭। পরিসর; প্রস্থ। [গ্রা—**আয়াতন**]

আযতন (আজ্জতন্) [আ (সম্যক্)—যতন (যত্ন)] বি, বিশেষ যত্ন; সমাদর।

আয়ততল (ল্) [আয়ত (বিস্তৃত)—তল (নিম্নদেশ)] বিণ, প্রশস্ত তল-বিশিষ্ট; তলবিস্তৃত।

আয়তাক্ষী (আয়োতাক্‌খি) [আয়ত—অক্ষি] বিণ, বিশালাক্ষী; আয়তলোচনা; সুন্দরী।

আয়তী (আয়োতি) [সং—আয়ুষ্মতী শব্দের অপভ্রংশ। চিরজীবিনী অর্থ হইতে সধবা এই অর্থে প্রয়োগ সহমরণ প্রথার পর। কারণ স্বামীর আয়ুষ্কাল পর্য্যন্ত স্ত্রীর জীবন সুতরাং ধব বা পতিই স্ত্রীর আয়ুস্বরূপ। এয়েস্ত্রী দ্রঃ] বি, সধবার চিহ্ন। ২। সধবা; এয়েস্ত্রী। প্র–

"জন্ম আয়তি হয়ে জীয়া থাক সুখে।"
—শিবায়ন।

৩। স্বামীর আয়ুরেখা। ৪। [অ—যা (যাওয়া)–তি] ভবিষ্যৎ। ৫। ভাবী শুভ সম্ভাবনা।

আয়ত্ত (আয়োৎতো) [আ—যত্ (যত্ন করা, বশ হওয়া)+ত (কর্ত্তৃ ক্ত) আয়ত্ত অর্থে "আয়ত্তাধীন" শব্দের অপপ্রয়োগ আছে। অধীন; অধিকৃত। বি, **আয়ত্ততা**— অধীনতা; বশবর্ত্তিতা।

আয়ত্তি (আয়োৎতি) [আ—যত্+তি (ক্তি)] বি, স্ত্রী, বশ্যতা; অধীনতা। ২। প্রীতি; স্নেহ; যত্ন; আস্তি। ৩। শক্তি; ক্ষমতা; সামর্থ্য; যোগ্যতা। ৪। সীমা। ৫। প্রয়াস; আগ্রহ; চেষ্টা। ৬। গৌরব; প্রভাব। ৭। ভবিষ্যৎকাল। ৮। পরিণামদর্শিতা। [বিরল]

আয়না (আএ্না) [ফা—আইনা—মুখ দেখিবার কাচ] বি. আরশি; দর্পণ। **আয়নায় মুখ দেখা**—পরস্পর উপকার প্রত্যুপকার করা; যে ভাল করে তাহার ভাল করা এবং যে মন্দ করে তাহার মন্দ করা।

আয়ন্দা [আএ্ন্দা] (ফা—আইন্দাহ্ =আগামী) বিণ. আগামী; ভবিষ্যৎ।

আয়ব (আয়ব) [হি—আওব। ব্রজ] ক্রি. আসিবে। প্র—"পিয়া যব আয়ব"—বিদ্যাপতি।

আয়বড় [অব্যূঢ় শব্দজ] বিণ. অবিবাহিত। প্র—"ঘরে আয়বড় মেয়ে, কখন না দেখ চেয়ে, বিবাহের না ভাব উপায়।"—ভারত। **আয়বড় ভাত** (ত্) [অব্যূঢ়ার শব্দজ] বি. পুত্র কন্যার বিবাহ উপলক্ষে প্রদত্ত অন্ন। [দ্রঃ চলিত কথায় "আইবুড়ো," "আইবুড়ো-ভাত"]।

আয়মা, আয়েমা (আয়্মা) [আ—আএমা] বি. মুসলমান নবাব বা সম্রাটগণ কর্তৃক ধর্ম-প্রচারাদি সৎকর্মের জন্য বা পাণ্ডিত্যের পুরস্কার স্বরূপও মৌলবীদিগকে বৃত্তিস্বরূপ দত্ত নিষ্কর জমী। ২। পুরস্কার স্বরূপ বিনামূল্যে প্রাপ্ত জমী। **আয়মাদার** (র্) আয়মা জমী যে ভোগ করে। **আয়মাদারী**—আয়মা জমীর ভোগ দখল।

আয়মাল (র্, ল্) [আ—আয়্মাল্] বি. গ্রাম ও পরগণা।

আয়ল [ব্রজ] ক্রি. আসিল; প্র—"কোই কহে আয়ল হরি।" বিদ্যাপতি। 'য়' স্থলে 'ও' র ব্যবহারও আছে। প্র—"মধুঋতু আওল"—ভানুসিংহ। ১ম পুরুষে, **আয়লুঁ** **আয়লু**—আসিলাম। "**আয়নু**" প্রয়োগও আছে।

আয়স (শ্) [অয়স্ (লৌহ)+অ (ষ্ণ) স্বার্থে] বিণ. লৌহসংক্রান্ত। ২। লৌহ-নির্ম্মিত; লৌহময়। ৩। বি. লৌহ। ৪। লৌহময় বাণের ফলক; লৌহনির্ম্মিত অস্ত্রাদি।

আয়সী (আয়োশি) [আয়স দ্রঃ—স্ত্রী. ঈপ্] বি. স্ত্রী. লৌহময়ী অঙ্গরক্ষিণী; সাঁজোয়া; লৌহ আবরণ; বর্ম্ম। প্র—"আয়সী আবৃত দেহ আইল কাতারে" —মেঘনাদ।

আয়স্ত (আয়োস্ত) [আ—যস্ (যত্ন করা, ক্ষেপণ করা) +ত (ক্ত)] বিণ. নিক্ষিপ্ত। ২। পীড়িত। ৩। প্রযত্নপর।

আয়া [পর্ত্ত, Aya শব্দজ] বি. দাই; দাসী; সেবিকা। ২। [আর্য্যক শব্দজ। আয়ি দ্রঃ] বি. পিতামহ: মাতামহ। [বিরল] স্ত্রী. **আয়ী** (আর্য্যা—হিঃ উচ্চারণ আরিয়া। তুল—সখা=সয়া, সখী=সই)।

আয়াত [আ—য়া গমন করা (আসা) +ত (ক্ত)] বিণ. যে আসিয়াছে; আগত। ২। (আয়াত) [আয়ত শব্দের প্রাদেশিক উচ্চারণ ভেদ] বি. সধবার চিহ্ন। প্র—
"চারি ছুঁড়ি বধূর আয়াত ঘুচে করে।
ভালে ঘুচে ভাবন ভাগিনা যদি মরে।"
—ঘনরাম।

আয়ান (ন্) বি. কৃষ্ণের-পালয়িত্রী যশোদার সম্পর্ক-ভ্রাতা এবং বৃষভানুনন্দিনী রাধিকার পতি। ইনি একজন ধর্ম্মপ্রাণ কৃষ্ণভক্ত কিন্তু পুরুষত্বহীন ছিলেন বলিয়া উক্ত। ইঁহাকে ভজনা না করিয়া রাধিকা কৃষ্ণকে ভজনা করিয়া ছিলেন। প্র—"ঐ দেখ, আসছে আয়ান, বংশিবয়ান! বনমাঝে। বিপদে যায় যে জীবন, মধুসূদন! তোমায় ভজে।"
—দাশরথি রায়।

আয়াপান,—পানা (ন্) [ল্যা-Eupatorium Aya-pana. Hort. Beng.] বি. বৈদেশিক ক্ষুদ্র ওষধিবৃক্ষবিশেষ; বিশল্যকরণীকেও (Menispermum cordifolium) আয়াপান্ বলে (বোধ হয় উভয়েরই বেদনা, ক্ষত প্রভৃতি আরোগ্য করিবার গুণ আছে বলিয়া)।

আয়াম (ম) [আ—আইয়াম্ (সময়, ঋতু, দিন)] বি. ঋতু; কাল; সময়; দিন। ২। [প্রাদে, যশোহর] উপযুক্ত সময়। ৩। বিস্তার; দৈর্ঘ্য (length); ওসার breadth.

আয়ালতা—বি. ধানগাছবিশেষ; ইহা গভীর জলে জন্মায় ও খুব লম্বা হয়। এই ধানের চাউলের নামও আয়ালতা। —Haughton.

আয়াস (শ) [আ—যস্ (ক্ষেপণ করা, ক্লেশ পাওয়া)+অ (ঘঞ্)] বি. ক্লেশ দুঃখ। ২। শ্রমজনিত ক্লেশ; শ্রান্তি: ক্লান্তি। ৩। অতিশয় যত্ন ও চেষ্টা: প্রযত্ন। প্র—তাহার সকল উদ্যম সকল আয়াস ব্যর্থ হইল। ৪। শ্রম। ৫। [আ—আ্এষ্ (আরাম, সুখ) শব্দজ] আরাম; সুখ।

আয়াসঘর (আয়াশ্ঘর্) [আয়াস (আরাম) +ঘর (গৃহ, আগার)] বি. আরাম করিবার গৃহ; বিশ্রামাগার। প্র—"দুর্ব্বলা আয়াসঘরে বিছায় শয়ন।" —কবিক।

আয়াসছাড়া [আয়াস (শ্রান্তি) ছাড়া (ত্যাগ করা)] ক্রি. শ্রান্তি দূর করা; বিশ্রাম করা। প্র—"কিবা পথ পরিশ্রমে, আইলা দিগের ভ্রমে, আয়াস ছাড়িতে এই ঘর।"
—কবিক।

আয়াসিত (আয়াশিতো) [আয়াস+ইত (যুক্ত)] বিণ. শ্রান্ত। ২। ক্লিষ্ট। ৩। চেষ্টিত।

আয়াসী (আয়াশি) [আয়াসিন্ শব্দ] বিণ. পরিশ্রমী। ২। উদ্যোগী। ৩। সচেষ্ট। ৪। ক্লান্ত; শ্রান্ত।

আয়াসে (শে) [আয়াস—চেষ্টা, শ্রম, ক্লেশ। বাং ক্রি, পদ। উ-পু—আয়াসি। ম-পু—আয়াস। প্র-পু—আয়াসে। অস, ক্রি—আয়াসিতে; আয়াসিয়া]। ক্রি. ক্লেশ দান করে; কষ্ট দেয়; পীড়ন করে; দুঃখ দেয়। প্র—"আয়াসে আজি কে, বৎসে, তোমারে?" —মেঘনাদ। "মদকল করিব্রয় আয়াসে দাসীরে।" ঐ
২। ক্রি, বিণ, কষ্টকর চেষ্টায়; কষ্টে।
"নিশিতে যেমন, ভেবে উমাধন
অনেক আয়াসে মুদেছি নয়ন."
—বাং গান।

আয়ি, আয়ী (আঈ) [আয়া দ্রঃ। স্ত্রী-ঈ। তুল—সখা=সয়া, সখী=সই। আর্য্যা (দাক্ষায়ণী=মা দুর্গা)—আর্য্যিকা (মান্যা স্ত্রী) আর্য্যা উচ্চারণে, 'আরিয়া'—আ—ই—য়া—আয়ি, আয়ী] বি. মাতার মাতা; মাতামহী। প্র—
"হীরার আয়ি বুড়ী।
গোবরের ঝুড়ী॥" —বিষবৃক্ষ।

আয়ীবুড়ী—বি, স্ত্রী, ছোট মেয়ে বাচালতা করিলে বা অধিকবয়স্কাদিগের ন্যায় পোষাক পরিধান করিলে অথবা পাকা পাকা কথা বলিলে ব্যঙ্গচ্ছলে তাহাকে আয়ী বুড়ী বলে।

আয়ু, আয়ুঃ (আইউ) [আয়ুস্—ই (গমন করা) উস্ (ণুস্): ই=আয়] বি, ক্লী. জীবন; প্রাণ। ২। জীবিতকাল। ৩। বয়স। [প্রাচীন বাং] **আউ**। প্র—"দাহয়ে বিরহী মন শেষ হইল আউ" —গীত গো (গিরি)। গ্রাম্য—আই। যথা—পরমাই (পরমায়ু), প্রমাই, পেরমাই] **অল্পায়ু**—হ্রস্বজীবন। ২। যাহার মৃত্যু নিকট। চলিত গ্রাম্য অল্লাই, অলপ্পেয়ে] **দীর্ঘায়ু**—দীর্ঘজীবন। ২। যে বহুকাল জীবিত থাকে।

আয়ুঃপ্রদ (আয়ুঃপ্রোদো) [আয়ুস্—প্রদ] বিণ. যে জীবন দান করে; প্রাণদায়ক; সঞ্জীবক। ২। যদ্দ্বারা জীবন বৃদ্ধি হয়।

আয়ুঃশেষ (ষ্) [আয়ুস্—শেষ। ৬তৎ] বি. পুং. জীবনের অবসান; জীবনের শেষ বা অল্পাবশিষ্টাংশ; মরণের সমীপ। ২। মৃত্যু।

আযুক্ত (আজুক্ত) [আ—যুজ্ (যোগ করা) +ত (ক্ত)] বিণ. নিযুক্ত।

আয়ুধ (ধ্) [আ—যুধ্ (যুদ্ধ করা)+অ (ক—করণে)। যাহা দ্বারা যুদ্ধ করে] বি, পুং, অস্ত্রশস্ত্র।
প্র—"আয়ুধের কড়কড়ি জুয়ালের মাঝে।
হুঙ্কারে হুঙ্কারে ঘন মেঘ যেন গাজে।"
—শিবায়ন।

আয়ুধাগার (র্) [আয়ুধ—আগার=আলয়, গৃহ; ৬তৎ] বি. ক্লী. যে গৃহে অস্ত্র শস্ত্রাদি যুদ্ধোপকরণ রক্ষিত হয়; অস্ত্রাগার; an arsenal; an armoury.

আয়ুধিক, আয়ুধীয় (ক্) [আয়ুধ+ইক (ষ্ণিক), ঈয় (ণীয়)] বিণ, অস্ত্রশস্ত্র সম্বন্ধীয়। ২। সামরিক। ৩। যোদ্ধা ; অস্ত্রজীবী। ৪। অস্ত্রধারী।

আয়ুর্দ্রব্য (আয়ুর্দ্রোব্বো) [আয়ুস্ (জীবন সাধন) দ্রব্য (বস্তু)] বি, ক্লী, আয়ুঃপ্রদ সামগ্রী ; ঔষধ।

আয়ুর্বৃদ্ধি [আয়ুস্—বৃদ্ধি (বৃধ্ + তি—ক্তি] বি, স্ত্রী, জীবনের বৃদ্ধি।

আয়ুর্বৃদ্ধিকর (র্) [আয়ুর্বৃদ্ধি কর—কৃ +অ (ট—কর্ত্তৃ) যে করে, উপপদ] বিণ, আয়ুর বৃদ্ধিকারী ; যাহা জীবনকে বাড়ায় ; আয়ুষ্কর।

আয়ুর্ব্বেদ (দ্') [আয়ুস্=জীবনকাল—বেদ, বিদ্+অ, জানা যায় যাহা দ্বারা, ৬তৎ] বি, পুং, অথর্ব্ববেদান্তর্গত ধন্বন্তরিপ্রণীত চিকিৎসা-বিদ্যা। করণব্যূহমতে ইহা ঋগ্বেদের উপবেদ—ইহাকে পঞ্চম বেদও বলে।

আয়ুর্ব্বেদী [আয়ুর্ব্বেদ+ইন্, অস্ত্যর্থে] বিণ, আয়ুর্ব্বেদজ্ঞ। ২। আয়ুর্ব্বেদ মতে যাঁহারা চিকিৎসা করেন ; কবিরাজ।

আয়ুর্যোগ (আয়ুর্জোগ্) [আয়ুস্=জীবন কাল—যোগ] বি, পুং, আয়ুর্দ্রব্য ; ঔষধ।

আয়ুষ্কর (আয়ুষ্কর্) [আয়ুস্—কর—কৃ= করা+অ (ট—কর্ত্তৃ) যে করে (উপপদ)] বিণ, আয়ুর্দ্রব্য ; জীবন দীর্ঘকারী ঔষধ ; আয়ুষ্য।

আয়ুষ্কাম (আয়ুষ্কাম্) [আয়ুস্—কাম ; কম্ +অ (ণ—কর্ত্তৃ) যে কামনা করে] বিণ, দীর্ঘ জীবনাভিলাষী ; যে জীবনের দীর্ঘতা কামনা করে ; যে বহুদিন বাঁচিতে চাহে।

আয়ুষ্টোম (ম্) [আয়ুস্+স্তোম (যজ্ঞ)] বি, দীর্ঘায়ু কামনায় অনুষ্ঠিত যজ্ঞবিশেষ।

আয়ুষ্মান্ (আয়ুষ্মান্, আয়ুষ্ মাঁন্) [আয়ুষ্মৎ, আয়ুস্+মৎ (মতু) অস্ত্যর্থে] বিণ, দীর্ঘজীবী ; দীর্ঘায়ুঃ।

আয়ুষ্মান্‌যোগ (গ্) তিথি নক্ষত্রের যোগ বিশেষ। ২। রাশিচক্রের তৃতীয় (চান্দ্র) নক্ষত্র মণ্ডল ; a division of the ecliptic.

আয়ুষ্য (আয়ুষ্ষ) [আয়ুস্+য (ষ্ণ্য) হিতার্থে] বিণ, আয়ুঃপ্রদ ; আয়ুষ্কর। ২। অন্ন ; পথ্য।

আয়েন্দা [ফা—আম্‌দন্=আসা, আগমন করা। তাহা হইতে আইন্‌দা=যাহা আসিবে] ক্রি-বিণ, ভবিষ্যৎ ; ভাবী। ২। অতঃপর ; অদ্যাবধি ; এখন হইতে।

আয়েব (ব্) [আ—অ়ইব্ (ই অনেকটা "য়ে"র মত)] বি, দোষ ; ত্রুটি।

আয়েমা—আয়মা দ্রঃ।

আয়েস (আএষ্) [আ—আএষ্ =উপভোগ] বি, সুখ ; আরাম ; আনন্দ। প্র—"আমরা বেচারী ব্যবসা চাকরী করি
আর তোমরা কর গো আয়েস।"
—দ্বিজেন্দ্র রায়।

বিণ, **আয়েসী**—আরামপ্রিয় ; সুখী।

আয়োগব (ব্) বি, শূদ্রের ঔরসে বৈশ্যাগর্ভ-জাত জাতিবিশেষ।

আয়োজক (ক্) [আ—যুজ্ (সংগ্রহ করা) অক (কর্ত্তৃ ণক)] বিণ, আয়োজনকারী।

আয়োজন (ন্) [আ—যুজ্ (সংগ্রহ করা) অন (ভাবে অনট্)] বি, সংগ্রহ ; আহরণ। ২। উদ্যোগ। ৩। দ্রব্য সামগ্রী।
প্র—"নিদয়ার সাধ হেতু, ঘরে ঘরে ধর্ম্মকেতু,
চাহিয়া আনিল আয়োজন।"
—কবিকঙ্কণ।

আয়োজনকর্ত্তা (ন্) [আয়োজন—কর্ত্তা (কৃ+তৃ—তৃণ) যে করে] বিণ, যে আয়োজন করে ; আয়োজক।

আয়োজনকারী (ন্) [—কারিন্] বিণ, আয়োজনকর্ত্তা।

আয়োজিত—বিণ, সংগৃহীত ; আহৃত ; সঙ্কলিত। ২। সমাহৃত।

আয়োধন (ন্) [আ—যুধ্ (যুদ্ধ করা) অন (ট্—ভাবে)] বি, যুদ্ধ। ২। যুদ্ধক্ষেত্র। ৩। বধ।

আয়োসূয়ো (আয়োশুয়ো) [আয়ো (সধবা, এয়ো) সুয়ো (সোহাগী শব্দজ—সই)] বি, সধবা বন্ধু-রমণীগণ ; সই সাঙ্গাতি।
প্র—"আয়োসুয়ো আনিতে বিজয়া দাসী চলে"
ত্বরা করি নগরে সত্বরে ধায় চেড়ী।
সই সাঙ্গাতি ডাকিয়া আনিল বাড়ি বাড়ি॥"
—কবিক (অক্ষয় সরকার)।

আর (আর্) [ঋ (গমন করা) অ (কর্ত্তৃ, ঘঞ্) সংজ্ঞার্থে] বি, চক্রাঙ্গ-কাষ্ঠ-বিশেষ।

আর (র্) [সং—অপর ; হি—ঔর ; পঞ্জাবী—হোর ; ব্রজ—অরু (নং ২৪ দ্রঃ) ; আসা—আরু ওড়ি—আঽরি, আর, আবর ; বাং—আবার] অ, এবং ; ও। প্র—"ধর্ম্ম সমাজের পিতা * * * আর ভাষা সমাজের মাতা * * *" "বল বল, দলবন্ধন বল, বাণিজ্য বল, আর রাজনৈতিক স্বাধীনতা বল, সকল গিয়াও সমাজ বাঁচিয়া থাকিতে পারে"।—ভূদেব। ২। অধিক ; বেশী। প্র—"কি আর বলিব-নাথ বলিব তোমায় হে! তুমি আমার হৃদয়-রতন-মণি আনন্দ-নিলয় হে।"
—ব্রহ্মসঙ্গীত।

৩। যে পর্য্যন্ত যতক্ষণ বা যতদূর হইয়াছে তাহার পর বা অধিক। প্র—আর কেঁদো না ; আর বেড়ো না বা এগিয়ো না ; আর জল ঢালিও না। "সরলা, তোমার স্থায় বুদ্ধিমতীকে দৌত্যকার্য্যে নিযুক্ত করিয়া আর অধিক কি বলিব ?"—লুৎফউন্নিসা।

৪। অপর, অন্যজন। প্র—"আর জন কয় এই মহাশয়"—ভারতচন্দ্র।

৫। অন্য কিছু ; অন্য বিষয় বা বস্তু। প্র—"আর কিছু নাই শ্যামা মা তোর কেবল দুটি চরণ রাঙ্গা।"—কমলাকান্ত। "আর কোন সাধ নাই মা চিতে"—
—রামদত্ত (বাং গান)।

৬। অতঃপর। প্র—"আমার আর বলিবার কথা নাই। * * আমার জরাজীর্ণ কম্পমান লেখনীকে নিজহস্তে আর একটি বারও ধারণ করিয়া মনের ক্ষোভ নিবারণ করিতে পারিলাম না, * * * তদবধি আমার বাসনা-রূপ বৃক্ষ-বাটিকায় আর না পুষ্প না ফল কিছুই উৎপন্ন হইবার সম্ভাবনা রহিল না"—অক্ষয়কুমার দত্ত। ৭। নিষেধবাচক ; অসময়, অযুক্তি, অনৌচিত্য প্রভৃতি বোধক (এরূপ স্থলে ইহার সহিত "কাজ কি," "কেন" "কি হবে" প্রভৃতি শব্দ যুক্ত হয়)। প্র—"আর আমার কাজ কি বিয়ের সাজ পরিয়ে বৃদ্ধকালে। শিশু বরের পাশে কোন বা রসে ঘোমটা দিব পাকা চুলে"—রাসবিহারী মুখো। "মুরলা, মুরলা, আর কেন সে কথা মুরলা ?" —শান্তিলতা। ৮। পরে ; আখেরে ; ভবিষ্যতে ; জন্মান্তরে। প্র—"মিছে কান্নায় কি ফল আর, যাতে আর না ভোগ পুনঃপুনঃ তারই উপায় কর সার॥" বাং-গান। ৯। এখনও। প্র—"বিশ্বরাজ হে আমায় কেন ডাক সখা বলে আর"
—ব্রহ্মসঙ্গীত।

১০। এখন, বর্ত্তমান। প্র—"আর কি মোদের সে দিন আছে, (হায়) একে একে সব যেতেছে।"—বাং গান। ১১। ইহা ব্যতীত ; ইহা ছাড়া ; অন্য ; এক ভিন্ন। প্র—হৃদয় বেদনা বহিয়া প্রভু, এসেছি তব দ্বারে। * * * যত দুঃখ লাজ দারিদ্র্য সঙ্কট, আর জানাইব কারে !"
—ব্রহ্মসঙ্গীত।

প্র—আর ত কোন উপায় দেখি না। (২) তা ছাড়া ; besides. প্র—"অনাথা বালিকার উপর তোমার এত আক্রোশ ! আর তুমি কি একটু বোঝ না, কনককে তুমি এ বাড়ীতে রাখ নাই।"
—প্রেমলতা।

১২। অথবা ; কিম্বা। প্র—"আমার উপর রাগই কর, আর আমাকে কেটে ফেলে গঙ্গার জলে ভাসিয়েই দাও, আমি সে কথাটা মুখ থেকে বার করতে কখনই পারব না।"—বসন্তের রাণী।

১৩। এককালে ; যুগপৎ। প্র—"আমাদের ঘরের লক্ষ্মী আর তোমার যম" – বঙ্কিমচন্দ্র।

১৪। দ্বিতীয়টা বা অন্য একটা। প্র—"এমন পরমা সুন্দরী, রূপবতী গুণবতী মেয়ে আর পাওয়া যাবে না।" "আপনি বই কে আর আমার উদ্ধার সাধন করবে ?"—বসন্তের রাণী। "কিন্তু আলালের ঘরের দুলালের দ্বারা বাঙ্গালা

সাহিত্যের যে উপকার হইয়াছে, আর কোন বাঙ্গালা গ্রন্থের দ্বারা সেরূপ হয় নাই এবং ভবিষ্যতে হইবে কি না সন্দেহ।"—বঙ্কিমচন্দ্র।
১৫। সুতরাং; যে রকম অবস্থা তাহাতে। প্র—' বড় অসহ্য ব্যাপার হ'য়ে উঠ্‌ল। আমার আর এ বাড়ী থাকা কোন ক্রমে পোষাল না দেখছি।"—প্রেমলতা।
১৬। কখন; কস্মিন্ কালে (অসম্ভব বা কখন হয় না এই অর্থে)। প্র—আমড়া গাছে কি আর আম ফলে থাকে।
১৭। কোন; বিশেষ; একটা। প্র—বড় বউমা তো আর মন্দ কথা বলেন নি।" —প্রেমলতা।
১৮। দ্বিতীয় বার; একবারের অধিক। প্র—"কাহারও সহিত হয় ত সে একটীবার মাত্র সম্ভাষণ করিয়াই উচ্ছিষ্ট পাত্রের ন্যায় পরিত্যাগ করিয়াছে। তাহাদের ভাগ্যে আর তাহার দর্শন ঘটে নাই।"—লুৎফ-উন্নিসা।
১৯। স্বতন্ত্র; পৃথক্; বিভিন্ন; অন্য। প্র—"আর এক স্থানে দেখুন" "ভাষাছাড়া আর কিছু যে কেতাবে বুঝিতে হয়, তাহা আমি বুঝিতাম না * * *"—অক্ষয়চন্দ্র সরকার। প্র—"এক জনপদের পর আর এক জনপদের আবির্ভাব হইয়াছে; এক রাজ্যের পর আর এক রাজ্যের উৎপত্তি, স্থিতি ও বিলয় ঘটিয়াছে;" —রজনীকান্ত গুপ্ত। ২০। পক্ষান্তরে; কিন্তু। প্র—"অতীত-দর্শী ঐতিহাসিক প্রীতি-প্রফুল্ল হৃদয়ে হিন্দুর অতীত গৌরবের কথা ঘোষণা করিতেছেন। আর যাহারা অসভ্য ও অনক্ষর বলিয়া পরিচিত ছিল, তাহারা এখন সভ্যতার শ্রীসম্পন্ন ও জ্ঞান-গৌরবে মহিমান্বিত হইয়া হিন্দুর জ্ঞানভাণ্ডার হইতে রত্নরাশি সংগ্রহ করিতেছেন।" —রজনীকান্ত গুপ্ত। আর তিনি যদি সময়ে না যান তাহা হইলে কি ব্যবস্থা হইবে।
২১। পূর্ব্ববৎ; তখনকার মত। প্র—"আমি এখন আর সে বড় মানুষের মেয়ে নহি। আমার আর সে বহুমূল্য অলঙ্কারাদি কিছুই নাই।"—শান্তিলতা।
২২। তদবধি; সেই হইতে। প্র—"দলিত-পুষ্প মর্ম্ম-পীড়িতা প্রেমলতা আর কক্ষের বাহির হন না।"—প্রেমলতা।
২৩। বিপরীত বা অপ্রত্যাশিত পরিণাম-বোধক। প্র—এক করিতে আর হয়।
২৪। ক্রমোৎকর্ষসূচক; তাহার উপর; তাহাতে আবার; ইহাতেই রক্ষা নাই আবার। প্র—"একে সে মোহন যমুনার কূল, আর সে কেলি-কদম্ব-মূল, আর সে বিবিধ ফুটল ফুল, আর সে শারদ-যামিনী।" —জ্ঞানদাস। "একে কুলবতী করি বিড়ম্বিল বিধি। আর তাহে দিল হেন পিরীতি বেয়াধি"।
—বলরাম দাস। "একে কাল হৈল মোর নয়লি যৌবন। আর কাল হৈল মোর বাস বৃন্দাবন॥" —চণ্ডীদাস।
"একে গোরি পাতরি তাহে দুখ কাতরি অরু দুখ বিরহক জ্বালা" —বিদ্যাপতি।
২৫। পুনরায়; আবার; ফিরিয়া; পাল্টে। প্র—"আর কি আমার হবে সে দিন, সুদিন হেন আসিবে।" —ব্রহ্মসঙ্গীত।
"আর তো ব্রজে যাব না ভাই, যেতে প্রাণ নাহি চায়।" —অতুলকৃষ্ণ মিত্র।
"শর্ম্মা ও দিকে আর নন!"—বাল্মীকিপ্রতিভা।
২৬। পূর্ব্বে বা পরে। প্র—আর কখন দেখা যায় নাই, যাবেও না। ২৭। অব্যবহিত পূর্ব্ববর্ত্তী বা পরবর্ত্তীর অব্যবহিত পূর্ব্ব বা পরবর্ত্তী কাল; আগামীর পরবর্ত্তী। প্র—এ শনিবার যাওয়া হবে না; আর শনিবারে যাইব। [দ্রঃ—যে শনিবার আসিতেছে তাহা আস্‌চে শনিবার, তাহার পর যাহা আসিবে তাহা 'ও' শনিবার। এই শনিবার =উপস্থিত বা এই সপ্তাহের; আর=পর সপ্তাহের; ও=তাহারও পরের। এইরূপ উপস্থিতের পূর্ব্বে আর তাহারও পূর্ব্বে হইলে 'ও'] ২৮। গত; বিগত। প্র—আর বৎসর এমন দিনে ঘটনাটি ঘটিয়াছিল।
২৯। আক্ষেপ; অবসাদ, হতাশের ভাব, অভিশাপ, ক্রোধ, বিস্ময়, বিরক্তি প্রভৃতি-ব্যঞ্জক ও কথার মাত্রাস্বরূপ প্রযুক্ত। প্র—"আর বাছা, এই এক কনককে নিয়েই এই সংসারটা ছারখার হ'বে দেখ্‌ছি, অভাগীর কি পোড়া অদেষ্ট।" —প্রেমলতা। আর তোমার মুখে আগুন; আর তোমার পোড়া কপালখানা! আর কি হবে। যা হবার হয়েছে। আর না। ইত্যাদি। ৩০। একটা কথা, এক নূতন বিষয় বা সংবাদ ইত্যাদি অর্থে কথার মাত্রাস্বরূপ প্রযুক্ত; কোন বিষয়ের আলোচনা কালে হঠাৎ স্মৃতি পথে উদিত কোন অপ্রাসঙ্গিক সংবাদ দিতে হইলে; কোন মজার কথা পড়িতে হইলে ইহা ব্যবহৃত হয়। তখন ইহার সহিত 'শুনেছ', 'দেখ' প্রভৃতি শব্দ যুক্ত হয়। প্র—"আর শুনেছ গুণধর। এসেছে এক ব্রহ্মচারী বাঙ্গা তারি হ'তে বর।" —বাং গান।
৩১। অবশ্য; of course. প্র—যাহা নষ্ট হইয়াছে তাহা আর এখন দেখিতে পাইবে না, কিন্তু বর্ণনা ও ছবি হইতে তাহার অনেকটা আভাস পাইতে পার। ৩২। এতক্ষণ বা এইক্ষণ পর্য্যন্ত টিকিয়া থাকা বা বাঁচিয়া থাকার ভাব। প্র—"তবে বুঝি আমার মামা আর নাই! দুই ঘণ্টা তো অনেকক্ষণ হ'য়ে গিয়েছে, এখনও তো তারের জবাব এল না।" —মনিলাল বন্দ্যোপাধ্যায়।
৩৩। নিষ্ফলতার আশঙ্কাসূচক। প্র—"অমন করলে আর কি হ'বে" —প্রেমলতা।
আরআর [হি—ঔর ঔর। প্রা-বাং—পদ্যে ভূরি ব্যবহার। অধুনা বিরল] বিণ, অন্যান্য; অপরাপর; ইত্যাদি ইত্যাদি। প্র—"উত্তর দালানে সমস্ত দুগ্ধবতী গাভীগণ থাকে, দক্ষিণ ভাগে ঘোড়া ও গাধাগণ পশ্চিমের দালানে, হাতি ও উট তাহাদের সাতে সাতে আর আর অনেক অনেক পশুগণ।" —প্রতাপাদিত্য চরিত।
আর একটু হ'লে—বাড়াবাড়ি হইলে; পূর্ব্বাবস্থার বিপর্য্যয় হইলে; অবস্থা গুরুতর হইলে; সঙ্গত সীমা অতিক্রান্ত হইলে। প্র—"কিন্তু আমার তখন কি অবস্থাই হয়েছিল, আর একটু হ'লে পড়ে যেতেম!"—প্রেমলতা।
আর কি, আর নয় ত কি (হিন্দী—"ঔর ক্যা, ঔর নেহী ত ক্যা" র অনুকরণে) হাঁ; তাই; ইহাই উদ্দেশ্য; তাহাই বটে। প্র—"এক বছরের ভিতর সব উড়িয়াছে! তার পর আমার গহনাগুলিও নাও আর কি! ওসব আমি শুনতে চাইনে * *।" —শান্তিলতা।
আরক (ক্) [আ—আরক্=জলীয় ঔষধ; নির্য্যাস; মদ্য। তুল—অর্ক-পাতন=চুয়ান] বি, নির্য্যাস; সত্ব; রস। ২। চুয়ান; মদ্য।
আরকূট (আরকুট্) বি, পিত্তল-রাশি; পিত্তলের আভরণ।
আরক্ত [আ=(ঈষৎ, সম্যক্) রন্‌জ্ (রং করা)+ত (ক্ত)] বিণ, ঈষৎ রক্তবর্ণ, লোহিত বর্ণ। প্র—
"অনাবৃত লাবণ্যের আবর্ত্ত অর্দ্ধেকে
আরক্ত অনল ছটা পড়িয়েছে আসিয়া।"
—ফুলরেণু।
২। গাঢ় রক্তবর্ণ। প্র—"দেবতাবৃন্দের রক্ত ও আরক্তবর্ণ ছত্র, * * * দৃষ্টি-গোচর হইতে থাকিল।"—মহা-বন (বর্দ্ধমান)।
৩। সম্যক্ অনুরক্ত; আসক্ত।
আরক্তনয়ন, আরক্তনেত্র, আরক্ত-লোচন (নয়ন, লোচন্) [আরক্ত—নয়ন, নেত্র, লোচন—বহু] বিণ, যাহার চক্ষু ঈষৎ রক্তবর্ণ। আলোহিত নয়ন। ২। ক্রোধ-পূর্ণ দৃষ্টি।
আরক্ষ (আরোক্‌খো) [আ-রক্ষ (রক্ষা করা) +অ (অন কর্ত্তৃ] বি, পুং, গজকুম্ভের অধো-ভাগ। ২। হস্তীর মস্তকের চর্ম্ম। ৩। থানা; ঘাটী। ৪। রক্ষী-সৈন্য। ৫। বিণ, রক্ষক। ৬। সংরক্ষিত। ৭। রক্ষণীয়।
আরজ (জ্) [অ=আর্‌জ্=আবেদন] বি, আবেদন; প্রার্থনা; দরখাস্ত। প্র—
"ভাল হেতু করেছিনু হুজুরে আরজ।
নহিলে কহিতে মোর কি ছিল গরজ।"
—ভারতচন্দ্র।

আরজবেগী (আরজ্‌বেগি) [আ—আর্‌জী আবেদন+ফা—বেগ (যে পেশ করে)] বি. যে বিচারপতির সম্মুখে আবেদন পত্র স্থাপন করে ; বিচারকের নিকট যে দরখাস্ত দাখিল করে ; পেশকার। প্র—
"আরজবেগীরে কহে লহ পরিচয়।
জিজ্ঞাসে আরজবেগী কহ অরে চোর।
কি নাম কাহার বেটা বাড়ী কোথা তোর।"
—ভারতচন্দ্র।

আরজী (আর্‌জি) [আরজ দ্রঃ। আ—আরজী] বি. প্রার্থনা। অনুরোধ। ২। আবেদন-পত্র ; দরখাস্ত। ৩। বাদীর প্রার্থনা-পত্র।

আরট্ট=বি ; পঞ্জাবপ্রদেশ।

আরট্টজ—বি; পঞ্জাবদেশীয় অশ্ব। বিণ, আরট্ট-দেশোৎপন্ন।

আরটী-বি, স্ত্রী, স্থলপদ্ম.। ২। বামনহাটী।

আরণা (র্‌) বি. বন্য মহিষ।

আরণি (নি) বি. জলাবর্ত্ত ; পাকমারা জল ; ঘূর্ণীজল।

আরণ্য (আরোন্‌নো) [অরণ্য+অ (ষ্ণ) ভবার্থে] বিণ. অরণ্যজ ; বনজাত ; বন্য।

আরণ্যক (আরোন্‌নোক্‌) [অরণ্য+কণ্‌ (স্বার্থে)] বিণ. অরণ্যজাত। ২। অরণ্য-সম্বন্ধীয়। বি. বেদের উপসংহার ভাগ 'ব্রাহ্মণ.' এই ব্রাহ্মণের উপসংহার ভাগ আরণ্যক। ব্রহ্মচর্য্য গ্রহণে অরণ্যাশ্রমে বাস করিবার কালে গুরুর নিকট যে সকল উপদেশ ও শিক্ষা লাভ হইত আরণ্যকে তাহা লিপিবদ্ধ হয়। অরণ্যাশ্রমে উহার উৎপত্তি বলিয়া উহার নাম আরণ্যক। যজ্ঞাদি কর্ম্মানুষ্ঠানের জন্য যেমন ব্রাহ্মণ খণ্ডের প্রয়োজন ; বানপ্রস্থাশ্রমীর জন্য সেইরূপ আরণ্যকের প্রয়োজন।
—পৃথিবীর ইতিহাস, ভারতবর্ষ।

আরণ্যমুদ্গা (আরোন্‌নোমুদ্‌গা) বি. স্ত্রী. মুদ্গাপর্ণী: মুগানি।

আরত [অনুরক্ত শব্দজ] বিণ. রত। ২। অনুরাগ-যুক্ত ; আসক্ত। ৩। রতি বিষয়ে দক্ষ ; রতিক্ষম।
প্র—"মুঞি অতি বালি সো আরত নাহ"
—বিদ্যাপতি।

আরতি (আরোতি, আরৃতি) [আ—রম্‌ (ক্রীড়া করা, ক্ষান্ত হওয়া)+তি (ক্তি)। "আরত্যবরতি বিরতয় উপরামে"—অমর] বি. স্ত্রী. বিরতি ; নিবৃত্তি ; বিশ্রান্তি। ২। রতি ; আসক্তি ; অনুরাগ।
প্র—"কানুর পিরীতি, যতেক আরতি,
যাইলে জানিবা তুমি।"
—চণ্ডীদাস।
"কপট পিরীতি আরতি বাঢ়ায়"
ঐ
"আরতি কহনে না যায়" —জ্ঞানদাস।
৩। আগ্রহ ; আটুবাটু।
প্র—"আরতি না কর কানু না ধর চীর"
—বিদ্যাপতি।
৪। পূজা ; সম্মান।
প্র—"কামদেবে পাণ দিয়া দিলেন আরতি।"
—কবিকঙ্কণ।
৫। আহ্বান ; নিয়োগ।
প্র—"সাজে মেঘনাদ পেয়ে বাপের আরতি"
—কৃত্তিবাস।
৬। আজ্ঞা ; আদেশ।
প্র—"বিষম আরতি, দিল নরপতি
গৃহ ছাড়ে গুণমণি।"
—কবিকঙ্কণ।
"দেবীর আরতি পায়, মর্ত্ত্যে মালাধর যায়,
প্রবেশিলা খুল্লনা উদরে।"
—কবিক।
৭। [সং—আরাত্রিক। "আরাত্রিকম্‌ * * নীরাজন-নিমিত্ত দীপঃ। নীরাজনা। নীরাজন পাত্রঞ্চ। আরতি ইতি ভাষা।"—শ. ক. দ্রুমঃ। শব্দসারে বিরতি এবং প্রতিমার সমক্ষে দীপাবর্ত্তন দুই আছে। হি, ওড়ি—'আরতি' শেষার্থে] দেবমূর্ত্তির সম্মুখে দীপাদির চালনা ; বরণ ; নীরাজন।
প্র—"আরতি করয়ে ব্রহ্মা"
—বিশ্বেশ্বরের আরতি (হেম)।
৮। নিবেদন।

আরদালি, আর্দ্দালী [ইং—orderly শব্দজ] বি. হুকুমবরদার ; পত্রাদিবাহক ; পেয়াদা।

আরদ্র [হরিদ্রা শব্দজ] বি. হরিদ্রা ; হলুদ।
প্র—"আরদ্র মাখিয়া কেবা, সারদ্র বনাইল রে ঐছন দেখি পীতাম্বর।" —চণ্ডীদাস।

আরনাল, আরনালক (আর্‌নালক্‌) বি. ক্লী; কাঁজি ; আমানি।

আরন্ধ, আরান্ধ (আরান্‌দো) [অরন্ধন শব্দজ] বি. যে দিন রন্ধন নিষেধ। অরন্ধন দ্রঃ।

আরব (ব্‌) [আ—আরব্‌] বি. স্বনাম প্রসিদ্ধ দেশ ; Arabia. ২। আরব জাতি। বিণ. **আরবী**—আরবদেশীয়। ২। আরব-দেশের ও জাতির ভাষা। ৩। আরবদেশীয় উৎকৃষ্ট জাতীয় স্বনাম-প্রসিদ্ধ ঘোটক ; আরবী ঘোড়া।

আরব, আরাব (আরব্‌) [আ—রু (শব্দ করা)+অ (অন্‌, যজ্ঞ—ভাবে)] বি উচ্চরব ; ধ্বনি ; শব্দ।
প্র—"বাজিল তুমুল যুদ্ধ গগনে সুন্দরী ;
কাঁপিলা বসুধা ; দেশ পূরিল আরবে।"
—মেঘনাদ।
"পশিল সে স্থলে আরাব।" —ঐ।
সমনাম—রব, আরব, আরাব সংরাব, বিরাব—(অমর)।

আরব্ধ [আ—রভ্‌ (গমন করা, আরম্ভ করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ. যাহার আরম্ভ হইয়াছে ; যে কার্য্যের সূত্রপাত করা হইয়াছে ; কৃতারম্ভ। ২। অনুষ্ঠিত।

আরভটি, টী (আরভোটি) [আ—রভ্‌ (আরম্ভ)+অ (অল্‌) স্বার্থে টি, টী] বি. স্ত্রী. [নাট্যে] রচনাবিশেষ। ২। নাট্যক্রীড়া বিশেষ।

আরভমাণ (আরভমান্‌) [আ—রভ্‌ (আরম্ভ করা)+আন (শানচ্‌)] বিণ. যে আরম্ভ করিতেছে ; উপক্রমমাণ।

আরমান (আর্‌মান্‌) [প্রা] বি. অভিলাষ ; বাসনা। ২। অমান্য। ৩। দুঃখ। ৪। নৈরাশ্য।

আরমানি, নী (র্‌) [ইং — Armenian শব্দজ] বি. আরমিনিয়া দেশের অধিবাসী। ২। আরমানজাতীয়। প্র—আরমানী গির্জ্জা।

আরমাল (র্‌, ল্‌) [প্রাদে. যশোহর] বি. ঢেঁকির ছিদ্রস্থ ক্ষুদ্র গোলাকার কাষ্ঠ বিশেষ।

আরম্ভ (আরোম্‌ভো) [আ—রভ্‌ (গমন করা) +অ (ঘঞ্‌) ; ম্‌—আগম] বি. পুং. সূত্রপাত ; প্রথম চেষ্টা। ২। উপক্রম। ৩। প্রস্তাবনা। ৪। উদ্যোগ। ৫। অনুষ্ঠান ; কর্ম্ম। ৬। উৎপত্তি। ক্রি. **আরম্ভি** (পদ্যে)—আরম্ভ করিয়া। **আরম্ভিল, লা**—আরম্ভ করিল।

আরম্ভক (আরোম্‌ভক্‌) [আরম্ভ (দ্রঃ)+অক (ণক) কর্ত্তৃ] বিণ. যে আরম্ভ করে। ২। উৎপাদক ; জনক। ৩। প্রস্তাবক।

আরশি, আরশী, আরসি, আরসী (আর্‌শি) [সং-আদর্শ হইতে প্রাকৃ—আঅরিস্‌ শব্দজ] বি. দর্পণ ; মুকুর।
প্র—"সরসী আরসি মোর।" —মেঘনাদ।
"ধরিল সমুখে আরশি আনিয়া" —রবি।
"গৃহের আরসী ছবি, তাহাদের সাথে
কি সম্বন্ধ পাতায়েছে?" —অশোক গুচ্ছ।

আরসুলা, শুলা (আর্‌শুলা) [সং—অস্ত্র-পদা "অস্ত্রাঃ কচাঃ"—অমর। শস্ত্র অর্থে ইহার পা করাতের মত কাঁটা কাঁটা বলিয়া। তুল—ওড়ি—অসরূপা। বর্ণ বিপর্য্যয়ে অরসপা তাহা হইতে আরসলা। অথবা অশ্রফলা (শল্লকী) বাবলা গাছ, সজারু, তদ্বৎ পদ যাহার) অসরফলা—আরসলা] বি. তৈলপায়িকা ; তেলা পোকা ; cockroach ; blatal gigantia.
আরসুলা আবার পাখী—আরসুলার নাম তেলা-পোকা ইহা কীট বা পতঙ্গ জাতীয় ফর্‌ ফর্‌ করিয়া উড়ে বলিয়াই, পাখীর শ্রেণীভুক্ত হইতে পারে না। তাহা হইতে বিদ্রূপোক্তিতে যে যাহা নয় তৎপ্রতি প্রযুক্ত হয়।

আরা [ফা—আর্‌রাঃ শব্দজ। আরীও বলে] বি. করাত। ২। চর্ম্মকারের বেধন অস্ত্র। ৩। ছুরিকা।

আরা [সং-অর=চক্রনেমি। হি—আরা] বি. চক্রের নাভি হইতে নেমি পর্য্যন্ত যে দণ্ড থাকে; পাকি; spokes.

আরা [হি-উর—আর, হি—তে ঈষৎ আকারান্ত উচ্চারণ হইতে ব্রজ 'আরা'] অ. আর; অন্য; অপর; স্বতন্ত্র।
প্র—"ভণয়ে বিদ্যাপতি, শেষ শমন-ভয়ে তুয়া বিনু গতি নাহি আরা। আদি অনাদিক নাথ কহায়সি, অবতারণ ভার তোহারা॥" —বিদ্যাপতি।

আরাকষ (ষ্) [ফা. আর্‌াকষ্=করাতী] বি. করাতী; যাহারা করাতের কাজ করে; যাহারা কাঠ চিরিয়া তক্তা বাহির করে।

আরাতি—বি. অরাতি; শত্রু।

আরাত্রিক (আরাৎত্রিক্) [আরাত্রিকম্ * * নীরাজননিমিত্তদীপঃ। নীরাজনা। নীরাজন পাত্রঞ্চ। আরতি ইতি ভাষা —শ. ক. দ্রু] বি. আরতি; নীরাজন।

আরাধক (ক্) বিণ. যে আরাধনা করে; উপাসক; সেবক।

আরাধন (ন্) [আ—রাধ (আরাধনা করা) + অন (অনট্)] বি. আরাধনা; উপাসনা। ২। সেবা। ৩। অভ্যাস। ৪। রন্ধন। ৫। সন্তোষণ। ৬। আকাঙ্ক্ষা; সাধ; প্রার্থনা।
প্র—"হায়! রজনী কি দিন, হোয়ে জ্বালাতন, এই আরাধন করি গো মনে।
হোয়ে বিহঙ্গম, যাই সেই ধাম, দেখি গিয়ে শ্যাম বংশীবদনে॥" —হরুঠাকুর।

আরাধনীয়—বিণ. আরাধনার যোগ্য; আরাধ্য; উপাস্য; পূজ্য।

আরাধিত—বিণ. উপাসিত; পূজ্য। ২। সেবিত। ৩। আয়ত্ত; প্রাপ্ত।

আরাধ্য (আরাধ্‌ধো) বিণ. আরাধনীয়।

আরাধ্যমান (আরাধ্‌ধোমান্) বিণ. যাহার আরাধনা বা পূজা করা হইতেছে; উপাস্যমান; সেব্যমান।

আরানো [আড় দ্রঃ। (প্রাদে. উ-পূ-বঙ্গ) আড়ানো] ক্রি. জড়ত্ব প্রাপ্ত হওয়া।
প্র—"তারা নাম কর্‌তে কর্‌তে জিহ্বাডা আমার আক্কে কালে গ্যাছে আরাইয়া।" —রজনী সেন।

আরাম (ম্) [আ—রম্ (ক্রীড়া করা) + অ (ঘঞ্)] বি. পুং. উপবন; বৃক্ষবাটিকা; ফল-পুষ্প হেতু ভূখণ্ড; বাগান।
প্র—"কূপ বাপী আরাম ও সভা সকল প্রতিষ্ঠিত ছিল।"
"আগে ছুপথ পাবে যাবে তার বামে। দক্ষিণে রাখিবে তবে রাজার আরামে॥" —ঘনরাম।
২। শান্তি; নিবৃত্তি। ৩। শ্রান্তি দূর-করণ; বিশ্রাম। প্র—সমস্ত দিনের পরিশ্রমের পর তিনি একটু আরাম করিতেছিলেন এমন সময় তাঁহার আবার ডাক পড়িল। ৪। আনন্দ সুখ; সোয়াস্তি।
প্র—"বানর চা খাইতে খাইতে বলিল আঃ কি আরাম" —জীবজন্তু
এখন বাহিরের হাওয়ায় বেশ আরাম বোধ হইতেছে। ৫। [ফা—আরাম্=সাচ্ছন্দ্য স্বাস্থ্য। তাহা হইতে বাঙ্গালায় বেয়ারাম অর্থে রোগ বুঝায়] স্বাস্থ্য; (২) সচ্ছন্দতা। (৩) সুখ। ৬। বিণ. সুস্থ; স্বচ্ছন্দ। ৭। নীরোগ

আরামশীতলা (ম্) বি. সুগন্ধি পত্রশাকবিশেষ আনন্দী; রামশালী।

আরারুট (আরারুট্ বা এরারুট্) [ইং—arrowroot শব্দজ] বি. আদা বা হরিদ্রা গাছের ন্যায় দেখিতে এক প্রকার গুল্মের মূলের পালো।

আরাশ (শ্) [ফা—আরায়েশ=সৌন্দর্য্য] বি. এক প্রকার চূণাকারী। চূণকামের উপর মাজিয়া ঘসিয়া অধিক সৌন্দর্য্য বিধান করাকে আরাশের কাজ বলে।

আরি [ফা—আর্‌রা (আর্‌রাকশ্=করাতী) হি—আরা, আরি (আরা অপেক্ষা ক্ষুদ্র)] বি. ক্ষুদ্র করাত। ২। [ল=র] আইল; আলবাল। প্র—"চৌদিশ বাঁধলনি শীলকি আরি."—বি. প.।

আরিন্দা [ফা—আরিন্‌দা] বি. যে খাজনার টাকা খাজনা-খানায় লইয়া যায়, পত্র ও রাজ-কর বাহক। ২। পেয়াদা।

আরিশ (শ্) [অর্শ্ শব্দের গ্রা-মেয়েলি উচ্চারণ] বি. অর্শ।

আরুরুক্ষা—বি. আরোহণ করিবার ইচ্ছা।

আরুরুক্ষু—বিণ. আরোহণেচ্ছু; যে আরোহণ করিতে উদ্যত হইয়াছে।

আরূঢ় [আ—রুহ্ (জন্মান, গজান, ঊর্দ্ধে উঠা) + ত (কর্ত্তৃ, ক্ত) হ=ত=ঢ়। উ=ঊ] বিণ যে আরোহণ করিয়াছে), যে উপরে উঠিয়াছে। প্র.—অশ্বারূঢ়। সিংহাসনারূঢ়।

আরূঢ়যৌবনা (—জৌবোনা) বিণ. স্ত্রী. নায়িকা ভেদ; যে যুবতীর পতিপ্রসঙ্গ ভাল লাগে। ২। যে নারী যৌবনে পদার্পণ করিয়াছে; নবযুবতী।

আরে (আ্) [সং—অরে; হি—অ্‌রে; বাং আরে, অরে, ওরে] অ. ভয়, বিস্ময়, ঘৃণা, লজ্জা, বিরক্তি ও শোকসূচক অব্যয়। ২। সম্বোধনসূচক অব্যয়; হে; রে। প্র—"ভাল হৈল আরে বঁধু আসিলা সকালে। প্রভাতে দেখিলাম মুখ দিন যাবে ভালে॥"—চণ্ডীদাস। "যে বিধু দেখেছি সখী নাথের পার্শ্বে বসি। আরে, সে বিধু নহে এযে হবে অন্য শশী॥" —কাব্যনির্ণয়।
৩। [প্রায় 'আরে মোর' 'আরে আরে'; (পদ্যে); আধু বাং গদ্যে—ওরে আমার] বিদ্রূপার্থে। প্র-"আরে মোর আরে মোর সোণার বঁধুর। অধরে কাজর দিল কপালে সিন্দুর।" —চণ্ডীদাস। (২) আদরার্থে (আধু বাং—ওরে আমার)। প্র—'আরে মোর আরে মোর নিত্যানন্দ রায়" —গোবিন্দদাস।
৪। (আরো) [হি—ঔর্] স. অপরে, অপর; অন্যজন। প্র-"দুখের উপরে সুখ, যার দুঃখ তার সুখ, একে দুঃখী আরে সুখী, কেমনে বুঝায়ে॥"—নিধুবাবু।

আরো (আরো) [আর+ও (আধিক্যার্থে)] বিণ. ইহাপেক্ষা অধিক; অধিকতর। ২। ইহা ছাড়া; তদ্ব্যতীত।

আরোগ্য (গ্‌গ) [অরোগ+য (ভাবে, ষ্ণ্য)] বি. রোগাভাব; স্বাস্থ্য। ২। রোগনিবৃত্তি।

আরোপ (আরোপ্) [আরোহি (জন্মান) + অ (ভাবে, অল্)—হ=প] বি. এক বস্তুতে অন্য বস্তুর ধর্ম্মের স্থাপন। ২। কল্পনা করিয়া ঘটান; উদ্ভাবন। প্র—দোষারোপ। ৩। অভেদ জ্ঞান। ৪। স্থাপন। প্র—মুণ্ডে আরোপিয়া গিরি আনে হনুমান।" —কবিক। ৫। নিবেশ; অর্পণ।

আরোপক (ক্) বিণ. যে আরোপ করে। ২। আরোপণকারী।

আরোপণ (ন্) [আরোপ (দ্রঃ) + অন (অনট্)] বি. ক্লী. ন্যাস; প্রদান; স্থাপন।
প্র—"সিংহপৃষ্ঠে আরোপণ দক্ষিণ চরণ। মহিষের পৃষ্ঠে বাম পদ আরোপণ॥" —কবিক। "মোর হাতে আরোপণ করি নিজ শিরে। সমর্পিয়া প্রাণনাথ গেল খুল্লনারে."—ঐ। ২। আরোহণ করান; চড়ান; কোন কিছুর উপরে বসান। ৩। ধনুকে জ্যা সংযোজন। ৪। শস্যাদি রোপণ। ৫। আরোপ করণ; একে অন্য ধর্ম্মের অবভাস; আভাস।

আরোপা [আরোপ দ্রঃ। উ. পূ-আরোপি। ম.-পূ আরোপ। ক্রি. প্র-পূ—আরোপে। অস-ক্রি. আরোপিতে; আরোপিয়া, আরোপি (সংক্ষেপে)—পদ্যে। গদ্যে **আরোপকরা**] ক্রি. আরোপ করা। ২। অর্পণ করা; নিবেশ করা। প্র—"কলহে আরোপি মন." —কবিক।

আরোপিত [আ—রোপি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহাকে আরোপ করা হইয়াছে।

২। স্তম্ভ; স্থাপিত। ৩। উত্থাপিত; কল্পিত। ৪। অবভাসিত।

আরোপ্যমাণ (`আরোপ্পমান্) [অ—রুহ (আরোহণ করা) +ণিচ=আরোপি+আন (কর্ম্মে, শানচ্)] বিণ, যাহাকে বা যাহার আরোপ করা হইতেছে। ২। স্থাপ্যমান। ৩। অবভাসমান।

আরোয়া [হি—অরুবা (আলোচাল)] বি, আতপচাউল। ২। আতপচাউলের চিঁড়া।

আরোহ [আ—রুহ্ (আরোহণে) + অ (ভাবে)] বি, উচ্চতা। ২। দৈর্ঘ্য। ৩। রাশি। ৪। শ্রেণী। ৫। নিতম্ব; কটী। ৬। স্ত্রীনিতম্ব। ৭। [কর্ত্তৃ অচ্] বিণ, আরোহী।

আরোহমার্গ—কার্য্য হইতে কারণ-পরম্পরাগত অনুমান, from the effect to the cause ; a posteriori. [ইহার বিপরীত অবরোহ]

আরোহক (ক্) [আরোহ দ্রঃ] বিণ, যে আরোহণ করে।

আরোহণ (ন্) [আরোহ, অন (ভাবে অনট্)] বি, উর্দ্ধে গমন; উপরে উঠা; চড়া। স্ত্রী, আরোহণী।

আরোহণকারী—আরোহী দ্রঃ।

আরোহণী (আরোহোনি) [আরোহণ স্ত্রী, ঈ] বি, স্ত্রী, সোপান; সিঁড়ী। ২। মই।

আরোহিত—বিণ, যাহাতে আরোহণ করিয়াছে। ২। যাহাকে চড়াইয়া দেওয়া হইয়াছে।

আরোহী (হি) [আরোহিন্ শব্দ] বিণ, যে আরোহণ করে বা করিয়াছে; আরোহণকারী; ২। [সঙ্গীতে] সাতটী সুরের ক্রমান্বয়ে উর্দ্ধ বা অনুলোম গতি। [নিম্নগতির নাম অবরোহণ বা বিলোম গতি]

আর্কফলা [অর্কফল শব্দজ] বি, শিখা; টিকী। প্র—"ধ্বজাধারী আর্কফলা যার দিকে চাই॥" —কস্তুরী।

আর্ক্ষ (আর্‌ক্‌খ) [ঋক্ষ (নক্ষত্র)+অ (ষ্ণ)] বিণ, ঋক্ষ সম্বন্ধীয়। ২। নক্ষত্রাদি গ্রহ সম্বন্ধীয়। ৩। বি, ঋক্ষসমূহ। ৪। ঋক্ষতনয় রাজা সংবরণ।

আর্জ্জব (আরজব্) [ঋজু (সরল)+অ (ষ্ণ)] বি, ক্লী, ঋজুতা; সারল্য।

আর্ট (আর্ট্) [ইং—art] বি, সূক্ষ্ম, স্থূল, সকল রকম শিল্প। ২। কলা বিদ্যা। ৩। ছলা কলা। **আর্ট ইস্কুল** [ইং—art school.] চিত্র, ভাস্কর প্রভৃতি কলা শিক্ষার আলয়; শিল্প বিদ্যালয়।

আর্ত্ত (আর্‌ত) [আ—ঋত্ (গমন করা, ব্যাকুল হওয়া)+ত (ক্ত—কর্ত্তৃ)] বিণ, পীড়িত; ২। দুঃখিত। ৩। কাতর। ৪। অসুস্থ। ৫। অভিভূত; বিহ্বল। ৬। আকুল। ৭। বিপন্ন। ৮। উৎপীড়িত; উদ্বেজিত।

আর্ত্তনাদ (আর্‌তোনাদ্) [আর্ত্ত—নাদ] বি, পুং, আর্ত্তিসূচক চীৎকার; আকুল ক্রন্দন; কাতর নিনাদ।

আর্ত্তব (আর্‌তব্) [ঋতু (স্ত্রীরজ বা গ্রীষ্ম বর্ষাদিকাল)+অ (ষ্ণ)] বি, ক্লী, স্ত্রীরজসংক্রান্ত। ২। গ্রীষ্মবর্ষাদি ঋতু সম্বন্ধীয়।

আর্ত্তি (আর্‌তি) [আর্ত্ত (দ্রঃ)+তি (ক্তি)] বি, স্ত্রী, রোগ; ব্যাধি; পীড়া। ২। যন্ত্রণা; ব্যথা; মনোকষ্ট; ক্লেশ। ৩। ব্যাকুলতা; কাতরতা। প্র—"অকস্মাৎ গ্রামে সে বিপ্রের আর্ত্তিমতে। আইলা তাঁর গুরু লক্ষ্মীপতি দূর হৈতে।" —নরহরি চক্রবর্ত্তী (ব্রজ পরিক্রমা)। "দেখিয়া বিপ্রের আর্ত্তি শ্রীগৌর সুন্দর। হাসিয়া বিপ্রেরে কিছু করিলা উত্তর।" —চৈতন্য ভাগবত। ৪। [করণে, ক্তি] ধনুকের অগ্রভাগ।

আর্ত্বিজ (আর্‌তিজ্) [ঋত্বিজ্+অ (ষ্ণ)] বি, ক্লী, পৌরোহিত্য।

আর্ত্বিজ্য (আর্‌তিজ্জ) [ঋত্বিজ্+য (ষ্ণ্য)] বি, ক্লী, পুরোহিতের কর্ম্ম; পৌরোহিত্য।

আর্থ (আর্‌থ) অর্থ+অ (ষ্ণ)] বিণ, অর্থ সম্বন্ধীয়; আর্থিক।

আর্থিক (আর্‌থিক্) [অর্থ+ইক (ষ্ণিক)] বিণ, অর্থসম্বন্ধীয়। ২। অর্থশাস্ত্রজ্ঞ। ৩। অর্থগ্রাহী; যে ধনাদি বৃদ্ধি ব্যাপারে অর্থ নিয়োগ করিয়া থাকে; যে অর্থের আদান প্রদান কার্য্য করে।

আর্দ্দাশ (আর্‌দাশ্) [আ—আর্জ্‌দাস্ত্ = লিখিত আবেদন। প্রাচী, বাং] বি, অভিযোগ; নালিশ। ২। প্রার্থনা। আদ্দাশ দ্রঃ। প্র—"তাদের আর্দ্দাশ নাহি শুনিলেন কাণে।" —ঈশ্বর, গুপ্ত।

আর্দ্র (আর্‌দ্রো) [অর্দ্দ (গমন করা) র (কর্ত্তৃ); অ=আ—জল বা রস যাহার অভ্যন্তরে গমন করিয়াছে] বিণ, সজল; ভিজা। ২। অভিষিক্ত। ৩। দ্রব; কাঠিন্যশূন্য। ৪। শিথিল। ৫। মৃদু।

আর্দ্রক (আর্‌দ্রক) [আর্দ্র (ভিজা)+কণ্] বি, ক্লী, আদা।

আর্দ্রা (আর্‌দ্রা) বি, স্ত্রী, অশ্বিনী, ভরণী, প্রভৃতি ২৭টি নক্ষত্রের মধ্যে ৬ষ্ঠ নক্ষত্র; the star orionis.

আর্দ্রিত (আর্‌দৃত) বিণ, যাহাকে ভিজান হইয়াছে; সিক্ত।

আর্দ্ধিক (আর্‌ধিক্) [অর্দ্ধ+ইক (ষ্ণিক)] বিণ, অর্দ্ধেক সম্বন্ধীয়। ২। অর্দ্ধাংশভাগী।

আর্ম্মাণি (আর্‌মানি) [ইং—Armenian শব্দজ] বি, আর্ম্মিণিয়া নামক স্বনাম-প্রসিদ্ধ স্থানের অধিবাসী বা তৎসম্বন্ধীয়। প্র—আর্ম্মাণি গির্জ্জা।

আর্য্য (আর্‌জ্জ) [ঋ (গমন করা, ব্যাপ্ত হওয়া, প্রাপ্ত হওয়া)+য (কর্ত্তৃ ঘ্যণ্)—যাঁহারা গমনশীল বা জ্ঞানপ্রাপ্ত; সুপ্রতিষ্ঠিত; যাঁহারা নানা দেশে গমন করিয়া কীর্ত্তি স্থাপন করিয়াছেন তুল—গ্রী—আরিয়ান্ (অর-কর্ষণ); জেন্দ্—ঐর্য্য (মান্য); আর্ম্মানি—অরি(সাহসী); ইরান। ফা—অরিয়। দক্ষিণ ভারতে—"আইআর"] বিণ, মহাকুল; কুলীন; সজ্জন; সাধু। —অমরকোষ।

২। যিনি বিশুদ্ধ তত্ত্বনিচয়ের নিকটবর্ত্তী, শ্রেষ্ঠ বুদ্ধিযুক্ত — বাচস্পতিমিশ্র। যিনি কর্ত্তব্যপরায়ণ, অকর্ত্তব্যবিমুখ, আচারবান্—স্মৃতিশাস্ত্র। ৩। মান্য। ৪। শ্রেষ্ঠ। ৫। সুসভ্য। ৬। উচ্চগুণশালী। ৭। সদাচার ও সদ্ধর্ম্ম-পরায়ণ। "শ্রেষ্ঠস্বভাব, ধর্ম্মাত্মা, পরোপকারী, সত্যবিদ্যাদি গুণযুক্ত এবং সর্ব্বসময়ে আর্য্যাবর্ত্ত দেশবাসী।" —দয়ানন্দ সরস্বতী। ৮। জ্যেষ্ঠ। ৯। গুরু। ১০। স্বামী। ১১। বি, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও সঙ্কর শূদ্র মতান্তরে ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্য, শূদ্র এই চারিবর্ণ, মতান্তরে ব্রাহ্মণাদি বর্ণত্রয়। ১২। ঈশ্বরপুত্র (যাস্ক)। ১৩। [ঋ (কর্ষণ করা)] কৃষিকর্ম্মকারী। যাহারা সকলের আদিতে (অনার্য্যদিগের পূর্ব্বে) কৃষিবিজ্ঞানে পারদর্শী হইয়া ভূমিকর্ষণ ও বীজবপন দ্বারা শস্যোৎপাদন করিবার উপায় অবগত হইয়াছিলেন। [ল্যা—arare. গথ—arjan. জর্ম্ম—arran, erran, erjen. আইস্—eria. এ্যাংলোস্যা—erian. —কর্ষণ অর্থক]

১৪। [প্রা, বাং] ক্রুদ্ধ; রুষ্ট; রাগী। প্র—"বিপ্র বলে মিশ্র তুমি বড় দেখি আর্য্য। —চৈ, ভাগবত। [অপ্র]।

১৫। মান্য; পূজ্য; শ্রেষ্ঠ। প্র—"বৈষ্ণবের গুরু তিনি জগতের আর্য্য।" —চৈ, ভাগবত। স্ত্রী, আর্য্যা।

আর্য্যক (আর্‌জক) [আর্য্য=পূজ্য+ক (কণ্—প্রশস্তার্থে) যিনি অতিশয় পূজ্য] বি, পুং, পিতামহ। মাতামহ। ২। বিণ, মান্য। ৩। পূজ্য। স্ত্রী, আর্য্যকা, আর্য্যিকা—মান্যা স্ত্রী; শ্রেষ্ঠা স্ত্রীলোক।

আর্য্যগৃহ্য (আর্‌জোগৃয্যো) [আর্য্য (সাধু)—গৃহ্য (পক্ষীয়)] বিণ, আর্য্যপক্ষীয়; সাধুজন আশ্রিত; সজ্জনপক্ষীয়।

আর্য্যচরিত (আর্‌জোচোরিত্) [আর্য্য (সাধু) চরিত (চরিত্র)] বি, আর্য্যের উপযুক্ত চরিত্র; সাধুস্বভাব। ২। বিণ, আর্য্যস্বভাবের উপযুক্ত। ৩। সদাচারবিশিষ্ট।

আর্য্যতা (আর্‌জোতা) [আর্য্য+তা (ভাবে)] বি, স্ত্রী, আর্য্যের ভাব। ২। সাধু আচার; সদাচার। ৩। ধর্ম্মশীলতা।

আর্য্যধর্ম্ম (আর্‌জোধর্‌মো)—বি, সদাচার। ২। আর্য্যজাতির ধর্ম্ম।

আর্য্যপুত্র (আর্‌জোপুৎত্র) [আর্য্য (সৎকুল-জাত) পুত্র কর্ম্মধা] বি, পুং, সদ্বংশীয় পুত্র। ২। গুরুপুত্র। ৩। মান্যব্যক্তির পুত্র। ৪। [আর্য্য=শ্বশুর] শ্বশুরপুত্র; স্বামী; পতি। [নাটকীয় ভাষায় স্বামীকে আর্য্যপুত্র বলিয়াই সম্বোধন করিবার প্রথা আছে]।

আর্য্যবৃত্ত (আর্‌জোবৃৎতো) [আর্য্য=শ্রেষ্ঠ=বৃত্ত=চরিত্র) যাহার (বহু)] বিণ, সাধুচরিত্র; সদাচারবিশিষ্ট; ধর্ম্মশীল। ২। বি, সদাচার।

আর্য্যব্রত (আর্‌জোব্‌ব্রোতো) [আর্য্য (আর্য্যের ন্যায়)-ব্রত (আচার নিয়ম)-যাহার-বহু] বিণ, শ্রেষ্ঠব্রতধারী। ২। [৬ষ্ঠ তৎ] বি, আর্য্যের পালনীয় নিয়ম বিশেষ।

আর্য্যভট্ট (আর্‌জোভট্‌টো) বি, "আর্য্যসিদ্ধান্ত" ও "বীজগণিত" প্রণেতা কুসুমপুর (পাটনা)-নিবাসী জনৈক ভারতীয় হিন্দু জ্যোতির্ব্বিৎ, ইনি খ্রীঃ ৩য় বা ৪র্থ শতাব্দীতে বর্ত্তমান ছিলেন বলিয়া পণ্ডিতগণ অনুমান করেন। ইনি সর্ব্বপ্রথমে পৃথিবী যে সূর্য্য-কেন্দ্রকে পরিভ্রমণ করে এই মত প্রকাশ করেন। আরবী ও পারসী ভাষায় ইনি 'অর্য্যভড়' নামে খ্যাত। —ভারতকোষ।

আর্য্যমিশ্র (আর্‌জোমিস্‌স্র) [আর্য্য (শ্রেষ্ঠ) মিশ্র (মিশ্রিত)] বিণ, বিখ্যাত; প্রসিদ্ধ। [বিরল] ২। [সংস্কৃত নাটকে] গৌরবান্বিত বা পূজ্য পুরুষের প্রতি ব্যবহৃত।

আর্য্যলিঙ্গী (আর্‌জোলিংগি) [আর্য্য-লিঙ্গী (লিঙ্গিন্)=লক্ষণ বিশিষ্ট] বিণ, আর্য্যলক্ষণা-ক্রান্ত। আর্য্যের লক্ষণধারী।

আর্য্যসমাজ (আর্‌জোসমাজ্) বি, স্বামী দয়ানন্দ সরস্বতী কর্ত্তৃক স্থাপিত ধর্ম্মসমিতি। এই সমাজ বেদের সংহিতা ভাগকে অপৌরুষেয় বলিয়া স্বীকার করেন, স্বতঃ প্রমাণ মানেন, মূর্ত্তিপূজা, শ্রাদ্ধ, তর্পণ করেন না, বর্ণ, গুণ, কর্ম্ম, স্বভাব অনুসারে মানেন।

আর্য্যা (আর্‌জ্জা) [আর্য্য-স্ত্রী আপ্] বি, স্ত্রী, পার্ব্বতী; দুর্গার নামান্তর। ২। শাশুড়ী। ৩। মান্যা ও শ্রেষ্ঠা স্ত্রীলোক। ৪। ছন্দোবিশেষ। ৫। তাহা হইতে ছন্দোবদ্ধ। ৬। অপ সূত্রাদি; নিয়ম; সঙ্কেত। প্র—শুভঙ্করের আর্য্যা।

আর্য্যাবর্ত্ত (আর্‌জ্জাবর্‌ত) [আর্য্য(পূজ্য)+আবর্ত্ত (বাসস্থান)—৬তৎ। অথবা ("আর্য্যা অত্রাবর্ত্তন্তে পুনঃ পুনরুদ্ভবন্ত্যার্য্যাবর্ত্তঃ" আর্য্যেরা এই স্থলেই পুনঃপুনঃ জন্ম গ্রহণ করেন বলিয়া এই নাম—কুল্লুকভট্ট] বি, পুং, আর্য্যজাতির জন্মভূমি—যাহার পূর্ব্ব সীমা সাগর (বঙ্গোপসাগর), পশ্চিম সীমা সাগর (আরব সাগর), উত্তর সীমা হিমালয় এবং দক্ষিণ সীমা বিন্ধ্যাচল—মনু। গ্রীক Aryana—উত্তরাপথ। —গৌড়রাজমালা।

আর্শথ (আর্‌শথ্) [জমীদারী পরিঃ] বি, প্রত্যেক প্রজার অধিকৃত ভূমির হিসাব; "A zemindari village account showing the gross holding of each ryot in a mouzah, and detail founded on the terij." *A glossary of Vernacular Judicial and Revenue Forms.*

আর্শি, আর্সি (আর্‌শি) [আদর্শ শব্দজ] বি, দর্পণ; মুকুর। প্র—"বিধবার আর্সিখানি পড়ে আছে এক ধারে।" —অশোকগুচ্ছ।

আর্ষ [ঋষি—অ (ষ্ণ) উক্ত বা প্রণীত প্রভৃত্যাদি] বিণ, ঋষিপ্রোক্ত; ঋষিপ্রণীত। ২। [ব্যাকরণের নিয়ম বহির্ভূত। প্র—আর্ষপ্রয়োগ। ৩। ঋষিসম্বন্ধীয়। ৪। বি, বিবাহবিশেষ।

আর্ষেয়—বিণ, আর্ষ দ্রঃ।

আর্হত (আর্‌হৎ) [অর্হৎ+অ (ষ্ণ)—অর্হৎ-সম্বন্ধীয়] বিণ, জিনসম্বন্ধীয়; জিনমতাবলম্বী; জৈন দিগম্বর। ২। বুদ্ধবিশেষ। [আর্হতের মতে আত্মা চিরস্থায়ী এবং প্রতি শরীরে এক এক আত্মা নিরন্তর অবস্থান করেন; সেই আত্মা সর্ব্বজ্ঞ ও রাগদ্বেষাদিবর্জ্জিত। আর্হতেরা সম্যগ্‌দর্শন, সম্যগ্‌জ্ঞান ও সম্যগ্‌চরিত্র এই "রত্নত্রয়" লাভের জন্য সাধনা করেন]।

আল (আল্) [আইল বা আলি শব্দজ। অল=বাধা দেওয়া] বি, সীমা; বেড়া; ঘের; আইল দ্রঃ।

আল [সং—অল=সূক্ষ্মমুখ] হুল। ২। কণ্টক; হুক। ৩। কীলক বা পেরেকের মুণ্ডি।

আলবিঁধ—সূক্ষ্মাগ্র কীলক প্রবেশ করণোপযোগী ক্ষুদ্র ছিদ্র।

আল (আলো) [আলোক শব্দের কুঞ্চিতাকার] বি, আলোক। ২। বিণ, আলোকিত। ৩। আতপ; রৌদ্রশুষ্ক। প্র—আলচাল। [আলো দ্রঃ]

আল (আলো) ক্রি, ম, পু, এলে দাও; অযত্নভাব প্রদর্শন কর। প্র—"যাচিলে যৌবন আল ঐ তাপেতে মরি।" —ধনরাম।

আল (আল্) [অল্-ণিচ=আলি (ভূষিত করা) +অ (অল্)। বর্ণের প্রাধান্য হেতু যে অস্ত্র পদার্থকে ভূষিত করে] বি, ক্লী, হরিতাল। ২। হুল। ৩। শ্রেষ্ঠ।

আলওয়ান (আলোয়ান্) (আ—আল্‌বন্—যাহাতে রং ফলান হইয়াছে] বি, স্বনামপ্রসিদ্ধ গায়ে দিবার পশুলোমজাত বস্ত্রবিশেষ; হাসিয়া বা কিনারা-হীন শাল।

আলকাতরা (আল্‌কাৎরা) [পর্ত্তগীজ alcatras. আ—আল্‌কৎরাঃ] বি, পাথুরে কয়লা বা এক জাতীয় পাইন বৃক্ষের দগ্ধ কাষ্ঠ হইতে প্রস্তুত কৃষ্ণবর্ণ পদার্থ; তারকোল বা কোলতার; tar.

আলকুশী (আল্‌কুশি) [আল (হুলসম) কুশী (=কেশী, শুঁয়াযুক্ত)] বি, লতা-বিশেষ; যন্ত্রণাদায়ক লোমশ ফলবিশেষ। ২। আলকুশীফলের ভিতরের পরাগ পদার্থ। প্র—
"আলকুশী গুঁড়া মাখী উড়াও মন্ত্র পড়ে।
উওানি হইয়া ক্ষেতে খায় যেন ছড়ে।" —শিবায়ন।

আলক্ষ্য (আলোক্‌খো) [আ—লক্ষ্ (লক্ষ্য করা) +য (কর্ম্মে ঘ্যণ্)] বিণ, লক্ষণ দ্বারা অনুমেয়। ২। ক্রি-বিণ, সম্যক্ জানিয়া বা লক্ষ্য করিয়া।

আলখাল্লা, আলখেল্লা (আল্) [আ—আল্‌খালিক্=গাত্রাবরণ বিশেষ] বি, লম্বা ঢিলা জামা-বিশেষ; গাত্রাবরণ-বিশেষ।

আলগ (আলগ্) [অলগ্ন শব্দজ। হি—অলগ্] বিণ, পৃথক। প্র—"বিশ্বম্ভর অগ্রে নিল আলগ করিয়া।" —চৈতন্য ভাগবত।

আলগা, আল্‌গা (ল) [অলগ্ন শব্দজ। হি—অল্‌গা—পৃথক: ঢিলা] বিণ, যাহা কিছুতে দৃঢ়ভাবে লাগিয়া নাই; অবদ্ধ; শিথিল; এলো; ফস্‌কা। প্র—গেরটা আলগা বাঁধা হয়েছে। ২। খোলা; আদুড়; অনাবৃত। ৩। বেফাঁস; অসঙ্গত; গাম্ভীর্য্যহীন; যাহাতে আঁট বা বাঁধুনি নাই; অসম্বদ্ধ। প্র—আলগা কথা। ৪। অসংযত। প্র—লোকটার মুখ ভারি আলগা, যা মুখে আসে তাই বলে। ৫। শিথিল প্রযত্ন; অসতর্ক। ৬। লাগ বা স্পর্শশূন্য; অস্পৃষ্ট।

আলগোছ, আলগছ (আল্‌গোচ্, গছ) [হি—অলগ্ শব্দজ] বি, নিরবলম্বন। ২। অস্পর্শ। ৩। [আল—গম্=গচ্ছ (গমন করা)—গমন করিতে ব্যগ্র] বিণ, গমনোন্মুখ); উঠিবার জন্য ব্যগ্র; উদ্‌গ্রীব; প্রস্তুত। ক্রি-বিণ, আলগোছে।

আলগোছি, আলগুছী (ল) [আলগোচ দ্রঃ] বি, কোন অবলম্বন ব্যতিরেকে শিশুর উচ্চ হইয়া উঠিবার বা দাঁড়াইবার প্রথম চেষ্টা: কিছু না ধরিয়া দাঁড়ান। প্র—"আলগোছি দেয় দশমাসে।"—কবিক।

আলগোচে, আলগছে, আলগোছে (আল্‌গোছে) [ফা—অল্‌গসে (স=ছ) শব্দজ] ক্রি-বিণ, তফাৎ হইতে; দূর হইতে; না ছুঁইয়া। প্র—"আলগোচে তুমি গিয়া করহ রন্ধন।"—চৈ, ভা। "রুধিরের পানা আলগছে দানা চাতকেরা পিয়ে যেন জল।" —কবিক (অক্ষয় সরকার)।

আলঙ্কারিক (আলোংকারিক্) [অলঙ্কার+ইক (ষ্ণিক)] বিণ, অলঙ্কার শাস্ত্রজ্ঞ। ২। অলঙ্কারসম্বন্ধীয়। ৩। অলঙ্কার শাস্ত্রকার; অলঙ্কার বিষয়কগ্রন্থকর্ত্তা।

আলচা (ল্) [আড়চাহনি শব্দজ] বি, । ২। অদৃশ্যভাবে পরিদর্শন। ৩। গোপনে সন্ধান।

আলচাল, আলোচাল (আলোচাল্) [আতপ তণ্ডুল শব্দজ] বি, আতপ চাউল; সিদ্ধ না করিয়া রৌদ্রে শুকান ধান্য হইতে প্রস্তুত চাউল। প্র—"আল চাউল বেড়ে কলা ভুলাইয়া খায়"—অ—ম,
"জগৎকে খাওয়াচ্চেন যে মা, সুমধুর খাদ্য নানা; ওরে কোন্ লাজে খাওয়াতে চাস তাঁয়, আলোচাল আর বুট ভিজানা।"—রামপ্রসাদ।

আলজিব (আল্জিব্) [আলিজিহ্বা শব্দজ] বিণ, ক্ষুদ্র জিহ্বা; the uvula.

আলটপ্‌কা, আল্‌টপ্পা (আল্‌টপ্‌কা) [আ-আলুফ্‌ফা। আলুফা দ্রঃ] ক্রি,-বিণ, হঠাৎ; অপ্রত্যাশিত ভাবে; বিনা চেষ্টায়; অনায়াসে; আল্‌পো। (গ্রা) প্র—টাকাটা আল্‌টপ্‌কা পেয়ে গেল। ২। আলগোছে।

আলণ [আলোণ্) [অলবণ শব্দজ। গ্রা—আলুনি; অলোনা] বিণ, লবণহীন।

আলতা (আল্‌তা) [অলক্ত শব্দজ] বি- অলক্ত; যাবক। ২। লাক্ষা; lac.

আলতারাফ (ল্ ফ্) [আ—আলতর্ফ্] বি, সিন্দুক আলমারী প্রভৃতির দ্বার বন্ধ করিয়া তালা লাগাইবার লোহা পিতল প্রভৃতির পাত করা কব্জা ও তাহার ছিদ্র দিয়া পরাইয়া তালা লাগাইবার মত আংটা (সুর্কো)।

আলনা (আল্‌না) [সং আলম্বন্ (আ—লম্ব্ =লম্বিত হওয়া)—যাহাতে কিছু আলম্বন করা যায়। তুল—দোল্‌না দোলন হইতে; ঝুলনা ঝুলন হইতে। হি—অল্‌গনী (ল স্থানে রও উচ্চারিত হয়); মঃ—অলগনে; ওড়ি—অলগুনি, গনি] বি, বস্ত্রাদি ঝুলাইয়া রাখিবার কাষ্টদণ্ড বিশেষ; a cloth-stand.

আলপনা, আলিপনা (আল্‌পোনা, আলিপোনা) [আলিম্পন শব্দজ] বি, আলিম্পন; মঙ্গলালেপন। প্র—"মুছে ফেল আলিপনা দিয়ে জলধার"—অশোক গুচ্ছ।

আলপাকা (আল্‌পাকা) [পেরুভীয়, paco, পাকো, আল্‌পাকো। ইং—alpaca.] বি, স্বনাম-প্রসিদ্ধ মেষজাতীয় পশু। ২। আলপাকার লোমজাত বস্ত্র।

আলপিন (আল্‌পিন্) [পর্ত্ত—alfinite হইতে—ইং—pin. উ—আল্‌পিন] বি, পিন; সূক্ষ্ম ও অতিক্ষুদ্র কীলক বা খিল। সূচীর মত সরু কিন্তু ছিদ্রহীন, এক মুখ সূক্ষ্ম অন্তমুখ বা আলপিনের মাথা টোপ বসান।

আলফা (ল্) [প্রাদে] বি, মিষ্টান্ন বিশেষ।

আলবৎ, আলবাৎ, আলবত্তা, আলবাত্তা (আল্‌বৎতা) [আ—আল্‌বৎতা =নিঃসন্দেহ] অ, নিশ্চয়; নিঃসন্দেহ। ২। অবশ্য।

আলবাটি, টী (আল্‌বাটি) [লালা হইতে লাল (মুখ দিয়া লাল পড়া)—আল] বি, পিকদানী। প্র—"দিব্য আলবাটি দুই শোভে দুই পাশে।" —চৈ, ভা।
"দুই দিকে আলবাটী জলে পুরা গাড়ু ঘটি দুই দিকে রাখে দুই পাখা," —কবিক।

আলবাল (আল্‌বাল্) [আ—লূ (ছেদন বা খনন করা)+অ (ড)=আল—বল্ (ধারণ করা)+অ (অন্) যে আল বা আলি ধারণ করে] বি, গাছের গোড়ার চারিদিকে বেষ্টিত জল ধারণ করিবার মত খাত।

আলবালা, আলবোলা (ল্) [ফা আল্‌বলা] বি, ধূমপানার্থ দীর্ঘ-নল হুক্কা বিশেষ; দীর্ঘনল ফরসী, সট্‌কা বা গড়গড়া।

আলমারী (ল্) [পর্ত্তু—almario হইতে। ফ্রে—armoire; ইং—almirah.] বি, দ্রব্যাদি রাখিবার কাষ্ঠাদি নির্ম্মিত আধার বিশেষ।

আলম্ব (আলম্‌ব) [আ—লম্ব্ (লম্বিত হওয়া)+অ (অল্)] বি, পুং, অবলম্বন; আশ্রয়। ২। আধার।

আলম্বন (আলম্‌বন্) [আ—লম্ব্+অন (অনট্)] বি, ক্লী, অবলম্বন। ২। [অলঙ্কার শাস্ত্রে] যে সকল কারণে স্থায়িভাবের উদ্রেক হয়, তাহাদিগকে বিভাব বলে এবং যাহাকে অবলম্বন করিয়া হর্ষ, শোক, ভয়, বিস্ময় প্রভৃতি চিত্তবিকার জন্মে, তাহাকে আলম্বন বিভাব বলে। প্র—দূরাগত বন্ধু দর্শনে হর্ষ হইলে বন্ধু হর্ষের, সর্প দর্শনে ভয় জন্মিলে সর্প ভয়ের, পুত্র-শোকাতুরা মাতাকে দেখিয়া দুঃখ হইলে জননী দুঃখের আলম্বন বিভাব হয়; শৃঙ্গারাদি রসের বিভাব বিশেষ।

আলম্বিত (আলোম্‌বিতো) [আ—লম্ব্ +ত (কর্ম্মে ক্ত)] বিণ, অবলম্বিত; আশ্রিত। ২। ধৃত। ৩। [আ—ঈষৎ, সম্যক্—লম্বিত] ঈষৎ লম্বিত; প্রলম্বিত।

আলম্বী (আলোম্‌বি) [আ—লম্ব্ +ইন্ (কর্ত্তৃ, ণিন্)] বিণ, অবলম্বনকারী; আশ্রয়কারী। ২। প্রলম্বিত।

আলম্ভ [আ-লভ্ (পাওয়া, বধ করা)+অ (ঘঞ্) ম আগম] বি, বধ; হিংসা। ২] সংস্পর্শ। ৩। যুদ্ধ।

আলম্ভ্য [আ—লভ্+য (ণ্যৎ) ম আগম] বিণ, হিংস্য; বধযোগ্য। ২। সংস্পৃশ্য। ৩। প্রাপ্তব্য। স্ত্রী, **আলম্ভ্যা**—বধার্হা; বধযোগ্যা।

আলয় (য়) [আ—লী (লীন হওয়া)+অ (অল্)—যাহার মধ্যে প্রবেশ করিলে বা থাকিলে আর দেখা যায় না] বি, গৃহ; বাসস্থান; বাড়ী; বসতি; আগার। ২। মহল। quarters ৩। নিলয়; আশ্রয় স্থান।

আলয়াতি [প্রাদে] বি, অপহারক অপহৃত দ্রব্য যাহার নিকট গচ্ছিত রাখে। ২। দুষ্ট। প্র—"আলয়াতি শ্রীবাসের কালি করোঁ কার্য্য" —চৈ, ভা।

আলর্ক [অলর্ক (কুকুর)+অ (ষ্ণ)—ইদমর্থে] বিণ, অলর্ক সম্বন্ধীয়। বি, ক্ষিপ্ত কুকুরের বিষ।

আলস (আলস্) [সং—আলস্য শব্দজ (ব্রজ)] বি, পুং, আলস্য; অলসতা। প্র—"নিদের আলসে বঁধুর ধাধসে তাহারে করিনু কোরে।" —চণ্ডীদাস।
২। বিণ, অলস [বি, প]। **আলসহি** [ব্রজ] আলস্যে।

আলসিয়া, আল্‌সে (আল্‌শিআ, আল্‌শে) [আলস+ই-আ] বিণ, অলস; কুঁড়ে; দীর্ঘসূত্রী; কর্ম্মে অসত্বর বা অতৎপর; জড়। বি, **আল্‌সেম** [অলসিয়াম] অলসতা।

আলস্য (আলোশ্‌শো) [অলস+য (ভাবে ষ্যঞ্)] বি, ক্লী, কুঁড়েমি; কর্ম্মে উপেক্ষা; অপ্রবৃত্তি বা অনুৎসাহ; অলসতা। ২। জড়তা।

আলস্যত্যাগ (আলোশ্‌শোৎত্যাগ্) [আলস্য—ত্যাগ] বি, পুং, জৃম্ভণ; হাইতোলা; গাভাঙ্গা।

আলা [আ—আলা=উচ্চ] বিণ, প্রথম; সর্ব্বোচ্চ; সমুন্নত; শ্রেষ্ঠ।
সদরআলা—সদরদেওয়ানী আদালতের প্রধান কর্ম্মচারী।

আলা [আলোক শব্দের অপভ্রংশ] বিণ, আলোকিত; উজ্জ্বল; উদ্ভাসিত। প্র—
"তাম্বুল সাজনু দীপ উজারিনু
মন্দির হইল আলা।" —চণ্ডীদাস।
"ভুবন করেছে আলা" —ঘনরাম।
"প্রেমের জোছনা, খেলিছে দেখনা
যমুনাপুলিন করিয়ে আলা।" —অবসর।
৩। অলস; অকর্ম্মণ্য। ৩। জাল; মেকী। প্র—"বলে শালা আলা টাকা মোর।" —অ, ম।
৪। [প্রাদে তামাক] বি, ৫। [হি—বালা; ওড়ি—বালা] বিশিষ্ট যুক্ত অর্থে। ২। কর্ত্তা অর্থে বাঙ্গালা তদ্ধিত প্রত্যয়বিশেষ। বাঙ্গালায় 'ওলা' রূপ ধারণ করে। প্র—টাকাওলা (আলা) ফিরিওলা (ফেরি+আলা)। ৬। ক্রি, ত্যাগ করা; ছাড়িয়া দেওয়া; এলে দেওয়া। ৭। স্বত্ব ত্যাগ করা; দাবী দাওয়া না রাখা।

আলাই—বি, আপদ ; অমঙ্গল

আলাইয়া—ক্রি, স্খলিত হইয়া। ২। অবশ হইয়া। প্র—"সখি সাধে যদি বাড়াই পা, আলাইয়া পড়ে সকল গা॥" —কবিক। ৩। খুলিয়া। প্র—"গিরা তবে আলাইয়া লও।" —ঘনরাম (ধ, ম)।

আলাইল—ক্রি, আলুলায়িত করিল ; শ্লথ করিল ; খুলিয়া দিল বা গেল। প্র—"প্রাণভয়ে পালাইনু পশ্চাৎ নিল তেড়ে। আলাইল জটা বাঘছাল গেল পড়ে॥" —শিবায়ন। "নাটাপাটা হাতে বাটা আলাইল কেশ।"—ঐ।

আলাইবালাই [হি—আলাইয়া। বালাই দ্রঃ] বি, আপদবিপদ ; অমঙ্গল ; রোগশোক। প্র—"গড়ের কুটাগাছি শিরে ঠেকাইয়া আলাই বালাই তার নিয়ে।" —বিদ্যাপতি। ২। শপথ বা দিব্যবিশেষ। ৩। জঞ্জাল বা ওঁচলা মাটি।

আলাও (ঙ্) [প্রাদে] বি, আলিবন্ধন ; বাঁধ ; embankment. ২। গাড়ীর চাকার ধুর-কাষ্ঠলগ্ন কীলক।

আলাঞা (য়াঁ) [প্রা-বাং-বৈ, সা। আলাইয়া দ্রঃ] ক্রি, আলুলায়িত করিয়া ; এলাইয়া ; খুলিয়া। প্র—"অঙ্গের বসন কৈরাছে আসন আলাঞা দিয়াছে বেণী। —চণ্ডীদাস।

আলাত (ত্) [অলাত+অ (ঞ) স্বার্থে] বি, জ্বলন্ত অঙ্গার। ২। [আলাদ দ্রঃ] জাহাজের কাছি। ৩। বিণ, জ্বলন্ত অঙ্গার সম্বন্ধীয়।

আলাৎপালাৎ [আতালপাতাল-বর্ণবিপর্যয়ে। আতালিপাতালি দ্রঃ] বি, এদিক-ওদিক ; এপাশ-ওপাশ। ২। এদিক-ওদিক হইতে অনির্দ্দিষ্ট লক্ষ্য হীন তাহা হইতে আগড়ম-বাগড়ম ; অসংলগ্ন বাক্য ; যাহা-তাহা। প্র—"ও আলাৎ-পালাৎ মাথামুণ্ড তুমি কি গাইতেছ?"—পরিষৎ গ্রন্থাবলী সংখ্যা-৩০।

আলাদ (দ্) [সং—অলগর্দ্দ ("অলগর্দ্দো জলব্যালঃ"—অমর) = জলসর্প, জলবোড়া সাপ। (তাহা হইতে) যাহার ঐরূপ আকৃতি এবং জলের সহিতই সম্বন্ধ (জাহাজের কাছি) তুল—হি—আলাত = জাহাজের রসি বা মোটা দড়ী] বি, জাহাজের কাছি। ২। [প্রাদে—মালদহ। সং—অলগর্দ্দ = কেউটিয়া সাপ] কেউটিয়া সাপ।

আলাদা, আলাহিদা [আ—আলাহ্‌দা শব্দজ। উ—আলাহিদা (জুদা) হইতে] বিণ, ভিন্ন ; অন্য। ২। স্বতন্ত্র ; পৃথক। প্র—"ওদের পূজা আলাহিদা হয়েছে কি না?" —নীলদর্পণ।

আলান (আলান্) [আ—লা (গ্রহণ করা, বন্ধন করা) + অন (অনট্)] বি, ক্লী, বন্ধন স্তম্ভ, গোঁজ ; খুঁটা। প্র—"বন বলে ভায়া দেখহ সকল নায়া রাখ ডিঙ্গা পুতিয়া আলান।" —কবিক। ২। হস্তিবন্ধন স্তম্ভ। প্র—"কালীপদ-মরকত-আলানে, মন-কুঞ্জরেরে বাঁধ এঁটে।" —রামপ্রসাদ।

আলান-স্তম্ভ শব্দেরও ব্যবহার আছে। ৩। বন্ধনরজ্জু। ৪। বন্ধন।

আলানিক (ক্) [আলান+ইক (ঠিক) স্বার্থে] বি, ক্লী, অশ্বগজাদি-বন্ধন-কাষ্ঠাদি। ২। আলান।

আলানো [আলুলায়িত শব্দজ] ক্রি, আলুলায়িত করা ; এলানো ; আল্গা করা। ২। খোলা ; উদ্‌ঘাটন করা। **পাঁজি আলান**—পাঁজি পুঁথি খোলা ; তিথি নক্ষত্র সমস্ত বলা। ২। [পঞ্জিকা খুলার ভাব হইতে] সমস্ত কথা বলিয়া দেওয়া ; ভিতরের সকল কথা ব্যক্ত করা। প্র—"সাধুর নিকটে তার আলাইও পাঁজি॥" —কবিক।

আলান্ত (আলান্‌তো) [প্রা] বিণ, শ্রান্ত ; ক্লান্ত।

আলাপ (আলাপ্) [আ—লপ্ (কথা কহা, বলা) + অ (ভাবে ঘঞ্)] বি, পুং, কথাবার্ত্তা ; সম্ভাষণ। ২। পরিচয়। ৩। অভ্যাস ; উচ্চারণ। ৪। [সঙ্গীতে] যে রাগে যে যে সুর প্রয়োগ করা উচিত তাহা তাল লয়াদি যোগে বিশুদ্ধ প্রণালীতে প্রদর্শন।

আলাপ করা—ক্রি, কথোপকথন করা ; সম্ভাষণ করা। ২। সুর ভাঁজা। [প্রাচীন বাঙ্গালায়—আলাপ করে অর্থে "**আলাপন্তি**"র ব্যবহার ছিল। ২। পদ্যে, আলাপ করিতে এই অর্থে '**আলাপে**' শব্দের ব্যবহার আছে। প্র—ভাই ভাই বলি রাজা কৈল আলিঙ্গন। প্রেমকথা আলাপে বসিল দুইজন॥" —কবিক।

আলাপপরিচয় (প্‌পো) [আলাপ (কথোপকথন)—পরিচয় (জিজ্ঞাসাবাদ) উভয় শব্দ প্রায় একার্থবাচক—এরূপ শব্দের যুগপৎ ব্যবহারে একাধিক ব্যক্তি, বস্তু বা বিষয় সম্বন্ধ বুঝায়] বি, পরস্পরের মধ্যে কথোপকথন ; জিজ্ঞাসাবাদ-দ্বারা পরস্পরের মধ্যে সদ্ভাব বা আত্মীয়তা করণ।

আলাপন (আলাপন্) [আ—লপ+অন—(ভাবে অনট্)] ক্রি-বি, কথোপকথন। ক্রি-বিণ **আলাপনে**। প্র—"নিবারে সতত সতী প্রেম আলাপনে এ কালাগ্নি।" —মেঘনাদ।

আলাপনীয় (আলাপোনিও) [আলাপ—কর্ম্মে +অনীয়] বিণ, আলাপ করিবার যোগ্য ; যে বা যাহার বিষয় লইয়া আলাপ করিতে হইবে।

আলাপন্তি (আলাপোন্‌তি) [আলাপ করা দ্রঃ। প্রাচী বাং] ক্রি, আলাপ করে। প্র—"যতেক বিদ্যাধরী, কিন্নর কিন্নরী, রাগ আলাপন্তি রসাল।" —দুর্গামঙ্গল।

আলাপসালাপ (আলাপ্ শালাপ) [পা—অল্লাপ-সল্লাপ = কথাবার্ত্তা তুল—হি—অলাপ শলাপ = নিরর্থক বাক্য (হিন্দী শব্দসাগর)] বি, কথোপকথন। ২। আলাপ পরিচয়।

আলাপিত [আলাপ+ইত] বিণ, যাহার সহিত আলাপ হইয়াছে ; পরিচিত।

আলাপী (আলাপি) [আলাপিন্ শব্দ] বিণ, যাহার সঙ্গে পরিচয় আছে ; পরিচিত ; জানিত। বি, পরিচিত ব্যক্তি ; acquaintance. প্র—"আমাদের নবপরিচিত আলাপীটি ঈষৎ হাসিয়া কহিলেন, * * *"—গল্পগুচ্ছ (রবি)। ২। অন্যের সহিত আলাপ করিতে যে ভাল বাসে ; আলাপকারী। প্রঃ—"আলাপী চাহনি কোথা গোলাপী উষায়" —অশোকগুচ্ছ।

আলাপ্য (প্প) বিণ, আলাপের যোগ্য ; যাহার সহিত আলাপ করিতে হইবে। ২। কথনীয়।

আলাবর্ত্ত [আল—আবর্ত্ত (চালিত)] বি, কাপড়ের পাখা ; টানাপাখা। আলা ভোলা

আলাভোলা [হি অলবেলা, ভোলা ভালা] বিণ, সাধাসিধা ; অচতুর ; নিতান্ত ভাল মানুষ —অনেকটা এলো মেলো ধরণের।

আলায় আলায় [আলায় (আলোকে) আলায় (আলোকে)—দিনের আলোক থাকিতে থাকিতে ; অর্থাৎ অসময়ে নহে] ক্রি বিণ, দিন থাকিতে থাকিতে ; উপযুক্ত সময়ে ; সময় থাকিতে। ২। নির্ব্বিঘ্নে ; নির্ব্বিবাদে ; শান্তিতে। প্র—"সবাই গেল আলায় আলায়, বুড়ী মরে আপন জ্বালায়।" —প্রবচন। [আলোয়আলোয় দ্রঃ]

আলায়া, আলেয়া [আলোক শব্দজ] বি, আলেয়া নামক জ্বলন্ত গ্যাস ; a will-o'-the wisp ; an ignisfatuus. ২। অপদেবতা ; অপচ্ছায়া ; an apparition.

আলাল (ল্) [হি—অলাল্। সং-অলস। হিন্দীতে অলস, অকর্ম্মণ্য অর্থে ব্যবহৃত। "ঐসে অধম অলাল কো কীহো আপ নিহাল"—হি, শব্দ সাগর] বি, ধনাঢ্য ; সম্পন্ন ; ধনী। প্র,—"আলালের ঘরের দুলাল।" **আলালের ঘরের দুলাল**—ধনীর ঘরে প্রায়ই সন্তান বিরল সুতরাং ধনীর সন্তান সবে ধন নীলমণি স্বরূপ অত্যন্ত আদরের পাত্র ; আদরে ও আব্দারে।

আলালচক্র (ল্) [হি—আলাতচক্র (ত=ল) ইহার সহিত কুলালচক্রের (কুমারের চাক) উচ্চারণ ও ভাব মিশিয়া আলালচক্র। অপ্র]

বি. আলাতচক্র। ২। কুলালচক্র ; কুমারের চাক। প্র—"ঐছে কৃষ্ণের লীলামণ্ডল চৌদ্দ মন্বন্তরে ; ব্রহ্মাণ্ড মণ্ডলব্যাপি ক্রমে ক্রমে ফিরে। * * * * * * * * * * * * * আলালচক্র প্রায় সেই লীলা চক্র ফিরে ; সবলীলা সব ব্রহ্মাণ্ডে ক্রমে উদয় করে।" চৈতন্য চরিতামৃত।

আলি, আলী [অল্ (বাধা দেওয়া)+(করণে) ই (ইণ্)—যাহা দ্বারা (জলকে) বাধা দেওয়া হয়] বি. স্ত্রী. ভূমির বাঁধ ; ক্ষেত্রের আইল বা আল। প্র—"বৎস আরুণে! তুমি ক্ষেত্রে গমন করিয়া তাহার আলিবন্ধন কর."—মহা—আদি (বর্দ্ধমান)। ২। সং। হি-তে—'পংক্তি' 'রেখা' অর্থে—মানসকোষ। অল (পর্য্যাপ্তি, প্রাচুর্য্য ইত্যাদি)+ইণ্—করণে। যাহা দ্বারা প্রাচুর্য্য হয়) অথবা অল্ (শোভা করা, ভূষিত করা)+ই (সংজ্ঞার্থে ইণ্)] বি. স্ত্রী, শ্রেণী ; সারি ; পংক্তি (আলিকালি দ্রঃ)। ৩। [তুল—হি. সহেলী। অল্ (অলঙ্করণ করা বা ভূষিত করা)+ই (ইণ্) করণে যাহা দ্বারা ভূষিত বা অলঙ্কৃত হয় অথবা আ—লী (লীন হওয়া)+(অধি) ই ;—যাহাতে বিশ্বাস লীন বা স্থাপিত হয়] বি. স্ত্রী. সখী ; সঙ্গিনী। প্র—"ওহে আলি কালি গালি যে দিবে" —বাসবদত্তা।

"আকুলি সে দেবভূমি স্বর্গের শেফালি, ফুটিয়া ঝরিয়া পুনঃ ফুটিতে কি আলি?—অশোকগুচ্ছ।

[ব্রজ] আলি আলিঙ্গন চাহে।

—বি. প. কাব্যবিশারদ।

অ. সরকার সংস্করণে—আলী। ৪। [অল্ (ভূষিত করা) (কর্ত্তৃ) ই (সংজ্ঞার্থে)—যে পুষ্প ভূষিত করে] বি. পুং. ভ্রমর। [অলি দ্রঃ] ৫। [আ—আলী=উচ্চ, উদার ; তুল—আলী মিজাজ্। বিণ; অবাধ ; অকুণ্ঠিত; উদার। প্র—"এত আলি হুকুম উচিত আজি নয়" —ঘনরাম। [আলী দ্রঃ] ৬। [আলা (আলিয়া যাওয়া) ক্রিয়ার উত্তম পুরুষ] ক্রি. বিরত হই ; ত্যাগ করি ; ছাড়ি। প্র—"কাজ নাই গোসাই বিষয় আমি আলি" —ঘনরাম। ৭। [প্রা. প্রা—এলি, তুল—হিন্দী গ্রাম্য—আইলি, গইলি (বাং-গেলি)। প্র—"কা আইলি হঁ।"] ক্রি. আইলি ; আগমন করিলি। প্র—"মাথা খেতে আলি মোর" —ভারতচন্দ্র।

আলিকালি [অ+আলি (শ্রেণী)—ক+আলি (শ্রেণী)] বি. বর্ণমালা অর্থাৎ অকারাদি স্বরবর্ণমালা এবং ককারাদি ব্যঞ্জন বর্ণমালা। [তুল—য়ুরোপীয় ভাষায় alphabet (গ্রীক ১ম বর্ণ আল্ফা ও ২য় বর্ণ বিটা—বেট্ হইতে) ; সেমিতীয় ভাষায় "আলিফ্ বে" (হিব্রু "আলিফ্ ভেথ্ বা বেথ্ এবং আরবী ও ফারসীর "বে" হইতে)। আলি-কালি শব্দ যদিও সংস্কৃত এবং তদ্ভব ও তৎসম সকল ভারতীয়—বাঙ্গালা, হিন্দী, আসামী, উড়িয়া, গুজরাতী, মহারাষ্ট্রী, তেলুগু (তামিল নহে, তামিলের বর্ণমালা ভিন্নরূপ) প্রভৃতি—ভাষার বর্ণমালা সম্বন্ধে প্রযুক্ত হইতে পারে, তথাপি ইহা বঙ্গদেশেই পূর্ব্বে প্রচলিত ছিল ; অধুনা শব্দটি অপ্র]।

আলিঙ্গন (আলিংগন্) [আ—লিন্গ্ (আলিঙ্গন করা)+অন (অনট্)] বি. ক্লী. অঙ্গ মিলন ; প্রীতি বা স্নেহ-ভরে বাহুবেষ্টনে বদ্ধকরণ : কোলাকুলি। প্র—"আলি আলিঙ্গন চাহে"—বিদ্যাপতি। ক্রি. **আলিঙ্গন করা**। (অসমাপিকা) **আলিঙ্গন করিয়া**। (পদ্যে) **আলিঙ্গি, আলিঙ্গিয়া**—আলিঙ্গন করিয়া। **আলিঙ্গিতে**—আলিঙ্গন করিতে। [মাইকেল] [ব্রজ] **আলিঙ্গনু**—আলিঙ্গন করিলাম। প্র—"চন্দন ভরমে শিওলী আলিঙ্গনু।"

—বিদ্যাপতি।

আলিঙ্গিত (আলিংগিতো) [আ—লিঙ্গ+ত (ক্ত)] বিণ. যাহাকে আলিঙ্গন করা হইয়াছে: আশ্লিষ্ট ; বাহুবদ্ধ ; পরিবদ্ধ।

আলিঙ্গ্য (আলিংগ্) [আ—লিন্গ্+য (ঘ্যণ্)] বিণ. আলিঙ্গন করিবার উপযুক্ত ; **আশ্লেষণীয়**। বি. মৃদঙ্গবিশেষ (ইহা বক্ষে রাখিয়া বাজায় বলিয়া)।

আলিঞ্জর (আলিন্জর্) বি. মৃন্ময় জলপাত্র ; জালা।

আলিপনা [আলিম্পনা শব্দজ] বি. আলিম্পন ; মঙ্গলালেপন ; আলপনা দ্রঃ। পিটুলি দ্বারা দেবস্থান, গৃহদ্বারাদি লেপন বা চিত্র করণ। প্র—"মুছে ফেল আলিপনা দিয়ে জলধারা"

—অশোকগুচ্ছ।

"পতাকা তোরণ শোভা সবাকার পুরী।
দ্বার দেশে আলিপনা দিয়ে বুলে নারী॥"

—শিবায়ন।

[ব্রজ] **আলিপণ**।

আলিম (আলিম্) [আ—ইল্ম্ (বিদ্যা) শব্দজ] বি. যাহার ইল্ম্ অর্থাৎ বিদ্যা আছে ; বিদ্বান্।

আলিম্পন (আলিম্পন্) [আ—লিন্প=লেপন করা+অন (অনট্)] বি. ক্লী. আলিপনা ; আল। স্ত্রী. **আলিম্পনা**।

আলিশ, আলিস (শ্) [অলস শব্দজ] বিণ. অলস ; কুঁড়ে। বি. আলস্য।

প্র—"পিরিতি বালিসে, আলিস তাজিব,
থাকিব পিরীতি সাথে" —চণ্ডীদাস।

"অবস আলিসে, ঠেসনা বালিসে,
ঘুমে ঢুলু ঢুলু আঁখি।" —ঐ।

চ. **আলিস্যি**।

আলিসা (আলিশা) [আলি-সা (সদৃশ) আলি দ্রঃ] বি. অট্টালিকার ছাদের প্রান্ত-ভাগ ; কার্ণিশ। প্র—"বিমলা দ্বিগুণ উদ্বিগ্নচিত্তে ছাদের আলিসার নিকটে গেলেন।" —দুর্গেশনন্দিনী।

"বেলা যায় বৃষ্টি বাড়ে বসি আলিশার আড়ে
ভিজে কাক ডাক ছাড়ে মনের অসুখে।"

—রবি।

আলিসিয়া, আলসিয়া, আল্সে—বি. আলস্যযুক্ত ; অলস ; কুঁড়ে।

আলী, আলি [আ—আলী=উচ্চ] বিণ. উচ্চ ; উন্নত ; উদার।

আলী-মেজাজ, আলি-মেজাজ—উদারমতি ; উদার প্রকৃতি ; উঁচু মেজাজ।

আলী-হুকুম, আলি হুকুম—উচ্চ হুকুম। প্র—"এত আলি হুকুম উচিত আজি নয়" —ঘনরাম।

আলীঢ় [আ—লিহ (আস্বাদন করা)+ত (ক্ত)] বিণ. আস্বাদিত। ২। চাটা। [ভাবে, ক্ত] বি. শরাদি ক্ষেপণকালে উপবেশনের ভঙ্গী বিশেষ ; দক্ষিণ জানু সম্মুখে বা অগ্রে ও বাম জানু পশ্চাতে রাখিয়া উপবেশন।

আলীন (ন্) [আ—লী (লীন হওয়া)+ত (ক্ত) ত=ন] বিণ. বিলীন ; লয়প্রাপ্ত। ২। পরিব্যাপ্ত।

আলীনক (ক্) বি. যাহা অল্পমাত্র অগ্নিসংযোগে লীন হয় বা গলিয়া যায় ; রঙ্গধাতু ; রাঙ।

আলু (আলু) [ঋ=গমন করা+উ (উণ্) র=ল, আরু=আলু—মাটীতে, জলেতে যে গমন করে] পুং. ক্লী. মূলবিশেষ ; কন্দবিশেষ ; potatoe. ২। মোলায়েম ; নরম ; শিথিল ; এলোমেলো।

প্র—"সেনের নফর আমি নাম মোর কালু।
কাজে পাবি পরিচয়, কথা গুলা আলু॥"

—ঘনরাম (ধ. ম)।

[হিন্দুস্থানে আলু জাতীয় মূল ও কচুকে আরুই বলে। যে আলুর এমেরিকা হইতে আমদানী যাহাকে ইংরেজীতে পোটাটো বলে তাহাকে ভারতের প্রায় সর্ব্বত্রই আলু বলে] ৩। কলসী ; ঝারী ; ঘটী। ৪। ভেলা। ৫। [আলুর মত গোল বলিয়া] অণ্ডকোষ। **আলুদোষ**—লাম্পট্য।

আলু [ব্যাকরণে] বিশিষ্টার্থক বা শীলার্থক প্রত্যয় বিশেষ। প্র—দয়ালু ; কৃপালু।

আলুই (আ) [প্রাদে] বি. কাল মেঘের পাতা ; বেলফুলের কুঁড়ি, জোয়ান, রাঁধুনি, বড় এলাচের খোসা ও লবঙ্গ পোড়া একত্র চূর্ণ করিয়া রৌদ্রে শুষ্ক করিয়া লইতে হয়। ইহা শিশুদিগের বালসার ঔষধ।

আলুইয়া—ক্রি. আলুলায়িত করিয়া।

প্র—আলুইয়া কেশজাল, আলিঙ্গ উল্লাসে,
বাঁধ মোরে লো সৈরিণি! কেশ-নাগপাশে!"

—হরিমঙ্গল।

আলুইল—ক্রি. আলুলায়িত হইল বা করিল।

আলুইলে—ক্রি. আলুলায়িত করিলে বা হইলে; এলাইলে।

প্র—"আলুইলে কেশ নাহি বাঁধি"

—কমলাকান্তের দপ্তর।

আলুণি (আলুনি) [অলবণ শব্দজ] বিণ. লবণহীন; লবণের স্বাদহীন; আলোনা।

আলুথালু [আলুলায়িত শব্দের অপভ্রংশ] বিণ. এলায়িত; এলোমেলো; অসংযত; উন্মুক্ত।

প্র—"আলুথালু হায় এবে কবরী বন্ধন"

—মেঘনাদ।

"কভু আলুথালু কেশে" —সারদামঙ্গল।

আলুফা [আ. আলুফ্‌ফাঃ] বিণ. অনায়াস লব্ধ; বিনাব্যয়ে বা বিনা চেষ্টায় প্রাপ্ত। আলটপ্পা দ্রঃ। গ্রা—**আলপো**।

আলুবোখারা [ফা—আলুবখারা] বি. বোখারা প্রভৃতি স্থানে জাত কুলজাতীয় ফলবিশেষ।

আলুয়ায় (য়্) [অলগ্ন শব্দজ] ক্রি. এলাইয়া যায়; শিথিল হয়; খুলিয়া যায়।

প্র—"অবধানে আলুয়ায় দৃঢ় বন্ধন দড়ি"

—কবিক।

অস. ক্রি. **আলুইয়া, আলুয়ে**—এলাইয়া; খুলিয়া।

প্র—"আলুয়ে পড়েছে কেশ, বিষাদিনী হীনবেশ"

—নিধুবাবু।

"দুর্ব্বলা আলুয়ে দিল বন্ধনের দড়ি।"

—কবিক।

আলুল (ল্) [আলোল শব্দজ] বিণ. আলুলায়িত; উন্মুক্ত; এলায়িত।

প্র—"আলুল কুন্তলে ললাট ঢাকা" —অবসর।

আলুলায়িত [আ—লুল্ (বিমর্দ্দন করা)+ ক্যঙ+ত (ক্ত)] বিণ. অসম্বদ্ধ; উন্মুক্ত; এলায়িত।

আলেখা [অলিখিত শব্দজ] বিণ. অলিখিত; সাদা।

আলেখিয়া [আলখ বা অলখ এই নাম জপ করে বলিয়া আলেখিয়া] বি. সন্ন্যাস সম্প্রদায় বিশেষ. ইহারা ভক্ষ্য-সংগ্রহার্থ সঙ্গে ঝুলী রাখে * * ঐ ঝুলী ভৈরব, গণেশ বা কালী দেবীর উদ্দেশে প্রতিষ্ঠিত এবং তদনুসারে ইহারা তিন শ্রেণীতে বিভক্ত। * * * * ইহাদিগের বাম হস্তে ঝুলি খর্পর দক্ষিণ হস্তে চিমটা লইয়া এবং বিভূতি রুদ্রাক্ষাদি অপরাপর উপকরণ গ্রহণ করিয়া ভিক্ষার্থে পর্য্যটন করে।"

[উপাসক সম্প্রদায়]।

আলেখ্য (আলেখ্‌খ) [আ—লিখ্=লেখা +য] বিণ. তুলিকা ও বর্ণাদি দ্বারা অঙ্কিত প্রতিমূর্ত্তি; চিত্রপট; ছবি। ২। লিখন বা লেখা। ৩। চিত্রকরণ; চিত্রণ। ৪। বিণ. লেখ্য; লেখনীয়।

আলেখ্য-শেষ (ষ্) [আলেখ্য—লিখন, চিত্র করণ—শেষ=অন্ত, ৬তৎ] বিণ. চিত্রাবশেষ; মৃত্যু।

আলেপ, আলেপন (আলেপ্, আলেপন্) [আ—লিপ=লেপন করা+অ (অল্) অন (অনট্)] বি. পুং, ক্লী. লেপন; বিলেপন ২। আলিপনা।

আলেয়া (আ্লেআ) [আলায়া দ্রঃ। তুল—হি—আলাইয়া-মশাল; হি—লুকা, আলাত] বি. জ্বলন্ত গ্যাস বিশেষ; জলাভূমিতে মাঠে ময়দানে জ্বলন্ত গ্যাসের আলো প্রায় দেখা যায়। ইহা রাত্রিতে পথিককে অনেক সময় বিপথগামী করে। পথভ্রান্তজন ইহার অলোক দেখিয়া গ্রাম বা মনুষ্যাবাস নিকটবর্ত্তী মনে করিয়া সেই দিকে ধাবিত হইয়া প্রতারিত হয়; ignisfatuus. প্র—

"নদীতীরে বিলে ঝিলে পুকুরের পাড়ে
সন্ধ্যা-রেতে অন্ধকারে অথবা নিশীথে
জ্বলে যে অনল শিখা আঁখি পালটিতে
আলেয়ার আলো কভু ভেব না তাহারে।"

—।

২। অপদেবতা; অপ্‌চ্ছায়া an apparition.

আলো (আলো) [আলোক সংক্ষেপে] বি. আলোক; দীপ্তি। ২। প্রকাশ। **আলো-চাল**—সূর্য্যালোক বা রৌদ্রপক চাউল। আতপ চাল। **আলো করা**—ক্রি. উদ্ভাসিত করা প্রকাশিত করা; সমুজ্জ্বল করা। প্র—ঘর আলো করা। **ঘর আলো**—বিণ. যে গৃহ উদ্ভাসিত বা উজ্জ্বল করে; গৃহের আনন্দ বা শোভা। প্র—"ঘর আলো বউ"।

আলো (আলো) [সং—হলা (সখীর প্রতি সম্বোধন) শব্দজ] অ. ও সখী; ও সই; ওলো।

প্র—"আলো সই মুঞি শুনিলাম নিদান।
বিনোদ বঁধুয়া, বিনে না রহে পরাণ॥"

—চণ্ডীদাস।

"কেহ বলে আলো তোর পতি ভাল"

—ঘনরাম।

"সনকা কাঁদিয়া বলে আলো অভাগিনী"

—কেতকাদাস।

আলোয় আলোয়—অন্ধকার হইবার পূর্ব্বে; দিন থাকিতে। ২। সময় থাকিতে; সুযোগ হাত ছাড়া হইবার পূর্ব্বে। ৩। সুদিন থাকিতে থাকিতে; সুখে শান্তিতে থাকিতে থাকিতে। প্র—"আলোয় আলোয় ভালোয় ভালোয় চলে যাব সাধ মনে।"

—রাধানাথ মিত্র। (বাং গান)।

আলো-আঁধারি [আলোক অন্ধকার শব্দজ] বি. আলোক এবং অন্ধকারের মিশ্রণ।

আলোক (ক্) [আ—লুক্ (দেখা দীপ্তি পাওয়া)+অ (অল্)] বি. পুং, দর্শন। ২। আলো; দীপ্তি; আভা। প্র—

"আলোক পাইয়া লোক পুলকিত মন"

—মদন-তর্ক।

৩। [বিজ্ঞানে] "ব্রহ্মাণ্ডব্যাপী ঈথার (ether) নামক এক প্রকার অতি সূক্ষ্ম তরঙ্গমালা চক্ষুকে উত্তেজিত করিলে এবং সেই উত্তেজনা বিশেষ স্নায়ুমণ্ডলী দ্বারা মস্তিষ্কের এক নির্দিষ্ট স্থানে নীত হইলে, আমরা আলোক দেখিতে পাই। আলোক বলিয়া কোন পদার্থ নাই, আমাদের মস্তিষ্কের একটা বিশেষ অবস্থাই আমাদিগকে আলোক দেখায়।"

জগদানন্দ রায় (তত্ত্ববোধিনী ১৩২০)।

৪। প্রকাশ। ৫। জীবনালোক; নব-জীবন; জ্যোতির্ম্ময় ভুবন: প্র—

"জানি হে তুমি যুগে যুগে তোমার বাহু ঘেরিয়া
রেখেছ মোরে তব অসীম ভুবনে।
জনম মোরে দিয়েছ তুমি আলোক হতে আলোকে
জীবন হতে নিয়েছ নব জীবনে।" —রবি।

৬। জ্ঞানালোক। **আলোকিল**—ক্রি. আলোকিত করিল; উদ্ভাসিত করিল; সমুজ্জ্বল করিল। প্র—"যে স্মৃতি-বিজলী-বেগে আলোকিল দূরাতীত নাগরাজ বুঝিলা তখন" —প্রভাস।

আলোকন (ন্) [আ—লুক্=দেখা+অন (অনট্)] বি. ক্লী. দর্শন; দৃষ্টি। ২। দেখান; প্রদর্শন।

আলোকনীয় [আ—লুক্+অনীয়] বিণ. দ্রষ্টব্য; দর্শনযোগ্য।

আলোকবিজ্ঞান (আলোক্‌বিগ্‌গ্যান্) বি. ক্লী. আলোক ও দর্শন সম্বন্ধীয় তত্ত্ব; দৃষ্টি-বিদ্যা; Optics.

আলোকিত [(আ—লুক্ (=লোক)+ত (ক্ত)] বিণ. দৃষ্ট; অবলোকিত। ২। [আলোক শব্দজ] আলোক দ্বারা প্রকাশিত বা সজ্জিত। ৩। উদ্ভাসিত; প্রভান্বিত।

আলোচন (ন্) [আ—লুচ্=দেখা+অন (অনট্)] বি. ক্লী. আন্দোলন; বিচার; অনুশীলন; চর্চ্চা। ২। নিরূপণ। ৩। [আ—(পর্য্যন্ত)—লোচন] ক্রি-বিণ. লোচন পর্য্যন্ত।

আলোচনীয় [আ—লুচ্+অনীয়] বিণ. আলোচ্য; আলোচনার যোগ্য।

আলোচিত [আ—লুচ্+ত (ক্ত)] বিণ. যাহার আলোচনা হইয়াছে; অনুশীলিত; চর্চ্চিত। ২। নির্দ্ধারিত; অবধারিত।

আলোচ্য (চ্চ) [আ—লুচ্+য] বিণ. আলোচনার যোগ্য; আলোচনীয়; অনুশীলনের উপযুক্ত। ২। যে বিষয়ের আলোচনা হইতেছে বা হইবে।

আলোড়ন (ন্) [আ (লুড়্=নাড়া চাড়া করা+অন (অনট্)] বি. ক্লী. আবর্ত্তন;

বিলোড়ন ; মন্থন। ২। আন্দোলন। ৩। সম্যক্ আলোচন। ৪। সম্মিলন। [বিরল]

আলোড়িত [আ—লুড্ +ত (ক্ত)] বিণ, মথিত ; মর্দ্দিত। ২। আন্দোলিত, আলোচিত। ৩। সম্মিলিত। [বিরল]

আলোণা [অলবণাক্ত শব্দজ। প্রাদে—আ+লোণা] বিণ, যাহাতে লবণ নাই ; লবণের স্বাদহীন ; আলুনি দ্রঃ।

আলোয়ান [আ—আল্বান্] বি, পশুলোমজাত গাত্রবস্ত্র ; পশ্মিনার চাদর ; উর্ণী চাদর ; কিনারাহীন শাল।

আলোল (ল্) [আ (ঈষৎ—সম্যক্) লোল চঞ্চল] বিণ, ঈষৎ লোল ; অল্প চঞ্চল। ২। বিলোল ; লক লক। প্র—"চতুর্ভুজা মুক্ত-কেশী মুখে অট্ট অট্ট হাসি লহ লহ আলোল রসনা"—শিবায়ন।

ালোলিকা [আলোল+ইক—আ—স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী, উলুধ্বনি।

ালোহিত [আ—লোহিত] বিণ, ঈষৎ রক্তবর্ণ ; রক্তাভ। ২। ঘোর লালবর্ণ ; আরক্ত। **আলোহিত-নয়ন, আলোহিত-নেত্র, আলোহিত-লোচন,** (ন্) [আলোহিত নয়ন, নেত্র, লোচন চক্ষুঃ=যাহার (বহু)] বিণ, আরক্ত-চক্ষু। ২। রোষকষায়িত লোচন।

াল্যা (আল্ল্যা [প্রাদে] বি, শিশুর আবদার ; সোহাগ। **আল্যাকরি**—ক্রি বিণ, সোহাগ ভরে ; আহ্লাদ করিয়া ; আদর জানাইয়া। প্র—"আল্যা করি কোলে বসি চেঁদে ধরি গলে, ওমা ওমা বলি উমা কথা কন ছলে।"—অ, ম।

াল্লা [আ] বি, একেশ্বর ; একমাত্র পূজ্য ; কোরাণের প্রতিপাদ্য ঈশ্বর ; খোদা।

াশ (শ্) [অশ্ (ভোজন করা)+অ (ঘঞ্)] বি, পুং ; অশন ; ভোজন। অন্য শব্দের সহিত যুক্ত হইয়া ভোজন অর্থ প্রকাশ করে ; ইহার স্বতন্ত্র প্রয়োগ নাই। যথা—প্রাতরাশ (প্রাতঃকালীন ভোজন) ; হুতাশ (হুত ভোজন যাহার=অগ্নি) ; পবনাশ (পবন যাহার ভোজন=সর্প) ; আশ্রয়াশ (আপনার আশ্রয়ই যাহার ভোজন=অগ্নি) ইত্যাদি।

াশ (শ্) [সং—আশয়, আশা শব্দের সংক্ষেপে। ব্রজ। বৈ—সা, পদ্যে ভূরি প্রয়োগ] বি, আশা ; আকাঙ্ক্ষা। প্র—"থোরি দরশনে আশ না পূরল বাঢ়ল মদনক জ্বালা।"—বিদ্যাপতি। "আশ না মিটিল"—বাং-গান। ২। ভরসা ৩। অভিলাষ ; বাসনা ; অভিপ্রায়। প্র—"আধ লুকায়লি আধ উদাস। কুচকুম্ভ কহি গেও আপনকি আশ"—বিদ্যাপতি। ৪। [ব্যাকরণে] বহুব্রীহি সমাস যুক্ত 'আশা' শব্দের রূপান্তর। প্র—হুতাশ ; নিরাশ ইত্যাদি। ৫। [সঙ্গীতে অশ্ (ব্যাপ্ত হওয়া)] সঙ্গীতের এক একটী অক্ষরকে দুই বা ততোধিক স্বরে উচ্চারণ করাকে আশা বলে। তাহার চিহ্ন কসি। প্র—"সা—রা গা—মা ;" রা———ম—জ্যোতি-ঠাকুর। মাড় দ্রঃ। [ব্রজ] **আশল**—ক্রি, আশা করিল ; আশা দিল। প্র—"সেই অবধি দিন বহু আশ আশল"—বিদ্যাপতি।

আশংসন, আশংসা (—শন্, শা) [আ—শন্স্ (বলা, ইচ্ছা করা)+অন (অনট্), অ (অঙ)] বি, স্ত্রী প্রত্যাশা ; আশা। ২। ইচ্ছা ; কামনা। ৩। সম্ভাবনা। ৪। সন্দেহ ; সংশয়। ৫। কথন। [বিরল] ৬। প্রশংসা। ৭। অভ্যর্থনা [প্রাচী-বাং]

আশংসমান (আশংশমান্) বিণ, যে আশংসা করিতেছে।

আশংসিত (আশোংশিতো) বিণ, সম্ভাবিত। ২। অভিলষিত ; আকাঙ্ক্ষিত। ৩। কথিত। বি, আকাঙ্ক্ষা ; আশা। ২। ইচ্ছা। ৩। কথন।

আশংসিতা (আশংশিতা) [আশংসিতৃ শব্দ] বিণ, যে আশংসা করে ; ভাবী মঙ্গলকামী। ২। আকাঙ্ক্ষী ; প্রার্থী। ৩। ইচ্ছুক। ৪। কথয়িতা।

আশংসিল (আশোংশিলো) ক্রি, আশংসা করিল। ২। অভ্যর্থনা করিল। ৩। প্রশংসা করিল। প্র—"কলিযুগে আশংসিল শ্রীভাগবতে।"—চৈ, ভা।

আশংসু (আশংশু) বিণ, আশংসাকারী ; আকাঙ্ক্ষী। ২। ইচ্ছুক। [আশংসিতা দ্রঃ]

আশংসে (আশংসে) ক্রি, অভ্যর্থনা করে। প্র—"ফলমূল দিয়া হনুমানেরে আশংসে।" —চৈ, ভা। ২। প্রশংসা করে।

আশক, আসক [আ—আশিক্ প্রেমিক। সং—আসক্ত] বিণ, প্রেমিক=প্রণয়ী। প্র—"প্রথম দুয়ারে মদের গতি। দ্বিতীয় দুয়ারে আসক স্থিতি॥ আসক রূপেতে শ্রীকৃষ্ণ কই। মদরূপ ধরি আশ্রিত হই॥"—চণ্ডীদাস।" ২। অনুরক্ত ; আসক্ত। ৩। বি, সোহাগ ; অনুরাগ। প্র—"পিরীতি আসকে সদাই থাকিব, পিরীতে গোঙাব কাল।" —চণ্ডীদাস।

আশকারা (আশ্কারা) [ফা—আষ্কারা (প্রকাশ করা)] বি, প্রকাশ। ২। অনুসন্ধান বা তদারক করিয়া সত্য প্রকাশ। প্র—"মকদ্দমা আশকারা করা অর্থাৎ মকদ্দমা সম্বন্ধে অনুসন্ধান বা তদারক করিয়া প্রকৃত তথ্য প্রকাশ করা। ৩। প্রশ্রয় ; আবদার। প্র—"ছেলেকে আশকারা দেওয়া।"

আশক্ত (আশক্ত) [আ—শক্ (সমর্থ হওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, শক্ত ; সমর্থ।

আশঙ্কনীয় (আশংকোনিয়) [আ—শঙ্ক্ (ভয় করা)+অনীয়] বিণ, আশঙ্কাযোগ্য ; ভয়ের বিষয় ; আশঙ্কাস্থল।

আশঙ্কা (আশংকা) [আ—শঙ্ক্ (ভয় করা) +অ, আ—স্ত্রীলিঙ্গে] বিণ, স্ত্রী, ভয় ; শঙ্কা ; ত্রাস। ২। সংশয় ; সন্দেহ। ৩। সঙ্কোচ।

আশঙ্কাস্থল (আশংকাস্থল্) [আশঙ্কা—স্থল] বি, ক্লী, ভয়ের বিষয় ; ভয় করিবার যোগ্য ; ত্রাসযোগ্য। ২। সন্দেহস্থল ;

আশঙ্কিত (আশোংকিতো) [আ—শঙ্ক+ইত—জাতার্থে] বিণ, ভীত ; ত্রাসযুক্ত ; ত্রস্ত। ২। যাহার জন্য আশঙ্কা হইয়াছে। ৩। সন্দিগ্ধ।

আশনা (আশ্না) [ফা—আশ্না] বি, বন্ধু ; প্রণয়ী। **আশনাই**—বন্ধুত্ব ; প্রণয় ; অবৈধ বা অসামাজিক প্রণয় ; কোন স্ত্রী-পুরুষের গুপ্ত প্রণয়।

আশপাশ (আশ্পাশ্) [আশ (সহচর শব্দ) =হি—অশ্পাশ=পাশ (পার্শ্ব) ; আশ (অন্য পার্শ্ব বা পার্শ্বান্তর—এ পাশ ও পাশ বা পাশ ও পাশের নিকট] ক্রি-বিণ, চারি পার্শ্বে ; চতুর্দ্দিকে ; ইতস্ততঃ।

আশমান (আশ্মান্) [ফা—আস্মান=আকাশ] বি, আকাশ। **আশমান জমি তফাৎ** বা **আশমান জমির তফাৎ**—নিম্নে ধরাপৃষ্ঠ এবং উর্দ্ধে দৃশ্যমান আকাশের মধ্যে যে ব্যবধান। ২। আকাশ-পাতাল প্রভেদ ; অনেক প্রভেদ ; কোন দুই বস্তুর মধ্যে এত পার্থক্য যে তুলনাই হয় না।

আশমানী (শ্, নি) [ফা—আস্মান্=আকাশ +ঈ (সম্বন্ধীয়, তদ্বর্ণবিশিষ্ট অর্থে) —মেঘশূন্য নির্ম্মল আকাশ নীলাভ দেখায়। ফা—তে ঐ বর্ণকে সুতরাং আসমানী বলে। তুল—ইং, জর্ম্ম, ফ্রে, গ্র, স্পে—azur, azure আ—আজ্র্ অক্] বিণ, আকাশ সম্বন্ধীয়। ২। আকাশের বর্ণ বিশিষ্ট ; হাল্কা নীল বা নীলাভ। ৩। স্বর্গীয়। ৪। দৈব। তুল—আকাশবাণী=দৈববাণী। ৫। আকাশ ফুটো ; অকারণ। ৬। হঠাৎ ; অকস্মাৎ। [দ্রঃ—হিন্দীতে 'আশামানী'র কয়েকটী বিশেষ প্রয়োগ—(১) মিশরীয় কার্পাস বিশেষ। (২) তাড়ী (মদ্য)। (৩) পাল্কীবেহারাদিগের পাল্কী লইয়া যাইবার কালে সংকেত বচন। কোন গাছের ডাল পালা সাম্নে পড়িলে বাহকেরা সাবধান করিবার জন্য 'আসমানী আসমানী' বলিতে থাকে তাহাতেই পাল্কী বাঁচাইয়া লইয়া যায়। বাঙ্গালায় কোন কোন স্থানে কথ্য ভাষায় প্রয়োগ দেখা যায়]

আশয় (আশয়) [আ—শী (শয়ন করা) + অ (অল্)] বি, পুং, আধার ; আশ্রয়। প্র—জলাশয়। ২। আগার ; স্থান। প্র—মূত্রাশয় ৩। অজীর্ণ স্থান ; কোষ্ঠাগার ; কোষ্ঠবায়ু [আশয় ৭টী ;—বায়ু, পিত্ত, কফ, বা রক্ত, পক্ব, মূত্র, আমাশয়। স্ত্রীলোকের গর্ভাশয় লইয়া ৮টী আশয়] ৪। চিত্ত ; মন ; হৃদয় প্র—মহাশয়। ৫। ইচ্ছা ; অভিলাষ বাসনা। ৬। তাৎপর্য্য। ৭। অভিপ্রায়। প্র—সদাশয়। ৮। কর্ম্মজনিত বাসনারূপ সংস্কারবিশেষ। ৯। ধর্ম্মাধর্ম্ম। ১০। ঐশ্বর্য্য ; বিভব। ১১। অভ্যন্তর। ১২। আশা ; অপেক্ষা ; প্রত্যাশা। প্র—"দুর্গম কাননে ভ্রমি, মৃগ না পাইনু আমি কেবল আশয়ে মিথ্যা ফিরি॥" —কবিক।

আশরফী, আসরফী (আশোরফি, আশ্‌রোফি) [ফা—আশ্‌রফী (স্বর্ণমুদ্রা) । আশ্‌রফ্ খাঁ বাদশাহ কর্ত্তৃক প্রথম প্রচলিত বলিয়া এই নাম। ইহার ওজন ১০ মাসা] বি, স্বর্ণমুদ্রা ; মোহর। প্র—"আসরফী বস্ত্র অলঙ্কার আদি যত। দিলেন গোবিন্দ দেবে কব তাহা কত॥"—অ, ম,।

আশা [আ—অশ্ (ব্যাপ্ত হওয়া) + অ (অঙ্—ভাবে)—যাহা উত্তরোত্তর ব্যাপ্ত বা বৃদ্ধি প্রাপ্ত হয়] বি, স্ত্রী, আকাঙ্ক্ষা ; প্রত্যাশা। কোন কিছুর জন্য অপেক্ষা। প্র—"আশার ছলনে ভুলি কি ফল লভিনু হায়"—মাইকেল মধুসূদন।
২। ভরসা। প্র—এখন আর তাহার কোনই আশা নাই। ৩। দিক। প্র—"পশ্চিম আশার কূলে গেলা নিশানাথ।" —কবিক।
"ফুল-কুল সখী উষা যখন খুলিবে পূর্ব্বাশার হৈমদ্বার পদ্ম-কর দিয়া" —মেঘনাদ।
৪। [আ—আশা = লাঠি] দণ্ড ; লাঠি। প্র—"কামের কনক আশা।" —অন্নদামঙ্গল।
৫। সন্ন্যাসী ও ফকিরের ব্যবহার্য্য দণ্ড। প্র—"কমণ্ডলু তুম্বীফল, করঙ্গ পীয়ারে জল হাতে আশা হিঙ্গুল বরণ॥" —ভারতচন্দ্র।

আশাভরসা [আশা (আশ্বাস) ও ভরসা (নির্ভরশীলতা বা সাহস)] বি, কোনরূপ আশা ; আকাঙ্ক্ষা, উৎসাহ, উদ্যম, সাহস প্রভৃতি। প্র—এখন সবই গেল, আশা ভরসা কিছুই রহিল না।

আশাচাষ (ষ) বি, ধান্যাদি বুনিয়া তাহা তুলিয়া লইবার পর জমি চষিয়া রাখা।

আশাপতি (আশাপোতি) [আশা (দিক্) —পতি] বি, দিক্‌পাল। প্র—দিনপতি, গণপতি, পূজিলেন প্রজাপতি, বিদ্ধি আশাপতি গ্রহগণে।" —কবিক।

আশাভঙ্গ (—ভংগো) বিণ, বিনষ্ট আশা ; যাহার পোষিত আশা আর নাই ; ভরসা ভাঙ্গা ; হতাশ।

আশাবদ্ধ [আশা (দ্বারা) বদ্ধ] বিণ, আশ্বাসিত ; হৃদয়ে আশা বা আকাঙ্ক্ষা ধরিয়া অবস্থিত ; আশাপুষ্ট।

আশাবন্ধ [আশা (আকাঙ্ক্ষা)—বন্ধ (বন্ধন)—৬ তৎ] বি, পুং, আশার বাঁধন। ২। মায়ার বন্ধন ; মায়াপাশ। প্র—'গো স্থান দেহ চরণ কমলে। সকল বিফল ধন্ধ, দূর কর আশা বন্ধ, মিথ্যা জন্ম হৈল মহীতলে॥' —কবিক।
৩। আশ্বাস। ৪। প্রত্যাশা। ৫। [আশা (দিক)—বন্ধ] মাকড়সার জাল।

আশাবাই [আশা (আকাঙ্ক্ষা ; প্রত্যাশা) রূপ বাই (বাতিক, বায়ুরোগ বা উন্মাদ)] বি, প্রবল আকাঙ্ক্ষা ; উৎকট প্রত্যাশা। প্র—"নিবৃত্তি না হয় এ আশা-বাই" —হরু ঠাকুর।

আশাসোঁটা [উ] বি, দণ্ড ; রাজদণ্ড ; রাজচিহ্ন।

আশাস্য (আশাশ্‌শো) [আ—শাস্ + য (ঘ্যণ্)] বিণ, আশার যোগ্য। ২। আশাজনক। ৩। প্রার্থনীয়।

আশাহীন (ন) বিণ, আশাশূন্য ; ভরসাহীন ; হতাশ। প্র—"ছিলাম নিশিদিন আশাহীন প্রবাসী বিরহ-তপোবনে আনমন উদাসী" —রবি।

আশী (আশি) [অশীতি শব্দজ। হি—অস্সী] বি, বিণ, অশীতি ; ৮০ এই সংখ্যা॥ ২। সর্পদন্ত। ৩। বৃদ্ধি নামক ঔষধ।

আশীবিষ (ষ) [আশী (বিষদন্ত) + বিষ—যাহার দন্তে বিষ আছে —বহু] বি, সর্প। প্র—"কি যাতনা বিষে, বুঝিবে সে কিসে, কভু আশীবিষে দংশেনি যারে।" —সদ্ভাবশতক।

আশীর্ব্বচন, আশীর্ব্বাদ (ন, দ) [আশিস্ + বচন, বাদ (উক্তি)—৬ তৎ] বি, অন্যের মঙ্গলোদ্দেশে বচনপ্রয়োগ ; শুভকামনা ; কল্যাণ হউক ইত্যাকার উক্তি ; বরদান।

আশীর্ব্বাদক (ক্) বিণ, যে আশীর্ব্বাদ করে।

আশীষ (ষ) [হি—অশীষ ; আশীর্ব্বাদের সংক্ষেপ] বি আশীর্ব্বাদ। প্র—
"আঁখির নীরে মোদের শিরে।
আশীষধারা আজি ঢালো।"
—প্রমথনাথ রায়চৌধুরী।

আশীষি, আশীষিয়া [আশীষ দ্রঃ] ক্রি, আশীর্ব্বাদ করিয়া। প্র—
"প্রণমিলা রামচন্দ্র আশীষিয়া রথী
চিত্ররথ, দেবরথে গেলা দেবপুরে।"
—মেঘনাদ।

আশু [অশ্ = ব্যাপা + উ (কর্ত্তৃ উ)] ক্রি, পুং, বর্ষাকালীন ধান্য ; আউস ধান্য। ২। বিণ, শীঘ্র ; অবিলম্বে ; ক্ষিপ্র।

আশুকারী (আশুকারি) [আশু = শীঘ্র—কারী (কারিন্) যে করে] বিণ, যে অবিলম্বে কাজ নির্ব্বাহ করিতে পারে ; শীঘ্রকারী ; ক্ষিপ্রকারী ; চট্‌পটে।

আশুগ [আশু = শীঘ্র—গ = গম্ (গমন করা) + অ (কর্ত্তৃ—ড) যে শীঘ্র গমন করে] বিণ, পুং, । ২। বি, তীর। (২) সূর্য্য ; নক্ষত্র ; উল্কা। (৩) বায়ু।

আশুগতি (আশুগোতি) [আশু (শীঘ্র) + গতি (গমন) যাহার (বহু)] বি, পুং, ক্ষিপ্রগামী ; শীঘ্রগামী। ২। বি, ক্ষিপ্র গতি ; শীঘ্র গমন। ৩। বায়ু। প্র—
"অনুচর তব আশুগতি পুত্র হনু,
আশুগতি-গতি।"—মেঘনাদ।

আশুগামী (মি) [আশু—গামী (গামিন্) যে গমন করে—বহু] বিণ, পুং; শীঘ্র গমনকারী ; ক্ষিপ্রগামী। ২। বি, সূর্য্য। স্ত্রী, **আশুগামিনী।**

আশুতর (র, র্) [আশু + তর (উৎকর্ষার্থে)] বিণ, ক্ষিপ্রতর ; অতিশীঘ্র। প্র—
"পবন অমনি চালাইলা আশুতরে
সে শব্দবাহকে।"—মেঘনাদ।

আশুতোষ (ষ) [আশু (শীঘ্র)—তোষ = সন্তোষ ; যাহার শীঘ্র বা অল্পেই সন্তোষ জন্মে (বহু)] বি, পুং, শিব। বিণ, শীঘ্রসন্তুষ্ট।

আশুপত্রী (আশুপোৎত্রি) [আশু—পত্রী—(বহু)] বি, স্ত্রী, শল্লকী লতা ; কুন্দরকী লতা।

আশুব্রীহি (আশুব্রিহি) [আশু—ব্রীহি = ধান্য (কর্ম্মধা)] বি, পুং, আউসধান্য।

আশুরোষ (ষ) [আশু—রোষ—(ক্রোধ) যাহার (বহু)] বিণ, যাহার শীঘ্র বা সামান্য কারণেই ক্রোধ জন্মে। ২। শীঘ্ররুষ্ট।
[আশুতোষ শব্দের বিপরীত]

আশুশুক্ষণি (আশুশুকখোনি) [আশু—শুষ্ (শুষ্ক করা) + সন্ (ইচ্ছার্থে) + অনি (কর্ত্তৃ)—যে শীঘ্র শুষ্ক করে] বি, পুং, অগ্নি। প্র—
"চৌদিকে মঙ্গলধ্বনি, দক্ষিণে আশুশুক্ষণি
দধি দধি ডাকে গোয়ালিনী।"
—কবিক।

আশোত, অশোত [অশ্বত্থ শব্দের প্রা, বিকার] অশ্বত্থ দ্রঃ।

আশোয়াস, আশোয়াশ (শ্) [আশ্বাস শব্দজ। ব্রজ, প্রা-বাং, আসোআস] বি, আশ্বাস ; প্রবোধ। প্র—
"ধব ধনী পাওল ইহ আশোয়াস।
বৈঠলি পুহ তব ছোড়ি নিশোয়াস॥"
—বিদ্যাপতি।

২। আশা। প্র—"তুয়া আশোয়াসে, জাগি নিশি বঞ্চনু, তাহে ভেল ওরুণ নয়ান।"
—জ্ঞানদাস।
৩। ভরসা; সাহস। প্র—"হেরি সহচরী কছু ভেল অশোয়াস।"
—জ্ঞানদাস।
ক্রি, আশোয়াসল—আশ্বাসিত করিল, আশা দিল। প্র—
"পন্থে আসোআসল গোপালদাস।"
—রসমঞ্জরী (পীতাম্বর)।
আশোয়াসলু, লুঁ—আশ্বাস দিলাম। প্র—"সোহি অবধি দিন বহু আশোয়াসলু। ঐতে ধনী রাখত পরাণে।"
—বিদ্যাপতি।
আশোয়াসলি—আশ্বাস দিয়াছিলে। প্র—"আগমন সময়ে যতেক আশোয়াসলি, সে কছু আছয়ে চিতে?"
—জ্ঞানদাস।
আশৌচ (চ্) বি, অশৌচ দ্রঃ।
আশ্কিয়া [প্রাদে। আস্কে দ্রঃ] বি, চাউলের গুঁড়া গুলিয়া প্রস্তুত পৌষমাসের পিঠাপার্ব্বণের স্বনাম প্রসিদ্ধ সচ্ছিদ্র পিঠা। [দ্রঃ—বঙ্গদেশের বহু স্থানে, পৌষ সংক্রান্তির পৌষপার্ব্বণে ব্যতীত অগ্রহায়ণ মাসের শেষ তারিখে অনুষ্ঠিত স্বতন্ত্র আস্কে পর্ব্বের প্রচলন আছে] আশ্কিয়া খাওয়া ও তাহার ফোড় গণা—পরিণামের প্রতি দৃষ্টি রাখিয়া কাজ করা। প্র—"আশ্কে খেয়েছ ফোড় গণ নাই" অর্থাৎ সুখের ভাগ ভোগ করেছ কিন্তু, তাহার পরিণামে দুঃখের ভাগের খবর রাখ নাই।
আশ্চর্য্য (আশ্চোর্জো) [আ—চর্ (গমনকরা) +য (ঘ্যণ্) শ্ (স)—আগম] বিণ, বিস্ময়কর; অদ্ভুত। অপূর্ব্ব। ২। বি, বিস্ময়। ৩। [আধু বাঙ্গালায় অশুদ্ধ ব্যবহার] বিণ, আশ্চর্য্যান্বিত; বিস্ময়াপন্ন। তুমি কথাটা শুনেই যে আশ্চর্য্য হয়ে গেলে।
আশ্মন (আশ্শঁন্) [অশ্মন্ (প্রস্তর)+অ (ষ্ণ)] বিণ, প্রস্তরসম্বন্ধীয়। ২। প্রস্তরবিকার। ৩। পাথুরে। ৪। বি, প্রস্তরসমূহ। ৫। সূর্য্যসারথি অরুণ।
আশ্রম (আস্স্রম্) [আ—শ্রম্ (শ্রম করা, তপস্যা করা)+অ (অধি, অল্)—যাহাতে অত্যন্ত পরিশ্রম করিয়া উত্তম গুণের গ্রহণ এবং শ্রেষ্ঠ কর্ম্ম করা যায়; তপস্যা করিবার স্থান] বি, তপোবন। ২। মানবের জীবনযাত্রার চারিটী অবস্থা—ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বাণপ্রস্থ ও সন্ন্যাস। ৩। বন। ৪। মঠ; ৫। গৃহ; বাসা।
আশ্রমবাসিক (আস্স্রম্বাশিক্) বিণ, আশ্রমে অবস্থানসম্বন্ধীয়; বনবাসসংক্রান্ত। ২। মহাভারতের ১৮পর্ব্বের অন্তর্গত একটী পর্ব্ববিশেষ।
আশ্রমিক (আস্স্রমিক্) [আশ্রম্+ইক (ফিক) অবস্থানার্থে] বিণ, যে আশ্রমে থাকে; আশ্রমস্থ চতুরাশ্রম মধ্যে কোন একটী আশ্রম অবলম্বনকারী; আশ্রমধর্ম্মাচারী। ২। আশ্রমবিশিষ্ট।
আশ্রমী (আস্স্রমি) [আশ্রমিন্ শব্দ] বিণ, আশ্রমস্থ; আশ্রমবিশিষ্ট; আশ্রমিক।
আশ্রয় (আস্স্রয়্) [আ—শ্রি (সেবা করা, অবলম্বন করা)+অ (অল্)] বি, অবলম্বন; শরণ। ২। আধার। ৩। সহায়। ৪। রক্ষক। ৫। বিক্রয়। ৬। গুণবিশেষ। ৭। বিণ, আশ্রয়কর্ত্তা।
আশ্রয়ণ (আস্স্রয়ন্) [আ—শ্রি—অন (ট্)] বি, আশ্রয় দ্রঃ।
আশ্রয়ণীয় (আস্স্রয়নিয়) [আ—শ্রি—অনীয়] বিণ, আশ্রয়ের যোগ্য; আশ্রয় লইবার মত। ২। আশ্রয় স্থান।
আশ্রয়লিপ্সু (আস্স্রয়্লিপ্শু) [আশ্রয়+লিপ্সু (লাভেচ্ছু)] বিণ, আশ্রয়লাভেচ্ছু; আশ্রয় পাইবার অভিলাষী; শরণপ্রার্থী।
আশ্রয়হীন (আস্স্রয়্হীন্) বিণ, আশ্রয়বর্জ্জিত; অশরণ; গৃহশূন্য; নিরাশ্রয়; অনাথ।
আশ্রয়াশ (আশ্রয়াশ্) [আশ্রয় (স্থান)—অশ্ =ভোজন করা+অ (কর্তৃ, অন্)—যে আপনার আশ্রয়স্থান ভোজন করে] বি, অগ্নি। ২। চিত্রক বৃক্ষ; চিতাগাছ। ৩। বিণ, আশ্রয়নাশক।
আশ্রয়িতে (আস্স্রইতে) [আশ্রয় শব্দের বাঙ্গালা ক্রিয়া রূপ] ক্রি, আশ্রয় করিতে। আশ্রয়িবে—আশ্রয় করিবে। আশ্রয়িবেন—আশ্রয় বা অবলম্বন করিবেন। প্র—"এই প্রভু বিরক্তি আশ্রয়িবেন যখনে।"
—চৈতন্য ভাগবত।
আশ্রয়ী (আস্(স্র)ঈ) [আশ্রয়িন্ শব্দ] বিণ, আশ্রয়কারী। ২। আশ্রয়প্রাপ্ত। প্র—"রাঘবের পদাশ্রয়ে রক্ষার্থে আশ্রয়ী।"
—মেঘনাদ।
আশ্রিত (আস্সৃত) [আশ্রয়-ত (কর্তৃ—ক্ত)] বিণ, যে আশ্রয় পাইয়াছে; শরণাগত। ২। সহায়তাপ্রাপ্ত। ৩। অনুগত। ৪। সেবক। ৫। স্থিত। ৬। অনুপ্রবিষ্ট। ৭। আধেয়। ৮। [ন্যায়দর্শনে] পরমাণু আকাশাদি নিত্যবস্তু ভিন্ন দ্রব্যের অন্তর্গত সাধর্ম্য।
আশ্রুত (আস্স্রুত) [আ—শ্রুত] বিণ, অঙ্গীকৃত। ২। আকর্ণিত।
আশ্লিষ্ট (আস্সিষ্ট) [আ—শ্লিষ্ (আলিঙ্গন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, আলিঙ্গিত ২। সম্মিলিত; সংসক্ত। ৩। পরিব্যাপ্ত। ৩। [অলঙ্কার শাস্ত্রে] শ্লেষোক্তি যুক্ত; শ্লেষপূর্ণ।
আশ্লেষ (আস্সেষ্) [আ—শ্লিষ্ (আলিঙ্গন +অ (ভাবে, অল্)] বিণ, আলিঙ্গন; পরিরম্ভন। ২। মিলন। ৩। একদেশ সম্বন্ধ। ৪। শ্লেষ।
আশ্ব (আশ্শ) [অশ্ব+অ (ষ্ণ)] বিণ, অশ্বসম্বন্ধীয়। অশ্ববাহিত। অশ্ববাহ। ৩। বি, অশ্বসমূহ।
আশ্বত্থ (আশ্শোথ্থ) [অশ্বত্থ+অ (ষ্ণ)] বিণ, স্ত্রী, অশ্বত্থসম্বন্ধীয়। বি, অশথ গাছের ফল।
আশ্বমেধিক (আশ্শমেধিক্) [অশ্বমেধ+ইক (ষ্ণিক)] বিণ, অশ্বমেধ সম্বন্ধীয়। ২। মহাভারতের ১৮শ পর্ব্বান্তর্গত পর্ব্ববিশেষ।
আশ্বলায়ন (আশ্শলায়ন্) খি, বেদস্মৃতি প্রণেতা শৌনক-শিষ্য ঋষিবিশেষ। ইনি শ্রৌতসূত্র, গৃহসূত্র এবং ঐতরেয় আরণ্যকের চতুর্থ আরণ্যক প্রণেতা।
আশ্বস্ত (আশ্শস্ত) [আ—শ্বস্ (শ্বাস ক্রিয়া করা)+ত (কর্ম্মে—ক্ত) যাহাকে শ্বাস ক্রিয়ার স্বাভাবিক অবস্থায় (উদ্বেগহীন অবস্থায়) রাখিয়াছে] বিণ, যে আশ্বাস পাইয়াছে; আশ্বাস বা ভরসা প্রাপ্ত।
আশ্বাস (আশ্শাশ্) [আ—শ্বস্ (নিশ্বাস প্রশ্বাস ফেলা)+অ (ঘঞ্)] বি, পুং, শ্বাস; নিশ্বাস। ২। ভরসা বা আশা দান। ৩। প্রবোধ; সান্ত্বনা। ৪। উৎসাহ দান। প্রা, বাং—আশোয়াস। প্র—
"সদাগর বলে যত কপট আশ্বাস।
উত্তর না দেই রামা ছাড়য়ে নিশ্বাস॥"
—কবিক।
৫। [প্রা, বাং] আশঙ্কা। প্র—"উপায় করিয়া গেলে আশ্বাস ঘুচিবে"
—রামা (জগৎরাম) [অপ্র]
ক্রি, আশ্বাসি—আশ্বাস দিয়া; ভরসা দিয়া। আশ্বাসিল [মাইকেল]—আশ্বাস দিল; আশ্বস্ত করিল; আশা ভরসা দান করিল; সান্ত্বনা দান করিল।
[প্রা, বাং] আসোআসল। প্র—"পন্থে আসোআসল গোপাল দাস"
—রসমঞ্জরী (পীতাম্বর) [অপ্র]।
আশ্বাসক (আশ্শাশক্) বিণ, যে আশ্বাস দান করে; সান্ত্বনাদাতা।
আশ্বাসন (আশ্শাশন্) বি, ভরসা দান; সান্ত্বনাদান; প্রবোধন। ২। আশ্বাসজনক। ৩। আশ্বাস; ভরসা; সান্ত্বনা।
আশ্বাসনীয় (আশ্শাশনিও) বিণ, আশ্বাসের যোগ্য; ভরসাযোগ্য; যাহাকে সান্ত্বনা বা প্রবোধ দেওয়া আবশ্যক।

আশ্বাসিত (আশ্‌শাশিত) বিণ. যাহাকে আশ্বাস দেওয়া হইয়াছে ; সান্ত্বনা বা প্রবোধ প্রাপ্ত ; আশ্বস্ত। ২। ভরসান্বিত।

আশ্বিন (আশ্‌শিন্) [অশ্বিনী নক্ষত্রযুক্ত পৌর্ণমাসী ঘটিত কাল] বি. দ্বাদশ মাসের ৬ষ্ঠ মাস। এই মাসে সূর্য্য কন্যারাশিস্থ হয়। ২। অশ্বিনীকুমারদ্বয় (অশ্বিনীকুমার দ্রঃ)।
স্ত্রী. **আশ্বিনী**—আশ্বিন মাসের পূর্ণিমা।

আশ্বিনেয় (আশ্‌শিনেয়) [অশ্বিনী (সূর্য্য-পত্নী)+এয় (অপত্যার্থে, ঢেয়)—অশ্বিনীর পুত্রদ্বয়—এইজন্য শব্দটী দ্বিবচনান্ত] বি. *অশ্বিনীকুমার দ্বয়ের বৈদিক নাম। অশ্বিনী-কুমার দ্রঃ। [দ্রঃ—আশ্বিনেয় প্রকৃত কাহারা তৎসম্বন্ধে বিস্তর মতভেদ আছে। ভারত-কোষ হইতে বিভিন্ন মতগুলি সঙ্কলিত হইল* "স্বর্গবাসী দেবগণের মধ্যে অতঃপর আশ্বিনেয়-দ্বয়ের * * একজন জল (moisture) ও অপর জন আলোক (light) অবলম্বন করিয়া ভুবন ভ্রমণ করেন বলিয়া ইঁহাদের এই নাম হইয়াছে।" "আশ্বিনেয়দ্বয় উষার পূর্ব্বে প্রত্যুষে, জগতে আলোক লইয়া প্রবেশ করত, উষাকে পথ প্রদর্শন করেন।" ইঁহারা "ইন্দ্র ও সূর্য্য"—নিরুক্তকার যাস্ক। ঔর্ণভব বলেন, "ইঁহারা অশ্বারোহণে ভ্রমণ করেন বলিয়া এই নাম।" "বেদে ইঁহারা—(১) পৃথিবী ও স্বর্গ, (২) দিবা ও রাত্রি, (৩) সূর্য্য ও চন্দ্র ; (৪) বিবস্বান ও সরণ্যুর যমজ পুত্র, (৫) আকাশের পুত্র, (৬) সিন্ধুগর্ভ সম্ভূত, (৭) দক্ষ সম্ভূত, এবং (৮) সূর্য্যাত্মজার পতি বলিয়া উক্ত হইয়াছেন। উক্ত হইয়াছে ইঁহারা "যুবা, পুরাতন, মধ্যবর্ণ, জ্যোতির অধীশ্বর, উজ্জ্বলবর্ণ, পদ্মমালা বিভূষিত। বলশালী, ক্ষমতাশীল, ভয়ানক কৌশলী ও জ্ঞানী, অহংকারের মুলোচ্ছেদকারী। ইঁহারা সুবর্ণময় রথে ভ্রমণ করেন। ইঁহারা দিবসে ৩ বার ও রাত্রে ৩ বার জগৎ ভ্রমণ করেন। ইঁহারা বৈদ্য, এবং অন্ধ প্রভৃতিকে আরোগ্য করেন]।"

আশ্বীন (আশ্‌শীন্) [অশ্ব+ঈন (খীন)] বি. অশ্বের একদিন গম্য পথ।

আশ্বীয় (আশ্‌শিয়) [অশ্ব+ঈয় (ণীয়) সমূহার্থে] বি, ক্লী, অশ্বসমূহ। বিণ. অশ্ব-সম্বন্ধীয়।

আষরফী (ষ্) আশরফী দ্রঃ।

আষাড়দণ্ড—আষাঢ়দণ্ড দ্রঃ।

আষাঢ় (ঢ়, ড়্) [পূর্ব্ব বা উত্তরাষাঢ়া নক্ষত্র-যুক্ত পৌর্ণমাসী ঘটিত কাল] বি. দ্বাদশ মাসের তৃতীয় মাস। এই মাসে সূর্য্য মিথুন রাশিতে গত হয়। ২। পলাশ কাষ্ঠের দণ্ড ; দণ্ড ; লাঠি। ৩। মলয় পর্ব্বত।

আষাঢ়া [আ—সহ=সহ্য করা+(অন্—ক) আপ্ স্ত্রীলিঙ্গে] বি. স্ত্রী. পূর্ব্বাষাঢ়া বা উত্তরাষাঢ়া নক্ষত্র।
স্ত্রী. **আষাঢ়ী**—আষাঢ় মাসের পূর্ণিমা।

আষাঢ়িয়া [আষাঢ়+ই+আ। আষাঢ়ে] বিণ. আষাঢ় সম্বন্ধীয় ; আষাঢ় মাসের। ২। আষাঢ় মাসে যাহা জন্মে বা উৎপন্ন হয়।
প্র—"ঠেকি সাধু অঙ্গে, একে একে ভাঙ্গে,
আষাঢ়িয়া যেন ভ্রুকুণ্ডা।"
—কবিক।

আষাঢ়েগল্প (আষাঢ়ে গল্‌পো) [আষাঢ় মাসের দিনগুলি দীর্ঘ এবং বৃষ্টি বাদলে বাহিরে যাইবারও উপায় বড় থাকে না। পূর্ব্বে বাঙ্গালার ছেলে মেয়েরা বৃদ্ধাদিগের নিকট বসিয়া বহুবিধ অদ্ভুত ও আনন্দজনক গল্প শুনিয়া আষাঢ়ের দীর্ঘ দিবসগুলি কাটাইত, এক্ষণে এরূপ গল্প বলা ও শুনার প্রথা প্রায় উঠিয়া গিয়াছে] বি, অদ্ভুত গল্প।
প্র—"আষাঢ়ে গল্প সে কই আমাদের নিতান্তই ঘরের জিনিষ।" —রবি।
২। কাল্পনিক কাহিনী। ৩। মিথ্যাকথা।

আষাঢ়দণ্ড (ঢ়্) [আষাঢ় দ্রঃ] বি. সন্ন্যাসীর ব্যবহার্য্য দণ্ড বা লাঠি।
প্র—"করঙ্ক আষাঢ় দণ্ড জটা বিলম্বিত।"
—লীলাবতী।

আষ্টা (আষ্‌টা) [প্রাদে. আর—টা (অনির্দ্দেশ বা অপ্রধান অর্থে) হইতে] অ. ইত্যাদি ; প্রভৃতি।
প্র—টাকাটা আষ্টা ; বাগানটা আষ্টা আছে মাঝে মাঝেই দেখতে হয়।

আষ্টেপৃষ্টে [গ্রা। অষ্টাঙ্গে—আষ্টাঙ্গে তাহা হইতে আষ্টে—পৃষ্ঠে (সহচর শব্দ) পরে আর একটী সহচর শব্দ যোগে "আষ্টেপৃষ্ঠে ললাটে" অষ্টাঙ্গে=সর্ব্বাঙ্গে। গ্রা—আটেপিঠে] ক্রি-বিণ, সকল অঙ্গে।

আস (আশো) [আসা দ্রঃ। আইস কুঞ্চিত আকারে। ওড়ি—আসি। হি—আব্। রূপান্তরে—এস] ক্রি, আইস ; আগমন কর।
প্র—"বিহানে পরের বাড়ী কোন্ লাজে আস?"
—চণ্ডীদাস।

আসক (আশক্) [সং—আসক্তি=আসক্(তি)] বি, আসক্তি ; অনুরাগ।
প্র—"পিরীতি আসকে সদাই থাকিব
পিরীতে গোঙাব কাল।" —চণ্ডীদাস।
২। [আ—আশক্। আ. ই-শ্‌ক্ (ভালবাসা, প্রেম) হইতে। মুসলমানী বাং-য় প্রচুর ব্যবহার] বিণ, আসক্ত ; অনুরক্ত। ৩। প্রেমিক ; প্রণয়ী।

আসকত (আশ্‌কোৎ) [সং—আসক্তি হইতে হি—আসকত (বিণ, আসকতী, ক্রি, আসক তানা) আলস্য] বি, আলস্য ; অবসাদ ; দীর্ঘসূত্রতা।

আসক্ত (আশক্‌তো) [আ—সন্জ্ (আলিঙ্গন করা)+ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, অনুরক্ত ; প্রীত। ২। সংলগ্ন। ৩। আবিষ্ট। ৪। যত্নশীল। ৫। অ, সতত ; অবিরত ; নিত্য।

আসক্তি (আশোক্‌তি) [আ (সর্ব্বদা) সন্জ্ (আলিঙ্গন করা)+তি (ক্তি)] বি, স্ত্রী, অনুরাগ ; প্রীতি। ২। ভোগাভিলাষ। ৩। সঙ্গ ; সহবাস। ৪। মিলন ; সংসক্তি। ৫। অভিনিবেশ ; মনঃসংযোগ। বিণ, আসক্ত।

আসখাস (আশ্‌খাশ্) [ফা—শখ্‌স্ (লোক) শব্দের বহুবচন] বি, সাধারণতঃ পুলিশের তদারক।
প্র—"আসখাস তলব।"

আসঙ্গ (আশংগ) [আ—সন্জ্+অ (ঘঞ্)] বি, পুং, সহবাস ; মিলন ; সঙ্গ। ২। ভোগাভিলাষ। ৩। সম্বন্ধ। ৪। অনুরাগ ; প্রীতি। ৫। অভিনিবেশ ; মনঃসংযোগ।

আসঙ্গলিপ্সা (আশংগলিপ্‌শা) [আসঙ্গ—লভ্ (পাওয়া)+সন্ (ইচ্ছার্থে, লভ্=লিপ্) আ স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী, একত্র মিলিত হইয়া থাকিবার ইচ্ছা ; সংসর্গ বা সহবাস স্পৃহা ; মিলনেচ্ছা।

আসত্তি (আশোৎতি) [আ—সদ্ (গমন করা)+তি (ভাবে, ক্তি)] বি, মিলন। ২। নৈকট্য ; সন্নিধি ; সান্নিধ্য। ৩। লাভ। ৪। [ন্যায় দর্শনে] পদসন্নিধানকরণ।

আসন (আশোন্) [আস্=উপবেশন করা+অন (অধি, অনট্)] বি, ক্লী, যাহার উপর উপবেশন করা যায় ; বসিবার স্থান ; চৌকি, পিঁড়ি, কম্বল, প্রভৃতি।
প্র—কুশাসন, কাষ্ঠাসন, কম্বলাসন, ধরাসন।
২। রাজতক্ত ; সিংহাসন। ৩। পীঠ। ৪। হাতীর স্কন্ধদেশ যথায় মাহুত বসে।
প্র—"আসন কোন ঠাঁই" —অন্নদামঙ্গল।
৫। [তুল—আস্তানা] অবস্থিতি ; বাস। ৬। যোগে সাধনার উপবেশনের কৌশল বিশেষ ; অষ্টাঙ্গ যোগের তৃতীয় যোগ। ইহা পঞ্চ প্রকার যথা,—পদ্মাসন, স্বস্তিকাসন, ভদ্রাসন, বজ্রাসন ও বীরাসন। ৭। মল্লযুদ্ধ বা কুস্তি-ক্রীড়াকালে অবস্থানের কৌশল বিশেষ। ৮। দেবপূজার উপচার বিশেষ। ৯। জীবক বৃক্ষ ; পীতবর্ণ বৃক্ষ ইহার পুষ্প রক্তবর্ণ। (২) পীতসাল ; পিয়াল। ইহার কাষ্ঠ খদিরবর্ণ, পুষ্প পীতবর্ণ। ১০। আগমন।
প্র—"কোথা হইতে আসন আসন কোন্ ঠাঁই।"
—অন্নদামঙ্গল।

আসন-অঙ্গুরী (আশোনোংগুরি) বি, আসনের চিহ্নস্বরূপ রূপার পাত এবং রূপার ক্ষুদ্র অঙ্গুরী, ইহা দেবপূজার উপকরণ বিশেষ।

শয়ন-আসন—শয্যা।
প্র—"উঠি সদাগর বৈসে শয়ন-আসনে।" —কবিক।

আসনপিঁড়ি (আশোন্‌পিঁড়ি) বি, পায়ের উপর পা মুড়িয়া বসা; চাপঠিলি খাইয়া বা 'বাবু হইয়া' বসা; crosslegged.
প্র—"নিমি তখন আসনপিঁড়ি হইয়া বসিয়া মেয়েকে কোলে শোওয়াইয়া ঝিনুক লইয়া তাহাকে দুধ খাওয়াইতে বসিল।" —আনন্দমঠ।

আসনবন্ধ (আশোন্‌বন্‌ধো) [আসন—বন্ধ] বি, পদ্মাসনাদি উপবেশন বিন্যাস।

আসনাই—আশনা দ্রঃ।

আসন্ন (আশন্‌নো) [আ—সদ্ (গমন করা) +ত (কর্তৃ ক্ত)] বিণ, উপস্থিত; আগত। ২। নিকটবর্ত্তী। ৩। মুমূর্ষু; অন্তিম; শেষ।

আসন্নকাল (আশোন্‌নোকাল্) (আসন্ন—কাল=সময়] বি, পুং, বিপৎকাল; আপৎকাল। ২। মরণকাল; মৃত্যুর সময়; অন্তিম কাল।

আসব (আশব্) [আ—সু (প্রসব করা) +অ (কর্তৃ অল্) যে মত্ততা প্রসব করে বা জন্মায়] বি, স্ত্রী, মদ্য; সুরা; তাড়ী।

আসবপায়ী (আশব্‌পাঈ) বিণ, মদ্যপানকারী; মদখোর; সুরাপায়ী; ২। মাতাল।

আসবসেবী (আশবসেবি) বিণ, সুরাসেবনকারী; সুরাপায়ী। ২। মাতাল।

আসবাব (আশ্‌বাব্) [আ—আস্‌বাব্ (কারণ সমূহ) তাহা হইতে জিনিষ সমূহ] বি, জিনিষপত্র; গৃহস্থলীর দ্রব্যসামগ্রী; গৃহ সজ্জার দ্রব্যাদি।

আসবাব-পত্র [আসবাব—পত্র (তৎসদৃশ অন্যান্য দ্রব্য অর্থে। পত্র শব্দ এরূপ স্থলে প্রভৃতি, ইত্যাদি, আদি অর্থসহ তৎসাদৃশ্য জ্ঞাপন করে)] বি, আসবাবাদি।

আসমান (আশ্‌মান)—আশমান দ্রঃ।

আসমানতারা (আশ্‌মান্‌তারা) বি, স্বনামপ্রসিদ্ধ আম্র।

আসমানী (আশ্‌মানি) [আসমান আকাশের বর্ণ)+ঈ (বিশিষ্টার্থে)—আকাশের বর্ণযুক্ত] বিণ, আকাশী বর্ণ, নীলবর্ণ। ২। মিশ্রদেশজাত কার্পাস বিশেষ। ৩। পাল্কী বাহকদিগের সঙ্কেত শব্দ। পাল্কীর অগ্রবাহকগণ সম্মুখে কোন বৃক্ষের বিলম্বিত শাখা দেখিলে পশ্চাতের বাহকদিগকে সতর্ক করিয়া দিবার জন্য আসমানী আসমানী বলিয়া থাকে।

আসবার—আসোয়ার দ্রঃ।

আসমুদ্র (আশোমুদ্‌দ্রো) [আ=পর্য্যন্ত—সমুদ্র] ক্রি-বিণ, সমুদ্র পর্য্যন্ত; সাগরাবধি; সমুদ্রের উপকূল পর্য্যন্ত।

আসমুদ্রকরগ্রাহী (আশোমুদ্‌দ্রোকরোগ্‌গ্রাহি) [আ=পর্য্যন্ত—সমুদ্র করগ্রাহিন্, গ্রহ+ইন্—যে গ্রহণ করে] বি, পুং, সসাগরা ধরার অধীশ্বর; চক্রবর্ত্তী; সম্রাট্।

আসর (আশর্) [আ—সৃ (হিংসা করা)+অ (ন) কর্ত্তৃ] বি, পুং রাক্ষস [অপ্র]। ২। [ফা—আসর] সভা; মজলিস। প্র—"আসরে সজ্জন সভা, আমি অন্ধ গাব কিবা।" —ঘনরাম। আসরে করহ অধিষ্ঠান। —শিবায়ন। ৩। [বিশেষার্থে] যজ্ঞস্থল; পূজার স্থান; প্র—"আসরে উরহ নিজগুণে"। —কবিক।

আসর গরম করা—কথাবার্ত্তা বা বক্তৃতা দ্বারা সভাস্থ সকলকে উৎসাহিত ও প্রফুল্ল করিয়া তুলা। —শিবায়ন।

আসর জমিয়ে লওয়া—সভায় স্বীয় প্রতিপত্তি স্থাপন করা। **আসর জমা**—সভাস্থল লোকে পরিপূর্ণ হওয়া এবং সকলে একাগ্রচিত্তে সভার কার্য্যে যোগ দেওয়া।

আসরেনামা—সভাস্থলে আবির্ভূত হওয়া।

আসল (আশোল্) আ—আসল্=মূল। প্রকৃত; মূল। প্র—"লিখাইয়া পাঞ্জা ফরমানের নকল। নানামতে সাবধানে রাখিলা আসল।" —অন্নদামঙ্গল।

"জিনিস দিলে সব ঠকান আসল নকল নাহি চিনে, ধোকায় পড়ে ঠক্‌লেম ভাই।" —মনোমোহন বসু।

২। খাঁটি; বিশুদ্ধ; অবিকৃত। ৩। সত্য; তথ্য; যথার্থ। প্র—আসল কথা এই। ৪। (আসল) [ব্রজ। প্রা, বৈ, সা; পদ্যে] ক্রি, আসিল; আগমন করিল; আইল।

আসা (শা) [আ দ্রঃ। পূ-বঙ্গে "আহা"। 'স' স্থলে 'হ' (তুল—আহেন=আসেন=আগমন করেন বা করুন)। আসা—আহা; হি—আবা আনা; হি—আব্=বাং—আয়, 'স' স্থলে য়। তুল—এসেছি=এয়েছি; এসেছে=এয়েছে= হি=আয়া; এসো=আয়ো=আও, আব্। তুল —"সজনি আব্ আব্ লো।" —রবি। 'য়' স্থলে 'ই', 'সি' স্থলে 'ই', তুল—আয়ল (হি) =আসল (ব্রজ)=আসিল (বাং)=আইল (বাং =পদ্যে)। আইসে=এসে; আসি স্থলে আয়ি (ব্রজ—আয়ই)=আই। আই স্থলে এ। তুল —আইসে=এসে; আইলে—এলে; আইলাম=এলাম। উ, পু, আসব, আসমু আসলাম, আসিতেছি, আস্তেছি (গ্রা—এস্তেছি), আসি, আসিতেছি, আসিব। আসিতেছিলাম, আসিয়াছিলাম, আসিলাম, আসিতাম, আসিয়াছি, আইমু, আইলাও, আইলাঞ, আইলাম, আইব, আইতাম। এমু, এলাম, এসেছি, এয়েছি, এসেছিলাম; এয়েছিলাম, এয়েছিনু। ম, পু,—আস, আসবে আসিবে, আসিতেছে, আস্তেছ, এসেছ এসেছিলে, আইস, আইবে। (সমানার্থে) আইসুন, আসুন, আসেন, আইসেন (পূঃ বঙ্গে) (সম্ভ্রমার্থে)। আয়, আসিস, আসবি, আসিবি, আইবি, আসিতিস, আসিয়াছিস, আসিয়াছিলি, এসেছিস, এসেছিলি, আসিলি, এলি (তুচ্ছার্থে)। প্র,পু, আইসেন, আসেন—আসিবেন, আইবেন, আসিতেন, আইতেন, আস্‌ছেন, আসিছেন, আসিলেন, আইলেন (সম্ভ্রমার্থে)। আসে, আইসে, আসিত, আসিতেছে, আসছে (গ্রা এস্তেছে)। আসিছে, আসিবে, আসবে, আইবে, আসিয়াছিল, আইয়াছিল, এয়েছিল, এসেছিল, আসিল, আইল, এল (তুচ্ছার্থে)]।

ক্রি, আগমন করা। প্র—তাহাকে আসিতে দেখিলাম। ২। উপস্থিত হওয়া। প্র—লোকজন এতক্ষণে নিশ্চয়ই আসিয়াছে। ৩। অগ্রসর হওয়া; কর্ম্মে উদ্যত হওয়া। প্র—দেখে শুনে আর হাত পা আসে না। ৪। [হিন্দীর অনুকরণে। উপস্থিত মতে পক্কতা বা প্রয়োগপটুতা-বোধক] কোন কিছুতে জ্ঞান, শিক্ষা বা অভ্যাস থাকা; যোগাইয়া যাওয়া; ক্ষমতা, সাধ্য, কৌশল প্রভৃতিতে কুলান। প্র—"মন্ত্র মাসী এত আসে তোর" "ছিটা কোঁটা তন্ত্র মন্ত্র আসে কতগুলি।" —ভারতচন্দ্র।

গান বাজনা তাহার বড় আসে না। ৫। উদয় হওয়া; আবির্ভূত হওয়া; উদ্রেক হওয়া। প্র—কোন কথা মনে আসা। হৃদয়ে ভাব আসা; রাগ আসা; হাসি আসা; কান্না আসা। ৬। উৎপন্ন হওয়া; দেখা দেওয়া। প্র—চক্ষে জল আসা; ঘর্ম্ম আসা। ৭। আক্রমণ করা; অধিকার করা। প্র—জ্বর আসা; ঘুম আসা। ৮। আরম্ভ হওয়া। প্র—বর্ষা আসিলে কাজটা বন্ধ রাখিতে হইবে; শীত আসিলে যাইব; বৃষ্টি এল।

৯। আমদানী হওয়া। আয় হওয়া; উপার্জ্জন হওয়া। প্র—জমীদারী হইতে তাঁহার বার্ষিক কত আসে। আজ কাল হাটে নানা রকমের জিনিস পত্র আসিতেছে; জঙ্গলের কাটকুটা বেচিয়া তাহার কিছু আসে কি; হাঁ, বেশ দুপয়সা আসে। ১০। ঘটা; হওয়া। প্র—বিপদ যখন আসে তখন কাহারও মুখ চাহিয়া আসে না। মরণ ত আর আসবে না যে সব জ্বালা জুড়াবে। ১১। বৃদ্ধি পাওয়া; বাড়িয়া আসা, বিস্তৃত হওয়া। প্র—নদীর জল কতটা আসিয়াছে। বর্ষার সময় তাহাদের পুকুরের জল উঠান পর্য্যন্ত আসে। ১২। কোন কিছুতে লাগা; আবশ্যক হওয়া; যোগ্য বা উপযুক্ত হওয়া; খাটিয়া যাওয়া। প্র—ওসব তাঁহার কোনই কাজে আসিবে না। ইহা আমার কোন কাজে আসিবে; জামাটা তাহার গায়ে ঠিক আসিয়াছে। ১৩। প্রবেশ

করা। প্র—জানালা দিয়া হাওয়া আসিতেছে ঘরের মধ্যে এমন ছিদ্র রাখে নাই যাহা দ্বারা ভিতরে একটু আলো আসিতে পারে। ১৪। পতিত হওয়া ; ধরা দেওয়া। প্র—সহজে কি সে তাহার খপ্পরে আসিবে ; এখন তাহার হাতে আসবে বলে ত মনে হয় না। ১৫। বিণ, যাহা আসিয়াছে ; আগত, (তাহা হইতে) গত ; অতীত—(পরে) ক্রিয়ার সমাপ্তিসূচক। প্র—"দিনে-আসা দিবসের দগ্ধ রাঙা আলো"
—রবীন্দ্রনাথ।
১৬। বি। আগমন ; উপস্থিতি। প্র—"বড় বিপদে পড়ে তোদের রাজ্যে আমার আসা"
—কবি গদাধর।
"যাইব সাগরে, আসা নগরে তোমারে আশীষ করিতে রায়"—বাং গান। "আসার আশা আর কেন গো বৃন্দে"—দাশরথি।

আসা আসি—একজনের ঘন ঘন আগমন। ২। প্রায়ই লোকজনের ক্রমান্বয়ে আগমন।

আসা যাওয়া [হি—আবাগমন। বাং—আওন যাওন] গমনাগমন ; আনাগনা। প্র—"চোরে চোরে কুটুম্বিতে আসা যাওয়া রেতে রেতে,"
—গোপাল উড়ে।
২। জগতে আসা ও জগৎ হইতে যাওয়া : জন্ম ও মৃত্যু। প্র—"আসা-যাওয়া যে যন্ত্রণা জেনেও কি মন জানিস্ না।" "ওরে আমার আসা-যাওয়া সার হইল, গুরু ভজন হইল না"
—বাং গান।
৩। কোন কিছুর উপর কার্য্য করা : ভাব্য-গুর আনয়ন করা : ক্ষতি হওয়া। প্র—"যদি ধন নাশ হয় তায় কিবা আসে যায়, যদি স্বাস্থ্য নাশ হয় তায় কিছু হয় ক্ষয়।"
—চরিত্রগঠন।

কথা আসা—কথাবার্ত্তা চলা ; আলোচনা বা উত্থাপন হওয়া। প্র—অনেক স্থান হইতে তাহার বিবাহের কথা আসিতেছে।

কাণেআসা—শ্রবণ গোচর হওয়া ; (কর্ণ-বিবরে) প্রবেশ করা। প্র–এসব কথা কেন তবে আমার কাণে আসে (অর্থাৎ শুনতে পাওয়া যায়)। **ফিরে আসা**—ফেরা ; প্রত্যাবর্ত্তন করা। **পেটে আসা**—গর্ভে জন্ম লওয়া। প্র—তাহার বিশ্বাস যে ছেলেটী মরিয়াছিল সেই আবার তাহার পেটে আসিয়াছে।

মনে আসা—স্মৃতি পথে উদয় হওয়া ; মনে পড়া ; স্মরণ হওয়া। প্র—কথাটা এখন তাহার মনে আসিয়াছে।

মাথায় আসা—মস্তিষ্কে অর্থাৎ বুদ্ধির স্থানে প্রবেশ করা বা উদয় হওয়া ; বোধ বা জ্ঞান-গম্য হওয়া ; বুঝিতে পারা। প্র—এতক্ষণ পরে বিষয়টী তাহার মাথায় আসিয়াছে।

হাতে আসা—আয়ত্ত হওয়া ; অধিকারভুক্ত হওয়া ; হস্তগত হওয়া। প্র—তাহাকে ধরিবার অনেক চেষ্টা হইল কিন্তু কিছুতেই সে কাহারও হাতে আসিতেছে না।

আসাদন (শা, দ্) [সং] বি, লাভ। ২। সম্পাদন। বিণ, আসাদিত।

আসান (শান্) [ফা—আসান=সহজ] বি, অবসান। প্র—মুস্কিল আসান। ২। লাঘব। ৩। রেহাই। প্র—"আসান করিয়া কত ভুলায় প্রজায়"
—ঘনরাম।
৪। [দর্জিদের ভাষায়] উরুস্থলের বের বা ঝেড়।

আসাপ, আসাপা (শাপ্) বি, ভেক বিশেষ : কটকটে-ব্যাঙ।

আসাবরদার (আশাবরদার্) [আ—আসা (রাজদণ্ড) + ফা – বরদার্ (বাহক ; ফা—বর্দন্ লইয়া যাওয়া)] বি, আসাসোঁটা-বাহক : দণ্ডধারী। **আসাবরদারী**—আসাবরদারের কার্য্য বা পদ।

আসাবাড়ী (শা, ড়ি) [আসা—বাড়ি=লকুড়ী=লড়ী=লাঠি] বি, দণ্ড : রাজদণ্ড : আশাসোঁটা।

আসাম (আশাম্) [আহম জাতির আবাস-ভূমি। আহম্=অহম=অসম=অসমীয়া=আসাম] বি, পৌরাণিক প্রাগ্‌জ্যোতিষপুর ; বঙ্গদেশের উত্তরপূর্ব্ববর্ত্তী প্রদেশ। বিণ, **আসামী বা অসমীয়া**—আসাম জাত বা তৎসম্বন্ধীয়। ২। আসাম অঞ্চলের ভাষা ; ইহা বঙ্গভাষারই প্রাদেশিক রূপান্তর। কতক-গুলি গ্রাম্যশব্দ ও উচ্চারণ-বৈষম্য ব্যতীত বর্ত্তমান আসামী ও বাঙ্গালা ভাষার রচনাগত বিশেষ কোন পার্থক্য নাই। অসমীয়া 'জোনাকী'র (র), 'অরু'র ( ) 'আন্দোলনেই'র (ে) এবং সকলো'র (ো) বর্জ্জন করিলেই বাঙ্গালা শব্দে পরিণত হয়। সংস্কৃতের সহিত বঙ্গভাষার যতদূর ঐক্য ; বাঙ্গালার সহিত অসমী-য়ার তদপেক্ষা অধিক সাদৃশ্য আছে।—সা, প, প, ১৩০১।

আসামী (শামি) [আ—সাম্=নাম শব্দের বহুবচনে। বাং ইহার ব্যাপ্ত্যর্থে যাহার নামে নালিশ হয় বা বিপক্ষে যাহার নাম লওয়া হয়] বি, অভিযুক্ত ; প্রতিবাদী। ২। [জমীঃ মহাঃ পরিভাষা] যে ব্যক্তির নিকট পাওনা থাকে ; জমীদারের প্রজা। ৩। লোক ; ব্যক্তি। প্র—সহজ বা যেমন তেমন আসামী নয় ; বড় শক্ত আসামী।

আসার (আশার্) [আ—সৃ (গমন করা) + অ (ঘঞ্)] বি, মুষলধারে বারিপাত ; প্রবলবৃষ্টি। ২। জল ; সলিল। ৩। জল-কণা। ৪। প্রবেশ। ৫। শত্রুকে বেষ্টন। ৬। বন্ধুসৈন্য।

আসার (আশার্) [আ—আসার=চিহ্ন] পুরাতনের চিহ্ন বা সাবেক নিশানা। ২। প্রাচীর প্রভৃতির গাঁথনি ভবিষ্যতে বাড়াইবার জন্য যতটুকু গাঁথিয়া রাখা হয় বা তাহার নিশানা রাখিয়া দেওয়া হয় তাহাকে আসার বলে।

আসারবর্ষী (আশারবোর্ষি) বিণ, যে মেঘ প্রচণ্ড বারি বর্ষণ করে।

আসি (আসি) [আসা দ্রঃ] ক্রি, আগমন করি। ২। [প্রাদেশিক ব্যবহার] যাই। প্র—"আসি বলে গেল চলে"—গান।

আসিত (আশিত) বি, অসিত মুনির পুত্র : ইনি শাণ্ডিল্য গোত্রের প্রবর। ২। ক্রি, আগমন করিত।

আসিদ্ধ (আশিদ্ধ) [আ—সিধ্ (গমন করা, রাজাদেশে ধৃত করা) + ত (ক্ত)] বিণ, বিচারকের নিকট দণ্ডিত হইয়া কারাগারে নিক্ষিপ্ত।

আসিদ্ধ [আ (না) সিদ্ধ] বিণ, যাহা সিদ্ধ নহে। গ্রা—**আসিঝা**।

আসিধার (আশিধার্) [আসি=উপবেশন করা—ধার=ধার+অ (ক) যে ধারণ করে] বি, স্ত্রী, যুবক যুবতীর একত্র উপবেশন ও অবস্থিতি কালে সংযত ও অবিকৃত চিত্ত থাকা রূপ ব্রত বিশেষ। অসিধার দ্রঃ।

আসিষ্টাণ্ট [ইং—assistant] বি, বিণ, সহকারী।

আসীন (আশীন) [আস্+আন (শান—কর্ত্তৃ)। আ=স্থানে ঈকার] বিণ, উপবিষ্ট ; অবস্থিত। প্র—সিংহাসনে আসীন।

আসুর (আশুর্) [অসুর+ক] বিণ, অসুর-সম্বন্ধীয়। ২। নিন্দিত ; গর্হিত। ৩। অপবিত্র। ৪। ভয়ানক। ৫। বি, বিবাহ-পদ্ধতি বিশেষ ; এই বিবাহে বর কন্যার পিতা ভ্রাতা প্রভৃতিকে ধন দান করিয়া স্বেচ্ছানুসারে কন্যা গ্রহণ করে। ৬। বিট লবণ।

আসুরিক (আশুরিক্) [অসুর+ইক (ঠিক)] বিণ, অসুরসম্বন্ধীয়। ২। অতিভীষণ।

আসুরী (আশুরি) [আসুর+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, অসুরদিগের আচরিত আচার। ২। বৈদিক ছন্দোবিশেষ। ৩। ছেদন ভেদন, প্রভৃতি অস্ত্র চিকিৎসা বিশেষ ; surgery. ৪। রাই সর্ষপ।

আসেচন (আশেচন্) [অসেচন+অ (ক) স্বার্থে] বিণ, স্ত্রী, সম্যক্ সেক ; বিলক্ষণরূপে সিঞ্চন ; জল ছিটাইয়া খুব ভিজাইয়া দেওয়া।

আসেচনক (আশেচনক্) [অসেচন+কন্] বি, স্ত্রী, আসেচন। ২। আসেচনসাধন পাত্র। ৩। প্রিয় ; দয়িত।

আসেধ (আশেধ্) [আ—সিধ্ (গমন করা, অবরোধ করা) + অ (ঘঞ্)] বি, পুং,

রাজাজ্ঞায় বা বিচারকের আদেশে অবরোধ। ২। প্রতিষেধ। বিণ, আসেধ্য—আসেধ যোগ্য।

আসেযায় (আসেযায়) [আসা, আসা যাওয়া দ্রঃ। আসে (প্রাপ্তি হয়, লাভ হয়) + যায় (ক্ষতি হয়)] ক্রি গমনাগমন করে। ২। ক্ষতিবৃদ্ধি হয়। প্র—"তাহাতে আসে যাবে কিবা কার?"-রবি। "যদি ধননাশ হয় তায় কিবা আসে যায়"-চরিত্রগঠন। ৩। পুনঃপুনঃ জন্ম লয়। প্র—"ওরে আমার আসা যাওয়া সার হইল, গুরুভজন হইল না।" —বাং-গান।

আসেসার (র্) [ইং—assessor] বি, বিচারকের সহকারী।

আসোয়ার, সাসোবার (আশোআর্) [আ—আস্‌সবার = অশ্বারোহী, ইহা সওয়ার শব্দের বহুবচন] বি, সওয়ার; অশ্বারোহী: হস্তী, অশ্বাদি বাহনারূঢ় ব্যক্তি। প্র—"পলায় তুরঙ্গ কাটা গেলে আসোয়ার"—কাশী, মহা—আদি। "যবনীয়া অশ্বপর যবন আসোবার"—কবিক।

আস্ক (আশ্‌ক্) [আস্ক দ্রঃ] স্ক এই যুক্তাক্ষর ককারাদি বর্ণের সহিত অনুনাসিক (ঙ, ঞ, ণ, ন, ম) বর্ণ ব্যতীত স্পর্শাদি বর্ণের যোগজাত যুক্তবর্ণ। **আস্কফলা**—আস্ক, আশ্ব প্রভৃতি যুক্তবর্ণমালা। (আস্কফলা দ্রঃ)।

আস্কন্দন (আস্‌কনদন্) [আ—স্কন্দ্ (গমন করা, ভর্ৎসনা করা, হিংসা করা + অন (অনট্—ভাবে)] বি, ধাবন। ২। আক্রমণ। ৩। যুদ্ধ। ৪। বিনাশ; হনন। ৫। তিরস্কার। ৬। আস্ফালন। ৭। অশ্বের গতি বিশেষ।

আস্কন্দিত (আশ্‌কোনদিতো) [আস্কন্দন দ্রঃ] বি, অশ্বের গতি বিশেষ। প্লুতগতি; বল্গন। প্র—"মন্দগতি আস্কন্দিতে নাচে বাজিরাজী" —মেঘনাদ।

আস্কারা (আশ্‌কারা) [আশকারা দ্রঃ] বি, প্রশ্রয়; আব্দার। প্র—"বালকটী পিতা মাতার নিকট আস্কারা পাইয়া পাঠশালায় যাইবার নামও করিত না।" —আলাল।

আস্কে, আস্কে (আস্‌কে) [প্রাদে] বি, স্বনাম প্রসিদ্ধ পিষ্টক; পৌষ সংক্রান্তির দিন পার্ব্বণ উপলক্ষ্যে চাউলের গুঁড়ি জলে গুলিয়া এই পিষ্টক প্রস্তুত হয়। প্র—"ফস্কে গেল আস্কে খাওয়া, চালের পানে যায় না চাওয়া, তিল নারকেল তেলের দাওয়া টাকায় দুখান নাগরি চিটে।"—ঈশ্বর গুপ্ত (পৌষপার্ব্বণ)।

আস্কে খেয়েচ ফোড় ত গোণনি—আহারের সুখ পাইয়াছ কিন্তু আগুনের উত্তাপে আস্কের সর্ব্বাঙ্গে যে ছিদ্র হয় সেই ছিদ্র গুণিবার কষ্ট সহ্য কর নাই। কোন দুঃসাহসিক কার্য্য বা এমন কোন কার্য্য যাহার পরিণামে দুঃখ পাইতে হয়, তাহা যাহারা পরিণাম না ভাবিয়া বা পরিণামের খবর না রাখিয়া গোপনে সম্পন্ন করিয়া মজাটুকু ভোগ করে কিন্তু ধরা পড়িয়া বিপন্ন হয়, তাহাদিগের প্রতি বিদ্রূপোক্তি। প্র—"ডুবে ডুবে জল খাও, তার প্রতিফল পাও তরঙ্গেতে কুট দিতে হয় দুখানি। মনেতে করেছ আসা, বাঘের ঘরে ঘোগের বাসা। আস্কে খেয়েছ যাদু ফোড় তো গোণ নি।"—বাঙ্গালীর গান। তুল—"ঘুঘু দেখেছ ফাঁদ ত দেখনি"। ২। পরিণাম চিন্তা না করিয়া দুরূহ কার্য্যের সূত্রপাতে তাহা সহজসাধ্য মনে করা।

আস্ত (আসতো) [সং—সমস্ত শব্দের প্রাদে অপভ্রংশ। পরে সংক্ষেপ। মতান্তরে অখণ্ড—আখণ্ড-আস্ট—পরে আস্ত] বিণ, অনংশিত; অভঙ্গ; সমুদায়; সমস্ত; গোটা; পূর্ণ। প্র—"আস্ত মানুষ গেলে" —রবি।

"কপাল ভাঙ্গে আস্ত ইটে" —ঈ, গুপ্ত।

"ফ্রকে অঙ্গ মুড়ি দিয়া আস্ত সঙ্ বানাইয়া
কে তোরে পরালে বাঁস নাগা সন্ন্যাসীর।"
—অশোকগুচ্ছ।

আস্ত না রাখা—প্রহার করিয়া অস্থি ও দেহ চূর্ণ করা; হাড়ভাঙ্গা প্রহার করা (দুরন্ত শিশুর প্রতি অধিক প্রযুক্ত হয়)। প্র—"একথা শুনিলে তাহাকে আর আস্ত রাখিবে না।" "তাহা হ'লে কি আর আস্ত থাকবো।" —দীনবন্ধু মিত্র।

আস্ত কেউটে—জীবন্ত বিষধর সর্পতুল্য। সর্ব্বতোভাবে কেউটে সদৃশ। ২। অতি ভীষণপ্রকৃতি পরানিষ্টকারী; যে দংশন না করিয়া ছাড়িবে না। প্র—"তুই আস্ত কেউটে" —গিরীশ ঘোষ।

আস্তর (আস্‌তর্) [আ—স্তৃ (বিস্তার করা) + অ (অল্)] বি, পুং, শয্যা। ২। শয্যার আচ্ছাদন; বিছানার চাদর। ৩। পাতিয়া বসিবার কম্বলাদি; পাতনচি; ৪। হাতীর পৃষ্ঠে পাতিবার চিত্রিত কম্বলাদি বস্ত্র বা আস্তরণ। ৫। [প্রাদে, যশোহর] পরদা। ৬। [ফা—আস্তর্ = যে কাপড় রেজাই-এর নীচে লাগান হয়] জামা টুপি প্রভৃতির ভিতরের আবরণ বস্ত্র। ৭। রঙের প্রথম পোঁচ: priming. ৮। দেওয়ালে লেপ দেওয়ার পলেস্তার; plaster.

আস্তরণ (আস্‌তরন্) [আ—স্তৃ + আস্তর দ্রঃ] অন (অনট্) বি, ক্লী, শয্যা। ২। বিছানার চাদর। ৩। পাতনচি; গালিচা প্রভৃতি; প্র—"চন্দ্ররথ আস্তরণ বকুলতলায় প্রসারিত, দুইজন বসিয়া তথায়।"—কুরুক্ষেত্র। ৪। হাতীর পিঠে পাতিবার আস্তর। ৫। উত্তরীয় বস্ত্র।

আস্তান, আস্তানা (আস্‌তান্) [ফা—আস্তানা = আড্ডা। তুল—সং—স্থান, হি, আস্থান] বি, স্থান। ২। আড্ডা। ৩। আশ্রম। প্র—পীরের আস্তানা। ৪। আস্তাবল; stand.

আস্তাবল (আস্‌তাবোল্) [আ—ইস্তবল্ (অশ্বাদির থাকিবার স্থান) শব্দজ। ইহা এবং ইংরেজী stable (ষ্টেব্ল্) উভয়ই ল্যা-স্তেয়ার stare (থাকা, দাঁড়ান) ধাতুজ ষ্টাবুলম্ শব্দের রূপান্তর প্রাচীন ফ্রেঞ্চ্ এস্তেবল্ estable শব্দ হইতে উৎপন্ন] বি, অশ্বশালা; অশ্ব গজাদি পশু রাখিবার স্থান।

আস্তিক (আস্‌তিক্) [অস্তি = আছে + ক (কণ্) পরলোক আছে, এবং ঈশ্বর আছেন এই বুদ্ধি যাহার আছে এই অর্থে আস্তিক] বিণ, ঈশ্বরের অস্তিত্ব যিনি স্বীকার করেন; পরলোকে ও ঈশ্বরে যাঁহার বিশ্বাস আছে। ২। যে বেদ মানে সে আস্তিক, যে মানে না সে নাস্তিক। [দ্রঃ—ঈশ্বর মানিয়াও বেদ না মানিলে নাস্তিক]।

আস্তিকতা (আস্‌তিকোতা) [আস্তিক + তা] বি, স্ত্রী, বৈদিক ধর্ম্মে শ্রদ্ধা; ঈশ্বরে ও পরলোকে বিশ্বাস; আস্তিকের আচার।

আস্তিক্য (আস্‌তিক্‌কো) [আস্তিক + য (ষ্যঞ্)] বি, ক্লী, আস্তিকতা; আস্তিকের ব্যবহার।

আস্তীক, আস্তিক (আস্‌তীক্) [বাসুকির ভগিনী মনসাদেবী স্বামী জরৎকারু মুনির নিকট পুত্র প্রার্থনা করিলে মুনি "অস্তি" অর্থাৎ আমার ঔরসজাত পুত্র তোমার গর্ভে আছে—এই বলিয়া প্রস্থান করেন। যথাসময়ে পুত্র হইলে তাঁহার নাম হয় আস্তীক] বি, মনসাদেবীর পুত্র আস্তীক মুনি।

আস্তীন (আস্‌তীন্) [ফা—আস্তীন্—জামার হাতা] বি, কোরতা, জামা, অঙ্গরাখা প্রভৃতি জামার হাত; হাতা।

আস্তীর্ণ (আস্‌তীর্ণ) [আ—স্তৃ (বিস্তার করা) + ত (কর্ত্তৃ ক্ত)] বিণ, যাহা পাতা হইয়াছে। পাতিত। ২। প্রসারিত; বিস্তীর্ণ। ৩। আচ্ছাদিত।

আস্তৃত (আস্‌তৃত) [আ—স্তৃ (বিস্তার করা) + ত (ক্ত)] বিণ, বিস্তৃত; প্রসারিত। ২। আচ্ছাদিত।

আস্তে (আস্‌তে) [ফা—আহিস্তা (ধীরে)] ক্রি-বিণ, ধীরে; সন্তর্পণে; ধীর গতিতে। ২। অল্পে। ৩। অনুচ্চস্বরে; ৪। নিঃশব্দে।

আস্তেব্যস্তে (আস্‌তে ব্যাস্‌তে) [সং অস্ত—ব্যস্ত—অতিব্যস্ত] ক্রি-বিণ, ব্যতিব্যস্তভাবে অতিশয় ব্যস্ত হইয়া; অত্যন্ত আগ্রহের সহিত; প্র—"মন্দোদরী পুলকিত চেয়ে পুত্রপানে। আস্তেব্যস্তে উঠি রাণী ধরে দুই হাতে।" —কৃত্তিবাস।

আস্থা (আস্‌থা) [আ—স্থা (থাকা) + অ (অঙ্)] বি, স্ত্রী, ভরসা। প্র—"ইংরাজ জাতির উদার অন্তঃকরণ, ন্যায় বিচার-বোধ প্রভৃতিতে বিশেষ আস্থা থাকাতেই

ভারতের শিক্ষিত সমাজে 'ইণ্ডিয়ান নেশনেল কংগ্রেসে'র উৎপত্তি ও প্রচার লাভ ঘটিয়াছে।"
—প্রবাসী, ১৩২০।
২। আশ্রয়। ৩। শ্রদ্ধা। ৪। আদর। ৫। যত্ন। ৬। অপেক্ষা। তুল—উঃ—বাস্তা (ওয়াস্তা)। ৭। স্থান। ৮। স্থিতি।

আস্থান (আস্থান্) [আ—স্থা (থাকা)+অন (অনট্)] বি, ক্লী, আস্থা। ২। অবস্থিতি। ৩। স্থান। ৪। আড্ডা। ৫। আশ্রম।

আস্থায়ী (আস্থাই) [আস্থায়িন্, আ—স্থা+ইন্+ঈ—স্ত্রী] বি, স্ত্রী, "সঙ্গীতে প্রথমে যেটীর দ্বারা মুখ বন্ধন করা যায় অথবা যেটী প্রথম চরণ হয় তাহার নাম আস্থায়ী।"
—সঙ্গীতরত্নাকর।

আস্থিত (আস্থিত) [আ—স্থা+ত (ক্ত): স্থা=স্থি] বিণ, আরূঢ়। ২। অধিষ্ঠিত। ৩। প্রাপ্ত। ৪। আশ্রিত। ৫। আক্রান্ত। ৬। পরিব্যাপ্ত।

আস্পদ (আশ্‌পদ্) [আ—পদ্ (গমন করা)+অ (অল্): স্—আগম] বি, ক্লী, আধার। প্র—স্নেহাস্পদ। ২। স্থান। ৩। পদ। ৪। অধিষ্ঠান। ৫। প্রভুত্ব। ৬। প্রতিষ্ঠা। ৭। সম্পদ। ৮। কৃত্য; ক্রিয়া।

আস্পদ্দা (আশ্‌পদ্দা) [সং—স্পর্দ্ধা—আস্পর্দ্ধা অপভ্রংশে] বি, স্পর্দ্ধা; অহংকার। প্র—"এমনি আস্পদ্দা তার ঠাকুরমার করে সে গো পদে পদে শত অপমান॥"
—অশোকগুচ্ছ।

আস্পন্দন (আশ্‌পন্দন্) [আ (ঈষৎ, সম্যক্) স্পন্দ্ (কম্পিত হওয়া)+অন (অনট্)] বি, ক্লী, ঈষৎ কম্পন। ২। প্রকম্পন। ৩। আন্দোলন।

আস্পর্দ্ধা (আশ্‌পর্‌ধা) [আ—স্পর্দ্ধ্ (পরাভব করিবার ইচ্ছা করা)+অ (অঙ্)—আপ্, স্ত্রী)] বি, স্ত্রী, স্পর্দ্ধা: দর্প; অহঙ্কার। ২। মাৎসর্য্য। ৩। আস্ফালন। ৪। প্রতি-যোগিতা। বিণ, **আস্পর্দ্ধী**—স্পর্দ্ধাকারী।

আস্ফাল (আশ্‌ফাল্) [আস্ফালন দ্রঃ] বি, হস্তীর কর্ণ সঞ্চালন।

আস্ফালন (আশ্‌ফালোন্) [আ—স্ফল্+ণিচ্=স্ফালি (গমন করান) অন (ট্—ভাবে)] বি, আত্মক্ষমতা ও গুণগরিমার গর্ব্বিত-বাক্যে কীর্ত্তন; আত্মশ্লাঘা। ২। সঞ্চালন।
প্র—"চলে-দন্তী আস্ফালিয়া শুণ্ড।"
—মেঘনাদ।
৩। রোষপ্রকাশ। ৪। সংঘর্ষ। ৫। শব্দ করণ; ধ্বনি করণ।
বিণ, আস্ফালিত।

আস্ফালিত (আশ্‌ফালিত) [আ—স্ফালি+ত (ক্ত)] বিণ, সঞ্চালিত। ২। তাড়িত। ৩। সংঘটিত।

আস্ফালিল, আস্ফালিলা (আশ্‌ফালিলো) [আস্ফালনের ক্রিয়া রূপ। পদ্যে] ক্রি, আস্ফালন করিল।
প্র—"* * হুঙ্কারি কেহ উলঙ্গিলা অসি; আস্ফালিলা শূলে কেহ।" —মেঘনাদ।

আস্ফোট (আশ্‌ফোট্) [আ—স্ফুট (প্রস্ফুটিত হওয়া, হিংসা করা)+অ (ভাবে, অল্)] বি, বিকাশ। ২। আস্ফোট বা আকন্দ গাছ। ৩। সংঘর্ষণজনিত শব্দ। ৪। ঠোকাঠুকির শব্দ। ৫। আছড়ানর শব্দ।
প্র—লাঙ্গুলাস্ফোট।
৬। মল্লগণের বাহুতে করাঘাত শব্দ; তাল-ঠোকা।
প্র—"সহস্র আস্ফোটে বজ্র নিনাদ হইতে লাগিল।" —আনন্দমঠ।
৭। আস্ফোটক [দ্রঃ]।

আস্ফোটক (আশ্‌ফোটক্) [আ—স্ফুট+অক (ণক)] বি, পুং, আখরোট গাছ। ২। হাপরমালী। ৩। ভুঁইপলাশ। ৪। আকন্দ।

আস্ফোটন (আশ্‌ফোটন্) [আ—স্ফুট (প্রস্ফুটিত হওয়া, হিংসা করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, প্রস্ফুটন; বিকাশ। ২। আস্ফোট। [আস্ফোট দ্রঃ] ৩। আস্ফালন।

আস্ফোটনী (আশ্‌ফোটোনি) [আ—স্ফোটি (ভেদ করান)+অন+ঈ—স্ত্রী] বি, স্ত্রী, সূত্রধরাদির ছিদ্র করণ যন্ত্রবিশেষ; তুরপুন ভ্রমর প্রভৃতি।

আস্ফোটা (আশ্‌ফোটা) [আ—স্ফুট+অ (অঙ) আপ্ স্ত্রীং] বি, স্ত্রী, কাঠমল্লিকা। ২। হাপরমালী। [আস্ফোতা দ্রঃ]

আস্ফোত (আশ্‌ফোত্) বি, পুং, আকন্দ বৃক্ষ। ২। রক্ত কাঞ্চন (কোবিদার); bauhinia variagata, a species of ebony. ৩। ভুঁইপলাশ। [আস্ফোট দ্রঃ]

আস্ফোতা (আশ্‌ফোতা) বি, স্ত্রী, হাপরমালী; clitoria tarnatea. ২। শারিবা; শ্যামালতা। ৩। কাঠমল্লিকা। ৪। গন্ধ ভাদুলিয়া বা প্রসারিণী; paederia fœtida.

আস্য (আশ্‌শো) [অস্ (ক্ষেপণ করা)+য (ঘ্যণ্) বা আ—স্যন্দ্ (ক্ষরণ, গমন)+অ (ড অধি)—যাহার মধ্যে আহার নিক্ষিপ্ত হয়] বি, মুখ; আনন। ২। [অস্ (উৎপত্তি হওয়া) যাহাতে বাক্যের উৎপত্তি হয়] বস্তু। ৩। বিণ, মুখজাত। [বিরল] স্ত্রী, আস্যা।

আস্যলোম (আশ্‌শলোম্) [আস্যলোমন্ শব্দ] বি, শ্মশ্রু; দাড়ী; গোঁপদাড়ী।

আস্যা (আশ্‌শা) বি, স্ত্রী, মুখস্থিত জিহ্বা। ২। আনন।

আস্যাসব (আশ্‌শাশব্) [আস্য (মুখজাত) আসব (মধু) ৬তৎ] বি, পুং, মুখমধু; থুথু।

আস্বনিত (আশ্‌শোনিতো) [আ (সম্যক্) স্বনিত (শব্দিত)] বিণ, সম্যক্ নিনাদিত; অতিশয় শব্দিত; আশব্দিত; আঘাত।

আস্বাদ (আশ্‌শাদ্) [আ—স্বদ্ (আস্বাদন করা)+অ (ঘঞ্)] বি, পুং, স্বাদ; তার; রস। ২। অনুভূতি। ৩। স্বাদগ্রহ; আস্বাদন; রসানুভব।

আস্বাদক (আশ্‌শাদক্) [আ—স্বাদি (আস্বাদন করান) অক (কর্ত্তৃ, ণক)] বিণ, যে স্বাদ গ্রহণ করে; যে চাখে। ২। রসগ্রাহী।

আস্বাদন (আশ্‌শাদোন্) [আস্বাদ দ্রঃ] বি, স্বাদগ্রহণ; চাখন; জিহ্বা দ্বারা স্পর্শ করিয়া লবণ মধুর অম্ল প্রভৃতি রস অনুভব করণ; রসাস্বাদন; তার গ্রহণ। ২। পান; ভোজন। ৩। পরখ করণ। ৪। অনুভব করণ। ৫। ভোগ করণ। ৬। অবগত হওন।

আস্বাদনীয় (আশ্‌শাদোনিঅ) [আ—স্বাদি+অনীয়] বিণ, আস্বাদন করিবার উপযুক্ত; আস্বাদ্য।

আস্বাদিত (আশ্‌শাদিতো) [আ—স্বাদি+ত (ক্ত)] বিণ, যাহার স্বাদ গ্রহণ করা হইয়াছে; চাখা; পরখ করা; গৃহীত তার। ২। অনুভূত। ৩। ভুক্ত।

আস্বাদ্য (আশ্‌শাদ্দো) [আ—স্বাদি=আস্বাদন করান+য (ঘ্যণ্)] বিণ, আস্বাদনীয়; স্বাদগ্রহণ যোগ্য।

আস্‌শাওড়া, সেওড়া (আশ্‌শাওড়া) [সং—আস্যশাখোট। আস্য (মুখ—দন্তধাবন দ্বারা মুখ মার্জ্জন হেতু) শাখোট (শাখা+ওটন—শেওড়া গাছ) যে শেওড়া গাছের শাখায় দন্তধাবন করা হয়] বি, স্বনাম-প্রসিদ্ধ বন্য বৃক্ষ; glycosmis pentaphylla. ইহা শেওড়া গাছ (streblus asper) হইতে ক্ষুদ্র।

আহকজ্বর (আহোক্‌জ্‌র্) [আহক (নাসা রোগ) জ্বর] বি, পুং, নাসাজ্বর।

আহড় (আহোড়্) [অন্তরাল শব্দজ আড়াল, আড়, আইড় হইতে হি—আহড়] বি, অন্তরাল; আড়াল। (অপ্র)
প্র—"আহড়ে থাকিয়া রম্ভা জামাতা নেহারে"
—কবিক।
"কোথায় লুকায় হেন না দেখে আহড়"
—কাশী, মহা, আদি।
২। আগড়।

আহড়-বিহড় (আহড়্‌বিহড়্) [হি—আহড়্ বেহড়্। আহড়্ (দ্রঃ)+বিহড়্=বালী-য়াড়ীর মত উঁচু নীচু জমী; সহচর শব্দ] বি, আড়াল বিড়াল।
প্র—"নকুল লুকায় গড়ে চতুর জম্বুকী। আহড়ে বিহড়ে থাকি মাররে ভাবকী॥"—কবিক।

আহত (আহত) [আ—হন্ (বধ করা) + ত (ক্ত)] বিণ, আঘাত প্রাপ্ত ; আঘাতিত। ২। তাড়িত ; সঞ্চালিত। ৩। মর্দ্দিত। ৪। গুণিত। ৫। জ্ঞাত। ৬। বি, ঢাক ; ঢক্কা।

আহত-লক্ষণ (লোক্‌খোন্) [আহত (জ্ঞাত, সঞ্চালিত) লক্ষণ (চিহ্ন) বহু] বিণ, গুণদ্বারা প্রখ্যাত।

আহতি (হো) [আ—হন (আঘাত করা) + তি (ক্তি)] বি, স্ত্রী, আঘাত ; চোট। ২। তাড়ন। ৩। গুণন।

আহব (ব্) [আ—হ্বে (আহ্বান করা) + অ (অল্—অধি)—যেখানে শূরগণ আহূত হয়] বি, পুং, যুদ্ধ ; সংগ্রাম।
প্র—"সত্য যদি রামানুজ তুমি, ভীমবাহু লক্ষণ ;
সংগ্রাম সাধ অবশ্য মিটাব মহাহবে আমি তব ;"
—মেঘনাদ।
২। [আ—হু (হোম করা) + অ (অধি, অল্)] হোম করিবার স্থল। ৩। যজ্ঞ।

আহবনীয় [আ—হু (হোমকরা) + অনীয় (অধি)] বি, পুং, গার্হপত্য হইতে উদ্ধৃত করিয়া হোমার্থ যে অগ্নির সংস্কার করা যায় সেই যজ্ঞাগ্নি। ২। বিণ, হবন যোগ্য ; সম্যক্‌রূপে হোম করিবার উপযোগী।

আহমাল (আহমাল্) [আ—হম্‌ল্ (বোঝ) শব্দের বহুবচনে আহ্‌মাল্ (বোঝ সমূহ)—আদাঃ পরিঃ] বি, মালপত্রের বোঝাসমূহ।

আহর (আহর্) [আ—হৃ (হরণকরা) + অ (অল্)] বি, পুং, আহরণ। বিণ, আহরণ-কারী। ক্রি, (আহর) [পদ্যে] আহরণ কর।

আহরণ (আহরন্) [আ—হৃ=হরণ করা + অন (অনট্)] বি, সংগ্রহ ; সঙ্কলন। ২। সঞ্চয় করণ। ৩। উপার্জ্জন। ৪। আন-য়ন। ৫। আয়োজন। ৬। বিবাহাদির উপঢৌকন পদার্থ। বিণ, আহৃত।

আহরণীয় (আহরনিয়) [আ—হৃ=হরণ করা + অনীয়)] বিণ, আহরণের যোগ্য।

আহরা [আহৃ ধাতুজ। আহর (আহরণ) + আ (বাং ক্রিয়া বিভক্তি)। উ, পু—আহরি। ম, পু—আহর। প্র, পু—আহরে। অস, ক্রি—আহরিতে ; আহরিয়া, আহরি (সংক্ষেপে, পদ্যে)। ণিজন্ত—আহরাণ (নো)] ক্রি, আহরণ করা ; সংগ্রহ করা। ২। সঞ্চয় করা। ৩। উপার্জ্জন করা। ৪। অন্বেষণ করা ; খোঁজা। প্র—
"আহরিয়া বর আনি, কহিয়া মধুর বাণী
পণ বিনা করে সমর্পণ॥" —কবিক।

আহরিৎ [আ (ঈষৎ) হরিৎ (সবুজ)] বি, ঈষৎ হরিদ্বর্ণ ; greenish. ২। বিণ, হরিৎ বর্ণযুক্ত।

আহরিৎনীল (হো, ল্) বি, ঈষৎ হরিৎ ও নীলের মিশ্রণে উৎপন্ন বর্ণ ; greenish blue. ২। বিণ, ঐ বর্ণযুক্ত।

আহর্ত্তব্য (আহোর্‌তোব্‌বো) [আ—হর্ত্তব্য বিণ, আহরণযোগ্য।

আহর্ত্তা (আহর্‌তা) [আ—হৃ (হরণ করা) + তৃ (কর্ত্তৃ, তৃন)] বিণ, আহরণকারী ; সংগ্রাহক। ২। সঙ্কলন কর্ত্তা। ৩। অনুষ্ঠাতা। ৪। আয়োজনকারী।

আহল (ল্)—আহেল দ্রঃ।

আহলবাহল, বিহল (ল্, ল্) [আহড় বিহড় দ্রঃ। ড়=ল। সহচর শব্দ] বি, আড়াল-বিড়াল ; অন্ধি-সন্ধি ; সর্ব্বত্র। প্র—
"অবশেষে প্রবেশিল আন্ধারিয়া ঘরে।
সওয়া ক্রোশ ঘরখান একটি দুয়ারে॥
আহল বাহল চাহি আন্ধারিয়া কোণে।
কিচমিচ করে কত ছুঁচা পণে পণে॥"
—কবিকঙ্কণ

আহা [সং—আহো, অহহ। অব্যয় শব্দ ইহা ভিন্ন ভিন্ন উচ্চারণ বা স্বরবিকার দ্বারা বিভিন্ন অর্থ প্রকাশ করে (হায় দ্রঃ)] অ, বিস্ময়। ২। (আঃহা) আনন্দ। ৩। দুঃখ ; সহানুভূতি ; শোক। প্র—"আহা আহা হরি হরি উহু উহু মরি মরি হায় হায় গোঁসাই গোঁসাই" —ঈ, গুপ্ত। (২) বিরক্তি। ৪। (অ্যাঃহ্যা, এঃহেঃ) বিদ্রূপ ; ঘৃণা। ৫। পরিতাপ ; আপ-সোস ; হায়। প্র—"ইংলণ্ডের দুর্গতি কল্পনা করিয়া কবি ওয়ার্ড্‌স্বার্থ পৃথিবীর আর সমস্ত মহাপুরুষকে ফেলিয়া কাতর স্বরে মিল্টনকেই ডাকিলেন, কহিলেন—"মিল্টন, আহা! তুমি যদি আজ বাঁচিয়া থাকিতে! তোমাকে ইংলণ্ডের বড়ই আবশ্যক হইয়াছে।" —চারিত্রপূজা। **আহাকরা**—ক্রি, সহানুভূতি প্রকাশ করা। [তুল—আ, ফা—আহা ; ইং—aha.]

আহাব (ব্) [আ—হ্বে (আহ্বান করা) + অ (অধি, ঘঞ্)] বি, যেখানে পশুগণ জলপানার্থে আহূত হয় ; গবাদির জলপানার্থ চৌবাচ্ছা বা কেটো ; trough. ২। দ্রোণকলস। ৩। আহ্বানসাধক মন্ত্রবিশেষ।

আহামরি (আহামোরি) [আমরি দ্রঃ] অ, প্রশংসাধ্বনি। ২। বিদ্রূপোক্তি ; ব্যঙ্গ-সূচক। ৩। বিণ, অতিশয় প্রশংসনীয় ; অনিন্দ্যসুন্দর। প্র—তাহার রূপ একেবারে আহামরিও নয় আবার মন্দও নয়।

আহাম্মক, আহাম্মুক (আহাম্‌মোক্) [আ—আহ্‌মক্ (নির্ব্বোধ) শব্দজ] বিণ, নিরেট মূর্খ ; নির্ব্বোধ ; বুদ্ধিহীন ; বেওকুফ। প্র—
"রাজপুত্রগুলো দেখি আহম্মক অতি"
—দ্বিজেন্দ্র রায়।

আহার (আহার্) [আ—হৃ (হরণ করা—ভোজন করা) + অ (ঘঞ্)] বি, পুং, আহরণ ; সংগ্রহ। ২। ভোজ্যদ্রব্য ; খাদ্য ; অন্ন। ৩। ভোজন। **আহার করা**—ক্রি, ভোজনকরা ; খাওয়া। ২। গ্রাসকরা ; কবলিত করা। **আহারদাতা**—বিণ, যে আহার দেয় ; যে খাওয়ায়। ২। অন্ন-দাতা ; প্রতিপালক। **আহারবিহার**—বি, ভোজন ও বিচরণ ; সঞ্চরণ বা খেলা করিয়া বেড়ান ; খাওয়াদাওয়া। **আহার বিহার করা**—ক্রি, খেয়ে খেলিয়ে বেড়ান।

আহারপ্রিয় (আহার্‌প্রিয়) [আহার—প্রিয়—যাহার (বহু)] বিণ, যে আহার করিতে ভাল-বাসে। ২। ঔদরিক ; পেটুক।

আহারবৃত্তি (বৃ) [আহার + বৃত্তি (কার্য্য, ব্যাপার)] বি, ভোজন কার্য্য ; ভোজন ব্যাপার। প্র—"ভিক্ষান্ন ভক্ষণ কর না * * দুগ্ধও ভক্ষণ কর না, * * এখন কিরূপে আহারবৃত্তি নির্ব্বাহ করিয়া থাক ?" —মহা-আদি (বর্দ্ধ)।

আহারার্থী (আহারারৃথি) [আহার—অর্থ (প্রার্থনা করা) + ইন্ (কর্ত্তৃ, ণিন্)] বিণ, যে আহার বা ভোজন প্রার্থনা করে। ২। যে খাইতে চাহে ; ভোজনাভিলাষী।

আহারি [আহার দ্রঃ] ক্রি, আহার করিয়া। **আহারিব**—আহার করিব। প্র—
"ফলমূল আহারিব ; দূর্ব্বাদলে প'ড়ে রব,
সম্ভাষিব মন-সুখে, বিহঙ্গমগণে॥"
—রায় কালীপ্রসন্ন ঘোষ।

আহারী (আহারি) [আহারিন্ শব্দ] বিণ, যে বিলক্ষণ খাইতে পারে।

আহার্য্য (আহার্‌জো) [আ—হৃ (হরণ করা, আনা) + য (কর্ম্মে)] বিণ, আহরণীয় ; সংগ্রহ-যোগ্য। ৩। যাহা যোগাড়যন্ত্র করিয়া নিষ্পন্ন করিতে হয়। যত্ন বা চেষ্টাসাধ্য (তাহা হইতে)। ৩। অস্বাভাবিক ; কৃত্রিম। ৪। আহারীয় ; ভোজ্য ; ভক্ষ্য ; খাদ্য। ৫। আরোপিত। ৬। [প্রা-বাং, প্রাদে] অস্বাভাবিকতা ; কপটতা ; ভণ্ডামি। প্র—
"তাহা দেখি ও ব্রাহ্মণ আহার্য্য করিয়া।
পড়িলা মাৎসর্য্য-বুদ্ধ্যে আছাড় খাইয়া॥"
—চৈ, ভা। [অপ্র]

আহাহা [সং—অহহ] অ, খেদ, ক্ষোভ, দুঃখ প্রভৃতিসূচক অব্যয়। প্র—"আহাহা আমার মত পিশাচ রাক্ষস এত।"—প্রেম ও ফুল।

আহিক্কে, আহিঙ্গে [গ্রা। সং—আকাঙ্ক্ষা। মেয়েলি উচ্চারণে আকিখে তাহা হইতে আহিক্কে। তুল—ফা, আহঙ্গ্] বি, আকাঙ্ক্ষা ; আশা।

আহিত [আ—ধা (ধারণ করা) + ত (ক্ত)— কর্ম্মে। ধা = হি] বিণ, ন্যস্ত। ২। স্থাপিত। ৩। অর্পিত। ৪। যাহা বন্ধক দেওয়া হইয়াছে ; গচ্ছিত।

আহিতলক্ষণ (আহিতোলোক্‌খোন্) [আহিত —কৃত—লক্ষণ—চিহ্ন যাহার (বহু)] বিণ, স্বীয় সদ্‌গুণদ্বারা প্রখ্যাত। [আহত লক্ষণ দ্রঃ] ২। কৃতসন্ধান।

আহিতাগ্নি [আহিত = স্থাপিত—অগ্নি যৎ-কর্ত্তৃক (বহু)] বি, পুং, সাগ্নিক ; অগ্নিহোত্রী।

আহিতুণ্ডিক (ক্) [অহিতুণ্ড (সর্পমুখ) + ইক (ষ্ণিক)—ক্রীড়ার্থে। যে সর্পমুখ দ্বারা ক্রীড়া করে] বি, পুং, সাপুড়ে। ২। বিণ, সর্পবিদ্যাকুশল।

আহীর, আহীরী (র্) [সং—আভীর,— আভীরী শব্দজ। হি—অহীর] বি, আভীর ; আভীরী ; আভেরী ; গোপ জাতি ; উত্তর পশ্চিম প্রদেশের গোপ জাতি। [আভীর দ্রঃ] প্র—"আহীর-রমণী যত, চালইএণ বাহির পথ আপনি যাইছ আনছলে।" —অনন্তদাস। স্ত্রী, **আহীরণী, আহীরিণী**। প্র—"হাম ত আহীরিণী সহজে গোঁয়ারিণী"—বি, প।

আহুড়ি, আহুড়ী [প্রাদে। হি—আহুড় = লড়াই, যুদ্ধ। লড়াইয়া যেমন বেগে ধাবমান হয় ; ফা—আহু = মৃগ, তদ্বৎ ক্ষিপ্রগতি। তুল— বাহুড়ী] বি, দ্রুতগামী পত্র বা সংবাদ-বাহক ; ধাবক। প্র—
"শুজন হইয়া কর খগ তাড়াতাড়ি।
উত্ত মুখে ধাও সাধু যেমন আহুড়ি।"
"উর্দ্ধ মুখে ধাও যেন ফিরয়ে আহুড়ি।"
—কবিক (অ, সরকার সংস্করণ)।

আহুত [আ—হু (হোম করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা আহুতি দেওয়া হইয়াছে।

আহুতি (আ) [আ—হু (হোম করা) + তি (ক্তি) ভাবে] বি, স্ত্রী, দেবতার প্রীতি সম্পাদনার্থ অগ্নিতে ঘৃতদান ; হোম। প্র— "এ আগুনে কেনে আহুতি দান ?
অমনি নারে কি জ্বালাতে প্রাণ ?"
—ব্রজাঙ্গনা কাব্য।
প্র—"সেই পাপাত্মাকে সর্পসত্রানুষ্ঠান করিয়া প্রজ্বলিত হুতাশনে আহুতি দেওয়া কর্ত্তব্য." —মহা-আদি (বর্দ্ধ)।
২। হবনযোগ্য সামগ্রী ; ঘৃতাদি।

আহূত (আহুত) [আ—হ্বে (আহ্বান করা) + ত (ক্ত—কর্ম্মে)] বিণ, কৃতাহ্বান ; আমন্ত্রিত ; নিমন্ত্রিত।

আহূতি (আহুতি) [আ—হ্বে (আহ্বান করা) + তি (ক্তি) ভাবে] বি, স্ত্রী, আহ্বান ; আমন্ত্রণ।

আহৃত [আ—হৃ (হরণ করা) + ত (ক্ত) কর্ম্মে] বিণ, যাহাকে আহরণ করা হইয়াছে ; সংগৃহীত ; সঙ্কলিত। ২। আনীত। ৩। সঞ্চিত। ৪। আয়োজিত।

আহেয় [অহি = সর্প + এয় (ঢেক্ষ্য) সম্বন্ধার্থে] বিণ, সর্প সম্বন্ধীয়।

আহেরিয়া, আহেড়িয়া [হি—আহেড়ী = মৃগয়াকারী] বি, রাজপুতানার প্রসিদ্ধ মৃগয়া-ক্রীড়া ; মৃগয়া। ২। বিণ, মৃগয়াকারী।

আহেল, আহেলী (ল্) [আ, আহল্— ঘরের লোক, খাস দেশীলোক ; তাহা হইতে খাস, খাঁটী, আনকোরা ইত্যাদি অর্থে বাং-প্রযুক্ত] বিণ, খাস ; খাঁটী ; অমিশ্র ; আনকোরা। প্র— "আহেলী বিলাতি বোল আনকোরা ঢাকাই" —হেম।
২। সম্পূর্ণ নূতন। **আহেল্ বিলাত, আহেলে বিলাত, বেলাত** (ত্) [আ, আহল্ (ঘরের লোক)—ই, এ (সমস্ত-পদে পদযোজক—আরবী, ফারসী অনুযায়ী) —বিলাত, বেলাত (আ, বিলাএৎ—বাদশাহের মুলুক বা স্বদেশ, c.f. home.) অর্থাৎ বাদ-শাহের খাস দেশের লোক] বাদশাহের স্বদেশ হইতে নূতন আগত সুতরাং ভারতবর্ষ সম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ। প্র—"আহেল্ বেলাত নরিশ্ সাহেব ধর্ম্ম অবতার" —হেম বন্দ্যো।
২। [আহেল (সম্পূর্ণ নূতন) বেলাত (বাদশাহের মুলুক। সম্রাটের অধিকৃত দেশ) নূতন বিলাত ; ভারতবর্ষ (ইংরেজাধিকৃত ও মহারাণী ভিক্টোরিয়া কর্ত্তৃক ১৮৫৮ খৃঃ অব্দে স্বীয় শাসনাধীনে বা খাসে গৃহীত ভারত। প্র— "আহেল বেলাত খাস করেছো, বাস করে মা থাকো থাকো" —ঈশ্বর গুপ্ত।

আহেলে মামলা—মোকদ্দমার বাদী প্রতিবাদী। মামলা দ্রঃ।

আহেলকার (ল্, র্) বি, হাল্‌কা বা জেলার শাসনকর্ত্তা। ২। [কুচবিহারে 'আহেল-কার'] দপ্তরের কর্ম্মচারী ; লিপিকার।

আহো [প্রাদে] অ, সন্দেহ। ২। প্রশ্ন।

আহোআল (ল্) [আ—আহ্‌বাল্। হাল্ (বর্ত্তমান অবস্থা) শব্দের বহুবচন। স্থল বিশেষে—আওহাল, আবহাল] বি, বর্ত্তমান অবস্থা ; অবস্থা ; দশা।

আহ্ন (আন্‌হ) [অহন্ + অ (ষ্ণ)] বি, ক্লী, দৈনিক।

আহ্নিক (আন্‌হিক্) [অহন্ (দিন) + ইক (ষ্ণিক) নির্ব্বৃত্যর্থে] বিণ, প্রাত্যহিক। ২। দৈনিক। ৩। সন্ধ্যাবন্দনাদি প্রতিদিনের কৃত্য।

আহ্নিকগতি (আন্‌হিক্‌গোতি) বি, স্ত্রী, দৈনিক গতি। ২। পৃথিবী স্বীয় অক্ষোপরি দিবারাত্রে অর্থাৎ ২৪ ঘণ্টায় যে পশ্চিম হইতে পূর্ব্বদিকে একবার ঘুরিয়া আইসে সেই আব-র্ত্তনের নাম আহ্নিক গতি ; diurnal motion.

আহ্লাদ (আল্‌হাদ্) [আ—হ্লাদ্ (সন্তুষ্ট হওয়া) অ (ঘঞ্ ভাবে)] বি, পুং, আনন্দ ; আমোদ। ২। প্রীতি।

আহ্লাদে আটখানা (তুল—হেসে কুটি কুটি) যাহার আহ্লাদের মাত্রা এত অধিক হয় যে আহ্লাদ ভিতরে ধরিয়া রাখিবার আর স্থান থাকে না তখন অঙ্গ যেন অষ্টধা বিভক্ত করিয়া (অঙ্গ ভঙ্গেই প্রকাশ) বাহির হইয়া পড়ে বা হর্ষ পুলকিত অঙ্গে ফুটিয়া বাহির হয়।

আহ্লাদে পুতুল—শিশুর ন্যায় আদর পাওয়া ছাড়া পুতুলের আর কোন শক্তি বা কার্য্য নাই, যে পুতুলের মত কর্ত্তব্যবোধহীন ও আদুরে নিষ্কর্ম্মা ব্যক্তি যে কেবল অন্যের যত্ন পাইয়া আহ্লাদ আমোদ করিয়া বেড়ায় কোন দায়িত্ব বা ভার গ্রহণ করে না তাহাকে বিদ্রূপ করিয়া বলা হয়—আহ্লাদে পুতুল ; আদুরে গোপাল।

আহ্লাদক (ক্) [আ—হ্লাদি = আহ্লাদ-করান + অক (ণক)] বিণ, যে আহ্লাদ করে। ২। যাহা আনন্দ দান করে ; আমোদ-জনক ; হর্ষকর।

আহ্লাদন (আল্‌হাদোন্) [আ—হ্লাদি = আহ্লাদ করান + অন (অনট্) ভাবে] বি, ক্লী, প্রীতিসম্পাদন ; প্রীণন ; আমোদন।

আহ্লাদিত (আল্‌হাদিতো) [আ—হ্লাদি = আহ্লাদ করান + ত (ক্ত) ভাবে] বিণ, আনন্দিত ; প্রীত ; হৃষ্ট। ২। যে আহ্লাদিত হইয়াছে ; জাত আনন্দ।

আহ্লাদী (আল্‌হাদি, আল্লাদি) [গ্রা— আল্লাদি। আহ্লাদ + ইন্ (ণিন্) = আহ্লাদিন্] বিণ, আহ্লাদ করাই যাহার স্বভাব। ২। আমোদপ্রিয়। ৩। যে সময় অসময় না বুঝিয়া আহ্লাদ প্রকাশ করে ; ন্যাকা। পুং, আহ্লাদিয়া, আহ্লাদে। স্ত্রী, **আহ্লাদিনী**ও হয়।

আহ্বয়] (আব্‌ভয়্) [আ—হ্বে (আহ্বান করা) + অ (অল্) করণে] বি, সংজ্ঞা ; নাম। ২। ক্রি, আহ্বান করে। প্র—"ক্ষত্রনীতি আছে হেন যদ্যপি আহ্বয়। কিবা দ্যূতে কিম্বা যুদ্ধে বিমুখ না হয়।" —মহা—কাশী—সভা।

আহ্বান (আভান) [আ—হ্বে (আহ্বান করা) + অন (ট্—ভাবে)] বি, আমন্ত্রণ ; ডাক। ২। নিমন্ত্রণ। ৩। সম্বোধন।

আহ্বায় (আভায়্) [আ—হ্বে + অ (ঘঞ্) —করণে] বি, আহ্বয়। ২। আহ্বান।

আহ্বায়ক (আভায়ক্) [আ—হ্বে + অক (ণক)] বিণ, আহ্বানকারী ২। দূত।

ই

ই—স্বরবর্ণ মালার তৃতীয় বর্ণ। হ্রস্ব স্বর। ইহার উচ্চারণ স্থান তালু। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে ইহার আকার 'ি' এইরূপ হয়। যথা—ক+ই=কি। [দ্রঃ-ইকার ব্যঞ্জন বর্ণের পূর্ব্বেই বসে বলিয়া পূর্ব্ব বঙ্গে ইকারের উচ্চারণ প্রথমেই করা হয়। যথা—করিয়া—কইরা উড়িয়া—উইড়া। তুল—"উইড়া যাইতে পইখটা পুইড়া মরে।"—মাঘমণ্ডল ব্রতের মন্ত্র (বিক্রমপুরের ইতিহাস)]

২। [ইদম্=ইম্ ('দ' লোপে)=ই (প্রাকৃতে 'ম্' লোপে) ইদম্ শব্দের প্রাকৃতরূপ। সর্ব্বনাম রূপে ব্যবহৃত হইলে বাঙ্গালায় 'ইহা' হয়। এস্থলে হিন্দীতে শুদ্ধ 'ই' র ব্যবহার আছে। প্রাদে, গ্রা ; প্রা-বাং হি-র অনুকরণে] স, এ ; এই ; ইহা। প্র—"ইধন যার ঘরে নাই তার মিছাই জীবন"—ছড়া। "দিগ্বিজয়ী বেশ ধর ইবেশ ছাড়িয়া" ; "ই ভব তরিতে সেতু," ; "ই বড় বিষম ঠাঁই" ; "ই হেতু পাঁচালী কবি করিল প্রকাশ"—দুর্গামঙ্গল। [দ্রঃ—২৪ পরগণা, হুগলী, নবদ্বীপ প্রভৃতি স্থানে 'এই' শব্দের 'এ' মাত্র এবং বর্দ্ধমানাদি অঞ্চলে 'ই' মাত্র ব্যবহৃত হয়]।

৩। [সং—'হি' হইতে, হিন্দী 'হী'] অ, বাক্য দৃঢ় করণার্থে বাঙ্গালায় 'ই' যুক্ত হয়। প্র—গেলামই বা ; যদিই বা হয় ; না বল নাই বলিলে।

৪। [ই (গমনে)+০ (কর্ত্তৃ, কিপ্)] বি, কামদেব। (২) অ, খেদ ; কোপ ; নিন্দা ; বিস্ময় ; সম্বোধন ; আহ্বান ; নিরাকরণ। [বাং-বিরল]।

৫। অ, কেবলমাত্র ; একমাত্র ; অনন্তবাচক। প্র—সেখানে আমিই ছিলাম, তাহাকেই যাইতে হইবে।

৬। নিশ্চয়সূচক। প্র-কাজটা করিবই করিব।

৭। অগ্রাহ্য বা অবজ্ঞাসূচক। প্র—যেই কেন আসুক না সে কাহারও কথা শুন্‌বে না ; কেনই বা সে শুন্‌বে ; কেই বা তার কথা শুনেছে।

৮। হেতু-বাচক। প্র—তাহার কথাতেই ত আগুন জ্বলেছে, না হলে কি এত কাণ্ড বাধে? কাজেই বল্‌তে হয় তারই যত দোষ।

৯। বিশেষ-বাচক। প্র—কিছুইত কাজে আসিল না। এত বয়স হইল ছেলেটা কোন কাজেরই হইল না।

১০। আধিক্য বা পরিমাণ সূচক। প্র—যতই বল আর যতই কর ভবি ভুল্‌বার নয়।

১১। পাদ পূরণে 'হি'=ই।

১২। [ব্যাকরণে] বাঙ্গালা প্রত্যয় বিশেষ। (১) যুক্ত অর্থে ; আছে এই অর্থে। যথা—ভারি ; দাগি। (২) স্বার্থে। যথা—হাসি। (৩) সম্বন্ধার্থে। যথা—সরকারি। (৪) ধর্ম্ম অর্থে। যথা—লম্বাই ; খাড়াই। (৫) ব্যবসায় অর্থে। যথা—ডাক্তারি ; ক্ষেতি ; গোলদারি। (৬) সাদৃশ্যার্থে। যথা—বড়মানুষি। (৭) তদুৎপন্ন ; তদ্‌জাত ; তন্নিমিত্ত। যথা—পাটনাই ; কাবুলি। তদ্দেশীয় হইলে 'ঈ' যথা—কাবুলী ; বিহারী ; বাঙ্গালী। (৮) ক্ষুদ্রার্থে। যথা—হাঁড়ি ; কলসি ; ঝুড়ি। (৯) দক্ষ অর্থে। যথা—হিসাবি। (১০) দিন নির্দ্দেশ বা নির্দ্ধারণার্থে। যথা—সাতই আটই। দ্রঃ—৫ই হইতে ১৮ই প্যর্যন্ত ই, তাহার পর এ। 'এ' দ্রঃ।

১৩। [ব্রজ ও প্রা-বৈ-সা] কথার মাত্রা স্বরূপ কেবল উচ্চারণার্থে। যথা—"মনের আগুনি মনে নিভাইতে।" —অনন্তদাস। "সাঁঝক বেরি" —বিদ্যাপতি। "সগরি রাতির্য়া"। "কিরাতি" (কিরাত স্থলে। এইরূপ "শপথি" শপথ স্থলে)। প্র—"যেমতি করিয়া শপথি করিল" —চণ্ডীদাস।

(২) কর্ত্তা স্ত্রীলিঙ্গ হইলে ব্রজভাষায় ক্রিয়াপদে ইকার যুক্ত হয়। প্র—"ভেলি বরনারী" "গেলি কামিনী গজহুঁ গামিনী।"—বিদ্যাপতি।

(৩) সপ্তমী বিভক্তি বাচক। প্র—"গুরুজন সমুখই ভাব তরঙ্গ" —বিদ্যাপতি।

ইউরেশীয়ান্ (য়ুরেশিআন্) [ইং—Eurasian] বি, য়ুরোপ ও এসিয়া মহাদেশীয় পিতা মাতার সন্তান ; সঙ্কর জাতি-বিশেষ।

ইউরোপীয়, য়ুরোপীয়, য়ুরোপীয় [ইং—European শব্দজ] বিণ, য়ুরোপ-মহাদেশ-সম্বন্ধীয় ; য়ুরোপ-জাত ; য়ুরোপের অধিবাসী। বি, **য়ুরোপীয়তা** [ইং—Europeanism এর অনুবাদ] য়ুরোপের বিশেষত্ব ; য়ুরোপের অনন্য সাধারণ প্রকৃতি ও ধর্ম্ম। প্র—"ভারতবর্ষের যাহা শ্রেষ্ঠধন তাহাও সার্ব্বভৌমিক, য়ুরোপের যাহা শ্রেষ্ঠধন তাহাও সার্ব্বভৌমিক, তথাপি ভারতবর্ষীয়তা এবং য়ুরোপীয়তা উভয়ের স্বতন্ত্র সার্থকতা আছে বলিয়া উভয়কে একাকার করিয়া দেওয়া চলে না।" —চারিত্রপূজা।

ইংরাজ, ইংরেজ (জ্) [ইং—English ফ্রে—Anglaise, লেজ হইতে রেজ, পরে রাজ] বি, পুং, ইংল্যাণ্ড দেশের অধিবাসী। [দ্রঃ—লণ্ডন, ইংল্যাণ্ডের রাজধানী। সংস্কৃতে ইংল্যাণ্ডের নাম লণ্ড দেশ]।

ইংরাজী, ইংরেজী, ইংরেজি-বিণ, ইংরেজসম্বন্ধীয়। ২। ইংরেজি ভাষা ; the English language. প্র—"পড়তে পারি বলতে পারি ইংরাজী ভাষায়। পিয়োনা বাজাতে পারি ইংরাজী প্রথায়॥" —হেমচন্দ্র।

ইংলিশ (শ্) [ইং—English] বি, হরপ বিশেষের নাম। গ্রেট প্রিমার (Great primer) অপেক্ষা ছোট, পাইকা (Pica) অপেক্ষা বড় এবং ঐ দুয়ের মধ্যবর্ত্তী আকারের হরপ।

ইংলিস্ [রাজস্ব বিভাগীয় পরিভাষা Inglis] বি, বরতরফ করা বা কর্ম্মে অক্ষম সিপাহীদিগকে পেন্‌সনের পরিবর্ত্তে প্রদত্ত নিষ্কর ভূমি : "rent-free tenures given to disbanded sepoys in lieu of pension." "Invalid soldiers or sipahies to whom allotments of land were assigned as pensions—the lands so granted."—*Wilson.*

ইংলিসদার (শ্, র্) [ইংলিস দ্রঃ] বি, যে টাকার স্থলে জমী পেনসন স্বরূপ প্রাপ্ত হয়।

ইঃ [ইস্ শব্দজ] অ, কোপ, দুঃখ বা সন্তাপ বা বিস্ময়সূচক শব্দ। ২। পুং, কামদেব।

ইঁচ্‌লা [সং—ইঞ্চাক শব্দজ] বি, মৎস্য বিশেষ ; ইচ্‌লে মাছ।

ইঁট (ঈঁট্) [সং—ইষ্টক শব্দজ। ইট দ্রঃ] বি, দগ্ধ মৃত্তিকা ; যাহা দ্বারা অট্টালিকাদি নির্ম্মিত হয়। প্র—"ইটের মত শক্ত"—দ্বিজেন্দ্র রায়।

ইঁটোনো—ক্রি, ইষ্টকের দ্বারা আঘাত করা ; ইট ছুড়িয়া মারা।

ইঁদুর (র্) ইন্দুর দ্রঃ।

ইকট, ইকড় (ট্, ড়্) [প্রাদে] বি, বংশাঙ্কুর।

ইকড় (ড়্) [প্রাদে] বিণ, শক্ত ; নিরেট।

ইকড়া (ই্‌ক্‌ড়া) [প্রাদে] বি, ইঁদুর।

ইকরার (ক্, র্) বি, একরার দ্রঃ।

ইকার [ই+কার—স্বার্থে] বি, পুং, ইবর্ণ ; ই (ি)।

ইকুন (ন্) [সং—উৎকুন শব্দজ] বি, পুং, কেশকীট ; উকুন।

ইক্ষু (ইক্‌খু) [ইষ্ (ইচ্ছা করা)+সু (ক্ সু) —সংজ্ঞার্থে] বি, পুং, আক্‌গাছ। ২। অসিপত্র বৃক্ষ।

ইক্ষুকাণ্ড (ইক্‌খুকান্‌ডো) [ইক্ষু—কাণ্ড ইক্ষুর ন্যায় কাণ্ড অর্থাৎ গুঁড়ি যাহার (বহু)] বি, পুং, শরমুঞ্জ। ২। কাশতৃণ ; কেশে।

ইক্ষুগন্ধা (ইক্‌খুগন্‌ধা) [ইক্ষু—গন্ধ=ঘ্রাণ, ইক্ষুর ন্যায় গন্ধ যাহার (বহু)] বি, স্ত্রী, গোখুরী। ২। কাশতৃণ; কেশে।

ইক্ষুমতী (ইক্‌খুমোতি) বি, স্ত্রী, নদী বিশেষ, ইহার অপর নাম ইক্ষুল, ইহার তীরে সাঙ্কস্যা নগরী বিরাজিত। কনিংহাম বলেন, ইহার অপর নাম ঈশানী। মৈনপুরী প্রভৃতি অঞ্চলে ইহাকে ঈশান নদী বলে; স্থানান্তরে ইহাকেই কালীনদী বলে।

ইক্ষুযন্ত্র (ইক্‌খুজন্‌ত্রো) [ইক্ষু—যন্ত্র (কল)] বি, ক্লী, যে যন্ত্র দ্বারা ইক্ষুরস নির্গত করে।

ইক্ষুরস (ইক্‌খুরশ্‌) [ইক্ষু—রস (৬ষ্ঠী তৎ)] বি, ক্লী, আকের রস।

ইক্ষুসার (ইক্‌খুশার্‌) [ইক্ষু—সার (স্থিরাংশ) যাহার (বহু)] বি, পুং, একোগুড়; খাঁড়।

ইক্ষ্বাকু (ইক্‌খাকু) [ইক্ষু—আ—কৃ (করা) +উ (ড়—কর্ত্তৃ)] বি, পুং, তিত্‌লাউ। ২ সূর্য্যবংশীয় প্রথম রাজা। ইনি মনুর নাসিকা হইতে জন্মগ্রহণ করিয়াছিলেন [বিষ্ণু পুরাণ

ইঙ্গন (ইংগন্‌) [ইঙ্গিত দ্রঃ, ইনগ্‌ (গমনে) + অন (ট)—ভাবে)] বি, ক্লী, গমন। ২। চেষ্টা। ৩। চলন। ৪। কম্পন। [বঙ্গভাষায় স্বতন্ত্র ব্যবহার নাই; অন্য শব্দের সহযোগেইহার বিরল ব্যবহার আছে। যথা—জ্যোতিরিঙ্গন]

ইঙ্গ-বঙ্গ (ইংগবংগ) [ইঙ্গ (ইঙ্গরাজ বা ইংরাজ শব্দের সংক্ষেপ)—বঙ্গ] বিণ, পুং, ইংরেজী ও বাঙ্গালা মিশ্রিত; Anglo Bengali. ২। বেশভূষা করিয়া ইংলণ্ড প্রবাস কালের পর সাজ সজ্জা রুচি প্রভৃতিতে ইংরেজের অনুকরণকারী বঙ্গে প্রত্যাগত বাঙ্গালী। ৩। য়ুরোপ হইতে প্রত্যাগত য়ুরোপীয় ভাবাপন্ন বঙ্গবাসী।

ইঙ্গিত (ইংগিত্‌) [ইনগ্‌ (গমন করা) + ত (ভাবে ক্ত] বি, ক্লী, হৃদ্‌গত ভাব; যে অঙ্গ চালনাদি দ্বারা মনের ভাব বুঝিতে পারা যায়; সঙ্কেত; ঠার; ইসারা। ২। চলন; চাল্‌। ৩। অন্বেষণ। ৪। চেষ্টা। ৫। অভিপ্রায়; তাৎপর্য্য।

ইঙ্গিতজ্ঞ (ইংগিতোগ্‌গো) [ইঙ্গিত—জ্ঞ (জ্ঞা = জানা) + অ (ড—কর্ত্তৃ)—যে জানে] বিণ, যে ইঙ্গিত বুঝিতে পারে; যে ইঙ্গিত দেখিয়া মনের ভাব বুঝিতে পারে।

ইঙ্গুদ (ইংগুদ) [ইনগ্‌ (গমনে) দ (যে দান করে) উপপদ। (অ=উ)] বি, পুং, তাপস তরু; কণ্টকী বৃক্ষবিশেষ। স্ত্রী, ইঙ্গুদী। ২। জ্যোতিষ্মতী। ৩। নয়াফটকী; Putranjiva; balanites roxburghii. ইঙ্গুদীবৃক্ষ ১৫।১৬ হাত উচ্চ হয়। ইহার ফল আম্র ফলের মত কিন্তু তিক্তাস্বাদ। বীজ হইতে তৈল হয়। পূর্ব্বকালের ঋষিগণ এই তৈল ব্যবহার করিতেন। সংস্কৃত সাহিত্যে এই শব্দের বহুল প্রয়োগ আছে।

ইঙ্গুল (ইংগুল্‌) বি, ক্লী, হিঙ্গুল। স্ত্রী, ইঙ্গুলী—বৃক্ষবিশেষ। (ঋষিরা এই বৃক্ষের ফলের তৈল ব্যবহার করিতেন)।

ইচড় (ইচড়্‌) [ইচল মাছের দাড়ার মত অথবা ইড়াচিকা অর্থাৎ বোলতার হুলের মত কণ্টকিত বলিয়া ?] বি, অপক্ক কাঁঠাল। এচড় দ্রঃ।

ইচড়ে পাকা—বিণ, অকাল-পক্ব; precocious.

ইচলা, ইচলি, ইচলী (চ) [সং—ইল্লীক এবং চিলিচিম এই দুই শব্দের মিশ্রণে। পূ, বঙ্গে ইচা] বি, চিংড়ী মাছ। পূঃ বঙ্গে ইচা মোচাচিংড়ীকে বলে। কোন কোন স্থলে ছোট বড় নির্ব্বিশেষে চিংড়ী মাছ।
প্র—"খোড়, উড়ম্বর ইচলি মাছে।
খাইলে মুখের অরুচি ঘুচে।"
—কবিক।

ইচ্ছক (ইচ্ছক্‌) [ইষ্‌ (ইচ্ছা করা) + অ—ক্‌ বিণ, যে ইচ্ছা করে; ইচ্ছুক; অভিলাষী। ২। পুং, টাবালেবু।

ইচ্ছা (ইছ্‌ছা) [সং—ইষ্‌ (ইচ্ছা করা) + অ (ভাবে) ষ=ছ। তুল—ইং wish. সুইড-onska.] বি, স্ত্রী, বাঞ্ছা; স্পৃহা। প্র—"বিষয় অনুরাগ হইতে কামনা; কামনা হইতে ইচ্ছা জন্মে; ইচ্ছা হইতে তৃষ্ণা প্রবলা হয়।" ২। উৎসাহ; ৩। প্রবৃত্তি; volition. প্র—"ইচ্ছা হইল তব ভানু প্রকাশিল।"
—ব্রহ্মসঙ্গীত।

ক্রি, ইচ্ছি—ইচ্ছা করি। প্র—"ইচ্ছি মরিবারে" —মেঘনাদ।

ইচ্ছাধীন (ইছ্‌ছাধিন্‌) [ইচ্ছার অধীন, ৬ তৎ] বিণ, যাহা ইচ্ছা হইলেই করা যাইতে পারে; ইচ্ছায়ত্ত।

ইচ্ছানুরূপ (ইছ্‌ছানুরুপ) [ইচ্ছা-অনুরূপ, ৬তৎ] বিণ, অভিলাষানুযায়ী; প্রার্থনা বা কামনামত।

ইচ্ছাবতী (ইছ্‌ছাবোতি) [ইচ্ছা+বৎ—অস্ত্যর্থে] বি, স্ত্রী, কামুকা; স্পৃহাবতী। ২। ধনাদিতে স্পৃহাবতী;

ইচ্ছাবসন্ত (ইছ্‌ছাবশোন্‌তো) বি, মসূরিকা; small-pox. [দ্রঃ—"বিশেষ বিষ শরীর মধ্যে শোষিত হইয়া এই সংক্রামক ও স্পর্শাক্রামক অবিরাম জ্বর উৎপন্ন হয়। এই জ্বরে তৃতীয় দিবসে গাত্রে গুটিকা নির্গত হয়। এই গুটিকানির্গমন-কারী জ্বরে চর্ম্মের ও কখন কখন শ্লৈষ্মিক ঝিল্লির বিশেষ প্রদাহ উপস্থিত হয়; ইহা পূযোৎপাদনকারী। ইহাতে চর্ম্মে রক্তবর্ণ দাগ নির্গত হয়।" —ডাঃ-কর]।

ইচ্ছামত (ইছ্‌ছামত) বিণ, ইচ্ছানুরূপ দ্রঃ।

ইচ্ছাময় (ইছ্‌ছাময়্‌) বিণ, যাঁহার ইচ্ছা মাত্র কার্য্য হয়; ঈশ্বর (যাঁহার ইচ্ছাই সৃষ্টির মূল)। স্ত্রী, **ইচ্ছাময়ী**—ইচ্ছাত্মিকা আদ্যাশক্তি। প্র—
"তিনি ঘটে ঘটে বিরাজ করেন,
ইচ্ছাময়ীর ইচ্ছা যেমন॥"
—রামপ্রসাদ।

ইচ্ছায়ত্ত (ইছ্‌ছায়োৎতো) [ইচ্ছা—আয়ত্ত] বিণ, ইচ্ছাধীন; আত্মবশ।

ইচ্ছি [ইচ্ছা হইতে পদ্যে] ক্রি, ইচ্ছা করি। প্র—"হে পিতৃব্য, তব বাক্যে ইচ্ছি মরিবারে।" —মেঘনাদ।

ইচ্ছিলে (ইছ্‌ছিলে) [ইচ্ছা শব্দজ] ক্রি, ইচ্ছা করিলে। ২। মনোনীত করিলে; পসন্দ করিলে। প্র—
"কহগো নিরুপমা কাহার বোলে রামা
ইচ্ছিলে বুঢ়া জটাধরে।"
—কবিক।

ইচ্ছু, ইচ্ছুক (ইছ্‌ছু, ইছ্‌ছুক্‌) [ইচ্ছা দ্রঃ, উ—কর্ত্তৃ। ইচ্ছু+কণ্‌—স্বার্থে] বিণ, ইচ্ছাবিশিষ্ট; অভিলাষী; বাসনাযুক্ত। ২। সম্মত; রাজী।

ইচ্ছে (ইচ্ছা দ্রঃ) বি, ইচ্ছা। ২। ক্রি, ইচ্ছা করে। প্র—"দেবতা দেখিতে ইচ্ছে যাহার সময়।" —গৌরীমঙ্গল।

ইছিয়া [সং—ইষ্‌ (ইচ্ছা করা) তুল—ইং—wish] ক্রি, ইচ্ছা করিয়া। ২। কামনা করিয়া। প্র—"ইছিয়া তোমার ধণ, দিমু তারে পণ দশ" —কবিক।

ইজনামা [ফা] বি, চরমপত্র; ইচ্ছাপত্র; উইল; will.

ইজমালী (জ্‌)—এজমালী দ্রঃ।

ইজলাস (জ্‌ স্‌) [বাং—সাধারণতঃ 'এজ্‌লাস্‌' ফা—ইজ্‌লাস্‌ "The bench of a court" "A sitting, especially of a court of justice; sessions; under the Muhammadan government, it usully denoted an assembly of jurists or learned men for the decision of an intricate or important cause. It is also used at present for a meeting or sitting of the Supreme council."—*Wilson.*] বি, বিচারালয়। এজলাস দ্রঃ।

ইজা [ফা—ইজা] বি, মিলাইবার জন্য এক ফর্দ্দের ঠিক অন্য ফর্দ্দে লিখিত হয়, তাহা এই ফর্দ্দের উপর টানিলে জের ও নীচে টানিলে ইজা কহে। ২। জের।

ইজাফা [আ—ইজাফ্‌] বিণ, অধিক; বেশী। প্র—"তিন সন ইজাফা দিয়াছি রাজকর।" —ঘনরাম।

ইজাদ (দ) [ফা—ঈজাদ] বি, অতিরিক্ত ভূমি। ২। [আ] আবিষ্কার।

ইজার (ইজার্) [ফা—ইজার্ (অধোবস্ত্র)] বি, পাজামা; অধোবস্ত্র। প্র—
"অধোবস্ত্র ইজার উজার অধোদেশে।"
—ঘনরাম।
"পাহাড়ে আপন পথে দশরেখা টুপিমাথে।
ইজার পররে দৃঢ় করি।"
—কবিক।
২। [আ—ইজার্] ঠিকা দেওয়া জমি; আবাদী জমি; কাশ্‌তকারী; যোত।

ইজারদার (ইজার্‌দার্) [আ, ফা—ইজার্‌দার্] বি, ইজারার অধিকারী; মুস্তাজির; ঠিকাদার।

ইজারবন্ধ (ইজার্‌বন্ধ্) [ফা—ইজার্—বন্ধ] বিণ, যাহার দ্বারা ইজার বন্ধ করা যায়; ইজার কোমরে বাঁধিবার ফিতা।

ইজারা [আ—ইজারা] বি, ভূমি ভোগাধিকার স্বত্ব বিশেষ; একাধিক বৎসরের জন্য হস্তবুদ খাজনার নিয়মে জমিদারের নিকট হইতে গৃহীত গ্রাম।
২। নির্দ্দিষ্ট জমায় মেয়াদী বন্দোবস্ত: ঠিকা। ৩। [বাং-সাধারণতঃ] স্বত্ব দখল একচেটিয়া অধিকার। [দ্রঃ—ইজারা রাজস্ব আদায়ের চুক্তিমাত্র ইহাতে জমি দখলি স্বত্ব জন্মে না।
"Especially employed to denote a lease or farm of land held at a defined rent or revenue; whether from Government direct or from an intermediate payer of the public revenue; a farm or lease of the revenue of a village or district, also of customs, o collections of any description, as o custom any fees or allowances; any items of revenue letting lands on farm or lease; the lands so let; contract; a molopoly".—*Wilson.*

ইজাহার (র্) [ফা—ইজহার্ (সাক্ষ্য)] বি, জবানবন্দী; সাক্ষ্য; an affidavit; any statement made by the parties or witnesses in a suit. A deposition or declaration in court.
ইজাহারনবীশ—বাদী প্রতিবাদীর সাক্ষ্যগ্রহণকারী বা জবানবন্দীলেখক।

[আ—ইজ্জৎ] বি, সম্মান; সম্ভ্রম; ২। স্ত্রীলোকের পবিত্রতা; আবরু।
বে-ইজ্জৎ—অপমান; বে-আবরু; মানসম্ভ্রম নাশ।

ইজ্জল (ল্) বি, পুং, হিজ্জল বৃক্ষ; হিজলগাছ। ২। জিউলি গাছ। ৩। নিচুল গাছ।

ইজ্য (ইজ্‌জ) [যজ্ (পূজা করা)+য (কর্ম্মে ক্যপ্)] বিণ, পূজ্য। (বাং—অন্যান্য অর্থ অপ্রশস্ত)। স্ত্রী, ইজ্যা।

ইজ্যা (ইজ্‌জ্যা) [ইজ্য দ্রঃ] বিণ, স্ত্রী, পূজ্যা। ২। বি, যজ্ঞ।

ইজ্যাশীল (ইজ্‌জ্যাশীল্) [ইজ্যা (যজ্ঞ)+শীল (পরায়ণ)] বিণ, যে বারম্বার যজ্ঞে প্রবৃত্ত হয়; পুনঃপুনঃ যজ্ঞকারী; যাজক; যাজ্ঞিক।

ইঞ্চাক (ক্) [সং] বি, পুং, ইচলা বা ইচা মাছ, মোচা চিংড়ি; চিংড়ি মাছ।

ইঞ্চি (ইনচি) [ইং—inch.] বি, ১২ যবোদর পরিমাণ; বুরুল।

ইঞ্জিন (ন্) [ইং—engine] বি, যন্ত্র; কল।

ইঞ্জিনিয়র (র্) [ইং—Engineer. বাং—এঞ্জিনিয়ারও বলে] বি, যন্ত্রাধ্যক্ষ; কলপরিচালক। ২। যন্ত্রবিজ্ঞানজ্ঞ। ৩। পূর্ত্তাদি বিদ্যায় পারদর্শী; পূর্ত্তবিভাগীয় প্রধান কর্ম্মচারী। সর্ব্বপ্রধান কর্ম্মচারীকে চীফ ইঞ্জিনিয়র (Chief-Engineer) বলে।

ইঞ্জিল, ইঞ্জীল (ল্) [আ—ইনজীল্=সুসংবাদ; গ্রী—eu=well, angellein=to bring news; ইং—evangel=good-news, the gospel. তুল—"মথি লিখিত সুসংবাদ"] বি, মুসলমানী ভাষায় বাইবেলের নাম; the New Testament.

ইট (ট্) [সং—ইষ্টক; পা—ইট্টক। হি—ইটা] বি, ঘরবাড়ী নির্ম্মাণোপযোগী বিশেষ আকৃতির সাধারণত চতুষ্কোণ মৃত্তিকা খণ্ড; ইহা আগুনে পোড়াইলে পাকা ইট হয়। রৌদ্রে শুষ্ক করিয়া লইলে কাঁচা বা আমা ইট হয়। **ইটের গাঁথনি**—এক খানির উপর একখানি করিয়া কাদা বা চূণ সুরকী প্রভৃতি মসলা দ্বারা ভিত, দেওয়াল প্রভৃতির গাঁথন। **শক্ত যেন ইট**—পোড়া বা পাকা ইট খুব কঠিন বলিয়া ইহার সহিত শক্ত জিনিষের তুলনা করা হয়। এবং বলা হয় শক্ত যেন ইট হইয়া গিয়াছে। মাথায় বা কপালে ইটের আঘাত ক্রোধ, অভিমান প্রভৃতির লক্ষণ। প্র—"সময়ে না পেলে টাকা কপাল ভাঙ্গে আস্ত ইটে"—ঈশ্বর গুপ্ত।
ইটপাটকেল—আস্ত ইট এবং ইটের ভগ্ন খণ্ড। পাটকেল দ্রঃ। প্র—ইটপাটকেল ছুঁড়িয়া মারা। **ইটটি মারলে পাটকেলটি খেতে হয়**—আঘাত করিলে প্রতি আঘাত পাইতে হয়; মানুষের স্বভাব এই যে প্রতিশোধ লইতে ছাড়ে না, তাহারই ভাব। কুব্যবহার করিলে লোকের কুব্যবহার সহ্য করিতে হয়।

ইটখোলা (ট্) [খোলা=ক্ষেত্র; ইট তৈয়ার করিবার স্থান বা মাঠ] বি, পাঁজা পুড়াইবার মাঠ, পাঁজা খোলা।

ইটচুর (ট্, র্) [সং—ইষ্টকচূর্ণ] বি, ইটের গুঁড়া; সুরকী।

ইটা, ঈটা (ইটা) [প্রা] বি, ট্যাংরার মত কিন্তু আকারে বৃহৎ এক প্রকার মৎস্য; silurus acanthius. প্র—"ইটা ঢুনিয়ার মিঠা"
—প্রবচন।

ইটান, ইটন (নো) ক্রি, ইষ্টক নিক্ষেপ করিয়া প্রহার করা; ইষ্টকাঘাত করা।

ইটাল (ল্) [ইষ্টক শব্দজ। প্রা-বাং] বি, ইট।
[অপ্র]

ইটি, এটি (ইটি, এটি) [হি—ইহী] অ, সম্মুখবর্ত্তী বস্তু বা ব্যক্তি। [বিশেষার্থে বা নির্দ্দিষ্ট এই অর্থে টি যুক্ত হয়]

ইড়কি, ইড়িক (ইড়্‌কি, ইড়িক্) [প্রাদেশিক] বি, গুঁতা, ঠোকর; ঘোড়ার পেটে পা বা জুতার কাঁটার আঘাত দিয়া ইসারা করণ। প্র—'ইড়কি দিতে চলে ইসারাতে"
—ঘনরাম।

ইড়া (ইড়া) [ইল্ (গমন করা, ক্ষেপণ করা ইত্যাদি)+অ (অন্) কর্ত্তৃ, এবং আ স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী, বাণী; সরস্বতী। ২। স্বর্গ। ৩। পৃথিবী। ৪। ধেনু। ৫। ইক্ষ্বাকুকন্যা; বুধপত্নী। ৬। দক্ষকন্যা, কশ্যপপত্নী। ৭। মনুর পত্নী; খণ্ড প্রলয়ের পর ইঁহার গর্ভে পুনরায় মনুবংশ উৎপন্ন হয়। ৮। শরীরস্থ রক্তবাহিকা নাড়ীবিশেষ। ইহা মেরুদণ্ডের বাম পার্শ্বে অবস্থিত আছে।

ইত [ই (গমন করা ইত্যাদি)+ত (কর্ত্তৃ ক্ত)] বিণ, গত। ২। প্রাপ্ত। ৩। [+ক্ত (কর্ম্মে)] জ্ঞাত। ৪। লব্ধ। ৫। [ব্যাকরণ] প্রত্যয়বিশেষ; যুক্ত এই অর্থে শব্দের উত্তর অস্ত্যর্থে 'ইত' প্রত্যয় হয়। যথা—শব্দ+ইত=শব্দিত ইত্যাদি। [বাঙ্গালা ভাষায় ইহার স্বতন্ত্র ব্যবহার নাই]

ইতঃপর (র্) [ইতস্ (ইহার) পর] অ, ইহার পর; অতঃপর। প্র—'ইতঃপর ভেদ দ্বন্দ্ব ছাড়হ সকল।"
—অ, ম।

ইতর (র্) [ই (ইচ্ছা)—তৃ (পার হওয়া)+অ (কর্ত্তৃ অল্)] স, ইতর লোক। প্র—নিতান্তই ইতরের ন্যায় কার্য্য। বিণ, নীচ; অধম। ২। পামর। ৩। অজ্ঞ; ভিন্ন; অপর। প্র—বামেতর নয়ন। মানবেতর প্রাণী। **ইতর-বিশেষ** (র্, ষ্) [ইতর—বিশেষ (দ্বন্দ্ব)] বি, পুং, ভেদাভেদ; ভিন্নতা। ২। [৫মীতৎ] অন্য হইতে বিশেষ; তুলনা দ্বারা এক হইতে অন্যের বিশেষ।

ইতরেতর (র্) [ইতর—ইতর (দ্বন্দ্ব)] বিণ, পরস্পর; অন্যোন্য।

ইতরেতর দ্বন্দ্ব—বি, ব্যাকরণে কতকগুলি বিশেষ্য পদের সমাহার বা সমাস; দ্বন্দ্ব সমাস।

ইতরেতরযোগ (ইতরেতর্ যোগ্) বি, পুং, দ্বন্দ্ব সমাস বিশেষ, যে সমাসে পদার্থের পরস্পর যোগ বুঝায়। যথা—হরিহর।

ইতরেতরাশ্রয় (—রাসস্রয়্) [ইতরেতর—আশ্রয়] বি, পুং, পরস্পর আশ্রয়, পরস্পরের পরস্পর অবলম্বন, উত্তরে উত্তরের আশ্রয়; পরস্পরসাহায্য।

ইতরেতরাশ্রয়ী (—রাস্স্রয়িন্) [ইতরেতর—আশ্রয়ী] বিণ, যাহারা পরস্পর পরস্পরকে আশ্রয় করিয়া কার্য্য করে; পরস্পর সহায়।

ইতস্ততঃ (ইতস্‌ততঃ) [ইতস্ততস্, ইতস্ (এখানে)-ততস্ (সেখানে) প্রাকৃ—ইদোতদো (মৃচ্ছকটিক)] অ, এখানে সেখানে; এদিকে ওদিকে। ২। চতুর্দ্দিকে; সকলদিকে; সর্ব্বত্র। **ইতস্ততঃ করা**—ক্রি, সংকোচ করা; কুণ্ঠিত হওয়া। ২। দোলায়মানচিত্ত হওয়া। ৩। অতৎপর হওয়া; গড়িমসি করা।

ইতি [ই (গমন করা)+তি (ক্তি)—ভাবে] অ, পত্রাদির সমাপ্তিসূচক বাক্য; সমাপ্তি; শেষ রক্ষা। প্র—"পড়ল ঘুমের দফায় ইতি"—দ্বিজেন্দ্র রায়। ২। এই প্রকার। প্র—ইতিবৃত্ত ইতিহাস। ৩। ইহা; এই। প্র—ইতিকর্ত্তব্য ৪। উপক্রম। ৫। প্রকরণ। ৬। এজন্য।

ইতি করা—ক্রি, শেষ বা সমাপ্ত করা।

ইতিউতি [সং—ইতস্ততঃ। প্রাকৃ—ইদোতদো (মৃচ্ছ)] ক্রি-বিণ, এদিক ওদিক বা চতুর্দ্দিক। প্র—"পাগলের মত কভু ইতিউতি চায়"
—গোবিন্দ দাসের কড়চা।
"ধীরে ধীরে যায়, ইতিউতি চায়,
ধীর-মন্থর-গামিনী।"
—বৈ, পদাবলী।

ইতিকথা [ইতি (ইহা) কথা (কাল্পনিক কথা রচনা) ইহা কথা বা কল্পনা মাত্র] বি, স্ত্রী, উপকথা। ২। নিরর্থক কথন।

ইতিকর্ত্তব্য (—কর্‌তোব্‌বো) [ইতি (ইহা) কর্ত্তব্য (করণীয়)] বিণ, ইহা করণের যোগ্য; ইহা করা উচিত। ২। বি, অনুষ্ঠিতব্য বিষয়; কর্ত্তব্য কর্ম্ম।

ইতিকর্ত্তব্যতা (—কর্‌তোব্‌বোতা) [ইতি কর্ত্তব্য+তা (ভাবে)] বি, স্ত্রী, ইহাই কর্ত্তব্য এইরূপ জ্ঞান। ২। কোন কার্য্য করিবার সদ্যুক্তি বা ঔচিত্য।

ইতিকর্ত্তব্যবিমূঢ় (ইতিকর্‌তোব্‌বোবিমুঢ়) বিণ, উপস্থিত কি করা উচিত তাহা নির্ণয়ে অসমর্থ; আবশ্যক নির্ণয়ে অনিশ্চিত বুদ্ধি; কিংকর্ত্তব্য-বিমূঢ়।
বি, **ইতি কর্ত্তব্যবিমূঢ়তা**।

ইতিবৃত্ত [ইতি (এই প্রকার) বৃত্ত (অতীত) যাহা ঠিক এই প্রকার গত হইয়াছে বা ঘটিয়াছে] বি, অতীত বৃত্তান্ত; ইতিহাস।

ইতিমধ্যে (ইতিমোধ্‌ধে) [ইতি—মধ্যে] অ, ইহার মধ্যে। ইতোমধ্যে দ্রঃ। ২। এই সুযোগে; ইত্যবসরে।

ইতিমাম, এতিমাম (ম) [ফা—এহ্‌তিমাম্। আদা-পরিঃ] বি, মুসলমান আমলের জমীদারী বিশেষ। (প্রাচীন কাগজ পত্রে বর্দ্ধমান, রাজসাহী প্রভৃতি এতিমাম বলিয়া উক্ত) "The trust or jurisdiction of a zamindar over certain variable divisions of a province under the Muhammadan Government of Bengal, equivalent to a zamindari; thus Burdwan, Rajshahi, & are in early financial report designated as eahtimams. In chittagong the term denotes a tenure similar but subordinate, to a taluk, and usually of small rent"—*A glossary of vernacular and judicial revenue terms, British India.*

ইতিহ [ইতি (এই প্রকার; তদ্রূপ) হ (সমাচার)] অ, পরম্পরাগত উপদেশ। ২। পুরাতন কথা।

ইতিহা—বি, স্ত্রী, জনশ্রুতি; কিংবদন্তী। [বিরল]

ইতিহাস (ইতিহাশ্) [ইতিহ (পরম্পরাগত উপদেশ)+অস্ (হওয়া)+অ (অধি, ঘঞ্) যাহাতে পরম্পরাগত উপদেশ আছে] বি, পুং, পূর্ব্ববৃত্তান্ত; পুরাবৃত্ত; প্রাচীন কথা; ইতিবৃত্ত; history; অতীতের কাহিনী; যাহা হইয়া গিয়াছে তাহার যথাযথ চিত্র। "যাহাতে ধর্ম্মার্থ কাম মোক্ষের উপদেশ-সহ পূর্ব্ব বৃত্তান্ত বর্ণিত আছে।" —মহাভারত। "যিনি অসংখ্য লোকের শ্রদ্ধা ও ভক্তি আকর্ষণ করিয়া তাহাদের আদর্শ বা মূর্ত্তিরূপে বিরাজমান, তাঁহার চরিত্রকথা যাহাতে বিবৃত আছে তাহাই ইতিহাস, ইতিহাসের ভিত্তি ব্যক্তিবিশেষের জীবনী * * *" "অতীত ঘটনার ফলাফল দর্শনে, বর্ত্তমানকে কিরূপ ভাবে আয়ত্ত করিলে ভবিষ্যতে সুফল লাভ হয়, ইতিহাস তাহাই নির্দ্দেশ করে।" —ইমার্সন্।

ইতিহাসজ্ঞ (ইতিহাশোগ্‌গোঁ) [ইতিহাস—জ্ঞা (জানা)+অ (ড) কর্ত্তৃ] বিণ, যে পূর্ব্ব বৃত্তান্ত জানে; ইতিহাস শাস্ত্রে যাহার জ্ঞান আছে; ঐতিহাসিক।
বি, পুরাবৃত্তজ্ঞ ব্যক্তি।

ইতু (ই্) [ইন (সূর্য্য); ইন=ইত=ইতু। বি, সূর্য্যপূজার ঘট; অগ্রহায়ণ মাসে দ্বাদশটি ক্ষুদ্র ঘটে দ্বাদশ সূর্য্যের পূজা হয়—ইহাকে ইতু পূজা বলে। অগ্রহায়ণ মাস ভোর এই ঘটে সূর্য্যের পূজা হয়।

ইতোমধ্যে (ইতোমোধ্‌ধে) [ইতস্—মধ্যে] অ, ইহার মধ্যে। ইতিমধ্যে দ্রঃ।

ইত্তিলা [আ—ই-ৎত্‌লা (সংবাদ)] বি, খবর; সংবাদ। ২। বিজ্ঞাপন; নোটিস্।

ইত্থম্ভূত (ই্‌ত্থম্‌ভুতো) [ইত্থম্ (এইরূপ) ভূত (গত) যাহা এইরূপ হইয়া গিয়াছে] বিণ, এবম্ভূত; ঈদৃশ। ২। এইপ্রকার জাত।

ইত্যবসরে (ইৎতবশরে) [ইতি—অবসরে] অ, এই অবসরে; এই সুযোগে।

ইত্যাকার (ইৎত্যাকার্) [ইতি—আকার] অ, এই প্রকার; এবম্প্রকার; এইরূপ। প্র—"মহারাজ মানসিংহ আপনচিত্তে ইত্যাকার নানা প্রশ্নের পুনঃপুনঃ আন্দোলন করিতে লাগিলেন।" —নবাবনন্দিনী (দামোদর)।

ইত্যাদি (ইৎত্যাদি) [ইতি—আদি] অ, এবং। ২। প্রভৃতি; এতৎপ্রভৃতি। ৩। ইতর।
প্র—"ইত্যাদি নারীর মায়া নাহি বুঝে নর।
তোমার অশেষ মায়া বিধি অগোচর।"
—কাশী, মহা।
৪। এই প্রকার; এবম্প্রকার।
প্র—"ইত্যাদি অনেক বিধ কৃষ্ণে বুঝাইয়া।
আপনি গেলেন রাম কৃষ্ণেরে রাখিয়া।"
—মহা, আদি, কাশী।

ইথে [ইথং শব্দজ। এতে দ্রঃ। প্রা—বৈ-সা] অ, ইহাতে।
প্র—"ইথে নাহি লাজ" —বিদ্যাপতি।
২। ইহা; ইহার।
প্র—"ইথে লাগি ধনি কাহে হোয়বি বিমুখ"
—বিদ্যাপতি।
৩। এইহেতু; এইজন্য (অবস্থাবাচক)।
প্র—চণ্ডীদাস ইথে কহে সদাই অন্তর দহে
—চণ্ডীদাস।
"সোহাগিনি ইথে তোর এত অভিমান"
—অশোকগুচ্ছ।
৪। এতদ্দ্বারা। ৫। এই বিষয়ে; এ সম্বন্ধে।
প্র—"কহ ধনি ইথে কি সমাধা।"—বিদ্যাপতি।
৬। ইহা (তুল—বাং—এত। হি—ইঁহাতক্)।
প্র—"ইথে শুনি জানিল আছএ জীব এথা।
বাৎসল্যে হইয়া আর্দ্র চলিলেন তথা।"
—ব্রজ-পরিক্রমা।

ইদং [বাঙ্গালায় স্বতন্ত্র ব্যবহার নাই] স, ইহা। প্র—নিবেদনমিদং।

ইদানী [চলিত উচ্চারণ এদানি] বি, স্ত্রী, বটপত্রী বৃক্ষ। অ, বর্ত্তমানে আজকাল।

ইদানীং [ইদানীম্, ইদম্ (ইহা)+দানীম্—কালার্থে। দম্—লোপ] অ, অধুনা; আজিকালি; সম্প্রতি; এইকালে; এক্ষণে; এখন।

ইদানীন্তন (ইদানিন্‌তন্) [ইদানীম্+তন (ভবার্থে)] বিণ, ইদানীং যাহা হইয়াছে; অধুনাতন; আধুনিক; বর্ত্তমানকালীন; এখনকার। ২। নব্য।

ইদাবৎসর (—বৎশর্) [ইদা চিহ্নিত বৎসর] বি, পুং, ত্রিংশ সূর্য্যোদয়ে যে মাস হয়, তাহার দ্বাদশ মাসে এক ইদা বৎসর। ইহা বর্ষ পঞ্চকের তৃতীয় বর্ষ।

ইদারা, ইঁদারা [হি—ইন্দারা। সং—অন্ধ=কূপ এবং সং—ইন্=জল+আ (বিশিষ্টার্থে) অথবা সং—ইন্+ধরা (ধারণকারী) হিন্দী শব্দসাগর] কূপ; কুয়া; পাতকুয়া।

ইদ্দৎ—যে সময়ের মধ্যে মুসলমান বিধবার শাস্ত্রমতে পুনরায় বিবাহ হয় না।

ইধ্ম (ইধ্‌র্ম) [ইন্ধ্ (প্রজ্বলিত করা) +ম (মক্ সংজ্ঞার্থে)—যাহাকে জ্বালান যায়] বি, ক্লী, জ্বালানি কাঠ।

ইধ্মবাহ [ইধ্ম+বাহ (যে বহন করে) তেজস্বী অগস্ত্যনন্দন বাল্যকালেই পিতার আলয়ে অগ্নি-সন্দীপন কাঠের ভার বহন করিতেন বলিয়া তাঁহার এই নাম—মহাভারত] বি, পুং, অগস্ত্যের পুত্র।

ইনকম্-ট্যাক্স,—টেক্স (ই্‌ন্‌কাম্ ট্যাক্স্) [ইং—Income-tax] বি, প্রজার উপার্জ্জনের উপর রাজা যে কর আদায় করেন ; আয়-কর।

ইন্‌টরপ্রেটর্ (ইন্‌টার্ প্রেটার্) [ইং—interpreter] বি, আদালতে যে কর্ম্মচারী আদালতের কথা বিচারপ্রার্থীকে এবং বিচার-প্রার্থীর কথা আদালতকে ভাষান্তরিত করিয়া জ্ঞাত করেন ; দোভাষী।

ইনফসলী (ইন্‌ফোশ্‌লি) বি, মুক্তিপত্র ; ছাড়পত্র ; a release.

ইনভাইস (স্) [ইং—invoice শব্দজ] বি, চালান ; রপ্তানি মালের বিবরণ-পত্র। যে সকল মাল জাহাজে আমদানি হয়, বিদেশীয় মহাজনেরা সেই মালের সঙ্গে যে বিবরণ সম্বলিত কাগজ পাঠান।

ইন্‌সলভেণ্ট (ইন্‌শল্‌ভেন্‌ট্) [ইং—insolvent] বিণ, ঋণ পরিশোধ করিতে অসমর্থ বলিয়া আদালত কর্ত্তৃক গ্রাহ্য ; দেউলিয়া।

ইনসাফ (ইন্‌শাফ্) [আ—ইন্‌সাফ্] বি, সুবিচার। ন্যায় বিচার।

ইনাম (ম্) [আ—ঈ.নাম্ (অর্থদান)] বি, দান ; আপনার অধীন ব্যক্তিকে যাহা দান করা যায়, বখশিশ ; পুরস্কার। প্র—"ইনাম কি চাহ বলি পাতশা জিজ্ঞাসে।" —অ, ম।
"রাজপুরে পুরস্কার কত ধন পাব।
ইনামে ময়নামতী অবশ্য আনিব॥"—ঘনরাম।

[ই]নামভূমি (ম্) বি, উপকার করিলে গবর্ণমেণ্ট পুরস্কার স্বরূপ যে নিষ্কর ভূমি দান করেন ; নিষ্কর ভূমি। প্র—"বৈদ্যনকুল তুমি খাইবে ইনাম ভূমি, চিকিৎসা করিবে রাজপুরে" —কবিক।

[ই]নামেল, এনামেল (ই, এনামেল্) [ইং—enamel] বি, কাওলিন নামক মৃত্তিকা, প্রস্তরচূর্ণ, সীশক, লবণাদি চূর্ণ দ্বারা প্রস্তুত প্রলেপ। **এনামেলের বাসন**—এই প্রলেপ দ্বারা আবৃত লৌহময় গেলাস বাটী প্রভৃতি বাসন।

[ই]নি (ইনি) [ইদম্ শব্দজ। সংস্কৃতে 'দ' লোপে ইম্। সম্ভ্রমার্থে ইমানি ; প্রাকৃতে—ইনি] এই ব্যক্তি ; এই জন।

[ই]ন্তজাম্ [আ—ইন্‌ত্‌জাম্] বি, বন্দোবস্ত ; ব্যবস্থা ; শৃঙ্খলা।

ইন্তিজার, ইন্তিজারি (র্) [আ—ইন্‌ত্‌জার্] বি, অপেক্ষা।

ইন্তিহা [আ—ইন্‌ত্‌হা] বি, শেষ ; সীমা ; একশেষ।

ইন্তিহাম (ম্) [আ—ইম্‌ত্‌হান্] বি, পরীক্ষা। [বিরল]

ইন্দারা, ইঁদারা (সং—অন্ধু শব্দজ). [হি—ইন্দারা] বি, ক্লী, কৃত্রিম ক্ষুদ্র জলাশয় ; কূপ ; পাতকুয়া। ২। গভীর গর্ত্ত।

ইন্দিবর, ইন্দীবর, ইন্দিবার, ইন্দীবার (র্) [ইন্দি (ইন্দিরা শব্দজ) লক্ষ্মী—বর (শ্রেষ্ঠ, অভীষ্ট, লক্ষ্মীর অতিশয় প্রিয়)] বি, ক্লী, নীলপদ্ম ; নীলোৎপল। স্ত্রীলিঙ্গে, **ইন্দিবরী**—শতমূলী [ইহার নীলোৎপলাকার পুষ্প হয়]

ইন্দিরা (ইন্‌দিরা) [ইন্দ (ঐশ্বর্য্য)—রা (যে দান করে)—বহু] বি, স্ত্রী, বিষ্ণুপত্নী ; লক্ষ্মী কমলা ; রমা।

ইন্দিরালয় (য়্) [ইন্দিরা (লক্ষ্মী)—আলয় (বাসস্থান—লক্ষ্মী পদ্ম হইতে জন্মিয়াছিলেন)] বি, পুং,, পদ্ম ; শতদল ; পঙ্কজ।

ইন্দু (ইন্‌দু) [ইন্দ্ (প্রভুত্ব করা) +উ—কর্ত্তৃ যিনি নক্ষত্রগণ মধ্যে আধিপত্য করেন কিম্বা উন্দ্ (আর্দ্র হওয়া) +উ ; উ=ই যিনি সুধায় আর্দ্র হন] বি, পুং, চন্দ্র সুধাকর। ২। [চন্দ্রের ন্যায় শুভ্র বলিয়া] কর্পূর [বিরল]

ইন্দুকমল (ইন্‌দুকমল্) [ইন্দু (চন্দ্র)—কমল (পদ্ম) কর্ম্মধা] বি, ক্লী, শ্বেতপদ্ম ; কুমুদ।

ইন্দুকলা [ইন্দু—কলা, ৬তৎ] বি, চন্দ্রকলা ; চন্দ্রের ১৬ভাগের একভাগ। [চন্দ্রকলা দ্রঃ]

ইন্দুকলিকা (ইন্‌দুকোলিকা) [ইন্দু—কলিকা (ইন্দুর ন্যায় শুভ্র কলিকা যার)] বি, স্ত্রী, কেতকী। ২। চন্দ্রকলা।

ইন্দুকান্ত (ইন্‌দুকান্‌তো) [ইন্দু—কান্ত (কমনীয়, স্বামী)] বি, পুং, চন্দ্রকান্তমণি ; এই মণি চন্দ্রকিরণে অতি শোভা ধারণ করে। স্ত্রীলিঙ্গে **ইন্দুকান্তা**—রাত্রি। ২। তারা ; নক্ষত্র।

ইন্দুজ [ইন্দু—জ (যে জন্মে) ইন্দু+জন+ড] বি, পুং, বুধ। স্ত্রী, **ইন্দুজা**—রেবানদী ; নর্ম্মদানদী।

ইন্দুনিভানন (ইন্‌দুনিভানন্) [ইন্দু (চন্দ্র)—নিভ (ন্যায়) আনন (মুখ) চন্দ্রের ন্যায় বদন যাহার, (বহু)] বিণ, চন্দ্রবদন। সম্বোধনে **ইন্দুনিভাননে**। প্র—
"***তবে কেন তুমি কাঁদ, ইন্দুনিভাননে,
তিত অশ্রু নীরে" —মেঘনাদ।
স্ত্রী, **ইন্দুনিভাননা, ইন্দুনিভাননী**।

ইন্দুবল্লী (ইন্‌দুবোল্‌লি) [ইন্দু—বল্লী (লতা)—৬তৎ] বি, স্ত্রী সোমলতা।

ইন্দুব্রত (ইন্‌দুব্রোতো) [ইন্দু—ব্রত (পুণ্যজনক বা পাপক্ষয়কর কর্ম্ম) ৬তৎ] বি, ক্লী, চান্দ্রায়ণ ব্রত।

ইন্দুভৃৎ [ইন্দু (চন্দ্র)—ভৃৎ (ভৃ=ধারণ করা +ক্বিপ্—কর্ত্তৃ) যে ধারণ করে (উপপদ)] বি, পুং, চন্দ্রচূড় ; শিব।

ইন্দুমতী (—মোতি) [ইন্দু—মৎ (মতু)—অস্ত্যর্থে, ঈপ্] বি, স্ত্রী, পূর্ণিমা। ২। বিদর্ভরাজকুমারী এবং অজরাজমহিষী ; দশরথের জননী। ৩। তীর্থবিশেষ।

ইন্দুমৌলী [ইন্দু—মৌলী (শিরোভূষণ) যাহার (বহু)] বি, পুং, চন্দ্রচূড় ; শিব।

ইন্দুর, ইন্দূর (র্) [সং—ইন্দূর। হি—ওড়ি—ইন্দুর ; ম:—উন্দীর ; তেলু—পান্দিকক্ক] বি, পুং, মূষিক ; ইঁদুর। উন্দূর দ্রঃ।

ইন্দুরকাণি, নি (ইন্‌দুর্‌কানি) [ইন্দুর+কাণ (স্ত্রী)—ঈপ্। তুল—সং—উন্দূরকর্ণী] বি, স্ত্রী, একপ্রকার গাছ ; জলের পানা বিশেষ ; (ইহার আকার ইঁদুরের কাণের মত)।

ইন্দুরতন [ইন্‌দুরতোন্] বি, ক্লী, মুক্তা। [বিদ্যাপতি]

ইন্দুরেখা, ইন্দুলেখা [ইন্দু—রেখা, লেখা= পঙ্‌ক্তি (৬তৎ)] বি, স্ত্রী, চন্দ্রকলা ; চন্দ্রখণ্ড। ২। সোমলতা ৩। গুলঞ্চ। ৪। যামিনী।

ইন্দ্র (ইন্‌দ্র) [ইন্দ্ (আধিপত্য করা) +র (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)—যিনি দেবগণের উপর আধিপত্য করেন]. বি, পুং, দেবরাজ ; সুরপতি। পুরুষসূক্তমতে ইন্দ্র অগ্নির সহিত পুরুষের মুখ হইতে নির্গত হইয়াছিলেন। তৈত্তিরীয়-মতে ইনি অদিতির গর্ভসম্ভূত। স্বর্গের অধিপতি বলিয়া ইঁহার নাম **স্বর্গাধিপ, স্বরাট্, দিবস্পতি**। বেদে ইনি সর্ব্বশ্রেষ্ঠ দেবতা বলিয়া উক্ত, তাই তাঁহার নামান্তর **লেখর্ষভ**। বৈদিক ভারতে ইন্দ্র আদিদেবতা কিন্তু পুরাণে ইনি ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর—এই তিন শক্তির অধীন। তথাপি স্তুতির সময় **ঈশ্বর** বলিয়া উক্ত ;—"নমোঽস্তু তস্মৈ জগদীশ্বরায় লোকত্রয়েশায় পুরন্দরায়।"

একশত অশ্বমেধ যজ্ঞ করিলে ইন্দ্রত্বলাভ হয়। তাই ইন্দ্রের নাম, শতমখ, শতক্রতু, শতমন্যু। দেবমানে শতবর্ষ রাজ্য করিলে ইন্দ্রত্ব যায় ; তখন দেব, দানব, মানব যে কেহ স্বীয় তপঃপ্রভাবে শত অশ্বমেধ যজ্ঞ সমাপন করিয়া ঐ পদ লাভ করেন এবং পুরী—অমরাবতী, প্রাসাদ—বৈজয়ন্ত, উদ্যান—নন্দন,

হস্তী—ঐরাবত, এবং অশ্ব—উচ্চৈঃশ্রবা—প্রভৃতি ইন্দ্রের ঐশ্বর্য্য ভোগ করেন। পাছে কেহ তপঃপ্রভাবে ইন্দ্রত্ব লাভ করে, এই ভয়ে ইন্দ্র উগ্র তাপসগণের সাধনায় বিবিধ বিঘ্ন উৎপাদন করিতেন। স্বর্গপুরী ও স্বর্গের সুখ ও ধনৈশ্বর্য্যের অধিপতি বলিয়া ইন্দ্রের অন্য নাম **বাসব** ও **বাস্তোষ্পতি**। ইন্দ্রপত্নীর নাম শচী; তাঁহার পুত্র, জয়ন্ত (কিন্তু বহু পুরাণে উক্ত হইয়াছে ইন্দ্রাদি দেবগণ অপুত্রক)। জয়ন্ত ব্যতীত ইন্দ্রপুত্র—(২) বালী। (৩) অর্জ্জুন। [রামায়ণ, মহাভারত] এবং (৪) মালাধর ও (৫) নীলাম্বর [চণ্ডীকাব্য, কবিকঙ্কণ]

সুরপতি ইন্দ্র দেবদ্বেষী অসুরদিগের চিরশত্রু। সময়ে সময়ে অসুরগণ ঘোর অত্যাচারী হইলে এবং বাহুবলে স্বর্গ অধিকার করিলে ইন্দ্র তাহাদিগের সহিত ঘোরতর সংগ্রাম করিয়া অসুর বিনাশ করিতেন। এইরূপে অসুরদিগের প্রধান বৃত্র, নমুচি, বল, জম্ভ, অহি, চুমুরি, ধুনি, পিপন, শুষ্ণ প্রভৃতি তাঁহার হস্তে নিধন প্রাপ্ত হইলে ইন্দ্র—**বৃত্রহা, বৃত্রঘ্ন, নমুচিসূদন, জম্ভভেদী, জম্ভভেদন, বলরিপু, বলভিদ্, বলভেদন, বলারাতি, পুরুহুত, পাকশাসন** প্রভৃতি নামে আখ্যাত হন। তিনি অসুরপুরী বিদারণ করায় তাঁহার নাম হয় **পুরন্দর**। ইন্দ্র দধীচিমুনির অস্থিতে বিশ্বকর্ম্মাকর্ত্তৃক নির্ম্মিত বজ্রদ্বারা অসুর নিপাত ও পর্ব্বত বিদারণ করেন এবং তাঁহার প্রধান অস্ত্রস্বরূপ বজ্রকে ধারণ করেন বলিয়া তাঁহার নাম—**গোত্রভিদ্, বজ্রী, আখণ্ডল**। ইঁহার অশ্বগণ হরিদ্বর্ণ বলিয়া ইঁহার নাম **হরিহয়, হরিদশ্ব**। মেঘ ইঁহার বাহন বলিয়া ইন্দ্রের নাম **মেঘ-বাহন**। ইন্দ্র বারি বর্ষণ করেন বলিয়া তাঁহার নাম **বৃষা**।

একদা গৌতমপত্নী অহল্যাকে হরণ করায় মুনিশাপে ইন্দ্রের সর্ব্বাঙ্গে সহস্রযোনি প্রকাশ পায়; পরে বিহিত যজ্ঞানুষ্ঠান করিলে যোনি লোচনে পরিণত হয়। তদবধি তিনি **সহস্রাক্ষ; সহস্রলোচন** প্রভৃতি নামে প্রসিদ্ধ হন।

[তুল—বেদ ও পুরাণের বৃত্রঘ্ন ইন্দ্র—পারসিক জেন্দ্-আবেস্তার বেরেথ্রঘ্ন (Verethragna) এন্দ্র এবং গ্রীক Orthropon (গ্রী—orthros অথ্র; তুল—পারসীক, verethra = বৃত্র——pon পণ (হন্) ইন্দ্রের ন্যায় গ্রীক zeus (জিয়স্। তুল—ল্যা, jovis—jupiter)—দিবস্পতি, দেবরাজ, সুরশ্রেষ্ঠ, দৈত্যরিপু, বজ্রধারী; মেঘবাহনের ন্যায় মেঘাবৃত মস্তক; বৃষার ন্যায় বৃষ্টিপ্রদ; মেঘসমূহের পরিচালক ও পৃথিবীর উৎপাদিকা শক্তিপ্রদাতা এবং বজ্রীর ন্যায় হিফেটস্ নির্ম্মিত অশনি-নামক অমোঘাস্ত্র প্রহারে টাইটান নামক দৈত্যকুল নির্ম্মূলকারী ও দেবগণের সুখশান্তিবিধাতা।

অদিতিনন্দন ইন্দ্রের সহিত গ্রীক সূর্য্যদেব Hellenic Apolloর কথঞ্চিৎ সাদৃশ্য আছে—উভয়েরই বাণাধার সুবর্ণময়, উভয়েই অগ্নিময় রথে আরোহণ করিয়া স্বর্গ পরিভ্রমণ করেন। ইন্দ্রের অশ্বগণ **হরিৎ**, হেলিয়সের অশ্বগণের নাম চরিত—charities.—ভারতকোষ দ্রঃ]

ইন্দ্র—বি, প্রধান; শ্রেষ্ঠ। [এই অর্থে ইহা শব্দের পর যুক্ত হয়। যথা—দেবেন্দ্র, নরেন্দ্র, মনুজেন্দ্র, বীরেন্দ্র ইত্যাদি] ২। রাজা; অধিপতি। [এই অর্থে শব্দের পর যুক্ত হয় যথা—ধরেন্দ্র] ৩। [বেদান্তে] পরমেশ্বর। ৪। সূর্য্য। ৫। যোগবিশেষ। ৬। তিক্ত বীজবিশেষ। ৭। কুটজবৃক্ষ। ৮। উপদ্বীপ বিশেষ। ৯। রাত্রি। ১০। বিণ, ঐশ্বর্য্যশালী। বিশেষণে, **ঐন্দ্র**। স্ত্রীলিঙ্গে, **ইন্দ্রাণী**।

ইন্দ্রক (ক্) [ইন্দ্র (শ্রেষ্ঠ)+ক (সুখ)—শ্রেষ্ঠ সুখ আছে যাহাতে (বহু)] বি, গৃহ।

ইন্দ্রকল্প (ইন্দ্রকল্প্) [ইন্দ্র—কল্প (সদৃশ)] বিণ, ইন্দ্রসদৃশ। প্র—"ইন্দ্রকল্প মহাত্মা ধৃতরাষ্ট্র" —মহাভারত

ইন্দ্রকীল (ল্) [ইন্দ্র—কীল (শঙ্কু—পর্ব্বত—৬ তৎ] বি, পুং, হিমালয়স্থ মন্দর পর্ব্বত মতান্তরে মহেন্দ্র পর্ব্বত। এখানে অর্জ্জুন তপস্যা করেন এবং কিরাতরূপী মহাদেবের সহিত যুদ্ধ করিয়া তাঁহার সন্তোষ সাধন করেন। প্র—"হিমাদ্রির পার গন্ধমাদন ভূধর। ইন্দ্রকীল গিরি হয় তাহার উত্তর॥" " * * * হিমালয় গিরিবরে ইন্দ্রের নন্দন। করেন তপস্যা আরাধিতে ত্রিলোচন।" —কাশী-মহা-বন।

ইন্দ্রকোষ (ষ্) [ইন্দ্র (অত্যুত্তম) কোষ (স্থান)—৬ তৎ] বি, পুং, মঞ্চ। ২। খট্বা; পর্য্যঙ্ক। ৩। জানালার বাহিরের বারাণ্ডা; balcony. ৪। তাক; দেয়ালগিরি; ব্রাকেট; bracket.

ইন্দ্রগোপ (প্) [ইন্দ্র—(অত্যুত্তম) গো (কিরণ) প (যে পালন করে) যে অত্যুত্তম শোভা ধারণ করে] বি, পুং, রক্তবর্ণ ক্ষুদ্র কীটবিশেষ; মখমলী; coccinella.

ইন্দ্রচক্র—বি, যুদ্ধাস্ত্র বিশেষ। [রত্নমালা]

ইন্দ্রচন্দন (ন্) বি, ক্লী, হরিচন্দন; রক্তচন্দন।

ইন্দ্রচাপ (প্) [ইন্দ্র—চাপ (ধনুঃ)—৬তৎ] বি, পুং, ইন্দ্রধনুঃ; ইন্দ্রায়ুধ। ২। রামধনু। প্র—"***কিরীটছটা কবরী উপরি, হায় রে, শোভিল যথা কাদম্বিনী-শিরে ইন্দ্রচাপ।" —মেঘনাদ।

ইন্দ্রজাল (ল্) [ইন্দ্র (ইন্দ্রিয়)—জাল (আচ্ছাদন করা) অ (কর্ত্তৃ) যে ইন্দ্রিয় আচ্ছাদন করে অর্থাৎ ভ্রান্তিতে পাতিত করে] বি, ক্লী, চতুঃষষ্টি কলা বিদ্যার অন্তর্গত বিদ্যাবিশেষ; যাহাদ্বারা অপ্রকৃত বস্তুতে প্রকৃতভাব দর্শন করায়; কুহক; ভেল্কী; ভোজবাজী। ২। মায়া। ৩। ছল; প্রতারণা।

ইন্দ্রজালিক (ক্) [ইন্দ্রজাল (কুহক)+ইক (ষ্ণিক) সম্বন্ধার্থে, জাতার্থে] বিণ, ইন্দ্রজাল সম্বন্ধীয়; ইন্দ্রজাল সম্ভূত। ঐন্দ্রজালিক। ২। বি, বাজীকর; কুহকী; ভোজবিদ্যানিপুণব্যক্তি। ব্রজ—ইন্দ্রজালক [বিদ্যাপতি]

ইন্দ্রজিৎ [ইন্দ্র—জিৎ—জি (জয় করা)+ক্বিপ (কর্ত্তৃ)—যে জয় করে। যে ইন্দ্রকে জয় করিয়াছে] বি, পুং, রাবণপুত্র; মেঘনাদ। প্র—"লঙ্কাতে লইল বেঁধে সংসারে বিদিত। আমারে জিনিয়া বেটার নাম ইন্দ্রজিৎ॥" —কৃত্তিবাস।

২। বিণ, ইন্দ্রজয়কারী; বাসবজয়ী। প্র—***"কি কৌশলে, রাক্ষস ভরসা **ইন্দ্রজিৎ** মেঘনাদে—অজেয় জগতে—উর্ম্মিলাবিলাসী নাশি, ইন্দ্রে নিঃশঙ্কিলা।" —মেঘনাদ।

[মেঘনাদ মহামায়ার পূজা করিয়া মায়াবল লাভ করিয়াছিলেন। রাবণের দিগ্বিজয় সূত্রে দেবরক্ষে যুদ্ধ বাধিলে, মেঘনাদ মায়াবলে অদৃশ্য থাকিয়া ইন্দ্রকে মায়াতে আচ্ছন্ন, শরজালে অবসন্ন এবং মায়াপ্রভাবে বন্দী করিয়া লঙ্কায় লইয়া যান। ব্রহ্মাপ্রমুখ দেবগণ তখন রাবণকে সাধুবাদ ও মেঘনাদকে-বরদানে তুষ্ট করিয়া ইন্দ্রকে মুক্ত করেন। মেঘনাদ প্রথমে অমর হইবার বর চাহিয়াছিলেন, ব্রহ্মা সে বর দিতে অসম্মত হইলে, তিনি এই বর চাহেন—"যুদ্ধে জয় লাভের ইচ্ছা করিয়া যখন আমি বিধি পূর্ব্বক হোম করিব তখনি যেন আমার জন্য অগ্নি হইতে অস্ত্র সহিত রথ উত্থিত হয়; এবং যতক্ষণ সেই রথে অবস্থান করিব ততক্ষণ যেন অমর হই এবং হোম সমাপন না করিয়া সংগ্রাম করিলে যেন আমার মৃত্যু হয়।"—ব্রহ্মা সেই বরই দিলেন, এবং বলিলেন, "অতঃপর মেঘনাদের নাম হইল ইন্দ্রজিৎ।" ইনি নাগপাশ শস্ত্রে সুশিক্ষিত ছিলেন। লক্ষ্মণের হস্তে নিহত হন]।

ইন্দ্রতূল (ইন্দ্রতুলো) [ইন্দ্র—তূল (কার্পাস) ইন্দ্রের তুল্য—৬ তৎ] বি, ক্লী, আকাশ হইতে পতিত সূত্র, আকাশ বুড়ীর সূতা।

ইন্দ্রত্ব (ইন্দ্রোৎতো) [ইন্দ্র+ত্ব (ভাবে)] বি, ক্লী, ইন্দ্রের পদ এবং ঐশ্বর্য্য। ২। স্বর্গের আধিপত্য। ৩। রাজত্ব। ৪। প্রাধান্য।

ইন্দ্রদারু [ইন্দ্র—দারু (বৃক্ষ)] বি, পুং, দেবদারু বৃক্ষ।

ইন্দ্রদ্যুম্ন (ইন্‌দ্রোদ্যুম্‌নো) [ইন্দ্র—দ্যুম্ন (ধন) =ইন্দ্রের ন্যায় ধন যাহার (বহু)] বি, অবন্তীর জনৈক সূর্য্যবংশীয় রাজা। ইনি পরম বিষ্ণুভক্ত ছিলেন। ইনিই পুরীধামে জগন্নাথ দেবের মন্দির ও দারুময় মূর্ত্তি প্রতিষ্ঠা করেন। মতান্তরে ইনি অযোধ্যার অধিপতি ছিলেন। প্র—"পূর্ব্বে ছিলা অযোধ্যায় রাজা ইন্দ্রদ্যুম্ন রায়, সূর্য্যবংশে সূর্য্যের সমান। *** ইন্দ্রদ্যুম্ন তুষ্ট হৈল, স্বর্ণময় পুরী কৈল, ব্রহ্মার মুহূর্ত্তে গেল সেই। রূপা-তামা-ময় আর, পুরী কৈল দুইবার, শেষে পুরী পাথরের এই।" —ভারতচন্দ্র। ২। গন্ধমাদনের সন্নিকটস্থ সরোবর বিশেষ। ৩। অযোধ্যারাজ ইন্দ্রদ্যুম্ন কর্ত্তৃক পুরীধামে প্রতিষ্ঠিত হ্রদ। প্র—"গোদালে গরুর খুরে, মাটী উড়ে যায় দূরে, তাহে এই ইন্দ্রদ্যুম্ন হ্রদ। —ভারতচন্দ্র। ৩। জনৈক রাজা। ইঁহার পত্নীর নাম ছিল অহল্যা।

ইন্দ্রদ্রুম (ম্) [ইন্দ্র—দ্রু বা দ্রুম (বৃক্ষ) —৬ তৎ। এই বৃক্ষে ইন্দ্রের নিশান বাঁধা আছে বলিয়া এই নাম] বি, পুং, অর্জ্জুন বৃক্ষ। ২। কুটজ বৃক্ষ ; কুড়চী গাছ।

ইন্দ্রদ্বীপ (ইন্‌দ্রোদ্দীপ্) বি, ভারতবর্ষের নয় ভাগের এক ভাগ। অন্য ৮ ভাগ যথা—(২) কশেরুমান, (৩) তাম্রবর্ণ, (৪) গভস্তিমান, (৫) নাগদ্বীপ, (৬) সৌম্য, (৭) গান্ধর্ব্ব, (৮) বারুণ। ভারতবর্ষবিচার গ্রন্থমতে ইহা ইংলণ্ড।

ইন্দ্রধনু (ইন্‌দ্রোধোনু) [ইন্দ্রধনুস্ শব্দ ; ইন্দ্র—ধনুস্ (ধনুক)—৬ তৎ] বি, স্ত্রী, ইন্দ্রচাপ ; শক্রধনু। ২। রামধনু ; rainbow.

ইন্দ্রধ্বজ (ইন্‌দ্রোধ্‌ধজ্) [ইন্দ্র+ধ্বজা (পতাকা) (৬ তৎ) ইন্দ্রের সন্তোষার্থে ধ্বজা] বি, পুং, স্ত্রী, ভাদ্রমাসের শুক্লা দ্বাদশীতে রাজ্যের বিঘ্নশান্তি ও প্রজাবৃদ্ধির কামনায় রাজারা পূর্ব্বে ইন্দ্রের প্রীত্যর্থে, যে ধ্বজা বিধিমত পূজা করিয়া প্রোথিত করিতেন। [রামায়ণ] এই ধ্বজা উত্থাপন ঘটিত উৎসব সাত দিন থাকিত পরে বৈধ অনুষ্ঠান সহ ধ্বজা বিসর্জ্জিত হইত।

ইন্দ্রনীল (ল্) [ইন্দ্র (অত্যুত্তম)—নীল (নীলবর্ণ) + অ—অস্ত্যর্থে] বি, পুং, মরকত মণি ; নীলকান্ত মণি, পান্না ; a sapphire. [দুগ্ধের ভিতর এই মণি রাখিলে দুগ্ধ নীলবর্ণ হয়—শব্দস্তোমমহানিধি]

ইন্দ্রপুর (র্) বি, সুমাত্রা দ্বীপের দক্ষিণ-পশ্চিমে বেন্কুলেনের ১০০ ক্রোশ উত্তর পশ্চিমস্থ নগরী বিশেষ। —সন্দেশাবলী।

ইন্দ্রপুরী—বি, মানসোত্তর পর্ব্বতের পূর্ব্বদিকে স্থাপিত [ভারতকোষ]

ইন্দ্রপুষ্প (—পুষ্প) বি, স্ত্রী, লবঙ্গ। ২। ইন্দ্রযব। **ইন্দ্রপুষ্পিকা**—বি, বিষলাঙ্গলা। স্ত্রীলিঙ্গে—**ইন্দ্রপুষ্পা**।

ইন্দ্রপ্রস্থ (ইন্‌দ্রোপ্রোস্‌থো) [ইন্দ্র (দেবরাজ, রাজা)—প্রস্থ (যে স্থানে প্রভুত্ব করে) ।—যেখানে ইন্দ্র আধিপত্য করিয়াছিলেন (বহু) । হিঃ—ইন্দ্রপৎ] বি, পুং, পার্থনগর, যুধিষ্ঠিরের স্থাপিত নগর ; প্রাচীন দিল্লী ; ইহা দিল্লী ও কুতবের মধ্যে ছিল। এই নগর পাণ্ডবগণের রাজধানী। ক্রমে পার্থনগর বিভিন্ন সময়ে পিথরা কোট বা কোট পিথোরা ; কিলা আলাই ; দিল্লী, তোগলকাবাদ, ফিরোজাবাদ ও শাহাজাহাবাদ নামে অভিহিত হয়।

ইন্দ্রবংশা—বি, স্ত্রী, দ্বাদশাক্ষর সংস্কৃত ছন্দোবিশেষ ; যাহার ৩য়, ৬ষ্ঠ, ৭ম, ৯ম, ও ১১শ বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

ইন্দ্রবজ্রা—বি, স্ত্রী, একাদশাক্ষর সংস্কৃত ছন্দোবিশেষ ; যাহার ৩য়, ৬ষ্ঠ, ৭ম, ৯ম, বর্ণ লঘু, অবশিষ্ট বর্ণ গুরু।

ইন্দ্রবারুণী, ইন্দ্রবারুণিকা (নি) বি, স্ত্রী, রাখাল-শশা ; colocynth ; কুন্দরুকী।

ইন্দ্রবৃদ্ধা, বি, স্ত্রী, ব্রণরোগবিশেষ

ইন্দ্রযব (ইন্‌দ্রোজব্) [ইন্দ্র (বৃক্ষ বিশেষ) —যব (বীজ)—৬ তৎ] এই বীজ উদরাময়ের ঔষধ। বি, পুং, স্ত্রী, যবাকৃতি তিক্ত বীজবিশেষ ; কুটজবৃক্ষ বীজ ; কুড়চি seed of holarrhena.

ইন্দ্রলুপ্ত (ইন্‌দ্রোলুপ্‌তো) [ইন্দ্র (অত্যুত্তম। সর্ব্বতোভাবে)—লুপ্ত (লোপ প্রাপ্ত)—৩ তৎ] বি, স্ত্রী, কেশনাশক রোগ ; টাক্।

ইন্দ্রলোক (ক্) [ইন্দ্র-লোক (ভোগভূমি)] বি, পুং, ইন্দ্রাধিষ্ঠিত ভুবন ; ইন্দ্রনগরী ; অমরাবতী। ২। ইন্দ্রসভা ; সুধর্ম্মা।

ইন্দ্রসভা (ইন্‌দ্রোশভা) বি, অমরাবতীস্থ দেবসভা ; সুধর্ম্মা। [এই সভা বিশ্বকর্ম্মা বিনির্ম্মিত, ৪০০ ক্রোশ পরিধি যুক্ত ও ২ ক্রোশ উচ্চ। ইন্দ্রসভাতে একেবারে তেত্রিশকোটি দেবতা ও ৪৮০০০ ঋষির বসিবার স্থান হইতে পারে।—পুরাণ (ভারতকোষ)]

ইন্দ্রসাবর্ণি (ইন্‌দ্রোশাবোর্‌নি) [ইন্দ্র—সাবর্ণি (সূর্য্যতনয়)] বি, পুং, চতুর্দ্দশ অর্থাৎ শেষমনু। এই মন্বন্তরে অবতার বৃহদ্ভানু। ইন্দ্রের নাম শুচি। পবিত্র চাক্ষুষাদি দেবতা। অগ্নি, বাহু, শুদ্ধ মাগধাদি সপ্তর্ষি এবং উরু গম্ভীর ব্রহ্মাদি মনুপুত্রগণ হইবেন। —ভাগবত [ভারত কোষ]

(—সু) [ইন্দ্র—সুত (পুত্র) —৬তৎ] বি, পুং, বালী রাজা। ২। জয়ন্ত। ৩। মধ্যম পাণ্ডব অর্জ্জুন। ৪। অর্জ্জুনবৃক্ষ।

ইন্দ্রসেন (—শেন্) [ইন্দ্র—সেন (সেনা)—ইন্দ্র সেনার ন্যায় সেনা যাহার—বহু] বি, পুং, নল রাজার পুত্র ; দময়ন্তীগর্ভসম্ভূত (মহা)। ২। যুধিষ্ঠিরের সারথি। ৩। সূর্য্যবংশীয় পূর্ণের পুত্র। ইঁহার পুত্রের নাম বীতিহোত্র —ভাগবত।

ইন্দ্রা—বি, স্ত্রী, কাটা জামীর। ২। ইন্দ্রাণী ; শচী।

ইন্দ্রাণী (ইন্‌দ্রানি) [ইন্দ্র+ঈপ (স্ত্রীলিঙ্গে আন আগম)] বি, স্ত্রী, ইন্দ্রপত্নী ; শচী। [ঐতরেয় ব্রাহ্মণে ইন্দ্রপত্নীর নাম প্রসহা]। ২। অষ্টমাতৃকার একজন। ৩। যোগিনী বিশেষ। ৪। দুর্গা। প্র—"ইচ্ছারূপা ইন্দুমুখী ইন্দ্রাণী ইন্দিরা। ইন্দীবরনয়নী ইঙ্গিতে ইচ্ছ ইরা"—ভারতচন্দ্র। ৫। নীল নিসিন্দা ; nigundo. ৬। বড় এলাচ ; amomum subulatum. ৭। ছোট এলাচ ; elettaria cardamomum.

ইন্দ্রানুজ (জ্) [ইন্দ্র—অনুজ (কনিষ্ঠ)] ইন্দ্রের পরে কশ্যপের ঔরসে অদিতি গর্ভে বামনাবতারের জন্ম হয়] বি, পুং, বামনদেব ; বিষ্ণু। [দ্রঃ—ইন্দ্র আদিদেবতা বলিয়া উক্ত [ইন্দ্র দ্রঃ]

ইন্দ্রাবরজ (জ্) [ইন্দ্র—অবরজ (কনিষ্ঠ)] বি, পুং, ইন্দ্রানুজ দ্রঃ।

ইন্দ্রায়ুধ (ধ্) [ইন্দ্র—আয়ুধ (অস্ত্র)—৬তৎ] বি, ইন্দ্রধনু ; ইন্দ্রচাপ। ২। [মেঘ হইতে জলবিন্দু পতিত হইবার কালে তাহাতে সূর্য্যকিরণ স্পর্শহেতু বিচিত্র বর্ণ ধনুর মত দেখায় বলিয়া ধনু এই নাম] রামধনুক ; rainbow.

ইন্দ্রারি [ইন্দ্র—অরি (শত্রু) ৬তৎ)] বি, পুং, অসুর ; দৈত্য।

ইন্দ্রিয় [ইন্দ্র (আত্মা, স্বয়ং) + ইয়। আত্মা যাহার উপর প্রভুত্ব করে] বি, স্ত্রী, যাহা দ্বারা পদার্থের জ্ঞান জন্মে। ইন্দ্রিয় তিন প্রকার। যথা—১। কর্ম্মেন্দ্রিয় ;—(১) বাক্ (২) পাণি (৩) পাদ (৪) পায়ু (৫) উপস্থ। ২। জ্ঞানেন্দ্রিয় ;—(১) চক্ষু (২) কর্ণ (৩) নাসিকা (৪) জিহ্বা (৫) ত্বক্। ৩। অন্তরেন্দ্রিয় ;—(১) মন ; (২) বুদ্ধি (৩) অহঙ্কার (৪) চিত্ত। [ন্যায়মতে—পৃথিবীর ইন্দ্রিয় ঘ্রাণ, জলের জিহ্বা, তেজের চক্ষু, বায়ুর ত্বক্ ও আকাশের কর্ণ]।

ইন্দ্রিয়ক্ষোভ (ইনদ্‌রিয়োক্‌খোভ্) [ইন্দ্রিয় ক্ষোভ (বিকার, বিক্ষেপ)] বি, ইন্দ্রিয়বিক্ষেপ, চিত্তবিভ্রম। ২। ইন্দ্রিয়চাঞ্চল্য।

ইন্দ্রিয়গম্য (ইনদ্‌রিয়োগোম্‌মো) [ইন্দ্রিয় গম্য (প্রাপ্য, গ্রাহ্য)] বি, ইন্দ্রিয়গোচর ; জ্ঞানগোচর ; বোধগম্য ; জ্ঞানপথবর্ত্তী। ২। ইন্দ্রিয়গ্রাহ্য।

ইন্দ্রিয়গোচর (র্) [ইন্দ্রিয়—গোচর (জ্ঞাত বিষয়)—৬তৎ] বিণ. ইন্দ্রিয়ের প্রত্যক্ষ বিষয় ; জ্ঞানের বিষয়ীভূত ; জ্ঞানগম্য ।

ইন্দ্রিয়গ্রাম (ম্) [ইন্দ্রিয়—গ্রাম (সমূহ)] বি. ইন্দ্রিয়সমূহ ।

ইন্দ্রিয়গ্রাহ্য (ইন্‌দ্রিয়োগ্রাঝ্‌ঝো) [ইন্দ্রিয় গ্রাহ্য (গ্রহ+য—ঘ্যণ্)] বিণ. ইন্দ্রিয় দ্বারা যাহা গ্রহণ করিতে পারা যায় ; ইন্দ্রিয়গোচর।

ইন্দ্রিয়ঘাত (ত্) [ইন্দ্রিয়—ঘাত (হন+ক্ত) ; (ন=ঘ, অ=আ)] বি. পুং. ইন্দ্রিয়ের ধ্বংস ; ইন্দ্রিয়ের শক্তি লোপ ।

ইন্দ্রিয়জয় (—জয়্) [ইন্দ্রিয়—জয় (জি =জয় করা+অ—ভাবে)] বি.পুং. ইন্দ্রিয় বশ ; *ইন্দ্রিয় নিগ্রহ ; ইন্দ্রিয়সংযম ।*

ইন্দ্রিয়দমন (ন্), [ইন্দ্রিয়—দমন] বি. ইন্দ্রিয়কে বশীভূত করণ : ইন্দ্রিয়সংযম ; *ইন্দ্রিয়নিগ্রহ ।*

ইন্দ্রিয়দোষ *(ষ্) [ইন্দ্রিয়—দোষ (দুষ্ = বিকৃত করা+অ—ভাবে)] বি. পুং. ইন্দ্রিয়ের* উচ্ছৃঙ্খলতা ; স্ত্রী সম্ভোগ বিষয়ে যথেচ্ছাচার লাম্পট্য ।

ইন্দ্রিয়নিগ্রহ (—নিগ্‌গ্রোহো) [ইন্দ্রিয়—নিগ্রহ (নি+গ্রহ্ =দমন করা+অ—ভাবে)] বি. পুং. ইন্দ্রিয়দমন ; ইন্দ্রিয়ের বশীকরণ ; ইন্দ্রিয়সংযম । ২ । [দর্শনে] স্ব স্ব বিষয় হইতে ইন্দ্রিয়গণকে প্রত্যাবর্ত্তন করা ।

ইন্দ্রিয়পরায়ণ (ন্) [ইন্দ্রিয়—পরায়ণ] বিণ. ইন্দ্রিয় সেবায় তৎপর ; ইন্দ্রিয়সেবী ; ভোগ সুখে আসক্ত ; অতিরিক্ত স্ত্রীসম্ভোগকারী ।

ইন্দ্রিয়বশ (শ্) [ইন্দ্রিয়—বশ (বশীভূত) ৬তৎ] বিণ. ইন্দ্রিয়ের অধীন ; অজিতেন্দ্রিয় ।

ইন্দ্রিয়বিষয় (—বিষয়্) [ইন্দ্রিয়—বিষয়] বিণ. ইন্দ্রিয় গোচর ; ইন্দ্রিয়গ্রাহ্য ।

ইন্দ্রিয়বৃত্তি [ইন্দ্রিয়—বৃত্তি] বি. স্ত্রী. ইন্দ্রিয়ের ব্যাপার ; দর্শন-শ্রবণাদি ক্রিয়া । ২ । ইন্দ্রিয়ের শক্তি ।

ইন্দ্রিয়সংযম (—সংজম্) [ইন্দ্রিয়—সংযম] বি. পুং. জিতেন্দ্রিয়তা ; ইন্দ্রিয়দমন ; ইন্দ্রিয়জয় ; ইন্দ্রিয় নিগ্রহ ।

ইন্দ্রিয়সেবা (—শেবা) [ইন্দ্রিয়—সেবা] বি. স্ত্রী. ইন্দ্রিয়ের সেবা ; ইন্দ্রিয়ের তৃপ্তি সম্পাদন বিষয় সম্ভোগ ।

ইন্দ্রিয়সেবী (—সেবি) [ইন্দ্রিয়—সেবী (সেবিন্, যে সেবা করে)] বিণ. যে ইন্দ্রিয়ের সেবা করে ; ভোগসুখে আসক্ত ; ইন্দ্রিয়পরায়ণ।

ইন্দ্রিয়ায়তন (ইন্দ্রিআয়োতন্) [ইন্দ্রিয়—আয়তন (আলয়) ৬তৎ] বি. ক্লী. ইন্দ্রিয়ের আধার শরীর ; দেহ ।

ইন্দ্রিয়ার্থ [ইন্দ্রিয়—অর্থ (বস্তু) ৬তৎ] বি. পুং. রূপ, রসাদি ইন্দ্রিয়ভোগ্যবস্তু ।

ইন্ধন (ইন্‌ধন্) [ইন্ধ্ (দীপ্ত করা, জ্বালান) +অন (অনট্) করণে—যাহাদ্বারা জ্বালান হয় বা আগুন জ্বালা যায়] বি. ক্লী. জ্বালানিকাঠ । ২ । [অনট্ ভাবে] উদ্দীপন । ৩ । তক্তা ; কাঠ ; প্র—"ইন্ধন অভেদ যোড় যুড়িল যতনে ।"—ঘনরাম ।

ইন্‌স্পেক্টর (ইন্‌স্‌পেক্‌টর্) [ইং inspector] পরিদর্শক ; তত্ত্বাবধায়ক ।

ইব—অ. তুল্য ; সদৃশ । (২) ঈষৎ । (৩) উৎপ্রেক্ষা । (৪) নিয়োগ । (৫) অবধারণ । (৬) বাক্যালঙ্কার । ২ । ক্রিয়া-বিভক্তি, ম. পু. । যথা—করিব, যাইব ইত্যাদি । [দ্রঃ—১ম ও ম.পু—ইবে । যথা—তুমি করিবে *সে করিবে, সম্ভ্রমার্থে—ইবেন । যথা—তিনি* করিবেন ; আপনি করিবেন] ।

ইবা [প্রা-বাং] স. এই, ইহা । প্র—"ইবা শিশু *ইহার করিবে কোন কর্ম্ম ।" —দুর্গামঙ্গল । ২ । অ. যদি, অপি, সত্যই, তাহাই, ইত্যাদি ভাববোধক । প্র—নাইবা গেল । হলইবা । যদিইবা হয় । ইত্যাদি । (২) অবজ্ঞা বা উপেক্ষাসূচক (ই দ্রঃ) । প্র—কেইবা তাহার* কথা শুনে । ৩ । ক্রিয়া বিভক্তি, প্রাদে—পূর্ব্ববঙ্গে । যথা—করিবা, খাইবা ইত্যাদি ।

ইবে [প্রা বাং। হি—অবহি । এবে দ্রঃ] ক্রি. বিণ. এবে ; এখন । প্র—"ইবে অভাগিনী হইলাম হেন প্রায় বাসি ।" —চৈতন্যভাগবত । ৩ । ক্রিয়া বিভক্তি । যথা—করিবে, খাইবে, যাইবে ।

ইবেশ (শ্) [ই (এই)—বেশ] বি. এই বেশ ; এরূপ বেশ ; এই পোষাক বা পরিচ্ছদ । প্র—"দিগম্বরী বেশ ধর ইবেশ ছাড়িয়া ।" —দুর্গামঙ্গল । ২ । ইত্যাকার ।

ইমন (ন্) বি. স্বরমিলন । ২ । রাগিণীবিশেষ । [ইহা আধুনিক] ।

ইমনকল্যাণ (ইমন্‌কোল্‌ল্যান্)—বি. ইমন্ ও কল্যাণ যোগে উৎপন্ন মিশ্র রাগিণী ।

ইমনকেদারা—বি. ইমন ও কেদারা যোগে উৎপন্ন মিশ্র রাগিণী ।

ইমান (ন্) [ফা—ই.মান্] বি. ধর্ম্ম ; বিশ্বাস । ২ । বিবেক ।

ইমানদার (ন্,র্) [আ—ই.মান্ : ফা—দার] বিণ. বিশ্বাসী ; সাধু ; ধার্ম্মিক । বি. **ইমানদারী**—বিশ্বাসের কার্য্য ; সাধুতা ; কৃতজ্ঞতা ।

ইমাম (ম্) [আ—ই.মাম্=যিনি অগ্রে অগ্রে গমন করেন] বি. অগ্রদূত ; pioneer. [হজরৎ আলী প্রভৃতি ঈশ্বরের ইমাম] ।

ইমারত (ত্) [আ—ই.মারৎ] বি. অট্টালিকা ।

ইমামবাড়া (ম্) [আ । এমামবাড়া দ্র] বি. যে বাড়ীতে মুসলমানদিগের মহরমোৎসবের অর্থাৎ আলী এবং তাঁহার পুত্রদ্বয় হাসন হোসেনের দেহান্তোৎসব হয়, বা যথায় তাজিয়া বা গোমায়া রক্ষিত হয় এবং যাহা প্রতিষ্ঠাতার পারিবারিক সমাধি স্থানরূপে ব্যবহৃত হয় ।

ইয়ৎ [ইদম (ইহা)+বৎ (বতু) পরিমাণার্থে] বিণ. এতাবৎ ; এত ; এই পরিমাণ । স্ত্রী-লিঙ্গে—**ইয়তী** [ক্রমেই বাঙ্গালায় অপ্রচলিত হইয়া আসিতেছে] ।

ইয়ত্তা (ইঅৎতা) [ইয়ৎ+তা (ভাবে) তুল—হি—ইহাতক্] বি. স্ত্রী. এতপরিমাণ ; সংখ্যা ; গণনা । ২ । পরিমাণ ; সীমা ।

ইয়া [ই+আ । হির—অনুকরণে] আধুনিক বাং-গদ্য সাহিত্যে প্রা 'য়্যা'এর রূপান্তর ; ২৪ পরগণা অঞ্চলে তাহা বিশুদ্ধ একারে পরিণত । প্র—(বিশেষ্যে) ছেল্যা=ছেলিয়া=ছেলে ; (অস. ক্রিয়ায়) কর্‌য্যা=করিয়া=করে ।

ইয়াদ (দ্) [ফা—য়াদ্] বি. স্মরণ ; ধারণা ।

ইয়াদদাস্ত (ইআদ্‌দাস্ত্) *[ফা—ইআদ্‌দাস্ত্] বি. স্মরণচিহ্ন ; স্মারকবস্তু ; স্মারকলিপি ;* memorandum.

ইয়ার (*ইআর্) [ফা—য়ার=দোস্ত (২) মদদ্‌গার্ ; সহায় ;* help-mate. এই অর্থে বাং অপ্র । উচ্চারণভেদে **এয়ার**] বি. বন্ধু । বাং-তে 'বয়স্য' অর্থে অধিক প্রচলিত । এমন বন্ধু যাহার নিকট হৃদয়ের গোপনীয় কথাও বলা চলে । প্র—

"য়্যার কহা বহ প্যার কিয়া, গজ বাজি দিয়া
শির তাজ ধরায়া ॥"
—ভারতচন্দ্র ।

"লাল লাল ঝাল ঝাল নানাবিধ পানি
খে'ত সে মিলে দু চারিটি এয়ার
তা'তে বড় কাহাকেও করিত না কেয়ার ।"
—দ্বিজেন্দ্র রায় ।

২ । রসিক ; যৌবনসুলভ রসিকতাপ্রিয় । প্র—ছোঁড়া ভারি ইয়ার হয়ে উঠেছে ।

ইয়ারবক্সী [ফা—বখ্‌শী=বেতন বিলি করে যে কর্ম্মচারী (বখ্‌শ্=দান) সাহায্য দানকারী ; সাহায্যকারী ; help-mate. ফা—ইয়ারবখ্‌শ্ । তুল—বয়স্য] বি. বন্ধুবান্ধব ; ইয়ার বন্ধু ।

ইয়ারকি, এয়ারকি, এয়ার্কি (র্) [তুল—ফা—ইয়ারী] বি. হাস্য পরিহাস বা রসিকতা ; যৌবনসুলভ রহস্যালাপ ; অসার আমোদ আহ্লাদ ; হাস্য কৌতুকাদি । প্র—"গল্পে এয়ার্কিতে মঠে ও মস্‌জিদে, তোমার সত্তা ভিন্ন সকল বাতিল হয় ।" —রজনীসেন ।

ইয়ুনানী, য়ুনানি [আ—য়ুনানি ; গ্রী. Ionian সং—যাবনীক] বিণ. গ্রীক । প্র—"চিরবীর্য্য-বতী, বীরপ্রসবিতা, অনন্তযৌবনা য়ুনানী মণ্ডলী" —হেমচন্দ্র ।

ইরণ, ইরিণ (ন্) [ঋ=ইর্ (গমন করা) +ইন (সংজ্ঞার্থে)] বি. মরু ; উষর ভূমি ;

জমি ভূমি। ২। জল শূন্য এবং বৃক্ষাদি বিহীন ভূভাগ। ৩। শূন্য।

ইরম্মদ (ইরম্মদ্) [ইরা (জল—যাহাতে জল হয় —মেঘ)মদ (মদ্=ক্রীড়া করা)+অ(কর্তৃ ধণ্) যে ক্রীড়া করে বা দীপ্তি পায়] বি, পুং, সমুদ্রাগ্নি; বাড়বাগ্নি। ২। বজ্রাগ্নি; মেঘজ্যোতিঃ। প্র—"দেখেছি দ্রুত ইরম্মদে দেব ছুটিতে পবন পথে।" —মেঘনাদ। "ইরম্মদাকৃতি বাঘ ধরিল মৃগীরে।"—মেঘনাদ। ৩। হস্তী।

ইরশাল (র্, ল্) [আ—ইর্সাল্=চালান, প্রেরণ] বি, নায়েব গোমস্তা কর্তৃক সদর কাছারিতে প্রেরিত খাজনা। প্র—"মাঝে মাঝে বেবাক পাঠাবে ই:শাল।"—ধর্ম্ম, ম, (ঘনরাম)।

ইরা [ই (গমন করা)+র (কর্তৃ রক্)—সংজ্ঞার্থে আপ (স্ত্রী)] বি, স্ত্রী, বীণা। ২। পৃথিবী। [তুল—গ্রী, স্পে,—era ও প্রা—উচ্চ জর্ম্ম—ero =earth.] প্র—"ইচ্ছারূপা ইন্দুমুখী ইন্দ্রাণী ইন্দিরা। ইন্দীবরনয়নী ইঙ্গিতে ইচ্ছ ইরা॥" —অন্নদামঙ্গল। ৩। সুরা। ৪। জল। ৫। অন্ন। ৬। কশ্যপের অন্যতমা ধর্ম্মপত্নী। ইঁহা হইতে বৃক্ষ, লতা, তৃণ প্রভৃতি উৎপন্ন হইয়াছিল।

রাকী [আ—ইরাক্, ইরাণের অন্তর্গত প্রদেশ বিশেষ+ঈ (সম্বন্ধে)] বিণ, ইরাণী; ইরাক-জাত।

রাণ (ইরান্) [আ—ঈ.রান্ পারস্য দেশের নামান্তর] বি, পারস্য। প্র—"আমরা ইরাণ দেশের কাজী" —দ্বিজেন্দ্র রায়। [ঈরাণ দ্রঃ]

রাবান্ [ইরাবৎ, ইরা (জল)+বৎ (বতু) অস্ত্যর্থে] বি, পুং, সমুদ্র। ২। অর্জ্জুনের পুত্র, নাগকন্যা উলূপী গর্ভজাত। ৩। হিমালয় স্থিত হ্রদ বিশেষ। ইহা হইতে ইরাবতী নদী উৎপন্ন হইয়াছে। স্ত্রীলিঙ্গে—ইরাবতী।

রাবতী (ইরাবোতি) [ইরাবান দ্রঃ] বি, স্ত্রী, নদীবিশেষ। পঞ্জাবের অন্তর্গত নদীবিশেষ; রাবী। ২। ব্রহ্মদেশীয় নদী বিশেষ; ঐরাবতী। ৩। ভব নামক রুদ্রের পত্নী।

র্শাল (ল্) [আ—ইর্সাল=কোন কিছু প্রেরণ] বি, খাজনা; রাজস্ব। ২। জমীদারী হইতে বাৎসরিক আদায় জমীদারের নিকট প্রেরণ। [দ্রঃ—"The sending of remittances from the villages to the zemindar or to the District Treasurer, and from thence to the exchequer."—*Wilson.*]

ল (ইল্) বি, পুং, মনুর বরপুত্র, সুদ্যুম্ন নামে খ্যাত। একদা মৃগয়াব্যাজে ইল শঙ্করশপ্ত কুমার-বনে প্রবেশ করায় তিনি নারী হন। অতঃপর আরাধনায় তুষ্ট হইয়া শঙ্করই তাঁহাকে "একমাস পুরুষ একমাস নারী হইবেন" এই বর প্রদান করেন। স্ত্রী অবস্থায় বুধের সহিত তাঁহার মিলন হইলে পুরূরবার জন্ম হয়। পুরুষ অবস্থায় ইঁহার উৎকল, গয়, ও বিমল নামে তিন পুত্র হয়। —পদ্ম পুরাণ। (ইলা দ্রঃ)।

ইলচী [ইল্চি] বি, চিংড়ী মাছ। প্র—"খোড় উডুম্বর ইলচী মাছে, খাইলে মুখের অরুচি ঘুচে॥" —কথিক। ২। বিণ, নিকৃষ্ট; অধম; নীচ।

ইলবিলা—বি, তৃণবিন্দের কন্যা; বিশ্রবামুনির পত্নী ও কুবেরের জননী। [ভাগবত]। কৃত্তিবাস রামায়ণ মতে ইনি পুলস্ত্যের পত্নী ও বিশ্রবার জননী।

ইলশা (ইল্শা) [ইলীশ শব্দের প্রাদেশিক উচ্চারণ বিকার] বি, মৎস্যবিশেষ। ইলীশ দ্রঃ।

ইলা [ইল্ (প্রেরণ করা)+অ (কর্ম্মে) স্ত্রী, আপ্] বি, স্ত্রী, বৈবস্বত মনু-কন্যা বুধ-পত্নী পুরূরবার জননী। মনু, মিত্রাবরুণের উপাসনা করিয়া একটী সন্তান প্রার্থনা করেন কিন্তু আরাধনার ত্রুটি বশতঃ পুত্রের পরিবর্ত্তে কন্যা হয়। সেই কন্যাই ইলা। ইনি পরে বিষ্ণুর বরে পুরুষত্ব লাভ করিয়া সুদ্যুম্ন নামে খ্যাত হন। ইল দ্রঃ। ২। ইক্ষ্বাকু রাজার কন্যা। ৩। বৌদ্ধ-পত্নী। ৪। পৃথিবী। ৫। ধেনু। ৬। বাণী। ৭। মদ্য। ৮। জল। ৯। কশ্যপ-পত্নীবিশেষ।

ইলাকা, এলাকা [আ—ইলাকা] গ্রামের অধিবাসীর সরহদ্দ বা অধিকার সীমা। ২। অধীনতা। ৩। সম্পর্ক (এই অর্থে গ্রা—এলেকা)।

ইলাবৃত [ইলা (পৃথিবী) আবৃত (মনোনীত) ইহা ভূগোলের শ্রেষ্ঠাংশ] বি, ক্লী, জম্বুদ্বীপের নব বর্ষের চতুর্থ বর্ষ। ইহার উত্তরে নীল, শ্বেত ও শৃঙ্গবান্ পর্ব্বত, দক্ষিণে নিষধ, হেমকূট ও হিমালয় পর্ব্বত, পশ্চিমে মাল্যবান পর্ব্বত, পূর্ব্বে গন্ধমাদন পর্ব্বত। ইহা মেরু পর্ব্বত (সুমেরু) বেষ্টন করিয়া আছে। ২। যেখানে অভিশপ্ত স্ত্রীরূপী ইল (ইলা) বুধের সহিত বাস করিতেন, সেই স্থানের নাম ইলাবৃত। ইহা কৈলাসের নিকটবর্ত্তী। প্র—"ইলাবৃতে ঘর মোর জাতিতে ব্রাহ্মণী।" (চণ্ডীর উক্তি)—কবিকঙ্কণ।

ইলাহী [আ—ই.লাহি=উচ্চ, মহান্। ২। ঈশ্বর] বিণ, বিরাট; তুল—ইলাহী খরচ, ইলাহী কাণ্ড বা কারখানা। এলাহী দ্রঃ।

ইলাহি-গজ—আকবর বাদশাহ কর্তৃক প্রবর্ত্তিত ৪১ অঙ্গুলী বা ৩৩ ইঞ্চি প্রমাণ গজ। ইমারতাদি মাপ কার্য্যে ইলাহীগজ ব্যবহৃত হয়।

ইলাহী খরচ—অতিরিক্ত খরচ; অধিক খরচ। **ইলাহী রাত**—মহরমের জাগরণের রাত্রি; দীর্ঘ রাত্রি যাহা ফুরাইতেই চাহে না।

ইলাহী সন—আকবর বাদশাহ প্রবর্ত্তিত সাল। **ইলাহী তোবা**—হা ঈশ্বর যো ঈশ্বর।

ইলিবিলি—আঁকাবাঁকা গমন। প্র—"ডাঙ্গর উকুন নীকি করে, ইলিবিলি" —অ, ম।

ইলিম, এলেম (ম্) [আ—ই.ল্ম্=বিদ্যা। তাহা হইতে আালিম্—বিদ্বান] বি, বিদ্যা।

ইলিমিলি [গ্রা] বি, অস্পষ্ট বাক্য, অর্থহীন শব্দ বা মন্ত্র। প্র—"ইলিমিলি জপে সদা ছিলিমিলি মালে" —কবিক।

ইলিশ্, ইলীশ (ইলিশ্) [সং—ইল্লীশ (শ, ক, দ্রুমঃ)। হি—হিল্সা—ইল্ (গমন করা, চরা)+কিপ্, কর্তৃ (যে-জলে চরে) ঈশ প্রধান—অতি স্বাদুতা প্রযুক্ত যে জল চরের মধ্যে শ্রেষ্ঠ] বি, পুং, মৎস্যবিশেষ; ইলিশ মাছ; clupea alosa; clupea ilisha.

ইলেক (ক্) [ই ('ই'র আকৃতি বা তদ্রূপ) লেক (লেখ বা রেখা)] বি, ' ৲ ' এইরূপ বাঁকা রেখা; চিহ্ন; আঁক; কাহন বা টাকার পর পণ বা আনা না থাকিলে ' ৲ ' এইরূপ চিহ্ন দিতে হয়; এবং গণ্ডার পূর্ব্বে পণ বা আনা না থাকিলে '৲' এইরূপ চিহ্ন দিতে হয়। প্র—"১৫ ৲ পনর টাকা ৲১৫ পনর গণ্ডা, এই চিহ্নগুলিকে ইলেক বলে। মণ ও বিঘার পর এবং সের ও কাঠার পূর্ব্বে / এইরূপ চিহ্ন দিলে তাহাকেও ইলেক বলে। যেমন ৩/ (তিন মন), ১০/ (দশ বিঘা), /৫ (পাঁচ সের), /৩ (তিন কাঠা)। প্র—"যতেক তঙ্কার কড়ি বামে ইলেক দিবে।" —শুভঙ্কর।

ইলেক্‌ট্রিক্ [ইং—electric] বিণ, বৈদ্যুতিক।

ইলেক্‌ট্রিক্ লাইট (ট্) [ইং—electric light বিদ্যুতের আলোক; তাড়িতালোক।

ইলেক্‌ট্রোপ্যাথি [ইং—electropathy] বি, তাড়িতঘটিত চিকিৎসা-বিজ্ঞান বা প্রণালী।

ইলেক্‌ট্রোটাইপ (প্) [ইং—electrotype] বি, বৈদ্যুতিক প্রক্রিয়া দ্বারা নির্ম্মিত তাম্রময় আধার ফলক।

ইলোরা [ইলোরা] বি, দৌলতাবাদ এবং আওরাঙ্গাবাদ নগরের নিকটস্থ গুহামন্দির (cave-temple) হইতে এক ক্রোশ দূরে অবস্থিত নগর বিশেষ। কথিত আছে, বহু শতাব্দী হইল এই সমস্ত ইলিচপুরের রাজা ইলু কর্তৃক নির্ম্মিত হইয়াছে। —সন্দেশাবলী।

ইল্বাহ [ইল্‌লোবাহ] বি, অগস্ত্য পুত্র; ইনি বাল্যকালে পিতার আলয়ে ইধ্ম (অগ্নি সন্দীপন কাষ্ঠ) ভার বহন করিতেন বলিয়া তাঁহার এই নাম।

ইল্বল [ইল্বল্] বি, বাতাপি দৈত্যের ভ্রাতা। ইহারা ব্রাহ্মণের পরম শত্রু ছিল। বাতাপি মায়ায় মেষরূপ ধারণ করিত এবং ইল্বল তাহাকে রন্ধন করিয়া গৃহাগত মুণিদিগকে ভোজন করাইত। তৎপরে মৃতসঞ্জীবনী মন্ত্র উচ্চারণ করিয়া "বাতাপি বাতাপি" বলিয়া ডাকিলেই সে মুনির উদর ভেদ করিয়া বাহির হইত এবং তাহাতে মুনির মৃত্যু হইত। এইরূপে দুই ভ্রাতায় বহু ব্রাহ্মণ বধ করিয়াছিল। অবশেষে মহাতেজস্বী অগস্ত্য মুনি কৌশলে দৈত্যদ্বয়কে বধ করেন। তিনি মেষরূপী বাতাপিকে উদরস্থ করত তপোবলে স্বীয় উদরেই তাহাকে জীর্ণ করিয়া বিনাশ করেন। ইল্বল তখন ভ্রাতৃশোকে প্রাণত্যাগ করে। ২। মৎস্যবিশেষ। ৩। নক্ষত্র বিশেষ।

ইল্লৎ (ইল্লৎ) [আ—ই.ল্লৎ = ময়লা] বি, নোংরামি ; অপরিচ্ছন্নতা ; মলিনতা।
প্র—"স্বভাব যায় না ম'লে, ইল্লৎ যায় না ধুলে"
—প্রবচন।

ইল্লতিয়া, ইল্লুতে—বিণ, নোংরা অপরিষ্কার।

ইল্ললা—[ইল্ (শয়ন করা) + ল (সংজ্ঞার্থে, নিপাতন) যাহারা মৃগশিরার শিরোদেশে শয়ন করে] বি, স্ত্রী, মৃগশিরা নক্ষত্রের শিরস্থ ৫টী ক্ষুদ্র তারকা। (মৃগশিরা দ্রঃ)।

ইল্লিশ, ইল্লীশ [ইল্লীশ্] বি, ইলিশমাছ, (ইলিশ দ্রঃ)।

ইশতিহার (ইশ্‌তিহার্) [আ—ইশ্‌ত্‌হার্] বি, বিজ্ঞাপন-পত্র ; নোটিস।

ইশপিশ, ইস্‌পিস (ইশ্‌পিশ্) [নিশ্‌পিশ্ দ্রঃ] বি, অস্থির ; অশান্ত ; চঞ্চল। ২। কোন কিছু করিবার জন্য হস্তকণ্ডূয়ন। প্র—মন ইশপিশ করা ; গা ইশপিশ করা।

ইশাদী (ইশাদি) [ফা—ইশাদী। আ—শাহাদৎ = সাক্ষ্য। শাহিদ্ = সাক্ষী] বি, সাক্ষী ; witness.

ইশারা (ই) [আ—ইশারা] বি, ইঙ্গিত। প্র—"করিয়া বিজলীভঙ্গি ইশারা আমাকে, উড়ায়ে জলদচুল ধরে' খেতে আসে।"
—ফুলরেণু।

ইশীকা, ইষিকা, ইষীকা (ইষিকা) [ইষ্ (গমন করা) + ইক, ঈক—কর্ত্তৃ] বি, স্ত্রী, হস্তীর চক্ষুগোলক। ২। তুলি। ৩। কাশ ; কুশ।

ইষমুল (ল্) বি, বৃক্ষবিশেষ ; ইষের মুল ; aristolochia Indica.

ইষরমুল, ইষেরমুল (ইষরমুল্) বি, সর্পবীর্য্যহর মূলবিশেষ ; বিষঘ্ন।

ইষু (ইষু) [ইষ্ (গমন করা) + উ (কর্ম্মে)—যে হিংসার জন্য গমন করে] বি, পুং, শর ; তীর ; বাণ। প্র—"অসি ইষু গদা যে প্রহারে গদাধর। কর্ণের বিমান ভাঙ্গি কৈল বরাবর।" —শিবায়ন॥ ২। পঞ্চবাণ হইতে পাঁচ (৫) সংখ্যার চিহ্ন। প্র—"সমাপ্ত করি গজ-ইষু-রস সোমে" (= ১৬৫৮) গীতগোবিন্দ (গিরিধর)। ৩। [শরাকৃতি পত্র ও পুষ্প বলিয়া। প্র—ইসুও বলা যায়] লতাবিশেষ ; ইসার মূল। প্র—"ইসু-র-মূলের গন্ধে পলায় ভুজঙ্গ"
—কবিকঙ্কণ।

ইষুধি [ইষু (বাণ) + ধি (যে ধারণ করে)] বি, পুং, স্ত্রী, বাণাধার ; তূণ।

ইষ্ট (ইষ্‌ট) [ইষ্ (বাঞ্ছা করা) + ত (ক্ত) কর্ম্মে] বিণ, বাঞ্ছিত ; অভিলষিত। ২। প্রিয়। ৩। প্রশংসিত। ৪। প্রার্থিত। ৫। অভিপ্রেত। ৬। ক্লী [যজ্ (পূজা করা) + ত (ক্ত—ভাবে)] যজ্ঞাদি কর্ম্ম। ৭। এরণ্ড বৃক্ষ। **ইষ্টতম** (ইষ্‌টতম) [(ইষ্ট (প্রিয়) + তম (বহুর মধ্যে একের উৎকর্ষজ্ঞাপক)] বিণ, সর্ব্বাপেক্ষা অধিক অভিলষিত। ২। অত্যন্ত প্রিয়। **ইষ্টতর**—বিণ, উভয়ের মধ্যে অধিক প্রিয়, প্রিয়তর। [তুলঃ—ইং, wished. সং—ইষ্। আ—ইস্‌লা—osk (longing desire)]

ইষ্টক (ইষ্‌টক্) বি, পুং, দগ্ধমৃৎখণ্ড ; ইট।

ইষ্টকাপথ (ইষ্‌টকাপথ্) বি, পুং, ইষ্টকনির্ম্মিত পথ ; পাকা রাস্তা।

ইষ্টকালয় (ইষ্‌টকালয়্) বি, ক্লী, ইটের ঘর ; কোঠা বাড়ী।

ইষ্টগন্ধ (ইষ্‌টগন্ধ) [ইষ্ট (প্রিয়, সুন্দর) + গন্ধ] বি, সুগন্ধ। বিণ, সুগন্ধযুক্ত। ২। বি, ক্লী, বালুকা।

ইষ্টদেব (ইষ্‌টদেব্) [ইষ্ট (অভীষ্ট) + দেব] বি, পুং; মন্ত্রদাতা গুরু ; গুরুদেব। ২। অভীষ্টদেবতা ; উপাস্য দেবতা। **ইষ্টদেবতা**—বি, স্ত্রী, উপাস্য দেবতা। ২। দীক্ষাগুরু।

ইষ্টাপত্তি (ইষ্‌টাপোৎতি) [ইষ্ট (অভিলষিত) + আপত্তি (প্রাপ্তি)] বি, স্ত্রী, ইষ্টসিদ্ধি। ২। লাভ। ৩। উপকার।

ইষ্টাপূর্ত্ত (ইষ্‌টাপুর্‌ত) [ইষ্ট (কৃতোৎসর্গ) + পূর্ত্ত (খাতাদি কর্ম্ম)] বি, ক্লী, সাধারণের হিতার্থ যজ্ঞ, কূপাদি খনন, দেবালয় নির্ম্মাণ প্রভৃতি কর্ম্ম।

ইষ্টাম্প [ইং—stamp] বি, শুল্ক আদায়ের চিহ্নপত্র ; ডাকটিকিট। **ইষ্টাম্পকাগজ**—আদালতে গ্রাহ্য উচিত শুল্ক আদায়ের চিহ্নযুক্ত কাগজ ; মোহর ; মুদ্রণ ; ছাপ। ষ্ট্যাম্প দ্রঃ।

ইষ্টালাপ (প্) [ইষ্ট—আলাপ] বি, পুং, সদালাপ ; পরস্পর শিষ্ট আলাপ।

[ইষ্ (ইচ্ছা করা) + তি (ভাবে ক্তি)] বি, স্ত্রী, ইচ্ছা ; বাঞ্ছা। ২। [যজ্ (পূজা করা) + ক্তি। য = ই। জ = ষ। তি = টি] যজ্ঞ ; দেবপূজা।

ইষ্টিমার (র্) [ইং—steamer] বি, বাষ্পীয় পোতবিশেষ।

ইষ্টীল (ল্) [ইং—steel] বি, ইস্পাত।

ইষ্টীল-পেন (ল্, ন্) [ইং—steel-pen] বা ইস্পাতের মুখ কলম।

ইষ্ট্রীট (ট্) [ইং—street] বি, গলিপথ অপেক্ষা বড়, দুইদিকে ঘরবাড়ীবিশিষ্ট রাজ-পথ।

ইষ্বাস (ইষ্‌শাস্) [ইষু (বাণ)—অস্ (নিক্ষেপ করা + অ (ঘঞ্—করণে) যাহা দ্বারা বাণ নিক্ষেপ করা যায়] বি, পুং, ধনুঃ। ২। [ইষু (বাণ)—অস্ (নিক্ষেপ করা) + অ (ঘঞ্—কর্ত্তৃ)] বিণ, ধনুর্দ্ধর ; তীরন্দাজ ; শরক্ষেপক।

ইস্ (ইশ্) [প্রাদেশিক] অ,—আশ্চর্য্যবোধক; বিস্ময়সূচক। ২। বৈপরীত্য বোধক। প্র – "ইস্ বাঙ্গাল পেয়েছেন কি আমায় ?"
—দ্বিজেন্দ্র রায়।
৩। ক্লেশ ব্যঞ্জক।

ইসদন্ত (ইশদন্‌ত) [প্রাদেশিক] বি, কসের দাঁত। প্র—"আর বাঙ্গাল বলে রে কহিতে বাসি লাজ। ইসদন্ত গেল মোর জীবনে কি কাজ॥" —কবিক।

ইসপিস (ইশ্‌পিশ্) নিশপিশ দ্রঃ।

ইসরমুল—বি, সর্পবিষনাশক মূলবিশেষ।
প্র—"আছিল ইসরমূল তাতে একফালি॥"
"ইসর মূলের গন্ধে পলায় ভুজঙ্গ।"—কবিক।

ইসলাম [আ—ই.স্লাম্ = মুসলমান হওয়া] বি, মুসলমান।

ইসাদ (ইশাদ্) [ইশাদী দ্রঃ—১১৬২ সালের বাঙ্গালা] বি, সাক্ষী। প্র—"ব্রাহ্মণীরে ইসাদ রাখিয়া গেলা ঘরে।"
—রামেশ্বর ভট্ট (সত্যনারায়ণ)। [অপ্র]

ইসেবগুল (ইশেব্‌গুল্) [ফা—অস্‌প্ (অশ্ব) গুল্ (ফুল)—অশ্ব কর্ণের মত পত্র ও বীজ বলিয়া] বি, স্বনামখ্যাত বীজ ; plantago ovater. ঈশবগুল দ্রঃ।

ইস্কাতর (ইশ্‌কাতর্) [ফ্র—escritoire শব্দজ] বি, লিখিবার ডেস্ক।

ইস্কাপন (ইশ্‌কাপোন্) বি, তাসখেলার তাস বিশেষ।

ইস্ক্রুপ (ইশ্‌ক্রুপ্) [ইং—screw শব্দজ] বি, পেঁচ ; পাক দেওয়ার প্রেক।

ইস্টিমার, ইষ্টিমার (ইশ্‌টিমার্) [ইং—steamer শব্দজ] বি, বাষ্পীয় পোত ; কলের জাহাজ।

ইস্‌টিলপেন, ইষ্টিলপেন (ইশ্‌টিলপেন্‌) [ইং—steel-pen শব্দজ] বি. লৌহনির্ম্মিত লেখনীমুখ; কলমের অগ্রভাগ যাহা লেখনী-দণ্ডে ঘুড়িয়া লিখিতে হয়।

ইস্‌টেশন (ন্‌) [ইং—station] আড্ডা; রেল, ষ্টীমার, ট্রাম প্রভৃতির যাত্রীদিগের নাবা উঠার স্থান।

ইস্তক (ক্‌) [হি—ইস্তক্‌=এই বা ইহা তক্‌ (পর্য্যন্ত)] অ. হইতে। ২। পর্য্যন্ত। প্র—"ইস্তক সে লাট টমসন"—হেমবন্দ্যো। ৩। তাসখেলায় রঙের সাহেব বিবি। **ইস্তক জুতা সেলাই ল্যাগাৎ চণ্ডীপাঠ**—সংসারের সকল কাজ; অধম বা নীচতম কার্য্য হইতে উৎকৃষ্ট বা উচ্চতম কার্য্য পর্য্যন্ত।

ইস্তফসার (ইস্তফ্‌শার্‌) [আ] বি. বর্ণনা; statement.

ইস্তফা [আ—ইস্‌ত্‌আফা=মাফ। গ্রা. বিকৃত উচ্চারণে—**এস্তবা**] বি. ক্ষমা; মাফ। ২। চাকরি ছাড়িবার উদ্দেশ্যে জবাবপত্র। ৩। শেষ। প্র—"এখানে ইস্তফা তবে, যা হবার তা হয়ে গেল"

—দ্বিজেন্দ্র রায়।

ইস্তাহার (র্‌) [আ—ইশ্‌তাহার্‌। আ—শোহ্‌রৎ (প্রচার) শব্দজ] বি. বিজ্ঞাপন; নোটিস। ইশ্‌তিহার দ্রঃ।

ইস্তাহারী [ইস্তাহার শব্দজ] বিণ. নিলাম বিক্রয় সম্বন্ধীয়।

ইস্তিমরারী, ইস্তিমুরারী, ইস্তমোরারী [আ—ইস্তিমরারী] বিণ. চিরস্থায়ী; পৌনঃপুনিক। ২। যে সকল তালুক চিরস্থায়ী বন্দোবস্তের পূর্ব্বাবধি বিদ্যমান আছে; চিরনির্দ্ধারিত খাজনার তালুক। **ইস্তমোরারী, ইস্তমুরারী, মোকররী তালুক**—১৭৯৩ খৃঃ অব্দের চিরস্থায়ী বন্দোবস্তের (permanent settlement) পূর্ব্ব হইতে যে সমস্ত চিরস্থায়ী তালুক যাহার খাজনা চিরনির্দ্দিষ্ট ও যাহার নিরিখ বৃদ্ধি হয় না।

ইস্তিহার—ইস্তাহার দ্রঃ।

ইস্তিহারনামা [ইস্তাহার (দ্রঃ)—ফা—নামা] বি. প্রচারপত্র; written proclamation.

ইস্ত্রি, ইস্ত্রী [হি—ইস্তিরী, সং—স্তরী=যে স্তরে স্তরে রাখে, ভাঁজ করে] বি. ধৌত বস্ত্র মসৃণ বা কঠিন করিবার জন্য লৌহময় যন্ত্রবিশেষ।

ইস্পাত (ইশ্‌পাত্‌) বি. কার্ব্বনদ্বারা প্রস্তুত লৌহ; পরিষ্কৃত লৌহ; steel.

ইস্প্রিং (ইশ্‌প্রিং) [ই—spring শব্দজ] বি. স্থিতি-স্থাপক বস্তু; কুণ্ডলীকৃত লৌহ তার। প্র—ঘড়ির ইস্প্রিং। ২। দম।

ইহ (ইহ) [ইদম্‌ (ইহা)+হ। সপ্তমী স্থানে হ] অ. এই স্থানে; এই সময়ে; ২। বর্ত্তমান; উপস্থিত। প্র—"* * আমরা ইহ জীবন সংগ্রামের ব্যাপার করিয়া তুলিব কেন?

—সনাতনী।

প্র—"ইহলোক"। [ব্রজ—ইহ=এই। প্র—"ইহ সুখ"—বি. প। ২। এই ব্যক্তি; ইনি। প্র—"ইহ রস কূপ"—বি. প.। ৩। ইহাকে। প্র—"ইহ কর দান"—বি. প]

ইহকাল (ল্‌) [ইহ—কাল (সময়)] বি. পুং. জন্মাবধি মৃত্যু পর্য্যন্ত সময়। ২। এজন্ম।

ইহলোক (ক্‌) [ইহ (এই)—লোক (জগৎ)] বি. পুং এই জগৎ; মনুষ্যলোক। ২। এ জন্ম।

ইহা [হি—'যহ'। সং-অদস্‌। ওড়ি. এহা। ইহ দ্রঃ] স. এইবস্তু। সম্বন্ধে—**ইহার**। প্রাদে-উচ্চরণ ইআর, ইঅর, এরার। কলিকাতা অঞ্চলে 'এর'।

ইহাতে—এইস্থানে বা পাত্রে। ২। এই বিষয়ে। ৩। এতদ্দ্বারা। ৪। এইজন্য [সংক্ষেপে—এতে; ইয়ে দ্রঃ]

ঈ

ঈ—স্বরবর্ণমালার চতুর্থ বর্ণ। দীর্ঘস্বর। ইহার উচ্চারণ স্থান তালু। জিহ্বার অগ্রভাগ নীচের পাটির দাঁতের পশ্চাতে রাখিয়া মধ্যভাগ তালুর নিকটে আনিয়া, অধর নিম্নদিকে ঈষৎ ঝুকাইয়া এবং মুখবিবর অপেক্ষাকৃত সঙ্কুচিত করিয়া উচ্চারণ করিতে হয়। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে ইহার আকার (ী) এইরূপ হয়। যথা—ক্‌+ঈ=কী। [ব্যাকরণে] বাঙ্গালা প্রত্যয়বিশেষ। (১) সম্বন্ধার্থে। প্র—জমিদারী। (২) ভাবার্থে। প্র—পণ্ডিতী; নবাবী। (৩) ব্যবসায় উপজীবিকা অর্থে। প্র—সওদাগরী; মোক্তারী; ডাক্তারী। (৪) পদ বা কার্য্য অর্থে। প্র—জজিয়তী। (৫) বিশিষ্টার্থে। প্র—মোটাধারী (কাপড়); খাঁদা-নাকী; তেজী। (৬) তন্নির্ম্মিত অর্থে। প্র—রেশমী; সুতী। [দ্রঃ—বিশেষণ হইতে বিশেষ্য করিবার জন্য ভাববাচক 'ঈ' প্রত্যয় ফা হইতে গৃহীত। প্র—বদনামী বদমেজাজী। (২) বিশেষ্য হইতে বিশেষণ-কারী 'ঈ' হি—হইতে গৃহীত। প্র—সরকারী; দরকারী]। ৩। [ঈ (গমন করা) +ক্বিপ্‌ (কর্ত্তৃ)] বি. পুং. কন্দর্প। ৪। স্ত্রী. বিষ্ণুপত্নী; লক্ষ্মী। প্র—"ঈশ্বরী ঈপতি জায়া ঈষদ-হাসিনী" —অ. ম। ৫। অ. কোপ। (২) দুঃখ। (৩) যন্ত্রণা।

ঈঃ—অ.যন্ত্রণাসূচক। ২। ক্রোধসূচক। ৩। [প্রাদে] সন্দেহার্থে; তা'-বই-কি। ৪। তুচ্ছার্থে; সামান্যার্থে; ইস্‌। প্র—ঈঃ ভারি ত মর্দ্দাণি।

ঈকার (র্‌) [ঈ+কার (স্বার্থে)] বি. পুং. ঈবর্ণ; ঈ; ী।

ঈক্ষণ (ঈক্‌খন্‌) [ঈক্ষ্‌ (দ্রঃ)+অন (ভাবে, অনট্‌)] বি. ক্লী. দৃষ্টি; দর্শন। ২। [করণে, অনট্‌] যাহা দ্বারা দেখা যায়; চক্ষু। বিণ. **ঈক্ষণিক**।

ঈক্ষণিক (ঈক্‌খোনিক্‌) [ঈক্ষন (দর্শন) +ইক (ঞিক)] বিণ. দৈবজ্ঞ; শুভাশুভ গণনাকারী। স্ত্রীলিঙ্গে, **ঈক্ষণিকা**—দৈবজ্ঞা।

ঈক্ষমাণ (ঈক্‌খোমান্‌) [ঈক্ষ্‌ (দর্শন করা) +আন (কর্ত্তৃ, শান)] বিণ. যে দর্শন করিতেছে; নিরীক্ষমাণ।

ঈক্ষা (ঈক্‌খা) [ঈক্ষণ+অ (ভাবে) আ স্ত্রীলিঙ্গে] বি. স্ত্রী. দর্শন; দেখা।

ঈক্ষিত (ঈক্‌খিত) [ঈক্ষণ+ত (ক্ত—কর্ম্মে)] বিণ. দৃষ্ট। ২। [+ক্ত—(ভাবে) বি. ক্লী. দর্শন।

ঈক্ষিতা [ঈক্ষিতৃ শব্দ (ঈক্ষণ দ্রঃ)+তৃ (তৃন্‌—কর্ত্তৃ)] বিণ. দ্রষ্টা; দর্শক।

ঈগল (ল্‌) [ইং—eagle] বি. চিল জাতীয় পার্ব্বত্য ও মাংসাশী পক্ষীবিশেষ; ঈগল চিল অপেক্ষা বড়, ইহার ঠোঁট বাঁকা, শক্ত এবং ধারাল। ইহাদের বেগ ঘণ্টায় ৫০ মাইলের কম নহে। ঈগলের দৃষ্টিশক্তি অতিশয় তীক্ষ্ণ বলিয়া ইংরেজী ভাষায় "eagle eyed" ঈগল-চক্ষু অর্থে তীক্ষ্ণ দৃষ্টিশক্তিবিশিষ্ট। নানাজাতীয় ঈগল আছে তন্মধ্যে স্বর্ণ-ঈগল (golden eagle) সর্ব্বাপেক্ষা বড়। ইহারা ডানা বিস্তৃত করিলে প্রায় ৩ গজ পরিমাণ স্থান অধিকার করে।

ঈড়া [ঈড়্‌ (স্তুতি করা)+অ (ভাবে)] বি. স্ত্রী. স্তুতি; প্রশংসা। **ঈড়িত** (ঈড়িত) [ঈড়+ত (ক্ত—কর্ম্মে)] বিণ. স্তুত, প্রশংসিত। ২। [+ক্ত—ভাবে] ক্লী. স্তব। [বিরল]

ঈড্য (ঈড্‌ডো) [ঈড়া (দ্রঃ) + য—কর্ম্মে] বিণ. স্তুত্য ; স্তবের যোগ্য। স্তবনীয়।

ঈড্যমান (ঈড্‌ডোমান্) [ঈড়া (দ্রঃ) + আন (শান—কর্ম্মে)। য—আগম। আ = মা] বিণ. স্তূয়মান ; যাহাকে স্তব করা যাইতেছে।

ঈতি [ঈ (গমন করা) + তি (কর্ম্মে ক্তি] বি. স্ত্রী. শস্যোৎপাদনের ষড়্‌বিধ বিঘ্ন যথা—অতিবৃষ্টি, অনাবৃষ্টি, মূষিক, পতঙ্গ, পক্ষী এবং নিকটস্থিত বৈরীরাজা।

ঈদ (দ্) [আ—ঈদ্ বা ঈদ্-উল্-ফিৎর্] বি. মুসলমানদিগের একটী প্রধান পর্ব্ব দিন।

"The first of shawal is the "Eed" festival which is the day of pleasure and rest after the hard fatigue and sufferings of the Ramzan. On this day all Mussulmans, however divided they may be are supposed to mix with and embrace each other * * * This Eed day and the succeeding two Jays are celebrated with great eclat." —*Moulvie Abdul Anwar syed Mohommed Ameer Ali (The mosem Festivities.)*

২। [ঈদ্-উজ্-জোহা বা বকর্-ঈদ (বাং বক্‌রীদ্)] বলিদান পর্ব্ব ; ইহা সংসারের মায়াবন্ধন, কামাদি ষড়রিপু এবং যাহা কিছু ঈশ্বর বিরোধী বা ঈশ্বরাভিমুখী নহে, তাহা ঈশ্বরের উদ্দেশ্যে বলি দেওয়ার রূপক।

"On the 10 day of every Mohommedan twelfth month called *zilhij*, is celebrated * * the Moslem Aniversary * * the holy Iduzzoha or Bakurid on which occasion Mohommedans of all ranks and denominations are to be seen from early dawn till midday engaged in special prayers, * * * prayers, which close by midday, are followed by offerings to the Maker of All in the sacrifices of animals, which ritual lasts three consecutive days. * * * what Christmas is to Christians so this Bakurid is to Mohammedans ;"—*The Moslem Festivities.*

ঈদগা [আ—ঈদ্‌গাহ্] বি. মুসলমানদিগের সাধারণ প্রার্থনার স্থান, বিশেষতঃ যথায় সকলে একত্র হইয়া ঈদের দিন নেমাজ পড়ে।

ঈদৃক্ [ঈদৃশ্—ইদম্ (ইহা)—দৃশ্ (দেখা)। ক্ (ভাবে)—দর্শন—ইহার মত দর্শন যাহার] বিণ. এতাদৃশ ; এইরূপ। [এই সংস্কৃত শব্দটী বাঙ্গালায় অবিকল ব্যবহৃত হয়] প্র—"কিন্তু সায়ংকাল উপস্থিত হইলে ঈদৃক্ প্রভাবান্ প্রভাকরও অস্তমিত হইয়া যান্"—ভারতের শিক্ষিতা মহিলা (হরিদেব শাস্ত্রী)।

ঈদৃশ (ইদৃশ) [ইদম্—দৃশ্ + অ (ভাবে)] এতাদৃশ ; ইহার সদৃশ ; ইহার অনুরূপ ; এপ্রকার। স্ত্রী. ঈদৃশী। প্র—"ঈদৃশী কন্যা"। [এই সংস্কৃত শব্দটী বাঙ্গালায় অবিকল ব্যবহৃত হয়]।

ঈদৃশী [ঈদৃশ শব্দের স্ত্রীলিঙ্গে] বিণ. এতাদৃশী ; অনুরূপা ; এমন। ২। সামান্যা। প্র—"ঈদৃশী তাদৃশী নহ ঈশান ঈহিনী" —ভারতচন্দ্র

ঈপ্সা (ঈপ্‌শা) [আপ্ + সন্ + অ (ভাবে)] বি. স্ত্রী. প্রাপ্তীচ্ছা। ২। বাঞ্ছা ; ইচ্ছা। ৩। লোভ ; লিপ্সা।

ঈপ্সিত (ঈপ্‌ষিত) [আপ্ (পাওয়া) + স (সন্)—ইচ্ছার্থে আ = ঈ (পাইতে ইচ্ছা করা) + ত (ক্ত) কর্ম্মে] বিণ. বাঞ্ছিত ; অভিলষিত ; ইষ্ট। ২। অভিলষণীয়। ৩। যাহা পাইতে ইচ্ছা হয়। ৪। [(+ ক্ত) —ভাবে] বি. ক্লী. ইচ্ছা ; মনোরথ।

ঈপ্সু (ঈপ্‌ষু) [ঈপ্সিত (দ্রঃ) + উ(কর্ত্তৃ) পাইতে ইচ্ছুক] বিণ. ইচ্ছুক।

ঈরণ, ঈরিণ (ঈরন্, ঈরিন্) [ঋ = গমন করা + অন, ইনন্। ইরাণ দ্রঃ] বিণ. উষর ভূমি ; ক্ষার ভূমি। ২। জল বৃক্ষাদিবিহীন ভূমিভাগ। ঈরিণের নামান্তর ঈরাণ। ৩। ঈরাণ দেশবিশেষ। অনেকে বলেন উত্তর-কুরুর নামান্তর ঈরাণ। —ঐতিহাসিক রহস্য।

ঈরিত (ঈরিত) [ঈর্ (কাঁপা—প্রেরণ করা—বলা) + ত (ক্ত কর্ম্মে)] বিণ. প্রেরিত। ২। ক্ষিপ্ত। ৩। বিসর্জ্জিত। ৪। কথিত। ৫। চালিত। ৬। কম্পিত। ৭। [+ ক্ত—ভাবে] ক্লী. কথন।

ঈর্ষা, ঈর্ষ্যা (ঈর্‌ষা) [ঈর্ষ্ (দ্বেষ করা) + অ—ভাবে] বি. স্ত্রী. পরশ্রীকাতরতা। ২। দ্বেষ। ৩। স্ত্রী ও পুরুষের পরস্পর ব্যভিচার শঙ্কা। স্ত্রী ও পুরুষের মধ্যে একের প্রতি অন্যের ভালবাসায় সন্দেহ জনিত গাত্রদাহ।

ঈর্ষালু (ঈর্‌ষালু) [ঈর্ষা (দ্রঃ) + আলু—অস্ত্যর্থে] বিণ. ঈর্ষাপরায়ণ ; ঈর্ষা করাই যাহার স্বভাব ; পরশ্রীকাতর।

ঈর্ষী (ঈর্‌ষী) [ঈর্ষা দ্রঃ + ইন্ (কর্ত্তৃ—অস্ত্যর্থে)] বি. ঈর্ষা করা যাহার স্বভাব ; ঈর্ষাবিশিষ্ট। [বিরল]

ঈশ (ঈশ্) [ঈশ্ (আধিপত্য করা) + অ—কর্ত্তৃ] বি. পুং. ঈশ্বর। ২। শিব। ৩। বিণ. ত্রি. স্বামী। ৪। নিয়ন্তা। ৫। শ্রেষ্ঠ। ৬। সমর্থ। স্ত্রী. **ঈশা**—লাঙ্গল দণ্ড। ২। লাঙ্গল অঙ্কিত ভূভাগ ; সীতা। ৩। ঈশ্বরী। ৪। ঈষাণী ; দুর্গা।

ঈশব্‌গুল (ল্) [ফা] বি. ইসেব্‌গুল দ্রঃ। ইহার সংস্কৃত প্রতিশব্দ শীতবীজ, শৈশিরিক ; শৈত্য বীজ।

ঈশা—ঈসা দ্রঃ।

ঈশাদন্ত (ঈশাদন্‌তো) [ঈশা (লাঙ্গল দণ্ড) দন্ত (দাঁত) ঈশার ন্যায় দন্ত যাহার (বহু)] বি. পুং. যে হস্তীর বৃহৎ দন্ত থাকে।।

ঈশান (ঈশান্) [ঈশ্ + আন (শান)—কর্ত্তৃ] বি. পুং. মহেশ্বর ; শিব। প্র—"এমন সময় ঈশান তোমার বিষাণ বাজিয়া।" —রবি।
২। একাদশ রুদ্রের মধ্যে অষ্টম রুদ্র। ৩। শিবের অষ্টমূর্ত্তির মধ্যে সূর্য্য মূর্ত্তি। ৪। বিণ. ত্রি. প্রভু.। স্ত্রী. **ঈশানী**—বি. স্ত্রী. মহেশ্বরী. দুর্গা।

ঈশানকোণ (ইশান্‌কোন্) [ঈশান (শিব)—কোণ (উভয় দিকের অন্তরাল) ৬তৎ—এই কোণের অধিপতি শিব] বি. পুং. পূর্ব্ব ও উত্তরদিকের মধ্যবর্ত্তী কোণ।

ঈশিতা, ঈশিত্ব (ঈশিৎত) [ঈশ্ (আধিপত্য করা) + ই (কর্ত্তৃ ণিন্) + তা, ত্ব (ভাবে)] বি. ঈশ্বরত্ব। ২। অণিমা মহিমাদি অষ্ট ঐশ্বর্য্যের মধ্যে স্বামিত্বরূপ ঐশ্বর্য্য (এই ঐশ্বর্য্য হেতু স্থাবর জঙ্গমাত্মক সর্ব্বভূত ঈশ্বরের আজ্ঞাধীন)। ৩। প্রভুত্ব। ৪। সর্ব্বপ্রাধান্য। ৫। সামর্থ্য।

ঈশ্বর (ইশ্‌শর্) [ঈশ (আধিপত্য করা) + বর (কর্ত্তৃ শীলার্থে)] বি. পুং. সৃষ্টিস্থিতি প্রলয় কর্ত্তা ; পরমেশ্বর। ২। [পুরাণে] একাদশ রুদ্রের মধ্যে একজন (বায়ুপুরাণ) ৩। শিব। ৪। ব্রহ্মা। ৫। কন্দর্প। ৬। [দর্শনে] ক্লেশ, জন্ম, কর্ম্ম, বিপাক, আশয় দ্বারা অপরাভূত চৈতন্য (পাতঞ্জল)। ৭। বিণ. অধিপতি ; স্বামী ; প্রভু। ৮। শ্রেষ্ঠ। ৯। সমর্থ ১০। দেবতার স্থান বা তীর্থক্ষেত্র-জ্ঞাপক চিহ্ন ৺ ; ওঁকার চিহ্ন। প্র—৺কাশীধাম। ১১। মৃত ব্যক্তির জ্ঞাপক ; 'শ্রী'র বিপরীত ; 'পরলোকগত' অর্থে ব্যবহৃত। প্র—শ্রী উমানাথ ভট্টাচার্য্যের পিতা ৺ শ্যামাকান্ত ভট্টাচার্য্য। স্ত্রী. ঈশ্বরী।

ঈশ্বরদ্বেষ (ইশ্‌শরদ্‌দেষ্) [ঈশ্বর + দ্বেষ] বি. পুং. ঈশ্বরে দ্বেষ ; ঈশ্বরের অস্তিত্ব অপলাপ করা ; নাস্তিকতা। বিণ. **ঈশ্বরদ্বেষী**—নাস্তিক।

ঈশ্বরনিষ্ঠ (ইশ্‌শর্‌নিষ্‌ঠ) [ঈশ্বর—নিষ্ঠ যাহার ঈশ্বরে নিষ্ঠা আছে। (বহু)] বিণ. সমস্তই ঈশ্বরের ইচ্ছাধীন এই বিশ্বাসের সহিত যে জীবনযাত্রা নির্ব্বাহ করে ; ঈশ্বরপরায়ণ ; ভগবদ্ভক্ত। বি. **ঈশ্বরনিষ্ঠা**—ঈশ্বরে নিষ্ঠা (ভক্তি) ৭তৎ] বি. ঈশ্বরপরায়ণতা ; ভগবদ্ভক্তি। ২। ঈশ্বরে দৃঢ় বিশ্বাস।

ঈশ্বরবাদ (ই্‌শ্‌শর্‌বাদ্) [ঈশ্বর + বাদ (বদ্ = বলা) + অ (ঘঞ্)] বি. পুং. ঈশ্বরের অস্তিত্ব স্থাপক মত।
বিণ. **ঈশ্বরবাদী** [ঈশ্বরবাদিন্ শব্দ] বিণ. ঈশ্বরের অস্তিত্ব যে স্বীকার করে ; আস্তিক।

ঈশ্বরবৃত্তি (ইশ্‌শর্‌বৃৎতি) [ঈশ্বর (দেবোদ্দেশে রক্ষিত) বৃত্তি (ব্যবসায় লাভ লভ্যাংশ)]

বি. ব্যবসাদার লাভের যে অংশ দেবসেবা ধর্ম্মানুষ্ঠান বা পুণ্যকর্ম্মার্থ রক্ষা করেন।

ঈশ্বরাধীন (ইশ্‌শরাধীন্) [ঈশ্বর + অধীন বিণ. জগদীশ্বরের ইচ্ছার অধীন ; ঈশ্বরায়ত্ত

ঈশ্বরায়ত্ত (ইশ্‌শরায়ৎত) [ঈশ্বর + আয়ত্ত বিণ. ঈশ্বরাধীন।

ঈশ্বরী (ইশ্‌শরি) [ঈশ্বর দ্রঃ] বি. স্ত্রী. পার্ব্বতী দুর্গা। ২। লক্ষ্মী। ৩। সরস্বতী। ৪। শক্তি। ৫। যোগিনীবিশেষ। ৬। [বৈদ্যক] বৃক্ষবিশেষ। (২) লতাবিশেষ।

ঈষ (ষ্) [সং—ঈষা (দ্রঃ)] বি. লাঙ্গলের ফলা।

ঈষৎ [ঈষ্ (গমন করা, পাওয়া ইত্যাদি) + অৎ (কর্ত্তৃ) যে ন্যূনতাকে প্রাপ্ত হয়] অ. অল্প ; কিঞ্চিৎ ; কিছু।

ঈষৎকর (ঈষৎকর্) [ঈষৎ (কিঞ্চিৎ) + কর (কৃ = করা + অ—খল্ কর্ম্মে) যাহা করা যায়] বি. পুং. অত্যল্প। ২। বিণ. অল্পায়াস সাধ্য। ৩। যাহাতে অত্যল্প কাজ হয় ; যাহাতে কোন ফলোদয় হয় না ; অকিঞ্চিৎকর।

ঈষদুষ্ণ (ঈষদুষ্‌ণঁ) [ঈষৎ + উষ্ণ] বিণ. অত্যল্পউষ্ণ ; কদুষ্ণ ; কুসম কুসম গরম।

ঈষদূন (ঈষদুন, ন্) [ঈষৎ—উন (কম)] বিণ. কিঞ্চিৎ ন্যূন ; কিছুকম।
বি. ঈষদূনতা।

ঈষলাঙ্গলা, ঈশলাঙ্গলা [সং—লাঙ্গলী, লি. gloriosa superba] বি. উপবিষজাতীয় ক্ষুদ্র বৃক্ষের মূল ; বিষলাঙ্গুলিয়া।

ঈষা [ঈষ্ (গমন করা) + অ (কর্ত্তৃ) আপ্ (স্ত্রী), যেখান দিয়া লাঙ্গল যায়] বি. স্ত্রী. লাঙ্গল-পদ্ধতি ; সীতা। ২। [+ অ—কর্ত্তৃ, আপ্] লাঙ্গল-দণ্ড ; লাঙ্গলের ফলা। ৩। শকটের দীর্ঘকাষ্ঠ। ৪। রথাঙ্গবিশেষ।

ঈষাদন্ত (ঈষাদন্‌ত) [ঈষা + দন্ত (দাঁত) ঈশাদন্ত দ্রঃ] বি. পুং. ঈষার ন্যায় দীর্ঘদন্ত হস্তী।

ঈষিকা (ইষিকা) [ঈষ্ (আঘাত করা, গমন করা ইত্যাদি) + ইক (ইকণ্)—সংজ্ঞার্থে] বি. স্ত্রী. হস্তীর অক্ষিগোলক। ২। তুলিকা ; তুলি। ৩। কাশ তৃণ। ৪। শর প্রভৃতি তৃণের মাজ ; খড়কে। ৫। অস্ত্রবিশেষ।

ঈস্ (ইশ্) অ. আশ্চর্য্যবোধক ; অবিশ্বাস সূচক ; বৈপরীত্যবোধক।
প্র—"ভাবিস্ কিরে এমনি কি তার থাক্‌বে চিরদিন ?—ঈস্ !"—দ্বিজেন্দ্র রায়। [ঈশ্ দ্রঃ]

ঈসা, ঈশা [হিব্রু—য়ীশু ; ইং—Jesus. হিব্রু—য়শা = ত্রাণ করা] বি. খ্রীষ্টানদিগের ত্রাণকর্ত্তা যীশু।
প্র—"ঈশা মুশা শ্রীচৈতন্য, ওমা প্রেমের ভরে অচৈতন্য, হায় মা কবে হব মা ধন্য, ওমা মিশে তার ভিতরে।" —বিবেকানন্দ।

ঈসামসী, ঈশুমসী [যীশু—মসীহ্ (ইং—Moses)] যীশুখ্রীষ্ট।

ঈহমান (ঈহমান্) [ঈহ্ (চেষ্টা করা) + আন (শান, কর্ত্তৃ)] বিণ. চেষ্টমান ; সচেষ্ট।

ঈহা [ঈহ্ + অ (ভাবে)] বি. স্ত্রী. ইচ্ছা। ২। চেষ্টা।

ঈহামৃগ, ঈহাবৃক (ঈহামৃগ, বৃক) [ঈহা (চেষ্টা, ইচ্ছা) + মৃগ (হরিণ) যাহার মৃগ বধ করিবার ইচ্ছা বা চেষ্টা (বহু) ; ঈহা—বৃক (বাঘ) মৃগ চেষ্টাতে স্থিত বৃক, ৭মী তৎ] বি. পুং. নেক্‌ড়ে বাঘ ; ছোট বাঘ। ২। রূপক শ্রেণীর একবিধ দৃশ্যকাব্য, ইহা চারি অঙ্কে সম্পূর্ণ, দেব দেবী ইহার নায়ক নায়িকা। প্রেম ও কৌতুক বর্ণনা ইহার প্রধান অঙ্গ।

ঈহিত (ঈহিত) [ঈহা (দ্রঃ) + ত (ভাবে, ক্ত)] বি, ক্লী, চেষ্টা। ২। ইচ্ছা। ৩। উদ্যোগ। ৪। [+ ক্ত কর্ম্মে)] বিণ. যে বিষয়ে যত্ন বা চেষ্টা করা গিয়াছে ; চেষ্টিত। ৫। ইষ্ট ; অভিলষিত ; বাঞ্ছিত। ৬। [+ ক্ত (কর্ত্তৃ)] উদ্যত। স্ত্রী. ঈহিতা।

ঈহিনী [ঈহিত দ্রঃ] বিণ. স্ত্রী. বাঞ্ছিতা। ২। বাঞ্ছাকারিণী ; অভিলাষিণী।
প্র—"ঈশ্বরী ঈপতি-জায়া ঈষদহাসিনী।
ঈদৃশী তাদৃশী নহ ঈশান ঈহিনী॥"
—ভারতচন্দ্র।

উ

উ—স্বরবর্ণমালার পঞ্চম বর্ণ। হ্রস্বস্বর। ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ। ওষ্ঠদ্বয় সংকুচিত ও সম্মুখ দিকে প্রলম্বিত, মুখ বিবর ক্ষুদ্রতর এবং জিহ্বা ঈষৎ সঙ্কুচিত করিয়া উচ্চারণ করিতে বাঞ্ছন হয়। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে, ইহার আকার (ু) এইরূপ হয়। যথা—ক্ + উ = কু ; শ্ + উ = শু ; র্ + উ = রু। ২। [ব্যাকরণে] বাঙ্গালা প্রত্যয় বিশেষ ; (১) বিশিষ্টার্থে। যথা—ঢালু। (২) আদর অর্থে (নামের উত্তর) যথা—শিবু ; হারু। ৩। [অৎ (গমন করা) + উ (কর্ত্তৃ—ডু)—অ লোপ] বি. পুং. শিব। প্র—"উ শব্দে বুঝহ শিব, মা শব্দে স্ত্রী তার, বুঝিয়া মেনকা উমা নাম কৈল মার॥" —অ. ম। (২) ব্রহ্মা। ৪। [উ (শব্দ করা) + ক্বিপ্ (অধি)] অ. সম্বোধন। (২) বিতর্ক। (৩) বিস্ময়। (৪) ক্রোধ। (৫) দয়া। (৬) দুঃখ ? (৭) নিয়োগ। (৮) পাদপূরণ। ৫। [প্রাদে—ব্যবহার। "ও" শব্দের (উনি অর্থ) উচ্চারণ বিকারে হি—বৃহ্] স. ওই ব্যক্তি।
প্র—উ কাজ করিতে পারে (মানভূম, বাঁকুড়া প্রভৃতি অঞ্চলে)।

উই [প্রাদে] বি. পিপীলিকাবিশেষ। রুই, (উয়ী দ্রঃ) প্র—"উই আর ইঁদুরের দেখ ব্যবহার। যাহা পায় তাহা কেটে করে ছারখার॥" —ঈশ্বর গুপ্ত।

উইচারা, উইঢিবি—বি. উইপোকার স্তূপ ; বল্মীক। প্র—"উই চারা খাই পশু নামেতে ভল্লুক।"—কবিক।

উইধরা, উয়েধরা—ক্রি. উইপোকা দ্বারা আক্রান্ত হওয়া ; উই লাগা। বিণ. উই পোকায় ভুক্ত ; রুয়ে খাওয়া।

উইল (ল্) [ইং—will শব্দজ] বি. উত্তরাধিকারীকে স্বেচ্ছাকৃত দান-পত্র ; মৃত্যুর পর বিষয় সম্পত্তির ভোগাদি সম্বন্ধীয় ব্যবস্থাপত্র।

উঃ—অ. ক্রোধবাচক। ২। শোক দুঃখবাচক। ৩। বিস্ময়বাচক।

উঁ [সং—উম্। "উং প্রশ্নোদঙ্গীকৃত্তৌ রোষে—" হেমচন্দ্র] অ. প্রশ্নবাচক। ২। রোষবাচক। ৩। স্বীকার [এই অর্থে প্রায় হুঁ] অস্বীকারে—উঁহুঁ। ৪। ক্ষীণস্বরে উত্তর। ৫। ক্রন্দন ধ্বনি। ৬। বিস্ময়সূচক।

উঁ আঁ—যন্ত্রণাপ্রকাশ। ২। উচ্চবাচ্য।

উঁহুঁ—অ. না।

উঁকি [উৎ—ঈক্ষণ বা অক্ষি, উকি দ্রঃ] বি, গুপ্ত স্থান বা অন্তরাল হইতে ঈষৎ দৃষ্টি।

উঁকিঝুঁকি [উঁকি (গুপ্তদৃষ্টি)—ঝুঁকি (দেহ ঈষৎ বক্র করণ)] বি. অন্তরাল হইতে ক্রমাগত এদিক ওদিক দৃষ্টিপাত। প্র—"কে যায় কে যায় ওই উঁকিঝুঁকি চেয়ে ?"
—হেমচন্দ্র।

উঁকিদেওয়া, উঁকিমারা—ক্রি. গোপনে থাকিয়া দেখা। প্র—"শয্যায় সুসজ্জ হ'য়ে উঁকি দিয়া চায়।" —শিবায়ন।

উঁচ, উঁচা, উঁচু, উচো [উচ্চ শব্দজ] বিণ. উন্নত। প্র—
"উঁচ হয়ে রহিল কঠিন কুচ দুটি" —শিবায়ন।
"চৌদিকে প্রাচীর উঁচা" —অন্নদামঙ্গল।

২। উপরিভাগ। ৩। উদার ; উৎকৃষ্ট। প্র—উঁচু নজর।
৪। কর্কশ ; রূঢ় ; কড়া।
প্র—"বরং দুকথা শুনো তবু কারুকে উঁচুকথা বোলো না।" —প্রফুল্ল (গিরিশ)।

উঁচকপালে [উঁচ (উচ্চ, উন্নত) কপাল (ললাট)+ইআ (বিশিষ্টার্থে)=উঁচ কপালিয়া (দ্রুত উচ্চারণ উচ্‌কপালে)] বিণ. যাহার ললাট উচ্চ। ২। সৌভাগ্যশালী।
স্ত্রী. **উচকপালী**—উঁচু কপালবিশিষ্টা, সুতরাং মুখশ্রী-হীনা।

উঁচন, উঁচান (উঁচোনো, উঁচানো) [উত্তোলন শব্দের অপভ্রংশ] ক্রি. উত্তোলন করা ; উঠানো। ২। অতিক্রম করা ; টেক্কা দেওয়া।
প্র—কাহাকে উঁচাইয়া কাজ করা।
৩। অবস্থার অতিরিক্ত চালে চলা। ৪। (উঁচোন্) বি. উত্তোলন ; উত্থাপন।
উঁচিয়ে বা উঁচাইয়া উঠা [উচ্চ হইয়া উঠা হইতে ঈর্ষাচ্ছলে, ভূরি প্রশংসাচ্ছলে, বিরল ব্যবহার] ক্রি. উন্নত হওয়া ; শ্রীবৃদ্ধি সম্পন্ন হওয়া ; হীন অবস্থা হইতে উন্নত হইয়া উঠা।
প্র—লোকটা দুদিনেই খুব উঁচিয়ে উঠেছে।

উঁচনীচ, উঁচুনীচু [উচ্চ নিম্ন শব্দজ] বিণ. অসমান ; বন্ধুর।

উঁচল (ল্) [উঞ্ছন শব্দজ] বি. তৃণাদি ঝাড়িয়া একত্র করণ ; চালন : ঝাড়ন ; উঁচলন।

উঁচলান (উঁচলানো) [উঞ্ছন শব্দজ] ক্রি. পাছড়ানো। ২। পরিষ্কার করা। ৩। ঝাড়া।

উঁচোট (ট্) বি. ঠোকর ; চলিবার কালে পদাঙ্গুলিতে আঘাত।

উঁচোন (ন্) [উত্তোলন শব্দজ] বি. উত্তোলন। ২। [উচ্চারণ শব্দজ] বি. উচ্চারণ।

উঁছন (উঁছনো) [উঞ্ছন দ্রঃ। তাহা হইতে 'ওঁছান'] ক্রি. ধূলামাটি, ক্ষুদকুঁড়া নীচে ফেলিয়া গ্রহণযোগ্য শস্যাদি দুই হাত দিয়া উত্তোলন করিয়া লওয়া ; উপরে অসার ভাগ হইতে সার ভাগ তুলিয়া লওয়া ; লওয়া। ২। উত্তোলন করা ; উঁচু করিয়া দেখান।
প্র—কাহার প্রতি হাত উঁছন বা উঁছান।

উঁহুঁ—অ, অসম্মতি সূচক ; না। ২। শৃঙ্গার রসের উত্তেজক শব্দ।

উক, উকা (উকো, উকা) [সং—উল্কা হইতে পালি,—উক্কা শব্দজ] বি, অগ্নিস্ফুলিঙ্গ। ২। অগ্নি। ৩। মশাল। ৪। [ইঁদু শব্দজ হি—উক] আউক। ৫। লৌহনির্ম্মিত লৌহাদি ঘর্ষণ যন্ত্রবিশেষ।

উকউড়া, উকাউড়া—ক্রি, আগুনের ফিন্‌কি উড়া।

উকটন, উটকন (উক্‌টোন্, উট্‌কন্) [উটকন দ্রঃ] বি. অন্বেষণ ; অনুসন্ধান। ২। অন্বেষণ করা ; খোঁজা [হি—উটক্‌না]
প্র—"দশ বিশ জন মেলি, উকটে মূষিক ধূলি"
"ঝোপ ঝাপ উটেক গহন" —কবিক।

উকটিয়া—বিণ, উৎকট ; শক্ত। ২। ক্রি-অস, খুঁজিয়া।

উকড়ান (উক্‌ড়ানো) [হি—উখ্‌ড়ানা] ক্রি, আল্‌গা হওয়া ; খুলিয়া যাওয়া ; উৎপাটিত হওয়া ; উৎপাটন করা।

উকড়ী, উখ্‌ড়ী [প্রাদে] বি, পেতেন ; বিরল ব্যবহার দ্রব্যাদি রাখিবার জন্য গৃহকোণাশ্রিত মঞ্চ বিশেষ। ২। হাতা। ৩। উড়ি ধান্য। উড়কি দ্রঃ।

উকড়ো [প্রাদে, জেমোকাঁদি অঞ্চল] বি, গুড় মিশ্রিত খৈ ; মুড়কি।

উকলী, উখলি, উখলী [উদূখল শব্দজ] বি, মুষল দ্বারা ধান্যাদি কুটিবার কাষ্ঠাদি নির্ম্মিত পাত্র।

উকা (উকা) [সং—উল্কা হইতে, পালি—উক্কা শব্দজ। প্রাদে—পাঁজালি] বি, অগ্নিস্ফুলিঙ্গ। ২। অগ্নি। ৩। মশাল। [উক দ্রঃ]

উকার (র্) [উ+কার—স্বার্থে] বি. পুং, উবর্ণ। উ। ২। [+কার—স্বরূপার্থে] শিব। প্র—"উকারস্তু মহেশ্বরঃ।"—একাক্ষর-কোষ।

উকালৎ [আ—বকালৎ (দৌত্য)] বি, উকীলের পদ ; উকীলের কর্ম্ম।

উকালৎ-নামা [আ—বকালৎ+ফা—নামাহ্] বি, বাদী বা প্রতিবাদীর পক্ষে উকালতী বা উকীলের কার্য্য করিবার নিয়োগ পত্র।

উকালতী (ওকালোতি) [আ—ব ঈকালৎ+ই (ব্যবসায় অর্থে)] বি, উকীলের কার্য্য বা ব্যবসায়। ২। পক্ষাবলম্বন।

উকি, উঁকি [হিক্কা শব্দের অপভ্রংশ] বি, উদ্গার ; হিক্কা। প্র—"মাথাঘোরে উকি তোলে" —অন্নদামঙ্গল।
২। [উৎ—ঈক্ষণ বা অক্ষি (কেবল অক্ষি মাত্র বাহির করিয়া এবং সর্ব্বাঙ্গ গোপন করিয়া দর্শন হইতে)] গুপ্তদৃষ্টি ; গোপনে দর্শন। ৩। অগ্নিকণা।
উকি উঠা—ক্রি, হিক্কা উঠা ; চেঁকুর উঠা।
উকি মারা—ক্রি, লুকাইয়া দেখা ; অলক্ষ্যে ঈষদ্দৃষ্টি করা। প্র—"ভয় করোনা একলা আমি দেখতে নাহি চাই। রাজার ছেলে আড়ালেতে উকি মারবো ভাই।" —হেমচন্দ্র।

উকিঝুঁকি [উকি+ঝুঁকি (ঝোঁক শব্দজ)] বি, গুপ্তদৃষ্টি ; প্রচ্ছন্নভাবে থাকিয়া ঈষদ্দৃষ্টি।
প্র—"কে যায় কে যায় অই উকিঝুঁকি চেয়ে" —হেমচন্দ্র।
"আড়ালে থাকিয়া কপি মারে উকিঝুকি" —কবিকঙ্কণ।

উকীল (উকীল্) [আ—বকীল্ ; ইং—vakil] বি, ক্ষমতাপ্রাপ্ত কর্ম্মচারী। ২। যে ব্যক্তি বিচারালয়ে বিশেষ ক্ষমতাপ্রাপ্ত হইয়া অন্যের সাহায্যার্থে প্রতিনিধিস্বরূপ ব্যবহার কার্য্য সমাধা করেন। বাদী প্রতিবাদীর পক্ষ হইতে নিযুক্ত হইয়া প্রত্যেকের স্বার্থরক্ষার্থ যে মোকদ্দমা পরিচালিত করে।

উকুণ, উকুন (ন্) [উৎকুণ শব্দজ] বি, পুং, কেশ কীট, যে কীট মাথায় জন্মে। প্র—"ডেঙ্গর উকুন নীকি করে ইলি বিলি।" —অন্নদামঙ্গল।

উকুণবাড়ি (ন্) [উকুন (উখুনও বলে। সং—উৎক্ষেপণ। তুল—অঙ্কুশ+বাড়ি (দণ্ড)। প্রাদে—উকুনতাড়া] বি, শস্য-পরিষ্করণ যন্ত্র-বিশেষ ; সরু বংশদণ্ডের অগ্রভাগে বক্রাকার সরু লৌহশলাকাযুক্ত যন্ত্র ; উখুনপাণী।

উকুল (ল্) [সং—অকূলা। প্রা-বাং-প্রা-রূপ উকুল] বি, অকূল ; সমুদ্র। প্র—"উকুলের ঢেউ এল দুকূল ভরিয়া" —শূ, পু। [অপ্র]

উক্ত (উক্‌ত) [বচ্=বলা+(কর্ম্মে ক্ত)। ব=উ] বিণ, যাহা বলা গিয়াছে ; কথিত ; ভাষিত। ২। নির্দ্দিষ্ট ; উল্লিখিত। ৩। উচ্চারিত। [+ক্ত—ভাবে] বি, ক্লী, কথন। ২। নির্দ্দেশ ; উল্লেখ। ৩। উচ্চারণ। [বাঙ্গালায় বিরল]

উক্তি (উক্‌তি) [উক্ত দ্রঃ। বচ্+তি (ক্তি)—ভাবে] বি, স্ত্রী, কথা ; বচন ; বাক্য। ২। উল্লেখ।

উক্ষণ (উক্‌খন্) [উক্ষ (আর্দ্র করা)+অন (অনট্) ভাবে] বি, ক্লী, প্রোক্ষণ ; সেচন। [বিরল]

উক্ষতর (উক্‌খোতর) [উক্ষন্=বৃষ+তর—প্রধানার্থে] বি, পুং, বৃহৎ বৃষ ; বড় ষাঁড় ; প্রৌঢ় বলদ। স্ত্রীং—**উক্ষতরী**—গত-যৌবনা গাভী। [তুলঃ—সং—উক্ষন, উক্ষা ; ফা, গাও আথ্‌না ; ল্যা—vacca ; এ্যা-স্যাক্স—oxa ; সুইডিশ—oxe ; আইস্—oxi ; গথ—auhsa ; প্রা-জ্রীস্‌কান্—oxa ; ইং—ox (pl. oxen)]

উক্ষিত (উক্‌খিতো) [উক্ষ (দ্রঃ)+ত (ক্ত) কর্ম্মে] বিণ, সিক্ত, অভিষিক্ত। ২। লিপ্ত। [বিরল]

উখ (উখো, উকো) [প্রা] বি, সূত্রধর বা কর্ম্মকারগণের লৌহময় ঘর্ষণাস্ত্র ; a rasp.

উখড় (উখড়্) বি, সন্ন্যাসিসম্প্রদায় বিশেষ। ইহারা সর্ব্বদা মদ্য ও মাংস ব্যবহার করে।

উখড়ন, উখড়ান (উখ্‌ড়োনো, উখ্‌ড়ানো) [উৎখাত শব্দজ] ক্রি, উৎপাটন করা ; উন্মূলন করা। প্র—"তরু উপাড়িয়া, গিরি উখাড়িয়া কৈল প্রলয়ের ঝড় ।"—অন্নদামঙ্গল। ২। ঠিকরান। প্র—"ঢেকি দানা গায়, উখড়িয়া যায়, পুষ্পের যেমত মালা ।" —কবিক। ৩। উল্‌টিয়া পাল্‌টিয়া দেওয়া।

উখড়া (উখ্‌ড়া) [প্রাদে—জেমোকাঁদি অঞ্চল] বি, মুড়কি। [উক্‌ড়ো দ্রঃ]

উখড়ী (উখ্‌ড়ি) [প্রাদে] বি, নারিকেলমালা প্রভৃতি এবং কাঠ শলাকা দ্বারা প্রস্তুত এক প্রকার হাতা ; উড়কী।

উখড়ো (উখ্‌ড়ো) [প্রাদে, বীরভূম] বি, পথ ; রাস্তা।

উখন (উখন্‌) বি, ঘর্ষণ ; মার্জ্জন।

উখা, উঘা (উখা, উখা) [প্রা] অগ্নিকণা ; স্ফুলিঙ্গ। ২। মশাল। ৩। উনন। ৪। পাকস্থালী ; হাঁড়ী।

উখাড়িয়া [হি – উখাড়না = তোলা] ক্রি, উত্তোলন করিয়া।

উখারিয়া [হি—উখড়না] ক্রি, পদ-স্খলিত হইয়া ; হোঁচোট লাগিয়া। প্র – "উখারিয়া পড়ে ঘোড়া যায় মন্দ তেজে ।" —কৃত্তিবাস।

উখি [প্রাদে, পূর্ব্ববঙ্গ] বি, মাথার মরামাস ; খুস্কি।

উখুনপাশী (উখুন্‌পাশী) [উখুন + পাশ (দণ্ড) + ঈ (বিশিষ্টার্থে)] বি, উকুনবাড়ি : শস্য পরিষ্করণ দণ্ড। প্র—"জোয়ালে কোদাল ফাল দা উখুনপাশী ।" —শিবায়ন।

উগ [উগ্র শব্দের অপভ্রংশ] বিণ, উগ্র ; প্রখর। প্র—"হিমকর উগ হতে দিনকর তেজ ।" – জ্ঞানদাস।

উগরণ, উগরোন (ন্‌) [উদ্গিরণ শব্দজ] বি, উদ্গিরণ ; বমন ; স্বাকার। প্র— "যাহা মুনি পিয়াছিল, কাণে উগরিয়া দিল ।" —ভারতচন্দ্র।

উগরণ, উগরাণো, উগলান উগলানো—ক্রি, বমন করা। **উগরি**—উদ্গিরণ করিয়া। প্র—"অজীর্ণ ভোজন দ্রব্য উগরি দুর্ম্মতি ।" – মেঘনাদ।

উগরে, উগারে– ক্রি, উদ্গিরণ করে ; বমন করে। প্র – "ফণী মণিবর উগরে নিরখি ।" —বিদ্যাপতি। ২। বর্ষণ করে ; ঢালে। প্র—"কোকিল উগারে মধু ভ্রমর গুঞ্জরে ।" – ঘনরাম (ধ, ম) [পদ্যে] ৩। [উগরিয়ার দ্রুত উচ্চারণ] ক্রি, উদ্গীরণ করিয়া। **উগরে দেওয়া**—ক্রি, বমন করিয়া ফেলা। ২। বাহির করিয়া দেওয়া।

উগা [উদ্গার, হি—উগনা বা উদ্গমন হইতে] ক্রি, উদয় হওয়া ; গজান। প্র—"ব্যগ্র হইলা উগ্র আর উগে. নাহি কিছু ।" —শিবায়ন। ২। উদ্গীর্ণ করা। ৩। উচ্চারণ করা : বলা।

উগারা [ব্রজ। হিঃ—উগ্‌রা হয়া] বিণ, উদ্গীর্ণ। প্র—"রাহু বদন উগারা ।" —বিদ্যাপতি।

উগ্র (উগ্‌গ্র) বি, শিব।—প্র—"উগ্র তপ করে উগ্র কহিতে অপার॥" —অন্নদামঙ্গল। ২। শিবের বায়ুমূর্ত্তি [অষ্টমূর্ত্তি দ্রঃ] ৩। ক্ষত্রিয়ের ঔরসে শূদ্রার গর্ভে জাত জাতি বিশেষ ; আগুরি ; উগ্রক্ষত্রিয়। ৪। নক্ষত্রগণবিশেষ। ৫। কেরল দেশের নামান্তর। ৬। ধৃতরাষ্ট্রের শত পুত্রের মধ্যে একজন। ৭। শোভাঞ্জন বৃক্ষ। ৮। বিষ। ৯। ক্রোধ ;

উগ্র (উগ্‌গ্রো) বিণ, ভয়ানক ; প্রচণ্ড ; উৎকট। প্র – "উগ্র তপ করে উগ্র কহিতে অপার ।" – অন্নদামঙ্গল। ২। তীব্র ; প্রখর ; তীক্ষ্ণ। ৩। রূঢ় : কর্কশ। ৪। ক্রূর। নিষ্ঠুর। ৫। ক্রুদ্ধ ; কোপন। প্র – "আমার কর্ম্মের গতি, উগ্র হইল মোর পতি ।" —কবিক।

বি, **উগ্রতা**।

উগ্রকর্ম্মা (উগ্‌গ্রোকর্‌মা) [উগ্র = ভয়ানক কর্ম্মন্‌ = কার্য্য। যাহার (বহু)] বিণ, যে অনায়াসে ভয়ানক কর্ম্ম করিতে পারে ; ভীমকর্ম্মা। ২। ক্রূরকর্ম্মা।

উগ্রকাণ্ড (উগ্‌গ্রোকানডো) [উগ্র—কাণ্ড (ক্রিয়া) যাহার (বহু)] বিণ, উগ্রকর্ম্মা। ২। বি, পুং, কারবেল্ল ; করলা ; উচ্ছে।

উগ্রগন্ধ (উগ্‌গ্রোগন্‌ধ) [উগ্র (তীব্র, উৎকট)—গন্ধ, যাহার (বহু)] বি, স্ত্রী, হিঙ্গু : হিং। ২। পুং, রশুন। ৩। কটফল। ৪। চম্পক ; চাঁপা। ৫। অর্জ্জক বৃক্ষ। ৬। উৎকট গন্ধবিশিষ্ট ; তীব্রগন্ধ। স্ত্রীলিঙ্গে, **উগ্রগন্ধা**—বি, অজমোদা। ২। বচ। ৩। অজগন্ধা। ৪। যবানী।

উগ্রচণ্ডা (উগ্‌গ্রোচন্‌ডা) [উগ্র—(ভয়ানক) – চণ্ডা = অতি কোপনা (কর্ম্মধা)] বি, স্ত্রী, চণ্ডিকাদেবী। [দুর্গা—অষ্টাদশভুজা, কোটি যোগিনী সমাবৃতা হইয়া এই মূর্ত্তিতে আশ্বিন মাসের কৃষ্ণা নবমীতে প্রথমে আবির্ভূতা হইয়া মহিষাসুরের প্রথম মূর্ত্তি বিনষ্ট করেন। এবং এই মূর্ত্তি হইতেই দক্ষযজ্ঞ ভঙ্গ হয়] ২। অতিশয় কোপনা স্ত্রী। প্র—"সাজে রঙ্গ অনীকিনী উগ্রচণ্ডা রণে ।" – মেঘনাদ। [অতি কোপনা, ভয়ঙ্করী নারীকে **উগ্রচণ্ডী** ও বলে]

উগ্রতা [উগ্র + তা—ভাবে] বি, স্ত্রী, উগ্রস্বভাব ; ঔদ্ধত্য। ২। উষ্ণতা। তীব্রতা ; প্রখরতা। ৪। কোপ।

উগ্রতারা [উগ্র (উগ্রতরভয়)—তারা (যিনি ত্রাণ করেন) (যিনি উৎকট ভয় হইতে ত্রাণ করেন)] বি, স্ত্রী, ভগবতীর মূর্ত্তিভেদ। ইন্দ্রাদি দেবগণ শুম্ভদানব কর্ত্তৃক পরাজিত হইয়া যে সময় তাঁহার আরাধনা করেন, সেইকালে দেবী মাতঙ্গিনীর কায়কোষ হইতে উগ্রতারা মূর্ত্তি আবির্ভূতা হইয়া বলিলেন—"সুরগণ ! আমার আরাধনা করিতেছেন, আমি তাঁহাদের জন্য শুম্ভাদি দৈত্যগণকে বিনাশ করিব ।"

উগ্রদর্শন (উগ্‌গ্রোদর্শন্‌) [উগ্র (ভীষণ) —দর্শন (দৃষ্টি) যাহার (বহু)] বিণ, ভয়ানক দৃষ্টি যাহার ; ভীষণ দৃষ্টি।

উগ্রধন্বা [উগ্র = ভয়ানক + ধন্বন্‌ = ধনুক, যাহার, ধনু = ধন্বন্‌ (বহু)] বি, পুং, ইন্দ্র। ২। শিব। ৩। বিণ, যাহার ধনু শত্রুগণ সহ্য করিতে পারে না ; প্রখর-ধনুর্দ্ধর। প্র – উগ্রধন্বা ভীষ্ম।

উগ্রপ্রকৃতি (উগ্‌গ্রোপ্রোকৃতি) [উগ্র—প্রকৃতি (স্বভাব)] বিণ, কোপন স্বভাব। ২। ভীষণ-প্রকৃতি : যাহার মেজাজ অতিশয় কড়া।

উগ্রবক্তা (উগ্‌গ্রোবক্‌তা) [উগ্র—বক্তা (যে বলে)] বিণ, কটুভাষী।

উগ্রবীর্য্য (উগ্‌গ্রোবীর্‌জো) [উগ্র—বীর্য্য (তেজ)] বিণ, তীব্র তেজবিশিষ্ট ; অতিশয় তেজস্বী।

উগ্রমূর্ত্তি (উগ্‌গ্রোমুর্‌তি) [উগ্র—মূর্ত্তি—যাহার (বহু)] বিণ, যে সর্ব্বদা উগ্রভাবে থাকে ; যাহার মূর্ত্তি দেখিলে ভয় হয় ; ভয়ানক মূর্ত্তি।

উগ্রশেখরা [উগ্র (শিব)—শেখরা (কিরীটস্থিতা) ৬ তৎ] বি, স্ত্রী, গঙ্গা।

উগ্রশ্রবাঃ (উগ্‌গ্রোস্‌স্রোবা) [উগ্র (উৎকৃষ্ট) – শ্রবস্‌ (কর্ণ) যাহার (বহু) – উগ্রশ্রবস্‌] বি, পুং, রোমহর্ষণ সুত। ২। ধৃতরাষ্ট্রের শত পুত্রের মধ্যে একজন। ৩। তীক্ষ্ণ শ্রবণশক্তিবিশিষ্ট।

উগ্রসেন (উগ্‌গ্রোশেন্‌) [উগ্র (ক্রুদ্ধ, ভয়ানক) সেনা = সৈন্য—যাহার, বহু] বি পুং, মথুরার রাজা-বিশেষ ; আহুকের পুত্র, কংসের পিতা ; অন্য নাম দেবক। ২। ধৃতরাষ্ট্রের শত পুত্রের মধ্যে একজন।

উগ্রসেনজ (উগ্‌গ্রোশেনজ) [উগ্রসেন—জ (জন্‌ = জন্ম + ড) = জাত] বি, পুং, কংস।

উগ্রস্বভাব (উগ্‌গ্রোশ্‌শভাব্‌) [উগ্র—স্বভাব] বিণ, কোপন স্বভাব ; যে সহসা ক্রুদ্ধ হয় ; উগ্রচরিত্র ; ভীষণপ্রকৃতি।

উগ্রা (উগ্‌গ্রা) [উগ্র + আ (স্ত্রী)] বি, স্ত্রী, উগ্রজাতি স্ত্রী। ২। যোগিনী বিশেষ। ৩। বচ। ৪। যমানী ; যোয়ান। ৫। ধনে। ৬। বিণ, অতি কোপনা নারী ; প্রখরা।

উঘাড়, উঘার (ড়্ র্) [সং—উদ্‌ঘাটন] বিণ. ব্যক্ত ; প্রকাশিত।

উঘারণ, উঘারন (ন্) [সং—উদ্‌ঘাটন। হি—উঘাড়্না] বি. উদ্‌ঘাটন : উন্মোচন।

উঘারয়ে [ব্রজ] ক্রি. উন্মুক্ত করে ; উদ্‌ঘাটন করে। প্র—"দিনে দিনে অনঙ্গ উঘারয়ে অঙ্গ।
—বিদ্যাপতি।
"উঘারিল প্রেমের কপাট" —চৈতন্যচরিত।

উঘারি [ব্রজ] ক্রি. উদ্‌ঘাটন করে ; অনাবৃত করে। প্র—"কবহু ঝাঁপয়ে অঙ্গ কবহু উঘারি"
—বিদ্যাপতি।
২। নগ্ন করিতে।
প্র—"হে দ্রৌপদি! যত তোমা উঘারি উঘারি, নগ্ন করা দূরে থাক, শাটী বেড়ে যায়!"
—অশোকগুচ্ছ।

উঘারিয়া [ব্রজ] ক্রি. খুলিয়া।
প্র—"বাস উঘারিয়া" —চণ্ডীদাস।

উঘারী (উঘারি) [উঘারণ দ্রঃ। ব্রজ] বিণ. স্ত্রী. বিবসনা ; বিবস্ত্রা।
প্র—"অপরূপ হেঁ। এত জগত ভরি হে।
জনু করিঅ উঘারী॥" —বি. প. (ন. গুপ্ত)।

উঙানি—বি. অতি ক্ষুদ্র জাতীয় মশক ; ওয়ানকি।
প্র—"আলকুশী গুঁড়া মাসী উড়াও মন্ত্র পড়ে।
উঙানি হইয়া ঘোরে খায় যেন ছড়ে।
—শিবায়ন।

উক্কুণ (উংকুন্) বি. পুং. উকুণ ; কেশকীট ; ডেঙ্গর।

উচ, উচু [সং—উচ্চ] বি. উন্নত ; উপরিভাগ ; উর্দ্ধভাগ।
প্র—"উচনীচ না বুঝি পড়ল সেই ঠাম।"
—বিদ্যাপতি।

উচকই [ব্রজ। হি—উচক্‌না=উচ্চ (উঁচা) +করনা (করা)] ক্রি-অস. উঁচু করিয়া ; তুলিয়া ; উঠাইয়া।
প্র—"দশ দিশ দামিনী দহন বিথার।
হেরইতে উচকই লোচন ভার॥"
—গোবিন্দদাস।

উচক্ক, উচক্কা [হি—উচকা=লুচ্চা ; বদমাশ] বি. চোর ; গাঁটকাটা। ২। বিণ. অপরিপক্ক ; উঠ্‌তি ; নব্য।
প্র—"উচক্ক বয়স এত মনে নাহি আসে।"
—অন্নদামঙ্গল।
২। [হি—উচকা—অচাকা=অচানক ; বাং—আচম্‌কা—আচ্‌কা] ক্রি-বিণ. সহসা। [প্রাদে—গ্রা—ব্যবহার] ৩। [উৎ—উর্দ্ধ—চক্ষু—চোক, চক্কা (চক্ষু বিশিষ্ট)] বিণ. যে উর্দ্ধমুখ হইয়া চলে সুতরাং দৃষ্টিও উপর দিকে থাকে ; নিম্নে অর্থাৎ পথিমধ্যে কি আছে যে দেখে না।

উচক্কা [হি—উচকা] বিণ. গোঁয়ার ; ক্রোধনস্বভাব ; দুঃসাহসী।

উচনয়না (উচ্‌নয়্‌না) বি. মৎস্য বিশেষ।

উচল [ব্রজ। সং—উচ্চ] বিণ. উচ্চ ; উঁচু।
প্র—"উচল বলিয়া অচলে চড়িনু পড়িনু অগাধ জলে" —জ্ঞানদাস।
"রোঙ্গল ঘট উচল করি ঠাম।" —বিদ্যাপতি।

উচা, উঁচা [সং—উচ্চ] বিণ. উন্নত।

উচাকরা—ক্রি. তুলিয়া ধরা।

উচানীচা, উচুনীচু—বিণ. উচ্চনীচ ; উন্নত অবনত। ২। উর্দ্ধ অধঃ। ৩। বন্ধুর আবুড়া-খাবুড়া। ৪। অসমান।
বি. উচাই ; উচান।

উচাই [হি—উঁচাই=উচ্চতা] বি. উচ্চতা ; খাড়াই।

উচাট (ট্) বি. উচাটন ; ব্যাকুলতা। ২। বিণ. উদ্বিগ্ন (চৈ. মঙ্গল)।

উচাটন (ন্) [উচ্চাটন শব্দজ] বি. উৎকণ্ঠা ; ব্যাকুলতা ; চিন্তাকুলতা।
বিণ. ব্যাকুল ; উৎকণ্ঠিত।
প্র—"উচাটন করি কহিল অমন যেয়োনা হৃদয় দলি" —(চয়নিকা)।
২। অধীর।
প্র—"মন উচাটন কর কিসের কারণ"
—ধর্ম্মমঙ্গল।
"মন উচাটন, নিশ্বাস সঘন,
কদম্ব কাননে চায়" —চণ্ডীদাস।

উচান (ন্) [উচ্চে নয়ন (আনয়ন)] বিণ. উচ্চ। ২। [উচানো] ক্রি. উচ্চ করা ; উঠান ; তোলা।
প্র—"অসুরদলনী মাতা উচাইল চড়"
—শিবায়ন।

উচিত (ত্) [বচ্ (বলা) + ইত (কর্ম্মে) (ব=উ) অথবা উচ্ (সমবায়) + ক্ত (কর্ম্মে)] বিণ. পরিমিত ; ন্যায্য ; যোগ্য ; কর্ত্তব্য। ২। সমঞ্জস। [বিরল] ৩। উপযুক্ত।
প্র—"যে যার উচিত হয়, দিল তারে সে বিষয়
করি চণ্ডী পাত্রগণে দয়া।"
—কবিক।
৪। যথার্থ। ৫। যুক্তিসিদ্ধ। ৬। পরিমিত।

উচিতকারী—বিণ. কর্ত্তব্যকর্ম্মসম্পাদক ; উপযুক্ত কর্ম্মকারী। **উচিতচারী**—বিণ. যেমন চালে চলা উচিত যে সেইরূপ চলে।

উচিতভাষী—বিণ. যে উচিত কথা বলে।

উচিতবাদী—বিণ. উচিতভাষী।

উচিতবক্তা (উচিত্‌বক্‌তা) [উচিত—বক্তা (যে বলে)] বিণ. যে উচিত কথা বলে।

উচিতী (উচিতি) [মৈথিল শব্দ। উচ্চতা শব্দজ] বি. এক শ্রেণীর গীত ; মঙ্গল কর্ম্মের সময় পুরস্ত্রীগণ যে গান করে। জামাতা গৃহে আসিলে, তাহার ভোজন সমাপন হইলে গৃহের মহিলাগণ যে সকল গীত গান করেন।

উচিতী গাওয়া—জামাতার উচ্চতা বা উচ্চ সম্মানের জন্য তাহার গৌরব বাড়াইয়া গীত দ্বারা তাহার সম্বর্দ্ধনা করা।
—নগেন্দ্র গুপ্ত (বিদ্যাপতি)

উচু—উচা দ্রঃ

উচুঙ্গ—বি. পতঙ্গ বিশেষ ; উচ্চিংড়া।

উচুর (র্) [গ্রা। প্রচুর (গ্রাম্য উচ্চারণ বিকার প্রচুর হইতে) উড়িষ্যা অঞ্চলে বহুল ব্যবহার] বিণ. অধিক।
প্র—"বেলা হল উচুর প্রচুর ভয় মনে।"
—ভারতচন্দ্র।
২। উচ্চ।

উচোট (ট্) [সং—উচ্চাটন্। হি—উচোট। বাং—ওচোট ; প্রা—বাং—হচোট্—হোঁচোট্] বি. চলিবারকালে পদাঙ্গুলিতে আঘাত ; ঠোকর। প্র—"ঘর হইতে বারি হইতে লাগিল উচোট" —কবিকঙ্কণ।

উচ্চ (উচ্চ) [উৎ=উর্দ্ধ—চি=চয়ন করা + অ (ড) কর্ম্ম] বিণ. উন্নত ; উচু।

উচ্চবাচ্য [সং—উচ্চাবচ=নৈকভেদং (অমর) ভালমন্দ। ওড়ি—উচাবাচা= বাগবিতণ্ডা প্রতিবাদ] বি. ভালমন্দ ; ভাল বা মন্দ ; কোন কথার উত্থাপন ; কথাটি মাত্র ; কোন সাড়া শব্দ।
প্র—তিনি উচ্চ বাচ্য না করিয়া চলিয়া গেলেন।

উচ্চবাচ্য না করা—কোন বিষয়ে প্রশ্ন প্রতিবাদ বা হাঁ না অথবা ভালমন্দ কিছুই না বলা।

উচ্চণ্ড (উচ্চন্ড) [উৎ=অতিশয়—চণ্ড = রুষ্ট হওয়া + অ (অচ্) কর্ত্তৃ] বিণ. ত্বরান্বিত। ২। প্রচণ্ড ; ভীষণ। ৩। অতিকোপন। ৪। উদ্দাম। ৫। দুর্দ্দমনীয় ; দুর্দ্দান্ত। ৬। অতিশয় তীব্র ; অত্যন্ত প্রখর।
প্র—"উচ্চণ্ড দেখিয়া বেলা" —জ্ঞানদাস।

উচ্চতম [উচ্চ—তম (বহুর মধ্যে একের উৎকর্ষ অর্থে)] বিণ. সর্ব্বাপেক্ষা উচ্চ ; অত্যুচ্চ।

উচ্চতর [উচ্চ—তর (দুয়ের মধ্যে একের উৎকর্ষ অর্থে)] বিণ. উভয়ের মধ্যে অপেক্ষাকৃত উচ্চ।

উচ্চতা [উচ্চ + তা (ভাবে)] বি. স্ত্রী. ঔন্নত্য ; height. ২। উন্নতভাব ; উদারতা ; মহত্ত্ব।

উচ্চনাদ (দ্) বি. ঘোর শব্দ ; গর্জ্জন।

উচ্চনীচ (চ্) বিণ. উন্নত-অবনত ; উঁচু-নীচু।

উচ্চপদ (দ্) বি. সম্মানিত পদবী।

উচ্চপদস্থ—বিণ. উন্নত-পদারূঢ়।

উচ্চভাব (ব্) বি. উন্নত-চিন্তা।

উচ্চভাষী (উচ্‌চোভাষি) [উচ্চ—ভাষ্ (বলা)+ইন্ (ণিন্, কর্ত্তৃ)] বিণ, যে উচ্চৈঃস্বরে কথা বলে। ২। যে কড়া বা রূঢ় কথা বলে; উগ্রবক্তা। ৩। প্রগল্ভ।

উচ্চমনা (উচ্‌চোমোনা) [উচ্চ—মনস্ (মনঃ) যাহার (বহু)] বিণ, উন্নত-হৃদয়; মহামনাঃ।

উচ্চয়, উচ্চায় [উৎ=উর্দ্ধ—চি=একত্র করা, চয়ন করা+অ (অল্)+অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, চয়ন। ২। [+অল্, ঘঞ্, কর্ম্মে] পরিধান বস্ত্রগ্রন্থি; নীবি। ৩। রাশি; পুঞ্জ। প্র—সমুচ্চয়; শিলোচ্চয়। [স্বতন্ত্র ব্যবহার নাই]

উচ্চরায় (উচ্‌চোরায়্) [উচ্চ+রা (শব্দ)—য় (তে, দ্বারা) উভরায় দ্রঃ] ক্রি-বিণ, উচ্চৈঃস্বরে।
প্র—"আইস পুত্র বলিয়া ডাকিছে উচ্চরায়" —কৃত্তিবাস।

উচ্চরিত (তো) [উৎ—চর, (গমন করা-বলা)+ত (ক্ত—কর্ম্মে)] বিণ, শব্দায়িত। ২। যাহা উচ্চারণ করা গিয়াছে; কীর্ত্তিত, কথিত; ভাষিত। ৩। নির্দ্দিষ্ট; উল্লিখিত।

উচ্চরোল (ল্) [উচ্চ—রোল (রব, চীৎকার, শব্দ) উতরোল দ্রঃ। প্রা-বাং উতুরোল] বি, উচ্চশব্দ; চীৎকার।

উচ্চলিত (তো) [উৎ (বাহির) চল্ (গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, নির্গত। ২। প্রস্থিত।

উচ্চাটন (উচ্‌চাটোন্) [উচ্চ—অটন (সঞ্চালন,—অট্=গমন করা+অনট্ ভাবে)] বি, ক্লী, উন্মূলন; উচাটন। ২। চঞ্চল করণ। ৩। অভিচারকর্ম্মবিশেষ: মনের ব্যাকুলতা জন্মাইবার জন্য তন্ত্রোক্ত অনুষ্ঠান বিশেষ। ৪। উৎকণ্ঠা; ব্যাকুলতা। ৫। উৎপীড়ন। ৬। বিষাদ। বিণ, ব্যাকুল। ২। বিষণ্ণ।

উচ্চাবচ (উচ্‌চাবচো) [উদক্ (উন্নত) অবাচ্ (উন্নত অবনত) উন্নত অবনত অর্থে উচ্চাবচ, নিপাতন] বিণ, নিম্নোন্নত: উচ্চনীচ। ২। ভাল মন্দ। প্র—"যে ভীমসেন বিবিধ পান ও উচ্চাবচ বসন দ্বারা সৎকৃত হইতেন।" ৩। [নৈকভেদ—অমর] নানা প্রকার; বিবিধ। প্র—"উচ্চাবচ মৃগ, মৎস্য ও মৈরেয় প্রভৃতি প্রভূতস্থরা সকল সমাহৃত হইল।" ৪। অসমান।

উচ্চারণ (উচ্‌চারোন্) [(উৎ—চারি=(গমন করা, শব্দ করা)+অন (ভাবে অনট্)] বি, ক্লী, কথন: শব্দ করণ; উক্তি করণ; কীর্ত্তন। **উচ্চারণ করা**—কথায় ব্যক্ত করা; মুখদ্বারা শব্দ করা। **উচ্চারণ-স্থান** -যে স্থান হইতে শব্দ উচ্চরিত হয়। যথা—কণ্ঠ, তালু প্রভৃতি। ক্রি, উচ্চার উচ্চারি; উচ্চারিতে; উচ্চারিলা। প্র—"উচ্চে উচ্চারিল বেদ বেদী"; —মেঘনাদ।

উচ্চারণীয় (উচ্‌চারোণীও) [উচ্চারণ+অনীয় (কর্ম্মে)] বিণ, উচ্চারণযোগ্য; যাহা উচ্চারণ করা উচিত বা উচ্চারণ করিতে পারা যায়; উচ্চার্য্য।

উচ্চারিত [উচ্চারণ (দ্রঃ)+ত (ক্ত) কর্ম্মে] বিণ, যাহা উচ্চারণ করা হইয়াছে। ২। শব্দিত। ৩। উক্ত; কথিত। ৪। ব্যক্ত।

উচ্চার্য্য (উচ্‌চারজো) [উৎ—চারি+য (কর্ম্মে)] বিণ, উচ্চারণযোগ্য; কীর্ত্তনীয়; বক্তব্য।

উচ্চার্য্যমাণ (উচ্‌চারজোমান্) [(উৎ—চারি+শান (কর্ম্মে)] বিণ, যাহা উচ্চারণ করা যাইতেছে।

উচ্চিংড়া [উচ্চিঙ্গট শব্দজ] বি, উইচিংড়ে; পতঙ্গবিশেষ।

উচ্চিঙ্গট (উচ্‌চিংগট্) উদ্ (উর্দ্ধে)—চিঙ্গট (গমনকারী) যে লফদিয়া যায়] বি, পুং উইচিংড়ে; the cricket. ২। কোপন-স্বভাব ব্যক্তি।

উচ্চিত (উচ্‌চিত) [উদ্—চিত) চি=চয়ন করা+ত (ক্ত কর্ম্মে)] বিণ, সংগৃহীত। [বিরল]

উচ্চুঙ্গ (উচ্‌চুংগ) [উৎ=উর্দ্ধ—চুঙ্গ (গমন করা)+অ (কর্ত্তৃ)—যে উর্দ্ধে গমন করে] বি, পুং, পতঙ্গবিশেষ; উইচিঙ্গড়া।

উচ্চূল (ল্) [উৎ=উন্নত+চূড়া যাহার (বহু)] বি, পুং, ধ্বজপট; নিশান; পাগ। [বিরল]

উচ্চে [উচ্চৈঃ শব্দের অপভ্রংশ] ক্রি-বিণ, উপরে; উন্নত প্রদেশে; উর্দ্ধে। ২। তীব্রভাবে।

উচ্চৈঃ [উচ্চৈস্] ক্রি-বিণ, উর্দ্ধে; উপরে। ২। তীব্রভাবে।

উচ্চৈঃশ্রবা (উচ্‌চৈস্‌স্রোবা) [উচ্চৈঃ উচ্চ)—শ্রবণ (কর্ণ) যাহার (বহু)] বি, পুং, সমুদ্রমন্থনে উত্থিত উন্নত-কর্ণ, ইন্দ্রের বাহন; সপ্তমুখ শ্বেতবর্ণ অশ্ব। ২। বিণ, উচ্চকর্ণ যুক্ত। ৩। উচ্চস্বর অর্থাৎ খুব উচ্চগলায় বলিলে শব্দ যাহার কর্ণে প্রবেশ করে (তুল—লোকটা উঁচু শুনে, একটু জোরে বল)। ৪। বধির; কালা।

উচ্চৈঃস্বর (উচ্‌চৈশ্‌শর্ [উচ্চৈঃ স্বর (শব্দ)] বি, উচ্চশব্দ; উচ্চরব।

উচ্চৈঃস্বরে (উচ্‌চৈশ্‌শরে) [উচ্চৈঃ-স্বর (শব্দ)-এ বাং বিভক্তি] ক্রি-বিণ, উচ্চরবে; চীৎকার করিয়া; ডাক ছাড়িয়া।

উচ্ছন্ন (উছছোন্নো) [উৎসন্ন শব্দজ] বিণ, উৎসন্ন; বিনষ্ট; ধ্বংসপ্রাপ্ত।

উচ্ছর (র্) [প্রা-বাং। সং—উচ্ছ্রায়=উন্নত; উচ্চ] বিণ, উচ্চ। ২। অধিক। প্র—"উচ্ছর হয়েছে বেলা"—ধ, ম,-মাণিক। [অপ্র]

উচ্ছল [উৎ—শল্ (গমন করা)+অ (অচ্)] বিণ, অবধারিত ক্রমে সর্ব্বতঃ ব্যাপ্ত। ২। উচ্ছলিত; উৎক্ষিপ্ত; উথলিত; স্ফীত।

উচ্ছলিত [উৎ (উর্দ্ধ)—শল্ (গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উৎক্ষিপ্ত। ২। উদ্‌গত। ৩। স্ফীত; উথলিত।

উচ্ছাদন [উৎ—ছাদি (আবরণ করা)+অন (ভাবে অনট্)] বি, ক্লী, উদ্বর্ত্তন। ২। গন্ধ দ্রব্য দ্বারা শরীরের মলা তোলা।

উচ্ছাস্ত্র (উছ্‌ছাস্ত্র) [উৎ (বিপরীত, না) শাস্ত্র] বিণ, শাস্ত্রবিরুদ্ধ; অশাস্ত্রীয়; শাস্ত্রভ্রষ্ট।

উচ্ছাহ (উছ্‌ছাহ) [উৎ+সাহ।—বৈ—সা] বি, উৎসাহ; প্র—"তাহাতে বড়ই সুখ মনের উচ্ছাহ।"—গীত গোবিন্দ (গিরি)। [অপ্র]

উচ্ছিখ (উচ্‌ছিখ) [উৎ (উপরি) শিখা (জ্বালা) যাহার (বহু)] বিণ, উদ্‌গত-শিখ। ২। উন্নতাগ্র। ৩। পুং; নাগবিশেষ।

উচ্ছিত্তি (উচ্‌ছিৎতি) [উৎ—ছিদ্ (ছেদন করা)+তি (ভাবে ক্তি)] বি, স্ত্রী, উচ্ছেদ: সমূলে উৎপাটন। ২। বিনাশ।

উচ্ছিদ্যমান (উচ্‌ছিদ্‌দোমান্) [উৎ—ছিদ্ ছেদন করা+আন (কর্ম্মে শান)] বিণ, যাহার উচ্ছেদ হইতেছে।

উচ্ছিন্ন (উচ্‌ছিন্নো) [উৎ—ছিদ্+ত (কর্ম্মে ক্ত)] দ, ত্=ন্ন] বিণ, যাহার উচ্ছেদ হইয়াছে। বিনাশিত। ২। উৎপাটিত। ৩। উন্মূলিত।

উচ্ছিলীন্ধ্র (উচ্‌ছিলিন্‌ধ্রো) [উৎ—শিলীন্ধ্র =কদলী পুষ্প] বি, ক্লী, কোঁড়ক; ছাতা। ২। বিণ, উদ্গত-শিলীন্ধ্র; বিকশিত শিলীন্ধ্রযুক্ত।

উচ্ছিষ্ট (উচ্‌ছিষ্‌টো) [উৎ—শিষ্ (শেষ রাখা) +ত (কর্ম্মে ক্ত)] বিণ, ভোজনের পর পাত্রে যাহা অবশিষ্ট থাকে; ভুক্তাবশেষ; এঁটো। ২। ভোজনের পর জলদ্বারা যাহা ক্ষালন করা নয়। প্র—"উচ্ছিষ্ট মুখ"। ৩। যাহাতে অন্নব্যঞ্জনাদির সংস্পর্শ হইয়াছে। প্র—উচ্ছিষ্ট বাসন। ৪। অনুভূতাবশিষ্ট। ৫। পরিত্যক্ত। প্র—"কেহই তো নাথ করে না গ্রহণ, পাপের উচ্ছিষ্ট দগ্ধ প্রাণ মন" —প্রেম ও ফুল। ৬। যাহাকে ভোগ করা হইয়াছে; উপভুক্ত।

উচ্ছিষ্টভোক্তা (উচ্‌ছিষ্‌টোভোক্‌তা) [উচ্ছিষ্ট—ভোক্তা—৬তৎ] বিণ, অন্যের ভুক্তাবশিষ্ট ভোজন কারী। ২। নীচ। ৩। তোষামোদদ্বারা অন্যের অনুগ্রহলাভকারী।

উচ্ছিষ্টভোজন (উচ্‌ছিষ্‌টোভোজন) [উচ্ছিষ্ট—ভোজন—৬তৎ] বি, ক্রি, এঁটো খাওয়া।

উচ্ছিষ্টভোজী [উচ্ছিষ্ট--ভোজী (ভুজ্ = ভোজন করা + ইন) ৬তৎ] বি, এঁটো খেকো। উচ্ছিষ্ট ভোজনশীল। ২। নীচ।

উচ্ছীর্শক (উচ্ছীর্‌যক্) [উৎ (উদ্গত)—শীর্ষ (মস্তক) যাহার (বহু) + ক (স্বার্থে)] বি, ক্লী, উপাধান ; বালিশ। ২। বিণ, উন্নত-মস্তক। ৩। ক্লী, শিরঃপ্রদেশ।

উচ্ছুষ্ক (উচ্ছুষ্‌ক) [উৎ (উপরি)—শুষ্ (শুষ্ক-হওয়া) + ত (ক্ত—কর্তৃ) ত = ক] বিণ, যাহার উপরিভাগ শুষ্ক। ২। সন্তপ্ত।

উচ্ছূন (উচ্ছূন্) [উৎ (উর্দ্ধ)—শ্বি (বৃদ্ধি পাওয়া) + ত (কর্তৃ, ক্ত) শ্বি = শূ = ছূ] বিণ, স্ফীত ; উচ্ছ্বসিত। ২। উন্নত। ৩। বৃদ্ধিপ্রাপ্ত ; বর্দ্ধিত।

উচ্ছৃঙ্খল (উচ্ছৃংখল্) [উৎ (উদ্গত না)—শৃঙ্খল (শিকল) যাহার, (বহু)] বিণ, যে শৃঙ্খল বদ্ধ নহে ; বন্ধন মুক্ত। প্র—"উচ্ছৃঙ্খল হস্তী সচ্ছন্দে গমন করে।" —পুরুষ পরীক্ষা। ২। বিশৃঙ্খল ; অনিয়ন্ত্রিত ; যথেচ্ছাচারী। ৩। স্বেচ্ছাচারী। ৪। বা শাস্ত্রানুসারে চলে না ; যথেচ্ছাচারী ; কদাচারী।

উচ্ছে (উচ্‌ছে) [ওড়ি—কড়ঞ্চী = ছোটকরলা ; প্রাদে—উস্‌তে] বি, পুং টুলে উচ্ছে ; কারবেল্লী। তিক্তাস্বাদ ফলবিশেষ : momordica charantia. বড় জাতীয় উচ্ছের নাম "করলা।"

উচ্ছেদ (উচ্‌ছেদ্) [উৎ—ছিদ্ (ছেদন করা) + অ (ঘঞ্)] বি, পুং, উৎপাটন ; উন্মূলন। ২। বিনাশ।

উচ্ছেদক (ক্) [উচ্ছেদ দ্রঃ—অক (কর্তৃ ণক) বিণ: যে উচ্ছেদ করে ; বিনাশক।

উচ্ছেদনীয় (উচ্‌ছেদনিও) [উৎছেদ (দ্রঃ) + অনীয় (কর্ম্মে)] বিণ, যাহার উচ্ছেদ করা আবশ্যক ; বিনাশযোগ্য।

উচ্ছোষণ (উচ্‌ছোষন্) [উৎ—শুষ্ (শুষ্ক করা) + অন (কর্তৃ, অনট্)] বিণ, উর্দ্ধশোষক। ২। সন্তাপক। ৩। [+ অনট্—ভাবে] বি, ক্লী, উর্দ্ধশোষণ।

উচ্ছোষিত (উচ্‌ছোষিতো) [উৎ – শুষ্ — (কর্ম্মে) ত (ক্ত)] বিণ, শুষ্ককৃত।

উচ্ছ্রয়, উচ্ছ্রায় (উচ্‌ছ্রয়্, ছ্রায়্) [উৎ = উর্দ্ধ—শ্রি (সেবা করা) + অ (ভাবে অল্), + অ (ভাবে ঘঞ্)] বি, পুং, উচ্চতা। প্র—"পর্ব্বতের উচ্ছ্রায়"। ২। উন্নতি।

উচ্ছ্রায়ী [উচ্ছ্রায়িন্ শব্দ] বিণ, উর্দ্ধগত। ২। উচ্চ ; lofty. স্ত্রী, **উচ্ছ্রায়িনী**।

[illegible]ত (উচ্‌ছৃত) [উৎ—শ্রি—ত (কর্তৃ, ক্ত)] বিণ, উন্নত। ২। স্ফীত। প্র—"বলদর্পে উচ্ছ্রিত।" – মহা (বর্দ্ধ)। ২। উদিত। ৩। উৎপন্ন। ৪। উন্নমিত। ৫। বৃদ্ধিপ্রাপ্ত।

উচ্ছ্বসিত (উচ্‌ছোশিত) [উৎ (উপরি)—শ্বস্ নিশ্বাস প্রশ্বাস পরিত্যাগ করা) + ত (কর্তৃ ক্ত)] বিণ, স্ফীত। ২। কম্পিত। ৩। উৎফুল্ল। ৪। শিথিলীকৃত। ৫। বিকাশপ্রাপ্ত ; স্ফুরিত। [— + ক্ত—ভাবে] বি, ক্লী, উচ্ছ্বাস ; নিশ্বাস। ২। স্ফুরণ ; কম্পন।

উচ্ছ্বাস (উচ্‌ছাশ্) [উৎ—শ্বস্ + অ (ভাবে ঘঞ্)] বি, পুং, বিকাশ। ২। নিশ্বাস। প্র—"উচ্ছ্বসিলা বীরবৃন্দ বিষাদে চৌদিকে মহীরুহব্যূহ যথা উচ্ছ্বাসে নিশীথে।"—মেঘনাদ। ৩। শোক হেতু দীর্ঘ নিশ্বাস। প্র—"শ্বনিছে পবন উচ্ছ্বাসে বিলাপী যথা"—মেঘনাদ। ৪। উর্দ্ধে উঠা। প্র—"তপ্তপাত্রে পয় উচ্ছ্বসিত ধূমপুঞ্জ ত্রস্ত অগ্নিতেজে"—মেঘনাদ। ৫। স্ফীতি। প্র—জলোচ্ছ্বাস ; আনন্দোচ্ছ্বাস। ৬। উল্লাস। ৭। অধ্যায় ; পরিচ্ছেদ। প্র—"প্রথমোচ্ছ্বাস।" ৮। ফাঁক। ৯। আশ্বাস। ১০। আকাঙ্ক্ষা। ১১। প্রাণ।

উচ্ছ্বাসিত (উচ্‌ছাশিত [উৎ—শ্বস্—ণিচ্ = শ্বাসি (নিশ্বাস ফেলা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উথলিত ; স্ফীত। ২। বিকাশিত।

উছট (ট্) [হি—উচোট। সং—উচ্চাটন] বি, চলিবার কালে পদাঙ্গুলিতে আঘাত ; ঠোকর। প্র—

"কপালে টনক নড়ে, হাত হইতে হাতা পড়ে,
উছট লাগিয়া পদতলে" —ভারতচন্দ্র।

উছট্ খাওয়া—ক্রি, চলিবার কালে পদাঙ্গুলিতে আঘাত প্রাপ্ত হওয়া ; ঠোকর খাওয়া। প্র—

"আমারি স্মরণে হায় সে নাকি উছট্ পায়।
—(কুঙ্কুম)। [উছোট দ্রঃ]

উছড়ন (ন্) বি, বমন।

উছল (ল্) [সং – উচ্ছল] বিণ, উথলিত ; উদ্বেলিত।

উছলন, উছলান (উছ্‌লোনো, লানো) ক্রি, উথলিয়া উঠা। প্র—কমল পরিমল লয়ে শীতল জল পবনে ঢল ঢল উছলে কূলে।"—অন্নদামঙ্গল।

উছালিত [উছল দ্রঃ] বিণ, উচ্ছলিত ; উথলিত ; যাহা উথলিয়া উঠিয়াছে।

উছলিল—ক্রি, উথলিয়া উঠিল ; উচ্ছলিত হইল। [ব্রজ—**উছলল**। প্র—"গোকুলে উছলল করুনাক রোল।" —বিদ্যাপতি।

উছিলা [ফা—বসীলাহ্। অছিলা দ্রঃ] বি, ছুতা ; [illegible]

উছোট (ট্) [উছট দ্রঃ। হি—আচোট ; উচোট পরে বাং 'হুঁচোট' এবং 'হোঁচোট'। সং – উচ্চাটন] বি, ঠোকর ; টক্কর ; চলিতে চলিতে পায়ের আগায় আঘাত। ক্রি, **উছোট লাগা,—খাওয়া**।

উজ [ঋজু শব্দজ] বিণ, সোজা ; সরল।

উজড় (উজড়্) [হি—উজাড় (বসতিশূন্য) শব্দজ] বিণ, বসতিশূন্য। ২। শূন্য ; খালি।

উজড়ন, উজড়ান (ন্, নো) [হি—উজড়ানা (খালি করা)] ক্রি, উত্তোলন করা। ২। পাত্র খালিকরা ; আজড়ানো। ৩। নিঃশেষ করা। প্র—"একশ্বাসে তিন হাঁড়ি আমানি উজড়ে।" —কবিক।

উজন (ন্) [উজান দ্রঃ] বি, স্রোতের বৈপরীত্য। ২। বিপরীত ; উল্টা।

উজনে, উজানে—ক্রি-বিণ, স্রোতের বিপরীত দিকে। প্র—"কুবাতাসে যদি ভাসে তরি না চলে উজানে।" —কমলাকান্ত।

উজবক, উজবুক (জ্, ক্) [তুর্কী—উজ্‌বক্ = তাতারীদিগের একজাতি। উচ্চারণ বিকারে 'উজ্‌বেগ্'—"*Uzbeg*—an ember of the Turkish family of Tartars in Turkestan, their blood in some places mixed with a Tajik (or Aryan) strain, elsewhere with Kiptchak, Kalmuck, and Kirghiz elements"
—*Davidson.*]

বি, তাতারীয় জাতিবিশেষ। ২। উজবকজাতীয় সৈন্য। প্র—

"যবন কিরাত শক আগুদলে উজবক,
খোরাসানি মোগল পাঠান।" —কবিকঙ্কণ।

৩। বিণ, তাহাদের মত অশিক্ষিত এবং আড়বুজো ; নির্ব্বোধ ; আহাম্মক।

উজর, উজোর (র্) [উজ্জ্বল শব্দজ] বিণ, উজ্জ্বল ; দীপ্তিশালী। প্র—

"শারদ-পূর্ণিমা নিরমল রাতি,
উজোর সকল বন।" —চণ্ডীদাস।

"ভুজে বিরাজিত তাড় ভুবন উজর।
কটিতে কিঙ্কিণী ধ্বনি শুনি মনোহর॥"
—ঘনরাম।

উজরান, উজারণ (উজ্‌রানো, উজারোন্) [উজ্জ্বলকরণ হইতে। হি—উজ্‌রানা বা উজ্‌লানা] ক্রি, জ্বালিয়া দেওয়া ; উজ্জ্বল করা। প্র—"দীপ উজারিনু মন্দির হইল আলো"
—চণ্ডীদাস।

উজরোল (ল্) [উজ্জ্বল শব্দজ] বি, উজ্জ্বল ; প্রদীপ্ত। ২। (উজরোল) ক্রি, উজ্জ্বল হইল। দীপ্ত হইল। প্রঃ—

"উজরোল রাতি, মণিময় বাতি কর্পূর তাম্বুল বারি।" —চণ্ডীদাস।

উজল (ল্) [উজ্জ্বল শব্দের অপভ্রংশ] বিণ, উজ্জ্বল। ২। [উজ্জ্বল শব্দজ [বি, জলের উর্দ্ধাধোগমন।

উজলপাজল (উজোল্‌পাজোল্) [সং—উত্থান পতন শব্দজ, প্রাকৃ—উথল পথল—বাং, উতলপাতল হইতে] বি, উলট্ পালট ; তলা উপর।

উজলান (উজ্‌লানো) [হি—উজ্‌লানা] ক্রি, উজ্জ্বলন ; ঝাড়া ; উৎক্ষেপণ করা। ২। উচ্ছলিত হওয়া। ৩। উজ্জ্বল করা। [উজরান দ্রঃ]।

উজলি [উজ্জ্বল+ইআ : হি—উজ্‌লা] বিণ, উজ্জ্বল। প্র—"নীল উজলি নীলমণি।" —চণ্ডীদাস।
২। ক্রি, উজ্জ্বল করিয়া ; উদ্ভাসিত করিয়া। প্র—"গায়িতে গায়িতে অমরাবতীতে আইল একদা উজলি দিশি" —হেমচন্দ্র।

উজা [ঋজু শব্দজ। কবিকঙ্কণে] বিণ, সরল ; সোজা। **উজাউজি**—ক্রি-বিণ, সোজাসুজি। [অপ্র]।

উজাগর (র্) [উ+জাগৃ (জাগরণ)—অ (ঘঞ্—ভাবে)। হি—উজাগর—ভালরকম জাগরণ তাহা হইতে—প্রকাশিত, জাজ্বল্যমান] বি, জাগরণ। প্র—
"সঙ্গে জ্ঞাতি পুত্র নাতি, উজাগর দিবারাতি,
নানা চিত্র করে নিরমাণ।" —কবিক।
২। কোজাগর পূর্ণিমা।

উজাড়, উজার, উজোড় (র্, ড়্) [হি—উজার=শূন্য। উৎ (উৎখাত) জড় (মূল)] বিণ, উন্মূলিত ; ২। শূন্য ; খালি।
প্র—"থলি ঝুলি উজাড় করে ফেলে
যা আছে তোর ফুরাল রাতারাতি"—রবি।
৩। বসতিশূন্য ; নির্মনুষ্য।

উজাড়ে [হি—উজাড়না] ক্রি, খালিকরে। প্র—ঘর উজাড় করিয়া দ্রব্যাদি লইয়া যাওয়া। ২। খাইয়া ফেলে। প্র—
"একখাসে তিন হাঁড়ি আমানি উজাড়ে" —কবিক।

উজান, উজানি (ন্) [সং—উদ্‌ধান ; হি—উজ্‌না (পর উঠ্‌না, চড়না) ; মঃ—উধান ; হি—উজান (উদ্=উপর—যান=গমন)] বি, স্রোতের বিপরীত গতি। উল্টাস্রোত ; জোয়ার।
প্র—"পবিত্র প্রভাস নববৃন্দাবন
প্রেমসিন্ধু আজি বহিছে উজান" —প্রভাস।
"গোঁ করে সোঁৎ ঠেলে ভাঁটি গাং ছেড়ে।
উজানের পথে চলে দাড়ি গোঁপ নেড়ে॥" —ঈশ্বর গুপ্ত।
ক্রি, বিণ, **উজানি**—স্রোতের প্রতিকূলে। প্র—"ধর্ম্মে নৌকা বাহে উজানি ভাটালি।"
উজানের মাছ—বর্ষাকালে পুকুরে জল ঢুকিতে থাকিলে পুকুরের যে মাছগুলি সেই জল বাহিয়া বাহির হয়। প্র—"কৃষাণ যেমন ধরে উজানের মাছ"। —কবিক।
—শুঃ পুঃ [অপ্র]

উজানভাটী [উজান (উল্টা প্রবাহ, জোয়ার) ভাটা (নদী প্রভৃতির স্বাভাবিক স্রোত, নিম্নদিকে প্রবাহ)] বি, জোয়ার ভাঁটা। ২। উপর নীচে। ৩। এ দিক ও দিক। প্র—
"এমেন উজান ভাটী, চৌদিকে কোচের বাটী,
কোচবধূ ভিক্ষা দেয় থালে" —কবিক

উজানিবেলা [প্রা, উ—বঙ্গ] বি, পূর্ব্বাহ্ণ বেলা (দশটার কাছাকাছি)।

উজানো—ক্রি, নদীর স্রোতের বিপরীতে যাওয়া। **উজায়ে যাওয়া**—উল্টা স্রোত ঠেলিয়া যাওয়া। প্র—"যখন জোয়ার আস্‌বে, উজায়ে যাবে, ভাটিয়া যাবে ভাটার বেলা॥" —রামপ্রসাদ।

উজালা [উজ্জ্বল শব্দজ] বি, আলোকময়। ২। উজ্জ্বল।
"আধই হৃদয়ে হাড়ের মালা আধ মণিময় হার উজালা।—অ, ম। উজি—বি, জনশ্রুতি ; আপা।

উজিয়ার, উজিয়ারা (উজিআর্) [উজ্জ্বল শব্দজ। ব্রজ] বিণ, উজ্জ্বল। প্র—"শীল=গুণে শশী উজিয়ারা" —বি, পু।
প্র—"গোরা গায় অরুণ বসন উজিয়ার। প্রাতঃকালে সূর্য্য জিনি বরণ তাহার॥"—চৈ, ম
২। আলোকিত ; উদ্ভাসিত। প্র—"মন মথ হেরি উজিয়ার,—বি, পু।

উজির, উজীর (র্) [আ, ফা—বজীর] বি, অমাত্য ; মন্ত্রী।
উজীরি, উজীরালি—উজীরের কার্য্য।
রাজা-উজীর—প্রধান প্রধান লোক।
রাজা-উজীর মারা—গালগল্প করা ; মিথ্যা কল্পনায় সময় কাটান।

উজু [আ—বজু] বি, নমাজের পূর্ব্বে মন্ত্রোচ্চারণ পূর্ব্বক হস্তপদাদি প্রক্ষালন। ২। মুসলমান দিগের শাস্ত্রীয় স্নান।

উজোড় (ড়্) [উজ্জ্বল শব্দজ (উজোর দ্রঃ)] বিণ, উজ্জ্বল। প্র—"ও মুখচাঁদ উজোড়।" —সারদামঙ্গল।
২। [হি—উজাড়] বিণ, খালি। ৩। বসতি-শূন্য।

উজোর (র্) [উজ্জ্বল শব্দজ। ব্রজ] বিণ, উজ্জ্বল। প্র—"জম্বু আঁচরে উজোর সোনা"—বি, পু।
২। আলোকিত ; উদ্ভাসিত। প্র—"বিনা দীপে ঘর মোর তোর অঙ্গে উজোর।"—চৈ, ভাগবত।

উজ্জয়িনী, উজ্জয়নী (উজ্‌জৈনি) [উৎ (অতিশয়)+জয়িনী। জি (জয় করা) অন (কর্ত্তৃ, অনট্)—ঈপ্, স্ত্রী, যে জয় করে—এখানকার লোকেরা জয়শীল বলিয়া এই নগরীর নাম উজ্জয়িনী] বি, স্ত্রী, মালব (Malwa) দেশের অন্তর্গত অবন্তী ; ইহার অপর নাম বিশালা।

উজ্জাপন [সং—উদ্‌যাপনের প্রা-রূপ, উজানও বলে। বি, সমাধান ; সমাপন।

উজ্জীবন (ন্) [উৎ—জীব (বাঁচিয়া থাকা)। +অন (ভাবে অনট্)] বি, ক্লী, মূর্চ্ছার পর চৈতন্য লাভ। ২। মৃতপ্রায় হইয়া পুনরায় সজীব হওয়া। ৩। বিস্মৃত বিষয়ের পুনরুত্থাপন।

উজ্জীবিত [উৎ—জীব+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অচৈতন্যের পর চৈতন্য প্রাপ্ত। ২। মৃতপ্রায় হইবার পর পুনঃ প্রাণ প্রাপ্ত। ৩। বিলুপ্ত বা বিস্মৃত ঘটনা বা বিষয় নবীভূত।

উজ্জৃম্ভ (উজ্‌জৃম্‌ভ) [উৎ (উপরি) জৃম্ভ্ (হাইতোলা)+অ (ভাবে ঘঞ্)] বি, পুং, বিবর্ত্তন ; বিকাশ। ২। [+ঘঞ্ (কর্ত্তৃ)] বিণ, প্রকাশিত ; প্রস্ফুটিত।

উজ্জৃম্ভিত (উজ্‌জৃম্‌ভিত) [উৎ—জৃম্ভ্ +ত (কর্ত্তৃ ক্ত)] বিণ, স্ফুটিত ; বিকসিত। ২। [ভাবে—ক্ত] বি, স্ফুরণ ; বিকাশ।

উজ্জোগ (গ্) [সং—উদ্‌যোগ শব্দের প্রা, রূপ ; উজ্জুগও বলে] বি, উদ্যোগ ; যোগাড়।

উজ্জ্বল (উজ্‌জল্) [উৎ (অতিশয়) জ্বল্ (দীপ্তি পাওয়া)+অ (কর্ত্তৃ—ক)] বিণ, দীপ্তিমান ; ভাস্বর ; দীপ্ত। ২। পরিষ্কৃত। ৩। শোভমান। ৪। বি, পুং, শৃঙ্গার রস। ৫। ক্লী, স্বর্ণ। [অপ্র]

উজ্জ্বলতা (উজ্‌জলোতা) [উজ্জ্বল+তা (ভাবে)] বি, স্ত্রী, উজ্জ্বলের ভাব ; ঔজ্জ্বল্য ; চাকচক্য।

উজ্জ্বলিত (উজ্‌জোলিতো) [উৎ—জ্বল্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা জ্বলিয়া উঠিয়াছে ; প্রদীপ্ত।

উজ্ঝিত [উজ্‌ঝ্=ত্যাগ করা] বিণ, পরিত্যক্ত।

উঝাল [উজ্‌ঝ্=ত্যাগ করা—বাহির করিয়া ফেলিয়া দেওয়া। অথবা, উদ্ধার=উঝার—উঝাল (ঝালান দ্রঃ)। প্র—পুষ্করিণী উদ্ধার ; পঙ্কোদ্ধার] উদ্ধার। ২। উত্তোলন। ক্রি, **উঝালা**—উদ্ধার করা : উঠান। প্র—"শৃঙ্গে উঝালিয়া"

উঞ্ছ (উনছ) [উঞ্ছ্ (খুঁটিয়া লওয়া)+অ (ঘঞ্ ভাবে)] বি, পুং, জীবিকা নির্ব্বাহার্থ ধান্যাদি খুঁটিয়া লওয়া ; (হীন) বৃত্তিবিশেষ। ২। তুচ্ছ ; অকিঞ্চিৎকর। ৩। নীচ : ওঁচা।

উঞ্ছন (উনছোনো) ক্রি, খই, মুড়ি প্রভৃতি ভাজিবার সময় ভাজনা খোলায় নাড়িয়া দেওয়া।

উঞ্ছবৃত্তি (উনছোবৃৎতি) [উঞ্ছ (হীন)—বৃত্তি (ব্যবসায়, জীবন ধারণের উপায়)] বি, স্ত্রী, উপেক্ষিত শস্য খুঁটিয়া লইয়া তদ্দারা জীবন ধারণ। ২। [স্মৃতিশাস্ত্রে] ব্রাহ্মণের

সর্ব্বোৎকৃষ্ট বৃত্তি : ঋত, অমৃত ও মৃত এই বৃত্তিত্রয়ের মধ্যে শ্রেষ্ঠ বৃত্তি ; ঋত জীবন। —মনু। ৩। নানা স্থান হইতে কিঞ্চিৎ কিঞ্চিৎ আহরণ করিয়া অতিকষ্টে দিন যাপন। ৪। নীচ বৃত্তি ; হীন জীবিকা ; সামান্য ব্যবসায়। ৪। মহাভারতোক্ত জনৈক ধর্ম্মশীল ব্রাহ্মণ। প্র—"নারদ কহিলেন, ধর্ম্ম-প্রধান বিদর্ভ রাজ্যে উঞ্ছবৃত্তি নামক জ্ঞানবান্ কোন ব্রাহ্মণ ছিলেন।" —মহা, শান্তি। ৫। বিণ, উঞ্ছবৃত্তি অবলম্বী। ৬। উঞ্ছবৃত্তি নামধেয়। প্র—"যজ্ঞের নিমিত্ত উঞ্ছবৃত্তি ব্রাহ্মণের পুরাবৃত্ত যাহা * * * বর্ণন করিতেছি।" —মহা, শান্তি।

উঞ্ছশীল (উনছোশিল্) [উঞ্ছ্ (খুঁটিয়া লওয়া)+অ (ভাবে ঘঞ্)—শীল (বৃত্তি)] বি, স্ত্রী, উপেক্ষিত শস্যাদি খুঁটিয়া লওয়া রূপ বৃত্তি। (উঞ্ছবৃত্তি দ্রঃ)। ২। [(উঞ্ছ লওয়া) শীল (স্বভাব যাহার (বহু)] বিণ, উঞ্ছজীবী ; উদ্ধৃত শস্যের অবশিষ্ট আহরণকারী।

উট (ট্) [সং—উষ্ট্র ; পালি—উট্ট ; হি—উঁট্] বি, স্বনামখ্যাত কুব্জ-পৃষ্ঠ ভারবাহী পশু বিশেষ : ক্রমেলক ; লম্বোষ্ঠ ; উষ্ট্র ; camel. স্ত্রী, **উট্নী** (হি—উঁটনী), উটনী (অনী—তুল —মঃ—উঁটিন্)। [দ্রঃ—আরব এবং মিশরে এই জন্তুর আদি বাস। এসিয়া ও আফ্রিকার উষ্ণপ্রধান জলশূন্য প্রদেশে মরুভূমিতে উটই একমাত্র বাহন এই কারণে ইহাকে রূপকের ভাষায় "মরুতরণী" "ship of the desert" বলা হয়] ২। উ (শব্দ করা)+ট (সংজ্ঞার্থে, কর্ত্তৃ] বি, স্ত্রী, তৃণ : পর্ণ ; পত্র। প্র—উটজ ; অর্থাৎ পর্ণশালা। **উটমুখো**—উষ্ট্রের মত ঊর্দ্ধমুখ যাহার। যে নিম্নে দৃষ্টি না রাখিয়া চলে। স্ত্রী, **উটমুখী**।

উটপাখী [উষ্ট্র পক্ষী ; ইং—ostrich] বি, উটের মত লম্বা গলা দীর্ঘাকার ও মহাবল পক্ষী বিশেষ। ইহার দেহ ভারী ও ডানা ছোট বলিয়া উড়িতে পারে না।

উটক (উট্কো) [হি—উটকর=অজানা] বিণ, অপরিচিত। প্র—বাড়ীতে কোন উটকো লোক এসেছে। ২। আগন্তুক। ৩। [হি—উটকনা, সং—অট্=ঘুরে বেড়ান। তাহা হইতে যে ঘুরিয়া বেড়ায়] অটনকারী ; ভব-ঘুরে। ৪। [সং—অট্ ধাতু হইতে উটক পরে হুটকো শেষে হুড়কো। তুল—হুড়্কো মেয়ে বা বৌ—যে হুট্ হুট্ করিয়া পলায় বা উৎক, উৎকা=উৎকণ্ঠিতা। "উৎকণ্ঠিতা নায়িকা" নহে কারণ তাহার লক্ষণ সম্পূর্ণ বিপরীত, সে পতির জন্যই উৎকণ্ঠিতা] যে স্ত্রী পতিগৃহ হইতে পিতৃগৃহে পলায়ন করে।

উটক-পাটক (ক্) [উচ্চারণ ভেদে 'ওটোক পাটোক'। তুল—হিঃ—উটকন্ পাটকন্] বি উলট পালট ; তোলাপাড়া। ক্রি,-বিণ, **উটকিয়া-পাটকিয়া, উটকেপাটকে** —উলটিয়া পালটিয়া ; তোলপাড় করিয়া। (তুল—হিঃ —উঠায়কে পটকায়কে)।

উটকন, উটকান (উট্কোনো, কানো) [সং-উৎক্ষেপণ, হি—উট্কনা। সং—অট্=ঘুরিয়া বেড়ান। উকটন দ্রঃ। 'ওট-কানো'ও বলে] ক্রি, অন্বেষণ করা ; খোঁজা বা খোঁজ করা ; খুঁজে বেড়ান। প্র—"ঝোপ ঝাপ উটকে গহন।" —কবিক। ২। বি, অন্বেষণ, **উটকান-পাটকান** (নো) [উটকন (উৎক্ষেপণ) পাটকন (প্রক্ষেপন, পাতন, পাড়ন] ক্রি, জিনিসপত্রের আবরণ তুলিয়া বা দ্রব্যাদি উঠাইয়া এবং খুলিয়া পাতিয়া বা গাড়িয়া তাহার মধ্যে অন্বেষিত বস্তু আছে কিনা দেখা ; দ্রব্যাদি তোলাপাড়া করিয়া খোঁজ করা। প্র—"উটকিয়া ঝোপে ঝাড়ে নেহালে পর্ব্বত আড়ে।" —কবিক। বি, উটকন-পাটকন (ন্)।

উটকো—উটক দ্রঃ।

উটক্করা, ক্কারা [হি—উচ্কা, উচকা (দ্রঃ)] বিণ, উটকো ; অপরিচিত।

উটজ (জ্) [উট (তৃণ পর্ণাদি)—জ (জন্=জন্মান+অ—কর্ত্তৃ)] বি, পুং, মুনিগণের পত্র নির্ম্মিত গৃহ ; কুটীর ; কুঁড়ে ; পর্ণশালা। প্র—"উটজে করিছে দিন যাপন রে।" —স, শতক।

উট্তি [উঠ্তির উচ্চারণ ভেদ] বি, কাট্তি : দ্রব্যাদি বিক্রয়। ২। উন্নতি। ৩। বর্দ্ধন-শীল : বিকাশশীল ; উন্নতিশীল।

উট্ন, উঠনা (উট্নো, ঠ্) [উত্থান—উঠান (হিঃ উঠান=কাট্তি ; খরচ)] বি, ধারে খরিদ ; ধারে ক্রয়।

উঠতি (ঠ্) [সং—উত্থিতি, উঠস্তি] বি, দ্রব্যাদি বিক্রয় কাট্তি। ২। উন্নতি। ৩। বিণ, উন্নতিশীল। প্র—এই এখন তাহার উঠ্তি সময়। ৪। বৃদ্ধিশীল। প্র—উঠ্তি বয়স।

উঠতি পড়তি [উত্থান পতন হইতে] বি, উত্থান-পতন। ২। পণ্য বিক্রয়ে লাভ লোক-সান। ৩। মূল্যের হ্রাস বৃদ্ধি।

উঠ্তিমুখ (উঠ্তিমুখ্) বি, উন্নতির সূত্র-পাত, বৃদ্ধিমুখ।

উঠন, উঠান (ন্) [উত্থান শব্দজ] বি, গাত্রোত্থান। ২। [অঙ্গন শব্দজ] বি, প্রাঙ্গণ ; আঙ্গিনা।

উঠমু [ব্রজ উঠলুঁ ; বাং—উঠ্মু] ক্রি, উঠিলাম। প্র—"উঠমু হাম কালিন্দী তীর।"—বি, প।

[বাঙ্গালার চলিত কথায় উঠিলাম স্থলে **উঠ্মু** শব্দের ব্যবহার আছে]।

উঠবোস (ঠ্, শ্) [উঠ (উঠা উত্থান)—বোস (উপবেশন, বসা)—ব্যায়াম, তাহা হইতে শাস্তি punishment, drill. তুল—কান ধরে উঠা বসা] বি, ব্যায়াম। ২। শাস্তি।

উঠয়ে [ব্রজ] ক্রি, উঠে। ২। জন্মে। প্র—"রসপরসঙ্গে উঠয়ে মন্মু কাঁপ"। —বি, প।

উঠল [ব্রজ] ক্রি, উঠিল। প্র—"তৈখনে হৃদয় উঠল মন্মু কাঁপি।" —বি, প।

উঠলুঁ [ব্রজ] ক্রি, উঠিলাম। (উঠমু দ্রঃ)।

উঠবন্দী (উঠ্বোনদি) বি, জমির চাষ আবাদ সম্বন্ধীয় রায়তওয়ারী বন্দোবস্ত বিশেষ। **উঠবন্দী-রায়ত**—এক শ্রেণীর রাইয়ত যাহারা ভিন্ন ভিন্ন বৎসর বিভিন্ন জমি চাষ করে। [নদীয়া প্রভৃতি জেলায় প্রচলিত]

উঠসার (উঠ্শার্) [দাবা বড়ে খেলায় কিস্তি বিশেষ] বিণ, উঠ্তি ; বল বা বড়ে উঠি-বার দরুণ যে কিস্তি পড়ে। প্র—"তাহার সর্ব্বনাশ উপস্থিত উঠসার কিস্তিতেই মাত।" —আলাল।

উঠা [উত্থান] বি, উত্থান : গাত্রোত্থান। দাঁড়ান। ২। উন্নতি। ৩। উদ্গম ; প্রকাশ। ৪। বৃদ্ধি ; বাড়। ৫। স্ফীতি ; উথলন। ৬। উৎসাহ ; অবসাদের বিপরীত অর্থে—। আশা (নৈরাশ্যের বিপরীত অর্থে) ; উত্থান (পতনের বিপরীত অর্থে)। প্র—"উঠা নামা প্রেমের তুফানে।" —গিরিশ।

উঠা (উঠা) [উত্থান শব্দজ। হিঃ—উঠ্না। বাং—গ্রা—ওটা] ক্রি, উত্থিত হওয়া ; গাত্রোত্থান করা ; দণ্ডায়মান হওয়া। ২। শয্যা ত্যাগ করা। প্র—"উঠ শিশু মুখ ধোও পর নিজবেশ। আপন পাঠেতে মন করহ নিবেশ॥"—ম, তর্কালঙ্কার। ৩। উদ্গত হওয়া ; গজান। প্র—ধানের শিষ উঠা : বীজ হইতে কল উঠা। ৪। উদয় হওয়া ; দেখা দেওয়া ; প্রকাশ পাওয়া। প্র—সূর্য্য উঠা ; রৌদ্র উঠা। ৫। জাগ্রত হওয়া ; উদ্বুদ্ধ হওয়া। জড়তা ত্যাগ করিয়া বা আলস্য বর্জ্জন করিয়া কর্ম্মে প্রবৃত্ত হওয়া। ৬। উত্তেজিত হওয়া ; উৎসাহিত হওয়া। ৭। উন্নতি করা। প্র—এখন তাহার সময় ভাল যাইতেছে না কিন্তু সে পাকা ব্যবসাদার শীঘ্রই উঠিবে। ৮। উপরে যাওয়া : আরোহণ করা ; চড়া। প্র—ছাদে উঠা ; গাছে উঠা। ৯। স্ফীত হওয়া ; ফুলিয়া উঠা ; ফাঁপিয়া উঠা। ১০। বিদ্রোহী হওয়া ; মাথা তোলা ; বিপক্ষে বা প্রতিকূলে দণ্ডায়মান হওয়া। ১১। উদ্গীর্ণ হওয়া ; উৎক্ষিপ্ত হওয়া ; বাহির হইয়া পড়া। প্র—

সে যাহা খাইয়াছিল সমস্ত উঠিয়া গিয়াছে। আর মাটি খুঁড়িতে হইবে না এইবার জল উঠিতেছে। ১২। স্খলিত হওয়া ; ঝরিয়া যাওয়া। প্র—চুল উঠা ; লোম উঠা। ১৩। বিলীন হওয়া ; মিলাইয়া যাওয়া। প্র—রং উঠা। ১৪। উঠিয়া যাওয়া ; বজায় না থাকা ; বন্ধ হওয়া ; রহিত হওয়া ; ভাঙ্গিয়া যাওয়া ; abolish. প্র—সাহায্য অভাবে বিদ্যালয়টী উঠিয়া গেল। এখান থেকে দোকান পাট সব উঠিয়া গিয়াছে ; এবাড়ী হইতে তাহার অন্ন উঠিল। ১৫। সরিয়া পড়া ; স্থানান্তরে যাওয়া ; স্থান খালি করা। প্র—এখান থেকে উঠ। তাহারা এগ্রাম হইতে অন্য গ্রামে উঠিয়া গিয়াছে। ১৬। বৃদ্ধি পাওয়া। তাপমান যন্ত্রে পারদ ঊর্দ্ধে উঠা। প্র – জ্বর এখন কত উঠিয়াছে। ১৭। বিদ্যালয়ের পরীক্ষায় উত্তীর্ণ হইয়া নিম্ন শ্রেণী হইতে উপরের শ্রেণীতে যাওয়া ; প্রোমোশন পাওয়া। ১৮। ফুরাইয়া যাওয়া ; নিঃশেষিত হওয়া। প্র—যাহা কিছু ঘরে ছিল সব উঠিয়া গিয়াছে, এখন আবার বাজার হইতে আনিলে তবে খাইতে পাইবে। **অন্নউঠা**—অন্ন বন্ধ হওয়া ; ভোজন রহিত হওয়া ; জীবিকার পথ বন্ধ হওয়া। **উকি-উঠা**—হিক্কা হওয়া ; ওয়াক্ ওঠা। **খড়ি-উঠা**—তৈল মর্দ্দন না করায় দেহের চর্ম্ম শুষ্ক হইয়া মরামাস উঠা। **চুলউঠা**—কেশ স্খলিত হওয়া ; লোম ঝরিয়া পড়া। **চোখ-উঠা**—নেত্ররোগ হওয়া। **জলউঠা**—জল নির্গত হওয়া। **জাতে উঠা**—সমাজে যে পতিত ছিল বা একঘ'রে হইয়াছিল পুনরায় সমাজে তাহার সহিত সকলের আহার ব্যবহার আরম্ভ হওয়া। **দাঁতউঠা**—শিশুদিগের দন্তোদ্গম হওয়া ; দাঁতগজান। **নেচে উঠা**—আনন্দে মত্ত হওয়া ; উল্লসিত হওয়া।
প্র—"হৃদি মাঝে কত নাচে তরঙ্গ।
নেচে উঠে প্রাণ, পাব ত্রিভঙ্গ॥" —গিরিশ।
পাক উঠা—পক্কোদ্গম হওয়া। ২। পালক বাহির হওয়া। ৩। মৃত্যুর নিকটবর্ত্তী হওয়া। প্র—"পিঁপড়ার পাখা উঠে মরিবার তরে।" ৪। ছেলে দুরন্তপনা করিলে তাহাকে প্রহার বা অন্য শাস্তি দিবার পূর্ব্বে তাহার সতর্কীকরণ বা তিরস্কার স্বরূপ বলা হয়, তাহার 'পাক উঠিয়াছে'। **নাম উঠা**—নামের উল্লেখ হওয়া। ২। প্রসিদ্ধ হওয়া ; সুনাম বিস্তৃত হওয়া। ৩। নাম কাটা যাওয়া। ৪। নাম লুপ্ত হওয়া। **পাটউঠা**—সমূলোৎপাটিত হওয়া। ২। স্থান বা আবাস উঠিয়া যাওয়া ; চিহ্ন পর্য্যন্ত লুপ্ত হওয়া।

মনউঠা—তৃপ্ত হওয়া ; পরিতুষ্ট হওয়া। প্র -"কেমন করে পরের ঘরে চুরি করিস নীলমণি ঘরে কি তোর মন উঠেনা মিষ্ট কি পরের ননী।" —গান।

রক্তউঠা—রক্ত বমন হওয়া ; কাশের সহিত রক্ত নির্গত হওয়া। **রঙউঠা**—জল বা রৌদ্র লাগিয়া রঞ্জিত বস্ত্রাদি হইতে রঙ্গ বাহির হইয়া যাওয়া ; রঙ মিলাইয়া যাওয়া বা বিলুপ্ত হওয়া। **রবউঠা**—জনরব হওয়া ; কথা উত্থাপিত হওয়া। **উঠেপড়ে লাগা**—সমূহ উদ্যমের সহিত কর্ম্মে প্রবৃত্ত হওয়া। "মন্ত্রের সাধন কিম্বা শরীর পতন" এইরূপ ভাব হৃদয়ে রাখিয়া কাজ করা।

উঠাইয়া দেওয়া—ক্রি, তুলিয়া দেওয়া। সাহায্য না পাইয়া তাহারা পাঠশালা উঠাইয়া দিল। ২। উত্থিত করা ; উঁচু করিয়া দেওয়া ; খাড়া করা। ৩। সরাইয়া দেওয়া ; অপসৃত করা। ৪। মিটাইয়া দেওয়া ; মুছিয়া ফেলা। ৫। জাগরিত করা ; জাগান।

উঠাউঠি—বি, পুনঃপুনঃ উত্থান। একাধিক-ব্যক্তির একে একে বারবার উঠাবসা।

উঠান (উঠানো, ওঠানো) [উত্থাপন শব্দজ] ক্রি, উত্থিত করা ; উত্তোলন করা। ২। ধরিয়া তোলা ; চড়ানো। ৩। উত্থাপন করা ; উল্লেখ করা। ৪। গাঁথিয়া তোলা। ৫। উৎপাটন করা। ৬। সরান ; অপসারিত করা ; স্থানান্তরিত করা। ৭। জাগান। ৮। কার্য্যে প্রবৃত্ত হইবার জন্য উৎসাহিত করা। ৯। অবনত বা হীন অবস্থা হইতে উন্নত করা।

উঠান (উঠান্) [উৎ (উন্মুক্ত) ঠান (স্থান) প্র—"উত্থান প্রাঙ্গণে"—মেদিনী] বি, প্রাঙ্গণ ; চত্বর ; আঙ্গিনা। **উঠানচষা**—ভিটার মাটি চষা ; সুতরাং সমভূম করা অর্থাৎ উৎখাত বা উদ্বাস্ত করা ; অত্যাচার করা।

উঠানামা [(গ্রা—'ওঠানামা')] বি, উত্থান পতন। প্র—"উঠানামা প্রেমের তুফানে।" —গিরিশ ঘোষ।

২। তোলপাড়। ৩। আরোহণ এবং অবতরণ। ৪। উন্নতি ও অবনতি। ৫। ভেদবমি। ৬। ক্রি, উত্থিত হওয়া এবং পতিত হওয়া। ৭। একবার আরোহণ করা একবার অবতরণ করা। ৮। তরঙ্গায়িত হওয়া ; আন্দোলিত হওয়া।

উঠানি [উত্থান] বি, উত্থান। প্র—"বাণ খেয়ে নীলবীর করিল উঠানি" —কৃত্তিবাস। ২। [তুল—চড়োয়া—উপর চড়াও বা চড়া—উত্থান—হি—চঢ়াব্] আক্রমণ ; প্রহারোদ্যম। প্র—"না মারেন রাম তারে যার নম্র বাণী, যে বড়াই করে তার উপরে উঠানি॥" —কৃত্তিবাস।
"পশিব রাক্ষস মধ্যে করিব উঠানি।" —কৃত্তিবাস।
"প্রতিব্যূহ করি সবে উঠানি করিল" —কাশীদাস।

উঠাপড়া [উত্থান পতন শব্দজ] বি, উত্থান পতন ; উঠানামা।

উঠিতপতিত (উঠিৎ-পতিৎ) বি, আবাদী জমির প্রকার ভেদ ; যে জমিতে কোন-বৎসর আবাদ হয়, কোন বৎসর হয় না।

উড় (উড়) [উড়ো দ্রঃ] বিণ, যে উড়িতেছে ; উড্ডয়নশীল। **উড়খই** (উড়খোই) যে খই বাতাসে উড়িয়া গিয়াছে। **উড়খই গোবিন্দায় নমঃ**—বাতাসে খই উড়িতেছে দেখিয়া তাহা গোবিন্দ বা ভগবানকে নিবেদন করিয়া দেওয়া ; নিরুপায় হইয়া অনভিলষিত সৎকার্য্য করা।

উড়ই (ব্রজ) ক্রি, উড়িতে। প্র—"মধুমাতল কিয়ে উড়ই না পার।"

উড়কি (ড়) উক্‌ড়ি দ্রঃ। উড়িধান। —বিদ্যাপতি।
প্র—"উড়্কি ধানের মুড়কি দিব পথে জল খেতে। সরু ধানের চিড়ে দিব শাশুড়ি ভুলাতে॥" —ছড়া।
বি, খই (উক্‌ড়ী দ্রঃ) ২। মঞ্চ। ৩। উখড়ী হাতা। ৪। [প্রা, উল্কীর উচ্চারণ-ভেদ] উল্কী।

উড়কুড় (উড়্কুড়) [উড়-কুল (সমস্ত ; নিঃশেষে)] বি, আদ্যন্ত ; শেষ। ২। চিহ্ন। প্র—ম্যালেরিয়ায় যে লোকক্ষয় আরম্ভ হয় তাহাতে গ্রামের উড়কুড় উঠিয়া যায়।

উড়কুল (উড়্কুল) [প্রাদে] বি, উড্ডয়নোন্মুখ।

উড়চ্চড়িয়া, উড়চ্চড়ে (উড়োন্চোড়িআ, উড়োন্চোড়ে) [উড়ন+চণ্ডীআ] বি, অপব্যয়ী ; অমিতব্যয়ী ; বৃথা ধনসম্পত্তি নাশকারী।

উড়াতি, উড়তী—বিণ, উড্ডীয়মান ; অস্থির ; অনিশ্চিত।

উড়ন (ন) [সং—উড্ডয়ন] বি, শূন্যে গমন ; আকাশে উড়া ২। সং—আচরণ। হি—ওঢ়ন] বি, পরিধান। ৩। [(ইহার বিপরীত পাড়ন) আবরণ ; যাহা উপরে থাকে বা ঊর্দ্ধদিকে থাকে ; 'ওড়ন'ও বলে ; তুল—ওড়নপাড়ন] প্র – "তামার উড়ন তামার পাড়ন তামা করিলাম সার" —শূ, পু।

উড়নচড়ে, উড়নচণ্ডে (উড়োন্চোড়ে, উড়োন্চোন্ডে) [উড়ন+চণ্ড+ইআ = উড়ন-চণ্ডিয়া = উড়নচণ্ডে (দ্রুত উচ্চারণে)] বিণ,

যে বিষয় সম্পত্তি উড়াইয়া দেয় ; অমিতব্যয়ী ; বৃথা ধননাশক।

উড়নপেকে (উড়োন্‌পেকে) [উড়ন+পাক +ইআ। যাহার উড়িবার—বা উড়াইবার পাখা (পক্ষ) আছে] বিণ. অপব্যয়ী। ২। *[যে গরুর একখানি পাঁজরের হাড় উচু, নদীয়া জেলার কোন কোন স্থানে এই গরুকে উড়ন পেকে গরু বলে।* —বঙ্গীয় শব্দসিন্ধু।]

উড়নী, উড়ানী (উড়নি, উড়ানি, চলিত উচ্চারণ উড়্‌নি) [সং—আবরণ। প্রাকৃ—ওড়ান্‌ (উত্তরীয়) শব্দজ হি—ওঢ়না, ওঢ়নী] বি. গাত্রবস্ত্রবিশেষ ; উত্তরীয় ; এক পাটা চাদর।

উড়নীয় বিণ. উড্ডয়নশীল।

উড়পড়ন (উড্‌পড়োন্‌) [উৎপতন শব্দজ] বি. উড়িয়া পতিত হওয়া।

উড়ব (উড়ব) [ব্রজ] ক্রি. উড়িবে। প্র—"বাদ্ধি ধয়ল জনু উড়ব তরাসে।"
—বিদ্যাপতি।

উড়া [সং-উড্ডয়ন, হি—উড়না। উ, পু—উড়ি, ম, পু—উড় ; উড়ুন ; উড্‌ ; ওড়্‌। প্র, পু—উড়ে ; ওড়ে। অস-ক্রি—উড়িতে ; উড়িয়া ; উড়ি, (পদ্যে) উড়ে (সংক্ষেপে)। নিজন্ত—উড়ান] ক্রি. শূন্যে গমনাগমন করা ; উড়িয়া যাওয়া। ২। দ্রুতগমন ; ৩। অদৃশ্য হওয়া। ৪। [উড়িবার ভাব হইতে] ত্যাগ করা ; হারা হওয়া। প্র—প্রাণ উড়া। "উড়িল ভূতশুদ্ধি" —অ, ম.। ৫। [গ্রাম্য] প্রচারিত হওয়া। প্র—খবর উড়া। ৬। [গ্রাম্য] চলিতে থাকা ; হইতে থাকা। প্র—সেখানে খুব গান উড়বে। [গ্রা—চলিতে থাকার ভাব হইতে] ভোজনে ব্যয় হওয়া ; খরচ হওয়া ; কাটা ; লাগা। প্র—আজ ওদের বাগানে খুব লুচিসন্দেশ উড়বে এখন।

উড়া—বিণ. কিংবদন্তীমূলক ; জনশ্রুতিমূলক ; অনিশ্চিত। প্র—উড়া কথা ; উড়া খবর।

উড়া [হি-ওঢ়নাগায়ে দেওয়া ; পরিধান করা] ক্রি. গায়ে দিতে ; আবৃত করিতে ; পরিধান করিতে। প্র—"আমি যোগাইব কাঁথা উড়িতে অম্বর।" —গোবিন্দ গীত।

উড়াউড়া [উড়্‌ উড়্‌ দ্রঃ] বিণ. পলায়নপর ; উড্ডয়নোন্মুখ। ২। ভাসা-ভাসা ; অস্থায়ী ; অনিশ্চিত।

উড়াতাড়, উড়াতাড়া [উড়া—তাড়া (তাড়না শব্দজ)] বি. ভয় প্রদর্শনার্থ তাড়না। ২। অস্থিরতা প্রকাশ।
প্র—"ভঙ্গী দেখে ভয় পেয়ে ভীম দিল রড়॥
ধর ধর করি পিছে মারে উড়াতাড়।
ভীমের ভাবনা হৈল ভাঙ্গিবেক ঘাড়॥"
—শিবায়ন।

উড়ান (উড়ানো) ক্রি. অপব্যয় করা। ২। উড্ডীন করানো। ৩। বি. উপেক্ষা। প্র—"ভাল থাকে হীন তাকে ধন দেয় ডাকি। উত্তমে উড়ান করে অকিঞ্চনে দেখি॥"
—শিবায়ন।

উড়ানি—উড়নি দ্রঃ।

উড়ানিয়া [উড়ন+ইআ] বিণ. যে উড়াইয়া দেয় ; অপব্যয়ী।

উড়াপাক (ক্‌) বি. লাঠি, সড়কি, তলোয়ার প্রভৃতির খেলোয়াড়দিগের অস্ত্র-সঞ্চালনসহ গতি-বিশেষ ; শূন্যে লম্ফ দিয়া মাথার উপর দিয়া হাত ঘুরাইয়া অস্ত্রচালনা। ২। উল্লম্ফন ; ঊর্দ্ধেলম্ফ। প্র-"কেহ অশ্বে কেহ গজে কেহ ধায় রথে। উড়াপাক দিয়া ধায় যার যার পথে॥" —শিবায়ন।
"পাইক দেয় উড়াপাক, ঘনবাজে জয় ঢাক, কারো কেহ নাহি শুনে বোল॥"—কবিক।

উড়াবাও—বি. উপদংশ।

উড়াসালী (সালি) [উড়ি দ্রঃ] বি. ধান্য ভেদ। প্র—"উড়াসালী বিন্ধসালী আর লাউসালী। নানাধনে বুনেন পরভু ধান জে ভাদোলী॥"—শূ. পু.।

উড়ি, উড়ী [উড়ি বা উড়ো। কারণ ধান পাকিয়া বাতাসে উড়িয়া ক্ষেত্রে পতিত হয় এবং তাহা হইতে গাছ হইয়া ধান্য হয়। বন্যধান যাহা স্বভাবত জন্মে এবং রোপণ করিতে হয় না] বি. উড়ুক ধান ; নীবার। প্র—"উড়ি চেলে গুঁড়ি কুটি সাজাইল পিঠা। ক্ষীর খণ্ড ছানা ননী পুর দিয়া মিঠা।"—ঘনরাম। উড়িচূর্ণ—উড়ি ধানের চালের গুঁড়ি [ঘনরাম, ধ, ম.]

উড়িতে—ক্রি. উড্ডয়ন করিতে। ২। [প্রাকৃত —ওড্‌ঢন্‌ শব্দজ ; হিঃ ওড্‌না] অঙ্গাবৃত করিতে ; গায়ে দিতে। প্র—"হরিণ বদলে পাই পুরাণ খোসলা। উড়িতে সকল অঙ্গে বরিষয়ে ধূলা॥"—কবিক।

উড়িদ্‌ [প্রাকৃত—উড়িদো (মাষ ধান্য) শব্দজ—হেমচন্দ্র (দেশী নামমালা)] বি. উড়িধান।

উড়িয়া [ওড়িয়া দ্রঃ। ওড়িআ (ওড্‌+ইয়া) শব্দের অপভ্রংশ] বি. উৎকলবাসী ; উড়িষ্যার লোক। ২। [উড়ন শব্দজ] বি. উড়ি ধান [এই ধান পাকিলেই বাতাসে উড়িয়া বা ঝরিয়া পড়ে। এজন্য 'ঝরাধান'ও বলে। মালদহে, উড়েধান]। ৩। ক্রি. উড্ডীন হইয়া। উড়িয়া আসা, উড়িয়া পড়া,—ক্রি. উড্ডীন হইয়া পতন ; হঠাৎ উপস্থিত হওয়া। উড়িয়া আসিয়া জুড়িয়া বসা—ক্রি. অযাচিত বা অনিমন্ত্রিত হইয়া হঠাৎ আসিয়া সর্বময় কর্তা হইয়া বসা।

উড়িষ্যা—ওড়িশা দ্রঃ। শব্দকল্পদ্রুমে "উড়িস্যা" ইতি ভাষা।"

উড়ী—[প্রাদে] বি. ধান্য বিশেষ ; উড়ুকসন। [উড়ি দ্রঃ]

উড়ু [উড্‌ (স্তুতিকরা) + উ—সংজ্ঞার্থে] বি. স্ত্রী. ক্লী ; তারা ; নক্ষত্র। প্র—"রাতুল বরণ রুচি অরুণ উদিত। নিরখিয়া নিশাপতি হইল লজ্জিত॥ উড়ুগণ পলাইল প্রাণপতি সঙ্গে।" —ঘনরাম। ২। ক্লী. জল।

উড়ু উড়ু [ড়ু (উড়নেচ্ছু) + উড়ু (প্রাবল্য অর্থে আতিশয্য অর্থে দ্বিত্ব)] বিণ. একস্থলে না থাকিয়া পলাই পলাই ভাব ; অস্থির ; উদ্বিগ্ন। প্র—"কি কথা কহিলে কি ফেরে ফেলিলে উড়ু উড়ু করে মন।" —ভারতচন্দ্র।

উড়ুক (ক্‌) [সং—কুরুবক] বি. রক্তঝিণ্টী-পুষ্প। প্র-জবা সে তুলসী তুলি ধর্ম্মের পীরিতি উড়ুক করঞ্চ বেলা তুলিল মালতী।"—শূ. পু.। ২। [সং—উরুবুক, বুক] রেড়ী গাছ।

উড়ুক্কা, উড়ুক্কু [উড়ুখুড়ু] বিণ. পক্ষবান ; উড্ডয়নক্ষম।

উড়ুক্কুমৎস্য—বি. উড্ডয়নক্ষম ক্ষুদ্রজাতীয় সামুদ্রিক মৎস্য বিশেষ ; flying-fish.

উড়ুপ, উড়ুপ (প্‌) [উড়ু (জল) প (পা=রক্ষা করা+অ, ড়—কর্তৃ)—যে জল হইতে রক্ষা করে (উপপদ)] বি. পুং, ক্লী. ভেলা ; ডোঙ্গা। ২। [উড়ু (নক্ষত্র) প (পা) পালক, পতি (৬তৎ)] বি, পুং, চন্দ্র।

উড়ুপতি (উড়ুপোতি) [উড়ু (নক্ষত্র) পতি (৬তৎ)] বি. পুং, চন্দ্র। প্র—"কোটী উড়ুপতি জিনি শ্রীমুখের জ্যোতিঃ। গুণাতীত গুণবতী প্রধানা শকতি।"—দেওয়ান রঘুনাথ রায় (বাঙ্গালার গান)।

উড়ুপথ (থ্‌) [উড়ু (নক্ষত্র) পথ (পথিন) ৬তৎ] বি. পুং, আকাশ।

উড়ুম্বর (উড়ুম্বর্‌) [উডুম্বর দ্রঃ] বি. পুং, উডুম্বর ; যজ্ঞ ডুমুর গাছ। প্র—"মূলা ব্যাগুন সীম তাহে রান্ধ দিয়া নীম। আর দাও উড়ুম্বর ফল।"—কবিক। ২। তাম্র। ৩। দুই তোলাপরিমাণ। ৪। গোবরাটের নিচের কাঠ। দেহলী। ৫। কুষ্ঠ রোগ বিশেষ।

উড়ুষ(ষ্‌) [সং—উদ্দংশ। হি—উড়ুস=খটমল। পু. বঙ্গে—উরস ; ওড়ি—ওড়স ; উ. বঙ্গে—ওরস] বি. ছারপোকা। প্র—"উড়ুষ কচ্ছপগুলা মশা হেন মশা গুলা জলৌকা কুঞ্জর-শুণ্ডাকার।" —কবিকঙ্কণ।

উড়ো—বিণ. উড্ডয়নশীল। ২। ভিত্তিহীন ; অনির্দ্দিষ্ট ; বৃথা ; বিচারহীন। প্র—"যবে নিয়ে উড়ো তর্ক শাস্ত্রীবর্গ টিকি দীর্ঘ নাড়ে"—দ্বিজেন্দ্র রায়। **উড়ো খই গোবিন্দায় নমঃ**—অনন্যোপায় বা বাধ্য হইয়া কোন সৎ কার্য্যে নিয়োগ কল্পনা করা ; যাহা হাতছাড়া হইতেছে তাহা স্বেচ্ছায় সৎকার্য্যে নিয়োগ বা দান করার ভাণ। [দ্রঃ—যখন বাতাসে খৈ উড়িয়া যাইতেছে, পাইবার আর উপায় নাই, তখন সেগুলি দেবতাকে নিবেদন করা হইতে এই প্রবচনের জন্ম]। ২। [উড়া (দ্রঃ), অনুজ্ঞায়। গ্রা] ক্রি. উড্ডয়ন কর্। সম্ভ্রমে—"উড়োন্।" বি. **উড়োন্, উড়োনো**—উড্ডয়ন।

উড্ডয়ন (ন্) [উৎ—ডী (আকাশে গমন করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. শূন্যে গমন ; উড়া ; আকাশে বিচরণ।

উড্ডয়মান (ন্) [উৎ—ডী + আন (কর্ত্তৃ—শান) ম—আগম] বিণ. নভোবিহারকারী। ২। উড়নশীল।

উড্ডামর (র্) [উৎ (উত্তম)—ডামর] বিণ. শ্রেষ্ঠ ; সর্ব্বোত্তম। ২। অতিপ্রচণ্ড।

উড্ডীন (ন্) [উৎ—ডী + ত (কর্ত্তৃ—ক্ত) ত = ন] বিণ. যে উড়িয়াছে : উৎপতিত। ২। উর্দ্ধগামী ; উর্দ্ধগত। ৩। [ক্ত—ভাবে] বি. ক্লী. আকাশে গমন ; উড়ন।

উড্ডীয়মান (ন) [উৎ—ডী + আন (কর্ত্তৃ—শান) য. ম আগম] বি. যে উড়িতেছে ; আকাশে গমনকারী ; উড়ন্ত।

উৎ [তুল—ইং—out : গথিক, অ্যাংলো স্যাক্সন্, প্রাচীন স্যাক্সন্, আইস্ল্যাণ্ডিক্, সুইডিশ্—ut উপসর্গবিশেষ] অ. উপর ; উর্দ্ধ ; উচ্চ। প্র—উৎক্ষিপ্ত ; উন্নত ; উল্লাহ ; উল্লঙ্ঘন। ২। উত্তম ; উৎকৃষ্ট। ৩। বাহিরে। প্র—উৎপিঞ্জর। ৪। অতিশয়। প্র—উত্তপ্ত ; উৎকর্ষ। ৫। বৈপরীত্য ; ব্যতিক্রম। প্র—উৎক্রম। ৬। [অপ-অর্থক] নিন্দনীয়। প্র—উৎকোচ। ৭। বিরুদ্ধ। প্র—উন্মার্গ ; উৎপথ। ৮। অভাব। প্র—উচ্ছৃঙ্খল। ৯। উদ্গত। প্র—উচ্ছীর্ষক ; উত্তুষ। ১০। অকস্মাৎ। প্র—উৎপাত। ১১। অতিক্রান্ত। প্র—উৎসূত্র।

উত, উতো, উঁতো (তো) [উষ্ণতা বা উত্তাপ হইতে] বি. আঁচ ; উত্তাপ। **উঁতে [illegible] দেওয়া**—ভিজা কাঠ প্রায় নির্ব্বা-[illegible] ধিমা আঁচে শুকাইবার জন্য উন[illegible] সাজাইয়া রাখা।

উতথ্য (উতোথ্থো) বি. পুং. বৃহস্পতির জ্যেষ্ঠ, অঙ্গিরা ঋষির জ্যেষ্ঠ পুত্র এবং গৌতম মুনির পিতা।

উতপত [উত্তপ্ত শব্দজ। ব্রজ] বিণ. উত্তপ্ত ; উষ্ণ। প্র—"ঘন ঘন উতপত শ্বাস।" —বিদ্যাপতি।

উতর (উতর্) [সং—উত্তর শব্দের অপভ্রংশ] বি. উত্তর ; জবাব। প্র—"অবনতবয়নী উতর নাহি দেই।" —বিদ্যাপতি। ২। দোষ বা আপত্তির খণ্ডন। **উতর-কাটা**—ক্রি. উত্তর দান করা। প্রত্যুক্তি করা।

উতরথানা (র্) [উত্তরণ স্থান] বি. নামিবার স্থান। ২। সরাই ; পান্থশালা।

উতরভাঙ্গা (উতর্ভাঙা) বি. মৎস্য ধরিবার স্থান।

উতরণ (ন্) [উ—তৃ (অবতরণ করা) + অন (ভাবে—অনট্)] বি. অবতরণ। ২। উপস্থিত হওয়া। ৩। নদ্যাদি পার হওয়া। প্র—"উতরিতে ভবনদী করেছ কি আয়োজন" —ব্রহ্মসঙ্গীত।

উতরাই—উৎরাই দ্রঃ।

উতরান (উত্‌রানো) [প্রায় 'ওৎরানো'। উতরণ হইতে] ক্রি. অবনত করা ; নিম্নে আগমন ; নামা। ২। [উত্তীর্ণ হওয়ার ভাব হইতে] গন্তব্য স্থানে বা আদর্শে বা পূর্ণতায় বা সফলতায় আসিয়া পৌছান : প্রকাশিত হওয়া। ভাল মন্দ বাহির হইয়া পড়া : পরীক্ষায় ভাল বা মন্দ দাঁড়ান। প্র—ছেলেটির এখন যে রকম পড়ায় মন তাহাতে বোধ হয় পরীক্ষায় ভালই উতরাইবে। ফশল, বস্ত্র, আহারীয় প্রভৃতি উতরান।

উতরিয়া—ক্রি. নামাইয়া : ছাপিয়া লইয়া। প্র—"ছাব উতরিয়া।" —কবিক।

উতরিল—ক্রি. উপস্থিত হইল। প্র—"সদাব্রত ফলাহারী করভ করভী আসি উতরিল সবে।" —মেঘনাদ। ২। [(পদ্যে) উতরিল] উত্তর দান করিল।

উতরোল (ল্) [উত (উচ্চ) + রোল (রব) হি—রওলা = কোলাহল চীৎকার) প্রা-বাং—'উতুরোল'। প্র—"হৈল উতুরোল"—শূন্য পুরাণ] বি. উচ্চৈঃস্বর ; গণ্ডগোল। ২। ঝঙ্কার। প্র—"উপবনে অলি উতরোল" —চণ্ডীদাস। ৩। [উৎ (অতিশয়) তরল (চঞ্চল)। কবিকঙ্কণ চণ্ডী (ইণ্ডিয়ান প্রেসের ১৯১১ অব্দের সংস্করণ পৃ-১১১) গ্রন্থে "উত্তরোল" আছে] অতিশয় আগ্রহ। ৪। বিণ. উৎকণ্ঠিত ; উদ্বেলিত বিহ্বল। প্র—"শুনিয়া ভাঁড়ুর বোল কালকেতু উতরোল," —কবিক। কৃত্তিবাস ইহার স্ত্রীলিঙ্গে **"উতরোলী"** শব্দ ব্যবহার করিয়াছেন। প্র—"মনে না মানেন সীতা হয়ে উতরোলী" —রামায়ণ। ৫। [ব্রজ] ক্রি. উচ্চরব করে। প্র—"আকুল অতি উতরোল।"—বিদ্যাপতি।

উতলপাতল (ল্, ল্) [জৈন প্রাকৃ—উত্থল পত্থল] বি. নিম্নোচ্চ। ২। তোলপাড় ; ওঁজল-পাঁজল।

উতলা [জৈন প্রাকৃত "উৎথল্লী" (পরিবর্ত্তন ও পরিবর্ত্তন-জনিত বেগ।—হেমচন্দ্রকৃত দেশীনামমালা)] বিণ. উদ্বিগ্ন ; উৎকণ্ঠিত ; ব্যাকুল। ২। হর্ষাকুলিত। প্র—"উতলা কলাপী কেকাকলরবে বিহরে ; নিখিল চিত্ত হরষা।" —চয়নিকা। ৩। চঞ্চল। প্র—"তোমার অলোকগুচ্ছ হয়েছে উতলা।" —অশোকগুচ্ছ। "উতলা বাতাস অলকে তোমার কি জানি কি করিয়াছে" —চয়নিকা।

উতাড়িয়া [উত্তোলন শব্দজ] ক্রি. উত্তোলন করিয়া। [অপ্র]

উতার (র্) [হি] বি. নিম্নতা ; ঢাল ; নাবাল।

উতার, উতারা (র্) [হিন্দীতে প্রচলিত, বাং বিরল] বি. নকল ; আদর্শ। ২। (উতারো) ক্রি. ঢাল। প্র—"খণ্ডে মুগের সূপ উতার ভাবরে।" —কবিক।

উতারল (উতারাল) [ব্রজ] ক্রি. নাবাইয়া লইল : নামাইল। ২। খুলিয়া লইল। প্র—"নাসা মোতিম গীমক হার। যতনে উতারল কত পরকার।" —বিদ্যাপতি। আধু-বাং—পদ্যে, **উতারিল**।

উতারিয়া [উত্তরণ শব্দজ। পদ্যে, সংক্ষেপে—**উতারি**] ক্রি. নামাইয়া। প্র—"গায়ে হইতে উতারিয়া দিল খাসা জোড়" —কবিক। ২। খুলিয়া ; ছাড়াইয়া। প্র—"গোধিকা রেখেছি বান্ধি দিয়ে জাল দড়া। ছাল উতারিয়া প্রিয়ে কর শিক-পোড়া॥" —কবিক।

উতোর (র্) [উত্তর শব্দজ] বি. উত্তর, জবাব ; প্রত্যুক্তি। প্র—"আমি হাসিতে জানি, হাসির কি উতোর নাই ?" —ইন্দিরা (বঙ্কিম)।

উৎকট (ট্) [উৎ (প্রবল) + কট্ (গমন করা, বৃদ্ধি পাওয়া) + অ (ভাবে, অল্) বিণ. তীব্র ; অতিপ্রখর। ২। উগ্র। ৩। দুঃসাধ্য ; কঠিন। প্র—উৎকট রোগ। ৪। অত্যধিক। প্র—উৎকট পরিশ্রম। ৫। প্রগাঢ় : সুগভীর। প্র—উৎকট চিন্তা। ৬। ভয়ানক ; বিকট। প্র—উৎকট চেহারা। ৭। অসহনীয় কঠোর। প্র—উৎকট শাস্তি। ৮। অতি প্রবল। প্র—উৎকট বাসনা। বি. পুং. হস্তি-বিশেষ। প্র—মদোৎকট। ২। রক্তেক্ষু। ৩। শর। ৪। তেজপত্র। ৫। দারুচিনি। স্ত্রী. **উৎকটা**—বি. সিংহলী লতা

উৎকণ্ঠ [উৎ (উন্নত) কণ্ঠ (গলদেশ) যাহার (বহু)] বিণ, উদ্‌গ্রীব।

উৎকণ্ঠা [উৎ (অতিশয়) কন্‌ঠ্ (চিন্তা করা) +অ (ভাবে—অন্)] বি, স্ত্রী, উদ্বেগ ; মানসিক অস্থিরতা ; সংশয়যুক্ত দুর্ভাবনা। ২। ব্যাকুলতা। ৩। অভীষ্ট লাভার্থ কাল-ক্ষেপে অসহিষ্ণুতা।

উৎকণ্ঠিত (উৎকোনঠিত) [উৎকণ্ঠা +ইত (জাতার্থে)] বিণ, উৎকণ্ঠাযুক্ত ; যে উদ্বিগ্ন হইয়াছে। ২। অতিশয় উৎসুক। ৩। ব্যাকুল। ৪। নায়কের প্রকার-ভেদ। স্ত্রী, **উৎকণ্ঠিতা**—নায়িকাবিশেষ : নায়কের নির্দ্দিষ্ট আগমন সময় অতিক্রম হইলে যে নায়িকা নায়কের জন্য অতিশয় শোকার্ত্তা হয়। প্র—"স্বামীর বিলম্ব যেই ভাবে অনুক্ষণ। উৎকণ্ঠিতা তাহারে বলয়ে কবিগণ ॥"
—রসমঞ্জরী (ভারত)।

উৎকন্ধর (র্) [উৎ (উন্নত) কন্ধরা (গ্রীবা) যাহার (বহু)] বিণ, উন্নতস্কন্ধ : উন্নতগ্রীব।

উৎকর [উৎ (ঊর্দ্ধ) কর—কৃ (করা) +অ (কর্ম্মে অল্) যাহা উচ্চ করিয়া তুলে] বি, পুং, কাঁড়ী ; রাশি ; স্তূপ। ২। [কৃ (বিক্ষেপ করা) +অল্ (কর্ম্মে) যাহা বাতাসে অশ্ব গজাদির পদক্ষেপে উৎকীর্ণ হয়] ধূলা।

উৎকর্ত্তন (ন্) [উৎ—কৃত্ (ছেদন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, খণ্ডশঃ ছেদন।

উৎকর্ষ (উৎকরূষ) [উৎ (অধিক) কৃষ্ (চিহ্ন করা) অ (ভাবে—অল্)] বি, পুং, উৎকৃষ্টতা : আধিক্য ; বৃদ্ধি। ২। উৎ-কৃষ্টতা ; শ্রেষ্ঠতা। ৩। উন্নতি।

উৎকর্ষণ (ন্) [উৎ—কৃষ্ +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আকর্ষণ : উঠান ; টানিয়া লওয়া ; গুটান। প্র—"সেই মহীপতি রাজা ধৃতরাষ্ট্রতনয় কোন দিন সভামধ্যে স্ফটিকময় স্থলভাগের সন্নিহিত হইয়া বুদ্ধি-মোহপ্রযুক্ত জলশঙ্কা করিয়া স্বীয় বসন উৎকর্ষণ করিলেন।"
—মহা-সভা (বর্দ্ধমান)। পরিঃ দ্রঃ।

উৎকল (ল) [উৎ (উৎকৃষ্ট) কল্ (গমন করা) +অ (অধি—অল্) সংজ্ঞার্থে] বি, পুং, ওড়িশ্যা। ২। সুদ্যুম্ন [পুরুষ অবস্থায় ইলার ঔরষে ইহার জন্ম হয়]। ৩। ধ্রুবের জ্যেষ্ঠপুত্র। ৪। ভারবাহী [বাং-য় প্র, অ,]

উৎকলিকা (উৎকোলিকা) [উৎ (ঊর্দ্ধ) কল্ (গমন করা) +অক (কর্ত্তৃ—ণক) আপ, স্ত্রী। অক=ইক] বি, স্ত্রী, তরঙ্গ ; ঊর্ম্মি ; ঢেউ। ২। কলিকা ; ফুলের কুঁড়ি। ৩। [উৎ—কল্ (চিন্তা করা) +অক (ভাবে)+আপ্, স্ত্রী। অক=ইক] উৎকণ্ঠা। উৎকলিকাকুল দ্রঃ।

উৎকলিকাকুল (উৎকোলিকাকুল্) [উৎ-কলিকা (দ্বারা) আকুল] বিণ, অতিশয় উদ্বেগযুক্ত ; উৎকণ্ঠায় আকুল। প্র—"দুর্য্যোধন সাতিশয় উৎকলিকাকুল হইয়া গৃহ হইতে বহির্গত হইলেন।" —মহাভারত (সিংহ)।

উৎকলিকাকুলিত (উৎকোলিকাকুলিতো) [উৎকলিকা (দ্বারা) আকুলিত] বিণ, অতিশয় উদ্বেগযুক্ত।

উৎকলিত (উৎকোলিতো) [উৎ—কল্ (চিন্তা করা) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উন্মনা : উদ্বিগ্ন। ২। তরঙ্গিত।

উৎকার (র্) [উৎ (উপর) কৃ (বিক্ষেপ করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, ধান্যের ছড়া হইতে ধান্য পৃথক করিয়া একস্থানে স্তূপাকার করণ ; ধানসারী।

উৎকাশ (শ্) [উৎ (উৎকট) কশ্ (শব্দ করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, কাশ রোগবিশেষ : যে কাশে সর্ব্বদা কফ নির্গত হয় ; bronchitis.

উৎকীর্ণ [উৎ—কৄ (নিক্ষেপ বা বিক্ষেপ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উৎক্ষিপ্ত ; বিক্ষিপ্ত। ২। [কৄ=বেধন বা বিদ্ধ করা] খোদিত ; কাষ্ঠ প্রস্তরাদির গায়ে অক্ষর চিত্রাদি কাটিয়া তুলা। ৩। চিত্রিত ; লিখিত।

উৎকীর্ত্তন (ন্) [উৎ—কৄৎ (প্রশংসা করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উচ্চ প্রশংসা। ২। বর্ণন। ৩। ঘোষণা ; প্রচার। বিণ, উৎকীর্ত্তিত।

উৎকীর্ত্তিত [উৎ—কৄৎ (কীর্ত্তন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বিঘোষিত। ২। প্রশংসিত।

উৎকুণ (ন্) [উৎ—কুণ্ (হিংসা করা) +অ (অক—কর্ত্তৃ) যে মাথার উপর থাকিয়া হিংসা করে] বি, পুং, কেশকীট ; উকুণ।

উৎকূলিত [উৎ—কূল (তীর) +ইত অথবা +ণিচ+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কূলে উৎক্ষিপ্ত ; তীরে নীত।

উৎকৃতি—বি, ২৬ অক্ষর সংস্কৃত ছন্দোবিশেষ।

উৎকৃত্ত [উৎ—কৃত্ (ছেদন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, খণ্ডে খণ্ডে কর্ত্তিত ; ছিন্নবিচ্ছিন্ন। ২। উৎখাত।

উৎকৃত্যমান (ন্) [উৎ—কৃৎ (ছেদন করা) +আন (কর্ম্মে—শান) য—ম—আগম] বিণ, যাহা বহু খণ্ডে কর্ত্তিত বা ছিন্ন করা হইতেছে।

উৎকৃষ্ট (ষ্‌ট) [উৎ—কৃষ্ +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার উৎকর্ষ আছে ; প্রকৃষ্ট। ২। উত্তম ; শ্রেষ্ঠ। ৪। ঊর্দ্ধদিকে আকৃষ্ট। [বিরল]

উৎকৃষ্টতা [উত্কৃষ্ট+তা (ভাবে)] বি, স্ত্রী, প্রাধান্য ; শ্রেষ্ঠতা।

উৎকোচ (চ্) [উৎ—কুচ্ (সঙ্কুচিত হওয়া, অপদান করা) +অ (ঘঞ্)] বি, পুং, ঘুস্।
উৎকোচগ্রাহী—যে ঘুস লয় ; ঘুসখোর।
উৎকোচজীবী—উৎকোচের অর্থে যে জীবনযাত্রা নির্ব্বাহ করে।

উৎকোচক (ক্) [উৎ—কুচ্ +অক (কর্ত্তৃ ণক)] বিণ, যে উৎকোচ দান করে ; যে ঘুস দিয়া স্বীয় কার্য্য উদ্ধার করে।

উৎকোচগ্রাহী—উৎকোচ দ্রঃ।

উৎক্রম (ম্) [উৎ (উল্টা) ক্রম্ (গমন করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, ক্রমভঙ্গ ; ওলটপালট। ২। বিপর্য্যয় ; ব্যতিক্রম। ৩। বিলোম। ৪। নির্গমন। ৫। লঙ্ঘন। ৬। মৃত্যু ; মরণ।

উৎক্রান্ত (উৎক্রান্ত) [উৎ (উপরি) ক্রম্ (গমন করা) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উল্লঙ্ঘিত ; অতিক্রান্ত। ২। [উৎ (বিপ-রীত, উল্টা) ক্রান্ত (গত)] বিলোমগতি-প্রাপ্ত ; বিপর্য্যস্ত। ৩। উৎপন্ন ; উদ্গত। বি, উৎক্রান্তি।

উৎক্রান্তি—বি, উদ্গমন। ২। বিলোমগতি ; আরোহ।

উৎক্রান্তিবাদ (দ্) বি, আরোহ-নীতি ; ক্রমে ক্রমে উৎকর্ষতা এবং পূর্ণতা।

উৎক্রোশ (শ্) [উৎ—ক্রুশ্ (ক্রন্দন করা) +অ (কর্ত্তৃ—অন্)] বি, পুং, কুরর পক্ষী।

উৎক্ষিপ্ত (উৎখিপ্‌তো) [উৎ (ঊর্দ্ধ) ক্ষিপ্ত (ক্ষিপ্—প্রেরণ করা+ত—কর্ম্মে, ক্ত)] বিণ, ঊর্দ্ধদেশে যাহা ক্ষেপণ করা হইয়াছে। ২। উত্তোলিত। ৩। উৎপাটিত ; উন্মূলিত।

উৎক্ষিপ্তকম্পন (উৎখিপ্‌তকম্‌পন্) [উৎক্ষিপ্ত—কম্পন (কন্‌প=কাঁপা+অন —ভাবে, অনট্)] বি, ক্লী, ভূমিকম্পবিশেষ ; যাহাতে ভূমি ঊর্দ্ধে উৎক্ষিপ্ত হইতেছে মনে হয় ; perpendicular shocks of earthquake.

উৎক্ষেপ, উৎক্ষেপণ (উৎখেপ্, উৎখেপন্) [উৎ—ক্ষিপ্ (প্রেরণ করা) +অ (ভাবে—অল্) পুং, অন (ভাবে—অনট্) ক্লী] বি, ঊর্দ্ধে ক্ষেপণ ; ঊর্দ্ধপাতন। ২। [স্মৃতি শাস্ত্রে] চৌর্য্য। ৩। [উপরে উঠাইয়া নিক্ষেপ করা হয় বলিয়া] মুষল ; মুদ্গর।

উৎক্ষেপক (উৎখেপক্) [উৎ—ক্ষিপ্—অক (কর্ত্তৃ—ণক)] বিণ, যে ঊর্দ্ধে ক্ষেপণ করে। ২। [স্মৃতি শাস্ত্রে] বস্ত্রাদি-অপহারক।

উৎখাত (ত্) [উৎ (ঊর্দ্ধে) খন্ (খোঁড়া) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সমূলে উৎপাটিত। উন্মূলিত। ২। ধ্বংসপ্রাপ্ত ; বিনষ্ট ;

৩। [ভাবে, ক্ত] বি, স্ত্রী, উন্মূলন; উৎপাটন।

উৎখাতকেলি [উৎখাত (রূপ) কেলি—কর্ম্মধা] বি, পুং, শৃঙ্গাদি দ্বারা বৃষাদির মৃত্তিকাখননরূপ ক্রীড়া; বপ্রক্রীড়া।

উত্তংস (উৎতংশ) [উৎ (ঊর্দ্ধ)+তনস্ (ভূষিত করা)+অ (অল্)] বি, পুং, শিরোভূষণ; কর্ণ-ভূষণ।

উত্তপ্ত (উৎতপ্‌তো) [উৎ (অতিশয়) তপ্ (সন্তাপ জন্মান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রতপ্ত; সন্তপ্ত; উষ্ণ; তাপযুক্ত। ২। দগ্ধ। ৩। রুষ্ট; কোপাবিষ্ট। ক্রি, উত্তপ্ত করা। (ব্রজ) উতাপই—উত্তপ্ত করে।
প্র—"চান্দ চন্দন তনু অধিক উতাপই"
—বিদ্যাপতি।

উত্তম (উৎতম্) [উৎ—তম্ (ইচ্ছা করা) অ (কর্ত্তৃ অন্)] বিণ, সর্ব্বাপেক্ষা ভাল; । ২। শ্রেষ্ঠ। ৩। উপাদেয়। ৪। বি, পুং, বিষ্ণু। ৫। ধ্রুবের বৈমাত্রেয় ভ্রাতা; সুরুচি গর্ভজাত, উত্তানপাদ রাজার পুত্র। ৬। তৃতীয় মনু প্রিয়ব্রত রাজার পুত্র। ৭। একবিংশতিতম দ্বাপরের ব্যাসের নাম। ক্রি-বিণ, বেশ; ভালই; উত্তমরূপে।

উত্তমতা [উত্তম+তা—ভাবে] বি, স্ত্রী, উত্তমের ভাব। ২। উৎকর্ষ। ৩। শ্রেষ্ঠত্ব; প্রাধান্য।

উত্তমপদ (উৎতোম্‌পদ্) [উত্তম—পদ—পদ্ (গমন করা)+অ (অন্) উত্তমপদ (মর্য্যাদা) যাহার (বহু)] বিণ, উচ্চপদবিশিষ্ট; সম্মানিত পদে স্থিত। বি, উচ্চপদ; সম্মানের পদ; উচ্চাসন। ২। উন্নত অবস্থা।

উত্তমপুরুষ (উৎতম্‌পুরুষ্) [ব্যাকরণে] বি, যে কিছু বলে বা করে; the first person.

উত্তমমধ্যম (উৎতোম্ মোধ্‌ধোম্) [গ্রা] বি, বিলক্ষণ প্রহার। উত্তম মধ্যম দেওয়া—ক্রি, বিলক্ষণরূপে প্রহার করা।

উত্তমর্ণ (উৎতোমরন্) [উত্তম (প্রধান)—ঋণ যাহার (উপচয় হেতু যাহার উত্তম ঋণ)—বহু] বিণ, ঋণদাতা; মহাজন। প্র—"দর্শনের এবং বিশ্বাসের প্রতিভূর মৃত্যু হইলে তৎপুত্রগণ উত্তমর্ণের ঐ ঋণ পরিশোধ না করিলে পাপী হইবে না। * * * প্রতিভূ সর্বজন সমক্ষে উত্তমর্ণকে যাহা দিবে, অধমর্ণ, প্রতিভূকে তাহার দ্বিগুণ অর্পণ করিবে।"
—যাজ্ঞবল্ক্য সংহিতা।

উত্তমসংগ্রহ (উত্তম্‌শংগ্রোহো) বি, পুং, গোপনে পরদার করণ। [প্র, অ]

উত্তমসাহস (উৎতম্‌শাহশ্) [উত্তম (অতি গুরুতর, সর্ব্বোচ্চ) সাহস (দণ্ড)] বি, পুং, দণ্ডবিশেষ; অপরাধীর সর্ব্বোচ্চ দণ্ড। ইহাতে ১০০০ বা ৮০০পণ (মতান্তরে) ১৮০,০০০ পণ নামক তাম্র মুদ্রা দিতে হইত। [১ পণ মুদ্রা এখনকার ৵২ তের আনা দুই রতি পরিমাণ তাম্রে গঠিত হইত]। প্র—
"* * * * সীমা অতিক্রম করিয়া কর্ষণ করিলে এবং ভয়াদি প্রদর্শনপূর্ব্বক ক্ষেত্রাদি আহরণ করিলে যথাক্রমে অধম সাহস, মধ্যমসাহস এবং উত্তমসাহস দণ্ড ভোগ করিতে হইবে।" —যাজ্ঞবল্ক্যসংহিতা।
"অদুষ্ট কন্যাকে দুষ্ট বলিলে তাহার উত্তমসাহস দণ্ড।" —বিষ্ণুসংহিতা।
"বেদত্রয়বেত্তা, রাজা এবং দেবতাকে গালি দিলে উত্তমসাহস দণ্ড, জাতিসমূহের প্রতি গালি দিলে মধ্যমসাহস দণ্ড, গ্রাম এবং দেশের উল্লেখ পূর্ব্বক গালি দিলে প্রথম সাহস দণ্ড হইবে।" ঐ।
৩। দুঃসাহস।

উত্তমা—বি, স্ত্রী, উৎকৃষ্টা স্ত্রী। ২। নায়িকাবিশেষ। প্র—"অহিত করিলে পতি যেবা করে হিত। উত্তমা তাহার নাম বলয়ে পণ্ডিত॥" —রসমঞ্জরী।
৩। ক্ষীরাই গাছ।

উত্তমাঙ্গ (উৎতমাংগ) [উত্তম (প্রধান)—অঙ্গ (কর্ম্মধা)] বি, ক্লী, প্রধান অঙ্গ; মস্তক। ২। মানবের মস্তক হইতে কটিদেশ পর্য্যন্ত দেহাংশ; bust. প্র—"মেটকাফ হলে তাঁহার (প্যারীচাঁদ মিত্রের) এক ছবি আছে, এবং কলিকাতা টাউনহলে এক প্রস্তরনির্ম্মিত উত্তমাঙ্গ আছে।" —শিবনাথ শাস্ত্রী।

উত্তমাশা (উৎতমাশা) বি, বিশেষ বা যথেষ্ট ভরসা; খুব ভাল আশা। ২। [ভূগোলে] অন্তরীপ বিশেষ; the Cape of Good Hope.

উত্তমোত্তম (য়) [উত্তম—উত্তম] বিণ, উত্তম হইতে উত্তম; উৎকৃষ্ট হইতে উৎকৃষ্ট। ২। বিবিধ উৎকৃষ্ট (বস্তু); খুব ভাল ভাল।

উত্তমৌজা [উত্তম—ওজস্ (বল) যাহার (বহু)] বিণ, শ্রেষ্ঠ বলবিশিষ্ট। ২। বি, মনুর পুত্র দশমমন্বন্তরাধিপ।

উত্তম্ভ [উৎ (ঊর্দ্ধে) স্তন্‌ভ (স্তব্ধ করা)+অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, উত্তোলন। ২। স্তম্ভীভাব।
(ন্)] উৎ—স্তন্‌ভ স্তব্ধ করা)+অন (ভাবে, অনট্)] বি, ক্লী, অবলম্বন। ২। টেক; ঠেকো; খুঁটি।

উত্তর (র্) [উৎ (উপরি)—তৃ (পার হওয়া) +অ (অল্)] বি, ক্লী, প্রতিবাক্য; জবাব; জিজ্ঞাসিত বিষয়ে বক্তব্য নির্দ্দেশ। ২। আপত্তি খণ্ডন। ৩। সিদ্ধান্ত। ৪। প্রতিকার। ৫। অর্থালঙ্কারবিশেষ। ৬। [কর্ত্তৃ, অল্] পুং উত্তর দিক; the North. ৭। অব্যবহিত পরবর্ত্তী দেশ বা কাল। ৮। বিরাট রাজার পুত্র (মহাভারত)। বিণ, যাহা পরে ঘটিবে; পরবর্ত্তী; ভবিষ্য। ২। যোগ্য। ৩। শ্রেষ্ঠ। ৪। অসাধারণ; দুর্লভ। প্র—"লোকোত্তর চরিত"। ৫। [উত্তর+ষ্ণ] উত্তর দিক্ দেশ বা কাল সম্বন্ধীয়। ৬। উপরিস্থিত। ৭। ক্রি-বিণ, পরে; অনন্তর; পশ্চাৎ। প্র—গমনোত্তর; শ্রবণোত্তর। উত্তর করা—জবাব করা; চোপা করা। উত্তর দেওয়া—জবাব দেওয়া; জিজ্ঞাসিত বিষয়ে বক্তব্য নির্দ্দেশ করা। ২। সাড়া দেওয়া।

উত্তরকাণ্ড (উৎতর্‌কান্‌ডো) বাল্মীকি রামায়ণের ৭ম কাণ্ড।

উত্তরকাল (উৎতর্‌কাল্) [উত্তর(পশ্চাদ্গামী)—কাল (সময়) কর্ম্মধা] বি, পুং, ভবিষ্যৎ কাল। ২। পরবর্ত্তী সময়। ক্রি-বিণ, উত্তরকালে—ভবিষ্যতে; পরে।

উত্তরকালীন (র্, ন্) [উত্তর (পরবর্ত্তী) কাল+ঈন (সম্বন্ধার্থে)] বিণ, যাহা পরে বা ভবিষ্যতে ঘটিবে; ভবিষ্যৎ কাল সংক্রান্ত।

উত্তরকুরু (র্) [উত্তর—কুরু। ভূগোলের উত্তরাংশ (কর্ম্মধা)] বি, পুং, ক্লী, জম্বুদ্বীপের নব বর্ষান্তর্গত বর্ষবিশেষ। আর্য্যগণের আদি বাসভূমি বলিয়া অনুমিত। ইহা মেরুর দক্ষিণে, শৃঙ্গী পর্ব্বতের অপর পার্শ্বে অবস্থিত ও দেবতাগণের প্রিয় বাসস্থান, এবং যেখানে মন্দাকিনী নদী, চৈত্ররথ বন ও সপ্তর্ষিগণের বাস, এসম্বন্ধে বহু মতান্তর আছে।

উত্তরকেন্দ্র—বি, পুং, পৃথিবীর উত্তর প্রান্ত; সুমেরু প্রদেশ; North Pole.

উত্তরকোশল (র্, ল্) [উত্তর—কোশল] বি, পুং, অযোধ্যা রাজ্যের অন্তর্গত সরযূ নদীর উত্তরস্থ প্রদেশ। ইহার প্রাচীন রাজধানী শ্রাবস্তী ইরাবতী নদীতীরে অবস্থিত। এই শ্রাবস্তীর দক্ষিণে বর্ত্তমান বলরামপুর সামন্তরাজ্য।

উত্তরকোশলা (র্) [উত্তর—কোশল (কর্ম্মধা)] বি, স্ত্রী, অযোধ্যানগরী। ২। পুং, কোশল দেশ; কোশল দেশের উত্তরাংশ।

উত্তরক্রিয়া (র্) [উত্তর (পশ্চাৎ) ক্রিয়া (কার্য্য)—কর্ম্মধা] বি, স্ত্রী, মৃতের সৎকার। ২। সাংবৎসরিক শ্রাদ্ধাদি কার্য্য। ৩। প্রতিবচন দান।

উত্তরঙ্গ (উৎতরংগ) [উত্তর (উপরি)—গ (গম্—গমন করা)+অ (কর্ত্তৃ ধস্)] বি, ক্লী,

উৎপদ্যমান (উৎপোদ্‌দোমান্) [উৎ—পদ্ (গমন করা) + আন (কর্ত্তৃ—শান) য—ম—আগম] বিণ. যে উৎপন্ন হইতেছে ; যে জন্মিতেছে ; জায়মান।

উৎপন্ন [উৎ—পদ্ (গমন করা) + ক্ত (কর্ত্তৃ—ক্ত) দ-স্থানে—ন] বিণ. জাত ; সৃষ্ট ; উদ্ভূত ; [illegible] [illegible] সৃষ্টি। [illegible] : presence of mind.

উৎপন্নমতিত্ব (উৎপন্‌নোমোতিত্তো) [উৎপন্ন—মতি (বুদ্ধি) + ত্ব—ভাবে. উৎপন্ন বুদ্ধির ধর্ম্ম] বি. ক্লী. বিপদ সময়ে বুদ্ধির উদয় ; presence of mind.

উৎপবন (ন্) [উৎ (উপরি) পূ (পবিত্র করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. কুশ-দ্বারা জল প্রোক্ষণ ; দ্রব্যের শুদ্ধি।

উৎপল (ল্) [উৎ (উপরি—জলের উপরে) পল্ (গমন করা) + অ (কর্ত্তৃ—অল্)] বি. ক্লী. জলপুষ্প ; পদ্ম। ২। কুড়গাছ। ৩। বিণ. নির্ম্মাংস ; মাংসহীন। স্ত্রী. উৎপলী—তুঁষের চাপড়া। উৎপলিনী. বি. স্ত্রী. জলপুষ্প বিশেষ ; পদ্মিনী। ২। (বহুবচন) পদ্মসমূহ। ৩। কমলবন।

উৎপলবর্ণ (ল্) [উৎপল—বর্ণ] বি. উৎপলের ন্যায় বর্ণ ; lilac.

উৎপশ্য (উৎপোশ্‌শো) [উৎ (উর্দ্ধ) পশ্য (দৃশ্ =দর্শনকরা) + অ (কর্ত্তৃ - শ) (দৃশ্ = পশ্য)] বিণ. যে মুখ উর্দ্ধ দিকে করিয়াছে ; উর্দ্ধদৃষ্টি।

উৎপাটক (ক্) [উৎ (উর্দ্ধ) পট + ণিচ্ = পাটি (গমন করান) + অক (কর্ত্তৃ—ণক)] বিণ. যে উৎপাটন করে ; যে উপড়াইয়া ফেলে ; উন্মূলক। ২। উৎক্ষেপক।

উৎপাটন (ন্) [উৎ—পাটি—পট্ (গমন করা) + ণিচ + অন (ভাবে—অনট্)] বি. ক্রি. ক্লী. উত্তোলন ; উন্মূলন। উপড়ন। ২। উৎক্ষেপণ।

উৎপাটনীয় [উৎপাটন দ্রঃ] বিণ. যাহা উপড়াইয়া ফেলিবার উপযুক্ত ; উন্মূলনযোগ্য।

উৎপাটিত [উৎপাটন দ্রঃ] বিণ. উন্মূলিত।

উৎপাত (ত্) [উৎ (অকস্মাৎ) পত (গমন করা) + অ (ভাবে, ঘঞ্)] বি. পুং. উৎপতন ; উড়িয়া পড়ন। ২। দৈব জন্ম অমঙ্গল ঘটনা ; দৈবনিগ্রহ, যথা—ভূমিকম্পাদি। উৎপাত সময়ে অমঙ্গলসূচক উল্কাপাত, দিক্ নির্ঘোষ, ভূমিকম্প প্রভৃতি। ৩। অত্যাচার। ৪। দৌরাত্ম্য ; উপদ্রব। ৫। [গ্রাম্যে] বিপদ্ ; কুলক্ষণ।

উৎপাদ (দ্) [উৎ (উর্দ্ধ) পাদ (চরণ)] বিণ. যাহার চরণ উর্দ্ধদিকে থাকে ; উর্দ্ধ-পাদ।

উৎপাদক (ক্) [উৎ (উপরি) পদ্ + ণিচ্ = পাদি (গমন করান) + অক (কর্ত্তৃ—ণক)] বিণ. যে উৎপাদন করে। ২। জন্মদাতা পিতা। ৩। উৎপত্তির কারণ.

উৎপাদন (ন্) [উৎ—পাদি + অন (ভাবে. অনট্)] বি. ক্লী. উৎপত্তিকরণ ক্রিয়া ; সৃষ্টিকরণ ; জনন।

উৎপাদনীয় [উৎ—পাদি + অনীয় (কর্ম্মে)] বিণ. উৎপাদন যোগ্য ; উৎপাদ্য।

উৎপাদয়িতা [উৎপাদি + তৃ (কর্ত্তৃ—তৃন্) তৃ = তা] বিণ. যে উৎপাদন করে ; উৎপাদনকারী। ২। জন্মদাতা ; জনয়িতা। স্ত্রী. উৎপাদয়িত্রী—উৎপাদিকা ; জননী।

উৎপাদশয়ন (দ্ ন্) [উৎ (উপরি) পাদ (চরণ)—শয়ন (নিদ্রা) যাহার (বহু)] বিণ. যাহারা উর্দ্ধে পা রাখিয়া শয়ন করে। বি. পুং. টিটির পক্ষিশাবক।

উৎপাদিত [উৎ—পাদি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহার উৎপত্তি হইয়াছে ; যাহাকে উৎপাদন করা গিয়াছে। ২। সৃষ্ট ; রচিত ; নির্ম্মিত ; জনিত।

উৎপাদ্য (উৎপাদ্দো) [উৎপদ্ + ণিচ্ = উৎপাদি (উৎপাদন করান) + য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ. উৎপাদনার্হ ; উৎপাদনযোগ্য ; যাহাকে জন্মাইতে হইবে।

উৎপাদ্যমান (উৎপাদ্দোমান্) [উৎ—পদ্ ণিচ্ = উৎপাদি + আন (কর্ত্তৃ—শান) য—ম—আগম] বিণ. জন্মমান ; জায়মান যাহার উৎপাদন হইতেছে ; যে জন্মিতেছে।

উৎপিঞ্জর (উৎপিনজর্) [উৎ (উপরি বহির্গত) পিঞ্জর (পিঞ্জরা) হইতে] বিণ. যে পিঞ্জর হইতে উন্মুক্ত হইয়াছে বা হইবে পিঞ্জর-মুক্ত। ২। কারা-নির্গত ; কারা-মুক্ত। ৩। বন্ধনোন্মুক্ত।

উৎপিপাসু (শু) [উৎ—পা (পান করা) + স (ইচ্ছার্থে সন্ = উৎপিপাস) + উ, কর্ত্তৃ] বিণ অতিশয় পিপাসাযুক্ত। ২। উৎকণ্ঠিত।

উৎপীড়ন (ন্) [উৎ—পীড় (তাড়না করা, পীড়ন করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. উত্যক্ত করণ ; ক্লেশ দান। ২। উপদ্রব করণ। ৩। পীড়াপীড়ি করণ। ৪। উত্তেজন। **উৎপীড়ন করা**—ক্রি. উপদ্রব করা ; ক্লেশ দেওয়া ; উত্যক্ত করা।

উৎপীড়িত [উৎ - পীড় (তাড়ন করা, পীড়ন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহাকে উৎপীড়ন করা হইয়াছে। উপদ্রুত ; ক্লেশপ্রাপ্ত।

উৎপ্রাস, উৎপ্রাসন (শ্, ন্) পুং [উৎ—প্র—অস (ক্ষেপণ করা, পরিহাস করা) + অ (ভাবে—অল্) অন্ (ভাবে—অনট্)] বি. উৎক্ষেপ ; উর্দ্ধে ক্ষেপণ। ২। ঈষৎ হাস্য। ৩। পরিহাস। [প্র, অ]

উৎপ্রেক্ষণ (ন্) [উৎ—প্র—ঈক্ষ্ (দর্শন করা, বিতর্ক করা) + অন (ভাবে—অনট্)] প্রকৃত বস্তুতে অপ্রকৃতের আরোপ করণ। ২। বিতর্ক ; সন্দেহাত্মক বাক্য। ৩। অনুমান ; আন্দাজ। ৪। উপেক্ষা ; ক্ষমা। ৫। উদ্ভাবন। ৬। অনবধান ; অতৎপরতা। অবলোকন ; দর্শন ; দেখা।

উৎপ্রেক্ষা (উৎপ্রেক্‌খা) [উৎ—প্র—ঈক্ষ (দর্শন করা, বিতর্ক করা) + অ (ভাবে—অঙ্) আপ্ স্ত্রী. অর্থালঙ্কার বিশেষ] প্রকৃত বস্তুতে অপ্রকৃত বস্তুর আরোপ ; বর্ণনীয় বিষয়ের সহিত বিষয়ান্তরের অভেদ কল্পনা। প্র—“লঙ্কা বেশে রাহু আসি গ্রাসিল চাঁদেরে, হাসি ভস্মে লুকাইলা দেব বিভাবসু !”—মেঘনাদ। “পূর্ব্বদিগ্‌ভাগে সুধাংশুর অংশু অল্প অল্প দৃষ্টি গোচর হওয়াতে বোধ হইল যেন প্রিয় সমাগমে আলোকিত হইয়া পূর্ব্বদিক দশন বিকাশ পূর্ব্বক মন্দ মন্দ হাসিতেছে।” —কাদম্বরী। ২। বিতর্ক। (উৎপ্রেক্ষণ দ্রঃ)।

উৎপ্লব (ব্) [উৎ (উর্দ্ধে)—প্লব (প্লু = গমন করা, লম্ফ দেওয়া) + অ (ভাবে—অল্)] বি, ক্লী, উর্দ্ধে গমন ; উপরে উঠা ; উল্লম্ফন, লাফান। ২। জলের উপরে ভাসমান থাকা জলে ভাসা ; উন্মজ্জন। ৩। উদ্রেক। ৪। সন্তরণ ; সাঁতার কাটন। স্ত্রী. উৎপ্লবা—তরণী ; নৌকা ; ভেলা।

উৎপ্লবন (ন্) [উৎ—প্লু + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. উৎপ্লব। ২। উল্লম্ফন। ৩। সন্তরণ।

উৎফাল (ল) [হি—ফলঙ্গ। উৎ—লম্ফ = লাফ = ফাল। উৎ (উপরে) ফল্ (গমন করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উর্দ্ধে গমন ; লম্ফ ; উল্লম্ফন ; লাফ। ২। বৃদ্ধি।

উৎফুল্ল [উৎ—ফুল্ল (বিকসিত হওয়া, প্রকাশ পাওয়া) + অ (কর্ত্তৃ—অচ্) । অথবা উৎ—ফল্ + ক্ত (নিপাতনে সিদ্ধ)] বিণ. বিকচ ; বিকসিত ; ফুটন্ত। ২। প্রফুল্ল ; উল্লাসিত।

উৎরন (উৎরোনো) [উত্তরণ শব্দজ] ক্রি, পার হওয়া। ২। পৌঁছন ; উপস্থিত হওয়া। ৩। নামা ; অবতরণ করা। ৪। হওয়া ; দাঁড়ান। প্র—জিনিসটা এবার বেশ উৎরেছে। ৫। বাধা বিঘ্ন কাটাইয়া বা প্রতিবন্ধক ছাড়াইয়া উঠা।

উৎরাই, উতরাই [হি—উত্‌রাই] বি. পাহাড়ের উপর হইতে অবরোহণ পথ ; নিম্নতা ; ঢাল।

উৎলন, উৎলান (লোনো, লানো) [উথলন শব্দজ। জৈন প্রাকৃ—উত্থলী (পরিবর্ত্তনও পরিবর্ত্তনজনিত বেগ)—হেমচন্দ্র (দেশী-নামমালা)] ক্রি. স্ফীত হওয়া। উথলিয়া উঠা। ২। উন্নত হওয়া। ৩। বৃদ্ধি পাওয়া। [উথলন দ্রঃ]

উৎস (শ) [উন্দ্‌ (আর্দ্র হওয়া, ভিজিয়া যাওয়া) + স—কর্ত্তৃ—সংজ্ঞার্থে ; ন—লোপ, দ্=ত্—যে জল দ্বারা মৃত্তিকা আর্দ্র করে] বি. পুং, ঝরণা ; প্রস্রবণ ; ফোয়ারা।

উৎসঙ্গ (উৎশংগ) [উৎ—সন্‌জ্‌ (আলিঙ্গন করা) + অ (অধি—ঘঞ্‌)] বি. পুং, ক্রোড় ; কোল। ২। (কর্ম্মে—ঘঞ্‌) উরুদেশ। ৩। পর্ব্বতের সানুদেশ ; শৈল-নিতম্ব। ৪। উর্দ্ধভাগ ; উর্দ্ধতল। ৫। [ভাবে—ঘঞ্‌] বিণ, সঙ্গহীন ; নিঃসঙ্গ। ৬। উৎসন্ন ; বিনষ্ট ; উৎসাদিত।

উৎসঙ্গিত (উৎশোংগিতো) [উৎসঙ্গ + ইত যুক্তার্থে] বিণ, অঙ্কগত ; ক্রোড়ে স্থাপিত। ২। সংসর্গ প্রাপ্ত ; সম্পৃক্ত ; মিলিত ; সংযুক্ত।

উৎসজ্জন (উৎশনজন্‌) [উৎ—সন্‌জ্‌ (আসক্ত হওয়া, ক্ষেপণ করা) + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, উর্দ্ধে উত্তোলন ; উপরে উঠান। ২। উর্দ্ধেক্ষেপণ ; উৎক্ষেপণ।

উৎসন্ন (—শন্‌নো) [উৎ—সদ্‌ (গমন করা, নাশ করা) + ত (কর্ত্তৃ—ক্ত) দ্=ন, ত=ন। পা—উস্‌সন্নো ; বাং· প্রা—উচ্ছন্ন] বিণ, বিনাশপ্রাপ্ত ; বিনষ্ট ; ধ্বংসপ্রাপ্ত ; বিধ্বস্ত। ২। উদ্ঘাত। [প্র, অ]

উৎসব (উৎশব্‌) [উৎ—সূ বা সু (প্রসব করা) + অ (কর্ত্তৃ—অচ্‌)] বি, পুং, প্রসব [প্র, অ] ২। আনন্দজনক ব্যাপার ; ধুমধাম। ৩। [ভাবে—অল্‌] আনন্দ ; আহ্লাদ। ৪। যজ্ঞ। প্র—"তুমি আজ্ঞা দিলে আমি যাই পিতৃবাস। বাপের উৎসব দেখি বড় অভিলাষ।" —কবিক।

৫। অভিলাষ ; বাসনা ; ইচ্ছা [অপ্র]

উৎসব সঙ্কেত (উৎশবশংকেত্‌) [উৎ-সবে (আনন্দজনক ব্যাপারে) সঙ্কেত (স্ত্রী-পুরুষের পরস্পর অনুরাগজনিত আহ্বান) করে যাহারা (বহু)] বি, পুং, পার্ব্বতীয় জাতি-বিশেষ। ইহাদের মধ্যে স্ত্রী-পুরুষের পরস্পরে অনুরাগ জন্মিলে স্বেচ্ছা বিহার করিয়া থাকে। ইহাদের মধ্যে বিবাহ প্রথা নাই।

উৎসর্গ (উৎশরগ) [উৎ—সৃজ্‌ (ত্যাগ করা) + অ (ভাবে—ঘঞ্‌) প্রা, 'উচ্ছুগ্‌গু'] বি, পুং, সম্বন্ধ ধ্বংস ; তাহা হইতে পরিত্যাগ ; বর্জ্জন। ২। স্বত্বত্যাগ ; দান ; দেবাদির উদ্দেশে অর্পণ : কাহারও উদ্দেশে সংস্কার বা অর্পণ ; dedication. [ব্যাকরণে] সামান্য বিধি ; সাধারণ সূত্র। ৩। সাগ্নিকের অনুষ্ঠেয় ক্রিয়াবিশেষ ; যাগবিশেষ। ৪। প্রতিষ্ঠা। ৫। পুরীষত্যাগ ; মলত্যাগ [প্র, অ,]। ক্রি, উৎসর্গ করা—কাহারও উদ্দেশে বা নামে অর্পণ বা প্রতিষ্ঠা করা ; dedicate.

উৎসর্জ্জক (শ, ক্) [উৎসর্জ্জন দ্রঃ] বিণ, যে উৎসর্জ্জন করে ; উৎসর্গকারী।

উৎসর্জ্জন (উৎশরজন্‌) [উৎ—সৃজ্‌ (ত্যাগ করা) + অন (ভাবে—অনট্‌)] বি. ক্লী. পরি-ত্যাগ ; বর্জ্জন ; পরিহার। ২। স্বত্বত্যাগ ; দান। ৩। দেবাদি উদ্দেশে অর্পণ ; কাহারও উদ্দেশে সংস্কার করা বা প্রতিষ্ঠা করা ; dedication. বিণ, উৎসৃষ্ট।

উৎসর্পণ (উৎশরপোন্‌) [উৎ—সৃপ্‌ (মন্দ গমন করা) + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, উৎপ্রবন ; উর্দ্ধগমন। ২। অতিক্রম ; উল্লঙ্ঘন। ৩। বর্জ্জন ; ত্যাগ।

উৎসর্পী (উৎশোরপি) [উৎ—সৃপ্‌ (গমন করা) + ইন্‌(ণিন্‌)—কর্ত্তৃ—শীলার্থে অথবা উৎসর্প + ইন্‌ অস্ত্যর্থে=উৎসর্পিন্‌ ১মা ১ব] বিণ, উর্দ্ধে গমনশীল ; উর্দ্ধগামী। ২। উল্লঙ্ঘন-কারী। ৩। বৃদ্ধিশীল ; প্রবর্দ্ধমান। ৪। উত্তরঙ্গ। স্ত্রী, **উৎসর্পিণী**—জিনদিগের কালবিশেষ। বিপরীতে—অবসর্পিণী।

উৎসর্য্যা (উৎশোরজ্জা) উৎ—সৃ (গমন করা) + য (কর্ম্মে সংজ্ঞার্থে—ঘ্যণ)] বি, স্ত্রী, ঋতুমতী গাভী।

উৎসাদ (উৎশাদ) [উৎ—সদ্‌ (হিংসা করা) + অ (ভাবে—ঘঞ্‌)] বি, পুং, উচ্ছেদ ; নাশ ; ধ্বংস। প্র—"এ ব্রাহ্মণ করিবেক গ্রামের উৎসাদ।" —চৈ, ভা।

উৎসাদন (উৎশাদোন্‌) [উৎ—সদ্‌ + ণিচ্‌ = সাদি (বিনাশ করা) + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, তৈল ও চন্দনাদি দ্বারা গাত্রের শোভা বর্দ্ধন ; গাত্র শোধন বা পরিষ্করণ ; উদ্বর্তন। ২। ধ্বংসকরণ ; বিনাশকরণ ; উৎসন্নকরণ। ৩। উৎপাটন ; উন্মূলন।

উৎসাদনীয় (উৎশাদোনিও) [উৎ—সদ্‌—ণিচ্‌ = সাদি (গমন করান, বিনাশ করা) + অনীয় (কর্ম্মে)] বিণ, উচ্ছেদযোগ্য ; উৎসাদনার্হ ; যাহার উৎসাদন করা আবশ্যক বা উচিত ; বিনাশযোগ্য ; উচ্ছেদনীয় ; যাহাকে অবশ্য উন্মূলন করিতে হইবে।

উৎসাদিত (উৎশাদিত) [উৎ—সদ + ণিচ্‌ = সাদি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার উৎসাদন বা উন্মূলন করা হইয়াছে, উৎপাটিত, উন্মূলিত ; সমূলোৎপাটিত ; নির্ম্মূলীকৃত ; বিধ্বস্ত ; বিনাশিত। ২। অমলীকৃত ; নির্ম্মলীকৃত ; পরিষ্কৃত ; বিমলীকৃত।

উৎসারক (উৎশারোক্‌) [উৎ—সৃ + ণিচ্‌ = সারি (গমন করান, দূর করা) + অক (কর্ত্তৃ)] বিণ, যে উৎসারণ বা গমন করায় ; যে দূর করিয়া দেয় ; দূরকারক। ২। অপনোদক ; নিরাসক।

উৎসারণ (উৎশারোন্‌) [উৎ—সৃ + ণিচ = সারি (গমন করান) + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, দূরে গমন করান ; দূরে সরাইয়া দেওন ; দূরীকরণ। ২। নিরাকরণ ; প্রত্যাখ্যান অপনয়ন। ৩। চালন ; স্থানান্তরীকরণ।

উৎসারণীয় (উৎশারোনিও) [উৎ—সৃ + ণিচ্‌ = সারি + (দূর করা) অনীয় (কর্ম্মে)] বিণ, উৎসারণ বা দূরীকরণ যোগ্য ; নিরসনীয় ; যাহাকে উৎসারণ বা দূর করা উচিত।

উৎসারিত (উৎশারিতো) [উৎ—সৃ + ণিচ্‌ = সারি (গমন করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে উৎসারণ বা দূরে গমন করান হইয়াছে ; দূরীকৃত ; অপসারিত। ২। চালিত ; স্থানান্তরিত ; স্থানান্তরীকৃত।

উৎসাহ (উৎশাহ) [উৎ—সহ্‌ (সহ্য করা) + অ (ভাবে—ঘঞ্‌)] বি, পুং, কার্য্যে তৎপরতা ; উদ্যম। ২। অধ্যবসায় স্থির প্রযত্ন। ৩। [অলঙ্কার শাস্ত্রে] বীর রসের স্থায়িভাব।

উৎসাহক (উৎশাহোক্‌) [উৎ—সহ্‌ (সহ্য করা) + অক—কর্ত্তৃ)] বিণ, যে উৎসাহ জন্মায় ; উৎসাহ দাতা।

উৎসাহন (উৎশাহোন্‌) [উৎ—সহ + ণিচ = উৎসাহি + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, উৎসাহ দান ; উৎসাহ দেওয়া। ২। [করণে—অনট্‌] বিণ, যাহাদ্বারা উৎসাহ দেওয়া হয় বা উৎসাহী করান হয়। [বিরল]

উৎসাহনীয় (উৎশাহোনিও) [উৎসাহ + অনীয় (কর্ম্মে)] বিণ, উৎসাহ্‌ দান-যোগ্য ; যাহাকে উৎসাহী করিতে হইবে।

উৎসাহবর্দ্ধক (উৎশাহোবরধোক) [উৎসাহের (উদ্যোগের) বর্দ্ধক (যে বৃদ্ধি করে) ৬তৎ] বিণ, যে অপরের উৎসাহ বৃদ্ধি করে ; যে অন্যের উদ্যমের আধিক্য জন্মায় ; যে অন্যকে অধিকতর উৎসাহী করে।

উৎসাহবর্দ্ধন (উৎশাহোবরধোন্‌) [উৎসাহের বর্দ্ধন (বৃদ্ধি) ৬তৎ (বৃধ্‌ = বৃদ্ধি পাওয়া) + অন (ভাবে—অনট্‌)] বি, উদ্যমের আধিক্য ; উৎসাহ বৃদ্ধি ; উৎসাহ বাড়ান। ২। [অনট্—করণে] বিণ, যাহাদ্বারা উৎসাহ বৃদ্ধি করা যায়। প্র—উৎসাহ বর্দ্ধন বাক্য। ৩। [কর্ত্তৃ-সংজ্ঞার্থে-অনট্‌] বি, পুং, যে উৎসাহ বৃদ্ধি করে ; বীররস।

উৎসাহশীল (উৎশাহোশিল্‌) [উৎসাহ (উৎসাহযুক্ত) হইয়াছে—শীল (স্বভাব)

যাহার (বহু)] বিণ, যাহার স্বভাবত উৎসাহ আছে ; উৎসাহযুক্ত ; উৎসাহী।

উৎসাহশীলতা (উৎশাহোশিলোতা) [উৎসাহশীল+তা (ভাবে)] বি, স্ত্রী, উৎসাহ বিশিষ্টতা ; স্বাভাবিক উৎসাহ থাকার ভাব ; উদ্যম অধ্যবসায়শীলের ভাব।

উৎসাহিত (উৎশাহিত) [উৎসাহ+ইত (অস্ত্যর্থে)] বিণ, প্রাপ্তোৎসাহ : যে উৎসাহ প্রাপ্ত হইয়াছে বা যাহাকে উৎসাহ দেওয়া হইয়াছে। ২। উত্তেজিত।

উৎসাহিতা (উৎশাহিতা) [উৎ-সাহ+ইন অস্ত্যর্থে) উৎসাহী+তা (ভাবে)] বি, স্ত্রী, উৎসাহশীলতা।

উৎসাহী (উৎশাহি) [উৎ-সাহ+ইন্— (অস্ত্যর্থে=উৎসাহিন্ ১মা ১ব)] বিণ, যাহার উৎসাহ আছে ; উৎসাহশীল ; উদ্যমসম্পন্ন ; উৎসাহবিশিষ্ট ; উদ্যোগী।

উৎসিক্ত (উৎশিক্ত) [উৎ—সিচ্ (সিক্ত করা, গর্ব্ব করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উদ্ধত : গর্ব্বিত। ২। উত্তেজিত ; উদ্রিক্ত। ৩। [কর্ম্মে-ক্ত] যাহার উপর সেক করা হইয়াছে ; উপরিসিক্ত।

উৎসুক (উৎশুক) [উৎ—সু, বা সূ (প্রসব করা, অনুরক্ত হওয়া)+ক (কর্ত্তৃ—কক্)] বিণ, বাঞ্ছিত কর্ম্মে উদ্যত ; অভীষ্ট সাধনে উদ্যুক্ত ; ইষ্টসাধনেচ্ছুক। ২। সবিশেষ যত্নবান্ ; আগ্রহান্বিত ; সাতিশয় উদ্যোগী ; অত্যন্ত তৎপর ; অতিশয় ব্যগ্র। ৩। অনুরক্ত। ৪। আকুল ; উৎকণ্ঠিত।

উৎসুকতা (উৎশুকতা) [উৎসুক+তা (ভাবে)] বি, স্ত্রী, অত্যন্ত যত্নশীলতা ; অতিশয় তৎপরতা ; সবিশেষ ব্যগ্রতা। আগ্রহাতিশয়। ২। ব্যাকুলতা ; উৎকণ্ঠা।

উৎসূত্র (উৎশুত্র) [উৎ (অতিক্রান্ত, দূরীভূত) সূত্র (নিয়ম) যাহার (বহু)] বিণ, নিয়মবহির্ভূত ; রীতিবিগর্হিত।

উৎসৃজন (ন্) [উৎ—সৃজ্ (ত্যাগ করা)+ অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, বর্জ্জন ; ত্যাগ। ২। কাহারও উদ্দেশে সমর্পণ ; দান।

উৎসৃষ্ট [উৎ—সৃজ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে ত্যাগ করা হইয়াছে ; বর্জ্জিত : পরিত্যক্ত। ২। উপহৃত ; প্রদত্ত। ৩। নিবেদিত ; প্রতিষ্ঠিত। ৪। প্রযুক্ত।

উৎসেক (উৎশেক্) [উৎ—সিচ্ (সেক করা, গর্ব্ব করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উপরে সেচন। ২। অহঙ্কার ; গর্ব্ব।

উৎসেচন (উৎশেচন্) [উৎ—সিচ্ (সেচন করা, গর্ব্ব করা)+অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, ২। উপরিসেক ; উত্তেজন।

উৎসেধ (উৎশেধ্) [উৎ (উপরি) সিধ্ (গমন করা)+অ(ভাবে—অল্)] পর্ব্বত কিম্বা বৃক্ষাদির উচ্চতা ; দৈর্ঘ্য ; altitude. ২। ঊদ্ধত্য। ৩। [কর্ত্তৃ—অন্] বিনাশ ; বধ। ৪। স্থূলতা ; বেধ। ৫। দেহ ; শরীর।

উথল, উথাল (ন্) [উৎস্থল ; প্রাকৃ—উৎথল। সং—উত্তাল (প্র:)] বি, স্ফীতি ; স্ফাপ ; উচ্ছ্বাস। প্র—"হাথত পাএত বাঁধিয়ে ফেল আগুনির উপর। শোল জোজন জুড়িআ অগ্নিপ্রভা উথল তৎপর॥"

—শূন্য পুরাণ।

২। বিণ, উথলিত ; উচ্ছলিত : উত্তুঙ্গ। ৩। (উথল) [উত্থান শব্দজ] ক্রি, উঠিল : উত্থিত হইল ; উত্থাপিত হইল। প্র—"যোদিন মাধব পয়াণ করল, উথল সো সব বোল।"—বিদ্যাপতি।

উথলন (ন্) [উথলন শব্দজ। বাং, গ্রা—উথ্লান ও ওৎলান। প্রাকৃ—উৎথলী=পরিবর্তন ও তজ্জনিত বেগ] বি, উদ্বেলন ; উচু হইয়া উঠা। ক্রি, উথলান।

উথলল [ব্রজ] ক্রি, উথলিয়া উঠিল ; উদ্বেলিত হইল। প্র—"উথলল মদন পয়োধি তরঙ্গ।" -বিদ্যাপতি।

উথলিত (উথোলিতো) [উচ্ছলিত শব্দজ] বিণ, স্ফীত ; উদ্বেলিত।

উথলান (থ্, নো) [উথলন দ্রঃ। গ্রা—ওৎলান] ক্রি, উথলিত হইয়া উঠা : স্ফীত হওয়া: ফেঁপে উঠা ; উৎক্ষিপ্ত হওয়া ; উপচিয়া পড়া। প্র—"দুগ্ধ উথলিলে তুমি নাহি দেও পানি"

—কবিকঙ্কণ।

২। আনন্দে উচ্ছ্বসিত হওয়া। প্র—"নিরখি নিরখি বদন-ইন্দু, পুলকে উথলে প্রেমসিন্ধু।" —রামপ্রসাদ। ৩। শোকে উদ্বেলিত হওয়া। প্র—"কহিতে উথলে মোর হিয়া" —জ্ঞানদাস।

উথাল (উথাল্) [উথলন শব্দজ। প্রাকৃ—উৎথলী হইতে] বি, উথলিত স্রোত বা শিখা। প্র—"অসমর্থ সমর্থ বাণ, বাণ ব্রহ্মজাল। চারিদিকে পড়ে যেন অগ্নির উথাল॥"

—কৃত্তিবাস।

উদ্, উৎ—অ, উপসর্গ, উপরি। যথা—উৎসেধ ; উত্থাপন ; উৎপল, ২। ঊর্দ্ধ। যথা—উৎপাটন ; উৎপাদশয়ন ; উদ্ভিদ্। ৩। উচ্চ ; উন্নত। যথা—উৎকন্ধর ; উত্তাল ; উদ্বোধ। ৪। আধিক্য ; অতিশয়। যথা—উৎকর্ষ ; উত্রাস ; উৎকণ্ঠা। ৫। বিপরীত। যথা—উদ্যত। ৬। অকস্মাৎ। যথা—উৎপাত। ৭। বাহিরে। যথা—উৎপিঞ্জর ; উদ্বাসন। ৮। উৎকৃষ্ট। যথা—উদ্ধৃতি। ৯। বহির্ভূত। যথা—উৎসূত্র। ১০। সম্মুখে। যথা—উদ্বান্ত। ১১। অতিক্রান্ত। ১২। বন্ধন, মোচন, প্রাবল্য, দূরত্ব, নৈকট্য প্রভৃতি অর্থেও প্রয়োগ দেখা যায়। যথা—উদ্বেল।

উদক (ক্) [উন্দ্ (আর্দ্র করা, সিক্ত করা) নিপাতনে ন্—লোপ। উন্দ্+অক (কর্ত্তৃ—ণক) নিপাতনে, উদক। অথবা জলবাচক উদ এবং ক শব্দ যোগে উদক। তুল—সং—উন্দ্, উদ্রুস্, উদা ; ল্যা—unda (wave) উঃ, হি—ওদা ; স্যাভ—woda] বি, স্ত্রী, বারি ; জল ; অম্বু ; পানীয়। প্র—ক্ষীরোদ সমুদ্র। "অহঙ্কার হইতে হইল পঞ্চজন। পৃথিবী উদক তেজ আকাশ পবন॥"

—কবিক।

উদক্ [উদচ্—উৎ—অন্চ্ (গমন করা)+ক্বিপ্ —কর্ত্তৃ, ন্ লোপ, চ্=ক্)] অ, উত্তর দিক্ ; উত্তর দেশ ; উত্তর কাল। ২। উত্তরাভিমুখ ; উদঙ্মুখ। [বাং-য় সমাসযুক্ত ব্যতীত স্বতন্ত্র ব্যবহার নাই]।

উদকক্রিয়া (ক্) [উদক (জল) ক্রিয়া (কর্ম্ম)—৬তৎ] বি, স্ত্রী, মৃত ব্যক্তিগণের আত্মার প্রীত্যর্থে জলদানরূপ ক্রিয়া ; তর্পণাদি।

উদকুম্ভ [উদ (উদকপূর্ণ)—কুম্ভ (কলস) —কর্ম্মধা] বি, পুং, জলপূর্ণ কলস ; বারিপূর্ণ কুম্ভ। ২। কমণ্ডলু।

উদগদ্রি [উদক্ (উত্তর দিকের) অদ্রি পর্ব্বত-৬তৎ] বি, পুং, উত্তরদিকস্থ পর্ব্বত ; উত্তরাচল ; হিমালয়।

উদগয়ন (ন্) [উদক্ (উত্তর দিকে)—অয়ন (সূর্য্যের গমন) হয় যে কালে—বহু] বি, স্ত্রী, যে কালে সূর্য্য উত্তর দিকে গমন করে ; উত্তরায়ণ।

উদগ্র (উদগ্‌গ্র) [উৎ (উপরি) অগ্র (শেষ) অগ্রভাগ, যাহার (বহু)] বিণ, উচ্চ ; দীর্ঘ ; উন্নত। ২। উদ্ধত। ৩। উৎকট। ৪। বৃহৎ ; প্রকাণ্ড ; মহৎ। ৫। তীব্র। ৬। দেবী-যুদ্ধে মহিষাসুরের অনুচরবিশেষ। ৭। মেঘনাদবধকাব্যে রাবণের সেনানায়কবিশেষ। প্র—"চতুরঙ্গে আইল গর্জ্জিয়া চামর, অমরত্রাস ; রথিবৃন্দসহ উদগ্র, সমরে উগ্র ; * *" —মেঘনাদ।

উদঙ্মুখ (উদংমুখ্) [উদক্ (উত্তর দিকে)—মুখ যাহার (বহু)] বিণ, উত্তরাভিমুখ ; উত্তর মুখ।

উদজ [উদ (উদক) —জন্ (উৎপন্ন হওয়া)+ড] বিণ, উদকজাত ; জলোৎপন্ন ; জলজ।

উদঞ্চন (উদন্চন্) [উৎ—অন্চ্ (গমন করা, পূজা করা)+অন (ভাবে, অনট্)] বি, স্ত্রী, ঊর্দ্ধক্ষেপণ ; উদগমন ; ঊর্দ্ধগতি। ২।

২। [কর্ম্মে অনট্] আচ্ছাদন পাত্র ; ঢাকনি। ৩। জল তুলিবার পাত্র।

উদড়ান (দ, নো) [সং—উদার (উন্মুক্ত)। র=ল=ড়—তাহা হইতে প্রা—উদাড়=আদুড়=আদুল। উঘার দ্রঃ। তুল—হি—উধেড়্না =উদ্ঘাটন করা] ক্রি, অনাবৃত করা ; উদ্‌ঘাটন করা ; উন্মোচন করা ; খুলিয়া ফেলা। প্র—চাল উদড়ে ছাওয়া।

উদধি (উদোধি) [উদ (জল) ধা (ধারণ করা) + ই (কর্ত্তৃ—কি)] বি, পুং, যে জল ধারণ করে ; জলধি ; পয়োনিধি ; সমুদ্র ; অর্ণব।

উদধিমেখলা (উদধিমেখলা) [উদধি (সমুদ্র) হইয়াছে মেখলা (কটিভূষণ) যাহার (বহু)—পৃথিবী সমুদ্রবেষ্টিত বলিয়া] বি, স্ত্রী, ধরণী ; পৃথিবী।

উদন্ত (উদন্‌ত) [উৎ—অন্ত (শেষ)] বি, পুং, বৃত্তান্ত ; সংবাদ ; বার্ত্তা [বিরল]। ২। সাধু। (মেদিনী)। ৩। বৃত্তিযাজন। (শব্দরত্নাবলী) [প্র-অ]।

উদন্যা (উদন্‌ন্যা) [উদক (জল) + য (ইচ্ছার্থে ক্যয়) ক=ন + অ, ভাবে—আপ্ স্ত্রী] বি, স্ত্রী, পিপাসা ; জলপানের ইচ্ছা।

উদপান (ন্) [উদ (জল) পা (পান করা) + অন (অধি—অনট্) জল পান করা হয় যেখানে (বহু) জলপান স্থান] বি, পুং, ক্লী, ক্ষুদ্র জলাশয় ; কূপ ; চৌবাচ্চা।

উদবাস (শ্) [উদ (জল)—বাস (অবস্থিতি) যাহার (বহু)] বি, পুং, মৎস্যাদি জলচর। ২। উদক বা জলমধ্যে বাস।

উদবিন্দু [উদ (উদক)—বিন্দু—৬তৎ] বি, পুং, জলকণা ; জলের ফোঁটা।

উদবেগল (দ্) [ব্রজ। উদ্বেগ শব্দজ] ক্রি, উদ্বিগ্ন হইল। প্র—"জমুনাক তির উপবন উদবেগল ফিরি ততহি নিহারি" —বিদ্যাপতি (নগেন্দ্র গুপ্ত)।

উদম, উদাম (ম্) [সং—উদ্দাম। হি—উধম] বি, উৎপাত ; উপদ্রব ; ধূম। প্র—ছেলেটা ভারি দুর্দ্দান্ত ; সমস্তদিন কেবল উদম করে বেড়াবে। ২। [সং—উদ্দাম=মুক্ত] বিণ, মুক্ত। ৩। উলঙ্গ ; নগ্ন ; অনাবৃত। প্র—"বসন না দেই বুকে মাথার কেশ।" —কবিকঙ্কণ। "বসে উদম্ গায় ভোর কোঁচড়ে ছেঁচা বাদাম চাকুম্ চাকুম্ খায়" —ম্যাকবেথ (গিরিশ)। ৩। উচ্ছৃঙ্খল ; স্বেচ্ছাবিহারী। প্র—উদম ষাঁড়। ৪। [গ্রা-ব্যবহার। সং—উদ্যাম। হি—উদ্দিম] উদ্যম ; উৎসাহ।

উদমাদা, উদমোদা [হি—উদ্মাদ (সং—উন্মাদ হইতে) বিণ, উদমাদী=উন্মত্ত] বিণ, পাগ্‌লা ; হাব্‌লা ; মাথাপাগলা ; নির্ব্বোধ ; শিথিলপ্রকৃতি ; হ্যাকা।

উদমো (উদ্‌মো) [উদম দ্রঃ। উদ্দাম (মুক্ত) শব্দজ বালকের উদ্দাম প্রকৃতি হইতে অপরিণত] বিণ, অপরিণতবয়স্ক। **উদমোরাঁড়ী**—বি, অপরিণতবয়স্কা বিধবা ; বালবিধবা কড়ে রাঁড়ী। প্র—"উদমোরাঁড়ীর মাঠে যাব, ম্যাকবেথেরে দেখা দেব"—ম্যাকবেথ (গিরিশ)

উদয় (য়্) [উৎ (ঊর্দ্ধে) অয়। ই (গমন করা) + অ (অপাদানে—অল্)—যথা হইতে সূর্য্যাদি উদিত হয়] বি, পুং, উদয় নামক পর্ব্বত পূর্ব্বাচল ; উদয়গিরি। প্র—"উদয়শিখরে সূর্য্যের মত"—মানসী। "উদিলে নির্দ্দয় রবি উদয় অচলে।" —চতুর্দ্দশপদী কবিতাবলী। "উদয় অচলে অরুণ উঠিলে কমল ফুটে যে জলে!" —রবীন্দ্র। ২। পূর্ব্ব। প্র—"উদয় দুয়ারে আজি সুনিচ বারতা।" —শূন্যপুরাণ। ৩। [ভাবে, অল] উৎপত্তি। প্র—ফলোদয়। ৪। প্রকাশ। প্র—"প্রথম প্রভাত উদয় তব গগনে" —রবীন্দ্র। ৫। উদ্রেক। প্র—ক্রোধের উদয় ; ক্ষুধার উদয়। ৬। আবির্ভাব ; সঞ্চার। প্র—করুণার উদয় ; ভাবোদয় ; দয়ার উদয়। ৭। বোধ ; অনুভূতি। প্র—সুখোদয়। ৮। উত্থান। প্র—সূর্য্যোদয় ; চন্দ্রোদয়। ৯। উন্নতি। প্র—উদয়োন্মুখ। ১০। আরম্ভ। প্র—এইত তাহার সৌভাগ্যের উদয়। ১১। [পরিহাস বা রসিকতা স্থলে] উপস্থিতি ; আগমন। ১২। উৎকর্ষ। ১৩। [জ্যোতিষে অধি, অল্] মেষাদি লগ্ন। ১৪। [ব্রজ] ক্রি, উদিত হয়। প্র—"গগনে উদয় কত তারা" —বিদ্যাপতি।

উদইছে—উদিছে শব্দের কোমল রূপ। (উ + দ + ই + ছে) উদয় হইতেছে। ২। উদয় হইয়াছে। প্র—"কোটি মদনজনু জিনিয়া শ্যামের তনু, উদইছে যেন শশী রবি।" —চণ্ডীদাস।

উদিতে—উদিত হইতে। **উদিবে**—উদিত হইবে। **উদিল**—উদিত হইল। **উদিয়া**—উদিত হইয়া। প্র—"স্বপনেতে প্রতিনিশি হৃদয়ে উদিবে আসি," —রবীন্দ্র।

উদয়কাল (উদয়্‌কাল্) [উদয় (সূর্য্যোদয়) কাল (সময়)] বি, সূর্য্যোদয়ের সময়। ২। আবির্ভাবকাল। ৩। তীব্রবিষধর ; ক্ষুদ্রজাতীয় সর্পবিশেষ।

উদয়গিরি (য়্) [উদয়—গিরি] বি, পুং, যে পর্ব্বতে সূর্য্যের উদয় হয় ; উদয়গিরি ; উদয়াচল।

উদয়ন (ন্) [উদ্—ই (গমন করা) + অন (কর্ত্তৃ, অনট্—সংজ্ঞার্থে)] বি, পুং, উদয়নাচার্য্য। ২। অগস্ত্যমুনি। ৩। অবন্তী দেশের রাজাবিশেষ।

উদয়মান (ন্) [উৎ—ই + আন—(কর্ত্তৃ—শান) ম—আগম] বিণ, যিনি প্রকাশ পাইতেছেন ; প্রকাশমান। ২। উৎপদ্যমান ; জায়মান ; যে জন্মিয়াছে বা জন্মিতেছে।

উদয়াস্ত (উদয়াস্‌তো) [উদয়—অস্ত (দ্বন্দ)] বি, ক্লী, সকাল-সন্ধ্যা। ২। উদয় হইতে অস্ত পর্য্যন্ত সময় ; প্রভাত হইতে সন্ধ্যা পর্য্যন্ত কাল ; সারাটি বেলা। দিনভোর। ৩। ক্রি-বিণ, উদয় হইতে অস্ত পর্য্যন্ত।

উদয়োন্মুখ (খ্) [উদয়—উন্মুখ—উন্মুখ (৬তৎ)] বি, অভ্যুদয়ের আরম্ভ। ২। [উদয়—উন্মুখ যাহার (বহু)] বিণ, যাহার অভ্যুদয় হইবার উপক্রম হইয়াছে।

উদর (র্) [উৎ—ঋ (গমন করা) + অ —কর্ত্তৃ অচ্] বি, ক্লী, নাভি এবং স্তনের মধ্যভাগ ; পেট ; জঠর। ২। [অধি—অল্] অভ্যন্তর। ৩। যুদ্ধ। (অপ্র)। স্ত্রী, উদরী—রোগবিশেষ ; উদরের স্ফীতিভাব।

উদরগ্রন্থি (উদর্‌গ্রোন্‌থি) [উদরে (তলপেট)—গ্রন্থি (গাঁইট) যাহা হইতে উদরে গ্রন্থি জন্মে (বহু)] বি, পুং, গুল্মরোগ ; ইহা হইতেই পেটের মধ্যে গোলাকার রক্তপিণ্ড জন্মে ; ইহার প্রাদেশিক নাম গুল্‌ম।

উদরত্রাণ (ন্) [উদরের—ত্রাণ (রক্ষা) হয় যৎ কর্ত্তৃক (বহু) যে উদরের রক্ষা করে] বি, ক্লী, উদর বন্ধনের বস্ত্রাদি।

উদরপরতা (উদর্‌পরতা) [উদর—পর (পেটুক) + তা (ভাবে)] বি, স্ত্রী, রোগবিশেষ। ইহাতে বার বার আহার করিবার ইচ্ছা হয় ; পেটকুমি ; ঔদরিকতা। প্র—"সে রোগের পাশে—
বিশাল-উদর বশে উদরপরতা।" —মেঘনাদ।

উদরপরায়ণ (র্, ন্) [উদরে—পরায়ণ (অনুরক্ত) ৭তৎ] বিণ, যে উদর পূরণে ব্যস্ত ; উদর পূরণই যাহার প্রধান কর্ম্ম ; ঔদরিক ; উদরসর্ব্বস্ব ; পেটুক।

উদরপিশাচ (র্ চ্) [উদর—পিশাচ (৭তৎ)] বিণ, পিশাচ যেমন আহার সম্বন্ধে ভালমন্দ বৈধাবৈধ কিছুই বিচার করে না তদ্রূপ উদর পূরণে যে যথেচ্ছাহারী ; অখাদ্যখাদক।

উদরভঙ্গ (র্) [উদরের—ভঙ্গ (৬তৎ)] বি, পুং, উদরাময় ; অতিশয় ভেদ হওয়া।

উদরম্ভরি (উদরোম্‌ভোরি) [উদর—ভৃ (পোষণ করা) + ই (কর্ত্তৃ-খি) = ভরি। ম—আগম] বিণ, আত্মম্ভরি ; আপনার উদর পূর্ত্তিতেই যাহার পরিতৃপ্তি ; পেটুক।

উদররোগ [উদরের রোগ, ৬তৎ] বি, পুং, উদরের রোগ ; পেটের রোগ ; পেটের পীড়া।

উদরাবর্ত্ত [উদরের—আবর্ত্ত (বৃত্তাকার গর্ত্ত-বৎ) ৬তৎ] বি, পুং, নাভি। তুল—নাভি-কূপ।

উদরাময় (য়) [উদর—আময় (পীড়া) ৬তৎ] বি, পুং, অতিসার ; পেটের পীড়া ; diarrhœa.

উদরিণী [উদর+ইন্ (প্রশস্তার্থে) = উদরিন্+ঈপ্ স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী, গর্ভিণী।

উদরী (উদোরি) [উদর + ঈ (ব্যাধি বা বিকারার্থে)] বি, স্ত্রী, উদরস্ফীতি রোগ ; dropsy. ২। [উদর+ইন্ (অস্ত্যর্থে)] বিণ, স্থূলোদর ; তুন্দিল ; ভুঁড়ে।

উদলা (উদ্‌লা) বিণ, উলঙ্গ ; নগ্ন ; উন্মুক্ত। প্র—"তোমার কেবল ঘোমটা খুলে উদলা করে ফেলা।" —কস্তুরী।

উদস্ত [উৎ—অস্ (ক্ষেপণ করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, ইতস্ততঃ বিক্ষিপ্ত। ২। অপসারিত ; দূরীকৃত ; বহিষ্কৃত।

উদা—বি, ফিকে লালবর্ণ পারাবত। ২। [হি—ওদা। সং, উদ্ন—আর্দ্র] বিণ, ভিজা।

উদাত্ত [উৎ (উচ্চ) আ—দা (উচ্চারণ করা, দান করা) + ত—কর্ম্মে ক্ত, দা—ক্ত = ত্ত ; যাহার উচ্চারণ উচ্চ করিতে হয়] বি, পুং, স্বরভেদ ; বেদগানের উচ্চস্বর।
প্র—"হে নিস্তব্ধ গিরিরাজ, অভ্রভেদী তোমার সঙ্গীত। তরঙ্গিয়া চলিয়াছে অনুদাত্ত উদাত্ত স্বরিত॥" —চয়নিকা।
২। বাদ্যবিশেষ। ৩। দান। ৪। [কাব্যালঙ্কারে] ক্লী, অলৌকিক দান, ঐশ্বর্য্য অথবা মহৎ ব্যক্তিদিগের চরিত্র বর্ণন প্রস্তুত বিষয়ের অঙ্গ হইলে এই অলঙ্কার হয়। ৫। বিণ, দয়ালু। ৬। দানশীল ; দাতা। ৭। মহান্ ; উদার ; উন্নতচিত্ত।

উদান (ন্) [উৎ—আ—অন্ (বাঁচা) + অ (করণে ঘঞ্) যে বায়ু দ্বারা বাঁচিয়া থাকে] বি, পুং, কণ্ঠস্থিত বায়ু ; প্রাণ অপানাদি শরীরস্থ পঞ্চ বায়ুর অন্যতম ; বেদান্তে—ঊর্দ্ধ গমনশীল কণ্ঠদেশস্থ উৎক্রমণ বায়ু। ২। উদরাবর্ত্ত ; নাভি। ৩। সর্পবিশেষ।

উদাবৎসর (উ্দাবৎশর্) বি, পুং, বর্ষ পঞ্চকের মধ্যে বর্ষবিশেষ।

উদাবর্ত্ত [উদ্—আবর্ত্ত] বি, পুং, মল মূত্র ও বায়ুরোধক রোগ বিশেষ ; গুদগ্রহ।

উদাবসু (উদাবোশু) বি, পুং, জনকবংশীয় জনৈক রাজা।

উদাম (উদাম্) [উদ্দাম শব্দের অপভ্রংশ] বিণ, অনাবৃত ; খোলা।
প্র—"বসন না দেয় বুকে উদাম মাথার কেশ।" —কবিক।

উদায়ুধ (ধ্) [উৎ (উর্দ্ধগত) হইয়াছে আয়ুধ (অস্ত্র) যাহার, বহ্] বিণ, শত্রু বিনাশার্থ যে ব্যক্তি অস্ত্র উত্তোলন করিয়াছে ; উদ্ধৃতাস্ত্র ; উদ্যত প্রহরণ।

উদার (র্) [উৎ (মুক্ত, উর্দ্ধ, উচ্চ) আ—ঋ (গমন করা) + অ (কর্ত্তৃ, ড)] বিণ, দানশীল ; বদান্য ২। [গুণে] মহান্ ; মহৎ ; উন্নত ; প্রশস্ত। প্র—উদার হৃদয়।
"মরমে মহত্ব পূর্ণ,
হীনতা করেছে চূর্ণ,
হৃদয়ের ভাব সব উদার মহান্।"
—কাব্যকুসুমাঞ্জলি।
৩। [দূরত্বে] উচ্চ ; উন্নত।
প্র—"কখনো উদার গিরির শিখরে
কভু বেদনার তমোগহ্বরে
* * * * * * *
চলেছি পাগল বেশে।" —চিত্রা।
৪। [ব্যাপ্তি অর্থে] প্রশস্ত ; সুবিস্তৃত।
প্র—"গগনের উদার ললাট" —ছবি ও গান।
"তোমার উদার প্রাসাদে একেলা"
—চয়নিকা।
৫। দয়ার্দ্র ; করুণ।
প্র—"মেলিয়া উদার আঁখি রহিলা নীরবে"
—রবীন্দ্র।
৬। স্থির ; গম্ভীর। ৭। সরল-প্রকৃতি ; ঋজুস্বভাব। ৮। শূন্য ; নিরবলম্ব।
প্র—"উদার অম্বর, শূন্য সাগর, শূন্যে মিলাও প্রাণ" —গিরিশ ঘোষ।
৯। দ্বেষহীন : ভেদজ্ঞানহীন ; সংকীর্ণতা-শূন্য ; সার্ব্বভৌমিক।
প্র—"আমি চাই বিশ্বোদর উদার পরাণ,
অভেদ খ্রীষ্টান হিন্দু,
দ্বেষ নাই এক বিন্দু,
নিরখে জগতে ভরা এক ভগবান ;"
—কাব্যকুসুমাঞ্জলি।
১০। উৎকৃষ্ট ; উত্তম।
প্র—"অধিক উদার দেখিয়ে পরিণাম।"
—বিদ্যাপতি।
১১। [প্রা, বাং। চৈতন্যভাগবতে] চিন্তান্বিত ; চিন্তাযুক্ত। [অপ্র]

উদারচরিত (র্, চো, ত্) [উদার (মহৎ) চরিত (চরিত্র, স্বভাব) যাহার—বহ্] বিণ, মহাপ্রাণ ; মহাশয় ; সকল সংকীর্ণতাশূন্য। ২। বদান্য।

উদারচিত্ত (র্) [উদার—চিত্ত যাহার (বহ্)] বিণ, যাহার চিত্তে ঔদার্য্য প্রভৃতি গুণ বিদ্যমান থাকে ; মহৎপ্রকৃতি ; উন্নতমনা ; সরল-চরিত্র ; গম্ভীর চিত্ত।

উদারচেতা (র্) [উদার—চেতা (চেতস্ = চেতা) (বহ্)] বিণ, যাহার চিত্ত উদার ; সদাশয় ; মহাপ্রাণ।

উদারতা [উদার+তা (ভাবে)] বি, স্ত্রী, অকপটতা ; ঋজুতা ; সরলতা। ২। ঔদার্য্য। ৩। শ্রেষ্ঠত্ব ; মহত্ব ; ঔন্নত্য। ৪। দম ৫। বদান্যতা ; দানশীলতা। ৬। [অল কাব্যগুণবিশেষ ; ওজঃ গুণের প্রকার- [রচনা গাঢ় অথচ বর্ণবিন্যাস-গুণে নৃত্যৎপ্রায় বলিয়া বোধ হইলে উদারতা ওজোগুণ হয়]

উদারধী [উদার (অকপট) হইয়াছে (বুদ্ধি) যাহার (বহ্)] বিণ, প্রশস্তম স্থিরচিত্ত ; সরলবুদ্ধি ; মহদাশয় ; কপট শূন্য। ২। পুং, ধ্রুবের পৌত্র ; পুষ্টির পু

উদারনীতি (র্) বিণ, যাহার মত ও কা প্রণালী উদার ; উদারতন্ত্র ; liberal.
২। বি, সঙ্কীর্ণভাববর্জ্জিত নীতি।

উদারপ্রকৃতি (উদার্‌প্রোকৃতি) [উদার-প্রকৃতি (স্বভাব) যাহার (বহ্)] বিণ, যিনি স্বভাবত সদাশয় ; মহত্ব যাঁহার প্রকৃতিগত উদারচরিত ; মহাশয়।

উদারমতি (উদার্‌মোতি) বিণ, উদারধী প্রশস্তমনা ; উদারমতাবলম্বী।

উদারসত্ত্ব (উদার্‌শৎত) [উদার—সত্ত্ব (প্রাণ) যাহার (বহ্)] বিণ, মহাপ্রাণ ; মহদাশয় ; অদীনসত্ত্ব।

উদারস্বভাব (উদার্‌শভাব্) [উদার—স্বভাব (প্রকৃতি) যাহার (বহ্)] বিণ, মহদাশয় ; উচ্চপ্রকৃতি ; উন্নতস্বভাব ; উদারপ্রকৃতি। ২। সরল স্বভাব। ৩। দয়ালু স্বভাব।

উদারস্বভাবতা (র্,শ) [ভাবে, তা] বি, উদার স্বভাবের ধর্ম্ম।

উদারা [উদর হইতে উচ্চার্য্য বলিয়া] বি, স্ত্রী, নিম্নসপ্তকের সুর।

উদাস (শ্) [উদ্ (ত্যক্ত) আস্ (বসা, থাকা) + অ (কর্ত্তৃ—অচ্)—যে সংসার ত্যাগ করিয়া বা বিরক্ত হইয়া বসে] বি, পুং, সংসার-বিরক্ত ; সন্ন্যাসী। [বিরল]

উদাস (শ্) [উদ্ (ত্যাগার্থে) আস্ (বাস বা অবস্থানার্থে) + অ (কর্ত্তৃ অচ্)] বি, পুং, বিষয়-বিতৃষ্ণা ; বৈরাগ্য ; ভোগবাসনা পরিহার ; ঔদাস্য ; উদাসীনতা। (২) অনুৎসাহ। (৩) উপেক্ষা। [বিশেষ্যে বিরল ব্যবহার] প্র—"ভনয়ে বিদ্যাপতি করব উদাস"
—বিদ্যাপতি।
(৪) উচ্চতা। ২। বিণ, ঔদাস্যযুক্ত ; উদাসীন ; নির্লিপ্ত।
প্র—"ন মিলয় মন ভরি ন হোয় উদাস"
—বিদ্যাপতি।
৩। অনুরাগশূন্য। ৪। নিরপেক্ষ ; তটস্থ ; indifferent. ৫। আকুল ; ব্যাকুল।
প্র—"উদাস জগৎ যেতে চায় সেথা দেখিতে পেয়েছে পথ," —আহ্বান সঙ্গীত (রবীন্দ্র)।
৬। ক্ষুণ্ণ ; বিষণ্ণ ; বিষাদিত ; ম্লান।

প্র—"ওগো কে তুমি বসিয়া উদাস মুরতি বিষাদ শান্ত শোভাতে" —মানসী (রবীন্দ্র)। "অভিমানে ছল' ছল' নয়নে কি কথা বল' কেঁদে ওঠে হৃদয় উদাস।" —ছবি ও গান

৭। প্রাণ হুহু করা।
প্র—"পরাণ কেন কে জানে উদাসে" —রবীন্দ্রনাথ।

৮। অনাবৃত; উন্মুক্ত।
প্র—"* * * * নিরাশাস উদাস বাতাসে নিশ্বাসিয়া কেঁদে ওঠে বন।" —চিত্রা। "এদিকে ঝাঁপিতে তনু ওদিকে উদাস" —বিদ্যাপতি।

৯। উদ্দেশ্যহীন; শূন্য,
প্র—"উড়িতেছে কেশ উড়িতেছে বেশ উদাস পরাণে কোথা নিরুদ্দেশ, * * * ভ্রমিতেছি আনমনে।" —ছবি ও গান। "কুসুম সুবাস উদাস ভইল সখি উদাস হৃদয় হমারি।" —ভানুসিংহের পদাবলী।

১০। (উদাশো) ক্রি, উদাস কর। **উদাসিল**—উদাস করিল। **উদাসে**—উদাস করে। **উদাসি**—উদাস করি, করিয়া। **উদাসিয়া**—উদাস করিয়া। প্র—"হুহু করি নিশ্বাসিয়া চ'লে যাবে উদাসিয়া কেশপাশ আকাশে ছড়ায়ে।" —ছবি ও গান (রবীন্দ্র)। বি, ঔদাস্য। **উদাস উদাস করা**—ক্রি, শূন্য বোধ করা; হুহু করা। প্র—"জানি না কেন যে হৃদয় এখন উদাস উদাস করে" —প্রেম ও ফুল।

উদাসল [ব্রজ] ক্রি, অনাবৃত করিল; অনাবৃত হইল। প্র—"তেজ্‌ঞি উদাসল কুচজোরা"—বিদ্যাপতি। "পাশ উদাসল পালটি নেহারি"—জ্ঞানদাস।

উদাসিতা (শি) [উদাসিতৃ শব্দ উদ্ (ত্যাগার্থে)—আস্ (বসা) তৃ (কর্ত্তৃ—তৃন্) যে সর্ব্বস্ব ত্যাগ করিয়া বসে] বিণ, উদাসীন; বৈরাগী। ২। নিঃসম্পর্ক। ৩। স্বতন্ত্র। ৪। নিরপেক্ষ: যে পক্ষ বা বিপক্ষ আশ্রয়ী নহে; neutral.

উদাসিনী (শি) [উদাসী, উদাসীন দ্রঃ] বি, স্ত্রী, সন্ন্যাসিনী। ২। বিণ, অনাথা। প্র—"শিবের কুমারী আমি উদাসিনী নহি।" —পদ্মা পুরাণ।
৩। অনন্তবিষয়ে একান্ত অনুরাগিণী; আত্মবিস্মৃতা। সংসারের সকল বিষয়ে বিরাগিণী কিন্তু এক বিষয়ে অনুরাগিণী। প্র—"শ্যাম প্রেমে উদাসিনী রাধিকা শ্যাম অধিনী" —ব্রজাঙ্গনাকাব্য।

উদাসী (উদাশি) [উদাস+ইন্ (অস্ত্যর্থে) অথবা উৎ—আস্ (উপবেশন করা)+ইন্ কর্ত্তৃ—শিন্=উদাসিন্ ১মা, ১ব, উদাস-ভাব যাহার হইয়াছে)] বিণ, যাহার বাসনা উদাস হইয়াছে; যে বিষয়-বাসনা রাখে না; বিষয়বিরাগী; বিষয়-বাসনা-বিরত; অনাসক্ত; নির্লিপ্ত। প্র—"মোটা সুরে কাঁদে যেন অনন্তের বাঁশী। বিশ্বের প্রান্তর মাঝে; শুনিয়া উদাসী, বসুন্ধরা বসিয়া আছেন এলোচুলে।" —রবীন্দ্র। ২। বি, পুং, উদাসীন; সন্ন্যাসী; স্ত্রী, উদাসিনী।

উদাসীন (শিন্) [উদ্ (উপরে, উর্দ্ধে)—আসীন। (অবস্থিত; উপবিষ্ট)—যিনি বিষয়-বাসনার উর্দ্ধে অবস্থিত অথবা উদ্ (বাহিরে) —আসীন—যিনি সংসারের বাহিরে অবস্থিত] বি, সন্ন্যাসী; বৈরাগী। ২। বিষয়-বিতৃষ্ণ। নির্ব্বিকার; নির্লিপ্ত। প্র—"ক্ষ্যাপার মতন আছি চিরদিন উদাসীন আনমনা" —চয়নিকা। ৪। যাহার সহিত সম্পর্ক বা পরিচয় নাই। প্র—" ** * তরুশ্রেণী উদাসীন, রাজপথ পানে চেয়ে আছে সারাদিন, আপনার ছায়ার পানে।" —চয়নিকা। ৫। যে কোন পক্ষে বা বিপক্ষে নাই; নিরপেক্ষ; neutral. ৬। উদ্দেশ্যহীন; শূন্য-গর্ভ; vacant. প্র—" * * শোকহীন, হৃদিহীন সুখস্বর্গভূমি, উদাসীন চেয়ে আছে" —চয়নিকা।
৭। এক বিষয়ে অনুরক্ত। বি, ঔদাসীন্য। স্ত্রী, **উদাসিনা**। উদাসিনী দ্রঃ।

উদাহরণ (ন্) [উদ্—আ—হৃ (আহরণ করা)+অন (ভাবে, অনট্)] বি, ক্লী, কোন বিষয়ের অর্থ বা কোন অভিপ্রায় স্পষ্ট এবং বোধগম্য করিবার জন্য অথবা কোন কিছু প্রমাণ করিবার জন্য, অন্য বিষয়ের উল্লেখ। ২। প্রস্তুত বিষয়ের সমর্থক বাক্য বা প্রসঙ্গ; সূত্রাদির অর্থ বিশদরূপে বুঝাইবার জন্য দর্শিত প্রয়োগ; দৃষ্টান্ত। ৩। মূলবিষয়ের প্রয়োগ। [মূলের বিপরীত বিষয়ের প্রয়োগকে প্রত্যুদাহরণ বলে] ৪। নিদর্শন। ৫। কীর্ত্তন; বর্ণন; উল্লেখ।

উদাহৃত [উদ্—আ—হৃ+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা উদাহরণে দেখান গিয়াছে; উল্লিখিত; দৃষ্টান্তস্বরূপ উক্ত। ২। বর্ণিত। ৩। উচ্চারিত।

উদিছে [উদয় দ্রঃ। উদয় হইতেছে। তাহার সংক্ষেপ উদিতেছে তাহারও সঙ্কুচিতরূপ উদিছে] ক্রি, উদয় হইতেছে।

উদিত [উদ্ (উপরি) ই (গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উদ্গত; উত্থিত। ২। উন্নত। ৩। উদয়প্রাপ্ত। ৪। প্রাদুর্ভূত; উৎপন্ন। ৫। [ভাবে—ক্ত] উদয়। [প্র,অ,] ৬। বদ্ (বলা)+ক্ত] বিণ, কথিত; উল্লিখিত; উক্ত।

উদিত্বর (উদিৎতর্) [উদ্—ই (গমন করা) +বর (কর্ত্তৃ—করপ্) ত্ আগম] বিণ, উদ্গত; উত্থিত। ২। যে উঠিতেছে। [বিরল]

উদীক্ষণ (ন্) [উদ্—ঈক্ষ্ (দর্শন করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উৎকৃষ্টরূপে দর্শন বা বিবেচনা। ২। প্রতীক্ষা। [বিরল]

উদীচী [উদক্ (উত্তর দিক্)+ঈপ, উদক্ =উদীচি+ঈ=উদীচী] বি, স্ত্রী, উত্তর দিক্।

উদীচীন (ন্) [উদীচী (দ্রঃ)—ঈন্ (সম্বন্ধার্থে)] বিণ, উদীচ্য।

উদীচ্য [উদীচী দ্রঃ। য (ভবার্থে)] বিণ, উত্তরে স্থিত; উত্তর-দিক-সম্বন্ধীয়; উত্তরদেশীয়; উত্তর দেশজাত; উত্তরদিকে উৎপন্ন। ২। বি, পুং, সরস্বতী নদীর উত্তরপশ্চিমস্থিত দেশ। ৩। বালা নামক গন্ধদ্রব্য।

উদীচ্যবৃত্ত [উদীচ্য (উত্তর মেরুস্থিত) বৃত্ত (অক্ষাংশ)] যে অক্ষ-রেখা উত্তর মেরুর ২৩৷০ অংশ দক্ষিণে অবস্থিত; যে কল্পিত অক্ষ-রেখা উত্তর মেরুকে (North Pole) ২৩৷০ ডিগ্রী দূরে বেষ্টন করিয়া আছে; Arctic Circle.

উদীচ্যেতরবৃত্ত [উদীচ্য—ইতর (ভিন্ন, অপর) বৃত্ত—যে বৃত্ত উদীচ্যের অপর অর্থাৎ দক্ষিণ] বি, দক্ষিণ মেরুর (South Pole) ২৩৷০ অংশ উত্তরে কল্পিত অক্ষ-রেখা; Antarctic Circle.

উদীয়মান (ন্) [উদ্-ই—শান্ (কর্ত্তৃ)] বিণ, যে উঠিতেছে; rising. স্ত্রী, **উদীয়মানা**।

উদীরণ (ন্) [উৎ—ঈর (গমন করা)+অন (ভাবে অনট্)] বি, ক্লী, উচ্চারণ। ২। কীর্ত্তন।

উদীরিত [উৎ—ঈর্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উচ্চারিত। ২। কীর্ত্তিত।

উদীর্ণ [উৎ—ঋ (গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত) ঋ—ত=ঈর্ণ)] বিণ, উদ্গত। [অন্যান্য অর্থ সংস্কৃত অভিধানে দ্রষ্টব্য (বাং-য় ব্যবহার নাই)]

উদীর্য্যমাণ (উদীর্‌জোমান্) [উৎ—ঈর্ (প্রেরণ করা)+আন (কর্ম্মে—শান) য আগম] বিণ, উচ্চার্য্যমাণ। ২। উল্লিখ্যমান।

উদুমধুম, উদুমধুমা (ম্ ম্) [সং—উদ্ধত। হি—উধম=উপদ্রব, দাঙ্গা হ্যাসাদ গোঁয়ারতমী, উধমী=গোঁয়ার; উৎপাতকারী] বিণ, ধুম করে যে; গোঁয়ার; উপদ্রবকারী। গ্রা, কথ্য-ভেদে—ধামধুম্ব। উধুম দ্রঃ।

উদুম্বর (উদুম্‌বর্) [উডুম্বর দ্রঃ] বি, পুং, যজ্ঞডুমুরের গাছ। ২। যজ্ঞডুমুর। ৩। কুষ্ঠরোগ-ভেদ। ৪। তাম্র।

উদূখল (ল্) [উদ্ (উপরে, উর্দ্ধে) উখ্ (গমন করা) ল (অস্ত্যর্থে)—নিপাতন।

—যাহার মুখ উর্দ্ধ বা উপর দিকে গিয়াছে। তুল—সং-উৎখল ; পা—উক্খল ; হি—উখলী] বি, পুং, কাঠাদি নির্ম্মিত ডমরুর আকার প্রায় ১ ফুট গভীর পাত্রবিশেষ, যাহাতে তণ্ডুলাদি শস্য রাখিয়া মুষলাঘাতে নিস্তুষ করা হয় ; উখ্‌লি। প্র—"উদূখলে গোপালে যশোদা লয়ে বাঁধে" —শিবায়ন।

উদেশ (শ্) [সং—উদ্দেশ, ব্রজ] বি, উদ্দেশ। প্র—"আর নাহি করল উদেশ" —জ্ঞানদাস। ২। লক্ষ্য। ৩। হেতু ; কারণ ; নিমিত্ত। প্র—"নিচয় মরিব আমি সে কানু উদেশ।" —বিদ্যাপতি।

উদেস [উদাস দ্রঃ। উচ্চারণ-ভেদে] বিণ, অনাবৃত। প্র—"নিবিবন্ধ করল উদেস" —বিদ্যাপতি।

উদো [উধো দ্রঃ] বিণ, নির্ব্বোধ। ২। অধঃপতিত ; কলঙ্কিত।

উদোম (ম্) [উদেস, উদাস দ্রঃ] বিণ, উন্মুক্ত ; আদুড় ; উদ্‌লা ; খোলা।

উদ্‌গত (উদ্‌গত) [উদ্ (উপরে, উর্দ্ধে) গম্ (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত) যে গিয়াছে] বিণ, যাহার উদ্‌গম হইয়াছে ; উদ্ভূত ; উৎপন্ন। ২। উদিত। ৩। উর্দ্ধগত ; উত্থিত।

উদ্‌গত-কার্য্য (—কারজ) বি, [স্থপতি-শিল্পে] প্রাচীরাদি গাত্রে উৎকীর্ণ খোদকারী কাজ ; relief-work.

উদ্‌গতি (উদ্‌গোতি) [উদ্—গম্ + তি (ভাবে-ক্তি)] বি, স্ত্রী, উদ্‌গম ; উদ্ভূতি ; উৎপত্তি। ২। উদয়।

উদ্‌গম (ম্) [উদ্—গম্ + অ (ভাবে—অল্)] বি, পুং, উত্থান ; উৎপত্তি ; উদয়।

উদ্‌গমন (ন্) [উদ্—গম্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উপরে গমন ; উদয় ; অভ্যুন্নতি ; উদ্‌গতি।

উদ্‌গমনীয় [উদ্-গম্ + অনীয় (কর্ম্মে)] বিণ, আরোহণের যোগ্য। ২। [উৎ (বাহিরে) গমনীয় (গমনযোগ্য—"উদ্‌গমনীয়ং যৎ ধৌতয়োর্বস্ত্রয়োর্যুগং" অমর।) পরিধেয় ও উত্তরীয় যাহা অঙ্গে ধারণ করিয়া বাহির হওয়া যায়] বি, ধৌত পরিধেয় বস্ত্রযুগল ; ধোয়া ধুতিচাদর।

উদ্‌গাঢ় [উদ্—গাহ্ (বিলোড়ন করা) + ত (ভাবে ক্ত) হ্—ত=ঢ়] ক্রি-বিণ, ক্লী, প্রগাঢ় ; প্রবল ; অত্যন্ত ; অতিমাত্র ; অত্যধিক ; intense.

উদ্‌গাতা [উদ্ (উদাত্ত, উচ্চৈঃস্বরে)—গাতা (গৈ=গান করা + তৃ-কর্ত্তৃ, তৃন্)= উদ্‌গাতৃ ১মা, ১ব—যে উচ্চরবে গান করে] বি, পুং, সামবেদগায়ক। ২। বিণ, উচ্চরবে গানকারী। স্ত্রী, উদ্‌গাত্রী

উদ্‌গার (র) [উদ্-গৄ (ভোজন করা) অ + (ভাবে—ঘঞ্) গৄ=গার্] বি, পুং, মুখদ্বার দিয়া উদরস্থ বায়ুনির্গম ; ঢেকুর। প্র—"উদর হইল পূর্ণ উঠিল উদ্‌গার।" —শিবায়ন। ২। বমন ; বমি করণ। ৩। নিঃসরণ। ৪। উচ্চারণ। ৫। [কর্ম্মে—ঘঞ্] বড়িশ।

উদ্‌গিরণ, উদ্‌গীরণ (ন্) [উদ্-গৄ + অন (ভাবে—অনট্—নিপাতন) গৄ=গির্, গীর্] বি, ক্লী, বমন। ২। ঢেকুর।

উদ্‌গীত [উদ্ (উচ্চ)—গীত (গৈ=গান করা + ত, কর্ম্মে—ক্ত) গৈ=গী] বিণ, উচ্চ কণ্ঠে গীত ; উদাত্তস্বরে গীত। বি, উদ্‌গীতি—স্ত্রী, উচ্চৈঃস্বরে গান। ২। আর্য্যাছন্দোবিশেষ।

উদ্‌গীথ [উদ্—গীথ (গৈ=গান করা + থ—কর্ম্মে সংজ্ঞার্থে—থক্)] বি, পুং, সামবেদের ধ্বনি। ২। সামগান। ৩। প্রণব। ৪। সামবেদের দ্বিতীয় অধ্যায়।

উদ্‌গীম [ব্রজ] বিণ, উদ্‌গ্রীব। ২। আগ্রহান্বিত।

উদ্‌গীর্ণ [উৎ=গৄ (ভোজন করা) + ত (কর্ম্মে=ক্ত) গৄ—ত=গীর্ণ] বিণ, যাহা উদ্গিরণ করা হইয়াছে ; বমিত। ২। উত্থিত। ৩। নির্গত। ৪। উচ্চারিত।

উদ্‌গ্রথিত (গ্রো) [উৎ—গ্রন্থ (গাঁথা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উর্দ্ধে গ্রথিত ; উর্দ্ধে সংলগ্ন ; উপরিভাগে বদ্ধ।

উদ্‌গ্রন্থন (উদ্‌গ্রোন্‌থোন্) [উৎ—গ্রন্থ্ (গাঁথা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রাচীরাদি নির্ম্মাণ।

উদ্‌গ্রহ (উদ্‌গ্রোহো) [উদ্—গ্রহ (গ্রহণ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, গ্রহণ ; গলাধঃকরণ ; গিলন।

উদ্‌গ্রহণ (উদ্‌গ্রোহোন্) [উৎ—গ্রহ্ (গ্রহণ করা) + অন (ভাবে—অনট্) বি, ক্লী, উদ্‌গ্রহ দ্রঃ।

উদ্‌গ্রাহ [উৎ—গ্রহ্ (গ্রহণ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, গ্রহণ। ২। বিদ্যা-বিচার। প্র—"উদ্‌গ্রাহ করিতে চৈতন্য গোসাঞি জান।" —চৈ, মঙ্গল। [অপ্র]

উদ্‌গ্রাহিত [উৎ—গ্রহ্ + ণিচ=গ্রাহি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উপরে নীত বা বদ্ধ ; উপন্যস্ত। ২। উন্নমিত। ৩। আক্রান্ত। ৪। ৪। গ্রাহিত ; গ্রাপিত।

উদ্‌ঘট্টন (ন্) [উৎ—ঘট্ (সংযোগ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ঘোঁটন ; আলোড়ন। ২। ধাক্কামারা। ৩। উন্মোচন।

উদ্‌ঘট্টিত (উদ্‌ঘোট্টিতো) [উৎ—ঘট্ (চালিত হওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা উদ্‌ঘাটন করা হইয়াছে ; উন্মোচিত। ২। আহত। [অপ্র]

উদ্‌ঘন [উৎ—হন্ (বধ করা) + অ (অধি—অল্) হ্=ঘ] বি, পুং ; সূত্রধরের কাষ্ঠ এবং কর্ম্মকারের লৌহাদি পরিষ্কার করিবার জন্য কাষ্ঠ বা লৌহ নির্ম্মিত আধার ; পরকাঠ।

উদ্‌ঘর্ষণ (ন্) [উৎ (উপরে)—ঘৃষ্ (ঘর্ষণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, কোন কঠিন পদার্থ দ্বারা দেহ মার্জ্জন।

উদ্‌ঘাট (ট্) [উৎ—ঘট্ (প্রকাশ পাওয়া) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উদ্‌ঘাটন ; উন্মোচন। ২। [অধি—ঘঞ্] বাণিজ্য-দ্রব্য দর্শন জন্য উন্মুক্ত স্থান। ৩। রাজকর দান ও গ্রহণ করিবার ঘাটি বা স্থান। ৪। ঘাটির রক্ষিগৃহ ; গুমটি।

উদ্‌ঘাটক (ক্) [উৎ—ঘট্ + ণিচ্=ঘাটী (প্রকাশ পাওয়ান) + অক (কর্ত্তৃ)] বিণ, উদ্‌ঘাটনকারী ; উন্মোচক। ২। প্রকাশকারী ; প্রকাশক। ৩। উল্লেখকারী। ৪। বি, যাহা দ্বারা দ্বার উদ্‌ঘাটন করা যায় ; চাবি। ৫। কূপ হইতে জল উত্তোলক যন্ত্র ; ঘটীযন্ত্র।

উদ্‌ঘাটন (ন্) [উৎ—ঘট্ + ণিচ্=ঘাটি + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, উন্মুক্তকরণ ; উন্মোচন ; অনাবৃতকরণ। ২। প্রকাশকরণ। ৩। উল্লেখ। ৪। [অনট্—করণে] বিণ, যাহা দ্বারা খোলা যায় ; উদ্‌ঘাটক। ৫। কূপ হইতে জল তুলিবার জন্য রজ্জুবদ্ধ চর্ম্মপাত্র। বিণ, উদ্‌ঘাটিত।

উদ্‌ঘাটিত [উৎ—ঘাটি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার উদ্‌ঘাটন বা উন্মোচন করা হইয়াছে। অনাবৃত। ২। প্রকাশিত ; অভিব্যক্ত।

উদ্‌ঘাত (ত্) [উৎ—হন্ (বধ করা) ঘাত + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, প্রতিঘাত ; টক্কর ; ঠোকর ; পাদস্খলন। ২। মুদ্গরাদি অস্ত্র-বিশেষ। ৩। উল্লেখ। ৪। কূপ হইতে জল তুলিবার যন্ত্র ; কপিকল। ৫। উপোদ্‌ঘাত ; উপক্রম ; প্রস্তাবনা ; আরম্ভ। ৬। গ্রন্থাদির অধ্যায় বা পরিচ্ছেদ।

উদ্‌ঘোষ (ষ্) [উৎ (উচ্চ) ঘুষ্ (শব্দ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উচ্চরব। ২। [কর্ত্তৃ—ঘঞ্] উচ্চশব্দকারী।

উদ্দংশ [উৎ (উৎকট) দন্‌শ্ (দংশন করা) + অ (কর্ত্তৃ—অল্) যে দংশন করে] বি, পুং, কেশ-কীট ; উকুন। ২। বৃহদাকার মশকবিশেষ ; ডাঁশ।

উদ্দণ্ড [উৎ (উৎকট, উন্নত) দণ্ড, যাহার, (বহু)] বিণ, কঠোর দণ্ডদাতা। ২। প্রবল

প্রতাপান্বিত। ৩। [কর্ম্মধা] উত্থিত দণ্ড। উদ্যত (প্রহারোদ্যত) দণ্ড ; উত্তোলিত যষ্টি।

উদ্দণ্ডপাল (ল্) [উৎ-দণ্ড—পাল (পল্= রক্ষা করা)+অ (কর্ত্তৃ)] বি, পুং, যিনি দণ্ড দ্বারা পালন করেন ; দণ্ডবিধাতা। ২। সর্পবিশেষ। ৩। মৎস্যবিশেষ।

উদ্দন্তুর (র্) [উৎ (উচ্চ, লম্বা) দন্ত+উর (অস্ত্যর্থে—ডুর) যাহার লম্বা দন্ত আছে] বিণ, উঁচু দাঁতবিশিষ্ট ; ভীষণদন্ত ; করাল।

উদ্দান্ত [উৎ (অতিশয়) দান্ত—দম্(শাসন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অতিশয় দমিত। ২। প্রশমিত ; স্থিরীভূত।

উদ্দাম (উদ্‌দাম) [উৎ—দম্ (মুক্ত হওয়া) +অ (কর্ত্তৃ, ঘঞ্)] বিণ, বন্ধনমুক্ত ; বন্ধন রহিত। ২। স্বেচ্ছাচারী ; স্বেচ্ছাপরিচালিত। প্র—"যতেক করয়ে প্রভু সকল উদ্দাম" —চৈতন্য ভাগবত।

৩। উচ্ছৃঙ্খল। ৪। দুর্দ্দমনীয় ; অতিশয় প্রবল ; উৎকট। প্র—উদ্দাম বাসনা।

উদ্দাল (ল্) বি, কোদো ধান্য। ২। চালিতা গাছ ; বহুবার বৃক্ষ ; cordia myxa.

উদ্দালক (ক্) [উদ্দাল+ক সংজ্ঞার্থে] বি, পুং, মুনিবিশেষ ; শ্বেতকেতু ইঁহার পুত্র। ২। বহুবারক বৃক্ষ।

উদ্দিষ্ট [উৎ=দিশ্ (লক্ষ্য করা বলা ইত্যাদি) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার উদ্দেশ করা হইয়াছে ; যাহার অনুসন্ধান পাওয়া গিয়াছে ; লক্ষ্যীকৃত। ২। উপদিষ্ট। ৩। অভিপ্রেত।

উদ্দীপক (ক্) [উৎ—(অতি) দীপ্ (দীপ্তি করা)+অক (কর্ত্তৃ] বিণ, প্রকাশক। ২। দীপ্তিকারক। ৩। উত্তেজক।

উদ্দীপন (ন্) [উৎ—দীপ্ (দীপ্তি করা) +অন(ভাবে—অনট্)] বি, ক্লী, প্রকাশ করণ ; দীপ্ত করণ। ২। প্রজ্বলন। ৩। উত্তেজন ; উৎসাহিত করণ। ৪। বর্দ্ধিত করণ ; বাড়াইয়া দেওয়া ; উস্‌কে দেওয়া। ৫। কাম ক্রোধাদি রিপুকে প্রবলকরণ। ৬। [দীপ্+ণিচ্= দীপি+অন (কর্ত্তৃ) যে উদ্দীপ্ত করায়। অলঙ্কার শাস্ত্রে] উদ্দীপন বিভাব, যাহারা রসের উদ্দীপন করে তাহারাই 'উদ্দীপন বিভাব'। যাহাকে অবলম্বন করিয়া হর্ষ, শোক, ভয়, বিস্ময় প্রভৃতি চিত্তবিকার জন্মে তাহাকে 'আলম্বন বিভাব' বলে। প্র—দূরগত বন্ধু দর্শনে হর্ষ হইলে বন্ধু হর্ষের আলম্বন বিভাব, সর্প দর্শনে ভয় জন্মিলে সর্প ভয়ের আলম্বন বিভাব হয়। আলম্বন বিভাবের কার্য্য বা চেষ্টা হইতে উদ্দীপন বিভাবের জন্ম হয়। যথা— ভয়ের আলম্বন সর্পকে ফণা ধরিয়া গর্জ্জন এবং দংশনার্থ ধাবিত হইতে দেখিলে যদি ভয় জন্মে তাহা হইলে তাহাকে আলম্বনের কার্য্য বা চেষ্টাজনিত 'উদ্দীপনবিভাব' বলা যায়। স্ত্রী, উদ্দীপনা।

উদ্দীপনীয় [উৎ—দীপ্ (দীপ্ত করা)+ অনীয় (কর্ম্মে)] বিণ, উদ্দীপনযোগ্য।

উদ্দীপিত [উৎ—দীপ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রকাশিত। ২। প্রদীপ্ত ; প্রজ্বলিত। ৩। উত্তেজিত। ৪। সংবর্দ্ধিত।

উদ্দীপ্ত [উৎ-দীপ্ (দীপ্তি পাওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা জ্বলিয়াছিল ; প্রকাশিত ; অভিব্যক্তীকৃত ; উজ্জ্বলিত ; আলোকিত। ২। জ্বলন্ত ; প্রজ্বলিত।

উদ্দেশ (শ্) [উৎ—দিশ্ (লক্ষ্য করা ; বলা) +অ (ভাবে, অল্)] বি, পুং, লক্ষ্য। প্র— "কাহার উদ্দেশে একথা বলা হইল তখন কেহ বুঝিল না"। ২। অনুসন্ধান ; সন্ধান। প্র—"আকাশবাণীতে পেয়ে দেবীর উদ্দেশ" —ভারতচন্দ্র।

"আপনি খুঁজিয়া ফিরে তোমারি উদ্দেশে" —চয়নিকা।

৩। অন্বেষণ। প্র—"সাগর উদ্দেশে নদী ভ্রমে দেশে দেশে রে, অবিরাম গতি" —ব্রজাঙ্গনা। ৪। অভিপ্রায়। ৫। অভিসন্ধি। ৬। কারণ ; হেতু। ৭। বার্ত্তা ; সংবাদ। প্র—"একবার কেহ উদ্দেশ লয় না"। ৮। ঠিকানা। ৯। উল্লেখ। ১০। নাম দ্বারা কথন। ১১। চিহ্ন। ১২। স্মরণ ; ধ্যান। প্র—"মহামায়া উদ্দেশে বিস্তর কৈলা স্তব।।" —অ, ম। ১৩। [অধি, অল] প্রদেশ [প্র-অ]।

উদ্দেশক (ক্) [উৎ—দিশ্ (লক্ষ্য করা বলা)+অক (কর্ত্তৃ)] বিণ, উদ্দেশকারী।

উদ্দেশ্য (উদ্‌দেশ্‌শো) [উৎ—দিশ্ (লক্ষ্য করা)+য (কর্ম্মে—যৎ)] বিণ, যাহার উদ্দেশ করা হয় ; লক্ষ্য ; অভিপ্রেত। ২। বি, ক্লী, অভিসন্ধি ; অভিপ্রায়। ৩। তাৎপর্য্য ; মানে।

উদ্দেশ্যহীন, উদ্দেশ্যবিহীন (উদ্দেশ্‌শহীন্, বিহীন্) বিণ, যাহার কোন অভিপ্রায় নাই ; লক্ষ্যশূন্য ; aimless.

উদ্দ্যোত [উৎ=দ্যুত্ (দীপ্তি পাওয়া) অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উদ্দীপ্তি ; প্রকাশ। ২। আতপ।

উদ্‌দ্রুত [উৎ—দ্রু (বেগে গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, ধাবিত ; পলায়িত। ২। বেগবিশিষ্ট।

উদ্ধত (উদ্‌ধত) [উৎ—হন্ (হিংসা করা, গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উগ্র। ২। দুর্দ্দান্ত ; দুরন্ত। ৩। ধৃষ্ট ; অবিনীত। ৪। গর্ব্বিত ; অহঙ্কৃত। ৪। উৎকট। ৫। উৎক্ষিপ্ত। বি, উদ্ধতি, প্রা—উদ্ধতামি।

উদ্ধতচারিতা [উদ্ধত—চর্ (বিচরণ করা) +ইন্ (কর্ত্তৃ—ণিন্)=উদ্ধত চারিন্+তা (ভাবে)] বি, স্ত্রী, উগ্র আচরণ ; দুরন্তপনা ; ঔদ্ধত্য ; উদ্ধত চাল-চলন।

উদ্ধতচারী [উদ্ধতচারিন্ ১মা, ১ব] বিণ, যে উদ্ধত ভাবে চলে ; ঔদ্ধত্যপ্রকাশক ; দাম্ভিক। স্ত্রী, উদ্ধতচারিণী।

উদ্ধতভাষী [উদ্ধত—ভাষ্ (ব্যক্ত করা, কথা বলা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=উদ্ধতভাষিন্] বিণ, যে উদ্ধত ভাবে কথা বলে ; দাম্ভিক বক্তা ; যে কথা বলিবার কালে কাহাকেও সমীহা করে না ; অহঙ্কৃতবাদী।

উদ্ধতস্বভাব (উদ্‌ধতশভাব্) [উদ্ধত— স্বভাব (চরিত্র) যাহার (বহু)] বিণ, উগ্র-প্রকৃতি ; উচ্ছৃঙ্খল-চরিত্র ; দুরন্ত-স্বভাব। স্ত্রী, উদ্ধতস্বভাবা।

উদ্ধতি [উৎ—হন্—(হিংসা এবং গতি)+ তি (ভাবে—ক্তি) প্রা—উদ্ধতামি] বি, স্ত্রী, ঔদ্ধত্য ; উচ্ছৃঙ্খলতা। ২। ধৃষ্টতা ; দুরন্তপনা। ৩। গর্ব্ব ; অহঙ্কার। ৪। উন্নতি। ৫। উৎপতন ; ঊর্দ্ধগমন।

উদ্ধরণ (ন্) [উৎ—ধৃ (ধারণ করা)+ অন (ভাবে অনট্)] বি, পুং—ক্লী, উদ্ধার ; উত্তোলন। ২। ঋণ পরিশোধ। ৩। মুক্তি। ৪। উন্মূলন। ৫। [ইং—quotation এর অনুবাদ] বি, রচনাদিতে বা এক জনের বাক্য মধ্যে অন্যের রচনা, বাক্য বা পদ অবিকল উদ্ধৃত করিলে তাহা " " এইরূপ চিহ্ন মধ্যে আবদ্ধ করা হয় ; ইহাকে উদ্ধরণ চিহ্ন বা উদ্ধার চিহ্ন বলে ; sign of quotation. বিণ, উদ্ধরণীয়া।

উদ্ধর্ষ [উৎ—হৃষ্ (আনন্দিত হওয়া)+অ (ভাবে—অল)] বি, ক্লী, উৎসব ; আনন্দ ; আমোদ ; আহ্লাদ।

উদ্ধর্ষণ (ন্) [উৎ—হৃষ্ (হর্ষ হওয়া)+ অন (ভাবে—অনট্] বি, ক্লী, রোমাঞ্চ ; রোমোদ্গম ; পুলক।

উদ্ধব (ব্) [উৎ—ধূ (কম্পিত হওয়া, আনন্দ করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, আনন্দজনক কর্ম্ম ; উৎসব। [প্র- অ] ২। [কর্ত্তৃ—অল্] কৃষ্ণের সখা : সত্যকের পুত্র ; বৃহস্পতির শিষ্য ; বৃষ্ণিবংশীয় মন্ত্রী। দেবশ্রবা ইঁহার অপর নাম, যদুবংশ নাশের পূর্ব্বে কৃষ্ণ ইঁহাকে আত্মতত্ত্বের উপদেশ করেন, ইনি জীবনের শেষ ভাগ বদরিকাশ্রমে অতিবাহিত করেন।

উদ্ধার (র্) [উৎ—ধৃ (লওয়া)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উত্তোলন। প্র— পঙ্কোদ্ধার। ২। উদ্ধৃত অংশ বা বাক্য। ৩। উদ্ধারচিহ্ন (" ")। ৪। [হৃ (হরণ

করা) ঘঞ্—ভাবে] পরিত্রাণ ; নিষ্কৃতি ; মোচন ; অব্যাহতি। ৫। সমাজচ্যুত বা পতিত ব্যক্তির সমাজে পুনর্গ্রহণ। ৬। নষ্ট বস্তুর পুনর্ব্বার অধিকার। ৭। [প্রাদে, ঢাকা অঞ্চল] হাওলাত। ৮[(উদ্ধার) ক্রি, উদ্ধার করা। ক্রি, **উদ্ধারি**—উদ্ধার করিয়া। প্র—"নাহি কাজ সীতায় উদ্ধারি।" —মেঘনাদ।

উদ্ধার (র্) ["স্যাদৃণং পর্য্যুদঞ্চনম্ উদ্ধারঃ" —অমর। যাহা হইতে হি, ওড়ি, প্রা, বাং— 'উধার'] বি, ঋণ ; কর্জ্জ। ২। [স্মৃতিশাস্ত্রে, দায়ভাগে] ভাগ ; উত্তরাধিকার বা দায়ভাগ সূত্রে প্রাপ্য বিষয়। প্র—"দ্বিজাতিদিগের সমান বর্ণজাত সন্তানেরা জ্যেষ্ঠকে উদ্ধারাংশ প্রদান করত অবশিষ্টাংশ ঐ জ্যেষ্ঠের সহিত সমান ভাগ করিয়া লইবে।" —মনুসংহিতা। "* * তবে জ্যেষ্ঠের সম্মানার্থে যৎকিঞ্চিৎ উদ্ধার দেওয়া কর্ত্তব্য।" "প্রথম স্ত্রী গর্ভজ সন্তান কনিষ্ঠ হইলেও সে এক বৃষভ উদ্ধাররূপে প্রাপ্ত হইবে।" —ঐ।

উদ্ধার-চিহ্ন (র্, চিন্‌হ্) বি, উদ্ধরণ দ্রঃ ; sign of quotation.

উদ্ধারণ (ন্) বি, উদ্ধরণ দ্রঃ।

উদ্ধারিতে—ক্রি, উদ্ধার করিতে, বিপদ হইতে পরিত্রাণ করিতে। প্র—
"কারে ভয় করিস্ জানকি !
সাজিছে সুগ্রীব রাজা উদ্ধারিতে তোরে।"
—মেঘনাদ।

উদ্ধারিল, উদ্ধারিলা-ক্রি, উদ্ধার করিল ; ত্রাণ করিল। প্র—
"নব যদুকুলে নব যদুস্থানে হরি
শান্তি রস অবতার, উদ্ধারিলা পশুভূমি,
ঘোর আত্মবলিদানে শিলা দ্রব করি।"
—প্রভাস।

উদ্ধুক (উদ্‌ধুক্) [উর্দ্ধগ দ্রঃ] উর্দ্ধগ শব্দের গ্রাম্য উচ্চারণ।

উদ্ধূত (উদ্‌ধূত) [উৎ-ধূ (কাঁপা) +ত (কর্ম্মে-ক্ত)] বিণ, উৎকম্পিত। ২। উৎক্ষিপ্ত। ৩। উৎপাটিত। ৪। উত্থাপিত ৫। উৎখাত।

উদ্ধূনন (উদ্‌ধুনন্) [উৎ—ধু (কম্পিত হওয়া) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উৎকম্পন ; বিকম্পন। ২। উৎক্ষেপণ।

উদ্ধূপন (ন্) [উৎ—ধূপি (ধূপ্ =সন্তাপে +ণিচ্) +অন (ভাবে—অনট)] বি, স্ত্রী, উৎক্ষেপণ ; উর্দ্ধে সঞ্চালন ; উত্তোলন। ২। [কর্ত্তৃ—অল্] বিণ, যে উৎক্ষেপ বা সঞ্চালন করে ; কম্পনের প্রবর্ত্তক ; সঞ্চালক।

উদ্ধৃত [উৎ—ধৃ (ধারণ করা) +ত (কর্ম্মে —ক্ত)] বিণ, উত্তোলিত ; উত্থাপিত। ২। অধিকৃত। ৩। সমাজে গৃহীত] ৪। [উৎ —হৃত] মোচিত। ৫। অন্যের উক্তি বা রচনাংশ অবিকৃতভাবে গ্রহণ করতঃ স্বরূপ বা সমর্থনার্থ প্রকটন। ইং- quoted.

উদ্ধৃতাংশ [উদ্ধৃত+অংশ] বি, অন্যের উক্ত বা লিখিত যে বাক্য বা বাক্যাংশ অবিকৃত ভাবে গৃহীত বা দৃষ্টান্তস্বরূপ সন্নিবেশিত হইয়াছে ; চুম্বক ; extract.

উদ্ধৃতি [উৎ (উর্দ্ধে)—ধৃ (লওয়া) +তি (ভাবে-ক্তি)] বি, স্ত্রী, উদ্ধার ; উত্তোলন ; উপরে তোলা ; উৎক্ষেপণ ; উপরে উঠান।

উদ্ধ্মান (উদ্‌ধ্মান্) [উৎ—ধ্মা (শব্দ এবং অগ্নি সংযোগ করা) +অন (অধি—অনট্) যেখানে অগ্নি প্রজ্বলিত হয়] বি, ক্লী, চুল্লিকা ; চুল্লী ; উনান।

উদ্বৎসর (উদ্‌বৎসর্) [উৎ—বৎসর] বি, চন্দ্রমাসান্বিত বৎসর।

উদ্বদ্ধ (উদ্‌বদ্ধ) [উৎ (উপরি, উর্দ্ধে) বদ্ধ] বিণ, ঝুলান ; টাঙ্গান।

উদ্বন্ধক (উদ্‌বন্ধক্) [উৎ (অধিক) বন্ধ (বন্ধন করা) +অক (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি, পুং, বর্ণসঙ্কর জাতিবিশেষ ; রজক ; ধোপা। ২। [উৎ (উর্দ্ধে) বন্ধক (বন্ধনকারী)] বিণ, যে গলায় দড়ি দিয়া মরে।

উদ্বন্ধন (উদ্‌বন্ধন্) [উৎ (উর্দ্ধে) বন্ধ্ (বন্ধন করা) +অন (ভাবে, অনট্)] বি, ক্লী, উর্দ্ধে রজ্জু দ্বারা গলদেশে বন্ধন ; মৃত্যু কামনায় গলায় রজ্জুবন্ধন। ২। আত্মহত্যার জন্য গলায় দড়ি দেওয়া ; গলায় দড়ি দিয়া মরা। ৩। [উৎ (উদ্গত) মুক্ত হইয়াছে বন্ধন যাহার ; বহু] বিণ, বন্ধনমুক্ত ; মুক্তবন্ধন ; বন্ধন-ভ্রষ্ট ; ৪। [কর্ম্মধা] বন্ধনমুক্তি ; বন্ধনভ্রংশ ; বন্ধনচ্যুতি। **উদ্বন্ধনরজ্জু**—বি, গলায় দড়ি দিবার দড়ি, ফাঁসি দিবার রজ্জু ; a halter.

উদ্বমন (উদ্‌বমন্) [উৎ—বম্ (উদ্গিরণ করা) +অন (ভাবে অনট্)] বি, ক্লী, উদ্গিরণ ; বমন।

উদ্বর্ত্ত (উদ্‌বর্ত) [উদ্বৃত্ত দ্রঃ। উৎ—বৃত্ (হওয়া) +অ (ভাবে অল্)] বি, পুং, সংগৃহীত বা আয়োজিত দ্রব্য সামগ্রী প্রয়োজন মত খরচ করিয়া যাহা অবশিষ্ট থাকে তাহাকে উদ্বর্ত্ত বলে ; অবশিষ্টাংশ ; উদ্বৃত্ত ; অতিরেক ; আধিক্য। ২। [কর্ম্মে অল্] বিণ, অতিরিক্ত ; অবশিষ্ট।

উদ্বর্ত্তন (উদ্‌বর্‌তন্) [উৎ—বৃত্ (লেপন করা) +অন (ভাবে—অনট)] বি, ক্লী, গন্ধ-দ্রব্যাদি দ্বারা বিলেপন ; গাত্রমার্জ্জন। ২। ঘর্ষণ ৩। উৎপতন ; উর্দ্ধগমন। ৪। উল্টান ; উল্টান-পালটান ; ফেরানঘুরান। ৫। [করণে—অনট্] বিলেপন দ্রব্য।

উদ্বর্ত্তনীয় (উদ্‌বর্‌তোনিও) [উৎ—বৃত্ + অনীয় (কর্ম্মে)] বি, ক্লী, গাত্র-মার্জ্জন-সামগ্রী ; মার্জ্জনার্থ চূর্ণ।

উদ্বহ (উদ্‌বহ) [উৎ—বহ্ (বহন করা) +অ (কর্ত্তৃ—অচ্) যে বহন করে] বি, পুং, সন্তান। ২। বিবাহ ; উদ্বাহ। ৩। বর। ৪। নায়ক। ৫। বায়ুবিশেষ। ৬। বিণ, উৎপাদক। স্ত্রীলিঙ্গে, **উদ্বহা**—কন্যা।

উদ্বহন (উদ্‌বহন্) [উৎ—বহ্ +অন (ভাবে অনট্)] বি, ক্লী বহন। ২। উত্তোলন ; ধারণ। ৪। বিবাহ করণ।

উদ্বান্ত (উদ্‌বান্ত) [উদ্—বম্ (বমন করা) —ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উদ্গীরিত ; বমিত। ২। উদ্গত। ৩। বি, পুং, মদহীন হস্তী।

উদ্বায়ী (উদ্‌বায়ী) [উৎ=বায়ী=বায়বী—বায়ব্য] বিণ, বায়ুর সহিত বা বাতাসে যাহা সহজে উড়িয়া যায় ; যাহা উবিয়া যায়। প্র= "কর্পূর বড় উদ্বায়ী দ্রব্য।" —গৃহস্থ ১৩২০।

উদ্বাস্তু (উদ্‌বাস্‌তু) [সং—উদ্বাসিত=গৃহ] বি, বাসভবনের সম্মুখবর্ত্তী স্থান। ২। পালান বাড়ীর সংলগ্ন খালি জমি। ৩। উৎ (ত্যক্ত) +বাস্তু (বস্=বাস করা+তুণ্ অধি) =বসতবাটী] বিণ, বাস্তুভিটাত্যক্ত ; গৃহত্যাগে বাধ্য। প্র—"অধিকাংশ পুরাতন সম্ভ্রান্ত পরিবার এখন ঋণ-দায়ে উদ্বাস্তু হইয়াছেন।" —সনাতনী।

উদ্বাহ (উদ্‌বাহ) [উৎ—বহ্ (বহন করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, পরিণয় ; বিবাহ।

উদ্বাহন (উদ্‌বাহোন) [উৎ—বহ্ +ণিচ = বাহি+অন্ (ভাবে অনট্)] বি, ক্লী, বিবাহ-দান ; বিবাহ-দান-বিধি। ২। উদ্ধার-সাধন।

উদ্বাহনী (উদ্‌বাহোনি) [পূর্ব্বে পণ স্বরূপ কপর্দ্দক দিয়া উদ্বাহ কার্য্য সম্পন্ন হইত বলিয়া] বি, স্ত্রী, কপর্দ্দক ; কড়ী।

উদ্বাহিত (উদ্‌বাহিতো) [উৎ—বাহি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে বিবাহ করান হইয়াছে ; বিবাহিত ; পরিণীত।

উদ্বাহিনী (উদ্‌বাহিনী) [উদ্বাহ+ইন অস্ত্যর্থে=উদ্বাহিন্+ঈ (স্ত্রীলিঙ্গে ঈপ)] বি, স্ত্রী। রজ্জু ; বন্ধনী ; দড়ী।

উদ্বাহু [উৎ (উর্দ্ধে) বাহু (হস্ত) যাহার (বহু)] বিণ, যে উর্দ্ধে হাত তুলিয়াছে ; উর্দ্ধবাহু ; উত্তোলিত বাহু ; যে উপর দিকে হস্ত প্রসারণ করিয়াছে।

উদ্বাহ্য (উদ্‌বাহ্‌য্যা) [উৎ-বাহি+য (কর্ম্মে ক্যপ্)] বি, স্ত্রী, বিবাহযোগ্যা কন্যা ; /বিবাহের উপযুক্তা।

উদ্বিগ্ন (উদ্‌বিগ্‌ন) [উৎ—বিজ্ (ভয় করা) +ত (কর্ত্তৃ-ক্ত)] বিণ, উদ্বেগবিশিষ্ট ;

ভাবনাযুক্ত ; উৎকণ্ঠিত। ২। ক্ষুব্ধ। ৩। ভীত। **উদ্বিগ্নমনা**—যাহার মন উদ্বিগ্ন হইয়াছে ; উৎকণ্ঠিত-চিত্ত। প্র—"গৌরমুখ গমন করিলে পর রাজা উদ্বিগ্নমনা হইয়া মন্ত্রিগণের সহিত তৎক্ষণাৎ মন্ত্রণা করিতে লাগিলেন।" —মহাভারত (বর্দ্ধমান)।

উদ্বিড়াল (উদ্‌বিড়াল্) ["উদ্রস্তু জলমার্জ্জারঃ পানীয় নকুলো বসী" —হেমচন্দ্র। বাং উদ্র হইতে উদ্ এবং মার্জ্জারের অনুবাদ বিড়াল শব্দের সংযোগে উৎপন্ন ; জলে অবলীলা-ক্রমে চলা-ফেরা করে বলিয়া, জলমার্জ্জার : নকুলের মত আকৃতি বলিয়া 'পানীয় নকুল'] বি, পুং, জলমার্জ্জার an otter ; "স্থান বিশেষে ইহাদিগকে 'ভোঁদড়' এবং ধেড়ে ও বলিয়া থাকে। ইহারা লেজশুদ্ধ লম্বে প্রায় আড়াই হাত হয়। ইহাদের মাথা ও মুখ চেপ্টা, পা ছোট এবং আঙ্গুল চামড়া দিয়া জোড়া। গায়ের রং উপরের দিক কটা, নীচের দিক ধূসর। উদ্বিড়ালের সাঁতার দিবার শক্তি খুব বেশী। জলে নামিবার সময় ইহারা ডিগ্‌বাজী খাইয়া লাফাইয়া পড়ে।** মাছই ইহাদের প্রধান খাদ্য।"—পশুপক্ষী। স্ত্রী, **উদ্বিড়ালী**।

উদ্বীক্ষণ (উদ্‌বীক্‌খন্) [উৎ – বি + ঈক্ষ্ (দর্শন করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, ঊর্দ্ধ দর্শন ; ঊর্দ্ধে দৃষ্টিপাত। ২। দর্শন।

উদ্বুদ্ধ (উদ্‌বুদ্‌ধ) [উৎ—বুধ্ (জ্ঞানের উদয় হওয়া—চেতনা হওয়া) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, প্রবুদ্ধ ; জাগরিত। ২। বিকসিত : প্রস্ফুটিত। ৩। উদিত। ৪। [কর্ম্মে—ক্ত] যাহা স্মৃতি-পথে উদিত হইয়াছে ; অনুস্মৃত।

উদ্বৃত্ত (উৎবৃৎত) [উৎ—বৃত (অবস্থান করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যে কার্য্যের জন্য যে দ্রব্য আয়োজন করা হয় সেই কার্য্য নির্ব্বাহ হইয়া যাহা অবশিষ্ট থাকে ; অতিরিক্ত (এই অর্থে উদ্বর্ত্ত দ্রঃ। ২। উৎক্ষিপ্ত। ৩। উদ্‌ঘূর্ণিত। ৪। উদ্‌গীর্ণ ; বমিত। ৫। [কর্ত্তৃ, ক্ত] উত্থিত। ৬। [উৎ (উদ্ধত) বৃত্ত (চরিত্র) যাহার—বহ্] দুর্বৃত্ত।

উদ্বেগ (গ্) [উৎ + বেগ = বিজ্ (ভয় করা) + অ (ভাবে, ঘঞ্)] বি, চিত্তের ব্যাকুলতা ; উৎকণ্ঠা। ২। ভয়-মিশ্রিত ভাবনা। ৩। উত্তেজনা। ৪। অস্থিরতা ; চাঞ্চল্য। ৫। বিরহজনিত দুঃখ। ৬। ক্ষোভ। ৭। ত্বরা। ৮। বিণ, অতিশয় বেগযুক্ত ; বেগবান্। (২) [বিপরীতার্থে উৎ] বেগরহিত। ৯। [বৈদ্যকে] বি, গুপারি।

উদ্বেজক (উদ্‌বেজক্) [উৎ—বিজ্ + অক (কর্ত্তৃ)] বিণ, উদ্বেগজনক। ২। কষ্ট দায়ক। ৩। বিরক্তিজনক। ৫। উত্তেজক।

উদ্বেজন (উদ্‌বেজন্) [উৎ—বিজ্ (ভয় করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, উদ্বেগ ; চিত্তচাঞ্চল্য। ২। কম্প। ৩। কষ্ট। ৪। ভয়। ৫। বিণ, ভয়প্রদর্শক ; উদ্বেজনকারী। ৬। উত্তেজনকারী।

উদ্বেজয়িতা (উদ্‌বেজোইতা) [উৎ—বিজ্ + ণিচ্ = বেজি (উদ্বেগ করান) + তা (কর্ত্তৃ-, তৃণ = উদ্বেজয়িতৃ ১মা ১ব)] বিণ, যে উদ্বেগ জন্মায় ; উদ্বেগজনক ; উদ্বেগের হেতু ; উদ্বেগকারক।

উদ্বেজিত (উদ্‌বেজিতো) [উৎ—বেজি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উদ্বিগ্ন ; ব্যাকুলিত। ২। দুঃখিত ; ক্ষোভিত। ৩। উত্যক্ত। ৪। উদ্বেলিত।

উদ্বেল (উদ্‌বেল্) [উৎ (অতিক্রান্ত) বেলা (সীমা-তীরভূমি) বেলার অতিক্রম (অব্যয়ীভাব)] বিণ, ক্লী, উচ্ছলিত ; উথলিত। প্র—"যে ইচ্ছা উচ্ছ্বসি উঠি বাহিরিতে চাহে। উদ্বেল উদ্দাম মুক্ত উদার প্রবাহে॥" —চয়নিকা। "কিন্তু সে সকল বাধায় স্রোতকে রুদ্ধ না করিতে পারিয়া দ্বিগুণ বেগে উদ্বেল করিয়া তুলিল" —চারিত্রপূজা। ২। কুলাতিক্রান্ত। ৩। সীমাতিক্রান্ত।

উদ্বেষ্ট (উদ্‌বেষ্‌ট) [উৎ—বেষ্ট (বেষ্টন করা) + অ (ভাবে অল্)] বি, পুং, অবরোধ : আক্রমণ। ২। [কর্ত্তৃ—অল্] বিণ, পরিবেষ্টক।

উদ্বেষ্টন (উদ্‌বেষ্‌টন্) [উৎ—বেষ্ট (বেষ্টন করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, আবরণ। ২। হস্তিপাদবন্ধন। ৩। উন্মোচন। ৪। [করণে—অনট] উষ্ণীষ। ৫। [কর্ত্তৃ—অনট] বেষ্টনকারী। ৬। [উৎ (উদ্গত) বেষ্টন যাহা হইতে (বহ্)] বিণ, বেষ্টনবিহীন ; বন্ধনমুক্ত।

উদ্বোঢ়া (উদ্‌বোঢ়া) [উৎ – বহ্ + তৃ (কর্ত্তৃ – তৃচ্) বহ—তৃ = বোঢ়া] বি, পুং, যে উদ্বাহ করে ; বিবাহকারী ; বর।

উদ্বোধ (ধ্) [উৎ—বুধ্ (জ্ঞানের উদয় হওয়া) + অ (ভাবে ঘঞ্)] বি, পুং, জ্ঞানের উদয় ; বোধের উন্মেষ। ২। বিস্মৃত বিষয়ের কোন কারণ বশত জ্ঞান বা স্মরণ। ৩। পূর্ব্বসংস্কারের উদ্দীপন। ৪। [করণে অল্] কিঞ্চিৎ জ্ঞান ; কিঞ্চিৎ বোধ।

উদ্বোধক [উদ্‌বোধক) [উৎ—বুধ্ + ণিচ্ = বোধি (বোধ জন্মান) + অক (কর্ত্তৃ)] বিণ, যাহা কোন বস্তু বা ব্যক্তির বোধ জন্মাইয়া দেয় ; জ্ঞাপক ; সূচক। যাহা দেখিলে পূর্ব্ব জ্ঞানের উদয় হয়। ২। উদ্দীপক ; উত্তেজক।

উদ্বোধন (উদ্‌বোধন্) [উৎ—বুধ + ণিচ = বোধি (বোধ জন্মান) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বোধের উদ্রেক ; জ্ঞাপন। ২। চৈতন্যোৎপাদন। ৩। জাগরণ। ৪। [কর্ত্তৃ—অনট্] বিণ, জ্ঞানোৎপাদক ; বোধক ; যে জ্ঞান জন্মাইয়া দেয়।

উদ্ভট (ট্) [উৎ (উচ্চ)—ভট্ (ইচ্ছা করা) + অ (কর্ত্তৃ—অচ্) যে উচ্চ অভিলাষ করে] বিণ, মহাশয় ; উদার। [মহেচ্ছে তুস্তটোদারোদাত্তোদীর্ণমহাযশাঃ (পাঠান্তরে—মহাশয়াঃ)। মহামনা মহাত্মা চ" ॥ —হেমচন্দ্র] ২। প্রবর ; শ্রেষ্ঠ। ৩। লোকপ্রসিদ্ধ (এবং—উৎকৃষ্ট)। প্র – উদ্ভট কবিতা। ["গ্রন্থবহির্ভূতে লোকপ্রসিদ্ধোঽজ্ঞাতবক্তৃকে শ্লোকে"—বাচস্পতি। তুল—unseen passages] ৪। গ্রন্থবহির্ভূত। প্র—পরীক্ষায় কতকগুলি উদ্ভট শ্লোকের ব্যাখ্যা করিতে হইয়াছিল। ৫। যে শ্লোক বা রচনার রচয়িতা অজ্ঞাত। ৬। অভিনব ; বিচিত্র। [বাং—য় উদ্ভট্টে শব্দের ব্যবহার আছে]। **উদ্ভট-কবিতা**—গ্রন্থবহির্ভূত কিন্তু বহুল প্রচলিত কবিতা বা শ্লোক।

উদ্ভব (ব্) [উদ্—ভূ (উৎপন্ন হওয়া) + অ (ভাবে, অল্)] বি, পুং, প্রাদুর্ভাব ; উৎপত্তি ; জন্ম। প্র—
"মনেরি বাসনা যদি গা'বি গান
যদি থাকে বোধ উদ্ভব লয়ের স্থান
তবে ত্রাণ কর মা বলে একবার তারা নাসে
ছাড় তান।" —গোবিন্দব্রহ্মচারী।
২। [কর্ত্তৃ – অল্] বিণ, জাত ; উৎপন্ন।

উদ্ভাব (প্, ব্) উদ্ভাপ, [উৎ—ভাপ (সং—বাষ্প হইতে বাপ্‌ফ—ভাপ, ভাব। তুল—ইং—vapour] বি, উষ্ণবাষ্প। ২। উত্তাপ।

উদ্ভাবক (ক্) বি, উদ্ভাবনকারী।

উদ্ভাবন (ন্) [উৎ—ভূ + ণিচ্ = ভাবি (চিন্তা) + অন (ভাবে—অনট)] বি, ক্লী, চিন্তন ; কল্পনা। ২। আবিষ্করণ ; অজ্ঞাত বিষয় প্রকাশ করা। ৩। উৎপাদন। ৪। [কর্ত্তৃ অনট্] বিণ, উদ্ভাবনকারী ; উদ্ভাবক।

উদ্ভাবনীয় [উৎ—ভাবি + অনীয় (কর্ম্মে)] বিণ, উদ্ভাব্য ; কল্পনার যোগ্য।

উদ্ভাবিত [উৎ—ভাবি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার উদ্ভাবন করা হইয়াছে। আবিষ্কৃত। ২। কল্পিত। ৩। চিন্তিত।

উদ্ভাব্য [উৎ – ভাবি + য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, উদ্ভাবনযোগ্য ; উদ্‌ভাবনীয়।

উদ্ভাস (উদ্‌ভাশ) [উৎ (সমধিক)—ভাস্ (দীপ্তি-পাওয়া) + অ (ভাবে ঘঞ্)] বি, পুং, দীপ্তি। ২। প্রকাশ।

উদ্ভাসক (উদ্‌ভাশক্) [উৎ—ভাস্ (দীপ্তি পাওয়া) + অক (কর্ত্তৃ)] বিণ, উজ্জ্বলকারক। ২। প্রকাশক। ৩। উদ্দীপক।

উদ্ভাসন (উদ্‌ভাশোন্) [উৎ (অধিক, সম্যক্, —ভাস্ (দীপ্তি পাওয়া) + অন (ভাবে, অনট্)] বি, স্ত্রী, আলোকময় করণ ; উদ্দীপন ; উজ্জ্বলীকরণ। ২। প্রকাশন। ৩। [কর্ত্তৃ—অনট্] বিণ, প্রকাশক ; দীপ্তিকারক ; উদ্ভাসক।

উদ্ভাসিত (উদ্‌ভাসিতো) [উৎ—ভাস্ (দীপ্তি পাওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রদীপ্ত। ২। শোভিত। ৩। প্রকাশিত। ৪। উজ্জ্বলিত।

উদ্ভিজ্জ (উদ্‌ভিজ্‌জ) [উৎ (ঊর্দ্ধ) ভিদ্ (ভেদ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে ঊর্দ্ধভেদ করে, বীজ; উদ্ভিদ্ (তাহা হইতে জন্মে এইঅর্থে) জ = জন্ + অ (কর্ত্তৃ—ড) যে উদ্ভিদ অর্থাৎ বীজ হইতে জন্মে)] বিণ, যে বীজ হইতে ভূমি ভেদ করিয়া জন্মে ; বৃক্ষ, লতা গুল্মাদি।

উদ্ভিজ্জাণু (উদ্‌ভিজ্‌জানু) [উদ্ভিজ্জ—অণু] বি, পুং, উদ্ভিজ্জের মধ্যে অণু ; চক্ষুর অগোচর অণু-প্রমাণ উদ্ভিজ্জ ; যে সকল উদ্ভিদ্ এত ক্ষুদ্র যে চক্ষু দ্বারা দৃষ্ট হয় না।

উদ্ভিদ্ [উৎ (ঊর্দ্ধ) ভিদ্ (ভেদ করা) + ক্বিপ (কর্ত্তৃ) যে মাটি ভেদ করিয়া ঊর্দ্ধে উঠে] বি, অঙ্কুর ; বীজ। ২। তরু, গুল্ম, তৃণ লতাদি। উদ্ভিজ্জ দ্রঃ।

উদ্ভিদবিদ্যা (উদ্‌ভিদ্‌বিদ্দ্যা) [উদ্ভিদ—বিদ্যা—বিদ্ (জানা) + য (করণে) যাহা দ্বারা জানা যায় তাহার নাম বিদ্যা (৬তৎ)] বি, স্ত্রী, বৃক্ষলতাগুল্মাদি যাবতীয় উদ্ভিদের জন্ম, বৃদ্ধি, শরীরসংস্থান, শ্রেণীবিভাগ, প্রকৃতি প্রভৃতি সম্বন্ধীয় জ্ঞানপ্রতিপাদক বিদ্যা ; উদ্ভিদ্ বিজ্ঞান ; Botany.

উদ্ভিদ্‌বৃত্তান্ত [উদ্ভিদ—বৃত্তান্ত (প্রাকৃতিক বিবরণ)] বি, উদ্ভিদ্ জগতের ইতিবৃত্ত ; natural history of plants.

উদ্ভিদসংবিভাগ [উদ্ভিদের সং (সম্যক্) বিভাগ (৬তৎ)] বি, পুং, তরু গুল্মাদির প্রত্যেকের রূপ ও গুণদ্বারা শ্রেণীবিভাগ।

উদ্ভিন্ন (উদ্‌ভিন্‌ন) [উৎ ভিদ্ (ভেদ করা, প্রকাশ পাওয়া) + ত (কর্ম্মে—ক্ত, দ্—ক্ত = ন্ন] বিণ, অঙ্কুরিত। ২। প্রকাশিত ; প্রস্ফুটিত ; বিকসিত। প্র—"উদ্ভিন্ন যৌবন।" ৩। প্রকটিত। ৪। পৃথক্‌কৃত। ৫। [কর্ত্তৃ—ক্ত] যাহা ভেদ করিয়া উঠিয়াছে।

উদ্ভূত [উৎ—ভূ (উৎপত্তি) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উৎপন্ন ; জাত ; প্রাদুর্ভূত। ২। প্রকাশিত ; প্রস্ফুটিত। ৩। উদ্গত ; উদিত ; উদয়প্রাপ্ত। ৪। দর্শনযোগ্য ; প্রত্যক্ষ বিষয়। ৫। ক্রি-বিণ, স্ত্রী, স্পষ্ট ; ব্যক্ত।

উদ্ভূতি [উৎ (উৎকৃষ্ট)—ভূ + তি (ভাবে ক্তি) (কর্ম্মধা)] বি, স্ত্রী, উৎকৃষ্ট বিভূতি। ২। সমুন্নতি।

উদ্ভেদ (দ্) [উৎ (ঊর্দ্ধ) ভিদ্ (ভেদ করা) + অ (ভাবে ঘঞ্)] বি, পুং, প্রকাশ। ২। বিকাশ ; প্রস্ফুটন। প্র—যৌবনোদ্ভেদ। পুষ্পোদ্ভেদ। ৩। উদ্গম। প্র—পত্রোদ্ভেদ। ৪। আবিষ্কার। প্র—তাৎপর্য্য বা অর্থোদ্ভেদ। ৫। সঙ্গম। প্র—গঙ্গোদ্ভেদ। ৬। রোমাঞ্চ। প্র—পুলকোদ্ভেদ। ৭। ভেদপূর্ব্বক উৎপত্তি। প্রঃ—অঙ্কুরোদ্ভেদ।

উদ্‌ভ্রম (উদ্‌ভ্রোম্) [উৎ—ভ্রম্ (ভ্রমণ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, ঊর্দ্ধভ্রমণ। ২। বুদ্ধিভ্রংশ। ৩। উদ্বেগ ; আকুলতা।

উদ্‌ভ্রান্ত (উদ্‌ভ্রান্ত) [উৎ (অতিশয়) ভ্রম্ (ভ্রান্ত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উন্মত্ত ; উন্মাদ ; পাগল ; ক্ষিপ্ত। প্র—উদ্‌ভ্রান্ত প্রেম। ২। ব্যাকুল ; বিহ্বল। প্র—উদ্‌ভ্রান্ত চিত্ত। ৩। হতজ্ঞান ; লুপ্তবুদ্ধি ; জ্ঞানশূন্য। ৪। বিঘূর্ণিত ; ভ্রাম্যমাণ। ৫। উচ্ছৃঙ্খল ; যথেচ্ছাচারী।

উদ্‌ভ্রান্তহৃদয় (য়) [উদ্ভ্রান্ত (ব্যাকুল) হইয়াছে হৃদয় যাহার (বহু)] বিণ, যাহার হৃদয় বিহ্বল হইয়াছে ; উদ্ভ্রান্তচিত্ত ; আকুল-হৃদয়।

উদ্যত (উদ্‌দত) [উৎ—যম্ (বিরত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত) ম্—লোপ] বিণ, উদ্যোগী। উদ্যুক্ত ; উদ্যমশীল। ২। উন্মুখ ; প্রবৃত্ত। ৩। উত্থিত। ৪। [কর্ম্মে—ক্ত] উত্তোলিত। বি, উদ্যতি।

উদ্যতদণ্ড (উদ্‌দতদন্‌ড) [উদ্যত (উত্তোলিত) হইয়াছে দণ্ড যৎ কর্ত্তৃক (বহু)] বিণ, যিনি শাসনের জন্য দণ্ড উত্তোলন করিয়াছেন ; শাসনোদ্যত ; দণ্ড বিধানে উন্মুখ ; উদ্দণ্ড।

উদ্যতবাহু [উদ্যত (উত্তোলিত) বাহু যৎ কর্ত্তৃক, বহু] বিণ, উত্তোলিত বাহু ; ঊর্দ্ধবাহু।

উদ্যতি (উদ্‌দোতি [উৎ—যম্ + তি (ভাবে, ক্তি) ম্ লোপ] বি, স্ত্রী, উদ্যোগ ; উদ্যম।

উদ্যম (উদ্‌দম্) [উৎ—যম্ + অ (ভাবে—অল্)] বি, পুং, উদ্যোগ ; যত্ন ; চেষ্টা। প্র— "কেন পান্থ ক্ষান্ত হও হেরে দীর্ঘ পথ। উদ্যম বিহনে কার পূরে মনোরথ।" —সদ্ভাবশতক। ২। উৎসাহ। ৩। উত্তোলন। [সম।—উৎসাহ, উদ্যম, উদ্যোগ, প্রয়াস। উৎসাহ, কোন কার্য্যে প্রবৃত্তি দান করে। উদ্যম সেই উৎসাহকে শিথিল হইতে দেয় না। উদ্যোগ কার্য্য সম্পাদন সাধ্য করে ; যোগাড় যত্ন করা তাহার প্রকাশ। উদ্যম ও উদ্যোগের দ্বারা প্রয়াস বুঝা যায়। ইহা প্রবৃত্তিকে বলবতী রাখে। ইহার অন্য নাম প্রচেষ্টা] **উদ্যম-ভঙ্গ**—বিণ, নিরুৎসাহ। ২। বি, উদ্যম-বা উৎসাহ-হীনতা।

উদ্যমশীল (উদ্দমশীল্) [উদ্যম-শীল (যুক্ত) ৩ তৎ] বিণ, কর্ম্মে যত্নশীল ; উদ্যমী।

উদ্যমী (উদ্‌দোমি) [উদ্যম + ইন্ (অস্ত্যর্থে) = উদ্যমিন্ ১মা, ১বচন] বিণ, উদ্যোগী ; যত্নশীল ; চেষ্টাবান্ ; তৎপর।

উদ্যান (উদ্‌দ্যান্) [উৎ—যা (গমন করা) + অন (অধি—অনট্) আনন্দোৎসাহের সহিত যথায় গমন করা হয়] বি, ক্লী, উপবন ; ধনীদিগের বিহার-ভূমি ; ক্রীড়াবন। **উদ্যান-কুসুম**—যে ফুলবাগানে জন্মে। **উদ্যান-তরু**—যে বৃক্ষ বাগানে জন্মে ; ফলবৃক্ষ। **উদ্যানপুষ্প, উদ্যানপ্রসূন**—উপবনের ফুল (বনফুল নহে) ; উদ্যানকুসুম। **উদ্যানসম্মিলন**—বিহারকাননে উৎসবাদি কারণে বন্ধুগণের সম্মিলন ; উদ্যানে অধিবেশিত বান্ধবগণের প্রীতিভোজ ; garden-party.

উদ্যানপাল (উদ্‌দ্যান্‌পাল্) [উদ্যান (উপবন) পাল (যে রক্ষা করে) ৬তৎ] বিণ, উদ্যান যে পালন করে ; রক্ষণাবেক্ষণকারী ; উদ্যানরক্ষক ; মালী।

উদ্যানরক্ষক (উদ্‌দ্যান্‌রোক্‌খোক্) [উদ্যানের রক্ষক, ৬তৎ] বিণ, উদ্যানপালক।

উদ্‌যাপন (উদ্‌জাপোন, উজ্‌জাপন) [উৎ —যা + ণিচ্ (প আগম) = যাপি (যাওয়ান) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, আরব্ধ ব্রতাদির সমাধান। ২। সমাপন ; সম্পাদন ; সাঙ্গ।

উদ্‌যাপিত (উদ্‌জাপিত ; উজ্‌জাপিত) [উৎ —যাপি + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহা সমাপিত হইয়াছে ; নির্ব্বাহিত ; সম্যক্ অনুষ্ঠিত।

উদ্যুক্ত (উদ্‌জুক্‌ত) [উৎ—যুজ্ (যোগ করা) + ত (কর্ত্তৃ—ক্ত) জ = ক] বিণ, উদ্যোগী ; যত্নবান ; চেষ্টাশীল। ২। [কর্ম্মে —ক্ত] সংযুক্ত।

উদ্যোগ (উদ্‌জোগ) [উৎ—যুজ্ (যোগ করা) + অ (ভাবে—ঘঞ্) জ = গ] বি, পুং, উদ্যম ; চেষ্টা ; যত্ন। ২। আয়োজন। এই অর্থে গ্রা, উজ্জুক (দ্রুত উচ্চারণে)। [উদ্যোগশব্দের পালি রূপ "উয্যোগ"। বাঙ্গালা কথিত ভাষায় ইহাই ব্যবহৃত]। ৩। উৎসাহ।

উদ্যোগশীল (উদ্‌জোগ্‌শিল্) [উদ্যোগ (যত্ন) শীল (যুক্ত) ৩ তৎ কিম্বা উদ্যোগে— যত্ন বিষয়ে শীল (স্বভাব) যাহার, বহু] বিণ, যিনি সকল বিষয়ে যত্ন করেন ; উৎসাহী ; যত্নবান।

উদ্যোগী (উৎজোগি) [উদ্যোগ + ইন্ অস্ত্যর্থে = উদ্যোগিন্ ১মা ১ব] বিণ, যে উদ্যোগ করে ; যত্নশীল ; চেষ্টাবান। প্র— "উদ্যোগী পুরুষে লক্ষ্মী করেন আশ্রয়। দৈব দিলে পায় ইহা কাপুরুষে কয়।" —হিতোপদেশ।

২। [প্রা. দ্রুত উচ্চারণে, উজ্জুগি] আয়োজনকারী ; যোগাড়ে।

উদ্রথ (উদ্‌রথ্) [উৎ (উদ্গত) রথ, যাহা হইতে (বহু)] বি, পুং রথের কীলক। ২। [রথ-তুল্য পক্ষ যাহার] কুক্কুট।

উদ্রাব (উদ্‌দ্রাব্) [উৎ (উচ্চ)—রু (শব্দ করা) + অ (ভাবে, ঘঞ্)] বি, পুং উচ্চশব্দ ; চীৎকার ; উচ্চধ্বনি।

উদ্রিক্ত (উদ্‌দৃক্ত) [উৎ—রিচ্ (বিযুক্ত হওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উত্তেজিত। ২। অতিশয়িত। ৩। স্পষ্ট ; স্ফুট ; evident.

উদ্রেক (উদ্‌দ্রেক্) [উৎ—(প্রাবল্য অর্থে) —রিচ্ (উঠা) + অ (ভাবে—ঘঞ্) প্রবল হইয়া উঠা] বি, পুং আবির্ভাব ; উদয় ; প্র—ক্ষুধার উদ্রেক। ২। উত্তেজন। ৩। উপক্রম। ৪। বৃদ্ধি ; আধিক্য।

উধা [প্রাদে] বিণ, উচ্চ ; উন্নত। [অপ্র]

উধাও [উ = উৎ (উর্দ্ধে) + ধাও (ধাব = ধাবন) উদ্ধাবন ; হি-অভাও, উভাও] বি, উর্দ্ধে ধাবন। প্র—"সঙ্কট বুঝিয়া পক্ষ পাখে করি ভর। উধাও করিয়া আইল পাটী নাগর॥"
—গোবিন্দগীত।

"উধাও করিল ঘোড়া অন্তরীক্ষ বাটে।"
—ধর্ম্মমঙ্গল (মাণিক)।

২। বিণ, উর্দ্ধে দৃষ্টির বহির্ভূত ; এত উর্দ্ধে যে দৃষ্টি চলে না। প্র—"উধাও অস্থির, তব নারী মূর্ত্তি রাজে।" —অশোকগুচ্ছ।
৩। পশ্চাদ্ধাবন ; অনুসরণ। প্র—"করিল বেগে ময়নার পিষা।" —ঘনরাম।
৪। দৃষ্টির বহির্ভূত ; অদৃশ্য ; নিরুদ্দেশ। প্র—পাখীটা উড়িতে উড়িতে কোথায় উধাও হ'য়ে গেল।

উধার (র্) [হি—উধার। প্রা, বাং। সং—উদ্ধার হইতে ; "ঋণং তুদ্ধার" —হেমচন্দ্র ; আধু বাং-'ধার'] বি, ঋণ ; কর্জ্জ ; ধার ; দেনা। প্র—"কালিকার ভিক্ষার নাথ উধার সুধিলুঁ।" —কবিকঙ্কণ।
২। (উধারো) [উদ্ধার শব্দজ। প্রা-বাং। উৎ-ধৃ-ধাতু হইতে] ক্রি, উদ্ধার কর। প্র—"গুণবতি উধার গোকুলপতি" —বি, প।

উধারল [ব্রজ] ক্রি, উদ্ধার করিল। প্র—"উধারল সরসিজা পাওল প্রাণ।" —বি, প।

উধো, উদো—বিণ, নির্ব্বোধ। উদো দ্রঃ। ২। সম্বন্ধ-নির্ণয় নামক কুলগ্রন্থ মতে উৎসাহ মুখোপাধ্যায়ের সংক্ষিপ্ত নাম 'উধো'।

উধোর পিণ্ডি বুধোর ঘাড়ে চাপান—একজনের লাভ লোকসান অন্যকে দেওয়া। প্র—"উধোর পিণ্ডি বুধোকে চাপিয়ে কিছু নিয়ে সরে পড়ি।" —রজনী সেন।

উধোর বোঝা বুধোর ঘাড়ে—একজনের দায় বা ভার অন্যের স্কন্ধে চাপান। প্র—"আমার হল উদোর বোঝা বুধোর ঘাড়েতে"
—বাঙ্গালীর গান।

উৎসাহ মুখোপাধ্যায়ের (উধোর) পত্নীর সহিত যোগেশ পণ্ডিতের (বুধোর) অবৈধ প্রণয়-জন্মে, দৈবকীনন্দন তাঁহাদের এই অবৈধ প্রণয়-জাত সন্তান। উধোর মৃত্যুতে দৈবকীনন্দন উধোর নামে পিণ্ডদান করিলে বুধ যোগেশ বীজী অধিকারে তাহা পাইয়াছিলেন। যথা—
"যোগেশের উপজায়া প্রসবিল যোগ ছায়া
দৈবকীনন্দন উধোর পত্নী।
*　*　*　*
পঞ্চানন মুলো কয় দৈবদত্ত পিণ্ডচয়
ক্ষেত্রী বীজী কেহ নাহি ছাড়ে।
পণ্ডিতের বুধ খ্যাতি নয় মূল্য জনশ্রুতি
উধোর পিণ্ডি পড়ে বুধোর ঘাড়ে।"
—সম্বন্ধ নির্ণয়।

উন [সং—উন শব্দের উচ্চারণ বিকার উনা উনো উনুও বলে। প্র—উনপঞ্চাশ ; উনুনব্বই ; "উনাবর্ষা দুনা শীত" ; "উনোভাতে দুনো বল"] বিণ, ন্যূন ; হীন ; কম। প্র—উননব্বই।

উনকুটি চৌষট্টি [উন কোটী দ্রঃ] পূর্ণ-সংখ্যা ; যে আয়োজনে বা সংগ্রহে কোন কিছু বাদ যায় না।

উনন (উনোন্) [উদ্‌ধ্মান শব্দের অপভ্রংশ] বি, চুল্লী ; চুলা ; আখা। ২। দ্রবকরণ ; গলন। ৩। [উনোনো] ক্রি, গলানো ; দ্রব করা। প্র—"কিরণে উনয় নবনীত।" —কালীকীর্ত্তন।

উনপাঁজুরে (ন) [উন (উন, ন্যূন) পাঁজুরে (পঞ্জরিয়া, = পঞ্জরাস্থিযুক্ত)] বিণ, দুর্ব্বল। ২। হতভাগ্য।

উনমত, উনমতি [উন্মত্ত শব্দজ] বিণ, অজ্ঞান ; উন্মত্ত [প্র—"তো বিনে উনমত কান॥" —বিদ্যাপতি।

উনমাতই [ব্রজ] ক্রি, উন্মত্ত করিয়া। প্র—"চিত উনমাতই নবরসে কাননে ধায়।"
—বিদ্যাপতি।

উনাইল [উনন দ্রঃ] ক্রি, সিদ্ধ করিল ; গলাইয়া ফেলিল। প্র—"বেহুলা রন্ধন করি উনাইল ভাত।" —ক্ষেমানন্দ।

উনান (উনান) [উদ্‌ধ্মান শব্দের অপভ্রংশ "অভিধান চিন্তামণিতে"—'উদ্ধান' = চুল্লী] বি, চুল্লিকা ; চুল্লী ; চুলা ; আখা। প্র—"উনানে পাড় ফুক" —কবিকঙ্কণ।

উনান (নো) [উনন্ দ্রঃ] ক্রি, গলানো ; দ্রব করা।

উনি (উনি) [অদস্ শব্দ সম্ভ্রমার্থে সংস্কৃতে অমুনি = অউনি (ম লোপ) = উনি।—ভাষাতত্ত্ব] স, সম্মুখস্থ ব্যক্তি ; কখন কখন "তিনি" স্থানে ব্যবহৃত হয়। স্বামীকে বুঝাইতে মেয়েলি ভাষায়—উনি। বহুবচনে—উনারা, ওনারা। সম্বন্ধ পদে—উনার, ওনার ; (বহু—ব) উনাদের, উনাদিগের, ওনাদের। গ্রাম্য লিখিত ভাষায়—উঁহারা, উঁহার, উঁহাদিগের ইত্যাদির বিণ, প্রয়োগ আছে।

উনিশ (শ্) [সং—উনবিংশতি হইতে প্রাকৃ—উনোইঁশ শব্দজ] বি, এক কম বিংশসংখ্যা। ১৯ এই সংখ্যক।

উনিশবিশ (শ্, শ্) [উনিশ—বিশ (বিংশ —প্রাকৃ, বিঁশ)] বিণ, ১৯ এবং ২০ এইসংখ্যার মধ্যে যতটুকু তফাৎ ; অতি সামান্য ; যৎ সামান্য ; দুয়ের মধ্যে এত অল্প প্রভেদ যে তুলনা কালে সহসা ধরা যায় না।

উনু [সং—উন] বিণ, ন্যূন ; হীন ; কম। প্র—"উনু ভাতে দুনু বল"।

উনুই [উন্ন শব্দজ। উন্দ্ = আর্দ্র হওয়া] বি, উৎস ; ঝরণা।

উনুন (ন্) [উদ্‌ধ্মান শব্দজ অভিধান চিন্তামণি মতে 'উদ্ধান'] বি, উনন ; চুলা। প্র—"নাই উনুন জ্বালা একি জ্বালা"
—ঈশ্বর গুপ্ত।

উনুবুক (ক্) সাহসহীন ; অল্প সাহস ; ভীরু।

উনুয়ান, উনুয়ে-উঠা (নো) [উনুই দ্রঃ] ক্রি, আর্দ্র হওয়া ; বিগলিত হওয়া ; চুয়াইয়া পড়া। ২। স্ফুরিত হওয়া ; অল্পে অল্পে উদ্গত হওয়া ; উথলিয়া ওঠা ; to ooze out. প্র—"ছুঁইতে উনুয়ে উঠে পরিমল," —প্রেম ও ফুল।

উন্দুর, উন্দূর (র্) বি, পুং, ইঁদুর ; মূষিক।

উন্ধধুন্ধ [হি—অঁধাধুন্ধ—"গড়বড় ; ধীঙ্গা ধীঙ্গী ; বেধড়ক ; মারামারি।" —হি, শ, সাগর] বি, তুমুল ঝগড়া ; অতিশয় গণ্ডগোল। ২। ক্রি-বিণ, বেধড়ক ; অতিশয় বেগে। ৩। (তাহা হইতে) ত্বরান্বিত ; ব্যস্ত সমস্ত।

উন্ধিপোকা—বি, গাঁদি পোকা।

উন্ন (উন্‌ন) [উন্দ্ (আর্দ্র হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত) ন লোপ, দ্-ত = ন্ন] বিণ, সিক্ত, ক্লিন্ন ; আর্দ্র ; ভিজা। ২। দয়ার্দ্র ; দয়ালু। [প্র, অ]

উন্নত [উৎ—নম্ (নত হওয়া) + ত (কর্ত্তৃ-ক্ত)] বিণ, ক্লী, উচ্চ ; তুঙ্গ। ২। উদার। ৩। উদ্ধত। ৪। [কর্ত্তৃ—ক্ত] বিণ, উন্নতি প্রাপ্ত ; গৌরবান্বিত ; বৃদ্ধি প্রাপ্ত ; স্ফীত। বি, উন্নতি।

উন্নতচিত্ত [উন্নত (প্রশান্ত) চিত্ত, যাহার (বহু)] বিণ, যাহার মন নীচতাশূন্য ; উদার-হৃদয় ; প্রশান্তমনাঃ ; মহামনাঃ।

উন্নতচিত্ততা [উন্নত—চিত্ত + তা (উন্নত চিত্তের ধর্ম্ম। এই অর্থে—ভাবে—তা)] বি, স্ত্রী, চিত্তের ঔদার্য্য ; মনের উদার ভাব ; মনস্বিতা।

উন্নতানত [উন্নত (উচ্চ)—আনত (নীচ) —উন্নত এবং আনত (দ্বন্দ্ব)] বিণ. উচ্চনীচ উঁচুনীচু ; বন্ধুর। ২। উদার ও সঙ্কীর্ণ ৩। অসমান। ৪। [উন্নত (উচ্চতা, উচাই) আনত (নীচাই)] বি. ঊর্দ্ধ এবং অধোদিকের দৈর্ঘ্য।

উন্নতি [উৎ—নম্—তি (ভাবে—ক্তি)] বিণ স্ত্রী. শ্রীবৃদ্ধি ; সৌভাগ্য ; ঋদ্ধি ; গৌরব অভ্যুদয়। ২। উচ্চতা। ৩। গরুড়পত্নী।

উন্নদ্ধ (উন্‌নদ্‌ধ) [উৎ—নহ্ (বন্ধন করা +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. উর্দ্ধে বদ্ধ, উর্দ্ধে সংযত ; উদ্বদ্ধ।

উন্নমন (ন্) [উৎ—নম্-ণিচ্=নমি (নত করান)+অন (ভাবে—অনট্)] বি. ক্লী উত্তোলন ; উত্থাপন। ২। [উৎ—নম্+অন (ভাবে—অনট্)] সম্যক্ রূপে নত হওন ৩। উন্নতি।

উন্নমিত (উন্‌নোমিতো) [উৎ—নম্+ণিচ্ =নমি (নত করান)+ত (কর্ম্মে—ক্ত) বিণ. যাহা উপরে তোলা হইয়াছে ; উর্দ্ধে নীত ; উত্তোলিত ; উর্দ্ধীকৃত ; উর্দ্ধে উত্থাপিত।

উন্নয়, উন্নায় (য়) [উৎ (উপরে) নয় —নায় (নয়ন, লওয়া) অথবা উৎ—নী (লওয়া) +অ, ভাবে—অল্, ঘঞ্] বি. পুং. অভ্যুত্থান উন্নতি। ২। সাদৃশ্য ; ঔপম্য। ৩। [ণিজন্ত নী+অল্—ঘঞ্ ভাবে] উত্থাপন ; উত্তোলন।

উন্নয়ন (ন্) [উৎ—নী (লওয়া) +অন (ভাবে—অনট্)] বি. ক্লী. উর্দ্ধীকরণ ; উত্তোলন ; উঠান। ২। উন্নতি। ৩। [করণে, অনট্—যাহা দ্বারা জ্ঞানের উৎকর্ষ হয়] অনুমান। ৪। ন্যায়শাস্ত্র।

উন্নস (শ্) [উৎ (উন্নত) হইয়াছে নাসা (নাসিকা) যাহার (ব২) (ব২-ব্রীহি সমাসে নাসা=নস)] বিণ. উচ্চনাস ; যাহার উচ্চ নাসিকা আছে ; উন্নত নাসিক।

উন্নাদ (দ্) [উৎ (উচ্চ) যে নাদ (শব্দ) +অ (ভাবে—ঘঞ্)] বি. ক্লী. উচ্চ স্বর ; উচ্চধ্বনি ; মহাশব্দ। ২। উৎকট শব্দ ; কঠোর নিনাদ। ৩। [উৎ (উচ্চ) নাদ (শব্দ) যাহার (ব২)] বিণ. উচ্চশব্দকারী।

উন্নাভ (ভ্) [উৎ (উন্নত) নাভ (নাভি), যাহার (ব২)। নাভি=নাভ] বি. উন্নতনাভি ; যাহার নাভিদেশ উন্নত বা স্থূল। ২। সূর্য্য বংশের কোন রাজা।

উন্নিদ্র (উন্‌নিদ্‌দ্র) [উৎ (নির্গত) নিদ্রা যাহার (ব২)] বিণ. নিদ্রাবিরত ; নিদ্রা-রহিত ; জাগ্রত। ২। সাবধান ; সতর্ক। ৩। [অর্থালঙ্কারে] বিকচ ; বিকসিত ; প্রস্ফুটিত ; ফুল্ল।

উন্নিদ্রা (উন্‌নিদ্‌দ্রা) [উৎ (বিগত) নিদ্রা] বি. নিদ্রারাহিত্য ; ঘুমের অভাব ; নিদ্রাহীনতা ; ঘুম না আসা।
প্রঃ—"উন্নিদ্রায় ব২ক্ষণাবধি উৎকট মানসিক যন্ত্রণা সহনে অবসন্ন হইয়া ছিলেন"
—দুর্গেশনন্দিনী।

উন্নীত [উৎ—নীত। নী (প্রাপ্ত করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. উন্নতিবিশিষ্ট অভ্যুন্নতি প্রাপ্ত ; বৃদ্ধিপ্রাপ্ত। ২। উর্দ্ধগত ; যাহাকে তুলিয়া ধরা হইয়াছে বা উপরে উঠান হইয়াছে। ৩। সন্দেহীকৃত ; তর্কিত। ৪। অনুমিত ; অনুমানীকৃত।

উন্নেতা [উৎ (উর্দ্ধে) নেতা (চালক)। নী (লওয়া) +তৃ (কর্তৃ—তৃচ্ = উন্নেতৃ ১মা ১ব)] বি. পুং. উপরে চালক ; যে উপরে বা উর্দ্ধে লইয়া যায় ; উত্তোলনকারী। ২। উন্নতি বিধানকর্ত্তা।

উন্মগ্ন (উন্‌মগ্‌ন) [উৎ—মস্‌জ্ (মগ্ন হওয়া) +ত (কর্তৃ—ক্ত) (স্—লোপ, জ্=গ্, ত=ন)] বিণ. জল হইতে উত্থিত। ২। নিম্ন স্থানাদি হইতে উত্থিত।

উন্মজ্জক (ক্) [উৎ—মস্‌জ্ (মগ্ন হওয়া, ডুবা)+অক (কর্তৃ) স=জ] বিণ. (জলোত্থিত ; উন্মজ্জনকারী ; যে ভাসে বা ভাসায়। ২। বি. পুং. যে তপস্বী আকণ্ঠ জলে মগ্ন করিয়া তপঃ সাধন করেন, তাঁহাকে উন্মজ্জক তাপস বলে।

উন্মজ্জন (উন্‌মজ্‌জন্) [উৎ (না)—মস্‌জ্ (ডুবা)+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. জলাদি হইতে উত্থান ; ভাসা ; জলে ডুবিয়া না থাকা।

উন্মত্ত (উন্‌মত্‌ত) [উৎ (অতিরিক্ত) মদ্ (মত্ত হওয়া)+ত (কর্তৃ-ক্ত) যাহার অতিরিক্ত মত্ততা জন্মিয়াছে] বিণ. ক্ষিপ্ত ; প্রমত্ত ; বাতুল ; উন্মাদগ্রস্ত ; পাগল। ২। হিতাহিত জ্ঞানশূন্য। ৩। মত্ত ; মদসেবী ; মাতাল। ৪। অত্যন্ত আসক্ত ; অত্যাবিষ্ট। ৫। আত্মহারা। ৬। [মত্ততা হয় যাহাদ্বারা এই অর্থে, করণে—ক্ত] পুং. ধুস্তুর ; মুচুকুন্দ বৃক্ষ।

উন্মত্তক (উন্‌মৎতক্) [(উৎ—মত্ত+ক (স্বার্থে)] বিণ. উন্মত্ত দ্রঃ। ২। বি. অবধূত।

উন্মত্ততা (উনমৎতোতা) [উন্মত্ত+তা (ভাবে) —উন্মত্তের ভাব] বি. স্ত্রী. মস্তিষ্করোগবিশেষ ; উন্মাদ। প্র—"অদূরে বসে সে রোগের পাশে উন্মত্ততা" —মেঘনাদ।
২। ক্ষিপ্ততা ; পাগলামি। ৩। হিতাহিত-বুদ্ধি-বিচারশূন্যতা।

উন্মত্তপ্রলাপ (উনমৎতোপ্রোলাপ) [উন্মত্ত —প্রলাপ—৬তৎ] বি. পাগলের কথা ; অসম্বদ্ধ অর্থহীন বাক্য।

উন্মত্তপ্রায় (য়) [উন্মত্ত—প্রায় (সদৃশ)] বিণ. ক্ষিপ্তের মত ; পাগলের মত ; উন্মত্তবৎ। ২। ২। যাহার মস্তিষ্কবিকারের উপক্রম হইয়াছে ; ক্ষিপ্তপ্রায়।

উন্মত্তবৎ—ক্রি-বিণ. পাগলের মত।

উন্মথন (ন্) [উৎ—মন্থ (মন্থন করা)-অন (ভাবে—অনট্)] বি. ক্লী. বিলোড়ন ; মন্থন ; মর্দ্দন। ২। বিনাশন ; নিধন ; হনন ; হত্যা ; বধ।

উন্মদ (দ্) [(উৎ (অতিরিক্ত)—মদ্ (মত্ত হওয়া) +অ (কর্তৃ—অচ্)] বিণ. অতিশয় মত্ততাযুক্ত ; প্রমত্ত। প্র—
"সাজিলা দানব বালা, হৈমবতী যথা
নাশিতে মহিষাসুরে ঘোরতর রণে।
কিম্বা শুম্ভ নিশুম্ভ, উন্মদ বীরমদে।"
—মেঘনাদ।
২। পাগল ; ক্ষিপ্ত। স্ত্রী. **উন্মদা**—বি. মত্ততাযুক্তা। প্র—"চিকণি তোমায় বাঁধিতাম সদা বাঁধিতে কামীর মন, ধর্ম্মকর্ম্ম ভুলি উন্মদা যৌবনে" —মেঘনাদ।
২। উন্মত্তা ; পাগলী। প্র—"কভু গায় গীত করতালি দিয়া উন্মদা" —মেঘনাদ।

উন্মন (ন্) [উন্মনা শব্দজ] বিণ. উদ্বেগযুক্ত ; অন্যমনস্ক। প্র—"আসনে বসিয়া উন্মন হইয়া ভাবেন ব্যাস গোঁসাই" —অন্নদামঙ্গল।

উন্মনা, উন্মনাঃ [উৎ (উৎকণ্ঠিত)—মনস্ (মনঃ) যাহার (ব২)=উন্মনস্ ১মা, ১ব] বিণ. ব্যাকুল-মানস ; উৎকণ্ঠিতচিত্ত ; ব্যাকুল ; উদ্বিগ্ন ; অন্যমনস্ক। প্র—"শুনি মজুমদার বড় উন্মনা হইল" —অন্নদামঙ্গল।
"আমি উন্মনা হে,
হে সুদূর, আমি উদাসী" —রবি।

উন্মন্থ, উন্মন্থন (ন্) [উৎ—মন্থ্ (বিলোড়ন করা) +অ (ভাবে—অল্—অনট্)] বি. পুং. ক্লী. মথন, বিমর্দ্দন। ২। আলোড়ন। ৩। হনন।

উন্মাথ (থ্) [উৎ—মন্থ্ (মন্থন করা—বন্ধন করা, বধ করা) +অ—করণে, ঘঞ্] বি. পুং. যাহাদ্বারা মৃগাদি পশু আবদ্ধ করে ; ব্যাধের পাশ ; ফাঁদ। ২। [ভাবে—ঘঞ্] মন্থন ; আলোড়ন। ৩। দৈন্য ; খেদ। ৪। বিনাশ ; হত্যা। ৫। [উৎ—মন্থ্+ণিচ্= মাথি+অ (কর্তৃ—অচ্)] ঘাতক।

উন্মাদ (উন্‌মাদ্) [উৎ-মদ্ (মত্ত হওয়া)+অ (ভাবে, ঘঞ্)] বি. পুং. বায়ুরোগ। ২। চিত্তবিভ্রম। ৩। বাতুলতা। বিণ. ক্ষিপ্ত ; বাতুল। প্র"——দক্ষ হতাশ্বাসে ছুটিলা উন্মাদপ্রায় হুঙ্কারি ভীষণ, ছিন্নমস্তা রাহু যেন।" —বৃত্রসংহার।
২। আত্মবিস্মৃত। ৩। স্ফীত ; স্থূল।

প্র—"দিনে দিনে বাড়ে গর্ভ উদর উন্মাদ।"
—ধর্ম্মমঙ্গল।

উন্মাদক (ক্) [(উৎ—মদ্ + ণিচ্ = মাদি (মত্ত করান) + অক (কর্ত্তৃ)] বিণ, যে মত্ততা জন্মায় ; মত্ততাজনক। ২। বি, মদিরা ; মদ।

উন্মাদন (ন্) [(উৎ - মদ্ + ণিচ্ = মাদি (মত্তকরান) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রমত্তজনন ; উন্মত্তকরণ। ২। [করণে—অনট্। যদ্দারা মত্ততা জন্মে] বি, পুং, কামদেবের বাণবিশেষ। ৩। মদ্য।

উন্মাদিত [(উৎ—মদ্ + ণিচ = মাদি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উন্মত্তীকৃত ; যাহাকে উন্মত্ত করা হইয়াছে ; যাহাকে ক্ষেপান হইয়াছে।

উন্মাদী [(উৎ—মদ্ + অ (ভাবে—ঘঞ্) = উন্মাদ + ইন্ (অস্ত্যর্থে) = উন্মাদিন্ ১মা ১ব] বিণ, প্রমত্ত ; উন্মাদযুক্ত ; মত্ততাগ্রস্ত ; উন্মত্ত। স্ত্রী, **উন্মাদিনী**। প্র—" * * * ব্রহ্মাণ্ড ঘুড়িয়া ভ্রমিতে লাগিল বামা উন্মাদিনী এবে!"
—বৃত্রসংহার।

উন্মান (ন) বি, দ্রোণ-পরিমাণ।

উন্মার্গ (উন্‌মারগ) [উৎ (কুৎসিত) - মার্গ (পথ)] বি, পুং, কুপথ ; নিন্দিত মার্গ ; অসৎপথ। ২। কদাচার। ২। বিণ, কুপথগামী ; নিন্দিতাচারী। ৩। উচ্ছৃঙ্খল।

উন্মার্গগামী (উনমারগোগামি) [উন্মার্গ (কুপথ) গম্ (গমন করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = উন্মার্গগামিন্ ১মা, ১বচনে] বি, যে কুপথে গমন করে ; কুপথগামী ; পাপানুসারী ; অসদাচারী ; পথভ্রষ্ট। স্ত্রী, **উন্মার্গগামিনী**।

উন্মিষিত [উৎ—মিষ্ (প্রকাশিত হওয়া) + ত (কর্ত্তৃ - ক্ত)] বিণ, প্রস্ফুটিত ; বিকসিত ; উন্মীলিত। ২। ঈষৎ প্রকাশিত। ৩। বি, উন্মীলন ; উন্মেষ।

উন্মীলন (ন্) [উৎ—মীল্ (চক্ষু মেলন বা মুদ্রিত করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নেত্র বিকাশ ; চক্ষু মেলিয়া চাওয়া ; চোখ খোলা। [ইহার বিপরীত **নিমীলন**] ২। বিকাশ ; প্রকাশ ; উন্মেষ। ৩। উদঘাটন ; উন্মোচন। বিণ, উন্মীলিত।

উন্মীলিত [উৎ—মীল্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উন্মেষিত ; উদঘাটিত। ২। [কর্ত্তৃ—ক্ত)] বিকসিত ; প্রকাশিত।
বি, উন্মীলন।

উন্মুক্ত (উনমুক্‌ত) [উৎ—মুচ্ (মোচন করা) + ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহার বন্ধন খুলিয়া দেওয়া হইয়াছে ; বন্ধনরহিত। ২। নিষ্কৃতিপ্রাপ্ত ; খালাসপ্রাপ্ত ; মুক্তিপ্রাপ্ত। ৩। অনাবৃত ; খোলা। ৪। উদার ; সরল অকপট।

(উন্‌মুখ্) [উৎ (ঊর্দ্ধ) মুখ, যাহার (বহু)] বিণ, যে মুখ তুলিয়া আছে ; যে প্রস্তুত হইয়াছে ; উদ্যত। ২। প্রবৃত্ত ; তৎপর। ৩। উৎসুক।

উন্মুখতা (উনমুখোতা) [উন্মুখ + তা (উন্মুখের ধর্ম্ম)] বি, স্ত্রী, উদ্যত হওয়ার ভাব বা অবস্থা। ২। উদ্গত হওয়ার ভাব ; প্রকাশ হওয়ার ভাব। ৩। আগ্রহ ; ঔৎসুক্য। ৪। তৎপরতা।

উন্মুদ্র (উন্‌মুদ্‌দ্র) [উৎ (বিমুক্ত) মুদ্রা (শীলমোহর) যাহার (বহু)] বিণ, মুদ্রারহিত ; ষ্ট্যাম্প চিহ্নশূন্য। ২। প্রস্ফুটিত ; বিকসিত।

উন্মূলন (ন্) [উৎ—মূলি (নামধাতু) উৎপাটন + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মূলের সহিত উত্তোলন করা ; উচ্ছেদ ; উৎপাটন। ২। সমূলে বিনাশ করা।

উন্মূলয়িতা [উৎ—মূল্ + তৃ (কর্ত্তৃ—তৃচ্)] বিণ, মূলোচ্ছেদকারী ; উৎপাটক। ২। বিনাশকারী।

উন্মূলিত [উৎ—মূলি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার মূলোচ্ছেদ হইয়াছে ; সমূলে উৎপাটিত। ২। মূলসহ বিনাশিত।

উন্মেষ (ষ্) [উৎ—মিষ্ (বিকসিত হওয়া) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, চক্ষু মেলিয়া চাওয়া ; উন্মীলন। ২। উদয় ; উদ্ভব। ৩। প্রকাশ। ৪। ঈষৎ বোধ ; উদ্রেক। ৫। আভাষ ; ইঙ্গিত।

উন্মোচন (ন্) [উৎ—মুচ্ (মোচন করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, বন্ধন খুলিয়া দেওয়া। ২। কারামুক্তিদান ; নিষ্কৃতিদান। ৩। খুলিয়া লওয়া।

উন্মোচিত [উৎ—মুচ্ + ণিচ্ = মোচি (মুক্ত করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে মুক্ত করা হইয়াছে।

উপ [উপসর্গ] নিকট। প্র—উপকূল ; উপকণ্ঠ। ২। দ্বারা। প্র—উপলেপন। ৩। সহিত। প্র—উপাসনা ; উপসর্গ (রোগের)। ৪। পশ্চাৎ। প্র—উপেন্দ্র। ৫। অগৌণ। প্র—উপধর্ম্ম। ৬। ক্ষুদ্র। প্র—উপদ্বীপ ; উপপুরাণ ; উপপাতক। ৭। উৎকর্ষ। প্র—উপাদেয়। ৮। আধিক্য। প্র—উপচয় ; উপসেচন। ৯। হীনতা ; ন্যূনতা। প্র—উপজিহ্বা। ১০। তুল্য। প্র—উপমা। ১১। সাদৃশ্য। প্র—উপকথা ; উপনেত্র ; উপদেষ ; উপবন। ১২। সম্পূর্ণ। প্র—উপহার। ১৩। পার্শ্ব। প্র—উপরক্ষ ; body-guard. ১৪। ইচ্ছা। প্র—উপযাচক ; উপরত। ১৫। আরম্ভ। প্র—উপক্রম ; উপজ্ঞা। ১৬। উপরি। প্র—উপদেহ ; উপনয়ন। ১৭। সাহায্য। প্র—উপকরণ। ১৮। প্রতিনিধি। প্র—উপপতি। ১৯। অনুকম্পা। প্র—উপকার।
[তুল—গ্রী hupo ; hypo ; ল্যা, supo ; sub. ইং—up. ডেনিশ, ফ্রীস্‌কান, ডচ্—op নর্থ-হাই-জর্ম্ম—ob.]

উপকণ্ঠ (উপোকন্‌ঠ) [উপ (সমীপ) কণ্ঠ অব্যয়ী] বিণ, কণ্ঠ সমীপে। ২। সমীপ ; নিকট। ৩। বি, ক্লী, অশ্বের গতিবিশেষ। ৪। গ্রামান্ত।

উপকণ্ঠবাসী (উপোকনঠোবাশি) [উপকণ্ঠ (নিকটে) বস্ (বাস করা) + ইন্ (কর্ত্তৃ ণিন্ = ১মা, ১ব)] বিণ, যিনি নিকটে বাস করেন ; প্রতিবাসী।

উপকথা (উপোকথা) [উপ (সদৃশ) কথা (আখ্যায়িকা)] বি, স্ত্রী, উপন্যাস ; কল্পিত গল্প ; উপাখ্যান।

উপকরণ (উপোকরন্) [উপ (সাহায্য) কৃ (করা) + অন (করণে—অনট্)] বি, ক্লী, যাহার সাহায্য ব্যতীত কর্ত্তা কোন ক্রিয়া সম্পাদন বা কোন দ্রব্যাদি নির্ম্মাণ করিতে পারেন না, তাহাকেই উপকরণ বলে। যেমন ইট, কাঠ, চূণ, মাটী, জল প্রভৃতি গৃহাদি নির্ম্মাণের উপকরণ ; ফল-মূলাদি নৈবেদ্যের উপকরণ ; নৈবেদ্য পুষ্প চন্দনাদি পূজার উপকরণ।
প্র—"স্বর্ণপাত্রে সারি সারি উপহার নানা
বিবিধ উপকরণ : * * *।"
—মেঘনাদ।
২। অঙ্গ। ৩। সামগ্রী। [দ্রঃ—সংস্কৃতে 'উপকার' অর্থে প্রয়োগ আছে]

উপকর্ত্তা [উপ—কৃ + তৃ (কর্ত্তৃ তৃচ) = উপকর্ত্তৃ —১মা, ১ব। যিনি উপকার করেন] বিণ, উপকারক ; উপকারী। স্ত্রী, **উপকর্ত্রী**।

উপকার (উপোকার্) [উপ—কৃ + অ (ভাবে —ঘঞ্) গ্রা, 'উব্‌গার্'] বি, পুং, উপকৃতি ; অনুগ্রহ ; আনুকূল্য ; সাহায্য। ২। মঙ্গল ; কল্যাণ। ৩। [বিশেষার্থে] উত্তমগতিপ্রাপ্তি ; সদ্গতিলাভ।
প্র—"তোর গর্ভ ভাগ্যে নাই, যদি দেন গোঁসাই,
অন্য গর্ভে বংশের সঞ্চার।
সঙ্গীত পুরাণ কথা, শুনিয়াছিলাম সতা,
পরলোকে হয় উপকার॥" —কবিক।
[দ্রঃ—সপত্নী-পুত্র প্রদত্ত জলপিণ্ডে পরলোকে সদ্গতিলাভ হয়]। ৪। উপকরণ (দ্রঃ)।

উপকারক (ক্) [উপ—কৃ (করা) + অক (কর্ত্তৃ)] বিণ, যে উপকার করে ; উপকারী ; উপকর্ত্তা ; হিতকারক। ২। সাহায্যকারী ; সহায়ক। স্ত্রী, **উপকারিকা**।

উপকারিতা (পো) [উপকারিন্ + তা (ভাবে, উপকারী জনের ধর্ম্ম)] বি, স্ত্রী,

সহায়তা ; সাহায্য ; উপকার। ২। উপযোগিতা। ৩। মঙ্গল ; হিত।

উপকারী (উপোকারি) [উপ—কৃ (করা) +ইন্ (ণিন্ কর্ত্তৃ)=গ্রা, 'উব্‌গারী' উপকারিন্ –১মা ১বচন]বিণ, যিনি উপকার করেন ; হিতকারী। ২। উপযোগী। স্ত্রী, **উপকারিণী**।

উপকার্য্য (উপোকারজ্জো) [উপ—কৃ+য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, যাহার উপকার করা হইতেছে বা হইবে ; যাহার উপকার করা উচিত বা আবশ্যক ; উপকার যোগ্য। স্ত্রী, **উপকার্য্যা**—রাজগৃহ। ২। পটবাস। ৩। ধানের গোলা।

উপকীচক (উপোকিচক্) [উপ (পশ্চাৎজাত) কীচক] বি, পুং, কীচকের অনুজ ; কীচকের কনিষ্ঠ উনশত ভ্রাতা ; সূতপুত্র কীচকানুজ ইহারা বিরাটরাজের শ্যালক।
প্র—"আমি তোমার কথা শুনিতে পাইতেছি ; অতএব সূতপুত্রগণ হইতে তোমার আর শঙ্কার বিষয় নাই। ইহা কহিয়া সেই মহাবাহু বৃকোদর উপকীচকদিগের বধেচ্ছায় মহা উদ্যম ভরে একবারে স্ফীতকায় হইয়া উঠিলেন।"
—মহা—বিরাট (বর্দ্ধমান)।

উপকুম্ভ [উপ (সমীপ) কুম্ভ (ঘট) কুম্ভের সমীপ, অব্যয়] বি, ক্লী, কুম্ভের নিকট। ২। বিণ, সমীপ ; নিকট ; সন্নিহিত।

উপকুল্যা (উপোকুল্‌ল্যা) [উপ (সমীপে) কুল্ (রাশি করা)+য (কর্ম্মে—ঘ্যণ্)] বি, স্ত্রী, পয়ঃপ্রণালী ; জল বহির্গমন পন্থা ; খাল। ২। পিপ্পলী ; পিঁপুল।

উপকূপ (উপোকূপ্) [উপ (সমীপ) কূপ, অব্যয়ী] বি, ক্লী, কূপসন্নিধান ; কূপের নিকটে। **উপকূপ-জলাশয়**—পশ্বাদির জলপানার্থ কাষ্ঠ-ইষ্টক নির্ম্মিত জলাধার।

উপকূল (উপোকুল্) [উপ (সমীপ) কূল (তীর) অব্যয়ী] বি, ক্লী, কূল সমীপস্থ স্থান ; সমুদ্র বা নদ্যাদির তীরস্থিত ভূমিভাগ ; বেলাভূমি।

উপকৃত (উপক্‌কৃতো) [উপ—কৃ (করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার উপকার করা হইয়াছে ; অনুগৃহীত ; কৃতোপকার। ২। [ক্ত – ভাবে] বি, ক্লী, উপকার। বি, উপকৃতি।

উপকৃতি [উপ—কৃ (করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, উপকার। বিণ, উপকৃত।

উপকৢপ্ত (উপোক্লিপ্‌ত) [উপ—কৃপ্ (সমর্থ হওয়া)+ত (কর্ত্তৃ ক্ত, কৃপ্=ক্লপ্] বিণ, সমর্থ ; অনুরক্ত। ২। [কর্ম্মে—ক্ত] উপস্তস্ত। ৩। রচিত। ৪। উৎসর্গীকৃত।

উপকেশ (শ্) [উপ (সদৃশ) কেশ, অব্যয়ী] বি, ক্লী, কেশের তুল্য ; কৃত্রিমকেশ ; পরচুলা।

উপকোশা—উপবর্ষের কন্যা ; বররুচির পত্নী।

উপক্রন্তা (উপোক্‌ক্রোন্‌ত্তা) [উপ (প্রথম) ক্রম্ (গমন করা)+তৃ (কর্ত্তৃ তৃচ্, ম=ন্= উপক্রন্তৃ ১মা, ১ব, অগ্রগমনকারী] বিণ, আরম্ভকারী ; উদ্যোক্তা।

উপক্রম (উপোক্‌ক্রোম্) [উপ—ক্রম্+অ (ভাবে—অল্)] বি, পুং, উদ্যোগ ; চেষ্টা। ২। । ৩। আরম্ভ। ৪। উপায়। ৫। গমন ; পলায়ন্। ৬। বশীকরণ।

উপক্রমণিকা (উপোক্‌ক্রোমোনিকা) [উপ—(প্রথম) ক্রম্ (গমন করা)+অন (ভাবে অনট্=উপক্রমণ+ক—আপ স্ত্রীলিঙ্গে)] বি, স্ত্রী, প্রারম্ভ ; সূত্রপাত। ২। কর্ত্তব্য বা বক্তব্য বিষয়ের সংক্ষেপে অভিপ্রায় প্রদর্শন ; অবতরণিকা ; প্রস্তাবনা। ২। ব্যাকরণ সম্বন্ধীয় প্রারম্ভিক পুস্তকবিশেষ।

উপক্রমণীয় (উপোক্‌ক্রোমোনিও) [উপ—ক্রম্ +অনীয় (কর্ম্মে)] বিণ, যাহা আরম্ভ করিতে হইবে ; আরম্ভ করিবার যোগ্য।

উপক্রমমাণ (উপোক্‌ক্রোমোমান্) [উপ=ক্রম্ +আন (কর্ত্তৃ, শান) ম্—আগম] বিণ, যে উপক্রম করিতেছে ; প্রবর্ত্তনকারী ; আরম্ভকারী ; আরভমাণ।

উপক্রান্ত (উপোক্‌ক্রান্‌তো) [উপ=ক্রম্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার সূত্রপাত হইয়াছে' ; আরব্ধ। ২। বিস্তৃত।

উপক্রিয়া (উপোক্‌কৃয়া) [উপ (সাহায্য) ক্রিয়া (কায্য)] বি, স্ত্রী, সহায়তা ; উপকার।

উপক্রোশ (উপক্‌ক্রোশ্) [উপ—ক্রুশ্ (ক্রন্দন করা, নিন্দা করা ইত্যাদি)+অ (ভাবে—অল্] বি, পুং, জুগুপ্সা ; অপবাদ ; ভৎর্সনা ; নিন্দা। ২। [অব্যয়ী, ক্লী] ক্রোশ পথের পরিমাণ, ক্রোশের সমীপ।

উপক্রোশক (উপক্‌ক্রোশক্) [উপ—ক্রুশ্ +অক (কর্ত্তৃ)] বিণ, নিন্দক ; অপবাদক। ২। বিকট শব্দকারী ; গর্দ্দভ।

উপক্রোষ্টা (উপক্‌ক্রোষ্‌টা) [উপ—ক্রুশ্ +তৃ (কর্ত্তৃ—তৃচ্)=উপক্রোষ্টৃ ১মা, ১ব,] বিণ, ভৎর্সনাকারী ; অপবাদক। ২। বি, পুং, গর্দ্দভ।

উপক্ষয় (উপোক্‌খয়্) [উপ—ক্ষি (ক্ষয় পাওয়া)+অ (ভাবে—অল্)] বি, পুং, ক্ষতি ; হানি ; অপচয়। ২। বাস্তুভূমির সমীপস্থ প্রদেশ।

উপক্ষীণ (উপোক্‌খীন্) [উপ—ক্ষি+ত (কর্ম্মে-ক্ত) ত=ন] বিণ, ক্ষয়প্রাপ্ত ; ক্ষতিগ্রস্ত ; হীন ; বিনষ্ট। ২। বাসভবন-সন্নিহিত।

উপক্ষেপ (উপোক্‌খেপ্) [উপ—ক্ষিপ্ (ক্ষেপণ করা)+অ ভাবে—ঘঞ্] বি, পুং, প্রস্তাব ; কথন ; উল্লেখ। ২। ক্ষোভ ; আক্ষেপ ; মনস্তাপ। ৩। [নাট্যে] ইতিবৃত্তের প্রস্তাব বা উল্লেখ।

উপক্ষেপণ (পো) [স্মৃতিশাস্ত্রীয় পরিভাষা] বি, ক্লী, ব্রাহ্মণগৃহে অন্নপাকের জন্য শূদ্রের অন্নদান।

উপগত (উপোগতো) [উপ—গম্ (গমন করা, স্বীকার করা)+ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, উপস্থিত ; সন্নিহিত ; নিকটবর্ত্তী। ২। অনুরক্ত ; আসক্ত। ৩। কৃত-মৈথুন ; স্ত্রীরত। ৪। [কর্ম্মে – ক্ত] স্বীকৃত ; অঙ্গীকৃত। ৫। প্রাপ্ত। ৬। জ্ঞাত। বি, উপগম।

উপগম (উপোগম্) [উপ—গম্ (গমন করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, জ্ঞান। ২। লাভ ; প্রাপ্তি। ৩। গমন ; উপস্থিতি। ৪। আসক্তি। ৫। অঙ্গীকার। বিণ, উপগত।

উপগান (উপোগান্) বি, সামবেদীয় ২৩টি প্রপাঠক সম্বলিত গীতিগ্রন্থ।

উপগিরি (উপোগিরি) [উপ (সমীপ) গিরি। গিরির সমীপ (অব্যয়ী)] বি, ক্লী, পর্ব্বতোপকণ্ঠ। ২। খণ্ডশৈল ; ক্ষুদ্র পাহাড়। ৩। পুং, দেশবিশেষ। ৪। কৃত্রিম পাহাড় ; কেলি-শৈল ; [উপবন মধ্যে কেলি-শৈল রচনা করা ভারতের প্রাচীন প্রথা]। প্র – "আপন আলয়ে রচিয়াছে লয়ে উপগিরি কেলিস্থলী।"
—রঙ্গলাল।

উপগীতি [উপ—গীতি] বি, স্ত্রী, ১ম ও ৩য় চরণে দ্বাদশ এবং ২য় ও চতুর্থ চরণে পঞ্চদশ মাত্রা-বদ্ধ আর্য্যাছন্দোবিশেষ।

উপগ্রন্থসূত্র (উপোগ্রোন্‌থশুৎত্র) বি, কাত্যায়ন-রচিত সামবেদীয় সূত্রগ্রন্থ।

উপগ্রহ (উপোগ্রোহো) [উপ (ন্যূন, ক্ষুদ্র) গ্রহ+অ (কর্ম্মে – অল)] বি, প্রধান গ্রহের চতুর্দ্দিকে ভ্রমণকারী ক্ষুদ্র গ্রহ ; অনুষঙ্গী গ্রহ (যেরূপ চন্দ্র পৃথিবীর উপগ্রহ)। ২। [উপ—গ্রহ্ (গ্রহণ করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, অবরোধ ; কারাবন্ধন। ৩। আনুকূল্য ; সাহায্য। ৪। প্রার্থনা [বাং বিরল] ৫। বিণ, কয়েদী, বন্দী।

উপগ্রহণ (উপোগ্‌গ্রোহোন্) [উপ—(সমীপ) গ্রহ (গ্রহণ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, গুরুর নিকট হইতে বিধিপূর্ব্বক বেদের পাঠ গ্রহণ ; সংস্কার পূর্ব্বক বেদাধ্যয়ন।

উপগ্রাহ [উপ – গ্রহ+অ (ভাবে—ঘঞ্)] বি, ক্লী, উপহার ; উপঢৌকন ; ডালি।

উপগ্রাহ্য (উপোগ্‌গ্রাজ্‌ঝো) [উপ – গ্রহ+য (কর্ম্মে—যণ্)] বি, পুং, উপঢৌকন দ্রব্য। উপগ্রাহ দ্রঃ।

উপঘাত (উপোঘাত্) [উপ—হন্ (বধ করা)

+অ (ভাবে—ঘঞ্) হন্ =ঘাত] বি, পুং, ধ্বংস বিনাশ। উচ্ছেদ ; লোপ। ২। আঘাত। ৩। হানি ; ক্ষতি। ৪। বিকৃতি ; বিকলতা। ৫। রোগবিশেষ।

উপঘাতক (ক্) [উপ-হন্ +অক (কর্ত্তৃ) হন্ =ঘাত] বিণ, হননকারী ; বিনাশক ; ২। যন্ত্রণাদায়ক ; পীড়ক। ৩। অনিষ্ট-কারক ; ক্ষতিজনক।

উপচক্ষুঃ (উপোচোখ্ খু) [উপ—চক্ষুস্ (চক্ষুর নিকট, অব্যয়ী)] বি, ক্লী, নয়নসমীপ ; (চক্ষুর নিকট। ২। দিব্য চক্ষু। ৩। চসমা ; উপনেত্র।

উপচয় (য়) [উপ—চি (সংগ্রহ করা) +অ ভাবে—অল্] বি, পুং, অভ্যুন্নতি ; শ্রীবৃদ্ধি। ২। আধিক্য ; পুষ্টি ; বৃদ্ধি। ৩। সংগ্রহ। ৪। সমূহ। ৫। [জ্যোতিষ শাস্ত্রে] লগ্ন হইতে তৃতীয়, ষষ্ঠ, দশম ও একাদশ স্থান। [বিপরীত—**অপচয়**]

উপচর (র্) [উপ (সমীপ) চর (গমন করা) +অ (ভাবে-অল্)] বি, পুং, উপচয়। উন্নতি। ২। [চর্ +অ (কর্ত্তৃ—অচ্)] দূত। বি, ক্লী, চরের সমীপ ; দূতসন্নিধান। ৩। [উপ—চর (চড়া)] চর ভূমির নিকট ; চড়ার কাছে।

উপচরিত (চো) [উপ—চর্ +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, শুশ্রূষিত ; উপাসিত ; আরাধিত ; সেবিত। ২। লক্ষণাশক্তি দ্বারা জ্ঞাপিত ; লক্ষণা-বোধিত।

উপচর্য্যা (উপোচোর্জ্যা) [উপ—চর্ +য (ভাবে—ক্যপ্)] বি, স্ত্রী, পরিচর্য্যা ; সেবা : শুশ্রূষা। ২। রোগচর্য্যা ; চিকিৎসা।

উপচান (উপ্চানো) [উপচয় শব্দ হইতে ক্রিয়াপদ উপচয়ান'র দ্রুত উচ্চারণ] ক্রি, অতিরিক্ত হওয়া। ২। অতিক্রম করা ; ছাপিয়া পড়া ; আধারের বাহির হইয়া পড়া। প্র—বৃষ্টির জলে পুকুর উপচাইয়া পড়িয়াছে।

উপচা-উপচি (প্, প্) ক্রি·বিণ, ছাপা-ছাপি ; ভরপুর ; full to the brim.

উপচার (পো, র্) [উপ—চর্ +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উপকরণ ; পূজার সামগ্রী। প্র—"পঞ্চোপচারে দশোপচারে বা ষোড়শো-পচারে পূজা করিবে"
"দিল বহু উপচার ধূপে কৈল অন্ধকার
দীপমালা দিল চারিভিতে।"—সত্য—পাঁচালী। ২। শুশ্রূষা ; পরিচর্য্যা। ৩। সম্ভ্রম ; সম্মান। ৪। ব্যবসায়। ৫। উৎ-কোচ ; ঘুষ। ৬। আরোপ। ৭। সামগ্রী। ৮। অর্চ্চনা ; পূজা। ৯। ভোগের বস্তু। প্র—"আর যত উপচার পুত্র বিনা অন্ধকার"
—কবিক
১০। ব্যবহার। ১১। ধর্ম্মানুষ্ঠান। ১২। লক্ষণাশক্তি দ্বারা অর্থজ্ঞান। ১৩। চাতুরী ; ছল ; মিথ্যাকথা। ১৪। উপশম। প্র—"কিয়ে উপচার বুঝাইনা পারই"—বিদ্যাপতি। "কিছু উপচার মনে নাহি আন।
তাহে বেআধি ভেষজ পঞ্চবাণ।"—বি, প, (ন, গুপ্ত)।

উপচার্য্য (উপোচার্জ) [উপ-চর্ +য কর্ম্মে ঘ্যণ্] বি, পুং, মন্ত্রদ্বারা সংস্কৃত অগ্নি ; যজ্ঞানল।

উপচিকীর্ষা (পো) [উপ (উপকার)—কৃ (করা) স, ইচ্ছার্থে—সন্ =চিকীর্ষ+অ ভাবে অঙ্—আপ্ স্ত্রী] বি, স্ত্রী, অন্যের উপকার বা সাহায্য করিবার ইচ্ছা ; পরের দুঃখ নিরাকরণের অভিলাষ ; পরহিতৈষণা।

উপচিকীর্ষু (পা) [(উপ—কৃ +সন্ ইচ্ছার্থে= উপচিকীর্ষ+উ (কর্ত্তৃ)] বিণ, উপকারা-ভিলাষী ; উপকার করিতে ইচ্ছুক।

উপচিত (উপোচিতো) [উপ—চি (সংগ্রহ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সংগৃহীত ; সঞ্চিত। ২। পরিপুষ্ট : বর্দ্ধিত। ৩। সমাহিত। ৪। রচিত। ৫। দগ্ধ। ৬। [কর্ত্তৃ—ক্ত] বর্দ্ধমান ; বৃদ্ধিপ্রাপ্ত ; সমৃদ্ধ।

উপচিত্র (উপোচিৎত্রো) বি,একাদশাক্ষরা ছন্দো-বিশেষ। ইহার ৩য়, ৬ষ্ঠ, ৯ম, ও ১১শ অক্ষর গুরু (বৃত্তরত্নাকর)।

উপচীয়মান (উপোচীয়োমান্) [উপ—চি (সংগ্রহ করা)—আন (কর্ম্মে—আনশ্) য, ম—আগম] বিণ, যাহা সঞ্চিত করা হইতেছে। ২। বর্দ্ধমান।

উপচ্ছন্দ (উপোচ্ছন্দ) [উপ—ছন্দ্ (আচ্ছাদন করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, যাচ্ঞা ; প্রার্থনা ; অনুরোধ। ২। মন্ত্রণাদান ; পরামর্শদান।

উপজ—বি, গায়ক বা বাদকদিগের ইচ্ছানুযায়ী রাগসঙ্গত ক্ষুদ্র ক্ষুদ্র তান ; মিজরাব। ২। [উপ জন্ (জন্মান)] উৎপত্তি ; উৎপাদন। ক্রি, **উপজে**—উৎপন্ন হয় ; জন্মে। ২। উৎপন্ন করে ; জন্মায়। [ব্রজ] **উপজয়ে, উপজএ**—ক্রি, উপস্থিত করে। ২। জন্মায়। প্র—"বিঘিনি বিথারিত উপজয়ে শঙ্কা।" —বিদ্যাপতি।

উপজনন (নন্) [উপ—জন্ (জন্মান) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, জন্ম ; উদ্ভব ; উৎপত্তি। ২। [ণিজন্ত—জনি+অনট্ (ভাবে)] বি, উৎপাদন ; আজ্ঞান।

উপজল (পো) [ব্রজ] ক্রি, জন্মিল ; ঘটিল। প্র—"শৈশব যৌবনে উপজল বাদ।" —বি, প। ২। বোধ হইল ; জ্ঞান হইল ; মনে হইল। প্র—"রাহু ভয়ে শশী ভূমে পড়ু খসি
ঐছে উপজল মোহে॥" —বি, প। ৩। উপস্থিত হইল। [উপজিল দ্রঃ]

উপজলা (পো) [উপ (উপগত) জল, যেখানে, (বহু)] বি, স্ত্রী, জলমগ্না ; নিবিষ্টজলা ভূমি। ২। নদীবিশেষ।

উপজল্পী (উপোজোল্পি) [উপ—জল্প+ইন্ (অস্ত্যর্থে)=উপজল্পিন্—১মা ১ব] বিণ, যে অনাহূত হইয়া জল্পনা করে ; বিজল্পক।

উপজাতি (উপোজাতি) বি, স্ত্রী, সংস্কৃত কবিতার ছন্দোবিশেষ। ইন্দ্রবজ্রা ও উপেন্দ্র-বজ্রা এবং ইন্দ্রবংশা ও বংশস্থবিলে মিলিত ছন্দকে উপজাতি বলে।

উপজান (নো) [উপজনন হইতে উপজায়, উপজিল, উপজিতে, উপজিবে ইত্যাদি। পদ্যে] ক্রি, উৎপাদন করা ; উৎপন্ন হওয়া ; জন্মান।

উপজায়ল (পো)—ক্রি, উপস্থিত হইল ; উৎ-পাদন করিল। প্র—"দ্বন্দ্ব উপজায়ল"—বি, প।

উপজিবে (পো)—ক্রি, জন্মিবে।
প্র—"উপজিবে দেবী মহামায়া" —কবিক।

উপজিল (পো) [উপজনন শব্দজ—কেবল পদ্যে] ক্রি, উৎপাদন করিল। প্র—"দেখি এ বীভৎস দৃশ্য সিদ্ধার্থের মনে উপজিল মহা ঘৃণা।"
—অমিতাভ।
২। উৎপন্ন হইল ; জন্মিল। প্র—"গাত্রে উপজিল মাংস হইল লোমাঞ্চ॥" —কবিক। "দৈব দোষে ব্যাসদেবে উপজিল ক্রোধ"
—ভারত।

উপজিহ্বা (উপজিভ্ভা) [উপ (ক্ষুদ্র) জিহ্বা] বি, স্ত্রী, আল্‌জিব।

উপজীবক (পো, ক্) [উপ—জীব্ (বাঁচিয়া থাকা) +অক (কর্ত্তৃ)] বিণ, জীবিকা-নির্ব্বাহকারী। ২। যাহা অবলম্বন করিয়া জীবিকা নির্ব্বাহ হয়। স্ত্রী, উপজীবিকা।

উপজীবিকা (পো) [পুং উপজীবক। উপ (আনুকূল্যার্থে বা সাদৃশ্যার্থে) জীবিকা (জীবনো-পায়) – যাহা জীবনোপায়ের অনুকূল বা সদৃশ] বি, স্ত্রী, বৃত্তি ; জীবিকা।

উপজীবী [উপজীব+ইন্ (অস্ত্যর্থে)=উপ-জিবিন্ ১মা, ১ব] বিণ, যে জীবনধারণ করে ; জীবিকাবলম্বী। ২। আশ্রিত।

উপজীবে (উপোজিবে) ক্রি, বাঁচিবে। প্র—"জীবে অমর নর, সেই দক্ষ প্রজেশ্বর উপজীবে, দেবী চন্দ্রমুখী॥"

উপজীব্য (উপোজীব্‌বো) [উপ-জীব্ +য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, যাহাকে আশ্রয় করিয়া জীবন ধারণ করা হয় ; আশ্রয় স্থান।

উপজ্ঞা (উপোগ্‌গ্যাঁ) [উপ-(প্রথম)—জ্ঞা (জানা) +(অভাবে—অঙ্)] বি, স্ত্রী, প্রথম জ্ঞান ; উপদেশ ভিন্ন যে জ্ঞান জন্মে ; instinct. ২। আদি কথন। [দ্রঃ – অন্ত শব্দের পর উপজ্ঞা শব্দ থাকিলে ক্লীবলিঙ্গ হয়]।

উপড় (ড়্) [সং—উদ্বর্ত্তন (উল্টান অর্থে) ;

হি—উবটন ; উপটন (সং—উৎপতন) ; ওড়ি—উবড় (হি—উবট) উপট ; বাং—গ্রা. উচ্চারণভেদে—'উপুড়'] বিণ. নিম্ন দিক ; উপর ; উল্টা ; অধোমুখ। প্র—কলসী উপড় করিয়া সমস্ত জল ঢালিয়া ফেল।

উপড়ন (উপ্‌ড়োন্) [উৎপাটন শব্দজ] বি. উৎপাটন ; মুলোৎপাটন। ২। (উপ্‌ড়োনো) উৎপাটন বা মুলোৎপাটন করা।

উপড়ান (উপ্‌ড়ানো) [উৎপাটন শব্দজ] ক্রি. উন্মূলিত করা ; তুলিয়া ফেলা ; ছিন্ন করা। প্র—"পাছাড়ে বসিল বুকে উপাড়িল দাড়ি" —শিবায়ন।

উপঢৌকন (পো. ন্) [উপ—ঢৌক্ (শব্দ করা, গমন করা ইত্যাদি) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. সম্মানযোগ্য ব্যক্তির সন্তোষার্থ উপাদেয় বস্তুর দান ; উপায়ন; ডালি। ২। [সঙ্কীর্ণার্থে] উৎকোচ।

উপতপ্ত (পো) [উপ—তপ্ (সন্তাপ জন্মান) + ত (কর্ম্ম—ক্ত) বিণ.]। ২। পীড়াগ্রস্ত ; তাপিত ; সন্তপ্ত ; কাতর ; দুঃখিত। ৩। [ভাবে—ক্ত] ক্লী. উষ্ণ ; উত্তপ্ত।

উপতপ্তা (পো) [উপ—তপ্ + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = উপতপ্তৃ ১মা. ১ব. যে তাপ জন্মায়] বিণ. সন্তাপদায়ক : দুঃখজনক ; তাপ-বিধানকারী। ২। পুং. রোগবিশেষ।

উপতাপ (পো. প্) [(উপ—অত্যন্ত)—তপ্ + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. উত্তাপ। ২। সন্তাপ ; পীড়া ; মনস্তাপ ; দুঃখ। ৩। অশুভ।

উপতাপক (পো. ক্) [উপ—তপ্ + অক (কর্ত্তৃ)] বিণ. যে সন্তাপ জন্মায় ; দুঃখদায়ক ; পীড়াজনক ; উত্তাপকারক।

উপতাপিত (পো) [উপ—তপ্ + ণিচ = তাপি (তাপযুক্ত করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সন্তপ্ত।

উপতীর (পো. র্) [উপ (সমীপ)—তীর, তীরের সমীপ, অব্যয়ী)] বি. ক্লী. তীরোপকণ্ঠ তট বা তীরের নিকট ; উপকূল।

উপত্যকা (উপোৎতোকা) [উপ + ত্যকন্ (ভবার্থে)] বি. স্ত্রী. পর্ব্বতযুগ্মসংলগ্ন নিম্নতর ভূভাগ।

উপদংশ [উপ (অতিশয়) দন্‌শ্ + (দংশন করা) + অ (অল্—কর্ম্মে) যাহা চর্ব্বণ করা হয়] বিণ. পুং. মদ্যাদি মাদক দ্রব্য সেবন সময়ে ভক্ষ্য মুখরোচক খাদ্য ; চাট্। ২। [কর্ত্তৃ—অনট্] বি. মেঢ্র-রোগ-বিশেষ ; গরমি। ["কুলাগত ক্রমে অথবা সাক্ষাৎ সম্বন্ধে বা পরম্পরিতরূপে অব্যবহিত বা ব্যবহিত স্পর্শাক্রমণ দ্বারা রোগাক্রান্ত ব্যক্তি হইতে সুস্থ ব্যক্তিতে নীত এবং অর্জ্জিত পীড়ায় সংক্রামণ প্রাপ্ত স্থানে নিয়মিত গুপ্তাবস্থা গত হইবার পর শ্যাঙ্কার নামক আদ্য ক্ষতরূপে প্রকাশ্যমান, পরে কিছু দিন পর দৈহিক বিকারের লক্ষণযুক্ত ও অবশেষে দেহের কোন যন্ত্রের পীড়া উৎপাদক, স্পর্শাক্রামকবিশেষ পুরাতন পীড়াকে উপদংশ বলে।" —ডাঃ আর, জি, কর]

উপদর্শক (পো, ক্) [উপ—দৃশ্ (দর্শন করা) + ণিচ্ = দর্শি + অক (কর্ত্তৃ) দৃশ্ = দর্শ, যে পথ দেখাইয়া দেয়] বি. পুং. দ্বারদর্শক ; দ্বারী : দৌবারিক ; দ্বারপাল।

উপদর্শন (পো, ন্) [উপ—দৃশ্ + ণিচ্ = দর্শি + অন (ভাবে···অনট্)] বি. ক্লী. প্রদর্শন ;দেখান।

উপদর্শিত (পো. দো) [উপ—দৃশ্ + ণিচ্ = দর্শি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা পূর্ব্বে দেখাইয়া দেওয়া হইয়াছে : প্রদর্শিত।

উপদানক (পো. ক্) বি. উৎকোচ।

উপদিশ্যমান (উপোদিশ্‌শোমান্) [উপ—দিশ্ (বলা,দান করা) + আন (কর্ম্মে—শান) য—ম—আগম] বিণ. যে উপদেশ প্রাপ্ত হইতেছে। ২। যে বিষয়ে উপদেশ দেওয়া হইতেছে।

উপদিষ্ট (পো) [উপ—দিশ্ (বলা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ. উপদেশপ্রাপ্ত ; গৃহীতোপদেশ ; দত্তোপদেশ : শিক্ষিত। ২। আদিষ্ট। ৩। কথিত। ৪। প্রদর্শিত। ৫। [ভাবে—ক্ত] ক্লী. উপদেশ। [অপ্র]।

উপদেব, উপদেবতা (পো. ব্) [উপ (ক্ষুদ্র বা সদৃশ)—দেব। উপ—দিব্ (ক্রীড়া করা, দ্যুতি ইত্যাদি) + তৃ (কর্ত্তৃ—তৃচ্ = উপদেবতৃ ১মা. ১ব] বি. পুং. অপ্রধান দেবতা। ২। ভূত প্রেতাদি ; দেবযোনি। প্র—"দেব উপদেব নহি দেখ আমি নর।" —ভারতচন্দ্র।

৩। [ভাগবতে] দেবকের পুত্র। ৪। অক্রূরের পুত্র। স্ত্রী. **উপদেবী**—অপ্রধানা দেবী : ক্ষুদ্র দেবতা। ২। [ভাগবতে] দেবকের কন্যা।

উপদেশ (পো. শ্) [উপ—দিশ্ (বলা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. মন্ত্রণাদান ; পরামর্শদান। ২। গুরূপদেশ ; মন্ত্রদান। ৩। শিক্ষাদান। ৪। উদ্দেশ ; উৎপত্তি। প্র—"অবধান কর্ণধার কহি পুরাণের সার কহিব গঙ্গার উপদেশ।" —কবিক।

৫। [করণে—ঘঞ্] অনুশাসন। ৬। নাম। ৭। নির্দ্দেশ ; আদেশ।

উপদেশক (ক্) [উপ—দিশ্ + অক (কর্ত্তৃ)] বিণ. উপদেষ্টা ; উপদেশদাতা। ২। শিক্ষক ; অধ্যাপক।

উপদেশনীয়. [উপ—দিশ্ + অনীয় (কর্ম্মে)] বিণ. উপদেশ দিবার উপযোগী ; উপদেশ্য।

উপদেশ্য (উপোদেশ্‌শো) [উপ—দিশ্ + য (কর্ম্মে—যৎ)] বিণ. যাহা উপদেশ দেওয়া উচিত বা আবশ্যক ; উপদেশ যোগ্য ; শিক্ষণীয় ; অনুশাসনীয়।

উপদেষ্টব্য (উপোদেষ্‌টোব্‌বো) [উপ—দিশ্—তব্য (কর্ম্মে)] বিণ. উপদেশযোগ্য ; যে বিষয়ে বা যাহাকে উপদেশ দেওয়া কর্ত্তব্য।

উপদেষ্টা (পো) [উপ—দিশ্—তৃ (কর্ত্তৃ—তৃচ্) শ = ষ, তৃ = টৃ = উপদেষ্টৃ ১মা ১ব] বি. পুং. শিক্ষাদাতা ; উপাধ্যায়। ২। গুরু। প্র—"ইন্দ্রের বৃহস্পতি, নলের সুমতি, দশরথের বশিষ্ঠ ও রামচন্দ্রের বিশ্বামিত্র যেরূপ উপদেষ্টা ছিলেন, শুকনাসও সেইরূপ রাজকার্য্য পর্য্যালোচনা বিষয়ে রাজাকে যথার্থ সদুপদেশ দিতেন।" —কাদম্বরী।

৩। বিণ. উপদেশদাতা : উপদেশক। ৪। মন্ত্রণাদাতা।

উপদ্রব (উপোদ্‌দ্রোব) [উপ—দ্রু (গমন করা, অনিষ্ট করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. অত্যাচার ; উৎপাত ; দৌরাত্ম্য। ২। অশুভ ঘটনা। ৩। ব্যাধির বিকার ; রোগের উপসর্গ ; একটী রোগ থাকিতে অন্য আর একটীর উপক্রমকে উপদ্রব বলে।

উপদ্রষ্টা (উপোদ্‌দ্রোষ্‌টা) [উপ—দৃশ্ (দর্শন করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) দৃশ্ = দ্রষ্, ত = ট—দ্রষ্টৃ ১মা১ব] বিণ. যে প্রত্যক্ষ করিতেছে : উপদর্শনকারী ; উপদর্শক ; প্রত্যক্ষকারী। ২। সাক্ষী।

উপদ্রুত (উপোদ্‌দ্রুত) [উপ—দ্রু + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. অত্যাচারিত ; উৎপীড়িত। ২। বিণ. ব্যাকুলিত।

উপদ্বীপ (উপোদ্‌দীপ্) [উপ (ক্ষুদ্র) দ্বীপ (জলবেষ্টিত স্থল)] বি. পুং-ক্লী. ক্ষুদ্র দ্বীপ ; দ্বীপের সদৃশ ; যে ভূভাগের প্রায় চতুর্দ্দিকে জল। ২। দ্বীপের উপকণ্ঠ বা সমীপ।

উপধর্ম্ম (পো) বি. পুং. অপ্রশস্ত ধর্ম্ম ; গৌণ ; ধর্ম্ম। ২। কুসংস্কার। ৩। নাস্তিকতা। ৪। চলিত ধর্ম্মের বিরুদ্ধাচার।

উপধাতু—বি. পুং. মাক্ষিক ; তুত্থক ; অভ্র; নীলাঞ্জন : মনঃশিলা ; হরিতাল ; রসাঞ্জন। মতান্তরে—স্বর্ণ, মাক্ষিক, তারমাক্ষিক, তুঁতে, কাঁসা, পিতল, সিন্দূর, শিলাজতু। ২। দেহস্থ উপধাতু—স্তন্য (রসজ), রজঃ (রক্তজ), বসা (মাংসজ), স্বেদ (মেদোজ), দন্ত (অস্থিজ) কেশ (মজ্জজ), ওজঃ (শুক্রজ)। —দ্রব্যগুণাভিধান।

উপধান (ন্) [উপ—ধা (ধারণ করা) + অন (অধি—অনট্)] বি. ক্লী. শয়িত ব্যক্তি যাহাতে মস্তক রাখে ; মস্তকাধান ;উপাধান ;

বালিশ। প্র—"উপধানে মুখ লুকাইয়া সেই শয্যায় অধোবদনে শুইয়া পড়িলেন।"
—বিমলা (দামোদর মুখো)।
২। [ভাবে—অনট্] ধারণ। ৩। ব্রত-বিশেষ। ৪। [করণে—অনট্] বিষ।

উপধানীয় (পো)[উপ—ধা (ধারণ করা)+অনীয় (অধিকরণ)] বি. ক্লী. মস্তকাধান ; বালিশ।

উপধায়ক (পো, ক্) [উপ—ধা+অক (কর্ত্তৃ)] বিণ. উৎপাদক ; জনক। ২। উপযোগী।

উপধায়ী (পো) [উপ—ধা+ইন্ (কর্ত্তৃ—ণিন=উপধায়িন্ ১মা ১ব)] বিণ. উপযোগী। ২। উৎপাদক। স্ত্রী. উপধায়িনী।

উপধি (উপোধি) [উপ—ধা+ই (ভাবে—কি)] বি, পুং, কৈতব ; ছল ; চতুরতা ; কাপট্য। ২। ভয়। ৩। [অধি—কি] রথচক্র।

উপনত [উপ—নম্ (নম্র হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. অধিগত ; প্রাপ্ত। ২। নিকটাগত ; উপস্থিত। ৩। শরণাপন্ন।

উপনতি (উপোনোতি) [উপ—নম্+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, উপস্থিতি ; উপগম। ২। বিনয় ; নম্রতা।

উপনন্দ [উপ (উপগত) নন্দ (আনন্দ) যাহার—(বহ্)] বিণ. আনন্দ প্রাপ্ত ; আনন্দিত। ২। শ্রীকৃষ্ণের পালক পিতা গোকুলাধিপতি গোপরাজ নন্দের কনিষ্ঠ ভ্রাতা। ৩। বৌদ্ধশাস্ত্রোক্ত নাগরাজবিশেষ। ৪। মদিরা নাম্নী বসুদেবের পত্নীর গর্ভে জাত পুত্র। ৫। কাশীরাজ ব্রহ্মদত্তের পুত্র। ইনি রাজ পুরোহিতের কনিষ্ঠ ভ্রাতা কুহনের পরামর্শ ও সহায়তায় যুবরাজ নন্দের প্রাণ সংহারে চেষ্টা পাইয়া ছিলেন।

উপনন্দক (পো, ক্) [উপ—নন্দ্+ণিচ্=নন্দি (আনন্দিত হওয়া)+অক (কর্ত্তৃ)] বিণ. হর্ষোৎপাদক ; আহ্লাদকারক ; আনন্দপ্রদ। ২। বি. পুং. গোপরাজ নন্দের ভ্রাতা। ৩। ধৃতরাষ্ট্রের পুত্র। ৪। উর্ণনাভ।

উপনম্র [(উপ—নম্+র (কর্ত্তৃ—রক্)] বিণ. উপনত ; উপস্থিত।

উপনয়ন (উপোনয়োন্) [উপ—নী (লওয়া)+অন (করণে—অনট্)—যে কর্ম্মদ্বারা অধ্যয়নার্থ আচার্য্যের নিকট নীত হয়] বি, ক্লী. বৈদিক দীক্ষা ; যজ্ঞোপবীত ধারণরূপ সংস্কার।

উপনাম (উপোনাম্) [উপ (কল্পিত) নাম (উপাধি)] বি. কল্পিত নাম ; উপাধি।

উপনায়ন (পো, ন্) [উপ—নী+ণিচ্=নায়ি+অনট্ (ভাবে)] বি, ক্লী. বৈদিক সংস্কারবিশেষ। উপনয়ন দ্রঃ। ২। উপস্থিতি।

উপনাহ (পো) [উপ—নহ (বন্ধন করা)+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. বন্ধন। ২। [কর্ম্মে—ঘঞ্] বীণার তন্ত্রিবন্ধন স্থান। ৩। [করণে—ঘঞ্] প্রলেপ ; পুল্টিস।

উপনিধান (পো, ন্) [উপ—নি—ধা (ধারণ ও পোষণ করা)+অন (ভাবে—অনট্)] বি. ক্লী ; গচ্ছিত রাখা ; ন্যাসস্বরূপ ধারণ ; ন্যাসরক্ষণ।

উপনিধি (পো) [উপ—নি—ধা+ই—(ভাবে—কি)] বি, পুং, ন্যাস ; উপনিধান দ্রঃ।

উপনিপাত (পো, ত্) [উপ—নি—পত্ (গমন করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উপকণ্ঠে আগমন ; সমীপে আগমন।

উপনিবেশ (পো, শ্) [উপ—নি—বিশ্ (প্রবেশ করা)+অ (অধি—ঘঞ্)] বি, পুং, কৃষি, বাণিজ্যাদি অথবা কেবল বসবাসের জন্য দেশান্তর হইতে আসিয়া নরনারী দলবদ্ধ হইয়া যথায় অবস্থান করে ; বাণিজ্যাদির স্থান : colony. ২। [ভাবে—ঘঞ্] প্রবেশ।

উপনিবেশিত (পো) [উপ—নি—বিশ্+ণিচ্=বেশি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহাদিগকে উপনিবেশে বাস করান হইয়াছে ; কৃতোপনিবেশ। এই অর্থে বাং-য় "উপনিবিষ্ট" শব্দের ব্যবহার আছে।

উপনিমন্ত্রণ (ন্) [উপ—নি—মন্ত্র্ (মন্ত্রণা করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী. কর্ত্তব্য কর্ম্মে প্রবর্ত্তন।

উপনির্গম (পো, ম্) [উপ (অনুকূল অর্থে, উপায় অর্থে)—নির্—গম্+অ (করণে—অল্)—যাহা দ্বারা নির্গত হয়] বি. পুং. নিঃসরণের পথ। ২। [ভাবে—অল্] বহির্গমন।

উপনিষৎ, উপনিষদ্ [উপ—নি—সদ্ (গমন করা, জ্ঞান হওয়া)+ক্বিপ্ (করণে)—যাহাদ্বারা জ্ঞান হয়] বি. স্ত্রী. বেদের যে ভাগে ঈশ্বরের নিরূপণ আছে, জ্ঞানকাণ্ড ; বেদান্ত ; ব্রহ্মবিদ্যা। ২। বিদ্যা। ৩। ধর্ম্ম। ৪। সত্য। ৫। [অধি—ক্বিপ্] তত্ত্ব।

উপনিষ্কর (পো, র্) [উপ—নির্—কৃ (করা)+অ (করণে—অল্) স, আগম] বি, ক্লী. প্রশস্ত পথ ; রাজপথ।

উপনিষ্ক্রমণ (ন্) [উপ—নির্—ক্রম্ (গমন করা)+অন—(ভাবে—অনট্)] বি, ক্লী. নিষ্ক্রমণ নামক সংস্কারবিশেষ। ২। [করণে—অনট্] নিষ্ক্রমণের পথ ; রাজপথ।

উপনিহিত [উপ—নি—ধা (ধারণ করা)+ত (কর্ম্মে—ক্ত, ধা=হি)] বিণ. অন্যের নিকট রক্ষিত ; গচ্ছিত ; ন্যস্ত।

উপনীত (ত, ত্) [উপ—নী (প্রাপ্ত করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. উপনয়নদ্বারা সংস্কৃত (বালক) ; যাহার পৈতা হইয়াছে ; উপায়নীকৃত। ২। আনীত ; প্রাপিত ; আগত ; উপস্থিত। ৩। জড়িত ; খচিত। প্র—"শিখিপুচ্ছে বিরচিত, মণিমুক্তা উপনীত আতপত্রে শোভে রাঙ্গা ডাটী।"
—কবিক। [অপ্র]

উপনেতা (পো) [উপ—নী—তৃ (কর্ত্তৃ—তৃচ্)=উপনেতৃ ১মা ১বচনে] বিণ. উপনয়নকারক ; উপনয়নদাতা। ২। আনয়নকর্ত্তা ; ৩। প্রাপক। ৪। উপনায়ক। স্ত্রী. উপনেত্রী।

উপনেত্র (উপোনেৎত্র) [উপ (সদৃশ)—নেত্র (অব্যয়ী) নেত্রের—উপ (সদৃশ)] বি, ক্লী. উপচক্ষু : চশমা ; spectacles.

উপন্যস্ত (উপনন্‌স্‌ত) [উপ (সমীপ)—নি—অস্ (ক্ষেপণ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা অন্যের নিকট রক্ষিত হইয়াছে ; বিন্যস্ত ; গচ্ছিত। ২। আরব্ধ। ৩। দত্ত। ৪। উল্লিখিত ; প্রস্তাবিত।

উপন্যাস (উপান্‌ন্‌স্যাশ্) [উপ (উপকণ্ঠে, সম্মুখে) নি—অস্ (ক্ষেপণ—স্থাপন করা)+অ (ভাবে, ঘঞ্)—সম্মুখে বা প্রারম্ভে স্থাপন] বি. উপস্থাপন ; বিন্যাস। ২। উপোদ্ঘাত ; উপক্রম ; প্রস্তাব ; উপক্রমণিকা ; মুখবন্ধ ; বাক্যারম্ভ। ৩। উদাহরণ ; দৃষ্টান্ত ; উল্লেখ। ৪। [বাং-য় বিশেষার্থে] কাল্পনিক উপাখ্যান ; উপকথা ; কল্পিত গদ্যকাব্য। কাদম্বরী, বাসবদত্তা, দশকুমার চরিত প্রভৃতি কথাগ্রন্থকে উপন্যাস বলা যায়। অধুনা ইং, নভেল (novel) বুঝাইতে উপন্যাস শব্দ ব্যবহৃত হয়। সুতরাং উপন্যাস অর্থে প্রকৃত জীবনের দৃশ্যাত্মক কাল্পনিক কাহিনী সম্বলিত গদ্য গ্রন্থ ; গদ্যে রচিত যে কাল্পনিক কাহিনীতে বা গল্পে প্রকৃত জীবনের চিত্র অঙ্কিত হয়। তুলঃ—"a fictitious prose narrative or tale presenting a picture of real life especially of the emotional crises in the life history of the men and women portrayed" —*Twentieth Century Dictionary.*

নায়কনায়িকাদির চরিত্র অতি প্রাকৃত, অদ্ভুত বা নিতান্ত অলৌকিক হইলে উপন্যাস স্থলে রমন্যাস (ramance) বলা হয়। নভেলের অনুকরণে অধুনা বাঙ্গালা উপন্যাস জ্ঞান বিজ্ঞানের বিবিধ বিষয়, ইতিহাস, রাজনীতি, সমাজ, চরিত্রনীতি, ধর্ম্ম প্রভৃতি অবলম্বনে রচিত হইতেছে।

উপপতি (উপোপোতি) [উপ (প্রতিনিধি) পতি (স্বামী)] বি, পুং, গুপ্তপতি ; অধর্ম্মপতি ; জার ; ঢেমন। স্ত্রী. উপপত্নী।

উপপত্তি (উপোপোৎতি) [উপ—পদ্

(গমন করা) + তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. উৎপত্তি। [অপ্র]
২। *সংস্থান ; সংগতি।* ৩। *পূর্ব্বাপর বিরোধ পরিহার ; মীমাংসা ; সিদ্ধান্ত ;* inference. ৪। [*রাসা: পরি:*] দৃষ্টসিদ্ধি ; fact. ৫। **প্রমাণ** ; demonstration ; proof. ৬। **উপলব্ধি ; উপলাভ ; সম্যক্ জ্ঞানলাভ।** ৭। **প্রকরণ-প্রতিপাদ্য অর্থসাধন ; যুক্তি ; উপায় ; কারণ।** ৮। [গণিতে] সপ্রমাণ করণ।
বিণ. উপপন্ন।

উপপত্নী (পো. পো) [উপ (প্রতিনিধি)—পত্নী (স্ত্রী)] বি. পত্নীস্থানীয়া ; বিবাহিতা স্ত্রী ভিন্ন অনুরক্তা অন্য স্ত্রী : উপস্ত্রী : ঢেমী।

উপপথ (পো. থ্) [উপ (ক্ষুদ্র, গুপ্ত) পথ] বি. গুপ্তপথ ; সাধারণের অজ্ঞাত পথ। প্র—
"প্রসিদ্ধ পথ ছাড়ি প্রভু উপপথ চলিলা ;
কটক ডাহিনে করি বনে প্রবেশিলা।"
—চৈতন্য চরিতামৃত।
২। ক্ষুদ্রপথ ; সঙ্কীর্ণ পথ।

উপপদ (উপোপদ্) [উপ (সমীপ) পদ (পদের উপ)—অব্যয়ী] বি. ক্লী. পদের নিকটস্থ পদ ; পূর্ব্বপদ। ২। অপ্রধান পদ। ৩। জাতীয় উপাধি ; বংশগত উপাধি। ৪। [ব্যাকরণে] কৃদন্ত পদের পূর্ব্বপদ। ৫। সমাসবিশেষ ; পূর্ব্বপদের সহিত কৃদন্ত পদের সমাস। প্র—কুম্ভকার। [কুম্ভ (উপপদ বা পূর্ব্বপদ) কার (কৃদন্ত পদ—কৃ + অন্)]।

উপপন্ন (পো) [উপ + পদ্ + ত (কর্ত্তৃ, ক্ত] বিণ. উৎপন্ন। ২। সম্পন্ন ; সিদ্ধ। ৩। মিলিত। ৪। আগত। ৫। ফলিত। ৬। সম্ভাবিত। ৭। সঙ্গত : অবিরুদ্ধ। ৮। প্রতিপন্ন। ৯। যোগ্য। ১০। লভ্য ; প্রাপ্য। প্র—
"কদাচিৎ কোন দিবসে খাই অন্ন।
সেই যদি নির্ব্বিরোধে হয় উপপন্ন॥"

উপপাতক (পো. ক্) [উপ (হীন) পত্ + ণিচ =পাতি পতিত করান) + অক (কর্ত্তৃ)] বি.ক্লী. মহাপাতক অপেক্ষা লঘু পাপ। পরদার, আত্মবিক্রয়, মাতৃত্যাগ, পিতৃত্যাগ, সুতত্যাগ, কন্যাদূষণ, দারাবিক্রয়, অপত্যবিক্রয়, বান্ধবত্যাগ, অভিচার, ঋণ-পরিশোধ না করা, নাস্তিকতা, গোহত্যা প্রভৃতি ৫৯ উপপাতক নামক পাপকর্ম্ম।

উপপাদক (পো. ক্) [উপ—পদ্ + ণিচ = পাদি (গমন করান) + অক (কর্ত্তৃ)] বিণ. সমাধানকারী ; নির্ব্বাহকারী ; কার্য্যকারক ; সম্পাদক। ২। সিদ্ধান্তকারী।

উপপাদন (পো. ন্) [উপ—পাদি + অন (ভাবে অনট্)] বি. ক্লী. তর্ক ও যুক্তিদ্বারা সমর্থন ; প্রতিপাদন ; সিদ্ধান্ত করণ ; মীমাংসা করণ। ৩। নির্ব্বাহ : সাধন ; সম্পাদন ; সমাধান।

উপপাদনীয় (পো) [উপ + পাদি + অনীয় (কর্ম্মে)] বিণ. সম্পাদনের যোগ্য : নির্ব্বাহনীয় ; প্রতিপাদ্য ; মীমাংসার যোগ্য।

উপপাদিত (পো) [উপ + পাদি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যুক্তিপরামর্শদ্বারা সমর্থিত ; বিহিত। ২। সম্পাদিত ; নির্ব্বাহিত। ৩। কৃত সিদ্ধান্ত।

উপপাদ্য (উপোপাদ্দো) [উপ—পাদি + য (কর্ম্মে—যণ্)] বিণ. উপপাদনের যোগ্য , নির্ব্বাহনীয়। ২। *সমর্থনীয়।* ৩। *মীমাংসার যোগ্য।* ৪। *বি. সাধ্য বা মীমাংসনীয় প্রতিজ্ঞা ;* a theorem.

উপপুর (পো. র্) [উপ (নিকট) পুর (নগর) (অব্যয়ী)] বি. ক্লী. বৃহৎ নগরের নিকটস্থ গ্রাম ; নগর পার্শ্বস্থ গ্রাম ; শাখা নগর।

উপপুরাণ (উপোপুরাণ) [উপ (ক্ষুদ্র) পুরাণ] বি. ক্লী. ক্ষুদ্র পুরাণ ; উপপুরাণের সংখ্যা অষ্টাদশ, যথা—সনৎকুমারোক্ত আদি পুরাণ, (২) নৃসিংহ, (৩) কার্ত্তিকেয়কথিত বায়ুপুরাণ, (৪) শিবপ্রোক্ত শিবধর্ম্ম পুরাণ, (৫) দুর্ব্বাসঃ, (৬) নারদ, (৭) নন্দিকেশ্বর, (৮) উশনঃ, (৯) কপিল, (১০) বরুণ, (১১) শাম্ব, (১২) কালিকা, (১৩) মহেশ্বর, (১৪) পদ্ম, (১৫) দেব, (১৬) পরাশর, (১৭) মরীচি, (১৮) ভাস্কর (মতান্তরে সৌর)। মতান্তরে—নন্দিকেশ্বর, পদ্ম, দেব স্থলে বামন, ব্রহ্মাণ্ড ও ভার্গব এবং অন্যত্র (পণ্ডিত মনিয়র বিলিয়মস্ প্রদত্ত তালিকায়) বায়ু, বামন, ব্রহ্মাণ্ড, মারীচ ও ভার্গব স্থলে মানব, নন্দিকেশ্বর, আদিত্য ভাগবত ও বাশিষ্ঠ পুরাণের উল্লেখ আছে। মতান্তরে—ধর্ম্মপুরাণ।

উপপ্লব (ব্) [উপ—প্লু (গমন করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. উৎপাত ; উপদ্রব। ২। উল্কাপাত। ৩। অমঙ্গল ; অশুভ। ৪। বিপদ। ৫। ভয়। ৬। রাহু ; চন্দ্রাদি গ্রহণ। ৭। রাজশক্তির বিরুদ্ধে প্রজাশক্তির অভ্যুত্থান ; বিদ্রোহ ; বিপ্লব।

উপপ্লব্য (উপোপ্লোব্বো) [উপ—প্লু (গমন করা) + য (ভাবে—যণ্)] বি. ক্লী. বিরাট নগরের উপকণ্ঠস্থ গ্রামবিশেষ।

উপপ্লুত [উপ—প্লু (গমন করা) + ত (কর্ম্মে-ক্ত)] বিণ. পীড়িত। ২। উপদ্রুত। ৩। বিপদ্গ্রস্ত। ৪। ভীত। ৫। রাহুগ্রস্ত।

উপবক্তা [উপ (সমীপ) বচ্ (বলা) + তৃ (কর্ত্তৃ তৃচ্ = উপবক্তৃ ১মা ১ব)] বিণ. ধর্ম্মাদিবিষয় উপদেশক। যজ্ঞের পুরোহিতবিশেষ ; যজ্ঞাদি ব্যাপার সম্যক্রূপে যে দর্শন করে ; সদস্য। ২। উপদেষ্টা।

উপবঙ্গ [উপ (সমীপ) বঙ্গ (দেশ)] বি. ক্লী. বঙ্গের উপকণ্ঠ ; বঙ্গের সমীপ। ২। বঙ্গদেশের নিকটস্থ দেশবিশেষ।

উপবন (পো. ন্) [উপ (সদৃশ) বন] বি. ক্লী. নির্ম্মিত বন ; উদ্যান ; বৃক্ষবাটিকা ; ফুলের বাগিচা। ২। [অব্যয়ী] বনের সমীপ।

উপবন্ধ [উপ (সমীপ) বন্ধ (বন্ধন করা) + অ (ভাবে—অল্)] বি. ক্লী. কোন ব্যক্তির বন্ধনোদ্দেশে তাহার নিকটে ছল করিয়া অন্য পদার্থের বন্ধন।

উপবর্ণন (ন্) [উপ (অতিশয়) বর্ণ্ (বর্ণন করা) + অন (ভাবে অনট্)] বি. ক্লী. বিশেষরূপে গুণাদির ব্যাখ্যা। ২। *সম্যক্ বিবরণ ; যথাযথ কীর্ত্তন।* ৩। *পুঙ্খানুপুঙ্খ বর্ণন।*

উপবর্ত্তন (ন্) [(উপ—বৃত্ (বর্ত্তমান থাকা) + অন (অধি অনট্) যেখানে বাস করা যায়] বি. ক্লী. বসতি স্থান ; জনপদ ; দেশ। ২। সজল বা নির্জ্জল স্থান মাত্র।

উপবর্ষ—বি. পুং. পাণিনি ও কাত্যায়ন-প্রমুখ মুনিগণের উপাধ্যায় ঋষিবিশেষ।

উপবর্হ [উপ—বর্হ (আরোপণ করা) + অ (অধি অল্) শয়ন সময়ে যাহাতে মস্তক স্থাপন করা হয়] বি. পুং. মস্তকাধার ; শিরোধান[1]; বালিশ।

উপবসথ (উপোবশোথ্) [উপ (ক্ষুদ্র) বসথ (বাসস্থান)] বি. গ্রাম ; a village.

উপবাদ (দ্) [(উপ (কুৎসিত) বদ্ (বলা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. তিরস্কার। ২। নিন্দা ; অপবাদ ; কুৎসা।

উপবাস (শ্) [উপ—বস্ (বাস করা) + অ (ভাবে—ঘঞ্) ; গ্রা—উপোষ (দ্রঃ)] অবস্থান। [প্র. অ] ২। অগ্ন্যাধান। প্র—"শূন্য তায় জীবলোক অধিক বাড়য়ে শোক, প্রথম বালায় উপবাস।" —কবিক। ৩। অনাহার ; অনশন।

উপবাসক (উপোবাশক্) [উপ—বস্ + অক (কর্ত্তৃ)] বিণ. উপবাসকারী ; অনাহারী ; উপোষী। ২। ব্রতবিশেষ।

উপবাসী (উপোবাশি) [উপ—বস্ + ইন্ (কর্ত্তৃ-ণিন্) = বাসিন্ (১মা ১ব)] বিণ. উপবাসকারী। অনাহারী।

উপবাহ্য (উপোবাজ্ঝ) [উপ—বহ্ (বহন করা) + য(করণে—ঘ্যণ্)] বি. পুং. যে হস্তী রাজাকে বহন করে ; রাজযান। ২। [অধি—ঘ্যণ] রাজপথ।

উপবিষ (পো. ষ্) [উপ (তুল্য) বিষ—বিষের তুল্য (অব্যয়ী)] বি. পুং. আকন্দের আঠা, স্নুহীরস (মনসাবৃক্ষের রস), কালহারিকা, ধুস্তুর, করবীর আঠা, এই পঞ্চ দ্রব্যের নাম উপবিষ, ইহারা বিষের মত জীবননাশক। ২। কৃত্রিমবিষ।

উপবিষ্ট [উপ—বিশ্ (প্রবেশ করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. যে উপবেশন করিয়াছে; যে বসিয়াছে; আসীন।

উপবীজ্যমান (ন্) [উপ—বীজ (ব্যজন করা) + আন (কর্ম্মে শানচ্) য্ ম আগম] বিণ. যাহাকে হাওয়া বা বাতাস কার হইতেছে; ব্যজনীকৃত।

উপবীত (ত্) [উপ—বী (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. পুং. যজ্ঞোপবীতদ্বারা সংস্কৃত। যাহার যজ্ঞোপবীত হইয়াছে। ২। [ভাবে—ক্ত] বি. স্ত্রী. যজ্ঞসূত্র; পৈতা।

উপবীতী [উপবীত + ইন্ (অস্ত্যর্থে) = উপবীতিন্ ১মা. ১ব] বিণ. যজ্ঞসূত্রধারী. যজ্ঞোপবীত বিশিষ্ট; যাহার গলায় পৈতা আছে।

উপবেদ (দ্) [উপ—বিদ্ (জ্ঞান) অ (করণে ঘঞ্) যাহা দ্বারা জ্ঞান জন্মে] বি. পুং. (১) আয়ুর্ব্বেদ বা বৈদ্যশাস্ত্র; (২) ধনুর্ব্বেদ বা শস্ত্রাস্ত্রবিদ্যা; (৩) গন্ধর্ব্ববেদ বা সঙ্গীতশাস্ত্র; (৪) অর্থবেদ বা শিল্পশাস্ত্র. মতান্তরে স্থাপত্যবেদ।

উপবেশন (ন্) [উপ—বিশ্ (প্রবেশ করা) + অন (ভাবে অনট্)] বি. ক্লী. আসনে অবস্থিতি; বসা। ২। [উপ—বিশ্ + ণিচ = বেশি + অনট্ = বেশন] বি. ক্লী. অপরকে বসান. বসাইয়া দেওয়া।

উপবেশয়িতা [উপ—বিশ্ + ণিচ্ = বেশি (প্রবেশ করান) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) ই আগম = উপবেশয়িতৃ ১মা. ১ব] বিণ. যে অন্যকে বসাইয়া দেয়।

উপবেশিত [উপ—বেশি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহাকে বসান হইয়াছে।

উপব্যাঘ্র (ব্যাঘ্র) [উপ (ক্ষুদ্র) ব্যাঘ্র] বি. পুং. ক্ষুদ্রজাতীয় বাঘ; নেকড়ে বাঘ; চিতাবাঘ। ২। [উপ (সমীপার্থে) ব্যাঘ্র] ব্যাঘ্রের সমীপ। ৩। কণ্টিকারি বৃক্ষ। [স্ত্রী. উপব্যাঘ্রী]

উপভঙ্গ [উপ—ভন্জ (ভাঙ্গিয়া যাওয়া) + অ (ভাবে—ঘঞ্) জ = গ. ভঙ্গ = ভঙ্গ)] বি. পুং. রণে ভঙ্গ দিয়া পলায়ন; যুদ্ধ করিতে করিতে পলায়ন।

উপভাষা [উপ (অপ্রধান) ভাষা] বি. প্রাদেশিক ভাষা; বুলি; dialect.

উপভুক্ত [উপ—ভুজ্ (ভোজন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. ভুক্ত; খাদিত; ভক্ষিত। ২। উদ্দিষ্ট। ৩। ব্যবহৃত। ৪। যাহাকে উপভোগ করা হইয়াছে। স্ত্রী. **উপভুক্তা**।

উপভুজ্যমান (ন্) [উপ—ভুজ্ + আন (কর্ম্মে—আনশ্) য ম্-আগম। যাহা উপভোগ করা যাইতেছে] বিণ. যাহা ব্যবহার করা হইতেছে। ২। যে বিষয় বা বস্তু ভোগ করা হইতেছে।

উপভুঞ্জান (উপোভুনজান্) [উপ—ভুজ (ভোগ করা) + আন (কর্ত্তৃ—আনশ্) যে উপভোগ করিতেছে] বিণ. উপভোগকারী। [সং—অনুবাদ গ্রন্থে। আধু. বিরল]

উপভূষণ (ন্) [উপ (গৌণ, আনুষঙ্গিক)—ভূষ্ (ভূষাকরা) + অন (করণে অনট্) যাহা দ্বারা ভূষা করা যায়] বি. ক্লী. অবান্তর ভূষণ। ২। ঘণ্টা. চামরাদি উপকরণবিশেষ।

উপভোক্তা [উপ (আধিক্যার্থে) ভুজ্ + তৃ (কর্ত্তৃ—তৃচ্) জ = ক্ = উপভোক্তৃ ১মা. ১ব. যে উপভোগ করে] বিণ. উপভোগকর্ত্তা; সম্যক্ ভোগকারী।

উপভোগ (গ্) [উপ (সম্যক্)—ভুজ্ + অ (ভাবে ঘঞ্)] বি. পুং. সুখোপভোগ। প্র—"কামনা সকল কদাপি উপভোগ দ্বারা প্রশমিত হয় না. প্রত্যুত ঘৃতপ্রাপ্ত বহ্নির ন্যায় ক্রমশই বর্দ্ধিত হইতে থাকে।"—মহাভারত। ২। পুত্র কলত্রাদির সহিত সংসারে সুখাদির সম্ভোগ। ৩। ভোজন; ভক্ষণ। ৪। ব্যবহার ৫। বিলাসভোগ। প্র—"উপভোগ দূর কৈলে নানা রূপ ফল॥" —কবিকঙ্কণ।

উপভোগ্য (উপোভোগ্গ) [উপ—ভুজ্ + য (কর্ম্মে—ক্যপ্) যে বিষয়ের উপভোগ করা উচিত)] বিণ. উপভোগের উপযুক্ত; উপভোগের নিমিত্ত।

উপম [উপ—মা—অ (কর্ত্তৃ—ড) উপমা দ্রঃ] বিণ. সদৃশ; তুল্য; কল্প (সমাসে অন্য শব্দের সহিত মিলিত হইয়া এই অর্থ প্রকাশ করে)। প্র—সাগরোপম।

উপমর্দ্দ (পো) [উপ (অধিক) মৃদ্ (মর্দ্দন. নিষ্পীড়ন করা) + অ (ভাবে—অল্)] বি. নিষ্পীড়ন; রগড়ান। ২। আলোড়ন। ৩। হিংসা।

উপমা [উপ (তুল্য) মা (পরিমাণ করা) + অ (ভাবে অঙ্)] বি. স্ত্রী. ঔপম্য; সাদৃশ্য; তুলনা। ২। অর্থালঙ্কার বিশেষ; "এক ধর্ম্ম বিশিষ্ট (একরূপ গুণসম্পন্ন) ভিন্নজাতীয় বস্তুদ্বয়ের (উপমান উপমেয়ের) সাদৃশ্য কথনকে উপমা নামক অর্থালঙ্কার কহে।"—কাব্যনির্ণয়। ৩। [(করণে—অঙ্) যাহাদ্বারা উপমা (সাদৃশ্য) করা হয়] উপমান।

উপমাতা [উপ—মা + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = উপমাতৃ ১মা ১ব] বিণ. যে সাদৃশ্য দেখায়; উপমানকর্ত্তা। ২। [উপ (সদৃশ) মাতা] বি. স্ত্রী. ধাত্রী; ধাইমা। ৩। [স্মৃতিশাস্ত্রে] মাতৃতুল্যা; মাসী. পিসী. মামী. পিতৃব্য স্ত্রী. শাশুড়ী; জ্যেষ্ঠভ্রাতার পত্নী।

উপমান (ন্) [উপ—মা + অন (করণে—অনট্)] বি. ক্লী. যাহা দ্বারা তুলনা দেওয়া যায়। প্র—"তাহার মুখ পদ্মের ন্যায় সুন্দর." এখানে পদ্মের দ্বারা মুখের তুলনা দেওয়া যাইতেছে. সুতরাং মুখের উপমান পদ্ম। ২। [ভাবে অনট্] সাদৃশ্য; উপমা।

উপমালঙ্কার (র্) বি. পুং. অর্থালঙ্কার-বিশেষ; "এক ধর্ম্ম বিশিষ্ট (একরূপ গুণ—সম্পন্ন) ভিন্নজাতীয় বস্তুদ্বয়ের (উপমান ও উপমেয়ের) সাদৃশ্য কথনকে উপমালঙ্কার কহে।" —কাব্যনির্ণয়।

উপমিতি [উপ—মা (পরিমাণ করা) + তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. উপমা; তুলনা। ২। সাদৃশ্য জন্য জ্ঞান। প্র—"গোসদৃশ বলিয়া গবয়-পদ-বাচ্য ইত্যাকার জ্ঞান"। ৩। কর্ম্মধারয় সমাসের অন্তর্গত সমাস বিশেষ। প্র—"মৃণাল-ভুজ" (মৃণালসদৃশ)। "মৃণালভুজ আনন্দে আন্দোলি চন্দ্রাননা।"—মেঘনাদ।

উপমেয় [উপ—মা—য (কর্ম্মে)] বিণ. উপমার বিষয়ীভূত; যাহার উপমা (তুলনা) করা হয়; উপমাবিষয়। প্র—পদ্মসদৃশ মুখ; তাহার মুখ পদ্মের ন্যায় সুন্দর—এখানে মুখকে পদ্মের তুল্য বলায় মুখ 'উপমেয়'। ২। কর্ম্মধারয় সমাসের অন্তর্গত সমাস বিশেষ। ইহাকে উপমেয় বা উপমিত সমাস বলে। সিংহ. শার্দ্দূল. ঋষভ প্রভৃতি শ্রেষ্ঠার্থ বাচকই স্বধর্ম্মবাচক পদের প্রয়োগ না থাকিলে. উপমেয় এবং উপমান বাচক পদের সহিত এই সমাস হয়. যথা—পুরুষসিংহ; মুখপদ্ম; বাহুলতা। প্র—"অরবিন্দ-বদনীর মুখ-অরবিন্দ" —দীনবন্ধু মিত্র।

উপমেয়োপমা [উপমেয়—উপমা (সাদৃশ্য)] বি. স্ত্রী. কাব্যালঙ্কার বিশেষ; পূর্ব্ববাক্যের উপমান ও উপমেয় উত্তর বাক্যে উপমেয় এবং উপমানরূপে বর্ণিত হইলে এই অলঙ্কার হয়। প্র—"বিভবে মহেন্দ্র যথা এ পুর তেমতি। এ পুর বিভবে যথা মহেন্দ্র তেমতি॥" —নিবাতকবচবধ।

উপযাচক (উপজাচক্) [উপ (সমীপস্থ. উপস্থিত)—যাচ্ (যাচ্ঞা করা) + অক (কর্ত্তৃ)] বিণ. যে স্বয়ং উপস্থিত হইয়া বিনম্র-ভাবে যাচ্ঞা করে; স্বয়ং যাচক। ২। উপর-পড়া; অগ্রে প্রস্তাবকারী। ৩। বিনা আহ্বানে যে কিছু বলিতে বা কহিতে চায়। স্ত্রী. **উপযাচিকা**। বি. যে স্ত্রী পর পুরুষের নিকট গিয়া তাহার অনুরাগ প্রার্থনা করে।

উপযাচিত (উপোজাচিত) [উপ—যাচ্ + ত (কর্ম্মে—ক্ত) যে বিষয়ের জন্য অথবা যাহার নিকট উপস্থিত হইয়া প্রার্থনা করা হইয়াছে] বিণ. প্রার্থিত; যাচিত। ২। সমর্পিত।

উপযাচিতক (উপোজাচিতক্) [উপযাচিত + ক (স্বার্থে)] বি. ক্লী. যাচিত দ্রব্য; প্রার্থিত বস্তু। ২। ইষ্টলাভের জন্য দেবতার নিকট 'মানত করা' বস্তু।

উপযাজ (উপোজাজ্) [উপ—যজ্ (দেব-

পূজা প্রভৃতি) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, যজ্ঞবিশেষ । ২ । বি, সংহিতাধ্যয়ন । ৩ । [উপ (পশ্চাৎ জাত) যাজ (তন্নামক ঋষি)] কাশ্যপগোত্রীয় ঋষিবিশেষ । ইঁহার জ্যেষ্ঠ ভ্রাতার নাম যাজ । ইঁহারা মহারাজ দ্রুপদের পৌরোহিত্য স্বীকার করিয়া পুত্রেষ্টি যাগ করেন । তাহাতে দ্রৌপদী ও ধৃষ্টদ্যুম্নের জন্ম হয় ।

উপযাত (উপজাত) [উপ—যা (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সমীপাগত ; উপস্থিত । ২ । প্রাপ্ত ।

উপযান (উপোজান্) [উপ (সমীপ)—যা (গমন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সমীপে গমন ; উপস্থিতি । ২ । প্রাপ্তি । ৩ । (তাহা হইতে) অনুগ্রহ লাভ । [বিরল]

উপযুক্ত (উপোজুক্ত) [উপ—যুজ্ (যোগ করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উপযোগী; সমকক্ষ ; যোগ্য ; অনুরূপ । ২ । কর্ত্তব্য ; ন্যায্য ; উচিত । ৩ । কার্য্যদক্ষ । ৪ । সমর্থ ।

উপযুক্ততা (ত্তু) [উপযুক্তের ধর্ম্ম অর্থে—তা] বি, স্ত্রী, কার্য্যদক্ষতা । ২ । উপযোগিতা ৩ । অনুরূপতা ।

উপযোগ (উপজোগ্) [উপ—যুজ্ + অ (ভাবে, ঘঞ্) জ্ = গ্] বি, পুং, উপযোগিতা । ২ । উপকার ; আনুকূল্য । ৩ । আবশ্যকতা । ৪ । ভোগ । ৫ । ভোজন । ৬ । ইষ্ট সাধনের ব্যাপার । ৭ । [করণে—ঘঞ্] কারণ । বিণ, উপযুক্ত ।

উপযোগিতা (উপোজোগিতা) [উপযোগ + ইন্ + তা—ভাবার্থে)] বি, স্ত্রী, আবশ্যকতা । ২ । কার্য্যকারিতা । ৩ । আনুকূল্য । ৪ । যুক্তিযুক্ততা ; উপযুক্ততা ; সঙ্গতি ; propriety.

উপরক্ত [উপ—রন্জ (রঙ্ করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, রক্তবর্ণ ; লালবর্ণে রঞ্জিত । ২ । রোগগ্রস্ত । ৩ । লিপ্ত । ৪ । [রন্জ (গ্রাস করা) + ত (কর্ম্মে—ক্ত)] বি, রাহু । ৫ । রাহুগ্রস্ত চন্দ্র ও সূর্য্য ।

উপরক্ষ [উপ (সমীপে) রক্ষ্ (রক্ষা করা) + অ (কর্ত্তৃ—অল্)] বি, পুং, যে সেনাদলের নিকটে থাকিয়া সেনা রক্ষা করে । ২ । শরীর রক্ষক ; body-guard.

উপরক্ষণ (ন্) [উপ—রক্ষ্ (রক্ষা করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, রক্ষার্থ সৈন্য সমাবেশ । ২ । থানা ; চৌকী । ৩ । রক্ষাকরণ ।

উপরঞ্জক (ক্) [উপ—রঞ্জ্ (রঞ্জন করা) + অক (কর্ত্তৃ)] বিণ, উপরাগকারী ; উপরঞ্জনকারক ; চিত্রকর ।

উপরত [উপ—রম্ (ক্রীড়া করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিরত ; নিবৃত্ত । প্র—উপরতস্পৃহ । ২ । মৃত ; গত । [বিরল] ৩ । বিগত ।

উপরতস্পৃহ [উপরত (নিবৃত্ত) স্পৃহা (বাঞ্ছা) যাহার) বহু)] বিণ, সংসারে লিপ্ত থাকিতে যাহার বাসনা নাই ; বীতশ্রদ্ধ ; বিগতস্পৃহ । ২ । বিগততৃষ্ণ ।

উপরতি [উপ—রম্ (ক্রীড়া করা) + তি (ভাবে ক্তি) ম্—লোপ)] বি, স্ত্রী, ঔদাস্য ; নিবৃত্তি ; বৈরাগ্য ; বাসনাপরিহার । ২ । মৃত্যু ।

উপরত্ন [উপ (সদৃশ)—রত্ন] বি, ক্লী, রত্নতুল্য ঔজ্জ্বল্যশালী বস্তু । ২ । কাচ, প্রস্তর, মুক্তা, শঙ্খ, শুক্তি, কর্পূর প্রভৃতি ।

উপরন্তু [প্রাদে, 'উপরন্ত'ও কথিত ভাষায় ব্যবহৃত হয় । তুল—প্রা, বাং উপর] অ, ইহার অতিরিক্ত ; এতদ্ব্যতীত ।

উপরম, উপরাম (ম্) [উপ—রম্ + অ (ভাবে—অল, ঘঞ্)] বি, পুং, বিষয়বাসনাত্যাগ ; নিবৃত্তি ; ঔদাস্য ; বৈরাগ্য । ২ । মৃত্যু । ৩ । [নিবৃত্তির ভাব হইতে] সমাপ্তি : শেষ ; অন্ত ; অবসান । প্র—"বনবাস উপরমে যদি যুদ্ধ হয়" —কাশী-মহাভারত ।

উপরস (উপোরশ্) বি, পুং, উপধাতু ; হিঙ্গুল, অভ্র, হরিতাল, মনঃশিলা, স্রোতোঞ্জন, সোহাগা, রাজাবর্ত্তক, চুম্বুক, স্ফটিক, খড়ী, শঙ্খ, গৈরিক, হীরাকস, কড়ি, ঝিকতা, বোল, কঙ্কুষ্ঠ, সৌরাষ্ট্রমৃত্তিকা ।

উপরাগ (গ্) [উপ—রন্জ্ + অ (ভাবে ঘঞ্), ন—লোপ, জ্ = গ্] বি, পুং, সূর্য্য ও চন্দ্রের গ্রহণ । ২ । রাহু । ৩ । উপদ্রব ; উৎপাত ; উল্কাপাত । ৪ । ব্যসন ; নিন্দা ; অপবাদ । ৫ । প্রবৃত্তি । ৬ । সম্বন্ধ । ৭ । বিরাগ ; ঔদাস্য । ৮ । রঞ্জন ; রংকরা ।

উপরাণী (উপোরাণি) [উপ (সদৃশ অর্থে বা প্রতিনিধি অর্থে) + রাণী (কদর্থে)] বি, রাজাদিগের রক্ষিতা নারী বা উপপত্নী । প্র—"বলা বাহুল্য যে রাজাদিগের উপরাণীরাও ভৃত্যদের নিকট রাণী নাম পাইয়া থাকে ।" —সীতারাম ।

উপরি (পো) [উপ (ঊর্দ্ধ) + রি, নিপাতন] অ, ঊর্দ্ধে । ২ । উপরে । ৩ । পরে ; অনন্তর । ৪ । উপর হইতে আগত বা লব্ধ ; অপ্রত্যাশিত ; দৈব । ৫ । নির্দ্দিষ্ট নিয়মের অতিরিক্ত ; নির্দ্ধারিত আয়ের উপর ; বেতন ব্যতীত উপার্জ্জন । প্র—"এক্ষণে তিনি গ্রামের জমীদার মহাশয়দিগের কাছারির খাতাপত্রের কাজ করিয়া থাকেন এবং বেতন ও উপরি প্রভৃতিতে দুইদশ টাকা উপার্জ্জন করেন ।" মেজবৌ (শিবনাথ শাস্ত্রী) ।

উপরি-উপরি—ক্রি-বিণ, পরে পরে ২ । একটার উপর আর একটা ক্রমে । ৩ । অগভীর ভাবে ; ভাসা ভাসা ।

উপরিখরচ (চ্) বি, অতিরিক্তব্যয় ; নির্দ্দিষ্ট ব্যয় ব্যতীত বিবিধ কারণে যে ব্যয় হয় ।

উপরিচর (র্) [উপরি—চর্ (গমন করা) + অ (কর্ত্তৃ—ট)] বিণ, যে ঊর্দ্ধে চরিয়া বেড়ায় ; ঊর্দ্ধচর । ২ । বি, পুং, রাজাবিশেষ ।

উপরিতন (ন্) [উপরি + তন (ভবার্থে)] বিণ, উপরে স্থিত । ২ । ঊর্দ্ধতন ।

উপরিতল (ল্) বি, ক্লী, গৃহের ছাদ । ২ । উপরতালা ।

উপরিদেবতা—বি, উপদেবতা ।

উপরিপাওনা, উপরিলাভ, উপরি-আয়—বি, নির্দ্ধারিত বা যথানিয়মে অর্জ্জিত বেতন ব্যতীত বা আয়ের অতিরিক্ত অসদুপায়ে লব্ধ অর্থ ; অবৈধ আয় বা লাভ ।

উপরিভাগ (গ্) বি, কোন বস্তুর যে অংশ অনাবৃত থাকে ; আকাশ ও বস্তুর যে ভাগের পরে অন্য কোন ব্যবধান নাই । ২ । পৃষ্ঠ ।

উপরিভাব, উপরিভাউ—বি, ভূতাবেশ ; ভূতে পাওয়া ।

উপরিসদ (উপোরিশদ্) [উপরি (ঊর্দ্ধ) সদ্ (স্থিতি করা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, সোমনেত্র নামে উপরিস্থিত দেববিশেষ ।

উপরিস্থ, উপরিস্থিত [উপরি—স্থা (অবস্থান করা) + অ (কর্ত্তৃ—ড) + ত (কর্ত্তৃ—ক্ত)] উপরে অবস্থিত ।

উপরুদ্ধ [উপ (উপরি) রুধ্ (রোধ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উৎপীড়িত । ২ । আবদ্ধ ; সংবৃত । ৩ । কৃত উপরোধ । ৪ । অনুরুদ্ধ ।

উপরোধ (ধ্) [উপ—রুধ্ + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, অনুরোধ ; সুপারিস । ২ । প্রতিবন্ধদশা । ৩ । নিমিত্ত । প্র—"এইত আছি যে আমি তব উপরোধ ।" —কাশী, মহা । ৪ । মানরক্ষা ; খাতির । প্র—"কোন উপরোধ গুরু করিল তোমারে । তুমি কেন উপরোধ করহ উহারে ॥" —কাশী, মহা । ৫ । ব্যাধি । [অপ্র] ৬ । আবরণ । [অপ্র] ৭ । ক্ষমা । প্র—"জাতিতে ব্রাহ্মণ আমি এক মাত্র ক্রোধ, বিশেষ বালক সখা চিত্তে উপরোধ ।" —কাশী, মহা, আদি ।
"ব্রাহ্মণ বলিয়া চিত্তে উপরোধ করি ।
ইহার উচিত এইক্ষণে দিতে পারি ॥"
—কাশী, মহা, আদি ।

উপরোধ-অনুরোধ [সহচর শব্দ] নির্ব্বন্ধাতিশয় ।

উপরোধে ঢেঁকী গেলা—অতিশয় অনুরোধ উপরোধ এড়াইতে না পারিয়া অনিচ্ছা সত্ত্বেও কঠিন বা কষ্টকর বা অসম্ভব কাজ করা ; নির্ব্বন্ধাতিশয় রক্ষা করা ।

উপরোধক (ক্) [উপ—রুধ্+অক (কর্ত্তৃ)] বিণ, উপরোধকারী ; উপরোধ কর্ত্তা। ২। ক্লী, বাসগৃহ।

উপর্য্যুপরি (উপোর্‌জুপোরি) [উপরি—উপরি] অ, তার উপর তার উপর ; ক্রমান্বয়ে একের পর অন্য। ২। ক্রমাগত ; অবিরাম।

উপল (ল্) [উপ—লা (দান করা)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, প্রস্তর ; পাষাণ ; পাথর। ২। রত্ন ; মহামূল্য প্রস্তর। ৩। ঘুঁটে। ৪। প্রস্তরময় ভূমি। স্ত্রী, **উপলা**।

উপল (ল্) [সং—উপলা, "উপলা শর্করাপিচ" —অমর। হি—উপল=চিনী। গ্রা—ওলা। প্রা, বাং] বি, শর্করা ; চিনী ; ওলা। প্র—"উপলভোগ দেখি প্রতিদিন আইসেন প্রভু।"
—চৈতন্যচরিত।

উপলক্ষ, উপলক্ষ্য (উপোলোক্‌খো)[উপ=লক্ষ (দর্শন করা)+অ (ভাবে অল্] বি, পুং, উদ্দেশ। ২। প্রয়োজন। ৩। উদ্দেশ্য। ৪। [উপ—লক্ষ+য (কর্ম্মে—যণ্)] বিণ, প্রয়োজনীয়। ৫। অবলম্ব্য। ৬। দ্রষ্টব্য।

উপলক্ষক (উপোলোক্‌খোক্) [উপ (সমীপ)—লক্ষ্+অক (কর্ত্তৃ)] বিণ, যে সাধারণ চিহ্নাদি দ্বারা বিশেষার্থ বুঝিতে পারে। ২। বিচক্ষণ ; বুদ্ধিমান।

উপলক্ষণ (উপোলোক্‌খোন্) [উপ (অধিক) লক্ষ্+অন (করণে—অনট্) যাহা দ্বারা লক্ষ হয় (চিহ্নাদি)] বি, ক্লী, অন্যার্থের প্রকাশক ; অধিকার্থের সূচক। ২। উপক্রম। স্ত্রী, **উপলক্ষণা**—বি, তাৎপর্য্যের অনুপপত্তি হইলে শব্দের অন্যার্থ কল্পনাই লক্ষণা। প্র—তিনি গঙ্গাবাসী হইয়াছেন। এখানে গঙ্গা অর্থে গঙ্গাতীর বুঝাইবে কারণ গঙ্গাজলে বাস অসম্ভব। ইহাই লক্ষণা।

উপলক্ষিত (উপোলোক্‌খিত) [উপ—লক্ষ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, চিহ্নিত ; সূচিত। অনুমানবিষয়ীভূত। ২। বিশিষ্ট ; যুক্তিযুক্ত। ৩। [অলঙ্কারে] লক্ষণাদ্বারা যে অর্থের প্রকাশ পায় তাহাকেও উপলক্ষিত বলে। প্র—সে গঙ্গাবাসী হইয়াছে। এস্থলে গঙ্গা শব্দে গঙ্গাতীর এই অর্থ উপলক্ষিত হইয়াছে।

উপলব্ধ [উপ—লভ্ (প্রাপ্তি) +ত (কর্ম্মে—ক্ত) ভ্=ব্, ত=ধ)] বিণ, যে বিষয়ের বা যাহার উপলাভ হইয়াছে। ২। অনুভূত। ৩। প্রাপ্ত। স্ত্রী, **উপলব্ধবতী** (রঘুবংশে)।

উপলব্ধি (উপোলোব্‌ধি) [উপ-লভ্+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, অনুভব ; বোধ। ২। প্রাপ্তি ; লাভ। ৩। ইন্দ্রিয়াদি দ্বারা জ্ঞান।

উপলভেদী [উপল—ভিদ্ (বিদারণ করা) +ইন্ (কর্ত্তৃ—ণিন্=ভেদিন্ ১মা, ১ব, (উপপদ বা ৬তৎ) প্রস্তরভঙ্গকারী ; যে প্রস্তর ভাঙ্গে। ২। পাষাণভেদী উদ্ভিদ্ ; শিলফোড়।

উপলভোগ [উপল (শর্করা, ওলা) ভোগ (নৈবেদ্য)] বি, চিনীর নৈবেদ্য ; ওলার ভোগ। [অপ্র]

উপলভ্য (উপলোভ্‌ভো) [উপ—লভ্+য (কর্ম্মে—যণ্)] বিণ, লাভের যোগ্য ; প্রাপ্য। ২। জ্ঞেয়।

উপলম্ভ [উপালম্ভ দ্রঃ। উপ-লভ্ (লাভ করা)+অ (ভাবে—ঘঞ্) ম—আগম] বি, পুং, উপলাভ ; উপলব্ধি। ২। ভর্ৎসনা ; তিরস্কার।

উপলম্ভ্য (উপোলোম্‌ভো) [উপ—লভ্+য (কর্ম্মে ক্যপ্) ম্—আগম] বিণ, স্তবের যোগ্য ; প্রশংসনীয়।

উপলিঙ্গ [উপ (উপরি) লিন্‌গ্ (গমন করা) +অ (কর্ত্তৃ—অচ্)] বি, ক্লী, ভূকম্পনাদি উৎপাত।

উপলিপ্ত [উপ—লিপ্ (লেপন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার উপর লেপন করা হইয়াছে ; লেপিত।

উপলেপ (প্) [উপ—লিপ্ (লেপন করা) +অ (ভাবে ঘঞ্)] বি, পুং, কোন বস্তুদ্বারা উপরে লেপন।

উপলেপন (ন্) [উপ—লিপ্+অন (ভাবে অনট্)] বি, ক্লী, মৃত্তিকা, গোময়, বালুকাচূর্ণ প্রভৃতি দ্বারা গৃহের ভিত্তির আবরণ ; ভিত্তির আবরণার্থ তদুপরি মৃত্তিকাদির প্রলেপ।

উপশম (ম্) [উপ—শম্ (শান্ত হওয়া) +অ (ভাবে—অল্)] বি, পুং, শান্তি ; নিবৃত্তি। ২। ইন্দ্রিয়দমন। ৩। রোগের শমতা। ৪। [ব্রজ] বিণ, নিবৃত্ত ; নিরস্ত। প্র—"তবহু কানু উপশম নাহি হোই"
—বিদ্যাপতি।

উপশমক (ক্) [উপ—শম্+অক (কর্ত্তৃ)] যে শান্ত করে ; উপশমকর্ত্তা।

উপশমনীয় [উপ—শম্+অনীয় (কর্ম্মে)] বিণ, যাহাকে উপশম করা উচিত বা আবশ্যক ; উপশমযোগ্য।

উপশমিত [উপ—শম্+ণিচ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে উপশম করা হইয়াছে ; উপশান্ত।

উপশয় [উপ (সমীপ)—শী (শয়ন করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, শয়ন। ২। [অধি—অল্] মৃগবধের জন্য ব্যাধগণ যে গুপ্তস্থানে শয়ন করিয়া থাকে ; গর্ত্তবিশেষ। ৩। [উপ (সমীপে) শয় (হস্ত) (অব্যয়ী)] হাতের নিকট। ৪। ক্রোড়। ৫। [নিদান শাস্ত্রে] বিশেষ ঔষধ বা পথ্য প্রয়োগ দ্বারা ব্যাধির লক্ষণ জ্ঞান। ৬। পথ্যাদি দ্বারা রোগের প্রশমন। ৭। বিণ, আরামজনক ; সুখকর।

উপশল্য (উপশোল্‌লো) [উপ (সমীপ) শল্ (গমন করা)+য (কর্ম্মে—যণ্)=শল্য (গম্য) যেখানে যাওয়া যায়, গ্রাম] বি, ক্লী, গ্রামের অন্তভাগ ; গ্রামের সীমা ; গ্রামপ্রান্ত।

উপশান্ত [উপ—শম্ (উপশম হওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিবৃত্ত ; যাহাকে উপশম করা হইয়াছে।

উপশায় (য়) [উপ (পর্য্যায়ক্রমে) শী (শয়ন করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, —পর্য্যায় ক্রমে শয়ন ; প্রহরী প্রভৃতির পালানুযায়ী শয়ন।

উপশিরা—বি, সূক্ষ্মশিরা ; শাখাশিরা। প্র—"জাগিয়া উঠিছে অস্থি শিরা উপশিরা।"
—ফুলরেণু।

উপশোভিত [উপ—শুভ্ (দীপ্তি পাওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, শোভাযুক্ত। ২। অলঙ্কৃত ; ভূষিত।

উপশ্রুত (উপোশ্রুত) [উপ—শ্রু (শ্রবণ করা, অঙ্গীকার করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা শ্রবণ করা হইয়াছে। ২। প্রতিশ্রুত ; অঙ্গীকৃত ; প্রতিজ্ঞাত। বি, উপশ্রুতি।

উপশ্রুতি (উপোস্‌স্রুতি) [উপ—শ্রু+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, স্বীকার ; অঙ্গীকার ; প্রতিজ্ঞা। ২। দৈববিষয়ক শুভাশুভ প্রশ্ন। বিণ, উপশ্রুত।

উপশ্লেষ (উপোশ্লেষ্) [উপ—শ্লিষ্ (আলিঙ্গন করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, আশ্লেষ ; আলিঙ্গন। ২। একদেশ সম্বন্ধ। ৩। বঞ্চনা করিবার মানসে শব্দের স্পষ্টার্থ ত্যাগ করিয়া কূটার্থের অনুসন্ধান। ৪। উপহাস ; ঠাট্টা।

উপষ্টম্ভ (উপষ্‌টম্ভ) [উপ—স্তন্‌ভ্ (স্তব্ধ হওয়া, আরম্ভ করা)। উপশব্দের পর স্তম্ভ =ষ্টম্ভ] বি, পুং, সূত্রপাত ; আরম্ভ ; উপক্রম। ২। হেতু ; উপলক্ষ ; প্রয়োজন। ৩। উদ্রেক। ৪। স্তম্ভন।

উপসংখ্যান (উপোশোংখ্যান্) [উপ—সং—খ্যা (বলা, গণনা করা)+অন (ভাবে অনট্)] বি, ক্লী, এক, দুই ইত্যাকার গণনা। ২। সঞ্চয়। ৩। বিশেষণ। ৪। [ব্যাকরণে] তুল্যার্থক পদ। ৫। [করণে অনট্] যাহা দ্বারা সংখ্যা করা যায়।

উপসংগ্রহ (উপোসংগ্রোহ) [উপ (নিকট) সং (সহিত) গ্রহ্ (গ্রহণ করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, চরণস্পর্শপূর্ব্বক অভিবাদন ; পদধূলি-গ্রহণপূর্ব্বক প্রণাম ; অভিবন্দন। [প্র, অ,]। ২। সম্যক সঙ্কলন।

উপসংবাদ (উপশংবাদ্) [উপ (অঙ্গীকার)—সং (সম্যক্ রূপ)—বদ্ (বলা)+অ (ভাবে

ঘঞ্)=বাদ (কথন)] বি, পুং, অঙ্গীকৃত বিষয় কথন ; প্রতিশ্রুত হইয়া কথন। ২। সাধারণ বৃত্তান্ত।

উপসংযম (উপোশংজম্) [উপ—সম্—যম্ (নিবৃত্ত হওয়া) + অ (ভাবে — অল্)] *বি, পুং, নিবৃত্তি। ২। ইন্দ্রিয়দমন। ৩। সমাপ্তি।*

উপসংহরণ (উপশংহরন্) [উপ—সং—হৃ +অন (ভাবে অনট্)] বি, ক্লী। (উপসংহার দ্রঃ)।

উপসংহার (উপোশংহার্) [উপ— সং—হৃ (হরণ করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, প্রস্তাবিত বিষয়ের সমাপ্তি। ২। মরণ। ৩। বিনাশ। ৪। সংগ্রহ। ৫। নিবৃত্তি। ৬। আক্রমণ। ৭। সঙ্কোচ।

উপসংহৃত (উপোশংহৃতো) [উপ—সং - হৃ+ত (কর্ম্মে-ক্ত)—যাহা আহরণ করা হইয়াছে] বিণ, সমাপ্ত। ২। বিনাশিত।

উপসংহৃতি (উপোশংহৃতি) [উপ—সং--হৃ+তি (ভাবে ক্তি)] বি, স্ত্রী, উপসংহরণ ; বিনাশ : মৃত্যু। ২। নিবৃত্তি। ৩। সংকোচন।

উপসত্তি (উপোশোৎতি) [উপ (সমীপ, সহিত) —সদ্ (গমন করা)+তি (ভাবে ক্তি)] বি, স্ত্রী, সংসর্গ। ২। উপাসনা, আরাধনা। ৩। শুশ্রূষা। ৪। প্রতিপাদন। ৫। সমীপে আগমন। ৬। দান। ৭। ত্যাগ।

উপসদন (উপোশদন্) [উপ (সমীপ)—সদন (গৃহ) অব্যয়ী] বি, ক্লী ; গৃহের নিকট।

উপসন্ন (উপোশন্ন) [উপ (সমীপ) সদ্ (গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত) দ্=ত=ন্ন] বিণ, সমীপে আগত : সমীপস্থ। প্র—"কদাচিৎ কোন দিবসে বা খাই অন্ন। সেহ যদি অবিরোধে হয় উপসন্ন।"

—চৈতন্য ভাগবত।

২। আসন্ন ; নিকটবর্ত্তী। ৩। উৎপন্ন। ৪। বি, উপভোগ। [চৈ, ভা,]

উপসর (উপোশর্) [উপ—সৃ (গমন করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, নিঃসরণ ; নির্গমন। ২। গোগবী-সঙ্গম। ৩। অভিগমন।

উপসর্গ (উপোশরগো) উপ (সমীপ বা সহিত) সৃজ্ (সৃষ্টি করা)+অ (কর্ত্তৃ—ঘঞ্] বি, যাহারা ধাতুর সহিত মিলিত হইয়া বা ধাতুকে অবলম্বন করিয়া ঐ ধাতুর নানা অর্থের সৃষ্টি করে। বৈয়াকরণদের মতে উপসর্গের অর্থবাচকতা নাই, কিন্তু অর্থদ্যোতকতা আছে, তাহারা স্বয়ং কোন বিশেষ অর্থ প্রকাশ করে না কিন্তু ধাতুযোগে বিশেষ বিশেষ স্থলে বিশেষ অর্থ প্রকাশ করে। উপসর্গ ২০টি যথা—(১) প্র, (২) পরা, (৩) অপ, (৪) নি, (৫) প্রতি, (৬) নির্, (৭) বি, (৮) অতি, (৯) সং, (১০) দুর্, (১১) অভি, (১২) অনু, (১৩) সু, (১৪) উৎ, (১৫) উপ, (১৬) পরি, (১৭) অধি, (১৮) অপি, (১৯) অব, (২০) আ। ২। [উপ (উপস্থিত) সৃজ্ (সৃজন করা)+অ (ভাবে ঘঞ্) সৃজ্ =সর্গ)] বি, পুং। রোগের বিকার : এক রোগ প্রবল থাকা সত্বে তাহার আনুষঙ্গিক রোগ। ৩। ভূমিকম্প উল্কাপাতাদি উপদ্রব। ৪। বিঘ্ন ; অনিষ্ট।

উপসর্জ্জন (উপোশরজন্) [উপ (হীন) সর্জ্জন (গমন)] বি, অপ্রধান। ২। ত্যাগ (দৈব উপদ্রব)। ৩। [ব্যাকরণে] সমাস ঘটিত পদে প্রথমান্ত নির্দ্দিষ্ট পদ ; এক বিভক্ত্যন্ত পদ।

উপসর্পণ (উপোশরপন) [উপ (সমীপ) সৃপ (গমন করা)+অন (ভাবে অনট্)] বি, ক্লী, আগমন ; সমীপে উপস্থিতি। স্ত্রী, উপসর্পণা।

উপসর্পণা (উপোশরপোনা) বি, স্ত্রী, অনুগ্রহ প্রত্যাশায় অন্যের নিকট যাওয়া। ২। আরাধনা।

উপসর্য্যা (উপোশোরজ্যা) [উপ--সৃ (গমন করা)+য (কর্ম্মে—ক্যপ্) নিপাতনে সৃ+য =সর্য্যা, স্ত্রীলিঙ্গে আপ্] বি, স্ত্রী, ঋতুমতী গাভী। ২। আসন্ন গর্ভগ্রহণা গাভী।

উপসাগর (উপোশাগোর্) [উপ (ক্ষুদ্র) সাগর] বি, পুং, প্রায় চতুর্দ্দিকে স্থলবেষ্টিত সাগরাংশ : ক্ষুদ্র সাগর ; gulf, bay.

উপসুন্দ (উপোশুনদো) বি, পুং, কৃষ্ণ হস্তে নিহত নরকাসুরের সেনাপতি। ২। সুন্দ দৈত্যের সহোদর ; তিলোত্তমার রূপে উভয়ভ্রাতা মুগ্ধ হইয়া পরস্পর যুদ্ধ করিয়া নিহত হয়।

উপসূর্য্যক (উপোশূর্জক্) [উপ (সমীপ বা উপগত) সূর্য্য+ক (স্বার্থে কণ্)] বি, ক্লী, সূর্য্যের চতুর্দ্দিকব্যাপী রশ্মিমণ্ডল ; সূর্য্যমণ্ডল। ২। [সূর্য্য+ক (সাদৃশ্য অর্থে)] চন্দ্র মণ্ডল। ৩। ছটা।

উপসৃষ্ট (উপোসৃষ্ট) [উপ—সৃজ্ (সৃষ্টি-করা, যোগ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ২। সংশ্লিষ্ট : ব্যাপ্ত ; মিলিত ; সংযুক্ত। [ব্যাকরণে] উপসর্গ যুক্ত। ৩। বিসৃষ্ট ; ত্যক্ত। ৪। কামী। ৫। [ভাবে ক্ত] বি, ক্লী, মৈথুন। [প্র, অ,]

উপসেক (উপোশেক্) [উপ (অধিক) সিচ্ (সেচন করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, ক্লী, জলসেক। ২। সেকদ্বারা মৃদুকরণ ; সেচন দ্বারা নরম করণ।

উপসেচন (উপোশেচন্) [উপ—সিচ্+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, জলসেক ; আর্দ্রকরণ।

উপসেবক (উপোশেবক্) [উপ—সিব্ (সেবা করা)+অক (কর্ত্তৃ)] বি, উপ-ভোক্তা ; উপভোগকর্ত্তা। ২। পরদাররত ; পরস্ত্রীতে আসক্ত।

উপসেবী (উপোশেবি) [উপ—সিব্+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=উপসেবিন্ ১মা, ১ব,] বিণ, সেবক ; যে সেবা করে, পরিচর্য্যাকারী।

উপস্কর, উপস্কার (উপশ্কর্—কার) [উপ (সম্পূর্ণ)—কৃ (করা)+অ (করণে —অল্ ; ঘঞ্), স—আগম—যাহাদ্বারা উপকার হয়] বি, পুং, উপকরণ ; প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী। ২। সূপ ব্যঞ্জনাদির মস্লা ; বাটনা। ৩। (ভাবে—অল, ঘঞ্) গুণান্তরের আরোপ। ৪। যত্ন। ৫। পরিষ্কার : মার্জ্জনা। প্র—"রন্ধনের স্থান উপস্করি ভাল মতে।"

—চৈতন্যভাগবত।

[দ্রঃ—উপস্কর হইতে ক্রিয়াপদ "উপস্করি"] ৬। [ব্যাকরণে] অসম্পূর্ণ বাক্যের অর্থবোধের জন্য শব্দের অধ্যাহার। ৭। বিণ, প্রস্তুত।

উপস্করণ (উপশ্করন্) [উপ (হিংসা) কৃ (করা)+অন (ভাবে অনট্)] বি, ক্লী, হিংসা করা ; হিংসন। ২। সজ্জাকরণ ; অলঙ্করণ। ৩। [করণে অনট্] উপকরণ ; আবশ্যক দ্রব্যসামগ্রী।

উপস্তুতি (উপোস্তুতি) [উপ (সমীপ) স্তু (স্তব করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সম্মুখে স্তুতি ; সাক্ষাতে প্রশংসা।

উপস্ত্রী (উপোস্ত্রি) [উপ (প্রতিনিধি) স্ত্রী (পত্নী)] বি, স্ত্রী, উপপত্নী ; রক্ষিতা।

উপস্থ (উপোস্থো) [উপ (সমীপ) স্থা (থাকা)+অ (কর্ত্তৃ—ড) যে সম্মুখে থাকে] বিণ, সমীপস্থিত ; উপরিস্থিত। ২। বি, পুং, পুরুষ ও স্ত্রীর জননেন্দ্রিয়। ৩। ক্রোড়। [বিরল]

উপস্থাতা [উপ—স্থা+তৃ (কর্ত্তৃ—তৃচ্)= উপস্থাতৃ (১মা ১ব)] বিণ, যে সম্মুখে উপস্থিত থাকে। ২। সেবক ; ভৃত্য।

উপস্থান (উপস্থান্) [উপ (সমীপ) স্থা (থাকা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উপস্থিতি ; আসা ; প্র—"সর্ব্ব বন্ধুগণের হইল উপস্থান"

—চৈতন্যভাগবত।

২। উপাসনা।

উপস্থাপক (ক্) [উপ—স্থা+ণিচ্=স্থাপি (স্থিতি করান)+অক (কর্ত্তৃ)] বিণ, যে উপস্থিত করায়। ২। প্রস্তাবক ; প্রস্তাব-কারী। স্ত্রী, **উপস্থাপিকা**।

উপস্থাপন (ন্) [উপ—স্থাপি+অন (ভাবে —অনট্)] বি, ক্লী, উপস্থিতি করান ; আনয়ন। ২। প্রস্তাবকরণ।

উপস্থাপয়িতা [উপ—স্থা+ণিচ্ =স্থাপি+ তৃ (কর্ত্তৃ, তৃণ্) =উপস্থাপয়িতৃ—১মা ১ব প্রস্তাবকর্ত্তা। স্ত্রী, **উপস্থাপয়িত্রী**—প্রস্তাবকর্ত্রী।

উপস্থাপিত [উপ—স্থাপি+ত (কর্ম্মে—ক্ত) বিণ, যাহাকে উপস্থিত করা হইয়াছে আনীত। ২। প্রস্তাবিত।

উপস্থিত (ত্) [উপ (উপকণ্ঠে) স্থা+ত (কর্ত্তৃ—ক্ত) =স্থিত—নিকটস্থিত যে উপস্থিত হইয়াছে] বিণ, আগত। ২। বর্ত্তমান বিদ্যমান। ৩। আসন্ন। ৪। সম্মুখস্থ ৫। উত্তীর্ণ।

উপস্থিতবক্তা (পো, ত্) [উপস্থিত—বক্তা বচ্ (বলা)+তৃ (কর্ত্তৃ—তৃন্)=বক্তৃ ১মা ১ব। উপস্থিত বিষয়ের বক্তা] বি, পুং, যিনি পূর্ব্বে আলোচনা না করিয়া তৎক্ষণাৎ বা উপস্থিত মত যে কোন বিষয়ে বক্তৃতা করিতে পারেন। স্ত্রী, **উপস্থিতবক্ত্রী**—উপস্থিত মত বক্তৃতাকারিণী।

উপস্থিতি (পো) [উপ (নিকট)—স্থা (থাকা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, ২। নিকটে আগমন ; সমীপে অবস্থান ; নিকটে থাকা। ২। বিদ্যমানতা ; বর্ত্তমানতা। ৩। উত্তরণ।

উপস্পর্শ (উপশ্পর্শ) [(উপ (সদৃশ) স্পৃশ্ (স্পর্শ করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, সদৃশস্পর্শ। ২। পান। ৩। আচমন। ৪। স্নান।

উপস্পর্শন (ন্) [উপ—স্পৃশ্ (স্পর্শ করা) +অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, স্পর্শ-করণ। ২। আচমন।

উপস্পৃষ্ট [উপ (সদৃশ) স্পৃশ্ (স্পর্শ করা) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, যে স্পর্শ করিয়াছে। যে আচমন করিয়াছে ; কৃতাচমন। ২। স্নাত। ৩। [কর্ম্মে—ক্ত] যাহাকে স্পর্শ করা হইয়াছে ; সংস্পৃষ্ট।

উপস্বত্ব (উপোশৎতো) [(উপ—স্ব (ধনাদি) +ত্ব (ভাবে)] বি, ক্লী, ধনাদিতে প্রভুত্ব ; গৃহ, জমিদারী প্রভৃতি বিষয় সম্পত্তিজাত আয় বা লাভ।

উপহত [উপ—হন্ (বধ করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহাকে বিনাশ বা বধ করা হইয়াছে ; বিনষ্ট ; আহত। ২। বিনাশিত। ৩। অভিভূত ; আক্রান্ত। প্র—শোকে বা দুঃখে উপহত। ৪। বিস্মিত। ৫। ক্লিষ্ট।
প্র—"বাঘ বলদে সদাই দ্বন্দ্ব নিবারিব কত। অভাগিনী গৌরীর প্রাণ সদাই উপহত॥"
—কবিক।
৬। তিরস্কৃত। ৭। নিবারিত। ৮। দূষিত।

উপহসিত ('উপোহোশিতো') [উপ—হস্ (হাস্য করা)+ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, উপহাস ; পরিহাস করা ; হাস্য ; পরিহাস। ২। [কর্ম্মে—ক্ত] যাহাকে উপহাস করা হইয়াছে ; কৃতোপহাস।

উপহার (উপোহার্) [(উপ (দান) হৃ (হরণ করা)+অ (ভাবে—ঘঞ্)—গ্রহণ যোগ্যবস্তুর দান] বি, পুং, আদর ও যত্নপূর্ব্বক এবং সন্তোষের সহিত যাহা দান করা যায় : উপঢৌকন ; ভেট ; ডালি। প্র—"এ যৌবন ধন, দিব উপহার রমণে!"
—ব্রজাঙ্গনা।
২। (কর্ম্মে—ঘঞ্) উপঢৌকনের দ্রব্য। প্র—"পাশে হেম ঘণ্টা উপহার নানা হেমপাত্রে"। —মেঘনাদ।
৩। উপ (সমীপ) হার (কণ্ঠাভরণ) (অব্যয়ী) হারের সমীপে। [অপ্র]
৪। উপ (উপগত) হার (কণ্ঠভূষণ) হারের নিকটস্থিত তাদৃশ শোভাজনক দ্রব্য।

উপহাস (উপোহাশ্) [উপ (সম্যক্) হস্ (হাস্য করা)+অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, পরিহাস ; ঠাট্টা ; তামাসা। ২। অবজ্ঞা ; উপেক্ষা।

উপহাস্য (উপপোহাশ্শো) [উপ—হস্ +য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, উপহাসাস্পদ ; উপহাসের যোগ্য ; উপহসনীয়।

উপহাস্যতা (হাশ্শো) [উপহাস্য+তা (ভাবে)] বি, স্ত্রী, উপহাস যোগ্যতা : উপহাসের বিষয়।

উপহিত [(উপ—ধা (ধারণ—করা, পোষণ করা)+ত (কর্ম্মে—ক্ত) ধা=হি] বিণ, গৃহীত। ২। ধৃত। ৩। দত্ত ; অর্পিত। ৪। আরোপিত ; ন্যস্ত।

উপহৃত [উপ—হৃ+(হরণ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উপহারস্বরূপ দত্ত ; দত্তোপহার। ২। উৎসৃষ্ট। ৩। আনীত ; আহৃত। ৪। অর্পিত।

উপাই [গ্রা—বাং। উপায় (দ্রঃ) শব্দের হিন্দী পাঠবিকারে] বি, উপায়। ২। ক্রি-বিণ, উপায়ে। প্র—"বাঁচব কোন উপাই"
—বিদ্যাপতি।

উপাংশু [(উপ—অংশু। গ্রা, বাং, উপাংশি)] বি, পুং, অন্যলোকের শ্রবণের অযোগ্যরূপে মন্ত্রজপবিশেষ : দেবতার প্রতি মনোনিবেশ পূর্ব্বক অল্পমাত্র জিহ্বা ও ওষ্ঠ চালিত করিয়া মন্ত্র উচ্চারণ করিবে। উচ্চারিত মন্ত্র কেবল নিজেরই শ্রবণযোগ্য হইবে এইরূপ জপকে উপাংশু জপ বলে। ২। নির্জ্জন। **উপাংশুবধ**—গুপ্তহত্যা। **উপাংশুবাস**—নির্জ্জনবাস ; অজ্ঞাতবাস। **উপাংশুবাসী**—বিজনবাসী।

উপাকরণ (ন্) [উপ—আ (সম্যক্)—কৃ (করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আরম্ভণ। ২। সংস্কারপূর্ব্বক বেদ-অধ্যয়ন। ৩। সংস্কারপূর্ব্বক পশুবধ করণ।

উপাক্ষ [উপ (সমীপ) অক্ষি (চক্ষুঃ)+অ (রাজাদিভ্যঃ অ) ই লোপ (অব্যয়ী)] বি, ক্লী, চক্ষুর সমীপস্থিত ; উপনেত্র ; চস্মা।
উপাক্ষকার—চসমাপ্রস্তুতকারী ; উপ-নেত্রনির্ম্মাতা।

উপাখ্যান (ন্) [উপ (গৌণ, অপ্রধান, ক্ষুদ্র)—আখ্যান (আ—খ্যা=বলা)+অন (কর্ম্মে—অনট্) কোন মূল আখ্যানের অন্তর্গত কথা ; ক্ষুদ্র আখ্যান] বি, ক্লী, পুরাণকাহিনী ; পুরাবৃত্ত কথন ; ইতিবৃত্ত (মহাভারতে এই অর্থে বহুল ব্যবহৃত ; উপাখ্যান স্থলে ইতিহাস শব্দের ও প্রয়োগ দেখা যায়)।
"ভগবান্ মহর্ষি তাঁহাকে এই আশ্বাস-বাক্য কহিতে লাগিলেন, হে নৃপ! পূর্ব্বকালে নারদ ঋষি, রাজা অকম্পনকে যাহা কহিয়াছিলেন, পণ্ডিতেরা এই স্থানে সেই পুরাতন ইতিহাস উদাহরণ রূপে কীর্ত্তন করিয়া থাকেন। * * আমি সেই উপাখ্যানপ্রতিপাদিত মৃত্যুৎপত্তি বিবরণ কীর্ত্তন করি * * হে তাত! আমি ঐ পুরাবৃত্ত আদ্যোপান্ত কীর্ত্তন করিতেছি তুমি অবহিত হইয়া শ্রবণ কর ; এই আখ্যান পুষ্টি ও আয়ুর্ব্বৃদ্ধিকর, * * হে মহারাজ, এই প্রিয় পবিত্র রম্য উপাখ্যান পাঠ করিলে বেদাধ্যয়নের তুল্য ফলপ্রাপ্তি হয়।" —মহা, দ্রোণ (বর্দ্ধ)। ২। বৃত্তান্ত ; কথা ; আখ্যান। ৩। সম্যক্‌রূপে কথন। [বিরল]।

উপাগত [উপ (সমীপ) আগত (আ—গম্= গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, যে নিকটে উপস্থিত হইয়াছে ; উপস্থিত ; নিকটে আগত। ২। [কর্ম্মে—ক্ত] যাহাকে নিকটে প্রাপ্ত হওয়া গিয়াছে। প্রাপ্ত ; অনুভূত। ৩। স্বীকৃত।

উপাগম (ম্) [উপ (সমীপে)—আগম (আ—গম্=গমন করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, সমীপে আগমন ; নিকটে উপস্থিতি। ২। প্রাপ্তি। ৩। স্বীকার ; অঙ্গীকার। ৪। অনুভব।

উপাঙ্গ (উপাংগ) [(উপ (সদৃশ) অঙ্গ অন্গ্ (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ্) যে গমন করে, দেহ)] বি, ক্লী, প্রত্যবয়ব ; অঙ্গের অঙ্গ (শরীরের অঙ্গ কর, চরণ—তাহাদের উপাঙ্গ অঙ্গুলি)।
২। বেদের অঙ্গ সদৃশ শাস্ত্রবিশেষ ; মীমাংসা, বৈশেষিক, ন্যায়, যোগ, সাংখ্য এবং বেদান্ত এই ষড়্‌দর্শন। ৩। [অঙ্গে উপগত] ললাটে চন্দনাদি চিহ্ন ; তিলক, ফোঁটা, ছাপ প্রভৃতি। ৪। পরিশিষ্ট ; appendix.

উপাচার্য্য (উপাচার্য্য) [উপ—আচার্য্য (উপদেষ্টা)। আ—চর্ (গমন, জ্ঞান)+য (কর্ত্তৃ—ণ্যৎ)] বি, পুং, আচার্য্যের সহকারী; অপ্রধান উপদেষ্টা। ২। আচার্য্য-সদৃশ।

উপাত্ত [উপ (নিকটে) আত্ত (গৃহীত)] বিণ, প্রাপ্ত; গৃহীত।

উপাত্যয় (য়্) [উপ—অতি (অতিক্রম—অয় (ই=গমন করা+অ (ভাবে—অল্) ই=অয়্)] বি, পুং, অতিক্রম করিয়া গমন; আচার উল্লঙ্ঘন; নিয়মাতিক্রম। ২। নাশ; মৃত্যু।

উপাদান (ন্) [উপ (সমীপ) আদান (গ্রহণ) আ—দা (দান করা)+অন (ভাবে অনট্) যাহা লইয়া কর্ত্তা ক্রিয়া নির্ব্বাহ করে] বি, ক্লী, আদিকারণ; সমবায়িকারণ। [যাহা রূপান্তরিত হইয়া অন্য বস্তুতে পরিণত হয়, যথা—মৃত্তিকা ঘটের উপাদান]। ২। গ্রহণ। ৩। বিষয় হইতে ইন্দ্রিয়ের আকর্ষণ। ৪। আদান।

উপাদেয় [উপ—আদেয় (গ্রাহ্য) (আ—দা (দান করা, গ্রহণ করা)+য (কর্ম্মে—যৎ) যাহা আদানের যোগ্য] বিণ, গ্রহণ যোগ্য। ২। উৎকৃষ্ট; মনোরম। ৩। বিধিসিদ্ধ; বিধেয়।

উপাধান (ন্) [উপ—আধান আ-ধা (ধারণ করা, স্থাপন করা)+অন (অধি—অনট্) যাহাতে স্থাপন করা হয়] বি, ক্লী, মস্তকাধান; বালিশ। ২। [ভাবে—অনট্] বিধান।

উপাধি [উপ—আধি—আ—ধা (ধারণ করা, স্থাপন করা প্রভৃতি)+ই (অধি—কি) যাহাতে ধারণ করা যায়] বি, পুং, আধার; অধিকরণ। ২। [করণে—কি] যাহাদ্বারা ভেদ করা যায়; পরস্পর ভেদক ধর্ম্ম; বিশেষণ; জাতি বংশ ও বিদ্যাদ্বারা নামের পরিচায়ক শব্দ। তর্করত্ন, বিদ্যালঙ্কার, মুখোপাধ্যায় প্রভৃতি। ৩। [কর্ম্মে—কি] যাহাকে ধারণ করা হয়; অধিক সমৃদ্ধি; পদ। ৪। [ভাবে—কি] ধারণ করা; ধর্ম্ম চিন্তা করা। ৫। [ন্যায়দর্শনে] সাধ্যের ব্যাপকত্ব সত্ত্বে হেতুর অব্যাপকত্ব ধর্ম্ম। যথা—ব্যাপকত্ব অগ্নির ধর্ম্ম কিন্তু, ধূমবান অগ্নি বলিলে, তাহার উপাধি হইবে 'আর্দ্রকাষ্ঠ'; যে-হেতু অগ্নি ধূমবান সুতরাং কাষ্ঠ আর্দ্র।

উপাধিক (ক্) বিণ, স্বভাবজরূপাদি হইতে ভিন্ন; আরোপিত। ২। বিশেষ বা উপাদেয়। প্র—"উপাধিক কোথাহ নহিল দরশন"
—চৈতন্যভাগবত।
"খাবার জন্য কোন উপাধিক দ্রব্য বা খাদ্য আয়োজন করা হয় নাই।" ৩। উপাধি বিশিষ্ট।

উপাধিপত্র [উপাধি (বিদ্যার পরিচায়ক পত্র (যাহাতে লিখা যায়) ৬তৎ] বি, ক্লী, যে পত্রে বিদ্যার পরিচায়ক উপাধি লিখিয়া দেওয়া হয়; বিদ্যালয়ের প্রশংসা-পত্র certficate.

উপাধেয় [উপ—আ—ধা+য (কর্ম্মে—যৎ—যাহা ধারণের যোগ্য] বিণ, আরোপ্য যাহার প্রতি অন্য বস্তুর আরোপ করা হয়। ২। যাহা অভিনিবেশের যোগ্য; অভিনিবেশনীয়। ৩। উপাধির উপযুক্ত। ৪। উপাধিযুক্ত; নামযুক্ত; অভিহিত।

উপাধ্যায় [উপ—অধি—ই (অধ্যয়ন করা)+অ (অপাদানে—ঘঞ্) যাহার নিকট অধ্যয়ন করা হয়] বি, পুং, আচার্য্য; অধ্যাপক; শিক্ষক; উপদেষ্টা; পণ্ডিত; মাষ্টার। ২। যিনি বেদের একদেশ কিম্বা বেদাঙ্গ অধ্যয়ন করান। ৩। উপাধিবিশেষ। [দ্রঃ—"মহারাজ বল্লালসেনের সময়ে সদাচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, আবৃত্তি (বেদাধ্যয়ন) তপঃ ও দান, এই নয়টি গুণে বিভূষিত ব্রাহ্মণগণই "উপাধ্যায়" এই উপাধি প্রাপ্ত হন। যিনি যে গ্রামে বাস করিতেন, "উপাধ্যায়" এই উপাধির প্রথমে সেই গ্রামের নাম কথিত হয়। যথা—
(১) (নাম) বরাহ, (গ্রাম) বন্দ্যঘটী, (উপাধি) উপাধ্যায়, (পূর্ণোপাধি) বন্দ্যোপাধ্যায়। (২) (নাম) সুলোচন, (গ্রাম) চট্টগ্রামী, (উপাধি) উপাধ্যায়, (পূর্ণোপাধি) চট্টোপাধ্যায়। (৩) (নাম) ধাঢ়ু, (গ্রাম) মুখুটী, (উপাধি) উপাধ্যায়, (পূর্ণোপাধি) মুখোপাধ্যায়। (৪) (নাম) সৌরী, (গ্রাম) গাঙ্গুলী, (উপাধি) উপাধ্যায়, (পূর্ণোপাধি) গঙ্গোপাধ্যায়। —শুভবিবাহ, পৃঃ ৯২-৯৩।

স্ত্রী, **উপাধ্যায়া, উপাধ্যায়ী**—বি, বিদ্যোপদেশিনী; যিনি স্বয়ং বিদ্যার উপদেশ দেন। **উপাধ্যায়ী, উপাধ্যায়ানী**—বি, অধ্যাপকপত্নী; উপাধ্যায়ের ভার্য্যা; পণ্ডিত কিম্বা মাষ্টারের স্ত্রী।

উপান (ন) [অপাঙ্গশব্দজ] বি, কটাক্ষ; আড়-নয়ন; বক্রদৃষ্টি। প্র—
"মদন বৈসে বামনয়নে মাদন বৈসে দক্ষিণ কোণে
শোষণ বাণেতে উপানে চাই।"
—চণ্ডীদাস

উপানৎ, উপানদ্ (দ্) [উপ—আ—নহ্ (বন্ধন করা, আবৃত করা)+কিপ (করণে) যাহা দ্বারা পা আবৃত করা যায়] বি, স্ত্রী; চর্ম্মপাদুকা; চর্ম্মনির্ম্মিত পাদত্রাণ; জুতা; বিনামা। প্র—"দুয়ারে বান্ধিল জাল বেত্র উপানৎ।" —কবিক।

উপানৎকার (র্)-জুতানির্ম্মাতা; মুচি।

উপানন্দ [উপনন্দ শব্দের উচ্চারণবিকার] বি, উপনন্দ।
প্র—"ত্রাণ কিসে পাই, মান কিসে পাই, উপায় কিরে উপানন্দ"
—দাশরথি রায়।

উপান্ত [উপ (উপকণ্ঠ, নিকট) অন্ত (শেষ)] বি, পুং, উপকণ্ঠ; সমীপ; নিকট। ২। শেষসীমা; প্রান্ত। ৩। পরিসর। ৪। [তুল—last but one] অন্তের সমীপ; শেষের নিকট; অবসানের কাছে। প্র—"চৈত্রমাসের উপান্তদিনে বাসন্তীপূজা হইবে" মাসের অন্তদিনের পূর্ব্বদিন বা পরদিন বুঝিতে হইবে।

উপান্তবর্ণ [উপান্ত যে বর্ণ। উপ (সমীপ) অন্ত (শেষ) বর্ণ (অকারাদি অক্ষর) অন্তবর্ণ (কর্ম্মধা)। অন্তবর্ণের উপ সমীপবর্ত্তী (অব্যয়ী)] বি, ক্লী, অন্তবর্ণের পূর্ব্ববর্ণ। অ হইতে ক্ষ পর্য্যন্ত বর্ণের মধ্যে হ উপান্তবর্ণ।

উপাপরাধ (ধ্) [উপ (হীন, অল্প) অপরাধ (অপ—রাধ্ (সম্যক্‌রূপ সিদ্ধি)+অ (ভাবে ঘঞ্)] বি, পুং, ক্ষুদ্রাপরাধ; লঘুপাপ; মিথ্যা সাক্ষ্য, প্রবঞ্চনা, পরনিন্দা, হিংসা প্রভৃতি মহাপরাধ অপেক্ষা লঘু দোষ।

উপাবর্ত্তন (ন্) [উপ—আ—বৃত্ (বিদ্যমান থাকা, ফিরিয়া আসা)+অন (ভাবে অনট্)] বি, ক্লী বিদ্যমান। ২। প্রত্যাগমন; পুনর্ব্বার আগমন; ফিরিয়া আসা। ৩। পার্শ্বপরিবর্ত্তন। ৪। আবর্ত্তন; ঘূর্ণন।

উপাবৃত্ত [উপ—আ—বৃৎ (ফিরিয়া আসা)+ত (কর্ত্তৃ ক্ত)] বিণ, সাধিত; সম্পাদিত। ২। প্রত্যাবৃত্ত; পুনরাগত। ৩। ঘূর্ণিত। ৪। [সাধারণতঃ অশ্বাদি পক্ষে] শ্রম দূর করিবার জন্য ভূমিতে পুনঃ পুনঃ লুণ্ঠিত।

উপাম (ম্) [ব্রজ] বিণ, সদৃশ। প্র—"অতনু কাঁচলা উপাম"—বিদ্যাপতি।

উপায় (য়্) [উপ—ই (গমন করা, সম্পাদন করা)+অ (করণে—ঘঞ্)=আয়] বি, পুং, রাজাদিগের কার্য্যসম্পাদনের নীতি-চতুষ্টয়;—সাম (বিপক্ষের সহিত সন্ধি), দান (বিপক্ষকে শান্ত করিবার জন্য ভূমি অর্থ প্রভৃতি দান), দণ্ড (বিপক্ষের সহিত যুদ্ধ বা তাহাকে শাসন), ভেদ (শত্রুর গৃহবিচ্ছেদ বা আত্মবিরোধ সংঘটন); রাজ্যরক্ষা, প্রজাপালন ও রাজকার্য্যসম্পাদনের সাম দান দণ্ড ভেদ এই চতুর্ব্বিধ সাধন। ২। কৌশল; সন্ধান। প্র—কিরূপ সম্ভব হইবে তাহার উপায় জানিতে হইবে। ৩। প্রতিকারের পথ; প্রতিকার। প্র—ভবিষ্যতে সে যে কি ভয়ানক কষ্টে পড়িবে তাহা এখন হইতে বুঝা যাইতেছে, কিন্তু আর তাহার উপায় নাই। ৪। [বাঙ্গালায় বিশেষ অর্থে] উপার্জ্জন; রোজগার। প্র—

"উপায় করিয় আজি নানা ধন কড়ি"
—গনরাম

৫। প্রাপ্তি ; লাভ। ৬। [ভাবে—ঘঞ্] উপস্থিতি। [বিরল] [ব্রজ। হিন্দী পাঠান্তিকারে উপায় স্থলে উপাই, বাং—তাহার অনুকরণ উপাই দ্রঃ]।

উপায়ক্ষম (ম্) [উপায় (উপার্জ্জন)—ক্ষম (ক্ষম্=সমর্থ হওয়া—সামর্থ্য) + অ (ভাবে—অল্) যাহার উপায়ের ক্ষমতা (সামর্থ্য) আছে (বহু)] বিণ, উপার্জ্জন সমর্থ ; অর্থার্জ্জনকারী ; উপায়ী।

উপায়জ্ঞ (উপায়োগ্‌গঁ) [উপায়—জ্ঞ (জ্ঞা (জানা) + অ (কর্তৃ—ড) যে উপায় জানে] বিণ, শত্রুর প্রতি সাম, দান, ভেদ, দণ্ড-নীতি-প্রয়োগকুশল। ২। যে প্রতিকার করিতে জানে ; প্রতিকারক্ষম।

উপায়ন (ন্) [উপ (সমীপ)—ই (গমন করা) + অন (কর্ম্মে—অনট্) যাহাকে প্রেরণ করা হয়] বি, ক্লী, পারিতোষিক ; উপহার ; উপঢৌকন ; ভেট। প্র—

"নানা গ্রাম হইতে সে নানা উপায়ন।
আসিতে লাগিল অতি অকথ্য বচন॥"
—চৈতন্য ভাগবত।

"সবে উপায়ন দিয়া, উমাপুত্রে দেখে গিয়া,
শনি মাত্র আসে নাই ভয়ে।"
—শিবায়ন।

২। ব্রতাদিপ্রতিষ্ঠা। ৩। [ভাবে অনট্] সমীপ গমন।

উপারত [উপ—আ—রম্ (ক্রীড়া করা—আরাম করা) + ত (কর্তৃ—ক্ত)] বিণ, ক্রীড়াসক্ত। ২। প্রত্যাগত ; প্রতিনিবৃত্ত। ৩। বিরত ; ক্ষান্ত।

উপারম্ভ [উপ—আ—রভ্ (উপক্রম করা) + অ (ভাবে—ঘঞ্) ম্—আগম] বি, পুং, আরম্ভণ ; উপক্রম করা ; প্রারম্ভ।

উপার্জ্জন (উপারজন্) [উপ (সামর্থ্য-আনুকূল্য) অর্জ্জ্ (উপার্জ্জন করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, ধনাহরণ ; অর্থার্জ্জন ; ধন সংগ্রহ। ২। লাভ ; প্রাপ্তি। ৩। আহরণ ; সংগ্রহ।

উপার্জ্জিত [উপ—অর্জ্জিত—অর্জ্জ + ত (কর্ম্মে ক্ত)—যাহা অর্জ্জন করা হইয়াছে] বিণ, অর্জ্জিত ; প্রাপ্ত ; লব্ধ। ২। সংগৃহীত ; সঞ্চিত।

উপারূঢ় [উপ—আরূঢ় (আ-রুহ্ (উৎপত্তি, প্রকাশ, আরোহণ ইত্যাদি) + ত (কর্ম্মে ক্ত)—যাহাতে আরোহণ করা হইয়াছে] বিণ, প্রাপ্ত। ২। [কর্তৃ—ক্ত] উৎপন্ন। ৩। আরূঢ়।

উপালস্ত [প্রা-বাং] উপর, উপরস্ত দ্রঃ। [অপ্র]

উপালব্ধ [উপ—আলব্ধ (আ—লভ্ (লাভ করা ইত্যাদি) + ত (কর্ম্মে ক্ত)] বিণ, প্রাপ্ত ; লব্ধ। ২। ভর্ৎসিত ; তিরস্কৃত ; নিন্দিত।

উপালম্ভ (উপালমভ) [উপ—আ—লভ্ (লাভ করা, নিন্দা করা) + অ (ভাবে ঘঞ্)] বি, পুং, লাভ ; প্রাপ্তি। ২। সরোষবাক্য ; দুর্ব্বাক্য ; তিরস্কার। প্র—

"সাধু বলে স্থানগুণে কর উপালম্ভ"
—কবিক।

৩। [প্রা] উপর।

উপাশ্রয় (য়) [উপ—আশ্রয় (আ—শ্রি (সেবা করা) + অ (কর্ম্মে অল্) যাহাকে আশ্রয় করা যায়] বিণ, অবলম্বনীয় ; আশ্রয়-যোগ্য ; আশ্রয়স্থানীয়। ২। [ভাবে অল্] অবলম্বন। ৩। [কর্তৃ—অচ্] অবলম্বনকর্ত্তা ; আশ্রয়কারী।

উপাসক (উপাশক্) [উপ—আস্ (উপবেশন করা) + অক (কর্তৃ)] বিণ, আরাধক ; সাধক ; উপাসনাকর্ত্তা ; উপাসনাকারী ; সেবক। ২। যে উপকার পাইতে ইচ্ছা করিয়া অন্যের অনুসরণ লয় ; শরণাগত ; অনুগত।

উপাসঙ্গ (উপাসংগ) [উপ (নিকট)—আসঙ্গ (সতত)—যাহা সর্ব্বদা নিকটে (পৃষ্ঠলগ্ন) থাকে অথবা আ—সনজ্ (আসক্ত হওয়া) + অ (অধি—ঘঞ্)] বি, পুং, শরধি ; বাণের আধার ; তূণীর ; তূণ ; যাহাতে বাণ রাখে। ২। [ভাবে—ঘঞ্] আসক্তি।

উপাসন (উপাশন্) [উপ (নিকট)—আস্ (উপবেশন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উপবেশন। ২। আরাধনা ; উপাসনা। ৩। বাণ নিক্ষেপ ; শরাভ্যাস।

উপাসনা (—শনা) [উপাসন দ্রঃ] বি, স্ত্রী, "যদ্দ্বারা আনন্দস্বরূপ ঈশ্বরে নিজ আত্মাকে মগ্ন করা যায়।" —দয়ানন্দ সরস্বতী। ২। আরাধনা ; পূজা। ৩। সেবা ; শুশ্রূষা। ৪। উপকার প্রত্যাশায় পরের মনস্তুষ্টি সাধন। ৫। সাধ্যসাধন ; যাচ্ঞা। প্র—"নানা বেশ-ভূষা হীরা রূপা সোনা
এনেছি পাড়ার করি উপাসনা,
সাজ করে লও পুরায়ে বাসনা,
রসনা ক্ষান্ত হোক্!" —রবীন্দ্র।

নির্গুণোপাসনা—"পরমাত্মাকে শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ, সংযোগ, বিয়োগ, লঘু, গুরু, অবিদ্যা, জন্ম, মরণ এবং দুঃখাদি গুণরহিত জানিয়া তাঁহার উপাসনা। **সগুণোপাসনা**—ঈশ্বরকে সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তিমান্, শুদ্ধ, নিত্য, আনন্দময়, সর্ব্বব্যাপক, এবং সনাতন, সর্ব্বকর্ত্তা, সর্ব্বাধার, সর্ব্বস্বামী, সর্ব্বনিয়ন্তা, সর্ব্বান্তর্য্যামী, মঙ্গলময়, সর্ব্বানন্দপ্রদ, সর্ব্বপিতা, সর্ব্বজগৎ-সৃষ্টিকর্ত্তা, ন্যায়কারী, দয়ালুতাদি সত্যগুণযুক্ত জানিয়া উঁহার উপাসনা।"—দয়ানন্দ সরস্বতী। দ্রঃ—দেবতার সান্নিধ্য অনুভূতি সহ পূজার নাম **উপাসনা**। মানসপূজার নাম ভজনা। বাহ্যপূজা বা নানাবিধ উপচারে পূজার নাম অর্চ্চনা। স্তবস্তুতি দ্বারা দেবতার করুণা বা কৃপা ভিক্ষার নাম আরাধনা।

উপাসিত (উপাশিতো) [উপ—আস্ + ত (কর্ম্মে—ক্ত) যাহাকে উপাসনা করা হইয়াছে] বিণ, পূজিত ; আরাধিত। ২। উপকার প্রত্যাশায় যাহাকে অনুরোধ করা হইয়াছে ; অনুনীত। ৩। [ভাবে—ক্ত] উপাসনা।

উপাসী (উ্পাশি) [উপবাসী শব্দের অপভ্রংশ] বিণ, অনাহারী ; অভুক্ত। ২। অতৃপ্ত। প্র—"তৃপ্ত হয় মোর দুটি আঁখি উপাসী"
—অশোকগুচ্ছ।

উপাস্থি [উপ—অস্থি=অস্ (বিদ্যমান থাকা, প্রহার করা) + থি (কর্তৃ থিক্)—যে বিদ্যমান থাকে ; দেহের মাংসাদি লয় হইয়া গেলেও যাহা বিদ্যমান থাকে] বি, দেহের অভ্যন্তরস্থ অস্থি-তুল্য পদার্থ ; cartilage ; যাহা দেখিতে হাড়ের মত অথচ নরম।

উপাস্থিক (ক্) [উপ (সদৃশ) অস্থি (হাড়) অথবা উপাস্থি + ক (যুক্তার্থে)] বিণ, মৎস্যাদি যে সকল জলজন্তুর দেহের অভ্যন্তরে অস্থিসদৃশ পদার্থ থাকে ; হাঙ্গর ; বাণমৎস্য ; ইত্যাদি ; cartilaginous fish.

উপাস্য (উপাশ্শ) [উপ—আস্ + য(কর্ম্মে—ঘ্যণ্) যাহাকে উপাসনা করা যাইতে পারে] বিণ, অর্চ্চ্য ; আরাধ্য ; পূজ্য ; সেব্য। ২। উপকারপ্রত্যাশায় অনুবর্ত্তনীয় ; যাহাকে উপাসনা বা তোষামোদ করা হয়।

উপাস্যমান (উপাশ্‌শোমান্) [উপ—আস্ + আন (কর্ম্মে—আনশ্) য—ম—আগম] বিণ, যাহার উপাসনা হইতেছে ; অর্চ্চ্যমান ; আরাধ্যমান ; সেব্যমান। ২। উপকার প্রত্যাশায় যাহার অনুবৃত্তি করা যাইতেছে।

উপাহিত [উপ—ধা (ধারণ করা, আগমন করা) + ত (কর্তৃ ক্ত)] বি, ধৃত। ২। আসন্ন ; উপস্থিত। ৩। [কর্ম্মে—ক্ত] মিলিত ; আরোপিত ; ন্যস্ত ; সংযোজিত। ৪। [উপ—অহিত] অগ্ন্যুৎপাত ; উল্কাপাতাদি উপদ্রব।

উপাহৃত [উপ—আ—হৃ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, আনীত। ২। সংগৃহীত। ৩। কল্পিত।

উপু [ঊর্দ্ধ—উবু ; উভু, উপু] বি, উচ্চ ; ঊর্দ্ধ ; উঁচু। উচু দ্রঃ।

উপুড় (ড়) [উপর—উপড় (দ্রঃ) ওড়ি—উবড় ; হি—উবট] বি, ন্যুব্জ ; উচ্চ। ২। হেঁটমুখ ; পৃষ্ঠ উপর দিকে এবং বক্ষ

পৃথিবীর দিকে রাখিয়া শয়ন। ৩। চিতের বিপরীত।

উপুড়হস্ত [কোন কিছু দান করিবার সময় করতল যে ভাবে থাকে, লোকে চিতহস্তে বা হাত পাতিয়া দান গ্রহণ করে এবং করতল উপুড় করিয়া বা হাত তুলিয়া দান করে] দান-পরায়ণ।

প্র—তাহাকে উপুড় হস্ত হইতে বড় দেখি নাই।

উপেক্ষক (ক্) [উপ—ঈক্ষ্ (দেখা, তুচ্ছ করা) + অক (কর্ত্তৃ, ণক) যে উপেক্ষা করে] বিণ, উপেক্ষাকারী ; উদাসীন ; বিষয়বিরত indifferent.

উপেক্ষণ (ন্) [উপ—ঈক্ষ্ + অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, উদাসীনের ন্যায় ঈক্ষণ বা দর্শন। ২। অমনোযোগ ; ঔদাসীন্য। ৩। রাজনীতিসম্মত উপায়বিশেষ ; পররাষ্ট্র পরিদর্শন। ৪। ত্যাগ ; বর্জ্জন।

উপেক্ষণীয় [উপ—ঈক্ষ্ + অনীয় (কর্ম্মে)] বিণ, উপেক্ষার যোগ্য ; অমনোযোগের উপযুক্ত। ২। বর্জ্জনীয়।

উপেক্ষা [উপ—ঈক্ষ্ (দেখা, তুচ্ছ করা) + অ (ভাবে অঙ্) স্ত্রী—আপ্] বি, স্ত্রী, অমনোযোগের সহিত দর্শন ; অযত্ন ; তাচ্ছিল্য ; অনাদর ; indifference. ২। ঔদাসীন্য। ৩। পরিত্যাগ। ৪। অস্বীকার।

প্র—"স্বীকার করিলে পূর্ব্বে, শত্রুগণ সংহারিবে, এবে উপেক্ষিয়া কর রণ।" —কাশী, মহা।

উপেক্ষিত [উপ—ঈক্ষ্ + ত (কর্ম্মে—ক্ত) যাহা দর্শন বা উপেক্ষা করা হইয়াছে] বিণ, পূর্ব্বে দৃষ্ট। ২। অনাদৃত ; অবজ্ঞাত ; অবহেলিত। ৩। পরিত্যক্ত ; অবধীরিত। ৪। অস্বীকৃত।

ক্রি, উপেক্ষয়ে—উপেক্ষা করে। উ, পু—উপেক্ষি। ম-পু—উপেক্ষ। প্র-পু—উপেক্ষে। অস-ক্রি—উপেক্ষিতে ; উপেক্ষিয়া ; সংক্ষেপে—উপেক্ষি (পদ্যে)।

উপেখবি [উপেক্ষা শব্দজ। ব্রজ] ক্রি, উপেক্ষা করিবে বা করিবি।

প্র—"তুঁহুঁ যদি অভিমানে।
মোহে উপেখবি হাম কাহাঁ যাওব আর॥"
—জ্ঞানদাস।

উপেখি [উপেক্ষা শব্দজ। ব্রজ] ক্রি, উপেক্ষা করিয়া।

প্র—"পিবইতে চাহে মধু জীউ উপেখি।"
—বিদ্যাপতি।

উপেখিয়ে [ব্রজ] ক্রি, উপেক্ষা করিয়া।

প্র—"প্রেম কারণ জীউ উপেখিয়ে"
—বিদ্যাপতি।

উপেত [উপ (সমীপ) ইত (ই = গমন করা + ত, কর্ত্তৃ—ক্ত) যে গমন করিয়াছে] বিণ, গত। ২। মিলিত ; সংযুক্ত। ৩। [কর্ম্মে—ক্ত] প্রাপ্ত। [বাঙ্গালায় স্বতন্ত্র ব্যবহার নাই]

উপেন্দ্র [উপ (পশ্চাৎ জাত) ইন্দ্র (ইন্দ্ = দীপ্তি পাওয়া + র—কর্ত্তৃ, রক্) যে দীপ্তি পায়, যিনি ইন্দ্রের পরে জন্মিয়াছেন] বি, পুং, ইন্দ্রের কনিষ্ঠ ভ্রাতা ; বিষ্ণু ; বামনদেব। ২। ইন্দ্রলোকের উপরে থাকেন বলিয়া উপেন্দ্র (পুরাণ)।

উপেন্দ্রবজ্রা—বি, স্ত্রী, একাদশাক্ষরযুক্ত সংস্কৃত ছন্দোবিশেষ। যে একাদশ অক্ষর পাদের ১ম, ৩য়, ৬ষ্ঠ, ৭ম, ৯ম অক্ষর লঘু এবং ২য়, ৪র্থ, ৫ম, ৮ম, ১০ম ও ১১দশ অক্ষর গুরু তাহাকেই উপেন্দ্রবজ্রা বলে।

উপোতী—বি, পূতিকা ; পুঁইশাক।

উপোদ্‌ঘাত (ত্) [উপ—উৎ—হন্ (বধ করা, হিংসা করা, গমন করা, আরম্ভ করা) + অ (ভাবে—ঘঞ্) হন্ + অ = ঘাত] বি, পুং, উপক্রম ; আরম্ভ। ২। প্রস্তাবনা ; সূচনা ; ৩। প্রকৃতবিষয়ক চিন্তাকে উপোদ্‌ঘাত সংগতি বলে।

উপোষ (উপোষ্) [উপবাস শব্দজ। শব্দসারে 'উপোষ' সং—শব্দ। হি—উপাস। বাং উপাস, উপোস ব্যবহৃত হয়] বি, উপবাস ; অনাহার। বিণ, উপোষী [সং—উপোষিত] উপবাসকারী ; অভুক্ত। গ্রা, উপুষী।

প্র—রাত-উপুষী।

উপোষণ (ন্) [উপ—উষণ (বস্ = বাস করা, উপবাস করা ইত্যাদি) + অন (ভাবে—অনট্) ; ব স্থানে উ] বি, অবস্থিতি। ২। অনাহার ; উপবাস।

উপোষিত [উপ—বস্ + ত (কর্ত্তৃ—ক্ত) ; ব স্থানে উ, ই আগম ; স্ = ষ] বিণ, যিনি বাস করিয়া ছিলেন। ২। অনাহারী ; অভুক্ত ; কৃতোপবাস। ৩। [ভাবে, ক্ত] উপবাস ; আহার না করা ; অনশন।

উপোস (উপোশ্) [উপবাস শব্দের অপভ্রংশ] বি, উপবাস ; অনশন ; অনাহার। ২। অবস্থান।

উপোসী, উপাসী (উপোশি, উপাশি) [উপবাসী শব্দজ] বিণ, অনাহারী ; অভুক্ত। ২। অতৃপ্ত। [উপাসী দ্রঃ]

উপ্ত [বপ্ (বীজ বোনা) + ত (কর্ম্মে—ক্ত) ব স্থানে উ। যাহাকে উপ্ত করা হইয়াছে] বিণ, কৃতবপন ; রোপিত। ২। নিক্ষিপ্ত।

উপ্তবীজ (জ্) [উপ্ত (রোপিত) বীজ (শস্য)—কর্ম্মধা] বিণ, রোপণ করা বীজ। ২। [—বহু] যে ক্ষেত্রে বীজ উপ্ত হইয়াছে।

উপ্তি [বপ্ (রোপণ করা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, বপন ; রোপণ ; বোনা।

উফড়ন (ন্) [উৎ—স্ফোটন (বিদারণ, বিদ্ধ করণ)] বি, বিদারণ। ২। [সং—উৎপাটন] বি, উৎপাটন ; উপড়ন। ক্রি, উফড়াণ (উফ্‌ড়ানো) উৎপাটন করা। ২। বিদীর্ণ হওয়া ; বিদারণ করা।

প্র—"বাজন শুনিতে দুই শ্রবণ উফড়ে"
—চৈতন্য ভাগবত।

উবচান (উব্‌চানো) ক্রি, উপচিয়া পড়া ; উৎক্ষিপ্ত হওয়া ; অতিক্রম করা।

উবধ্য (উবধ্য) [শরীর-বিঃ পরিঃ] বি, পুরীষ ; বিষ্ঠা ; excrement.

উবরান (উবরানো) [উদ্বর্ত্তন হইতে গ্রা, উব্‌রান, ওব্‌রান। হি—উবর্‌না] ক্রি, অতিরিক্ত হওয়া ; ফাল্‌তো হওয়া।

প্র—ভাঁড়ারে অনেক জিনিস উবরেছে।
"প্রসাদ উবরিল খায় সহস্রেক জন"।
—চৈতন্য চরিত।

উবল (ল্) [ওবল দ্রঃ। হি—ওঝল্] বি, অন্তর্দ্ধান। ২। ত্রাস।

উবা [সং—উদ্ভবন। হি—উব্‌না (ঊর্দ্ধগতি ব্যঞ্জক) = উঠা] ক্রি, উঠিয়া যাওয়া ; উড়িয়া যাওয়া ; ঊর্দ্ধগ হওয়া ; অদৃশ্য হওয়া ; উবিয়া যাওয়া ; গ্রা, উপিয়া বা উপে যাওয়া। [প্র—হি, ভাষায় ব্যাকুল হওয়া অর্থে "উব্‌না", "উভ্‌না"র প্রয়োগ আছে, তুল—বাং, "মন উড়ু উড়ু করা"]

উবু [সং—ঊর্দ্ধ হইতে উধ, উভু, উপু, উবু। হি—উভ। গুজরাতী—উভুঁ = খাড়া হওয়া] বিণ, উঁচু ; ঊর্দ্ধ ; উচ্চ। প্র—উবু হইয়া বসা।

উবুড় (ড়) [উপুড় দ্রঃ। ব্রজ-হি—উবট (পাল্‌টা), উবু (ঊর্দ্ধ) তট (তল)—তলা উপর বা উল্টান বা ফিরান। বাটী উবুড় করিয়া রাখা, অর্থাৎ বাটীর তলা উপর করিয়া বা পাল্‌টাইয়া রাখা। প্র—"উবটি না ভেলি২ সঙ্গ পরিপাটী" (বি, প,—গুপ্ত) অর্থাৎ ফিরিয়া পরস্পর সাক্ষাৎ হইল না] বিণ, ন্যুব্জ। ২। উচ্চ। ৩। উল্‌টা। ৪। হেঁটমুখ।

উভ [উভ্ (পরিপূর্ণ করা) + অ (কর্ত্তৃ অল্) যে দুই সংখ্যা পূরণ করে] বিণ, উভয় ; দুইজন ; যুগল।

প্র—"দেশ-কাল উভে জিনি, বিস্তারেন রাজ্য যিনি, বাক্য কি বলিবে তাঁরে মন যাঁরে নাহি পায়" —ব্রহ্মসঙ্গীত।

২। [ঊর্দ্ধ হইতে] উচ্চ।

প্র—"উভলেজ করিয়া পলায় কপিগণ"

"অমনি এড়ায় রায় উভ উভ লাফে"
—ঘনরাম।

[তুল—ল্যা, ambo ; লিথু—abbu ; ইং—both.]

উভচর (উভোচর্) [উভ (উভয় শব্দের সংক্ষেপ) চর (যে চরে.) বিদ্যাসাগর মহাশয় প্রবর্ত্তিত শব্দ] বিণ. যাহারা জলে স্থলে এই উভয় স্থানে বিচরণ করে। যথা—ভেক, কূর্ম্ম প্রভৃতি।

উভচূড় (উভোচূড়) [উভ (উর্দ্ধ) চূড় (চূড়া)] বিণ. পাত্রস্থ শস্য প্রভৃতি চূড়ার আকারে সাজান ; পাত্রস্থ দ্রব্যের আধিক্য

উভচোট (ট্) [উভ (যুগল হস্তের) চোট (আঘাত)] বি. হাততালি ; হাতে হাতে আঘাত।

উভয় (য়) [উভ+য় (অবয়বার্থে) অথবা উভ্ (পূরণ করা)+অয় (কর্ত্তৃ অয়ট্)] বিণ. দুই। ২। দুই জন। প্র—তথায় উভয়ে গমন করিও না এক জন যাও।

উভয়তঃ, উভয়ত (উভয়ত) [উভয়তস্ সপ্তমী স্থানে তস্ প্রত্যয়] অ. দুই দিকে ; দুই পার্শ্বে ; দুই পক্ষে।

উভয়তোমুখ (খ্) [উভয়তঃ (দুই দিকে) মুখ (যাহার)—বহু] বিণ. যাহার দুই দিকে মুখ আছে। স্ত্রী. উভয়তোমুখী

উভয়ত্র [উভয়+ত্র, সপ্তমী স্থানে ত্র] অ. দুই পক্ষে : দুই স্থানে। ২। দুইলোকে : প্র—ইহলোক পরলোক উভয়ত্রই পাপীর মহা-দুঃখ। কি স্বদেশে কি বিদেশে উভয়ত্রই আমি একাকী থাকিতে ভালবাসি।

উভয়থা [উভয়+থা (প্রকার অর্থে থা প্রত্যয়)] অ. উভয়প্রকারে ; দুইপ্রকারে।

উভয়সঙ্কট (উভয়্ শংকট্) [উভয়—সঙ্কট] বি. দুইদিকে বিপদ, হাঁ বলিলে বিপদ, না বলিলেও বিপদ ; between Sylla and Charybdis.
প্র—দুই পক্ষেই তাঁহার বন্ধুত্ব আছে, তিনি এক পক্ষ অবলম্বন করিবেন অথচ দুই পক্ষই তাঁহাকে টানিতেছে। তিনি এই উভয়সঙ্কটে পড়িয়া হতবুদ্ধি হইয়াছেন।

উভয়সম্মত (উভয়্ শম্মত) [উভয়—সম্মত, ৬তৎ] বিণ. উভয়ের অনুমত ; দুইয়ের অভিপ্রেত ; উভয়ের সম্মত।

উভয়ানুমত [উভয়—অনুমত, ৬ তৎ] বিণ. যে বিষয়ে উভয়ের মত হইয়াছে ; উভয়ের সম্মতিপ্রাপ্ত।

উভরড় (উভোরড্) বি. দ্রুতবেগ।

উভরড়ে—ক্রি-বিণ. দ্রুতবেগ ; অতিশীঘ্র।
প্র—"খড়্গা চর্ম্ম ধরে কেহ ধায় উভরড়ে"
—শিবায়ন।
"ক্ষত্রি দেখি ব্রাহ্মণ পলায় উভরড়ে"
—কাশী. মহা. আদি।

উভরণ (ন্) [হি—উভাড়্না] বি. বহিষ্করণ। ২। উদ্বৃত্ত হওয়া।

উভরান (উভ্রানো) ক্রি. উদ্বৃত্ত হওয়া ; আবশ্যক খরচের পর অবশিষ্ট থাকা। গ্রা. ওব্রানো। প্র—"ভাঁড়ারে অনেক জিনিস উভরেছে।

উভরায় (উভোরায়) [উভ (চতুর্দ্দিকে) রায় (রব শব্দজ)—যাহাতে চতুর্দ্দিকে শব্দ হয়] বিণ. চীৎকার ; উচ্চ রব ; প্রবল শব্দ। প্র—"উভরায় কান্দিছে খুল্লনার বাপ মা"
—কবিকঙ্কণ
"মাথায় কঙ্কণ হানি উভরায় কাঁদে"—ঘনরাম

উভরোল (ল্) [উভ (উচ্চ)—রোল (ধ্বনি, রব)] বি. উচ্চশব্দ ; গণ্ডগোল।

উভার (র্) [হি—উভাড় (স্ফীতি, ফাঁপ), ইং—heaving. প্রা-বাং] বি. উত্থান ২। স্ফীতি। ৩। ব্যাপ্তি ; বিস্তার।
প্র—"পুষ্পবৃষ্টি নীলাচলে গন্ধের উভার।"
—চৈতন্যমঙ্গল

উভারণ [প্রা-বাং] বি. অবতারণ।

উভারা [হি—উভারনা। প্রা-বাং] ক্রি. নামান। প্র—"তাড়িপত্রখণ্ডে উভারিলা বীরবর।" —কবিকঙ্কণ।
২। ঢালা। প্র—"খণ্ডে মুগের সূপ উভারে ডাবরে। —ঐ।

উভিষ্ট (উভিষ্‌টো) [প্রা-বাং] বিণ. উৎসন্ন; বিনষ্ট। প্র—"উভিষ্ট হইবে সর্ব্বরাজ্য"
—চৈ-ভা। [অপ্র]

উভু, উপু (উভু, উপু) [প্রা, গ্রা। সং—উর্দ্ধ হইতে প্রাকৃ—উব্ভ, উভু=উপর] বিণ. উচ্চ ; উন্নত ; উবু।
[মেয়েলি কথ্য—'উব্ বুর—চুব্ বুর', 'উব্ ভুর চুব্ ভুর'। হি—উভ ড়না=উচু করিয়া তোলা। উপরে উঠান ; উভ্রা ওআ—ছাপাছাপী। উভু (দ্রঃ)—চুভু, চুব্ ভুর, চুবুর—চুবান=ডুবান=চুবা] বিণ. ছাপাছাপি ; পাত্র পরিপূর্ণ হইয়া পড়িয়া যাইবার মত হওয়া। আকণ্ঠ আহারকে উব্ব রচুব্ব র খাওয়া বলে। ২। ডোবা উঠা ; হাবুডুবু।

উম্—অ. ক্রোধ ; কোপ। ২। প্রতিজ্ঞা ; অঙ্গীকার ; শপথ। ৩। প্রশ্ন ; জ্ঞাতব্য বিষয় জিজ্ঞাসা। ৪। [প্রাদে (বরিশাল)—উষ্ণ শব্দজ] উষ্ণ ; গরম। প্র—"লেপখানিতে বেশ উম্ আছে"।

উমদেওয়া, উমেবসা—পক্ষীর ডিম্বে তা দেওয়া। প্র—"হাঁসটা উমে বসিয়াছে"।

উমড়য়ে [হি—উমড়না। উমড়ি দ্রঃ] ক্রি. কষ্ট পায়। ২। বিদীর্ণ করে ; আঘাত করে। ৩। [হি—মচোড় (মোচড়) শব্দজ] মোচড় দেয় ; পাক দেয়।

উমড়ি [ব্রজ] ক্রি. গুমড়ি খাইয়া। ২। উথলিয়া ; স্ফীত হইয়া। প্র—"তবহুঁ ক্ষীর উমড়ি পড় তাপে। বিরহ বিয়োগ আগ দেই ঝাঁপে॥" —বিদ্যাপতি।

উমত [উন্মত্ত শব্দজ। ব্রজ] বিণ. উন্মত্ত।

উমতায় [উন্মত্ত শব্দজ] ক্রি. উন্মত্ত হয়। প্র—"দুহুঁক পরশ রসে দুহুঁ উমতায়।"
—জ্ঞানদাস।

উমতি [উন্মত্ত শব্দজ উনমতির সংক্ষেপ] বিণ. উন্মত্ত। প্র—"যুবতী যত দিন উমতি সবে ভেল, ছাড়িল গৃহ গুরুগৃহে কাজ।"
—চৈতন্যমঙ্গল।
২। অজ্ঞান। ৩। ক্রি-বিণ. অন্যমনস্ক ভাবে। প্র—"একলি চলল ধনী হয়ে আগুয়ান। উমতি কহই সখি করহ পয়ান।"
—বিদ্যাপতি।
স্ত্রী. **উমতিনী**—উন্মাদিনী ; পাগলী। প্র—"পরাণে পরাণ সহকার উমতিনী"—জ্ঞানদাস।

উমর (উমোর্) [আ—উম্‌র্ (বয়স)] বি. বয়স। **উমরভোর**—চিরজীবন।

উমরা (উম্‌রা) [আ—উমরাহ্। আমীরের বহুবচন] বি. আমীরসমূহ ; ধনীসকল। এই অর্থে বাঙ্গালায়—"আমীর-উমরা" প্রচলিত।

উমা [উ (শিব) মা (শ্রী, লক্ষ্মী) ৬তৎ। প্র—"উ শব্দে বুঝহ শিব মা শব্দে শ্রী তাঁর। বুঝিয়া মেনকা উমা নাম কৈল সার॥"
—অন্নদামঙ্গল।
অথবা, উ (হে) মা (নিষেধ, না) "উ বৎসে! মা কুরু তপস্যাং" মেনকা ভগবতীকে ইহা কহিয়াছিলেন এজন্য তাঁহার নাম উমা হইল। অথবা—উ (শিব) মা (যিনি মনন করেন) যিনি শিবকে পতিরূপে মনন করেন] শিবা ; দুর্গা ; গিরিজা।
২। কীর্ত্তি। ৩। কান্তি। ৪। শান্তি। ৫। হরিদ্রা। ৬। মসিনা।
উমাগুরু [গুরু (পিতা, স্বামী) বি, পুং. হিমালয় ; গিরিরাজ। ২। শিব।
উমাচতুর্থী—বি. স্ত্রী. জ্যৈষ্ঠ শুক্লা চতুর্থী ; উমার জন্মতিথি।

উমাধব (ব্) [উমার—ধব (স্বামী) ৬তৎ] শিব ; গৌরীশ।

উমান (ন্) [সং—উন্মান=পরিমাণ বা তৌলকরণ] বি. পরিমাণ ; মাপ। ২। গাম্ভীর্য্য। **উমানিয়া**—ক্রি. মাপিয়া। প্র—"সত্বরে পঁহুছিল সবে মহাবীরের বাড়ী। ছালায় ভরিল সবে উমানিয়া আড়ি॥"
—কবিক।

উমান (উমানো) [প্রাদে। সং—উষ্ম বা উষ্ণ হইতে বাং—ক্রিয়াপদ উষ্মান বা উষ্ণান (উষ্ণ করা অর্থে) তাহা হইতে উমান পরে উঁয়ান] ক্রি, গরম করা ; তাতান। প্র—হাঁড়ী উমাইয়া বা উঁয়াইয়া লওয়া।

উমাপতি (পো) [উমার পতি – ৬তৎ] বি, পুং, পার্ব্বতীপতি : শিব।
উমাবন (ন্) [উমার প্রীতির জন্য (সৃষ্ট) বন) ৪র্থীতৎ)] বি, ক্লী, শোণিতপুর।
উমাসহায় (উমাশহায়) [উমা সহায় যাঁহার) (বহু) অথবা (উমার সহায়) – ৬তৎ] বি, পুং, উমাপতি : শিব।
উমাসুত (উমাশুত) [উমার (পার্ব্বতীর) সুত (পুত্র) ৬তৎ] বি, পুং, গণেশ : কার্ত্তিকেয় ; পার্ব্বতীর নন্দন।
উমিদ (দ্) [উমেদ দ্রঃ] বি, আশা ; ভরসা। ২। আকাঙ্ক্ষা।
উমেদ (দ্) [ফা—উম্‌মেদ্ (আশা)] বি, আশা। ২। কার্য্য। প্র—"উপস্থিত উমেদ বাসিহ নাহি ডর"। —শিবায়ন।
উমেদার (র্) [ফা – উম্‌মেদ্‌বার্ (আশা যুক্ত)] প্রত্যাশাকারী। ২। কর্ম্ম-প্রার্থী। ৩। উপকারের প্রত্যাশায় যে পরের তুষ্টিসাধন করে।
উমেদারী [ফা – উম্‌মেদ্‌বারী (আশা-করণ)] বি, কর্ম্মপ্রাপ্তির জন্য সাধনা ; কর্ম্মের আশা।
উমেশ (উ্মেশ্) [উমার (পার্ব্বতীর) – ঈশ (প্রভু) ৬তৎ] বি, পুং, উমাপতি ; শিব ; গৌরীশ্বর।
উম্ফটী (উম্‌ফোটি) [প্রাদে] বি, উৎসাহ।
উয়ল [ব্রজ] ক্রি, উদিত হইল ; প্রকাশ পাইল। প্র – কনকলতা অবলম্বনে উয়ল। হরিণী-হীন হিমধামা।।" —বিদ্যাপতি।
উয়াড় (উআড়) বি, উয়ার দ্রঃ। ওয়াড় দ্রঃ।
উয়ান (উআনো) – উমান দ্রঃ।
উয়ানী, উয়ানকি—বি, অতিক্ষুদ্র মক্ষিকা। ওয়ানী দ্রঃ।
উয়ার (র্) [হি – উজাড়না = খুড়িয়া কাটিয়া ফেলিয়া দেওয়া। উচ্চারণ ভেদে বাং – ওয়ার, ওয়াড়] বি, খুড়ে ফেলা ; কেটে ফেলা। প্র – আঙ্গুল কেটে উয়ার করে দিয়েছে।
উর, উরঃ [উরস্। উর্ (সৌত্রিক ধাতু—গমনে, জ্ঞানে) + অস্] বি, ক্লী, হৃদ্ ; হৃদয় ; বক্ষঃস্থল। প্র—"সাহসে উরে কর দেল। মনহি মনোভব তব নাহি ভেল।" —বিদ্যাপতি। ২। বিণ, প্রধান ; শ্রেষ্ঠ ; উত্তম ; প্রবীণ। প্র—"উর বিম্বু শেজ পরশ নাহি পারই সোই লুঠত মহী ঠামে।" —বিদ্যাপতি।
উর—উরা দ্রঃ।
উরগ, উরঙ্গ, উরঙ্গম (গ, গ্, ম, ম্) [উরস্ (বক্ষঃ) গ (গম্—গমন করা) + অ (কর্ত্তৃ—ড) যে বক্ষঃ দ্বারা গমন করে—৩য়া তৎ। স—ম লোপ উরস্—গ,-ম্ = স্ লোপ। উরস্—গম্ + অ, কর্ত্তৃ—খ স্ = ঙ] বি, পুং, স্ত্রী সর্প ; ভুজঙ্গম ; ভুজগ ; ভুজঙ্গ। স্ত্রী, উরগী। ২। সীসক ; lead.
উরগভূষণ (উরগ্‌ভুষন্) [উরগ (সর্প) ভূষণ (অলঙ্কার) যাহার (বহু)] বি, পুং, নাগাঙ্গদ-ধর, অহিনূপুরধর, নাগযজ্ঞোপবীত শিব ; সর্প-ভূষণ।
উরগরাজ (গ্, জ্) [উরগের (সর্পের)—রাজা = রাজ (রাজাদিভ্যো অৎ) আকার লোপ, ৬তৎ] বি, পুং, ফণিপতি ; সর্পরাজ, বাসুকি।
উরগস্থান (গ্ ন্) [উরগের (সর্পের) স্থান (আবাস)—৬তৎ] বি, ক্লী, সর্পাবাস ; নাগ-গণের বসতি স্থান ; নাগলোক ; পাতাল।
উরগারি [উরগের (সর্পের) অরি (শত্রু) (৬তৎ)] বি, পুং, ফণিরিপু ; সর্পভুক্ ; অহিভোজী ; পন্নগাশন ; গরুড়। ২। নকুল ; বেঁজি। ৩। ময়ূর।
উরগাশন (ন্) [উরগ (সর্প) অশন (ভোজ্য) যাহার (বহু) । অশ্ (ভোজন করা) + অন (কর্ম্মে—অনট্) অথবা অশ্ + অন কর্ত্তৃ, অনট্ = অশন (ভোক্তা) = উরগের অশন (৬তৎ)] বি, পুং, সর্পভক্ষক ; ভুজঙ্গভুক্। ২। গরুড় পক্ষী। ৩। নকুল ; বেঁজি। ৪। ময়ূর।
উরগেন্দ্র [উরগের (সর্পের) ইন্দ্র (প্রধান, রাজা)—৬তৎ] বি, পুং, নাগরাজ ; অনন্ত।
উরজ (জ্) [উরস্ (বক্ষঃস্থল) জ (জাত) —জন্ (জন্ম) + অ (কর্ত্তৃ, ড) ন্ লোপ] বিণ, বক্ষোজ ; বক্ষঃস্থল হইতে যাহা উৎপন্ন ; স্তন। প্র – "উরজ কমল যুগ প্রফুল্ল সতত"—মেঘনাদ বধ। "নিরজনে উরজ হেরই কত বেরি।" —বিদ্যাপতি।
উরঝাই [ব্রজ] বিণ, শুষ্ক ; মলিন। প্র—"চলল রাজপথে দুহুঁ উরঝাই। কহ কবি-শেখর দুহুঁ চতুরাই" —পদকল্পতরু।
উরথিতে (রো) ক্রি, বরণ করিতে ; বরণ করিবার জন্য। প্র—"বর উরথিতে ধনী চলিলা আপনি" —চৈতন্যমঙ্গল। "লহনা খুল্লনা যথা, জানহ কুশল তথা, পুত্রবধূ উরথিবার তরে" —কবিক।
উরথিয়া (রো) ক্রি, বরণ করিয়া। প্র—"উরথিয়া পুত্রবধূ নিল নিকেতন" —কবিক।
উরভ্র [সমূহার্থে—ঔরভ্রক = মেষসমূহ] বি, মেষ। ২। মেষজাত। ৩। (তাহা হইতে) কম্বলাদি। ৪। মেষমাংস। বিণ, ঔরভ্র।
উরমাল, উরুমাল (ল্) [ফা—রুমাল্ শব্দের হি—উচ্চারণবিকার। প্রা-বাং—পদ্যে ব্যবহার। হিন্দী কবি বিহারীলাল ইহা ব্যবহার করিয়াছেন। তুল—"মৌর মুকুট কটি কাছনী, কর মুরলী উরমাল" অন্যত্র—"লঘু ঢালৈঁ, লঘু লঘু করবালৈঁ, লঘু লঘু কর উরমালৈঁ।" —রঘুরাজ] বি, রুমাল। প্র—"ধায় পাইক চাপঢাল, ঢালে বান্ধে উরুমাল, পায় বান্ধে সোণার নূপুর।" —কবিকঙ্কণ। ২। রণসজ্জা বিশেষ ; অশ্বের উরুতে বাঁধিবার চামড়া ; উরুত্রাণ। প্র—"চারি পায়ে বান্ধিল ঘাঘর উরুমাল" —কবিকঙ্কণ।
উরশ্ছদ (দ্) [উরঃ (বক্ষঃ) ছদ্ + ণিচ্ (স্বার্থে) = ছাদি (আচ্ছাদন করা) + অ (করণে—খশ্) যাহা দ্বারা আচ্ছাদন করা হয়] বি, পুং, উরস্ত্রাণ ; বর্ম্ম ; কবচ ; সাঁজোয়া।
উরস (উরশ্) [উরস্—উর্ (সৌত্রিক ধাতু – গমনে, জ্ঞানে, প্রেমে) + অস্।—জ্ঞানের, প্রেমের আশ্রয়] বি, বক্ষঃ। প্র – "সোহাগ-তরঙ্গরাশি অঙ্গ খানি দিবে গ্রাসি উচ্ছ্বসি পড়িবে আসি উরসে গলে।" —রবি। "কি জানি কি জয় যুক্ত মাখা ইন্দ্রজাল, গর্ব্বিত উরসে তোর অরুণ অধরে" —ফুলরেণু।
উরসি (উরোশি) [উরস্ ৭মী ১ব – বাঙ্গালা পদ্য সাহিত্যে ব্যবহার দেখা যায়] অ, বক্ষঃস্থলে। প্র—"রূপসী শিরসি শশী, হরোরসি এলোকেশী মুণ্ডমালা, সুধা ঢালা, কুলবালা নাচিছে।" —রামপ্রসাদ।
উরসিজ (উরশিজ্, জ) [উরসি (বক্ষে) জ জন (জন্মান) + অ (কর্ত্তৃ ড)—বক্ষে যে জন্মে] খি, পুং, বক্ষোজ। ২। স্তন। [উরোজ দ্রঃ]
উরসিল (উরোশিল্) [উরস্ (বক্ষঃ)—ইল (প্রশস্ত অর্থে)] বিণ, প্রশস্ত বক্ষঃস্থল বিশিষ্ট ; বিশালবক্ষ।
উরসুনি (উরুশুনি) উর্হ্নি দ্রঃ।
উরস্ত্র [উরঃ (বক্ষঃ) + ত্র (ত্রৈ = ত্রাণ করা) + অ (কর্ত্তৃ—ড)—যে বক্ষঃস্থল ত্রাণ করে বা রক্ষা করে] বি, ক্লী, কবচ ; বর্ম্ম।
উরস্ত্রাণ (ন্) [উরঃ (বক্ষঃ) ত্রাণ ত্রৈ (ত্রাণ করা) + অন (করণে, অনট্)] বি, ক্লী, কবচ ; বর্ম্ম। উরস্ত্র দ্রঃ।
উরস্থল (ল্) [উরস্ (বক্ষঃ) স্থল] বি, ক্লী, বক্ষঃস্থল। প্র—"স্থূলতা উদরে ছিল, বলে তা লুঠিয়া নিল, উরস্থল জঘন দুজন" —কবিক।
উরস্বান্ (উরশ্‌শান্) [উরস্ (বক্ষঃ) + বৎ (প্রশস্তার্থে—বতু) ১মা একবচনে] বিণ, বিশালবক্ষ।
উরহ [উর—হ (ছন্দঃপূরণার্থ)] ক্রি, অবতীর্ণ হও ; আসিয়া অধিষ্ঠান কর। প্র—"কহে যোড় করে উরহ আমারে" —ভারতচন্দ্র।
উরহি (উ্রোহি) [উরসি দ্রঃ। ব্রজ] বুকে।
উরা [উরন – অবতরণ অর্থে 'উর' শব্দের প্রয়োগ। সৌত্রিক ধাতুর অনুজ্ঞার মধ্যম পুরুষের একবচনের অনুরূপ অব্যয়। মাইকেলে

'উর' ; উর (দ্রঃ)। কেবল পদ্যে] ক্রি, অবতীর্ণ হওয়া ; আবির্ভূত হওয়া ; আসিয়া অধিষ্ঠান করা। প্র—"পুস্তক লইয়া করে উর দেবী আসরে" —কবিকঙ্কণ।

উরি—আবির্ভূত হইয়া ; আসিয়া। মাইকেলে —উরি=উরিয়া। প্র—"উরি দাসে দেহ পদছায়া।" **উরিল**—উদিত হইল ; আবির্ভূত হইল। প্রকাশ পাইল। ব্রজ—উরল ; উরল।

উরু [উর্ (সৌত্রিক ধাতু – গমন করা) + উ (কর্তৃ, উক্)] গমনশীল। ২। প্রশস্ত ; বিশাল। ৩। মহৎ ; বড়। [বিরল]

উরুণস্ (উরুনশ্) [উরু (দীর্ঘ) নস্ (নাসিকা) যাহার (বহু), বহুব্রীহি সমাসে নাসা স্থানে নস্]' বিণ, দীর্ঘ নাসিকা যাহার ; নাক লম্বা।

উরুত, উরূত (ত্) বি, জানু ; জঙ্ঘা। প্র—"উরূতের উপরে উমার হস্ত রাখি। সহলে সহলে মলে তেলে জলে মাখি।" —শিবায়ন।

উরুবুক (ক্) [উরু (মহৎ) বুক্ (নষ্ট করা) + অ (কর্তৃ—অচ্) যে মহাব্যাধি নষ্ট করে] বি, পুং, এরণ্ড ; ভেরেণ্ডা গাছ। (যাহার ফলে তৈল হয়)।

উরুমাল (ল্)—উরমাল দ্রঃ।

উরোজ (জ, জ্) [উরঃ (বক্ষঃ) জ (জন্ = জন্মান) + অ (কর্তৃ—ড)—যে বক্ষে উৎপন্ন হয়] বি, পুং, বক্ষোজ : স্তন। [উরসিজ দ্রঃ]

উরোভূষণ (ন্) [উরস্ (বক্ষঃ) ভূষণ (অলঙ্কার)—৬তৎ] বি, ক্লী, বক্ষঃভূষণ ; হার।

উর্জ্জিত—উর্জ্জিত দ্রঃ। [শিবায়ন]

উর্ণনাভ (উর্‌নোনাভ্) [উর্ণ (সূত্র) নাভ (নাভিতে) যাহার (বহু)] বি, পুং, মাকড়্সা।
[দ্রঃ—যে চক্রান্তকারী ব্যক্তি আপনার কূটবুদ্ধি রূপ জালে আপনি বদ্ধ হয় উর্ণনাভের সহিত তাহার তুলনা করা হয়]।

উর্ণা [উর্ণ (আচ্ছাদন করা) + অ (কর্তৃ—অণ) —যে আবরণ করে] বি, স্ত্রী, মেষাদি পশুর লোম। ২। ললাটস্থ লোমযুক্ত আঁচিল।

উর্দ্দু [ফা—উরদু=বাদশাহী লস্কর ; তুর্কী-সেনানিবাস, ছাউনি—তাহা হইতে তথাকার ভাষা ; বাদশাহী সেনাদিগের ভাষা] বি, আকবর বাদসাহের সময় তাঁহার লস্করের বাজারে হিন্দু মুসলমানের মধ্যে যে ভাষায় কথাবার্তা আরম্ভ হইয়াছিল সেই মিশ্রিত লস্করী ভাষার নাম উর্দ্দু। "খিরদ্ আফ্রোজ্" নামক গ্রন্থ-মতে সাহ্জাহান বাদশাহের আমলে ইহার সৃষ্টি হয়। ইহাতে মূল হিন্দীর সহিত আর্বী ও ফার্সী শব্দের বহুল প্রয়োগ আছে এবং ইহা ফার্সী অক্ষরে লিখিত হয়। ইহা হিন্দুস্থানের ভিন্ন ভিন্ন প্রদেশের কথিত ভাষার সহিত যাবনিক ভাষার মিশ্রণে উৎপন্ন বলিয়া হিন্দুস্থানী ভাষাও বলে। তুল—*Lingua Franca*, the mixed language spoken by Europeans in the East. উর্দ্দু-ভারতের *Lingua Franca.*

উর্দ্দুনবীশ (নোবিশ্) [ফা—উর্দ্দু নবীস্] বি, যে উর্দ্দু ভাষা জানে ও তাহাতে কাজ করে।

উর্দ্দুবাজার (র্) [ফা-বাজার্] বি, বাদশাহী পল্টনের সঙ্গে যে বাজার থাকে। অধুনা ইংরেজ রাজত্বে তাহার নাম 'গোরা-বাজার'। প্র—"খাবি খেয়ে মরে লোক হাজার হাজার। তল গেল মাল মাত্তা উর্দ্দু বাজার।"—অন্নদামঙ্গল।

উর্ব্ব [উরু + অ] বি, পুং, ব্রহ্মর্ষি বিশেষ ; উর্ব্ব, ঔর্ব্ব দ্রঃ।

উর্ব্বর (র্) [উরু (অধিক)—অর (ঋ = গমন করা) + অ (কর্তৃ, অচ্) ঋ = অর ; যে অধিক পরিমাণে শস্যোৎপাদন করে] বি, শস্যোৎপাদক ভূমি ; প্রচুর ফসলদায়ী ক্ষেত্র। ২। উৎপাদক। ৩। সতেজ। স্ত্রী, উর্ব্বরা।

উর্ব্বরা—বিণ, স্ত্রী, উৎপাদিকা শক্তিবিশিষ্টা। ২। শস্যসম্পন্না।

উর্ব্বশী (উর্‌বোশি) [উরু (মহৎ) বশ্ (বশীভূত করা) + অ (কর্তৃ—অচ্) ঈপ্—স্ত্রী, যে মহৎ ব্যক্তিকেও রূপ দ্বারা বশীভূত করিতে পারে। নারায়ণের উরুসম্ভবা] বি, স্ত্রী, অপ্সরাগণের প্রধানা ; স্বর্গবেশ্যাদিগের প্রধানা। ২। কামরূপের নদী-বিশেষ।

উর্ব্বশীবল্লভ (ভ্) [উর্ব্বশী—বল্লভ (পতি)] বি, পুং, পুরূরবা। [মিত্র ও বরুণের অভিশাপে ইনি স্বর্গভ্রষ্টা ও মনুষ্যভোগ্যা হইয়াছিলেন]।

উর্ষ্নি [সং—বর্ষণ (ব=উ, ই=ইয়া) সম্বন্ধে =বর্ষার] বিণ, বষার জল যাহা চালের বাতা বা ছাঁইচ বাহিয়া পতিত হয়। উরশুনি দ্রঃ।

উল (ল্) [ইং—Wool (উর্ণা) শব্দজ] বি, উর্ণা ; পশম ; পশুলোম। তুলঃ—হি—উল।

উলঙ্গ [সং—উল্লগ্ন। হি—উলঙ্গ, বিকারে—উলাঙ্গ। উ (উদ্গত, উন্মোচিত) – লাঙ্গা (পরিধেয় বস্ত্র) স্ত্রী পক্ষে ; উলাঙ্গিনী (দ্রঃ) অথবা লুঙ্গী (পুরুষ পক্ষে) তাহা হইতে বিবস্ত্র অথবা উ (উদ্গাত) লগ্ (সংযোগ) + অ (কর্তৃ—অচ্) যে দেহে বস্ত্র সংযোগ করে না। বাং—উলাঙ্গ শব্দেরও প্রয়োগ দেখা যায়] বিণ, বিবস্ত্র ; অঙ্গাবরণহীন ; ন্যাংটা। প্র—"ধিয়া তাধিয়া তাধিয়া ভুত নাচে। উলাঙ্গী উলঙ্গে পিশাচী পিশাচে।"—অ, ম,। ২। দিগ্‌বসন। ৩। অনাবৃত ; উন্মুক্ত ; আদুড়। ৪। মুক্ত ; উদার ; অকপট ; খোলা ; সরল। প্র—"আমি চাই শিশু হেন উলঙ্গ পরাণ, মুখে মাখা সরলতা, কয় না সাজানো কথা, জানে না যোগাতে মন করি নানা ভাণ ; প্রাণ খোলা, মন খোলা, আপনি আপনা ভোলা, তার স্নেহ প্রীতি সবি হৃদয়ের টান। আমি চাই স্বরগের উলঙ্গ পরাণ!"—কাব্যকুসুমাঞ্জলি। স্ত্রী, উলঙ্গী, **উলঙ্গিনী, উলাঙ্গিনী, উলাঙ্গী**—বিবসনা ; দিগ্‌বসনা। প্র—"কে রণরঙ্গিণী যোগিনীসঙ্গিনী, হয়ে উলঙ্গিনী নাচিছে সমরে।"—দেওয়ান রঘুনাথ রায়। "উলঙ্গিনী অসি"—ঈশান বন্দ্যো (চিন্তাকাব্য)। "কে রণতরঙ্গে উলাঙ্গী ভীমা ভঙ্গিনী"—বাঙ্গালীর গান। "রঙ্গভূমে উলঙ্গী হয়ে নাচে কার মেয়ে।"—ঐ।

উলঙ্গিল, উলঙ্গিলা (উলোংগিলো) [উলঙ্গ শব্দজ ক্রিয়াপদ। উলঙ্গ + ইল (করা অর্থে)] ক্রি, উলঙ্গ করিল ; অনাবৃত করিল ; মুক্ত করিল : কোষমুক্ত করিল। প্র—"হুঙ্কারি কেহ উলঙ্গিলা অসি"—মেঘনাদ। [**উলাঙ্গিলও** ব্যবহৃত হয়]

উলট (ট্) [হি—উলট্। প্রাকৃ—অল্লট্ট] বি, উলটা ; বিপর্য্যয়। বিণ, উল্টা। ক্রি, উল্টান। ব্রজ—উলটল—উল্টাইয়া গেল। উলটায়ল—উল্টাইয়া দিল। উলটায়বি—উলটা করিবি। উলটায়—উল্টিয়া পড়ে। প্র—"অলিভরে উলটায়"—বি, প।

উলটকম্বল (উলোট্‌কম্‌বোল্) [উল্টা কমল (উচ্চারণ বিকারে কম্বল)] বি, দাক্ষিণাত্য ও মালদহ অঞ্চলের একজাতীয় গাছ ও তাহার বীজ [বাধকের মহৌষধ ; Abroma augusta.

উলট-পালট (উলোট্ পালোট্) [প্রাকৃ—অলট্ট পলট্ট (পার্শ্বপরিবর্ত্তন) শব্দজ—দেশী নামমালা (হেমচন্দ্র)] বি, তলাউপর, উপর নীচা করা। প্র—"উলট্ পালট করে বায় পাঁচ ছয়।" —শিবায়ন।

উলটি-পালটি [উলট্ পালট্ দ্রঃ] ক্রি-বিণ, বিপর্য্যস্ত হইয়া ; উলটাইয়া পাল্টাইয়া গড়াগড়ি দিয়া। প্র—"কত চেষ্টা যত্ন করি উলটি পালটি পড়ি"—কুঙ্কুম।

উলন (উলোন্) [উল্বণ শব্দজ] বি, শরীরস্থ পিত্ত এবং বাতের প্রকোপজনিত রোগবিশেষ ; বায়ুরোগ। প্র—নাড়ী ধরি স্থানে স্থানে করয়ে ভ্রমণ। আমি কাঁপি কাম জ্বরে সে বলে উলন।" —ভারতচন্দ্র।

উলপ (প্) [উল্ (দাহ করা) + অপ (কর্ম্মে-কপন্) যাহা দগ্ধ করা যায়] বি, পুং, ক্লী, উলুখড়। ২। প্রতানিনী ; গুল্মিনী। ৩। [প্রলেপ শব্দজ] ওলপ ; হাঁড়ি কলসি প্রভৃতির মুখ আবৃত করিবার প্রলেপ।

উলমা (উল্‌মা) [আ—ই.ল্‌ম্ (বিদ্যা-শব্দজ)] বিণ. বিদ্বান ; আরবী উপাধি। প্র—"শম্‌স্-উল্-উলমা।"

উলসিত (উ্‌ল্‌শিত) [উল্লসিত হইতে] বিণ. পুলকিত ; উল্লাসিত। প্র—উলসিত দুহে দোঁহা হেরি।" "উলসিত ভেল গোরি।" —বৈ পদাবলী।

উলসুতা (উল্‌শুতা) [ইং wool] বি. পশু-লোমের সূতা ; উর্ণা। প্র—"কেহ কিনে উলসুতা বুনাইতে মোজাজুতা"—চন্দন।

উলা (উলা) [অবতরণ অর্থে উরা (র=ল)। হি—উলার্ (যে-গাড়ির একদিক ঝুঁকিয়া বা নামিয়া পড়িয়াছে। হি—উলর্‌না=নামা। গ্রাঃ—ওলা ; তুল—ওলাউঠা ; ওলান=নামান। তুল—পেট নামান] ক্রি. নামা ; অবতরণ। প্র—বিষয়ে আসক্ত হয়ে, বিষের কূপে উলবো না গো। সুখ দুঃখ ভেবে সমান, মনের আগুন তুলব না গো॥"—রামপ্রসাদ।

উলান (উলানো) [উলা (দ্রঃ)র ণিজন্তরূপ] ক্রি. নামান ; অবতরণ করান। প্র—বেহুলা রন্ধন করি উলাইল ভাত।"—মনসার ভাসান।

উলি, উলিয়া [উলা দ্রঃ] ক্রি. নামিয়া ; অবতরণ করিয়া। প্র—"রথ হইতে উলিলেন চারি মহামতি"-কৃত্তিবাস। "তবে ধনঞ্জয় বীর রথ হৈতে উলি" —কাশী. মহা. আদি।

উলী [প্রা-বাং। ডাকের বচনে] বি. কুশল [অপ্র]

উলু [উলুক দ্রঃ] বি. স্বনামপ্রসিদ্ধ তৃণ ; উলুঘাস ; উলুখড়। প্র—উলুখাগড়া। উলুবন ; Imperata arandinacea. ২। —(উ্‌লু) [ধ্বন্যাত্মক শব্দ] স্ত্রীগণের উচ্চারিত উলুউলু রব ; উলুধ্বনি ; মঙ্গলধ্বনি ; আনন্দধ্বনি। প্র—"উলু, উলু, উলু ! সে আনন্দধ্বনি, ঘটাইল অন্তঃপুরে রঙ্গ-রণ-রণি !" —বিংশ শতাব্দীর বর —দেবেন্দ্র সেন।

উলুই [অলক্ষ্মী শব্দজ] বিণ. আকৃথুটে ; অপব্যয়ী। প্র—
"লঙ্কার বাণিজ্য যদি এনে দেয় ঘরে,
মেয়ে হলে উলুই উড়ায় আঁখিটারে॥"
—শিবায়ন।

২। [উলু দ্রঃ। হুলুইও বলে] বি. উলুধ্বনি ; সাপের উলুই—বোড়াসাপের উলুলু এইরূপ অনুকার শব্দ।

উলুকা [উল্কাশব্দের কোমলরূপ, পদ্যে] বি. উল্কা। ২। অগ্নি। ৩। মশাল। প্র—
"এতেক দেখিয়া পাণ্ডবের সেনাগণ।
উলুকা জ্বালিল লক্ষ লক্ষ সেইক্ষণ॥
দুই দুই উল্কা ধরি রথের উপর।
হেন মতে যোদ্ধাগণ করয়ে সমর॥"
—কাশী. মহা দ্রোণ।

উলুত-পুলত (উলুৎপুলুৎ) [উলটপালট দ্রঃ] বি. বহু অনুসন্ধান ; চতুর্দ্দিকের বস্তু ওলটপালট করিয়া অন্বেষণ।

উলুবোড়া—বি. সর্পবিশেষ ; পচাবোড়া ; ভয়ানক বিষাক্তসর্প।

উলুয়া [প্রাদে] বি. গরুর গাড়ির চাকার মধ্যবর্ত্তী হাঁড়ির (গোলাকার কাঠ) মধ্যস্থ গোলাকার লৌহ।

উলূক, উলুক (ক্) [উৎ (উপরি) লম্ (উড়া—নিপতনে), লুক্ (দর্শন করা)—যে বৃক্ষাদির উপর হইতে বা উড়িতে উড়িতে দর্শন করে] বি.পুং. নিশাচর পক্ষিবিশেষ ; পেঁচা ; পেচক। ২। দুর্য্যোধনের মাতুল, শকুনির পুত্র। ৩। ধর্ম্মঠাকুরের বাহন ; স্থানবিশেষে ধর্ম্মঠাকুরের মূর্ত্তিভেদ ; উলূক দেবতা। ৪। উলুখড়। ৫। দেশবিশেষ।

উলূখল (ল্)·[উদূখল শব্দজ] বি. ক্লী. উদূখল ; উখলি।

উলুপী, উলূপী (উলুপি) [উৎ=উ—লুপ্, ল্‌প্ (বিনাশ করা) + ইন=উলুপী। যে মৎস্যদিগকে বিনাশ করে] বি. পুং. শিশুমার ; শিশুক। স্ত্রী. উলূপী—বি. নাগরাজ কৌরব্যের কন্যা ; অর্জ্জুন-পত্নী।

উলূলু [উলু+উলু, বারম্বার অর্থে দ্বিত্ব] বি. পুং. স্ত্রীগণের মাঙ্গলিক ধ্বনি ; উলুধ্বনি। [পূঃ বঙ্গে—জোকার]

উলে যাওয়া (উলে জাওআ) [উলা দ্রঃ] ক্রি. নামিয়া যাওয়া ; অবতরণ করা। ২। বসিয়া যাওয়া ; নাবাল হওয়া। ৩। অপসৃত হওয়া ; ভারনামিয়া যাওয়া ; হালকা হওয়া ; লঘু হওয়া। প্র—"হয়ে কত জ্বালাতন করি অন্ন আহরণ, ঘরে এলে উলে যায় হৃদয়ের ভার" —বিহারীলাল চক্রবর্ত্তী।

উল্ক-ফুল্ক (উলকোফুলকো) [উল্ক (উল্কা শব্দজ) ফুল্ক (স্ফুলিঙ্গ শব্দজ)—উল্কা বা অগ্নিস্ফুলিঙ্গবৎ—অতিশয়ভয় হইলে মুখ চক্ষু প্রভৃতি বিস্ফারিত হয়, নেত্র হইতে তীব্র জ্যোতি নির্গত হয়। উল্কা, উল্কামুখী দ্রঃ] বিণ. ভয়চকিত।

উল্কা [উল্ (সৌত্রিক ধাতু—দাহ করা) + ক (কর্ত্তৃ—কন্—আপ্, স্ত্রী)] বি. স্ত্রী. আকাশ হইতে পতিত জ্বলন্ত প্রস্তরাদি ; বায়ব্য আলোক ; নভোমণ্ডলে ভ্রাম্যমাণ অগ্নি ; meteors. প্র—"তীর তারা উল্কা বায়ু শীঘ্রগামী যেবা, মনের অগ্রেতে বল যেতে পারে কেবা —ভারত।

২। স্ফুলিঙ্গ ; অগ্নিকণা। ৩। উখা ; মশাল। প্র—"রক্ষিগণ তাঁহার সেই কথা শ্রবণমাত্র অমনি সহস্র সহস্র উল্কা লইয়া দেখিতে চলিল।" —মহা-বিরাট (বর্দ্ধমান)।

উল্কাচক্র—বি. ক্লী. তন্ত্রোক্ত চক্রবিশেষ ; দীক্ষা বিষয়ক মন্ত্রের দোষগুণ-বিচারক যন্ত্রবিশেষ। ২। অগ্নিরাশি।

উল্কাজিহ্ব [উল্কা (অগ্নিকণা) জিহ্বা যাহার (বহু)—যাহার জিহ্বা অগ্নিশিখা স্বরূপ] বি. পুং. অগ্নি। ২। রাক্ষসবিশেষ।

উল্কামুখ (খ্) [উল্কা—মুখে যাহার (বহু)] বি. পুং. যাহার মুখ উল্কার মতন দেখায়। ২। প্রেতবিশেষ ; বিণ. ভয়চকিত।

উল্কামুখী (খি) [উল্কা (উল্কার মত) মুখ (বদন) যাহার (বহু)—যাহার মুখ অগ্নিকণার মতন রক্তবর্ণ] বি. স্ত্রী. খ্যাক্‌শিয়ালী ; অন্ধকার রাত্রিতে ইহার মুখ ব্যাদান করিলে অগ্নিবৎ উজ্জ্বল দেখায়। ২। আলেয়া। ৩। ক্রোধবশত যে সকল কামিনীর মুখ রক্তবর্ণ হয়।

উল্কি (উল্‌কি) [স্ত্রীলোকদিগের কপোলস্থ চিত্র রচনার নাম চিত্রক। চিত্রক পরে 'চিতা' হয়। কপালে সূচীবিদ্ধ করিয়া স্থায়ী রঙ্গের ফোঁটা বা টীপ কাটাকে 'চিতাকাটা' বলে। উৎকলে ও বঙ্গের স্থানে স্থানে চিতা কাটা শব্দের প্রয়োগ আছে। ক্রমে ললাটে ললাটিকা ও কণ্ঠে বক্ষে এবং বাহু প্রভৃতি অঙ্গে অলঙ্কারের অনুকরণে চিত্র রচনা বা অলঙ্ক্রিয়া হইতে (গ্রাম্য—উল্কি) শব্দ আসিয়াছে। অলঙ্কার ধারণের ভাব হইতে "উল্কিপরা" শব্দের উৎপত্তি] বি. দেশভেদে নরনারীগণ কপালে বক্ষে বাহুতে এবং অন্যান্য অঙ্গে সূচীবিদ্ধ করিয়া ছাপ ধারণ যে কৃষ্ণবর্ণ বা সবুজ বর্ণের চিহ্ন বা চিত্রবিচিত্র করে, তাহাকে উল্কি বা উল্কী বলে। প্র—"সিন্দুরের বিন্দু সহ কপালেতে উল্কি" —ঈশ্বর গুপ্ত।

"কপালের একটী ছোট উল্‌কি টীপের মত দেখাইত।" —বঙ্কিম (কমলাকান্তের দপ্তর)।

উল্টন, উল্টান (উল্‌টোনো, উল্‌টানো) [উলুণ্ঠন শব্দজ। হি—উলট্‌না। গ্রা—ওল্টানো] উলট পালট হওয়া ; তলা উপর হওয়া। ২। পরিবর্ত্তিত হওয়া ; বদলাইয়া যাওয়া ; পরিবর্ত্তন করা ; বদলান। প্র—পথ উল্টান। ৩। বিপরীত করা। ৪। উবুড় হওয়া ; হেঁট মুখ হওয়া। ৫। পালটা আসা বা যাওয়া ; ফিরিয়া আসা। ৬। উক্তি প্রত্যাহার করা ; অস্বীকার করা ; কথার খেলাপ করা। প্র—কথা উলটানো। ৭। বিপর্য্যস্ত হওয়া। ৮। গত হওয়া ; নূতনকে স্থান দেওয়া। প্র—কলি উলটান।

উল্টা [হি—উল্টা। সং—উৎপ্লুত] বিণ. বিপর্য্যয় ; বিপরীত। ২। বিপক্ষ ; প্রতিকূল ; বিরূপ। ৩। ব্যতিক্রম। ৪। অসঙ্গত। ৫। বিলোম ; প্রতিলোম। ৬। বৈষম্য। **উল্টাপাল্টা**

[প্রাকৃ—অল্লট্ট-পল্লট্ট (পার্শ্ব পরিবর্ত্তন) শব্দজ (হেমচন্দ্র) উলট পালট দ্রঃ] বিণ. ফেরফার ; বিপর্য্যয়। **উল্টাবাজি** [হি—কলাবাজী] বি. ডিগবাজী, মাথা নীচু করিয়া উল্টাইয়া পড়া। **চড়ি উল্টান** [গ্রা] ক্রি, মরা।

উল্টাবুঝ—বিণ. বিপরীত বুদ্ধিবিশিষ্ট ; ভ্রান্ত।

উল্টারথ (থ্) বি. জগন্নাথদেবের পুনর্যাত্রা। জগন্নাথদেবের দক্ষিণাভিমুখে রথযাত্রা।

উল্টে—ক্রি-বিণ. ফিরাইয়া ; বিপক্ষে ; পরিবর্ত্তে ; পাল্টে। **উল্টে চোরা মশান গায়**—চোর নিষ্কৃতি লাভের জন্য সাধুকে চোর বলে। নিজের দোষ ঢাকিবার জন্য পরকে দোষী করা। [মশান গাওয়া দ্রঃ]

উল্মুক (উলমুক্) [উল্ (দগ্ধ করা—সৌত্রিক-ধাতু) + মুক (কর্ত্তৃ—মুকন্)—যে দগ্ধ করিতে পারে] বি, ক্লী, জ্বলন্ত অঙ্গার। ২॥ বৃষ্ণিবংশীয় রাজা [বলরামের ঔরসে রেবতীর গর্ভে ইঁহার জন্ম হয়]।

উল্লঙ্ঘন (উল্‌লংঘন্) [উৎ—লন্ঘ্ (অতিক্রম করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. অতিক্রম। ২। উল্লম্ফন ; ডিঙ্গান। প্র—"মহাবাহু বৃকোদর * * * দ্রুতবেগে একটা প্রাচীরোপরি আরোহণ করিলেন এবং অবলীলাক্রমে তাহা উল্লঙ্ঘন পূর্ব্বক রাজ-ভবনের বহির্ভাগে নিপতিত হইয়া * * * ধাবমান হইলেন।" —মহা. বিরাট (বর্দ্ধ)। ৩। লম্ফ ; লাফালাফি। প্র—"দুইটি কুকুর খেলা করিতেছে। একটী ছুটিতেছে আর একটী তাহার অনুসরণ করিতেছে। নিকটস্থ হইয়া উভয়ে উভয়কে কামড়াইতেছে উল্লঙ্ঘন করিতেছে * * *" —বিমলা (দামোদর)। ৪। বিরুদ্ধাচরণ।

উল্লঙ্ঘনীয় [উৎ—লঙ্ঘ + অনীয় (কর্ম্মে)] বিণ. যাহা অতিক্রম করা আবশ্যক বা উচিত ; লঙ্ঘনীয়। ২। লম্ফ দিয়া যাহা পার হওয়া যাইতে পারে ; উল্লম্ফনীয়।

উল্লঙ্ঘিত (ল্লো) [উৎ—লঙ্ঘ্ + ত (কর্ম্মে) যাহা লঙ্ঘন করা হইয়াছে] বিণ, অতিক্রান্ত।

উল্লম্ফন (উল্‌লম্‌ফন্) [উৎ (উর্দ্ধে)—রন্ফ (গমন করা) + অন—(ভাবে—অনট্) র = ল] বি. ক্লী. লম্ফ দিয়া পার হওয়া ; ডিঙান ; লাফান। ২। অতিক্রমণ ; বিরুদ্ধাচরণ।

উল্লম্ফনীয় (উল্‌লম্‌ফোনিও) [উৎ—রন্ফ + অনীয় (কর্ম্মে)] বিণ. যাহা লাফ দিয়া পার হওয়া যায় ; উল্লঙ্ঘনীয় ; লঙ্ঘনযোগ্য।

উল্ললিত (উল্‌লোলিত) [উৎ (অতিশয়) লল্ (কাঁপা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. প্রকম্পিত ; আন্দোলিত। ২। বিকম্পিত। ৩। তরঙ্গায়িত। ৪। ব্যাকুলিত।

উল্লসৎ (উল্‌লশৎ) [উৎ—লস্ (ক্রীড়া করা অৎ (কর্ত্তৃ—শতৃ) ১মা ১ব] বি. শোভমান ; প্রফুল্ল। ২। ক্রীড়মান ; খেলৎ [বাঙ্গালায় স্বতন্ত্র ব্যবহার নাই]

উল্লসন (শন্) [সং—উদ্ধর্ষণ, উদ্ধৃষ (রোমাঞ্চ)] বি. লোমাঞ্চ ; রোমহর্ষণ ; উলসিয়া উঠন।

উল্লসিত (উল্‌লোশিতো) [উৎ—লস্ (ক্রীড়া করা) + ত (কর্ত্তৃ, ক্ত) যে উল্লাসযুক্ত হইয়াছে] ক্রীড়িত। ২। আনন্দিত ; হর্ষাবিষ্ট উৎফুল্ল। ৩। প্রকাশিত ; বিশোভিত। ৪। স্ফুরিত। ৫। উদগত ; বিকসিত।

উল্লাপ (প্) [উৎ (উচ্চ) লপ্ (বলা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং. শোকাদি জন্য উচ্চধ্বনি ; বিলাপ। ২। শোক এবং রোগাদি জন্য স্বরভঙ্গ। ৩। রোগ কিম্বা শোকাদি জন্য অযথা প্রলাপ।

উল্লাপন (ন্) [উৎ-লপ্ + ণিচ্ = লাপি (প্রকাশ করণে) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. শাস্ত্রার্থপ্রকাশ ; শাস্ত্রব্যাখ্যা ; বিবৃত ভাবে শাস্ত্রের মর্ম্মপ্রকাশ। ২। আত্ম-অভিপ্রায় প্রকাশ।

উল্লাপ্য (উল্‌লাপ্‌প) [(উৎ—লাপি + য (কর্ম্মে—যক)] বিণ. "এক অঙ্কে গ্রথিত এবং প্রেম ও হাস্য ইহার জীবন। ইহার বিষয়টি পৌরাণিক এবং নাট্যঘটিত কথোপ-কথন মধ্যে সঙ্গীতে গেয়।"

—ঐতিহাসিক রহস্য।

উল্লাল (ল্) [উৎ—লল্ (ক্রীড়া করা) + অ (কর্ত্তৃ—ঘঞ্)] বি, শিশুর হাত পা আছড়াইয়া টিক্‌লি দিয়া খেলা বা ক্রোড়স্থ শিশুর নৃত্য)। প্র—
"বুকে আরোপিয়া পদ করেন উল্লাল।"

—ঘনরাম।

উল্লাস (উল্‌লাস্) [উৎ—লস্ (ক্রীড়া করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং. ক্রীড়া। ২। আনন্দ ; আহ্লাদ। ৩। প্রকাশ। ৪। বিকাশ। ৫। উজ্জ্বলতা। ৬। গ্রন্থের পরিচ্ছেদ। ৭। উত্তোলন। ৮। বৃদ্ধি। [দ্রঃ—বিজয় লাভে যে সাময়িক আনন্দ তাহার নাম **উল্লাস**। যে কোন কারণে আনন্দ স্থায়ী হইলে তাহাকে **হর্ষ** বলে। আহ্লাদে বা হর্ষে রোমাঞ্চ হইলে তাহা **পুলক** নামে অভিহিত হয়]। বিণ, উল্লাসিত।

উল্লাসী (উল্‌লাসি) [উৎ—লাস + ইন্ (অস্ত্যর্থে = উল্লাসিন্—১মা—১ব)] বিণ. ক্রীড়নশীল ; আনন্দযুক্ত। স্ত্রী. **উল্লাসিনী**।

উল্লিখিত [উৎ (উপরি)—লিখ্ (লেখা, বলা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, উপরিলিখিত। ২। পূর্ব্বকথিত। ৩। কীর্ত্তিত। ৪। নির্দ্দিষ্ট। ৫। চিত্রিত ; অঙ্কিত। ৬। উৎকীর্ণ। ৭। কুন্দিত ; চাঁচা।

উল্লু [সং—উলূক (পেচক) হইতে হি—উল্লু (কালপেঁচা)। হিন্দুস্থানে প্রবাদ আছে ইহার মাংস খাইলে লোক হাবা কালা ও বোকা হয়. এই প্রবাদ হইতে উল্লু অর্থে হাবা-বোকা ; আরও প্রবাদ আছে, যে ভিটায় উল্লু ডাকে, তাহা উজাড় হইয়া যায়। তুল—ভিটায় ঘুঘু-চরা] বি. পেচক। ২। মূর্খ ; নির্ব্বোধ ; হাবাকালা ; হাবা-বোকা।

উল্লুক (ক্) [উৎ (উচ্চ) লুক্ = উক্ (উক উক বা উকু উকু শব্দ)—যে উচ্চ রবে উকু উকু শব্দ করে] বি, পুং ; ধনকৃষ্ণবর্ণ দীর্ঘ বাহু বনমানুষ-জাতীয় বানরবিশেষ ; gibbon. "ভারতবর্ষের আসাম, চট্টগ্রাম প্রভৃতি অঞ্চলে এবং ব্রহ্মদেশে একজাতীয় গিবন আছে, বাঙ্গালায় তাহাদিগকে উল্লুক বলে। উল্লুক উচ্চে দুই হাতের বেশী হয় না। হাত বেশী লম্বা, ঝুলাইয়া দিলে মাটীতে ঠেকে। ইহারা সকাল সন্ধ্যাবেলা খুব বেশী ডাকে। ইহাদের "উকু উকু" কর্কশ চীৎকার প্রায় এক মাইল দূর হইতে শুনা যায়।"

—পশুপক্ষী।

২। [উল্লু দ্রঃ। বানরের বুদ্ধির সহিত উল্লুর শব্দসাদৃশ্য ও প্রবাদ মিশ্রিত হইয়া 'উল্লুর অর্থ প্রকাশ করে] বিণ. নির্ব্বোধ ; মূর্খ ; বেআক্কেল। প্র—"বরের কাণের কাছে গিয়া শত গালি দিল কেহ—বর তুমি বড়ই উল্লুক।"

—বিংশশতাব্দীর বর (দেবেন্দ্র সেন)।

ন [উৎ-লুণ্ঠ্ (লুঠ করা) + অন (ভাবে-অনট্)] বি. পুং. লুঠ করিয়া লওয়া। ২। উলটপালট করা। ৩। পরিহাস করা ; ঠাট্টা করা। [বিরল]

উল্লেখ (খ্) [উৎ-লিখ্ (অঙ্কিত করা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. পূর্ব্ব-কথন। ২। দৃষ্টান্ত প্রদর্শন। ৩। নির্দ্দেশ। ৪। খনন। ৫। অর্থালঙ্কারবিশেষ ; allusion. [দ্রঃ—যথা, হেন প্রভৃতি শব্দ থাকিলে ইহাই উপমা অলঙ্কার হয়] প্র—"সাজিলা রথীন্দ্রর্ষভ বীর-আভরণে, হৈমবতীসুত যথা নাশিতে তারকে মহাসুর ; কিম্বা যথা বৃহন্নলারূপী কিরীটী, বিরাট পুত্রসহ, উদ্ধারিতে গোধন, সাজিলা শূর শমীবৃক্ষমূলে।"

—মেঘনাদ।

৬। [সংস্কৃত অলঙ্কার মতে] এক বস্তুর অনেক প্রকার উল্লেখ। প্র—
"যেমন পদ্মিনী সতী, মিলিল তেমনি পতি,
রাজকুল চক্রবর্ত্তী ভীম।
ধর্ম্মে ধর্ম্মপুত্র সম, রূপে সহদেবোপম।
বীর্য্যে পার্থ বিক্রমেতে ভীম॥"

—পদ্মিনী উপাখ্যান।

উল্লেখন (ন্) [(উৎ—লিখ্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ভূমি বিদারণ ; খনন। ২। নির্দ্দেশ ; কথন ; কীর্ত্তন। ৩। উৎকীর্ণন ; খোদন। ৪ কুন্দন ; চাঁচা ছোলা। ৫। বমন [প্র, অ,]

উল্লেখনীয় (উললেখোনিও) [উৎ—লিখ্ অনীয় + (কর্ম্মে) যাহা উল্লেখের আবশ্যক বা যোগ্য] বিণ, নির্দ্দেশ্য ; উল্লেখ্য।

উল্লোল (ল্) [উৎ (উপরি) লোল্ (চঞ্চল হওয়া) + অ (কর্ম্মে—ঘঞ্) যে বায়ুদ্বারা চালিত হয়] বি, পুং, বৃহৎ তরঙ্গ ; ঢেউ। ২। [ঘঞ্—কর্ত্তৃ] দোদুল্যমান ; হিল্লোলিত।

উল্বণ (উল্লন্) [উৎ (উপরি) লু (যোগকরা) + অন (কর্ত্তৃ—অনট্) (নিপাতন)] বিণ, প্রবল ; উৎকট। প্র—
"উল্বণ চর্ব্বণে ফের ফুরাল ব্যঞ্জন।"
শিবায়ন।
২। বিশদ। ৩। সুস্পষ্ট ; স্ফুট ; ব্যক্ত। ৪। তীক্ষ্ণ। ৫। বি, বায়ুপিত্ত-বিকার বা বাতপিত্তের প্রাবল্য জন্য রোগবিশেষ। প্র—"আমি কাঁপি কামজ্বরে সে বলে উল্বণ।"
—ভারতচন্দ্র।

উল্সন (উল্শোনো) [সং—উল্লাস, উল্লাসন] ক্রি, উল্লাসিত হওয়া ; হৃষ্ট হওয়া ; আনন্দে কণ্টকিত হওয়া।

উশনাঃ, উশনা [বশ্ (ইচ্ছা করা) + অনস্ (কর্ত্তৃ—অনস্ক্)—সংজ্ঞার্থে। ব—স্থানে উ] বি, পুং, ভৃগুমুনির পুত্র শুক্রাচার্য্য ; অসুর গুরু। প্র—"উশনা কুশপাণি চিন্তিয়া সঞ্জীবনী মন্ত্রিত কৈল কুশ জল" —কবিক।

উশীনর (র্) চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ ; শিবি রাজার পিতা।

উশীর (র্) [বশ্ (ইচ্ছা করা) + ঈর (কর্ম্মে—ঈরক্)—সংজ্ঞার্থে] বি, পুং-ক্লী, গন্ধতৃণ বিশেষের মূল ; বেণার মূল ; খশ্খশ্। প্র—
"আমরা সবুজ অসঙ্কোচে,
আমরা তাজা,—গৌরবে,
আমোদ করি সবুজ মোহে,
উশীর-ঘন-সৌরভে"
—সবুজপত্র, ১৩২১ বৈশাখ।

উশীরবীজ (জ্) [উশীরের বীজ, ৬তৎ] বি, পুং, বেণার মূলের বীজ।

উশীরস্তম্ব [উশীরের (বেণার মূলের) স্তম্ব (গুচ্ছ) ৬তৎ] বি, পুং, বীরণ-মূলের গুচ্ছ। বেণামূল বা খসখস তৃণের গোছা।

উশুল (ল্) [উ—উসূল্। আ—বাসিল্ শব্দজ। ওয়াশীল দ্রঃ] বি, আদায়। বিণ, উশুলী—যাহা উশুল দিতে হইবে বা হইয়াছে।

উষ [উষ্ (দাহ করা) + অ (কর্ত্তৃ, অচ)—যে দাহ জন্মায়] বি, পুং, ক্ষার মৃত্তিকা। ২। প্রভাত। ৩। [কর্ম্মে—অ] যাহাকে সন্তাপ জন্মায় ; কামুক। ৪। গুগ্গুল। স্ত্রী, উষা।

উষখুষ (ষ্ ষ্) [হি—অস্থাস্না, অস্থসানা বি, উসখুস্ দ্রঃ।

উষণ (ন্) [উষ্ (দাহ বা জ্বালা করা) + অন (করণে—অনট্) যাহা দ্বারা কণ্ঠে দাহ জন্মে] বি, ক্লী, মরিচ। ২। পিপুলমূল ৩। শুঁট। স্ত্রী, উষণা।

উষদ্রু—বি, পুং, যদুবংশীয় জনৈক রাজা ; ইনি সর্ব্বদা যজ্ঞানুষ্ঠান করিতেন বলিয়া প্রসিদ্ধ হন।

উষসি (উষোশি) [উৎ—শ্বাস—উচ্ছ্বাস শব্দজ ব্রজবুলিতে—'উসসি'] ক্রি, দীর্ঘ নিশ্বাস ত্যাগ করিয়া। প্র—"উষসি উষসি খসি খসি পড়ু নোর। গদগদ কণ্ঠ শব্দ ঘন ঘোর॥" —বি, প, (ন, গুপ্ত)।
"উসসি উসসি পড় খসি খসি আলি আলিঙ্গন চাহে।" —বিদ্যাপতি।

উষসী—উষসী দ্রঃ।

উষা—বি, স্ত্রী, ভোররাত্রি ; ব্রাহ্ম মুহূর্ত্ত ; অরুণোদয়ের পূর্ব্বক্ষণ। যখন পক্ষিগণ বাসায় থাকিয়া ধ্বনি করে কিন্তু বাসা ত্যাগ করে না। এই কালকেই উষা বলে ইহা যাত্রা বিষয়ে মঙ্গলজনক। প্রত্যূষ ; প্রভাত [উষা দ্রঃ]

উষাকাল (ল্) [উষা—কাল (কল্ = গণনা করা) + অ (করণে—ঘঞ্) যাহার শব্দ দ্বারা রাত্রি শেষ হইল বলিয়া অনুমান করা হয়] বি, পুং, কুক্কুট। ২। [উষা দ্রঃ] প্রাতঃকাল।

উষাপতি (উ্ষাপোতি) [উষার পতি (স্বামী) ৬তৎ] বি, কৃষ্ণের পৌত্র, প্রদ্যুম্নের পুত্র, অনিরুদ্ধ।

উষিত [উষ্ (দাহ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা দগ্ধ করা হইয়াছে ; দগ্ধীভূত। ২। পর্য্যুষিত ; বাসি। ৩। [বস্ (বাস করা) + কর্ত্তৃ—ক্ত] স্থিত ; নিবিষ্ট ; কৃতনিবাস। ৪। ত্বরিত। [বাঙ্গালায় অস্তশব্দ বা উপসর্গযোগে ব্যবহৃত হয়]

উষিপিষি, উষিমুষি [হি—উসর-পসর ; উসল্-পসল্ (তুল—ওঁজোল-পাঁজল) উসখুস দ্রঃ] বি, অস্থিরতা ; ব্যস্ততা। ক্রি, উষিপিষি করা ; উষিমুষি করা = উষ্খুস্ করা ; অস্থির হওয়া ; ব্যস্ততা প্রকাশ করা ; উঠিয়া যাইবার জন্য চঞ্চল হওয়া। প্র—"ঘরে শচীমায় উঠিবারে চায় উষিমুষি করে প্রভু।"
—চৈতন্যমঙ্গল।
"রাত্রি শেষ হৈল বেশ্যা উষিপিষি করে"।
—চৈতন্যচরিত।

উষোশ (উষোশ্) [প্রা-দে] বি, অবসর ; অবকাশ।

উষ্কণ (ন্) [সং—উৎকর্ষণ] বি, উজ্জ্বলকরণ ; প্রদীপ্ত করণ।

উষ্কা [হি—উস্কন্। সং—উৎকর্ষণ। হি—ক্রি-বিণ, উস্কা। উক্সন (ভৃত্যা)

উষ্কাফুষ্কা [প্রায়ই—উস্কোফুস্কো। উষ্কা = শুষ্ক। খুষ্কা = খুশ্‌ক্ অর্থাৎ শুষ্ক। সহচর শব্দে ইহার সহিত হি—উস্কনো বাং ওস্কানোর (খোঁচা দিয়া ফুলান বা কাঁপান) ভাব মিশ্রিত আছে। ফুষ্কার সহিত স্ফীত হওয়ার ভাব জড়িত] বিণ, শুষ্ক এবং স্ফীত ; কেশ তৈলহীন সুতরাং শুষ্ক রুক্ষ এবং ফাঁপান ; দেহ তৈলহীন সুতরাং রুক্ষ এবং শুষ্ক।

উষ্খুষ্ [হি—অস্থাস্না। উস্খুস দ্রঃ] ক্রি-বিণ, অস্থির ; ব্যস্ত ; চঞ্চল। ২। খুস্খুস্ দ্রঃ। কাশির বেগ ; খক্ বা চিড়্ চিড়্। প্র—গলা উষ্খুষ্ করা।

[বস্ (বাস করা) ট্র (কর্ত্তৃ—ষ্ট্রন্) (ব = উ) যে মরুভূমিতে বাস করে। তুলঃ—আ—উস্তুর্, ফা—সুতুর্] বি, পুং, ক্রমেলক ; উট্ ; camel। স্ত্রী, উষ্ট্রী। **উষ্ট্রকণ্টকভোজনন্যায়**—উষ্ট্রের শমীকণ্টকভোজনবৎ অর্থাৎ অল্পমাত্র ভোজনসুখের জন্য অধিক কষ্ট স্বীকার করিয়া কণ্টকচর্ব্বণতুল্য। ইহা সামান্য সুখ হেতু বহু দুঃখভোগী সাংসারিকের প্রতি প্রযুক্ত হয়।

উষ্ট্রগ্রীব [উষ্ট্রের গ্রীবার মত আকৃতি বলিয়া] বিণ, উষ্ট্রের মত গ্রীবাবিশিষ্ট। ২। বি, ভগন্দর রোগ।

উষ্ট্রিকা [উষ্ট্র + ইক (ইকণ্) স্ত্রীং—আপ্] বি, স্ত্রী, স্ত্রী-উট ; উষ্ট্রী ; উট্‌নী। ২। মৃন্ময় মদ্য ভাণ্ড।

উষ্ণ (উষ্‌ট্) [উষ্ (দাহ করা) + ণ (কর্ত্তৃ ণক) যে দাহ জন্মায়] বি, পুং, আতপ ; রৌদ্র ; খরা। ২। গ্রীষ্মকাল। ৩। উষ্মা। ৪। [উষ্ণবীর্য্য বলিয়া] পলাণ্ডু। ৫। বিণ, তপ্ত ; গরম। ৬। তীব্র। ৭। উত্তেজিত। ৮। ক্রুদ্ধ। ৯। তৎপর ; আলস্যহীন। স্ত্রী, উষ্ণা—বি, সিদ্ধচাউল। ২। সন্তাপ। ৩। পিত্ত। ৪। যক্ষ্মারোগ।

উষ্ণক (ক্) [উষ্ণ + ক (স্বার্থে)] বিণ, উষ্ণকারক ; সন্তাপক ; জ্বর। ২। অনলস। ৩। ক্ষিপ্রকারী।

উষ্ণকটিবন্ধ (উষ্‌টকোটিবন্ধ) [ভৌগোলিক পরিভাষা] বি, পুং, উত্তরায়ণবৃত্ত বা কর্কটক্রান্তি এবং দক্ষিণায়নবৃত্ত বা মকরক্রান্তির অন্তর্ব্বর্ত্তী ভূমিভাগ ; Torrid zone.

উষ্ণকর (র) [উষ্ণ—কর (কৃ + কর্ত্তৃ—অন)—যে উষ্ণ করে] বিণ, উষ্ণকারক। ২। [উষ্ণ—কর (কিরণ) যাহার] বি, পুং, সূর্য্য ; মার্ত্তণ্ড। ৩। অগ্নি।

উষ্ণকাল (উষ্‌টঁকাল্) [যে কাল উষ্ণ (কর্ম্মধা)] বি, পুং, গ্রীষ্মকাল ; বসন্তের পরবর্ত্তী এবং বর্ষার পূর্ব্ববর্ত্তী ঋতু ; গরমি কাল।

(উষ্‌টঁনোদি) [উষ্ণ (তপ্ত নদী (কর্ম্মধা)] বি, স্ত্রী, বৈতরণী নদী পাপীর পক্ষে ইহার জল উষ্ণ। বৈতরণী দ্রঃ। [দ্রঃ—"জ্বলে জ্বলে পাপ প্রাণ তপ্ত তৈলে যেন॥" —মেঘনাদ
"দক্ষিণ দুয়ারে বহে বৈতরণী নদী।
পাপীর শরীর দহে পরশয়ে যদি॥"
—মহা, স্বর্গারোহণ (রাজকৃষ্ণ)

উষ্ণবীর্য্য (উষ্‌টঁবীর্‌জ) [উষ্ণ (প্রবল বীর্য্য (শৌর্য্য, বল) যাহার—বহু] বি, পুং সূর্য্য। ২। তেজস্কর দ্রব্য। ৩। শুশুক

উষ্ণরশ্মি (উষ্‌টঁরোশ্‌শিঁ) [উষ্ণ (তপ্ত রশ্মি (কিরণ) যাহার (বহু)] বি, পুং খরাংশু ; উষ্ণাংশু ; তিগ্মাংশু ; উষ্ণকিরণ ২। সূর্য্য। ৩। অর্কবৃক্ষ ; আকন্দ।

উষ্ণাগম, উষ্ণোপগম (ম্) [উষ্ণ (উষ্মা – রৌদ্র) আগম (উপস্থিত) যেকালে উষ্ণের উপগম (আগম) সেকালে (বহু)] বি, পুং, গ্রীষ্মঋতু ; গরমিকাল।

উষ্ণালু [উষ্ণ + আলু (প্রত্যয় – আর্ত্ত অর্থে] বিণ, যে উত্তাপ সহ্য করিতে পারে না। ২। আতপক্লান্ত।

উষ্ণিক (উষ্‌নিক্, উষ্‌টিঁক্) [উৎ (উর্দ্ধে) স্নিহ্ (স্নিগ্ধ করা) + (ক্বিপ্ কর্ত্তৃ), ত্ লোপ, স্ন—ষ্ণ ; হ্ = ক্। যে উর্দ্ধদেশ বা মস্তক স্নিগ্ধ করে] বি, স্ত্রী, উষ্ণীষ ; শিরস্ত্রাণ ; শিরোবেষ্টন ; পাগড়ি। ২। বেদাদির সপ্তাক্ষর ছন্দোবিশেষ।

উষ্ণিকা [উষ্ণ (তপ্ত অন্ন) + ক + আপ্—স্ত্রী] বি, স্ত্রী, যবের মণ্ড ; যাউ।

উষ্ণীষ (ষ্টিঁষ্) [উষ্ণ (তাপ) ঈষ্ (দূর করা) + অ (কর্ত্তৃ—অচ্) যে তাপ দূর করে] বি, পুং, শিরোবেষ্টন ; পাগড়ি। ২। কিরীট। ৩। বিশেষ চিহ্ন বা নিদর্শন।

উষ্ণীষধারী (উষ্‌টিঁষ্‌ধারী) [উষ্ণীষ (শিরোবেষ্টন) ধারী (ধৃ + ইন্—কর্ত্তৃ, ণিন্)] বিণ, ধৃতোষ্ণীষ ; যাহার মাথায় পাগড়ি আছে ; কিরিটী।

উষ্ণোদক (উষ্‌টোঁদক্) [উষ্ণ (তপ্ত)- উদক (জল)—কর্ম্মধা] বি, স্ত্রী, তপ্তজল ; গরমজল।

উষ্ণোপগম (উষ্‌টোঁপোগম্) [উষ্ণের উত্তাপের—উপগম (উপস্থিত) হয় যে কালে (বহু)] বি, পুং, গ্রীষ্মঋতু ; গ্রীষ্মকাল।

উষ্ম (উষ্‌ষঁ) [উষ্ (দাহ করা) + মন্ (অধি—মন্) যে সময়ে দাহ জন্মায়] বি, পুং, গ্রীষ্মঋতু ; গরম কাল। ২। তীব্রতা। ৩। সম্যক্ তাপ উত্তাপ। ৪। রাগ ; ক্রোধ ৫। [ব্যাকরণে] শ, ষ, স, হ, এই বর্ণ চতুষ্টয়। ৬। স্বেদ-জল, ঘর্ম্ম। প্র—"উমার উষ্মায় উপজিল মশাগণ। লাখে লাখে ধেয়ে পাখে ডাকে পন্ পন্॥"—শিবায়ন। ৭। গরমি ; গুমোট। **উষ্ম করা** [গ্রা, প্রাদে] উত্তপ্ত হওয়া গা গরম হওয়া ; জ্বর হওয়া। প্র—তার গা'টা কেমন উষ্ম করেছে। ২। গুমট হওয়া গুমট করা। প্র—আজ এমন উষ্ম করে আছে বোধ হয় রাত্রে জল হ'তে পারে।

উষ্মক (ক্) [উষ্ম + ক (স্বার্থে-কন্)] বি, পুং, গ্রীষ্মঋতু ; গ্রীষ্মকাল।

উষ্মাকার (উষ্‌ষাঁকার্) [উষ্ম—আকার (শরীর) যাহার (বহু)] বিণ, তেজস্বী প্রঃ—"ব্রহ্মার সদৃশ গুরু বড় উষ্মাকার" —কৃত্তিবাস

উষ্মান্বিত (উষ্‌ষাঁন্‌নিতো) [উষ্ম—অন্বিত (যুক্ত)] বিণ, রাগান্বিত ; ক্রোধযুক্ত ; রুষ্ট প্র—"যবনাধিপতি উষ্মান্বিত হইয়া পুনর্ব্বার যুদ্ধারম্ভ করিল।"—পুরুষপরীক্ষা।

উষ্মামতি (উষ্‌ষাঁমোতি) [উষ্মা – মতি বিণ, ক্রোধমতি ; ক্রোধান্বিত। প্র—"করে ভস্ম উষ্মামতি—ভয়ঙ্কর বেশ।" —ঘনরাম (ধ, ম)।

উসখুস, উসখুষ (উশ্‌খুশ্) [হি—অস্‌খসা না, অস্‌খাস্‌না। বাং উস্‌খুস্‌ও বলে ; শব্দাত্মক পদ] বি, চলাফেরা বা দেহাদির সঞ্চালনে বস্ত্রাদির সহিত ঘর্ষণে যে শব্দ হয়। প্র—"মানুষ চলার উসখুষ শব্দ হইল" --রবীন্দ্র (গল্প)।
২। অস্থির ; চঞ্চল। **উসখুসকরা**—ব্যস্ত হওয়া ; উঠিয়া যাইবার জন্য অস্থিরতা প্রকাশ করা। প্র—উসখুস করিওনা স্থির হইয়া বস। **উসখুস** স্থলে প্রয়োগ ভেদে **উস্‌খুস্‌**। ক্রি, **উস্‌খুস্‌** করা—উঠিয়া যাইবার জন্য চঞ্চল বা ব্যস্ত হওয়া ; অস্থিরতা প্রকাশ করা। প্র—"হলধর গদাধর উস্‌খুস্‌ করে। ছট্‌ফট্ ছট্‌ফট্ করে তারা মরে॥"—আলাল।

উসন (উশোন্) [প্রা] বি, ওসার ; বিস্তৃতি। ক্রি, [উশানো] বিস্তার করা ; উঁছান।

উসনা (উশ্‌না) বি, ধান্য অর্দ্ধসিদ্ধ করিয়া রৌদ্রে শুষ্ক করিয়া ও ভানিয়া যে প্রস্তুত হয়।

উসরি, উসরিয়া (শ) [ওসার (আড়) শব্দজ] ক্রি, আড় হইয়া ; এক পাশ হইয়া। প্র—"বন্দী দেখি মহাবীর বলে ভাই ভাই। উসরিয়া সবে দেহ একটুকি ঠাঁই॥" —কবিক (অ, সরকার সংস্করণ)।

উসরিপসারি (উশরিপশারি) [ওসার = প্রসার (আড়ে দীঘে অর্থে)] একপাশ হইয়া ; আড় হইয়া ; হাত পা লম্বালম্বিভাবে প্রসারিত করিয়া।
প্র"—উসরিপসারি দেহ একটুক ঠাঁই" —কবিক (বঙ্গবাসী)।

উসাশ, স (উশাশ্) [সং—উৎসারণ। হি—উসারনা ; অপসারণ। হি—উদাস, উসাসা (সং—উৎশ্বাস) পৃথক্ করা ; ত্যাগ করা ; তাহা হইতে আল্‌গা করা ; শিথিল করা] বিণ, মুক্ত ; অনাবৃত।
প্র—"কাপড় উসাস করে যেন মরায়ের বড়।" —কবিকঙ্কণ।
২। শিথিল ; আল্‌গা ; ঢিলা।
প্র—"বন্ধন উসাশ তার করিল সকল" —কবিক।
৩। অবকাশ ; ফাঁক।

উসিপিসি, পসি [উষিপিষি দ্রঃ। ইহা হইতে বাং—ইস্‌পিস্, নিস্‌পিস্] বি, অস্থিরতা ; চঞ্চলতা। **উসিপিসিকরা**—ব্যস্ত হওয়া ; অস্থির হওয়া।

উস্থুনি (শু) [উরস্থুনি (দ্রঃ) সংক্ষেপে। সং—বর্ষণ + ইয়া = বর্ষার। ব = উ।] বিণ, বৃষ্টির বা বর্ষার জল যাহা ছাঁইচ হইতে বা চাল বাহিয়া ঝরঝর করিয়া পতিত হয়।
উস্থুনিজল—ছাঁইচের জল। তাহা হইতে রঙ্‌ধরা জল। কোন জলীয় আহার্য্য বিস্বাদ এবং উপযুক্ত মসলা বিহীন হইলে অথবা অতিশয় জলোদুধকে রূপকের ভাষায় উস্থুনি জল বলে।
প্র—ঝোল কি দাল ত নহে যেন উস্থুনি জল দুধ ত নয় উস্থুনি জল ইত্যাদি।

উস্ক (উশ্‌কো) [উষ্কণ। উস্খো দ্রঃ] বিণ, আল্‌গা।

উস্কন, উস্কান (উশ্‌কোনো, উশ্‌কানো) [সং—উৎকর্ষণ। হি—উস্‌কানা। বাং—উচ্চারণভেদে ওস্কান।] ক্রি, উস্কাইয়া দেওয়া ; বর্দ্ধিত করা ; বাড়াইয়া দেওয়া ; উজ্জ্বল করিয়া দেওয়া।
প্র—প্রদীপের শল্‌তে উস্কান।
২। উত্তেজিত করা ; টুয়াইয়া দেওয়া।
প্র—সেই ত রোজ উস্কে দিয়ে দিয়ে ঝগড়াটি বাধালে।
৩। খোঁচা দেওয়া। ৪। পোঁচা দিয়া মুখ করিয়া দেওয়া।
প্র—ফোড়ার মুখ একটু উস্কে দিলেই হইবে।
৫। উন্মেষিত করা।
বি, উস্কন (উশ্‌কোন্)।

উস্খ, উস্খা [উস্ক দ্রঃ। খুস্‌কোর অনুকরণে] বিণ, আল্‌গা। ২। তৈলহীন।
প্র—মাথাটা খুস্খ হ'য়ে রয়েছে, একটু তেল দাও।

উস্খখুস্খ, উস্খাখুস্কা (উশ্‌খোখুশ্‌খো) [উস্‌খ (আল্‌গা, অযত্ন বিন্যস্ত, হেলাগুছা)

খুসথ (তু—খুশ্‌ক্=সং—শুষ্ক) অথবা শুষ্ক হইতে উস্ক এবং খুশ্‌ক্' হইতে খুস্ক—সহচর শব্দ। চুল শুষ্ক হইলেই আল্‌গা হইয়া যায়] বিণ, শুষ্ক এবং অযত্নবিন্যস্ত (কেশ) ; তৈলাদি স্নেহপদার্থ বিহীন এবং উন্মুক্ত ; রুক্ষ।

ক্রি, **উস্ক খুস্ক করা**—আল্‌গা করা ; বন্ধন খুলিয়া এলোমেলো করিয়া ফেলা।

প্র—খোপা ও বিনুনি খুলিয়া চুল উস্কখুস্ক করিয়া ফেলিল। উস্কখুস্ক স্থলে 'উস্কফুস্ক' শব্দের প্রয়োগ আছে।

উস্তন্‌খুস্তন্ [উস্তন্ (উদ্বাস্ত করণ—উদ্বস্তন্—উস্তন্। উ, উস্তানা=খোঁচা দেওযা, গ্রা-ভাষায়, কাটি করা)+খুস্তন (ফা—কুশ্‌তন্=হনন করা—জ্বালান পোড়ানর ভাব)] বি, জ্বালাতন পোড়াতন করা ; শান্তিতে তিষ্ঠিতে না দেওয়া ; খোঁচাখুঁচি দ্বারা অতিষ্ঠ্য করিয়া তোলা।

উস্তাদ, ওস্তাদ (দ্) [আ—উস্‌তাদ্=শিক্ষক] বি, শিক্ষক ; গুরু। ২। দক্ষ কারিগর (তুল—ওস্তাগর)। ৩। বিণ, অতি চতুর বা চালাক।

প্র—ছেলে ওস্তাদ হয়ে উঠেছে।

উস্তাদী, ওস্তাদি [উস্তাদ দ্রঃ] বিণ, চালাকী। ২। বি, শিক্ষকতা।

উহ [ব্রজ—হি—বহ্] স, ঐই বস্তু ; নির্দ্দিষ্ট বস্তু বা বিষয় ; উহা। ২। ঐইজন ; ঐব্যক্তি ; ও।

প্র—"উহ মধুজীব তুহুঁ মধুরাশে"
"কাহার রমণী কে উহ জান।
আকুল করি গেও হমারি পরাণ॥"
—বিদ্যাপতি।

"উহ রসময়ী ইহ রসিক শিরোমণি"
—চণ্ডীদাস।

উহা [সং—অদস্। প্রাকৃ—অহা ; ওহা। বাং—উহা। হি—উঅ] স, ওইব্যক্তি ; ওটা ; ওবিষয়। ২। তাহা।

প্র—"কিন্তু ইহাই জিজ্ঞাসা করি তুমি যে পদবীতে পদার্পণ করিয়াছ উহা কি সাধু-সম্মত, কি ধর্ম্মশাস্ত্রোপদিষ্ট পথ ?" —কাদম্বরী।

উহাড় (ড়) [হি—ওহার শব্দজ ; ওয়াড় দ্রঃ] বি, থাপ ; আচ্ছাদনী ; ওয়াড়।

উহাপোহা [প্রাদে। সং—উহাপোহ (প্রাপ্তি বিষয়ে কৃতনিশ্চয় সংশয়হীন) শব্দজ] বি, অন্ধিসন্ধি। ২। সম্যক্ অনুসন্ধান। [অপ্র]

উহার (র্) [উহা দ্রঃ। সম্বন্ধে] স, ঐ ব্যক্তির ; তাহার ; ঐ বস্তুর। (ব্যক্তি পক্ষে :র্থ)।

প্র—"গ্রহণের কাল পেয়ে রাহু আসিতেছে ধেয়ে,
উহাপানে ধনি চেয়ে দেখোনা লো দেখোনা।
ওতো নিজে মূর্খ রাহু, পসারি আসিছে বাহু,
কাজকি উহার ভয়, রেখোনা লো রেখোনা॥"
—রসতরঙ্গিণী।

উহু, উহুহু (উঁহু) [অহহ শব্দজ] বি, যন্ত্রণা-ব্যঞ্জক শব্দ।

প্র—"সকলের বদন হইতেই অজ্ঞাতসারে যন্ত্রণাব্যঞ্জক "উহু" শব্দ বাহির হইয়া পড়িল।"
—নবাবনন্দিনী (দামোদর)।

"উহুহু দারুণ বিধি, মোরে দিল নিরবধি,
সেইত যাতনা আছি চিরদিন বহিতে।"
—মদনমোহন তর্কালঙ্কার।

উহু উহু [উহু (যন্ত্রণাসূচক শব্দ) + উহু (আধিক্য অর্থে দ্বিত্ব)] অ, অতিশয় যন্ত্রণাসূচক শব্দ।

প্র—"আহা আহা হরি হরি উহু উহু মরি মরি হায় হায় গোঁসাই গোঁসাই"। —অ, ম।

"আহা আহা উহু উহু করে হায় হায়।"
—শিবায়ন।

২। শৃঙ্গার রসের উত্তেজক শব্দ।

[উঁহুঁ দ্রঃ

উহে [হি—বহ শব্দজ] স, উহাতে।

প্র—"দেখি সুবদনী কহে, কি নাম লিখিলা উহে,
পরিচয় দেও আপনার।"
—চণ্ডীদাস।

উহ্যমান (উজ্‌ঝমান্) [বহ্ (বহন করা)+ (কর্ম্মে, শান) য—ম আগম] বিণ, বাহ্যমান : যাহা বহন করা যাইতেছে। ২। গৃহ্যমাণ। ৩। যাহা আনয়ন করা যায়।

ঊ

ঊ—স্বরবর্ণমালার ৬ষ্ঠ বর্ণ। দীর্ঘস্বর। ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, ওষ্ঠদ্বয় বিলক্ষণ সংকুচিত ও সম্মুখে প্রলম্বিত, মুখবিবর ক্ষুদ্রতম এবং জিহ্বা সঙ্কুচিত করিয়া উচ্চারণ করিতে হয়। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে, ইহার আকার (ূ, ৄ) এইরূপ হয়। যথা—ক+ঊ=কূ ; র+ঊ=রূ। ২। [অব্ (রক্ষা করা, পালন করা)+০ (কর্ত্তৃ—ক্বিপ্)—অ লোপ ; ব=ঊ=ঊ] বিণ, পালনকর্ত্তা ; রক্ষাকর্ত্তা। ২। বি, পুং, শিব। ৩। চন্দ্র। ৪। অ, শোক, দুঃখ, যন্ত্রণাদিসূচক। ৫। বাক্যারম্ভ।

ঊঃ—অ, যন্ত্রণাব্যঞ্জক। ২। বিদ্রূপব্যঞ্জক।

ঊঁ—অ, আক্রোশ ; ক্রোধ ; ঔদাসীন্য ও ভয় প্রদর্শন বা তাড়না স্থলে প্রযুক্ত।

ঊখলি (ঊখ্‌লি) [উদূখল শব্দজ] বি, উদূখল।

ঊঢ় [বহ্ (বহন করা)+ত (কর্ম্মে—ক্ত) (ব=উ, হ্=ত্+ঢ়) উ=ঊ। যাহা বহন করা হইয়াছে] বিণ, ধৃত। ২। অঙ্গীকৃত। ৩। [বহ্ (বিবাহ করা)+ত (ক্ত—কর্ত্তৃ)] যিনি বিবাহ করিয়াছেন ; কৃতদার ; বিবাহিত।

স্ত্রী, **ঊঢ়া**—বি, বিবাহিতা ; পরিণীতা।

ঊধস্, ঊধস্ (ঊধশ্) [বহ্ (বহন করা) স্থানে ঊধস্ (বহনযোগ্য অর্থে নিপাত) গবাদি পশুরা যাহা দুগ্ধের আধার রূপে বহন করে] বি, ক্লী, পশুর স্তন ; গাভী প্রভৃতির পালান ; মেঢ়।

ঊধস্য (ঊধোশ্‌শ্য) [বহ্=ঊধস্ (পশু স্তন) তৎ সম্বন্ধীয় অর্থে অথবা তদুৎপন্নার্থে—যণ্ যাহা পশুর স্তন হইতে উৎপন্ন বা নিঃসৃত হয়] বি, ক্লী, দুগ্ধ।

ঊণ (ন্) [সং—ঊর্ণা। হি—উন, তুল—ইং, wool] বি, ঊর্ণা ; পশুলোমজাত সূত্র ; উল দ্রঃ।

ঊণী (নি) [ঊণ+ই (নির্ম্মিত অর্থে)] বিণ, ঊর্ণাজাত ; উল-নির্ম্মিত।

ঊন (ঊনো) [ঊন্ (কম করা)+অ (ভাবে অল্)]বি, কম ; ন্যূন। ২। [কর্ত্তৃ—অচ্] বিণ, হীন ; অসম্পূর্ণ। ৩। কমজোর ; দুর্ব্বল।

স্ত্রী, **ঊনা**—বিণ, হীনা ; ন্যূনা। প্র—"হইলে একটু ঊনা দুনা কড়ি চায়।"—কুঙ্কুম।

ঊনা ভাতে দুনা বল, ভরা ভাতে রসাতল—পরিমিত (অল্প) আহারে শরীর হাল্‌কা থাকে, শীঘ্র পরিপাক হেতু দেহে বল হয়, কিন্তু খুব পেট ভরিয়া খাইলে আলস্য জন্মে সুতরাং ধরাতল আশ্রয় গ্রহণ করিতে হয়। অর্থাৎ চলচ্ছক্তি ও কর্ম্মশক্তি রহিত হইয়া শয্যা গ্রহণ করিতে হয়।

ঊনআশী [সং—ঊনাশীতি বা একোনাশীতি শব্দজ] বি, ৭৯ সংখ্যা। ২। বিণ, ৭৯ সংখ্যক।

ঊনকোটি-চৌষট্টি [গ্রা—ঊনকুটী চৌকুটী বা চৌষট্টি] বিণ, প্রায় সম্পূর্ণ ; খুঁটাইয়া ; খুঁটিনাটি কিছুই প্রায় বাদ না দিয়া। প্র—ঊন কোটী চৌষট্টি আয়োজন।

ঊনচত্বারিংশ [সং—ঊনচত্বারিংশৎ শব্দজ] বি, উনচল্লিশ সংখ্যা ; ৩৯। ২। বিণ, ৩৯ সংখ্যক।

ঊনচল্লিশ (উনোচোল্লিশ্) [সং—ঊনচত্বারিংশৎ শব্দজ] বি, ঊনচত্বারিংশ দ্রঃ।

ঊনত্রিংশ [সং—ঊনৎত্রিংশৎ শব্দজ] বি, ঊনত্রিংশ সংখ্যা ; ২৯। ২। বিণ, ২৯ সংখ্যক।

ঊনত্রিশ (উনোৎত্রিশ্ উন্‌ত্রিশ্) [সং—ঊনত্রিংশৎ ; প্রাকৃ—ঊনত্রিঁশ]

ঊননব্বই (উনোনোব্‌বোই) [সং—ঊননবতি শব্দজ] বি, ৮৯ সংখ্যা। ২। বিণ, ৮৯ সংখ্যক।

ঊনপঞ্চাশ (উনোপন্‌চাশ্) [সং—ঊনপঞ্চাশৎ শব্দজ] বি, ৪৯ সংখ্যা। ২। বিণ, ৪৯ সংখ্যক।

ঊনপাঁজুরে (উন্‌পাঁজুরে) [ঊন (এক কম) পাঁজর (পঞ্জর) + ইআ – ঊনপাঁজরিয়া = ঊনপাঁজুরে (দ্রুত উচ্চারণে)—যে গরুর একখানি পঞ্জরাস্থি কম—অলক্ষণাক্রান্ত গরু—তাহা হইতে, দুরন্ত ছেলে—অলক্ষণাক্রান্ত গরুর সহিত তুলনায় উক্ত] বিণ, অলক্ষণযুক্ত ; অলক্ষুণে।

ঊন পাঁজুরে বরা খুরে [উন্‌পাঁজুরে + বরা (বরাহ) খুর + ইআ = বরাখুরিয়া = বরাখুরে (বরাহের খুরের মত খুরযুক্ত গরু—সুতরাং অলক্ষণাক্রান্ত)—একটী পঞ্জরাস্থি কম ও বরাহের খুরের মত খুরযুক্ত অতিশয় অলক্ষণাক্রান্ত গরু] বিণ, সকল অলক্ষণাক্রান্ত ; অতিশয় অলক্ষুণে।

ঊনবিংশতি [ঊন (এক কম) বিংশতি (বিংশ, কুড়ি)] বি, উনিশ ; ১৯ এই সংখ্যা। ২। বিণ, ১৯ সংখ্যক।

ঊনবুক (উনোবুক্) [ঊন (কম) বুক (বক্ষঃ) সাহসের স্থান—তাহা হইতে, সাহস] বি, কম সাহস। ২। বিণ, ভরসাহীন ; হতাশ।

ঊনবুকে—ক্রি-বিণ, কম সাহসে ; ভরসাহীন হইয়া ; ভয়ে ভয়ে ; ভীরুতার সহিত। প্র—"এক বলিতে দশ বলিবে না করিবে ত্রাস।
ঊনবুকে নাহি হয় সতীনের হ্রাস॥"—কবিক।

ঊনষট্টি, উনষাইট, উনষাট (ট্) [ঊনষষ্টি শব্দজ] বি, ৫৯ সংখ্যা। ২। বিণ, ৫৯ সংখ্যক।

ঊনসত্তর (উনোশোৎতোর্) [সং—ঊনসপ্ততি ; প্রাকৃ—ঊনহত্তইড় শব্দজ] বি, ৬৯ সংখ্যা।

ঊনিশ (শ্) [সং—ঊনবিংশতি ; প্রাকৃ—ঊনোইঁশ] বি, ঊনবিংশতি সংখ্যা। ২। বিণ, ১৯ সংখ্যক।

ঊনু [ঊন শব্দের উচ্চারণভেদ] বিণ, কম ; হীন। ২। দুর্ব্বল। প্র—"ঊনুবুক।" —কবিক।

ঊনো [ঊন শব্দের উচ্চারণ-বিকার] বিণ, কম। প্র—"ঊনো ভাতে দুনো বল"—প্রবচন।

ঊপ্ [শব্দাত্মক] হনুমানের ডাক ; উপ্ উপ্ শব্দ। এই ডাক দিয়া হনুমান চকিতের মধ্যে গাছে উঠে বা এক গাছ হইতে অন্য গাছে লাফ দেয় বলিয়া 'উপ' করিয়া (তাহা হইতে, উপ্ করিয়া) অর্থে একলাফে। ২। অকস্মাৎ। [দ্রঃ—উপ্ হইতে হুপ্, ঝুপ্। প্র—লোকটা হুপ্ করিয়া কোথা হইতে আসিল। হুপ্ দ্রঃ]

ঊম্ [উম্ দ্রঃ]।

ঊয়ী (উই) [উই দ্রঃ] বি, বল্মীক ; শাদা পিপীড়া ; রুই।

ঊরব্য (উরব্‌ব) [ঊরু দ্রঃ) ঊরু + য (তত্র ভব অর্থে যৎ) যে ব্রহ্মার ঊরুদেশ হইতে উৎপন্ন হইয়াছে] বি, পুং, বৈশ্যজাতি। ২। বিণ, ঊরুজাত ; ঊরুজ।

ঊরা (উর) [কেবল কবিতায় ইহার ব্যবহার দেখা যায়। উত্তরণ শব্দের অর্থজ্ঞাপক উ, পু—উরি। ম, পু—উর। প্র-পু—উরে। অস-ক্রি—উরিতে ; উরিয়া ; উরি (সংক্ষেপে)] ক্রি, অবতীর্ণ হওয়া ; আবির্ভূত হওয়া ; আসা।
প্র—"উর তবে, উর দয়াময়ি,
বিশ্বরমে! গাইব মা বীর রসে ভাসি,
মহাগীত ; উরি, দাসে দেহ পদছায়া।
তুমিও আইস, দেবি, তুমি মধুকরী কল্পনা!"
—মেঘনাদ।
"উর ঘটে পুর অভিলাষ॥" —ঘনরাম।
২। ঊরু ; উরৎ। প্র—"নিদ্রা যায় মুনি কন্যা উরে শির দিয়া।" —কাশী—মহা—আদি। [অপ্র]

ঊরু [ঊর্ণ্ (আচ্ছাদনে) + উ (কর্ম্মে—ড়ু) ণ্—লোপ। যাহাকে বস্ত্র দ্বারা আবৃত রাখে] বি, পুং, জানুর ঊর্দ্ধ ভাগ ; হাঁটুর উপরস্থিত স্থূল বা মাংসল ভাগ ; কুঁচ্‌কি হইতে হাঁটু পর্য্যন্ত চরণাংশ ; উরৎ। প্র—
"ঝক ঝকি ঊরুদেশে (হায়রে বর্ত্তুল যথা রম্ভাবন-আভা) হৈমময় কোষে
শোভে প্রসাথ অসি * * " —মেঘনাদ।

ঊরু-ভঙ্গ—ঊরুর অস্থিভগ্নকরণ। প্র—ভীম কর্ত্তৃক কুরুরাজের ঊরুভঙ্গ।

ঊরুগ্রাহ [ঊরু—গ্রহ্ (গ্রহণ করা) + অ (কর্ত্তৃ—ঘঞ্) যে ঊরু দেশকে গ্রহণ (আক্রমণ করে] বি, পুং, ঊরুস্তম্ভ রোগ।

ঊরুজ [ঊরু (দ্রঃ)—জ (জন্ (জন্ম হওয়া) + ড (কর্ত্তৃ)—যে ঊরু দেশ হইতে জন্মিয়াছে] বি, পুং, বৈশ্যবর্ণ।

ঊরুপা [ল্যা—Europa (ইং—Europe) শব্দ হইতে কবি নবীনচন্দ্র কর্ত্তৃক গঠিত। বৈদিক নাম **হরিয়ুপিয়া**।] বি, য়ুরোপ। প্র—"হতভাগ্য দীনবন্ধু যদি দেশান্তরে—পুণ্যখণ্ড ঊরুপায় লভিত জনম।"—নবীন। "গত স্মৃতি গ্রীস, রোম, ঊরুপা মার্কিন, কে আছে জগতে আর।"—রঙ্গমতী (নবীন)।

ঊরুস্তম্ভ [ঊরু—স্তন্‌ভ্ (স্থির হওয়া, অবশ হওয়া) + অ (করণে, অল্) যাহাদ্বারা ঊরুদেশ স্থির (অবশ) হয়] বি, পুং, ঊরুতে দুষ্ট বিস্ফোটক হইলে তাহাকে ঊরুস্তম্ভ বলে। স্ত্রীলিঙ্গে, ঊরুস্তম্ভা।

ঊরুস্তম্ভা [ঊরু তুল্য স্তম্ভ (কাণ্ড) যাহার, বহু] বি, স্ত্রী, কদলীবৃক্ষ।

ঊর্জ্জস্বল (উর্‌জোশ্‌শল্) [ঊর্জ্জস্ (সামর্থ্য) + বল (অস্ত্যর্থে বলচ্) যাহার সামর্থ্য আছে] বিণ, বলশালী ; বলবান্ ; পরাক্রান্ত। ২। দৃঢ়দেহ।

ঊর্জ্জস্বী (উর্‌জোশ্‌শি) [ঊর্জ্জস্ (তেজ, বল) + বিন্ (অস্ত্যর্থে) ঊর্জ্জস্বিন্ ১মা, ১ব (যাহার বল আছে)] বিণ: বলশালী ; শক্তিধর ; বলবান্ ; তেজস্বী। স্ত্রী, **ঊর্জ্জস্বিনী**।

ঊর্জ্জিত [ঊর্জ্জ্ (তেজ, বল) + ত (কর্ত্তৃ—ক্ত) যিনি তেজ ধারণ করেন] বিণ, বলবান্ ; তেজস্বী ; শক্তিশালী। ২। তেজস্কর। প্র—"ঊর্জ্জিতাস্ত্র সমস্ত প্রস্তুত হয়ে আছে"—শিবা। [তুল—"তেজস্কর অসি"—মেঘনাদ]। ৩। বর্দ্ধিত। ৪। উদার। ৫। [ভাবে—ক্ত] বি, ক্লী, বল ; সামর্থ্য। ৬। উৎসাহ।

ঊর্ণনাভ, ঊর্ণনাভি (ভ্) [ঊর্ণ (সূত্র) নাভ, নাভি (নাভিতে) যাহার (বহু)—যাহার নাভি হইতে সূত্র বহির্গত হয়] বি, মাকড়্সা। [ঊর্ণনাভ দ্রঃ]

ঊর্ণা (উর্‌না) [ঊর্ণ (আচ্ছাদন করা) + অ (কর্ত্তৃ—ড) স্ত্রী—আপ। যে মেষাদি পশুর শরীর আচ্ছাদন করে] বি, স্ত্রী, মেষাদি পশুর লোম ; পশম। ২। ভ্রূদ্বয়ের মধ্যে মৃণাল সূত্রের ন্যায় অতি সূক্ষ্ম রোম সমূহের বর্ত্তুলাকার চিহ্নবিশেষ ; ভ্রূমধ্যস্থ রোমাবর্ত্ত। এই রোমাবর্ত্ত রাজচক্রবর্ত্তী কিম্বা মহাযোগসাধকের ললাটে লক্ষিত হয়।

ঊর্ণাময় (উর্‌নাময়) [ঊর্ণা + ময়ট্ (প্রস্তুতার্থে] বি, ক্লী, মেষলোমদ্বারা প্রস্তুত সূত্রাদি।

ঊর্ণায়ু [ঊর্ণা (মেষলোম) + যু (অস্ত্যর্থে) মেষলোম যাহাতে বিদ্যমান রহিয়াছে] বি, পুং, মেষ। ২। মেষলোমনির্ম্মিত আসন ; কম্বল। ৩। ঊর্ণনাভ ; মাকড়্সা। ৪। গন্ধর্ব্ব-বিশেষ।

ঊর্দ্দু—উর্দ্দু দ্রঃ।

ঊর্দ্ধ (উর্‌ধ) [উদ্ (উপরি) হা (গমন করা) + ড (কর্ত্তৃ) + ব। উদ্ = উর্] বিণ, উন্নত ; উচ্চ। ২। উপর। ৩। উৎকৃষ্ট। ৪। অনন্তর। ৫। [উদ্—হা (ত্যাগ করা)] ত্যক্ত। ৬। [বৈদিক যুগে] উদয় হইতে

মধ্যাহ্ন পর্য্যন্ত। (নিরুক্ত)। ৭। (তাহা হইতে আধু) উর্দ্ধ দিক্।

ঊর্দ্ধক (ক্) [উর্দ্ধ (উচ্চ)—ক (কৈ (শব্দ করা)+অ (কর্ত্তৃ—ড)। যে উর্দ্ধে নীত হইয়া বাদিত হয় বা বাদিত হইলে উচ্চ ধ্বনি করে] বি. পুং. বাদ্যযন্ত্র; মৃদঙ্গবিশেষ; যাহা উর্দ্ধে তুলিয়া বাজায়।

ঊর্দ্ধকণ্ঠ [উর্দ্ধ (উন্নত) কণ্ঠ (গ্রীবা) যাহার (বহু)] বিণ. উচ্চকণ্ঠ; উন্নতগ্রীব। স্ত্রী. **ঊর্দ্ধকণ্ঠী**—শতাবরী লতা।

ঊর্দ্ধকায় (য়্) [উর্দ্ধ (উন্নত) কায় (দেহ) যাহার (বহু)] বিণ. উচ্চদেহ; উন্নতদেহ। ২। [উর্দ্ধ (নাভির উপরিস্থিত) কায় (দেহ) (কর্ম্মধা) মতান্তরে কায়ের উর্দ্ধ (উপরিভাগ) (৬তৎ)] বি. নাভির উর্দ্ধস্থ শরীরাংশ; পূর্ব্বকায়।

ঊর্দ্ধকেতু [উর্দ্ধ (উন্নত) কেতু (ধ্বজ) যাহার, বহু] বিণ. উন্নতধ্বজ; উচ্ছ্রিতধ্বজ; উর্দ্ধপতাক। ২। বি. পুং. জনকবংশীয় রাজাবিশেষ।

ঊর্দ্ধকেশ (শ্) [উর্দ্ধ (উর্দ্ধগত) কেশ (চুল) যাহার—বহু] বিণ. ভূতাধ্যক্ষ; ভূতযোনি। ২। বি. পুং. কুশময় ব্রাহ্মণ। ৩। ব্রহ্মা। স্ত্রী. **ঊর্দ্ধকেশী**।

ঊর্দ্ধগ (উরধ্‌গ) [উর্দ্ধ (উর্দ্ধে) গ গম্‌= (গমন করা)+অ (কর্ত্তৃ—ড) যে উর্দ্ধে গমন করে] বিণ. উপরি গমনশীল; উর্দ্ধগামী; গগনবিহারী। ২। (গ্) [গ্রা—উদ্ধ্ক] রোগবিশেষ। প্র—"উর্দ্ধগ বিকারে মোর পড়িয়াছে দাঁত। অন্নবিনা অন্নবিনা শুকায়েছে আঁত।"—অন্নদামঙ্গল। ৩। [যিনি সকলের উর্দ্ধে থাকেন] পুং. পরমেশ্বর। ৪। সৎ-পথাবলম্বী; মহদাচারবান্; সত্যনিষ্ঠ। ৫। ধার্ম্মিক; শাস্ত্রোপদেশ-শাসিত।

ঊর্দ্ধগতি (উরধোগোতি) [উর্দ্ধে (উপরদিকে) গতি (গমন) ৭তৎ] বি. স্ত্রী. উর্দ্ধে চলন; উচ্চ গমন; উপরে ভ্রমণ। ২। স্বর্গগমন; স্বর্গারোহণ। ৩। উন্নতস্থানে আরোহণ; উপরে উঠা। ৪। পারলৌকিক মঙ্গল। প্র—"আমার কি, সাধ্য তাঁর করি উর্দ্ধ-গতি।" —কাশী. মহা. বন। ৫। [উর্দ্ধে গতি (গমন) যাহার (বহু)] বিণ. স্বর্গগত; স্বর্গারূঢ়। ৬। উচ্চগতিপ্রাপ্ত।

ঊর্দ্ধগপুর (উরধ্‌গপুর্) [উর্দ্ধ (উপরে) গ (গত—গম্‌=গমন করা+অ, কর্ত্তৃ—ড) যে উর্দ্ধে গমন করিয়াছে তাহার পুর (নগর)—৬তৎ] বি. পুং. রাজা হরিশ্চন্দ্রের নগর। ২। [উর্দ্ধগ (উর্দ্ধস্থিত)—পুর (কর্ম্মধা)] পুর নামক অসুরের নগর।

ঊর্দ্ধগামী [উর্দ্ধ (উপরে)—গম্ (গমন করা) +ইন্ (কর্ত্তৃ ণিন্)=উর্দ্ধগামিন্ ১মা. ১ব. যে উর্দ্ধে গমন করে] বিণ. উর্দ্ধে গমনশীল; আকাশবিহারী। ২। উন্নতিশীল। ৩। উপরিস্থিত।

ঊর্দ্ধচরণ (ন্) [উর্দ্ধ (উপরদিকে স্থিত) চরণ (পাদ) যাহার—বহু] বিণ. উর্দ্ধদিকে যাহার চরণ আছে; উর্দ্ধপাদ; যে উর্দ্ধে পা তুলিয়া রহিয়াছে। ২। বি. পুং. শরভ; অষ্টপাদ মৃগ; যাহার অষ্ট চরণের মধ্যে চারিখানি চরণ সর্ব্বদা উর্দ্ধগত থাকে। ৩। যিনি চরণ উর্দ্ধগামী করিয়া যোগসাধন করেন; উর্দ্ধপাদ যোগী। [উর্দ্ধবাহু দ্রঃ]

ঊর্দ্ধটান (ন্) [উর্দ্ধ (উর্দ্ধদিকে) টান (শ্বাসের আকর্ষণ, গতি)] বি. মৃত্যুর অব্যবহিত পূর্ব্বে শ্বাসের উর্দ্ধগতি; শ্বাসটান। প্র—"কণ্ঠ যবে রুদ্ধ হবে নিঃশ্বাস ঘন বহিবে, উর্দ্ধ টান হবে, নেত্রে না রবে স্পন্দন।" —রায় কালীপ্রসন্ন ঘোষ।

ঊর্দ্ধতন (ন্) [(উর্দ্ধ (উপরি)+তন (ভবার্থে)] বিণ. যে বা যাহা উর্দ্ধ দিকে আছে; উপরিস্থিত। ২। প্রথমে অতিবাহিত; পূর্ব্বে গত; যাহারা ইহাদের পূর্ব্বে ছিল। প্র—উর্দ্ধতন চতুর্দ্দশ পুরুষ, উর্দ্ধতন ষট্‌পুরুষ।

ঊর্দ্ধথা [উর্দ্ধ+থা (প্রকারার্থে)] অ. উর্দ্ধ দিকে। ২। উর্দ্ধভাবে।

[উর্দ্ধে (উর্দ্ধদিকে) দৃষ্টি (দর্শন কিম্বা চক্ষু) যাহার, বহু] বিণ. উপর দিকে যাহার দৃষ্টি আছে; যে উপরে চাহিয়া আছে; উর্দ্ধদর্শন। ২। উর্দ্ধনয়ন; শিব-চক্ষুঃ। ৩। শূন্যদৃষ্টি। ৪। [উর্দ্ধে (ভ্রূদ্বয়ের মধ্যে) দৃষ্টি (দর্শন) কর্ম্মধা] বি. স্ত্রী. যোগ সাধনার্থ ভ্রূদ্বয়ের মধ্যে দৃষ্টিনিক্ষেপ। ৫। উচ্চলক্ষ্য; উন্নত দৃষ্টি।

ঊর্দ্ধদেহ (উরধ্‌দেহ) [উর্দ্ধে (মৃত্যুর পরস্থিত) যে দেহ (কর্ম্মধা)] বি. পুং. মৃত্যুর পর উৎপদ্যমান দেহ; মরণান্তে উৎপন্ন শরীর; লিঙ্গদেহ; সূক্ষ্ম শরীর। বিণ. ঔর্দ্ধদেহিক।

ঊর্দ্ধপাতন (উরধোপাতোন্) [চোলাই, তির্য্যকপাতন দ্রঃ] বি. রাসায়নিক প্রক্রিয়া বিশেষ; চোলাই; তির্য্যক্‌পাতন; distillation. "একখানা সরার মধ্যে দ্রব্যস্থাপন করিয়া আর একখানা সরা দিয়া ঢাকিয়া সরার সন্ধিস্থলে মাটী ও কাপড় দ্বারা প্রলেপ দিয়া যন্ত্রটী তপ্ত বালুকার উপর স্থাপন করিতে হয় এবং উর্দ্ধস্থিত সরার উপর ভিজা নেকড়া রাখিয়া দিতে হয়। নেকড়া শুষ্ক হইলে কিছু কিছু জল দিয়া পুনর্ব্বার সিক্ত করিতে হইবে। গন্ধক কর্পূর প্রভৃতি পদার্থ উত্তাপ বশতঃ বাষ্পাকারে পরিণত হইয়া উর্দ্ধগামী হইবে এবং পুনর্ব্বার উর্দ্ধস্থিত শীতল সরার নিম্নে জমিয়া থাকিবে। মাটি, বালুকণা প্রভৃতি অধঃস্থিত সংলগ্ন হইয়া সরার মধ্যে পড়িয়া থাকিবেক। এই প্রক্রিয়ার নাম উর্দ্ধপাতন।" —ডাঃ প্রফুল্লচন্দ্র রায় (নব্যরসায়নী বিদ্যা)।

ঊর্দ্ধপুণ্ড্র [উর্দ্ধ (উর্দ্ধগামী) পুণ্ড্র (ফোঁটা) যাহার (বহু) যাহার ললাটে মৃত্তিকাদিদ্বারা উর্দ্ধগামী ফোঁটা রহিয়াছে] বিণ. উর্দ্ধ তিলক যুক্ত; ফোঁটাধারী। ২। [উর্দ্ধ (উর্দ্ধমুখ) পুণ্ড্র (ফোঁটা) উর্দ্ধ মুখ যে ফোঁটা (কর্ম্মধা)] মৃত্তিকা চন্দন কুঙ্কুম ভস্ম প্রভৃতি দ্বারা ললাট প্রভৃতি দ্বাদশ স্থানে অঙ্কিত উর্দ্ধ মুখ তিলক; লম্বা ফোঁটা।

ঊর্দ্ধফণা [উর্দ্ধ (উন্নত) ফণা (মস্তক) যাহার (বহু)] বিণ. উদ্যতফণা; কুপিতসর্প। প্র—"* * হয় ধরা-ধূলিতলে নতশির—নয় উর্দ্ধফণা ভুজঙ্গিনী আপনার তেজে।"—বিসর্জ্জন (রবি)। "* * কিন্তু তারে প্রহারয়ে যদি—কেহ, উর্দ্ধফণা ফণী দংশে প্রহারকে।" —মেঘনাদ।

ঊর্দ্ধবায় (য়্) [বাহু শব্দের অপভ্রংশ বায়। তুহি. "বহিঁয়া।" উর্দ্ধে বায় (বাহু) যাহার, বহু] বিণ. উর্দ্ধবাহু। ক্রি-বিণ. **ঊর্দ্ধবায়ে**। উর্দ্ধ বাহু হইয়া। প্র—"দান পেয়ে নারদ নাচেন উর্দ্ধ বায়ে।" —কাশী. মহা. আদি।

ঊর্দ্ধবাহু [(উর্দ্ধ (উর্দ্ধগত) বাহু (হস্ত) যাহার (বহু)] বিণ. যে হস্ত উত্তোলন করিয়াছে; উর্দ্ধহস্ত। ২। বি. পুং. শৈব সন্ন্যাসী বিশেষ [ইহারা এক কিম্বা দুই হস্ত উর্দ্ধে উত্তোলন করিয়া থাকে। ইহারা জটাধারী ইহাদের কোন নির্দ্দিষ্ট বাসস্থান নাই]

ঊর্দ্ধমুখ (খ্) [উর্দ্ধ (উন্নত) মুখ (বদন) যাহার (বহু)] বিণ. যিনি মুখ উর্দ্ধদিকে তুলিয়াছেন; উত্তোলিতমুখ; কৃতোর্দ্ধবদন। ২। [মুখের উর্দ্ধ (৬তৎ)] মুখের উর্দ্ধভাগ, দন্ত পর্য্যন্তকে উর্দ্ধমুখ বলে।

ঊর্দ্ধরেতা (উরধরেতা) [উর্দ্ধ (উর্দ্ধগত, (অস্খলিত) রেতস্ (বীর্য্য) যাহার (বহু) যে দারপরিগ্রহ বা স্ত্রীসম্ভোগ করে নাই] বি. পুং. শিব। [দক্ষযজ্ঞে সতী দেহত্যাগ করিলে পরে শিব আপন রেত উর্দ্ধগত করায় তাঁহার এই নাম] ২। শুক্রসংযমকারী; জিতেন্দ্রিয়; যোগী। ৩। ভীষ্ম (ভীষ্ম দ্রঃ)। ৪। সনক, সনৎকুমারাদি ঋষিগণ এবং ৮৮০০০ অষ্টাশীসহস্র ঋষি যাঁহারা স্ব স্বরেত উর্দ্ধগত করিয়াছিলেন। [দ্রঃ—রেতের আধার স্বভাবত মস্তক—কামার্ত্ত হইলেই ঐ রেত স্খলিত হইয়া অণ্ডকোষে আগত হইয়া পতিত হয়; কামার্ত্ত না হইলে ঐ রেত উর্দ্ধ (মস্তক) গতই থাকে]।

ঊর্দ্ধলোক (ক্) [(ঊর্দ্ধ (ঊর্দ্ধে স্থিত) যে লোক (জগৎ)—কর্ম্মধা] বি, পুং, স্বর্গ।

ঊর্দ্ধশ্বাস (উরধোশ্‌শাশ্‌) [ঊর্দ্ধ (দীর্ঘ) শ্বাস (নাসা প্রবাহিত বায়ু) যাহার (বহু)] বিণ, যাহার ঘন ঘন শ্বাস বাহির হইতেছে ; যাহার হাঁপ ধরিয়াছে ; কণ্ঠশ্বাস। ২। [ঊর্দ্ধ (দীর্ঘ) শ্বাস (কর্ম্মধা)] বি, পুং, দীর্ঘ নিশ্বাস ; সশব্দে নিশ্বাস ত্যাগ। ক্রি, বিণ, **ঊর্দ্ধশ্বাসে** দীর্ঘশ্বাস ত্যাগ করিয়া ; অতি দ্রুতবেগে। প্র—"হত্যার তাড়নে চলেছে নিখিল বিশ্ব ঊর্দ্ধশ্বাসে প্রাণপণে ব্যাঘ্রের তাড়নে মৃগ-সম। মুহূর্ত্ত দাঁড়াতে নাহি পারে !"—বিসর্জ্জন (রবীন্দ্র)।

ঊর্দ্ধস্থ [ঊর্দ্ধ (উপরি) স্থ—স্থা (অবস্থান করা) +অ (কর্ত্তৃ-ড) আ লোপ, যে উপরে থাকে] বিণ, ঊর্দ্ধে বর্ত্তমান ; উপরিস্থিত ; ঊর্দ্ধে অবস্থিত।

ঊর্দ্ধস্থাতা [ঊর্দ্ধ—স্থা—তৃ (কর্ত্তৃ—তৃন্) ঊর্দ্ধস্থাতৃ ১মা, ১ব, যে উপরে থাকে] বিণ, ঊর্দ্ধে অবস্থানকারী।

ঊর্দ্ধস্থাপয়িতা [ঊর্দ্ধ—স্থাপি (স্থা+ণিচ—স্থাপন করান)+তৃ (কর্ত্তৃ—তৃন্) ই—আগম =স্থাপয়িতৃ ১মা, ১ব, যে উপরে স্থাপন করায়] বিণ, যে অন্তকে উপরে স্থাপিত করে ; উচ্চে স্থাপনকারী।

ঊর্দ্ধস্থিত [ঊর্দ্ধ (উপরি) স্থা (থাকা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উচ্চে বা উপরে যাহা আছে ; যে উপরে থাকে বা আছে : উপরিস্থিত।

ঊর্দ্ধাম্নায় (য়) [ঊর্দ্ধ (উচ্চ, প্রধান) আম্নায় (অধ্যয়নীয় শাস্ত্র) (কর্ম্মধা)] বি, পুং, মহর্ষি নারদকর্ত্তৃক ব্যাসদেবের নিকট প্রকাশিত শাস্ত্র ;—ইহা গুরুভক্তি, মৎস্যাদি অবতার কীর্ত্তন, গৌরাঙ্গ মহাত্ম্য, কৃষ্ণপূজা-বিধি, নারায়ণস্তব এবং গয়া-মাহাত্ম্য প্রভৃতি বিষয়ক দ্বাদশাধ্যায়বিশিষ্ট সংহিতা-বিশেষ।

ঊর্ব্ব—বি, পুং, ঔর্ব্বের পিতা ; মুনিবিশেষ : যিনি নিজ উরুদেশে বহ্নিস্থাপন করিয়া আহুতি প্রদান করায় বৈশ্বানর-সমপ্রভ উক্ত পুত্র লাভ করেন। (ঔর্ব্ব দ্রঃ)।

ঊর্ব্বরা—বি, স্ত্রী, শস্যোৎপাদিকা শক্তিযুক্ত, বিবিধ শস্য প্রচুর পরিমাণে উৎপন্ন হয় এমন (জমি)। যে ভূমি সর্ব্বশস্য উৎপাদিকা শক্তিশালিনী। উর্ব্বরা দ্রঃ।

ঊর্ব্বশর (র্) বি, পুং, ভরতবংশধর রাজা মহাবীর্য্যের পুত্র।

ঊর্ব্বশী—বি, স্ত্রী, উর্ব্বশী দ্রঃ।

ঊর্ব্বস্থি [উরু (প্রধান, স্থূল) অস্থি (হাড়) (কর্ম্মধা)] বি, মোটা হাড়। ২। [উরুর (উরুস্থলের) অস্থি (৬তৎ)], উরুতের হাড়।

ঊর্ম্মি (উর্‌মি) [উর্ (ঋ=গমন করা)+মি (কর্ত্তৃ সংজ্ঞার্থে)—যে ঊর্দ্ধে গমন করে] বি, পুং, স্ত্রী, বীচি ; তরঙ্গ ; ঢেউ। ২। তরঙ্গময় স্রোত।
প্র—"কূর্ম্ম কমঠি কুট ঊর্ম্মিতে লটপট"
—হেমচন্দ্র।
৩। অঙ্গুরীয়ক। ৪। [কাপড়, চাদর প্রভৃতির উপর ঢেউতোলা] বস্ত্রের উপর চুনট। ৫। [ভাবে—মি] বেগ। ৬। উৎকণ্ঠা। ৭। কোষ। ৮। ভ্রান্তি। ৯। সমূহ। ১০। ব্যাধি। ১১। শোক, মোহ, জরা, মৃত্যু, ক্ষুধা, পিপাসা, এই ছয় প্রকার দেহের ধর্ম্ম।

ঊর্ম্মিকা—বি, স্ত্রী, ক্ষুদ্র তরঙ্গ। ২। বস্ত্রের চুনট : কোঁচান। ৩। অঙ্গুরীয়ক। ৪। উৎকণ্ঠা। ৫। ভ্রমরঝঙ্কার।

ঊর্ম্মিমান (ন্) [ঊর্ম্মি+মৎ (অস্ত্যর্থে মতু) =ঊর্ম্মিমৎ ১মা ১ব, যাহাতে ঊর্ম্মি (তরঙ্গ) বিদ্যমান রহিয়াছে] বিণ, তরঙ্গান্বিত ; ঢেউযুক্ত। ২। ঢেউ-খেলান। ৩। বক্র।

ঊর্ম্মিমালী [ঊর্ম্মি (তরঙ্গ) মালা (মালার ন্যায়, সমূহ)+ইন্ (অস্ত্যর্থে)=ঊর্ম্মিমালিন্ ১মা ১ব, যাহার বক্ষে ঊর্ম্মি সকল মালার ন্যায় শোভা পাইতেছে] বি, পুং, বারিধি ; সমুদ্র ; সাগর।

ঊর্ম্মিলা—বি, স্ত্রী, রাজর্ষি জনকের কনিষ্ঠা কন্যা। সীতা যজ্ঞবেদী হইতে সম্ভূতা হইয়াছিলেন কিন্তু ঔরসজাতা নহে, পরন্তু ঊর্ম্মিলাই জনকের ঔরসী কন্যা।—রামায়ণ, অযোধ্যাকাণ্ড। লক্ষ্মণের পত্নী এবং অঙ্গদ ও চন্দ্রকেতুর জননী।

ঊর্ম্মিলাবিলাসী [ঊর্ম্মিলায় বিলাস (বাসনা বা বাঞ্ছা) যাহার (অস্ত্যর্থে—ইন)] বি, লক্ষ্মণ। প্র—"কি কৌশলে, রাক্ষস ভরসা
ইন্দ্রজিৎ মেঘনাদে—অজেয় জগতে—
ঊর্ম্মিলাবিলাসী নাশি, ইন্দ্রে নিঃশঙ্কিলা ?"
—মেঘনাদ।

ঊষ [উষ্ (দাহ করা)+অ (কর্ত্তৃ—ক) যে দাহ জন্মায়] বি, পুং, ক্ষারভূমি : ক্ষার মৃত্তিকা। ২। সাজিমাটি। ৩। স্ত্রী, প্রত্যূষ : পূর্ব্বসন্ধ্যা ; প্রভাত। প্র—"ঊর্দ্ধজটা উরুরম্ভা ঊষ প্রকাশিকা।" —অন্নদামঙ্গল।
৪। গহ্বর। ৫। চন্দনাদি।

ঊষবান্ [উষ্ =ঊষ (দাহে)+বৎ (অস্ত্যর্থে বতু) ১ম ১ব] বিণ, যাহার দাহিকাশক্তি আছে। ২। ঊষর।

ঊষর (র্) [ঊষ (দাহিকা শক্তি)+র (অস্ত্যর্থে)] বিণ, লবণমৃত্তিকা ; ক্ষারভূমি ; লোণামাটি। ২। অনুর্ব্বর।

ঊষসী (উ্‌শোশি) [উষস্ (প্রভাত)+ঈ] বিণ, ঊষারাগরঞ্জিতা ; প্রভাতী। ২। রূপবতী ; পরমসুন্দরী। ৩। বি, স্ত্রী, ঊষা।
প্র—"স্বর্গের উদয়াচলে মূর্ত্তিমতী তুমি হে ঊষসী,
হে ভুবনমোহিনী উর্ব্বশি !"
—চয়নিকা (রবি)।
৪। [উষস্ (প্রভাত)+সো (শেষ করা) +অ+ঈ—স্ত্রী] বি, স্ত্রী, সন্ধ্যা [প্রকৃতিবাদ] [প্র, অ,]

ঊষা (উষা) [উষ—স্ত্রীলিঙ্গে আপ্] বি, স্ত্রী, প্রত্যূষ ; রাত্রির অবসানে কা কা শব্দ করিতে করিতে কাক সকল বাসা হইতে উড়িয়া যায় কিন্তু প্রভাতের পূর্ণ আলোকে চতুর্দ্দিক প্রকাশিত না হওয়ায় আবার বাসায় ফিরিয়া আসে এবং পুনঃপুনঃ এইরূপ করিতে থাকে—ঠিক সেই সময়কে ঊষা বলে।
প্র—"ডাকে পাখী না ছাড়ে বাসা।
উড়ে ব'সে খাবে করি আশা॥
ফিরে যায় ঘরে না পেয়ে দিশা।
খনা ডেকে বলে তার নাম ঊষা॥"—খনার বচন।
২। [অলঙ্কারে] ঊষার অধিষ্ঠাত্রী দেবী। (fig. personification).
প্র—"ওই কে অমরবালা দাঁড়ায়ে উদয়াচলে।
ঘুমন্ত প্রকৃতিপানে চেয়ে আছে কুতূহলে॥
চরণ-কমলে লেখা, আধ আধ রবিরেখা,
সর্ব্বাঙ্গে গোলাপ-আভা, সীমন্তে শুকতারা জ্বলে।

হয় হয় প্রায় ভোর, ভাঙ্গে ভাঙ্গে ঘুম-ঘোর,
সুস্বপ্ন-রূপিণী উনি, ঊষারাণী সবে বলে।"
—সারদামঙ্গল।
"ফুল-কুল-সখী ঊষা যখন খুলিবে
পূর্ব্বাশার হৈম-দ্বার পদ্মকর দিয়া,"
—মেঘনাদ।
৩। বেদোক্ত দেবীবিশেষ। ৪। পুরাণোক্ত ভবনামক জলমূর্ত্তি শিবের পত্নী। ৫। পার্ব্বতীর পরিপার্শ্বিকা যিনি নৃত্য-গীতাদি দ্বারা পার্ব্বতীর মনোরঞ্জন করিতেন। ৬। প্রহ্লাদের পৌত্র শোণিতপুরের রাজা বাণাসুরের অলোকসামান্যা রূপবতী কন্যা। ইনিই পার্ব্বতীর শাপভ্রষ্টা পরিপার্শ্বিকা। পার্ব্বতীর বরে ইনি কৃষ্ণের পৌত্র অনিরুদ্ধের প্রতি স্বপ্নে প্রণয়াসক্তা হন এবং সখী চিত্রলেখার সাহায্যে দ্বারকা হইতে অনিরুদ্ধকে নিদ্রাবস্থায় হরণ করিয়া আপনার আলয়ে আনয়ন করেন। পরে অনিরুদ্ধ গান্ধর্ব্বমতে ঊষার পাণিগ্রহণ করেন। এই সূত্রে যাদবগণের সহিত বাণ রাজার ভীষণ সংগ্রাম হয়। ফলে যাদবগণ বর বধূ লইয়া দ্বারকায় প্রস্থান করেন।
—মহাভারত।

ঊহ [উহ্ (বিতর্ক করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, তর্ক ও যুক্তি দ্বারা অজানিত বা দুর্ব্বোধ্য বিষয়ের নিরূপণ-চেষ্টা ; অধ্যাহার ; তর্ক ;

অনুমান ; ইহা সম্ভবপর কিনা তাহার কারণ যুক্তিদ্বারা নির্ণয় ; সন্দেহ।
প্র—"বেদ মন্ত্রে উহ নাই"।
বিণ, **উহিত**—বিতর্কিত ; অনুমানিত বা অনুমিত ; অধ্যাহৃত ; সন্দিগ্ধ।

উহনী (উ্হোনি) [বহ্ (বহন করা)+অন (কর্তৃ—সংজ্ঞার্থে অনট্) ঈপ্ স্ত্রী, যে গৃহের ময়লা বহন করিয়া পরিষ্কার করে। তুল—হি—বঢ়নী] বি, স্ত্রী, শোধনী ; সম্মার্জ্জনী ; ঝাঁটা ; খেঙরা। [প্র, অ]

উহিনী (উহিনি) [উহ—ইন্ (ণিন) সংজ্ঞার্থে] বি, স্ত্রী, সমষ্টি ; সংগ্রহ।
প্র—অক্ষৌহিণী। [বাঙ্গালায় স্বতন্ত্র প্রয়োগ নাই]

উহ্য (উজ্ঝ) [উহ্ (তর্ক করা)+য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, যুক্তিনির্ণেয় ; তর্কসাধ্য ; যুক্তি তর্ক দ্বারা যাহা নির্ণয় করা হয়। ২। অধ্যাহার্য্য ; শব্দের স্পষ্ট উল্লেখ নাই অথচ অর্থ সঙ্গতির জন্য যাহা কল্পনা করিয়া লইতে হয় : অনুক্ত ; understood ; elliptical.

উহ্যমান (উজ্ঝোমান্) বি, ছয়টি প্রপাঠক যুক্ত সামবেদীয় গীতিপুস্তক।

ঋ

ঋ—স্বরবর্ণমালার সপ্তম বর্ণ। হ্রস্ব ও দীর্ঘস্বর। ইহার উচ্চারণ স্থান মূর্দ্ধা। ঋ স্বরমধ্যে গণ্য হইলেও ইহা বিশুদ্ধ স্বর নহে, কারণ ইহা উচ্চারণ কালে জিহ্বাগ্র প্রায় মূর্দ্ধা স্পর্শ করে কিন্তু মুখজাত বায়ু একবারে রুদ্ধ হয় না
ইহা স্বর পর্য্যায় ভুক্ত হইয়াছে। সাধারণতঃ ইহা 'রি'র মত উচ্চারিত হয়।
ঋ ব্যঞ্জন বর্ণের সহিত যুক্ত হইলে ইহার আকার (ৃ) এইরূপ হয়।
যথা—ক্+ঋ=কৃ ; হ্+ঋ=হৃ।
২। বি, পুং, সর্গ ; দেবলোক। ৩। স্ত্রী, দেবমাতা ; অদিতি। ৪। অ, নিন্দা। (২) বাক্য। (৩) পরিহাস। (৪) প্রাপ্তি।

ঋ-ঋ—শব্দানুভূতি-বিশেষ ; সেতার প্রভৃতির তারে ঝংকার দিলে যেরূপ শব্দ হয়। ২। স্পর্শানুভূতিবিশেষ ; কাঁচা ঘৃত বচ প্রভৃতি জিহ্বায় রাখিলে যেরূপ অনুভূতি হয়।

ঋক্ (রিক্) [ঋক্ (স্তুতি করা)+০(করণে ক্বিপ্) যাহা দ্বারা দেবগণের স্তুতি করা হয়] বি, স্ত্রী, ঋগ্বেদ। ২। বেদমন্ত্রবিশেষ। ৩। গায়ত্রী।

ঋক্থ (রিক্থ) [ঋচ্ (স্তব করা)+থ—কর্ম্মে—থক (চ্=ক্) যাহাকে আবাল-বৃদ্ধ-বনিতা সকলে স্তব বা আরাধনা করে অর্থাৎ পাইতে প্রার্থনা করে] বি, ক্লী, ধন [দায় দ্রঃ]। ২। স্বর্ণ। ৩। উত্তরাধিকার-সূত্রে প্রাপ্য ধন। ৪। মৃতব্যক্তির স্থাবর অস্থাবর সম্পত্তি।

ঋক্থহর (র্) [ঋক্থ (ধন)+হর (হৃ =হরণ করা)+অ (কর্তৃ—অচ) যে ধন গ্রহণ করে] বিণ, যে মৃতব্যক্তির ধন গ্রহণ করে ; উত্তরাধিকারী। ২। অংশী।

ঋক্ষ (রিক্খ) [ঋক্ষ্ (বধ করা)+অ (কর্তৃ—অচ) যে নরাদি প্রাণী বধ করে] বি, পুং, ভল্লুক। ২। [(ঋষ্—গমন করা) +স (কর্তৃ—সংজ্ঞার্থে) ষ্=ক্ স=ষ। যে অবিরত গমন করে] বি, পুং, ক্লী, নক্ষত্র ; নক্ষত্র-ঘটিত-মেষাদি-রাশি (the constellation Ursa Minoris—*Morton, Haughton.*) ৩। ঋক্ষবান পর্ব্বত। গণ্ডোয়ানা দেশে এই পর্ব্বত অবস্থিত। ৪। [উদ্ভিদ্ বিদ্যায়] শ্যোণক, শ্যোণাক বা শোনাল বৃক্ষ ; Bignonia Indica—*Haughton.* ৫। যদুবংশীয় ধৈবতের পুত্র। ৬। চিত্রসেনের পুত্র। ৮। ভেলা বৃক্ষ।

ঋক্ষবন্ত (রিক্খবনত) বি, পুং, শম্বরাসুরের নগর : [শম্বরাসুরের রাজধানী দণ্ডকারণ্যস্থ বৈজয়ন্ত নামক নগর]। ২। ঋক্ষবান্ পর্ব্বত।

ঋক্ষবান্ (রিক্খোবান) [ঋক্ষ (ভল্লুক) +বৎ (অস্ত্যর্থে—বতু) বোধ হয় এই পর্ব্বতে পূর্ব্বে সর্ব্বাপেক্ষা অধিক সংখ্যক ভল্লুক বাস করিত] বি, পুং, গণ্ডোয়ানার অন্তর্গত পর্ব্বত যাহা হইতে তাপ্তী ও নর্ম্মদা-নামক নদীদ্বয় প্রবাহিত হইয়াছে।

ঋক্ষরাজ (রিক্খোরাজ্) [ঋক্ষ (ভল্লুক বা নক্ষত্র) তাহার রাজা, ৬তৎ] বি, জাম্বুবান। ২। চন্দ্র।

ঋক্ষেশ (রিক্খেশ্) [ঋক্ষ (ভল্লুক বা নক্ষত্র) তাহার—ঈশ (পতি বা অধীশ্বর) ৬তৎ] বি, জম্বুবান্। ২। নক্ষত্রেশ ; ঋক্ষনাথ : চন্দ্র।

ঋক্সংহিতা (রিক্শংহিতা) বি, স্ত্রী, (ঋক্বেদ দ্রঃ) ঋগ্বেদসংহিতায় ১০১৭ সূক্ত, ২০০০ বষট্বর্গ, ৬৪ অধ্যায়, ৮ অষ্টক, ১০ মণ্ডল এবং ১০০০ অনুবাক্ আছে। মতান্তরে ১০২৮ সূক্ত, ৮৫ অনুবাক্।—তত্ত্ববোধিনী। ইহাতে চরণব্যূহমতে ১০৬২২ ঋক্, শৌনকের মতে ১০৬১৬ ঋক্ আছে। ঋগ্বেদসংহিতায় সমুদায়ে ১৫৩৮২৬ পদ আছে। [ভারতকোষ]

ঋগ্বেদ, ঋক্বেদ (রিগ্বেদ্) বি, ঋক্ দ্রঃ। চতুর্ব্বেদের মধ্যে প্রাচীনতম বেদ। মতান্তরে সামবেদের পরবর্ত্তী প্রাচীনতম বেদ (উমেশ বিদ্যারত্ন)। ইহা জগতের প্রাচীনতম সাহিত্য। চরণব্যূহের মতে ঋগ্বেদে ১০৫৮০ ঋক্ একত্রিত আছে। কিন্তু বর্ত্তমানে ১৬৩ ঋক্ লোপ প্রাপ্ত হইয়াছে। ঋগ্বেদসংহিতা প্রথমতঃ শাকল ঋষি কর্তৃক অধীত হইয়াছিল। এইরূপে বাস্কল, অশ্বলায়ন, শঙ্খায়ন ও মণ্ডূক এই ঋষি চতুষ্টয় ঋগ্বেদ পরে পরে অভ্যাস করিলে ইহার পাঁচ-শাখার উদ্ভব হয়, যথা—শাকল, বাস্কল, আশ্বলায়ন, সাঙ্খায়ন এবং মাণ্ডূক। অর্থাৎ "যতবার ঋগ্বেদ নূতন নূতন ঋষিকর্তৃক অভ্যস্ত হইয়াছে, ততবারই ইহার শাখা উদ্ভূত হইয়াছে, যেহেতু প্রতিবারেই মূলের কিছু কিছু ব্যতিক্রম ঘটিয়াছে। যাহাকে আমরা নূতন সংস্করণ বলিয়া থাকি, তাহাই বৈদিক সময়ে শাখা বলিয়া আখ্যাত হইত"।—এই পাঁচশাখা ব্যতীত ঐতরেয়ী, কৌষিতকী, শৈশিরী, পৈঙ্গী প্রভৃতি বহুবিধ উপশাখা অছে।

ঋগ্বেদের ব্রাহ্মণ নামক দুই প্রধান বিভাগ আছে—ঐতরেয় এবং কৌষিতকী বা সাঙ্খ্যায়ন। ঐতরেয় আটপঞ্জিকায়, প্রতি পঞ্জিকা পাঁচ অধ্যায়ে, প্রতি অধ্যায় ন্যূনাধিক সাতকাণ্ডে (সর্ব্বসমেত ২৮৫ কাণ্ডে) বিভক্ত : ইহার কিয়দংশ গদ্য। ঋগ্বেদের অপর অংশ ঐতরেয় আরণ্যক। ঐ অংশ ১৮ অধ্যায়ে ও পাঁচ আরণ্যকে বিভক্ত।

ঋচীক (রিচিক্) বি, পুং, ভৃগুবংশজ ঋষি : ঔর্ব্বের পুত্র ; গাধি রাজকন্যা সত্যবতীর পতি এবং সত্যবতীগর্ভজাত জমদগ্নি শুনঃশেফ প্রমুখ শতপুত্রের পিতা। ২। সূর্য্য।

ঋচীষ (ষ্) [ঋজ্ (ভর্জন করা=ভাজা)+ ঈষ (অধি) জ্=চ্ : যাহাতে পিষ্টক ভাজা হয়] বি, ক্লী, পিটে ভাজিবার ভাজ্নাখোলা। ২। সাজ (পূর্ব্ববঙ্গে)। ৩। নরকবিশেষ। ৪। ধন। তুল—ইং riches. [প্র, অ]

ঋচেয়—বি, পুং, পুরুবংশীয় রাজা রৌদ্রাশ্বের পুত্র।

ঋজিশ্বান (রিজিশ্শান্) বি, পুং, ইন্দ্রের মিত্র রাজাবিশেষ। ঋগ্বেদোক্ত কৃষ্ণ নামক দস্যু অংশুমতী নদীতীরে ইঁহার হস্তে নিহত হয়।
(ষ্) [ঋজ্ (ভর্জন করা)+ঈষ —অধি, সংজ্ঞার্থে] বি, ক্লী, ঋচীষ দ্রঃ।

ঋজু [ঋজ্ (গমন করা) + উ (কর্ত্তৃ কু) যে সোজা গমন করে] বিণ, অবক্র ; সোজা; সরল । ২ । সরলপ্রকৃতি ; ৩ । সহজ ; অকঠিন । প্র—ঋজুপাঠ ।

(য়) [ঋজু (সরল) + কায় (দেহ) যাহার (বহু)—যাহার শরীর বক্র নয়] বিণ, সরলদেহবিশিষ্ট । ২ । বি. পুং, কশ্যপমুনি ।

ঋজুগ [ঋজু (সরলভাবে)—গ—গম্ (গমন করা) + অ (কর্ত্তৃ—ড) ম্ লোপ] বিণ, যে সোজা গমন করে; অকুটিল গতিবিশিষ্ট ; অবক্রগামী ।

ঋজুতা [ঋজু (সরল) + তা (ভাবে)] বি, স্ত্রী, অবক্রতা । ২ । অকাপট্য ; সরলতা । প্র—"ক্ষমা, সত্য, দম, শৌচ, দান, ইন্দ্রিয়-সংযম, অহিংসা, গুরুসেবা, তীর্থপর্য্যটন, দয়া, ঋজুতা, লোভত্যাগ, দেব-ব্রাহ্মণপূজা এবং অসূয়া পরিত্যাগ, এই কয়টি সামান্য অর্থাৎ বর্ণমাত্রেরই প্রতিপাদ্য ধর্ম্ম ।" – বিষ্ণুসংহিতা । ৩ । অকাঠিন্য ।

ঋজুরেখা [ঋজু (সরল) রেখা (কসী বা লম্বাকৃতি চিহ্ন) কর্ম্মধা] বি, অবক্ররেখা ; সরলরেখা ; a straight line.

ঋজ্বী (রিজ্‌ভী) [ঋজু + ঈ (স্ত্রী—ঈপ)] বি, স্ত্রী, সরলা ; অবক্রা । ২ । [জ্যোতির্বিজ্ঞানে] গ্রহসমূহের গতিবিশেষ ।

ঋণ (রিন্) [ঋ (গমন করা বা পাওয়া) + ত (কর্ত্তৃ, ক্ত) যে উত্তরোত্তর বৃদ্ধিপ্রাপ্ত হয়] বি, পুং, ক্লী, ধার ; দেনা ; পুনর্ব্বার ফেরত দিতে স্বীকার করিয়া যাহা গ্রহণ করা হয় ; কর্জ্জ [উদ্ধার দ্রঃ] । ২ । [স্মৃতিশাস্ত্রে] এই ঋণ ত্রিবিধ যথা,—দেবঋণ, যাহা যজ্ঞাদি দ্বারা পরিশোধিত হয় । ঋষিঋণ, যাহা ব্রহ্মচর্য্য এবং বেদ পুরাণাদি শাস্ত্র অধ্যয়ন দ্বারা পরিশোধিত হয় । পিতৃঋণ, যাহা সন্তানোৎপাদন করিলে পরিশোধিত হয় । ৩ । [গণিতে] ব্যবকলিত সংখ্যা ; বিয়োগচিহ্ন ; – এই চিহ্ন । ["(In Algebra) the sign of negation or subtraction, a minus"—*Haughton*.]

ঋণগ্রস্ত (রিনগ্রোস্‌তো) [ঋণ (কর্জ্জ —দ্বারা) গ্রস্ত (অভিভূত) ৩তৎ, যে ঋণ-দ্বারা গ্রাসিত হইয়াছে] বিণ, যে দেনায় ডুবিয়াছে ; ঋণী ; যে অনেক কর্জ্জ করিয়াছে; ঋণাভিভূত ; কর্জ্জনিমগ্ন ।

ঋণগ্রহণ (রিন্‌গ্রোহোন্) [ঋণ (তাহার) গ্রহণ—৬তৎ] বি, ঋণ লওয়া ; ধার লওয়া ।

ঋণগ্রাহক (রিন্‌গ্রাহোক্) [ঋণ (ধার)—গ্রহ্ (গ্রহণ করা) + অক (কর্ত্তৃ) যে ধার গ্রহণ করে] বি, পুং, ঋণগ্রহণকারী ; ঋণকারী ; অধমর্ণ ; দেনদার ।

ঋণদান (রিন্‌দান্) [ঋণ (ধার) দা (দান করা) + অন (ভাবে—অনট্) ৬তৎ] বি, ক্লী, ঋণের প্রতিদান ; ধারশোধ । ২ । ঋণস্বরূপ অর্থাদি দান ; ধার দেওয়া । প্র—"ভ্রাতৃগণ, স্বামি-স্ত্রী, পিতাপুত্র ইহাদিগের ধন যতদিন অবিভক্ত অবস্থায় থাকে, ততদিন পরস্পরের অনুমতি ব্যতীত ইহাদিগের মধ্যে কেহই প্রতিভূ হইতে পারিবে না, ঋণদান ঋণগ্রহণ বা সাক্ষ্যপ্রদান করিতেও পারিবে না ।" —যাজ্ঞবল্ক্যসংহিতা ।

ঋণদায়ক (রিনদায়ক্) [ঋণ (ধার) দা (দান করা) + অক (কর্ত্তৃ) যে ঋণ দান করে] বিণ, উত্তমর্ণ ; ঋণদায়ী ; কর্জ্জদাতা ; মহাজন ।

ঋণদাস (রিনদাশ্) [ঋণ = ধার (দ্বারা) দাস (ভৃত্য) যে ঋণ গ্রহণ করিয়া দাস্য কর্ম্ম দ্বারা ঋণ পরিশোধ করে, ৩তৎ] বি, পুং, ঋণশোধ পর্য্যন্ত দাসত্বকারী ; দেনার দায়ে দাসত্বকারী ।

ঋণমুক্ত (রিন্‌মুক্‌তো) [ঋণ (কর্জ্জ) হইতে মুক্ত (যে মুক্তি পাইয়াছে—মুচ্ + ক্ত, কর্ত্তৃ) (৫তৎ) যে ঋণ হইতে মুক্তি পাইয়াছে] বিণ, ঋণপরিশুদ্ধ ; যে ঋণ পরিশোধ করিয়াছে ; যে ঋণদায় হইতে উদ্ধার লাভ করিয়াছে ।

ঋণমুক্তি (রিন্‌মুক্‌তি) [ঋণ (কর্জ্জ) হইতে মুক্তি (মোচন—মুচ্ + ক্তি—ভাবে) ৫তৎ, অথবা ঋণের মুক্তি (৬তৎ)] বি, স্ত্রী, ধার-শোধ ; ঋণপরিশোধ ; কর্জ্জশোধ ।

ঋণলেখ্য (রিন্‌লেক্‌খো) [ঋণ—লেখ্য (পত্র)] বি, ঋণগ্রহণজ্ঞাপক পত্র ; তমসুক ।

ঋণাদান (রিনাদান্) [ঋণ (কর্জ্জ) আদান (গ্রহণ) ৬তৎ] বি, ক্লী, ঋণীর নিকট হইতে ঋণের টাকা আদায় ; খাতকের নিকট হইতে ধার দেওয়া টাকা আদায় করিয়া লওয়া । ২ । সুদ সমেত টাকা লওয়া ; সুদে আসলে টাকা আদায় করা । ৩ । [স্মৃতি-শাস্ত্রে] অষ্টাদশ ব্যবহারের অন্যতম ।

ঋণাপনয়ন (রিনাপনয়োন্) [ঋণ (কর্জ্জ) অপনয়ন (দূরীকরণ) ৬তৎ] বি, ক্লী, ঋণ-পরিশোধ ; ঋণাপনোদন ; ধার চুকান ।

ঋণাপনোদন (ন্) [ঋণ (তাহার) অপনোদন] বি, ঋণ পরিশোধ ।

ঋণী (রিনি) [ঋণ (ধার) + ইন্ (অস্ত্যর্থে) = ঋণিন ১মা, ১ব, যিনি অন্যের নিকট ধার করিয়াছেন] বিণ, ঋণগ্রাহী ; ঋণকারী ; যে ধার লয় ; অধমর্ণ ; দেনদার । ২ । উপকাররূপ ঋণগ্রস্ত ; বাধিত ; কৃতজ্ঞ ।

ঋত [ঋ (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বি, ক্লী, পরব্রহ্ম (যিনি সর্ব্বগত) । ২ । যিনি গমন করিয়াছেন ; গত । ৩ । ক্লী, সত্য ; যথার্থ । ৪ । [কর্ম্মে—ক্ত] পূজিত । ৫ । আর্ত্ত ; পীড়িত । ৬ । [কর্ত্তৃ—ক্ত] দীপ্ত (শব্দকল্পদ্রুম) । ৭ । বি, পুং, ধর্ম্মপুত্র ; দক্ষকন্যা-গর্ভজাত [ভারতকোষ] । ৮ । মিথিলেশ্বর বিজয়ের পুত্র ; শুনক ইঁহার পুত্র । [ভারত-কোষ] ৯ । দেবতাবিশেষ । [প্রকৃতিবাদ] ১০ । মোক্ষ । ১১ । যজ্ঞ । ১২ । কর্ম্মফল । ১৩ । জল । ১৪ । উঞ্ছবৃত্তি ।

ঋতধামা [ঋত (দীপ্ত) ধামন্ (বাসস্থান) যাহার (বহু)] বি, পুং, পরমেশ্বর । ২ । বিষ্ণু । ৩ । ত্রয়োদশ মন্বন্তরের মনু ।

ঋতধ্বজ (রিতধ্‌ধজ) [ঋত (অক্ষত ; চিরস্থায়ী) হইয়াছে ধ্বজ যাহার—বহু] বি, শত্রুজিতের পুত্র, যিনি গালবমুনি-প্রদত্ত কুবলয় নামক অশ্বারোহণে বজ্রকেতু দানবের পুত্র পাতাল-কেতুকে বিনাশ করিয়া তদপহৃতা মদালসা-নাম্নী কন্যার পাণিগ্রহণ করেন । ২ । বৈদেশ নগরের রাজা । ৩ । একাদশ রুদ্রের অন্যতম ।

ঋতপর্ণ—বি, পুং, ঋতুপর্ণ দ্রঃ ।

ঋতব্রত (রিতঃব্রোত) বি, ক্লী, সূর্য্যলোক-প্রাপ্তিবিধায়ক ব্রতবিশেষ ; ফাল্গুনী পূর্ণিমাতে ত্রিরাত্র উপবাস করিয়া এই ব্রত অনুষ্ঠান করিতে হয় ।

ঋতম্ভরা [ঋত (সত্য) ভৃ (ভরণ করা, পালন করা) + অ (কর্ত্তৃ—খশ) ম্ আগম । যে সত্য পালন করে—স্ত্রী, আপ্] বি, স্ত্রী, সত্যজ্ঞানরূপ চিত্তবৃত্তিবিশেষ । ২ । প্লক্ষদ্বীপস্থিত নদী-বিশেষ । পুং, ঋতম্ভর—পরমেশ্বর ।

ঋতসদন (শদন্) [ঋত (যজ্ঞ) সদ্ (স্থিতি করা) + অন (অধি—অনট্) যে স্থানে যজ্ঞ করা হয়] বি, ক্লী, যজ্ঞের নিমিত্ত উপবেশন করিবার স্থান ।

ঋতস্পতি (রিতশ্‌পোতি) [ঋত (যজ্ঞ) পতি, পা + তি (কর্ত্তৃ—ডতি) স আগম । যিনি যজ্ঞরক্ষা করেন] বি, পুং, যজ্ঞরক্ষক ; যজ্ঞ-কর্ত্তা । ২ । বিষ্ণু ।

ঋতি [ঋ (গমন করা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, গমন ; গতি । ২ । নিন্দা । ৩ । ঘৃণা । ৪ । স্পর্দ্ধা । ৫ । বর্দ্ধন । ৬ । [কর্ম্মে—ক্তি] সৌভাগ্য । ৭ । পথ । ৮ । অশুভ [ধরণীকোষ] । ৯ । শুভ [মেদিনী কোষ] ।

ঋতিঙ্কর (রিতিংকর্) [ঋতি (শুভ) কৃ (করা) + অ (কর্ত্তৃ—খশ) যে শুভ করে] বিণ, শুভপ্রদ ; হিতজনক ; শুভঙ্কর ।

ঋতু (রিতু) [ঋ (গমন করা) + তু (সংজ্ঞার্থে তুক্—কর্ত্তৃ) (যে নিয়মানুসারে গমনাগমন করে) ভাবে, তু—দীপ্তি (মেদিনীধৃত শব্দকল্পদ্রুম)] বি, পুং, গ্রীষ্ম, বর্ষা, শরৎ, হেমন্ত, শীত, বসন্ত, ছয় কাল পর্য্যায় বা পালা ক্রমে

এবং নিয়মানুসারে গমনাগমন করে বলিয়া ইহাদের নাম ঋতু। ২। স্ত্রীলোকের মাসিক শোণিতস্রাব (যাহা প্রতিমাসে নিয়মানুসারে দেখা দেয়); রজঃ; পুষ্প; আর্ত্তব। ৩। [গৌণ অর্থে] রতি।

প্র—"বলবান্ পুত্র হেতু, বায়ুকে দিলেন ঋতু,
তাতে হৈল ভীম মহাবীর।"
—শিবায়ন।

৪। গ্রীষ্মাদি ঋতু সংখ্যায় ৬টী বলিয়া ইহা ৬ সংখ্যার বোধক। [প্রাচীন গ্রন্থকারগণ সংখ্যার পরিবর্ত্তে এইরূপ শব্দ গাঁথিয়া শ্লোকে গ্রন্থাদির তারিখ এবং বয়সাদি নির্দ্দেশ করিতেন]।

ঋতুকাল (ল্) [ঋতুর কাল ৬ষ্ঠীতৎ] বি, পুং, যে ষোড়শ দিন স্ত্রীলোকের ঋতু থাকে।

ঋতুকালীন (ন্) [ঋতুকাল+ঈন, তত্র ভবার্থে] বি, স্ত্রী, ঋতুকালোৎপন্ন; ঋতুসময়-সংক্রান্ত; ঋতুকালে যাহা ঘটে।

ঋতুধর্ম্ম [ঋতুর ধর্ম্ম (৬তৎ)] বি, পুং, ঋতুর অবস্থা; ঋতুর আবির্ভাবে যে সকল অবস্থা ঘটে বা লক্ষণ সকল প্রকাশ পায়।

ঋতুপতি (ঋতুপোতি) [ঋতুর (গ্রীষ্মাদি কালের) পতি (শ্রেষ্ঠ) ৬তৎ] বি, পুং, ঋতুরাজ; বসন্তকাল। প্র—
"ভুলে যথা ঋতুপতি হেরি মধুকালে বনস্থলী"
—মেঘনাদ।

ঋতুপরিবর্ত্ত (রিতুপোরিবরৃত) [ঋতুর (গ্রীষ্মাদি কালের) পরিবর্ত্ত, ৬তৎ] বি, এক ঋতুর অবসানে অন্য ঋতুর আবির্ভাব; ঋতু-পর্য্যায়; ঋতুপরিবর্ত্তন।

ঋতুপর্ণ (রিতুপর্নো) বি, পুং, অযোধ্যারাজ অযুতায়ুঃ বা অযুতাশ্বের পুত্র, অক্ষক্রীড়া ও গণনাবিদ্যায় অসাধারণ নৈপুণ্যলাভ করিয়া-ছিলেন। নলরাজা রাজ্যভ্রষ্ট হইয়া বাহুক পরিচয়ে সারথির কার্য্য করিয়া ইঁহার আশ্রয়ে অবস্থিতি করিয়াছিলেন, মন্ত্র বলে কলি নলের দেহ হইতে বহির্গত হইলে ইনি নলকে স্বীয় বিদ্যা দান করেন। [মহাভারত]

ঋতুমতী (রিতুমোতি) [ঋতু (রজঃ)+মৎ (অস্ত্যর্থে, মতুপ্—স্ত্রী—ঈপ্)] বিণ, স্ত্রী, স্ত্রীধর্ম্মিণী; রজস্বলা; পুষ্পবতী।

ঋতুরাজ (জ্) [ঋতুর (গ্রীষ্মাদি কালের) রাজা (প্রধান) রাজন্+অ(ন্ লোপ)—৬তৎ] বি, পুং ঋতুপতি; সকল ঋতুর শ্রেষ্ঠ; বসন্তকাল।

ঋতুসংহার (রিতুশংহার্) [ঋতু—সং—হৃ (হরণ করা)+অ (অধি—ঘঞ্) বসন্ত প্রভৃতি ঋতুগণের সংহার (সংগ্রহ বা বর্ণনা) যে পুস্তকে] বি, পুং, মহাকবি কালিদাসপ্রণীত গ্রীষ্মবর্ষাদি ঋতুসমূহের বর্ণনাত্মক প্রসিদ্ধ কাব্য।

ঋতুস্তোম (ম্) [ঋতু—স্তোম (যজ্ঞ)] বি, পুং, একদিবসসাধ্য যজ্ঞবিশেষ।

ঋতুস্থলা—বি, স্ত্রী, অপ্সরাবিশেষ।

ঋতুস্নাতা (রিতুস্নাতা) [ঋতু—স্নাতা, ৭তৎ] বি, স্ত্রী, যে নারী ঋতুকালের চতুর্থ দিবসে স্নান করিয়াছে। ঋতুস্নানকারিণী।

ঋতুস্নান (রিতুস্নান্) [ঋতু—স্নান (৭ তৎ)] বি, ক্লী, ঋতুমতী নারীর চতুর্থদিবসীয় স্নান; ঋতুর (প্রথম তিন দিবস অশুচি কাল গত হইলে) চতুর্থ দিবসে নারী স্নান করিয়া শুচি হইলে স্বামীর মুখ দর্শন বা মনে মনে স্বামীকে ধ্যান করত সূর্য্যদর্শন রূপ সংস্কার।

ঋতুহরীতকী (রিতুহোরিতোকি) বি, স্ত্রী, বর্ষাদি ঋতুভেদে পর্য্যায়ক্রমে সৈন্ধব, শর্করা, শুণ্ঠি, জীরক, মধু ও গুড় সংযোগে সেব্য হরীতকী [ইহাতে সকল রোগের উপশম হয় বলিয়া নিদানে উক্ত হইয়াছে]।

ঋত্বিক্ (রিৎতিক্) [ঋত্বিজ্—ঋতু—যজ্ (পূজা করা)+০(ক্বিপ—কর্ত্তৃ) যিনি ঋতুতে যাগ যজ্ঞ করেন] বি, পুং পুরোহিত; যাজক; ঋতুযাজক। [দ্রঃ—যজ্ঞে মুখ্য ঋত্বিক্ বা পুরোহিত ৪জন,—

হোতা, অধ্বর্য্যু, ব্রহ্মা ও উদগাতা।

এক এক জনের অধীনে ৩জন করিয়া দ্বাদশ জন সহকারী ঋত্বিক্ থাকেন]। প্র—"ধীমান রাজা জনমেজয় *** সুদারুণ যে সর্পসত্র অনুষ্ঠান করিয়াছিলেন, তাহাতে কোন্ কোন্ পরমর্ষি ঋত্বিক্ ও সদস্য ছিলেন * * তাহা জ্ঞাত হইতে ইচ্ছা করি। * * * * ঋত্বিকগণ উক্ত সত্রে আহুতি প্রদান করিতে আরম্ভ করিলে ঘোর ভীষণ সর্পগণ আসিয়া পতিত হইতে লাগিল, * * *।"—মহা, আদি (বর্দ্ধ)।

ঋদ্ধ (রিধ্ধ) [ঋধ্ (বৃদ্ধি পাওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত) যিনি বর্দ্ধিত হইয়াছেন] বিণ, ঋদ্ধিযুক্ত; বৃদ্ধিযুক্ত; সমৃদ্ধিশালী। ২। প্রচুর। ৩। সঞ্চিত। ৪। বি, ক্লী, মর্দ্দিত পকধান্য। ৫। বহুলিত ধান্য। ৬। সিদ্ধান্ত।

ঋদ্ধি (রিধ্ধি) [ঋধ্ (বৃদ্ধি পাওয়া)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সর্ব্বতোমুখী বৃদ্ধি বা উন্নতির ভাব বা অবস্থা। প্র—"মিতব্যয় ও সঞ্চয়ের দ্বারা যে আর্থিক উন্নতি হয়, মিতাহারে, মিতাচারে, অনালস্যে, ব্যায়ামে, জ্ঞানে, শিক্ষায়, সভ্যতায়, শিষ্টাচারে এবং চরিত্রে ও ধর্ম্মবলে যে দেহ, মন, হৃদয় ও আত্মার উন্নতি হয়, এক কথায় তাহার নাম ঋদ্ধি।"—ঋদ্ধি (১ম অধ্যায়)। ২। শ্রীবৃদ্ধি; সম্পদ; সমৃদ্ধি; সৌভাগ্য; সমুন্নতি। ৩। সম্পত্তি; সঞ্চিত ধন। ৪। লক্ষ্মী। ৫। পার্ব্বতী। ৬। মাতৃকা-বিশেষ। ৭। [আয়ুর্ব্বেদ-শাস্ত্রে] কোষ-যামলদেশ ও গৌড়দেশজ ওষধি কন্দবিশেষ। ঋদ্ধির গাত্র এক প্রকার শ্বেতবর্ণ শুঁয়া দ্বারা আবৃত। ইহার ফুলের, মতান্তরে ফলের আবর্ত্ত বামদিকে। এক্ষণে ইহা আর পাওয়া যায় না বলিয়া ইহার পরিবর্ত্তে বেড়েলা ব্যবহৃত হয়। [বৃদ্ধি দ্রঃ। "ঋদ্ধি বৃদ্ধি * * are herbs from 10 to 12 inches high, hairy all through and having leaves long and wooly beneath, very closely allied to Helianthemum Microphyllium. They occur at a height of about 3000 to 5000 feet high on the Himalayas.

The peculiar turning of the flowers in the right and left directions is the only point which differentiates the one from the other."

—*The Economic Botany of India.*]

৮। সিদ্ধি, ভাঙ্। ৯। মঙ্গল। প্র—"গ্রহের শান্তি ঋদ্ধি, করিল গ্রহশুদ্ধি, বুঝিয়া জ্যোতিষের গতি॥"—কবিক। ১০। মাঙ্গল্য ক্রিয়া। প্র—"সম্মুখে হেমঘট, আচ্ছাদি চারু পট, পড়িয়া স্বস্তি ঋদ্ধি বিধি।"—অ, ম,। ১১। বিভূতি; ঐশ্বর্য্য; তেজঃ। প্র—"সে সভায় অগ্নি, চন্দ্র, সূর্য্য প্রভৃতি সমস্ত দেবতা স্ব স্ব ঋদ্ধি দ্বারা জাজ্বল্যমান মূর্ত্তিতে স্ব স্ব স্থানে স্ব স্ব মান ও প্রভাব অনুসারে উপবিষ্ট * * *"
—মহা, বন (বর্দ্ধমান)।

[তুল—সং, ঋদ্ধি—ঋধ্ (বৃদ্ধি পাওয়া), ঋচ্ছ (দান করা)+ক্বিপ্ (কর্ম্মে)=ঋক্ (ছ লোপ)= যাহা দান করা যায়, ধন; ইং, riches; জর্ম্ম, richi; এ্যা-স্যাক্স, প্র—ric; প্রা-স্যাক্স, riki, প্রা-ফ্রীস্কান, সুইডিশ—rik; গথ—reiks.]

ঋভু (রিভু) [ঋ (দেবমাতা)—ভূ (হওয়া, উৎপন্ন হওয়া)+উ] বি, পুং, সতীর দেহ-ত্যাগের পর প্রমথগণ দক্ষের যজ্ঞ ভঙ্গ করিলে ভৃগু মন্ত্রবলে অগ্নিকুণ্ড হইতে ঋভুনামক সৈন্যের সৃষ্টি করেন। ঋভুগণ বৈবস্বত মন্বন্তরের দেবতা।—পুরাণ। ২। অপগস্থান (আফ-গানিস্থান) বাসী সুধন্বার পুত্রগণ ঋভু নামে প্রসিদ্ধ ছিলেন। তাঁহারা গুণমাহাত্ম্যে মনুষ্য হইয়াও পরে দেবত্ব লাভ করেন। তাঁহারা অগ্নির উপাসনা করিতেন এবং অগ্নির স্তুতির জন্য ব্রহ্ম বা বেদমন্ত্র সকল রচনা করেন। ঋভুগণ শিল্পী ছিলেন। —ঋগ্বেদ। ৩। ব্রহ্মার মানসপুত্র।

ঋভুক্ষ [ঋভু (দেবগণ) ক্ষি (বাস করা; গমন করা বা নাশ করা)+অ (অধি—ড) যে স্থানে দেবগণ বাস করেন] বি, পুং, ত্রিদিব; স্বর্গ। ২। [কর্ত্তৃ—ড। যিনি দেবগণের অগ্রে গমন করেন] ইন্দ্র। প্র—"ঋভুক্ষপা তুমি খবি ঋভুক্ষের বৃদ্ধি"—অন্নদামঙ্গল। ৩। বজ্র।

ঋভুক্ষী [ঋভুক্ষ (স্বর্গ বা বজ্র) + ইন্ (অস্ত্যর্থে) = ঋভুক্ষিন্ ১মা, ১ব,] বি, পুং, ইন্দ্র ; বজ্রী।

ঋষভ (ভ্) [ঋষ্ (গমন করা) + অভ—কর্ত্তৃ—সংজ্ঞার্থে] বি, পুং, পূর্ব্ব-সাগরস্থ ধবলবর্ণ পর্ব্বতবিশেষ। এখানে সুদর্শন নামক সরোবর আছে। ২। দক্ষিণ-সাগরস্থ পর্ব্বতবিশেষ। এখানে রোহিতনামক গন্ধর্ব্বগণ বাস করেন। প্র—"ঋষভ গিরির পরে পৃথিবীর শেষ। দীপ্ত দেহ পুণ্যবানগণের সে দেশ॥"—রামায়ণ (রাজকৃষ্ণ)। ৩। স্বর্ণময় পর্ব্বত ; হিমালয়ের শৃঙ্গ ; ইহার পার্শ্বে রজতময় কৈলাস। হিমালয় ও কৈলাসের মধ্যে মৃতসঞ্জীবনী, বিশল্যকরণী, সঙ্গিনী ও সুবর্ণকরণী নামক ওষধি আছে। ৪। ঋষভকূটপর্ব্বতনিবাসী। ৫। অগ্নীধ্রের পুত্র নাভির ঔরসে মেরুদেবীর গর্ভে মহাত্মা ঋষভের জন্ম হয়, ইনি পরমহংস ব্রতের পথ দর্শক। ইঁহার একশত পুত্র, তন্মধ্যে ৮১জন বৈরাগ্য আশ্রয় করেন ও অবশিষ্ট জ্যেষ্ঠপুত্র ভরত-প্রমুখ নয়জন ভারতের নব দ্বীপের রাজা হন। ৬। বৃষভ ; বৃষ। ৭। ঋষভ বা ঋষভক নামক ওষধি। ৮। কর্ণকুহর। ৯। স্বরবিশেষ ; নাভি হইতে উঠিয়া কণ্ঠশীর্ষ পর্য্যন্ত উদ্গত যে বায়ু তদ্দারা এই স্বর জন্মে। এই স্বর বৃষভের শব্দ হইতে গৃহীত। ১০। [কোন কোন শব্দের পরে যুক্ত হইয়া শ্রেষ্ঠ অর্থ বুঝায়] প্রধান ; শ্রেষ্ঠ। প্র—মনুষ্যর্ষভ, দেবর্ষভ ইত্যাদি। স্ত্রী, **ঋষভী**—শ্মশ্রুযুক্তা স্ত্রী। ২। বিধবা।

ঋষভক—বি, ওষধিকন্দবিশেষ ; কাঁকড়াশৃঙ্গী ; carpopogon pruriens. [ঋষভক অভাবে বংশলোচন ব্যবহৃত হয়। জীবক দ্রঃ। ভাবপ্রকাশে—"জীবক ঋষভক হিমাদ্রিশিখরোদ্ভব, রসোনকন্দবৎ কন্দ, নিঃসারী (সচ্ছিদ্র), সূক্ষ্মপত্রক, জীবক কূর্চ্চকাকার (ঝাড়ুবৎ), ঋষভক বৃষশৃঙ্গবৎ"]

ঋষভকূট (রিষভ্‌কূট্) বি, পুং, হেমকূট নামক পর্ব্বত [এখানে ঋষভ নামক তাপসের আশ্রম ছিল]।

ঋষভদ্বীপ (রিষভদ্দীপ্) বি, পুং, শ্বেতদ্বীপ। [কার্ত্তিকেয় এই দ্বীপস্থ ক্রৌঞ্চ নামক পর্ব্বত বিদারণ করিয়া ক্রৌঞ্চদারণ নামে আখ্যাত হন]

ঋষভধ্বজ (রিষভধ্‌ধজ) [ঋষভ (বৃষ) ধ্বজ (চিহ্ন) যাহার (বহু)] বি, পুং, বৃষধ্বজ ; বৃষবাহন ; শিব।

ঋষভী (রিষোভি) বি, স্ত্রী, আলকুশী ;

ঋষা—বি, গোরক্ষ চাকুলে ; গোরোচনা।

ঋষি (রিষি) [ঋষ্ (গমন করা) + ই—কর্ত্তৃ—সংজ্ঞার্থে। যিনি জ্ঞান এবং সংসারের পারে গমন করিয়াছেন। যিনি জ্ঞানমার্গে গমন করিয়া সংসার অতিক্রম করিয়াছেন] বি, পুং, মুনি ; সাংসারিক-বিষয়-বিরত ; যোগী ;—যাঁহা হইতে বিদ্যা, সত্য, তপঃ ও শ্রুতি সম্যক্‌রূপ নিরূপিত হয় তিনিই ঋষি অথবা যিনি স্বয়ং উৎপন্ন হয়েন তিনি ঋষি।—পুরাণ। যিনি পরমার্থে সম্যক্ দৃষ্টি স্থাপন করিয়া সর্ব্বতোভাবে পরোপকার করেন তিনি ঋষি।—স্মৃতিশাস্ত্র। [ঋষয়ো মন্ত্রদ্রষ্টারঃ, ঋষি দর্শনাৎ] ঋষিগণ ঈশ্বরপ্রণীত মন্ত্রদর্শন করিয়াছিলেন বলিয়া তাঁহারা ঋষি।—যাস্ক। ঋষি ত্রিবিধ। (১) দেবর্ষি [দেব—দেবতার ন্যায় মান্য + ঋষি]। পর্ব্বত নারদাদি (রামায়ণ, উ—প্র, ৩)। (২) ব্রহ্মর্ষি [ব্রহ্ম—ব্রহ্মতত্ত্বানুসন্ধানরত + ঋষি) অথবা ব্রহ্ম (ব্রাহ্মণ) + ঋষি] নারদ, পুলস্ত্যাদি। (৩) রাজর্ষি [রাজা হইয়াও ঋষির ন্যায় আচরণ করিয়াছিলেন বলিয়া] জনকাদি।—বিষ্ণু পুরাণ। মতান্তরে সপ্তবিধ;—পূর্ব্বোক্ত ত্রিবিধ ব্যতীত মহর্ষি। (৪) ব্যাস, দুর্ব্বাসাদি। (৫) পরমর্ষি ভেলা আদি। (৬) কাণ্ডর্ষি জৈমিনি আদি। (৭) শ্রুতর্ষি সুশ্রুতাদি—প্রকৃতিবাদ। রামায়ণমতে ঋষি, দেবর্ষি আদি এবং বৈখানস (যাঁহারা ব্রহ্মার নখ হইতে উৎপন্ন) ; স্থণ্ডিলশায়ী (যাঁহারা যজ্ঞভূমিতে শয়ন করিয়া থাকেন); সজপ (যাঁহারা সর্ব্বদা জপ করেন) প্রভৃতি ২৩ প্রকার। মহাভারতে ঘৃতপায়ী, সোমবায়ব্য প্রভৃতি আরও কয়েক প্রকার ঋষির উল্লেখ আছে। —ভারতকোষ।
২। [জ্যোতিষে] সপ্তঋষি—মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলহ, পুলস্ত্য, ক্রতু, বশিষ্ঠ এই ৭টী নক্ষত্র [সপ্তর্ষি দ্রঃ]। ইং—জ্যোতিষে এই সপ্তর্ষি Great-Bear নামক নক্ষত্রপুঞ্জে অবস্থিত। ৩। শাস্ত্রপ্রণেতা। ৪। বেদাংশ বিশেষ। ৫। ঋষি মরীচ্যাদি সপ্তসংখ্যক বলিয়া ইহা এই সংখ্যার দ্যোতক। প্র—"বেদ লয়ে ঋষি রসে ব্রহ্ম নিরূপিলা। সেই শকে এই গীত ভারত রচিলা॥" —অ, ম।

ঋষিকুল্যা (রিষিকুল্‌ল্যা) [ঋষি—কুল্যা (৬তৎ)] ঋষিকল্পিত নদী ; ঋষিগণের কৃত্রিম নদী ; কৃত্রিম সরোবর। ২। যে নদী মহেন্দ্র পর্ব্বত হইতে উৎপন্ন হইয়া গঞ্জামের নিকট সাগরে মিলিত হইয়াছে [ব্রহ্মপুরাণ]। ৩। তীর্থবিশেষ।

ঋষিপ্রোক্ত (রিষিপ্‌প্রোক্‌ত) বিণ, ঋষি কর্ত্তৃক উক্ত বা কথিত। ২। ঋষি কর্ত্তৃক আদিষ্ট। ৩। আর্ষ।

ঋষিপ্রোক্তা—বি, স্ত্রী, মাষপর্ণী বৃক্ষ ; মাষাণী।

ঋষিযজ্ঞ (রিষিজোগ্‌গোঁ) বি, বেদাধ্যয়ন ; শ্রুতি, স্মৃতি, পুরাণ, তন্ত্রাদি শাস্ত্রাধ্যয়ন।

ঋষিলোক (ক্) [ঋষির (মুনিগণের) লোক (বাসস্থান) ৬তৎ] বি, পুং, ঋষিগণের বাসস্থান ; যে লোকে ঋষিগণ বাস করেন ; ধ্রুব লোকের নিম্নে ও শনি লোকের উপরে স্থিত ঋষিগণ ভোগ্য ভুবন।

ঋষিশ্রাদ্ধ (৬তৎ) বি, ক্লী, ঋষির শ্রাদ্ধ, ঋষিদিগের কর্ত্তব্য শ্রাদ্ধ। ২। [এই শ্রাদ্ধে আড়ম্বরই অধিক কিন্তু ফলে বড় কিছু নয় বলিয়া] আড়ম্বরসার শ্রাদ্ধক্রিয়া। প্র—"অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে প্রভাতে মেঘডম্বরে। দম্পত্যোঃ কলহে চৈব বহ্বারম্ভে লঘু ক্রিয়া।" —উদ্ভট।

ঋষ্ট [ঋষ্ (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত) যে উপবনে ইচ্ছামত গমন করে] বি, পুং, এক জাতীয় হরিণ যাহার সর্ব্বাঙ্গ শ্বেতবর্ণ বিন্দু দ্বারা চিত্রিত। ২। বিণ, অশুভজনক ; অকল্যাণকর।

[ঋষ্—তি (ভাবে–ক্তি)] বি, স্ত্রী, অশুভ ; গ্রহদোষ। ২। [কর্ম্মে—ক্তি] যে খড়্গের দুই দিকে ধার আছে ; যমধার।

ঋষ্য (রিষ্‌ষ) [ঋস্—য (কর্ম্মে—ক্যপ)] বি, পুং, সর্ব্বাঙ্গ শ্বেতবর্ণ বিন্দু চিহ্নিত হরিণ ; ঋষ্ট দ্রঃ।

ঋষ্যমূক [ঋষ্য (হরিণ) মূক (বোবা)—বহু। হিংসা না করায় মৃগগণকে যেখানে আর্ত্তনাদ করিতে হয় না] বি, পুং, দক্ষিণদেশীয় পর্ব্বত। পূর্ব্বঘাট ও নীলগিরি পর্ব্বতশ্রেণীর মধ্যস্থিত পর্ব্বত। ইহা পম্পা সরোবর ও কাবেরী নদীর উৎপত্তি স্থান। এখানে মতঙ্গমুনির আশ্রম ছিল। সুগ্রীব বালীর ভয়ে এই পর্ব্বতে বাস করিয়াছিলেন।

ঋষ্যশৃঙ্গ (রিষ্‌শোস্সৃংগো) [ঋষ্য (মৃগ) শৃঙ্গ (শিং) মৃগশৃঙ্গবৎ শৃঙ্গ যাহার (বহু)] বি, পুং, কশ্যপপুত্র মুনি বিভাণ্ডকের পুত্র। বিভাণ্ডকের ঔরসে, দ্বাদশাদিত্যের অন্যতম ভগের কন্যা মৃগীরূপিণী স্বর্ণমুখীর গর্ভে ঋষ্যশৃঙ্গ মুনির জন্ম। ইনি কৌশিকী নদীর তীরে পিতার তপোবনে পুণ্যাখ্য নামক আশ্রমে পিতা ব্যতীত অন্য মনুষ্য বিরহিত হইয়া পালিত হন। ইঁহার যৌবনকালে অঙ্গরাজ্যে অনাবৃষ্টি হইলে অঙ্গরাজ লোমপাদ ব্রাহ্মণগণের পরামর্শে তাঁহাকে তপোবন হইতে আনয়ন করেন। তাঁহার আগমনে ইন্দ্র অঙ্গদেশে বারি বর্ষণ করেন। রাজা দশরথ স্বীয় কন্যা শান্তাকে পালনার্থ স্বীয় বন্ধু লোমপাদকে প্রদান করেন। অঙ্গরাজ ঋষ্যশৃঙ্গের সহিত সেই কন্যার বিবাহ দেন। ঋষ্যশৃঙ্গ মুনি রাজা দশরথের অশ্বমেধ যজ্ঞ করিলে পর রামচন্দ্রাদি পুত্রচতুষ্টয় জন্মগ্রহণ করেন। [রামায়ণ]

ৠ

ৠ—স্বরবর্ণমালার অষ্টম বর্ণ। প্লুতস্বর। ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। সাধারণতঃ ইহা 'রী'র মত উচ্চারিত হয়। ইহা ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে "ৄ" এই আকারে পরিণত হয়। যথা—ক্+ৠ=কৄ। ইহাতে বামন, স্ত্রী, নিশানাথ, মাতা, অষ্টমী, দিতি, ভৈরব, অগ্নি, ইত্যাদি বুঝায়। ২। [ঋ (জ্ঞান) + ক্বিপ্ (কর্ত্তৃ)—যিনি জ্ঞান দান করেন বা যিনি জ্ঞানস্বরূপ] বি, পুং, শিব ; শঙ্কর [কলাপ]। ৩। [ঋ (গমন) + ক্বিপ্ (কর্ত্তৃ)—যিনি দেবতার বা সুরের বিরুদ্ধে গমন করেন] বি, পুং, অসুর : দৈত্য। ৪। [—অধি, ক্বিপ্ যেখানে অন্তে গমন করিতে হয়] বি, পুং, স্বর্গ। প্র—"ৠকার স্বর্গের নাম তুমি ৠরূপিণী। ৠস্বরূপা রাখ মোরে ৠ-বাসদায়িনী॥" —অ, ম,। ৫। স্ত্রী : গতি ; স্মৃতি ; রক্ষা, দিতি, অদিতি ইত্যাদি সূচক। [আধুনিক বাঙ্গালা ভাষায় ইহার ব্যবহার নাই। প্রাচীন বাঙ্গালা পদ্য সাহিত্যে ইহার বিরল ব্যবহার দৃষ্ট হয়]।

ঌ

ঌ—স্বরবর্ণ মালার নবমবর্ণ। হ্রস্ব, দীর্ঘ ও প্লুত-স্বর। দন্ত ইহার উচ্চারণ স্থান। "ঋ"র মত ইহাও বিশুদ্ধ স্বর নহে কারণ—উচ্চারণ কালে জিহ্বাগ্র উপর পাটির দন্ত প্রায় স্পর্শ করে, সাধারণতঃ 'লি' র মত উচ্চারিত হয়। ব্যঞ্জন বর্ণের সহিত যোগ হইলে ইহার রূপান্তর হয় না। যথা—ক+ঌ=কৢ। ইহাতে শ্রীধর, দেবযোনি, রুদ্র, বিশ্বেশ্বর, মহেন্দ্র, নবমী, দেবমাতা, পৃথিবী, পর্ব্বত, প্রভৃতি বুঝায় [বঙ্গভাষায় বিরল]। ২। বেদ। প্র—

"ঌকার বেদের নাম তুমি সে ঌকার।
ঌ পড়িলে কি হবে ঌ কি জানে তোমার॥"
—অ, ম।

৩। পরমাশক্তি ; কুণ্ডলিনী। প্র—"তুমি সে ঌ কার।" —অ, ম। ৪। বি, ঌ র আকারে যাহা প্রকাশ পায় ; ক্ষণপ্রভা ; বিদ্যুৎ। **ঌ-ঌ করা**—ক্রি, দূরে অস্পষ্ট ভাবে নেত্রপথে পতিত হওয়া। ২। একস্থানে অনেক একত্র হইয়া চঞ্চল হওয়া ; কিলি কিলি করা।

ঌকার (লিকার্) বি, ঌ এই বর্ণ। ২। বেদ। ৩। কুণ্ডলিনীশক্তি ; পরমাশক্তি।

ৡ

ৡ—স্বরবর্ণ মালার দশম বর্ণ। প্লুতস্বর। দন্ত ইহার উচ্চারণ স্থান। সাধারণতঃ 'লীর' মত উচ্চারিত হয়।

কমলা, হৃষীকেশ, আকাশ, দশমী, মহাদেব, গজানন, দনু, দেবনারী প্রভৃতি বুঝায়। [বঙ্গ-ভাষায় প্রয়োগাভাব]

দনু ; দিতি ; দৈত্যমাতা। প্র—"ৡকার দৈত্যের মাতা ৡ ভব দানব। ৡকার স্বরূপা তবু বধিলা ৡ ভব॥" —ভারতচন্দ্র।

ৡকার [লিকার্] বি, ৡ এই বর্ণ। ২। দৈত্য-মাতা ; দিতি।

ৡভব—[ৡ (দিতি, দনু) ভব (জাত)] বি, দনুজ ; দৈত্য।

এ

এ—স্বরবর্ণমালার একাদশ বর্ণ। কণ্ঠও তালু ইহার উচ্চারণ-স্থান ; মুগ্ধবোধমতে শুদ্ধ তালু। ইহা দীর্ঘস্বর। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে ইহার আকার "ে" এইরূপ হয়। যথা—ক+এ =কে। ইহা অ+ই এই দুই স্বর-যোগে উচ্চারিত হয় বলিয়া ইহাকে সন্ধ্যক্ষর বলে। বাঙ্গালায় ইহার হ্রস্ব, দীর্ঘ ও প্লুত স্বর আছে। যথা—এক (অ্যাক্)—[হ্রস্ব] (২) একুশ—[দীর্ঘ] (৩) মেঘ ; এরে (শিশুকে ধমক দিবার কালে)—[প্লুত]

প্রাচীন বাঙ্গালায় পদান্তে একারের হ্রস্ব-স্বর—আধুনিক চলিত বাঙ্গালায় দীর্ঘস্বরে এবং সাধু ভাষায় [হিন্দীর অনুকরণে] "ইয়া"তে পরিণত হইয়াছে। যথা—কর্‌্যা=করে=করিয়া। "অগ্নি লেগে ললাটে লিখন গেল জ্বল্যা" —(শিবায়ন) এখানে জ্বল্যা=জ্ব'লে=জ্বলিয়া। [যাহা হ্রস্ব এ বা ্যা যোগে পূর্ব্ববঙ্গ প্রভৃতি স্থানে উচ্চারিত হয়, ২৪ পরগণা, হুগলি প্রভৃতি অঞ্চলে তাহাই দীর্ঘস্বর সংযোগে উচ্চারিত হয়]

প্রাচীন বাঙ্গালার "এ" অধুনা "য়"তে পরিণত হইয়াছে। যথা—হএ=হয়। প্র—"নৃপতি হুসেন সাহ হএ মহামতি।" —মহাভারত (কবীন্দ্র পরমেশ্বর)।

[ই (গমন করা) ধাতু হইতে] বি, পুং, বিষ্ণু। ২। স্মৃতি ; স্মরণ। ৩। সম্বোধন; আহ্বান ; ডাকা। ৪। সহানুভূতি ; অনুকম্পা ; দয়া। ৫। অসূয়া। ৬। ঘৃণা। ৭। স্ত্রী, পৃথিবী। [অপ্র]
৮। এই। প্র—"এ বিশ্বাস এড়াইবার এখন আর উপায় নাই।" —সনাতনী।
৯। ইহা। প্র—"এ বড় বিষম কথা।" —সনাতনী।
১০। উপস্থিত ; বর্ত্তমান। ১১। এমন ; এপ্রকার। ১২। সম্মুখবর্ত্তী ; পুরোবর্ত্তী। ১৩। মধ্যে ; মাঝে। প্র—"এ সখী, সুন্দরী যুবতী জনে, হরি নাচত কত প্রকার।" —গীতগোবিন্দ (গিরিধর)।

এ—[ব্যাকরণে "ইয়া"র সংক্ষেপ] বাঙ্গালা প্রত্যয় বিশেষ। দেশবাচক—তদ্দেশে প্রচলিত ; তদুৎপন্ন। প্র—শান্তিপুরে লৌকতা ; ঘাঁটালে হাঁড়ি ; চীনে বাসন। (২) অস্ত্যর্থে। প্র—ঠেকারে ; লালপেড়ে কাপড়। (৩) ব্যবসায়ী অর্থে। প্র—জেলে, নেয়ে, (নাবিক)। (৪) প্রকার বা ভাবার্থে। প্র—ঢিলে ; কিরকিরে ; মিটমিটে। (৫) কর্ত্তা এই অর্থে। প্র—খোসামুদে ; ফলারে। (৬) তন্নির্ম্মিত অর্থে। প্র—মেটে বাড়ী। (৭) দিন, কাল, বয়স, নির্দ্দেশার্থে ১৯ হইতে উর্দ্ধ সংখ্যার (সাধারণতঃ সত্তরের কোটা পর্য্যন্ত) পূরণবাচক] প্র—বিশে, ত্রিশে, বাহাত্তুরে। (৮) [হিন্দী 'হি'র রূপান্তর। তুল—বারহি=বারে] নিশ্চয়ার্থে। প্র—"বারে বারে তুমি ভেবো না কমলিনী।"—বাং গীত।
২। বাঙ্গালা বিভক্তি। প্রাকৃত এর অনুকরণে। কর্ত্তৃকারকে। প্র—লোকে বলে। প্রা-বাং-র কর্ত্তৃকারকে 'এ'। প্র—"শুনিয়া রাজাএ বোলে হইয়া কৌতুক। সুগন্ধা অপছরা কেন হৈল মৃগরূপ।" —সঞ্জয়কৃত মহা—আদি।
"কোন মতে বিধাতাএ করিছে নির্ম্মাণ।" —রামেশ্বরী—মহা (বঙ্গভাষা ও সাহিত্য)।
(২) করণ কারকে। প্র—সে নিজের চোখে দেখিয়াছে। (৩) [এ=কে] কর্ম্ম কারকে। প্র—লাজ কেন কর বধূজনে" —কবিক।
"জগন্নাথে প্রণমিল অষ্টাঙ্গ লোটিয়া"। জীবে দয়া। দীনে কর দান।
(৪) সম্প্রদান কারকে। প্র—দীনে কর দান। (৫) অধিকরণ কারকে। প্র—ঘরে থাকে। (৬) ষষ্ঠী বিভক্তি 'এর' স্থলে প্রাচীন বাঙ্গালায় 'এ'। প্র—বন্ধনদেখিয়া বীরে (বীরের) লজ্জা হৈল চণ্ডীর তখন।" —কবিক।
(৭) ৭মী বিভক্তি স্থলে—(প্রা-বাং) 'এ'=(আধু-বাং) 'য়'। যথা—(প্রা-বাং) বেলাএ=(আধু-বাং)বেলায়। প্র—"হেন বেলাএ দ্বারকাএ পড়িল প্রমাদ।" —চৈতন্য মঙ্গল।
(৮) বাঙ্গালা ক্রিয়া বিভক্তি। যথা—কৃ ধাতু হইতে করে। ধৃ ধাতু হইতে ধরে। প্র—"বহুকাল শাসে রাজা সব নৃপবরে।" —কৃত্তিবাস। (৯০বৎসরের পুঁথি—সা—প-প, ১৩০১)
অসমাপিকা ক্রিয়া-বিভক্তি। প্র—ক'রে=করিয়া। (৯) কর্ম্মপদের বিভক্তি "কে" স্থলে (প্রা-বাং) এ। প্র—"তোমার পিতা জনকে দিব অর্দ্ধেক দেশ।" —কৃত্তিবাস। (৭৫বৎসরের পুঁথি) সা প, প, ১৩০১।

এই [ইদম্ শব্দজ—ইমে+হি=ইএ+ই=এই (ভাষাতত্ত্ব)] সর্ব্বনাম। বিণ, সম্মুখবর্ত্তী ; পুরোবর্ত্তী। প্র—এই সমুদয় দেখিলে নয়নের তৃপ্তি হয়। ২। বিষয় বা বস্তু নির্দ্দেশক। এই কথাই তোমায় বলিতেছিলাম। ৩। উপস্থিত ; বর্ত্তমান। প্র—এই জীবনে। ৪। সম্বোধন বা আহ্বানসূচক শব্দ (তুচ্ছার্থে) ; ওরে। ৫। শিশুদিগের ভয়প্রদর্শনসূচক। ৬। এখনি ; এইক্ষণে ; অবিলম্বে। প্র—এই এলাম ব'লে। এইমাত্র আসিয়াছি। ৭। এখন ; অতঃপর ; সম্প্রতি। প্র—এই লও তোমার দ্রব্য, আমি চলিলাম। ৮। অপ্রত্যাশিত ঘটনা বা পরিণাম দর্শনে বিস্ময়-প্রকাশক শব্দ। [এরূপ স্থলে ইহার সহিত 'যা' প্রায়ই যুক্ত হইয়া থাকে] এই। প্র—এখন কি হবে ! এই যা ! ৯। হঠাৎ কোন পরিচিত ব্যক্তির সহিত অপ্রত্যাশিত ভাবে সাক্ষাৎ হইলে যুগপৎ বিস্ময় ও হর্ষব্যঞ্জক। এরূপ স্থলে প্রায়ই 'এই' শব্দের সহিত 'যে' যুক্ত হয়। এই যে, তুমি এখানে কোথা হইতে ? ১০। অনুরোধ রক্ষিত না হইলে অনুরোধকারীর মনঃক্ষুণ্ণতাসূচক। [এরূপ স্থলে প্রায়ই 'ত' 'এই' শব্দের সহিত যুক্ত থাকে এবং "ত" র উপর জোর পড়ে ; 'ত' তখন প্লুত উচ্চারিত ওকার যুক্তের মত শুনায়] প্র—এই ত যাহা বলিলাম তাহার কিছুই করিলে না। ১১। ভয়ব্যঞ্জক [এরূপ স্থলে প্রায় 'গো' শব্দ যুক্ত থাকে] প্র—এইগো !

এইপাকে [প্রাদে] ক্রি-বিণ, এইহেতু ; এই কারণে ; এজন্য। প্র—"এই পাকে সেই কালে কয়ে দিলাম আমি।" —শিবায়ন।

এইসে (এইশে) [হি—ঐসে শব্দজ। ব্রজ-ঐছন ; প্রা-বাং ঐছে] এইপ্রকার ; এমন। ২। এইত। প্র—"রাখিতে পরাণ মোর আমি নাহি পারি আর। পিরীতে এইসে হলো, সংশয় জীবনে।" —নিধুবাবু। [দ্রঃ—সে=ত (পরিণত অর্থে)]

এও—ইহাও ; যাহা বলা হইল তাহাও। প্র—এও কথন্ হয় ? ২। এ ব্যক্তিও, বস্তুও, বা বিষয়ও। প্র—এও তোমার সঙ্গে যাইবে। এও ভেবে দেখবার বিষয়। এও-ওও—দুই পক্ষই ; ইহাও উহাও। প্র—"তাহার পর যেখানে সদাচার কি তাহা জানিবার উপায় নাই, অথবা পূর্ব্বে যেমন বলিয়াছি, সদাচারে এ-ও হয়, ও-ও হয় তখন আত্মতুষ্টিকেই বলবতী করিতে হইবে।" —সনাতনী।

এ-ও-তা [তুল—এটা, ওটা, সেটা] নানাবিধ বস্তু। তুল—অনির্দ্দিষ্ট বিবিধ বিষয় ; যাহা তাহা।

এওজ, এয়জ (জ্) [আ—এবজ্] বি, বিনিময় ; পরিবর্ত্ত।
এওজদরাজ, এওজতরাজ (জ্ জ্) [ফা] বি, পরস্পর বিনিময়।
এওজি (এওজি, এউজি) [এওজ দ্রঃ] বিণ, পরিবর্ত্তে প্রাপ্ত। প্র—"তাহার এওজি জমি কলিকাতার বাহিরসিমলা পল্লীতে" —আত্মচরিত, (রাজনারায়ণ)।
এওজে—ক্রি-বিণ, বিনিময়ে ; পরিবর্ত্তে ; in lieu of.

এঁটে (এঁ) [অষ্টি শব্দজ] বি, গেঁড় ; কদলী কচু প্রভৃতি গাছের গোড়া বা মূল। প্র—"কত কষ্টে মিলে এঁটে নাহি মিলে পোড়" —ভারতচন্দ্র।
২। (এঁ) ক্রি-বিণ, আঁটিয়া ; কষিয়া ; শক্ত করিয়া। প্র—"এঁটে ধরলে চিঁ চিঁ করে। ছেড়ে দিলে লঙ্কা মারে।" —প্রবাদমালা।

এঁটেল (এঁটেল্) [অষ্টিল শব্দজ "আঁটাল" উচ্চারণ-ভেদে] বি, কৃষ্ণবর্ণ পিচ্ছিল মৃত্তিকা ; আটাযুক্ত মাটী। প্র—"এঁটেল মৃত্তিকায় তায় তুলে দিল তালি।" —ঘনরাম।
২। বিণ, আঁটাল ; আঠাযুক্ত ; শক্ত ; দৃঢ়।

এঁটো, এঁঠো (এঁটো, ঠো) [উচ্ছিষ্ট শব্দজ] বি, উচ্ছিষ্ট অন্নাদি ; ভুক্তাবশিষ্ট দ্রব্য। প্র—"বনের সুফল পাড়ি করে সবে কাড়াকাড়ি। এঁটো বোলে ঘৃণা কিছু নাই।"—ঈশ্বর গুপ্ত। বিণ, ভুক্তাবশিষ্ট ; উচ্ছিষ্ট ; মুখস্পৃষ্ট ; ভোজনের পর অপ্রক্ষালিত মুখ বা হস্ত বা ভোজনের পাত্র। প্র—এঁটো মুখ ; এঁটো বাসন। ২। উচ্ছিষ্টের সহিত স্পৃষ্ট। ৩। যাহাকে একবার ভোগ করা হইয়াছে ; উপভুক্ত। ৪। পরিত্যক্ত ; বর্জ্জিত।
এঁটো কাঁটা (এঁ) [এঁটো (উচ্ছিষ্ট) কাঁটা (আমিষভোজীর পরিত্যক্ত মাছের কাঁটা)] বি, ভুক্তাবশিষ্ট ; যাহা ফেলিয়া দেওয়া হয়। প্র—"কুকুর বিড়াল হায় সেও ত আশ্রয় পায়। সেও ত তোমার ঘরে এঁটোকাঁটা খায়।" —চন্দন।

প্র—"কোনরূপে পিত্তিরক্ষা এঁটোকাঁটা খেয়ে" —ঈশ্বর গুপ্ত।

এঁটো খেকো (এঁ) বিণ. যে অন্যের ভুক্তাবশিষ্ট খায়; উচ্ছিষ্টভোজী। ২। অন্যের কৃপাপাত্র। ৩। নিতান্ত হীন বা নীচ। প্র—বাগদিনী বলে দূর এঁটো খেকোর বেটা।" —শিবায়ন।

এঁটোপাড়া—ক্রি. উচ্ছিষ্ট ধুইয়া মুছিয়া পরিষ্কার করা; আহারস্থান গোময়াদি লেপন ও ধৌত করণ দ্বারা শুচি করা। প্র—"আপনার নিদ্রা এলে আমি রান্নাঘরে যাব. হাঁড়ি তুলে এসেছি, এঁটো পেড়ে এসেচি।"—দীনবন্ধু মিত্র।

এঁড় (অ্যাঁড়্) [সং—অণ্ড শব্দের উচ্চারণ বিকার। অশ্লীল। হি—আণ্ডা—আঁড়] বি. অণ্ডকোষ, মুষ্ক।

এঁড় কাটা—ছিন্নমুষ্ক: আক্তা। ২। পুরুষত্বহীন; গালিবিশেষ।

এঁড়-দেখান [তুল—কলা দেখান] ক্রি. ফাঁকি দেওয়া; বঞ্চনা করা।

এঁড়-বিচি—[অণ্ড—বীজ (বং) অণ্ডকোষ; মুষ্ক। **এঁড়ে তেল দেওয়া**—তোষামোদ করা।

এঁড়ে [অণ্ড শব্দজ। এঁড় (অণ্ড) + ইয়া = এ (বিশিষ্টার্থে)—অণ্ডযুক্ত] বি. ষাঁড়; বলদ। প্র—
"ঘরে আছে বুড়া এঁড়ে ধরে মহাবল।
যমের মহিষ যান বলাইর লাঙ্গল॥"—শিবা।
বিণ. ষাঁড়ের ডাকের মত তীব্র-গম্ভীর। কর্ণ-বধিরকারী। প্র—
"মাধী বলে আলো সাধী চুপ করি থাক।
আমি জানি এমন বিস্তর এঁড়ে ডাক॥"
—ভারতচন্দ্র।

এঁড়ে-গলা [এঁড়ে (ষণ্ডের মত) + গলা (কণ্ঠরব)] বি. বিকট কণ্ঠস্বর; ষাঁড়ের মত ডাক। প্র—
"এঁড়ে গলা এঁড়ে ডাক উচ্চ চীৎকার।"
—(ভারতচন্দ্র)।
[হেঁড়েগলা দ্রঃ]।

এঁড়ে লাগা (এ্ঁড়েলাগা) [প্রাদে। আঁতুড় হইতে] বি. শিশুদিগের রোগ; জননীর গর্ভাবস্থার স্তন্য পান করিয়া শিশুদিগের এই রোগ হয় তাহাতে তাহাদের অজীর্ণ হয় এবং তাহারা ক্রমেই কৃশ হইতে থাকে।

এঁষে ঘা—বি. গোরু, মেষ, ছাগল প্রভৃতি জন্তুর মুখে বা খুরে যে ঘা হয়।

এঁসানি (অ্যাঁশানি) [আমিষ + আনি। "আঁষানিও বলে] বি. আমিষগন্ধ; আঁষ্টে গন্ধ।

এঁসানি মারা—ক্রি. আমিষগন্ধ দূর করা; ঘৃতে ভাজিয়া আঁষগন্ধ দূর করা; সম্বলন করা। প্র—"মাংসের এঁসানি মারে ঘৃতে কল কল।"—ঘনরাম। ২। আঁষ্টে গন্ধ ছাড়া

এক (অ্যাক্) [সং—এক। প্রাকৃত—এক্ক বা এক। তেলু—ওকাটি] বি. ক্লী. এক সংখ্যা প্র—"একের পিঠে এক এগার।" ২। বিণ. এক সংখ্যাবিশিষ্ট: একসংখ্যক; একটীমাত্র। প্র—"একজন না দুইজন। [দ্রঃ—অনধিকের ভাব বিশেষ করণার্থে ইহার সহিত টা বা টি. টী যুক্ত হয়। প্র-একটী]। ৩। পূর্ণ; ভরা। প্র—"এক কলসী দুধে এক ফোঁটা চোনা।' —প্রবচন। "এক ঘর লোক।" ৫। সম: সেই। প্র—"এক মায়ের পেটে ঐ দুইজন জন্মিয়াছে; উহারা সহোদর ভ্রাতৃদ্বয়।' "এক সান্‌কির ইয়ার।" —প্রমাদ মালা। "একমন হলে সমুদ্র শুকায়।" —ঐ। ৫। সমবেত। প্র—সকলকে এক করিতে পারিলে তাহাদের চেষ্টায় কিনা হইতে পারে? ৬। মিশ্রিত: মিলিত। প্র—চালে ডালে এক করে রেখেছে। ৭। সংবদ্ধ: সংমিলিত। প্র—দুই হাতে এক করিয়া দেওয়া। ৮। অবিরাম; অবিচ্ছিন্ন। প্র—একটানা সুর; এক-ঘেয়ে। ৯। অদ্বিতীয়; অনন্য; সাদৃশ্যরহিত। প্র—"এক প্রথম জ্যোতিঃ অতি শুভ্র পরম ব্রহ্ম।" —ব্রহ্মসঙ্গীত। "তুমি এক তুমি পুরাণ তুমি অনন্ত সুখ সোপান।" —ব্রহ্মসঙ্গীত। ১০। প্রধান; শ্রেষ্ঠ ['একজন্মা' 'এক দেব' দ্রঃ]। ১১। কোন অনির্দ্দিষ্ট। প্র—"এক দিন হায় এমন হবে, এ মুখে আর বলবে না।"—ব্রহ্মসঙ্গীত। [একটী দ্রঃ] ১২। প্রথম। ১৩। অন্য। ১৪। অন্যতম।

এক আধ বার—কচিৎ; কখন। [আধ অর্থে অর্দ্ধেক নহে বিরলার্থে এবং অল্প বা অনধিক এই অর্থে প্রযুক্ত]
প্র—"পাড়া-পড়সীর বাড়ী এক আধবার বেড়াতে গেলে দোষ কি?" —অমৃতবাবু।

এক আধটা—একটা বা জোর দুইটা।

এক আঁচড়ে বুঝে লওয়া—একবার দর্শনে বা একটা কথা শুনিয়া বা একমাত্র আচরণ দেখিয়া অর্থাৎ সামান্য পরীক্ষায় মানুষ চেনা।

এক ক্ষুরে মাথা মুড়ান—সমান প্রকৃতি-বিশিষ্ট; সমস্বভাবচরিত্র।

একঢিলে দুই পাখী মারা—এক উপায়ে বা এক কৌশলে উভয়দিক রক্ষা করা বা দুটী উদ্দেশ্য সিদ্ধ করা।

এক লাঠিতে সাত সাপ মারা—এক উপায়ে অনেক কাজ হাসিল করা।

এক হাত লওয়া—বিদ্রূপ করিয়া দোষ কীর্ত্তন করা।—প্রবাদসংগ্রহ। ২। সুযোগ বুঝিয়া বা উপযুক্ত ক্ষেত্রে পুরাতন দাদতোলা।

এক আড়া (অ্যাক্) বিণ. এক প্রকার আকার বিশিষ্ট।

এক আন্দাজ (অ্যাক্ আন্‌দাজ্) বি. এক জাই জরিপ; কোন মৌজার সমস্ত জমির এককালীন জরিপ।

একই (অ্যাক্‌ই) [এক + ই (নিশ্চয়ার্থে) বিণ. অভিন্ন; সমতুল; সমান: পার্থক্যরহিত।

একএক (অ্যাক্অ্যাক্) বিণ. কোন কোন। প্র—এমন এক একজন লোক আছে ইত্যাদি। ২। একজন একজন; একটি একটি। ৩। ক্রি-বিণ. একে একে; এক একটি করিয়া; একটীর পর অন্যটী অথবা একজনের পর আর একজন করিয়া; পরে পরে; ক্রমশঃ। প্র—"———কিন্তু একে একে
শুকাইছে ফুল এবে, নিবিছে দেউটী;"
—মেঘনাদ।

একক (একক্, অ্যাকক্) [এক + ক, স্বার্থে। হি—একাএক] বিণ. সঙ্গহীন: একাকী: একলা। প্র—ঐ দুর্গম পথে একক যাইও না। ২। সহায়বিহীন: অসহায়। প্র—সমস্ত কর্ম্মই সে একক করিয়াছে। ৩। কেবল: একমাত্র।

এককলসী (অ্যাক্‌কোল্‌শি) বিণ. কলসপূর্ণ। প্র—এক কলসী জল। ২। প্রচুর পরিমাণ (জলীয় পদার্থ পক্ষে)।

এককলসী দুধে এক ফোঁটা চোনা দেওয়া—এক বিন্দু চোনা স্পর্শে যেমন সমস্ত দুধ নষ্ট হয় তদ্রূপ এক দোষে সকল গুণ নষ্ট করা। ২। আগাগোড়া ভাল আচরণ করিয়া সর্ব্বশেষে সামান্য কুব্যবহার করিয়া নিন্দার্হ হওয়া। ৩। কার্য্য সুসম্পন্নপ্রায় করিয়া আনিয়া সামান্য কারণে সমস্ত পণ্ড করিয়া ফেলা। ৪। শেষরক্ষা না করা।

এককাট্টা (অ্যাক্‌কাট্টা) [হি—ইকট্‌ঠ] বিণ. একজোট; এক মতাবলম্বী; একযুক্তিতে দলবদ্ধ। ২। একত্র: জড়।

এককালীন (অ্যাক্‌কালিন্) [এক—কালীন (কাল + ঈন্, ভবার্থে)] বিণ. এককালে বা একবারে যাহা হয় বা করা যায়। প্র—এককালীন খরচ। ২। এক সময়ে অনুষ্ঠিত; সমসাময়িক।

এককালীনতা (অ্যাক্‌কালিনোতা) [এক-কালীন + তা (ভাবে)] বি. স্ত্রী. যৌগপদ্য; এক সময়ে হওয়া। ২। সমসাময়িকতা।

এককুণ্ডল (এ্যাক্‌কুন্‌ডল্) [এক—কুণ্ডল (কর্ণের ভূষণ) যাহার (বহু)—এককর্ণে যিনি কর্ণভূষণ ধারণ করেন] বি. পুং. বলরাম। ২। কুবের।

এককেনে (অ্যাক্) [গ্রা। এক কোণ হইতে। কর্ম্মকার, সূত্রধর প্রভৃতির কর্ম্মশালায় ব্যবহৃত শব্দ] বি. এক কোন যুক্ত বাটালি।

এককোষ্ঠী (অ্যাক্‌কোষ্‌ঠি) বি. এক কোষ্ঠময় দেহ শিরঃপদী সামুদ্রিক জীব। প্র—কটল্‌ মৎস্য (cuttle fish) অক্টোপস্‌ (octopos) প্রভৃতি। [অক্টোপস্‌ দ্রঃ]

একগম্য (গোম্‌ম্‌) [এক-গম্য (লভ্য)] বিণ. একলভ্য; একমাত্র প্রাপ্তব্য।

একগঙ্গা [এক কলসী দ্রঃ; ভরাগাঙ্‌; পরিপূর্ণতার ভাব] বিণ. প্রচুর; বহু পরিমাণ; একরাশি।

একগা (অ্যাক্‌গা) [এক (ভরা) গা (গাত্র; অঙ্গ)] বিণ. সর্ব্বাঙ্গ; গাত্রপূর্ণ: গাত্রের সকল স্থানে। প্র—একগা গহনা।

একগাল (অ্যাক্‌গাল্‌) [এক (পূর্ণ) গাল (গণ্ড, কপোল)] বিণ. গালভরা; মুখপূর্ণ। প্র—একগাল পান; একগাল হাসি। ২। [সংখ্যামাত্র সূচক] একগ্রাস। প্র—একগাল ভাত।

একগুঁয়ে, একগুয়ে (অ্যাগ্‌গুঁএ) [এক—গোঁ+এ (স্বার্থে)] বিণ. যে মানা মানে না; অবাধ্য; একরোখা; যে নিষেধ বা বারণ শুনে না। প্র—"একগুয়ে তেজীয়ান্‌ অথচ তরল" —কস্তরী।

একগুরু (অ্যাগ্‌গুরু) [এক (অভিন্ন) গুরু (উপদেশক) যাহার (বহু)] বি. পুং. সহাধ্যায়ী; একগুরুর শিষ্য; গুরুভাই; সতীর্থ; সহপাঠী।

একগ্রামীণ (অ্যাগ্‌গ্রামিন্‌) [একগ্রাম+ঈন বিদ্যমানার্থে (খীন্‌)] বি. পুং. যে সকল লোক একগ্রামে বাস করে; একগ্রামাধিবাসী।

একঘরিয়া, একঘরে (অ্যাগ্‌ঘোরিআ, অ্যাক্‌ঘোরে) [এক—ঘর+ই-আ (স্বার্থে) একঘরে বদ্ধ, অন্য ঘরের সহিত আদানপ্রদান রহিত] বি. জাতিভ্রষ্ট; সমাজচ্যুত।

একঘেয়ে (অ্যাগ্‌ঘেএ) [এক—ঘা+ই-আ (স্বার্থে)] বিণ. একরূপ; নূতনত্বহীন; পুরাতন। প্র—"আর ভাল লাগেনাক প্রত্যহই একঘেয়ে" —দ্বিজেন্দ্র রায়।

একচক্র (অ্যাকচক্‌ক্র) [এক (অদ্বিতীয়) চক্র (চাকা) যাহার (বহু) যে রথের একচাকা] বি. পুং. একচক্রযুক্ত রথ; সূর্য্যের রথ। ২। পুং. স্ত্রী. গণ্ডার। ৩। বিণ. একমাত্র চাকাযুক্ত।

একচক্রা (অ্যাক্‌চক্রা) বি. স্ত্রী. পাটনা জেলার অন্তর্গত ছাপরার নিকটস্থ নগরীবিশেষ। পাণ্ডবগণ জতুগৃহ দাহের পর জননীর সহিত এই নগরে বাস করিয়াছিলেন, তথায় ভীম বকরাক্ষসকে বধ করেন।

একচত্বারিংশ [সং—একচত্বারিংশৎ] বি. একচল্লিশ; ৪১ সংখ্যা।

একচর (অ্যাক্‌চর্‌) [এক (একাকী) চর (যে গমন করে বা চরে)] বি. পুং. গণ্ডার। ২। বিণ যে একাকী বিচরণ করে বা অবস্থান করে। ৩। অন্য সংসর্গবিহীন: যে অন্যের সঙ্গে যায় না বা থাকে না: বিজনবাসী।

একচর্য্যা (একচোর্‌জ্জা) [এক—চর্‌ (গমন করা)+য (ভাবে ক্যপ্‌)] বি. স্ত্রী. একাকী গমন; অসহায় চলন।

একচল্লিশ (অ্যাক্‌চোল্লিশ্‌) [একচত্বারিংশৎ শব্দজ] বি. ৪১ সংখ্যা।

একচাপ (অ্যাক্‌চাপ্‌) [প্রা. এক (একত্র) চাপ (জমাট)] বিণ. একত্র; সমবেত। প্র—"সকল পাষণ্ডী তারা একচাপ হৈয়া"। —চৈতন্যভাগবত।

একচারী (এক, অ্যাক্‌চারি) [এক (একাকী) চর্‌ (গমন করা)+ইন্‌ (কর্ত্তৃ ণিন্‌=এক-চারিন্‌ ১মা, ১ব)] বিণ. যে একাকী বিচরণ করে: একা বাস করে। প্র—"না শুনিলে এই কথা যে ঘরে লহনা সতা একচারী ভুখিল বাঘিনী।" —কবিকঙ্কণ। ২। বুদ্ধ-সহচারী। স্ত্রী. **একচারিণী**।

একচালা (অ্যাক্‌চালা) [এক-চাল (ছাদ)+আ (বিশিষ্টার্থে] বিণ. একচালবিশিষ্ট: এক-ছত্র: একচালের অন্তর্গত: বংশ, তৃণ, পত্রাদি আচ্ছাদিত একখানি চালবিশিষ্ট ক্ষুদ্র গৃহ: একত্র বাস। প্র—তাহার সহিত ত আমার একচালা নহে। ২। চালনীতে যাহা একবার মাত্র চালিয়া বা ছাঁকিয়া লওয়া হইয়াছে। ৩। একবার চালিত; যাহা একবার চালান হইয়াছে।

একচিত্ত (অ্যাক্‌চিৎতো) [এক (এক বিষয়ে) চিত্ত (মনঃ) যাহার (বহু)] বিণ. যাহার এক বিষয়ে চিত্ত নিবিষ্ট আছে; একমতি; অনন্যচিত্ত; একমনা। ২। অন্যের সহিত যাহার চিত্তের সম্পূর্ণ ঐক্য বা সামঞ্জস্য আছে: অভিন্নহৃদয়।

একচুল (অ্যাকচুল্‌) বিণ. একগাছি চুল পরিমাণ; অতি সূক্ষ্ম। ২। অতি সামান্য; অত্যল্প মাত্র। ৩। সিকি সুত বা—১/৪ জ বা—১/৩২ ইঞ্চি পরিমাণ। (চুল দ্রঃ)

একচূর্ণী—বি. পুং. তৈত্তিরীয় যজুর্ব্বেদের টীকাকার মুনিবিশেষ।

একচেটিয়া, একচেটে (অ্যাকচেটিআ) [এক-চাট (সর্ব্বতোভাবে)—ই+আ (স্বার্থে)] বিণ. একায়ত্ত একের অধীন।

একচোখো (অ্যাকচোখো) [এক-চোখ্‌ (চক্ষু)—উ+আ (বিশিষ্টার্থে)=একচোখুআ =একচোখো (অবজ্ঞার্থে)] বিণ. একচক্ষু-বিশিষ্ট। ২। অযথা একপক্ষানুরাগী; পক্ষপাত দুষ্ট: অনুদার। প্রঃ—"এক-চোখো এমন কার্য্য অনিবার্য্য"—মনোমোহন বসু।

একচ্ছত্র, একছত্র [এক+ছত্র] বিণ. এক রাজছত্রের অধীন; একজন অধিপতির শাসনাধীন। প্র—"থাকে গৃহাশ্রমে পুত্র হবে রাজচক্রবর্ত্তী একছত্র করিবে ভুবন।" —অমিতাভ।

একচ্ছায় (একছ্‌ছায়্‌) [একঃ+ছায়া] বিণ. অখণ্ডছায়াসমাবৃত: সমাচ্ছাদিত। প্র—"বাণে বাণে আকাশমণ্ডল একচ্ছায় হইয়া। ফলত ধনঞ্জয় বিশিখজালে আকাশ মণ্ডলকে যেন একচ্ছায় করিয়া তুলিলেন।" —মহা, বিরাট (বর্দ্ধমান)।

একছুট (অ্যাক্‌ছুট্‌) [এক+ছুট (দৌড়)] বি. লম্বা দৌড়; বাধা রহিত দৌড়ন। ২। [ছুট (ইং. suit; a set)=সাট—a set of clothes.] বি. এক প্রস্থ বস্ত্র: এক সাট পোষাক বা পরিচ্ছদ। ৩। [এক+সুত (সূত্র)] একবস্ত্র; ধুতি সাড়ী প্রভৃতির একখানি মাত্র: ধুতি এবং উড়ানী বা চাদরের মধ্যে কেবল ধুতিকেই বুঝায়। বিণ. উত্তরীয়বিহীন। ক্রি-বিণ. একছুটে।

একজ [এক-জ—জন্‌ (জন্মান)+অ (কর্ত্তৃ-ড) ন্‌ লোপ] বিণ. এক হইতে জাত; একজাত। ২। সহোদর। স্ত্রী. **একজা**—সহোদরা।

একজ (অ্যাকজ) [এক—জ (যব বা যবোদর হইতে)] বি. ৪ ধান পরিমাণ। ২। এক যবোদর পরিমাণ। ৩। [সূত্রধর কর্ম্মকার প্রভৃতির ভাষায়] দুই সুত বা সিকি (১/৮) ইঞ্চি পরিমাণ।

একজটা (অ্যাক্‌) [এক—জটা (একত্রীকৃত চুল) যাহার] বিণ. যাহার মস্তকে একটী মাত্র জটা আছে। ২। উগ্রতারা-মূর্ত্তি। দেবগণ অসুর ভয়ে ভীত হইয়া মাতঙ্গী মহাবিদ্যার স্তব করিলে তাঁহার দেহ হইতে কৃষ্ণবর্ণা একজটা মূর্ত্তির আবির্ভাব হইয়াছিল।—কালিকাপুরাণ।

একজন্মা (অ্যাক্‌জনমা) [এক (প্রধান) হইতে, জন্ম (জন্মন্‌—উৎপত্তি) যাহার (বহু)] বি. পুং. লোকপাল; রাজা। রাজা দিক্‌-পালের অংশে সম্ভূত এই জন্যই একজন্মা। ২। [একবার জন্ম যাহার অর্থাৎ দ্বিজাতির ন্যায় গায়ত্রী মন্ত্রে দীক্ষারূপ জন্মান্তর নাই] শূদ্রজাতি।

একজাই (অ্যাক্‌জাই) [উ—এক্‌জা শব্দজ] ক্রি-বিণ. বারংবার; ক্রমাগত; অবিরাম। ২। বি. জনতা; ৩। বিণ. এক মেলবদ্ধ; একত্র; এককাট্টা [হি—ইকট্‌ঠা]। ৪। [জমীদারী সেরেস্তায়] বিণ. একুন; মোট হিসাব; total. **একজাই চালান**—বৎসরের শেষে একুন চালান।

একজাত (অ্যাক্‌জাত) [এক (অভিন্ন) হইতে জাত (উৎপন্ন)] বিণ. এক পিতা-মাতা হইতে যাহাদের জন্ম। ২। [খ্রীষ্টধর্ম্মশাস্ত্রে]

এক হইতে উৎপন্ন : পুরুষ সংসর্গ ব্যতীত নারী গর্ভ-সম্ভূত (যেমন যীশু)। প্র—"ঈশ্বর জগৎকে এমন প্রেম করিলেন যে, আপনার একজাত পুত্রকে প্রদান করিলেন।" —বাইবেল ৩। (এক্‌জাত্) স্বজাতি।

একজাতি (অ্যাকজাতি) [এক (অভিন্ন) জাতি (শ্রেণী)—কর্ম্মধা] বি, একশ্রেণী ২। [এক (একবার) জাতি (উৎপত্তি) যাহার (বহু)] বি, পুং, শূদ্রজাতি [বৈদিক দীক্ষা না থাকায় শূদ্রকে এক জাতি এবং ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্যকে দ্বিজাতি বলে]

একজাতীয় (অ্যাক্‌জাতিয়) [এক—জাতীয় জাতি+ঈয় (প্রকার অর্থে)] বিণ, সমশ্রেণীস্থ এক পর্য্যায়ভুক্ত। ২। তুল্য প্রকার : সদৃশ। ৩। এক বা অভিন্ন-লক্ষণাক্রান্ত।

একজায় (অ্যাক্‌জায়) [একজাই দ্রঃ] ক্রি-বিণ, একত্র : একসঙ্গে। প্র-"বেণে বৈসে একজায়," —কবিক। "শত শত একজায় গুজরাটে তন্তুবায়"—কবিক। ২। বারম্বার ; ক্রমাগত। প্র-আমাকে এক-জায় বিরক্ত করিও না। ৩। [এক জায়া (স্ত্রী) যাহার। সং-তে ব্যবহার] একপত্নীক।

একজিবিসন (এক্‌জিবিশন্) [ইং—exhibition] বি, প্রদর্শনী।

একজোট (অ্যাকজোট্) [এক+জোট =জোড় (জুড় =বন্ধন করা)] বিণ, একত্র মিলিত ; দলবদ্ধ। ২। একমতাবলম্বী। ৩। [জোট=জোড় (মেল) বা যুক্ত (যোগ্য) —জুটী দ্রঃ] সমবয়স্ক ; সমযোগ্য। ক্রি-বিণ, **একজোটে**—একযোগে ; দলবদ্ধ হইয়া।

একজ্বরি (অ্যাকজ্‌জোরি) অবিরাম জ্বর ; যে জ্বর ছাড়ে না ; এক জ্বর থাকিতে আবার জ্বর আসে।

একটা (অ্যাক্‌টা) [এক+টা (অবজ্ঞা বা অনাদরার্থে)] বিণ, একই সংখ্যক ; এক-মাত্র। ২। অবশ্য ; অল্প (এতদর্থে 'দুটো' এই শব্দের সহযোগে ব্যবহৃত হয়)। প্র— "দুটো একটা বা একটা দুটো কথাতেই কাজ হবে। ৩। নির্দ্দিষ্ট ; বিশেষ। প্র—"তোমার সহিত একটা কথা আছে। ৪। অনির্দ্দিষ্ট ; যে কোন। প্র—"একটা হ'লেই হ'ল। ৫। অ, এক্ষণে ; উপস্থিতমত ; একবার। [(আশু প্রয়োজন সূচক) ইহা ইং—just শব্দের ব্যবহারের অনুরূপ]। প্র—"কাগজ খানায় একটা সই করে দাও ত।

একটানা (অ্যাক্‌টানা) [এক (একদিকে) টান (প্রবাহ)+আ (বিশিষ্টার্থে)] বিণ, একদিকে প্রবাহিত। ২। অবিরত ; অবিশ্রান্ত। প্র—"অতিজোর একটানা কি করিবে গুণ টানা।" —ঈশ্বর গুপ্ত।

৩। একঘেয়ে। প্র—সারাদিন একটানা সুরে আর ভাল লাগে না।

একটি (ক্) [এক+টি (মাত্র অথবা আদরার্থক প্রত্যয়)। একটী দ্রঃ] বিণ, একমাত্র : একের অনধিক। প্র—"খুড়ো আমার ভাইপো ব'লে একটি বার না দিলেন বেটে" —ঈশ্বর গুপ্ত।

২। অনির্দ্দিষ্ট ; কোন। প্র—একটি ভদ্র-লোক আসিয়াছিলেন।

একটিন্, একটীং, একটীনি (এক্—) [ইং—acting শব্দজ] বিণ, পরিবর্ত : এক-জনের স্থলে অন্যের অস্থায়ী নিয়োগ ; এওজি। প্র—"ঢাকের পিঠে বাঁয়া যেমন বাজে নাকো একটি দিন। তেমনি হরুর দলে রামপ্রসাদ একটিন্।" —রজনীসেন।

একটী (এক্‌টি) [এক+টী (আদর বা কেবল অর্থে বাঙ্গালায় টী) একটি দ্রঃ] বিণ, এক বস্তু বা ব্যক্তি। প্র—তিনি একটী বিশিষ্ট ভদ্রলোক। ২। একমাত্র। প্র—তাঁহার একটী সন্তান।

একটু (এক্‌টু) [এক+টু—অল্পার্থে] বিণ, অল্পমাত্র ; কিঞ্চিন্মাত্র। প্র—একটু জল দাও। ২। কিছু ; অতি অল্প ; সামান্য। প্র—একটু অপেক্ষা কর। ৩। একবার [একটা দ্রঃ—ইং—'a little' বা 'just' শব্দের মত ব্যবহার] প্র—একটু দেখতো সে আসছে কিনা।

একটুক্ (একটুক্) [এক+টুক্ (স্বল্পার্থে, প্রাদে ব্যবহার] বিণ, অল্পমাত্র। [একটুক্ বা একটুও অর্থে ব্রজভাষায় একঠামা শব্দের ব্যবহার পাওয়া যায়। প্র—"নাহি উপকার এক ঠামা"—বি, প]

একটুকু (ক্) [এক+টুকু (অত্যল্পার্থে)] বিণ, অত্যল্প ; অতি সামান্য। ২। যৎকিঞ্চিৎ।

একডৌল (অ্যাক্‌ডৌল্) [এক (সম) ডৌল (গঠন, আড়া)] বি, এক সন্ধান, এক আড়া।

একড়ো, এঁকড়ো (অ্যাঁক্‌ড়ো) [কামার শালে ব্যবহৃত শব্দ] বি, শালে খোঁচা দিয়া আগুনের তেজ বাড়াইবার জন্য ব্যবহৃত লৌহ নল।

একঢল (অ্যাকঢল) বিণ, অভিন্ন ; একাকার।

একঢাল (অ্যাক্‌ঢাল্) বিণ, একত্র মিলিত ; মিলান। ২। গড়ানে। ৩। একরাশ। ৪। এক প্রকার ঢালাই করা।

একতঃ [এক+তস্ পঞ্চমী বা সপ্তমী স্থানে তস্=একতস্] অ, একদিক হইতে ; এক পার্শ্ব হইতে ; এক পক্ষ হইতে। ২। এক দিকে ; একপার্শ্বে ; এক পক্ষে।

একতনযেকতন (এক্‌তনজেক্‌তন্) [প্রা, বাং। যেন তেন প্রকারেণ হইতে] ক্রি-বিণ,

যেমন তেমন করিয়া ; যে কোন প্রকারে ; কষ্টে সৃষ্টে। প্র—"একতন যেকতন করি যে খাইছে তার দুয়ারত ঘোড়া।" "ঘিনে বান্দি নাহি পিন্দে পাটর পাছড়া।" —মাণিকচাঁদের গান। [অপ্র]

একতন্ত্রী (এক্‌তোনত্ৰি) [একতন্ত্র+ঈ (যুক্তার্থে)] বি, স্ত্রী, বীণাজাতীয় এক তার যুক্ত বাদ্যযন্ত্রবিশেষ। অলাবু (লাউ) খর্পরে (খোলায়) একটি বংশদণ্ড যোজিত এবং সেই দণ্ডের উপরিভাগে একটিমাত্র কীলক সংবদ্ধ থাকে ও তাহাতে একগাছি লৌহ তার সংযোজিত থাকে। (যন্ত্রকোষ) ইহার অপর নাম একতন্ত্রিকা : একতারা। [একতারা দ্রঃ]। ২। বিণ, একতন্ত্রযুক্ত ; একসম্প্রদায়ভুক্ত ; একমতাবলম্বী।

একতম [এক+তম (বহুর মধ্যে একের নির্দ্দেশ বা উৎকর্ষার্থে)] বিণ, দুয়ের অধিক বা অনেকের মধ্যে এক।

একতর [এক+তর (দুয়ের মধ্যে একের নির্দ্দেশ বা উৎকর্ষার্থে) তুল—গ্রী-hekteros.] বিণ, দুয়ের মধ্যে এক। ২। (অ্যাক্‌তরো) [হি—এক্‌তরহ্ শব্দজ] ক্রি-বিণ, এক রকম ; এক প্রকার।

একতরফ (অ্যাক্‌তরোফ্) [ফা—এক্‌তরফ্ শব্দজ] বি, একদিক্ ; একপার্শ্ব। ২। এক পক্ষ। বিণ, একতরফা।

একতরফা, একতরফা (অ্যাক্‌তরফা) [একতরফ দ্রঃ] বিণ, একদিক বা একপক্ষ সম্বন্ধীয় ; একপক্ষীয়। ২। বি, **একদফা**।

একতা [এক+তা (ভাবে) একের ধর্ম্ম বা ভাব] বি, স্ত্রী, একভাব ; ঐক্য ; একত্ব ; মিলন। ২। অভেদ ; অভিন্নতা। ৩। সাম্য। [তুল—ইং—unity ; ল্যা, unitum ; হি—একা]

একতান (একতান, অ্যাক্‌তান্) [এক (অদ্বিতীয়) তান (বিষয়) যাহার, বহু] বিণ, যাহার মন কেবল একই বিষয়ে লগ্ন ; এক বিষয়ে নিবিষ্ট মন ; একাগ্রচিত্ত ; তদ্গত-মানস। ২। [এক-তান—স্বরবিশেষ)] বি, পুং, একযোগে বাঁধা স্বর ; লয়। ক্রি-বিণ, **একতানে**-একাগ্রচিত্তে। ২। কণ্ঠের সহিত কণ্ঠ মিলাইয়া ; সমস্বরে। প্র— "একতানে, সমীরণ সনে, গাহিছে তটিনী গুণ গুণ স্বরে"। —গান।

একতানতা [একতান+তা-ভাবে] বি, স্ত্রী, একনিষ্ঠতা ; একাগ্রতা ; তদ্গতচিত্ততা। ২। ঐক্য ; সুসঙ্গতি। ৩। সুরের মিল : harmony.

একতানমন, মনা, মনাঃ (তান, মন্) [বাং-তে 'একতানমন' শব্দের প্রচলন। এক-তানে (একবিষয়ে) মনস্ (মনঃ) যাহার

বহ্=একতানমনস্ ১মা, ১ব] বিণ, এক বিষয়ে নিবিষ্টচিত্ত ; একাগ্রচিত্ত ; অনন্যমনা।

একতাপন্ন (একতা, অ্যাকতা-পন্ন) [একতা (একত্ব)—আপন্ন (প্রাপ্ত) ২তৎ] বিণ, অভিন্ন ; ভেদরহিত। ২। একে পরিণত : একত্বপ্রাপ্ত ; একীভূত।

একতার (অ্যাক্তার্) বিণ, একতন্ত্রযুক্ত। ২। এক আস্বাদন ; সমানস্বাদযুক্ত।

একতার (এক্তার্) [আ—এখ্তিআর্ শব্দজ] বি, ক্ষমতা। ২। দখল ; অধিকার।

একতারা (অ্যাক্তারা) [একতন্ত্রী শব্দজ] বি, একটীমাত্র তারযুক্ত বীণাজাতীয় বাদ্য-বিশেষ। (একতন্ত্রী দ্রঃ)।

একতাল (অ্যাক্তাল্) [এক (সমান) তাল (গীতাদির কালের পরিমাণ—লয়)] বি, পুং, সমতাল ; সমান লয় ; একমিল। ২। নিরবচ্ছিন্ন স্বর ; অবিচ্ছিন্ন বা ধারাবাহিক নৃত্যগীতাদি। ৩। সমন্বিত লয়। স্ত্রী, একতালা।

একতালা (অ্যাক্তালা) বি, স্ত্রী, দ্বাদশ মাত্রার তাল। ইহার বোল ;—

+। । । ।
ধিন্ ধিন্ ধা ধা,
১। । । ।
তিন্ তা কৎ তে,
১। । । ।
ধাগে নাগে ধিন্ ধা
(৩পদে বিভক্ত ফাঁক নাই)

মতান্তরে
+।
ধিন্ ধিন্ ধা,
১। । ।
ধা থুন্ না,
০। । ।
কৎ তে ধাগে,
১। । ।
ত্রেকেটে ধিন্ ধা :—
(৪পদে বিভক্ত ফাঁক)
—ভারতকোষ।

২। বিণ, একতলবিশিষ্ট ; একতালা। প্র—একতালা বাড়ী।

একতীর্থী [একতীর্থিন্ শব্দ, ১মা, ১ব] বি, সতীর্থ ; একগুরু।

একত্র (একৎত্র, অ্যাকৎত্র) [এক+ত্র। ৭মী স্থানে 'ত্র' প্রত্যয়] অ, এক বিষয়ে। ২। একদিকে। ৩। একস্থানে। ৪। মিলিত; মিশ্রিত। ৫। সমবেত ; জড় ; সংবদ্ধ। **একত্র করা**—ক্রি, জড় করা ; জমা করা। ২। দলবদ্ধ করা। **একত্র হওয়া**—ক্রি, দলবদ্ধ হওয়া ; একসঙ্গে মিলিত হওয়া।

একত্রিংশ [একত্রিংশৎ শব্দজ] বিণ, ত্রিশের পরবর্ত্তী ; একত্রিশ ; ৩১ সংখ্যক।

একত্রিশ (এক্তৃশ্) [প্রাকৃ—একত্রিশ শব্দজ] বি, ত্রিশ সংখ্যার পরবর্ত্তী সংখ্যা : ৩১। ২। বিণ, ৩১ সংখ্যক।

একত্ব (একৎত, অ্যাকৎত) [এক+ত্ব (ভাবে)] বি, ক্লী, একতা ; অভেদ ; ঐক্য।

একদন্ত (এক্দন্ত) [এক—দন্ত (দাঁত) যাহার, বহ্] বি, পুং, গণেশ। [গণেশের একদন্ত নামে পরিচিত হইবার কারণ ;—যুদ্ধকালে পরশুরাম গণেশের একটী দন্ত ভগ্ন করেন। (মতান্তরে) ক্রীড়াযুদ্ধে কার্ত্তিক উহা ভগ্ন করেন। (মতান্তরে) পাশাক্রীড়ার জন্য পার্ষ্ণির প্রয়োজন হওয়ায় রাবণ গণেশের একটী দন্ত উৎপাটন করেন। (মতান্তরে) একদা রাবণ কৈলাসে শিবের সাক্ষাৎকার-লাভে গমন করিলে মন্দিরদ্বারে গণেশকর্ত্তৃক বাধাপ্রাপ্ত হওয়ায় তাঁহার একটী দন্ত উৎপাটন করিয়া ফেলেন।]

একদম (অ্যাক্দম্) [হি—একদম্] ক্রি-বিণ, এককালে ; মূলেও ; একেবারেই। প্র—সে দৌড়িতে একদম পারে না। "বদান্য, যে একদম্ লাখ্ দেয় উপাধি কিনিতে !"
—রজনী সেন।

একদা [এক+দা (কালার্থে দা প্রত্যয়)] অ, যুগপৎ ; এককালে। ২। কদাচিৎ ; কোন এক সময়ে। ৩। একদিন : একদিবস। প্র—"একদা, বিধুবদনে, রাঘবের সাথে ভ্রমিতেছিনু কাননে ;" —মেঘনাদ বধ।

একদাপটে (অ্যাক্দাপোটে) [এক—দাপট ; হি—ডপট্ =দৌড়)] ক্রি-বিণ, এক-দৌড়ে ; এক দমে।

একদৃষ্টি (অ্যাক্দৃষ্টি) [এক (এক বিষয়ে) দৃষ্টি (দর্শন) যাহার (বহ্)] বিণ, অনন্য-দৃষ্টি ; একভিন্ন অন্য দিকে যাহার দৃষ্টি নাই। ২। [এক (অদ্বিতীয়) দৃষ্টি (চক্ষু) যাহার (বহ্)] বিণ, কাক (কাকের একটীমাত্রই অক্ষিগোলক থাকে)। ৩। [যাহার চক্ষু নাই] কাণ। ৪। [এক (এক বিষয়ক) দৃষ্টি (দর্শন) (কর্ম্মধা)] বি, স্ত্রী, এক বিষয় দর্শন ; একদিকে দৃষ্টিপাত। ৫। একবার নেত্রপাতে যতটুকু দৃষ্টি হয় ; একনজর। ক্রি-বিণ, **একদৃষ্টে**—অনন্যদৃষ্টিতে ; এক বস্তু বা বিষয়ের প্রতি বদ্ধদৃষ্টি হইয়া। প্র—"একদৃষ্টে চাহে বামা দূর লঙ্কাপানে" —মেঘনাদবধ।

একদেব (এক্দেব্) [এক (অদ্বিতীয়) দেব (পূজ্য) কর্ম্মধা] বি, অদ্বিতীয় পূজ্য ; প্রধান দেব ; পরমেশ্বর। প্র—"একদেব ত্রিভুবন পরিপালক, কৃপাসিন্ধু সুন্দর ভবনায়ক"
—ব্রহ্মসঙ্গীত।

একদেলা—বি, ঢাকা জামালপুরের নিকটবর্ত্তী (অধুনা জলপ্লাবনে ধ্বংসপ্রাপ্ত) ঐতিহাসিক নগরবিশেষ। [সন্দেশাবলী]

একদেশ (অ্যাক্দেশ্) [এক—দেশ (স্থান)] বি, পুং, অংশবিশেষ ; কোন অংশ : একাংশ। ২। অবয়ব। ৩। কোন একটী দেশ ; দেশবিশেষ।

একদেশদর্শী (অ্যাক্দেশ্দোর্শি) [এক —দেশ (স্থান)—দর্শী (যে দেখে)। দৃশ্ +ইন্ (কর্ত্তৃ—ণিন্) =দর্শিন্ ১মা ১ব] বিণ, যে এক পক্ষ বা অংশ বা দিক্ দর্শন করে। ২। অনুদার ; সংকীর্ণ। ৩। অদূরদর্শী। ৪। পক্ষপাতী।

একধর্ম্মা (অ্যাক্ধর্মা) [এক (তুল্য) ধর্ম্ম (গুণ বা স্বভাব) যাহার (বহ্)] বিণ, একধর্ম্মবিশিষ্ট ; তুল্যধর্ম্মাবলম্বী ; সমানধর্ম্মা ; সমধর্ম্মী।

একধা [এক+ধা (প্রকারার্থে)] অ, এক-দিকে ; একবিষয়ে। ২। একপ্রকারে।

একধুর, একধুরীণ (অ্যাক্ধুর্, ধুরীন্) [এক—ধুর (ভার)+অ, ঈন (খীন, অস্ত্যর্থে)] বি, এক পিঠা গরু।

একনব্বুই (অ্যাকনোব্বুই) [একনবতি শব্দজ] বি, ৯১ সংখ্যা।

একনাগাড় (অ্যাক্নাগাড়) [প্রাদে—এক—লাগাড় (লাগ, লাগাড়)—একের সহিত অন্য সংলগ্ন হইয়া তাহার সহিত অপর এক লগ্ন এইরূপ একাদিক্রমে এবং অবিচ্ছেদে যাহা চলিয়াছে] বিণ, অবিশ্রান্ত ; ক্রমিক ; একাদিক্রম ; ক্রমাগত। ক্রি-বিণ, **এক-নাগাড়ে**—ক্রমাগত সমভাবে ; একাদিক্রমে।

একনায়ক (অ্যাক্নায়োক্) [এক (অদ্বিতীয়) নায়ক (পরিচালক : রাজা)—কর্ম্মধা] বিণ, একমাত্র পরিচালক বা শাসক রাজার অধীন ; স্বৈরশাসক ; autocrat. **একনায়ক রাজ্যতন্ত্র** [একনায়ক—তাহার রাজ্য—তৎ সম্বন্ধীয় তন্ত্র] বি, ক্লী, যে রাজ্যের শাসনকার্য্য কেবল রাজার মতানুসারেই সম্পন্ন হয় ; autocracy.

একপক্ষ (অ্যাক্পোক্খো) [এক—পক্ষ (পার্শ্ব বা সহায়) যাহার (বহ্)] বিণ, একটী ডানাবিশিষ্ট। ২। বি, সপক্ষ ; সহায়। ৩। বাদী প্রতিবাদীর মধ্যে হয় বাদী না হয় প্রতিবাদী। ৪। পনর দিন ; মাসের অর্দ্ধ।

একপত্নী (অ্যাক্পোৎনি) [এক—পতি (স্বামী) যাহার, ন আগম] বি, স্ত্রী, পতি-পরায়ণা ; পতিব্রতা : সতী ; সাধ্বী। ২। প্রধানা স্ত্রী। ৩। সপত্নী ; সতীন।

একপত্নীক (অ্যাক্পোৎনীক্) [এক—পত্নী যাহার বহ্, ক যোগ] বিণ, যাহার একটিমাত্র পত্নী ; অব্যভিচারী ; সচ্চরিত্র।

একপত্রোৎপত্তিক (অ্যাক্‌পত্রোৎপোত্তিক্) [এক—পত্র (পত্র অবস্থায়) উৎপত্তি (অঙ্কুরিত হওয়া) + ক (বহু) যাহারা এক পত্রাবস্থায় অঙ্কুরিত হয়] বিণ. বীজ অঙ্কুরিত হইবার সময় যে সকল গাছের কেবল একটী মাত্র পত্র উৎপন্ন হয়: একপত্রোৎপাদক। ২। একদা একটীমাত্র বীজপ্রসবকারী: monocotyledonous.

একপদ (অ্যাক্‌পদ্) [এক—পদ (পা, চিহ্ন ইত্যাদি) যাহার (বহু)] বিণ. একপদ বিশিষ্ট। ২। খঞ্জ; খোঁড়া। ৩। ক্রি-বিণ. যুগপৎ; তৎক্ষণাৎ; অকস্মাৎ। ৪। একউদ্যমে: একপদে। ৫। বি. একটী বাক্য। ৬। চলিবার সময় প্রথম পা বাড়াইলে যতটুকু ব্যবধান হয় তত পরিমাণ। প্র—সে আর একপদ অগ্রসর হইতে সাহস করিল না।

একপদী (অ্যাক্‌পোদী) [এক—পদ (পা, চিহ্ন ইত্যাদি) যাহার (বহু)] বি. স্ত্রী. একপদ বিশিষ্টা: একপেয়ে। ২। সঙ্কীর্ণ পথ।

একপদে [এক—পদ+এ)] অ. এক উদ্যমে; একবারে। ২। অকস্মাৎ।

একপরামর্শী (অ্যাক্‌পরমোর্‌শি) [এক পরামর্শ+ইন্ (অস্ত্যর্থে) অথবা এক-পরা-মৃশ্ +ইন্ (কর্ত্তৃ—ণিন্)=একপরামর্শিন্, ১মা ১ব] বিণ. যাহারা একসঙ্গে পরামর্শ করিয়া কার্য্য করে। ২। ঐক্য মতাবলম্বী; অভিন্ন মত; একমত।

একপর্ণা (অ্যাক্‌পর্‌না) [এক (একটী মাত্র) পর্ণ (পত্র) হইয়াছে ভক্ষ্য যাহার, অন্ত লোপ বহু, অপর্ণা হইবার পূর্ব্বে উমা যখন এক একটী মাত্র পর্ণ ভোজন করিয়া তপস্যা করিয়াছিলেন তখন তাঁহার একপর্ণা নাম হয়] বি. স্ত্রী. মেনকার গর্ভজা হিমালয়-কন্যা এবং অসিত-দেবলের পত্নী; এক পাটলার সহোদরা।

একপাটলা (অ্যাক্‌পাটলা) [এক (একটী-মাত্র) পাটল (পারুল) হইয়াছে ভক্ষ্য দ্রব্য যাঁহার, বহু] বি. স্ত্রী. মেনকাগর্ভজাতা হিমালয়-কন্যা অপর্ণার সহোদরা এবং জৈগীষব্যের পত্নী (একটী পাটল মাত্র ভক্ষণ করিয়া তপস্যা করায় এই নাম)।

একপাটা (অ্যাক্‌পাটা) (হি—একপাট্টা = একবস্ত্র, এক ফরদা; চাদর] বি. উড়ানি; উত্তরীয়। ২। একবস্ত্র। [দ্রঃ—একপাটা প্রকৃতপক্ষে একখানি বিজোড় বস্ত্র; তাহা হইতে ধুতিমাত্র অর্থাৎ একছুট এবং ধুতি ও চাদর হইলে দোপাটা অর্থাৎ দোছুট কিন্তু ব্যবহারে দোপাট্টা (দ্বিতীয় পট; দ্বিতীয় বস্ত্র) অর্থে এক পাটা অর্থাৎ উত্তরীয় মাত্র]

একপাদ (অ্যাক্‌পাদ্) বি. ভৈরববিশেষ।

একপার্শ্ব, একপাশ (অ্যাক্‌পারৃশ, অ্যাক্‌পাশ্) বি. দেহের একার্দ্ধ। ক্রি-বিণ. কাত একপেশে।

একপার্শ্বে, একপাশে (অ্যাক্) ক্রি-বিণ. একধারে; একান্তে: একদিকে।

একপিঙ্গ, একপিঙ্গল (অ্যাক্‌পিংগল্) [এক+পিঙ্গ, পিঙ্গল (নীল পীতবর্ণের চিহ্ন) যাহার (বহু) যাহার এক চক্ষু স্থানে নীল পীত বর্ণের চিহ্ন আছে] বি. পুং. কুবের। [গৌরীর প্রভাবে ইঁহার বামচক্ষু নষ্ট হওয়ায় শিবের অনুগ্রহে, গৌরী নষ্ট চক্ষু স্থলে একটী পিঙ্গল বর্ণ চিহ্ন দেন। —পুরাণ]

একপিণ্ড (অ্যাক্‌পিনড) [এক (সমান) +পিণ্ড (যাহাদের)—বহু] বি. পুং. সপিণ্ড।

একপিতৃক (অ্যাক্‌পিতৃক্) [এক (অভিন্ন) হইয়াছে পিতৃ (পিতা) যাহাদের (বহু) + ক] বিণ. অভিন্ন পিতৃক; একপিতার ঔরস জাত। [একমাতৃক দ্রঃ]

একপুত্রতা [এক+পুত্র+তা (ভাবে)] বি. স্ত্রী. একাপত্যতা: একপুত্রত্ব।

একপুরুষ (অ্যাক্‌পুরুষ্) [এক (অদ্বিতীয়, প্রধান) + পুরুষ (কর্ম্মধা)] বি. পুং. পরম পুরুষ: পরমেশ্বর। ২। একবংশ; এক সময়ের তাবৎ লোক: generation.

একপুরুষিয়া, একপুরুষে—বিণ. এক পুরুষের জীবিতকালীন। ২। যে কুলীন বংশজ বা মৌলিক ঘরে বিবাহ করিয়া স্বয়ং কুল ভঙ্গ করিয়াছে। ৩। একপুরুষান্বিত।

একপেট (অ্যাক্‌পেট্) [এক—পেট (কর্ম্মধা)] বি. একোদর। ২। ক্রি-বিণ. উদর পূর্ণ করিয়া; পেট ভরিয়া।

একফালা, একফালি (অ্যাক্‌ফালা—ফালি) বি. লম্বাভাবে কাটা একখণ্ড: একটুকরা। প্র—"মেনকার দাসী আনে ঔষধের ডালি। আছিল ইসর মূল তাহে এক ফালি।"—কবিক।

একবচন (অ্যাক্‌বচন্) [এক+বচন (বচ্ (বলা) + অন (করণে—অনট্) যাহাদ্বারা একসংখ্যা বলা হয় ব্যাকরণে] বি. ক্লী. একত্ব সংখ্যার বাচক; singular number. [দ্রঃ—সং-তে—একবচন, দ্বিবচন (dual number) ও বহুবচন (plural number) কিন্তু বাং-য় দ্বিবচন নাই]

একবর্ষিকা (অ্যাক্‌বোরৃষিকা) [এক+বর্ষ (বৎসর) + ইক (সংজাত অর্থে), স্ত্রী—আপ, যাহার এক বৎসর পূর্ণ হইয়াছে] বি. স্ত্রী. একবৎসরের গাই; একবৎসরের বকনা।

একবস্ত্র (অ্যাক্‌বসত্রো) [এক (অদ্বিতীয়) বস্ত্র (কর্ম্মধা)] বি. ক্লী. একমাত্র বস্ত্র; একছুট। ২। [এক বস্ত্র (যাহার) বহু] বিণ. এক-বস্ত্র পরিহিত; উত্তরীয় বস্ত্ররহিত। ৩। [এক (একজাতীয়) বস্ত্র যাহার] বিণ. এক জাতীয় বসন বিশিষ্ট। ৪। ক্রি. বিণ. একছুটে। কেবল মাত্র ধুতি পরিয়া।

একবাক্য (অ্যাক্‌বাক্‌ক) [এক+বাক্য (কর্ম্মধা)] বি. ক্লী. অভিন্নবাক্য; এককথা। ২। [এক—বাক্য যাহার (বহু)] বিণ. একমত; একমতাবলম্বী।

একবাক্যতা (অ্যাক্‌বাক্‌কোতা) [এক+বাক্য+তা (ভাবে)] বি. স্ত্রী. বাক্যের অভিন্নতা; অন্যথা না করার ভাব; ঐক্যমত।

একবাদ (দ্) [এক (অভিন্ন) বাদ (বাদিত্ব, ধর্ম্মমতবাদ)] বি. পুং. বেদান্তে আব্রহ্ম স্তম্ভ পর্য্যন্ত তাবৎ পদার্থের অভিন্নত্ব প্রতিপাদক-রূপ মতবাদ। ২। [এক+বাদ (বাদন) যাহা একহস্ত দ্বারা বাদিত হয়] বি. পুং. ডিণ্ডিম নামক বাদ্য-যন্ত্র।

একবান (অ্যাক্‌বান্) [এক পোয়ান শব্দের সংক্ষেপ] বিণ. এক পোড় দেওয়া; একবার আগুনে পোড়ান।

একবিংশ [এক (অধিক) বিংশ] বিণ. একাধিক বিশ সংখ্যক। ২১ একুশ সংখ্যক।

একবিংশতি [এক—বিংশতি (একাধিক বিংশতি) ম-প-লো কর্ম্মধা] বি. স্ত্রী. বিংশতি এবং এক: একুশ: ২১।

একভক্ত (অ্যাক্‌ভক্‌তো) [এক (একবার) ভক্ত (ভোজন) যাহাতে (বহু) যে ব্রতে একবার মাত্র ভোজন-বিধি আছে] বি. পুং. একাশন ব্রতবিশেষ। ইহাতে একবার মাত্র দিবাভাগে ভোজন বিধি আছে। ২। [এক (একমাত্র) ভক্ত (উপাসক) কর্ম্মধা] প্রধান ভক্ত; অদ্বিতীয় ভক্ত। ৩। [একের (কেবল পরমেশ্বরের) ভক্ত (উপাসক)] ঈশ্বরে ভক্তিযুক্ত; পরমেশ্বরের উপাসক।

একভক্তি [এক (অন্য বিষয় রহিত)—ভক্তি (কর্ম্মধা)] বি. স্ত্রী. অচলা ভক্তি; অনন্য-বিষয় ভক্তি। ২। ভগবদ্ভক্তি। ৩। বিণ. ঈশ্বরে ভক্তিমান্; ঈশ্বরের ভক্ত।

একভাব (অ্যাক্‌ভাব্) [এক+ভাব] বি. পুং; এক বিষয়ে অনুরাগ; অনন্য বিষয়ে আসক্তি। ২। এক স্বভাব; একরূপ প্রকৃতি। ৩। একাশয়; এক অন্তঃকরণ। ৪। সমভাব; এক ধরণ। ৫। [একের ভাব (৬ তৎ)] একজনের স্বভাব। ৬। একমন; একচিত্ত। প্র—"ভবানীর নামে দিলা একভাব হয়ে।" —অন্নদামঙ্গল।

একভার্য্যা (একভারৃজ্যা) [এক (প্রধানা)—(স্ত্রী) কর্ম্মধা] বি. স্ত্রী. প্রধানা স্ত্রী। ২। একের ভার্য্যা; একজনের পত্নী।

একভিত (অ্যাক্‌ভীত্) [এক—ভিত (দিক)] বি. একদিক; একান্ত। ক্রি-বিণ.

একভিতে—একদিকে ; একান্তে। [কাশীদাস]

একমত (অ্যাক্‌মত্) [এক (অভিন্ন) মত যাহার (বহু)] বিণ. অনন্যমত ; একযুক্তি ; যাহার সহিত মতের ঐক্য আছে ; একবাক্য। ২। [এক (অদ্বিতীয়) মত (জ্ঞান)—কর্ম্মধা] বি, স্ত্রী. একজ্ঞান।

একমতালম্বী (অ্যাক্‌মতাবলোম্‌বি) [এক+মত+অবলম্বী—(অব+লম্ব্ (অবলম্বন করা) যাহারা এক মত আশ্রয় করে] বিণ. একমতাশ্রয়ী ; ; একপরামর্শী ; অনন্য-বিশ্বাস ; অভিন্ন মত ॥

একমতি (অ্যাক্‌মোতি) [একা (শ্রেষ্ঠা) মতি (বুদ্ধি) কর্ম্মধা] বি. স্ত্রী. সুমতি ; উত্তমা ধী ; সুবুদ্ধি। ২। [একের মতি (বুদ্ধি) ৬তৎ] বি. স্ত্রী. একজনের বুদ্ধি। ৩। [একে (এক বিষয়ে) মতি (বুদ্ধি) যাহার (বহু)] বিণ. একনিষ্ঠ।

একমনা, একমনাঃ (অ্যাক্‌মোনা) [একে (অনন্য বিষয়ে) মনস্ (মনঃ) যাহার (বহু)] বিণ. একচিত্ত ; অনন্যচিত্ত ; একাগ্রহৃদয়।

একমাতৃক (অ্যাক্‌মাতৃক্) [এক+মাতৃ (মাতা) যাহাদের (বহু)+ক] বিণ. এক-মাতৃ-গর্ভোৎপন্ন ; এক-জননীগর্ভ-সম্ভূত ; সহোদর। [একপিতৃক দ্রঃ]

একমুখ (অ্যাক্‌মুখ্) [এক—মুখ (দ্বার) যাহার (বহু)] বি. একদ্বার মণ্ডপবিশেষ। ২। দ্যূত ক্রীড়াদি।

একমেটে (অ্যাক্‌মেটে) [এক (একবার, একলেপ) মেটে (মাটিয়া, মৃত্তিকাযুক্ত)] বিণ. গড়ের প্রতিমাদির অঙ্গে প্রথমবার যে মাটির প্রলেপ দেওয়া হয় বা মাটি লাগান হয়। ২। আংশিকভাবে বা প্রথম হস্তক্ষেপ ; এক দফা সম্পাদিত ; অসম্পূর্ণ। ৩। একহারা। প্র—"একমেটে গড়ন।" —হেম বন্দ্যো।

একযোট (অ্যাক্‌জোট্) [এক—যোট, জুড়্ (বন্ধন করা)=জুট (হি—জুটনা) মিলিত হওয়া] বিণ. একত্র মিলিত ; দলবদ্ধ। ২। একদল। প্র—"একযোট মেয়ে কেহ আর যোট খুঁজে।" —শিবায়ন।

একরঞ্জ [এক—রঞ্জ্ (অনুরঞ্জনকরা)+অ (করণে-ক) যাহা দ্বারা উত্তম অঙ্গরাগ করা হয়] বি. পুং. কেশরঞ্জক বিশেষ। ২। ভৃঙ্গরাজ বৃক্ষ।

একরত্তি (অ্যাক্‌রোৎতি) [এক—রতি (কুঁচ প্রমাণ)] বিণ. একরতি প্রমাণ ; অত্যল্প ; একটুখানি। প্র—"একরত্তি বিষ নাই তার কুলোপানা চক্র" —দাশরথি। "একরত্তি ছাই" —কণিকা। ২। খুব ছোট। প্র—"একরত্তি মেয়ে" —কাব্যকুসুমাঞ্জলি।

একরস (অ্যাক্‌রশ্) [এক (অভিন্ন) রস (আস্বাদ) যাহার, বহু] বিণ. সমান রস ; তুল্য রস ; এক প্রকার রস। ২। একরাগ। ৩। তুল্যপ্রকৃতি ; অভিন্নস্বভাব। ৪। [এক (প্রধান) রস (বীর করুণাদি) যাহাতে—বহু] শান্ত, বীর, করুণাদি রস-প্রধান কাব্য-নাটকাদি।

একরার (এক্‌রার্) [আ-এক্‌রার্ (স্বীকার)] বি. স্বীকার ; কবুল। প্র—"ভবানীঠাকুর ইংরেজকে ধরা দিলেন, সকল ডাকাইতি একরার করিলেন" —দেবীচৌধুরাণী।

একরারনামা [আ—এক্‌রার্, ফা—নামা] বি. স্বীকার পত্র ; দলীল পত্র ; প্রতিজ্ঞা পত্র।

একরূপ (অ্যাক্‌রূপ্) [এক (তুল্য) রূপ যাহার (বহু)] বিণ সদৃশ ; সমরূপ ; তুল্য-রূপ। বি. এক প্রকার ; এক ধরণ। **একরূপে**—ক্রি বিণ. একপ্রকারে ; এক রকমে ; এক ধরণে।

একরোখা (অ্যাক্‌রোখা) [এক+রোখ (রোষ শব্দজ)+আ (অস্ত্যর্থে)—এক বিষয়ে রোখ আছে যাহার (বহু)] বিণ. এক গুঁয়ে। ২। রুক্ষস্বভাব ; রুক্ষ-প্রকৃতি। ৩। বদ্‌রাগী ; রগচটা।
৪। [এক-রোখা (রোকা)] একদিকে সোজা বুনানের যে বস্ত্রাদির সম্মুখ ভাগে চিক্কণ বুনন ও পশ্চাৎদিকে উল্টা ও কর্কশ বুনন। [তুল-দোঁরোখা]।

একল (ল্) [এক+ল (অসহায়ার্থে)] বিণ. একলা ; একাকী। ২। অসহায়। ৩। যিনি অন্যের সাহায্য ভিন্ন এমন কি যন্ত্রাদির সাহায্য না লইয়াও কেবল গান দ্বারা লোকের মনো-রঞ্জন করিতে পারেন। —সঙ্গীত রত্নাকর।

একলব্য (একলোব্‌বো) বি. পুং. নিষাদরাজ হিরণ্যধনুর পুত্র। অদ্বিতীয় ধানুকী এবং আদর্শ গুরুভক্ত। ইনি দ্রোণাচার্য্যের নিকট অস্ত্রবিদ্যা শিক্ষার জন্য গমন করিলে, নীচজাতি বলিয়া আচার্য্য কর্ত্তৃক প্রত্যাখ্যাত হইয়া দুঃখিত অন্তঃকরণে বনগমন পূর্ব্বক কাষ্ঠ-ময় (মতান্তরে, মৃন্ময়) দ্রোণমূর্ত্তি নির্ম্মাণ করিয়া দৃঢ়তর অধ্যবসায় সহকারে একাগ্রচিত্তে অস্ত্রশিক্ষা আরম্ভ করেন এবং তাহার ফলে অর্জ্জুনপ্রমুখ দ্রোণশিষ্যগণ অপেক্ষা অধিক ক্ষিপ্রহস্ত অস্ত্রকুশল হইয়া উঠেন। দ্রোণাচার্য্য একদা মৃগয়াব্যপদেশে সশিষ্য সেই বনে উপস্থিত হইয়া একলব্যের পরিচয় পাইলে তাঁহার অস্ত্র প্রয়োগ নৈপুণ্যে বিস্মিত হন এবং গুরু-দক্ষিণা-স্বরূপ তাঁহার দক্ষিণ হস্তের বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রার্থনা করেন। একলব্য তৎক্ষণাৎ তাহা কর্ত্তন করিয়া গুরুকে দান করেন। আচার্য্য এইরূপে ছলক্রমে এই অদ্বিতীয় ধানুকীর ক্ষমতা হ্রাস করিয়া অর্জ্জুনপ্রমুখ শিষ্যগণকে আশ্বস্ত করেন।

একলসাড়িয়া, একলসেঁড়ে (অ্যাকোল্‌শাড়িআ, —শেঁড়ে) বিণ. অনন্য সংস্রব ; যে একলা থাকিতে ভালবাসে। ২। যে অপরকে ভাগ দিতে চাহে না ; আপ্তগরজী ; আপ্তসুখী।

একলা (অ্যাক্‌লা) [একল শব্দজ। হি—অকেলা] বিণ. অসহায় ; একক। ২। এক [মাণিক চাঁদের গানে] [অপ্র]

একলাই (অ্যাক্‌লাই) [প্রাদে] বি. কাজ-করা শাদা চাদর ; শাদা ফুলকাটা উড়ানী।

একলাদুকলা, একলাদোকলা (অ্যাক্‌লাদুক্‌লা) বি. কখন একাকী কখন দুজনে ; নিঃসঙ্গ।

একলিঙ্গ [এক+লিঙ্গ (শিবলিঙ্গ) যেখানে (বহু)] বি. স্ত্রী যে স্থানে পঞ্চ ক্রোশের মধ্যে একমাত্র শিবলিঙ্গ আছে। ২। শিবলিঙ্গ বিশেষ। ৩। [এক—লিঙ্গ (চক্ষুঃ) যাহার (বহু)] বি. পুং. একচক্ষু ; কাণা। ৪। কুবের।

একলে [একল দ্রঃ] বিণ. একেলা ; একাকী। প্র—"বসিয়া বিরলে, থাকয়ে একলে" —চণ্ডীদাস।

একশফ (অ্যাক্‌শফ্) [এক (অখণ্ডিত) শফ (খুর) যাহার (বহু)] বি. পুং. অখণ্ডিত-খুরযুক্ত পশু ; অশ্বাদি একখুরে জন্তু।

একশা, একসা (অ্যাক্‌শা) [হি—এক্‌সা] বিণ. একত্র ; মিলিত ; মিশ্রিত। ২। একাকার।

একশিরা (অ্যাক্‌শিরা) বি. মুষ্কবৃদ্ধি রোগ ; যে রোগে মুষ্কের একদিকের শিরা স্থূল ও অণ্ড-বৃদ্ধি হয়।

একশৃঙ্গ (অ্যাক্‌শৃংগ) [এক—শৃঙ্গ (শিং) যাহার (বহু)] বি. পুং. একশিং বিশিষ্ট পশু ; গণ্ডার। ২। [শৃঙ্গ (চিহ্ন)—যাঁহার হৃদয়ে একচিহ্ন আছে] বিষ্ণু। [অপ্র]

একশেষ (অ্যাক্‌শেষ্) [এক—শেষ (অবশিষ্ট) যাহাতে (বহু)] বি. পুং. দ্বন্দ্ব সমাসবিশেষ ; এক বিভক্তি যুক্ত হইলে সদৃশ দুই বা বহু পদের একমাত্র অবশিষ্ট থাকে, তখন সেই পদে দ্বিবচন বা বহুবচন যুক্ত হইয়া যে সমাস হয়। ২। বিণ. অতিশয়। ৩। চরম ; চূড়ান্ত।
প্র—"আর্ত্তের সেবা করিলে, তাহার মুখমণ্ডলে, একটু স্বচ্ছন্দতার সহিত কৃতজ্ঞতার যে অপূর্ব্ব জ্যোতি খেলিতে থাকে, তাহা সৌন্দর্য্যের একশেষ।" —সনাতনী।

একষষ্টি (অ্যাক্‌ষোষ্‌টি) [গ্রা—একষট্টি। এক—ষষ্টি (ষাইট) এক অধিক ষাইট

(ম. প. লো. কর্ম্মধা)] বি. স্ত্রী. একষট্টি ; ৬১ । ২ । বিণ. ৬১ সংখ্যক ।

একসপ্ততি (একশপ্‌তোতি) [এক (অধিক) সপ্ততি (সত্তর) ম. প. লো. কর্ম্মধা] বি. একাত্তর ; ৭১ সংখ্যা ।

একসর, একসরি [ব্রজ । হি—একসর্‌= একাকী] বিণ. একাকী ; একলা ।
প্র—"একসরি যাইতে যমুনা তীর ।
অলখিতে আওল শ্যাম শরীর ।" —চণ্ডীদাস ।

একহায়ন (অ্যাক্‌হায়োন্‌) [এক+হায়ন (বৎসর) যাহার (বহু)] বিণ. যাহার এক বর্ষমাত্র বয়ঃক্রম হইয়াছে ।
স্ত্রী—**একহায়নী**—বি. এক বৎসরের বাছুর ।

একহারা (অ্যাক্‌হারা) [হি—এক্‌হারা] বিণ. রোগা ; কৃশ ; কাহিল ; ছিপ্‌ছিপে ।
প্র—"যেমন ডেপুটি বাবু একহারা চেহারা" —হেম বন্দ্যো । "একহারা তার দেহ" —দ্বি. রায় ।

একা (অ্যাকা) [একাকী শব্দের কুঞ্চিতাকার] বিণ. নিঃসঙ্গ ; অদ্বিতীয় ; একক ; একলা ।
প্র—"একা যাব বর্দ্ধমান করিয়া যতন" —ভারতচন্দ্র ।
২ । ক্রি-বিণ. নির্জ্জনে ।
প্র—"একা একা থাকে, একা একা চিন্তা করে নিজ মনে * * * " —রবি ।
৩ । শুদ্ধ ; কেবলমাত্র ।
প্র—"একা রামে রক্ষা নাই সুগ্রীব তার মিতা" —প্রবচন ।
৪ । স্ত্রী. যিনি অভিন্নরূপে স্থিতি করেন ; দুর্গা ।

একা রামে রক্ষা নাই সুগ্রীব তার মিতা—যখন মন্দলোকের সহিত মন্দলোকের, অত্যাচারীর সহিত অত্যাচারীর, দুর্দ্দান্তের সহিত দুর্দ্দান্তের সহযোগিতা হয়, তখন লোকে এই বিদ্রূপোক্তি করে ।

একাই (অ্যাকাই) বি. স্বর্ণকারের নেহাই বিশেষ । এই নেহাইএর মাথার দুই পার্শ্ব ক্রমশঃ সরু ; anvil.

একাকার (অ্যাকাকার্‌) [এক (তুল্য) + আকার (অবয়ব) যাহার (বহু)] বিণ. তুল্যাকৃতি ; সমাবয়ব ; এক সমান ।

একাকী [এক+আকিন্‌ (অসহায়ার্থে) = একাকিন্‌ ১ম, ১ব । হি—একা-এক] বিণ. যাহার সঙ্গে কেহ নাই ; নিঃসঙ্গ ; অনন্য-সহায় ; একক ; একলা । ২ । ক্রি-বিণ. নির্জ্জনে । ৩ । আপনা আপনি ।
স্ত্রী. **একাকিনী**—অসহায়া-স্ত্রী ।

একাক্ষ (একাক্‌খ) [এক+অক্ষি=অক্ষ (চক্ষুঃ) যাহার (বহু)] বি. পুং. কাক । [রামায়ণে উক্ত হইয়াছে, বনবাসকালে চিত্রকূট পর্ব্বতে একদা জয়ন্ত নামক কাক চঞ্চুপুট দ্বারা নিদ্রিতা জানকীকে আঘাত করিলে রামচন্দ্র ঈষীকাস্ত্র দ্বারা কাকের এক চক্ষু উৎপাটন করেন, তদবধি কাকজাতি একাক্ষ হইয়াছে]
২ । বিণ. একচক্ষু বিহীন ; কাণ ; কাণা ।

একাক্ষরকোষ (ব্‌ষ্‌) [এক (এক একটী করিয়া) অক্ষর (স্বরবর্ণ) তাহার কোষ (অভিধান)] বি. পুরুষোত্তম দেব অ হইতে অঃ পর্য্যন্ত যাবতীয় স্বরবর্ণের অর্থ যে পুস্তকে সমাবেশ করিয়াছেন । ৩২টী শ্লোকে রচিত পুরুষোত্তম দেবকৃত অভিধান ।
[একাবলী কোষ দ্রঃ]

একাগ্র (অ্যাকাগ্‌গ্রো, একাগ্‌গ্রো) [এক (একমাত্র) অগ্র (অবলম্বন) যাহার (বহু)] বিণ. এক বিষয়ে আসক্ত ; অনন্যমনাঃ ; একনিষ্ঠ । ২ । অব্যাকুল ; অনাকুল ।

একাগ্রচিত্ত (অ্যাকাগ্‌গ্রোচিৎতো) [একাগ্র (একাবলম্বিত) চিত্ত (মন) যাহার (বহু)] বিণ. এক বিষয়ে নিবিষ্ট মন ; কেবল এক বিষয়ে যাহার চিত্ত সংলগ্ন আছে ; অনন্যমনাঃ ; একনিষ্ঠ ।

একাগ্রতা (অ্যাকাগ্‌গ্রোতা) [একাগ্র + তা (ভাবে)] বি. স্ত্রী. একবিষয়ে ঐকান্তিক অনুরাগ ; অনন্য বিষয়াসক্তি ; অনন্যচিত্ততা । ২ । অত্যনুরাগ ; অত্যাসক্তি ; নিবিষ্টচিত্ততা ।

একাঘ্নী (অ্যাকাঘ্‌নি) [এক+হন্‌ (বধ করা) +টক্‌ (উপধা অকার লোপ) হ স্থানে ঘ=ঘ্ন ; এক+ঘ্ন (নিপাতনে আকার) একাঘ্ন—স্ত্রী—ঈপ্‌ । যে একজনকে সংহার করে] বি. স্ত্রী. লক্ষিত একপুরুষঘাতিনী ; মহা অস্ত্রবিশেষ [কর্ণ অর্জ্জুনকে বধ করিবার জন্য এই অস্ত্র যত্নে রাখিয়াছিলেন ; কিন্তু দুর্য্যোধনের অনুরোধে ঐ অস্ত্র ঘটোৎকচের প্রতি নিক্ষেপ করেন] । প্র—
"* * যবে কর্ণ কালপৃষ্ঠধারী,
এড়িলা একাঘ্নী বাণ রক্ষিতে কৌরবে" ।
—মেঘনাদ ।

একাঙ্গ (অ্যাকাংগ) [এক (প্রধান) অঙ্গ (কর্ম্মধা)] বি. পুং শ্রেষ্ঠাঙ্গ ; উত্তমাঙ্গ ; মস্তক । ২ । দেহের একটী অবয়ব ; শরীরের অংশবিশেষ । ৩ । একাংশ ; একদেশ । ৪ । [এক (প্রধান—সুন্দর)—অঙ্গ যাহার (বহু)] গ্রহগণের মধ্যে সুন্দর অঙ্গ বলিয়া বুধ-গ্রহ । ৫ । [এক (সুন্দর) অঙ্গ হয় যাহাদ্বারা—বহু] স্ত্রী. চন্দন ।

একাণ্ড (অ্যাকান্‌ড) [এক—অণ্ড (মুষ্ক) যাহার (বহু)] বি. পুং. অশ্ব ।

একাত্তর (অ্যাকাৎতোর্‌) [সং—একসপ্ততি প্রাকৃ—একহত্তরিড় শব্দজ । তুল—হিঃ একহত্তর] বি. ৭১ এই সংখ্যা । ২ । বিণ. একাত্তর (৭১) সংখ্যক ।

একাত্মবাদী (অ্যাকাৎতোঁবাদি) [এক—আত্মন্‌ (আত্মারূপ ব্রহ্মমাত্র)—বাদিন্‌ (স্বীকারকারী)] বিণ. ব্রহ্ম সত্য, জগৎ মিথ্যা বা একমাত্র ব্রহ্মই আছেন আর কিছুই নাই । বেদান্তের এই মত অবলম্বনকারী ; এক আত্মরূপী ; ব্রহ্ম স্বীকারকারী ; বৈদান্তিক ।
প্র—"বেদান্ত একাত্মবাদি ন্যায়বাদি তর্ক ।
মীমাংসায় মীমাংসার না হয় সম্পর্ক ॥"
—ভারতচন্দ্র ।
২ । বি. পুং. বেদান্তশাস্ত্র ।

একাত্মা (অ্যাকাৎতাঁ) [এক (অভিন্ন) আত্মা যাহার (বহু) =একাত্মন্‌ ১মা ১ব] বিণ. অভিন্নহৃদয় ; একপ্রাণ । ২ । অভিন্নদেহ ।

একাদশ (অ্যাকাদশ্‌) [এক=একা (এক অধিক) দশন্‌+অ (পূরণে—ড)—ম. প. লো. কর্ম্মধা, বহুবচনান্ত শব্দ] বি. ১১ এই সংখ্যা । ২ । বিণ. একাধিকদশসংখ্যক ; একাদশ সংখ্যার পূরক । [দশ পর্য্যন্তসংখ্যাবাচক শব্দে কেবল সংখ্যাকে বুঝায় ; একাদশ হইতে সংখ্যা ও সংখ্যাবিশিষ্টকে বুঝায়] ।

একাদশতনু (অ্যাকাদশ্‌তোনু) [একাদশ +তনু (মূর্ত্তি) যাঁহার (বহু) যিনি একাদশ মূর্ত্তিতে একাদশ রুদ্র নামে অভিহিত হন । এই একাদশ মূর্ত্তির নাম—অজ, একপাদ, অহি-ব্রধ্ন, পিনাকী, অপরাজিত, ত্র্যম্বক, মহেশ্বর, বৃষাকপি, শম্ভু, হর ও ঈশ্বর । (মতান্তরে) অজৈকপাদ, অহির্ব্রধ্ন, বিরূপাক্ষ, সুরেশ্বর, জয়ন্ত, বহুরূপ, ত্র্যম্বক, অপরাজিত, বৈবস্বত, সাবিত্র, হর] বি. পুং শিব ।

একাদশী (অ্যাকাদোশি) [একাদশ+ঈ (প) স্ত্রীলিঙ্গে] বি. স্ত্রী. তিথিবিশেষ । ইহা দ্বিবিধ, শুক্লা ও কৃষ্ণা । যে সময়ে সূর্য্যের দৃষ্টি হইতে চন্দ্রের একাদশকলা বহির্গত হইয়া যায়, সেই সময় শুক্লা একাদশী এবং যখন চন্দ্রের একাদশকলা সূর্য্যের দৃষ্টি পথে প্রবেশ করে তখন চন্দ্রকলার জ্যোতি থাকে না । সেই সময়ে কৃষ্ণা একাদশী হয় । প্র—"একাদশী ব্রহ্মচর্য্য ব্রত বিধবার"— কুঙ্কুম । ২ । হরিবাসর ; হরিদিন । [দ্রঃ—মাসাদি ভেদে একাদশীর বিভিন্ন নাম আছে, যথা—

মাস	শুক্লাএকাদশীর নাম	কৃষ্ণাএকাদশীর নাম
বৈশাখ	মোহিনী	বরূথিনী
জ্যৈষ্ঠ	নির্জ্জলা	অপরা
আষাঢ়	পদ্মা	যোগিনী
শ্রাবণ	পুত্রদা	কামিকা
ভাদ্র	বামনা	অজা

মাস	শুক্লাএকাদশীর নাম	কৃষ্ণাএকাদশীর নাম
আশ্বিন	পাপাঙ্কুশা	ইন্দিরা
কার্ত্তিক	প্রবোধিনী	রমা
অগ্রহায়ণ	মোক্ষা	উৎপলা
পৌষ	পুত্রদা	সফলা
মাঘ	জয়া	ষট্‌তিলা
ফাল্গুন	আমর্দ্দকী	বিজয়া
চৈত্র	কামদা	পাপমোচনী
মলমাস	সুভদ্রা	কমলা]

একাদিক্রম (অ্যাকাদিক্রোম্) [এক্‌-আদি-ক্রম] বি. অনুক্রম ; এক্‌ লাগাড় । ২। বিণ. আনুপূর্ব্বিক । ক্রি. বিণ. **একাদিক্রমে**—আনুক্রমিক ; আনুপূর্ব্বিক ; ক্রমাগত ; একক্রমে ।

একাদোকা (অ্যা) [হিঃ—একাদুকা । একলা দুকলা দ্রঃ] বিণ. একাকী ; নিঃসঙ্গ ।

একাধার (অ্যাকাধার্) [এক—আধার] বি. একই আধার বা পাত্র ; একাশ্রয় ; সমক্ষেত্র । প্র—একাধারে এমন বিবিধ গুণের সমাবেশ অল্পই দেখা যায় ।

একাধিপতি (অ্যাকাধিপোতি) [এক (একমাত্র) অধিপতি (রাজা, প্রভু)] বি. একমাত্র প্রভু ; সর্ব্বোচ্চশাসনকর্ত্তা ; রাজা । ২। বিণ. সর্ব্বে-সর্ব্বা ।

একাধিপত্য (অ্যাকাধিপোৎতো) [এক—অধিপতি+য (ভাবে—ষণ্) এক ব্যক্তির রাজত্ব] বি. অধিরাজ্য ; অপ্রতিদ্বন্দ্বী ক্ষমতার পরিচালন ; শ্রেষ্ঠাধিকার । ২। সর্ব্বে-সর্ব্বা হইয়া কার্য্য করণ ; একাশ্রয় ব্যক্তির প্রভুত্ব ।

একানব্বই—একনব্বই দ্রঃ ।

একানিয়া, একানে (অ্যা) [হি—একানিয়া] বিণ. একাকী ; অনন্য-সঙ্গ ।

একান্ত (অ্যাকান্তো) [এক—অন্ত (শেষ) যাহার, বহু] বিণ. নিতান্ত । ২। অবধারিত । ৩। একের অবধারণ । ৪। নির্জ্জন ; বিরল । প্র—"চাহি শচী পানে—কহিলেন শচীকান্ত মধুর বচনে—একান্তে"—মেঘনাদ । ৫। ক্রি-বিণ. অত্যন্ত ; অতিশয় ।

একান্তচারী (অ্যাকান্তচারি) [একান্তে (নির্জ্জনে) চারী চর্ (ভ্রমন করা) +ইন (কর্ত্তৃ ণিন্)=একান্তচারিন্ ১মা, ১ব] বিণ. যে নির্জ্জনে ভ্রমণ করে । ২। অতি ভ্রমণকারী ।

একান্তর (অ্যাকান্তর্) [এক (একজনের) অন্তর (ব্যবধান) ৬তৎ] বি. একজনের ব্যবধান । ২। [এক—অন্তর (ব্যবধান) যাহার (বহু)] বিণ. যে এক জনের পর থাকে ; একজনের পরস্থিত ; alternate

একান্দাজ জরিপ (অ্যাকানদাজ্ জোরিপ্) বি. মৌজার সমস্ত জমির জরিপ ।

একান্ন (একানন) [এক (একত্র) অন্ন (আহার) যাহার (বহু)] বিণ. অপৃথগন্ন সহভোজী ; একত্র আহারকারী । ২ [এক (একমাত্র দিনে একবার) অন্ন যে গ্রহণ করে] একাহারী । ৩। বি. স্ত্রী. একভক্ত ব্রত ।

একান্ন (অ্যাকান্নো) [এক পঞ্চাশৎ শব্দজ প্রাকৃ—এক+ (শৎ লোপে) পঞ্চা=পঞ্ঞা =পন্না (স্বরবিপর্য্যয়) পান্না=এক পান্ন= (প লোপে) একান্ন ।—ভাষাতত্ত্ব । তুলঃ—হি—একাব্‌ন্] বিণ. একপঞ্চাশৎ সংখ্যক ; ৫১ ।

একান্নপদ (অ্যাকান্নোপদ্) বি. বৈষ্ণব কবি গোবিন্দ দাস কর্ত্তৃক ব্রজভাষায় লিখিত একান্নটী পদযুক্ত রাধাকৃষ্ণ লীলাত্মক পুস্তিকা ।

একান্নবর্ত্তী (অ্যাকান্নোবোর্‌তি) [এক—অন্ন—বর্ত্তী (বৃত+ইন্, কর্ত্তৃ—ণিন্=একান্ন-বর্ত্তিন্, ১মা, ১ব)] বিণ. এক বা যৌথ পরিবার-ভুক্ত ; একসংসারভুক্ত ; একান্নভুক্ত । **একান্নবর্ত্তী পরিবার**—যে সংসারে সকলে এক ব্যক্তির বা উপার্জ্জনশীল সকলের মিলিত অন্নে পালিত হয় ; যৌথ পরিবার ; joint-family.

একান্নভুক্ত (অ্যাকান্নভুক্‌ত) [এক—অন্ন —ভুক্ত (ভুজ+ত)] বি. এক পরিবার-নিবিষ্ট ; একান্নবর্ত্তী ।

একাবলী (অ্যাকাবোলি) [এক—আবলী (শ্রেণী) যাহাতে, বহু] বি. স্ত্রী. একনরী ; একনর হার বা মাল্য । ২। একাদশাক্ষরা-বৃত্তি ছন্দোবিশেষ ; পয়ার অপেক্ষা ন্যূন অক্ষরে রচিত ছন্দোবিশেষ । ইহার যতি সাধারণত ছয় অক্ষরে এবং ক্বচিৎ সপ্তম অক্ষরের পর পতিত হয় । একাবলী তিন প্রকার । যথা,—একাদশাক্ষরাবৃত্তি, দ্বাদশা-ক্ষরাবৃত্তি এবং ত্রয়োদশাক্ষরাবৃত্তি একাবলী ।

একাবলীকোষ (অ্যাকাবোলিকোষ্) বি. পুরুষোত্তম দেব কর্ত্তৃক ৫৪ শ্লোকে রচিত অভিধান, যাহাতে ক হইতে ক্ষ পর্য্যন্ত চৌত্রিশটি বর্ণের প্রত্যেক বর্ণে শুদ্ধ এক এক স্বরবর্ণ যোগে তাহার অর্থ লিখিত হইয়াছে । [একাক্ষর কোষ দ্রঃ]

একাম্রকানন (একাম্‌ম্রকানন্) বি. উৎকল দেশের প্রসিদ্ধ তীর্থবিশেষ । [এই কাননে একটীমাত্র আম্র বৃক্ষ ছিল বলিয়াই এই নাম । ইহার অপর নাম ভুবনেশ্বর (ব্রহ্মপুরাণ)] ।

একায়ন (ন্) [এক (একমাত্র) অয়ন (গমন) যেখানে (বহু)] বিণ. একমাত্র গমনযোগ্য ; একমাত্র প্রাপ্তব্য । ২। [এক —অয়ন (আশ্রয়)] একমাত্র অবলম্বনীয় । ৩। [এক—অয়ন (বিষয়) যাহার, বহু] বিণ. এক বিষয়ানুরক্ত ; অনন্যবিষয় ; একাগ্র । বি. **একায়নতা**—স্ত্রী. একাগ্রতা ; এক ভাবাপন্ন হওয়া ।

একাযুত (অ্যাকাজুত্) [এক+অযুত] বিণ. দশহাজার । (ঘনরামের ধর্ম্মমঙ্গলে) ।

একার (র্) [এ+কার (স্বরূপ অর্থে)] বি. পুং. 'এ' স্বরূপ ; এ এই অক্ষর ।

একার্থ (অ্যাকারথ) [এক (অভিন্ন) অর্থ (শব্দের প্রতিপাদ্য) যাহার (বহু)] বিণ. অভিন্নার্থ ; তুল্যার্থ । ২। [এক—অর্থ (অভিপ্রায়) যাহাদের (বহু)] যাহাদের অভিপ্রায়ের ভেদ নাই । ৩। [এক—অর্থ (ধন) যাহাদের] যাহাদের ধনের বিভাগ করা হয় নাই ।

একার্থক (অ্যাকারথক্) [এক—অর্থ—ক (স্বার্থে)] বিণ. একার্থ দ্রঃ ।

একার্থচর্য্যা (অ্যাকারথোচোর্‌জ্জা) বি. এক কার্য্য করা ; এক উদ্দেশ্য সিদ্ধির নিমিত্ত মিলিত হইয়া কর্ম্ম করা । প্র—"রাজার প্রত্যাখ্যাত লোকের সহিত একার্থচর্য্যা ও তাহাদের সংসর্গ পরিত্যাগ করিবে ।" —কামন্দকীয় নীতি (রত্নমার্গ) ।

একার্থতা (অ্যাকারথোতা) [একার্থ+তা (ভাবে)] বি. স্ত্রী. তুল্যার্থ প্রতিপাদকতা ; একার্থবোধকতা । ২। প্রয়োজন বা অভিপ্রায়ের ভেদাভাব ।

একার্থপ্রতিপাদক (অ্যাকারথোপ্রোতি-পাদোক্) [এক—অর্থ (অভিধেয়-প্রতিপাদ্য) তাহার প্রতিপাদক—প্রতি+ণিজন্তপদ পাদি +অক (কর্ত্তৃ) যে সকল শব্দ একার্থের প্রতিপাদন করে] বিণ. একার্থবোধক (যেমন—মনুষ্য, অশ্ব, জল ইত্যাদি শব্দ) । বি. **একার্থপ্রতিপাদকতা**—একার্থ-বোধকতা ; এক অর্থ প্রতিপন্নকারিতা ।

একার্থবোধক (অ্যাকারথবোধক্) [এক—অর্থ (কর্ম্মধা) তাহার বোধক (প্রকাশক) ৬তৎ] বিণ. যে সকল শব্দ দ্বারা অভিন্ন অর্থের বোধ হয় ; এক অর্থের প্রতিপাদক । **একার্থ-বোধকতা**—বি. একার্থের প্রতিপাদকতা ; অভিন্ন অর্থ প্রতিপন্নকারিতা ।

একাশী (অ্যাকাশি) [একাশীতি শব্দজ] বি. ৮১ সংখ্যা । ২। একাধিক অশীতি সংখ্যক ; ৮১ সংখ্যার পূরক ।

একাশী, একাশি (অ্যাকাশি) [একপার্শ্বী শব্দজ] বিণ. একপার্শ্ব বা একদিক ডুবিয়া যাওয়া বা নীচু হওয়া ; একধার বা একদিক কাত হওয়া ; একপেশে ।

একাশ্রয় (অ্যাকাসস্রয়্) [এক (একমাত্র) আশ্রয় (অবলম্বন) যাহার (বহু)] বিণ. যাহার একমাত্র আশ্রয়স্থল আছে ; যাহার গত্যন্তর নাই ; অনন্যগতিক ; একাশ্রিত । ২। এক কার্য্যাবলম্বী ।

একাশ্রিত (অ্যাকাসৃহৃত) [এক (একজনের বা এক জনেতে) আশ্রিত (শরণাগত)] বিণ. যে একজনকে আশ্রয় করিয়া আছে; অনন্যগতিক; অনন্য শরণাগত; আশ্রয়ান্তর রহিত।

একাশ্রিতগুণ (অ্যাকাসৃহ্‌তোগুন্) [দার্শনিক পরিভাষা। এক (একজনেতে) আশ্রিত নিবিষ্ট যে গুণ, ৭তৎ, কর্ম্মধা] বি, পুং, একে নিহিত বা নিবিষ্ট ধর্ম্ম। [এই গুণ ২১ প্রকার যথা—১। রূপ, ২। রস, ৩। গন্ধ, ৪। স্পর্শ, ৫। একত্ব, ৬। একপৃথক্ত্ব, ৭। পরিমাণ, ৮। পরত্ব (নিকটত্ব), ৯। অপরত্ব (দূরত্ব), ১০। বুদ্ধি, ১১। সুখ, ১২। দুঃখ, ১৩। ইচ্ছা, ১৪। দ্বেষ, ১৫। যত্ন, ১৬। গুরুত্ব, ১৭। দ্রবত্ব, ১৮। স্নেহ, ১৯। সংস্কার, ২০। ব (ধর্ম্মাধর্ম্ম), ২১। শব্দ। [সিদ্ধান্ত মুক্তাবলী]

একাষ্টকা (অ্যাকাষ্‌টকা) বি, স্ত্রী, প্রজাপতির কন্যা; ইন্দ্র ও সোমের জননী।

একাষ্ঠীল (ল্) [এক (প্রধান) অষ্ঠী (বীজ) ল (লা—দান করা + অ, কর্ত্তৃ—ড) যে বীজ এবং পুষ্প দান করে] বি, পুং, বকবৃক্ষ।

স্ত্রী, **একাষ্ঠীলী** বা **একাষ্ঠীলা**—নিমুই গাছ।

একাহ (অ্যাকাহ) [এক—অহ—অহন্ (দিন) + অ (অন্) ন্—লোপ (দ্বিগু—কর্ম্মধা)] বি, পুং, এক দিবস; একদিন কাল। প্র—একাহ পর্ব্ব।

একাহগম, একাহগম্য (অ্যাকাহগোম্‌মো) [এক—অহন্ (দিন) গম্ (গমন করা) + অ (কর্ম্মে অল্); য (কর্ম্মে)—যে স্থানে এক দিনের মধ্যে গমন করা যায়] বি, একদিন-গম্য স্থান; একাহ মধ্যে গমনীয়।

একাহার (অ্যাকাহার্) [এক (একবার মাত্র) আহার] বি, পুং, একবার মাত্র ভোজন। ২। [এক—আহার (ভোজন) যাহার (বহু)] বিণ, যে একবার-মাত্র ভোজন করে; একাহারী।

একাহিক (অ্যাকাহিক্) [এক—অহন্ + ইক (সম্বন্ধার্থে—ইকণ্) ন্—লোপ] বিণ, একদিন সম্বন্ধীয়; একদিন-সাধ্য; একদিনে উৎপাদ্য: একদিবসীয়।

একি (অ্যাক্‌ই) [এক + ই (অবধারণার্থে)] বিণ, একমাত্র। একই দ্রঃ। ২। তুল্য; সমান।

একি (এ্‌কি) [এ (ইহা) + কি, কি প্রকার—কিরূপ)] ইহা কি প্রকার; কিরূপ; এ কেমন। ৪। এতাধিক।

প্র—"একি করুণা তোমার ওহে করুণানিধান। অধম পতিত জনে এত তোমার করুণা কেন?"
—ব্রহ্মসঙ্গীত।

৫। আশ্চর্য্য-বোধক শব্দ; অসম্ভাবিত বিষয় সম্ভব হইতে দেখিয়া বিস্ময়।

প্র—"একিলো একিলো একি কি দেখিলো এ চাহে উহার পানে। দেব কি দানব নাগ কি মানব কেমনে এল এখানে॥"—ভারতচন্দ্র।

একিদা [আ—রেকীদা (নিষ্ঠা, বিশ্বাস)] বি, একনিষ্ঠা; নির্ভর; (তাহা হইতে) একাগ্রচিত্ততা; ঝোঁক।

প্র—"কি প্রকারে জয়ী হইব তাহাতেই কেবল একিদা থাকে।" —আলাল।

একীকরণ (ন্) [এক + ঈ (চ্বি—অভূততদ্ভাবার্থে)—কৃ + অনট্, ভাবে] বি, ক্লী, স্তূপীকরণ; একত্র স্থাপন। ২। সংমিশ্রণ; বহু দ্রব্য একসঙ্গে মিলান।

একীভবন (ন্) [এক + ঈ (চ্বি) ভবন (হওন)] বি, এক হওয়ার অবস্থা প্রাপ্তি।

একীভাব (ব্) [এক + ঈ (চ্বি) ভাব (স্বভাব)] বি, পুং, একত্র মিলিত হওয়া; একত্ব ভাবাপন্ন।

বিণ, **একীভূত**—একত্রকৃত; সংমিলিত। ২। স্তূপীকৃত; একত্র সংস্থাপিত।

একীয় [এক + ঈয় (সম্বন্ধার্থে, ভবার্থে—ছীয়)] বিণ, এক-বিষয়ক; এক-সম্বন্ধীয়। ২। এক-পক্ষাবলম্বী।

একুন (ন্) [এক + উন (একত্র অর্থে)] মোট; সমষ্টি।

একুনে—ক্রি-বিণ, সর্ব্বশুদ্ধ; সমুদায়ে; সাকল্যে।

প্র—"তিনজনে একুনে বদন হইল বার।"
—শিবায়ন।

একুরাব (ব্) [একরব শব্দ। ব্রজ] বি, সমস্বর; ঐকতান। [বিদ্যাপতি]

একুশ (শ্) [সং—একবিংশতি হইতে প্রাকৃ—একোইশ। হি—একইস্] বি, একবিংশতি সংখ্যা; ২১ এই সংখ্যা। ২। বিণ, একবিংশতি সংখ্যক; ২১ সংখ্যার পূরক।

একে (এ্‌কে) ["ইহাকে"র সংক্ষেপ] স, ইহাকে; এই ব্যক্তিকে। প্র—এলোক কোথা হইতে আসিল, একে তোমরা চেন? ২। (এ কে) [প্রশ্নে] এই ব্যক্তি কে, এ কোন জন?

একে (অ্যাকে) [সংখ্যাবাচক] একমাত্রতে; একটাতে। প্র—একেই হইবে, না আরও চাই? ২। কোন এক বিষয়ে; এক বস্তুকে।

প্র—"ভাবে একে আর" —ভারত।

৩। একপক্ষে; একদিকে; এপক্ষে।

প্র—একেত এই তাহার উপর আবার ইত্যাদি।

একে চায় আরে পায়—প্রার্থনীয় ব্যতীত অন্য মনোমত বস্তু পাইলে অধিকতর আনন্দে নাচিয়া উঠে।

প্র—"একে চায় আরে পায়। তাহারা দেখিল মতিলাল ও তাহাদেরই একজন।"—আলাল।

একেক্ষণ (ন্) [এক (একটামাত্র) ঈক্ষণ (চক্ষুঃ) যাহার, বহু] বি, পুং, একাক্ষ; একচক্ষু; কাণ; কাণা। ২। শুক্রাচার্য্য। ৩। কাক।

একেশ্বর (অ্যাকেশ্‌শর্) [এক (অদ্বিতীয়) ঈশ্বর (অধিপতি) কর্ম্মধা] বিণ, একাধিপতি। ২। [প্রা, বাং, পদ্যে] একাকী।

প্র—"একেশ্বর যাবে তুমি"; "চলিল একেশ্বর"।

৩। একমাত্র।

ঐকৈক [এক—এক (বীপ্সার্থে—দ্বিত্ব)] বিণ, একাকী; একাএক; একক। ২। ক্রি-বিণ, একে একে; one by one. ৩। এক একজন। ৪। এক একটা।

ঐকৈকশঃ [ঐকৈকশস্ শব্দ] অ, এক এক করিয়া পর্য্যায়-ক্রমে; ঐকৈক; একে একে।

ঐকৈশিকা, ঐকৈষিকা—বি, স্ত্রী, আকনাদি। ২। বকফুলের গাছ। ৩। অজশৃঙ্গী। ৪। তেউড়ী।

একোদক (ক্) [এক (সমান) উদক (জল) যাহাদের (বহু)] বিণ, যাহাদের একরূপভাবে জল তর্পণ করিতে হয়; উর্দ্ধতন সপ্তম পুরুষ পর্য্যন্ত গোত্রজ পুরুষ; সমানোদক।

একোদর (র্) [এক (অভিন্ন) উদর (গর্ভস্থান) যাহাদের (বহু)—যাহারা এক উদরে জন্ম গ্রহণ করে] বি, পুং, সহোদর ভ্রাতা। ২। [এক (একাকৃতি) যে উদর কর্ম্মধা] ক্লী, তুল্য উদর; সমান উদর।

একোদ্দিষ্ট [এক—উৎ—দিশ্ (উদ্দেশ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বি, ক্লী, ব্যক্তিবিশেষের উদ্দেশে বাৎসরিক কৃত্যশ্রাদ্ধ; সাংবৎসরিক শ্রাদ্ধ।

একোদ্দেশ (শ্) [একের উদ্দেশ (৬তৎ)] বি, পুং, একজনের প্রতি লক্ষ্য; একজনের অনুসন্ধান। ২। [এক—উদ্দেশ (উদ্দেশ্য—অভিপ্রায়) যাহাদের (বহু)] বিণ, যে বহুজনের উদ্দেশ্য এক বা অভিন্ন; একাভিপ্রায়।

একোশিকা—বি, স্ত্রী, আকনাদি।

এক্কা (অ্যাক্‌কা) [হি এক্‌কা] বি, এক অশ্ব-বাহিত ক্ষুদ্র দ্বিচক্র যানবিশেষ।

এক্ষণ (এক্‌খন্) [এ (এই) ক্ষণ (কাল, মুহূর্ত্ত)] বি, এই মুহূর্ত্ত; এই সময়।

এক্ষণকার (এক্‌খন্‌কার্) [এক্ষণ + কার (সম্বন্ধার্থে)] বিণ, এই সময় সম্বন্ধীয়; এ সময়ের।

এক্ষণে (এক্‌খনে) [এ = এই (এতৎ শব্দজ)—ক্ষণে (সময়ে)] অ, এইকালে; এখনই; এই মুহূর্ত্তে। ২। উপস্থিত; সম্প্রতি।

এখতিয়ার (এখ্‌তিআর্) [গ্রা—বাঙ্গালায় ইহার কুঞ্চিত আকার **একতার্** শব্দের ভূরি ব্যবহার আছে। আ-য়েখ্‌তিআর্ শব্দজ] বি, পরাক্রম ; ক্ষমতা ; শক্তি ; সাধ্য। ২। অধিকার ; দখল। ৩। ইচ্ছা ; খুসী।

এখন (অ্যাখোন্) [এ (এই শব্দজ)—খন (ক্ষণ শব্দজ)। প্রাকৃ—অহ্‌ণা (মৃচ্ছ)—পূ-বাং-গ্রা—এহন] অ, এসময়। প্র—এখন এখান থেকে উঠে যাওয়া ভাল নয়। এখন তুমি যাও, পরে এস। ২। এ অবস্থায় ; এক্ষেত্রে।
প্র—"এখন শ্যাম রাখি কি কুল রাখি গো সই।
যদি ত্যজি গো কুল, তবে হাসে গোকুল,
যদি রাখি গোকুল, কৃষ্ণে বঞ্চিত হই॥"
—সাতুরায় (বাঙ্গালীর গান)।
৩। এতক্ষণে ; এতবিলম্বে।
প্র—"ভাল এলি সকাল বেলা
এখন বুঝি ঘুম ভাঙ্গিল, তাই এনেছিস্ সাজিয়ে ডালা।" —বাং গান।
৪। অসময়ে ; যখন প্রয়োজন নাই, তখন ; আর এখন। প্র—"পূজার সময় বয়ে গেছে কাজ কি এখন ফুলমালায়" —বাং গান।
৫। সুযোগ হারাইবার পর।
প্র—"বিদায় করেছ যারে নয়ন জলে,
এখন ফিরাবে তারে কিসের ছলে,
* * * * *
ছিল বিধি অনুকূল শুধু নিমিষের ভুল।
চিরদিন তৃষ্ণাকুল পরাণ জ্বলে।
এখন ফিরাবে তারে কিসের ছলে॥"
—রবি।
৬। সম্প্রতি ; উপস্থিত ; প্র—এখন ত এক রকম চলে যাচ্চে, পরে দেখা যাবে।
৭। বর্ত্তমান কালে ; এযুগে ; একালে ; অধুনা। প্র—
"ছিল বটে আগে তপস্যার বলে
কার্য্যসিদ্ধি হ'ত এ মহীমণ্ডলে,
* * * * *
এখন সে দিন নাহিক রে আর,"
—হেম বন্দ্যো।
৮। কোন এক সময় ; অন্য কোন সময় : অবসর মত ; পরে। প্র—সে কথা বলব এখন ; তুমি যাও, আমি যাব এখন। [এই অর্থে ইহা প্রায় "অখন" এইরূপ উচ্চারিত হয়। তুল—হি—কহবনু = কহিব এখন = পরে বলিব] ৯। আজকাল (ঈর্ষার্থে বা ব্যঙ্গার্থে)। প্র—এখন কি আর তার সেদিন আছে, সে এখন গাড়ি ঘোড়া চড়ে বেড়াচ্চে।
১০। (অ্যাখোনো) এযাবৎ ; এত দিনেও ; এ পর্য্যন্ত।
প্র—"এখন কি ব্রহ্মময়ী হয়নি মা তোর মনের মত।" —বাঙ্গালীর গান।
১১। ইহা সত্ত্বেও ; অতঃপর ; প্রমাণ পাইয়াও। প্র—এখন কি বল্‌তে চাও একাজ তোমার নহে।
১২। অদ্যাপি ; আজিও। প্র—
"এখন এখন প্রাণ সে নামে শিহরে কেন।
এখন হেরিলে তারে কেনরে উথলে মন॥"
—জ্যোতি ঠাকুর।
১৩। অবশেষে। প্র—
"এতকাল নদীকূলে যাহা লয়ে ছিনু ভুলে'
সকলি দিলাম তুলে থরে বিথরে,
এখন আমারে লহ করুণা করে!"
—সোনার তরী।
১৪। এইবার ; এবার ; প্র—
বার বার এক পক্ষেই জিত হয়েছে ; এখন কে হারে কে জিতে দেখা যাবে। সেবার যে বড় পালইয়ে ছিলে, এখন কি হয়?

এখন-তখন (অ্যাখোন্‌তখোন্)—প্রতি-মুহূর্ত্তেই (মৃত্যু) ঘটিবার আশঙ্কা বা সম্ভাবনা-ব্যঞ্জক ; মর-মর। প্র—"জমীদার বাবুর বাড়ীতে একটী বালকের ঘোরতর জ্বর বিকার হইয়াছে—বোধ হয় রোগীর এখন-তখন হইয়াছে।" —আলাল।

এখনও, এখনো (অ্যাখোনো) [এই-ক্ষণ—ও] অ, একাল পর্য্যন্ত ; এ-পর্য্যন্ত ; এ-সময়তক্ ; এতক্। প্র—
"এখনো তারে চোখে দেখিনি,
শুধু বাঁশী শুনেছি,
মন প্রাণ যাহা ছিল দিয়ে ফেলেছি।"—রবি।
এখনও এ প্রাণ আছে সই : এলে সখি দেখা হ'তো কালা এল কই।"
—গিরিশ ঘোষ।
২। এক্ষণে। সম্প্রতি। ৩। আজিও ; অদ্যাপি। প্র—
"কলকণ্ঠময়ী গঙ্গে, এখনো সাগর পানে
কোন মুখে চলি, চলেছ মৃদুল তানে॥"
—রাজকৃষ্ণ রায়।
৪। এ অবস্থাতেও ; তত্রাচ ; তথাপি ; তবুও। প্র—"এখনো জাগিয়া উঠরে সবে, এখনো সৌভাগ্য উদয় হবে।" —হেমচন্দ্র।
৫। এ যুক্তির পরও ; অতঃপর ; ইহা সত্ত্বেও। প্র—"যাহা যাহা বলা হ'ল সব শুনলে ত, এখনও কি বল্‌তে চাও তোমার দোষ নাই। [এখন দ্রঃ]

এখনি, এখনই (অ্যাখোনি) [এক্ষণ—ই (নিশ্চয়ার্থে)] অ, এই মুহূর্ত্তে ; অবিলম্বে ; ত্বরায়। প্র—ওগো ফেলে দাও পুঁথি ও লেখনী যা করিতে হয় করহ এখনি।" —রবি।

এখান (ন্) [এই-স্থান শব্দজ] বি, এস্থান ; এইস্থল ; এইক্ষেত্র। ২। এই পৃথিবী ; এ ধরা। প্র—মানুষ এখান থেকে যখন চলে যায় তখন কিছুই সঙ্গে যায় না।

এখানকার (ন্, র্) [এখান + কার (সম্বন্ধার্থে)] বিণ, এই স্থান সম্বন্ধীয় ; এখানের। ২। এজগতের ; এ ধরার।

এগজামিন (এগ্‌জামিন্) [ইং examine শব্দজ। examination এর অর্থে গ্রা-বাং-র বহু ব্যবহৃত] বি, পরীক্ষা। ক্রি, **এগজামিন-দেওয়া**—পরীক্ষা দেওয়া ; পরীক্ষিত হওয়া। **এগজামিন করা**—পরীক্ষা গ্রহণ করা।

এগজিকিউটার (এগ্‌জিকিউটার্) [ইং executor.] বি, বিষয়ের তত্ত্বাবধায়ক ; কার্য্যাধ্যক্ষ ; নাবালকের বিষয়ের কার্য্য-নির্ব্বাহক বা নির্ব্বাহিকা। (বাং-র স্ত্রী, পুং, উভয় লিঙ্গে ব্যবহার)।

এগার (অ্যাগারো) [একাদশন্ শব্দজ] বি, ১১ সংখ্যা ; একাদশ।

এগারঞ্চি (রো) [এগার + ইঞ্চি (ইং, inch)] বি, একাধিক দশ ইঞ্চি পরিমাণ। ২। এগার ইঞ্চি পরিমাণ ইষ্টক। প্র—"এমন এক এগারঞ্চি ঝাড়িব" —টেকচাঁদ।

এগুলা [এই—গুলা (সকল)] বি, এই সমুদয়।

এগুলা [আগু অগ্রসর শব্দজ—হইলা] ক্রি, অগ্রসর হইল।
প্র—শ্বশুর করিয়া পিছু এগুলা নয়ানী।"
—শিবায়ন।

এগোনা [অগ্রগমন শব্দজ] ক্রি, আগ-বাড়ানো ; অগ্রসর হওয়া। প্র—"কথা নাই কেবলই মুখ চাওয়াচায়ি, কেবল এক পা এগোনো দুই পা পিছোনো।"
—গল্পগুচ্ছ (রবি)।

এগিয়ে দেওয়া—[আগাইয়া দেওয়া—আগু করিয়া দেওয়া। গ্রা] উন্নতির পথে অগ্রসর হইতে সাহায্য করা। ২। কিছু দূর সঙ্গে গিয়া অগ্রসর করান।

এজন, এজনা (ন্) স, এ ব্যক্তি ; এ লোক।

এজন্য, এজন্যে (এজোনেনো, নে) ক্রি,-বিণ, এই হেতু ; একারণ ; অতএব ; সুতরাং।

এজমালি (জ্) [আ—ই.জ্‌মাল্ (একত্র করা) যাহা পাঁচ জনে মিলিয়া ভোগ করে] বিণ, পাঁচ জনের অধিকারভুক্ত ; সাধারণ। এজমালি সম্পত্তি।

এজরা (জ্) [আ—ইজ্‌রা] বি, জারি প্রকার।

এজরাই [ফা—ইজ্‌রাই] বি, ডিগ্রি degree.

এজলাস (এজ্‌লাশ্) [ফা—ই.জ্‌লাস্ বৈঠক] বি, আদালত ; বিচারালয়। প্র—
"এজলাস খুব বড় মেলা লোকও জড়"
—দ্বিজেন্দ্র।

এজাহার, এজেহার (র্) [আ—ইজ্‌হার্ =প্রকাশ] বি, প্রকাশ করণ ; বক্তব্য ; উক্তি। declaration ; deposition.

এজেন্ট (ন্ট্) [ইং agent] বি, প্রতিনিধি ; গোমস্তা ; কার্য্যনির্ব্বাহক ; উকীল।

এজেন্সি (এ্জেন্‌সি) [ইং agency] বি, প্রতিনিধিরূপে অধ্যক্ষতা বা কর্তৃত্ব ; গোমস্তাগিরি। ২। এজেন্টের অপিস বা কর্ম্মস্থান।

এটা [এ (এই)—টা (নির্দ্দেশার্থে, অবজ্ঞার্থে)] স, এই বস্তু ; এই ব্যক্তি ; এই জন্তু। ২। ইহা ; এই বিষয়।

এটা-ওটা-সেটা—যাহা তাহা ; বাজে বা অবান্তর কতকগুলা।

এটান (অ্যাটানো) [প্রা—ক্ষেত্র কর্ম্মে ব্যবহৃত। আটান উচ্চারণ ভেদে। "এটোনো"ও বলে। আটি দ্রঃ] ক্রি, আটি করা বা বাঁধা।

এটে, এঁটে (এঁ) [অষ্ঠি শব্দজ পূঃ বঙ্গ ব্যতীত অনুনাসিক উচ্চারণই সাধারণ] বি, কদলীর মূল ; কলাগাছের গোড়া ; গেঁড়। প্র—"কত কষ্টে মিলে এঁটে নাহি মিলে থোড়" —অন্নদামঙ্গল।

২। ["আঁটিয়া"র কুঞ্চিত আকার] ক্রি-বিণ, শক্ত করিয়া ; কষিয়া। প্র—বেশ করে এঁটে কাপড় পর। ফিতেটা এঁটে বাঁধ।

৩। আঁটিয়া ; পরাস্ত করিয়া ; আয়ত্ত করিয়া ; শাসন করিয়া। প্র—সে দুরন্ত ছেলেকে কেউ এঁটে উঠ্‌তে পারে না।

৪। পাত্রস্থ হইয়া ; ধরিয়া। প্র—অত ছোট হাঁড়িতে সব চাল গুলি ধরবে কি ? হাঁ এঁটে যাবে।

এডিটর (র্) [ইং—editor—"one who revises and prepares a work for publication ; also the title of the conductor of a journal, magazine, or other serial publication, and of the heads of the minor departments, as news-editor, or fashion-editress. The word in the former sense signified that preparation of a work which required critical taste and literary capacity, such as the writing of the preface, introduction, notes, index and also the correction of the text ; and in the same manner, the editor of a journal not only revises and publishes the works of others, but prepares original matter."—*American Encyclopædia of Printing*]

বি, সম্পাদক। **এডিটকরা**—ক্রি, এক বা একাধিক লেখকের রচনা একত্র করিয়া সাময়িক পত্র বা পুস্তক সম্পাদন করা ; অন্যের রচিত গ্রন্থাদি টীকা, টিপ্পনী, ব্যাখ্যাদি দ্বারা বিশদ, সুবোধ্য এবং পাঠশুদ্ধ করা।

এডিটরি, রী [ইং editorship এর অনুবাদ। এডিটর+ই, ঈ (কর্ম্ম, ব্যবসায় অর্থে)] বি, সম্পাদকতা ; সম্পাদকের বৃত্তি।

এডিশন (এডিশান্) [ইং—edition. "The number of copies of a work that are printed at the same time or for one publication."—*American Encyclopædia of printing*]

বি, সম্পাদন ; সংস্করণ ; একদা মুদ্রিত গ্রন্থাবলী। **পকেট-এডিশন** [ইং—pocket-edition] বি, এত ছোট সংস্করণ যে পকেটে রাখা চলে। [দ্রঃ—নিজের কল্পনা ও বুদ্ধি-প্রসূত লেখাকে 'রচনা করা' বা 'প্রণয়ণ করা' বলে। অন্যের রচনাবলী কমাইয়া, কাটিয়া-ছাঁটিয়া, ঘষিয়া-মাজিয়া, বাড়াইয়া, সংশোধন করিয়া ও আবশ্যকমত স্বীয় টীকা-টিপ্পনী মন্তব্যাদি সহ প্রকাশ করাকে এডিট-করা বলে]।

এড় (এড্) [আ—ইড্ (ত্যাগ করা)+অ (কর্তৃ—অচ্) এড়মুক দ্রঃ] বিণ, যাহার শ্রবণে কোন শব্দ গৃহীত হয় না ; শ্রবণশক্তিবিহীন ; বধির ; কালা। [বিরল]

২। [এড়ক দ্রঃ] বি, পুং, মেষ। ৩। (অ্যাড়ো, এড়) [এলা দ্রঃ। ল=ড়।] ক্রি, পরিহার কর ; ত্যাগ কর। প্র—"দেশের বাহিরে সীতা এড় গিয়া দূরে।" —কৃত্তিবাস।

৪। ছাড় ; থাম। —প্র "বিদ্যাবলে এড় মেনে ঠাট কর কত। নারীর কপাল নহে পুরুষের মত।" —ভারতচন্দ্র।

এড়ক (ক্) [ইল্ (গমন করা)+অক (কর্তৃ—সংজ্ঞার্থে) ল=ড] বি, পুং, পৃথুশৃঙ্গ মেষ ; ভেড়া ; মেড়া ; দুম্বাভেড়া। ২। বন্যছাগ। ৩। তৃণবিশেষ ; হোগলা। স্ত্রী, **এড়কা**—মেষী ; ভেড়ী। ২। বন্যছাগী।

এড়মূক (ক্) [এড় (বধির)—মূক (বোবা) (দ্বন্দ্ব)—বধির এবং বোবা] বিণ, বাগিন্দ্রিয় ও শ্রবণেন্দ্রিয়ের শক্তি-রহিত ; হাবা-কালা।

এড়া (অ্যাড়া) [এলা দ্রঃ। ড়=ল। সং—ইড্=ত্যাগ করা। ইড়িত=ত্যক্ত ; নিক্ষিপ্ত] ২। বাসি ; এড়া ভাত। ক্রি, (অবজ্ঞার্থে) ত্যাগ কর্। ২। ফেল্। ৩। কাত কর্ ; আড় কর্। এড়ান দ্রঃ। **এড়াইতে** (অ্যাড়াইতে) অস-ক্রি, এড়াইবার জন্য। **এড়াইয়া** (অ্যাড়োইআ) অস-ক্রি, ত্যাগ-করিয়া ; উপেক্ষা করিয়া ; লঙ্ঘন করিয়া।

এড়াওন (অ্যাড়াওন্) বি, পলায়ন ; নিষ্কৃতি লাভ ; রক্ষাপ্রাপ্তি।

এড়াকানি (অ্যাড়াকানি) [প্রা] বি, উপেক্ষা ; তুচ্ছতাচ্ছিল্য ; "আড়ো আড়ো ছাড়ো ছাড়ো ভাব"।

এড়াটিয়া, এড়াটে (অ্যাড়াটিআ, টে) বিণ, আলস্যে। ২। সংস্রবরহিত। ৩। অপরিষ্কৃত। ৪। অধম।

এড়ান (অ্যাড়ানো) [এড় দ্রঃ] ত্যাগ করা ; পরিহার করা। প্র—"কাননে পত্রের কুঁড়ে এড়ে এল তাল।" —ঘনরাম।

২। অব্যাহতি লাভ করা ; নিষ্কৃতি লাভ করা ; মুক্তি পাওয়া ; ছাড়ান। ৩। অতিক্রম করা ; প্র—"এড়াইয়া মেঘমালা মাতলি সারথি চালাইল বিমান।" —মেঘনাদ। ৪। গড়াইয়া দেওয়া ; ঢালা। প্র—জল এড়ান।

৫। উপেক্ষা করা ; লঙ্ঘন করা ; অমান্য করা। প্র—"অলঙ্ঘ্য তোমার আজ্ঞা এড়াইতে নারি।" —শিবায়ন।

৬। দূরে রাখা [ঘনরাম—ধ, ম,]

৭। নিক্ষেপ করা ; বিস্তার করা ; ফেলা। প্র—"সন্ধান বুঝিয়া এড়ে জাল।" —ঘনরাম।

৮। (অ্যাড়ান্) বি, নিষ্কৃতি ; ছাড়ান; মুক্তি ; অব্যাহতি। প্র—"দেবী বলে মোর ঠাঁই না গেলে এড়ান নাই। নহিলে জানিবে পরিণাম।" —কেতকাদাস (ম-ভাসান)। "যথায় যাউক তার নাহিক এড়ান।" —কৃত্তিবাস।

বিণ, এড়ানিয়া (সংক্ষেপে—"এড়ানে") কচিৎ এড়াটিয়া (এড়াটে)।

এড়ি [এড় দ্রঃ। কেবল পদ্যে ব্যবহৃত, গদ্যে এড়িয়া] অস-ক্রি, ত্যাগ করিয়া। প্র—"শুনি কর্ণ সেইক্ষণে এড়ি ধনুঃশর। বাহুযুদ্ধ করে দোঁহে ভূমির উপর।" —কাশী, মহা, আদি।

২। অতিক্রম করিয়া ; লঙ্ঘন করিয়া। প্র—"যায় সবে এড়ি নানা বন" —কবিক।

৩। উপেক্ষা করিয়া। ৪। নিক্ষেপ করিয়া ; ছুঁড়িয়া।

এড়ি, এঁড়ি [এণ্ডি শব্দজ] বি, আসামজাত রেশমী বস্ত্রবিশেষ। ২। জুতার গোড়ালি। প্র—এঁড়ি তোলা জুতা।

এড়িতে—ক্রি, ত্যাগ করিতে। প্র—"কেহ দুঃখে চায় নিজ শরীর এড়িতে"। ২। নিক্ষেপ করিতে। প্র—শর এড়িতে।

এড়ুক (ক্) [ঈড়্ (নিক্ষেপ করা)—উক] ক্রি, পরিত্যাগ করুক ; নিক্ষেপ করুক। ২। [এড়ুক ও হয়] বি, শ্মশানচৈত্য ; গোর। [অপ্র]

এড়ুয়া, এড়ো [আড় (কাত, পার্শ্ব, বক্র) +উয়া (তদবস্থ ; তদ্ভাববোধক)=আড়ুয়া —উচ্চারণ ভেদে এড়ুয়া ; সংক্ষেপে এড়ো] বিণ, এক-পেশে ; কাত-করা ; আড় ভাবে স্থিত।

এড়ে (অ্যাড়ে) ক্রি, ছাড়ে ; ত্যাগ করে ফেলে ; নিক্ষেপ করে। [এড়ান দ্রঃ

এড়ো—এড় য়া দ্রঃ।

এণ (এন) [ই [গমন করা) + ণ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে চঞ্চল ভাবে গমন করে] বি, পুং, কুরঙ্গ ; মৃগ ; হরিণ। প্র—"এণরিপুবাহিনী এ একান্তেরে চাও। একা আজি এখানে এখন কি এড়াও।" —ভারতচন্দ্র

স্ত্রী, এণী—হরিণী।

এণক (এনক্) [এণ + ক—ক্ষুদ্রার্থে] বি, পুং, ক্ষুদ্রমৃগ। স্ত্রী, এণিকা।

এণতিলক (এনতিলক্) [এণ (মৃগ) হইয়াছে তিলক (চিহ্ন) যাহার, বহু] বিণ, মৃগাঙ্ক ; শশধর ; চন্দ্র।

এণরিপু (এনরিপু) [এণ (মৃগ) রিপু (ভক্ষ্য বলিয়া শত্রু) যাহার—যে মৃগ বিনাশ করে (বহু) কিম্বা ৬তৎ] বি, পুং, মৃগাদন ; সিংহ প্র—"এণরিপুবাহিনী এ একান্তেরে চাও। একা আজি এখানে এখন কি এড়াও।" —ভারতচন্দ্র।

এণ্ডা (অ্যান্‌ডা) [অণ্ড শব্দজ। হি—আন্‌ড়া বি, অণ্ড ; ডিম্ব ; ডিম। প্র—"গণ্ডা গণ্ডা এণ্ডা খেয়ে ঠাণ্ডা করি প্রাণ" —ঈশ্বর, গুপ্ত। এণ্ডাগুলা তপ্‌সে (মাছ)। ২। কচিছেলে ; ছোট বা অল্পবয়স্ক সন্তান। প্র—"বেচারী অনেক গুলি এণ্ডা বাচ্চা রেখে গেছে। ৩। বিণ, কচি (ছেলে) ; শিশু, অপ্রাপ্তবয়স্ক।

এণ্ডাবাচ্চা [তুল—কাচ্চা-বাচ্চা] বি, গর্ভস্থ শিশু ও কচি ছেলে-পুলে ; কোলের ছেলে ও ছোট ছোট ছেলে-পুলে। **গণ্ডায় এণ্ডা মিলান** [তুল—গোলে হরিবোল দেওয়া। পাঠশালে গণ্ডাকিয়া প্রভৃতি ঘোষাইবার সময় যে সকল ছাত্র ফাঁকি দেয় এবং সমস্ত বলিতে চাহে না তাহারা অন্য দশজনের সঙ্গে বাক্যের শেষাংশ 'আণ্ডা' মাত্র বলিয়া থাকে, যেমন: সকলে সমস্বরে বলিল, "চার কড়ায় এক গণ্ডা", তাহার মধ্যে কেহ বাক্য সমাপ্তি কালে বলিল "ণ্ডা"] ফাঁকি দেওয়া।

এত (অ্যাতো) [এতাবৎ শব্দজ। হি—এত্তা] বিণ, সংখ্যাধিক্য সূচক (বস্তু পক্ষে) ; ইয়ৎ-সংখ্যক ; এতগুলো। প্র—"এত পুস্তক সংগ্রহ করিলে রাখিবে কোথায় ?" ২। পরিমাণাধিক্য সূচক (বস্তু পক্ষে)। প্র—এত দুধ খাইতে পারিবে না। ৩। বিষয়াধিক্য সূচক। প্র—"এত শিখিয়াছ এটুকু শেখনি কিসে কড়ি আসে ছুটো !" —রবি।

৪। প্রকারাধিক্য সূচক ; নানাপ্রকার ; বহুবিধ। প্র—"রাজ পথ দিয়ে চলে এত লোকে, এমনটি আর পড়িল না চোখে আমার যেমন আছে !" —রবি।

৫। চরম বা পরিণাম সূচক অব্যয়। প্র—ওঃ এত ! এত দূর গড়াইয়াছে ? এত ত আগে শুনি নাই।

এতক (ক্) [সং ইয়ৎ ; প্রাকৃ—এত্তক শব্দজ। এতেক দ্রঃ] বিণ, এতেক ; এত। ২। এই পর্য্যন্ত। ৩। একাল পর্য্যন্ত ; অদ্যাবধি।

এতৎ, এতদ্—[সং] স, সম্মুখস্থ বস্তু, ব্যক্তি বা বিষয় ; ইহা ; এই ; ইনি।

এতদবস্থায় (এতদবস্থায়) [এতদ্ + অবস্থা + য় (তে=এ=য়)] ক্রি, বিণ, এরূপ স্থলে ; এক্ষেত্রে ; এ প্রকার অবস্থায় পতিত হইয়া বা হইলে। প্র—"বিপদে পড়িয়া চিত্তের কিঞ্চিৎ অস্থিরতা হওয়া পরিণামে ভাল, এতদবস্থায় উত্তর জ্ঞানের উদয় হয়।" —টেকচাঁদ।

এতদীয় [এতদ্ + ঈয়, সম্বন্ধার্থে] বিণ, এই সম্বন্ধীয় ; ইহার সংক্রান্ত ; এই বিষয়ক।

এতবার (এত্‌বার্) [আ—এ.‍ৎবার্ (বিশ্বাস)] বি, প্রত্যয় ; বিশ্বাস ; ভরসা। ২। (এত্‌বার্) রবিবার।

এতলা, এত্তেলা (এৎলা) [এত্তেলা দ্রঃ। আ—ই.ৎত্‌লা শব্দজ] বি, বিজ্ঞাপন ; সংবাদ ; খবর ; নোটিস।

এতলানামা (এৎলানামা [এত্তলা দ্রঃ] বি, বিজ্ঞাপন পত্র ; সংবাদ পত্র ; নোটিস্ ; notice.

এতহি [ব্রজ। অত্র—এথা—এথি (এখানে) তুল—কথি=কোনখানে ; কোন দিকে] ক্রি, বিণ, এখানে। ২। এইদিকে। প্র—"অনতহি গমনে এতহি নিহার।" —বি, প।

এতহুঁ [ব্রজ। সং এতাবৎ শব্দজ] বিণ, এতাবৎ। প্র—"এতহুঁ নিদেশ কহলুঁ তোহে সুন্দরি জানি তুহু করহ বিধান।" —বি, প।

এতাদৃক্ [এতদ্—দৃশ্ (দেখা) + ক্বিপ্ (কর্ম্মে) এইরূপ যাহাকে দেখা যায়] বিণ, এতাদৃশ ; এই প্রকার।

এতাদৃশ [এতদ্—দৃশ্ + অ (টক্—কর্ম্মে)] বিণ, ঈদৃশ ; এবম্বিধ ; এরূপ ; এই রকম।

এতাবৎ [এতদ্ + বৎ (পরিমাণার্থে বতু)] অ, এপর্য্যন্ত ; এযাবৎ। ২। এত পরিমাণ।

এতাবতা—অ, এতদ্বারা ; ইহার দ্বারা।

এতাবান্ [এতদ্ + বৎ (বতু) পরিমাণার্থে] বিণ, এই পর্য্যন্ত ; এতৎ পরিমাণ ; এত ; এই-মাত্র। [বিরল]

এতালা [এতলা, এত্তেলা দ্রঃ] বি, সংবাদ ; খবর ; বিজ্ঞাপন ; নোটিস। প্র—"হাসিয়া তাহার এজাহার নিয়ে প্রথম এতালা কাটি" —রজনী সেন।

এতেক (ক্) [সং—ইয়ৎ হইতে প্রাকৃ—এত্তেক] বিণ, এত ; এই পরিমাণ। ২। এতদূর এপর্য্যন্ত ; এই অবধি। ৩। এই সমস্ত ; এইটুক। প্র—"এতেক কহিয়া রাজা, দূত পানে চাহি, আদেশিলা,—" —মেঘনাদ।

৪। এবম্প্রকার।

এত্তেলা [আ—ই.ৎত্‌লা (খবর, জানান্) এতলা দ্রঃ] বি, এৎলা ; নোটিস ; notice ; সংবাদ ; খবর। প্র—"গোবিন্দ লাল স্বদেশে যাত্রা করিলে, নায়েব কৃষ্ণকান্তের নিকট এক এত্তেলা পাঠাইলেন, মধ্যম বাবু অদ্য প্রাতে গৃহাভিমুখে যাত্রা করিয়াছেন"। —কৃষ্ণকান্তের উইল।

এথা (এথা) [সং—অত্র ; প্রাকৃ—এত্র=এথ ; বাং এথা, অথবা এই (এ) স্থান=(থা) শব্দজ, তাহা হইতে হেথা (পূ, বঙ্গে)] অ, অত্র ; এইস্থানে ; এখানে।

এদিকে—ক্রি বিণ, এইদিকে ; বক্তার দিকে। ২। এতদঞ্চলে ; এতদ্দেশে। ৩। উপস্থিত ক্ষেত্রে ; পক্ষান্তরে ; এই সঙ্গে।

এদ্দিন (অ্যাদ্‌দিন্) [কথ্য। এতদিন শব্দের দ্রুত উচ্চারণ। যদ্দিন, তদ্দিন দ্রঃ] ক্রি-বিণ, এত দিন ; এত অধিক কাল। ২। এই দীর্ঘ-কালের মধ্যে। প্র—"এদ্দিন কোন আবাগী আমার বরগা গণার বন্দোবস্ত করে দিত।" —অমৃত বসু।

এনা [ইদম্ শব্দের ৩য়া বিভক্তি রূপ "অনেন"= বাং এন হেন (দ্রঃ) ; এই প্রকার প্রাদে—এনা] অ, এইরূপ ; এমন ; হেন। প্র—"বনমালা গলে দোলে ভাল, এনা বেশ কোন দেশে ছিল॥" —চণ্ডীদাস।

এনামেল (এনামেল্) [ইনামেল দ্রঃ। ইং—enamel] ধাতুপাত্রের উপর কাচবৎ মসৃণ পদার্থের কলাই ; মিনা।

এনে [চৈতন্য ভাগবতে। এক্ষণে শব্দের সংক্ষেপ প্রা বাং] ক্রি, বিণ, এক্ষণে [অপ্র]

এন্‌টাল (ল্) বি, আণ্টা গুড় গুড় খেলা ; বিলিয়ার্ড খেলা।

এন্‌ট্রান্‌স্ [ইং—Entrance examination] বি, বিশ্ববিদ্যালয়ের প্রথম পরীক্ষা ; প্রবেশিকা। প্র—"এন্‌ট্রান্‌স্ পরীক্ষা যেরূপ সম্মানের সহিত দিয়াছ এই পরীক্ষাটা সেইরূপ দাও"— সংসার (রমেশচন্দ্র দত্ত)।

এন্তার (এন্‌তার্) [ইং—entire ; পর্ত্তু—এন্তারো entaro (অবিভক্ত, অখণ্ড) শব্দজ] বিণ, অবিভক্ত ; যাহা ক্রমাগত চলিয়াছে ; লম্বা ; অজস্র।

এন্তাজারি, এন্তেজারি [আ—ইন্‌তজার্ =প্রতীক্ষা] বি, প্রতীক্ষা ; অপেক্ষা। ২। আশা ; ভরসা। ৩। অধীনতা ; আয়ত্তবশ্যতা।

এপার (র্) বি, এইপার ; এদিকের কূল ; নদী প্রভৃতির যে কূলে বক্তা উপস্থিত। পারের বিপরীত]

এপারকার (র্, র্) [এপার+কার (সম্বন্ধার্থে)] বিণ, এই পার সম্বন্ধীয় ; এপারের।

এব [সং] অ, সংস্কৃতে—অবধারণ, নিশ্চয়, সংখ্যা, পরিমাণ, সাদৃশ্য প্রভৃতি অর্থে বহুল রূপে কিন্তু বাঙ্গালায় সমাসযুক্ত হইয়া কচিৎ ব্যবহৃত। প্র—তথৈবচ, অতএব।

এবং [এই সংস্কৃত শব্দ যথাবৎ বাঙ্গালায় ব্যবহৃত] অ, নিশ্চয়াত্মক : সম্মতিসূচক ; এইরূপ : এই প্রকার ; এতাদৃশ ; এই ; এমন ; এবম্প্রকার এবম্বিধ। [বিরল]
২। [যোজক শব্দ ; conjunction] অপর ; অন্য ; আর ; ও ; and. ৩। অধিকন্তু।

এবংবিধ [এবম্বিধ দ্রঃ] বিণ, ঈদৃশ ; এইরূপ। প্র—"যোগেশ যখন এবংবিধ অবস্থায় অবস্থাপিত," —বিমলা (দামোদর)।

এবম্প্রকার (এবম্‌প্রোকার্) [এবং (এই) প্রকার (রূপ)—এইরূপ] বিণ, এইরূপ ; এরকম ; এমনতর ; ঈদৃশ।

এবম্বিধ, এবংবিধ [এবং—বিধ (প্রকার)] বিণ, এবম্প্রকার ; ঈদৃশ ; এইরূপ।

এবম্ভূত (এবম্‌ভুতো) [এবং (এইরূপ) ভূত (যে হইয়াছে)] বিণ, এবম্প্রকার ; এতাদৃশ ; এইরূপ।

এবার (র্) [এ (এই) বার (সময়, দিন)] অ, এদিনে। প্র—এবারে ও জিনিষ খেতে নাই।
২। এ সময় ; এখন। প্র—এবার যাও দেখি বোধ হয় কৃতকার্য্য হবে।
৩। এদফায় ; এপালায় (turn)। প্র—এবার কার জয় হল ?
৪। এ জীবনে ; এ যাত্রায়। প্র—"এবারের মত বসন্ত-গত জীবনে।" —রবি।
৫। পরবারে ; পরজন্মে। ৬। এ বৎসর। প্র—এবার ফসল ভাল হয় নাই। এবার ভাল বর্ষাই হ'ল না। ৭। এক্ষেত্রে এ অবস্থায়।

এবারকার, এবারের (র্, র্) [এবার(দ্রঃ)+কার, এর (সম্বন্ধার্থে)] বিণ, এইবার সম্বন্ধীয়। ২। এ জীবনের।

এবারৎ [আ—এ.বারৎ=পাঠ ; বাক্য] বি, রচনাপদ্ধতি ; ভাষার ঈঙ্গিত ; পদ ; পাঠ ; ।

এবে [হি—"রহিবের" সংক্ষেপে—অবহি, অবৈ ; তাহা হইতে বাং এবে। পদ্যে] অ, এক্ষণে ; এখন ; উপস্থিত ; এ সময়। প্র—"ছিল ভিক্ষা তব পদে সফল তা এবে।"—মেঘনাদ। "তেঁই সে রাবণ এবে দুর্ব্বার সমরে স্বজনি" ঐ।
২। এ সঙ্কটে ; এ দুঃসময়ে ; এ আসন্নকালে। প্র—"এতক্ষণে, রে লক্ষণ',—কহিলা সরোষে রাবণ ;—"এ রণক্ষেত্রে পাইমু কি তোরে, নরাধম ? কোথা এবে দেব বজ্রপাণি ?
* * * এ আসন্নকালে সুমিত্রা জননী তোর, কলত্র উর্ম্মিলা, ভাব দোঁহে ! মাংস তোর মাংসাহারী জীবে দিব এবে," —মেঘনাদ।
৩। অতঃপর। প্র—
"চলি গেল যবে সভ্য সুজন,
মুখোমুখী করি বসিলা দুজন,
রাজা বলে এবে কাব্য-কূজন
আরম্ভ কর কবি !" —রবি।
৪। অধুনা ; আজি-কালি।" প্র—
"* * তপে মগ্ন এবে
তাপসেন্দ্র, তেঁই, দেব, লঙ্কার এ গতি।"
—মেঘনাদ।

এবেলা (এব্যালা) [এ—বেলা (সময়, দিবাভাগ)] ক্রি, বিণ, এ সময়। ২। দিবসের এই ভাগে। প্র—এ বেলা আর যাব না। ৩। [প্রাদে] সকাল বেলা (ও বেলার বিপরীত)। ৪। এবার।

এবেলাকার (এব্যালাকার্) [এ+বেলা কার (সম্বন্ধার্থে)] বিণ, এ বেলা সম্বন্ধীয় ; এবেলার।
প্র—এ বেলাকার মত চলিয়া যাইবে।

এব্‌রা [আ, ফা—বরী শব্দজ] বি, অগ্রাহ্য নামঞ্জুর ; বাতিল ; ছাড়িয়া দেওয়া। প্র—"আদালত তাহার সমস্ত সাক্ষীকে এব্‌রা করিয়াছেন।" "জামিন এব্‌রা দিয়াছে।"

এমত (অ্যামত্) [এ (এই) মত (প্রকার) অথবা অস্মিন্ শব্দ চলিত ভাষায় এস্মিন্ =এমিন (স লোপে)=এমন=এমত ; অথবা এ (এই)+মৎ (উপমার্থে, প্রকারার্থে)= এমন্ত (মৎ স্থলে প্রাকৃত ব্যবহার মন্ত—ভাষাতত্ত্ব দ্রঃ)=এমত (ন লোপে)] বিণ, এমন ; এরূপ ; এপ্রকার। ২। [এইমত এর সংক্ষেপ] বি, উপস্থিত মন্তব্য।

এমতানাই (য়্) [আ] বি, নিষেধাজ্ঞা ; injunction.

এমতি [এমত দ্রঃ, পদ্যে] ক্রি, বিণ, এমন ; এইরূপ। প্র—
"বিস্তারি পাষাণে কেবা রতন বসাইলরে,
এমতি লাগয়ে বুকের শোভা।"
—চণ্ডীদাস।
"যুবতী হইয়া শ্যামে ভাঙ্গাইয়া এমতি করিল কে ?"

এমন (অ্যামোন্) [সং—অনেন ; প্রাকৃ—ইমিণ (প্রা-বাং ঐমনি)। এমত দ্রঃ। এ—মন মৎ=মন্ত=(প্রা-বাং—এমন্ত=এমন) ত লোপ] বি, ঈদৃশ ; এরূপ ; এই প্রকার ; এবম্বিধ ; এহেন। প্র—
"আজিকে এমন দিনে শুধু পড়ে মনে
সেই দিবা অভিসার পাগলিনী রাধিকার।"
—চয়নিকা।
২। এতেক। প্র—
"শেষে ফুটিল রে কবে এমন গরবে,
শতেক শোভন দলে গো ?"—বিজয় মজুমদার।

এমনতর (অ্যামান্‌তরো) [এমন+তর (উপমার্থে)] বিণ, এ প্রকার ; ঈদৃশ।

এমনি (অ্যামনি) [এমন+ই (নিশ্চয়ার্থে)। গ্রা—এমন-ধারা (প্রাদে) ; প্রা-বাং—ঐমনি] বিণ, এইরূপই ; ঠিক এই প্রকার। প্র—
"মোরেও এমনি পরাইতে হ'বে রতন ভূষণ রাজি !" —রবি।
"সে দিনও এমনি বায়ু রহিয়া রহিয়া।"
—রবি।
২। এতই ; এতাধিক। প্র—"এমনি মধুর শ্লোক বাখানিব, রাজভাণ্ডার টানিয়া আনিব, ও রাঙ্গা চরণ-তলে" —রবি।

এমনিতর (অ্যামোনিতরো) [এমনি+তর (উপমার্থে)-এমনিধারা (প্রাদে)] বিণ, ঠিক এই রকম। প্র—"সেদিনো এমনিতর অন্ধকার ছিল।" —রবি (চয়নিকা)।

এমান্ [আ—ঈ.মান্ শব্দের অপভ্রংশ] বি, বিশ্বাস ; ধর্ম্ম।

এমারৎ [আ—আমারৎ বা এ.মারৎ শব্দজ] বি, অট্টালিকা ; পাকাবাটী ; কোঠাবাড়ী।

এম্ এ [ইং—Master of Arts, এ সাঙ্কেতিক চিহ্ন, M. A.] বি, বিশ্ববিদ্যালয়ের উপাধিবিশেষ।
প্র—"———বৃথা ও পাশ্চাত্য দীক্ষা
প্রসবে যে বি-এ এম-এ, বিশ্ববিদ্যালয়।"
—চন্দন।

এম্ ডি [ল্যা—Medicinæ Doctor (ইং Doctor of Medicine) এই শব্দদ্বয়ের আদ্যক্ষর M. D.] বি, ভৈষজ্যবিদ্যা ও চিকিৎসাশাস্ত্রে বিশ্ববিদ্যালয়ের উচ্চ উপাধিবিশেষ।

এম্নি ["এমনি" র দ্রুত উচ্চারণ। তেম্নি, যেম্নি দ্রঃ] বিণ, এমনই ; এইরূপই। প্র—"দেশের এম্নি বিচার বটে, চোর হয়ে চোর ধরতে ছোটে, এম্নি দেশের উল্টা দাঁড়া।" —বাঙ্গালীর গান।
২। এতদূর কড়া করে বা কঠোর ভাবে ; মর্ম্মান্তিক ; এতজোরে ; এতবেগে। প্র—এম্নি ঠেলে দিয়েছে, এম্নি মিষ্টি মিষ্টি শোনালে, এম্নি দৌড় দিলে, ইত্যাদি।

এম্ বি [ল্যা—Medicinæ Baccalaureus (ইং—Bachelor of Medicine) শব্দের সাঙ্কেতিক আদ্যক্ষর M. B.] বি, বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা বিজ্ঞান বিষয়ের উপাধি ; "এম্ ডি"র নিম্নস্থ উপাধি।

এযাবৎ (এজাবৎ) [এ—যাবৎ] অ, এ পর্য্যন্ত।

এয়ারিং [ইং—earring শব্দজ] বি, কর্ণভূষণ ; কুণ্ডল ; ঝুমকা।

এয়ো (এও) [সং—আয়ুষ্মৎ—স্ত্রী, আয়ুষ্মতী =চিরজীবিনী ;—আয়ু (যুক্ত) স্ত্রী=আয়স্ত্রী, এয়েস্ত্রী, সহমরণ প্রথার পর ইহার উৎপত্তি হইয়া থাকিবে। পরে ইহার অপভ্রংশে আয়তি (সধবার লক্ষণ) এইঅর্থে ব্যবহৃত হইতে থাকে। সহমরণ প্রথা অনুসারে স্বামীর আয়ুঃ পর্য্যন্ত স্ত্রীর জীবন সুতরাং স্বামীই স্ত্রীর আয়ুস্বরূপ] বিণ, সধবা ; যে নারীর পতি বর্ত্তমান। এয়েস্ত্রী (দ্রঃ)। প্র—"এয়ো তুমি তোমার কি সাজে এবেশ" —মেঘনাদ।
"এয়োগণ সঙ্গে করি প্রদীপ ধরিয়া
লইল নিছনি ডালা হুলাহুলি দিয়া।"
—কবিকঙ্কণ।

এয়োজাত (এওজাত্) বি; এয়োদিগের একত্র ভোজন।

এয়োত (এওৎ) [সং—আয়ুষ্মৎ—আয়তি এয়ো দ্রঃ] বি, সধবার অবস্থা। প্র—"এয়োতের ব্রত উদ্‌যাপন" —অশোকগুচ্ছ।

এয়োতী (এওতি) [আয়তি শব্দের উচ্চারণ বিকার] বি, আয়তি। ২। বিণ, এয়োত ; আয়তিবিশিষ্ট ; এয়েস্ত্রী ; সধবা। প্র—"জনম এয়োতি হোক , চির মন সুখে রোক্।"
—কাব্যকুসুমাঞ্জলি।

এর (র্) [সংস্কৃত হইতে প্রাকৃ, ৬ষ্ঠীর চিহ্ন কেরক তাহা হইতে বাং এর, র, কের, কর, গের, গর। তুল—হি—"কর, কের, কেরি"। প্র—"ক্ষত্র জাতিকের রোষ" —তুলসীদাস। ওড়ি—"র" (দ্রঃ)] বি, বাঙ্গালা ৬ষ্ঠী বিভক্তি চিহ্ন। ২। [ইহার শব্দের সংক্ষেপ] ইহার ; এই ব্যক্তির। (অসম্ভ্রমার্থে)। সম্ভ্রমার্থে, এঁর। প্র—এর কাছে কি আছে ; এর চেয়ে ওটা ;।

এরকা [ই (গমন করা) + রক্ (কর্ত্তৃ) স্ত্রী—আপ্] বি, স্ত্রী, গ্রন্থিহীন তৃণবিশেষ ; নল খাগ্‌ড়া। ২। শরগাছ। ৩। শরকাঠি। প্র—"তদ্দর্শনে কালপ্রেরিত অন্ধক ভোজ সৈনেয় ও বৃষ্ণিবংশীয়গণ সেই মুষলভূত এরকা সকল দ্বারা পরস্পরকে বিনাশ করিতে লাগিলেন। * * তাঁহাদের যে কেহ কুপিত হইয়া একটী এরকা গ্রহণ করিলেন, ব্রহ্মশাপ বশতঃ তাহাই বজ্রের ন্যায় সারবান্ হইল এবং তৃণ সকলও মুষল হইয়া উঠিল।"
—মহা, মৌষল (বর্দ্ধমান)।
৪। হোগলা।

এরঙ্গ—বি, পুং, মৎস্যবিশেষ ; অরঙ্গামাছ ; রাঙ্গামাছ। ২। মঞ্জিষ্ঠা।

এরণ্ড (এরন্ড) বি, পুং, ভেরেণ্ডাগাছ ; রেড়ী গাছ ; ricinus communis.

এরণ্ড তৈল—বি, রেড়ীরতেল ; castor

এরণ্ডপত্রিকা, এরণ্ডপত্রী—বি, স্ত্রী, দন্তী-বৃক্ষ।

এরসে (এরশে) [এ (এই, উপস্থিত) রস (রঙ্গ ; আনন্দ ; রস দ্রঃ) + এ (তে অধি করণার্থে)] বি, এই রঙ্গ-রহস্যে ; উপস্থিত আমোদ প্রমোদে। ২। ইহার স্বাদ গ্রহণে ; ইহার উপভোগজাত আনন্দে।
প্র—তিনি এরসে বঞ্চিত।

এরা (এ রা) [ইহারা শব্দের সঙ্কুচিত আকার] স, ইহারা।

এরারুট (অ্যারারুট্) [ইং—arrow-root শব্দজ] বি, এমেরিকার এক প্রকার গাছড়ার মূল ও তাহার পালো। এই গাছ ভারতবর্ষেও জন্মে। ইহা রোগীর পক্ষে অতি লঘু আহারীয়।

এরূপ (প্) [এ—রূপ (প্রকার)] বিণ, এ প্রকার ; এরকম ; এমন।

এরে (এরে) ["ইহারে" শব্দের সংক্ষেপ। এরে (রে=কে)—সম্ভ্রমার্থে এঁরে। প্রাদে—এয়ারে, এঁয়ারে, এনারে] স, ইহাকে। ২। কর্ম্মকারকের বিভক্তি।
প্র—"মনেরে বুঝায়ে বল, নয়নেরে দোষ কেন।"
—নিধুবাবু।
৩। (এ রে) অ, শিশুদিগকে ভয় প্রদর্শন ; শাসন বা ধম্‌কানির শব্দ।

এর্ব্বারু—বি, পুং, কর্কটীবিশেষ : কাঁকুড় ; ফুটী।

এর্ব্বারু তৈল—কাঁকুড় বীচের তৈল।

এল (ল) বি, রাজা পুরূরবার পিতা।
[মহাভারত]

এল (এলো) [এলা, এলো দ্রঃ] বিণ, আলুলায়িত ; মুক্ত।

এল-এ [ইং—L. A. (Licentiate of Arts এর সংক্ষেপ)] বি, বিশ্ব-বিদ্যালয়ের পরীক্ষা-বিশেষ ; এণ্ট্রান্স ও বি-এ'র মধ্যবর্ত্তী পরীক্ষা। প্র—"শরৎ তুমি এবার 'এল-এ'র জন্য পড়িতেছ"—সংসার। (সম্প্রতি বিশ্ববিদ্যালয়ের এই উপাধি পরিবর্ত্তিত হইয়া আই-এ, "আই-এস্‌-সি" হইয়াছে)।

এল-এম-এস্ (এলেমেস্) [ইং—L. M. S. "Licentiate in Medicine and Surgery" র সংক্ষেত] বি, চিকিৎসা বিজ্ঞানে বিশ্ব-বিদ্যালয়ের দত্ত উপাধিবিশেষ।

এলঙ্কা [এরকার প্রাদে—উচ্চারণ ভেদ। প্রা, বাং] বি, এরকা ; এড়কা।
প্র—"মুসলের কণে যত এলঙ্কা জন্মিল।
সেই এলঙ্কার যুদ্ধে যদুবংশ মৈল।"
—চৈতন্য মঙ্গল।

এলবালু, এলবালুক (ক্) বি, পুং, গন্ধ দ্রব্যবিশেষ ; খনিজ দ্রব্য চূর্ণবিশেষ। ২। বীজবিশেষ।

এলবাস (এল্‌বাশ্) [আ—ইল্‌বাস্ (পোষাক)] বি, পরিচ্ছদ ; পোষাক ; কাপড়।

এলা [ইল্ (ক্ষেপণ করা, দূর করা) + অ (কর্ম্মে—অল্) যে মুখের দুর্গন্ধ দূর করে] বি, স্ত্রী, এলাচ। ২। এলাইচ লতা। ৩। পঞ্চদশাক্ষরা ছন্দোবিশেষ ; ইহার তৃতীয়, পঞ্চম, চতুর্দ্দশ ও পঞ্চদশবর্ণ গুরু।
প্র—"বলনা সপে রব করি কত তব আশা"
—বৃত্তরত্নাকর।

এলা (অ্যালা) [অলগ্ন বা এলায়িত শব্দজ। প্রাদে—আউলা, আলা] বিণ, আল্‌গা ; ঢিলা। ২। অলস ; অকর্ম্মণ্য। ৩। [সং ইল্=নিক্ষেপ করা। এড়া দ্রঃ ; ড়=ল] ক্রি, ত্যাগ করা ; পরিত্যাগ করা ; ফেলা। ৪। ধান এলে দেওয়া ; সেঁকে দেওয়া।

এলাক (ক্) বি, পুং, মুনিবিশেষ।

এলাকা [আ—ইলাকা=সম্বন্ধ। গ্রা—এলেক্কা] বি, সম্পর্ক ; সংস্রব ; সম্বন্ধ। প্র—সে কাহারও এলাকা রাখে না। ২। দখল, অধিকার ; আয়ত্ত। প্র—এ স্থানটী তাহার এলাকার মধ্যে পড়ে। ৩। সীমা। প্র—এ রাজ্যের এলাকা বহুদূর পর্য্যন্ত বিস্তৃত।

এলানো (অ্যালানো) [আলুলান শব্দজ] ক্রি, এলাইয়া ফেলা ; আল্‌গা করা ; শিথিল করা। প্র—"এলাইয়া বেণী ফুলের গাঁথুনি
দেখয়ে খসায়ে চুলি]
—চণ্ডীদাস।
"বর্ষা এলায়েছে তার মেঘময় বেণী" —রবি।
২। (অ্যালান) বিণ, এলাইত ; শিথিল ; খোলা। প্র—"এলান পাক"।" "এলান চুল।"

এলাপত্র—বি, পুং, কদ্রু গর্ভ সম্ভূত কশ্যপ নন্দন একজন প্রধান নাগ। ২। এলালতার পত্র।

এলাপর্ণী (অ্যা, এলাপোর্‌নি) [এলা (এলা সদৃশ)—পর্ণ (পাতা) যাহার (বহু)] বি, স্ত্রী, কাঁটা আমরুল।

এলাপুর (র্) বি, বর্ত্তমান ডেরাওয়াল। এখানে সোমনাথ পত্তন ও সোমনাথের মন্দির নির্ম্মিত আছে। [ভারতকোষ]

এলায় [আলুলায়িত শব্দজ আলুলায়—সংক্ষেপে, এলায়] ক্রি, খোলে ; ভগ্ন হয়। প্র—"গঙ্গা-পুরে বেহুলার মান্দাস এলায়।" —ক্ষেমানন্দ কেতকা দাস। ২। অ, এখন [মাণিক চাঁদের গান। উ-বঙ্গে চলিত কথায় এখনও ব্যবহৃত] [অপ্র]

এলাহিকাণ্ড, এলাহি কারখানা (অ্যালাহি) [আ—আলী বা আলা—হী= উচ্চ] বি, বিস্তৃত আয়োজন ; কালাও কারখানা ; খুব বড় বা ভারী রকমের বন্দোবস্ত।

এলি (এ্লি) [আসিলি বা আইলির সংক্ষেপ সম্ভ্রমার্থে—এলেন সমানার্থে এলে] ক্রি.

আগমন করিলি ; আসিলি ; উপস্থিত হইলি।
প্র—"এলি কিরে উমা !—দুখিনী জীবন !—
বলি গিরি রাণী ছুটিলা তখন। * * * * *
এলি কিরে উমা ! হৃদয় রতন !—
বলি গিরিজায়া ডাকে ঘন ঘন !"
—মানসকানন কাব্য।

এলীকা—বি, স্ত্রী, গুজ্‌রাটি এলাচ : ছোট এলাইচ।

এলুক (ক্) বি, ক্লী, গন্ধদ্রব্যবিশেষ।

এলুয়া [অলগ্ন শব্দজ। এলো দ্রঃ] বিণ, অসংলগ্ন ; শিথিল : আল্‌গা।

এলে (এলে) [আসিলে বা আইলের সংক্ষেপ সম্ভ্রমার্থে এলেন, তুচ্ছার্থে বা অতিপরিচয় বা স্নেহার্থে এলি] ক্রি, আগমন করিলে।
প্র—"আমার নয়ন-ভুলানো এলে। —রবি।
"এলি কিরে উমা ! দুখিনী জীবন।"
—মানসকানন কাব্য।
২। (এলে) [অসমাপিকা ক্রিয়া] আসিলে পর। প্র—সে এলে আমি যাইব। ৩। [অলগ্ন শব্দজ এলান দ্রঃ)] ছাড়িয়া : ছেড়ে : ত্যাগ করিয়া। (এলে দেওয়া দ্রঃ)।

এলেকা (এলাকা দ্রঃ) বি, অধিকার : সীমা। ২। সংস্রব।

এলেক্কা (অ্যালেক্কা) [আ—ইলাকা শব্দজ] বি, সম্পর্ক ; সংস্রব : সম্বন্ধ। ২। দখল : অধিকার।

এলেদেওয়া [অলগ্ন শব্দজ। এলান দ্রঃ] ক্রি, শিথিল করিয়া দেওয়া ; যাহারা পরস্পর সংলগ্ন আছে তাহাদিগকে অলগ্ন করিয়া দেওয়া ; ছাড়িয়া দেওয়া। ২। ত্যাগ করা ; ৩। আশা ভরসা ছাড়িয়া দেওয়া। প্র—
ছেলেটার কিছু হবে না, বাপ মা ও মাষ্টার প্রভৃতি সকলেই ওকে এলে দিয়েছেন।
৪। ধান সেঁকে দেওয়া ; ঢেঁকিতে কোটা ধান গড় হইতে বাহির করিয়া ফেলা বা উলট পালট করিয়া দেওয়া। প্র=
"যত সব ব্রজনারী চাল কুটচেন সারি সারি,
এলে দিচ্চেন বড়াই বুড়ি টেকে দিচ্চেন রাই।"
—গান।
[টেকে দেওয়া, টাকা দ্রঃ]

এলেম্ (এলেম্) [আ—ই.ল্‌ম্ (বিদ্যা, জ্ঞান) শব্দজ] বি, জ্ঞান ; বিদ্যা। ২। কৌশল ; চাতুর্য্য। এলেমদার (এলেম্‌দার্) বিণ, শিল্পী ; বিদ্যাবান। ২। চতুর। এলেমদারী—বি, বিদ্যাবত্তা ; শিল্পচাতুর্য্য। এলেমবাজ (এলেম্‌বাজ্) বিণ, বুদ্ধিমান : চতুর। ২। শিল্পজ্ঞ ; বিশেষজ্ঞ। ৩। কার্য্যদক্ষ ; কার্য্যকুশল। এলেমভরা [বিদ্রূপোক্তি] বিণ, পেট যার বিদ্যায় পূর্ণ ; বিদ্যাবাগীশ ; বিদ্যাদিগ্‌গজ। বি, এলেমবাজী।

প্র—"কেঁড়ে কেতাব উড়ে কীর্ত্তি বগলে যাহার
এলেমভরা "ডি এল" মারা পছন্দ আমার।"
—হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়।

এলেমান (এলেমান্) [ফ্রেঃ—allemande (a German) শব্দজ] বি, জর্ম্মণীর অধিবাসী ; জর্ম্মণ।
প্র—"ইঙ্গরেজ ওলন্দাজ ফিরিঙ্গী ফরাস।
দিনেমার এলেমান করে গোলন্দাজী।
সফরিয়া নানা দ্রব্য আনয়ে জাহাজী।"
—ভারতচন্দ্র।

এলো [আসিল বা আইলর সংক্ষেপ] ক্রি, আগমন করিল।
প্র—"এলো তোর খ্যাপা দিগম্বর।
—গিরিশ ঘোষ।
"এলোকেশী এলো কে রণে কাল বরণে।"
—মহারাজ কৃষ্ণচন্দ্র।

এলো এলো—ক্রি-বিণ, আগতপ্রায়। প্র—"সাহেব এলো এলো হইয়াছে যাহা করিতে হয় এই বেলা করুন।" —আলাল

এলো [সং—আলুলায়িত হইতে। এল দ্রঃ] বিণ, খোলা ; উন্মুক্ত ; শিথিল ; অবদ্ধ।
প্র—"একদা এলো চুলে কোন ভুলে ভুলিয়া আসিল সে আমার ভাঙ্গা দ্বার খুলিয়া।"
—রবীন্দ্রনাথ।
২। শিথিল যত্ন। ৩। অসাবধান : অসতর্ক। ৪। ফাঁস ; অসম্বদ্ধ ; অর্থশূন্য। প্র—"এলো কথা। ৫। কোন নির্দ্দিষ্ট দিক হইতে নহে কিন্তু কখন এদিক কখন ওদিক হইতে প্রবাহিত : গোলমেলে : ক্ষিপ্তবৎ ; মুক্ত। প্র—"এলো হাওয়া।"

এলোয় [আলুলায়—আলুয়ায় সংক্ষেপে, —আলায় উচ্চারণ বিকারে, এলোয়]—ক্রি, খুলিয়া ফেলে ; শিথিল করে।

এলোচুলী [এলো—চুল—ঈ (যুক্তার্থে)] বিণ, স্ত্রী, আলুলায়িত-কুন্তলা ; মুক্তকেশী।
প্র—"কষিল অসুর তার খসিল অম্বর।
এলোচুলী ধেয়ে বুলি দুই দিগম্বর।"—শিবায়ন।

এলোথেলো [আলুথালু দ্রঃ] বিণ, আল্‌গা। ২। শৃঙ্খলা-রহিত ; বিশৃঙ্খল। প্র—এলোথেলো কবরীবন্ধন কেশপাশ। চক্ষে বহে বারিধারা ঘন বহে শ্বাস।" —কৃত্তিবাস।
৩। স্খলিত বসন ভূষণ ও শিথিল কেশদাম ; শিথিল ; অসম্বৃত। প্র—
"কত শত পূর্ণশশী এলোথেলো হয়ে,
বিরাজিত সুনীলাম্বু সরিত হৃদয়ে।" —নবীন।

এলোধাবাড়ি, ড়ী (এলোধাবাড়ি) [এলো—ধাবাড়ী (প্রা ধাবড়া (ধাবকা)=ধারা রীতি] বিণ, এলোমেলো ; বিশৃঙ্খল ; বেবন্দোবস্ত। ২। বেধড়ক ; অসংযত বেগ। ৩; ক্রমাগত। ৪। সকল দিকে ; দোহেতো ; right and left.

এলোধাবাড়ে [এলো—ধাবাড়ে=ধাবাড়িয়া] এলোধাবাড়ী দ্রঃ।

এলোপাতাড়ি—এলোধাবাড়ি দ্রঃ।

এলোমেলো [এলো (অবদ্ধ)—মেলো (মিলিত, বিক্ষিপ্ত)] বিণ, অবেণীবদ্ধ : উন্মুক্ত। ২। শৃঙ্খলাশূন্য ; বিশৃঙ্খল ; অবত্ন-বিন্যস্ত। প্র="এলোমেলো চুল সেই এলোমেলো বায়" —কুসুম।
৩। গোলমেলে। ৪। অসাবধান। ৫। অসম্বদ্ধ : অর্থ ও বাঁধুনীহীন। প্র—এলোমেলো বকুনী। ৬। চারিদিকে ছড়ান : বিক্ষিপ্ত।

এলোর (র্) বি, সরকার প্রদেশস্থ বিভাগবিশেষ। ২। এলোর বিভাগস্থ নগরবিশেষ। সন্দেশাবলী। এলোরা [ইলোরা দ্রঃ]

এষণ (ন্) [আ—ইস্ (গমন করা, অন্বেষণ করা) + অন (ট্) ভাবে] বি, ক্লী, গমন। ২। অন্বেষণ। ৩। ইচ্ছা। ৪। (কর্ত্তৃ—অনট্) বি, পুং, লৌহময় বাণ। স্ত্রী, এষণা—বি, বাসনা। ২। স্বর্ণকারের নিক্তি। স্ত্রী, ঈপ্ যোগে, এষণী [স্ত্রী, ক প্রত্যয় যোগে এষণিকা]—স্বর্ণকারের নিক্তি। ২। অস্ত্রবিশেষ : a probe : বেলকার। [বাঙ্গালায় এই শব্দ অন্ত্র শব্দের সহিত যুক্ত হইয়া ব্যবহৃত হয়। প্র—অন্বেষণ, গবেষণ, গবেষণা। কবি অক্ষয়কুমার বড়াল মহাশয় এষণা (?) শব্দের স্থলে প্রাচীন গাথা সাহিত্যে ব্যবহৃত "এষা"শব্দ বাং-তে প্রথম ব্যবহার করিয়াছেন]।

এষণীয় [ইষ্ (ইচ্ছা করা) + অনীয় (কর্ম্মে) যাহাকে পাইতে ইচ্ছা করা যায়] বিণ, বাঞ্ছনীয়। [বিরল]

এষা—বাঞ্ছিতা। ২। স্মরণীয়া। ৩। অন্বেষণ যোগ্যা। —ভারতী।
৪। এষণা ; ইচ্ছা ; বাঞ্ছা ; বাসনা। [Haughton]

এষিতা [ইষ্ (ইচ্ছা করা) + তৃন (কর্ত্তৃ) ই—আগম=এষিতৃ ১মা, ১ব। বিকল্পে এষ্টা, যিনি ইচ্ছা করেন] বিণ, ইচ্ছুক ; অভিলাষী।

এষ্টব্য (এষ্‌টোব্‌বো) [ইষ্ + তব্য (কর্ম্মে) যাহাকে বাঞ্ছা করা যায়] বিণ, অভিলষণীয় ; বাঞ্ছনীয় ; বাসনার বিষয়ীভূত।

এষ্টা—এষিতা দ্রঃ।

এস (এ্‌শো) [আইস শব্দের সংক্ষেপ (প্রাদেশিক)] ক্রি, (অনুজ্ঞা) আইস ; আগমন কর : চল : সঙ্গ লইতে আহ্বান। প্র—"এস, সখি, তুমি আমি বসি এ বিরলে, দুজনের মনোজ্বালা জুড়াই দুজনে ;"
—ব্রজাঙ্গনা।

এসরাজ, এসরার (এস্‌রাজ্, এস্‌রার্) বি, আধুনিক তত্যন্ত্রবিশেষ। সেতার ও

সারঙ্গীর মিশ্রণে ইহার উৎপত্তি। সেতারের ন্যায় ৫টী প্রধান তন্ত্র ও কতকগুলি পার্শ্বতন্ত্রিকা থাকে; ইহার দণ্ড অবিকল সেতারের ন্যায় এবং খর্পরটী প্রায় সারঙ্গীর মত।
[যন্ত্রকোষ

এসিয়া, এশিয়া (এশিআ) [ইং Asia শব্দজ] বি. য়ুরোপ ও উত্তর আফ্রিকার পূর্ব্ব হইতে প্রশান্ত মহাসাগরের উপকূল পর্য্যন্ত বিস্তৃত মহাদ্বীপ। ইহার প্রাচীন নাম জম্বুদ্বীপ।

এসে (এ্শে) [আইসের দ্রুত উচ্চারণ] ক্রি. আগমন করে; আসে। প্র—
"কালের তিমির-রজনী ভেদিয়া
তোমারি মূরতি এসে,
চিরস্মৃতিময়ী ধ্রুবতারকার বেশে।"
—চয়নিকা।

এস্টকিন্, এষ্টকিন্ [ইং—stocking] বি. মোজা।

এস্তাহার (র্) [ইস্তাহার দ্রঃ। আ—ইশ্‌তিহার্=বিজ্ঞাপন] বি. বিজ্ঞাপন; নোটিস; notice.

এস্তেমাল, এস্তমাল (এস্‌তেমাল্) [আ—ইস্‌ত্‌আমাল্ (অভ্যাস, ব্যবহার)] বি. ব্যবহার। ২। অভ্যাস। বিণ. শব্দজ] এস্তেমালী।

এস্‌পার-কি-ওস্‌পার্ (এশপার্-কি-ওশ্‌পার্) [হি—ইস্‌পার্ (একূল, এদিক) কি (কিম্বা) হি—উস্‌পার্ (ওকূল, বিপরীত দিক)—হয় এদিক না হয় ওদিক] অ. যাহা হয় একটা; অনুকূল বা প্রতিকূল যাহা হয় একটা স্থির নিশ্চয়; নিষ্পত্তি। প্র—"দেবেন্দ্র স্থির করিলেন, স্বয়ং হীরার বাটী গিয়া এস্‌পার কি ওস্‌পার, যা-হয়-একটা করিয়া আসিবেন।" —বিষবৃক্ষ (বঙ্কিম)।

এহ [আ (সম্যক্) ঈহ্ (চেষ্টা করা) +অ (কর্তৃ—ক)] বিণ. যিনি সম্যক্‌রূপে চেষ্টা করেন; সম্পূর্ণ চেষ্টাশীল; সচেষ্ট; উদ্যোগী। ২। [ভাবে—অল] বি. ক্রোধ। [অপ্র]

এহ (এ) [সং—ইমেহি=হিন্দী—এহি=বাং—এহ (এই) তুল—প্র—"সোহি এহি হৈ কুমার কাঞ্চিরাজরায়কে" —ভারতচন্দ্র। প্রা—বৈ, সা— "এহ এহো"] স. এই ব্যক্তি; এই বিষয়; এই বস্তু। ২। ইহা; এই; ইটি। প্র—
"প্রভু কহে এহ বাহ্য আগে কহ আর।"
—চৈতন্যচরিতামৃত।

এহন (এহন্) [সং—অস্মিন্ শব্দজ; ঠেঁট হিন্দীতে—ঐসন্; এহন=এমন। তুলঃ—(বাং) হেন, এহেন] ক্রি-বিণ. এমন; এপ্রকার। প্র—"ভণতি বিদ্যাপতি শুন বর যুবতি এহেন জগৎ নহি আনে।"
—বিদ্যাপতি।

এহনি [এহন দ্রঃ। এ—হেন (সদৃশ) =হনি (ব্রজভাষার স্ত্রীলিঙ্গে)—এমনি] ক্রি-বিণ. এহেন; এমন; এরূপ। প্র—"এহনি সুন্দরী গুণক আগরি" —বি. প।

এহার (এহার্) [সং—ইদম্ শব্দজ। তুল—হি—এহর্, এহার। প্রা= বাং, বৈ, সা। আধু—ইহার] স. এই ব্যক্তির; এই বস্তুর; এই বিষয়ের। ২। এতৎ সম্বন্ধীয়।

এহারে [এহার দ্রঃ। 'ইহারে'ও বলে। প্রা-বাং —রে=কে (আধু)] ইহাকে। প্র—
"হিমাদ্রি দক্ষিণ দিকে ক্ষীরোদ উত্তরে।
সমস্তে ভারতবর্ষ বলেন এহারে॥"
—শিবায়ন।

এহি [সং—ইমেহি কিম্বা আ—ই (গমন করা) +হি (অনুজ্ঞা ম, পু, ১ব=এহি—ক্রি, হিন্দী এহি। প্র—"সোহি এহি হৈ কুমার কাঞ্চি-রাজরায়কে"—ভারতচন্দ্র। প্রা—বাং 'এহ', 'এহো', এবং এহি (ব্রজ) এ+হি (ই)] স. এই; ইহা। প্র—"মনে এহি অনুমানি"
—দুর্গামঙ্গল।

এহো [এহ দ্রঃ। প্রা, বৈ, সা। আধু-বাং "এও"] স. ইহা; এই। ২। ইহাও। প্র-"প্রভু কহে এহো হয় আগে কহ আর।
রায় কহে 'দাস্যপ্রেম সর্ব্বসাধ্যসার॥'"
—চৈতন্যচরিতামৃত।

ঐ—স্বরবর্ণমালার দ্বাদশ বর্ণ; দীর্ঘস্বর, ইহার উচ্চারণ স্থান কণ্ঠ ও তালু (বোপদেবমতে শুদ্ধ তালু)। বর্ণবিজ্ঞানমতে ইহা স্বতন্ত্র বর্ণ নহে। ইহা যুক্তস্বর, কারণ ইহা অ এবং এ এই দুই স্বরযোগে উৎপন্ন। যথা,—অ+এ=ঐ—অএ (সং উচ্চারণ)। এজন্য ইহাকে সন্ধ্যক্ষর বলে। বাঙ্গালায় ইহার উচ্চারণ 'অই, ওই'। ব্যঞ্জন বর্ণের সহিত যুক্ত হইলে ইহাকে ঐকার বলে তখন ইহার আকার 'ৈ' এইরূপ হয়। যথা—ক্+ঐ=কৈ।

ঐ (ও্ই) [অদস্ শব্দজ অমী=অঈ=ঐ] স. নির্দ্দিষ্ট ব্যক্তি; বস্তু বা বিষয়; সেই। প্র—"ঐ সময়ের মধ্যে এক রাজকন্যা স্বীয় সহচরীবর্গের সহিত সেই সরোবরের অপর পারে উপস্থিত হইয়া স্নান পূজা সমাপনপূর্ব্বক বৃক্ষের ছায়াতে ভ্রমণ করিতে লাগিলেন।"
—বেতাল পঞ্চবিংশতি।
২। অ. অদূরে; কিঞ্চিৎ দূরস্থ ইন্দ্রিয়গ্রাহ্য (বস্তু); ওখানে। প্র—"ঐ বুঝি বাঁশী বাজে, বনমাঝে কি মনমাঝে" —রবি। "ঐ যে মৃগাক্ষী গমন করিতেছে দেখিতেছ, ও অতি সুশীলা" —কাদম্বরী। ৩। [অবজ্ঞার্থে]আহ্বানসূচক অব্যয়। প্র-অরে ঐ, ওদিকে যা। ৪। স্মরণসূচক অব্যয়। প্র—ঐ, ছাতাটা আনতে ভুলে গেলুম। ঐ যে গো সে দিন তুমি যাহার কথা বল্লে, তার নাম কি? ৫। উল্লিখিত; উক্ত। প্র—ভগবান মনু ঐ কথাটি একবার বলিয়া ক্ষান্ত হন নাই" —সনাতনী। [ওই দ্রঃ

ঐক [এক+অ (স্বার্থে বা সম্বন্ধার্থে—অণ্)] বিণ. এক-সম্বন্ধীয়; একবিষয়ক। ২। একার্থের প্রতিপাদক; একার্থের বোধক।

ঐকতান (ন্) [একতান+অ (ভাবে, অন্) একতানের ভাব] বি, ক্লী. ভিন্ন ভিন্ন জাতীয় যন্ত্রের সমস্বর বাদন; concert. ২। বাদ্যধ্বনি।

ঐকপত্য (ঐকোপোৎতো) [এক—পতি (স্বামী)+য (ভাবার্থে) এক অধিপতির ধর্ম্ম] বি. ক্লী. সার্ব্বভৌমত্ব; একাধিপত্য; একাধিকারিত্ব; অপ্রতিদ্বন্দ্বিতা।

ঐকপদিক (ঐকোপদিক্) [এক—পদ (বিভক্ত্যন্ত শব্দ)+ইক (ভবার্থে—অন্) এক বিভক্ত্যন্ত পদ হইতে সমুৎপন্ন] বিণ. এক বিভক্ত্যন্ত পদোৎপন্ন; একপদোত্থ।

ঐকপদ্য (ঐকোপোদ্দো) [এক-পদ (বিভক্ত্যন্ত শব্দ)+য (ভাবার্থে—যন্)] বি. ক্লী. অনেক পদের একার্থ বোধকতা সম্পাদন। অনেক পদের একার্থ প্রকাশের সামর্থ্য যথা—ঘট, কুম্ভ, কলস

ঐকবাক্য (ক) [একবাক্য+অ (ভাবে অন্)] বি. ক্লী. একবাক্যতা: একাভিপ্রায়; একমতাশ্রয়। ক্রি-বিণ. ঐকবাক্যে-একবাক্যে; একমতাবলম্বনে; একমত হইয়া।

ঐকমত্য (ঐকমোৎতো) [এক-মত (অভিপ্রায়)+য (ভাবে—যন্)] বি. ক্লী. তুল্যমতি; একমত; একপ্রকার অভিপ্রায়; মতের অভিন্নতা। ২। মত-সাদৃশ্য।

ঐকরাজ্য (ঐকোরাজ্‌জো) [এক—রাজন্ (কর্ম্মধা)=একরাজ+য (ভাবে—যন্] বি, ক্লী, সার্ব্বভৌমত্ব : চক্রবর্ত্তিত্ব : একাধিপত্য।

ঐকলব্য (ঐকোলোব্‌বো) [একলব্য+অ (সম্বন্ধার্থে অন্)] বি, পুং, একলব্যের শিষ্য বা ছাত্র। ২। একলব্যসম্বন্ধীয়। ৩। একলব্য প্রবর্ত্তিত।

ঐকশতিক (ঐকোশোতিক্) [একশত+ইক (ইকন পণ্যার্থে)] বিণ, একশত দ্রব্যের অধিকারী : একশত দ্রব্য দ্বারা পণ্যব্যবসাকারী।

ঐকশ্রুত্য (ঐকোশ্রুৎতো) [এক—শ্রুতি (শ্রবণ) যাহার (বহু) =একশ্রুতি+য (ভাবে—যন্)] বি, ক্লী, উদাত্ত অনুদাত্ত স্বরের সন্নিকট স্বরবিশেষ।

ঐকাগারিক (ক্) [এক—আগার (গৃহ) —ইক (বাসার্থে—ইকন্)] বিণ, এক গৃহবাসী [দশকুমারচরিত] ২। লুণ্ঠনকারী। [অপ্র]

ঐকাগ্র্য (ঐকাগ্‌গ্রো) [একাগ্র+য (ভাবে যন)] বি, ক্লী, একনিষ্ঠা ; এক বিষয়ে আসক্তি : মনঃসংযোগ ; একাগ্রতা।

ঐকাত্ম্য (ঐকাৎত্তঁ) [এক - আত্মা (স্বরূপ) যাহার, বহু=একাত্ম+য (ভাবে—যন্)] বি, ক্লী, আত্মার ঐক্য : এক স্বরূপত্ব ; অভিন্ন হৃদয় : একপ্রাণ। ২। ঐক্য : অভেদ : পার্থক্যরহিত।

ঐকান্তিক (ক্) [একান্ত+ইক (ভবার্থে ইকন্)] বিণ, প্রগাঢ় : আত্যন্তিক। প্র—"জ্ঞানপ্রদীপ্ত মহাত্মাগণ ভিন্ন ত্রিলোকমধ্যে অন্য কেহ তাঁহার প্রিয়তম নাই, এইজন্য আমি তাঁহার প্রতি ঐকান্তিক ভক্তিযুক্ত হইয়াছি।" —মহা, শান্তি (বর্দ্ধ) ২। একনিষ্ঠ। ২। দৃঢ়। বি, **ঐকান্তিকতা**।

ঐকান্তিকে [একান্ত দ্রঃ] ক্রি-বিণ, একান্তে : গোপনে : নির্জ্জনে।

ঐকান্যিক (ঐকান্‌নিক্) [এক—অন্য (অধ্যয়নের ঠিক বিপরীত ভাব) যাহার (বহু) একান্য+ইক (ইদমর্থে ইকন্] বিণ, যে ছাত্র একরূপ অধ্যয়ন করিয়া পরীক্ষাকালে তার বিপরীত বাক্য বলে।

ঐকার (র্) ঐ অক্ষর ; the letter ঐ।

ঐকার্থ্য (ঐকারথ) [এক—অর্থ (প্রয়োজন) +য (ভবার্থে, যন্)] বি, ক্লী, এক প্রয়োজন : একার্থীভাব। ২। কার্য্যবিশেষে পণ বন্ধনার্থ সন্ধি।

ঐকাহিক (ক্) [এক—অহন্ (দিন্)= একাহ+ইক (ভবার্থে—ইকন্)] বিণ, একদিন ব্যাপক (জ্বর) ; যে জ্বর একদিন অন্তর একদিন ব্যাপিয়া থাকে। ২। একদিন অন্তরে যাহা হয়। ৩। একদিন নিষ্পাদ্য। ৪। একদিন সম্বন্ধীয়। ৫। বি, পুং, ঋণহারী।

ঐক্য (ঐক্‌ক) [এক+য (ভাবে—যন্) একের ভাব] বি, ক্লী, অভিন্নতা ; একতা ; একত্ব ; একীভাব। মিল অভেদত্ব ; অবিরোধ। ২। একরূপতা।

ঐক্ষব (ঐক্‌খব্) [ইক্ষু (আক) +অ (ভবার্থে —অন্) ইক্ষুসম্ভূত] বিণ, ইক্ষুজাত (গুড়, চিনী প্রভৃতি) ২। ইক্ষু সম্বন্ধীয়।

ঐগো (ওই-গো !) অ, আসন্ন বিপদে ভীতিব্যঞ্জক। প্র—ঐগো ধল্লে।

ঐঙ্গুদ (দ্) [ইঙ্গুদ (তাপস বৃক্ষ) +অ (ভবার্থে, অন্)] বি, ক্লী, ইঙ্গুদী বৃক্ষের ফল যাহা হইতে তৈল বাহির করিয়া তাপসগণ ব্যবহার করিতেন।

ঐচ্ছিক (ঐচ্‌ছিক্) [ইচ্ছা+ইক (সম্বন্ধার্থে —ইকন্)] বিণ,ইচ্ছানুরূপ : অভিলাষানুযায়ী। ২। ইচ্ছা-সাপেক্ষ ; ইচ্ছাধীন ; যাহা ইচ্ছামত করা হয়। স্ত্রী, **ঐচ্ছিকী**—ইচ্ছানুযায়িনী।

ঐছন (ন্) [হি—ঐসন্ (স=ছ) মেয়েলি ভাষায় 'ঐসিন' শব্দজ। প্রা, বৈ, সা ও ব্রজবুলিতে বহুল ব্যবহৃত। বৈষ্ণবপদাবলীতে 'ঐসন' 'ঐছন' দুইরূপই ব্যবহৃত হইয়াছে। তুল—"নিতি নিতি ঐসন ছুহুঁক বিলাস। ব্যঞ্জন করতহি গোবিন্দদাস॥" – বৈষ্ণবপদলহরী। আধু, অপ্র] ক্রি-বিণ, ঐরূপ ; ঐপ্রকার : ও রকম। প্র—"নাম পরতাপে যার, ঐছন করিল, অঙ্গের পরশে কিবা হয়।" —চণ্ডীদাস। "শুনইতে ঐছন রাইক বাণী, নাহ নিকটে সখী কয়ল পয়াণি॥" —বিদ্যাপতি। "কা জানে এতহুঁ বিপিন অবগাই। ঐছন সময়ে মিলব ধনী রাই॥" —গোবিন্দদাস।

ঐছনে [হি—ঐসনে (ঐছে দ্রঃ)] ক্রি-বিণ, ঐরূপে ; ঐভাবে। প্র—"ঐছনে সোপনু তৈছে নিজ দেহ।" —গোবিন্দদাস।

ঐছে [হি—ঐসে=ঐরূপে, ঐভাবে। প্রা-বাং : বৈ, সা-তে বহুল ব্যবহার। 'তৈছে' 'যৈছে' দ্রঃ] ক্রি-বিণ, ঐ প্রকারে ; ঐভাবে ; ঐরূপ করিয়া। প্র—"যাঁহা যাঁহা প্রভুর চরণ পড়ে চলিতে চলিতে ; সে মৃত্তিকা লয় লোক, গর্ত্ত হয় পথে। ঐছে চলি আইলা প্রভু রামকেলি গ্রাম ; গৌড়ের নিকটে গ্রাম অতি অনুপাম —চৈতন্যচরিতামৃত।

২। [হি—ঐসা, ঐসন্ ঐসে ; ঐসনে=ঐরূপ] অ, ঐরূপ ; ও রকম ; এহেন। প্র-"ঐছে দয়ালু অবতার, ঐছে দাতা নাহি আর, গুণ কেহ নারে বর্ণিবারে॥" —চৈতন্য চরিতামৃত। "ঐছে সময়ে বর রাধা কান। কুঞ্জক মাঝে বৈঠি এক ঠাম॥" —গোবিন্দদাস। ৩। উহাতে ; ঐ জন্য ; ঐহেতু। [অপ্র]

ঐটি, ঐটা, ঐটা, ঐটে [ঐ—টা, (তুচ্ছার্থে) টি টা সম্প্রয়ার্থে] অদূরস্থ বা সম্মুখস্থ বহু বিষয় বা পদার্থের মধ্যে নির্দ্ধারিত এক বিষয় বা পদার্থ।

ঐণ (ঐ নো) [এণ (হরিণ) +অ (সম্বন্ধার্থে অন্)] বিণ, কালসার মৃগসম্বন্ধীয়।

ঐণিক (ঐনিক্) [এণ (মৃগ) +ইক (প্রহারার্থে—ইকন্) যে মৃগ প্রহার করে] বিণ, মৃগয়াকারী ; মৃগহন্তা ; ব্যাধ।

ঐণেয় (ঐনেও) [এণ (মৃগ) +এয় (সম্বন্ধার্থে—এয়ণ] বিণ, কালসার মৃগ সম্বন্ধীয়। ২। বি, কৃষ্ণসারের চর্ম্ম।

ঐত ["ত" নিশ্চয়ে] অ, ঐজন্যইত ; সেইজন্য ; ঐ কারণে। ২। একমাত্র উহাই। প্র— ঐত তাহার দোষ। ৩। নির্দ্দেশ। প্র— ঐত ওটা ওপানে পড়িয়া আছে। ৪। ঐ ব্যক্তি : সেই। প্র—ঐত আমাকে বলিল।

ঐতরেয় [ইতর (মুনিবিশেষ) + এয় (অপত্যার্থে এয়ণ্)] বি, ক্লী, ইতর মুনির অপত্য। ২। [কৃত অর্থে এয়ণ্। ইতরেয়মুনি দ্বারা কৃত (প্রণীত) বলিয়া ঐতরেয় নাম হইয়াছে] ঋগ্বেদের অষ্টাদশ অধ্যায় ও পাঁচ আরণ্যকে বিভক্ত একখানি আরণ্যক বা শাখাবিশেষ। সাত অধ্যায়ে বিভক্ত দ্বিতীয় আরণ্যকের অন্তর্গত ঐতরেয় উপনিষদ্ নামক অংশ। ঐতরেয় আরণ্যকের দ্বিতীয় ও তৃতীয় আরণ্যকের নাম বহ্বৃচ, ব্রাহ্মণোপনিষদ্ বা ঐতরেয় উপনিষদ্। মতান্তরে দ্বিতীয় আরণ্যকের শেষ চারি অধ্যায়ের নাম ঐতরেয় উপনিষৎ। ৩। ঐতরেয় ব্রাহ্মণ ঋগ্বেদের একখানি ব্রাহ্মণ অর্থাৎ বেদাংশবিশেষ। ইহা আট পঞ্জিকায় বিভক্ত। প্রতি পঞ্জিকায় পাঁচ অধ্যায় এবং প্রতি অধ্যায়ে ন্যূনাধিক ৭ কাণ্ড আছে। সর্ব্বসমেত ২৮৫ কাণ্ড। ইহার কিয়দংশ পদ্য এবং ইহাতে নানাবিধ বিবরণ দৃষ্ট হয়। [ঋগ্বেদ-সংহিতা অনুক্রমণিকা—রামনাথ সরস্বতী-সম্পাদিত।]

ঐতিহাসিক (ঐতিহাশিক্) [ইতিহাস (পুরাবৃত্ত) +ইক (জ্ঞাতার্থে বা সম্বন্ধার্থে ইকন্)] বিণ, ইতিহাসজ্ঞ ; ইতিহাসবেত্তা। ২। ইতিহাস সম্বন্ধীয় : ইতিহাস সংক্রান্ত।

ঐতিহ্য (ঐতিঝ্‌ঝ) [ইতিহ+য (স্বার্থে যন্)] বি, ক্লী, ইতিহাস পরম্পরাগত কথা ; শ্রোত : পরম্পরাগত উপদেশ বাক্য। ২। প্রমাণ।

ঐতে (ঐ) অ, ঐ জন্য ; ঐ কারণ ; সেই হেতু। ২। উহার মধ্যে ; উহাতে।

ঐন্দব (ব্) [ইন্দু (চন্দ্র) +অ (সম্বন্ধার্থে —অন্)] বিণ, ইন্দু সম্বন্ধীয় ; চান্দ্র। ২। বি, ক্লী, মৃগশিরা নক্ষত্র। ৩। চান্দ্রায়ণ ব্রতবিশেষ। ৪। চান্দ্রমাস। [বিরল]

(ঐন্‌দ্র) [ইন্দ্র+অ (অপত্যার্থে অণ্) ইন্দ্রের পুত্র] বি, পুং, ইন্দ্রপুত্র ; (১) জয়ন্ত। (২) বালী। (৩) অর্জ্জুন। (৪) মালাধর। (৫) নীলাম্বর [ইন্দ্র দ্রঃ]। ২। [সম্বন্ধার্থে—অণ্] ইন্দ্র সম্বন্ধীয়। ৩। পূর্ব্বদিক্। ৪। পূর্ব্বদেশীয় জাতিবিশেষ। স্ত্রী, ঐন্দ্রী—ইন্দ্রাণী। ২। পূর্ব্বদিক ৩। শক্তিবিশেষ। ৪। জ্যেষ্ঠা নক্ষত্র। ঐন্দ্র অস্ত্র—বজ্রাস্ত্র ; অগ্ন্যস্ত্র। প্র—"পাণ্ডব ঐন্দ্র অস্ত্র প্রাপ্ত হইলে" —মহা, বন (বর্দ্ধ)।

ঐন্দ্রজালিক (ক্) [ইন্দ্রজাল (কুহক)+ইক (সম্বন্ধার্থে—ইকণ্) যে ইন্দ্রজাল বিদ্যা দেখায়] বিণ, অপ্রকৃত বস্তুতে প্রকৃত ভাব প্রদর্শন-পটু : ইন্দ্রজাল বিদ্যায় পারদর্শী কুহকী ; যাদুকর ; বাজীকর ; a jugler ; a magician. ২। ইন্দ্রজাল সম্বন্ধীয়।

ঐন্দ্রদ্যুম্ন (ঐন্‌দ্রোদ্‌দুম্‌ন) [ইন্দ্রদ্যুম্ন+অ (অপত্যার্থে—অণ্)] বি, ক্লী, ইন্দ্রদ্যুম্ন রাজার পুত্র। ২। [সম্বন্ধার্থে—অণ্] বিণ, ইন্দ্রদ্যুম্ন সম্বন্ধীয়। ৩। বি, ক্লী, ইন্দ্রদ্যুম্ন রাজার উপাখ্যান।

ঐন্দ্রলুপ্তিক (ক্) [ইন্দ্রলুপ্ত (টাক)+ইক (ভবার্থে, ইকণ্)] বিণ, কেশনাশক রোগগ্রস্ত : যাহার মস্তক কেশশূন্য হইয়াছে ; টেকো। ২। ইন্দ্রলুপ্ত সম্বন্ধীয় ; টাক-ঘটিত।

ঐন্দ্রবায়ব (ব্) [ইন্দ্র+বায়ু=ইন্দ্রবায়ু (দ্বন্দ্ব)+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, ইন্দ্র এবং বায়ুসম্বন্ধীয় ; ইন্দ্র ও বায়ুকে উদ্দিষ্ট। ২। ইন্দ্র ও বায়ু দেবতার উদ্দেশ্যে প্রদত্ত যজ্ঞীয় ঘৃতাদি।

ঐন্দ্রি [ইন্দ্র+ই (অপত্যার্থে—ইণ্)] বি, পুং, ইন্দ্রেরপুত্র। ২। কাক।

ঐন্দ্রিয়ক (ক্) [ইন্দ্রিয়+অ (সম্বন্ধার্থে—অণ্) = ঐন্দ্রিয়+ক (স্বার্থে)] বিণ, ইন্দ্রিয়সংক্রান্ত ; ইন্দ্রিয়সম্বন্ধীয়। ২। ইন্দ্রিয়গ্রাহ্য ; ইন্দ্রিয়গোচর ; প্রত্যক্ষ। ৩। বি, ক্লী, প্রত্যক্ষজ্ঞান।

ঐন্দ্রিলা—বি, স্ত্রী, বৃত্রাসুরের পত্নী।

ঐমত [ঐ—মত (প্রকার)] ক্রি-বিণ, ঐ প্রকার ; ঐরূপ ; সেই রকম ; তদ্রূপ।

ঐমণি (ঐমোনি) [ঐ—মনি=মতি (প্রকার) প্রা-বাং] ক্রি-বিণ, ঐমত ; ঐ প্রকার ; অমন ; অমনি ; তদ্রূপ। প্র—"জৈমিনিরে ঐমণি বলিলা বেদব্যাস।" —শিবায়ন। "ঐমনি একত্র হ'য়ে নন্দির সহিত। মনস্বিনী মায়ের মন্দিরে উপস্থিত।" —ঐ।

ঐযা (ঐ-জাঃ) অ, বিস্ময় সূচক ; অপ্রত্যাশিত পরিণামের সংঘটনে বিস্ময়প্রকাশক। ২। আক্ষেপব্যঞ্জক ; হঠাৎ কোন দুর্ঘটনায় ক্ষোভ-ব্যঞ্জক।

ঐযে (ঐজে) [ঐ (অদূরে) যে (নিশ্চয়ার্থে) অ, সত্যই ত ; যথার্থ বটে। ২। অদূরে দৃশ্যমান। ৩। ওখানে।

ঐর—বি, পুং, উৎকলের জনৈক রাজা। খণ্ড-গিরিতে ইঁহার নাম খোদিত আছে। প্র—"হিংসা ধর্ম্মে ঘোরবৈর, হেথায় ভূপতি ঐর, রাজ্য করে বল দশবল।' —রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

ঐরাবণ (ন্) [ইরা (জল) +বৎ (অস্ত্যর্থ) ইরাবৎ (সমুদ্র)+অ (ভবার্থে—অণ্) ত্=ণ যে সমুদ্র হইতে উৎপন্ন হইয়াছে] বি, পুং, ইন্দ্রের হস্তী ; ঐরাবত ; পূর্ব্বদিক্-হস্তী। স্ত্রী, ঐরাবণী—বিদ্যুৎ।

ঐরাবত (ত্) [ইরা (জল)+বৎ অস্ত্যর্থে (বতু) ইরাবৎ (সমুদ্র)+অ (তত্র ভবার্থে—অণ্) সমুদ্র মন্থনে উৎপন্ন বলিয়া] বি, পুং, ইন্দ্রের হস্তী ; পূর্ব্বদিক্-গজ। ২। নাগবিশেষ। ৩। ক্লী, সরল রামধনু। ৪। [বিদ্যুতের ন্যায় লালবর্ণ বলিয়া] নারাঙ্গা নেবু। স্ত্রী, ঐরাবতী : ঐরাবতপত্নী। ২। বিদ্যুৎ। ৩। ঐরাবত নদী (আধু, রাবি)।

ঐরি [সং—'অরি' এবং 'বৈরী' শব্দদ্বয়ের অর্থ ও উচ্চারণ সাদৃশ্যে গঠিত গ্রাম্য শব্দ] বি, অরি ; শত্রু : বৈরী। প্র—"জানি প্রাণের ঐরি তুইরে প্রাণ। চুপে রই, তবু সই, কথা কই, রেখে সম্মান॥" —রাম বসু।

ঐরিণ (ন্) [ইরিণ+অ (সম্বন্ধার্থে, অণ্)] বি, ক্লী, লবণবিশেষ।

ঐরূপ (প্) [ঐরূপ (প্রকার)] বিণ, ঐ রকম ; সেই প্রকার ; তদ্রূপ।

ঐরে—অ, ভয়-প্রদর্শন সূচক। প্র—ঐরে ধরলে।

ঐরেয় [ইরা (অন্ন) +এয় (তত্র ভবার্থে এয়ণ)] বি, স্ত্রী, অন্নজাত মদ্য।

ঐল [ইলা (বুধের স্ত্রী) অথবা এল+অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, রাজা এলের পুত্র বা ইলার গর্ভজ বুধের ঔরসজাত পুত্র পুরূরবা। ২। [মহাভারত, শান্তি] দানব-বিশেষ।

ঐলবিল (ঐলোবিল্) [ইলবিলা (পুলস্ত্য মুনি পত্নী, কুবেরের পিতামহী)+অ (অপত্যার্থে—অণ্) অপত্যের অপত্যকেও অপত্য বলে] বি, পুং, ইলবিলার সন্ততি ; কুবের।

ঐলাবৃতবর্ষ (তো) [ঐলাবৃত (ইলাবৃতের অধিকৃত) যে বর্ষ (কর্ম্মধা)] বি, ক্লী, জম্বুদ্বীপের ৯ বর্ষ বঅংশের এক অংশ। ২। [পুরাণে] ইলাবৃত দেশ ; কৈলাস পর্ব্বতের সন্নিহিত স্থান বিশেষ, যথায় অভিশপ্ত ইল, স্ত্রীরূপে (ইলা) বুধের সহিত বাস করিতেন। ইলাবৃত দ্রঃ।

ঐলেয় [এলা+এয় (ভবার্থে, এয়ণ্)] বি, ক্লী, এলাজাত সুগন্ধি।

ঐলো [ঐ (ওই) লো (স্ত্রীলোকের প্রতি স্ত্রীলোকের সম্বোধনের ভাষা (ওইলো দ্রঃ)] অ, অদূরবর্ত্তী বা সম্মুখবর্ত্তী কোন বস্তু কোন স্ত্রীলোককে সম্বোধন করিয়া—প্রদর্শন সূচক। ২। ভীতিব্যঞ্জক।

ঐশ [ঈশ(ঈশ্বর)+অ (সম্বন্ধার্থে—অণ্) ঈ= ঐ] বিণ, ঈশ সম্বন্ধীয় ; ঐশ্বরিক। স্ত্রী, ঐশী। প্র—ঐশী শক্তি।

ঐশানী [ঈশান (শিব)+অ (সম্বন্ধার্থে—অণ্) = ঐশান+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, ঈশান কোণ ; উত্তর-পূর্ব্ব দিক। ২। ঈশানপত্নী : দুর্গা। ৩। শক্তিবিশেষ।

ঐশিক (ক্) [ঈশ+ইক (সম্বন্ধার্থে ইকণ্)] বিণ, ঈশ্বরসম্বন্ধীয় ; ঈশ্বরবিষয়ক ; ঐশ। ২। বাণবিশেষ।

ঐশ্বর (ঐশ্‌শর) [ঈশ্ +বর (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, ঐশ ; ঐশ্বরিক।

ঐশ্বরিক (ক্) [ঈশ্বর+ইক (সম্বন্ধার্থে-ইকণ্)] বিণ, ঈশ্বরসম্বন্ধীয় ; ঈশ্বরবিষয়ক : ঐশ।

ঐশ্বর্য্য (ঐশ্‌শোরজো) [ঈশ্বর (প্রভু)+য (ভাবে—যণ)] বি, ক্লী। ২। ঈশ্বরত্ব। প্রভুধর্ম্ম। প্রভুর ভাব : প্রভুত্ব। ৩। সম্পত্তি ; ধন। প্র—"অহো! আমি অনন্ত ঐশ্বর্য্যের অধীশ্বর অথচ আমার কিছুই নাই : এই মিথিলা নগরী ভস্মীভূত হইলে আমার কিছুমাত্র দগ্ধ হয় না।"—মহা-শান্তি (বর্দ্ধ)। ৪। অণিমা, লঘিমা, ব্যাপ্তি (সাকল্য সম্বন্ধ) প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবসায়িত এই অষ্ট-বিধ শক্তি বা গুণ। ৫। [বাং-য় বিশেষার্থে] বিপুল ধনসম্পত্তির সহিত প্রভাব প্রতিপত্তি এবং সুখ-বিলাসের ভাব সূচক। এই অর্থে সাধারণতঃ "ঐশ্বর্য্য-সম্পত্তি" "ঐশ্বর্য্য-সুখ" "সুখ-ঐশ্বর্য্য" "ঐশ্বর্য্য-প্রভাব" প্রভৃতি সহচর শব্দ ব্যবহৃত হয়। ঐশ্বর্য্যগর্ব্বিত, ঐশ্বর্য্যমত্ত—ধনগর্ব্বিত। বি, ঐশ্বর্য্যমত্ততা—ধন সম্পত্তি ও প্রভাব প্রতিপত্তির গর্ব্ব।

ঐশ্বর্য্যবান্ (ঐশ্‌শোরজোবান্) [ঐশ্বর্য্যবৎ শব্দ] বিণ, ধনসম্পত্তি প্রভুত্বাদিবিশিষ্ট। স্ত্রী, ঐশ্বর্য্যবতী।

ঐশ্বর্য্যশালী (ঐশ্‌শোরজোশালি) [ঐশ্বর্য্য-শালিন্ শব্দ] বিণ, ঐশ্বর্য্যবান। স্ত্রী, ঐশ্বর্য্য-শালিনী।

ঐশ্বর্য্যসম্পন্ন (ঐশ্‌শোরজোশম্‌পন্ন) [ঐশ্বর্য্য দ্বারা সম্পন্ন (যুক্ত) ৩ তৎ] বিণ, ঐশ্বর্য্যবান্। স্ত্রী, ঐশ্বর্য্যসম্পন্না।

ঐশ্বর্য্যান্বিত (ঐশ্‌শোর্‌জ্যান্‌নিত) [ঐশ্বর্য্য-দ্বারা অন্বিত (যুক্ত) ৩ তৎ] বিণ, ঐশ্বর্য্যবান্ ; ধনসম্পদ্‌বিশিষ্ট। স্ত্রী, ঐশ্বর্য্যান্বিতা।

ঐষিক (ক্) বি, বাণবিশেষ।

ঐষীক (ক্) [ইষীকা + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, ইষিকাসম্বন্ধীয়। ২। বি, ক্লী, মহাভারতে পর্ব্ববিশেষ।

ঐষ্টিক (ঐশ্‌টিক্) [ইষ্ট (যজ্ঞ) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, যজ্ঞসম্বন্ধীয় ; যজ্ঞীয়।

ঐহলৌকিক (ক্) বিণ, ঐহিক ; ইহলোক সম্বন্ধীয়।

ঐহিক (ক্) [ইহ এইকালে) + ইক (ভবার্থে—ইকণ্)] বিণ, ইহকালের ; এজন্মের ; এজন্মে সম্ভূত ; ইহলৌকিক। প্র—

"ঐহিকের সুখ হবে না বলে,
দিলাম না প্রাণ তোমায়,
আমার এ সংসারের সুখ, তাও ত হল না,
দুকূল হারালাম হায়।" —ব্রহ্মসঙ্গীত ;

"ঐহিকের সুখ কদিন বল, দেখ্‌তে দেখ্‌তে দিন ফুরাল। —বাং গান।

২। ইহলোক সংঘটিত ; ইহলোক সংক্রান্ত।

ঐহিকদর্শী (ক্, দো) [ঐহিক দর্শিন্ শব্দ] বিণ, ইহকালের সুখ দুঃখ দর্শনকারী ; সাংসারিক ভোগান্বেষী ; ইহকালসর্ব্বস্ব ; worldly-minded বি, ঐহিকদর্শিতা। স্ত্রী, ঐহিকদর্শিনী।

ও

ও—স্বরবর্ণমালার ত্রয়োদশ বর্ণ। দীর্ঘস্বর। বাঙ্গালায় হ্রস্ব উচ্চারণই সাধারণ। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ ও ওষ্ঠ ; ইহা অ এবং উ যোগে উচ্চারিত হয় বলিয়া ইহাকে সন্ধ্যক্ষর বলে। ব্যঞ্জনবর্ণের সহিত যুক্ত হইলে ইহার আকার (ো) এইরূপ হয়। যথা—ক + ও = কো। ২। [ব্যাকরণে] বাঙ্গালা প্রত্যয়বিশেষ। (১) অস্ত্যর্থে। প্র—জেঁকো ; ঝেলো (ঝালযুক্ত)। (২) অনুজ্ঞা অর্থে। প্র—যেও ; বলিও। (৩) সম্বন্ধার্থে। প্র—কেজো (কাজসম্বন্ধীয়) কথা ; মেঠো। (৪) বসবাস অর্থে। প্র—বুনো ; গেছো। (৫) ব্যবসায় অর্থে। প্র—মেছো। (৬) যুক্ত বা বিশিষ্টার্থে। প্র—জোলো। (৭) তন্নির্ম্মিত অর্থে। প্র—কেটো ; ঘেসো। (৮) ঈষদর্থে। প্র—আঁটো ; ডোবো-ডেবো। (৯) অবজ্ঞা অর্থে (নামের উত্তর)। প্র—ভুলো ; যেদো-

৩। বি, পুং, ব্রহ্মা। ৪। [হি—বৃহ] স, ওই ব্যক্তি। প্র—"ও এখন কত রং করবে।" —কমলে কামিনী (গিরিশ)।

(২) অদূরস্থ ব্যক্তি, বস্তু বা বিষয়। প্র—
"কে ও বাজাইছে বাঁশী, স্বজনি !
মৃদু মৃদু স্বরে নিকুঞ্জ বনে ?"—ব্রজাঙ্গনা কাব্য।
"হায় ওকি আর গীত গাহিছে ?
না হেরে শ্যামে ও বাঁশী কাঁদিছে। —ঐ।

৫। অ, সম্বোধন। প্র—"ও কাকা বাবু, আমায় জলে ডুবিয়ে মার আমি একটু জল খেয়ে মরি।" —প্রফুল্ল (গিরিশ)।

(২) সম্ভাবনা। প্র—যাইলেও যাইতে পারি। (৩) স্মরণ। প্র—ও বেশ মনে পড়চে ; ও তাই বটে। (৪) অভিপ্রায়। (৫) ["আহা" সংক্ষেপে] দয়া ; অনুকম্পা। প্র—ও মরে যাই, ও আমার বাছারে। (৬) [সং অপি] সংযোজক অব্যয় ; এবং। প্র—তুমি ও আমি। (৭) বিপরীত ; পর ; অন্য। প্র—

"সকল বিষয়ের এ পীঠ ও পীঠ দুই পীঠই এই ভাবে দেখা আবশ্যক।" —সনাতনী।

তাহার একূল ওকূল দুকূল গেল।

৮। স, ওই ; উক্ত ; সেই ; সে ; তাহা। প্র—"শাস্ত্রে বিধি আছে, কাজেই এ কাজটা করিতে হইবে। ও কাজটা করিতে নিষেধ আছে, কাজেই সে কাজটা করা হইবে না।" —সনাতনী।

৯। নির্দ্দেশ ; অবজ্ঞার্থে ব্যক্তিবিশেষ-নির্দ্দেশক সর্ব্বনাম। প্র—"ওকি এ কাজ করিতে পারিবে ?" "ওতো নিজে মূর্খ রাহু পসারি আসিছে বাহু, কাজ কি উহার ভয় রেখো না লো রেখো না।" —রসতরঙ্গিণী।

১০। পর্য্যন্ত ; মাত্র ; এমন কি ; মোটেও। প্র—"পাঠশালায় যাইবার নামও করিত না।" —আলাল।

"কদলী তুলনা তায়, মনেও তুলনা।" —বাসবদত্তা।

১১। আধিক্য সূচক অব্যয়। প্র—আরও লোক পাঠাও। ১২। অতঃপর ; ইহা সত্ত্বে ; তথাপি। প্র—এখনও সে যায় নাই। তবুও কথা শুনিল না। ১৩। এমন কি ; even. প্র—যদি সে বলেও তবু সকল কথা কখন বলিবে না। ১৪। অধিকন্তু ; ভিন্ন ; তদ্ব্যতীত ; তাহা ছাড়া অপিচ ; also ; beside. প্র—তাহার ভালও ত হইতে পারে। সে প্রায় সকল কথা ঠিক ঠিক বলিয়াছে, দুটো একটা মিথ্যাও যে বলে নাই তাহাও নহে। ১৫। যে বস্তু বা বিষয়ের কথা বলা হইতেছে ; ঐ বস্তু। প্র—"সজল চীর পয়োধর-সীমা। কনক চেলে জনু পড়ি গেও হিমা॥ ও মুকি করতহি দেহা।" —বিদ্যাপতি [ও = ঐ আর্দ্র বস্ত্র]।

ওআড় (ড়) [হি—ওহার (আবরণ) শব্দজ। তুল—হি—ওঢ়না] বি, আবরণ-বস্ত্র ; লেপ কিম্বা বালিসের খোল। [ওয়াড় দ্রঃ]

ওই (ঐ) [অদস্ শব্দজ (ঐ দ্রঃ)] অ, ঐ অই ; অদূরস্থ দৃশ্য ; অদূরস্থ ইন্দ্রিয়গ্রাহ্য বস্তু। ২। স্মরণ। ৩। সম্বোধন। ৪। নির্দ্দেশ। প্র—"মথুরার উপবন কুসুমে সাজিল ওই।" —রবি।

"ওই যে পাখীটি সখি দেখিছ পিঞ্জরে রে,
সতত চঞ্চল * * * —"ব্রজাঙ্গনাকাব্য।

৫। ভয় বা আতঙ্ক সূচক। প্র—ওই ধল্লে ; ওই গো। ৬। সেই ; অভিন্ন ; একই। প্র—"অবিকল ওই কথা।" —ম্যাকবেথ।

ওইগো [আদবার্থে "গো"]অ, সম্বোধন। ২। নির্দ্দেশ। ৩। ভয় ; আতঙ্ক। প্র—ওইগো ধল্লে। ৪। স্মরণ। প্র—ওইগো ওই কথাই হচ্চে। ওইরে [তুচ্ছার্থে রে] অ, ওইগো। স্ত্রী, ওইলো। প্র—"চল্ চল্ চল্ চল্ যাইলো যাই।" "ওইলো ওই।" —ম্যাকবেথ।

ও-ও (ও—ও) উহাও ; সেও ; তাহাও। প্র—"তাহার পর সদাচার কি তাহা জানিবার উপায় নেই, অথবা পূর্ব্বে যেমন বলিয়াছি, সদাচারে এও হয়, ও-ও হয় তখন আত্মতুষ্টিকেই বলবতী করিতে হইবে।" —সনাতনী।

ওঃ—অ, বিস্ময়। ২। ক্রোধ। ৩। পরিতাপ। ৪। শোক। ৫। ভয়। ৬। ক্লেশ ; যন্ত্রণা। প্র—"দীর্ঘ নিশ্বাস সহ উভয় হস্তে মস্তকের কেশসমূহ ধারণ করিয়া নবাব বলিলেন,—ওঃ !"—নবাব নন্দিনী (দামোদর)। ৭। অবজ্ঞা। ৮। বিদ্রূপ।

ওঁ (ওঁঙ্) [ওম্ শব্দের সংক্ষেপ] অ, সকল মন্ত্রের আদ্যবীজ ; সকল বর্ণের ভিত্তিভূমি ; ওঙ্কার ; প্রণব। [ওম্ দ্রঃ]

ওঁকান (নো) [হিঃ—ধোঁক্‌না (ধিকানা) আগুনে বাতাস দিয়া প্রজ্বলিত করা] ক্রি, চুলীতে অগ্নি প্রদান পূর্ব্বক ফুৎকার দেওয়া।

ওঁকার (ওংকার্) [ওঙ্কার দ্রঃ] বি. প্রণব। প্র—"একমাত্র রব অশ্রান্ত 'ওঁকার' উচ্ছ্বাসের সহ ফোটে" – চিন্তা (ঈশান বন্দ্যো)।

ওঁচলা (ওঁচ্‌লা) [উঞ্ছন শব্দজ উঁচল হইতে] বি. আবর্জ্জনা ; অবস্কর ; জঞ্জাল।

ওঁচা, ওঁছা, ওছা [উচ্ছিষ্ট বা—উঞ্ছ (পরিত্যক্ত) শব্দজ] বিণ. পরিত্যক্ত ; উপেক্ষিত। ২। নীচ ; অধম ; অতিহীন। প্র—"ওমা ওমা পোড়া ভাগ্যি উকিলের ওঁচা"।
—হেম বন্দ্যো।
৩। জঘন্য ; নিন্দার্হ ; ঘৃণ্য ; হেয়।

ওঁচানো [উঞ্ছন শব্দজ] ক্রি. উত্তোলন করা ; তোলা ; উঠান। ২। বাড়ানো ; ছাড়াইয়া ; অতিক্রম করা।

ওঁবিষ্ণু—অ. বিস্ময়-মিশ্রিত বিদ্রূপসূচক। ২। আত্মভ্রম সংশোধনার্থ যেমন চলিত কথায় 'থুড়ি' বলে, সেইরূপ অর্থে ব্যঙ্গচ্ছলে ব্যবহৃত হয়।

ওক, ঔক [সং—ওকস্ শব্দজ] বি. আশ্রয় ; গৃহ ; স্থান। প্র—প্রস্তোক। [তুল—গ্রী—ockos (স্থান)]

ওকড়া (ওক্‌ড়া) বি. ওকড়া গাছের সূক্ষ্ম কণ্টকময় ক্ষুদ্র ক্ষুদ্র ফল। ২। ক্ষুদ্রাকার গুল্ম। প্র—"ওকড়ার ফল দেয় কেশের ভিতরে"। —চৈ. ভা.।
"কতক বাঁটিব আর ওকড়ার ফল।" —কবিক। ৩। ওকড়া গাছের পাতা। ৪। পাঁচন বিশেষ।

ওকালৎ, ওকালতি (লোতি) [আ—ব্‌কালৎ] বি. উকিলের ব্যবসায় বা কর্ম্ম ; pleadership. ২। পক্ষাবলম্বন।

ওকি—অ. বিস্ময়সূচক। ২। প্রশ্নসূচক। প্র—"ওকি সুরপুরীর পর্দ্দাখানি নীরবে তুলে ইন্দ্রাণী আজ দাঁড়িয়ে আছেন জানালা খুলে ?"
—চয়নিকা।

ওক্ত, ওকত (ওক্‌তো) [আ—ব্‌খ্‌ৎ (সময়)। হি—বখত্] বি. সময়। প্র—"বৃথা ও তিলক ফোটা, পাঁচ ওক্ত মাথা কোটা, ধূর্ত্তামি ভণ্ডামি ওটা নিশ্চয় নিশ্চয়।" —চন্দন।
"কম্ বক্তি ওক্ত গেল তক্ত যাবে ফাঁক"।
—হেম বন্দ্যো।
২। সুযোগ।

ওখড়ানো—উথড়ান দ্রঃ।

ওখদ [ঔষধ শব্দের হিন্দী উচ্চারণে ঔখধ্ ; তাহার বিকার ওখদ—ব্রজভাষা ও প্রা. বৈ. সাহিত্যে ব্যবহৃত] বি. ঔষধ। [অপ্র]

ওখানে [প্রাদে. প্রা—ওখানে (স্থানে)] অ. বাড়ীতে ; বাসস্থানে ; বাসায় ; সন্নিধানে। প্র—সে কাল তাহার ওখানে গিয়াছিল।

ওগয়রহ [আ—ব্‌গয়্‌র্‌হ্] অ. ইত্যাদি ; প্রভৃতি।

ওগরা (গ্) বি. চাউল ডাউল একত্র সিদ্ধ।

ওগরানো (গ্) [উদ্গিরণ শব্দজ] ক্রি. বমন করা ; উদ্গিরণ করা।

ওগো [প্রাদে] সম্বোধন বাচক অব্যয় ; ওহে। প্র – "ওগো ! তুমি কোথা যাও কোন বিদেশে বারেক ভিড়াও তরী কূলেতে এসে।"
—সোনার তরী।
২। [কোন ব্যক্তিবিশেষকে সম্বোধন করিয়া উক্ত নহে—অথবা বিশ্বমানবকে সম্বোধন করিয়া উক্ত ; impersonal] মনের আবেগ ; হৃদয়ের ব্যাকুলতা বা ভাবের উচ্ছ্বাস ব্যঞ্জক অব্যয়। প্র—"ওগো এমন সোনার মায়াখানি
কে যে গড়েছে।
মেঘ টুটে আজ প্রভাত আলো ফুটে পড়েছে।
ওগো কাহারে আজ জানাই আমি
কি আছে ভাষা।
আকাশ পানে চেয়ে আমার মিটেছে আশা।"
—চয়নিকা।

ওঘ [উচ্ =উক্ (ক=ঘ)—সমবেত হওয়া+অ (কর্ম্মে, ঘঞ্) ; "ওঘো বৃন্দেহম্ভসাং রয়ে"—অমর] বি. পুং. সংঘ ; সমূহ ; রাশি ; নিকর ; নিবহ। ২। পরম্পরা। ৩। জলের বেগ ; জলপ্রবাহ ; স্রোত। ৪। তরঙ্গ। ৫। [করণে, ঘঞ্। "নৃত্য গীতাদৌ—বিলম্বিতঃ দ্রুতং মধ্যং তত্ত্বমোঘো ঘনং ক্রমাৎ"—অমর] দ্রুত নর্ত্তন ; নৃত্যে দ্রুত-গতির নাম। [বিরল ব্যবহার] ৬। শোণিতপুর নিবাসী নরকাসুরের জনৈক অনুচর। শ্রীকৃষ্ণ ইহাকে বধ করেন।
[মহা – উদ্যোগ]

ওঘবতী (ওঘবোতি) বি. ওঘবানের কন্যা ও সুপ্রতীকের পত্নী (ভাগবত)। ২। নদী বিশেষ (মহাভারত)।

ওঘবান্—বি. প্রতীকের পুত্র। ইনি কন্যার নাম ওঘবতী রাখিয়াছিলেন। [ভাগবত]

ওঘরথ (থ্) বি. পুং. ওঘবান্ নামক রাজার পুত্র।

ওঙ্কার (ওংকার্) [ওম্ (প্রণব) কার (কৃ+ঘঞ্—স্বরূপার্থে)] বি. পুং. সকল মন্ত্রের আদি বীজ ; সকল বর্ণের ভিত্তিভূমি ; প্রণব ; ওঁ। ২। [যে ওঁ শব্দ করে]কাশীস্থ শিবলিঙ্গবিশেষ ; ওঙ্কারনাথ। ৩। নর্ম্মদা নদীগর্ভস্থ একটী ক্ষুদ্র দ্বীপের উপর স্থাপিত শিবলিঙ্গ। (পদ্মপুরাণ)। [ওঁ, ওম্ দ্রঃ]

ওছিয়ৎনামা [আ—ব্‌সীহৎ+ফা—নামা] বি. উইল ; will.

ওজঃ [ওজস্ শব্দ] বি. তেজঃ। ২। বল। ৩। দীপ্তি। ৪। স্বর্ণ। ৫। [অলঙ্কার শাস্ত্রে] কাব্যরসের উৎকর্ষ-সাধক গুণবিশেষ ; রচনার (style) যে ধর্ম্ম থাকিলে চিত্ত উদ্দীপ্ত হয় ; বহুসমাসজড়িত দীর্ঘপদযুক্ত বাক্য। [ওজোগুণ বহুবিধ তন্মধ্যে বঙ্গভাষায় "সমাধি, শ্লেষ, উদারতা এবং ক্রমোৎকর্ষ"—কাব্যনির্ণয়]। ৫। [ওজসা] উৎসাহ সহকারে ; প্রবল অনুরাগের সহিত ; সাগ্রহে। প্র—"প্রিয় মুখে সুমুখি চুম্বয়ে ওজ। চাঁদ অধোমুখে পিবই সরোজ॥" —বি, প।

ওজন (ওজোন্) [আ—ব্‌জন্ (মাপ) শব্দজ] বি. পরিমাণ ; তৌল ; মাপ ; পরিমাপ। [পরিশিষ্ট দ্রঃ] ২। ভার ; গুরুত্ব ; দম ; weight. ৩। ক্ষমতা ; শক্তি। ৪। পদমর্য্যাদা ; আত্মসম্ভ্রম ; গুরুত্ব। প্র—"আপনার ওজন বুঝিয়া না চলিলে, সম্বন্ধে গুরু হইয়া পুত্রবৎ লোকের সহিত, প্রভু হইয়া অধীনস্থ কর্ম্মচারীর সহিত * * * * * * ইয়ারকি দিলে মান সম্ভ্রম * * * কিরূপে রক্ষা হইতে পারে ;"—বিজ্ঞান নীতি প্রসুন, ১৮৯০। ৫। তুলনা ; লঘুত্ব গুরুত্ব-পরীক্ষা। প্র—"মুখুয্যের সঙ্গে কার করোনা ওজন।"
—হেমচন্দ্র।

ওজনকরা—পরিমিত ; স্বল্প। প্র—"চাই না চাই না তোমার ওজন-করা ভালবাসা।"
—দুর্গাদাস দে (বাং গান)।

ওজনদর (ওজোন্‌দর্) বি. তৌল হিসাবে মূল্য-নির্দ্ধারণ ; গুনতি হিসাবে নহে। **মিরবাঁধা ওজন** [মহাজনী পরিভাষা] বি. দ্রব্যাদি ওজন করিবার কালে এক মণ বা দুই মণ বা যে কোন নিরূপিত হারে ওজন। যেমন চাউলের প্রতি ক্ষেপেই ২৷৹ মণ করিয়া ওজন। **হুমকা ওজন**—বস্তায় বস্তায় মালের ওজন ; কোন বস্তায় এক মণ কোনটায় আড়াই মণ ইত্যাদি রূপ ওজন।

ওজর (ওজোর্) [আ—উজর্ (হেতু ; ছল)] বি. আপত্তি। ২। হেতু ; ছল ; বাহানা। **ওজর আপত্তি**—ওজর বা আপত্তি ; গোলযোগ। প্র—"এই খতের পৃষ্ঠায় ওয়াশীল ব্যতিরেকে অন্য কোন রসীদ লইবার ওজর আপত্তি করিব না। যদি কোন ওজর আপত্তি করি, তাহা নামঞ্জুর হইবে।"
—সরল জমীদারী মহাজনী।

ওজস্বল (ওজোশ্‌শল্) [ওজস্ (তেজঃ)+বল (অস্ত্যর্থে) যাহার তেজ আছে] বিণ. তেজস্বী ; ক্ষমতাশালী ; বলিষ্ঠ।

ওজস্বিতা (ওজোশ্‌শিতা) [ওজস্ (তেজঃ) +বিণ্ (অস্ত্যর্থে)=ওজস্বিন্+তা (ভাবে)] বি. স্ত্রী. বলবত্তা ; বলশালিতা। ২। তেজস্বিতা।

ওজস্বী (ওজোশ্‌শি) [ওজস্ (বল)+বিন্ অস্ত্যর্থে=ওজস্বিন্ ১মা ১ব. যাহার বল আছে] বিণ. বলবান্ ; শক্তিশালী। ২। তেজস্বী। ৩। দীপ্তিমান্ ; প্রদীপ্ত। ৪। ওজোগুণাবলম্বী। স্ত্রী. **ওজস্বিনী**—বলবতী।

ওজিষ্ঠ (ওজিষ্‌ঠো) [ওজস্ (বল) + ইষ্ঠ (অত্যর্থে) অস্ লোপ] বিণ. বলবান্। ২। তেজস্বী : তেজীয়ান্। ৩। দীপ্ত। ৪। ওজোগুণবিশিষ্ট।

ওজুক (ক্) [ওজঃ দ্রঃ] বি. শক্তি : ক্ষমতা। [অপ্র]
প্র—"প্রাণ লয়ে পলাইল গৌড়ের ভূভুক্।
এত তেজ এত বড় কে ধরে ওজুক॥"
—ঘনরাম।

ওজুনামা [আ—ৱজুহাৎ—ফা—নামা] বি. মোকদ্দমার হেতু-লিখন-পত্র।

ওজুহাৎ [আ—ৱজুহাৎ কারণসমূহ. 'ৱজু'র বহুবচন। ফা—বজে. ৱজাহ্ = কারণ : হেতু] বি. কারণসমূহ : হেতুগুলি। ২। ওজর : আপত্তি। ক্রি-বিণ. ওজুহাতে।

ওঝা [উপাধ্যায় শব্দের অপভ্রংশ। মৈথিল শব্দ (As. Res. V. 66.)। বাঙ্গালায় ওঝার উচ্চারণ বিকার 'রোজা'] বি. ব্রাহ্মণের উপাধিবিশেষ। ২। বৈদ্যনাথ মন্দিরের প্রধান পুরোহিত। ৩। বিষবৈদ্য : সর্প-বিষ-চিকিৎসক : সাপুড়ে। ৪। ভূতগ্রস্তের চিকিৎসক : যাহারা ভূত নামায় : ভুতুড়ে। প্র—"কেহ কহে মাই. ওঝা দে ঝাড়াই রাইয়েরে পেয়েছে ভূত।" —চণ্ডীদাস। ৫। কুহকী : মায়াবী : বাজীকর। প্র—
"রেতে করে মানুষ দিবসে করে অজা।
রাণী বলে দূর কর হেন ছার ওঝা॥"
- ঘনরাম।

ওট (ট্) [ওষ্ঠ শব্দজ] বি. ওষ্ঠ : উপরের ঠোঁট। প্র—"বাঁধুলী জিনিয়া রাঙ্গা ওটখানি হাস।" —ভক্তিরত্নাকর।
[দ্রঃ—রামনারায়ণ বিদ্যারত্ন মহাশয়ের মতে ওট. অট্ট শব্দজ। ওটখানি হাস=অট্ট অট্ট হাস। কিন্তু বাঁধুলী পুষ্পের সহিত রাঙ্গা ওষ্ঠেরই তুলনা হইতেছে সুতরাং এখানে বর্ণই লক্ষ্য. শব্দ নহে। হাস=হাস্যে বা হাস্য অর্থাৎ 'হাস্যময়' ওষ্ঠ]

ওটকান— ক্রি. [উদ্‌ঘাটন শব্দজ] তুলিয়া তুলিয়া খোঁজা : অনুসন্ধান করা। ২। [হি] ভেজাইয়া দেওয়া।

ওটকিস্তি, ওটসাকিস্তি (ওট্‌শাকিস্‌তি) বি. দাবা খেলায় প্রতিপক্ষের বল উঠিয়া কিছু ধরিলে বা মারিলে যে কিস্তি পড়ে।

ওটা [ও+টা (তুচ্ছার্থে, সামান্য অর্থে)] স. ঐবস্তু। প্র—ওটা কি দেখা যাইতেছে। ২। উক্ত বিষয় বা কথা বা ধারণা : উহা। প্র—"সেই ত্রিতাপ ধ্বংসের জন্য নানা দর্শনের উৎপত্তি হয়। কেহ বলেন. তাপ কোথায়—ওটা একটা ভুল : কেহ বলেন. তাপ ও শৈত্য ও দুটাই ভুল।" —সনাতনী।

ওঠ (ঠ্) [ওষ্ঠ শব্দের অপভ্রংশ] বি. ওষ্ঠ। প্র—"বাঁধুলি জিনিয়া রাঙ্গা ওষ্ঠখানি হাসা।" —ভক্তিরত্নাকর।

ওঠবন্দী (ওঠ্‌বোন্‌দি) [উঠবন্দী দ্রঃ] বি. যে জমীতে স্থায়ী অধিকার নাই। প্রকৃত অধিকারী যখন উঠিতে বলিবে তখনই উঠিয়া যাইতে হইবে এমন বন্দোবস্তের জমি। **ওঠবন্দীজোত**— যে জমি যে বৎসর আবাদ না করিয়া পতিত রাখা হয় সে জমির সে বৎসর খাজনা দিতে হয় না. যে বৎসর আবাদ হয় সেই বৎসরেই খাজনা দিতে হয় এবং পতিত জমি জমিদার পর-বৎসরের জন্য নূতন বন্দোবস্ত করেন—ইহার নাম ওঠবন্দীজোত।

ওঠা—উঠা দ্রঃ।

ওঠানো—উঠান দ্রঃ।

ওড় (ড্) [ওয়াড় শব্দের কুঞ্চিতাকার] বি. ওয়াড় : লেপ বালিসের আবরণ।

ওড়-আড় (ড্) [হিন্দীর অনুকরণে। হি—ওতআত দ্রঃ] বি. আড়াল বিড়াল : গলিঘুঁজি : ঘাঁতঘোঁত। প্র—
"ওড় আড় বুঝিয়া সন্ধানে পাতে জাল"
—ঘনরাম।

ওড়ন (ওড়োন্) উড়ন দ্রঃ।

ওড়নষষ্ঠী (ওড়োন্‌ষোষ্‌টি) [ওড়ন (হি—ওড়না = অঙ্গ আবৃত করা। এই পর্ব্ব ঘটিত) —ষষ্ঠী (তিথিবিশেষ. অগ্রহায়ণ শুক্লষষ্ঠী] বি. স্ত্রী. অগ্রহায়ণমাসের শুক্লাষষ্ঠী। এই ষষ্ঠী হইতেই জগন্নাথদেব শীতবস্ত্র ব্যবহার করেন। প্র—"যাত্রা আসি কাছিল ওড়নষষ্ঠী নাম"। —চৈ-ভা।

ওড়না (ড্) [আবরণ শব্দজ। হি—ওঢ়না বা ওঢ়নী = স্ত্রীলোকের ব্যবহৃত চাদর] বি. স্ত্রীলোকের অঙ্গাবরণবিশেষ : চাদর : নিচোল। প্র—"বাতাস বেয়ে ওড়না গেল উড়ে" —কথা।

ওড়পুষ্প (ওড্‌পুষ্‌পো) [সং] বি. জবাফুল। প্র—"ওড়পুষ্প ওষ জিনি ওষ্ঠের ওজস্"। —ভারতচন্দ্র।

ওড়ব (ব্) বি. রাগবিশেষ। যে সকল রাগ পাঁচটী সুরে সম্যক্ প্রকার প্রকাশ পায়. তাহার নাম ওড়ব।

ওড়া [ওড় দ্রঃ। হি—ওড়া। প্রাদে—উড়া=টুকরি (শ্রীহট্ট)] বি. বেত্রাদি-নির্ম্মিত বোঝা লইবার পাত্র : বড় ঝুড়ি : ঝাঁকা। প্র—"ওড়া ভরি মৎস্য লব কৈ আর উৎপল" —কৃত্তিবাস। ক্রি. উড়া : উড্ডয়ন করা। ২। বয়সের অধিক বা অবস্থার অতিক্রম করিয়া আচরণ করা।

ওড়িকা, ওড়ী—বি. স্ত্রী. উড়ীধান : নীবার।

ওড়িশা [ওড্র শব্দজ] বি. উৎকল দেশ। [প্রা-বাং—ওড়স্যা। প্র—"ওড়স্যার ইন্দ্রদ্যুম্ন" —চৈতন্য মঙ্গল। [এ পর্য্যন্ত বাঙ্গালায় উড়িষ্যা শব্দের বহুল প্রচার ছিল। অধুনা ইহা পরিত্যক্ত হইতেছে]।

ওড্র (ওড্‌ড্রো) বি. পুং. উৎকল দেশ : ওড়িশা। ২। জবাফুলের গাছ। ৩। ক্লী. ওড্রপুষ্প : জবাফুল।

ওঢ়ন (ন্) [প্রাকৃ—ওড়ান্ (আবরণ)] বি. অঙ্গাবৃত করণ।

ওঢ়না, ওঢ়নি, ওঢ়নী [আবরণ হইতে প্রাকৃত ওড্ঢন্ শব্দজ। হি—ওঢ়না.—নী (ব্রজ. প্রা-বাং)। ওড়না দ্রঃ] বি. স্ত্রীলোকদিগের সূক্ষ্ম গাত্রবস্ত্র : পাতলা চাদর : নিচোল।
প্র—"শীতের ওঢ়নী পিয়া গিরিষীর বা।
বরিষার ছত্র পিয়া দরিয়ার না॥"—বি. প।
"চল সখি নীল ওঢ়নি লেহ অঙ্গে।"
—গীতগোবিন্দ (গিরিধর)।

ওঢ়নে [হি—ওঢ়নেকো. ওঢ়নে=ওঢ়িতে. অঙ্গাবৃত করিতে] ক্রি-বিণ. অঙ্গ আবৃত করিবার জন্য : গায়ে দিবার জন্য। প্র—
"বসন কাড়িয়া লবে. নানাবিধ দুঃখ দিবে.
দিবে তারে খোসলা ওঢ়নে॥" —কবিক।

ওত [আ—বে (বস্ত্রাদি বয়ন করা) + ত (কর্ম্মে - ক্ত) : বে=উ. আ+উ=ও। যাহা বোনা যায়। প্রোত দ্রঃ। ওতপ্রোত সহচর শব্দদ্বয়] বিণ. অন্তর্ব্যাপ্ত। ২। বি. ক্লী. বস্ত্রের দীর্ঘ তন্তু বা সূতা : টানা : warp. ৩। [ভাবে. ক্ত] কাপড়ে সূতা বিস্তার করা।

ওত (ত্) [ওতু (বিড়াল) প্রকৃতি হইতে—ওতুবৎ] বি. আড়ালি। প্র—ওত পাতা। ২। প্রতীক্ষা। প্র—ওত করিয়া থাকা।

ওতআত (ওত আত্) [হিং] বি. অক্ষিসন্ধি : ঘাঁতঘোঁত।
প্র—"প্রতাপে সহর গড় বেড়িল ভূপাল।
ওতআত সন্ধান বুঝিয়া এড়ে জাল॥"
—ঘনরাম।

ওতপাতা (ওত্) [ওতু (বিড়াল) বৎ হাত পায়ের তলা পাতিয়া তাহার উপর ভর দিয়া সঙ্কুচিত দেহে থাকার ভাব] ক্রি. অপেক্ষা করিয়া থাকা : সন্ধান বা সুবিধামত হেঁট হইয়া আক্রমণ করিবার জন্য বসিয়া থাকা।
"হেঁট ঢাল পেতে ওতে খুঁচে মারে খোঁচা।"
—ঘনরাম।
২। গুড়ি মারা। প্র—"ওত পেতে গে ভিড়ে নিচ্ছি বুড়ো আঙ্গুলটা ছিঁড়ে।" —ম্যাকবেথ।

ওতপ্রোত (ওতঃপ্রোত) [ওত (টানা) + প্রোত (পোড়েন) দ্বন্দ্ব-সমাস] বিণ. অন্তর্ব্যাপ্ত : পরিব্যাপ্ত : সর্ব্বত্রব্যাপ্ত।

ওতু [অব্ (রক্ষা করা)—তুন্ (কর্ত্তৃ)-সংজ্ঞার্থে—যে মূষিকের উপদ্রব হইতে গৃহস্থকে রক্ষা করে। এই সংস্কৃত শব্দ প্রা-বাং—পদ্যে দৃষ্ট হয়]। বি, মার্জ্জার ; বিড়াল।

ওৎকানো—ক্রি, ওৎপাতিয়া থাকা। ২। গোঁজা। [উটকানো দ্রঃ]।

ওথ্‌লানো—ক্রি, ওঁৎলানো ; উথলিয়া উঠা। ২। ফাঁপিয়া উঠা। [উথলান দ্রঃ]

ওথা [সং—অমুত্র। প্রাকৃ, অঁউত্র=ওথা। প-বঙ্গে-হোথা] অ, ঐ স্থানে ; ওখানে ; কিঞ্চিৎ দূরে। প্র—"ওথা অন্ন দেন দেবী দাসদাসীগণে।" —শিবায়ন।
২। [প্রাদে] পূর্ব্বসঞ্চিত ; সংগৃহীত।

ওদন (ন) [উন্দ্ (আর্দ্র হওয়া) + অন (কর্ম্মে)] বি, পুং, ক্লী, অন্ন ; সিদ্ধ তণ্ডুল ; ভাত। প্র—"লহনা কনক থালে যোগায় ওদন।" —কবিক।
২। [প্রাদে, নোয়াখালি অঞ্চল] উদয়। প্র—"ওদনে সাতটা হেলনে পাঁচটা।"—প্রবচন। [ওদন=সূর্য্যোদয় ; হেলন=সূর্য্যাস্ত]
ওদনদেওয়া—ক্রি, ভাত দেওয়া ; সন্তানের কল্যাণে অন্ন প্রাশনের অনুষ্ঠান করা।
প্র—"সাত মাসে শিশুকে ওদন দিলা গিরি।" —শিবায়ন।

ওদনিকা—বি, স্ত্রী, বেড়েলা।

'ওদী [উন্দ শব্দজ। হি—ঔদা আর্দ্র] বিণ, ভিজা।

ওদনপ্রাশন—বি, অন্নপ্রাশন।
প্র—"পর্ব্বত রাজার যত ছিল কুলাচার।
ওদন-প্রাশন আদি করিল তাহার॥" —কবিকঙ্কণ।

ওপড়ান [উৎপাটন শব্দজ] ক্রি, উৎপাটন করা ; মূলোচ্ছেদ করা ; তুলিয়া ফেলা।

ওপার (র্) [হি—উস্‌পার ; ঠেঁট হি—বহ্‌পার (উওঃপার্)] বি, পরপার ; অন্যপার ; নদ্যাদির একূলের বিপরীত কূল ; ওকূল। ২। ওধার ; বিপরীত প্রান্ত।

ওবল (ল্) [উবল দ্রঃ] বি, অনুসন্ধান ; তল্লাস।

ওব্‌চানো—উব্‌চানো দ্রঃ।

ওম্ (ওম্) [অ (বিষ্ণু) + উ (মহেশ্বর, শিব) + ম্ (ব্রহ্মা)] অ, প্রণব ; সকল মন্ত্রের আদিবীজ। ২। সামবেদের শব্দ অবয়বের প্রথম অবয়ব। [ভাগবতে এই বীজের উৎপত্তি। প্র—"পরমেষ্ঠী আত্মসংযম করিলে পর, তাঁহার হৃদয়াকাশ হইতে শব্দ উৎপন্ন হইয়াছিল। * * * হৃদয়াকাশে আত্মার নিকট হইতে ইহার উৎপত্তি। ইহা নিজের আশ্রয় ও সাক্ষাৎ ব্রহ্মবাচক। ইহা সর্ব্বমন্ত্র ও উপনিষৎ স্বরূপ। ইহাই বেদের সনাতন বীজ। ইহার অকারাদি তিনবর্ণ হইয়াছিল। তত্ত্বাবতের দ্বারা গুণ (সত্ত্ব, রজঃ ও তমঃ) নাম (ঋক্, যজুঃ ও সাম) অর্থ (ভূঃ, ভুবঃ ও স্বঃ) এবং বৃত্তি (জাগ্রৎ, সুষুপ্তি ও স্বপ্ন) এই সমস্ত ত্রিসংখ্যা সংযুক্ত পদার্থ ধৃত হইয়া থাকে। ব্রহ্মা এই সকল হইতে অন্তস্থ, উষ্ম, স্বর, স্পর্শ, হ্রস্ব ও দীর্ঘাদিরূপ অক্ষর সমষ্টি সৃজন করিলেন।"—ভারতকোষ।]
৩। বৌদ্ধদিগের "ওঁ মনিপদ্ম হুং" এই ষড়ক্ষরী মহাবিদ্যা মন্ত্রের আদ্যক্ষর ; দেবকুলে দৈবিক সিতবর্ণ। (কারণ্ডব্যূহ)। [বৌদ্ধশাস্ত্রে ;—ওঁ মনিপদ্মে হুং অর্থাৎ ওঁ=দেবকুলে, ম=অসুরকুলে, নি=মানুষরূপে, পদ্=পশুরূপে, মে=হতাশরূপে, হুং=নারকিরূপে—পুনর্জ্জন্ম নিরোধ করে। এই মতানুসারে পুনর্জ্জন্মের ছয় অবস্থাসূচক ছয় প্রকার বর্ণ উক্ত ছয় অক্ষরে আরোপিত হইয়া থাকে। প্র—ওঁ=দৈবিক সিতবর্ণ, ম=আসুরিক নীলবর্ণ, নি=মানুষিক পীতবর্ণ, পদ=জান্তব হরিদ্বর্ণ, মে=নৈরাশিক রক্তবর্ণ এবং হুং=নারকীয় কৃষ্ণবর্ণ। (সামশ্রমী)]। ৪। [শব্দবিজ্ঞানে] সর্ব্বপ্রকার শব্দ, অক্ষর বা বর্ণের আদ্যবীজ ; আদি অক্ষর ; ' (দ্রঃ)। ["বর্ণস্ফূর্ত্তির পূর্ব্বে মুখ মুদ্রিত করিয়া যে শব্দ করা যায় তাহা 'ওঁ' হয়। * * * মুখ মুদ্রিত করিয়া ওঁ শব্দ করিতে করিতে সাধারণ মত মুখব্যাদান করিলেই অ—অক্ষর স্ফুরিত হয় এবং অধিক ব্যাদান করিলে আ হয় ; তৎপরে বিভিন্ন ভাবে মুখ ব্যাদান করিলে ই, ঈ, উ, ঊ, এ, ঐ, ও, ঔ ইত্যাদি শব্দের উৎপত্তি হয়। * * * * * * * ওঁকার উচ্চারণ করিতে করিতে মুখ মধ্যস্থিত উচ্চারণ স্থান ও জিহ্বা-যন্ত্রের বিভিন্ন ভাব করিয়া মুখব্যাদান করিলে, ভিন্ন ভিন্ন অক্ষর সূচিত হয়। এই প্রকারে দেখিতেছি, স্বর ব্যঞ্জন উভয় প্রকারের সকল বর্ণেরই ভিত্তিভূমি সেই ওঁকার।"—ভাষাতত্ত্ব (শ্রীনাথ)]। ৫। আরম্ভ। ৬। সম্মতি ; হাঁ ; এইরূপই হউক। তুল—হিব্রু amen আমিন দ্রঃ। ৭। অনুমতি। ৮। প্রশ্ন। ৯। বোধ।

ওমরা, ওমরাহ (ওম্‌রা) [আ—উম্‌রাহ (সম্ভ্রান্ত ব্যক্তি) 'আমীর' বহুবচনে।] বি, সম্ভ্রান্ত ব্যক্তি ; উচ্চপদস্থ ব্যক্তি ; ধনবান্ ব্যক্তি ; বড়লোক ; আমীর। ২। [প্রাদে, ময়মনসিং] বারান্দা।

ওমা (ওমা) [প্রাদে] অ, বিস্ময় ; ভয়।
প্র—"ওমা একি সর্ব্বনাশ।" —ধ্রুবচরিত্র (গিরিশ)।
২। যন্ত্রণাসূচক ; কাতরোক্তি।
প্র—"ওমা আর ত সহে না," —ঐ।
"ওমা, মাগো, কতক্ষণে মর্‌বো মা !" —প্রফুল্ল (গিরিশ)।
৩। [ওগো মার সংক্ষেপ] অ, সম্বোধন।
প্র—"ওমা, কোথা হরি বলে দে আমায়,
কেঁদে গিয়ে ধরি তাঁর পায় ;" —ধ্রুবচরিত্র।
৪। ঘৃণাসূচক। ৫। লজ্জাসূচক। ৬। ঘৃণা ও লজ্জা-ভাবের মিশ্রণ-স্থলে দ্বিত্ব হয়, যথা—"ওমা ওমা।"
প্র—"ওমা ওমা প'ড়া ভাগ্যি, উকিলের ওঁচা। হাড় জ্বালাতে পারেন খালি এনে নথির গোছা।" —হেম বন্দ্যো।

ওয়াক্ [অনুকার শব্দ] বি, বমনকালে মুখ গহ্বর হইতে যে শব্দ হয় ; বমন বেগ।
প্র—"ওয়াক—ওঃ—ওয়াক !" সত্যি নাকি ?
—"ওয়াক" —দ্বিজেন্দ্র রায়।
"সর্ব্বদা ওয়াক ছর্দ্দি মুখে উঠে জল" —ভারতচন্দ্র।

ওয়াকিফ (ফ্) [আ—ৱাকিফ্ (যে জানে)] বিণ, অভিজ্ঞ ; কোন বিষয়ে সংবাদ বা জ্ঞান প্রাপ্ত।

ওয়াকিফ্‌হাল [ওয়াকিফ্ + হাল (অবস্থা)] বিণ, যে অবস্থা জ্ঞাত আছে ; অবস্থাভিজ্ঞ।

ওয়াক্তি [ওক্ত দ্রঃ] বিণ, বার ; বেলা ; সাময়িক।
প্র—"মোরা যে পাঁচ ওয়াক্তি নমাজ করি, তাই এই তেলক কাটা হেঁদুর দল ফতে কর্‌তে পারলাম।" —আনন্দমঠ।

ওয়াজিব, ওয়াজেব (ব্) [আ—ৱাজীব্=ঠিক ; হি, উ—ৱাজ্‌বী] বিণ, ঠিক্ ; যথার্থ ; ন্যায়সঙ্গত।

ওয়াড় (ওআড়্) [হি—ওহার। সং—আবরণ শব্দজ। হি—ওঢ়না] বি, আবরণ ; বালিশ ; লেপ প্রভৃতির খোল ; ঢাকন।
প্র—"বালিশটে ময়লা ওয়াড় দিতে পারিনি" —সধবার একাদশী।
২। [প্রাদে, বাঁধ (বাড় ; তুল—ইং—bar, barrier)] নদ্যাদির জল যেখানে খানা কাটিয়া বাঁধে বা ধরিয়া রাখে।

ওয়াদা [আ—ৱাদাহ্=প্রতিশ্রুতি] বি, প্রতিজ্ঞা ; প্রতিশ্রুতি। ২। নির্দ্দিষ্ট সময় ; মেয়াদ। ৩। [তমসুকে বা টাকা-কড়ি। লেনদেন-সংক্রান্ত কাগজে "ওয়াদার তারিখ" লিখিত থাকে]।

ওয়ানী, ওয়ানকি [উয়ানী দ্রঃ] বি, অতি ক্ষুদ্র মক্ষিকা। [ইহারা ঝাঁকে ঝাঁকে উড়িতে থাকে। আম, কাঁঠাল, বাসী অন্ন-ব্যঞ্জন প্রভৃতির উপর ঝাঁক বাঁধিয়া বসে, আস্তাকুড় ও নোংরা স্থানে থাকে এবং সন্ধ্যার সময় পথে ঘাটে লোকের মাথার উপর ঝাঁকে ঝাঁকে উড়িতে দেখা যায়]।

ওয়াপস (শ্) [ফা—ৱাপস্] বি, পাল্টা ; ফেরত।

ওয়ার (র্) [ইং—war যুদ্ধ : কাটাকাটির ব্যাপার] বি : রক্তারক্তি কাণ্ড। প্র—কেটে ওয়ার করা।

ওয়ারিণ (ন্) [ইং—warrant শব্দজ] বি, হুকুম-নামা ; সনন্দ ; গ্রেপ্তারি পরওয়ানা। প্র—"বড় পেড়াপিড়ি হইলে এর নিয়ে ওকে দেয় অবশেষে সমন ওয়ারিণ বাহির হইলে বিষয় আশয় বেনামি ওয়ারিশ করিয়া গা ঢাকা হয়।" —আলাল।

ওয়ারিশান (ন্) [ওয়ারিস দ্রঃ] বি, পুত্র-পৌত্রাদি দায়াদ ; উত্তরাধিকারী।

ওয়ারিস (শ্) [আ—বারিস্] বি, উত্তরাধিকারী ; heir.

ওয়ালা—বালা দ্রঃ।

ওয়াশীল (ল্) [আ—বাসিল্। উশুল দ্রঃ] আদায় ; পাওনা।

ওয়াশীলৎ [আ—বাসিলাৎ] বি, মহলে গোমস্তা জমিদারের পাওনা আত্মসাৎ করিলে মহাল যাচাই ও পাওনা নির্দ্দেশ করণ।

ওয়াস্তা [আ—বাস্‌তা (হেতু)] বি, হেতু : কারণ। ২। অপেক্ষা। প্র—"তবে থাকিবে না কোন চক্ষুলজ্জা রবে না কারো ওয়াস্তা।" —দ্বিজেন্দ্র রায়।

ওর (র্) [হি—ওর=দিক ; তরফ। ২। পক্ষ। ৩। অন্ত ; কিনারা। সং—অবার=কিনারা,] এপার (শব্দকল্পে) বি, পার ; সীমা ; অবধি। প্র—"রূপের নাহিক ওর॥" —চণ্ডীদাস। "আনন্দে নাহিক ওর পুত্র হইল চিত্তচোর।" —ঘনরাম। "সোহাগিনী শোভার যে নাহি আজ ওর।" —অশোক গুচ্ছ।

ওর (র্) [অদস্ শব্দের ষষ্ঠী ১ব 'অস্স' র প্রাকৃত উচ্চারণ 'অর'—বাং—ওর] স, ঐ-ব্যক্তির ; উহার। প্র—"খোপাটি দিয়েছে খুলে এই দোষ ওর!"—অশোকগুচ্ছ। ২। বি, দিক্।

ওরফে [আ—উর্‌ফ্] বি, উপনাম ; ডাকনাম ; নামান্তর ; বনাম ; alias.

ওরমা (র্) [হি—উর্‌মা] বি, সেলাই ; সিয়ানী। ২। ঢাকনী।

ওরম্বা, ওড়ম্বা (ওর(ড়)ম্‌বা) [মধুপ-বৃত্তি—ওড়ন (পুষ্প হইতে পুষ্পান্তরে) এর ভাব হইতে] বি, যে কর্ত্তব্যে মন না দিয়া নানা স্থানে আমোদ লুটিয়া বেড়ায় ; লম্পট। ২। দুঃসাহসিক ব্যক্তি।

ওরসা (শা) [হি—ওহ্‌দা=ভিজা। তুল—বাং—দোরসা ও সরস] বিণ, সিক্ত ; আর্দ্র ; ভিজা।

ওরে [সং—অরে শব্দের বাঙ্গালা উচ্চারণ অ, সম্বোধনবাচক পদ। প্র—"ওরে, হরিপ্রেম দেরে মোরে অবোধ বালক, তিন লোক পবিত্র জনমে তোর।" —ধ্রুবচরিত্র (গিরিশ) ২। [অদস্ শব্দজ] সং—উহারে ; উহাকে প্র—"কিভাবে ভাবিনী যদি বুঝিতে সজনী। পিঞ্জর ভাঙ্গিয়া ওরে ছাড়িতে অমনি॥" —ব্রজাঙ্গনা

ওল, ওল্ল (ল, ল্ল) [সং] বি, ক্লী, স্বনাম-প্রসিদ্ধ কন্দ বা মূল ; শূরণ। ২। বিণ, আর্দ্র ভিজা। বুনো ওল—অতি তীব্র ওল যাহা খাইলে অতিশয় গলা কুট্ কুট্ করে ও গাল গলা ফুলিয়া উঠে। যেমন বুনো ওল তেমনি বাঘাটে তেঁতুল—বুনো ওলের বিষ খুব টক তেঁতুল (যাহার ভয়ে বাঘ পালায় বলিয়া প্রবাদ) খাইলেই কাটে। (এই ভাব হইতে) যেমন দুষ্টলোক তেমনি তাহার কঠোর শাসক। (২) যেমন কঠিন রোগ তাব তেমনি তেজস্কর বা তীব্র ঔষধ বা প্রতিকার।

ওলজান (ওলজানো) [হি—উলঝনা= উৎক্ষেপণ করা] ক্রি, উৎক্ষেপণ করা।

ওলটপালট (ওলোট্‌পালোট্) [প্রাকৃ-অলটপলট্ট (পার্শ্বপরিবর্ত্তন) শব্দজ (হেমচন্দ্রের দেশীনামমালা)] ক্রি-বিণ, তলাউপর ; উল্টাপালটা। প্র—"হয় দুনিয়া ওলটপালট আর কিসে ভাই রক্ষা হবে ?" —ঈশ্বর গুপ্ত। ২। বিশেষরূপে অনুসন্ধান ; দ্রব্যাদি স্থানচ্যুত করিয়া উল্টাইয়া দেখা। [গ্রাম্য প্রাদে—ওল্‌কতাল্‌ক]

ওলটান (ওল্টানো) [প্রাকৃ অলট্ট শব্দজ। হি—উলট্‌না] ক্রি, পার্শ্বপরির্ত্তন করা ; তলা উপর করা ; বিপর্য্যস্ত করা। ২। বদলান ; পরিবর্ত্তন করা ; ফেরফার করা ; হেরফের করা। চড়ি ওল্টান (চোড়ি-ওল্টানো) ক্রি, মরা।

ওলতলা (ল্) [হি—ওলতী] বি, ছাঁচ-তলা ; বর্ষায় ছপ্পর বা চালের জল যে স্থানে পতিত হয়।

ওলদে (ওল্‌দে) [আ—বল্‌দ্=পুত্র] বি, পুত্র।

ওলন (ওলন্) [ওলা দ্রঃ] বি, অবতরণ ; অবরোহণ ; নামন। ২। [plumb line উঃ—সাহোল, সাহুল ; সং—অবলম্ব। ম—ওলম্বা] রাজমিস্ত্রীর পরিমাণ যন্ত্রবিশেষ।

ওলনদড়ি—যে সূতাদ্বারা রাজমিস্ত্রীরা গাথনির মাপ ও খাড়াই পরীক্ষা করে ; সালসূতা ; plumb line.

ওলন্দা, ওলণ্ডা (ওলোন্‌দা, ণ্ডা) [পর্ত্ত-হল্যাণ্ড Holanda হইতে প্রথম আমদানি বলিয়া] বি, বিলাতি মটর ; ওলন্দা কড়াই।

ওলন্দাজ (ওলোনদাজ্) [ফ্রে—Hollandaise শব্দজ] হি, হল্যাণ্ড দেশবাসী। প্র—"ইঙ্গরেজ ওলন্দাজ ফিরিঙ্গি ফরাস।" —অন্নদামঙ্গল। বিণ, ওলন্দাজী—হল্যাণ্ড-দেশজাত ; হল্যাণ্ড-সংক্রান্ত। ২। [প্রাদে] বাটপাড়ী। ৩। গোঁয়ারতমী।

ওলপ (প্) [সং—প্রলেপ (উপরে লেপ) বি, হাঁড়ী কলসী প্রভৃতির মুখ বন্ধ করিবার জন্য সরা প্রভৃতি রাখিয়া ময়দা বা মাটির প্রলেপ।

ওলা (ওলা) [প্রাকৃত ওইল (অবতরণ) শব্দজ—দেশীনামমালা—হেমচন্দ্র] ক্রি, অবতরণ করা ; নামা ; অবরোহণ বা আবোহণ করা। ৩। [নামার লক্ষণা হইতে] বি, ভেদ হওয়া ; পেটনামা।

ওলা (ওলা) [হি—ঔলা (লাড়ু)] বি, চিনী বা মিছরির লাড়ু বিশেষ। ২। [প্রাদে—যশোহর] খেজুর রসের শেষাংশ ; ওলারস।

ওলাউঠা (ওলাউঠা) [ওলা (নামা)—উঠা (বমন)—যে ব্যারামে দাস্ত ও বমি হয়] বি, ভেদবমন ; বিসূচিকা রোগ। ২। নামাউঠা।

ওলান (ওলানো) ক্রি, অধঃক্ষেপণ ; নামান। ২। ভেদ হওয়া ; পেট নামান। ৩। (ওলান্) [প্রাদে—যশোহর] গাভীর স্তন ; পালান্।

ওলাবিবি [ওলা (ওলাউঠা)—বিবি (দেবী) —যে দেবী ওলাউঠা রোগ আরোগ্য করেন এবং কুপিতা হইলে রোগ প্রেরণ করেন। ২। [প্রাদে—যশোহর] বিসূচিকা ; কলেরা।

ওলাহন (ন) [হি—ওলাহনা—প্রাকৃ—উবালহন ; সং—উপালম্ভন] বি, দোষারোপ ; খোঁটা। প্র—"তুমি যে আমার ঠাঞি কর আগমন। তাহাতেই প্রভু মোরে দেন ওলা-হন॥" —চৈতন্যচরিত। [অপ্র]

ওলো (ওলো) [প্রাকৃত 'হলা'র মৃদু উচ্চারণ 'অল' তাহার বাঙ্গালা উচ্চারণ ওলো] অ, নারীগণের পরস্পর প্রণয়সূচক সম্বোধন ; সখীকে আহ্বান। প্র—"ওলো পূর্ণবিধুমুখী মোরে ভেঙ্গে বল দেখি, ইহারে বলয় বলে কে তোমারে বলেছে।" —রসতরঙ্গিণী। "দেখিতে দেখিতে কোথা, লুকাইল ওলো সখি।" —নিধুবাবু।

ওল্টানো—ওলটান দ্রঃ।

ওশোরা, সোরা—বি শয়ন গৃহের নিকটস্থ বা শয়নগৃহ সংলগ্ন রন্ধনগৃহ। প্র—"একাকী রূপসী বালা কুটীর করিয়া আলা। ওশোরায় মাছ কুটে সুন্দর কেমন।" —কুসুম।

[তুল—প্রাদে—ওরসা বা ওসরা (বরিশাল) উসারা=বারান্দা (ময়মনসিংহ) ওড়িয়া—ওরাশ=অন্তঃপুর]।

ওষ (ষ) [উষ্ (দাহ করা) + অ (ভাবে ঘঞ্] বি, পুং, অগ্নি কিম্বা ক্ষার সংযোগে গাত্রদাহ : সন্তাপ : দহন। [বিরল]।

ওষধি, ওষধী [ওষ (দীপ্তি)—ধা (ধারণ করা) + ই (অধি—কি) যে রাত্রিতে দীপ্তি পায়] বি, স্ত্রী, জ্যোতির্লতা : যে সকল লতা রাত্রিতে উজ্জ্বল দেখায়। ২। ফলপাকান্ত বৃক্ষাদি : ফল পাকিলে যে সকল তরু, লতা তৃণ প্রভৃতি শুকাইয়া যায়,—ধান্য, কদলী প্রভৃতি।

ওষধিগর্ভ [ওষধির গর্ভ (উৎপত্তি স্থান) ৬তৎ : যাহা হইতে ওষধি জন্মে] বি, পুং, চন্দ্র। (চন্দ্রকিরণ সংযোগে ওষধির উদ্ভব হয়)। ২। সূর্য্য (সূর্য্যের উত্তাপে ওষধি বৃদ্ধি পায়)।

ওষধিজ [ওষধি—জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ—ড) যে ওষধি হইতে জন্মে] বিণ, ওষধিজাত। ২। বি, পুং, ঔষধ। ৩। ওষধিজাত অগ্নি।

ওষধিপ্রস্থ (প্রোসথো) [ওষধি—প্রস্থ] বি, পুং, স্ত্রী, হিমালয়পুর। ব্রহ্মলোক হইতে ভগীরথ-আনীতা গঙ্গা এই স্থানে পতিত হন। সতীশোকে মহাদেব এইস্থানে তপস্যা করিয়াছিলেন।

ওষধীপতি, ওষধীশ (—পোতি, ওষধিশ্) [ওষধীর পতি, ঈশ—৬ তৎ। চন্দ্র ওষধীর অধিষ্ঠাত্রী দেবতা] বি, পুং, ওষধিনাথ : চন্দ্র ; চাঁদ। ২। কর্পূর। ৩। বি, স্ত্রী, সোমলতা।

ওষাণ (ন্) [ওক্কাণ দ্রঃ] বি, তুষ বাহির করিবার জন্য উখলী প্রভৃতিতে ধান্যাদি নিক্ষেপ করণ।

ওষুধ (ধ্) [ঔষধ হইতে অষুধ—ওষুধ,—ওষুদ] বি, ঔষধ। ২। প্রতিকার। ৩। বশীকরণ : গুণ (নানা ঔষধ ও মন্ত্রাদি প্রয়োগে)। ৪। [অশুদ্ধ হইতে] অশৌচ।

ওষ্কানো (ওষ্‌কানো) [হি—উস্‌কানা] ক্রি, উস্কে দেওয়া ; নাড়িয়া দেওয়া ; খোঁচা দেওয়া। ২। প্রজ্বলিত করা। ৩। উত্তেজিত করা।

ওষ্ঠ (ওস্‌ঠ) বি, পুং, দন্তচ্ছদ : উপরের ঠোঁট।

ওষ্ঠকোপ (প্) [ওষ্ঠের—কোপ (ক্লেশ) হয় যাহাতে বা যাহা দ্বারা (বহু)] বি, পুং, মুখরোগবিশেষ।

ওষ্ঠপুষ্প [ওষ্ঠ (ওষ্ঠোপমান) হইয়াছে পুষ্প যাহার (বহু)] বি, পুং, বন্ধুক পুষ্পের বৃক্ষ।

ওষ্ঠাগত-প্রাণ (ন্) [ওষ্ঠ (ওষ্ঠপর্য্যন্ত) আগত -প্রাণ যাহার (বহু)] বিণ, যাহার প্রাণ যাইবার উপক্রম হইয়াছে : মৃত্যুর পূর্ব্বদশা-গ্রস্ত।

ওষ্ঠী—বি, স্ত্রী, বিম্বফল : তেলাকুচা।

ওষ্ঠ্য (ওস্‌ঠ) [ওষ্ঠ + য (সম্বন্ধার্থে)] বি, পুং, ওষ্ঠসম্বন্ধীয়। ২। যাহা ওষ্ঠ হইতে উচ্চারিত হয় ; ওষ্ঠ্য বর্ণ।

ওসা (শা) [হি—ওস্—হিম] বি, নিশাজল-হিম : শিশির। [পূঃবঙ্গ ও উৎকলে 'ওস' ব্যবহৃত]।

ওসার (ওশার্) [প্রসার শব্দের অপভ্রংশ। হি—পৈসার] বি, প্রস্থ : পরিসর ; চওড়া।

ওসারল (ওশারোলো) বিণ, যাহার ওসার আছে ; চৌড়া ; পরিসরবিশিষ্ট।

ওস্‌কানো—ওষ্কানো দ্রঃ।

ওস্তাগর (র্) [ফা—উস্তাকর্ শব্দজ] গুরু : শিক্ষক। ২। উচ্চ শিল্পী। ৩। বাঙ্গালী মুসলমানদিগের মধ্যে উপাধিবিশেষ।

ওস্তাদ (দ্) [আ—উস্তাদ্=শিক্ষক] বি, গুরু : শিক্ষক : উপদেশক : আচার্য্য (সঙ্গীত সম্বন্ধেই সাধারণতঃ)। প্র—"সকলকেই যে গানে ওস্তাদ হইতে হইবে, এমন কোন অবশ্য বাধ্যতা নাই।" —চারিত্রপূজা।

"আর তানসান ছিলেন মহা ওস্তাদ,
এলেন তাঁহার সভায়।"
—দ্বিজেন্দ্র রায়।

২। [বিশিষ্টার্থে] বিণ, বেশী চালাক ; বাহাদুর।

ওস্তাদি, ওস্তাদী [ওস্তাদ + ই (ব্যবসায় অর্থে, স্বার্থে)] বি, ওস্তাদের কার্য্য। ২। চালাকী : কেরদানী : বাহাদুরী। প্র—
"এলেন তানসান রাজার কাছে দেখাতে ওস্তাদি।" —দ্বিজেন্দ্র রায়।
৪। বিণ, প্রকৃত গায়কের উপযুক্ত : আচার্য্যোপযোগী। প্র—"ওস্তাদী গলার তানকম্বরে পল্লীর নিদ্রা তন্দ্রা তিরোহিত।" —গল্পগুচ্ছ (রবি)।

ওহরি—অ, পূর্ব্ব বিশ্বাস বা ধারণার হঠাৎ বিপরীত দর্শনে বিস্ময় প্রকাশক অব্যয়। প্র—"ও হরি ! এই বুঝি তোকিওর রেলষ্টেসন।" —জাপান (ডাঃ মল্লিক)।

ওহাবী [আ—বহাবী] বি, মুসলমান ধর্ম্ম-সম্প্রদায় বিশেষ। আরবদেশীয় আবদুল ওহাব নামক ধর্ম্ম-গুরু-শিষ্য-সম্প্রদায়।

ওহে [সং—'অহে' শব্দের মৃদু উচ্চারণ] অ, সম্বোধন : প্র—"ওহে গিরি গা তোল হে, মা এলেন হিমালয়।" —রামবসু।
২। আরামবাগ অঞ্চলের লোকেরা শ্যালককে 'ওহে' বলিয়া ডাকে। —বঙ্গীয় শব্দসিন্ধু।

ওহো [সং 'অহো' শব্দের মৃদু উচ্চারণ] অ, স্মরণ। ২। বিস্ময়। ৩। আক্ষেপ ; বিলাপ। ৪। হঠাৎ প্রিয়জন দর্শনে আনন্দ-প্রকাশ।

ঔ

ঔ—স্বরবর্ণমালার চতুর্দ্দশ বর্ণ। দীর্ঘস্বর। ইহার উচ্চারণ-স্থান কণ্ঠ ও ওষ্ঠ (মতান্তরে তালু)। ইহা 'অ' এবং 'ও' যোগে উচ্চারিত হয় বলিয়া ইহাকে সন্ধ্যক্ষর বলে। ব্যঞ্জনবর্ণে যুক্ত হইলে ইহার আকার (ৌ) এইরূপ হয়। যথা—ক্ + ঔ = কৌ। ২। বি, স্ত্রী, পৃথিবী। ৩। পুং, অনন্ত। ৪। শব্দ। ৫। অ, আহ্বান। ৬। সম্বোধন। ৭। বিরোধ। ৮। নিষেধ। ৯। নির্ণয়।

ঔঁ (ঔং) [তন্ত্রে] স্ত্রী, শূদ্রের জপ্য মন্ত্র-বিশেষ।

ঔকথ্য [উকথ=গর্গমুনি + য (অপত্যার্থে- ষ্ণ্য)] বি পুং, গর্গমুনির পুত্র। ২। [উকথ দ্রঃ] সাম বেদাংশের অর্থবিশেষ ; যজ্ঞবিশেষে ইহা গীত হয়।

ঔকথিক (ক্) [উকথ + ইক (বিজ্ঞানার্থে ইকণ্) উকথ নামক সামবেদাংশ যিনি জ্ঞাত আছেন] বিণ, সামবেদের উকথশাখাধ্যায়ী : উকথজ্ঞানী।

ঔক্ষ (ঔক্‌খ) [উক্ষন্ (বৃষ। তুল—ইং—[illegible]) + অ (সমূহার্থে—অণ্) ন্—লোপ] বি, ক্লী, বৃষভশ্রেণী ; বৃষসমূহ। ২। বিণ, বৃষসম্বন্ধীয়।

ঔখদ [ঔষধ শব্দের হিন্দী উচ্চারণ (ষ—খ, তুল—বিভীষণ=বিভীখন) ব্রজ] বি, ঔষধ। প্র—"রোগী করয়ে জনু ঔখদ পান।" —বিদ্যাপতি।
২। সান্ত্বনা। প্র—"কেবল মরমে ঔখদ রাধা।"—চণ্ডীদাস। ৩। প্রতিকার।

ঔখ্য (ঔক্‌খ) ["উখ্যাস্তু পৈঠরম্"—অমর। "পিঠরঃ স্থাল্যখা কুণ্ডং"—অমর। উখা (পিঠর স্থালী হাঁড়ী কড়া) + য (নিষ্পন্নার্থে—ষণ্)] বি, হাঁড়ীতে পাক করা বস্তু ; কড়ায় রান্না করা আহার্য্য। ২। বিণ, স্থালীপক (অন্নাদি)।

ঔঘ [ওঘ (রাশি) + অ (সংজ্ঞার্থে)] বি, পুং, জলসমূহ : জলসমুচ্চয় ; বারিরাশি। ২। বিণ, জলরাশি সম্বন্ধীয়। ৩। নৃত্যে দ্রুত গতি সম্বন্ধীয়।

ঔচিতী [উচিত + ষ্ণ = ঔচিত + ঈপ্—স্ত্রী বি, স্ত্রী, ঔচিত্য : কর্ত্তব্যতা। ২। ন্যায্যতা

ঔচিত্য (ঔচিত্ত) [উচিত + য—ভাবে যণ্ বি, ক্লী, উপযুক্ততা।

ঔজসিক (ঔজোশিক্) [ওজস্ (বল) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, বলশালী তেজস্বী ; শূর ; বীর্য্যসম্পন্ন ; ওজস্বল বলিষ্ঠ।

ঔজস্য (ঔজোশ্শো) [ওজস্ (তেজ) + (ভাবে—যণ্)] বি, ক্লী, বীর্য্যবত্তা ; তেজস্বিতা ২। উগ্রতা : উগ্রভাব ; প্রাখর্য্য।

ঔজ্জ্বল্য (ঔজ্জোল্লো) [উজ্জ্বল (দীপ্ত + য (ভাবার্থে—যণ)] বি, ক্লী দীপ্তি উজ্জ্বলতা ; চিকনাই। বিণ, উজ্জ্বল।

ঔট [ইং—out শব্দজ] অ, বাহির ; উত্তীর্ণ চৌকস ; সকল বিদ্যায় পারদর্শী। প্র—"তাঁহাদের বিশ্বাস ছিল রুদ্রকান্ত কালেজের ঔট" —বিমলা (দামোদর)। ২। [বিদ্রূপাত্মক] ফাজিল ; জ্যাটা। প্র—ও ছেলে একেবারে ঔট হয়ে গেছে।

ঔড়ব (ব্) [ওডব + অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, পুং, পঞ্চস্বরাত্মক রাগ। [দ্রঃ—স্বর সংখ্যানুসারে রাগের জাতিভেদ দৃষ্ট হয়। যে রাগে সপ্তস্বরের বিকাশ হয়, তাহার নাম সম্পূর্ণ রাগ। যাহাতে একস্বর বর্জ্জিত অর্থাৎ ছয় স্বরের বিকাশ তাহার নাম ষাড়ব বা খাড়ব এবং যাহাতে দুই স্বর বর্জ্জিত অর্থাৎ পাঁচ স্বরের বিকাশ তাহার নাম ঔড়ব।—সঙ্গীতরত্নাকর]।

ঔড়ুপিক (ক্) [উডুপ (ভেলা) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, উডুপ সম্বন্ধীয়। ২। যে নদী ভেলা দ্বারা পার হওয়া যায় ; ক্ষুদ্র নদী।

ঔড়ুম্বর (ব্) [ড স্থলে "ড"ও উচ্চারিত হয়। উড়ুম্বর + অ (ভাবার্থে—অণ্)] বিণ, যজ্ঞডুমুর বৃক্ষের কাষ্ঠনির্ম্মিত ; উড়ুম্বর সম্বন্ধীয়। ২। রৌপ্য কিম্বা তাম্রনির্ম্মিত। ৩। বি, পুং, তপস্বিবিশেষ। ৪। কুষ্ঠরোগ। ৫। তাম্র। ৬। চতুর্দ্দশ যমের মধ্যে একজন ; পিতৃপতি। ৭। কচ্ছদেশের প্রাচীন নাম। স্ত্রী, ঔড়ুম্বরী —উড়ুম্বর সম্বন্ধীয়া।

ঔড্র [ওড্র (ওড়িশাদেশ) + অ (পালনার্থে—কর্ত্তৃ—অণ্)] বি, পুং, উৎকলের রাজা ; ওড্রাধিপতি। ২। বিণ, ওড্রদেশসংক্রান্ত।

ঔৎকণ্ঠ্য (ঔৎকন্ঠ) [উৎকণ্ঠা + য (সম্বন্ধার্থে বা ভাবে—যণ্)] বিণ, উৎকণ্ঠা সম্বন্ধীয়। ২। উদ্বেগবশত কষ্ট। ৩। চিত্তের অস্থিরতা চিত্তচাঞ্চল্য ; মানসিক উদ্বেগ।

ঔৎকর্ষ্য (ঔৎকর্ষ) [উৎকর্ষ + য (সম্বন্ধার্থে বা ভাবে—যণ্)] বি, ক্লী, উন্নতি ২। বৃদ্ধি। ৩। উৎকৃষ্টতা ; শ্রেষ্ঠতা।

ঔত্তমি (ঔৎতোমি) [উত্তম + ই (অপত্যার্থে—ইণ্)] বি; পুং, ধ্রুবের ভ্রাতা রাজা উত্তমের পুত্র। ২। মনুবিশেষ। ৩। [সম্বন্ধার্থে—ইণ্] বিণ, উত্তম সম্বন্ধীয় ; ৪। উত্তম জাত উত্তমোৎপন্ন।

ঔত্তরপথিক (ঔৎতর্ পোথিক্) [উত্তর-পথ + ইক (বিচরণ করে অর্থে—ইকণ্)] বি, পুং, উপাসকবিশেষ। ২। বিণ, উত্তর-পথাভিজ্ঞ। ৩। উত্তর-পথগামী।

ঔত্তরপদিক (ঔৎতর্পোদিক্) [উত্তরপদ + ইক (সংসৃষ্টার্থে—ইকণ্] বিণ, উত্তরপদ সংসৃষ্ট ; উত্তরপদ সম্বন্ধীয়। ২। [গ্রহণার্থে—ইকণ্] উত্তর-পদগ্রাহক।

ঔত্তরেয় [উত্তরা + এয় (অপত্যার্থে—এয়ণ্)] বি, পুং, উত্তরাগর্ভ-সম্ভূত অভিমন্যুপুত্র ; রাজা পরীক্ষিত।

ঔত্তানপাদি (ন্) [উত্তানপাদ + ই (অপত্যার্থে—ইণ্)] বি, পুং, রাজা উত্তান-পাদের পুত্র ধ্রুব। ২। ["ধ্রুব ঔত্তানপাদিঃ" —অমর] ধ্রুবতারা।

ঔৎপাতিক (ঔৎপাতিক্) [উৎপাত + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, উৎপাতবিশিষ্ট : উপদ্রবান্বিত। ২। অশুভসূচক।
প্র—"ঔৎপাতিকে ঔপসর্গে তুমি সে ঔষধ" —ভারতচন্দ্র।

ঔৎসর্গিক (ঔৎশোর্গিক্) [উৎসর্গ (স্বভাব) + ইক (তস্য ইদমর্থে—ইকণ্)] বিণ, স্বাভাবিক ; প্রাকৃতিক ; স্বভাবজাত। ২। উৎসর্গ সম্বন্ধীয়। ৩। [ব্যাকরণে] সাধারণ বিধি সম্বন্ধীয় ; সাধারণতঃ।

ঔৎসুক্য (ঔৎশুক্কো) [উৎসুক + য (ভাবে—যণ্)] বি, ক্লী, আগ্রহ ; উৎসুকতা ; ব্যগ্রতা। ২। উদ্বেগ ; উৎকণ্ঠা।

ঔদনিক (ঔদোনিক্) [ওদন (সিদ্ধ তণ্ডুল) + ইক (পাচকার্থে—ইকণ্)] বিণ, পাচক ; সূপকার ; রাঁধুনী। ২। ওদন সম্বন্ধীয়।

ঔদন্য (ঔদোনো) বি, যজুর্ব্বেদপারগ মুনি-বিশেষ।

ঔদরিক (ঔদোরিক্) [উদর + ইক (আসক্ত্যর্থে—ইকণ্)] বিণ, উদরম্ভরি ; উদর-সর্ব্বস্ব ; পেটুক। ২। উদরসম্বন্ধীয়।

ঔদার্য্য (ঔদার্জো) [উদার + য (ভাবে—যণ্)] বি, ক্লী, মহাপ্রাণতা ; মুক্তপ্রাণতা ; উদারতা ; মহানুভাবকতা। ২। বদান্যতা ; দানশীলতা।

ঔদাসীন্য (ঔদাশিন্নো) [উদাসীন + য (ভাবে যণ্)] বি, ক্লী, উদাসীনের ভাব ; উদাসীনতা ; অনাসক্ততা ; নির্লিপ্ততা। ২। উপেক্ষা। ৩। সম্পর্কশূন্যতা। ৪। মধ্য-স্থতা ; নিরপেক্ষতা ; অমনোযোগিতা।
বিণ, **উদাসীন**।

ঔদাস্য (ঔদাশ্শ) [উদাস + য (ভাবে—যণ্)] বি, ক্লী, ভোগে বিরক্তি ; বৈরাগ্য। ২। উপেক্ষা। ৩। অমনোযোগ ; indifference.
বিণ, **উদাস**।

ঔদুম্বর (র্) [উদুম্বর + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, উদুম্বর সম্বন্ধীয়। [ঔড়ুম্বর দ্রঃ]

ঔদ্দালক (ক্) বি, ক্লী, স্বর্ণবর্ণ বল্মীককীট-কৃতমধু ; উইমধু। ২। উদ্দালক মুনির পুত্র।

ঔদ্ধত্য (ঔদ্ধৎত) [উদ্ধত + য (ভাবে—যণ্)] বি, ক্লী, অবিনয় ; অশিষ্টতা ; অনম্রতা ; ধৃষ্টতা। ২। উগ্রতা। ৩। অহঙ্কার ; দম্ভ।

ঔদ্ধারিক (ঔদ্‌ধারিক্) [উদ্ধার + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, উদ্ধারসম্বন্ধীয়। ২। [স্মৃতিশাস্ত্রে দায়ভাগে] বি, পৈতৃকধন বিভাগকালে উদ্ধারার্থ দেয় ধন। ৩। ঋণ-পরিশোধ সম্বন্ধীয়।

ঔদ্বাহিক (ঔদ্‌বাহিক্) [উদ্বাহ (বিবাহ) + ইক (ইদমর্থে—ইকণ্)] বিণ, বিবাহ জন্য প্রাপ্ত (দ্রব্যাদি) ; উদ্বাহকালে লব্ধ ; যৌতুক। ২। বিবাহসম্বন্ধীয়।

ঔদ্ভিজ্জ (ঔদ্‌ভিজ্‌জো) [উদ্ভিজ্জ + অ (অণ্, ইদমর্থে, উ = ঔ)] বিণ, উদ্ভিদসম্বন্ধীয়। ২। উদ্ভিদ হইতে জাত বা উৎপন্ন। ৩। বি, সম্ভর লবণ ; পাংশু লবণ ; সৈন্ধব লবণ।

ঔদ্ভিদ (ঔদ্‌ভিদ্) [উদ্ভিদ্ + অ (ইদমর্থে—অণ্) (উ = ঔ)] বিণ, উদ্ভিদসংক্রান্ত। ২। ক্লী, পাংশু লবণ ; পাঙ্গা লবণ।

ঔন্নত্য (ঔন্নোৎতো) [উন্নত + য (ভাবে—যণ)] বি, ক্লী বৃদ্ধি ; উচ্চতা ; উন্নতির অবস্থা বা ভাব।

ঔপকর্ণিক (ঔপোকোর্ণিক্) [উপকর্ণ + ইক (সমীপার্থে—ইকণ্)] বিণ, কর্ণের প্রান্ত-দেশ পর্য্যন্ত বিশ্রান্ত। ২। কর্ণসমীপে।

ঔপকূলিক (ঔপোকুলিক্) [উপকূল + ইক (ইদমর্থে—ইকণ্)] বিণ, উপকূলজাত। ২। উপকূল সম্বন্ধীয়। ৩। উপকূলে স্থিত।

ঔপচারিক (ঔপোচারিক্) [উপচার + ইক (ইদমর্থে—ইকণ্)] বিণ, উপকরণসম্বন্ধীয়। ২। [স্বার্থে—ইকণ্] বি, পুং, উপচার।

ঔপজানুক (ক্) [উপ—জানু (জানুর সমীপে—অব্য) + ক (স্বার্থে) = উপজানুক + অ (স্বার্থে—অণ্)] বিণ, জানুপরিব্যাপক ; জানু পর্য্যন্ত ব্যাপক ; আজানুলম্বিত।

ঔপদেশিক (ক্) [উপদেশ+ইক (ভবার্থে—ইকণ্)] বিণ, উপদেশদ্বারা প্রাপ্ত ; উপদেশ-লব্ধ। ২। উপদেশ-সংক্রান্ত। ৩। উপদেশ দান করা যাঁহার ব্যবসায় : উপদেশোপজীবী।

ঔপনায়নিক (ক্) [ঔপনয়নিকও হয়। উপনয়ন+ইক (তস্য ইদমর্থে—ইকণ্)] বিণ, উপনয়ন-সম্বন্ধীয়। ২। উপনয়নকর্ত্তা ; উপনয়ন প্রবর্ত্তক।

ঔপনিধিক (ক্) [উপনিধি+ক (স্বার্থে) =উপনিধিক+অ (ইদমর্থে—অণ্)] বি, ক্লী, প্রীতিপূর্ব্বক অর্পিত ভোগের দ্রব্য। ২। [স্মৃতিশাস্ত্রে] "বিশেষ বিবরণ না বলিয়া যে সকল বস্তু করণ্ড-পেটিকাদির মধ্যে রাখিয়া অপরের হস্তে ন্যস্ত হয়। তাহার নাম 'ঔপ-নিধিক'।" —যাজ্ঞবল্ক্যসংহিতা—২।৬৬।

ঔপনিবেশিক (ক্) [উপনিবেশ+ইক সম্বন্ধে বা ভবার্থে)] বিণ, উপনিবেশ-সংক্রান্ত ; উপনিবেশঘটিত। ২। উপনিবেশজাত ; উপনিবেশে স্থিত। ৩। উপনিবেশে অধ্যুষিত।

ঔপনিষদ্ [উপনিষদ্+অ (ইদমর্থে—অণ্)] বিণ, উপনিষৎসম্বন্ধীয়। ২। উপনিষৎ শাস্ত্র নির্দ্দিষ্ট ; ব্রহ্মবিদ্যাবিষয়ক।

ঔপনীবিক (ক্) [উপ (নিকট) নীবি (কটিবস্ত্রগ্রন্থি ; পেট-কাপড়ের কসি=বন্ধনী) +ইক] বিণ, নীবি-সন্নিকটস্থ।

ঔপন্যাসিক (শিক্) [উপন্যাস+ইক] বিণ, উপন্যাস সম্বন্ধীয়। ২। উপন্যাসের বিষয়ীভূত। ৩। উপন্যাসে বর্ণিত বা বর্ণনীয়। ৪। অদ্ভুত।

ঔপপত্তিক (ঔপপোৎত্তিক্) [উপপত্তি+ইক (কৃতার্থে—ইকণ্)] বিণ, যুক্তি তর্ক দ্বারা প্রতিপন্ন ; গ্রন্থাদি দ্বারা প্রামাণ্য। ২। প্রতিপাদক ; সিদ্ধান্ত ; demonstrative.

ঔপমিক (ঔপোমিক্) [উপমা+ইক (কল্পিতার্থে—ইকণ্)] বিণ, উপমা দ্বারা কল্পিত ; উপমা দ্বারা নির্দ্দিষ্ট : উপমা সম্বন্ধীয় ; comparative.

প্র—"আধুনিক ঔপমিক ভাষাতত্ত্বের প্রভাবে জানা গিয়াছে"—ভারতবর্ষ, ২য় ভাগ,(লাহিড়ী)।

ঔপম্য (ঔপোম্‌মো) [উপমা+য (ভাবে—যণ্)] বি, ক্লী, তুল্যতা ; similitude. ২। সাদৃশ্য ; analogy. ৩। সামঞ্জস্য ; balance.

ঔপয়িক (ক্) [উপায়+ইক (ইদমর্থে—ইকণ্)]বিণ, উপায়দ্বারা লব্ধ ; ধর্ম্মসঙ্গত।২। উপযোগী। ৩। বি,উপায়। স্ত্রী, **ঔপয়িকী**।

প্র—"ঔপয়িকী—ভার্য্যা আমি কদাচই নয়" —রামা, রাজ।

ঔপরোধিক (ক্) [উপরোধ+ইক (ভবার্থে বা সম্বন্ধে)] বি, পুং, পীলুকাষ্ঠের দণ্ড। ২। বিণ, উপরোধ সংক্রান্ত।

ঔপল (ল্) [উপল+অ (ভবার্থে—অণ্)] বিণ, উপলনির্ম্মিত ; উপলসম্ভব ; প্রস্তরময়। ২। উপলসম্বন্ধীয়।

ঔপসর্গিক (ঔপোশোর্‌গিক্) [উপসর্গ (উপদ্রব)+ইক (সম্বন্ধে, ইদমর্থে)] বিণ, উৎপাত বা উপদ্রবসম্বন্ধীয়। ২। উপসর্গ (প্র, পরা ইত্যাদি) তৎ-সম্বন্ধীয়। ৩। বি, সান্নি-পাতিক রোগবিশেষ।

ঔপাধিক (ক্) [উপাধি+ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, উপাধিসংক্রান্ত। ২। বিশেষ সম্বন্ধীয় ; বৈশেষিক। ৩। অনিত্য : অস্থায়ী। ৪। অবাস্তব।

ঔপাধ্যায়ক (ঔপাধ্‌ধ্যাঅক্) [উপাধ্যায়+ক (স্বার্থে)+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, উপাধ্যায়=সম্বন্ধীয়। ২। উপাধ্যায় হইতে প্রাপ্য বা প্রাপ্ত।

ঔপায়িক (ক্) [উপায়+ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, উপায়সংক্রান্ত। ২। উপায়লভ্য ; উপায়নিষ্পন্ন ; উপায়সাধ্য।

ঔপাসন (ঔপাশন্) [উপাসনা+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, উপাসনাসম্বন্ধীয়। ২। উপাসনাকালীন।

ঔবল, ওবল (ল্) [আ—আউঅল্] বিণ, প্রথম ; আদি। ২। প্রধান ; উৎকৃষ্ট। ৩। সন্ধান।

ঔরগ (গ্) [উরগ (সর্প)+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, উরগসম্বন্ধীয়। ২। [উরগের অধিষ্ঠাত্রী দেবতা বলিয়া] বি, ক্লী, অশ্লেষা নক্ষত্র।

ঔরৎ [আ—আওরৎ, আউরৎ (নারী) শব্দের উচ্চারণ বিকার] বি, স্ত্রীলোক ; মেয়েমানুষ। ২। পত্নী [হি-তে প্রচলিত। তুল—বাং-তে 'নারী'=পত্নী]।

ঔরভ্র—বি, পুং, ধন্বন্তরির প্রতি প্রশ্নকর্ত্তা ঋষি-বিশেষ। ২। উরভ্র (দ্রঃ)। বহুবচনে, **ঔরভ্রক**।

ঔরস, ঔরস্য (ঔরশ্, ঔরশ্‌শ) ["স্বজাতে ত্বৌরসৌরস্যৌ"—অমর] বিণ, পুং, স্বস্ত্রীতে স্বয়ং উৎপাদিত পুত্র ; নিজ হইতে ধর্ম্মপত্নী-জাত পুত্র।

প্র—"এই হেতু না আইল তোমার ঔরস" —কাশী, মহা, সভা।

২। [উরস (শ্রেষ্ঠ, প্রধান)+অ (সম্বন্ধে—অণ্)] দ্বাদশ প্রকার পুত্রমধ্যে প্রধান।

স্ত্রী, **ঔরসী**। প্র—"রাজা জনক অযোনি-সম্ভবা কন্যা সীতাকে রামের হস্তে এবং স্বীয় ঔরসী কন্যা উর্ম্মিলাকে লক্ষ্মণের হস্তে সম্প্রদান করেন।"—অধ্যাত্ম রামায়ণ।

ঔর্দ্ধদেহিক বা ঔর্দ্ধদৈহিক (ক্) [উর্দ্ধ দেহ (শরীর)+ইক (সম্বন্ধার্থে—ইকণ্) উ=ঔ, দে=দৈ] বি, ক্লী, দেহত্যাগের পর যাহা করণীয় : তর্পণাদি কর্ম্ম : অন্ত্যেষ্টি ; প্রেতকৃত্য ; অগ্নিসংস্কার। ২। বিণ, অন্ত্যেষ্টি সম্বন্ধীয়।

ঔর্ব্ব [ঔর্ব্বাগ্নি, বাড়বাগ্নি দ্রঃ। উর্ব্ব (মুনি) +অ (অপত্যার্থে—সম্বন্ধার্থে—অণ্) উর্ব্ব মুনির উরুজাত বলিয়া] বি, পুং, বাড়বাগ্নি। [দ্রঃ—ভৃগুনন্দন ঔর্ব্ব সমুদ্র মধ্যে স্বীয় ক্রোধানল পরিত্যাগ করিলে উহা সাগরগর্ভে অবস্থিতি করিয়া ঔর্ব্ব, বাড়বানল, সামুদ্রিক বহ্নি নামে উক্ত হইল।—মহাভারত] ২। ইনি ব্রহ্মার উরু হইতে উৎপন্ন এবং ইঁহার উরু হইতে উদ্ভূতা কন্যা কন্দলী। ঔর্ব্ব কন্দলীকে দুর্ব্বাসার হস্তে সম্প্রদান করিয়াছিলেন। ৩। পার্থিব। ৪। পাঙ্গা লবণ। [প্র-শ]

ঔর্ব্বশেয় [উর্ব্বশী+এয় (অপত্যার্থে—এয়ণ্)] বি, পুং, উর্ব্বশী গর্ভজাত ; উর্ব্বশীর পুত্র। ২। অগস্ত্য।

ঔর্ব্বাগ্নি—বি, বাড়বাগ্নি, আগ্নেয়গিরিগর্ভস্থ অগ্নি ; রসাতলাগ্নি। (বাড়বাগ্নি দ্রঃ)।

ঔর্ব্ব্য (ঔর্ব্ব) [উর্ব্ব+য (অপত্যার্থে—যণ্)] বি, পুং, উর্ব্বপুত্র মুনিবিশেষ।

ঔলুক, লূক (ক্) ['উলূক'এর বহুবচন। উলূক+অণ্ (সমূহ—অর্থে)] বি, পেঁচার ঝাঁক।

ঔলূক্য (ক্ক) [উলূক (পেচক)+য (সদৃশ অর্থে) তদ্বৎ তীক্ষ্ণ দৃষ্টি বলিয়া যাহা অন্যের চক্ষে অন্ধকার ঠেকে এবং যে অন্ধকারে দৃষ্টি চলে না তাহা ভেদ করিয়া যিনি সত্য দর্শন করেন। এইজন্য বৈশেষিক দর্শনকার মহর্ষি কণাদের নামান্তর] বি, বৈশেষিক দর্শন। ২। [উলূক সদৃশ বলিয়া] মহর্ষি কণাদ।

ঔশনস (ঔশনশ্) [উশনস্+অ (সম্বন্ধার্থে—অণ্) উশনস্ (দৈত্যগুরু শুক্রাচার্য্যের নামান্তর—"শুক্রোদৈত্যগুরুঃ কাব্য উশনা ভার্গবঃ কবিঃ"—অমর)+অ (কৃতার্থে—অণ্)] বি, ক্লী, শুক্রনীতি ; উশনা-প্রণীত দণ্ডবিধি ; শুক্রা-চার্য্য-প্রণীত উপপুরাণবিশেষ। ২। বিণ, উশনা সম্বন্ধীয়। স্ত্রী—**ঔশনসী**—শুক্রকন্যা দেবযানী।

ঔশীর বা ঔষীর (র্) [উশীর+অ (ভবার্থে—অণ্)] বি, পুং, চামর দণ্ড। ২। ক্লী, বেণার মূল নির্ম্মিত শয়নের আসন। ৩। চৌকী ; কেদারা। ৪। বিণ, উশীরসংক্রান্ত।

ঔষধ (ধ্) [ওষধি+অ (ভবার্থে—অণ্)] বি, ক্লী, রোগনাশক বা আরোগ্যসম্পাদক দ্রব্য ; রোগের প্রতিষেধক ভেষজ ; রোগনিবারক বস্তু। ২। ওষধি। ৩। প্রতিকার। ৪। সান্ত্বনা। **ঔষধকরণ**—ঔষধ সেবন ও

চিকিৎসাধীন থাকা। **ঔষধ ধারণ**—রোগ নিবারক বস্তু মাদুলি প্রভৃতি মধ্যে রক্ষা করিয়া অঙ্গে ধারণ করা। **ঔষধ পথ্য**—রোগ নিবারণার্থ সেব্য ঔষধ এবং রোগীর হিতকর আহারীয় সামগ্রী : medicine and diet.

ঔষধাজীব (ব্) [ঔষধ—আ (সম্যক্)জীব (জীবিকা) যাহার (বহ্) ঔষধ বিক্রয় দ্বারা যাহারা জীবিকা নির্ব্বাহ করে] বিণ. ঔষধ-ব্যবসায়ী : ঔষধবিক্রেতা।

ঔষধালয় (য়) [ঔষধের—আলয় (গৃহ) ৬ তৎ] বি. পুং. ঔষধপ্রাপ্তিস্থান : ঔষধ প্রস্তুতকরণ স্থান ; ডাক্তারখানা ; ঔষধ বিক্রয়ের স্থান : dispensary.

ঔষধি [অপপ্রয়োগ] বি. ঔষধ। প্র—
"নাহি জানে বিধি এমন ঔষধি,
পিয়াইলে যায় জ্বরি"।
—চণ্ডীদাস।

ঔষর (র্) [ঊষর + অ (সম্বন্ধার্থে—অণ্)] বি. ক্লী. পাংশুক্ষার : পাঙ্গা লবণ। ২। অয়স্কান্ত। ৩। বিণ. ঊষর ভূমিজাত।

ঔষস (ঔষশ্) বি. সন্ধ্যার অবসর : ঊষা সম্বন্ধীয়।

ঔষ্ট্র [উষ্ট্র=অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ. উষ্ট্র সম্বন্ধীয়। বহুবচনে—**ঔষ্ট্রক**—উষ্ট্রসমূহ (ঔরভ্র দ্রঃ)।

ঔষ্ট্ররথ (থ্) [উষ্ট্র—রথ + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ. উষ্ট্রবাহ্য যান সম্বন্ধীয়। ২। [ভাবে—অণ্] উটের গাড়ী ; শিকরম্।

ঔষ্ঠ্য (ঔশ্ঠ) [ওষ্ঠ + য (ভবার্থে—যণ্)] উচ্চার্য্য বর্ণ. উ, ঊ, ও, ঔ, পবর্গ, ব।

ঔষ্ণ বা ঔষ্ণ্য (ঔষ্ণ্) [উষ্ণ + অ (ভাবে—অণ্, যণ্)] বি. ক্লী. উষ্ণত্ব, উষ্ণতার ভাব।

ঔষ্ণীক (ক্) [উষ্ণীষ (পাগ্ড়ী, কিরীট) + অ (অণ্—ষ=ক)] বিণ. উষ্ণীষমণ্ডিত কিরীটধারী : মুকুটধারী। ২। বি. পুং. রাজা।

ঔষ্ম, ঔষ্ম্য (ঔষ্ম্) [উষ্ম দ্রঃ। উষ্মন্ + অ (অণ্) য (যণ্)—ভাবে] বি. ক্লী. উষ্ণতার ভাব ; উষ্মতা।

ক

ক—ব্যঞ্জন বর্ণমালার এবং কবর্গের আদ্যবর্ণ (আলিকালি দ্রঃ)। ইহা কণ্ঠ হইতে উচ্চারিত হয় বলিয়া, কণ্ঠ্যবর্ণ। কণ্ঠ হইতে শব্দ বাহির করিবার কালে জিহ্বামূল তালুর নিকট হইতে মুহূর্ত্তের জন্য পথরোধ করিলে, ক এই শব্দ স্বতঃই উচ্চারিত হয়। অল্পায়াসে ও অত্যন্ত অল্প হাওয়া বাহির করিলেই উচ্চারিত হয় বলিয়া ইহাকে অল্প-প্রাণ এবং ধ্বনির গাম্ভীর্য্য নাই বলিয়া ঘোষহীন বর্ণ বলে। প্রাণ ও ঘোষ দ্রঃ। উচ্চারণে ইহা ইং—k এবং ফা—কাফ্ বর্ণের সমতুল্য ; কিন্তু জিহ্বামূল তালুর পশ্চাতে অর্থাৎ অলিজিহ্বার স্থান হইতে হাওয়ার পথ রোধ করিলে মহাপ্রাণ ও ঘোষবান খ ও গ ব্যতীত আর এক প্রকার উচ্চারণ বাহির হয় তাহা অনেকটা ক়, ইং—kw এবং আরবী ক়াফ্ বর্ণের সমতুল্য। বাঙ্গালা ভাষায় বহু আরবী শব্দ ব্যবহৃত হওয়ায় ভাষাতত্ত্ববিদ্গণকে ক বর্ণের নিম্নে বিন্দুযুক্ত করিয়া ক় এই নূতন বর্ণের সৃষ্টি করিতে হইয়াছে। সম্ভবতঃ অক্ষয়-কুমার দত্ত মহাশয় বাঙ্গালা ভাষায় এইরূপ বিন্দুযুক্ত বর্ণের প্রথম প্রবর্ত্তক।

ক [সংস্কৃত ভাষায়। কৈ (শব্দ করা) + অ (ড, কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি. পুং-ক্লী. ব্রহ্মা ; বিষ্ণু : রুদ্র : সূর্য্য : যম : বায়ু ; অগ্নি : দীপ্তি : জল ; দক্ষ ; কন্দর্প ; রাজা ; আত্মা : মন : দেহ : মস্তক : কেশ ; পক্ষী : ময়ূর : ধন : রোগ : সুখ ; শব্দ। বাঙ্গালা ভাষায় ক অন্যান্য বর্ণ-সহযোগে ঐ সকল অর্থ প্রকাশ করে। কবুন্দর, কচ্ছ, কপট, ককুভ, কদলী, কপর্দ্দ ইত্যাদি দ্রষ্টব্য। ২। অনুকার শব্দ। ক এবং কবর্গীয় সকল বর্ণই প্রধানতঃ শব্দ-দ্যোতক। ইহা ক-বর্গীয় বর্ণ-যোগে কণ্ঠ্য শব্দ (যথা—খক্ খক্, গাঁক গাঁক্), চ বর্গীয় বর্ণ যোগে শব্দের কোমলতা (যথা—কচ্ কচ্, কুচ্ কুচ্), ট বর্গীয় বর্ণযোগে কাঠিন্য (যথা—কট্কট্, টকাটক্, ঠক্ ঠক্), ত-বর্গীয় বর্ণ যোগে তারল্য (যথা—তক্ তক্, থক্ থক্), প বর্গীয় বর্ণ যোগে পবন-ক্রিয়ার (যথা—কপ্ কপ্, বক্বক্) দ্যোতনা করে।

৩। অবিলম্ব বা আকস্মিকতা বাচক। প্র—টক্ করে কেটে ফেলা। তাক লাগা। কট করে কাটা। কট করে কামড়ান। ৪। তীব্রতাব্যঞ্জক। প্র—পেট কনকন্ করা : মাথা কট কট করা : লাঠি ঠক ঠক করা : চোক কর কর করা, গা কস্ কস্ করা।

৫। পর্য্যন্ত বা সীমা-বোধক। প্র—এই তক : ছটাক খানেক] ৬। [কহ, কও শব্দের সংক্ষেপ (দ্রুত উচ্চারণ হেতু) অবজ্ঞায়—অনুজ্ঞা বাচক] ক্রি. বল্ : বর্ণনা কর্। প্র—কথা ক। যা যা দেখে এলি ক দেখি। ক-আ, কহা—বলা : উল্লেখ করা ; বর্ণনা করা। কই, কহি—উ. পু. বলি। কয়, কহে—প্র. পু. বলে। কইতে কহিতে—বলিতে ; বলিবার জন্য। (২) করিতে স্থলে (দ্রুত উচ্চারণ হেতু) কইতে, পরে, কৈতে ব্রজ—কহইতে। কহা দ্রঃ।

৭। [সংখ্যাবাচক। কয় শব্দের দ্রুত উচ্চারণ হেতু সংক্ষিপ্ত আকার] বিণ. কি সংখ্যক : কয়টা। প্র—ক সের দুধ ; ক গজ কাপড় : ক হাজার টাকা ; ক বৎসর ; ক দিন ; ক ঘণ্টা ; ক জন লোক। (২) পরিমাণবাচক কত অর্থে বিরল ব্যবহার। প্র—কখন (কতক্ষণ)। ৮। বাঙ্গালা প্রত্যয়। (১) স্বার্থে। প্র—ঝলক : মড়ক, বৈঠক, আদিক। (২) অল্পার্থে। প্র—টাক : টুক। (৩) ক্ষুদ্রার্থে (diminutive)। প্র—মানবক : বৃক্ষক। (৪) তুচ্ছার্থে ক—পরে কা। প্র—ঢ্যাঙ্গা হট্কা : ছোট্কা (স্ত্রী. ছোট্কী, ছুট্কী)। ৫। প্রা. বাং-বিভক্তি। ২য়া বিভক্তি ; কে স্থলে। প্র—মোহক, তোমাহক, আমাহক। (৬) [৬ষ্ঠী বিভক্তি।] হি-র বিবিধ শাখার কথ্য ভাষায় বা বোলীতে কব, ক, র এবং আকারাদি স্বর-যোগে বিভিন্ন উচ্চারণ-জাত কা, কে, কো, কেব, কার ইত্যাদির অনুকরণে। তুল—ওড়ি 'র' প্রা. বাং—'র' এবং 'ক' উভয়েরই ব্যবহার আছে]। প্র—"হাথক দরপণ মাথক ফুল, নয়নক অঞ্জন মুখক তাম্বুল।" —বিদ্যাপতি। "শ্রবণক পথ"। "দশনক চিন"। তুল—'হাথর', 'সংসারক'—শূন্য পুরাণ। ৯। সত্ত্বেও তথাপি শব্দের আকাঙ্ক্ষা বোধক "কেন" অর্থে। প্র—"যেথা আমি যাই নাক, তুমি প্রকাশিত থাক।" —রবীন্দ্র।

১০। ভ্রূক্ষেপ না করা বা উপেক্ষার ভাব-বোধক 'কেন' এই অর্থে (তখন 'না' র সহিত যুক্ত হয়)। প্র—বলুক নাক ; এখন করুক নাক, পরে দেখে নেব ; যাক নাক ইত্যাদি নাক না—কেন। ১১। প্রশ্নে নিশ্চয়তা বা দৃঢ়তা অর্থে। প্র—আচ্ছা তুমি যাবে না ক?

১২। (কো) সতর্কীকরণে যেন অর্থবোধক। প্র—"ছিন্ন মালার ভ্রষ্ট কুসুম ফিরে যাসনে ক কুড়াতে" —রবি।

ক-খ [তুল—গ্রী. alphabet alpha, beta হইতে ; ইং—a b c ; ফা—আলিফ্ বে] বর্ণমালা, প্রাথমিক পাঠ : লেখাপড়ার সূত্রপাত। প্র—এখনও ক খ শেখেনি ; ওখানা ক খ'র

বই : তাহার ক খ চিন্‌তেই ৩ একমাস গেল।

ক অক্ষর গোমাংস—বর্ণমালার যাহা প্রথমবর্ণ অর্থাৎ শিক্ষার সূত্রপাত তাহাও (গো-মাংসের মত) মুখে আনিতে নাই ; 'ক' অক্ষর গোমাংস তুল্য যাহার নিকট অস্পৃশ্য, অনুচ্চার্য এবং অশ্রাব্য। সুতরাং বর্ণজ্ঞানবর্জ্জিত অবস্থা : লেখাপড়ার লেশমাত্র না থাকা : বর্ণপরিচয়-হীন।

ক বল্‌তে চ—বর্ণপরিচয়হীন। এক বর্ণ উচ্চারণ করিতে অন্য বর্ণ উচ্চারণ করা : এক বলতে আর ; মূর্খ ; অজ্ঞান।

কআ, কওয়া—কহা দ্রঃ।

কই (কোই) [উচ্চারণ সাদৃশ্য হেতু 'কৈ' এরূপ ও লিখিত হয়। সং—কিম্—ক (কস্মিন্ অর্থে) —কহি, কহিঁ। প্রশ্নে] অ, কোথায় (শুদ্ধ প্রশ্নে)। প্র—বই খানা কই দেখতে পাচ্চি না? ২। কোথায় (নৈরাশ্যের ভাবমিশ্রিত)। প্র—"কই গো বৃন্দে সই, বৃন্দাবন চন্দ্র কই" —রামবসু।

৩। বৈপরীত্যবোধক : না এই অর্থে। প্র— "বাঁশরী বাজাতে চাহি বাঁশরী বাজিল কই।" —রবীন্দ্র।

৪। বিস্ময়-বোধক প্র—কই তার ৩ কোনই অসুখ করে নাই! ৫। বিস্ময়ের সহিত কারণ বা হেতু সম্বন্ধে প্রশ্নের ভাববোধক। প্র— কই সে আসবে বলে এল না? ৬। [এ, এই, এটি, এইটি, এই যে, এখানে ইত্যাদি অর্থে শিশু সন্তানের প্রতি প্রযুক্ত] আদর অর্থে। প্র—আমার সোণা কই : মাণিক কই : কই রে আমার নীলমণি।

কই (কোই) [সং—কবয়ী : "কবয়ী মৎস্য-ভেদে"—ত্রিকাণ্ড শেষ] বি, কবয়ী মৎস্য : কই মাছ। প্র—কই মাছ ভাজা : কই দিয়ে কপি দিয়ে ঝোল ইত্যাদি।

কই (কোই) ['কহি'র দ্রুত উচ্চারণ] ক্রি, কহি ; বলি। প্র—"সত্য সত্য পুনঃ সত্য ঊর্দ্ধ হস্তে কই। হয় নাই পরিত্রাণ হরিনাম বই॥" —শিবায়ন।

"কথায় উঠিল কথা অতএব কই"—ঐ।

"তোমা বই কারে কই" —বাং-গান।

কইলা, কইলে (কো) [বানান ভেদে কৈলে। উচ্চারণ ভেদে কইলে, কৈলে। সং-কপিলা (ধেনু)—প্রাকৃত রূপ—কইলা। "কোমলা'র প্রাকৃ-কইলা] বি, স্ত্রী, তিন মাসের অনধিক বয়সের স্ত্রী-গোবৎস : সদ্যঃ প্রসূত নৈ বাছুর (নৈ বাছুর একটু বড় হইলে বক্‌না বলে)। কইলা বাছুর [কোমল বৎস, a sucking calf ; a calf under 3 months of age. —*Haughton.* তুল—cow-calf নৈবাছুর]। ২। সদ্যঃ-প্রসূত বা তিন মাসের অনধিক নৈবাছুর। প্র—"গেলে বাঁধা কৈলে বাছুর" —গিরিশ।

কইসর (কোইসর্) [আ—কয়্‌সর্ : হি— কৈসর্ ; ল্যা—Cæsar. প্রসব করিবার পূর্ব্বেই জননীর মৃত্যু হইলে, তৎক্ষণাৎ পেট চিরিয়া যে সন্তান বাহির করা হয় ল্যাটীন ভাষায় তাহাকে কইসর বলে। রোমের বাদসাহ অগষ্টস এইরূপে জন্মগ্রহণ করেন বলিয়া তাঁহার নাম হয় অগস্-টস কইসর (সীজর=Augustus Cæsar.) এবং এই কইসর দোর্দ্দণ্ড-প্রতাপ ও সম্রাটকুল-তিলক ছিলেন বলিয়া কইসর অর্থে পরে সম্রাট বুঝাইতে থাকে] বি, সম্রাট : বাদশাহ।

কইসর-ই-হিন্দ্ (ইং Kaiser-i-Hind) —হিন্দুস্থানের সম্রাট। ২। ইংরেজ-গবর্ণ-মেন্টের সম্মানসূচক পদকবিশেষ।

কউতর (কৌতর্) [প্রাদে উচ্চারণ। হি— কবুতর। সং—কপোত] বি, পুং কপোত : পারাবত।

কএক (কএক্) [ক (কত)+এক। হি-কইএক। কতেক দ্রঃ] বিণ, কতিপয়। ২। কিয়ৎ : কিঞ্চিৎ ; কিছু।

কএথ (কয়্‌থ) [সং—কপিথ শব্দজ। হি— কয়্‌থা] বি, কপিথ : কয়েত বেল। ২। কয়েৎ বেলের গাছ।

কএদ (দ্) [আ—ক্‌এদ্] বি, অবরোধ : আটক : প্রতিবন্ধ।

কএদী (দি) বি, যাহাকে কএদ করা হইয়াছে ; অবরুদ্ধ ব্যক্তি ; ২। বিণ, অবরুদ্ধ।

কএরাকাণী (নি) [কাণী স্থলে খানীও উচ্চারিত হয়। কলহকারিণী হইতে। গ্রা] বি, কর্কশবাদিনী নারী : কলহপ্রিয়া স্ত্রী।

কএলা [প্রাদে] বি, মৎস্য-বিশেষ। কয়লামাছ।

কএলা [কয়লা দ্রঃ। হি—কোএলো : ইং—coal.] বি, কাঠাঙ্গার : আলাত : পাথুরে কয়লা।

কওন [হি—"কৌন"] কোন দ্রঃ।

কওয়া (কওআ) [হি—কহাব, কহাবত। উ-পু—কই। ম-পু—কও। প্র-পু—কয়। অস-ক্রি—কইতে ; কইয়া, ক'য়ে। ণিজন্ত— কওয়ান] ক্রি, কহা ; বলা ; বর্ণন করা। প্র—"সরমে মরমের কথা কওয়া গেল না" —রামবসু (গীত)।

২। বি, কথন : বর্ণন।

কংস, কংশ (শ) [কন্‌শ্—কন্‌স্ (শাসন করা)+অ—কর্ত্তৃ—অচ, যে (নিষ্ঠুরভাবে) শাসন করিতে পারে] বি, পুং, কংস নামক মথুরার রাজা : উগ্রসেনের পুত্র। ২। তৈজস দ্রব্য : স্বর্ণ রজতাদি নির্ম্মিত পাত্র। ৩। তাম্ররঙ্গমিশ্রিত ধাতু ; কাংস্য পাত্র ; কাঁসা। ৪। পরিমাণ-পাত্রবিশেষ ; আঢ়ক।

কংসকৃষ্ (কংশ) [কৃষ্ (কর্ষণ করা, মর্দ্দন করা)] বি, পুং, যিনি কংসকে বিনাশ করিয়া-ছেন : কংসহন্তা : কৃষ্ণ। **কংসহা** [—হা (হন, বধ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, কংসহন্তা : কৃষ্ণ। **কংসজিৎ** [—জিৎ (জি, জয় করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) —যে কংসকে জয় করিয়াছে] বি, পুং, কংসারি কৃষ্ণ।

কংসক (কংশক্) [কংস+ক (তুল্যার্থে)— যাহা কাঁসা সদৃশ শ্বেতবর্ণ। (২) ক (জল) কংসের ন্যায় স্বচ্ছ জল হয় যাহা হইতে—বহ] বি, স্ত্রী, হীরাকস।

কংসকার (কংশকার্) [কংস—কৃ (করা) +অ (কর্ত্তৃ—অণ্) উপপদ] বি, পুং, যে কংস প্রস্তুত করে ; জাতিবিশেষ : কাংস্য বণিক : কাঁসারি।

কংসাবতী (কংশাবতী) বি, স্ত্রী, কংসের ভগিনী ; উগ্রসেনের কন্যা ও দেবশ্রবার পত্নী। ২। বাঙ্গালার নদীবিশেষ।

কংসারাতি, কংসারি (কংশারাতি) [কংসের অরাতি, অরি (শত্রু) ৬তৎ কিম্বা কংস (হইয়াছে) অরাতি, অরি যাহার—বহ] বি, পুং, শ্রীকৃষ্ণ ; বিষ্ণু ; নারায়ণ।

কক্, কক্‌কক্ [শব্দাত্মক] বি, অব্যক্ত শব্দ পূর্ব্বক হাস্যবিশেষ। ২। মোরগের ডাক। ক্রি, **কক্‌ককান**—বি, কক্‌ককানি।

ককান (ককানো) [অনু। কক করণ] বি, সদ্যোজাত শিশুর ক্রমাগত ক্রন্দন : অতিশয় রোদন : রোদন করিতে করিতে স্বর বা দম বন্ধ হওয়া। ২। কাতরতা প্রকাশ করা।

কাঁদিয়া ককাইয়া, কেঁদে ককাইয়ে —ক্রি-বিণ, অনেক কান্নাকাটি করিয়া : বিশেষ অনুনয় বিনয় সাধ্য-সাধনা করিয়া : বহু কষ্ট জানাইয়া।

ককানি [ককান দ্রঃ] বি, কাতর ক্রন্দনধ্বনি : রোদন-শব্দবিশেষ।

ককার (র্) [ক (ব্যঞ্জনবর্ণ)+কার (স্বরূপার্থে)] বি, পুং, কবর্ণ।

ককুণ্ডল (কোকুনডল্) বি, পুং, স্ত্রী, চাতক-পাখী।

ককুৎ, ককুদ্ (কো) বি, স্ত্রী, বৃষস্কন্ধের ঝুঁটি।

ককুৎস্থ (কোকুৎস্থ) [ককুদ্ (রাজচিহ্ন) স্থ (যে থাকে) অর্থাৎ যাহাতে রাজচিহ্ন থাকে (উপপদ) কিম্বা ককুদ্ (ষাঁড়ের ঝুঁটি) তাহাতে স্থ যে থাকে ৭মী উপপদ। প্রসিদ্ধ আছে যে বৃষরূপ ইন্দ্রের ককুদে থাকিয়া ইক্ষ্বাকুবংশীয় রাজা পুরঞ্জয় অসুর বধ করিয়াছিলেন] বি, পুং, সূর্য্য বংশীয় রাজা ; রামায়ণে বর্ণিত ইনি ভগীরথের পুত্র কিন্তু ভাগবতে ইঁহার নাম রিপুঞ্জয়।

ককুদ ["প্রাধান্যে রাজলিঙ্গে চ বৃষাঙ্গে ককুদো-ঽস্ত্রিয়াম্।"—অমর] পুং, ক্লী, শৈলশৃঙ্গ পর্ব্বতের চূড়া। ২। রাজচিহ্ন (ছত্র চামরাদি)। ৩। বিণ, প্রধান ; শ্রেষ্ঠ।

ককুদাক্ষ (কো) [ককুদ (রাজচিহ্ন) অক্ষ্ (ধরা) + অ (কর্ত্তৃ, অন্)] বিণ, রাজলক্ষণাক্রান্ত ; রাজচিহ্নাঙ্কিত : ছত্র চামরাদি রাজচিহ্নধারী।

ককুদ্মতী (কোকুদ্‌মোতি) ["কটো না শ্রোণিফলকং কটিঃ শ্রোণী ককুদ্মতী।"—অমর। ককুদ্মৎ + ঈ (স্ত্রীলিঙ্গে) ক = শরীর : কু = ভূমি ; নিতম্বস্থ ভূমি—নিতম্বদেশ। শরীরের যে অংশে নিতম্বদেশ আছে] বি, কটি : নিতম্বদেশ : শ্রোণী।

ককুদ্মান্ (কোকুদ্‌মান্, কোকুদ্দাঁন্) [ককুদ্ + মৎ (অস্ত্যর্থে মতুপ্) ১মা, ১ব,] বি, পুং, যাহার ককুদ আছে ; বৃষ ; ষাঁড়। ২। চূড়া বা শিখরবিশিষ্ট বলিয়া শৈল : পর্ব্বত।

ককুন্দর (কোকুন্‌দর্) [ক (শরীর) কু (নিতম্ব) দৃ (দীর্ণ হওয়া ; গর্ত্ত হওয়া) + অ (কর্ত্তৃ খশ্ বা খ সংজ্ঞার্থে)] বি, ক্লী, নিতম্বের দক্ষিণ ও বাম ভাগের দুইটী আবর্ত্তাকার গর্ত্ত। ২। কটু তিক্ত রসাত্মক বৃক্ষবিশেষ।

ককুভ্ [ককুভ দ্রঃ। ক—কুন্‌ভ্—ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, বৈদিক ছন্দোবিশেষ। ২। রাগিণীবিশেষ। ৩। দেশ। ৪। দিক্। ৫। চম্পকমালা : চম্পকশাখা।

ককুভ (কোকুভ্) [ক (দিক্, বায়ু) কু (ভূমি) + ভা (ভাসিত হওয়া, দীপ্তি পাওয়া) অ (কর্ত্তৃ—ড) বা ক—কুন্‌ভ্ (পরিব্যাপ্ত করা, বিস্তার করা) + অ (কর্ত্তৃ)] বি, রাগিণীবিশেষ। ২। বীণার প্রান্তভাগস্থ বক্র কাষ্ঠ ; অলাবু অংশ ; বস। ৩। [বিস্তীর্ণ ভূমি ব্যাপক বলিয়া] অর্জ্জুনবৃক্ষ। ৪। [বিস্তীর্ণ পক্ষ হেতু] পক্ষিবিশেষ।

ককুভা—ককুভ্ দ্রঃ।

ককুহাস (কোকুহাশ্) বি, পুং, স্তুতি।

কক্কোল (ল্) [কক্ (অহঙ্কার করা) + (কর্ত্তৃ—ক্বিপ্) কোল—কুল (রাশিকরা) + অ (কর্ত্তৃ—অন্)] বি, পুং, ক্লী, কাঁকলানামক গন্ধদ্রব্যবিশেষ।

কক্ষ (কোক্‌খ) [সং—কষ্ + স (করণে, সংজ্ঞার্থে)] বি, গৃহ : প্রকোষ্ঠ ; ঘর। ২। রাজান্তঃপুর। ৩। দেওয়াল। ৪। বাহুমূল ; বগল : (সাধারণতঃ) কক্ষপুট। ৫। কোমর ; কাঁক : কাঁকাল ; পার্শ্বভাগ। ৬। (বগলে হয় বলিয়া) কাঁকবিরালী নামক স্ফোটক রোগ। ৭। গ্রহগণের পরিভ্রমণপথ ; orbit. প্র—কক্ষচ্যুত। ৮। বস্ত্রপ্রান্ত ; বস্ত্রাঞ্চল ; আঁচল। ৯। কচ্ছ ; কাছা (তুল—কাছা গলায় দেওয়া) বস্ত্রের একাংশ ; পৃষ্ঠদেশে প্রদত্ত বস্ত্রাংশ। ১০। শুষ্কতৃণ ; শুষ্কবন। [বিরল] ১১। লতা [বিরল]। ১২। [কষ্ = হিংসা করা] বিণ, স্পর্দ্ধাকারী ; প্রতিযোগী ; প্রতিপক্ষ। প্র—সমকক্ষ ; তুল্যকক্ষ। ১৩। কলুষ ; পাপ [বিরল]।

স্ত্রী, **কক্ষা**—ভিত্তি ; দেওয়াল।
২। প্রকোষ্ঠ। ৩। কঁচ। ৪। পূর্ব্বপক্ষ।
প্র—"যার কক্ষা মাত্র নাহি বুঝে কোন জনে"
—চৈতন্য ভাগবত।
৫। প্রতিযোগিতা।
প্র—"বালকেহো ভট্টাচার্য্য সনে কক্ষা করে।"
চৈ, ভা।
৬। [কক্ষ্যাও হয়] চন্দ্রহার। ৭। হস্তিবন্ধন রজ্জু।

কক্ষচ্যুত—কক্ষ হইতে বিচ্যুত বা বিচলিত।
কক্ষপুট—বগল। **কক্ষভ্রষ্ট**—কক্ষচ্যুত।
কক্ষস্থ—কক্ষের মধ্যে স্থিত ; স্বস্থানে অধিষ্ঠিত ; কক্ষের অন্তর্গত।

কক্ষক (কোক্‌খোক্) [কক্ষ + ক (সংজ্ঞার্থে)] বি, পুং, রাজা জনমেজয়ের সর্পযজ্ঞে দগ্ধীভূত সর্পবিশেষ।

কক্ষণ (কক্‌খোনো) [ক (কস্মিন্) ক্ষণ। হি—কোইক্ষণ—কখনই] অ, কোন কালেই ; কখনই।
প্র—সে বলেছে যে ওদিকে সে কক্ষণ যাবে না।

কক্ষণই [নিশ্চয়ে, হি—'হি' = বাং(সংক্ষেপে) 'ই'। পুনরুক্তি দুষ্ট] অ, কোন সময়েই ; কখনই।

কক্ষধর (কোক্‌খোধর্) [কক্ষ (দেহপার্শ্ব) ধৃ (ধারণ করা) + অ (কর্ত্তৃ—অচ্, সং
বি, পুং, বক্ষের উভয় পার্শ্বস্থ মর্ম্মস্থল।

কক্ষসেন (কোক্‌খোশেন্) বি, পুং, রাজা পরীক্ষিতের পুত্র।

কক্ষা, কক্ষ্যা—কক্ষ দ্রঃ।

কক্ষাপট (কোক্‌খাপট্) [কক্ষা (কটিবন্ধ) পট (বস্ত্র) কর্ম্মধা অথবা ৬তৎ] বি, পুং, কৌপীন ; অন্তর্বাস। ২। কাছা।

কক্ষাবেক্ষক (কোক্‌খাবেক্‌খক্) [কক্ষা (মহল, রাজান্তঃপুর) অবেক্ষক অব—ঈক্ষ্ = দর্শন করা + অকণ কর্ত্তৃ, ৬তৎ] বি, পুং, অন্তঃপুররক্ষক। ২। দ্বারবান্ : দৌবারিক। ৩। উদ্যান-রক্ষক। ৪। চিত্রকর। ৫। উপপতি ; লম্পট।

কক্ষীকৃত (কোক্‌খীকৃত) [কক্ষ কৃত (মধ্যে ঈ—চ্বি, অভূততদ্ভাবার্থে)] বিণ, বশীকৃত ; আয়ত্তীকৃত ; অধীনীকৃত। ২। কুক্ষিগত।

কক্ষ্য (কোক্‌খো) বি, কক্ষ (দ্রঃ)। ২। সাদৃশ্য। ৩। বিণ, কক্ষোদ্ভব। ৪। কক্ষ সম্বন্ধীয়।

কখন (কখোনো) [কি (কিম্ শব্দজ) খন (ক্ষণ শব্দজ) কদা, কস্মিন্‌কালে ; কোন সময়ে। **কখন কখন** (কখোনোকখোনো) ক্রি—বিণ, সময়ে সময়ে ; কোন কোন সময়ে। প্র—"কখন কখন সখি, দেখা দেয় আসি"
—বাং-গীত।

কঙ্ক (কংক) [কন্‌ক্ (গমন করা) + অ (কর্ত্তৃ, অচ্)] বি, পুং, কাঁকপক্ষী। হাড়গিলে ; the Heron. ২। যম। ৩। অজ্ঞাতবাস-কালে যুধিষ্ঠির বিরাটরাজের নিকট এই নামে পরিচিত হইয়া ছিলেন। ৪। ক্ষত্রিয়। ৫। ছলব্রাহ্মণ ৬। কংসের ভ্রাতা : উগ্রসেনের পুত্র। স্ত্রী, **কঙ্কা**—উগ্রসেনকন্যা। ২। শ্রীখণ্ড চন্দন ; শ্বেতচন্দন।

কঙ্কট (কংকট্) [(কং (বায়ুকে) কট্ (আবরণ করা) + অ (কর্ত্তৃ-সংজ্ঞার্থে খ) যে বায়ুকে পর্য্যন্ত অবরোধ করে] বি, পুং, বর্ম্ম ; কবচ ; সাঁজোয়া।

কঙ্কটক (কংকোটক্) [কঙ্কট + ক (স্বার্থে) কঙ্কট দ্রঃ] বি, পুং, কবচ : সাঁজোয়া। প্র—"গলদেশে প্রতিমুক্ত, উরু কঙ্কটকযুক্ত, শিরস্ত্রাণে সুশোভিত শির—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

কঙ্কণ (কংকন্) [শব্দাত্মক পদ। যে পরস্পরের ঘর্ষণে কং কং শব্দ করে] বি, ক্লী, স্ত্রীলোকের করভূষণবিশেষ ; কাঁকন : খাড়ুয়া ; খাড়ু। ২। শেখর। ৩। করসূত্র। ৪। সহ্যাদ্রি হইতে সাগর পর্য্যন্ত বিস্তৃত দেশ, পরশুরাম একবিংশতিবার নিঃক্ষত্রিয় করিয়া পৃথিবী ব্রাহ্মণাধিকৃত করত আপন বাসের জন্য এই স্থান নির্ম্মাণ করেন।

কঙ্কণী (কংকোনি) [কঙ্কণ + ঈপ্ স্ত্রী,] বি, স্ত্রী, ছোট ঘুঙুর।

কঙ্কত (কংকত্) [কন্‌ক্ (গমন করা) + অত (কর্ত্তৃ, সংজ্ঞার্থে, অতচ্) যে কেশ সংস্কারের জন্য কেশ মধ্যে গমন করে।] বি, পুং, ক্লী, কেশ-সংস্কারক ; চিরুণী। স্ত্রী, **কঙ্কতী; কঙ্কতিকা**—কাঁকুই মোটা দাড়ার বড় চিরুণী ; comb.

কঙ্কতদেহী [কঙ্কতদেহিন্ শব্দ] বিণ, চিরুণীর দাড়ার ন্যায় কাঁটায় আবৃত গোলাকার কোমলাঙ্গ টেনফোরা নামক সামুদ্রিক জীববিশেষ ; ctenophora.

কঙ্কপক্ষ (কংকোপোক্‌খো) [কঙ্কের (কাঁকের) পক্ষ পাখা বা পালক, ৬তৎ], বি, ক্লী, কাঁক পাখীর পালক ; হাড়গিলার পালক ; হাড়গিলার ডানা।

কঙ্কপত্র (কংকোপৎত্রো) [কঙ্কের (কাঁকের) পত্র পালক যাহাতে, বহু] বি, পুং, কঙ্কপত্রযুক্ত বাণ ; পুঙ্খযুক্ত বাণ। ২। [কঙ্কের পত্র, ৬তৎ] স্ত্রী, কঙ্ক পক্ষীর পালক। ৩। বিণ, কঙ্কপক্ষবিশিষ্ট।

কঙ্কপুরী (কংকোপুরি) [কঙ্ক (সুখ) পুরী —কর্ম্মধা] বি, স্ত্রী, কাশীধাম।

কঙ্কমালা—বি, স্ত্রী, করতাল বাদ্য।

কঙ্কমুখ (কংকোমুখ্) [কঙ্কের (কাঁকপক্ষীর ন্যায়) মুখ (অগ্রভাগ) যাহার, বহু] বি, পুং, কঙ্কচঞ্চুবৎ সাঁড়াশী ; চিমটা। ২। শল্যোদ্ধারক যন্ত্রবিশেষ

কঙ্কর (কংকর্) [কং-কৃ (করা) +অ (কর্তৃ-খ) যে ঘর্ষণে বা আঘাতে 'কং' শব্দ করে] বি, স্ত্রী, কাঁকর। প্র—"ঐ দেখ ! প্রচণ্ডতর কর্কশ সমীরণ ইতস্তত কঙ্কর বর্ষণ করিতেছে" —মহা, সভা (বর্দ্ধ)। ২। বিণ, কর্কশ ; কঠিন। ৩। করকরে বা কিরকিরে।

কঙ্করোল (ল্) বি, পুং, কাঁকরোল গাছ ও ফল। এই ফলের সর্ব্বাঙ্গ চিরুণীর দাঁতের মত কণ্টকাবৃত।

কঙ্কাল (কংকাল্) [কঙ্ক্ (গমন করা, গত হওয়া) আল (কর্তৃ, সংজ্ঞার্থে)] বি, পুং, শরীরের রক্ত, মাংস, মেদ, চর্ম্ম প্রভৃতি সমস্ত গত হইলে যাহা অবশিষ্ট থাকে অর্থাৎ কেবল হাড় পাঁজরা বা খাঁচা ; অস্থিপঞ্জর ; skeleton. ২। কাঁকাল ; কটি।

কঙ্কালমালী (কংকালমালি) [কঙ্কালমালা (অস্থিমালা) + ইন্ (অস্ত্যর্থে) = কঙ্কালমালিন্ ১মা, ১ব, যাহার কঙ্কালমালা আছে] বি, পুং, অস্থিমালাধারক শিব। স্ত্রী, **কঙ্কালমালিনী** —কালী।

কঙ্কু (কোংকু) বি, পু, তৃণবিশেষ ; কাঙনি ঘাস। ২। উগ্রসেনের পুত্র।

কঙ্কুষ্ঠ (কোংকুশ্ঠ) বি, স্ত্রী, হরিতালের ন্যায় পাষাণবিশেষ ; হিমালয়প্রদেশস্থ পীতবর্ণমৃত্তিকা-বিশেষ।

কঙ্গু, কঙ্গুকা, কঙ্গুনী (কো) বি, স্ত্রী, কাঙ্গনি ধান্য, এই ধান্য শ্যামাক, চীনক, কট ও কোদ্রব ভেদে এবং শ্বেত, পীত, কৃষ্ণ ও রক্তবর্ণ ভেদে চারিপ্রকার এবং বংশবীজ ও শরোদ্ভব ভেদে কোদ্রব ধান্যও দুই প্রকার। panicum italicum.

কঙ্গুরা (কো) [হি—কঁগুরা। ফা—কুংগ্রা] বি, শিখর ; চূড়া। তুল—"কণক কঁগুরা" —তুলসী।

২। দুর্গের প্রাচীরের মধ্যে মধ্যে যে সকল উন্নত স্থান থাকে যাহা হইতে সৈনিকগণ যুদ্ধ করে ; বুরুজ। প্র—

"পাথরের জড় পাথরের গড়
কঙ্গুরা পুরট শোভা।" —কবিক।

কচ্ [শব্দাত্মক। কচ্ এই শব্দ। ক দ্রঃ] তীক্ষ্ণধার অস্ত্রের সবল আঘাতে কোন সরস বা কোমল বস্তুকে কর্ত্তন করিবার শব্দ। প্র—কলাগাছটা কচ্ করিয়া কাটিয়া ফেলিল। কোমল দ্রব্য চিবাইবার শব্দ। এই শব্দ হইতে কচুরী, কচু, ইত্যাদির নাম আসিয়াছে। কাঁচা কাঁকুড় কচমচিয়া খাওয়া ; কচু কচকচ করিয়া কাটা। তুল—"কাঁচা মাথা কচ মচায়ে চাবায়ে না খাই" —রাজাবাহাদুর। কচ্ শব্দ ব্যাপক হইলে কচাকচ, কচ্ শব্দ ক্রমাগত হইতে থাকিলে কচরকচর। উপর্য্যুপরি অল্পজোরে আঘাতজনিত শব্দ কচ্কচ্। জোর করিয়া এক আঘাতে দুই খণ্ড করিবার শব্দ 'কচাৎ'। [কচ্ অপেক্ষা কোমল শব্দ কুচ্, কুচ্কুচ। 'কচাৎ'এর কোমল 'কুচুৎ'। কঠিন বা নীরস বস্তুর কর্ত্তন শব্দ কচ্ না হইয়া কট্ হয়। এইরূপ কট্কট ; কটাকট ; কটাৎ, কুটুৎ]

কচ্কচ্ [শব্দাত্মক] বি, তীক্ষ্ণধার অস্ত্রাঘাতে ক্রমাগত কর্ত্তন করিবার শব্দ। **কচ্কচি, কচ্কচানি**—বকুনি ; গোলমাল।
[দ্রঃ—আঘাত সবল না হইয়া মৃদু হইলে 'কুচ্' শব্দ হয় এবং ঐরূপ পুনঃ পুনঃ আঘাতের নাম কুচ্কুচ্]।

কচ (কচ্) [কচ্ (বন্ধন করা) + অ (কর্ম্মে —অল্—সংজ্ঞার্থে) যাহাকে মস্তকে বন্ধন করা হয়] বি, পুং, শিরোরুহ ; কেশ ; চুল। প্র—"কবহুঁ বান্ধয়ে কচ কবহুঁ বিথারি। কবহুঁ ঝাঁপয়ে অঙ্গ কবহুঁ উঘারি॥"
—বিদ্যাপতি।

২। [কেশের ন্যায় অগ্রভাগ] কলমাদির সূক্ষ্মাগ্রভাগ ; কৎ (দ্রঃ)।
৩। [অগ্রভাগের অর্থ হইতে] ডগলা বা আগা। ৪। [ফা—কজ্] বি, জমি, ইমারত প্রভৃতির খানিকটা কোনাচে বা তেরচা ভাবে বাহির হইয়া থাকিলে তাহাকে কচ বলে। ৫। [ভাবে অল্] বন্ধন। প্র—বিকচ (বি=বিহীন কচ=বন্ধন)। ৬। বৃহস্পতির পুত্র : শুক্রাচার্য্যের শিষ্য। ৭। শোভা। ৮। ব্রণের উপরকার শুষ্ক চর্ম্ম ; পাপড়ী ; মাড়ড়া ; শুষ্কব্রণ। ৯। সুগন্ধবালা। ১০। মেঘ। স্ত্রী, **কচা**—হস্তিনী। ২ [প্রাদে] গাছের ডাল ; কুঠারদ্বারা কাঠ চিরিবার কালে যে বড় বড় কুচা বাহির হয়।

কচকচি (কচ্কোচি) [শব্দাত্মক। হি—কচ্কচানা] বি, বিবাদ-বিসম্বাদ ; কলহ ; ঝগড়া। প্র—"কচকচিতে কাজ কি মোরা দেশে ফিরে যাই।" —কৃত্তিবাস।
২। অব্যক্ত, অনুকারী শব্দ ; গরুর গাড়ির চাকা ঘুরিবার বা ঢেঁকী প্রভৃতি তুলিবার ও পাড়িবার সময় ঘর্ষণের শব্দ।

ঢেঁকির কচকচি—ঢেঁকিতে পা দিয়া তুলিবার এবং পাড়িবার সময় যে অব্যক্ত শব্দ হয়। ২। বচসা ; কলহ। প্র—"মিথ্যা ঢেঁকির কচকচি করার কি উপকার" —টেকচাঁদ।

কচকচিয়া, কচকচে (কচ্কচিয়া, কচ্-কোচে) [প্রাদে] বিণ, অপক্ব ; কাঁচা। ২। বি, তৃণবিশেষ।

কচগ্রহ (কচগ্গ্রোহো) [কচের বা কচেতে গ্রহ (গ্রহণ করা) হয় যে ব্যাপারে, বহু] বি, পুং, যুদ্ধে কেশাকর্ষণ। ২। কেশ-গ্রহণ ; চুলে ধরা।

কচটন (কচ্টোন্) [প্রাদে] বি, মর্দ্দন ; ম্রক্ষণ।

কচটা (চ্) [প্রাদে। হি—কচলনা, কুচ-লনা] বিণ, মর্দ্দিত ; মাখা। ক্রি, (উ, পু, অসম্ভ্রমার্থে) মর্দ্দিত কর্ ; মাখ্।

কচটাকচটি (কচ্টাকোচ্টি) বি, মাখা-মাখি ; চট্কাচট্কি। ২। ঘষাঘষি। ৩। ঠাসাঠাসি।

কচটান (কচ্টানো) [প্রাদে। কস্টানও বলে। কচলান দ্রঃ। উ-পু—কচটাই। ম-পু—কচটাও ; কচটান ; কচটা। প্র-পু—কচটায় ; অস, ক্রি—কচটাইতে ; কচটাতে, কচটাইয়া, কচটে ; (কোচ্টে)] ক্রি, চট্কান ; মাখা ; মর্দ্দন করা। ২। বিণ, মর্দ্দিত।

কচড়া (কচ্ড়া) [সং—কচ (চুল, লোম —তাহা হইতে সূত্রাদি)—ডা (তাহাতে নির্ম্মিত অর্থে)] বি, স্থূল ও দীর্ঘাকার রজ্জু ; কাছি ; দড়া। ২। [প্রাদে বাঁকুড়া] মৌয়া ফল। ৩। [প্রাদে—নদীয়া] মোট। [হি—কিচড। বাং, প্রাদে—কচ্চুর, সং—ও পালি—কচ্চর ; কচ (ইট পাথরাদির টুকরা, খোয়া) + ড়া (যুক্তার্থে রা—লা ধাতুজ)] পঙ্ক ; কাদাকিচেল ; জঞ্জাল ; কাঁকরযুক্ত মাটি। কড়কচ বা করকচ [এই অর্থে— **কচরা, কচলা**ও হয়]

কচমা (কচ্মা) [হি—কাঁচ্চা হইতে। তুল—বাং—এক-রত্তি ; একছটাক ; মাংস-বিরল খর্ব্বাকার ছেলেকে বলে ছটাকে। সেইরূপে স্ত্রী, ছটাকী] বিণ, একটুখানি ; মুষ্টি-মেয় ; এক-রত্তি। প্র—
"ভাল ফললো ফল বল্লালীতে,
মিলল বর এক কচ্মা ছেলে।"
—রাসবিহারী মুখো।

কচরকচর, কচরমচর (কচর্কচর্) [হি—কচর্কচর্ "প্রাদে, উচ্চারণভেদে ক্যাচরম্যাচর"] বি, কাঁচা ফল চিবাইয়া খাইবার শব্দ। ২। অব্যক্ত শব্দ ; পক্ষীর ধ্বনি। ৩। নিরর্থক গণ্ডগোল। ৪। ঝগড়া ; কচ্কচি।

কচলন (কচ্‌লোন্) [প্রাদে] বি. প্রক্ষালন ; ধৌত করণ। ২। মর্দ্দন।

কচলা [প্রাদে] বিণ. ধোয়া। ২। মর্দ্দন করা। ৩। বিবাদী।

কচলান (কচ্‌লানো) [হি—কুচলানা। উ. পু.—কচলাই। ম. পু.—কচলাও : কচলান : কচলা। প্র. পু—কচলায় : কচালে। অস-ক্রি—কচলাইতে : কচলাইয়া ; কচালিয়া ; কচালি : (সংক্ষেপে) কচালে] ক্রি. মর্দ্দন করা ; মাড়ান। ২। ধৌত করা ; প্রক্ষালন করা। ৩। চট্‌কানো ; মাখা।
প্র—"চম্পক অঙ্গুলে আম মাখে কচালিয়া"
—ফুলরেণু।
বি. রগড়ান ; মার্জ্জনা করা। প্র—
এক হাতে সখী কচালিয়া আঁখি নয়ানে দেখিয়ে অরি।" —চণ্ডীদাস।
"দিশে হারা হয়ে সারা ঘুরে বেড়াস চোক্ কচালে।" —বাং গান।

কচা [প্রাদে] বি. দণ্ড ; যষ্টি। ২। কাষ্ঠের ছিল্‌কা। প্র—কাঠের কচা। ৩। বৃক্ষ-বিশেষ। (২) গাছের কচি ডাল। ৪। ডাঁটা ; খাড়া। প্র—"বার্ত্তাকু কুমড়া কচা তাহে দিয়া কলা মোচা."—কবিক। ৫। [সং—কচ্ছ শব্দজ] জলের কাছ বা নিকটস্থ ভূমি : জলাভূমি। (তুল—কাছাড়)। ৬। কচড়া ; পাটিকেল : ইষ্টকখণ্ড। প্র—ইটের কচা। [দ্রঃ—ক্ষুদ্র কচাকে কুচা : অতিক্ষুদ্রকে কুচি বলে]। ৭। [প্রাদে] ক্রি. পরীক্ষা করা।

কচাচিত [সং-কবি ভারবী কর্ত্তৃক ব্যবহৃত। কচ (চুল) দ্বারা আচিত (ব্যাপ্ত) ৩ তৎ] বিণ. আলুলায়িত কেশ। [প্র. অ.]

কচান (নো) [কচা দ্রঃ। প্রাদে] ক্রি. কলানো ; গজান : মুঞ্জরিত হওয়া। [অপ্র] [প্রা-বাং—বৈ-সা] কচটান ; রগড়ান॥ প্র—"কচাইয়া আঁখি" —চণ্ডীদাস।

কচাল (ল্) [হি—কুচল্, কচ্‌লা] বি. বিরক্তি-জনক তর্ক বিতর্ক ; বাক্‌কলহ ; বিবাদ ; ঝগড়া। প্র—"কাত্যায়নী কহে কহ কটু হৈল কেন। কয়ে কথা কচাল যে কর পুনঃ পুনঃ।"—শিবায়ন। ২। [প্রাদে] কুৎসা। ৩। মৎস্য ধরিবার এক রকম বড় জাল। ৫। মর্দ্দন ; রগড়ান। ৪। [কিচাল দ্রঃ। হি—কীচড়] কর্দ্দম।

কচালে [কচলান দ্রঃ] ক্রি. মর্দ্দন করে। প্র—"দুই চক্ষু লোহিত কচালে করে করে।"
মহা—কাশী।
"এত শুনি নৃপতি কচালে করে করে।"—ঐ।
২। রগড়ান। প্র—"উঠিল পদাতি ধরিয়া ঢাল কাতি, কচালে কেহ বিলোচন।"—কবিক

কচি (কোচি) [হি—কচ্চা ; কচ্চী] বিণ. কাঁচা : অপক্ক। ২। কোমল : নরম। ৩। নূতন ; সদ্যোজাত ; নবপ্রসূত। প্র—
"এমনি স্বভাব মোর কচি ছেলে পেলে।
অমনি কাঁদাই তারে মহা কুতূহলে।"
—অশোকগুচ্ছ।
কচিখোকা—কোমলমতি শিশু। ২। শিশুর ন্যায় অবোধ। প্র—তাহার কচি-খোকার মত কথা বলা বা কাজ করা হয়েছে। স্ত্রী. **কচিখুকি**।

কচু, কচ্চী (কোচু, কোচ্‌চি) বি. স্ত্রী. কচু-নামক কন্দবিশেষ : কচু মূল : কচুর গাছ। ২। ['ঘোড়ার ডিম' 'কলা' প্রভৃতি শব্দের ন্যায় বিদ্রূপোক্তি ; কচুর সাদৃশ্যার্থে অণ্ডকোষ] কিছুই নহে ; অসম্মতিজ্ঞাপক অব্যয়।
কচুপোড়া খাওয়া [কচুর সাদৃশ্যার্থক অণ্ডকোষ পোড়াইয়া খাওয়া] গ্রাম্য গালি-বিশেষ। **কচুকাটা** [কচ্ কচ্ শব্দ হইতে] অবলীলাক্রমে ও যদৃচ্ছা খণ্ড খণ্ড করা। **কচুঘেঁচু**—কৃষিজাত কচু এবং বুনো ঘেসো মাটিজাত ঘেঁচু। স্থানভেদে মেটে আলু। তুল—হি-ঘুঁইয়া। কচু এবং কচুজাতীয় আনাজ। তুল—ফলমূল, শাকসবজী। **কচুশাক**—কচুগাছের বোঁটা বা ডাঁটা-শুদ্ধ পাতা।

কচুয়া (কো) বি. বাদ্যযন্ত্রবিশেষ ; কচুয়া সেতার।

কচুরি, রী (কোচুরী) [কুচুর কুচুর করিয়া খাইবার শব্দ হইতে হি—কচৌরী, কচৌড়ী, তাহা হইতে কচুরী] বি. নিম্‌কী জাতীয় খাবার ; সিদ্ধ দাইলের পূর দেওয়া মশলা মিশ্রিত ময়দায় ভজ্জিত পিষ্টক ; পূরিকা-বিশেষ।

কচেবার (রো) [হি-কচ্চে বারহ্ = কাঁচা ১২। হি—কচ্চা = কচ্চে—তাহা হইতে বাং—কচে] বি. পাশা খেলায় যে দান পড়ে তাহা ছয় পাঁচ এক জুড়িয়া যে ১২ হয় (জোড়া তাড়া দিয়ে বার সুতরাং কাঁচা বার)।

কচ্চর (কচ্‌চর্) [কু (কুৎসিত) চর (কু—কৎ - চর্ = গমন করা + অ (কর্ত্তৃ—অচ)] বিণ. যে কুৎসিত ভাবে গমন করে। ২। দুরাত্মা ; । ৩। [হি—কচ্চর = মৈলা (হি—কুচৈলা)] বিণ. কলুষিত ; মলদূষিত ; কর্দ্দমাক্ত ; মলিন।

কচ্ছ [সং—কচ্ছ (সমুদ্রকূলের ভূমি] বি. পুং. জলপ্রায় দেশ ; জলময় দেশ ; সর্ব্বদা জল-মগ্ন পঙ্কিল স্থান ; জলের উপকণ্ঠস্থ ভূভাগ ; অনুপদেশ ; হ্রদাদির তীর-দেশ ; কাছার। ২। জল প্রান্ত ; ৩। তুঁদবৃক্ষ। ৪। নৌকার পশ্চাৎ ভাগ। ৫। পর্ব্বতের সন্নিহিত সমতল স্থান। কাছাড় দ্রঃ। ৬। গুজরাটের সমীপস্থ অন্তরীপবিশেষ ; কচ্ছভুক্ত ; কচ্ছ প্রদেশ। কচ্ছেশ্বর বা কোটেশ্বর ইহার প্রাচীন রাজধানী ছিল : তৎকালে ঐ দেশের নাম ছিল ঔড়ুম্বর : the province of Cutch.
৭। কচ্ছদেশের ঘোড়া। ৮। বিণ. জলের প্রান্তস্থিত। স্ত্রী. **কচ্ছা**—কাছা ; পরিধেয় বস্ত্রের যে অংশ পশ্চাদ্ভাগে গুঁজিয়া দেওয়া হয়। ২। ঝিঁঝিপোকা।

কচ্ছটিকা (কচ্ছোটিকা) [গ্রা—কাছুটী] বি. স্ত্রী. কাছা ; কাছুটী।

কচ্ছপ (কচ্‌ছোপ্) [কচ্ছ (মুখসংপুট) প (পা রক্ষা করা)+অ (কর্ত্তৃ, ড) যে আপন মুখ সংপুট শরীরমধ্যে রক্ষা করে] বি. পুং, কমঠ ; কূর্ম্ম ; কাছিম। ২। মল্লযুদ্ধের বন্ধবিশেষ ; কুস্তির প্যাঁচবিশেষ। ৩। কুবেরের নব নিধির মধ্যে এক নিধি। ৪। নাগবিশেষ। স্ত্রী, **কচ্ছপী**—স্ত্রী-কচ্ছপ। ২। ক্ষুদ্র কচ্ছপ। ৩। যে রোগে তালুতে অর্ব্বুদ হয়। ৪। সরস্বতীর বীণা, কচ্ছপী বীণা ; ত্রিতন্ত্রী।

কচ্ছরুহা (কচ্‌ছোরুহা) [কচ্ছ (জলার্দ্র স্থান) রুহ (জাত) যে জলার্দ্র স্থানে জন্মে] বি. স্ত্রী. দূর্ব্বাঘাস।

কচ্ছু, কচ্ছূ (কোচ্‌ছু) [সং] বি. কণ্ডূ ; চুল্‌কানি ; খোস ; পাঁচড়া। [দ্রঃ—হিন্দীতে কচ্ছু অর্থে কচ্ছপ]

কচ্ছুমতী (কোচ্‌ছুমোতি)• [কচ্ছু + মৎ (মতু—জননার্থে) ঈপ—স্ত্রী] বি. স্ত্রী, কচ্ছু রোগোৎপাদক শূকশিম্বী।

কছম (ম্) [ফা—কিস্‌ম্] বি. প্রকার ; ভেদ।

কছু (কোছু) [হি—কুছ্ হইতে গ্রা-হি. কছু তাহা হইতে ব্রজ ও প্রা-বাং-বৈ-সা—কছু] কিছু। প্র—"নব অনুরাগিণী রাধা কছু নাহি মানয়ে বাধা" —বিদ্যাপতি
"বচন চাতুরী হাম কছু নাহি জানি"—ঐ।

কজাই, কাজাই [ফা] বি. ঘোড়ার মুখের সাজ : মুখস ; কড়িয়ালি।

কজাওয়া [ফা] বি. উটের পিটের জিন বা কাঠি।

কজ্জল (ল্) [কু (কুৎসিত, কৃষ্ণ) যে জল (বারি, রস), কু স্থানে কৎ, কর্ম্মধা] বি. ক্লী. অঞ্জন ; কাজল। ২। [অঞ্জন সদৃশ বর্ণ হেতু] বি. পুং, মেঘ। ৩। কালি। ৪। রস-সিন্দুর ; রসপর্পটী, black sulphide of mercury. স্ত্রী. **কজ্জলা**—মৎস্যবিশেষ ; কাজলা মাছ। ২। কাজলা আক।

কজ্জলী, কজ্জ্বলী (কজ্‌জোলি) [রাসাঃ পরিঃ কজ্জল দ্রঃ] বি. রস-কজ্জলী ; পর্পটিকা ; রস পর্পটী রসামৃত চূর্ণ ; Æthiop's mineral. [দ্রঃ—"চক্রদত্ত মতে সমানভাগ পারা আর গন্ধক একত্রে খলে মাড়িলে প্রথমতঃ কৃষ্ণবর্ণ

ধূলিবৎ এক প্রকার নূতন পদার্থ উৎপন্ন হয়। আয়ুর্ব্বেদে ইহা কজ্জলী নামে অভিহিত।"—নব্য রসায়নী বিদ্যা (প্রফুল্লচন্দ্র রায়)]

কজ্জল (কজ্‌জল্) [কু (কুৎসিত) জ্বল (অগ্নিশিখা) কৃষ্ণবর্ণ যে শিখা (কর্ম্মধা) কিম্বা কু (কৃষ্ণবর্ণ) হইয়াছে, জ্বল (দীপ্তি) যাহার, বহু] বি, ক্লী, অঞ্জন; কাজল। বিণ, কজ্জল-বর্ণ-বিশিষ্ট; কৃষ্ণ। ২। অন্ধকার; মলিন। প্রঃ—"মেঘ-কজ্জল দিবসে"—রবি।

কজ্জলী—কজ্জলী দ্রঃ।

কঞ্চি, কঞ্চিকা, কঞ্চী (কন্‌চি) [ফা—"কম্‌চী" পরে সংস্কৃত আকারে পরিণত হইয়া কঞ্চিকা (শ, ক, দ্রুম,) কুঞ্চিকা (চক্রপাণিদত্তকৃত শব্দ চন্দ্রিকা) রূপে গৃহীত] বি, স্ত্রী, বংশ-গ্রন্থি হইতে যে ক্ষুদ্র শাখা বহির্গত হয়। বেণু-শাখা; বাঁশের ডাল। প্র—"বাঁশের চেয়ে কঞ্চি দড়" —প্রবচন।

কঞ্চুক (কোন্‌চুক্) [কন্‌চ্ (বন্ধন করা)+উক (করণে) যাহাদ্বারা শরীর আবদ্ধ করা হয়, হি—চোলক, চোলী] বি, পুং, বর্ম্ম; কবচ; সাঁজোয়া। প্র—"উঠিছে আকাশে কাঞ্চন-কঞ্চুকবিভা"—মাইকেল। ২। কাঁচুলি। প্র—"কঞ্চুক ফুগইতে পহু ভেল ভোর"। ৩। জামা; অঙ্গরাখা (অঙ্‌রাখা)। ৪। নির্ম্মোক; সাপের খোলস। ৫। পুত্রাদির জন্মোৎসবে ভৃত্যেরা প্রভুর নিকট হইতে যে বস্ত্রাদি প্রাপ্ত হয়। ৬। বস্ত্র। স্ত্রী—কঞ্চুকী।

কঞ্চুকী (কোন্‌চুকি) [কঞ্চুক (কবচ, গাত্রাবরণ)+ইন্ (অস্ত্যর্থে) = কঞ্চুকিন্ ১মা, ১ব] বি, পুং; অন্তঃপুররক্ষী; অন্তঃপুর-রক্ষক; নপুংসক; খোজা। ২। দ্বার-পাল; নকীব। ৩। রাজান্তঃপুরের অধি-কারী পুরুষ। ৪। লম্পট। ৫। কবচধারী। ৬। [কঞ্চুক আছে বলিয়া] সর্প। ৭। খোসাযুক্ত শস্য; ধান, যব, ছোলা প্রভৃতি। ৮। অগুরুচন্দন বৃক্ষ। ৯। স্ত্রী, ক্ষীরকঞ্চুকী-বৃক্ষ; ক্ষীরখেজুর বা ক্ষীরীশ গাছ। ১০। শিরীষ গাছ; mimosa sirisa. ইহার বীজে চক্ষুরোগঘ্ন অঞ্জন হয়।

কঞ্চুল, কঞ্চুল (কোন্‌চুল্) [কচ্ (দীপ্তি) পাওয়া)+উল, উল (করণে—সংজ্ঞার্থে) যাহাদ্বারা নারীগণ অঙ্গের শোভা জন্মায়। হি—চোলক; কঁচুলী; কেঁচুল] বি, স্ত্রী, স্ত্রীলোকের অঙ্গাভরণবিশেষ। স্ত্রী, কঞ্চুলী।

কঞ্চুলিকা, কঞ্চুলীকা (কোন্‌চুলিকা) [কঞ্চুল দ্রঃ। হি—কঁচুলী; সং—কঞ্চুলী; বাং—কাঁচুলি] বি, স্ত্রী, যাহা দ্বারা অঙ্গের আবরণ করা হয়; স্ত্রীগণের অঙ্গরক্ষণীবিশেষ (তুল—হি, অঙ্গিয়া, আঙিয়া, আঙ্গা); কাঁচুলি।

কঞ্জ (কন্‌জ) [কং (সুখ বা জল) জ (জন ধাতু—কর্ত্তৃ—ড প্রত্যয়ান্ত) যে জলে জন্মে কিম্বা যাহার দর্শনে সুখ জন্মে] বি, পুং, ব্রহ্মা; লোকপিতামহ। ২। [ক (মস্তক) তাহাতে জ (উৎপন্ন)] কেশ; চুল। ৩। ক্লী, পদ্ম। প্র—"কালরাত্রি কঞ্জমুখী কত জান কলা" —কবিক।

"কঞ্জনয়নী খঞ্জন-গতিহারী'
—জগদানন্দ-পদাবলী।

৪। অমৃত (সমুদ্র জাত বলিয়া)। ৫। বিণ, জলজাত; জলজ।

কঞ্জক (কনজক্) বি, পুং, ময়নাপাখী।

কঞ্জজ (কন্‌জ) [কঞ্জ (পদ্ম) জ যিনি বিষ্ণুর নাভিপদ্ম হইতে জন্মিয়াছেন] বি, পুং, পদ্ম-যোনি; ব্রহ্মা।

কঞ্জন (কনজন্) [কং (মুখ) জন (যে জন্মায়)—জন্+ণিচ=জনি (জন্মান)+অ (কর্ত্তৃ—অচ)] বি, পুং, যে সুমিষ্ট বাক্য দ্বারা সকলের সুখ জন্মায়; ময়নাপক্ষী।

কঞ্জনাভ (ভ্) [কঞ্জ (পদ্ম) হইয়াছে নাভ (নাভি) যাহার, বহু] বি, পুং, পদ্মনাভ; বিষ্ণু।

কঞ্জ দ্রঃ। কঞ্জের ন্যায় মুখ যাহার, বহু] বিণ, পদ্মমুখী।

প্র—"কালী কপালিনী মাতা কপোলকুণ্ডলা। কালরাত্রি কঞ্জমুখী কত জান কলা॥" —কবিক।

কঞ্জর (কনজর্) [কঞ্জ (পদ্ম) শ্ব (গতি বা অবস্থিতি)+অ (কর্ত্তৃ সংজ্ঞার্থে, অচ্) যিনি পদ্মে অবস্থান করেন] বি, পুং, ব্রহ্মা। ২। সূর্য্য। ৩। [কং (জল) জৄ (জীর্ণ করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে অচ্) যে জলাদি ভোজ্য বস্তু জীর্ণ করে] বি, পুং, উদর; জঠর। ৪। হস্তী। ৫। সূর্য্য। ৬। ময়ূর। [প্র-অ]

কঞ্জল (ল্) বি, কঞ্জক; ময়নাপাখী।

কঞ্জিকা (কো) বি, স্ত্রী, ভার্গী বা বামনহাটী গাছ; clerodendron serratum.

কঞ্জুস, কঞ্জুষ (কোন্‌জুশ্) [হি—কন্‌জ্‌স। প্রাকৃত, কণ্ণুষ (কণ+চুষ) কণচোষা। তুল—হি—মক্ষি চুষ=যে মধুমক্ষিকা টিপিয়া মধু বাহির করত চুষিয়া খায়] বিণ, কৃপণ। বি, কঞ্জুসি [হি—কঞ্জুসী]।

কট্ [অনুকার শব্দ। সং—কট (কাটা) ধাতু (কোমলে, কচ্) ট কাঠিন্যে]। অ, কঠোরতা বা কাঠিন্যব্যঞ্জক।

প্র—কট্‌কটে কথা।

২। শীঘ্রতাব্যঞ্জক (তুল—"টক্ করিয়া কাটা")।

প্র—কট্ করিয়া কাটিয়া ফেলা।

৩। তীব্রতাব্যঞ্জক।

প্র—কাটপিঁপড়া কট্ করিয়া কামড়ায়। [আধিক্যে; কটাৎ, কটাস্; স্বল্পার্থে, কুট্, কুটুৎ, কুটুস্]।

কট্‌কট্—দাঁত দিয়া কোন কঠিন বস্তু দ্বিখণ্ডিত করিবার বা কাটিবার শব্দ। ২। যন্ত্রণাব্যঞ্জক।

প্র—মাথা কটকট করা; কাণ কটকট করা; ফোড়া পাকিয়া কটকট করা।

৩। কঠোর এবং স্পষ্ট; মর্ম্মচ্ছেদের ভাব; বিঁধিয়া বিঁধিয়া বলাব ভাব (তুল—সত্যম-প্রিয়ম্)।

প্র—তাহাকে কট্‌কট্ করিয়া শুনাইয়া দিল।

৪। বি, পুং, মহাদেব।

কটাৎ—ভারি যন্ত্র দ্বারা কঠিন দ্রব্য এক আঘাতে কাটিবার শব্দ। কটাস্=কঠিন দ্রব্য জোরে দন্তে কাটিবার শব্দ। প্র—"কটাস কামড়।" **কট্‌কটা**—বি, দন্তে দন্তে ঘর্ষণ শব্দ; ক্রোধ ও বিরক্তি-ব্যঞ্জক; দন্ত কড়মড়ি।

প্র—"দন্তকটকটা" —মহাভারত।

কটাকট—ব্যাপকার্থে। **কটরকটর**—ক্রমাগত কাটার শব্দ (কোমলার্থে, কুটুর কুটুর)। কচ্ দ্রঃ।

কট (কট্) [কট্ (আচ্ছাদন করা)+অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে, অচ্)] বি, পুং, তৃণাচ্ছাদন; তৃণাসন; মাদুরী; মাদুর। ২। তৃণ-নির্ম্মিত রজ্জু; মরাই বাঁধিবার বড়। ৩। তক্তা। ৪। [কট্=বর্ষণ করা] হস্তীর গণ্ডদেশ, যাহা মদজল বর্ষণ করে। [সং-তে—শব, শবরথ, শ্মশান, কটি, অতিশয় এবং সমযবন্ধ অর্থে ব্যবহার আছে]।

কটক (কটক্) [কট (বেষ্টন করা)+অক (কর্ত্তৃ)] বি, পুং, ক্লী, করভূষণ; বলয়। ২। চক্র। ৩। গজদন্তমণ্ডল। ৪। সৈন্য।

প্র—"বান্ধা গেল সাগর কটক হৈল পার।" —কৃত্তিবাস।

৫। সেনানিবেশ; শিবির। ৬। সৈন্য দ্বারা রক্ষিত রাজধানী। ৭। সানু; পর্ব্বতের নিতম্বদেশ। ৮। সামুদ্রিক লবণ; সৈন্ধব। ৯। ওড়িষ্যার জেলাবিশেষ এবং ঐ জেলার প্রধান সহর। বিণ, **কটকী**—কটকসম্বন্ধীয়। ২। কটকজাত; কটকে নির্ম্মিত। প্র—কট্‌কী জুতা। ৩। পার্ব্বত্যশাকের কন্দবিশেষ।

কটকটিয়া, কট্‌কটে (কট্‌কোটে) [কট্+কট্+ই আ (যুক্তার্থে) যাহা পুনঃপুনঃ কাটিতে বা কামড়াইতে থাকে] বিণ, কঠিন; কঠোর, পরুষ; রূঢ়; নীরস।

প্র—তাহার কথাগুলো বড়ই কট্‌কটে।

২। তীব্র; উৎকট। ৩। মুখর; বাচাল; স্পষ্টবক্তা। ৪। [(শুষ্ক ও কঠিন বলিয়া) বরিশাল অঞ্চলে ইহার এক নাম 'দন্তভাঙ্গা'] বি,

জগন্নাথ দেবের প্রসাদবিশেষ। (২) বেসম ও গুড় মিশ্রিত মিঠাইবিশেষ। (৩) [কট্-কট্ শব্দে ডাকে বলিয়া] এক জাতীয় ভেক ইহার অন্য নাম "কুনো ব্যাং" (ঘরের কোণে বাস করে বলিয়া)। ৪। কীটভুক্ পক্ষীবিশেষ flycatcher.

কটকবালা, কটকোবালা (কট্‌কোবালা [আ] বি. যে বন্ধকী কোবালাতে এরূপ কড়ার থাকে যে, অধমর্ণ নির্দিষ্ট সময় মধ্যে ঋণশোধ করিতে না পারিলে ঐ বন্ধকী সম্পত্তি মহাজনের অধিকারভুক্ত হইবে ; স্বত্বযুক্ত বিক্রয়-পত্র deed of conditional sale.

কটকরঞ্জা (ট্) [সং—কটুকরঞ্জা] বি. করঞ্জ ভেদ ; গেঁটে বা কাঁটা করমচা।

কটকার (কট্‌কার) [কট (মাদুর) কৃ (করা) + অ (কর্তৃ—অন্)] বি. পুং. মাদুর নির্ম্মাণকারী জাতিবিশেষ ; মাদুর প্রস্তুতকারী।

কটকিনা, কট্‌কেনা (কোট্‌কিনা) [গ্রা—কোট্‌কোনা। সং—কঠিন শব্দজ। অসঃ—কটকিনা (দুর্লভ) ; হি—কট্‌কনা (নিয়ম) ; ওড়িঃ—কটুকনা] বি. নিয়মের কাঠিন্য ; ধরা-কাট ; বাঁধাবাঁধি। ২। এক বৎসরের জন্য জমি ইজারা লওয়া। মেয়াদী ইজারা। ৩। কোট (তুল—কোট বজায় রাখা) ; প্রতিজ্ঞা।
প্র—"দিয়ে পদ দুটি মাড়াবে যে মাটি,
শ্রীমতী তো সেটি ছোঁবে না।
তুলিয়ে সে মাটি দিবে ছড়া ঝাঁটি,
শ্রীরাধার এটি কট্‌কেনা॥"
—কবির গান, রাম নৃসিংহ।

কটকিনাদার—মেয়াদী ইজারার উপস্বত্ব-ভোগকারী।

কটকী (কোট্‌কি) বিণ. স্ত্রী. পিঙ্গলবর্ণা ; রুক্ষ-গৌরবর্ণা ; ফ্যাকাসে শাদা। ২। কটকের ; কটকজাত।

কটদান (ন্) [কট (বেষ্টন, আবর্ত্তন) দান] বি. পু. বিষ্ণুর দেহাবর্ত্তন বা পার্শ্ব পরিবর্ত্তন ; হরির পাশফেরা।

কটফল (ট্, ল্) [কট্ (কটু শব্দজ) যে ফল ; কর্ম্মধা] বি. ক্লী. ফলবিশেষ ; কায়ফল। ২। [কটু ফল যাহার, বহু] বৃক্ষবিশেষ ; myrica sapida.
স্ত্রী. **কটফলা**—গাম্ভারী বৃক্ষ। ২। বৃহতী। ৩। কাকমাচী। ৪। বার্ত্তাকী। ৫। দেবদালী। ৬। শ্বেত রাখালশশা।

কটভঙ্গ [কটের (সৈন্যের) ভঙ্গ] বি. পুং. সৈন্যভঙ্গ দ্বারা সেনাবল ও রাজার বিনাশ। ২। [যাহা দ্বারা কট ভঙ্গ হয়] রাজভৃত্য-বিশেষ। ৩। হস্ত দ্বারা শস্যকর্ত্তন।

কটভী—বি. স্ত্রী. অপরাজিতা। ২। জ্যোতিষ্মতীলতা ; নরাফট্‌কী লতা ; বন উচ্ছে। ৩। কাঁটা শিরীষ।

কটমট, কটমটি (কটোমটো, কট্‌মোটি) [কট (কঠিন শব্দজ) মট (অনুকার শব্দ—শুষ্কতাব্যঞ্জক) সহচর শব্দদ্বয়] বিণ. ঝনা কাষ্ঠবৎ কঠিন ; শক্ত। ২। দুরূহ। প্র—"অট অট হাসে কটমট ভাবে নখর-বিদারিত রিপুকরী তুণ্ডে। ৩। (কট্‌মট্) ভীষণ ; ভয়ানক। ৪। (কটোমটো) [সং—কট ধাতু (প্রকটন করা) মট (দন্তে) ; ক্রোধের চোখ দেখান] ক্রি-বিণ. খর ; তীব্র। প্র—"কড়মড় করি দন্ত কটমট চান" —শিবায়ন।

কটমটিয়া, কটমটে (কট্‌মোটিআ, কট্‌মোটে) বিণ. কঠোর ; ভীষণ। ২। খর ; তীক্ষ্ণ ; তীব্র। প্র—কটমটে রৌদ্র।

কটরা (কটোরা) [হি—কটোরা (হি—কাঁসা + ওরা (প্রত্যয়) কঁসোরা—হিন্দী শব্দসাগর] বি. কাঁসার বাটী ; ধাতুনির্ম্মিত বাটী। ২। মাটীর বাটী ; খুরি। ৩। বাটী।
প্র—"কত কটরা ভরিয়া সুধা যোগায় অমনি ;"
—রামপ্রসাদ। ৩। কড়া। [কটোরা দ্রঃ]।
স্ত্রী. **কটরী**।

কটরি,—রী (টো) [কটরা দ্রঃ] বি. বাটী।
প্র—"কটরি জিনিয়া কুচসাজা" —বিদ্যাপতি।
[কটোরি দ্রঃ]।

কটা [সং—কড়ার] বিণ. পিঙ্গলবর্ণ ; রুক্ষ ২। [কট (তৃণ) বর্ণ] বিণ. কট খড়ের বর্ণবিশিষ্ট ; খড়ের বর্ণ। স্ত্রী. **কটকী**। ৩। রুক্ষ ; কড়া।
প্র—"পুজিয়া সন্ন্যাসী কটা" —ঘনরাম।
কটাশূদ্র—রুক্ষ গৌরবর্ণ শূদ্র ; অস্বাভাবিক বর্ণ-বিশিষ্ট (কারণ জাতিতত্ত্বে শূদ্রের স্বাভাবিক বর্ণ কৃষ্ণ বলিয়া নির্দিষ্ট। তুল—"কাল বামুন")।
কটাচোক—বিড়ালাক্ষ। বিণ. **কটিয়া, কটে** (কোটে)। ক্রি. **কটান** (নো) কটা হওয়া। প্র—তাহার গোঁফ দাড়ির চুল সব কটিয়া গিয়াছে।

কটা [ক (কয়) টা (সংখ্যার নির্দেশবাচক) তুচ্ছার্থে আ। আদরার্থে কটি] বিণ. কয়টা ; কতসংখ্যক।

কটাক্ষ (কটাক্‌খো) [কট্ (গমনকারী) অক্ষি (চক্ষুঃ) হয় যে ক্রিয়াতে বহু, অক্ষি= অক্ষ] বি. পুং. নয়নকোণ দ্বারা দর্শন ; অপাঙ্গদৃষ্টি ; বক্রদৃষ্টি। ২। রুষ্ট দৃষ্টি ; তীব্র সমালোচনা ; প্রতিকূল দৃষ্টি।

কটাক্ষে (কটাক্‌খে) ক্রি-বিণ. দেখিবামাত্র ; দৃষ্টিমাত্র ; নিমেষে ; মুহূর্ত্তে ; অবিলম্বে।

কটাখ (খ্) [কটাক্ষ শব্দের অপভ্রংশ] বি. কটাক্ষ। প্র—"যাঁহা যাঁহা কুটিল কটাখ"
—বিদ্যাপতি।

কটাগ্নি [কটদ্বারা বেষ্টিত যে অগ্নি—কর্ম্মধা] বি. পুং. কটদ্বারা প্রজ্বালিত অগ্নি। ২। তৃণাগ্নি ; ঘাসের আগুন ; খড়ের আগুন।

কটান (নো) ক্রি. কটা হওয়া। ২। কটা করা ; কটারঙ্গ ধরান। **কটিয়ে যাওয়া**—ক্রি. কটা বর্ণে পরিণত হওয়া। প্র—তাহার সব চুল কটিয়ে গেছে।

কটায়ন (ন্) বি. ক্লী. খস্‌খস্ তৃণ।

কটারি, কাটারী [সং—কর্ত্তরী। হিন্দীতে—পুংলিঙ্গে, কটার=বড় কাটারি] বি. স্ত্রী. অস্ত্র-বিশেষ ; দা। ২। হিন্দুস্থানে নারিকেলের শাঁস বাহির করিবার অস্ত্রবিশেষ। ৩। [পাকী বেহারাদের ভাষায়] পথে পতিত খোঁচা ওঠা কাষ্ঠখণ্ড বা চেলা।

কটাল (লো) [সং কড়ার] বিণ. ম্লান ; গ্লানিযুক্ত। [বিরল]
২। [সং করাল ("তুঙ্গে"—অমর)] বিণ তুঙ্গ ; উচ্চ ; স্ফীত (তাহা হইতে) মোটা ; বৃহৎ বড়। এই অর্থে বাঙ্গালায় কড়াল শব্দের ব্যবহার আছে। প্র—কড়াল কড়াল চিংড়ী। ৩। [(কটাল, গ্রা—কোটাল) সং—করাল (তুঙ্গ)] বি. অমাবস্যা ও পূর্ণিমা তিথিতে সমুদ্র ও নদীর স্ফীতি ; জোয়ার। **ভরাকটাল**—অমাবস্যায় পূর্ণিমায় নদীর জলের পূর্ণ স্ফীতি ; জোয়ারের অবস্থা ; spring tide. **মরা-কটাল**—ভাটার অবস্থা ; neap tide.
কটাল ডাকা—বান ডাকা ; ভরা কটালের সময় জোয়ারের জলের শব্দ হওয়া।

কটাস (কটাশ্) [কাটা ; হি—কাটনা] । বি. অব্যক্ত শব্দ ; দাঁত দিয়া কাটিবার শব্দ বিশেষ। ২। কীটাদির দংশনের তীব্রতার ভাবব্যঞ্জক শব্দ। [তুল—"কটাস কামড়"। কট দ্রঃ। শব্দ ও তীব্রতার অধিক্যার্থে, কটাস ; মৃদুতা স্থলে কুটুস। প্র—ক্ষুদি পিঁপড়ে কুটুস করিয়া কামড়ায় ; ডেয়ে পিঁপড়ে কটাস করিয়া কামড়ায়]

কটাসিয়া, কটাসে (কটাশিআ, শে) [কট (তৃণবিশেষ ; যে তৃণে মাদুর হয়) আস (অল্পতার্থক) ইআ (বিশিষ্টার্থে) দ্রুত উচ্চারণে কটাসে] বিণ. ঈষৎ কটা বর্ণবিশিষ্ট ; কটা ; ২। বি. কটা রঙ্।

কটাহ [সং। হি—কড়াহ—বড়ী, কড়াহী ; "কটাহো ঘৃত তৈলাদি পাকপাত্রে চ খর্পরে"—বিশ্ব।] বি. পুং. কড়া ; লৌহাদি নির্ম্মিত পাক-পাত্রবিশেষ ; তৈলাদি জ্বাল দিবার লৌহ বা তামার খুলি। প্র—লৌহকটাহ ; তৈল-কটাহ। ২। ভর্জ্জনপাত্র ; ভাজনা-খোলা ; ৩। কচ্ছপের খোলা ; খর্পর। [সং—তে কূপ ; নরকবিশেষ ; দ্বীপবিশেষ ; মহিষ-শাবক (হি—পাঁড়িয়া)]।

কটি, কটী (কোটি) [কট্ (বেষ্টন, গমন করা) + ই (সংজ্ঞার্থে)] বি, পুং, স্ত্রী, মধ্যদেশ ; কোমর ; কাঁকালি ; মাজা। ২। হস্তিগণ্ড।

কটি, টী [কয়টি শব্দের সংক্ষেপ আদরার্থে টি, টী, তুচ্ছার্থে কটা] (কয়টা) বিণ, কয় সংখ্যক।

কটিত্র (কোটিৎত্র) [কটি (কোমর) + ত্র (কর্তৃ ড প্রত্যয়ান্ত ত্রৈ ধাতুজ, যে কটি-দেশ রক্ষা করে)] বি, ক্লী, কটিরক্ষক ; কটি বস্ত্র বা কটিবন্ধ। ২। কোমর বন্ধন। ৩। চন্দ্রহার ; গোট ; ঘুনসী।

কটিপ্রোথ (কোটিপ্‌প্রোথ্) [কটি—প্রোথ (প্রচুর—স্থূল হওয়া) + অ (সংজ্ঞার্থে) কটির নিম্নস্থ প্রচুর মাংস পিণ্ড] বি, পুং, কটিদেশস্থ মাংস পিণ্ড ; নিতম্ব ; পাছা।

কটিবন্ধ (কোটিবন্‌ধো) [কটি—বন্ধ (বন্ধন করা) + অ (করণে—অল্ সংজ্ঞার্থে)] বি, পুং, যাহা দ্বারা কটি বন্ধন করা যায় ; কোমর বন্ধ ; পেটি ; belt. ২। পৃথিবীর মধ্যস্থান বেষ্টিত কল্পিত রেখা।

কটিভূষণ (কোটিভূষন্) [কটির ভূষণ, ৬তৎ] বি, ক্লী, মেখলা ; কাঞ্চী ; গোট ; চন্দ্রহার।

কটিয়া (কো) [হি—কটিয়া] বিণ, কঠিন।

কটিরা, লা (কো) [হি—কতীরা, কতীলা] বি, বৃক্ষ বিশেষের নির্য্যাস ; sterculiaurens. ইহা অশ্বাদিকে ঔষধ স্বরূপ খাওয়ান হয়। ২। [কাপড়ে ছিটের রং করিবার জন্য ব্যবহৃত হয়] পারস্যদেশীয় ক্ষুপবিশেষের নির্য্যাস।

কটিল্ল (কোটিল্‌ল) বি, পুং, করলা ; বড় জাতীয় উচ্ছে।

কটিশূল (কোটিশূল্) [কটির শূল, ৬তৎ]বি, পুং, কটিদেশের বেদনা ; বাতিকশূল ; কোমরের যন্ত্রণাদায়ক বাত।

কটিশৃঙ্খলা (কোটিস্‌সংখলা) [কটি (কোমর) শৃঙ্খলা (শিকল) ৬তৎ] বি, স্ত্রী, কটির অলঙ্কারবিশেষ ; কোমরের ঘুঙুর।

কটিসূত্র (কোটিশুৎত্র) [কটির সূত্র, ৬তৎ] বি, ক্লী, ঘুনসী ; কোমর বন্ধনের সুতা। ২। গোট ; চন্দ্রহার। ৩। কটিদেশে ধারণোপযোগী যজ্ঞোপবীত।

কটীতট (কোটিতট্) [কটী (কোমর) রূপ – তট (প্রদেশ) কর্ম্মধা] বি, পুং, কটিদেশ ; কোমর।

কটীতল (কোটিতল্) বি, পুং, খড়্গবিশেষ ; কটিদেশে ধারণযোগ্য ক্ষুদ্রাকৃতি ঋজুপৃষ্ঠ-খড়্গ ; ভোজালিয়া।

কটু (কোটু) [সং। হি—কড়, কড়ুয়া] বি, পুং, অম্ল মধুরাদি ৬ রসের একটী রস ; ঝাল। ২। বিণ, তিক্ত। ৩। উগ্র ; তীক্ষ্ণ ; তীব্র। ৪। উষ্ণ। ৫। বিরস ; বিস্বাদ। ৬। কর্কশ ; অপ্রিয়। প্র—কটুকথা। ৭। কুৎসিৎ ; মন্দ ; কু। ৮। সুরভি। ৯। বি, স্ত্রী, লতাবিশেষ ; তিত পলতা। ১০। কুড়চী।

কটুক (কোটুক্) [কটু (ঝাল) + ক—স্বার্থে] বি, ত্রিকটু (শুঁট, পিপুল, মরিচ)। ২। কটুরস। ৩। পুং, সুগন্ধি তৃণ। ৪। কূটজবৃক্ষ ; কুড়চী গাছ। ৫। রাই সরিষা। ৬। আকন্দ গাছ। ৭। তিতলাউ। ৮। পটোল।

কটুকন্দ (কোটুকন্দ্) [কটু—(তিক্ত, ঝাল) হইয়াছে কন্দ (মূল) যাহার, বহু] বি, পুং, সজিনাগাছ। ২। আর্দ্রক ; আদা। ৩। লশুন। ৪। মূলা।

কটুকা (কো) [কটু + ক—আপ্ স্ত্রী] বি,স্ত্রী, কট্‌কী। ২। পান ; তাম্বূল। ৩। তিত্‌লাউ। ৪। রাই সরিষা।

কটুকাটব্য (কোটুকাটোব্‌বো) [কটু (কঠোর, কড়া) কাটব্য (কাটে এমন বাক্য, মর্ম্মচ্ছেদক বাক্য)—যে সকল কঠোর বচন হৃদয়ে শেল-সম বিদ্ধ হয়। উভয় শব্দ পরস্পর সাহচর্য্য-হেতু বহুবচনার্থক, তুল—গালিগালাজ] বি, দুর্ব্বাক্য ; কড়া কড়া কথা ; গালমন্দ ; গালিগালাজ।

কটুকী (কো) বি, স্ত্রী, কট্‌কী।

কটুকীট (কোটুকীট্) [কটু (তীব্র) কীট—তীব্রদংশক কীট] বি, পুং, ডাঁশ ; বুনো বড় মশা।

কটুতা (কো) [কটু + তা (ভাবে)] বি, স্ত্রী, তীক্ষ্ণতা ; উগ্রতা। ২। কার্কশ্য ; পরুষতা ; অপ্রিয়তা। ৩। ঝাল বা তিক্তের স্বাদ।

কটুতিক্তক (কোটুতিক্‌তক্) [কটু—এবং তিক্ত হইয়াছে স্বাদ যাহার, বহু] বি, পুং, শণ-বৃক্ষ। ২। ভূনিম্ব ; চিরতা।

কটুতুম্বী (কোটুতুম্‌বি) [কটু (তিক্ত) যে তুম্বী (অলাবু) কর্ম্মধা] বি, স্ত্রী, তিতলাউ।

কটুতৈল (কো) [কটু (ঝাল) তৈল, হি—কড়ুয়া তেল] বি, সর্ষপতৈল।

কটুত্রয় (কটুৎত্রয়) [কটু—ত্রয়ের সমাহার (সমাহার দ্বিগু)] বি, ক্লী, শুঁঠ, পিপুল, মরিচ এই তিনকটু ফল মিশ্রিত ; ত্রিকটু।

কটুপত্র (কো) [কটু (কটুরস যুক্ত) হইয়াছে পত্র (পাতা) যাহার (বহু)] বি, পুং, ক্ষেত পাপড়া গাছ। স্ত্রী, **কটুপত্রিকা**—কণ্টকারীজাতীয় বৃক্ষবিশেষ।

কটুপাক (কোটুপাক্) বিণ, যাহা পরিপাকে কটু হয়। ২। লবণাক্ত।

কটুফল (কোটুফল্) বি, ক্লী, যে ফল কটু ; তিতলাউ। ২। কণ্টকারী ; পটোল। ৩। পলতা। স্ত্রী, **কটুফলা**—শ্রীবল্লীবৃক্ষ ; কটফলের গাছ।

কটুবার্ত্তাকী (কো) [কটু রসযুক্ত যে বার্ত্তাকী (ক্ষুদ্র বেগুন) কর্ম্মধা] বি, স্ত্রী, শ্বেত কণ্টকারী। ২। তিক্তাস্বাদ বেগুন।

কটুবীজা (কো [কটু—বীজ যাহার, বহু] বি, স্ত্রী, পিপুল।

কটুবীরা (কো) বি, স্ত্রী ; লঙ্কামরিচ। capsicum.

কটুভঙ্গ (কোটুভংগ) [কটুরসের ভঙ্গ (দূর করা) হয় যাহা হইতে (বহু)] বি, পুং, শুঁঠ। ২। আদা।

কটুভাষী (কোটুভাষি) [কটু (কর্কশ) ভাষ্ (বলা) + ইন্(কর্তৃ, ণিন্) কটু ভাষিন্ ১মা, ১ব,] বিণ, কটু-বাক্যাদি ; দুর্ম্মুখ। স্ত্রী, **কটুভাষিণী**—অপ্রিয়বাদিনী।

কটুয়া (কোটুআ) [সং—কট ধাতুজ। প্রা-কোটো। কটোরা দ্রঃ] বি, কৌটা। প্র—"অধমার চরণ ধূলি রাখ কটুয়া ভরি"

—চৈতন্য চরিত।

কটুরব (কোটুরব্) [কটু (কর্কশ) হইয়াছে রব (শব্দ) যাহার, বহু অথবা কটু যে রব, কর্ম্মধা] বি, পুং, ভেক ; কট্‌কটে বেঙ, (কট্‌কটে বেঙ্ হইতে বেঙ মাত্রকেই বুঝায়)। ২। কর্কশ শব্দ। [তুল—"কপটকরতালী কটুরবঃ।" —পদাঙ্ক দূত]।

কটূক্তি (কো) (কটু—যে উক্তি (বচন) কর্ম্মধা] বি, স্ত্রী, কুকথা ; কটুকথা ; গালি।

কটোরা [হি—কটোরা—কাঁসা + ওরা (প্রত্যয়) =কঁসোরা—মুখ খোলা নীচু কানা ও চওড়া খুরা-দেওয়া ছোট কাঁসার পাত্র] বি, ধাতু পাত্র বিশেষ ; পিতল কাঁসা প্রভৃতির বাটি।
প্র—"তেঞি উদাসল কুচ জোরা পালটী বৈঠায়ল কনক কটোরা।" —বিদ্যাপতি।
২। [বাঙ্গালায় মৃৎপাত্রকেও বুঝায়] মাটির খুরি ; বাটির আকারের খুরি। ৩। বাটি।
প্র—"একে তনু গোরা কনক কটোরা।"

—বিদ্যাপতি।

স্ত্রী, **কটোরি**—ছোট বাটি ; ছোট খুরি।
প্র—"সোণার কটোরি কুচযুগ-গিরি
কনক মন্দির লাগে।"—চণ্ডীদাস।

কট্ট—বি, কটিদেশের মধ্যস্থল বা ক্ষীণভাগ ; কাঁকাল।
প্র—"কটি কট্ট" —অন্নদামঙ্গল।

কট্টার (র্) [হি—কট্টর=যে কাটে] বি, পুং কাটারি। [বিরল]
২। মুখফোড় ; যে কাটা কাটা বুলি বলে

কট্বঙ্গ (কট্টংগ) [কটু (কঠিন বা কষায়িত) অঙ্গ] বি, পুং, সূর্য্যবংশীয় রাজা দিলীপ। ২। শ্যোণাক বৃক্ষ। ৩। বিণ, যাহার দেহ কঠিন কঠিনাঙ্গ।

কট্বার (কট্টার্) [কর্ত্তরী দ্রঃ। তুল—ই cutlery, a cutting instrument ; cutter, a knife ; cuttoc, a large knife] বি, পুং, ছেদকাস্ত্রবিশেষ ; কাটারী।

কঠ (ঠ্) [কঠ্ (দুঃখানুভব করা) + অ (কর্ত্তৃ অচ্ সংজ্ঞার্থে) যিনি তপঃক্লেশ সহ্য করেন] বি, পুং, কঠোর তপস্যাকারী সামবেদের অধ্যাপক মুনিবিশেষ। ২। সামবেদের কঠ শাখাধ্যায়ী। যজুর্ব্বেদীয় উপনিষদ্বিশেষ, যাহাতে যম ও নচিকেতা সংবাদ আছে কঠোপনিষৎ ; কৃষ্ণযজুর্ব্বেদের শাখাবিশেষ ৩। ঋগ্বেদ।

কঠকোপনিষদ্—বি, স্ত্রী, ঈশ্বরসম্বন্ধীয় তর্ক-বিতর্কপূর্ণ উপনিষদ্বিশেষ।

কঠবল্লী (—বোল্লি) বি, স্ত্রী, অথর্ব্ববেদের অন্তর্গত উপনিষদ্বিশেষ। মতান্তরে কৃষ্ণ-যজুর্ব্বেদের কঠ শাখার উপনিষদ্। ইহা দুই অধ্যায়ে সমাপ্ত, প্রথম অধ্যায়ে নচিকেতা ও তাঁহার পিতা বিশ্বজিৎ সংবাদ এবং দ্বিতীয় অধ্যায়ে যম ও নচিকেতা সংবাদ আছে।

কঠর (র্) [সং] বিণ, কঠিন ; কঠোর দ্রঃ।

কঠশ্রুত্যুপনিষদ্—বি, স্ত্রী, কৃষ্ণযজুর্ব্বেদীয় আরণ্যকের গদ্যময় পরিশিষ্ট।

কঠসূত্র (কঠশুৎত্র) বি, কৃষ্ণযজুর্ব্বেদীয় সূত্র গ্রন্থবিশেষ।

কঠিঞ্জর (কোঠিন্জর্) [সং—বি, পুং, তুলসী বিশেষ ; কালতুলসী।] ২। শ্বেত পলাশ গাছ।

কঠিন (কোঠিন্) [কঠ্ (কষ্টে বাঁচা) + ইন্ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বিণ, শক্ত ; দৃঢ়। প্র—কঠিন মাটি। ২। কঠোর ; নির্ম্মম ; নির্দ্দয় ; নিষ্ঠুর। প্র—"কঠিন হইয়ে, তোমারে রাখিয়ে কেমনে বল যাই"—গান। ৩। দুরূহ ; দুর্ব্বোধ ; যাহা অনায়াসে বুঝিতে পারা যায় না। প্র—কঠিন বিষয়। ৪। তীব্র ; তীক্ষ্ণ। ৫। যাহাকে সহজে তুষ্ট বা বশ করা যায় না। ৬। ভয়ানক ; বিষম। ৭। দুঃখজনক ; দুঃসহ ; কষ্টকর। প্র—কঠিন ব্যবহার। স্ত্রী, **কঠিনা, কঠিনিকা, কঠিনী**—কাঠখড়ি। ২। রামখড়ি ; খড়িমাটি। বি, কঠিনতা।

কঠিনতা (কোঠিনোতা) [কঠিন + তা (ভাবে)] বি, দৃঢ়তা। ২। কঠোরতা। ৩। দুঃসাধ্যতা। ৪। নিষ্ঠুরতা। ৫। ভয়ানকতা।

কঠোপনিষৎ—বি, পুং, ঈশ্বর সম্বন্ধীয় তর্ক-বিতর্ক পূর্ণ উপনিষদ্ গ্রন্থবিশেষ। ২। অথর্ব্ব-বেদের অন্তর্গত উপনিষদ্ ; কঠবল্লী। ৩। কঠ-শ্রুত্যুপনিষদ্ ; কৃষ্ণযজুর্ব্বেদের আরণ্যকের পরিশিষ্টবিশেষ।

কঠোর (র্) [কঠ্ (কষ্টে বাঁচা) + ওর (কর্ত্তৃ—ওরন্] বিণ, শক্ত ; কঠিন ; দৃঢ়। ২। পূর্ণ। ৩। নির্ম্মম ; নিষ্ঠুর। ৪। শুষ্ক ; নীরস। প্র—"আমার জ্ঞানচর্চ্চিত কঠোর চিত্ত প্রেমপ্লাবনে দ্রব হইয়াছে।"—পুষ্পপাত্র। ৫। কর্কশ। প্র—কঠোর স্বর। ৬। বি, ক্লী, কঠিন নিয়ম ; কষ্টকর ব্রত ; কৃচ্ছ্র সাধন ব্রত। বি, **কঠোরতা**।

কড় (ড়্) [কড্ (ভোজন করা) + অ কর্ম্মে অল্] বিণ, যাহা ভোজন করা যায় ; ভক্ষ্য। ২। [তুল—আকড়, আকাট] অজ্ঞ ; মূর্খ। ৩। উন্মত্ত ; পাগল। ৪। [সং—কট (রজ্জু, ট=ড়) হি—কড়া (বলয়)] বি, কটক ; করভূষণ ; গালা নির্ম্মিত বালা। ৫। বিবাহে কন্যার হাতের লৌহ কড়া বা বেড়ী। তুল—হাতে কড়ী পায়ে বেড়ী। ৬। মৎস্য ধরিবার বঁড়শী বাঁধা সূত্র ; মৎস্যাদি ধরিবার যন্ত্রবিশেষ। প্র—"ঝপ করি ঝাঁপ দিয়া অজয়ে পাতে কড়"
—ঘনরাম।
৭। [কলি=কড়ি=কড়] পাতার কলি। ৮। বৃক্ষে ফুলের মুখে ক্ষুদ্রতম ফুলের আকৃতি যে ফল ধরে ; ফলের প্রথম অবস্থা ; কড়েয়া। প্র—আমে কড়েয়া ধরেছে। ৯। [হি—গোড়] পদ ; পা ; সাধারণতঃ হাতীর পা। প্র—কড় পাতা। ১০। [কটি] কোমর। ১১। কুসুমের বীজ। ১২। কড়কড় শব্দ। তাহা হইতে শব্দ। প্র—"কড় কড় কড়ে বজ্র পড়িল ভূতলে"। —মেঘনাদ।

কড়ই (কোড়োই) [প্রাদে] বি, যে মুরগীর ডিম পাড়িবার সময় হইয়াছে। ২। [সং—কটাহ। হি—কঢ়াই] কড়া। প্র—"কড়াই করিয়া রান্ধ সরিষার শাক।" —কবিক।

কড়ক (কড়ক্) [সং] বি, ক্লী, করকচ লবণ।

কড়কচ, করকচ (কড়্কচ্, র্ চ্) [পেষণ করিবার সময় 'কড়' ও কচ্ করিয়া শব্দ হয় যাহা হইতে। শব্দাত্মক পদ] বি, সামুদ্রিক লবণ ; কড়ক।

কড়কড় [অনুকার শব্দ] বি, কড়কড় এই ধ্বনি ; দুই কঠিন বস্তুর পরস্পর ঘর্ষণ শব্দ। ২। 'কড় কড়' বাদ্য ; 'কাড়া' নামক বাদ্য ধ্বনি। প্র—"বাজে ঢাক, বাজে ঢোল, কাড়া কড় কড়ে"। "কড় কড় কড়ে বজ্র পড়িল ভূতলে"। —মেঘনাদ।
বিণ, কড়কড়িয়া, কড়কড়ে। ৩। (কড়্-কড়ো) [হি—কড়া। প্রায় অর্থে দ্বিত্ব। বরিশালে কর্‌করা] বিণ, কড়কড়িয়া ; কড়-কড়ে ; শুষ্ক ও পর্য্যুসিত (ভক্ষ্য দ্রব্য) ; জল না দেওয়ায় শুষ্ক সুতরাং কড়া (ভাত)। প্র—কড়কড় ভাত। (তুল—কড়া প্রসাদ। বিপরীত "পান্ত ভাত বা জল দেওয়া ভাত) ৪। কঠিন। বি, কড়কড়ি।

কড়কড়ি [কড়্কোড়ি] [প্রাদে। কড়কড় দ্রঃ] বি, শুষ্ক (অন্নাদি) ; পর্য্যুসিত ; বাসি। **বিণ, কড়কড়, কড়কড়িয়া, কড়কড়ে।**

কড়কড়েপানী (কড়্কোড়েপানি [কল্ কল্ (ঘূর্ণী জল, ল=ড় ; জলের শব্দ] খর-স্রোত। প্র—"তখন আমরা একটি কড়কড়ে পানীতে পড়িলাম ষ্টীমার কোনমতে আর অগ্রসর হয় না।"
—রাজনারায়ণ বসু (আত্মচরিত)।

কড়কন (কড়্কোনো) [কড় দ্রঃ। ক্রি—কড়কড়ে হওয়া ; মুচড়িয়া যাওয়া ; ঘা শুকান। ২। কড় বা পাতার কলি ধরা ; গজান। ৩। কড়কিয়া দেওয়া ; কড়া কথায় সতর্ক করা ; তিরস্কার করা।

কড়কান (কড়্কানো) [সং—কটু=কড় (কড়া কথা) + কান (প্রয়োগার্থে)। হি—কড়কনা, কড়কানা] ক্রি, ধমকান ; ভৎর্সনা করা ; তর্জ্জন করা ; তাড়না করা।

কড়খা (কড়্খা) [হি—কড়্খা] বি, রাজার ...ক ; বন্দী বীরগণের প্রশংসাসূচক যুদ্ধ সংগীত ; যুদ্ধে সৈন্যগণের উত্তেজক গান। প্র—"ধাড়ী গায় কড়্খা ভাঁড়াই করে ভাঁড়। মালে করে মালাম চোয়াড়ে লোফে কাঁড়॥"
—কবিক।

কড়ঙ্কর, কড়ঙ্গর (র্) [সং—] বি, পুং, কুঁড়া ; তুষ ; ভুষি ; আগড়া।

কড়ঙ্গ, করঙ্গ [সং—করঙ্ক] বি, তুম্বীপাত্র ; ভিক্ষাপাত্র। যে পাত্র করে ধরিয়া ভিক্ষালভ্য বস্তু তাহাতে গ্রহণ করে। করঙ্গ কমণ্ডলু স্থানীয় ; বরিশাল প্রভৃতি অঞ্চলে বৈষ্ণব ভিক্ষুকগণ নারি-কেল মালাদ্বারা করঙ্গ প্রস্তুত করিয়া উহাই ভিক্ষাপাত্ররূপে করে গ্রহণ করে। প্র—"করঙ্ক আষাঢ়দণ্ড জটা বিলম্বিত"
—দীনবন্ধু মিত্র।

কড়ঙ্গরীয় [কড়ঙ্গর (কুঁড়া) + ঈয় (সংজ্ঞার্থে)] বিণ, যে কড়ঙ্গর ভক্ষণ করে ; কুঁড়া খাদক ; কুঁড়াখেকো। ২। খুদ খেকো।

কড়চা (কড়্চা) [সং=কারিকা="বিবরণ শ্লোকঃ"—শব্দকল্পদ্রুমঃ। "কারিকা তু স্বল্প বৃত্তৌ বহোরর্থস্য সূচনম্" —হেমচন্দ্র। —শ্লোকে গ্রথিত বিবরণ। সংক্ষেপে বহু অর্থদ্যোতক বিবরণ। অথবা, কড় 'রক্ষণে' —কবিকল্পদ্রুমঃ। জীবন বৃত্তান্ত বা ঐতিহাসিক ঘটনাদির বিষয় যাহাতে রক্ষিত হয় অথবা ঐ সকল বিবরণ ধ্বংস হইতে রক্ষা করিবার

জন্য যাহাতে লিখিত হয়। কা=চা, র=ড় ; তুল—পত্র, পত্রক, পত্রিকা হইতে পরচা—পাতড়া। বাঙ্গালা, হিন্দী সংস্কৃত মিশ্রিত ভাষায় লিখিত চৈতন্য চরিতামৃত গ্রন্থে কড়চা শব্দকে সংস্কৃত আকার দেওয়া হইয়াছে যথা—"তথাহি শ্রীরূপগোস্বামিকড়চায়াঃ শ্লোকঃ।" —জগদীশ্বর গুপ্তের টীকাতেও—"অস্মাদারভ্য নবশ্লোকাঃ শ্রীরূপগোস্বামিকড়চোদ্ধৃতাঃ।"] বি, বিবরণ শ্লোক ; দিনলিপির আকারে লিখিত জীবনী বা ইতিবৃত্ত (তুল—রোজ নামচা=diary)। প্র—"কড়চা করিয়া কিছু লাগিলা লিখিতে" —চৈতন্য চরিত। ২। সংক্ষিপ্ত জীবন-বৃত্তান্ত। ৩। খুচরা পদ্য সাহিত্য। ৪। [জমিদারী মহাজনীতে। উঃ—কড়চা] যে কাগজে কোন্ প্রজার কত খাজ্‌না কোন্ তারিখে আদায় (উসুল) হইল ও কত বাকী রহিল তাহার বিবরণ লিখিত হয় ; ওয়াশীলবাকী বহি।

কড়তা (ড্) [করতা ও বলে] বি, পণ্য ক্রয় বিক্রয় কালে দ্রব্যাধার বা পাত্রের ওজন। প্র—কলসীর কড়তা বাদ দিয়া গুড় ওজন কর।

কড়মড় (কড়্‌মড়্) [শব্দাত্মক] বি, কঠিন দ্রব্যের চর্ব্বণ শব্দ ; কামড়ের শব্দ। ২। দন্তে দন্তে ঘর্ষণ শব্দ। প্র—"কড়মড় করে দন্ত কট মট চায়"—কৃত্তিবাস। বিণ, **কড়মড়িয়া, কড়মড়ে**—অত্যন্ত শুষ্ক। [দ্রঃ—মৃদু হইলে **কিড়মিড়**। প্র—"দাঁত কিড়মিড় করা"। মৃদুতর ও সুখকর অর্থে **কুড়মুড়**]।

কড়মড়ান (কড়্‌মড়ানো) ক্রি, কড়মড় শব্দ করা ; বিরক্তি, ক্রোধ, আক্রোশ প্রভৃতি সূচক, দন্তে দন্তে ঘর্ষণ শব্দ। প্র—"অগ্নিময় চক্ষুঃ যথা হর্য্যক্ষ, সরোষে কড়মড়ি ভীম দন্ত, পড়ে লম্ফ দিয়া বৃষস্কন্ধে, রামচন্দ্র আক্রমিলা রণে কুমারে।"—মেঘনাদ। ২। কড়মড় শব্দে চর্ব্বণ করা। বি, **কড়মড়ানি**। কামড়ান দ্রঃ।

কড়মা [কড় (দ্র)=ভোজ্য, ভক্ষ্য। অথবা কর্ম্ম হইতে করম—কড়ম (স্বার্থে আ) মঙ্গল কর্ম্ম বা মঙ্গলাচার। ইহা দই শব্দের সংযোগে ব্যবহৃত হয়, যথা—দই কড়মা (দধি কর্ম্ম—দধি ঘটিত মঙ্গল-কর্ম্ম)] বি, ভক্ষ্য ; মঙ্গলাচার উদ্দেশে বিহিত ভক্ষ্যবিশেষ। দই দ্রঃ।

কড়ম্ব [কড় (পৃথক্ করা)+অম্ব—কর্ম্মে (অম্বচ্) সংজ্ঞার্থে] বি, পুং, যাহাকে পৃথক্ করা যায় ; শাকাদির ডাঁটা। ২। [কর্ত্তৃ, অম্বচ্] অগ্রভাগ ; আগড়া। ৩। কুঁড়ি ; অঙ্কুর। কড় দ্রঃ। ৪। কড়েয়া। ৫। কদম্ব। ৬। কলম্ব ; বাণ। ৭। [প্রাদে] বংশের একমাত্র সন্তান। স্ত্রী—**কড়ম্বী**—কলমীশাক।

কড়রা (কড়রা) [হি—কর্রা। সং—কঠোর শব্দজ] বিণ, কর্কশ ; দৃঢ় ; শক্ত ; কঠিন।

কড়সী (কোড়্‌শি) [কড় (কটি) সী (সূত্র)। প্রাদে] বি, কটিসূত্র ; ঘুনসী।

কড়া [সং—কপর্দ্দক ; হি—কৌড়ী, অবজ্ঞার্থে—আ] বি, কপর্দ্দক ; কড়ি। ২। এক কড়ির মূল্য বা পরিমাণ। ১ কড়া=৪ কাক=৩ ক্রান্তি =৯ দন্তি=৮০ তিল। ৩। ধন। প্র—"অন্ধক জনার নড়ি দরিদ্রের কড়া"—কবিক। ৪। [তুল—কণা, কুটা, কুটী। ইং, ল্যা—quota ; স্পে—cuota ; প্র cota ; ফ্রে—cote ; অ্যা—কৎরহ্, কৃতা] কণা ; টুকরা ; অতি ক্ষুদ্রাংশ ; অতি সামান্য ; একটুকু ; এক তিল। প্র—তাহার এক কড়ারও যোগ্যতা নাই। বিণ, কড়িয়া ; কড়ে।

কড়া (ক্) [কড় দ্রঃ। কঠোর। হি—কর্রা] বিণ, কঠোর ; কঠিন ; শক্ত ; যাহাকে সহজে নোয়ান যায় না। প্র—কড়া মাটি। ২। যাহা সহজে গলে না বা গলান যায় না। প্র—কড়া মাংস। ৩। তেজাল ; তীব্র ; কড়া ; খর। প্র—কড়া রদ্দুর (রৌদ্র) ; আগুনের কড়া আঁচ। ৪। কর্ত্তব্য পালনে কঠোর : নির্ম্মম ; কঠিন দণ্ড বিধায়ক। প্র—কড়া হাকিম। ৫। যে ছাড় দেয় না ; যে কাজে ঢিলা দেয় না ; খুব সতর্ক। প্র—কড়া পাহারা। ৬। [স্বরে বা কণ্ঠরবে] কর্কশ ; কড়া ; শ্রুতিকটু। প্র—কড়া আওয়াজ। ৭। [ভাবে বা অর্থে] কর্কশ ; কঠোর ; নির্দ্দয় ; নিষ্ঠুর। প্র—কড়া কথা। ৮। অবিশ্রান্ত এবং অতিশয়। প্র—কড়া মেহনত বা শ্রম। ৯। কষ্টসহনশীল ; সহজে যাহা বহির্গত হয় না। প্র—কড়া প্রাণ ; কড়া জান। ১০। বদ্ধ (মুষ্টি) ; ব্যয়কুণ্ঠ। প্র—খরচ সম্বন্ধে তাঁহার হাত ভারি কড়া (ইহার বিপরীত শিথিল ; দরাজ ; মুক্ত)। ১১। চড়া ; মহার্ঘ ; উচ্চ। প্র—কড়া দর বা দাম। ১২। উগ্র ; রুক্ষ। প্র—কড়া মেজাজ। ১৩। বাঁধা ; অলঙ্ঘ্য। প্র—কড়া নিয়ম। কড়া হুকুম। ১৪। [আকর্ষণ হইতে কষা। তুল—কড়াকড়] দৃঢ় ; কষা ; টান ; আঁট। প্র—কড়া করে গেরো বা বাঁধন দেওয়া। ১৫। [কষণ-ঘর্ষণ] বি, কঠিন বস্তুর ঘর্ষণ জাত ফোস্কা ; নিরন্তর ঘর্ষণ হেতু শরীরের যে স্থানের চর্ম্ম কঠিন ও পুরু হয় ; ঘাটা ; জামড়ো। প্র—"বল্লেন তিনি কড়া পড়ল হাতে বাট্‌না বেটে" দ্বিজেন্দ্র রায়। ১৬। বহু অভ্যাসের চিহ্ন স্বরূপ ঘাটা। প্র—কড়া পড়িয়াছে হাতে অন্নবস্ত্র দিয়া"—ভারতচন্দ্র।

কড়া (ক্) [সং—কটক] বি, ধাতু বলয় ; লোহার বালা। প্র—হাতে কড়া পরান। ২। বালার মত হাতল ; আংটা ; handle. প্র—"সে চা'র পেয়ালার কড়া ধরিতে পারিতেছিল না, পেয়ালা এত তপ্ত ছিল"—মতিচুর। ৩। তবলা, ঢোল প্রভৃতির রজ্জুস্থিত আংটা।

কড়া (ক্) [সং—কটাহ ; হি,—কড়াই, কটক বা বলয়াকৃতি বলিয়া] বি, কটাহ ; কড়াই ; দুগ্ধ তৈলাদি জ্বাল দিবার ধাতু-পাত্রবিশেষ ; খুলি। প্র—"সম্মুখে দুধের কড়া কাটাতে গোঁটন"—হেমচন্দ্র।

কড়া (ক্) [কড় দ্রঃ] বি, বোল বা ফুলের অব্যবহিত পরবর্ত্তী সময়ে ফলের অবস্থা ; ফলের প্রাথমিক অবস্থা ; কড়েয়া।
প্র—"রক্ত পীত ঘনশ্যাম, কাঁচা কড়া পাকা আম, কাঁটাল গোলাপজাম ফল অগণন।"
—চন্দন।

কড়াই [কলায় দ্রঃ] বি, মুগ, মটর ও মাষকলাই প্রভৃতি। ২। [কটাহ শব্দজ] বি, ক্ষুদ্র কটাহ। ৩। [হি-কড়া ; সং—কটক] বি, বলয় ; বালা। প্র—
"পিতার বচনে ভাটে দিল পুরস্কার,
ঘোড়া জোড়া কড়াই কনক কণ্ঠহার।"
—ঘনরাম।

কড়াকড় (কড়াকড়্) [কড়া+কড়া] বিণ, শক্ত। ২। ভীষণ। ঝমাঝম দ্রঃ। প্র—
"দক্ষ পক্ষ বিপক্ষ দেখিয়া দড়বড়।
দুইদলে সংগ্রাম লাগিল কড়াকড়॥"
—শিবায়ন।
৩। বি, অব্যক্ত শব্দ ; মেঘগর্জ্জন ; বজ্রধ্বনি। [কড়াৎ দ্রঃ]
প্র—"কড়কড়াকড় কড়াৎ কড়াৎ
ডাকবে যখন ঝনঝনে।"—ম্যাকবেথ (গিরিশ)

কড়াকড়া (কড়াকড়া) [সংখ্যাধিক্যে দ্বিত্ব] বি, শক্ত শক্ত কথা ; কঠোর বাক্যে তিরস্কার। প্র—তাহাকে খুব কড়াকড়া শুনিয়ে এসেছে। ২। বিণ, কঠোর ; শক্ত শক্ত (বহুবচনে দ্বিত্ব)। প্র—কড়াকড়া কথা।

কড়াক্কড় (কড়াক্‌কড়্) [কড়াকড় দ্রঃ] বিণ, শক্ত ; কঠোর। প্র—কড়াক্কড় নিয়ম।

কড়াক্রান্তি [১কড়া=৪কাক=৩ ক্রান্তি] বি, মুদ্রার অতি ক্ষুদ্র ক্ষুদ্র সংখ্যা ; সূক্ষ্ম-হিসাব।

কড়াৎ (কড়াৎ) [শব্দাত্মক] বি, অব্যক্ত-শব্দ। ২। বজ্রধ্বনি। প্র—
"যখন ঝরবে মেঘা ঝুপুর ঝুপুর
চকচকাচক হানবে চিকুর
কড়কড়াকড় কড়াৎ কড়াৎ
ডাকবে যখন ঝন্‌ঝনে।
—ম্যাকবেথ (গিরিশ)।

কড়ানিয়া [কড়া দ্রঃ] বি, কড়া পরিমাণ মুদ্রা-সম্বন্ধীয় গণনা বা অঙ্ক ; শতপর্য্যন্ত কপর্দ্দক গণনা।

কড়ার (র্) [সং] বি, পুং, পিঙ্গলবর্ণ ২। বিণ, পিঙ্গলবর্ণবিশিষ্ট।

কড়ার (র্) [আ—ক্‌রার্] বি, স্থিরতা সময়নির্দ্ধারণ ; নিশ্চয়। ২। অঙ্গীকার প্রতিশ্রুতি ; সর্ত্ত। সর্ত্তের অভাব অর্থে 'বেকড়ার' (আ – বে-ক্‌ড়ার্)।

কড়াল (ল্) [সং—"করালো দন্তুরে তুঙ্গে" —অমর] বিণ, বড় বড় দন্ত বা দাড়াবিশিষ্ট। প্র – বাজারে বেশ কড়াল কড়াল চিংড়ী-মাছ উঠেছে।

কড়ি, কড়ী (কোড়ি) [সং—কপর্দ্দক—হি —কৌড়ী] বি, সমুদ্রজাত শঙ্খশম্বুকাদি-জাতীয় জীববিশেষের দেহ ; কপর্দ্দক ; বরা-টক [বর্ণভেদে কড়ির ভিন্ন ভিন্ন নাম আছে। সিংহী (স্বর্ণবর্ণ) ; ব্যাঘ্রী (ধূম্র-বর্ণ) ; মৃগী (উপরিভাগ পীতবর্ণ ও নিম্নভাগ শ্বেতবর্ণ) ; হংসী (শ্বেতবর্ণ) ; বিদন্তা (খর্ব্বাকৃতি)]। ২। [অধিক মূল্যের মুদ্রার্থক শব্দের সহচর শব্দ। তুল—টাকা-কড়ি ; পয়সাকড়ি ; ধনকড়ি। তাহা হইতে] অর্থ ; ধন ; টাকা ; money ; wealth. প্র—লোকটা বেশ কড়ি করে নিয়েছে। কড়ি ওয়ালা ; কড়িকপালে। প্র—
"এত শিখিয়াছ এটুকু শেখনি কিসে কড়ি আসে দুটো" —রবীন্দ্র।
কাণা-কড়ি—ছিদ্রযুক্ত বা ভগ্ন কড়ি। **সাত হাটের কাণা কড়ি**—যে কড়ি হাটে হাটে বিনিময় বা হস্তান্তর জনিত ক্ষয়-প্রাপ্ত সুতরাং ছিদ্রযুক্ত হইয়াছে। ২। (সাদৃশ্য হইতে) যে অনেক ঘুরিয়াছে ও অনেক দেখিয়াছে। **ঘিঁচি বা ঘেঁচি কড়ি** [ওড়ি—গণ্ঠী কৌড়ী] গেঁটে কড়ি। **টাকাকড়ি, পয়সাকড়ি**—ধন ; নগদ অর্থ বা মুদ্রাদি। কড়িওলা [কড়ি + বালা] —ধনবান্। **কড়িকষা**—কড়ির মূল্য-নিরূপক হিসাব ; কড়ির মূল্যসম্বন্ধীয় গণিত। **কড়ি-কৃষ্টা**—কড়ি খরচ সম্বন্ধে কষা হাত যাহার ; কৃপণ ; ব্যয়কুণ্ঠ। **কড়িখেলা**—কড়ি চালিয়া খেলা ; দশপঁচিশ, গোলোকধাম, অষ্টাকষ্টে প্রভৃতি খেলা। **কড়িচণ্ডাল**—অর্থপিশাচ। ২। ঘুষখোর। **কড়িপাতি**—[তুল—খরচপাতি ; পয়সাপাতি] বি, পয়সাকড়ি ; অর্থাদি ; খরচপত্র। প্র—
"কর্পূর কহিছে সঙ্গে কড়িপাতি নাই"
—ধর্ম্মমঙ্গল (মাণিক)।

কড়িপিতিশি (মেয়েলি—গ্রা)—"কড়ি প্রত্যাশী" হইতে ; যে কেবল কড়ির প্রত্যাশা করে অন্য কিছুতে যাহার চিত্ত যায় না ; অর্থ-গৃধ্নু ; অর্থলোলুপ। **কড়িফট্‌কা**—কপর্দ্দকশূন্য ; নিঃস্ব ; নির্ধন।

কড়ি (কোড়ি) [সং—কাণ্ড। হি—কাঁড়] বি, পাকা ঘরের ছাদ ধারণ করিবার জন্য স্থূল ও দীর্ঘ কাষ্ঠখণ্ড (দুই কড়ির ব্যবধান মধ্যে যে সকল ক্ষুদ্র ক্ষুদ্র ও অপেক্ষাকৃত সরু কাষ্ঠখণ্ড থাকে তাহাকে বরগা বলে) ; মেটে ঘরের আড়া বা আড়কাট। প্র—বাড়ীটা খুব পুরাতন, ছাদের কড়িবরগাগুলা ভাঙ্গিয়া পড়িতেছে। কড়ির উদ্দেশ্যসাধক লৌহাদি-নির্ম্মিত দণ্ডকেও কড়ি বলা হয়। যথা—লোহার কড়ি।

কড়িকান (কোড়িকান্) [কুঞ্চন হইতে কোঁকড়ান, তাহার উচ্চারণ বিকারে] বিণ, শুকান ; মুসড়ান ; কোঁকড়ান। ২। (নো) ক্রি, কড়্‌কান ; (কড়া কথায়) তিরস্কার করা ; ধমকান।

কড়িবউলি, লী (কোড়িবৌলি) [বীর-বৌলী দ্রঃ। কড়ি – বৌলি (বলয়াকৃতি বলিয়া)] বি, কর্ণাভরণবিশেষ ; কড়ি গাঁথা মাকড়ি ; স্বর্ণতারে মুক্তাগাঁথা বলয়াকার ভূষণ। প্র—"সুবর্ণের কড়িবউলি, রজতপত্র পাশুলি সুবর্ণের অঙ্গদ কঙ্কণ ;"
—চৈতন্যচরিতামৃত।

কড়িয়া, কড়ে (কো) [সং—কনীয়স্—কনী-য়ান্। হি—কনেঠ। দ্রুত উচ্চারণে—কড়ে] বিণ, কনিষ্ঠ ; ছোট ; ক্ষুদ্র। প্র—কড়িয়া অঙ্গুলি: কড়ে আঙুল। ২। কন্যা ; অল্পবয়স্কা ; বালিকা। প্র—কড়ে রাঁড়। ৩। বি, কনিষ্ঠা ; কড়ে আঙুল। ৪। কড়ে আঙুলের খোঁচা ; কনিষ্ঠ অঙ্গুলিদ্বারা স্পর্শ। প্র—
"শেষরাতে আসে সারারাতি লিখে পড়ে।
খাওয়াইতে জাগাইতে হয় দিয়া কড়ে॥"
—ভারতচন্দ্র।
৫। গোচাতুষ্য লক্ষণ। ৬। বিণ, চঞ্চল। **কড়েদেওয়া, কড়েমারা**—আঙুলের খোঁচা দিয়া ইঙ্গিত করা।

কড়িয়ারাঁড়ী (কো) [সং—কন্যা (বালিকা) —রাঁড়ী, দ্রুত উচ্চারণে কড়েরাঁড়ী। কড়িয়া দ্রঃ] বি, স্ত্রী, বালবিধবা ; শৈশবে স্বামিহীনা।

কড়িয়াল (কোড়িয়াল্) [কড়ি (ধন) + য়াল (হি—ওয়ালার সংক্ষেপ)] বিণ, ধনবান্ ; অর্থশালী ; আঢ্য।

কড়িয়াল (কোড়িয়াল্) কড়িয়ালি দ্রঃ।

কড়িয়ালি, লী (কো) [কড় বা কড়া + কড়ি—আল (অস্ত্যর্থে)। তুল—সং খলিন, খলীন—বল্‌গার কড়াদার অংশ] বি, লাগামের যে অংশ ঘোড়ার মুখে লাগান থাকে তাহাতে লোহা বা পিতলের কড়া সংলগ্ন অংশের নাম। মুখস ; ঘোড়ার মুখের কশাবন্ধনের কড়াদার অংশ। প্র—"ধরেন ভারত যে ঘোড়ার কড়িয়ালী"—কৃত্তিবাস।

কড়ুই (কো) [সং—কণ। বাং—কুঁড়া (খুদ) + ই (বিশিষ্টার্থে, অস্ত্যর্থে) যে খানে কুঁড়া পড়ে বা থাকে] বি, ধান্যের গোলা। ২। এক জাতীয় তাম্বূল। প্র—কড়ুই পান।

কড়ুয়া (কোড়ুআ) [হি] বিণ, কটু ; তীব্র। প্র— কড়ুয়া গন্ধ। ২। কড়া ; রসা নহে। প্র—কড়ুয়া তামাক। কড়ুয়া তেল (সরিষার তৈল)। ৩। [কড়ম্ব দ্রঃ। অঙ্কুর আঁকুরা আকুড়া। প্রাদে, বরিশাল] বি, আক্‌শী ; আকর্ষণী।

কড়ুলী (কোড়ুলি) বি, স্ত্রী, প্রাচীন আর্য্য যন্ত্রবিশেষ। ২। টিক্‌লি। প্র—আক কড়ুলি।

কড়েরাড়ী, রাঁড়ী (কো) [কড়িয়া দ্রঃ।] বি, বালবিধবা। প্র—"দারুণ বিধাতা মোরে কৈল কড়েরাড়ী।"—ক্ষেমানন্দ (মনসামঙ্গল)।

কণ্ [কণ্ (সংক্ষেপ করা) + অ (সংজ্ঞার্থে—অল্)] বি, পুং, সূক্ষ্মাংশ ; অতি ক্ষুদ্রাংশ ; অত্যল্প ভাগ ; গুঁড়া, রেণু। প্র—খোকা তাহাকে সন্দেশ হইতে কণ খুঁটিয়া খাইতে দিল। [এই অর্থে ইহার "কোন্" এইরূপ উচ্চারণ হয়] ২। (কন) বিন্দু। প্র—ধূলি-কণ-বাহী। [এই উচ্চারণ ও অর্থে স্বতন্ত্র ব্যবহার বাং-তে নাই] ৩। শস্যের ক্ষুদ্র অংশ ; খুদ ; কুঁড়া। ৪। কুমীরকে ; কুমীরে মাটি। স্ত্রী—কণা ; কণিকা ; কণী—স্ফুলিঙ্গ।

কণ কণ, ক্বণু ক্বণু, ক্বণু ক্বণ (ন্) [সং—কণ, ক্বণ (শব্দ করা)] বি, অনুকরণ শব্দ ; তীব্র ধ্বনি, ধাতু পাত্রে কঠিন বস্তুর আঘাত শব্দ ; কাঁসরের বাদ্যধ্বনি ; বাসনের শব্দ। ২। কণ্ কণ্ এইরূপ তীব্র কণ্ঠস্বর। প্র—তাহার গলা যেন কণ কণ করিতেছে। ৩। বিণ, কণ-কণ শব্দকারী। প্র—"বীণা বাদয়ে অতি ললিত ক্বণু ক্বণু ক্বণু ক্বণ নিনাদে।"—হেম বন্দ্যো। বি, কণকণি। ৪। [কণ্ = আর্ত্তনাদ করা] বি, এমন যন্ত্রণা যাহাতে আর্ত্তনাদ করায় ; তীব্র বেদনা। প্র—দাঁত কণ-কণ করা ; পেট কণকণ করা। বিণ, **কণ কনিয়া, কণকণে, কন্‌কনে** —অতিশয় তীব্র ; অত্যন্ত যন্ত্রণাদায়ক। ২। অত্যন্ত ঠাণ্ডা, দংশনে যেমন তীব্র বেদনা অনুভূত হয় স্পর্শে তদ্রূপ যন্ত্রণাদায়ক হয়। প্র—মাঘ মাসের কণকণে শীতে খালি গায়ে থাকা যায় না। জল ঠাণ্ডা কণকণে হয়ে যায়, ছোঁয়া যায় না। কণকণে বরফ। ক্রি, **কণকণান**—কণকণ করা। বি, **কণকণি, কণকণানি**। অসমা-ক্রি, **কণকণিয়ে**। প্র—হাড়ের উপর এমন মেরেছে যে কণকণিয়ে দিয়েছে। [দ্রঃ। লঘু শব্দে বা কম তীব্র বেদনায় কুণকুণ। স্থূল শব্দে—কণকণ। তীব্র অথচ সূক্ষ্ম শব্দে—কিণ কিণ, কিণিকিণি]।

কণকণি (কনকোনি) [কণকণ দ্রঃ] বি. শব্দবিশেষ ; কঙ্কণাদির মধুর শব্দ ; কণকণ এই শব্দ।
প্র—"ফণিরাজ ফণফণি কঙ্কণের কণকণি
নানা অলঙ্কার ঝলমল।"—ভারতচন্দ্র।

কণগুগ্‌গুলু—বি. পুং. গন্ধদ্রব্যবিশেষ। ২। মহিষ নামক গুগ্‌গুলু।

কণজীর, কণজীরক (ক) বি. পুং. শ্বেত জীরক ; সাদা জীরা ; ক্ষুদ্রজীরক ; ছোট জীরা।

কণভক্ষক (কনভোক্‌খোক্‌ [কণ (ক্ষুদ্রাংশ) ভক্ষ্ (ভক্ষণ করা) + অক—কর্ত্তৃ—যে ভক্ষণ করে] বি. পুং. ভারিট পক্ষী। ২। ক্ষুদ্রাংশ ভোজী ; খুদখেকো বা কুঁড়োখেকো।

কণা (কণা, কোনা) [প্রাকৃ—কণো ; বাং—কোণা। কণ দ্রঃ। স্বার্থে আ] বি. বিন্দু ; অত্যল্পভাগ ; সূক্ষ্মাংশ।
প্র—"চাতক জলদ কহি সে নহে তুলনা।
সময় নহিলে সে না দেয় এক কণা॥"
—চণ্ডীদাস।
২। রেণু ; গুঁড়া। **চাঁদের কণা**—চন্দ্রবিন্দু ; শিশুকে আদর করিয়া বলা হয়। প্র—
"আয়রে চাঁদের কণা।
তোরে খেতে দিব ফুলের মধু, পরতে দিব সোণা।" —বঙ্কিম।

কণাটীন, কণাটীর (ন্, র্) [কণ—অট্ (গমন করা) + ঈন ও ঈর (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি. পুং. যে কণামাত্র খাদ্য লাভের জন্য ভ্রমণ করে ; খঞ্জন পক্ষী।

কণাদ (কনাদ্) [কণা (অত্যল্প)—অদ্ (আহার করা) + অ (কর্ত্তৃ—অন্) যিনি অতি অল্প পরিমাণে আহার করেন, কিম্বা কণ (পরিমাণুকে) অদয়তি (যিনি আবিষ্কার করেন)] বি. পুং. মুনিবিশেষ ; ইনি বৈশেষিক দর্শন প্রণয়ন করেন। ২। মহামুনি কশ্যপ। ৩। অল্পভোজী চটক পক্ষী [অপ্রসিদ্ধ]। ৪। সুবর্ণকার ; সেক্‌রা [অপ্রসিদ্ধ]।

কণামাত্র (না) [কণা + মাত্র (অল্পার্থে)] বি. ক্লী. অত্যল্পমাত্র ; একবিন্দু ; এককণা।

কণি (কোনি) [কোণ দ্রঃ। গ্রা—কেনি, কুণি দ্রঃ] বি. নখের কোণ।
প্র—"নখের কণি" —চণ্ডীদাস।
২। [হি—কোনিয়া] বি. বাক্‌স প্রভৃতির কোণে বসাইবার লৌহ পিত্তলাদির পাত ; কোণা।

কণিক (কোণিক্) [কণ (ক্ষুদ্রাংশ) + ইক (স্ব—অস্ত্যর্থে [বি. পুং. অতিক্ষুদ্রাংশ ; বিন্দু ; কণা। ২। গোঁধূম চূর্ণ ; ময়দা। ৩। নীরাজন বিধি ; আরাত্রিক। ৪। বৈরী ; শত্রু। [অপ্রসিদ্ধ] স্ত্রী. কণিকা।

কণিকা (কোণিকা) [কণিক (দ্রঃ) + আ (স্ত্রীলিঙ্গে)] বি. এককণা ; বিন্দুমাত্র ; অত্যল্প পরিমাণ। ২। তণ্ডুলের কণা ; খুদ। ৩। খুদের খিচুড়ী। প্র—বিদুরের কণিকা প্রসাদ (পুরীতে)।

কণিত (কোণিত) [কণ্ (শব্দ করা) + ত (ভাবে—ক্ত)] বি. ক্লী. ক্রন্দন ; রোদন ; আর্ত্তনাদ। ২। বিণ. শব্দিত ; নিক্কণিত।

কণিশ (কোণিশ্) [কণ (অল্প) + শ (সংজ্ঞার্থে—ই আগম)] বি. ক্লী. শস্যের মঞ্জরী ; ধান্যাদির শীষ।

কণুই (কোণুই) [সং—কফোণি ; হি—কোহনী] বি. বাহুর নিম্নগ্রন্থি ; elbow. কনুই দ্রঃ।

কণ্‌কণিয়া, কণ্‌কণে (কন্‌কোনিআ কন্‌কোনে) [কণকণ দ্রঃ] বিণ. অতি শীতল ; তুষারের মত শীতল। বি. কণকণি। ক্রি. **কণ্‌কণান** (নো)—কণ্‌কণ্ করা। তাহা হইতে বি. কণকণানি।

কণ্‌কণানি—বি.যন্ত্রণা ; ক্ষত ; স্ফীত বা আহত স্থানের বেদনা। ক্রি. কণকণান। বিণ. কণকণে ; কণকণিয়া।

কণ্টক (কন্‌টক্) [কণ্ট্ (গমন করা) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি. পুং. ক্লী. যে হস্ত পদাদিতে গমন বা প্রবেশ করে ; কাঁটা। ২। মৎস্যের অস্থি ; মাছের কাঁটা। ৩। সূচ্যগ্র। ৪। [লক্ষণায়] ক্ষুদ্র শত্রু। ৫। রোমাঞ্চ। প্র—পুলক কণ্টকিত। ৬। দোষ। ৭। ন্যায়ে—দোষোক্তি। ৮। ব্যাঘাত ; বিঘ্ন। ৯। যাহা বিরক্তিকর বা ক্ষতিজনক। ১০। কেন্দ্র। ১১। বিণ. যে কষ্টের বা অসুখের কারণ হয়। ক্লেশদায়ক। প্র—কুলের কণ্টক ; সমাজ-কণ্টক। ১২। কণ্টকযুক্ত। প্র—"কুলেতে কণ্টক তরু বেষ্টিত ভুজঙ্গে।" —বঙ্কিম।

কণ্টকস্বরূপ—বিঘ্ন। ২। যন্ত্রণা। **কণ্টকাকীর্ণ**—কাঁটাপূর্ণ। ২। বিঘ্নসঙ্কুল। **কণ্টকোদ্ধার**—কাঁটা বাহিরকরণ। ২। শত্রুনিপাত। ৩। বিঘ্ননাশ। **শয্যাকণ্টক**—রোগীর বিছানাচালা রোগ ; শয্যাকণ্ট্‌কী (গ্রা)।

কণ্টকদেহী (কন্‌টকদেহি) [কণ্টকযুক্ত যে দেহ, কণ্টক—দেহ (কর্ম্মধা) ইন্ অস্ত্যর্থে] যাহার কণ্টকযুক্ত দেহ আছে ; echino dermata. [সংস্কৃতে কণ্টকদেহ এই পদ সাধু, কারণ, কণ্টক আছে দেহে যাহার এই বহুব্রীহি সমাস দ্বারা কণ্টকদেহী শব্দ-বাচ্য বস্তুকে বুঝায় অতএব ইন্ প্রত্যয়ের প্রয়োজন হয় না]।

কণ্টকদ্রুম (কন্‌টকদ্রুম্) [কণ্টক (কণ্টক প্রধান) যে দ্রুম (কর্ম্মধা)] বি. পুং. শাল্মলী বৃক্ষ ; শিমুল গাছ।

কণ্টকপক্ষক (কনটকপোক্‌খোক্) [কণ্টক (কাঁটা যুক্ত) হইয়াছে পক্ষ (ডানা) যাহার, বহুব্রীহি সমাসে ক যোগ] বি. পুং. যাহাদের পৃষ্ঠের ডানার উপরে এক কিম্বা অধিক অস্থিশলাকা অর্থাৎ কাঁটা থাকে। যেমন কৈ, খরসলা প্রভৃতি মৎস্য।

কণ্টকপ্রাবৃতা [কণ্টক (কাঁটা) দ্বারা প্র—(সম্যক্—দুই ধারে) আবৃতা, যাহার পত্রের দুই ধার কাঁটা দ্বারা আবৃত আছে] বি. স্ত্রী. ঘৃতকুমারী।

কণ্টকফল (কন্‌টকফল্) [কণ্টক (কণ্টকযুক্ত) ফল যাহার, বহু] বি. পুং. কণ্টকীফল ; পনসবৃক্ষ ; কাঁঠাল গাছ। ২। গাবভেরেণ্ডার গাছ। ৩। ধুতুরার গাছ। ৪। গোক্ষুর গাছ। ৫। [কণ্টক (কণ্টকযুক্ত) যে ফল কর্ম্মধা] কাঁঠাল ফল ; পনস।

কণ্টকারিকা, কণ্টকারী [কণ্টক (কাঁটা) —ঋ (গমন করা) + অ (সংজ্ঞার্থে)—ঋ = আর্ = কণ্টকার + ক (স্বার্থে) আপ্—স্ত্রী. অ = ই = কণ্টকারিকা। পক্ষে, কণ্টকার + ঈপ্ = কণ্টকারী] বি. স্ত্রী. কণ্টকারীর গাছ।

কণ্টকাশন (ন্ ট) [কণ্টক (কাঁটা) হইয়াছে অশন (ভোজ্য) যাহার, বহু] বি. পুং. উষ্ট্র ; উট ; ইহারা বাবলা গাছের কাঁটা খাইতে ভালবাসে বলিয়া এই নাম।

কণ্টকিত (ন্ ট) [কণ্টক + ইত (যুক্তার্থে)] বিণ. রোমাঞ্চযুক্ত ; রোমাঞ্চিত ; যাহাতে রোমাঞ্চ হইয়াছে। ২। কণ্টকযুক্ত ; যেখানে কণ্টক জন্মিয়াছে। ৩। কণ্টকবিদ্ধ।

কণ্টকী [কণ্টক (কাঁটা) বা ক্ষুদ্র অস্থি) + ইন্ (অস্ত্যর্থে) = কণ্টকিন্ ১মা. ১ব.] বি. পুং. অতিশয় কাঁটাযুক্ত মৎস্যবিশেষ ; ফলুইমৎস্য। ২। খর্জ্জুরাদি বৃক্ষ। ৩। বেউড় বাঁশ। ৪। বিণ. কণ্টকবিশিষ্ট ; যাহাতে অনেক কাঁটা আছে। **কণ্টকীফল, কণ্টকিফল**—কাঁঠাল।

কণ্টাফল (ল্) [কণ্টা (কাঁটাযুক্ত যে ফল, কর্ম্মধা] বি. ক্লী. কাঁঠাল। ২। [কাঁটাযুক্ত ফল যাহার, বহু] বি. পুং. কাঁঠাল গাছ।

কণ্টী (কোন্‌টি) বি. কণ্টকময় ক্ষুপবিশেষ ; গোক্ষুর ; zygophyllæ ; tribulus terestris.

কণ্ট্রাক্টর (কন্‌ট্র্যাক্‌টার্, কনট্রাক্‌টর্) ইং—contractor] বি. যাহারা কোন কার্য্য সম্পন্ন করিবার নির্দ্দিষ্ট টাকা চুক্তিপূর্ব্বক কার্য্য সমাধা করেন ; ঠিকাদার।

কণ্ঠ (কনঠ্) [কণ্ (শব্দ করা, রব করা) + ঠ (কর্ত্তৃ) ; অথবা কণ (ধ্বনি, স্বর) + ঠ (স্থান)—স্বরস্থান] বি. স্বরস্থান ;

স্বরযন্ত্র ; গলা ; গলদেশ। প্র—কণ্ঠ্যবর্ণ ; কণ্ঠাগত প্রাণ ; কণ্ঠচ্ছেদ। ২। কণ্ঠস্বর ; গলার স্বর ; কণ্ঠধ্বনি ; গলার আওয়াজ। প্র—তিনি মধুরকণ্ঠে গান করিতেছেন ; এমন সুকণ্ঠ গায়ক প্রায় দেখা যায় না। ৩। [শরীর বিজ্ঞান পরিঃ] টুঁটি : throat. ৪। নিকট (উপকণ্ঠ অর্থে—সংস্কৃতে ব্যবহার)। ৫। মদন বৃক্ষ ; ময়না গাছ। স্ত্রী. কণ্ঠা, কণ্ঠী। **উচ্চকণ্ঠ**—উঁচু গলা ; চীৎকার। **কণ্ঠনালী**—গলার নলী। **কণ্ঠশ্বাস**—মৃত্যুর পূর্ব্বে যে শ্বাস কণ্ঠ হইতে মুখগহ্বর দিয়া বহির্গত হয়। অত্যন্ত হাঁপ ধরিলে যে কণ্ঠশ্বাস হয়। **কণ্ঠমালা**—কণ্ঠে ধারণ করিবার মালা বা হার ; কণ্ঠহার ; কণ্ঠভূষণ-বিশেষ। **কণ্ঠহার**—গলার হার ; কণ্ঠভূষণ। প্র—"দেখ্‌বে কণ্ঠী কণ্ঠহার পিঠের ঝাঁপা ফুল" —হেমচন্দ্র।

কণ্ঠ বাহির হওয়া [কৃশ হইলে গলদেশের নিম্নে উভয় পার্শ্বস্থ অস্থি দেখা যায়—সুতরাং কণ্ঠের হাড় দেখা দেওয়া কৃশতা ও দুর্ব্বলতার লক্ষণ] ক্রি. অতিশয় কৃশ বা রোগা হওয়া।

কণ্ঠকূণিকা (কন্‌ঠকুনিকা) [কণ্ঠ (গলা) কূণ্‌ (শব্দ করা) + অক (কর্ত্তৃ, সংজ্ঞার্থে) আপ্‌ স্ত্রী. অ = ই] বি. স্ত্রী. যে কণ্ঠের স্থায় ধ্বনি করে ; বীণা।

কণ্ঠগত, কণ্ঠাগত [কণ্ঠে—গত (গিয়াছে) আগত (আসিয়াছে) ৭ তৎ] বিণ. যাহা কণ্ঠে আসিয়া উপস্থিত সুতরাং দেহ হইতে বহির্গমনোন্মুখ। **কণ্ঠগত বা কণ্ঠাগত-প্রাণ**—বিণ. যাহার প্রাণ কণ্ঠ পর্য্যন্ত আসিয়াছে. যাহার প্রাণ বহির্গত হইবার উপক্রম হইয়াছে। ২। বি. বহির্গমনোন্মুখ প্রাণবায়ু।

কণ্ঠনালী (লি) [কণ্ঠের নালী. ৬তৎ] বি. স্ত্রী. গলার নলী ; গলনালী ; the gullet.

কণ্ঠনীলক (লক্) [কণ্ঠ [হইয়াছে) নীল (বর্ণ) যাহার—বহু. সমাসে ক—যোগ] বি. পু. নীলকণ্ঠ ; মহাদেব। ২। উল্কা। ৩। ময়ূর।

কণ্ঠপাশক (ক্) [কণ্ঠ (কণ্ঠের) পাশক (বন্ধনার্থ শৃঙ্খল)] বি. পুং. হস্তীর গলবেষ্টনী ; হাতীর গলায় বাঁধিবার দড়ী বা শিকল।

কণ্ঠভূষা (কন্‌ঠভুষা) [কণ্ঠের ভূষা (আভরণ) ৬ তৎ] বি. স্ত্রী.) কণ্ঠাভরণ ; মাল্য ; হার ; চিক ; নেক্‌লেস।

কণ্ঠমণি (কন্‌ঠমোণি) [(কণ্ঠের) মণি (রত্ন) ৬ তৎ] বি. পুং. কণ্ঠে ধারণ করিবার রত্ন। ২। কণ্ঠস্থ মণিভূষণ।

কণ্ঠসূত্র (শুৎত্র) [কণ্ঠ (কণ্ঠের) সূত্র. ৬ তৎ] বি. ক্লী. মাল্য। ২। আলিঙ্গনবিশেষ।

কণ্ঠস্থ (কন্‌ঠস্থ) [কণ্ঠ—স্থ (স্থা = থাকা) + অ (কর্ত্তৃ, ড) যে কণ্ঠে থাকে] বিণ. কণ্ঠস্থিত। যাহা বিলক্ষণরূপে শিক্ষা করা হইয়াছে ; অভ্যস্ত ; মুখস্থ। ২। যাহা কণ্ঠে প্রবেশ করে ; গলার অধঃকৃত।

কণ্ঠা (কন্‌ঠা) [কণ্ঠ + আপ্‌ (স্ত্রী)] বি. স্ত্রী. কণ্ঠদেশের অস্থি ; স্কন্ধের পার্শ্বস্থ অস্থিদ্বয় ; clavicle.
২। গলা। **কণ্ঠাগত**—কণ্ঠের নিকট আগত ; কণ্ঠস্থ। **কণ্ঠা বাহির হওয়া**—কণ্ঠের হাড় দেখা দেওয়া ; অত্যন্ত দুর্ব্বল ও কৃশ হওয়া। (কণ্ঠ দ্রঃ)।

কণ্ঠাগ্নি (কন্‌ঠাগ্‌গ্নি) [কণ্ঠে—অগ্নি যাহার—বহু। কণ্ঠে যাহার জঠরানল আছে] বি. পুং. পক্ষী। [প্র. অ]

কণ্ঠাল (ল্‌) [কণ্ঠ (গলা)—অল্‌ (পর্য্যাপ্তি অর্থে) + অ (সংজ্ঞার্থে)] বি. পুং. উষ্ট্র ; উট। ২। নৌকার হাল বা দাঁড়। ৩। শূরণ ; ওল।

কণ্ঠি, কণ্ঠী (কোন্‌ঠি) [কণ্ঠ + ই ; ঈ] বি. কণ্ঠভূষণ ; কণ্ঠহার অপেক্ষা ছোট স্বর্ণ বা মুক্তার একহালি মালা ; কণ্ঠমালা। প্র—
"কজ্জা তুলে দেখ্‌বে বাজু দেখবে কাণের দুল।
দেখ্‌বে কণ্ঠি. কণ্ঠহার পিঠের ঝাঁপাফুল॥"
—হেম বন্দ্যো।
"কণ্ঠী আনিয়া কণ্ঠে জড়ায়।" —রবীন্দ্র।
২। বৈষ্ণব বৈষ্ণবীর কণ্ঠে ধারণ করিবার তুলসী মালা। প্র—কণ্ঠি বদল করিয়া বিবাহ। ৩। অশ্বের কণ্ঠরজ্জু ; ঘোড়ার গলার ডোর।

কণ্ঠীধারণ—বৈষ্ণব বৈষ্ণবীর গলায় ধারণ করিবার জন্য তুলসীর মালা গ্রহণ ; তিলক চন্দনাদির স্থায় বৈষ্ণবের চিহ্ন ধারণ।

কণ্ঠীধারী—আনুষ্ঠানিক বৈষ্ণব ; বৈরাগী। **কণ্ঠীছেঁড়া**—বৈষ্ণবসম্প্রদায়চ্যুত করা।

কণ্ঠীবদল (কোন্‌ঠিবদল্‌) [প্রাদে] বি. বৈষ্ণব সম্প্রদায়ের মধ্যে প্রচলিত বিবাহ প্রথা অনুসারে স্ত্রী-পুরুষের পরস্পর কণ্ঠের মাল্য বিনিময়। ২। কণ্ঠের মাল্য বিনিময় দ্বারা বিবাহ।

কণ্ঠীরব (কোন্‌ঠিরব্‌) [কণ্ঠী (কণ্ঠে) রব (শব্দ) যাহার. বহু] বি. পুং. কপোত। ২। মত্ত হস্তী। ৩। সিংহ। [বাং-য় প্র. অ]
স্ত্রী. **কণ্ঠীরবী**—বাসক বা বাকস গাছ।

কণ্ঠেকাল (ল) [কণ্ঠে (গলদেশে) কাল (কালকূট বিষ ধারণ জন্য কৃষ্ণবর্ণ চিহ্ন) যাহার. বহু. অলুক সমাস] বি. পুং. নীলকণ্ঠ ; মহাদেব।

কণ্ঠ্য (কন্‌ঠ) [কণ্ঠ + য (ভবার্থে. যণ্‌] বিণ. কণ্ঠসম্বন্ধীয়। ২। কণ্ঠ হইতে উচ্চারিত বর্ণ ; যথা—অ. আ. হ।

কণ্ঠ্যৌষ্ঠ্য (কন্‌ঠৌষ্‌ঠ [কণ্ঠ্য + ওষ্ঠ] বি. যাহা কণ্ঠ এবং ওষ্ঠ এই উভয় স্থান হইতে উচ্চারিত হয়।
প্র—"হ্রস্ব অ বর্ণের সংবৃতাস্য উচ্চারণে ওষ্ঠ সংবৃত করিতে হইয়া থাকে। এইজন্য কণ্ঠ্য অ-বর্ণ কণ্ঠ্যোষ্ঠ্যে পরিণত হয়।"—সা. প. প।

কণ্ডন (ন্‌) [কন্‌ড্‌ (তুষহীন করা) + অন (ভাবে. অনট্‌)] বি. ক্লী. তুষ নিষ্কাশন ; নিস্তুষকরণ ; কাঁড়ন।

কণ্ডনী (কনডোনি) [কন্‌ড্‌ (কাঁড়ন) + অন. (করণে – অনট) যাহা দ্বারা চাল কাঁড়া হয়] বি. স্ত্রী. মুষল। ২। [অধি. অনট্‌ (যাহাতে রাখিয়া চাল কাঁড়া হয়)] কণ্ডনপাত্র ; উখলি।

কণ্ডু (কোন্‌ডু) বি. পুং. মুনিবিশেষ। ২। ক্লী. কণ্ডু ; চুলকনি।

কণ্ডূ [কণ্ডূ (সৌত্র ধাতু + ক্বিপ] বি. স্ত্রী. চুলকনি ; খোস ; পাঁচড়া।

কণ্ডূতি (কো) [কণ্ডূ + তি (ভাবে. ক্তি)] বি. স্ত্রী. কণ্ডূ (দ্রঃ) ; খোস। ২। শরীরের মধ্যে সড়সড় বোধ। ৩। অস্থিরতা ; প্রবৃত্তির তাড়নায় অতিশয় চঞ্চলতা ; কুট্‌কুটুনি।

কণ্ডূয়ন (ন্‌) কণ্ডূ ; চুলকনি ; পাঁচড়া। ২। চুলকনি হেতু অস্বস্তি ; চুলকাইবার জন্য অঙ্গুলির অস্থিরতা। প্র—যাহা তাহা লিখিয়া হস্তকণ্ডূয়ন নিবৃত্তি করা। ৩। প্রবৃত্তির তাড়নায় অতিশয় অস্বস্তি ; কুট্‌কুটুনি।

কণ্ডূয়মান (ন্‌) [কণ্ডূ [সৌত্র ধাতু = চুলকান) + য = কণ্ডূয় + আন (কর্ত্তৃ, আনশ্‌) —ম—আগম] বিণ. কণ্ডূয়ন করিতেছে এমন ; যে চুলকাইতেছে।

কণ্ডূরা (কো) [কণ্ডূ—রা (দান করা) + (কর্ত্তৃ. ক্বিপ্‌) যে কণ্ডূ দেয়। অর্থাৎ যাহা স্পর্শ করিলে গাত্র কণ্ডূ উপস্থিত হয়] বি. স্ত্রী. আলকুশী গাছ।

কণ্ডূল (কোন্‌ডুল্‌) [কণ্ডূ (চুলকান) + ল (অস্ত্যর্থে)] বিণ. যাহার কণ্ডূ আছে ; কণ্ডূ রোগে আক্রান্ত ; খোসো।

কণ্ডোল (ল্‌) [কন্‌ড্‌ (রক্ষা করা) + ওল (অধি. সংজ্ঞার্থে) যাহাতে ধান্য প্রভৃতি শস্য রক্ষিত হয়] বি. পুং. বাঁশ কিম্বা নল দ্বারা নির্ম্মিত ধান্যাদি শস্য রাখিবার পাত্র ; গোলা ; ডোল।

কণ্ডোলক (লক্) [কণ্ডোল + ক (স্বার্থে)] বি. পুং. কণ্ডোল দ্রঃ।

কণ্ডোলবীণা (ল্‌. না) বি. কটোলবীণা ; চণ্ডাল দিগের জাতীয় বাদ্য ; কেঁদড়া।—শব্দরত্নাবলী।

কন্না (কন্না) [গৃহকর্ম্ম = ঘরকন্না ; সংক্ষেপে, কন্না। হি—কর্না = কাজকর্ম্ম করা] বি. গৃহের কাজকর্ম্ম ; সেবা-শুশ্রূষা [ক্রি. **কন্না-করা**—গৃহস্থালীর কাজকর্ম্ম করা ; সেবা-শুশ্রূষা করা। **ঘরকন্না করা**—সংসারধর্ম্ম পালন করা।

কন্নার (কন্নার) [সং—কহ্লার হইতে] বি. পুষ্পবিশেষ ; সুঁদিফুল।
প্র—"কমল কন্নার ইন্দীবর।" —কবিক।

কণ্যান (কোনন্যান্) [সং—কনীয়ান্] বিণ. অতিক্ষুদ্র ; অতিশয় ছোট। ২। কনিষ্ঠ।
প্র—"পাণ্ডু নৃমণি কণ্যান রমণী
মদ্র মহীপতি সুতা।"—কবিক।

কণ্ব (কন্ন্) [কণ্ (শব্দ করা) + ব (কর্ত্তৃ. সংজ্ঞার্থে)] বি. পুং. শুক্লযজুর্ব্বেদী মুনিবিশেষ ; কণ্ব-গোত্রীয়গণের আদিপুরুষ ; শকুন্তলার পালক-পিতা। শুক্লযজুর্ব্বেদীয় স্মৃতি-গ্রন্থকার।

কণ্বসুতা (কন্নোশুতা) [কণ্ব (তাঁহার) কন্যা (পালিতা কন্যা)—৬তৎ] বি. স্ত্রী. শকুন্তলা।

কণ্বস্মৃতি (কননস্সৃতি) বি. স্ত্রী. কণ্বমুনি কর্ত্তৃক শুক্লযজুর্ব্বেদ হইতে সংগৃহীত স্মৃতিগ্রন্থ-বিশেষ।

কণ্বাশ্রম (ম্) [কণ্ব (কণ্বের)—আশ্রম —৬তৎ] বি. পুং. মালিনী নদীতীরে অবস্থিত মহামুনি কণ্বের আশ্রম। ইহা আদি ধর্ম্মারণ্য নামে প্রসিদ্ধ।

কৎ [আ—কৃ্তা (nib.) 'খৎ' ও বলে] বি. কলমের মুখ। **কৎকাটা**—কলমের মুখ কাটিয়া লিখিবার উপযোগী করা।

কত [হি. গ্রা—কেতে (তুলসী).কেত্তা ; (সাধু) কিতনা. কিতনে ; ব্রজ—কতি ; ওড়ি—কেত্তে : মঃ—কেৎটা ; সং - কতি] বিণ. (সংখ্যা বা পরিমাণার্থে, প্রশ্নে) কিয়ৎ ; কি পরিমাণ ; কি সংখ্যক।
প্র -"কত কাল পরে বল ভারত রে
দুঃখ-সাগর সাঁতারি পার হবে।"
—গোবিন্দ রায়।
"জনম গোঙানু দুখে, কত বা সহিব বুকে,"
—চণ্ডীদাস।
২। প্রচুর ; বহু ; অনেক। প্র—কতদিন ধরিয়া যে সে অপেক্ষা করিতেছে তাহার নির্ণয় নাই। ৩। মুনিবিশেষ। ৪। [কতক দ্রঃ] কতফল ; নির্ম্মলী।

কত করে, করিয়া—ক্রি .বিণ. অনেক করিয়া ; বহু সাধ্য সাধনায় ; বহু চেষ্টায়। প্র—তাহাকে কত করে বলে তবে এখানে আনা গেল। ২। কি পরিমাণ মূল্যে : কি হিসাবে ; কি দরে। প্র—বাজারে আজ কাল উৎকৃষ্ট বালাম চাল কত করে পাওয়া যায়?

কত শত—বিণ. অসংখ্য ; বহুসংখ্যক ; শতশত। প্র—তাহার মত কত শত গড়াগড়ি যাইতেছে। "কত শত আছে দীন অভাগা আলয় হীন শোকে জীর্ণ প্রাণ কত কাঁদিতেছে নিশিদিন।" —ব্রহ্ম সংগীত।

কত মত—বিণ. বহু প্রকার। প্র—"কতমত সুখ নাহি অবধি।"— অন্নদামঙ্গল। "শুভ বিবাহের পর, গেলাম শ্বশুর ঘর, পাইলাম কত মত সুখ। শ্বশুরের স্নেহ যত, খাশুড়ীগণের তত, নিত্য বাড়ে পরম কৌতুক॥" – কৃত্তিবাস।

কতক (কতোক্) [কত (দ্রঃ) + ক (স্বল্পার্থে) প্রাকৃ—কেত্তক ; হিঃ—কেতিক (তুলসী) প্রা—বাং ও আধু প্রাদে (পূর্ব্ববঙ্গে) কতেক ; সং—কতম : কতি] বিণ. কিয়ৎ-পরিমাণ ; কতিপয়-সংখ্যক। ২। কিয়দংশ। ৩। অল্প। ৪। [ক (জল) + তক (প্রকাশ) যাহা হইতে হয় অর্থাৎ যাহা দ্বারা জল পরিষ্কার হয়] বি, পুং, নির্ম্মলী ফল।

কতকটা (তো) [কত + কটা (টাক্, বর্ণ বিপর্য্যয়ে কটা) আধিক্যার্থে টাক্ স্বল্পার্থে টুক্ ; টুকু। আবার কটা—আদরার্থে কটি হয়। কতকটি] অ, কি পরিমাণ ; কত অল্প পরিমাণ। ২। (কতকটা) [কতক—কত + ক (অবধি অর্থে) + টা (অনাদরে। আদরে টি হয়)] কিয়ৎপরিমাণে ; অল্প-মাত্রায় ; সামান্য। ২। খানিকটা ; কিয়দংশ ; স্বল্পভাগ ; ক্ষুদ্র অংশ বা খণ্ড।

কতকি [কত (কি পরিমাণ বা সংখ্যক) + কি (প্রকারার্থে) কি কি বস্তু] অ, বহু প্রকারের অসংখ্য বস্তু বা বিষয় ; কত রকম যে বলিয়া শেষ করা যায় না। প্র—প্রদর্শনীতে কতকি যে দেখা গেল তাহার আর কি বলিব।

কতক্ষণ (কতক্খোন) [কিয়ৎক্ষণ শব্দজ] বি. কিয়ৎকাল ; কিছুকাল। ২। [প্রাদে] আগমন-জিজ্ঞাসা-বাচক। ৩। [প্রাদে] বহুক্ষণ।

কতখান (কতোখান্ [কত (কি পরিমাণ) খান (টা ; খণ্ড)] বিণ. কতটা ; কি পরি-মাণ ব্যাপ্ত। প্র—কত খান জমি তাহাকে দেওয়া হইল। ২। [কত (বহু) খান (কাণ্ড—অকাণ্ড, কুকাণ্ড)] বি, বহু অনর্থপাত ; কি পরিমাণ অনিষ্টসংঘটন। প্র—"কি জানি কুচক্রী আসি কতখান করে।"
"সদাই ভাবনা বিধি কতখান করে"॥—ঘনরাম।
৩। [কত (বিস্তারিত ; অতিরঞ্জনার্থে)—খান (বাখান, সংক্ষেপে)] বি, বর্ণনায় অতি-রঞ্জন। প্র—"তাহার কাণে এখন কতখান করিয়া লাগাইবে। ক্রি. **কতখান করা**—বাড়াইয়া বলা। ২। বহু অনর্থপাত করা।

কতটা [পরিমাণবাচক] বিণ. কতখানি ; কতিপয়।

কতনা [প্রাদে] কতই ; কত যে। প্র—"কতনা যতনে কতনা গোপসি" —বিদ্যাপতি।

কতমত [কত দ্রঃ] ক্রি-বিণ. কত প্রকারে ; বিবিধ প্রকারে। প্র—"বিরস দেখিলে মুখ কতমত সাধি।" —নিধুবাবু॥
২। বিণ. কত প্রকার।

কতরণ (কতরোন্) [হি—কর্ত্তন শব্দজ] বি. উষ্ট্র মেষ প্রভৃতির লোম ছেদন ; কর্ত্তন।

কতল (কতোল্) [আ - কৎল্] বি. তরবারি দ্বারা হত্যা ; বধ ; নরহত্যা ; মানুষ খুন। প্র—আদালতে আজ একটা কতলের মকদ্দমা আছে। ক্রি. **কতল করা**। কেটে ফেলা।

কতলান (কত্লানো) [হি—কুচ্লনা বা কচলনা তাহা হইতে কচলান, পরে কচটান, বর্ণ বিপর্য্যয়ে চটকান। অথবা কাথ হইতে কাথ + লান (হি-তে করান অর্থে লানা প্রত্যয়, তুল—দেখলানা, বৈঠলানা ইত্যাদি)—কাথলান = কাথ করান ; কাথ বাহির করাইবার মত কচটান] ক্রি, খুব কচটান ; বেশ করে রগড়ে রগড়ে ধোয়া।

কতহুঁ (ক) [হি.প্রা-বাং] ক্রি-বিণ. কতনা ; কতই ; বিবিধ ; বহু। প্র—"চুম্বন করল কতহুঁ ছন্দ" —বিদ্যাপতি।

কতি (কোতি) [হি—কতি (তুলসী) ব্রজ - কতি। সং—কিম্ + অতি (পরিমাণার্থে ডতি) = কতি—ইহার কি পরিমাণ? আধু-বাং অপ্র] বিণ. কত। কিয়ৎপরিমাণ। প্র—"কতি ক্ষণে আওব কুঞ্জরগমনী" —বি.প।
২। কতিপয় ; কয়জন। ৩। [সং—কুত্র ; ব্রজ, প্রা-বাং—কথি (দ্রঃ)] কোথায়। প্র—"চিনিনু আপন নাতি কোটাল পাইলে কতি বাপের পুণ্যেতে কর দান।" —কবিক।
"ভাড় দত্ত জীতে ভাষা পলাইবে কতি।"—ঐ
৪। কি।

কতিক্ষণে, কতিখনে (কোতিক্খনে কোতিখনে) ক্রি-বিণ. কখন ; কতক্ষণ পরে কতকালে ; কত বিলম্বে। প্র—"কতিক্ষণে আওব কুঞ্জরগমনী॥" —বিদ্যাপতি।

কতিচিৎ (কো) [কতি (কত) + চিৎ—অসাকল্যার্থে। আধু-বাং অপ্র] অ, কতিপয় ; কিয়ৎসংখ্যক ; কতকগুলি।

কতিথ (কো) [কতি + থ] বিণ. কতিবিধ ; কতপ্রকার ; কতমত। [আধু বাং অপ্র]

কতিপয় (কো) [কতি + অয় (অয়ট্) প—আগম] বিণ. কতকগুলি ; কিয়ৎ পরিমাণ।

কতিবিধ (কো) [কতি—বিধা (প্রকার) যাহার, বহু] বিণ. কত প্রকারের ; কতমত।

কতিরা [হি. কতিরা] বি. স্ত্রী. অশ্বকে খাওয়াইবার ঔষধবিশেষ।

কতিসঞে (এঁ) [মৈ. কতি=কথি (কোথা) সঞে (হি, সে—সেঁ, সঁয়্ = হইতে)—কথিসঞ্] ক্রি-বিণ. কোথা হইতে ; কোথা থেকে ; প্র—"কতি সঞে রূপ ধনী আনলি চোরি" —বিদ্যাপতি

কতিহুঁ (কৌতিহুঁ) [হি, মৈ,] অ. কেন। প্র—"কতিহুঁ মদন তনু দহসি হমারি" —বিদ্যাপতি।

কতেক (ক্) [প্রা-বাং। আধু—প্রাদে—ব্যবহার (পূর্ব্ব বঙ্গ)। বর্ণ বিপর্য্যয়ে কেতক। কত+এক (তুল—হি—কিতনে এক (মানস-—কোশ পৃ, ২৭) : ওড়ি—কেতেক ; হি—কেতিক (তুলসী) ; সং—কতিক)] বিণ. কয়েক ; কতিপয় ; কত কয়টি, কতকটী : কত-গুলি ; অল্পসংখ্যক। ২। কিয়ৎ পরিমাণ অল্প ; কিঞ্চিৎ ; কিছু। ৩। কত (নিশ্চয় করণে অসামর্থ্য অর্থে)। প্র—
"না জানি কতেক মধু, শ্যাম নামে আছে গো,
বদন ছাড়িতে নাহি পারে।" —চণ্ডীদাস।
৪। কত অধিক ; (আধিক্য অর্থে)।
"দেখ দেখি চেয়ে কতেক বেলা" —অন্নদামঙ্গল।
[তুলঃ—এতেক, যতেক, ততেক।]

কত্তা (কত্‌তা) [গ্রা। কর্ত্তা দ্রঃ] বি. কর্ত্তা ; প্রভু। ২। গৃহস্বামী : গৃহের কর্ত্তা। ৩। স্বামী ; পতি। স্ত্রী, গিন্নি। প্র—কত্তা গিন্নী। ৪। [শূন্য পুরাণ, ধর্ম্মমঙ্গলাদি প্রা-বাং, সাহিত্যে করতা (কর্ত্তা) করতার। প্র—"অনাদি করতারে জুগল পদেত করি স্তুতি॥"—শূঃ পুরাণ, "উরিল দেব করতা" —ঐ] ভগবান ; ঈশ্বর ; নিরঞ্জন ; ধর্ম্মঠাকুর। ৫। [প্রাদে-গ্রা] দোকানে হাটে বাজারে যাহারা জিনিষ পত্র বিক্রয় করে তাহাদিগকে সম্বোধন করিবার শব্দ। **কত্তাভজা**—বৈষ্ণব সম্প্রদায়-বিশেষ। যাহারা কর্ত্তার ভজনা বা উপাসনা করে। **কত্তামি, কত্তাত্তি**—কর্তৃত্ব।

কত্তৃণ (কত্‌তৃন) বি. গন্ধতৃণ ; রামকর্পূর : andropogon schoenanthus, Fragrant grass. ২। চাকুলে।

কথক (ক্থোক্) [কথ্ (বলা)+অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বিণ, পুরাণ-পাঠক ; যে পুরাণ ব্যাখ্যা করে ; যে পুরাণের কথা বলে। ২। বক্তা। ৩। নাটক বক্তা (শব্দরত্নাবলীতে—ইহার সমনাম—কথা-প্রাণঃ একনটঃ)। **কথককঠাকুর**—যে ব্রাহ্মণ পুরাণের কথা বলেন এবং পুরাণ পাঠ করিয়া শুনাইয়া থাকেন।

কথকতা (কথোকোতা) বি, পুরাণ পঠন ও ব্যাখ্যান।

কথঞ্চন, কথঞ্চিৎ (কথনচোন্) [কথম্+চন ; চিৎ (অল্পার্থে, অসাকল্যার্থে)] অ, কোনরূপে ; কোন প্রকারে ; কোন সুযোগে ; কোন উপায়ে। ২। কিরূপে ; কিভাবে ; কি প্রকারে।

কথন (ন্) [কথ্ (বাক্য প্রবন্ধ)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ভাষণ ; উক্তি বলন ; কহন ; বলা। প্র—"অধিক কথন আর না যায় লাজেতে" —নিধু বাবু। ক্রি, কহা। বিণ, কথনীয়।

কথনীয় (কথোনিও) [কথ্+অনীয় (কর্ম্মে)] বিণ, বাচ্য ; কথ্য ; উক্তিযোগ্য ; বক্তব্য ; বলিবার উপযোগী বা উপযুক্ত।

কথা (কথা) [কথ্ (বলা)+অ (ভাবে—অঙ্, আপ স্ত্রী)] বি, স্ত্রী, উক্তি ; বচন। ২। উচ্চারণ। ৩। উপাখ্যান ; গল্প ; বৃত্তান্ত। প্র—"মহর্ষি কথা আরম্ভ করিলেন" —কাদম্বরী।
৪। সত্যমিশ্রিত কল্পিত গল্পগ্রন্থ। প্র—"কথামালা"। ৫। অঙ্গীকার ; প্রতিশ্রুতি। প্র—"যে কথা সেই কাজ" ; তাহার কথার ঠিক নাই ; কথা দিয়া কথার মত কাজ না করায় পাপ হয়। ৬। কথকতা। প্র—কথা শুনিতে যাওয়া। ৭। আলাপ। ৮। নাম-কীর্ত্তন ; গুণগান। প্র—"তোমার কথায় তোমারি সেবায়" —ব্রহ্মসঙ্গীত। ৯। প্রসঙ্গ ; বিষয়। প্র—"তোমার কথা হেথা কেহ ত বলেনা, করে শুধু মিছে কোলা-হল" —রবি। ১০। উল্লেখ। প্র—সে কথায় আর কাজ কি ? ১১। সম্ভাব ; বাক্যালাপ। প্র—তাহার সহিত কথা নাই বা কথা বন্ধ হইয়াছে। ১২। মনো-ভাব ; অভিপ্রায় ; গোপনীয় বিষয়ের সন্ধান। প্র—কথা দিয়ে কথা লওয়া। ১৩। বিনা কঠোরতায় ; সহজে। প্র—সে কথায় শুনিবার পাত্র নয়। ১৪। কাজের বিপরীত ; অকর্ম্মণ্যতা। প্র—সে কেবল কথার ধোকড়। ১৫। ভাষা ; বাক্য। প্র—তাহার কথার আঁট বা বাঁধুনি নাই। বিণ, কথ্য। **কথা কও**—অভিমান, ক্রোধ বা বিরাগ ত্যাগ করিয়া অনু-রাগের নিদর্শনস্বরূপ মৌনভাব ত্যাগ কর। প্র—"কথা কও ফিরে চাও।" **কথাকাটা**—প্রতিবাদ করা। (২) কথার অসত্যতা প্রতিপন্ন করা। (৩) কথা এড়ান। **কথা-কাটাকাটি**—বাদ-প্রতিবাদ ; বচসা। **কথাচালা**—এক স্থানের কথা অন্যস্থানে চালনা করা বা রটান। একস্থানের সংবাদ স্থানান্তরে বিস্তার করা। **কথা চালাচালি**—পরস্পরের মধ্যে কোন বিষয় বা ঘটনার পরিচালন। **কথা দিয়া কথা লওয়া**—কাহার মনের মত কথা বলিয়া তাহার বিশ্বাস উৎপাদন করত তাহার মনের কথা বাহির করিয়া লওয়া অর্থাৎ জানা। **কথা দেওয়া**—বাগ্‌দান করা ; প্রতিশ্রুত হওয়া ; অঙ্গীকার করা। (২) নিজ ব্যয়ে বা উদ্যোগে পৌরাণিক শাস্ত্রকথা বা কথকতার আয়োজন করা। **কথা পাড়া**—প্রসঙ্গ করা ; প্রস্তাব করা : কোন গূঢ় উদ্দেশ্যে কথারম্ভ করা বা বলা। **কথা ফেলা**—প্রসঙ্গ করা ; কথার সূত্রপাত করা ; প্রস্তাব করা। **কথা বাড়ান**—বিতণ্ডা বা বাদানুবাদ বৃদ্ধি করা। **কথা বেচে খাওয়া**—[ব্যবহারাজীব ; দালাল প্রভৃতি শ্রেণীর লোক বিচার বিতর্কদ্বারা এবং বাক্-চাতুর্য্যদ্বারা জীবিকা অর্জ্জন করিয়া থাকেন বলিয়া] কথার বিনিময়ে অর্থোপার্জ্জন করা ; শাস্ত্রীয় যুক্তি প্রদর্শন এবং বাক্‌চাতুর্য্যে জীবিকা-র্জ্জন করা ; মিষ্ট বা মন-রাখা কথায় ভুলাইয়া অর্থোপার্জ্জন করা। প্র—
"বেশ্যার বেহদ্দ পেসা কথা বেচে খায়।
পদের আবার মান সম্ভ্রম কোথায়॥"
—হেমবন্দ্যো (উকীলের স্ত্রীর উক্তি—"বাজি-মাৎ" কবিতায়)। **কথা শুনা, শোনা**—কথার বাধ্য হওয়া ; কথা মান্য করা ; কথানুসারে কাজ করা ; আদেশ বা অনুরোধ পালন করা। ২। কথককর্ত্তৃক ব্যাখ্যাত পুরাণ-কথা শ্রবণ করা। **কথা সারা**—বর্ণনা বা কথোপকথন সমাপ্ত করা। (২) উক্তি সংশোধন করিয়া লওয়া। **কথায় কথায়**—প্রতিবাক্যে ; প্রতিকথায়। (২) কথা প্রসঙ্গে ; কথানুক্রমে। (৩) সকল বিষয়ে। (৪) যখন-তখন। **কথায় কথা বাড়া**—প্রতিবাদে বা নূতন কথার উল্লেখে অন্য কথার অবতারণার প্রয়োজন হেতু বাগ্‌বিতণ্ডার বৃদ্ধি হওয়া। **কথায় চিঁড়ে ভেজা**—ফাঁকা আওয়াজে কাজ হওয়া ; ফাঁকি দিয়া কাজ হাসিল হওয়া (কারণ চিঁড়ে ভিজাইতে হইলে জল বা দধির মত জলীয় বাস্তব পদার্থের প্রয়োজন হয়)। প্র—কথায় কখন চিঁড়ে ভেজে না। **কথায় থাকা**—সংস্রব রাখা।

কথার আঁটুনি—কথার বাঁধুনি দ্রঃ। **কথার ওড়ন পাড়ন**—বাক্যের আবরণ ; বাগ্‌জাল ; অসার বাগাড়ম্বর। অর্থ ও যুক্তিহীন বাক্যের প্রাচুর্য্য। কথার শ্রাদ্ধ দ্রঃ। **কথার কথা**—কথার মাত্রা ; অগৌণ কথা ; উড়ো কথা ; বিশেষত্ব হীন বাক্য। প্র—"নীরব কথার কথা জগৎ সঙ্গীতময়" —অবসর। (২) অসার কথা ; মিছে কথা। প্র—"মিছে কথা দিছে সে যে প্রাণ মন তায়। সকলি কথার কথা কিছু কিছু নয়।"—ফুলরেণু। ৩। সহজ ব্যাপার ; সোজা কথা। প্র—"ভোলা সেকি কথার কথা প্রাণ যে প্রাণে গাঁথা" —গোপাল উড়ে।

কথার ছুববা—(মেয়েলী)—কথার শ্রী দ্রঃ। কথার ধরণ, ধারা—বাক্য প্রয়োগের প্রণালী। (২) কথা বলিবার অভিপ্রায় বা উদ্দেশ্যজ্ঞাপক কৌশল। প্র—এরকম যে হবে বা সে যে এমন করবে তার কথার ধরণেই বোঝা গিয়েছিল।

কথার ধার না ধারা—সংস্রব না রাখা; সংস্রবে না থাকা; কোন বিষয়ে সংসৃষ্ট না থাকা। প্র—সে ওসকল কথার ধার ধারে না। কথার ঢো [মেয়েলি। ধুয়া হইতে ঢো] —কথার ধুয়া। কথার ধোকড়—বাক্যবাগীশ: কাজের কেহ নয়; যে কথার ধুরন্ধর কিন্তু কার্য্যে অগ্রসর হয় না; অকর্ম্মণ্য। কথার ফের—কথার পেঁচ বা কৌশল। (২) কথার পরিবর্ত্তন: পূর্ব্ব উক্তির অস্বীকার। কথার পিঠে কথা—এক কথার অব্যবহিত পরে অন্য কথা; প্রতিকথা; প্রতিবাদ; প্রত্যুত্তর। কথার বাঁধুনি—উক্তি বা বাক্যের যুক্তিযুক্ততা এবং অর্থসঙ্গতি; কথার আঁট; উক্তির শৃঙ্খলা। কথার মাথা নাই মুণ্ডও নাই—শৃঙ্খলাহীন বাক্য: অর্থহীন এবং অসঙ্গত কথা; প্রলাপ বাক্য; এলোমেলো কথা। কথার মারপেঁচ—বাক্-কৌশল; শব্দের অনেকার্থতা হেতু উদ্দেশ্যের অনুযায়ী বাক্যের কূট প্রয়োগকৌশল। কথার শ্রাদ্ধ—[শ্রাদ্ধের আড়ম্বরাধিক্য হইতে। তুল—"অজাযুদ্ধে ঋষিশ্রাদ্ধে * * * বহ্বারম্ভে লঘুক্রিয়া"] কথারই 'ওড়ন পাড়ন' কিন্তু কাজে কিছুই নয়। কথার শ্রী—বাক্যের সৌন্দর্য্য; কথার মাধুর্য্য। (২) কথার বা উক্তির ধারা; কথা বলিবার ধরণ। প্র—লোকটার কথার শ্রী দেখ। কথার হাত পা দেওয়া, কথার হাত পা বাহির করা—মৌলিক বিবরণ নানা প্রকার কাল্পনিক কথার যোগে বিশদ করা; যে কথা হয় নাই তাহাও যুড়িয়া দিয়া আসল কথা শাখা প্রশাখায় বিস্তৃত করা। আজগুবী কথা—অসম্ভাবিত বিষয় বা সংবাদ। আদুরে আদুরে কথা—অর্দ্ধস্ফুট বাক্য; আধ আধ কথা। আপন কথাই পাঁচ কাহন—নিজের উক্তিরই প্রাধান্য স্থাপন চেষ্টা; আপনার কথার আধিক্য; অন্যের কথা চাপা দিয়া বা তাহাতে কর্ণপাত না করিয়া ক্রমাগত নিজের বক্তব্য বলিয়া যাওয়া। ইতুরে কথা—ইতর জনোচিত উক্তি। উঁচু কথা—নিজের অবস্থার অতিরিক্ত কথা। (২) চড়া কথা; ভর্ৎসনা বাক্য। উচিত কথা—যুক্তিসঙ্গত কথা; হক্ কথা। উলটা কথা—বিপরীত বাক্য। এক কথা—অপরিবর্ত্তনীয় কথা; স্থির বাক্য। একটা বা একটি কথা—অনধিক কথা। (২) বিশেষ কোন কথা। কড়া কথা—কর্কশ বাক্য; তিরস্কার। কাঁচা কথা—পরিবর্ত্তনশীল কথা; অস্থায়ী বাক্য; যে কথার উপর নির্ভর করা চলে না। কাজের কথা—সারবান কথা; প্রয়োজনীয় কথা। (২) কার্য্য কথা। কাণে কথা, কাণেকাণে কথা—অন্যের অশ্রুত বাক্য: চুপি চুপি কথা। খেলো কথা—বাজে কথা; কাঁচা কথা; যে কথার গুরুত্ব নাই; অসার কথা। খোলাখুলি কথা—যে কথায় পরস্পরের হৃদয় মুক্ত হয়: কোন কিছু গোপন না করিয়া অকপট ভাবে কথা। গড়াকথা—অসত্য বা কাল্পনিক কথা: যে কথা কেহ বলে নাই এমন সৃষ্টি করিয়া বলা বা কল্পিত কথা; অপ্রকৃত কথা; সাজান কথা। ঘর ভাঙ্গা কথা—যে কথায় গৃহ বিবাদ হয়। ঘরের কথা—সংসারসম্বন্ধীয় কথা। (২) অতিপরিচিত বিষয়। চুপিসাড়ে কথা—নির্ব্বাক হইয়া ইঙ্গিত বা ইসারায় কথা। (২) অনুচ্চস্বরে কথা। চোখা চোখা কথা—তীক্ষ্ণ বা তীব্র বাক্য; প্রাণস্পর্শী বাক্য; হৃদয়ে বিদ্ধ হয় এমন কথা। (২) বাছা বাছা কথা; তীক্ষ্ণ অথচ সত্য কথা। দশকথা—অনেক কথা। (২) নানাবিধ কড়া কথা; ভর্ৎসনা বাক্য। প্র—দশকথা শুনাইয়া দেওয়া। দুএক কথা [দুইএক একাধিক কিন্তু অনধিক অর্থাৎ কতকগুলা] কয়েকটা কথা। (২) কথার পর কথা। প্র—দুই এক কথা হতে হতে বিলক্ষণ ঝগড়া বেধে গেল। (৩) অল্প কথা। প্র—দুই এক কথায় মিটবে না। দুকথা [দু=দুই। কিন্তু এখানে দুইটী মাত্র অর্থে নয়] দশকথা দ্রঃ; কতকগুলা শক্ত কথা; ভর্ৎসনাসূচক বাক্য। প্র—সে তাহাকে বেশ দুকথা শুনাইয়া দিল। (২) কথোপকথন। প্র—তাহার সহিত দুকথা না হলে তার অভিপ্রায় কি বুঝিব। (৩) প্রসঙ্গ। নাকে কথা—অনুনাসিক স্বরে কথা। নাকে মুখে কথা, নাকে চোখে কথা, নাকে কাণে কথা—বাচালতা। ন্যাকা কথা—অবুঝের মত কথা। (২) বাঁকা বাঁকা বা ভুল উচ্চারণে কথা। নোংরা কথা [গ্রা] অসরল কথা; কপট বাক্য। (২) জঘন্য কথা। পাকা কথা—স্থির বাক্য; যে কথার আর নড়চড় হয় না; দৃঢ়বাক্য। পাকান কথা। পেঁচওয়া কথা—অসরল বা অকপট বাক্য; ঘুরান কথা; কৌশলপূর্ণ—জটিল এবং গুপ্ত উদ্দেশ্যযুক্ত বাক্য। পাঁচ কথা—[দশ কথা, সাত কথা, লাখ কথা প্রভৃতি একার্থক] নানা কথা; অনেক কথা। ফল কথা—প্রকৃত কথা; সার কথা; in short; the long and short of it. ফাঁস কথা—অকেজো কথা; বাজে কথা: অসার কথা। এই অর্থে বিপরীতার্থক বেফাঁস কথা প্রচলিত আছে। বাঁকা কথা—অসরল বাক্য; বক্রোক্তি। বাজে কথা—খেলো কথা; অসার বাক্য। ভাল কথা—উত্তম বাক্য। (২) হিতকর বাক্য; প্রয়োজনীয় কথা। প্র—ভাল কথা মনে পড়েচে। (৩) কোন কথা বা প্রসঙ্গ উত্থাপন করিবার পূর্ব্বোক্তি: আচ্ছা। (৪) হঠাৎ কোন কথা স্মরণ হওয়ায় তাহার প্রস্তাবনা বা উপক্রমণিকা। মিঠা কথা—মিষ্ট কথা; মধুর বচন। মোট কথা—ফলকথা। যে কথা সে কাজ—কথা মাত্রে পর্য্যবসিত নয় কার্য্যদ্বারা উক্তির সারবত্তা ও সত্যতা প্রতিপাদন; প্রতিজ্ঞা পালন। লক্ষ বা লাখ কথার এক কথা—অসংখ্য বাক্যের মধ্যে একমাত্র মূল্যবান এবং উপযুক্ত কথা। লজ্জার বা লাজের কথা—[মেয়েলি ভাষায় "নজ্জার কথা"] লজ্জাজনক বাক্য বা বিষয়; নিন্দনীয় ঘটনা। প্র—"কি কাণ্ডটা ছি ছি ছি ছি 'নজ্জার কথা বড়!"—হেমচন্দ্র। "ও মরে যাই লাজের কথা"— বাং গান। লোকের কথা—জনসাধারণের উক্তি। শক্ত কথা—কড়া কথা দ্রঃ। শেষ কথা—যে কথার পর আর বক্তব্য নাই। (২) মৃত্যু কালের উক্তি: শেষ সময়ের কথা। শুনা-কথা—সম্মুখে উক্ত হয় নাই এমন কথা; যে কথা পরে অন্যের নিকট শ্রুত; hearsay. সাজান কথা—অপ্রকৃত কথা। গড়া কথা দ্রঃ। সাত কথা—দশ কথা, পাঁচ কথা দ্রঃ। সাত কথার এক কথা—পাঁচ কথার এক কথা দ্রঃ। সোজা কথা—সরল কথা: সহজ কথা। হক্ কথা—ন্যায্য কথা; উচিত কথা। হাল্কা কথা—যে কথার গুরুত্ব নাই। হাসির কথা—উপহাসাস্পদ বাক্য বা বিষয়। যে কথা লইয়া পরিহাস করা চলে; পরিহাসযোগ্য কথা; তামাসার কথা। (২) আমোদজনক কথা।

কথান্তর (র্) [কথার—অন্তর (অবকাশ) ৬তৎ] বি, ক্লী, কথার অবকাশ; কথাবসর। ২। বাদান্তর; বাক্যান্তর। ৩। কথার খেলাপ।

কথাপ্রমাণ (ন্) [কথার প্রমাণ, ৬তৎ] বি, ক্লী, বাক্যানুসারে; উপদেশমত; মতানুযায়ী। ২। বাক্যের প্রামাণ্য; বাক্যের সত্যতা।

কথাপ্রসঙ্গ (কথাপ্রোশংগ) [কথার (বাক্যের) প্রসঙ্গ (প্রস্তাব) ৬তৎ] বি, পুং, বাক্যারম্ভ কথার প্রস্তাব। ২ [কথাবার্ত্তা ; কথোপকথন ৩। কথার প্রসঙ্গ (আরম্ভ) হইয়াছে যাহার, বহু] বি, পুং, কথক ; বক্তা : গল্পকারক। (২) বাতুল ; উন্মত্ত। **কথাপ্রসঙ্গে**—কথায় ; কথা উঠায় ; প্রস্তাব সূত্রে। ২। অ, কথা ক্রমে ; কথায় কথায় ; কথা হইতে হইতে।

কথাপ্রাণ (ক্, ন্) [কথা হইয়াছে প্রাণ (প্রাণ ধারণের উপায়—জীবিকা) যাহার বহু] বিণ, যে ব্যক্তি কথাদ্বারা জীবিকা নির্ব্বাহ করে ; কথক ; কথোপজীবী ; নাটকাচার্য্য। [প্র, অ]

কথাবার্ত্তা—বি, কথোপকথন।

কথামুখ (ক, খ্) [কথার মুখ (আরম্ভ) ৬তৎ] বি, স্ত্রী, গ্রন্থের আরম্ভবিশেষ। ২। মুখবন্ধ ; অবতরণিকা।

কথায়—ক্রি-বিণ, কথা দিয়া প্রবোধ বচনে। প্র—"তারে কথায় রাখিব কত ভেলে।" —বাং গান।
২। আদেশে ; অনুরোধে ; উপরোধে, পরামর্শে ; মন্ত্রণায় ; বাক্যে। প্র—
"পিরীতি কি হয় যায় কাহার কথায়।" —নিধুবাবু।
৩। [কার্য্যের বিপরীত অর্থে] ফাঁকা আওয়াজে বৃথা প্রতিশ্রুতিতে। প্র—কথায় নয় কাজে করে দেখান চাই। **কথায় কথায়**—কথা দ্রঃ।

কথারম্ভ [কথার—আরম্ভ, ৬তৎ] বি, পুং, কথার আরম্ভ ; প্রসঙ্গের মুখ ; সূত্রপাত ; গল্পারম্ভ।

কথাশেষ (ষ্) [কথা (কথার) শেষ (সমাপ্তি) ৬তৎ] বি, পুং, কথার সমাপ্তি।

কথা সরা (কথাশরা) ক্রি, বাক্য স্ফূর্ত্তি হওয়া ; কথা বাহির হওয়া। প্র—
"বুকে ব্যথা করে কথা সরে নাই মুখে।" —শিবায়ন।

কথাসরিৎসাগর (কথাশোরিৎশাগোর্) বি, পুং, বহু কাহিনী সম্বলিত সুপ্রসিদ্ধ সুবৃহৎ প্রাচীন গ্রন্থবিশেষ। মূলগ্রন্থ "বৃহৎ কথা" পৈশাচী প্রাকৃতে লিখিত। কবি সোমদেব ভট্ট কাশ্মীরপতি শ্রীহর্ষদেবের মহিষীর চিত্ত-বিনোদনার্থ সংস্কৃত ভাষায় ঐ গ্রন্থের সারসংগ্রহ করিয়া কথাসরিৎসাগর রচনা করেন। গ্রন্থের প্রতিপাদ্য বিষয় কৌশাম্বীপতি বৎসরাজপুত্র নরবাহনদত্তের চরিত-কথা।

কথি (কোথি) [কুত্র শব্দের অপভ্রংশ] কোন্ স্থানে ; কোথায়। [প্রা, বাং] প্র—
"ইহার রূপ দেখি নবীন আকৃতি
নটবর বেশ পাইল কথি।" —চণ্ডীদাস।
২। কি ; কিসের। প্র—
"হাম জীয়ব কথি লাগি।" —বিদ্যাপতি।

কথিত (কোথিতো) [কথ্ (বাক্য প্রবন্ধ করা) + ত (কর্ম্মে—ক্ত) ই আগম] বিণ, যাহা বলা হইয়াছে ; উদিত ; ভাষিত ; উক্ত। ২। উচ্চারিত। ৩। ব্যাখ্যাত ; বর্ণিত। ৪। বি, পুং, বিষ্ণু। ৫। [ভাবে—ক্ত] ক্লী, কথন ; ভাষণ [বাং অপ্র]।

কথিতপদতা (কোথিতোপদতা) [কথিত (উক্ত) যে পদ (কর্ম্মধা) + তা, ভাবে] বি, স্ত্রী, পুনরুক্তা ; উক্ত পদের পুনরুল্লেখ, এক বার যাহা বলা হইয়াছে বারান্তরে তাহাই বলা। ২। অলঙ্কার শাস্ত্রোক্ত পুনরুক্তি দোষ।

কথিহুঁ [হি—কথিহুঁ] কোথাও। প্র—
"ঐছে কথিহুঁ না-হেরিয়ে আর।"—জ্ঞানদাস।

কথীকৃত (কো) [কথা—কৃ (করা) + ত (কর্ম্মে—ক্ত) মধ্যে—ঈ (অভূততদ্ভাবার্থে চ্বি)] বিণ, কথামাত্রাবশিষ্ট [প্র, অ]।

কথো—[প্রা-বাং। সং—কতি] স, কতিপয়। প্র—"রহিলেন নীলাচলে কথোজন লৈয়া।" —চৈতন্যভাগবত।
২। [প্রা, বাং পদ্যে, কত শব্দের প্রাদে-উচ্চারণ বিকার। তুল—কতো] বিণ, কত। ৩। বহু।

কথোদ্ঘাত (৩্) [কথার—উদ্ঘাত (উপক্রম) ৬তৎ] বি, পুং, কথার প্রস্তাবনা। কথারম্ভ ; উপক্রমণিকা।

কথোপকথন (ন্) [কথার উপকথন, ৬তৎ] বি, ক্লী, কথাবার্ত্তা ; উক্তি-প্রত্যুক্তি ; কোন বিষয়ে দুই বা ততোধিক জনে একত্র হইয়া আলাপন।

কথ্য (কোৎথো) [কথ্ (বলা) + য (কর্ম্মে)] বিণ, বক্তব্য ; কথনীয় ; কহিবার উপযুক্ত। ২। সাধারণের কথোপকথনের ভাষায় চলিত ; কথায় চলিত ; colloquial. বি, কথা।

কদক্ষর (র্) [কু (কুৎসিত)—অক্ষর (কর্ম্মধা) কু = কৎ] বি, ক্লী, কদর্য্য অক্ষর ; কুৎসিত অক্ষর ; বিশ্রী লেখা। ২। [কুৎসিত অক্ষর যাহার, বহু] বিণ, যাহার হস্তের অক্ষর কুৎসিত বা দেখিতে ভাল নহে ; খুঁত আখরে।

কদগ্নি (কদোগ্নি) [কু (মন্দ) যে অগ্নি কর্ম্মধা—কু = কৎ] বি, পুং, নির্ব্বাণোন্মুখ বহ্নি। ২। অগ্নিমান্দ্য। ৩। [কু-অগ্নি (জঠরানল) যাহার, বহু] বিণ, যাহার অগ্নিমান্দ্য হইয়াছে ; যাহার পরিপাক শক্তির হ্রাস হইয়াছে।

কদন্ন (কদোন্নো) [কু (কুৎসিত) যে অন্ন কর্ম্মধা। কু = কৎ] বি, ক্লী, জঘন্য আহারীয় দ্রব্য। ২। নেকট ভাত ; পিণ্ডীকৃত অন্ন। ৩। পর্য্যুসিত বা অপরিচ্ছন্ন অন্ন ; বাসি ভাত।

কদন্নভোজী [কদন্ন—ভুজ্ (খাওয়া) + ইন (কর্ত্তৃ—ণিন্) = কদন্নভোজিন্ ১মা, ১ব] বিণ, যে কদর্য্য আহার করে ; জঘন্য দ্রব্য ভক্ষণকারী ; কুখাদ্য-ভোক্তা।

কদপত্য (—পোৎত) [কু (কুৎসিত) যে অপত্য (সন্তান)—কর্ম্মধা, কু = কৎ] বি, পুং, কুপুত্র ; কুসন্তান। ২। [কুৎসিত অপত্য হইয়াছে যাহার, বহু] কুপুত্রের পিতা বা মাতা।

কদম (কদোম্) [কদম্ব শব্দজ] বি, বৃক্ষ-বিশেষ। প্র—কদম ফুল ; কদমতলা।

কদম (ম্) [আ—কদম্] পদ ; পা। প্র—"সবে পুজে পীরের কদম"। ২। ঘোড়ার গতিবিশেষ ; কদম চাল।

কদমা (কদ্মা) [প্রাদে] বি, মিষ্টান্ন-বিশেষ ; সন্দেশের পাক ও আকারভেদ ; কদমফুলের মত আকৃতি সন্দেশ।

কদমী (কোদমী) [আ - কদম্] বি, অনুচর ; ভৃত্য। প্র—"নদী বলে যদি বট কদমী আমার" —ঘনরাম।

কদম্ব (কদম্‌বো) [হি—কদম ; মঃ—কলম্ব ; কর্ণাটী—কড়েবু ; তেলু—কড়িমি চেট্টু। সং—কদং (বর্ষাকাল) বা (গমন করা, জানান) অ (সংজ্ঞার্থে)—যাহা (যাহার ফুল) ফুটিয়া বর্ষাকাল জানাইয়া দেয়। যাহাকে দেখিয়া বর্ষা আগত বলিয়া বোধ হয়। বর্ষাকালেই কদম ফুল ফুটে] বি, পুং, কদম ফুলের গাছ। anthocephalus cadamba ; nauclea kadamba. ২। ক্লী, কদম ফুল। প্র—
"কদম্ব-রেণু বিছাইয়া ফুল-শয়নে।
অঞ্জন আঁক নয়নে।"
—বর্ষামঙ্গল (রবি)।
৩। [কদি (বিস্তীর্ণ হওয়া) অম্ব (কর্ত্তৃ)—বহু পুষ্পের সমষ্টিজাত গোলক হইতে—বহু এই অর্থে] সমূহ ; শ্রেণী ; সমষ্টি। প্র—পদকদম্ব। ৪। [কদম্ব বৃক্ষের আকারে পরিণত হয় বলিয়া] আতসবাজী-বিশেষ ; কদমঝাড়। তুল—হি—কদমা। **কদমঝাড়** (ম্, ড্) কদমফুলের শ্রেণী ; কদম্বগুচ্ছ। [কদম্ব প্রধানত তিন প্রকার। যথা—(১) কেলকদম্ব, কেলিকদম্ব। ইহার অন্য নাম ধারাকদম্ব ইহার কাঠ হলুদবর্ণ। হি—হলদু ; মঃ—ধারাকলম্ব ; adina cordifolia ; nauclea cordifolia. সং নাম—মেঘাভ ; প্রাবৃষ্য ; ভ্রমরপ্রিয়। (২) নীপকদম্ব ; নীপ। (৩) মহাকদম্ব ; ইহা অল্প প্রসার গোলাকার পুষ্পযুক্ত]। **কদম্ব-গোলকন্যায়**—কদম্বপুষ্প প্রথমাবস্থা অর্থাৎ অতি ক্ষুদ্রাবস্থা হইতে একইরূপ গোলাকারে ও বর্দ্ধিত হয়। সেইরূপ কোন বস্তু বা বিষয় কোন কালেই আকার অর্থাৎ অবয়ব পরিবর্ত্তন না করিলে তাহাকে কদম্ব-গোলক ন্যায় অর্থাৎ তদ্বৎ বলা হয়।

কদর (কদোর্) [আ—কদর্] বি, আদর ; যত্ন ; সম্মান ; খাতির। ২। দরদ। [সংস্কৃত ভাষায় কদর (ক = জল + দৄ =

বিদারণ করা, ছেঁড়া + অ = করণে, অল্) অর্থে, কাঁটা বাব্‌লা ; ছেঁড়া পায়স ; করাত ; জাম্‌ড়ো ; কড়া ।—বাং - প্র-অ] ।

দর্থ [কু (কুৎসিত) অর্থ (অভিধান) ; কু= কৎ, কর্ম্মধা] বি, কুৎসিত অর্থ ; অসঙ্গত অর্থ ; ভ্রান্ত অর্থ ; অযৌক্তিক অর্থ । ২ । নিরর্থক ; ব্যর্থ । ৩ । [কু—অর্থ যাহার, বহ] বিণ, কুৎসিত অর্থকারী ।

দর্থন (কদর্‌থোন্) [কু—অর্থ (যাচ্‌ঞা করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, কুৎসিত অর্থ করণ । ২ । নিন্দা ।
প্র—"কপর্দ্দীর কদর্থন কুমুদার কর্ম্ম ।
পর্ব্বতের বেটি মোকে পুড়িলেক জন্ম ॥"
—শিবায়ন ।

বিণ, কদর্থিত ।

দর্থিত (কঁদোর্‌থিতো) [কু—(কুৎসিত) অর্থ + ণিচ = অর্থি + ক্ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কুৎসিত অর্থকৃত ; যাহার অসঙ্গত অর্থ করা হইয়াছে । ২ । বিড়ম্বিত । ৩ । বিফলীকৃত ; ৪ । দূষিত । ৫ । ঘৃণিত ।

দর্থীকৃত (কদোর্‌থীকৃতো) [কদর্থ—কৃত মধ্যে—ঈ—অভূততদ্ভাবে চ্বি] বিণ, যাহার কুৎসিত অর্থ করা হইয়াছে । ২ । বিফলীকৃত ; ব্যর্থীকৃত । ৩ । মন্দীকৃত ।

দর্য্য (কদোর্‌জো) [কু (কুৎসিত) অর্য্য (শ্রেষ্ঠ—আতিশয্য অর্থে) কু = কৎ] বিণ, অত্যন্ত কুৎসিত ; কদাকার ; জঘন্য । ২ । [স্মৃতিশাস্ত্রে—"আত্মানং ধর্ম্মকৃত্যঞ্চ পুত্রদারাংশ্চ পীড়য়ন্ । যো লোভাৎ সঞ্চিনোত্যর্থান্ স কদর্য্য ইতি স্মৃতঃ ॥"] স্ত্রী, পুত্র পরিবারকে কষ্ট দিয়া যে লোভ বশতঃ অর্থ সঞ্চয় করে ; কৃপণ ; লোভী ; নীচ । বি, কদর্য্যতা ।

দর্য্যতা (কদোর্‌জোতা) [কদর্য্য + তা (ভাবে)] বি, স্ত্রী, নিকৃষ্টতা ; মন্দতা ; জঘন্যতা । বিণ, কদর্য্য ।

দল (ল্) [ক (বায়ু) দল্ (ভেদ করা, দলন করা) + অ (কর্ম্মে, সংজ্ঞার্থে, অল্) যে বায়ু কর্ত্তৃক দলিত ও ছিন্ন হয়] বি, পুং, রম্ভা তরু ; কদলীবৃক্ষ ; কলাগাছ । ২ । ক্লী, রম্ভাফল ; কলা । স্ত্রী, **কদলী**—কলাগাছ । ২ । কলা । ৩ । পতাকা ; নিশান । ৪ । মৃগীবিশেষ ।

দলীকুসুম (—কুসুম্) [কদলীর কুসুম (পুষ্প) ৬তৎ হি—"কেলেকা ফুল ।"] বি, ক্লী, রম্ভাপুষ্প ; কলার ফুল ; মোচা ।

দলীদণ্ড [কদলীর দণ্ড, ৬তৎ] বি, পুং, থোড় ।

কদা [বাং—পদ্যে । আধু, বিরল । কিম্ + দা (কালার্থে) কিম্ = ক] অ, কোনকালে ; কখন ; কবে ।

কদাকার (র্) [কু (কুৎসিত) আকার (গঠন) যাহার—বহ, কু = কৎ] বিণ, কদর্য্যাকার ; কুৎসিত অঙ্গ-প্রত্যঙ্গ বিশিষ্ট ; জঘন্য মূর্ত্তি ।
প্র—"দেখিলাম কৃতান্তের সহোদরের ন্যায়, পাপের সারথির ন্যায় * * কতকগুলি কুরূপ ও কদাকার শবর সৈন্য আসিতেছে ।"—কাদম্বরী ।
২ । বিশ্রী ; কুরূপ । ৩ । জঘন্য ; ঘৃণ্য ।

কদাকারতা [কদাকার + তা (ভাবে)] বি, স্ত্রী, কদর্য্যতা ।

কদাচ (কদাচ্) [সং—কদাচন] অ, কোন কালে ; কদাচিৎ ; কখন । ২ । কখন কখন : প্রায়ই নহে ।—[দ্বিজেন্দ্র ঠাকুর]

কদাচন, কদাচিৎ (ন্) [কদা + চন—চিৎ অসাকল্যার্থে] অ, কখন ; কোনকালে ; কখন কখন ; বিরল ।

কদাচার (র্) [কু—কুৎসিত যে আচার (আচরণ) কর্ম্মধা] বি, পুং, কুব্যবহার ; কুৎসিত আচরণ ; অভদ্রের আচার । ২ । বিণ, কুৎসিত কার্য্যানুষ্ঠাতা ; কদাচারী অসদাচারী ।

কদাচারী [কদাচার (অসদাচরণ) + ইন্ (অস্ত্যর্থে) = কদাচারিন্ ১ম, ১ব,] বিণ, যাহার আচরণ কুৎসিত ; অসাধু আচারবিশিষ্ট ।
স্ত্রী, **কদাচারিণী** ।

কদাপি [কদা—অপি (নিশ্চয়)] অ, কোন কালে ; কখনই ; কখনও ।
প্র—কদাপি এমন কর্ম্ম করিও না ।
২ । কোন এক সময়ে ।
প্র—যদিই কদাপি একথা তিনি বলিয়া থাকেন তাহা মনে করিতে নাই ।

কদিন (ন) ক্রি-বিণ, কতদিন । ২ । [ব্যঙ্গোক্তিতে, উপেক্ষায়] অল্পদিন ; শীঘ্র ; বড় বেশীদিন নয় । প্র—
"বারি-ছাড়া হ'লে মীন বলনা বাঁচে কদিন"
—বাঙ্গালীর গান ।

কদিমী (কোদিমি) [আদা, আ—কদীমী] বিণ, পুরাতন আমলের ; পূর্ব্বপুরুষের সময়ের ; পৈতৃক ।

কদু (কোদু) [প্রাদে, পূ-বঙ্গে ; মুসলমানী বাঙ্গালায় । হি—কদ্দূ ।] বি, অলাবু ; লাউ ।

কদুক্তি [কু (কুৎসিত) যে উক্তি (বলা) কর্ম্মধা, কু = কৎ] বি, স্ত্রী, অশ্লীল বচন ; মন্দভাষণ ; কটুকথা ; কুৎসিত কথা ; অসাধুভাষা ।

কদুত্তর (র্) [কু (কুৎসিত) যে উত্তর, কর্ম্মধা । কু = কৎ] বি, ক্লী, কটুবাক্য ; কুকথা ; মন্দ বা কটুকথায় উত্তর বা জবাব ; কদুক্তি ।
প্র—"লোক মুখে শুনিয়া দক্ষের কদুত্তর ।
নিবেদয়ে শঙ্করে যুড়িয়া দুইকর ॥"—কবিকঙ্কণ ।
"ক্রোধ করে তোমারে করেন কদুত্তর"
—শিবায়ন ।

কদুষ্ণ (কদুষ্‌ন্‌) [কু (ঈষৎ) উষ্ণ—কর্ম্মধা, কু = কৎ] বিণ, কিঞ্চিদুষ্ণ ; ঈষদুষ্ণ ; অল্প-তপ্ত ; কুসুম কুসুম গরম ।

কদ্রু (কোদ্‌দ্রু) [কম্—ইচ্ছাকরা + উ (কর্ম্মে, সংজ্ঞার্থে ড্রু) ; র আগম, ম = দ] বিণ, পিঙ্গলবর্ণ ।
স্ত্রী, **কদ্রু, কদ্রূ**—নাগমাতা ; কশ্যপ-মুনি-পত্নী ; দক্ষ প্রজাপতির তনয়া ।

কনক (কনক্) [কন্ (দীপ্তি পাওয়া) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে বর্ণ দ্বারা দীপ্তি পায়] বি, ক্লী, স্বর্ণ ; সুবর্ণ । ২ । সুবর্ণবলয় ।
প্র—"হাতেতে কনক পরে বাহুতে কঙ্কণ"
—কৃত্তিবাস ।
৩ । [বৈদ্যকে । কনকের বর্ণবিশিষ্ট বলিয়া] লাক্ষাবৃক্ষ । (২) চম্পকবৃক্ষ । (৩) কিংশুকবৃক্ষ । (৪) নাগকেশরবৃক্ষ । (৫) কাঞ্চনালবৃক্ষ । (৬) কণকগুগ্‌গুলুবৃক্ষ । (৭) ধুস্তূরবৃক্ষ । (৮) কালীয়বৃক্ষ । (৯) কাসমর্দ্দবৃক্ষ ।
বিণ, **কনকিয়া** (দ্রুত উচ্চারণে **কন্‌কা**) ।
প্র—কন্‌কা-নটে ।

কনককড়ি (কনক্‌কোড়ি) [প্রাদে] বি, সোণার কড়া ; স্বর্ণ-নির্ম্মিত কর্ণভূষণবিশেষ ; এক প্রকার মাকড়ি ।
প্র—"দু'কাণে কনককড়ি বড়ি শোভা পায় ।"
—ঘনরাম ।

কনকক্ষার (কনকক্‌খার্) [কনক (সুবর্ণ) ক্ষার (ক্ষরণ—দ্রবণ) হয় যাহা দ্বারা, বহ] বি, পুং, যাহা দ্বারা সুবর্ণ তরল হয় ; সোহাগা ।

কনকচম্পক (কনক্‌চম্‌পক্) [কনক বর্ণ যে চম্পক, কর্ম্মধা] বি, কনক চাঁপাফুল ; স্বর্ণচাঁপা ।

কনকচাঁপা (কনোক্‌চাঁপা) [কনকচম্পক] কর্ণিকার ; স্বর্ণচম্পক ; pteros permum acerifolium.

কনকচূড়, চূর (কনক্‌চুড়্, র্) [—চূর্ণ] বি, ধান্যবিশেষ ; ইহার উত্তম খৈ হয় ।

কনকদণ্ড [কনকনির্ম্মিত হইয়াছে দণ্ড যাহার, বহ] বি, পুং, রাজচ্ছত্র । ২ । [৬তৎ] স্বর্ণযষ্টি ।

কনকধুতুরা [সং—কনকধুস্তূর] স্বর্ণবর্ণ ধুতুরা বৃক্ষ ।

কনকধ্বজ—বি, পুং, ধৃতরাষ্ট্রের শতপুত্রের অন্যতম পুত্র । ২ । [কনক নির্ম্মিত ধ্বজ যাহার, বহ] বিণ, যাহার ধ্বজ সুবর্ণময় ; সুবর্ণধ্বজ ।

কনকপত্র (কনক্‌পৎত্র) [কনক (কনক নির্ম্মিত) পত্র (পত্রাকার কর্ণভূষণ) কর্ম্মধা] বিণ, সুবর্ণ নির্ম্মিত কর্ণভূষণ ; কাণপাত ।

কনকপল (কনক্‌পল্) [কনক (সুবর্ণের ন্যায় বর্ণবিশিষ্ট) পল (মাংস) যাহার, বহ] বি, পুং, মৎস্যবিশেষ ; এই মৎস্যের বর্ণ সোণার মত । ২ । কর্ষ চতুষ্টয়রূপ পল পরিমাণ ।

কনকপ্রভা (কনক্প্রোভা) [কনকের প্রভার স্থায় প্রভা যাহার মধ্যপদ লোপ, বহু বি, স্ত্রী. মহা জ্যোতিষ্মতীলতা। ২। নারী বিশেষ। ৩। স্বর্ণপ্রভা : স্বর্ণবর্ণাভ সুবর্ণদ্যুতি।

কনকপ্রসবা (কনক্প্রোশোবা) বি, স্ত্রী, স্বর্ণকেতকী। ২। [রূপকার্থে] স্বর্ণগর্ভা

কনকময় (কনক্ময়্) [কনক + ময় (বিকারার্থে —ময়ট্)] বিণ, কনক নির্ম্মিত : সুবর্ণময়।

কনকরম্ভা [কনক বর্ণ যে রম্ভা কর্ম্মধা] বি, স্ত্রী, একজাতীয় কলা।

কনকরস (কনক্রশ্) [কনক (বর্ণ) রস (রসায়ন) ধাতু] বি, পুং, হরিতাল।

কনকসূত্র (কনক্শুৎত্র) [কনক নির্ম্মিত যে সূত্র, কর্ম্মধা] বি, ক্লী, স্বর্ণসূত্র : স্বর্ণডোর : সোণার তার।

কনকাঙ্গদ (কনকাংগদ্) [কনক নির্ম্মিত যে অঙ্গদ – কর্ম্মধা] বি, ক্লী, সুবর্ণ-নির্ম্মিত কেয়ূর : স্বর্ণের বাজু।

কনকাচল (ল্) [কনক রচিত যে অচল (পর্ব্বত) কর্ম্মধা] বি, পুং, সুমেরু : হেমাদ্রি-পর্ব্বত। ২। হেম-শৈলাদি। প্র—
"কমলে ঝাঁপি কিয়ে কনকাচল॥"—বি, প।

কনকাঞ্জলী (লি) বি, পুং, মাঙ্গলিক দান-বিশেষ ; প্রতিমা বিসর্জ্জনের পূর্ব্বে স্বর্ণ বা স্বর্ণ-মূল্য পরিমাণ রৌপ্যসহ তণ্ডুলাদি দ্রব্য অঞ্জলি করিয়া দেবীকে অর্পণ : বিবাহ যাত্রা কালে বর কর্তৃক স্বীয় জননী বা জননীস্থানীয়াকে স্বর্ণাদি (সচরাচর টাকা) অঞ্জলি করিয়া দান বা বিবাহের পর প্রথম শ্বশুরগৃহে গমনকালে কন্যাকর্তৃক ঐরূপ দান।

কনকায়ু—বি, পুং, ধৃতরাষ্ট্রের শতপুত্রের মধ্যে একজন।

কনকালুকা [কনকের—আলু (জলপাত্র) + ক—স্বার্থে—আপ্ স্ত্রী, ৬তৎ] বি, স্ত্রী, সুবর্ণ-কলস : স্বর্ণঘট ; সুবর্ণ-ভৃঙ্গার ; ঝারি। [বৈ, পদাবলীতে, বিরল-প্রয়োগ। আধু, প্র,স্ব]

কনকাহ্ব (কনকাভ., কনকাভ.য়) [কনক—আহ্বা—আহ্বয় (নাম) যাহার, বহু] বি, পুং, কনক ধুতুরার গাছ। ২। নাগকেশর বৃক্ষ।

কনখল (কনখল্) বি, পুং, কুরুক্ষেত্রের উত্তরস্থিত এবং হরিদ্বারের সমীপস্থ তীর্থবিশেষ।

কনয়া [ব্রজ, বৈ, পদ। কনকের অপভ্রংশ] কনক : সুবর্ণ। প্র—"কনয়া শম্ভুপরি ঢারত সুরধুনী ধারা।" —বিদ্যাপতি।
"কনয়া কলস বিখে পুরাইয়া উপরে দুধক পুর" —ঐ।
"কুন্দন কনয়া কলেবর কাঁতি।
প্রতি অঙ্গে অবিরল পুলক পাঁতি॥"
—গোবিন্দ দাস।

কনিষ্ঠ (কোনিষ্ঠো) [অল্প + ই (অত্যর্থে) কিম্বা যুবন্ + ইষ্ঠ (যুবন্ ও অল্প শব্দের স্থানে কণ আদেশ) কণ = কন্] বিণ, অনুজাত অনুজ। ২। বয়সে ছোট : অন্য অপেক্ষা যাহার বয়স কম ; অন্যের তুলনায় ক্ষুদ্র। ৩। অত্যল্প। ৪। ক্ষুদ্রতম ; সকলের ছোট। ৫। নিকৃষ্ট। ৬। অব্যবহিত পরবর্ত্তী। ৭। মহাদেব। স্ত্রী, **কনিষ্ঠা**—কনিষ্ঠ অঙ্গুলি : কড়ে আঙ্গুল। ২। অনুজা।

কনিষ্ঠতা (কোনিষ্ঠোতা) [কনিষ্ঠ + তা (ভাবে)] বি, স্ত্রী, কনিষ্ঠ হওয়া : (বয়সে) অল্পতা।

কনীনক (-ক্) [কন্ (দীপ্তি পাওয়া) + ঈন (কর্তৃ) ক (স্বার্থে)। শরীর-বিঃ-পরিঃ] বি, নেত্রমধ্যস্থ কৃষ্ণ গোল : pupil.

কনীনিকা (কো) [কনীনক (দ্রঃ) + আপ্ স্ত্রী—ই আগম] বি, স্ত্রী, নয়ন মণি ;চক্ষুর তারা। ২। কনিষ্ঠা অঙ্গুলি ; কড়ে আঙ্গুল। ৩। কনিষ্ঠা ভগিনী।

কনীয়ান্ (কো) [অল্প + ঈয়নস্ (অত্যর্থে) অল্প = কন্ = কনীয়নস্ ১মা, ১ব, স্ লোপ] বিণ, অত্যল্প। ২। সর্ব্বকনিষ্ঠ : সকলের ছোট। ৩। অতি ক্ষুদ্র ; নেহাৎ ছোট। ৪। দুইয়ের মধ্যে ছোট। ৫। কনিষ্ঠ ভ্রাতা। স্ত্রী, **কনীয়সী**—কনিষ্ঠভগিনী। প্র—
"রুক্মমালি রুক্মকেশ কনীয়ানে গণি,।
পঞ্চভাই মধ্যে একা রুক্মিণী ভগিনী॥"
—শিবায়ন।

কনুই (কোনুই) [সং—কফোনি : হি—কোহনী ওড়ি—কহণি] কফোণি ; বাহুর নিম্ন গ্রন্থি : elbow.
প্র – "দক্ষিণ কনুই সন্ধি কটির উপর।" – কঙ্কম।

কনে (কোনে) [প্রাদে। সং—'কন্যার' উচ্চারণ বিকারে (কন্নে) তাহা হইতে 'কনে'। সং—কনী অর্থে কন্যা, উচ্চারণ বিকার হইতে বানান বিকার, পরে অর্থ বিকার] বি, স্ত্রী, নববিবাহিতা কন্যা নবোঢ়া : নববধূ। প্র—বরকনে : কনের মা : কনের মাসী। ২। যে কন্যার বিবাহের কথা হইতেছে ; বিবাহের যোগ্যা কন্যা ; বিবাহের পাত্রী। প্র—
"শুনিয়া বিয়ের নাম কনে সেজে বুড়ী।"
—ঈশ্বর গুপ্ত।

কনে-বউ [কন্যা বধূ] বালিকাবধূ ; নববধূ। ২। কনিষ্ঠাবধূ (সাধারণতঃ বড়—মেজ—সেজ —ন—নতুন—ছোট—শেষে কনে। বধূর সংখ্যা বৃদ্ধি পাইলে "রাঙ্গা বউ" প্রভৃতি নামও বাহির করিতে হয়, তাহাতেও না কুলাইলে অমুকের বউ বা অমুক গ্রাম বা নগরের বউ বলিতে হয়। কনিষ্ঠা বধূ বৃদ্ধা হইলেও তাঁহার 'কনেবউ' নামই থাকিয়া যায়)।

নিতকনে, মিতকনে [মিত (মিত্র—স্ত্রী, মিতিন্ = সখী) হইতে নিত] বি, বিবাহের সময় যে কন্যা কনের সখী বা সহচরী হয়। **কনের ঘরের মাসী বরের ঘরের পিসী**— যিনি দুই পক্ষেই থাকেন : উভয় পক্ষের আত্মীয় ও বিশ্বাসের পাত্র।

কনেঠ (ঠ্) [ব্রজ, হি—কনেঠ : সং—কনিষ্ঠ] কনিষ্ঠ। প্র—
"লখই না পারিয়ে জেঠ কনেঠ।"—বিদ্যাপতি।

কনেস্টবল (কনেশ্টেবোল্) [ইং constable.] বি, নগরের শান্তি রক্ষক ; পুলিশ ; প্রহরী।

কন্তু (কোন্তু) [কম্ (ইচ্ছা করা) + তু (কর্ম্মে—সংজ্ঞার্থে)] বি, পুং, কন্দর্প। প্র—
"প্রেম আকুল গোপ গোকুল
কুলকামিনী কন্তু।" —গোবিন্দদাস।
২। ক্লী, চিত্ত ; হৃদয়। ৩। [কম্ + তু, অস্ত্যর্থে] বিণ, সুখান্বিত। [অপ্র]

কন্থা [কম্ (অভিলাষ করা) + থন্ (কর্ম্মে) শীতার্ত্তগণ শীত নিবারণের জন্য যাহাকে অভিলাষ করে] বি, স্ত্রী, জীর্ণ বস্ত্র রচিত শীত-নিবারক বস্ত্র : কাঁথা। ২। মৃন্ময় ভিত্তি ; কাঁথ।

কন্দ [কন্দ্ (আর্দ্র হওয়া) + অ (কর্ম্মে-সংজ্ঞার্থে অল্) যে মৃত্তিকারস কর্তৃক আর্দ্র হয়] বি, পুং, আলু প্রভৃতি মূল ; ওল ; শূরণ। প্র—
"কন্দ বদলে মাকন্দ পাব
হরিতাল বদলে হীরা॥" —কবিক।
২। বৃক্ষাদির মূল। ৩। [বৃক্ষাদির মূল হইতে লক্ষণা] হেতু। প্র –
"তুহুঁ সে নাগরি কানু রসকন্দ।" —বি, প।
"সঙ্গে প্রভু নিত্যানন্দ ভুবনে আনন্দ কন্দ
মুকতি দেখাল সরণি।"—কবিক।
৩। [সং-স্কন্ধ ;—কন্দ ; বাং-প্রাকৃ-গ্রা—কাঁধ] স্কন্ধ। **কন্দকাটা**—কবন্ধ ; মস্তকহীন ভূত বা প্রেত। ৪। স্তন মূল। প্র—
"ঝাঁপবি কুচ দর শায়বি কন্দ।"—বিদ্যাপতি।
৫। [কং (জল) দা (দান করা) + অ (কর্তৃ—ড) যে জল দান করে] বি, পুং, মেঘ। ৬। কর্পূর। ৭। যোনি-রোগ-বিশেষ। ৮। [আ—কন্দ্ (মিষ্ট) তুল—পঞ্জাবী—খণ্ড] খাঁড় ; গুড়।

কন্দগুড়ূচী—বি, স্ত্রী, ঐ নামের গুল্মলতা।

কন্দট (ট্) বি, ক্লী, শ্বেতপদ্ম ; সাদা শুঁদি।

কন্দফলা—বি, স্ত্রী, কারবেল্লী ; ছোট উচ্ছা।

কন্দমূল (ল্) বি, ক্লী, মূলক ; মূলা।

কন্দর (র্) [কং (জল) দৃ (বিদারণ করা) + অ (কর্ম্মে, সংজ্ঞার্থে খ) জল যাহাকে বিদীর্ণ করিয়া নির্গত হয়] বি, পুং, পর্ব্বতের গহ্বর।

প্র—"চামরী গিরি কন্দরে।" —বিদ্যাপতি। ২। [কং (গজ মস্তক) দৃ (বিদীর্ণ হওয়া) +অ (করণে—অল্—সংজ্ঞার্থে) যাহাদ্বারা গজ-মস্তককে প্রহার করা হয়] বি, পুং, অঙ্কুশ। [প্র অ] ৩। স্ত্রী, আর্দ্রক ; আদা। [প্র অ] ৪। গৃঞ্জন ; গাজর। ৫। ওল। ৬। [মৈ-বাং। স্কন্ধ শব্দের অপভ্রংশ] স্কন্ধ ; কাঁধ।
প্র—"সখিগণ কন্দরে থোই কলেবর।"
—বিদ্যাপতি।

স্ত্রী, কন্দরা ; কন্দরী।

কন্দরোদ্ভবা [কন্দর (গহ্বর) হইয়াছে উদ্ভব (উৎপত্তি স্থান) যাহার, বহু] বি, স্ত্রী, ক্ষুদ্র পাষাণ-ভেদী নদী।

কন্দর্প [কং (কাহাকে) না (দর্পয়তি)সন্দীপিত করেন (কং ন দর্পয়তীতি) কিম্বা (ব্রহ্মাকে) দৃপ্ (সন্দীপ্ত করা) +অ কর্ত্তৃ, সংজ্ঞার্থে—অচ্। যিনি ব্রহ্মাকেও সন্দীপিত করেন] বি, পুং, মনোভব ; কামদেব ; মদন। ২। কন্দর্প তুল্য রূপবান ; অতিশয় সুপুরুষ। প্র—রূপে কন্দর্প। ৩। সঙ্গীতোক্ত তাল বিশেষ। কন্দর্প-কূপ—যোনি ; মদনালয়। কন্দর্পকেলি—কাম ক্রীড়া। ২। প্রহসন-বিশেষ।

কন্দর্পমথন (ন্) [কন্দর্প (কাম) মথ্— (পীড়ন করা) + অন (কর্ত্তৃ, সংজ্ঞার্থে, অনট্) যিনি কন্দর্পকে মথন (নাশ) করিয়াছেন] বি, পুং, মহাদেব ; মদনান্তক। ২। কামনিবারক বস্তু।

কন্দল (ল্) [কং (মুখ) দল্ (ভেদ করা)+অ। প্রাকৃ—কঁদল। বাং-গ্রা—কোঁদোল] বি, কলধ্বনি ; কোলাহল। [অপ্র] ২। বিবাদ ; কলহ ; ঝগড়া।
প্র—"বেণাগাছে ঝুঁটি বেঁধে করয়ে কন্দল।
নখে নখে বাদ্য করে হাসে খল খল॥"
—শিবায়ন।
"বিনয়ে করিয়া ধার শুধিতে কন্দল।"
—কবিকঙ্কণ।
৩। যুদ্ধ ; লড়াই। বিণ, কন্দলিয়া। ক্রি—কন্দল করা। ৪। সংস্কৃত ভাষায়—(১) নিম্ন উপরাগ (২) গণ্ডদেশ (৩) স্বর্গ (৪) পতাকা (৫) পদ্মবীজ (৬) ভূমি-কদলী বৃক্ষ (৭) নবপত্র এবং (৮) অপযশ অর্থে ব্যবহার আছে।

কন্দলিয়া (কোন্দোলিয়া) [গ্রা—কুঁদুলে] যে কন্দল করে ; ঝগড়াটে।

কন্দলী—বি, স্ত্রী, ঊর্ব্ব মুনির কন্যা। অতি কলহপ্রিয়া বলিয়া কন্দলী নামে প্রসিদ্ধা হন। ইনি দুর্ব্বাসার পত্নী হন। দুর্ব্বাসা তাঁহার শত অপরাধ মার্জ্জনা করিয়া তৎপরে শাপে ভস্মীভূত করেন। ২। [গ্রা—কুঁদুলি, লী] বিণ, যে স্ত্রী কলহে তৎপরা। প্র—"পাড়া কুঁদুলি মাগী" —ম্যাকবেথ (গিরিশ)। ৩। মৃগীবিশেষ। ৪। স্ত্রী, কন্দলী ফুল।

কন্দশূরণ (ন্) [কন্দ (গেঁড়ো, esculent root)—শূরণ (ওল, the arum)] বি, পুং, ওল ; arum campanulatum.

কন্দুক, কন্দুক (কোন্দুক্) [সং] বি, পুং, গেণ্ডুক ; গোলা ; খেলিবার গেঁদ। ২। ভাঁটা। ৩। ত্রয়োদশাক্ষর অতিজগতী জাতীয় সংস্কৃত ছন্দ ; ইহার ২।৩।৫।৬।৮।৯।১১।১২ ও ১৩ বর্ণ গুরু। কন্দুক ক্রীড়া—গোলা লইয়া ক্রীড়া ; বল খেলা।

কন্দুকেশ্বর (কোন্দুকেশ্শর্) বি, পুং, কাশীস্থ শিবলিঙ্গবিশেষ।

কন্ধ [স্কন্ধ শব্দের অপভ্রংশ] বি, দেহ ; ধড়। প্র—"মুণ্ড বিনা কেবল নড়িয়া ফিরে কন্ধ।" —কবিক। কন্ধকাটা [কন্ধ (স্কন্ধ) + কাটা। চ—কন্দকাটা] বিণ, মস্তকহীন দেহ ; কবন্ধ ; স্কন্ধদেশ—দেহের যে অংশকে স্কন্ধ বলে ; কাঁধ।

কন্না [মেয়েলী। হি—করনা (করা—করিবার মত কাজ) করণীয় (কর্ত্তব্য) শব্দের সংক্ষেপ। (করনীয়া হি—তুলসীদাস) বি,] কর্ত্তব্য ; করণীয় কাজকর্ম্ম। ২। সেবা। ৩। সংসার ধর্ম্ম ; গৃহস্থলীর কাজ। ৪। পাটুনী। প্র—"গতোরের কন্নাটা কচ্ছে কে ?"—অমৃত বসু। কন্নাকরা—সংসার ধর্ম্মপালন করা ; সেবা করা। ঘরকন্না—সংসারের কাজকর্ম্ম ; গৃহিণীপনা। ২। ঘরসংসার ; গৃহস্থালী। প্র—সে ঘরকন্না সব ফেলে চলে গেল।

কন্ধর (র্) [কং (মস্তক) ধর (ধৃ—ধরা) +অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে খ) যে মস্তক ধারণ করে, উপপদ। রাবণের নাম ছিল "দশকন্ধর"] বি, পুং, স্কন্ধ ; কাঁধ। ২। গ্রীবা। ৩। [(কং= জল) ধর] পুং মেঘ। ৪। মুস্ত ; মুথা। ৫। মারিষ শাক ; নটিয়া শাক।

কন্যকা (কোন্নোকা) [সং। "অষ্টবর্ষা ভবেদ্ গৌরী দশবর্ষা তু কন্যকা। সম্প্রাপ্তে দ্বাদশে বর্ষে কুমারীত্যভিধীয়তে" —অ, টীকা। "অষ্টবর্ষা ভবেদ্গৌরী নববর্ষা তু রোহিণী। দশমে কন্যকা প্রোক্তা অতউর্দ্ধং রজস্বলা" —ইতি স্মৃতিঃ] বি, স্ত্রী, দশবর্ষা কন্যা ; নয় হইতে দশ বৎসর অর্থাৎ নয় হইতে ৯ বৎসর ১১ মাস ২৯ দিন পর্য্যন্ত বয়স্কা কন্যা। ২। অবিবাহিতা কন্যা ; কুমারী। ৩। নায়িকা-বিশেষ। ৪। কন্যা ; তনয়া ; পুত্রী। [বিরল] ৫। ঘৃতকুমারী। কন্যকাজাত—কন্যকা অবস্থায় জাত ; যে অবিবাহিতা কন্যা বা কুমারীর গর্ভে জন্মে ; কানীন (ব্যাস, কর্ণাদাদি) কন্যকা-পতি-জামাতা।

কন্যা (কোন্না) [কন্ (কামনা করা—প্রীত হওয়া) +য (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) আপ—স্ত্রী। উচ্চারণ বিকারে বানান বিকার—'কন্তে'] বি, স্ত্রী, যে পতি কামনা করে ; অবিবাহিতা কুমারী ২। দুহিতা ; তনয়া। প্র—রাজকন্যা। ৩। [গ্রা—ক'নে] সদ্যবিবাহিতা নারী ; বিবাহের যোগ্যা পাত্রী। প্র—কন্যা দেখিতে যাওয়া ; বরকন্যা। কনে দ্রঃ। ৪। কন্যা রাশি ; ইহা মেষাদির মধ্যে ষষ্ঠ। ইহা উত্তর ফল্গুনীনক্ষত্রের শেষপাদত্রয় হস্তা এবং চিত্রার প্রথমার্দ্ধ যুক্ত। ৫। [আয়ুর্ব্বেদে] ঘৃতকুমারী। (২) বড় এলাচী (স্থূলৈলা)। (৩) তিত কাঁকড়ী ও কাঁকরোল (বন্ধ্যাকর্কোটকী)। ৬। সংস্কৃত চতুরক্ষরযুক্ত ছন্দোবিশেষ।

কন্যাকাল (কোন্নাকাল্) [কন্যার কাল—৬তৎ] বি, পুং, অবিবাহিতা কন্যার দশম বৎসর। ২। [প্রাদে] সমাজের সাধারণ নিয়মে যে কুমারীর বিবাহের বয়স উপস্থিত হইয়াছে বা উত্তীর্ণ হইবার উপক্রম হইয়াছে এমন অবস্থা।

কন্যাকুব্জ [কন্যা হইয়াছে কুব্জ (কুঁজো) যেখানে (বহু)। প্রবাদ আছে কুশনাভ রাজার শতকন্যা পরম রূপলাবণ্যবতী ছিলেন। পবনদেব তাঁহাদের সৌন্দর্য্যে মুগ্ধ হইয়া তাঁহাদিগকে কামনা করেন, কিন্তু রাজকন্যাগণ পবনদেবকে উপেক্ষা করেন। তাহাতেই পবনদেব কন্যাগণের মধ্যদেশ ভগ্ন করিয়া কুব্জ করিয়া দেন। বর্ণবিপর্য্যয়ে—কান্যকুব্জ] বি, পুং, কান্যকুব্জ ; বর্ত্তমান কনৌজ।

কন্যাকূপ (প্) বি, পুং, তীর্থবিশেষ। কন্যা তীর্থ দ্রঃ।

কন্যাজন (কোন্নাজন্) [কন্যা (স্ত্রী-জাতি, নারী) জন (লোক—অবিশেষে) ; গ্রা—মেয়েলোক] বি, রমণী বা নারীজন ; স্ত্রীলোক। প্র—"গৃহের অভ্যন্তরে প্রবেশিয়া দেখিলেন কন্যাজনেরা নানা বাদ্যযন্ত্র লইয়া চতুর্দ্দিক বেষ্টন করিয়া বসিয়াছে।" —কাদম্বরী।

কন্যাট (ট্) [কন্যা (কুমারী) অট্ (গমন করা) +অ (অধি, ঘঞ্)] বি, পুং, যেখানে কন্যাগণ গমন করে ; নারীগণের বাসস্থান ; অন্তঃপুর।

কন্যাতীর্থ—বি, ক্লী, কুরুক্ষেত্রস্থিত তীর্থবিশেষ।

কন্যাদান (কোন্নাদান্) [কন্যার দান (সম্প্রদান)] বি, ক্লী, কন্যাসম্প্রদান ; শাস্ত্র-মতে বরহস্তে কন্যার্পণ ; মেয়ের বিবাহ দেওয়া। প্র—বৃষ্টি পড়ে টাপুর টুপুর নদী এল বান, শিব ঠাকুরের বিয়ে হচ্ছে তিনটী কন্যাদান।
—ছড়া।

কন্যাদূষণ (কোন্নাদুষন্) [কন্যার—দূষণ, ৬তৎ] বি, ক্লী, কুমারী ধর্ষণ ; কুভাবে কুমারীর গাত্রস্পর্শাদি।

কন্যাধন (কোন্‌নাধন্) [কন্যার ধন—৬তৎ] বি, স্ত্রী, কুমারী দশায় যৌতুক প্রাপ্ত অর্থ : কন্যকাবস্থায় লব্ধধন : স্ত্রীধনবিশেষ। (এই ধনে ভ্রাতা অধিকারী হয়)। ২। [কন্যা রূপ ধন—কর্ম্মধা] কন্যারত্ন।

কন্যান্তঃপুর (কোন্‌নান্তঃপুর্) [কন্যার অন্তঃপুর, ৬তৎ] বি, স্ত্রী, কুমারী-বাস-ভবন : অন্তঃপুরের যে অংশে রাজকন্যা বাস করেন।

কন্যাপতি (কোন্‌নাপোতি) [কন্যার পতি (স্বামী) ৬তৎ] বি, পুং, জামাতা : জামাই।

কন্যাযাত্র (কোন্‌নাজাৎত্রো) [প্রাদে] বি, বিবাহ উপলক্ষে কন্যার পক্ষ হইতে নিমন্ত্রিত ব্যক্তি। প্র—"কন্যাযাত্র বরযাত্র শতু ছয় জন" —ভারতচন্দ্র।

কন্যে (কোন্‌নে) [সং— কন্যা শব্দের উচ্চারণ বিকার পরে বানান বিকার] বি, স্ত্রী, দুহিতা : মেয়ে। কন্যা দ্রঃ।

কপ্ (ক) [ক্ষপ ধাতু প্রেরণে। সং—ক্ষিপ্র ; অপভ্রংশে খপ্ : সাদৃশ্যে কপ্, গপ (তুল —টপ্) খপ্ দ্রঃ] অ, শীঘ্র গলাধঃকরণ। (২) দ্রুত গিলনের শব্দ। **কপ্‌কপ্** [বারংবার অর্থে দ্বিত্ব] প্র—সে ক্ষুধার জ্বালায় অন্ন ব্যঞ্জন কপ্‌কপ্ করিয়া গিলিয়া ফেলিল। [লঘু শব্দে কুপ্ : তুল—কুপ্‌কাপ্] ২। ভেকাদির ডাক। **কপাকপ্**—ক্রমাগত কপ্ কপ্ করিয়া গিলন। তুল—টপাটপ্।

কপচান (কপ্‌চানো) [সং—কৃপ্ (ছেদনে) ধাতু হইতে] ক্রি, কর্ত্তন করা : ছেদন করা : ছাঁটিয়া ফেলা। ২। পাখীর বুলি শিখিবার পূর্ব্বে যে অস্ফুট শব্দ করিতে থাকে ; বুলি ধরার উপক্রম করা। ৩। [বিদ্রূপোক্তি] জ্যাঠামো করা ; শিশুমুখে বিরক্তিকর পাকা পাকা বা কাটা কাটা বুলি বাহির করা।

কপট (ট্) [কপটতা এই অর্থে। প্রা-বাং] বি, পুং, স্ত্রী, চাতুরী ; প্রতারণা ; বঞ্চনা ; শঠতা ; ধূর্ত্ততা। প্র—"কলিঙ্গে কপট করি রাখ নিজ দাস" —কবিক।
২। মায়া। ৩। ছল। ৪। অসত্য ব্যবহার ; অধর্ম্মাচরণ ; পাপ। প্র—"মরিবেক পাপিগণ আপন কপটে" কাশী—মহা।
৫। [আধু—বাং] বিণ, শঠ ; বঞ্চক ; প্রতারক। বি, **কপটতা, কাপট্য। কপটবেশ**—ছদ্মবেশ। **কপটবেশী**—কপটাচারী ; ছদ্মবেশী। **কপটপ্রবীণ**—কপটতায় প্রবীণ বা পরিপক্ক ; অতিশয় শঠ। প্র—"কপটপ্রবীণ, কুলিশকঠিন, তোমার দারুণ হিয়া" —কবিক।

কপটচারী (ট্‌রি) [কপট (শঠতা) চারী (যে আচরণ করে) = কপটচারিন্ ১মা, ১ব] বিণ, বঞ্চক ; শঠ ; ধূর্ত্ত। ২। যে কপট করিয়া অন্যের প্রতি সরল ব্যবহার দেখায়। ৩। কাপটিক ; কপট-বেশী ; ছদ্মবেশী।

কপটপটু (কপট্‌পোটু) [কপটে (কপটাচরণে) পটু (দক্ষ) ৭তৎ] বিণ, শঠতানিপুণ ; কপটতায় দক্ষ ; ছলাকুশল ; বঞ্চন-চতুর। ২। ঐন্দ্রজালিক।

কপটী [কপট+ইন্ (অস্ত্যর্থে)] বিণ, প্রবঞ্চক ; প্রতারক।

কপর্দ্দ (কপর্দ) [ক (গঙ্গা জল)—পৃ (ধারণ করা)+দ (অধি—সংজ্ঞার্থে) শিব যাহাতে গঙ্গাজল ধারণ করিয়াছিলেন] বি, পুং, শিবের জটাজূট।

কপর্দ্দক (ক্) [কপর্দ্দ+ক, সংজ্ঞার্থে। কড়ি দ্রঃ] বি, পুং, কড়ি ; ইহা বর্ণভেদে পাঁচ প্রকার।

কপর্দ্দী [কপর্দ্দ (শিবের জটাজূট)+ইন (অস্ত্যর্থে)—কপর্দ্দিন্ ১মা, ১ব] বি, পুং, শিব। ২। একাদশ রুদ্রের অন্যতম।
স্ত্রী, **কপর্দ্দিনী**—পার্ব্বতী। প্র—
"কপর্দ্দীর কদর্থন কুমুদার কর্ম্ম।
পর্ব্বতের বেটী মোকে পুড়িলেক জন্ম॥"
—শিবায়ন।

কপাট, কবাট (ট্) [ক (বায়ু) পট্+ণিচ্ = পাটি (গমন করান)+অ (কর্ত্তৃ—অচ্) ; পক্ষে, প = ব। "কপাটঞ্চ কবাটকমিতি দ্বিরূপ কোষঃ।" তুল—ওড়ি কপাট। হি—কবাড়, কেবাড়] বি, পুং, স্ত্রী, দ্বাররোধক; দ্বারের আবরণ। প্র—দিয়েছি প্রাণের কবাট খুলিয়া" —প্রেম ও ফুল। "খুলিল মনের দ্বার না লাগে কপাট" —ভারতচন্দ্র।
২। [আয়ুর্ব্বেদে] শিরোঽস্থি। (২) কুষ্ঠরোগবিশেষ।
কপাট আবজান, কবাট খোলা—দ্বার মুক্ত করা। **কপাট দেওয়া**—দ্বার বন্ধ করা। **কপাট ঠেসান, ভিড়ান, ভেজান**—দ্বারের একদিকের পাল্লা অন্য দিকের পাল্লার মুখে মুখে লাগান ; দ্বার বন্ধ করা। **কপাটে খিল দেওয়া, খিল লাগান**—দ্বার অর্গলদ্বারা বন্ধ করা। প্র—"তাইত কপাটে লাগাইয়া খিল, স্বর্গে মর্ত্ত্যে খুঁজিতেছি মিল, আনমনা যদি হই একতিল, অমনি সর্ব্বনাশ"। —রবীন্দ্র।

কপাটের ফাঁক—কপাটের দুই বাইল ঈষৎ মুক্ত করিলে যে রেখার ন্যায় শূন্য স্থান হয়। ২। কপাটের গায়ে ছিদ্র বা জোড়ের মুখের রন্ধ্র।

কপাটঘ্ন (কপাকঘ্ন) [কপাট—হন্ (আঘাত করা)+অ—(কর্ত্তৃ, সংজ্ঞার্থে টক্)] বিণ, কপাটভগ্নকারী ; চোর ; ডাকাত।

কপাটি, কপাটী (কপাটি) [হি—কবডডী উচ্চারণ বিকারে, গবডডী] বি, কপাটি খেলা, হাডুডুডু খেলা। দুইদলে বিভক্ত হইয়া এই খেলা খেলিতে হয়। এই খেলায় নানা রকম বোল ব্যবহৃত হয় যথা—"ছেল্ কপাটী, "চু কপাটী ইত্যাদি। **কপাটী লাগা, দাঁতকপাটী লাগা**—দাঁতে দাঁতে খিল লাগা ; দাঁতে দাঁতে চাপিয়া যাওয়া ; দাঁতি লাগিয়া অচৈতন্য হওয়া।

কপাল (ল্) [ক (জল, লক্ষণাদ্বারা মস্তকের ঘৃত) পাল (যে রক্ষা করে) পা+ণিচ = পালি+অ (কর্ত্তৃ) অচ] বি, পুং, স্ত্রী, করোটি ; মাথার খুলি ; নরকপাল। প্র—"চলে কপাল ধঃ ধঃ ধঃ কার মাথা এটা হিহিহি—হঃ * * * * * রাজা কি রাখাল ছিল কোন কাল এখন মড়ার মাথার কপাল শ্মশানে দিয়াছে ফেলিয়া।"—হেমচন্দ্র। ২। ভাল দেশ ; ললাট স্থল। প্র—"কপালেতে উল্কী"—ঈশ্বরগুপ্ত। ৩। ভাগ্য ; অদৃষ্ট। প্র—"কপালে সেবিছ কষ্ট কি করিতে পারি"—শিবায়ন। "কপালের ভোগ"। ৪। কর্পর ; কলস বা ঘটের অর্দ্ধাংশ, যে দুইভাগ যোগ করিয়া ঘট বা কলস নির্ম্মাণ করে তাহার নাম ঘটের কপাল ; খাপরা ; খোলা। ৫। ভিক্ষাপাত্র ; খোলা। ৬। কুষ্ঠরোগ-ভেদ। ৭। [সংস্কৃতে] সমূহ। (২) জনতা। বিণ, **কপালিয়া, কপালে** কপাল আছে যার ; ভাগ্যবান্। **কড়ি কপালে**—যাহার অদৃষ্টের জোরে প্রভূত অর্থ উপার্জ্জিত হয় ; যার ভাগ্যে খুব অর্থলাভ হয়। এই অর্থে, "টাকা কপালে" "সোণা কপালে"ও বলে। **কপালক্রমে**—ভাগ্য বলে ; দৈবযোগে ; হঠাৎ। **কপাল গুণে গোপাল মেলা**—অদৃষ্ট-অনুসারে সন্তান লাভ করা প্রায়ই মন্দ অর্থে—দুর্ভাগ্য বশতঃ কুসন্তান লাভ করা। **কপালঠোকা** [তুল—ওড়ি, মাথা করা] ক্রি, ভূতলে কপাল স্পর্শ করিয়া প্রণাম করা। ২। বিণ, অনিশ্চিত ; দৈবাধীন। প্র—কপালঠোকা কাজ। ৩। মাথা খোঁড়া। **কপাল ঠুকে যাওয়া**—চলিবার সময় হঠাৎ কোন কিছুর আঘাত কপালে লাগা। **কপাল ঠুকে কাজ আরম্ভ করা, কাজে হাত দেওয়া**—অদৃষ্টের প্রতি নির্ভর করিয়া কাজে লাগা। "কপালে (অদৃষ্টে) যা'থাকে হ'বে" বলে কাজে হাত দেওয়া। [দ্রঃ—পরিণাম কি হইবে না জানিয়া ও না ভাবিয়া দৃঢ় প্রতিজ্ঞা বা প্রবল ঝোঁকের বশে কোন কাজে লাগিবার কালে লোকে সাধারণতঃ কপালে কর স্পর্শ করিয়া বলিয়া থাকে কপালে যা'থাকে হবে। তুল—"বুক্‌ঠুকে কাজে লাগা"]

কপালজোর, জোর কপাল—বলবৎ অদৃষ্ট ; ভাগ্য সুপ্রসন্ন। **কপাল পেটা, কপালে ঘা দেওয়া, মারা, কপাল চাপড়ান**—কপালে করাঘাত করা। ইহা শোক, অনুতাপ প্রভৃতির নিদর্শন। **কপালের গের**—অদৃষ্টসূচক গ্রহ ; কুগ্রহ। **কপাল পোড়া, পোড়া কপাল**—দগ্ধ অর্থাৎ নষ্ট ভাগ্য ; দুরদৃষ্ট ; মন্দভাগ্য। স্ত্রী. **পোড়া কপালী,** দুর্ভাগ্যবতী ; হতভাগিনী। পুং. **পোড়া কপালিয়া, পোড়াকপালে। কপালের ফের**—অদৃষ্টের বন্ধন ; যাহা হইতে মুক্তিলাভ করা দুর্ঘট ; সঙ্কট। **কপাল ফেরা**—অদৃষ্টের পরিবর্ত্তন হওয়া ; মন্দভাগ্য ভাল হওয়া। **কপাল টনটনে, টনটনে কপাল**—টান, নিটোল, তাহা হইতে প্রশস্ত, তাহা হইতে জোর কপাল। ২। [সাধারণতঃ ব্যাজোক্তিতে অর্থাৎ বিপরীত অর্থে প্রযুক্ত] মন্দ ভাগ্য ; দুর্ভাগ্য। **কপালের লেখা**—অদৃষ্টের লিখন ; অদৃষ্টলিপি ; ভাগ্যলিপি ; ভবিতব্য। **কপালভাঙ্গা**—দুঃখ ক্ষোভ প্রভৃতি হেতু কপালে কঠিন বস্তুর আঘাত করা (আত্মহত্যার উদ্দেশ্যে)। প্র—"সময়ে না পেলে টাকা, কপাল ভাঙ্গে আস্ত ইটে"—ঈশ্বর গুপ্ত। ২। অদৃষ্ট অপ্রসন্ন হওয়া ; ভাগ্য মন্দ হওয়া। প্র—এতদিন পরে তার কপাল ভেঙ্গেছে। (৩) ভাঙ্গা কপাল (ফাটা কপাল ও বলে) খণ্ডিত অদৃষ্ট ; দুরদৃষ্ট। **ভাঙ্গা-কপাল জোড়া লাগা**—নষ্ট ভাগ্য পুনরায় সুপ্রসন্ন হওয়া ; কপাল ফেরা। **ছাইকপাল, ছারকপাল**—অসার অপদার্থ ভস্মমাত্র লভ্য আছে এমন অদৃষ্ট ; মন্দভাগ্য। প্র—"উমার মুখ চাঁদের চূড়া, বুড়ার দাড়ী শণের নুড়া। ছারকপালে ছাইকপালে দেখে পায় ডর লো।"—অন্নদামঙ্গল। **আট কপালিয়া, কপালে**—(আট = আত্ত + কপাল + ইয়া) হতভাগ্য ; দরিদ্র। **উচাকপাল, উচ-কপাল**—উন্নত ললাট ; সৌভাগ্য লক্ষণ। পুরুষের সৌন্দর্য্য। **নিচাকপাল**—অনুন্নত কপাল ; সংকীর্ণ ললাট। **উচকপালিয়া, উচ্‌কপালে**—যে পুরুষের ললাট উন্নত। স্ত্রী. **উচ্‌কপালী**—যে স্ত্রীর কপালের অগ্রভাগ বহির্গত হইয়াছে ; যে নারীর কপালের মধ্যভাগ ঢিবির মত উচু। ইহা স্ত্রীলোকের সৌন্দর্য্যের হানিকর। প্র—"উচকপালী চেরনদাঁতী"। **ছাইচাপা কপাল**—যে কপাল বা অদৃষ্ট আবর্জ্জনায় আবৃত এবং সহজে মুক্ত হয় না বা খোলে না। **পাথর চাপা কপাল**—পাথর সহজে (হাওয়ায়) নড়ান যায় না সুতরাং কপালের আবরণ মুক্ত হয় না ; সহজে যাহার বরাত খোলে না। **পাতাচাপা কপাল**—পাতায় ঢাকা কপাল সামান্য হাওয়া লাগিলেই মুক্ত হয় ; যাহার সহজে বরাত খোলে।

কপালভৃৎ (ল্) [কপাল (নৃকরোটি, নরমুণ্ড) ভৃৎ (যে ধারণ করে)—ভৃ (ধারণ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ) ৎ আগম] বি, পুং, মহাদেব। ২। [যাহারা নরকপালের ভিক্ষাপাত্র ধারণ করে] ভিক্ষুক। ৩। বিণ, কপালধারী ; ভিক্ষাপাত্র-ধারক।

কপালমালী (কপাল্‌মালি) [কপালের মালা = কপাল মালা (অস্থিদাম) + ইন্ (অস্ত্যর্থে) = কপালমালিন্ ১মা, ১ব, যাহার গলে নর কপাল (অস্থি) নির্ম্মিত মালা আছে] বি, পুং, মহাদেব। স্ত্রী. **কপালমালিনী**—কালী। প্র—"কপালমালিনী কালকামিনী।"

কপালমোচন (কপাল্‌মোচোন্) [কপালের মোচন হইয়াছিল যেখানে—বহু, যেখানে ব্রহ্মার পঞ্চম মস্তকের কপাল মুক্ত হইয়াছিল] বি, ক্লী, কাশীস্থ তীর্থবিশেষ ; পুষ্করতীর্থ।

কপালস্ফোট (কপাল্‌শ্‌ফোট্) বি, পুং, পিশাচবিশেষ ; রাক্ষসবিশেষ।

কপালস্ফোটত্ব (কপাল্‌শ্‌ফোটৎত) বি, পিশাচত্ব। প্র—"সেই শব কপাল হইতে কিঞ্চিৎ বসা বিজয় দত্তের মুখমধ্যে পতিত হইল। রসাস্বাদ করিবামাত্র বিজয় কপাল-স্ফোটত্ব প্রাপ্ত হইল।"—কথাসরিৎসাগর।

কপালি [প্রাদে] বি, রস লইবার জন্য খেজুর বা তাল গাছের মাথার দিকে যে স্থানে কলসী বাঁধিয়া দেয়। ২। শূদ্র জাতি-বিশেষ। ৩। দ্বারশীর্ষস্থ কাষ্ঠপট্ট ; সর্দ্দাল।

কপালিকা [কপাল + ইক (ক্ষুদ্রার্থে ইকণ্) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, ক্ষুদ্র করোটি, ছোট মাথার খুলি ; খাপরা। ২। দন্তরোগবিশেষ।

কপালিয়া, কপালে [কপাল + ইয়া (যুক্ত) দ্রুত উচ্চারণে কপালে] বিণ, ভাগ্যবান্। আটকপালিয়া [আত্ত (হত) কপালিয়া] হতভাগ্য। কড়ি কপালিয়া—যাহার ভাগ্যে টাকাকড়ি বা ধনের অভাব হয় না। উচ কপালিয়া, ছাই কপালিয়া, ছার কপালিয়া—কপাল দ্রঃ।

কপালী [কপাল (নৃকরোটি) + ইন (অস্ত্যর্থে) = কপালিন্ ১মা, ১ব,—যাহার গলে কপালমালা আছে] বি, পুং, মহাদেব। ২। [কপাল—ললাট—মাথা] চৌকাঠের মাথা বা মাথার কাঠ। ৩। শণ দড়ী প্রস্তুত ও বিক্রয়কারী জাতিবিশেষ। প্র—কপালী-টোলা, কলিকাতা। ৪। কার্পাস হইতে তুলা ও বীজ পৃথক করিবার কলের (ginning machine) বেলনের নিম্নস্থ করোটি সদৃশ অংশ। ৫। বিণ, [কপাল (ভাগ্য) + ইন্ প্রশস্তার্থে] ভাগ্যবান্ ; যাহার অদৃষ্ট বা কপাল ভাল। স্ত্রী. **কপালিনী**—কালী। ২। ভাগ্যবতী। **খণ্ডকপালিনী**—যে স্ত্রীর কপাল ভাঙ্গিয়াছে ; হতভাগিনী ; দুর্ভাগ্যবতী। [কবিকঙ্কণ]

কপালে [প্রাদে, কপালিয়ার সংক্ষেপ] বি, ভাগ্যবান্। প্র—"সেই কপালে, বিয়ে করে যে পায় বিশ হাজার পণ"—রজনী সেন। ২। ক্রি-বিণ, ললাট দেশে। প্র—কপালে আঘাত। ৩। অদৃষ্টে ; ভাগ্যে।

কপি (কোপি) [সং] বি, পুং, বানর। প্র—"কপিসৈন্য"—রামায়ণ। ২। গন্ধর্ব্ববিশেষ। ৩। বরাহ। ৪। বিষ্ণু। ৫। কপিলবর্ণ। [প্র, অ]

কপি, কাপি [ইং—Copy. The subject matter to be printed, whether it be an original work in manuscript or a reprint"—*American Encyclopedia of Printing.*] বি, প্রতিলিপি ; যে রচনা মুদ্রিত করিতে হইবে ; আদর্শ। **কপিকরা**—ক্রি, নকল-করা ; কোন লিপির প্রতিলিপি প্রস্তুত করা।

কপি (কোপি)[হি—গোভি। পর্ত্তু—couvr ; ফ্রে—coboche ; ইং—cole (a general name in all sorts of cabbage) জর্ম্ম—kohl ; ল্যা—colis.] বি, ব্যঞ্জনোপযোগী সবজীবিশেষ। কপি কয়েক রকম আছে। যথা—ওলকপি বা গাঁটকপি (ওলের আকৃতি এবং গ্রন্থিময় বলিয়া) ; তাল কপি বা বাঁধাকপি (পাতাগুলি বাঁধিয়া দিতে দিতে তালের আকৃতিতে পরিণত করা হয় বলিয়া, হি—করমকল্লা) ; ফুলকপি (ইং—cauli flower) ফুলের তোড়ার মত হয় বলিয়া।

কপিকল (কোপিকল্) বি, কূপাদি হইতে জলোত্তোলনের যন্ত্র ; নিম্ন স্থান হইতে কোন ভারি দ্রব্য তুলিবার যন্ত্র ; pulley.

কপিকেতন (কোপিকেতন্) [কপি (হনুমান) হইয়াছে কেতন (পতাকা—চিহ্ন) যাহার, বহু, যাহার রথে কপিচিহ্ন আছে] বি, পুং, কপিধ্বজ ; অর্জ্জুন। ২। কপিচিহ্নিত ধ্বজা।

কপিঞ্জল (কোপিনজল) [সং] বি, পুং, চাতক-পক্ষী। যে পাখী ফটিকজল ফটিকজল শব্দে ডাকে ; the francoline partridge. ২। গৌরবর্ণ তিত্তির পক্ষী। ৩। মুনিবালক ; (কাদম্বরী কথায়) পুণ্ডরীকের সখা।

কপিত্থ (কো) [কপি (বানর) —থ (যেখানে থাকে) স্থ (থাকা) + অ

(অধি ড)। স্থ=থ (বানর অনেক সময়ে এই বৃক্ষে ফল খাইবার জন্য থাকে বলিয়া ইহার নাম কপিথ)] বি, পুং, কয়েতবেল বৃক্ষ ২। ক্লী, কয়েতবেল।

কপিধ্বজ (কপিধ্‌ধজ্) [কপি (হনুমান) রহিয়াছে ধ্বজে যাহার, বহু] বি, পুং অর্জ্জুন। কপিকেতন দ্রঃ।

কপিল (কোপিল্) [কপি (বানর)+ল অস্ত্যর্থে বানরের ন্যায় রঙ্ যাহার] বিণ, পিঙ্গল বর্ণবিশিষ্ট। ২। ঈষৎ পীতমিশ্রিত কৃষ্ণবর্ণ। ৩। বি, পুং, পিঙ্গলবর্ণ। ৪। সাংখ্যদর্শনকার স্বনামপ্রসিদ্ধ মুনি। রামায়ণে অগ্ন্যবতার বলিয়া খ্যাত। ইঁহারই কোপানলে সগর বংশ ধ্বংশ হয়। ৫। অগ্নি। ৬। বিষ্ণু। ৭। দৈত্যবিশেষ। ৮। নাগবিশেষ। ৯। কুক্কুর। ১০। কপিলবাস্তু নামক নগরী। ১১। মেরুর পশ্চিমে স্থিত পর্ব্বতবিশেষ। **কপিলস্মৃতি**—কপিলমুনি প্রণীত স্মৃতিগ্রন্থ। **কপিলদ্যুতি**—কপিলকান্তি। ২। সূর্য্য। **কপিলদ্রাক্ষা**—কিস্‌মিস্। কপিলদ্রুম—কাক্ষী নামক সুগন্ধ কাষ্ঠ।

কপিলশিংশপা—শিশুগাছ; tawny leaved sisu.

কপিলা (কো) [সং। হি—কপিলা=যে ধেনুর গায়ে শাদা শাদা ফুলের দাগ পড়া, শাদা রঙ্গের গাই। তুল—জিমি কপিলহিঁ ঘালৈ হরহাই" —তুলসী] বি, স্ত্রী, ধেনু। ২। কামধেনু।। ৩। পুণ্ডরীক নামক দিক্‌হস্তীর স্ত্রী: পূর্ব্ব ও দক্ষিণ কোণাধিকারিণী হস্তিনী। ৪। ঘৃতকুমারী। ৫। যে শিশুগাছের ফুল কপিলবর্ণ। ৬। রেণুকা নামক গন্ধদ্রব্যের প্রকারভেদ। ৭। নির্বিষ জোঁক। ৮। কপিলা নাম্নী নদী। ৯। বিণ, কপিলবর্ণা; পিঙ্গলা।

কপিলাভোগ (কো, গ্) বি, শারদীয় ধান্য বিশেষ।

কপিলারাই—বি, শারদীয় ধান্যবিশেষ।

•**কপিলাশ্ব** (কোপিলাশ্‌শো) [কপিল (পিঙ্গলবর্ণ) যে অশ্ব (ঘোড়া) কর্ম্মধা] বি, পুং, পিঙ্গলবর্ণ ঘোটক। ২। [কপিলবর্ণ হইয়াছে অশ্ব যাহার, বহু] বি, পুং, ইন্দ্র। ৩। সূর্য্যবংশীয় রাজা কুবলয়াশ্বের পুত্র।

কপিলাসর—বি, শারদীয় ধান্য বিশেষ।

কপিশ (কোপিশ্) [কপি+শ (অস্ত্যর্থে) কপির ন্যায় রঙ্ আছে যাহার] বি, পুং, নীল ও পীত মিশ্রিত রঙ্। ২। বিণ, পাঁশুটে বর্ণ; মেটিয়া রঙ্। স্ত্রী, **কপিশা, কপিশী**—নদীবিশেষ। ২। মাধবী লতা। ৩। মদ্যবিশেষ। ৪। পিশাচীবিশেষ।

কপিশীর্ষ (কো) [কপি (বানর) থাকে—শীর্ষে (অগ্রভাগে) যাহার, বহু] বি, প্রাকারাগ্র; প্রাচীরের মাথা।

কপীতন [কপি (বানর) তন (তন্—বিস্তার করা+অ, কর্ত্তৃ, অচ্) যে কপিদিগকে আশ্রয় দেয় বা যাহার উপর কপিরা আশ্রয় লয় বি, পুং, আমড়াগাছ। ২। শিরীষগাছ। ৩ গন্ধভাদাল। ৪। বেলগাছ। ৫। পাকুড়গাছ।

কপীন (কোপিন্) [উচ্চারণ ভেদে কপ্নি। কৌপীন শব্দজ] বি, অন্তর্বাস; গুহ্যদেশাবরক-বস্ত্র; লেঙ্গট; কপ্নি।

কপীন্দ্র (কো) [কপির—ইন্দ্র (প্রধান) ৬ তৎ; নির্দ্ধারণার্থ ষষ্ঠীর সমাস হয় না বলিয়া মতান্তরে কপির মধ্যে ইন্দ্র, ৭তৎ] বি, পুং, সুগ্রীব। ২। হনূমান্। ৩। বিণ, কপিশ্রেষ্ঠ।

কপুষ্টিকা (কোপুষ্‌টীকা) [ক (মস্তক) তাহার পুষ্টি (স্থূলতাসাধন) হয় যাহার দ্বারা, বহু, ক—পুষ্টি+ক+আপ্ স্ত্রী] বি, স্ত্রী, মস্তকের উভয় পার্শ্বস্থিত কেশসমূহ।

কপোত (ত্) [কব্ (বর্ণে)+ওত (সংজ্ঞার্থে) যে নানা বর্ণে রঞ্জিত হয় "কপোতঃ স্যাৎ চিত্রকণ্ঠ পারাবত বিহঙ্গয়োঃ" —মেদিনী] বি, পুং, কবুতর; পারাবত; পায়রা। ২। ঘুঘু। ৩। [ক (বায়ু) পোত (নৌকা)—যে বায়ুভরে নৌকার ন্যায় গমন করে অথবা যে বায়ুর পোত সদৃশ। "কপোতঃ পক্ষিমাত্রেঽপি"—ত্রিকাণ্ডশেষ] পক্ষী [বিরল]। স্ত্রী, **কপোতী**—কপোতের স্ত্রী। প্র—
"কপোত কপোতী যথা উচ্চ বৃক্ষচূড়ে
বাঁধি নীড়, থাকে সুখে।" —মেঘনাদ।

কপোত চরণ—নখী নামক গন্ধ দ্রব্য।

কপোতক (ক্) বি, ক্লী, সৌবীরাঞ্জন।

কপোতপালিকা কপোতপালী (ত্) [কপোতের পালিকা, ৬তৎ; কপোত (পারাবত) পালি (রক্ষা করা)+অক (কর্ত্তৃ, সংজ্ঞার্থে) যে কপোতদিগকে আশ্রয় দিয়া রক্ষা করে বা কপোতগণ যাহার আশ্রয় পাইয়া রক্ষিত হয়] বি, স্ত্রী, বিটঙ্ক; পায়রার খোপ। ২। পক্ষিশালা; চিড়িয়াখানা।

কপোতবৃত্তি (ত্) [কপোতের বৃত্তি (আচরণ) ৬তৎ। কপোতগণ পরদিনের জন্য সঞ্চয় করিয়া রাখে না যে দিন যাহা পায় সেদিন তাহা খায়] বি, স্ত্রী, আকাশবৃত্তি (দ্রঃ); সঞ্চয়হীন জীবিকা। ২। [কপোত বৃত্তির ন্যায় বৃত্তি (জীবিকা) যাহার, বহু] বিণ, যাহাকে কপোতের ন্যায় সদ্য সঞ্চয় করিয়া বাঁচিতে হয়।

কপোতারি (তা) [কপোতের—অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, শ্যেন পক্ষী; বাজ পাখী; শিকরে পাখী।

কপোতেশ্বর (র্) [কপোতের ঈশ্বর, ৬তৎ,] মহাদেব। স্ত্রী, **কপোতেশ্বরী**—বি, দুর্গা; পার্ব্বতী।

কপোল (ল্) [সং] বি, পুং; গণ্ড; গাল; স্ত্রী, **কপোলী**। ২। জানুরঙ্কিণী; মালাইচাকি।

কপোলকল্পনা (ল্) [কপোল দ্বারা কল্পনা, ৩তৎ] বি, স্ত্রী, যে অবাস্তব বিষয় প্রকৃতবৎ কল্পনা করিয়া বলা হয়; গালগল্প; অপ্রকৃত ঘটনা; বাস্তবতাহীন রচনামাত্র। বিণ, **কপোলকল্পিত**।

কপোল-কুন্তলা—বিণ, যে রমণীর চূর্ণ কুন্তল কপোলদেশ স্পর্শ করিয়াছে; কপোললম্বী কুন্তলযুক্তানারী। প্র—
"কালী কপালিনী মাতা কপোল-কুন্তলা।
কাল-রাত্রি কঙ্কমুখী কত জান কলা॥"
—কবিক।

কপ্পূর (কোপ্‌পুর্) [সং—কর্পূর শব্দের গ্রা, উচ্চারণ। হি—কপূর; তেলু—কর্পূরমু; ওড়ি—কপূর; মঃ—কাপুর; আ—কাফূর; ইং camphor] বি, কর্পূর।

কফ (ফ্) [সং। ক (জল) ফ=ফল্ (গমনে) +অ (কর্ত্তৃ ড) ল্ লোপ—যে জল শরীর হইতে নির্গত হয়। ফা—কফ্] বি, শরীরস্থ শ্লৈষ্মিক ধাতু (দেহের অপর দুই ধাতু, বায়ু ও পিত্ত)। প্র—কফের নাড়ী; কফের প্রকোপ। বিণ, কফুয়া, কফো (কো) —শ্লেষ্মাপ্রধান; শ্লৈষ্মিক। প্র—
"একে তোমার কফো নাড়ী, ডুব দিও না বাড়াবাড়ি। হলে পরে জ্বর জাড়ি, যেতে হবে যমের বাড়ী॥" —ঈশ্বর গুপ্ত।

ক্রি, **কফ করা**—কফের অধীন হওয়া; কফের বৃদ্ধি হওয়া। প্র—তাহার খুব কফ করেছে। **কফ তোলা**—কাশিয়া শ্লেষ্মা উদ্গার করা বা বাহির করিয়া ফেলা। **কফ বসা**—শ্লেষ্মা জমিয়া যাওয়া। প্র—সর্দ্দির উপর মিষ্টান্ন খাওয়ায় তাহার বুকে কফ বসিয়াছে। **কফ-কর**—শ্লেষ্মাজনক; শ্লেষ্মা উৎপাদক। **কফ সরা**—কফ উঠিয়া যাওয়া। **কফ নিঃসারক**—যদ্দ্বারা কফ বাহির হইয়া যায়। **কফবর্দ্ধক, কফবর্দ্ধন**—শ্লেষ্মা বৃদ্ধি কারক। ২। পিণ্ডীতগর বৃক্ষ।

কফ (ফ্) [ইং—cuff] বি, জামার হাতা বা আস্তিনের মুখ। তুল—আ—কফ্ (অর্থাৎ হাতের তেলো)। প্র—কফওয়ালা জামা।

কফণি, কফোণি, ণী (ফো) [সং। তুল—ওড়ি—কহণি; হি—কোহ্‌নী; কুহ্‌নী; বাং—কনুই] বি, হস্তের মধ্যবর্ত্তী অর্থাৎ বাহুর নিম্নস্থ গ্রন্থি; কনুই; elbow.

কফান্তক (ক্) [কফের—অন্তক (নাশক) ৬তৎ] বি, পুং, বাবলা গাছ। ২। বিণ, কফবিনাশক।

কফারি [কফের—অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, শুঁঠ। ২। কফনাশক।

কফী (কফি) [কফ+ইন্ (অস্ত্যর্থে)= কফিন্ ১মা, ১ব] বিণ, কফযুক্ত ; যাহার কফ আছে ; কফো।

কফী [ইং—coffee] বি, কাফিগাছ ; এই গাছের বীজ ভাজিয়া ও চূর্ণ করিয়া চা, কোকো প্রভৃতির ন্যায় পানীয় প্রস্তুত করা হয়।

কফো (কোফো) [কফ দ্রঃ] বিণ, কফযুক্ত ; কফ প্রধান ; শ্লৈষ্মিক। প্র—
"একে তোমার কফো নাড়ী।" —ঈশ্বর গুপ্ত।

কফোণি—কফণি দ্রঃ।

কফ্নী (কফ্‌নী) [আ, ফা] বি, মুসলমান ফকীরের পরিচ্ছদবিশেষ।

কব [হি—কহব শব্দের সংক্ষেপ] ক্রি, কব ; কহিব ; বলিব ; বর্ণন করিব। প্র—
"কা সঞে বিলসব কো কব তাহ।"
—বিদ্যাপতি।
২। [প্রাদে—কহিব শব্দের সংক্ষেপ] বি,
"আমি কি আর কব।" —ব্রহ্মসঙ্গীত।
"অবাক্ মুখে বাক সরে না কথা কব কি।"
—গোপাল উড়ে।
৩। (কব্) [হি, মৈ-বাং] কখন। কবহ দ্রঃ।

কবচ (চ্) [ক (বায়ু)—বনচ্ (বঞ্চনা করা) + অ (কর্তৃ) ন্—লোপ। যাহা দ্বারা শরীর আবৃত করিলে বায়ু পর্য্যন্ত বঞ্চিত হয়, অর্থাৎ গাত্র স্পর্শ করিতে পারে না] বি, পুং, ক্লী, বর্ম্ম ; সাঁজোয়া। প্র—
"যতনে আঁটিলা কবচ" —মেঘনাদ।
"অভেদ্য কবচে ধর্ম্ম আবরেন তারে।" —ঐ
২। বিঘ্ন বিনাশের জন্য তন্ত্রোক্ত মন্ত্র-লিখিত ভূর্জ্জপত্র ; গুটিকা। প্র—"ঐছন কবচ ধরব যব হাত।" —বিদ্যাপতি।
৩। খাজনার রসিদ ; দাখিলা। ৪। [ফা কব্‌জ্—করতল] কবচ-পত্র ; খত। ইহা পূর্ব্বকালের প্রমিসারী নোট ও রসীদ সদৃশ ছিল। এবং আধুনিক নোটের মত পূর্ব্বে ব্যবহৃত হইত। ৫। অধিকার ; আয়ত্ত।
৬। [আয়ুর্ব্বেদে] বি, ক্ষেৎপাপড়া। (২) দারুচিনি। (৩) ভূর্জ্জবৃক্ষ। (৪) পাকুড় গাছ। ৫। পলাশ পিপুল। **কবচ-পত্র**— ভূর্জ্জপত্র। (২) কবচ লিখিবার পত্র।

কবচী [কবচ+ইন্ (অস্ত্যর্থে)=কবচিন্ ১মা, ১ব] বিণ, কবচধারী ; যে কবচ ধারণ করিয়াছে।

কবজ (জ্) বি, কবচ (দ্রঃ) ; রসীদ। ২। খত। প্র—"প্রাণের কবজ পূর্ণ প্রীতির অক্ষরে।"
—প্রেম ও ফুল।
৩। [আ—কব্‌জা] অধিকার ; আমল ; সাধাঃ—কবজা। ৪। [আ—কব্‌জ্ costiveness] কোষ্ঠবদ্ধতা ; মলরোধ। প্র—পেটটা কবজ করেছে।

কবন্ধ [সং। ক (মস্তক) বন্ধ্+অ। যাহার দেহের সহিত মস্তকের বন্ধন নাই।
"বিশিরস্কে নরে নীরে কবন্ধঃ খেচরেঽপি চ"
—অনেকার্থধ্বনি-মঞ্জরী।
"কবন্ধোঽস্ত্রী ক্রিয়াযুক্তব্যপমূর্দ্ধ কলেবরে।
ক্লীবং জলে পুংস্যুদরে রাহুরক্ষোবিশেষয়োঃ,"
—মেদিনী]
বি, পুং, ক্লী, মস্তকহীন অথচ স্বাভাবিক মনুষ্যবৎ গমনাগমনাদি ক্রিয়াশীল নরদেহ ; স্কন্ধকাটা। প্র—
"উঠে পড়ে ফিরে ঘুরে কবন্ধের ন্যায়।"
—ভারতচন্দ্র।
[রামায়ণে লিখিত আছে যে যুদ্ধক্ষেত্রে এক অযুত গজ, নিযুত অশ্ব, ১৫০ খান রথ এবং দশকোটি পদাতি সৈন্য নিহত হইলে একটী কবন্ধ হয়]। ২। রুদ্র বিশেষ। ৩। কেতু। ৪। জনস্থানের রাক্ষস বিশেষ। ৫। উদর ; পেট। ৬। ধূমকেতু। ৭। ক্লী, জল।

কবয়ী (কো) [ক (জল) বয়্ (গমন করা) + ইন্ (কর্তৃ, ণিন্) যে জল হইতে তীরে গমন করে] বি, পুং, স্ত্রী, কইমাছ।

কবর (র্) [আ—কব্‌র্ (সমাধি)] বি, মুসলমানের সমাধি ; গোর। **কবরগা, কবরিস্তান**—গোরস্থান। **কবরবিছাতি**—কবরের উপরিস্থিত বিছুটি ; গোরের উপর যে বিছুটি গাছ জন্মে। প্র— "শ্মশানের ক্ষীরা আর কবর বিছাতি।" —কবিকঙ্কণ।

কবর (র্) [সং] বি, লবণ। ২। অম্ল। ৩। কেশ-বিন্যাস ; কবরী। ৪। বিণ, কর্ব্বুরবর্ণ।

কবরা—বি, বাবুই পাখী। ২। [সং—কর্ব্বর] বিণ, সাদার উপর কাল, লাল, হলুদে দাগযুক্ত বা লাল, কাল, হলুদের উপর সাদা দাগযুক্ত ; ৩। দোরঙ্গা।

কবরী (কবোরি) [সং। হি—প্রা—কুবড়ী] বি, স্ত্রী, বেণী। ২। কেশ-বিন্যাস ; খোঁপা। ২। বাবুই তুলসী ; বন তুলসী।

কবর্গ—বি, পুং, কণ্ঠ স্থানোৎপত্তিক ক, খ, গ, ঘ, ঙ এই পঞ্চবর্ণ।

কবল (ল্) [ক (শরীর) বল্ (বলবান্ হওয়া, পুষ্ট হওয়া) + অ (করণে, অল্)—সংজ্ঞার্থে। যাহা দ্বারা শরীর সকল বা পুষ্ট হয়] বি, গ্রাস [দ্রঃ—এই কবল হইতে বাং খাবল হইয়াছে]। ২। কুলকুচা (তুল—হি—কুল্লা, কুল্লী)। বিণ, কবলিত।

কবলানো (ব্) [আ—কবুল হইতে। চ, বাং কওলান] ক্রি, স্বীকার করা ; বলিয়া ফেলা। প্র—"দেবেন্দ্রনাথ বলিলেন অমন সকলেই রাজা কবলায়।"
২। অঙ্গীকার করা ; স্বীকার করা ; প্রতিশ্রুতি দান করা। প্র—
"তুমি আরও টাকা কবলাও ; সে ডব্‌কা ছেলে, পাথর ভাঙলে বাঁচবে না।"
—প্রফুল্ল (গিরিশ)।

কবলিকা (বো) [সং] বি, স্ত্রী, প্রলেপ ; পট্টি ; পুল্‌টিস।

কবলিত (কবোলিতো) [কবলি (নামধাতু) (গ্রাস করা) + ত (কর্ম্মে—ক্ত) যাহা গ্রাস করা হইয়াছে] বিণ, কৃতগ্রাস ; গ্রস্ত ; মুখে-পোরা ; মুখ বিবরে ন্যস্ত। ২। ভক্ষিত ; গিলিত।

কবলীকৃত [কবল দ্রঃ। কবল—কৃ (করা) + ত (কর্ম্মে—ক্ত)—মধ্যে, ঈ (অভূততদ্ভাবে চ্বি)] বিণ, মুখ মধ্যে ধৃত ; গ্রস্ত ; যাহা গ্রাস করিয়া লওয়া হইয়াছে। ২। ভক্ষিত।

কবহি [মৈ, বাং] অ, কখনও। প্র—
"বিনি দুঃখে সুখ কবহি নাহি হোয়।"
—বিদ্যাপতি।

কবহু, কবহুঁ [মৈ বাং] কখনও। প্র—
"কবহুঁ না মানি" ; "কবহুঁ বিথারি" ;
—বিদ্যাপতি।

কবাট (ট্) [ক (বায়ু) বট্ (বেষ্টন, আবরণ করা) + অ (করণে, সংজ্ঞার্থে ঘঞ্)] বি, দ্বারের আবরণ ; কপাট।

কবাটি, কপাটি (ক) বি, দাঁতে দাঁতে লাগা ; দাঁতে দাঁতে খিল ধরা। ২। ক্রীড়াবিশেষ। কপাটি দ্রঃ।

কবার (র্) [কহিবার শব্দের সংক্ষেপ] বিণ, কহিবার মত ; বলিবার উপযুক্ত ; প্র—
"একি আমার কবার কথা।" —রামবসু।
২। [ক (কত) বার (ফেরা, গুণ, দফা] কয়বার ; কতবার।

কবালা, কোবলা [আ—কবালা] বি, বিক্রয়পত্র ; খরিদ-বিক্রয়ের দলিল। **কট-কবালা**—সর্ত্ত বিশিষ্ট বিক্রয়পত্র।

কবি (কোবি) [কব্ (স্তব করা) + ই (কর্তৃ, সংজ্ঞার্থে) যাহারা আপন রচিত কবিতা দ্বারা ভগবানের স্তব করে] বি, পুং, কাব্য-লেখক ; কবিতা-কর্ত্তা ; রসাত্মক বাক্য-রচক ; যাহার কাব্য-রচনার শক্তি আছে। ২। ব্রহ্মা। ৩। শুক্রাচার্য্য। ৪। সূর্য্য। ৫। বাল্মীকি। ৬। ব্যাস। ৭। পণ্ডিত। ৮। কল্কিদেবের জ্যেষ্ঠ ভ্রাতা। ৯। এক শ্রেণীর গান ; ইহাতে চিতান, পরচিতান, ফুকা, মেলতা, মহড়া ও খাদ এই কয় অংশ থাকে। স্ত্রী, কবি, কবী—লাগাম।
আদিকবি—ব্রহ্মা ; সৃষ্টিকর্ত্তা ; পরমেশ্বর।

২। বাল্মীকি। **কবিরাজ**—কবিশ্রেষ্ঠ। ২। আয়ুর্বেদীয় চিকিৎসক ; বৈদ্য। **কবি-গাওয়া**—কবিগান করা। **কবিগাওয়া-গায়ি, কবির লড়াই করা**—কবির উতোর গানে দুই দলে পরস্পর উত্তর প্রত্যুত্তর করা বা উতোর কাটা। **কবি-কণ্ঠ কবি-ভূষণ, কবিরত্ন**—কাব্যশাস্ত্রে পারদর্শিতানুসারে উপাধিবিশেষ। **কবিওয়ালা**—কবিগানকারী।

কবিক (কোবিক্) বি, ক্লী, লাগাম। ২। কইমাছ। স্ত্রী, কবিকা।

কবিকল্পদ্রুম (কোবিকল্পদ্রুম্) [কবির (পণ্ডিতের) কল্পদ্রুম (কল্পবৃক্ষ) ৬তৎ] বি, পুং, বোপদেব কৃত ধাতুপাঠ গ্রন্থবিশেষ।

কবিকল্পলতা (কোবি) [কবি-কল্পলতা—৬তৎ] বি, স্ত্রী, কাব্য-রচনা শিক্ষার গ্রন্থবিশেষ।

কবিকা (কো) বি, স্ত্রী, লাগাম। ২। পুষ্পবিশেষ। ৩। কবরী ; কইমাছ।

কবিজ্যেষ্ঠ (কোবিজ্‌জেষ্‌ঠ) [কবির মধ্যে জ্যেষ্ঠ (প্রধান) নির্দ্ধারণার্থে—৭ তৎ] বি, পুং, বাল্মীকি মুনি।

কবিতা (কো) [কবি+তা (ভাবে)] বি, স্ত্রী, কবিত্ব ; poetry. ২। কবিরচিত গান ; পদ্যরচনা ; শ্লোক ; poem.

কবিত্ব (কোবিৎতো) [কবি+ত্ব (ভাবে)] বি, ক্লী, কবির ভাব ; কবিতা লিখিবার শক্তি। ২। সৌন্দর্য্য ; মাধুর্য্য। প্র—তাহার মধ্যে একটু কবিত্ব আছে।
৩। রচনাকৌশল ; রচনাশক্তি। প্র—
"আশ্চর্য্য কবিত্ব তোমার ওহে জগৎ-জীবন"
—কালীপ্রসন্ন ঘোষ।

কবিরাজ (কোবিরাজ্) [কবি (পণ্ডিত, তাহা হইতে, আয়ুর্বেদশাস্ত্রে পণ্ডিত)+রাজ (রাজা, শ্রেষ্ঠ)] বি, কবিশ্রেষ্ঠ। ২। আয়ুর্বেদমতে চিকিৎসাকারী; বৈদ্য। **কবিরাজ দেখান**—বৈদ্যের দ্বারা রোগীর চিকিৎসা করান।

কবিরাজি, জী—আয়ুর্বেদীয় চিকিৎসা। **কবিরাজি করা**—আয়ুর্বেদমতে চিকিৎসা করা। **কবিরাজ ডাকা**—কবিরাজ আনাইয়া চিকিৎসা করান।

কবীর পন্থী (কোবীর্‌পোন্‌থি) [কবীর—পন্থী (পথিন্ শব্দজ)] কবীর-প্রবর্ত্তিত বৈষ্ণবসম্প্রদায়বিশেষ। রামানন্দের দ্বাদশজন শিষ্যের মধ্যে কবীর অন্যতম শিষ্য। ইনিই এই সম্প্রদায়ের প্রবর্ত্তক। "কবিরপন্থীদিগের সকল দেবতা অপেক্ষা বিষ্ণুর প্রতি ভক্তি ও শ্রদ্ধা অধিক।' —ভারতবর্ষীয় উপাসকসম্প্রদায়।

কবুতর (কোবুতর্) [সং—কপোত, প্রাকৃ, কবোয়; হি—কবুতর্ ; ফা—কবুতর্ ; প্রাদে—উচ্চারণ-ভেদে, কউতর ; কৈতর] বি, পুং, পারাবত ; কপোত ; পায়রা। প্র—
"নিবিড় খোপের কবুতর" —গি, গীতগোবিন্দ
স্ত্রী, **কবুতরী** ; কউতরী।

কবুল (কোবুল্) [আ—কৃবূল্] বি, স্বীকার প্র—"রাজ্য দিব কহিয়াছি সঙ্গে সঙ্গে আনিয়াছি গোলাম কবুলে পাব পার" —ভারতচন্দ্র
"কয়েদ করিলে তারে হইবে কবুল" —চন্দন।
ক্রি, **কবুলান** (চ—কবুলানো)—স্বীকার করা। **কবুল করা**—ক্রি, স্বীকার পাওয়া সম্মত হওয়া। **কবুল জবাব**—স্পষ্ট উত্তর। দাবী সত্য বলিয়া উত্তর। **কবুল জমা**—স্বীকৃত কর বা রাজস্ব।

কবুলতি, তী, কবুলিয়তি (কোবুলোতি, কবুলিওত) [আ] বি, স্বীকার ; রসিদ। প্রজা পাট্টার অনুরূপ সর্ত্তে যে কাগজে লিখিয়া জমিদারের নিকট খাজানা দিবার জন্য অঙ্গীকারবদ্ধ হয়, তাহার নাম কবুলতি।

কবুলাবেশী (কো, শি) বি, স্বীকৃত জমা ; গুজস্তা জমার উপর প্রজা যে বেশী কর দিতে স্বীকার করে।

কবুলিয়ত (ৎ) [আ] বি, খাজানা দিবার চুক্তিপত্র।

কবে [কহিবে সংক্ষেপে ; হি—কহবে] ক্রি, কহিবে ; বলিবে। প্র—"অন্যে কথা কবে কিন্তু তুমি রবে নিরুত্তর।" —রামমোহন।
২। [ওড়ি—কেবে ; হি—কব্ ; সং—কদা] কোন দিনে ; কোন সময়ে। প্র—আজ যদি না বলো তবে কৃষ্ণকথা কবে কবে"—দাশরথি।

কবোষ্ণ (কবোষ্‌ণ) [কু (ঈষৎ)—উষ্ণ (কর্ম্মধা) কু=কব] বিণ, অল্পউষ্ণ ; ঈষদুষ্ণ ; কুসুম কুসুম গরম।

কব্জ (কব্‌জ) [আ—কৃব্‌জা] বি, দখল ; আয়ত্ত।

কব্জা [আ—কৃব্‌জা] বি, কপাট-যোজক পিত্তল লৌহাদির পাত ; hinges. ২। করপৃষ্ঠ ; মণিবন্ধ। প্র—
"কব্জা তুলে দেখ্‌বে বাজু দেখ্‌বে কাণের দুল"
—হেম বন্দ্যো।
[দ্রঃ—ক্ষুদ্রার্থে কব্জী]।

কব্জী (কোব্‌জি) [কব্জা দ্রঃ] বি, মণিবন্ধ। ২। ক্ষুদ্র কব্জা।

কব্য (কোব্‌ব) [সং] বি, ক্লী, পরলোকগত বা মৃতপিতৃলোককে দেয় খাদ্যদ্রব্য ; পিতৃভাগ। (হব্য দ্রঃ)।

কব্যবাহ (কোবোবাহ) [কব্য (নরলোকে দত্ত পিতৃলোকের খাদ্যদ্রব্য)—বাহ (যে বহন করে) বহ্=বহন করা+অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে অণ্) বহ=বাহ (উপপদ) কিম্বা কব্যের বাহ, ৬ তৎ)] বি, পুং, অগ্নি ; হব্যবাহন।

কব্যবাহন (কোব্‌বোবাহোন্ [কব্যের—বাহন (যে বহন করে) ৬তৎ] বি, পুং, কব্যবাহ দ্রঃ।

কভু (কোভু) [হি—কবহু ; কভী ; ওড়ি—কেবেহেঁ ; সং—কদাপি] অ, কখন ; কোন সময়ে। প্র—
"যাহারে কাণ্ডারী করি সাজাইয়া দিনু তরী,
সে কভু দিল না পদ তরণীর অঙ্গে।"—বঙ্কিম।

কম [কম্ (বাঞ্ছা করা)+অ (কর্ম্মে, সংজ্ঞার্থে—অল্)], বিণ, কমনীয়। প্র—
"নবীন নিদাঘ আভা প্রখর উজ্জ্বল,
পড়িয়াছে বসন্তের কমকলেবর" —রঙ্গমতী।
২। [প্রাদে] সম ; সদৃশ ; তুল্য।
প্র—"কেবা করে কামশরে কটাক্ষের সম।
কটুতায় কোটী কোটী কালকূট কম।"
—ভারতচন্দ্র।

কম (ম্) [ফা—কম্] বিণ, পরিমাণে অল্প ; সংখ্যায় অল্প। ২। ন্যূন ; পশ্চাৎপদ। প্র—
"লাঠালাঠি কাটাকাটি কিসে তুমি কম"
—ঈশ্বরচন্দ্র গুপ্ত।

কমকরা—হ্রাস করা ; কমান। **কম-করিয়া, কমকরে**—অল্প অনুপাতে। **কম চওড়া**—সঙ্কীর্ণ ; অপ্রশস্ত, সরু। **কম-জোর** (ম্, র্) বিণ, দুর্ব্বল ; ক্ষীণ ; ভঙ্গ বা ছিন্নপ্রবণ। বি, **কম-জোরি**—দুর্ব্বলতা। **কম-যম** [কম (অল্প) যম (সংযম, সংকোচ, নিবৃত্তি) প্রায় একার্থ বাচক সহচর শব্দদ্বয়] বিণ, অল্পস্বল্প ; পরিমিত। **কম-মজবুত** [ফা কম্‌মজ্‌বুত্] বিণ, কমজোর ; অদৃঢ় ; অল্পদিন যাহা টেঁকে ; অল্প টেঁকসই। **কম হওয়া**—কমিয়া যাওয়া ; অল্প হওয়া। বি, কমতি। ক্রি, কমা।

কমঠ—বি, পুং, কচ্ছপ। প্র—"কমঠ উপর করিয়া ভর ধরণী ধরিল ধরণীধর।" —শিবায়ন। ২। দৈত্যবিশেষ। ৩। শজারু। ৪। বাঁশ। ৫। পুং,—ক্লী, সন্ন্যাসীদের জলপাত্রবিশেষ। স্ত্রী, **কমঠী**—কচ্ছপী। প্র—
"কূর্ম্ম কমঠীকুট ঊর্ম্মিতে লটপট" —হেম।

কমণ্ডলু, কমণ্ডুলু (কমনডোলু) [ক (ব্রহ্মা জল) মণ্ড (ভূষণ, আবরণ)—লা (দান করা) +উ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—ডু)] বি, পুং, ক্লী, ব্রহ্মচারী বা সন্ন্যাসীদিগের জলপাত্রবিশেষ। প্রায়ই মৃন্ময় বা কাষ্ঠময়। প্র—
"ব্রহ্মা-কমণ্ডলু হতে আবার
জলস্তম্ভ ধায়, রজতের কায়,
মহাবেগে বায়ু করি বিদার।"—হেমচন্দ্র।
কবিবর হেমচন্দ্র ছন্দের অনুরোধে "কমণ্ডল" শব্দ ব্যবহার করিয়াছেন। প্র—
"ব্রহ্মা-কমণ্ডলে জাহ্নবী উথলে
পড়িছে দেখিনু বিমান পথে।"

কমতি (কোম্‌তি) [হি—বাঙ্গালায় গ্রাম্য ব্যবহার] বি, অল্পতা ; হ্রস্বতা। ২। বিণ, কম ; অল্প ; প্রয়োজনাপেক্ষা ন্যূন। প্র—"সে বসন ভূষণ কম্‌তি হ'লে স্বামীকে স্ত্রী বকে।"
—দ্বিজেন্দ্র রায়।
"আমাদের বাঁদিকে কম্‌তি থাকিলেও ডানদিকে বাড়্‌তি থাকিতে পারে।" —চারিত্রপূজা।

কমন [কম্ (কামনা করা) অনট্— (সংজ্ঞার্থে)] বিণ, কামনাকারী ; লম্পট। ২। কমনীয় ; মোহন। অন্য শব্দের সহিত সমাসযুক্ত হইয়া বিরল ব্যবহৃত। প্র—ভুবন কমনরূপ। ত্রিভুবন কমন। কমনীয় দ্রঃ।

কমনীয় (কমোনিও) [কম্ (ইচ্ছা করা) + অনীয় (কর্ম্মে)] বিণ, মনোহর ; বাঞ্ছনীয় ; সুন্দর ; রম্য। ২। অভিলষণীয় ; স্পৃহণীয়। বি, কমনীয়তা।

কমনীয়তা [কমনীয় + তা (ভাবে)] বি, স্ত্রী, স্পৃহণীয়তা ; অভিলষণীয়তা। ২। সৌন্দর্য্য ; মনোহরতা ; চিত্তরঞ্জকতা।
বিণ, কমনীয়।

কম্‌নে (ক) [কম্ (কিম্=কি, কোন্) নে (স্থানে) । গ্রা। পূ-বাং—কহনে—কনে। হি—কহান্=কহাঁ ; গ্রা, কোহ্‌নে ঠাঁই] ক্রি-বিণ, কোন্‌স্থানে ; কোনখানে ; কোথায়। ২। কোনদিকে।

কমবক্ত [আ—কম্‌বক্‌ৎ] বিণ, পুং, অল্পভাগ্য : দুরদৃষ্ট : দুর্ভাগ্য ; হতভাগ্য।
স্ত্রী, কমবক্তি।

কমবক্তি, কম্‌বক্‌তি (বো) [কমবক্ত দ্রঃ] বিণ, স্ত্রী, দুরদৃষ্টা ; দুর্ভাগ্যবতী ; হতভাগী।
প্র—"কম্‌বক্‌তি ওক্‌ত গেল তক্ত যাবে ফাঁক"
—হেমচন্দ্র।
২। কপালের ভোগ ; গ্রহ।

কমবেশ, কমবেশী, কমিবেশী (ম্‌ শ্‌) [ফা—কম্‌-ও-বেশ] বিণ, ন্যূনাধিক ; অল্পবিস্তর। [কম দ্রঃ]।

কমর (কোমোর্) [ফা—কমর্। বাং-য়— কোমর ও লিখিত হয়] বি, মধ্যদেশ ; কটি।

কমল (ল্) [কং=কম্ (জলকে) অল্ (শোভিত করা) + অ (কর্ত্তৃ—সং অচ্) যাহা প্রস্ফুটিত হইয়া জলের শোভা জন্মায়] বি, ক্লী, পদ্ম।
প্র—"ফুটে কি কমল কভু সমল সলিলে"
—মেঘনাদবধ।
২। ["কমলং জলং"—অমর। কম্ (ইচ্ছা করা) + অল (কর্ম্মে, সংজ্ঞার্থে) পিপাসা নিবৃত্তির জন্য সকলে যাহাকে পাইতে ইচ্ছা করে] জল।
প্র—"বিপক্ষ দেখিয়া বড় নদে বাড়ে বান।
কুলকুল করয়ে কমল কাণে কাণ॥"—ঘনরাম।
৩। [রাসাঃ পরিঃ] তাম্র ; নীল বিভ্রম ; হেমগর্ভ ; copper. [সংস্কৃতে—ঔষধ ; সারস-পক্ষী ; মৃগবিশেষ প্রভৃতি অর্থে ব্যবহার আছে]

কমলকীট (ল্, ট্) [কমলের কীট, ৬তৎ] বি, পুং, পদ্মস্থিত কীটবিশেষ। ২। কমলবর্ণ কীট।

কমলকোরক (ল্, ক্) [কমলের কোরক, ৬তৎ] বি, পুং, পদ্মের কুঁড়ি।

কমলকোষ (ল্, ষ্) [কমল (পদ্ম) কোষ (কুঁড়ি) ৬তৎ] বি, পুং, কমল-কোরক ; পদ্মের কুঁড়ি।

কমলজ [কমল (পদ্ম) জ (জাত) (কর্ত্তৃ—ড প্রত্যয়ান্ত জন ধাতুজ)] বি, পুং, বিষ্ণুর নাভিকমলজাত ; ব্রহ্মা। ২। [কমল (জল) তাহাতে—জ (উৎপন্ন)] জলজ ; পদ্ম।
প্র—"জগদঘমপহর কমলজ-নয়ন"—বৈ-পদ-সা।
৩। ক্লী, রোহিণীনক্ষত্র। ৪। বিণ, কমল হইতে যে উৎপন্ন ; পদ্মজাত ; মধু।

কমলযোনি (কমল্‌জোনি) [কমল (বিষ্ণুর নাভিপদ্ম) হইয়াছে যোনি (উৎপত্তি স্থান) যাহার, বহু] বি, পুং, অব্জযোনি ; ব্রহ্মা।

কমলা [কমল (পদ্ম) + অ (অস্ত্যর্থে) যাঁহার হস্তে সর্ব্বদা লীলাকমল শোভা পায়, কিম্বা ক (ব্রহ্মত্ব) ম (শিবত্ব) লা যিনি দান করেন। যিনি ব্রহ্মত্ব ও শিবত্ব দান করেন। "লক্ষ্মীঃ পদ্মালয়া পদ্মা কমলা শ্রীহরিপ্রিয়া"—অমর] বি, স্ত্রী, রমা ; লক্ষ্মী। ২। উত্তমা স্ত্রী : বরাঙ্গনা ; বরনারী। ৩। নদীবিশেষ। ৪। হিরণ্যকশিপুর ভার্য্যা : প্রহ্লাদ-জননী : কয়াধু। ৫। কমলালেবু। ৬। পাণ্ডুরোগ। ৭। [ওড়ি—কমলা গুড়ি ; সং—কাম্পিল্ল] গুঁড়ারোচনী বৃক্ষ। কমিলা দ্রঃ।

কমলা, কমলালেবু (ম্) [প্রাদে, শ্রীহট্ট। কাম্‌লা (হরিদ্রাবর্ণ) বর্ণ হইতে কম্‌লা। তুল—নাগ (মেটে সিন্দূর) রঙ্গ হইতে নাগরঙ্গ, নারঙ্গ, হি—নারাঙ্গী] বি, নারঙ্গ জাতীয় লেবু : শ্রীহট্ট বা সিলেটের নারঙ্গ।
প্র—"নারঙ্গ ছোলঙ্গ টাবা কমলা বীজপূর"।
—চৈতন্যচরিত।

কমলাকর (র্) [কমলের—আকর (উৎ-পত্তিস্থান) ৬তৎ] বি, পুং, পদ্মাকর : পদ্ম-বহুল জলাশয়। ২। পদ্মসমূহ। ৩। [কমল (পদ্ম) হইয়াছে আকর (উৎপত্তিস্থান) যাহার, বহু] বি, পুং, ব্রহ্মা ; কমলযোনি। ৪। পদ্মমধু। ৫। স্মৃতিকার কমলাকর ভট্ট।

কমলাকান্ত [বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় মহাশয়ের প্রসিদ্ধ রহস্যাত্মক গ্রন্থ কমলাকান্তের দপ্তরের কমলাকান্ত চরিত্র হইতে] বি, আফিমখোর ; যে অহিফেনের নেশায় ভোর থাকে।
প্র—"চীনের সিবুয়ান, হউনালা প্রভৃতি প্রদেশে পোস্তের চাষ চলিতেছিল * * * কমলাকান্ত দিগের পক্ষে পোহাবারো !"
—হিতবাদী, ১৩১৮।
২। [কমলার—কান্ত (প্রভু) ৬তৎ] বি, লক্ষ্মীপতি ; নারায়ণ।

কমলাপতি (কমোলাপোতি) [কমলার পতি, ৬তৎ] বি, পুং, লক্ষ্মীকান্ত ; কমলাপ্রিয় ; বিষ্ণু।
প্র—"হৃদি-বৃন্দাবনে বাস, যদি করহে কমলাপতি।
ওহে ভক্তপ্রিয় ! আমার ভক্তি হবে রাধা সতী॥"
—দাশরথি।

কমলাবিলাস (শ্) [কমলা (লক্ষ্মী) র বিলাস (প্রিয়বস্তু) কমলার বিলাসের সামগ্রী] বি, উৎকৃষ্ট বস্ত্রবিশেষ (আধুনিক 'কিরণশশী' 'প্রভাবতী' 'গুলবাহার' প্রভৃতির মত প্রাচীন কালেও কাপড়ের নানা নাম ছিল)।
প্র—"কমলাবিলাস বাস পরি অভিসারে।"
—ঘনরাম।

কমলালয়া [কমল (সমুদ্র জল) হইয়াছে আলয় (বাসস্থান) যাহার, অথবা কমল (পদ্ম) হইয়াছে আলয় (বসিবার স্থান) যাঁহার (বহু) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, পদ্মালয়া ; লক্ষ্মী। ২। পদ্মাসনা ; সরস্বতী।

কমলাসন (কমোলাশন্) [কমল (পদ্ম) হইয়াছে আসন যাহার, বহু] বি, পুং, বিষ্ণুর নাভিকমলস্থিত ব্রহ্মা। ২। [কমলরূপ আসন (কর্ম্মধা)] ক্লী, পদ্মাসন।

কমলিনী (কমোলিনি) [কমল + ইন্ (সমূহার্থে) = কমলিন্—ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, পদ্ম সমূহ ; পদ্মিনী ; পদ্মের ঝাড়।
প্র—"কমলিনী কোন্ ছলে থাকিবে ডুবিয়ে জলে বঞ্চিয়া রমণে।" —ব্রজাঙ্গনাকাব্য।
২। শ্রীরাধিকা ; রাইকমলিনী।
প্র—"কুঞ্জে ছিল কানু কমলিনী।
কোথায় গেল কিছুই না জানি॥" —চণ্ডীদাস।

কমলোত্তর (র্) [কমল (কমল সদৃশ বা হইতে) যে উত্তর (উৎকৃষ্ট)] বি, ক্লী, কুসুম্ভ পুষ্প ; কুসুমফুল।

কমা [ইং—comma. প্রয়োগসম্বন্ধে বাঙ্গালায় ইহার যথাযথ অনুকরণ হইয়াছে] বি, অল্পমাত্র বিরাম চিহ্ন ; প্রাথমিক : (,) এইচিহ্ন।

কমা [হি—কম্‌না। ফা—কম্ (অল্প) প্র—পূ—কমে। অস, ক্রি, কমিতে : কমিয়া ; কমি (সংক্ষেপে), ক'মে (গ্রা)] ক্রি, কম হওয়া ; হ্রাস প্রাপ্ত হওয়া। কম দ্রঃ।
প্র—জ্বর কমেছে, যন্ত্রণা কমিলে রোগী ঘুমাইয়া পড়িবে। (নিজন্ত) **কমান** (নো) কম করা ; ছোট করা ; খাট করা।
বি, হ্রাসপ্রাপ্তি।
প্র—কমা বাড়া সম্বন্ধে বলিতে পারি না।

কমিটি [ইং—committee] বি, মন্ত্রণা সভা ; সমিতি।

কমিলা (কো) [সং—কাম্পিল্ল ; হি—কমিলা ইং—kamela] বি, গুড়ারোচনীবৃক্ষ (mallotus phillippinensis) বা রক্তাঙ্গ বৃক্ষের ফলের গা চাঁচা লাল গুঁড়া যাহা পট্টবস্ত্রাদি রঞ্জিত করিবার কার্য্যে লাগে। ২। সুগন্ধচূর্ণ : sunda rochani.

কমিশন, শান, সন (কোমিশন্) [ইং—commission] বি, অন্যের জন্য দ্রব্যাদি সংগ্রহ বা ক্রয়-বিক্রয় করিয়া দিবার পারিশ্রমিক ; দস্তুরি। **উচ্চকমিশন**—শতকরা উচ্চহারে বা বেশী দরে দস্তুরি। **কমিশন-এজেণ্ট** [commission agent] যে ব্যক্তি দস্তুরি লইয়া ক্রয় বিক্রয় করিয়া দেয়। **কমিশন এজেন্সী** [—agency] ঐরূপ ক্রয় বিক্রয়ের কুঠী বা কার্য্যালয়। ২। কোন কার্য্য সম্পাদন বা কোন বিষয়ে তদন্ত করিবার ভার প্রাপ্ত সমিতি বা সভা।

বি, **কমিশনী**—কমিশনের কাজ।

কমিশনর (কোমিশনর্) [ইং—commissioner] বি, বিভাগীয় প্রধান কর্ম্মচারী ; রাজস্ববিভাগের উচ্চপদস্থ কর্ম্মচারী ; কয়েকটী জেলা (district) লইয়া একটী বিভাগ (division) হয়, কমিশনর সেই বিভাগের সর্ব্বপ্রধান রাজকর্ম্মচারী।

চীফকমিশনর [ইং—Chief Commissioner] বি, প্রায় ছোটলাটের ক্ষমতা প্রাপ্ত প্রাদেশিক সর্ব্বপ্রধান রাজকর্ম্মচারী।

কম্প (কম্পো) [কম্প্ (কাঁপা) +অ (ভাবে—অল্)] বি, পুং, কম্পন ; কাঁপনি। ২। লড়ন। **কম্পজ্বর**—শীত বোধ করিবার পর শরীর ঘন ঘন কম্পিত করিয়া যে জ্বর আসে। ইহাতে যতক্ষণ না হাত পা এবং সর্ব্বাঙ্গ খুব উষ্ণ হয় ততক্ষণ কম্প থাকে ; ague.

কম্প দিয়ে জ্বর আসা—সর্ব্বাঙ্গ কাঁপাইয়া দিয়া তাহার পর জ্বর প্রকাশ পাওয়া।

ভূমিকম্প—ধরার আন্দোলন ; জমি টলটল বা থরথর করণ। তুল—হি—ভুঁইডোল।

কম্পন (কম্পন্) [কম্প্ (কাঁপা) +অন (ভাবে, অনট্)] বি, ক্লী, কাঁপনি ; কম্প ; শিহরণ। ২। [কম্প্ +অন—কর্ত্তৃ, সংজ্ঞার্থে] যে কাঁপিতেছে ; কম্পযুক্ত। ৩। [কম্প্ +ণিচ্ =কম্পি+অন—কর্ত্তৃ, সংজ্ঞার্থে] কম্পকারক : কম্পজনক। ৪। [সঙ্গীতে] কণ্ঠের কম্পন ; সুরের তরঙ্গ ; গলাকাঁপান। তন্তযন্ত্রের তারের কম্পন। বিণ, **কম্পনীয়**।

কম্পমান (ন্) [কম্প্ +আন (কর্ত্তৃ—শান) ম—আগম] বিণ, কম্পান্বিত ; কাঁপিতেছে এমন ; কম্পনশীল।

কম্পাস (কম্পাশ্) [ইং—compass শব্দজ] বি, দিগ্‌দর্শন বা দিগ্‌নির্ণয় যন্ত্র ; স্থিরসূচিক যন্ত্র। ২। গাড়ির কম্পাস।
প্র—ঘোড়াটী জুড়িতেও চলে কম্পাসেও চলে।

কম্পিত (কোম্পিতো) [কম্প্ +ত (কর্ত্তৃ —ক্ত) ই—আগম] বিণ, কম্পান্বিত ; কম্পযুক্ত ; আন্দোলিত ; বিধুনিত। ২। ভীত ; থরথরিত। ৩। [কর্ম্মে—ক্ত] চালিত ; যাহাকে কাঁপাইতেছে।
স্ত্রী, **কম্পিতা**।

কম্পোজ (কম্পোজ্) [ইং -compose] ছাপার পূর্ব্বে কাপির অনুরূপ অক্ষর সাজান।

কম্পোজিটর (—র্) [ইং—compositor] বি, যে কম্পোজ করে ; অক্ষর বিন্যাসকারী।
বি, **কম্পোজিটরি**।

কম্প্র [কম্প্ +র (কর্ত্তৃ, শীলার্থে)] বিণ, কম্প যুক্ত ; কম্পিত ; চলিত। প্র—
"দ্বিধায় জড়িত পদে কম্প্র বক্ষে নম্র নেত্রপাতে।"—রবি। ২। ভীত ; ভয়শীল।

কম্ফর্টার, কম্ফোটার (র্) [ইং—comforter. গ্রা, কম্ফট, কম্ফোট] বি, উর্ণা নির্ম্মিত গলাবন্ধ (তুল—উর্দ্দু গুলুবন্দ)।

কম্বল (ল্) [কম্ (ইচ্ছা করা) +বল (কর্ম্মে, সংজ্ঞার্থে বলচ্)] বি, পুং, মেষাদির লোম নির্ম্মিত আসন। প্র—কম্বলাসনে উপবেশন। ২। শীতনিবারক উত্তরীয় বস্ত্র ; শীতবস্ত্র। প্র—কম্বল মুড়ি দিয়া পড়িয়া থাক। ৩। শয্যায় পাতিবার কম্বল। প্র—কম্বলে শয়ন ; কম্বলে উপবেশন ইত্যাদি। কম্বল নানাস্থানের প্রসিদ্ধ, যথা—কাশ্মিরী কম্বল, গাড়বালী কম্বল, ভোট কম্বল, মুজঃফরনগরের কম্বল, ইত্যাদি। ৪। [কমল উচ্চারণ বিকারে কম্বল] বি, কমল ; পদ্ম ; উৎপল। প্র—রক্ত কম্বল। ৫। গলকম্বল ; গো-গলকম্বল ; সাস্না। ৪। মৃগবিশেষ। ৭। নাগবিশেষ] ৮। জল (কমল দ্রঃ)।

কম্বলী [কম্বল (গলকম্বল) +ইন্ (অস্ত্যর্থে) =কম্বলিন্ ১মা, ১ব] বি, পুং, গলকম্বলধারী বৃষভ। ২। বিণ, কম্বলবিশিষ্ট। কম্বলবান্। প্র—কম্বলীবাবা (সাধু)।

কম্বু (কোম্বু) [কম্ব্ (শব্দ করা) +উ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে) যে বায়ু দ্বারা শব্দ করে] বি, পুং-স্ত্রী, শঙ্খ ; শাঁক। প্র—"কম্বু জিনিয়া কেবা কণ্ঠ বনাইল রে" —চণ্ডীদাস।
"নাদিল কম্বু অম্বুরাশি রবে।" —মেঘনাদবধ।
২। গলদেশ। ৩। অঙ্গুরীয়। ৪। বলয়। ৫। কাঁপা হাড়। ৬। হস্তী। ৭। শম্বুক। ৮। কর্ব্বূরবর্ণ। ৯। বিণ, কর্ব্বুর ; নানা বর্ণ ; চিত্রবিচিত্র। কুঁজা বা কলসীর গলা। স্ত্রী,—**কম্বু, কম্বূ**—গ্রীবা।

কম্বুকণ্ঠ (কোম্বুকন্ঠ) [কম্বু (শঙ্খ) সদৃশ হইয়াছে কণ্ঠ যাহার, বহু] বি, পুং, যাহার গ্রীবা শঙ্খের ন্যায় রেখাত্রয়যুক্ত। প্র—
"কম্বুকণ্ঠ মৃণালভুজ-বলিত পয়োধর হারা।"
—বিদ্যাপতি।

কম্বুগ্রীব (কো) [কম্বু (শঙ্খ) কম্বুর ন্যায় গ্রীবা যাহার, বহু] বিণ, যাহার গ্রীবা শঙ্খের ন্যায় রেখাযুক্ত (কবিগণকর্ত্তৃক শঙ্খের সহিত গ্রীবার তুলনা চিরপ্রসিদ্ধ)। স্ত্রী—**কম্বুগ্রীবা**।

কম্বোজ (জ্) [কম্ব্ (গমন করা) +ওজ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, শঙ্খবিশেষ। ২। দেশবিশেষ। ৩। হস্তিবিশেষ।

কম্ম [কর্ম্ম—শব্দের অপভ্রংশ] বি, কর্ম্ম ; কার্য্য। **কাজকম্ম**—ক্রিয়াকর্ম্ম ; নিত্যনৈমিত্তিক কর্ম্ম ; ব্যবসায়। **অকম্ম**—অবৈধ কার্য্য ; অকার্য্য ; অপরাধ ; দোষ। **অকম্মা**—কাজের অযোগ্য ; কাজের বাহির ; কার্য্যে অপটু ; অদক্ষ বা অক্ষম। **নিকম্মা**—কর্ম্মহীন ; অলস। ২। অদক্ষ। ৩। যাহা কাজে আসে না।

কম্র [কম্ (ইচ্ছা করা) +র (কর্ত্তৃ—শীলার্থে)] বিণ, কামী ; কামুক ; কামাভিলাষী। ২। [কর্ম্মে—র] রম্য ; কমনীয় ; মনোহর।

কয় (কয়) [সং—কিয়ৎ—কত=কথ=কয়] সংখ্যা জিজ্ঞাসা-সূচক। প্র–তথায় কয় জন আছে ? ২। [কহে শব্দের দ্রুত উচ্চারণ। কহা দ্রঃ] ক্রি, কহে ; বলে। প্র—"কয় কিনা কয় কথা" —রাম বসু।
৩। বর্ণনা করে। প্র—"সেরূপ লাবণ্য কয় কাহার শকতি।" —ঘনরাম।
কয়েছি (কো) =কহিয়াছি ; বলিয়াছি। প্র—"দুয়েকটি কথা কয়েছি তা' সনে"—রবি।

কয়টি (য়) [কয়+টি (নির্দ্দেশার্থে)] অ, কি সংখ্যক।

কয়রা (য়) বি, বর্ণবিশেষ ; বর্ণ। **কয়রাকানা**—বর্ণসম্বন্ধে দৃষ্টিহীন ; colour-blind. স্ত্রী, **কয়রাকানী**।

কয়ল [হি—কহল=কঅল=কয়ল। গ্রা, কয়লা] ক্রি, কহিল ; বলিল। ২। [হি—করল। ব্রজ] করিল। **কয়লহুঁ**—করিলাম। প্র—"কয়লহুঁ যমুনা সিনান।"
—জ্ঞানদাস।

কয়লা (য়) [প্রাকৃত—কোইলা শব্দজ—হেমচন্দ্র] বি, অঙ্গার ; অলাত ; দগ্ধকাষ্ঠ।
২। ক্ষুদ্র জাতীয় মৎস্যবিশেষ ; কয়লামাছ।
৩। [প্রাদে] কাঠাঙ্গার।

কয়লা [হি—প্রা—কহ্লা=কঅলা=কয়লা। কয়ল দ্রঃ] ক্রি, কহিল। বৈ, পদ-সাহিত্যে ভূরি প্রয়োগ—আধু, অপ্র।

কয়া [প্রাদে] বি, জলক্রীড়া। প্র—কয়া কয়া খেলা। খেলার বচন—"কয়া কয়া মাছের ঝোল মা বলেছে হাঁড়ি তোল" ইত্যাদি। ২। [প্রাদে, বরিশাল] হরিদ্বর্ণ ফড়িংবিশেষ।

কয়াধু—বি, স্ত্রী, জম্ভাসুরের কন্যা, হিরণ্যকশিপুর ভার্য্যা, প্রহ্লাদের মাতা।

কয়ারফড়িং [বৃ, কো] বি, পতঙ্গবিশেষ; ধান্যচ্ছেদক কীট।

কয়াল (কয়াল্) বি, মাপদার; দ্রব্যাদি ক্রয় বিক্রয়ের ওজনকারী।

কয়েক (কএক্) [হি—কই এক। কএক দ্রঃ] বিণ, কতিপয়; অল্প সংখ্যক।

কয়েদ (কএদ্) [আ—কয়েদ্] বি, অবরোধ করা; আবদ্ধ; আটক। প্র—"পাতসার আজ্ঞা পায় নাজির সত্বর ধায় মজুমদারে কয়েদ করিল।" —ভারতচন্দ্র।

কর (কর্) [কৄ (বিক্ষেপ করা)+অ (কর্ম্মে—অল্) যাহা সূর্য্যাদি তেজঃ পদার্থ হইতে বিক্ষিপ্ত হয়] বি, পুং, কিরণ; রশ্মি। প্র—
"আজি এ প্রভাতে রবির কর।
কেমনে পশিল প্রাণের পর।"—চয়নিকা।
"নিরমল ফেনরাশি নাচে শূন্যপরে। নানা রঙ্গ ফলে তাহে দিনকর করে॥"
—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)
২। [যাহা মেঘ হইতে বিক্ষিপ্ত হয়] বর্ষোপল; করকা। ৩। [যাহা রাজা কর্ত্তৃক গৃহীত হয়] রাজস্ব; খাজনা; শুল্ক। প্র—পথকর, জলকর ইত্যাদি। ৪। [কৃ (করা)+অ (করণে—অল্) যাহা দ্বারা কার্য্য করা হয়] হস্ত। প্র—"কোমলতর কমল করে পরশ কর পরাণ পরে" —চয়নিকা। ৫। হস্তিশুণ্ড (কর আছে বলিয়া হস্তীর নাম করী)। ৬। বিষয়। ৭। প্রত্যয়। ৮। [কৃ (করা)+অ কর্ত্তৃ—অচ্] কারক; কর্ত্তা। ৯। [প্রা, বাং] সম্বন্ধ বিভক্তি। প্র—তাকর; যাকর। ১০। [উপপদ পূর্ব্বে থাকিলে] যে করে; কারী; কারক; জনক; হিতকর; সুখকর; প্রভাকর। ১১। [করা দ্রঃ] ক্রি, অনুষ্ঠান কর; সম্পাদন কর; গঠন কর; পরিণত কর; গড়িয়া লও; গড়। প্র—"আমারে কর তোমার বীণা লহ গো লহ তুলে"; "তুমি মোরে করেছ সম্রাট্"
—চয়নিকা।
"লহরীর পরে লহরী তুলিয়া
আঘাতের পর আঘাত কর" —ঐ।
১২। [ব্রজ] কবি। প্র—"সঙ্কেত কর বিশোয়াসে" —বিদ্যাপতি।
১৩। [ব্রজ] করে। প্র—"চলইতে সহচরী কর অবলম্ব" —বিদ্যাপতি।

করই [সং—কৃ+তিপ্=করোতি; প্রাকৃ—করই; হি—করহি, করই; বাং পদ-সা—করই] অস-ক্রি করিতে। প্র—"কেলি করই মধু পানে" —বিদ্যাপতি।
"দুহুজন ভেদ করই নাহি পার" —ঐ।
২। [করই হইতে করএ=করয়ে, সংক্ষেপে করে] ক্রি, করে।

করক (করক্) [সং] বি, বংশাঙ্কুর বা কোঁড়ক। ২। ব্যাঙের ছাতা; গোময়ের ছাতা। ৩। দাড়িম গাছ। প্র—"কুন্দ কোরক জিনিয়া দ্বিজ। কি ছার তাহাতে করক বীজ।"
—চণ্ডীদাস।
৪। নাটাকরঞ্জ। ৫। পলাশ। ৬। রক্তকাঞ্চন। ৭। বকুল গাছ। ৮। কুসুম্ভ বৃক্ষ।

করক [সং—করঙ্ক] বি, কমণ্ডলু। ২। নারিকেলের মালা। ৩। পক্ষীবিশেষ। ৪। কর; রাজস্ব। স্ত্রী, **করকা**—বর্ষোপল; শিলা; হিম।

করকঙ্কণন্যায় (য়্) বি, করকঙ্কণ-ঘটিত যুক্তিমূলক উদাহরণবিশেষ; কঙ্কণ শব্দে করভূষণ বুঝাইলেও করকঙ্কণ শব্দে করসংলগ্ন কঙ্কণকে বুঝায়—এই যুক্তি।

করকচ (কর্‌কচ্) [সং—কর্কর; কড়ক। হি—করকর ও করকচ] বি, সমুদ্রের জল শুকাইয়া প্রাপ্ত লবণ; সামুদ্রিক লবণ।

করকচি (কর্‌কোচি) [প্রাদে, কর্‌কচ্+ই—পেষণ বা চর্ব্বণে কর্‌কর্ ও কচ্‌কচ্ শব্দ হইতে] বি, নারিকেল ফলের ভিতরের অপুষ্ট কোমলাংশ। নেয়াপাতি ডাবের জল যে কোমল আবরণের মধ্যে থাকে; শাঁসের পূর্ব্বাবস্থা। ঐ কোমল অংশ চিবাইলে কর্‌.কচ্ এইরূপ শব্দ হয়। কোমলতর শব্দ হেতু—"কুর কুচি।" বিণ, করকচিয়া; করকচে।

করকঞ্জ [কর—কঞ্জ (পদ্ম)] বি, করপদ্ম; করকমল। প্র—"চুড়ি কনক করকঞ্জে"
—বিদ্যাপতি।

করকটিয়া, করকটে (কর্‌কটিয়া, কোটে) [কর (হি—কোঢ়; সং—কোঠ—কুষ্ঠ হইতে) কটিয়া (কোঠ—কুষ্ঠ+ইয়া; হি—কোঢ়ী; বাং—কুটে) একার্থবাচক সহচর শব্দ। বাং—"কুরকুটে"ও বলে। এখানে কুর=কুড়=কুষ্ঠ। কুষ্ঠকে বাং-তে "কুড়িকিষ্টি"ও বলে। তাহা হইতে কুষ্ঠরোগের গুণবিশিষ্ট] বিণ, খর্ব্বাকৃতি; কুঁজো ও কঠিন। অপুষ্টদশায় পক্ব; রোগে সরলভাবে বাড়িতে না পাইয়া কোঁকড়াটে বা কুঁজো হইয়া খর্ব্বাকারে পাকিয়া কঠিন; "stunted (said of vegetables that have been checked in their growth and have thereby become crooked and hard")
—*Haughton.*

২। [সং—কর্করেটু] পক্ষীবিশেষ; lanius excubitor, ইহার বর্ণ কাল, কথিত আছে এই পক্ষীর হাড় পর্য্যন্ত কৃষ্ণবর্ণ।

করকণা (কর্‌কোনা) বি, উরুদেশ। ২। সন্ধিস্থান; the hip ৩। কটিদেশ।

করকণ্টক (ক্) [করের—কণ্টক] বি, নখ।

করকর (র্, র্) [সং—কর্কর; হি—কর্‌কর্। বাং—কাঁকর] বি, কাঁকরের ঘর্ষণজনিত শব্দ; কর্কশ শব্দ। প্র—গলা করকর করে। ২। কোমলাঙ্গে কাঁকরের আচড় পড়িয়া ক্লেশানুভূতি। প্র—চোখ করকর করা (হি—করকরাহট—কিরকিরী=বালি। তুল—চোখের বালি=হি—"আঁখ কী কিরকিরী")। ৩। করকর করার ক্লেশ হইতে অস্থিরতা; ব্যাকুলতা। প্র—বুকের ভিতর করকর করিয়া উঠা; প্রাণ করকর করা। ছেলের কষ্ট দেখিলে মায়ের প্রাণ করকর করিতে থাকে। [দ্রঃ—স্নেহে মায়াতে, করকর করে; রাগ হইলে কষ্‌কষ্ করে] বিণ, করকরিয়া, করকরে—খরখরে; শুষ্ক, শক্ত এবং ঘর্ষণে কর্‌কর্ শব্দ ক্লেশকর অনুভূতিপ্রদ। কড়া (হি—কর্রা)। প্র—ঘুড়ি উড়াইবার সূতায় করকরে মাঞ্জা দেওয়া। নূতন করকরে গামছা দিয়া গা রগ্‌ড়ান বা মাজা। [দ্রঃ—অপেক্ষাকৃত শক্ত ও শুষ্ক অর্থে—কড়কড়ে। করকরে অপেক্ষা সূক্ষ্ম কিরকিরে। কিরকির দ্রঃ]

করকরান (কর্‌করানো) [করকর দ্রঃ] ক্রি, করকর করা। ২। কলকলান (দ্রঃ); কাককর্ত্তৃক মৃদু শব্দ করা। কুরুরয়ে দ্রঃ।

করকলিত (-কো) [করদ্বারা কলিত (ধৃত) ৩তৎ] বিণ, যাহা করদ্বারা ধৃত হইয়াছে। [বাং বিরল]
প্র—"করকলিতাসি বরাভয় মুণ্ডে"
—অন্নদামঙ্গল।

করকা [সং] বি, স্ত্রী, মেঘ হইতে পতিত প্রস্তর ভাবাপন্ন জল; মেঘজাতশিলা; শিল। ২। ওলা।

করকাক্ষ (করকাক্‌খ) [করক—অক্ষি=অক্ষ] বিণ, যাহার বর্ষার শিলের মত শুভ্র চক্ষুঃ; শ্বেতাক্ষ।

করকাম্ভ [করক (নারিকেল মালা) তাহার অম্ভস্ (অম্ভঃ) জল—৬তৎ, কিম্বা করকে (নারিকেল মালাতে) স্থিত অম্ভ—৭তৎ] বি, ক্লী, নারিকেল জল। ২। [করকার (শিলার) ন্যায় স্বচ্ছ বা শীতল হইয়াছে অম্ভঃ (জল) যাহার, বহু] বি, পুং, নারিকেল গাছ।

করকোষ্ঠী—বি, স্ত্রী, করতলগত রেখা; কোন কোন পণ্ডিত ঐ রেখা দেখিয়া জীবনের শুভাশুভ নিরূপণ করিতে পারেন, কররেখা-

দ্বারা কোষ্ঠির মত বিচার করা হয় বলিয়া কর-রেখার নাম করকোষ্ঠী।

করগবীজ (জ্) [সং—করক (দ্রঃ)= দাড়িম্ব বৃক্ষ, ক=গ] বি, ক্লী, দাড়িম্ববীজ; দালিম দানা প্র—"দশনমুকুতা যিনি কুন্দ করগবীজ, জিনি কম্বুকণ্ঠ আকারে।' —বিদ্যাপতি।

করগ্রহ (করগ্‌গ্রোহো) [করের (হস্তের) গ্রহ (গ্রহণ করা) হয় যে ব্যাপারে (বহু)] বি, পুং, পাণিগ্রহণ; বিবাহ। ২। [করের গ্রহণ, ৬তৎ] হস্ত ধারণ। ৩। [কর= রাজস্ব] রাজস্ব আদায়।

করগ্রাহ (গ্‌গ্রা) [কর-গ্রহ্ (গ্রহণ করা)+অ (কর্ত্তৃ—অণ্)] বিণ, যে কর গ্রহণ করে: করগ্রাহক (দ্রঃ)।

করগ্রাহক (ক্) [কর—গ্রাহক] বিণ, যে কর গ্রহণ করে। ২। কর আদায়কারী; কর্ম্মচারী; collecter of tax or revenue. ৩। পাণিগ্রহণকারী; পতি।

করগ্রাহী [কর-গ্রাহিন্] বিণ, কর-গ্রাহক। ২। বি, কর আদায়কারী কর্ম্ম-চারী।

করঘর্ষণ (ন্) [কর (হস্ত) দ্বারা ঘর্ষণ করা হয় যাহার, বহু] বি, পুং, দধি মন্থনের দণ্ড; ঘোলমৌনি। ২। [কর দ্বারা ঘর্ষণ ৩তৎ] করতলে করতলে ঘর্ষণ; কোন বস্তুতে কর দ্বারা ঘর্ষণ।

করঙ্ক [কৃ (করা)+অঙ্ক (সংজ্ঞার্থে)] বি, পুং, করধৃত পাত্র; কমণ্ডলু; করুয়া। প্র—
"বাঘছাল, অক্ষমালা বিভূতি ভূষণ
করঙ্ক, আষাঢ় দণ্ড, জটা বিলম্বিত।"
—দীনবন্ধু মিত্র।
২। নারিকেল মালায় নির্ম্মিত ভিক্ষাপাত্র। ৩। নারিকেলের মালা। ৪। করোটি; মাথার খুলি। ৫। পানের বাটা; পানের ডিবা। প্র—"তাম্বুল করঙ্কবাহিনী" —কাদম্বরী। ৬। শরীরাস্থি। ৭। ইক্ষুবিশেষ; করঙ্কশালি।

করঙ্কশালি—বি, ইক্ষুবিশেষ। করঙ্ক দ্রঃ।

করঙ্গ [সং—করঙ্ক] বি, জলপাত্রবিশেষ; সাধারণতঃ জলপাত্রকে বৈষ্ণবেরা করঙ্গ বলে। প্র—"কমণ্ডলু তুম্বীফল করঙ্গ পিবারে জল
হাতে আশা করি হিঙ্গুল বরণ"—ভারতচন্দ্র।
"যদি ভজবি সোণার বরণ গৌরাঙ্গ।
ছাড় রঙ্গ, পর কৌপীন কর কি মন,
করে কর করঙ্গ।" —দাশরথি।

করচা (র্) [ফা—কড়চা। রাজস্ব বিভাগীয় পরিভাষা] বি, প্রাপ্য খাজনার হিসাব। ২। স্মারকলিপি; নোট; note. কড়চা দ্রঃ।

করচ্ছদ (দ্) [আয়ুর্ব্বেদে] বি, পুং, শেওড়া গাছ। স্ত্রী, করচ্ছদা—সিন্দূরপুষ্পী বৃক্ষ।

করজ (জ্) [করে—জাত, ৭তৎ। কর—জন্+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—ড)] বি, পুং, নখ। প্র—"সিংহ চাহে কোপদৃষ্টে আঁচোড়ে বীরের পৃষ্ঠে করজে কালিছার আর।"—কবিক ২। করঞ্জ বৃক্ষ। প্র—"মুকুলিত করজ-কুসুম নাহি ভেল" —জ্ঞানদাস। ৩। [নখাকৃতি বলিয়া] ব্যাঘ্রনখ নামক গন্ধ-দ্রব্য; নখী। ৪। বিণ, করোৎপন্ন; কর হইতে জাত।

করচালি, চালু [হি—করছাল, করছুল—ছুলা,—ছুলী, কলছুল, ছুলি, করছী, কলছী; কর=হাত (দ্বারা)+চালি, চালু যাহা চালিত হয় বা চালান যায়। উত্তরবঙ্গে প্রচলিত] বি, হাতা; খুন্তি।

করজোড় (ড়্) বিণ, যুক্ত কর; বদ্ধাঞ্জলি, হাতজোড় (বিনীত নিবেদন, আদেশ প্রাপ্তির অপেক্ষা, বা প্রার্থনার সময়)। প্র—বিচার-পতির আগে করজোড় করিয়া দাঁড়াইয়া আছে। ক্রি-বিণ, **করজোড়ে**।

করঞ্জ, করঞ্জক (করন্‌জক্) [ক (জল) রন্‌জ্ (রাগ করা) +অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে অল্); স্বার্থে ক] বি, পুং, করমচাগাছ Pangamia glabra. করঞ্জ ৬ প্রকার, যথা—(১) ডহর (২) লতা (৩) কাঁটা বা গেঁটে (৪) মাকড়া (৫) বিষ এবং (৬) অম্লকরঞ্জ। স্ত্রী, **করঞ্জা** (হি, করৌঁজা, করৌঁদা) প্র—কাণে করঞ্জার ফুল; গালভরা এলোচুল"—কুঙ্কুম।

করট (ট্) [ক (আত্মা) রট্ (রটনা করা) +অ (কর্ত্তৃ, অচ্ সংজ্ঞার্থে) যে আপনার শব্দ (ক, ক বা কাকা) দ্বারা আপনাকে রটায় অর্থাৎ প্রচার করে] বি, পুং, কাক; বায়স। [করটক ও বলে] ২। [করোটি হইতে?] হস্তিগণ্ড; করীর গণ্ডদেশ। ৩। বাদ্যযন্ত্র বিশেষ। ৪। [স্মৃতিতে] একাদশাহ শ্রাদ্ধ। ৫। [আয়ুর্ব্বেদে] কুসুম্ভবৃক্ষ, কুসুমফুলের গাছ। ৬। বিণ, নাস্তিক। স্ত্রী, **করটা**—যে গাই কষ্টে দুগ্ধ দেয়: কষ্ট করিয়া যে গাভীর দুধ দোহা যায়।

করটী—বি, পুং, হস্তী; করী।

করণ (ন্) [কৃ (করা)+অন (ট্—করণে)] বি, ক্লী, করণ কারক; যাহাদ্বারা ক্রিয়া নিষ্পন্ন হয়। ২। কার্য্যের প্রধান সাধন; কারণ। ৩। [—অন (ট্, কর্ম্মে)] কার্য্য। প্র—"শুন ঠাকুরাণী নিজ পুত্রের করণ"—চৈতন্য ভাগবত। ৪। উপকরণ। প্র—"সভে মিলি দিল তারে পূজার করণ।" ৫। বিবাহ আদান প্রদান বিষয়ক প্রতিজ্ঞা; বিবাহ অঙ্গীকার করণ। ৬। [দর্শনে] ইন্দ্রিয় (২) শরীর (৩) ক্ষেত্র (৪) স্থান। ৭। [জ্যোতিষে] বব, বালব, কৌলব, তৈতিল, গর, বণিজ, বৃষ্টি, এই সাতটী বরকরণ: এবং শকুনি, চতুষ্পাদ, নাগ ও কিন্তুঘ্ন এই চারটী ধ্রুবকরণ। এক একটী তিথির অর্দ্ধ পরিমাণে এক একটী করণ হয়। শুক্লা প্রতি পদের শেষার্দ্ধ হইতে কৃষ্ণা চতুর্দ্দশীর পূর্ব্বার্দ্ধ পর্য্যন্ত প্রত্যেক তিথির পূর্ব্বার্দ্ধে একটী করণ পরার্দ্ধে অপরটী। এইভাবে বরকরণ ৭টী আটবার যথাক্রমে উপস্থিত হয়। যে শুক্লা প্রতিপদের শেষার্দ্ধে বব করণ তাহার দ্বিতীয়ার প্রথমার্দ্ধে বালবকরণ, দ্বিতীয়ার শেষার্দ্ধে কৌলবকরণ, তৃতীয়ার প্রথমার্দ্ধে তৈতিল, শেষার্দ্ধে গরকরণ ইত্যাদি ক্রমে হইয়া থাকে। এবং কৃষ্ণাচতুর্দ্দশীর শেষার্দ্ধ হইতে শুক্লা প্রতি পদের পূর্ব্বার্দ্ধ পর্য্যন্ত যথাক্রমে ধ্রুবকরণ হয়। যথা—কৃষ্ণাচতুর্দ্দশীর শেষার্দ্ধে শকুনি করণ, অমাবস্যার পূর্ব্বার্দ্ধে চতুষ্পাদ, পরার্দ্ধে নাগ করণ, এবং শুক্লা প্রতিপদের পূর্ব্বার্দ্ধে কিন্তুঘ্ন করণ হয়। ৮। [নৃত্য গীতে] কর চরণাদির অভিনয়। ৯। কর্কশ-কণ্ঠ গায়ক। ১০। হস্ত দ্বারা বিলেপন। ১১। শূদ্রাগর্ভজাত বৈশ্যপুত্র; (মতান্তরে) কায়স্থ।

করণ কারণ—বিবাহ আদান-প্রদান ঘটিত অনুষ্ঠানাদি: বিবাহ সম্বন্ধীয় ব্যবহার।

করণ বাচক—করণ কারক বোধক শব্দ।

করণা (না) বি, স্ত্রী, বাদ্যযন্ত্র বিশেষ; এক প্রকার বৃহজ্জাতীয় শুষির যন্ত্র; ইহার অন্যনাম কর্ণা; ইহার দৈর্ঘ্য ১৫ ফুট, ধ্বনি তীব্র। —যন্ত্রকোষ।

করণাধিপ (না, প্) [করণের (ইন্দ্রিয়ের) অধিপ (অধিষ্ঠাতা) ৬তৎ] বি, পুং, ইন্দ্রিয়ের অধিষ্ঠাতা দেববিশেষ। চক্ষুঃ আদি পাঁচ ইন্দ্রিয়ের এক এক অধিদেবতা আছে, তাহারাই করণাধিপ। চক্ষুর অধিপতি সূর্য্য, কর্ণের দিক্, নাসিকার ক্ষিতি, জিহ্বার বরুণ, ত্বকের বায়ু।

করণী [করণ+ঈপ্] বি, স্ত্রী, সূক্ষ্মরূপে যে রাশির মূল বহিস্কৃত না হয়; $\sqrt{\ }$ এই চিহ্ন; surd.

করণীয় [কৃ—(করা)+অনীয় (কর্ম্মে)] বিণ, করিবার যোগ্য; যাহা করা উচিত; বিধেয়। ২। কর্ত্তব্য কর্ম্ম; যেখানে বিবাহাদি সামাজিক ক্রিয়া কর্ম্ম করিতে বাধা নাই। ৩। করণ কারণ চলে এমন। প্র—করণীয় ঘরে কন্যার বিবাহ না দিয়া অঘরে দিয়াছে।

করণ্ড [সং] বি, পুং, মধুকোষ; মধুচক্র; মৌচাক। ২। ফুলের সাজি। প্র—"বামকরে করণ্ড আঁকড়ি ডানি করে। প্রবেশিল নীলাম্বর মালঞ্চ ভিতরে।" —কবিকঙ্কণ। ৩। পেটারি। ৪। খুঙ্গী; ঝাঁপি। ৫। ঝুড়ি; চুপড়ি। প্র—"করণ্ড কুঠার নিল আপনার করে" কাশী—মহা। ৬। কারণ্ডব নামক জলচর পক্ষী। স্ত্রী, **করণ্ডী**—যকৃৎরোগ।

করণ্ডিক (করোন্‌ডিক্) [করণ্ড+ইক (সম্বন্ধার্থে, ইকণ্)] বিণ, উদরে চর্ম্মময় থলি বিশিষ্ট প্রাণী (কেঙ্গেরু প্রভৃতি)।

করত [সং—করতি। হি মৈ, বাং বৈ, পদ, সা, ভূরি প্রয়োগ] ক্রি, করে। প্র—"ধরণীয়ে চাঁদ করত পরকাশ"—বিদ্যাপতি। "কেহ করত কাহ কোর"—জ্ঞান দাস। ২। [সং—করণাৎ অথবা করণতঃ (তস্ প্রত্যয় যোগে) হইতে হি—কর্‌কে, কর্‌, করৎ] অ, করণ পূর্ব্বক ; করণানন্তর ; করিয়া। 'করতঃ' (আধু বিরল) ; 'করত' (প্রচরদ্রূপ)।

করতপ, ব (কর্‌তপ্, ব্) [হি—করতব ;সং—কর্ত্তব্য কর্ম্ম] বি, সুশিক্ষা ; কলা ; গুণ। ২। ব্যায়াম ; কুস্তি। ৩। রাগরাগিণীর আলাপ বা অভ্যাস ; স্বরভঙ্গী ; সংগীতে সুরের নানা প্রকার ভঁাজ বা কৌশল প্রকাশ। ৪। কায়দা ; কৌশল। ৫। কেরামত ; যাদু।

করতল (ল্) [করের (হস্তের) তল (তেলো) ৬ তৎ] বি, পুং, ক্লী, হস্ততল ; হাতের তেলো। ২। হস্ত। ৩। আয়ত্তি। **করতলের ভিতর**—করতলগত ; মুঠার ভিতর ; আয়ত্ত।

করতা (ক) [কড়তা দ্রঃ] বি, ক্রয়-বিক্রয় কালে পণ্যাধারক শূন্য পাত্রের ভার ; ধাড়া। ২। কর্ত্তা ; ঈশ্বর ; ধর্ম্মঠাকুর ; করতার দ্রঃ। **করতা করা, করতা ভাঙ্গা, করতা বাদ দেওয়া**—পণ্যপূর্ণ পাত্র হইতে পাত্রের ভার বা ওজন বাদ দেওয়া।

করতার (র্) [সং—কর্ত্তা=করতা। কর্ত্তৃ, ব২ব, শ্রেষ্ঠার্থে—কর্ত্তারঃ=করতার। হি—করতা (তুলসী), করতার] বি, কর্ত্তা ; প্রভু ; সৃষ্টিকর্ত্তা ;ঈশ্বর ; ধর্ম্মঠাকুর। প্র—"তোমারে সদয় না হইল করতার"—ঘনরাম।

করতাল (ল্) [করের তাল (গানের পরিমাণ) ৬ তৎ] বি, ক্লী, দুইকরের পরস্পর অভিঘাত ; করতল ধ্বনি ; হাততালী। ২। দুই করতলে ধরিয়া হাততালীর অনুকরণে বাজাইবার কাঁসার বাদ্য যন্ত্র। প্র—"চথ চথ লুপু চুপু চথচথ তালধ্বনি করতালে, শিব, তালধ্বনি করতালে অঙ্গুলি অঙ্গুষ্ঠ ঘন নাদে।" —হেম বন্দ্যো। স্ত্রী, করতালী।

করতালি, লী [করতাল দ্রঃ] বি, হাততালি। প্র—"দাও করতালি জয় জয় বলি পুরিয়া অঞ্জলি কুসুম লহ।" —হেম বন্দ্যো।

করতোয়া [কর (শিবের হস্ত) তোয় (জল)+অ (অস্ত্যর্থে) গৌরীর বিবাহকালে হরের করতলপতিত তোয় হইতে এই নদীর উৎপত্তি হয় বলিয়া এই নাম] বি, স্ত্রী, ঋক্ষপর্ব্বতোৎপন্না নদী ; অপর নাম সদানীরা।

করথু [সং—করোতু—তাহা হইতে করথু। মৈ, বাং—বৈ-পদ-সা] ক্রি, কর ; করুক। প্র—"সুফলে করথু অভিসার" —বিদ্যাপতি।

করদ (দ্) [কর—দ—কর্ত্তৃ (ড) প্রত্যয়ান্ত দানার্থক দা ধাতুজ] বিণ, যে অন্যকে কর দেয় ; করপ্রদ। স্ত্রী, **করদা**—করদাত্রী। ২। গুর্জ্জরস্থ নগরবিশেষ।

করদীকৃত [করদ—কৃত (করা হইয়াছে) মধ্যে—ঈ (অভূততদ্ভাবে—চ্বি)] বিণ, যে পূর্ব্বে করা ছিল না পরে তাহাকে করদ করা হইয়াছে ; যাহাকে করদানে বাধ্য করা হইয়াছে।

করন্যাস (করন্‌ন্যাশ্) [করে—ন্যাস, ৭তৎ,] বি, পুং, তন্ত্রোক্ত ন্যাসবিশেষ ; মন্ত্র উচ্চারণ-পূর্ব্বক অঙ্গুষ্ঠ, তর্জ্জনী, মধ্যমা, অনামা ও কনিষ্ঠা অঙ্গুলি স্পর্শের নাম করন্যাস।

করনু [হি—করলোঁ : মৈ, করলুঁ : লুঁ হইতে 'নু' ; বাং—গ্রা—কোরিনু ; কোরনু, পরে কোন্ন] ক্রি, করিলাম। প্র—"প্রাণপিয়ারে করনু পরণাম" —বিদ্যাপতি।

করপক্ষ (পোক্‌খো) [করসদৃশ হইয়াছে পক্ষ (পাখা) যাহার, ব২—অর্থাৎ হস্তই যাহাদের পক্ষস্বরূপ] বি, পুং, চর্ম্মচটিকা ; বাদুড়।

করপত্র (পৎত্র) [করের ন্যায় পত্র হইয়াছে যাহার, ব২] বি, ক্লী, ক্রকচ ; করাত ; a saw. ২। জলক্রীড়া।

করপত্রবান্ (পৎত্র) [করপত্র (করাত)+বৎ অস্ত্যর্থে—বতু)=করপত্রবৎ ১মা, ১ব) কর-পত্র সদৃশ যাহার পত্রকাণ্ড] বি, পুং, তাল-গাছ।

করপল্লব (ব্) [কর পল্লবের ন্যায়, উপমিত] বি, পুং, ক্লী, পল্লব সদৃশ কর ; নব পল্লবের ন্যায় অতিশয় কোমল ও লাল আভা যুক্ত কর। ২। [করের পল্লব, ৬তৎ] অঙ্গুলি ; করশাখা।

করপাল (ল্) [কর—পাল, পা+ণিচ্= পালি (রক্ষা করা)+অ (কর্ম্মে—সংজ্ঞার্থে —অল্) করদ্বারা পাল (রক্ষা) ধারণ করা হয় যাহাকে] বি, পুং, অসি ; খড়্গ : তরবার। ২। হস্তযষ্টি ; হাতে-ধরা লাঠি। ৩। সোঁটা।

করপালিকা [কর (হস্ত) পালি (রক্ষা করা)+অক (সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, ক্ষুদ্র করবাল ; ক্ষুদ্র গদাকৃতি করধৃত দণ্ড ; সোঁটা। ২। ছোরা ; ছুরি। ৩। মুদ্গার।

করপালী—বি, স্ত্রী, [করপালিকা দ্রঃ]

করপীড়ন (ন্) [করের পীড়ন (গ্রহণ) করা হয় যে ব্যাপারে, ব২] বি, ক্লী, পাণি-গ্রহণ ; করগ্রহ ; পরিণয় ; বিবাহ।

করপুট (ট্) [করের পুট (থলিয়া) কিম্বা কর দ্বারা কৃত পুট] বি, পুং, অঞ্জলিবদ্ধ কর ; যোড়হস্ত। ২। যুক্ত কর ; বিনীতভাব দেখাই-বার জন্য দুই কর যুক্ত করণ।

করপ্রদ (করপ্রোদো) [কর (রাজস্ব) প্রদ (যে প্রদান করে)] বিণ, করদাতা।

করব [মৈ ; বাং] করিবে। প্র—
"কি করব হরি হর ধাতা।" —বিদ্যাপতি।
২। করিব। প্র—
"তোহারি বচনে যদি করব পীরিত।"
—বিদ্যাপতি।

করবাল (ল্) [করে—বাল (বল্—ণিচ্= বালি (বর্দ্ধিত হওয়া)+অ (সংজ্ঞার্থে—ঘঞ্) করেতে যে বৃদ্ধি প্রাপ্ত হয়] বি, পুং, নখ। ২। অসি ; খড়্গ ; তলবার। প্র—
"করে করবাল বাল শশী শোভে শিরে ;"
—বাঙ্গালীর গান।
"তাহার পশ্চাতে সেনা দেখিতে ভয়াল।
হৃদয়ে প্রকাণ্ড ঢাল করে করবাল।"
—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।
স্ত্রী, **করবালিনী** [সম্বোধনে, করবালিনি] কৃপাণহস্তা ; দুর্গা। প্র—
"নগনন্দিনি সুরবন্দিনি রিপুনিন্দিনি গো
* * * * * *
সুখশালিনি করবালিনি গো।" —ভারতচন্দ্র।

করবালা (র্) কারবালা দ্রঃ।

করবি [ব্রজ] করব দ্রঃ। ক্রি, করিবি। প্র—
"প্রেম করবি অব্ সুপুরুখ জানি।"
—বিদ্যাপতি।

করবী (করবি) [সং—করবীর। কর—(এখানে মূল) বী—যে ব্যাপে—যে মূল দ্বারা ব্যাপন করে, ৩তৎ। গ্রা, ভাষায় "করুপি"] বি, স্ত্রী, করবীর পুষ্প ; করুপি ফুল। শ্বেত ও রক্ত ফুল ভেদে দুই জাতীয়। ইহার গন্ধ মধুর কিন্তু অল্প। ব২দল করবীকে পদ্ম করবী বলে। ২। [আয়ুর্ব্বেদে] শ্বেতসর্ষপ ; যমানী ; হিঙ্গুপত্রী (তেলু—কাপ্‌পু)।

করবীর (করবীর্) [কর (মূল) হইয়াছে বীর (বীর্য্য প্রকাশক) যাহার, ব২] বি, পুং, কর-বীর পুষ্পের বৃক্ষ। ইহার মূল অশ্ববিনাশক বলিয়া এই নাম ; nerium odorum. ২। দেশবিশেষ। ৩। তীর্থবিশেষ। ৪। শ্মশান। ৫। খড়্গ। ৬। দৈত্যবিশেষ। ৭। নাগ-বিশেষ। [বিরল]
৮। ক্লী, পুষ্প। শ্বেত, পীত, রক্ত, কৃষ্ণ, পাটল বর্ণ ভেদে করবীর পুষ্প পাঁচ প্রকার। স্ত্রী, **করবীরী**—অদিতি। ২। পুত্রবতী নারী। ৩। একপুত্রা রমণী। ৪। উত্তম গাভী।

করবীরক (রক্) [করবীর+ক, সংজ্ঞার্থে] বি, পুং, অর্জ্জুনবৃক্ষ। ২। করবীর মূল। ৩। খড়্গ।

করবে [ব্রজ] ক্রি, করিবে ; করিব। প্র—
"যতন উঁহ করবে" —বিদ্যাপতি।

করভ (ভ্) [কর—ভা (শোভা পাওয়া) +অ (কর্ত্তৃ—ড) যে করেতে শোভা পায়] বি,

পুং, মণিবন্ধ অবধি কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত করের বহির্ভাগ।
২। উষ্ট্র ও তৎশাবক। প্র—
"শরভ করভ গজ লইল শরণ।"
—কবিক
৩। হস্তীর শাবক। ৪। অশ্বতর। স্ত্রী, করভী—স্ত্রীজাতীয় হস্তিশাবক। প্র—
"অতিথি আসিত নিত্য করভ করভী।"
—মেঘনাদ

করভীয় [করভ—সংজ্ঞার্থে—ঈয়] বিণ, করভ সম্বন্ধীয়। ২। বি, করভপালক।

করভূ [কর—ভূ (হওয়া)+ক্বিপ্ (কর্ত্তৃ) যে করেতে উৎপন্ন হয়] বি, পুং, নখ ; অঙ্গুলির অগ্রভাগস্থিত অস্থি।

করভূষণ (ন্) [করের —ভূষণ (অলঙ্কার) ৬ তৎ] বি, ক্লী, করাভরণ ; হস্তালঙ্কার ; হাতের গহনা। ২। কঙ্কণ।

করম (ম্) [কর্ম্ম শব্দজ] বি, কর্ম্ম ; ক্রিয়া ; কার্য্য ; অনুষ্ঠান। প্র—"কি মোর করম অভাগী।" —বিদ্যাপতি। "করমদোষে।"—বৈ, পদলহরী। ২। [হি—করম=অদৃষ্ট] অদৃষ্ট ; ভাগ্য ; কপাল। প্র—"সখিরে, কি মোর করমে লেখি।"—চণ্ডীদাস। "তথাপি সে লুকাইল করমের গুণে।" —নিধু। (২) [তুল—হি, গ্রা—কিরিয়া করম] বি, কর্ম্ম ; পারলৌকিক অনুষ্ঠান ; প্রেতকার্য্য। ৩। অনুগ্রহ। ক্রিয়াকরম —সামাজিক ও পারলৌকিক কর্ম্ম। ধরম-করম—ধর্ম্মকার্য্য।

করমর্দ্দ [সং] বি, পুং, করঞ্জবৃক্ষ। ২। [ভাবে—অল্] করদ্বারা মর্দ্দন ; হস্তামর্ষণ।

করমর্দ্দক (মরদক্) বি, পুং, করমচা। ২। পাণিআমলা।

করমালা [করের (অঙ্গুলি-পর্ব্বের) মালা (শ্রেণী) ৬তৎ] বি, স্ত্রী, অঙ্গুলি পর্ব্ব সমূহ ; অঙ্গুষ্ঠ ভিন্ন প্রত্যেক অঙ্গুলিতেই চারিটী করিয়া কর বা পর্ব্ব আছে উহা দ্বারা করে সংখ্যা রাখা হয়।

করমালা [কর—মালা, ৬তৎ] বি, স্ত্রী, কিরণ সমূহ। ২। হাতের মালা (রুদ্রাক্ষাদির মালা) ; জপমালা।

করমালী [কর—মালা+ইন্ (অস্ত্যর্থে) সূর্য্য ; অগ্নি।

করমুক্ত (ব্) [কর হইতে মুক্ত, ৫ তৎ] বিণ, করচ্যুত ; হস্তত্যক্ত ; হস্ত হইতে পতিত।

করয়ে [ব্রজ] ক্রি, করে। প্র—
"তেঁই না করয়ে গরল।" —বিদ্যাপতি।

কররুহ [করে—রুহ্ (যে জন্মে) ৭ তৎ] বি, পুং, করভু ; নখ ; নখর। ২। হাতের অঙ্গুলি। ৩। অসি ; করবাল।

করল [ব্রজ। হি—গ্রা—'করলা'ও হয়] ক্রি, করিল। প্র—
"শূন্য করল বিহি মদন ভণ্ডার।"—বিদ্যাপতি।
'জীবন করল পরাধীন।" —ঐ
২। বি, পক্ষীবিশেষ।

করলা (করোলা) [কারবেল্ল শব্দজ। সং কারবেল্লী, উচ্ছে] বি, তিক্তাস্বাদ লতাবিশেষের ফল ; দীর্ঘাকার উচ্ছে ; লম্বা উচ্ছে বাঙ্গালায় কোন কোন স্থানে "পটলে উচ্ছে"ও বলে।

করলা [হি—গ্রাম্য] ক্রি, করিল। করল দ্রঃ।

করলু, করলুঁ [ব্রজ] ক্রি, করিলাম। প্রা-বাং—কোর্‌নু। প্র—
"তাকর বচনে করলু সব কাজ।"
—বিদ্যাপতি।

করশাখা [করের শাখা, ৬তৎ] বি, স্ত্রী, অঙ্গুলি :

করশীকর (শীকর্) [কর (হস্তিশুণ্ড) হইতে নিঃসৃত, শীকর (মদ-জল-বিন্দু) ৫ তৎ বি, পুং, হস্তীর শুণ্ড হইতে পতিত জলবিন্দু।

করশুদ্ধি (করশুধ্‌ধি) [করের—শুদ্ধি (শোধন)৬তৎ] বি, স্ত্রী, মন্ত্রদ্বারা হস্ত-শোধন।

করসি [মৈ বাং। সং—করোসির অপভ্রংশ] ক্রি, করিতেছ।
প্র—"জানসি তব কাহে করসি পুছারি।"
—বিদ্যাপতি।

করসূত্র (করশুৎত্র) [করের সূত্র, ৬তৎ] বি, ক্লী, হাতের সূতা। ২। বিবাহাদি মাঙ্গলিক কার্য্যে হস্তে ধৃত সূত্র।

করহ [গ্রা—বাং। হ হিন্দীর অনুকরণে] ক্রি, কর।
প্র—"বিলম্ব করহ অকারণ" —কবিক।
[প্রা-বাং—করহ শব্দের উচ্চারণ-বিকার-জাত **করোহ** রূপও পাওয়া যায়।
প্র—"ঝাট বাপের কথা তুমি করোহ কুশল।
রাজ্য শূন্য করিয়া আয়িলে বাপ একেশ্বর রইল।"
—কৃত্তিবাস (৯০ বৎসরের পুঁথি সা, প, প ১৩০১)]।

করহাট (ট্) [কর (হস্ত) হট্ (দীপ্তি পাওয়া বা ভূষিত করা) + অ (সংজ্ঞার্থে, ঘঞ্] বি, পুং, পদ্ম প্রভৃতির কন্দ বা মূল। ২। মদনবৃক্ষ। ৩। দেশবিশেষ।

করা [সং—কৃ=কর্+আ (বাং ক্রিয়া বাচক) হি—করনা। উ-পু—করি। ম,পু, কর ; করুন্ ; কর্। প্র-পু,—করে ; করেন। অস-ক্রি—করিতে ; করিয়া ; করি (পদ্যে), ক'রে (সংক্ষেপে)। ণিজন্ত—করান। এই ধাতু বিশেষ্য বিশেষণ বাচক পদ বা পদসমষ্টির সহিত যুক্ত হইয়া উৎপাদন, সাধন, অনুষ্ঠান, সংঘটন, প্রয়োগ প্রভৃতি বিশেষ বিশেষ অর্থ প্রকাশ করে] ক্রি, সাধন করা ; কোন কিছুর নিষ্পাদন বা অনুষ্ঠান করা।
প্র—"একটা নূতন কিছু কর একটা নূতন কিছু করো।" —দ্বিজেন্দ্র রায়।
২। জন্মান ; উৎপাদন করা। প্র—ফসল করা ; গাছকরা।
৩। উৎপন্ন করা ; সৃষ্টি করা। প্র—ধোঁয়া করা ; আলো করা ; অন্ধকার করা ; আগুন করা ; উত্তাপ করা।
৪। নিয়োগ করা ; খাটান ; লাগান ; প্রয়োগ করা। প্র—বুদ্ধি করা ; উদ্যম করা ; জোর করা ; মন করা ; মত করা ; মতলব করা ; স্নেহ করা ইত্যাদি।
৫। [প্রয়োগের ভাব হইতে] ছোঁড়া ; নিক্ষেপ করা ; চালান ; প্রবেশ করান। প্র—বন্দুক করা ; গুলি করা ; মাটিতে কোদাল করা ; ক্ষেতে লাঙ্গল করা ; ছিঁচ্‌কে করা ; খড়্‌কে করা ; দাঁতন করা। (২) (অশিষ্টার্থে) বাঁশ করা ; কাঠি করা।
৬। প্রকাশ করা। প্র—রাগ করা ; ভয় করা ; মায়া করা ; অভিমান করা ; অহঙ্কার করা ; জাঁক করা।
৭। সঞ্চালন করা। প্র—পাখা করা ; বাতাস করা ; হাওয়া করা।
৮। কৃত্য সম্পাদন করা। প্র—তীর্থ করা ; গয়া করা ; কাশী বৃন্দাবন করা।
৯। বোধ করা ; অনুভব করা ; ভোগ করা ; ভোগা। প্র—সুখ করা ; অসুখ করা ; আরাম করা ; দুঃখ করা ; কষ্ট করা।
১০। নির্ম্মাণ করা ; প্রস্তুত করা ; গড়া। প্র—বাড়ী করা ; বাগান করা ; পথ করা।
১১। [তুল—ইং—take to] নিযুক্ত করা ; ভাড়া করা ; ব্যবহারার্থ লওয়া ; আরোহণ করা ; আশ্রয় লওয়া। প্র—গাড়ী করা ; পাল্কী করা ; নৌকা করা ; বাসা করা।
১২। নিত্য যাওয়া আসা করা ; নিয়মিত উপস্থিত হওয়া। প্র—আপিস করা ; কাছারী করা ; আদালত-ঘর করা ; হাঁসপাতাল-ঘর করা ; হাট-বাজার করা।
১৩। পরিচালনা করা ; চালান। প্র—দোকান করা ; ঘর করা ; সংসার করা ; ব্যবসায় করা ; বাণিজ্য করা।
১৪। হওয়া অর্থে। প্র—আবশ্যক করা ; মেঘ করা ; ভয় করা, পাশ করা (উত্তীর্ণ হওয়া)।
১৫। রন্ধন করা। প্র—ভাত বা রুটী করা ; ঝোল করা ; ডাল্‌না করা ; খিচুড়ি করা ; পায়েস করা।
১৬। উল্লেখ করা। প্র—নাম করা ; কার কার নাম করলে ?

১৭। অর্জ্জন করা। প্র—সে দেশে খুব নাম করেছে।

১৮। বিণ, কৃত ; সম্পাদিত ; করিয়াছে এমন। প্র—"শ্বেত পাথরেতে গড়া, পথখানি ছায়া-করা, ছেয়ে গেছে ঝরে-পড়া বকুলে।"—রবীন্দ্র। "হাঁ-করা ছেলে ;" বাসি-করা কাপড়।

১৯। পাতা ; পাড়া ; কাটা ; দাগা ; কষা। প্র—আঁক করা ; অঙ্ক করা ; দাগ করা।

২০। রচনা করা ; লেখা। প্র—বই করা ; টীকা করা ; ব্যাখ্যা করা।

২১। পরিণত করা ; অনুবাদ করা ; অনূদিত করা। প্র—গদ্য করা ; বাঙ্গালা করা ; ইংরেজী করা।

২২। সঞ্চয় করা ; জমান। প্র—টাকা করা।

২৩। জীবিকার্জ্জন হেতু ব্যবসায় (profession) অবলম্বন করা। প্র—চাকরী করা ; ডাক্তারি করা ; চাষ করা।

২৪। নিত্য-নৈমিত্তিক ইষ্টকর্ম্ম করা। প্র—আহ্নিক করা ; পূজা করা ; নমঃনমঃ করা।

২৫। তোলা ; আনা (মনে বা স্মৃতিপথে)। প্র—মনে করা।

[দ্রঃ—'করা' এই ক্রিয়া পদযুক্ত বিশেষার্থ বাচক শব্দসমুচ্চয় (অর্থ, প্রথম কয়েকটী ব্যতীত স্বস্ব স্থানে দ্রষ্টব্য) :—

অঙ্ক করা। অত করা (অত চেষ্টা করা। "করিয়া, ৬" দ্রঃ)। আঁআঁ করা (ভয়ব্যঞ্জক শব্দ করা ; কাঁদা)। আঁক করা। আঁক্ করা। আঁচ করা (অনুমান করা ; আগুনের তেজ বৃদ্ধি করা)। আড় করা (কাত করা)। আড়ি করা (সদ্ভাব ভঙ্গ করা ; শত্রুতা করা)। ইচ্ছা করা (ইচ্ছুক হওয়া)। ইজ্জৎ করা (মান রাখা ; খাতির করা)। উঁআঁ করা। উঁ-করা আঁ-করা। উঁচু করা (তোলা)। উপ'স করা (উপবাসী থাকা)। উল্টা করা (বিপরীত অনুষ্ঠান করা)। উষ্ম করা। উস্‌খুস্ করা। ঋণ করা। ৯৯ করা। ওৎ করা। কত করা (কত দ্রঃ)। কল্‌কল্ করা। কতল্ করা। কম করা। করকর করা। কাপ করা। কাল করা। কাহিল করা। কষ্‌কষ্ করা। কষ্ট করা। কিচকিচ করা। কিরকির করা। ক্যাঁচকোঁচ করা। কুত করা। কুৎসা করা। কুল করা। কোপ করা। কোর করা। ক্যাট্‌ক্যাট্ করা। খাঁই করা। খাস করা। খুন করা। খুব করা খ্যাক্ করা। গা করা। গাড়ী করা গান করা। গুণ করা। গুম করা গোঁজ করা। গোল করা। ঘর করা ঘাড়ে করা। ঘোর করা। চার করা চাষ করা। চুপ করা। চোট করা। ছল করা। ছাই করা। ছুটী করা। ছুতা করা। ছ্যাক্ করা। জল করা। জাঁক করা। জাল করা। জিব বাহির করা। জোর করা। জ্বর করা। জ্বালা করা। ঝাঁ করা। ঝাঁঝাঁ করা। ঠন্‌ঠন্ করা। ঠাঁই করা। ঠিক করা। ঠোস করা। ঢং করা। ঢাক করা। ঢিপ করা। ঢোল করা। তাক্ করা। তার করা। তাল করা। তুল করা। থানা পুলিশ করা। থু করা। দাগ করা। দিক করা। ধর পাকড় করা। ধরাধরি করা। ধার করা। ধারধোর করা। ধুমধাম করা ধোঁয়া করা। ধোলাই করা। নত্য করা নমো করা। নমোনমো করা। নাং করা নেল করা। পয়সা করা। পাক করা পার করা। পাল্কী করা। পাস করা ফাঁক করা। ফাঁস করা। ফোঁস করা বড় করা। বশ করা। বাগ করা। বাব করা। বার করা। বেশ করা। ভন্‌ভন্ করা। ভয় করা। ভাগ করা। ভাব করা। ভ্যান্‌ভ্যান্ করা। মত করা। মন করা। মনে করা। মাথা করা। মাথা কট্‌কট্ করা। মাথা কোটাকুটি করা। মাথা খারাপ করা। মাটি করা। মাথা গরম করা। মাথা ঠাণ্ডা করা। মাথা ঠিক করা। মাথা ব্যথা করা। মাথামুণ্ড করা। যাগ করা। যাত্রা করা। যুত করা। যোগ করা। যোগাড় করা। রঙ্ করা। রাগ করা। রাজা করা। রাত করা। রিষ করা। রেতি করা। রেয়াত করা। রোক করা। রোগ করা। লজ্জা করা। লম্বা করা। লাট করা। লুট করা। লোপ করা। লোপাট করা। শোক করা। শোধ করা। শোভা করা। সই করা। সক্ বা সখ করা। সঙ্ করা। সঙ্গ করা। সঙ্গী করা। সঙ্গে করা। সত্য করা। সব করা। সাঙ্গ করা। সাজ করা। সাড় করা। সার করা। সুখ করা। সুখী করা। সুরু করা। সোজা করা। সেলাই করা। হাঁ করা। হাঁহাঁ করা। হাড়কালী করা। হা-মা-কা করা। হাত করা। হাতে করা। হাট করা। হালাল করা। হাসিল করা। হিংসা করা। হুট করা। হুজ্জত করা। হুঁস করা। হুসিয়ার করা। হেঁট করা। হেঁট মাটি উপুড় করা। হোড় করা। হোড়হাবড় করা]।

করাঘাত (ত্) [করের—আঘাত, ৬ তৎ কিম্বা কর দ্বারা আঘাত, ৩ তৎ] বি, কর প্রহার ; চপেটাঘাত ; চাপড় মারা।

শিরে করাঘাত করা—অত্যন্ত অনুতাপ বা ক্রোধবশে মাথা চাপড়ান।

করাটিয়া—বিণ, করকটিয়া ; অপুষ্ট ; অনুর্ব্বর।

করাণ (করানো) [করা ক্রিয়ার ণিজন্ত রূপ] ক্রি, করিতে বাধ্য করা ; অপরকে করিতে দেওয়া ; অন্য দ্বারা করাইয়া লওয়া। ২। লওয়ান। ৩। জন্মান ; ঘটান।

করাণী (নি) বি, করগ্রাহক। ২। [সাধারণত কেরাণী] লেখক। কেরাণী দ্রঃ।

করাত (ত্) [সং—করপত্র তাহা হইতে কর—পাত (পা=আ) করাত] বি, কাঠ চিরিবার উপযোগী লোহার পাতে দাঁত কাটা যন্ত্র ; saw. ছোট করাতকে হাত-করাত বলে, উহা একহাতে চালান যায়। বড় করাতে কাঠের বড় বড় গুঁড়ী চিরিয়া লম্বা লম্বা তক্তা বাহির করিতে হইলে করাতের পিছন দিক দুই হাতে ধরিয়া একজনে টানে ও ঠেলে আর মুখের দিকে ধরিয়া এক বা দুইজনে টানে ও ঠেলে।

করাতের গুঁড়া—করাত দিয়া কাঠ চিরিবার সময় যে কাঠের গুঁড়া পড়ে ; saw dust. **করাত-কল বা করাতে কল**—ইঁদুর ধরিবার জন্য লোহার জাঁতি কল, তাহার দুই পাশ করাতের দাড়ার মত কাটাকাটা থাকে ; ইঁদুর তাহার মধ্যে আসিলেই দুই পাশের মুখ দিয়া চাপিয়া ধরে। **শাঁখের করাত**—শঙ্খ চিরিবার জন্য যে করাত ব্যবহৃত হয়। উহা তীক্ষ্ণধার অর্দ্ধচন্দ্রাকার ও দুই হাতে দুই প্রান্ত ধরিয়া চালাইতে হয়। অন্য করাতে যেমন দাঁতগুলা একদিকে বাঁকান থাকায় তাহার বিপরীত দিকে টানিলেই কাঠ কাটে শাঁখের করাতে কিন্তু দুইদিকেই কাটে। তাহা হইতে আসিতে যাইতে যে ক্ষতি করে তাহাকে "শাঁখের করাত" বলে।

করাতি, করাতী [করাত দ্রঃ] বি, করাত ব্যবহারকারী ; যাহারা করাত দিয়া কাঠ চিরিয়া তক্তা করে। ২। বিণ, নাশক। প্র—"কুলের করাতি"। —চণ্ডীদাস।

করামত (ত্) [প্রা-কেরামত। আ-করামত্ : হি-করামাত] বি, আশ্চর্য্য ; অদ্ভুতশক্তি। ২। করতব। বি, **করামতি** (হি-করামাতী)।

করামত দেখান—অদ্ভুতশক্তি বা ঐশীশক্তির প্রকাশ করা।

করার (র্) [আ—কুরার্] বি, কড়ার ; অঙ্গীকার ; চুক্তি। "প্রত্যেক অঙ্গীকার এবং অঙ্গীকারের সমষ্টি যাহা পরস্পরের প্রবৃত্তি স্বরূপ, তাহাকে 'করার' কহে।" —জমিদারী দর্পণ (শশিশেখর)।

২। স্থিরতা। বিণ, করারী।

করারী [করার দ্রঃ] বিণ, যাহা কড়ার করা হইয়াছে ; অঙ্গীকৃত ; স্থিরীকৃত। **করারি জমি**—যে জমির কর বাবদে নির্দ্দিষ্ট ধান্য করার করা হয় সেই জমির নাম করারি জমি **করারি ধান্য**—করারি জমির প্রাপ্য ধান্যকে করারি ধান্য বলে। **বে-করারী**—

যাহার কোন কড়ার নাই; যাহার কোন চুক্তি করা হয় নাই; অনির্দ্ধারিত।

করারদাদ (করার্‌দাদ্) [আদা—কুরার্‌দাদ্] বি, চুক্তিপত্র।

করাল (ল্) [সং] বি, জনকবংশীয় রাজা-বিশেষ। ২। কাল তুলসী। ৩। [হি—রাল=ধুনা] ধুনা মিশ্রিত তৈল; গর্জ্জন তৈল। স্ত্রী, করালা—অনন্তমূল।

করাল (ল্) [সং। "করালো দন্তরে তুঙ্গে" —অমর। অপভ্রংশে কড়াল (দ্রঃ)] বিণ, বড় বড় দন্তবিশিষ্ট; দন্তর। ২। ভয়ানক আকৃতি: ভীষণ; ভয়ানক-দর্শন। প্র—করাল বদনা কালী। ৩। তুঙ্গ; উচ্চ। (২) বৃহৎ। (৩) মহৎ। স্ত্রী, করালী, করালিনী।

করাল-ভৈরব [ল, ব্] বি, পুং, তন্ত্রবিশেষ।

করালী—বি, স্ত্রী, চামুণ্ডা; চণ্ডিকা। প্র—করালী-চরণ, করালীপ্রসাদ। ২। বিণ, ভয়ঙ্করী। প্র—"যমুনা আবর্ত্তশালী বিষম করালী।"
—কবিক।

৩। পূতনা-জ্বালা নামক অগ্নিজিহ্বা।

করাস্ফোট (করাস্‌ফোট্) [কর দ্বারা আস্ফোট—৩ তৎ] বি, পুং, তালঠোকন।

করিঅরি (কোরিওরি) [করির—অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, সিংহ। প্র—"করি-অরি জিনি মধ্য মাজাক্ষীণী" —কবিকঙ্কণ।

করিও (কো) [করিয় দ্রঃ] ক্রি, করিয়ো ভবিষ্যতে ক'রো: করিবে। প্র—দেখা করিও। ভয় করিও।

করিকর (কোরিকর্) [করীর (হস্তীর) কর (হস্ত) শুণ্ড, ৬তৎ] বি, ক্লী, হস্তিশুণ্ড হাতির শুঁড়।

করিকর্ণপলাশ (কোরিকর্ণপলাশ্) বি, হাতিকান পলাশ গাছ।

করিকা (কো) [কর+ইক (কৃতার্থে, ইকন্) আপ্ স্ত্রী,)] বি, স্ত্রী, নখের আঁচড়।

করিকুম্ভ [করির—কুম্ভ, ৬তৎ] বি, পুং হস্তীর কুম্ভদেশ; হাতির মাথার কুম্ভাকৃতি স্থান ২। গন্ধচূর্ণ।

করিএ়া [প্রা-বাং-পদ-সা] করিয়া দ্রঃ।

করিতকর্ম্মা (কোরিত্‌কর্‌মা) [প্রা। সং—কৃতকর্ম্মন্ শব্দজ] বিণ, কার্য্য সম্পাদনে কুশল: যে অনেক কাজ-কর্ম্ম করিয়া বহুদর্শন লাভ করিয়াছে।

করিতুঁ (কো) [হি-প্রা, প্রা-বাং 'তুঁ'। আধু—তুম, তাম, তেম;—করিতাম=করিতেম=কর-তুম] ক্রি, করিতাম। প্র—"দেখিতে পাইতুঁ শিরোপা করিতুঁ এমতি মন যে করে।"
—চণ্ডীদাস।

করিপথ (থ্) [করির—পথ, ৬তৎ] বি, পুং, হস্তিগমন-যোগ্য পথ। ২। দেবপথ। ৩। দেশবিশেষ।

করিবক (ক্) [সং] বি, বকফুলবিশেষ।

করিবন্ধ (কো) [করীর (হস্তীর) বন্ধ (বন্ধন) করা হয় যাহাতে, বহু] বি, পুং, যাহাতে হস্তীকে বন্ধন করে; আলান।

করিম (কোরিম্) [আ—করীম্=দয়ালু (২) ঈশ্বর] বিণ, করুণাময়। ২। বি, ঈশ্বর।

করিমুখ (কোরিমুখ্) [করির মুখ, ৬তৎ] বি, ক্লী, করীর মুখ; গজমুখ। ২। [করীর মুখের সদৃশ মুখ হইয়াছে যাহার, বহু] বি, পুং, গণেশ।

করিয় (কোরিঅ) [করা দ্রঃ। হি, করিহো; প্রা, বাং; পদ-সা। করিহ—করিঅ—করিয়—করিও সংক্ষেপে—কোরো] ক্রি, করিও। প্র—"হঠ ন করিয় হরি ন করিয় লোভ" —বিদ্যাপতি।

করিয়া (কোরিয়া [করা দ্রঃ] দ্রুত উচ্চারণে করে। প্রা-বাং—কর্যে; পূ-বঙ্গ প্রাদে উচ্চারণ কইরা] ক্রি, অসমাপিকা, অনুষ্ঠান বা সম্পাদ-নের পর: করণানন্তর। ২। ক্রি-বিণ, দ্বারা; সাহায্যে; কোন আধারে রাখিয়া; অবলম্বনে; বাহনে; আরোহণে। প্র—গাড়ি করিয়া যাওয়া; নৌকা করিয়া পার হওয়া; ঘোড়ায় করিয়া যাওয়া। "শাবকদিগের নিমিত্ত চঞ্চুপুটে করিয়া খাদ্যসামগ্রী আনে" —কাদম্বরী। ৩। লইয়া; ধরিয়া। প্র—হাতে করিয়া; মাথায় করিয়া; কাঁধে করিয়া। ৪। স্থাপন করিয়া; রাখিয়া: ফিরাইয়া; ঘুরাইয়া। প্র—পূর্ব্বদিকে মুখ করিয়া উপবেশন কর। ৫। প্রকারে; উপায়ে; রূপে। প্র—কি করিয়া সে একাজ করিল। ভাল করিয়া; মন্দ করিয়া; যেমন করিয়া হউক। ৬। এত যত প্রভৃতি পরিমাণ বাচক শব্দের সহিত যুক্ত হইলে সেবার দ্বারা প্রীতি সম্পাদনার্থ বা অনু-গ্রহ লাভের জন্য চেষ্টা দ্বারা বুঝায়। প্র—এত করিয়াও তাহার মন পাওয়া গেল না। ৭। পর্য্যায় বা ক্রম বাচক। প্র—একটী একটী করিয়া সকল পাখী উড়িয়া গেল। ৮। [প্রা, ব্যবহার] হেতু বাচক; জন্য। প্র—"তাহাতে করিয়া সে এই কথা বলিল।" [সাধারণতঃ তাহাতে, যাহাতে, উহাতে, ইহাতে প্রভৃতি শব্দের যোগে এই অর্থ সূচিত করে] ৯। স্বরূপার্থক বলিয়া; অভেদ জ্ঞানে। প্র—"তোমার বুদ্ধিকে ও বিবেচনাকে দূরে রাখ, আমাকে ঈশ্বর করিয়া জান"
—রাজা রামমোহন রায়।

[দ্রঃ—প্রা, বাং; বৈ, পদ-সা করিঞা। অনু-নাসিক। হি-র অনুকরণে। প্র—তুঁহু যদি কহসি করিঞা অনুবন্ধ" —বিদ্যাপতি]

করিয়া-কর্ম্মিয়া (কোরিআ কোর্‌মিআ) [গ্রা, করে-কম্মে] ক্রি, স্বহস্তে কাজকর্ম্ম সম্পাদন করিয়া; স্বকীয় চেষ্টায়। প্র—"হাতে কলমে করিয়া কর্ম্মিয়া শিখিয়াছি"।
—দ্বিজেন্দ্র ঠাকুর।

করির, করীর (র্) [সং] বি, বাঁশের অঙ্কুর বা কোঁড়ক। ২। ঘট। ৩। করীল গাছ। স্ত্রী, করিরা, করিরী—হাতীর দাঁতের গোড়া।

করিশাবক, করিশিশু, করিসুত (কো, ক্) [করীর—শাবক (শিশু, সুত) ৬তৎ] বি, পুং, গজশিশু; হাতীর ছানা।

করিষ্ণু (কোরিষ্‌ণু) [কৃ—কর্+ইষ্ণু (কর্তৃ, শীলার্থে)] বিণ, করণশীল; যে করিতেছে বা করে; ক্রিয়াবান।

করিষ্যমান (কোরিষ্‌শোমান্) [কৃ (করা) +আন (কর্তৃ, ভবিষ্যদর্থে—ষ্য—ম্ আগম) অথবা, স্যমান; ই—আগম] বিণ, যে করিবে।

করিহ [প্রা, বাং পদ্যে; বৈ, পদ, সা। হি—করিহ] ক্রি, করিও। প্র—"তার চর্চ্চা কেহ না করিহ মোর স্থানে।" —শিবায়ন।

করী (কোরি) [কর (শুণ্ড)+ইন্ (অস্ত্যর্থে) =করিন্ ১মা, ১ব] বি, পুং, গজ; হস্তী। স্ত্রী, করিণী—হস্তিনী।

করীন্দ্র (কোরিন্‌দ্রো) [করীর মধ্যে—ইন্দ্র (প্রধান) ৭তৎ] বি, পুং, গজবর; গজ-প্রধান। ২। ঐরাবত।

করীষ (কোরিষ্) [সং] বি, ঘুঁটে; মাঠ, বন জঙ্গলাদিতে গরু যে পুরীষ ত্যাগ করে সেই গোময় শুষ্ক হইলে তাহাকে করীষ বলা হয়: ঘসি।

করীষাগ্নি (কোরিষাগ্‌নি) [করীষ (ঘুঁটে) দ্বারা প্রজ্বালিত—অগ্নি (আগুন) ৩ তৎ) কিম্বা করীষের অগ্নি, ৬ তৎ] বি, পুং, ঘুঁটের আগুন।

করু (কো) [সং—কৃ=করা। করোতু—করু করুক, হি—করোঁ, করুঁ=করি (ম্যয়্ করুঁ = আমি করি)। মৈ, বাং; বৈ, পদ, সা-তে ভূরি প্রয়োগ] ক্রি, করে। প্র—"ক্ষণে ক্ষণে অধর আগে করু বল"। —বিদ্যাপতি। ২। করুক। প্র—"লাখ উদয়া করু চন্দা"।
—বিদ্যাপতি।

৩। করিও। প্র—"সো হরি না করু পুছারে" —বিদ্যাপতি।

করুই (কো) [প্রাদে। করই ও বলে] বি, শস্যের গোলা; শস্য ভাণ্ডার। ২। ভাণ্ডার; ভাঁড়ার।

করুক (কোরুক্) [সং—করোতু—তাহা হইতে করথু, করু, করুক] ক্রি, করু দ্রঃ।

করুণ (কোরুন্) [কৃ (বিক্ষেপ করা)+উন অধি—যাহাতে চিত্ত বিক্ষিপ্ত হয়] বি, পুং,

করুণরস। প্রিয়জনের বিরহে বা ইষ্ট বস্তুর অনিষ্ট ঘটিলে করুণ রসের আবির্ভাব হয়, শোক ইহার স্থায়িভাব। ২। দয়া; অনুগ্রহ। ৩ বিণ, পরদুঃখে দুঃখিত। প্র—করুণহৃদয়। ৪। শোকসংক্রান্ত; শোক ঘটিত। ৫। যাহাতে শোকের আবির্ভাব হয়; যাহা শুনিলে বা দেখিলে করুণা হয়। প্র—করুণদৃশ্য। "অরুণ নয়নে করুণ চাই সঘনে জপয়ে রাই রাই" —বৈ, পদাবলী। বিণ,—কারুণিক। প্র—"পরম কারুণিক পরমেশ্বর" —অক্ষয়কুমার দত্ত।

করুণ (কোরুন্) [সং] বি, কমলালেবুর গাছ citrus decumana.

করুণা (কোরুনা) [করুণ+আপ্ স্ত্রী] বি, স্ত্রী, দয়া; কৃপা অনুকম্পা। ২। অনুগ্রহ। ৩। [মৈ, বাং, বৈ, পদ, সা,] কাতরতা। প্র—"অতি হু লাজ ডর অতি হু করুণা" —বিদ্যাপতি। ৪। কাতর ভাবে। প্র—"রহত করুণা পথ হেরি" —বিদ্যাপতি।

করুণা (কোরুনা) [হি—করনা—কর্ণা] বি, করুণা নেবু: গোঁড়া নেবু। গোঁড়া দ্রঃ।

করুণা (কোরুনা) [পুরাণে] বি, স্ত্রী, পুলস্ত্য-মুনির কনিষ্ঠা কন্যা, জ্যেষ্ঠার নাম মিত্রা।

করুণানিকর (কোরুনানিকর্) [করুণা—নিকর (নিধি (২) রাশি)] বিণ, কৃপা-নিধি; করুণাময়। স্ত্রী, করুণানিকরা—করুণাময়ী—সম্বোধনে, নিকরে। প্র—"জয় দেবি জগন্ময়ি দীন দয়াময়ি শৈলসুতে করুণা-নিকরে॥" —অন্নদামঙ্গল।

করুণানিদান (কোরুনানিদান্) [করুণার নিদান (মূল—উৎস) ৬তৎ] বিণ, করুণাময়; দয়াবান্; দয়ালু; করুণাকর।

করুণানিধান (কোরুনানিধান্) [করুণা (র) নিধান (নিলয়) ৬ তৎ] বিণ, করুণানিলয়; কৃপানিধান; দয়ালু; দয়াময়। ২। বি, ঈশ্বর। প্র—"অধম পতিত জনে এত তোমার করুণা কেন ওহে করুণানিধান" —ব্রহ্মসঙ্গীত।

করুণানিধি—বি, করুণানিধান।

করুণাময় (কোরুনাময়্) [করুণা+ময়—(অস্ত্যর্থে ময়ট্)] বিণ, দয়া আছে যাহার; দয়াময়; কৃপানিধান। প্র—"বাঁচাও করুণাময় ভিখারী রাঘবে।"—মেঘনাদ। স্ত্রী, করুণাময়ী—দয়াবতী।

করুয়া (করুআ) [সং—করঙ্ক। হি—ওড়ি—করুয়া] বি, করোয়া দ্রঃ।

করে (কোরে)[করিয়া—সংক্ষেপে] ক্রি-বিণ, দ্বারা; পূর্ব্বক; ভরে। প্র—"এখন আমারে লহ করুণা করে" —চয়নিকা। ২। প্রকারে; রূপে; ভাবে। প্র—কি করে কাজটা করা যাবে।

করেণু (নু) [সং] শোককাতর শোকার্ত্ত; দীন। ২। পুং, হস্তী। স্ত্রী, হস্তিনী (করেণুকাও হয়)।

করেণুকা (নু) [করেণু দ্রঃ] বি, স্ত্রী, হস্তিনী। প্র—"রাজকুমার স্বর্ণালঙ্কারে ভূষিত করেণুকায় আরোহণ করিলেন॥"—কাদম্বরী।

করেণুমতী (—নুমতি) [পুরাণে] বি, স্ত্রী, নকুলের ভার্য্যা; নিরমিত্রের জননী।

করেলা, করলা (করোলা) [সং—কার-বেল্ল। হি—করেলা] বি, তিক্তফলবিশেষ দীর্ঘাকার উচ্ছে; momordica charantia.

করোট (ট্) [ক (মস্তক) রুট্ (রক্ষ করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—অল্)] বি, পুং মাথার খুলি।

করোটি, করোটী [করোট+ই (সংজ্ঞার্থে—ঈপ্ স্ত্রী,)] বি, স্ত্রী, মাথার খুলি। প্র—"বিকট ভীষণ দংষ্ট্রা পাছে সৈন্যগণ। করোটি কঙ্কাল অস্থি করিছে চর্ব্বণ।" —ফুলরেণু।

করোহ [প্রা-বাং] করহ দ্রঃ।

কর্ক [সং] বি, পুং, শ্বেতবর্ণ অশ্ব। ২। ক্ষুদ্র কলস। ৩। [ইং—cork] দক্ষিণ য়ুরোপের ওকবৃক্ষবিশেষের বল্কল; কাক। ৪। কাকরোল গাছ; কাঁকড়াশিঙ্গী। ৫। বিণ, শ্বেতবর্ণ। কর্কখণ্ড—দেশবিশেষ; যথায় শ্বেতাশ্ব পাওয়া যায়। কর্কচির্ভটী—শ্বেত-কাঁকুড়; সাদা ফুটী।

কর্কট, কর্ক্‌ট, কর্কটক [সং—কর্কটকঃ; প্রাকৃ—করকটকো] বি, পুং, কাঁকড়া। ২। কর্কটী পক্ষী; the Numidian crane. ৩। পদ্মকন্দ। ৪। অলাবুবৃক্ষ। ৫। মেষাদি দ্বাদশ রাশির মধ্যে চতুর্থ রাশি; কর্কট রাশি। প্র—"কর্ক্‌ট সিংহেতে যেন জলদ বরিষে" —কাশী-মহা। স্ত্রী, কর্কটি, কর্ক্‌টি, কর্ক্‌টী, কর্ক্‌টিকা।

কর্ক্‌টক্রান্তি (কর্‌কট্‌ক্রান্‌তি)] বি, স্ত্রী, নিরক্ষ রেখা হইতে ২৩॥০ অংশ উত্তরে যে অক্ষ রেখা আছে; Tropic of cancer.

কর্ক্‌টশৃঙ্গী (কর্‌কট্‌শৃংগি) বি, স্ত্রী, কাঁকড়া শিঙ্গা গাছ; rhus succedanea acuminata.

কর্ক্‌টিয়া, কর্কটে [সং—কর্করেটু] বি, কট্‌কটিয়া পাখী। ২। বিণ, করকটিয়া (দ্রঃ), খর্ব্বাকৃতি; কুঁজো ও কঠিন। ৩। কর্কশ-রবকারী।

কর্ক্‌টী, কর্কটি,—টিকা [সং। হি—কাঁক্‌ড়ি] বি, স্ত্রী, কাঁকুড় গাছ; a kind of cucumber.

কর্ক্‌টীমাটি [প্রাদে] বি, কাঁকড়ায় যে মাটি তোলে; কাঁকড়ামাটি। প্র—"খুড়িটাক কর্কটীমাটির করি ফোঁটা।" —শিবায়ন।

কর্ক্‌র (র্) [কর্ক্ (সৌন্দর্য্য)+অর (করণে, সংজ্ঞার্থে) যাহা দ্বারা সৌন্দর্য্য বৃদ্ধি পায়] বি, পুং, দর্পণ; আর্শি; মুকুর। ২। মুদ্গর। ৩। [হি—কঙ্কর] কাঁকর; ঘুটিং। ৪। বিণ, কঠোর; দৃঢ়; কর্কশ। স্ত্রী, কর্ক্‌রী—জলপাত্র; সনল ঘটী; গাড়ু। বদনা।

কর্ক্‌রাল (ল্) বি, পুং, চূর্ণকুন্তল; অলক। ২। বিণ, কাঁকুরে।

কর্কিরিয়া—বিণ, কঙ্করযুক্ত।

কর্ক্‌রিল (ল্) বিণ, দানাদার; কিরকিরে; কাঁকুরে।

কর্ক্‌শ, কর্কশ (কর্‌কশ্) [সং] বিণ, খরস্পর্শ; খরখরে; অমসৃণ; আবুড়া খাবুড়া। ২। শ্রুতিকটু; পরুষ। ৩। কঠিন; কঠোর; নির্দ্দয়; নিষ্ঠুর; নির্ম্মম। ৪। ক্রূর; কপট। ৫। শুষ্ক; নীরস। ৬। বি, করঞ্জ বৃক্ষ; কমলাগুঁড়ী; কালকাসন্দা; বিছাতীগাছ; ইক্ষুভেদ। ৭। খড়্গ। স্ত্রী, কর্ক্‌শা—শঙ্কিতব্যভিচারা স্ত্রী।

কর্ক্‌সার (কর্কশার্) [সং] বি, স্ত্রী, দধি-মিশ্রিত শক্তু; দই মিশান ছাতু।

কর্ক্‌ারু (সং) বি, পুং, পক্বকুষ্মাণ্ড; পাকা-কুমড়া; বিলাতী কুমড়া; beninkasa cerifera.

কর্ক্‌ারুক (ক্) [সং] বি, তরমুজ, cucurbita citrallus.

কর্ক্কোট, কর্কোটক (ট্, ক্) [সং] বি, পুং, তীব্রবিষ, স্বনাম প্রসিদ্ধ নাগ বা সর্প। ২। বিল্ববৃক্ষ; বেলগাছ। ৩। কাঁকরোল নামক লতানেগাছ। ৪। কাঁকুড় গাছ। ৫। ইক্ষু ভেদ।

কর্চ্চর (র্) [সং] বি, ক্লী, হরিতাল।

কর্চ্চরিকা, কর্চ্চরী [সং। হি—কচৌরী বা বাং কচুরী হইতে। কচুরি দ্রঃ। অমর-কোষাদি প্রাচীন বা শব্দকল্পদ্রুম, শব্দসারাদি আধুনিক সংস্কৃত অভিধানে নাই, প্রকৃতিবাদে আছে] বি, কচুরী।

কর্চ্চুর, কর্চুর (র্) [আয়ুর্ব্বেদে। তুল—হি, কচূরা; মঃ, কর্ণাটী—কচোরা] বি, একাঙ্গী; murraya exotica. ২। কাঁচাহলুদ। ৩। স্বর্ণ। ৪। বিণ, কর্ব্বুরবর্ণবিশিষ্ট।

কর্জ্জ, কর্জ্জা [আ—কর্‌জ্] বি, ঋণ; ধার; দেনা। প্র—"কর্জ্জ কর কাত্যায়নী কুবেরের কাছে। ভিখারীকে ভয়ে ভাবি ভঙ্গ দেয় পাছে।"—শিবায়ন। কর্জ্জদার,

করজদার—বিণ, ঋণী, দেনদার ; ধেয়ো। কর্জ্জপত্র—দেনাপত্র ; ধারধোর। ২। ঋণ স্বীকারপত্র ; খৎ।

কর্ণ (করূনো) [কর্ণি (শ্রবণ করা)+অ (করণে—অল) যাহা দ্বারা শব্দ শুনা যায়] বি, পুং, শ্রবণ ; কাণ। ২। কর্ণালঙ্কার ; কর্ণভূষণবিশেষ ; (সোণার) কান। ৩। [কৃ (করা)+ন (কর্ত্তৃ) যে নৌকা সোজা করিয়া রাখে] হাইল। ৪। কুন্তীর কন্যাকালের পুত্র ; অঙ্গরাজ ; দাতাকর্ণ। ৫। [গণিতে] যে সরল রেখা চতুর্ভুজের সম্মুখীন দুই কোণ-যুক্ত করে ; diagonal. ৬। সমকোণী ত্রিভুজের সমকোণের সম্মুখীন বাহু। hypotenuse কর্ণ-ফুল—কানের অলঙ্কারবিশেষ। কর্ণ-দর্পণ—কর্ণভূষণবিশেষ ; কানতড়্কা।

কর্ণক (ক্) [সং] বিণ, নিয়োগকর্ত্তা ; নিয়ন্তা। ২। কর্ণধার ; যে নৌকার হাল ধরে।

কর্ণকণ্ডু (কর্নকোনড়্) [কর্ণের কণ্ডু (কণ্ডূয়ন, চুলকান) হয় যাহাতে, বহু] বি, পুং, কর্ণের রোগবিশেষ ; কান চুলকানি।

কর্ণকীট (ট্) [কর্ণ (কর্ণে প্রবেশ করে যে) কীট] বি, পুং, কাণ-কোটারি। স্ত্রী, কর্ণকীটা—কেন্নুই ; a centipede.

কর্ণকুহর (র্) [কর্ণের কুহর (ছিদ্র) ৬তৎ] বি, ক্লী, কর্ণ-বিবর, কর্ণকূপ ; কর্ণের ছিদ্র ; কর্ণরন্ধ্র।

কর্ণকৃমি [কর্ণের (কানের) মধ্যে জাত যে কৃমি (ক্ষুদ্র কীট) হয় যে রোগেতে, বহু] বি, পুং, কাণের রোগ-বিশেষ।

কর্ণগোচর (র্) [কর্ণের (কানের) গোচর (বিষয়) ৬তৎ] বিণ, কর্ণের বিষয় ; শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য। প্র—কোন কথা কর্ণগোচর হওয়া।

কর্ণগ্রাহ [কর্ণ (নৌকার হাইল) গ্রাহ (যে গ্রহণ করে)] বি, পুং, যে নৌকার হাইল ধরে ; কর্ণধার ; নাবিক।

কর্ণচ্ছিদ্র (কর্নচ্ছিদ্রো) [কর্ণের ছিদ্র (বিবর) ৬তৎ] বি, ক্লী, কর্ণকূপ ; কর্ণরন্ধ্র।

কর্ণজিৎ [কর্ণ—জি (জয় করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, যে কৌরব পক্ষীয় কর্ণকে জয় করিয়াছে ; অর্জ্জুন।

কর্ণধার (র্) [কর্ণ (নৌকার হাইল) ধার (যে ধারণ করে) কর্ণ—ধৃ (ধারণ করা)+অন্—কর্ত্তৃ] বি, পুং, যে নৌকার হাইল ধরে ; নাবিক ; কাণ্ডারী। ২। [লক্ষণায়] চালক ; পরিচালক।

কর্ণনাদ (দ্) [কর্ণে নাদ, ৭তৎ] বি, পুং, কর্ণের মধ্যে শব্দ বিশেষ, কর্ণ অঙ্গুলি দ্বারা আচ্ছাদিত করিলে যে ভোঁ ভোঁ শব্দ হয়।

কর্ণপথ (থ্) [কর্ণরূপ পথ, কর্ম্মধা অথবা কর্ণের পথ, ৬তৎ] বি, পুং, কর্ণমধ্যে শব্দ-প্রবেশযোগ্য পথ ; শ্রুতিপথ।

কর্ণপরম্পরা [কর্ণ—পর—পর] বি, স্ত্রী, এক কান হইতে আর এক কান তাহা হইতে আর এক কান এইরূপ ক্রমাগত ; এক জনের নিকট একটি কথা শুনিয়া অন্য এক জনকে বলা, সে আবার অন্যকে বলিলে কর্ণপরম্পরা বলে ; পরম্পর কানাকানি।

কর্ণপালী [কর্ণ—পাল (পা+ণিচ্=পালি—রক্ষা করা+পালন করা)+অ (সংজ্ঞার্থে), ঈপ, স্ত্রী] বি, স্ত্রী, কর্ণালঙ্কার ; কর্ণভূষণ ; কানবালা প্রভৃতি কর্ণের আভরণ।

কর্ণপিশাচী [সং] বি, স্ত্রী, তন্ত্রোক্ত দেবী-বিশেষ।

কর্ণপূর (র্) [কর্ণ—পূর। পূর্ (পূরণ করা)+অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে, অল) উপপদ, যে কর্ণকে পূর্ণ করে] বি, পুং, কর্ণাভরণ ; কর্ণভূষণ ; কান নামক অলঙ্কার। প্র—"কর্ণপূর কিরণে কবরী কান্তি করে।"—ঘনরাম। "শঙ্খ কজ্জল সোনা তাম্র রৌপ্য গোরচনা চামর দর্পণ কর্ণপূর।"—কবিকঙ্কণ। ২। নীলোৎপল। ৩। অশোক বৃক্ষ। ৪। শিরীষ বৃক্ষ।

কর্ণবংশ [কর্ণ (কর্ণাকার) বংশ (বাঁশ) থাকে যাহাতে, বহু] বি, পুং, মঞ্চ।

কর্ণবেধ (ধ্) [কর্ণের বেধ (বিদ্ধকরণ) ৬তৎ) বি, পুং, সংস্কারবিশেষ ; চূড়াকরণ ; সংস্কারপূর্ব্বক কান বিঁধান। প্র—"পর্ব্বত-পুণ্যাহ পেয়ে পাঁচমাস কালে কর্ণবেধ কন্যার করিল কুতূহলে।" —শিবায়ন।

কর্ণবেষ্ট, বেষ্টক, বেষ্টন (ক্, ন্) [কর্ণ (কর্ণের) বেষ্ট (বেষ্টন করা)+অ (অল্, করণে) অক (কর্ত্তৃ)+অন্ (ট্, করণে)] বি, কর্ণ-বেষ্টক ; ভূষণ ; কুণ্ডল।

কর্ণভূষণ (ন্) [কর্ণের ভূষণ, ৬তৎ] বি, ক্লী, কর্ণালঙ্কার ; কর্ণাভরণ।

কর্ণমল (ল্) [কর্ণের মল, ৬তৎ ; কিম্বা, কর্ণস্থ যে মল, কর্ম্মধা] বি, ক্লী, কানের মলা ; খইল।

কর্ণমূল (করনোমূল্) [সং] বি, কানের গোড়া। ২। কর্ণমূলের গ্রন্থি-স্ফীতি রোগ। প্র—তাহার কর্ণমূল হইয়াছে উহা পাকিলে অস্ত্র করা হইবে।

কর্ণশূল (ল্) [কর্ণের শূল, ৬তৎ] বি, পুং, কর্ণের ভিতর হুল বেঁধার মত যন্ত্রণাদায়ক রোগ ; যে রোগে কান কট্‌কট্, ঝন্‌ঝন্ করে।

কর্ণহীন (ন্) [কর্ণ দ্বারা হীন, ৩তৎ] বিণ, বধির ; কালা।

কর্ণাকর্ণি [(গ্রা, কানাকানি) কর্ণ দ্বারা আকর্ণি (শ্রবণ করা) ৩তৎ] বি, ক্লী, কানাকানি ; পরস্পর ফুস ফুসনী ; কানে কানে কথা। [বিরল কানাকানি দ্রঃ]

কর্ণাট (কর্ণাট্) বি, পুং, দেশবিশেষ। স্ত্রী, কর্ণাটী—কর্ণাটদেশীয় স্ত্রী। ২। কর্ণাট-রাজমহিষী। ৩। রাগিণীবিশেষ ; মালব রাজের পত্নী। ৪। কাব্যের রীতিবিশেষ। ৫। বর্ত্তমান কার্ণাটিক।

কর্ণাটিকা [কর্ণাট—ঈপ্=কর্ণাটী+ক (স্বার্থে) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, কর্ণাট দেশ ; Carnatic. ২। কর্ণাটদেশীয়া স্ত্রী।

কর্ণি, কর্ণী (কোর্নি) বি, স্ত্রী, কর্ণাংশ। ২। [কর্ণি—কন্নি—কন্না। তুল—ক্রে—cunna, canon ; ইং—gun.] আগ্নেয়াস্ত্র ; কামান।

কর্ণিক্ (কোর্নিক্) [প্রাদে। গ্রা, কোন্নিক্] বি, রাজমিস্ত্রিদের ব্যবহার্য্য লোহ-নির্ম্মিত যন্ত্রবিশেষ ; কন্নিক।

কর্ণিকা (কোর্নিকা) [কর্ণ (কান)+ইক (সংজ্ঞার্থে—ইকন্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, কর্ণাভরণ ; কর্ণভূষণ ; কেয়াপাতা। ২। হস্তি-শুণ্ডের অগ্রবর্ত্তী অঙ্গুলির ন্যায় অংশ। ৩। পদ্মের মধ্যস্থ বীজকোষ। ৪। পুষ্পমধ্য। প্র—
"বিকসিত পুণ্ডরীক কর্ণিকার মাঝে"
—ভারতচন্দ্র।
৫। বৃন্ত ; বোঁটা। ৬। হস্তের মধ্যাঙ্গুলি। ৭। অজশৃঙ্গীবৃক্ষ। ৮। অগ্নিমন্থন বৃক্ষ।

কর্ণিকা (কা) [সং। হি—করণী, ওড়ি ; মঃ—করণী] বি, লেখনী।

কর্ণিকাচল [কর্ণিকা (পদ্মের বীজকোষ) অচল (পর্ব্বত) কর্ণিকাবৎ অচল (উপমিত)] বি, পুং, সুমেরু পর্ব্বত (ইহা পৃথিবীর মধ্য স্থানে কল্পিত বলিয়া)।

কর্ণিকার (কোর্নিকার্) [কর্ণিকা (দ্রঃ)+ঋ (গমন করা)+অ (কর্ত্তৃ—অন্) যে কর্ণিকা নামে বা পর্য্যায়ে গমন করে ; কর্ণিকা-সদৃশ পুষ্প হওয়া। হি—কণিয়ার। ২। সোনহালী, তেলু—সোনালুফল। সং—স্বর্ণালুবৃক্ষ—তাহা হইতে সোনাল—সোঁদাল] বি, সোঁদালগাছ ; cassia fistula. ২। সোঁদালি ফুল। প্র—"আকন্দ তপন কাঁটা, কর্ণিকার শ্বেতজটা, সূর্য্যমণি তুলিল গুলাল।"
—কবিকঙ্কণ।

কর্ণিশর (কোর্নিশর্) [কর্ণি—শর (বাণ)। তুল—মৈ, বাণ কনিয়ারা বা কনিয়ালা (তীক্ষ্ণ)] বি, পুং, বিঁধিয়া ছিদ্র করিবার তীক্ষ্ণমুখ যন্ত্রবিশেষ ; বেধনাস্ত্র। ২। তীক্ষ্ণ শর। তুল—(বৈ, পদ, সা) "ফুটিল কটাখ বাণ কনিয়ালা" —বিদ্যাপতি।

কর্ণী (কোর্নি) [কর্ণ–ইন্ (অস্ত্যর্থে) = কর্ণিন্ ১মা, ১ব] বিণ, কর্ণবিশিষ্ট ; কর্ণযুক্ত। ২। কর্ণসম্বন্ধীয়। ৩। দীর্ঘ কর্ণ। ৪। সপ্তবর্ষ পর্ব্বতের মধ্যে পর্ব্বতবিশেষ। ৫। কুটিলাগ্রযুক্ত শরবিশেষ।

কর্ণীরথ (কোর্নিরথ্) [কর্ণী (কর্ণদেশে বাহ্যমান যে রথ (যান) কর্ম্মধা] বি, পুং, স্কন্ধবাহ্য যান ; স্ত্রীলোকের গমনার্থ বস্ত্র-আচ্ছাদিত ক্ষুদ্র যান ; ডুলি।

কর্ণেজপ (কর্নেজপ্) [কর্ণে—জপ (পুনঃ পুনঃ উচ্চারণ—মন্ত্রদান) + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে —অচ্)] বিণ, সূচক ; খল ; কুপরামর্শ দাতা ; মনোভঙ্গকারী। ২। বি, গোয়েন্দা।

কর্ণেন্দু [কর্ণের—ইন্দু (চন্দ্র) ৬তৎ] বি, পুং, অর্দ্ধচন্দ্রাকৃতি কর্ণভূষণ ; (সোণার) চাঁদ।

কর্ণোপকর্ণিতা [কর্ণ—উপকর্ণ (কর্ণ হইতে উপকর্ণে (কর্ণান্তরে) যাহা যায়)] বি, স্ত্রী, জনশ্রুতি ; কাণাকাণি।

কর্ণ্য (কর্ন্য) [কর্ণ + য (ভবার্থে, যন্)] বিণ, কর্ণোৎপন্ন ; কর্ণসম্ভব। ২। বি, কর্ণমল ; কাণের খোল।

কর্ত্তন (কর্তন্) [কৃৎ (ছেদন করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, ছেদন করা ; কাটা। ২। কাট্‌না কাটা। স্ত্রী, **কর্ত্তনী** —যাহাদ্বারা কর্ত্তন করা হয় ; কাটিবার অস্ত্র ; কাঁচি। ২। কাতান।

কর্ত্তরী, কর্ত্তরিকা [কৃৎ (ছেদন করা) + অর (করণে—সংজ্ঞার্থে) = কর্ত্তর—ঈপ্ স্ত্রী, ক (ক্ষুদ্রার্থে) যোগে কর্ত্তরিকা। কট্টার দ্রঃ] বি, স্ত্রী, কাটিবার অস্ত্র ; কাটারি। ২। ছুরি। ৩। পত্রীকৃত স্বর্ণাদি কর্ত্তন যন্ত্র ; কাতুরি। ৪। কর্ত্তনযোগ্য অপর দুই একটী অস্ত্রও বুঝায়। যথা,—কাঁচি, বাণের পুঙ্খ ইত্যাদি।

কর্ত্তব, করতব (কর্তব্) [হি—করতব্। সং—কর্ত্তব্য] বি, করতপ দ্রঃ।

কর্ত্তব্য (কর্‌তোব্‌বো) [কৃ (করা) + তব্য (কর্ম্মে)] বিণ, অনুষ্ঠানযোগ্য ; করণীয় ; করা আবশ্যক ; যাহা করিতে হইবে ; বিধেয়; উচিত। ২। বি, অনুষ্ঠেয় কর্ম্ম ; duty. প্র—কি কর্ত্তব্য কি অকর্ত্তব্য সকলেরই তাহা জানা কর্ত্তব্য। বিপরীতে অকর্ত্তব্য। ৩। করতব দ্রঃ। বি, কর্ত্তব্যতা।

কর্ত্তব্যতা (কর্‌তোব্‌বোতা) [কর্ত্তব্য + তা (ভাবে)] বি, স্ত্রী, ঔচিত্য।

কর্ত্তা (কর্‌তা) [কৃ (করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = কর্ত্তৃ ১মা, ১ব] বিণ, প্রণেতা ; যিনি স্বতন্ত্রভাবে কর্ম্ম করেন ; নির্ম্মাতা ; স্রষ্টা। ২। [ব্যাকরণে] কারকবিশেষ ; যে কোন কর্ম্ম সমাধা করে। ৩। গৃহস্বামী,—এই অর্থে বাঙ্গালায় চলিত শব্দ 'কর্ত্তা'। ৪। স্বামী ; পতি। প্র—"শুনিয়া নারীর কথা মনে অভিমান। কর্ত্তাটি জানালা খুলে স্নিগ্ধবায়ু খান॥" —বাজিমাৎ (হেমচন্দ্র)। ৫। অধ্যক্ষ। ৬। প্রভু ; মুনিব। ৭। বি, পুং, বিধাতা। স্ত্রী, **কর্ত্রী**—প্রধানা স্ত্রী, গৃহিণী। কর্ত্তা শব্দের স্ত্রীলিঙ্গে—গিন্নি, গিন্নী

কর্ত্তৃপদ—ক্রিয়াসম্পাদক শব্দ ; the nominative.

কর্ত্তৃকারক—ক্রিয়ার সহিত অন্বিত কর্ত্তাবাচক পদ ; the nominative case.

কর্ত্তৃবাচ্য—যে বাচ্যে কর্ত্তার বচন ও পুরুষ অনুসারে ক্রিয়ার বচন ও পুরুষ এবং কর্ত্তৃকারকে প্রথমা ও কর্ম্মকারকে দ্বিতীয়া বিভক্তি হয় ; the active voice.

কর্ত্তার ইচ্ছা কর্ম্ম—আইনকানুন বা যুক্তির প্রভাব যেখানে নাই কর্ত্তা বা প্রভুর ইচ্ছাই তথায় কর্ম্মের প্রবর্ত্তক ; স্বেচ্ছাচারিতা।

কর্ত্তাভজা [কর্ত্তা (কর্ত্তার – সৃষ্টিকর্ত্তার) ভজা (ভজনাকারী উপাসক দল)] বি, উপাসক—সম্প্রদায়বিশেষ। নদীয়া জেলার কাঁচড়াপাড়া ষ্টেশনের অনতিদূরবর্ত্তী ঘোষপাড়া গ্রামে আউলচাঁদ নামক জনৈক উদাসীন ইহার প্রবর্ত্তক। ১৬০৮ শকে নদীয়ার অন্তঃপাতী উলাগ্রামের মহাদেব দাস বারুই তাহার পানের বরজে অজ্ঞাতকুলশীল অষ্টমবর্ষীয় একটী বালক প্রাপ্ত হয় ; মহাদেব ঐ বালকের পূর্ণচন্দ্র নাম রাখে, পূর্ণচন্দ্র ক্রমে বৈষ্ণব চূড়ামণি বলরাম দাসের নিকট বৈষ্ণব-ধর্ম্মে দীক্ষিত হইয়া আউলচাঁদ নামে খ্যাত হন। ইনি সমস্ত ভারতবর্ষ পর্য্যটন করেন এবং সাধনবলে দৈবশক্তি সাক্ষাৎ করেন, তাঁহার সম্বন্ধে এইরূপ গান প্রচলিত আছে—

"এ ভাবের মানুষ কোথা হ'তে এলো ?
এর নাইকো রোষ, সদাই তোষ
মুখে বলে সত্য বল।
এর সঙ্গে বাইশ জন, সবার একটী মন,
জয় কর্ত্তা বলি, বাহু তুলি,
করলে প্রেমে ঢলাঢল॥
এযে হারা দেওয়ায়, মরা বাঁচায়,
এর হুকুমে গঙ্গা শুকালো।"

কি হিন্দু কি মুসলমান সকলকেই ইনি সমান ভাবিতেন, মুসলমানেরাই ইঁহার নাম আউলচাঁদ রাখেন। ইঁহারা বলেন কৃষ্ণচন্দ্র, গৌরচন্দ্র ও আউলচন্দ্র—তিনে এক, একে তিন। ১৬৯৯ শকে বোয়ালিয়া বা বোয়ালে গ্রামে, আউলচাঁদ দেহত্যাগ করেন। শ্রীকৃষ্ণই ইঁহাদের উপাস্য দেবতা, এ সম্প্রদায়ী গুরুদিগের নাম "মহাশয়," শিষ্যের নাম "বরাতি," এই সম্প্রদায়ে জাতি বিচার নাই, কিন্তু সুরাপান একেবারে নিষিদ্ধ, ইঁহাদের কোন ধর্ম্মগ্রন্থ নাই ; দোল ও রাস যাত্রাই ইঁহাদের প্রধান মহোৎসব, ফাল্গুন মাসের দোল-পূর্ণিমাতে ঘোষপাড়াতে ইঁহাদের মহোৎসব হয়।—ভারতবর্ষীয় উপাসকসম্প্রদায়।

কর্ত্তার (ব্) বি, করতার দ্রঃ।

কর্ত্তিত (কোর্‌তিতো) [কৃৎ (ছেদন করা) + ত (কর্ম্মে—ক্ত)—ই আগম] বিণ, দ্বিধাকৃত ; ছেদিত ; ছিন্ন ; যাহা কাটা হইয়াছে।

কর্ত্তুকাম (কোর্‌তুকাম্) [কর্ত্তুম্ (করিবার জন্য) কাম (ইচ্ছা) যাহার, বহু (ম্ লোপ)] বিণ, করিতে ইচ্ছুক ; চিকীর্ষু। [আধু বাং বিরল]।

কর্ত্তৃক (কোর্‌তৃক্) [সং—অন্ত শব্দের সহিত কর্ত্তৃ শব্দের বহুব্রীহি সমাস হইলে 'ক' প্রত্যয় হয়। যথা—মৎ কর্ত্তৃক] অ, দ্বারা ; সাহায্যে ; আনুকূল্যে। [দ্রঃ—"একালের লেখকেরা কর্ত্তৃক এবং দ্বারা এই দুই পদের ব্যবহারে বড় একটা ভেদ রাখেন না ; এটা আমার অনুচিত বোধ হয়। আমার বিবেচনায়, ক্রিয়ার কর্ত্তৃত্ব বুঝাইবার জন্য কর্ত্তৃক এবং কারণত্ব বুঝাইবার জন্য দ্বারা ব্যবহার করা উচিত। 'যোগেন্দ্র দ্বারা মুদ্রিত' না লিখিয়া' যোগেন্দ্র কর্ত্তৃক মুদ্রিত' লিখিলেই ভাল হয়।"—রামেন্দ্রসুন্দর ত্রিবেদী]।

কর্ত্তৃকা (কো) [সং] বি, ক্ষুদ্র কর্ত্তরী কর্ত্তরিকা ; ছোট কাটারী ; ছুরিকা।

কর্ত্তৃকারক (কৈা ক্)—কর্ত্তা দ্রঃ।

কর্ত্তৃত্ব (কোর্‌তৃত্‌তো) [কর্ত্তৃ + ত্ব (ভাবে) গ্রা, কর্ত্তাত্তি] বি, ক্লী, প্রভুত্ব। ২। কারকত্ব। ৩। অধিকার ; ক্ষমতা।

কর্ত্তৃপদ (কো, দ)—কর্ত্তা দ্রঃ।

কর্ত্তৃবাচ্য (কোর্‌তৃবাচ্‌চো)—কর্ত্তা দ্রঃ।

কর্দ্দন (ন্) [কর্দ্দ (কুৎসিত রব করা) + অন (ভাবে, অনট্) বি, ক্লী, কুৎসিত ধ্বনি। ২। বালকের শব্দ বা গোলমাল। ৩। উদরের মধ্যে কল্‌কল্ শব্দ ; পেটের ডাক। ৪। [সংজ্ঞার্থে—কর্ত্তৃ] পুং, কাক ; বায়স।

কর্দ্দম (ম্) [সং। বৈদিক যুগে 'ছায়া' অর্থে প্রচলিত ছিল। তাহার ভাব হইতে পরে ভিন্নার্থে প্রযুক্ত] বি, পুং, পঙ্ক ; কাদা ; পাঁক। ২। কলুষ ; পাপ। ৩। স্বায়ম্ভুব মনুর কন্যা দেবহূতির পতি। কর্দ্দম-নামক প্রজাপতি ; কপিলের পিতা। ৪। নাগবিশেষ। ৫। শালিধান্য। বিণ, কর্দ্দমিত। স্ত্রী, **কর্দ্দমী**—মুদ্গারবৃক্ষ ; মুগরা।

কর্দ্দমাক্ত (কর্দমাক্‌তো) [কর্দ্দম + অক্ত (লিপ্ত, মিশ্রিত)] বিণ, পঙ্কিল ; কর্দ্দমিত।

কর্দ্দমিত [কর্দ্দম+ইত (যুক্তার্থে)] বিণ. কর্দ্দমযুক্ত ; পঙ্কিল।

কর্প [প্রাদে। সং—কার্পাস শব্দের অপভ্রংশ] বি. কার্পাস। প্র—
"জামাতারে পিতা মোর দিল ভূমিদান
তাহে হয় মাস মসুরী তিল কর্প ধান॥"
—কবিক।

কর্পট (ট্) [সং। "পটচ্চরং জীর্ণবস্ত্রং সমৌ নক্তক কর্পটে।"—অমর] বি. পুং. ক্লী. জীর্ণবস্ত্র ; ছিন্ন পরিচ্ছদ ; পুরাতন কাপড় ; নেকড়া। ২। মলিন বস্ত্র ; নেতা। ৩। করবস্ত্র ; রুমাল। ৪। পুরাণ-প্রসিদ্ধ পর্ব্বত যথায় শমন অধিষ্ঠিত। স্ত্রী. কর্পটি। ক্ষুদ্রতর অর্থে কর্পটিকা। **কর্পটধারী**—চীরধারী ; ছিন্নবস্ত্র পরিধানকারী ; দরিদ্র

কর্পটিক (ক্) [কর্পট (ভিক্ষাপাত্র) +ইক (অস্ত্যর্থে)] বিণ. ভিক্ষাপাত্রধারী ; ভিক্ষুক।

কর্পটী [কর্পট+ইন্ (অস্ত্যর্থে) = কর্পটিন্ ১মা. ১ব] বিণ. কর্পটিক দ্রঃ।

কর্পর (র্) [সং—"স্যাৎ কর্পরঃ কপালোঽস্ত্রী"
—অমর]
বি. পুং. মাথার খুলি। [তুল হি—খোপড়া] ২। [ক=খ ; সং—খর্পর, বাং খাপ্‌রা] খাপ্‌রা ; মৃৎপাত্রের ভগ্নাংশ। ৩। কটাহ। ৪। [কৃপ্ (সমর্থ হওয়া) + অর (কর্ত্তৃ)—যাহা সামর্থ্য দান করে] খড়গ্ বিশেষ ; খর্পরনামক খাণ্ডা ; কাতা

কর্পরী—তুত্থাঞ্জন : a sort of collyzium.

কর্পরাল (ল্) [কর্পর (কাঠিন্যে বা আকারে কর্পর বা খর্পর সদৃশ বলিয়া) +আল (যুক্ত)] বি. আখরোট গাছ ; কোঙ্কণ দেশপ্রসিদ্ধ পীলুবৃক্ষ।

কর্পাস (শ্) বি. কার্পাস দ্রঃ।

কর্পূর (কোর্‌পুর্) [সং—"অথ কর্পূরমস্ত্রিয়াম্। ঘনসারশ্চন্দ্রসংজ্ঞঃ সিতাভ্রোহিমবালুকা॥"
—অমর। হি—কপুর ; আ. কাফুর ; মালয় দ্বীপে —"কাপুর"] বি. ভারত, চীন, মালয় দ্বীপ প্রভৃতি স্থানের বৃক্ষ বিশেষের (cinnamomum camphora) কাষ্ঠের ঘনরস বা নির্য্যাস, শুভ্র শীতল বলিয়া চন্দ্র সংজ্ঞক সকল শব্দই কর্পূরার্থে প্রযুক্ত হয় এবং জমাট বাঁধিলে বালুকার বা শ্বেত অভ্রবৎ দেখায় বলিয়া ইহার নামান্তর সিতাভ্র ; হিমবালুকা। পক্ক (কাষ্ঠ চুয়ান এবং সচরাচর ব্যবহৃত শ্রীকর্পূর camphor) ও অপক্ক (ভীমসেনী, barus camphor ইহা Dyrobalanus aromatica নামক বৃক্ষজাত) ভেদে কর্পূর সাধারণত দুই প্রকার। কিন্তু ভীমসেনী ও শ্রীকর্পূর ব্যতীত আয়ুর্ব্বেদী দ্রব্য পর্য্যায়ে কর্পূর-পোতাস, সিতকর শঙ্করাবাস, পাংশু, পিঞ্জ, অব্দসার, হিমবালুক, জূতিক, তুষার, হিম, শীতল, প্রভৃতি ভেদে বহু প্রকার। ২। কর্পূর-লতা ; কর্পূরগন্ধ, শ্বেতপুষ্পী জলজ লতা বিশেষ ; limnophila, gratioloides. এই জাতীয়া কৃষ্ণাভ পুষ্পবতী লতার নাম কাল কর্পূর, limnophila roxburghii. **কর্পূর-কান্তি, দ্যুতি**—কর্পূরবৎ সিতাভ্র কান্তি। (২) সুগন্ধ তাম্বুল পত্র ; কর্পূরগন্ধ পান। **কর্পূর-তৈল**—কর্পূর হইতে উৎপন্ন স্নেহপদার্থ **কর্পূর-রস**—পারদ। **কর্পূর-হরিদ্রা** (হি—কপূরহলদী) আমআদা ; curcu reclinata.

কর্পূরতিলকা—বি. স্ত্রী. পার্ব্বতীর জয়ানাম্নী প্রধানা সখী (অন্য প্রধানা সখী বিজয়া)।

কর্পূরমণি (কোর্‌পুরমোনি) [কর্পূরের মত উজ্জ্বল এবং কটু-তিক্ত-রস ও গুণযুক্ত বলিয়া] বি. মূল্যবান্ প্রস্তরবিশেষ ; পাষাণ-ভেদ।

কর্পূর রস (কোর্‌পুররশ্) [রাসাঃ পরিঃ] বি. রসকর্পূর ; শ্বেতভস্ম ; calomel.

কর্পূর স্তব (ব্) বি. মহাকালরচিত কালিকার প্রসিদ্ধ স্তব।

কর্ব্বুর (কোর্‌বুর্) [সং] বি. সুবর্ণ ; সোনা। ২। হরিদ্রা। ৩। হরিতাল। ৪। নানা বর্ণের মিশ্রণজাত বর্ণ ; বিচিত্র বর্ণ। বিণ. কর্ব্বুরিত। স্ত্রী. কর্ব্বুরা—দুর্গা।

কর্ব্বুর (কোর্‌বুর্) [সং-রাক্ষসঃ * * * রাত্রিচরঃ কর্ব্বুরো নিকষাত্মজঃ—অমর] বি. পুং, রাক্ষস। প্র—"কর্ব্বুরোত্তম"—মেঘনাদবধ। ২। দৈত্যবিশেষ। ৩। পাপ। ৪। শটী বা শঠী ; গন্ধশটী ; curcuma-gedoaria. ৫। কর্ব্বুর অর্থেও ব্যবহৃত।

কর্ম্ম [কৃ=করা+ম (কর্ম্মে, মন্=কর্ম্মন্ ১মা. ১ব) প্রাকৃ—কম্ম, (করম দ্রঃ)] বি. ক্লী. যাহা করা যায় ; কার্য্য ; কাজ ; work. প্র—সৎকর্ম্ম ; অসৎ কর্ম্ম ; কুকর্ম্ম। ২। স্বধর্ম্ম পালন ; কর্ত্তব্য ; duty.
প্র—"যে কাজের ভার যাহার উপর থাকে, তাহা তাহার অনুষ্ঠেয় কর্ম্ম।
—কৃষ্ণচরিত্র (বঙ্কিম)।
"শুন ভারত সন্তান কর্ম্মে তব মুক্তি বর্ত্তমান।"
—কর্ম্মযোগ (হিন্দুপত্রিকা)।
৩। আবশ্যক ; প্রয়োজন ; প্রয়োজনের বস্তু। প্র—কোন্ কর্ম্মের ; কোন কর্ম্মের নয় ইত্যাদি। ৪। বিবাহাদি সামাজিক অনুষ্ঠান ; উৎসব ; পূজা পার্ব্বণাদি অনুষ্ঠান। প্র—তাহাদের বাড়ীতে আজ কোন কর্ম্ম আছে কি ? এই তাঁহার শেষ কর্ম্ম মেয়েটির বিবাহ হইলেই তিনি এখন নিশ্চিন্ত হন। ৫। অফিসের কর্ম্ম ; চাকরী ; service. প্র—তিনি জাহাজে কর্ম্ম লইয়া বিদেশে গিয়াছেন। (২) দাস্যবৃত্তি। প্র—বৃদ্ধের অবস্থা বড়ই খারাপ হয়েছে, টাকা-কড়ি যাহা ছিল তাহা ত সবই গিয়েছে এখন যে লোকের বাড়ী কর্ম্ম করে খাবে তাহারও শক্তি নাই। ৬। [স্মৃতিতে] প্রেতকর্ম্ম ; । ৭। [ব্যাকরণে] কর্ম্মকারক ; objective case.
৮। [ন্যায় দর্শনে] উৎক্ষেপণ, অবক্ষেপণ, আকুঞ্চন, প্রসারণ ও গমন এই পঞ্চ ক্রিয়া। ৯। [তুল—হি, করম—পূর্ব্বজন্মকৃত কর্ম্ম] অদৃষ্ট ; ললাট ; ভাগ্য। প্র—কর্ম্মের ভোগ।

কর্ম্মকর (র্) [কর্ম্মন্ ১মা. ১ব. = কর্ম্ম (কাজ) কর (যে করে) উপপদ] বিণ. কর্ম্মনির্ব্বাহক ; যে কোন কার্য্য করে। ২। যে পরিশ্রমের মূল্য লইয়া কর্ম্ম করে ; ভৃত্য ; অনুচর ; সেবক ; চাকর ৩। কর্ম্মকার ; কারিকর। (২) কামার ; blacksmith. স্ত্রী. **কর্ম্মকরী**—দাসী। ২। মূর্ব্বালতা।

কর্ম্মকর্ত্তা [কর্ম্মের কর্ত্তা] যিনি কর্ম্ম সম্পাদন করেন তাঁহাকেই কর্ম্মকর্ত্তা বলে। ২। যিনি নিজে কর্ম্ম না করিলেও অন্যের দ্বারা কর্ম্ম সম্পাদন করাইয়া লয়েন ; যাঁহার বাড়ীতে বিবাহাদি কর্ম্ম হয়, তাঁহাকেও কর্ম্মকর্ত্তা বলে। ৩। [ব্যাকরণে] কর্ম্মই যেখানে কর্ত্তা বলিয়া বর্ণিত হয়, কর্ত্তা যে স্থানে কর্ম্মকে কর্ত্তা বলিয়া বর্ণনা করেন, সেই কর্ম্মই কর্ম্মকর্ত্তা নামে প্রসিদ্ধ। প্র—কর্ত্তা বলিলেন অদ্যকার অন্ন আমি পাক করিতেছি কিন্তু অন্ন স্বয়ংই পক্ক হইতেছে, এস্থলে কর্ম্ম অন্নকে কর্ত্তা কর্ত্তৃরূপে প্রয়োগ করায় কর্ম্মকর্ত্তা হইল।

কর্ম্মকর্ত্তৃবাচ্য (কর্ম্মোকোর্তৃবাচ্চো) [কর্ম্মকর্ত্তা দ্রঃ] বি. পুং. যে স্থলে কর্ম্ম কর্ত্তার তুল্য ক্রিয়া সম্পন্ন করে, তাহাকেই কর্ম্ম-কর্ত্তৃবাচ্য কহে। আমি অন্নপাক করিতেছি কিন্তু অন্ন স্বয়ং পক্ক হইতেছে ইত্যাদি স্থলে কর্ম্ম-কর্ত্তৃবাচ্য হয়।

কর্ম্মকাণ্ড (কর্ম্মোকান্‌ডো) [কর্ম্মের কাণ্ড (সমূহ) ৬তৎ] বি. পুং. ক্লী. কর্ম্মসমূহ ; যাবতীয় কর্ম্ম। ২। [কর্ম্মের কাণ্ড (অধ্যায়) যাহাতে ; বহু] বেদাংশবিশেষ ; ইহাতে কর্ম্ম সমূহ নিরূপিত হইয়াছে ; যজ্ঞোপযোগী ঋগাদি চতুর্ব্বেদ এবং ব্রাহ্মণ সমূহ।

কর্ম্মকার (র্) [কর্ম্ম—কৃ (করা)+অ (কর্ত্তৃ—অন্) উপপদ। যাহারা লৌহাদি ধাতুর কর্ম্ম করে] বি. পুং. জাতিবিশেষ ; কামার। ২। যাহারা মূল্য লইয়া কর্ম্ম করে ; ভৃত্য।

কর্ম্মকারক (ক্) বিণ. যে কর্ম্ম সম্পাদন করে ; কর্ম্মচারী। ২। [ব্যাকরণে] কারক বিশেষ ; objective case.

কর্ম্মকারী [কর্ম্ম—কৃ (করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = কর্ম্মকারিন্ ১মা, ১ব] বিণ, যে কর্ম্মকরে ; কর্ম্মকারক ; কর্ম্মচারী।

কর্ম্মক্ষম (কর্মক্খম্) [কর্ম্মেতে ক্ষম (দক্ষ) ৭তৎ] বিণ, কর্ম্ম করিবার ক্ষমতা যাহার আছে : কার্য্যকুশল ; কার্য্যপটু ; কার্য্যদক্ষ।

কর্ম্মক্ষেত্র (কর্মখেৎত্র) [কর্ম্মের ক্ষেত্র—৬তৎ] বি, ক্লী, কর্ম্মভূমি ; কার্য্যস্থান ; কর্ম্মানুষ্ঠানের স্থান ; ভোগভূমি। ২। ভারতবর্ষ।

কর্ম্মগত (কর্মোগতো) [কর্ম্ম—গত (প্রাপ্ত) ২তৎ] বিণ, কর্ম্মপ্রাপ্ত। ২। [কর্ম্মার্থ গত—৪তৎ] কর্ম্মের জন্য আগত ; কর্ম্মানুসারে প্রাপ্ত ; কর্ম্মার্জ্জিত।

কর্ম্মচারী (কর্মোচারি) [কর্ম্ম—চর্ (গমন করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) কর্ম্মচারিন্ ১মা, ১ব] বিণ, যে কর্ম্ম করিবার জন্য অন্যের নিকট গমন করে ; যে বেতন লইয়া অন্যের কর্ম্ম করে ; যে অন্য কর্ত্তৃক কর্ম্মে নিয়োজিত হয় ; কার্য্যকারক।

কর্ম্মজ [কর্ম্ম (কার্য্য) হইতে জ (জাত—কর্ত্তৃ ড প্রত্যয়ান্ত জন্ ধাতুজ)] বিণ, ক্রিয়োৎপন্ন ; কর্ম্মজাত। ২। বি, কলিযুগ। ৩। সুখদুঃখাদি।

কর্ম্মজ্ঞ (কর্মোগ্গঁ) [কর্ম্ম (কার্য্য) জ্ঞ (যে জানে)—কর্ত্তৃ (ড) প্রত্যয়ান্ত জ্ঞা ধাতুজ] বিণ, যে কার্য্য জানে : কর্ম্মবিৎ : বিধিজ্ঞ ; যে ব্যক্তি কার্য্যের উপায় ও সময় বিশেষভাবে জানে।

কর্ম্মঠ [কর্ম্ম (ক্রিয়া) ঠ (কুশলার্থে)] বিণ, যে ব্যক্তি কার্য্যের নিয়ম প্রণালী এবং উপায় ও কাল বিশেষরূপে জানে ; কর্ম্মকুশল। ২। কর্ম্মক্ষম : যাহার কর্ম্ম করিবার মত শারীরিক শক্তিসামর্থ্য আছে।

কর্ম্মণ্য (কর্মোন্নো) [কর্ম্মন্ (কার্য্য) + য যোগ্যার্থে (যৎ)] বিণ, কার্য্যযোগ্য ; যাহা কর্ম্মে আবশ্যক হয় (বিপরীত—অকর্ম্মণ্য)। ২। কার্য্যদক্ষ ; কর্ম্মকুশল।
ক্লী, কর্ম্মণ্যা—বেতন ; কর্ম্মমূল্য। বি, কর্ম্মণ্যতা।

কর্ম্মণ্যতা (কর্মোন্নোতা) [কর্ম্মণ্য + তা (ভাবে)] বি, স্ত্রী, কার্য্যনির্ব্বাহদক্ষতা কর্ম্ম-সম্পাদন-নৈপুণ্য। ২। কর্ম্মোপযোগিতা ; প্রয়োজন সাধকতা ; যাহা কার্য্য সাধনে লাগে।

কর্ম্মণ্যভুক্ [কর্ম্মণ্য (কর্ম্মলভ্য—বেতন) ভুক্ (যে ভোজন করে) ভুজ্ (উপভোগ করা) + কর্ত্তৃ—ক্বিপ্ (উপপদ)] বিণ, কর্ম্ম মূল্যোপজীবী ; বেতনোপজীবী ; যে কর্ম্মের মূল্যদ্বারা জীবিকা নির্ব্বাহ করে।

কর্ম্মত্যাগ (গ্) [কর্ম্মের ত্যাগ, ৬ তৎ] বি, পুং, কার্য্যে বিরতি ; কার্য্যত্যাগ বা পরিহার। ২। চাকরি ছাড়া ; কর্ম্ম হইতে অবসর গ্রহণ। প্র—তিনি কর্ম্মত্যাগ করিয়া ব্যবসায়ে মন দিয়াছেন।
৩। [দর্শনে] বিষয়-কর্ম্ম-পরিত্যাগ ; বিষয় বাসনা হইতে বিরতি বা নিবৃত্তি। ২। সংন্যাস।

কর্ম্মদক্ষ (কর্মদোক্খো) [কর্ম্মতে দক্ষ (কুশল) ৭তৎ] বিণ, কার্য্যকুশল ; কর্ম্মনিপুণ ; কার্য্যপটু ; যাহার কর্ম্ম নির্ব্বাহে বিলক্ষণ নৈপুণ্য আছে।

কর্ম্মদুষ্ট [কর্ম্ম (ক্রিয়া) দ্বারা দুষ্ট (দোষযুক্ত) ৩ তৎ] বিণ, যে কুকর্ম্ম দ্বারা দূষিত হইয়াছে ; কুক্রিয়ান্বিত। ২। যে সর্ব্বদা কুকর্ম্ম করে ; কুকর্ম্মা ; দুষ্কর্ম্মা ; দুশ্চরিত্র।

কর্ম্মদোষ (ষ্) [কর্ম্মের দোষ, ৬তৎ] বি, পুং, কুকর্ম্মের অপরাধ ; মন্দ কর্ম্মের অনুষ্ঠান জন্য দোষ। ২। অপরাধ বা পাপ। ৩। অদৃষ্টের দোষ।

কর্ম্মধারয় (য়) [কর্ম্ম—ধৃ + ণিচ্ = ধারি (ধারণ করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, সমাসবিশেষ ; যে সমাসে দুইটী পদ বিশেষ্য বিশেষণ ভাবাপন্ন হইয়া এক বিভক্ত্যন্ত হয় এরূপ সমাসকে কর্ম্মধারয় বলে।
প্র—সুন্দর বালক ; নীলপদ্ম প্রভৃতি।

কর্ম্মনাশা [কর্ম্মের নাশ (লোপ) হয় যাহা হইতে, বহু] বি, স্ত্রী, বেহার ও কাশীর মধ্যস্থিত একটী নদী ; এই নদীর জল স্পর্শে সমস্ত পুণ্য কর্ম্মের ক্ষয় হইয়া যায়। প্র—"কর্ম্মনাশা—পাপপ্রবাহিনী—কেমনে পড়িল বহি জাহ্নবীর জলে!"—বীরাঙ্গনাকাব্য। ২। বিণ, যে কর্ম্ম নষ্ট করে ; কার্য্যপণ্ডকারী।
প্র—লোকটা ভারি কর্ম্মনাশা কেবল সময় নষ্ট করে।

কর্ম্মনিকাশ (শ্) [গ্রা—নিকেশ। হি—নিকাস ; হিসাব নিকাস (শেষ, খতিয়ান)] বি, কর্ম্ম-সমাপ্তি ; কর্ম্মশেষ ; খতিয়ান। প্র—"কর্ম্মনিকেশ তখনি হয়।" —রজনী সেন।

কর্ম্মপথ (থ্) [কর্ম্মের পথ, ৬তৎ] বি, পুং, কর্ম্মের পদ্ধতি ; যে উপায় দ্বারা শুভকর্ম্ম সিদ্ধ হয়।

কর্ম্মফল (ল্) [কর্ম্মের ফল—৬তৎ] বি, ক্লী, কর্ম্ম জন্য সুখ বা দুঃখ ; কৃত কর্ম্মের পরিণাম : কর্ম্মবিপাক।

কর্ম্মবশ (শ্) [কর্ম্মের বশ—৬ তৎ] বিণ, কার্য্যাধীন ; যে কার্য্যানুসারে চলে বা থাকে। ২। বি, পুং, কার্য্যানুরোধ ; কার্য্যগতিক ; কর্ম্মানুবন্ধ।

কর্ম্মবশতঃ [কর্ম্মবশ + তস্ (সপ্তম্যর্থে)] অ, কার্য্যবশে ; কার্য্যগতিকে ; কর্ম্মানুরোধে ; কর্ম্মানুসারে ; কার্য্যবশতঃ।

কর্ম্মবিপাক (ক্) [কর্ম্মের—বিপাক (পরিণাম) ৬তৎ] বি, পুং, কর্ম্মের ফলভোগ ; কৃত কর্ম্মের শুভাশুভ পরিণাম। ২। শুভাশুভ কর্ম্মফল জ্ঞাপক শাতাতপকৃত স্মৃতিশাস্ত্র।

কর্ম্মব্যতিহার (ব্বো, র্) বি, পুং, পরস্পর এক জাতীয় ক্রিয়া করণ ; ক্রিয়া বিনিময়।

কর্ম্মভূমি [কর্ম্মের—ভূমি (পৃথিবী) ৬তৎ (আর্য্যদিগের কর্ম্মকাণ্ড-স্থান)] বি, স্ত্রী, আর্য্যাবর্ত্ত ; হিমালয় ও বিন্ধ্য পর্ব্বতের মধ্যবর্ত্তী দেশ ; ভারতবষ। ২। কার্য্যক্ষেত্র ; জীবন-সংগ্রাম-ক্ষেত্র।

কর্ম্মভোগ (গ্) [কর্ম্মের ভোগ—৬তৎ] বি, পুং, কর্ম্ম জন্য সুখ বা দুঃখ প্রাপ্তি ; কর্ম্মফল লাভ। ২। কোন বিষয়ে নিরর্থক কষ্ট পাওয়া ; বৃথা ক্লেশ পাওয়া ; গ্রহ।

কর্ম্মমূল (ল্) [কর্ম্মের মূল—৬তৎ] বি, ক্লী, কুশ ; দর্ভ। ২। কর্ম্ম-সাধন কারণ।

কর্ম্মযুগ (—জুগ্) [কর্ম্মের যুগ—৬তৎ] বি, ক্লী, কলিকাল। ২। কর্ম্মপ্রধান যুগ।

কর্ম্মযোগ (কর্মজোগ্) [কর্ম্মের যোগ (৬তৎ)] বি, পুং, বেদ-শাস্ত্রাদি বিহিত কর্ম্মের কৌশল। ২। চিত্তের শুদ্ধি বিধায়ক বেদোক্ত কর্ম্ম। ৩। বিহিত কর্ম্মে একান্ত নিষ্ঠা।

কর্ম্মযোগী (—জোগি) [কর্ম্মযোগ + ইন্ (অস্ত্যর্থে) = কর্ম্মযোগিন্ ১মা, ১ব] বিণ, যে নিয়ত কর্ম্মযোগ করে ; কর্ম্মযোগরত ; বেদোক্ত কর্ম্মানুষ্ঠানে প্রবৃত্ত। ২। ঈশ্বর সাক্ষাৎকার লাভের জন্য ধ্যান-ধারণাদিরূপ তপস্যা-নিরত। ৩। সমস্ত লক্ষ্য যে অনুষ্ঠিত কর্ম্মে নিযুক্ত করিয়াছে ; আত্মবিস্মৃত কর্ম্মী।

কর্ম্মরঙ্গ—বি, পুং-ক্লী, কামরাঙ্গা ফলের গাছ।

কর্ম্মশালা [কর্ম্মের শালা—৬তৎ] বিণ, কার্য্যস্থান ; দপ্তর। ২। শিল্পাদি কার্য্যের আগার বা গৃহ।

কর্ম্মশীল (ল্) [কর্ম্ম—শীল কর্ম্মে (কর্ম্ম নির্ব্বাহে) শীল (স্বভাব) হইয়াছে যাহার, বহু] বিণ, কর্ম্ম-সাধন-তৎপর ; যে চেষ্টাপূর্ব্বক কর্ম্ম করে ; যে কার্য্য সিদ্ধির জন্য যত্ন ও পরিশ্রম করে ; কর্ম্মী।

কর্ম্মশুচি [কর্ম্ম দ্বারা শুচি (পবিত্র) ৩তৎ] বিণ, [illegible]কর্ম্ম দ্বারা পবিত্রতা লাভ করে। ২। [illegible]শুচি—৭তৎ] যে কখন অসৎ কর্ম্ম করে না ; যাহার কর্ম্মে দোষ দেখা যায় না ; বিশুদ্ধ কর্ম্মকারী। বি, কর্ম্মশৌচ।

কর্ম্মশূর (র্) [কর্ম্মে (কর্ম্ম সাধনে) শূর (দক্ষ) ৭তৎ] বিণ, কর্ম্মবীর ; কর্ম্মদক্ষ।

কর্ম্মশৌচ (চ্) [কর্ম্মে শৌচ (শুদ্ধি) ৭তৎ] বি, ক্লী, কার্য্যশুদ্ধি ; কর্ম্ম বিষয়ে নির্দ্দোষতা। বিণ, কর্ম্মশুচি।

কর্ম্মসংন্যাস (করমোশোনন্নাশ) [কর্ম্মে সংন্যাস (সম্যক্ ত্যাগ) ৬তৎ] বি, পুং কর্ম্মের ফল কামনা না করিয়া নিত্য নৈমিত্তিক কর্ম্ম পরিহার ; ঐহিক সুখ ভোগের কর্ম্মত্যাগ বিণ, কর্ম্মসংন্যাসী।

কর্ম্মসংন্যাসী (করমোশোংন্নাশি) [কর্ম্ম— সংন্যাস+ইন্ (অস্ত্যর্থে) =কর্ম্মসংন্যাসিন্ ১মা, ১ব] বিণ, সংন্যাসাশ্রমাবলম্বী ; যতি ২। যে ঐহিক সুখ বাসনা বা কামনা পরিহার পূর্ব্বক নিত্য নৈমিত্তিক কার্য্য পরিত্যাগ করে কর্ম্মত্যাগী। বি, কর্ম্মসংন্যাস।

কর্ম্মসচিব (করমোশোচিব্) [কর্ম্মে সচিব (মন্ত্রী) ৬তৎ] বি, কর্ম্ম সম্পাদনে সহায় ; সহকারীকার্য্যনির্ব্বাহক। ২। মন্ত্রী minister ; secretary of state.

কর্ম্মসাক্ষী (—শাক্খি) [কর্ম্মের—সাক্ষী (সাক্ষিন্=প্রত্যক্ষদ্রষ্টা) ৬তৎ] বি, পুং সর্ব্ব কর্ম্মের প্রত্যক্ষ দর্শনকারী ; সাক্ষাৎদ্রষ্টা (সূর্য্য। (২) সোম। (৩) যম। (৪) কাল (৫) ক্ষিতি। (৬) জল। (৭) তেজঃ। (৮) বায়ু (৯) আকাশ—এই নয় জন সর্ব্বকর্ম্মসাক্ষী)।

কর্ম্মসিদ্ধি (—শিদ্ধি) [কর্ম্মের সিদ্ধি—৬তৎ বি, স্ত্রী, কর্ম্মের ফলপ্রাপ্তি ; অভীষ্ট-ফল-প্রাপ্তি ; ইষ্টলাভ ; কৃতকার্য্যতা।

কর্ম্মসূত্র (—শুৎত্র) [কর্ম্মরূপসূত্র (নিয়ম) কর্ম্মধা] বি, ক্লী, কর্ম্মের নিয়ম। কৃতকর্ম্মের ফলানুযায়ী বিধান ; নিয়তি।

কর্ম্মস্থান (কর্মস্থান্) [কর্ম্মের স্থান ৬তৎ] বি, ক্লী, কর্ম্মক্ষেত্র ; কার্য্যালয়।

কর্ম্মাঙ্গ [কর্ম্মের অঙ্গ—৬তৎ] বি, ক্লী, কার্য্যাবয়ব ; শাস্ত্র-বিহিত যাগাদি কর্ম্মের অপরিহার্য্য অংশ।

কর্ম্মাধ্যক্ষ (কর্মাদ্ধোক্খো) [কর্ম্মের অধ্যক্ষ (পরিদর্শক) ৬তৎ] বিণ, কার্য্য পরিদর্শক ; কার্য্য পরিচালক ; যিনি ক্রিয়া সম্পাদন ভার গ্রহণ করিয়া সমস্ত তত্ত্বাবধান করেন ; কর্ম্মের অধিনায়ক।

কর্ম্মানুরূপ (প্) [কর্ম্মের অনুরূপ—৬তৎ] বি, পুং, কার্য্যের উপযুক্ত ; কর্ম্মের সদৃশ ; কর্ম্মোপযোগী ; কর্ম্মানুযায়ী।

কর্ম্মানুষ্ঠান (ন্) [কর্ম্মের (ক্রিয়ার) অনুষ্ঠান (আয়োজন) ৬তৎ] বি, ক্লী, কার্য্যে প্রবৃত্তি ; কর্ম্মারম্ভ ; কার্য্যের প্রথম উদ্যোগ ; কর্ম্মসূচনা। ২। কার্য্য সাধন ; কর্ম্মসম্পাদন।

কর্ম্মান্তর (র্) [কর্ম্ম—অন্তর (অন্য)] বি, অন্যকর্ম্ম ; স্বতন্ত্র কার্য্য ; কার্য্যান্তর। প্র— তিনি এক কর্ম্ম ত্যাগ করিয়া কর্ম্মান্তর গ্রহণ করিয়াছেন।

কর্ম্মান্তিক (ক্) [কর্ম্ম—হইয়াছে অন্তিকে (সমীপে) যাহার, বহু। যে সর্ব্বদা কাজ সম্মুখে করিয়া আছে] বি, পুং—স্ত্রী, ভৃত্য ; কর্ম্মকর ; চাকর। ২। দাসী।

কর্ম্মার (র্) [কর্ম্ম (কর্ম্মের জন্য) অর (যে গমন করে) কর্ম্ম—ঋ (গমন করা)+অ কর্ত্তৃ—সংজ্ঞার্থে—অল্—যে কর্ম্ম করিবার জন্য আপন কর্ম্মশালায় গমন করে] বি, পুং, লৌহজীবী ; কর্ম্মকার ; কামার। ২। কামরাঙ্গা ফলের গাছ। ৩। বেউড় বাঁশ।

কর্ম্মারম্ভ [কর্ম্মের আরম্ভ—৬তৎ] বি, পুং, কার্য্যের প্রথম উদ্যোগ ; কার্য্যের সূত্রপাত।

কর্ম্মার্হ [কর্ম্মের—অর্হ (যোগ্য) ৬তৎ] বিণ, কার্য্যযোগ্য ; ক্রিয়োপযোগী ; কর্ম্মোপযুক্ত। ২। যাহা দ্বারা কর্ম্ম সম্পাদন করা যায় ; কর্ম্মক্ষম।

কর্ম্মিষ্ঠ [কর্ম্ম—(কর্ম্মন্ শব্দজ)+ইষ্ঠ (অস্ত্যর্থে) গ্রা, কর্ম্মিষ্টি,] বিণ, কর্ম্মক্ষম ; কর্ম্মশীল ; কর্ম্মনিষ্ঠ ; কর্ম্মশক্তিসম্পন্ন ; কর্ম্মে দৃঢ়। বি, **কর্ম্মিষ্ঠতা**।

কর্ম্মী (কোর্‌মি) [কর্ম্ম (ন্)+ইন্ (অস্ত্যর্থে) =কর্ম্মিন্ ১মা, ১ব] বিণ, যে বিশেষ যত্নের সহিত কার্য্য করে ; কর্ম্মদক্ষ ; কার্য্যক্ষম। ২। কর্ম্মকারী ; মিস্ত্রী। প্র—"হনুমান আনে গিরি, বাম হাতে অসি ধরি কর্ম্মীর স্বভাব রঘুনাথ" —কৃত্তিবাস।

কর্ম্মেন্দ্রিয় [কর্ম্মের ইন্দ্রিয়—৬তৎ] বি, ক্লী, যে সকল ইন্দ্রিয় দ্বারা কর্ম্ম সম্পাদন হয় ; কর্ম্ম নির্ব্বাহের দৈহিক যন্ত্র ; (বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ এই পঞ্চ)।

কর্ষ [সং] বি, স্বর্ণ রৌপ্যাদি ওজনের পরিমাণ-বিশেষ ; ১৬ মাষা=৮০ রতি ; ১ তোলা। about 17 grains troy.

কর্ষ [কৃষ্ (কর্ষণ করা) বাং-কর্ষা ধাতু, ম-পু (সমানার্থে)] ক্রি, ভূমি কর্ষণ কর ; চাষ কর। ২। [—ভাবে, অল্] বি, ভূমিকর্ষণ ; চাষ।

কর্ষক (কর্ষক) [কৃষ্ (কর্ষণ করা)+অক (কর্ত্তৃ)] বিণ, যাহারা ভূমিকর্ষণ করিয়া জীবিকা নির্ব্বাহ করে ; কৃষক ; কৃষাণ ; চাষা। ২। আকর্ষক ; যে আকর্ষণ করে। ৩। যে জাতীয় পক্ষী পায়ের নখ দিয়া জমি আঁচড়াইয়া তাহার ভিতর হইতে পোকা মাকড় ধরিয়া খায়।

কর্ষকবর্গ (করষক্ বরগ) [কর্ষক—বর্গ (শ্রেণী)] বি, যে সকল পক্ষী পা দিয়া মাটী কর্ষণ করে বা খোঁড়ে তাহারা কর্ষক নামে অভিহিত এবং প্রাণীতত্ত্বে এই সকল পক্ষী যে শ্রেণীভুক্ত করা হইয়াছে তাহার নাম কর্ষকবর্গ।

প্র—"মুরগী, ময়ূর, তিতির, বটের, পেরু, প্রভৃতি কর্ষকবর্গের অন্তর্গত। ইহারা সচরাচর মাঝারী আকারের হয়। কর্ষকবর্গের পাখীর ডানা তেমন বড় হয় না। সেইজন্য তাহারা ভালরূপ উড়িতে পারে না। কর্ষক পক্ষী মাত্রই ভূমিতে বাসা প্রস্তুত করে।" —পশুপক্ষী।

কর্ষণ (ন) [কৃষ্ (ভূমি কর্ষণ করা)+অন (ভাবে, অনট্)] বি, ক্লী, হলচালনা ; কৃষিকার্য্য ; লাঙ্গলাদি দ্বারা ভূমি খনন। ২। আকর্ষণ ; টানন। স্ত্রী, **কর্ষণী**—ক্ষীরিণীবৃক্ষ। বিণ, কর্ষণীয়, কর্ষিত। ক্রি, **কর্ষণকরা**—চষা।

কর্ষণীয় (করষোনিঅ) [কৃষ্ (ভূমি কর্ষণ করা)+অনীয় (কর্ম্মে)] বিণ, ভূমি কর্ষণের যোগ্য ; যাহা কর্ষণ করা আবশ্যক বা কর্ষণ করিতে হইবে।

কর্ষিত (কোর্‌ষিতো) [কৃষ্ (কর্ষণ করা) +ত (কর্ম্মে—ক্ত) ই—আগম] বিণ, যে ভূমি কর্ষণ করা হইয়াছে ; কৃষ্ট ; চষিত। ২। কষা (তুল—কষ্টি পাথরে সোনা কষা)।

কর্ষী (কোর্‌ষি) [কৃষ্ (কর্ষণ করা)+ইন্ কর্ত্তৃ (ণিন্ ১মা, ১ব] বিণ, যে আকর্ষণ করে ; আকর্ষণকারী। ২। মনোজ্ঞ ; মনোরম ; মনোহর ; যে মন টানে। স্ত্রী, **কর্ষিণী**—যাহা দ্বারা কর্ষণ করা অর্থাৎ টানা যায় ; কবিকা ; খলীন ; অশ্বের মুখ বন্ধন রজ্জুস্থিত লৌহবিশেষ ৩। ক্ষীরিণী বৃক্ষ

কর্ষূ (কোর্‌ষু) [সং] বি, ঘুঁটের আগুন। ২। ক্ষুদ্র কুণ্ড ; যাহাতে যজ্ঞাগ্নি রাখা যায় (তুল—হি—গুর্সি)।

কল (ল্) [সং—কল্ (গতি অর্থে) ধাতু হইতে। যাহা গতিশীল। তুল—কলচলা ; কলচালান। কল ঘুরান ইত্যাদি ; অথবা কল্ শব্দে যাহা চালাইলে শব্দ করিতে থাকে। হি—কল্] বি, যন্ত্র ; machine ; engine. প্র—ময়দার কল ; কাপড়ের কল ; জলের কল ইত্যাদি। ২। চাবি ; যাহা ঘুরাইয়া ফিরাইয়া টিপিয়া বা টানিয়া কোন কিছু খোলা বা বন্ধকরা বা চালান যায়। ৩। বন্দুকের ঘোড়া।

প্র—কল বন্ধ করে দিয়েছে আর জল পাওয়া যাচ্ছে না। তালার কল খারাপ হয়ে গেছে, চাবি লাগে না। **কলকব্জা**—যন্ত্রপাতি ; যন্ত্র ও তাহার আনুষঙ্গিক অংশ ; machinery. **কলকারখানা**—যন্ত্র ও যন্ত্রের কার্য্য পরিচালন স্থান ; যন্ত্রশালা ও যন্ত্র হইতে দ্রব্যাদি উৎপাদন-সম্বন্ধীয় কর্ম্মশালা। **কল কৌশল** —যন্ত্র ও তাহা চালাইবার বিশেষ উপায় বা চাতুর্য্য। **কলের কাপড়**— বয়ন-যন্ত্র হইতে উৎপন্ন কাপড় (হাতে বোনা তাঁতের কাপড় নয়)। **কলের গাড়ী**— রেল গাড়ী ; যাহা যন্ত্র (engine) দ্বারা চালিত হয় ; ঐরূপ কলের জাহাজ। **কলের পুতুল**—যে পুতুলের ভিতর এমন কল করিয়া

দেওয়া আছে যাহা টিপিলে, টানিলে বা ঘুরাইলে পুতুল নড়িতে, চলিতে, হাত পা নাড়িতে বা শব্দ করিতে পারে। পুতুল নাচে লোকে কলের পুতুল নাচায়। **কলের মানুষ**—মানুষের আকৃতি পুতুল। (২) যে মানুষের নিজের বুদ্ধি নাই, পরের কথায় চলে বলে। (৩) যাহার মতি স্থির নাই: যে এই মাত্র এক কথা বলে আবার পরক্ষণেই অন্য কথা বলে। (৪) সঙ্। **কপিকল**—কপি দ্রঃ। ভার-উত্তোলক যন্ত্র। **ফাঁস কল**—পশুপক্ষী পায়ে বা গলায় সূতার বা তারের ফাঁস লাগিয়া আটক বা ধরা পড়ে এমন কৌশলময় যন্ত্র; ফাঁদ। **ঢেঁকী কল**—যে যন্ত্র ঢেঁকীর মত চাপ পাইলে এক দিকে উঁচু একদিকে নীচু হয়। সাধারণতঃ বিদ্রূপার্থে প্রযুক্ত। **হাঁস-কল**—যে কল হংসাকৃতি: দ্বারে কপাট ঝুলাইবার জন্য লোহার হুক বিশেষ। **ঘুড়ির কল বাঁধা**—ঘুড়ি উড়াইবার জন্য তাহার কাঁপ ও পেট্টা অর্থাৎ পেটের কাঠি বা শলাকায় সূতা বাঁধা।

কল টিপিয়া দেওয়া—গোপনে শিক্ষা বা পরামর্শ দেওয়া: অলক্ষিতে সতর্ক বা সাবধান করিয়া দেওয়া। **কলবাড়ী**—কারখানা; যন্ত্রালয়। **কলঘর**—যে ঘরে বা স্থানে যন্ত্র বসান থাকে। **কলবল**—যন্ত্রশক্তি: পেঁচোয়া কৌশল। **কলপাতা**—ফাঁদ পাতা। **ছলে বলে কলে কৌশলে**—ছলনায় বা ভুলাইয়া, দৈহিক শক্তি প্রয়োগে: ফাঁদ পাতিয়া ও যুক্তি বা বুদ্ধি-চাতুর্য্য দ্বারা: ভালমন্দ যে কোন উপায়ে; by hook or by crook.

৪। [প্রাদে] জলের কল: জলের নল ও মুখে যে যন্ত্রভাগ সংযুক্ত থাকে যাহা ঘুরাইলে বা টিপিলে নল দিয়া জল পড়ে বা জল বন্ধ হয়। প্র—তাহার বাড়ী তৈয়ার হইতেছে এখনও বাড়ীতে কল আসে নাই। ৫। কৌশল: উপায়; গূঢ় বা অন্যের অজ্ঞাত বিধান। প্র—"প্রাণী ধরিবার ঘোর কল বিধাতার।"
—হেম বন্দ্যো।

৬। ফাঁদ: পেঁচ। প্র—কল পাতা: ইঁদুর কল। ৭। [হি—কল (সং—কলা)] যুক্তি।

কল (ল্) [ক (বায়ু, জল) ল (গ্রহণ করা) অথবা কল্ (গমনে)—যাহা (বায়ু গ্রহণ করিবার জন্য মৃত্তিকা ভেদ করিয়া) উর্দ্ধে গমন করে—যাহা মাটি ফুড়িয়া বাহির হয়; অথবা কলল (ভ্রূণ) হইতে] বি, অঙ্কুর; কোরক। ২। শুক্র। ৩। কোলিবৃক্ষ; শালগাছ।

কল (কল্) মধুরাস্ফুট শব্দ করা+অ (কর্ম্মে, অল্)] বি, অব্যক্ত মধুর ধ্বনি: মৃদু গুঞ্জন; কাকলি: কলধ্বনি: কলরব। ২। বিণ, মধুর। প্র—কলকণ্ঠ; কলস্বন।

কল (ল্) [সং—কবল। সংক্ষেপে কল: অপভ্রংশে, খাবল] বি, গ্রাস; সাধারণতঃ গোগ্রাস।

কলকণ্ঠ [কল (অব্যক্ত মধুর ধ্বনি) হইয়াছে কণ্ঠে যাহার, বহু] বি, পুং, পিক; কোকিল। ২। পারাবত; কপোত। ৩। হংস। স্ত্রী, **কলকণ্ঠী**—সুস্বরবতী; মধুররবকারিণী। ৪। [গৌণার্থে] কাব্যকুঞ্জের কলকণ্ঠ; সুকবি। প্র—
কোকিলের কণ্ঠ সুললিত।" —রঙ্গমতী।
"হেথা আসি কলকণ্ঠ পড়িয়াছে ঘুমিয়া"
—নবীনচন্দ্র।

কলকল (কল্‌কল্) [কল দ্রঃ। শব্দাত্মক। মৃদুতর শব্দস্থলে "কুলকুল"] বি, মধুর অস্ফুট ধ্বনি; পক্ষীর কলরব। ২। জলনির্গমন শব্দ: জলপ্রবাহের শব্দ। প্র—"কল কল কল রবে কি কথা কহিছ রে, কলনিনাদিনী!" —বান্ধব পত্রিকা। ৩। কলকল শব্দ। ক্রি, কলকলান। বি, **কলকলানি**। ক্রি-বিণ, **কলকলিয়া, কলকলিয়ে**—কলকল্ শব্দ করিয়া। **পেট কলকল করা**—অজীর্ণ হেতু পেটের মধ্যে কলকল্ শব্দ করা।

কলকলান (কল্‌কলানো) [কলকল দ্রঃ। শব্দাত্মক। করকরান দ্রঃ] ক্রি, কল্‌কল্ শব্দ করা। ২। কলরব করা: মধুর অব্যক্তধ্বনি করা: কাকলিধ্বনি করা। প্র—
"আয়রে পাখী ল্যাজঝোলা
খুকুমণিকে দাও দোলা,
ভাত খেয়ে তুমি কলকলাবে
খুকুমণিকে ঘুম পাড়াবে।"

কলগী (কোল্‌গি) [আ—কল্‌গী, "কল্‌গী, তুর্‌রা"] বি, তাজ: মুকুট; শিরোভূষণ কিরীট; tiara. প্র—"মাণিক কলগী তোরা চকমকে হীরা" —ভারতচন্দ্র।

কলঘোষ (ষ্) [কল (অব্যক্ত মধুর) হইয়াছে ঘোষ (শব্দ) যাহার, বহু] বি, পুং, কলকণ্ঠ; কোকিল।

কলঙ্ক (কলংক) [কল+অঙ্ক (চিহ্ন)। বিপরীতে নিষ্কলঙ্ক] বি, পুং, অঙ্ক: চিহ্ন। ২। তাম্রাদি ধাতুপাত্রের দাগ: মল; মর্চ্চা। প্রা—"কলঙ্কা"। ৩। অখ্যাতি: দুর্নাম: অপযশ। প্র—কুলে কলঙ্ক দেওয়া। ক্রি, **কলঙ্কধরা, —পড়া, কলঙ্কাধরা**—বিণ, কষ লাগিয়াছে এমন: দাগপড়া। **কলঙ্করটান**—চতুর্দ্দিকে অপযশ গান করা; দুর্নাম বা নিন্দা প্রচার করা।

কলঙ্ককর (র্) [কলঙ্ক (অকীর্ত্তি) কর (কারী—কৃ+অ—কর্ত্তৃ, অচ্)] বিণ, যাহা করিলে কলঙ্ক জন্মে: অকীর্ত্তিকর।

কলঙ্কিত [কলঙ্ক (চিহ্ন)+ইত (যুক্তার্থে)] বিণ, চিহ্নযুক্ত; চিহ্নিত। ২। লৌহাদির মলবিশিষ্ট। ৩। কলঙ্কী: কলঙ্কযুক্ত; যাহার কলঙ্ক হইয়াছে; অপযশভাগী; অপবাদগ্রস্ত।

স্ত্রী- **কলঙ্কিনী** (কলঙ্কী দ্রঃ)।

কলঙ্কী (কলংকি) [কলঙ্ক+ইন্ (অস্ত্যর্থে) কলঙ্কিন্ ১মা, ১ব] বিণ, যাহার কলঙ্ক হইয়াছে; যাহার অপযশ ঘটিয়াছে: দুর্নামগ্রস্ত। প্র—"কলঙ্কী শশাঙ্ক তোমা বলে সর্ব্বজন। কর আসি কলঙ্কিনী কিঙ্করী তারারে তারানাথ!"—মাইকেল মধুসূদন।

কলঞ্জ (কলন্‌জ) বি, পু, স্ত্রী, ধূমপান দ্রব্য; তাম্রকূট: তামাক: সুরতী: দোক্তা; nicotiana tabacam lium.

কলতানি (ল্) বি, পুং; ক্লেদ। ২। শ্লেষ্মা।

কলত্র (কলৎত্র) [সং] বি, ক্লী, স্ত্রী: ভার্য্যা: রমণী: দারা। ২। নিতম্ব: কটিদেশ। ৩। জঘনস্থল। ৪। দুর্গ [বাং প্র, অ,]।

কলধূত, কলধৌত—বি, ক্লী, সুবর্ণ: স্বর্ণ প্র—"কলেবর কান্তি কিবা কলধৌত দাম॥" —ঘনরাম। "কলধৌত দেহ দান, সাধ দেবতার মান, ঘুচিবেক তোমার আপদ।"—কবিক। ২। রৌপ্য। ৩। মধুরধ্বনি।

কলধ্বনি (কলধ্‌ধোনি) [কল (অব্যক্ত মধুর) হইয়াছে ধ্বনি (শব্দ) যাহার, বহু] বি, পুং, ময়ূর। ২। কোকিল; পিক। ৩। কপোত; পারাবত। ৪। [কল যে ধ্বনি (কর্ম্মধা)] অব্যক্ত অথচ মধুর শব্দ: কলরব: কাকলি।

কলন (ন্) [কল্ (গণনা করা)+অন (ট্ ভাবে)] বি, সংখ্যা করণ। প্র—সংকলন: ব্যবকলন। বিণ, কলিত। ২। চিহ্ন। ৩। দোষ। ৪। গর্ভে শুক্র শোণিত মিশ্রণ জাত ভ্রূণের প্রথমাবস্থা। ৫। বেতগাছ।

কলনা [কলন (দ্রঃ)+আপ্, স্ত্রী] বি, স্ত্রী, গণনা: বিচার। ২। ব্যবহার; আদানপ্রদান। প্র—"আপনি খাউন আগে আমি খাব পরে, কতক্ষণ কথার কলনা পরস্পরে।"—রঙ্গলাল (কাঞ্চী কাবেরী)।

কলস্তর (র্) [সং—কলান্তর ("বৃদ্ধিঃ কলান্তরং" —হেমচন্দ্র): ওড়ি—কলন্তর] বি, কুসীদ: সুদ। প্র—"কেহ কলস্তর লয়, বুঝে কেহ ধান্য বয় কালে কিনে রাখে কোন জন॥"—কবিক।

কলন্দর (র্) [আ—কলন্দর্] বি, পুং, এক শ্রেণীর মুসলমান ফকীর; মুণ্ডিত-কেশ মুসলমান সন্ন্যাসী; পীর। প্র—"ঋণ কড়ি নাহি দাও, নহ কলন্দর"—কবিক। ২। বর্ণসঙ্কর জাতি বিশেষ; অধিকাংশ এক্ষণে মুসলমান ধর্ম্মাবলম্বী। ইহারা ভল্লুক, বাঁদর প্রভৃতি নাচায়; যাহারা বাঁদরের খেলা দেখায়। ৩। তাঁবুর কানাত; পাল।

কলন্দরা—বি, রেশমী কাপড়বিশেষ ; ইহা সুতা, রেশম ও তসরে বোনা হয়। স্ত্রী, **কলন্দরী** (ন্দো)—বি, কানাতদার ছোল-দারী ; তাঁবু।

কলপ (প্) [হি—কলপ্ : আ—কল্‌ফ্ (ভাত, চিঁড়া প্রভৃতির মাড় বা কাথ) : সং—কল্প (রচনা করা)] বি, মণ্ড : মাড়। ২। চুল কাল করিবার রঙ্গ ; খেজাব। প্রঃ—"বল তো কেমন পাকা গোঁপে কলপ শোভা পায়" —হেমচন্দ্র।

কলবল [কল দ্রঃ] বি, অস্ফুট ধ্বনি ; গোলমাল, বহুজনের কণ্ঠরব-জনিত গণ্ডগোল। ২। বিণ, অব্যক্ত শব্দকারী ; গণ্ডগোলকারী। প্র—"পরদল কলবল ভূতল টলমল"—ভারতচন্দ্র। ৩। অধিক জলে ভাত ফুটিবার শব্দ। ক্রি, **কলবলান** (নো)—কলবল শব্দ করা। বি, কলবলানি।

কলবিঙ্ক [সং] বি, চড়াই পাখী। প্র—"কুরর কুক্কুট কঙ্ক, কামী কোক কলবিঙ্ক, কলরব কুলিঙ্গ কর্কট।"—কবিক।

কলভ [করভ দ্রঃ। কর (শুণ্ড) = কল ভা (দীপ্তি পাওয়া) + অ (কর্তৃ, ড) যে কর দ্বারা শোভা পায়] বি, পুং, ৩০ বৎসর পর্য্যন্ত বয়স্ক করিশাবক ; করভ। ২। উষ্ট্রশাবক। ৩। ধুতুরা গাছ।

কলম (ম্) [সং] বি, শালি ধান্য ; কলমাধান।

কলম (ম্) [সং—কলম্ব, কড়ম্ব, শরগাছ বা খাগ। শাকের ডাঁটা। পূর্ব্বে শরের বা খাগের মুখ সরু করিয়া কাটিয়া তাহাতেই লেখা হইত। মেদিনী হেমকোষ ও বিশ্বে, ত্রিকাণ্ডে, জটাধরে ও শব্দকল্পদ্রুমে "কলমঃ" শব্দ অর্থে লেখনী। কিন্তু অধিক পুরাতন কোষ "অমরে" নাই। ল্যাটীন, গ্রীক, আরবী, প্রভৃতি প্রাচীন ভাষায় ইহার অনুরূপ শব্দ নালী শাক বা ঘাসের ডাঁটা ও লেখনী অর্থে প্রচলিত। প্রাচীন সংস্কৃত সাহিত্যে লেখনীবাচক কলমঃ শব্দের ব্যবহার দেখা যায় না। পরবর্ত্তী সংস্কৃত সাহিত্যেও বিরল। হিন্দী, তেলুগু, ওড়ি, বাং প্রভৃতি প্রাদেশিক ভাষায় ইহার ভূরি প্রচলন। সম্ভবতঃ মুসলমান রাজত্ব কালে আ—কলম্ শব্দ হইতে আদালতে ফারসী দপ্তরে ও ফারসী লেখা পড়ায় (তুল—কলম্‌দান ; কাগজ্ কলম্, দবাত্ কলম্, কলম্‌বন্দ, কলম্-তরাশ্ ইত্যাদি) ব্যবহার করিবার কালে সংস্কৃত আভিধানিক "কলমঃ" শব্দ ভিন্ন ভিন্ন প্রদেশে কথ্য ভাষায় এবং 'লেখনী' লিখিত ভাষায় প্রচলিত হয় এবং বর্ণতুলি, বর্ণমাতা, বর্ণ তূলিকা, অক্ষর তূলিকা, প্রভৃতি শব্দ ক্রমে অপ্রচলিত হইয়া যায়। পরে ইংরেজী pen শব্দের আমদানী হয়, কিন্তু তাহা দেশ প্রচলিত লেখনীর মত নহে বলিয়া পেন্সিল, শ্লেট প্রভৃতির মত ব্যবহৃত না হইয়া লেখনী ভেদ জ্ঞাপক পেন কলম (pen + কলম) শব্দে পরিণত হয়] বি, লেখনী ; অক্ষরতুলিকা। প্র—

"দোষ গুণ নাহি দেখি
যে কিছু লেখাও লিখি,
কলমে বসিয়া কৃপাময়।" —ঘনরাম।

"হাতে লইয়া পত্রমসী আপনি কলমে বসি
নানা ছন্দে লিখেন কবিত্ব।" —কবিকঙ্কণ।

কলম কাটা—কঞ্চি, শর প্রভৃতি কাটিয়া কলম প্রস্তুত করা। ২। গাছের ডাল কলমের আকারে কাটিয়া অন্য গাছের ডালে বাঁধিয়া যে নূতন গাছ উৎপাদন করা যায়। ক্রি, **কলম করা**—গাছের ডাল হইতে নূতন গাছ উৎপাদন করা। **কলমের চারা**—কলম করা গাছের চারা। বিণ, **কলমী**—কলম করিয়া উৎপন্ন। প্র—কলমী আম। গ্রা, **কলমে**। প্র—কলমে চারা ; কলমে পেয়ারা।

কলমতরাশ (ম্, শ্) [আ—কলম্ + ফা—তরাশ্] বি, যাহার দ্বারা কলম কাটা যায় ; ছুরী।

কলমদান (ম্, ন্) [আ—কলম্ + ফা—দান] বি, কলম রাখিবার পাত্র। সাধারণতঃ কলম রাখিবার পাত্র ; মসী ও লেখনী রাখিবার আধার ; দোয়াতযুক্ত কলমাধার।

কলম-পেশা (ম্) [আ + ফা] বি, লেখনী বৃত্তি।

কলমবাজী (কলোম্‌বাজি) [আ—কলম্ + ফা—বাজী] বি, লিপিচাতুর্য্য ; লিপিকৌশল ; লেখনবৃত্তি ; লেখালেখি ; কলমের যুদ্ধ। বিণ, **কলমবাজ**—লিপিকুশল ; কলমের ব্যবহারে দক্ষ ; কলম চালনায় মজবুত বা তৎপর।

কলমা (ল্) [আ—কল্মা = বাক্য। তুল—বাইবেলে—"আদিতে বাক্য ছিল" "In the begining was the word, and the word was with God, and the word was God. —*St. John.* সং—নাদঃ, শব্দঃ—"আসীচ্ছক্তিস্ততো নাদ-স্তস্মাদ্বিন্দু সমুদ্ভবঃ" "শব্দোব্রহ্মাঽভবৎ পরম্" —ভাগবতম্] বি, মহম্মদীয় ধর্ম্মগ্রহণসম্বন্ধীয় স্বীকারোক্তিজ্ঞাপক এবং দেহশুদ্ধিজনক কোরাণোক্ত উপাসনাবিশেষ ; মুসলমান ধর্ম্মের মূল বাক্য ; ইষ্ট মন্ত্র।
প্র—"আমার বাসনা হয় যত হিন্দু পাই।
সুন্নত দেওয়াই আর কলমা পড়াই॥"
—ভারতচন্দ্র।
"মোল্লা পড়ায়ে নিকা, দান পায় সিকা সিকা,
দোয়া করে কলমা পড়িয়া॥"—কবিক।

কলমী (কোল্‌মি) [সং—কলম্বী] বি, কলমী শাক ; ipomoea reptans.
প্র—"বিলে ফোটে কাল জলে কমলকহ্লারদলে
কলমী শালুক শুঁদী ফুল।" —চন্দন।

কলম্ব [সং] বি, বাণ ; শর।
প্র—"উড়িল কলম্বকুল অম্বর-প্রদেশে"
—মেঘনাদ।
২। কদম্ববৃক্ষ ; কদমের গাছ। ৩। শাকের ডাঁটা ; কড়ম্ব।

কলম্বিকা [সং] বি, স্ত্রী, কলমী শাক।
প্র—"ভূমি বুনে ভূতনাথ ভাজা পোড়া ছেড়ে।
কলম্বীর শাক খেয়ে উজাড়িল গেড়ে॥"
—শিবায়ন।
২। [শরীর-বিঃ-পরিঃ] গ্রীবার পশ্চান্নাড়ী।

কলরব (ব্) [কল (মধুরাস্ফুট) রব (শব্দ)] বি, পুং, কলকল ধ্বনি ; কাকলি। (২) কোলাহল। ২। [কল—রব—যাহার, বহু] কপোত ; পারাবত। ৩। কোকিল।

কলল (ল্) [সং] বি, ভ্রূণ ; জরায়ু।

কলশ, কলস (শ্) [সং। কল্ (মধুরাস্ফুট শব্দ করা) ধাতু হইতে। ঘটাদিতে জল ভরিবার সময় মধুরাস্ফুট ধ্বনি হয় বলিয়া। অথবা ক (জল) লস্ (ক্রীড়া করে)—যাহার মধ্যে জল ক্রীড়া করে] বি, মাঝারী জালার আকৃতি জলপাত্র ; বড় ঘড়া ; গাগরা।
স্ত্রী, **কলসী**—সচরাচর জল আনিবার ও রাখিবার মাটির ঘড়া ; "গাগরী, কলসী" অর্থে কলস শব্দের ব্যবহার আছে।
প্র—"যদি কলস ভাসায়ে জলে।
বসিয়া থাকিতে চাও গহন-তলে॥" —রবীন্দ্র।
২। ধাতু বা মৃত্তিকা-নির্ম্মিত ক্ষুদ্র জলপাত্র ; ঘট। তন্ত্রমতে ঘটের পরিমাণ সাধারণতঃ ৫০ আঙ্গুল ব্যাস, ১৩ আঙ্গুল উচ্চ, ৮ আঙ্গুল মুখের ফাঁদ। ৩। মন্দির, চৈত্য প্রভৃতির চূড়াস্থ ধাতু, প্রস্তরাদি নির্ম্মিত কলশ ; মন্দিরাদির কলসাকৃতি শিখর ; cupola ; a dome.
প্র—"সুনার কলস শোভে দেউল উপরে"
—শূঃ পুঃ।
বিণ, **কলশিত, কলসিত**—কলসমণ্ডিত।
প্র—"কাঞ্চন কলসিত" —কবিক।

কলশি, শী, সি, সী—কলস দ্রঃ।

কলস্বর (কলশ্‌শর্) [কল—স্বর (ধ্বনি)] বি, তারস্বর ; উচ্চৈঃস্বর।
প্র—"রাম বনবাস শুনি যেমন কৌশল্যা রাণী
কলস্বরে করেন রোদন।" —শিবায়ন।

কলহ (হ্) [কল (অব্যক্ত মধুর শব্দ) হা (ত্যাগ করা) + অ (কর্তৃ—ড) যে শব্দ মধুরতা ত্যাগ করে] বি, পুং, বাক্যযুদ্ধ ; বিবাদ ; ঝগড়া। ২। সংগ্রাম ; যুদ্ধ। ৩। রামায়ণোক্ত বাদ্যবিশেষ [রামা, লঙ্কা, ৯৫]।

কলহংস (শ) [কল (মনোহর শব্দকারী) যে হংস (কর্ম্মধা)] বি, পুং, রাজহংস ; a gander. ২। বালিহাঁস ; a teal. ৩।

হংসজাতীয় জলচর পক্ষিবিশেষ ; gallinula porphyria ; flamingo.
প্র—মানস সরোবরে, মরাল, সারস, কলহংস কারণ্ডবাদি জলচরপক্ষী নিরন্তর ক্রীড়া করিয়া থাকে।
৪। ছন্দোবিশেষ ; ইহা ত্রয়োদশাক্ষর, ৩।৫। ৯।১২।১৩ বর্ণ গুরু। ৫। রাগিণীবিশেষ (মধু শঙ্কর-বিজয় ও আভীরীযোগে উৎপন্ন—সঙ্গীত-রত্নাকর)।

কলহকার (র্) [কলহ (বিবাদ) কার (যে করে) কৃ (করা)+অ (কর্তৃ—অণ্) যে কলহ করে] বিণ, বিবাদকর্তা ; বাক্য যুদ্ধকারী ; ঝগড়াটে।

কলহপ্রিয় [কলহ (বিবাদ) হইয়াছে প্রিয় যাহার, বহু] বি, পুং, নারদমুনি। ২। বিণ, যে সকল সময়ে কলহ ভালবাসে।
স্ত্রী, **কলহপ্রিয়া**—সারিকাপক্ষী। ২। কন্দলী।

কলহান্তরিতা [কলহ (বিবাদ) দ্বারা অন্তরিতা (ব্যবধানে স্থিতা) ৩ তৎ] বি, স্ত্রী, যে নায়িকা নায়কের সহিত কলহ করিয়া ব্যবধানে থাকিয়া অনুতাপ করে ; মানভরে নায়কের প্রতি কোপ করিয়া আরোপিত দোষ দ্বারা নায়ককে দূরীকৃত করিয়া পরে "আহা কেন আমি অকারণ দোষারোপ করিয়া তিরস্কার করিলাম, কেনই বা স্থানান্তরে যাইতে বলিলাম" এইরূপ পশ্চাৎ অনুতাপকারিণী স্ত্রী।

কলা [সং—কল্ (গণনা করা) "চন্দ্রস্য ষোড়শো ভাগঃ কলাঃ। —অমর টীকা] বি, স্ত্রী, চন্দ্রের ষোড়শ ভাগ ; চন্দ্রের ষোল ভাগের একভাগ। প্র—"চন্দ্রে সবে ষোল কলা হ্রাস বৃদ্ধি তায়। কৃষ্ণচন্দ্র পরিপূর্ণ চৌষট্টি কলায়॥" —ভারতচন্দ্র।
পুরাণমতে চন্দ্রে সুধা বা অমৃত আছে এবং তাহা এক এক ভাগ বা কলা বৃদ্ধি পাইতে ১৬ কলায় পূর্ণ হয় এবং এক এক কলায় হ্রাস পাইতে পাইতে অমাবস্যায় কলাহীন হয়। এই জন্য চন্দ্রের নাম কলা-ধর, কলানাথ, কলানিধি। [দ্রঃ—চন্দ্রের ১৬ কলার নাম,—(১) অমৃতা। (২) মানদা। (৩) পুষা। (৪) পুষ্টি। (৫) তুষ্টি। (৬) রতি। (৭) ধৃতি। (৮) শশনী। (৯) চন্দ্রিকা। (১০) কান্তি। (১১) জ্যোৎস্না। (১২) শ্রী। (১৩) প্রীতি। (১৪) অঙ্গদা। (১৫) পূর্ণা। (১৬) পূর্ণামৃতা। কৃষ্ণপক্ষে ১৬ জন দেবতা এক একদিনে এক এক কলা (অমৃত) পান করেন, আবার, শুক্লপক্ষে প্রতিদিন ১ কলা করিয়া বৃদ্ধি পাইয়া পূর্ণিমায় ১৬ কলা পূর্ণ হয়। 'অমৃতা' পানকারী অগ্নি হইতে পরে পরে দেবতাদের নাম যথা,—(২) সূর্য্য। (৩) বিশ্বদেব। (৪) বরুণ। (৫) বষট্‌কার। (৬) ইন্দ্র। (৭) দেবর্ষি। (৮) অজএকপাদ। (৯) যম। (১০) বায়ু। (১১) উমা। (১২) পিতৃগণ। (১৩) কুবের। (১৪) পশুপতি। (১৫) প্রজাপতি। ষোড়শ কলা অমাবস্যার দিন জল এবং ওষধিতে প্রবেশ করে। তাহা পান করিয়া গবাদির দুগ্ধ হয়। তাহা হইতে ঘৃত হয়। ঘৃত আহুতি দ্বারা পুনরায় চন্দ্রে প্রবেশ করে] —পুরাণ।
২। সূর্য্যের রশ্মি বা তেজের নাম কলা। উহা দ্বাদশ ভাগে বিভক্ত। তাহাদের নাম—(১) তপিনী। (২) তাপিনী। (৩) ধূম্রা। (৪) মরীচি। (৫) জ্বালিনী। (৬) রুচি। (৭) সুষুম্না। (৮) ভোগদা। (৯) বিশ্বা (বিশ্বকর্ম্মা) (১০) বোধিনী। (১১) ধারিণী। (১২) ক্ষমা। [দ্রঃ—বঙ্গে চন্দ্রকলা বা শশিকলা শব্দের এবং উত্তর ভারতে সূর্য্যকলা শব্দের অধিক ব্যবহার। তথায় অনেক স্ত্রীলোকের নাম থাকে সুরযকলা বা সুরজকলা] ৩। অগ্নির শিখার নাম কলা। ঐ শিখা ১০ প্রকার। তাহাদের নাম—(১) ধূম্রা (২) অর্চি (৩) উষ্মা (৪) জ্বলিনী (৫) জ্বালিনী (৬) বিস্ফুলিঙ্গিনী (৭) শ্রী (৮) সুরূপা (৯) কপিলা (১০) হব্যকব্যবহা। ৪। ["কলা কালভেদে" "অষ্টাদশ নিমেষাস্তু কাষ্ঠাস্ত্রিংশত্তু তাঃ কলাঃ।"—অমর] কালের অংশ—১৮ নিমিষে এক কাষ্ঠা, ৩০ কাষ্ঠায় এক কলা, ৩০ কলায় এক ক্ষণ। ৫। অল্প সময়। ৬। [কালাংশ হইতে] অংশ ; লেশ। ৭। [কল্—গণনা করা] সংখ্যা ; কলন। ৮। কুসীদ ; সুদ। কলা ["কলা শিল্পে"—অমর। "সন্তি বিদ্যা কলাস্তিস্রো গান্ধর্ব্বেষু প্রতিষ্ঠিতা * * *"—শুকদেবকৃত সিদ্ধান্ত প্রদীপ] বি, স্ত্রী, শিল্প। সুকুমার শিল্প (fine arts) ; শ্রম-শিল্প (industries) ; যন্ত্র-শিল্প (mechanics) ২। বিদ্যা। বিদ্যার বিবিধ বিভাগের এক এক ভাগ, কলা। শৈবতন্ত্রোক্ত কলা ৬৪ প্রকার। জ্ঞান বিজ্ঞানের সকল বিভাগই তাহার অন্তর্গত। প্র—"চন্দ্রে সবে ষোল কলা হ্রাস বৃদ্ধি তায়। কৃষ্ণচন্দ্র পরিপূর্ণ চৌষট্টি কলায়॥"—ভারতচন্দ্র। চৌষট্টি কলা ;—(১) নৃত্য (হাব ভাবাদিযুক্ত নর্ত্তন বা নটন), (২) গীত (গান শিক্ষা, গীত রচনা, সরিগমাদি স্বরজাতি ভেদ, রাগ ভেদ, তাল ও মাত্রাদি রচনা। সংগীত বিজ্ঞান শিক্ষা), (৩) বাদ্য (সুরজ্ঞান, অনেক বাদ্য যন্ত্র নির্ম্মাণ ও তদ্বাদন-জ্ঞান, তাল ও বোল রচনা), (৪) উদকবাদ্য (জলতরঙ্গ বাদ্য-জ্ঞান), (৫) নাট্য (উপরূপকাদি অষ্টাদশভেদ ; অনেক রূপ ধরিয়া আবির্ভাব হওয়া, অভিনয় প্রদর্শন), (৬) কৌচুমারযোগ (কুচুমার কর্ত্তৃক উদ্ভাবিত বহুরূপ ধারণ-জ্ঞান), কুরূপকে সুরূপ করিবার বিদ্যা, (৭) নেপথ্য যোগ (বেশ-রচনা চাতুরী) স্ত্রীপুরুষের বস্ত্রালঙ্কার দ্বারা সাজ-সজ্জা), (৮) বিশেষকচ্ছেদ্য (নানা প্রকার তিলক রচনা), (৯) দশন, বসনাঙ্গ রাগ (দশন, বসন ও অঙ্গের রঞ্জন), (১০) শেখরাপীড় যোজন (মাথার চুলে পুষ্প-গ্রন্থনাদি), (১১) কেশমার্জ্জন কৌশল (চুল আঁচড়ান ও চুলবাঁধা, কেশ বিন্যাস), (১২) পুষ্পাস্তরণ (ফুলশয্যা প্রস্তুত করণ ; শয্যা রচনা করিয়া পুষ্প স্তবকাদি বিস্তার), (১৩) মাল্যগুম্ফন বিকল্প (বিবিধ মাল্য রচনা), (১৪) গন্ধযুক্তি (চুয়া, চন্দন কর্পূরাদি দ্বারা বিবিধ গন্ধদ্রব্য প্রস্তুত করণ ; তাম্বুল রচনা ; সুগন্ধ পানের মশলা ; কেয়া খয়ের প্রভৃতি প্রস্তুত করণ) [দ্রঃ—শুক্রনীতি অনুসারে পূর্ব্বোক্ত নৃত্য গীত বাদ্য নাট্য ব্যতীত দূতক্রীড়া এবং রতিশাস্ত্র সম্মত রতিজ্ঞান বিধায়ক বহুবিধ আসন-জ্ঞান গান্ধর্ব্ব বিদ্যার অন্তর্গত গান্ধর্ব্ব কলা বলিয়া উক্ত] (১৫) আলেখ্য (বর্ণজ্ঞান ও চিত্র কর্ম্মাদি। চিত্র প্রণালী শিক্ষা ; drawing ; উত্তম, মধ্যম ও অধম বর্ণাদি সংযোগে রঞ্জন ; painting. শুক্রনীতিমতে চিত্রাদি নির্ম্মাণ—তৎপ্রণালী শিক্ষা), (১৬) প্রতিমালা (সকল বস্তুর প্রতিকৃতি নির্ম্মাণ : মৃত্তিকা, কাঠ, পাষাণ ও ধাতু দ্বারা বস্তু নির্ম্মাণ জ্ঞান শুক্রনীতিতে চিত্রাদি আলেখ্য বিদ্যার অন্তর্গত ; sculpture), (১৭) বৈজয়িকী বিদ্যা-জ্ঞান (যে বিদ্যাদ্বারা বিজয় লাভ হয় ; যুদ্ধবিদ্যা—শুক্রনীতি মতে ধনুর্বেদাগমোক্ত যুদ্ধবিষয়ক কলাবিদ্যা ; —(ক) শস্ত্রের সন্ধান অর্থাৎ লক্ষ্য বস্তুতে লক্ষীকরণ এবং বিক্ষেপ এবং বান সন্ধান ও ক্ষেপন কালে পাদাদি-অঙ্গ-চালন-বিধি-জ্ঞান (খ) সন্ধি, আকৃষ্টি অর্থাদি দ্বারা পরপক্ষ বশীভূত করণ ; ভেদ ও মল্লযুদ্ধ (গ) যন্ত্রাদি কৌশলে লক্ষিত স্থানে যন্ত্র হইতে পতন (ঘ) বাদ্যের সংকেতানুসারে সেনা দ্বারা ব্যূহ রচনা প্রণালী (ঙ) গজ, অশ্ব ও রথের গতি দ্বারা যুদ্ধের আয়োজন) শিল্প বিজ্ঞানের বিবিধ বিভাগ সম্বন্ধীয় বিদ্যা ;—(১৮) বৃক্ষায়ুর্ব্বেদযোগ (মৃতপ্রায় বৃক্ষে ঔষধ যোগ, উদ্ভিদ-চিকিৎসা) শুক্রনীতিতে,—(ক) বৃক্ষাদির বীজ উৎপাদন, বপন ও পালন-প্রণালী শিক্ষা, বিবিধ গাছ গাছড়া সম্বন্ধীয় জ্ঞান (খ) শস্য এবং ধাতু বিষয়ক এবং নাড়ী ও ব্রণাদি ব্যাধি বিষয়ক জ্ঞান (গ) প্রস্তর ও ধাতুর ভস্ম বিধান (ঘ) ধাতু এবং ঔষধির সংযোগ ক্রিয়া জ্ঞান (ঙ) ধাতু সকলের মিশ্রণ এবং মিশ্রিত ধাতুর পার্থক্য সাধন (চ) ধাত্বাদি সংযোগে অপূর্ব্ব উপকারিতা জ্ঞান (ছ) অন্য বস্তু হইতে ক্ষার নিষ্কাসন (জ) বস্তুর সারাংশ গ্রহণ কৌশল (ঝ) ইক্ষু বিকার অর্থাৎ ইক্ষু হইতে গুড় চিনি প্রস্তুত করণ (ঞ) মকরন্দাসব অর্থাৎ পুষ্প-

নির্য্যাস এবং মদ্যাদি প্রস্তুত করণ : brewing (ট) তিল, সরিষা প্রভৃতি হইতে তৈল নিষ্কাসনবিধি (ঠ) জল, বায়ু ও অগ্নির সংযোগ এবং বিয়োগ দ্বারা ক্রিয়া বিধান ; chemistry (১৯) চিত্রশাকপূপ-ভক্ষ্য-বিকার ক্রিয়া ; নানাবিধ পাক ক্রিয়া ; সূপকর্ম্ম (২০) পানকরসরাগাসব-যোজনা অর্থাৎ পানীয় পদার্থে রস ও রাগ রচনা (শুক্রনীতি মতে,—(ক) অল্পাধিক রসাদি সংযোগে অন্নাদি পাক জ্ঞান (খ) দুগ্ধ দোহন এবং দুগ্ধদ্বারা ঘৃতাদি প্রস্তুত করন) (২১) তক্ষণ (সূত্রধরের কর্ম্ম), (২২) তর্ক্‌কর্ম্ম (টেকো ঘুরান, চরকা কাটা), (২৩) পট্টিকাবেত্রবাণবিকল্প (পাট বা শণ বেত ও বাদ নারিকেল দড়ি বা মুঞ্জ দ্বারা খাট-বোনা, ধামা, কাঠা প্রভৃতি প্রস্তুত করণ, বেত বোনার কাজ, শুক্রনীতিতে—বেণু অর্থাৎ বংশদণ্ড) ও তৃণাদি পত্রের কায্যকারিতা জ্ঞান, (২৪) শয়নরচন (পল্যঙ্কাদি নির্ম্মাণ ও শয্যা প্রস্তুতকরণ চাতুরী), (২৫) সূচীবাপকর্ম্ম (সূচীকর্ম্ম, কঞ্চুকাদি সীবন, শুক্রনীতিতে—সূত্রকর্ম্ম অর্থাৎ রিপুকর্ম্ম, কাপড়ে ফুল তোলা), (২৬) বালক ক্রীড়নক (খেলানা তৈয়ার করা), (২৭) ভূষণ-যোজন (অলঙ্কার যোজনা) অথবা স্বর্ণাদির অলঙ্কার নির্ম্মাণ-জ্ঞান—শুক্র নীতি, (২৮) কর্ণপত্রভঙ্গ (কর্ণপাত, দুল প্রভৃতি অলঙ্কার নির্ম্মাণ)—শুক্রনীতি, (২৯) তণ্ডুলকুসুমবলিবিকার (তণ্ডুল কুসুমাদি দ্বারা নানাবিধ পূজোপহার রচনা, শ্রী প্রভৃতি নির্ম্মাণ), (৩০) সম্পাট্য (হীরা কাটা ও তাহাতে পল তোলা), (৩১) মণিভূমিকা কর্ম্ম (ময়দানব নির্ম্মিত পাণ্ডবসভার ন্যায় মণিবদ্ধ ভূমি ক্রিয়া), (৩২) বাস্তুবিদ্যা (কোন স্থানে কি ভাবে গৃহাদি নির্ম্মাণ করিতে হইবে তাহার জ্ঞান, স্থাপত্য বিদ্যা, শুক্রনীতি-মতে—তড়াগ, বাপী, প্রাসাদ ও সমভূমির নির্ম্মাণ জ্ঞান, (৩৩) মণিরাগজ্ঞান (মণির রাগ-জ্ঞান : রত্নে রঙ্গ চেনা), (৩৪) রূপ্যরত্ন-পরীক্ষা (স্বর্ণ-রৌপ্যাদির উৎকর্ষাপকর্ষজ্ঞান, শুক্রনীতি মতে—(ক) রত্নাদির সদসৎ জ্ঞান এবং তাহাদের বেধনজ্ঞান, (খ) স্বর্ণরত্নাদির প্রকৃতাপ্রকৃত জ্ঞান,—(গ) স্বর্ণরত্নাদির নির্ম্মাণ জ্ঞান, (৩৫) আকরজ্ঞান (খনিবিদ্যা : প্রস্তর ও ধাতুর উৎপত্তিস্থান নির্ণয়জ্ঞান ; mining), (৩৬) ধাতুবাদ (রসায়ন দ্বারা ধাতু নির্ম্মাণ বিদ্যা : mettalurgy), শুক্রনীতিতে—কতিপয় যন্ত্রশিল্প ও বিজ্ঞানের অন্তর্ভুক্ত বিদ্যার নাম আছে যথা—(ক) ঘটিকাদি বহুবিধ যন্ত্র-নির্ম্মাণ-কৌশল : mechanics, (খ) নৌকা, রথ, শকটাদি নির্ম্মাণ জ্ঞান, (গ) বস্ত্রবয়ন, weaving. (ঘ) সূত্র ও রজ্জুনির্ম্মাণজ্ঞান। (ঙ) পশুচর্ম্মাদির মৃদুত্ব ও কাঠিন্য করণ জ্ঞান : tanning, (চ) পশ্বাদির দেহ এবং মলমূত্রাদি পরীক্ষা দ্বারা তাহাদের কার্য্য কারিতা-জ্ঞান,—(ছ) গৃহ এবং ভাণ্ডাদি শোধন বিধি ; disinfecting, (জ) বৃক্ষাদির জলসেক ও উত্তাপ-দান বিধি ; horticulture, (ঝ) কাচ পাত্রাদি নির্ম্মাণজ্ঞান ; glass making. glass blowing &c., (ঞ) লৌহাদি দ্বারা অস্ত্রশস্ত্র নির্ম্মাণবিধি : cutlery, (ট) গজ, অশ্ব, বৃষ ও উষ্ট্রদিগের পৃষ্ঠস্থিত আসনাদিনির্ম্মাণ বিধান, (৩৭) ঐন্দ্রজাল (ভোজবিদ্যা, যাদুবিদ্যা), (৩৮) বস্ত্র-গোপন (সূতার বস্ত্র লইয়া কৌষেয় বস্ত্র প্রদান), (৩৯) হস্তলাঘব (অন্যের অলক্ষ্যে হস্ত সঞ্চালন দ্বারা বস্তুর পরিবর্ত্তনাদি), (৪০) চিত্রাযোগ (নানা অদ্ভুত প্রদর্শনোপায়, নানা মূর্ত্তি-পরিগ্রহ), (৪১) সূত্রক্রীড়া (সূত্রসঞ্চালন দ্বারা পুতলানাচ), (৪২) মেষকুক্কুট শাবক যুদ্ধ বিধি (মেড়া, মুরগী ও বটেরের লড়ায়ের প্রণালী-জ্ঞান), (৪৩) শুকসারিকা প্রলাপন (শুক সারিকা পক্ষীকে পড়ান বা নানা বুলি শিখান), (৪৪) দ্যূতবিশেষ (পাশা খেলা জুয়া খেলা), (৪৫) আকর্ষক্রীড়া (আকর্ষণবিদ্যাবলে বস্তুআনয়ন, ইন্দ্রজালের অন্তর্গত), (৪৬) অভিধান কোষছন্দোজ্ঞান), (৪৭) বৈনায়িকী বিদ্যা (শাস্ত্রজ্ঞান), (৪৮) দেশভাষা জ্ঞান (দেশের বিবিধ ভাষা জ্ঞান ; প্রাদেশিক প্রাকৃত বুলি জানা), (৪৯) ম্লেচ্ছিতকবিকল্প (বিবিধ দেশের ভাষা জ্ঞান ; ম্লেচ্ছ ভাষা সমূহে জ্ঞান), (৫০) কাব্য, সমস্যা, পূরণ (কাব্যের গুপ্ত বা অনুক্ত পদ এবং সমস্যার অংশান্তর পূরণ), (৫১) অক্ষরমুষ্টিকা-কথন (অদৃষ্ট অক্ষরের স্বরূপ এবং মুষ্টির মধ্যে ধৃত বস্তুর সংখ্যা কথন। মতান্তরে অঙ্গুলিসঙ্কেত দ্বারা অক্ষর-প্রকাশ)। (৫২) পুস্তকবাচন (অবিদ্যমান বর্ণ যোজনা দ্বারা অবলীলাক্রমে পাঠ করণ ; মতান্তরে যথারীতি গ্রন্থ পাঠ), (৫৩) নাটিকাখ্যায়িকা-দর্শন (নাটক ও আখ্যায়িকা রচনা ও তত্তৎ শাস্ত্রজ্ঞান), (৫৪) মানসীকাব্য-ক্রিয়া (পরের মনের কথা বুঝিয়া তাহা কাব্যাকারে বা শ্লোকে প্রকাশ করণ), (৫৫) প্রহেলিকা (হিঁয়ালি, riddle), (৫৬) যন্ত্রমাতৃকা (ককারাদি মাতৃকা বর্ণযোগে পূজার যন্ত্র বা নক্সা, table, প্রস্তুত করণ), (৫৭) উদকঘাত (জলস্তম্ভ বিদ্যা), (৫৮) উৎসাদন (বাস্তুচ্যুত করণ বিদ্যা), (৫৯) দুর্ব্বাচকযোগ (যাহা বলা বা করা দুঃসাধ্য তাহা বলা বা করার কৌশল, মতান্তরে, কঠিন পদ বা শব্দের অর্থ করণ), (৬০) পুষ্প শকটিকা নিমিত্তজ্ঞান (পুষ্প শকটিকা ঘটিত অনুষ্ঠানমূলক বিদ্যা যাহা দ্বারা নিমিত্তজ্ঞান জন্মে অর্থাৎ যে বিদ্যাদ্বারা বায়ুর গতি, মেঘের বর্ণ, মেঘগর্জ্জন বিদ্যুৎ প্রভৃতি দেখিয়া ভবিষ্যতে কি ঘটিবে বলা যায়), (৬১) ধারণ-মাতৃকা (যন্ত্রমাতৃকা ধারণ-জ্ঞান। মতান্তরে স্মৃতিবৃদ্ধি নিমিত্ত যন্ত্র, table, schedule, রচনা), (৬২) ক্রিয়া-বিকল্প (একই কর্ম্ম বিবিধ উপায়ে সম্পাদন করিবার কৌশলজ্ঞান), (৬৩) ছলিতকযোগ (ছলনা : পরকে ভুলান, তুল—ছলাকলা), (৬৪) বৈতালিকীবিদ্যাজ্ঞান (যে বিদ্যায় বেতালসিদ্ধ হওয়া যায়)।

শুক্রনীতিতে আরও অনেক কলাবিদ্যার উল্লেখ আছে তন্মধ্যে শিশু ও যুবকদিগের শিক্ষা সম্বন্ধীয় বিদ্যা উল্লেখ যোগ্য।

(ক) বালকের রক্ষণাবেক্ষণজ্ঞান, ধারণবিধি ও ক্রীড়া কৌশল ; kindergarten. বালক ও যুবকদিগের উপযোগী বিদ্যা যথা,—(খ) সন্তরণ swimming. (গ) বৃক্ষারোহণ climbing. (ঘ) নানাদেশীয় ভাষানুযায়ী বর্ণের লিখনজ্ঞান (ঙ) দান, গ্রহণ, প্রতিদান, প্রত্যুপকার, শিক্ষা, অপরাধী জনে পীড়ন, অনপরাধী জনে সম্ভ্রম শিক্ষা।

[দ্রঃ—ইংরেজিতে যাহাকে arts and industries বলে তাহা এই শিল্প কলার অন্তর্গত। কলা অর্থে সাধারণতঃ সকল প্রকার যত্ন ও বল সাহায্যে করণীয় বিদ্যা। science হইতে art এর যে প্রভেদ বিজ্ঞান হইতে কলার সেই প্রভেদ। বিজ্ঞান অর্থে কোন বিষয়ের বিশেষ জ্ঞান এবং তৎসম্বন্ধীয় বিধি নিয়মের মূলতত্ত্ব : কলা সেই নিয়মের বশবর্ত্তী হইয়া হাতে কলমে করিবার কায়দা বা কৌশল-জ্ঞান। সঙ্গীত বিজ্ঞানবিৎ তৌর্য্যত্রিকের মূলতত্ত্ব খুব ভাল জানিতে পারেন, স্বরভেদ, তাল মান প্রভৃতি বিষয়ে তাঁহার বিশেষ জ্ঞান থাকিতে পারে কিন্তু গীত-বাদ্য-নৃত্য কলায় অভিজ্ঞ না হইলে তিনি এমন গাহিতে, বাজাইতে এবং নাচিতে পারিবেন না যাহাতে তাঁহাকে কলাবান (বৎ) অর্থাৎ কালোয়াৎ বা কলাবতী বলা যাইতে পারে। কলা উচ্চ ও নিম্ন বা সূক্ষ্ম ও স্থূল হিসাবে প্রধানতঃ দুই প্রকার। উচ্চ অঙ্গের কলাকে "ললিতকলা" বা সুকুমার শিল্প (fine arts) বলে। সঙ্গীতজ্ঞ, চিত্রকর, ভাস্কর, ললিতকলাভিজ্ঞ (artist) ; কিন্তু নক্সা নবীস (designer, draftsman) ফটোগ্রাফার, এনগ্রেভার, সূত্রধর, কর্ম্মকার, শঙ্খকার, কাংস্যকার প্রভৃতি নিম্ন অঙ্গের কলা-শিল্পী (artisan)। নিম্ন অঙ্গের কলা (শ্রম-শিল্প) হাতের কাজ ও যন্ত্রের কাজ ভেদে দুই শ্রেণীতে বিভক্ত। হাতের কায়দা বা কৌশল শিখিয়া যাহারা নানাবিধ শিল্প-কাজ করে তাহারাই শ্রমশিল্পী (artisan);

যাহারা বিজ্ঞানের (বল বিজ্ঞান ; স্থিতিবিজ্ঞান গতিবিজ্ঞান প্রভৃতির) ভিত্তির উপর বিবিধ কলকব্জা ঘটিত ও বাষ্পীয়, বৈদ্যুতিক প্রভৃতি যন্ত্রজাত শিল্পকলায় অভিজ্ঞ তাহারা যন্ত্রশিল্পী (mechanic)]

কলা-কুশল—শিল্পবিদ্যায় নিপুণ ; বিবিধ বিদ্যায় পারদর্শী। **কলা-কৌশল**—নানা প্রকার শিল্পপ্রণালী জ্ঞান ও তাহাতে নিপুণতা : বিদ্যা ও বুদ্ধি চাতুর্য্য। **কাব্য-কলা**—কাব্য রচনা জ্ঞান ও রসভাবাদি অলঙ্কার সমাবেশ দ্বারা তাহাতে চমৎকারজনকত্ব সম্পাদনের কৌশল জ্ঞান ; কাব্যশিল্প ; poetic art.

কলা-বিদ্যা—কলা বিজ্ঞান ; technology

কারু-কলা—শ্রমশিল্প ; industrial arts.

কলা-ভবন—শিল্পশালা : বিবিধ শিল্পের কারখানা ; চিত্রশালা ; নাট্যশালা। **যন্ত্র-কলা**—যন্ত্র সাহায্যে করণীয় শিল্প ; mechanical arts. **ললিত-কলা, সুকুমার-কলা**—কলা দ্রষ্টব্য ; fine arts.

চৌষট্টিকলা—নৃত্য, গীত, বাদ্য, আলেখ্য, ভাষাজ্ঞানাদি ৬৪ বিদ্যা। ২। সকল বিদ্যা। ৩। নৌকা। ৪। বিভূতি। ৫। নৈপুণ্য ; কৌশল। ৬। [ছলা শব্দের সহচর ; তুল—ছলা-কলা] চাতুরী ; ছল ; ছলচাতুরী।

প্র—"ভাঁড় জানে বহু কলা, পরদ্বন্দ্বে পাতে ছলা
টাকা সিকা নিত্য খায় প্রতি।
—কবিক।

হাব-ভাব : ঠাট।

প্র—"বচন ইঙ্গিতে কত নয়ন ভঙ্গিতে।
কত গণ্ডা কলা তায় কহিতে কহিতে॥"
—ঘনরাম।

৮। স্ত্রীরজঃ। ৯। বিভীষণের জ্যেষ্ঠা কন্যা, মরীচিপত্নী, ও কশ্যপ এবং পূর্ণিমার জননী (ভাগবত)।

কলা [হি—কেলা ; সং-প্রাকৃ—কেলা ; সং—কদলী ; ইং—banana ; ল্যা—musa sapientum] বি, প্রসিদ্ধ ফলবৃক্ষ ; কলাগাছ ও তাহার ফল ; কদলী ; plantain. কদলী বহুবিধ তন্মধ্যে প্রসিদ্ধ—কাষ্ঠ কদলী (কাঠ কলা বা কাঁঠালী কলা), গিরিকদলী (পাহাড়ী কলা খুব মোটা ও বড় বড়), সুবর্ণ কদলী (কনক কদলী—সুবর্ণ বা কনকচাঁপার গন্ধ ও বর্ণ হইতে), মহেন্দ্র কদলী (বন্য কদলী), কৃষ্ণকদলী (মহারাষ্ট্র দেশীয় সবুজবর্ণ এবং বাঁশীর আকার), মাণিক্য কদলী, মর্ত্ত্যকদলী (মর্ত্তমান কলা), অমৃত মর্ত্তমান (হি—অমৃৎবান ; মর্ত্তমান জাতীয়), ঢাকাই মর্ত্তমান (ঢাকায় জন্মে বলিয়া), মালভোগ (উত্তর বঙ্গে, মর্ত্তমান জাতীয়), চাটিম (চট্টগ্রামী, মর্ত্তমান জাতীয়), চম্পা কদলী (চাঁপা কলা ; সুবর্ণ বা কনক কদলী), চিনিচাঁপা (চম্পাজাতীয় কিন্তু ছোট ও অধিক মিষ্ট), কাঁচকলা (কাঁচা অবস্থায় এই কলা রন্ধন করিয়া খাইতে হয় বলিয়া এই নাম, ইহা পাকিলে সুস্বাদু হয় না), কালিবৌ বা কলাবৌ কাঁঠালী, কাবুলী কলা (কাবুল ইহার জন্মস্থান), ডোগরে বা ডোরে (ইহার মোচা রন্ধন করিয়া খায়), ঠোটে কলা (ডোগরে জাতীয়, ক্ষুদ্র), বীজী বা বীচে কলা (বীজ পূর্ণ বলিয়া), খিয়ে কলা (ভিতরে খিয়াল বা তেলাল বলিয়া) মদনা, কানাই বাঁশী (বাঁশীর আকার, পাকিলেও সবুজবর্ণ), সয়াকলা, দয়েকলা, অনুপাম, তুলসী কলা, রসথলী, সিঁদুরে কলা, রাম কলা (বোম্বায়ে কলা), শিঙ্গাপুরী, বেসীনে কলা (বেসীন দ্বীপজাত), যবদ্বীপে, ফিলিপাইনে প্রভৃতি। **কলার এঁটে**—কলাগাছের মূল বা মূলস্থ কন্দ। **কলার ফুল** (কদলীপুষ্প) মোচা। **কলার পেটো**—কলা গাছের ছাল। **কলাবাস্‌না**—কলাগাছের শুষ্ক খোল বা আবরণ। **কলার তেউড়, তেড়**—কলাগাছের মূল হইতে উৎপন্ন নূতন চারা। এই চারার প্রথম অবস্থা অঙ্কুরাবস্থাকে, 'মুকি' (গ্রা 'পুঁকি') বলে। তুল—ওলের মুকি, কচুর মুকি ইত্যাদি। **কলার বাইল বা বাল্‌দো**—কলা পাতার ডাঁটা বা দণ্ড। **কলার পানমুচি ভাঙ্গা**—কলার ফুল ধরিবার বা মোচা পড়িবার পূর্ব্বে খর্ব্বাকৃতি পত্র বাহির হওয়া। **কলার ছোটা**—কলা গাছের পেটো হইতে যে সূতা বাহির করা হয়। ২। [কলার আকৃতি হইতে] বৃদ্ধাঙ্গুলি ; শিশ্ন। এই শব্দ অসম্মতি অর্থে, বিদ্রূপার্থে, অভাবার্থে, বিপরীতার্থে, অশ্লীল গালি অর্থে প্রযুক্ত হয়। প্র—"ফল তায় কলা"। **কলা বা কলাটি করবে**—কিছুই করিতে পারিবে না। **কলা হবে**—কিছুই হইবে না। **কলা খেয়ে যাওয়া**—পিণ্ডদান কালের কলা খাইয়া যাওয়া : মরিয়া যাওয়া। **কলা খাও**—মর। **কলা খাওয়া**—বানর পদ বাচ্য হওয়া (তুল—বানর কলা খাবি, বড় বৌএর বাবা হবি ইত্যাদি—ছড়া)। **কলা-খেকো**—বানর-প্রকৃতি ; বান্দুরে। **কলা পোড়া খাওয়া**—অশ্লীল গালি। **কলা-দেখান**—বৃদ্ধাঙ্গুলি প্রদর্শন (অগ্রাহ্য বা অমান্য করণ অর্থে)। ২। অশ্লীল ইঙ্গিত করণ।

কলাই [সং—কলায়] বি, কড়াই ; মটর। ২। শুঁটিবিশিষ্ট বা শিম্বীজাতীয় (leguminous) যাবতীয় শস্য ; মাষকলাই ; কলাই-শুঁটি ; ছোলা ; পায়রা-মটর ; ঠিক্‌রে কলাই ইত্যাদি।

কলাই [আ—কলাই] বি, ধাতুপাত্রে রূপা-রঙ্গ আদি ধাতু গলাইয়া তাহার পাতলা প্রলেপ। ক্রি, **কলাই করা**—ঐরূপ প্রলেপ দেওয়া বা রঙ্গ ধরান। বিণ, **কলাই-করা**। প্র—কলাই করা বাটী। **কলাই-গর**—যাহারা কলাই করে।

কলাই—বি, কলাচিকা দ্রঃ।

কলাকন্দ—বি, কলার বড়া। ২। কালাকন্দ নামক বরফী মিঠাই।

কলাকুশল (ল্) [(কলাতে কুশল) ৭তৎ] বিণ, নৃত্যগীতাদি-চতুঃষষ্টি-কলাবিদ্যানিপুণ : চিত্রকলায় দক্ষ।

কলাকেলি (কলা) কলাবিদ্যা) হইয়াছে কেলি (ক্রীড়া) যাহার, বহু) বি, পুং, কামদেব।

কলাচিকা, কলাচী [সং। হি—কলাই] বি, স্ত্রী, কফোণি (কনুই) হইতে মণিবন্ধ পর্য্যন্ত প্রকোষ্ঠ ; হস্ত .

কলাতলা [প্রাদে] বি, বিবাহকালে স্ত্রী-আচারের স্থান : চতুর্দ্দিকে কলাগাছ পুঁতিয়া ঘেরা হয় বলিয়া এই নাম। প্র—

"হায়, লাঠি ভর করিয়ে, এ শিশু বরকে নিয়ে
কেমনে ঘুরবো আমি কলাতলে।"
—রাসবিহারী মুখো।

কলাদ [কলা (শিল্পবিদ্যা) দ (যে দান করে—কর্ত্তৃ, ড প্রত্যয়ান্ত দানার্থক দা ধাতুজ) কিম্বা কলা (অংশ) আদ (যে গ্রহণ করে—আ—দা + ড, কর্ত্তৃ) যে কারু কার্য্য দেখায় কিম্বা যাহাকে অলঙ্কার নির্ম্মাণ করিতে দিলে তাহার অংশ গ্রহণ করে] বি, পুং. স্বর্ণকার ; সেক্‌রা।

কলাধর (র্) [কলা—ধর (যে ধরে)] বি, পুং, চন্দ্র। ২। শিব। [কলাধার দ্রঃ]

কলাধার (র্) [কলার—আধার (আশ্রয়) ৬তৎ] বি, পুং, চন্দ্র। ২। [কলা (চন্দ্র-কলা) ধার (যে ধারণ করে)] শিব ; অর্দ্ধ-চন্দ্রমৌলি।

কলান (নো) [কল দ্রঃ] ক্রি, যোগ করা। ২। গজান ; কল বাহির হওয়া ; অঙ্কুরোদ্গম হওয়া।

কলানাথ (থ্) [কলার নাথ (প্রভু) ৬তৎ] বি, পুং, চন্দ্র। ২। জনৈক সঙ্গীতজ্ঞ গন্ধর্ব্ব।

কলানিধি [কলার নিধি (আধার) ৬তৎ] বি, পুং, চন্দ্র।

কলাপ (প্) [কল (অব্যক্তমধুর শব্দ) আপ্ (পাওয়া) + অ (কর্ত্তৃ—অচ্) যে অব্যক্ত মধুর শব্দ করে] বি, পুং, আভরণ ; ভূষণ। ২। কাঞ্চী ; কটিভূষণ ; চন্দ্রহার। ৩। প্রসিদ্ধ সংস্কৃত ব্যাকরণ। ইহার সূত্র

সর্ব্ববর্ম্মাচার্য্যকৃত ও বৃত্তি দুর্গসিংহকৃত। উভয়েই বৌদ্ধ পণ্ডিত। ৪। ময়ূরের পুচ্ছ। প্র—"কুঞ্জবন গহনে, খেলয়ে হংসাবন ললিত, শিব, হংসাবন ললিত, প্রসারি কলাপ কলাপী" —হেম বন্দ্যো। ৫। চন্দ্র। ৬। পণ্ডিত। ৭। গ্রামবিশেষ। ৮। তূণ। ৯। ধনু। ১০। শর। ১১। নারাচ; অর্দ্ধচন্দ্র বাণ। ১২। সমূহ; রাশি। ১৩। হস্তীর গলবন্ধন রজ্জু। ১৪। যে চারি শ্লোকের এক ক্রিয়া দ্বারা অর্থ সমাপ্তি হয় এরূপ মিলিত শ্লোকচতুষ্টয়।

কলাপী, কলাপি (পি) [কলাপ (ময়ূর-পুচ্ছ) +ইন্ (অস্ত্যর্থে)=কলাপিন্ ১মা, ১ব] বি, পুং, ময়ূর। প্র—"কলাপি কলাপ জিনি খুলনার কেশ" —কবিক। ২। [কল (মধুরধ্বনি) আপ্ (পাওয়া)+ ইন্ (কর্ত্তৃ, গিন্)] কোকিল। ৩। বৈশম্পায়নের শিষ্য।

কলাবউ (—বৌ) [সং—কলাবধূ] বি, স্ত্রী, নবপত্রিকা; নবদুর্গা। কলাবধূ দ্রঃ। ২। [নবপত্রিকার দীর্ঘ অবগুণ্ঠনের আদর্শে] দীর্ঘাবগুণ্ঠিতা স্ত্রী: অতি লজ্জাশীলা বধূ। প্র—"কভু সাজে কলাবউ সেকালের বুড়ী" —কস্তুরী।

কলাবৎ—কলাবতী। কালোয়াৎ দ্রঃ।

কলাবতী (বো) [কলা+বৎ (অস্ত্যর্থে, বতু)+ঈপ্ (স্ত্রী)] বিণ, নৃত্যগীতাদি চৌষট্টিকলা-বিদ্যা-বিশারদা স্ত্রী। প্র—
"বাজত দ্রিগি দ্রিগি ধোদ্রিম দ্রিমিয়া,
নটতি কলাবতী শ্যাম সঙ্গে মাতি
করে কর তাল-প্রবন্ধক ধ্বনিয়া॥"
—বিদ্যাপতি।
২। বি, রাজা বৃষভানুর পত্নী; যজ্ঞ-কুণ্ডোদ্ভবা: ইহার গর্ভে রাধিকার জন্ম হয়। (ব্রহ্ম বৈ, পু)। ৩। তুম্বুরু গন্ধর্ব্বের বীণা (হেম) ৪। রসিকা। প্র—"কোন কলাবতী আজি পেয়েছিল লাগ।"—চণ্ডীদাস। পুং, কলাবান (কলাবৎ কিন্তু গ্রা ব্যবহারে —কালোয়াৎ)—নৃত্যগীতবাদ্যে নিপুণ।

কলাবতু, কলাবত্তু [হি—কলাবত্তু। কলা —আবর্ত্ত=আবত্ত (হি—বটা হুয়া)-সোনা-রূপার তার পাক দেওয়া সম্বন্ধীয় শিল্প] বি, রেশমের উপর সোনা বা রূপার সূক্ষ্ম তার জড়ান বা পাকান সোনা; রূপার পাকান তার: সোনা বা রূপার তার দিয়া বোনা ফিতা যাহা বস্ত্রাদির পাড় বসাইবার কাজে লাগে।

কলাবধূ (—বোধু) [দুর্গাপূজার প্রথম দিবস পূর্ব্বাহ্ণে কদলী আদি নবপত্রিকারূপিণী নব-দুর্গাকে বস্ত্রালঙ্কার ও সিন্দূরাদিতে ভূষিত করিয়া অবগুণ্ঠনবতী বধূর ন্যায় গৃহপ্রবেশ করাইবার প্রথা হইতে কলাবধূ এই নাম] বি, স্ত্রী, নবপত্রিকা; নবদুর্গা। দ্রঃ—নব-পত্রিকার এক এক পত্রিকা এক এক দেবী-রূপে পূজিতা হন। যথা—রম্ভারূপা ব্রহ্মাণী, কচ্চিরূপা কালিকা, হরিদ্রারূপা দুর্গা, জয়ন্তী-রূপা কার্ত্তিকী, বিল্বরূপা শিবা, দাড়িমীরূপা রক্তদন্তিকা, অশোকরূপা শোকহারিণী, মান-রূপা চামুণ্ডা এবং ধান্যরূপা লক্ষ্মী। —বৃহন্নন্দীকেশ্বর পুরাণ। ২। [নবপত্রিকার দীর্ঘ অবগুণ্ঠন হইতে] দীর্ঘ অবগুণ্ঠনবতী বধূ: অতি লজ্জাশীলা বধূ।

কলাবাজী [হি—তে প্রচর। সং—কলা—ফা—বাজী] বি, মাথা নীচু করিয়া উল্টাইয়া পড়া: ডিগ্‌বাজী।

কলাবান (ন্) [কলা+বৎ—অস্ত্যর্থে—বতু=কলাবৎ ১মা, ১ব] বিণ, যাহার সঙ্গীত বিদ্যায় নৈপুণ্য বা পাণ্ডিত্য আছে: কলাজ্ঞ: কালোয়াৎ। ২। কলাবিশিষ্ট। ৩। বি, পুং, কলাধর, চন্দ্র। স্ত্রী, কলাবতী।

কলাভৃৎ [কলা—ভৃৎ (যে ধারণ করে) ভৃ (ধারণ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং চন্দ্র। ২। শিল্পী। ৩। শিব।

কলায় (য়্) [সং] বি, পুং, কলাই; কড়াই।

কলায়ন (ন্) [কলা—অয়্ (গমন করা) পাওয়া)+অন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে কলা বিদ্যা প্রাপ্ত হয়] বি, পুং, নর্ত্তক।

কলালাপ (প্) [কল (অব্যক্তমধুর) হইয়াছে আলাপ (শব্দ) যাহার, বহু] বি, ভ্রমর; মধুকর। ২। [কল যে আলাপ, কর্ম্মধা] অব্যক্তমধুর ধ্বনি। ৩। [কলা বিষয়ে আলাপ, ৭তৎ] নৃত্যগীতাদি কথা।

কলি (কোলি) [কল্ (গণনা করা)+ই—সংজ্ঞার্থে] বি, পুং, চতুর্থযুগ; যুগ-চতুষ্টয়ের শেষ যুগ; কলি ইহার অধিষ্ঠাতা। ১২০০ দিব্য বৎসর অর্থাৎ ৪৩২০০০ বৎসর ইহার পরিমাণ। ৩১০১ খ্রীঃ পূঃ অব্দে এই যুগের আরম্ভ হইয়াছে। —ভারতকোষ। ২। দ্বেষ। ৩। ক্রোধের ঔরসে তদীয় ভগ্নী হিংসার গর্ভে কলির জন্ম হয়; ইনি অতি কৃষ্ণবর্ণ জুগুপ্সিত, তৈলাভ্যক্ত, কাকতুল্যোদর, বিকট বদন, লোলজিহ্ব, পূতিগন্ধাস্যপূর্ণ। ইনি নিজ ভগ্নী দুরুক্তিকে বিবাহ করিয়া ভয় নামক পুত্র ও মৃত্যু নামে কন্যা উৎপাদন করেন। ৪। যুদ্ধ। ৫। কলহ। প্র—"ইহাতে অবুধগণ মহাকলি করে" —চৈ-ভা। ৬। শূর। স্ত্রী, কলী। **এই ত কলির সন্ধ্যা**—কলিযুগের এই আরম্ভ, এখনও ঘোর অন্ধকারময় রাত্রি কাটাইতে হইবে; কষ্টের বা দুঃখের এই সূত্রপাত।

কলি, লী (কো) [সং] বি, কলিকা দ্রঃ। ফুলের কলি; অস্ফুট পুষ্প; কোরক। প্র—"সোণালি আঙ্গুলগুলি অফুট চাঁপার কলি" —অমৃত বসু। ২। পুষ্পকলিকার মত চূড়াল (তুল—কমল-কলি) কেশবিন্যাস। প্র—কলি কেটে চুল বাঁধা। ৩। বৈষ্ণবগণের তিলকের প্রকারভেদ। **রসকলি**—তিলকভেদ। ৪। জামার বগল, পকেট সেমিজ ও জ্যাকেটে লাগাইবার কলির আকারে কাটা কাপড়ের টুকরা। প্র—কলিদার জামা: সেমিজে কলি বসান। ৫। বীণা, বেহালাদির নিম্নভাগ। ৬। কবিতার বা শ্লোকের পদ বা চরণ। ৭। গানের পদ। প্র—"রামপ্রসাদ গান, ভক্তি যেন মূর্ত্তিমান, তার শেষে আরো দুটি কলি বিন্যাসি"—দেবেন্দ্র সেন। **কমলকলি**—পদ্মকোরক, উদ্ভিন্নযৌবনা ও কমলের ন্যায় কোমলাঙ্গী কামিনী; আদরের পাত্রী। প্র—"রাবণ বলে চন্দ্রাবলি তুমি আমার কমলকলি।" —বঙ্কিম।

কলি (কোলি) [আ—কলী (alkali) ক্ষার; যবক্ষার; সাজিমাটি।—তাহা হইতে কলিচুণ; চূণক্ষার] বি, চূণ: কলিচুণ। **কলিধরান, ফেরান**—গৃহাদিতে চূণ জলে গুলিয়া লেপ দেওয়া বা মার্জ্জন করা। **কলি-চুণ**—শামুক প্রভৃতির খোলা-পোড়ান চূণ।

কলিকা (কো) [সং] বি, স্ত্রী, কলি; কোরক; অস্ফুটপুষ্প।
প্র—"যবে দেখেছিনু তায় প্রভাত প্রভায়
বসন্ত কুঞ্জ কাননে।
সেহি অস্ফুটদল কলিকা বিমল
মৃদু বিচলিত পবনে॥"
—কলিকা ও ফুল (বিজয় মজুমদার)।
২। [বৈদেশিক পুষ্প, প্রাচীন সং—অভি-ধানে নাম নাই। অস্ফুটিত পুষ্পের আকৃতি হইতে এই নাম প্রাপ্ত] কলকে ফুল; thevelia neriifolia. ৩। [কলকে ফুলের আকার হইতে। হি—কলিআঁ] যে পাত্রে তামাক ও আগুন রাখিয়া ধূমপান করা যায়; হুকার কলকে।

কলিকাল (কোলিকাল্) [কলিরূপ যে কাল, (সময়) কর্ম্মধা] বি, কলিযুগ।
প্র—"মহাঘোর কলিকাল নীচ হবে মহীপাল
সর্ব্বভোগ নীচের সাধন।"—কবিক।

কলিঙ্ক [কলঙ্ক শব্দের বিকার] কলঙ্ক দ্রঃ।

কলিঙ্গ (কো) বি, পুং, উৎকলের দক্ষিণ সীমায় দ্রাবিড় পর্য্যন্ত সমুদ্রের তীরস্থিত দেশ। ২। কলিঙ্গদেশ স্থাপনকারক; বলির পুত্র; দীর্ঘতমার ঔরসে সুদেষ্ণার গর্ভে ইঁহার জন্ম।

৩। প্লক্ষবৃক্ষ। ৪। কুটজবৃক্ষ। ৫। পূতি করঞ্জবৃক্ষ। ৬। শিরীষবৃক্ষ। ৭। বিণ, কলিঙ্গ দেশজাত। স্ত্রী, **কলিঙ্গা**—সুন্দরী স্ত্রী ; নিতম্বিনী। ২। তেউড়ী ; ত্রিবৃৎ।

কলিজা (কো) [সং—কালের=যকৃৎ+য=জ ; হি—কলেজা, কলেজী=যকৃৎ ; liver. ফা—জীগর্] বি, যকৃৎ। ২। বক্ষঃস্থলের গ্রন্থিবিশেষ ; হৃদ্‌পিণ্ড।
প্র—"দেখিয়া যেতেছে ছিঁড়া
প্রচণ্ড হাসির চোটে কলিজা ধমনী।"
—প্রেম ও ফুল।
৩। [হৃদ্‌পিণ্ড হইতে] বুক ; সাহস। এই অর্থে হিন্দীতেই ব্যবহৃত। তাহার অনুকরণে বাং-য় বিরল ব্যবহার।

কলিঞ্জ (কো) [সং] বি, পুং, তৃণনির্ম্মিত আসন ; চাঁচ ; দরমা ; মাদুর।

কলিদ্রুম (কো, ম্) বি, পুং, বিভীতকবৃক্ষ ; বয়ড়াগাছ (নলরাজার শরীরে প্রবেশকালে ছিদ্রানুসন্ধানার্থ কলি এই বৃক্ষকে আশ্রয় করিয়াছিলেন বলিয়া ইহার নাম কলিদ্রুম)।

কলিন্দ (কো) বি, পর্ব্বতবিশেষ (এই পর্ব্বত হইতে যমুনা নদী বাহির হইয়াছে বলিয়া কালিন্দী নামে খ্যাত)। ২। বিভীতকবৃক্ষ ; বয়ড়াগাছ। ৩। সূর্য্য। **কলিন্দকন্যা**—কলিন্দ পর্ব্বতজাত নদী, কালিন্দী বা সূর্য্যকন্যা যমুনা।

কলিপ্রিয় (কোলিপ্‌প্রিও) [কলি (কলহ) হইয়াছে প্রিয় যাহার, বহু] বি, পুং, নারদ মুনি। ২। বানর। ৩। [কলির—প্রিয়, ৬তৎ] বিভীতকবৃক্ষ ; বয়ড়াগাছ। ৪। বিণ, কলহপ্রিয় ; যে কলহ ভালবাসে। স্ত্রী, **কলিপ্রিয়া**—কন্দলী।

কলিফিরান (কো, নো) [কলি দ্রঃ। ফিরান হি—ফেরনা] ক্রি, চূণকাম করা ; গৃহাদি চূণের জলে মার্জ্জিত করা ; চূণ ধরান।

কলিত (কো) [কল্ (গণনা করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, গণিত ; সংখ্যাত। ২। ধৃত ; আশ্রিত ; গৃহীত। ৩। বদ্ধ। ৪। বিরচিত। [অন্য শব্দের সহিত সমাসযুক্ত হইয়া বাংতে ব্যবহৃত হয়]
প্র—"ইন্দুবদনী ধনি নয়ন বিশালা।
কমল-কলিত জনি মধুকর মালা॥"
—বিদ্যাপতি।

কলিযুগ (কোলিজুগ্) [কলি দ্রঃ] বি, ক্লী, চতুর্থযুগ ; কলি এই যুগের অধীশ্বর বলিয়া এই নাম ; কল্কী এই যুগের অবতার।

কলু (কো) [কল হইতে হি—কোল্‌হু=কোন কিছু মাড়িবার কল ; press ; ঘানিগাছ (oil man's press)। বাং-য়—ঘানির কাজ যে করে] বি, তৈলকার। ২। ঘানিগাছ (হি—অনুকরণে। উত্তর বঙ্গে)। স্ত্রী, **কলুনী**—তৈলকার জাতীয়া নারী।

কলুফে, কুলুফে [হি—কুলুফ্। আ—কুফ্‌ল্=তালা, তাহার ভাব হইতে আটক পড়া] ক্রি, আকৃষ্ট হয় ; বাঁধা পড়ে ; মোহিত হয়। প্র—"মদনকলুফে" —চণ্ডীদাস।

কলুষ (কোলুষ্) [কল্ (গমন করা, আশ্রয় করা)+উষ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে কুকর্ম্মের ফল স্বরূপ হইয়া প্রাণীদিগকে আশ্রয় করে] বি, ক্লী, পাপ ; অধর্ম্ম। ২। আবিলতা ; মলিনতা। ৩। বিণ, পাপাশ্রিত ; পাপী। ৪। আবিল ; ঘোলা।

কলুষিত (কোলুষিতো) [কলুষ (পাপ)+ইত (যুক্তার্থে)] বিণ, পাপবিশিষ্ট ; পাপকর্ম্মকারী ; অধর্ম্মগ্রস্ত। ২। দূষিত ; মলিন। ৩। মলিনীকৃত ; কলঙ্কিত।

কলেজ (জ্) [ইং—college] বি, উচ্চশিক্ষাগার ; স্কুলের উর্দ্ধতন শিক্ষাস্থান ; বিজ্ঞান, দর্শন ও কলাবিদ্যা শিক্ষালয়।

কলেবর (র্) [সং। কল=শুক্র। শুক্রোৎপন্ন বলিয়া] বি, ক্লী, দেহ ; শরীর ; তনু ; গাত্র। স্ত্রী, **কলেবরা**।

কলেরা [ইং— cholera] বি, বিসূচিকা ; ওলাউঠা ; সংক্রামক পীড়া ; "ইহাতে ফেনের ন্যায় ভেদ, বমন, খেঁচুনি আদি উপদ্রব উপস্থিত হয়, প্রস্রাব বন্ধ হয় ও জীবনী শক্তি ক্ষীণ হইয়া পড়ে।" —ডাঃ আর, জি, কর।

কল্ক [সং] বি, খইল ; খলি ; কাইট ; শিটে। ২। মল ; বিষ্ঠা। ৩। কর্ণমূল। ৪। পাপ। ৫। অহঙ্কার। ৬। গন্ধদ্রব্যবিশেষ ; চূর্ণদ্রব্যবিশেষ। ৭। বহেড়া গাছ।

কল্কলান (নো) [কলকল দ্রঃ] ক্রি, কল কল শব্দ করা। ২। জল-স্রোতের শব্দ হওয়া। ৩ পাখীর কাকলিধ্বনি করা।

কল্কা, কল্‌কা [হি—কল্‌গা (মোরগ ফুল, cockscomb flower ; হি—মুর্গ্‌কেশ, amaranthus, prince's feather, বর্ষায় জন্মিয়া আশ্বিন কার্ত্তিক মাসে ফোটে, মোরগের ঝুঁটীর মত লাল লাল কেশর গুচ্ছ)—তুর্কী, কল্‌গী হইতে তাজ পাগড়ী প্রভৃতির উপর পাখীর পালক গুচ্ছ—তাহার অনুকরণে অধুনা স্বর্ণমণিমুক্তাময় কল্‌গী] বি, কল্‌গীর মত নক্সা বা ফুল। **কল্কাপেড়ে**—কল্কা কাটা পাড় যুক্ত ; কল্‌কাদার। প্র—কল্‌কাপেড়ে সাড়ী। **কল্কাদার আঁচল**—কল্কা তোলা বা কল্‌কাকাটা আঁচলা।

কল্কাদার, কল্‌কাদার (র্) [কল্কা দ্রঃ] বি, কল্কা আছে যাহাতে ; নক্সাকাটা ; কল্‌কা তোলা। প্র—"গহনা গায়ে আলতা পায়ে কলকাদার আচল।"—ইন্দিরা (বঙ্কিম)।

কল্কি, কল্কী (কোল্‌কি) [কল্ (গমন, আগমন)+কি (কর্ত্তৃ)—যিনি আসিবেন, যিনি কলিকালে অবতার রূপে আগমন করিবেন] বি, পুং, কলিযুগের শেষ অবতার ; বিষ্ণুর দশাবতারের শেষ অবতার। পুরাণ মতে ইনি সম্ভল পুরগ্রাম-নিবাসী বিষ্ণুশর্ম্মা-নামক ব্রাহ্মণের পুত্ররূপে চৈত্র মাসের শুক্লা দ্বাদশী তিথিতে জন্ম গ্রহণ করিবেন। **কল্কিপুরাণ**-বি, কল্কি অবতারের বিবরণযুক্ত পুরাণ-গ্রন্থ ; ইহার নামান্তর অনুভাগবত।

কল্কি (কোল্‌কি) [কলিকা—কল্কে, উচ্চারণ ভেদে কল্কি। হি—কলিয়া] বি, তামাকের আধার ; তামাক সাজিবার পাত্র। প্র—"কল্কির আগুনে তার পুড়িল সকল।" —ফুলরেণু।

কল্কে (কোল্‌কে) [কলিকা দ্রঃ। কলিকা পুষ্প অথবা পুষ্পের কলির আকার বলিয়া] বি, হুকার অঙ্গবিশেষ (তুল—হুঁকো কল্‌কে), তামাক ও আগুনের আধার। **কল্কে পাওয়া**—সমাজে বা সভায় উপস্থিত ভদ্র লোককে তামাক খাইতে দিয়া আদর অভ্যর্থনা ও মর্য্যাদা করার প্রথা হইতে অন্য দশজনের ন্যায় তামাক পাওয়া অর্থাৎ দশের মধ্যে একজন বলিয়া গণ্য হওয়া ; আসন প্রাপ্ত হওয়া ; সম্মান পাওয়া ; খাতির যত্ন পাওয়া ; আমল বা দখল পাওয়া। প্র—"অবশিষ্ট প্রায় কেহই কল্কে পান নাই" —বঙ্গবাসী।

কল্‌গী (কোল্‌গি) [তুর্কী—কল্‌গী] বি, তাজ, পাগড়ী প্রভৃতির সম্মুখে পাখীর পালকের গুচ্ছ ; পূর্ব্বে উষ্ট্রপক্ষীর (সুতুর্ মুর্গ্) পালকে ঐ শিরোভূষণ নির্ম্মিত হইত এক্ষণে স্বর্ণ মণিমুক্তায় নির্ম্মিত হয়। সোণার কল্‌গী তাহাতে মুক্তা ও মূল্যবান প্রস্তর জড়িত।

কল্‌তানি [কত্‌লানির বর্ণবিপর্য্যয়] বি, কত বা ক্ষত যাহা জলে কচলান (হি—কচ্‌লানা, কচল্‌না—চটকান, ঘর্ষণ করা) দ্বারা বাহির হয় ; ধোয়াট। ২। পূঁয বা রসরক্ত ধোয়াজল ; গাদ।

কল্প [সং] বি, পুং, বেদের অঙ্গ গ্রন্থবিশেষ ; ইহাতে বৈদিক ক্রিয়ার বিবৃতি আছে। বেদবিধিবিশেষ। ২। [পুরাণে] ব্রহ্মার এক অহোরাত্র। ৪,৩২০,০০০,০০০ বৎসরে ব্রহ্মার একদিন এবং ঐ পরিমাণ বৎসরে এক রাত্রি হয়, দিবসে ব্রহ্মাণ্ড সৃষ্ট হয় ও বিদ্যমান থাকে, রাত্রিকালে তাহা লয়প্রাপ্ত হয়। এই সৃষ্টি ও লয়কে কল্প বলে। ৩। প্রলয়। ৪। পক্ষ। ৫। বিধি ; নিয়ম ; বিধান ; শাস্ত্রীয় বিধি বা নিয়ম পালন। প্র—নবম্যাদি কল্প ; কল্পবাস। ৬। অভিপ্রায় ; সংকল্প ; প্রতিজ্ঞা।

৭। কল্পবৃক্ষ (কল্পতরু দ্রঃ)। ৮। শব্দের প্রত্যয় স্বরূপ যুক্ত হইয়া সদৃশ বা ঈষদূন এই অর্থ প্রকাশ করে। প্র—মৃতকল্প ; অমৃতকল্প।

কল্পতরু (কল্‌পোতোরু) [কল্প (সংকল্প—অভীষ্ট) দাতা তরু, বা কল্প (কল্পান্তস্থায়ী) তরু (বৃক্ষ—কর্ম্মধা। পুরাণমতে সমুদ্রমন্থনোত্থিত এই বৃক্ষ কল্পান্ত হইলে পুনরায় সমুদ্রগত হয় ; এই জন্য ইহার নাম কল্পতরু] বি, কল্পবৃক্ষ অভীষ্ট ফলদায়ক বৃক্ষ। ২। [কল্পবৃক্ষের নিকট প্রার্থনা করিলেই অভীষ্ট লাভ হয় বলিয়া অতিশয় দাতাকে কল্পতরু বলে] অতিশয় বদান্য ; উদার ; অতিশয় দাতা ; দাতাকর্ণ। [দ্রঃ—ব্রজ। ছন্দের অনুরোধে কলপতরু প্র—"কেলি কলপতরু সুপুরুখ আতরু"—বি,প

কল্পদ্রুম (কল্পদ্‌দ্রুম্) বি, কল্পতরু (দ্রঃ)।

কল্পন (কল্‌পন্) [সং] বি, ক্লী, অধ্যাহার আরোপ ; রচনা। ২। উদ্ভাবনা অবাস্তবে বাস্তব কল্পনা ; বাস্তবিক যে বিষয়ের সত্তা নাই সেই বিষয়ের সত্তা ঘটাইয়া লওয়া বা দেওয়া। স্ত্রী, কল্পনা।

কল্পনা (কল্‌পোনা) [সং] বি, রচনা উদ্ভাবনী শক্তি ; চিন্তছায়া ; imagination

প্র—"তুমিও আইস, দেবি, তুমি মধুকরী
কল্পনা ! কবির চিত্ত-ফুলবন-মধু
লয়ে, রচ মধুচক্র ;" —মেঘনাদ
"লও দাসে সঙ্গে সঙ্গে, হেমাঙ্গি কল্পনে,
বাগ্দেবীর প্রিয়সখি !"
—চতুর্দ্দশপদী কবিতাবলী
"সেই কবি মোর মতে কল্পনা সুন্দরী
যার মনঃ কমলেতে পাতেন আসন।"—ঐ

২। মনগড়া বিষয় ; অলীক বা মিথ্যা ভাবনা। প্র—ইহার মধ্যে একটুও সত্য নাই, এ সব তাহার কল্পনা মাত্র। ৩। অনুমান। প্র—এ সকল বিষয় কি সে কখনও কল্পনা করিয়াছিল ? ৪। [বৈঃ পরিঃ] কল্পিত বিষয় অপ্রমাণীকৃত অনুমান ; hypothesis. বিণ, কল্পিত।

কল্পনাশক্তি (কল্‌পোনাশোক্‌তি) বি, স্ত্রী, রচনা সামর্থ্য ; যে শক্তি প্রভাবে কবিগণ নূতন নূতন বিষয় সকল উদ্ভাবন করেন ; উদ্ভাবনক্ষমতা।

কল্পপাদপ (কল্‌পোপাদোপ্) কল্পতরু দ্রঃ। দেবতরু ; অভীষ্টফলদাতা বৃক্ষ। **কল্পপাদপ দান**—সুবর্ণের ফলপত্র পক্ষী ও বিবিধ ভূষণযুক্ত স্বর্ণময় বৃক্ষ ব্রাহ্মণকে দান। মহাদান-বিশেষ। **কল্পতরু**—বি, কল্পতরু দ্রঃ।

কল্পলতা (কল্‌পোলতা) [কল্পপাদপ দ্রঃ] বি, স্ত্রী, মহাদানের অন্তর্গত ; দানযোগ্য সুবর্ণলতা।

কল্পসূত্র (কল্‌পোশুৎত্র) [সং] বি, ক্লী, বৈদিককর্ম্মানুষ্ঠানের প্রতিপাদক সূত্র ; দৈনিক-ক্রিয়ার বিধি ; গৃহ্য সূত্র ; বৈদিক ক্রিয়া-পদ্ধতি ; শ্রৌতসূত্র।

কল্পান্ত (কল্‌পান্‌তো) [কল্পের (ব্রহ্মার দিনের) অন্ত (অবসান) ৬তৎ] বি, পুং, ব্রহ্মার দিবাশেষ ; যুগান্ত ; প্রলয়কাল।

কল্পান্তস্থায়ী (কল্‌পান্‌তোস্‌থাঈ) [কল্পান্তে (কল্পের শেষে) স্থায়ী—যে থাকে—স্থা=থাকা +ইন্(কর্ত্তৃ—ণিন্)=স্থায়িন্ ১মা, ১ব,—৭তৎ] বিণ, চিরকাল স্থায়ী ; যাহা প্রলয়কাল পর্য্যন্ত থাকে ; প্রলয়ের পূর্ব্বে যাহা বিনষ্ট হয় না ; অক্ষয়।

কল্পিত (কোল্‌পিত) [কল্পনা দ্রঃ। কৃপ্ +ণিচ্=কর্পি=কল্পি (র=ল)+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, আরোপিত ; অধ্যাহৃত। ২। রচিত ; সৃষ্ট। ৩। অবধারিত ; সংকল্পিত ; নিশ্চিত। ৪। সম্পাদিত। ৫। সজ্জিত। ৬। বি, পুং, যুদ্ধের জন্য সজ্জিত হস্তী।
কল্পিতধর্ম্ম—বি, পুং, অনীশ্বরে ঈশ্বরারোপ। ২। মন-গড়া ধর্ম্ম (যাহা সনাতন নহে)।

কল্পী (কোল্‌পি) [কল্প্ +ইন্ (কর্ত্তৃ—ণিন্) =কল্পিন্—১মা, ১ব] বিণ, কল্পনাকারী ; রচক। ২। বেশকারী।

কল্প্য (কল্‌প) [কৃপ্ +ণিচ্=কল্পি (কল্পনা করা)+য (কর্ম্মে)] বি, ক্লী, কল্পনা যোগ্য ; আরোপ্য। ২। রচনীয় ; অনুষ্ঠেয়। ৩। বিধেয়।

কল্মষ (কল্‌মষ্, কল্‌লঁষ্) [সং] ক্লী, কলুষ ; পাপ। ২। পুং, নরকবিশেষ। ৩। বিণ, মলিন ; মলাবিষ্ট ; আবিল। ৪। পাপিষ্ঠ ; পাপাত্মা।

কল্মা, কলমা [আ—কলমা—বাক্য—ঈশ্বরের বাক্য] বি, মুসলমান ধর্ম্মের মূল বাক্য বা মন্ত্র—"লা ইলাহ্ ইল্লিল্লাহ্, মহম্মদ রসুলিল্লাহ।" **কল্মা পড়া**—কলমা প'ড়ে মুসলমান হওয়া। **কল্মা পড়ান**—কলমা পড়িয়ে মুসলমান করা। কলমা দ্রঃ।

কল্মাষ (কলমাষ্, কল্‌লাঁষ্) [কল্ (গমন করা) ইত্যাদি)+ক্বিপ্—কর্ত্তৃ=কল্ (যে গমন করে) মষ্ (হানি করা)+অ=(কর্ত্তৃ, সংজ্ঞার্থে ঘঞ্) =মাষ (যে অন্য প্রাণীকে নষ্ট করে)] বি, পুং, রাক্ষস। ২। দৈত্যবিশেষ। ৩। অগ্নি-বিশেষ। ৪। নাগবিশেষ। ৫। কৃষ্ণবর্ণ। ৬। শ্বেত কৃষ্ণ মিশ্রিত বর্ণ। ৭। বিণ, কৃষ্ণবর্ণ বিশিষ্ট।

কল্মাষকণ্ঠ (কলমাষ্, কল্‌লাঁষ্ কন্‌ঠ) বি, পুং, নীলকণ্ঠ ; শিব।

কল্মাষপাদ (কলমাষ্ পাদ, কল্লাঁষ্ নাদ্) বি, পুং, রাজা সৌদাস।

কল্য (কোল্‌লো) [সং। "প্রত্যূষ, অহর্মুখ, কল্য, উষস্, প্রভাত"—অমর] বি, আগামী প্রাতঃকাল ; প্রভাত ; আগামী দিন ; কাল ; অদ্যের অব্যবহিত পরবর্ত্তী দিবস ; আগামী (গ্রা—আগত) কল্য। ২। অদ্যের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী দিবস ; গতকল্য।
৩। [স্মৃতিশাস্ত্রে] মধু। ৪। বিণ, হাবা-কালা। ৫। সুস্থ। ৬। শুভ ; মঙ্গলকর। ৭। স্বাস্থ্যপ্রদ। স্ত্রী, কল্যা—মদ্য ; হরীতকী।

কল্যত্ব (কোল্‌লোৎতো) [কল্য (সুস্থ)+ত্ব (ভাবে)] বি, ক্লী, সুস্থতা ; স্বাস্থ্য ; আরোগ্য।

কল্যপাল (কোল্‌লোপাল্) [কল্য (মদ্য) পাল। ইহা হইতে হি—কালাল—শুঁড়ি] বি, মদ্য-ব্যবসায়ী ; শৌণ্ডিক ; শুঁড়ি।

কল্যবর্ত্ত (কোল্‌লোবর্‌তো) [কল্য (প্রভাতে) বর্ত্ত (বৃত্ +ণিচ=বর্ত্তি (আশ্রয় করা)+অ (কর্ম্মে—অল্) যাহা প্রভাতে আশ্রয় করে] বি, পুং, প্রাতরাশ, প্রাতর্ভোজন ; breakfast.

কল্যাণ (কোল্‌ল্যান্) [কল্য (শুভ)—অণ্ (শব্দ করা, হওয়া)+অ (কর্ম্মে—অল্)] বি, ক্লী, হিত ; মঙ্গল ; ভদ্র ; কুশল ; সুপ ; সমৃদ্ধি। ২। রাগিণীবিশেষ। স্ত্রী, কল্যাণী—বৎসতরী। ২। শুভদা ; মঙ্গলাস্পদা। ৩। সাধ্বী। সম্বোধনে—কল্যাণি।

প্র—"——ত্বরায় আমি আসিব ফিরিয়া
কল্যাণি, সমরে নাশি তোমার কল্যাণে
রাখবে, বিদায় এবে দেহ, বিধুমুখি!"
—মেঘনাদ।

কল্যাণকর (কোল্‌ল্যাণ্ কর্) [কল্যাণ (মঙ্গল)—কর (যে করে—কৃ (করা)+অ (কর্ত্তৃ—ট)] বিণ, যে কল্যাণ বিধান করে ; মঙ্গলকর ; শুভঙ্কর ; শুভদ ; হিতজনক ; উপকারক।

কল্যাণময় (কোল্‌ল্যান্ময়্) [কল্যাণ—ময়ট্] বিণ, মঙ্গলময় ; শুভঙ্কর। স্ত্রী, **কল্যাণময়ী**—মঙ্গলময়ী ; শুভঙ্করী। প্র—"চিরকল্যাণময়ী তুমি ধন্য।" —রবি।

কল্যাণযোগ (কোল্‌ল্যানজোগ্) [কল্যাণের যোগ, ৬তৎ] বি, পুং, মঙ্গল যোজনা। ২। [কল্যাণ (কল্যাণকর) যে যোগ—কর্ম্মধা] বি, পুং, জ্যোতিষোক্ত যোগবিশেষ।

কল্যাণালয় (কোল্‌ল্যানালয়্) [কল্যাণের (মঙ্গলের) আলয় (আশ্রয়) ৬তৎ] বিণ, যাহার কল্যাণ কামনা করা হয় ; কল্যাণাশ্রয় ; মঙ্গলাস্পদ ; মঙ্গলালয় ; কল্যাণীয় ; কল্যাণের স্থান ; মঙ্গলান্বিত।

কল্যাণাস্পদ (কোল্‌ল্যানাশ্‌পদ্) [কল্যাণের (মঙ্গলের) আস্পদ (স্থান) ৬তৎ] বিণ, মঙ্গলালয় ; কল্যাণভাজন ; মঙ্গলাধার।

কল্যাণীয় (কোল্‌ল্যানিও) [কল্যাণ+ঈয় (অস্ত্যর্থে)] বিণ, কল্যাণ-ভাজন ; মঙ্গলাস্পদ। স্ত্রী, **কল্যাণীয়া**।

কল্প [সং—কল্প—অস্ফুট বা অব্যক্ত শব্দ। যাহার কর্ণে শব্দ ব্যক্ত বা স্ফুটিত হয় না] বিণ. বধির ; কালা।

কল্লা [ফা—কল্লা = মুখ-বিবর ; গালের ভিতরের অংশ ; চোঁপা। (২) চেঁচামেচি, বচসা। মেয়েলি শব্দ। বাং-তে কল্লা বা চোঁপা আছে যার। এই অর্থে, ফা—কল্লাদরাজ্] বিণ. চোঁপা-কারিণী ; মুখরা ; মুখের উপর যে মেয়ে জবাব করে ; মুখোড় ; ঝগড়াটে (তুল—হি—ঝগড়া-কল্লা = ঝগড়া-ঝাটি)। প্র—"ওর মত কল্লা মেয়ে বাপের কালে দেখিনি" —সধবার একাদশী (দীনবন্ধু)। ২। [মেয়েলি কথায়] ছলা ; ঠাট। প্র—মেয়ে কল্লা করে পড়ে আছে।

কল্লা [করলার উচ্চারণ বিকার। উ-বঙ্গে "কল্লে"] বি. করলা ; উচ্ছে।

কল্লু [হি—কল্লু—কলুটা—কাল, তাহা হইতে এমন বদখত কাল যে বিদ্রূপ করা চলে] বিণ. অত্যন্ত কাল ; (বিদ্রূপে) কালমাণিক ; কেলো ; কালীঝুল মাখা সঙ্ ; কেলুয়া (তুল—কেলুয়া ভুলুয়া)। প্র—"বিংশ শতাব্দীর এ যে অপরূপ কল্লু।"—অশোকগুচ্ছ।

কল্লোল (ল্) [কল্ল (অব্যক্ত শব্দ করা) + ওল (কর্তৃ-সংজ্ঞার্থে) যে অব্যক্ত শব্দ করে] বি. পুং. বিশালোর্মি ; মহাতরঙ্গ ; অতিশয় জলের ঢেউ। ২। অতিশয় আনন্দ ; আহ্লাদ। বিণ. **কল্লোলিত**। স্ত্রী. কল্লোলিনী।

কল্লোলিনী (নি) [কল্লোল (মহাতরঙ্গ) + ইন্ (অস্ত্যর্থে) = কল্লোলিন্ + ঈপ্ স্ত্রী] বি. স্ত্রী. মহাতরঙ্গবতী নদী ; তরঙ্গিণী। ২। বিণ. কল্লোলকারিণী।

কশ (শ্) [সং—সৃক্কণী অর্থ বাচক সৃক্ক বর্ণ বিপর্যয়ে কস্ব পরে—কস, উচ্চারণে—কশ] বি. ওষ্ঠপ্রান্তদ্বয় ; সৃক্কণী। প্র—দুই কশ দিয়া পানের পিক গড়াইতেছে।

কশা, ষা (শা) ["অশ্বাদেস্তাড়নী কশা" —অমর। ষা—বিরল। কশ্ (হিংসা করা) + অ (করণে সংজ্ঞার্থে—অঙ্—আপ্ স্ত্রী যাহাদ্বারা অশ্বাদি পশু তাড়না করা হয়)] বি. স্ত্রী. চাবুক। ২। লাগাম। ৩। ক্রি. কশাইয়া দে, কশাঘাত কর্ ; চাবুক মার্। প্র—লোকটাকে আচ্ছা করে দুঘা কশা।

কশাড় (ড়) কাশ দ্রঃ।

কশান (নো) [কশা দ্রঃ] ক্রি. কশাইয়া বা কশিয়ে দেওয়া ; কশাঘাত করা ; চাবুক লাগান ; চাবকান।

কশার্হ [কশার (কশাঘাতের) অর্হ (যোগ্য) ৬ তৎ] বিণ. যাহাকে কশাঘাত করা উচিত, কশাঘাত যোগ্য ; কশাতাড়ান যোগ্য।

কশি (কোশি) [সং—কষ্—আকর্ষণে, বিলেখনে। ফা—কশীশ (রেখা)] যাহা টানিয়া লেখা যায় ; রেখা। **কশিটানা** —রেখাঙ্কন করা—রেখাপাত করা।

কশিদা (কোশিদা) [ফা—কশীদা। (কশীদ—টানা = আঁকা) ফুল আঁকা বা তোলার কাজ] বি. কাপড়ে সূচ দিয়া রেশম বা সুতার পাতা-লতা ফুল তোলা ; গুলকারী। কশীদা—সাদা তিনকলিয়ার, পেঁচদার, শিকলকাটা, ফুলদার বা গুলদার, বুটিদার ইত্যাদি ভেদে নানা প্রকার।

কশুর (কোশুর্) [আ—কুসুর্] বি. দোষ ; ত্রুটি ; অপরাধ। প্র—কশুর হয়েছে মাপ কর। ২। বিলম্ব ; অপেক্ষা। প্র—"কিঞ্চিত কশুর নাহি কশুর কাটিতে।" —ভারতচন্দ্র।

৩। অবহেলা ; চুক।
"এক্ষণেও বাবুরাম পীড়িত হওয়াতে সৎপরামর্শ দিতে ও তত্ত্ব লইতে কশুর করিতেছে না।" —টেকচাঁদ।

কশেরু, কসেরু, কসেরু (কশেরু) বি. পুং. ক্লী. পৃষ্ঠের অস্থি ; মেরুদণ্ড। ২। স্ত্রী. কসেরু, কসেরু—তৃণমূলবিশেষ ; কেশুর। ৩। জম্বুদ্বীপের অংশবিশেষ।

কশেরুক (ক্) [কশেরু (মেরুদণ্ড) + ক (অস্ত্যর্থে)] বিণ. যাহাদের মেরুদণ্ড আছে ; ২। [ক স্বার্থে] বি. পুং. ক্লী. কশেরু ; কেশুর। স্ত্রী. কশেরুকা।

কশেরুকা [কশেরু (মেরুদণ্ড) + ক (স্বার্থে)—আপ্ স্ত্রী] বি. স্ত্রী. মেরুদণ্ড। ২। কশেরু।

কশ্মীর (কশ্মীর্) বি. কাশ্মীর দেশ।

কশ্য (কোশ্শো) [কশ্ (আঘাত করা)—শাসন করা) + য (কর্মে)] বি. ক্লী. অশ্বের কটি ; ঘোড়ার মধ্যস্থান। ২। [কশ্ (শব্দ করা) মদ্যপান করিলে অনেক শব্দ করে বলিয়া] মদ্যবিশেষ। ৩। [কশা + যৎ—কর্মে] বিণ. কশাঘাতের যোগ্য ; কশার্হ।

কশ্যপ (কোশ্শোপ্) [কশ্য (মদ্য) প (যে পান করে। পা = পান করা + অ, কর্তৃ—ড)] বি. পুং. মুনিবিশেষ ; ইনি মদ্যপান করিতেন এই জন্য ইঁহার নাম কশ্যপ; মরীচির পুত্র ; ব্রহ্মার পৌত্র ; সুরাসুর প্রভৃতির পিতা। ২। মৃগবিশেষ। ৩। মৎস্যবিশেষ। ৪। সপ্তর্ষি নামক সপ্ত তারার অন্তর্গত নক্ষত্র-বিশেষ।

কশ্যপনন্দন (কোশ্শপনন্দন্) [কশ্যপের নন্দন (পুত্র) ৬ তৎ] বি. পুং. কশ্যপের পুত্র ; গরুড়। ২। সুরাসুর প্রভৃতি।

কষ (ষ্) [সং—কষায়] বি. কষায় রস ; হরীতকী প্রভৃতি কষায় রস ফল ও গাছের কষ বা খয়েরবর্ণ ছোপ বা দাগ। কলাগাছের কষ ; তালশাঁস, ডাবের জল প্রভৃতির কষ ; কষা উদ্ভিজ্জসার ; tannin. বিণ. কষা। ক্রি. কষা। **কষধরা, কষলাগা**—ছোপ লাগা।

কষ (ষ্) [সং—কষ—কর্ষণ—আকর্ষণ—নিকষ —কষপট্টী ; হি—কসৌটী] বি. কষ্টিপাথর ; মসৃণ কৃষ্ণ প্রস্তর ; যাহার উপর স্বর্ণাদি ধাতু কষিয়া বা ঘষিয়া পরীক্ষা করিতে হয়। যে পাথরের উপর সোণা কষিলে (রেখা টানিলে বা ঘসিলে) দাগ পড়ে এবং তাহা হইতে সোণা পরীক্ষা হয়। ক্রি, কষা—কষ্টিপাথরে কষিয়া পরীক্ষা করা। প্র—সোণাকষা। **কষকষ করা**—কষকষান দ্রঃ।

কষকষান (কষ্কষানো) [কষ (হিংসার্থে) কষ (প্রতিহিংসার্থে) + আন—করা অর্থে—ক্রোধে বা প্রতিহিংসায় কষকষ করা] ক্রি. আক্রোশের ভাব প্রকাশ করা ; ক্রোধে বা প্রতিহিংসার্থে করতলে করতল বা দন্তে দন্ত ঘষণ করা ; আফসান ; গযগয দ্রঃ। বি. **কষকষানি**।

কষট (ট্) [সং—কষ্ট ; হি—কষাবট্ ; কষা দ্রঃ] বি. কষা ; কষুনি ; টান। ২। টান হইতে হাতটান ; কৃপণতা। [তুল—গ্রা. করমকষ্যি, করমকষ্টি = টানাটানি ; কৃপণতা ; করমকষটি করে = কষ্টেসৃষ্টে। করম (কর্ম্ম) এখানে সহচর শব্দ]।

কষণ (কষন্) [কষ, কষা দ্রঃ] বি. ক্লী. ঘর্ষণ ; আঁক দেওয়া। ২। কণ্ডুয়ন ; চুলকান। ৩। কষা ; প্রস্তরে ঘর্ষণ করিয়া স্বর্ণাদি পরীক্ষা করণ। ৪। অপক্ব। ৫। টানিয়া বা শক্ত করিয়া বন্ধন করা ; আঁটন ; বাঁধন। গ্রা—কষণী, কষুণী।

কষণী, কষনী, কষুনি, কস্নুনি (কোষুনি) [কষণ দ্রঃ] বি. আঁটনী ; কড়া বাঁধন ; টানিয়া বাঁধন ; বন্ধন কার্য্য। ২। বাঁধুনি ; গাঁইট ; গ্রন্থি।

কষা [কষায় দ্রঃ] বি. কষ ; কষায়।
২। বিণ. কষায়-রসযুক্ত ; কষাস্বাদ। কষি দ্রঃ।

কষা [সং—কৃষ্ (কষ) বিলেখন, আকষণ, প্রাপণ] ক্রি. বিলেখন (কষ্টি পাথরে) দ্বারা স্বর্ণাদির বর্ণ ও মূল্য নিরূপণ করা ; কষ্টিপাথরে সোণা ঘসিয়া তাহার রেণু অঙ্কিত বা ধৃত করা। প্র—সোণাটা কষিয়া দেখিলেই জানা যাইবে পাকা কি মরা।
প্রা. বাং-য় 'কসা'র ব্যবহারও পাওয়া যায়।
প্র—"সুবর্ণ বণিক বসে রজত কাঞ্চন কসে" —কবিক।
২। [সোণাকষার ভাব হইতে] পরীক্ষা করা।
৩। [বিলেখন হইতে] অঙ্কপাত করা ; অঙ্কপাত

দ্বারা গণিতের ফল প্রাপ্ত হওয়া বা বাহির করা প্র—আঁক কষা। (২) মূল্যাদি নিষ্কাস করা ; মূল্য নিরূপণ করা। প্র—দাম কষা **মোট কষা**—ঠিক দেওয়া ; তেরিজ ফল বাহির করা ; সর্ব্ব সাকল্যে কত তাহা গণনা করা। (২) রেখা-পাত করা ৪। [আকষণ হইতে] টানা (তুল—কষি) (২) [তুল—ফা—কসীদন্ ; হি—কস্না টানিয়া বাঁধা ; আটিয়া বাঁধা। প্র—দড়ীটা আরও একটু কষে না বাঁধলে টানাটানিতে খুলে যাবে ৫। [টানের ভাব হইতে] বিণ, কড়া ; রুক্ষ টান। (কষামাজা দ্রঃ)। প্র—তাহার ধাত বড়ই কষা। কষা মেজাজ। ৬। সন্তলন করা ; হালুনি মারিয়া লওয়া। প্র—পাঁঠা মাংস আগে বেশ করিয়া কষিয়া লও। ৭ [কষ্ট দ্রঃ] বিণ, হাতটান ; কৃপণ ; ব্যয়কুণ্ঠ **কষে কাজ করা**—খুব আঁটুনির সহিত কাজ করা ; অত্যন্ত পরিশ্রম ও মনোযোগের সহিত কর্ম্ম করা : চুটিয়ে কাজ করা।

কষা [সং—কষ্ (হিংসা করা—নিষ্পীড়ন কর —বাঁধা) সংকীর্ণার্থে] বি, চাবুক ; কশা কষাঘাত। ২। ক্রি, তাড়না করা ; কড়া কড়ি ; কড়া ব্যবহার করা : কড়কান। ৩। টানিয়া বা কড়া করিয়া বাঁধা বা জড়ান। প্র—পেঁচ কষা ; তার কষা।
ক্রি, **কষান** (নো)।

কষাকষি (কোষি) [আকষাকর্ষি] বি, পরস্পর আকষণ করণ ; তাড়না। ২। দ্রব্যাদির মূল্য হ্রাসের জন্য জেদাজেদি। **মনকষাকষি**—মনের মধ্যে সংকীর্ণ ভাবের ক্রিয়া ; মনের অনুদারতা তাহা হইতে মনোমালিন্য ; মনান্তর : বিবাদ। **কষামাজা**—ঘষামাজা ; ঘষিয়া মসৃণ ও মাজিয়া উজ্জ্বল বা চিক্কণ করা। ২। দ্রব্যের মূল্য কষিয়া (যাচাই বা পরীক্ষা করিয়া) নির্দ্ধারণ করা ; দ্রব্য ক্রয় কালে খুব কমের দিকে টানাটানি করিয়া দরদস্তুর করা ; মূল্য কমাইবার জন্য কড়াকড়ি বা জেদাজেদি।

কষাটিয়া, কষাটে [কষ্ট দ্রঃ] মন্দ : কুৎসিত। [প্রাদে] বিণ, বিস্বাদ ; কষায় স্বাদযুক্ত ; ঈষৎ কষা। ২। কৃপণ।

কষানি (নি) [কষ দ্রঃ। আনি (পানি সংক্ষেপে)] বি, কষজল ; কষ-ধোয়া জল। ২। নির্গতরস ; পুঁয ; ক্লেদ।

কষামি, কষামো [কষ দ্রঃ] কৃপণতা ; কার্পণ্য।

কষায় (য়) [সং। "কষায়ো রসভেদে চ নির্য্যাসে চ বিলেপনে। অঙ্গরাগে চ ন স্ত্রী স্যাৎ সুরভৌ লোহিতে ত্রিষু"—মেদিনী। "বর্ণে" —হেমচন্দ্র। "কটু তিক্ত কষায়াস্তু সৌরভ্যেপি প্রকীর্ত্তিতা"—হলায়ুধ। [হি—কসাব কসর্ লা] বি, পুং-ক্লী, কষায়রস ; তিক্তরস কটুরস ; সাধারণতঃ কষা বা 'তুবর' রস ২। হরীতকী প্রভৃতির নির্য্যাস বা কাথ কষ ; tannin. ৩। সুগন্ধ-লেপন ; সুরভি অঙ্গরাগ। ৪। লোহিতবর্ণ ; ফিকে লাল খয়ের রং। ৫। শ্যোণাকবৃক্ষ। ৬। বিণ কষাস্বাদ ; astringent.

কষায়িত [কষায়+ণিচ্=কষায়ি+ত (কর্ম্মে —ক্ত) কিম্বা কষায়+ইত (অস্ত্যর্থে)] বিণ অল্প রক্তবর্ণ ; অনুজ্জ্বল রক্তবর্ণ দ্বারা রঞ্জিত ছোবান। প্র—রোষ-কষায়িত লোচন ২। বিলেপিত। ৩। রক্ত ও পীতমিশ্র বর্ণযুক্ত ৪। কৃতলোহিত ; রক্তীকৃত।

কষায়ী (য়ি) [কষায়+ইন্ (অস্ত্যর্থে= কষায়িন্ ১মা, ১ব)] বি, পুং, খর্জ্জূরবৃক্ষ ২। লকুচবৃক্ষ। ৩। শালবৃক্ষ। ৪। বিণ কষায়যুক্ত।

কষি (কোষি) [কষ্ (হিংসা করা)+ই] বিণ, হিংসক [বিরল]। ২। [কষা দ্রঃ] দীর্ঘ সরল রেখা "————————" এইরূপ রেখা। প্র—কষি টানা। ৩। পরিধেয় বস্ত্রাংশ যাহা কোমরে গুঁজিলে কাপড় খুলিয়া যায় না ; খোট বা খুঁট। প্র—কষি গোঁজা (প্রাদে ২৪ পরগণা)। ৪। [কষায় স্বাদ হেতু কষি] কাঁচা আমের আঁটি ; আঁটির ভিতরের শাঁস : বাকড়ার ভিতরের শাঁস। ৫। বিণ, কষি মাত্র হইয়াছে এমন কচি। প্র—কষি কষি আম।

কষিত (কো) [কষ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা কষা হইয়াছে : পরীক্ষিত ; যাহা পরীক্ষা করা হইয়াছে। প্র—
"সন্তান যদ্যপি হয় অসিত বরণ।
প্রসূতির কাছে সেই কষিত কাঞ্চন॥"
—পদ্যপাঠ।

কষিদা (কোষিদা) [ফা—কশীদা] বি, কশিদা দ্রঃ। গুণকারীর কাজ।

কষিয়া, কষে (কো) [কষা দ্রঃ] ক্রি-বিণ, (১) কষ ধরিয়া। (২) কষ্টিপাথরে কসিয়া : সোণা রূপা কষিয়া। (৩) পরীক্ষা করিয়া। (৪) অঙ্ক কষিয়া। (৫) দাম কষিয়া। (৬) টানিয়া : আঁটিয়া ; দৃঢ় করিয়া। (৭) সন্তলন করিয়া। (৮) সজোরে। প্র—কষে দুঘা বসাইয়া দাও। [তুল—হি—কস্কে]।

কষুটী (কোষুটি) [কষি—কচি] বি, অপুষ্ট ফল ; অপরিণত ফল।

কষুয়া, কষো (কো, কোষো) [কষায়— কষা+উয়া (যুক্ত)] বিণ, বিস্বাদযুক্ত ; কষা। প্র—কষো পেয়ারা। ২। যাহাতে কষ আছে।

কষ্ট (কষ্ট) কষ্ (হিংসা করা)+ত (ভাবে —ক্ত)] বি, ক্লী, দুঃখ ; ক্লেশ ; যন্ত্রণা। ২। [কর্ত্তৃ—ক্ত] বিণ, ক্লিষ্ট ; কষ্টসাধ্য। প্র—কষ্ট কল্পনা। ৩। দুঃখজনক ; দুঃখদাতা। ৪। গহন। ৫। কুৎসিত। **কষ্ট করা**—উদ্যম করা ; শ্রম করা। ২। ক্লেশ স্বীকার করা। **কষ্ট পাওয়া, কষ্ট ভোগ করা**—কষ্টে জীবন অতিবাহিত করা।

কষ্টকল্পনা (ল্লো) [কষ্ট (কষ্টকর) যে কল্পনা—কর্ম্মধা, কিম্বা কষ্টের বা কষ্টে কল্পনা— ৬ বা ৭তৎ] বি, স্ত্রী, যে কল্পনা সহজে করিতে পারা যায় না ; দুঃখের কল্পনা ; কষ্টকর কল্পনা। বিণ, কষ্টকল্পিত।

কষ্টকল্পিত (কোল্পিতো) [কষ্টে—কল্পিত, ৭তৎ] বিণ, যে বিষয়ের কষ্টে কল্পনা করা গিয়াছে।

কষ্টকারক (—কারোক্) [কষ্ট (ক্লেশ) কারক (জনক, কারণ) ৬তৎ] বিণ, কষ্টদায়ক ; ক্লেশজনক।

কষ্টজীবী [কষ্ট—জীব্ (বাঁচা)+ইন্ (কর্ত্তৃ —ণিন্)=জীবিন্ ১মা, ১ব] বিণ, যে কষ্ট করিয়া বাঁচিয়া থাকে ; যে কষ্টে জীবিকা নির্ব্বাহ করে। ২। কষ্টে যে অনেক অর্থার্জ্জন করিয়া জীবন ধারণ করে।

কষ্টদ [কষ্ট (দুঃখ) দ (যে দান করে) দা (দান করা)+অ (কর্ত্তৃ—ড)] বিণ, দুঃখদ ; যে কষ্ট দেয় ; যাতে অনেক কষ্ট পাওয়া যায়।

কষ্টরিপু [কষ্ট (কষ্টসাধ্য) যে রিপু (শত্রু) কর্ম্মধা] বি, পুং, যে শত্রুকে কষ্টে আয়ত্ত করা যায় ; কষ্টাধীনীকৃত ; যে শত্রুকে বাধ্য বা বশীভূত করিতে অনেক কষ্ট সাধন করিতে হয়।

কষ্টশ্রিত [কষ্ট (কষ্টকে) শ্রিত (প্রাপ্ত) ২তৎ] বিণ, দুঃখপ্রাপ্ত ; যে কষ্ট পাইতেছে। ২। যে কঠোর ব্রত করিতেছে।

কষ্টসহ (—শহ) [কষ্ট (দুঃখ) সহ (সহ্য করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, যে দুঃখ সহ্য করিতেছে ; ক্লেশ-সহিষ্ণু : ক্লেশ সহ্য করিতে সমর্থ ; যে ক্লেশ সহ্য করিতে পারে।

কষ্টসাধ্য (—শাধ্ধো) [কষ্ট দ্বারা সাধ্য (সাধনযোগ্য) ৩তৎ কিম্বা কষ্টে সাধ্য, ৭তৎ] বিণ, ক্লেশ নির্ব্বাহনীয় ; ক্লেশসাধ্য ; যাহা বিনাকষ্টে নির্ব্বাহ হয় না : যাহা অনেক কষ্টে সম্পন্ন বা সমাপ্ত হয়।

কষ্টস্থান (কষটোস্থান্) [কষ্টের—স্থান, ৬তৎ] বি, ক্লী, দুঃখের স্থান। ২। ক্লেশের বিষয়।

কষ্টা [কষাটে, কষা দ্রঃ] বি, কষা।

কষ্টি (কো) [কষ্ (কর্ষণ করা)+তি (ভাবে —ক্তি)] বি, স্ত্রী, সুবর্ণাদি কষা ; কষণ ; পরীক্ষা করা। ২। [অধি—ক্তি যাহাতে

সুবর্ণাদি কষে। হি—কসৌটী] কষণ প্রস্তর ; কষ্টিপাথর।

কষ্টিপাথর—কষপট্ট ; যে কৃষ্ণবর্ণ মসৃণ পাথরে সোনা রূপা কষা যায়।

কষ্টেসৃষ্টে [কষ্টে (কষ্ট করিয়া) সৃষ্টে (সৃষ্টি করিয়া=চেষ্টা দ্বারা পথ করিয়া বা উপায় উদ্ভাবন করিয়া)] বি, কায়ক্লেশে ; বহুকষ্টের পর।

কস (কশ্) [সং—সৃক্কবর্ণ বিপর্য্যয়ে কস্—কস্। কশ দ্রঃ] বি, সৃক্কণী ; ওষ্ঠপ্রান্তদ্বয়। প্র—কস ব'য়ে লাল পড়া।

কসটি, কসুটি (কোশ্‌টি, কশুটি) [হি—কসৌটী। কষ্ট দ্রঃ] বি, কষ্টিপাথর।
প্র—"জনু সে সোনারে কসি কসটিতে"
—বিদ্যাপতি।

কসনি, কসুনি (কোশোনি, কোশুনি) [কষা দ্রঃ। হি—কস্‌না হইতে বাং—ষ স্থলে স] বি, বন্ধন।
প্র—"কুন্দলের ধুকড়ি ঢেঁকির পিঠে জিন।
কসনি কুশের দড়ী লাগাম বিহীন॥"
—শিবায়ন।

কসবা (কশ্‌বা) [আ—কস্‌বা] বি, সাধারণ গ্রাম অপেক্ষা বড় ও নগর অপেক্ষা ছোট বসতি বা বস্তি ; যে বৃহৎ গ্রামে বহু ভদ্র ও ধনী লোকের বাস।

কসবী (কোশ্‌বি) [আ—কস্‌ব্=পেশা ; মেহনত। তাহা হইতে কস্‌বী=পেশাদার। যে গতর খাটাইয়া খায় ; তাহা হইতে যে নারী শরীর খাটাইয়া জীবিকা নির্ব্বাহ করে ; যে ব্যভিচাররূপ পেশা করে] বি, ব্যভিচারিণী ; বেশ্যা ; বারাঙ্গনা।
প্র—"কসবী ঘরে আইছ বান্দর"—অমৃত বসু।

কসবীখানা, কসবীঘর—বেশ্যালয়।

কসবীগিরি—বেশ্যার চালচলন ; বেশ্যা-বৃত্তি।

কসবীপনা (কোশ্‌বিপোনা) বি, বেশ্যার আচরণ ; বারাঙ্গনার ব্যবহার।

কসম (কশোম্) [আ—কস্‌ম্] বি, শপথ ; দিব্য।

কসরৎ, কসলৎ (কস্‌রৎ, লৎ) [আ—কস্‌রৎ] বি, নিয়মবদ্ধ অঙ্গসঞ্চালন ; drill. ২। ব্যায়াম ; কুস্তী। ৩। কায়দা ; কৌশল।
প্র—"এই অনভ্যস্ত যান হইতে বহু কসলতে নামিলাম।" —ফোয়ারা (ললিত বন্দ্যো)।

কসা (কশা) [কষা দ্রঃ। বিলেখনের ভাব হইতে কশীদা দ্রঃ] বিণ, কসিত ; খচিত।
প্র—"সোণা মুক্তা হীরা কসা বই নাই আর"
—চৈতন্য-ভাগবত।
২। [কষা দ্রঃ। টানের ভাব হইতে] মহার্ঘ ; দুর্মূল্য ; টান। প্র—"বাজার কসা কি রকম"—রজনী সেন। ৩। [হি—কস্‌না। বাং-য়—ষ স্থলে স। প্রাদে, টাঙ্গাইল—কইসা] কষা ; আঁটা ; কড়া ; শক্ত।

কসাই (কশাই) [আ—কস্‌সাব্] বি, ঘাতক ; গো-ঘাতক ; যাহারা মাংস বিক্রয়ের জন্য পশু বধ করে। প্র—"গো-মাংস বেচিয়া নাম বলায় কসাই'—কবিক। কসাইখানা—কসাইয়ের দোকান। কসাইয়ের হাতে পড়া—নিষ্ঠুরের পাল্লায় পড়া ; নিষ্ঠুরের সহিত কাজ করা বা তাহার সংস্রবে আসা ; নির্দ্দয় ব্যক্তির অধীন হওয়া।

কসি (কোশি) [কষি দ্রঃ] বি, রেখা ; ইলেক।

কসুনি (কোশুনি) কসনি দ্রঃ।

কসুর (কোশুর্) [আ—কুস্‌র্=ত্রুটি, দোষ] বি, ত্রুটি ; দোষ। প্র—"কারণ হরির শ্বশুর রামকান্ত বসুর। টাকার ছিলাম খাতক তাই তার এসব কসুর॥"—দ্বিজেন্দ্র রায়। ২। ন্যূনতা ; হীনতা ; অপূর্ণতা ; বাকী ; কমতি। বে-কসুর [বে দ্রঃ] নির্দোষ। ৩। অবহেলা ; চুক। ৪। [গ্রা, মেয়েলি, সবুর অর্থে ভুলক্রমে কসুর] ধৈর্য্য ; সবুর ; বিলম্ব ; অপেক্ষা।

কসে (কশে) [কষা দ্রঃ] ক্রি, কষে ; পরীক্ষা করে।
প্র—"সুবর্ণ বণিক বসে রজত কাঞ্চন কসে
পোড়ে কোষে হইলে সংশয়।"
—কবিক।

কস্ত (কস্‌তো) [আ—কস্‌রৎ] বি, ব্যায়াম। ২। কায়দা ; হাত পায়ের কৌশল। ৩। চেষ্টা ; অভ্যাস ; practice. ৪। শিক্ষা।

কস্তা (কস্‌তা) [কষায়=লোহিত বর্ণ ; কষায়িত] বিণ, লোহিত বর্ণ ; লাল। [দ্রঃ—সাধারণতঃ চওড়া লাল পাড়কে কস্তাপাড় বলে]। কস্তাপেড়ে—চওড়া লাল পেড়ে
প্র—"কস্তাপেড়ে ধুতি" —টেকচাঁদ।

কস্তী (কোস্‌তি) বি, অগ্ন্যুপাসক পারসীক-দিগের যজ্ঞোপবীত। এই উপবীত তাহাদের কোমরে থাকে। পারসীক পুরোহিত মেগাই-দিগের কোমরের পৈতা।

কস্তুর (কোস্‌তুর) [সং—কস্তুরী] বি, কস্তুরী মৃগ। ২। মৃগনাভি। ৩। কচুজাতীয় বৃক্ষবিশেষ।

কস্তুরা (কোস্‌তুরা) [সং—কস্তুরী] বি, কস্তুরী মৃগ। ২। শুক্তি ; মুক্তা জন্মে যে ঝিনুকে। ৩। [গ্রা—কস্তুরু] ওষধিবিশেষ ; ইহা পোর্ট ব্লেয়ার দ্বীপের পাহাড়জাত খড়ির মত দ্রব্য। অনেকে মনে করে ইহা সমুদ্রের ফেনা। ৪। নৌকা বা জাহাজের তক্তার জোড় বা সন্ধি॥

কস্তুরিকা, কস্তূরিকা (কোস্‌তুরিকা) [কস্ (গমন করা)+তুর, তুর=কস্তুর, কস্তূর +ক, আপ্ স্ত্রী, অ=ই, যাহার গন্ধ বহু দূরে গমন করে] বি, স্ত্রী, মৃগনাভি।

কস্তুরী, কস্তুরি (কোস্‌তুরি) [সং—কস্তুরিকা দ্রঃ] বি, স্ত্রী, সুগন্ধদ্রব্যবিশেষ ; মুষ্ক ; musk. ইহা একজাতীয় ক্ষুদ্রকায় মৃগের নাভির নিকট চামড়ার থলিতে থাকে বলিয়া ইহাকে মৃগনাভি বলে। তিন প্রকার মৃগনাভি প্রসিদ্ধ—নেপালের মৃগনাভি কপিলবর্ণ, কাশ্মীরের মৃগনাভি পিঙ্গলবর্ণ এবং সিকিম, ভুটান, কামরূপ প্রভৃতির কৃষ্ণবর্ণ। কস্তুরী-মল্লিকা—মৃগ-মদ-বাসা নামক মল্লিকা ফুল। ২। মৃগনাভি।

কাল কস্তুরী—কস্তুরীর গন্ধযুক্ত গাছড়া ; hibiscus abelmoschus.

লতা কস্তুরী—কালকস্তুরী-জাতীয় এবং কস্তুরী গন্ধযুক্ত গাছড়া ; musk mallow.

কস্মিন্ কালে (কোশ্‌শিন্‌কালে) [কস্মিন্ (কিম্ শব্দ সপ্তম্যন্তপদ) কালে (কালেতে) বাং-য় এই সংস্কৃত রূপ অবিকৃতভাবে চলিয়া গিয়াছে "কোন কালে" অপেক্ষা ইহা অধিক জোরের] বি, কোন কালে ; কোন সময়ে ; কখন। প্র—ওঃ কস্মিন্‌কালে ছিল, যে এখন থাকবে? এমন কথা কস্মিনকালেও শুনি নাই।

কস্য (কোশ্‌শো) [সং—কিম্ শব্দ ৬ষ্ঠীর ১ব ; আদালতের ভাষায়, দলীল-দস্তাবেজে। এখানে কস্য=যস্য] অ, কাহার ; কার ; যাহার ; অমুকের।
প্র—"লিখিতং শ্রীকার্ত্তিকচন্দ্র দে সাং নবদ্বীপ কস্য অংশীনামা পত্রমিদং কার্য্যঞ্চাগে, আমি আপনার সাহায্যে ইত্যাদি।"
"লিখিতং শ্রীমহম্মদ আলি বিশ্বাস সাং হাট-খোলা কস্য সওদা ও বায়না পত্রমিদং কার্য্যঞ্চাগে মহাশয়ের পশ্চিমের চালানী গুড়িয়ান সরিষা * * গুদামে যাহা মৌজুত আছে ইত্যাদি।"

কহ [সং—কথ (প্রাকৃ—থ=হ) কথনে ; হি—কহ ; কহো] ক্রি, বল ; গ্রা-বাং—কও ; বর্ণনা কর। প্র—"এখন কহ মনের কথা আইলা কিবা কাজে"—চণ্ডীদাস। ৩। [মৈ, ব্রজ] কহে ; বলে। প্র—"বিদ্যাপতি কহ তুঁহু অগেয়ানী।"—বিদ্যাপতি।

কহই [কহ দ্রঃ। হি, মৈ ; বাং—কহয়ে বা কহএ (প্রা-বাং)] ক্রি, কহে ; বলে। প্র—"বিদ্যাপতি কবি কহই।"—বিদ্যাপতি। ২। কহিতে। প্র—"পিয়াক পীরিত হাম কহই না পার।"—বিদ্যাপতি।

কহইত [কহ দ্রঃ। হি—মৈ] ক্রি, কহে। প্র—"তঁহি পুন মোতিহার টুটি ফেকল, কহইত হার টুটি গেল।"

কহইতে [কহ দ্রঃ] ক্রি, অস, কহিতে : বলিতে ; বর্ণনা করিতে। প্র—"কি কহব রে সখি কহইতে লাজ।" —বিদ্যাপতি।

কহত [কহ দ্রঃ। কহ্+ত (অনুরোধে। ত দ্রঃ] ক্রি, কহ। প্র—"কহত কহত সখি বোলত বোলত রে।" —বিদ্যাপতি। ২। বি, কথন। ৩। বিণ, কথিত : মৌখিক। প্র—কহত প্রমাণ।

কহতব্য (কহতোব্‌বো) [কহ (কহন—কথন) +তব্য (উচিত অর্থে)] বিণ, কথন-যোগ্য : কথ্য : কথনীয় : কথিতব্য : কহিবার উপযুক্ত ; বলিবার মত। ২। বলিবার শক্তিসঙ্গত। **কহতব্য নয়**—অকথ্য ; কহিবার শক্তির অতীত।

কহতহি [কহত+হি] ক্রি-বিণ, কহিতেই ; বলিবামাত্র। ২। কহে। প্র—"মৃদু মৃদু কহতহি ভাষা।" —বিদ্যাপতি।

কহন (ন্) [সং—কথন, প্রাকৃ—কহন (থ =হ) হি—কহন—ক্রি, কহ্‌না ; কহা দ্রঃ] বি, ভাষণ ; বচন ; উক্তি ; উল্লেখ ; কথা-প্রয়োগ ; বলন। ২। বিণ, কথ্য : কহতব্য ; যোগ্য : বলিবার ; কহিবার। প্র—

"সই একথা কহন নহে।
হিয়ার ভিতর, বসতি করিয়া
কথন কি জানি কহে।"—চণ্ডীদাস।

কহনে [হি—কহ্‌নে, কহ্‌নেমে ; মঃ—কথনেঁ। বাং-য় হি-র অনুকরণ] ক্রি-বিণ, বর্ণনে (সাধ্য)। উল্লেখে (সামর্থ্য) ; কহা সম্বন্ধে (শক্তি)। **কহনে না যায়**—বর্ণনা শক্তিতে কুলায় না : বলিতে পারা যায় না।
[দ্রঃ—মৈ-হি-তে কহি ন জায় ; কহনে বা কহল ন হোয়। প্র—"সজনি অকথ কহি ন জাএ।" "এ ধনি রঙ্গিনী কি কহব তোয়। আজুক কৌতুক কহল ন হোয়॥"—বি, প, (গুপ্ত) "এসখি রঙ্গিনি কি কহব তোয়। আর এক কৌতুক কহনে না হোয়।"—বি, প, (বৈ—পদ লহরী)]

কহব [হি-তে ১মপু, কহিবে এই অর্থে। তুল —"কো কহব।" বাং—বৈ, পদ, সা] ক্রি, কহিব বর্ণিব। প্র—"তুহু মণ মোহন কি কহব তোয়"—বিদ্যাপতি। প্র—"কি কহব সুন্দরী রূপে"—বি, প।

কহবি [বৈ, পদ, সা] কহিবি। প্র—"কেলি কলা-রস কহবি মোয়।"—বি, প।

কহয়ে [হি—কহ্ প্রা-হি—কহয়্—কহৈ বাং কহে] ক্রি,কহে ; বলে। প্র—"কি কহয়ে গদ গদ ভাষ।" —বিদ্যাপতি।

কহর (র্) [আ—কহ্‌র্=বিপত্তি ; সঙ্কট] বি, বিপদ ; অত্যাচার ; জুলুম।
প্র—"সহরে কহর দেখে প্রাণ কেঁদে উঠে।" —ভারতচন্দ্র।

কহল [হি; বাং—বৈ, পদ, সা। গ্রা—কহলা] ক্রি, কহিল।
প্র—"করে কর ধরি যো কছু কহল।"

কহলম (ম্) [হি—গ্রা ; তাহা হইতে বাং—কহিলাম] ক্রি, বলিলাম। প্র—
"দূর কর দুরমতি কহলম তোয়।" —বিদ্যাপতি।
এই অর্থে "কহলহি" পদও আছে। প্র—
"পর সঞে কহলহি নাম হি তোরি।" —বিদ্যাপতি।

কহলি (কো) [ব্রজ। বাং—কহিলি] ক্রি, কহিল। প্র—"কাহে কহলি তুহুঁ সঙ্কেত কত।" —বিদ্যাপতি।

কহলু, কহলুঁ [ব্রজ] কহিলাম।
প্র—"এতহু নিদেশ কহলু তোহে সুন্দরি।" - বিদ্যাপতি।

কহসি [ব্রজ। বাং—পদ, সা] ক্রি, কহিতেছে: কহে। প্র—"নমুএাবদনী ধনি বচন কহসি হসি" —বিদ্যাপতি।
(মিথিলার পদ—ন, গুপ্ত—সংস্করণে, "আনন লোলএ বচন বোলও হসি")।

কহহি [হি—ব্রজ। বাং-পদ, সা] ক্রি, অস, কহিতে প্র—"কি কহব সজনি তাহেরি কহিনী, কহহি ন পারিঅ দেখলি জাহিনী।" —বিদ্যাপতি।

কহা [সং—কথ ধাতু হইতে সং—কথন, কথা= হি-কহানী=বাং, কাহিনী, কথা। ক্রি, কআ দ্রঃ। কহা=হি—কহ্‌না=ওড়ি—কহিবা। বাং— কহ=হি—কহ, কহো—"গঙ্গ কহো গুণ সিন্ধু মহীপতি নন্দন সুন্দর কোৗ নাহি আয়া।"—ভারতচন্দ্র] বি, উক্তি ; কথন বা কহন। ২। ক্রি, উক্তি করা ; বলা ; উচ্চারণ করা। ৩। প্রকাশ করা। ৪। বর্ণনা করা। ৫। আজ্ঞা করা : আদেশ করা। প্র—"স্বপনে রজনী শেষে, বসিয়া শিয়রদেশে কহিলা মঙ্গল রচিবারে॥" —ভারতচন্দ্র। ৬। রচনা করা গান করা।
প্র—"সেই আজ্ঞা শিরে বহি নূতন মঙ্গল কহি পুনরায় চাহিয়া আমারে।" —অন্নদামঙ্গল। ৭। বিণ, যাহা বলা হইয়াছে ; কথিত ; উক্ত। প্র—কহা কথা। [দ্রঃ—কহা স্থলে কআ, কওয়ার প্রয়োগ আছে। হ স্থলে অ=য়, হি স্থলে ই, হ বা হো স্থলেও প্রয়োগ ভেদে দেখা যায়। তুল —কহ—ক; কহি=কই। কহিবে=কইব, কৈব, কব (হি—কহবে)। প্র—"কৈবে ধন্দ"—গৌরী-মঙ্গল। কহিতে=কইতে, কৈতে 'করিতে' সংক্ষেপে কৈতে হয় (ভারত) কহে=কয়, কহো =কও। প্রায় ৩০০ শত বৎসর পূর্ব্বের বঙ্গালায় কহে স্থলে কহন্তি শব্দের প্রয়োগ দেখা যায়। প্র- "মহামুনি মেধস কহন্তি মোক্ষপথ"—দুর্গামঙ্গল। তৎপূর্ব্বে শূন্য পুরাণাদিতে বহুল প্রয়োগ। কহেন স্থলে "কহেন্ত" (শূন্য পুরাণ)। উড়িয়া ভাষায় সমধিক]।

কহাকহি (কহাকোহি) [(হ=অ=য়) কআ কয়ি=কওয়া কয়ি] বি, বলাবলি ; উক্তিপ্রত্যুক্তি ; বাক্যালাপ। **বলা-কহা, বলা-কওয়া**—ক্রি, বিশেষ করিয়া বলা ; বলিয়া রাখা। ২। বিণ, বাগ্‌দত্ত ; প্রতিশ্রুত।

কহান (নো) [হি—কহানা—কহ্‌বানা। কহা শব্দের ণিজন্ত রূপ কহাই=বলাই; কহাইতে =বলাইতে ; কহাইবার=বলাইবার; অন্যের দ্বারা বলাইবার। কহাইয়া (অন্যের মুখ দিয়া) বলাইয়া] ক্রি, বলান। অপরকে বলিতে বাধ্য করা ; অন্য দ্বারা কহা ; উক্তি করান।

কহায়সি [কহান দ্রঃ। মৈ, বাং-পদ, সা] ক্রি, কহাও বলাও। প্র—"আদি অনাদিকনাথ কহায়সি।" —বি, প।

কহিনী [কাহিনী অপভ্রংশে। ব্রজ] বি, যাহা কহা যায় ; কাহিনী ; বৃত্তান্ত।
প্র—"কি কহব সজনি তাহেরি কহিনী। কহহি ন পারিঅ দেখলি জহিনী॥" —বি, প।

কহিয়ে (কোহিএ) [কহুয়া দ্রঃ। হি—কহইআ, কহ+ইয়া—কহনেবালা] বিণ, যে কহে ; বলিবার লোক। ২। বাকপটু।
কহিয়ে বলিয়ে, বলিয়ে কহিয়ে—[গ্রা—কইয়ে-বইয়ে। হি—কহইয়া-বোলাইয়া] বাক্‌পটু ; অনর্গল বক্তা ; যে বেশ বলিতে কহিতে পারে। ২। সাহস করে যে দুকথা বলিতে পারে।

কহু [হি—মৈ-বাং-পদ, সা] ক্রি, কহে ; বলে। প্র—"কো কহু আওব মাধাই।" —বিদ্যাপতি।

কহুয়া (কোহুআ) [কহ+উআ ; হি—কহইয়া, কহবৈয়া। বাং-প্রাকৃ—কৈয়ে] বিণ, যাহার বাক্‌ষ্ফূর্ত্তি আছে ; যে অনর্গল কহিতে পারে। ২। বাচাল। ৩। বাক্‌পটু।

কহে [কহা দ্রঃ। কহে, কহয়্=কহৈ। প্রাকৃ—কহেহি। বাং-প্রাকৃ—কয়, প্রা-বাং—কঅ] ক্রি, বলে। সম্ভ্রমার্থে—**কহেন**।

কহোঁ [মৈ, বাং-পদ, সা] ক্রি, কহিতাম। প্র—"সব দুঃখ কহোঁ তনু পরশে।" —বিদ্যাপতি।

কহ্লার (কল্‌হার্) [ক (জলের) হার (মালা) ৬তৎ, যাহারা জলের উপরে মালার মত শোভা পায় ল্—আগম] বি, ক্লী, শ্বেত শতদল ; শ্বেত পদ্ম ; সুঁদি।
প্র—"তোলে কহ্লার কেবল কালা" —কবিক।

কা [সং—কিম্ শব্দজ ;—প্রাকৃ কঃ, কা, কাহা] স, কি ; কে ; কোন জন, বস্তু

বা বিষয়। প্র—পার্ব্বতী পদ্মারে কহে পাঠালেম যত। কা হতে না হৈল কিছু আইল নাহি নাথ॥"—শিবায়ন। "কা হ'তে জনমিল জগতের যাতনা ?"—হেমচন্দ্র (দশমহাবিদ্যা)। কার [সম্বন্ধে 'র' যোগ] কাহার। ২। কাহা : কোনজন। কা দিয়া—কাহার দ্বারা : কোন জনের মার্ফৎ। প্র—"মোর দিব্য তোরে, সত্য বল মোরে, কা দিয়া পাঠালি জল।" —কবিকঙ্কণ। কাকে [কর্ম্মে কে বিভক্তি যোগ] স. কাহাকে। এই অর্থে 'কারে'। মৈ-বাং কাহ (বিদ্যাপতি)। কাতে [৭মী বিভক্তি, তে] কাহাতে : কাহার মধ্যে। ২। কাহার সহিত। কাতেকাতে—কে কার সঙ্গে। প্র—অত রাত্রে কাতে কাতে গেল। ২। [হিন্দী ৬ষ্ঠী বিভক্তি চিহ্ন—"কা" 'ক'। বাং বৈ-পদ-সাহিত্যে ভূরি প্রয়োগ।—"হাথক দরপণ মাথক ফুল"—বি, প। তুল—(মৈ, পদ, সা,) "নিধন কা জঞো ধন কিছু হো"—বি.প.]।

কাই [সং—কাথ। হি—কাই অর্থে ছাতা বা সর, তাহাও কাথের মত। আঠা অর্থে হি : 'লেই'] বি. মণ্ড : কলপ : লেই : আঠা। প্র—"কেহবা পিটুলি মাখে কেহ কাই গোলে" —ঈশ্বর গুপ্ত।

কাইচা [ক্ষেত্রকর্ম্মে। প্রাদে, রঙ্গপুর। কাঁইচী (কাঁচি=scissors) র বড়] বি. শস্যছেদনের অস্ত্র ; ধান কাটা কাস্তে।

কাইট (ট্) [সং—কিট্ট হইতে] বি. কল্ক ; মলা : খাদ ; শিটা। বিণ, কাইটা—তাহা হইতে কিটা, কিটে। প্র—তেল কিটে। প্র—তেল কিটে গন্ধ [কিটে আবার উচ্চারণভেদে চিটে হইয়া 'তেলচিটে'। কিটে ও চিটে উভয়ই শব্দাত্মক ; কিট্ কিট্ ও চিট্ চিট্ শব্দ হইতে]।

কাইত, কাত (ত্) [হি—কইত—কিত] বি, পার্শ্ব ; পাশ ; তরফ। প্র—কাইত বা কাত ফেরা ; কাত দেওয়া। ২। বিণ, বক্র ; আড় ; হেলা। প্র—কাত হয়ে পড়া ; কাত করে রাখা।

কাইল [সং—কল্য—কালি—কাইল] বি, কল্য, কাল (দ্রঃ)।

কাউ [সং—কাক—কাউ : হি—কৌআ ; প্রাদে, গ্রা, কেয়ো] বি, পক্ষীবিশেষ ; কাক। প্র—"শুকানো ডালেতে বসি কু-বোলয় কাউ।" —কবিক। ২। অম্লরস ফলবিশেষ।

কাউন, কাউনি, কাঙ্নি (ন্) [সং—কঙ্গু] বি, কাউন ধান্য। ২। কাঙ্নি নামক চণকজাতীয় শস্য ; কাকুন।

কাউর (র্) [আ—কুরুহ্=নালীঘা ; ulcer] বি, ঘা ; জামা ; চর্ম্মরোগবিশেষ পদাদিতে হয় ; eczema. ২। ব্রণবিশেষ ; নালীঘা ; ulcer.

কাউর (র্) বি, গঙ্গাজল বহিবার ভার। প্র—"ডোমদিগের বাঁশের লাঠী, ছড় আর গঙ্গাজল বহিবার কাউর"—তীর্থভ্রমণ (সর্ব্বাধিকারী)।

কাএত—কায়েত দ্রঃ।

কাএদা—কায়দা দ্রঃ।

কাএম—কায়েম দ্রঃ।

কাওয়া (কাওআ) [আ—কাওয়া। কাফি দ্রঃ।] বি, "কফিয়া আরেবিকা" নামক বৃক্ষের শুষ্ক ফল। এই ফল ভারতবর্ষ আরব ও পারস্য প্রভৃতি দেশে জন্মে।

কাওয়াজ (জ্) [আ—কবায়দ্ নিয়ম] বি, বন্দুকের ব্যবহার শিক্ষা ; সৈন্যদিগের যুদ্ধকৌশল শিক্ষা ; parade.

কাওয়াত, কাওয়াদ (ত্, দ্) কাওয়াজ দ্রঃ।

কাওয়ান (কাওআনো) [কাপ+আন—ঘুঁটিয়া কাই করা] ক্রি, আবর্ত্তিত করা ; আওটান।

কাওয়ালী (লি) [আ—কৌবালী হি—কাবালী] বি, মুসলমান পীরদিগের দরগা বা সুফী সম্প্রদায়ের মজলিশে যে ধর্ম্মসঙ্গীত হয় তাহার বিশেষ সুর ও তাল : দরবেশী সুর। ২। বাদ্যে তেতালার প্রকারভেদ মধ্যমান অপেক্ষা দ্বিগুণ জলদ্ তাল।

কাওরা [সং—কিরাত : হি—কিরার] হিন্দু-ধর্ম্মাবলম্বী প্রাচীন জাতিবিশেষ। ক্যাওরা। স্ত্রী—কাওরাণী (সং—কিরাতিনী)।

কাংস, কাংস্য, কাংস্যক (শ. ক্) [সং] বি, পুং, ক্লী, কাঁসার পানপাত্র। ২। কাঁসা ; তাম্ররঙ্গমিশ্রিত ধাতু ; ঘোষ (রাসাঃ পরিঃ) ; bell-metal. ৩। কাঁসী নামক বাদ্যযন্ত্র।

কাংস্যকার (কাংশোকার্) কাংস্য (কাঁসা) কার (যে করে) কৃ (করা)+অ (কর্ত্তৃ—অণ্—উপপদ)] বি, পুং, যাহারা কাঁসার জিনিষ তৈয়ারী করে ; কাংস্যবণিক্ ; কাঁসারী।

কাঁ [সং—কিম্ শব্দজ। কা দ্রঃ। কাঁহা সংক্ষেপে। সম্ভ্রমার্থে ৺] স, কিনি ; কোন্ জন ; কে। সম্বন্ধে—কাঁর—কাঁহার (তুচ্ছার্থে, কার)। কাঁক্ করা (শব্দাত্মক) আচম্কা ভয়ে ঐরূপ চীৎকার করা। তুল—"ঔাক ; হাঁক" (কৌক দ্রঃ)। কাঁ কাঁ (শব্দাত্মক) অসন্তোষজ্ঞাপক চীৎকার (কাঁইয়া দ্রঃ) ; কষ্টের চীৎকার।

কাঁই [শব্দাত্মক] বি, কাঁসর বাজাইবার শব্দ। কাঁই এই শব্দ। তুল—"কাঁই—না—না কাঁই—না—না"। কাঁইকাঁই—কাঁইয়া : অপ্রীতিকর আপত্তি ; চীৎকার।

কাঁইবীচি [কাই—কাই (কাথ—আঠা) তৈয়ার করিবার বীচি (বীজ)] বি, তেঁতুলের বীজ।

কাঁইমাই কাঁই দ্রঃ। অনুনাসিক [উচ্চারণ বহুল] বিণ, জড়িত ; দুর্ব্বোধ্য ; অস্পষ্ট। প্র—"শুনিয়াছি সে দেশের কাঁইমাই কথা। হায় বিধি সেকি দেশ গঙ্গা নাই যথা॥" —ভারতচন্দ্র।

কাঁউ, কাঁউরূপ (প্) [কাম=কাঁউ] বি, কামরূপ : কামাখ্যা। —ঘনরাম।

কাঁওল, কাঙল, কামল (ল্) [সং—কামল] বি, কাম্‌লা : পাণ্ডুরোগ : এই রোগে সমস্ত শরীর হরিদ্রাবর্ণ হয় এবং সকল পদার্থ হরিদ্রাবর্ণ দেখে ; jaundice.

কাঁক (ক্) [সং—কঙ্ক=পক্ষীবিশেষ ; ইহারা কাঁক্ কাঁক্ করিয়া রব করে বলিয়া এই নাম] বি, কাঁকপাখী। ইহারা শ্বেতকৃষ্ণবর্ণ অথবা ফিকে লাল। গলা ঠোঁট ও পা লম্বা ; লিপ্তপদ ; জলে সাঁতার দেয় ; মাছ ধরিয়া খায় ; heron.

কাঁকই, কাঁকুই [সং—কঙ্কতিকা। হি—কাঙ্গী] বি, মোটা চিরুণী : মোটা ও বড় দাড়ার চিরুণী। পূর্ব্ববঙ্গে চিরুণীমাত্রকেই কাঁকই বলে।

কাঁকড়া (ক্) [সং—কর্কট] বি, কর্কট। প্র—"ছেলে ছোকরা খুদে কাঁকড়া" —পঞ্চানন্দ।

কাঁকড়াবিছা (ক্) [বিছা দ্রঃ। হি—বিচ্ছু ; কাঁকড়ার মত আকার ও দাড়ার মত হুল এবং কাঁকড়ার মত কামড়াইয়া ধরে বলিয়া এই নাম] বি, ক্ষুদ্রাকৃতি অষ্টপদী হুলবিশিষ্ট বিছা ; বৃশ্চিকবিশেষ, scorpion

কাঁকড়ামাটি (ক্) বি, কাঁকড়ায় তোলা মাটি।

কাঁকড়াশৃঙ্গী (কাঁক্ড়াশৃংগি) [সং] বি, কণ্টকী লতাবিশেষ।

কাঁকড়ি (ক্) [সং—কর্কটী। প্রাকৃ—কক্কটী। হি—ককড়ী] বি, কাঁকুড় জাতীয় ফলবিশেষ (কাঁকুড় অপেক্ষা ক্ষুদ্র ও সরু)। ২। [কর্কটী—কাঁকুড়। ইহা পাকিলে ফুটিয়া বা ফাটিয়া যায়, সে জন্য পাকা কাঁকুড়কে ফুট বা ফুটি বলে। কবিকঙ্কণ ফুটী অর্থে 'কাঁকড়ি' শব্দের প্রয়োগ করিয়াছেন]। প্র—"পরিবার রহিল মোর পাপ-গুজরাটে। কহিতে কাঁকড়ি যেন বুক মোর ফাটে॥" —কবিক।

কাঁকণ (কাঁকোন্) [সং] বি, কঙ্কণ ; হস্তালঙ্কার-বিশেষ। প্র—"কেন বাজাও কাঁকণ"—রবি।

কাঁকর (কাঁকোর্) [সং—কর্কর ; হি—কঙ্কর তাহা হইতে কাঁকর] বি. কুলুই ; ক্ষুদ্র প্রস্তরখণ্ড। ২। বিণ. কাঁকরিয়া। [গ্রা—কাঁকুরে] কঙ্করযুক্ত ; কাঁকরমিশ্রিত।

কাঁকরা, কাকরা (ক্) [প্রাদে] বি. গুড়পিঠা।

কাঁকরো, কাঁকড়ো (ক্) [প্রাদে বিণ. প্রসবান্তে বহুদিন পরে গাভীর দুগ্ধ গাঢ় এবং অল্প হইলে তাহাকে কাঁকরো বা কাঁকড়ো বা খেঁড়ো বলে।

কাঁকরোল (কাঁক্রোল্) [সং-কর্কোটকী বি. ক্ষুদ্র ক্ষুদ্র ফলবিশেষ ; ইহার গায়ে নট্‌কানের মত কাঁটা আছে। উত্তরবঙ্গে ইহার নাম "কাঁকন্রে"।

কাঁকলা (ক্) [সং—কক্কোল] বি. গন্ধদ্রব্য বিশেষ।

কাঁকলাস, কাকলাস (ক্, শ্) [সং—কৃকলাস। "কৃকং লাসয়তি"—যে মাথা কাঁপায়] বি. কাঁকলাস নামক সরীসৃপ ; calotc versicolor. ২। গিরগিটি।

কাঁকাল (ল্) [সং—কঙ্কাল] বি. মধ্য ; কটি ; কোমর। প্র—"কাঁকাল ভাঙ্গিয়া পড়ে কদম তলায়।"—কুঙ্কুম। "রান্ধিয়াবাড়িয়া কাঁকালে হৈল বাত।" —কবিক।

কাঁকালি [কাঁকাল দ্রঃ। হি—কমরি, কমরিয়া] বি. প্র—"হেলায়ে কাঁকালি কাঁপায়ে অঙ্গুলি, রঙ্গ করে কত ঠাটে।" —ঘনরাম।

কাঁকিনী—বি, স্ত্রী. মহিষ। ২। পূর্ণবয়স্কা স্ত্রী

কাঁকুড় (ড়্) [সং—কর্কটি] বি. অপকফুটি।

কাঁকুনি [প্রাদে] বি. কাতরতা ব্যঞ্জক ধ্বনি। ২। চাঁচুনি।

কাঁখ (খ্) [সং—কক্ষ। হি—কাঁখ] বি. বগল। প্র—"মাথায় ধবল ছাতি খুঙ্গি পুঁথি কাঁখে" —ঘনরাম। "হাতে লড়ী কাঁখে ঝুড়ি বলে ব্রহ্মময়ী" —ঐ। ২। কাঁকাল। প্র—"সারা দিন ছেলে কাঁকে করে ফেরা" "কোলে কাঁকে রাখি" —প্রেম ও ফুল।

কাঁখতলি (কাঁখ্‌তোলি) কক্ষতল ; বি. বগল। প্র—"হেঁঠ মাথা মতি তোলে কাঁখতলির মালা॥" —কবিকঙ্কণ।

কাঁখবিরালী, কাঁকবিড়ালী, কাঁখ-বিরালী, (ক্, খ্) [হি—ককরালী, কংখ-রালী, কঁখৌরী] বি. কাঁখের ফোড়া ; বগলের ফোড়া বা ফিন্টী।

কাঁচ (চ্) [কাচ দ্রঃ] বি. গ্লাস ; বালি ও এক প্রকার ক্ষার দ্বারা উৎপন্ন বস্তুবিশেষ ; পরকলা। ২। নিকৃষ্ট মণি। প্র—"চারু চিন্তামণি কি কখন হয় কাঁচ" —ঘনরাম।

কাঁচ (ক্) [কাঁচা দ্রঃ] বিণ. কাঁচা ; অপক্ব : আপাকা। প্র—"ফলহু না মিঠাই হোয়ত কাঁচ" —বিদ্যাপতি

কাঁচকড়া (চ্) [হি—কচকড়া—হিন্দী শব্দসাগরে—"হি—কচ্ছ=কচ্ছআ (কাছিম) + সং—কাণ্ড=হড্ডী (হাড়)—কাছিমের হাড়, স্থিত tortoise-shell] বি. তিমি মৎস্যের দন্তসংলগ্ন কোমল অস্থিবিশেষ ; whale-bone ২। [কাঁচকড়ার সদৃশ বলিয়া] রবার গলান কাঁচকড়া ; vulcanite

কাঁচকলস (চ্, শ্) [কাঁচ—কলস (পাত্র অর্থে] বি. কাঁচকুপী : বোতল।

কাঁচকলা (চ্) [হি-কচ্‌কেলা] বি. কাঁচ অবস্থায় তরকারীতে খাইবার কলা ; আনাজি কলা।

কাঁচকা (চ্) [প্রাদে] বি. সর্ষপাদির ডাঁটা

কাঁচড়া বি. শাকবিশেষ ; Commelyna Bengalensis. প্র—"ক্ষুদ্র কিছু ধার লইও সইয়ের ভবনে। কাঁচড়া ক্ষুদের জাউ রান্ধিহ যতনে॥ —কবিক'

কাঁচল, লা (ল্, চ্) সং—কঞ্চুলী, কঞ্চুলিকা] বি. স্ত্রীলোকের বুকের আবরণ ; কাঁচুলি। প্র—"উরস কমলে কাঁচল বাঁধিয়া" - অশোকগুচ্ছ। "বিচিত্র কাঁচল বান্ধা বুকের উপর"—শিবায়ন। "অতনু কাঁচলা উপাম" —বিদ্যাপতি।

কাঁচলি, কাঁচুলি [সং—কঞ্চুলী,—কঞ্চুলিকা] বি. স্তনাংশুক ; স্ত্রীলোকের বুকের আবরণ ; স্তনাচ্ছাদক বস্ত্রবিশেষ। প্র—"লাক্ষার কাঁচলি চমকে বিজুলি"। "তারা পশ্চিমে ছিল, তাই কাঁচুলি পরে।" —দীনবন্ধু।

কাঁচা [হি—কচ্চা। বিপরীতার্থক শব্দ পাকা, হিঃ—পকা। অধুনা অফিস আদালতাদির ইংরেজী কাগজ পত্রে এই শব্দ চলিয়া গিয়াছে। ইং—kachcha, kuchcha. দ্রঃ—"incorrectly kacha or kucha. and corruptly cutcha, kutcha, kancha, kachi. —raw, unripe immature, crude —*Wilson* তুল—a kachcha road. সং—কাঞ্চা (বন্ধনে ; তাহা হইতে শিথিল বা আঁটহীন ও অস্থায়ী বন্ধনে)] বিণ. শিথিল ; ঢিলা ; এলো। প্র—কাঁচা পাকের সুতা ; কাঁচা শেলাই ; কাঁচা গাথনি ; কাঁচা ঘর। ২। কোমল ; নরম ; কচি। প্র—কাঁচা বয়স, কাঁচা মাটি। ৩। গাছ পাকা নহে ; অপক্ব। প্র—কাঁচা ফল। ৪। আগুনে পাক করা নহে ; অসিদ্ধ ; অরন্ধিত। প্র—কাঁচা দুধ ; কাঁচা তরকারী। ৫। অপরিণত। প্র—কাঁচা বুদ্ধি। ৬। অস্থায়ী ; ভঙ্গপ্রবণ ; পরিবর্তনশীল। প্র—কাঁচা কথা। কাঁচা ফর্দ্দ। তুল—পাকা কথা ; পাকা বন্দোবস্ত ইত্যাদি। ৭। অদক্ষ ; অনিপুণ ; অচতুর। প্র—কাঁচা লোক ; কাঁচা ছেলে। ৮। যাহা টিকে না ; যাহা উঠিয়া যায়। প্র—কাঁচা রং। ৯। অমিশ্র : নির্ম্মল। প্র—কাঁচা সোনা। ১০। অসিত : অশুভ্র, কাল। প্র—কাঁচা চুল। ১১। আপোড়া : আমা। প্র—কাঁচা ইট। ১২। অশুষ্ক। প্র—কাঁচা কাঠ। ১৩। লঘু ; অপ্রশংসনীয় : অকুশল। প্র—কাঁচা কাজ। ১৪। [হি—কাঁচি, কাচ্চা]—ওজনে বা পরিমাণে কম ; হাল্কা। প্র—কাঁচা সের। ১৫। পশ্চাৎপদ ; অল্পজ্ঞানবিশিষ্ট ; স্বল্পশিক্ষিত। প্র—ছেলেটি ভূগোলে বড় কাঁচা। ১৬। অনায়াস লভ্য। প্র-তাহার কাঁচা পয়সা কিনা তাই পয়সায় তেমন মায়া নাই। ১৭। [সং—কাঞ্চ্ বন্ধন করা তুল—কাঁচনি—পুঁথী বন্ধনের ডুরী (জ্ঞানদাস)] ক্রি. বন্ধন করা। প্র—"কুচ কাঁচলকো বিকল কাঁচে" —বিদ্যাপতি। কাঁচাইঁট—রৌদ্রে শুষ্ক ইষ্টক : আপোড়া বা আমা ইঁট। কাঁচা-কথা—যে কথা থাকে না (তুল—পাকা কথা যাহার নড়চড় হয় না)। ২। খেলো কথা ; অসার বাক্য। কাঁচাকাট—ভিজে কাট। ২। অসার কাট ; মজবুত করা নয় unseasoned. কাঁচাঘুম—ঘুমের ঘোর যখন আছে : ঘুমের ঝোঁক না কাটিবার অবস্থা। কাঁচাজল—যে জল গরম করা হয় নাই।—নাক দিয়া কাঁচা জল ঝরা—সর্দ্দির প্রথমাবস্থায় তরল শ্লেষ্মা নির্গত হওয়া। কাঁচাপাড়—কাপড়ের যে পাড় বা কিনারার রং ধোপ পড়িলে উঠিয়া যায়। ২। জলাশয়ের ধার বা ঘাট যাহা ইট বা পাথর দিয়া পাকা করিয়া বাঁধান নয়। কাঁচাবাড়ী—মেটে বাড়ী : মাটির ও বাঁশের দেওয়াল এবং খড়ের বা খোলার চাল দেওয়া বাড়ী [ইং—kachcha building. "a kachcha building is one built of earth as opposed to brick or stone vide kham (which is the persian equivalent and more commonly used in official parlance)"—*A Glossary of Vernacular Judicial and Revenue terms*). কাঁচামাংস—অরন্ধিত মাংস ; অপক্ব মাংস। [পাকা মাংস ইহার বিপরীত নয়। পাকা মাংসের বিপরীত "কচি" মাংস] কাঁচারাস্তা—মেটে রাস্তা ; পাথর, কাঁকর, সুরকী প্রভৃতি দিয়া পাকা করা বা বাঁধান রাস্তা নয়। ["a kachcha road is an unmetalled as opposed to a metalled one;"—*Glossary*] কাঁচালেখা-অনভ্যস্ত হস্তলিপি। ২। বাঁধুনিহীন রচনা। কাঁচা সর্দ্দী—সর্দ্দীর প্রথম বা তরলাবস্থা ; যে অবস্থায় শ্লেষ্মা জমাট বাঁধে নাই। কাঁচাহাত—অশিক্ষিত, অদক্ষ, অনিপুণ হস্ত, শিক্ষানবীশের হাত।

কাঁচা [হি—কচ্‌না। কাঁচান দ্রঃ] ক্রি, কাঁচার ভাব প্রাপ্ত হওয়া ; কাঁচিয়া যাওয়া। ৩। পণ্ড হওয়া। প্র—"সমস্তই যদি এক মুহূর্ত্তে কাঁচিয়া যায়" —দ্বিজেন্দ্র ঠাকুর। ৩। পূর্ব্ব সঙ্কল্প বা উদ্দেশ্য বা প্রতিশ্রুতি ভঙ্গ হওয়া।

কাঁচা [কাচা দ্রঃ] ক্রি, বন্ধন করা। প্র—কুচ কাচলকো বিফল কাঁচে" —বিদ্যাপতি।

কাঁচাগোল্লা [কাঁচা (নরম পাকের বলিয়া)—গোল্লা (গোলাকার মিষ্টান্নবিশেষ)] বি, স্বনামপ্রসিদ্ধ পাকবিশেষের সন্দেশ (নাটোরের কাঁচাগোল্লা বিখ্যাত)। প্র—"পাত্রের দল * * ক্ষীরের ছাঁচ, নারিকেলের মিষ্টান্ন ও নাটোরের কাঁচা গোল্লা খাইয়া গেল।" —গল্পগুচ্ছ (রবি)।

কাঁচান (কাঁচানো) [কাঁচার ণিজন্ত রূপ] ক্রি, কাঁচা করা : পুনরায় পূর্ব্বাবস্থা প্রাপ্তি করান ; কার্য্য-সিদ্ধিপক্ষে বহুদূর অগ্রসর হইয়া সমস্ত পণ্ড করা ; পরিণতি প্রাপ্তির মুখে অপূর্ণ অবস্থায় প্রত্যাবর্ত্তন করান। প্র—"ও তুই ঘর না বুঝে বস্‌তে পেরে কাঁচালি পাকা ঘুটি।" —দাশরথি।

কাঁচামিঠা [কাঁচা—মিঠা (মিষ্ট)] বি, যাহা কাঁচা অবস্থাতে মিষ্ট : স্বনামখ্যাত আম্রবিশেষ। প্র—"ছোট্টটী গোলাপ জাম মেজো কাঁচামিঠা আম।" —চন্দন।

কাঁচি [সং—কাঞ্চী] বি, গুঞ্জা : কুঁচ। প্র—"কাঁচি দিয়া কৈল মান ষোলরতি ছুইখান" —কবিক।
২। মোটাসূতার ঘন বুনানির কাপড় ; কাঁচি কাপড়। ৩। [প্রা, বাং] চন্দ্রহার ; কাঞ্চি।

কাঁচী [হি—কঁইচী—কঁচ্‌ কঁচ্‌ শব্দকারী কর্ত্তনী] বি, ছেদনের অস্ত্র ; কর্ত্তরিকা ; ছেদনী ; scissors.

কাঁচী [হি—কচ্চা, কঁচ্চা। স্ত্রী, কঁচ্চী] বিণ, অপক্ক। ২। অসিদ্ধ। ৩। অপূর্ণ : কম ; ছোট। প্র—কাঁচী ওজন ; কাঁচী সের : ইহার বিপরীত পাকী (হি পক্কী)।

কাঁচুমাচু [কুঞ্চন, সংকোচন] বিণ, অপ্রসন্ন। ২। ক্রি-বিণ, সঙ্কোচভাব : এই অর্থে কাঁচুমুচু।

কাঁচুয়া [হি—সং—কঞ্চুক] বি, কাঁচলি : কাচুলি। প্র—"কাঁচুয়া ধরব যব হঠিয়া" —বিদ্যাপতি।

কাঁজি [সং—কাঞ্জিক] বি, পর্য্যুষিত অন্নের অম্ল জল ; আমানি ; বাসি ভিজে ভাতের চুকা জল : পান্তাভাতের জল। প্র—"পাঁচ মাসে কাঁজি করঞ্জায় যায় মন। ছয় মাসের বেলা তারে না রুচে ওদন॥" —কবিক। **নামে গোয়ালা কাঁজি ভক্ষণ**—যে গোয়ালা হইয়াও দুধ খাইতে পায় না কাঁজি খাইয়া থাকে সে গোয়ালা নামে মাত্র। ২। (তাহা হইতে) নামের উপযুক্ত আচরণ না থাকিলে ইহা বলা যাইতে পারে।

কাঁট [প্রাদে, উচ্চারণভেদে কোঁট] বি, ভগাঙ্কুর : যোনিদ্বারের উপবিস্থিত সূক্ষ্মাগ্র ক্ষুদ্র মাংসপিণ্ড-বিশেষ।

কাঁটা [সং—কণ্টক : হি—কাঁটা] বি, সূচী : সূচ্যগ্র। ২। মৎস্যের সূক্ষ্মাগ বা সূচাল অস্থি। প্র—"মাছের কাঁটা পায়ে ফুটেছে দোলায় চেপে যাই" —ছেলেভুলান ছড়া।
৩। গাছের কাঁটা : কুল, বাবুল, বেল প্রভৃতি গাছের গাত্রে উদ্‌গত সূচী। প্র—"কাঁটা হেরি ক্ষান্ত কেন কমল তুলিতে" —সদ্ভাব শতক। "কণ্টকের বনে গেলে কাঁটা ফোটে পায়" —বাং গান।
৪। লৌহ কীলক ; লোহার কাঁটা। প্র—জুতায় কাঁটা মারা। দুমুখো কাঁটা দিয়ে তক্তা জোড়া।
৫। ঘড়ির লৌহ সূচী : ঘড়ির কাঁটা। প্র—কাঁটায় কাঁটায় বারটা বাজিল। ঘড়ির কাঁটা ঘুরান।
৬। লৌহ বা পিত্তলাদি নির্ম্মিত বৃহৎ মানদণ্ড ; ভারী জিনিষ ওজন করিবার মত তুলাদণ্ড : ওই দণ্ডের মধ্যভাগের কাঁটার মুখ তাহার উপরিস্থিত কাঁটার মুখের সহিত মিলিত করিয়া ওজন করিতে হয় বলিয়া এই নাম।
৭। বড় নিক্তি ; ডাক ঘরের ব্যবহার্য্য পার্শেল প্রভৃতি ওজন করিবার তৌল।
৮। [কাঁটায় সূক্ষ্ম ওজন হয় বলিয়া] ওজন দর ; (তাহা হইতে) বাজার দর।
৯। ["লোম হর্ষে চ কণ্টক"—অমর] লোমহর্ষ : রোমাঞ্চ। প্র—গায়ে কাঁটা দেওয়া : জিহ্বায় কাঁটা বাহির হওয়া।
১০। খোঁপায় গুঁজিবার কাঁটা ; গুঁজী ; সজারুর কাঁটা যাহা মাথায় গুঁজীর মত ব্যবহৃত হয়।
১১। য়ুরোপীয় প্রথায় আহার করিবার কালে মাংসাদি ভোজ্যদ্রব্য চাপিয়া ধরিয়া ছুরী দিয়া কাটিবার ও বিঁধিয়া মুখে তুলিবার কাঁটা ; fork. ১২। যাহা কিছু বিদ্ধ হয় তাহাই কাঁটা ; খোঁচা : পীড়াদায়ক যাহা কিছু তাহাই কাঁটা ; যন্ত্রণার হেতু। প্র—জলের কাঁটা : জল কাঁটাভাঙ্গা-গোছ গরম করা। ১৩। শত্রু। প্র—কুসন্তান মায়ের পেটের কাঁটা। ১৪। বিঘ্ন ; প্রতিবন্ধক। প্র—পথের কাঁটা।

কাঁটা করা—কাঁটায় ওজন করা। **কাঁটা কাঁটা**—কণ্টকিত। **কাঁটা-খোঁচা** [সহচর শব্দ (খোঁচা কাঁটা অপেক্ষা বড় এবং অপেক্ষাকৃত স্থূল) খোঁচা বা গোঁজা] বি, কাঁটা এবং খোঁচা ; প্রতিবন্ধক। প্র—"উভমুখে সাধু ধায়, কাঁটা খোঁচা ফুটে পায়" —কবিকঙ্কণ। **কাঁটার কুড়**—কাঁটার কুল বা রাশি ; যাহা কাঁটায় পূর্ণ। প্র—চাঁদা মাছ কাঁটার কুড়। **কাঁটা-গুড়চাউলী**—কাকমাচি। **কাঁটা-চামচ, চামচে**—ছুরী কাঁটা য়ুরোপীয় প্রণালীতে ভোজনকালে ব্যবহার্য্য তেফড়্‌কা, চার-ফড়্‌কা ধাতুময় বেধনাস্ত্র (fork) ও চামচ (spoon) : fork and knife. **কাঁটা চামচে ধরা**—সাহেবী খানা অভ্যাস বা আরম্ভ করা ; সাহেবী চালে ভোজন করা। **কাঁটায় কাঁটায়**—ঠিক : কমবেশী নহে ; যথানিয়ম ; যথাসময় ; punctual. প্র—তাহার কাজ সব কাঁটায় কাঁটায় হওয়া চাই, একটু এদিক ওদিক হলেই সর্ব্বনাশ। **কাঁটা তোলা**—যে কাঁটা বিঁধিয়া আছে বা ফুটিয়াছে তাহা বাহির করা। **কাঁটা দেওয়া** (গায়ে)—ক্রি, রোমাঞ্চ হওয়া : অঙ্গ কণ্টকিত হওয়া ; শীতে বা ভয়ে গায়ের লোম কাঁটার মত দাঁড়াইয়া উঠা। প্র—"কদম্ব কুসুম সম অঙ্গে কাঁটা দিল। থরথরি সব অঙ্গ কাঁপিতে লাগিল॥"—গোবিন্দদাসের করচা। ২। বিঘ্ন ঘটান। **পথে কাঁটা দেওয়া**—পথে কাঁটা বসাইয়া পথ বন্ধ করা ; পথ চলা বন্ধ করা ; আসা যাওয়া রহিত করা। **কাঁটা দিয়া কাঁটা তোলা বা বাহির করা**—শত্রুর দ্বারা শত্রু নাশ করা। **কাঁটা-নটিয়া**—কাঁটা শাকবিশেষ ; কাঁটানটে, amarantus spinosus. **কাঁটা ফোটা**—কাঁটা বিঁধিয়া যাওয়া। **চোরকাঁটা** [দেখিতে কাঁটার মত নহে অথচ অলক্ষিতে কাপড়ে তাহার ফুল বিঁধিয়া যায় বলিয়া এই নাম। সং—চোরপুষ্পী] ঘাস বিশেষ : যাহার ধানের শীষের মত লম্বা ডাঁটায় ফুল হয় ; andropogon aciculatus. **শিয়াল কাঁটা**—কণ্টকযুক্ত ক্ষুদ্র গুল্মবিশেষ ; argemone mixicana. **পদ্মকাঁটা**—যে রোগে পদ্ম ডাঁটা বা কণ্টকিত মৃণালের মত গায়ে কাঁটা কাঁটা হয় ; রোমমূল স্ফীত হইয়া লোহিতবর্ণ হয় এবং তাহা স্পর্শে বেদনা অনুভূত হয়।

কাঁটাকুড় (ড়) [কাঁটা—কুড (কুল—স্তূপ)] বি, কাঁটার রাশি। ২। এঁটো কাঁটা ফেলিবার স্থান। ৩। কাঁটা গাছে পরিপূর্ণ স্থান ; গহন।

কাঁটানটিয়া (নো) [গ্রা—কাঁটানটে] বি, কণ্টকময় নটিয়া শাক।

কাঁটাল, কাঁঠাল (কঁ্াটাল্) [সং—কণ্টকী-ফল] বি, পনস ; কাঁঠাল ফল। ২। [কাঁটা +ল (যুক্তার্থে)] বিণ, কণ্টকময় ; কাঁটাযুক্ত। **কাঁটালিয়া, কাঁটাল্যা**—কাঁটাবিশিষ্ট ; কাঁটাল ফলের উপরিভাগের মত। প্র—"কাঁটাল্যা বসন্ত"।

কাঁটালিকলা (কলা দ্রঃ) বি, রম্ভাবিশেষ।

কাঁটাসিজ (—সিজ্) বি, কণ্টকবিশেষ ; ইহা চৌশিরা, গায়ে লম্বা লম্বা কাঁটা আছে।

কাঁটী (কাঁটি) কাঠী দ্রঃ।

কাঁঠী [সং—কণ্ঠী—কণ্ঠরেখা] বি. লৌহ নির্ম্মিত বর্ত্তুলাকার দ্রব্য ; ইহা মৎস্য ধরিবার জন্য যে জাল বোনা হয়, তাহাতে ব্যবহৃত হয়। পূর্ব্ববঙ্গে উহাকে জালের কাঠী বলে। ২। শুকপক্ষীর গলদেশস্থিত রেখা। প্র—চন্দনা পাখীর গলায় কাঁঠী দেখা দিয়াছে। ৩। সর্পের গলার রেখা। ৪। কণ্ঠমালার এক একটী দানা।

কাঁড় (ড়) [সং—কাণ্ড (বর্গ অর্থাৎ সমূহ অর্থে) বৃহদর্থে কাঁড়া, ক্ষুদ্রার্থে কাঁড়ি] বি, রাশি ; স্তুপ ; ঢের। স্ত্রী, কাঁড়ি। প্র—"এনেছি হরিণ দিয়া দধি এক হাঁড়ি। তাহা দিয়া খায় বীর ভাত তিন কাঁড়ি ॥"—কবিক। ২। [সং-কাণ্ড (দণ্ড অর্থে)] দণ্ড ; লাঠি ; লগুড়। প্র—তালের কাঁড। ৩। বংশদণ্ড ; বাঁশ। ৪। [বংশ নির্ম্মিত ও বংশাকার বলিয়া] পাত্রবিশেষ ; বাঁশের চোঙ্গা ; কেঁড়ে।

কাঁড় (ড়) [সং—কাণ্ড, কোদণ্ড] বি, কাণ্ড ; বাণ ; তীর। প্র—ধাবড় পাথর বাঢ় জোড়ে চৌখণ্ডিয়া কাঁড় বাঁশে বান্ধা হাড়িয়া চামর।" —কবিকঙ্কণ। ২। [বাণনিক্ষেপক] ধনুক : বাঁশের ধনুক। প্র—"মালে করে মালাম চোয়াড়ে লোফে কাঁড়"—ভারতচন্দ্র। "আশী গণ্ডা বাজে ঢোল্ তের কাহণ সাজে কোল, কাঁড় ধরে তিন তিন কোটী।"—কবিক। **পাতন-কাঁড়**—যে ধনুক বনে পাতিয়া বসিলে যন্ত্রবলে হিংস্রজন্তু শরবিদ্ধ হয় ; স্বতশ্চল ধনু-কাস্ত্র ; automaton. প্র—"তিনটী পাতন-কাঁড় দিল জামাতারে" —কবিক।

কাঁড়ন (কাঁড়োন্) [সং—কণ্ডন] বি, নিস্তুষ-করণ ; ভানন ; ছাঁটন। ২। নিষ্পেষণ। ক্রি: কাঁড়া।

কাঁড়রা (ড়) [হি—কণ্ডরা=মোটা নাড়ী। হি—কড়ুঙ্গা=মোটা] বিণ, স্থূল ; মোটা ; হৃষ্টপুষ্ট।

কাঁড়া [সং—কণ্ডিত ; প্রাকৃ—কাড়ংত (হেম-চন্দ্র)] বিণ, পরিষ্কৃত ; নির্ম্মলীকৃত। প্র—কাঁড়া চাল, আকাঁড়া চাল।

কাঁড়া [সং—কণ্ড্ (নিস্তুষ করা)। উ-পু—কাঁড়ি। ম—পু—কাঁড় ; কাঁড়ুন ; কাঁড়্। প্র—পু—কাঁড়ে। অস-ক্রি—কাঁড়িতে ; কাঁড়িয়া, কেঁড়ে (গ্রা)। ণিজন্ত – কাঁড়ান] ক্রি, কণ্ডন করা ; ভানা ; ছাঁটা : কুট্টিত করা। প্র—চাল কাঁড়া।

কাঁড়াদাস (শ্) [আকাঁড়া দ্রঃ] বি, অপরিণতবয়স্ক মূর্খ অথচ গোঁয়ার লোক।

কাঁড়ান [সং—কণ্ডন] বি, পরিষ্কার করণ ; নিস্তুষ করণ ; ভানন। প্র—"কাড়ানের কালে আসি করিলেক ভঙ্গ। মাঠে পেয়ে মাছি ডাঁস মাচাইল জঙ্গ ॥" —শিবায়ন।

কাঁড়ান (কাঁড়ানো) [কাঁড়া ধাতুর নিজন্ত রূপ উ-পু—কাঁড়াই। ম-পু—কাঁড়াও। প্র-পু—কাঁড়ায়। অস-ক্রি—কাঁড়াইতে, কাঁড়াইয়া, কাঁড়িয়ে (গ্রা)] ক্রি, কণ্ডন করাণ। বি, কাঁড়ানি

কাঁড়ারি [কাণ্ডারী হইতে] কাণ্ডারী ; কর্ণধার ; মাঝি। প্র—"কখন ঘেটেল কখন কাঁড়ারী। কখন খেটেল কখন ভাঁড়ারী ॥"—ভারতচন্দ্র।

কাঁড়ি, ড়ী [সং—কাণ্ড] বি, স্তুপ : রাশি ; ঢেরী। প্র—"সারি সারি হাঁড়ি হাঁড়ি কাঁড়ি করে কোলে" —ঈশ্বর গুপ্ত। ২। তালকাণ্ড ; তালগাছের সারাংশ ; তালের কাঁড়ি। প্র—"তালর কাঁড়ি লাগে গুআর বাথারি"—শূঃ পুঃ। ৩। [কাঁড়া দ্রঃ] ক্রি, কণ্ডন করি ; নিস্তুষ করি। প্র—চাল কাঁড়ি ; ডাল কাঁড়ি।

কাঁত (ত্)—কাঁথ দ্রঃ।

কাঁতড়া (ত্)—কাঁথড়া দ্রঃ।

কাঁতি [সং—কান্তি ; প্রাকৃ—কাঁতি, কাঁথি] বি, কান্তি, শোভা। প্র—"দশনকাঁতি-মুকুতা পাঁতি"—চণ্ডীদাস। "কাঞ্চনকাঁতি বরণ ভেল কারি"—জ্ঞানদাস। "বরকমল-কাঁতি জিনি কামিনী"—বিদ্যাপতি। "নবীন জলদ কাঁতি ইন্দু জিনি নখপাঁতি"—কবিক।

কাঁথ (থ্) [সং—কন্থা—"মৃন্ময় ভিত্তৌ" (২) তথা "প্রাবরণান্তরে"—মেদিনী। গ্রা, কাঁত (থ=ত)] বি, মৃন্ময় ভিত্তি। প্র—"চাল জলে পড়ে চারি পাট কাঁথ গলে। চারিটা গলিত ভিত্তি পড়ে মহীতলে ॥" – কবিকঙ্কণ। ২। প্রাকার ; প্রাচীর ; দেওয়াল। প্র—"ঘৃত দিয়া সাত ডোরা, কাঁথে দিল বসুধারা, কৈল নান্দীমুখের বিধান।"—কবিকঙ্কণ। "কাঁথ ভাঙ্গি যাই যদি দেহ অনুমতি"—ঐ।

কাঁথড়া (থ্) [কাঁথ দ্রঃ। "কাতড়া" ও বলে] বি, ভগ্ন প্রাচীর ; ভাঙ্গা বাড়ীর দেওয়াল। ২। কাঁথ বা প্রাচীরের আদরা বা আদল।

কাঁথা [সং—কন্থা] বি, জীর্ণ বস্ত্র-রচিত আস্তরণ ; কন্থা ; শীতবস্ত্রবিশেষ। প্র—"ঝুলি কাঁথা বাঘ ছাল সাপ সিদ্ধি লাড়ু" —ভারতচন্দ্র।

কাঁথি [কাঁথ দ্রঃ] বি, প্রাচীর ; দেওয়াল। ২। নদীর উঁচুপাড়। কাঁথি [কাঁতি দ্রঃ]

কাঁথী [(কাঁথি দ্রঃ)] বি, আড়ুরি ; নদীর উচ্চ তীর।

কাঁদ (দো) [কাঁদা দ্রঃ। ম, পু, ক্রি, তুমি ক্রন্দন কর। ম, পু, কাঁদ্ (তুচ্ছার্থে)। **কাঁদকাঁদ**—কাঁদিবার মত ; অশ্রুপূর্ণ।

কাঁদ (দ্) [কাঁধ দ্রঃ] বি, স্কন্ধ।

কাঁদন (কাঁদোন) [সং—ক্রন্দন। কান্না দ্রঃ] বি, রোদন ; বিলাপকরণ ; অশ্রুমোচন। ক্রি, কাঁদা।

কাঁদনি [কাঁদুনি দ্রঃ] বি, বিলাপোক্তি ; কাতর বাক্য। ২। সর্পবৈদ্য বা সাপুড়ে-দিগের গীত-বিশেষ ; প্র—"এখনি ধরিত সাপ কাঁদনি গাহিয়া।" —ভারতচন্দ্র।

কাঁদা [সং—স্কন্ধ হইতে পার্শ্ব : তাহা হইতে কিনারার ভাব। কাঁধা দ্রঃ] বি, কূল ; তীর ; কিনারা। ২। [সং—ক্রন্দন] ক্রন্দন ; কান্না। প্র—"আমি জনমে মরণে কত কাঁদা কেঁদেছি" ॥—বিহারীলাল সরকার। ৩। ক্রি, ক্রন্দন করা ; রোদন করা। **কাঁদাককান**—চোখের জল ফেলা ও কাকুতি মিনতি করা। প্র—অনেক কেঁদে ককিয়ে শেষে তাহাকে রাজী করেছে। **কাঁদাকাটা** [কাটা কাঁদার সহচর শব্দ] কান্নাকাটী বা কান্নাকান্নি ; ক্রন্দন ও বিলাপ। প্র—"বৌমা কেঁদে কেটে ছুটে বড়বাবুদের বাড়ী খবর দিতে গেলেন,"—অমৃতলাল বসু। ২। অনুযোগ। ৩। উপরোধ ; অনুরোধ। ৪। কাঁদা ও মাথা খোঁড়া ; কপাল বা বুক চাপড়ান ; **ডুকরিয়া** বা **ফুকারিয়া কাঁদা**—ডাক ছাড়িয়া বা উচ্চৈঃস্বরে কাঁদা। **ফোঁস্ ফাঁস্** বা **ফ্যাঁস্ ফ্যাঁস্ করিয়া কাঁদা**—অনুচ্চস্বরে এবং দীর্ঘশ্বাস সহ কাঁদা। **প্যান্ প্যান্ করিয়া কাঁদা**—সামান্য কারণে চোখের জল ফেলিয়া বিলাপ করা। **ফুঁপাইয়া** বা **ফুলিয়া ফুলিয়া কাঁদা**—নির্ব্বাক ক্রন্দন কালে রুদ্ধ শ্বাস হেতু মধ্যে মধ্যে বক্ষস্ফীত হওয়া এবং দীর্ঘশ্বাস ত্যাগ করা। **নাকে কাঁদা**—অনুনাসিক স্বরে কাঁদা। ২। বায়না ধরা। **বিনাইয়া বিনাইয়া, ইনাইয়া বিনাইয়া কাঁদা**—বিবিধ বিলাপ করিতে করিতে কাঁদা। প্র—"পতিশোকে রতি কাঁদে বিনাইয়া নানা ছাঁদে"। —ভারতচন্দ্র। **ঘ্যান্ ঘ্যান্** বা **ঘ্যানর ঘ্যানর করিয়া কাঁদা**—অবিরাম বিরক্তিকর ক্রন্দন করা ; ক্রমাগত সুর করিয়া কাঁদা। **ককাইয়া কাঁদা**—শিশুর

দম আটকাইয়া যাইবার মত ভাবে উচ্চৈঃস্বরে ক্রন্দন করা। **বেঁউরিয়া বা বেঁউরে কাঁদা**—হঠাৎ আতঙ্কে ভয়কম্পিত-স্বরে কাঁদিয়া উঠা (শিশুর)। **গুমরিয়া কাঁদা**—রুদ্ধকণ্ঠে বা কান্না চাপিবার চেষ্টা করিয়া কাঁদা। **কাঁদিয়া হাট করা**—চীৎকার করিয়া কাঁদা এবং কাঁদিয়া লোক জড় করা। বি. কান্নাহাটি। **কাঁদা রাঁধা** [রন্ধনের ধূমে চোখে জল পড়ার ভাব] কাঁদা ও তৎসঙ্গে অভিমান প্রকাশ ও আক্ষেপ করা (স্ত্রীপক্ষে)। প্র—মেয়ে কেঁদে রেঁধে একাকার করচে। **কাঁদিয়া কাটিয়া এক করা**—কাঁদিয়া মাথামুড় খুঁড়িয়া একমাত্র কান্নাকান্নিরই ব্যাপার করিয়া তুলা।

কাঁদাকাঁদি [সং—স্কন্ধাস্কন্ধি—কাঁধাকাঁধি, ধ=দ (গ্রা)] বি. কাঁধা দ্রঃ।

কাঁদাড়ি [সং—কান্ধার—কাঁধার—কাঁদার (গ্রা)] বি. জুলী; নালী: ছাঁচের জল যাইবার নালী। ২। গুচ্ছ। ৩। যন্ত্রবিশেষ।

কাঁদান (নো) [কাঁদা ধাতুর ণিজন্ত রূপ] ক্রি. ক্রন্দন করান: কাঁদিতে বাধ্য করা; কাঁদাইয়া দেওয়া।

কাঁদাল (ল্) [গ্রা—কেঁদেল। কাণ্ড—আল] বিণ. মোটা: কোঁৎকা। প্র—কেঁদেল লাঠি। ২। [কাঁথ—আল] বি. কাঁথের আড়াল বা পশ্চাৎ। প্র—কাঁদাল দিয়ে চলে গেল।

কাঁদি, কাঁদী (কাঁদি) [সং—স্কন্ধ=সমুদয়—তাহা হইতে বৃক্ষের স্কন্ধদেশে লম্বিত এক বৃন্তস্থ বা এক ছড়ার সমুদয় ফল] বি. ফলের গুচ্ছ; স্তবক: থোবা।

প্র—"হাত দিলে ধুলা উড়ে যেন কেয়া কাঁদী।"
—ভারতচন্দ্র।

কলার কাঁদি: এক কাঁদি ডাব। **কাঁদা-কাঁদি** [স্কন্ধাস্কন্ধি] কাঁধাকাঁধি। ২। ক্রন্দন, কাঁদা, কান্নাকান্নি। **গাছে না উঠিতেই এক কাঁদি**—লক্ষ্য স্থানে পৌঁছিবার পূর্ব্বেই ফল প্রাপ্তি (বিদ্রূপোক্তি)। প্র—"এখনও কোদাল পড়ে নাই, গাঁতী চলে নাই—ইতিমধ্যেই এই গাছে না উঠিতেই এক কাঁদী। —বসুমতী, ১৩১৮।

কাঁদুনি, নী [সং—ক্রন্দন] বি. আবেদন নিবেদন: কান্নার সুরে অনুযোগ বা অভিমান প্রকাশ।

প্র—"চাউনি কর্ত্তার পানে কাঁদুনি কাঁদিয়া"

"কথার বাঁধুনী কাঁদুনীর পালা,
চোখে নাহি কারো নীর।" —রবি।

২। কান্নার সুরে গীত; সাপুড়ের গান।

কাঁদুনিয়া, কাঁদুনে—বিণ. যে বেশী কাঁদে। প্র—কাঁদুনে ছেলে।

ছিঁচ্‌কাঁদুনে—যে ছুঁইলে কাঁদে; যে সহজে বা সামান্য কারণে কাঁদে।

কাঁধ, কাঁদ (ধ্, দ্) [সং—স্কন্ধ—কন্ধ—কাঁধ, কাঁদ। হি—কন্ধা] বি. স্কন্ধ; কন্ধর; দেহের যে স্থানে ভার বহন করে; shoulder. প্র—কাঁধে মাথা রাখা। ২। ঘাড়। ক্রি. **কাঁধান** (নো)—কাঁধে করা। **কাঁধ ছাড়ান**—কাঁধকে বিশ্রাম দিবার জন্য তাহাকে সরাইয়া সেই স্থানে আর একজনের কাঁধ দেওয়া। **কাঁধ দেওয়া**—ভার বহনের জন্য প্রস্তুত হওয়া বা যোগ দেওয়া। ২। কাঁধে তুলিয়া লওয়া। **কাঁধ বদলান**—কাঁধাকাঁধি দ্রঃ। পালাক্রমে কাঁধে লওয়া। **কাঁধকাট**—যে মৃতদেহ দাহ জন্য কাঁধে করিয়া লইয়া যায়; শববাহক।

কাঁধা [সং—স্কন্ধ, কান্ধার দ্রঃ] বি. কিনারা: ধার। ক্রি. **কাঁধাবহা**—স্কন্ধে বহন করা। বিণ. যে স্কন্ধে বহন করে; পাল্কী, বাঁক প্রভৃতি বাহক। প্র—কাঁধা বহা বেহারা।

কাঁধাকাঁধি—একজনের স্কন্ধে আর এক-জন, তাহার স্কন্ধে অন্য এইরূপ। ২। একা-ধিক ব্যক্তি কাঁধ বদলাইয়া বদলাইয়া কোন ভার বহন করা।

কাঁধাদেওয়া—কোন ভার বহনে যোগ দেওয়া।

কাঁধাড়ি [কান্ধার, কন্ধর দ্রঃ] বি. পর্ব্বতের স্কন্ধ: পাহাড়ের ধার। ২। গৃহের পশ্চাৎভাগ।

কাঁধার (র্) [কন্ধর দ্রঃ] বি. কুল; কিনারা; ধার।

কাঁধেলী [হি—কঁধেলী] বি. ঘোড়ার কাঁধের সাজ (ইহা হাঁসুলির আকারে, চামড়া, বনাত প্রভৃতি নির্ম্মিত)।

কাঁপ (প্) [সং—কম্প] বি. কম্প; কাঁপুনি।
প্র—"দেখিয়া বীরের দাপ, অঙ্গে মোর হইল কাঁপ
বেগে আইনু মনে পেয়ে দুঃখ।"
—কবিক।

"কাঁপে হেরইতে দেহ মঝু থরহরি কাঁপ"।
—বিদ্যাপতি।

২। [ঘুড়ি দ্রঃ] ঘুড়ির পেটী। ক্রি. কাঁপা।

কাঁপই [ব্রজ—কাঁপয়ে দ্রঃ] ক্রি. কাঁপে। প্র—"দুহুঁ তনু কাঁপই মদনক বচনে"—বিদ্যাপতি।

কাঁপন (কাঁপোন্) [সং—কম্পন; গ্রা—কাঁপুনি] বি. কম্পন: নড়ন; থরথর করণ; লড়ন।

কাঁপয়ে [কাঁপই দ্রঃ] ক্রি. কাঁপে।
প্র—"কাঁপয়ে দুরবল দেহ" —বিদ্যাপতি।

কাঁপল [ব্রজ] ক্রি. কাঁপিল। প্র—
"থরহরি কাঁপল লহুলহু ভাষ" —বিদ্যাপতি।

কাঁপা [কাঁপ দ্রঃ। উ. পু—কাঁপি। ম. পু—কাঁপ; কাঁপুন্; কাঁপ্। প্র. পু—কাঁপে। অস-ক্রি—কাঁপিতে; কাঁপিয়া: কেঁপে (গ্রা)। ণিজন্ত—কাঁপান] ক্রি. থরথর করা; লড়া।
প্র—"কাঁপিতেছে ভ্রাতা-ভগ্নী, ভয়ে কণ্ঠগত প্রাণ।" —প্রভাস।
বি. কাঁপন; কাঁপনি। গ্রা. কাঁপুনি।

কাঁপান (কাঁপানো) [কাঁপা ধাতুর ণিজন্ত-রূপ। উ. পু—কাঁপাই। ম. পু—কাঁপাও। প্র. পু—কাঁপায়। অস-ক্রি—কাঁপাইতে; কাঁপাইয়া, কাঁপইয়ে (গ্রা)] ক্রি. কম্পিত করে; লড়ায়।

কাঁসর (কাঁশর্) [সং—কাংস্য। হি—কাঁসর।] বি. কাংস্যনির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ। ২। রোগবিশেষ।

কাঁসলা—(কাঁশ্‌লা) [প্রাদে] বি. স্বর্ণকারের স্বর্ণ রৌপ্যের পাত হইতে টোপ তুলিবার যন্ত্রবিশেষ; বোর, পুঁটে প্রভৃতি পিটিয়া তৈয়ার করিবার সচ্ছিদ্র ছয়পল আকৃতি কাঁসার যন্ত্র।

কাঁসা (শা) [সং—কাংস্য] বি. রাং ও তামা মিশ্রিত ধাতু।

কাঁসারি (কাঁশারি) [সং—কাংস্যকার] বি. যাহারা কাঁসার জিনিষ প্রস্তুত করে ও তাহার ব্যবসায় করে।

কাঁসী (কাঁশি) [কাঁসা (কাংস্য)+ই (নির্ম্মিত অর্থে)] বি. কাঁসার কানা উঁচু থালাবিশেষ। [বরিশাল অঞ্চলে ঐ পাত্রকে কেহ কেহ 'পাত্থি' বলে]।

কাঁহা, কাহা [হি—কাঁহা। সং—কুত্র] অ. কোথা।
প্র—"কাঁহা গোপবেশ কাঁহা নির্জ্জন বৃন্দাবন।"
—চৈ. চরিতামৃত।
"কাহা নহি শুনিয়ে এমতি থাকার"
—বিদ্যাপতি।

কাঁহাতক (কাঁহাতোক্) [হি—কাঁহা=কোথা+তক্ (পর্য্যন্ত) কতদূর পর্য্যন্ত] ক্রি-বিণ. কোন্ সীমা পর্য্যন্ত। ২। কতক্ষণ পর্য্যন্ত: কতকাল।
প্র—"এসব ত মাতা পুরাণ কাহিনী কাঁহাতক রাখি স্মরি মা!" —দ্বিজেন্দ্র রায়।
"আমি কাঁহাতক লুকিয়ে রাখবো?"
—গিরিশচন্দ্র ঘোষ (গৃহ-লক্ষ্মী)।

কাক (ক্) [কু (কুৎসিত)—অক্ (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ—কু=ক+অক)=কাক: যে পাদবিকলতা বশতঃ কুৎসিত ভাবে গমন করে] খঞ্জ। ২। [ক (জল) অক্ (গমন করা)+অ (অধি—অন্) যেখানে জল গমন

করে] দ্বীপবিশেষ। ৩। কড়ার চতুর্থাংশ : এক কড়ার চার ভাগে এক কাক : কাগ। ৪। ঈষৎজল : অল্পজল।

কাক (ক্) [হি-কা+ক (সম্বন্ধে)] কাহার : কার। প্র—"কাণ্ড! কাক-মুখে নাহি সংবাদই" —বিদ্যাপতি।

কাক (ক্) [ইং—cork] বি. কর্কগাছের ছালের ছিপি ; ছিপি।

কাক (ক্) [সং। হি—কৌআ। পুং-বঙ্গে —কেঅ। গ্রা—কাগ। কা (কৈ=রব করা) অ (কর্তৃ—৬)—যে 'কা' এই রব করে] বি. কাক পক্ষী : বায়স : crow. ২। কাক উড়িবার সময় যেরূপ আকৃতি হয় তদ্রূপ তিলক। **দাঁড়কাক**—দ্রোণ কাক : কৃষ্ণ কাক : jackdaw ; jungle crow. **কাক কুঁকুড় জ্ঞান**—উচ্চারণ সাদৃশ্য থাকিলেও উভয়ের মধ্যে ভেদজ্ঞান : বস্তুটা কি তাহার জ্ঞান। **কাক কোকিলে ভেদ** —ভাল মন্দ ভেদ জ্ঞান। **তীর্থের কাক** —তীর্থস্থানে লোকে শ্রাদ্ধ-শান্তি ব্রাহ্মণ-ভোজনাদি করায়। শ্রাদ্ধের পিণ্ড ও ভুক্তা-বশিষ্ট প্রাপ্তির আশায় কাক প্রতীক্ষা করিয়া থাকে। ২। তীর্থের কাকের ন্যায় অপেক্ষা বা প্রতীক্ষাকারী। **বেল পাকিলে কাকের কি**—বেল পাকিলেও তাহার খোলা এত শক্ত থাকে যে কাকে ঠুকরাইয়া ছিদ্র করিতে ও খাইতে পারে না। সুতরাং তাহা কাকের ভক্ষ্য হয় না ; কাক সুতরাং তাহাতে লোভ করে না। ২। (তাহা হইতে) যে বস্তু যাহার পক্ষে অপ্রাপ্য সে বস্তু বিদ্যমান থাকিলেও তাহার আশা করায় কোন ফল নাই। **ভাত ছড়ালে কাকের অভাব হয় না**—যেখানে কাক বসিয়া নাই সেখানে গৃহস্থ উচ্ছিষ্ট ভাত ফেলিলে কোথা হইতে কাক আসিয়া জুটে। ২। (তাহা হইতে) অন্ন দিলে সহচর অনুচর প্রভৃতি লোকজন কোথা হইতে আসিয়া জুটে। **কাকের ছাঁ বকের ছাঁ** [ছাঁ=ছানা অথবা ছাঁদ সংক্ষেপে ছোট বড় সরু মোটা ছাঁদে কোথাও অক্ষর ভাল ফোটে নাই সুতরাং সেখানে বকের মত অনেকটা সাদা, কোথাও খুব কালী পড়িয়া কাকের মত কাল এমন লেখা] বি. কদক্ষর ; লেখার ছাঁদ যার খুব খারাপ : খুব আখর।

কাকজঙ্ঘা (ক্) [সং] বি. কেউয়াঠেঙ্গা বা কাঁটাগুড়কাউলী গাছ ; leea hirta.

কাকজম্বু, কাকজম্বূ (কাক্‌জোম্‌বু) [কাক (কাকের মত কালবর্ণ) যে জম্বু—জম্বু (জাম) কর্মধা] বি. স্ত্রী. ক্ষুদ্রজাম ; বনজাম : ardisia solanacea.

কাকডুম্বুর (কাক্‌ডুম্‌বুর্) বি. কালডুমুর।

কাকতন্দ্রা (ক্) [কাকের—তন্দ্রা (নিদ্রা) ৬তৎ] বি. স্ত্রী. কাকের নিদ্রা। ২। কাকের মত নিদ্রা ; অতি সতর্ক নিদ্রা।

কাকতালীয় (ক্) [কাক (বায়স) তাল (ফলবিশেষ) + ঈয় (তুল্যার্থে)—পাকা তালে কাকের আগমন ও তালফলের পতনরূপ ঘটনার ন্যায়] বি. ন্যায়বিশেষ ; গাছে পাকা তালের উপর কাক আসিয়া বসিতেই তালটী পড়িয়া গেল, অতি পক্বতা হেতু কাক না বসিলেও হয়ত তালটা পড়িত, সুতরাং তাল পতনের প্রতি কাকের বাস্তবিক কারণতা না থাকিলেও আপাতদৃষ্টিতে কাককেই কারণ-স্বরূপ মনে হইতেছে। এইরূপ ঘটনাস্থলে অর্থাৎ যথায় প্রকৃত কারণ ভিন্ন অন্যকে কোন কার্য্যের কারণ বলিয়া ভ্রম হয় সেই সকল স্থলে কাকতালীয় ন্যায় ঘটিয়া থাকে। ২। বিণ. হঠাৎ সংঘটিত : আকস্মিক যোগাযোগ সম্বন্ধীয় : coincidental.

কাকতিন্দুক (ক্, ক্) [সং] বি. পুং. কুঁচিলা। ২। গাব।

কাকতুণ্ডী (ক্) [কাকতুণ্ড+ঈপ্ স্ত্রী] বি. স্ত্রী. বনৌষধি বৃক্ষ : ইহার পত্র কাকতুণ্ডের ন্যায়। ২। [রাসাঃ পরিঃ] পিত্তল ; brass. ৩। গিল্টি করা পিতল।

কাকধ্বজ (কাক্‌ধ্বজ) [কাক (কাকচিহ্নাঙ্কিত) হইয়াছে ধ্বজা যাহার, বহু] বি. পুং. যাহার ধ্বজায় কাকচিহ্ন অঙ্কিত আছে। প্র—"কাকধ্বজরথারূঢ়" —ভারত। ২। [কাক (বাষ্প) হইয়াছে ধ্বজ (ধ্বজা স্বরূপ) যাহার, বহু] বি. পুং. বাড়বানল।

কাকনামা (ক্) [কাকনামন্—১মা, ১ব : কাকের আরোহণে শাখা নত হয় বলিয়া এই সংজ্ঞা] বি. পুং. বকফুলের গাছ।

কাকনাসা (কাক্‌নাশা) [সং—কাকের নাসার ন্যায় কৃষ্ণবর্ণ ফল বলিয়া] বি. স্ত্রী. বইচ্ গাছ।

কাকনিদ্রা (কাক্‌নিদ্‌দ্রা) [কাকতন্দ্রা দ্রঃ] বি. কপটনিদ্রা ; তন্দ্রা।

কাকপক্ষ (কাক্‌পোক্‌খো) [কাকের পক্ষের ন্যায় পক্ষ (উপমিত)] বি. পুং. মস্তকের দুই পার্শ্বের কেশ-রচনাবিশেষ : শিখণ্ডক। ২। কাকের পক্ষের মত উভয় গণ্ডে লম্বমান অনতিদীর্ঘ স্বল্প কেশ ; কাণপাটা ; [illegible]।

কাকপদ (কাক্‌পদ্) বি. ক্লী. উদ্ধার চিহ্ন ; " " এই চিহ্ন ; sign of quotation. ২। শিরঃস্থিত কাকপদাকার কেশ : শিক্ষা। ৩। লেখার মধ্যে পরিত্যক্ত স্থান বুঝাইবার চিহ্ন ; × × × এই চিহ্ন। "কাক পক্ষীর পদ পরে ইহা রূঢ় শব্দে পরিণত হইয়াছিল (মৃচ্ছকটিক নাটক)। রূঢ় অর্থ——হস্তলিখিত পুস্তকে লিপিকর যে সকল স্থানে পাঠোদ্ধারে অক্ষম হইয়া কিয়ৎ স্থান ফাঁক রাখিতেন ঐ সকল স্থানে × × × এইরূপ চিহ্ন ব্যবহৃত হইত। এই চিহ্নের নাম কাকপদ চিহ্ন ; উহার অর্থ পরিত্যক্ত বা শূন্যস্থান।" —অক্ষয় মৈত্রেয়, প্রবাসী ১৩০৯।

কাকপুচ্ছ (ক্) [কাকের পুচ্ছের ন্যায় পুচ্ছ (লেজ) যাহার, বহু] বি. পুং. কোকিল।

কাকপুষ্ট (ক্) [কাক দ্বারা পুষ্ট (প্রতিপালিত) ৩তৎ] বি. পুং. স্ত্রী. কোকিল ; পরভৃৎ। (প্রসিদ্ধি আছে, কোকিল কাকনীড়ে কাকডিম্ব দূর করিয়া আপন ডিম্ব রক্ষা করে, কাকী আপন ডিম্ব জ্ঞানে তাহা প্রতিপালন করে।

কাকফল (কাক্‌ফল্) [কাক (কাকের প্রিয়) যে ফল (কর্মধা) বি. স্ত্রী. নিমফল। ২। [কাক প্রিয় ফল হইয়াছে যে বৃক্ষে] বি. পুং. নিমগাছ।

কাকবন্ধ্যা (কাক্‌বোন্‌ধ্যা) [কাকীর মত বন্ধ্যা (মধ্যপদলোপী কর্মধা) যে নারী এক বার মাত্র কাকীর মত সন্তান প্রসব করে] বি. স্ত্রী. একসন্তানা স্ত্রী ; একগভা রমণী ; যে নারীর একটী মাত্র সন্তান হইয়াছে : একপ্রসবিনী।

কাকবলি (কাক্‌বোলি) [কাক (কাকোদ্দেশে) বলি (উপহার) ৪তৎ] বি. পুং. কাকের ভোজনোদ্দেশে উৎসৃষ্ট অন্নাদি : শাস্ত্রানুসারে কাকোদ্দেশে দত্ত অন্ন।

কাকভীরু (কাক্‌ভিরু) [কাক হইতে ভীরু (ভীত) ৫ ৩তৎ। যে কাক দেখিয়া ভয় পায়] বি. পুং. পেচক ; উলুক। ২। বিণ. কাক হইতে ভয়প্রাপ্ত।

কাকভূষণ্ডী, কাকভুশুণ্ডী (ক্) বিণ. ভূষণ্ডী নামক পুরাণ-প্রসিদ্ধ কাক। (পূর্ব্ব জন্মে এক ঋষি কাকরূপ ধরিয়া রামচন্দ্রের উচ্ছিষ্ট খাইয়া অমর হন)। ২। ভূষণ্ডীকাক বহুকাল বাঁচিয়াছিল বলিয়া, সাধারণতঃ দীর্ঘজীবী লোকদিগকে কাকভূষণ্ডী বলা হয়।

কাকমাচী (কাক্‌মাচি) [সং—কাকাদনী, কাকমাচিকা] বি. কেউয়া-ঠুঁটী ; কাঁটা গুড়কাউলী, গুড়কামাই গাছ ; capparis sepiaria. ২। কাঁটাহীন গুড়কামাই ; solanum nigram.

কাকমারি (ক্) বি. এক জাতীয় বৃক্ষ ও তাহার ফল ; ইহার পাতা পানের মত, ফল ক্ষুদ্র ও অণ্ডাকার, বিষাক্ত। anamrita cocculus.

কাকযব (কাক্‌জব্) বি. পুং. তণ্ডুলশূন্য ধান্য ; আগড়া ; (পূ-বঙ্গে) চিটা।

কাকরুত (ক্) [কাকের রুত (শব্দ) ৬তৎ] বি, স্ত্রী, কা কা এই রব ; কাকের ডাক।

কাকরুহা (ক্) [কাক (কাকাদি পক্ষী আনীত বীজ হইতে) রুহ (উৎপন্ন)] বি, স্ত্রী, শূন্যজাত বৃক্ষ ; পরগাছা ; অন্য গাছের উপর কাকাদি পক্ষী আনীত বীজ-জাত গাছ।

কাঁকরোল (ক, ল্) বি, কর্কোট দ্রঃ।

কাকল (ল্) [কা (ঈষৎ) কল অব্যক্ত মধুর ধ্বনি হইয়াছে যাহার, বহু] বি, স্ত্রী, কণ্ঠাভরণ : কণ্ঠমণি।

কাকলা (ক্) [সং—কক্কোল] বি, সুগন্ধি দ্রব্যবিশেষ ; কাঁকলা।

কাকলাস (কাক্লাশ্) [সং—কৃকলাস (দ্রঃ)] বি, সরট ; বড় জেঠী।

কাকলি, কাকলী (কাকোলি) [কাকল (দ্রঃ) +ইন্—ঈন্ (কর্তৃ)] বি, স্ত্রী মধুরাস্ফুট ধ্বনি ; অব্যক্ত-মধুর শব্দ ; কলধ্বনি।
২। যন্ত্র সমূহের একত্রীভূত সুদূরাগত অব্যক্ত মধুর ধ্বনি ; ঐকতান ; harmony. ৩। যন্ত্রবিশেষ।

কাকলীরব (কাকোলিরব্) [কাকলী (অব্যক্ত মধুর) হইয়াছে রব (শব্দ) যাহার, বহু] বি, পুং, কোকিল। ২। অব্যক্ত মধুর ধ্বনি।

কাকশীস (ক্) [কাকের মত শীস (মস্তক) হইয়াছে, যাহার, বহু] বি, পুং, বক ফুলের গাছ।

কাকা [ফা—কাকা=বড় ভাই ; হি—কাকা —চাচা=বাপের ভাই ; বাং—বাপের ছোট ভাই। হিন্দীতে স্থানবিশেষে, বাপ অর্থে] বি, খুড়া ; স্ত্রী, কাকী।

কা-কা—কাকের রব। ২। কাকোলীবৃক্ষ। ৩। কাকমাচীগাছ। ৪। কাক্লা। ৫। কুঁচ।

কাকাক্ষিগোলক (ক্) বি, স্ত্রী, কাকের একটীমাত্র অক্ষি-গোলক দ্বারা উভয় চক্ষুর দৃষ্টি-ক্রিয়া সমাধা হয়। সেইরূপ কোন একটী বিষয় যদি উভয়ের সহিত সম্বন্ধিত হয় তবে কাকাক্ষি-গোলক ন্যায় বলে।

কাকাতুয়া—বি, শুকবর্গের পক্ষি-বিশেষ : অষ্ট্রেলিয়া, মলক্কা, নবগিনি প্রভৃতি দ্বীপের পাখী ; ইহারা নানাজাতীয় ও নানাবর্ণের।

কাকারি [কাকের অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, পেচক ; উলুক।
২। [কাক যাহার অরি, বহু] বি,পুং, পেচক।

কাকাল (ল্) বি, পুং, কাক-পক্ষি-বিশেষ : দ্রোণ কাক ; দাঁড়কাক।

কাকিনী, কাকিণী (নি) [সং] বি, স্ত্রী, বিংশতি কপর্দ্দক ; কুড়িটা কড়ি, বা ৫ গণ্ডা কড়ি বা একবুড়ি। ২। এক কড়া। ৩। কুঁচ। ৪। মানদণ্ড।

কাকী [কাক+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, স্ত্রী-কাক : বায়সী। ২। কর্কশকণ্ঠ গায়ক। ৩। লতাবিশেষ। ৪। [কাকা দ্রঃ] পিতৃব্য-পত্নী : খুড়ী।

কাকু [কক্ (চঞ্চল হওয়া)+উ (কর্তৃ-উণ্)] বি, স্ত্রী, রাগ বা ভয় বা শোকাদি দ্বারা বিকৃত কণ্ঠধ্বনি।
২। বক্রোক্তি ; কূটার্থ কথন। ৩। দৈন্যোক্তি : কাতর বচন ; কাকুতি মিনতি। প্র—
"শুনিয়া দ্বিজের কাকু শ্রীগৌরাঙ্গ সুন্দর।
হাসিয়া তাহানে কিছু করিল উত্তর॥"
—চৈতন্য ভাগবত।
৪। স্বরের বিকৃতি বা বদ সুর হওয়ার নাম কাকু। ৫। জিহ্বা।

কাকুতি [কাতরোক্তি শব্দজ] বি, কাত-রোক্তি : খেদোক্তি; অনুনয় : মিনতি। প্র—
"সুগ্রীবেরে জানাইও আমার কাকুতি"
—কৃত্তিবাস।
"বড়বড় বানরের দেখিয়া কাকুতি।" —ঐ।

কাকুতিমিনতি—অনুনয়বিনয়।

কাকুৎস্থ, কাকুৎস্থ্য (কাকুৎসথ) [ককুৎস্থ+অ—য (অপত্যার্থে—অণ্, যণ্) ককুৎ (বৃষস্কন্ধ)-তাহাতে স্থিত=ককুৎস্থ (সূর্য্যবংশীয় রাজা দিলীপ) ইনি অসুর-সমরে বৃষরূপধারী ইন্দ্রের স্কন্ধে আরোহণ করিয়া যুদ্ধ করিয়াছিলেন বলিয়া এই নাম] বি, পুং, সূর্য্যবংশীয় রাজা দিলীপের অপত্যগণ ; শ্রীরাম-চন্দ্র প্রভৃতি সূর্য্যবংশীয় রাজা। ২। রাজা পুরঞ্জয়। ৩। বিণ, দিলীপবংশীয়।

কাকুদ্র (কাকুদ্রো) [শরীর-বিঃ পরিঃ] বি, মুখের তালু ; টাক্‌রা ; the palate.

কাকুবাদ (দ্) [কাকু—বাদ (বদ্ (বলা) +অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, কাকুতি : মিনতি : কাতর বাক্য।

কাকুর্ব্বাদ (দ্) [কাকুবাদ দ্রঃ] বি, কাতর প্রার্থনা : বিনয় ; মিনতি। প্র—
"গদ গদ স্বরে করে হরে কাকুর্ব্বাদ।
পূর্ণ কর পশুপতি পার্ব্বতীর সাধ॥"—শিবায়ন।

কাকূক্তি [কাকু—যে উক্তি (বাক্য) কর্ম্মধা] বি, স্ত্রী, কাতরতাসূচক বাক্য ; খেদোক্তি। ২। বক্রোক্তি।

কাকে [কাহাকে শব্দের দ্রুত উচ্চা-রণ] স, কাহাকে ; কোন্ ব্যক্তিকে। (সম্প্র-মার্থে) কাকে। বহুবচনে—কাহারদিগকে (মধ্য-বাং) কাহাদিগকে (আধু) সম্প্রমার্থে কাঁহাদিগকে ; দ্রুত উচ্চারণে—কাদিকে, কাদিগে। প্র—"তুমি কেবা আন কাকে একি চমৎকার"—রামমোহন। ব্রজ, প্রা-বাং— কাহকো, কাহ। প্র—"কাহ না পেখি" —বিদ্যাপতি। "কেহ করত কাহ কোর" —জ্ঞানদাস।

কাকেক্ষু [কাক (কুৎসিত) ইক্ষু (আক্) কর্ম্মধা] বি, পুং, শর ; খাগড়ানামক তৃণ। ২। কাশবিশেষ।

কাকোদর (র্) [কু (কুৎসিত, বক্র)— অক্ (গমন করা)+অ (কর্তৃ—অচ্) কু= ক। কাক (বক্র)—উদর (পেট) যাহার, বহু] বি, পুং, সর্প ; সাপ। ইহারা গমন কালে উদর বক্র করিয়া যায় বলিয়া কাকোদর নাম। প্র—
"পশে যদি কাকোদর গরুড়ের নীড়ে,
ফিরে কি সে যায় কভু আপন বিবরে
পামর !" —মেঘনাদবধ।

কাকোল (ল্) বি, পুং, স্ত্রী, গরল : কৃষ্ণ-বর্ণ স্থাবর বিষ। ২। দাঁড় কাক।

কাকোলি, কাকোলী [কু (ঈষৎ) কল্ (শব্দ করা)+ই-ঈ (কর্তৃ, সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, কাকলি : সুস্বর অব্যক্ত মধুর ধ্বনি। ২। নেপালজাত কন্দবিশেষ : কাঁকলা ; berry of the calculus indicus.

কাকোলূকিকা [কাক (বায়স)—উলূক (পেচক)=কাকোলূক+ইক (সম্বন্ধার্থে, ইকণ্)—আপ্ স্ত্রী] বি, স্ত্রী, কাক ও উলূকের (পেচকের) স্বাভাবিক বৈরতা ন্যায়।

কাক্ষী—বি, স্ত্রী, সৌরাষ্ট্রদেশীয় মৃত্তিকা। ২। অরহর কলাইয়ের ডাল।

কাক্ষীবান্—বি, পুং, গৌতম মুনির পুত্র : চণ্ডকৌশিকের পিতা। ২। শূদ্রাগর্ভে দীর্ঘতমা মুনির ঔরস-জাত পুত্র।

কাগ—কড়ার চতুর্থাংশ। ২। [কাক শব্দের গ্রা—উচ্চারণ] বায়স।

কাগজ (জ্) [আ—কাগজ্। হি—কাগজ্। কাগদ, কাগর (তুলসী)] বি, কাপড়, শণ, তুলা, বৃক্ষপত্র, কাষ্ঠাদি পচাইয়া যে পাতলা পত্র লেপন বা মুদ্রণাদি কার্য্যের উপযোগী করিয়া নির্ম্মিত হয় ; paper. ২। খবরের কাগজ ; newspaper. বিণ, **কাগজী**— কাগজসম্বন্ধীয়। ২। কাগজ ব্যবসায়ী। ৩। কাগজ প্রস্তুতকারী। **কাগজপত্র**— কাগজাদি। **কাগজাত**—কাগজপত্র।

কাগজী (কাগ্জি) [কাগজ—ঈ (সাদৃশ্যার্থে) কাগজের মত পাতলা আবরণবিশিষ্ট বলিয়া] বি, যাহারা কাগজ তৈয়ার ও তাহার ব্যবসা করে। ২। লেবুবিশেষ। ৩। বাদামবিশেষ। ৪। [কগেজের মত শাদা] বি, শ্বেতবর্ণ পায়রা।

কাগতি (গ্) [কাগজ দ্রঃ। কাগজী, কাগদিও হয়] বি, কাগজ প্রস্তুতকারী ও ব্যবসায়ী মুসলমান জাতিবিশেষ। প্র— "কাগজ কাটিয়া নাম ধরিল কাগতি"—কবিক।

কাগাবগা [কাক বক আসিয়া অন্ন যেমন এখানে একখাবলা ওখানে এক খাবলা মুখে দিয়া কতক ছড়াইয়া পলায় তদ্রূপ] অ, এখানে একখাবলা ওখানে একখাবলা নিয়ে ছড়াছড়ি করার ভাব ; উচ্ছৃঙ্খলভাব। প্র—কাগাবগা করে খেয়ে গেল। ২। [মাথায়] এখানে খানিকটা ঘন চুল রেখে ওখানে ছোট করে শাঁস বার করে চুলকাটা সুতরাং ঘনস্থান কাগা আর শাঁস বাহির করা সাদা স্থান বগা। প্র—কাগাবগা করে চুল কাটা।

কাগার (র্) [হি—কাগরী=হীন, তুচ্ছ] বিণ, দরিদ্র ; কাঙ্গাল ; হীনভাবাপন্ন। প্র—"বিংশতি যোজন ক্ষেত্র নগর মথুরা। পূর্ব্বে কাগার ছিল ইবে সে মগরা"—চৈতন্যমঙ্গল। ২। [হি—কগার] নদীর আড়া।

কাঙর, কাঙরী [কাঙরও বলে। কামরূপী—কাঁউরূপী—কাঁউরী] বি, কামরূপপ্রদেশ। প্র—"কাঙর কামিক্ষা চণ্ডী কামরূপে খেলা" —ধর্ম্মমঙ্গল (মাণিক)।

কাঙল (ল্) [সং—কামল] বি, পাণ্ডুরোগ ; কামলারোগ।

কাঙলা [হি—কংগাল—কংগ্‌লা। সং—কঙ্কাল (অনাহারে কঙ্কালসার)] বি, দুর্ভিক্ষপীড়িত ; ক্ষুধার্ত্ত ; দরিদ্র ; ভিখারী। প্র—"তোমার সাধের বাঙলা হ'ল কাঙলা" —ঈশ্বর গুপ্ত।
২। লোলুপ ; লোভী ; ছোঁচা। স্ত্রী, কাঙলী। গ্রা-কেঙ্‌লী।

কাঙাল, কাঙালী (ল্) [কাঙ্গাল দ্রঃ] বি, বুভুক্ষিত ; দুর্ভিক্ষপীড়িত ; অনাহারক্লিষ্ট ; দরিদ্র। প্র—"ওগো কাঙাল আমায় কাঙাল করেছে" —রবি।
"কাঙালী বাঙালী যত চিরদিন অনুগত
ধনে প্রাণে হল কাঙ্গালী।" —ঈশ্বর গুপ্ত।
২। প্রার্থী; ভিখারী। প্র—"এসেছি কি হেথা যশের কাঙালি" —রবীন্দ্র।

কাঙ্ক্ষণীয় (কাংখোনিও) [কাঙ্ক্ষ্ (অভিলাষ করা) + অনীয় (কর্ম্মে)] বিণ, বাঞ্ছনীয়; অভিলষণীয় ; আকাঙ্ক্ষণীয় ; স্পৃহণীয়।

কাঙ্ক্ষা (কাংখা) [কাঙ্ক্ষ্ (ইচ্ছা করা) + অ (ভাবে, অঙ্) আপ্ স্ত্রী,] বি, ইচ্ছা ; বাঞ্ছা ; অভিলাষ ; স্পৃহা। বিণ, কাঙ্ক্ষিত।

কাঙ্ক্ষিত [কাঙ্ক্ষ্ (ইচ্ছা করা) + ত (ভাবে, ক্ত) ই আগম] বি, ক্লী, ইচ্ছা ; অভিলাষ। ২। [কর্ম্মে—ক্ত] বিণ, যাহা ইচ্ছা করা হইয়াছে ; বাঞ্ছিত ; অভিলষিত ; আকাঙ্ক্ষিত ; ঈপ্সিত। স্ত্রী, কাঙ্ক্ষিতা।

কাঙ্গনী (কাংনি) বি, প্রাকারশীর্ষ। ২। ধান্যবিশেষ।

কাঙ্গা [কঙ্কা, কঙ্ক অপেক্ষা বৃহদাকার] বি, হাড়গিলে পাখী। প্র—"ভুজঙ্গ ধরিয়া খায় ধোকড়িয়া কাঙ্গা।" —কবিক।
[হি—কাঙ্গা, কাঙ্গী (চিরুণী) অপেক্ষা বড়] বি, বড় চিরুণী ; কাঁকুই।

কাঙ্গাল (ল্) [সং—কঙ্কাল—তাহা হইতে কঙ্কালসার। হি—কাঙ্গাল, কাঙ্গলা ; গ্রা, উচ্চারণ ক্যাঙালি] বিণ, পুং, দরিদ্র; নিঃস্ব। প্র—"লুঠি বাঙ্গালার লোক করিল কাঙ্গাল—ভারতচন্দ্র। ২। [রিক্ত ভাণ্ডার বা হস্ত হইতে] অভাবগ্রস্ত। ৩। [তাহা হইতে] নিঃশক্তি ; অক্ষম। প্র—"যৌবনে অন্যায় ব্যয়ে বয়সে কাঙ্গালী"—মাইকেল। ৪। দীন, প্রার্থী বা যাচক ; ভিক্ষুক। এই অর্থে "কাঙ্গালী" ; গ্রা, "কাঙালি" প্রচর। প্র—"এসেছি কি হেথা যশের কাঙালি"—রবি। ৫। দুঃখী। ৬। বি, ভিক্ষোপজীবী ; জাতভিখারী ; কাঙ্গালী। স্ত্রী, কাঙ্গালী ; কাঙ্গালিনী।

কাঙ্গালী [গ্রা, উচ্চারণ—কাঙালি, ক্যাঙালি। বাং-য় কাঙ্গাল অর্থে পুং, কাঙ্গালী শব্দ প্রচর] বি, পুং, স্ত্রী, ভিক্ষোপজীবী ; জাত- ভিখারী। প্র—কাঙ্গালী ভোজন। ২। কাঙ্গাল দ্রঃ। বাং-য় স্ত্রী, কাঙ্গালিনী। প্র—"কই, কেমনে রেখেছ, কাঙ্গালিনী আমি, রাজা, আমার সে ধনে।" —মেঘনাদ।

কাঙ্গালীপনা (কাংগালিপোনা) [হি—কাঙ্‌লাপন্] বি, দীনতা ; কাঙ্গালীর আচরণ।

কাঙ্গী (কাংগি) [হি বড় হইলে—কাঙ্গা] বি, কাঠের চিরুণী ; কাঁকই (দ্রঃ) ; কাঙ্গা।

কাঙ্গুর (ব্) বি, গঙ্গোদক পাত্রবিশেষ ; গঙ্গাজলের পাত্র।

কাঙ্গুরা [ফা—কংগুরা (সৌধ চূড়া বা শিখর)] বি, পেটা ঘড়ি, যাহা সৌধ চূড়ায় রক্ষিত হয়। প্র—"কোঠায় কঙ্গুরা ঘড়ী নিশান নহবৎ।" —ভারতচন্দ্র।

কাচ (চ্) [কচ্ (দীপ্তি পাওয়া) + অ (করণে, ঘঞ্—সংজ্ঞার্থে) ; "কাচঃ শিক্যে মণৌ নেত্ররোগভেদে মৃদন্তরে"—মেদিনী] বি, বালি ও একপ্রকার ক্ষার হইতে উৎপন্ন স্বচ্ছ ভঙ্গপ্রবণ বস্তুবিশেষ ; কাঁচ ; পরকলা ; glass. ২। মণিবিশেষ ; কাচমণি। প্র—"মাণিক তেজি কাচে অভিলাষ।"—বিদ্যাপতি। ৩। ["অলম্বি শিক্যং কাচো"—অমর] শিক্যা ; শিকে। ৪। নেত্ররোগবিশেষ। ৫। কৃষ্ণবর্ণ লবণ। ৬। মোম।

কাচ (চ্) [হি—কাছ (প্রাকৃ—কচ্ছ ; সং কক্ষ) —কোমরের নিম্নভাগ হইতে উরুতের কিয়দংশ পর্য্যন্ত স্থান, (২) ঐ স্থানের পরিধানবস্ত্র যাহা জাঙ্গিয়ার উপর পরিহিত হয় ; কাছনী। তুল—হি—"চতুর কাছ কাছৈ জব জৈসা। তব তইঁ নাচ দিপাবৈ তৈসা।" —বিশ্রামসাগর] বি, পরিচ্ছদ ; সাজ ; বেশ ; অভিনয়ার্থ নটনটীর বেশ। প্র—"ভুবন-মোহন কাচে, রত্নমালা তথি নাচে, গান মুনি গান্ধার নিষাদ।" —কবিকঙ্কণ।
২। [হি, কাছ, কাছনী, কছোটী, কাছা—"কস্‌কর ঔর কুছ উপর চঢ়া কর পহনী হুই ধোতী জিসকী দোনোঁ লাঁগে পীছে খোসীজাতী হৈঁ—হিন্দী শব্দসাগর] কাছটী ; কাছুটী ; ল্যাঙোট ; জাঙ্গিয়া। প্র—কাচ পরিয়া কুস্তি করিতেছে।
৩। [হি—কাছ। অথবা কচ্—বন্ধনে। হি—কাছনী—কটিবন্ধন। তুল—"সীস মুকুট কটি কাছনী ; কর কেসর খণ্ড"— সুরদাস] বি, বন্ধন ; কটির বন্ধন। প্র—"তুরিতে ঘুচাইনু নীবিক কাচ।" —বিদ্যাপতি।
৪। বহুরূপীবেশ ; কাল্পনিক বেশ ; ছদ্মবেশ ; ভেক। প্র—"ঘণ্টাগরুড় খাড়া থাকেন, কাচেন কাপের কাচ।"
৫। ছল ; লীলা ; খেলা। প্র—"কবি রাম প্রসাদ দাসে গো ভাষে মা ! কত কাচগো কাচ।" —কালীকীর্ত্তন।
৬। রঙ্গ-তামাসা ; নাচ-তামাসা ; ক্রীড়াকৌতুক। প্র—"পরে সহরের ধনবান্ লোক আছে। কিছু ব্যয় করেন সকলে নাচ কাচে॥" —কাশীপরিক্রমা (জয়নারায়ণ)।
৬। অঙ্গভঙ্গী ; ঢং। ৭। বাতিক ; বাই ; রোগ। প্র—"বুড়া বয়সে ধেড়ে কাচ" —প্রবচন।

কাচকূপী (চ্) বি, কাচের বোতলবিশেষ।

কাচন (ন্) [সং—কঞ্চ্, কাঞ্চ্—বন্ধনে। কচ্ (বন্ধন করা) + অন—করণে—সংজ্ঞার্থে, অনট্] বি, ক্লী, যাহা দ্বারা কোন কাগজ পত্রাদি আঁটা যায় ; গালা প্রভৃতি ; ডুরী ; পুঁথী বন্ধনের ডোর ; কাচনি। ২। [কিম্ শব্দ স্ত্রীলিঙ্গে—কা + চন (অসাকল্যার্থে)] অ, কোন্ স্ত্রী। ৩। (গ্রা) বি, ধৌতকরণ ; ক্ষালন। ৪। কপট বেশধারণ।

কাচনকী [কাচনক + ইন্ (অস্ত্যর্থে) = কাচনকিন্ ১মা, ১ব] বি, পুং, লিপি ; পত্র।

কাচনি—কাচন দ্রঃ।

কাচমণি (চ্) [কাচ দ্রঃ [বি, স্ফটিকবিশেষ।

কাচমল (চ্, ল্) [কাচের (ক্ষার মৃত্তিকার) মল, ৬তৎ] বি, ক্লী, ক্ষার মৃত্তিকাযুক্ত লবণ।

কাচলবণ (চ্, ন্) বি, সৈন্ধব লবণ।

কাচস্থালী [কাচস্ থালি] বি, স্ত্রী, কাচের পাত্র। ২। পারুল গাছ।

কাচা [কাচ দ্রঃ। হি—কাছটি, কাছা। সং—কক্ষ—প্রাকৃ—কচ্ছ হইতে কাছা বিকারে কাচা, বস্ত্রাঞ্চলের ভাব হইতে] বি, বস্ত্রখণ্ড বা ক্ষুদ্র বস্ত্র ; ছোট কাপড়। প্র—"পরি দুজনের কাচা, ভানিত আমার ভাচা সেই বেটা হবে দেশমুখ।" —কবিক।

৩। গুরুজনের মৃত্যুতে উত্তরীয়রূপে পরিধেয় ধুতির প্রান্ত। প্র—কাচা গলায় দেওয়া। ২। নূতন খণ্ড বস্ত্র। প্র—"তখন সাজায়ে মাচা, কলসী কাচা, বিদায় দিবে দণ্ডীর বেশে।"
—রামপ্রসাদ।

কাচা [কাচ দ্রঃ। হি—কচারণা (কচালিয়া ধোয়া); পছাড়না (আছাড় দিয়া ধোয়া)। প্রা, বাং—অপ্র] ক্রি, আছাড় দিয়া বা কচালিয়া ধৌত করা ; প্রক্ষালন করা। প্র—কাপড় কাচা। ২। [সং—কাঞ্চ্ (দীপ্তি পাওয়া)] শোভা পাওয়া ; দীপ্তি পাওয়া। প্রা-বাং— **কাচন্তি**—শোভা পায়। প্র—"বাম দিগে কাচন্তি পরভুর তিথার খস্তা॥" —শূন্যপুরাণ। ৩। ['সাজা' র সহচর শব্দ। কাচ (বেশ) + আ (ক্রিয়া বিভক্তি ; করা অর্থে)] বেশবিন্যাস করা ; সজ্জা করা ; ছদ্মবেশ ধারণ করা ; পরিধান করা। প্র—"আয়োর মিশালে বুড়ী নানা কাচ কাচে। —কবিক। **সাজিয়া কাচিয়া**—[তুল—ধষিয়া মাজিয়া] সাজ-সজ্জা করিয়া ; বেশবিন্যাস করিয়া। প্র—"সাজ সাজ বলিয়া পড়িয়া গেল সাড়া,
* * * *
সাজিয়া কাচিয়া সভে হইলা বাহির॥"
—জ্ঞানদাস।
৪। বিণ, প্রক্ষালিত ; ধৌত। প্র—কাচা কাপড়।

কাচাক্ষ [কাচ—অক্ষি (কাচের স্থায় অক্ষি (চক্ষু) হইয়াছে যাহার, বহু) অক্ষি = অক্ষ] বিণ, কাচের স্থায় যাহার চক্ষুঃ। ২। বি, পুং, বকপক্ষী।

কাচি, ছি [সং—কক্ষা = হস্তীর গলবন্ধনরজ্জু। তাহা হইতে মোটা দড়ী—কক্ষার হিন্দী উচ্চারণ কচ্ছা পরে বাং—কাছি] বি, স্থূল রজ্জু ; মোটা দড়ী। ২। স্থানবিশেষে কাস্তেকে 'কাচি' বলে।

কাচিৎ [কা (কিম্ শব্দ স্ত্রীলিঙ্গে) + চিৎ অসাকল্যার্থে)। পণ্ডিতী বাঙ্গালায় ব্যবহৃত, অধুনা অপ্র] অ, কোন এক (স্ত্রী)।

কাচিম (ম্) [কচ্ + ণিচ্ = কাচি (বন্ধন করান) + ইম (সংজ্ঞার্থে—ইমন)] বি, পুং, দেবকুলোদ্ভব ভণ্ডকবৃক্ষ। ২। কচ্ছপ ; (কাছিম দ্রঃ)।

কাচ্‌কা [কচ—হইতে ?] বি, সর্ষপের শুষ্ক ডাঁটা।

কাচ্‌তি ['কাস্তে'র অনুকরণে ?] বি, অস্ত্র-বিশেষ ; দা-বিশেষ।

কাচ্চা [কাঁচ্চা দ্রঃ। সং—কন্‌চ্ ধাতু অল্পীভাবে বা অল্পীকরণে—ওজনের ক্ষুদ্র মান-বিশেষ] ছটাকের চতুর্থাংশ।

কাচ্চাবাচ্চা [কাচ্চা (হি—কচ্চা—সং—কষণ —কচি ; অপক) বাচ্চা (হি—বচ্চা = সন্তান—সং—বৎস) বহুবচনার্থক] বি, কচি ছেলে পুলে ; ছোট ছোট ছেলে মেয়ে ; সন্তান সন্ততি।

কাছ (ছ্) [প্রাকৃ—কচ্ছ : সং—কক্ষ (পার্শ্ব) তাহা হইতে কূল, কিনারা, সীমা। তুল— "কাছ করণ"—জমির মাপ করণ (সিন্ধু দেশে)] বি, নদীর কূল ; তীর। ২। নিকট ; সমীপ। ৩। [কাছা দ্রঃ] পরিধেয় বস্ত্রের দ্বিতীয়াঞ্চল ; কচ্ছা। **বীরকাছ**—মালকোঁচা। প্র—"বীর-কাছ পরিধান, কোপে বীর কম্পমান, কনক টোপর শোভে শিরে।" —কবিকঙ্কণ। ৪। গাত্রাবরণ ; অঙ্গাবরণ। প্র—"সদা দুর্গা দুর্গা বলে, দুর্গা নামের কাছ করেছি॥"
—রামপ্রসাদ।
৫। ভোল ; কপটবেশ।

কাছটি [হি—কছোটি ; সং—কচ্ছোটিকা। কাচ দ্রঃ] বি, মালকোঁচা ; কৌপীন। **কাছটিয়া** ক্রি-বিণ, কাছটি করিয়া ; মালকোঁচা করিয়া। প্র—"কত রাজা রাজপুত্র উদ্যত হইয়া। ধনুক তুলিতে যায় বস্ত্র কাছটিয়া॥" —কৃত্তিবাস। [দ্রঃ—পূর্ব্বে বাঙ্গালা দেশে কাছটি বা কাছোটি করিয়া কাপড় পরার প্রথা ছিল। হিন্দুস্থানে এখনও আছে। বাঙ্গালী স্ত্রীলোকেরাও কাছটি করিয়া কাপড় পরিত। দক্ষিণ ভারতে এখনও পরে। কাছটি স্থলে বঙ্গে এখন কাছা (লম্বা কাছা) দিয়া কাপড় পরিবার প্রথা চলিয়াছে। স্ত্রীলোকের মধ্যে সে প্রথা উঠিয়া গিয়াছে]।

কাছা [সং—কক্ষা—বস্ত্রাঞ্চল; কচ্ছ (হেমচন্দ্রে কচ্ছা = পরিধানাঞ্চল) ; পা—কচ্ছা। "ইথীনং মজ্‌ঝবন্ধে চ পকোট্‌ঠে কচ্ছ বন্ধনে মেখ-লায়াং মতা কচ্ছা কচ্ছো * *"— অভিধানপ্পদীপিকা। কাচ] বি, পুরুষের পরিহিত বস্ত্রের শেষভাগ। পরিধেয় বস্ত্রের যে অংশ কটিদেশের পশ্চৎ ভাগে গোঁজা থাকে। ২। [কাছটি দ্রঃ] হস্তী কক্ষের চর্ম্মরজ্জু। **কাছা কোঁচা দিয়ে কাপড় পরা**— পুরুষের পরিধেয়বস্ত্রের সম্মুখভাগ কুঞ্চিত করিয়া নাভিদেশের নিকট গুঁজিয়া এবং পশ্চাৎভাগ কুঞ্চিত করিয়া দুই পায়ের মধ্য দিয়া টানিয়া তাহার বিপরীত দিকে গুঁজিয়া কাপড় পরা। **কাছা আল্‌গা**—বিণ, ঢিলা ; শিথিল ; অসাবধান। প্র—এমন কাছা আলগা লোক দেখা যায় না। **কাছা-ঢিলা**— কাছা আল্‌গা দ্রঃ। অসতর্ক ; অসাব-ধান ; বিশৃঙ্খল ; নিস্তেজ ; কমজোর। প্র—"নীলে সকল জমি নিলে
জমিদার সব কাছা-ঢিলে।" —ঈশ্বর গুপ্ত। **কাছা-ধরা**—লেজ ধরা দ্রঃ। স্বাধীনভাবে কাজ করিবার শক্তি রহিত ; পরের সাহায্য-প্রার্থী। ২। উপাসক ; তোষামোদকারী ; চাটুকার।

কাছাকাছি [কাছ দ্রঃ] বিণ, একের কাছে অন্য ; সন্নিকট ; নিকটানিকটি ; নিকটবর্ত্তী।

কাছাড় (ড্) [সং—কচ্ছ, হি—কাছার] সিন্ধী "কাছো" নদীর পলী পড়া জমি] বি, সমুদ্র বা নদীর তটভূমি ; নদীর কূল ; জলের প্রান্তভূমি ; নিম্নজলভূমি। ২। প্রদেশবিশেষ; আসামপ্রান্তবর্ত্তী অংশ। ৩। [হি—পছাড়—বাং—আছাড়] আছাড় ; উৎক্ষেপণ ; আঘাত ; নিক্ষেপ। প্র—
"বড় বড় পাথর কাছাড় মারে লয়ে।
বিস্তর প্রস্তর গেল চূরমার হয়ে॥" —শিবায়ন।
আছাড় কাছাড় করা—হাত পা আছড়াইয়া গড়াগড়ি দেওয়া ; দৈহিক অস্থিরতা দ্বারা কাতরতা বা ব্যাকুলতা প্রকাশ করা। (২) ঐরূপে আবদার করা (শিশু পক্ষে)।

কাছান (কাছানো) [কাছ দ্রঃ। কাছ + আন (আওয়ান—আওন সংক্ষেপে) হি— নগ্‌চানা] ক্রি, কাছে আসা বা গমন করা ; নিকটবর্ত্তী হওয়া ; ঘনান।

কাছারি, রী [হি-কচহরী (কচকচ, বাদ-বিবাদ) হরী (হারক)—কচকচি বা বাদী প্রতিবাদীর বিচারস্থান] বি, বিচারালয়, আদালত ; Court of Justice.
কাছারি করা—আদালতে নিত্যনিয়মিত উপস্থিত হইয়া তথায় কার্য্যনির্ব্বাহ করা ; বিচার করা। **কাছারি ঘর করা**— মকদ্দমা চালাইবার জন্য আদালতে আনা গোনা করা ; ঘর হইতে আদালত এবং আদালত হইতে ঘর এইরূপ, যাতায়াতের কষ্ট স্বীকার করা। **কাছারি খোলা**— আদালতের কাজ আরম্ভ হওয়া। **কাছারি বসা**—মকদ্দমার শুনানি ও বিচার আরম্ভ হওয়া ; **কাছারি ওঠা, শেষ হওয়া**— আদালত বন্ধ হওয়া ; মকদ্দমার শুনানি ও সেদিনের মত বিচার স্থগিত থাকা। **কাছারি বরখাস্ত হওয়া**—আদালতের বিচার-সভা ভঙ্গ হওয়া। **কাছারি বন্ধ হওয়া**— পর্ব্বোপলক্ষে অথবা গ্রীষ্মাদি অবকাশে আদালতের কার্য্য বন্ধ হওয়া।

কাছারি, রী [সং—কার্য্যালয় ; হি—কচহরী। "Kachahri, Kachahree, Kacheri, Kachhahari, Kachhari, Kacheli, corruptly Cutcherry—A court, a hall. an office, the place where any public business is transacted ; also Marathi the business carried on there, or the people assembled"—*Wilson Bombay*. "*Court of justice ; office*" —*U. P.*] বি, কাজকর্ম্মের স্থান ; দপ্তর ; আপিস। **জমিদারী কাছারি**—কোন জমিদারের স্বীয় জমিদারী সংক্রান্ত কাজকর্ম্মের স্থান। **সরকারী কাছারি**—গবর্ণমেন্টের দপ্তর।

কাছি [সং—কক্ষা (হস্তীর গলবন্ধন রজ্জু) | হি—গ্রা—উচ্চারণ কচ্ছা] বি. স্থূলরজ্জু : কাছী ; রশী ; জাহাজ বা নৌকা বাঁধিবার মোটা দড়া।
প্র—"গুড়ুকে মারিয়া টান কাছি ধরে ছাড়ে গান" —ঈশ্বর গুপ্ত।

কাছিম (ম্) [সং—কচ্ছপ : হি—কচুআ স্ত্রী. কচুই ;—কেটো, কাঠা (কমঠ হইতে) বড জাতীয় কচ্ছপ, উ. বঙ্গে—"কাঠিম"] বি. কূর্ম্ম : কমঠ।
প্র—"বড়া কিছু সিদ্ধ কিছু কাছিমের ডিম" —ভারতচন্দ্র।

কাছী [কাছি দ্রঃ] বি. স্থূলরজ্জু : কড়চা দড়ি।
প্র—তিনটে কাছি কাছাকাছি, যুক্ত বাঁধা মূলাধারে।" —রামপ্রসাদ।

কাছে (কা) [সং—কক্ষ ; প্রাকৃ—কচ্ছ হি—'কাছে' প্র—"জহাঁ কুনজ গৃহকাছে" —সুরদাস] ক্রি-বিণ. নিকট : সন্নিধানে : সামনে।

কাছে [কাচা দ্রঃ। সং—কচ্—বন্ধনে। হি—কাছনা] ক্রি. বন্ধন করে : যোজনা করে।
প্র—"যুদ্ধের জানিয়া মর্ম্ম, গায়ে আরোপিল বর্ম্ম দুই দিগে কাছে যমধার॥"—কবিকঙ্কণ।

কাছেকাছে [আধিক্যার্থে দ্বিত্ব] ক্রি-বিণ. সঙ্গে সঙ্গে ; অতিশয় নিকটে : নিয়ত নিকটে।

কাজ (জ্) [সং—কার্য্য : প্রাকৃ—কজ্জ : পালি. কয্য : হি—কাজ। তুল—কাম কাজ] বি. কর্ম্ম : কার্য্য : work. ২। [পদার্থ বিদ্যায়] বলের প্রতিকূলে কোন পদার্থকে চালান ; action. ৩। প্রয়োজন : আবশ্যক : দরকার। প্র—"কাজ কি বাস, কাজ কি বাসে, কাজ কেবল সেই পীতবাসে." —দাশরথি। ৪। কর্ত্তব্য (তুল—অকাজ=অকর্ত্তব্য, অকর্ম্ম) ; duty. **কাজ চলা**—কাজ যথা নিয়মে সুসম্পন্ন হওয়া। অবাধে কাজ হইতে থাকা। **কাজ চালান**—কর্ম্ম পরিচালন করা ; কাজ নির্ব্বাহ করা। **কাজ কি**—কাজ নাই ; বৃথা ; অকারণ ; অপ্রয়োজন। প্র—কাজকি একটা মামলা বাধিয়ে। **কাজ আছে**—প্রয়োজন আছে। ২। মতলব বা অভিপ্রায় আছে। **কাজ নাই**—অনাবশ্যক : প্রয়োজনাভাব। **কাজের কাজী**—কাজ করিবার উপযুক্ত ব্যক্তি ; কর্ম্মের উপযুক্ত কর্ম্মী। **কাজ বাতলান, বাতলে দেওয়া** [কাজ—হি—বাৎলানা=বলে দেওয়া, উপদেশ দেওয়া] কাজ দেখাইয়া দেওয়া ; কাজের আদেশ বা উপদেশ দেওয়া। **কাজ করান**—(প্রে) কাজে লাগান ; **কাজধরা**—কর্ম্ম গ্রহণ করা : কাজ লওয়া কার্য্যে প্রবৃত্ত হওয়া। **কাজভোলা**—ক্রি. কর্ত্তব্য বিস্মৃত হওয়া। বিণ. অকর্ম্মণ্য। **কাজের বাহির, বার**—যাহার কাজ করিবার ক্ষমতা রহিত হইয়াছে : অকর্ম্মণ্য। প্র—রোগে রোগে লোকটা একেবারে কাজের বার হয়ে গেছে। **কাজের লোক**—কর্ম্মঠ : কাজ করিবার উপযুক্ত। **কাজদেখা**—কাজ শেখা : (২) কাজ পরীক্ষা করা ; তত্ত্ব লওয়া : তত্ত্বাবধান করা। (৩) কাজে মন দেওয়া। (৪) কর্ম্ম অন্বেষণ করা। **কাজেদেখা**—কাজের উপযুক্ত হওয়া ; প্রয়োজনে আসা ; কাজে লাগা। **কাজে-লাগা**—কাজে আসা ; কাজের হওয়া ; প্রয়োজনে লাগা। (২) কর্ম্মে নিযুক্ত হওয়া ; কাজ আরম্ভ করা। **কাজদেখান**—ভাল কাজ করিয়া নিজের উপযুক্ততা প্রদর্শন করা। (২) প্রকৃত কার্য্য নির্ব্বাহ না করিয়া তাহার আড়ম্বর করা। **কাজ দেওয়া**—প্রয়োজন সিদ্ধি পক্ষে সাহায্য করা। প্র—পুরাতন কল, কিন্তু খুব কাজ দিচ্ছে (২) কাজ করিয়া অন্যকে সেই সকল কাজ বুঝাইয়া দেওয়া অথবা কাজ লইবার জন্য অন্যকে তাহার উপকরণ ও আদেশ দেওয়া। **কাজ লওয়া**—অন্যের নিকট হইতে কাজ বুঝিয়া লওয়া ; কাজে খাটান। **অকাজ**—যাহা কাজের মধ্যে গণ্য নয়। (২) অকর্ম্ম বা অপকর্ম্ম: অকর্ত্তব্য কর্ম্ম। **কুকাজ**—কুকর্ম্ম : মন্দকাজ। **সুকাজ**—ভালকর্ম্ম। **কাজুয়া, কেজো**, কর্ম্মের উপযোগী। **অকাজুয়া অকেজো** (গ্রা) যাহা কাজের অনুপযুক্ত ; যাহা দ্বারা কোন কাজ হয় না। **কাজেকাজে**—এক কার্য্যের সূত্রে অন্য কার্য্য এইরূপ পরে পরে ; কাজের পরিণামে : ফলত : সুতরাং। **কাজের হাতও নাই, পাও নাই, মাথাও নাই, মুণ্ডও নাই**, যে কাজের কোথায় আরম্ভ কোথায় শেষ তাহার ঠিক নাই ; যে কাজের শৃঙ্খলা নাই। **কাজও নাই, কামাইও নাই**—কোন নির্দ্দিষ্ট বা নির্দ্ধারিত কর্ম্ম নাই যাহার উপর লক্ষ্য রাখিয়া কাজ করা যাইবে সুতরাং তাহার শেষও নাই ; এলোথাবাড়ি কাজ। **কাজবাড়ান**—শ্রম ও সময় নষ্ট করাইবার মত কার্য্যের পরিমাণ বা সংখ্যা বৃদ্ধি করা সুতরাং কষ্টের হেতু বৃদ্ধি করা ; এমন অকাজ করিয়া বসা যাহা সংশোধন করিতে সময় ও পরিশ্রমের প্রয়োজন। **কাজসাবাড় করা**—কার্য্য সমাপ্ত করা। ২। হত্যা বা প্রাণনাশ করা। **কাজ সারা**—কাজ উপস্থিত না থাকিলে তাহা খুঁজিয়া বাহির করা : আবিষ্কার করা বা সৃষ্টি করা। **কাজ বাজান**—উদ্দেশ্য সিদ্ধি করা ; কাজ হাসিল করা। (২) কাজ সারা : কাজ করা। প্র—"কাজ বাজায় কে নাইকো দাসী" —বাং গান।

কাজ কেয়াল করা—কাজ হাসিল করা ; কার্য্য সুসম্পন্ন করা। **কাজ হারান**—অসাবধানতার ফলে কাজ নষ্ট হইতে দেওয়া : কাজ হস্তগত না হওয়া : উদ্দেশ্য ব্যর্থ বা পণ্ড হইতে দেওয়া। **কাজ হারানিয়া, কাজ হারানে**—বিণ. কর্ম্ম পণ্ডকারী : অকর্ম্মণ্য অসাবধান। প্র—কাজ হারানে লোক। **কাজ হাসিল করা**—উদ্দেশ্য সাধনে কৃতকার্য্য হওয়া। (২) কাজ আদায় করা। **কাজ আনা**—কাজ সংগ্রহ করা। **কাজ আদায় করা**—অন্যের নিকট হইতে কাজ লওয়া ; কর্ম্মে নিযুক্ত ব্যক্তিকে খাটাইয়া কাজ লওয়া। **কাজের বাজার**—কর্ম্মক্ষেত্র : কর্ম্মস্থল ; কর্ম্মের আদান প্রদানের স্থান।

কাজকর্ম্ম (কাজ্‌কর্‌মো) [তুল—হি—কাম কাজ্। কাজ (কার্য্য)+কর্ম্ম (সহচর শব্দ)] বি. নিত্য নির্ব্বাহের কর্ম্ম ; জীবিকা নির্ব্বাহের উপযোগী অনুষ্ঠান : বিষয় ব্যাপার। খেত-খোলার কাজ ; ব্যবসায়-বাণিজ্য : দেনা-পাওনা, চাকরীবাকরী ইত্যাদি বহুবিধ কার্য্য : পুরুষের এবং স্ত্রীলোকদিগের গৃহস্থালীর বিবিধ কার্য্য।

কাজর (র্) [সং—কজ্জল (ল=র) : হিন্দী কাজর : বাঙ্গালা কাজল। বৈ. পদ. সা—ভূরি ব্যবহার] বি. অঞ্জন ; কজ্জল ; কাজল। প্র—"বঙ্কিম লোচনে কাজর রাজ"—বিদ্যাপতি। "কাজরে সাজল মদন ধনু"—বিদ্যাপতি।

কাজরা (জ্) [প্রাদে] বি. শুঁয়া পোকা জাতীয় এক প্রকার লোমহীন কীট।

কাজল (ল্) [সং—কজ্জল] বি. অঞ্জন ; চক্ষুর শীতলতা বিধায়ক লেপন দ্রব্য। প্র—কে দেখতে পায় চোখের কাছে কাজল আছে কিনা আছে॥"—রবি। "অঞ্জন করিয়া মাজি আঁখির কাজলে।"—ভারতচন্দ্র।

কাজলা (জ্) [গাঢ় সবুজবর্ণ পালক বলিয়া ?] বি. টিয়াজাতীয় পক্ষিবিশেষ ; slaty-headed paraquet. ইহারা লম্বে প্রায় এক হাত হয়, ইহাদের পালক ঘোর সবুজ, কেবল ডানার কয়েকটি পালক ও ঠোঁট মেটে সিঁদুরের মত লাল। ইহাদের গলা বেড়িয়া লাল রেখা হয়। ২। [কাজলীও বলে] রক্তাভ কৃষ্ণবর্ণ ইক্ষুবিশেষ।

কাজলা (জ্) [কাঠ-চেলা বা চকলা

তুল—ওড়ি, পটকিলা (পট্টকীলক)] বি, কাঠের লম্বা লম্বা গুঁড়ী চিরিয়া তক্তা করিবার কালে চিরের মুখ ফাঁক রাখিবার জন্য একদিক মোটা একদিক পাতলা যে কাঠের টুকরা গুঁজিয়া দেওয়া হয়। কাজলা আঁটিয়া দিলে দুই তক্তার ফাঁকে করাত অনায়াসে চালান যায়। করাতীদিগের ব্যবহার্য্য কাষ্ঠকীলক বা মেক; wedge. **কাজলা আঁটা**—কাঠ চিরিয়া তক্তা করিবার জন্য ফাট বা চিরের মুখে কাঠ গুঁজিয়া দেওয়া। প্র—করাত এখন খানিকটা চলেচে এইবার কাজলা আঁটিয়া দাও; কাজলা আঁটিয়া ফাড়া বা কাটান। ২। কীলক বা মেক ঠুকিয়া মজবুত করা।

কাজলা (জ্) [কাজ্লী আক হইতে স্বতন্ত্র] বি, রক্তবর্ণ ইক্ষুবিশেষ; রক্তেক্ষু; কাজ্লা আক; saccharum officinarum. ২। বংশবিশেষ; কাজলা বাঁশ। ৩। ধান্যবিশেষ; কাজোল ধান।

কাজলি (জ্) [সং—কৃষ্ণেক্ষু; শ্যামলেক্ষু] বি, মধুর কটুরস, ঈষৎ ক্ষারগুণযুক্ত ইক্ষুবিশেষ; ২। (কাজ্লি) [সং—কান্তারেক্ষু; হি—কাতারে] কৃষ্ণবর্ণ, অপেক্ষাকৃত শক্ত ও অল্পরস ইক্ষুবিশেষ।

কাজী, জী [আ—কাজ়ী।—"Kazi, Qazee corruptly Cazi, Cauzy, Cauzee, Kazy, Kaji —A Muhammadan Judge, an officer formerly appointed by the government to administer both civil and criminal law, chiefly in towns, according to the principles of the koran; under the British authorities the judicial functions of the Kazis in that capacity ceased, and with the exception of their employment as the legal advisers of the Court in cases of Muhammadan land, the duties of those stationed in the cities or districts were confined to the preparation and attestation of deeds of conveyance and other legal instruments, and the general superintendence and legalization of the ceremonies of marriage funerals, and other domestic occurrences among the Muhammadans." —*Wilson.*]

বি, মুসলমান বিচারপতি; মুসলমান ধর্ম্ম ও রীতিনীতির অনুমোদিত ব্যবস্থা প্রদাতা। প্র—"রমণী এমনি করে কাজীর বিচার।" —কুঙ্কুম। "শুনিয়া বলেন রায় দোঁহে যদি রাজি। কি করিতে পারে তবে মীর মিঞা কাজী॥" —ঘনরাম। **কাজীর বিচার**—যুক্তিহীন বিচার; একদেশদর্শী বিচার (মুসলমানের অনুকূল ও হিন্দুর প্রতিকূল); অপরাধীকে আগে ফাঁসী দিয়া পরে তাহার বিচার রূপ বিভ্রাট।

কাজিয়া [আ—কজ়িয়া = ঝগড়া, বিবাদ] বি, বিবাদ; বিতর্ক; ঝগড়া; কোঁদোলি। প্র—"এই বলিয়া সাক্ষী একটু কাঁদিল, দুই চারি দিন পূর্ব্বে নহোদর ভ্রাতার সঙ্গে জমী লইয়া কাজিয়া করিয়া মারামারি করিয়াছিল।" —কৃষ্ণকান্তের উইল।

কাজিয়াৎ [কাজী দ্রঃ] বি, কাজীর কার্য্য; কাজিয়তি।

কাঞ্চন (কান্চন্) [কন্চ্ (দীপ্তি পাওয়া) + অ (কর্ত্তৃ) যে বর্ণ দ্বারা ধাতুর মধ্যে দীপ্তি পায়] বি, ক্লী, সুবর্ণ; স্বর্ণ। ২। [হি—কচনার; মঃ, কর্ণাটী—কাংচনু। তেলু—দেব-কাংচন] কাঞ্চনফুল ও তাহার বৃক্ষ; bauhinia variagata. শ্বেত ও রক্তবর্ণ ফুল ভেদে শ্বেতকাঞ্চন ও রক্তকাঞ্চন; কোবিদার; নাগেশ্বর। ৩। চম্পকফুল; কনকচাঁপা; চম্পকবৃক্ষ। ৪। ধান্যবিশেষ। ৫। ধন। প্র—"কামিনী কাঞ্চন"। ৬। হরিতাল। ৭। বিণ, কাঞ্চনবর্ণ; সুবর্ণময়। স্ত্রী, **কাঞ্চনী**—হরিদ্রা। ২। সোনাক্ষীরুই গাছ। ৩। গোরোচনা।

কাঞ্চন থালা—কাঞ্চননগরে নির্ম্মিত থালা এজন্য ইহাকে "কাঞ্চননগুরে থালা"ও বলে।

কাঞ্চন পুঁঠি—সোনার বর্ণ পুঁঠী মাছ।

কাঞ্চন-সন্ধি—উভয় পক্ষের সমান সর্ত্তে যে সন্ধি হয়; দুর্ভেদ্যসন্ধি। **মণি-কাঞ্চন-যোগ**—যোগ্যের সহিত যোগ্যের সংযোগ; সুপ্রসম্মিলন।

কাঞ্চনকদলী (কান্চন্) [কাঞ্চন বর্ণ কদলী, কর্ম্মধা] বি, স্ত্রী, চাঁপাকলা।

কাঞ্চনগিরি [কাঞ্চনের গিরি (পর্ব্বত) ৬তৎ কিম্বা কাঞ্চনময় যে গিরি (কর্ম্মধা)] বি, পুং, সুবর্ণগিরি; সুমেরু পর্ব্বত। ২। ব্রাহ্মণকে দান করিবার জন্য কল্পিত সুবর্ণ-পর্ব্বত।

কাঞ্চনপ্রভ (কান্চন্প্রোভো) [কাঞ্চনের প্রভার ন্যায় প্রভা হইয়াছে যাহার মধ্যপদ-লোপী, বহু] বি, পুং, ঐলবংশীয় রাজাবিশেষ। ২। বিণ, কনকপ্রভা-যুক্ত; স্বর্ণ-কান্তি-বিশিষ্ট।

কাঞ্চনাক্ষ—বি, পুং, দানববিশেষ। ২। [কাঞ্চনের মত অক্ষি (চক্ষুঃ) যাহার, বহু, অক্ষি = অক্ষ] বিণ, সুবর্ণবর্ণ চক্ষুবিশিষ্ট।

কাঞ্চি, কাঞ্চী (কান্চি) [কন্চ্ (বন্ধন করা, দীপ্তি পাওয়া) + ই (করণে—সংজ্ঞার্থে যাহা দ্বারা কটিদেশ শোভা পায়)] বি, স্ত্রী, ধাতুনির্ম্মিত কটিবন্ধ; কটিভূষণ; মেখলা; গোট প্রভৃতি। ২। দাক্ষিণাপথস্থিত দ্রাবিড় রাজ্যের রাজধানী; কাঞ্চীনগরী; কাঞ্চীপুর। প্র—"শেষে শুনি সবিশেষ কাঞ্চী নামে আছে দেশ তাহে রাজা গুণসিন্ধু রায়।" —ভারতচন্দ্র।

কাঞ্জি [কাঞ্জী দ্রঃ] বি, ক্লী, পান্তাভাতের জল; আমানি। প্র—
পাঁচ মাসে নিদয়ার না রুচে ওদন।
ছয় মাসে কাঞ্জি করপ্রায় মন॥" —কবিক।

কাঞ্জিক, কাঞ্জীক (ক্) [সং] বি, ক্লী, কাঁজি; আমানি; বাসি ভিজা ভাতের অম্লজল। স্ত্রী,—**কাঞ্জিকা**।

[কাঞ্জিক দ্রঃ] বি, স্ত্রী, আমানি; পর্য্যুষিতান্নের অম্লজল; পান্তভাতের জল। প্র—"হরিদ্রা-রঞ্জিত কাঞ্জী উদর পুরিয়া ভুঞ্জি প্রাণ পাই পাইলে পাঁকাল।"—কবিক।

কাট (ট্) [সং—কাষ্ঠ; প্রাকৃ—কট্ঠ; প্রা, বাং—কাট্ট। প্র—"অগোরি চন্দন কাট্টে লখাই পুড়িমু।"—পদ্মাপুরাণ (বিজয়গুপ্ত)] বি, কাষ্ঠ; দারু; কাঠ। ২। তৈলমল। প্র—তেলকিটে। ৩। অস্ত্রবিশেষ। প্র—"বিপক্ষ-মারিতে বীর জুড়িলেক কাট।"—কবিক। ৪। বিণ, কাষ্ঠবৎ কঠিন; কাষ্ঠবৎ জীর্ণ ও শুষ্ক; নীরস। প্র—শুকাইয়া কাট হইয়া গিয়াছে। ৫। আড়ষ্ট; স্তম্ভিত; কিংকর্ত্তব্য বিমূঢ়। প্র—"ভেবে ভেবে কাট হয়ে গেছে। ৬। মরিয়া শক্ত; মড়া। প্র—"নিজে হই কাট চক্ষু তুলে।" —ঈশ্বর গুপ্ত।

কাট কাট [কাট্কাট্] বি, ঔদ্ধত্যব্যঞ্জক শব্দ; কাটিতে উদ্যত হইবার ভাব প্রকাশক শব্দ। প্র—"ঘরে না থাকিলে কাট, করি কাট কাট নিজে হই কাট চক্ষুতুলে।"—ঈশ্বরগুপ্ত। ৩। [সং—কাষ্ঠ] বিণ, কাটবৎ শুষ্ক ও লাবণ্যহীন। প্র—"গড়নটা বড় কাট কাট" —বিষবৃক্ষ। ৪। (কাট্ কাট্,) [সং—কটু। আধিক্যার্থে দ্বিত্ব] বিণ, কর্কশ। প্র—"ধন লহ আর বল কাটকাট॥"—কবিক। ৫। (কাটোকাটো) কাটিবার মত; মার মুখী।

কাটকূয়া (কাট্কুআ) [কাটকূয়া 'কাষ্ঠকূপ' শব্দের অপভ্রংশ। কাষ্ঠময় নৌকার কূপবৎ গহ্বর বা তলদেশ হইতে কূপাকৃতি ও কাষ্ঠময় সেচনী দ্বারা জল উত্তোলন করা হয় বলিয়া] বি, কাঠকূয়া দ্রঃ; কেটো।

কাটকূয়া (কাট্কুআ) [বৈদিক নিরুক্তে কাট অর্থে কূপ। সুতরাং এ দুইটী সহচর শব্দ] বি, পাতকূয়া দ্রঃ।

কাটখোট্টা (ট্) [সং—কক্খট—কঠিন, দৃঢ় (শব্দসার)। তুল—হি—কট্খনা] বিণ, গোঁয়ার; শুষ্ক-হৃদয়; নির্দ্দয় (তুল—জাহাজী গোরা)। প্র—"ছেলেরা সব চসমা পোরে বসে আছে কাটখোট্টা"—দ্বিজেন্দ্র রায়।

কাটছাঁট (ট্, ট্) [কাট (পোষাক কাটার কায়দা) ছাঁট (কাটের সহচর শব্দ। ছাঁটিয়া

বা ছাঁট বাদ দিয়া যে ধরণ বা ঢপ (fashion) হয়)] বি, পোষাকের কাটন ও ছাঁটন। প্র— জামার কাট ছাঁট মন্দ নয়। এ দোকানের কাটছাঁট ভাল। ২। কাটিয়া ছাঁটিয়া যাহা বাদ দেওয়া হয়। ৩। কাটা পোষাকের পরিত্যক্ত টুকরা।

কাট্‌ছাতা [প্রাদে] বি, কৌড়ক।

কাটতি (টৃ) [কাটা দ্রঃ] বি, বিক্রয়াধিক্য।

কাটন (কাটোন্‌) [সং—কর্ত্তন : হি—কাট্‌না] বি, ছেদন : ছিন্ন করণ। ২। বিদারণ : খনন। ৩। হনন ; বধ।

কাটনা (টৃ) [সং—কর্ত্তন : প্রাকৃ—কট্টন : হি—কাতনা] বি, সূত্র কর্ত্তন। তুলা হইতে সূতা প্রস্তুত করন। ২। সূতাকাটাযন্ত্র ; চরকা। **কাটনার কড়ি**—কাটনা কাটিবার পারিশ্রমিক : সূতা কাটার পয়সা। প্র—"প্রভুর দোসর নাহি উপায় কে করে। কাটনার কড়ি কত জোগাব ওঝারে॥" —কবিকঙ্কণ। **কাটনা-কাটা**—চরকায় সূতা-কাটা। প্র—"কাটনা কাটিয়া রাঁড়ি করে নিত্য ভাত।" —মাণিক গাঙ্গুলী (ধ, ম.)।

কাটনী, কাট্‌নী [সং—কর্ত্তনী ; বাং—কাটুনীও বলে] বি, যে নারী চরকায় সূতা কাটে। ২। চরকায় সূতা কাটার মজুরী।

কাটব [হি, ব্রজ] ক্রি, কাটিবে। ২। দংশিবে। প্র—"তুয়া হার নাগিনী কাটব মোয়।" —বিদ্যাপতি।

কাটব্য (কাটোব্‌বো) [কটু+য (ণ্য—ভাবে)] বি, ক্লী, কার্কশ্য ; কটুত্ব বা কটুতা। **কটু কাটব্য** [প্রকারবাহুল্য অর্থে, "কাটব্য" কটু শব্দের সহচর] বিবিধ কটু বাক্য ; শক্ত শক্ত কথা ; কড়া কড়া গালি ; দুর্ব্বাক্যাবলী।

কাটরা, কাঠ্‌রা [হি—কট্‌ঘরা, কটহরা বা কাঠরা] বি, কাষ্ঠময় গৃহ ; কাষ্ঠবেষ্টনী ; কাষ্ঠ দ্বারা বেষ্টিত স্থান। প্র—"কমলা কান্তকে সাক্ষীর কাটরায় পুরিয়া দিল।"—বঙ্কিম।

কাট্‌রামাল—শস্য লবণাদি বিক্রেয় দ্রব্য।

কাটলেট (কাট্‌লেট্‌) [ইং—cutlet] বি, মৃগ, মেষ, ছাগাদির পঞ্জরাস্থির অংশসংলগ্ন ক্ষুদ্র মাংস-ভাজা ; ভাজা-মাংস।

কাটা [(কাঁটা—কণ্টক হইতে) প্রাদে] বি, লৌহ কণ্টকিত কাষ্ঠফলক। প্র—"বিষ খায়্যা মরিব কাটা কর্য্যা ভর।" —গি, গীতগোবিন্দ। ২। [কাঠা দ্রঃ। কাঠা—কাঠার উচ্চারণ ভেদ] ভূমি পরিমাণ ; এক বিঘার কুড়ি ভাগের এক ভাগ ; ৭২০ বর্গফুট জমি। (২) ধান্যাদি শস্য পরিমাপক পাত্রবিশেষ ; রেক ; চার কুনকে পরিমাণ ; a bushel. (৩) ৩২ সের পরিমাণ ; ৮ গ্যালন।

কাটা [তুল—ইং—cut. সুইডিশ্‌—kotla = to sveer, ছেদন করা ; আ—কৎল ওয়েলশ্‌—cateia, cwtan = to shorten কমান, ছাঁটা ; সং—কৃৎ = ছেদন করা, তাহা হইতে কর্ত্তন ; প্রাকৃ—কট্টন ; হি—কাট্‌না] ক্রি, ছেদন করা ; কর্ত্তন করা। ২। বিণ, কর্ত্তিত ; ছিন্ন ; বিভক্ত। ৩। বি, কর্ত্তন।

কথাকাটা—বিপরীত উক্তি বা যুক্তি দ্বারা কথার খণ্ডন করা। **কথা কাটাকাটি**—উক্তি প্রত্যুক্তি দ্বারা বিতণ্ডা। **সময় কাটা**—সময় ক্ষেপণ করা ; সময় অতিবাহিত করা। **রাত কাটা**—রাত্রি অতিবাহিত হওয়া ; ভোর হওয়া। **রাত কাটান**—রাত্রি যাপন করা। **দিনকাটা**—দিন অতিবাহিত হওয়া ; নির্ব্বিঘ্নে জীবনের দিন যাপন হওয়া। **দিন কাটান**—দিন যাপন করা ; জীবন যাপন করা। **পুকুর কাটা**—পুষ্করিণী খনন করা। **জল কাটা**—জল বাহির হইয়া যাওয়া। **জল কাটান**—জল মিশ্রিত বস্তু হইতে জল ভাগ বাহির করিয়া দেওয়া। প্র—ছানার জল কাটান। **লাল কাটা**—লালা নির্গত হইয়া যাওয়া ; লাল পড়া ; শ্লেষ্মা বাহির হওয়া। লোহিতত্ব দূর হওয়া। **মাত কাটা**—গুড়ের তরল ভাগ বাহির হইয়া শুষ্ক বা সারভাগ থাকা। **মাত কাটান**—সার রাখিয়া তরল ভাগ বাহির করিয়া দেওয়া। **বন কাটা**—বৃক্ষলতা-গুল্মাদি কাটিয়া বন পরিষ্কার করা। প্র—বন কাটিয়া সহর বসান। **নেশা কাটা**—নেশার ঝোঁক চলিয়া যাওয়া ; মাদকতা আর না থাকা ; নেশা ছুটিয়া যাওয়া। **ঘোর কাটা**—আবেশ দূর হওয়া ; নেশা, তন্দ্রা, অজ্ঞানতা প্রভৃতি যাহাতে লোকের জ্ঞান বুদ্ধি আচ্ছন্ন করে তাহার প্রভাব বা ঝোঁক চলিয়া যাওয়া বা দূর হওয়া। **দাগ কাটা**—চিহ্ন করা ; রেখাপাত করা। **আঁক কাটা**—রেখা টানা ; আঁচড় কাটা ; দাগ করা। **হাতকাটা**—ছিন্ন হস্ত। (২) কাঁধ হইতে কনুই পর্য্যন্ত হাতা। প্র—হাত-কাটা জামা। **হাত কাটিয়া বসা**—প্রতিকার করিবার উপায় স্বহস্তে নষ্ট করা। **জিব কাটা, জিভ্‌কাটা**—অপ্রতিভ হইবার নিদর্শন স্বরূপ লোকে জিহ্বা বাহির করিয়া দুই পাটি দাঁতের মধ্যে চাপিয়া ধরে ; লজ্জায় লোকে জিভ কাটে। (২) ভ্রম সংশোধনার্থেও জিভ কাটে। **ভেংচি কাটা**—জিভ কাটিয়া অথবা দাঁত খিচাইয়া ব্যঙ্গ বিদ্রূপ করা। **চিম্‌টি কাটা**—চিমটি দ্রঃ। দুই আঙ্গুলে গায়ের চামড়া জোরে চাপিয়া ধরিয়া টানা।

নাক কাটা—নাসিকা ছেদন করা। ২। লজ্জা দেওয়া। **নাককাটা**—ছিন্ননাসিক। ২। নির্লজ্জ ; বেহায়া। স্ত্রী, **নাককাটী**। **কাণকাটা**—কাণ কাটিয়া দেওয়া। ২। হারাইয়া দেওয়া। জব্দ করা। **কাণকাটা**—ছিন্নকর্ণ। ২। নির্লজ্জ; বেহায়া। স্ত্রী, **কাণকাটী**। **জামাকাটা**—শরীরের পরিমাণ ও প্রথা অনুযায়ী জামার কাপড় কাটা। **ঠোঁট-কাটা**—যাহার ওষ্ঠাগ্রে কিছুই বাধে না ; মুখর। ২। দুর্ম্মুখ ; নির্লজ্জ। **চুলকাটা**—মাথার চুল কপ্‌চান বা ছাঁটা। **নাড়ীকাটা**—আঁতুড়ে সদ্যঃ-প্রসূত সন্তানের নাড়ী ছেদন করা। **পেটকাটা**—পোষাকের মধ্যে যে অংশ পেটের উপর পড়ে সেই অংশ খোলা ; পেট বাহির করা। ২। মধ্যভাগ কর্ত্তিত। **বুককাটা**—পেট কাটা দ্রঃ। ঐরূপ বুক-খোলা। **মেঘকাটা**—মেঘ অপসারিত হওয়া ; মেঘ বাতাসে উড়িয়া যাওয়া। ২। [লক্ষণায়] সন্দেহ দূর হওয়া। তুল—"আকাশ কাটাল করা"—মেঘ কাটিয়া আকাশ পরিষ্কার হওয়া ; আকাশ মেঘমুক্ত হওয়া। **মাল কাটা**—বিক্রেয় দ্রব্যজাতের কাটতি হওয়া ; মালপত্র বাজারে বিক্রীত হওয়া। **দর কাটা**—মূল্য হ্রাস হওয়া। **দরে কাটা**—অধিক মূল্যে বা অন্ততঃ প্রকৃত মূল্যে বিক্রয় হওয়া। **ফুল-কাটা**—বস্ত্রাদিতে সূতা রেশম প্রভৃতির ফুল রচনা করা ; ফুল তোলা। **গাঁটকাটা**—যে গাঁট (গ্রন্থি—কটিবন্ধের বস্ত্র কাটিয়া টাকা কড়ি চুরি করে)। **দাকাটা**—দা বা কাটারী দিয়া কাটা ; যে তামাক ঢেঁকীতে কোটা নয় দা দিয়া কাটা ; খুব কড়া তামাক। **আককাটা**—আকের টিক্‌লির মত গোটা গোটা ; নিরেট ও রসাল। প্র—আককাটা বা আখের টিকলিকাটা কথা। ২। আকাট ; আছোলা ; অমার্জ্জিত। ৩। আকাট দ্রঃ। গোঁয়ার ; মূর্খ। **ধান কাটা**—ক্ষেত্রে ধান পাকিলে ধানগাছ কাটা। প্র—"রাশি রাশি ভারা ভারা, ধান কাটা হ'ল সারা, ভরা নদী ক্ষুরধারা খর পরশা। কাটিতে কাটিতে ধান এল বরষা।"—সোনার তরী। **গলা কাটা**—কণ্ঠচ্ছেদ করা। ২। প্রবঞ্চনা করা। ৩। অল্পমূল্যের দ্রব্য অত্যধিক মূল্যে বিক্রয় করা। **সিঁদ কাটা, সিঁধ কাটা**—সিঁদকাটি নামক লৌহযন্ত্র দ্বারা প্রাচীরাদিতে সন্ধি খনন করত গৃহে প্রবেশ করিয়া চুরি করা। **টেরি কাটা, টেড়ি কাটা**—মাথার চুলে টেড়া বা বাঁকা সিঁথি রচনা করা ; বাঁকাইয়া চুল

ফেরান। টেরি দ্রঃ। **কাটকাট** (টো)—প্রায় কাটিবার মত ; কাটে আর কি। **কাট কাট মার মার করা** (টু, র্) কাটিব মারিব এইরূপ রব তোলা ; কাটিতে মারিতে উদ্যত হওয়া ; ঔদ্ধত্য প্রকাশ করা। **কাটাকাটি**—পরস্পর হত্যাকরণ ; পরস্পর-কর্তৃক পরস্পরকে কাটা ; এ কাটে ওকে ও কাটে একে। প্র—"কাটাকাটি করি কত কোটি কোটি মৈল।"—শিবায়ন। **কাটাকাটি মারামারি**—তুমুল ঝগড়া ও খুনোখুনি। **কাটকুট**—ছেদন ও পেষণ বা মর্দ্দন। ২। [কাট+ক্ষুদ্রার্থে কুট] ছোটবড় ভুলচুক সংশোধন ; ভুল ভ্রান্তি স্থানে স্থানে সংশোধন। **কাটাকুটি**—কর্ত্তিত বা ক্ষুদ্র তৃণাদি। ২। বারংবার কাটা। **কাটাকুটি করা**—হিসাবপত্রে বাদসাদ দিয়া বাকী কাটা। উপর্য্যুপরি কাটা বা হ্রাস করা। কাটকুট দ্রঃ। **কাট ছাঁট** (ট্)—ডৌল ; আকার ও ছাঁদ। **কাট-ছাঁট করা**—(ট্) কাটা ও বাদ দেওয়া ; নক্সা বা আদর্শানুযায়ী আকারে কাটা এবং অতিরিক্ত অংশ ছাটিয়া ফেলা। **কাট কাটা**—গাছ কাটিয়া জ্বালানী কাঠ তৈয়ার করা। প্র—বনে কাট কাটতে যাওয়া। ২। কাঠ কাটিয়া নষ্ট করা। প্র—"কাট কাটে বস্ত্র কাটে কাটে সমুদয়।" **নক্সা-কাটা**—রেখাঙ্কন করা ; ফুল পাতা প্রভৃতির রেখাপাত করা। **পাঁটা বা পাঁঠা কাটা**—ছাগবলি দেওয়া। ২। মাংস আহারের জন্য ছাগ কাটিয়া খণ্ড খণ্ড করা। **পথ-কাটা**—বন, জঙ্গল, মৃৎস্তূপ প্রভৃতি কাটিয়া গমনাগমনের পথ করিয়া দেওয়া। ২। ভিড়ের মধ্যে ঠেলিয়া প্রবেশ করিয়া গমনাগমনের পথ করা। **শিল কাটা**—মস্লা বা বাট্না বাটিবার শিলা ক্রমাগত ঘর্ষণে মসৃণ হইলে পুনরায় তাহার উপর ছেনি ঠুকিয়া অমসৃণ করা। **ডায়মন কাটা** [ইং—diamond+বাং—কাটা] হীরা কাটিয়া তাহাতে যেরূপ পল তোলা হয় সেইরূপ সোণা রূপা প্রভৃতি ধাতু বা রত্ন কাটিয়া তাহাতে পল বা টোপ তোলা। **কোষ্ঠী কাটা**—দ্বাদশ রাশির গৃহ সম্বলিত পতাকীচক্র প্রভৃতি আঁকিয়া জন্মপত্রিকা প্রস্তুত করা। **সাঁতার কাটা**—সাঁতার দেওয়া ; সন্তরণ করা [দুই হাতে ও পায়ে জল কাটিয়া যাইতে হয় বলিয়া 'কাটা']। **যুক্তি কাটা**—যুক্তি খণ্ডন করা। **তাল কাটা**—গাছ হইতে তালের কাঁদি কাটা ও তালের মুখ কাটিয়া তাহা হইতে তালশাঁস বাহির করা। ২। সঙ্গীতের তাল কাটা ; বেতালা হওয়া। ৩। বিণ, যাহারা তাল ও তালশাঁস কাটে ও বিক্রয় করে। প্র—তালকাটা হাড়ী। ৪। এই জাতি অত্যন্ত কৃষ্ণবর্ণ বলিয়া "তালকাটা হাড়ী" বলিতে ঘোর কৃষ্ণবর্ণ, কুরূপ ও সৌষ্ঠবহীন। **তিলক কাটা**—তিলক রচনা করা। **কাটাকাটা**—আককাটা দ্রঃ। স্পষ্ট স্পষ্ট (কথা)। ২। যাহা কাটিয়া দেয় ; মর্ম্মচ্ছেদক ; চোখা ; তীক্ষ্ণ। প্র—কাটা কাটা কথা। **ছানা কাটা**—অম্লরস যোগে দুধ হইতে তাহার সর বা স্নেহভাগ কাটিয়া বা ছিঁড়িয়া পিণ্ডাকারে পরিণত হওয়া। (ণিজন্ত) ছানা-কাটান। **সুতা কাটা**—চরকায় সুতা তৈয়ার করা ; তুলা হইতে সুতা করা। **চরকা কাটা**—চরকা ঘুরাইয়া তুলা হইতে সুতা করা ; কাট্না কাটা। **বনেদ কাটা**—গৃহ নির্ম্মাণকালে তাহার ভিত্তির ভূমি খনন করা। ২। কোন কার্য্যের সূত্রপাত করা। **কাটাঘায়ে নুনের-ছিটে**—অঙ্গ কাটিয়া যে ক্ষত তাহার যন্ত্রণা ত আছেই তাহাতে আবার লবণ স্পর্শ করাইলে যন্ত্রণার অতিশয় বৃদ্ধি হয় ; তাহা হইতে এক কষ্টের উপর অন্য কষ্ট। তুল—মড়ার উপর খাঁড়ার ঘা। **দিন কাটে ত রাতি কাটে না**—দিবসের গোলমালে ও নানা বিষয় ব্যাপার দেখিয়া মন ভুলিয়া থাকে সুতরাং সময় কোন রকমে কাটিয়া যায় কিন্তু রাত্রির নিস্তব্ধতা নির্জ্জনতা ও অন্ধকারে দেহ মনের কষ্টে সময় অতিশয় দীর্ঘ বলিয়া মনে হয় সুতরাং তাহা যেন আর শেষ হয় না। **এক কাটে ভারে আর কাটে ধারে**—কর্ত্তনীর ধারে ত কাটেই আবার তাহার ভারেও অনেকটা কোপ বসে এই দুই উপায়ে দ্রব্যাদি সহজে কাটা যায়। ২। [লক্ষণায়] লোক কর্ত্তব্যের গুরুভার মাথায় পড়িলে কতকটা এবং আর কতকটা তীক্ষ্ণ বুদ্ধির জোরে সংসারযাত্রা নির্ব্বাহ করে। ৩। লোকের দুই রকমে কাজ চলে, কিছু নিজের তীক্ষ্ণ বুদ্ধি বলে কিছু বা তাহার ভারি ভুরিতে অর্থাৎ মান সম্ভ্রম ও ধনবত্তায়।

কাটাই [কাটা দ্রঃ] বি, কাটানী ; কর্ত্তনমূল্য।

কাটান (নো) [কাটা দ্রঃ] ক্রি-বি, অতিবাহন ; ক্ষেপণ করা ; যাপন করা। ২। [কাটার ণিজন্তরূপ] কর্ত্তন করাণ ; কাটাইয়া লওয়া। ৩। জলের পথ করিয়া লওয়া। ৪। [ন্] বি, বশীকরণাদি মন্ত্রের প্রতিষেধক মন্ত্র। ৫। ঋণ বা দেয় পরিশোধ।

কাটান-ছেঁড়ান (ন, ন্) [গ্রা] সম্বন্ধ কর্ত্তন ও মায়াপাশ ছেদন ; সকল সংস্রব ছিন্ন করণ ; সম্পর্ক রাহিত্য। প্র—তার সঙ্গে কাটান ছেঁড়ান হয়ে গেছে আর মুখ-দেখা-দেখি নাই। ২। বাদ বিবাদের নিষ্পত্তি ; প্রাপ্য পাইয়া দেয় দিয়া হিসাব চুকান বা মিটমাট করা।

কাটানী [কর্ত্তনী শব্দজ] বি, কর্ত্তনের মূল্য ; কাটানের বেতন ; কাটাই।

কাটারি, কাটারী [কর্ত্তরী দ্রঃ। কট্টার দ্রঃ] বি, কাদা ; দা ; কাটিবার অস্ত্র।
প্র—"পিতল কাটারি কামে নাহি আওল,
উপরহি ঝকমকি সার।" —বিদ্যাপতি।
"গলায় কাটারি দিয়া মরিব পরাণে"—কৃত্তিবাস।
২। কাটারি পোকা ; ইহারা বেগুন আলু প্রভৃতি গাছের অনিষ্ট করে।

কাটি, কাটী [কাঠ—ক্ষুদ্রার্থে ই, ঈ] বি, কাঠের সরু ও ছোট খণ্ড ; শিক ; কুচি ; ক্ষুদ্র তৃণাদির খণ্ড।
প্র—"কাহিল হোলাম যেন একটি কাটি"
—দ্বিজেন্দ্র রায়।
"ধর্ম্ম কাটি দেন ঢাকে, গোপনে কভু না থাকে"
—গোপাল উড়ে।
২। খড়্কে। প্র—দাঁতে কাটি দেওয়া বা করা।

কাটিকরা—উসকাইয়া দেওয়া ; উত্তেজিত করা ; ব্যস্ত বা অস্থির করা ; খোঁচা দেওয়া।

কাটিখাল—মাটি কাটিয়া নির্ম্মিত খাল ; খনিত দীর্ঘ জলাশয়।

কাটিঘা [কাটি—ঘা (ক্ষত) দাঁতে কাটা বা দংশন-জাত ক্ষত] বি, সর্পাঘাত ; সর্পদংশনের ক্ষত।

কাটিয়া [কাটা দ্রঃ।] ক্রি, কর্ত্তন করিয়া। ২। [গ্রা—কেটে] বি, ওসর-কাটা ছোট কাপড় ; হাঁটুর নীচেও পড়ে না এত ছোট ওসারের মোটা সুতার (সাধারণতঃ ওসরের) কাপড় (স্ত্রীলোকের পরিধেয়)।

কাটুরকুটুর [শব্দাত্মক পদ] বি, কর্ত্তনশব্দ-বিশেষ ; দন্তুর জন্তুদিগের দন্ত দ্বারা কর্ত্তনের শব্দ। প্র—"ইন্দুরে করে কাটুরকুটুর"
—ভারতচন্দ্র।

কাট্য (কাট্টো) [কাটা দ্রঃ] বিণ, কর্ত্তন যোগ্য। ২। উল্লঙ্ঘ্য ; খণ্ডনীয়। **অকাট্য**—অখণ্ডনীয়।

কাঠ (ঠ্) [সং—কাষ্ঠ। কাট দ্রঃ] বি, ইন্ধন ; দারু ; কাষ্ঠ।
প্র—"কাঠ কাটে বস্ত্র কাটে কাটে সমুদয়।"
২। [বৃক্ষের ভিতরের বা ছালের নিম্নে কঠিন অংশ হইতে লক্ষণায়] হাড় ; অস্থিপঞ্জর।
প্র—দেহে আর আছে কি, কাঠ বাহির হ'য়ে পড়েছে। তুল—দেহ ত নয় একখানা তক্তা।

কাঠকুয়া (কাঠ্কুআ) [সং—কাষ্ঠকূপ। কাটকুয়া দ্রঃ] বি, কাষ্ঠনির্ম্মিত জলসেচনী ;

কেঠো ; নৌকাগর্ভস্থ জল তুলিয়া ফেলিবার কেটো। কাঠ কাটা [কাটা দ্রঃ] বি, কাষ্ঠ-চ্ছেদন ; গাছ কাটিয়া জ্বালানী কাঠ করা কাঠখড়—কাষ্ঠ ও তৃণ বা খড়। প্র—কাঠখড়ে পোড়ান। ২। জ্বালাইবার কাট, শুষ্ক তৃণ প্রভৃতি উপকরণ সংগ্রহ ; জোগাড় যত্ন চেষ্টা ও শ্রম। প্র—ওতে অনেক কাটখড় আছে কত কাঠখড় ক'রে তবে কাজটা ক'রতে হয়েচে কাঠখড়ে হওয়া, কাঠেখড়ে হওয়া—মরিয়া কাঠ ও খড় যোগে পুড়িবার মত হওয়া ; মরা। কাঠখড়ি [সং—কক্খটী] বি, দৃঢ়খড়িবিশেষ ; কঠিন খড়িমাটি কাঠখোলা—বালিখোলা নহে ; বালিশূন্য ভাজনা খোলা। কাঠগড় [কাঠ—গড়, গর্ত্ত—গাঢ়া=গড়া—গড়] বি, উদূখল। কাঠগড়া (ঠ্) [হি—কঠঘরা—কঠহরা—কঠড়া] বি, কাষ্ঠ-নির্ম্মিত বেড়া কাঠের গরাদে যুক্ত মঞ্চ।
প্র—"চারিদিকে কাঠগড়া মত্ত-হাতী মাঝে।
তার মাঝে গেল সেন ভাবি ধর্ম্মরাজে।"
—ঘনরাম।
২। কাঠদ্বারা বেষ্টিত স্থান ; কাঠরা। কাঠগোলা (ঠ্) [কাঠ (ব্যবসায়ার্থ কাষ্ঠ রাখিবার) গোলা (আড়ত)] বি, কাঠের গোলা বা আড়ত। কাঠগোলাপ (ঠ্, প্) বি, পুষ্পবিশেষ ; ইহা দেখিতে গোলাপ পুষ্পের ন্যায় কিন্তু তাদৃশ গন্ধ নাই ; গন্ধহীন গোলাপ। কাঠ ছাতা [কাট দ্রঃ। পচা কাঠে যে ছাতা জন্মে] বি, কোঁড়ক ; polyporus. কাঠ জালি—বি, বিটলবণ। ২। বৃক্ষের অস্থায়ী ফল। কাঠঠোকরা [তুল—ইং—wood pecker. কাঠে ঠোকর মারে বলিয়া এই নাম] বি, স্বনাম প্রসিদ্ধ পক্ষী। সচরাচর যে কাঠঠোকরা দেখা যায় তাহারা ৬।৭ ইঞ্চির বেশী বড় হয় না ; দেশ ও জাতিভেদে ইহারা বহু প্রকার। ইহাদের গায়ের বেশীভাগ পালক কালো, মাঝে মাঝে শাদা ডোরা ও লেজের পালক ছিটযুক্ত, ঠোঁট সরু, লম্বা ও শক্ত। কাঠ-নেকার (কাঠন্যাকার্) [কাঠ—কাষ্ঠ শব্দজ, নেকার ন্যক্কার শব্দজ] বি, নীরস কাষ্ঠবৎ নেকার ; শুষ্কবমন ; উঁকি ; যে বমনে উদর হইতে শ্লেষ্মা পিত্তাদি বহির্গত হয় না। কাঠ-পিঁপড়ে [কৃষ্ণ পিপীলিকা] বি, কাল রঙের বড় পিঁপড়ে। কাঠফড়িং—কাঠির মত সরু ফড়িং ; পতঙ্গবিশেষ। কাঠবিষ—অতি-বিষজাতীয় বিষবিশেষ ; তীব্রবিষ ; মিঠাবিষ ; এই বিষ বৃক্ষবিশেষের (aconitum spicatum) কৃষ্ণ (বিকারে কাঠ অথবা কটু হইতে ?) মূল হইতে পাওয়া যায়। কাঠমল্লিকা (কাঠ্মোল্লিকা) বি, বনজাত মল্লিকা পুষ্প ; বন-মল্লিকা কাঠমূরতি [কাষ্ঠমূর্ত্তি] বি, কাঠের ন্যায় প্রাণহীন অসাড় বা স্পন্দনহীন মূর্ত্তি ; আকাট বা জড়মূর্ত্তি। তুল—হি—"কাটকা উলু।" প্র—"কাঠমূরতি ঐছন আছয়ে কবি বিদ্যাপতি ভাণ।"—বিদ্যাপতি। কাঠবিড়াল (ঠ্, ল্) [কাঠ (কাষ্ঠ আরোহী) বিড়াল (মার্জ্জার)] বি, কাষ্ঠ মার্জ্জার ; বৃক্ষমার্জ্জার
কাঠরা (ঠ্) [কাঠ+রা (নির্ম্মিত অর্থে কাঠগড়া দ্রঃ। হি—কঠড়া ; কঠহরা] বি, কাষ্ঠ-বেষ্টিত স্থান ; দারুময় গৃহ। ২। [হি—কাটড়া কটোতা] কাষ্ঠনির্ম্মিত দ্রব্যাদি ; কাঠের খোরা। প্র—কাঠ কাঠরা গুলা ঘরে তুলিয়া ফেল ; কাঠ কাঠরার জিনিষ ফেলিয়া গিয়াছে
কাঠরিয়া, কাঠুরিয়া [কাঠ—ইয়া—উয়া—র আগম, উচ্চারণে] বি, কাষ্ঠচ্ছেদক কাঠকাটা জাতিবিশেষ।
কাঠা [সং—কাষ্ঠা] বি, ভূমির পরিমাণবিশেষ ৮০হাত দীর্ঘ ও ৪হাত প্রস্থ পরিমিত ভূমি। ২। ধান্যাদির পরিমাণ পাত্র ; রেক।
প্র—"ফুল্লরা দুকাঠা চাল মাঙ্গিল উধার।"
—কবিক।
কাঠাকালি [কাঠা দ্রঃ] বি, কাঠার পরিমাণ অঙ্ক।
কাঠাকিয়া [কাঠা দ্রঃ] বি, শতাবধিকাঠা গণনা ; কাঠার সংখ্যা ঘটিত গণনা বা হিসাব।
কাঠাম (মো) [কাঠ—কাম (ক লোপ)] বি, কাষ্ঠ কিম্বা বংশাদি রচিত আধার ; ঠাট।
প্র—এক ঝাড়ের বাঁশ বটে, কোন খানায় দুর্গা ঠাকরুণের কাঠাম, কোন খানায় হাড়ির ঝুড়ি।" —নীল দর্পণ।
"হায় কি দৈবের দোষে কাঠামো হইতে
নির্দ্দয় রাক্ষসমূর্ত্তি হইল বাহির।"
—অশোকগুচ্ছ।
কাঠি, ঠী [কাষ্ঠ—কাঠ+ই, ঈ (ক্ষুদ্রার্থে)] বি, কাঠের সরু ছোট খণ্ড ; কাঠের শিক। ২। ক্ষুদ্র শলাকা। প্র—চাবিকাঠি।
কাঠি পোকা—কাঠির মত সরু পতঙ্গ ; stick insect.
মাদুর কাঠি—মাদুর যে ঘাসে নির্ম্মিত হয়। খড়কে কাঠি—দাঁত খুঁটিবার শলাকা ; tooth pick.
কাঠি করা—খোঁচা দেওয়া ; উসকান ; উত্তেজিত করা ; ব্যস্ত করা ; বিরক্ত করা।
(কঠিনী দ্রঃ) [কঠিন+অণ (স্বার্থে) ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, খড়ি।
কাঠিন্য (কাঠিন্নো) [কঠিন (দৃঢ়)+য (ভাবে —যণ্)] বি, ক্লী, দৃঢ়তা ; কঠিনতা। ২। নিষ্ঠুরতা ; নির্দ্দয়তা।
কাঠুয়া [হি—কটৌতি] বি, কাঠের পাত্র ; কেঠো।
কাড় (ড্) [কাড়া দ্রঃ] বি, কাড়া নামক বাদ্য ; ঢোল। ২। ঢেঁড়া। কাড় দাবী—ঘোষণাপত্র জারীর জন্য ঢুলীর মেহনৎআনা।
কাড়ন (কাড়োন্) [কাড়া দ্রঃ] বি, বহিষ্করণ ; ব্যবহার করণ। ২। পরিষ্করণ। ৩। বল দ্বারা গ্রহণ ; বল পূর্ব্বক লওয়া ; লুঠ।
কাড়া [সং—কর্ষণ ; প্রাকৃ—কড্ঢণ ; হি—কাঢ়ন। উ, পু—কাড়ি। ম, পু—কাড় ; কাড়্ন ; কাড়্। প্র, পু—কাড়ে ; কাড়েন। অস-ক্রি—কাড়িতে ; কাড়িয়া ; কেড়ে(গ্রা)। ণিজন্ত—কাড়ান]ক্রি, বলপূর্ব্বক গ্রহণ করা ; ছিনাইয়া লওয়া। ২। আকর্ষণ করা ; টানা।
প্র—"কাড়িয়া চালের খড় জ্বালিল আউড়ি।"
—কবিক।
৩। [প্রা-বাং—কাঢ়া ("আমা কাঢ় কুঞ্জ হইতে" —চৈ, চরিত)। হি—কাড়না] বাহির করা ; প্র—"হাঁড়ি কাড়া"। ৪। প্রকাশ করা ; ব্যক্ত করা। ৫। ডাকা। প্র—"কোকিল রে কত ডাক সুললিত রা। * * আর যদি কাড় রা বসন্তের মাথা খা, মদনের শতেক দোহাই।"
—কবিক।
৬। বিণ, বলপূর্ব্বক গৃহীত ; লুণ্ঠিত। ৭। কাঁড়া ; কণ্ডন করা। রা কাড়া—ডাকা ; শব্দ করা। ২। উত্তর দেওয়া। ৩। [প্রাদে] তত্ত্ব লওয়া ; ডাকিয়া জিজ্ঞাসাবাদ করা ; সংশ্রব রাখা ; পোষ কাড়া—কুড়েমি করা।
কাড়া [সং—কটাহ] বি, বাদ্যযন্ত্র বিশেষ ; ঢক্কা ; ইহার একমুখে চর্ম্মাচ্ছাদনী। ইহা গলায় ঝুলাইয়া বাজাইতে হয়। প্র—"বাজিল বৃটিশ দামামা কাড়া।" —হেমচন্দ্র।
কাড়াকাড়ি [কাড়া দ্রঃ] উভয়ে উভয়কে আকর্ষণ ; পরস্পর বল দ্বারা গ্রহণ। প্র—"প্রাণ নিয়া করিয়াছি কত কাড়াকাড়ি।"—কুসুম। ২। টানাটানি। প্র—"মড়া নিয়ে কাড়াকাড়ি"।
কাড়ান (নো) [কাড়া (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। উ, পু—কাড়াই। ম, পু—কাড়াও, কাড়ান, কাড়া। প্র, পু,—কাড়ায়, কাড়ান। অস, ক্রি, কাড়াইতে ; কাড়াইয়া] কাড়িতে বাধ্য করা। ২। স্বীকার করাণ ; মুখের কথা বাহির করিয়া লওয়া। প্র—কথা কাড়ান। ৩। দেবতার মাথায় ফুল রাখিয়া শুভাশুভ ফল নির্ণয় করাণ। প্র—তাহারা ঠাকুরের মাথায় ফুল কাড়াইতে গিয়াছে।

৪। কাঁড়ান; ধান্যাদি কণ্ডন করাণ। ৫। (কাড়ান্) বি, বৃষ্টি বাদল। প্র—
"আষাঢ়ে কাড়ান্ নামকে
শ্রাবণে কাড়ান্ বানকে।"—খনার বচন।

কাড়া-নাকড়া, কাড়া-নাগড়া [হি—নগারা, নগাড়া=বৃহৎঢক্কা] বি, কাড়া ও নাগাড়ার মাঝামাঝি আকারের ঢক্কা। প্র—"অমনি কতকগুলি বক্সলোক টিকারা ও কাড়ানাগড়া বাজাইয়া গান করিতে লাগিল।" —টেকচাঁদ।

কাণ (ন্) [সং—কর্ণ; প্রাকৃ—কন্ন; বাং—কাণ, কান। অধুনা 'ন' অধিক চলিত হইয়াছে] শ্রবণেন্দ্রিয়; শ্রুতি; শ্রবণ। প্র—"পুরুষের কাণ কাটে ধরে শক্তি হীরা।" —ভারতচন্দ্র। ২। মন্ত্রণা। ৩। [কাণি (নয়ন মুদ্রিত করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে ঘঞ্)] বি, পুং, কাক। ৪। বিণ, এক চক্ষুহীন; কাণা।

কাণ কথা—কান কথা দ্রঃ।

কাণকাটা (ন্) [কাণ (কর্ণ শব্দজ) কাটা (কর্ত্তন শব্দজ)] বিণ, যে কাণ কাটে (এতদ্দেশীয় স্ত্রীলোকেরা শিশুদিগকে শান্ত করিবার জন্য কাণ কাটার ভয় দেখাইয়া থাকে): জুজু। প্র—"অতএব সন্তানদিগকে ঐ জুজু ঐ কাণ-কাটা বলিয়া ভয় দেখান কুশিক্ষা তাহাতে সন্দেহ নাই।" —টেকচাঁদ। ৩। যাহার কাণ কাটা গিয়াছে: বোঁচা। ৪। নির্লজ্জ; বেহায়া।

কাণকামড়ানি (ন, ম্) [কাণ—কামড়ানি—কামড়ের ন্যায় যন্ত্রণাদায়ক অনুভূতি] বি, কর্ণরোগবিশেষ; এই রোগে কাণের ভিতর কট্‌কট্ করে ও অসহ্য যাতনা হয়।

কাণকুয়া (ন্) [কর্ণকূপ—কান দ্রঃ] বি, মৎস্যের মাথার দুইধারে অবস্থিত শক্ত আবরণ-নিম্নস্থ গর্ত্ত। ২। উক্ত আবরণ; মাছের ফুল্‌কো: কান্‌কো। ৩। [প্রাদে] কর্ণমল।

কাণকোটারি, রী (কান্‌কোটারি) [কর্ণ-কীট; ওড়ি—কাণকোটলী] বি, কীট-বিশেষ; ইহা কাণে প্রবেশ করিয়া পটহ কাটে ও অশেষ কষ্ট দেয় বলিয়া এই নাম। প্র—"কাণকোটারিতে মোর কাণ কৈল কালা। কেটা মোরে বুড়ী বলে এত বড় জ্বালা।"—অন্নদামঙ্গল। "কোটি কোটি কাণকোটারির কিলিকিলি"—অ, ম।

কাণঠুটি, ঠুঁটি (ন্) [কাণ—ঠোঁট—ই (বিশিষ্টার্থে)—যাহার ঠোঁট কাণের মত] বি, দীর্ঘজঙ্ঘ জলচর পক্ষী, ইহাদের ঘাড় লম্বা ও সাপের মত। বর্ণ লাল, গোলাপী, ঠোঁটের গোড়া হরিদ্রাবর্ণ, আগা কাল; flamingo.

কাণপাতা (ন্) [কর্ণপাত দ্রঃ। কাণ—পাতা (শ্রবণার্থে শব্দাভিমুখে স্থাপন করা)] ক্রি, কর্ণপাত করা; শুনা। প্র—"কাণ পাতা ভার" —টেকচাঁদ।

কাণা (না) [সং—কাণ। বাং—কাণা, কানা উভয় চলিত; অধুনা "ন" অধিক প্রচলিত। তুল—স্বর্ণ হইতে সোণা, সোনা] বিণ, এক-চক্ষুঃহীন। কিন্তু বাঙ্গালায় দুই চক্ষু হীন অর্থেও ব্যবহৃত হয়। প্র—"কাণা অন্ধ" "কাণার হাতের লাঠি" —ছড়া। ২। ভয়ে অন্ধপ্রায়; দৃষ্টিহারা। প্র—সন্ধানেতে দিল হানা, নিজ গৃহে যাইতে কাণা, তোমার আঁচলে কৈল স্থিতি।" —কবিক। ৩। পাত্রাদির ধার; কিনারা। প্র—"মেরেছ মেরেছ কলসীর কাণা, তাই বলে কি প্রেম দিব না।"—বাং-গান।

কাণাকাণি (কানাকানি) [কর্ণাকর্ণি শব্দজ] বি, কাণের কাছে কথা বলা: গোপনে পরামর্শ করণ; কর্ণে গুপ্ত কথা বলা: পরস্পর বলাবলি। প্র—
"প্রথম মাসের গর্ভ জানি বা না জানি
দোয়জ মাসের বেলা লোকে কাণাকাণি"
—কবিক।
৩। প্রায় পাত্র পরিপূর্ণ হওন; ছাপাছাপি। প্র—"যমুনা হইল কাণাকাণি।"

কাণাঘুষা [কানাঘুষা দ্রঃ। কর্ণ হইতে কাণা: ঘোষণা হইতে ঘুষা] বি, কর্ণে কর্ণে ঘোষণা: গোপনে গোপনে এক কাণ হইতে অন্য কাণে সংবাদ চালনা ও আলোচনা। প্র—"আমাকে একথা বলেন নাই, আমি কাণা ঘুষায় কথাটা জানিতাম।"—অক্ষয় সরকার।

কাণামেঘ (কানামেঘ্) [কাণা যে আঁধারে দেখা যায় না, ঘন কৃষ্ণ। (পশ্চিমাঞ্চলে বলে কালামেঘা)—মেঘ] বি, ঘনকৃষ্ণ মেঘ। প্র—"আকাশে স্থানে স্থানে কাণা মেঘ আছে—রাস্তা ঘাট সেঁত সেঁত করিতেছে"—টেকচাঁদ।

কাণ্টা, কাণ্ঠা [কণ্ঠ—কণ্ঠা। গ্রা—কাঠা] বি, হাঁড়ি কলসী প্রভৃতি পাত্রের কানা বা কিনারা।

কাণ্টি [কানটি দ্রঃ] বি, কানমোড়া।

কাণ্টী, কাণ্ঠী [প্রাদে। কাণ্টী দ্রঃ] বিণ, কলহকারিণী।

কাণ্ড (কান্‌ডো) [কন্ (শোভা পাওয়া) +অ=আ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে শাখা দ্বারা শোভিত হয়] বি, পুং, ক্লী, বৃক্ষের যে স্থান হইতে প্রথম শাখা নির্গত হয়; গুঁড়ি। প্র—"গণ্ডকে বিন্ধিয়া কাণ্ডেথণ্ডাবলে ছিণ্ডে।" —কবিক। ২। বৃন্ত; বোঁটা। ৩। পর্ব্ব; পাব। ৪। গুচ্ছ; ঝাড়। ৫। তৃণগুচ্ছ। ৬। শরগাছ; খাগ্‌ড়া। ৭। বাণ; কাঁড়। ৮। প্রকরণ; সামাজিক বিষয় ও নায়ক-নায়িকার প্রেম ঘটিত নাটক (মৃচ্ছকটিকাদি)। ৯। গ্রন্থবিভাগ; গ্রন্থের পরিচ্ছেদ বা অধ্যায়। প্র—বেদের কর্ম্মকাণ্ড; জ্ঞানকাণ্ড। সাতকাণ্ড রামায়ণ। ১০। ব্যাপার: ঘটনা। প্র—প্রলয় কাণ্ড করে বসেছে। সে এক অদ্ভুত কাণ্ড। ভয়ানক কাণ্ড। **অকাণ্ডকাণ্ড**—অকস্মাৎ ঘটনা। ২। [প্রাদে] বিপরীত কাণ্ড। **কাণ্ড-খানা** (খানা=খান=খণ্ড—নির্দ্দেশ বা নির্ণয়ার্থক) ব্যাপারখানা; বিষয়টা; ঘটনাটা।

কাণ্ডকারখানা [কারখানা দ্রঃ। কাণ্ড (ঘটনা)—কারখানা (সহচর শব্দ কাণ্ডের বহুবচনে) সংঘটন কার্য্যের কাহিনী বা বৃত্তান্ত] বি, বিষয় ব্যাপার: ঘটনাসমূহ; সংঘটনকারীর আচরণ বা কার্য্যপ্রণালী। প্র—তাহার কাণ্ডকারখানা দেখিয়া তিনি অবাক হইয়া রহিলেন। **লঙ্কাকাণ্ড**—হনুমান লঙ্কার ঘরে ঘরে আগুন দিয়া স্বর্ণলঙ্কা ছারখার করায় লঙ্কাকাণ্ড বলিতে (১) অগ্নিকাণ্ড বুঝায়। (২) তাহা হইতে লঙ্কাকাণ্ডের ন্যায় সর্ব্বনাশকর কাণ্ড। ২। কৃত্তিবাসী রামায়ণে লঙ্কাকাণ্ডে রাম রাবণের যুদ্ধ এবং তাহাতে সবংশে রাবণ-নিধন বৃত্তান্ত বর্ণিত হইয়াছে। তাহা হইতে "যুদ্ধ-কাণ্ড" (মূল রামায়ণের): কাটাকাটি মারামারি ব্যাপার। তুল—কুরুক্ষেত্র (গ্রা—কুরুক্ষেত্তর)।

কাণ্ডকার (কান্‌ডোকার্) [কাণ্ড (বাণ) কার (যে করে) কৃ—করা+অ কর্ত্তৃ—অণ্ সংজ্ঞার্থে] বিণ, বাণপ্রস্তুতকারী: বাণ-কারক: যে শর নির্ম্মাণ করে। ২। বি, ক্লী, গুবাক বৃক্ষ; সুপারিগাছ।

কাণ্ডগ্রহ (কান্‌ডোগ্রোহো) [কাণ্ডের (অধ্যায়ের, প্রকরণের) গ্রহ (গ্রহণ-জ্ঞান) ৬তৎ] বি, পুং, উপস্থিত বিষয় জ্ঞান; বা বর্ত্তমান অবস্থার উপলব্ধি; কাণ্ডজ্ঞান।

কাণ্ডচারী (কান্‌ডোচারি) [কাণ্ড—চর্ (গমন করা, আরোহণ করা)+ইন্ কর্ত্তৃ—ণিন্=কাণ্ডচারিন ১মা, ১ব] বিণ, যাহারা বৃক্ষকাণ্ডে বিচরণ করে; কাকাতুয়া, টিয়া প্রভৃতি পাখী।

কাণ্ডজ্ঞান (কানডোগ্‌গ্যান্) [কাণ্ড (ঘটনা—অবস্থা) জ্ঞান (বোধ)] বি, অবস্থা জ্ঞান; কোন্ অবস্থায় কি কর্ত্তব্য তাহার বোধ; সময় বা অবস্থানুযায়ী কর্ত্তব্যাকর্ত্তব্য জ্ঞান; হিতাহিত বোধ; বিবেচনা; বিচার-বুদ্ধি। ২। [কাণ্ডের (অধ্যায়ের, প্রকরণের) জ্ঞান (বোধ) ৬তৎ] প্রকরণ-জ্ঞান। ৩। [কাণ্ড=বৃক্ষের স্থূলভাগ] স্থূল বা মোটামুটি জ্ঞান। **কাণ্ডজ্ঞান-হীন, শূন্য, রহিত**—হিতাহিত বোধরহিত; গোঁয়ার।

কাণ্ডতিক্ত (কান্‌ডোতিক্‌তো) [কাণ্ড—হইয়াছে তিক্ত (তিত) যাহার, বহু] বি, পুং, চিরেতা ; ভূনিম্ব।

কাণ্ডপট (কান্‌ডোপট্‌) [কাণ্ড (নির্জ্জন স্থান)—পট (বস্ত্র)। তুল—তুর্কী কানাত্‌] বি, পটগৃহ। ২। তাঁবু। যবনিকা ; পর্দ্দা : কানাৎ।

কাণ্ডপৃষ্ঠ (কানডোপৃশ্‌ঠো) [কাণ্ড (বাণ) হইয়াছে পৃষ্ঠে (পিঠে) যাহার, বহু] বিণ, যুদ্ধব্যবসায়ী। ২। ব্যাধ। ৩। কুচরিত্র ; ৪। ক্লী, কর্ণধনু (মহাভারত)।

কাণ্ডবান (কানডোবান্‌) [কাণ্ড+বতু (অস্ত্যর্থে)=কাণ্ডবৎ ১মা, ১ব,] বিণ, তীরন্দাজ।

কাণ্ডবারিণী (কান্‌ডোবারিনি) [কাণ্ড (বাণ) বারিণী (বৃ+ণিচ্‌=বারি (নিবারণ করা)+ইন্‌ (কর্ত্তৃ ণিন্‌=বারিন্‌)+ঈপ্‌ স্ত্রী] বি, স্ত্রী, দুর্গা।

কাণ্ডবীণা (কান্‌ডোবিনা) [বীণা দ্রঃ] বি, কেঁদ্‌ড়া : চাণ্ডালবীণা।

কাণ্ডর্ষি (কান্‌ডোর্‌ষি) [কাণ্ডের (বেদের বিভাগ বিশেষের) ঋষি (প্রকাশক মুনি) ৬৩৭] বি, পুং, বেদাংশ প্রকাশক ঋষি ; যথা—বেদে কর্ম্মকাণ্ড ভাগের বিচারক জৈমিনি ; ভক্তি কাণ্ডের বিচারক শাণ্ডিল্য ; ব্রহ্মকাণ্ডের বিচারক বেদব্যাস।

কাণ্ডসন্ধি (কান্‌ডোশোন্‌ধি) [কাণ্ডের (বৃন্তের) সন্ধি (মিলন-স্থান) ৬তৎ] বি, পুং, কাণ্ডের মিলন-স্থান : পর্ব্ব ; গ্রন্থি : গাঁইট।

কাণ্ডাকাণ্ড (কান্‌ডাকান্‌ডো) [কাণ্ড এবং অকাণ্ড, দ্বন্দ্ব] বিণ, বিষয় এবং অবিষয় : ভালমন্দ ; ন্যায় অন্যায়।

কাণ্ডার (কান্‌ডার্‌) [সং—স্কন্ধাবার ; কাণ্ডপট (দশকুমার চরিতে)] বি, বস্ত্রগৃহ ; তাম্বু : কানাৎ ; পর্দ্দা। প্র—"শিশুরে আনিয়া রাখ কাণ্ডার ভিতরে" —রাধিকা মঙ্গল (উদ্ধব)
"ততক্ষণে করিলেক কাপড়ের কাণ্ডার"
—গি, গীতগোবিন্দ।
"বৃষভেতে আরোহণ কৈলা ত্রিলোচন।
মধ্যে কাণ্ডার বস্ত্র ধরে কোন জন॥"—কবিক।
"কাপড় কাণ্ডার আড়ে কানড়া রূপসী"
—ঘনরাম।

কাণ্ডার (কান্‌ডার্‌) [কাণ্ড—কাঁড়, কাঁড়ার] বি, নৌকার হাল। প্র—"আপুনি নিরঞ্জন ধরেছ কাণ্ডার" —শূন্যপুরাণ।
২। [কাণ্ড+আর। কাণ্ডারী অর্থে] মাঝি। প্র—"কাণ্ডারের বচন করিয়া অবগতি,
ত্রিবেণীতে স্নান করে সাধু ধনপতি॥"
—কবিকঙ্কণ।

কাণ্ডারী [কাণ্ডার (দ্রঃ)+ঈ (ধারী—অর্থে)] বি, নৌকার কর্ণধারী : কর্ণধার ; মাঝি ; নাবিক। প্র—"বাহ বাহ বলি ঘন ডাকিছে কাণ্ডারী" —মনসামঙ্গল।
"যাহারে কাণ্ডারী করি সাজাইয়া দিনু তরী
সে কভু দিল না পদ তরণীর অঙ্গে।"
—বঙ্কিম।

কাণ্‌ (কান্‌ন) [কণ্‌+অ (অপত্যার্থে অণ্‌)] বিণ, কণ্‌ মুনির সন্তান। ২। (সম্বন্ধার্থে—অণ্‌) কণ্‌ সম্বন্ধীয়। ৩। বি, পুং, যজুর্ব্বেদীয় শাখাবিশেষ।

কাণ্যায়ন (কান্‌ন্যাঅন) [কাণ্য (কণের অপত্য) হইয়াছে অয়ন (আধার) যাহার, বহু] বিণ, কণ্‌মুনির বংশজাত।

কাৎ, কাত (ত্‌) [সং—কাষ্ঠা—বাং—কাট, কাত] বি, দিক ; পার্শ্ব। ২। আড় ; বক্র : একপেশে। প্র—"তার পায়ে হবে বাত উঠ্‌তে হবে কাৎ॥" —দ্বিজেন্দ্র রায়। ৩। পরিমাণ। ৪। মূল্য। ৫। তাস পাশা প্রভৃতি খেলার এক দল বা দিকের খেলওয়াড়। **কাত দেওয়া**—পাশ দেওয়া ; কাত বা এক পাশ হইয়া স্থান ছাড়িয়া দেওয়া। **কাত হওয়া**—আড় হওয়া। **কুঁপোকাত**—[গ্রা] কূপক বা কুপার কাত হইতে তাহার ভিতরের তৈলাদি বাহির হইয়া যায় সুতরাং কুপায় পদার্থ থাকে না। লক্ষণায় কুপার ন্যায় দেহ শক্তি শূন্য বা প্রাণ শূন্য হইলে কাত হইয়া পড়ে। **কুঁপাকাৎ করে দেওয়া**—মারিয়া ফেলা বা প্রহারে ধরাশায়ী করা। **কুঁপাকাৎ করিয়া শুইয়া থাকা**—আড় হইয়া বা পাশ ফিরিয়া শুইয়া থাকা।

কাত (ত্‌) [সং—কুত্র ; বাং—কুথা, কোথা, কথি, কাত] বি, কোনস্থানে ; কোথায়। প্র—"না কর কপট প্রভু সংসারের নাথ।
বিদিত হইলা আর লুকাইবা কাত॥"
—চৈতন্য ভাগবত। **কাত কোম্পানি**—সিক্কা টাকার সহিত কোম্পানী টাকার কমিবেশী নির্ণয়।

কাত (ত্‌) [কিতা দ্রঃ] বি, অর্দ্ধমণাধিক নূতন বীজ বপনোপযোগী ক্ষেত্রখণ্ডবিশেষ। "a piece of field capable of receiving 51½ lbs. avoirdupois weight of new seed.
২। ফসলোপযোগী ক্ষেত্রখণ্ড।

কাতর (কাতোর্‌) [কু (ঈষৎ—মন্দরূপে) তর (তৄ—পার হওয়া+অ-কর্ত্তৃ—অল্‌) কু=কা] বিণ, অধীর ; ব্যাকুল ; ২। চঞ্চল। ৩। ভীত। ৪। দুঃখিত। ৫। বিহ্বল ; বিবশ। ৬। বি, পুং, কাতলামাছ। কাতল দ্রঃ।

কাতরতা [কাতর+তা ভাবে] বি, স্ত্রী, কাতর্য্য ; দুঃখ। ২। ভীরুতা।

কাতরা (ত্‌) [কর্ত্তনী] বি, আকমাড়া কলের অংশবিশেষ। কাষ্ঠনির্ম্মিত তক্তা যাহার মধ্যে ৫।৬ খানি ইক্ষু এক সঙ্গে দিয়া টুকরা টুকরা করিয়া কাটা হয়।

কাতরান (কাত্‌রানো) [কাতর+আন (ক্রি, বিভক্তি)। উ, পু—কাতরাই। ম, পু—কাতরাও। প্র, পু—কাতরায়। অস-ক্রি—কাতরাইতে ; কাতরাইয়া ; কাত্‌রে] ক্রি, কাতরতা বা যন্ত্রণা প্রকাশ করা। যন্ত্রণায় ছটফট করা ও ব্যাকুলতা প্রকাশ করা। বি, কাতরানি।

কাতরাণি (কাত্‌রানি) [কাতর দ্রঃ] বি, কাতরতা-ব্যঞ্জক ধ্বনি ; যন্ত্রণার শব্দ ; কোঁকানি ; ক্লেশযুক্ত বাক্য কথন। প্র—"ক্ষণপরে প্রফুল্ল কোন বুড়া মানুষের কাতরাণি শুনিতে পাইল।" —দেবীচৌধুরাণী।
২। ক্লিষ্ট ভাব প্রদর্শন। প্র—
এক চক্ষু কাতরায়ে ছোট ঘরে যায়।
আর চক্ষু রাঙ্গা হয়ে বড় জনে চায়॥"
—ভারতচন্দ্র।

কাতরী (ত্‌) বি, আকমাড়া কলের ৪।৫ হাত লম্বা কাষ্ঠখণ্ড যাহার উপর বসিয়া গরুকে চালান হয়। ২। [কর্ত্তরী] বি, কাঁচী ; সোণা রূপা প্রভৃতি ধাতুকাটা কাঁচী।

কাতর্য্য (কাতোর্‌জ) [কাতর+য (ন—ভাবে)] বি, ক্লী, কাতরতা।

কাতল (কাতোল্‌) [সং—কাতল, র] বি, পুং, কাতলামাছ ; catla buchanani.
২। করাতীদিগের ব্যবহার্য্য একদিক পাতলা একদিক মোটা কাঠের টুকরা ; wedge (ইহা তক্তা চিরিবার সময় চিরের মুখে দিয়া করাত চালান হয়)। কাতলা দ্রঃ।

কাতলা (ত্‌, ৎ ও চলিত) [সং—কাতল ; ওড়ি—কাতি=শল্ক, (কাতিলা=বৃহৎ শল্কযুক্ত] বি, বৃহৎশল্ক মৎস্যবিশেষ। এই মৎস্যের দেহের পরিমাণ অনুপাতে মস্তক রোহিতাদি মৎস্য অপেক্ষা বড় ও ভারি ; catla buchanani.
২। [কাতলার সহিত ক্ষুদ্র মৎস্যের তুলনার ভাব হইতে] বৃহৎ ; বড় ; চুনাপুঁটীর বিপরীত ; ছোটখাট নয়। (২) বড়লোক ; বৃহৎ ব্যাপার ; মস্ত দাঁও। প্র—"* * তুমি কিছু ভেব না, আমি যে জাল ফেলে এসেছি, চুনোপুঁটী নয়, একেবারে দেড়মণি কাৎলা গ্রেপ্তার হবে। * * কি রকম, কি রকম ? * * মফস্বল থেকে এক জমীদার আমদানী হয়েছে। তাঁর সঙ্গে জুটে তাঁকে রাজা খেতাব দেওয়াব * * একেবারে কিছু মাল কোরে বসছি।"
—অমৃত বসু।
৩। [কাঠ (কাষ্ঠ) লা (চেলা, চক্‌লা, splinter. দ্রুত উচ্চারণে কাতলা, কাতালা)] বি, করাতীদিগের ব্যবহার্য্য কাঠের একদিক

মোটা একদিক পাতলা মেকবিশেষ (কাজলা দ্রঃ)। ৪। [প্রাদে] দস্যুহস্তে নিহত পথিক ; শিকার। **কাতলা পড়া** [প্রাদে, পশ্চিম বঙ্গে] ক্রি, শিকার পড়া। ২। আহত হওয়া। ৩। দস্যুদিগের পলাইবার সঙ্কেত শব্দ। ডাকাতি করিবার কালে কোন ডাকাত হত বা আহত হইলে "কাতলা পড়েছে জাল গুটাও" বলে ; তাহাতেই সকলে বিপদ বুঝিয়া পলায়ন করে। **কাতলা মারার দেশ**—যে দেশে পথিককে ঠেঙ্গাইয়া মারে।

কাতা [সং—কৃৎ (কর্ত্তন) ধাতুজ। হি—কাতা ; ওড়ি—কতা (সুতা)। কাতান, কাতি দ্রঃ] বি, সুতা ; দড়ী ; নারিকেল ছোপার দড়ী। ২। [কর্ত্তা, অপভ্রংশে কত্তা—কাতা (গ্রা)] কর্ত্তা। "ধাতা কাতা বিধাতার কপালে দিয়াছি ছাই"—চণ্ডীদাস। ৩। কাঁচি, ক্ষুর প্রভৃতি ক্ষৌরাস্ত্র রাখিবার চর্ম্মাধার ; ভাঁড়। প্র—"নাপিত নিবসে তথা কক্ষতলে করি কাতা"—কবিক। [ক্ষুদ্রার্থে কাতি (কবিক)] প্র—৪। কন্থাশব্দের প্রাদেশিক উচ্চারণ।

কাতান (ন্) [সং—কর্ত্তন ; প্রাকৃ—কত্তন] বি, যাহা দ্বারা কর্ত্তন করে ; দাত্র ; দা ; কাটারী। প্র—"কাতান ভাগ্যক্রমে পাওয়া গেল, তাহাতে গুণ কাটিয়া দেওয়া হইল"—আত্মচরিত (রাজনারায়ণ বসু) [দ্রঃ—প্রা-বাং—'কাতান' স্থলে 'কালতন'— মাণিক গাঙ্গুলীর ধ, ম]।

কাতার (র্) [আ—কৃতার্ = পংক্তি ; শ্রেণী ; তুল—ইং—gather ; অ্যাং-স্যাক্সন—gadar ; ডে—gader ; প্রা-হাই-জর্ম্ম—Kataro (railing)] বি, রাশি ; সমূহ। ২। শ্রেণী ; পংক্তি ; সারি সারি ; লাইন। প্র—"সম্মুখে সেপাই সব কাতার কাতার।"—ভারতচন্দ্র। ক্রি-বিণ, কাতারে ; শ্রেণীবদ্ধ হইয়া ; দল বাঁধিয়া। প্র—"কাতারে কাতারে সেনা চলে রাজপথে।" —মেঘনাদবধ।

কাতারি [প্রাদে। হি—পাতীলী, পতেলী= তিজেল] বি, তিজেল ; নীচু কাণার হাঁড়ি। ২। ঘানি গাছের যে কাঠে প্রস্তরাদি ভার চাপান হয় ; ঘানিগাছের ভার কাঠ।

কাতারী (রি) [সং—কর্ত্তরী—প্রাকৃ—কত্তরী] বি, স্বর্ণ রৌপ্যাদি ছেদনের কাঁচী।

কাতি [সং—কর্ত্তরী ; প্রাকৃ—কত্তরী ; হি—কাতী ; বাং—কাতি] বি, শঙ্খচ্ছেদনের অস্ত্র ; শাঁকের করাত। ২। জাঁতী। প্র—গুয়া-কাতি (ওড়ি)। ৩। ক্ষুর। প্র—
"কাতি দিব গলে প্রবেশিব জলে
অনলে ত্যজিব প্রাণ॥" —ভারতচন্দ্র।
৪। কাতান ; খড়্গ। প্র—
"শত শত সেনাপতি হাতে করি ঢাল কাতি॥"
আছে তার অঙ্গন বেষ্টিত।"—কবিক।
"কাতি খর্পর হাতে লোহিত লোচনা।" ঐ। ৫। [প্রাদে (মেদিনীপুরে)] কাস্তে। ৬। [কাতলা দ্রঃ] আঁইষ ; মৎস্যের শল্ক (ওড়িয়া ভাষায়)। ৭। [সং—কার্ত্তিক অপভ্রংশে কাতি] কার্ত্তিক মাস।

কাতিয়ারি [প্রাদে। কার্ত্তিক—ওয়ারী। কার্ত্তিক মাসের শেষে পাকে বলিয়াএই নাম বি, কার্ত্তিকশালী ধান্য।

কাতুর (র্) [কাতারী দ্রঃ] বি, স্বর্ণরৌপ্যাদি ধাতু কর্ত্তনের কাঁচী। ২। ঘানি গাছের ভার কাঠ।

কাতুর কুতুর (র্, র্) [শব্দাত্মক ; হাস্যের শব্দ হইতে] বি, শুড়শুড়ি ; কুতুকুতু। ২ প্রমরাখেলার বোল।

কাতৃণ (ন্) [কু (কুৎসিত) যে তৃণ, কর্ম্মধা কু = কা] বি, ক্লী, কত্তৃণ ; গন্ধতৃণ ; রামকর্পূর fragrant grass. ২। কুৎসিত তৃণ।

কাতে [কাত দ্রঃ] বি, দিকে ; পাশে। ২ [কা হইতে, কাহতে (সংক্ষেপে)] ক্রি-বিণ, কি হইতে ; কি নিমিত্ত ; কিসে। ৩। [কাহাতে —সংক্ষেপে] ক্রি-বিণ, কাহার মধ্যে। প্র—এ সাহস আর কাতে সম্ভবে। ৪। কাহার সহিত ; কার সাথে। প্র—কাতে কাতে গিয়াছিল। কাতে আর কাতে বচসা হয়েছে।

কাতেকাতে, কুতে কাতে [কাত দ্রঃ] ক্রি-বিণ, ছলে ; গোপনে ; টগে টগে।

কাত্য (কাৎত) [কত (মুনিবিশেষ) + য (অপত্যার্থে - যণ)] বি, পুং, কাত্যায়নমুনি।

কাত্যায়ন (কাৎত্তায়ন্) [কাত্য (কাত্যায়ন মুনি) + আয়ন (স্বার্থে)] বি, পুং, ধর্ম্ম শাস্ত্রোপদেষ্টা মুনিবিশেষ ; বররুচি ; ধর্ম্মসংহিতা-কারক মুনি। ২। ব্যাকরণের বার্ত্তিককার। স্ত্রী, কাত্যায়নী, কাত্যায়নিকা। **কাত্যায়ন বীণা**—কাত্যায়ন মুনিসৃষ্ট শত-তন্ত্রীযুক্ত বীণা।

কাত্যায়নিকা (কাৎত্তায়নিকা) [কাত্যায়ন দ্রঃ] বি, স্ত্রী, পঞ্চাশ-বর্ষবয়স্কা কাষায়-বস্ত্র-পরিধানা বিধবা। ২। ভৈরবী।

কাত্যায়নী (কাৎত্তায়নি) [কাত্যায়ন দ্রঃ] বি, স্ত্রী, দুর্গা ; সর্ব্বাগ্রে কাত্যায়ন মুনি কর্ত্তৃক পূজিতা বলিয়া দুর্গার এই নাম। **কাত্যায়নীতন্ত্র**—শিবপ্রোক্ত কাত্যায়নীপূজা-পদ্ধতিঘটিত তন্ত্রশাস্ত্র। **কাত্যায়নীপুত্র**—কার্ত্তিকেয়। **কাত্যায়নীব্রত**—কাত্যায়নী দেবীর তুষ্টিসাধক ব্রতবিশেষ।

কাথিক (ক্) [কথা + ইক (কুশলার্থে—ইকন্)] বিণ, কথাকুশল ; বাক্‌পটু ; বাগ্মী।

কাদড়া, কাদড়াটিয়া, কাদড়াটে (ড়্) [কাদা দ্রঃ] বিণ, কর্দ্দমাক্ত ; ঘোলা।

কাদড়ানি (দ্) [কাদড়া—পানি (জল)। উচ্চারণভেদে "কেদরানি"] বি, কাদাজল ; ঘোলানি ; পাঁকজল।

কাদম্ব [কদম্ব + অ (সম্বন্ধার্থে, অণ্) কিম্বা কদ্ + ণিচ্ = কাদি + অম্ব (সংজ্ঞার্থে)] বি, কদম্ব পুষ্পের বৃক্ষ ; কদম গাছ। ২। কদম ফুল। ৩। ইক্ষু ; আক। ৪। বাণ। ৫। রাজহংস ; শ্যামপক্ষ কলহংস। প্র—
"কালকণ্ঠ কুরলাক্ষী, ডাকে কাদম্ব পাখী,
কারণ্ডব খঞ্জন করকট॥"—কবিক।
৬। কদম্বসমূহ। ৭। বিণ, কদম্বসম্বন্ধীয়। স্ত্রী, **কাদম্বা**–কলহংসী। প্র—"উত্তরিলা প্রিয়ংবদা কাদম্বা যেমনি মধুস্বরা"—মেঘনাদ। ২। কদম্বপুষ্পী বৃক্ষ ; মুণ্ডিরী।

কাদম্বর (র্) [কাদম্ব (কদম্ব ফুল) + র (রা—দান করা) + অ (কর্ত্তৃ—ড সংজ্ঞার্থে)] বি, ক্লী, মদ্যবিশেষ। ২। দধির সর। ৩। আকের গুড়। স্ত্রী, কাদম্বরী।

কাদম্বরী (কাদোম্‌বোরি) [সং] মদ্যবিশেষ; সুরা ; গৌড়ী ; মদিরা। প্র—
"সর্ব্বজন দেই জল প্রভু করে পান।
সত্য যেন কাদম্বরী পীয়ে হেন ভাণ॥"
—চৈ-ভা।
২। সরস্বতী। ৩। শারিকা পক্ষী। ৪। কোকিলা। ৫। পুস্তকবিশেষ—এই সংস্কৃত গদ্যকাব্য কবিবর বাণভট্ট কিয়দংশ প্রণয়ন করিয়া মৃত্যুমুখে পতিত হন, পরে তাঁহার পুত্র ঐ গ্রন্থ সমাপন করেন।

কাদম্বিনী (কাদোম্‌বিনি) [কাদম্ব (কদম্ব ফুল) + ইন্ (সমূহার্থে) = কাদম্বিন্—ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, মেঘমালা ; মেঘশ্রেণী। মেঘসমূহ শুভ্রবর্ণ কদম্ব পুষ্পের ন্যায় কবি-বর্ণিত বলিয়া কাদম্বিনী নামে প্রসিদ্ধ।

কাদা [সং—কর্দ্দ, কর্দ্দম ; পা—কদ্দমো, কদ্দ—কাদা] বি, পঙ্ক, ; পাঁক। প্র—
"পাকতে হয় লো কাদায় জলে গুণ ফেলে ধনি"
—গোপাল উড়ে।
২। নববধূর প্রথম রজোদর্শনে স্ত্রী আচার জনিত যে উৎসব হয় তাহাতে কাদা লইয়া কুৎসিত আমোদ বা খেলা হয় বলিয়া এই নাম। অধুনা ভদ্র সমাজ হইতে প্রায় লোপ পাইয়াছে। ৩। বিণ, কাদাযুক্ত ; পঙ্কিল ; কর্দ্দমাক্ত। প্র—"আড়ে দীঘে শত কোশ রক্তে হৈল কাদা"
—কাশী মহা।

কাদা করা—মাটির সহিত জল মিশাইয়া দলদলে করা ; দেওয়ালাদি গাঁথিবার জন্য জল মাটির তাগাড় তৈয়ার করা। ২। পুষ্করিণী প্রভৃতির জল নাড়িয়া কর্দ্দমাক্ত করা বা ঘুলান। **কাদাকিচেল** [কর্দ্দম ও কচ্চর] পাঁক ও কাঁকরযুক্ত কাদা। **কাদামারা**

—ধানগাছের রোগবিশেষ ; ধানগাছের গোড়ায় পাঁক জমিয়া পচ ধরিলে কাদামারা রোগ বলে ; কেদো দ্রঃ।

কাদাখেঁড়ু [কাদা দ্রঃ] বি. স্ত্রীরজঃ জনিত উৎসব। স্ত্রীলোকের পুনর্ব্বিবাহের সময় কাদা মাখিয়া যে খেউড়, পাঁচালি প্রভৃতি গান হয়, তাহার নাম কাদাখেঁড়ু।

প্র—"খুদমাগা কাদাখেঁড়ু নারিমু রচিতে।
কি করি বাড়িছে পুঁথি বিষাদ তাহাতে॥"
—কৌতুক-বিলাস।

কাদাখোঁচা [কাদা (কর্দ্দম) + খোঁচা (খোজ্ ধাতু গমনার্থে—কর্দ্দমে যে গমনাগমন করে বা খনন করে) যে চঞ্চুদ্বারা কর্দ্দম খনন করিয়া বা খুঁচাইয়া আহার অন্বেষণ করে] বি. খঞ্জনজাতীয় পক্ষিবিশেষ ; চাহা (হি) snipe.

প্র—"হংস বক কাদাখোঁচা বালুচরে চরে"।
—ফুলরেণু

কাদাটিয়া [কাদা দ্রঃ। চ—কাদাটে। কাদা (অক্ত—আত্ত—আট্ট)] বিণ কর্দ্দমযুক্ত ; ঘোলা।

কাদান (নো) [কাদা দ্রঃ] ক্রি. জলমগ্ন ক্ষেত্রের মাটি চযা। ২। বিণ. ঘোলা ; অস্বচ্ছ।

কাদ্দা (ক্) [কাঠদা—দ্রুত উচ্চারণে বি. কাঠদা ; কাটারি ; দা।

কাদ্রবেয় (কাদ্‌দ্রোবের) [কদ্রু (কশ্যপ-ভার্য্যা, সর্পমাতা) + এয় (অপত্যার্থে, এয়ন্) বি, পুং, কদ্রুর তনয় ; সর্পগণ।

কান (কান্) [কিন্নর শব্দজ] বি. সঙ্গীত ব্যবসায়ী জাতিবিশেষ। ২। জাতীয় পদবী-বিশেষ। যথা, মধুকান। ৩। পক্ষিবিশেষ ৪। [পা—কণ্হা ; হি—কনহা ; বৈ-পদ-সা—কাহ্নকানাই, কানু, কান] কানাই ; কৃষ্ণ

প্র—"সই এমন সুন্দর বর কান।
হেরিয়া সে মুরতি সতী ছাড়ে নিজপতি
তেয়াগিয়া লজ্জা ভয় মান॥" —চণ্ডীদাস।
"তো বিনে উনমত কান" —বিদ্যাপতি

কান (ন্) [সং—কর্ণ—প্রাকৃ—কন্ন—কাণ (দ্রঃ) কান। বাং-তে—'ন' অধিক প্রচলিত বি. কর্ণ ; শ্রবণেন্দ্রিয়। ২। [কানের আকৃতি বলিয়া] কানের গহনা ; কর্ণালঙ্কারবিশেষ ৩। বেহালা, তানপুরা, সেতার প্রভৃতি তত যন্ত্রের তার বাঁধিবার কাঠি বা খুঁটা। ৪ অস্ত্রাদি রাখিবার আলনার দুই ধারের খুঁটা ৫। কানা ; ধার ; প্রান্ত।

কান কটকট করা—কানের ভিতর ফোড়া পাকিলে কটকট করিয়া কামড় দিবার মত যন্ত্রণা বোধ হওয়া। কানকথা—মন্ত্রণা।

প্র—"সঘনে নাড়িয়া শিরে, চাতুরী প্রবন্ধে ধীরে ভাঁড়ু দত্ত কহে কানকথা।" —কবিকঙ্কণ।

কানকাটা—কাণকাটা দ্রঃ

কানকুআ, য়া—কাণকুয়া দ্রঃ। কাণ-কোটারি—কাণকোটারি দ্রঃ। কান-খড়কিয়া (কান্‌খোড়্‌কিয়া) [গ্রা—কান্‌খোড়্‌কে। কান—হি—খট্‌কা = সতর্ক 'কাণখড়খড়ি, (বিরল)] বিণ, শ্রবণে সতর্ক ; খুব মৃদু শব্দও যে শুনিতে পায়। কানখাড়া (ন্) [কান (হি)—খাড়া = দণ্ডায়মান। অশ্বাদির সাদৃশ্যে] বিণ, শুনিতে সতর্ক ; কোন বিষয় শুনিতে কর্ণকে অধিকতর নিয়োজিত রাখা। কানখুস্কী [কানের—খুস্কী (শলাকা) ৬৩৭] বি, কর্ণমল নির্গত করণের যন্ত্র ; কর্ণশোধনী। কানচটা (ন্) বি, বৃক্ষছালের উপর জন্মে যে কর্ণাকার ছাতা। ২। কাণের শুক্‌না ছাল। কান ঝাঁঝাঁ করা, ঝাঁই ঝাঁই করা—কানের ভিতর ঝিঁঝিঁ পোকার ডাকের মত শব্দ অনুভব করা। কানঝাঁপ দেওয়া—কাহার উদরে কান পাতিয়া পেটের ভিতরের শব্দ শোনা। কানঝাঁপটা—কানের অলঙ্কারবিশেষ। ২। কাকপক্ষ ; জুলফি। কানঝাড়া দেওয়া—আলস্য ত্যাগ করা ; সতর্ক হওয়া (জীবজন্তুর দেখিয়া)। কান ঝালাপালা, ঝালা-ফালা করা—কানের ভিতর নানা প্রকার শব্দ একসঙ্গে প্রবেশ করিয়া কর্ণ পীড়া জন্মান। কানতড়পা (ন, ড়) বি, কর্ণভূষণবিশেষ। কান দেওয়া—কর্ণপাত করা ; শোনা। (তুল—ইং—lending one's ear). কান দেখান—কানের খলি বাহির করাইবার জন্য কান দেখান। কানধরা—ভৎর্সনাচ্ছলে পরের কান স্পর্শ করা ; অপমান করা। ২। ভবিষ্যতে সাবধান হইবার প্রতিজ্ঞাচ্ছলে নিজের কান স্পর্শ করা। কানপাকা—কর্ণরোগবিশেষ ; এই রোগের প্রথম অবস্থায় কাণের ভিতর ফোলে, কট্‌কট্ করে ও শেষে পুঁয হয়। কানপাটা [কান (কর্ণ) পাটা (পট্ট শব্দজ) হি—কানপট্টী] বি. কর্ণের নিকট-স্থিত লম্বিত চুল ; জুল্পী। ২। কানের নিম্নস্থ কোমল অংশ ; যেখানে ফুল, ইয়ারিং প্রভৃতি ধারণ করে। কানপাতলা—বিণ, কোন কথা সহজেই যাহার কানে প্রবেশ করে ; যাহার কান কথার ভার সহ্য করিতে পারে না ; যে বিচার না করিয়াই পরের কথা ও লাগালাগি শুনে। কানপাতা (ন্) ক্রি, কোন কিছু শুনিবার জন্য শব্দাভিমুখে কান রাখা ; মনো-যোগের সহিত শোনা। প্র—"তখন চারিদিকের কোলাহল হইতে ক্ষণকালের জন্য মনটাকে টানিয়া সেইদিকে, আমরাও কান পাতিয়া দাঁড়াই।"—চারিত্র পূজা। কানের পাতা—কর্ণপত্র ; পত্রাকার কানের চর্ম্ম ; lobe of the ear. কানফাটা [হি—কন্‌ফটা] বি, এক সম্প্রদায় যোগী যাহার কানের পাতা চেরা হয় : কানফাটা যোগী। কান ফাটান—চীৎকার করিয়া কানে তালা ধরান ; কর্ণ বিদীর্ণ করা। তুল—হি—কান ফোড়না। কানবালা [কর্ণবলয়] বি, কানের অলঙ্কার ; কনককুণ্ডল। কান বেঁধা—মাকড়ী প্রভৃতি পরিবার জন্য কানে ছিদ্র করা। ২। [কর্ণবেধ] সংস্কারার্থ কর্ণ-বেধ করা ; ণিজন্ত,—কান বেঁধান। কানের বিঁধ—কানের ছিদ্রপথ ; কর্ণরন্ধ্র ; মাকড়ী প্রভৃতি পরিবার মত কানের পাতায় ছিদ্র। কান ভাঙ্গান (কান্‌ভাঙানো) বি, গোপনে নানা বিরুদ্ধ কথা বলিয়া অসন্তোষ জন্মান ; কুমন্ত্রণা দান করা। কান ভারা [কান—ভারা (মন্ত্র দ্বারা স্তম্ভন)] ক্রি, কানে এমন সকল মন্ত্রণা দেওয়া যাহাতে পরে কাহার ভালমন্দ কোন কথাই কানে প্রবেশ না করে। কান ভারি করা—ক্রি, কান নানা বিরুদ্ধ কথায় ভারাক্রান্ত করা ; কুমন্ত্রণা দ্বারা অসন্তোষ জন্মান। কান ভোঁ ভোঁ করা—কানের ভিতর ভোঁ ভোঁ শব্দ হওয়া ; অত্যন্ত দুর্ব্বলতা জনিত কানে ঐরূপ শব্দ অনুভব করা যায়। কানমলা (ন্) [কর্ণমল শব্দজ] বি, কর্ণ বিবরস্থিত মল ; কানের মলা ; খলি। ২। কর্ণ মর্দ্দন ; কান মোচড়া ; কানুটি। ৩। ক্রি, কানে পাক দেওয়া ; কান মলিয়া অপমান করা। কান মলা খাওয়া—অপমানিত হওয়া। (২) ঠকিয়া রীতিমত শিক্ষা পাওয়া। কানমুথা, মুতা (ন্) [সং—কর্ণমূল] বি, কর্ণমূল ; কর্ণের নিকটবর্ত্তী স্থান। কানমোচড়া (ন, চ্) [কর্ণমর্দ্দন] কানমলা ; কান্ পাকাইয়া দেওন ; তামাসা ; পরিহাসসূচক কর্ণমর্দ্দন। (২) তিরস্কার সূচক। (৩) ভবিষ্যতে সতর্ক বা সাবধান সূচক বা অনুতাপ-জ্ঞাপক স্বহস্তে মর্দ্দন ; এই অর্থে প্রায় নাক-খত্তা, কান মোচড়া। কানে আঙ্গুল দেওয়া—অশ্রাব্য বিষয় কানে প্রবেশ করিতে না পারে এজন্য শ্রবণবিবর আঙ্গুল দিয়া বন্ধ করা ; কোন কিছু না শোনা। কানে উঠা—কর্ণগোচর হওয়া। কানে কাণ, কানে কান (কানেকান্) [সং—কর্ণ ; ফা—কিনার (ধার, প্রান্ত) ; হি—কিনারা ; বাং—কানা] ক্রি-বিণ কানায় কানায় ; মুখে মুখে ; ছাপাছাপি। প্র—"কানায় কানায় পূর্ণ আমার পরাণ"—রবীন্দ্র। কানে কানে—ক্রি-বিণ, কর্ণকুহরের সমীপে। ২। পাত্রের ধার পর্য্যন্ত ; কানায় কানায়। কানে কথা

বলা, কানে কানে কথা কওয়া—পরস্পর কানের অতি নিকটে মুখ রাখিয়া অন্যের কর্ণগোচর না হয়, এমন চুপি চুপি কথা বলা। কানে খাট হওয়া [কানে—খাট (অল্পদূর হইতেও শুনিবার মত শক্তি না থাকা)। তুল—ইং—short of hearing] ক্রি, উচ্চৈঃস্বরে না বলিলে শুনিতে না পাওয়া ; মৃদুশব্দ শুনিবার শক্তি হইতে বঞ্চিত হওয়া ; কানে কম শুনিতে পাওয়া। কানে তালা ধরা, তালী ধরা, লাগা—শ্রবণ-দ্বার বন্ধ হওয়া ; শুনিতে না পাওয়া ; ভয়ানক শব্দ বা গোলমাল অথবা হেতু কানে শুনিতে না পাওয়া। কানে তোলা [কানে—তোলা = উত্থাপন করা ; উল্লেখ করা] কর্ণগোচর করা ; শুনান। কানে ধরা [কান ধরা দ্রঃ] কৃত অপরাধ বা ভুল চুকের জন্য কর্ণ স্পর্শ করিয়া সাবধান হওয়া ; ভবিষ্যতে আর সেরূপ না করিবার জন্য প্রতিজ্ঞারূঢ় হওয়া। কানে ধরিয়া বলা—বিশেষ ভাবে বা তিরস্কার-পূর্ব্বক মনোযোগ আকর্ষণ করিয়া কিছু বলা বা উপদেশ দেওয়া। প্র—"তাহাকে কানে ধরে বলে না দিলে শুনবে না"। ২। সনির্ব্বন্ধ অনুরোধ করিয়া বলা। প্র—সেকি তাহার কানে ধরিয়া বলিতে গিয়াছিল। কানে লাগা—কানে ভাল লাগা ; শ্রবণ-সুখকর হওয়া। কানে লেগে থাকা—যাহা শুনা গিয়াছে তাহার স্মৃতি পুর্ব্ববৎ বজায় থাকা ; শ্রুত বিষয়ের মধুরধ্বনি মনে থাকা। কান সারা—কান খাড়া করা ; (তাহা হইতে) সতর্ক হওয়া ; সাবধান হওয়া। প্র—"উভলেজ করিয়া সারিল দুই কাণ। এক লাফে আকাশে উঠিল হনুমান ॥"—কৃত্তিবাস। হাঁড়ীকান—কানের পাতার শঙ্খ : কর্ণবেষ্টনীর কানের যে স্থান হাঁড়ীর মত গভীর। [স্ত্রীলোকে হাঁড়ীকানে চৌদানী প্রভৃতি মাকড়ী-জাতীয় অলঙ্কার পরিয়া থাকে]।

কানক (ক্) [কনক + অ বিকারার্থে, অণ্] বিণ, সুবর্ণরচিত ; কনকনির্ম্মিত। ২। সুবর্ণ-সম্বন্ধীয়। ৩। বি, ক্লী, জয়পালের বীচি।

কানড়, কানোড় (ড়) বিষধর সর্পবিশেষ ; কাঁদোড় সাপ।

কানড় (কানোড়) [সং—কর্ণাট] বি, স্ত্রীলোকের কেশবিন্যাসবিশেষ ; কর্ণাটপ্রদেশ-প্রসিদ্ধ খোঁপা (ইহাতে প্রথম চুল ১৬ গুচ্ছ করিয়া পরে চার চার গুচ্ছে এক একটি বিননী পাকাইয়া চার বিননী দ্বারা কুণ্ডলাকৃতি খোঁপা বাঁধা হয়)। কানড় খোঁপাও বলে। প্র—"কানড় খোপায় কনকচাঁপা পাটের থোপা দোলে।"—কবিক।

কানড়, কানড়া (ড়) [মঃ—কণের (কৃষ্ণ করবীর ?) ইহার উচ্চারণ অনেকটা কনের ও কনেড়র মত অথবা কহ্লোট (নীলোৎপল) হইতে কহ্লোর—কানড় । কবিপ্রসিদ্ধ হেতু কহ্লোট সম্ভব] বি, নীলপদ্ম। প্র—"কানড়া কুসুম জিনি শ্যামচাঁদের বদনখানি।"—চণ্ডীদাস। ২। সর্পবিশেষ। ৩। সর্পের কুণ্ডলীর মত খোঁপা বাঁধিবার ধারা (কানড় দ্রঃ)। প্র—"কানড়া ছাঁদে কবরী বান্ধে, নবমল্লিকার মালে ॥"—চণ্ডীদাস। ৪। [সং—কর্ণাট] কর্ণাটদেশীয়। প্র—"কাপড়-কাণ্ডার আড়ে কানড়া রূপসী।"—ঘনরাম। ৫। [সঙ্গীতে কর্ণাট রাগ ; হি—কান্‌ড] রাগবিশেষ : মেঘরাগের পুত্ররূপে কল্পিত। ৬। বিণ, কর্ণাটী। স্ত্রী, কানড়ী (কর্ণাটী রাগিণী : হি—কান্‌ড়ী)।

কানন (কানোন্) [কানি (দীপ্তি পাওয়া) + অন (অধি, সংজ্ঞার্থে, অনট্) যেখানে বৃক্ষ-সমূহ শোভা পায়] বি, ক্লী, বন ; গহন ; অরণ্য। নন্দন কানন—স্বর্গের বন ; যথায় দেবপুষ্প পারিজাতাদির বৃক্ষ বিরাজিত। ২। সুসজ্জিত বৃহৎ উপবন ; বিলাস উদ্যান।

কাননারি [কানন (তাহার) অরি—৬তৎ] বি, পুং, শমীবৃক্ষ। এই বৃক্ষ হইতে অগ্নি নির্গত হইয়া বন দগ্ধ করে বলিয়া এই নাম।

কানা [সং—কাণ (একচক্ষু হীন) ; হি—কাণা। বাং 'কাণা'ও হয়] বিণ, চক্ষুহীন। প্র—একচোখ কাণা ; দুচোখ কাণা। ২। একচক্ষুহীন। ৩। ফুটা ; সছিদ্র। প্র—কাণা হাঁড়ী, কাণাকড়ি। ৪। পোকা ধরা। স্ত্রী, কানী (হি—কানী = এক চক্ষুহীনা। প্র—"অন্ধী কানী লংডী লুলী"—হিন্দী গান)। কানা কড়ি—ফুটা কড়ি যাহা বাজারে চলে না। ২। ক্রমাগত ব্যবহারে ফুটা কড়ি। যে খেলে সে কানা কড়িতেও খেলে—আস্ত কড়িতেই খেলা যায় কারণ তাহা গড়াইয়া দিলে হাতের কৌশলে চিত উপুড় করা চলে কিন্তু কানা কড়িতে তাহা চলে না ; তবে যদি দক্ষ খেলোয়াড় হয়, তাহা হইলে সে কানা কড়িও ইচ্ছামত চালিতে পারে। (তাহা হইতে) আসলে বা মূলে প্রকৃত খেলোয়াড় বা ক্রীড়াকুশল হওয়া চাই। কানা করে দেওয়া—অন্ধকারে অন্তরালে ফেলিয়া দেওয়া যাহাতে সে প্রতিযোগিতায় অনুকূল পথ দেখিতে না পায়। চেষ্টা ব্যর্থ করা ; পরাস্ত করা। কানা খোঁড়ার একগুণ বাড়া—[প্রবচন] অন্ধ ও খঞ্জ ব্যক্তি চক্ষু ও চরণের অভাব কর্ণ, ত্বক আদি ইন্দ্রিয় দ্বারা মোচন করিবার চেষ্টা করায় ক্রমে সেগুলি সাধারণ অপেক্ষা সমধিক পরিস্ফুট হয় এবং তাহাদের অনুভূতি, বুদ্ধিশক্তি প্রভৃতি বৃদ্ধিপ্রাপ্ত হয়। কানা ছেলের নাম পদ্মলোচন—[প্রবচন] চোখই নাই তার পদ্মচক্ষু হইবে কি ? সুতরাং লোচনহীনের পদ্মলোচন নাম রাখা যেমন নিরর্থক বা হাস্যাস্পদ তদ্রূপ নিরর্থক নামকরণ উপহাসাস্পদ। এই প্রবচন একটু বিকৃত হইয়া কোন কোন স্থলে দাঁড়াইয়াছে—"গাঁদা ছেলের নাম পদ্মলোচন।" কানার মা [গর্ভস্থ সন্তান অন্ধ বলিয়া এই নাম] প্রথম অন্তঃসত্ত্বা নারী। (নব-গর্ভিণী যে জননীত্ব প্রাপ্ত হইয়াছেন তাহা জানাইবার জন্য পুত্রবতী পুরন্ধ্রীগণ তাঁহাকে "কানার মা" বলিয়া সম্বোধন করেন)। চকরা-কানা [চ'ক—রা (তুচ্ছার্থে) কানা] বিণ, চক্ষু থাকিতে কানা। কানামাছি [কানা (চোখ বাঁধিয়া)—মাছি (মাছির মত ঘুরিতে থাকে বলিয়া)] বি, ছেলেদের খেলা ; যে খেলায় একজন চোখ বাঁধিয়া কানামাছি সাজে ও আর সকলে তাহাকে চতুর্দ্দিক হইতে স্পর্শ করে, সে ঘুরিয়া ঘুরিয়া যে স্পর্শ করিতে থাকে তাহাকে ধরিতে চেষ্টা করে। খেলার বোল—"কানামাছি ভোঁ ভোঁ" ইত্যাদি।

কানা [সং—কর্ণ ; ফা—কিনার্ ; হি—কিনারা] বি, কিনারা ; ধার ; প্রান্ত। ২। পাত্রাদির মুখের বেড়, ঘের বা গলা ; হাঁড়ীর ভাঙ্গা ধার। প্র—"মেরেছ মেরেছ কলসীর কানা।" কানায় কানায়—(পাত্রের) মুখে মুখে ; গলায় গলায় ; কিনারা পর্য্যন্ত ; ছাপাছাপি। প্র—"কানায় কানায় পূর্ণ আমার পরাণ"—ভরা ভাদরে (রবি)। কানা ভাঙ্গা হাঁড়ী অর্থে—কানায়ে। কানায়ে দ্রঃ।

কানাই [সং—কৃষ্ণ ; হি—কহ্নাই ; পা-প্রাকৃ—কণ্হো। "বাসুদেবো হরিঃকণ্হো কেসবো চক্কপাণ্যথ—অভিধানপ্পদীপিকা] বি, শ্রীকৃষ্ণ। প্র—"তার মুখে ছাই দিয়া সে কানাই আসিবে তোমা নিকটে।"—চণ্ডীদাস।

কানাই বলাই—কৃষ্ণ বলরাম। প্র—"কানাই বলাই দুটি ভাই"—গান। না বিয়িয়ে কানায়ের মা—যশোদা কৃষ্ণকে উদরে ধারণ না করিয়াও তাঁহার জননী হইয়াছিলেন। সেইরূপ পরের ছেলের মা হওয়া ; ছেলে না হইলেও ছেলের "ঝক্কি পোয়ান" অর্থাৎ মায়ের কর্ত্তব্যপালনের কষ্ট স্বীকার করা।

কানাকানি, নী [কর্ণাকর্ণি। কাণাকাণি দ্রঃ] বি, এক কাণ হইতে অন্যের কাণ ; পরস্পর চুপেচুপে বলাবলি। প্র—"দুটি সোহাগের বাণী, যদি হত কাণাকাণি, যদি ওই মালাখানি পরাতে গলে। এখন ফিরাবে আর কিসের ছলে ॥"—রবীন্দ্র।

কানাঘুষা [কানা (কাণে কাণে) ঘুষা (ঘোষণা, উক্তি)। অপভ্রংশে **গানাঘুষা**। "কাণাঘুষা"ও হয়। তুল—হি—কানাফুসী] বি, গোপনে গোপনে ঘোষণা। প্র—"দিয়া শঙ্খ জয়ধ্বনি, নিত্য পূজে একাকিনী, বন্ধুজন করে কানাঘুষা।"—কবিক।

কানাচ, কানাচি (চ) [তুর্কী—কনাত্—তাহা হইতে কানাচ : অথবা চালের কিনারা বা কানা তাহার নিম্নস্থান = কানা-স্থান = কানাস,—সি (সংক্ষেপে) : স=চ] বি, গৃহের পশ্চাদ্ভাগ ; ছাঁচতলা : ঘাটি। **কানাচি-পাতা**—আড়িপাতিয়া শুনা : অন্তরালে লুকাইয়া পরের কথায় কাণপাতা। **আনাচ-কানাচ**—[আঁদাড়পাঁদাড় দ্রঃ] বি, আড়াল-বিড়াল ; অলিতলা ; ছাঁইচতলা। প্র—"আনাচ-কানাচ ঘুরে বেড়াই চল।"—ম্যাকবেথ।

কানাট (ট্) [প্রাদে] বি, ভিজা মাটিতে গাড়ীর চাকার দাগ।

কানাড়া, কানেড়া [ন স্থলে ণও চলিত। সং—কর্ণাটক বা কর্ণাট ; কানড়া দ্রঃ] বি, রাগিণীবিশেষ ; কর্ণাটরাগিণী।

কানাড়া [কানড়া দ্রঃ] বি, প্রাচীনকালের স্ত্রীলোকের কেশবিন্যাসবিশেষ, ১৬টী গুচ্ছের বিননী ৪টীতে পরিণত করিয়া বান্ধিবার রীতি ছিল। কানড় সাপ যেরূপ কুণ্ডলী পাকাইয়া থাকে, ইহা দেখিতে সেইরূপ বলিয়া কানাড়া নামে খ্যাত। প্র—"ধনী কানাড়া ছাঁদে বাঁধে কবরী। মন মালতীমাল তাহি উপরি॥"—গোবিন্দদাস।

কানাৎ, ত (ত্) [তুর্কী—কনাত্। সং—কাণ্ডপট] বি, বস্ত্রগৃহ : তাঁবু : পর্দ্দা। প্র—"ঝড়ে উড়ে কানাৎ দেখিয়া উড়ে প্রাণ॥"—ভারতচন্দ্র। "কানাত তাম্বু"—ঘনরাম।

কানায়ে [কানা আছে যার] বি, রন্ধনপাত্র : পাকস্থালী ; হাঁড়ি। **কানায়ে ঠেলা**—[গ্রা] হাঁড়ি ঠেলা ; কষ্ট করিয়া রান্না করা।

কানাসী (কানাশি) [কর্ণাস্থি] বি, মৎস্যের ফুলকার কাঁটা।

কানি [সং—কর্ণ ; খণ্ড। ওড়ি—কণা] বি, বস্ত্রখণ্ড ; ন্যাক্ড়া। প্র—"পরাতে মড়ার কানি বিষহরি চলে।"—মনসার ভাসান। ২। কর্ণ-কূপ ; কানকুয়া ; কান। প্র—"উজানের কই যেমন কানি বেয়ে যায়॥"—কবিক।

কানি, নী [হি—কনী—ছোটা টুকড়া (হি—শব্দসাগর) তাহা হইতে কাপড়ের ছোট টুকরা ; কর্পট। দ্রঃ—হিন্দীতে 'কানি' শব্দ আছে তাহার অর্থ "লোকলজ্জা"] বি, জীর্ণ বস্ত্রখণ্ড ; টেনা : নেকড়া-কানি—সহচর শব্দ প্রায় সমানার্থের (নেকড়া কানি অপেক্ষাও ক্ষুদ্র ও ছিন্ন)। ২। আনদ্ধ বাদ্যযন্ত্রের পুরু চর্ম্মাবৃত কিনারা। ৩। [পরিঃ দ্রঃ] ২৸৩৷৴ বিঘা পরিমাণ জমি ; ১২ নল × ১০ নল (পূ-বঙ্গে)। ৪। (কানি) [কর্ণ] কর্ণ : কাণ : কাণকুআ। ৫। [সং—কাণ (অন্ধ, একচক্ষুহীন) শব্দের স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী, একচক্ষু-হীনা। পুং, কানা বা কাণা।

কানীন (ন্) [কন্যা (অবিবাহিতা) + অ (অপত্যার্থে, নিপাতে) কিম্বা কন্যা + ঈন] বি, পুং, অবিবাহিতা কন্যার গর্ভোৎপন্ন সন্তান : ব্যাস : কর্ণ। স্ত্রী, **কানীনী**।

কানিপাবদা (ব্) বি, মৎস্যবিশেষ : কানপাব্দা

কানিমাগুর (কানিমাগুর্) [সাধারণ মাগুর মাছ অপেক্ষা বড় এক জাতের মাগুর মাছ] বি, কানমাগুর।

কানু [হি—কন্হাই, কাহ্ন—কানু, কান] বি, শ্রীকৃষ্ণ। প্র—"জলদ বরণ কানু দলিত অঞ্জন জনু।"—চণ্ডীদাস। "সব জন কানু কানু করি ঝুরয়ে"—বিদ্যাপতি।

কানুটি, টা [হি—কনেটী] বি, কাণমলা : কাণমোচড়া ; কাণে পাক দেওয়া। ২। সতর্কীকরণ ; শিক্ষা দেওয়া ; warning

কানুড়, কানোড় (ড়) বি, লতাবিশেষ।

কানুন, কানূন (ন্) [কাত্যায়নী বীণার অপভ্রংশ] ইহা একপ্রকার বাদ্যযন্ত্র ; ইহা দৈর্ঘ্যে প্রায় দুই হাত, প্রস্থে ১ হাত, বেধ আধ হাত : ভূমিতে রাখিয়া ইহা বাজাইতে হয়।

কানুন (ন্) [আ—কানূন্] বি, বিধি ব্যবস্থা : রাজনিয়ম ; আইন। আইন-কানুন (সহচর শব্দদ্বয়। আইন দ্রঃ)—বিধিব্যবস্থা। প্র—"বাহিরে যা পাই সমাজে নেব তারি আইন কানুন।"—রবি।

কানুনগো, কানুনগোই (ন্) [ফা—কানূন্গো, গোয়্। আ—কানুন্=আইন + গো। তুল—জ্ঞ—আইনজ্ঞ] বি, রাজস্ব-বিভাগীয় খাতাপত্রপরীক্ষক ; ভূমিপরিমাণ ও তাহার আয় সম্বন্ধীয় হিসাব-কিতাবকারী কর্ম্মচারী ; registrar of village parganas ; a revenue officer.
[দ্রঃ—"An expounder of the laws, but applied specially to village and district revenue officers, who, under former Governments recorded all circumstances within their sphere which concerned landed property and the realization of the revenue : keeping registers of the value, tenure, extent, and transfers of lands ; assisting in the measurement and survey of lands ; reporting deaths and successions of revenue payers ; and explaining, where required, local practices and public regulations. They were paid by rent-free lands, and various allowances and perquisites.—*Wilson*.]

কানেস্তারা, ক্যানেস্তারা [ইং—canister] বি, ঘৃত, তৈল প্রভৃতি রাখিবার টিন নির্ম্মিত আধারবিশেষ।

কান্ত (কান্তো) [কম্ (কামনা করা) + ত (কর্ম্মে—ক্ত) যাহাকে পাইতে কামনা করা হয়] বি, পুং, স্বামী ; পতি ; বল্লভ। ২। [কান্তিও বলে] ক্লী, লৌহ। প্র—কান্ত কড়া। ৩। কুঙ্কুম। ৪। বিণ, কমনীয় ; প্রিয়। ৫। শোভন ; মনোরম। ৬। বসন্তকাল। ৭। কৃষ্ণ। ৮। চন্দ্র। স্ত্রী, **কান্তা**—ভার্য্যা। প্র—"শ্মশানশায়ী কান্ত হেরি কান্তা যাবে ভুলে"—হেম বন্দ্যো। ২। সুন্দরী স্ত্রী। ৩। প্রিয়ঙ্গুলতা। ৪। নাগরমুথা। ৫। সূর্য্য চন্দ্র ও অয়স্ প্রভৃতি শব্দের পর বসিলে উৎকৃষ্ট মণি বা প্রস্তর বুঝায়। যথা—সূর্য্যকান্ত, চন্দ্রকান্ত, অয়স্কান্ত ইত্যাদি।

কান্তকড়া, কান্তিকড়া (কান্ত দ্রঃ) বি, কান্ত-লৌহনির্ম্মিত কটাহবিশেষ।

কান্তপাক্ষী (কান্তোপোক্খি) [কান্ত (মনোজ্ঞ) পক্ষ (পাখা) + ইন্ (অস্ত্যর্থে) = কান্তপক্ষিন্ ১মা, ১ব] বি, পুং, ময়ূর।

কান্তপাষাণ (ন্) [রাসাঃ পরিঃ] বি, অয়স্কান্ত : চুম্বক পাথর : চপলালয় (দ্রঃ). loadstone.

কান্তায়স (কান্তায়শ্) ক্লী, পুং, [কান্ত—অয়স্ + অ (সম্বন্ধার্থে—অণ্) বি, অয়স্কান্তমণি : কান্তলোহ।

কান্তার (র্) ["কান্তারো বর্ত্ম দুর্গমম্"—অমর। "যৎ বর্ত্ম ব্যাঘ্রাদ্যুপদ্রুতত্বাৎ দুঃখেন গম্যতে স কান্তারঃ"—অ, টীকা] বি, দুর্গম-পথ : ব্যাঘ্রাদি শ্বাপদসঙ্কুল বর্ত্ম। ২। গহন ; অরণ্য : নিবিড় বন। প্র—"কেমনে কহিব সে কান্তার-কান্তি আমি।"—মেঘনাদ। ৩। লোকালয়শূন্য স্থান। ৪। গহ্বর। ৫। [কান্ (কাহাকেও, কিম্ শব্দ ২য়া বহুবচন) তার (তৃ + ণিচ্ = তারি—যে গমন করায়) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, ঘঞ্)—যে অতি কষ্টে কাহাকেও গমন করায়] বি, বাঁশ ; আক ; কাজলা আক।

কান্তি [(কম্, কামনা করা) + তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, দীপ্তি ; শোভা। ২। কমনীয়া স্ত্রী। ৩। ইচ্ছা। ৪। কামনা। ৫। লাবণ্য ঔজ্জ্বল্য। ৬। সৌন্দর্য্য। ৭। চন্দ্রকলা। ৮। কামশক্তিবিশেষ। [বৈষ্ণব সাহিত্যে কান্তি, কাঁতি]।

কান্তিক (ক্) [কান্ত দ্রঃ] বি, ক্লী, কান্তি-লোহ ; একপ্রকার লোহ।

কান্তিদ [কান্তি (দীপ্তি) দ (দা—দান করা) + অ (কর্ত্তৃ—ড)] বি, ক্লী, পিত্ত। ২। ঘৃত। ৩। বিণ, শোভাপ্রদ।

কান্তিদায়ক (ক্) [কান্তি (লাবণ্য) দায়ক (যে দান করে) দা (দান করা) +অক —কর্ত্তৃ] বি, স্ত্রী, কালীয়ক নামক গন্ধ দ্রব্য ; ইহা মাখিলে লাবণ্য বৃদ্ধি হয় বলিয়া এই নাম) । ২। বিণ, শোভাদায়ক ; লাবণ্যবর্দ্ধক ।

কান্তিভৃৎ [কান্তি (শোভা) ভৃ (ধারণ করা) +ক্বিপ্, কর্ত্তৃ] বি, পুং, চন্দ্র (কান্তি নামক কলা ধারণ করেন বলিয়া চন্দ্রের এই নাম) । ২। বিণ, কান্তিযুক্ত ; যাহার দেহে কান্তি আছে ।

কান্তিমান্ [কান্তি+মতু (অস্ত্যর্থে) =কান্তিমৎ ১মা, ১ব] বিণ, কান্তিবিশিষ্ট দীপ্তিমান্ ; শোভাযুক্ত । ২। বি, পুং, চন্দ্র । ৩। কামদেব । স্ত্রী, **কান্তিমতী**—চন্দ্রকলা । ২। অপ্সরাবিশেষ ।

কান্দ (কান্দো) [কন্দ+অ (ভবার্থে, অন)] বিণ, কন্দোৎপন্ন ; কন্দজাত । ২। কন্দ সম্বন্ধীয় ।

কান্দন (ন্) [ক্রন্দন—কান্দন—কাঁদন । গ্রা] বি, ক্রন্দন ; অশ্রুমোচন ।

কান্দর্প [কন্দর্প (কাম) +অ (অপত্যার্থে, অণ্)] বি, পুং, কন্দর্পের পুত্র । ২। বিণ, কন্দর্প সম্বন্ধীয় ।

কান্দাল, কাঁদাল, কেঁদেল (ল্) যুদ্ধাস্ত্রবিশেষ ।

কান্না [সং—ক্রন্দন ; হি—কান্‌না ; বাং—কান্না] বি, ক্রন্দন ; রোদন ; কাঁদা । প্র—"সে হাসিতে সে কান্নাতে কত সুখ মাখা তাতে।" —প্রেম ও ফুল । অস-ক্রি, **কান্‌তে**—ক্রন্দন করিতে ; কাঁদিতে (কাঁদা দ্রঃ) । প্র—"তোমায় ডেকে দেখা পাইনে তাইতে, আমার জনম গেল কান্‌তে" —কাঙ্গাল হরিনাথ । **কান্না পায়**—ক্রি, ক্রন্দনের বেগ আইসে ; রোদন করিতে ইচ্ছা বা প্রবৃত্তি জন্মে । ২। দুঃখ হয় । প্র—আহা সে বেচারী খেতে না পেয়ে এত রোগা হয়ে গেছে, যে তাকে দেখ্‌লে কান্না পায় । **কান্নাকাটি** [কাঁদা ও হাত পা আছড়ান, মাথা কুটা বা খোঁড়া] বি, শোকতাপ । ২। আবদার । **কান্নাহাটি, টী** [কান্না—হাটি (হাটের গণ্ডগোল বৎ)] বি, দুঃখ প্রকাশ ; করুণা করা । ২। উচ্চৈঃস্বরে রোদন ; হাহাকার । প্র—"হল রান্নাঘরে কান্নাহাটি"—ঈশ্বর গুপ্ত । "তাহা হইলেই তো বোম্বাই সহরে কান্নাহাটী যাইবে।"—বঙ্গবাসী । **মায়া-কান্না** —কপট ক্রন্দন ; যে কান্না আন্তরিক শোক জনিত নহে কেবল মায়া দেখাইয়া কাঁদে ফেলিবার জন্য । **মরা-কান্না**—আত্মীয়স্বজন মরিলে স্ত্রীলোকে যেরূপ উচ্চরোলে ও বিনাইয়া বিনাইয়া কাঁদে ।

কান্যকুব্জ (কান্‌নোকুব্‌জো) [কন্যা কুব্জ+অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, পুং, কনোজদেশ । ২। (কান্যকুব্জ+অণ (তত্রত্য ব্রাহ্মণ অর্থে) কনোজ ব্রাহ্মণ ।

কাপ (প্) [সং—কপট—কাপট্য] বি, ছলনা ; কপটতা । প্র—"লোকে বলে পাপ কাপ কদিন লুকায়"—ভারতচন্দ্র । কাপ করিয়া পড়িয়া থাকা । ২। কৌতুক ; বাজী ; তামাসা ; ঠাট্টা । ৩। অসুবিধা ; difficulty. ৪। ব্রাহ্মণের সমাজবন্ধনবিশেষ ; ভঙ্গকুলীন । [দ্রঃ—কুলীন ব্রাহ্মণের মধ্যে বহু দোষাশ্রিত ব্যক্তি এক সম্প্রদায়ভুক্ত হওয়ায় তাঁহারা 'কাপ' বা 'কপট' নামে অভিহিত হন । ইঁহারা পরে কুলীন ও শ্রোত্রিয়ের মধ্যবর্ত্তী আসন প্রাপ্ত হন।" —বিপ্রদাস মুখো (শুভ বিবাহ)] । ৫। বিণ, কপটাচারী ; ছলকারী ; কৌতুককারী ; বাজীকর । প্র—

"কেহ বলে ঐ এল শিব বুড়া কাপ ।
কেহ বলে বুড়াটী খেলাও দেখি সাপ॥"
—অন্নদামঙ্গল ।

৬। বি, দ্বেষ ; হিংসা । প্র—"তাঁহারা প্রতিবাসী হইয়াও আমাদের প্রতি কাপ করেন ।" ৭। কলমের মুখ ; নিব্ ; the nib of a pen.

কাপ (প্) [সং—কর্প ; বাং—কাঁপ ও বলে] বি, কলম ; লেখনী । প্র—"মৃগমদ মসি নখ কাপ ।" —বিদ্যাপতি ।

কাপটিক (ক্) [কপট (শঠতা) +ইক সম্বন্ধার্থে—ইকণ্] বিণ, কপটাচারী ; কপট ব্যবহারী ; শঠ ।

কাপটিয়া, কাপ্‌টে [সং—কাপট্য] বি, শঠ ; ধূর্ত্ত ; কপট । ২। [সং—কৃপণ] কৃপণ ; কিপ্‌টে ।

কাপটী, কাপ্‌টি (কাপ্‌টি) বি, খামটি ; কামড়ে ধরা ; দৃঢ়তা ; দৃঢ়ধারণ । ২। কপট [কাপড়ি দ্রঃ] ।

কাপড় (কাপোড়্) [সং—কর্পটঃ (কার্পাস জাত বলিয়া ?) =জীর্ণ মলিন বস্ত্রখণ্ড, "পটচ্চরং, জীর্ণবস্ত্রং সমৌ নক্তক কর্পটৌ"—অমর । পা—কপ্পটো (ছিন্নবস্ত্র) ; ওড়ি—কপ্টা (দীর্ঘছিন্নবস্ত্র) ; মঃ—কাপড় ; হি—কাপ্‌ড়া (বস্ত্র)] বি, বস্ত্র ; বসন । [দ্রঃ—পূঃবঙ্গে স্থানবিশেষে কাপড়ের সহচররূপে লেত্তা বা লত্তা (উচ্চারণভেদে ল্যাতা, ন্যাতা —"নক্তকঃ" (অমর), "লত্তক" (ভরত) শব্দ ব্যবহৃত হয় । তুল—কাপড় চোপড়] **কাপড় চোপড়** (ড়্ ড়্) [কাপড় (দ্রঃ) চোপড় (সহচর শব্দ, প্রভৃতি অর্থে; তুল —হি—কাপড়্-ওপড়্ । চোপড়—কাপড় অপেক্ষা ক্ষুদ্রার্থে—যথা চাদর । তুল—পূর্ব্ববঙ্গের স্থানবিশেষে ব্যবহৃত বস্ত্রাদি অর্থে কাপড় লেত্তা] বি, বস্ত্রাদি ; কাপড় ও জামা, চাদর প্রভৃতি ; পোষাক । **কাপাড়কাচা**—বস্ত্রধৌত করা বা ধোয়া । **কাপড়পরা**—বস্ত্রপরিধান করা ; পোষাক পরিধান করা । **কাপড় ছাড়া**—এক বস্ত্র ত্যাগ করিয়া অন্য বস্ত্র পরিধান করা । **কাপড় ছোবান**—বস্ত্র রঙ্গ করা । **কাপড় তোলা**—যে ভিজা কাপড় রৌদ্রে বা হাওয়ায় শুকাইতে দেওয়া হইয়াছে তাহা যথা স্থানে উঠাইয়া রাখা ; পরিহিত বস্ত্র উপরে আকর্ষণ বা গুটান । **তোলা কাপড়**—আট প্রহরীয়া বা আট পৌরের বিপরীত ; যে কাপড় তোলা থাকে কখন কখন আবশ্যক মত পরা হয় ; মূল্যবান্ পোষাকী কাপড় । **আটপৌরে কাপড়**—নিত্য পরিধানের বস্ত্র । **বাসিকরা কাপড়**—ভালরকম ধোয়া ও সুবাসিত কাপড় । গন্ধদ্রব্য দ্বারা সুবাসিত করিবার প্রথা এখনও আছে । কাচা ও ইস্ত্রী করা কাপড় । **সাজ করা কাপড়**—সদ্য কাচা বা ধোয়া কাপড় । **বাসি কাপড়** —যে কাপড় পরিয়া রাত্রিবাস করা হইয়াছে । **এড়া-কাপড়**—উচ্ছিষ্ট-স্পৃষ্ট কাপড় ; সঁকড়ি ছোঁয়া কাপড় । **কাপড়-তো করা, তুয়্ করা, কাপড়পাট করা**—কাপড় ভাঁজ করা । (তা, তো দ্রঃ) । **কাপড়ের জমি**—টানা পড়েন ; বুনন । **কাপড়ের থড়ি**—কাপড়ের পাড়ের ঠিক নীচে যে জমির মধ্যে ডোরা বুনন থাকে । **ময়লা কাপড়**—পরিধেয় মলিন বস্ত্র । **আধ-ময়লা কাপড়**—ঘরে পরা চলে এমন মলিন বস্ত্র । **পাছা পেড়ে কাপড়** —তিন-পাড়যুক্ত কাপড় ; সধবা স্ত্রীলোকের পরিধেয় সাড়ী যাহার দুই কিনারা ও মধ্যভাগে পাড় থাকে (তিন পেড়ে কাপড়ের ব্যবহার ক্রমে হ্রাস পাইতেছে) । **থান-কাপড়**—পাড়হীন বা কোন বর্ণের পাড়হীন বস্ত্র, পুরুষ ও বিধবাদিগের ব্যবহার্য্য সাদা পাড়যুক্ত বা পাড়হীন কাপড় । **কাঁচা পাটের কাপড়**—[কোষ্টা পাট হইতে ; তুল—গাছপাট] গরদ ; রেশমী কাপড় । **পচা কাপড়**—গলিত বস্ত্র ।

কাপড়ি, কাপড়ী [সং—কর্পট+ই= কপড়ি=কপালী] বি, কাপালিক সন্ন্যাসী ; বৌদ্ধ সন্ন্যাসী । প্র—"আজানুলম্বিত জটা কাপড়ী সন্ন্যাসী-ঘটা অন্ন মাঙ্গে ফিরিয়া বাজার ।"—কবিক । ২। [তুল—কাপটিয়া ; সংক্ষেপে—কাপড়ি । ট=ড়] কপট ।

কাপড়িয়া, কাপুড়ে (প্) [কাপড় দ্রঃ বিণ, বস্ত্রবিক্রেতা । কাপড়প্রিয় । প্র—কাপুড়ে বাবু ।

কাপড়্যা (কাপোড়্যা) [সং—কাপালী] বি. কাপালিক।
প্র—"হাটে বাঘছাল বেচে ফুল্লরা রূপসী। যতনে কিনয়ে তাহা কাপড়্যা সন্ন্যাসী॥" —কবিকঙ্কণ।
২। [কাপড়িয়া দ্রঃ] কাপড় ব্যবসায়ী (বিক্রমপুর অঞ্চলে)।

কাপা (কাপড়-হইতে) বি. উত্তর বঙ্গের পল্লী রমণীদিগের বক্ষঃ-আবরণ বস্ত্র।

কাপাল (ল্) বি. রামায়ণোক্ত বিশ্বামিত্রের মন্ত্রাত্মক অস্ত্রবিশেষ।

কাপালি—বি. শূদ্রজাতিবিশেষ ; কপালী।

কাপালিক (ক্) [কপাল (নরকপাল) +ইক (—সম্বন্ধে) যাহারা নরকপাল ব্যবহার করে] বি, পুং, বামাচারী তান্ত্রিক : ইহারা হস্তে নরকপালের অর্দ্ধাংশ ধারণ করে (উহাই তাহাদের পান ও ভোজন পাত্র) এবং গলায় অস্থিমালা, কপালে চিতাভস্ম ও অঙ্গারের তিলক রচনা করে। ২। কাপালি জাতিবিশেষ। ৩। বিণ, কপাল সংক্রান্ত ; কপালসম্বন্ধীয়।

কাপালী [কপাল (নরকপাল) + অন্ (স্বার্থে) = কপাল + ইন্ (অস্ত্যর্থে) - কাপালিন্ ১মা, ১ব] বি, পুং, শিব (ইনি নরকপালমালা ধারণ করায় এই নাম) ; কপালমালী। ২। বিণ, ব্রতার্থ ব্রহ্মকপালধারী।

কাপাস (কাপাশ্) [সং—কার্পাস ; পা—কপ্পাস ; হি—কপাস। অপভ্রংশে "কাবাস"] বি, তুলা ; কার্পাস ; cotton. **বন-কাপাস**—বন্য ও নিকৃষ্ট জাতীয় কার্পাস : ইহার নামান্তর "বদরা"। বিণ. **কাপাসিয়া, কাপাসি, কাপাসে**—কাপাসের বর্ণ ও গুণবিশিষ্ট। ২। টিপিলে ছোট হয় আবার ফাঁপিয়া উঠে। ৩। দেখিতে ফিকে লাল বা রক্তাভ। ৪। [হি—ফেফ্ড়া] বি, ফুল্কা ; ফুস্ফুস্।

কাপিল (ল্) [কপিল + অণ্—অপত্যার্থে] বি, পুং, কপিলমুনির সন্তান। ২। [কৃতার্থে —অণ্] কপিল প্রণীত সাংখ্যদর্শনশাস্ত্র। ৩। [সম্বন্ধার্থে—অণ্] সাংখ্যবাদী ; সাংখ্যমতাবলম্বী। ৪। বিণ, পিঙ্গলবর্ণ।

কাপিলেয় [কপিলা + এয় (অপত্যার্থে—এয়ন্)] বি, পুং, কপিলানাম্নী ব্রাহ্মণীর সন্তান। ২। কপিল কর্তৃক পুত্রভাবে পালিত পঞ্চশিখ নামক ঋষি।

কাপিশ (শ্) [কপিশা (মাধবীলতা) + অ (উৎপন্নার্থে—অণ্)] বি, ক্লী, মাধবীলতাজাত মদ্য। স্ত্রী, **কাপিশী**—দেশবিশেষ।

কাপুরুষ (ষ্) [কু (কুৎসিত) যে পুরুষ কর্ম্মধা, কু = কা (পুরুষ শব্দ পরে থাকিলে কু স্থানে বিকল্পে কা হয়) কিম্পুরুষ দ্রঃ। তুল—ইং—coward ; ইতা—codardo (short tailed) from o. Fr. coe. coue (কু), dancue—to depress.] বি, পুং, কুৎসিত পুরুষ ; কদর্য্য পুরুষ। ২। অসার ব্যক্তি ; নিন্দিত ব্যক্তি। ৩। ভীরু স্বভাব ; সাহসহীন। ৪। যে নারীর মর্য্যাদা রক্ষা করিতে পারে না।

কাপুরুষত্ব, কাপুরুষতা [কাপুরুষ + ত্ব (ক্লী)—তা (স্ত্রী)—ভাবে] বি, ভীরুস্বভাবতা ; ভয়শীলতা ; সাহসহীনতা ; তিরস্কার বা অবমাননা সহ্য করিয়া থাকা ; ভয়ে অপমানকে অপমান জ্ঞান না করা।

কাপেকাপ (প্) [হি—খপ্ না] ক্রি-বিণ, নিশ্ছিদ্রভাবে ; ফাঁক না রাখিয়া।

কাপেয় [কপি (বানর) + এয় (অপত্যার্থে—এয়ণ্)] বিণ, বানরবংশীয়। ২। [সমূহার্থে—এয়ণ্] ক্লী, কপিসমূহ। ৩। [সম্বন্ধার্থে—এয়ণ্] কপি সম্বন্ধীয়। ৪। কপির অপত্য। ৫। বানুরে কর্ম্ম।

কাপোত (ত্) [কপোত (পারাবত) + অ সমূহার্থে—অণ্] বি, ক্লী, পারাবত সমূহ ; কপোতের দল ; পায়রার ঝাঁক। ২। [বৈদ্যকে] ক্ষারবিশেষ। ৩। সৌবীরাঞ্জন। ৪। বিণ, বিচিত্রবর্ণ ; কর্ব্বুরবর্ণ। ৫। [সম্বন্ধার্থে—অণ্] কপোত সম্বন্ধীয়। ৬। কপোতবৃত্তি ; আকাশবৃত্তি দ্রঃ ; দৈনিক আহারীয় সংগ্রহ ; অনিশ্চিত জীবিকা। (২)।

কাপোতক (ক্) [কাপোত + ক (সাদৃশ্যার্থে)] বি, পারাবত সদৃশ পক্ষী ; ঘুঘু প্রভৃতি।

কাপ্তেন (ন্) [ই—captain ; হি—কাপ্তান] বি, জাহাজের অধ্যক্ষ ; প্রধান নাবিক। ২। সেনাধ্যক্ষ। ৩। ধনী ; বিলাসী ; যে নীচ আমোদ প্রমোদের সহায় হয়।
কাপ্তেনধরা—ইয়ার দলের অর্থ-সহায়ক ধনী বিলাসী ব্যক্তিকে সংগ্রহ করা বা প্রাপ্ত হওয়া। প্র—আর খরচ যোগাতে পাচ্ছে না ; এখন তাহারা একজন কাপ্তেন ধরবার যোগাড়ে আছে।
কাপ্তেন ভাসান—নীচ আমোদ প্রমোদের অর্থ-সহায়ক ধনীর সর্ব্বনাশ করা ; তাহাকে পথে বসান।

কাপ্যকর (কাপ্পোকর্) [কু (কুৎসিত) আপ্য (প্রাপ্য) = কাপ্য (পাপ) কর (যে করে) কু = কা] বি, পুং, যে পাপ করিয়া প্রকাশ করে ; যে স্বকৃত পাপ প্রকাশ করিয়া পাপমুক্ত হইল বলিয়া মনে করে। ২। বিণ, পাপকারী ; পাপাচারী।

কাফর, ফির, ফের (র্) [আ—কাফ্র্—যে ঈশ্বরকে মানে না ; মুসলমানেরা ভিন্ন ধর্ম্মাবলম্বীদিগকে কাফর বা কাফের বলে] বিণ, নাস্তিক ; অবিশ্বাসী। ২। অ-মুসলমান। [দ্রঃ—ওয়ার্সী সম্প্রদায় প্রবর্ত্তক হাজী ওয়ারিস আলী সাহেব শিষ্য ফকীর আলক্শাহের ব্যাখ্যা —"কেয়াফ্র্ বা কাফ্র যাহারা না দেখিয়া বিশ্বাস করে না", হিন্দু—যাহারা ভগবদ্দর্শন করিয়া বিশ্বাস করে। মুসলমানেরা কাফর নহে কারণ তাহারা না দেখিয়া অর্থাৎ প্যাগম্বর হজরত মহম্মদের নিকট শুনিয়াই খোদাকে বিশ্বাস করে]।

কাফরি, কাফ্রি (ফ্) [পর্তু—Cafre আ—কাফির্] বি, আফ্রিকার নিগ্রোজাতি।

কাফল (ল্) [কু (কুৎসিত) যে ফল (কর্ম্মধা)] বি, ক্লী, কটফল ; কায়ফল। ২। [কুৎসিত ফল হইয়াছে যাহার, বহু] পুং, কটুফলের গাছ।

কাফি [ইং—Coffee] বি, বৃক্ষবিশেষ ; কাওয়া। ২। আরব ও আমেরিকার কোন কোন উষ্ণপ্রধান দেশজাত বৃক্ষবিশেষের ফলের বীজ ; ইহা মটরাকৃতি, বিশেষ প্রক্রিয়া দ্বারা এই বীজ হইতে প্রস্তুত চূর্ণবিশেষ। ইহা চা'র মত উষ্ণ জলে অল্প সিদ্ধ করিয়া পান করা হয়।

কাফি [আ—কাফী = পর্য্যাপ্ত] রাগিণীবিশেষ, আশাবরী, গুর্জ্জরী ও ভৈরবীযোগে উৎপন্ন রাগিণী। কাফির সহিত অন্য রাগিণী যোগে, —কাফি-কানড়া, কাফি তোড়ী ইত্যাদি।

কাফিলা [আ—কাফিলা] বি, তীর্থযাত্রীর দল ; পথিকের দল ; caravan.

কাফেলাবন্দী (বন্দি) [আ—কাফিলা বন্দী] বিণ, দলবদ্ধ।

কাবচিক (ক্) [কবচ (কর্ম্ম) + ইক ধারণার্থে (ইকণ্)] বিণ, কবচধারী যোদ্ধ্‌গণ ; যাহারা কবচ ধারণ করিয়া যুদ্ধ করে। ২। ক্লী, কবচধারিসমূহ।

কাবা [আ—ক্বা] বি, অঙ্গাবরণবিশেষ ; হাঁটুর নীচে পর্য্যন্ত লম্বা, ঢিলা ঘের, ঢিলা আস্তীন, সম্মুখখোলা অঙ্গরাখা। ২। [আ] মক্কাস্থ চতুষ্কোণ মন্দির ; মুসলমানদিগের প্রধান তীর্থ। "কাবার মন্দির মধ্যে ফিরিস্তা আব্রাহাম কর্ত্তৃক প্রদত্ত কৃষ্ণপ্রস্তর রক্ষিত আছে এবং যথায় মুসলমানেরা হজ করিতে যায়"। ৩। [কাপ হইতে ?] ছল ; ব্যাজ [*Haughton.*]

কাবাই (কাবা দ্রঃ) বি, বুককাটা ঢিলা জামাবিশেষ ; ছোট কাবা।

কাবাড়ী [সং—কর্ব্বট ; হি—কবাড়িয়া ; কবাড়ী ; কাবারি দ্রঃ] বি, মৎস্যজীবী জাতিবিশেষ ; কায়বারী ; কাবারি। ২। যাহারা নিলামে পুরাতন জিনিষপত্র ক্রয় করিয়া বিক্রয় করে ; ভাঙ্গা ফুটা কাঠ কাঠরার জিনিষের ব্যাপারী। স্ত্রী, **কাবাড়নী** (হি—কবাড়িন্)।

কাবান (নো) [গাবান দ্রঃ] ক্রি. আওটান : আলোড়ন করা।

কাবাব (ব) [আ—কবাব্] বি. শূলবিদ্ধ ভর্জ্জিত মাংস ; মাংস খুব কুটিয়া গুলি পাকাইয়া লৌহ শলাকায় বিঁধিয়া আগুনের আঁচে ভাজা।

কাবাবচিনি (ব) [আ—কবাবা+হি—চিনি ; সং—চণক হইতে চনার দানা পরে চিনি ; ইং—cubebs.] বি. সুমাত্রা, যব আদি দ্বীপজাত ক্ষুদ্র বৃন্তযুক্ত মরিচাকার ফলবিশেষ ; ইহা চিবাইবার পর জিহ্বা বায়ু স্পর্শে শীতল হয়। ২। কাবাব চিনির গাছ ; piper cubeba.

কাবার (র্) [আ—কব্র ; গ্রা-বাং—কাবার—হিন্দী কবর শব্দের উচ্চারণের অনুকরণে] বি. শেষ ; সমাপ্তি ; খতম। ২। শেষদিন। প্র—মাস কাবার হলে একবার তাহাকে আসিতে বলিও ; এমাস কবে কাবার হবে? ৩। যাপন ; অতিবাহন। প্র—"ঘুমটি ভেঙ্গে ভয়ে রাত কাবার"—রজনী সেন। ৪। [তাস খেলায়] সংখ্যাপূর্ণ ; গণনা-বিশেষের সম্পূরণ। **পঞ্চাশ-কাবার**—পঞ্চাশ বধ পূর্ণ। ২। তাস খেলায়। প্র—"প্রায় হ'ল পঞ্চাশ কাবার। তবু ছাড়্‌লিনে পঞ্চাশ কাবার॥" —রসিক চক্রবর্ত্তী। ক্রি. **কাবরানো**—কাবার হওযা : শেষ হওয়া।

কাবারি, কাবারী [সং—কর্বট অর্থে গ্রামের যে স্থানে লোকে ক্রয় বিক্রয় দ্বারা জীবিকা নির্ব্বাহ করে (বাচস্পত্যে) : হাট। তাহা হইতে হাটে মৎস্যবিক্রয়কারী, পরে মৎস্য-জীবী জাতিবিশেষ ; তুল—কৈবর্ত্ত—কেবট্ট (প্রাকৃ) : হি—কাবাড়ী] বি. মৎস্যবিক্রেতা জাতিবিশেষ : নিকারী। প্র—"মৎস্য বেচিয়া নাম ধরিলা কাবারী"—কবিক। ২। যাহারা ফলের বাগান জমা লইয়া ফল বিক্রয় করিয়া জীবিকা নির্ব্বাহ করে। ৩। যাহারা পুরাতন কাটকাটরা প্রভৃতির জিনিস ক্রয় বিক্রয় দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। ৪। বাঁশের শলাকা ; বাখারী। ৫। [প্রাদে] বাঁশ ও গোলপাতা নির্ম্মিত ছত্র : টোকা। [কায়-বার দ্রঃ]।

কাবাল (ল্) [আ—কৌআলী=গায়ক] বি. এক শ্রেণীর মুসলমান গায়ক যাহারা কেবল খেয়াল, তেলেনা প্রভৃতি গান করে : যাহারা কাওয়ালী গায়।

কাবালী, কাওয়ালী (ব়া) [আ—কৌআলী] বি. এক শ্রেণীর গীত যাহা মুসলমান পীরের দরগা বা সুফী সম্প্রদায়ের মজলিশে গাওয়া হয় ; মুসলমান ধর্ম্ম সম্বন্ধীয় গীত। ২। [বাদ্যে] তেতালা বাদ্যের প্রকার ভেদ ; মধ্যমান অপেক্ষা দ্বিগুণ জলদ তাল। ৩। কাবালের পেশা।

কাবাস (কাবাশ্) [সং—কার্পাস। তাহা হইতে কাপাস—কাবাস। কার্পাসের ন্যায় রসহীন] বিণ. রসহীন চোপ্‌সা ; সীটা। তুল—কাবাস মুলা। ২। পাংশুবর্ণ ; রক্তহীন ফ্যাকাসে। প্র—ভয়ে ছেলেটার মুখ কাবাস হ'য়ে গেছে।

কাবাসি, কাবাসী (শি) বি. পক্ষিবিশেষ। ২। [প্রাদে] কাপাসি (দ্রঃ) ; ফুস্‌ফুস্। ৩। বিণ. কাপাসের মত গুণ বা বর্ণবিশিষ্ট। **কাঠকাবাসি**—কাঠের ন্যায় নীরস ; শুষ্ক। ২। অত্যন্ত কৃপণ।

কাবিল (ল্) [আ—কাবিল্] বিণ. উপযুক্ত : যোগ্য : লায়েক।

কাবিলা [আ—কবীলা] বি. স্ত্রী. পত্নী। [আদালতের ভাষায়]।

কাবু [তুর্কী—কাবু (আক্রমণ)] বি. অধীন : বশ : বশীভূত : আয়ত্ত। ২। দুর্ব্বল : কৃশ। প্র—"বাবুগণ কাবু নন নাহি যায় ফ্যালা।" —ঈশ্বর গুপ্ত। ৩। [ফা—কাবুক] বিটঙ্ক : পায়রার খোপ। **কাবু করা**—ক্রি. আয়ত্ত করা : অধীন করা : বশীভূত করা। ২। নিঃশক্তি বা দুর্ব্বল করা। ৩। পরাস্ত করা। **কাবু করে ফেলা**—অনেক যুঝাযুঝি করিবার পর সম্পূর্ণ নিঃশক্তি ও অভিভূত করা।

কাবুলী [ফা, হি—কাবুল+ই (ভবার্থে)] বি. কাবুলের লোক। ২। বিণ. কাবুল দেশোৎপন্ন। প্র—কাবুলী ঘোড়া : কাবুলী বেদানা : কাবুলী ভাষা। ৩। কাবুল সম্বন্ধীয়। ৪। কাবুল দেশজাত মটর ; কাবলী মটর।

কাবেজ (জ্) [আ—কব্‌জ্—তাহা হইতে কাবিজ্ পরে বাং—কাবেজ] বিণ. আয়ত্ত : করতলগত। **কাবেজ করা**—আয়ত্ত করা : কব্‌জা করা : অধিকারে আনা।

কাবের (র্) বি. স্ত্রী. কুঙ্কুম।

কাবেরী (রি) [ক (জল) বের (শরীর) (জলরূপ হইয়াছে শরীর যাহার, বহু)] বি. স্ত্রী. দক্ষিণাপথের একটী প্রধান ও পুণ্যতোয়া নদী ইহা কুর্গ রাজ্য হইতে উৎপন্ন হইয়া মান্দ্রাজ প্রদেশের মধ্য দিয়া বঙ্গোপসাগরে মিলিত হইয়াছে। ২। [কু (কুৎসিত) বের (শরীর) যাহার (বহু) কু=ক] বেশ্যা : কায়বারী দ্রঃ।

কাব্য (কাব্‌বো) [কবি (শুক্র)+য (স্বার্থে)] বি. পুং. শুক্রাচার্য্য। ২। [কবি (পণ্ডিত)+য (কর্ম্মে—কৃতার্থে)] ক্লী. পদ্যে কিম্বা গদ্যে কবি-প্রণীত গ্রন্থবিশেষ ; রসযুক্ত বাক্য : যাহা পাঠ করিলে অনির্ব্বচনীয় প্রীতি জন্মে। যে অনির্ব্বচনীয় আনন্দজনক রচনা লোকের হৃদয় ও মনের মধ্যে শোক, বিস্ময়, উৎসাহ, ক্রোধ, ভয়, ভক্তি, স্নেহ, অনুরাগ প্রভৃতি ভিন্ন ভিন্ন ভাবের তরঙ্গ তুলিয়া দেয়, যাহা পাঠ করিতে করিতে পাঠক আত্মবিস্মৃত হইয়া যেন বর্ণিত ঘটনা স্থলে উপস্থিত হইয়া সমস্ত বিষয় ব্যাপার মানসনেত্রে দর্শন করিতে থাকে, এমন কি কবির চরিত্র-রচনা-কৌশল গুণে আত্মবিস্মৃত পাঠক, যে রচনার মধ্য দিয়া নায়ক নায়িকাদির হৃদয় ও মনের মধ্যে প্রবেশ করে এবং অন্তরের ভাব ও ভাব সমূহের ঘাত প্রতিঘাত পর্য্যন্ত যেন প্রত্যক্ষ করিয়া তাহাদের সুখ দুঃখের ভাগী হয়, সেইরূপ ভাবসম্বলিত রসাল প্রবন্ধের নাম কাব্য। কাব্য কবির কীর্ত্তি বলিয়া উক্ত হইয়াছে। মহাকাব্য, খণ্ডকাব্য, কোষকাব্য, গদ্যকাব্য প্রভৃতি ভেদে কাব্য নানাপ্রকার। সমস্ত কাব্য দৃশ্য ও শ্রব্য এই দুই প্রধান ভাগে বিভক্ত। দৃশ্যকাব্য পরে নাটক আখ্যা প্রাপ্ত হয়। রঘুবংশ, কুমারসম্ভব, নৈষধ, মাঘ, মহাভারত, রামায়ণ, মেঘনাদবধ ইত্যাদি কাব্য। ৩। রহস্য কথা। ৪। কবিসম্বন্ধীয়। স্ত্রী. **কাব্যা**—বুদ্ধি। **কাব্যকলা**—কাব্য-রচনার কৌশল ; কবিত্ব। [বিদ্রূপে অধুনা বাং-সাহিত্যে "কাব্যি" শব্দ চলিয়াছে]। **কাব্যচন্দ্রিকা**—বি. স্ত্রী. অলঙ্কার-গ্রন্থ-বিশেষ ; এই গ্রন্থ কাব্যলক্ষণ প্রকাশ-বিষয়ে চন্দ্রিকা-স্বরূপ বলিয়া এই নাম হইয়াছে। **কাব্যপ্রকাশ**—মম্মট ভট্ট-বিরচিত অলঙ্কার গ্রন্থবিশেষ।

কাব্যরস (শ্) কাব্যরূপ কুসুম-নিহিত মধু ; কাব্য পাঠের আনন্দ।

কাব্যরসিক (কাব্‌বোরোসিক্) বিণ. কাব্যরস-গ্রাহী ; কাব্যরসজ্ঞ।

কাব্যলিঙ্গ (কাব্‌বোলিংগ) বি. ক্লী. অর্থালঙ্কারবিশেষ ; বাক্যার্থ বা পদের অর্থ অপর অর্থের প্রতি কারণরূপে প্রতিপাদিত হইলে যে চমৎকারিত্ব জন্মে ; পূর্ব্ববর্ত্তী পাদদ্বয়ের অর্থ পরবর্ত্তী পাদদ্বয়ের প্রতিহেতু হইলে এই অলঙ্কার হয়। [দ্রঃ—হেতুবাচক শব্দের উল্লেখ থাকিলে চমৎকারিত্ব নষ্ট হয়, সুতরাং কাব্যলিঙ্গ হয় না]।

কাভাত (ত্) [প্রাদে। তুল—হি—কহৎ বা কহেত] বি. দুর্ভিক্ষ।

কাম (ম্) [কম্ (ইচ্ছা করা)+ণিচ্=কামি (ইচ্ছা করান)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে অচ্)] বি. পুং. কন্দর্প ; অনঙ্গ। ২। বলরাম [বিরল]। ৩। ক্লী. রেতঃ। ৪। [কম্ (ইচ্ছা করা)+অ (ভাবে—ঘঞ্)] বাঞ্ছা : অভিলাষ : কামনা ; লালসা। ৫। অনুরাগ। ৬। স্ত্রী পুরুষের সম্ভোগেচ্ছা ; মনের

যে বিকারধর্ম্মবশতঃ স্ত্রী ও পুরুষের পরস্পর সম্ভোগাভিলাষ জন্মে। ৭। [তন্ত্রে] মুদ্রা-বিশেষ : বিষ্ণু মুদ্রা। ৮। তন্ত্রবিশেষ ; কাম তন্ত্র : রতিশাস্ত্র। **কাম-কলা, কাম-কেলি**—যথাস্থানে দ্রঃ। **কামচাগা** [অশ্লীল] কামের উত্তেজনা হওয়া ; বলবতী রমণেচ্ছা হওয়া। **কামতাল**—কামোদ্দী-পক তাল-লয়যুক্ত সঙ্গীতবিশেষ। (২) কোকিল, যাহার গান কবি কর্ত্তৃক কামোদ্দীপক বলিয়া বর্ণিত। **কাম-তিথি**—মদন ত্রয়ো-দশী। **কামবাই** [অশ্লীল] কামোন্মাদ : সম্ভোগেচ্ছার আতিশয্য।

কাম (ম্) [সং—কর্ম্ম : প্রাকৃ—কম্ম : হি, বাং—কাম] বি, কার্য্য কর্ম্ম। প্র—তাহার কাম কাজ নাই এখন বসিয়া আছে। ২। প্রয়োজন : আবশ্যক। প্র—"উর গো কবির কামে কৃপাকর শিবরামে"—কবিক। "উৎপত্তি বণিককুলে, নিবেদি চরণতলে, যেই কামে আমার প্রয়াণ।"—ঐ। ৩। ব্যাপার : ঘটনা : কাণ্ড। প্র—কহয়ে রজনী বিলাস কাম।"—বিদ্যাপতি। **কাম-কাজ**—[সহচর শব্দ] কাজকর্ম্ম। **কাম-দার**—কারিন্দা : আমলা (রাজপুতনায়)।

কামকলা (ম্) [কাম—কলা (অংশ)] বি, স্ত্রী, রতি ; কামপত্নী :। ২। [কাম—কলা (বিদ্যা)] রতিশাস্ত্র।

কামকার (ম্, র্) [কাম—কার (কারী)] বিণ, যথেচ্ছাচারী ; ইচ্ছামত কার্য্যকারী। ২। বি, স্ত্রী, ইচ্ছার গতি : ইচ্ছার প্রসর।

কামকূট (ম্, ট্) [কাম (রতি) হইয়াছে কূট (প্রধান) যাহার, বহু] বি, পুং, উপপতি। ২। স্ত্রীবিদ্যার মগ্নবিশেষ। ৩। বেশ্যার হাবভাব বা বিলাস।

কামকেলি (ম্) [কাম (সুরত) কেলি (ক্রীড়া) ৪র্থী তৎ] বি, পুং, রতি-ক্রীড়া : সুরত। ২। [কাম (কামার্থক) কেলি (ক্রীড়া) হইয়াছে যাহার, বহু] বিণ, লম্পট ; কামুক। ৩। উপপতি : জার।

কামগ, কামগম, কামগামী [কাম (ইচ্ছা-পূর্ব্বক) গ, গম, গামী (গম্ (গমন করা) + অ (ড), অচ্, ই (ইন্) কর্ত্তৃ)] ইচ্ছানু-রূপ শীঘ্র এবং সর্ব্বত্র গমনে সমর্থ ; যে ইচ্ছা-মত যেখানে-সেখানে অতিদ্রুত যাইতে পারে।

কামগিরি [কাম (কাম প্রধান) যে গিরি (পর্ব্বত) কর্ম্মধা] বি, পুং, কামরূপস্থ পর্ব্বতবিশেষ।

কামচর (ম্, র্) [কাম (ইচ্ছাপূর্ব্বক) চর (যে গমন করে)] বিণ, যে ইচ্ছাপূর্ব্বক সকল স্থানে যাইতে পারে ; সর্ব্বত্রগামী। ২। স্বেচ্ছাচারী।

কামচার (র্) [কাম (ইচ্ছা পূর্ব্বক) চার (চর্ =গমন করা) + অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, আপন ইচ্ছানুরূপে চলা ; স্বেচ্ছাবিহার : যথেচ্ছ গমন। ২। [চর্ + অ (কর্ত্তৃ-অণ্)] বিণ, স্বেচ্ছাচারী ; যথেচ্ছগামী ; স্বেচ্ছা-বিহারী।

কামচারী [কাম (ইচ্ছাপূর্ব্বক) চর্ (গমন করা) + ইন্ (কর্ত্তৃ-ণিন্) = কামচারিন্ ১মা, ১ব] বিণ, যে ব্যক্তি আপন ইচ্ছানুরূপ যাইতে পারে : স্বেচ্ছাচারী। ২। কামাধীন গতি ; যে কামের বশীভূত হইয়া চলে ; লম্পট প্রকৃতি। ৩। বি, পুং, গরুড়। স্ত্রী, **কামচারিণী**—স্বেচ্ছাচারিণী।

কামজ [কাম—জ (কর্ত্তৃ—ড প্রত্যয়ান্ত জন ধাতুজ)] বিণ, বাসনা জন্য ; কামজাত ; ব্যসন। মৃগয়া, অক্ষক্রীড়া, দিবাস্বপ্ন, পরনিন্দা, স্ত্রীসঙ্গ, মদ্য, নৃত্য, গীত, বাদ্য, বৃথা ভ্রমণ এই দশবিধ কামজ বা ব্যসন।

কামজান (ন্) [কামজ (ব্যসন) আন (প্রাপক) ৬তৎ] বিণ, কামোদ্দীপক (মাল্য, চন্দন, বনিতা, কোকিলরব প্রভৃতি)। ২। পুং, কোকিল।

কামজিৎ] কাম = জিৎ (জি (জয় করা) + কিপ্ কর্ত্তৃ] বি, পুং, যিনি রূপে কামদেবকে জয় করিয়াছেন ; কার্ত্তিকেয়। ২। [যিনি কাম দেবকে নয়নানলে ভস্ম করিয়া জয়ী হইয়া-ছিলেন] মহাদেব : মদনারি ; কামরিপু। ৩। বুদ্ধদেব (স্ত্রীসংসর্গ বর্জ্জন হেতু)।

কামঠ [কমঠ—(কচ্ছপ) + অ (সম্বন্ধার্থে-অণ্)] বি, ক্লী, কচ্ছপ সম্বন্ধীয়। ২। কচ্ছপের মাংস।

কামড় (কামোড়্) [শব্দাত্মক পদ। দন্ত দ্বারা হাড় ভাঙ্গিবার কড়মড় শব্দ হইতে। উচ্চারণে কর্পট হইতে যেমন কাপড়, কড়্মড় বা কর্ম'র হইতে কামড়। **কড়মড়**—কামড়। **কড়মড়ান**—কামড়ান। **কড়মড়ানি**—কামড়ানি। তাহা হইতে যাহা কিছু দন্তদ্বারা আঘাতিত, ধৃত, কর্ত্তিত, চর্ব্বিত হয়। কড়মড় দ্রঃ] বি, দন্তাঘাত ; দন্তদ্বারা প্রহার : দন্ত-ক্ষত : দন্তাঘাত জনিত ক্লেশ। প্র—"এ নীল কাপড় হানিছে কামড়, যেমন কাল সাপিনী॥" —ভারতচন্দ্র। ২। বেগ ; চাপ ; দাওয়া ; দাবী ; নির্দ্দয়ভাবে পণ প্রার্থনা ; demand ; pressure. প্র—অল্প টাকায় এ বিবাহ হবে না, ছেলের বাপের ভারি কামড়। **কামড় করা**—অধিক (ধন) চাহিয়া বসা। **কামড় কাটা**—দন্তাঘাত করা (হি—কাট-মারনা, কাটখানা) দংশনের দাগ বসান ; দন্তদ্বারা ক্ষত করা। **কামড় বসান**—দন্তাঘাতের দাগ বসান ; দাঁত বসান। **কামড় দেওয়া**—বেগ দেওয়া ; অধিক অর্থাদি দিবার জন্য চাপ দেওয়া বা চাহিয়া বসা। **কামড় মারা**—(হি—কাটমারনা) দন্তদ্বারা প্রহার করা ; দাঁত বসান। **কামড়ে ধরা**—দন্তদ্বারা ধৃত করা। ২। আঠার মত চাপিয়া বা আঁকড়িয়া ধরা ; সংলগ্ন বা লিপ্ত হইয়া যাওয়া। প্র—কাপড়ে তেল কামড়ে ধরেছে। **তেল-কামড়া**—বিণ, কাপড়ে তেলের মত লাগিয়া থাকার ন্যায় এঁটেল চিমড়ি, এঁয়ে নেকড়া ; যে আঁকড়িয়া থাকে, সহজে ছাড়িতে চায় না। প্র—ন্যাড়া তেল কামড়া, স্ত্রী, তেল-কামড়ি।

কামড়া (ম্) [কামড়, কামড়ান দ্রঃ] ক্রি, (ম-পু, অনুজ্ঞা, তুচ্ছার্থে) দাঁতে কাট্ ; দংশন কর্। প্র—তুই কামড়া। সমানার্থে কামড়াও (তুমি)। সম্ভ্রমার্থে কামড়ান্ (আপনি)। ১ম, পু, কামড়ায় (সে)। প্র—"রহিয়া রহিয়া পড়ি কামড়ায় তারে।"—মেঘনাদ। উ, পু, কামড়াই (আমি বা আমরা)। অস-ক্রি—কামড়াইতে ; কামড়াতে ; কামড়িতে।

কামড়া-কামড়ি (ম্, ম্) [কামড় দ্রঃ] বি, পরস্পর দন্তাঘাত করণ।

কামড়ান (কাম্‌ড়ানো) [কামড়া দ্রঃ। কড়-মড়ান সংক্ষেপে কামড়ান। তুল—হি—কতরনা কাটমারনা : কাটনা] ক্রি, দংশন করা : দন্তা-ঘাত করা : দন্তক্ষত করা। প্র—সাপে কাম-ড়ান ; বাঁদরে কামড়ান ; বিছায় কামড়ান। ২। দন্তে কাটা বা চর্ব্বণ করা। প্র—নিজের শরীর নিজে কামড়াইয়া খাই।"—কস্তুরী। ৩। কামড়ের ন্যায় বেদনা বা যন্ত্রণা বোধ করা। প্র—গা কামড়ান ; পেট কাম-ড়ান ; হাত বা মাথা কামড়ান (কামড়ানি দ্রঃ) ৪। (কাম্‌ড়ান) বি, দংশন। বি, কামড়ানি বিণ, কামড়ানে। **কামড়ান্তে**—কামড়ান যার অভ্যাস। প্র—ছেলেটা ভারি কামড়ান্তে।

কামড়ানি (ম্) [কামড়, কামড়ান দ্রঃ] বি, শরীরের মধ্যে কামড় জনিত বেদনার ন্যায় অনুভূতি। **পেট কামড়ানি**—পেটের ভিতর অন্ত্রাদিতে কামড় বা তাহা হইতে চিবাইবার মত যন্ত্রণাদায়ক অনুভূতি। ২। [বিশেষার্থে গ্রাম্য প্রয়োগ। মলত্যাগের পূর্ব্বে পেট কামড়ানর ভাব হইতে] যে গোপনীয় কথা জানা আছে পেটের ভিতর হইতে বাহির হই-বার জন্য কামড় দিতেছে—তাহা হইতে পেটের কথা বাহির করিবার বা গুপ্ত কথা ব্যক্ত করি-বার জন্য অস্থিরতা। প্র—এতক্ষণ বুঝি পেট কামড়ানি হচ্ছিল, কথাটা না বলে বুঝি আর চলিত না। **হাতকামড়ানি** [ব্যর্থ মনো-রথ হইয়া ক্ষোভে ও ক্রোধে নিজের হাত কাম-ড়ানর ভাব হইতে] আফসানি ; আপশোস ; ক্ষোভ ; মনস্তাপ।

কামড়ি ['কামড়িয়া'র সংক্ষেপ] ক্রি. দন্তাঘাত করিয়া ; কামড়াইয়া। প্র –"আঁচড়ি কামড়ি" —মেঘনাদ। ২। (কাম্‌ড়ি) বি. কামড়।

তেল-কামড়ি – তেল কামড়িয়া ধরে যে ; নেড়া মাথায় তেল দিলে জবজব করে যেন কামড়িয়া ধরে এজন্য বলে—"নেড়ি তেল-কামড়ি।" পুং. নেড়া তেল কামড়া (শিশুগণ নেড়া হইলে এই বলিয়া ক্ষেপায়)।

কামতন্ত্র (কাম্‌তন্‌ত্রো) বিণ. কাম বা রতি পরতন্ত্র। প্র – "কুলবধূ কামতন্ত্র, বেজক মূরল যন্ত্র, বালুকা সহিত জল পূরে।"—কবিক। ২। রতিশাস্ত্র।

কামদ (দ্‌) [কাম (কামনা) দ (কর্তৃড প্রত্যয়ান্ত দা ধাতুজ)] বিণ. বাসনাপূরক ; ; কামনাপ্রদ। যে অঙ্গের অভিলাষ পূর্ণ করে ; যে প্রার্থিত বস্তু দান করে। ২। সঙ্গীতের রাগ। প্র – "ভৈরবী না দিয়ে বাদ, কামদে কেদারে সাধ উদয় হবেরে আপনি কল্যাণ।" – গোবিন্দ ব্রহ্মচারী।

কামদা (মো) [কামদ+আপ্‌ (স্ত্রী)] বিণ. বাসনা-সিদ্ধিদাত্রী ; কামনাদায়িনী ; যিনি সাধকের সমস্ত বিষয় কামনা সিদ্ধ করেন ; অভীষ্টদাত্রী, মহীরাবণ পাতালে ইঁহার পূজা করিতেন। ২। বি. স্ত্রী. কামধেনু। ৩। চৈত্র মাসের শুক্লা একাদশী। ৪। ছন্দোবিশেষ।

কামদানী (ম্‌) [হি] বি. কাপড়ে ফুলতোলার কাজ। ২। সলমা চুমকীর কাজ করা কাপড় ; তুলার বস্ত্রের উপর জরি বসান কাজ।

কামদার (ম্‌, র্‌) [হি] বিণ. কারুকার্য্য-বিশিষ্ট। প্র – "তাহার উপর জরির কামদার বিছানায় জরির কামদার মখমলের বালিশ।" —রাজসিংহ (বঙ্কিম)। ২। কলাবত্তু বা কারচুপী কাজ করা। প্র – কামদার টুপী, কামদার জুতা।

কামদেব (ম্‌, ব্‌) [সং] বি. পুং. ব্রহ্মার মানস পুত্র। ইনি মহাদেবের তপোভঙ্গের জন্য শিব-কোপে অনঙ্গ হন পরে কৃষ্ণের ঔরসে রুক্মিণীর গর্ভে জন্মগ্রহণ করেন।

কামধর (ম্‌, র্‌) বি. পুং. কামরূপের মৎস্যধ্বজ পর্ব্বতস্থ সরোবরবিশেষ।

কামধেনু (ম্‌) [কাম (কামনাদায়িনী) ধেনু (কর্ম্মধা)] বি. স্ত্রী. অভীষ্টদায়িকা ধেনু ; সমুদ্রমন্থনোত্থিতা চতুর্দ্দশ রত্নের অন্যতম ; সুরভী। (২) বশিষ্ঠের ধেনু, নন্দিনী। (৩) দানার্থ স্বর্ণ-গাভী। ২। শিবপ্রোক্ত তন্ত্রবিশেষ।

কামধ্বংসী (কামধ্‌ধোংশি) [কাম (কন্দর্প) ধ্বংস্ (নাশ করা) + ইন্‌ (কর্ত্তৃ—ণিন্‌) = কাম-ধ্বংসিন্‌ ১মা, ১ব] বি. পুং. যিনি কামদেবকে ধ্বংস করিয়াছেন ; মহাদেব।

কামনা [কম্‌ (ইচ্ছা করা) + অন (ভাবে – অনট্‌)] বি. স্ত্রী. বাঞ্ছা ; বাসনা ; ইচ্ছা ; মনোরথ।

কামপত্নী (কাম্‌পোৎনি) [কামের পত্নী ৬ তৎ] বি. স্ত্রী. কামকান্তা ; রতি।

কামপাল (ম্‌, ল্‌) বি. পুং. বলরাম ; হলায়ুধ ; শ্রীকৃষ্ণের অগ্রজ।

কামপূর (ম্‌, র্‌) [কাম (অভিলাষ) পূর (পূরণ করা) + অ (কর্ত্তৃ—অচ্‌)] বিণ. যে অভিলাষ পূর্ণ করে ; অভীষ্টদাতা ; অভীষ্ট পূরক। ২। বি. পুং. পরমেশ্বর।

কামপ্রদ (কামপ্‌প্রোদো) [কাম – প্র—দা (দান করা) + অ (কর্ত্তৃ—ড)] বিণ. বাসনাপূরক ; অভীষ্টদাতা। ২। পরমেশ্বর।

কামবাইয়া, কামবেয়ে (ম্‌) [কাম দ্রঃ] কাম – বাই (বাতিক – বায়ুরোগ—উন্মাদ) + আ (বিশিষ্টার্থে) অশ্লীল। বিণ. কামোন্মাদ-গ্রস্ত ; কামোন্মত্ত ; কামুক ; কামাসক্ত।

কামবাণ (কাম্‌বান্‌) কামের পঞ্চ বাণ ; পঞ্চশর দ্রঃ।

কামবান্‌ (ম্‌) [কাম + বৎ (বতু) অস্ত্যর্থে, = কামবৎ ১মা, ১ব] অভিলাষযুক্ত ; বাসনা-শালী। ২। মৈথুনানুরাগী। স্ত্রী. **কামবতী** —কামুকা ; কামুকী। ২। দারুহরিদ্রা।

কামবৃত্ত (ম্‌) [কাম (যথেষ্ট) হইয়াছে, বৃত্তি যাহার, বহু] বিণ. যে ইচ্ছানুরূপ ব্যবহার করে ; যথেচ্ছাচারী।

কামরা (ম্‌) [ল্যা—Camera (a vaulted room) ; পর্ত্তু—Camara] বি. প্রকোষ্ঠ ; গৃহ।

কামরাঙ্গা, ঙা (ম্‌) [সং—কর্ম্মরঙ্গ (শব্দকল্প) : পা—কম্মরঙ্গ : হিং—কমরখ্‌। কাম—রঙ্গা—রঙ্গকর্ম্ম-সাধকফল বলিয়া এই নাম। কাঁচা ফল লোহার মরিচা ধরা রঙ্গ পরিষ্কার করে] । বি. পঞ্চশির অম্লফলবিশেষ। (২) কামরাঙ্গার গাছ ; averrhoa carambola.

কামরূপ (ম্‌, প্‌) [কাম (মনোজ্ঞ) যে রূপ—কর্ম্মধা] বি. ক্লী. মনোজ্ঞরূপ ; সুন্দর। ২। [কাম (মনোজ্ঞ) রূপ হইয়াছে যাহার, বহু] বিণ. মনোহর কান্তি ; সুন্দর ; মনোজ্ঞ-রূপ। ৩। বি. ভারতের প্রাচ্য দেশবিশেষ ; ইহা আসাম অঞ্চলে স্থিত। কামাখ্যা প্রদেশ। ৪। বিণ. যথেচ্ছ বেশ ধারণ-কারী। ৫। রামায়ণোক্ত বিশ্বামিত্রের মন্ত্রাত্মক অস্ত্রবিশেষ। [বালকাণ্ড ২৮]

কামরূপী (ম্‌) [কাম (ইচ্ছা) রূপ (আকৃতি) + ইন্‌ (অস্ত্যর্থে) = কামরূপিন্‌ ১মা, ১ব] বি. পুং. যে ইচ্ছানুরূপ আকৃতি ধারণ করিতে পারে ; বিদ্যাধর। ২। বিণ.—স্বেচ্ছাপূর্ব্বক রূপ ধারণে সমর্থ। প্র—"কামরূপী হয়ে আমি, যদি হই বিহঙ্গমী, উড়ে যাই গউড় নগরে।" "কামরূপী তবাগ্রজ" —মেঘনাদ। ৩। মদনের মত যাহার রূপ। প্র—"কামরূপী মোর গৃহে বাড়ে কোনজন।" —কবিক। ৪। কামরূপ কামাখ্যা দেশ জাত বা সম্বন্ধীয়। [এই অর্থে প্রাদে উচ্চারণ **কাঁউরূপী** ও হয়]

কামল (ল্‌) [কাম (ইচ্ছা) ল (যে দান করে) (কর্ত্তৃ—ড প্রত্যয়ান্ত লা বা লস্‌ ধাতুজ)] বি. পুং. বসন্তকাল ; এই সময় ইচ্ছানুরূপ ভোগ্যবস্তু পাওয়া যায় বলিয়া। ২। মরুভূমি। ৩। [কাম + ল (অস্ত্যর্থে)] কামী ; কামুক, [প্র, অ,] । ৪। রোগবিশেষ ; কাঁওল ; [কামলা দ্রঃ] ।

কামলা (ম্‌) [সং। কমলা লেবুর বর্ণ হইতে] বি. স্ত্রী. পিত্তের আধিক্যহেতু যে রোগে চক্ষু আদি অঙ্গ হরিদ্রাবর্ণ হয় ; কাঁওল।

কামশক্তি (কাম্‌শোক্‌তি) [কামের (মদনের) শক্তি (পত্নী) ৬ তৎ] বি. স্ত্রী. রতি ; কাম-পত্নী। ২। পঞ্চাশৎ প্রকার কামনায়িকা।

কামশর (ম্‌, র্‌) [কামের (কন্দর্পের)—শর (বাণ) ৬ তৎ] বি. পুং. মদনের বাণ ; মদনায়ুধ। ২। [আম্রমুকুল কাম শর বলিয়া কবিপ্রসিদ্ধি হেতু] আম্রবৃক্ষ।

কামশাস্ত্র (কাম্‌শাস্‌ত্রো) বি. স্ত্রী. স্বর্গাদি-কামনা প্রতিপাদক শাস্ত্র। ২। রতিশাস্ত্র।

কামসখ (ম্‌ শ) [কামের (কন্দর্পের) সখা ৬ তৎ। সখি = সখ] বি. পুং. কন্দর্প সহচর ; কামদেবের সখা ; বসন্ত ঋতু। ২। আম্রবৃক্ষ।

কামসুত (ম্‌ শু) [কামের (কন্দর্পের)—সুত (পুত্র) ৬ তৎ] বি. পুং. উষাপতি অনিরুদ্ধ।

কামসূত্র (কাম্‌শুৎত্রো) [কামের—সূত্র, ৬তৎ] বি. ক্লী. রতিশাস্ত্র ; কাম কলাদি বোধক শাস্ত্র।

কামস্তুতি (কামোস্‌তুতি) [কামের স্তুতি ৬ তৎ] বি. স্ত্রী. তন্ত্রোক্ত মন্ত্রবিশেষ ; প্রতি-গ্রহ দোষশান্তিকর মন্ত্রবিশেষ। ২। কাম-দেবের উদ্দেশে স্তব।

কামাই (কা) [ফা—কম্‌ (অল্প) + হি—আই (ভাবে)—অল্পতা—হ্রাস তাহা হইতে অবসান—কার্য্যের অবসান] বি. অবসর ; ফাঁক ; বিশ্রাম। প্র—সে ক্রমাগত বকিতেছে, তাহার মুখের কামাই নাই। ২। অনুপস্থিতি ; absence. প্র—কাজে তাহার একদিনও কামাই নাই। "পরীক্ষায় ফেল হবি করিলে কামাই"—কস্তুরী। ক্রি. **কামাই করা**—লঙ্ঘন করা। ২। ছুটী করা ; অনুপস্থিত হওয়া। প্র—কাজে যে কয়দিন কামাই করিয়াছে সে কয়দিনের বেতন পায় নাই। **কাটনা কামাই যাওয়া**—ঘ্যানর ঘ্যানর করিয়া বকুনি থামা। প্র—দিন রাত কেবল ঘ্যানর ঘ্যানর কচ্চে তার আর কাটনা কামাই যায় না।

কাজও নাই কামাইও নাই—যাহার কর্ম্ম নাই তাহার পক্ষে কর্ম্মে অবসর সম্ভবে না। সুতরাং কামাইও নাই। ২। কাজ না থাকিলেও বিশ্রাম নাই।

কামাই [কাম (কর্ম্ম)+আই। কামান দ্রঃ] বি, উপার্জ্জন; কর্ম্মলব্ধ ধন।

কামাক্ষী (কামাক্‌খি) [কাম (শোভন) হইয়াছে অক্ষি (চক্ষু) যাহার, বহু] বি, স্ত্রী, কামাখ্যাদেবী। ২। তন্ত্রোক্ত মন্ত্রবিশেষ।

কামাখ্যা (কামাক্‌খ্যা) [গ্রা—কামিখ্যে। কামা (কামদায়িনী) হইয়াছে আখ্যা (নাম) যাহার, বহু] বি, স্ত্রী, যে পীঠস্থানে সতীদেবীর মহামুদ্রা পতিত হয়; সতীর যোনিপীঠরূপ স্থানের অধিষ্ঠাত্রী দেবীবিশেষ।

কামাগ্নি—কামানল দ্রঃ।

কামাএী (কামাই) [কামাই দ্রঃ] বি, কামাই; অনুপস্থিতি। ২। চাষের উপযোগী মাটি প্রস্তুত করণ। ৩। উপার্জ্জন। প্র—"হেল্যার দেখিয়া দুঃপ হরে হৈল মো; কালে কালে কৈল হাল কামাএর যো॥" —শিবায়ন।

কামাতুর (র্) [কামে—আতুর] বিণ, কামার্ত্ত; কামবিহ্বল; কামপীড়িত। স্ত্রী, কামাতুরা।

কামাত্মা (কামাৎতা) [কাম (কামাধীন) হইয়াছে আত্মা যাহার, বহু] বিণ, কামাধীন চিত্ত; কামাকুল চিত্ত; যে কামের একান্ত বশীভূত। ২। যে ফলকামনা করে; ফলকামী।

কামান (ন্) [ইং—cannon; ফ্রে—cano। তুল—বেদে—কর্ণকাবতী, কর্ণী; মনু—কর্ণি; ল্যা—canna. কর্ণি=কন্নি=গন্নি—gun; শতঘ্নী, আগ্নেয়াস্ত্র, বজ্র দ্রঃ] বি, বৃহৎ আগ্নেয়াস্ত্র; বৃহন্নালিক; শতঘ্নী। ২। [ফা—কমান্ a cross-bow—*Haughton.* সং—কামধনু। তুল—"ভুরু-ধনু, কামধনু, হেমতনু সাজে।" —কবি কৃষ্ণরাম (বি, সু)] বি, কাণ্ড; ধনু। প্র—"কামের কামান জিনি ভুরুর ভঙ্গিমা খানি।" —চণ্ডীদাস।

কামান (ন্) [হি—কাম—কর্ম্ম] বি, উপার্জ্জন। ২। ক্ষৌরকর্ম্ম। ২। (নো) [হি—কমানা—কর্ম্মের দ্বারা উপায় করা] ক্রি, কাজকর্ম্ম করিয়া উপার্জ্জন করা; মেহনতের দ্বারা অর্থোপার্জ্জন করা। ৪। ক্ষৌরকর্ম্ম সম্পাদন করা। ৫। বিণ, উপার্জ্জিত; মেহনতের দ্বারা। প্র—"বাপের কামানো টাকা বিলাতি চাটুকে। দিয়া নিজে জুজু হয়ে ঢোকেন ফাটকে॥"—হেম বন্দ্যো। ৬। [প্রাদে] সাপের বিষদাঁত ভাঙ্গিয়া দেওয়া; সর্পকে নির্বিষ করা। প্র—"বিষদাঁত ভাঙ্গিয়া দিলে সাপ নির্জীব হইয়া পড়ে এবং অধিক দিন বাঁচে না; এই জন্য অনেক মাল বৈদ্য সাপকে না কামাইয়াই খেলাইয়া থাকে।" —দ্রব্যগুণ শিক্ষা।

কামানল (ল্) [কামরূপ যে অনল, কর্ম্মধা] বি, পুং, মদনানল; কামাগ্নি; অতি প্রবল কাম।

কামানিয়া [কামান—ইয়া (সম্বন্ধার্থে)] বি, যে কামানের কাজ করে; গোলন্দাজ। প্র—"কামানিয়া কামান পাতিল থরে থর।" —কবিকঙ্কণ।

কামানী [কামান দ্রঃ] ক্ষৌরকর্ম্মের বেতন। ২। কর্ম্মের বেতন।

কামানী [ফা—কমান (ধনুক) কামানের আকৃতি বলিয়া] বি, গাড়ীর চাকা প্রভৃতির স্প্রীং; ধনুকাকৃতি স্থিতিস্থাপক লৌহাদি। এই অর্থে ছাতার কামানী, চসমার কামানী, ইত্যাদি। কামানীদার [ফা] বিণ, যাহাতে কামানী লাগান আছে; কামানীযুক্ত; স্প্রীং দেওয়া। প্র—কামানীদার একা।

কামান্ধ [কাম দ্বারা অন্ধ (জ্ঞানহীন) ৩তৎ] বিণ, কামপ্রভাবে বিবেকদৃষ্টিহীন; কামাতুর; কামলুব্ধ; কামবশতঃ ধর্ম্ম ও কর্ত্তব্যজ্ঞানশূন্য। ২। বি, পুং, কোকিল।

কামাবশায়িতা, কামাবসায়িতা [কাম (ইচ্ছা) অব—শী (শয়ন করা) সো (নাশ করা+ইন্ (কর্ত্তৃ, ণিন্)=কামাবশায়িন্—কামাবসায়িন্+তা (ভাবে) অথবা কামান্ (আপন বাসনা সকল) অবসায়য়িতুং (সমাপ্ত করিতে) শীলং যস্য (স্বভাব যাহার) তস্য ভাবঃ (তাহার ধর্ম্ম)] বি, স্ত্রী, মহেশ্বরের ঐশ্বর্য্যবিশেষ; বাসনা-সমাপন-শক্তি; আপনার কামনা সকল সফল করিবার ক্ষমতা; যাহা ইচ্ছা তাহাই করিবার শক্তি। ২। ইন্দ্রিয়নিগ্রহশক্তি।

কামায়ুধ (ধ্) [কামের আয়ুধ (অস্ত্র) ৬তৎ] বি, পুং, আম্রমুকুল (ইহা কবিপ্রসিদ্ধি বলিয়া)। ২। আম্রবৃক্ষ। ৩। কাম দেবের অস্ত্র।

কামার (র্) [সং—কর্ম্মকার, প্রাকৃ—কর্ম (কাম)—কার (=আর)=কামার] বি, লৌহাদি ধাতুর কর্ম্মকারক জাতিবিশেষ, লৌহকর্ম্মকার। স্ত্রী, কামারণী (হি—কমারিন্)।

কামারণ্য (রোন্ন) [কাম (মনোহর) যে অরণ্য (কর্ম্মধা)] বি, ক্লী, মনোহর কানন; সুন্দরবন।

কামারি [কামের (মদনের) অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, মদনভস্মকারী; মহাদেব।

কামার্ত্ত (কামারৃত) [কাম দ্বারা আর্ত্ত (পীড়িত) ৩তৎ] বিণ, কামমোহিত; কামপীড়িত; কামাতুর; কামের একান্ত বশীভূত।

কামাল (ল) [আ—কমাল্] বি, নৈপুণ্য; অদ্ভুত কর্ম্ম; বিস্ময়কর কার্য্য। প্র—কামাল করা। [হিন্দীতে ইহা প্রচলিত। কথ্য বাংলায় বিরল ব্যবহার]।

কামিজ (জ্) আ—কামিজ্; ল্যা—camisa (a nightgown); পর্ত্তু—camisa] বি, জামাবিশেষ; অঙ্গাচ্ছাদকবিশেষ। প্র—"যার বেশী প্রেম স্নেহ, নূতন প্রেমিক কেহ, সেমিজে কামিজে রুচি তার।" —চন্দন।

কামিত [কম্+ণিচ্=কামি (ইচ্ছা করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ঈপ্সিত; বাঞ্ছিত। ২। প্রার্থিত; যাচিত।

কামিনা [কামিলা দ্রঃ] বি, কর্ম্মকার। ২। শিল্পী; কারিগর। প্র—"চিত্রগড়র কামিনা বিসাগুর" —শূন্যপুরাণ।

কামিন্যা (কামিন্‌ন্যা) [কামিলা, কামিনা দ্রঃ] বি, কর্ম্মকার; কারিকর; শিল্পী; কারু; ভাস্কর; স্থপতি; চিত্রকর। প্র—"কামিন্যা সত্বর গড়ে ধর্ম্মঘর চিরিয়া রেএটী পাথর॥ পাসান চিরিআ ধরিল সূত্রের ধার। মধ্য চাল পরে দর্পণ শোভা করে বিচিত্র করিল সার॥" —শূন্যপুরাণ।

কামিল (ল্) [পা, কামিল্] বি, পণ্ডিত; ওস্তাদ; কারিগর; কর্ম্মদক্ষ। প্র—"কামিল না পাইয়া তথা আমাকে পাঠাল্যে তথা আস্থভাব করিয়া তোমারে।"—কবিকঙ্কণ। ২। স্বর্ণকার; সেকরা। ৩। বিণ, কলহকারী; ঝগড়াটে। কামিলা ও কামিন্যা দ্রঃ।

কামিলা [সং—কর্ম্মকার, কর্ম্মার; হি—কামেরা=কারিগর; মজুর, workman (a Trilingnal Dictionary by Mathura Prosada Misra, Benares.) তুল—ফা—কামিল=শিক্ষিত, ওস্তাদ; উ, ফা—কাম্=কর্ম্ম] বি, পুং, কারু; শিল্পী; কারিগর। প্র—"কামিলা বিসাই" —শূন্যপুরাণ। "কেমন করিয়া কৈলা কামিলার বেটা। শঙ্খের উপরে এত নির্ম্মাণের ঘটা॥"—শিবায়ন। "কামিলা বাসর গড়ি আইলা সাধুর বাড়ী।" —মনসার ভাসান। ২। কর্ম্মকার; কামার। প্র—"কর্ম্মকরি কামিলা করিল হাঁই ফাঁই।" —শিবায়ন।

কামী [কাম+ইন্ (অস্ত্যর্থে=কামিন্ ১মা, ১ব)] বিণ, যাহার অধিককাম আছে; কামুক; কামবিশিষ্ট। ২। বি, পুং, চক্রবাক (অতিশয় কামুক বলিয়া)। স্ত্রী, চক্রবাকী। প্র—"লুব্ধ ভক্ষণের আশে, ঝাঁকে ঝাঁকে জালে বৈসে, নানা বিহঙ্গম বন্দী পড়ে॥ * * * * * কুরব কুক্কুট কঙ্ক, কামী কোক, কলবিঙ্ক, কলরব কলিঙ্গ কর্কট।" ৩। কপোত।

৪। চটক। ৫। সারস। ৬। চন্দ্র। স্ত্রী. **কামিনী**—অতিশয় কামযুক্তা নারী। ২। ভীরু স্ত্রী। ৩। স্ত্রী-জাতি-মাত্র। ৪। স্ত্রী; পত্নী। প্র—"কামের কামিনী", "কাহার কামিনী"। ৫। মদিরা। ৬। দারুহরিদ্রা।

কামীন (ন্) [কাম+ঈন (অস্ত্যর্থে)] বিণ. কামাতুর; কামাধীন; কামানুগত; কামুক:

কামুক (ক্) [কম্ (ইচ্ছা করা)+উক (কর্ত্তৃ—উকঞ্)] বিণ. কামাভিলাষী; রমণেচ্ছুক। ২। যে ভোগ্যবস্তু কামনা করে: বিলাসী; অভিলাষী। ৩। বি. পুং. অশোকবৃক্ষ। ৪। মাধবীলতা। ৫। চটক পক্ষী। স্ত্রী—**কামুকা—কামুকী**. কামাভিলাষিণী: ভোগাভিলাষিণী: ইচ্ছাবতী:
।

কামেজ্ [লা—camisa. কামিজ দ্রঃ] বি. জামাবিশেষ। প্র—"ছেঁড়া পচা কামেজ তাহার নাই হাতা।" —ঈশ্বর গুপ্ত।

কামেশ্বর (কামেশ্‌শর) [কামের (বাসনার) ঈশ্বর (প্রভু) ৬ তৎ, যিনি কামনা পূরণ করেন] বি. পুং. কামনার ঈশ্বর বা অভীষ্টদাতা: পরমেশ্বর। স্ত্রী—**কামেশ্বরী**—ভৈরবীবিশেষ।

কামোদ (দ্) বি. পুং. সঙ্গীতের রাগবিশেষ। কামদ দ্রঃ। স্ত্রী. কামোদা।

কামোদক (ক্) [কাম (ইচ্ছাপূর্ব্বক—দত্ত) যে উদক (জল) কর্ম্মধা] বি. ক্লী. মৃত ব্যক্তির উদ্দেশে স্বেচ্ছাপ্রদত্ত জল: তর্পণাদি করিয়া মৃতের উদ্দেশে যে জল দেওয়া হয়।

কামোদা—বি. স্ত্রী. রাগিণীবিশেষ।

কামোপহত [কাম দ্বারা উপহত (বিনষ্ট প্রায়) ৩ তৎ] বিণ. কামান্ধ; কামাতুর; কাম প্রবল হইয়া যাহার বুদ্ধি আচ্ছন্ন করে। ২। [কাম (মদন) উপহত (বিনষ্ট) হইয়াছে যৎকর্ত্তৃক, বহু] বি. পুং. মহাদেব।

কাম্পিল, কাম্পীল, কাম্পিল্য, কাম্পিল্ল (ল্) [কম্প্ (কাঁপা)+ইল, ঈল, ইল্য, ইল্ল (সংজ্ঞার্থে)] বি. পুং. স্বনামপ্রসিদ্ধ দেশ। ২। সুগন্ধি দ্রব্যবিশেষ। ৩। লতাবিশেষ।

কাম্বল (ল্) [কম্বল+অ (আচ্ছাদনার্থে—অল্)] বি. পুং. কম্বলাবৃত রথ। ২। বিণ. কম্বলদ্বারা আবৃত।

কাম্বোজ (জ্) [কম্বোজ (দেশবিশেষ) +অ (উৎপন্নার্থে, অণ্)] বি. পুং. কম্বোজদেশজাত অশ্ব। ২। যবনজাতি-বিশেষ, (সগর রাজা ইহাদের শিরোমুণ্ডন করিয়াছিলেন)। ৩। পুন্নাগবৃক্ষ। ৪। (স্বার্থে—অণ্) দেশবিশেষ। ৫। শ্বেতখদির; পাপড়ি খয়ের।

কাম্য (কাম্‌ম্য) [কম্+ণিচ্=কামি (ইচ্ছা করা)+য (কর্ম্মে—যৎ)] বিণ. যাহা কামনার যোগ্য; ভোগ্য। ২। অভিলষণীয়; বাঞ্ছনীয়। ৩। ঐচ্ছিক: যাহা ইচ্ছা হইলে করা যায়: যাহা না করিলে নয় এরূপ নহে। ৪। সুন্দর: কমনীয়। ৫। বি. ক্লী. অভীষ্টকর্ম্ম।

কাম্যকবন (কাম্‌মক্‌বন্) [কাম্য (সুন্দর) +ক (স্বার্থে)=কাম্যক (রম্য) যে বন. কর্ম্মধা] বি. ক্লী. সরস্বতী নদীর তীরস্থিত বনবিশেষ: পাণ্ডবগণ বনবাসকালে এই বনে বহুদিন বাস করিয়াছিলেন।

কাম্যদান (কাম্‌মোদান্) [কাম্যের (অভীষ্ট বস্তুর) দান, ৬তৎ] বি. ক্লী. ঈপ্সিত বস্তুর দান: অভিলষিত দ্রব্যের দান। ২। [কাম্য (কামনাহেতু) যে দান, ৪তৎ] ফলকামনাবশতঃ দান: কামনা করিয়া দান।

কাম্যফল (কাম্‌মফল্) [কাম্যের (কাম্য কর্ম্মের) ফল—৬তৎ] বি. ক্লী. কামনা করিয়া যে কার্য্য করা হয় তাহার ফল বা পরিণতি: কাম্যকর্ম্মের ফল।

কাম্যমান (কাম্‌মোমান্) [কম্+ণিচ্=কামি (কামনা করা)+আন (কর্ম্মে—আনশ্) য—ম আগম] বিণ. যাচ্যমান: প্রার্থ্যমান: যাহা কামনা করা যায়।

কাম্ল [কু (ঈষৎ) যে অম্ল কর্ম্মধা (কু=কা)] বি. ক্লী. ঈষদম্ল: অল্পঅম্লরস। ২। বিণ. সামান্য অম্লরসযুক্ত।

কায় (য়্) [ক (ব্রহ্মা)—অয়্ (গমন করা) +অ (কর্ত্তৃ—অচ্) যাহা ব্রহ্মা হইতে গমন করে অর্থাৎ উৎপন্ন হয়] বি. পুং-ক্লী. দেহ; শরীর। ২। ব্রহ্মা। ৩। সমূহ। ৪। গৃহ। ৫। ক্লী. কনিষ্ঠাঙ্গুলির অধঃস্থান। ৬। স্বাভাবিক অবস্থা।

কায় (য়্) [হি—কা২=কাহাকে=কাহায় সংক্ষেপে কায়] স. কাহাকে: কাকে। প্র—"কহিতে কহিতে, দেখিতে দেখিতে অশ্ব প্রবেশিল তায় রে। সুখ সমুদয়, হইল উদয়, কহিব কি তায় কায় রে॥"—বাসবদত্তা। ২। [হি—কহি, কাহে] কেন: কিহেতু। প্র—"তব তুঁহু ছাপলি কায়।" —জ্ঞানদাস।

কায়ক্লেশ (য়্, শ্) [কায়ের (শরীরের) ক্লেশ (কষ্ট) ৬তৎ] বি. পুং. শারীরিক শ্রম: কায়িক কষ্ট।

কায়ক্লেশে (য়্) ক্রি-বিণ. কষ্টেসৃষ্টে: অতিক্লেশে; কোনপ্রকারে। প্র—"কায়ক্লেশে জীবন ধারণ করা।"

কায়দা (য়্) [আ—কায়্‌দা] বি. অধীনতা: আয়ত্তি। ২। কৌশল। **কায়দায় পাওয়া**—আয়ত্তির মধ্যে পাওয়া; আপনার অধিকারের মধ্যে পাওয়া; কাহাকেও জব্দ করিবার উপায় বা অবসর প্রাপ্ত হওয়া।

কায়ফল (ল্) [কাফল দ্রঃ] বি. কট্‌ফল; fragaria vesca.

কায়বার (কায়্‌বার্) [কীর্ত্তি (কার্য্য) বারতা। হি—কবার। প্র—মাগধ সূত ভাট নট যাচক জঁহ তঁহ করহিঁ কবার"—তুলসীদাস] বি. স্তুতিগান; গুণ কীর্ত্তন। প্র—"ব্রাহ্মণেতে বেদ পঠে ভাটে কায়বার" —চৈতন্যমঙ্গল।

কায়বারী (য়্) [কাবাড়ী দ্রঃ] বি. মৎস্যজীবী জাতিবিশেষ। ২। নীচ স্ত্রীলোক; কলহকারিণী। (কাবেরী দ্রঃ)।

কায়বারে [কায়বারিয়া—দ্রুত উচ্চারণে, কায়বেরে। কায়বারীদিগের প্রকৃতি বা অভ্যাস হইতে] বিণ. ঝগড়াটিয়া; বিবাদকারী; গণ্ডগোলকারী। ২। নীচ।

কায়মী—কায়েমী দ্রঃ।

কায়স্থ (স্থ) [কায় (শরীর)—স্থ (স্থা (থাকা)+অ (কর্ত্তৃ—ক) যে শরীর আশ্রয় করিয়া থাকে)] বি. পুং. আত্মা; দেহী। ২। জাতিবিশেষ। ৩। জজের কেরাণী; clerk of the crown. প্র—"রাজবিচারালয়ে রাজনিযুক্ত কায়স্থ লিখিত বিচারালয়াধ্যক্ষের হস্ত ইত্যাদি দ্বারা চিহ্নিত লেখ্য, রাজসাক্ষী,—বিষ্ণুসংহিতা। ৪। মুহুরী; লেখক; writer. প্র—"বিচারিয়া কেহ দেখে, ভাণ্ডারে কায়স্থ লেখে, সায় করি বেণে দেয় টঙ্কা॥" —কবিক।

কায়স্থা (কায়স্‌থা) [কায়স্থ+আপ্ স্ত্রী] বি. স্ত্রী. কায়স্থ নারী। ২। [আয়ুর্ব্বেদীয় দ্রব্যাভিধানে] হরীতকী। ৩। আমলকী। ৪। তুলসী। ৫। সিন্ধুবার। ৬। নিসিন্দ্যা গাছ। ৭। কাকোলী। ৮। স্থূলৈলা। ৯। সূক্ষ্মৈলা।

কায়স্থালী (কায়োস্‌থালি) বি. স্ত্রী. রক্তপাটলা।

কায়স্থিকা—বি. স্ত্রী. কাকোলী।

কায়া [সং—কায় হইতে] বি. স্ত্রী. দেহ।

কায়িক (ক্) [কায় (শরীর)+ইক (কৃতার্থে—ইকণ্)] বিণ. যাহা শরীর দ্বারা সম্পন্ন হয়: শরীরকৃত: শরীর দ্বারা নির্ব্বাহিত। ২। শারীরিক: শরীরসংক্রান্ত; শরীর সম্বন্ধীয়; দৈহিক। ৩। পরিশ্রমসাধ্য। স্ত্রী—**কায়িকা**—কায় অর্থাৎ মূলধনের বৃদ্ধিবিশেষ।

কায়েত (কাএত্) বি. সাধুভাষায় ব্যবহৃত কায়স্থ শব্দের গ্রাম্য আকার।

কায়েম (কাএম্) [আ—কয়্যম্] বিণ. দৃঢ়; স্থির; মজবুত।

কায়েমী (কায়্‌মি) [আ—কয়্যম্] বিণ. চিরস্থায়ী; মজবুত। প্র—"সে বুড়ী ব্রাহ্মণ ঠাকুরাণী মনে করিলেন, তিনি গেলে আর চাকবিটী পাইবেন না, আমি কায়েমী হইব।" —ইন্দিরা (বঙ্কিম)।

কার (র্) [সং—কৃ—করা। ফা—কার] বি. কার্য্য; কর্ম্ম। প্র—কারখানা; কারবার;

বেকার। ২। শিল্পকর্ম্ম ; কারুকার্য্য ; কলা। প্র–কারচুপি ; মীনেকার ; গুলকার। ৩। [প্রাকৃ 'আর'। তুল–সোনাকার=সোনার ; কর্ম্ম (কাম) কার=কামার] বিণ, কার্য্যকারক ; কর্ম্মসম্পাদক ; নির্ম্মাতা ; প্রস্তুতকারী। প্র–স্বর্ণকার ; কর্ম্মকার ; কুম্ভকার। ৪। [কৃ–কৃতি] বি, করণ–শব্দকরণ–উচ্চারণ। প্র–জয় জয়কার ; শকার ; বকার ; আকার ; ইকার। ৫। কার্য্যের বন্ধন ; কর্ম্মবিপাক ; দায় ; ফের। প্র–লোকটা এখন কারে পড়েছে। ৬। [কার্য্য হইতে] চেষ্টা ; যত্ন।

কার (র্) [সং—কৃত। প্রাকৃতে উচ্চারণ বিকারে রূপ ভেদ—'কার' ; 'কের', 'কর' এবং 'র'। প্র–আজিকার, আজকের, তাকর, যদুর। গ্রা—ক=গ—গার, গের, গোর, গর। প্র–সেদিনগার ; আমাদিগের ; আমাগর ; আমাগোর ইত্যাদি] সম্বন্ধ বিভক্তি। প্র–সকলকার কথা। ২। [কাহার শব্দের সংক্ষেপ] স, কোন ব্যক্তির। ৩। স্থিত, ভব, বিদ্যমান প্রভৃতি অর্থে। প্র–এদিককার জিনিষগুলি ওদিককার সহিত মিলাইও না। আগেকার চারাগুলি বেশ তেজাল হয়ে উঠছে পিছনকার গুলি শুকাইয়া গেছে।

কার (র্) [ইং–cord ; হি–উচ্চারণ কার্ড, বাং—কার] বি, পাকান সুতা ; পকেট বা টেঁক ঘড়ি বাঁধা সুতা ; বুকে বা গলায় ঝুলাইবার টেঁক ঘড়ি বাঁধা সুতা ; রেশমি ঘুনসি।

কারক (ক্) [কৃ (করা)+অ (কর্ত্তৃ—ণক)] বিণ, যে কর্ম্ম করে ; কর্ম্মকারক। ২। ক্রিয়া নিমিত্ত ; ইহা কর্ত্তা, কর্ম্ম, করণ, সম্প্রদান, অপাদান, অধিকরণ ভেদে ছয় প্রকার। স্ত্রী, কারিকা।

কারকিত, কুত (কার্কিত্, কুত্) [কার (কার্য্য)+কিত (কর্ম্ম। সহচর শব্দ)] বি, কার্য্য নৈপুণ্য ; কারিগরী ; তদ্বির ; পাট। প্র—"ধানের জমিতে যে কারকিত করিতে হয়, তার চার গুণ কারকিত নীলের জমিতে দরকার।" —নীলদর্পণ।

কারকুন, ণ (র্, ন্) [ফা—কার্কুন্] বি, জমিদারী কাজকর্ম্মের তত্ত্বাবধায়ক ; বিষয় সম্পত্তির তত্ত্বাবধানকারী ; a zemindar's agent.—*Glossary.*
২। রাজস্ব আদায় উশুলের কাগজপত্র প্রস্তুতকারী কর্ম্মচারী, রাজস্ববিভাগীয় কেরাণী ; a vernacular writer, a native clerk, a registrar.—*Glossary.*
[দ্রঃ—"used also generally among the Marattas for an agent or manager in financial and revenue collections, an inferior revenue officer in charge of a taraf or division under the Mamlatdar or district collector.—*Wilson.*"]

কারখানা (র্) [ফা—কার্খানা] বি, কর্ম্মশালা ; factory. ২। কাণ্ড ; ব্যাপার।

কারগুজারী (র্) [ফা—কার্গুজারী] বি, কার্য্য সম্পাদন ; কর্ম্মদক্ষতা ; কার্য্যকারিতা।

কারচুপি, চুবি, চোপি (র্) [ফা—কার্চোবী] বি, কাপড়ে ফুলতোলা, পাতাকাটা প্রভৃতি কার্য্য ; গুলকারী ; কসীদা ; রেশমী কাপড়ে উঁচু জরি বসান কাজ। প্র—"কার্পেটে কারচুপি কাজ কারু নব্য চাল"। —হেম বন্দ্যো। ২। কৌশল ; চালাকি ; চাতুরী ; ধূর্ত্ততা। প্র—"মুখুয্যের কারচুপিতে মুখ হৈল ভোঁতা"—হেম বন্দ্যো। "এর ভিতর কারচুপি আছে।"

কারণ (কারোন্) [কৃ+ণিচ=কারি (করান) +অন (করণে—অনট্)] বি, ক্লী, যাহাকে গ্রহণ করিয়া কর্ত্তা কোন কর্ম্ম বা পদার্থ-নির্ম্মাণ করিতে সমর্থ হন। কারণ তিন প্রকার ;— (১) উপাদান, (২) নিমিত্ত, (৩) সাধারণ। ঘট এই পদার্থের, মৃত্তিকা—উপাদান, কুম্ভকার —নিমিত্ত এবং আকাশ, আলোক, দিক ও দণ্ড প্রভৃতি সাধারণ কারণ। ২। হেতু ; জন্য ; নিমিত্ত। ৩। প্রয়োজন। ৪। উদ্দেশ্য। ৫। মূল ; বীজ। ৬। [প্রাদে] তন্ত্রসাধনার উপকরণ, মদ্য। ৭। [করণে—অনট্] যাহা দ্বারা কার্য্য করা যায় ; ইন্দ্রিয় ; দেহ। ৮। গীতবিশেষ। ৯। বাদ্যবিশেষ [অপ্র]। ১০। যেহেতু।

কারণবারি (ন্) [কারণ (কারণীভূত) যে বারি (জল) কর্ম্মধা। সৃষ্টির নিদান বা কারণ স্বরূপ বারি। জল হইতেই যে জীব প্রথম উদ্ভূত হয়, তাহা প্রাচীন মানবজাতি মাত্রেরই বিশ্বাস ; হিন্দুর ন্যায় মিশরীয় পুরাণে "অন্ধতমসাচ্ছন্ন কারণবারি হইতে আদি দেবতাগণের গোষ্ঠী জন্মগ্রহণ করিয়াছেন" এরূপ উক্ত হইয়াছে। ব্যাবিলোনীয় পুরাণে "তিয়ামত" অর্থে সৃষ্টির পূর্ব্বের "একার্ণব ঘোর"। আধুনিক য়ুরোপীয় বিজ্ঞানও স্বীকার করিতেছে "Life had its begining in water" —*the Story of Creation by Edward Clodd, chap. VIII.*] বি, ব্রহ্মাণ্ডসৃষ্টির হেতুভূত জল। প্র—"'কারণবারি' পরে হরি কমলাসন ঘৃণা করি যে ক্ষণ হেলে। নির্ঘূর্ণ ত্রিনয়ন আহ্লাদে সেই ক্ষণ, শবপরি আসন মেলে॥" —দশমহাবিদ্যা (হেম)।

কারণমালা (ন্) [কারণের মালা রহিয়াছে যেখানে, বহু] বি, স্ত্রী, অর্থালঙ্কার বিশেষ ; পূর্ব্বপূর্ব্ব পদার্থসমূহ পরপর পদার্থ সকলের প্রতিকারণ স্বরূপ বর্ণনা করিলে এই অলঙ্কার হয়। "কারণ হইতে কার্য্যের উৎপত্তি হইয়া, যদি সেই কার্য্য আবার অন্য কার্য্যের কারণ হয়—অর্থাৎ উৎপন্ন কার্য্যগুলি যদি উত্তরোত্তর এইরূপে অন্য কার্য্যের কারণ হইয়া থাকে তাহা হইলে কারণমালা হয়।"—কাব্যদর্পণ (জয়গোপাল গোস্বামী)। প্র—"রণে যদি মর ঘুষিবে যশ, যশ যার তার দেবতা বশ। বশ হলে দেব যাইবে দিবে, দিবে গেলে সদা সুখ ভুঞ্জিবে॥" —নিবাতকবচবধ কাব্য।

কারণশরীর (কারোন্শোরির্) [সং। বেদান্তের পারিভাষিক শব্দ] বি, যে সূক্ষ্ম শরীর সুষুপ্ত অবস্থায় ইন্দ্রিয়াদি বিষয় ব্যাপার হইতে মুক্ত হয় এবং যাহাতে অহঙ্কারাদি সংস্কারমাত্র আশ্রয় করে ; আনন্দময় কোষ।

কারণিক (নি, ক্) [কারণ+ইক (কৃতাদ্যর্থে—ইকণ্) তুল—ইং—coroner] বিণ, যে কারণ অনুসন্ধান করে ; পরীক্ষক। ২। কারণসম্বন্ধীয়। ৩। বিচারক ; পক্ষ বিপক্ষের যুক্তি শুনিয়া যিনি বিচার করেন।

কারণিস, কারনিস (র্, শ্) [ইং—cornice] প্রাচীর গাত্রের উপরিস্থিতাংশ বা ধার। ছাদের ও স্তম্ভের বহির্গতাংশ ; কাঙ্গনী . প্রাকারশীর্ষ।

কারণীভূত (নী) [কারণ—ভূত—ভূ (বিদ্যমানতা)+ত (কর্ত্তৃ—ক্ত) মধ্যে—ঈ (চ্বি) অভূততদ্ভাবে] বিণ, বীজস্বরূপ ; কারণ রূপে কল্পিত ; কারণ রূপে উপস্থিত।

কারণোত্তর (কারনোৎত্তর্) [কারণ প্রদর্শন দ্বারা উত্তর, ৩তৎ] বি, ক্লী, কোন বিষয় প্রথমে স্বীকার করিয়া পরে তাহার প্রতিকূল কারণ দেখাইয়া উক্ত কথার খণ্ডন করাকে কারণোত্তর বলে। প্র—এ বস্ত্রখানি আমার ছিল বটে কিন্তু আমি তাহাকে দান করিয়াছি। সে না আসিলে ভাবনার বিষয় ছিল সন্দেহ নাই, কিন্তু সে আসিতেছে।

কারণ্ডব (কারোন্ডব্) [কারণ্ড+অণ্ (চরত্যর্থে) কিম্বা ক (জল) ঋ (গমন করা)+ অণ্ডু (কর্ত্তৃ)—ঋ=অর্, ক+অর্+অণ্ডু= কারণ্ডু+অ (স্বার্থে—অণ্) উ=অব, যাহারা জলে বিচরণ করে] বি, পুং, বালিহংস ; খড়হাঁস। প্র—"কালকণ্ঠ কুরলাক্ষী, তারক কাদম্ব পাখী, কারণ্ডব খঞ্জন করকট॥"—কবিক।

কারতুজ, তুস (কার্তুজ্, তুশ) [পর্ত্তু—কারটুশ্ ; ইং—cartridge.] বি, গুলি বারুদ ভরা ছোট নল যাহা বন্দুকে ভরিয়া ছুঁড়িতে হয় ; টোটা।

কারদানি, কেরদানি (র্, ক্যার্দানি) [ফা—কার্দানী (কৃতিসাধ্য, সম্ভাব্য practicable. কিন্তু বাং-র—বিশেষ্য শব্দ] বি, কৃতিত্ব ; কর্ম্ম-কৌশল।

কারপরদাজ, কারপরদার (কার্পর্দাজ্) [ফা—কার্পর্দাজ্] বি, কাজকর্ম্ম নির্ব্বাহক ; কর্ম্মচারী। ২। ভৃত্য ; চাকর।

কারপেট (কারপেট্) [ইং—carpet] বি. পাতিয়া বসিবার পুরু আসন ; উল, পাট প্রভৃতির গালিচা ; গৃহতলে বিছাইবার মোটা কাপড়।

কারবলিক (র্, ক্) [ইং—carbolic] বিণ. অঙ্গার বা আলকাতরা-জাত অম্লসম্বন্ধীয়। কারবালিক্ অয়েল (ল্) [ইং—carbolic oil] আলকাতরা বা কয়লা হইতে প্রাপ্ত তেল।

কারবন (র্, ন্) [ইং—carbon] বি. অঙ্গার হীরক ও কৃষ্ণ সীসকাদিরূপে পরিণত অমিশ্র পদার্থ। বিণ. কারবনিক [ইং—carbonic] অঙ্গারিক। কারবনিক এসিড (—এ্যাসিড্) [ইং—carbonic acid] অঙ্গারাম্ল।

কারবার (কার্বার্) [ফা—কার্-ও-বার্] বি. কর্ম্ম ; কার্য্য। ২। ব্যবসায় ; পেশা। ৩। আদানপ্রদান ; ব্যবহার। বিণ. কারবারী —ব্যবসায়ী।

কারবী (কারোবি) [ক (জল)—আ—রু (গমন করা) + (অল্—ভাবে)—ঈপ্ স্ত্রী. জল হইলে যাহা পুলকে উর্দ্ধগত হয়] বি. স্ত্রী. ময়ূর শিখা। ২। [শিব জটার মধ্য দিয়া গঙ্গার গতি—এইরূপ পুরাণ-প্রসিদ্ধি হইতে] রুদ্রজটা। ৩। [বৈদ্যকে] কেলেজিরে। (২) মৌরী। (৩) হিঙ্গের পাত। (৪) ছোট করলা।

কারবেল্ল, কারবেল্লক (ক্) বি. পুং. করলাগাছ। স্ত্রী. কারবেল্লী—উচ্ছে।

কারয়িতা [কৃ+ণিচ্=কারি (করান)ণ. তৃ (কর্ত্তৃ—তৃচ্)=কারয়িতৃ ১মা. ১ব] বিণ. যে অন্য দ্বারা কোন কর্ম্ম করায় বা অন্যকে কার্য্য করিতে বাধ্য করে। স্ত্রী. কারয়িত্রী।

কাররওয়াই (কারোআই) [ফা—কর্‌রবাঈ] বি. কর্ম্মকৌশল ; কপট কার্য্য ; কোন কিছুর উদ্দেশ্যে যাহা করা যায়। ২। [বাং—কদর্থে] কারসাজি।

কারসাজ (কার্শাজ্) [ফা—কার্‌সাজ্] বিণ. মূল অর্থ—সৃষ্টিকর্ত্তা। তাহা হইতে যে "ভাঙ্গাকে গড়ে গড়াকে ভাঙ্গে"। ২। [তাহা হইতে কদর্থে] চালবাজ ; চালাক। বি. কারসাজি, জী।

কারসাজি, কারসাজী (কার্‌সাজি) [ফা —কার্‌সাজী] বি. চালাকি ; চতুরতা ; কপটতা ; কূটকৌশল। প্র—"সেই হরা পাজীর কারসাজী" —কৃষ্ণকান্তের উইল॥ "কারসাজী বলি কর্ণবেধে বল বাজী। ভেবে দেখ সুদ্ধত বিষম কারসাজী॥"—ভারতচন্দ্র। ২। কুহক ; কৌশল। প্র—"সব মায়ার কারসাজি ছায়াবাজী" —মতিলাল রায়।

কারা [সং। "কারা স্যাদ্বন্ধনালয়ে"—অমর। কৃ (বিক্ষেপ করা)+ঘঞ্ (অধি, সংজ্ঞার্থে) যথায় অপরাধীকে দণ্ড পাইবার জন্য বিক্ষেপ বা নিক্ষেপ করা হয়] বি. স্ত্রী. বন্ধনালয় ; বন্ধনাগার ; কারাগার। ২। বন্ধন। প্র—কারামোচন। ৩। [যথায় তারগুলি বিক্ষিপ্ত] বীণার অধঃস্থিত কাষ্ঠময় ভাণ্ড। ৪। পীড়া। ৫। [কু (কুৎসিত) র (ইচ্ছা করা)+অল্ (কর্ত্তৃ)] দূতী ; কুট্টিনী [প্র, অ]।

কারা [কাহারা শব্দের সংক্ষেপ] স. কাহারা ; কোন কোন ব্যক্তি ; কে কে।

কারাগার (র্) [কারার (বন্ধনের) আগার (গৃহ) ৬তৎ] বি. ক্লী. যেখানে অপরাধী-দিগকে রাজাদেশে রুদ্ধ করিয়া রাখে ; গারদ ; জেলখানা ; বন্ধনশালা। কারাগৃহ—কারাগার দ্রঃ।

কারাঙ্গী [কামরঙ্গ দ্রঃ। প্রাদে. উ-বঙ্গে] বি. কামরাঙ্গাফল।

কারাপথ (থ্) বি. পুং. লক্ষ্মণের পুত্র অঙ্গদ ও চন্দ্রকেতুর রাজ্য।

কারাবা, কার্ব্ব [ফা—কারাবা] বি. রৌপ্যাদি নির্ম্মিত পাত্রবিশেষ ; গোলাপ পাশ। প্র—"আতর দিব শিশি ভ'রে, গোলাপ দিব কার্ব্বা করে"—বিষবৃক্ষ। "কে যেন খুলিয়া দেছে গোলাপ কারাবা।"—অশোকগুচ্ছ।

কারাবাস (শ্) [কারাতে (কারাগৃহে) বাস (বসতি) ৭তৎ] বি. পুং. কারাগারে রুদ্ধাবস্থায় বাস ; বন্দিভাবে অবস্থিতি ; কয়েদ। ২। [কারা-রূপ আবাস (গৃহ) কর্ম্মধা] বন্দিশালা ; কারাগার।

কারাবেশ্ম (—বেশ্‌শ) [কারা-রূপ—বেশ্ম (বেশ্মন্) আবাস, কর্ম্মধা] বি. ক্লী. কারাগৃহ ; কারাগার।

কারি [কৃ (করা)+ই (কর্ম্মে—ণি)] বি. স্ত্রী. কর্ম্ম। ২। শিল্পকার্য্য ; কারিকুরি দ্রঃ। ৩। কারু ; শিল্পী। ৪। [জমিদারী পরিভাষায়] সাজ্বাতিক। ৫। [কারী দ্রঃ] মাংসাদির ব্যঞ্জনবিশেষ।

কারি [হি—কারী, লী. ল=র। প্রা-বৈ-পদ-সা] বিণ. কাল ; কৃষ্ণবর্ণ ; মলিন। প্র—"কাঞ্চন কাঁতি বরণ ভেল কারি"—জ্ঞানদাস।

কারিকর (র্) [কারি (শিল্প) কর (যে করে)] বি. কারু ; শিল্পকর ; শিল্পী। প্র—"এ বড় কারিকরে, কুঁদিলে তাহারে"—চণ্ডীদাস।

কারিকরি, কুরি (কো) [কারিকর দ্রঃ। প্রা—কারিকুরি, রী] বি. কারুকার্য্য ; শিল্প নৈপুণ্য। প্র—"কিবা কারিকরের আজব কারিকুরি"—চণ্ডীদাস।

কারিকা [সং] বি. স্ত্রী. স্বল্পাক্ষর বৃত্তিদ্বারা অনেকার্থ-জ্ঞাপিকা কবিতা ; বিবরণ-শ্লোক। ২। [সঙ্গীতে] রাগভেদ। ৩। কার্য্য। ৪। কর্ত্রী। ৫। নটকারিকা ; নটী। ৬। শিল্প-কার্য্য ; কারুকার্য্য। ৬। বৃদ্ধি ; সুদ।

কারিগর (র্) [ফা—কারীগর] বি. শিল্পী ; কারিকর ; কারু। প্র—"কে এমন কারিগর, বনাইলে ঘর, দেখিতে নারিনু তারে।"—চণ্ডীদাস।

কারিগরি (গো) [ফা—কারীগরী। বাং—কারিগরি, কারিগিরি, কারিগুরি, রী] বি. শিল্পনৈপুণ্য ; কারুকার্য্য ; কারিকরি। প্র—"উপমার কারিগরি বর্ণের যোজনা।"—অশোক-গুচ্ছ।

কারিত [কৃ+ণিচ্=কারি (করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা করান হইয়াছে ; অন্যের দ্বারা কৃত।

কারিন্দা [ফা] বি. কর্ম্মচারী ; গমস্তা। প্র—"কেরাণী, কারিন্দা, ক্লার্ক মুচ্ছুদ্দি দেওয়ান্।" —হেম বন্দ্যো। বিণ. কারিন্দিয়া, কারিন্দে—কারিন্দা-সম্বন্ধীয়। ২। কেজো ; কর্ম্মণ্য।

কারী [আ] বি. কোরাণ পাঠকারী। প্র—"কাজী ছাড়ে কলমা কোরাণ ছাড়ে কারী। হুলাহুলি দেই যত যবনের নারী॥"—ভারত-চন্দ্র। "কাজী হাজীকারী আদি যবন যাবত। সর্ব্বশুদ্ধ পাতশাহ হইল দণ্ডবত॥"—ঐ।

কারী, রি [ইং—curry] বি. সাহেবপসন্দ মসলাদার তরকারী ; আমিষব্যঞ্জনবিশেষ ; কালিয়া। চপ-কারী, কারী-কাটলেট্ —চপ (দ্রঃ) ও কারী ; কারী এবং কাট্-লেট্ (দ্রঃ)।

কারীষ (ষ্) [করীষ (শুষ্ক গোময়)+অ (সমূহার্থে—অণ্)] বি. ক্লী. শুষ্ক গোময় পুঞ্জ ; ঘুঁটের রাশি।

কারু [বৈদিক নিরুক্তে কারু অর্থে কবি, কর্ম্ম-কর্ত্তা, দেবগুণ-গায়ক। কৃ (করা)+উ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে উণ্)] বি. পুং. দেবশিল্পী ; বিশ্বকর্ম্মা। ২। বিণ. যে শিল্পবিদ্যা-নিপুণ ; শিল্পকারক ; শিল্পকারী। ৩। কর্ত্তা ; নির্ম্মাতা। কারুকার্য্য—শিল্পকর্ম্ম ; শিল্পনৈপুণ্য।

কারু ['কাহারও' শব্দ দ্রুত উচ্চারণে 'কারো' দ্রঃ।] স. কাহারও ; কোনও ব্যক্তির। প্র—"ভক্তগণ বলে কারু ঘরে নাহি ফল"—ঘনরাম।

কারুজ (জ্) [কারু (শিল্প বা শিল্পী) জ (কর্ত্তৃ, ড প্রত্যয়ান্ত জন ধাতুজ)] বি. পুং. শিল্প-জাত বস্তু ; শিল্পিগণ যে সকল বস্তু প্রস্তুত করে। ২। করিশাবক।

কারুণিক (—নিক্) [করুণা+ইক (অস্ত্যর্থে, ইকণ্)] বিণ. পরদুঃখ দর্শনে যাহার করুণার উদয় হয় ; দয়ালু ; কৃপাপরতন্ত্র।

কারুণ্য (কারুন্নো [করুণা+য (স্বার্থে, ষণ্) অ=আ] বি, স্ত্রী, করুণা ; দয়া ; অনুকম্পা।

কারুষ্য (কারুষ্‌য) [করুষ+য (পালকার্থে, ষণ্)] বি, পুং, করুষ দেশের অধিপতি ; রাজা দন্তবক্র।

কারেন্সীনোট (ট্) [ইং—currency note] বি, নগদ মুদ্রার স্থলাভিষিক্ত কোম্পানীর কাগজ ; (সংক্ষেপে) নোট।

কারো [কাহার, সংক্ষেপে কার+ও 'কার' দ্রঃ] কাহারও ; কোন ব্যক্তিরও। প্র—"দোষ কারো নয় গো মা। আমি স্বখাদ সলিলে ডুবে মরি শ্যামা॥"—দাশরথি। "সখি বল, আমি আঁখি তুলে কারো পানে চাব কি"—রবি।

কারোয়া [আ। ইং—caraway উচ্চারণ বিকারে কাওরা, কেওরা, পরে কেওড়া] বি, সুগন্ধ বীজ লতা ও তাহার ফল। কেওড়া দ্রঃ।

কার্কশ্য (কারকোশ্‌শো) [কর্কশ+য (ভাবে, ষণ্)] বি, স্ত্রী, কর্কশতা ; কাঠিন্য ; কঠিনতা। ২। নির্দ্দয়তা।

কার্থরা—কারোয়া দ্রঃ।

কার্ড (কার্‌ড্) [ইং—card] বি, পুরু কাগজখণ্ড। ২। নাম ও ঠিকানা লিখিত মোটা কাগজের খণ্ড। ৩। পোষ্টকার্ড (Post-Card) ; চিঠির কাগজবিশেষ ; চতুষ্কোণ পুরু কাগজখণ্ড।

কার্ণিস (কার্‌নিশ্) [ইং—cornice] বি, প্রাকারশীর্ষ ; ধার। কারনিস দ্রঃ।

কার্ত্তবীর্য্য (কার্‌ত্তোবীর্‌জো) [কৃতবীর্য্য (কোন রাজা)+অ (অপত্যার্থে—অণ্) কিম্বা (কৃত+অ (ভাবে, অণ্)=কার্ত্ত (সম্যক্ কীর্ত্তিত) হইয়াছে বীর্য্য (বীরত্ব) যাহার, বহু] বি, পুং, রাজা কৃতবীর্য্যের পুত্র অর্জ্জুন। ইঁহার সহস্রবাহু ছিল। রাবণও ইঁহার বাহুবলে পরাজিত হইয়াছিলেন।

কার্ত্তবীর্য্যারি (কার্‌ত্তোবীর্‌জ্জারি) [কার্ত্তবীর্য্যের অরি (শত্রু) ৬ তৎ, কিম্বা কার্ত্তবীর্য্য হইয়াছে অরি যাহার, বহু] বি, পুং, পরশুরাম ; কার্ত্তবীর্য্য পরশুরাম কর্ত্তৃক নিহত হন বলিয়া এই নাম।

কার্ত্তান্তিক (ক্) [কৃতান্ত (শুভাশুভ)—দৈব)+ইক (জ্ঞাতার্থে, ইকণ্) যিনি ভাবী শুভাশুভ জানেন] বি, পুং, জ্যোতিঃশাস্ত্রবিদ্ ; গ্রহাচার্য্য ; দৈবজ্ঞ।

কার্ত্তিক (ক্) [কৃত্তিকা (চন্দ্রভার্য্যা)+অ (অপত্যার্থে, অণ্) গ্রা—কাত্তিক। কৃত্তিকার পালিত পার্ব্বতীর পুত্র] বি, শক্তিধর ; ষড়ানন। ২। [কৃত্তিকা+অ (নক্ষত্র যুক্তার্থে, অণ্)=কার্ত্তিকী, কিম্বা (কৃত্তিকা নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী)+অণ্ (তদ্যুক্ত মাসার্থে)] কৃত্তিকা নক্ষত্রযুক্ত পৌর্ণমাসীবিশিষ্ট মাস ; কার্ত্তিক মাস। ৩। বিণ, কার্ত্তিকমাস-সম্বন্ধীয়। ৪। কার্ত্তিকের মত ; কার্ত্তিকবৎ ; সুন্দর ; সুশ্রী। প্র—"এমন কার্ত্তিক চেহারা"—অমৃতবসু। **নবকার্ত্তিক**—[বিদ্রূপে] কুরূপ ; **লোহার কার্ত্তিক**—[বিদ্রূপে] কদাকার। কৃষ্ণকায় ও কঠিনাঙ্গ।

কার্ত্তিকেয় [কৃত্তিকা (নক্ষত্রবিশেষ)+এয় (অপত্যার্থে, এয়ণ্) কৃত্তিকার পালিত বলিয়া] বি, পুং, কার্ত্তিক ; সেনানী ; দেবসেনাপতি।

কার্ত্তিকোৎসব (—শব্) [কার্ত্তিক (মাসবিশেষ) তাহাতে উৎসব (আনন্দদিবস) ৭ তৎ] বি, পুং, কার্ত্তিকী পূর্ণিমা-উৎসব।

কার্পট (ট্) [কর্পট (ছিন্ন বস্ত্র)+অ (সম্বন্ধার্থে, অণ্)] বি, বস্ত্রের খণ্ড ; কানি। ২। জতু ; জৌ।

কার্পণ্য (কার্‌পোন্‌নো) [কৃপণ—য (ভাবে—ষ্ণ্য)] বি, স্ত্রী, কৃপণতা ; অদাতৃত্ব ; ব্যয়কুণ্ঠতা। ২। দারিদ্র্য। ৩। দীনতা ; দৈন্য। ৪। কাতরতা।

কার্পাস (কার্‌পাশ্) [সং। প্রাকৃ—কাপাস, গ্রা—কাবাস। হি—কপাস্] বি, স্বনাম প্রসিদ্ধ কাপাস তুলা। ২। [সং—কার্পাসী] কাপাসের গাছ। ৩। বিণ, কার্পাসজাত ; কার্পাসের সুতায় নির্ম্মিত।

কার্পাসধেনু (শ্) [কার্পাস (কার্পাস সূত্রনির্ম্মিত) যে ধেনু—কর্ম্মধা] বি, স্ত্রী, বরাহপুরাণোক্ত কার্পাস সূত্রের বসনদ্বারা রচিত ব্রাহ্মণকে দান করিবার ধেনু।

কার্পাসিক (—শিক্) [কার্পাস+ইক (কৃতার্থে—ইকণ্)] বিণ, কার্পাসসূত্রবিনির্ম্মিত। ২। [সংসৃষ্টার্থে—ইকণ্] কার্পাসসংক্রান্ত ; কার্পাসসম্বন্ধীয়। ৩। কার্পাস সূত্রনির্ম্মাণকারী।

কার্পাসী (—শি) [কার্পাস+ঈ—স্ত্রী] বি, স্ত্রী, কার্পাসবৃক্ষ ; কাপাসগাছ।

কার্পেট (ট্) [ইং—carpet.] বি, কারপেট দ্রঃ।

কার্ব্বা [কাবাবা দ্রঃ] বি, গোলাবপাশ রৌপ্যাদিনির্ম্মিত সুগন্ধ জলপাত্র। প্র—"আতর দিব শিশি ভরে গোলাব দিব কার্ব্বা করে।" —বঙ্কিম।

কার্ম্ম [কর্ম্মন্—কর্ম্ম+অ (শীলার্থে, অণ্)] বিণ, যাহার কর্ম্ম করিবার স্বভাব আছে ; কর্ম্মশীল ; পরিশ্রমী।

কার্ম্মণ (ন্) [কর্ম্মন্+অ (হিতার্থে—অণ্)] বি, স্ত্রী, মন্ত্রতন্ত্রাদিদ্বারা বশীকরণাদি ; যাদুকরণ।

কার্ম্মিক (ক্) [কর্ম্ম (কার্য্য)+ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, কর্ম্মসম্বন্ধীয়। যে বস্ত্রের উপর সূচীকর্ম্ম করা হইয়াছে ; সূচীকর্ম্মদ্বারা চিত্রবিচিত্র। ২। কর্ম্মশীল। ৩। কৃত ; প্রস্তুত।

কার্ম্মুক (ক্) [সং] বি, স্ত্রী, ধনুঃ ; ধনুক ; ইন্দ্রধনু। ২। ধনুরাশি। ৩। তুলা ধুনিবার ধনুরাকৃতি যন্ত্র। ৪। বাঁশ। ৫। কার্ম্মুকাসন ; যোগের আসনবিশেষ ; যাহাতে পদ্মাসনে বসিয়া দক্ষিণহস্তে বামপদের অঙ্গুলিদ্বয় এবং বামহস্তে দক্ষিণপদের অঙ্গুলিদ্বয় ধারণ করিতে হয়। ৬। [বৈদ্যকে] শ্বেতখদির। (২) হিজলগাছ। (৩) মহানিম্ব। (৪) তোপচিনি। (৫) মাধবীলতা।

কার্ম্মুকাসন (শন্) [কার্ম্মুক-রূপ যে আসন—কর্ম্মধা] বি, স্ত্রী, রুদ্রযামলোক্ত তপ্সাধনের আসনবিশেষ ; যোগাসনবিশেষ। কার্ম্মুক দ্রঃ। ২। [কার্ম্মুক (ধনুঃ) হইয়াছে, আসন যাহার, বহু] বাণ ; শর।

কার্য্য (কার্‌জো) [প্রাকৃ—কজ্জ (কৃ—করা)+য (কর্ম্মে—ঘ্যণ্) যাহা করা যায়] বি, স্ত্রী, কর্ম্ম ; কাজ ; work. ২। কৃত্য ; শাস্ত্রবিহিত কর্ম্ম ; শ্রাদ্ধাদি ক্রিয়া ; দোল দুর্গোৎসবাদি যে কোন উৎসব। প্র—কার্য্যবাড়ী। ৩। প্রয়োজন ; নিমিত্ত ; হেতু। ৪। উপকার ; ফল। ৫। বিণ, করণীয় ; কর্ত্তব্য। প্র—কি কি কার্য্য এবং কি কি অকার্য্য তাহা বুঝিয়া কার্য্য করিতে হয়।

কার্য্যকারণভাব, সম্বন্ধ—বি, পুং, কার্য্যগতিক ; কার্য্যের ক্রম ; কার্য্যের সহিত কারণের ও কারণের সহিত কার্য্যের সম্বন্ধ ; কর্ম্মবাধ্যতা। প্র—কার্য্যগতিকে এদিকে আসিয়া পড়িয়াছে।

কার্য্যকাল (কার্‌জোকাল্) [কার্য্যের কাল, ৬ তৎ] বি, পুং, কর্ম্মকাল ; কার্য্যের সময়, যে সময়ে যে কার্য্য কর্ত্তব্য। ২। প্রয়োজনের সময়।

কার্য্যকুশল (কার্‌জোকুশল্) [কার্য্যের বা কার্য্যেতে কুশল, ৬।৭ তৎ)] বিণ, কর্ম্মনিপুণ ; কার্য্যক্ষম।

কার্য্যঞ্চ (কার্‌জোন্‌চ) সং—কার্য্যংচ। গ্রা—বিকারে কার্য্যনংচ—কার্য্যনঞ্চ। প্রা, বাং—গদ্যে পত্রাদি লিখনে ও দলীল দস্তাবেজে ভূরি ব্যবহার। "কার্য্যঞ্চ" শব্দের সহিত "আগে", "আদৌ" তাহার পর "বিশেষ" অর্থাৎ কার্য্য বশতঃ এই পত্র তাহার আদি বিশেষ (বিশেষতঃ) বা অগ্রে বক্তব্য এই যে, এবং সর্ব্বশেষে 'পরে' (অতঃপর) লিখিবার প্রথাও ছিল যথা,—"কার্য্যঞ্চাদৌ বিশেষ, পরে মহাশয়ের ইত্যাদি। এই সকল বিকৃত এবং অশুদ্ধ পাঠের মধ্যে "পত্রমিদং কার্য্যঞ্চাগে" আদালতের কাগজপত্রে আজিও চলিত আছে। প্র—

"কস্য হেবানামা পত্রমিদং কার্য্যঞ্চাগে।" "কস্য পত্তনী বন্দোবস্ত পত্রমিদং কার্য্যঞ্চাগে আমি আপনার জমিদারী * * * পত্তনী লইবার প্রার্থনা করায়" ইত্যাদি।—নূতন পত্র-কৌমুদী। এইরূপ—নিবেদনঞ্চ, বিজ্ঞাপনঞ্চ বিশেষঃ প্রভৃতি।

কার্য্যদর্শন (কার্জোদর্শন) [কার্য্যের দর্শন (দৃষ্টি) ৬তৎ] বি, ক্লী, কর্ম্মদৃষ্টি। ২। কার্য্য পরীক্ষা ; কার্য্যের পরিদর্শন বা তত্ত্বাবধান। ৩। কার্য্যনির্ব্বাহ : কর্ম্মসমাধান।

কার্য্যদর্শী (কার্জোদোর্‌শি) [কার্য্য—দৃশ্‌ (দেখা) + ইন্‌ (কর্ত্তৃ—ণিন্‌) = দর্শিন্‌ ১মা, ১ব] বিণ, কর্ম্মদ্রষ্টা ; কার্য্যের তত্ত্বাবধায়ক।

কার্য্যনির্ব্বাহ (কার্জোনির্‌বাহো) [কার্য্যের নির্ব্বাহ—৬তৎ] বি, পুং, কর্ম্ম-নিষ্পত্তি : কার্য্যসাধন ; কর্ম্মসমাধা।

কার্য্যনির্ব্বাহক (কার্জোনির্ব্বাহোক) [কার্য্যের নির্ব্বাহক (সম্পাদক) ৬তৎ] বিণ, কার্য্য-সম্পাদক ; কর্ম্মসমাধানকারী।

কার্য্যনিষ্পত্তি (কার্জোনিশ্‌পোৎতি) [কার্য্যের নিষ্পত্তি, ৬তৎ] বি, স্ত্রী, কর্ম্মসম্পাদন ; কর্ম্মের মীমাংসা ; কার্য্য সমাধান ; কর্ম্মের শেষ।

কার্য্যপটু (কার্জোপোটু) [কার্য্যেতে পটু (দক্ষ) ৭তৎ] কর্ম্মকুশল।

কার্য্য পরম্পরা (কার্জো) বি, ক্রমানুযায়ী কর্ম্ম ; পরে পরে কর্ম্ম সমূহ।

কার্য্যপ্রণালী (কার্জোপ্‌প্রোনালি) বি, কর্ম্মের ধারা : কাজের রীতি।

কার্য্যবশ (কার্জোবশ্‌) [কার্য্যের বশ, ৬তৎ] বি, পুং, কার্য্যের অধীন ; কর্ম্মের অনুরোধ। ২। বিণ, কর্ম্মের বশীভূত। ক্রি,—বিণ, কার্য্যবশে ; কার্য্যবশতঃ।

কার্য্যবশতঃ (কার্জোবশোতো) [কার্য্যবশ + তস্‌ (সপ্তম্যর্থে)] অ, কর্ম্মনিবন্ধন ; কার্য্যের অনুরোধে।

কার্য্যশেষ (কার্জোশেষ্‌) [কার্য্যের শেষ (সমাধান) ৬তৎ] বি, পুং, কৃতকার্য্যের সমাপন ; যে কার্য্য আরম্ভ করা হইয়াছে তাহার সমাপ্তি। ২। [কার্য্যের শেষ] কর্ম্মের অবশিষ্ট অংশ ; কর্ম্মের অকৃত বা অসম্পাদিত অংশ।

কার্য্যসমাধা (কার্জোশমাধা) [কার্য্যের সমাধা (নির্ব্বাহ) ৬তৎ] বি, স্ত্রী, কর্ম্ম-নির্ব্বাহ।

কার্য্যসমাধান (কার্জোশমাধান্‌) [কার্য্যের সমাধান (নির্ব্বাহ) ৬তৎ] বি, ক্লী, কর্ম্ম-সাধন ; কর্ম্মনিষ্পাদন ; কর্ম্মসমাপ্তি।

কার্য্যসমাধায়ক (কার্জোশমাধায়ক্‌) [কার্য্যের সমাধায়ক (নির্ব্বাহক) ৬তৎ। সং + আ—ধা + ণিচ্‌ = সমাধায়ি (সম্পাদন করান) + অক (কর্ত্তৃ)] বিণ, কার্য্যসম্পাদন কারক ; যে অন্য দ্বারা কার্য্য সমাধান করে।

কার্য্যসম্পাদক (কার্জোশম্‌পাদোক্‌) [কার্য্যের সম্পাদক (সং—পদ্‌ + ণিচ্‌) = সম্পাদি (সম্পাদন করা, সমাধা করা) + অক (কর্ত্তৃ)] বিণ, কার্য্যনির্ব্বাহক ; যে কর্ম্ম স্বয়ং বা অন্য দ্বারা সমাধান করে।

কার্য্যসাধক (কার্জোশাধোক্‌) [কার্য্যের সাধক (সাধ = সাধনা করা + অক—কর্ত্তৃ)] বিণ, কার্য্যনির্ব্বাহক ; কর্ম্মসম্পাদনকারী।

কার্য্যসাধন (কার্জোশাধোন্‌) [কার্য্যের সাধন, ৬তৎ] বি, ক্লী, কর্ম্মনির্ব্বাহ ; কর্ম্ম-সম্পাদন।

কার্য্যসিদ্ধি (কার্জোশিধ্‌ধি) [কার্য্যের সিদ্ধি, ৬তৎ] বি, স্ত্রী, অভীষ্টলাভ। ২। বাঞ্ছিত কার্য্যের ফললাভ ; কৃতকার্য্যতা।

কার্য্যাকার্য্য (কার্জ্যাকার্জ) বি, বিধেয় এবং অবিধেয় কর্ম্ম ; সুকর্ম্ম এবং কুকর্ম্ম।

কার্য্যাঙ্ক (কার্‌জ্যাংকো) [কার্য্য—অঙ্ক (চিহ্ন)] বি, চাপরাশ, কার্য্যের পরিচায়ক চিহ্ন ; badge. প্র—"যে ভৃত্য যে কার্য্যে নিযুক্ত তাহা দূর হইতে পরিজ্ঞানের নিমিত্ত লৌহ, তাম্র, পিত্তল, রজত, স্বর্ণ ও রত্নাদি নির্ম্মিত কার্য্যাঙ্ক দ্বারা চিহ্নিত করিবে।"—শুক্রনীতি, ২অধ্যায় (রত্নমালা)।

কার্য্যাধিপ (কার্‌জ্যাধিপ্‌) [কার্য্যের অধিপ (অধ্যক্ষ) ৬তৎ] বি, কার্য্যাধ্যক্ষ। ২। [জ্যোতিষে] লগ্নস্থান হইতে দশম স্থানের অধি-পতি গ্রহ।

কার্য্যানুরোধ (কার্‌জ্যানুরোধ্‌) [কার্য্যের অনুরোধ (প্রয়োজন) ৬তৎ] বি, পুং, কর্ম্মবশ ; কর্ম্মের প্রয়োজন বা হেতু। ক্রি-বিণ, **কার্য্যানুরোধে**—কার্য্যবশে।

কার্য্যান্তর (কার্‌জ্যান্তর্‌) [কার্য্যের অন্তর (অন্য) কিম্বা কার্য্য হইয়াছে অন্তর (ব্যবধান) যাহা দ্বারা)] বি, ক্লী, অন্যকর্ম্ম ; কর্ম্মান্তর।

কার্য্যান্বিত (কার্‌জ্যান্‌নিতো) [কার্য্য দ্বারা অন্বিত (যুক্ত) ৩তৎ] বিণ, কার্য্যযুক্ত ; কর্ম্ম-রত ; কার্য্যে লিপ্ত।

কার্য্যারম্ভ (কার্‌জ্যারম্‌ভ) [কার্য্যের আরম্ভ (অনুষ্ঠান) ৬তৎ] বি, পুং, কর্ম্মের সূত্রপাত ; কর্ম্মের প্রথম অনুষ্ঠান।

কার্য্যী (কার্জী) [কার্য্য + ইন্‌ (অস্ত্যর্থে) = কার্য্যিন্‌ ১মা, ১ব] বিণ, কর্ম্মপ্রার্থী ; উমেদার। ২। [ব্যাকরণে] যাহার স্থানে কার্য্য বা কোন আদেশ হয় তাহাকে কার্য্যী বলে।

কার্য্যোৎসুক (কার্‌জোৎশুক) [কার্য্যে উৎসুক (যত্নশীল) ৭তৎ] বিণ, কার্য্যসাধনে উদ্যোগী ; কার্য্য-তৎপর।

কার্য্যোদ্ধার (কার্জোদ্‌ধার্‌) [কার্য্যের উদ্ধার (সাধন] ৬তৎ] বি, পুং, কার্য্যসিদ্ধি ; কর্ম্মে সফলতা লাভ।

কার্শ্য (কার্‌শ) [কৃশ (ক্ষীণ) + য (ভাবে—ষ্যণ্‌)] বি, ক্লী, ক্ষীণতা ; কৃশতা। ২। পুং, গাম্ভার। ৩। [বৈদ্যকে] একাঙ্গী বা কর্চুর ; শটী। ৪। লকুচ বা মান্দার বা ডেয়ো।

কার্ষাপণ (কার্ষাপন্‌) [কর্ষ (তোলক পরি-মাণ) + অ (ন্‌) = কার্ষ + আপন (আ—পন্‌ (ব্যবহার করা) + অ—(অধি সংজ্ঞার্থে—অল্‌)] বি, ১৬ পণ ; ১ কাহন।

কার্ষিক (ক্‌) [কর্ষ (তোলক পরিমাণ) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্‌)] বি, পুং, একবুড়ি, বা পাঁচগণ্ডা। ২। একতোলা। ৩। [কৃত্যর্থে —ইকণ্‌] কৃষক ; কর্ষণকর্ত্তা।

কার্ষ্ণ (কার্ষ্ট, কার্‌ষ্‌ন) [কৃষ্ণ + অ (সম্বন্ধার্থে—অন্‌)] বিণ, কৃষ্ণসম্বন্ধীয় ; কৃষ্ণ সংক্রান্ত। ২। কৃষ্ণমৃগ সম্বন্ধীয়। ৩। কৃষ্ণদ্বৈপায়নসম্বন্ধীয়। ৪। কৃষ্ণসার মৃগ। স্ত্রী, কৃষ্ণসার মৃগী।

কার্ষ্ণায়ন (কর্ষ্টায়ন) [কৃষ্ণ (কৃষ্ণদ্বৈপায়ন) + আয়ন (অপত্যার্থে—আয়ন, ৭)] বি, পুং, ব্যাসের বংশজাত পুরুষ ; রাজা ধৃতরাষ্ট্র প্রভৃতি।

কার্ষ্ণি (কার্‌ষ্টি) [কৃষ্ণ + ই (অপত্যার্থে—ইণ্‌] বি, পুং, কৃষ্ণের পুত্র। ২। কামদেব। স্ত্রী, **কার্ষ্ণী**—শতাবরী।

কাল (ল্‌) [কল্‌ (গণনা করা) + অ (কর্ত্তৃ—ঘঞ্‌, সংজ্ঞার্থে) যে বৎসর, মাস, দিন, ক্ষণ প্রভৃতিরূপে সময়াবধারণ করে] বি, সময়। ২। অবসর। ৩। রাগরাগিণী আলাপের সময়। **কালকাটান**—সময় ক্ষেপণ করা ; জীবন যাপন করা। **আজকাল, আজ নয় কাল**—আজ কাল করিয়া বৃথা সময় অতি-বাহন : দীর্ঘসূত্রিতা করণ : অথবা বিলম্বকরণ। **দিনকাল**—সময়ের প্রভাব : কালের গতিক। প্র—যে রকম দিনকাল পড়েছে তাহাতে হিসাব করিয়া না চলিলে সংসারযাত্রা সুনির্ব্বাহ করা কঠিন। **কালঘাম**—মৃত্যুকালীন ঘর্ম্ম। ২। সর্ব্বাঙ্গ সিক্তকারী প্রচুর ঘর্ম্ম। প্র—"দাঁড় টানতে ঝিঁকি মারতে মাঝিদের কালঘাম ছুট্‌ছে"—টেকচাঁদ। **অন্তিমকাল**—মরণ সময় ; মৃত্যু। **কালকবলে বা কাল-গ্রাসে পতিত হওয়া**—মরা। **কালের হাতে পড়া**—যমের বা সাক্ষাৎ মৃত্যুর দ্বারা আক্রান্ত হওয়া। **কালে ধরা**—মৃত্যু আক্রমণ করা। কালপুরুষ দ্রঃ। **কাল পড়া**—দিনকাল দ্রঃ। ২। জ্যোতিষে যাত্রার পক্ষে অশুভ যোগ। **কন্যাকাল**—হিন্দু-কন্যার বিবাহের কাল প্রায় উত্তীর্ণ হয় এমন

বয়স। **কালবেলা**—দিবসের অর্দ্ধ প্রহর পরিমিত অশুভ কাল। কালবেলা দ্রঃ। **কাল বৈশাখী**—বৈশাখ মাসের বৈকালিক নিত্য নৈমিত্তিক ঝড়। কালরাত্রি—দ্রঃ। **তিন কাল গিয়ে এক কালে ঠেকা**—জীবনের তিন অবস্থা অতীত হইবার পর অর্থাৎ শৈশব যৌবন প্রৌঢ় কাল কাটাইয়া বার্দ্ধক্যে আসিয়া উপস্থিত হওয়া : মৃত্যুকালের সন্নিকটস্থ হওয়া। **কালে কালে**—সময় ক্রমে ; সময়ান্তরে ; সময় উত্তরোত্তর যতই অগ্রসর হইবে।

কাল (ল্) [কল্ (গণনা করা) ধাতু হইতে। নির্দ্দিষ্ট সময়ে আবির্ভূত হয় বলিয়া অথবা কৃষ্ণবর্ণ বলিয়া] বি, বসন্ত-সখা : কোকিল।

কাল (ল্) [সং] বি, যম। ২। মৃত্যু। ৩। শনি। ৪।. সর্ব্ব সংহারক রুদ্র ; শিব। স্ত্রী, কালী। ৫। বিণ, যমসম ভীষণ। ৬। (তাহা হইতে) ভীষণ বা বিষম প্রতিবন্ধক। প্র—"সুখ রাজ্য করিতে আপেটী হৈল কাল।"—কবিক। ৭। সর্ব্বনাশ। প্র—"কাল কল্লে এঁড়ে গরু কিনে"—প্রবাদ। **কাল করা**—সর্ব্বনাশ করা ; বিপদ বাধান ; বিষম জঞ্জাল বাধান। **কালফণী, কালসর্প, কালসাপ**—কৃষ্ণবর্ণ বিষধর সর্প : কেউটিয়া সাপ। স্ত্রী, **কাল সাপিনী, কালনাগিণী**—বিষধর কৃষ্ণসর্পিণী।

কাল (লো [সং—কালঃ। "কালঃ কৃষ্ণবর্ণে" —হেমচন্দ্র। দেহের বর্ণ শ্যাম বা কৃষ্ণ বলিয়া শ্রীকৃষ্ণের নাম। তুল—"পাসরিতে নারি কালা কানুর পিরীতি"—জ্ঞানদাস। "আমি আপনি চিকণ কালো। আমার রাইয়ের রূপে ভুবন আলো"—গিরিশ। আদরার্থে কৃষ্ণের—**কাল, কালশশী, কালা, কালাচাঁদ, চিকণ-কালা, কালিয়া** প্রভৃতি নাম] বি, শ্রীকৃষ্ণ। প্র—"কাল ভাল বেসে হ'ল এই যাতনা"—ঈশ্বর গুপ্ত। "বাসি হলো বনমালা, দেখ ওলো প্রাণ সই। ধূসর গগনে শশী, কালশশী এলো কই॥"—গিরিশ। "ওগো চিনেছি চিনেছি, চরণ দেখে, ঐ বটে সেই কালিয়ে" —হরু ঠাকুর। ২। কৃষ্ণবর্ণ। ৩। [বৈদ্যকে] রক্তচিতা ; (২) কালকাসুন্দা ; কাক্লা (কক্কোল) : (৩) লৌহ। ৪। বিণ, কৃষ্ণবর্ণ বিশিষ্ট (এই অর্থে গ্রা, কেলে। প্র—কেলে হাঁড়ী ; কালিয়া দ্রঃ) ; মলিন। প্র—"গোরা ছিনু ভাবিতে ভাবিতে হৈনু কাল"—ভারতচন্দ্র। ঈষদর্থে—কাল্চে (হি—কালাসা—কালিসী)। বিবিধ শব্দযোগে কালবর্ণের প্রকারভেদ বুঝায়। সাদৃশ্যার্থে—কুচ্কুচে কাল, চিক্কণ কাল, কালকৃষ্টি (একার্থক) আধিক্যার্থে দ্বিত্ব অথবা কৃষ্ণ সদৃশ কাল। **মীশ কাল, মিশ ক ল, মিশ্‌মিশে কাল**—মিশি (কৃষ্ণাঞ্জন) বা মসী সদৃশ কাল, **মুস্কিকাল**—মুষ্ক বা মৃগনাভির মত কাল। **কাল ঝূল**—ধোঁয়ায় কৃষ্ণবর্ণ ঝূলের মত কাল। **কাল আঁচড়** (কালোআঁচোড়্) লেখাপড়ার চিহ্ন। প্র—"পেটেতে কড়িটী ভোর কাল আঁচড় নাই"—হেম বন্দ্যো। **কালহাঁড়ি**—বি, রন্ধন করা সুতরাং ছুতোহাঁড়ি। প্র—"পুরের বাহির করি মারে বেড়া বাড়ি। কাল হাঁড়ি ফেলে মারে কুলের বহুড়ি॥"— —কবিক।

কালক (ক্) [কল্ (গণনা করা) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, জতুক বা জড়ুল। (ইহা দ্বারা শুভাশুভ নিরূপণ করা যায়)। ২। কালকাশন্দার শাক। ৩। ঢোঁড়াসাপ। ৪। [কল্ (প্রেরণকরা) + অক (সংজ্ঞার্থে) যে সমস্ত শরীরে রক্ত প্রেরণ করে] ক্লী, যকৃৎ : কালখণ্ড। ৫। [কাল + ক (যুক্তার্থে)] বিণ, কৃষ্ণবর্ণযুক্ত : কাল রঙ্-বিশিষ্ট।

কালকচু (কালোকোচু) বি, স্ত্রী, কৃষ্ণবর্ণ কচু-বিশেষ।

কালকঞ্জ (কালকন্‌জো) [কাল (নীলবর্ণ) যে কঞ্জ (পদ্ম) কর্ম্মধা] বি, ক্লী, নীলকমল। ২। দানববিশেষ।

কালকণ্ঠ (ল্) [কাল (কৃষ্ণবর্ণ) হইয়াছে কণ্ঠ (গলা) যাহার, বহু] বি, পুং, শিতিকণ্ঠ ; নীলকণ্ঠ : মহাদেব। প্র—"কালকণ্ঠ কুরলাক্ষী"—কবিক। ২। ময়ূর। ৩। দাত্যূহপক্ষী (ডাহুক)। ৪। চটক : চড়ুই। ৫। খঞ্জন। ৬। সহস্রস্কন্ধ রাবণের পুত্র (অদ্ভুত রামায়ণ)।

কালকর্ণী (কাল্‌কোর্‌ণি) বি, স্ত্রী, অলক্ষ্মী।

কালকল্প (কাল্‌কল্‌পো [কাল + কল্প (সদৃশার্থে)] বিণ, মৃত্যুতুল্য।

কালকা বি, স্ত্রী, কালকেয় অসুরগণের মাতা।

কালকাসুন্দা (কাল্‌কাশুন্‌দা) [সং—কাসমর্দ্দ] বি, স্বনামপ্রসিদ্ধ বৃক্ষবিশেষ।

কালকিষ্টি [কাল—কৃষ্ণ (কাল) আধিক্যার্থে দ্বিরুক্ত—ই (যুক্তার্থে)] বিণ, অতিশয় কৃষ্ণবর্ণ-বিশিষ্ট ; অত্যন্ত ময়লা। কাল দ্রঃ।

কালকুণ্ঠ (ল্) [কাল (সময়) কুণ্ঠ্ (চুরি করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, যিনি সকলের জীবনকাল হরণ করেন)] বি, পুং, সর্ব্বসংহারক ; যম।

কালকূট (কাল্‌কুট্ [কাল (জীবনকাল) কূট্ (নষ্ট করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে অচ্) যে জীবনকাল নষ্ট করে অর্থাৎ যাহা সেবন করিলে জীবনীশক্তি নষ্ট হয়] বি, পুং-ক্লী, তীব্র বিষ ; গরল। ২। স্থাবর বিষবিশেষ। প্র—"কাল পঞ্চবটী বনে কালকূটে ভরা এ ভুজগে"—মেঘনাদ।

কালকূটি (ল্) [কালকূট + ই (ভবার্থে—ইণ্)] বিণ, যাহা কালকূট হইতে জন্মে ; তীব্র বিষজাত।

কালকৃৎ (ল্) [কাল (সময়) কৃৎ কৃ (করা) ক্বিপ্ + কর্ত্তৃ] বি, পুং, যিনি সূর্য্য চন্দ্রাদি দ্বারা কালের বিভাগ করেন ; পরমেশ্বর। ২। [আপন ক্রিয়া দ্বারা কাল বিভাগ করেন বলিয়া] সূর্য্য ; চন্দ্র।

কালকৃত (ল্) [কাল (সময়ে) কৃত (কৃ—করা + ত, কর্ম্মে—ক্ত) ৭তৎ] বিণ, সময়ে যাহা করা হইয়াছে। ২। যথাসময়ে সম্পাদিত ; সময়ে যাহা করে। ৩। যথাকালে কৃত। ৪। [কাল দ্বারা কৃত, ৩তৎ] কালকর্ত্তৃক কৃত। ৫। [কাল (দিবারাত্রি রূপ সময়) কৃত (বিহিত) হইয়াছে যৎকর্ত্তৃক, বহু] বি, পুং, পরমেশ্বর। (কাল শব্দে যখন দিবা সময় বুঝায় তখন) সূর্য্য। (আর যখন রাত্রি সময় বুঝায় তখন উক্ত বহুব্রীহি সমাসে) চন্দ্র।

কালকেতু (ল্) বি, পুং, জনৈক ব্যাধপুত্র : (ইনি ইন্দ্রপুত্র নীলাম্বর মহাদেবের শাপে ব্যাধরূপে জন্মগ্রহণ করেন)।

কালকেয় (ল্) [কালকা + এয় (অপত্যার্থে—এয়ণ্)] বি, পুং, কালকা-গর্ভসম্ভূত-মহা পরাক্রমশালী ৬০ হাজার অসুর।

কালক্ষেপ (কালক্‌খেপ্) [কালের—ক্ষেপ (কাটান) ৬তৎ] বি, পুং, সময়াতিপাত ; কর্ত্তব্য কর্ম্মের কাল উল্লঙ্ঘন করা ; ছল করিয়া সময় বহাইয়া দেওয়া : কালকাটান।

কালক্ষেপণ (ন্) [কালের—ক্ষেপণ—৬তৎ] বি, ক্লী, সময় অতিবাহিত করা ; কালকাটান।

কালখণ্ড (ল্, নড) [কাল (কৃষ্ণবর্ণ) খণ্ড] বি, ক্লী, যকৃৎ নামক রোগবিশেষ ; কালেয়।

কালগঙ্গা—বি, স্ত্রী, কালিন্দী নদী ; যমুনা।

কালগন্ধ [কালের—গন্ধ (লেশ) ৬তৎ] বি, পুং, কালের আভাস ; কালের লেশ ; অল্প সময়। ২। [কাল (কৃষ্ণবর্ণ) যে গন্ধ (গন্ধদ্রব্য চন্দন প্রভৃতি) কর্ম্মধা] কালাগুরু ; কৃষ্ণচন্দন।

কালগ্রন্থি (কালগ্রোন্‌থি) [কালের (সময়ের) গ্রন্থি (সন্ধি স্থান) ৬তৎ] বি, পুং, কালসন্ধি। ২। বৎসর।

কালগ্রাস (কালোগ্‌গ্রাশ্) [কালের—গ্রাস, ৬তৎ] বি, পুং, মৃত্যু-মুখ ; কালকবল। **কালগ্রাসে পতিত হওয়া**—মরা।

কালঘট (ল্, ট্) বি, পুং, রাজা জনমেজয়ের সর্পযজ্ঞের ঋত্বিক্ ব্রাহ্মণবিশেষ।

কালঘাম (কাল্‌ঘাম্) [কাল—ঘাম (ঘর্ম্ম)] বি, বিষম ঘর্ম্ম ; অতিরিক্ত পরিশ্রম জনিত দেহে যে ঘর্ম্ম বহির্গত হয় ; মৃত্যুকালীন ঘর্ম্ম। প্র—"ঘনশ্বাস বহে মুখে গায়ে কালঘাম।" —কবিক।

কালচক্র (কাল্‌চক্‌ক্র) [কালরূপ যে চক্র, কর্ম্মধা] বি, ক্লী, চক্রবৎ ভ্রাম্যমাণ কাল : সময়ের অনন্ত আবর্ত্তন। পুরাণে এইরূপ কল্পিত হইয়াছে যে, ত্রিসন্ধ্যা কালচক্রের নাভি, বর্ষপঞ্চক তাহার চক্রশলাকা এবং ষড়ঋতু চক্রনেমি।

কালচিন্তক (ল্‌, ক্‌) [কাল—চিন্ত্‌ + ণিচ্‌ = চিন্তি (চিন্তা করা) + অক (কর্ত্তৃ)] বিণ, যে কালের শুভাশুভ চিন্তা করে ; দৈবজ্ঞ : জ্যোতির্ব্বিৎ।

কালচিহ্ন (কাল্‌চিন্‌হ) [কালের—চিহ্ন, ৬তৎ] বি, ক্লী, মৃত্যুর লক্ষণ ; মরণের চিহ্ন।

কালচে (ল্‌) [কাল দ্রঃ। হি—কালা সা (বাং-তে 'কালাচে'ও বলে) বা কালীসী কাল বর্ণের ন্যায়। বাং—কালসিটা বা টে। উচ্চারণ ভেদে কারসিটা, কার্সিটেও বলে (ল = র) তুল—হি—কালী বা কারী = কাল] বি, প্রায় কালদাগ ; রক্ত জমিয়া যেরূপ কাল চিহ্ন হয়। (কালসিটে দ্রঃ)।

কালচে ধরা, কালচে পড়া, কালচে মারা—কালদাগ বা কস ধরা।

কালজ্ঞ (কালগ্‌গঁ) [কাল—জ্ঞ (জ্ঞা (জানা) + অ (কর্ত্তৃ—ক)] বিণ, যে সময়ের মূল্য বুঝিয়া কর্ম্ম করে। ২। যে কার্য্যের সময়াসময় জানে। ৩। যে বৃথা সময়ক্ষেপ করে না। ৪। বি, পুং, কুক্কুট।

কালজ্ঞান (কালোগ্‌গ্যান্‌) [কাল—জ্ঞ (জানা) + অন (করণে—অনট্‌) যাহা দ্বারা কালের জ্ঞান হয়] বি, ক্লী, কালনির্ণায়ক বিজ্ঞান ; জ্যোতিষশাস্ত্র। ২। [ভাবে—অনট্‌। ৬ তৎ) যথাযোগ্য সময়ের বোধ।

কালঞ্জর (কালোনজর) [কাল—(সময়—মৃত্যু) জর (জৃ—জীর্ণ করা + অ, কর্ত্তৃ—খ) এ্‌ আগম, যে মৃত্যুকে ক্ষয় করে] বি, পুং, কালজিৎ ; মৃত্যুঞ্জয় ; শিব। ২। বুন্দেলখণ্ডস্থ কালিঞ্জর পাহাড় ও প্রদেশ। স্ত্রী, **কালঞ্জরী**—দুর্গা ; চণ্ডী।

কালত্রয় (ল্‌) [কালের ত্রয় (তিন সংখ্যা) ৬তৎ] বি, ক্লী, অতীত, বর্ত্তমান ও ভবিষ্যৎ ; ত্রিকাল।

কালত্রয়জ্ঞ (ল্‌) [কালত্রয়—জ্ঞা (জানা) + অ (কর্ত্তৃ—ক)] বিণ, ত্রিকালজ্ঞ, যিনি ভূত ভবিষ্যৎ ও বর্ত্তমান কালের যাবতীয় বিষয় জানেন।

কালত্রয়দর্শন [কালত্রয়ের দর্শন (দৃষ্টি) ৬তৎ] বি, ক্লী, ত্রিকালজ্ঞান ; ভূত ভবিষ্যৎ বর্ত্তমান প্রত্যক্ষবৎ দর্শন।

কালত্রয়দর্শী (কালৎত্রয়দোর্শি) [কালত্রয়—দৃশ্‌ (দর্শন করা) + ইন্‌ (কর্ত্তৃ—ণিন্‌) দর্শিন্‌ ১মা, ১ব] বিণ, ত্রিকালদর্শী ; যিনি ভবিষ্যৎ বর্ত্তমান প্রত্যক্ষবৎ দর্শন করেন।

কালত্রয়বেদী [কালত্রয়—বিদ্‌ (জানা) + ইন্‌ —কর্ত্তৃ (ণিন্‌) = কালত্রয়বেদিন্‌ ১মা, ১ব] বিণ, ত্রিকালজ্ঞ।

কালদণ্ড (কাল্‌দন্‌ডো) [কালের (যমের) দণ্ড—৬তৎ অথবা কাল (কালকর্ত্তৃক দত্ত) যে দণ্ড (শাসন) কর্ম্মধা] বি, কালপ্রাপ্ত দণ্ড ; যমদণ্ড। ২। জ্যোতিষোক্ত যোগবিশেষ।

কালধর্ম্ম (ল্‌) [কালের ধর্ম্ম—৬তৎ] বি, পুং, মৃত্যু। ২। সময়ের স্বভাব : যে সময়ে যাহা ঘটনা বা উৎপত্তি হইবার নির্দ্দিষ্ট আছে গ্রীষ্মে উত্তাপ, বর্ষায় বৃষ্টি ইত্যাদি ইহাই কালধর্ম।

কালনিয়োগ (ল্‌, গ্‌) [কালের নিয়োগ, ৬তৎ] বি, পুং, কালের আদেশ।

কালনেমি (ল্‌) বি, পুং, রাক্ষসবিশেষ ; রাবণের মাতুল। ২। দানববিশেষ ; হিরণ্যকশিপুর পুত্র। **কালনেমির লঙ্কাভাগ** —শক্তিশেলে হতচেতন লক্ষ্মণকে বাঁচাইবার জন্য হনুমান গন্ধমাদন পর্ব্বত হইতে ঔষধ আনিবার কালে রাবণের মাতুল কালনেমি হনুমানকে নিহত করিবার জন্য প্রেরিত হন এবং তাহার পুরস্কার স্বরূপ অর্দ্ধেক লঙ্কারাজ্য পাইবেন বলিয়া রাবণ অঙ্গীকার করেন। কালনেমি হনুমানকে হত করিবার পূর্ব্বেই যাত্রাকালে লঙ্কার কোন্‌ অর্দ্ধভাগ লইবেন, তাহা মনে মনে স্থির করেন। ফলে কালনেমিই হনুমানের হস্তে হত হওয়ায় মনে মনে লঙ্কাভাগ মাত্র সার হয়। কালনেমির ন্যায় মনে মনে লঙ্কাভাগ অর্থাৎ কর্ম্মানুষ্ঠানের পূর্ব্বেই কর্ম্মের ফলাকাঙ্ক্ষা।

কালন্দর (র্‌) [আ] বি, সংসারবিরক্ত মুসলমান সাধু : ভ্রমণকারী মুসলমানবিশেষ। প্র—"কালন্দর হয়্যা কেঁহ ফিরে দিবারাতি"—কবিক। ২। পশ্চিমাঞ্চলে যাহারা বাঁদর ভালুক নাচাইয়া ফেরে। (ইহারা প্রায়ই মুসলমান) কলন্দর দ্রঃ।

কালপর্ণ (ল্‌) [বৈদ্যকে] বি, পুং, তগরবৃক্ষ।

কালপর্য্যায় (কাল্‌পোর্জায়্‌) [কালের পর্য্যায়, ৬তৎ] বি, পুং, কালের গতি বৈপরীত্য ; যে কালের যেরূপ ফল হওয়া স্বাভাবিক তাহার বিপরীত ফলোদয়।

কালপুরুষ (কাল্‌পুরুষ্‌) [কাল (যম) তাহার পুরুষ (সহকারী) ৬তৎ] বি, পুং, যমকিঙ্কর ; যমের ভৃত্য। ২। পুরুষাকৃতি নক্ষত্রপুঞ্জ ; কাল (বর্ষাদি ঋতু) পরিমাপক নক্ষত্র পুঞ্জ ; ইহার নামান্তর অগ্রহায়ণী ; the constellation Orion. [দ্রঃ—"one of the constellations containing seven very bright stars, three of which in a straight line, form Orions' belt. *Orion*, a hunter placed among the stars at his death"] ৩। শুভাশুভ জ্ঞাতার্থে জন্মলগ্নাদি কল্পিত দ্বাদশ রাশি।

কালপৃষ্ঠ (ল) [কাল (কৃষ্ণবর্ণ) হইয়াছে পৃষ্ঠ (পিঠ) যাহার, বহু] বি, ক্লী, কর্ণের ধনু। প্র—"যবে কর্ণ কালপৃষ্ঠধারী এড়িলা একাঘ্নীবাণ রক্ষিতে কৌরবে।"—মেঘনাদ বধ। ২। পুং, মৃগবিশেষ। ৩। কঙ্কপক্ষী।

কালপেচক, কালপেঁচা (কাল্‌পেচক্‌, প্যাঁচা) সর্ব্বাঙ্গ কটাবর্ণ কেবল মস্তক ধূসরবর্ণ পেচক ; ইহার চীৎকার অশুভসূচক।

কালপ্রভাত (কাল্‌প্রোভাত্‌) [কালের (বর্ষাকালের) প্রভাত (অবসান) হয় যে সময়ে, বহু] বি, ক্লী, শরৎকাল।

কালবসু, কালবোস (কালবোশু, বোশ্‌) [পূ-বঙ্গে—কালীবাউশ ; labeo calbasu] বি, কাল কাল আঁইস রোহিতজাতীয় মৎস্যবিশেষ।

কালবুদ (কাল্‌বুদ্‌) [ইং—culvert. ফা—কালবুদ্‌ ; হি—কালবুত] পিলান করা ; জলনির্গমের পথ ; সাঁকো। ২। [হি—কালবুত] জুতার চামড়া যে কাঠের সাঁচায় পরাইয়া জুতা নির্ম্মাণ করে ; জুতা তৈয়ার করিবার জন্য কাঠের ফর্ম্মা : জুতার লাস ; shoe-maker's last. ৩। সুতা সমানভাবে পাকাইবার যন্ত্র।

কালবেলা (ল্‌) [কাল (শনির) যে বেলা, ৬ তৎ] বি, স্ত্রী, অশুভ সময়বিশেষ ; যে সময়ে যাত্রা বা অন্য কোন শুভকর্ম্ম করিতে নাই।

রবিবারে	দিবা পঞ্চম যামার্দ্ধ		রাত্রি ষষ্ঠ যামার্দ্ধ	
সোমে	" দ্বিতীয়	"	" চতুর্থ	"
মঙ্গলে	" ষষ্ঠ	"	" দ্বিতীয়	"
বুধে	" তৃতীয়	"	" সপ্তম	"
বৃহস্পতিতে"	অষ্টম	"	" পঞ্চম	"
শুক্রে	" চতুর্থ	"	" তৃতীয়	"
শনিতে	" প্রথম ও অষ্টম	"	প্রথম	"

উক্ত ৭টী বারের মধ্যে দিবা ও রাত্রিতে উল্লিখিত মত কালবেলা হয়।

কালভৈরব (ল্‌, ব্‌) [কাল (কালরূপী) যে ভৈরব (ভয় হয় যাহা হইতে) কর্ম্মধা] বি, পুং, শিবের অংশজাত ভৈরববিশেষ।

কালমান (ল্‌, ন্‌) [কালের মান, ৬তৎ বি, পুং, কালের পরিমাণ।

কালমেঘ (ল্‌, ঘ্‌) বি, তিক্ত আস্বাদ বৃক্ষবিশেষ ; ভুঁইনিম ; যবতিক্তা ; শঙ্খিনী ; মহাতিক্তা ; andrographis paniculata.

কালযবন (কাল্‌জবোন্‌) বি, পুং, শূলপাণির বরে মহা পরাক্রমশালী যবন রাজবিশেষ। শ্রীকৃষ্ণের কৌশলে রাজা মুচুকুন্দের কোপে ভস্মীভূত হন।

কালযাপন (কাল্‌জাপোন্‌) [কালের যাপন—৬তৎ] বি, ক্লী, কালক্ষেপণ ; কালকর্ত্তন ; কালকাটান। ২। দিনপাত করা ; জীবনযাত্রা নির্ব্বাহ করা।

কালযুক্ত (কালজুক্‌তো) [কাল দ্বারা যুক্ত, ৩তৎ] বিণ, কালধর্ম্মানুসারে নিযুক্ত ; কাল-প্রেরিত।

কালরাত্রি (কালরাৎত্‌রি) [কাল (মৃত্যু) তাহার রাত্রি, ৬তৎ] বি, স্ত্রী, মৃত্যুসূচক রাত্রি। ২। কাল অর্থাৎ মৃত্যু হয় যে রাত্রিতে। ৩। ভয়ানক রাত্রি : যে রাত্রিতে বিপদ ঘটে। ৪। কল্পান্ত রাত্রি। ৫। ভগবতীর শক্তিবিশেষ। প্র—"মহাযোগ কালরাত্রি গায়ত্রী ভুবন-ধাত্রী।"—কবিক।

কালরুদ্র (কালরুদ্‌দ্রো) [কাল (কালাগ্নি) রূপ রুদ্র, কর্ম্মধা] বি, পুং, মহারুদ্র : মহাকাল।

কাললবণ (ল, ন্) [কাল (ঈষৎ কালবর্ণ) যে লবণ, কর্ম্মধা] বি, ক্লী, বিটলবণ।

কালশার (ল, র্) কালসার দ্রঃ।

কালশিরা (কাল্‌শিরা) [গ্রা—কালশিট, টে—শিরার রক্ত জমিয়া কাল হয় বলিয়া] বি, আঘাত জনিত কৃষ্ণ চিহ্ন : কড়া। **কালশিরা বা কালশিরে পড়া**—আঘাত বা অতিশয় ধর্ষণ জনিত রক্ত জমিয়া কাল দাগ পড়া বা ধরা ; কড়া পড়া।

কালশুদ্ধি (ল্) [কালের—শুদ্ধি, ৬তৎ] বি, স্ত্রী, অকাল দোষ রহিত কাল : ক্রিয়া কর্ম্মের পক্ষে শুদ্ধ বা পবিত্র কিম্বা শাস্ত্রবিহিত কাল।

কালশেয়, কালসেয় [কলশী—সী+এয় (তত্র ভবার্থে এয়ণ্) যাহা কলসীমধ্যে মন্থন দ্বারা উৎপন্ন হয়] বি, ক্লী, ঘোল।

কালসর্প (কালশর্‌পো) [কাল (কৃষ্ণবর্ণ) যে সর্প (সাপ) কর্ম্মধা] বি, পুং, কেউটে সাপ।

কালসহ (কাল্‌শহ) [কাল—সহ্ (সহ্য করা) +অ (অধি—অল্)] বিণ, কাল-বিলম্ব সহনশীল ; বিলম্ব ঘটিলে যে উদ্ধত বা বিরক্ত হয় না। ২। দীর্ঘকাল স্থায়ী : কালের প্রভাবে যে শীঘ্র নষ্ট হয় না ; durable.

কালসার (কালশার্) [কাল (কৃষ্ণবর্ণ) হইয়াছে, সার (স্থিরাংশ) যাহার, বহু। শিরদাঁড়ার চামড়া ঘনকৃষ্ণবর্ণ বলিয়া। গ্রা, কালসাড়] বি, কৃষ্ণসার মৃগ ; the Indian antilope. ২। পীতচন্দন।

কালসিটা,টে (ল্) [কালশিরা দ্রঃ। কাল, কালচে দ্রঃ] বি, রক্ত জমিয়া যে কাল দাগ পড়ে ; কালশিরা। প্র—এমন মেরেচে যে স্থানে স্থানে কাল সিটে পড়ে গেছে।

কালসূত্র (কালশুৎত্র) [কালের সূত্র (সূতা, শাসন) হয় যেখানে] বি, ক্লী, কালক্রম ; কালনিবন্ধন। ২। নরকবিশেষ।

কালা [সং—কল্ল ; অসমিয়া—কলা : ওড়ি—কালুআ ; বাং—কালা] বিণ, শ্রবণশক্তিহীন ; বধির ; deaf. **হাবা কালা**—মূক ও বধির। যে কথা বলিতে পারে না ও শুনিতে পায় না। ২। জড়বৎ।

কালা [কাল শব্দজ] কৃষ্ণবর্ণ। **কালা-বাওনা : কালাবাম্‌না**—যে ঘুড়ি বাম ভাগের অর্দ্ধাংশ কাল কাগজে ও বাকী সাদা কাগজে প্রস্তুত।

কালা (ক্রি) [অত্যন্ত শীতে রক্ত জমিয়া কাল বা কালচে অথবা অসাড় হয় বলিয়া] বিণ, অতি-শয় শীতল ; খুব ঠাণ্ডা ; কন্‌কনে শীত। ক্রি, **কালাইয়া যাওয়া, কালিয়ে যাওয়া**—শীতে অসাড় হওয়া। প্র—শীতে হাত পা কালিয়ে যাচ্চে।

কালা [হি—সং—কাল] বিণ, কৃষ্ণবর্ণযুক্ত। প্র—কালাপেড়ে। ২। কলঙ্কিত। প্র—কালামুখ। ৩। [সঙ্গীতে, বৈ, পদ, সা,] বি, শ্রীকৃষ্ণ। প্র—"বড়ু চণ্ডীদাসে কয়, না হইল পরিচয়, রসের নাগর বড় কালা"—চণ্ডী-দাস। "সই লো সাধের কালাচাঁদে, প্রাণ-মন দিছি সাধে, আমার চিকণকালা ভালবাসি কালা রাধার প্রাণাধার॥"—গিরিশ। **কালাচাঁদ, চিকণকালা**—আদরার্থে শ্রীকৃষ্ণের নামান্তর (কাল দ্রঃ)। প্র—"চিকণকালা গলায় মালা বাজন নূপুর পায়, চূড়ার ফুলে ভ্রমর বুলে তেরছ নয়ানে চায়॥" —গোবিন্দদাস। ৪। [কাল, কৃষ্ণবর্ণ হইতে, বৈদ্যকে] বি, পিপ্পলী : ত্রিবৃৎ বা তেউড়ী : নাগবলা : মঞ্জিষ্ঠা : ক্ষুদ্র কৃষ্ণজীরক ; কালিয়া কড়া ; অশ্বগন্ধা : পারুল।

কালা [সং—কালাস্ত্র— কালস্বরূপ তীক্ষ্ণধার বাণ-বিশেষ] বি, মৎস্য বিঁধিয়া ধরিবার বর্ধা ; টেঁটা।

কালাংড়া—বি, প্রাতঃকালে গান করিবার রাগবিশেষ ; ইহা রামকিরি ও পরাজিকা যোগে উৎপন্ন।

কালাগুরু [কাল (কৃষ্ণবর্ণ) অগুরু, কর্ম্মধা] বি, ক্লী, কৃষ্ণচন্দন ; কালবর্ণ সুগন্ধযুক্ত চন্দন।

কালাগ্নি [কাল (সর্ব্ব-বিনাশক) যে অগ্নি, কর্ম্মধা] বি, পুং, প্রলয়াগ্নি ; সর্ব্বসংহারক বহ্নি। ২। পঞ্চমুখরুদ্রাক্ষ।

কালাতিক্রম (—ক্রোম্) [কালের অতিক্রম, ৬তৎ] বি, পুং, কালক্ষেপ ; কাললঙ্ঘন ; সময়াতিবাহন।

কালাতিপাত (ত্) [কালের অতিপাত, ৬তৎ] বি, পুং, কালক্ষেপ।

কালাত্যয় (কালাৎতয়) [কালের অত্যয় (বিনাশ) ৬তৎ] বি, পুং, সময় নষ্ট। সময়াতিপাত ; কালক্ষয়।

কালাদানা—বি, একজাতীয় নীলপুষ্পী লতা ও তাহার শুষ্কীকৃত কৃষ্ণ বীজ ; ভারতবর্ষের অনেক স্থানেই ইহা পাওয়া যায় ; নীলকলম্বী গাছ ; Ipomœa hederacea.

কালান (কালানো) [কালা দ্রঃ] রক্ত জমিলে কাল দেখায়, কালশিরা পড়ে ; রক্ত জমাট বাঁধা অঙ্গের সাড় থাকে না তাই অতি-রিক্ত শীতে হাত পা প্রভৃতি অঙ্গ ঐরূপ হইলে বলে কালান : অবশ হওয়া : শীতে কাল হওয়া ; অত্যন্ত ঠাণ্ডা হওয়া। প্র—শীতে হাত পা কালিয়ে গেল। অনেকক্ষণ বরফখণ্ড ধরে থাকিলে হাত কালিয়ে যায় ; বরফের উপর দিয়ে চলে যেতে যেতে পা কালিয়ে যায়।

কালানুনাদী [কালে (বসন্তাদি সময়ে) অনুনাদী (অনু—নদ্=শব্দ করা, গান করা+ ইন্, কর্তৃ—ণিন্)=অনুনাদিন্ ১মা, ১ব] বি, পুং, যে কালবিশেষে শব্দ করে : ভ্রমর। ২। কোকিল। ৩। চটক ; চড়াইপাখী। ৪। চাতকপক্ষী। ৫। ময়ূর।

কালানুভাবকতা [কালের অনুভাবক+ তা (ভাবে)] বি, স্ত্রী, কালের অনুভাবক শক্তি ; যে বৃত্তিদ্বারা কালের বোধ জন্মে।

কালানুসারী (—শারি) [কাল (কৃষ্ণবর্ণ) অনু—সৃ (সদৃশ হওয়া)+ইন্ (কর্তৃ—ণিন্) =অনুসারিন্ ১মা, ১ব] বি, পুং, শৈলজ। ২। শিশুগাছ। ৩। তগরবৃক্ষ। ৪। কৃষ্ণচন্দন।

কালানুসারী (শারি) [কাল (সময়) অনুসারী] বিণ, সময়ানুযায়ী : কালক্রমিক।

কালান্তর (র্) [কালের অন্তর (মধ্য বা অন্য) ৬তৎ] বি, ক্লী, অন্যসময় ; সময়ান্তর। ২। কোন অতীত বা আগামী কাল।

কালান্তরবিষ (র্, ষ্) [কালান্তরে (কিছু দিন পরে) বিষ (গরল) প্রকাশ পায় যাহাদের, বহু] বি, পুং, বহুকাল পরে যে সকল জন্তুর দংশনজনিত বিষ প্রকাশ পায়।

কালাপ (প্) [কলাপ+অ (ভবার্থে—অণ্)] বি, পুং, সাপের চক্র বা ফণা। ২। বিণ, কলাপ ব্যাকরণাধীত : কলাপ-ব্যাকরণবেত্তা : যে কলাপ ব্যাকরণ জানে। ৩। [কলাপ (ময়ূর-পুচ্ছ)+অ (সমূহার্থে—অণ্] ময়ূর পুচ্ছসমূহ।

কালাপাণি, নি [হি—কারাপাণী। কালা (নীল—কাল) পাণি, নি (জল)—নির্ব্বাসন দণ্ডে দণ্ডিত অপরাধীদিগকে ভারতবর্ষ হইতে আণ্ডামান, নিকোবার প্রভৃতি দ্বীপে যাইতে হইলে ভারতসাগরের ঘন নীল বা কাল জল অতিক্রম করিতে হয় এবং কালাপাণি বেষ্টিত বলিয়া গ্রা, ব্যবহারে দণ্ডস্থান এবং দণ্ডেরই এই নাম হইয়াছে] বি, কালাপাণিপারে বাসরূপ দণ্ড ; নির্ব্বাসন ; দ্বীপান্তর রূপ দণ্ড। ২। আণ্ডামান ও নিকোবার আদি দ্বীপ ; পোর্টব্লেয়ার নামক বন্দর (গ্রা, পুলি-পোলাও)।

কালাপাতি, তী [কালা (বধির—অর্থ সম্প্রসারণে ছিদ্রহীন) পাতি (পাটি—পাটা—পাটাতন) পাটাতন কালাকরণ] বি, নৌকার

পাটার নিশ্ছিদ্রতা ; নৌকার তলার রন্ধ্র রোধ। **নৌকার কালাপাত্তি করা**—নৌকার তলায় জল প্রবেশ না করে তজ্জন্য শণসূত্র বা গাছের ছাল দিয়া নৌকার পাটার ছিদ্র বন্ধ করা।

কালাপাহাড় (ড়) [হি—কালাপাহাড়। কালা (কৃষ্ণবর্ণ অথবা বধির—বিবেকবাণী, ধর্ম্মকথা যাহার কর্ণে প্রবেশ করে না) পাহাড় (তদ্বৎ কঠিন—পাষাণ, হৃদয়হীন)] বি, বিরাট-কায় ও ভীষণ ; আকৃতি ও প্রকৃতিতে ভয়ানক। প্র—নড়েও না চড়েও না ; কথায় কানও দেয় না, কালাপাহাড়ের মত পথজুড়ে পড়ে আছে। ২। দুস্তর ; দীর্ঘ ও ক্লেশকর [এই অর্থে হিন্দীতে প্রচরদ্রূপ। প্র—"দুঃখকী রাত নহী, কটতী, কালা পাহাড় হো জাতী হৈ।"—হি, শ, সা]। ৩। [ভর্ৎসনায়। পাহাড়বৎ কালা] উপদেশ আদেশ বা কোন কথায় যে কর্ণপাত করে না ; অত্যন্ত অবাধ্য। প্র—ছেলে কালাপাহাড়—কাকে যেন বলা হচ্ছে। ৪। স্বনামপ্রসিদ্ধ হিন্দুদেবদ্বেষী মুসলমান। ১৫৬৫ হইতে ১৫৮০ খ্রীঃ অব্দ পর্য্যন্ত পূর্ব্বে আসাম, পশ্চিমে কাশী ও দক্ষিণে উড়িষ্যার মধ্যে যাবতীয় বিখ্যাত দেবমূর্ত্তি ও মন্দির কালাপাহাড় কর্ত্তৃক বিনষ্ট হয়। নিষ্ঠুরতা ও ভীষণ অত্যাচার হেতু ইনি কালাপাহাড় নামে প্রসিদ্ধ হন। ৫। লোদী বংশীয় সম্রাট সিকন্দর লোদীর প্রতিদ্বন্দ্বী ও বুলোল লোদীর ভাগিনেয়।

কালাবৎ—বি, কলাবৎ দ্রঃ।

কালাবতুন (বোতুন্) বি, কলাবতু দ্রঃ।

কালামুখ, মুখো (খ্) [গ্রা, কালামুকো —প্রাদে কালাকুআ। তুল—হি, কালামুঁহ্ —কালমুঁহা। কালা (বদনাম বা কলঙ্কের কালী মাখা) মুখ, মুখো (মুখ—উআ=ও (বিশিষ্টার্থে) তুল—পোড়ামুখ। ধিক্কারে] বিণ, নিন্দা বা বদনাম রূপ কলঙ্কলিপ্ত মুখ। প্র—কালামুখ দেখাবে কোথায়, কালামুখ নিয়ে যাবার কি তাহার স্থান আছে ; ইত্যাদি। ২। নির্লজ্জ ; বেহায়া। প্র—"আমারে মিলিল পতি কালা কালামুখ।"—ভারতচন্দ্র। স্ত্রী, **কালামুখী**।

কালায়স (শ্) [কাল (ঢালাই করা) যে আয়স (লোহ) + অ (স্বার্থে—অণ্)] বি, ক্লী, ঘন-কৃষ্ণ ঢালাই করা লৌহবিশেষ ; কান্তি লোহা।

কালাশুদ্ধি [কাল (কালের) + অশুদ্ধি, ৬তৎ] বি, স্ত্রী, অকাল ; ব্রতনিয়মাদি কর্ম্মের যোগ্য কাল না থাকা ; অশুদ্ধ যোগ ; যে কালে অনুষ্ঠান করিলে কর্ম্মশুদ্ধি হয় না।

কালাশৌচ (চ্) [কাল (কালব্যাপী) + অশৌচ (অপবিত্রতা) কর্ম্মধা] বি, ক্লী, পিতা ও মাতার মৃত্যুতে অর্থাৎ মহাগুরু নিপাত হইলে বর্ষব্যাপী অশৌচ।

কালি [কালী দ্রঃ। কাল (কৃষ্ণবর্ণ) + ই (স্বার্থে)] বি, কয়লাবর্ণ ; কৃষ্ণবর্ণ ; কাল রং। ২। মসী ; কজ্জল বা ভুষা-মিশ্রিত জল ; লিখিবার জন্য রঙ্গ-মিশ্রিত জল। প্র—লাল-কালি, নীলকালি, কালকালি। "কালি কলম মন লিখে তিন জন",—প্রবাদ। ৩। মলিনতা ; মালিন্য। প্র—"দূরে যাবে মনের কালি ছোঁবে না কাল শমন॥"—বাং—গান। ৪। দগ্ধাঙ্গার ; কয়লা ; পোড়া কাঠ। স্ত্রী, কালিনী (দ্রঃ)। প্র—"বড় জ্বালায় জ্বলছি যে মা যেতে দে জয় কালী বলে। কাঁদতে ভাল পাঠইয়ে ছিলি, কেঁদে কালী হলাম কালি॥" —অতুল মিত্র। **হাড় কালি হওয়া**—অত্যন্ত দুঃখের জ্বালায় জ্বলিয়া অঙ্গারবৎ হওয়া ; জ্বালাতন হওয়া।

কালি [সং—কল্য। পূ-বঙ্গে—কাইল ; ওড়ি, আসা—কালি ; হি—কল্ (ক আকা-রান্ত উচ্চারণ)] বি, পরদিবস ; আগামী দিবস। ২। গত দিবস ; পূর্ব্বদিন। প্র—"কালি বলে কালা গেল মধুপুরে"—চণ্ডীদাস। **আজিকালি করা**—আজ প্রতিশ্রুতি ভঙ্গ করিয়া কাল করিব বা হইবে বলিয়া পুনরায় প্রতিশ্রুতি দান করা ; ক্রমাগত ভাঁড়ান।

কালি, লী [প্রা, বাং। সং—কাহল, লা ; হি—কাহল, কাহলী ; ওড়ি—কাহালি ; পিতলের শিঙ্গাবিশেষ ; আসা—কালি। তুল—ইং—clarion] বি, শুষির যন্ত্রবিশেষ ; রণশিঙ্গা। প্র—জোড়া শিঙ্গা বাজে কালি—শূ, পু। ২। [হি—কাহলী] বৃহৎ ঢক্কা ; জয়ঢাক।

কালি, লী [সং—কল্ (গণনা করা) ধাতুজ] বি, সঙ্কলন ; একত্রীকরণ ; বর্গ ও ঘন করণ ; দৈর্ঘ্য ও প্রস্থের গুণন ; মাপ ; পরিমিতি। সারা দ্রঃ। **কাঠাকালি**—কাঠা পরিমাণ দ্বারা ক্ষেত্রফল ; ঐরূপ, **বিঘা কালি**। ক্রি, **কালি করা**—ক্ষেত্রফল কষিয়া বাহির করা।

কালিক (ক্) [কাল (সময়) কৃষ্ণবর্ণ + ইক (ভবার্থে—ইকণ্)] বিণ, কালে উৎপন্ন ; কাল সংক্রান্ত ; সাময়িক ; কালীন। ২। সময়োচিত। [সং-তে—কৃষ্ণচন্দন ও (২) ক্রৌঞ্চ বক অর্থে প্রয়োগ আছে]।

কালিকা [কালপত্নী। কালী দ্রঃ] বি, স্ত্রী, চণ্ডিকার রূপ ভেদ [সং-তে—কলঙ্ক ; কৃষ্ণবর্ণ ; কুয়াসা ; মেঘালো ; কাকী ; শৃগালী ; মসী প্রভৃতি অর্থে ব্যবহৃত]। ২। [বাং-প্রাদে ব্যবহারে] টাকার কিস্তিবন্দী। ৩। [প্রাদে—উচ্চারণ ভেদে] কল্য ; কালকে। **কালিকাপুরাণ**—বি, ক্লী, কালিকাদেবীর মাহাত্ম্যাদি প্রতিপাদক শাস্ত্র-বিশেষ ; ইহা অষ্টাদশ উপপুরাণের অন্যতম।

কালিকাশ্রম (ম্) বি, ক্লী, বিপাশানদীর তীরে স্থিত কালিকাদেবীর মন্দির ও তীর্থ।

কালিকামুখ (খ্) বি, পুং, সুমালী রাক্ষসের পুত্র ; রাবণের মাতুল।

কালিঙ্গ [কলিঙ্গ (দেশ) + অ (ভবার্থে—অণ্)] বি, পুং, কলিঙ্গাধিপতি ; কলিঙ্গবাসী। ২। [কলিঙ্গ (কলিঙ্গ দেশের রাজা) + অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, কলিঙ্গ রাজ-পুত্র। ৩। বিণ, কলিঙ্গদেশীয় ; কলিঙ্গে উৎপন্ন বা জাত।

কালিচা, কালচে (কাল্‌চে) [হি—কালিসা, সী (কৃষ্ণবৎ) প্রায় কাল। কালশিরা দ্রঃ] বি, ঈষৎ কৃষ্ণ ; কাল আভাযুক্ত। ২। কালশিরা। **কালচেমারা বা কালচে মেরে যাওয়া**—কালশিরা পড়া।

কালিজুলি, কালিঝুলি [কালী (মসী) ঝুলি (ঝুল) কালীর সহচর শব্দ] বি, মসী ও ঝুল। প্র—"কালিজুলি মেখে ? সে যে বিশ্রী দেখাবে।" —অমৃত বসু।

কালিঞ্চ, ঞ্চে [ময়লা ধরিয়া কাল—ছাউনি বা চালি। প্রাদে] বি, পুরাতন ও জীর্ণ চালা।

কালিঞ্জর (র্) বি, বুন্দেলখণ্ডস্থ পাহাড ও তত্রস্থ নগরবিশেষ। কালঞ্জর দ্রঃ।

কালিদহ [কালি (কালিয় নাগের) দহ (গর্ত্ত) দহ দ্রঃ] বি, যমুনার গর্ভস্থ গর্ত্ত যথায় কৃষ্ণ-কর্ত্তৃক দমিত কালিয় নাগ বাস করিত।

কালিদাস (শ্) [কালী (দুর্গা—তাঁহার) দাস (সেবক)—দাস শব্দ পরে থাকায় ঈ=ই] বি, পুং, স্বনামধন্য রাজা বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন ; জগদ্বিখ্যাত কবি ; রঘুবংশ, শকুন্তলা প্রভৃতি সংস্কৃত কাব্য নাট-কাদির রচয়িতা।

কালিনী [কালি (শোক দুঃখে কৃষ্ণবর্ণ) + নী (যুক্তা—অর্থে)—শোকে কালীবর্ণা] বিণ, অতি দুঃখিনী। প্র—"মা বাপে ডাকিয়া বল ব্যাটা কেটে দে। কালিনী মায়ের প্রাণে ইহা সহে কি॥"—ঘনরাম।

কালিন্দী [কলিন্দ (পর্ব্বতবিশেষ) + অ (জাতার্থে—অণ্) = কালিন্দ, ঈপ্—স্ত্রী ; কলিন্দ পর্ব্বত হইতে উদ্‌ভূতা বলিয়া] বি, স্ত্রী, যমুনা নদী। প্র—"কালিন্দী-কূল-বিলাসী"—গোবিন্দ দাস। ২। কৃষ্ণের পত্নী। ৩। জনৈক অসুরকন্যা। ৪। অযোধ্যারাজ অসিতের পত্নী ও সগরের জননী। ৫। উৎ-কলের বৈষ্ণবসম্প্রদায়বিশেষ। ৬। [সঙ্গীতে] রাগিণীবিশেষ। ৭। [বৈদ্যকে] লাল তেউড়ী। ৮। [বিদ্রূপে] কৃষ্ণবর্ণা স্ত্রী। কালী দ্রঃ।

কালিন্দীকর্ষণ (ন) [কালিন্দী (যমুনা) কর্ষণ (আকর্ষণ) যিনি লাঙ্গল দ্বারা কালিন্দীর

গতিরোধ করিয়া বৃন্দাবনে টানিয়া আনিয়াছিলেন] বি, পুং, বলরাম।

কালিন্দীভেদন (ন) [কালিন্দী (কালিন্দী (যমুনা নদী) ভেদন (ভেদকারী) ৬তৎ হলদ্বারা মাটি ভেদ করিয়া কালিন্দীকে বৃন্দাবনে টানিয়া আনিয়াছিলেন বলিয়া] বি, পুং বলরাম।

কালিন্দীসোদর (শোদর্) [কালিন্দীর (যমুনার) সোদর (সহোদর) ৬তৎ] বি, পুং, যমুনাভ্রাতা ; যম।

কালিমা [কাল+ইমন্ (ভাবে) = কালিমন্ ১মা, ১ব] বি, পুং, মলিনতা। ২ কলঙ্ক। প্র—"শ্রদ্ধার কিরণে সে কালিমা ঘুচাইতে হইবে।" —ভারতী, ১৩১৯।

কালিয় [কাল (কৃষ্ণবর্ণ) + ইয় (সংজ্ঞার্থে) বি, পুং, পুরাণ-প্রসিদ্ধ নাগবিশেষ। এই মহাবল সর্প যমুনানদীর গর্ভস্থ গভীর গর্ত্তে বাস করিত। কৃষ্ণ এই নাগকে দমন করায় কালিয়-দমন নামে প্রসিদ্ধ হন। ২। বিণ, কালিময় ; কৃষ্ণবর্ণ। প্র—"লুকাইয়া দশমূর্ত্তি সতী হৈলা সতী। গৌরবর্ণ ছাড়ি হৈলা কালিয় মূরতি॥" —অ, ম। (পাঠান্তরে কালীয়)।

কালিয়দমন (ন্) [কালিয়—দম্ (দমন করা) + অন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অনট্) । কালিয়ের দমন (পরাজয়) হইয়াছে যৎকর্ত্তৃক, বহু] বি, পুং, শ্রীকৃষ্ণ। ২। [ভাবে—অনট্। ৬তৎ] কালিয়-নাগের পরাজয় ; এবং তৎসম্বন্ধীয় অভিনয় সঙ্গীতাদি : কালিয়দমন ঘটিত কৃষ্ণযাত্রা।

কালিয়া [কাল, দ্রঃ] বি, শ্রীকৃষ্ণ ; কালা। প্র—"অখিলের নাথ তুমি হে! কালিয়া যোগীর আরাধ্য ধন॥" —চণ্ডীদাস। উচ্চারণ-বিকারে "**কালিয়ে**"। প্র—
"ওগো চিনেছি চিনেছি চরণ দেখে
ঐ বটে সেই কালিয়ে"—হরুঠাকুর।
২। [আ—কলিআ (ভর্জ্জিত মাংস)] বি, মাছ বা মাংসের ডালনা। কারী দ্রঃ। প্র—মাছের কালিয়া ; মাংসের কালিয়া ; সহচর-শব্দ—কালিয়া-পোলাও ; কালিয়া-কোপ্তা ; কালিয়া-কাবাব। ৩। [কাল=সময়] বিণ, কাল সম্বন্ধীয় ; সাময়িক ; কালীন। গ্রা—উচ্চারণ-বিকারে 'কেলে'। প্র—আদ্যিকেলে। কেলে দ্রঃ।

কালী [কাল (রুদ্র—শিব—সংহারক)—ঈপ্, স্ত্রী—সংহারকর্ত্রী (ততঃ কোপং চকারোচ্চৈরম্বিকা তানরীন্ প্রতি। কোপেন চাস্যা বদনং মসীবর্ণমভূত্তদা॥ ভ্রূকুটীকুটিলাত্তস্যা ললাটফলকাদ্দ্রুতং। কালী করালবদনা বিনিষ্ক্রান্তাসিধারিণী॥"—মার্কণ্ডেয় পুরাণ)] বি, স্ত্রী, অম্বিকার ললাট হইতে উৎপন্না কৃষ্ণবর্ণা দেবী ; কালিকা। ২। শিবের স্ত্রী সতী দক্ষযজ্ঞে গমন কালে কালী হইয়াছিলেন। প্র—কালের কামিনী কালী করুণাসাগরা গো। —ভারতচন্দ্র।

তন্ত্রে—উগ্রকালী ; গুহ্যকালী ; চামুণ্ডাকালী ; দক্ষিণাকালী ; ভদ্রকালী ; মহাকালী ; শ্মশান-কালী ও সিদ্ধকালী এই অষ্টবিধ কালীমূর্ত্তির পূজাবিধি আছে। এতদ্ব্যতীত জয়কালী, মনস্কামনা কালী প্রভৃতি বহু কালীমূর্ত্তি কল্পিত হইয়াছে। **কালীতলা**—কালীদেবীর পূজাস্থল বা স্থান ; কালিকাক্ষেত্র। তুল—ষষ্ঠীতলা। **কালীতনয়** [দেবীর প্রিয় বলিয়া তনয়] বি, মহিষ। **আন্নাকালী**—["আর না কালী" সংক্ষেপে] উপর্যুপরি কন্যা সন্তান হইলে কালীর কাছে কন্যা আর না হয় এরূপ মানত করিয়া নবজাত কন্যার এই নাম রাখা হয়। **ডাকাতে কালী**—ডাকাতের দল যে কালীমূর্ত্তির পূজা করিয়া ডাকাতি করিতে যায়। **রক্ষাকালী**—মহামারী নিবারণার্থ গ্রামের অধিবাসিগণ মিলিত হইয়া যে কালীমূর্ত্তি স্থাপনা করিয়া পূজা করে।

কালী [কাল (কৃষ্ণবর্ণ) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, কৃষ্ণবর্ণা স্ত্রী। (বিদ্রূপে 'কালিন্দী')। প্র—"তাহে সতিনের জ্বালা, কত বা সহিবে বালা, পরিতাপে হয়ে গেনু কালী।" —কবিকঙ্কণ।

২। কৃষ্ণবর্ণ ; কাল রং। ৩। মসী ; লিখনের উপাদানবিশেষ ; কালি দ্রঃ। ৪। অপযশ ; কলঙ্ক ; নিন্দা। **কুলে কালী দেওয়া**—অপকর্ম্মদ্বারা বংশ কলঙ্কিত করা। **চূণ-কালী, কালীচূণ**—কলঙ্ক ; ধিক্কার, **মুখে চূণকালী দেওয়া**—সম্মুখে ধিক্কার দেওয়া ; লজ্জা দেওয়া। প্র—"বেহায়া বেল্লিক তোর মুখে কালী চূণ।" —কস্তুরী। ৫। অন্ধকার ; কৃষ্ণপক্ষীয়া রাত্রি। ৬। মলিনতা ; মালিন্য। প্র—"সে কালীতে, ও ভোলামন, ঘুচবে মনের কালী।"—দুর্গাদাস লাহিড়ী। ৭। ৭টী অগ্নিজিহ্বার একটী। ৮। নবমেঘমালা। ৯। কালীয়নাগ। প্র—"এক শত ফণাশালী, দারুমুখ দেখি কালী মাথে আরোহিল মালাধর।"—কবিক। ১০। মৎস্যগন্ধা।

কালীন (ন্) [কাল+ঈন (ভবার্থে)] বিণ, কালোৎপন্ন ; সাময়িক ; যাহা কালে সম্ভাবিত হয়। এইশব্দ অন্য শব্দের সহযোগে প্রযুক্ত হয়। প্র—তৎকালীন ; সায়ংকালীন উপাসনা।

কালীয় [কাল (কৃষ্ণবর্ণ) + ঈয় (ভবার্থে)] বি, কালিয়নাগ (ভাগবতে)। ২। কৃষ্ণাগৌর ; পীতচন্দন। ৩। [কাল=সময়] বিণ, কাল সম্বন্ধীয় ; কালীন ; সাময়িক। উচ্চারণ-বিকারে 'কেলে' (দ্রঃ)।

কালীয়ক (ক্) [কাল (কৃষ্ণবর্ণ) + ঈয় (ভবার্থে) + ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, কুঙ্কুম। ২। দারুহরিদ্রা। ৩। শৈলজ।

কালুআ, য়া [ওড়ি—কালুআ ; সং—কল্প হইতে] বিণ, বধির ; কালা। ২। [উচ্চারণভেদে 'কেলুয়া'। মুখে কালী মাখিয়া সঙ্ সাজে বলিয়া] বি, সঙ্। **কালুয়া ভুলুয়া**—যাহারা মুখে চূণকালি মাখিয়া ভূত সাজে ; সঙ্।

কালুষ্য (কালুষ্য) [কলুষ+ষ্য (ভাবে—যণ্)] বি, ক্লী, আবিলতা ; কলুষতা।

কালে [কালে দ্রঃ] ক্রি-বিণ, সময়ে। ২। যুগে। প্র—কলিকালে। ৩। ভবিষ্যতে ; উত্তরকালে। প্র—ছেলেটি কালে মানুষের মত হইবে। **কালে-কালে**—কালক্রমে ; কালপরিবর্ত্তনে। **কালে-ভদ্রে** [কালে (সময়ে—দিনক্ষণে, সুযোগক্রমে) এবং ভদ্রে (ভদ্রকালে বা শুভমুহূর্ত্তে) অশুভযোগাদিরূপ বিঘ্ন অনুপস্থিতি কালে। তুল—অভদ্র বা অভদ্রা পড়া] কদাচিৎ ; হঠাৎ ; কখন।

কালেক্টর (র্) [ইং—Collector] বি, জেলার রাজস্ব আদায়ের প্রধান কর্ম্মচারী। ডেপুটী কালেক্টর (Deputy-Collector)—কালেক্টরের অধীনে রাজস্ব আদায়ের কর্ম্মচারী।

কালেক্টরী [ইং—Collectorate] বি, কালেক্টরের কাছারী বা দপ্তর। ২। [ইং—Collector + বাং—ঈ—বৃত্তি, অর্থে] বি, কালেক্টরের কর্ম্ম বা বৃত্তি ; কালেক্টরের পদ।

কালেজ (জ্) [ইং—College] বি, কলেজ দ্রঃ।

কালেয় [সং] বি, ক্লী, কালখণ্ড ; যকৃৎ। ২। কৃষ্ণচন্দন ; (মতান্তরে) পীতচন্দন। ৩। [অপত্যার্থে—এয়ণ্] পুং, দৈত্যবিশেষ। ৪ বিণ, কালসম্বন্ধীয় ; কলিকালসম্বন্ধীয়।

কালেশ (শ্) [কালের ঈশ, ৬তৎ] বি, পুং, মহাকাল ; শিব। ২। কালনিয়ামক সূর্য্য।

কালোদক (ক্) বি, স্ত্রী, ভারতপ্রসিদ্ধ তীর্থ-বিশেষ।

কালোয়াৎ [সং—কলাবৎ] বি, ৬৪ কলা, বিশেষতঃ গীতবাদ্যাদি বিদ্যায় বিশেষ পারদর্শী ; ওস্তাদ। ২। ধ্রুপদ খেয়ালাদি উচ্চঅঙ্গের সঙ্গীতজ্ঞ। প্র—"নটী কালোয়াৎ গান গায় নানা রঙ্গে।" —ভারতচন্দ্র। বিণ, **কালোয়াতী**—ওস্তাদী। কলাবতী দ্রঃ।

কাল্পনিক (কাল্পোনিক্) [কল্পনা+ইক (কৃতার্থে—ইকণ্)] বিণ, কল্পনাপ্রসূত ; অবাস্তব ;

কাল্য
(ভবার্থে—

২। স্ত্রী. প্রত্যূষ। স্ত্রী. **কাল্যা**—গর্ভ-গ্রহণযোগ্যা গাভী।

কাশ (শ্) [কাশ্ (প্রকাশ পাওয়া, দীপ্তি পাওয়া) +অ (কর্ত্তৃ—অচ্) যে শুভ্র পুষ্প দ্বারা প্রকাশ পায়] বি. কাশতৃণ ; saccharum spontaneum. বড় জাতীয় কাশ (দীর্ঘ ও স্থূলপর্ব্ব) তৃণকে **কাশাড়** বলে। গ্রা—কেশে। ২। [উপসর্গ বা শব্দান্তর যোগে] গতি ; প্রকাশ। ৩। বিণ. প্রকাশমান।

কাশ (শ্) [সং] বি. কাশরোগ ; কাশি দ্রঃ। ইং—cough. **ক্ষয় বা যক্ষ্মা কাশ**—ফুসফুসের ক্ষয় রোগ—consumption. **রাজযক্ষ্মা কাশ**—দ্রুতক্ষয়কারী যক্ষা ; phthisis.

কাশন্দি, কাসুন্দি (শু) [হি—কাসৌদী—কাশমর্দি ; সং—কাশমর্দ্দ] বি. আম্রের আচার ভেদ। প্র—"কাশন্দি আচার"—চৈতন্য-চরিত। **পুরাণো কাসুন্দি বাহির করা** [পুরাতন সুতরাং বর্ষায় ছাতা পড়া পচা দুর্গন্ধময়] বি. বহুকালের পুরাতন অরুচি-কর প্রসঙ্গ করা ; ঘৃণ্য বিষয়ের অবতারণা করা।

কাশা [কাশ দ্রঃ। উ-পু. কাশি। ম-পু—কাশ ; কাশুন্ ; কাশ্। প্র-পু—কাশে। অস-ক্রি, কাশিতে ; কাশিয়া, কেশে। ণিজন্ত—কাশান (নো)। উ-পু—কাশাই। ম-পু—কাশাও ; কাশান্ ; কাশা। প্র-পু—কাশায়। অস-ক্রি, কাশাইতে ; কাশাইয়া, কাশিয়ে] ক্রি, শ্লেষ্মাধিকারে নিঃশ্বাস ত্যাগে বাধা হেতু অথবা শ্লেষ্মা বহির্গমনের বেগ জনিত গলশব্দ করা : কণ্ঠ হইতে শ্লেষ্মা তুলিবার জন্য বেগ দেওয়া ; কাশির শব্দ করা। ২। কণ্ঠ হইতে খক্‌খক্ শব্দ করা। **ঝেড়ে কাশা**—[গ্রা] সমস্ত খুলে বলা ; কিছু গোপন না করিয়া উদ্দেশ্য ব্যক্ত করা।

কাশি [কাশ দ্রঃ। শব্দাত্মক। তুল—গলা খুশখুশ্ করা] কাশরোগ ; শ্লেষ্মা বহির্গমন বেগে কণ্ঠ শব্দ ; cough. **কাঠকাশি**—শ্লেষ্মা উঠে না অথচ তুলিবার বেগ। **হাঁপানি কাশি**—হাঁপ জনিত কাশি, শ্বাস-রোধজনিত কাশি ; asthma. **ঘুংরি বা ঘুংড়ি-কাশি**—ঘং ঘং শব্দে কাশি ; croup. **হুপোকাশি**—কাশিতে হুপ্ হুপ্ শব্দ হয় ; whooping cough. **কাশি হওয়া, কাশি করা**—কাশ রোগে আক্রান্ত হওয়া। **সর্দ্দি কাশি**—শ্লেষ্মা এবং তজ্জনিত কাশি। ক্রি, কাশা।

কাশিকা—বি. স্ত্রী. কাশি দ্রঃ।

কাশিরাজ, কাশীরাজ (জ্) [কাশির রাজা (শাসনকর্ত্তা) ৬তৎ—রাজা=রাজ] বি. পুং. রাজা দিবোদাস। ২। ধন্বন্তরি। [বর্ত্তমান কাশিরাজগণ "কাশীনরেশ" নামে প্রসিদ্ধ]।

কাশী (কাশি) [কাশ্ (দীপ্তি পাওয়া) +অ (কর্ত্তৃ—অচ্) ঈপ্—স্ত্রী—যে মাহাত্ম্য ও পবিত্রতাদি গুণ দ্বারা দীপ্তি পায়] বি. স্ত্রী. বারাণসী। চীনপর্য্যটক হুয়েন্‌থ্-সাঙ্ প্রদত্ত নাম্ "পো-লো-নি-সি।" হিন্দুর প্রাচীনতম মহাতীর্থ ; বেদ-বেদাঙ্গ চর্চ্চার পীঠস্থান। **কাশীকরা**—বারাণসী তীর্থে গিয়া কৃত্য-সম্পাদন করা ; কাশীতীর্থ দর্শন করা। **কাশীধাম**—কাশী নগরী ; বারাণসী তীর্থ। **কাশীবাস**—স্বর্গবাস ; সৎসঙ্গে বাস। প্র—সৎসঙ্গে কাশীবাস। ২। বারাণসীতীর্থে বাস। **কাশীপ্রাপ্তি, কাশীলাভ**—কাশীতে মৃত্যু ; (তাহা হইতে) পরলোক প্রাপ্তি ; স্বর্গলাভ। **কাশীয়াল**—কেশেল দ্রঃ।

কাশীনাথ (থ্) [কাশীর (বারাণসীর) নাথ (প্রভু) ৬তৎ] বি. পুং. বিশ্বনাথ ; শিব। ২। কাশীরাজ।

কাশীশ (শ্) [কাশীর—ঈশ (প্রভু) ৬ তৎ] বি. পুং. শিব। ২। রাজা দিবোদাস। ৩। [সং—কাসীস ; green sulphate of iron] ক্লী. হীরাকস ; তুঁতে।

কাশ্মীর (কাশ্মীর্) [কাশ্ (দীপ্তি পাওয়া) +মীর (সংজ্ঞার্থে)] বি. পুং. ক্লী. পদ্মের মূল। ২। কুঙ্কুম। ৩। টঙ্ক ; সোহাগা। স্ত্রী. **কাশ্মীরী**—গাম্ভারী। ২। কাশ্মীরা ; অতিবিষা। ৩। কপিলদ্রাক্ষা।

কাশ্মীর (কাশ্‌মীর্) বি. ভারতের উত্তরস্থিত প্রসিদ্ধ দেশ ; নৈসর্গিক সৌন্দর্য্য এবং স্বাস্থ্যপ্রদ বলিয়া ইহার নামান্তর "ভূস্বর্গ"। বিণ. **কাশ্মীরী**—কাশ্মীর দেশোৎপন্ন। প্র—কাশ্মীরী শাল। ২। কাশ্মীরের অধিবাসী।

কাশ্মীর, কাশ্মীরা—বি. কাশ্মীরজাত শীতবস্ত্রবিশেষ।

কাশ্য (কাশ্‌শ) [কশা (কশায়) +য (বিকারার্থে—যণ্) ক=কা] বি. ক্লী. কশায় জাত মদিরা।

কাশ্যপ (প্) [কশ্যপ (মুনি) +অ (অপত্যার্থে—অণ্)] বি. পুং. কশ্যপমুনির সন্তান ; কশ্যপমুনিবংশীয়। ২। গোত্র-বিশেষ ; কাশ্যপগোত্র। ৩। [সং-তে] কণাদমুনি। ৪। মৃগবিশেষ। ৫। অরুণ। ৬। ক্লী. মাংস। বাং-য় অপ্রসিদ্ধ।

কাশ্যপি (কাশ্‌শোপি) [কশ্যপ+ই (অপত্যার্থে—ইঞ্)] বি. পুং. কশ্যপ তনয়। ২। অরুণ ; সূর্য্যের সারথি। ৩। গরুড়। ৪। [পরশুরাম একবিংশতিবার নিঃক্ষত্রিয় করিয়া গুরু কশ্যপকে পৃথিবী দান করিয়াছিলেন বলিয়া] স্ত্রী. পৃথিবী ; ধরণী।

কাশ্যপেয় [কশ্যপ (মুনি) +এয় (অপত্যার্থে—এয়ণ্)] বি. পুং. কশ্যপমুনিপুত্র। ২। সূর্য্য। ৩। গরুড়। ৪। জটায়ু।

কাষ (ষ্) [কষ (কর্ষণ করা) +অ (করণে—সংজ্ঞার্থে—ঘঞ্) যাহাদ্বারা সুবর্ণ কর্ষণ (পরীক্ষা) করা হয়] বি. পুং. কষ্টি পাথর।

কাষায় (য়্) [কষায়+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ. কষায় রঞ্জিত ; খয়ের বর্ণ বা অনুজ্জ্বল রক্তবর্ণ দ্বারা রঞ্জিত। প্র—কাষায় বস্ত্র।

কাষ্ঠ (কাশ্‌ঠো) [কাশ্ (দীপ্তি পাওয়া) +থ (করণে—সংজ্ঞার্থে—থক্) ; শ্=ষ্, থ=ঠ। যাহাদ্বারা অগ্নি দীপ্ত হয়] বি. ক্লী. কাঠ ; আগুন জ্বালানি।

কাষ্ঠক (ক্) [কাষ্ঠ+ক (সংজ্ঞার্থে)] বিণ. কাষ্ঠযুক্ত ; কাষ্ঠবিশিষ্ট। ২। বি. ক্লী. অগুরু নামক সুগন্ধি কাষ্ঠবিশেষ।

কাষ্ঠকীট (ট্) [কাঠের কীট (পোকা) ৬ তৎ] বি. পুং. কাষ্ঠ ছেদনকারী কীট ; ঘুণ।

কাষ্ঠকুট্ট [কাঠের কুট্ট (ছেদক) ৬তৎ] বি. পুং. যে চঞ্চুদ্বারা কাষ্ঠ কুট্টন (ছেদন) করে ; কাঠ্‌ঠোকরা পক্ষী।

কাষ্ঠকুড্য (কুড্‌ড) [কাঠের কুড্য (ভিত্তি) ৬ তৎ] বি. ক্লী. কাষ্ঠনির্ম্মিত ভিত্তি।

কাষ্ঠকুদ্দাল (ল্) [কাষ্ঠ (কাষ্ঠনির্ম্মিত) যে কুদ্দাল (কোদাইলের মত বস্তু) কর্ম্মধা কিম্বা ৬ তৎ)] বি. পুং. নৌকার জল ফেলি-বার জন্য কাঠের পাত্র ; নৌকাদির জল সেচনার্থ কাষ্ঠনির্ম্মিত পাত্র ; কেঠো।

কাষ্ঠতক্ষ, কাষ্ঠতক্ষক (তোক্‌খ, ক্) [কাষ্ঠ (কাঠ) তক্ষ্ (ছেদন করা) +অ (কর্ত্তৃ—অচ্, অক, সংজ্ঞার্থে) যাহারা কাঠ চাঁচে] বি. পুং. কাষ্ঠ শিল্পী ; সূত্রধর ; ছুতার।

কাষ্ঠতন্তু (তো) [কাষ্ঠে (কাঠেতে) তন্তু (তন্+তু, সংজ্ঞার্থে) ছিদ্র কারক] বি. পুং. কাষ্ঠ ছেদনকারী কীট ; ঘুণ।

কাষ্ঠদারু [কাষ্ঠ (কাষ্ঠ-প্রচুর) যে দারু (বৃক্ষ) কর্ম্মধা] বি. পুং. দেবদারুবৃক্ষ ; the tree pinus deodar ; uvaria congifolia.

কাষ্ঠপুষ্প [কাষ্ঠ (তদ্বৎ) পুষ্প যাহার, বহু] বি. কেতকী বৃক্ষ।

কাষ্ঠফলক (ক্) [কাষ্ঠ (কাষ্ঠনির্ম্মিত) যে ফলক, কর্ম্মধা] বি. ক্লী. কাষ্ঠময় ফলক ; বোর্ড (board) ; তক্তি।

কাষ্ঠময় (য়্) [কাষ্ঠ+ময় (প্রস্তুতার্থে—ময়ট্)] বিণ. কাষ্ঠনির্ম্মিত ; কাষ্ঠ দ্বারা প্রস্তুত। ২।

[কাঠের মত রসহীন বলিয়া] নির্দ্দয় ; নির্ম্মম।

কাষ্ঠমল্ল [কাষ্ঠ (কাষ্ঠনির্ম্মিত) যে মল্ল (আসনবিশেষ) কর্ম্মধা কিংবা ৬ তৎ] বি, পুং, শবাধার ; শবযান ; যে গাড়ীতে বা খাটে তুলিয়া শব লইয়া যায় ; coffin.

কাষ্ঠমল্লিকা (মো) বি, স্বনামপ্রসিদ্ধ পুষ্প ও গাছ ; কাঠমল্লিকে।

কাষ্ঠমার্জ্জার (র্) বি, কাঠবিড়াল। স্ত্রী, **কাষ্ঠমার্জ্জারিকা**—কাষ্ঠবিড়ালিকা নামক ঔষধবিশেষ।

কাষ্ঠলেখক (ক্) [কাষ্ঠে (কাষ্ঠের উপরে) লেখক—যে লিখে—অক্ষর খোদে, ৭তৎ] বি, পুং, কাষ্ঠ কীট ; ঘুণ। ২। যে কাঠে খুদিয়া লেখে।

কাষ্ঠলৌকতা, কাষ্টলৌকতা—বি, কাষ্ঠবৎ নীরস অর্থাৎ লোক দেখান লৌকিকতা ; হৃদয়হীন ভদ্রতা ; মৌখিক শিষ্টাচার। কাষ্ঠহাসি দ্রঃ।

কাষ্ঠহাসি (কাষ্‌টোহাশি) [কাষ্ঠ (কাষ্ঠের ন্যায় শুষ্ক, ভিতরে রসহীন, আন্তরিকতাশূন্য) হাসি] বি, যে হাসি আন্তরিক হর্ষাদিজনিত নহে ; কপট হাস্য ; বাহিরে লোকদেখান হাসি ; যে হাসি মুখের, প্রাণের নয়। প্র—"বুক ফাটে তো মুখ ফোটেনা, কেবল কাষ্ঠহাসি হাসি॥" —বাং-গান।

কাষ্ঠা [কাষ্ঠ + আপ্—স্ত্রী] বি, স্ত্রী, পূর্ব্বাদি দিক্। ২। অষ্টাদশবার উপর্য্যুপরি চক্ষুর পলকপাতপরিমাণ সময় ; অষ্টাদশনিমেষাত্মক-কাল ; সূক্ষ্মকালপরিমাণ। ৩। সীমা।

কাষ্ঠাম্বুবাহিনী (নি) [কাষ্ঠ (কাষ্ঠনির্ম্মিত যে অম্বুবাহিনী (জলসেচনী) কর্ম্মধা] বি, স্ত্রী, জলসেচনী ; দ্রোণী ; নৌকাদির জল ফেলিবার পাত্র।

কাষ্ঠিকা [কাষ্ঠ + ইক (অল্পার্থে) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, কাঠের টুকরা ; কাষ্ঠশলাকা ; কাঠি।

কাষ্ঠিলা [কু = ক (ক্ষুদ্র, অকিঞ্চিৎকর) অস্থি = অষ্ঠি (হাড়—কাণ্ড) লা (পাওয়া) + আ (সংজ্ঞার্থে) অকিঞ্চিৎকর কাণ্ডযুক্ত অর্থাৎ যাহার কাণ্ড দ্বারা কোন বিশেষ কার্য্য হয় না] বি, স্ত্রী, কদলীবৃক্ষ ; কলাগাছ।

কাসজিৎ [কাস (রোগ) জিৎ (জি—জয় করা + ক্বিপ্, কর্ত্তৃ—ত্ আগম)। যে কাস রোগ পরাভব করিয়াছে ; কাসনাশক] বি, ভাগী ; বামনহাটী ; clerodendron sip anthus

কাসমর্দ্দ (শ্) [কাস (রোগ) মর্দ্দ্ (নাশ করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ) যে কাস রোগ বিনাশ করে] বি, পুং, কালকাসন্দার গাছ ; cassia. ২। কাসন্দি ; সরিষাদিমিশ্রিত আমের আচার।

কাসর (কাশর্) [ক (জল) আ—সৃ (গমন করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্) যে সর্ব্বদা জলে গমন করিতে বা থাকিতে ভালবাসে] বি, পুং, মহিষ। ২। [কাংস্য হইতে—কাঁসর—উচ্চারণভেদে কাসর] কাংস্যনির্ম্মিত বাদ্যবিশেষ ; বড় কাঁসী। ৩। কাঁসরের আকারের কঠিন ও বৃহৎ প্লীহা।

কাসাভা [ইং—cassava] বি, মার্কিণ দেশজাত গুল্মবিশেষ। ইহার মূলকাণ্ড হইতে শ্বেতসার পাওয়া যায় ও তাহাতে একপ্রকার ময়দা প্রস্তুত হয় ; Brazilian arrowroot or tapioca. পূ-বঙ্গে—শিমুল আলু ; মেদিনীপুরে—শকরকন্দ।

কাসার (কাশার্) [ক (জল) আ—সৃ (গমন করা) + অ (অধি, সংজ্ঞার্থে, ঘঞ্) জল যেখানে গমন করিয়া অবস্থান করে] বি, পুং, জলাশয় ; জলাধার ; সরোবর ; পুষ্করিণী। ২। কৃসর দ্রঃ। পক্বান্নবিশেষ।

কাসিদ (কাশিদ্) [আ—কাসিদ্] বি, পত্রবাহক ; হরকরা ; ডাকপীয়ন্।

কাসীস [সং] বি, ক্লী, হীরাকশ ; green sulphate of iron.

কাসীসসত্ত্ব (কাশীশ্‌শৎত) [রাসাঃ পরিঃ] বি, দাহজল ; সৌরাষ্ট্রীসত্ত্ব ; তুবরীসত্ত্ব ; sulphuric acid.

কাস্তু [কাস্তিয়া, কাস্তে দ্রঃ। গ্রা-বাং—রূপ] বি, শস্যকর্ত্তনী ; দাত্র। প্র—"সত পল সুনার কাস্তু গঠিআ জুগাঅ"—শূ, পুঃ।

কাস্তকার, গার (র্) [ফা—কাশ্‌ৎকার্] বি, কৃষক ; চাষা ; যে চাষের জন্য জমি জমা লয় ; জমিদার। **কাস্তকার মৌরুসী**—মৌরুসী খাজনা করা জমির দখলকার প্রজা। **কাস্তকার পাহি**—যে প্রজা জমা লইয়া জমিতে বাস করে না। **কাস্তকারদেহী**—যে প্রজা জমিতে বাস করিয়া চাষ করে।

কাস্তগীর, খাস্তগিরি [ফা] বি, জমীদারীসংক্রান্ত পদবীবিশেষ।

কাস্তিয়া [সং—কর্ত্তরিকা। দ্রুতউচ্চারণে—কাস্তে। গ্রা—কেস্তে] বি, শস্যকর্ত্তনী ; ধান্যচ্ছেদক অস্ত্রবিশেষ ; দাত্রভেদ ; দা।

কাস্তে—বি, শস্যকর্ত্তরী। ২। বাগানের কাঁচি।

কাহণ, কাহন (কাহোন্) [সং—কার্ষাপণ] বি, ষোড়শ বা ষোল পণ ; ১২৮০ গণ্ডা।

কাহল (ল্) [সং] বি, বৃহৎ ঢোল ; ঢাক। ২। অব্যক্ত শব্দ ; কোলাহল। ৩। কুক্কুট। ৪। বিড়াল। ৫। বিণ, অতিশয়। ৬। খল। ৭। শুষ্ক। স্ত্রী, **কাহলা**—শর বা তৃণ দ্বারা বাজাইবার বাদ্যযন্ত্রবিশেষ। ২। বরুণের স্ত্রী। **কাহলী**—অপ্সরাবিশেষ। ২। যুবতী।

কাহা [পদ্যে। 'কাহাকে' সংক্ষেপে] বি, কাহারে ; কাহাকে ; কোনজনকে। প্র—"সকল রমণী ধাইল অমনি কেহ কাহা নাহি মানে।"—চণ্ডীদাস। সম্বন্ধে—**কাহার**—কোন জনের।

কাহার (র্) [সং—স্কন্ধাবার ; হি—কহার] বি, যাহারা স্কন্ধে করিয়া শিবিকা বহন করে ; যানবাহক ; বেহারা। প্র—"কাহার প্রভৃতি যারা ছুটিয়া পলায়। তাহা দেখে দাসু বাসু কাঁদে উভরায়॥"—ভারতচন্দ্র। ২। [কাহা দ্রঃ] কোন জনের।

কাহার্‌বা (কাহারুআ) [হি] বি, দুইটী তাল ও পাঁচটী মাত্রাবিশিষ্ট তালবিশেষ। হিন্দুস্থানে কাহার দিগের নৃত্যগীতের সুরতাল হইতে উৎপন্ন রাগিণী।

কাহাল (ল্) [কাহল দ্রঃ] বি, বাদ্যবিশেষ ; প্র—"জয়ঢাক বীরঢাক মৃদঙ্গ কাহাল।" —চৈতন্য ভাগবত।

কাহি [হি—কাহে—ব্রজ] অ, কেন। প্র—"কি করহ এ সখি আওল কাহি"—বিদ্যাপতি। ২। [হি—কাহি। সং—কঃ। ব্রজ] স, কাহাকে বা কাহার। প্র—"দোখ দেয়ব অব কাহি" —বিদ্যাপতি।

কাহিনী (নি) [সং—কথন (নী) ; প্রাকৃ—কহনী ; হি—কহন (গ্রা—উচ্চারণে বা ঠেঁট হিন্দীতে কাহিন্) কহনী, কহনা, কহাবত] বি, কথন ; বৃত্তান্ত ; কথা ; বিবরণ ; প্রস্তাব ; গল্প। প্র—"অবধিক আশ ভেল সব কাহিনী" —বিদ্যাপতি।

কাহিল (ল্) [সং—কাহল (শুষ্ক, কৃশ) আ—কাহিল্ (অলস ; নিস্তেজ)] বিণ, ক্ষীণ ; কৃশ। প্র—"কাহিল হোলাম যেন একটা কাটি।"—দ্বিজেন্দ্র রায়। ২। দুর্ব্বল। ৩। [আ—কায়েল] তর্কে হারিয়া যাওয়া।

কাহী—বি, কুড়চীগাছ।

কাহু [হি—কাহু। সং—কঃ = কো (ব্রজ ভাষায়) কা + হু (নিশ্চয়ার্থে)] বি, কাহারও। প্র—"কত বিদগধ জন রস অনুমগন অনুভব কাহু ন পেখ।"—বিদ্যাপতি।

কাহূ [ফা] বি, কপির মত সুখাদ্য ফুল ও শাক হিন্দুস্থানে ইহার পাতা ও ফুল প্রচুর ব্যবহৃত হয়। ২। কাহুর বীজ। ৩। অর্জ্জুন বৃক্ষ ; tarminalia arjuna.

কাহে [সং—কথং। প্রাকৃ—কহং ; হি—কাহে] অ, কেন ; কি কারণ ; কি নিমিত্ত। প্র—খুড়া কাহে ছাড়িব ঘর বাড়ী।"—কবিক।

"কনক কমল নাহি কাহে মনোলোভা"—বিদ্যাপতি। ২। [ব্রজ] কাহাকে। প্র—"গোপত মদনশর কাহে না লাগে"—বিদ্যাপতি।

কি [সং—কিম্ শব্দজ] স. জিজ্ঞাসাবাচক শব্দ ; প্রশ্নার্থে। ২। কষ্টে ; যন্ত্রণায় ; খেদে। প্র—কি জ্বালা ; কি যন্ত্রণা। ৩। আশ্চর্য্য বা বিস্ময়ার্থ। প্র—ওমা কি হবে! ৪। [প্রা-বাং—সম্বন্ধবাচক। তুল—ক] ৬ষ্ঠী বিভক্তির চিহ্ন ; এবং তাহার। প্র—"চন্দন কি মাল" [অপ্র]। ৫। সন্দেহ ; অনিশ্চয়। প্র—এখনো এ পাপ প্রাণ রবে কি না রবে।"—হরুঠাকুর। ৬। বিরক্তিতে। প্র—কি বিপদ ; কি পাপ ; কি গ্রহ (গের)। ৭। নিষেধসূচক ; তাড়না বা ভয় প্রদর্শনে। প্র—তুমি বলবে কি (অর্থাৎ বল্লেই দণ্ড পাইতে হইবে)। ৮। অভাব অর্থে ; নাই ; নহে ; না। প্র—তাহার সাধ্য কি ; কি জানি। ৯। কিম্বা ; কিবা ; বিকল্পে। প্র—কি মনুষ্য, কি পশু, কি পক্ষী, অথবা সরীসৃপ। "দেব কি দানব, নাগ কি মানব"—অ-ম। ১০। সংস্রব-রাহিত্যে। তুচ্ছ করণে ; উপেক্ষায়। প্র—তাতে আর কি ; তাহাতে তোমারই কি আর আমারই বা কি ; বেল পাকিলে কাকের কি।

কিঅ, কিএ, কিয়ে [ব্রজ। প্রা-বৈ, পদ. সা] অ. কি। কিয়ে দ্রঃ। ২। বিস্ময়ে ; একি। ৩। প্রশংসায় ; কিবা। ৪। কেন। কিয় দ্রঃ।

কিংখাপ, কিংখাব (প, ব্) [ফা—কম্‌খাব্] বি. ঘন রেশমী বস্ত্র যাহাতে সোনার তারের ফুল কলকা প্রভৃতি কাটা থাকে ; কাশীর প্রসিদ্ধ মূল্যবান রেশমী ফুলদার বস্ত্রবিশেষ। ২। যে বস্ত্রে সোনার জরি অধিক ব্যবহৃত হয়।

কিংবদন্তি, কিংবদন্তী (কিম্‌বদোন্‌তি) [কিম্—বদ্ (বলা) + অন্তি, অন্ত (ভাবে—ঈপ্)] বি. স্ত্রী. লোকপরম্পরায় কথিত ও শ্রুত বিষয় ; জনরব ; জনশ্রুতি ; গুজব। ২। লোকাপবাদ।

কিংবা [কিম্ (শব্দ) = কিং + বা ; এই ব বর্গীয় না হওয়ায় ং স্থলে ম্ হইল না। কিন্তু বাং 'কিম্বা' এই অশুদ্ধ শব্দের ভূরি প্রচলন আছে। হি—কিংবা] অ. বিকল্প বা পক্ষান্তরবোধক ; বা ; অথবা ; পক্ষান্তরে।

কিংশুক (ক্) [কিং (বিতর্ক) শুকপক্ষীবিশেষ ; শুক চঞ্চুর সম্যক্ সাদৃশ্য হেতু এই সংশয় হয় যে, "অয়ং কিংশুকঃ" এই জন্যই এই পুষ্পের নাম কিংশুক] বি. পুং. পলাশ বৃক্ষ। ২। স্ত্রী. পলাশ পুষ্প। ৩। নন্দিবৃক্ষ।

কিঁকিঁ—বি. অনুকার শব্দ ; পক্ষী, মূষিক প্রভৃতি জীবজন্তুর রব।

কিকি [প্রকার ভেদে দ্বিত্ব] অ. কত প্রকার। প্র—"ভেবে দেখহ গোকুলে, হলো কি কি লীলে, তাকি তোমার মনে পড়ে না।"—হরু ঠাকুর। ২। নির্দ্দেশার্থে। প্র—কি কি দ্রব্য চাই।

কিখি [শব্দাত্মক] বি. খেঁকশিয়ালি। ২। বানর।

কিঙ্কর (র্) [কিং (কিঞ্চিৎ) কর (কৃ—করা + অ. কর্ত্তৃ—ট)] বিণ. পুং-স্ত্রী. যে কর্ম্মমূল্য লইয়া কাজ করে ; অনুচর ; কর্ম্মকর ; ভৃত্য। ২। বিশ্বামিত্রের অনুগত একজন রাক্ষস। স্ত্রী. **কিঙ্করী**—দাসী।

কিঙ্কর্ত্তব্য (কিংকর্‌তোব্‌বো) [কিম্ (কি) কর্ত্তব্য (করণীয়)] বিণ. কি করা উচিত, বা প্রয়োজনীয় ; কি করিতে হইবে।

কিঙ্কর্ত্তব্য-বিমূঢ় [কিম্ (কি) কর্ত্তব্য (করণীয়) তদ্বিষয়ে বিমূঢ় (অনভিজ্ঞ) ৭তৎ] বিণ. কি করিতে হইবে তাহা স্থির করিতে অসমর্থ ; কর্ত্তব্যনির্ণয়ে অক্ষম।

কিঙ্কিণি, ণী (নি) [কিং (অনুকরণ শব্দ) কিণ্ + ণিচ্ = কিণি (শব্দ করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে ক) ঈপ্ স্ত্রী ; যে কিং কিং এইরূপ অনুকরণ শব্দ করে] বি. স্ত্রী. কটি ভূষণ। প্র—"ক্ষীণকটি ঘেরি বাজে কিঙ্কিণী।" —রবি। "কঙ্কণ কিঙ্কিণীধ্বনি বাজিবে লো সঘনে"—ব্রজাঙ্গনা। ২। ক্ষুদ্র ঘণ্টিকা বা ঘুঙুর। ৩। দেবতার স্তুতিবিশেষ। ৪। [বৈদ্যকে] বিকঙ্কত বৃক্ষ ; জল-জম্বুবৃক্ষ ; দ্রাক্ষাফল।

কিঙ্কিণী—বি. রামায়ণোক্ত বাদ্যবিশেষ [রামা—সুন্দর—৯]।

কিঙ্কিণী—বি. বিশ্বামিত্রের মন্ত্রাত্মক অস্ত্রবিশেষ [রামা—বালকাণ্ড—২৭]।

কিঙ্কিণীকা (নি) [কিঙ্কিণী দ্রঃ] বি. স্ত্রী. ঘুঙুর।

কিঙ্কির (র, র্) [সং। বাং-য় বিরল] বি. ক্লী. গজকুম্ভ। ২। কন্দর্প। ৩। অশ্ব। ৪। ভ্রমর। ৫। কোকিল।

কিঙ্কিরাত (ত্) [সং। বাং-য় বিরল] কোকিল। ২। কন্দর্প। ৩। শুকপক্ষী। ৪। [বৈদ্যকে] ঝাঁটী ফুলের গাছ ; রক্তাশোক বৃক্ষ।

কিচড় (ড়্) [সং—কচ্চর (মলদূষিত) বাং—কিচল, কিচেল, তুল—কাদা কিচেল। হি—কিচড়] বি. সকঙ্কর কর্দ্দম ; পঙ্ক ; কাঁকরযুক্ত কাদা।

কিচমিচ্ [বহু পাখীর একসঙ্গে ডাকের শব্দ। ব্যাপ্তি অর্থে, **কিচিরমিচির**] বি. অব্যক্ত-শব্দ ; পাখীর কলরব। কিচকিচ দ্রঃ। ২। কিসমিস ফল ; বীজশূন্য শুষ্ক আঙ্গুর ; raisin. (সবীজ বড় কিসমিসের নাম মনাক্কা)।

কিচ্‌কিচান (—চানো) ক্রি. কিচ্‌কিচ্ শব্দ করা।

কিছু [সং—কিঞ্চিৎ। হি—কুছ—গ্রা. হি—কছু, কিছু উ-বিহারী-হি—কিচ্ছু ; বাং—কিচ্ছু, কিছু। ওড়ি—কিছি] বিণ ; কিয়ৎ ; অল্প।

কিছু কিছু [প্রতিবারে কিছু অর্থে দ্বিত্ব] বিণ. কিঞ্চিৎ কিঞ্চিৎ ; অল্প।

কি জানি [কি দ্রঃ। তুল—না জানি] অ. অনিশ্চয় জ্ঞানাত্মক বা সন্দেহসূচক অব্যয় ; জানি না এইরূপ জ্ঞানের অভাববোধক ; বুঝি ; পাছে। প্র—"কি জানি চোরের ধন বাটপাড়ে লয়।"—ভারতচন্দ্র। "আপনার রূপ দেখি অপরূপ, অধীনে ভুল কি জানি।" —নিধু। ২। উপেক্ষাসূচক অব্যয়। প্র—কি জানি কোথা আছে, খুঁজিয়া লও।

কিঞ্চন [কিং + চন (অসাকল্যার্থে] অ. কিঞ্চিন্মাত্র ; অল্প ; কিছু। কিং + চিৎ কিঞ্চিৎ (অসাকল্যার্থে)।

কিঞ্চিৎ [অধুনা অপ্র] কিছুমাত্র ; সামান্য দ্রব্য। ২। কোনবস্তু।

কিঞ্চিদুষ্ণ (কিন্‌চিদুষ্‌ণ) [কিঞ্চিৎ (কিছু) —উষ্ণ (উত্তপ্ত) কর্ম্মধা] বিণ. কিয়ৎপরিমাণে উষ্ণ ; কদুষ্ণ ; কিছু উষ্ণ।

কিঞ্চিদূন (ন. ন্) [কিঞ্চিৎ (কিছু)—ঊন (কম) কর্ম্মধা] বিণ. ঈষৎ ন্যূন ; কিছু কম।

কিঞ্চিন্মাত্র (কিনচিন্‌মাৎত্র) [কিঞ্চিৎ (কিছু) + মাত্র পরিমাণার্থে] বিণ. অল্প পরিমাণ ; অল্পমাত্র ; কিছুমাত্র।

কিঞ্চুলক (ক্) [সং] বি. পুং. কেঁচো নামক কীট ; earth worm.

কিঞ্জল (ল্) [সং] বি. পুং. পুষ্পের পরাগ ; পুষ্পরেণু ; কেশর। ২। পদ্মের মধ্যস্থিত কেশের মত সূক্ষ্ম অংশ। ৩। ক্লী. নাগকেশর পুষ্প।

কিঞ্জল্ক [সং]বি. পুং. কিঞ্জল (দ্রঃ) পুষ্পকেশর।

কিট্‌কিট্ [সং—কিট্ট] বি. মলমূত্রাদি অপবিত্র বস্তু। [সাধারণতঃ খিটখিট্ বা টিক্‌টিক্] প্রতিরোধার্থ বারংবার বাক্যপ্রয়োগ। ৩। গলার ভিতর একপ্রকার অনুভূতি ; তীব্র বা অত্যন্ত মিষ্টাস্বাদ খাদ্যে গলার ভিতর কির্‌কির্ করার ন্যায় একপ্রকার অনুভূতি। বিণ. কিটকিটিয়া, কিট্‌কিটে—কিট্টময়। প্র—গলা কিটকিটে মিষ্টি। ক্রি. কিটকিটান (নো) —(গলা) কিটকিট করা।

কিট্‌কিটা [সং—কিট্ট. কিট্ট কিট্ট (আধিক্যার্থে —দ্বিত্ব) + আ (যুক্তার্থে)] বিণ. কিট্টময়, অতিশয় ময়লা ; মলিন। **তেলকিটকিটা**—

তৈলের কিট্ট-লিপ্ত। তৈলের ময়লায় অতিশয় মলিন।

কিট্ট [সং] বি, ক্লী, তৈলাদির কাইট। ২। ধাতুর মল; মরিচা।

কিট্টাল (ল্) [সং। তুল—ইং—kettle] বি, পুং, তাম্রকলস; কেট্‌লি।

কিড়মিড়, কিড়্মিড়ি, কিড়িমিড়ি (কিড়্‌মিড়্) [শব্দাত্মক। কড়মড় অপেক্ষা লঘু] বি, দন্তে দন্তে ঘর্ষণের শব্দ। অব্যক্তধ্বনি। প্র—"কিড়িমিড়ি করে দন্ত মিটিমিটি চায়"। **কিড়িরমিড়ির** (র্, র্) বারংবার কিড়মিড় শব্দ।

কিণ (ন্) [কণ্ (প্রাপ্ত হওয়া) + অ (কর্ম্মে —অণ্) ক = কি। যাহা পুনঃপুনঃ জ্যাঘাত কিম্বা ভার বহনাদি দ্বারা প্রাপ্ত হওয়া যায়] বি, পুং, ঘর্ষণজনিত চিহ্ন; কড়া। ২। শুষ্ক ব্রণ। ৩। কীটবিশেষ।

কিণন (কিনন্) [কিনন দ্রঃ। সং—ক্রী = দ্রব্য পরিবর্ত্তে। পালি—কিন ধাতু—তুল— সং—ক্রীণাতি = পা—কিনাতি] বি, ক্রয় করণ : মূল্য বিনিময়ে প্রাপণ।

কিণাঙ্ক (কিনাংক) [কিণ (ঘর্ষণ জনিত) যে অঙ্ক (চিহ্ন) কর্ম্মধা)] বি, কড়া : রক্ত জমিয়া যাওয়ার চিহ্ন। প্র—"কাটিটা তাহার কিণাঙ্ক কঠিন কৃষ্ণবর্ণ পরিপুষ্ট করতলের অন্তরালে ধরিয়া নারিকেলের ছোবড়ার একটা ভাঁটা ধরাইয়া লইল।" —শরতে বঙ্গ-পল্লী।

কিতক (ক্) [কি—তক্ : হি—কাঁহাতক্ —কিতক ; সং—কিয়ৎ] ক্রি-বিণ, কিপর্য্যন্ত।

কিতব (ব্) [সং] দ্যূতকার; দ্যূত ক্রীড়াকারী : জুয়াড়ী। প্র—"দ্রৌপদী কহিলেন, হে সুতপুত্র, তুমি একবার যাও, সভামধ্যে সেই কিতবের নিকট গিয়া জিজ্ঞাসা কর, তিনি কি অগ্রে আপনাকে হারিয়াছেন, না আমাকে?"—মহা—সভা (বর্দ্ধমান)। ২। বঞ্চক, প্রতারক। ৩। মত্ত; পাগল। ৪। পুং, ধুস্তুর। ৫। রোচন নামক গন্ধদ্রব্য। বি, কৈতব।

কিতা, কেতা [আ—কি্তা, ক্তা] বি, খণ্ড : ভাগ : ক্ষেত্রখণ্ড ; ভূমিখণ্ড। ২। গোছা : পংক্তি : সারি। প্র—"কিতা করিয়া বান্ধা, উপরে টাঙ্গায় চান্দা, প্রতি চালে মুকুতার ঝার।"—কবিক। ৩। ধরণ ; ঢং; চাল। কেতা দ্রঃ।

কিতাবন্দী—বিণ, কিতা কিতা করিয়া ; খণ্ডে খণ্ডে ; খণ্ডশঃ। **কিতাবন্দী মাপ**—খণ্ড খণ্ড করিয়া পরিমাপ।

কিতাদোরস্ত [আ—কি্তা + ফা—দুরস্ত্] বিণ, সুপ্রণালী মত ; সুবন্দোবস্ত।

কিতাব (কেতাব্) [আ—কেতাব্] বি, পুস্তক। প্র—"দশবিশ বেরাদরে বসিয়া বিচার করে অনুদিন কিতাব কোরাণ।"—কবিক। ২। খাতা। বিণ, কিতাবী কেতাব সম্বন্ধীয় ; bookish.

কিতাবৎ, কেতাবৎ [আ] বি, লেখাপড়া। বিণ, কিতাবতী ; পুস্তকের লেখাপড়া সম্বন্ধীয় ; bookish. প্র—কিতাবতী ভাষা।

খৎকিতাবৎ—চিঠিপত্র ; লিখিত হিসাব পত্র।

কিত্তি—কীর্ত্তি দ্রঃ।

কিনন (কিনন্) [সং—ক্রয়ণ। কিনা দ্রঃ] বি, বিনিময়করণ : মূল্য পরিবর্ত্তে বস্ত্রগ্রহণ ; ক্রয়করণ : কেনা।

কিনা [সং—ক্রী (ক্র্যাদিগণীয়)—দ্রব্য বিনিময় করা; ক্রয় করা; ক্রীণাতি ; পা—কিনাতি ; বাং—কিনে। কিনন দ্রঃ। গ্রা, কেনা। উ-পু—কিনি। ম-পু—কিন ; কিনুন ; কেন্। প্র-পু—কেনে : কেনেন্। অস-ক্রি —কিনিতে ; কিনিয়া, কিনে (গ্রা), প্রাদে উচ্চারণ - কিন্তা। ণিজন্ত—কিনান (নো)] ক্রি, ক্রয় করা। প্র—"অঙ্গদ কঙ্কণ হার লম্বমান মতিবার কিনে বীর কনক সাঁপুড়া।" —কবিক। প্র—"বলদ শকটে, তৈল পুরি ঘটে, সদাগর এনেছে কিন্তা॥"—কবিক।

কিনা [সং—কিং নু : নু = প্রাকৃ, নো। কি (সম্মতি) না (নিষেধে ; প্রশ্নে)] অ, বিতর্ক ; সন্দেহ। কি দ্রঃ। প্র—সে সেখানে যাবে কিনা তাই জিজ্ঞাসা কচ্ছে। ২। নিঃসন্দেহে : নিশ্চয়ে। প্র—সে সেখানে যাবে কিনা তাই প্রস্তুত হচ্ছে। ৩। প্রশ্নে। প্র—কেমন কিনা : ঠিক কিনা।

কিনার, কিনারা (র্) [ফা—কিনারা ; হি—কিনার, রা ; গ্রা, বাং—কেনারা] বি, কূল ; তীর। প্র—"আমি তরী নিয়ে বসে আছি নদী কিনারে"—রবি। "জানি হে যবে প্রভাত হবে তোমার কৃপাতরণী লইবে মোরে ভবসাগরকিনারে।"—ঐ। ২। পার্শ্ব ; সীমা ; ধার ; পাড় ; প্রান্ত : শেষ। প্র— রাস্তার কিনারা দিয়া চল। কাপড়ের কিনারা। ৩। উপায়। প্র—সে হঠাৎ মারা যাওয়ায় ছেলেপুলেদের কোন কিনারা করে যেতে পারে নাই। ৪। উদ্ধার। প্র—সে ত অধঃপাতে গিয়াছে জানি, কিন্তু তার কি আর কিনারা নাই। ৫। নিষ্পত্তি। **কিনারা করা**—তদন্ত-করা। ২। নিষ্পত্তিকরা। ৩। উপায় করা ; ব্যবস্থা করা। **কূল কিনারা** [কূল (তীর) —কিনারা (শেষ) অন্ত]—শেষ ; পার। **কূলকিনারা নাই**—অনন্ত ; অপার।

কিন্তু (কিন্‌তু) [কিং—তু (বিয়োজক)] অ পরন্তু ; অথচ ; পূর্ব্বোক্তির বৈপরীত্য কথনে পূর্ব্বপ্রস্তাব বা যুক্তির খণ্ডন অর্থে। ২। [প্রাদে] ক্রি-বিণ, সঙ্কুচিত ; জড়সড়। প্র—"মা তুমি 'কিন্তু' হয়ে বলছ কেন? যাকে সঙ্গে নিতে হয় নাও যা ইচ্ছা হয় বল।" বাবার কিছু করতে পারিনি তুমিও এখন কিছু তার দেওনি, তুমি 'কিন্তু' হলে আমার মনে দুঃখ হয়।"—প্রফুল্ল (গিরিশ)। "তার সঙ্গে অন্য কেহ বলে কিন্তু হয়ে"—হেম।

কিন্তুঘ্ন[সং] বি, পুং, জ্যোতিষ শাস্ত্রোক্ত একাদশ করণের অন্যতম।

কিন্দম (ম্) [সং] বি, পুং, প্রসিদ্ধ কূপতীর্থ-বিশেষ। ২। ঋষিপুত্র যিনি মৃগরূপে রমণকালে পাণ্ডু রাজা কর্ত্তৃক ধৃত হইয়াছিলেন।

কিন্নর (র্) [কিং (কুৎসিত) নর (মনুষ্য) কর্ম্মধা] বি, পুং, কিম্পুরুষ ; দেবলোকের গায়ক। ইহাদের অশ্বের ন্যায় মুখ ও নরের ন্যায় শরীর এইজন্যই ইহাদের এই নাম। 'কিন্নর' অপভ্রংশে বাং—তে, কান। যথা,— মধুসূদন কিন্নর স্থলে মধুকান। স্ত্রী, কিন্নরী।

কিন্নরী (কিন্‌নোরি) [কিন্নর দ্রঃ] বি, কিন্নর জাতীয় স্ত্রী। ২। বীণাবিশেষ ; কিন্নরী বীণা ; তানপুরাবিশেষ। ৩। সরঙ্গী।

কিন্নরেশ (শ্)[কিন্নরের ঈশ (প্রভু) ৬তৎ] বি, পুং, কিন্নরগণের রাজা ; যক্ষরাজ ; কুবের।

কিপ্‌টে [কাপটিয়া দ্রঃ। সং—কৃপণ হইতে] বিণ, কৃপণ। প্র—"কিপ্‌টে ভাতার, কেয়া কাঁটা, কুমড়ো বলিদান। মুখ মিষ্টি মধুপর্ক, সকলি সমান॥" —হেম বন্দ্যো।

কিফাইত, কিফাত (ত্) [আ—কিফায়ত্] বি, কম খর্চ্চা ; অল্পব্যয় ; অল্পমূল্য ; সস্তা। ২। লাভ।

কিবলা (ব) [আ—কিব্‌লা] বি, মুসলমানগণ যেদিকে মুখ ফিরিয়া নেমাজ পাঠ করেন ; পশ্চিমদিক। **কিবলানুমা**—মক্কা। ২। পূজ্য ব্যক্তি। ৩। পিতা।

কিবা [সং—কিংবা] অ, কিংবা ; অথবা ; পক্ষান্তরে। প্র—"তার জলে বা স্থলে বা অন্তরীক্ষে কিবা সন্দেহ নাহি মরিবার॥"—হরু ঠাকুর। ২। [তুলঃ—হি, কেয়াবাত] প্রশংসার্থে ; কি সুন্দর ; কেমন। প্র—"কিবা সে বচন অমিয়া মিঠ। তাঙর ভঙ্গিম কুটিল দিঠ॥" —বিদ্যাপতি। [প্রাদে, ব্যবহার **কিবে**]। ৩। [সং—কিম্ শব্দজ। কি + বা (অনিশ্চয়ে)] কি ; কিযে ; না জানি কি। প্র— "দুহুঁলে করিয়া কোলে, প্রেমে গদগদ বোলে না জানি মরমে কিবা আছে।"—বলরাম দাস। "কিবা লীলা করে এহ বুঝিতে না পারে কেহ" —ঐ। ৪। [কি + বা (বিশেষ অর্থে)] বিশেষ করিয়া কি ; অধিক কি। প্র—তুমি

তাহাকে কিবা জানাবে, তাহার সব জানা আছে।

কিম্ [সং] অ, বাঙ্গালায় স্বতন্ত্র ব্যবহার নাই, কিন্তু অন্য শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া প্রশ্ন, সন্দেহ, বিতর্ক, প্রয়োজনাভাব, নিষেধ, নিন্দা প্রভৃতি করে : কি ; কে ; কুৎসিত।

কিমতে [কি—মত (প্রকার) + এ (দ্বারা)। প্রা-বাং—কেমতি। আধু কেমনে] ক্রি-বিণ, কি প্রকারে ; কেমন করিয়া ; কেমনে। প্র—"ইথে যদি দুখ হয়, হইবে সহিতে, দিয়ে ফিরে লওয়া এবে হয় কি মতেতে॥" —নিধু বাবু।

কিমাকার (র্) [কিম্ (কি প্রকার) আকার (আকৃতি)] বিণ, কিরূপ আকারের ; কিরূপ ; কি রকম।

কিম্পরিমাণ (কিম্‌পোরিমান্) [কিম্ (কি) পরিমাণ] বিণ, কিয়ৎপরিমাণ ; কত পরিমাণ।

কিম্পুরুষ, (কিম্‌পুরুষ্) [কিম্ (কুৎসিত) যে পুরুষ, কর্ম্মধা] বি, পুং, কিন্নর ; কুবেরানুচর। ইহারা কেহ কেহ মনুষ্য দেহ, অশ্বমুখ আকার কেহ কেহ অশ্বদেহ মনুষ্য মুখ। ২। হিমালয় ও হেমকুটের অন্তর্ব্বর্ত্তী বর্ষবিশেষ। **কিম্পুরুষেশ্বর**—কিম্পুরুষদিগের রাজা ; কুবের।

কিম্ভূত (ত্) [কিম্ (কি) ভূত (যাহা ;ছ] বিণ, কিরূপ ; কি প্রকার ; কীদৃশ। ২। [বাং—তে অর্থ সম্প্রসারণে] অদ্ভুত ; যাহার বর্ণনা করা যায় না কারণ পূর্ব্বে কখন সেরূপ দেখা যায় নাই।

কিম্ভূতকিমাকার (ত্, র্) [কিম্ভূত (দ্রঃ) কিম্ আকার (অর্থ সম্প্রসারণে—বিকৃতাকার ; কদাকার)] বিণ, কুৎসিত আকৃতিবিশিষ্ট ; কদাকার ; বিকৃতাকার ; অদ্ভুত এবং কুৎসিত। প্র—"আপাদমস্তক ঢাকিয়া এক কিম্ভূতকিমাকার জীব সাজা" —মতিচুর।

কিম্মৎ [আ—কীমৎ—বিণ, কীমতী] বি, মূল্য ; দাম। বিণ, কিম্মতী—দামী [উ, বঙ্গে কথ্য ভাষায় অন্যত্র বিরল]।

কিয় [কি দ্রঃ। ব্রজ। প্রা-বৈ, পদ, সা] স, কি [কিঅ দ্রঃ]। ২। কেন। প্র—"কিয় মঝু দিঠি পড়লি শশিবয়না। নিমিখি নিবারি রহল দুহু নয়না॥" —বিদ্যাপতি।

কিয়ৎ [কিম্ + ইয়ৎ, পরিমাণার্থে (ডিয়ৎ—ইম্ ভাগলোপ) ১মা, ১ব, ক্লী। পুংলিঙ্গে কিয়ান্ (বাং-র—ব্যবহার নাই)। স্ত্রী, **কিয়তী**] বিণ, কি পরিমাণ ; কত অল্প পরিমাণ ; কিঞ্চিৎ ; কিছু। প্র—"কিয়ৎ দিন পরে অচ্ছোদ সরোবরের তীরে উপস্থিত হইলেন।"—কাদম্বরী।

কিয়া [সং—ক্রিয়া ; হি—কিয়া = কৃত তাহা হইতে কৃতকর্ম্মের ফল] বি, কর্ম্মফল ; প্রতিফল ; উপযুক্ত শাস্তি। প্র—"আমারে যেমন মারিলি তেমন পাইবি তাহার কিয়া।"—ভারতচন্দ্র। [অপ্র]

কিয়ারি [সং—কেদার] বি, কেয়ারী দ্রঃ। ২। [প্রাদে] গবাদির ক্ষতস্থানে কীট নিবারণের জন্য প্রক্রিয়াবিশেষ।

কিয়ারী [হি—কিয়ারী ; সং—কেদার] বি, ক্ষেত্র বা উদ্যানের ভূমি খণ্ডে খণ্ডে বিভক্ত করিয়া এবং খণ্ডগুলি আলি বিশিষ্ট করিয়া তাহার মধ্যে বীজ বপন বা পুষ্পবৃক্ষ রোপণ। ২। ক্ষেত্রখণ্ড ; ক্ষেত্র বিভাগ। ক্রি, কিয়ারী করা—কৃষিক্ষেত্র বা উদ্যান ভূমি আলিবেষ্টনে খণ্ডশঃ বিভক্ত করা। ২। মানানসহি আলি বেষ্টনের মধ্যে পুষ্প বৃক্ষাদি কাটিয়া সুদৃশ্য আকারে পরিণত করা।

কিয়াল, কিয়ালা (কিআলো) [আ—কমাল (পরিপূর্ণতা, সম্পূরণ) অপভ্রংশে কখাঁল পরে কিয়াল। গ্রা—কেয়ালো] বিণ, সম্পূর্ণ ; সুসম্পন্ন : ধার্য্য। প্র—কাজ কিয়াল করা। ২। [অর্থ সম্প্রসারণে] সুবন্দোবস্ত। প্র—বিষয় কিয়াল করা।

কিয়ে (কিএ) [কিঅ দ্রঃ। হি—কিয়ে = করণেসে—করা হেতু] কি ; করায় : করা হেতু ; কিনা ; বলিয়া। প্র—"মদন কৌতুকী কিয়ে হঠ তাহি মান॥"—"মধু মাতল কিয়ে উড়ই না পার"—বিদ্যাপতি। ২। [তুল—কিবা—কিরে ; আধু—কি যে। প্রা-বাং] কিবা ; কেমন। প্র—"করিবর কর কিয়ে বাহু বিশালা"—জ্ঞানদাস। "কি কহব কিয়ে করল রসকেলী" —বিদ্যাপতি।

কির [কৃ (বিক্ষেপ করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—ক) যে (থুথ্‌নি দ্বারা) ভূমি কর্ষণ করে] বি, পুং, বরাহ ; শূকর। ২। বিণ, ক্ষেপণকারক ; ক্ষেপণকারী। ৩। [অধি—ক, যে স্থানে বিক্ষেপ করা হয়] পুং, প্রান্তভাগ। ৪। কিরণ ; জ্যোতি। প্র—"তাপর কির থির করু বাস" —বিদ্যাপতি।

কিরক (ক্) [কির (শূকর) + ক (অল্পার্থে)] বি, পুং, শূকর-শাবক। ২। লেখক।

কিরকির (র্, র্) [করকর (দ্রঃ) অপেক্ষা লঘু] বি, কাঁকরের স্পর্শানুভূতি। ২। অধিক মিষ্টাস্বাদ দ্রব্য গলাধঃকরণে গলায় যে অনুভূতি হয়। ৩। করকর অপেক্ষা সূক্ষ্ম ও লঘু এবং কুরকুর অপেক্ষা খর শব্দ। বিণ, কিরকিরা, কিরকিরে (র্)—বালুকাময়।

কিরকিরা (র্) [কিরকির দ্রঃ] বি, নাসিকার অলঙ্কারবিশেষ।

কিরণ (ন্) [কৃ (বিক্ষেপ করা) + অন (কর্ম্মে, সংজ্ঞার্থে—কন) কৃ = কির্ যাহা চন্দ্র সূর্য্য হইতে বিক্ষিপ্ত হয়] বি, পুং, চন্দ্র ও সূর্য্যের রশ্মি ; অংশু। ২। [কর্ত্তৃ (কন) যে ক্ষেপণ করে] সূর্য্য।

কিরণময় (কিরন্‌ময়্) [কিরণ + ময়ট্] বিণ, কিরণ বিশিষ্ট। স্ত্রী, কিরণময়ী।

কিরণমালী (কিরোন্‌মালি) [কিরণের মালা + ইন্ (অস্ত্যর্থে) কিরণমালিন্ ১মা, ১ব] বি, পুং, সূর্য্য।

কিরণময়ী (কিরোণ্‌মোঈ) [কিরণময় দ্রঃ] বিণ, স্ত্রী, কিরণবিশিষ্টা। ২। [এই শব্দের অশুদ্ধ রূপ **কিরণ্ময়ী**। হিরণ্ শব্দের অনুকরণে বাংলায় কিরণ শব্দকে 'কিরণ্' স্বরূপ উচ্চারণ করায় "হিরণ্ময়ীর" ন্যায় কিরণ্ময়ী ও চলিয়াগিয়াছে] বি, স্ত্রী, স্ত্রীলোকের নামবিশেষ। প্র—"দুর্গা, কালী, শিবনাম শিকেয় তুলে রাখি। সিদ্ধ হ'ল ফুলকুমারী, কিরণ্ময়ী ডাকি॥" —হেম বন্দ্যো।

কিরণাননা (কিরোনাননা) [কিরণ—আনন + আ (যুক্তার্থে)—কিরণ আছে আননে যাহার—বহু] বিণ, স্ত্রী, প্র—"তরুণ কিরণাননা জাগে সব দিগঙ্গনা" —সারদামঙ্গল।

কিরা [সং—গিরা ; হি—গ্রা, কিরীয়া] বি, শপথ ; দিব্য। প্র—"আপনার কিরা যদি তায় মানা করি"—ঘনরাম। "কহ ওলো হীরা তোরে মোর কিরা।"—ভারতচন্দ্র।

কিরাইত (ত্) [সং—কিরাত] বি, বিষধর সর্পবিশেষ ; ধুমনচিতি ; bungarus ceru-lens.

কিরাট, কীরাট (ট্) [গ্রা, কেরেট। সং—কিরাত] বি, ব্যাপারী। ২। বিণ ; কৃপণ ; লোভী।

কিরাটিকা [কির (পর্ব্বতভূমি)—আটিকা (ভ্রমণকারিণী) ৭তৎ] বি, স্ত্রী, শারিকা-পক্ষিণী।

কিরাত (ত্) [কির—অত (অৎ—গমন করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্)] বি, পুং, প্রাচীন বন্য জাতিবিশেষ ; ব্যাধ ; চুয়াড়। প্র—"বনের হরিণী থাকে কিরাতের সাতে।" —চণ্ডীদাস। ২। অশ্বপাল : সহিস। ৩। অল্পতনু। ৪। ভূনিম্ব। ৫। দেশবিশেষ ; পূর্ব্ব হিমালয়স্থ প্রদেশ ; ভূটান, সিকিম, মণিপুর প্রভৃতি ভূভাগ। স্ত্রী, কিরাতিনী, কিরাতী।

কিরাতিনী (নি) [কিরাত + ইন্ = কিরাতিন্ + ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, জটামাংসী (কিরাতদেশোৎপন্ন বলিয়া)। ২। কিরাতরমণী। পুং, কিরাত।

কিরাতী (তি) [কিরাত + ঈপ্] বি, স্ত্রী, কিরাত জাতীয় রমণী। ২। ব্যাধপত্নী। ৩। চামরধারিণী। ৪। দুর্গা। ৫। গঙ্গা। ৬। কুট্টিনী।

কিরীচ (চ্) [মালয় উপদ্বীপের 'ক্রীস্' হইতে ইং—crease, creese, kreese, kris (এই চারি প্রকার বানান দৃষ্ট হয়)। A Malay dagger with a wavy blade.] বি, বক্র-মুখ ছোরা; ঢেউখেলান আকৃতির তরবারি।

কিরীট (ট্) [কৃ (বিক্ষেপ করা)+ঈট (কীটন্—কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যাহা সুবর্ণনির্ম্মিত কিম্বা রত্ন জড়িত থাকা হেতু রশ্মি ক্ষেপণ করে] বি, পুং, ক্লী, শিরোভূষণ; মুকুট। বিণ, **কিরীটী**। স্ত্রী, কিরীটিনী।

কিরীটিনী [কিরীট+ইন্ (অস্ত্যর্থে)+ঈ (স্ত্রীলিঙ্গে)] বিণ, কিরীটধারিণী। প্র—কাঞ্চনসৌধকিরীটিনী-লঙ্কা।" —মেঘনাদ। "শুভ্রতুষার-কিরীটিনী।"—রবি।

কিরীটী [কিরীট (শিরোভূষণ)+ইন (অস্ত্যর্থে) -কিরীটিন্ ১মা, ১ব] বি, পুং, অর্জ্জুন। প্র—"পূর্ব্বে যৎকালে দানবেন্দ্রদিগের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইয়াছিলাম, তখন দেবরাজ ইন্দ্র আমার মস্তকে সূর্য্যসম সমুজ্জ্বল কিরীট প্রদান করিয়াছিলেন; সেই নিমিত্তই সকলে আমাকে কিরীটী বলিয়া থাকে।" —মহা, বিরাট (বর্দ্ধ)। ২। বিষ্ণু। ৩। বিণ, কিরীটধারী; যে মস্তকে কিরীট ধারণ করিয়াছে।

কিরূপ [প্] বিণ, কিপ্রকার; কি রকম।

কিরে [কিরা দ্রঃ] বি, দিব্য; শপথ। প্র—"যেওনা গো আর তাঁর কাছে মোর কিরে প্রাণেশ্বর।—মেঘনাদ। প্র—"আমার মাথার কিরে ব'লো গুণধরে।"—গোপাল উড়ে।

কিরে [কি—রে (তুচ্ছার্থক সম্বোধন)] অ, প্রশ্নে, সম্বোধনে। প্র—কিরে কোথা যাবি।

কির্ম্মীর (র্) [কৄ (বিক্ষেপ করা)+মীর (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—মীরন্)] বি, পুং, বক-রাক্ষসের ভ্রাতা। ২। বিণ, বিচিত্রবর্ণ। তুল—হি, কির্মিজ।

কিল, কীল (ল্) [কিল (প্রেরণ করা)+অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—ক)] বদ্ধমুষ্টি। প্র—"কার নাম শুনিয়া সে কিল ওছাইয়া হাসে।" —কুঙ্কুম। ২। কিলক; প্রেক। ক্রি, কিলন, কিলান; কিল মারা। **কিলমারা**—ক্রি, মুষ্ট্যাঘাত করা; মুষ্টি দ্বারা প্রহার করা। প্র—চাপড় চোপড় মারে আরো মারে কীল।"—বিজয়গুপ্ত। **কিল খেয়ে কিল চুরি করা**—আঘাত পাইয়া বা অপমানিত হইয়া তাহা প্রকাশ না করা। কিলদগড়া দ্রঃ। **কিলাইয়া দেওয়া**—কিল প্রয়োগ করা; উপরি উপরি কিল মারা।

কিলকিল (ল্, ল্) [সং—কিলকিলা] বি, কিল কিল শব্দ, অব্যক্ত ধ্বনি। ২। বানরের হাস্যধ্বনি। ৩। হর্ষধ্বনি; কল কল শব্দ। ৪। [বহুজন বা প্রাণীর গতি জনিত শব্দ হইতে] বহুসংখ্যক মানুষ বা জীবজন্তুর একস্থানে চলা ফেরা। প্র—মাঠে ঘাটে হাটে বাজারে লোক কিলকিল্ কচ্চে। সাপ কিলকিল করা; ভূত কিলকিল করা। [দ্রঃ—সাধারণতঃ মনুষ্যাদি পক্ষে কিলকিল শব্দের ব্যবহার। নিকৃষ্ট জীব যথা পশু সরীসৃপাদি পক্ষে **কিলবিল** শব্দ একার্থে ব্যবহৃত হয়]।

কিলদগড়া (ল, গ্) [কিল দ্রঃ। কিল-দগড়া (হি-তে পথে গাড়ীর চাকা বা হাঁটা হাঁটিতে যে দড়ার মত দাগ পড়ে) কিল খাইতে খাইতে যাহার অঙ্গে দাগ পড়িয়া গিয়াছে] বিণ, অঙ্গ যাহার সারি সারি কিলের দাগ-পড়া; হিজল-দাগা; মারখেঁচড়া।

কি-লাগি [কি—লাগি (হেতু)। প্রাদে—বাং—প্রাকৃ, **কিলাই**] কি জন্য, কি হেতু। প্র—"কেন গো প্রিয়ে কি লাগি মানিনী।" —নিধু।

কিলাস (শ্) [কিল্ (ক্রীড়া)—অস্ (ক্ষেপণ করা বা হওয়া)+অ (ভাবে, ঘঞ্)] বি, ক্লী, স্পর্শাক্রামক রোগবিশেষ; ছুলি। **কিলাসঘ্ন** (কিলাশোগ্‌নো)—কিলাসরোগ নাশক। ২। কাঁকরোল গাছ।

কিলান (নো) [কিল্ (মুষ্টি)—আন (প্রয়োগ করণার্থে কিলোনোও বলে) উ-পু—কিলাই। ম-পু—কিলাও। প্র-পু—কিলায়। অস-ক্রি—কিলাইতে; কিলাইয়া; কিলইয়ে] ক্রি, মুষ্ট্যাঘাত করা। **কিলাইয়া কাঁটাল পাকান**—ফল পাকিলে নরম হয়, কিন্তু জোর করিয়া নরম করিতে পারিলে যে কাঁচা ফলও পাকিয়া উঠিবে তাহা হয় না, সুতরাং অসম্ভব সম্ভব করা। প্র—কিলাইয়া কাঁটাল পাকান যায় না।

কিলিঞ্জক (ক্) [সং] বি, ক্লী, মাদুর।

কিলেস (স্) [ব্রজ। হি—প্রা—"কলেস"। প্রা-বৈ, পদ, সা। প্রা-বাং] বি, ক্লেশ দ্রঃ।

কিল্লা, কেল্লা [আ—কিলা] বি, দুর্গ; গড়। ২। [পারিভাষিক] স্বর্ণকারের যন্ত্রবিশেষ; সোনারূপার পাতে টোপের মত গোল করিতে খোল-করা কাঁসার পাত; কাঁসলা (দ্রঃ)।

কিল্বিষ (কিল্‌লিষ্) [সং] বি, ক্লী, কল্মষ। পাপ। ২। রোগ; ব্যাধি। ৩। অপরাধ; দোষ।

কিশল, কিসল (ল্) [কিং (কিঞ্চিৎ—কিছু) শল্ (গমন করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—অচ্) যাহারা কিছু গমন করিয়াছে অর্থাৎ বৃক্ষ হইতে অল্পদিনমাত্র অঙ্কুরিত হইয়াছে] বি, পুং, ক্লী, নবীনপল্লব; নূতন-পত্র; কচিপাতা। ২। নবীন পত্রবিশিষ্ট ক্ষুদ্র শাখা। [বিরল]

কিশলয়, কিসলয় (কিশলয়্) [বৈদিক সং—কিসলয়; পরে 'স' স্থলে 'শ'। কিং=কি (কিঞ্চিৎ—কিছু) শল্ (গমন করা)+অয় (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—অয়ন্) যাহারা কিছু গমন করিয়াছে অর্থাৎ অল্পদিন হইল বৃক্ষ হইতে অঙ্কুরিত হইয়াছে] বি, পুং, ক্লী, কচিপাতা; নবপত্র; নূতন পাতা। ২। নবপল্লব; নূতন পত্রযুক্ত ক্ষুদ্র শাখা।

কিশোর (র্) [কিম্=কি (কুৎসিতরূপে কিম্বা অল্পমাত্র) শৃ (গমন করা)+ওর (কর্ত্তৃ—ডোর) ম্ লোপ—যে কুৎসিতভাবে কিম্বা অল্পপরিমাণে গমন করিতে পারে] বিণ, অপ্রাপ্ত-বয়স্ক; ১১বৎসর হইতে ১৫ বৎসর পর্য্যন্ত যাহার বয়স হইয়াছে। ২। বি, বালক; শিশু। স্ত্রী, **কিশোরী**। প্র—"বামে লয়ে রাই কিশোরী, দাঁড়াও ওহে বংশীধারী", —বাং-গান। ৩। নবযুবা। ৪। বি, পুং, সূর্য্য। ৫। অশ্বশাবক।

কিশ্‌মিশ [ফা—কিষ্‌মিষ্। প্রা—কিচ্‌মিচ, কিচ্‌মিচি] বি, সুমিষ্ট ফলবিশেষ; মধুপক্ক আঙ্গুরফল; বীজশূন্য শুষ্ক আঙ্গুর; raisin. (বড় ও সবীজ শুষ্ক আঙ্গুরকে মনাক্কা বলে)।

কিষ্কিন্ধ, কিষ্কিন্ধ্য (কিষ্‌কিন্‌ধ,) [কিষ্কি (বানর)—ইন্ধ+ণিচ্=ইন্ধি (দীপ্তি পাওয়ান)+অল্ (অধি, সংজ্ঞার্থে)—যে স্থান বানর কর্ত্তৃক শোভা পায়] বি, পুং, ওড়্-দেশস্থিত পর্ব্বতবিশেষ। স্ত্রী, **কিষ্কিন্ধা, কিষ্কিন্ধ্যা**—বালীরাজার রাজধানী; বর্ত্তমান বেল্লারীর উত্তরে পর্ব্বতশ্রেণীমধ্যে কিষ্কিন্ধ্যা নগরী অবস্থিতা ছিল, বর্ত্তমান মহীশূররাজ্য কিষ্কিন্ধ্যার অন্তর্গত ছিল।

কিষ্কিন্ধ্যাধিপ [কিষ্কিন্ধ্যার অধিপ (রাজা) ৬৩ৎ] বি, পুং, ২। কিষ্কিন্ধ্যা দেশের রাজা বালী। ৩। সুগ্রীব।

কিষ্কু [সং] বি, পুং—স্ত্রী, কনুই হইতে মণিবন্ধ পর্য্যন্ত এক হাত। ২। দ্বাদশ অঙ্গুলি পরিমাণ; এক বিঘৎ।

কিসম (কিশম্) [আ—কিস্‌ম্] বি, প্রকার; রকম; ভেদ। প্রা—মুসলমানী বাং—কছম।

কিসমৎ, কিসমিৎ [আ—কিস্‌মৎ] বি, ভাগ্য; কপাল। প্র—"আদ্দেক বাড়ী সহর মাঝে হ'চ্চে মেরামৎ;—শুনতে ভালো "এক্‌জিবিসন্" —একজনার কিসমৎ।"—হেমবন্দ্যো। ২। খণ্ড; মৌজার অংশকে কিসমৎ বা কিসমিৎ কহে; উভয় জমিদারের জমি পরস্পরের জমিদারীর মধ্যে থাকিলে তাহাকেও কিসমিৎ বলে। উভয় তালুকের অধীন জমি।

কিসে [হি—কিস্‌সে ; সং—কস্মাৎ] অ, কি হইতে ; কেন ; কি জন্য। প্র—এ কথা কিসে উঠিল। ২। কোন বস্তু দ্বারা। ৩। কি উপায়ে ; কিরূপে। প্র—কিসে জান্‌লে। ৪। কাহাতে ; কাহার মধ্যে। প্র—কিসে মিশাইয়া দিলে ; সেটা কিসে আছে।

কিস্তি (কিস্‌তি) [আ—কিস্ত্] বি, ঋণ পরিশোধের অবধারিত সময়। ২। মাল বোঝাই বৃহৎ নৌকা। ৩। খাজনা আদায় করিবার বা দিবার নির্দ্দিষ্ট সময়। ৪। দাবা খেলায় কোন বলের দ্বারা বিপক্ষ রাজাকে ধরা। প্র—"পীলের কিস্তি মাত হল"—রামপ্রসাদ।

কিস্তিবন্দী (কিস্‌তিবোন্‌দি) [কিস্তি দ্রঃ। ফা] বি, ঋণপরিশোধের সময় অবধারণপূর্ব্বক সম্পাদিত দলিল ; অবধারিত সময় নিরূপক পত্র। ২। অল্পে অল্পে প্রাপ্য বা দেয় টাকা আদায় বা শোধ করিবার ধারা। **কিস্তিবন্দী খত**—বি, যে খতে একেবারে টাকা না দিয়া কিস্তিকিস্তি টাকা দিবার কড়ার থাকে।

কী [সং—কিম্। কি দ্রঃ। তুল—সং—কীদৃক্। মৈথিল বা উত্তরবিহারী ভাষায় 'কি' ও 'কী'র প্রভেদ নাই (Grierson's Maithili Dialect, Pt. I. Grammar, 2nd Edition, pp. 99-101), তাহার অনুকরণে প্রা-বাং-য় 'কি' ও 'কী' নির্ব্বিশেষে প্রচলিত হয়। বিদ্যাপতির পদাবলীতে ভূরি ব্যবহার। গোবিন্দ দাসের পদাবলীতে—"কী ফল অম্বরে হিম-ঋতু-রাতি"। প্রা-বাং-পদ্যে—"তারা সব কী করিতে পারে", "য়সাদ্য বরগির তবে কি করিতে পারে", "এতেক মিনতি কর কীসের কারণ",—মহারাষ্ট্র পুরাণ (১৮শ শতাব্দীর মধ্যকালের বাঙ্গালা)। পদ্মপুরাণে 'কি' ও 'কী' দুই ব্যবহৃত, যথা- "গন্ধ পাই কি কারণে", "কৃষ্ণ এথা আইল কী কারণে", "কি কারণে আইলা কৃষ্ণ"। মধ্য-বাং-সাহিত্যে অপ্র। অধুনা কোন কোন লেখক কর্ত্তৃক পুনঃপ্রচলিত] অ, কেন। প্র—"কী কুচ অঞ্চলে রাখহ গোএ।"—বিদ্যাপতি। "সামরি হে ঝামরি তোর দেহ। কী কহ কইসে উপজিল নেহ॥"—বি, প। ২। বিতর্কে ; কিম্বা ; কিবা। প্র—"কী পহ্ পিসুন বচন দেল কান। কী পর কামিনী হরল গেআন॥ কী পহ্ বিসরল পুরুষক নেহ। কী জীবন দহ্ পরল সন্দেহ॥"—বিদ্যাপতি। ৩। [সাধু বাং—গদ্যে। ব্যবহার এখনও সীমাবদ্ধ] ভয়প্রদর্শনে ; তর্জ্জনে ; (ক্রোধে)। প্র—কী এত বড় স্পর্দ্ধা। (২) বিস্ময়ে। প্র—কী সর্ব্বনাশ। (৩) বিরক্তিতে। প্র—আঃ কী কর, চুপ করে থাক। (৪) ঘৃণা ; লজ্জা। প্র—কী ঘেন্না। কী লজ্জা।

কীকট (ট্) [সং] বি, পুং, ঘোটক ; অশ্ব। ২। বেহারদেশ। ৩। পুং, বেহারদেশবাসী লোক। ৪। বিণ, কিপ্‌টে ; কৃপণ।

কীকশ (শ্) [কিম্=কী—কশ্ (শব্দ করা) +অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—অচ্) যাহারা শিকারের কালে কুৎসিত শব্দ করে) বি, পুং, চণ্ডাল।

কীকস (শ্) [কিম্=কী-কস্ (গমন করা) +অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—অচ্) যাহারা অল্পমাত্র গমন করে] বি, পুং, কীটবিশেষ। ২। ক্লী, অস্থি ; হাড়। ৩। বিণ, কঠোর ; কর্ক্কশ ; কঠিন।

কীকি [কী (অনুকরণ শব্দ) কি (কৈ—শব্দ করা+ই (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—ডি) যাহারা 'কী' এইরূপ শব্দ করে] বি, পুং, নীলকণ্ঠ পক্ষী ; চাষপাখী। ২। [কী দ্রঃ] কোন্ কোন্।

কীচক (ক্) [চীক্ (শব্দ করা)+অক (কর্ত্তৃ-সংজ্ঞার্থে—চীক্=কীচ্)] বি, পুং, যে বাঁশ বায়ুপ্রবাহে শব্দ করিতে থাকে ; বংশ বিশেষ। প্র—"কীচক কণ্টকবনে লুকাল শজারু"—কবি। ২। নলখাগড়া। ৩। দৈত্যবিশেষ। ৪। কেকয় রাজার পুত্র, বিরাট রাজার শ্যালক ; ভীম যাহাকে বধ করিয়াছিলেন।

কীট (ট্) [অপ্রাচীন সং। অমরে কীট শব্দ নাই। হেমচন্দ্রে—"নীলঙ্গুঃ কৃমিরন্তর্জ্জঃ ক্ষুদ্রঃ কীটো বহির্ভবঃ।" অন্তর্জ্জাত কীটের নাম কৃমি বহির্জ্জাত কীট। কীট্ ধাতু গমনে। দেহীর অন্তরে ও বহির্জগতে যাহাদের গমনাগমন] বি, কৃমি ; কীট ; worm. ২। [কাটিয়া ভিতরে প্রবেশ করে বলিয়া] পোকা ; insect. ৩। নিষ্ঠুর ; নির্দ্দয়। ৪। অনিষ্টকারী। ৫। নীচ ; নিতান্ত অবজ্ঞার পাত্র। **কীটপতঙ্গ**—পক্ষহীন ও সপক্ষ কীট ; পোকামাকড়।

কীটঘ্ন (কীটঘ্‌ন) [কীট (কৃমি-পোকা) হন্ (বধ করা)+অ (কর্ত্তৃ—টক্) হ্=ঘ্ যে কৃমি নষ্ট করে] বি, পুং, গন্ধক। ২। বিণ, কীটনাশক।

কীটজ (জ, জ্) [কীট (কৃমি, পোকা)—জ কর্ত্তৃ—ড প্রত্যয়ান্ত জন ধাতুজ, যাহা কীট হইতে উৎপন্ন হয়] বি, ক্লী, কোষকৃমিজ ; রেশম। ২। বিণ, রেশমী। স্ত্রী, **কীটজা**—লাক্ষা ; লা।

কীটমণি (কীট্‌মোনি) [কীটের মধ্যে মণি। ইহাদের পশ্চাৎভাগে জ্যোতিঃ আছে বলিয়া] বি, জোনাকি পোকা ; খদ্যোত অপেক্ষা বৃহদাকার কীটবিশেষ ; যাহাদের পশ্চাদ্ভাগ অন্ধকারে মণির ন্যায় জ্বলিতে থাকে।

মু) [কীটের মধ্যে অণু, ৭ভৎ] বি, পুং, চক্ষুর অগোচর অতি ক্ষুদ্র কীট ; animalcule.

কীটাদ (দ্) [কীট (পোকা) অদ্ (ভক্ষণ করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্)] বি, পুং, কীটভক্ষক।

কীড়া [হি] বি, কৃমি ; কীট ; পোকা। প্র—"কোটি জন্ম ঐছে তোরে কীড়ায় খাওয়াইমু"। "বিষয়-বিষ্ঠাগর্ত্তের কীড়া" —চৈতন্য চরিত।

কীদৃক্, কীদৃশ [কিম্=কী (কিরূপ)=দৃশ্ (দেখা)+ক্বিপ্ (কর্ম্মে)=কীদৃক্ ; দৃশ্+অ (কর্ম্মে—টক্)=কীদৃশ, ইহা কাহার ন্যায় দৃষ্ট হয়] বিণ, কিরূপ ; কিপ্রকার ; কেমন ; কি রকম। স্ত্রী, **কীদৃশী**। [আধু-বাং—বিরল]।

কীনাশ (শ্) [কীম্=কী (কুৎসিত)—নশ্ +ণিচ্=নাশি (ধ্বংস করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্) যে কুৎসিতকেও বিনাশ করে অর্থাৎ যে সকলকেই বিনাশ করে] বি, পুং, সংহারকর্ত্তা ; যম। ২। একজাতীয় বানর। ৩। বিণ, নীচ ; ক্ষুদ্র। ৪। কৃষিজীবী ; কৃষিকর্ম্মকারী ; কৃষক। ৫। লোভী। ৬। পশুঘাতক ; পশুবধ-কর্ত্তা। ৭। গুপ্ত হত্যাকারী ; যে গোপনে হত্যা করে।

কীর (র, র্) [কী (অনুকরণ শব্দ) ঈর্ (প্রেরণ করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে ক) 'কী' এইরূপ শব্দ যে বারংবার উচ্চারণ করে] বি, পুং, শুকজাতীয় পক্ষী। প্র—"তাপর কীর থির করু বাস"—বিদ্যাপতি। ২। কাশ্মীর দেশ। ৩। ক্লী, মাংস।

কীর্ণ [কৄ (বিক্ষেপ করা)+ত (কর্ম্মে—ক্ত) কৄ=কীর্, ত=ন, যাহা বিক্ষিপ্ত হইয়াছে] বিণ, ইতস্ততঃ নিক্ষিপ্ত ; বিক্ষিপ্ত ; বিছান। ২। ব্যাপ্ত ; আচ্ছন্ন।

কীর্ত্তক (ক্) [কৄত্ (কীর্ত্তন করা)+অক (কর্ত্তৃ, কৄত্=কীর্ত্)] বিণ, যে গুণ কীর্ত্তন করে ; যে বর্ণনা করে ; গুণানুবাদক ; গুণ প্রকাশক। ২। নির্দ্দেশক। ৩। উল্লেখক।

কীর্ত্তন (ন্) [কৄত্ (কীর্ত্তন করা)+অন (ভাবে—অনট্)। প্রা—কেত্তন] বি, ক্লী, গুণকথন ; যশখ্যাপন। ২। কৃষ্ণলীলা বিষয়ক সংগীত। ৩। কথন ; বর্ণন।

কীর্ত্তনীয় [কৄত (কীর্ত্তন—প্রশংসা করা)+অনীয় কর্ম্মে] বিণ, কীর্ত্তনযোগ্য ; কথনীয় ; বর্ণনীয়। ২। গণনীয়।

কীর্ত্তনীয়া (কীর্‌তোনিআ) [কীর্ত্তন দ্রঃ। প্রা—কিত্তুনে] বিণ, যাহারা সংকীর্ত্তন করে ; কীর্ত্তনগায়ক।

কীর্ত্তি [কৄত্ (প্রশংসা করা)+তি (ভাবে—ক্তি) কৄত্=কীর্ত্। প্রাকৃ—কিত্তি] বি, স্ত্রী, সুখ্যাতি ; যশঃ ; সুনাম। ২। প্রসাদ। ৩। মৃত লোকের প্রশংসা ; খ্যাতি। [দ্রঃ—

দানাদি জন্য খ্যাতির নাম কীর্ত্তি আর শৌর্য্যাদি জন্য খ্যাতির নাম যশঃ (মাধবী—শ,ক, ক্রমে)।

কীর্ত্তিত [কৄত্+ত (কর্ম্মে—ক্ত) ই—আগম। কৄত্=কীর্ত্ত্] বিণ. বর্ণিত ; বিবৃত। ২। খ্যাত ; কথিত ; উক্ত। ৩। নির্দ্দিষ্ট। [বিরল]।

কীর্ত্তিবাস (শ্) [মাইকেল ইহা ব্যুৎপত্তিগত অর্থে এবং 'কৃত্তিবাস' অর্থে ব্যবহার করিয়া গিয়াছেন। কীর্ত্তি (যশঃ) হইয়াছে বাস (পরিধেয় স্বরূপ) যাহার, বহু. বা যাহাতে কীর্ত্তি সর্ব্বদা বাস করে] বিণ. পরম যশস্বী ; অতিশয় খ্যাতিসম্পন্ন। প্র—"* * * কীর্ত্তিবাস কীর্ত্তিবাস কবি, এ বঙ্গের অলঙ্কার !"—মেঘনাদবধ। ৩। বি. পুং. বাঙ্গালা ভাষায় রামায়ণ রচয়িতা স্বনামধন্য কবি কৃত্তিবাস। শান্তিপুর ফুলিয়াতে ইঁহার জন্ম। ইঁহার পিতার নাম বনমালী ওঝা, মাতা মালিনী দেবী, ইনি গৌড়েশ্বরের আজ্ঞাক্রমে সরল বঙ্গভাষায় সাতকাণ্ড রামায়ণ রচনা করিয়া অমর হইয়া গিয়াছেন। "কৃত্তিবাস নাম তোমা !—কীর্ত্তির বসতি সতত তোমার নামে সুবঙ্গ-ভবনে, কোকিলের কণ্ঠে যথা স্বর, কবিপতি।"
—চতুর্দ্দশপদী কবিতাবলী।

কীর্ত্তিভাক্ [কীর্ত্তি (যশঃ) ভজ্ (ভজন করা) +ক্বিপ, (কর্ত্তৃ)=কীর্ত্তিভাজ্ ১মা, ১ব] বিণ. কীর্ত্তিমান ; কীর্ত্তিশালী ; যশস্বী ; কীর্ত্তিবিশিষ্ট। ২। বি. পুং. দ্রোণাচার্য্য।

কীর্ত্তিমান্ [কীর্ত্তি (যশঃ) +মৎ (অস্ত্যর্থে—মতু)=কীর্ত্তিমৎ ১মা, ১ব] বিণ. কীর্ত্তিবিশিষ্ট ; যাহার কীর্ত্তি বিরাজিত আছে। বি. পুং. ২। বসুদেবের প্রথম বা জ্যেষ্ঠ পুত্র।

কীর্ত্তিশেষ (ষ্) [কীর্ত্তির শেষ, ৬ তৎ] বি. পুং. প্রাণান্ত ; প্রাণত্যাগ ; মৃত্যু ; মরণ। ২। [কীর্ত্তির শেষ হইয়াছে যাহার, বহু] বিণ. মৃত।

কীর্ত্তিস্তম্ভ (কীরৃতিস্‌তম্‌ভ) [কীর্ত্ত (যশঃ) স্মরণার্থ স্তম্ভ (কর্ম্মধা)] বি. পুং. কাহার কীর্ত্তি চিরস্মরণীয় বা সকলের চিত্তে জাগরূক রাখিবার জন্য নির্ম্মিত বা প্রতিষ্ঠিত স্তম্ভ ; স্মারক স্তম্ভ ; monument.

কীর্য্যমাণ (কীর্‌জোমান্) [কৄ (বিক্ষেপ করা) +আন (কর্ম্মে—আনশ্) য্—ম্ আগম] বিণ. ক্ষিপ্যমাণ ; যাহা ইতস্ততঃ বিক্ষিপ্ত হইতেছে।

কীল (ল্) [কীল্ (বন্ধন করা) +অ (করণে—সংজ্ঞার্থে, অল্) যাহা দ্বারা দ্বারবন্ধন বা অবরোধ করে] বি, পুং. দ্বারবন্ধনী ; হুড়কো ; খিল ; তস্‌লা। ২। শঙ্কু ; গোঁজ ; খোঁটা। ৩। শল্য ; প্রেক। ৪। [সং—কীল] কনুই। ৫। মুষ্টি ; ঘুষি ; মুকুটি দ্রঃ। প্র—কীল দেখান। ৬। মুষ্ট্যাঘাত ; মুষ্টি প্রহার। প্র—কীল খেয়ে কীল চুরি। স্ত্রী. **কীলা**—অগ্নির শিখা। ২। কাঁটা ; প্রেক। [দ্রঃ—কীল—মুষ্টির নিম্নভাগ ; ঘুষি—মুষ্টির সম্মুখ ভাগ] **কীল খাওয়া**—আঘাত পাওয়া। **কীল খেয়ে কীল চুরি**—অপমানিত হইয়া অপমান প্রকাশ না করিয়া গোপন করা। **কীল হজমকরা**—মুষ্ট্যাঘাত সহ্য করা।

কীলক (ক্) [কীল+ক (স্বার্থে)] বি. পুং. কীল (দ্রঃ)। ২। গাভী প্রভৃতি দোহনার্থ বন্ধনস্তম্ভ। ৩। গবাদির গাত্র কণ্ডুয়নের জন্য প্রোথিত কাষ্ঠখণ্ড। ৪। তন্ত্রশাস্ত্রে কথিত দেবীবিশেষ। ৫। মন্ত্রবিশেষ। ৬। স্তববিশেষ। ৭। বর্ষবিশেষ।

কীলন, কীলান (কীলানো) [কীল দ্রঃ] ক্রি. ক্রমাগত কীল মারা ; উপর্য্যুপরি কীল প্রয়োগ করা।

কীলাকীলি [কীল দ্রঃ] বি. ঘুষাঘুষি ; পরস্পর কীল মারামারি।

কীলায়িত [সং] বিণ. দৃঢ়ীকৃত।

কীলাল (ল্) [কীল (অগ্নির শিখা) অল (নিবারণ করা) +অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—অচ্) যে অগ্নিশিখা নির্ব্বাপিত করে] বি. ক্লী. অম্বু ; জল ; পানীয়। ২। মধু। ৩। অমৃত। ৪। রক্ত। ৫। পুং. পশু।

কীলিত [কীল্ (বন্ধন করা) +ত (কর্ম্মে, ক্ত) ই—আগম। যাহাকে বন্ধন করা হইয়াছে] বিণ. সংবদ্ধ ; কৃতবন্ধন ; রুদ্ধ ; আবদ্ধ ; খিলবদ্ধ।

কীশ (শ্) [ক (বায়ু) +ই (অপত্যার্থে—ইন্)=কি (পবনপুত্র হনূমান্) হইয়াছে ঈশ (স্বামী) যাহাদের, বহু] বি. পুং. বানর ; মর্কটজাতি। ২। পক্ষী। ৩। সূর্য্য। ৪। বিণ. পরিধান বস্ত্রহীন ; বিবস্ত্র ; নগ্ন ; উলঙ্গ। ৫। [বিদ্রূপোক্তি] দরিদ্র ; ন্যাংটা। প্র—"কীশ তেঁই হেন হাতে পরায়েছে মেঠে।"—শিবায়ন।

কীশপর্ণ [কীশ (বানর) পর্ণ (পত্র) (কীশের তুল্য লোমযুক্ত পত্র হইয়াছে যাহার, বহু)] বি. পুং. আপাং গাছ। স্ত্রী. **কীশপর্ণী**।

কু [সং। "কুঃ পৃথিবী"—অমর। কু (শব্দ করা) +উ (অধি—ডু) নানাবিধ শব্দের স্থান ; গ্রহ উপগ্রহ সমস্তই নিয়ত ঘূর্ণ্যমান বলিয়া শব্দের আগার] বি. পৃথিবী। ২। ভূমি ; ভূতল ; ভূভাগ। ৩। ["পাপকুৎসেষদর্থে কু"—অমর] পাপ। ৪। কুৎসা ; নিন্দা। ৫। বেদ-বেদাঙ্গ ; নিগমাগমাদি শাস্ত্র। প্র—"কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ।"—ভারতচন্দ্র। ৬। বিণ. মন্দ ; কুৎসিত ; নিন্দিত ; দুষ্ট ; কলুষিত ; ধর্ম্ম ও নীতিবিগর্হিত। প্র—কুঅভিসন্ধি ; কুঅভ্যাস ; কুশিক্ষা ; কুপ্রবৃত্তি ; কুবুদ্ধি ; কুচিন্তা ; কুকাজ ; কুকথা ; কুসঙ্গ ; কুরীতি ; কুনীতি ; কুপথ ; কুপরামর্শ ; কুদৃষ্টান্ত। ৭। অমঙ্গলজনক ; অকল্যাণকর অশুভ। প্র—কুলক্ষণ ; কুদৃষ্টি ; কুগ্রহ কুদিন। ৮। কূট ; কুটিল। প্র—কুপরামর্শ ; কুমন্ত্রণা ; কুতন্ত্র ; কুতর্ক। ৯। অহিতকর ; অপকারজনক। প্র—কুপথ্য। ১০ দুর্লভ। প্র—"সারাটী জীবন কু-আশ পুষিনু"—সত্যেন্দ্র বসু। সম্বন্ধে—কর, কুএর, কুইয়ের, কুয়ের—মন্দের ; অনিষ্টের ; অহিতের **কুয়ের গোড়া**—অনিষ্টের মূল ; অমঙ্গলের নিদান। ২। কুপরামর্শ বা কুমন্ত্রণাদাতা প্র—"ঐত কুয়ের গোড়া"—অমৃত বসু।

কুআ, কূয়া [গ্রা—কোয়া। সং—কূপ প্রাকৃ—কূয় ; কূঅ। হি—কঁুআ, ছোট কূপ কঁুইয়া। কুয়া দ্রঃ।] বি. কূপ ; পাতকূয়া ইঁদারা। **কাঠকূয়া**—কাঠের বাঁধান কূপ **পাত-কূয়া**—পাটা বা পাড় দিয়া বাঁধা কূপ।

কুআশা [কু (মন্দ, দুর্লভ) +আশা] বি দুরাশা ; দুরাকাঙ্ক্ষা। প্র—"সারাটী জীবন কু-আশা পুষিনু (শেষে) কু-আসায় আশা-মুকুল ঝরে যে পড়িল।"—বাং-গান।

কুইনাইন, কুইনীন, কুইনেন (ন্ [ইং—quinine] বি. সিন্‌কোনা (cinchona) বৃক্ষের বল্কলজাত অতি তিক্তরস জ্বরঘ্ন ঔষধ বিশেষ। প্র—"ডাক্তার যতই কুইনাইন দেয় বাধাপ্রাপ্ত প্রবল স্রোতের ন্যায় জ্বরও তত উচ্চে চড়িতে থাকে।"—গল্প-গুচ্ছ (রবি) **কুইনাইন ধরা**—অধিক কুইনাইন খাইয়া মাথা ঘোরা ; কান ভোঁ ভোঁ করা।

কুইল (ল্) [ইং—quill] বি. ময়ূর, হংস প্রভৃতি পক্ষীর বড় পালক যাহাতে সাধারণত লিখিবার কলম করা হয়। **কুইলপেন** (ল্, ন্) [ইং—quill pen] কুইলের কলম

কুঁ—অনুকার শব্দ। **কুঁকুঁ**—অনুকার শব্দ কুকুরের ছানার ডাক।

কুঁঅর, কুঁয়র (র্) [হি—কুঁঅর। সং—কুমার। স্ত্রী—**কুঁঅরি**। প্রা-বাং—কোঅঁর কোঙর (দ্রঃ)] বি. কুমার।

কুঁইকুঁই—কুকুরের ছানার ডাক।

কুঁকড়ন (কুক্‌ড়োনো) [কুঁকড়া দ্রঃ] ক্রি সঙ্কুচিত হওয়া ; জড়সড় হওয়া। ২। বি (কুঁকড়ন্) সঙ্কোচন।

কুঁকড়া, কুঁকুড়া (ক্) [সং—কুক্কুট। প্রা বাং—কুঁক্‌ড়ো] বি. কুক্কুট ; মোরগ। প্র—করে ধরি খর ছুরী কুঁক্‌ড়া জবাই করি।"—কবিক। স্ত্রী. **কুঁকড়ী**—মুরগী।

কুঁকড়া (ক্) [গ্রা-বাং—কোঁকড়া ; প্রা-বাং—কোঁকড় (চৈ-চরিতামৃত) ; হি—কুঁকড়

কুঁড়য়া (কুণ্ডলাকার ; মণ্ডলাকার)। হি—ক্রি, কুঁকড়না। সং—কুঞ্চিত] বিণ, কুঞ্চিত ; কুণ্ডলিত ; গুটান। স্ত্রী. **কুঁকড়ি।**

কুঁক্‌ড়িমুক্‌ড়ি, কুঁক্‌ড়িসুঁকড়ি (শু) [হি—কুঁকড়সুঁকড়। কুঁকড়ি—কুকুরী ; হি-গ্রা—'কুকড়ী'+সুঁকড়ি হি—সিকুড়া (সঙ্কুচিত) কুকুরীর ন্যায় ছানাদের কোলের ভিতর করিয়া লইয়া কুণ্ডলিত হইয়া শুইবার ভাব। অথবা কুঁকড়ি (কুঞ্চিত, কুণ্ডলীকৃত, কোঁক্‌ড়া) সুঁকড়ি (সহচর শব্দ। হি—সিকোড়না ; সুকুড়না ; তুল—ইং—shrink) তুল—কুকুর-কুণ্ডলী] বিণ, হাত পা গুটাইয়া শরীর ধনুকের মত কুণ্ডলীকৃত ; কুঞ্চিত ; কুণ্ঠিত ; জড়সড়। প্র—শীতে কুঁকড়িসুঁকড়ি হয়ে শুয়ে আছে।

কুঁখ (খ্) [সং—কুক্ষি—কুঁখ। চ—কোঁখ ; কাঁখ] বি, কুক্ষি ; কক্ষ ; উদর ; পেট। প্র—"প্রসব বেদনা এসে আকর্ষিল কুঁখ।" —ঘনরাম।

কুঁচ (চ্) [সং—কনীচি, কুঞ্চিকা, গুঞ্জা, কাঞ্চী, কাকচিঞ্চিকা ; হি—শোন কাঁইচ ; ওড়ি—কাইচ ; রুঞ্জ] বি, গুঞ্জাফল ; পাকা শুঁটীর ভিতরের বীজ ; abrus precatorius. ইহা লাল, কাল ও সাদাভেদে ৩ প্রকার, সাধারণতঃ লাল ও বোঁটার কাছে কাল। ২। গুঞ্জা-পরিমাণ ; রতি পরিমাণ ; ৩ যবে বা ৪ ধানে ১ কুঁচ বা রতি ; ১৮৭ গ্রেণ। ৩। বিণ, গুঞ্জা-কৃতি ; ছোট ছোট গোল গোল ও উজ্জ্বল। প্র—কুঁচ নয়ন ; কুঁচচক্ষু। তুল—কুত কুতে চোখ।

কুঁচকি, কুচকি (চ্) [সং—কুন্চ্ (বক্র করা ; কুঞ্চিত বা কুণ্ডলিত করা)—তাহা হইতে দেহ কুঞ্চিত করিবার প্রধান সন্ধিস্থান] বি, উরু ও কটির সন্ধিস্থান ; hip-joint. প্র—কুঁচকি আউরে উঠা। ২। কুঁচকিতে আঘাত বা রক্তদোষাদি জনিত স্ফীতি। প্র—কুঁচকি হওয়া। **কুঁচকিকণ্ঠা**—কুঁচকি হইতে কণ্ঠ পর্য্যন্ত। প্র—কুঁচকিকণ্ঠা ঠেসে খাওয়া।

(চ্, ক্) [সং—ক্রৌঞ্চ] বি, বক বিশেষ ; কুণোবক ; কোঁচবক দ্রঃ।

কুঁচা (কুঁচি দ্রঃ) বি, অতি ক্ষুদ্রকাষ্ঠখণ্ড। ২। সম্মার্জ্জনী ; ঝাঁটাবিশেষ ; সাধারণতঃ কুঁচি। ৩। খণ্ড ; গুঁড়া ; ছোট ; ক্ষুদ্র। প্র—কুঁচা জিনিষগুলা একত্র রাখ। **কুঁচা মাচ**—চুনা মাছ ; ছোট ছোট মাছ। **কুঁচা চিংড়ি**—ছোট চিংড়ি মাছ। **কুঁচা নৈবেদ্য**—ফল কুঁচাইয়া তৈয়ার করা ছোট ছোট নৈবেদ্য।

কুঁচা গহনা, কুঁচা সোণার গহনা—ক্ষুদ্র ক্ষুদ্র স্বর্ণালঙ্কার ; সাট বা সুট (তুল—বাউটী সুট) মিলাইয়া পরিবার এক এক খানি গহনা।

কুঁচি, চী [সং—কূর্চ্চিকা ; কূর্চী। কুঁচা দ্রঃ। ক্ষুদ্রার্থে—ই, ঈ] বি, মুড়া ঝাঁটা। ২। ভাজনা খোলা হইতে চাল ভাজিয়া তুলিবার জন্য বংশ, নারিকেল-কাটি প্রভৃতির কুঁচি। ৩। মোটা পশু-লোম ; সাধারণত শূকরের লোম। তুল—শূয়ার কুঁচি। ৪। শূকরাদির লোমে প্রস্তুত অলঙ্কার মার্জ্জনী বা বুরুশ (brush)। ৫। অতি ক্ষুদ্র খণ্ড ; কুটি বা কুটা। **কুঁচি করা**—কুঁচির ব্যবহার করা ; মার্জ্জনা করা ; ঝাড়া। **কুঁচি মারা**—কুঁচি দ্বারা ঝাড়া। ২। কুঁচি প্রহার করা ; খেংরা মারা। **কুঁচি কাটা**—কুঁচির আকারে খণ্ড খণ্ড করিয়া কাটা। **কুঁচি কুঁচি করা**—ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে কাটা ; ঘুনকুঁচি করা।

কুঁচিয়া [সং—কুচিকা] বৈদ্যকে, কুচিক] বি, সাপের মত আকৃতি মাছবিশেষ ; কুঁচলা বা কুঁচে মাছ ; unibrac chapartura cuc-inja.

কুঁচিলা, কুচিলা [গ্রা—কুঁচ্‌লে, কুচ্‌লে। সং—নাম, কুপীলু। বৈদ্যকে—কুচেলক। হি কুচলা, কুচিলা। হাউটনে—"corrupt of কুপীলুঃ?"] বি, সাধারণ বন্যবৃক্ষ লাল ও হরিদ্রাবর্ণ ফল হয়—ফলের বীজ আধুলির আকারের অল্প ন্যুব্জপৃষ্ঠ। পত্র পাণের আকৃতি কিন্তু চিক্কণ ; ফল ঔষধে ব্যবহৃত, পকফল বিষক্রিয়াপ্রদ ; nux vomica.

কুঁজ, কুঁজো (কুঁজো) [সং—কুব্জ ; প্রাকৃ—খুজ্জো] বি, বক্রপৃষ্ঠ ; পৃষ্ঠের বক্রস্থান। প্র—"বাতে বাঁকা সর্ব্ব অঙ্গ পিঠে কুঁজভরা।" ২। বিণ, যাহার পৃষ্ঠদেশ বক্র। ৩। [ফা—কুজা] জলপাত্রবিশেষ ; কুঁজা ; সুরাহি।

কুঁজড়া (জ্) [কুঞ্জড়া দ্রঃ] বি, ফলমূলবিক্রেতা। স্ত্রী. **কুঁজড়ানী** (তুল—হি—কুঁজড়ী, কুঁজড়িন) —যে স্ত্রী ফল ও মূল বিক্রয় করে। প্র—কুঁজড়ানী কোলে করি ভাসিল কুঁজড়া।"—ভারতচন্দ্র। ২। বিণ, কলহকারী ; ঝগড়াটে। বি, **কুঁজড়ামি, কুঁজড়াপনা, কুঁজড়াবৃত্তি**—কুঁজড়ার মত ব্যবহার বা প্রকৃতি ; ঝগড়া। ২। কুঁজড়ার কার্য্য বা ব্যবসায় (কেনা বেচা সম্বন্ধে) দরকষাকষি করিয়া কেনাবেচা।

কুঁজি, কুঁজী [কুব্জী] বিণ, যে নারীর পৃষ্ঠে কুঁজ আছে ; কুব্জা। ২। [হি—কুঞ্জী। গ্রা-বাং] বি, চাবি। প্রঃ—"নগরভ্রমণে যায় দ্বারে কুঁজি দিয়া।"—ভারতচন্দ্র। কোন কোন স্থানে কুঁজি স্থলে "কুঁজিকাটি" শব্দেরও প্রয়োগ আছে।

কুঁড় (ড়ো) [সং—কণ বা কণাশব্দের হি উচ্চারণ হইতে। কুঁড়া দ্রঃ] তুষের কণা ; তুষের অতি ক্ষুদ্রাংশ। ২। [সং—কুণ্ড ; হি—কুণ্ডা] পেষণের ভাণ্ড ; যাহার উপরে পেষণ করা যায়। প্র—"নূতন ঘোটনা কুঁড়া দিয়াছে বিশাই।"—ভারতচন্দ্র। স্ত্রী. কুঁড়ি—ক্ষুদ্র কুঁড়।

কুঁড়ন [সং—খনন—বাং—খোঁড়ন—খুঁড়ন] বি, খনন ; ভূমিবিদারণ। ২। (কুঁড়োনো) খনন করা ; খোঁড়ন ; কোদলান। কুঁড়া দ্রঃ।

কুঁড়া [সং—কণা] বি, তুষ। **খুদ কুঁড়া**—চাউলের কণা এবং তুষ। ২। [কুঁড়িয়া দ্রঃ] কুঁড়ে ; কুটীর। প্র—"লঘু বৃষ্টি হইলে কুঁড়ায় আইসে বান।"—কবিক।

কুঁড়া [কুঁড়ন দ্রঃ। কুট্—ছেদন করা, কুটা অথবা সং—খনন হইতে খোঁড়ন—কুঁড়ন—কুঁড়া] ক্রি, খোঁড়া ; খনন করা, মাটিকাটা। **কুঁড়িয়া, কুঁড়ি**—অস-ক্রি, খুঁড়িয়া ; খনন করিয়া। প্র—"বসন্ত স্বামীর সখা, মোরে আসি দেহ দেখা, কুণ্ড কুঁড়ি জ্বালহ অনল।" —কবিক।

[কুঁড়া (তুষ)—জালি (ক্ষুদ্র-জাল)—কুঁড়ার চার করিয়া মাছ ধরিবার ছোট জাল] বি, মাছ ধরিবার কাপড়ের ছোট জাল। ২। বৈষ্ণবের জপমালার থলী (প্রায়ই বিদ্রূপে ব্যবহৃত)। প্র—"বাছিয়া পাঁঠার হাড় গেঁথে তার মালা। বানাইব কুঁড়াজালি দিয়া ছাগ-ছালা॥"—ঈশ্বর গুপ্ত। "কিবা কুঁড়াজালি, কিবা রসকলি"।—বাং-গান।

কুঁড়ি, ড়ী [সং-কুট্মল—কুড্‌মল] বি, মুকুল, কোরক ; কলিকা। প্র—"কুঁড়ির ভিতরে কাঁদিছে গন্ধ অন্ধ হয়ে।"—চয়নিকা। ২। [বিদ্রূপে] কুঁড়ির মত মুদিত ; ঘোমটায় আবৃত-মুখী ; লজ্জাশীলা। প্র—"হাট-বাজারে লজ্জা-হীনা, ঘরে কুঁড়ি ফুল।"—হেম বন্দ্যো।

কুঁড়িয়া [গ্রা—কুঁড্যা, কুঁড়ে। সং—কুটীর ; হি—কুরিয়া (কুটীকা)—মঁড়ই—মড়িয়া ; ঝোপড়ী] বি, পর্ণগৃহ ; ক্ষুদ্র পর্ণকুটীর ; ছোট ঘর যাহার মাটিনির্ম্মিত নীচু দেওয়াল ও ঘাসপাতার চাল।

কুঁড়িয়া [হি—কোড়িয়া ; সং—কুষ্ঠ। কুড়িয়া দ্রঃ। গ্রা—কুঁড়ে] বিণ, অলস।

কুঁড়ে [কুঁড়িয়া দ্রঃ। সং—কুটীর] বি, কুটীর ; ঘাস কুটী বা বৃক্ষশাখা-পত্রাদি নির্ম্মিত বাসগৃহ।

কুঁড়ে [কুঁড়িয়া দ্রঃ] বিণ, অলস। বি, কুঁড়েমি। **কুঁড়ে পাথর**—পাথরের কুঁড়ি (পাত্র—অন্নপাত্র) ইহার সহিত কুঁড়ে (অলস) শব্দের অর্থ মিশ্রিত হইয়া দাঁড়াই-য়াছে—অলসের জন্য এক পাথর ভাত বা অন্ন। প্র—রোজ রোজ কুঁড়ে পাথর যোগান ভার।

কাজে কুঁড়ে ভোজনে ডেড়ে বচনে মারে পুড়িয়ে ঝুড়িয়ে [কার্য্যকালে কুঁড়ে (অলস), ভোজনকালে ডেড়ে (দেড় জনের অন্নাহারী বা দেড়গুণ অন্নভোজী) কিন্তু বচনে অর্থাৎ বাক্যপ্রয়োগ কালে বচন জ্বালায় দগ্ধ করে। বিদ্রূপাত্মক প্রবচন] নির্গুণ ; যাহার সকলই দোষ। **কুঁড়ে গরু অমাবস্যা খোঁজে** [গ্রা] অমাবস্যায় ক্ষেত্রে হলচালনা নিষিদ্ধ বলিয়া সে দিন গরুর বিশ্রাম। (তাহা হইতে) অলস ব্যক্তি বিশ্রামদিনের অনুসন্ধান করে।

কুঁড়েমি (কুঁ) [কুঁড়ে দ্রঃ] বি, আলস্য ; অলসের ধর্ম্ম বা কর্ম্ম।

কুঁতান (নো) [কোঁতান দ্রঃ] ক্রি, ক্লেশ প্রকাশক আর্ত্তনাদ করা। ২। অতিরিক্ত বল প্রকাশক শব্দ করা ; শারীরিক শক্তিনিয়োগে কষ্ট করা। প্র—"চারিজন মাঝিতে কুঁতিয়া ধরাধরি করিয়া উপরে তুলিয়া দিল।"
—টেকচাঁদ।
৩। মলত্যাগের বেগ দেওয়া।

কুঁদ (দ্) [সং—কুন্দ। "কুন্দ চক্রভ্রমৌ"—বিশ্ব] বি, সূত্রধরের অস্ত্রবিশেষ ; ঘর্ষণযন্ত্র ; খাটের পায়া প্রভৃতি খরাদ করিবার যন্ত্র। **কুঁদ বাটালি**—খরাদ করিবার বাটালি।

কুঁদ (দ্) [সং—কুন্দ। "পুষ্পে কুন্দঃ"—ত্রিকাণ্ড] বি, কুন্দপুষ্প ; শ্বেতবর্ণ কোমল গন্ধহীন বাঅতি সামান্য গন্ধ-প্রসিদ্ধ পুষ্প ; jasminum pubesceus.

কুঁদন (কুঁদন্) [সং—কূর্দ্দন। গ্রা—কোঁদোন] বি, লম্ফ ; লম্ফন ; লাফান। **নাচন কুদন**—নৃত্য ও লম্ফ ; অত্যন্ত স্ফূর্ত্তি। ২। [সং—কুন্দন] কুঁদযন্ত্রদ্বারা কাষ্ঠছেদন ; কাঠে গোলাই করা।

কুঁদল (ল্) [কুন্দল, গ্রা—কোঁদল] বি, বিসম্বাদ ; বিবাদ ; ঝগড়া ; কোন্দল ; কলহ।

কুঁদুলী [সং—কন্দলী] বি, স্ত্রী, বিবাদকারিণী প্র—"রূপসী বলিল দিদি তুই বড় কুঁদুলী" —চন্দ্রশেখর (বঙ্কিম)। **পাড়াকুঁদুলী**—পাড়ার লোকের সহিত যে কোন্দল করিয়া সকলকে পরাস্ত করে ; কোন্দলে যে পাড়া মাথায় করে। প্র—"এক যে ছিল পাড়াকুঁদুলী মাগী, নাক্‌টা নেড়ে দিলে তেড়ে বল্লে দূর হ ঘাগী।"—ম্যাকবেথ (গিরিশ)।

কুঁদা [সং—কুন্দ হইতে কুঁদ, ক্রিয়ায়—কুঁদা। গ্রা—কোঁদা—কুন্দন করা। উ-পু—কুঁদি। ম-পু—কুঁদ, কোঁদ ; কুঁদুন্ ; কোঁদ্। প্র-পু—কুঁদে, কোঁদে। অস-ক্রি—কুঁদিতে ; কুঁদিয়া, কুঁদে। ণিজন্ত—কুঁদান, কোঁদান (নো)] ক্রি, কুন্দন করা ; সুগঠিত করা ভ্রমি যন্ত্রে চাঁচিয়া সুগোল করা। প্র—"এ বড় কারিকরে কুঁদিলে তাহারে"—চণ্ডীদাস। বি, **কুঁদাই, কোঁদাই।**

কুঁদো [ফা—কুন্দা। তুল—সং—স্কন্ধ] বি, বন্দুকাদির কাঠের বাঁট। ২। বৃক্ষাদির গুঁড়ি ; কাঠের গুঁড়ি। ৩। স্থূল বৃহৎ কাষ্ঠখণ্ড। প্র—"এই মঠের একটী কুঠারী মধ্যে একটা বড় কুঁদো জ্বলিতেছিল।"—আনন্দমঠ (বঙ্কিম)। ৪। [ফা—কুন্দ্ =জমাট, জড়। তুল—কুন্দ্ জেহেন্] চাঙ্গড় ; চাপ। প্র—মিছরির কুঁদো। ৫। বিণ, গুঁড়ির মত মোটা। গ্রা—প্রয়োগভেদে "কেঁদো"। তুল—কেঁদো লাঠি। "কোঁৎকা" ইহারই বিকার হইতে। কেঁদো দ্রঃ।

কুক (ক্) [সং—কুক্ষি—অপভ্রংশে কোখ, কুখ, কুক, কাঁখ] বি, কুক্ষিদেশ ; উদর ; কোল।

কুক, কূক (ক্) [সং—কুহ্। "কুহ্ রণোদ্যমে"—মেদিনী] বি, রণশব্দ ; হুঙ্কার শব্দ ; ডাকাইতদিগের হুঙ্কার বা সঙ্কেতধ্বনি। **কুক দেওয়া**—হুঙ্কার ছাড়া ; দস্যু কর্ত্তৃক সঙ্কেত ধ্বনি করা। ২। [কু—"আর্ত্তস্বরে"—কবিকল্পদ্রুমঃ। প্রায়ই পরিহাসে] আর্ত্তনাদ করা ; কষ্টে ডাক ছাড়া। (তাহা হইতে) প্রাণবায়ু বহির্গত হওয়া ; মরা। ৩। চক্রবাক।

কুকড়া, কুক্‌ড়া [সং—কুক্কুট। প্রা—হি—কোকড়া] বি, কুক্কুট ; মোরগ। প্র—"বকরী বকরা মরে কুঁকড়ী কুঁকড়া।"—ভারতচন্দ্র।

কুকথা [কু (কুৎসিত) যে কথা (বাক্য) কর্ম্মধা] বি, স্ত্রী, দুর্ব্বাক্য। প্র—"স্বামী হায়াতে মারে বাড়ি, তার আগে কুকথা কয় দারুণ শাশুড়ী॥"—চণ্ডীদাস। ২। [কু (পৃথিবী বা তন্ত্র) তাহার কথা, ৬তৎ] পৃথিবী সম্বন্ধীয় কথা বা তন্ত্রের ব্যাখ্যা। প্র—কু-কথায় পঞ্চমুখ কণ্ঠে ভরা বিষ।"—ভারতচন্দ্র।

কুকভ (ভ্) [সং] বি, মদ্যবিশেষ।

কুকর (র্) [সং] বি, চোর নামক গন্ধদ্রব্য ; গেঁটেলা। ২। বিণ, কুকর্ম্মকারী। ৩। কুৎসিত হস্তবিশিষ্ট।

কুকর্ম্মকারী [কুকর্ম্ম (কুৎসিত কর্ম্ম) কারী—কৃ (করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = কুকর্ম্মকারিন্ ১মা, ১ব] বিণ, যে কুৎসিত কর্ম্ম করে ; কুকার্য্যকারক ; নিন্দিত কর্ম্মকারী।

কুকর্ম্মশালী [কুকর্ম্ম (কুৎসিত কর্ম্ম)—শাল্ (শোভা পাওয়া) + ইন (কর্ত্তৃ—ণিন্) = শালিন্ ১মা, ১ব] বিণ, যে ব্যক্তি কুকর্ম্ম করিয়াই শোভিত হইব এইরূপ মনে করিয়া কুকর্ম্ম করে ; নিন্দিত কর্ম্মকারী। কুকর্ম্মশীল ; কুকর্ম্মান্বিত।

কুকর্ম্মা [কু (কুৎসিত) হইয়াছে কর্ম্ম (অনুষ্ঠান) যাহার, বহু=কুকর্ম্মন্ ১মা, ১ব] বিণ, অসদনুষ্ঠানকারী ; কুকর্ম্ম করা যাহার স্বভাব।

কুকর্ম্মান্বিত (কুকর্‌মান্‌নিতো) [কুকর্ম্ম (নিন্দিত কর্ম্ম) দ্বারা অন্বিত (যুক্ত) ৩তৎ বিণ, কুক্রিয়াশীল ; দুষ্ক্রিয়ারত।

কুকর্ম্মী (কুকোর্‌মি) [কুকর্ম্ম + ইন্ (অস্ত্যর্থে) =কুকর্ম্মিন্ ১মা, ১ব] বিণ, কুৎসিত কর্ম্মকারী ; দুষ্ক্রিয়াকারী।

কুকশিমা, শিমে, সিমা, সিমে, (শি) [সং—কুক্কুর দ্রঃ। তাহা হইতে কুকুর-শোঁকা—শোঙা—শোমা—সংক্ষেপে কুকশিমা] বি, কুকুর শোঁকা গাছ ; blumea lacera. [দ্রঃ—কাটা স্থানে ইহা ছেঁচিয়া দিলে রক্ত বন্ধ হয়]।

কুকা [শব্দাত্মক পদ। কুক্-কুকো-কুক্ এইরূপ শব্দ হইতে। উকোও বলে। তুল—ইং—coucal] বি, কুকো পাখী ; উকো পাখী।

কুকুড়া [সং—কুক্কুট। কুঁকড়া দ্রঃ] বি, মোরগ ; cock. স্ত্রী, **কুকুড়ী।**

কুকুন্দর (র্) [কু (নিতম্ব দেশ) কুন্দ্ (গমন করা, ব্যাপ্ত করা) + অর (সংজ্ঞার্থে)] বি, ক্লী, নিতম্বের দুইপার্শ্বস্থ অথবা মধ্যস্থলের আবর্ত্তাকার কূপকদ্বয় ; নিতম্বদেশে কূপাকার চিহ্নদ্বয়।

কুকুভা [সং। ককুভ দ্রঃ] বি, স্ত্রী, রাগিণীবিশেষ।

কুকুর (র্) [কুক্কুর দ্রঃ। কুর্‌কুর এই রূপ শব্দ করে বলিয়া এই নাম। কুকুর ছানাকে 'কুর কুর' বলিয়া ডাকিলে কাছে আসে বা সঙ্গে সঙ্গে যায়] বি, সুপ্রসিদ্ধ শিকারী জন্তু ; কুক্কুর ; সারমেয় ; গ্রাম্যমৃগ ; কুত্তা। স্ত্রী, **কুকুরী কুকরী।** [দ্রঃ—কুকুরবংশীয় জন্তুর আকৃতি প্রায় একরূপ। ইহাদের চোয়াল লম্বা, মুখ সরু, পা বিড়ালজাতীয় জন্তু অপেক্ষা দীর্ঘ ; থাবার নখ মোটা ও বাহির হইয়াই থাকে ও চলিবার সময় নখের শব্দ শুনা যায়। ইহারা দলবদ্ধ হইয়া শিকার করে। পালিত কুকুর শতাধিক প্রকার আছে। ইহারা মানুষের বিবিধ কার্য্যে অদ্বিতীয় সহায় ; প্রহরীর কার্য্যে, প্রভুভক্তিতে ও কর্ত্তব্যপরায়ণতায় কুকুর চিরপ্রসিদ্ধ ; নেকড়ে বাঘ, শিয়াল ও খেঁকশিয়াল কুকুরবংশের অন্তর্গত]।
২। [কুকুরের নীচ প্রকৃতির তুলনায়। তুল—ইং —a sly dog ; a dead dog ; a dog hole ইত্যাদি] নীচ প্রকৃতির লোক ; নরাধম ; পামর ; জঘন্য বা ঘৃণিত ব্যক্তি। **কুকুরমুখ, মুখো** [গ্রা—মুকো] কুকুরের মত মুখ যাহার ; গালিবিশেষ। স্ত্রী, **কুকুরমুখী। খেঁকি কুকুর**—যে কুকুর খেঁক্‌খেঁক্ শব্দে কামড়াইবার জন্য তাড়া করে। তুল—হি—কট্‌খাউয়া। ২। [লক্ষণায়] অত্যন্ত ক্রোধপরবশ এবং অল্পে উত্তেজিত হয় এরূপ ব্যক্তি।

কুকুরকুণ্ডলী—কুকুরের শয়নের মত

কুণ্ডলিত ; কুঁকড়িমুকড়ি ; কুঁকড়িশুকড়ি ; পৃষ্ঠদণ্ড ধনুকের মত বাঁকাইয়া পায়ে-মুখে হইয়া শয়ন। **কুকুরে ঘুম**—কুকুরের ন্যায় স্বল্পনিদ্রা ; অল্প শব্দে এমন কি পদশব্দে যে ঘুম ভাঙ্গিয়া যায়। **কুকুরে দাঁত**—কুকুরজাতীয় জন্তুর উপর ও নীচের মাঢ়ীতে ২টা করিয়া ৪টা সূক্ষ্মমুখ অগ্রদন্ত ; শ্বদন্ত ; canine teeth. ২। ঐ চারিটী দন্তের মত ও গুণবিশিষ্ট অগ্রদন্ত। **কুকুরে গোঁ** [ইং—doggedness শব্দের অর্থানুবাদ] এক-গুঁয়েমি ; নাছোড়বান্দার রোক। **যেমন কুকুর তেমনি মুগুর**—দুষ্টের উপযুক্ত শাসক। **মাথার ঘায়ে কুকুর পাগল**—মাথায় ঘা হইলে কুকুর যেমন পাগল হইয়া যায় এবং চারিদিকে দৌড়িয়া বেড়ায় কিন্তু কোথাও সুস্থির হইতে পারে না, তদ্বৎ হওয়া ; নানা বিষয়ের দুর্ভাবনায় ব্যতিব্যস্ত হইয়া পড়া।

কুকুর (র্) [কুক্কুর দ্রঃ। কু (গোত্র, কুল, বংশ) কুর্ (ত্যাগ করা)+অ (কর্ত্তৃ—ক)—যযাতির শাপে যিনি কুল ত্যাগ করিয়া গিয়াছিলেন ; বর্জ্জিত কুল। তুল—জর্ম্ম—koter, kother ; ইং—cur, a worthless dog] বি, যদুবংশীয় অন্ধকরাজ পুত্র এবং তাঁহার বংশীয় ক্ষত্রিয়গণ। ২। দশার্হ দেশের অধিবাসী ; দাশার্হ। ৩। রাজপুতানার অন্তর্গত দেশবিশেষ। যথায় কুকুর বংশীয় ক্ষত্রিয়গণের বাস : কুকুরা। ৪। নাগবিশেষ। ৫। গ্রন্থিপর্ণ। ৬। গাঁঠিয়ালা নামক গন্ধদ্রব্য।

কুকুরচিতা, চিত্তা (র্) বি, বনগাছ ; tetranthera monopetala

কুকুরচূড়া (র্) বি, বন্য পুষ্পবৃক্ষবিশেষ ; চূড়ার মত গুচ্ছাকার ফুল হয় বলিয়া এই নাম।

(র্) বি, বন্য ক্ষুপবিশেষ : কুকুরচিতা ; leea staphylea.

কুকুরজিহ্বা (র্) বি, কুকুরছিট্‌কী দ্রঃ : leea staphylea.

কুকুরনেজা, লেজা (র্, জা, ল্যা) বি, বন্য পুষ্পবৃক্ষবিশেষ ; gloriosa superba.

কুকুরমাছি (র্) [কুকুর—মাছি (মক্ষিকা)] বি, যে মাছি গরু বাছুরের গায়ে বসিয়া তাহাদের কামড়ায় ; নীলাভ কটা বর্ণের রক্তশোষক মক্ষিকাবিশেষ ; a dog-tick

কুকুরমুখ (র্, খ্)—কুকুর দ্রঃ।

কুকুরমুতা (র্) [হি—কুকুরমুত্তা—কুকুরের মূত্রের গন্ধযুক্ত] বি, দুর্গন্ধ যুক্ত ছোট বনগাছ।

কুকুর-শোঁকা, শুঙ্গা, শোঙ্গা (র্) [কুকুর যে গাছ শুঁকিতে ভালবাসে। কুকশিমা দ্রঃ] বি, বনগাছ ; পাতা লোমশ ফুল কৃষ্ণাভ-লাল ও পীতবর্ণ ; conyza lacera ; blumea lacera.

কুকুরা [কুকুর দ্রঃ। ত্রিকাণ্ড শেষে] বি, কুকুর বংশীয় ক্ষত্রিয়দিগের রাজ্য ও নিবাসস্থান।

কুক্কুট (ট্) [কু (পৃথিবী) কুট্ (খনন করা) +অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে ক ; মধ্যে ক্ আগম) যে পদনখ দ্বারা ভূমি বিদারণ করে] বি, পুং, কুকুড়া ; মোরগ। ২। তৃণোল্কা। ৩। স্ফুলিঙ্গ। স্ত্রী, **কুক্কুটী**—মুরগী। ২। টিক্‌টিকী। ৩। অনৃতাচরণ।

কুক্কুটক (ক্) [কুক্কুট+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, মোরগ ; কুকড়া। ২। শূদ্রের ঔরসে নিষাদীর গর্ভে উৎপন্ন জাতিবিশেষ।

কুক্কুটব্রত (কুক্‌কুট্‌ব্রোতো) [কুক্কুট—ব্রত-যে ব্রত (কথায়) স্বভাবতঃ বন্ধ্যাত্বহীনা কুক্কুটীর কাহিনী আছে] বি, ভাদ্র শুক্ল সপ্তমী তিথিতে সন্তানকামা স্ত্রীর অনুষ্ঠিত ব্রত ; ললিতা-সপ্তমী ব্রত : কুক্কুটী ব্রত। ২। কপট ব্রত।

কুক্কুটমণ্ডপ (কুক্‌কুট্‌মোন্‌ডপ্) বি, কাশীর মুক্তিমণ্ডপ নামক স্থানের নামান্তর।

কুক্কুটশিখ (ট্) [কুক্কুট (মোরগ) শিখ (শিখার বা চূড়ার ন্যায় শিখা) যাহার, বহু। তুল—হি—মুর্গ্‌কেশ। ইং—cockscomb] বি, মোরগফুল গাছ ; কুসুম্ভ বৃক্ষ। কলগী দ্রঃ।

কুক্কুটাসন (শন্) [কুক্কুটের মত আসন, ৬তৎ] বি, ক্লী, রুদ্রযামল তন্ত্রে কথিত ইষ্টসাধন-বিষয়ে প্রশস্ত আসনবিশেষ।

কুক্কুটীব্রত—কুক্কুটব্রত দ্রঃ।

(ভ্) [কুক্ (অনুকার শব্দ) কু (রব করা)+ভ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে ভক্) অথবা কুক্কু (কুক্কুটের মত) ভ (ভা ধাতুজ) যে শোভা পায়] বি, পুং, বন্যকুক্কুট ; বনমোরগ।

কুক্কুর (র্) [সং। কুকুর দ্রঃ] বি, সারমেয়। স্ত্রী, **কুক্কুরী**। ২। [কুকুর দ্রঃ] বি, যদু-বংশীয় প্রশাখাবিশেষ ; দাশার্হ। প্র—"কর মহাপ্রস্থান এখন পঞ্চভ্রাতা, সহ ভোজ অন্ধক কুক্কুর হত শেষ যদুকুল।" —নবীনচন্দ্র সেন (প্রভাস)।

কুক্কুররব (র্, ব্) [কুর্‌কর্ শব্দ হইতে] বি, কুক্কুটধ্বনি ; পায়রার শব্দ ; ঘুঘুর ডাক।

কুক্রিয় (কুক্‌ক্রিও) [কু (কুৎসিত) হইয়াছে ক্রিয়া (কার্য্য) যাহার, বহু] বিণ, কুকর্ম্মা ; দুষ্ক্রিয়ান্বিত ; মন্দকর্ম্মকারী।

কুক্ষি (কুক্‌খি) [কুষ্ (নির্গমনে)+সি (সিক্—অপা, যাহা হইতে সন্তান নির্গত হয়) ষ্=ক্] বি, পুং, গর্ভাশয় ; উদরগহ্বর ; কোঁক। ২। [শরীর-বিঃ পরিঃ] জঠরের দক্ষিণ ও বামভাগ। ৩। মধ্যদেশ ; অভ্যন্তর স্থান। ৪। গুহা।

কুক্ষিগত (কুক্‌খিগতো) [কুক্ষি (উদর) গত (প্রাপ্ত) ২তৎ] বিণ, গর্ভাশয়স্থিত ; উদর-প্রবিষ্ট ; উদরসাৎ।

কুক্ষিজ (কুক্‌খিজ) [কুক্ষি (উদর) জ (কর্ত্তৃ—ড প্রত্যয়ান্ত জন্ ধাতুজ) ৭তৎ] কুক্ষি হইতে উৎপন্ন। ২। বি, পুং, গর্ভোৎপন্ন সন্তান। স্ত্রী, **কুক্ষিজা**—কন্যা

কুক্ষিম্ভরি [কুক্ষি (উদর) ভৃ (ভরণ করা) +ই (কর্ত্তৃ—সংজ্ঞার্থে খি) ম্ আগম] বিণ, উদরম্ভরি ; ঔদরিক ; পেটুক। ২। স্বার্থ-পর। ৩। কৃপণ।

কুক্ষিরন্ধ্র (কুক্‌খিরন্‌ধ্র) [কুক্ষিতে (উদরে বা মধ্যভাগে) রন্ধ্র (ছিদ্র) আছে যাহার, বহু। ফাঁপা বলিয়া] বি, পুং, নল নামক তৃণ ; খাঁক ; phragmites karka.

কুক্ষিশূল (কুক্‌খিশূল্) [কুক্ষি (কুক্ষিগত) যে শূল (রোগ) কর্ম্মধা] বি, ক্লী, কুক্ষিস্থিত শূলরোগ ; পেটের মধ্যে শূল বিঁধিবার মত বেদনা।

কুঙরী [সং—কুমারী। কুঙারী ; বৈ-পদ-সা ; হি—কুঁঅরী] বি, কুমারী। কোঙর দ্রঃ।

কুঙুরী [হি—কুকরী। প্রাদে। উচ্চারণ বিকারে কুঙরী] বি, স্ত্রী, মুরগী।

কুঙ্কুম (কুংকুম্) [সং। "কুঙ্কুমম্ কাশ্মীর-জন্মন্"—অমর। কুন্‌ক্ (পাওয়া)+উম (কর্ম্মে—উমক্—সংজ্ঞার্থে)—যাহাকে বহু যত্নে ও মূল্যে পাওয়া যায়। কাশ্মীরজাত একপ্রকার সুগন্ধ ফুল শুষ্ক করিয়া তাহার কেশরগুলি মাত্র লইতে হয়। তন্মধ্যে স্ত্রীকেশর গুলিই অধিক সুগন্ধযুক্ত ও উৎকৃষ্ট। তাহাই বহুমূল্য "শাহী জাফ্রান" নামে অভিহিত] বি, কেশর ; জাফ্রান ; saffron (গাছের নাম crocus sativus)। স্ত্রীলোকগণ মাথায় ও কপালে এবং ধনিগণ চন্দনসহ গাত্রে লেপন করেন। ২। কুসুম্ভ পুষ্প ; কুসুমফুল (ইহাও শুকাইয়া জাফরাণের সহিত মিশ্রিত করা হয়)। ইহার বর্ণ কাশ্মীরজাত পুষ্পবৎ লাল। ৩। কুঙ্কুম-সদৃশ চূর্ণবিশেষ যাহা স্ত্রীলোকগণ কপালে, পরিধেয় বস্ত্রে ব্যবহার করেন। কুমকুম ; রুলী (হি—রোলী)।

কুঙ্গী, কুংগী (কুংগি) [সং—করঙ্ক। খুঙ্গী দ্রঃ] বি, ক্ষুদ্রপেটিকা ; বংশনির্ম্মিত ক্ষুদ্র আধার। প্র—"পরিধান শ্বেতবস্ত্র কুঙ্গী পুথি মসিপাত্র শ্বেতবীণা হস্তে সুধারিণী।"

কুচ, কূচ (চ্) [কুচ্ (সংকুচিত হওয়া)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে ক) যে চরমে সংকুচিত

হয় অথবা যাহা স্ত্রীজাতিকে ব্রীড়াসংকুচিত করে] বি, পুং, পয়োধর ; স্ত্রীজাতির স্তন।

কুচ (চ্) [তুর্কী, কুচ্ ; হি—কুচ্] বি, রণযাত্রা ; সৈন্যদিগের একস্থান হইতে অন্য স্থানের উদ্দেশে গমন ; দলবদ্ধ হইয়া গমন ; রওয়ানা। ক্রি, **কুচ করা**।

কুচকাচা (কুচোকাচা) [কুচা দ্রঃ। প্রাদে] বি, কাঠাদির কুচি ; কুচা। ২। টুকরাটাক্‌রা।

কুচকুরে (কুচোক্‌কুরে) [সং—কুচক্রী। অপভ্রংশে, কুচক্র+ইয়া বা উয়া] বিণ, কুটিল ; কুচক্রী। ২। হিংসক।

কুচক্র (কুচক্‌ক্রো) [কু (কুৎসিত) যে চক্র (মন্ত্রণা) কর্ম্মধা] বি, পুং, কুপরামর্শ ; কুমন্ত্রণা ; চক্রান্ত ; ষড়যন্ত্র। ৩। কুগ্রহ ; দুর্ভাগ্য ; দুর্ঘটনা।

কুচক্রী (কুচোক্‌ক্রি) [কু (মন্দ) চক্রী (সংঘটক) অথবা কুচক্র (কুমন্ত্রণা) + ইন্ (অস্ত্যর্থে) কুচক্রিন্ ১মা, ১ব, যাহার মনে সর্ব্বদাই কুমন্ত্রণা আছে] বিণ, যে অন্যকে কুপরামর্শ দেয় ; চক্রান্তকারী ; ষড়যন্ত্রকারী।

কুচটিয়া, কুচুটিয়া, কুচুটে [কু (কুৎসিত, কুটিল) চটিয়া, চুটিয়া—অপপ্রয়োগে (চরিত্র —চরিত্রিয়া—বিকারে, চরিট্যা—চুট্যা-চুটিয়া, চুটে, তুল—কুচণ্ডীয়া বা কুচুণ্ডে)] বিণ, কুৎসিত। ২। কুটিল ; কুচিন্তক ; কুচক্রী। প্র—কুচুটে লোক। ৩। ঝগ্লাটিয়া ; খুঁটিনাটি-যুক্ত। প্র—কুচুটে কাজ। ৪। [তুল—কুচইকাঁটা বা কুচকাঁটা] বিণ, কণ্টকাকীর্ণ ; কষ্টদায়ক ; খানা খন্দ ঝোপঝাপ ও কাঁটাবন-সঙ্কুল। প্র—কোথাকার কুচুটে পথ দিয়ে নিয়ে যাচ্ছ।

কুচণ্ডী (কুচোন্‌ডি) বি, স্ত্রী, মূর্ব্বালতা।

কুচন, কুচান (কুচোনো, কুচানো) [সং—কুঞ্চন] ক্রি, কুঁক্‌ড়ান ; সংকোচকরা। ২। [সং—কুট্টন] খণ্ডখণ্ডকরা ; ছোট ছোট করিয়া খণ্ডকরা ; কুচি কুচি করা। [তুল—কুটিকাটা ; কুচিকাটা ; কেটে কুটি কুটি করা ; ঘুনকুচি (ঘনকুচি বা কুটি) করা]]।

কুচনী (কুচ্‌নি) [কুচবিহার রাজ্যের অধিবাসী-দিগকে কোচ বা কোঁচ বলে। কোচ-স্ত্রী= কোচনী, উচ্চারণ-সঙ্কোচে কুচনী। কোঁচনী দ্রঃ] বি, স্ত্রী, কোচ-পত্নী। ২। [কুচ শোভা বা তাহার ঐশ্বর্য্য যাহাদের অবলম্বন] বেশ্যা। প্র—"কুচনীর বাড়ী তবে কেমনে যাইবে"। —ভারতচন্দ্র। **কুচনীপাড়া**—কোচনারী-দিগের পল্লী।

কুচন্দন (ন্) [কু (কুৎসিত, গন্ধহীন বলিয়া কু) যে চন্দন—কর্ম্মধা] বি, স্ত্রী, রক্তাঙ্গ ; অর্কচন্দন ; রক্তচন্দন ; red sandal wood. ২। বকমকাষ্ঠ। ৩। কুঙ্কুম।

কুচরিত্র (কুচোরিৎত্রো) [কু (কুৎসিত) যে চরিত্র, (স্বভাব) কর্ম্মধা] বি, স্ত্রী, মন্দস্বভাব ; অসদাচরণ। ২। [কু (কুৎসিত) হইয়াছে চরিত্র যাহার, বহু] বিণ, মন্দস্বভাবান্বিত ; অসদাচরণকারী ; অসাধু। তুল—কুচটিয়া।

কুচর্য্যা (কুচোর্‌জ্জা) [কু (কুৎসিত) যে চর্য্যা (আচরণ) কর্ম্মধা] বি, স্ত্রী, কুচাল ; গর্হিত আচরণ ; অন্যায় ব্যবহার। ২। কুনীতি ; কুপ্রথা।

কুচল (ল্) [সং—কচ্চর ; হি—কিচড়] বিণ, পঙ্কিল ; দুর্গম।

কুচি, চী (উচ্চারণ ভেদে কুঁচি) [ফা—কুচক্ (ক্ষুদ্র তাহা হইতে ক্ষুদ্রাংশ টুকরা। তুল—কুঁচিকাটা করা, কুঁচিকুঁচি করা)] বি, খণ্ডিতাংশ ; ক্ষুদ্রখণ্ড। প্র—"প্রাণের থলে পুরলি পাথর কুচি দিয়ে"—রজনী সেন। ২। [হি] বুরুশ ; brush. ৩। মুড়া খেংরা। ক্রি, **কুচি-করা, কুচান** (নো) ক্ষুদ্রক্ষুদ্র খণ্ডে কাটা ; টুকরা টুকরা করা ; কুঁচির মত করিয়া সূক্ষ্মাংশে কাটা ; সংখ্যাধিক্য স্থলে কুচিকুচি করিয়া কাটা। **কুচী মারা**—খেংরা মারা। ২। চূণকামাদি কালে কুঁচি দ্বারা প্রাচীরাদি মার্জ্জন করা।

কুচি [ফা—কুচি (street) সরু রাস্তা। উচ্চারণ ভেদে ও ভাব সাদৃশ্যে হি—খিড়্কীর অনুকরণে বাং-তে—ঘুঁজি হইয়াছে] বি, অপ্রশস্ত রাজপথ ; 'গলি'র সহচর শব্দ। প্র—গলি কুচি (পরে 'গলিঘুঁজি')।

কুচিক (ক্) [সং] বি, পুং-স্ত্রী, কুঁচে নামক মৎস্য।

কুচুৎ [শব্দাত্মক পদ] বি, কচ্ শব্দ অপেক্ষা লঘু কুচ্ ; জাঁতি, কর্ত্তরি প্রভৃতি দ্বারা শক্তদ্রব্য এককালে জোরে দুইখণ্ড করিবার শব্দ কচাৎ তাহা হইতে লঘু কুচুৎ।

কুচুর (র্) [কুচ্ এই শব্দের অল্পতা বা লঘুতা-ব্যঞ্জক] বি, কচর শব্দ অপেক্ষা লঘু। **কুচুর-কুচুর**—ব্যাপ্তিঅর্থে র। **কুচুরমুচুর** (র্) কচরমচর শব্দ অপেক্ষা লঘু ; কচকচে ও মচমচে খাদ্য চর্ব্বণের শব্দের অল্পতার্থক।

কুচেল (ল্) [কু (কুৎসিত) হইয়াছে চেল (বস্ত্র) যাহার, বহু] বিণ, যাহার পরিধান বস্ত্র অতি মলিন বা জীর্ণ। ২। কুক্রিয়াকারী ৩। [কু (কুৎসিত) যে চেল—কর্ম্মধা] বি, পুং, কুৎসিত বস্ত্র ; মলিন বা জীর্ণবস্ত্র।

কুচ্ছ (কুচ্‌ছো) [সং] বি, স্ত্রী, শ্বেতপদ্ম ; কুমুদ।

কুচ্ছ, কুচ্ছা (কুচ্‌ছো) [সং—কুৎসা ; প্রাকৃ—উচ্চারণ কুচ্ছা] বি, কুৎসিত কার্য্যজন্য লোকাপবাদ ; নিন্দা ; দুর্নাম। প্র—"মিছা কথা কহিয়া পরের মন ভারি করে গো। পর কুচ্ছা অধর্ম্ম বিনা কেমন করে রহে গো।" —চণ্ডীদাস। ক্রি, **কুচ্ছ করা**—কুৎসা রটান ; নিন্দা করা।

কুচ্ছিত (ত্) [সং—কুৎসিত ; পা—কুচ্ছিত] বিণ, অপকৃষ্ট ; কদর্য্য ; জঘন্য। ২। কুশ্রী ; কুরূপ ; অসুন্দর ; কদাকার। ৩। [প্রাদে] মলিন ; কালবর্ণ ; ফরসার বিপরীত।

কুছ (ছ্) [সং—কিঞ্চ, কিঞ্চিৎ ; হি—কুছ, (বর্ণ বিপর্য্যয়ে) কছু, কিছু, কেছু। বাং—কিছু ; উত্তরবিহারী ও বাং—কিচ্ছু] বিণ, কিঞ্চিৎ ; কিছু ; অল্প।

কুজ (জ্) [কু (পৃথিবী) জ (জাত—কর্ত্তৃ, —ড প্রত্যয়ান্ত জন ধাতুজ) কু হইতে যে জন্মে ৫তৎ] বি, পুং, ভৌম ; মঙ্গলগ্রহ।
প্র—"শনি কুজ বারেতে করিহ মোর জাত।
গুজরাট নগরেতে হৈবে তুমি নাথ।"—কবিক।
২। নরকাসুর। ৩। উদ্ভিদ ; বৃক্ষাদি। ৪। [কুব্জ শব্দজ। গ্রা—কুঁজো] বিণ, বক্র। ৫। বি, জলপাত্র ; কুঁজা দ্রঃ।

কুজড়, কু (ড়) [সং—কন্দল—কোঁদল (দ= জ, ল=ড়)। তুল—হি—ঝগড়, ঝকড়। প্রাদে—উচ্চারণ ভেদে কোঁজড়] কোদল ; ঝগড়া ; বিবাদ। ক্রি, **কুজড় করা, কোজড় করা**—ঝগড়া করা।

কুজড়কু (কুজ্‌ড়ো, কুঁজড়ো) [কুজড়া দ্রঃ] বিণ, বিবাদকারী ; ঝগড়াটে।

কুজড়া (জ্) [কুঁজড়া দ্রঃ। কুঁজড়াদিগের স্বভাব হইতে শব্দের অর্থ অথবা শব্দের মূল অর্থ হইতে কুঁজড়া এই জাতীয় নাম প্রাপ্তি] বি, যাহারা ফলমূলাদি বিক্রয় করে ; ফড়িয়া ; যে জাতি তরকারী ক্ষেতে উৎপন্ন করে ও বাজারে বিক্রয় করে। ২। [ইহারা এক্ষণে প্রায়ই মুসলমান-ধর্ম্মগ্রহণ করিয়াছে। কেনা বেচার ব্যাপারে ইহারা প্রায়ই ঝগড়া বিবাদ গণ্ডগোল করে বলিয়া 'কুজড়া' অর্থে ঝগড়াটে বুঝায়। হি—কুঁজড়ে কী দুকান ; বাং—মেছো হাটা, এক্ষণে এক অর্থেই ব্যবহৃত হয়] বিণ, কন্দলকারী ; ঝগড়াটে। স্ত্রী, **কুজড়ানী** (হি—কুঁজড়ী, কুঁজড়িন)। বি, **কুজড়ামি, কুজড়াপনা, কুজড়াবৃত্তি**।

কুজপ (প্) [কু (কুৎসিত) জপ (মানস-কর্ম্ম) যাহার, বহু] বিণ, যে সকল সময়ে কুবিষয় মনে ধারণা করে। ২। কুৎসিত জপকারী।

কুজাষ্টম (ম্) [কুজ (মঙ্গল) হইয়াছে অষ্টম (অষ্টম স্থানাধিপতি) যাহার, বহু] বিণ, যাহার মঙ্গল অষ্টম স্থানে স্থিতি করে। ২। বি, পুং, যে যোগে মঙ্গলগ্রহ জন্মলগ্ন হইতে অষ্টম গৃহগত হয়।

কুজ্ঝটি, টী (ঝো) [ক (জল) উৎ (উর্দ্ধে) ঝট্ (মিলিত হওয়া) + ই সংজ্ঞার্থে, যে জলকণা বাষ্পাকারে উর্দ্ধে উত্থিত হয়] বি, স্ত্রী, কুহেলিকা ; কুয়াসা। ক প্রত্যয় যোগে **কুজ্ঝটিকা।**

কুঞ্চন (ন্) [কুঞ্চ্ (বক্রভাবে গমন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, কুঞ্চিত করণ। ২। বক্রীকরণ ; বাঁকা করা। ৩। চক্ষুর রোগবিশেষ ; কনীনিকার সঙ্কোচন।

কুঞ্চি, কুঞ্চী [কুঞ্চ্ (সঙ্কুচিত হওয়া) + ই-ঈ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, পরিমাণবিশেষ ; আটমুষ্টিতে ১ কুঞ্চি ; খুঁচি।

কুঞ্চিকা [কুঞ্চ্ (বক্র গমন করা) + অক (কর্ত্তৃ) আপ্] বি, স্ত্রী, গুঞ্জা ফল ; কুঁচ। ২। বেণু শাখা ; কঞ্চী। ৩। চাবি। ৪। কুঁচেমাছ।

কুঞ্চিত [কুঞ্চ্ (বক্র করা) + ত (কর্ম্মে—ক্ত) যাহা বক্র করা হইয়াছে] বিণ, ন্যুব্জীকৃত ; বক্রীকৃত ; নম্রীকৃত ; কোঁকড়ান। ২। সঙ্কুচিত ; জড়সড় ভাবাপন্ন ; লজ্জিত।

কুঞ্জ (কুন্‌জো) [কুজ্ (অব্যক্ত শব্দ করা) + অ (অধি, সংজ্ঞার্থে—ঘঞ্) ঞ্ আগম, যেখানে লতাপুষ্পগন্ধলোভে ভ্রমর অব্যক্তমধুর শব্দ করে] বি, পুং, ক্লী ; লতানির্ম্মিত গৃহ। লতাগৃহ ; উপবন ; বৃক্ষবাটিকা। ২। বৈষ্ণবদিগের আশ্রম। ৩। সাটীর অঞ্চলে খচিত ফুলের গুচ্ছ। ৪। ঋষিবিশেষ। ৫। হাতীর দাঁত।

কুঞ্জকানন (কুন্‌জো কানোন্) [কুঞ্জ—কানন] বি, কুঞ্জময় কানন ; যে বনে বহুস্থানে লতা গুল্মাদিদ্বারা স্বভাবে রচিত লতাগৃহ বিদ্যমান ; কুঞ্জবন। প্র—"কেশব কুরু করুণা দীনে কুঞ্জকানন-চারী" —বাং, গান (গিরিশ)।

কুঞ্জদার (র্) [ফা—কুঞ্জ্ (কোণ—বস্ত্রের কোণ, আঁচলা—ফুলের গুচ্ছ-তোলা কোণ) দার (বিশিষ্ট—সকল বস্ত্রেরই আঁচলের প্রান্তভাগকে আঁচলা বলে কিন্তু এখানে বিশেষ অর্থে যে আঁচলায় ফুলতোলা বা ফুলকাটা আছে)] বিণ, (কাপড়ের আঁচলায়) গুলকারীযুক্ত ; গুলদার ; কল্কাতোলা ; কুঞ্জ-করাও বলে। **কুঞ্জদার সাড়ী**—আঁচলায় ফুলতোলা বা ফুলের কাজ করা শাড়ী ; কল্কাদার কাপড়।

কুঞ্জবন (কুন্‌জোবন) [কুঞ্জ—বন] বি, কুঞ্জকানন দ্রঃ। প্র—"কুঞ্জবনমে আবলো" —রবীন্দ্র।

কুঞ্জবাটিকা, বাটী [কুঞ্জ—বাটিকা, বাটী (গৃহ, আশ্রম)] বি, বৈষ্ণবদিগের সাধনাশ্রম ; কুঞ্জবাড়ী।

কুঞ্জর ((র্) [কুঞ্জ (হস্তীর দন্ত) + র (অস্ত্যর্থে)] বি, পুং, করী ; হস্তী। ২। কোন শব্দের পরে প্রয়োগ করিলে শ্রেষ্ঠ বুঝায় যথা—নরকুঞ্জর ; বীরকুঞ্জর। ৩। [বৈদ্যকে] অশ্বত্থবৃক্ষ। ২। কেশ। ৪। দেশবিশেষ। ৫। পৃথিবীর দক্ষিণদিগ্বর্ত্তী পর্ব্বতবিশেষ। স্ত্রী, **কুঞ্জরী**—হস্তিনী। ২। ধাইফুলের গাছ। **কুঞ্জর-বদন**—গণেশ (কবিক)।

কুঞ্জরাশন (ন্) [কুঞ্জর + অশন] বি, অশ্বত্থ বৃক্ষ।

কুঞ্জরাসন (শন্) [কুঞ্জরের আসনের মত আসন] বি, ক্লী, রুদ্রযামলোক্ত তন্ত্রসাধনের আসনবিশেষ।

কুঞ্জরাস্য (কুন্‌জরাশ্‌শো) [কুঞ্জরের আস্য মুখ, ৬তৎ] বি, ক্লী, হস্তিশুণ্ড। ২। হস্তিতুণ্ড। ৩। [কুঞ্জরের আস্যের মতন আস্য হইয়াছে, যাহার, বহু] দক্ষিণ সাগরস্থিত একপ্রকার মকরবিশেষ। ইহাদের মধ্যে পুংজাতির ওষ্ঠ কিঞ্চিৎ লম্বা, দেখিতে হস্তীর শুণ্ডের মত।

কুঞ্জল (ল্) [কু (কুৎসিত) জল, কর্ম্মধা। ঞ্ আগম] বি, পুং, কাঁজী, আমানি।

কুঞ্জলতা [সং] বি, স্ত্রী, কুঞ্জনির্ম্মাণকারী পুষ্পলতাবিশেষ ; quamoclit pinnata ; এই লতা গাছে চড়িয়া গাছ ঢাকিয়া কুঞ্জগৃহের মত করিয়া ফেলে বলিয়া ইহার নামান্তর "তরুলতা"।

(সং) বি, স্ত্রী, কৃষ্ণজীরক। ২। নিকুঞ্জাম্রবৃক্ষ।

কুট (ট্) [কুট্ (বক্র গমন করা) + অ (অধি, সংজ্ঞার্থে ক) যাহাতে কিঞ্চিৎ বক্রভাবে গমন করিতে হয়] বি, পুং, দুর্গ ; গড়। ২। বৃক্ষ। ৩। [সং—কুট্ট হইতে] পাথর-ভাঙ্গা হাতুড়ী। ৪। পর্ব্বত ; পর্ব্বতশৃঙ্গ। ৫। পুং, ক্লী, ঘট ; কলসী। স্ত্রী—**কুটি, কুটী**—বাটী ; বাড়ী। ২। ব্যবসায় বাণিজ্যের কার্য্যালয় ; গদী। ৩। ক্ষুদ্র পর্ণকুটীর ; কুঁড়ে। ৪। [কর্ত্তৃ—ক] কুট্টনী। ৫। [ভাবে—ক] কুটিলতা।

কুট (টো) [কুটা দ্রঃ] বি, তৃণ ; খড়ের ক্ষুদ্র খণ্ড।

কুট (ট্) [সং—কুট্, কুট্ট্ (ছেদনে—তাহা হইতে দংশনে)] বি, দংশনের প্রকারভেদ ; সরু দাঁতের কামড়। মোটাদাঁতের তীব্র কামড় হইলে—কট ; তীব্রতর হইলে কটাৎ বা কটাস্। কমতীব্রস্থলে 'কুটুৎ,' 'কুটুস্'। প্র—বড় ইঁদুর কট করে কামড়ে দেয়, পোকা, পিঁপড়ে কুট করে কামড়ায়। ক্রমাগত কুট করিয়া কামড়াইলে—'**কুটকুট**'। প্র—ছারপোকা কুটকুট করিয়া কামড়ায়। ২। দূষণ ; গালিদান। **গাল কুট করা**—গালি দেওয়া ও নিন্দা করা। কুটন দ্রঃ।

কুট (ট্) [কুষ্ঠ দ্রঃ। সং—কুষ্ঠের গ্রাম্য উচ্চারণ] বি, কুষ্ঠ।

কুটকুট (ট্ ট্) [আবৃত্তি অর্থে দ্বিত্ব। কুট দ্রঃ] বি, ক্রমাগত কুট করিয়া কামড় : অল্পদংশন। প্র—"কামড়ায়ে কুট্‌কুট্ ফুলাবেক অঙ্গ। চঞ্চল হইয়া চন্দ্রচূড় দিবে ভঙ্গ।" —শিবায়ন। ২। অল্পদংশনজনিত বেদনা।

কুটকুট (ট্ ট্) [সং—কুণ্ড্—বিকলীকরণে] বি, কণ্ডূতি ; কণ্ডূয়নের জন্য অস্বস্তি বোধ। বিণ, **কুটকুটিয়া, কুট্‌কুটে।** ক্রি, **কুটকুটান** (নো)—কুটকুট করা : কণ্ডূয়নের জন্য সড়সড় করা। প্র—গা কুটকুট করা ; মুখ কুটকুট করা। কুটকুটান হইতে—বি, **কুটকুটানি, কুটকুটুনি**—কণ্ডূয়ন ; কামড়ানি ; অস্থিরতা। **পয়সার কুটকুটানি, টুনি**—ধূলায় কুটকুট করিলে গা ঝাড়িয়া ফেলিলে কুটকুটানি ভাল হয়। তাহা হইতে—টাকা পয়সা অর্থাৎ অর্থ থাকিতে তাহা খরচ করিয়া ফেলিবার জন্য অস্বস্তি। **কুটকুট কামড় খাওয়া**—[কীটাদির ক্রমাগত দংশনের ভাব হইতে] ধীরভাবে অথচ হৃদয় বিদ্ধ করে এমন শক্ত শক্ত কথা শুনাইয়া দেওয়া ; বিঁধাইয়া বিঁধাইয়া বলা।

কুটঙ্ক [কু (গৃহভূমি) টঙ্ক্ (আচ্ছাদন করা) + অ (করণে, সংজ্ঞার্থে—ঘঞ্ যাহাদ্বারা গৃহের আচ্ছাদন করা হয়)] বি, পুং, গৃহের আচ্ছাদন ; চাল।

কুটঙ্গক (কুটংগক্) [কুট—অঙ্গ + ক (সংজ্ঞার্থে—নিপাতনে সিদ্ধ) অথবা কুট (বক্র) হইয়াছে অঙ্গ (অবয়ব) যাহার, বহু। নিপাতনে অঙ্গের 'অ' লোপ] বি, পুং, যে ছাদ বা চাল বক্রভাবে রচিত হয়। ২। লতা-নির্ম্মিত গৃহ; নিকুঞ্জ। ৩। নল বা বংশ রচিত পাত্রবিশেষ ; ডোল ; ইহাতে ধান্যাদি শস্য রাখা হয়।

কুটজ (জ্) [কূট (পর্ব্বতের শৃঙ্গ) জ (কর্ত্তৃ—ড প্রত্যয়ান্ত জন ধাতুজ) ৭ তৎ। কূ = কু] বি, পুং, গিরিমল্লিকা ফুলের গাছ ; কুড়চীগাছ ; holarrhena anti dysenterica. ২। [কুট (কুম্ভ)—জ (জাত)] কুম্ভজাত ; দ্রোণাচার্য্য ; অগস্ত্য। **কুটজপুটপাক** (ক্), কুটজরস (শ্)—কুড়চী ঘটিত আয়ুর্ব্বেদীয় ঔষধবিশেষ।

কুটজগতি (গোতি) [সং] বি, স্ত্রী, সংস্কৃত ছন্দোবিশেষ।

কুটজবীজ (বীজ্) বি, ক্লী, ইন্দ্রযব।

কুটজা [সং] বি, স্ত্রী, সংস্কৃত ছন্দোবিশেষ।

কুটন (কুটোন্) [সং—কুটন। হি—কুট্না গ্রা—কোটোন। প্র—কুট্নো কোটোন্ বাট্না বাটোন] বি. কুট্টিত করণ ; খণ্ড খণ্ড করণ। কুট্না কুটা। ২। চূর্ণন ; গুঁড়ন : পিষ্ট করণ। ণিজন্ত—কুটান।

কুটনা (ট্) [সং—কুট্টন গ্রা—কুট্নো] বি. রন্ধনার্থ ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডে কর্ত্তিত তরকারী ; যাহা কর্ত্তন করা হয়। **কুটনা কুটা, কোটা**—রন্ধনের জন্য শাক শবজী—খণ্ড খণ্ড করিয়া কাটা ; রন্ধনের উপযোগী করিয়া তরকারী ছেদন করা। প্র—"তোমরা স্বয়ং কুট্নো কোটো বাটনা বাটো দাও লক্ষ্মী পূজার আল্পনা"—অমৃত বসু।

কুটনী, নী (ট্) [সং—কুট্টনী। বাং—তে 'কুটিনী'ও হয় (অ, ম.)] বি, স্ত্রী, (কদর্থে) যে নায়ক-নায়িকার মিলন ঘটায় ; কুচরিত্র পুরুষের সহিত যে কুচরিত্রা নারীর সংঘটন করাইয়া দেয় ; সম্ভটিকা ; দূতী। প্র—কুটনী গস্তানী বড় যে মস্তানী উভে উভে দিব শূলে।"—ভারতচন্দ্র। পুং—**কোট্না**। **কুটনী পনা, গিরি**—নীচ দূতীর দৌত্য-কার্য্য ; কুটনীর ব্যবসায় বা আচরণ।

কুটন্নট (কুটোন্নট্) বি. পুং. শোণাক গাছ। ২। ক্লী. কেশুর। ৩। নাগরমুতা। ৪। পালমশাক।

কুটপাট, কুটিপাটি (টো,ট্) [সং—প্রাক্ কুট্টিত—পাট্টিত ; সং—কুট্ (ছেদনে) পট্ (ছেদনে) তাহা হইতে, খণ্ড খণ্ড এই ভাব। তুল—আহ্লাদে আটখানা (রূপকার্থ)] ক্রি, বিণ, অত্যন্ত আহ্লাদ ; অট্টহাস্য। প্র—হারাণী হাসিয়া কুটপাট।—বঙ্কিম (ইন্দিরা)।

কুটর (র্) [সং] বি. পুং. বন্ধন স্তম্ভ। ২। মন্থনদণ্ডস্থিত রজ্জু। ৩। তেউড়ী।

কুটরু (ট্) [সং—কুটীর। গ্রা] বি. পুং. তাঁবু ; বস্ত্রনির্ম্মিত ক্ষুদ্র গৃহ ; কুটুরি দ্রঃ।

কুটল (ল) [কুট (গৃহ) লা (গ্রহণ করা, আচ্ছাদন করা) + অ (করণে ড, সংজ্ঞার্থে)] বি, ক্লী, যাহাদ্বারা গৃহের উপরিভাগ আচ্ছাদন করে ; গৃহের চাল বা ছাদ।

কুটা [কুট, কুটি দ্রঃ। গ্রা—কুটো বা কুট] বি, খড়ের টুক্রা, তৃণাদির খণ্ড। প্র—"পরাণে কাতর যম পড়িল ভূমেতে। শিবের কিঙ্কর বলি কুটা নিল দাঁতে॥"—কবিক। **কাটকুটা**—কাষ্ঠ ও তৃণাদি। **খড়-কুটা**—খড় এবং তৃণ। **দাঁতে কুটা করা বা লওয়া**—আত্যন্তিক বিনয় প্রকাশ করা ; একান্ত হীনতা ও বশ্যতা স্বীকার করা। [দ্রঃ—কাষ্ঠ হইতে কাঠ=কাট। কাটের শলাকা বা সরু খণ্ড—কাঠি=কাটি। খড়ের কাঠি=খড়কাটি=খড়কিয়া=খড়কে। খড়-কিয়ার ক্ষুদ্র খণ্ড=কুটা। কুটার কর্ত্তিত বা কুট্টিতখণ্ড=কুটি ; কুটি অর্থাৎ কুটা বা তৃণের কুঁচি]।

কুটা [গ্রা—কোটা ; সং—কুট্ (ছেদনে=কাটা ছেঁচা—চূর্ণ করা) ; হি—কুটনা। উ-পু—কুটি। ম-পু—কুট ; কুটুন ; কুটু, কোটু। প্র-পু—কুটে, কোটে। অস-ক্রি, কুটিতে ; কুটিয়া ; কুটে। ণিজন্ত-কুটান (নো)] ক্রি, ছেঁচিয়া চূর্ণ করা। প্র—হলুদ কুটা ; চিঁড়া কুটা ; ঔষধ কুটা ; দোক্তা কুটা। **কাটা-কুটা**—ছেদন এবং চূর্ণ-করণ ; কাটা এবং ছেঁলান। **মাথাকুটা**—মাথা খোঁড়া ; মাথা ঠোকা। **মাথা কুটাকুটি করা**—নির্ব্বন্ধাতিশয়ে অনুরোধ উপরোধ করা ; জিদ করা ; সাধ্যসাধনা করা ; ঝুলোঝুলি করা। **চাউল কুটা**—চাউল চূর্ণ করা ; চাল গুঁড়ান। **কুটা-চাউল** (কুট্টিত চাউল) বিণ, চালের গুঁড়ি। **মাছ কুটা, কোটা**—রন্ধনের জন্য মাছ খণ্ড খণ্ড করিয়া কাটা এবং আঁশ পোঁটা প্রভৃতি বাছিয়া ফেলিয়া দেওয়া। **মেরে কুটে দেওয়া**—গুরুতর আঘাতে সর্ব্বাঙ্গ ক্ষতবিক্ষত করা ; প্রহারে অস্থি চূর্ণ করা। **ছেঁচে কুটে যাওয়া**—আহত এবং ছিন্ন হওয়া ; ছেঁচা ও কুটা প্রায় একার্থক। ছেঁচিতে ছেঁচিতে ছিন্ন করাকেও কুটা বলে। প্র—কি জানি কি শেল বাণ, ছেঁচেকুটে ছিঁড়ে প্রাণ।" —কস্তুরী।

কুটাঘাত (ত্) [কুট (হাতুড়ি) দ্বারা আঘাত (প্রহার) ৩তৎ] বি, পুং, হাতুড়ি দ্বারা আঘাত ; হাতুড়ির ঘা।

কুটান (নো) কুটা দ্রঃ।

কুটি [সং—কুটীর] বি, স্ত্রী, ক্ষুদ্র এবং অনুন্নত পর্ণগৃহ ; কুঁড়ে ঘর ; মৃন্ময়গৃহ। পুং, কোঠা ; পাকাঘর। ২। [হি—কোঠী, কুঠী দ্রঃ] বড় পাকাবাড়ী। ৩। মহাজনদিগের কার্য্যস্থান ; বাণিজ্যালয় ; হৌস বা হাউস (ইং—house) প্র—"নামেতে নীলের কুটি।" —ঈশ্বর গুপ্ত।

কুটি [হি—কুট্টী। কুটা দ্রঃ] বি, কুটিয়া বা কাটিয়া ছোট করা খড় বা তৃণ ; পোয়াল। ক্রি, **কুটি করা**—কাটিয়া কুটি প্রস্তুত করা। **কুটিকুটি করা**—ক্রমাগত কাটিয়া খুব ছোট ছোট খণ্ড করা ; ঘুনকুচি করা ; কুঁচি কুঁচি করা ; টুকরা টুকরা করা। **হেঁসে কুটিকুটি**—আহ্লাদে আটখানা। **কুটি-পাটি**—কুটপাট দ্রঃ।

কুটিনাটি, খুটিনাটি [কুটি, খুটি (কুট্ ছেদনে, খট্, খুণ্ড্ খণ্ডনে, ভেদনে) নাটি (নট্—হিংসনে)] বি, খণ্ডখণ্ড বা সামান্য বিষয় লইয়া বিবাদ বা বাদানুবাদ। প্র—"অতএব গৃহে তুমি কৃষ্ণ ভজ গিয়া। কুটি-নাটি পরিহর একান্ত হইয়া॥"—চৈতন্য ভাগবত। ২। ক্ষুদ্র ক্ষুদ্র বিষয় ; পুঙ্খানুপুঙ্খ বিষয়। প্র—ব্যবসায়ের প্রত্যেক খুটিনাটির প্রতি লক্ষ্য রাখা আবশ্যক।

কুটিনী [কুটনী দ্রঃ] বি, স্ত্রী, নায়ক-নায়িকার মিলনসংঘটিকা ; দূতী। প্র—"সাপের বাসায় ভেকেরে নাচায়, কেমন কুটিনী সে বা" —ভারতচন্দ্র।

কুটিয়া, কুঠিয়া [গ্রা—কুটে, ঠে। কুট—কুষ্ঠ (কুষ্ঠব্যাধি) + ইয়া (যুক্তার্থে)] বিণ, যাহার কুষ্ঠব্যাধি আছে ; মহাব্যাধিগ্রস্ত। প্র—কানাকুটে।

কুটির, কুটীর (র্) [কোট্ট=কুট+ইর—ঈর অল্পার্থে। বৃহদর্থে কোটা। কুটীর অপেক্ষা ক্ষুদ্র কুটী] বি, পুং, তৃণ বা পত্রনির্ম্মিত গৃহ ; পর্ণশালা ; ক্ষুদ্র গৃহ ; ছোট ঘর ; কুঁড়ে ঘর। ২। বাসভবন ; বাসস্থান।

(ল্) [কুটি (বক্রতা) + ল (অস্ত্যর্থে) কিম্বা কুট্ (বন্ধনে) + ইল (অস্ত্যর্থে)] বিণ, যাহার কুটিলতা আছে ; বক্র ; যাহা ঋজু বা সোজা নহে। ২। খল ; চক্রী ; শঠ ; কপট। প্র—কুটিল স্বভাব। বি, কুটিলতা ; কৌটিল্য। ৩। ক্লী, পিণ্ডীতগর পুষ্প। ৪। বেতো শাক। ৮ম হইতে ১১শ শতাব্দীর ভারতীয় লিপিবিশেষ। স্ত্রী, **কুটিলা**—সরস্বতী নদী। ২। আয়ানের ভগিনী ; রাধিকার ননদিনী। প্র—জটিলা, কুটিলা। ৩। অসবর্ণ নামক গন্ধ তৃণ। ৪। সংস্কৃত ছন্দোবিশেষ ; কুটিলা ছন্দ।

কুটিলগ [কুটিল (বক্র) গ (যে গমন করে) গম্ ধাতু কর্ত্তৃ—ড প্রত্যয়ান্ত] বিণ, যে বক্র ভাবে গমন করে ; বক্রগামী। ২। বি, পুং, সর্প। স্ত্রী—**কুটিলগা**—বক্রগামিনী নদী।

কুটি, কুটী, কুঠী (কুটি) [সং—কুটীর। হি—কোঠি। ক্ষুদ্রার্থে—ই, ঈ। বৃহদর্থে কোটা, হি—কোঠা। প্র—"অফিস কোটা] বি, কর্ম্মস্থান ; অপিস ; গদি। **কুটীয়াল**—যাহারা অপিসে কাজ করে। ২। যাহাদের কুটী আছে ; মহাজন ; গদিয়ান। ৩। ভাণ্ডার ; আগার। প্র—"এই সংসার সুখের কুটী যার যেমন মন তেমি ধন, মনকে কর পরিপাটী॥"—আজু গোঁসাই। **খড়কুটি, খড়কুটা**—খড়ের পালা। ২। খড়ের

ক্ষুদ্র খণ্ড। **কুটীপাটী, কুটিপাটি**—কুটি-কুটি ; খণ্ডখণ্ড। তুল—আহ্লাদে আটখানা।

কুটী (কুটি) [কুটীর (দ্রঃ)] বি, (মৌলিক অর্থ) ক্ষুদ্রতর কুটীর। ২। (পরে কুঠি অর্থে) মহাজনের গদী ; কর্ম্মস্থান ; বাণিজ্যালয়। কুঠি দ্রঃ। বৃহদর্থে কোটা। **কুটীয়াল**—কুঠিয়াল দ্রঃ।

কুটুম (ম্) কুটুম্ব দ্রঃ। **বড়কুটুম** [প্রাদে। উপহাসে] সম্বন্ধী, শ্যালক। **কুটুম-সাক্ষাৎ** [সঙ্গী—স্যাঙাৎ—সাক্ষাৎ] কুটুম্ব এবং বন্ধু ; আত্মীয় বান্ধব। ২। [সাক্ষাৎ মূল অর্থে] নিমন্ত্রিত এবং অনাহূত। **লোককুটুম**—জ্ঞাতি এবং প্রতিবেশী।

কুটুম্ব (কুটুম্‌বো) [প্রা—কুটুম্ব ; কুটুম্। কুটুম্ব্ (পালন করা, পোষণ করা) + অ (কর্ম্মে সংজ্ঞার্থে, অল্) যাহাকে পালন বা পোষণ করা হয়] বি, পুং, ক্লী, স্বগোত্রজ ; আত্মীয় ; জ্ঞাতি ; যাহার সহিত বংশগত সম্বন্ধ আছে। ২। বিবাহাদি সম্বন্ধে আপনার জন। ৩। পরিজন ; পোষ্যবর্গ। ৪। বান্ধব। **কুটুম্ব-সাক্ষাৎ**—আহূত এবং অনাহূত। প্র—কুটুম্ব সাক্ষাৎ ঘরে আসিলে যথারীতি আদর যত্ন করা কর্ত্তব্য। **আত্মীয়কুটুম্ব**—আত্মীয়।

'তা [প্রা—কুটুম্বিতে। সং, শব্দ—কুটুম্ব +তা (ভাবে)] বি, আত্মীয়তা ; আদান প্রদানের দ্বারা সম্বন্ধ-স্থাপন বা ঘনিষ্ঠতা। প্র—"চোরে চোরে কুটুম্বিতে আসা যাওয়া রেতে রেতে"—গোপাল উড়ে। **কুটুম কুটুম্বিতা**—কুটুম্বের সহিত কুটুম্বিতা বা লৌকিকতা ; কুটুম্বের সহিত তদ্বৎ ব্যবহার।

কুটুম্বী (কুটুম্‌বি) [কুটুম্ব+ইন্ (অস্ত্যর্থে—কুটম্বিন্ ১মা, ১ব] বি, পুং, যাহার কুটুম্ব আছে ; গৃহস্থ। স্ত্রী, **কুটুম্বিনী**—কুটুম্ব-বিশিষ্টা স্ত্রী ; যাহার পতি, পুত্র, দুহিতা, দৌহিত্র প্রভৃতি আছে ; গৃহিণী। ২। স্ত্রী-কুটুম্ব। ৩। ক্ষীরিণী বৃক্ষ।

কুটুর (র্) [কুট এই রব। 'কটর' অপেক্ষা লঘু] বি, কাষ্ঠাদির স্থায় কঠিন বস্তু ইন্দুরাদির সূক্ষ্ম দন্তদ্বারা কর্তন শব্দ। **কুটুর কুটুর**—ক্রমাগত ঐ শব্দ। **কুটুর কাটুর** [ব্যাপ্তি অর্থে অথবা প্রকারভেদে আ] স্থানে স্থানে কুটুর কুটুর করিয়া কাটিবার শব্দ অথবা লঘু এবং কঠোর চর্ব্বণে কর্তন শব্দ। 'কাটুর কুটুর'ও বলে। ইন্দুরে মাটি কাটিয়া ফেলিবার শব্দ।

কুটেল (ল্) [হি—কোঠী (কুটি) বালা (ওয়াল্)—কোঠীবাল। বাং—কুটিয়াল—কুটেল] বি, যাহার কুটি আছে ; কুঠেল দ্রঃ। ২। নীলকুঠির অধিকারী। প্র—"একেত মাগ্‌গি গণ্ডা লুটে তায় কুটেল যণ্ডা।"—ঈশ্বরগুপ্ত।

কুট্টক (ক্) [কুট্ট্ (কোটা) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বিণ, যে ছেদন করে ; কর্তক; ছেদক। প্র—"অশ্মকুট্টক"। ২। বি, পুং, লীলাবতী-প্রোক্ত গুণকাঙ্কবিশেষ।

কুট্টন (ন্) [প্রা—কোটন। কুট্ট (কর্তন করা + অণ, ভাবে—অনট্)] বি, ক্লী, কর্তন ; ছেদন ; কাটন। ২। খনন ; খোঁড়ন। ৩। পিষ্টকরণ ; পেঁৎলান ; ছেঁচা। ৪। গালি দেওয়া ; নিন্দন ; দূষণ।

স্ত্রী, **কুট্টনী**—দূতী

কুট্টনীপনা (প, পো) বি, দূতীপনা : ঘটকতা। ২। যে নারী কুচরিত্র পুরুষ ও কুচরিত্রা নারীর যোজকতার কার্য্য করে।

কুট্টমিত [কুট্ট্ +অ (ভাবে) = কুট্ট—অম্ (সেবা করা) + ইত] বি, ক্লী, স্ত্রীলোকের বিলাস-বিশেষ : নায়কের সংস্পর্শে মনস্তুষ্টি হইলেও এরূপ করিও না ইহা বুঝাইবার নিমিত্ত হস্ত ও মস্তক সঞ্চালনের নাম কুট্টমিত।

কুট্টিত [কুট্ট+ত (কর্ম্মে—ক্ত) যাহাকে ছেদন করা হয়] বিণ, কর্ত্তিত ; খণ্ডিত ; ছেদিত। ২। পিষ্ট ; চূর্ণীকৃত।

কুট্টিম (ম্) [কুট্ট+ইম (সংজ্ঞার্থে] বি, পুং, ক্লী, রত্নের আকর। ২। মসৃণ ভূমি। ৩। চাতাল। ৪। বদ্ধভূমি ; পাকা মেজে। প্র—গৃহ-কুট্টিম। ৫। দাড়িম্ববৃক্ষ। ৬। ক্ষুদ্রগৃহ ; কুটীর ; কুঁড়েঘর।

কুট্টির, ট্টীর (র্) [সং] বি, ক্ষুদ্র পাহাড়।

', **কুড্মল** (কুটমল্) [কুট্, কুড্ (কর্তন করা, বিকাশ পাওয়া) + মল (কর্তৃ-সংজ্ঞার্থে) যে বিকাশ পায়] বি, পুং, ক্লী, কিঞ্চিৎ প্রকাশিত পুষ্পের মুকুল ; কলিকা ; ফুলের কুঁড়ি। ২। [অধি—মল (পাপ ভোগ হয় যেখানে)] ক্লী, নরকবিশেষ : এই নরকে পাপী রজ্জুবন্ধনের যন্ত্রণা ভোগ করে বলিয়া উক্ত হইয়াছে।

কুট্মলিত (কুটমোলিত) [কুট্মল+ইত (যুক্তার্থে)] বিণ, কলিকাবিশিষ্ট ; মুকুলিত। যাহার মুকুল বহির্গত হইয়াছে।

কুঠ (ট্) [সং—কুষ্ঠ ; পা—কুট্‌ঠং। বাং—'কুড়'ও বলে] বি, রোগবিশেষ। ২। [কু (শব্দ করা) + ঠ (অধি) যেখানে থাকিয়া পক্ষীরা শব্দ করে। অথবা কু (পৃথিবী) স্থা (থাকা) + অ (কর্ত্তৃ—ড), আ লোপ, স্থ=ঠ (যাহারা পৃথিবীতে সংলগ্ন হইয়া থাকে) কিম্বা কুঠ্ (ছেদন করা) + অ (কর্ম্মে—সংজ্ঞার্থে) যাহাকে কাষ্ঠচ্ছেদকেরা ছেদন করে] বি, পুং, কাষ্ঠ ; কাঠ ; মহীরুহ ; পাদপ ; বৃক্ষ [বিরল] ৩। কুড়গাছ।

কুঠর (র্) [সং] বি, পুং, বন্ধনস্তম্ভ ; যে খুঁটীতে মন্থনের দণ্ড বা মউনি বাঁধে।

কুঠরী (ঠ্) [সং—কুটীর ; হি—কোঠরী] বি, ছোট ঘর ; কুটীর অন্তর্গত গৃহ। ২। কোঠা ঘর ; পাকা ঘর।

কুঠাটঙ্ক [কুঠ (বৃক্ষ) টন্‌ক্ (কর্তন করা কাটা) + অ (করণে—সংজ্ঞার্থে—অল্) যাহা দ্বারা বৃক্ষ কাটা হয়] বি, পুং, কাষ্ঠকর্তরি ; কুড়ালি। ২। বাইস ; টাঙ্গি।

কুঠার (র্) [কুঠ্ (বৃক্ষ) ঋ (প্রাপ্ত হওয়া) + অ (কর্ত্তৃ-সংজ্ঞার্থে—ঘঞ্) কিম্বা কুঠ্ (ছেদন করা) + আর (করণে—সংজ্ঞার্থে) যাহা দ্বারা ছেদন করা যায়] বি, পুং, কাষ্ঠচ্ছেদক ; কুড়ালি ; বাইস ; টাঙ্গী।

কুঠারু [কুঠ (বৃক্ষ) ঋ (গমন করা) + উ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে) যে বৃক্ষে আরোহণ করে] বি, পুং, বানর। ২। [কুঠার (কুড়ালি) + উ (করণে—সংজ্ঞার্থে) যাহার দ্বারা কুড়ালি প্রভৃতি প্রস্তুত হয়] অস্ত্রনির্ম্মাণকারী। [কুঠ্ (ছেদন করা) + আরু (কর্ম্মে—সংজ্ঞার্থে) যাহাকে ছেদন করা হয়] বৃক্ষ। [প্র, অ,]

কুঠি [হি—কোঠী কুটি দ্রঃ] বি, কার্য্যালয় ; বাণিজ্যালয়। ২। অট্টালিকা ; বাংলা (bungalow.) প্র—"কুঠি নিলে বাড়ী ছেড়ে সাহেব পাড়ায়।"—হেমচন্দ্র।

কুঠিয়াল (ল্) [হি—কোঠী বলে] বি, নীল কুঠির কার্য্যকারী লোক। প্র—"কুঠিয়াল বিচারকারী লাঠিয়াল সহকারী॥" ২। বণিক ; সওদাগর।

কুঠীবালা, কুঠীওয়ালা (হি) বিণ, বণিক : সওদাগর। ২। যাঁহারা ধরাট বা কমিশন লইয়া হুণ্ডী প্রভৃতি দ্বারা টাকার চালানী কারবার করেন।

কুঠেল (ল্) [হি—কোঠীবাল। বাং—কুঠিয়াল—কুঠেল] বিণ, কুঠির লোক ; নীল কুঠির অধিকারী। ২। সওদাগর ; বণিক। প্র—"তাঁর টাকা তাঁর কড়ি তাঁরি লোকজন। মাঝে থেকে লুটে খায় কুঠেল যবন॥" —হেমবন্দ্যো।

কুড় (ড়্) [আ—কুল্ (তমাম, সমুদয়) ল= ড়] বিণ, সমস্ত ; বেবাক। **উড়কুড়**—সমস্ত উড়া ; সর্ব্বনাশ, নিঃশেষ। তুল—পাট উঠা।

কুড় (ড়্) [সং—কুল] বি, রাশি ; স্তূপ। প্র—কাঁটার কুড় ; পাঁশ কুড়। ২। [কুণ্ড—কুঁড়] বি, কুণ্ড ; পাত্র। ৩। [সং—কুট ; কুষ্ঠ ; পা—কুট্ঠ ; হি—কুড়] বি, কুড় নামক ঔষধ। প্র—কুড় বাবুইয়ের পাচন। ৪।

[কুষ্ঠ—কুঠ—কুড় ; হি—কোড়ী] বিণ, কুষ্ঠ-রোগগ্রস্ত। প্র—"কুড়ের বাগান বৈদ্যনাথ" —প্রবাদ

কুড় (ড়) [কুড় এই শব্দ] বি, অনুকার শব্দ **কুড়কুড়** (ড়, ড়)—কড়কড় শব্দের কোমল বা স্বল্পার্থক। শুষ্ক বা উষ্ণ চর্ব্ব্য যথা—পাঁপর ভাজা, বড়ী ভাজা, পাতখোলা প্রভৃতি চর্ব্বণের শব্দ। ক্রি, **কুড়কুড়ান** (নো)—ঐরূপ শব্দ হওয়া বা করা। প্র—"আবার কুড়-কুড়ায় তাতে"—বাং-গান। **কুড়মুড়**—ড় অপেক্ষাও লঘু শব্দ। গরম গরম কড়াই মুড়ি চিবাইবার শব্দ। কুড়+মুড় (মড়-মড় অপেক্ষা লঘু শব্দ। মর্ম্মর হইতে মুর্মুর) ক্রি, **কুড়মুড়ান**—কুড়মুড় শব্দ হওয়া বা করা। বি, **কুড়মুড়ানি**।

কুড়ন (কুড়োন্) [কুড় দ্রঃ। কুড় করণ=কুড়ন বি, সংগ্রহ ; রাশি করণ ; চয়ন ; আহরণ। ২। [খণ্ডন—খুঁড়ন—কুড়ন] বিদারণ ; খনন। ৩। (কুড়োনো) ক্রি, বিক্ষিপ্ত বস্তু তুলিয়া লওয়া ; রাশীকৃত করা ; জড় করা। ৪। পতিত বস্তু উঠাইয়া লওয়া। প্র—"গাছেরও পাড়বে তলারও কুড়াবে।"—প্রবচন। ৫। (কুড়োনো) [**কুড়নিয়া, কুড়নে, কুড়ুনে**] বিণ, যাহা কুড়াইয়া লওয়া হইয়াছে ; সংগৃহীত ; যাহা পড়িয়াছিল তাহা তুলিয়া লওয়া হইয়াছে। **হাটকুড়নে**—হাটের পরিত্যক্ত এবং যাহা ক্রীত নহে ; কুড়াইয়া পাওয়া। ২। (অর্থ সম্প্রসারণে) যাহা যম কর্ত্তৃক পরিত্যক্ত বা অযত্নের বস্তু স্বরূপ পতিত ছিল এবং কুড়াইয়া লওয়া হইয়াছে। এই ভাব হইতে, সন্তান হইয়া না বাঁচিলে কয়েকটীর মৃত্যুর পর পিতামাতা পুত্রের নাম রাখে কুড়নিয়া, কুড়ুনে, কুড় এবং কন্যার নাম রাখে কুড়ুনী। তুল—হারান, হারানী ; ফেলা, ফেলী, ইত্যাদি।

কুড়প, কুড়ব (প, ব) [সং—কুড়ব] বি, পুং, প্রস্থের চতুর্থ ভাগরূপ পরিমাণবিশেষ। ২। চার আঙ্গুল চওড়া ও চার আঙ্গুল গভীর চাউল মাপিবার কাঠের কুনিকা। ৪ কুনিকা পরিমাণে এক রেক ; কেটে। ২। শাস্ত্র। ৩। ১২ মুষ্টিতে এক কুড়বা এবং ৪ কুড়বে এক প্রস্থ। ৪। [বৈদ্যকে] ৩২ তোলা পরিমাণ। ৫। বিঘা পরিমাণ। কুড়বা দ্রঃ।

কুড়বা [সং—কুড়ব। কুড়প দ্রঃ] বি, ভূমির পরিমাণবিশেষ ; ২০ কাঠায় এক কুড়বা ; বিঘা। প্র—"কুড়বা কুড়বা কুড়বা লিজ্যে" কাঠায় কুড়বা কাঠা লিজ্যে।"—শুভঙ্করী। "লিজ্যে"=হি—লিজিয়ে=গ্রহণ করুন ; হিসাবে ধরুন।

কুড়ল (ল্) [সং—কুরর] বি, মৎস্যভোজী পক্ষিবিশেষ ; মাছরাঙা পাখী। ২। [কুণ্ডল —কুঁড়ল—কুড়ল প্রাদে] বি, সর্পের কুণ্ডল কোঁড়ল (গ্রা)। ৩। খোড়ল ; গর্ত্ত।

কুড়া [প্রাদে—উচ্চারণে কুলা ও বলে। সং—কূল =স্তূপ, রাশি ; মঃ, ওড়ি—কূড় ("ড়" ও "ল"র মধ্যবর্ত্তী উচ্চারণ)] বি, স্ত্রী, ভূমির পরিমাণ ; বিঘা। প্র—"মাপে কোণে দিয়া দড়া, পনর কাঠায় কুড়া, নাহি শুনে প্রজার গোহারি।"—কবিক। [জরিপে, আকবরী পরিমাণ] ইং—$22\frac{1}{2}$ ইঞ্চি=এক হাত, ১০০ হাত প্রস্থ ভূমি=১ কুলা বা কুড়া বা বিঘা। দীর্ঘে বেশী প্রস্থে কম হইলেও মোট ১০০০০ বর্গ হস্তপরিমাণ হইলেই এক কুড়া বলিয়া গণ্য হইত। ১ কুড়ার বিশ ভাগের একভাগ বা ৫০০ বর্গ হস্তে এক বিশ। ২। [কাণ্ড (ক্ষুদ্রার্থে) কুড়ি, যাহা হইতে গুঁড়ি] কাঠখণ্ড ; তক্তা। প্র—"হীরামুখী পানে যার চন্দনের কুড়া॥"

কুড়া [সং—কট্ট ছেদনে। কুটা গ্রা—কোড়া —খোঁড়া দ্রঃ, উ-পু—কুড়ি। ম-পু—কুড়, কোড়। প্র-পু—কুড়ে, কোড়ে। অস্-ক্রি—কুড়িতে ; কুড়িয়া, কুড়ে] ক্রি, মাটি কাটা ; খনন করা। প্র—"কুড়িতে কুড়িতে ঠেকিল কূর্ম্মর পিঠি"। —শূন্যপুরাণ।

কুড়ানি, নী [কুড়ন দ্রঃ। যে কুড় করে] বি, স্ত্রী, আহরণকারিণী ; যে স্ত্রী কুড়াইয়া সংগ্রহ করে। প্র—কাঠকুড়ানী। ২। অত্যন্ত দরিদ্রা স্ত্রী। যাহার অর্থ বিনিময়ে দ্রব্যাদি ক্রয় করিবার ক্ষমতা নাই। পথে ঘাটে পতিত কাট ঘুঁঠে প্রভৃতি কুড়াইয়া আনে। সুতরাং কাঠকুড়ানী, ঘষীকুড়ানী, ঘুঁটেকুড়ানী, পাতা-কুড়ানী ইত্যাদি অতিশয় দীন-দুঃখী স্ত্রী-লোককে বুঝায়। **পাতা-কুড়ানী**—যে স্ত্রীলোক পরের এঁটোপাত কুড়াইয়া অন্নসংস্থান করে। **কাঠ-কুড়ানি**—যে গাছের শুষ্ক ডাল পালা কুড়াইয়া আনিয়া ইন্ধনের সংস্থান করে। ৩। সন্তান উপর্য্যুপরি মরিয়া যাইবার পর কন্যা হইলে সে জীবিতা থাকিবে বলিয়া জননী তাহার নাম রাখেন কুড়ানী (গ্রা, কুড়ুনী)। তুল—হারানী, ফেলী।

কুড়ারী [কুঠারী] বি, কুঠার। "যষ্টি অবলম্ব নাহি তবদন্ত কুড়ারী বাশি পীড়ন।"—কবিক।

কুড়াল, কুড়ুল (ল্) [সং—কুঠার (র= ল)] বি, কুঠার ; পরশু ; কুড়ালি ; কুঠারী।

কুড়ালি [সং—কুঠার, রী। হি—কুড়ালী—কুহ্লাড়ী] বি, কাঠচ্ছেদক অস্ত্র ; পরশু ; কুঠার। প্র—"প্রজা হইল ব্যাকুলি বেচে ঘরের কুড়ালি টাকার দ্রব্য বেচে দশ আনা॥" —কবিক।

কুড়ি [সং—কোটী—হি—ক্রোরী=কোড়ী ব২ গুণিত কুড়ি। তুল—ইং—score] বিণ, ২০ সংখ্যা ; বিংশতি ; বিশ। প্র—"বুড়ী যে হয়েছে ধুড়ী কাছা কাছি তিন কুড়ি" —কুসুম। ২। [কুষ্ঠ শব্দজ] কুষ্ঠরোগ। প্র—কুড়িকিষ্ট ৩। কুষ্ঠরোগগ্রস্ত। প্র—"কার বহু বেটী কারে দিমু ভেটী যে বলে সে হবে কুড়ি।" —ভারতচন্দ্র।

কুড়িয়া, কুড়ে [কুঁড়ে দ্রঃ] বিণ, অলস।

কুড়িশ (শ্) [সং] বি, পুং, কুড়্চি নামক মৎস্য।

কুড়ুতা, কুড়ুতা [প্রাদে] বি, রাঙতা। প্র—"হলুদ বদলে গোরচনা দিঁড়ু কুড়ুতা বদলে সোনা" —কবিক। কুরুতা দ্রঃ।

কুড্য, কুড্য (কুড্‌ডো) [কুড্ (রাশীকৃত করা)+য (কর্ম্মে—সংজ্ঞার্থে ক্যপ্)] বি, স্ত্রী, গৃহভিত্তি ; দেওয়াল ; ভিৎ ; কাঁথ। ২। ছিটা বেড়া। ৩। ব্যস্ততা বা ব্যগ্রতা। ৪। [ভাবে—ক্যপ্] বিলেপন। ৫। কৌতুক ; কৌতূহল।

কুড়ে [কুড়া দ্রঃ] ক্রি, খোঁড়ে ; খোঁটে ; উৎপাটন করে ; উপড়ায়। প্র—"কোন নারী খেদে কুড়িছে নয়নদ্বয়" —মেঘনাদ। ২। ঠোকে ; আঘাত করে। প্র—"মহারাণী মাথা কুড়ে মনস্তাপ করি" —শিবায়ন।

কুড্যচ্ছেদী [কুড্য (দেয়াল) ছেদী—ছিদ্ (ছেদন করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=ছেদিন্ ১মা, ১ব] বি, পুং, যাহারা অস্ত্র দ্বারা গৃহ ভিত্তি খনন করিয়া চুরি করে ; সিঁদেল চোর।

কুণ (ন্) [কুণ্ (শব্দ করা)+অ (ভাবে—অল্)] বি, বীণাদির শব্দ। **কুণকুণ**—ক্রমাগত ঐরূপ শব্দ। ২। [গ্রা, উচ্চারণে কুনকুন্] পেটের ভিতরে ছুঁচ ফুটাইবার মত বেদনা। বেদনা তীব্রতর হইলে কনকন্। ক্রি, **কুণকুণান, কুনকুনান**। ক্রি-বি, **কুনকুণানি**।

কুণন (কুনন্) [কুণ্ (শব্দ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, কণন ; ধ্বনি ; শব্দ। ২। [প্রাদে] শূলন ; বেধন ; বেদনা।

কুণপ (নপ্) [সং] বি, বেধনাস্ত্রবিশেষ ; বড়সা। ২। শব। **কুণপ-কর্ণিকা**—কালী।

কুণান (নো) [কুণ দ্রঃ] ক্রি, কুণকুণ করা ; বেদনা করা। প্র—পেট কুণান। বি, **কুণানি**।

কুণি, কুণি (নি) [কুণ্ (শব্দ করা, সঙ্কুচিত হওয়া)+ই (কর্ত্তৃ)] বিণ, যে কার্য্য করিয়া সঙ্কুচিত হয় ; কুকর্ম্মকারী। ২। রোগবশতঃ বিকৃত হস্ত। ৩। বি, পুং, তুঁদগাছ। ৪। [হি—কোহ্নী ; সং—কফোণি] কনুই।

কুণিমারা—কণুই প্রহার করা। প্র—"কীল কুণি কুঞ্জরে কুপিয়া মারে যেন।" —ঘনরাম।

কুণী [কুণি দ্রঃ। কোণ হইতে] বি, নখরোগ। ইহা নখের প্রান্তভাগে হইয়া ক্রমশঃ নখকে বিবর্ণ ও নষ্ট করে।

কুণো (নো) [সং—কোণ+উয়া=কোণুয়া—সংক্ষেপে—কুণো] বিণ, কোণসম্বন্ধীয়। ২। কোণপ্রিয়; যে কোণে থাকে; যে ঘরের কোণে স্ত্রীলোকের ন্যায় বা অন্তঃপুরে অবস্থান করে, কিন্তু বাহিরে বড় যায় না। ৩। [ঘরের কোণে সর্ব্বদা থাকা হেতু] মুখচোরা; লজ্জাশীল; লাজুক।

কুণোবেঙ্, ব্যাঙ্ (নো, ব্যা) [সং—কূপমণ্ডূক] বি,—এক জাতীয় মণ্ডূক; যাহারা গৃহকোণে বাসা করিয়া থাকে এবং গৃহেরই চতুঃসীমার মধ্যে বিচরণ করে। ২। [তদ্রূপ প্রকৃতি হইতে] মুখ-চোরা; মেয়েমুখো; পুরুষপ্রকৃতিবিহীন ব্যক্তি; ভীরুস্বভাব ব্যক্তি। প্র—"সে রকম কুণোবেঙ্ হওয়া কি হুজুরের মত লোকের শোভা যায়।"—যোগেশ্বরী (দামোদর)।

কুণ্ঠ (কুন্ঠ) [কুণ্ঠ্ (আলস্য করা)+অ (কর্ত্তৃ—অচ্) যে আলস্য করে] বিণ, আলস্যযুক্ত; অলস; জড়; কুঁড়ে। ২। অকর্ম্মণ্য; অক্ষম। বি, কুণ্ঠা। ৩। সঙ্কুচিত। ৪। কাতর। প্র—ব্যয়কুণ্ঠ। ৫। প্রতিবন্ধ; ব্যাহত। ৬। ভোঁতা (তুল—বিপরীত অর্থে, অকুণ্ঠধার কুঠার)।

কুণ্ঠক (ক্) [কুণ্ঠ+ক (সংজ্ঞার্থে)] বিণ, কুকর্ম্মকারী; কুৎসিত কার্য্যতৎপর; মূর্খ। ২। সসঙ্কোচ; সঙ্কোচকারী।

কুণ্ঠা [কুণ্ঠ দ্রঃ] বি, সঙ্কোচ; জড়তা। ২। লজ্জা। ৩। ভয়।

কুণ্ঠিত [কুণ্ঠ্+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, অপ্রতিভ; অপ্রস্তুত; লজ্জিত; সঙ্কুচিত। ২। কাতর। বি, কুণ্ঠা।

কুণ্ড (কুন্ডো) [কুন্ড (দাহ করা বা রক্ষা করা)+অ (কর্ম্মে—সংজ্ঞার্থে—অল্) যে রক্ষিত হয়] বি, পুং, সধবা স্ত্রীর উপপতিজাত সন্তান; পতি বিদ্যমান থাকিতে স্ত্রীর জারজ পুত্র। ২। [—অধি, অল্] অগ্নি রাখিবার জন্য ভূগর্ভে খনিত গর্ত্ত। ৩। যজ্ঞকুণ্ড। প্র—"কুণ্ড কাটিয়াছি মাসি তোমার মন্দিরে। একটি সাধন আছে সাধিব কালীরে॥" —ভারতচন্দ্র। ৪। জলপাত্র। ৫। কূপ। ৬। জলাশয়তীর্থ; দেব জলাশয়। প্র—রামকুণ্ড; সীতাকুণ্ড। ৭। চৌবাচ্চা। ৮। বৃত্তাকার (গোলাকার) পরিমাপ পাত্র। ৯। আধার; যাহাতে কোন কিছু রাখা যায়। প্র—তাম্রকুণ্ড, ঘৃতকুণ্ড, মধুকুণ্ড প্রভৃতি। স্ত্রী,

কুণ্ডী—কলসী; ঘটী। ২। স্থালী; পাকপাত্র। ৩। কমণ্ডলু।

কুণ্ডকীট (ট্) [সং] বি, পুং, পতিতা ব্রাহ্মণীর সন্তান।

কুণ্ডভেদী (কুনডোভেদি) [কুণ্ড—ভিদ্ (ভেদ করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)—ভেদিন্ ১মা, ১ব] বিণ, যে কুণ্ড ভেদ করে। ২। বি, পুং, ধৃতরাষ্ট্র পুত্রবিশেষ।

কুণ্ডল (ল্) ["কুণ্ডলং কর্ণবেষ্টনং"—অমর] বি, ক্লী, কর্ণাভরণ; কর্ণভূষণ; মাকড়ীবিশেষ। প্র—"কণ্ঠী আনিয়া কণ্ঠে জড়ায়, অঙ্গদ দুটি বাহুতে পরায়, কুণ্ডল দেয় কানে।"—রবীন্দ্র। ২। [কুণ্ডলাকৃতি বলিয়া] করভূষণ; বলয়। ৩। কণ্ঠভূষণ; হাঁসুলি। ৪। চরণালঙ্কার; মল। [বাং-য় বিরল]। ৫। সমূহ।

কুণ্ডলী (কুনডোলি) [গ্রা—কুণ্ডুলি। কুণ্ডল (কর্ণভূষণ)+ইন্ (অস্ত্যর্থে)=কুণ্ডলিন্ ১মা, ১ব] বিণ, যাহার কুণ্ডল আছে; কর্ণভূষণধারী। ২। [ইহার পুচ্ছদেশে কুণ্ডলাকার চিহ্ন আছে বলিয়া এই নাম] ময়ূর। ৩। বরুণ। ৪। চিত্রমৃগ। ৫। [ইহারা কুণ্ডলাকারে অবস্থান করে বলিয়া এই নাম] সর্প। কুণ্ডলী পাকান—অঙ্গকে পাকাইয়া কুণ্ডলে পরিণত করা। জন্মকুণ্ডলী [সুদীর্ঘ কাগজে জন্মকোষ্ঠী প্রস্তুত করা হয় এবং তাহা কুণ্ডলী করিয়া অর্থাৎ বলয়াকারে গুটাইয়া রাখা হয় বলিয়া] জন্মকোষ্ঠী। স্ত্রী, কুলকুণ্ডলিনী—কুলকুণ্ডলিনী শক্তি। ২। গুড়ূচী। ৩। সর্পিণীবৃক্ষ। ৪। কপিকচ্ছু। ৫। কাঞ্চনবৃক্ষ। ৬। সর্পী। ৭। জিলেপীনামক মিষ্টান্ন।

কুণ্ডশায়ী [কুণ্ড—শী (শয়ন করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)—শায়িন্ ১মা, ১ব] বিণ, কুণ্ডে শয়নকারী। ২। বি, পুং, ধৃতরাষ্ট্রের একপুত্র।

কুণ্ডা [সং—কুণ্ডল। হি—কুণ্ডা। বাং—গ্রা—কোঁড়া] বি, লোহার কড়া, দ্বারের বা সিন্দুক আদির ডালার শিকল পরাইবার জন্য কড়া; গুর্দ্ধো।

কুণ্ডাশী [কুণ্ড (জারজ)+অশ্ (ভোজন করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=কুণ্ডাশিন্ ১মা, ১ব] বিণ, কুণ্ডের (জারজের) ও গোলকের (বিধবা দশায় জাত পুত্রের) অন্নভোজনকারী। ২। কোট্‌না। ৩। ধৃতরাষ্ট্রের একপুত্র।

কুণ্ডিক (ক্) [কুণ্ড (জলপাত্র)+ইক (স্বার্থে—ইকণ্)] বি, ক্লী, জলাধার। ২। স্থালী; পাকপাত্র। ৩। তাম্রকুণ্ড। ৪। কমণ্ডলু। ৫। কুঁড়ি। স্ত্রী—কুণ্ডিকা।

কুণ্ডিন (ন্) [কুণ্ড+ইন (অধি—সংজ্ঞার্থে)] বি, ক্লী, নগরবিশেষ; বিদর্ভনগর। ২। পুং, মুনিবিশেষ।

[কুণ্ড+ইন্ (অস্ত্যর্থে)=কুণ্ডিন্, ১মা, ১ব] বিণ, কুণ্ডবিশিষ্ট; কুণ্ডযুক্ত। ২। রত্নভাণ্ডার। ৩। স্থালী।

কুণ্ডোদর (র্) [কুণ্ডের ন্যায় উদর হইয়াছে যাহার, বহু] বিণ, অপ্রশস্ত উদরযুক্ত। ২। বি, পুং, নাগবিশেষ।

কুত, কূত (ত্) [হি—কূত্ (সং—আকূত—তাৎপর্য্য, মনের ভাব) আন্দাজী বা ঠাউকা গণনা বা হিসাব করা] বি, অনুমান; আন্দাজ। ২। আনুমানিক পরিমাপ। কুতকাত—[সহচর শব্দদ্বয়] আন্দাজী মাপ জোঁক; আনুমানিক পরিমাণ নির্ণয়। প্র—"ক্ষেতে দেখে খন্দ যদি খেতে নাহি পায়। কুতকাতে কারেত কিস্তাতি করে তায়॥" —শিবায়ন। কুতকাত করা—আন্দাজী মাপ জোঁক করা।

কুতঘাট (ত, ট্) [হি—কূত্] বি, কুত করিবার ঘাট; যে স্থানে বোঝাই নৌকার মালের পরিমাণ নির্ণয় করিয়া শুল্ক গ্রহণ করা হয়। কুত দ্রঃ।

কুতন্ত্র [কু (কুৎসিত) যে তন্ত্র (পরামর্শ) কর্ম্মধা] বি, ক্লী, কু-পরামর্শ। ২। [কু হইয়াছে তন্ত্র (মন্ত্রণা) যাহার, বহু] বিণ, কুপরামর্শদাতা।

কুতন্ত্রী (তোন্‌ত্) বি, কুমন্ত্রণাদাতা; চক্রান্তকারী। ২। কুৎসিত বীণা।

কুতপ (প্) [কু (ঈষৎ) তপ (রৌদ্রের তাপ) হয় যে সময়ে, বহু] বি, পুং, ক্লী, কালপরিমাণ; দিবসের ১৫ ভাগের ৮ ভাগ; ৩০ দণ্ড পরিমিত দিনমানের দ্বিতীয় প্রহরের শেষ দণ্ড অবধি ৩য় প্রহরের ১ম দণ্ড পর্য্যন্ত কুতপ মুহূর্ত্ত। ঐ সময় একোদ্দিষ্টশ্রাদ্ধের প্রশস্তকাল। ২। বাদ্যবিশেষ। ৩। ছাগলোমের কম্বল।

কুতুক (ক্) [কুতু (শব্দ) কৈ (শব্দ করা)+অ (ভাবে ড)] বি, ক্লী, ঔৎসুক্য; কুতূহল। ২। আনন্দ।

কুতুকুতু, কুতুরকুতুর, কাতুকুতু, কুতিকুতি [সং—কুতু—কুতুক। হি—দি] বি, হাসাইবার জন্য অঙ্গ স্পর্শ; অঙ্গস্পর্শে রোমাঞ্চ; বগলে সুড়সুড়ি। ক্রি, কুতুকুতু, কাতুকুতু দেওয়া—অঙ্গে সুড়সুড়ি দিয়া হাসান।

কুতুপ (প্) [কুতু (তৈলাধার)+উপ সংজ্ঞার্থে] বি, ক্লী, কুতুপ নামক তৈল-পাত্র। ২। চামড়ার তৈয়ারী তৈল-পাত্র; ছোটকুপা; ।।

কুতূহল (ল্) [সং] বি, ক্লী, ঔৎসুক্য কোন কিছু দেখিবার, শুনিবার বা শিখিবার জন্য ব্যগ্রতা। ২। বিণ, আশ্চর্য্যজনক; অদ্ভুত ৩। নায়ক নায়িকার ভাববিশেষ। ৪। আনন্দ সুখ। প্র—"কন্যা পাবে কুতূহল, তুমি পাবে দানফল লোকে গাবে অতুল সম্মান।"—কবিক বিণ, **কুতূহলী**। ক্রি-বিণ, **কুতূহলে** —কুতূহল চরিতার্থ করিবার জন্য; আমোদ হেতু। প্র—রচিয়া ত্রিপদীছন্দ, গান করি শ্রীমুকুন্দ, ব্রাহ্মণ রাজার কুতূহলে।" —কবিক

কুতূহলী (হো) [কুতূহল+ইন্ (অস্ত্যর্থে) =কুতূহলিন্ ১মা, ১ব] বিণ, কৌতুকী; কুতূহলাবিষ্ট; যাহার কৌতূহল জন্মিয়াছে। ২। আনন্দিত।

কুতৃণ (নো) [কু (কুৎসিত) তৃণ] বি, ক্লী, জলের পানা।

কুত্তা [হি—কুত্তা। বাং—গ্রা কুত্তো] বি, কুকুর। স্ত্রী, **কুত্তী** [হি—কুত্তী, কুতিয়া]—কুকুরী। **ডালকুত্তা**—দীর্ঘপদ, লম্বামুখ, কৃশোদর শিকারী কুকুরবিশেষ।

কুত্র (কুৎত্র) [সং—কিম্ শব্দ, ৭মী স্থলে ত্র] ক্রি-বিণ, কোন্ স্থান।

কুত্রাপি [কুত্র (কোথা) অপি (ও)] অ, কোথাও; কোনও স্থানে। প্র—"সর্ব্বত্র অন্বেষণ করিলাম কুত্রাপি দেখিতে পাইলাম না।"—কাদম্বরী।

কুৎস (কুৎশ) [সং] বি, পুং, কৌৎস ঋষির পিতা; ঋষিবিশেষ।

কুৎসা (কুৎশা) [কুৎস্ (নিন্দা করা)+অ (ভাবে) গ্রা—কুচ্ছা: কুচ্ছু] বি, নিন্দা: দোষকীর্ত্তন; কলঙ্ক। বিণ, **কুৎসনীয়** —নিন্দার্হ: নিন্দনীয়। ক্রি, **কুৎসা করা**। **কুৎসাজনক**—কলঙ্ককর; নিন্দাজনক।

কুৎসিত (কুৎশিত্) [সং। প্রাকৃ—কুচ্ছিত (দ্রঃ)] বিণ, অপকৃষ্ট; কদর্য্য; জঘন্য। প্র—কুৎসিত আমোদ। ২। নিন্দিত; ঘৃণিত। ৩। অসুন্দর: বিশ্রী; কুরূপ। প্র—কুৎসিত দেহ।

কুথ [কুথ্ (সংলগ্ন করা) ধাতুজ। যাহা হস্তিপৃষ্ঠে লাগান হয়] বি, হস্তীর পৃষ্ঠে সংলগ্ন করিবার চিত্রিত কম্বলবিশেষ; ঝুল। প্র— ।" —মহাভারত। ২। কাঁথা। ৩। কুশতৃণ। ৪। কীট। ৫। যে ব্রাহ্মণ প্রত্যহ প্রাতঃস্নান করেন।

কুথম (ম্) বি, সামবেদের শাখা-বিশেষ।

কুথলী (কুথোলি, থ্) [সং—কোষ্ঠ অথবা কুণ্ডস্থালী "পিঠরঃ স্থাল্যুখা কুণ্ডং"—অমর। হি—কুঠলী—পরে, কোথলী] বি, বড়থলী বা ঝুলী। ২। বৈষ্ণবের ভিক্ষার ঝুলী। —চৈ, চ।

কুথা [সং—কুত্র। প্রা-বাং—কুথা; আধু-বাং—কোথা] বি, কোথা; কোন স্থান। প্র—"কুথা থাকি আইলেক তুহ্মি কুথা তুহ্মার ঘর।"—শূন্যপুরাণ। [অপ্র]।

কুথাঅ [কুথা দ্রঃ। প্রা-বাং। অপ্র] ক্রি-বিণ, কোথায়; কোন স্থানে। প্র—"কেবা জনম দিআ আইল কুথাঅ থাকিএ।"—শূন্যপুরাণ।

কুদরত (কুদরৎ) [আ—কূদ্‌র্‌ৎ] বি, মহিমা; গৌরব। ২। শক্তি; সামর্থ্য ৩। রচনা; কারীগরী। বিণ, **কুদরতী** (কুদ্‌রোতি)।

কুদা, কুঁদা [হি—কুদ্‌না (লম্ফ দেওয়া) ন লোপে বাং-তে আসিয়াছে] ক্রি, লাফান ডিঙ্গান। অস-ক্রি—**কুঁদিয়া, কুঁদে**। প্র—"হেসে খেলে নেচে কুদে নাও রে যাদু।"—বাং —গান। বি, **কুদন** (গ্রা—কোঁদোন। তুল—নাচন কোঁদন)—উল্লম্ফন।

কুদাঁড়া [কু (মন্দ) দাঁড়া ('ধারা'র অপভ্রংশ)] বি, কুরীতি; কুপদ্ধতি।

কুদাল, কোদাল (ল্) [কু (ভূমি) দল্ (বিদারণ করা)+অ (করণে—ঘঞ্) যাহা দ্বারা ভূমি বিদারণ করা হয়] বি, মাটি কাটিবার লৌহাস্ত্রবিশেষ; ভূমি খননের অস্ত্রবিশেষ; কোদালি।

কুদিন (ন্) বি, ক্লী, সূর্য্যের উদয় হইতে পুনরুদয় কাল পর্য্যন্ত; সাবনদিন। ২। তিথিবার ও নক্ষত্রাদি-দুষ্ট দিন; মন্দদিন; দুর্দ্দিন; অশুভ দিন। বিপরীত—সুদিন।

কুদৃষ্টি [কু—দৃষ্টি] বি, স্ত্রী, অমঙ্গল বা অশুভ দৃষ্টি। ২। মিথ্যাদর্শন; ভ্রান্ত দৃষ্টি। ৩। অজ্ঞানতা।

কুনকুন (ন্, ন্) [কনকন্ দ্রঃ। তাহা অপেক্ষা কম তীব্র কিন্তু সূচীবিদ্ধনবৎ বেদনা] বি, সূচী বিদ্ধকরণের ন্যায় অন্তর্ভেদী অথচ অপেক্ষাকৃত কম তীব্র বেদনা; পেটের ভিতরের বেদনার প্রকার ভেদ। ক্রি, **কুনকুনান** (নো)—(পেট) কুনকুন্ করা। বি, **কুনকুনানি**—তীব্রতর রূপ কনকনানি।

কুনখ (খ্) বিণ, কুৎসিত নখবিশিষ্ট।

কুনখী (নো) বিণ, কুৎসিত নখযুক্ত; বিকৃত নখবিশিষ্ট। ২। নখরোগাক্রান্ত।

কুনামা [কু (কুৎসিত) নামন্ (নাম) হইয়াছে যাহার, বহু] বিণ, কুৎসিত নামধারী; মন্দনামযুক্ত। ২। প্রাতঃকালে যাহার নাম স্মরণ করিলে অমঙ্গল ঘটে; অতিকৃপণ।

কুনিকা [সং—কুঞ্চিকা] বি, পরিমাণবিশেষ; ছটাক; শস্য মাপিবার রেক বা কাটার চতুর্থাংশ।

কুনীতি [কু (মন্দ) হইয়াছে নীতি (আচরণ) যাহার, বহু] বিণ, মন্দ ব্যবহারকারী; অসদাচরণকারী। ২। [কু—নীতি, কর্ম্মধা] বি, স্ত্রী, কুৎসিত ব্যবহার; দুর্নীতি।

কুন্ত [কু (কুৎসিত) অন্ত (শেষ—মৃত্যু) যাহা হইতে (বহু)] বি, পক্ষযুক্ত বাণ। প্র—"কেতকী কুসুম কামের কুন্ত।"—কবিক। ২। প্রাস নামক অস্ত্রবিশেষ; ইহার আকৃতি অনেকটা বঁড়শার মত। এই অস্ত্র লৌহময়, অগ্রভাগ অত্যন্ত তীক্ষ্ণ, ছয়পল, ৫ হাত লম্বা, পাদদেশ গোল, দেখিতে ভীষণ। উড্ডীন, অবডীন, নিডীন, ভূমিলীন, তির্য্যক্‌লীন ও নিখাত অর্থাৎ খনন এই ছয় প্রকার ক্রিয়া ইহার আশ্রিত। [উড্ডীনাদি অস্ত্র প্রয়োগকালে সঞ্চরণ ভেদের নাম। এতদ্দ্বারা পক্ষীর মত বিবিধগতি অবলম্বন করিতে হয় বলিয়া "কুন্ত" (পক্ষ; তুল—শকুন্ত) এই নাম হইতে পরে—বৈশম্পায়নোক্ত ধনুর্ব্বেদ (রত্নমালাধৃত অনুবাদ হইতে)]।

কুন্তল (ল্) বি, পুং, শিরোরুহ; কচ; কেশ; চুল। প্র—"ত্যজি শয্যাতল, ডাকি উচ্চৈঃস্বরে নিবিড় কুন্তল সরায়ে অন্তরে, গভীর পাণ্ডুর বদন-মণ্ডল আলোকে প্রকাশি, নেত্রে অশ্রুজল" —হেম বন্দ্যো। ২। লাঙ্গল। ৩। পানপাত্র। ৪। যব। ৫। পুং, দেশবিশেষ। ৬। ধ্রুবকবিশেষ।

কুন্তলপেড়ী (ল্) [হি—পেটারী] বি, চুল বাঁধিবার দ্রব্যাদি রাখিবার বাক্স। প্র—"সারিকা কুন্তলপেড়ী, পাছে ল'য়ে যায় চেড়ী, কেহ লয় বিয়নী দর্পণ।"—কবিক।

কুন্তলবর্দ্ধন (ল্, ন্) [কুন্তল—বৃধ্+ণিচ্= বর্দ্ধি (বর্দ্ধিত করান)+অন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—অনট্)] বি, পুং, ভৃঙ্গরাজ বা ভীমরাজ বৃক্ষ (চুল বৃদ্ধি কারক বলিয়া এই নাম)।

কুন্তলা [কুন্তল+আ (বিশিষ্টার্থে স্ত্রীলিঙ্গে)] বিণ, কেশযুক্তা। প্র—"কুসুম-কুন্তলা মহী হাসিলা কৌতুকে।"—মেঘনাদ।

কুন্তলীন (ন্) বি, সুগন্ধ কেশতৈলবিশেষ।

কুন্তি, কুন্তী [কুন্ত+ই—ঈ—সংজ্ঞার্থে, কিম্বা কুন্তি (কুন্তি ভোজরাজা)+অ (দেয়ার্থে) ই] বি, স্ত্রী, পাণ্ডুরাজার স্ত্রী; শূরসেনের কন্যা; শূরসেন অনপত্য কুন্তিভোজকে এই কন্যা দান করিয়াছিলেন, শৈশবাবধি পৃথা কুন্তিভোজ দ্বারা পালিত হইয়াছেন বলিয়া কুন্তি নামে খ্যাত। ২। পুং, দেশবিশেষ।

কুন্থন (কুন্থন্) [সং—কুন্থনম্। কুন্থ্ (সংক্লেশনে)] বি, কোঁথান; কাতরানি; দেহাভ্যন্তরস্থ যন্ত্রণার প্রকাশ করণ।

কুন্দ [কু (ভূমি) উন্দ্ (আর্দ্র করা)+অ (সংজ্ঞার্থে—অচ্)] বি, পুং-ক্লী, শ্বেতবর্ণ রোমশ গন্ধহীন প্রসিদ্ধ পুষ্প; কুঁদফুল; jasminum multiflorum. প্র—"কুন্দ কৃষ্ণকেলি দনার পাতি গুলাব সেউতি দেশী বিলাতি"—ভারতচন্দ্র। ২। পুং, কুন্দফুলের গাছ। প্র—"কুন্দ কুসুমের মালা।" ৩। বর্ষপর্ব্বতবিশেষ। ৪। কুবেরের নিধিবিশেষ।

৫। [কু—দো (ছেদন করা)+অ (কর্তৃ—সংজ্ঞার্থে ড)] বি, স্ত্রী, ভ্রমিযন্ত্র ; কাট কুঁদিবার যন্ত্রবিশেষ। প্র—"নাক মুখ চক্ষু কাণ কুন্দে যেন নিরমাণ দুইবাহু লোহার সাবল।"—কবিক।

কুন্দন (ন্) সং—কূর্দন। বাং—কুঁদন্ কোঁদোন্। তুল—"নাচন কোঁদন।" হিঁ—কুদনা=লাফান] বি, লম্ফন; উল্লম্ফন আস্ফালন।

কুন্দর (র্) [কু (পৃথিবী) দৄ (বিদারণ করা) +অ (কর্তৃ—সংজ্ঞার্থে অচ্)] বি, পুং, বিষ্ণু যিনি বরাহমূর্ত্তি ধারণ করিয়া পৃথিবী বিদারণ করিয়াছিলেন। ২। কলিঙ্গ দেশের তৃণ বিশেষ।

কুন্দার (র্) [হি—কুঁদেরা। প্রা—কুনেরা কুন্দ—কার=কুন্দার। তুল—কর্ম্মকার—কর্ম্মার—কামার] বি, যে কুঁদাই কর্ম্ম করে ; খরাদী কারীগর ; শিল্পী। প্র—"বদন চান্দ কোন কুন্দারে কুন্দিল গো।"—শ্রীনিবাস দাস।

কুন্দিনী [কুন্দ (কুন্দ ফুল) +ইন্ (সমূহার্থে) =কুন্দিন্+ঈ স্ত্রী] বি, স্ত্রী, পদ্মপুষ্প সমূহ (শুভ্রত্বে কুন্দ পদ্মসদৃশ বলিয়া)।

কুন্দুরু, কুন্দুরুকী [সং—কুন্দুরু ; কুন্দুরুকী হি—কুন্দুর। প্রা-বাং—কুঁদরুকী] বি, তেলাকুঁচা, পটোল প্রভৃতির মত লতাগাছ (ইহার ফল পাকিলে তেলাকুচার মতই লাল হয়) ; the olibanum tree. ২। [আ—কুন্দুর্] বি, এক প্রকার সুগন্ধি হরিদ্রাবর্ণ আটা ; ইহা যে গাছের আটা তাহা দুই হাত উচ্চ হয়, ফল কাঁক্‌রোলের মত কাঁটা কাঁটা।

কুপ (কুপো) [উচ্চারণ ভেদে কুঁপো দ্রঃ। প্র—কুঁপোকাত] বি, কুপা দ্রঃ।

কুপকাপ (প, প) [শব্দাত্মক। কপ্ (মুহূর্ত্তে কবলিত করিবার শব্দ) লঘু শব্দে কুপ্+কাপ্ (উপর্য্যুপরি ঐরূপ ; আধিক্যার্থে)] বি, তাড়াতাড়ি মুখে দিবার ও গিলিবার শব্দ। প্র—"কলা পড়ে টুপটাপ্ বুড়ি খায় কুপ্‌কাপ্।"—ছড়া।

কুপত্তি (কুপোৎতি) কুপথ্য দ্রঃ।

কুপথ (থ্) [কু (কুৎসিত) যে পথ (কর্ম্মধা) পথিন্=পথ] বি, পুং, কুৎসিত পথ ; জঘন্য পথ ; উচুনীচু পথ। ২। যে পথে চলা উচিত নয় ; অসৎ পথ। ৩। কুনীতি ; অসদাচরণ।

কুপথগামী (থ, মি) [কুপথ—গম্ (গমন করা)+ইন্ (কর্তৃ—ণিন্)=গামিন্ ১মা, ১ব] বিণ, যে কুপথে গমন করে ; উন্মার্গগামী ; কদাচারী। প্র—"আপনার কর্ম্মদোষে সে হ'ল কুপথগামী"—বাং-গান।

কুপথ্য (কুপোথ্‌থো) [কু (কুৎসিত= অনিষ্টকর) পথ্য (ভোজ্য) কর্ম্মধা। প্রা-বাং—কুপত্তি, কুপুত্তি] বি, যাহা ভোজনে রোগ জন্মে বা বৃদ্ধি হয় ; অনিষ্টকর খাদ্য ; কুভোজ্য ; অহিতকর আহারীয়। বিণ, **কুপথ্যিয়া**—কুপথ্যে (তুল—হি—কুপথী) কুপথ্যকারী। **কুপথ্য করা** [প্রা—কুপত্তি করা] রোগবর্দ্ধক বা অহিতকর খাদ্য ভোজন করা।

কুপন (কুপোন্) [ইং—coupon] বি, "মণিঅর্ডার (money order)" পত্রে সংযুক্ত অংশ যাহাতে টাকা-প্রেরক ইচ্ছামত সংবাদ লিপিবদ্ধ করিতে পারে, এবং যে অংশ টাকা গ্রহণকারী কাটিয়া লয়। ২। কুপন খেলা ; দ্যূতক্রীড়াবিশেষ ; ফড় খেলা।

কুপা [সং—কূপক। হি—কুপ্পা। স্থলবিশেষে—বাং—প্রা—কুঁপা, কুঁপো। প্রা-বাং—কোপা। স্ত্রী—কুপি, কুপী (দ্রঃ)] বি, তৈল বা ঘৃত রাখিবার মৃন্ময় বা চর্ম্মনির্ম্মিত স্ফীতোদর, সরু গলা ও সরুমুখ পাত্রবিশেষ ; বাঁশের চোঙ্গার তৈলাধার বা ঘৃতাধার। ২। [কুপার আকৃতি হইতে] স্ফীতদেহ ; অতি স্থূলাকৃতি দেহ। ৩। [কুবা দ্রঃ] পিটুনে। **কুপা হওয়া**—খুব মোটা হওয়া। **কুপাকাত হওয়া**—মরিয়া যাওয়া। তুল—হি, "কুপ্পা লুড়ক্‌না।" ২। দেহ সামলাইতে না পারিয়া আছাড় খাওয়া।

কুপান (নো) [সং—চপ্ (চূর্ণীকরণে। প্র--চপয়তি) ধাতু হইতে চোপ, চোপান—চুপাইয়া ফেলা, চুপাইয়া কাটা ইত্যাদি, চ=ক। চোপ=কোপ।—কাটিবার জন্য আঘাত। তুল—হি—চোট। ইং—chop. উ, পু,—কুপাই। ম, পু—কুপাও। প্র, পু—কুপায়। অস-ক্রি—কুপাইতে ; কুপাইয়া, কুপিয়ে] ক্রি, কোপ বা চোপ বা চোট দেওয়া ; কাটিবার জন্য ক্রমাগত অস্ত্রাঘাত করা ; খোঁড়া ; কোপান। চোপান দ্রঃ।

কুপি [সং—কুপিকা] বি, কুপী দ্রঃ। ঘৃত তৈলাদির পাত্রবিশেষ ; বাঁশের চোঙ্গ, যাহাতে পার্ব্বত্য প্রদেশ এবং বঙ্গের অনেক পল্লীগৃহে তৈলাদি রাখিয়া থাকে। প্র—"কুপি ভরি তৈল দেয় তেলি।"—কবিকঙ্কণ।

কুপি [সং—কূর্পর হইতে ?] বি, হাপল ; মুষ্টি। প্র—"শুভে যার কুপি-ভাগে মণি চুণি ভাগে ভাগে।"—রায়মঙ্গল।

কুপি [কোপ হইতে। কুপিয়া—সংক্ষেপে—পদ্যে] ক্রি, কোপ করিয়া ; রুষ্ট হইয়া ; কুপিত হইয়া। মাইকেল মধুসূদন কুপি স্থলে 'কোপি' ব্যবহার করিয়াছেন।

কুপিত [কুপ্ (রোষ করা)+ত (কর্তৃ—ক্ত)] বিণ, ক্রুদ্ধ ; রোষান্বিত ; ক্রোধী ; যাহার কোপ জন্মিয়াছে। ২। অসন্তুষ্ট ; বিরক্ত। ৩। [আয়ুর্ব্বেদে] বৃদ্ধিপ্রাপ্ত ; উত্তেজিত ; দূষিত। প্র—বায়ু কুপিত হওয়া ; পিত্ত কুপিত হওয়া।

কুপিনী [সং—কুবেণী। "মৎস্যাধানী কুবেণী"] বি, স্ত্রী, মৎস্যাধানী ; মাছের খালুই। ২। পুং, কৈবর্ত্ত।

কুপিণ্ড [প্রা—কুপিণ্ডে। শব্দ সং, অর্থ প্রাদে] বিণ, কুপরামর্শদাতা।

কুপী [সং—কূপী। হি—কুপ্পী। কুপা দ্রঃ] বি, স্ত্রী, তৈল পুরিবার বাঁশের চোঙ্গ বা মৃন্ময় বা চর্ম্মনির্ম্মিত ক্ষুদ্র পাত্রবিশেষ। প্র—ময়রা ঘরে পায় খণ্ড গোপ ঘরে দধি ভাণ্ড তেলি ঘরে তৈল কুপী ভরি।"—কবিক। বৃহদর্থে কুপা।

কুপুত, তো (ত্) [সং—কুপুত্র। প্রা—কুপুত। স্ত্রী, কুপুতী (কুপুত্রী)। প্রা-বাং—প্রাদে—কুপুতো (পুত্র=পুতো)] বি, কুপুত্র (দ্রঃ)। প্র—"কোলে বসে কেবল কুপুত হয়ে রই।"—ঘনরাম।

কুপুত্র (কুপুৎত্রো) [কু (মন্দ) পুত্র (আত্মজ) —কর্ম্মধা] বি, পুং, অসৎপুত্র ; পিতামাতার অবাধ্য এবং তাঁহাদের সহিত অসদাচারী পুত্র ; কুসন্তান। প্র—"কুপুত্র যদ্যপি হয়, কুমাতা কদাপি নয়।" ২। [কু (কুৎসিত) হইয়াছে পুত্র (আত্মজ) যাহার, বহু] যাহার পুত্র মন্দ ; কুসন্তানের পিতা। **কুপুষ্যি**—কুপোষ্য দ্রঃ।

কুপুরুষ (ষ্) [কু (কুৎসিত) যে পুরুষ কর্ম্মধা] বি, পুং, পুরুষের লক্ষণ বা পুরুষোচিত গুণবিহীন ; কাপুরুষ।

কুপেঁচ (কুপ্যাঁচ্) [সং—কু+হি—পেচ] বি, কুচক্র ; কুমন্ত্র ; কুপাক। বিণ, কুপেঁচ ; কুপেচে। কুপেকে দ্রঃ। ২। [প্রাদে] বিণ, কদাকার ; কুৎসিত।

কুপেকে [কু+পাক+ইয়া। দ্রুত উচ্চারণে কুপেকে] বিণ, যে কুপাক দেয় ; যে পেঁচ বা গোলের কাজ করে বা কথা বলে ; যে পাকাইয়া কথা বলে অর্থাৎ সরলভাবে বলে না ; কপটিয়া। ২। কার্য্যের বিঘ্নকারী।

কুপোষ্য (কুপোষ্‌ষ) [কু (মন্দ) যে পোষ্য (পরিজন) কর্ম্মধা। প্রা—কুঁপুষ্যি] বিণ, যাহাদের পোষণে বার্দ্ধক্য দশায় উপকারিতা নাই ; যাহারা প্রতিপালিত হইয়া শেষে প্রতিপালকের প্রতিপালন করে না। ২। যাহারা নিজ পরিবারভুক্ত নয় অথচ উপায় নাই বলিয়া যাহাদিগকে পোষণ করিতে হয় ; নিকট জ্ঞাতি বা কুটুম্বের অনাথা বিধবা প্রভৃতি।

কুপ্না [সং—কুবেণী, কুপিনী দ্রঃ। গ্রা] বি, মাছের খালুই।

কুপ্য [সং] বি, ক্লী. স্বর্ণ ও রৌপ্য ব্যতীত অন্য সকল রকমের ধাতু। ২। [সং—কোপ্য] কোপযোগ্য ; যাহার প্রতি কোপ করা উচিত।

কুপ্যশালা [কুপ্যের (স্বর্ণ রৌপ্য ভিন্ন ধাতুর) শালা (গৃহ) ৬তৎ)] বি, স্ত্রী. স্বর্ণ রৌপ্য ব্যতীত ধাতুপাত্র-নির্ম্মাণাগার : কাঁসারির দোকান।

কুফল (ল্) [সং—কু—ফল (বৃক্ষের ফল ও পরিণাম)] বি, মন্দ ফল ; অহিতকর ফল। ২। কু পরিণাম।

কুব্ [শব্দাত্মক] কব্ অপেক্ষা লঘু শব্দ। **কুব্‌কুব্**—সরু মুখ ঘড়া বা কুঁজোয় জল ভরিবার শব্দ। অধিক শব্দে—কব্‌কব্।

কুবক্তা [কু—বক্তা] বি, যে ব্যক্তি সুন্দর বক্তৃতা করিতে পারে না।

কুবঙ্গ [সং] বি, সীসক।

কুবচন (ন্) [কু (মন্দ) বচন (বাক্য)] বি, ক্লী. নিন্দাবাক্য ; কুৎসিত কথা : দুর্ব্বাক্য ; ভৎর্সনা।

কুবল (ল্) [কু (পৃথিবী) বল্ (বৃদ্ধি পাওয়া) +অ (কর্তৃ—সংজ্ঞার্থে,অচ্)] বি, ক্লী. উৎপল। ২। বদরী ফল। ৩। দাড়িম্ব ফল। ৪। মুক্তাফল। স্ত্রী. **কুবলী**—কুলগাছ।

কুবলয় (য়) [কু (পৃথিবী—বলয়। বলয়াকৃতি বলিয়া)—যাহা পৃথিবীর অলঙ্কারস্বরূপ] বি, উৎপল। ২। নীলপদ্ম। স্ত্রী. **কুবলয়িনী**—পদ্মিনী।

কুবলয়াপীড় (ড়) [কুবলয় (নীলোৎপল) হইয়াছে আপীড় (শিরোভূষণ) যাহার, বহু] বি, পুং, হস্তিরূপী দৈত্য ও কংস রাজার অনুচরবিশেষ। ২। বিণ, নীলোৎপল যাহার ভূষণ।

কুবলয়াশ্ব (কুবোলয়াশ্‌শো) [সং] বি, রাজা ধুন্ধুমারের নামান্তর ; ঋতুধ্বজ রাজার নামান্তর।

কুবলাশ্ব (—লাশ্‌শো) [কুবল (দুর্ব্বল) হইয়াছে অশ্ব (ঘোটক) যাহার, বহু] বিণ, দুর্ব্বলাশ্বযুক্ত ; দুর্ব্বলাশ্ববাহী। ২। বি, পুং, এক সূর্য্যবংশীয় রাজা।

কুবা [কুব্জ হইতে। তুল—হি—কুবড়া] বিণ, কুঁজা। ২। কুঁজের মত স্ফীত। ৩। কুপা দ্রঃ ; ছাত, মেজে পিটিবার পিটনে।

কুবাদ (দ্) [কু (কুৎসিত) যে বাদ (বাক্য)—কর্ম্মধা] বি, পুং, কটূক্তি ; কুকথা। ২। [কু (কুৎসিত) হইয়াছে বাদ (বাক্য) যাহার, বহু] বিণ, যে কুকথা বলে ; কটুভাষী। ৩। [প্রাদে—সুবাদের বিপরীত] অনাত্মীয়তা।

কুবাস (শ্) [সং—কু—বাস (গন্ধ)] বি, দুর্গন্ধ। বিপরীত—সুবাস।

কুবাসনা (শো) [কু—বাসনা (ইচ্ছা)] বি, মন্দ অভিলাষ ; অসদভিপ্রায়। প্র—"কুবাসনা খল হৃদয়ে সদা রহে"—ছন্দঃকুসুম।

কুবিচার (র্) [কু—বিচার ; সুবিচারের বিপরীত] বি, অবিচার ; অন্যায়।

কুবিধা [সং—কু—বিধা (প্রকার—যোগ)] বি, অসুবিধা ; সুযোগের অভাব ; বিঘ্ন। প্র—"সুবিধা হউক, কুবিধা হউক, যাহার চাকরাণী নাই, তাহার ঘরে ঠকামি, মিথ্যা-সংবাদ, কোন্দল এবং ময়লা এই চারিটী বস্তু নাই।"—কৃষ্ণকান্তের উইল।

কুবিন্দ [সং] বি, তন্তুবায়।

কুবুদ্ধি (কুবুধ্‌ধি) [কু (মন্দ) বুদ্ধি] বি, দুর্বুদ্ধি ; মন্দবুদ্ধি। ২। বিণ, মন্দবুদ্ধিবিশিষ্ট ; দুষ্টমতি।

কুবৃত্তি (কুবৃৎতি) [কু (কুৎসিত) যে বৃত্তি (আচরণ) কর্ম্মধা] বি, স্ত্রী. মন্দব্যবহার ; নিন্দিত আচরণ। ২। [কুৎসিত বৃত্তি হইয়াছে যাহার, বহু] বিণ, অসদাচারী ; নিন্দিত ব্যবহারকারী।

কুবেণি, কুবেণী [কু (কুৎসিত) বেণ্ (গমন করা) +ই—ঈ (অধি—সংজ্ঞার্থে)। মৎস্যেরা একবার উহার মধ্যে যাইয়া ইচ্ছামত বাহির হইতে পারে না বলিয়াই—যাহাতে গমন কুৎসিত] বি, স্ত্রী. কুপিনী দ্রঃ ; থালুই : মাছের চুবড়ি। ২। [কুৎসিত বেণী যাহার, বহু] বিণ, কুৎসিত বেণীবিশিষ্টা (স্ত্রী)।

কুবের (র্) [কু (কুৎসিত) বের (শরীর ; তিনপদ ও অষ্টদন্ত থাকা হেতু কুৎসিত) যাহার, বহু। অথবা কুণ্‌ব্ (আচ্ছাদন বা রক্ষা করা) +এর (কর্তৃ, সংজ্ঞার্থে এরক্) যে ধন রক্ষা করে] বি, পুং, যক্ষপতি ; ধনাধিপতি : ধনেশ। ২। ধনিশ্রেষ্ঠ। প্র—ধনকুবের। ৩। বিণ, অলস। ৪। কুৎসিত দেহধারী। ৫। অর্হদুপাসকবিশেষ। ৬। নন্দীবৃক্ষ।

কুবেরাচল, কুবেরাদ্রি (ল্) [কুবেরের অচল অদ্রি (পর্ব্বত) ৬তৎ] বি, পুং, কৈলাস পর্ব্বত।

কুবেল (ল্) [কু (পৃথিবী) বেল্ (চঞ্চল হওয়া) +অ (সংজ্ঞার্থে—অল, যাহার সৌন্দর্য্য দেখিয়া পৃথিবী পর্য্যন্ত চঞ্চল হয়)] বি, ক্লী. শ্বেতপদ্ম ; কুবলয়।

কুব্জ) [কু (ঈষৎ) উব্জ্ (ঋজু হওয়া) +অ (ভাবে—অল্)=উব্জ (ঋজুতা) কু (ঈষৎ) হইয়াছে উব্জ (ঋজুতা) যাহার, বহু] বিণ, বক্রপৃষ্ঠ ; উচ্চপৃষ্ঠ ; কুঁজো। ২। [সং] বক্রপৃষ্ঠ মৎস্যবিশেষ ; bola cuja. ৩। [হি—কুজা] শ্বেত গোলাপ। ৪। পীতঝিণ্টী ; হলদে ঝাঁটি ফুল। স্ত্রী. **কুব্জা**—বক্রপৃষ্ঠা। ২। কৃষ্ণ সহচরী। **কুব্জপ্রসারিণী তৈল**—বাত ব্যাধি নাশক কবিরাজী তৈল।

কুব্জক (ক্) [সং] বি, পুং, শ্বেত গোলাপের গাছ। স্ত্রী. **কুব্জকা**।

কুব্জকণ্টক (কুবজোকনটক্) [সং] বি, পুং, শ্বেতখদির ; white mimosa.

কুব্জা (কুবজা) [কুব্জ+আ (স্ত্রীলিঙ্গে) । হি—কুবড়ী, কুবরী] কংসের এক দাসীর নাম। কৃষ্ণ ইঁহার প্রতি প্রসন্ন হইয়া ইঁহার কুব্জতা দূর করতঃ কুব্জাকে সুন্দরী করিয়া দেন।

কুব্জিকা [সং] বি, স্ত্রী. অষ্টবর্ষা কন্যা। ২। দেবীবিশেষ।

কুব্রহ্ম (কুব্রোম্‌হো) [কু (কুৎসিত) যে ব্রহ্মণ্—কর্ম্মধা] বি, পুং, অপকৃষ্ট ব্রাহ্মণ ; নিন্দিত ব্রাহ্মণ।

কুভোজন (ন্) [কু (কুৎসিত) যে ভোজন (আহার) কর্ম্মধা] বি, ক্লী. কদর্য্য আহার ; কুৎসিত ভোজন। প্র—" নিরবধি হবে —কবিক।

কুমকুম (ম্, ম্) [আ—কুমকুমা] বি, গালা-নির্ম্মিত গোলক যাহা আবীর ও সুগন্ধ জলে পূর্ণ করিয়া হোলী খেলার সময় এক জন অপরকে ছুঁড়িয়া মারে। ২। কুঙ্কুম দ্রঃ। প্র—"কুম্ কুম্ চন্দন করি আরোপণ সুগন্ধি আর পুষ্পমালা।" —শূন্যপুরাণ।

কুমড়া (ম্) [সং—কুষ্মাণ্ড ; পা—কুম্মণ্ড ; প্রাকৃ—কুমণ্ড—পরে কুঁমড় ; হি—কুহ্মড়া, গ্রা—কুঁহ্‌ড়া ; তেলু—গুম্মড়ি ; প্রাদে-বাং—কুমুড়া] বি, কাশীফল ; কুষ্মাণ্ড। প্র—"দায়ে কাটে কুমড়া যেমন"—ভারতচন্দ্র। **গুড়-কুমড়া, মিঠা কুমড়া, বিলাতী কুমড়া**—মিষ্টাস্বাদ বলিয়া গুড় ও মিঠা এবং বিদেশজাত বলিয়া বিলাতী (উ, বঙ্গে সফরী)। এই কুমড়াই ব্যঞ্জনে অধিক ব্যবহৃত হয় ; gourd. **ছাঁচি কুমড়া, দেশী কুমড়া**—এদেশজাত বলিয়া দেশী এবং ইহাই আসল কুষ্মাণ্ড বলিয়া ছাঁচি (হি—সচ্চী=খাঁটী বা আসল) ; pumpkin. **ভুঁইকুমড়া** [সং—ভূমিকুষ্মাণ্ড ; হি—বিতাইকন্দ ; বোম্বাই প্রদেশে ভুমি কোহলে] ইহা কুমড়া নহে—ফল ও নহে এক প্রকার লতাগাছের কন্দ কুষ্মাণ্ডের গুণ-বিশিষ্ট রক্তপিত্তাদি রোগে কুষ্মাণ্ডের ন্যায় হিতকর বলিয়া কুষ্মাণ্ড এই নাম ; ipomœa digitata ; batata paniculata. **চালকুমড়া**—

মাচা বা চালে কুষ্মাণ্ডের গাছ তুলিয়া দিবার প্রথা হইতে চাল কুমড়া ; ছাঁচি কুমড়ার নামান্তর। **চালকুমড়ি করা**—চালের কুমড়ার মত বৃদ্ধ বা বৃদ্ধাকে চালের উপর তুলিয়া তথা হইতে গড়াইয়া নীচে ফেলিয়া হত্যা করা। কোন কোন অসভ্য জাতির মধ্যে এই উপায়ে বৃদ্ধ বৃদ্ধার সদ্গতি বা সৎকার করার প্রথা ইতিহাসে লিপিবদ্ধ আছে। ইহা উপহাসস্থলে উক্ত হয়। **নারিকেল কুমড়ি**—নারিকেল-ঘটিত কুমড়ার তরকারী। **কুমড়া গড়াগড়ি**—ক্ষেত্রে যেমন কুমড়া পড়িয়া থাকে তদ্রূপ মাটিতে পড়িয়া গড়ান।

কুমড়াগড়ি (গো) [প্রাদে] বি. স্থূল ধান্যবিশেষ।

কুমড়াবড়ি (ড়, বো) [কুমড়া (বটিত) বড়ি (বড়ার ক্ষুদ্রতা-বাচক)] বি. কুষ্মাণ্ড মিশ্রিত মাষাদি বটিকা ; এই বড়ি তিল বা ভাজাবড়ি, ফুলবড়ি, মটরবড়ি, বীচেবড়ি প্রভৃতি অপেক্ষা বড় বড়ি।

কুমার (র্) [কু (কুৎসিত) মার (কন্দর্প) হইয়াছে যাহা হইতে, যাহার সৌন্দর্য্য দেখিলে কন্দর্পকে পর্য্যন্ত কুৎসিত মনে হয়] বি. পুং, স্কন্দ, কার্ত্তিকেয়। ২। [কুমার (ক্রীড়া করা) + ণিচ্ (স্বার্থে) কুমারি + অ (কর্ত্তৃ) যে ক্রীড়া করে]। পঞ্চম হইতে দশমবর্ষীয় বালক। ৩। পুত্র [এই অর্থে প্রা-বাং—কোঙর, কোঁঅর, কুঁঅর শব্দের ব্যবহার আছে। কোঙর দ্রঃ]। প্র—"সুকুমার কুমার-মুখ"—ব্রহ্মসঙ্গীত। ৪। যুবরাজ [এই অর্থে কুমার শব্দের প্রাকৃত রূপ 'কুঁআর, 'কুঁঅর' হিন্দীতে অধিক এবং বাং-তেও প্রচলিত আছে]। ৫। শুকপক্ষী। ৬। অর্হদুপাসকবিশেষ। ৭। সিন্ধুনদ। ৮। অশ্ববারক বৃক্ষ। ৯। ক্লী. বিশুদ্ধ স্বর্ণ ; খাঁটি সোনা। স্ত্রী. কুমারী।

কুমার (কুমার্) [সং—কুম্ভকার—প্রাকৃ, কুম্ভআর—কুম্ভার—কুম্মার—কুমার] বি. জাতিবিশেষ : যাহারা মৃত্তিকাদ্বারা ঘট, কলসী প্রভৃতি নির্ম্মাণ করে।

কুমারললিতা (র্, লো) [সং] বি. স্ত্রী. সংস্কৃত ছন্দোবিশেষ।

কুমারসম্ভব (র্, শম্ভব্) [কুমারের সম্ভব (উৎপত্তি) বর্ণিত হইয়াছে যাহাতে, বহু] বি, ক্লী. কার্ত্তিকেয়ের জন্ম ও তারকাসুর বধসম্বন্ধীয় মহাকবি কালিদাস-প্রণীত মহাকাব্যবিশেষ।

কুমারিকা [কুমারী + ক (স্বার্থে)—আপ্ স্ত্রী] বি. স্ত্রী. দ্বাদশবর্ষীয়া কন্যা ; কুমারী। ২। ভারতবর্ষের দক্ষিণস্থ অন্তরীপবিশেষ ; Cape Comorin. ৩। স্থূলৈলা। ৪। নবমল্লিকা।

কুমারী [সং—কুমার দ্রঃ। প্রা-বাং—কুঙারী, হি—কুঁঅরী] বি. স্ত্রী. অবিবাহিতা কন্যা। ২। দ্বাদশবর্ষীয়া অনূঢ়া কন্যা ; ষোড়শ-বর্ষীয়া বালিকা পর্য্যন্ত কুমারী। ৩। পুত্রী ; কন্যা। প্র—রাজকুমারী। ৪। রাজকন্যা। ৫। দুর্গা। ৬। কণ্টকময়লতাবিশেষ ; কুমারীলতা। smilax macrophylla. ৭। ঘৃতকুমারী ; alses perfolita. ৮। ছন্দোবিশেষ। ৯। রাগিণীবিশেষ।

কুমারীত্ব (কুমারীৎত) [সং] বি. অনূঢ়াত্ব ; কন্যকাদশা।

কুমীর (র্) [সং—কুম্ভীর] বি. হিংস্র জলচর জন্তুবিশেষ ; ইহারা মানুষ, গো, মহিষ প্রভৃতিকে অনায়াসে উদরসাৎ করে ; নক্র। **মেছো কুমীর**—যে কুমীর মাছ খায়, ইহারা বেশী বড় হয় না। পুষ্করিণী, ঝীল প্রভৃতিতে দেখা যায়। **জলে বাস করিয়া কুমীরের সহিত বাদ**—[প্রবচন] প্রবলের রাজ্যে বা অধিকারে থাকিয়া তাহার সহিত বিবাদ করা আত্মনাশের হেতু। অথবা গৃহশত্রুর সহিত বাস বিপজ্জনক। তুল—"সসর্পে চ গৃহে বাসঃ মৃত্যুরেব ন সংশয়ঃ"।

কুমোরকে, কো, কুমোরেপোকা [কুম্ভকার—কুমার—ইআ, ইকা (সাদৃশ্যার্থে) পোকা (কীট)] এই পোকা মুখে মাটি আনিয়া গৃহ নির্ম্মাণ করে এবং তাহার মধ্যে ডিম ছাড়িয়া সরিয়া যায়। কুমারের মত মাটির কাজ করে বলিয়া এই নাম।

কুমুড়া [কুমড়া দ্রঃ] বি. কুষ্মাণ্ড ; কুমড়া। প্র—"সুকুতা শীতের কালে বড়ই মধুর। কুমুড়া বার্ত্তাকী কচু দিবেক প্রচুর॥"—কবিক।

কুমুদ [দ্) [কু (পৃথিবী) মুদ্ (হৃষ্ট হওয়া) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে ক)—যাহাকে দেখিয়া পৃথিবীর সকলে হৃষ্ট হয়] বি. ক্লী. সুঁদি ; শালুক ; হেলাফুল ; । nymphoea lotus. ২। রক্তোৎপল ; রক্তবর্ণ পদ্ম। ৩। রৌপ্য ; রূপা। ৪। কর্পূর। ৫। পুং, রামচন্দ্রের বানরসেনাপতিবিশেষ। ৬। গরুড়-নন্দন। ৭। দৈত্যবিশেষ। ৮। সর্পবিশেষ। ৯। কার্ত্তিকমাস। ১০। নৈঋত কোণের হস্তী। স্ত্রী. **কুমুদা**—জলের পানা। ২। কট্ফল ; জায়ফল। ৩। শালপর্ণী বৃক্ষ। ৪। গাম্ভারী বৃক্ষ। ৫। ধাতকী বৃক্ষ।

কুমুদনাথ (দ, থ্) [কুমুদের নাথ (প্রিয়) ৬তৎ ; চন্দ্রের উদয়কালে কুমুদের প্রকাশ হয় বলিয়া এই নাম] বি. চন্দ্র।

কুমুদবান্ধব (দ, ব্) [কুমুদের বান্ধব (বন্ধু) ৬তৎ] বি. পুং, চন্দ্র। ২। কর্পূর।

কুমুদবতী (কুমুদ্বোতি) [কুমুদ—কুমুদ্ + বৎ (বতু—সমূহার্থে)ঈপ্ স্ত্রী] বি. স্ত্রী, কুমুদিনী ; সুঁদী ঝাড়। ২। বিন্ধ্যপর্ব্বত হইতে নিঃসৃত নদীবিশেষ।

কুমুদাকর [কুমুদের আকর (উৎপত্তি স্থান) ৬ষ্ঠী তৎ] বি. পুং, হ্রদাদি জলাশয়। তুল—পদ্মাকর।

কুমুদিনী [কুমুদ + ইন্ (সমূহার্থে) + ঈপ্, স্ত্রী] বি. স্ত্রী. উৎপলিনী। প্র—"কুমুদিনী কমলিনী নায়ক দ্বিপক্ষ"—প্রভাকর। "যথা কুমুদিনী প্রমুদিনী হিমাংশুমিলনে"—বাসবদত্তা। ২। সুঁদীর ঝাড় ; শালুকের দল। ৩। জ্যোৎস্না। কুমুদিনী-কান্ত—চন্দ্র ; নিশাপতি।

কুমুদী [কুমুদ দ্রঃ] বি. স্ত্রী. গাম্ভারী বৃক্ষ ; গামার গাছ। ২। কট্ফলের গাছ ; myrica sapida. ২। কুমুদ অর্থে (শ্রুতি মাধুর্য্য হেতু) বাং—ব্যবহৃত। সুঁদী ; শালুক ; উৎপলিনী ; nymphoea lotus. প্র—"কুমুদী মুদিত হত শশী যেত নিজ স্থান।"—গোপাল উড়ে।

কুমুদ্বতী, কুমুদবতী—বি. স্ত্রী. কুমুদিনী দ্রঃ।

কুমুদ্বান (কমুদ্বান্) [কুমুদ্ + বৎ (অস্ত্যর্থে) (বতু) = কুমুদ্বৎ ১মা, ১ব] বিণ, সরোবর হ্রদ প্রভৃতি কুমুদবহুল স্থান।

কুমেরু [সং। সুমেরুর বিপরীত] বি, দক্ষিণ ধ্রুবতারার নিম্নপ্রদেশ ; পৃথিবীর দক্ষিণ প্রান্ত স্থান ; দক্ষিণকেন্দ্র। **কুমেরুবৃত্ত**—দক্ষিণমেরুর ২৩ অংশ উত্তরে যে অক্ষরেখা আছে।

কুম্ভ [ক (জল) উন্ভ্ (পূরণ করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্ ; যে নিজ দেহে জল পূর্ণ করিয়া লয়)] বি. পুং, জল-ধার ; কলস ; ঘট। ২। [কুম্ভাকৃতি বলিয়া] গজকুম্ভ। ৩। কুম্ভকর্ণের পুত্র। (অন্য পুত্রের নাম নিকুম্ভ)। ৪। বেশ্যার পুত্র [প্র,অ]। ৫। বেশ্যার উপপতি [প্র, অ]। ৬। মেষাদি দ্বাদশরাশির মধ্যে একাদশরাশি। ইহার অধিষ্ঠাতা কলসধারী পুরুষ। ৫। বাদ্য-বিশেষ [রামায়ণ, লঙ্কা, ৬০]। ৮। সরস্বতী ও ধানশ্রী যোগে উৎপন্ন রাগিণী। ৯। পরিমাণ-বিশেষ। স্ত্রী. **কুম্ভা**—বেশ্যা।

কুম্ভক (ক্) [কুম্ভ + ক (সংজ্ঞার্থে)] বি, পুং, দক্ষিণ হস্ত দ্বারা নাসাপুটদ্বয় ধারণ করত প্রাণায়ামাঙ্গ বায়ুস্তম্ভনরূপ কার্য্য। ইহার দ্বারা বহিরিন্দ্রিয় সমুদয় প্রশান্ত হয়। নিঃশ্বাসরোধ ঘটিত যোগক্রিয়া।

কুম্ভকর্ণ (কুম্ভোকরণো) [কুম্ভের ন্যায় বৃহৎ কর্ণ (কাণ) হইয়াছে যাহার, বহু) বি, পুং, রাক্ষসরাজ রাবণের মধ্যম ভ্রাতা ; বিশ্রবা মুনির ঔরসে নিকষার দ্বিতীয় পুত্র।

কুম্ভকার (র্) [কুম্ভ—কৃ (করা)+ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অণ্) যাহারা কুম্ভ প্রস্তু করে। প্রাকৃ, কুম্ভআর—কুমার] বি, পুং কুলাল; যাহারা মৃত্তিকা দ্বারা ঘট কলসী প্রভৃতি নির্ম্মাণ করে; জাতিবিশেষ।

কুম্ভজন্মা [কুম্ভে (কলসের মধ্যে) জন্মন্ (জন্ম) উৎপত্তি হইয়াছে যাহার, বহু] বি, পুং, উর্ব্বশী দর্শনে মিত্রাবরুণের বীর্য্য কুম্ভে পতিত ও তন্মধ্যে অগস্ত্যের জন্ম হয় বলিয়া এই নাম) অগস্ত্য। ২। বশিষ্ঠ। ৩। দ্রোণাচার্য্য

কুম্ভদাসী (শি) [সং] বি, স্ত্রী, দূতী।

কুম্ভদেশ [শ্] বি, পুং, হস্তীর মস্তকোপরি মাংসপিণ্ডাকার স্থান; গজকুম্ভ।

কুম্ভযোনি (জো) [কুম্ভ (কলস) হইয়াছে। (যোনি) (উৎপত্তি স্থান) যাহার, বহু] বি, পুং, কুম্ভজন্মা দ্রঃ।

কুম্ভশালা [কুম্ভের শালা (গৃহ) ৬তৎ। গ্রা—কুমারশাল। তুল—কামারশাল] বি, স্ত্রী, কুম্ভাদি নির্ম্মাণের গৃহ; কুমারের পোয়ান ঘর।

কুম্ভসন্ধি (শোন্‌ধি) [কুম্ভের—সন্ধি (মিলন বা মধ্যস্থান) ৬তৎ] বি, পুং, গজকুম্ভদ্বয়ের মধ্যস্থিত স্থান।

কুম্ভসম্ভব (শম্‌ভব্) [কুম্ভ (ঘট) হইয়াছে সম্ভব (উৎপত্তি স্থান) যাহার, বহু] বি, পুং, কুম্ভজন্মা দ্রঃ। ২। অগস্ত্য মুনি।

কুম্ভাধিপ (প্) [কুম্ভের অধিপ (অধিপতি) ৬তৎ] বি, পুং, শনিগ্রহ। ২। কুম্ভের স্বত্বাধিকারী।

কুম্ভিকা [কুম্ভ+ক (স্বার্থে) আপ্—অ=ই] বি, স্ত্রী, ক্ষুদ্রকলসী। ২। শৈবাল; জলের-পানা। ৩। নেত্ররোগবিশেষ।

কুম্ভিল, কুম্ভিলক (ল্) [সং] বি, পুং, অপহারক; চোর। ২। যে ব্যক্তি পরের গ্রন্থের ভাব কিম্বা অভিপ্রায় কিম্বা রচনার কোন অংশ লইয়া আপন রচিত গ্রন্থ বলিয়া প্রকাশ করে। ৩। শালগাছ। ৪। শাল মাছ। ৫। শ্যালক।

[কুম্ভ+ইন্ (অস্ত্যর্থে)=কুম্ভিন্ ১মা, ১ব] বি, কুম্ভীর। ২। মৎস্যবিশেষ। ৩। গুগ্‌গুলু। ৪। হস্তী। ৫। কুমীরকে পোকা। ৬। [কুম্ভ+ঈ—অল্পার্থে] বি, স্ত্রী, ক্ষুদ্রকলসী; ঘটী। ৭। পাকস্থালী। ৮। আখা বা উনন। ৯। [বৈদ্যকে] পর্প টদ্রুম; কঙ্কণ দেশ প্রসিদ্ধ পুষ্পবৃক্ষ বিশেষ; careya arborea. [দ্রঃ—ফল কুম্ভাকৃতি]। (২) পাটলিবৃক্ষ বা পারুল গাছ; bignonia suaveolens. (৩) কট্‌ফল; myrica sapida. (৪) বারিপর্ণী বা জলকুম্ভী; টোকাপানা। (৫) পৃশ্নিপর্ণী বা চাকুলে; hemionites cordifolia. ১০। বেশ্যা।

নস (শ্) [কুম্ভী (ক্ষুদ্রকলস) তাহার ন্যায় নাসা (নাসিকা) যাহার, বহু; বহুব্রীহি সমাসে নাসা=নস] বি, পুং, ক্রূরসর্প। ২। কীটবিশেষ। স্ত্রী, **কুম্ভীনসী**—রাবণের ভগিনী ও লবণ রাক্ষসের জননী। কৃত্তিবাসে "কুম্ভনসী।"

কুম্ভীনসি (কুম্‌ভিনোশি) [সং] বি, পুং, দানবরাজ বলির নামান্তর।

কুম্ভীপাক (ক্) [কুম্ভী (কুম্ভীনামক) যে পাক (পচ্—পাক করা+অ, অধি—ঘঞ্) অপরাধীকে যথায় তপ্ত তৈলে ভাজা বা পাক করা হয় (পাত্র)] বি, পুং, নরকবিশেষ। প্র—"জন্ম জন্ম যদি জ্বলি কুম্ভীপাকে পচি গলি সে ত শ্লাঘা! সে ত সুখ! স্বর্গ কেবা চায়।"—চন্দন।

কুম্ভীর (র্) [কুম্ভী (মৎস্যাদি)+র=ল ('কুম্ভীল' শব্দ ও আছে) রা—লা (গ্রহণ করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে ড) যে জলচর প্রাণী মৎস্যাদি ভক্ষণার্থ গ্রহণ করে] বি, পুং, মৎস্য ও মাংসাশী জলজন্তুবিশেষ; কুমীর; crocodile.

কুম্ভীরমক্ষিকা (র্, মো) [কুম্ভীর (কুমীর) মক্ষিকা (মাছি) কুম্ভীর সদৃশ যে মক্ষিকা—কর্ম্মধা] বি, স্ত্রী, কুমীর পোকা।

কুম্ভীরাসন (শন্) [সং] বি, ক্লী, রুদ্রযামলোক্ত তন্ত্রসাধনের আসনবিশেষ।

কুয়া (কুআ) [সং—কূপ; হি—কুআঁ, ক্ষুদ্রার্থে—কুইয়া] বি, কূপ; পাত্‌কো।

কুয়াতি—বি, কূপখননকারী

কুয়াশা, সা (কুয়াশা) [হি—কুহ্‌রা; কুহাসা; সং—কুহেলিকা, কুহেড়িকা (শব্দকল্পদ্রুমঃ)] বি, হিম; কুজ্‌ঝটিকা; কুহেলিকা। প্র—"কুআসায় আশা-মুকুল ঝরে যে পড়িল।" —সত্যেন্দ্র বসু। "রেশমের কুয়াশায় ঢাকা দিও উষা গায়।"—অবসর।

কুরকুচি [করকচি অপেক্ষা কোমল] বি, কচি ডাবের কোমল অংশ।

কুরকুট, কুরকুটিয়া (র্, ট্) [সং—ক্রূর (কঠিন, কর্কশ)—কক্‌খট) এবং কুটিল (বক্র, কুঁজো)—অপভ্রংশে কুরকুট। কুরকুটেও বলে; স্থানভেদে—কুরকুন্দে] বিণ, শক্ত এবং কুঁজো। করকটিয়া দ্রঃ।

কুরকুর (র্ র্) [সং—কুর্ (শব্দকরা); ডাকে কুর্‌কুর্ শব্দ হয় বলিয়া সং—কুক্কুর, কুকুর; ইং—cur; ডচ্—kurre (to whir); কুকুর—কুকুর শব্দের সংক্ষেপে কুরকুর] বি, কুকুর ছানাকে ডাকিবার শব্দ (তুল—"আয় মেনি পুষ পুষ")। ২। যাহাতে কাঁটা বা দাঁত আছে এমন কোন কিছুর দ্বারা আঁচড়াইবার শব্দ; কুরুণীতে নারিকেলাদি কুরিবার শব্দ; নখাদি দ্বারা আঁচড়াইবার বা কুকুর ছানার মত নখ বিঁধিয়া চলিবার শব্দ। প্র—কুরকুর করে যাওয়া ("খুর খুর করে"ও বলে)।

কুরকুরী [হি] বি, ঘোড়ার রোগবিশেষ; এই রোগে ঘোড়া পেট ফুলিয়া মরে। ২। সুড়সুড়ী।

কুরকুরিয়া, কুরকুরে (র্) [কুরকুর দ্রঃ] বিণ, কুরকুর শব্দজনক। খুরখুরে। ২। ক্রি, কুরকুর করিয়া; কুরিয়া; সূক্ষ্ম দন্ত বা নখ দ্বারা চাঁচিয়া বা আঁচড়াইয়া। কোরা দ্রঃ।

কুরঙ্কর (কুরংকর্) [শব্দাত্মক। কুর (অব্যক্ত শব্দ) কর (কৃ+অ, কর্ত্তৃ—অচ্) যে করে] বি, পুং, সারসপক্ষী।

কুরঙ্গ, কুরঙ্গক (কুরংগ, ক্) [কু (পৃথিবী)—রন্‌গ্ (গমন করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্) কিম্বা কুর্ (শব্দ করা)+অঙ্গ (সংজ্ঞার্থে—অঙ্গচ্) ক যোগ] বি, পুং, মৃগ; হরিণ। স্ত্রী, **কুরঙ্গী**—হরিণী। ২। ক্লী, তীর্থবিশেষ। বাং-য়, স্ত্রী, "কুরঙ্গিণী"ও হয়। প্র—"কুরঙ্গিণী সঙ্গে রঙ্গে নাচিতাম বনে."
—মেঘনাদ।

কুরঙ্গগঞ্জন [কুরঙ্গের (হরিণের) গঞ্জন (নিন্দা) হয় যাহা হইতে, বহু] বিণ, হরিণ হইতেও উৎকৃষ্ট। প্র—"অধর বন্ধুক বন্ধু বদন শারদ ইন্দু কুরঙ্গগঞ্জন বিলোচন।"—কবিক।

কুরঙ্গ নয়না [কুরঙ্গের ন্যায় নয়ন যাহার, বহু] বি, পুং, মৃগনয়ন; সুন্দরলোচন [পুং, প্র-অ]। স্ত্রী, **কুরঙ্গ-নয়না**—মৃগলোচনা; যে স্ত্রীর নয়নদ্বয় কুরঙ্গের নয়নের মত বড় বড় ও ভাসা ভাসা সুতরাং মনোহর। বাং-য় 'কুরঙ্গনয়নী'ও হয়। **কুরঙ্গনাভি**—মৃগনাভি; কস্তুরী।

কুরঙ্গম (ম্) [সং] বি, পুং, কুরঙ্গ দ্রঃ।

কুরঙ্গী (কুরোংগি) [কুরঙ্গ দ্রঃ] বি, স্ত্রী, হরিণী; মৃগী।

কুরচি (র্) বি, বৃক্ষবিশেষ; কুড়চি; কূটজ। ২। অতি ক্ষুদ্র আঁইষের পোনাজাতীয় মৎস্যবিশেষ; lobeo gonius. **কুরচি-বাটা**—ছোট আঁইষের বাটা মাছ।

কুরচিনামা, কুরছিনামা (র্) [ফা—কুর্‌সীনামা। সী=চি, ছি] বি, বংশতালিকা; বংশবৃক্ষ; পুশ্‌ৎনামা।

কুরট (ট) [কুৎসিত) রট্ (বলা) +অ (কর্ম্মে—সংজ্ঞার্থে, অল্) যাহাকে কুকর্ম্মকারী বলিয়া রটনা করা হয়] বি, পুং, চামার; মুচী।

কুরণ (কুরোন্) [সং কর্ষণ; গ্রা—কোরোণ। কোরা দ্রঃ] বি, চাঁচন; আঁচড়ন।

কুরুণী [কুরণ দ্রঃ] বি, কুরিবার যন্ত্র; নারিকেল কুরিবার বা তাহার শাঁস

চাঁচিবার দন্ত বা দাড়া যুক্ত বঁটির আকৃতি শস্ত্রবিশেষ।

কুরণ্ট [সং] বি, পুং, পীত ঝিণ্টীবৃক্ষ : yellow amaranth.

কুরণ্ড [গ্রা—কোরন্দ (কোরোন্দো)। কুরন্দ দ্রঃ। কু (মন্দ) রম্ (ক্রীড়া করা) + ড (করণে—সংজ্ঞার্থে) যাহা দ্বারা ক্রীড়া মন্দ হয়, ইহাদ্বারা বীর্য্য নষ্ট হয় বলিয়াই কুরণ্ড নামে খ্যাত] বি, পুং, মুষ্কবৃদ্ধিরোগ ; কোরণ্ড ; hydrocele ; scrotal tumour. বিণ, **কুরণ্ডিয়া, কুরুণ্ডে** (গ্রা—কুরুন্দে)—যাহার কোরণ্ড আছে।

কুরনিশ, কুরনিস (কুর্নিশ্) [ফা—কোর্নিশ্ = প্রণিপাত] বি, ঝুকিয়া সেলাম : প্রণাম। প্র—"একজন জীর্ণ শীর্ণ প্রাচীন সাহেব আসিলেন—সারজনেরা অমনি টুপি খুলিয়া কুরনিশ করিতে লাগিল।"—টেকচাঁদ। [দ্রঃ—সম্মুখে হাজির হইয়া প্রথমে মস্তক অবনত করিয়া নতজানু হইয়া বসিতে হয়। ইহার নাম হিন্দুর কুরনিস। (২) দক্ষিণ হস্ত প্রসারিত করিয়া তাহার উপর মস্তক ন্যস্ত করিয়া কোমর হইতে মাথা পর্য্যন্ত দেহটাকে অবনত করিলে যে অবস্থা হয় তাহাকে "সাহী কুরনিস" বলে।—আইন-ই-আকবরী]।

কুরব (ব্) [কু (কুৎসিত) রু (শব্দ করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, যে কুৎসিত শব্দ করে : মন্দ রবযুক্ত ; কুৎসিত শব্দবিশিষ্ট। ২। [কু (কুৎসিত) যে রব—কর্ম্মধা] বি, পুং, কুৎসিত শব্দ ; কর্কশ স্বর। প্র—"যদি এ দাসীর রব ; কুরব ভেবে মাধব না শুনেন, শুনিবেন তোমার বচন॥"—ব্রজাঙ্গনা। ৩। নিন্দাবাদ ; কলঙ্ক ; দুর্নাম ; অপবাদ। ৪। রক্তঝিণ্টী। ৫। কুরুরাজ্যের একটি জনপদ। ৬। কুরুবক বৃক্ষ।

কুরবক, কুরুবক (ক্) [কুরব + ক (সংজ্ঞার্থে)] বি, পুং, রক্তঝিণ্টী পুষ্পবৃক্ষ ; ঝাটী ফুলের গাছ ; crimson amaranth.

কুরর (কুরর্) [কুর্ (ছেদন করা) + অর (কর্ত্তৃ, সংজ্ঞার্থে) যে আপন করুণ স্বরে অন্যের স্থিরতা ছেদন বা অপহরণ করে] বি, উৎক্রোশ পক্ষী ; কুরলপাখী ; ঈগলপক্ষী। প্র—কুরর কুক্কুট কঙ্ক"—কবিক। স্ত্রী, **কুররী**—ভেড়ী ; মেষী। ২। উৎক্রোশ পক্ষিণী। প্র—"ছাড়িলে অমর লোক মাতা তোর করে শোক, মৃত-সুতা যেমন কুররী।"—কবিক।

কুরল (ল্) বি, পুং, চূর্ণ কুন্তল ; অলক। ২। কুরর পক্ষী।

কুরস (শ্) [কু (কুৎসিত) রস (আস্বাদন) যাহার—বহু] বিণ, কটুরস বিশিষ্ট। ২। বি, পুং, মদ্যবিশেষ ; আসব। ৩। [কু (কুৎসিত) যে রস—কর্ম্মধা] বি, পুং, কুৎসিত রস।

কুরসী—কুর্শী দ্রঃ।

কুরি—কুরী দ্রঃ।

কুরী [হি—কোরী] বি, হিন্দুদিগের এক জাতি-বিশেষ। ২। কুরি, নারিকেলাদির চাঁচা বা কোরা শাঁস। প্র—নারিকেল-কুরি ; কুমড়ার কুরি।

ত (ত্)—কুরীতি দ্রঃ।

কুরীতি [কু (কুৎসিত) যে রীতি (নিয়ম)—কর্ম্মধা। গ্রা—কুরীত] বি, স্ত্রী, মন্দ ব্যবহার ; কুধারা। ২। [কুৎসিত হইয়াছে রীতি যাহার, বহু] বিণ, কুনিয়মশালী ; বদচলন বা বেচাল।

কুরু [কুর (ছেদন করা) + উ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে কু) যিনি সমস্ত রাজমণ্ডলের গর্ব্ব উচ্ছেদ করিয়াছেন] বি, পুং, চন্দ্রবংশীয় প্রসিদ্ধ রাজা। সূর্য্য-কন্যা তপতীর গর্ভে সম্বরণের ঔরসে ইঁহার জন্ম হয়। ২। [কৃ (করা) + উ (অধি, কু)] পুং, কুরুবস। ৩। কুরুদেশ। ৪। [বৈদ্যকে] কণ্টকারি। ৫। [কৃ (করা) + হি (লোট মধ্যম পুরুষ একবচন) মধ্যে উ=কুরু হি লোপ)] কর। প্র—"কেশব কুরু করুণা দীনে"—গিরিশঘোষ। "দীনে কুরু কৃপা কালি, কালী কলুষনাশিনী"—বাং গান। [দ্রঃ পদ্যে। আধু—বাং বিরল]।

কুরুই [সং—কঙ্কর, বাং—কুল্লুইও বলে। প্র—কাঁকর কুল্লুই] বি, কাঁকর ; ঘুটিং। ২। [সং—কুড়ব। হি—কুরুঈ] বাঁশ বা মুঞ্জ ঘাসের ডালা।

কুরুক্ষেত্র (কুরুক্খেৎত্রো) [কুরুর ক্ষেত্র (ভূমি) ৬তৎ] বি, ক্লী কুরুপাণ্ডবের রণভূমি : স্থানেশ্বর ; দিল্লীর নিকটবর্ত্তী দেশবিশেষ। মহারাজ কুরু সাধারণের উপকারের জন্য যে ব্যক্তি সেই স্থানে কলেবর ত্যাগ করিবে সেই স্বর্গলাভ করিবে এই অভিপ্রায়ে এই স্থান কর্ষণ করিয়া যজ্ঞ করিয়াছিলেন বলিয়া ইহা কুরুক্ষেত্র নামে প্রসিদ্ধ হইয়াছে। ২। [লক্ষণায়] তুমুল ঝগড়া [গ্রা—কুলুক্ষেত্তর]। **কুরুক্ষেত্র কাণ্ড, কুরুক্ষেত্র ব্যাপার**—কুরুক্ষেত্রের ন্যায় কলহ। তুল—লঙ্কাকাণ্ড।

কুরুক্ষেত্রীযোগ (জোগ্) বি, পুং, সূর্য্যের উদয় হইতে পরদিন সূর্য্যোদয় পর্য্যন্ত সময় মধ্যে যদি ৩ তিথি ৩ নক্ষত্র এবং ৩ যোগের স্পর্শ হয়, তবেই কুরুক্ষেত্রী যোগ হয়।

কুরুজাঙ্গল (ল্) [সং] বি, গঙ্গা যমুনার অন্তর্ব্বেদীর উত্তর ভাগস্থিত জঙ্গলভূমি। প্রত্ন-তাত্ত্বিকগণ বর্ত্তমান 'বেলুচিস্থান'কে কুরুজাঙ্গল বলিয়া অনুমান করেন।

কুরুণী (নি) [কুরুণী দ্রঃ] বি, কুরিবার বা চাঁচিবার উপযোগী দাঁত বা দাড়া যুক্ত বঁটির আকৃতি শস্ত্রবিশেষ। প্র—"কুরুণীতে কুরিয়া আনিবে নারিকেল"—কবিক।

কুরুণ্ট [কু(কুৎসিত) রুন্ট্ (দীপ্তি পাওয়া) + অ(কর্ত্তৃ, সংজ্ঞার্থে, অচ্) যে কণ্টকময় বলিয়া কুৎসিতভাবে শোভা অর্থাৎ প্রকাশ পায়] বি, পুং, ঝিণ্টী বৃক্ষ ; ঝাঁটি ফুলের গাছ। স্বার্থে ক যোগে **কুরুণ্টক**। স্ত্রী, **কুরুণ্টী**—কাঠের পুত্তলী ; কাঠের পুতুল।

কুরুণ্ড [কুরণ্ড দ্রঃ। কু (কুৎসিত) রুণ্ড (অণ্ডকোষ) যাহার, বহু] বিণ, কুরন্দ ; বর্দ্ধিত অণ্ডকোষ। প্র—"গোদা কুঁজো কুরুণ্ডে প্রভৃতি আর যত সকলের রমণী সকলে নিন্দে কত।"—ভারতচন্দ্র। বিণ, কুরুণ্ডিয়া, কুরুণ্ডে।

কুরুতা [সং—কুড়ব। হি—কুরুই (ছোট ঝুড়ি)] বি, বাঁশের বড় ঝুড়ি ; ঝোড়া ; ওড়া। প্র—"কুরুতার বদলে সোনা।"—কবিক। পাঠান্তরে, "কুড়ুতা বদলে সোনা"। ২। [কুড়ুতা দ্রঃ] রাঙতা।

কুরুতীর্থ—বি, ক্লী, ভারতের প্রসিদ্ধ তীর্থ-বিশেষ।

কুরুবংশ [কুরুর বংশ, ৬তৎ] বি, পুং, চন্দ্র-বংশের এই শাখা কুরুরাজের নামানুসারে কুরু-বংশ রূপে খ্যাত হইয়াছে।

কুরুবক (ক্) বি, পুং, ঝিণ্টী পুষ্পের বৃক্ষ ; ঝাঁটী ফুলের গাছ। ২। ক্লী, ঝাঁটী ফুল ; crimson amaranth.
প্র—"সপ্তদল মল্লিকা যূথী কুন্দ কুরুবক" —কবিক। "কুরুবক কুরুণ্টক, কুন্দ তোলে মরুবক, কদম্ব কনক করবীর।" —কবিক।

কুরুবর্ষ [সং] বি, ক্লী, জম্বুদ্বীপে উত্তরকুরু-নামক বর্ষ বা প্রদেশ।

কুরুবিন্দ [কুরু (কুরুদেশ)—বিন্দ্ (লাভ করা) + অ (কর্ম্মে—সংজ্ঞার্থে, অল্) যাহা কুরুদেশে পাওয়া যায়] বি, পুং, ক্লী, পদ্মরাগ মণি। ২। মুস্তা ; মুতা। ৩। মাষকলাই। ৪। হিঙ্গুল।

কুরুবৃদ্ধ [কুরুর মধ্যে—বৃদ্ধ, ৭তৎ] বি, পুং, কুরুপিতামহ ভীষ্ম।

কুরুরএ [প্রা-বাং। কু—রবয়ে (রব করে) করকরান দ্রঃ] ক্রি, কর কর করে ; কাক মৃদু শব্দ করে ; কলকলায়।

কুরুরাজ (জ্) [কুরুর রাজা, ৬তৎ, রাজা = রাজ] বি, পুং, দুর্য্যোধন।

কুরুল (ল্) বি, পুং, ললাটস্থ চূর্ণ কুন্তল ; ২। রোগবিশেষ ; কুরণ্ড।

কুরূপ্য (কুরুপ্প) [কু—রূপ্য (রৌপ্য সদৃশ)] বি, রঙ্গ।

কুর্নিস (শ্) [ফা—কোর্নিষ্] বি, অভিবাদন ; সেলাম ; পশ্চাৎ দিকে হটিয়া হটিয়া সেলাম।

কুর্ত্তা, কুরতা [তুর্কী] বি, পুরুষের ছোট জামা : মাথা গলাইয়া পরিবার মত জামা। স্ত্রী, কুর্ত্তি।

কুর্ত্তি, কুর্ত্তি [তুর্কী—কুর্‌তা স্ত্রী. ক্ষুদ্রার্থে—কুর্‌তী ; হি—কুর্ত্তি] বি. স্ত্রীলোকদিগের পরিধেয় জামাবিশেষ। এই জামা মাথা গলাইয়া পরিতে হয়। **লালকুর্ত্তি**—[গোরা সৈন্সের পরিধেয় লাল কাপড়ের পোষাক বা উর্দ্দী হইতে] গোরা-সেনা-নিবাস ; গোরা সৈন্সের ছাউনী।

কুর্দ্দন, কূর্দ্দন (ন্) [কুর্দ্দ্—কূর্দ্দ্ (ক্রীড়া করা) + অন (ভাবে—অনট্) প্রা. কোঁদন। তুল—নাচন কোঁদন] বি. ক্লী. ক্রীড়াবিশেষ। ২। আস্ফালন ; কুঁদুনি ; উল্লম্ফন।

কুর্পর, কূর্পর (র্) [সং] বি. পুং. জানু। ২। কফোণি ; কণুই। ৩। বিণ. অধীন। প্র—"স্বতন্ত্র না হও তুমি নারীর কুর্পর। কেমনে পাইবে তুমি মোর কলেবর॥" —কাশী—মহা—আদি।

কুর্ব্বানি [আ—ক্‌রবানী। বাং—"কোরবানি" প্রচলরূপ] বি. মুসলমানের ধর্ম্মশাস্ত্রমতে পশুবলি ; দেবোদ্দেশে বলি।

—কুর্সি দ্রঃ। ২। [ক্ষেত্রকর্ম্মে ; প্রাদে—রঙ্গপুর] কঠিন মৃৎপণ্ড ভাঙ্গিবার কাষ্ঠময় হাতুড়ী।

কুর্সি [আ—কুর্‌সী] বি. পা ঝুলাইয়া বসিবার কাষ্ঠাসনবিশেষ ; চৌকী ; কেদারা ; chair. ২। চাতাল বা চৌতারা বা মেজে যাহার উপর বাড়ী ঘর প্রভৃতি নির্ম্মাণ করা হয়। ৩। বংশ। প্র—কুর্সিনামা (কুরচিনামা দ্রঃ)। ৪। [নৌ-বিভাগীয় পরিভাষায়] জাহাজের নিম্ন পাইল বাঁধিবার তক্তা। (২)। জাহাজের কিনারার পাটা বা তক্তাবন্দী। (৩) মাস্তুলের উপরের আড় করা তক্তা যাহার উপর বসিয়া নাবিকগণ পাইলের দড়ী টানে। **কুর্সিনামা**—বংশতালিকা ; কুরচি নামা দ্রঃ।

কুল (ল্) [সং। "সন্ততির্গোত্রজননকুলান্যভিজনান্বয়ৌ। বংশোঽন্ববায়ঃ সন্তানঃ" —অমর] বি. সন্তান ; সন্ততি। প্র—তাহার কুল আছে না ধ্বংস পাইয়াছে। ২। বংশ ; গোত্র ; গোষ্ঠী। প্র—তিন কুলে তাহার কেহ নাই। কুলের বাতি। কুলের কলঙ্ক। কুলক্ষয়। কুলপতি। কুলপঞ্জিকা। কুলজী। ৩। কৌলীন্য ; আভিজাত্য ; বংশ-মর্য্যাদা। প্র—কুলমান ; কুলেশীলে শ্রেষ্ঠ। ৪। [গার্হস্থ্য আশ্রম অর্থে] গৃহ ; ঘর ; ভদ্র সমাজ ; কুল-ধর্ম্ম। ৫। [স্ত্রীপক্ষে] পিতা, স্বামী, পুত্র অথবা বৈধ অভিভাবকের আশ্রয়। প্র—"নাথ হে! গোকুলের মাঝে কুলকন্যা হয়ে কুলত্যজে অকুলের কাণ্ডারী ভজে রাই হলোনা কুলোজ্জ্বলা। —দাশরথি। ৬। [সং—তে 'দেহ' অর্থে কুল শব্দের ব্যবহার আছে] চরিত্র ; সতীত্ব। প্র—"সে গরিবের মেয়ে, গরিবের বধূ, তবু আপনার কুলখানি অনেক প্রলোভনেও যত্নে নির্ম্মল রাখিয়াছিল।" —শৈলেশ মজুমদার (কলিকাল)। "তুমি কুল মজাবার নটের গুরু"—বাং-গান। ৭। জাতি ; বর্ণ। প্র—"ক্ষত্র কুলে জন্ম মম, রক্ষঃকুলপতি, নাহি ডরি যমে আমি ; কেন ডরাইব তোমায়?—মেঘনাদ বিহঙ্গম কুলে বৈনতেয় যথা বলজ্যেষ্ঠ, রক্ষঃকুল-শ্রেষ্ঠ শূরমণি।"—ঐ। "মানবকুলে দেবী সীতা ও দানবকুলে দেবী প্রমীলা।"—ঐ। ৮। স্থুল আশ্রয়। তুল—"স্থুলকুল"—সহচর শব্দদ্বয়। ৯। ভদ্রাসন ; গৃহ ; ঘর। প্র—কুলে বাতি। ১০। [বংশ বা জাতি হইতে] সজাতীয় দল ; পাল ; যূথ ; একজাতীয় সমূহ। প্র—"শিবাকুল, গৃধিনী, শকুনি, কুক্কুর, পিশাচদল ফেরে কোলাহলে"—মেঘনাদ। ১১। সমূহ ; গণ। প্র—"জীবকুল কুলক্ষণে।" —মেঘনাদ। "বরষিল পুষ্পাসার দেবকুল মিলি" —ঐ। ১২। [সং—তে] জনপদ ; দেশ ; ক্ষেত্র। **কুলের বৌ**—গৃহবধূ ; উচ্চঘর বা বংশের স্বধর্ম্মনিরতা সুচরিত্রা বধূ ; ভদ্রগৃহের বধূ ; কুলবধূ দ্রঃ। **কুলে কাঁটা দেওয়া**—বংশের মান সম্ভ্রম লাভের বা গৌরব বৃদ্ধির পথে কণ্টক রোপণ করা বা বিঘ্ন উৎপাদন করা। **কুল-করা**—কুলীনের সন্তানের কুলীনের ঘরে বিবাহ দিয়া কৌলীন্য রক্ষা করা। **কুল রাখা**—কুলাচার রক্ষা করা ; চরিত্র বিশুদ্ধ রাখা ; কৌলীন্য বজায় রাখা। **কুলত্যাগ করা**—কুলধর্ম্মকে অতিক্রম করা ; কুলব্রতানুসারে না চলা ; গৃহবধূর কর্ত্তব্য পালন না করিয়া এবং স্বামিগৃহ ত্যাগ করিয়া অবৈধ আশ্রয়ে গমন করা। **কুলে থাকা**—স্বামীর ঘর করা ; গার্হস্থ্য ধর্ম্ম পালন করা। **কুলের বাহির হওয়া**—সতীধর্ম্ম ত্যাগ করিয়া স্বামী, পুত্র বা বৈধ অভিভাবকের আশ্রয় ত্যাগ করিয়া কুপথে যাওয়া। **কুলের বাতি** [কুল-বর্ত্তিকা] বি. যাহার কীর্ত্তি ও যশে বংশের মুখ উজ্জ্বল হয় ; কুলগৌরব। **কুলের কলঙ্ক**—কুলকলঙ্ক দ্রঃ। **কুলের ধ্বজা** [লক্ষণায়] কুলের গৌরব ; কুলের শ্রেষ্ঠ। **কুলে কালী দেওয়া**—অকীর্ত্তি দ্বারা বংশকে কলঙ্কিত করা। **কুল রাখা কি শ্যাম রাখা**—কুলধর্ম্ম রাখিলে শ্যামকে ছাড়িতে হয় এবং শ্যামের মন রাখিলে ধর্ম্ম নষ্ট হয়। রাধিকার এই উভয় সঙ্কট অবস্থার ন্যায় অবস্থায় পড়া। **একুল ওকুল দুকুল যাওয়া**—কৃষ্ণকে পাইবার জন্য রাধা কুল ত্যাগ করিয়াছিলেন কিন্তু শেষে কৃষ্ণ হইতেও বঞ্চিত হওয়ায় তাঁহার দুই কুলই গেল। তুল—"ইতোনষ্টস্ততো ভ্রষ্টঃ"। [লক্ষণায়] নিরাশ্রয় হওয়া।

কুল (ল্) [সং—কোলি, কোলং, কু
(বদরী)। প্রা. বাং—কুলি (চৈ
চরিতামৃতে)] বি. অম্লরস ফলবিশেষ, ব
ফল (হি—বৈর) ; jujube. ২। কে
বৃক্ষ ; কুলনামক কণ্টকী বৃক্ষ ; কুল গা
কুলকাটের আগুন—কুল কা
আগুন খুব তেজাল। (তাহা হইতে)
আগুন। (২) তীব্র জ্বালা। প্র—প্রাণের ভি
কুলকাঠের আগুন জ্বলা। **নারিকেলি
কুল** [প্রা—নারকুলে কুল। নারিকে
মত দেখিতে বলিয়া] অণ্ডাকার কুলবি
কুলকাশুন্দি (কুল্‌কাশুন্‌দি) কু
আচার। প্র—"কুলকাসুন্দিতে দিবে জম্বী
রস" —কবি

কুল (ল্) [আ—কুল্] বিণ. সমস্ত ; সমু
তামাম। **বিল্‌কুল্**—বেবাক ; সমস্ত

কুলক (ক্) [সং] বি. ক্লী. এক কর্ত্তা বি
এক ক্রিয়াপদ দ্বারা চতুরধিক শ্লোকের
সমাপ্তি হইলে ঐ শ্লোক সমুদয়কে কুলক ব
২। পটোলের লতা ; পল্‌তা। ৩। বল্মী
৪। পুং. কুলের শ্রেষ্ঠ। ৫। শ্রেষ্ঠ শি
৬। হরিদ্বর্ণ সর্পবিশেষ।

কুলকন্যা (কুলোকোন্‌ন্যা) [কুলের ক
৬ তৎ] বি. স্ত্রী. সৎকুলজাতা নারী ; কুলধ
স্থিতা সতীনারী ; কুল দ্রঃ।

কুলকর্ম্ম (লো) [কুলের—কর্ম্ম (কর্ম্মন্) ৬ত
বি. ক্লী. কুলোচিত ক্রিয়া ; বংশের উপযো
ক্রিয়াকলাপ। ২। কুলীনপাত্রে অকুলী
কন্যাদান। ৩। কুলপ্রথানুসারে পুত্র
কন্যাদির বিবাহ দেওয়া।

কুলকলঙ্ক (কুলোকলংকো) [কুলের—
(অপবাদ) ৬ তৎ] বি. ক্লী. ব
অপবাদ ; বংশের অগৌরব। ২। [
—কলঙ্ক (অপবাদ) হয় যাহা হইতে,
বিণ. যাহার চরিত্রদোষে কুলে কলঙ্ক জন্মে

কুলকলঙ্কী (কুলোকলোংকি) [কুলকলঙ্ক
(অস্ত্যর্থে) = কুলকলঙ্কিন্ ১মা. ১ব] বি
পুরুষের চরিত্রদোষে কুলে কলঙ্ক জন্মে।
কুলকলঙ্কিনী—কুলের কলঙ্ককা
যে কুলবধূর বা কুলকন্যার চরিত্রদোষে ব
অপযশ হয়।

কুলকামিনী (লো) বি. স্ত্রী. কুল
(দ্রঃ)।

কুলকুচা, কুচো (ল্) [শব্দাত্মক।
বাং—কুল্লোল। হি—কুল্লা, কুল্লী। সং—
কবলস্থ জলের কল্লোল বা কুলকুল শব্দ
(হি—কুলকুলানা—কুলকুল শব্দ করা)
তাহা ত্যাগ করিবার কালে কুচ্ এই
হইতে] বি. মুখে জল পুরিয়া কল

কুলকুল শব্দে আলোড়ন ও তদ্দ্বারা মুখের ভিতর পরিষ্কার করিয়া ত্যাগ। কুল্লোল দ্রঃ। ক্রি, কুলকুচা করা।

কুলকুণ্ডলিনী (কুলোকুণ্ডোলিনি) [কুলের (কুলাচারীদের) উপাস্যা যে কুণ্ডলিনী (শক্তিবিশেষ) কর্ম্মধা] বি, স্ত্রী, মূলাধার পদ্মে সর্পের মত মণ্ডলাকারে স্থিতা সার্দ্ধ-ত্রিবৃত্তবিশিষ্টা শিবশক্তিবিশেষ। এই শক্তি নিশ্বাসপ্রশ্বাসরূপে জগৎস্থিত জীবগণের জীবন-দায়িনী শক্তিরূপে বিরাজিতা। প্র—"কুল-কুণ্ডলিনী যার জাগে ব্রহ্মা বিষ্ণু শিবপদ পেলেও কি তার মনে লাগে"। —বাং-গান।

কুলকুল (ল্, ল্) [শব্দাত্মক। আদরার্থে—কুলুকুলু। হি—কুলকুলানা (কুলকুল শব্দ করা); সং—কল্লোল, কুল শব্দের ব্যাপ্তি অর্থে দ্বিত্ব। তুল—কুল্যা = ক্ষুদ্র নদী। কলকল অপেক্ষা চাপা শব্দ] বি, জলের কল্লোলসহ গতি। প্র—কুলকুল করিয়া জল বাহির হইয়া যাইতেছে। কুলকুল করিয়া ভেদ হওয়া। ২। কুল্কুল্ শব্দ করা; সাড় করা। প্র—পেট কুলকুল করা। ৩। [সং—কুল—রাশি, আধিক্যার্থে দ্বিত্ব] অজস্র; প্রচুর। প্র—কুলকুল করিয়া ঘাম হইতেছে।

কুলক্রমাগত (কুলোক্‌ক্রোমাগতো) [কুল-ক্রম দ্বারা আগত, ৩ তৎ] বিণ, বংশপরম্পরায় উপস্থিত; বংশানুক্রমে সমাগত; পুরুষানু-ক্রমে যেরূপ হইয়া আসিতেছে।

কুলক্রিয়া (কুলোক্‌কৃয়া) [কুলের ক্রিয়া, ৬তৎ] বি, স্ত্রী, কুলাচার; কুলধর্ম্ম।

কুলক্ষণ (কুলোক্‌খোন্) [কু (মন্দ) যে লক্ষণ (চিহ্ন) কর্ম্মধা] বি, ক্লী, মন্দলক্ষণ: অশুভ চিহ্ন। প্র—"জীবকুল-কুলক্ষণ"—মেঘনাদ। ২। [কু (মন্দ) লক্ষণ যাহার, বহু] বিণ, কুলক্ষণাক্রান্ত; কুলক্ষণবিশিষ্ট। স্ত্রী, **কুলক্ষণা**—অলক্ষণা; অশুভলক্ষণাক্রান্তা; যে স্ত্রীর লক্ষণ সমূহ অশুভসূচক; দুর্ভাগা।

কুলক্ষয় (কুলোক্‌খয়্) [কুলের—ক্ষয় (নাশ) ৬তৎ] বি, পুং, বংশলোপ; বংশধ্বংস; কুলনাশ। ২। বংশের মর্য্যাদাহানি। স্ত্রী, **কুলক্ষয়া**—শুকশিম্বী। **কুলক্ষয়কর, কুলক্ষয়কারী**—যাহা হইতে বংশনাশ হয়; সর্ব্বনাশকর; সর্ব্বনেশে।

কুলগ্ন [কু—লগ্ন (যোগ)] বি, অশুভ রাশি-সংক্রান্ত মুহূর্ত্ত; কুক্ষণ।

কুলঘ্ন [কুল—হন্ (নাশ করা) + অ (কর্ত্তৃ—টক্) হ = ঘ] বিণ, কুলক্ষয়কারী; বংশলোপ-কারী; বংশনাশক।

কুলঙ্কী, কুলঙ্গী (কুলোংকি, গি) [প্রাদে—উচ্চারণ ভেদে কুলুঙ্গি; কলুঙ্গি; কোলঙ্গা। সং—কুড্য = কাঁথ = দেওয়াল তাহার অঙ্কস্থ বা অঙ্গস্থ স্থান] বি, গৃহের দেওয়ালের গায়ে দ্রব্যাদি রাখিবার ক্ষুদ্র স্থানবিশেষ। প্র—লোহার দেওয়ালময় বিষম অস্ত্রের ঘায় চারি-ভিতে কাটিল কুলঙ্গী।"—মনসামঙ্গল।

কুলচণ্ডী (কুলোচোন্‌ডি) [কুলের (বিপত্তি সমূহের প্রতি) চণ্ডী (কুপিতা) যিনি বিপদ রাশিকে উন্মূলন করেন। গ্রা—কুলইচণ্ডী] বি, স্ত্রী, মঙ্গলকারিণী দেবীবিশেষ।

কুলচুর (ল, র্) [কুল (বদরী) চুর (চূর্ণ)] বি, কুলের আচার।

কুলজ (জ্) [কুলে (বংশে) জ (জাত, কর্ত্তৃ—ড প্রত্যয়ান্ত জন ধাতুজ) ৭তৎ] বিণ, সদ্বংশজাত; বিশিষ্টবংশোৎপন্ন; কুলীন। স্ত্রী, **কুলজা**—কুলজাতা: কুলকন্যা; কুল-কামিনী। প্র—"কুলজারীতি ছোড়ল যদু লাগি।"—বিদ্যাপতি। "হেন বুঝি কত কুলজাকুল নাশ।—জ্ঞানদাস।

কুলজী (কু্লোজি) [গ্রা—কুলুচীও বলে। সং—কুলপঞ্জী অপভ্রংশে] বি, কুলপঞ্জী; বংশাবলী; কুলের পরিচয়।

কুলট (ট্) [কুল—অট্ (গমন করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্) যে এক কুল হইতে অন্য কুলে গমন করে] বি, পুং, অন্য কুলগামী পুত্র: দত্তকাদি পুত্র। স্ত্রী, কুলটা।

কুলটা—বি, স্ত্রী, যে স্ত্রী নিজ-স্বামিকুল হইতে গমন করে; অসতী; ভ্রষ্টা। ২। বিণ, কুলত্যাগকারিণী; কুলত্যক্তা। প্র—"ভুলিনু পরের বোলে, কুলটা হইনু কালে"—চণ্ডীদাস। ৩। ভিক্ষুকী সতীনারী।

কুলতন্তু (তো) [কুলের তন্তু (সূক্ষ্মাংশ) ৬তৎ; কিম্বা কুলের তন্তুর ন্যায় (উপমান)] বি, পুং, পুত্র; অপত্য; সন্তান।

কুলতিথি [সং] বি, স্ত্রী, চতুর্থী, অষ্টমী, দ্বাদশী ও চতুর্দ্দশী।

কুলতিলক (ক্) [কুলের তিলক স্বরূপ, ৬তৎ। কুল দ্রঃ।] বিণ, তিলক যেরূপ ললাটের শোভাজনক সেইরূপ যে পুত্র দ্বারা কুলের শোভা হয় তাহাকেই কুলতিলক বলে: কুল-ভূষণ; যাহার গুণে ও ক্ষমতায় বংশের গৌরব বৃদ্ধি হয়।

কুলদূষক, কুলদূষণ (ক্, ন্) [কুলের (বংশের) দূষক, দূষণ (যে দোষ জন্মায়) ৬তৎ] বি, পুং, যে পুত্র জন্মিলে কুলের নানা দোষ প্রকাশ পায়; কুলকলঙ্ক; কুলাঙ্গার।

কুলদেবতা [কুলের দেবতা, ৬তৎ] বি, স্ত্রী, বংশপরম্পরায় পূজিত দেবতা; যে বংশের প্রত্যেক পুরুষ যে দেবতাকে পূজা করে সেই দেবতা সেই বংশের কুলদেবতা। ২। গৌরী, পদ্মা, শচী, মেধাদি ষোড়শ মাতৃকার মধ্যে মাতৃকাবিশেষ।

কুলধর্ম্ম [কুলের ধর্ম্ম, ৬তৎ] বি, পুং, বংশগত আচার বা অনুষ্ঠান; পূর্ব্ব পূর্ব্ব পুরুষানুষ্ঠিত ধর্ম্ম; স্বজাতীয় ধর্ম্ম; কুলাচার।

কুলধারক (ক্) [কুলের (বংশের) ধারক (রক্ষক) ৬তৎ] বি, পুং, যে জন্মিলে কুলধ্বংস হয় না; বংশধর; পুত্র।

কুলধুর্য্য (—ধুর্‌জ) [কুলের ধুর্য্য (প্রধান) ৬তৎ] বিণ, কুলভূষণ; কুলের প্রধান; বংশের শ্রেষ্ঠ।

কুলন, কুলান (কুলোনো, কুলানো) [কুল্ (রাশি করণ) ধাতুজ] বি, প্রয়োজন মত সংস্থান করণ; আঁটন; অভাব না হওন; নির্ব্বাহ হওন; সম্পোষ্য হওন। প্র—"কালী কুলাইবেন কূল"—ভারত। এত অধিক ব্যয় করিয়া ফেলিলে শেষে কুলাইতে পারিবেন না।

কুলনক্ষত্র (—নোক্‌খোৎত্রো) [সং] বি, ভরণী, রোহিণী, পুষ্যা, মঘা, উত্তরফল্গুনী, চিত্রা, বিশাখা, জ্যেষ্ঠা, পূর্ব্বাষাঢ়া, শ্রবণা ও উত্তরভাদ্রপদ নক্ষত্রের নাম কুলনক্ষত্র।

কুলনায়িকা [সং] বি, তন্ত্রোক্ত পঞ্চ মকার-সাধনে পূজনীয়া স্ত্রী।

কুলনারী [কুলের নারী—স্ত্রীলোক, ৬তৎ] বি, ক্লী, কুলকামিনী; কুলস্ত্রী: কুলবধূ; কুলবালা। প্র—"কুঞ্জরগতি-গঞ্জি-গমন মঞ্জুল কুলনারী"—জগদানন্দের পদাবলী।

কুলনাশ (শ্) [কুলের নাশ (ধ্বংস) ৬তৎ] বি, পুং, কুলোচ্ছেদ; বংশধ্বংস; ২। বংশের মর্য্যাদালোপ। ৩। উষ্ট্র; উট। ৪। [কুল—নাশ (যে নষ্ট করে) উপপদ] বিণ কুলনাশক; বংশনাশকারী। ৫। পতিত।

কুলনাশন (ন্) [কুল—নশ্ + ণিচ্ = নাশি (নষ্ট করা) + অন (করণে—অনট্)] বিণ, কুলক্ষয়কর; কুলপাংসন।

কুলন্ধর (র্) [কুল (বংশ) ধৃ (ধারণ করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, বংশধর।

কুলপতি (পো) [কুলের পতি, ৬তৎ] বি, পুং, বংশপ্রধান; কুলশ্রেষ্ঠ। ২। আশ্রমের প্রধান মুনি। ৩। "যিনি দশসহস্র শিষ্যকে অন্ন-বস্ত্র দান করিয়া স্বগৃহে শাস্ত্র অধ্যয়ন করান শাস্ত্রে তাঁহাকে কুলপতি কহে।"

কুলপর্ব্বত (ত্) [কুল (প্রধান) যে পর্ব্বত, কর্ম্মধা] বি, পুং, কুলাচল; কুলগিরি; কুলশৈল। মহেন্দ্র, মলয়, সহ্য, শুক্তিমান্, ঋক্ষ, বিন্ধ্য ও পারিযাত্র এই সপ্ত কুল-পর্ব্বত নামে খ্যাত। কেহ কেহ বলেন হিমালয়েরও কুলপর্ব্বত সংজ্ঞা আছে সুতরাং ৮টী কুলপর্ব্বত।

কুলপাংসন (শ্‌ন্) [কুলের পাংসন, ৬তৎ।

পান্‌স্ (নাশ করা) + অন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে: অনট্)] বিণ. কুলকলঙ্ক ; কুলদূষক ; যে বংশের মর্য্যাদা নাশ করে।

কুলপালক (ক্) [কুলের (বংশের) পালক (রক্ষক) ৬তৎ] বিণ. গোত্রবর্দ্ধক ; বংশ-রক্ষক ; যে নিজ জ্ঞাতিবর্গের প্রতিপালন করে। স্ত্রী. কুলপালিকা।

কুলপালি, কুলপালিকা [কুলের পালি পালিকা (রক্ষিকা) ৬তৎ, যে নারী আপন বংশাবলীর পরিপালন করে] বি. স্ত্রী. কুল-কামিনী ; পতিব্রতা ; কুলবধূ ; সতী ; সাধ্বী স্ত্রী।

কুলপ্রদীপ (প্রো, প্) [কুলের প্রদীপ স্বরূপ, ৬তৎ] বিণ. যে আপন সুকীর্ত্তি দ্বারা বংশের শ্রীবৃদ্ধি করে ; বংশোজ্জ্বলকারী ; কুলভূষণ ; বুলমর্য্যাদাবর্দ্ধক।

কুলবতী (কুলোবোতি) [কুল + বৎ (বতু) অস্ত্যর্থে] বি, স্ত্রী. কুলকামিনী : সাধ্বী স্ত্রী : যে স্ত্রী কুলব্রতানুসারে চলে। প্র—"সব কুলবতী করয়ে পিরীতি। এমত না হয় কারে।" —চণ্ডীদাস।

কুলবধূ (কুলোবোধূ) [কুলের বধূ (স্ত্রী) ৬তৎ] বি, স্ত্রী. কুলকামিনী ; কুলস্ত্রী ; কুল-ধর্ম্মে স্থিতা সতী নারী।

কুলবার (র্) [কুল (কুলসংজ্ঞক) যে বার (দিন) কর্ম্মধা] বি, পুং, মঙ্গল ও শুক্রবার, তন্ত্রে মঙ্গল ও শুক্রের কুলসংজ্ঞা উক্ত হইয়াছে।

কুলবালা (লো) [কুলের বালা (স্ত্রী) ৬তৎ] বি, স্ত্রী. কুলস্ত্রী ; কুলনারী ; কুলবধূ। প্র—"উহ সুপুরুষবর, বিদগ্ধশেখর, এ অবিচল কুলবালা।" —গোবিন্দ দাস। "অনঙ্গ কেবল আমাকেই এইরূপ করিতেছে এমন নহে, কত শত কুলবালাকে এইরূপ অপথে পদার্পণ করায়।" —কাদম্বরী।

কুলবিদ্যা (বিদ্দ্যা) [কুলের বিদ্যা, ৬ তৎ] বি. স্ত্রী. বংশগত বিদ্যা ; কুলক্রমাগত বিদ্যা ; যে বিদ্যা বংশপরম্পরায় শিক্ষা করা হয়।

কুলবিপ্র (কুলোবিপ্‌প্রো) [কুলের বিপ্র (ব্রাহ্মণ) ৬ তৎ] বি, পুং, কুলগুরু। ২। কুলপুরোহিত।

কুলব্রত (কুলব্‌ব্রোতো) [কুলের ব্রত, ৬ তৎ] বি, ক্লী, বংশ পরম্পরায় অনুষ্ঠিত ব্রত ; যে নিয়ম বংশের প্রত্যেক পুরুষ অনুষ্ঠান করে।

কুলভ্রষ্ট (কুলোভ্রোষ্‌টো [কুল হইতে ভ্রষ্ট (পতিত) ৫তৎ] বিণ. যে ব্যক্তি নিকৃষ্ট কর্ম্ম দ্বারা কুল হইতে পতিত হইয়াছে। ২। যাহার কুলমর্য্যাদা লোপ পাইয়াছে।

কুলমর্য্যাদা (মোর্‌জ্জাদা) [কুলের (বংশের) মর্য্যাদা (গৌরব) ৬তৎ] বি. স্ত্রী. বংশের গৌরব ; কুলের সম্মান।

কুললক্ষণ (কুলোলোক্‌খোন্) [কুলের লক্ষণ (চিহ্ন) ৬তৎ] বি, ক্লী, আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, আবৃত্তি, তপঃ ও দান এই নয় প্রকার আদর্শ কুলচিহ্ন।

কুলশীল (ল্) [কুল (বংশ) এবং শীল (স্বভাব) দ্বন্দ্ব] ; বি, বংশ ও চরিত্র ; জন্ম এবং স্বভাব চরিত্র। প্র—"কুলশীল রূপবান্ নিজবংশ সমান।"—কবিক।

কুলসম্ভব (শম্‌ভব্) [কুল (বংশ) হইতে সম্ভব (উৎপন্ন) ৫ তৎ] বিণ, বংশোৎপন্ন ; কুলজাত।

কুলস্ত্রী [কুলের স্ত্রী, ৬ তৎ] বি, স্ত্রী, কুল-কুমারী ; কুলনারী ; কুলবধূ ; কুলকন্যা।

কুলা, কুলো [সং—কুল্য (মেদিনী)] বি, শূর্প। প্র—"ছাইফেলা ভাঙ্গা কুলা।"—কুঙ্কুম। "ঝি, ঝি, ভাঙ্গা কুলো বাদ্য বাজাইয়া। বিধবা মাগীরে ঝাট দেরে তাড়াইয়া॥"—অশোকগুচ্ছ।

ছাই ফেলিতে ভাঙ্গা কুলা—ঘরের ওঁচলা বা ছাইপাঁশ ফেলিয়া দিবার জন্য, যাহা চাল ডাল ঝাড়িবার মত কোন আবশ্যক কাজে লাগে না এমন ভাঙ্গা কুলার ব্যবহার। (তাহা হইতে) সংসারে যে ব্যক্তি অকিঞ্চিৎকর এবং অপ্রীতিকর কাজে নিয়োজিত হয়। **বিষ নাই কুলা পানা চক্র**—বিষধর সর্পেরাই ফণা ধরে সুতরাং তাহাদের ফণা দেখিয়াই ভয় হয় এবং ফণা কুলার মত বৃহৎ হইলে অত্যন্ত ভয় হয়। কিন্তু কুলার মত চক্র থাকিয়াও যদি বিষ না থাকে তাহা হইলে তাহা বন্দুকের ফাঁকা আওয়াজের মত কেবল ভয় প্রদর্শনের নিমিত্তই হয়। (তাহা হইতে) যে পুরুষের শাসন করিবার ক্ষমতা নাই কেবল ভয় দেখাইবার জন্য তাহার তর্জ্জন মাত্র।

কুলা [ফা—কুলাহ্। ইং—culla cap] বি, ঠোঙ্গা উপুড় করা বা উল্টা ঠোঙ্গার মত কোণ উঁচু করা টুপী ; পশ্চিমাঞ্চলের পুলিশের ইন্‌স্‌পেক্টর, পল্টনের হাবিলদার প্রভৃতির পাগড়ীর মাঝখানে যাহা উঁচু হইয়া থাকে।

কুলাকুল (ল্) [সং। "বিষমাশ্চাকুলাঃ সর্ব্বে শেষাশ্চ তিথয়ঃ কুলাঃ॥"—তন্ত্র। কুল (যুগ্ম) + অকুল (বিষম)] বি, তন্ত্রোক্ত তিথি, নক্ষত্র ও বার বিশেষের পারিভাষিক শব্দ। দ্বিতীয়া, ষষ্ঠী, দশমীতিথি, আর্দ্রা, মূলা, অভি-জিৎ ও শতভিষা নক্ষত্র এবং বুধবার। ২। সৎকুল এবং অসৎকুল।

কুলাঙ্গার (র্) [কুলের অঙ্গার স্বরূপ, ৬ তৎ] বি, পুং, ক্লী, অঙ্গার যেরূপ যে স্থান স্পর্শ করে তাহাই মলিন করে সেরূপ কুলের অকীর্ত্তি রূপ মালিন্য যাহার সংসর্গে জন্মে তাহাকেই কুলাঙ্গার বলে ; যাহার কর্ম্ম দোষে কুলের কলঙ্ক হয় ; কুলের কালি ; কুলকলঙ্ক।

কুলাচল (ল্) [কুল (দেশ—ভারতবর্ষস্থ অচল (পর্ব্বত)] বি, কুলপর্ব্বত। ইহা সংখ্যায় সাতটি (সপ্তৈতে কুলপর্ব্বতাঃ") ;— মহেন্দ্র ; মলয় ; সহ্য ; শক্তিমান ; ঋক্ষবান্ বিন্ধ্য ও পারিযাত্র। মতান্তরে, হিমালয় লইয়া আট।

কুলাচার (র্) [কুলের (বংশের)—আচার (আচরণ) ৬ তৎ] বি, পুং, কুলধর্ম্ম ; কুলানুষ্ঠিত ধর্ম্ম ; বংশপরম্পরায় অনুষ্ঠিত আচরণ।

কুলাচার্য্য (কুলাচার্‌জ) [কুলের আচার্য (শিক্ষাগুরু)] বি, পুং, বংশপরম্পরায় উপদেষ্টা ; কুলক্রমাগত শিক্ষক ; কৌলিক আচার্য্য ; কুলগুরু ; কুলপুরোহিত। ২। কুলের পরিচয় প্রদান করা যাহার ব্যবসায় ; ঘটক।

কুলাদর্শ [কুলের আদর্শ, ৬তৎ] বি, পুং, কুলদর্পণ ; বংশাবলী ও বংশপরিচায়ক চিহ্ন-বিষয়ক শাস্ত্র।

কুলান (ন্) [কুল = পার ; কুলান = পার-প্রাপ্তি ; উদ্ধার] বি, সংকুলান ; সংস্থান ; যোগান ; পর্য্যাপ্তি। প্র—"বনিতাকে বস্ত্র নাই বেদে বলে বিভু। ক্লেশ বিনা কুশলে কুলান নাহি কভু॥"—শিবায়ন। ২। (নো) ক্রি, যোগান ; সংস্থান করা ; অভাব মোচন করা। প্র—"কত কাল কুলাবে কেবল বৃদ্ধ বাপ।"—ঘনরাম। ৩। উপায় করা ; বন্দোবস্ত করা। প্র—"ওরে অনায়াসে ভব-নদীর কালী কুলাইবেন কুল।"—রামপ্রসাদ।

কুলানি, কুলানী [প্রাদে। কোলানি দ্রঃ] বি, আলিঙ্গন ; সমাদর ; যত্ন।

কুলায় (য়্) [কুলের (পক্ষিকুলের) আয় (আগমন বা বৃদ্ধি) হয় যেখানে, বহু ; কুল—অয় (বৃদ্ধি পাওয়া বা গমন করা) + অ (অধি—সংজ্ঞার্থে, ঘঞ্)] বি, পুং, নীড় ; পাখীর বাসা। ২। বাসস্থান।

কুলায়স্থ (কুলায়স্‌থ) [কুলায়ে (পক্ষীর বাসাতে) স্থ (যে থাকে ; স্থা—থাকা + অ, কর্ত্তৃ—ড)] বি, পুং, পক্ষী। ২। বিণ, নীড়স্থ ; বাসাস্থিত।

কুলায়িকা [কুলায় + ক (সংজ্ঞার্থে) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, চিড়িয়াখানা।

কুলাল (ল্) [কু (পৃথিবী মৃত্তিকা) লাল (ইচ্ছা করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্) যে মৃন্ময় দ্রব্য প্রস্তুত করিবার জন্য মৃত্তিকা ইচ্ছা করে] বি, পুং, কুম্ভকারজাতি ; কুমার। ২। [কুল (রাশি করা) + আল (কর্ত্তৃ – সংজ্ঞার্থে)] পক্ষিবিশেষ।

কুলালচক্র (কুলাল্‌চক্‌ক্রো) [কুলালের চক্র, ৬তৎ] বি, ক্লী, কুমারের চাক। প্র—"তাতে কুলালচক্র ভ্রমাইল, চিন্তারাম চাপরাশী এসে" —রামপ্রসাদ।

কুলাহক (ক্) [সং] বি, পুং কৃকলাস। ২। শাকবিশেষ; কুলিকা; রাঙ্গা কুলেখাড়া। hygrophila spinosa.

কুলি [সং—কুল্যা—সরণি, পথ। হি—কুলিয়া= গলি] বি, অপ্রশস্ত পথ; গলি। প্র—"কুলি কুলি লৈয়া বেড়াও চাতরে চাতরে"—কৃত্তিবাস। ২। ["কুল্যা পয়ঃ প্রণাল্যাং"—মেদিনী] বর্ষার জল যাইবার পথ; নালী; নর্দ্দমা। **কুলিকুলি**—গলিতে গলিতে। ২। পথে পথে। প্র—"পাতিখেলে বাঘ চালি, জুয়া খেলে কুলিকুলি, সামরুল শুনাইতে কথা।' —কবিক।

কুলি, কুলী [তুর্কী—কুলী (মজুর, ভৃত্য) মধ্যপ্রদেশে গ্রামের ভৃত্যশ্রেণীর লোক—তাহারা চৌকি দেয় ও ধানের গোলা রক্ষা করে; বোম্বাই প্রদেশে—কুলি, যাহারা জল তুলে, মাছ ধরে ও এইরূপ মজুরী করে। ফা-তে—কুলী (ভৃত্য, মজুর)। তামিল ভাষায় ভাড়া (মুটে ভাড়া, cooly hire ?) অর্থে কুলি শব্দের প্রয়োগ আছে। ইংরেজ প্রথমে ভারতের যে প্রদেশে আগমন করেন, তথায় কুলী শব্দের ব্যবহার আছে। তখন হইতে ব্যবহার করিতে করিতে এইশব্দ ইংরেজী অভিধানের অন্তর্গত হইয়াছে। "An Indian or Chinese labourer who has emigrated under contract to a foreign land; a European name for a hired native labourer in India and China."—*Twentieth Century Dictionary*.] বি, মজুর; মোটবাহক; মুটে। প্র—"আমরা চাকরকে ডাকি 'বেয়ারা' আর মুটেদের ডাকি 'কুলি'।"—দ্বিজেন্দ্র রায়। ২। ভৃত্য; সেবক। [দ্রঃ—এই অর্থে মুসলমানদিগের মধ্যে ঈশ্বর বা পীর প্যাগম্বরাদির অর্থবাচক শব্দের সহিত যুক্ত করিয়া নামকরণ করা হয়, সে স্থলে ইহা বিনয়বাচক। প্র—মুর্শীদকুলী অর্থাৎ মুর্শীদের কুলী (সেবক বা ভৃত্য)। তুল—হি—রামগোলাম; বাং—দুর্গাদাস (এইরূপ রাইচরণ, শিবপদ ইত্যাদি)]।

কুলিক (ক্) [কুলি+ক (শ্রেষ্ঠার্থে)] বিণ, শিল্পিকুল-শ্রেষ্ঠ; কুলপ্রধান। ২। বি, পুং, শাকবিশেষ; কুলেখাড়া; কুলিকা দ্রঃ। ৩। অষ্ট মহানাগের এক নাগ। ৪। [জ্যোতিষে] নির্দ্দিষ্ট দিবা ও রাত্রির যাম। **কুলিকরাত্রি**—রাত্রি যামে ত্যাজ্যদণ্ড। সোমবারে ৪।৭; মঙ্গলে ২; বুধে ৭।৫; বৃহস্পতিতে ৫।৮; শুক্রে ৩; শনিতে ১।৬।৮; এবং রবিবারে ৪।৬ দণ্ড।

কুলিকা [সং—কুলিক। ওড়ি কোইলিখিআ (কোকিলাক্ষী)] বি, কোকিলের চক্ষুর মত রক্তাভ কুলিয়াখাড়া-নামক কাঁটা শাক; তালমাখনা; hygrophila spinosa; caparis spinosa—*Carey*.

কুলিঙ্গ [কু (কুৎসিত) লিন্গ্ (গমন করা) +অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্) যে অল্পমাত্র এককালীন গমন করিতে পারে] বি, পুং, ফিঙ্গা; ফিঙে পাখী। প্র—"কুলিঙ্গা বারিকা ভেটা টিটারী কোকিল"—কবিক। ২। চটক; চড়াই পাখী।

কুলিঙ্গক (ক্) [কুলিঙ্গ+ক (স্বার্থে)] বি, পুং, চটক; চড়ুইপাখী।

কুলিতা [কুলতি দ্রঃ। সং—কুলথ] বি, কলাই জাতীয় শাকবিশেষ; dolichos biflorus. প্র—"কুলিতা চালিতা কাটিল মারাটী"—কবিকঙ্কণ।

কুলিন্দ [সং] বি, পুং, প্রসিদ্ধ দেশ। ২। [কুলিন্দ+অ (অত্র নিবাসার্থে—অণ্)] বিণ, কুলিন্দ দেশের অধিবাসী; যাহারা কুলিন্দ দেশে বসতি করে।

কুলিয়াকাঁড়া, কুলেখাড়া [কুলিকা দ্রঃ বি, বৃক্ষবিশেষ; বৈদ্যক নাম তালমাখনা; ইহার পত্র কণ্টকযুক্ত, মূল সূক্ষ্মাগ্র ও বহু উপমূলবিশিষ্ট।

কুলির, কুলীর (র্) [কুল+ইর—ঈর (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—ইরক, ঈরক)] বি, পুং, কাঁকড়া। ২। কর্কটরাশি।

কুলিশ, কুলীশ (শ্) [কুল (পর্ব্বত) শো (বিদারণ করা)+অ (কর্ত্তৃ—ড) মধ্যে ই—ঈ—আগম, যে পর্ব্বত সকলের পক্ষচ্ছেদ করিয়াছে] বি, পুং-ক্লী, অশনি; ইন্দ্রের বজ্র। ২। মৎস্যবিশেষ। ৩। অগ্রভাগ।

কুলিশধর (শ্, র্) [কুলিশ (বজ্র) ধৃ (ধারণ করা)+অ (কর্ত্তৃ—অচ্) যিনি বজ্র ধারণ করেন] বি, পুং, ইন্দ্র; বজ্রী। ২। বিণ, বজ্রধারী।

কুলা [সং] স্ত্রী, জ্যেষ্ঠাগ্যালী। ২। কণ্টকারী। ৩। [কুল+ইন্ (অস্ত্যর্থে) কুলিন্ ১ম, ১ব] বি, পুং, পর্ব্বত। ৪। বিণ, সৎকুলোদ্ভব।

কুলীন (ন্) [কুল (বংশ)+ঈন (জাতার্থে) কিম্বা কুল (নবধাগুণবিশিষ্ট বংশ)+ ঈন (অপত্যার্থে)] বিণ, সদ্বংশোদ্ভব; উত্তমবংশজ। ২। যাহার বল্লাল সেন প্রবর্ত্তিত কুলগৌরব আছে। ৩। [কু (পৃথিবী) লীন, ৭তৎ] ভূমিলগ্ন। ৪। বি, পুং, শ্রেষ্ঠ অশ্ব; প্রধান ঘোটক।

কুলুক (ক্) [সং] বি, স্ত্রী, রসনা মল; জিভের ময়লা।

কুলুঙ্গি [কুলঙ্গী দ্রঃ] বি, দেওয়ালের গায়ে দ্রব্যাদি রাখিবার মত গর্ত্ত। প্র—"কর্ত্তৃজনের ভয়ে কাব্য কুলুঙ্গিতে তোলা।"—রবি।

কুলুপ (প্) [আ—কুফ্‌ল্] বি, তালা; কুঞ্জী; চাবিতালা। প্র—এত বলি মাহামায়া ঘুচাল কুলুপ।"—ঘনরাম। ২। বন্ধন; আবদ্ধকরণ; আটক। প্র—"তারিখ লিখিয়া তায় করিল কুলুপ।"—ঘনরাম। ক্রি, **কুলুপানো**—কুলুপ দেওয়া; তালা বন্ধ করা; আবদ্ধ করা; বন্ধকরা। প্র— "কুলুপিল কুলুপ কপাটে"—ভারতচন্দ্র। বিণ, **কুলুপিত**।

কুলুপিয়া [কুলুপ দ্রঃ] ক্রি, তালা বন্ধ করিয়া; আবদ্ধ করিয়া। বিণ, **কুলুপিত**—বদ্ধ। ২। খিলান করা; খিলানিয়া। প্র—"পরি দিব্য পাট-শাড়ী, কনক রচিত চুড়ি, দুই করে কুলুপিয়া শঙ্খ।"—কবিক।

কুলুফে [আ—কুফ্‌ল্ হইতে কুলুফ্ (বর্ণ বিপর্য্যয়ে) কুলুপ দ্রঃ] ক্রি, কুলুপিত হয়; বদ্ধ হয়; আটক পড়ে। প্র—"দেখিয়া জুলুফে মদন কুলুফে মন যে হৈল লোভা।" —চণ্ডীদাস।

কুলেশ্বর (কুলেশ্বর্) [কুলের (বংশের) ঈশ্বর (প্রভু) ৬তৎ] বি, পুং, কুলপালক; কুলপতি। ২। শিব।

কুলো [সং—কুল্য (মেদিনী)] বি, কুলা দ্রঃ; শূর্প।

কুলোজ্জ্বল (ল্) [কুল—উজ্জ্বল (হয় যাহা হইতে) বহু] বিণ, কুলপ্রদীপ; বংশ-গৌরব; বংশ-উজ্জ্বলকারী। স্ত্রী, **কুলোজ্জ্বলা**— বংশোজ্জ্বলকারিণী। প্র—"অকুলের কাণ্ডারী ভ'জে, রাই হলো না কুলোজ্জ্বলা।"— দাশরথি।

কুলোদ্বহ [কুল—উৎ—বহ্ (বহন করা, পালন করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, কুলরক্ষক; কুলপালক; বংশের শ্রেষ্ঠ।

কুল্‌তি [সং—কুলথ হি—কুল্‌থ] বি, কলাই-জাতীয় শাকবিশেষ ইহাতে (সরু সরু গুটী ধরে); কুলতি কলাই দাল করিয়া গরীবেরা খায় এবং গরু বাছুরকে খাওয়ায়।

কুল্‌ফি, পি, ফী [হি—কুল্‌ফী হি, কুল্‌ফ=পেঁচ, টিনের চুঁলি যাহাতে বরফ জমায়] বি, বরফ জমাইবার টিনের চুঁলি বা নল। **কুলফি বরফ**—কুলফিতে জমান বরফ। **কুলফি মালাই**—দুধের সঙ্গে জমান কুলফি বরফ; মালাই বরফ।

কুল্মাষ, কল্মাস (কুল্মাষ্) [সং—বাং— কলাচও বলে] বি, পুং, ক্লী, আমানী; কাঁজী। ২। বনকুলথ। ৩। বোরধান। ৪। অপাক্‌লো যব। ৫। রোগবিশেষ।

কুল্য (কুল্য্) [কুল্ (রাশি করা)+য (কর্ম্মে) যাহা রাশি করা যায়] বি, ক্লী, পরিমাণ। ২। শূর্প; কুলা। ৩। বিণ, [কুল (বংশ)+য (ভবার্থে)] সদ্বংশোদ্ভব। ৪। মান্য।

কুল্যা (কুল্‌লা) [সং। "কুল্যাল্পা কৃত্রিমা সরিৎ"—অমর] বি, স্ত্রী, কৃত্রিম ক্ষুদ্রনদী : কাটান ছোট নদী ; খাল : canal. ২। ক্ষুদ্র নদী মাত্র। ৩। গড়খাই। ৪। জল-নির্গম পথ : পয়ঃপ্রণালী : নর্দ্দমা।
[হি। কুলকুচা দ্রঃ।] বি, কুলকুচা : gargle.

কুল্লুই [কাঁকরের সহচর শব্দ, বোধ হয় কুলের মত গোল যে কাঁকর] বি, কঙ্কর ; ক্ষুদ্র গোলাকৃতি কাঁকর।

কুল্লূক (ক্) বি, পুং, মন্বর্থ-মুক্তাবলীর টীকা-কারক, খ্যাতনামা পণ্ডিত : দিবাকর ভট্টের পুত্র কুল্লূক ভট্ট।

কুল্লে [কুল দ্রঃ] ক্রি-বিণ, সমুদয়ে : সর্ব্বতোভাবে ; মোটে। ২। কেবল : মাত্র।

কুল্লোল (ল্) [কুল্লী, কুলকুচা দ্রঃ] বি, কুলকুচা। প্র—"কারে ছুঁয়ে কারো অঙ্গে কুল্লোল প্রদান"—চৈতন্যভাগবত। "কেহ বলে মোর মুখে দিলেক কুল্লোল"—ঐ।

কুশ (শ্) [কু (পৃথিবী)—শী (শয়ন করা) +অ (কর্ত্তৃ-সংজ্ঞার্থে ড) যজ্ঞাদি কর্ম্মকালে যাহারা মাটিতে অবস্থান করে] বি, পুং-ক্লী, তৃণবিশেষ ; poa cynosuroide sacrificial grass. এই তৃণ দ্বারা যজ্ঞাদি কর্ম্মে ভূমিতে আস্তরণ করিতে হয় এবং শ্রাদ্ধাদি ক্রিয়ায় ব্যবহৃত হয়। প্র—কুশাসন ; কুশপুতুল ; কুশবটু। ২। কুশদ্বীপ। ৩। পুং, রামের জ্যেষ্ঠপুত্র ; লবের দাদা। ৪। [কুশ্ (যোগ করা) +অ (কর্ত্তৃ—অচ্) যে পরস্পর যোগ করিয়া দেয়] যোত-দড়ি। ৫। অস্ত্রবিশেষ : অঙ্কুশ। প্র—"পরিধান দ্বীপিচর্ম্ম নিরন্তর জপকর্ম্ম দুই করে কুশ সুশোভন।"—কবিক। স্ত্রী, কুশা—রজ্জু ; লাগাম। (২) স্ত্রী, কুশী—লাঙ্গলের ফাল।

কুশণ্ডিকা (কুশোন্‌ডিকা) [বাং প্রাকৃ—কুশুনডিঙ্গে, কুসুমডিঙে। কুশ+অণ্ড (কর্ত্তৃ—অণ্ডচ্)=কুশণ্ড+ক (সংজ্ঞার্থে) আপ্ স্ত্রী, অ=ই] বি, স্ত্রী, বিবাহাদিকালে বিহিত হোম ; বৈদিক অগ্নিসংস্কার (বাচস্পত্য) ; বিবাহের পর (প্রথম দশ দিনের মধ্যে যে কোন দিন, সাধারণতঃ পর দিন প্রাতে) অনুষ্ঠিত যজ্ঞবিশেষ। ইহাতে বর কন্যাকে সম্বোধন করিয়া বলেন—"আমি তোমার ভরণ পোষণ এবং ঐহিক পারত্রিক মঙ্গলের ভার গ্রহণ করিলাম।" বধূ স্বামীকে বলেন—"আমি পতি ও পতি-কুলের হিতৈষিণী হইয়া সকল কার্য্য করিব" ইত্যাদি।

কুশধারা (শ্) বি, স্ত্রী, নদীবিশেষ।

কুশধ্বজ (কুশোধ্‌ধজ্) বি, পুং, হ্রস্বরোমার পুত্র, জনকরাজার কনিষ্ঠ ভ্রাতা, সীতার পিতৃব্য এবং মাণ্ডবী ও শ্রুতকীর্ত্তির পিতা। ২। বেদবতীর পিতা জনৈক ঋষি। প্র—"কুশধ্বজ পিতা আমার পিতামহ বৃহস্পতি। কুশধ্বজের কন্যা আমি নাম বেদবতী॥"—রামায়ণ (গুপ্তপ্রেস)।

কুশনাভ (ভ্) বি, পুং, রাজর্ষি কুশের পুত্র। প্র—"মহোদয়নামে পুর অতি মনোহর, স্থাপিল ধর্ম্মাত্মা কুশনাভ বীরবর।"—রামায়ণ (রাজ)।

কুশপত্রক (ক্) [সং। কুশ—পত্রক ;—কুশের তীক্ষ্ণমুখ সরু পত্র সদৃশ বলিয়া] বি, ফোড়া অস্ত্র করিবার অস্ত্রবিশেষ।

কুশপুত্তলি, কুশপুত্তলিকা (ত্তো) বি, কুশনির্ম্মিত পুত্তলিকা ; কোন মৃত ব্যক্তির উদ্দেশে নির্ম্মিত তাহার স্বরূপ বা স্থলাভিষিক্ত কুশনির্ম্মিত নরনারী। প্র—"অনিশ্চিত মৃত্যু তব সরলাসুন্দরী কুশপুত্তলিকা প্রাণে তাই দাহ করি॥"—ফুলরেণু।

কুশপেয়ে [কুশ—পা+ইয়া—কুশের মত বক্র ও সরু পদবিশিষ্ট] বিণ, বিকৃতপদ।

কুশপ্লব, কুশপ্লবন (প্লোবো, প্লোবন্) [সং] বি, ক্লী, ভারতের পূর্ব্বাংশে অবস্থিত তপোবন। এখানে দিতি তপস্যা করিয়া পতি কশ্যপ হইতে মরুদ্গণকে পুত্ররূপে প্রাপ্ত হন। পূর্ব্বে এই স্থানের সন্নিকটে বিশালা নামে রাজ্য ছিল।

কুশবটু (বো) [কুশ+বটু (ব্রাহ্মণকুমার) শ্রাদ্ধকালে ব্যবহৃত] বি, কুশ বা দর্ভময় ব্রাহ্মণ। প্র—"তিল তুলসী গঙ্গাজল, কুশ-বটু রম্ভাফল, যব দূর্ব্বা কুসুম চন্দন। ধূপ দীপ ঘৃত দধি, আয়োজন নানা বিধি, শ্রাদ্ধ করে বেণের নন্দন॥"—কবিক।

কুশমুদ্রা, মুদ্রিকা [সং] বি, কুশের অঙ্গুরী।

কুশর (র্) [কু (কুৎসিত) যে শর (বাণ) কর্ম্মধা] বি, পুং, কুৎসিত বাণ। ২। শর-সদৃশ তীক্ষ্ণমুখ তৃণবিশেষ। ৩। ইক্ষু ; আক। প্র—"মূলার ভুঁই তুলা কুশরের ভুঁই ধূলা॥" —(খনা) উত্তর বঙ্গে লাল ইক্ষু বুঝাইতে "কুশর," সাদা ইক্ষু বুঝাইতে "কুশুই" শব্দ ব্যবহৃত হয়।

কুশল (ল্) [সং। কুশ+অল (কর্ত্তৃ—কলন)] বি, ক্লী, মঙ্গল ; কল্যাণ। ২। শক্তি ; সামর্থ্য। ৩। মোক্ষ। ৪। ধর্ম্ম ও পুণ্য। ৫। নিরাপদ। প্র—তাঁহারা সকলে কুশলে আছেন। ৬। বিণ, কুশলী ; কুশলযুক্ত। ৭। নিপুণ ; দক্ষ। প্র—রণকুশল। ৮। সমর্থ। স্ত্রী, কুশলা।

কুশলী (শো) [কুশল+ইন্ (অস্ত্যর্থে)=কু-শলিন্ ১ মা, ১ব] বিণ, মঙ্গলময় ; কল্যাণ-বিশিষ্ট ; ক্ষেমবান্ ; কুশলযুক্ত।

কুশস্তম্ব (কুশোস্‌তম্‌ব) [কুশের—স্তম্ব (ঝাড়, গুচ্ছ] বি, পুং, কুশপুঞ্জ ; কুশ তৃণের গুচ্ছ ; কুশের খোপা।

কুশস্থল (কুশস্‌থল্) [কুশ দ্বারা আবৃত, স্থল (স্থান) ৩ তৎ] বি, ক্লী, কান্যকুব্জ দেশ বা কনোজ। স্ত্রী, **কুশস্থলী**—দ্বারকাপুরী ; আনর্ত্তের রাজধানী। ২। রাজা কুশ কর্ত্তৃক স্থাপিত নগরীবিশেষ।

কুশাকর (র্) [কুশ (তৃণবিশেষ) হইয়াছে আকর (খনি, উৎপত্তি স্থান) যাহার, বহু] কুশের আগুনে যজ্ঞাগ্নি প্রজ্বালিত হয় বলিয়া] বি, পুং, যজ্ঞাগ্নি।

কুশাক্ষ (কুশাক্‌খ) [কুশ (কুশ সদৃশ) অক্ষি (চক্ষুঃ) যাহার, বহু] বি, পুং, বানর।

কুশাগ্র (কুশাগ্‌গ্রো) [কুশের অগ্র, ৬তৎ] বি, ক্লী, কুশতৃণের অগ্রভাগ। ৩। কুরুক্ষেত্রাধীশ্বর ২। বিণ, অতিসূক্ষ্ম ; তীক্ষ্ণ। প্র—কুশাগ্র বুদ্ধি।

কুশাগ্রবুদ্ধি (কুশাগ্‌গ্রোবুদ্‌ধি) [কুশের অগ্রভাগের ন্যায় সূক্ষ্ম হইয়াছে বুদ্ধি যাহার, বহু] বিণ, সূক্ষ্মবুদ্ধি।

কুশাগ্রীয় (কুশাগ্‌গৃও) [কুশাগ্র+ঈয় (সাদৃশ্যার্থে)] বিণ, কুশতৃণের অগ্রভাগের ন্যায় তীক্ষ্ণ ; অতি সূক্ষ্ম।

কুশাঙ্কুর (র্) [কুশ—অঙ্কুর] বি, কুশতৃণের নবজাত তীক্ষ্ণমুখ পত্র।

কুশাবতী (বোতি) [কুশ (রাজা) +বতু, অস্ত্যর্থে=কুশাবৎ+ঈপ, স্ত্রী] বি, স্ত্রী, মহারাজ কুশের রাজধানী ; কুশস্থলীর নামান্তর।

কুশাবর্ত্ত (কুশাবরৃত্তো) [সং] বি, পুং, হরি-দ্বারের তীর্থবিশেষ। ২। ঋষি-বিশেষ।

কুশাম্ব (কুশাম্‌ব) [সং] বি, কুশের পুত্র ও কুশনাভের ভ্রাতা ; ইঁহার স্থাপিত পুরী কৌশাম্বী। ২। কুশাগ্রের পিতৃব্য ও বৃহদ্রথের ভ্রাতা।

কুশারণি (—রোনি) [কুশ (জল) হইয়াছে অরণি (অগ্ন্যুৎপাদক কাষ্ঠ) তুল্য যাহার, বহু। অর্থাৎ অভিশাপ প্রদানার্থ সজল কুশ উত্তোলন করিলে যাহার হস্তে জল অরণি তুল্য অনলোৎ-পাদক হইত] বি, পুং, দুর্ব্বাসা মুনি।

কুশাশ্ব (কুশাশ্‌শো) [বি, কুশাম্বের নামান্তর। ২। কুশাগ্রের পিতৃব্য ও বৃহদ্রথের ভ্রাতা।

কুশাসন (—শন্) [কুশের আসন (বসিবার স্থান) ৬ তৎ] বি, ক্লী, কুশপত্র রচিত আসন।

কুশাসন (কুশাশোন্) [কু (কুৎসিত) যে শাসন (কর্ম্মধা)] বি, কদর্য্য শাসন, সেরূপ শাসন করিতে নাই ; প্রজাপীড়ন। ২। [কুৎসিত হইয়াছে শাসন যাহার, বহু] বিণ, কুশাসক।

কুশাস্তরণ (কুশাস্‌তরন্) [কুশের আস্তরণ, ৬ তৎ, কিম্বা কুশ দ্বারা আস্তরণ, ৩ তৎ] বি,

ক্লী. হোম করিবার পূর্ব্বে যে স্থান কুশ তৃণ দ্বারা আচ্ছাদিত করা হয় ; কুশতৃণের আচ্ছাদন।

কুশি—বি. বলাকাশ্বের পুত্র ও গাধির পিতা [মহাভারত]।

কুশি, কুশী (কু) [সং. কোশ. ষ। বাং—কোশা (বৃহদর্থে) ; কুশি. শী (ক্ষুদ্রার্থে)] বি. পূজার তাম্রপাত্র বিশেষ ; ক্ষুদ্র কোশা ; কোশা হইতে জল তুলিবার পাত্র। ২। [সং—কোষ বীজ বাং—ই. ঈ যোগ, অপক্ব অর্থে] আম্র প্রভৃতির কচি ফল। ৩। বিণ. কচি : যাহার আঁটি কচি। প্র—কুশী কুশী আম।

কুশিক (ক্) বি. পুং. মুনি জমদগ্নির পিতা। ২। মুনি বিশ্বামিত্রের পিতা। ৩। অশ্ব কর্ণ-বৃক্ষ। ৪। বিভীতক বৃক্ষ ; বয়ড়া গাছ। ৫। শাল গাছ।

কুশী (কুশি) [কুশ+ঈপ্ স্ত্রী] বি. লাঙ্গলের ফাল। ২। রজ্জু ; লাগাম।

কুশীদ (দ্) [সং—কুসীদ] সুদ। কুসীদ দ্রঃ। ২। রক্তচন্দন।

কুশীল (ল্) [কু (কুৎসিত) হইয়াছে শীল (স্বভাব) যাহার. বহু] বিণ. অসৎস্বভাব ; দুঃশীল ; দুশ্চরিত্র। বি. **কুশীলতা, কুশীলত্ব**।

কুশীলব (ব্) [কুশ ও লব সর্ব্বপ্রথমে রামায়ণ গান করায় এই শব্দে সঙ্গীত ব্যবসায়ী অর্থে ব্যবহৃত হইতে থাকে] বি. গায়ক ; সঙ্গীত-ব্যবসায়ী ; চারণ। ২। নট ; নর্ত্তক ; নাটকাভিনয়কারী। ৩। [সঙ্গীতশাস্ত্র প্রণেতা বলিয়া] ভরতমুনি। ৪। রামের পুত্রদ্বয়—কুশ ও লব।

কুশূল, কুসূল (কুশুল্) [সং] বি. পুং. ধান্যাদি শস্য রাখিবার ঘর ; মরাই ; ধানের গোলা। ২। তুষানল।

কুশোদক (ক্) [কুশ (কুশসহিত) যে উদক (জল) কর্ম্মধা] বি. ক্লী. দানের নিমিত্ত কুশসহিত জল। ২। কুশ এবং গঙ্গাজল।

কুষম (ম্)—কুসম দ্রঃ।

কুষ্ঠ [সং। কু (কুৎসিত ভাবে) ষ্ঠ (স্থা—থাকা +অ (কর্ত্তৃ—ড), স্থ=ষ্ঠ] বি, ক্লী. রক্তবিকৃত হইয়া যে রোগ জন্মে ; মহারোগ ; কুঠ। চিকিৎসা-বিজ্ঞানে ১৮ প্রকার কুষ্ঠের বিবরণ আছে তন্মধ্যে ৭ প্রকার মহাকুষ্ঠ ও ১১ প্রকার ক্ষুদ্র কুষ্ঠ। ২। বিষবিশেষ। ৩। কুড়গাছ।

কুষ্ঠঘ্ন (কুষঠোঘ্নো) [কুষ্ঠ (রোগ)—হন্ (নষ্ট করা)+অ (কর্ত্তৃ—টক্ যে কুষ্ঠরোগ উপশম করে)] বিণ. কুষ্ঠরোগ-নাশক ঔষধ।

কুষ্ঠারি [কুষ্ঠের—অরি (নাশক) ৬ তৎ] বি. পুং. বিট্খদির।

কুষ্ঠী (কুষ্ঠি) [কুষ্ঠ+ইন্ (অস্ত্যর্থে)=কুষ্ঠিন্ ১মা. ১ব. গ্রা—বাং কুড়ি] বিণ. কুষ্ঠরোগযুক্ত ; যাহার কুষ্ঠরোগ হইয়াছে ; কুষ্ঠরোগী ; কুটে। ২। [সং—কোষ্ঠী] জন্মপত্রিকা।

কুষ্মাণ্ড, কূষ্মাণ্ড (কুষ্মাঁন্ডো) [সং] বি. পুং. দিশি কুমড়া। ২। কাঁকুড় [বিরল] ৩। শিবের অনুচর ; প্রমথ। প্র—"কৌতুকে কুষ্মাণ্ডগণ গড়াগড়ি যায়।"—শিবায়ন। ৪। জরায়ু ; গর্ভিণীর গর্ভাশয়। প্র—অকাল কুষ্মাণ্ড। স্ত্রী—**কুষ্মাণ্ডী**—দুর্গা। **অকাল-কুষ্মাণ্ড**—অসময়ের গর্ভ ; তাহাতে সন্তান জন্মিলেও বিকলাঙ্গ ও অপুষ্ট হয় সুতরাং বৃথা গর্ভ। ২। অকালজাত কুষ্মাণ্ড যাহা বলিদানাদি কার্য্যে লাগে না ; বৃথা ; অকর্ম্মণ্য। (লক্ষণায়) অকর্ম্মণ্য ব্যক্তি ; নিকর্ম্মা। (অকাল দ্রঃ)।

কুসংস্কার (কুশংশ্কার্) [কু (কুৎসিত) সংস্কার—কর্ম্মধা] বি. পুং. বিপরীত সংস্কার। ভ্রান্ত ধারণা ; না জানিয়া শুনিয়া বা না বুঝিয়া ; prejudice. ২। অযৌক্তিক ধর্ম্ম-বিশ্বাস ; ধর্ম্মান্ধতা ; গোঁড়ামি ; superstition.

কুসংস্কারাচ্ছন্ন, কুসংস্কারাপন্ন, কুসংস্কারাবিষ্ট (কুশংশ্কারাচ্ছন্নো. আপন্নো. আবিশ্টো) [কুসংস্কার (দ্বারা. কে) আচ্ছন্ন. আবিষ্ট. আপন্ন (যুক্ত. প্রাপ্ত) ৩. ২ তৎ] বিণ. কুৎসিত ধারণায় যাহার বুদ্ধিকে আচ্ছন্ন করিয়াছে ; ভুল ধারণার বশীভূত।

কুসম (কুসম্) [সং—"কোঞ্চং কবোঞ্চং কদুষ্ণং" —অমর। কদুষ্ণং—কদুষ্ণম্—কউষম্—কুষম্, কুসম্। প্রাকৃ—কোশিণ ; বাং-য় কুশন্ শব্দও ব্যবহৃত হয়। তুল—কুসুম কুসম বা কুশন কুশন গরম। উচ্চারণ বিকারে কুসুম. কুশুন] বিণ. ঈষদুষ্ণ ; অল্প অল্প গরম।

কুসিম্বী [কুশিম্বি] বি. স্ত্রী. সীমগাছ বা সীমের লতা।

কুসীদ (কুশীদ্) [কুশীদ দ্রঃ। "কুসীদং বৃদ্ধি-জীবিকা"—অমর] বি. বৃদ্ধিজীবিকা ; সুদ।

কুসীদজীবী (কুসীদ্জীবি) [কুসীদ (সুদ)—জীব্ (বাঁচা)+ইন্ (কর্ত্তৃ, ণিন্)=জীবিন্ ১মা. ১ব] বিণ. যে কুসীদ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে ; যে টাকা ধার দিয়া সুদ লইয়া জীবিকা অর্জ্জন করে ; বৃদ্ধিজীবী।

কুসীদব্যবহার (কুশিদ্ ব্যবহার্) [কুসীদ দ্রঃ] বি. পুং. সুদকসা। ২। সুদ লইয়া টাকা কর্জ্জ দেওয়া।

কুসীদিক (কুশীদিক্) [কুসীদ+ইক (কৃতার্থে—ইকণ্)] বিণ. যে সুদ লইয়া টাকা কর্জ্জ দেয় ; যে কুসীদ সম্বন্ধীয় কার্য্য করে ; কুসীদ ব্যবসায়ী ; সুদখোর।

কুসুম (কুশুম্) [কুস্ (দীপ্তি পাওয়া)+উম (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, উমক্)] বি. ক্লী. পুষ্প ; ফুল। ২। স্ত্রীরজঃ। ৩। চক্ষুর রোগবিশেষ। ৪। ডিম্বের মধ্যস্থিত লোহিতাংশ। ৫। কুসুম্ভ ; কুসুমফুল ; the safflower. প্র—"ফুটিছে কুসুমফুল মঞ্জু কুঞ্জবনে রে, যথা গুণমণি!"—ব্রজাঙ্গনা। **কুসুমকানন**—ফুলবাগান। প্র—"যে কালে ফুটে লো ফুল. কোকিল কুহরে. সই, কুসুমকাননে।" —ব্রজাঙ্গনা। **কুসুম-ধনু**—ফুলধনু ; মদন ; কুসুমকার্ম্মুক দ্রঃ। **কুসুমবড়ি**—ফুলবড়ি ; ভাজা খাইবার ছোট বড়ি। **কুসুমস্তবক**—ফুলের তোড়া। ২। সংস্কৃত ছন্দোবিশেষ।

কুসুমকার্ম্মুক (কুশুমকার্মুক্) [কুসুম (পুষ্প) হইয়াছে কার্ম্মুক (ধনুঃ) যাহার. বহু] বি. পুং. কন্দর্প ; কুসুমায়ুধ।

কুসুমচাপ (কুশুম্চাপ্) [কুসুম—চাপ (ধনুঃ) যাহার. বহু] বি. পুং. পুষ্পধন্বা ; কাম ; মদন। প্র—"আপনি দুরাত্মা কুসুমচাপের চাপল্যে প্রতারিত হইয়াছেন।"—কাদম্বরী।

কুসুমপুর (কুশুম্পুর্) বি. ক্লী. পাটলিপুত্র-নগর ; পাট্না।

কুসুমাকর (কুশুমাকর্) [কুসুমের আকর (খনি) অর্থাৎ উৎপত্তিকাল. ৬ তৎ] বি. পুং. বসন্তকাল ; যে ঋতুতে নানাবিধ পুষ্প জন্মে। ২। উদ্যান।

কুসুমাগম (কুশুমাগম্) [কুসুমের—আগম (উৎপত্তি) হয় যে সময়ে—বহু] বি. পুং. বসন্ত-কাল।

কুসুমাঞ্জলি (কুশুমান্জোলি) [কুসুমের অঞ্জলি. ৬তৎ] বি. স্ত্রী. পুষ্পাঞ্জলি। ২। উদয়নাচার্য্য প্রণীত পরমাত্মনিরূপক গ্রন্থবিশেষ।

কুসুমায়ুধ, কুসুমাস্ত্র, কুসুমেষু (কুশুমায়ুধ্. মাস্ত্র) [কুসুম (পুষ্প) হইয়াছে আয়ুধ. অস্ত্র ইষু (বাণ) যাহার. বহু] বি. পুং. পুষ্পবাণ ; কন্দর্প ; মদন। প্র—"কুসুমেষু. বসি কুতুহলে. হানিলা. কুসুম-ধনুঃ টঙ্কারি কৌতুকে শরজাল।" —মেঘনাদ।

কুসুমাসব (কুশুমাশব্) [কুসুমের আসব (মধু) ৬তৎ] বি. ক্লী. মকরন্দ ; পুষ্পরস ; ফুলের মধু।

কুসুমিত (কুশুমিতো) [কুসুম+ইত (যুক্তার্থে)] বিণ. কুসুমযুক্ত ; পুষ্পিত ; যাহার কুসুম হইয়াছে। ২। যথায় পুষ্পবৃক্ষে পুষ্প সকল প্রস্ফুটিত হইয়াছে। প্র—"কুসুমিত উপবন"।

কুসুম্ভ (কুশুম্ভ) [কুস্ (দীপ্তি পাওয়া)+উম্ভ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, উম্ভক্)] বি. পুং. কুসুম ফুল। ২। কুসুম্ভ পুষ্পের রং। ৩। সুবর্ণ। ৪। পুং. কমণ্ডলু।

কুসুম্ভা (কুশুম্ভা) বি. সিদ্ধি দ্বারা প্রস্তুত একরূপ খাদ্য সামগ্রী। প্র—"দুগ্ধ দিয়া ঘন করি ঘুরাও ঘোটনা। দুধ কুসুম্ভায় আজি হয়েছে বাসনা॥"—ভারতচন্দ্র। ২। কুসুম ফুলের রং। ৩। আষাঢ়ীয় শুক্লা ষষ্ঠী।

কুস্থতি (কুস্‌স্থতি) [কু (নিন্দনীয়)—স্থ (গমন করা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, ধূর্ত্ততা ; শঠতা ; বঞ্চকতা। ২। ইন্দ্রজাল কুহক। ৩। ছল ; ভান।

কুস্থষ্টি [কু—স্থষ্টি] বি, স্ত্রী, কুঅভিসন্ধি ; কু-বাসনা ; অসদভিলাষ। অসদাশয়। ২। অদ্ভুত কাণ্ড ; অনাসৃষ্টি।

কুস্তি, কুস্তী (কুস্‌তি) [ফা—কস্‌বৎ ; ফা—কুশ্‌তী] বি, মল্লযুদ্ধ। ২। ব্যায়াম। **কুস্তা-কুস্তী**—[হি—কুস্তমকুস্তা] দুই ব্যক্তির মধ্যে ঠেলাঠেলি ও একজনের অপরকে বশীভূত করিবার জন্য চেষ্টা ; ধস্তাধস্তি। **কুস্তীগীর**—যে কুস্তী লড়ে ; মল্ল। **কুস্তি-বাজ**—মল্ল ; পালোয়ান।

কুস্বভাব (কুশ্‌শভাব) [কু (কুৎসিত) যে স্বভাব (চরিত্র) কর্ম্মধা) বি, পুং, মন্দচরিত্র। ২। [কুৎসিত স্বভাব হইয়াছে যাহার, বহু] বিণ, দুঃশীল ; যাহার মন্দ স্বভাব ; দুশ্চরিত্র। বি, কুস্বভাবতা।

কুহক (ক্) [কুহ (বিস্ময়াপন্ন করা) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, ক্লী, মায়া ; ইন্দ্রজাল ; ভেলকী। ২। বঞ্চনা ; প্রতারণা ; ছল ; ধোঁকা। ৩। পুং, সর্পবিশেষ। ৪। আচ্ছাদন ; অন্ধকার। প্র—"বাণের কুহকে নাহি জানি রাত্রি দিন।"—কৃত্তিবাস। **কুহকজীবী**—মায়াবী ; বাজীকর ; ঐন্দ্রজালিক। ২। বঞ্চক ; প্রতারক।

কুহকী (হো) [কুহক + ইন্ (অস্ত্যর্থে) = কুহকিন্ ১মা, ১ব] বিণ, যে মায়া দ্বারা মুগ্ধ করে ; মায়াবী ; মুগ্ধকারী। প্র—"কুহকী ভেলি বর নারী"—বিদ্যাপতি। ২। যে ইন্দ্রজাল বিদ্যা প্রদর্শন করে ; ঐন্দ্রজালিক ; বাজীকর। ৩। প্রতারক ; প্রবঞ্চক। স্ত্রী, **কুহকিনী**।

কুহর (র্) [কু (পৃথিবী) হৃ (হরণ করা) + অ (অপাদানে—অল্) যেস্থান হইতে পৃথিবীর অংশ অপহরণ করে] বি, ক্লী, গর্ত্ত ; গহ্বর ; ছিদ্র ; বিবর। ২। কর্ণ ; কর্ণবিবর। ৩। কণ্ঠ বা গলার ছিদ্র। ৪। কণ্ঠধ্বনি। ৫। কোকিলের স্বর। ৬। পুং, নাগবিশেষ। ক্রি, কুহরান। বিণ, কুহরিত।

কুহরই, কুহরয় [কুহর দ্রঃ। হি-গুহরায় ; কুহরান দ্রঃ। বৈ, পদ, সা। ব্রজ] ক্রি, কুহরে। প্র—"কুহু কহু করি কোকিল কুহরই" —বিদ্যাপতি।

কুহরয় (য়) [পদ্যে। কুহরান দ্রঃ] ক্রি, কুহুরব করে। প্র—"পিক কুহরয় অলি করে গুঞ্জরণ"—দুর্গাদাস লাহিড়ী।

কুহরা [হি। সং—কুহা, কুহেড়ী, কুহেলী। বৈ, পদ সা] বি, কুয়াসা।

কুহরান (নো) [কুহর দ্রঃ] তুল—হি—গুহরানা (ডাকা)] বি, কুহরণ। ২। ক্রি, কুহুরব করা কুহুধ্বনি করা। প্র—"* * * গাইছে ভ্রমরী ; কুহরিছে পিকবর ;" —মেঘনাদ।

কুহরিত [কুহর + ইত (যুক্তার্থে, ইতচ্)] বি, ক্লী, পিকরব ; কোকিলের ধ্বনি। ২। শব্দ ; রব ধ্বনি। ৩। [কুহর + ণিচ্ = কুহরি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ধ্বনিত ; কূজিত।

কুহা [সং—কুহা। বাং-প্রাদে, কুয়া—কুয়াসা দ্রঃ] বি, স্ত্রী, কুজ্‌ঝটিকা।

কুহু, কুহূ [সং] বি, স্ত্রী, অমাবস্যা। প্র—"অভিলাষে দেখাইলা অভয়ার অসি। কিরণে পূর্ণিমা ভ্রম কুহুর তামসী॥"—ঘনরাম।

কুহু, কুহূ [সং। শব্দাত্মক] বি, কোকিলের রব। প্র—কোকিল ডাকে না কুহু সদা করে উহু উহু"। —চন্দন।

কুহূকণ্ঠ (কুহুকন্‌ঠ) [কুহূ এইরূপ শব্দ হই-য়াছে কণ্ঠে (গলায়) যাহার) বহু] বি, পুং, পিক ; কোকিল।

কুহূরব (ব্) [কুহূ এইরূপ হইয়াছে রব (শব্দ) যাহার, বহু] বি, পুং, কোকিল। ২। [কুহূ যে রব কর্ম্মধা] কুহূধ্বনি।

কুহেলিকা, কুহেড়িকা (কু) [কু (পৃথিবী) হেড্ (বেষ্টন করা) + ইক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) ড় = ল। হি—কুহবা] বি, স্ত্রী, কুজ্‌ঝটিকা ; কুয়াসা।

কুহোর (র্) [সং—কুহূ (অমাবস্যা) ; হি—কুহরা, কুহরা] বি, অন্ধকার ; ঘোর। প্র—"কুহোর তামসী যায় পূর্ণিমার ভ্রম"—ধর্ম্মমঙ্গল (ঘনরাম)।

কূ [সং] বি, শব্দ ; কুক। ২। স্ত্রী, পিশাচী।

কূক (ক্)—কুক দ্রঃ।

কূচিকা [সং। হেমচন্দ্র] বি, স্ত্রী, তূলিকা ; তূলি।

কূজন (ন্) [কূজ্ (শব্দ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পক্ষিরব ; বিহঙ্গের ধ্বনি ; পাখীর ডাক। ২। অব্যক্ত শব্দ। ক্রি, **কূজয়ে**—কূজন করে ; পায়রা কোকিল প্রভৃতির ন্যায় কু কু এইরূপ ধ্বনি করে। ২। কুহুরব করে। প্র—"গুঞ্জরে মধুকর পুঞ্জে কোকিল কূজয়ে কুঞ্জবন গহনে"—হেম বন্দ্যো। বিণ, **কূজিত**।

কূট (ট্) [কূট্ (বক্র হওয়া) অ + (কর্ত্তৃ—অচ্)] বি, পর্ব্বতশৃঙ্গ। প্র—হেমকূট ; চিত্রকূট। ২। লাঙ্গলের বক্রাংশ। ৩। নগরের দ্বার। ৪। মৃগাদি ধৃত করিবার ফাঁদ ; জাল। ৫। বন্ধন। ৬। মায়া। ৭। দুর্ব্বোধ। প্র—কূটপ্রশ্ন। কূটার্থ। ৮। কপট ; মিথ্যা ; জাল। প্র—কূটসাক্ষী। ৯। শস্যরাশি। ১০। স্তূপ ; রাশি ; সমূহ। ১১। তুচ্ছ। ১২। বিণ, কুটিল ; কৌশলময়। প্র—কূটপ্রশ্ন।

কূটকচাল (ট্, ল্) [কূট্—কণ্টকবৎ—সূক্ষ্মমুখ—কচাল (কীলক)] বি, খিচখাচ ; কাঁটাখোঁচা ; তাহা হইতে বাধা-বিঘ্ন। প্র—কার্য্য খুব সহজে সম্পন্ন হবে, ওর ভিতর কূট-কচাল কিছু নাই। বিণ, **কুটকচালিয়া, কচালে**—কাঁটাখোঁচাযুক্ত ; বিঘ্নসঙ্কুল। ২। জটিল ; দুর্ব্বোধ্য। ৩। কুটিল ; অসরল ; কপট ; কলহপ্রিয়। প্র—কূটকচালে লোক।

কূটকর্ম্ম (কূট্‌করম্) [কূট (ছল) যে কর্ম্ম, কর্ম্মধা] বি, ক্লী, ছলনা ; জাল ; প্রতারণা প্রভৃতি। ২ [কূট হইয়াছে কর্ম্ম যাহার, বহু] বিণ, জালকারী ; প্রতারণাকারী।

কূটকৃৎ [কূট (বঞ্চনা) কৃ (করা) + ক্বিপ্ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে বঞ্চনা করে] বিণ, জালকারক ; প্রবঞ্চক ; কপটচারী। ২। [ত্রিকাণ্ড শেষে] বি, শিব। ৩। কায়স্থ ; লিপিকর।

কূটজ (জ্) [কূট—জ (জন্—কর্ত্তৃ—ড—প্রত্যয়ান্ত ধাতুজ)] বি, পুং, কুড়চীবৃক্ষ।

কূটতুলা (ট্) [কূট (কপট) তুলা (ওজন)] বি, কৃত্রিম ওজন ; ওজনে শঠতা।

কূটপাকল, কূটপালক (ট্, ল্, ক্) বি, স্ত্রী, কুম্ভকারের পোয়ান। ২। কুম্ভকার।

কূটপ্রশ্ন (কূট্‌প্রোশ্‌নো) [কূট (ছল) প্রশ্ন কর্ম্মধা] বি, পু, ছলনা করিবার জন্য জিজ্ঞাসা ; জেরা। ২। কঠিন প্রশ্ন ; যাহার উত্তর দেওয়া বা যাহার সমাধান করা দুরূহ।

কূটবন্ধ (ট্) [কূট (জটিল) বন্ধ (বন্ধন) যাহার, বহু] বি, পু, ফাঁদ ; জাল।

কূটভাষী (ট্) [কূট (কল্পিত)—ভাষ্ (বলা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = ভাষিন্ ১মা, ১ব] বিণ, যে ছল পূর্ব্বক কথা বলে ; মিথ্যাবাদী ; প্রতারক।

কূটমুদ্রা (কূট্‌মুদ্‌দ্রা) [কূট্ (কৃত্রিম) মুদ্রা] বি, পুং, কৃত্রিমটাকা ; জাল টাকা ; counter-feit coin.

কূটযোদ্ধা (কূট্‌জোধ্‌ধা) বি, যে যুদ্ধকারী শত্রুর অজ্ঞাত কৌশলে যুদ্ধ করে ; কপট যোদ্ধা।

কূটশাল্মলি (কূট্‌শাল্‌মোলি) [কূট (কল্পিত) যে শাল্মলি (শিমূলগাছ) কর্ম্মধা] বি, পুং, রক্ত রোহিতক বৃক্ষ। ২। কৃষ্ণশাল্মলি বা কাশিমাল্লা গাছ। ২। অস্ত্রবিশেষ। স্ত্রী, **কূটশাল্মলী**।

কূটসংক্রান্তি (কূট্‌শংক্রান্‌তি) বি, স্ত্রী, সূর্য্য যে সংক্রান্তিতে অর্দ্ধরাত্রের পর অন্য রাশিতে গমন করে।

কূটসাক্ষী (কূট্ শাক্‌খি) [কূট (কল্পিত) যে সাক্ষী (কর্ম্মধা)] বিণ, কৃত্রিম সাক্ষী ; মিথ্যাসাক্ষী ; জালসাক্ষী।

কূটস্থ (কূটোস্‌থো) [কূট (দৃঢ়) স্থ (স্থিত)] বিণ. চিরস্থায়ী ; চিরস্থির ; সর্ব্বাবস্থায় এক ভাবে স্থিত ; নিত্য নির্ব্বিকার ; পরমাত্মা ; আকাশ ; কাল ; দিক। ২। অন্তর্ব্যাপ্ত ; গূঢ় ; গুপ্ত। প্র—কূটস্থ চৈতন্য। ৩। [ন্যায় দর্শনে] স্বয়ম্ভু ; পরমেশ্বর ; পরমাত্মা ; অনাদি পুরুষ। ৪। [সাংখ্য দর্শনে] পরিণাম রহিত ; জাগ্রৎ স্বপ্ন সুষুপ্ত অবস্থায় সমভাব। ৫। জীব। ৬। শৈল-চূড়াস্থ।

কূটাগার (র্‌) [কূট (শৃঙ্গ, শীর্ষ—উচ্চ) আগার (গৃহ) কর্ম্মধা] বি, ক্লী সর্ব্বোচ্চগৃহ ; প্রাসাদের সর্ব্বোপরিস্থিত গৃহ। ২। নারীদিগের কেলিভবন।

কূটায়ুধ (ধ্‌) [কূট (গুপ্ত) যে আয়ুধ (অস্ত্র) কর্ম্মধা] বি, ক্লী, কাষ্ঠাদির আবরণ মধ্যে লুক্কায়িত তীক্ষ্ণাস্ত্র ; গুপ্তি।

কূটার্থ [কূট (দুর্ব্বোধ) যে অর্থ (বিষয়) কর্ম্মধা] বি, পুং, দুরূহার্থ ; কঠিনার্থ ; আপাততঃ যে অর্থের বোধ হয় না। ২। গূঢ়ার্থ ; গুপ্তার্থ। ৩। প্রতিকূল অর্থ ; বিপরীত অর্থ। ৪। [কূট হইয়াছে অর্থ (অভিধেয়) যাহার, বহু] গুপ্তবাক্য।

কূড় (ড়্‌) [সং—কূল (কিনারা অর্থে) = কূর (দ্রঃ) = কূড় (র = ড়, ল = ড়)] বি, সূত্রের শেষাংশ বা অগ্রভাগ ; খুঁট ; খাই। প্র—কূড় ধরে যাওয়া। ২। কুড়গাছ। sansurea auriculata. প্র—"কূড়-বাবুই"এর পাঁচন।

কূড় (ড়্‌) [সং—কূট (ধান্যাদির রাশি বা স্তূপ) কাঁড়ী দ্রঃ] বি, রাশি ; ঢের ; কাঁড়ী ; স্তূপ। প্র—কাঁটার কূড় ; এঁটো কূড়।

কূড়চী, কুড়চি (ড়্‌) [সং—কূটজ ; হি—কূড়া ; ওড়ি—কুড়িয়া] বি, তিক্ত ঔষধি-বৃক্ষবিশেষ। wrightia antidysenterica.

কূণি, কূণী (কুনি) [কূণ্‌ (সঙ্কুচিত হওয়া) + ই—কর্ত্তৃ] বিণ, নখরোগী ; কুনখী। ২। বি, নখের কোণে ক্ষতরোগ। স্ত্রী, কূণিকা।

কূণিকা (কুনিকা) [সং] বি, বীণার মূলস্থিত বংশশলাকা। ২। শস্যাদির পরিমাণ-বিশেষ ; কুন্‌কে ; ৪ কূণিকায় এক রেক।

কূত, কূৎ—কুত দ্রঃ।

কূদর (র্‌) [কু (কুৎসিত) উদরে জাত অর্থে কূদর] বি, পুং, জাতিবিশেষ। ঋষিবীর্য্যে ব্রাহ্মণীর ঋতুর প্রথম দিবসে ইহাদের জন্ম হয়, ঋতুর প্রথম দিবসে নারীর উদর কুৎসিত থাকে সুতরাং কু উদরে জন্ম হইয়াছে বলিয়া কূদর।

কূপ (প্‌) [কূ (শব্দ করা) + উপ (অধি, সংজ্ঞার্থে) হি—কুআ ; বাং—কূয়া, কো। ভেকগণ যেখানে থাকিয়া শব্দ করে] বি, পুং, কূয়া ; পাতকূয়া। ২। বিবর ; গর্ত্ত ; ছিদ্র। ৩। (কুপো) তৈল ঘৃতাদির পাত্র ; আধার ; কুঁপো। ৪। ["কূপ গুণবৃক্ষকে"—মেদিনী] গুণবৃক্ষ ; মাস্তুল। স্ত্রী, **কূপী, কূপীতা**—নদীগর্ভস্থ গাছ বা পাহাড়। ২। কুপি ; তৈল-পাত্র ; কুঁপো হইতে ক্ষুদ্র। ৩। ক্ষুদ্র গর্ত্ত।

কূপক (ক্‌) [সং] বি, পুং, গুণবৃক্ষ ; নৌকা প্রভৃতির মাস্তুল ; যাহাতে গুণ-রজ্জু বন্ধন করিতে হয়। ২। কূপ সন্নিহিত ক্ষুদ্র জলাধার বা চৌবাচ্চা। ৩। কুঁপো।

কূপজ (জ্‌) [কূপ (কূপের ন্যায়) —জ (জাত) যাহা কূপের মত দেখায়] বি, পুং, রোমকূপ। ২। [কূপ হইতে জ (জাত) কূপে যাহার জন্ম] ভেক ; বেঙ।

কূপদণ্ড [সং] বি, পুং, কূপক ; গুণবৃক্ষ ; নৌকাদির মাস্তুল।

কূপদর্দ্দুর (দোর্‌) [কূপ (কূপস্থিত) যে দর্দ্দুর (মণ্ডূক—বেঙ) কর্ম্মধা কিম্বা কূপের দর্দ্দুর, ৬তৎ, সংকীর্ণ পরিসর কূপের মধ্যে বদ্ধ থাকে যে বেঙ্‌] বি, পুং, কূপমণ্ডূক ; কূয়ার বেঙ্‌। ২। কূয়ার বেঙের মত যে আপনার সংকীর্ণ গণ্ডীর মধ্যে বদ্ধ থাকে। বাহিরের খবর রাখে না ; কুণো ; সংকীর্ণজ্ঞান ; অল্পজ্ঞ। ৩। অদূরদর্শী।

কূপমণ্ডূক (কূপ্‌মোন্‌ডুক) [সং] বি, কূপ-দর্দ্দুর দ্রঃ। কূয়ার বেঙ্‌। ২। সীমাবদ্ধ-জ্ঞান ; সংকীর্ণচেতা ; স্বল্পদর্শী। প্র—"মহিলা কয়টী অতিশয় শান্তশিষ্ট মিষ্টভাষিণী যদিও কূপমণ্ডূক।"—মতিচূর।

কূপমাণ্ডূক (ক্‌) [কূপ (কূপস্থিত) মণ্ডূক (ভেক) + অ (অপত্যার্থে—অণ্‌)] বি, পুং, কূপমণ্ডূক সন্তান ; স্ত্রী, **কূপমাণ্ডূকী**—কূপমণ্ডূককন্যা।

কূপাঙ্ক, কূপাঙ্গ [কূপ (রোমকূপ) হইয়াছে অঙ্গ (দেহে) যাহার, বহু] বি, পুং, রোমাঞ্চ।

কূপি [সং—কূপক ; হি— কুপ্পী] বি, তৈলাধার, তৈল রাখিবার চামড়ার থলি ; তেলের ভাঁড়। [দ্রঃ—বৃহদাকার হইলে **কূপা** বা **কুঁপো**] প্র—"কূপি ভরি তৈল দেয় তেলি।"

কূবর (র্‌) [সং। হি—কূবড়] বি, পুং, স্ত্রী, কুব্জ ; কুঁজো। ২। রথের উপর বসিবার ন্যুব্জস্থান। ৩। পুং, ক্লী, যুগন্ধর, রথের অবয়ব বিশেষ ; যেস্থানে যুগকাষ্ঠ সংলগ্ন থাকে। স্ত্রী, **কূবরী**—কম্বল দ্বারা আবৃত রথ। ২। কুব্জী (হি—কূবড়ী)।

কূয়া [সং—কূপ। প্রাকৃ উচ্চারণে কুব, তুল —হি, কুঁআ, বাং গ্রা, কূঁয়া ; কূয়া ; কো] বি, কূপ ; পাতকূয়া (গ্রা—পাতকো)। কুয়া দ্রঃ।

কূর (র্‌) [সং] বি, পুং, ক্লী, অন্ন, ভাত।

কূর (র্‌) [সং—কূল (কিনারা, তীর)। কূড় দ্রঃ। হি-র অনুকরণে, ল = র] বি, নদী, সমুদ্র প্রভৃতির কূল ; তীর। প্র—"উদয় কর গোঁসাঞি খচরা সমুদ্দর কূর"—শূন্যপুরাণ।

কূর্চ্চ [সং] বি, পুং—ক্লী, ভ্রূমধ্য ; ভ্রূদ্বয়ের মধ্যস্থল। ২। ভ্রূমধ্যস্থিত রোমরাজি। ৩। হং এই বীজমন্ত্র। ৪। অঙ্গুলির মধ্যভাগের উপরি-ভাগ। ৫। পশুলোমের তূলি (কূচি দ্রঃ)। ৬। তৃণগুচ্ছ।

কূর্চ্চিকা [সং] বি, স্ত্রী, তূলি। ২। কুচি। ৩। সূঁচ ; শলাকা। ৪। মুকুল ; কুঁড়ি। ৫। ক্ষীর ; গাঢ়দুগ্ধ। ৬। তক্র (ঘোল)

কূর্ত্তি [কুর্ত্তি দ্রঃ।] বি, ছোট জামা। প্র—"কোঁচানো চাদরে বাঁধা কালো কূর্ত্তি গায়ে।" —দ্বিজেন্দ্র রায়।

কূর্দ্দন (ন্‌) [কুর্দ্দন দ্রঃ] বি, ক্লী, কোঁদা

কূর্প, কূর্ব্ব [সং] বি, পুং, ক্লী, ভ্রূদ্বয়ের মধ্যস্থান।

কূর্পর (র্‌) [সং] বি, পুং, কণুই। ২। হাঁটু।

কূর্পাস (শ্‌) [সং] বি, পুং, ক্লী, স্ত্রীলোকের বক্ষের আবরণবিশেষ ; কাঁচুলি।

কূর্ম্ম [সং] বি, পুং, শরীরস্থিত বায়ুবিশেষ। ২। কচ্ছপ। প্র—"কূর্ম্ম কমঠি কূট উর্ম্মীতে লটপট" —হেম বন্দ্যো। ৩। বিষ্ণুর দ্বিতীয় অবতার ; কূর্ম্মাবতার। **কূর্ম্মচক্র** [কূর্ম্ম (কূর্ম্মাকার) চক্র]—মন্ত্রের শুভাশুভ নিরূপক কূর্ম্মাকৃতি চক্রবিশেষ। **কূর্ম্ম-পুরাণ**—কূর্ম্মনামক পুরাণ ; কূর্ম্মাবতার-প্রোক্ত পুরাণ। **কূর্ম্মপৃষ্ঠক**—কূর্ম্মের পৃষ্ঠবৎ পৃষ্ঠবিশিষ্ট জীব। ২। ন্যুব্জপৃষ্ঠ মৃৎপাত্র ; শরা।

কূর্ম্মমুদ্রা (—মুদ্‌দ্রা) [কূর্ম্ম (কূর্ম্মপৃষ্ঠাকৃতি) যে মুদ্রা (অঙ্গুলি ন্যাসবিধি) কর্ম্মধা] বি, স্ত্রী, কূর্ম্মপৃষ্ঠাকার মুদ্রা ; দক্ষিণ করের কনিষ্ঠার সহিত বাম করের তর্জ্জনী ও বাম করের অঙ্গুষ্ঠের সহিত দক্ষিণ করের তর্জ্জনীর সংযোগ সহকারে দক্ষিণ করে বাম করের মধ্যমা ও অনামিকার উপর রাখিতে হয় এবং দক্ষিণ করের মধ্যমা ও অনামা বাম করের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগে অধোমুখ করিয়া রাখিতে হয়।

কূল (ল্‌) [সং। "কূলং তটে স্তূপে সৈন্যপৃষ্ঠ তড়াগয়োঃ"—মেদিনী] বি, তট ; তীর ; কিনারা। ২। স্তূপ ; রাশি। **কূল-কিনারা**—মুক্তির পথ ; গতি ; উদ্ধারের উপায়। প্র—"মিছে কেন বিবাদ করা, কূলের কর কূল কিনারা"—বাং-গান। **স্থলকূল**—আশ্রয়। প্র—সেখানে সে স্থল-কূল না পাইয়া চলিয়া গেল।

কূষ্মাণ্ড (কুষ্‌মাঁন্‌ড) বি, পুং, শিবের অনুচর-বিশেষ।

কৃক [সং] বি, কণ্ঠনালী ; গলা। the laryn the throat. ২। গ্রীবা ; ঘাড় ; the neck প্র—কৃকলাস।

কৃকর (র্) [সং] বি, শরীরস্থ পঞ্চ বায়ুর একটী। ২। [সং—কৃকন, ক্রকর] বি, কয়া পাখী ; খৈরী (দ্রঃ)।

কৃকলা [সং] বি, স্ত্রী, পিঁপুল।

কৃকলাস, শ (শ্) [কৃক (গ্রীবা) লস্ (ক্রীড়া করা, খেলান)—অ (কর্ত্তৃ—ঘঞ্)—যে গ্রীবা কাঁপায়] বি, কাঁকলাস নামক সরীসৃপবিশেষ ; গিরগিটি ; বহুরূপী, a chameleon ; a lizard.

কৃকাটিকা [কৃক (কণ্ঠ) অট্ (গমন করা) অক (কর্ত্তৃ-ণক)—আপ্ (স্ত্রী)—কণ্ঠ যেখানে গিয়া মিলিত হয়] বি, ঘাড় ; the back of the neck.

কৃচ্ছ্র (কৃছ্‌ছ্রূ) [সং। "কষ্টং কৃচ্ছ্রং" —অমর] বি, ক্লেশ ; কষ্ট। ২। ["সান্তপন-চান্দ্রায়ণ প্রাজাপত্যাদিকং ব্রতং, কৃচ্ছ্রাভিধেয়ম্"—অমরটীকা] সান্তপন, চান্দ্রায়ণ ও প্রাজাপত্যাদিব্রত। ৩। বিপদ। ৪। প্রায়শ্চিত্ত। ৫। বিণ, কষ্টসাধ্য। **কৃচ্ছ্রসাধনা**—যে সাধনায় বহুকষ্ট স্বীকার করিতে হয়। **কৃচ্ছ্র-সাধ্য**—কষ্টসাধ্য ; যাহা কষ্টে সম্পাদিত হয়। **কৃচ্ছ্রব্রত**—কষ্টসাধ্য ব্রত ; যে ব্রত বহুকষ্ট স্বীকার করিয়া উদ্‌যাপন করিতে হয়।

কৃৎ [সং] [কৃ (করা) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে প্রত্যয় সকল অর্থের প্রকাশ করে] বি, পুং, সং তে ধাতুর উত্তর যে প্রত্যয় হয় ; কৃৎ প্রত্যয়। ২। যে করে এই অর্থে বাঙ্গালাতে ইহা বিশেষ্যবাচক শব্দের সহিত যুক্ত হইয়া ব্যবহৃত হয়। প্র—কর্ম্মকৃৎ।

কৃত [কৃ (করা) + ত (কর্ম্মে—ক্ত) যাহা পূর্ব্বে করা হইয়াছে] বি, ক্লী, সৃষ্টির আদিযুগ, অর্থাৎ যে যুগ চারি যুগের প্রথমে নির্দ্দিষ্ট করা হইয়াছে ; সত্যযুগ। প্র—কৃতযুগ। ২। বিণ, যাহা করা হইয়াছে ; সম্পাদিত ; সাধিত। ৩। রচিত ; গঠিত। ৪। শিক্ষিত ; অভ্যস্ত। প্র—কৃতবিদ্য ; কৃতশিল্প ; কৃতাস্ত্র। ৫। নিযুক্ত ; নির্দ্ধারিত। প্র—কৃতকাল ; কৃতদাস; কৃতবেতন।

কৃতক (ক্) বিণ, যাহা প্রকৃত নয় কিন্তু করা হইয়াছে ; কল্পিত ; অপ্রকৃত ; কৃত্রিম। ২। বি, কৃত্রিম লবণ। ৩। বসুদেবের পুত্র (ভাগবত) ; কৃতকপুত্র।

কৃতকপুত্র [কৃতক (কল্পিত) যে পুত্র (কর্ম্মধা)] বি, পুং, কল্পিত পুত্র ; জনক জননী কর্ত্তৃক গোপনে পরিত্যক্ত এবং অন্য দ্বারা পরিপালিত পুত্র।

কৃতকর্ম্মা [কৃত (সাধিত) হইয়াছে কর্ম্ম (কর্ম্মন্) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যে কর্ম্ম সমাধা করিয়াছে ; যে ব্যক্তি হাতে কলমে কার্য্য করিয়াছে ; বহুদর্শী। ২। কার্য্যকুশল কার্য্যক্ষম।

কৃতকাম (ম্) [কৃত (সম্পাদিত) হইয়াছে কাম (মনোরথ) যৎ কর্ত্তৃক, বহু] বিণ যাহার অভীষ্ট সিদ্ধ হইয়াছে ; পূর্ণমনোরথ কৃতাভীষ্ট ; সিদ্ধকাম। স্ত্রী, **কৃতকামা**।

কৃতকার্য্য (কৃতোকার্‌জো) [কৃত (সম্পাদিত হইয়াছে কার্য্য যৎকর্ত্তৃক, বহু] বিণ, সাধিত কার্য্য ; যে কার্য্য সুসম্পন্ন করিয়াছে ; সফল সিদ্ধকাম। ২। বি, যে কার্য্য করা হইয়াছে সম্পাদিত কর্ম্ম।

কৃতকৃত্য (কৃতোকৃৎতো [কৃত (বিহিত হইয়াছে কৃত্য (ক্রিয়া, কর্ম্ম) যৎকর্ত্তৃক, বহু বিণ, সাধিতকর্ম্মা ; কৃতকার্য্য। ২। চরিতার্থ কৃতার্থ। ৩। কৃতবিদ্য। বি, কৃতকৃত্যতা

কৃতকৃত্যতা (কৃতোকৃৎতোতা) [কৃতকৃত্য + তা (ভাবে)] বি, স্ত্রী, কৃতকার্য্যতা সফলতা।

কৃতঘ্ন (কৃতোগ্‌নো) [কৃত (অন্যকৃত উপকারাদি)—ঘ্ন (হন্ বধ করা, নষ্ট করা = + অ, কর্ত্তৃ—টক্) হন্ = ঘ্ন (ঘাতক)] বিণ, যে পরকৃত উপকার অস্বীকার করে ; উপকারের অপকারচিন্তক ; অকৃতজ্ঞ ; নিমকহারাম্।

কৃতঘ্নতা (কৃতোগ্‌নোতা) [কৃতঘ্ন + তা (ভাবে)] বি, স্ত্রী, অকৃতজ্ঞতা ; নিমকহারামী।

কৃতজ্ঞ (কৃতোগ্‌গোঁ) [কৃত (পরোপকার) জ্ঞ (যে জানে)—জ্ঞা (জানা) + অ (কর্ত্তৃ—ড)] বিণ, যে পরকীয় উপকার চিরদিন জ্ঞান করে বা মনে রাখে ; যে উপকার স্মরণ করিয়া উপকারকের নিকট বাধ্য থাকে।

কৃতজ্ঞতা (কৃতোগ্‌গোঁতা) [কৃতজ্ঞ + তা ভাবে] বি, স্ত্রী, উপকারী জনের কৃত উপকার স্মরণ ও স্বীকার ; উপকারের নিকট বাধ্যতার ভাব।

কৃতজ্বর (কৃতজ্‌জর) [কৃত (সৃষ্ট) হইয়াছে জ্বর যৎকর্ত্তৃক, বহু] বি, পুং, শিব। প্র—"জয় শিবা মনোহর সতী সদীশ্বর গিরীশ শঙ্কর কৃতজ্বর।"—ভারতচন্দ্র।

কৃততীর্থ (কৃতোতীর্‌থো) [কৃত (অনুষ্ঠিত) হইয়াছে তীর্থ যৎকর্ত্তৃক, বহু] বিণ, কৃতাবতরণ ; ২। যে কার্য্যের উপায় চিন্তা করিয়াছে। ৩। যে গয়া কাশী প্রভৃতি তীর্থ করিয়া আসিয়াছে।

কৃতদার (কৃতোদার্) [কৃত (পরিগৃহীত) হইয়াছে দার (স্ত্রী) যৎকর্ত্তৃক, বহু] বি, পুং, বিবাহিত।

কৃতদাস (কৃতোদাশ্) [কৃত (মূল্যাদির দ্বারা নিয়মিত) যে দাস (ভৃত্য) কর্ম্মধা, নির্দ্দিষ্ট সময় পর্য্যন্ত পরিচর্য্যা করিবার নিয়মে নিযুক্ত ভৃত্য] বি, ঋণ পরিশোধের জন্য এত বৎসরকাল আমি দাসত্ব করিব এই অঙ্গীকারে আবদ্ধ থাকিয়া যে কার্য্য করে। স্ত্রী, **কৃতদাসী**।

কৃতধী (কৃতোধি) [কৃত (নিশ্চিত) হইয়াছে ধী (বুদ্ধি) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, স্থিরচিত্ত ; অচঞ্চল মতি ; স্থির বুদ্ধি ; শাস্ত্রীয় অর্থ গ্রহণে সংযতমনা ; যে শাস্ত্রীয় উপদেশ স্থিরবুদ্ধিতে শ্রবণ করে।

কৃতধ্বজ (জ্) মহারাজ ধর্ম্মধ্বজের পুত্র (বিষ্ণুপুরাণ)।

কৃতনিশ্চয় (কৃতোনিশ্‌চয়্) [কৃত (অবধারিত) হইয়াছে নিশ্চয় (সন্দেহরাহিত্য) যৎকর্ত্তৃক—বহু] বিণ, যে কর্ত্তব্যাবধারণ করিয়াছে ; যে কর্ত্তব্য নির্দ্ধারণ করিয়াছে ; দৃঢ়-সঙ্কল্প। ২। যাহার মনে কার্য্যসিদ্ধির কিছু-মাত্র সংশয় নাই। বি, **কৃতনিশ্চয়তা**—কর্ত্তব্যাবধারণ ; সঙ্কল্পের স্থিরতা।

কৃতপুঙ্খ [কৃত (অভ্যস্ত) হইয়াছে পুঙ্খ (বাণনিক্ষেপ) যৎকর্ত্তৃক, বহু] বিণ, শরসন্ধান-পটু ; শরপ্রহার বিদ্যায় সুপণ্ডিত।

কৃতপূর্ব্ব [পূর্ব্বে (পূর্ব্বকালে) যে কৃত (অনুষ্ঠিত) কর্ম্মধা, কৃত শব্দের পূর্ব্ব নিপাত] বিণ, পূর্ব্বানুষ্ঠিত ; যাহা পূর্ব্বে করা হইয়াছে।

কৃতপূর্ব্বী [কৃতপূর্ব্ব + ইন্ (অস্ত্যর্থে) = কৃত-পূর্ব্বিন্ ১মা, ১ব] বিণ, পূর্ব্বানুষ্ঠিত কর্ম্মা।

কৃতপৌরুষ (ষ্) [কৃত (অনুষ্ঠিত) হইয়াছে পৌরুষ (পুরুষত্ব) যৎকর্ত্তৃক, বহু] বিণ, যে পুরুষোচিত কর্ম্ম করিয়াছে ; যে পুরুষোচিত সাহস দেখাইয়াছে ; যে পুরুষ-কারের পরিচয় দিয়াছে।

কৃতফলা—বি, আলকুশী।

কৃতবন্ধন (ন্) [সং] বিণ, যাহাকে বন্ধন করা হইয়াছে। ২। বি, কোষাতকী ফল।

কৃতবর্ম্মা [কৃত (ধারণ করা হইয়াছে) বর্ম্মন্ (কবচ) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যে বর্ম্ম পরিধান করিয়াছে ; বর্ম্মধারী, কবচী। ২। বি, পুং, যদুবংশীয় হৃদিকের পুত্র, প্রভাসক্ষেত্রে সাত্যকীর হস্তে নিহত হন।

কৃতবিদ্য (কৃতবিদ্‌দ) [কৃত (উপার্জ্জিত) হইয়াছে বিদ্যা (জ্ঞান) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, অভ্যস্তবিদ্য ; লব্ধজ্ঞান ; যে ব্যক্তি নানা বিদ্যায় সম্পূর্ণ প্রবীণ হইয়াছে ; সুশিক্ষিত ; cultured. বি, কৃতবিদ্যতা।

কৃতবিদ্যতা (কৃতবিদ্‌দতা) [কৃতবিদ্য (দ্রঃ)—তা (ভাবে—তা)] বি, নানা বিদ্যায় পারপারদর্শিতা ; সকল বিদ্যার অনুশীলন দ্বারা সুশিক্ষিত ও সুসভ্য হওয়ার ভাব ; দেহ মন ও আত্মা সম্বন্ধে লব্ধোৎকর্ষতা ; সর্ব্বাঙ্গীণ শিক্ষা।

প্র—"জাতীয় সাহিত্য একদিকে ব্যুৎপত্তির পথ-পরিষ্কারক,—অপরদিকে কৃতবিদ্যতারও সঞ্চারক। জাতীয় সাহিত্যের অনুশীলন ব্যতীত কৃতবিদ্যতার উৎপত্তি অসম্ভব।"—সা-প-প ১৩০১। [দ্রঃ—"ইংরাজি ভাষায় যাহাকে culture বলে, বাঙ্গালা ভাষায় আমি তাহাকেই কৃতবিদ্যতা নামে অভিহিত করিতেছি।"—দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায়। সা প-প ১৩০১।—অনুশীলন দ্রঃ]।

কৃতবীর্য্য (কৃতবীর্‌জ) [কৃত (লোক-মুখে কীর্ত্তিত) বীর্য্য (বীরত্ব) যাহার, বহু] বি, পুং কার্ত্তবীর্য্যার্জ্জুনের পিতা : মাহিষ্মতী ইঁহার রাজধানী, ইনি পরশুরামের পিতা জমদগ্নিকে নিহত করেন। ২। বিণ, বীর্য্যে বা বীরত্ব বিষয়ে প্রখ্যাত ; বিশ্রুতবীর্য্য।

কৃতবুদ্ধি [কৃত (স্থিরীকৃত) হইয়াছে বুদ্ধি যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যাহার বুদ্ধি কোনরূপে বিচলিত হয় না ; স্থিরমতি ; কৃতধী। বি, কৃতবুদ্ধিতা।

কৃতবুদ্ধিতা [কৃতবুদ্ধি+তা (ভাবে)] বি, স্ত্রী, সংশয়স্থলে অনায়াসে কর্ত্তব্যাবধারণ-শক্তি ; স্থিরমতিত্ব।

কৃতবেতন (ন্) [স্মৃতির পারিভাষিক শব্দ] বিণ, যাহাদিগকে কর্ম্মমূল্য দ্বারা নিযুক্ত করা যায়। ২। যাহার বেতন নির্দ্দিষ্ট আছে।

কৃতবোধ (ধ্) বি, তপোদেব নামক ব্রাহ্মণের পুত্র। ইনি পিতামাতার বিনা অনুমতিতে তপস্যা করিতে যাওয়ায় দ্বাদশ বৎসর কঠোর তপ করিয়াও সিদ্ধ হইতে পারেন নাই। পরে বারাণসীর তুলাধার নামক ব্যাধের নিকট অনেক উপদেশ পাইয়া পিতামাতার সেবা-নিরত হইয়া কৃতবোধ নাম প্রাপ্ত হন।

কৃতমাল [ল্] বি, পুং, সোঁদাল। ২। মলয় পর্ব্বত হইতে বহির্গতা নদী। স্ত্রী, **কৃতমালা**—বি, কৃতমাল দ্রঃ ; নদীবিশেষ।

কৃতলক্ষণ (কৃতলোক্‌খোন্) ["গুণৈঃ প্রতীতে তু কৃতলক্ষণাহত লক্ষণৌ"—অমর] বি, শৌর্য্যাদি গুণ দ্বারা বিখ্যাত ব্যক্তি ; লব্ধপ্রতিষ্ঠ।

কৃতশিল্প [কৃত (অভ্যস্ত) হইয়াছে শিল্প (কারুকার্য্য) যৎ কর্ত্তৃক) বহু] বিণ, যিনি শিল্পকার্য্য শিখিয়াছেন ; শিল্পনিপুণ ; শিল্পদক্ষ।

কৃতশ্রম (কৃতোস্‌স্রোম্) [কৃত (অনুষ্ঠিত) হইয়াছে শ্রম (পরিশ্রম) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যে পরিশ্রম করিয়াছে। ২। মহোৎ-সাহী ; মহা উদ্যমশীল।

কৃতসংজ্ঞ (কৃতশোংগোঁ) [কৃত হইয়াছে সংজ্ঞা (সংকেত) যদুদ্দেশে, বহু] বিণ, যাহার প্রতি সঙ্কেত করা হইয়াছে ; সঙ্কেত-বিষয়। ২। সঙ্কেতাভিজ্ঞ ; সঙ্কেতানুসারে কার্য্যক্ষম।

কৃতসাপত্নী, কৃতসাপত্নিকা (কৃতশা-পোৎনি) [কৃত হইয়াছে সাপত্ন (সপত্নীভাব) যাহার (বহু) ঈপ্ স্ত্রী, ক প্রত্যয় যোগে সাপত্নিক —আপ্, স্ত্রী] বি, স্ত্রী, যে স্ত্রীর সপত্নী হইয়াছে ; যে স্ত্রীর স্বামী পুনর্ব্বার অন্য পত্নী গ্রহণ করিয়াছে ; অধিবিন্না।

কৃতহস্ত [কৃত (কার্য্যকরণে অভ্যস্ত) হইয়াছে হস্ত (হাত) যাহার, বহু] বিণ, লঘুহস্ত ; ক্ষিপ্র-হস্ত। ২। অস্ত্রপ্রয়োগ-কুশল। ৩। সিদ্ধহস্ত ; কর্ম্মজ্ঞ ; কর্ম্মকুশল।

কৃতাকৃত [কিয়দংশ কৃত কিয়দংশ অকৃত] বিণ, আরব্ধ কিন্তু অসমাপ্ত। ২। বি, ক্লী, কার্য্য কারণ। ৩। অনুষ্ঠিত এবং অননুষ্ঠিত বিষয়।

কৃতাঞ্জলি (কৃতান্‌জোলি) [কৃত (রচিত) হইয়াছে অঞ্জলি (করপুট) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যে যুক্তকর বা যোড়হাত করিয়াছে। ২। [কৃত—অঞ্জলি, কর্ম্মধা] বি, স্ত্রী, যুক্তকর ; যোড়হাত ; বদ্ধাঞ্জলি। ৩। [বৈদ্যকে] লজ্জালু লতা ; লাজুক লতা ; লজ্জাবতী লতা। mimosa pudica ; the sensitive plant.

কৃতাঞ্জলিপুট (কৃতান্‌জোলিপুট্) [কৃতাঞ্জলি-পুট (পত্রাদির পাত্র ঠোঙ্গা তদ্বৎ)] বি, পুং, পুটাকৃতি যুক্তকর ; বদ্ধাঞ্জলি। ২। [কৃত হইয়াছে অঞ্জলি পুট, যৎকর্ত্তৃক—বহু] বিণ, যে অঞ্জলি ধরিয়াছে বা পাতিয়াছে। ক্রি-বিণ, **কৃতাঞ্জলিপুটে**। প্র—সে অশ্রুপূর্ণ লোচনে ও কৃতাঞ্জলিপুটে প্রার্থনা করিতে লাগিল।

কৃতাত্মা (কৃতাৎতাঁ) [কৃত (সংস্কৃত, শোধিত) হইয়াছে আত্মা যাহার, বহু] বিণ, যে আত্মার শিক্ষাদিদ্বারা সংস্কার করা হইয়াছে ; সংস্কার-বান্। বিশুদ্ধান্তঃকরণ। ২। শুদ্ধচিত্ত।

কৃতাধিষ্ঠান (ন্) [কৃত হইয়াছে অধিষ্ঠান (অবস্থিতি) যাহার, বহু] বিণ, যিনি অবস্থিতি করিয়াছেন।

কৃতান্ত (কৃতান্‌তো) [কৃত (অনুষ্ঠিত) হইয়াছে অন্ত (নাশ বা শেষ) যৎ কর্ত্তৃক, বহু] বি, পুং, যম। প্র—"বলিলা কৃতান্ত ডাকি অনুচরে মুখেতে প্রীতির ভাব"—হেম বন্দ্যো। ২। দৈব। ৩। শনিবার। ৪। বিণ, উপপাদিত ; সিদ্ধান্ত।

কৃতান্ন [কৃত (সম্পন্ন) যে অন্ন, কর্ম্মধা] বি, ক্লী, সিদ্ধান্ন ; পক্ব অন্ন ; প্রস্তুত অন্ন।

কৃতাপকার (র্) [কৃত হইয়াছে অপকার (ক্ষতি) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যে অপকার করিয়াছে ; যৎ কর্ত্তৃক অপকার কৃত হইয়াছে ; অপকারী। ২। [কৃত হইয়াছে অপকার যাহার, বহু] যাহার অপকার করা হইয়াছে ; যাহাকে ক্ষতিগ্রস্ত করা হইয়াছে ; অপকৃত।

কৃতাপরাধ (ধ্) [কৃত (অনুষ্ঠিত) হইয়াছে অপরাধ (দোষ) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যে দোষ করিয়াছে ; দোষী ; অপরাধী ; অন্যায় কার্য্যকারী।

কৃতাভিষেক (ক্) [কৃত (অনুষ্ঠিত) হইয়াছে অভিষেক (স্নানাদি) যাহার, বহু] বিণ, অন্য কর্ত্তৃক যাহার অভিষেক-ক্রিয়া সম্পন্ন হইয়াছে ; অভিষিক্ত। ২। যে স্বয়ং অভিষেক ক্রিয়া সম্পন্ন করিয়াছে।

কৃতার্থ [কৃত (সাধিত) হইয়াছে অর্থ (প্রয়ো-জন) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, সাধিত-প্রয়োজন ; চরিতার্থ ; কৃতকার্য্য ; সিদ্ধমনোরথ।

কৃতার্থম্মন্য (কৃতার্‌থোম্‌মোনো) [কৃতার্থ (কৃতকার্য্য)—মন্ (মনে করা)+খশ্ (কর্ত্তৃ) ম্ আগম] বিণ, চরিতার্থম্মন্য ; যে নিজেকে কৃতার্থ বলিয়া জানে। ২। আত্মাকে ধন্য বলিয়া জানা।

কৃতার্থিক [কৃত—অর্থ্ (যাচ্ঞা করা)+ত (কর্ম্মে) ই—আগম] বিণ, যাহাকে যাচ্ঞা করা হইয়াছে। ২। যাহাকে চরিতার্থ বা কৃতার্থ করা গিয়াছে ; কৃতার্থীকৃত। ৩। [কর্ত্তৃ—ক্ত] যে যাচ্ঞা করিয়াছে। ৪। [কৃতার্থ (চরিতার্থ)+ইত (যুক্তার্থে] বিণ, কৃতার্থতা-বিশিষ্ট।

কৃতাস্ত্র (কৃতাসত্র) [কৃত (শিক্ষিত) হইয়াছে অস্ত্র যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যে অস্ত্র শিক্ষা করিয়াছে ; শিক্ষিতাস্ত্র ; অস্ত্রে সুশিক্ষিত ; অস্ত্র প্রয়োগে নিপুণ। প্র—"তিনি কৃতাস্ত্র হইয়া শীঘ্র পৃথিবীতে আগমন করিবেন।" —মহা—বন (বর্দ্ধমান)।

কৃতাহ্নিক (কৃতান্‌হিক্) [কৃত (করা হইয়াছে) আহ্নিক (দৈনিক সন্ধ্যা বন্দনাদি) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যে দৈনিক সন্ধ্যা বন্দনাদি নিত্যকর্ম্ম সম্পাদন করিয়াছে। ২। সাধিত দিনকার্য্য ; যে দৈনিককার্য্য শেষ করিয়াছে।

কৃতি [কৃ (করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, করণ ; অনুষ্ঠান ; কার্য্য ; কর্ম্ম। প্র—"আর নহে কার কর্ম্ম বিধাতার কৃতি।" —কবিক। ২। রচনা। ৩। চেষ্টা ; যত্ন ; অধ্যবসায়। ৪। সংস্কৃত ছন্দোবিশেষ।

কৃতিত্ব (কৃতিৎত) [কৃতিন্+ত্ব (ভাবে)] বি, ক্লী, কার্য্যদক্ষতা ; উপযুক্ততা ; ক্ষমতা। ২। কার্য্যনির্ব্বাহকতা ; সাধনা।

কৃতী [কৃত (কার্য্য)+ইন্ (অস্ত্যর্থে)=কৃতিন্ ১মা, ১ব] বিণ, যাহার কার্য্য আছে ; যে কার্য্য সাধন করিয়াছে ; কার্য্যক্ষম ; ক্রিয়া নির্ব্বাহে দক্ষ ; ক্ষমতা-সম্পন্ন ; কুশল। ২। সদ্গুণসম্পন্ন ; সিদ্ধ। ৩। ধার্ম্মিক ; পুণ্যবান্ ৪। পণ্ডিত। ৫। সমর্থ। বি, কৃতিত্ব।

কৃতোদক (ক্) [কৃত (সম্পাদিত) উদক (উদক ক্রিয়া-স্নানাদি) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যে উদক ক্রিয়া করিয়াছে ; কৃতজলাবগাহ-স্নানতর্পণ ; স্নান ও তর্পণাদি নির্ব্বাহক ; যে স্নান তর্পণাদি সমাধা করিয়াছে।

কৃতোদ্বাহ (কৃতোদ্‌বাহ) [কৃত (করা হইয়াছে) উদ্বাহ (বিবাহ) যৎ কর্ত্তৃক, বহ্] বিণ, যে বিবাহ করিয়াছে ; কৃতবিবাহ ; পরিণীত ; বিবাহিত ; কৃতপরিণয় ।

কৃতোপকার (র্) [কৃত (করা হইয়াছে) উপকার (ইষ্ট সাধন) যৎ কর্ত্তৃক, বহ্] বিণ, যে উপকার করিয়াছে ; যে ইষ্ট সাধন করিয়াছে ; উপকারী ; কৃতেষ্টসিদ্ধি । ২ । উপকৃত ; যাহার উপকার করা হইয়াছে ।

কৃতৌজস্ (শ্) [কৃত (করা হইয়াছে) ও জস্(তেজঃ) যৎ কর্ত্তৃক, বহ্] বিণ, যে তেজঃ প্রকাশ করিয়াছে ; কৃততেজস্ক ; যে পরাক্রম প্রকাশ করিয়াছে ; কৃতবিক্রম।

কৃত্ত (কৃৎত) [কৃত্ (ছেদন করা) + ত (কর্ম্মে —ক্ত)] বিণ, যাহা ছেদ বা দ্বিখণ্ড করা হইয়াছে ; দ্বিখণ্ডিত ; ছিন্ন । প্র—"কৃত্ত করবাল নৃকপাল করকারিণী ।"—বাসবদত্তা । ২ । পরিবেষ্টিত ।

কৃত্তি (কৃৎতি) [কৃত্ (ছেদন করা) + তি (কর্ম্মে—সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, হস্তী, ব্যাঘ্র বা মৃগাদির চর্ম্ম । প্র—"কৃত্তিবাস" । ২ । ত্বক্ । ৩ । কৃত্তিকা নক্ষত্র । ৪ । বুদ্ধদেবের জনৈকা উপাসনাকারিণী । ৫ । ভূর্জ্জপত্র ; ভোজপাতা ।

কৃত্তিকা [সং] বি, স্ত্রী, নাগবীথিস্থিত নক্ষত্র ; অশ্বিন্যাদি ২৭শ নক্ষত্রের ৩য় নক্ষত্র । ইহা অগ্নিশিখাকৃতি ৬টী নক্ষত্রময় ; অগ্নি ইহার অধিদেবতা । ২ । [পুরাণে] কার্ত্তিকেয়ের ছয়জন ধাত্রীর একজন : কার্ত্তিকপালিকা ; চন্দ্রপত্নী । ৩ । বুদ্ধের উপাসক জাতিবিশেষ ।

কৃত্তিকাসুত (—শুত) [কৃত্তিকার—সুত (পুত্র) ৬তৎ—কৃত্তিকা কর্ত্তৃক প্রতিপালিত বলিয়া] বি, পুং, ষড়ানন ; কার্ত্তিকেয় ।

কৃত্তিবাস (কৃৎতিবাশ্) [কৃত্তি (ব্যাঘ্র-চর্ম্ম, মতান্তরে ; গজাসুর-চর্ম্ম) বাস (বস্ত্র) যাহার, বহ্] বি, পুং, যাহার বস্ত্র চর্ম্মময় ; চর্ম্মাম্বর চর্ম্মাবৃত কটি ; মহাদেব ; শিব ; কবিকঙ্কণে, **কৃত্তিবাসা** দৃষ্ট হয় । প্র—"নাচে তুষ্ট কৃত্তিবাসা, দিল কণ্ঠ ভূষা, হাড়মাল চিত্র বিভূষণ ।" ২ । বঙ্গের প্রসিদ্ধ প্রাচীন কবি ; নদীয়া জেলার অন্তর্গত রাণাঘাট ষ্টেশনের ৭ মাইল দক্ষিণ পশ্চিমে অবস্থিত ফুলিয়া গ্রামে মুখটিব্রাহ্মণ বংশে ১৪৩২ খৃঃঅব্দে ৩০শে মাঘ রবিবারে শুক্লাপঞ্চমী দিনে কৃত্তিবাস জন্মগ্রহণ করেন, ইঁহার পিতা বনমালী ওঝা মাতা মালিনী দেবী ; পিতামহ মুরারি, ইনিও সুপণ্ডিত ছিলেন ; কৃত্তিবাস তাহেরপুরের রাজা কংসনারায়ণের সভাপতি ছিলেন । যোগাদ্যার বন্দনা, শিব-রামের যুদ্ধ, রুক্মাঙ্গদ রাজার একাদশী প্রভৃতি কয়েকখানি গ্রন্থে কৃত্তিবাসের ভণিতা আছে ; কিন্তু বঙ্গ ভাষায় রামায়ণ রচনা করিয়া কৃত্তিবাস অমর হইয়াছেন । কবির প্রপিতামহ নৃসিংহ নবাবদত্ত ওঝা উপাধি প্রাপ্ত হন । তদবধি বংশ-পরম্পরায় ইঁহাদের ওঝা উপাধি হয় (বঙ্গ-ভাষা ও সাহিত্য) । কথিত আছে কৃত্তিবাস গৌড়েশ্বরের আজ্ঞাক্রমে সরল বঙ্গভাষায় সাতকাণ্ড রামায়ণ রচনা করেন । প্র— "কৃত্তিবাস নাম তোমা ! কীর্ত্তির বসতি সতত তোমার নামে সুবঙ্গ ভবনে ।"—চতুর্দ্দশপদী কবিতাবলী ।

কৃত্য (কৃৎত) [কৃ (করা) + য (কর্ম্মে—ক্যপ্) ত্ আগম] বি, ক্লী, কার্য্য ; কর্ম্ম ; কাজ । প্র—"একলা ঘরের কৃত্য, আপনি যে করি নিত্য, খুল্লনার দুর্ব্বলা কিঙ্করী ।"—কবিক । ২ । প্রয়োজন । ৩ । নিমিত্ত ; হেতু ; কারণ । ৪ । ব্যাকরণে কৃৎপ্রত্যয়ের মধ্যে তব্য, অনীয়, ক্যপ, ঘ্যণ, য, এই ৫টী প্রত্যয়ের কৃত্যসংজ্ঞা । ৫ । বিণ, কর্ত্তব্য ; করণীয় । স্ত্রী, **কৃত্যা**—ক্রিয়া ; কার্য্য । ২ । বিধান । ৩ । আভিচারিক ব্যাপার । ৪ । জ্বালাময়ী যজ্ঞ-দেবতাবিশেষ ।

কৃত্যবিদ্ [কৃত্য—বিদ্ (জানা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, যে কার্য্য জানে ; কর্ত্তব্য যে বুঝে ; বিধানজ্ঞ ; বিধিজ্ঞ ।

কৃত্রিম (কৃৎত্রিম্) [কৃ (করা) + ত্রিম (ক্রিয়া নিবৃত্তার্থে, ত্রিমক্)] বিণ, ক্রিয়া দ্বারা নিষ্পন্ন ; ক্রিয়া-কল্পিত ; ক্রিয়া-সিদ্ধ । ২ । কল্পনা-প্রসূত ; কাল্পনিক ; ছলমূলক ; যাহা স্বাভাবিক নহে ; অস্বাভাবিক । ৩ । অযথার্থ ; জাল । ৪ । অবিমিশ্রিত ; অবিশুদ্ধ ; যাহা খাঁটি নয় ; ভেজাল । ৫ । যাহা কেবল পরকে দেখাইবার জন্য করা যায় কিন্তু আন্তরিক নহে ; মৌখিক ; incincere. ৬ । [স্মৃতি-শাস্ত্রে] পুত্রবিশেষ । ৭ । ক্লী, বিটলবণ ।

কৃত্রিমপুত্র [স্মৃতিশাস্ত্রে] বি, পুং, পুত্ররূপে গৃহীত বালক ; পালিত পুত্র । ২ । বস্ত্রাদি-রচিত পুত্তলিকা ; নির্ম্মিত পুত্তলি ।

কৃত্রিম রাশি [জ্যোতিষে] বি, অন্য দুই রাশির গুণন দ্বারা উৎপন্ন রাশি ।

কৃদন্ত [কৃৎ (কৃৎপ্রত্যয়) হইয়াছে অন্তে যাহার, বহ্] বি, পুং, কৃৎপ্রত্যয়ান্ত শব্দ ; যে সকল শব্দ কৃৎপ্রত্যয় দ্বারা সাধিত হইয়াছে ; কৃদন্ত ধাতুর নাম শব্দ ।

কৃন্তন (ন্) [কৃৎ (ছেদন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ছেদন ; কর্ত্তন । ২ । সঙ্গীত বিষয়ে বীণা বাদনের প্রকার ভেদ ; বীণা বাদনকালে তার অঙ্গুলি দ্বারা আকর্ষণ করিয়া (যেন কর্ত্তিত করিয়া লইয়া) বাদন । স্ত্রী, **কৃন্তনী, কৃন্তনিকা**—ছেদনাস্ত্র ; যাহা দ্বারা কর্ত্তন করা যায় ; কর্ত্তরিকা ।

কৃপ [মহারাজ শান্তনুর কৃপায় পালিত বলিয়া] বি, পুং, কৃপাচার্য্য ; শরদ্বান্ মুনির পুত্র । স্ত্রী, **কৃপী**—কৃপাচার্য্যের সহোদরা ; দ্রোণাচার্য্যের পত্নী ও অশ্বত্থামার জননী ।

কৃপণ (ন্) [সং । গ্রা—কিরপোন্ ; কেরপোন্ ; কিপ্পন ; কিপ্পিন ; কেপ্পোন] বিণ, যে অর্থ ব্যয় না করিয়া রক্ষা করিতে পারে ; ব্যয়কুণ্ঠ : অর্থব্যয়ে কাতর ; অর্থকাতর । ২ । কাতর ; দীন । ৩ । ক্ষুদ্র ; নীচ ; লঘু-প্রবৃত্তি ; অনুদার ।

কৃপা [সং] বি, স্ত্রী, অনুকম্পা ; করুণা ; দয়া ; অনুগ্রহ ।

কৃপাণ (ন্) বি, পুং, অসি ; খড়্গ । প্র— "তূণীর কৃপাণে কররে পূজা"—হেম বন্দ্যো । **কৃপাণী, কৃপাণিকা**—ছোরা ; ছুরিকা ।

কৃপাণপাণি (ন্, নি) [কৃপাণ (খড়্গ) হইয়াছে পাণিতে (হস্তে) যাহার, বহ্] বিণ, অসিকর ; খড়্গহস্ত ; যাহার হস্তে খড়্গ রহিয়াছে ।

কৃপাবলোকন (ন্) [কৃপা দ্বারা অবলোকন (দৃষ্টি) ৩ তৎ] বি, ক্লী, করুণা করিয়া দেখা ; কৃপাদৃষ্টি ; করুণা-কটাক্ষ । প্র—"কর মোরে কৃপাবলোকন"—কবিক ।

কৃপালু [কৃপা + আলু (অস্ত্যর্থে)] বিণ, কৃপাময় ; করুণান্বিত ; দয়ালু ; যাহার দয়া আছে ।

কৃপীটযোনি (জোনি) [কৃপীট (কাষ্ঠ) হইয়াছে যোনি (উৎপত্তিস্থান) যাহার, বহ্] বি, পুং, অনল ; অগ্নি ; বহ্নি ।

কৃমি, ক্রিমি [ক্রম্ (গমন করা) + ই (কর্ত্তৃ —সংজ্ঞার্থে) তুল—আ—qermazi ; ইতা —cremisi (a cochineal insect) ; ফা— কিরম । কৃমিরস্ত্রর্জঃ—হেম । ইং—worms.] বি, পুং, কীট ; পোকা ; কেঁচোর মত কৃমি ; খুব ছোট ও সূতার মত সরুকৃমি ; thread worm. ফিতাকৃমি ; tape worm.

কৃমিকণ্টক (ক্) [কৃমি (রোগ) তাহার কণ্টকস্বরূপ, ৬তৎ] বিণ, কৃমি-রোগ-নাশক ; কৃমি-রোগের উৎপাটনকারী । ২ । বি, পুং, বিড়ঙ্গ । ৩ । উডুম্বর ; যজ্ঞডুমুর । ৪ । চিত্রাঙ্গ ; চিতা ।

কৃমিঘ্ন (কৃমিঘ্ন) [কৃমি—হন্ (নষ্ট করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, টক্) হন্=ঘ্ন্] বি, পুং, বিড়ঙ্গ । (কৃমিনাশক অন্যান্য দ্রব্য—পালিতা মাদার, ভল্লাতক বা ভেলা ও পিয়াজ অর্থেও ব্যবহৃত হয়) । ২ । বিণ, কৃমিনাশক ।

কৃমিজ, ক্রিমিজ (জ্) [কৃমি—ক্রিমি—জন (জন্মান) + অ (কর্ত্তৃ—ড)] বিণ, কৃমি হইতে

জাত ; লাক্ষাকীট ; রক্তবর্ণ কীট ; coccus cacti ; the cochineal insect. ২। বি, স্ত্রী, অগুরু চন্দন। ৩। উক্ত কীটজাত লালরঙ ; ক্রিমিজ রঙ্ ; carmine. স্ত্রী, **কৃমিজা**—লাক্ষা ; লা (দ্রঃ)।

কৃমিল [কৃমি—লা (গ্রহণ করা)+অ (কর্ত্তৃ—ড)] বিণ, কৃমিময় ; কৃমিযুক্ত ; কৃমিবিশিষ্ট। স্ত্রী, **কৃমিলা**—বহু সন্তান-প্রসবকারিণী স্ত্রী।

কৃমিশৈল [কৃমি (কীট) তন্নির্ম্মিত শৈল (পর্ব্বত—উচ্চভূমি) কর্ম্মধা] বি, পুং, বল্মীক ; উই ঢিপি।

কৃশ [কৃশ্ (সূক্ষ্ম করা)+অ (কর্ত্তৃ—ক)] বিণ, দুর্ব্বল ; ক্ষীণ ; কাহিল। ২। সরু ; পাতলা ; শীর্ণ। ৩। বিরল।

কৃশর, কৃসর (কৃশর্) [কৃ (বিক্ষেপ করা) +শর, সর (কর্ম্মে—সংজ্ঞার্থে)] বি, পুং, তণ্ডুল, দাল, আদা ও হিঙ্গু (হিং) একত্র করিয়া জলদ্বারা পাক করা অন্ন। স্ত্রী, **কৃশরা**—তিল মিশ্রিতান্ন। ২। দ্বিদলান্ন ; খিচড়ী।

কৃশলা [কৃশ (সূক্ষ্ম) লা (গ্রহণ করা)+অ (কর্ত্তৃ—ড) যে অতি কৃশ দেহ ধারণ করে] বি, স্ত্রী, চুল : কেশ।

কৃশাঙ্গ [কৃশ (ক্ষীণ) হইয়াছে অঙ্গ (দেহ) যাহার, বহু,] বিণ, কৃশকায় ; ক্ষীণকায় ; কাহিল শরীর। স্ত্রী, **কৃশাঙ্গী**—তন্বী। ২। প্রিয়ঙ্গুলতা। ৩। বিণ, সূক্ষ্মদেহবিশিষ্টা।

কৃশানু [কৃষানু দ্রঃ। কৃশ্ (কৃশ করা, জীর্ণ করা)+আনু (কর্ত্তৃ—আনুক) যে সমস্ত জীর্ণ করে। "কৃশানুঃ পাবকোঽনলঃ"—অমর] বি, পুং, বহ্নি ; অগ্নি ; অনল। প্র—"জানু ভানু কৃশানু শীতের পরিত্রাণ॥"—কবিক। ২। চিতাগাছ।

কৃশানুরেতা [কৃশানু (অগ্নি) হইয়াছে রেতস্ (রেতঃ—শুক্র) যাহার, কিম্বা অগ্নিতে রেতস্ যাহার, বহু] বি, পুং, শিব।

কৃশাশ্ব (কৃশাশ্‌শ) বি, পুং, মহর্ষিবিশেষ ; ইনি জয়া ও সুপ্রভানাম্নী দুইটি দক্ষকন্যার পাণি-গ্রহণ করেন।

কৃশাশ্বী (কৃশাশ্‌শি [কৃশাশ্ব [কৃশাশ্বমুনি প্রণীত নৃত্য-গীতাদি শাস্ত্র)+ইন্ (জ্ঞাতার্থে) কৃশাশ্বিন্ ১মা, ১ব, যে কৃশাশ্ব মুনিকৃত নৃত্য-গীতাদি শাস্ত্র জানে] বি, পুং, নর্ত্তক ; নট।

কৃষক (ক্) [সং—"কৃষকঃ কর্ষকঃ"—হেমচন্দ্র, মেদিনী। কৃষ্ (ভূমি কর্ষণ করা)+অক (কর্ত্তৃ)] বিণ, যে ভূমি কর্ষণ করে ; কৃষিকর্ম্মকারী ; কষক ; কৃষাণ ; চাসা। ২। [করণে—অক, যাহা দ্বারা ভূমি কর্ষণ করা হয়] পুং, লাঙ্গলের ফাল ; হল। ৩। বৃষ [বিরল]।

কৃষাণ (ন্) [কৃষ্ (কর্ষণ করা)+আন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বিণ, যে ভূমি কর্ষণ করে ; কৃষক ; চাষা। ২। [প্রাদে] বি, কৃষিকর্ম্মে সাহায্যকারী।
প্র—"হাসি হাসি হরে বলে শুনি ত্রিনয়ন।
কতকর কাঁচাচালু কৃষাণের প্রাণ॥"—শিবায়ন।

কৃষাণি (নি) [কৃষাণ দ্রঃ] বি, কৃষকের কর্ম্ম ; কৃষিকর্ম্ম ; চাসবাস।

কৃষাণী (নি) [কৃষাণ দ্রঃ] বিণ, কৃষাণ সম্বন্ধীয় ;
।

কৃষাণু [কৃশানু (বিরল)। কৃশানু দ্রঃ] বি, পুং, আগুন। প্র—"রবির সমান সোম কুসুম কৃষাণুসম চন্দনেরে ঐগুণে বাখানি"—নিধুবাবু।

কৃষি [সং। কৃষ্ (কর্ষণ করা)+ই (ভাবে)] বি, স্ত্রী, কৃষিকর্ম্ম ; চাষবাস। ২। কর্ষণোপযোগী ভূমি। ৩। [গ্রা। এই অর্থে **কৃষিক** শব্দের প্রাদে ব্যবহার আছে] কৃষক ; চাষী। প্র—"আমরা প্রজা কৃষি জমি চষি সুফল ফলাই তায়"—কৃষকের পত্র। [দ্রঃ—"চর্ষণী" বা "কৃষ্টী" এই শব্দদ্বয়ের অর্থ মনুষ্য। চর্ষণী অর্থ চাষা এবং কৃষ্টী অর্থ কৃষক। * * * ঋগ্বেদে 'বিশ্বচর্ষণী' অর্থে সমুদয় মানব। অনেকস্থলে দেবতাদিগকে 'চর্ষণীধৃৎ' 'চর্ষণীনাং রাজা' বলিয়া সম্বোধন করা হইয়াছে। 'চর্ষণীধৃৎ' অর্থ মনুষ্য দিগের ধারণকর্ত্তা। অগ্নি মনুষ্যদিগের হোতা এই অর্থে "চর্ষণীনাম্ হোতা"র উল্লেখ আছে। পঞ্চদেশের লোক কিম্বা পঞ্চশ্রেণীর লোক এই অর্থে 'পঞ্চজনা' কিম্বা 'পঞ্চকৃষ্টয়' ব্যবহৃত হইয়াছে।"—প্রবাসী, ১৩১০]।

কৃষিজীবী [কৃষি (চাস)—জীব্ (বাঁচা)+ইন্ (কর্ত্তৃ - ণিন) = জীবিন্ ১মা, ১ব] বিণ, যে কৃষিকর্ম্মদ্বারা জীবিকানির্ব্বাহ করে ; কৃষক ; কৃষীবল।

কৃষীবল (ল্) [কৃষি (চাস)+বল (অস্ত্যর্থে বলচ্) ষি = ষী] বিণ, যাহার কৃষিকর্ম্ম আছে ; কৃষক ; চাষা। প্র—"লুঠে নিল সরবস্ব, ক্ষেতের সুপক্ক শস্য দেখনা কিহে লাঙ্গলী কৃষী-বলগণ।"—গোবিন্দ।

কৃষ্ট [কৃষ্ (কর্ষণ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ যাহা কর্ষণ করা হইয়াছে ; কর্ষিত ; চষা ক্ষেত্র ; ২। আকৃষ্ট।

কৃষ্টপচ্য (কৃষ্‌টোপোচ্‌চো) [কৃষ্ট (চষা ক্ষেত) পচ্ (পাক করা) য (কর্ম্মে, সংজ্ঞার্থে—ক্যপ্) যাহা চষা ক্ষেতে পাক করা হইয়াছে বা উৎ-পাদন করা হইয়াছে] বিণ, কর্ষিত ক্ষেত্রজাত ধান্যাদি শস্য ; কৃষিজ।

কৃষ্টি [কৃষ্ (কর্ষণ করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, ভূমি কর্ষণ ; হাল চাস। ২। চাষ ; কৃষিকর্ম্ম। ৩। [কৃষ্+তিক্ (কর্ত্তৃ)] বি, পুং, বিধিজ্ঞ ; পণ্ডিত ; বিদ্বান্।

কৃষ্ণ (কৃষ্‌টঁ ; কৃষ্‌ন) [কৃষ্ (আকর্ষণ করা) +ন (কর্ত্তৃ—নক্) যিনি সকলকে আকর্ষণ করেন। গ্রা—কেষ্টো। অনাদরে কেষ্টা] বি, পুং, বিষ্ণুর অবতারবিশেষ ; যদুপতি। বৈষ্ণব সম্প্রদায়ের ইষ্ট-দেবতা। [বেদব্যাস, অর্জ্জুন, কাক, কোকিল, লৌহ এ সকল অর্থে সংস্কৃতভাষায় ব্যবহৃত হইয়াছে]। ২। নীলবর্ণ ; কালবর্ণ। ৩। বিণ, নীল ; কাল। প্র—কৃষ্ণতিল ; কৃষ্ণপক্ষ। স্ত্রী, **কৃষ্ণা**—দ্রৌপদী। ২। নীলীবৃক্ষ। ৩। দক্ষিণাপথের প্রসিদ্ধা নদী। ৪। কৃষ্ণবেণী। **কৃষ্ণকথা**—শ্রীকৃষ্ণ প্রচারিত ধর্ম্ম কথা। ২। কৃষ্ণ সম্বন্ধীয় কথা ; কৃষ্ণলীলা ; কৃষ্ণের চরিত্র-কথা। প্র—"কহ কহ কৃষ্ণকথা অমৃত সমান"। **কৃষ্ণপ্রাপ্তি**—মৃত্যু ; স্বর্গ বা বৈকুণ্ঠলাভ। **কৃষ্ণভজা**—কৃষ্ণের ভজনাকারী ; বৈষ্ণব (অসম্ভ্রমার্থে)। গ্রা—কেষ্টভজা।

কৃষ্ণক (কৃষ্‌টঁক্) [কৃষ্ণ+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, কৃষ্ণসর্ষপ ; কাল সরিষা।

কৃষ্ণকর্ম্মা (কৃষ্‌টঁকর্মা) [কৃষ্ণ (মলিন) হইয়াছে কর্ম্মন্ (কর্ম্ম) পাপাচার হেতু মলিন কর্ম্ম) যাহার, বহু] বিণ, যে পাপ কর্ম্ম করে ; পাপী ; দোষী। ২। কৃষ্ণে অর্থাৎ ভগবানে যাহার কর্ম্ম অর্পিত হইয়াছে [বিরল]।

কৃষ্ণকলি, কৃষ্ণকেলি (কৃষটেঁাকোলি) [কৃষ্ণের চূড়ার এবং কলিকার মত আকৃতি বলিয়া। এই পুষ্প ঠিক সন্ধ্যার সময় ফোটে অথবা এই ফুল ফুটিলেই সন্ধ্যাসমাগম বুঝা যায় সুতরাং লক্ষণায় ঐ নাম। অন্যনাম "সন্ধ্যামণি"] বি, শ্বেত, লোহিত ও পীতবর্ণের প্রসিদ্ধ পুষ্পবৃক্ষ ; mirabilis jalapa. ২। [প্রাদে। চৈতন্য মঙ্গল] কৃষ্ণকলি রঙ্গের কাপড়।

কৃষ্ণকাক (ক্) [কৃষ্ণ (ঘোরকৃষ্ণবর্ণ) যে কাক, কর্ম্মধা] বি, পুং, দাঁড়কাক।

কৃষ্ণকায় (য়্) [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ হইয়াছে কায় = কায়া, দেহ) যাহার, বহু] বিণ, পুং, যাহার দেহের বর্ণ কাল ; কৃষ্ণাঙ্গ। ২। বি, মহিষ।

কৃষ্ণচতুর্দ্দশী (কৃষ্‌টেঁাচোতুর্দেশী) [কৃষ্ণ (কৃষ্ণ পক্ষীয়) যে চতুর্দ্দশী, কর্ম্মধা] বি, পুং, কৃষ্ণ পক্ষীয় চতুর্দ্দশী তিথি।

কৃষ্ণচন্দন (কৃষ্‌টেঁাচন্‌দোন্) বি, পীতচন্দন ; হরিচন্দন।

কৃষ্ণচূড়া (কৃষ্‌টঁচুড়া) [গ্রা—কেষ্টচুঁড়ো। কৃষ্ণের চূড়াকৃতি হইতে] বি, প্রসিদ্ধ পুষ্পবৃক্ষ (ইহার ফুল লাল ও হলুদে রঙ্গের হয়) : the plant cæsalpina pulcherrima.

কৃষ্ণচূড়িকা (কৃষ্‌টঁচুড়িকা) বি, স্ত্রী, কুঁচ।

কৃষ্ণজীরক (কৃষ্‌টঁ জিরক্) [কৃষ্ণ (কাল বর্ণ) যে জীরক, কর্ম্মধা] বি, পুং, কালজিরা ; কেলেজিরে ; nigella sativa indica. তুল—হি, কলোঁজী।

কৃষ্ণঝাঁটি (কৃষ্‌টঁঝাঁটি) বি, নীলীবৃক্ষ।

কৃষ্ণদ্বৈপায়ন (কৃষ্‌টদ্বৈপায়ন) [কৃষ্ণ (কৃষ্ণ বর্ণ) যে দ্বৈপায়ন (দ্বীপ হইয়াছে অয়ন—আশ্রয়, বিশ্রাম স্থান যাহার) দ্বীপে জন্ম বশতঃ এই নাম] বি,পুং,বেদব্যাস ; ইনি পরাশরের ঔরসে মৎস্য-গন্ধাগর্ভে যমুনা-দ্বীপে জন্মগ্রহণ করেন। ইনি বেদবিভাগকর্ত্তা বেদান্ত পুরাণ ও মহাভারত-রচয়িতা ও শুকদেবের পিতা জৈমিনি, বৈশম্পায়নাদির গুরু।

কৃষ্ণপক্ষ [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ যে পক্ষ—কর্ম্মধা)] বি, পুং, যে পক্ষের রাত্রি কৃষ্ণবর্ণ থাকে ; মাসের যে ভাগে চন্দ্রের ক্ষয় হইতে থাকে ; প্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত।

কৃষ্ণবর্ত্মা (কৃষ্‌টবর্‌ত্তা) [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ—অন্ধকার) হইয়াছে বর্ত্ম (বর্ত্মন্—পথ) যৎ কর্ত্তৃক, বহু] বি, পুং, অগ্নি (প্রজ্বলিত হইলেই ধূমদ্বারা কৃষ্ণবর্ণ হয় বলিয়া এই নাম)। ২। রাহু। ৩। চিতের গাছ। ৪। বিণ, কৃষ্ণকর্ম্মা ; কুপথগামী।

কৃষ্ণমুগ (কৃষ্‌টমুগ্‌) [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ) যে মুগ (মুদ্গ) কর্ম্মধা] বি, পুং, কালমুগ ; যে মুগের আবরণ কাল।

কৃষ্ণলৌহ (কৃষ্‌ট—) [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ) যে লৌহ, কর্ম্মধা] বি, স্ত্রী, যে লৌহ অন্য লৌহকে আকর্ষণ করে ; অয়স্কান্তমণি।

কৃষ্ণশারিবা (কৃষ্‌ট—) বি, শ্যামালতা ; hemidesmus indicus.

কৃষ্ণশালি (কৃষ্‌ট—) বি, কাল হেমন্ত ধান্য।

কৃষ্ণশৃঙ্গ (কৃষ্‌টস্‌স্‌হংগো) [কৃষ্ণ (কাল) হইয়াছে শৃঙ্গ যাহার, বহু] বি, পুং, মহিষ।

কৃষ্ণসখ (কৃষ্‌টশখ) [কৃষ্ণের সখা, ৬তৎ, সখা=সখ] বি, পুং, অর্জ্জুন।

কৃষ্ণসর্প (কৃষ্‌টশর্‌পো) [কৃষ্ণ (কাল) সর্প] বি, কাল সাপ ; কেউটিয়া ; the black cobra.

কৃষ্ণসার (কৃষ্‌টশার্ [কৃষ্ণ (কাল) হইয়াছে সার (স্থিরাংশ—পৃষ্ঠদণ্ড) যাঁহার, বহু] বি, পুং, মৃগবিশেষ ; কালসার ; the indian antelope.

কৃষ্ণসারথি (কৃষ্‌টশারোথি) [কৃষ্ণ হইয়াছিলেন সারথি (রথচালক) যাহার, বহু] বি, পুং, অর্জ্জুন।

কৃষ্ণস্কন্ধ (কৃষ্‌টশ্‌কন্ধ) [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ) হইয়াছে স্কন্ধ যাহার, বহু] বি, পুং, তমালগাছ।

কৃষ্ণাগুরু (কৃষ্‌টাগুরু) [কৃষ্ণ যে অগুরু, কর্ম্মধা। হি—কালাগর] বি, পুং, কৃষ্ণচন্দন, কাল অগুরু।

কৃষ্ণাচল (কৃষ্‌টাচল্) [কৃষ্ণ যে অচল (পর্ব্বত) কর্ম্মধা] বি, পুং, রৈবতক পর্ব্বত। ২। কৃষ্ণাধিষ্ঠিত গিরি।

কৃষ্ণাজিন (কৃষ্‌টাজিন্) [কৃষ্ণের (কৃষ্ণ মৃগের) অজিন (চর্ম্ম)] বি, ক্লী, কৃষ্ণসার মৃগের চর্ম্ম।

কৃষ্ণাদিগণ (কৃষ্‌টাদিগন্) [বৈদ্যকে] বি, পিপ্পল্যাদিগণ (কৃষ্ণা, চিত্রক, বচ, বাসক, বিকসা, ঘন, গঙ্কিক, এলা, অতিবিষা, রেণুক, কটুত্রয়, যমানী, গোস্তনী, ব্যাঘ্রী, ভূনিম্ব, বিম্ব, চন্দন, বামনহাটী, শ্যামা, শিবা, ধাত্রী, স্থিরা, মূর্ব্বা, জীরক, সর্ষপ, হিঙ্গু, কণ্টকী, বিড়ঙ্গ)।

কৃষ্ণানন্দ (কৃষ্‌টানন্দো) বি, পুং, তন্ত্রশাস্ত্র—সংগ্রহকর্ত্তা ; তন্ত্রসার নিবন্ধকারক ; রাজা কৃষ্ণচন্দ্র রায়ের সময় (১৭১০—১৭৮৩) কৃষ্ণানন্দ সার্ব্বভৌম নামে এক মহাপণ্ডিত প্রাদুর্ভূত হইয়াছিলেন। তন্ত্রশাস্ত্রে তাঁহার অসাধারণ ব্যুৎপত্তি ছিল বলিয়া আগমবাগীশ নামে ইনি প্রসিদ্ধ ছিলেন। কথিত আছে ইনি কালীপূজা ও দীপাবলী প্রথা বঙ্গদেশে প্রচলিত করেন। ২। কৃষ্ণে প্রীতিযুক্ত।

কৃষ্ণাভা (কৃষ্‌টাভা) [কৃষ্ণ—আভা] বি, কাল ছটা। ২। কালাঞ্জনী ; কালকার্পাস বৃক্ষ।

কৃষ্ণাভ্র (কৃষ্‌টাব্‌ভ্রো) বি, কাল অভ্র ; নীলাভ্র।

কৃষ্ণামিষ (কৃষ্‌টামিষ্) [কৃষ্ণ (কাল) আমিষ (আমিষ গন্ধ বলিয়া)=লৌহ] বি, ক্লী, কৃষ্ণায়স ; চুম্বক লৌহ।

কৃষ্ণায়স (কৃষ্‌টায়শ্) [কৃষ্ণ (কৃষ্ণবর্ণ) যে অয়স (লৌহ) কর্ম্মধা] বি, ক্লী, চুম্বকলৌহ ; কৃষ্ণায়স।

কৃষ্ণালু (কৃষ্‌টালু) [কৃষ্ণ+আলু] বি, পুং আলুবিশেষ। ২। কেঁউগাছ।

কৃষ্ণাষ্টমী (কৃষ্‌টাষ্‌টোমি) [কৃষ্ণ (কৃষ্ণ পক্ষীয়) যে অষ্টমী, কর্ম্মধা] বি, স্ত্রী, ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমী ; শ্রীকৃষ্ণের জন্মতিথি।

কৃষ্ণেক্ষু (কৃষ্‌টেক্‌খু) [কৃষ্ণ (কাল) ইক্ষু] বি, পুং, কাজলা আক্।

কৃষ্য (কৃষ্‌ষ) [কৃষ্ (কর্ষণ করা) য (কর্ম্মে)] বিণ, কর্ষণোপযোগী।

কৢপ্ত (ক্লিপ্‌তো) [সং] বিণ, কল্পিত। ২। নির্ম্মিত ; রচিত। ৩। ধার্য্য। ৪। ছিন্ন। ৫। প্রত্যক্ষপ্রমাণযুক্ত। প্র—কৢপ্ত শ্রুতি চারিভাগে বিভক্ত। বি, কৢপ্তি।

কে [কিম্ শব্দজ] স, কেহ ; কোন ব্যক্তি। ২। [কিম্ শব্দ কর্ত্তৃকারকে ১মা, বহুবচনান্তরূপ] কাহারা ; (সংক্ষেপে) কারা। ৩। [ব্যাকরণে] কর্ম্মকারকের বিভক্তি রে, এরে, এ স্থলে কে। যথা,—হরিকে স্থলে হরিরে ইত্যাদি। ২য়া বিভক্তি "কে" স্থলে স্বার্থে "ক"ও হয়। প্র—"বিহিক ডারলি" —বি, প। ৭মী (কে=তে)। প্র—"গুরুকে দক্ষিণা দিয়া ঘরকে গমন" —কৃত্তিবাস। ব্রজভাষা ও প্রা, বৈ সাহিত্যে ২য়া বিভক্তি "কে" স্থলে "ক" এবং কর্ম্মকারকে দ্বিতীয়ায় "কে" স্থলে সপ্তমীর "ত" দৃষ্ট হয়। ৪। [গ্রাম্য প্রাদে, বর্দ্ধমান, বাঁকুড়া, বিষ্ণুপুর] প্রতি ; দিকে ; উদ্দেশে। যথা—ঘরকে যাই, জলকে যাব। প্র—"ছোট বউগো জলকে যা।" ৫। প্রতি ; প্রত্যেক। প্র—মণকে টাকা বাদ ; বছরকে একদিন। ৬। প্রা, বাং—দ্বারা অর্থে ৩য়া বিভক্তি চিহ্ন। প্র—"তিন পুখুরীর জল চাই গণ্ড ষেকে। সাত পুখুরীর জল চাই এক নিসাসেকে॥"—শূন্যপুরাণ।

কেঅট, কেয়ট (ক্যাওট্) [সং—কৈবর্ত্ত, প্রাক্—কেবট্ট, হি—কেবট্। গ্রা] বি, ধীবরজাতি। স্ত্রী, কেঅটনী।

কেঅরা (ক্যাওরা) [সং—কিরাত] বি, কিরাত (দ্রঃ) জাতি ; হিন্দুজাতিবিশেষ ; কাওরা। স্ত্রী, **কেঅরাণী**।

কেআ, কেয়া [সং—কেতক। হি—কেআ] বি, কেতকীকুসুম বৃক্ষ ; কেয়াফুলের গাছ।

কেআরী (কেয়ারি) [সং—কেদার—কেদারিকা] বি, কেয়ারী দ্রঃ।

কেউ [হি—কেহু, প্রা-বাং—কেহু] স, কেহ ; কোন ব্যক্তি। প্র—"ঢেউ দিওনা কেউ এ জলে বলে কিশোরী।"—হরুঠাকুর। ২। কেয়াফুল।

কেউটিয়া, কেউটে [কৃষ্ণ—প্রা—কেষ্‌টো তাহা হইতে—কেউটে] বি, কৃষ্ণবর্ণ তীক্ষ্ণ বিষধর সর্প ; কেউটে সাপ। ২। তৃণবিশেষ।

কেঁ [অনুকার শব্দ] বি, পক্ষীর আর্ত্তনাদ শব্দ।

কেঁউ [অনুকার শব্দ] বি, কেঁউ শব্দ। **কেঁউ কেঁউ**—কুকুরের ডাক। ২। [সং—কেমুক, হি—কেমুআ] উত্তরদেশজাত বৃক্ষবিশেষ ; কেঁউগাছ ; costus speciosus.

কেঁক (ক্যাঁক) বি, অনুকার শব্দ। স্বার্থে আঘাত পড়িলে তৎক্ষণাৎ তাহার প্রতিবাদ বা বিস্ময়প্রকাশ। **কেঁক কেঁক**—ঐরূপ ডাক। **কেঁকর কেঁকর**—ক্রমাগত ঐরূপ শব্দ। **কেঁক করে উঠা**—অপ্রীতিকর বিষয়ের তৎক্ষণাৎ প্রতিবাদ করা ; আক্রমণে উদ্যত হওয়া। তুল—ফোঁস্ করা। **কেঁক কেঁক করা**—গলার কর্কশ শব্দ করা। বিণ, **কেঁককেঁকিয়া, কেঁককেঁকে**—কর্কশ-কণ্ঠ। ক্রি, **কেঁককেকান।** বি, **কেঁককেঁকানি**—কেঁক কেঁক শব্দ।

কেঁচ (ক্যাঁচ্) বি, অনুকার শব্দ। কোন কোমল জলীয় বস্তুর উপর কঠিন বস্তুর আঘাত জাত শব্দ। ২। কচুর ন্যায় কোমল দ্রব্য এক

কোপে কাটার শব্দ। ক্রি. **কেঁচকেঁচান**। বি. **কেঁচকেঁচানি**। বিণ. **কেঁচকেঁচিয়া**. **কেঁচকেঁচে**—কেঁচকেঁচ শব্দকারী। ২। কাঁচা যাহা চিবাইলে কেঁচকেঁচ করে, কোমল বস্তুর ন্যায় চর্ব্বণকালে নিঃশব্দে মুখে মিলাইয়া যায় না।

কেঁচা [ক্যাচা] বি. বিঁধিবার মত সূক্ষ্মমুখ লৌহাগ্র ; শূল।

কেঁচে [গ্রা কাঁচা দ্রঃ] ক্রি. কাঁচিয়া। **কেঁচে গণ্ডূষ** (—গোন্ডুষ) [কাঁচা দ্রঃ। কাঁচিয়া—গ্রা—কেঁচে। আহারের প্রারম্ভেই গণ্ডূষ বিধি হইতে লক্ষণায় আরম্ভ] বি. পুনরায় আরম্ভ।

কেঁচুআ, কেঁচো [সং—কিঞ্চুলুক] বি. মহীলতা ; মাটির মধ্যস্থিত কৃমি ; কীটবিশেষ। ইহা কাল বা শাদা লম্বাকৃতি হয়। কাল কেঁচোকে চেমনা ও শাদাকে দুধে বলে। ২। কেঁচোর মত কৃশকায়। **কেঁচো খুঁড়তে সাপ বাহির হওয়া** [লক্ষণায়] সামান্য কারণ হইতে ব্যাপার গুরুতর আকার ধারণ করা।

কেঁড়ে [সং—কুণ্ড হইতে] বি. মৃৎপাত্রবিশেষ ; ভাঁড়। ২। [কাঁড়া দ্রঃ] ক্রি. অস. কাঁড়িয়া।

কেঁড়েলি [কাঁড়ান, কাঁড়ন দ্রঃ] ছাঁটা ছাঁটা কথা। ২। ছেলের মুখে বৃদ্ধের ন্যায় বচন ; অকালপক্কতা ; বৃথা বাহাদুরী। প্র—"বালকের কেঁড়েলি দেখিলে তাহাকে গুরুজনেরা চড়টা চাপড়টা দিয়া থাকেন।"—যোগেন্দ্র চট্টো (প্রবাসী ১৩১০)। ৩। কাঁড়া বা খোসা ছাড়ান ডাল (রাঢ় অঞ্চলে)। প্র—"এতক্ষণ কেঁড়েলির ডাল বার কর্ত্তে পাল্লি না" ওমা তুই কেঁড়েলি কচ্ছিলি ? * * এই বলিয়া ডালগুলি পরীক্ষা করিয়া বলিল হয়েছে।"—(যোগেন্দ্র চট্টো)। ৪। বিউলি।

কেঁদো [সং—স্কন্ধ ; কাঁধ+উআ (বিশিষ্টার্থে বা অস্ত্যর্থে)—কাঁধুয়া—কেঁধো ; হি—তেঁদুআ—উন্নত স্কন্ধ] বিণ. উন্নত স্কন্ধ। ২। [কুন্দ— কুঁদো (কাঠের গুড়ি—তাহা হইতে স্থূল)] অতিকায় ; স্থূলকায়। **কেঁদো বাঘ** [প্রাদে. বরিশাল] ক্ষুদ্র জাতীয় উন্নত স্কন্ধ ব্যাঘ্রবিশেষ ; হিন্দী ভাষায় তেঁদুআ। ২। [পশ্চিম ও দক্ষিণ বঙ্গে] অতিকায় বা স্থূলকায় ব্যাঘ্র ; Bengal tiger. প্র—"চারি পায়ে বান্ধিল ঘাঘর উরুমাল। পালান ভিড়িয়া বান্ধে কেঁদো বাঘছাল॥"
—কবিক।

কেঁয়ে [হি—কাঁইয়া] বি. সাধারণতঃ মাড়বারী জৈনগণ কেঁয়ে বা কেঁয়ে-মহাজন নামে বিখ্যাত। ২। [কাঁইয়াদের প্রকৃতি হইতে] বিণ. কলহকারী ; ঝগড়াটে। প্রঃ—"খেলায় দিগ্‌গজ কেঁয়ে চোরের সর্দ্দার।" —হেম। ৩। স্বার্থপর। ৪। কৃপণ। ৫। আপনার জেদ বজায়কারী ; জিদ্দী। **কেঁয়ে করা** (কাঁইয়া করা)—কোন খেলায় জিতিবার জন্য ব্যগ্র হইয়া সত্যের অপলাপ করা ; মিথ্যা জেদ করা।

কেকয় (য়্) বি. পুং. ভারতের উত্তর-পশ্চিমস্থ দেশবিশেষ ; পঞ্জাবের উত্তরপশ্চিমাংশ ; বিপাশা নদীর পশ্চিমতীরস্থিত পর্ব্বতময়দেশ। ২। সূর্য্যবংশীয় নৃপবিশেষ।

কেকয়ী, কৈকেয়ী [কেকয় (রাজা বিশেষ) +অ (অপত্যার্থে—অণ্) ঈপ্ স্ত্রী] বি. স্ত্রী. কেকয়রাজকন্যা ; দশরথ রাজার মধ্যমা পত্নী (মতান্তরে কনিষ্ঠা পত্নী) ও ভরতের মাতা।

কেকর (র্) [কে (মস্তকে) কর (যে করে—কৃ+অ, কর্ত্তৃ-অচ্) যে নেত্রদ্বয় মস্তকের দিকে অর্থাৎ উপর দিকে করে] বিণ. যাহার নেত্রদ্বয় উপর দিকে থাকে ; বক্রাক্ষি ; টেরা। ২। ক্লী. বক্রদৃষ্টি।

কেকরাক্ষ (কেকরাক্খ) [কেকর (টেরা) হইয়াছে অক্ষি (চক্ষুঃ) যাহার, বহু ; অক্ষি= অক্ষ] বিণ. টেরা-চোখ ; বক্রনয়ন।

কেকা [কে (অনুকরণ শব্দ)—কৈ (শব্দ করা)+অ (সংজ্ঞার্থে—ড) আপ্—স্ত্রী] বি. স্ত্রী. শিখিধ্বনি ; ময়ূরের ডাক। প্র—"নাশুনি শিখির কেকা শিখিনী কাঁদিছে একা"
—চন্দন (গোবিন্দ)।

কেকাবল (ল্) [কেকা (ময়ূর শব্দ)+বল (অস্ত্যর্থে-বলচ্)] বি. পুং. যে কেকারব করে ; ময়ূর।

কেকী [কেকা (ময়ূর শব্দ)+ইন্ (অস্ত্যর্থে) =কেকিন্ ১মা, ১ব] বি. পুং. কেকারবকারী ; ময়ূর ; শিখী।

কেঙনাই—কেননা দ্রঃ।

কেঙ্গেরু (ক্যাংগেরু) [ইং—Kangaroo] বি. অষ্ট্রেলিয়ার তৃণভোজী জন্তুবিশেষ। ইহাদের সামনের দু পা ছোট, পেছনের পা দুটি লম্বা, পেটের নীচে পেছনের দুই পায়ের মধ্যে এক চামড়ার থলী আছে। ইহাদের শাবক ঐ থলীতে বিশ্রাম করে, কোনরূপ ভয় পাইলে উক্ত থলিতে লুক্কায়িত হয়। ২। অষ্ট্রেলিয়াজাত গবাদি পশুর খাদ্য ঘাসবিশেষ।

কেচকেচ (ক্যাচ্ ক্যাচ্) [কিচকিচ দ্রঃ] বি. বচসা ; বাক্‌যুদ্ধ ; কলহ ; কচকচি। ক্রি. **কেচকেচান**। বি. **কেচকেচানি**। বিণ. **কেচকেচিয়া, কেচকেচে**। **কেচর কেচর**—ক্রমাগত কেচ কেচ করা। **কেচাকেচি**—পরস্পর বাক্‌যুদ্ধ ; বচসা

কেচুক বি. ক্লী. কচু।

কেচো [কাচিয়া—কাচ দ্রঃ] বিণ. ছদ্মবেশী ; কপট।

কেচ্ছা [আ—কিস্‌সা] বি. কাহিনী ; গল্প। প্র—"এ হেন হি মহাযজ্ঞে হইল বক্তৃতা শুরু ইংরাজের মহাকেচ্ছা ইংরেজী রেজ্জলসনে॥"
—দ্বিজেন্দ্র রায়।
২। [কদর্থে (সং—কুৎসা হইতে কুচ্ছা। ইহার সহিত কেচ্ছা শব্দের ভাব জড়িত হইয়া)] নিন্দাজনক কাহিনী ; কলঙ্কের কথা।

কেজুয়া, কেজো [কাজ+উ আ] বিণ. কার্য্য করিবার যোগ্য ; যাহারা কাজ করিতে পারে ; কার্য্যোপযুক্ত ; কার্য্যদক্ষ। ২। যাহাতে কাজ চলে ; প্রয়োজনীয় ; দরকারী।

কেটা [কে (দ্রঃ) টা (দম্ভে বা অবজ্ঞার্থে ব্যক্তিনির্দ্দিশেষে) পূ-বঙ্গে-কেডা] স. কোন্ জন ; কে। প্র—"নিমকহারাম বেটা, আজি বাঁচাইবে কেটা" —ভারত।

কেটে [গুটিকাটা—সংক্ষেপে কেটে] বি. খাটো তসর কাপড় ; কাটা তসরে নির্ম্মিত ওসারে খাটো কাপড়।

কেটো, ঠো [সং—কমঠ] বি. কচ্ছপ জাতীয় জন্তুবিশেষ। ২। কাষ্ঠাধারবিশেষ ; কাঠের খোরা ; কাঠের বাল্‌তি। ৩। নারিকেল মালা। ৪। [কাষ্ঠকুদ্দাল] নৌকার জল ছাঁচিবার কাঠের সেচনী।

কেট্‌লি, কেটলি [ইং— Kettle] বি. কটাহ ; রন্ধনপাত্রবিশেষ। ২। চা সিদ্ধ করিবার বা জল গরম করিবার লৌহপাত্র।

কেঠুয়া, কেঠো [কাষ্ঠ=কাঠ+ উ আ] বি. কাষ্ঠময় পাত্র। ২। কাঠের জল-সেচনী। ৩। কীটবিশেষ ; কেঠো পোকা ; এই পোকা আমের মধ্যে থাকে।

কেড়্‌কি—বি. ময়মনসিংহ অঞ্চলের কাপাস তুলা হইতে বিচি বাহির করিবার এক প্রকার কাঠের যন্ত্রবিশেষ।

কেড়ি [কীড়া শব্দের অপভ্রংশে] বি. কীট-বিশেষ ; কেড়ি পোকা ; ইহারা সঞ্চিত চাউল, গম নষ্ট করে।

কেণিকা (নি) [সৌত্র ধাতু—কিণ্ (আচ্ছাদন করা)+অক (করণে) যাহা দ্বারা অনাবৃত স্থান আচ্ছাদন করে] বি. স্ত্রী. কাণাৎ ; তাঁবুর আচ্ছাদন বস্ত্র ; তাঁবু।

কেন্নুই, কেন্নো [প্রাদে. সং—কর্ণকীট] বি. কীটবিশেষ ; কাণকোটারি।

কেতক (ক্) [সং] বি. পুং. কেয়াফুলের গাছ ও ফুল। স্ত্রী. **কেতকী**।

কেতন (ন্) [কিত্ (বাস করা)+অন (সংজ্ঞার্থে—অনট্)] বি. ক্লী. কেতু ; ধ্বজ ; পতাকা। প্র—"মকর-কেতন" "কপি-কেতন"।

২। চিহ্ন। ৩। [কর্ম্মে—অনট্] কর্ম্ম কৃত্য ; কার্য্য। ৪। [অধি—অনট্] স্থান। ৫। গৃহ ; নিকেতন। ৬। কুঞ্জ। প্র—"নিভৃত কেতন হয়ল চেতন"—বিদ্যাপতি।

কেতা [আ—কৃতা] বি, শৃঙ্খলা : বন্দোবস্ত। ২। কায়দা ; ধরণ। প্র—"বলিহারি যুবে-দারি সুসভ্য কেতায়"—হেম বন্দ্যো। ২। সাট ; গোছা। ৪। [ফা—কিতা] খণ্ড। প্র—নোটের কেতা।

কেতাব [আ—কিতাব্] বি, পুথী ; পুস্তক ; গ্রন্থ ; বই।

কেতাবকীট (ট্) বি, এক প্রকার শ্বেতবর্ণ ক্ষুদ্র কীট ; যাহারা কাগজ পত্র ও পুস্তকের মধ্যে থাকিয়া কাগজ কাটিয়া নষ্ট করে : পুস্তক নষ্টকারী কীটবিশেষ। ২। [কেতাব কীটের মত সর্ব্বদা পুস্তক লইয়া থাকে বা "বইয়ে-মুখে" থাকে বলিয়া] অক্লান্তপাঠক ; অনবরত যে পুস্তক পাঠ করে ; যে সর্ব্বদা বই লইয়া থাকে ও পাঠেই যে আনন্দ পায়।

কেতাবত—খত দ্রঃ।

কেতাবি, কেতাবী [কেতাব+ই (সম্বন্ধে)] বিণ, গ্রন্থের মধ্যেই প্রাপ্তব্য, বাস্তব জগতে বিরল। ২। কেতাবসম্বন্ধীয়। ৩। কেতাবের আকৃতি ৪। যাহার পড়া বিদ্যা আছে অর্থাৎ যে হাতে কলমে করে নাই ; unpractical. প্র—মক-দ্দমা করা কেতাবি লোকের কাম নয়।"
—টেকচাঁদ।

কেতু [চায়্ (=কে—পূজাকরা)+তুন্(কর্ম্মে)] বি, পুং, কেতুগ্রহ ; নবমগ্রহ। ২। ধ্বজ ; পতাকা। প্র—"কেতু ভঙ্গ হবেক তোমার যেই দিনে। ইহা শুনি চাহিয়া রহিল কেতু পানে।"—শিবায়ন। ৩। ধূমকেতু। ৪। উৎ-পাত চিহ্ন। ৫। চিহ্ন। ৬। রোগ। ৭। রিপু।

কেতুমান (ন্) [কেতু (চিহ্নাদি)+মৎ (অস্ত্যর্থে মতু=কেতুমৎ ১মা, ১ব)] বিণ, চিহ্ন বিশিষ্ট ; চিহ্নাদিযুক্ত। ২। প্রজ্ঞা-যুক্ত ; প্রজ্ঞ। ৩। বি, পুং, দিবোদাসবংশীয় রাজা-বিশেষ। ৪। প্রাসাদবিশেষ।

কেতুমাল (ল্) বি, ক্লী, বর্ষবিশেষ ; জম্বুদ্বীপের নব বর্ষের অন্যতম। স্ত্রী, কেতুমালা—অবন্তি-দেশস্থ নদী।

কেতুরত্ন (কেতুরৎনো) [কেতু+রত্ন (মণি) কেতু নামক যে রত্ন—কর্ম্মধা] বি, ক্লী, প্রবাল-জাতীয় মণিবিশেষ ; বৈদূর্য্যমণি।

কেদার (র্) [কে (জলে) দৃ (বিদারণ করা)+অ (কর্ম্মে, সংজ্ঞার্থে—ঘঞ্) জল যাহাকে বিদারণ করে] বি, পুং, সীমা চিহ্নিত ক্ষুদ্র ক্ষুদ্র ভূখণ্ড ; ক্ষেত্র ; জমি। ২। কৃষিক্ষেত্র ; ক্ষেত। প্র—"নীরদ অমৃত বর্ষে, কৃষিকুল মহাহর্ষে গীত গায় কেদারে কেদারে।"—কাবেরী। ৩। হিমালয়স্থ প্রসিদ্ধ শৈল শৃঙ্গ। ৪। কাশীর প্রসিদ্ধ শিব ; কেদারেশ্বর। প্র—ব্যোম কেদার। ৫। ক্ষেতের আল। ৬। উদ্যানে বৃক্ষাদির আল-বাল এই অর্থে গ্রা—কেয়ারী। **কেদার-নট**—কেদারা ও নট সংযোগে উৎপন্ন রাগ ; গ-ধ বর্জ্জিত স্বরগ্রাম। **কেদার শালি**—আমন ধান ; ষেটে ধান।

কেদারজ [কেদার (ক্ষেত্র)—জ (তাহাতে যে জন্মে] বিণ ; ক্ষেত্রোৎপন্ন। ২। বি, পুং, পদ্ম-কাষ্ঠ।

কেদারা, কেদেরা [পর্ত্তু—cathedra] বি, বেত্র ও কাষ্ঠ নির্ম্মিত উচ্চ আসনবিশেষ।

কেদারিকা [কেদার দ্রঃ] বি, স্ত্রী, ক্ষেত্র। ২। ক্ষেতের আলি ; ৩। [গ্রা, কেয়ারী] উদ্যানে বৃক্ষাদির আলবাল।

কেন (ক্যানো) [কিম্ শব্দের হেত্বর্থে তৃতীয়া বিভক্তির রূপ, "কেন কারণেন" কিম্বা তৃতীয়ান্ত কিম্ শব্দের স্বরূপ। হি—কোঁও ; ওড়ি—কাঁই] অ, কি কারণে ; কি হেতু ; কি জন্য ; কি নিমিত্ত। ২। আহ্বান বা ডাকের উত্তর ; ডাকের কারণ কি? প্রা—বাং—"কেনে" ও "কেনি"। মাইকেলও ব্যবহার করিয়া গিয়াছেন। প্র—"কেনে এত ফুল তুলিলি সজনি যতন করিয়ে ভরিয়ে ডালা"—ব্রজাঙ্গনা। প্র—"কতেক আছে বর, ভুবন মনোহর ইচ্ছিলে বুড়াবর কেনি।"—কবিকঙ্কণ।

কেন-না (ক্যানোনা) [হি—ক্যোঁও-কি] অ, কারণ ; যেহেতু। ২। [হি—ক্যোঁও—নহি। প্রা-বাং ক্যোঁও না=কেঙনা। প্র—"এই আগে দেখহ কেঙনাই নামে গ্রাম। * * কেঙ না আই শ্রীকৃষ্ণ দূতীরে পুছয়। এহেতু কেঙনাই এবে কোনাই কহয়।"—ব্রজ পরিক্রমা। পূ-বঙ্গে, কেন নাই=ক্যান্নাই: প্র—খাউক ক্যান নাই, খাউক ক্যান নাই। ২৪পরগণা অঞ্চলে—না কেন। আধু-বাং-তে খাউক না কেন, খাউক না কেন] কেন নয় ; কি জন্য নহে ; অবশ্য ; নিশ্চয়। প্র—যাবে না কেন ; খাবে না কেন (যাবে, খাবে এই অর্থে)।

কেনা [পা, কিন ধাতু হইতে—কিনা। তাহার উচ্চারণ বিকারে। কিনা দ্রঃ] ক্রি, ক্রয় করা। ২। বিণ, ক্রীত। প্র—কেনা দরে মাল বেচা। **কেনা দর**—যে মূল্যে জিনিষ পাওয়া যায়। **কেনা বেচা, বেচা কেনা**—ক্রয় বিক্রয় বা বিনিময় করা ; হাট বাজার করা। ৩। বি, পত্রশাক ; কেনী শাক।

কেনি [কেন দ্রঃ] প্রশ্ন : কেন ; কি জন্য। প্র—"সোণার নাতিনী এমন যে কেনি হইলা বাউরী পারা।"—চণ্ডীদাস।

কেনিপাত (ত্) [কে (জলে) নিপাত (যাহাকে ফেলান হয়)+নি—পত্ (পতন হওয়া)+অ (কর্ম্মে, সংজ্ঞার্থে—ঘঞ্)] বি, পুং, নৌকার হাইল ; ২। নৌকাদণ্ড বা দাঁড়।

কেন্দু, কেন্দুক, কেন্দুর (ক্, র্) [সং—তিন্দুক, কাকতিন্দুক (হি—কেন্দু, তেন্দু, মাকড়া কেঁদ] বি, তিন্দুক ; গাব ; মাকড়া কেঁদু ; disspyras glutinosa.

কেন্দ্র [সং] বি, পুং, পৃথিবীর উত্তর ও দক্ষিণ প্রান্ত ; মেরু। ২। [জ্যোতির্বিজ্ঞানে]। ৩। [জ্যোতিষে] লগ্ন ; লগ্ন হইতে সপ্তম, দশম ও চতুর্থ স্থান। সূর্য্য হইতে গ্রহ উপগ্রহাদির ব্যবধান। ৪। [জ্যামিতিতে] গোল বস্তুর মধ্যবিন্দু ; বৃত্তের আভ্যন্তরীণ যে বিন্দু হইতে পরিধি পর্য্যন্ত অঙ্কিত যাবতীয় সরল রেখা পরস্পর সমান ; centre. ৫। প্রধান ও মূল স্থান ; যাহা হইতে শাখা চতুর্দ্দিকে বিস্তৃত হয়। **কেন্দ্রবিমুখ বল**—যে বল দ্বারা বস্তু সকল কেন্দ্রাভিমুখ হইতে দূরবর্ত্তী হয়। **কেন্দ্র স্রোত**—মেরুর নিকট হইতে আগত স্রোত। **কেন্দ্রাতিগ** (গ্)—বিণ, কেন্দ্রবিমুখ ; centrifugal. **কেন্দ্রাতিগক্রিয়া**—centrifugal action. **কেন্দ্রাতিগাকর্ষণ**—centrifugal force. **কেন্দ্রাপসারিণী শক্তি**—যে শক্তি দ্বারা দ্রব্য সকল কেন্দ্র ত্যাগ করিয়া যায়। **কেন্দ্রাভিকর্ষণী শক্তি**—যে শক্তি প্রভাবে দ্রব্যসকল কেন্দ্রাভিমুখে যায়। **কেন্দ্রাভিমুখ বল**—যে বলে বস্তু সকল কেন্দ্রের অভিমুখী হয় ; centrefugal force.

কেন্ন, কেন্নাই (কেন্নো, ক্যান্নাই) [প্রাদে, পূ-বঙ্গ—ক্যারা ; হি—কনখজুর ; ইং—centipede] বি, কীটবিশেষ ; কর্ণকীট। প্র—"বামাকুল ভোজে প্রবৃত্ত হইলেন। কোন যুবতী বাম হস্তে বৃহৎ নতথানি ঈষৎ সরাইয়া প্রকাণ্ড অন্নপিণ্ড কবলিত করিতেছেন, কেহ বা কোন পুরুষ দৈবাৎ পরিবেষন স্থলে আসিবা মাত্র অবগুণ্ঠনাবৃত ও কেন্নাইয়ের ন্যায় গুটাইয়া যাইতেছেন ;"—মেজ বউ (শিবনাথ শাস্ত্রী)।

কেবট (ট্) বি, পুং, কূপ। ২। [কে অট দ্রঃ] ধীবর জাতি।

কেবর্ত্ত (কেবর্‌তো) [কৈবর্ত্ত দ্রঃ। কে (জলে) বর্ত্ত (যে বিদ্যমান থাকে)—বৃৎ (বিদ্যমান থাকা)+অ (কর্ত্তৃ-সংজ্ঞার্থে—অচ্)] বি, পুং, কৈবর্ত্ত ; জেলিয়া ; ধীবর। ২। জাতিবিশেষ।

কেবল (ল্) [সং। পূ-বঙ্গের গ্রা, উচ্চারণে ক্যাবোল্] বিণ, অদ্বিতীয় ; একমাত্র। প্র—এ সঙ্কটে কেবল ঈশ্বরই পরিত্রাতা। ২। অনন্য বিষয় ; আর কিছু নয়। প্র—

কেবল এই কথাই ত বলা হয়েছে। ৩। এই মাত্র ; সবেমাত্র ; এইক্ষণ। প্র—কেবল এসে পৌঁচেছে। ৪। ক্রমাগত ; নিরবচ্ছিন্ন। প্র—কেবল ঐ এক কথা। ৫। অমিশ্র : শুদ্ধ। ৬। শূন্য ; রিক্ত। ৭। সমগ্র : সমস্ত। ৮। ["কেবলো জ্ঞানভেদে"—মেদিনী] বি, তত্ত্বজ্ঞান। ৯। ["নির্ণীতে কেবলমিতি"—অমর] নির্ণয় ; অবধারণ ; নিশ্চয়। **কেবল জ্ঞানী**—শুদ্ধজ্ঞানবান্ ; তত্ত্বজ্ঞান সম্পন্ন। ২। বি, অর্হদ্বিশেষ। **কেবলহার** [ইং—cable]—কেব্‌ল্ আকৃতির কণ্ঠভূষণ।

কেমন (ক্যামোন্) [প্রাকৃ—কেমং ; সং—কস্মিন্=কহ্‌মিন্=কেমিন্ : বাং—কেমন ; প্রা-বাং—কিমিন ; কমুন] প্র—"না জানি কমুনপুণ্যে আসিয়াছি হেথা" —দুর্গা-মঙ্গল। ব্রজ—কেহন। প্র—"কেজান কেহন মন ভোলা"—বি, প (গুপ্ত)। কি প্রকার ; কিরূপ ; কিসের মত। ২। অবৈধ কার্য্যের উপযুক্ত শাস্তি বা পরিবর্ত্ত দেখিয়া বিদ্রূপাত্মক, তিরস্কারসূচক বা হর্ষসূচক প্রশ্ন। যেমন তেমনি ; যথোপযুক্ত। প্র—"কেমন হয়েছে, আর অমন কাজ করবে ?" ৩। কি সুন্দর ; বেশ। প্র—আজ কেমন মজা হবে, আমরা কেমন দেখতে যাব। ৪। একপ্রকার ; অনেকটা ; প্রায়। প্র—সে কেমন মিথ্যাবাদী হয়ে পড়েছে। কেমন জড়সড় হয়ে গেল। ৫। প্রাণ মন কেমন করা ; চিত্ত চঞ্চল হওয়া ; হৃদয় ব্যাকুল হওয়া ; মন না বসা ; মন উড়্ উড়্ করা। প্র—"যাই গো ওই বাজায় বাঁশী প্রাণ কেমন করে"—গিরিশ। ৬। সন্দেহ-জনক ; বড় ভাল নয়। প্র—তার ভাব গতিকে কেমন কেমন বোধ হচ্চে। ৭। এমন অপরি-বর্ত্তনীয় ; এরূপ বদ্ধমূল। প্র—কেমন যে তার স্বভাব, কিছুতেই আর যায় না। ৮। যেমন ; যেরূপ। (এই অর্থ পুষ্ট করিতে ই যুক্ত হয়)। প্র—যেমনই হোক না তাহার কিছুতে আর মন উঠে না।

কেমবিষ (ক্যাম্‌বিষ্) [ইং—canvas.] বি, শণের চট। ২। কাণাৎ ; পাইলের কাপড়। ৩। চিত্রপট।

কেমিকেল (ল্) [ইং—chemical ; বাং-তে chemical gold অর্থে ব্যবহৃত, chemicals অর্থাৎ "রাসায়নিক পদার্থ" অর্থে বিরল ব্যবহার] বি, নকল সোণা।

কেয়া [সং—কেতক—কেতকা ; হি—কেবড়া, কেআ] বি, প্রসিদ্ধ পুষ্প ; কেয়াফুল ; pandanus odoratissimus.

কেয়াকাঁদি (কাঁ) [কেয়া—কেতক এবং কাঁদি—কান্দি শব্দজ] বি, কেতকী পুষ্পের গুচ্ছ ; কেয়াফুলের ছড়া ; ফুলের গায়ে হাত দিলে ধূলার ন্যায় রেণুসমূহ উড়িয়া থাকে। প্র—"ঝাঁকড় মাকড় চুল নাহি আঁদি সাঁদি। হাত দিলে ধূলা উড়ে যেন কেয়া কাঁদি॥" —ভারতচন্দ্র।

কেয়াপাত (ত্) [সং—কেতকী-পত্র] বি, কেয়াফুল গাছের পাতা। ২। [প্রাদে] কেয়াপাতার আকার অলঙ্কারবিশেষ ; প্রাচীন বঙ্গে নারীদিগের কণ্ঠভূষণবিশেষ। প্র—"কেয়াপাতা গলায় গরব করে অতি।"—ঘনরাম।

কেয়াবাত, কেয়াবাৎ (ত্) [হি, কেয়া (কি) বাত (বার্ত্তা, কথা) ; তুল—কথা কি ; কথায় কাজ কি] অ, প্রশংসা-সূচক অব্যয় ; বাহবা ; বেশ। ২। প্রশংসাচ্ছলে বিদ্রূপ বা উপহাস। প্র—মাছ কাতুরে ভেকো হ'ল কেয়াবাৎ কেয়াবাৎ" —হেম বন্দ্যো।

কেয়ার (কে আর্) [ইং—care] বি, অব-ধান। ২। দৃষ্টি ; মনোযোগ ; ভ্রূক্ষেপ। যত্ন। প্র—তাহার শরীরের প্রতি কোনই কেয়ার নেই। ৩। গ্রাহ্য ; সমীহ। প্র—"তাতে বড় কাহাকেও করিত না কেয়ার"—দ্বিজেন্দ্র রায়। "আমরা করিনে কাউরে কেয়ার"—ঐ। ৪। তত্ত্বাবধান। প্র—ছেলেটিকে তাহার কেয়ারে রেখে গেল। ৫। ঠিকানায় ; নিকটে। প্র—চিঠিখানা কার কেয়ারে পাঠাইবে ? **কেয়ার না করা**—ক্রি, ভ্রূক্ষেপ না করা ; মনোযোগ না দেওয়া। ২। অগ্রাহ্য করা ; ভয় না করা ; সমীহ না করা। প্র—"তাতে বড় কাহাকেও করে না ক কেয়ার।"—দ্বিজেন্দ্র রায়।

কেয়ারী [সং-কেদারিকা] বি, কেদার দ্রঃ। উদ্যানে বৃক্ষাদির আলিবদ্ধ ক্ষেত্রখণ্ড ; ঐরূপ ফুলগাছের হইলে **"ফুলের কেয়ারী"** ক্রি, **কেয়ারী করা**। বিণ, **কেয়ারী করা**। **চুলের কেয়ারী**—মাথা সাজাইয়া কাটা, চুলের থাক। ২। টেরি।

কেয়াল (কেআলো) [কিয়াল দ্রঃ] বিণ, সিদ্ধ ; সম্পন্ন ; সমাপ্ত ; হাসিল। প্র—"মনে করিতেছে এতক্ষণের পর কর্ম্ম কেয়াল হইল"—টেকচাঁদ।

কেয়ূর (কেউর্) [কে (মস্তকে, বাহুভাগে) য়ু (যোগ করা) + উর (সংজ্ঞার্থে)] বি, ক্লী, কণুই অবধি বাহুর অলঙ্কার ; অঙ্গদ ; বাহু-ভূষণবিশেষ ; বাজু ; তাড়। প্র—"কেয়ূর শোভিত ভুজ সঘনে দোলায়।"—জ্ঞানদাস।

কেয়ূরবন্ধ (ন্) [কেয়ূর (অঙ্গদ) বন্ধ্ (বন্ধন করা) + অ (অধি—অল্)] বি, পুং, বাহুর যে স্থানে অঙ্গদ পরিধান করিতে হয় ; বাহু।

কেরবাল (কেরোআল্) [তুর্কী—করাব্‌ল্ ; হি—কিরাব্‌ল্] বি, যে সেনাদল যুদ্ধযাত্রার পথ পরিষ্কার করিবার জন্য অগ্রে গমন করে। ২। বন্দুকধারী : শিকারী। ৩। নৌকার হাল।

কেরল (ল্) বি, পুং, মালাবার দেশ ; ইহার উত্তরে সহ্য পর্ব্বত ও দক্ষিণে কন্যাকুমারী। ২। বিণ, কেরল-দেশবাসী, কেরলদেশে যাহারা বাস করে। স্ত্রী, **কেরলী**—"সজল জলদরুচি কেরলীর চুল"—দীনবন্ধু। ২। জ্যোতিষের একখানি গ্রন্থের নাম। ৩। [জ্যোতিষে] এক ঘণ্টা ; হোরা।

কেরয়াল (কেরোআল্) [প্রা-বাং। করবাল সদৃশ আকার হইতে। শূন্য পুরাণে—"সুনার নৌকা" "রূপার কেরয়াল"। সংক্ষেপে—কেরাল (কৃত্তিবাস)] বি, নৌকার হাইলের আকার দাঁড়। কেরোয়াল দ্রঃ।

কেরাঞ্চি (ক্যারানচি) [হি—কির্‌াঁচি, আ—কেরোচ হইতে] বি, দুই বা চার চাকার গরুর গাড়ি ; যাহাতে মালপত্র, শস্যাদির বোঝা বাহিত হয়। প্র—"কেহ চড়ে ঘুড়ি ফেটিন্ কেহ আপীস্‌যানে, কেরাঞ্চি কাহারো ভাগ্যে কারো বা ঠনঠনে।"—হেম বন্দ্যো। "কেরাঞ্চিতে ঠকচাচা প্রভৃতিকে লইয়া উঠিলেন"—টেকচাঁদ।

কেরাণী (ক্যারানি) [তুল—প্রা-বাং 'করি' (লেখক) শূন্য পুরাণ। ম—কর্ণিক, কারকুন। সং—করণ। কিন্তু "কেরাণী" শব্দ মুসলমান ভারতে য়ুরোপীয়দিগের আবির্ভাব কাল হইতে বাং-তে য়ুরোপীয়ান ও ফিরিঙ্গি অর্থে ব্যবহৃত ; পর্ত্ত escrevente শব্দের অপভ্রংশে "কিরনটা" "টী" তাহা হইতে কিরাণী, কেরাণী। *Doyle's* "early Europeans" নামক গ্রন্থে "cranny (clerk) শব্দ ব্যবহৃত হই-য়াছে] বি, ইংরেজী দপ্তরের কর্ম্মচারী ; লেখক। **কেরাণীখানা**—দপ্তরখানা ; কেরাণীদিগের কাজ করিবার স্থান ; অফিস। **কেরাণীগীরি**—কেরাণীর কাজ ; মসীবৃত্তি। **মাছিমারা কেরাণী**—কোন সময় এক দপ্তরে নকল করিবার কাগজের মধ্যে একটী শব্দের উপর মাছি মরিয়া লাগিয়াছিল। জনৈক নকলনবীশ ঐ চিঠি নকল করিবার কালে যথাস্থানে একটা মাছি মারিয়া রাখিয়া দেয়। তাহা হইতে—যে কেরাণী অর্থগ্রহ না করিয়া অথবা অর্থ সামঞ্জস্য না রাখিয়া যাহা দেখে ঠিক তাহার অনুরূপ নকল করে। পূর্ব্বে এরূপ কেরাণীর অভাব ছিল না।

কেরামত (ক্যারামৎ) [আ—করামৎ] বি, কর্ত্তৃত্ব। ২। দৈবশক্তি ; বিভূতি ; মহিমা ; প্রতাপ ; ক্ষমতা। প্র—"রামজীর কুদরতে মহিম হইল ক্ষতে, কেবল তোমারি কেরামত"। —ভারতচন্দ্র। "আমি দেখিয়াছি বামনের কেরামত"।—ঐ। "অন্নপূর্ণা নামে দেবী

তাঁহার চরণ সেবি কেরামত কামাল ইহার"—ঐ। ৩। বুজরুগী গুপ্তবিদ্যা ; ইন্দ্রজাল। প্র—ওতে কত কেরামত আছে সহজে কি ধরা যায়? ৪। বাহাদুরী। প্র—"লোকটার কেরামত দেখ।"

কেরায়া, কেরেয়া [আ—কিরায়া। তুল—সং—ক্রয়] বি, **কিরায়াদার**—ভাড়াটিয়া।

কেরাসিন (ক্যারাশিন্) [ইং—kerosine. গ্রা—কেরাচিন] বি, জ্বালাইবার উপযোগী খনিজ তৈলবিশেষ ; মাটির তেল।

কেরোয়াল (ল্) [কেরয়াল দ্রঃ। সংক্ষেপে **কেরাল, কেরুয়া**] বি, হাইলের আকার নৌকার দাঁড়। প্র—"হাতে কেরোয়াল বৈসে নায়ের গাবর।"—কবিক।

কের্দানি (ক্যার্দানি) [ফা—কার্দানি] বি, কৌশল ; কস্রত ; করতব। ২। বাহাদুরী।

কেল [সং—কেলি] বি, কেলি। প্র—"না বুঝসু কৈছন কেল"—বিদ্যাপতি। ২। [করিল—কইল—কৈল—কয়ল—কেল] ক্রি, করিল। প্র—"শ্যাম দরশ ধনী কেল"—বিদ্যাপতি।

কেলান (ক্যালানো) [হি—খিলানা = প্রস্ফুটিত করা ; প্রকাশ করা ; খোলা। গ্রা—অশিষ্ট] ক্রি, প্রকাশ করা ; আবরণ মুক্ত করা ; (তাহা হইতে) ছাল ছাড়ান। **দাঁতকেলান**—দাঁত বাহির করা ; দাঁত খিচান।

কেলাস (কেলাশ্) [ইং—class] বি, শ্রেণী। প্র—সে কোন্ কেলাসে পড়ে? ২। শ্রেণী ; থাক্। ৩। [সং] স্ফটিকমণি।

কেলি [কিল্ (ক্রীড়া করা) + ই (ভাবে)] বি, পুং, স্ত্রী, খেলা ; ক্রীড়া। ২। কান্তের সহিত কান্তার বিহার ক্রীড়ার নাম কেলি বিহার ; নর্ম্ম। ৩। কৌতুক ; পরিহাস ; হাসিতামাসা। স্ত্রী, **কেলি, কেলী**—পৃথিবী।

কেলিকদম্ব [দ্রুত উচ্চারণে **কেলকদম্ব**। কেলির (ক্রীড়ার) কদম্ব বৃক্ষ (সাঁওতাল-পরগণায় "খেল কদম্ব" ৬তৎ] বি, পুং, কদম্ব-বিশেষ ; নীপ ; কেলিবৃক্ষ (ধারা-কদম্ব ; adina cordifolia.

কেলিকলা [কেলি (কৌতুক) কল্ (শব্দ করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, সরস্বতীর বীণা ; কচ্ছপী। ২। কামকেলি ; রতিক্রীড়া।

কেলিকুঞ্চিকা [কেলি (কৌতুক) কুনচ্ (সঙ্কুচিত হওয়া, বক্র হওয়া) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—যে সলজ্জভাবে সম্ভ্রমের সহিত কৌতুক করে)] বি, স্ত্রী, শ্যালিকা ; স্ত্রীর ছোট ভগিনী।

কেলিগৃহ [কেলির গৃহ, ৬তৎ] বি, স্ত্রী, কৌতুকাগার ; ক্রীড়াগৃহ ; বিলাসভবন ; বিহারালয়।

কেলিভূমি [কেলির (ক্রীড়ার) ভূমি (স্থান) ৬তৎ] বি, স্ত্রী, বিহারভূমি ; ক্রীড়াস্থান। ২। [কেলি (পরিহাস) ভূমি (পাত্র) ৬তৎ] বিণ, পরিহাস পাত্র ; কৌতুকস্থানীয় ; যাহার সহিত হাস্য পরিহাস করা যায়। ৩। বিণ, স্ত্রী, পরিহাসের পাত্রী।

কেলিসচিব (কেলিশোচিব্) [কেলির সচিব (মন্ত্রী) ৬তৎ] বি, পুং, বিহার বিষয়ক পরামর্শদাতা ; বিদূষক।

কেলে [কালি—অনাদরে, কালিয়া, কালিয়ে, গ্রা—দ্রুত উচ্চারণে কেলে] বি, কালি। প্র—কেলে কোথা গেলি। ২। বিণ, কাল ; কৃষ্ণবর্ণ। প্র—কেলেজিরে ; কেলেহাঁড়ি।

কেলেঙ্কার (কেলেংকার্) [সং—কলঙ্ককর হইতে। গ্রা] বি, কলঙ্ককর ; নিন্দা ঘৃণা ও লজ্জাজনক। বি, কেলেঙ্কারি—নিন্দার কাজ ; ঢলাঢলি।

কেলেন (কেলেন্) [গ্রা-প্রাদে] বি,কেলেন গাই ; যে গাভীর প্রতি বৎসর না হইয়া বহুদিন অন্তর অন্তর বাছুর হয় ; যে গাই বছর বিউনি নয়।

কেলেসোণা, সোনা (কেলেশোনা) [কেলে (কাল, কৃষ্ণ)—সোণা (ধন রত্নার্থে)] বি, কৃষ্ণধন ; কালমাণিক ; কালাচাঁদ। প্র—"হায়! একি দায়। কেবল জঠরে যন্ত্রণা, দিলি কেলেসোণা, আমার ক্লেশ না হ'লো নিবারণ॥"—দাশরথি।

কেল্লা [আ—কিলা] বি, সৈন্য থাকিবার স্থান ; সেনানিবাস ; দুর্গ। প্র—"বুঁদির কেল্লা চিতোর হতে যোজন তিনেক দূর।"—কথা (রবি)। **কেল্লাফতে**—দুর্গজয়। ২। জয়লাভ ; কৃতকার্য্যতা বা সিদ্ধিলাভ। **কেল্লাফতে করা**—দুর্গজয় করা। ২। কোন কঠিন বিষয়ে কৃতকার্য্য হওয়া। **কেল্লা মাত করা**—দুর্গ এমন অবরোধ করিয়া বসা যাহাতে দুর্গস্বামী বাহির হইতে না পারিয়া পরাজয় স্বীকার করে। **কেল্লা মারা**—দুর্গজয় করা। ২। কৃতকার্য্য হওয়া।

কেশ (শ্) [কে (মস্তকে) শ (যে শয়ন অর্থাৎ অবস্থান করে—শী = শয়ন করা + অ, কর্ত্তৃ—ড সংজ্ঞার্থে)] বি, পুং, শিরোরুহ ; চুল। [দ্রঃ—কেশ—বরুণ (ক = জল + ঈশ), বিষ্ণু ও দৈত্যবিশেষ অর্থে বিরল ব্যবহার]। **কেশকর্ম্ম**—কেশসংস্কার ; বেণী বা কবরী রচনা। **কেশবিন্যাস**—চুল আঁচড়ান ; প্রসাধন। **কেশ মার্জ্জনা**—চুল ধোয়া ও আঁচড়ান। **কেশস্পর্শ করা**—(লক্ষণায়) সামান্যমাত্র অনিষ্ট করা। স্ত্রী, কেশী—শিখা ; টিকী।

কেশকলাপ (শ্, প্) [কেশের (চুলের) কলাপ (সমূহ) ৬তৎ] বি, পুং, কেশসমূহ ; কেশরাশি ; কেশপাশ।

কেশকার (শ্, র্) [কেশ—কৃ (করা) + অ (কর্ত্তৃ—অণ্) সংজ্ঞার্থে] বিণ, যে কেশের সংস্কারাদি কার্য্য করে ; কেশসংস্কারক ; কেশ বিন্যাসকারী। ২। বি, পুং, ইক্ষুবিশেষ।

কেশকারী (শ্) [কেশ (কেশরচনা) কারী (যে করে) কৃ (করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = কারিন্ ১মা, ১ব] বিণ, যে কেশ বন্ধনাদি কার্য্য করে ; কেশরচনাকারক ; কেশবিন্যাসী।

কেশকীট (শ, ট্) [কেশের কীট, ৬তৎ] বি, পুং, কেশে উৎপন্ন যে কীট ; উকুন।

কেশগর্ভক (শ্, ক্) [কেশ হইয়াছে গর্ভে (অভ্যন্তরে) যাহার, বহু] বি, পুং, কবরী-চুলের গুচ্ছ।

কেশগ্রহ [কেশের গ্রহ (গ্রহণ) ৬তৎ] বি, পুং, ক্লী, কেশগ্রহণ ; চুলে ধরা।

কেশগুচ্ছ (শ্) [কেশের—গুচ্ছ, ৬তৎ] বি, কেশদাম ; চুলের গোছা।

কেশঘ্ন (কেশোঘ্ন) [কেশ (চুল) ঘ্ন (যে নাশ করে) হন্ (নাশ করা) + অ (কর্ত্তৃ—টক্)] বি, ক্লী, কেশনাশক রোগ ; ইন্দ্রলুপ্ত ; টাক।

কেশতৈল (ল্) বি, কেশে মর্দ্দন করিবার তৈল (কেশরঞ্জন, কুন্তলীন, কুন্তলবৃষ্য, জবাকুসুম প্রভৃতি)।

কেশধর (র্) [কেশ (চুল) ধর (যে ধারণ করে) ধৃ (ধারণ করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, যে কেশ গ্রহণ করে ; কেশগ্রাহক ; কেশধারী।

কেশনিভ (শ্) [খনিজ ; পরিঃ] বি, আকরিক রেখা জাল ; খনিগর্ভস্থ কৈশিক রন্ধ্র পথ ; capillary.

কেশপক্ষ (কেশ্পোক্খো) [কেশের—পক্ষ (রাশি) ৬তৎ] বি, পুং, কেশপাশ ; চুলের গোছা।

কেশপাশ (শ্, শ্) [কেশের—পাশ (রাশি) ৬তৎ] বি, পুং, কেশগুচ্ছ ; কেশ-কলাপ ; কেশদাম ; চুলের গোছা। ২। ভূষিত কেশগুচ্ছ। প্র—"কেতকী কেশরে কেশপাশ কর সুরভি"—রবি।

কেশপাশী [কেশপাশ + ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, চূড়া ; শিখা।

কেশব (ব্) [ক (ব্রহ্মা)—অ (বিষ্ণু) ঈশ (শিব) ব (গমনার্থ বা ধাতুজ) অর্থাৎ ব্রহ্মা বিষ্ণু ও রুদ্র যাহার অধীন বা যাহার প্রভাব জানেন, কিম্বা কে (জলে) শব (শব তুল্য) অর্থাৎ প্রলয় জলধি জলে যিনি অনন্ত শয়নে শবাকারে ভাসমান ছিলেন] বি, পুং, বিষ্ণু।

বিষ্ণুর অবতার কৃষ্ণ। ২। [কে (জলে) শব] জলস্থিত মৃত দেহ [প্র-অ]। ৩। [কেশ (চুল) +ব (অস্ত্যর্থে)] বিণ, প্রশস্তকেশবিশিষ্ট।

কেশবপন (শ্, ন্) [কেশের বপন (ছেদন) ৬তৎ] বি, স্ত্রী, কেশ মুণ্ডন করা ; চুল ছেদন করা ; চুল কাটা।

কেশবাদিত্য-বি, পুং, কাশীস্থ আদিত্য-বিশেষ।

কেশবায়ুধ (ধ্) [কেশবের (বিষ্ণুর) আয়ুধ (অস্ত্র) ৬তৎ] বি, ক্লী, বিষ্ণুর অস্ত্র ; সুদর্শনচক্র।

কেশবিন্যাস (কেশ্‌বিনৃন্নাশ্) [কেশের বিন্যাস (রচনা) ৬তৎ] বি, পুং, কেশসংস্কার ; কেশরচনা ; কবরীবন্ধন ; চুলবান্ধা।

কেশবেশ (শ্, শ্) [কেশের বেশ (সজ্জা) ৬তৎ] বি, পুং, চুলের ভূষণ ; কবরী ; বেণী-বন্ধন ; খোঁপা। ২। চুলবাঁধা ও সাজ সজ্জা করা।

কেশমার্জ্জক (ক্) [কেশের মার্জ্জক (যাহা দ্বারা কেশ পরিষ্কার করে)—মৃজ্ =পরিষ্কার করা+অক, করণে—সংজ্ঞার্থে] বি, স্ত্রী, কেশবিন্যাস দ্রব্য ; কঙ্কতিকা ; চিরুণী।

কেশমার্জ্জন [কেশের মার্জ্জন। মৃজ্ (পরিষ্কার করা)+অন (করণে, সংজ্ঞার্থে—অনট্)] বি, পুং, চিরুণী। যাহা দ্বারা কেশের মার্জ্জনা করে। ২। [ভাবে—অনট্] কেশ-সংস্কার ; চুল আঁচড়ান।

কেশর, কেসর [কেশর্] বি, পুং, ক্লী, পুষ্পের মধ্যস্থিত কেশাকার নাড়ী। ফুলের পাপ্‌ড়ি মধ্যস্থ কেশাকার সূক্ষ্ম পদার্থ। ২। পুং, সিংহ বা অশ্বাদির স্কন্ধস্থ কেশ। ৩। নাগকেশর নামক গন্ধদ্রব্য। প্র—"কেশর, যাবক, কস্তুরী দ্রাবক, আনিল বেণার জড় ॥" —চণ্ডীদাস। ৪। বকুল ফুল। ৫। বকুল গাছ। ৬। পুন্নাগবৃক্ষ। ৭। হিঙ্গুবৃক্ষ।

কেশরচনা (শ্) বি, কেশবিন্যাস ; কবরী বন্ধন।

কেশরঞ্জন (শ্, ন্) বি, নীলঝিণ্টী, ভৃঙ্গরাজ ; ভীমরাজ। ২। কেশতৈলবিশেষ।

কেশরাগ (শ্, গ্) বি, ভৃঙ্গরাজ ; নীলঝিণ্টী।

কেশরাজ (শ্,জ্) বি, কেশরঞ্জন। ২। নীল-কৃষ্ণবর্ণ পক্ষীবিশেষ ; chibia hottentotta. ৩। শাকবিশেষ ; কেশুরে।

কেশরাম্র—বি, টাবানেবুর গাছ।

কেশরী, কেসরী (কেশোরি) [কেশর+ইন্(অস্ত্যর্থে)=কেশরিন্ ১মা, ১ব] বি, পুং, সিংহ। ২। অশ্ব ; ঘোড়া। ৩। বানর-বিশেষ। ৪। নাগকেশরবৃক্ষ। ৫। পুন্নাগ বৃক্ষ। ৬। [অন্ত শব্দের পরে থাকিলে] প্রধান। প্র—বীরেন্দ্রকেশরী।

কেশাকেশি [কেশ—কেশ+ই—মধ্যে আ আগম] ক্রি-বিণ, পরস্পর কেশ গ্রহণ পূর্ব্বক যুদ্ধ ; চুলাচুলি।

কেশান্ত [কেশের অন্ত (শেষ) ৬তৎ] বি, পুং, কেশকর্ত্তনরূপ সংস্কারবিশেষ। ২। কেশদাম ; কেশগুচ্ছ।

কেশাবমর্ষণ (ন্) [কেশের অবমর্ষণ (আকর্ষণ) ৬তৎ] বি, ক্লী, কেশাকর্ষণ। ২। কেশস্পর্শ।

কেশিনী (নি) [কেশিন্+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, দময়ন্তীর সখী। ইহার গর্ভে অসমঞ্জার জন্ম হয়। ২। সগর রাজার অন্যতমা পত্নী ; রাজা অসমঞ্জের জননী। ৩। জটামাংসী। ৪। বন্ধ্যা।

কেশিমথন (ন্) [কেশিন্=কেশী (অসুর) তাহার মথন (মর্দ্দক, বিনাশক)—যিনি কেশী দানবকে বধ করিয়াছেন] বি, পুং, বিষ্ণু ; কৃষ্ণ।

কেশিসূদন (কেশিশূদন্) [কেশিন্—সূদন (বিনাশক)] বি, বিষ্ণু ; কৃষ্ণ।

কেশিহা [কেশিন্ (অসুর) হন্ (বধ করা) +(কর্ত্তৃ) কিপ্ =কেশিহন্ ১মা, ১ব] বি,পুং, বিষ্ণু ; কেশিসূদন ; কৃষ্ণ।

কেশী [কেশ (চুল)+ইন্ (অস্ত্যর্থে)= কেশিন্ ১মা, ১ব] বিণ, প্রশস্ত কেশবিশিষ্ট : বহুল কেশযুক্ত। ২। বি, পুং, দৈত্যরাজ কংসের মল্ল। । বিষ্ণু। ৪। সিংহ।

কেশুর (র্) [সং-কশেরু] হি। কসেরু] বি, মুথা জাতীয় কন্দ তৃণ।

কেশে [কাশ—গ্রা উচ্চারণে] বি, কাশতৃণ।

কেশেল(ল্) [কাশীয়াল শব্দের দ্রুত উচ্চারণ। কাশী—আল—ওয়াল (হি—বাল, বালা ; তুল —আগরবাল্] বিণ, কাশীবাসী [বিরল]। ২। [নিন্দার্থে সাধারণতঃ ব্যবহৃত। পূর্ব্বে বহু চরিত্রহীন দুষ্ক্রিয়াম্বিত ব্যক্তি কলঙ্ক গোপনার্থ, সমাজ আদির শাসন হইতে অব্যাহতি লাভের জন্য অথবা তীর্থবাসে পরিত্রাণ প্রাপ্তির মানসে বঙ্গ দেশ হইতে আসিয়া কাশীবাস করিতে করিতে ঐ আখ্যা প্রাপ্ত হয়। কাশীর সজ্জন হইতে তাহাদের পৃথক পরিচয়ার্থ নিন্দা সূচক "কেশেল" শব্দের উৎপত্তি হয়। পরে এই শব্দ গালিতে পরিণত হইয়াছে] গালিবিশেষ ; যাহার জন্ম ও বংশঘটিত কোন কলঙ্ক আছে। যাহার চরিত্র বা বংশশুদ্ধি পক্ষে সন্দেহ আছে। প্র—"কাশীর কেশেল তব বেয়াই কি goose" —বিংশ শতাব্দীর বর (দেবেন্দ্র সেন) ?

কেস (স্) [ইং—case] বি, নালিশ ; মোকদ্দমা ; a law suit. ২। ঘটনা। ৩। রোগের অবস্থা। ৪। রোগী।

কেস্‌সা [কেচ্ছা দ্রঃ। আ—কিস্‌সা] বি, বিবরণ ; কাহিনী। ২। ইতিবৃত্ত।

কেহন, নি [ব্রজ। বৈ, পদ, সা। সং—কস্মিন্—প্রাকৃ, উচ্চারণে কেহ্‌মিন পরে হি-তে কেহন, কেহনি ; বাং-তে কেমন, কেমনি (প্রা-বাং কৈমনি) অথবা 'কিম্' হইতে কি ; এবং 'অনেন' হইতে হেন—কিহেন পরে বর্ণ বিপর্য্যয়ে কেহনি, কেহন] অ, কি প্রকার ; কিংবিধ ; কেমন। প্র—"কে জান কেহন মন ভোলা" —বিদ্যাপতি।

কেহু [হি—কেহ। প্রা-বাং, আধু-বাং—কেউ] কেহ ; কেউ। প্র—"কেহ করত কাহ কোর, জ্ঞানদাস কহত রাস, জৈছন জলদ বিজুরী জোর।" – জ্ঞানদাস। "শ্যামের মোহন গুণের কারণ লখিতে নারিবে কেহ।"—চণ্ডীদাস।

কৈ (কোই) [সং - কিম্ শব্দজ ক (কস্মিন অর্থে) শব্দের প্রাকৃ ; কই দ্রঃ] অ, ক্রি-বিণ, কুত্র ; কোথায়। ২। [হি-কই, কোউ (কশ্চিৎ অর্থে) কেহই ; কোন ব্যক্তি] প্র—"এহেন সম্পদ বনে পাঠাইতে তিলে কৈ না করে বাধা।"—চণ্ডীদাস।

কৈকয়ী [কৈকেয়ীও বলে। কেকয় (রাজা) +অ (অপত্যার্থে—অন্) = কৈকয়—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, কেকয়রাজসুতা ; ভরতের মাতা।

কৈকেয় [কেকয় (দেশ) +অ (অধিপতি অর্থে—অণ্)] বি, পুং, কেকয় দেশের রাজা ; কেকয় দেশাধিপতি।

কৈকেয়ী [কৈকেয়+ঈ (অপত্যার্থে)] বি, স্ত্রী, কেকয় রাজকন্যা ; কেকয়ী দ্রঃ।

কৈছন (ন্) [হি—কৈসন্। কৈছে দ্রঃ] বিণ, কিরূপ। ক্রি-বিণ, **কৈছনে**—কিরূপে ; কেমনে। প্র—"কৈছনে যায়ব যমুনা তীর।" —বিদ্যাপতি।

কৈছে, কৈসে [হি—কৈসে ; স=ছ। ব্রজ—বৈ, পদ, সা] কেমন করিয়া ; কিরূপে ; কি প্রকারে। প্র—"যখনে বসতি তার নয়নে দেখিয়া গো। যুবতী ধরম কৈছে রয়।"—চণ্ডীদাস। "সখীরে পুছহ কৈছে সুরতবিহার" —বিদ্যাপতি] ২। [কহিছে দ্রুত উচ্চারণে কইছে, কৈছে] ক্রি, কহিতেছে ; বলিতেছে ; কহে ; বলে।

কৈটভ [ভ্] [কীট (কর্ণমল) ভা (দীপ্তি পাওয়া, প্রকাশিত হওয়া) +অ(কর্ত্তৃ, সংজ্ঞার্থে ড—নিপাতনে) যে বিষ্ণুর কর্ণমল হইতে প্রকাশিত হইয়াছে] বি, পুং, বিষ্ণুর কর্ণমল সম্ভূত দানববিশেষ।

কৈটভজিৎ, কৈটভারি [কৈটভ (অসুর) জিৎ (যিনি জয় করিয়াছেন) উপপদ, অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, বিষ্ণু ; নারায়ণ।

কৈটভী—বি, স্ত্রী, কৈটভ বধের সময়ে আরাধ্যা-দেবী ; যোগনিদ্রা।

কৈতক (ক্) [কেতক+অ (সম্বন্ধার্থে—অণ্) বিণ. কেতকসম্বন্ধীয়।

কৈতব (ব্) [কিতব (বঞ্চক, জুয়াড়ি +অ (অণ্)] বি, ক্লী, কপটতা; ছল। প্র—"কলাবতি কৈতব ন করহ আজ।"—বি. প "সুন্দর শরীরে হয় কৈতবের বিন্দু।"—চণ্ডীদাস। ২। দ্যূতক্রীড়া; পাশক্রীড়া।

কৈতর (র্) ["কউতর"ও বলে। কবুতর শব্দজ] বি, পারাবত।

কৈদার (র্) [কেদার (ক্ষেত্র)+অ (সমূহার্থে—অণ্)] বি, ক্লী, ক্ষেত্রসমূহ। ২ বিণ, কেদারসম্বন্ধীয়।

কৈদারিক (ক্) [কেদার+ইক (সমূহার্থে—ইকণ্)] বি, ক্লী, কেদার দ্রঃ।

কৈনু [করিলাম—করিলাঙ—করিলুঁ—করিনু—কইলুঁ—কইনু—কৈনু—কনু। তুল—মারিলাম—মারিনু—মাইনু—মানু (শিবায়ন) ক্রি, করিলাম। প্র—"তৈল বিনা কৈনু স্নান করিনু উদকপান।" —কবিক।

কৈন্দ্রিক (ক্) [কেন্দ্র+ইক] বিণ, কেন্দ্রাভিমুখ; কেন্দ্রোপসর্পী; centripetal. কৈন্দ্রিকাকর্ষণ—কেন্দ্রাভিমুখ বল; centripetal force.

কৈফিয়ৎ [আ—কইফিয়ৎ] বি, বিস্তারিত বিবরণ; হিসাবনিকাশ। ২। কারণপ্রদর্শন জবাব। কৈফিয়ৎ কাটা [মহাজনী পরিভাষা] ক্রি, তহবিল মিলাইবার জন্য যে বাকী কাটিতে হয়; "নগদ টাকার বাকী (balance) ঠিক করাকে কৈফিয়ৎ কাটা বলে।"—মহাজনবন্ধু, ১৩১১।

কৈফিয়তী [আ—কৈফিয়ৎ দ্রঃ] বি, কৈফিয়ৎ সম্বন্ধীয়; যাহাতে কৈফিয়ৎ লেখা আছে। প্র—"কৈফিয়তী পাঁজিখানা নিল সাবধানে।" —কবিক।

কৈবর্ত্ত [কেবর্ত্ত+অ (স্বার্থে—অণ্)] বি, পুং, ধীবর; জেলে। ২। দাস। ৩। জাতিবিশেষ।

কৈবল্য (কৈবোল্লো) [কেবল+য (ভাবে) কেবলের ভাব অর্থাৎ আত্মার কেবলত্ব] বি, ক্লী, জ্ঞানীদিগের ক্রমশঃ নিখিল ব্রহ্মাণ্ডজ্ঞানের পর ব্রহ্মজ্ঞান হইয়া জ্ঞানানন্দময় পরমাত্মাতে বিলীন হওয়ার নাম কৈবল্য। ২। আত্যন্তিক দুঃখনিবৃত্তি। ৩। সংসার-মুক্তি; মোক্ষ। প্র—"শ্রীকবিকঙ্কণে গায় শুনিলে কৈবল্য পায়"—কবিক। ৪। ক্লী, বিড়ঙ্গ।

কৈমুতিক (ক্) [কিম্—উত=কিমুত+ইক (ইকণ্)] বি, ক্লী, ন্যায়-বিশেষ; যেখানে তাৎপর্য্য দ্বারা প্রকৃতার্থ বোধ হয় তথায় এই ন্যায় হয়। যখন এটা হইতে পারিয়াছে তখন ইহারই অবশ্যম্ভাবী ফল যে ফলিবে তাহাতে সন্দেহ কি?—এইরূপ ন্যায়।

কৈরব (ব্) [কে (জলে) রব যাহার—কেরব (হংস)+অ (শোভার্থে—অণ্)] বি, ক্লী, কুমুদ; শ্বেতপদ্ম। প্র—"ক্ষণেক কৈরবে বসে ক্ষণে মত্ত মধুরসে বিরহী জনার চিত্তশূল।"—কবিক। ২। পুং, কিতব ৩। রিপু; শত্রু। স্ত্রী, কৈরবী।

কৈরবিণী (কৈরোবিনি) [কৈরব (কুমুদ) +ইন্ (সমূহার্থে-ঈপ্, স্ত্রী)] বি, স্ত্রী, কুমুদিনী; কুমুদের ঝাড়।

কৈরবী (কৈরোবি) [কৈরব-ঈপ্, স্ত্রী] চন্দ্রকিরণ; জ্যোৎস্না। ২। মেথি।

কৈরলেয় [কেরল (দেশ)+এয় (অধিপতি অর্থে—এয়ণ্)] বি, পুং, কেরল দেশের রাজা।

কৈরাত (ত্) [কিরাত (ব্যাধ)+অণ্ (সম্বন্ধার্থে, তুল্যার্থে, জাতার্থে)] বিণ, কিরাত সদৃশ; ব্যাধতুল্য বলবান্। ২। কিরাত-সম্বন্ধীয়। ৩। কিরাত-দেশোৎপন্ন। ৪। বি, পুং, সম্বরচন্দন। ৫। ভূনি..

কৈল [করিল শব্দের প্রাকৃতরূপ; পদ্যে] ক্রি, করিল। প্র—"একাই ভুবনজয়ী স্মর অতি খল। তনুহীন কৈল তারে না হরিল বল॥" "কৈল ব্রত গিরিসুতা তিন উপবাস।"—কবিক

কৈলা [প্রাদে] বি, গোবৎস; বাছুর কইলা দ্রঃ। ২। [পদ্যে] ক্রি—করিলা। প্র—"অবনীর অজ্ঞান-তিমির কৈলা নাশ।" —শিবায়ন। "যুক্তি কৈলা মুনীর খাঁ'র সনে" —কবিক।

কৈলাস (শ্) [কেলি+অ (সমূহার্থে, অণ্)= কৈল (ক্রীড়াসমূহ)—সুখ, তাহার আস (আবাসভূমি) ৬তৎ; অথবা কেলাস্ (স্ফটিক) বর্ণ বিশিষ্ট বলিয়া] বি, পুং, শিবের বাস স্থান; কৈলাসপর্ব্বত। ইহা হিমালয়ের উত্তরে তিব্বতদেশে অবস্থিত।

কৈলাসনাথ [কৈলাসপর্ব্বতের] নাথ (প্রভু) শিব। ২। কুবের।

কৈশিক (ক্) [কেশ+ইক (সম্বন্ধার্থে-ইকণ্)=কৈশিক] বিণ, কেশসম্বন্ধীয়। ২। [কেশ+ইক (সমূহার্থে)] বি, ক্লী, কেশসমূহ; কেশপাশ। ৩। পুং, আদি রস বা শৃঙ্গার রস। ৪। রাজা-বিশেষ। স্ত্রী—কৈশিকী—নাটকের প্রসিদ্ধ রচনাবিশেষ; কৈশিকীবৃত্তি।

কৈশিকতা [রাসাঃ পরিঃ। কৈশিক+তা (ভাবে)] কেশের মত অতি সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট নলে যে প্রক্রিয়া দৃষ্ট হয়।

কৈশিকাকর্ষণ (ন্) [রাসাঃ পরিঃ] বি, যে শক্তি দ্বারা সূক্ষ্ম ছিদ্রবিশিষ্ট নলে জলাদি ঊর্দ্ধ দিকে উঠে।

কৈশিকানাড়ী [কৈশিকা (কেশতুল্য) সূক্ষ্ম যে নাড়ী] বি, চুলের মত অতি সূক্ষ্মনাড়ী (এই নাড়ী প্রবাহিত হইয়া রক্ত সঞ্চালিত হয়)।

কৈশিকাবনতি [রাসাঃ পরিঃ। কৈশিক (নল) তাহার মধ্যে যে অবনতি] বি, নলের মধ্যে কোন তরল পদার্থের অবনতি।

কৈশিকোন্নতি [রাসাঃ পরি। কৈশিক (নল) তন্মধ্যে উন্নতি] নলের মধ্যে কোন তরল পদার্থের উন্নতি।

কৈশোর (র্) [কিশোর (বালক)+অ (ভাবে—অণ্)] বি, ক্লী, বালকভাব; বাল্যদশা; নবীন বয়স; বাল্যাবস্থা। দশ বৎসর হইতে পনর বৎসর পর্য্যন্ত কিশোর দশা বলে।

কৈশ্য (শৈ্শ) [কেশ+য (সমূহার্থে—ষণ্)] বি, ক্লী, কেশরাশি; কেশসমূহ।

কো [সং—কূপ, হি—কুআ, গ্রা] বি, কূপ; পাৎকো (দ্রঃ)। ২। [হি—কোহর্] কুয়াসা; কুজ্ঝটিকা। ৩। [কোষ-সংক্ষেপে] অণ্ড; বীজ; গুটী।

কো [প্রাদে] অ, বিরক্তিব্যঞ্জক অব্যয়। প্র—"ঘরের কর্ত্রী রুক্ষমূর্ত্তি বলে—আর পারিনাকো" —চয়নিকা। ২। [প্রশ্নে] নিশ্চয়ার্থক অব্যয়। প্র—"তবে তুমি কি সজনি জাগিবে নাকো?" —রবীন্দ্র।

কো [হি। সং—কিম্ শব্দজ] স, কোন্ জন্; কে। প্র—"কি কহব রে সখি কানুক রূপ। কো পতিয়ায়ব স্বপন স্বরূপ॥"—বিদ্যাপতি। ২। কেহ; কোন জন। প্র—"কো কহে বালা কো কহে তরুণী।"—বিদ্যাপতি। ৩। [হিন্দীর অনুকরণে প্রা-বাং-য়] ২য়া বাচক প্রত্যয়। প্র—"কুচ কাঁচলকো"—বিদ্যাপতি।

কোআ, কোয়া [সং, কোষ—কোষা প্রাকৃ] বি, কোষ; বীজ। প্র—কাঁঠাল কোয়া। ২। গুটী। ৩। [কূপ হইতে কুয়া, কোয়া, কো] কূপ। কোয়া-জ্বর [কোয়া-জ্বর দ্রঃ] কোষ-জ্বর; অণ্ডস্ফীতি হেতু জ্বর।

কোই [হি-ব্রজ] স, কেহ। প্র—"হরি হরি পীরিতি করয়ে জনি কোই"—বিদ্যাপতি। প্র—"নাচত গায়ত কোই, কোই বাওত, বিলসিতে বিগলিত বেশ।" —জ্ঞানদাস। ২। কাহাকেও। প্র—"আন যুবতী কোই না করবি কোর" —বি, প। ৩। কোন্। প্র—"যব কোই —বি, প।

কোইলী [পুং—কোইল। সং—কোকিল (দ্রঃ) প্রাকৃ—কোইল, কোয়েল (পূ-বঙ্গে)। স্ত্রী—কোইলা, কোয়েলা; মৈ—কোইলী] বি, স্ত্রী, স্ত্রী-কোকিল; কোকিলা। দ্রঃ—সুস্বরের ও ঝঙ্কারের জন্য কোকিল প্রসিদ্ধ কিন্তু কোকিলার কণ্ঠে সুস্বরও নাই ঝঙ্কারও নাই। সং-তে কোকিল-কূজিত কুঞ্জকুটীরে" প্রভৃতি পাওয়া যায় কিন্তু বাং-কবিতায় ও গানে 'কোকিলা'র কুহরব, কূজন, গুঞ্জন, ঝঙ্কার প্রভৃতির ভূরি প্রচলন। মৈ, কবি বিদ্যাপতির

কাব্যেও দেখা যায় ;—"কোইলী পঞ্চম রাগে রমণ শুন সুমরাঞো কুসলে আওত মোর নাহ লো।" —বিদ্যাপতি (গুপ্ত)।

কোঁ—অনুকার শব্দ। **কোঁক্**—হঠাৎ আঘাত পাইলে বায়ুতে স্ফীত কোন বস্তু হইতে ঐরূপ শব্দ হয়। ফাঁপা বলিয়া রবারের ফুটবলে পদাঘাত (kick) করিলে কোঁক্ করিয়া শব্দ হয়। ২। কুঁকড়ার ডাক। **কোঁ-কোঁ করা**—ঐরূপ শব্দ করা। ২। অত্যন্ত শীতবোধ হইলে কম্পের সহিত ঐরূপ শব্দ করা। ৩। শীতে কাঁপা। প্র—শীতে কোঁ-কোঁ করা। ৪। অত্যন্ত ক্ষুধা পাইলে শূন্য উদরের মধ্যে ঐরূপ ডাক বা সাড়া হওয়া। প্র—খিদেয় তাহার পেট কোঁ কোঁ করিতেছে।

কোঁকোর-কোঁ (অনুকার শব্দ) কুক্কুটের বা কুঁকড়ার ডাক। ঐরূপ ডাকের জন্যই এই নাম। ২। ভয় বা কম্পজনিত মুখশব্দ। প্র—"শেষে সামাল দিতি নারবা ডিঙ্গা করবে বুড়া কোঁকোর-কোঁ"—দীনবন্ধু মিত্র।

কোঁক, খ (ক্, খ্) [সং—কুক্ষি] বি, উদর ; পেট। প্র—"দশ মাস দশ দিন ধরেছিনু কোঁখে"—ধর্ম্মমঙ্গল (মাণিক)। ২। ক্রোড় ; অঙ্ক। ৩। [(কোঁক্) অনুকার শব্দ (কোঁ দ্রঃ)] হঠাৎ গিলিবার শব্দ।

কোঁকড়, কোঁকড়া [সং—কুঞ্চিত] বিণ, কুটিল ; কুঞ্চিত ; তোবড়া।

কোঁকড়ান (কোঁক্ড়ানো) [সং—কুঞ্চন] বিণ, কুটিল ; কুঞ্চিত হওন ; বক্র হওন। ২। ক্রি, কুঞ্চিত করা ; গুটান।

কোঁকান (কোঁকানো) [সং—কুন্থন] ক্রি, কোঁথান ; অব্যক্ত ক্রন্দন করা ; কোঁ কোঁ করা।

কোঁকাল্য [কোঁকান দ্রঃ] কোঁক+আল্য =আলিয়া] বিণ, যে কোঁ কোঁ করে ; কুকুরের ছানার মত কুঁ কুঁ বা কুঁই কুঁই শব্দকারী। প্র—"কোঁকাল্য কুরও যেন কুকুরের ছাঁ" —শিবায়ন।

কোঁচ (চ্) [সং—কুন্ত (সূক্ষ্মমুখ লৌহাগ্র)। গ্রা—কোঁচ] বি, মৎস্যবেধনাস্ত্রবিশেষ ; ইহা ৮ হইতে ১৬টা বাঁশের শলা দ্বারা নির্ম্মিত হয় এই সকল শলাকার অগ্রভাগে সুতীক্ষ্ণ লৌহ-ফলক যুক্ত থাকে ; কোঁচা।

কোঁচ (চ্) [কোচ দ্রঃ] বি, জাতিবিশেষ : কুচবিহারের লোক। প্র—"কোঁচের নগরে হর করিয়া প্রবেশ। ধরিলা মন্মথ-অরি মন্মথের বেশ॥"— শিবায়ন। "সিঙ্গা ডাকে দ্রুত আয়, আয় কোঁচবধূ॥" ঐ। স্ত্রী, **কোঁচনী** [কুঁচনী দ্রঃ] কোঁচনারী ; কোঁচবধূ। প্র—"বিকল হইয়া ছুটে সকল কোঁচনী। শিব এল শিব এলো হৈল মহাধ্বনি॥" —শিবায়ন।

কোঁচ (চ্) [সং—ক্রৌঞ্চ] বি, কোঁচ-বক ; কোঁচন দ্রঃ।

কোঁচকান (কোঁচ্কানো) [সং—কুঞ্চন] ক্রি, কোঁকড়ান ; কুঞ্চিত হওয়া।

কোঁচড় (কোঁচোড়) [ক্রোড় শব্দজ] বি, ক্রোড়দেশস্থ বস্ত্রাংশ দ্বারা থলির আকারে পরিণত করিলে উহাকে কোঁচড় বলে ; টোপর। ২। ক্রোড়দেশস্থ বস্ত্রাংশ। ৩। [মেয়েলী ভাষায়] কোল। ৪। বহু সন্তানের মাতার উদর (বহুবার গর্ভধারণ ও প্রসবহেতু উদরের মাংস শিথিল হয় বলিয়া)।

কোঁচন (কোঁচোন্) [সং—কুঞ্চন। সঙ্কোচ বাচক কুচ্ ধাতুজ] বি, বস্ত্রাদির ভাঁজ ; সঙ্কোচন ; চুনট।

কোঁচা [কোঁচড় দ্রঃ ; কচ্ছ দ্রঃ] বি, বস্ত্রের কুঞ্চিত অগ্রভাগ। প্র—"ফোঁটা কাটা মহাদম্ভ, ছিঁড়া ধুতি কোঁচা লম্ব শ্রবণে কলম খরশাণ।"—কবিক। **কোঁচা দোলাইয়া বেড়ান**—দায়িত্বজ্ঞান শূন্য হইয়া আলস্যে দিন কাটান। **বাহিরে কোঁচার পত্তন ভিতরে ছুঁচার কীর্ত্তন** [প্রবাদ] গৃহে অর্থাভাবে কলহ কচ্‌কচি, কিন্তু গৃহের বাহিরে স্বচ্ছলতা নিদর্শক লম্বা কোঁচা ঝুলান, অর্থাৎ প্রমাণ কাপড় পরিধান করিয়া বাবুগিরি দেখান (খাটো কাপড় অনাটনের লক্ষণ)। **লম্বা কোঁচা**—স্বচ্ছলতার নিদর্শন।

কোঁচান [সং—কুঞ্চন] বিণ, কুঞ্চিত। প্র—"কোঁচান চাদর বাঁধা কালো কুর্ত্তি গায়ে।" —দ্বিজেন্দ্র রায়।

কোঁড়, কোঁড়ক (কোঁড়োক্) [সং—অঙ্কুর—আঁকোড়—কোঁড়। কোরক—কোড়ক। ওড়ি—করড়ি] বি, ছত্র ; ভুঁই ছাতা। ২। নব উদ্গত বংশ।

কোঁড়া [কোঁড় দ্রঃ] বি, বংশাদির নব অঙ্কুর ; প্র—"কাল করেছে হৃদে বাস বাড়চে যেন শালের কোঁড়া।"—রাম প্রসাদ। ২। বেত্র ; চাবুক। ৩। দীর্ঘ বংশ দণ্ড ; বাঁশের কোঁড়া।

কোঁৎ, কোঁত (ত্) [সং—কুন্থ (ক্লেশ-দ্যোতনে)] বি, মলাদি ত্যাগ করণের বেগ ; বেগ। ২। কাতরতাপ্রকাশকধ্বনি। ৩। চর্ব্বণ না করিয়া মুখে দিবামাত্র গলাধঃকরণ শব্দ। ক্রি, **কোঁতান। কোঁৎ কোঁৎ**—কোঁৎ দ্রঃ বারংবার ও ব্যস্ততা অর্থে দ্বিত্ব। প্র—সে এক পাথর ভাত কোঁৎ কোঁৎ করিয়া গিলিল। **কোঁৎ দেওয়া, কোঁৎ পাড়া, কোঁৎ মারা**—বেগ দিয়া মল মূত্রাদি ত্যাগের চেষ্টা করা। ২। যাতনায় গোঙান ; ক্লেশ প্রকাশ করা। প্র—"ছড় নাহি গেল শূলে গড় করি ছাড়ে। কর দিয়া কাঁকলে কামিলা কোঁৎ-পাড়ে॥"—শিবায়ন।

কোঁৎকা [ফা—কূতক (মুষল)] বি, মুদ্গর ; মুষল ; মোটা লাঠি। প্র—"এখন পালাও রঙ্গ দেখে শুনে হোঁৎকা দলের কোঁৎকা খেয়ে।"—কাব্যবিশারদ। "সিন্নি খেয়ে এগিয়ে কেন কোঁৎকা দেখে পেছোয় প্রাণ"—অমর দত্ত। ক্রি, **কোঁৎকান**—যষ্টি প্রহার করা।

কোঁতান, কোঁথান (নো) [সং—কুন্থন] বি, কষ্টে আর্ত্তনাদকরণ। ২। যন্ত্রণায় কোঁৎ পাড়া ; কাতরতা প্রকাশ করা।

কোঁদল (কোঁদোল্) [কুন্দল দ্রঃ] বি, বিবাদ ; ঝগড়া। প্র—"কোঁদলে ঝড়ের আগে কথায় তুফান"—হেম বন্দ্যো। বি, কোঁদলিয়া ; কুঁদুলে। স্ত্রী, কুঁদুলী।

কোঁদা [হি—কুদনা] ক্রি, লাফান। প্র—নাচা কোঁদা। ২। ভ্রমিযন্ত্র বা ভ্রমর দ্বারা গোল করা।

কোঁয়াজ্বর, কোআজ্বর (কোঁআজ্‌জর্) [কোষ—কোয়া—কোঁয়া (অণ্ড) + জ্বর। গ্রা, কথ্য ভাষায় এখনও চলিত] বি, কোষজ্বর ; বাতশিরা জ্বর ; অণ্ডস্ফীতিজনিত জ্বর। প্র—"আর যুবতি বলে সই মোর গোদাপতি। কোঁয়া জ্বরের ঔষধ সদাই পাব কতি॥" —কবিক।

কোঁস্তা [কাশ বা কুশ তৃণ হইতে] বি, তৃণ-নির্ম্মিত মার্জ্জনীবিশেষ ; ঝাঁটা ; ঝাড়ন।

কোক (ক্) [ইং—coke ("not before 17th century, সুতরাং ইং-তে কোথা হইতে আসিল?) তুল—সং—কোকিল-জ্বলন্ত অঙ্গার] বি, কোক কয়লা ; বিশেষ নিয়মে পোড়ান পাথুরে কয়লা।

কোক (ক্) [কণ্ঠরব হইতে] বি, পুং, চক্রবাক। প্র—কোকবন্ধু (দ্রঃ)। ভেক। ২। [তুল—তেলুগু—কোকা (কুকুর)] বৃক ; নেকড়িয়া বাঘ ; বন্য কুকুর। প্র—"সমরে পড়িল ব্যাঘ্র হেন বড় শোক। রাজস্থানে বার্ত্তা দিতে চলিলেক কোক।"—কবিক। "দূর কর নিজ শোক, শার্দ্দূল ভল্লুক কোক, বরাহ গণ্ডার মহাবীর।"—কবিক। ৩। জ্যেষ্ঠী। ৪। খর্জ্জুর বৃক্ষ।

কোকড় (ড্) [হি—কাকড় বলে] বি, পুং, স্ত্রী, ক্ষুদ্র জাতীয় মৃগবিশেষ।

কোকনদ (কোকোনদ্) [কোক (চক্রবাক) নদ্ + ণিচ্ = নাদি (শব্দ করান) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্) চক্রবাককে যে চক্রবাকীর ভ্রম জন্মাইয়া শব্দ করায়। রাত্রিতে চক্রবাকের বিরহ দশা কবিকালপ্রসিদ্ধ, রক্তোৎপল দর্শনে কোক (চক্রবাক) মনে করে এই বুঝি আমার প্রিয়া আসিতেছে এই উৎসাহে—নদ (শব্দ করে) এই অর্থ করিয়াই রক্তোৎপলের নাম কোকনদ] বি, রক্তোৎপল। ২। রাঙ্গা সুঁদী।

কোকনদচ্ছবি (কোকোনদছ্‌ছোবি) [কোকনদের (রক্তপদ্মের) ছবি (দীপ্তি=কান্তি) ৬তৎ] বি, পুং, রক্তবর্ণ ; লাল রং। ২। [কোকনদের ন্যায় ছবি (কান্তি) যাহার, বহু] বিণ, রক্তবর্ণ বিশিষ্ট।

কোকবন্ধু (বো) [কোকের (চক্রবাকের বন্ধু (মিত্র) ৬তৎ] বি, পুং, দিননাথ ; সূর্য্য ; দিবাকর (সূর্য্যের উদয়ে চক্রবাক ও চক্রবাকীর মিলন হয় বলিয়া এই কবি-প্রয়োগ)।

কোকশিমা (ক্) [গ্রা, কুক্‌শিমে। সং—কুকুর দ্রঃ] বি, কুকুর শুঁয়া গাছ ; blumea lacera.

কোকিল (ল্) [কুক্ (গ্রহণ করা)+ইল (কর্ত্তৃ) যে কুহু শব্দ করে। তুল—ল্যা—cuculus ; ফ্রে, প্র—cogul ; ইং—cuckoo] বি, পুং, স্বনামপ্রসিদ্ধ পক্ষী ; পিক। স্ত্রী—**কোকিলা**। ২। সুস্বর। প্র—"ঋতুপতি সরোষ অন্তরে কেড়ে নিলা বসুধার কবরী কুসুম, হস্তের বলয়লতা : কণ্ঠের কোকিল।" —রঙ্গমতী (নবীন)। ৩। জ্বলন্ত অঙ্গার।

কোকিলকণ্ঠ (কোকিল্‌কন্‌ঠ) [কোকিলের কণ্ঠের ন্যায় মধুর কণ্ঠ হইয়াছে যাহার, ম. প. লো, কর্ম্মধা, বহু] বিণ, পুং, যাহার কণ্ঠধ্বনি কোকিলের ন্যায় শ্রুতি-মধুর। স্ত্রী, **কোকিলকণ্ঠী**।

কোকিলাসন (কোকিলাসন্) বি, ক্লী, রুদ্রযামলোক্ত তন্ত্রসাধনার আসনবিশেষ।

কোকিলেক্ষু (কোকিলেক্‌খু) [কোকিল (কোকিলের ন্যায় কাল) যে ইক্ষু (আক) কর্ম্মধা] বি, পুং, কাজ্‌লা আক ; কৃষ্ণবর্ণ ইক্ষুবিশেষ।

কোঙর, কোঙার (র্) [সং—কুমার ; হি—কুঁঅর, কুঁয়র, কুঁয়ার ; প্রা-বাং—কোঁঙর, কোঁঙার] বি, পুত্র ; সন্তান। প্র—"ত্রৈলোক্য-বিজয়ী হবে তোমার কোঙর"—কৃত্তিবাস। "হরষিত হৈয়া মুনি গাধির কোঙর।" —ঐ "যদি মহী ইচ্ছা করে ইন্দ্রের কোঙার"—কবিক। ২। কুমার ; রাজপুত্র। ৩। সম্ভ্রান্ত কুলজ্ঞাপক উপাধিবিশেষ। স্ত্রী, **কোঙারী ; কুঙরী**।

কোঙা, কোঙ্গা [হি—কুআঁ (কূপ) ;—তুল—"কুআঁ টুট্‌না"=অবসাদগ্রস্ত হওয়া ; ভাঙ্গিয়া পড়া—তাহার ভাব হইতে] বিণ, কুঁজো : যাহা ধনুকের মত সম্মুখে ঝুঁকিয়া পড়িয়াছে। ২। দুমড়ান ; নত।

কোঙ্কণ (কোংকন্) [কোম্ (অনুকরণ শব্দ)—কণ্ (শব্দ করা)+অ (কর্ত্তৃ—অল্)] বি, ক্লী, অস্ত্রবিশেষ। ২। ভারতের দক্ষিণস্থ কোকনদ দেশ ; পশ্চিমঘাট পর্ব্বত ও আরব সমুদ্রতটের মধ্যবর্ত্তী ভূভাগ। ইং—কোকনাডা। স্ত্রী, **কোঙ্কণা**—কোঙ্কণ দেশীয়া স্ত্রী। ২। পরশুরামের জননী রেণুকা। **কোঙ্কণস্থ ব্রাহ্মণ**—পরশুরামকর্ত্তৃক সৃষ্ট ব্রাহ্মণশ্রেণীবিশেষ। [স্কন্দ পুরাণ] ; দক্ষিণী ব্রাহ্মণশ্রেণীবিশেষ। ইহারা 'চিৎপাবন' নামে প্রসিদ্ধ।

কোঙ্কণাসুত (কোংকনাশুত) [কোঙ্কণা (কোঙ্কণ দেশীয় স্ত্রী বা পরশুরামের মাতা রেণুকা) তাহার সুত (পুত্র) ৬ তৎ] বি, পুং, পরশুরাম। ২। কোঙ্কণ দেশীয় স্ত্রীর পুত্র।

কোচ (চ্) বি, পুং, তীবরের ঔরসে মাংসচ্ছেদির গর্ভে জাত জাতিবিশেষ ; তিওর ; কোঁচ। প্র—"মাছুয়া নিবসে পুরে জাল বুনে মৎস্য মারে কোচগণ বৈসে নানারঙ্গে।" —কবিক। ২। কোচবিহারের অধিবাসী। ৩। [কুচ্ (সঙ্কুচিত হওয়া)+অ (ভাবে—ঘঞ্)] ক্লী, সঙ্কোচ ; কোঁচ দ্রঃ।

কোচড়া (চ্) [সং—কুচর। গ্রা-ব্যবহারে। তুল—কুচটে বা ট্যা। কোড়ো দ্রঃ] বিণ, কুৎসিত ; নোংরা।

কোচমান, কোচম্যান, কোচোয়ান, কৌচম্যান, কউচম্যান (চ্, ন্) [ইং—coachman, কোচবান্‌ও বলে, সাধারণতঃ কোচোয়ান্] বি, শকটচালক ; গাড়োয়ান্। প্র—"সাজিয়া কউচম্যান উপরে উঠিয়া। ঘোড়া যুড়ে উড়ে যাই জুড়ি হাঁকাইয়া ॥" —ঈশ্বর গুপ্ত।

কোজাগর (র্) [কঃ (কে) জাগর (জাগ্রৎ)—জাগৃ (জাগ্রৎ থাকা)+অ (কর্ত্তৃ—অচ্) যে তিথিতে লক্ষ্মী বলেন আজি নারিকেলের জল পান করিয়াকে জাগিয়া আছ, এস তাহাকে সম্পত্তি দান করিব] বি, পুং, আশ্বিন মাসের পূর্ণিমা তিথি ; কোজাগর পূর্ণিমা।

কোট (ট্) [সং—কোট্ট] বি, দুর্গ ; কেল্লা। ২। গৃহ ; কুটীর। [তুল—কোটরি, হি—কোঠরী]। ৩। নগর। প্র—শিয়াল কোট ; ফরিদকোট। ৪। আয়ত্তি ; অধিকার। প্র—"আপনার কোটে পাওয়া।" ৫। প্রতিজ্ঞা ; গোঁ ; পণ ; জেদ। প্র—কোট বজায় রাখা। ৬। সীমানা ; সরহদ্দ। প্র—কোটের বাহিরে যাওয়া। ৭। কুটিলতা ; কপট। প্র—কোট ক'রে বসে থাকা।

কোট (ট্) [ইং—coat] বি, জামা বিশেষ। পারসী কোট ; চায়না কোট। ২। বিদেশী পোষাক। প্র—"বৃথা অই হ্যাট্ কোট্ বিজাতী কথার চোট্ হৃদয়ে নাহিক মোটে জ্ঞানের উদয়।"—চন্দন (গোবিন্দ) "হ্যাট বুট কোট পরে সরা ভাবে জগতেরে" —কাব্যকুসুমাঞ্জলি।

কোট, কোর্ট (ট্, র্ট্) [ইং—court শব্দজ] বি, বিচারালয় ; আদালত। প্র—জজকোর্ট। **হাইকোর্ট**—সর্ব্বোচ্চ বিচারালয় ; High Court. **ডিষ্ট্রীক্ট কোর্ট**—জেলা আদালত ; District Court.

কোটফি—বিচার শুল্ক ; মকদ্দমা পেশ করিবার খরচ ; court fee. **কোটষ্ট্যাম্প**—আদালতের নির্দ্ধারিত দলিলাদিতে অগ্রিম প্রদত্ত শুল্কের নিদর্শনস্বরূপ সংযুক্ত করিবার রাজচিহ্নবিশেষ ; court-stamp.

কোটমার্শাল (ট্, ল্) [ইং—court-martial] বি, সৈন্যদিগের অপরাধের বিচার করিবার আদালত।

কোটক (ক্) [কোঁট (গৃহ)+ক (কারক অর্থে)] বি, পুং, গৃহ নির্ম্মাণকারক জাতি ; ঘরামি।

কোটচক্র (ট্) [কোটের (দুর্গের) চক্র (চিহ্নবিশেষ) ৬তৎ] বি, ক্লী, দুর্গের শুভাশুভ সূচনার্থ আটপ্রকার চক্র।

কোটন (ন্) [সং—কুট্ট্ ধাতুজ] বি, চূর্ণন। ২। খণ্ড খণ্ড করণ। প্র—"কুট্‌না কোটন, বাট্‌না বাটন।" ৩। গুরুতর প্রহার।

কোটনা (ট্) [সং—কুট্টনী (স্ত্রী) বাং-য় তাহার পুংরূপ] বি, পুং, যে পুরুষ মধ্যবর্ত্তী হইয়া স্ত্রীপুরুষের অসামাজিক প্রণয় সংঘটন করিয়া দেয়। স্ত্রী, **কোট্‌নী, কুটনী, কুটিনী**।

কোটনাগীরি, কোটনাপনা, কোটনামি (কোট্‌নাপোনা) [কোটনা দ্রঃ] বি, কোটনাবৃত্তি ; কোট্‌নার কার্য্য।

কোটর (কোটোর্) [সং—কোট্টরী। তুল—ইং—quarter ; ইতা—quartiere ; ডে—kwartier ; ল্যা—quatuor] বি, পুং, ক্লী, বৃক্ষস্থিত গহ্বর ; বৃক্ষের ছিদ্র ; খোঁড়ল। ২। একান্তবাস ; টের। ৩। আগার ; মহল ; কক্ষ ; কুটরী।

কোটরী, কোটবী [সং] বি, স্ত্রী, নারী। ২। বিবস্ত্রা নারী। ৩। দিগ্বসনা ; দুর্গা ; কালী।

কোটশাল (ট্, ল্) [প্রাদে—বীরভূম] বি, যে স্থানে দেশী লোহা প্রস্তুত হয়। বিণ, **কোটশালিয়া**—দেশী লৌহ প্রস্তুতকারী।

কোটশিপ (প্) [ইং—courtship, বাং-তে "কোটশিক"ও বলে] বি, অনুগ্রহ প্রার্থনা। ২। বিবাহার্থ প্রেমালাপ বা পূর্ব্বরাগ ; প্রণয়েচ্ছা বা আসক্তি প্রকাশ এবং পাণিগ্রহণ প্রার্থনা। প্র—"কোটশিকে নাহি করে অঙ্গুরী গণনা।"—চন্দন।

কোটা [কুটা দ্রঃ] ক্রি, কাটিয়া খণ্ড খণ্ড করা ; কুটিকুটি করা। প্র—তরকারি কোটা ;

কুটনা কুটা। ২। ছেঁচা; লৌহ প্রস্তরাদির দ্বারা ঠুকিয়া ঠুকিয়া গুঁড়া করা বা আঘাত দ্বারা চূর্ণ করা। প্র—ঔষধ কোটা; মসলা কোটা। ৩। আঘাত করা। **মাথাকোটা**—ধন্না দেওয়া; ক্রমাগত কোন কিছুর পশ্চাতে মাথা ঘামান; মাথাখোঁড়া। **মেরে কুটে ফেলা**—প্রহারে ক্ষত বিক্ষত করা।

কোটা, কোঠা (ক্বো) [সং—কুট্টিম, কোট্ট; পা—কোট্‌ঠো; হি—কোট, কোঠা (প্রকোষ্ঠ); কোঠী (পাকাবাড়ী)] বি, অট্টালিকা; ইষ্টকনির্ম্মিত গৃহ; পাকাবাড়ী। প্র—"মঠ কোঠা মন্দিরে সহর শোভা পায়।"—ঘনরাম। ২। তলা; মঞ্জিল; storey. ৩। প্রকোষ্ঠ; ঘর; room. ৪। ঘর; খানা; স্তম্ভ; column. ৫। তালিকা; পর্য্যায়। প্র—"দুর্ভাবনার কোটায় স্থান পাইবার যোগ্য।"—দ্বিজেন্দ্র ঠাকুর।

কোটাল (ল্) [সং—কোট্টপাল; বাং-প্রাকৃ—কোটআল। ফা—কোত্‌বাল] বি, নগর পাল; নগররক্ষক; প্রহরী; চৌকীদার; পাহারাওয়ালা। প্র—"ধন নিল চুরি করি কোটাল আনিল ধরি"—ভারতচন্দ্র।

কোটাল (ল্) [কটাল শব্দের উচ্চারণ ভেদ] বি, অমাবস্যা পূর্ণিমায় নদী সমুদ্রাদির জলোচ্ছ্বাস।

কোটালী [কোটাল দ্রঃ] বি, কোটালের কার্য্য; পাহারা।

কোটি, টী [কুট্ (বক্র হওয়া, ছেদন করা)+ই (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, খড়্গ প্রভৃতি অস্ত্রের প্রান্ত; ধার। ২। ধনুকের অগ্রভাগ। ৩। অগ্রভাগ। ৪। পক্ষ। প্র—ন্যায়ের কোটি। ৫। [ভাবে—ই] ১০০০০০০০; শত লক্ষ সংখ্যা; ক্রোর। ৬। অসংখ্য প্র—"কোটিকে গুটিক নাই"—বিদ্যাপতি। ৭। উৎকর্ষ। ৮। ত্রিভুজক্ষেত্রের ভূমি ও কর্ণ-রেখা ভিন্ন রেখা; ভূমি হইতে উত্থিত রেখা। ৯। কটি; মধ্য।

কোটিশ, কোটীশ (শ্) [কোটি (খড়্গাদির প্রান্ত) শো (তীক্ষ্ণ করা, ছেদন করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে ড)] বি, পুং, লোষ্টের ভেদক বা ছেদক অস্ত্র; বিদেকাটি। ২। মই। ৩। নাগবিশেষ। ৪। কোটিপতি।

কোটিশঃ [কোটি+শস্ (বারার্থে—শস্)] অ, কোটিবার; কোটি সংখ্যক। ২। কোটি কোটি পরিমাণে; অসংখ্য পরিমাণে।

কোট্ট [সং—কুট্ (বিভাগ করা)] [যাহা সেনানিবেশের জন্য বিভাগ করা হয়] বি, পুং, দুর্গ; গড়। ২। প্রসিদ্ধ রাজধানী।

কোট্টবী [সং] বি, স্ত্রী, বিবস্ত্রা স্ত্রী; বিবসনা রমণী। ২। নগ্না; মুক্তকেশী নারী। ৩। দিগম্বরী; কালী।

কোট্টবীপুর—বি, স্ত্রী, বাণাসুরপুর।

কোট্টার—বি, পুং, পাতকুয়া; কূপ। ২। পুষ্করিণীর পাড়। ৩। সোপান; সিঁড়ি।

কোঠ (ঠ্) [কুঠ্ (বেষ্টন করা) যাহা শরীরের স্থানবিশেষ মণ্ডলাকারে বেষ্টন করে] বি, পুং, চক্রাকার কুষ্ঠরোগ।

কোঠরী [হি। কুঠরী দ্রঃ] বি, ক্ষুদ্রপ্রকোষ্ঠ।

কোড়া [হি—কোড়া] বি, কশা; চাবুক; বেত। প্র—"পিটেতে মাচ্ছে খুব কোড়া।"—ঈশ্বরগুপ্ত। ২। [কোল—কোলা—কোলি; ল=ড] কুলি; সাঁওতালপরগণার ধাঙ্গড়। ৩। মূল। প্র—"বিধি নিরমিল কুল কলঙ্কের কোড়া।" ক্রি, **কোড়ান**—কোড়া মারা।

কোড়া, কোঁড়া (কো) [সং—খনন হইতে খোঁড়া পরে কোঁড়া] ক্রি, খনন করা; গর্ত্ত করা; খোঁড়া। প্র—"কালকেতু বড় বাড় নিত্য কোঁড়ে ডোবা গাড় পড়িলে উঠিতে না পারি।"—কবিক। "সুবর্ণ বণিক বৈসে রজত কাঞ্চন কসে পোড়ে কোড়ে হইলে সংশয়।"—কবিক;

কোণ (ন্) [সং—কোণঃ=অস্ত্রাদির অগ্রভাগ। কোটি; বিদিক (শব্দ, ক, দ্রু)। গ্রী—gonia; ইং—cone. "কোণো গৃহৈকদেশঃ স্যাৎ"—নানার্থ ধ্বনিমঞ্জরী] বি, পুং, গৃহাদির বিদিক্; গৃহের ভিতর; অন্তঃপুর। প্র—"দেখ, ঐ বাড়ীর বাবুটী সন্ধ্যা না হইতেই কোণে ঢোকে আর দিনের বেলাও প্রায় কাছ ছাড়া হন না।—* * *"—অমৃত বসু। ২। বি, হস্ত-কোষ প্রমাণ। প্র—"আচলে বান্ধিল দুয়া চালু অর্দ্ধকোণ।"—কবিক। ৩। [প্রাকৃ—কণো] কণা। প্র—"পুরাণ খুদের জাউ তাহে আছে কোণ।"—কবিক। ৪। অস্ত্রের ধার। ৫। বীণাদির বাদন দণ্ড; বীণাদি বাজাইবার কাঠি; সেতারে মেজরাফ নামে খ্যাত। ৬। [গণিতে] সমতলস্থ বিভিন্ন মুখীন দুই সরল রেখা সংলগ্নজাত রেখাদ্বয়ের পরস্পর অবনতি বা সংযোগ স্থান। **সন্নিহিতকোণ**—এক সরল রেখার কোন একবিন্দু হইতে যদি অপর এক সরল রেখা টানা যায় তবে উহার উভয় পার্শ্বে যে কোণদ্বয় উৎপন্ন হয় তাহাদের পরস্পরকে সন্নিহিত কোণ বলে। **সমকোণ**—এক সরলরেখা অপর এক সরল রেখার উপর দণ্ডায়মান হইলে যদি সন্নিহিত কোণদ্বয় পরস্পর সমান হয় তবে তাহাদের প্রত্যেককে সমকোণ বলে। **সূক্ষ্মকোণ**—সমকোণ অপেক্ষা ক্ষুদ্রকোণ। **স্থূলকোণ**—সমকোণ অপেক্ষা বৃহৎকোণ।

কৌণিকবিন্দু—কোণের শৃঙ্গ; কোণোৎপাদক সরল রেখাদ্বয়ের সম্পাত বিন্দু।

কোণঠাসা বা ঠেসা করা—ক্রি, কোণে বা একান্তে ঠাসিয়া ধরা যাহাতে কিছু বলিবার বা করিবার শক্তি না থাকে। ২। কোন বিষয় ব্যাপারে অগ্রসর হইতে না পারে এমন ভাবে পশ্চাতে পড়িয়া থাকিতে বাধ্য করা।

কোণকুণ (কোনকুন্) [কোণ (কোণে থাকিয়া) কুণ্ (ভেদ করা)+অ (কর্ত্তৃ) যে শয্যা বস্ত্রাদির কোণে লুকাইয়া কামড়ায়] বি, পুং, কেশকীট; উকুন।

কোণঠাসা, ঠেসা (কোনঠ্যাশা) বিণ, এক কোণে অপর সকলের চাপে জড়সড়। ২। উপেক্ষিত।

কোণবীক্ষণ (কোন্‌বীক্‌খন্) [খণিজঃ পরিঃ] বি, কোণ নির্দ্ধারক যন্ত্র; conoscope.

কোণা (না) [প্রাদে] বি, স্ত্রী, পানের সংখ্যা পরিমাণ; ৩০০ সংখ্যার এক কোণা। ২। পোয়া; রেকএর এক চতুর্থাংশ অর্থাৎ এক কুনিকা। প্র—"আঁচলে বান্ধিয়া দিল চালু আদ-কোণা॥"—কবিক। ৩। কাঁসার বা পিত্তলের বাসন; সীপ। ধানের কণা। প্র—"পুরাণ খুদের জাউ তাহে আছে কোণা।"—কবিক।

কোণা (না) [কোণ দ্রঃ] বি, কোণ। ২। প্রান্ত। প্র—"চিত্রিয়া নয়ন যেন বিধাতার তুলি, প্রেমপদ্মরাগে দুই নয়ন কোণায় করিছে বিশ্রাম;"—রঙ্গমতী। ৩। বিণ, কোণযুক্ত। **তেকোণা**—বিণ, ত্রিকোণ। **চৌকোণা**—বিণ, চতুষ্কোণ। **কোণা মারা**—ক্রি, কোণ না রাখা।

কোণাকুণি (কোনাকুনি) ক্রি, বিণ, এক কোণ হইতে অন্য কোণ; কোণে কোণে মিলাইয়া।

কোণাঘাত (কোনাঘাত্) বি, পুং, যেখানে একলক্ষ ঢাক এবং দশহাজার ভেরী একদা বাদিত হয় তাহাকে কোণাঘাত বলে।

কোণি (নি) [সং] বিণ, গ্রহণশক্তিহীন হস্ত-বিশিষ্ট; গ্রহণ করিবার শক্তি নাই এরূপ হস্ত যাহার আছে।

কোত্‌রা [সং—কুচর—ল; তুল—আল-কাৎরা; ওড়ি—কোতরা। কোচড়া দ্রঃ] বি, ঝোলা কাল গুড়।

কোতোয়াল [ফা—কোৎবাল্। কোটাল দ্রঃ] বি, দুর্গরক্ষক; এক্ষণে নগরের প্রধান শান্তিরক্ষককে বুঝায়; থানাদার। প্র—"বসিয়াছে কোতোয়াল ধূমকেতুনাম"—ভারত চন্দ্র। "কোতয়াল যেন কাল খাঁড়া ঢাল ঝাঁকে"—ঐ।

কোথা [সং—কুত্র; প্রাকৃ—কেথ; প্রাদে—উচ্চারণ বিকারে কেথা; তুল—হেথা (অত্র)]

অ কোন স্থানে ; কোথায়। প্র—"কোথা তুমি, কোথা তুমি হেথা পড়ে আমি অকূল বিশ্বের মাঝে,—নিয়ত নিরয়-গামী। —বিহারী সরকার। ২। কখনও : কভু প্র—"শশী বিনা নিশি কোথা, বল শোভা করে।"—নিধু বাবু।

কোথাকার (র্) [কোথা+কার (সম্বন্ধে কার বিভক্তি)=কোথার] অ, কোন্‌স্থানের প্র—"দেখা যাক কোথাকার জল কোথায় মরে। ২। [তুচ্ছার্থে, ঘৃণার্থে, ক্রোধার্থে কোন্ কুস্থানের। (গালি দিবার সময়) ৩। কোন্ বিরক্তিকর বা অপ্রীতিকর বিষয়ের বা ঘটনার। প্র—কোথাকার পাপ এসে জুটলো ; পাজী শূয়ার কোথাকার। অকারণ কোথাকার কথা এখানে টেনে আনলে।

কোথাকে [গ্রা—প্রাদে, ময়না অঞ্চলে প্রচর গ্রা, উচ্চারণ ভেদে—কুথাকু] অ, কোন স্থানে; কোনদেশে। প্র—"মহাশয় পরিচয় কর অতঃপর কিকাজে কোথাকে যাবে কোন দেশে ঘর।"—ঘনরাম।

কোথায় (য়্) [সং—কুত্র ; প্রাকৃ—কেথ] কোন্‌স্থানে ; কোন্‌খানে। প্র—"কোথায় আনিলে, আমায় কোথায় আনিলে, আনিয়ে জলধি মাঝে তরঙ্গে তরী ডুবালে॥"—বাং গান।

কোদণ্ড (কোদন্ড) [কুণ্ (শব্দ করা)+অণ্ড (কর্তৃ—সংজ্ঞার্থে, অণ্ডচ্) ণ=দ। যে বাণ মোক্ষণ সময়ে শব্দ করে] বি, পুং, ক্লী, শরাসন ; ধনুক। [ধনুক সদৃশ বলিয়া] ২। ভ্রূ। ৩। দেশবিশেষ। ৪। পুং, ধনুরাশি।

কোদাল (ল্) [সং—কুদ্দাল] বি, কুদাইল ভূমি খননাস্ত্র-বিশেষ। প্র—"শালপাতি শূল-ভাঙ্গি সজ্জা কর বসি। জোয়ালি কোদাল ফাল দা উখুন পাশী॥" —শিবায়ন। ক্রি, **কোদলান** (নো)—কোদাল দিয়া কোপান বা মাটি কাটা ; কোদাল পাড়া।

কোদাল পাড়া—[কোদাল—পাড়া (পাতিত করা, ফেলা) ক্ষেত-খোলা বাড়ী-ঘর বাগান-পুকুর প্রভৃতি নির্ম্মাণ করিতে হইলে মাটি কাটিতে হয়] কোদাল দিয়া মাটি কাটা ; কোপান ; নগরাদি পত্তন বা প্রতিষ্ঠার সূত্রপাত করা। প্র—"এখনও কোদাল পড়ে নাই, গাঁতী চলে নাই—ইতি মধ্যেই এই।" —বসুমতী ১৩১৮।

কোদো [সং—কোদ্রোব ; হি—কোদো ; ওড়ি—কদুঅ] বি, কোদো নামক ঘাস।

কোধ (ধ্) [গ্রা—বাং-প্রাকৃ। প্র—"কাম কোধ"—শূ, পু] বি, ক্রোধ দ্রঃ।

কোন (কোনো) [সং—কিম্ ; হি—কৌনো ; মৈ, ব্রজ—কবন, কওন (বি, প)] স, কে ; কেহ ; কেউ। ২। [প্রশ্নে] নির্দ্দেশার্থে **কোন্**—কে ; কোনটা। **কোন একটী বা একটি, কোন একটা**—অনির্দ্দিষ্ট প্র—"তাঁহারা কোনো একটা ধর্ম্মমত, ধর্ম্মগ্রন্থ বা ধর্ম্ম সম্প্রদায়ে আসিয়া ঠেকিয়াছেন।" —চারিত্রপূজা। **কোন্ না**—নিশ্চয় ; অবশ্য। প্র—"বোম্বাই সহরে কান্নাহাটী পড়িয়া যাইবে কলিকাতায় কোননা"—বঙ্গবাসী (তুল—হি—"কৌন নহি)।"

কোনাচ (চ্) [কোণ হইতে] বি, কোণের দিকের অংশ মাত্র। ২। কোণযুক্ত পাত (লোহার বা পিত্তলাদি ধাতুর) যাহা বাক্স, সিন্দুক প্রভৃতির কোণে আঁটা হয়।

কোনো [কোন (দ্রঃ)+ও (বিশিষ্টার্থে ও নির্দ্দেশার্থে)] স, কেহই। ২। এক বস্তু বা বিষয়ও।

কোন্দল, কোঁদল (কোন্‌দোল্, কোঁদোল্) [সং—কন্দল] বি, বিবাদ ; ঝগড়া। প্র—"যেখানে কুলীনজাতি সেখানে কোন্দল।" —ভারতচন্দ্র।

কোন্দলিয়া [গ্রা—কোঁদলিয়া, কুঁদুলে] বিণ, ঝগড়াটিয়া ; কোঁদলপ্রিয় ; বিবাদপ্রিয় ; যে কলহ করে। প্র—"মনে ভাবি সেই বামুন বড় কোন্দলিয়া।"—ভারতচন্দ্র। স্ত্রী, **কোন্দলী, কুঁদুলী**। প্র—"পাড়াকুঁদুলী মাগী"—(ম্যাকবেথ—গিরিশ)।

কোন্‌সুলি (শু) [ইং—counsel] বি, উচ্চ আদালতের উকীল।

কোপ (প্) [কুপ্ (ক্রোধ করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, রাগ ; রোষ ; ক্রোধ ; অমর্ষ। ২। অসন্তোষ ; বিরাগ। ৩। আঘাত। প্র—"কোপে বাস খসল"—বিদ্যাপতি। ৪। অস্ত্রের আঘাত। প্র—"পাঁট হাড়ি-কাটে ফেলিয়াছি একবার বাবা পঞ্চানন্দের নাম করিয়া এক কোপে সাবাড় কর।"—কমলাকান্তের দপ্তর।

কোপন (ন্) [কুপ্ (রাগ করা)+অন (কর্তৃ)] বিণ, রাগান্বিত ; ক্রোধন-স্বভাব ; সহজেই যাহার কোপ জন্মে ; ক্রোধী। ২। পুং, অসুরবিশেষ। বিণ, কোপনীয়। স্ত্রী, **কোপনা**—যে স্ত্রী সহজেই ক্রোধের বশীভূত হয় ; ক্রুদ্ধা।

কোপনীয় [কুপ্ (রাগ করা)+অনীয় (কর্ম্মে)] বিণ, ক্রোধযোগ্য ; কোপের বিষয়ীভূত ; যাহার প্রতি কোপ করা হয়।

কোপরা (প্) [সং—কর্পর] বি, নারিকেলের শুকনা সুতরাং কঠিন শস্য। কোপল দ্রঃ।

কোপল [হি—কোঁপল, নবাঙ্কুর] নারিকেলের কোঁপল বা কোমল শস্য।

কোপা, কুপা [হি—কুপ্পা] বি, তৈলাদির পাত্রবিশেষ।

কোপান (নো) [কোপ+আন (আনা—ব্যবহারার্থে)—ক্রমাগত কোপ দেওয়া] ক্রি, কর্ত্তন বা ছেদন-যোগ্য আঘাত দেওয়া ; কোপ দেওয়া। ২। ছেদন করা। ৩। মাটিতে কোদালের আঘাত করা ; মাটি কাটা।

কোপি (পো)—কপি দ্রঃ।

কোপিত [কুপ+ণিচ্=কোপি (ক্রোধ করান) +ত (কর্ম্মে—ক্ত) যে অন্যকে রাগায়] বিণ, রোষিত ; ক্রুদ্ধ ; যাহার ক্রোধ জন্মাইয়াছে ;

কোপী [কোপ (ক্রোধ)+ইন্ (অস্ত্যর্থে) =কোপিন্] বিণ, ক্রোধী ; রাগী ; ক্রুদ্ধ ; কোপান্বিত ; রাগ-বিশিষ্ট ; যাহার সহজে কোপ হয়। ২। পানকৌড়ী।

কোপ্তা [ফা—কোফ্‌তা] বি, ভর্জ্জিত পিষ্ট মাংস।

কোব (ব্) [কোপ—উচ্চারণবিকারে] বি, কোপ ; ক্রোধ ; রাগ। প্র—"সাপিনীরে দেয় খোব সাপিনী বাড়য়ে কোব।"—চণ্ডীদাস। [অ, প্র]।

কোবালা [কবালা] বি, বিক্রয়-দলিল।

কোবিদ (দ্) [কো (বেদ)—বিদ (যে জানে) বিদ্ (জানা)+অ (কর্তৃ—ক)] বিণ, পণ্ডিত ; বেদবিৎ ; বেদজ্ঞ। ২। দক্ষ ; নিপুণ ; কার্য্যকুশল।

কোবিদার (র্) [কু (পৃথিবী) বি—দৃ (বিদারণ করা)+অ (কর্তৃ—সংজ্ঞার্থে, ঘঞ্) যে মৃত্তিকা ভেদ করিয়া জন্মে] বি, পুং, রক্তকাঞ্চনের গাছ। ২। মন্দার ও পারিজাত বৃক্ষ।

কোমর (কোমোর্) [ফা—কমর্] বি, কটি ; মধ্যদেশ ; মাজা। দ্রঃ—"বিবসনা সমরে নর-কর কোমরে অসিবর বাম করে ধরে।" —কমলাকান্ত।

কোমরপাট্টা, পাটা [ফা—কমর্+সং—পট্ট] বি, শিশুর কটিদেশের অলঙ্কার-বিশেষ।

কোমরবন্দ (কোমোরবন্দো) [ফা—কমর্‌বন্দ্] বি, কটিবেষ্টনী ; পেটি।

কোমরী [দ্রুত উচ্চারণে 'কুমরী'। ফা কমরী] বি, অশ্ব উষ্ট্রাদির কটি দৌর্ব্বল্য বা কোমরের শক্তিহীনতা।

কোমল (ল্) [কম্ (ইচ্ছা করা)+অল্ (কর্ম্মে, সংজ্ঞার্থে, কল) ক=কো] বিণ, মৃদু ; নরম ; যাহা কঠিন নহে। ২। সুন্দর ; সুকুমার ; মনোহর। ৩। ললিত ; মধুর। ৪। বি, ক্লী, জল ; স্ত্রী, **কোমলা**। ব্রজ, কোমলিনী (দ্রঃ)। বি, কোমলতা।

কোমলতা, কোমলত্ব [কোমল+তা, ত্ব (ভাবে)] বি, স্ত্রী, মৃদুত্ব। ২। সৌকুমার্য্য; লালিত্য; মাধুর্য্য।

কোমলাঙ্গ (কোমলাংগো) [কোমল হইয়াছে অঙ্গ (শরীর) যাহার, বহু] বিণ, ২। মৃদু শরীর; অকঠিন দেহ। ২। যে সকল জীবের শরীর শম্বুকাদির ন্যায় নরম। স্ত্রী, **কোমলাঙ্গী**—যে রমণীর অঙ্গ অতি কোমল; মৃদু-শরীরা। ২। মনোহরাঙ্গী; যে স্ত্রীর দেহ নয়নাভিরাম।

কোমলাসন (শন্) [কোমল (নরম) যে আসন কর্ম্মধা] বি, ক্লী, মৃগচর্ম্ম বিনির্ম্মিত আসন।

কোমলিনী [ব্রজ। প্রা, বৈ, সা। কোমল দ্রঃ] কোমলতাবিশিষ্ট। প্র—"তনু অতি কোমলিনী"—বিদ্যাপতি।

কোম্পানী [ইং—Company, সংক্ষেপে—কোং (ইং—Co.)] বি, বণিক-সম্প্রদায়; ব্যবসায়িদল। ২। [ইং—East India Company, বাং—সংক্ষেপে "কোম্পানী"] ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী নামে ইংরেজ-বণিকদল ইংলণ্ড হইতে ভারতবর্ষে বাণিজ্য করিতে আসিয়া ক্রমে এদেশে ইংরেজ রাজত্ব প্রতিষ্ঠিত করেন। তখন হইতে কোম্পানী বলিলে ইংরেজ রাজত্ব বুঝাইতে থাকে। পরে কোম্পানীর হস্ত হইতে রাজ্যভার মহারাণী ভিক্টোরিয়া স্বয়ং গ্রহণ করিলেও কোম্পানীর পূর্ব্ব সংজ্ঞাই প্রচলিত হইয়া আসিতেছে। **কোম্পানীর আমল**—ইংরেজ বণিকসম্প্রদায়শাসিত যুগ। ২। ইংরেজ রাজত্ব। **কোম্পানীর কাগজ**—ইংরেজ রাজা-কর্ত্তৃক গৃহীত ঋণনির্দর্শক বা স্বীকারপত্র। **এণ্ড কোঃ, এণ্ড কোং** [ইং—and Company, সংক্ষেপে & Co র অনুকরণে] এবং অপরাপর; এবং অন্যের সহযোগে। প্র—বসু, মল্লিক এণ্ড কোং।

কোয় [হি—কোহ] স, কাহাকেও। প্র—"হাম যদি পরশ কবি কোয়"—বিদ্যাপতি।

কোয়লা (কোএ্‌লা) [সং—কোকিল—হি—কোয়েল। অনাদরার্থে—আ। পূঃ বঙ্গে কথ্য] বি, কোকিল।

কোয়া [সং—কোষ—কোষা। কোআ দ্রঃ] বি, বীজ; কাঁটালের কোয়া। ২। গুটী; রেশমের কোয়া।

কোয়ালি [গোয়াল (গোশালা) হইতে গোয়ালি। গ=ক] বি, গোহালিয়া গীত-গায়ক; গোশালায় গীতগায়ক। প্র—"গোহাল্যা গাইয়া গীত কোয়ালি ফিরয়ে নিত একভিতে বসিল মারাটা।"—কবিক।

কোয়াসা (কোআশা) [হি—কুহাসা] বি, হিম। ২। অন্ধকার। প্র—"কামনা-কোয়াসামাখা মোহ আবরণ।" —কুসুম।

কোয়ে [প্রা। কহা দ্রঃ। কহিয়া—ক'হে—কয়ে, কোয়ে] ক্রি, অস, কহিয়া; ব্যক্ত করিয়া। প্র—"একমুখে তব গুণ কোয়ে না ফুরায়।" —হরু ঠাকুর।

ব'লে কোয়ে—বলিয়া কহিয়া; সুপারিশ করিয়া; অনুরোধ উপরোধ করিয়া।

কোয়েলা [কোকিলা শব্দের পূ-বঙ্গে, গ্রা—উচ্চারণ] বি, কোকিলা। পুং,—**কোয়েল**।

কোর (র্) [সং—ক্রোড়। ব্রজ; প্রা, বৈ, সা] বি, ক্রোড়; কোল। প্র—"সে দশা দেখিয়া ব্যথিত হইয়া তুলিয়া লইল কোরে।"—চণ্ডীদাস। "পুন হেরি সখি করি কোর"—বিদ্যাপতি। "কেহ করত কাহ কোর"—জ্ঞানদাস।

কোর (র্) [কোনা দ্রঃ] বি, কলপ্; মাড়। প্র—কোর দেওয়া কাপড়। কাপড়ের কোর উঠে যাওয়া।

কোর (র্) [সং—ক্রূর। তুল—হি—কোর=দোষ, প্র—কোর—কসুর—দোষ ও ত্রুটি] বি, ক্রূরতা; কৌটিল্য; কাপট্য। এই অর্থে প্রায়ই 'কার' এই সহচর শব্দের সহিত ব্যবহার হয়। প্র—তাহার মনে কোর-কার নাই।

কোর (র্) [সং—কোণ; হি—কোর] বি, কোণ; বক্রতা; বাঁক; ন্যুব্জতা। ২। গোলাই। **কোর কাটা**—বাটালি প্রভৃতি যন্ত্রদ্বারা কিনারা বা কোণ অদ্ধ গোলাকৃতি বা প্রায় গোল করিয়া কাটা।

কোরক (ক্) [কুর্ (ছেদন করা)+অক (কর্তৃ—সংজ্ঞার্থে) যাহা আবরণ ভেদ করিয়া বহির্গত হয়] বি, পুং, ক্লী, কলিকা; মুকুল; অপ্রস্ফুটিত পুষ্প; কুঁড়ি। ২। কলিকার মত; পুষ্পের মুকুল সদৃশ; প্রণালবত্র। ৩। মৃণাল। ৪। গন্ধদ্রব্যবিশেষ; কঙ্কোল।

কোরকার (কোর্‌কার্) বি, যে খেনো জমির সম্প্রতি উদ্ধার সাধন করা হইয়াছে। ২। কোর দ্রঃ।

কোরঙ্গী [সং] বি, স্ত্রী, ক্ষুদ্রাকৃতি এলা; সূক্ষ্মৈলা; ছোট এলাচ্। ২। পিপ্পলী।

কোরণ (কোরোণ্) [কোরা এবং কুরণ দ্রঃ] বি, ঘর্ষণ; আঁচড়ান। ক্রি, কোরা।

কোরণ্ড, কোরন্দ (কোরোন্‌দো) [সং—কুরণ্ড] বি, কোষবৃদ্ধি রোগ; জলদোষ। বিণ, **কোরন্দিয়া**। গ্রা—কুরণ্ডে।

কোরফা, কোরফাপ্রজা (র্) [ফা কোর্‌ফা] বি, যে সকল প্রজা অন্য প্রজা-দিগের নিকট হইতে জমি লইয়া চাষ করে। ২। রাইয়তের অধীন রাইয়ত; ইহাদের জমির স্বত্ব থাকে না। "A cultivator who has no right in the land, but holds as a tenant-at will, in Western Bengal a tenant holding under a *Khud Kasht* cultivator, and not recognized by the Zaminder; * * * —*Glossary of Revenue terms.*

কোরবাণি কুরবাণি, ণী (র্, নি) [আ—কুর্‌বাণী] বি, মুসলমানদিগের রোজার এক মাস পরে বিশেষ পর্ব্বদিনে শাস্ত্রীয় পশুবলি।

কোরমা (র্) [তুর্কী—কোর্‌মা] বি, কোর্ম্মা দ্রঃ।

কোরস (স্) [ইং—chorus] বি, ধুয়া। ২। একতান সঙ্গীত। ৩। নৃত্যগীতকারীর দল।

কোরা [সং—কৃষ্ (বিলেখন, কর্ষণ করা)] ক্রি, আঁচড়ান; চাঁচা। ২। বি, চাঁচিয়া বা আঁচড়াইয়া যাহা বাহির করা হয়; নারিকেল, কুষ্মাণ্ড প্রভৃতির কোরা। কুরীও বলে। প্র—কুমড়া কোরা বা কুরী। এই কোরা রসে পাক করিয়া যে মিষ্টান্ন প্রস্তুত হয় তাহার নাম "রসকোরা", সাধারণতঃ "রসকরা"। ৩। ভিতরের কথা বা সংবাদ বিশেষভাবে প্রশ্ন করিয়া বাহির করা। প্র—সমস্ত কথা কুরিয়া কুরিয়া জিজ্ঞাসা করিবে।

কোরা [হি—কোরা এই অর্থে "আন্‌কোরা" দ্রঃ] বিণ, সম্পূর্ণ নূতন; অব্যবহৃত; যাহাতে হাত পড়ে নাই। ২। [কোর (মাড)+আ (যুক্তার্থে)] নূতন (বস্ত্র); তাঁত বা কলে সদ্যঃ প্রস্তুত (বস্ত্র); আধোয়া। প্র—কোরা কাপড়। ৩। যাহাতে কলমের আঁচড় পড়ে নাই; বেদাগ। প্র—কোরা কাগজ।

কোরা [হি—কোড়া। সং—কবর (কেশ-পাশ) প্রাদে, বরিশাল] বি, নৌকার দাঁড় বন্ধনের রজ্জু।

কোরাণ (ন্) [আ—কোরান্] বি, মুসলমান-দিগের সর্ব্ব প্রধান ধর্ম্মগ্রন্থ। প্র—"দশবিশ বেরাদরে বসিয়া বিচার করে অনুদিন কেতাব কোরাণ।" —কবিক।

কোর্ম্মা [তুর্কী—কোর্‌মা] বি, ভাজা মাংস। ২। [ভারতে] বিনা জলে এবং কেবল দধিতে কিসমিস ও অন্যান্য মসলার সহিত পক্ক মাংস।

কোল (ল্) [কুল (রাশি করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—অচ্) যাহারা দলবদ্ধ হইয়া ভ্রমণ করে] বি, পুং, বরাহ; শূকর। ২। পার্ব্বত্য অসভ্য জাতিবিশেষ; বাঙ্গালার আদিম অধি-বাসী। ইহারা প্রধানতঃ কোল, দ্রাবিড় ও মঙ্গল এই তিন ভাগে বিভক্ত। ইহাদের দেবতার নাম "বঙ্গা" ও দেবীর নাম "বঙ্গী"। ৩। কলিঙ্গ দেশের নামান্তর।

কোল (ল্) [সং—ক্রোড়; প্রা, বৈ, সা—কোর] বি, ক্রোড়; অঙ্ক। ২। সম্মুখ; প্র—কোল আঁধার। ৩। মাছের পেটী। প্র—"ভাজে চিথলের কোল, রোহিত মৎস্যের ঝোল, মানবড়ি মরিচে ভূষিত।" —কবিক।

৪। আলিঙ্গন। ৫। ভেলা। ৬। তট; তীর; কিনারা। ৭। সন্নিকট। **কোল-আঁধার**—সম্মুখ অন্ধকার। ২। সন্ধ্যার অব্যবহিত পরবর্ত্তী অন্ধকার। **কোল দেওয়া**—আলিঙ্গন করা। **কোল পাওয়া**—মায়ের আদর যত্ন পাওয়া। প্র—এঁড়ে ছেলে কোল পায় না। **কোল পোঁছা, কোল মোছা**—সর্ব্ব কনিষ্ঠ সন্তান। প্র—ঐটি তাহার মায়ের কোল পোঁছা ছেলে। **কোল জুড়ান**—কোলে বসিয়া মায়ের মনে আনন্দ ও শান্তি দেওয়া। **কোল জোড়া হয়ে থাকা**—মায়ের কোল পূর্ণ করিয়া থাকা; না মরা। **কোলে কাঁখে করা**—বসিয়া অঙ্কে ধারণ করা এবং দাঁড়াইয়া কক্ষে বা কাঁকালে তুলিয়া লওয়া; সর্ব্বদা যত্নপূর্ব্বক লইয়া থাকা। **কোলে পিঠে করিয়া মানুষ করা**—অতি শৈশব হইতে যত্নের সহিত লালন পালন করা। **কাহার কোলে মরা**—যাহার কল্যাণ ও দীর্ঘ জীবন প্রার্থনীয় তাহাকে রাখিয়া বা বর্ত্তমান থাকিতে মরা। প্র—স্বামীর কোলে বা সন্তানের কোলে মরা ইত্যাদি। **কোল বালিস**—যে বালিশ ক্রোড়দেশে রাখিয়া শয়ন করে; পাশ বালিশ।

কোল (ল্) [ফা—কোল্। কোলা দ্রঃ] বি. নির্ম্মাতস্থান। ২। অত্যন্ত অন্ধকার স্থান। ৩। [প্রাদে. পূ-বঙ্গে] নদীর চড়া পড়িয়া স্রোত বন্ধ হইলে যে সকল স্থানের উৎপত্তি হয়।

কোল [সং] বি. কুল ফল। ২। চিত্রক; চিতা। স্ত্রী. **কোলা**—কোলিবৃক্ষ। ২। দেশবিশেষ। ৩। পিপ্পলী।

কোলক (ক্) [কোল+ক (সংজ্ঞার্থে)] বি. পুং. বহুবার বৃক্ষ। ২। অক্ষোট বৃক্ষ; আখরোট গাছ। ৩। ক্লী. মরিচ। ৪। কাঁকলা। ৫। গন্ধদ্রব্যবিশেষ।

কোল কুঁজো (ল্) [কোল (ক্রোড়)—কুঁজো (কুব্জ)] বিণ. যাহার কোল হইতে কুব্জভাব; কোলের দিকে ঈষৎ অবনত।

কোল জমা (ল্) [ফা। জমীদারী পারিভাষিক শব্দ] বি. অধীন প্রজা; a tenant-at-will.

কোলপুচ্ছ (ল্) [কোলের (শূকরের) পুচ্ছের ন্যায় পুচ্ছ হইয়াছে যাহার, বহু] বি. পুং. কঙ্কপক্ষী; কাঁক পাখী।

কোলপাতি (ল্) [সং—ক্রোড়পত্র শব্দের অপভ্রংশে] বি. ক্রোড়পত্র; অতিরিক্ত পত্র।

কোলপাতলা (কোলপাৎলা) বিণ. পরস্পর দূরবর্ত্তী; কিছু অন্তরে অন্তরে সন্নিবিষ্ট। প্র—"কোল পাতলা ডাগর গুছি। লক্ষ্মী বলেন ঐখানে আছি॥"—খনার বচন।

কোলম্বক (ক্) বি. পুং. বীণার তন্ত্রী ভি[ন্ন] অন্যান্য সমুদায় অবয়ব।

কোলসরা [কোল্‌শরা] বি. হরিদ্রাবর্ণে চিত্রিত দুই খানি সরা, লাল সূতায় বেষ্টিত এবং মুখ মুখি করিয়া বাঁধা। দাড়িম, হরিতকী, বহেড়া, সুপারী, সশিষ নারিকেল মুচি এই পঞ্চ ফ[ল] তন্মধ্যে আবরিত থাকে। এই সরা স্ত্রী-আচা[রে] প্রসিদ্ধ। প্র—"সর্ব্বস্ব পুটলী ভরা বান্ধি নি[ল] কোলসরা সূতা নিল নাটাই সহিত।" —কবিক

কোলা [ফা—কোল (কূপের ভিতর দেওয়ালে[র] গায়ে বা মাঠে ডোবার ধারে যে গর্ত্ত থাকে) তাহাতে যে থাকে এই অর্থে "আ" বি. কোলা ব্যাঙ্। এই ব্যাঙের গলা ফুলা হয় ইহারা ঘ্যাঁ গোঁ শব্দে ডাকে। ইহারা আক[া]রেও খুব বড়। ২। [কোলা ব্যাঙের গলার মত স্ফীত] বি. গো-গল-কম্বলের স্ফীতি রোগ কুকুরাদির গলা ফোলা রোগ। a large swelling on the dewlap of a cow; swollen throat—*Carey*.

৩। [প্রাদে] পেট মোটা জালা। তুল—কোলা-পেটা, নাদা-পেটা।

কোলাকোলি, কোলাকুলি [কোল—আ—কোল—ই] বি. ক্লী. পরস্পর পরস্পরকে ক্রোড়দেশে গ্রহণ; পরস্পর আলিঙ্গন। প্র—"শিব বিষ্ণু কোলাকুলি বাণ নিল পদধূলি শঙ্কর সঁপিল হাতে হাত।"—শিবায়ন।

কোলাঙ্গ (কোলাংগ) [কোল+অঙ্গ] বি. প্রাচীরাদির গাত্রস্থ, ভিত্তির উপরিস্থ দ্রব্যাধার; তাক।

কোলাচ (চ্) [সং—ক্রোড়স্থ] বি. অতি শিশু; দুগ্ধপোষ্য বালক। ২। অতি অল্প বয়স্ক।

কোলাঞ্চ বি. পুং. কলিঙ্গ দেশ।

কোলাৎ [প্রাদে] বি. তালগাছের বাইল হইতে বাহির করা ছোটা বা সূত্র।

কোলানী (কোলানি) বি. আলিঙ্গন। ২। অভ্যর্থনা; সাদর আহ্বান। ৩। আশ্বাস। প্র—"শেষে ফাঁকি আগে দিয়া কথার কোলানী।"—ভারতচন্দ্র। ৪। [সঙ্গীতে] সুরবিশেষ।

কোলাবা [আ—কলাবেহ্ (দুইদিকে সমুদ্র-বেষ্টিত ভূমি) অপভ্রংশে—কোলাবা। সং—কচ্ছ—সমুদ্রকূলের জমি] বি. বম্বাই প্রদেশে সমুদ্রতীরবর্ত্তী জেলাবিশেষ।

কোলা বেঙ, ব্যাঙ (ব্যাং) বি. কোলা দ্রঃ।

কোলাহল (ল্) [অর্ব্বাচীন সং শব্দ] বি. পুং. বহুলোকের অব্যক্ত শব্দ; অনেক লোকের অস্ফুট অথচ একত্র মিশ্রিত উচ্চরব; কলকল ধ্বনি; গোলমাল।

২। পর্ব্বতবিশেষ।

কোলি, কোলী—বি. স্ত্রী. কুলগাছ। ২। কুল ফল। ৩। কুলি; মজুর।

কোলিসর্প [—শর্‌পো] বি. পুং. রাজা সগর কর্ত্তৃক যবন বলিয়া পৃথক্ কৃত ক্ষত্রিয়বর্গ।

কোশ, কোষ (ষ্) [বৈদিক সং—কোষ, পরবর্ত্তী সময়ে 'ষ' স্থানে 'শ'। কুশ্, কুষ্ (নির্গত হওয়া)+অ (সংজ্ঞার্থে, অপাদানে—অল্)—যাহা হইতে সুগন্ধাদি নির্গত হয়] বি. পুং. ক্লী. কলিকা; মুকুল; কোরক; কুঁড়ি। ২। অণ্ড; ডিম্ব। ৩। অণ্ডকোষ; মুষ্ক। ৪। [কর্ম্মে—অল্] খনি হইতে উত্তোলিত কিম্বা অগ্নিতে তরলীকৃত স্বর্ণ ও রৌপ্য। ৫। (করণে—অল্) আবরণ। ৬। খড়্গাদির খাপ্। ৭। [কুষ্ (আকর্ষণ করা)+অ (অধি—অল্)—যে স্থানে সংগৃহীত ধন রাখা হয়] ধনাগার; রাজভাণ্ডার। প্র—কোষাধ্যক্ষ। ৮। পোকার গুটি। ৯। মঞ্জুষা। ১০। মাংস-পেশী। ১১। বীজ; কোয়া। প্র—পীরিতি তুল্য কাঁটাল কোষ; বিচ্ছেদ আটায় লেগেছে দোষ।"—দীনবন্ধু মিত্র। ১২। শব্দসংগ্রহ; অভিধান। প্র—অমরকোষ। ১৩। কোষকাব্য।

কোশ (শ্)—ক্রোশ দ্রঃ।

কোশকার, কোষকার (শ্, র্) [কোশ, ষ—কার (যে কোশ তৈয়ার করে)] বি. পুং. গুটিপোকা। ২। অভিধান-কর্ত্তা; কোষ-কারক। ৩। ইক্ষু।

কোশচঞ্চু (কোশ্‌চোন্‌চু) [কোশ (কোশাকার) হইয়াছে চঞ্চু (ঠোঁট) যাহার, বহু] বি. পুং সারসপক্ষী।

কোশপাল (শ্, ল্) [কোশ (ধনাগার) পাল (রক্ষক) ৬তৎ] বিণ. কোশাধ্যক্ষ; কোশ-রক্ষক; ভাণ্ডাররক্ষক; ধনাধ্যক্ষ; ভাণ্ডারী।

কোশবান (শ্, ন্) [কোশ+বৎ (অস্ত্যর্থে—বতু) কোশবৎ ১মা, ১ব] বিণ. কোশবিশিষ্ট, কোশযুক্ত; যাহার ধনাগার আছে। স্ত্রী. **কোশবতী**—কোশাতকীবৃক্ষ।

কোশল, কোষল, কোসল (ল্) [কুশ্ (দীপ্তি পাওয়া)+অল (সংজ্ঞার্থে)] কাশীর উত্তরে অযোধ্যা প্রদেশের সহিত সমস্ত ভূভাগ। ঐ কোশলরাজ্য "উত্তর" ও "দক্ষিণ" নামে দুই ভাগে বিভক্ত; রামের রাজধানী অযোধ্যার নাম "দক্ষিণ-কোশল" এবং অযোধ্যার উত্তর প্রদেশের নাম "উত্তর-কোশল"।

কোশলাত্মজা (কোশলাৎতঁজা) [কোশল (উত্তর কোশলের রাজা) তাহার আত্মজা (কন্যা) ৬তৎ] বি. স্ত্রী কৌশল্যা; দশরথ-মহিষী; রামের মাতা।

কোশলিক, কোষলিক [কোশ—ষ (ধন) ল (কর্ত্তৃ—ত প্রত্যয়ান্ত লা ধাতুজ)

যে গ্রহণ করে) + ইক (কর্ম্মে—ইকণ্, অক্ষের নিকট হইতে অবৈধরূপে যাহা গ্রহণ করা হয়)] বি, ক্লী, উৎকোচ ; ঘুষ।

কোশা [সং—কোশ] বি, পূজার তাম্রময় জলপাত্রবিশেষ। ক্ষুদ্রার্থে কোশী, চলিত ৷। ২। হস্তকুণ্ড।

কোশা, কোষা [কোশা (দ্রঃ) আকার হইতে] বি, নৌকা ; ডিঙ্গী। প্র—"ভাদ্রমাসে দেখিবে জলের পরিপাটি। কোশা চড়ি বেড়াবে উজান আর ভাটি॥"—ভারতচন্দ্র।

কোশী, কোষী [কোশ—কোষ + ঈ। অল্পার্থে, কুশী (দ্রঃ)] বি, স্ত্রী, ক্ষুদ্র কোষা ; কোশা হইতে যাহা দ্বারা জল উত্তোলন করে। ২। শিম্বিকা। ৩। শস্যের শুঁয়া। ৪। পাদুকা ; জুতা।

কোষ (ষ্) [সং] বি, অণ্ড ; মুষ্ক। ২। গুটী ; Cocoon ৩। ধনাগার। ৪। আবরণ ; খাপ। ৫। জীবদেহস্থ ; সূক্ষ্মাংশ। cell.

[দ্রঃ—কোষ পর্য্যায় উদ্ভিদবিদ্যাবিষয়ক পারিভাষিক শব্দসমূহ ;—**অনুমাতৃকোষ**—special mother cell. **অণুরেণুকোষ**—microsporangium. **কণ্ঠকোষ**—neck cell. **কুটীজনককোষ**—carpogenous cell. **কোষকিরীট**—crown. **কোষচঞ্চু**—rostellum. **কোষছত্রিকা**—ascomycetes. **কোষজরেণু**—ascospore. **কোষনির্ম্মোক**—rejuvenescence. **কোষপ্রাচীর**—cell wall. **কোষফলক**—ligule. **কোষরস**—cellsap. **কোষাত্মক**—thalogen. **জালকোষ**—trabecula. **ঢালকোষ**—shield. **তন্তুৎপাদককোষ**—liber cell. **তর্কুকোষ**—tracheid. **ধারণকোষ**—suspensor. **নালীকোষ**—ventral canal cell ; canal cell. **নিষেককোষ**—spermatium. **পত্রকোষ**—sheath. **পাদকোষ**—vaginula. **পার্শ্বকোষ**—companion cell. **পৃথুকোষ**—auxospore. **পৃথুরেণুকোষ**—macrosporangum. **যোজনকোষ**—passage cell. **বিষমকোষ**—heterocyst, **শিরঃস্থকোষ**—cap cell. **শিলাকোষ**—lithocyst. **সমজালাঙ্কিত কোষ**—lattice cell. **সমষ্টিকোষ**—spongiole. **সভুজকোষ**—basidium. **সহকারীকোষ**—synergida. **স্বোদ্ভূতকোষ**—idioblast. সা-প-প, ১৩১৭]।

কোষ-কাব্য (কোষ্ কাব্বো) বি, ক্লী, যে কাব্যের শ্লোক সমূহের মধ্যে একের সহিত অন্যের কোন অপেক্ষা নাই তাদৃশ কাব্যের নাম কোষকাব্য ; পরস্পর নিরপেক্ষ শ্লোকসমূহ। প্র—অমরুশতক ; সদ্ভাবশতক ; চয়নিকা প্রভৃতি।

কোষবৃদ্ধি (ষ্) [কোষের (মুষ্কের) বৃদ্ধি, ৬ষ্ঠীতৎ] বি, স্ত্রী, অণ্ডকোষের স্ফীতি রোগ ; মুষ্কের বৃদ্ধি ; hydrocele. ২। [কোষের (ধনের) বৃদ্ধি, ৬তৎ] ধনের বৃদ্ধি ; অর্থের উন্নতি। ৩। [কোষের (মুকুলের) বৃদ্ধি হয় যাহাতে, বহু] কুরণ্ডক বৃক্ষ।

কোষা (কোশা দ্রঃ) [সং—কোষ + আ (বৃহদর্থে)। ক্ষুদ্রার্থে কোষী, কুষী] বি, তাম্রময় পূজার জলপাত্রবিশেষ ; পূজাহ্নিকের গঙ্গাজল রাখিবার পাত্র। ২। ডোঙ্গা। ৩। পূর্ব্বকালের রণতরীবিশেষ। কোষাতে আগ্নেয়াস্ত্রও রক্ষিত হইত। তখন শ্রীপুরে উৎকৃষ্ট কোষা নির্ম্মিত হইত। ৪। লেবু জাতীয় ফলের এক এক খণ্ড।

কোষাধ্যক্ষ (কোষাধ্ধোক্খ) [কোষের (ভাণ্ডারের) অধ্যক্ষ (কর্ত্তা) ৬ তৎ] বি, পুং, ধনাগারের কর্ত্তা ; ধনরক্ষক ; যাহার উপর ধনাগারের কর্ত্তৃত্ব ভার থাকে। ২। ধনাধিপতি কুবের।

কোষিক (ক্) বি, কষ্টিপাথর, যে প্রস্তরে স্বর্ণ পরীক্ষা করা হয়। প্র—"কোষিক পাথরে তেজল কনক রেহা"—বিদ্যাপতি।

কোষী [কোষ + ইন্ (অস্ত্যর্থে) = কোষিন্ ১মা, ১ব] বি, পুং, ফলের কড়েয়ার পরবর্ত্তী অবস্থা ; নবোদ্গত ফল। প্র—কোষী আম (এই অর্থে কুষীও বলে)। ২। আম্রবৃক্ষ (শব্দকল্পদ্রুমঃ)। ৩। স্ত্রী, শস্যের শুঁয়া। ৪। চর্ম্মপাদুকা ; জুতা।

কোষেশ (শ্) [জীব বিঃ পরিঃ] বি, বর্ণ ও আকারহীন জীব-দেহের সারপদার্থবিশেষ ; nucleus. বিণ, **কোষেশক**—কোষেশবিশিষ্ট ; nucleolus. **কোষেশ রস** [উদ্ভিদ বিঃ পরিঃ] নাভিরস ; nucleoplasm.

কোষ্ট (কোশ্টো) [সং—কোষ্ঠ] বি, মল ; পুরীষ ; বাহ্যে। ২। মল-নির্গম ; পুরীষ-ত্যাগ। প্র—"এক ছিলিম অগুতঃ ভোরে উঠেই চাই, নইলে হয় না কোষ্ট ; কত কষ্ট পাই॥" —রজনী সেন। **কোষ্টপরিষ্কার কোষ্টসাফ হওয়া**—কোষ্ঠশুদ্ধি হওয়া ; উত্তম রূপে মল বহির্গত হইয়া উদরস্থ মলভাণ্ড বা মলনাড়ী পরিষ্কার হওয়া। **কোষ্ঠবদ্ধ হওয়া**—মলভাণ্ড হইতে মল নিঃসৃত না হওয়া।

কোষ্টা (কোশ্টা) [প্রাদে] বি, পাট।

কোষ্ঠ (কোশ্ঠ) [কুষ্ (নির্গত হওয়া) + থ (অপাদানে - থন্) থ = ঠ। যাহা হইতে শস্যাদি বিক্রয়ার্থ নির্গত হয়] বি, পুং, শস্যশালা ; শস্যাগার ; গোলা। ২। গৃহমধ্য ; ঘরের মধ্যস্থান। ৩। প্রকোষ্ঠ ; কোটা। ৪। উদরমধ্য ; পেটের মধ্যস্থল। ৫। উদরের মধ্যস্থিত মলাশয় বা মলভাণ্ড। ৬। [কোষ্ঠস্থ বলিয়া] পুরীষ ; বিষ্ঠা ; মল। ৭। [আয়ুর্ব্বেদে] মধ্যশরীর ; "হৃদয় হইতে অপান বায়ুর স্থান পর্য্যন্ত অংশ ; আমাশয়, পিত্তাশয়, পক্বাশয়, মূত্রাশয়, রক্তাশয়, হৃদয় উণ্ডুক ও ফুস্ফুস্ ইহাদের সাধারণ নাম কোষ্ঠ।"—দুর্গানারায়ণ সেন শাস্ত্রী (সা-প-প, ১৩১৫)। সুশ্রুত-মতে শরীর ৬ ভাগে বিভক্ত ;—হস্তপদাদি ৪ অংশ, কোষ্ঠ বা মধ্যশরীর ৫ম অংশ ও মস্তক ৬ষ্ঠ অংশ।

কোষ্ঠবদ্ধ—বি, কোষ্ঠাশ্রিত মলের অনিঃসরণরূপ রোগ ; কোষ্ঠবদ্ধতা রোগ ; যে রোগে কোষ্ঠাশ্রিত মল দৃঢ় হইয়া নির্গত হয় না ; constipation. ২। বিণ, মলভাণ্ডে আবদ্ধ। বি, **কোষ্ঠবদ্ধতা**—costiveness.

কোষ্ঠবন্ধ—বি, মলবন্ধ ; মলরোধ।

কোষ্ঠশুদ্ধি [কোষ্ঠের (মলভাণ্ডের) শুদ্ধি (নির্ম্মলতা) ৬তৎ] বি, স্ত্রী, মলভাণ্ডের নির্ম্মলতা ; মলশুদ্ধি ; উত্তমরূপে মলনির্গম ; মলাশয় বা মলভাণ্ড পরিষ্কার থাকা।

কোষ্ঠাগার (র্) [কোষ্ঠ (গোলা) আগার (গৃহ)] বি, ক্লী, ধান্যাদি শস্য রাখিবার গৃহ ; গোলাঘর। স্ত্রী, **কোষ্ঠাগারিকা**—কুমীরে মাটী ; কুমীরে পোকা যে মাটীতে গৃহ নির্ম্মাণ করে।

কোষ্ঠাগ্নি—বি, জঠরাগ্নি ; পাচকাগ্নি।

কোষ্ঠাঙ্গ [কোষ্ঠ দ্রঃ] বি, ক্লী, নাভি হৃদয়াদি পঞ্চদশ অঙ্গ।

কোষ্ঠিকযন্ত্র (কোশ্ঠিকজন্ত্র) বি, ক্লী, কামারের যাঁতা ; হাপর।

কোষ্ঠী [কোষ্ঠ + ঈ (স্ত্রী—ঈপ্)] বি, স্ত্রী, জন্মপত্রিকা ; যে পত্রে জন্ম সময়ের গ্রহ রাশি ও নক্ষত্রাদির স্থিতি ও সঞ্চারাদি গণনা করা থাকে। উহা দ্বারা মানবের যাবজ্জীবনের শুভাশুভ ফল নিরূপিত হয়।

কোষ্ঠ্যা [কষ্ট হইতে] বি, যে কষ্ট পায়। প্র—"অন্নকোষ্ঠ্যা বন্দী কাড়ে বিপরীত রা।"

কোহ [সং—কোক] বি, চক্রবাক ; চকাচকি পক্ষী।

কোহল (ল্) [কু—হল্ (আকর্ষণ করা) + অ (কর্ত্তৃ—অচ, সংজ্ঞার্থে) যে ভাবাদি প্রকটন দ্বারা পাঠক ও শ্রোতার চিত্ত আকর্ষণ

করে] বি, পুং, নাট্যকার। ২। বাদ্যযন্ত্র-বিশেষ। ৩। মদ্যবিশেষ।

কোহাড়া [প্রাদে। কোয়াসা দ্রঃ] বি, কুজ্ঝটিকা; কোয়াসা।

কোহিনুর (র্) [ফা—কোহ্ (পর্ব্বত)—ই—নুর (আলোক) পার্ব্বত্য আলোক] বি, স্বনামপ্রসিদ্ধ হীরক।

কোহিল (ল্) [কোকিল, প্রাকৃ—কোহিল, কোইল] বি, কোকিল পক্ষী।

কৌকুর (র্) [কুকুর (তন্নামক বংশ) + অ (ভবার্থে—অণ্)] বি, পুং, নৃপতিবিশেষ। ২। দেশবিশেষ।

কৌক্কুটিক (ক্) [কুক্কুট + ইক (ভবার্থে)] বিণ, পুং, অভিমানী; দাম্ভিক। ২। বি, এক সম্প্রদায় সন্ন্যাসী যাহারা জীবহত্যার ভয়ে সাবধানে পাদক্ষেপ করে।

কৌক্ষ (কৌক্‌খ) [কুক্ষি + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, কুক্ষিসংলগ্ন; কুক্ষিগত।

কৌক্ষক (ক্) [কুক্ষি (উদর) + অক (ভবার্থে)] বিণ, কুক্ষিদেশোৎপন্ন: কুক্ষিজ।

কৌক্ষেয়, কৌক্ষেয়ক (ক্) [কুক্ষি (উদর) + এয় (সম্বন্ধার্থে-এয়ণ্) পক্ষে ক যোগ] বি, পুং, কুক্ষিতে যাহা বদ্ধ থাকে: অসি।

কৌচ (চ্) [ইং—couch] বি, পালঙ্ক; বসিবার আসন। প্র—"নিশ্বাস ফেলে বসলেন গিয়ে একখান লম্বা কৌচে"—দ্বিজেন্দ্র রায়।

কৌঞ্জায়নী (নি) [কুঞ্জ + আয়ন্ (অপত্যার্থে) = কৌঞ্জায়ন + ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, মাগ্ধা ব্রাহ্মণী। [বিরল]। ২। কুঞ্জনামক ব্রাহ্মণের কন্যা। পুং, কৌঞ্জায়ন।

কৌট (টো) ["কৌটা" র কথ্যরূপ] বি, কৌটা দ্রঃ। ২। [সং—কুট হইতে] বিণ, কুটিল: মিথ্যা। প্র—কৌট-সাক্ষী।

কৌটা [সং—কট—আবরণে। প্রা—কোটো। হি—কটুয়া। তুল—হি—কটোর দান] বি, তৃণ: কাষ্ঠাদি-নির্ম্মিত আবরণযুক্ত ক্ষুদ্র পাত্রবিশেষ। প্র—"সিন্দুরের কৌটা নাও"—অশোকগুচ্ছ।

কৌটিক (ক্) [কূট (ফাঁদ) + ইক (কৃতার্থে —ইকণ্) যাহারা পশু-পক্ষী বধের জন্য ষড়যন্ত্র করে] বিণ, ব্যাধ। ২। মাংসবিক্রয়কারী: কসাই।

কৌটিলিক (ক্) [কুটিল (বক্র) + ইক (ভবার্থে—ইকণ্) যাহারা মৃগয়াকালে বক্র-ভাবে গমন করে] বি, পুং, ব্যাধ। ২। কর্ম্মকার।

কৌটিল্য (কৌটিল্‌ল) [কুটিল + য (ভাবে—ষণ্)] বি, ক্লী, কুটিলতা; বক্রতা। ২। ক্রূরতা। ৩। পুং, চাণক্য নামক প্রসিদ্ধ পণ্ডিত ব্রাহ্মণ। ইনি কুটিলতার আধার বলিয়া কৌটিল্য নামে বিখ্যাত হন।

কৌটুম্বিক (ক্) [কুটুম্ব + ইক (পালনার্থে —ইকণ্)] বিণ, কুটুম্ব পোষণকারী। ২। কুটুম্ব সম্বন্ধীয়।

কৌড়ি [সং—কপর্দ্দক: হি—কৌড়ী] বি, কপর্দ্দক; কড়ি।

কৌণপ (কৌনপ্) [সং। কুণপা (রাক্ষসী) + অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, রাক্ষস।

কৌণী বি, জরিপে ব্যবহৃত জমির পরিমাণবিশেষ; ১ হাত দীর্ঘ ও ১হাত প্রস্থ অর্থাৎ ১ বর্গ হস্তকে ১ কৌণী বলে।

কৌতর (র্) [হি—কবুতর] বি, কপোত; পায়রা।

কৌতুক (ক্) [কুতুক (আনন্দ) + অ (স্বার্থে, অণ্)] বি, ক্লী, কৌতূহল: ঔৎসুক্য; কোন বিষয় জানিবার একান্ত ইচ্ছা। ২। আমোদ: আনন্দ; মজা। প্র—"এ বড় কৌতুক"—অ,ম। ৩। উৎসব। ৪। নৃত্যগীতাদি-বিষয়ক তামাসা। ৫। পরিহাস। ৬। পরম্পরাগত মঙ্গল। ৭। হস্তসূত্র। ৮। ভোগকাল।

কৌতুকাবহ [কৌতুক—আবহ (জনক)] বিণ কৌতূহলজনক। ২। আনন্দজনক।

কৌতুকী [কৌতুক (আনন্দ) + ইন্ (অস্ত্যর্থে) = কৌতুকিন্ ১মা, ১ব] বিণ, কুতূহলাক্রান্ত: আমোদী। ২। যাহার কৌতুক জন্মিয়াছে: কৌতুহলী। ৩। যে কৌতুক করে; আনন্দ-কারী। স্ত্রী, কৌতুকিনী—নায়িকাবিশেষ।

কৌতূহল (ল্) [কুতূহল + অ (স্বার্থে—অণ্)] বি, ক্লী, কৌতুক; কুতূহল: অভিনব বিষয় জানিতে বা শুনিতে একান্ত আগ্রহ। ২। অভিলাষ: ঔৎসুক্য।

কৌৎস্য (কৌৎশ) [কুৎস (মুনি) + অ (অপ-ত্যার্থে—অন্)] বি, পুং কুৎসমুনির পুত্র।

কৌথুম (ম্) [কুথুম (বেদের শাখাবিশেষ) + অ (জ্ঞাতার্থে অণ) যিনি কুথুম নামক বেদশাখা জানেন] বিণ, কুথুমশাখাধ্যায়ী: কুথুমশাখাভিজ্ঞ: কুথুমশাখাবেত্তা।

কৌদালিক, কৌদালীক [কুদাল + ইক, ঈক (সংজ্ঞার্থে—ইকণ্) কোদালিয়া] বি, পুং, যাহারা কোদাল অস্ত্রদ্বারা জীবিকা নির্ব্বাহ করে। প্রা—কোদালে।

কৌন্তিক (ক্) [কুন্ত (প্রাস অস্ত্র) + ইক (আয়ুধার্থে—ইকণ্)] বি, পুং, কুন্ত যাহা-দের অস্ত্র: কুন্তধারী: প্রাস-অস্ত্রধারী; যোদ্ধা। প্র—"দুরন্ত কৌন্তিককুল কুন্ত আস্ফালিল।" —মেঘনাদ।

কৌন্তেয় (অ) [কুন্তি (কুন্তিভোজনন্দিনী + এয় (অপত্যার্থে—এয়ণ্)] বি, পুং, কুন্তি পুত্র; যুধিষ্ঠিরাদি পঞ্চভ্রাতা। ২। যুধিষ্ঠির ৩। অর্জ্জুনবৃক্ষ।

কৌপ [কূপ + অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, ক্লী কূপ জল। ২। বিণ, কূপসম্বন্ধীয়। ৩ কূপোৎপন্ন।

কৌপীন (ন্) [কূপ + ঈন (সংজ্ঞার্থে) অপ ভ্রংশে, কপ্নী] বি, ক্লী, মেখলাবদ্ধ উদাসীন গণের পরিধেয় বস্ত্রখণ্ড: ভগবদুপাসকদিগে পরিধেয় ছিন্নবস্ত্রখণ্ড; চীরবসন; তেনা।

কৌবের (র্) [কুবের (ধনপতি) + অ (সম্ বন্ধার্থে—অণ্)] বিণ, কুবের সম্বন্ধীয়। ২। বি ক্লী, কুড়গাছ। স্ত্রী, কৌবেরী—কুবের অধিষ্ঠিত দিক্; উত্তর দিক্। ২। মাতৃকা বিশেষ: কুবেরশক্তি। কৌমারী দ্রঃ।

কৌমার (র্) [কুমার (বালক) + অ (ভাবে—অণ্)] বি, ক্লী, কুমারদশা; বাল্যাবস্থা পঞ্চম বর্ষ হইতে দশ বর্ষ পর্য্যন্ত; তন্মতে ষোড়শবর্ষ পর্য্যন্ত। ২। [কুমার (কার্ত্তিকেয় + অ (স্বার্থে—অণ্)]—কার্ত্তিকেয় ৩। বিণ, কুমার সম্বন্ধীয়। ৩। অবিবাহি পুত্র; যে পুত্রের বিবাহ হয় নাই। স্ত্রী কৌমারী—অবিবাহিতা কন্যা। ২। প্রথম স্ত্রী। ৩। মাতৃকাবিশেষ: কার্ত্তিকের শক্তি

কৌমারিকেয় [কুমারিকা + এয় (অপত্যা —এয়ণ্)] বি, পুং, কুমারীর অর্থাৎ অবিবাহি কন্যার গর্ভজাত পুত্র; কানীন পুত্র।

কৌমুদ (দ্) [কুমুদ + অ (বিকাশার্থে—অণ্ যে সময় কুমুদ সকল বিকসিত হয়] বি, পুং শরৎকাল; আশ্বিন, কার্ত্তিকমাস।

কৌমুদী [কুমুদ (শ্বেতোৎপল) + অ (বিকাশা —অণ্) ঈপ্—স্ত্রী। যে শ্বেতোৎপল (কুমুদী বিকসিত করে] বি, স্ত্রী, চন্দ্রিকা; জ্যোৎস্না চন্দ্রের কিরণ। চন্দ্রের কিরণ স্পর্শে কুমু প্রস্ফুটিত হয় ইহাই কবিপ্রসিদ্ধি। ২ [কুমুদ (কার্ত্তিকমাস) + অ (সম্বন্ধার্থে—অণ্ ঈপ্—স্ত্রী] কার্ত্তিকী পূর্ণিমা। ৩। কার্ত্তিকী পূর্ণিমাতে কৃত রাসযাত্রা নামক মহোৎসব ৪। আশ্বিনমাসের পূর্ণিমা।

কৌমুদীপতি (পো) [কৌমুদীর (জ্যোৎস্নার পতি (প্রভু) ৬তৎ] বি, পুং, চন্দ্র।

কৌমোদকী [কু (পৃথিবী) তাহার মোদ (আনন্দদায়ক) = কুমোদক (বিষ্ণু) (ই পৃথিবীপালক বলিয়াই আনন্দদায়ক) + অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, স্ত্রী, কৃষ্ণের গদা।

(র্) [কুম্ভীর + অ (স্বার্থে—অণ্) বি, কুম্ভীরজাতীয় হিংস্র জলজন্তুবিশেষ loricatai.

কৌরব (ব্) [কুরু (রাজা) + অ (অপত্যার্থে—অণ্)] বি. পুং. কুরুরাজবংশীয় : কুরুরাজবংশে জাত দুর্য্যোধনাদি।

কৌরবেয় [কুরু (কুরু রাজা) + এয় (অপত্যার্থে—এয়ণ্)] বিণ. কুরুরাজবংশীয় : কুরুকুলে জাত : কুরুরাজবংশে যাহাদের জন্ম।

কৌরব্য (কৌরোব্‌বো) [কুরু + য (অপত্যার্থে—যণ্)] বিণ. কুরুবংশে জাত : কুরুকুলোৎপন্ন।

কৌর্ম্ম (কৌর্‌ম) [কূর্ম্ম + অ (সম্বন্ধার্থে—অণ্)] বি. ক্লী. বিষ্ণুর একাদশ অবতার কূর্ম্মদেবের মাহাত্ম্য যে পুরাণে বর্ণিত হইয়াছে : কূর্ম্মপুরাণ। ২। [স্বার্থে—অণ্] কূর্ম্মাদি। ৩। বিণ. কূর্ম্ম সম্বন্ধীয়।

কৌল [কুল (বংশ) + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ. সদ্‌বংশে যাহাদের জন্ম। ২। কুল-ক্রমাগত : কৌলিক। ৩। বামাচারী : বীরভাবাক্রান্ত তান্ত্রিক। ৪। ক্লী. তপ্রোক্ত আচার।

কৌলটিনেয়, কৌলটেয় [কুলটা (বেশ্যা) + এয় (অপত্যার্থে—এয়ণ্) ১ম পদের মধ্যে ইন আগম] বি. পুং. কুলটার পুত্র : জারজ।

কৌলব (ব্) [জ্যোতিষে] বি. পুং. "বব" আদি একাদশ করণান্তর্গত করণবিশেষ।

কৌলিক (ক্) [কুল (বংশ) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ. পূর্ব্বপুরুষানুগত : বংশপরম্পরাগত ; যে কুলের সকল পুরুষ যে কার্য্যের অনুষ্ঠান করে সেই কার্য্যই ঐ কুলের কৌলিক কার্য্য। ২। কুলাচার বা কুলধর্ম্ম অনুষ্ঠানকারী। ৩। যিনি কুলোচিত ধর্ম্মের প্রবর্ত্তন করেন। ৪। বি. কুলধর্ম্ম। প্র—উহা তাহার কৌলিকে লেখে নাই। ৫। বামাচারী : তান্ত্রিক। ৬। বি. পুং. তন্তুবায় : তাঁতি।

ন (ন্) [কুলীন (সদ্বংশোৎপন্ন) + অ (ভাবার্থে—অণ্)] বি. ক্লী. উচ্চবংশে জন্ম। ২। বংশের নিন্দা বা অপবাদ। ৩। গুণদেশ।

কৌলীন্য (কৌলিন্‌নো) [কুলীন + য (ভাবে—যণ্)] বি. ক্লী. কুলমর্য্যাদা ; বংশপ্রতিষ্ঠা ; কুলগৌরবে প্রাধান্য। ২। গৌড়রাজ বল্লাল-সেন প্রবর্ত্তিত বংশমর্য্যাদা। প্র—"কৌলীন্য-শ্মশানকালী-হৃদয় তুষিতে, দিবেন দুহিতা বলি অপাত্র-অসিতে।"—দীনবন্ধু মিত্র।

কৌলেয় [কুল + এয় (জাতার্থে—এয়ণ্)] বিণ. শ্রেষ্ঠ কুলোদ্ভব ; সদ্বংশজাত।

কৌলেয়ক (ক্) [কুল (বংশ) + এয় (জাতার্থে—এয়ণ্) = কৌলেয় + ক (স্বার্থে)] বিণ. সদ্‌বংশোৎপন্ন ; কুলীন। ২। [কুল (গৃহ) + এয় (পাল্যার্থে) + ক (স্বার্থে) যে গৃহে পালিত হয়] বি. পুং. কুকুর।

কৌশ (শ্) [কুশ + অ (উৎপত্ত্যর্থে—অণ্) কুশ যে স্থানে জন্মে—ঐ স্থান কুশের জন্মভূমি বলিয়া এই নাম] বি. কান্যকুব্জ ; কনৌজ।

কৌশল (ল্) [কুশল (নিপুণ) + অ (ভাবে—অণ্)] বি. ক্লী. নিপুণতা ; দক্ষতা : কুশলতা। প্র—কার্য্য-কৌশল। শিল্পকৌশল। কলা-কৌশল। ২। উপায় ; ফন্দি। প্র—কৌশল উদ্ভাবন করা। ৩। ছল ; চাতুর্য্য। প্র—কৌশলপূর্ব্বক কার্য্য উদ্ধার করা। বিণ. **কৌশলী**।

কৌশলিকা (শো) [কুশল (মঙ্গল) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্) আপ্, স্ত্রী] বি. স্ত্রী. মঙ্গল-জিজ্ঞাসা : কুশল প্রশ্ন। ২। উপহার ; ভেট।

কৌশলেয় [কৌশল্যা (দশরথপত্নী) + এয় (অপত্যার্থে—এয়ণ্)] বি. পুং. কৌশল্যাত্মজ শ্রীরাম।

কৌশল্যা, কৌসল্যা (কৌশোল্‌ল্যা) [কোশল (কোশলদেশের রাজা) + য (অপত্যার্থে—যণ্) আপ্, স্ত্রী] বি. পুং. কোশল-রাজপুত্রী ; দশরথের পট্টমহিষী ও রামজননী।

কৌশল্যায়ন (শো, ন্) [কৌশল্যা + আয়ন (অপত্যার্থে—আয়নণ্) = কৌশল্যায়ন] বি. পুং. কৌশল্যানন্দন : রামচন্দ্র।

কৌশাম্বী [কুশাম্ব (বৎসরাজা) + অ(সম্বন্ধার্থে —অণ্) = কৌশাম্ব + ঈপ্, স্ত্রী] বি. স্ত্রী. বৎস রাজার রাজধানী ; প্রয়াগের সন্নিহিত নগর-বিশেষ।

কৌশিক, কৌষিক (ক্) [কুশিক—কুষিক (মুনি) + অ (অপত্যার্থে - অণ্) কু = কৌ] বি. পুং. কুশিক মুনির পুত্র ; বিশ্বামিত্র। ২। [কোশ—কোষ [ধনাগার) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বি. পুং. ইন্দ্র। ৩। [কোশ—কোষ (অভিধান) + ইক (জ্ঞাতার্থে—ইকণ্)] কোষ-প্রণেতা ; অভিধানজ্ঞ। ৪। কোষাধ্যক্ষ। ৫। বিষবৈদ্য ; সাপুড়ে। [নকুল (নৈজী), পেচক, গুগ্‌গুল্‌ মজ্জা প্রভৃতি অর্থে ও সং-তে ব্যবহার আছে। বাং-প্র. অ] ৬। বিণ. রেশমী বস্ত্র ; কৌশিকবস্ত্র। স্ত্রী. **কৌশিকা**—পানপাত্রবিশেষ।

কৌশিকাত্মজ (কৌশিকাৎতজ্) [কৌশিকের (ইন্দ্রের) আত্মজ (পুত্র) ৬তৎ] বি. পুং. ইন্দ্রের পুত্র ; জয়ন্ত। (২) অর্জ্জুন। ২। অশ্বকর্ণ বৃক্ষ।

কৌশিকায়ুধ [কৌশিকের (ইন্দ্রের) আয়ুধ (শরাসন) ৬তৎ] বি. ক্লী. ইন্দ্রের ধনু। ২। বিশ্বামিত্রের ধনু।

কৌশিকী, কৌষিকী [কৌশিক + ঈপ্ (স্ত্রী)] বি. স্ত্রী. আদ্যাশক্তি ; দুর্গা ; জগদ্ধাত্রী মূর্ত্তি ; নিশুম্ভবধের জন্য কালিকার কোষ বা কায়-সম্ভবা দেবী (দেবীপুরাণ)। প্র-"জয় চণ্ডি দিগম্বরি ঈশ্বরি শঙ্করি কৌশিকি ভারত-ভীতিহরে।"—ভারতচন্দ্র। ২। বেহারের অন্তর্গত নদীবিশেষ [পুরাণ-মতে এই নদী কৌষিকাত্মজ বিশ্বামিত্রের জ্যেষ্ঠা ভগিনী বলিয়া এই নাম]। ৩। [নাট্যে] রচনা-ভেদ।

কৌশিলব্য (কৌশিলোব্‌বো) [কুশীলব (নট) + য (সম্বন্ধার্থে—যণ্)] বি. ক্লী. নাচ গানের ব্যবসায়। (কুশীলব দ্রঃ)।

কৌশেয়, কৌষেয় [কোশ—কোষ (কৃমি-কোশ) + এয় (জাতার্থে - এয়ণ্)] বিণ. কৃমিকোষজাত ; রেশমকীটকোষোৎপন্ন।

কৌঁশুলি, কৌন্সিলি, কৌন্‌সুলি [ইং—council] বি. উচ্চ আদালতের উকীল। (কৌন্‌সুলি দ্রঃ)।

কৌসুম্ভ [কৌসুম্‌ভ] (কুসুম্ভ + অ (স্বার্থে—অণ্) বি. পুং. কুসুম্ভফুল। ২। কুসুম্ভফুলের রঙ। ৩। বিণ. কুসুম্ভফুলের রঙ্গে ছোবান।

কৌস্তুভ (কৌস্‌তুভ্) [কু (পৃথিবী) স্তুভ্ (ব্যাপ্ত করা) + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—অচ) = কুস্তুভ (যে পৃথিবীব্যাপী ; বিষ্ণু) + অ (সম্বন্ধার্থে —অণ্) কিম্বা কুস্তুভ (সমুদ্র) + অ (জাতার্থে—অণ্) যাহা সমুদ্রে জন্মিয়াছে] বি. পুং. কৃষ্ণের বক্ষ-ভূষণ ; প্রসিদ্ধ মণি। ২। আরাধনার্থ অঙ্গুলিঘটিত মুদ্রাবিশেষ।

ক্যাঁ—অনুকার শব্দ। ক্রমাগত কণ্ঠের চীৎকার অর্থে দ্বিত্ব হয়। প্র-পাখীটা রাত দিন ক্যাঁ ক্যাঁ করিতেছে। **ক্যাঁক করা, ক্যাঁক করিয়া উঠা**—কথার মধ্যে বা কোন প্রসঙ্গ উত্থাপনেই বাধা দেওয়া বা প্রতিবাদ করা। প্র—আগে শুন কি বলে একেবারেই ক্যাঁক্ করিয়া উঠ কেন? ২। আঁৎকে উঠা ; আঁৎকান। **ক্যাঁক্‌ক্যাঁক্**—কর্কশ কণ্ঠরব। বিণ. **ক্যাঁক্-কেঁকে, ক্যাঁক-কেঁকিয়া**—কর্কশ।

ক্যাক্‌ম্যাক্ [খ্যাকম্যাকও বলে] বি. কর্কশ কণ্ঠে ও দাঁত খিচাইয়া তাড়না। ২। অসন্তোষ বা অস্বীকারসূচক কর্কশোক্তি ; রূঢ় প্রতিবাদ।

ক্যাঁটক্যাঁট (ট্,ট্) [তুল—প্যাটপ্যাট। কণ্টক বিদ্ধ করিবার শব্দসূচক] বি. মর্ম্মচ্ছেদ। বিণ. **ক্যাঁটকেঁটে**—মর্ম্মভেদী ; মর্ম্মন্তুদ ; হৃদয়-বিদ্ধকারী ; কর্কশ ; কঠোর। **ক্যাঁটকেঁটে কথা**—কর্কশ বচন। **ক্যাঁট ক্যাঁট করিয়া শুনাইয়া দেওয়া**—কড়া কড়া কথায় মুখের উপর জবাব করা বা ভর্ৎসনা করা।

ক্যাদড়ানি (দ্) [কাদা (ধোয়া)—পানি (জল)] বি, কাদা ধোয়ানি ; কাদাধোয়া জল। ২। শরীরের বা কোন বস্তুর ময়লা ধোয়া জল।

ক্যাবাৎ (কেয়া) [হি—কেয়া (কি) বাৎ (বার্ত্তা, কথা) প্রশ্নে, বিস্ময়ে, প্রশংসায়] অ, বিস্ময়। ২। প্রশংসা ; বাহবা ; বেশ। ৩। [বিদ্রূপে] সাবাস। প্র—"মাছকাতুরে ভেকো হ'ল কেয়াবাৎ কেয়াবাৎ।"—হেমচন্দ্র।

ক্যামবিস (ক্যাম্‌বিশ্) [ইং—canvas, গ্রী—cannabis] বি, মোটা বস্ত্রবিশেষ ; তৈল-চিত্রাদি অঙ্কিত করিবার বস্ত্রবিশেষ ; তাঁবু, নৌকা, জাহাজ প্রভৃতির পাইলের কাপড়। ২। জাহাজের পাইল।

ক্যারা, ক্যারাবাঙ্গালী-বি, উৎকলে বহুকাল হইতে বাস করিতে করিতে ওড়িয়া-ভাবাপন্ন বাঙ্গালী। প্র—উড়িষ্যায় পরগাছা "ক্যারা" অগণন।"—দীনবন্ধু মিত্র (দ্বাদশ কবিতা)।

ক্যারাচে [তির্য্যক্—ত্যারচা হইতে] বিণ, তির্য্যক্ ; কোণাকোণি।

ক্যাষ্টর অ'য়েল [ইং— castor oil] বি, রেড়ির তেল। ২। জোলাপের ঔষধরূপে ব্যবহৃত রেড়ির তেল।

ক্রকচ (ক্রোকচ্) [ক্র (অনুকরণ শব্দ)—কচ্ (অনুকরণ শব্দ)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্) যাহা ক্র ও কচ এইরূপ শব্দ করে ; কাঠ চিরি-বার সময় এইরূপ শব্দ হয়] বি, পুং, ক্লী, করাৎ। ২। [আয়ুর্ব্বেদে] গেঁটেলা। (২) বঁইচ গাছ। (৩) কাঁটা নটে। (৪) বাঁশের কোঁড়। ৩। [জ্যোতিষে] যোগবিশেষ।

ক্রকচচ্ছদ (ক্রোকচ্ছদ) [ক্রকচ্ (করপত্র) তত্তুল্য হইয়াছে ছদ (পত্র) যাহার (বহু) যাহার পাতার করাতের ন্যায় কাটা কাটা আছে] বি, পুং, কেতকীবৃক্ষ।

ক্রকচপাদ (ক্রোকচপাদ্) [ক্রকচের ন্যায় পাদ (পা) হইয়াছে যাহার (বহু)। যাহার পায়ে করাতের ন্যায় কাটা কাটা আছে] বি, পুং, কৃকলাস ; কাঁকলাস।

ক্রতু (ক্রোতু) [কৃ (করা)+অতু (কর্ম্মে—সংজ্ঞার্থে) কৃ=ক্র। যাহা যাজ্ঞিকগণ কর্ত্তৃক কৃত হয়] বি, পুং, যজ্ঞ ; ইজ্যা ; যাগ। প্র—"পুত্রজনমের হেতু, দ্বিজ আনি করে ক্রতু, অগ্নি তারে দিল কন্যাবর।"—কবিক। ২। দেবপূজা। ৩। বশিষ্ঠাদি সপ্তর্ষির মধ্যে একজন ঋষি। ৪। [সর্ব্বযজ্ঞে-শ্বর ও যজ্ঞস্বরূপ বলিয়া] বিষ্ণু। ৫। [অতু (করণে) যাহা দ্বারা যজ্ঞ করা হয়] ইন্দ্রিয়।

ক্রতুধ্বংসী (ক্রোতুদ্‌ধোংশি) [ক্রতু (সাধারণ যজ্ঞ বুঝাইলেও এখানে তাৎপর্য্য বশতঃ—দক্ষ-যজ্ঞ) ধ্বন্‌স্ (নষ্ট করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) =ক্রতুধ্বংসিন্ ১মা, ১ব—যিনি দুষ্টের দমনার্থ দক্ষের যজ্ঞ ধ্বংস করেন] বি, পুং, শিব।

ক্রতুভুক্ (ক্রোতুভুক্) [ক্রতু (যজ্ঞে দেয় বস্তু)—ভুজ্ (ভোজন করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) জ=ক্) যে যজ্ঞীয় দ্রব্য ভোজন করে] বি, পুং, দেবতা।

ক্রতুরাজ (ক্রোতুরাজ্) [ক্রতুর (যজ্ঞের) রাজা (সর্ব্বপ্রধান) ৬তৎ, রাজা=রাজ] বি, পু, যজ্ঞশ্রেষ্ঠ ; রাজসূয়। (২) অশ্বমেধ যজ্ঞ।

ক্রতুস্থলী (ক্রোতুসথোলি) [পুরাণে] বি, স্ত্রী, সূর্য্যের রথে অবস্থানকারিণী অপ্সরাবিশেষ।

ক্রতূত্তম (ক্রোতুৎতম্) [ক্রতুর মধ্যে উত্তম (প্রধান) ৭ তৎ] বি, পুং, শ্রেষ্ঠ যজ্ঞ ; রাজসূয় যজ্ঞ।

ক্রন্দন (ক্রোন্দন্) [ক্রন্দ্ (আহ্বান করা, রোদন করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আহ্বান ; ডেকে আনা (অপ্র)। ২। অশ্রু ত্যাগ ; রোদন ; কান্না। ৩। [আহ্বান অর্থ হইতে বাং-তে "কাঁদাকাটা" শব্দের উৎপত্তি] অনুনয় বিনয়। ৪। অনুযোগ : কাঁদুনি।

ক্রন্দিত (ক্রোন্দিতো) [ক্রন্দ্ (কাঁদা)+ত (কর্ত্তৃ—ক্ত] বিণ, যে রোদন করিতেছে। ২। (ভাবে—ক্ত) বি, ক্লী, ক্রন্দন ; কান্না। ৩। আহ্বান।

ক্রব্যাদ, ক্রব্যাদ (ক্রোব্‌ব্যাদ্) [ক্রব্য (মাংস) অদ্ (ভোজন করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) অ (কর্ত্তৃ—অচ্) যে কেবল মাংস ভোজন করে] বি, পুং, রাক্ষস। ২। সিংহ, ব্যাঘ্রাদি মাংসভোজী জন্তু। ৩। গৃধ্রাদি মাংসাশী পক্ষী। ৪। শ্মশানবহ্নি। ৫। বিণ, মাংসাশী ; মাংসভোজী।

ক্রম্ (ক্রোম্) [ক্রম্ (গমন করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, গমন ; পাদক্ষেপ। ২। অনুক্রম ; একের পর অন্য এই নিয়ম ; পর্য্যায়। ৩। বৈদিক পদ্ধতি : বেদবিধি। ৪। বিধি ; নিয়ম। ৫। প্রণালী। ৬। । [অন্যান্য অর্থ—(১) সঙ্কল্প, (২) ব্যবহার, (৩) অতিক্রম, (৪) আক্রমণ, (৫) অনুষ্ঠান, (৬) শক্তি প্রভৃতি বাং-তে প্রয়োগ দৃষ্ট হয় না]।

ক্রমণ (ক্রোমোন্) [ক্রম্ (গমন করা)+অন (ভাবে—অনট্] বি, ক্লী, পাদচারণ। ২। গমন। ৩। [করণে—অনট্, যাহা দ্বারা গমন করা যায়] বি, পুং, চরণ : পাদ [প্র, অ]। ৪। [সংজ্ঞার্থে—অনট্] যদুবংশীয় রাজা।

ক্রমদীশ্বর (ক্রোমোদীশ্‌শর্) বি, পুং, সংক্ষিপ্ত-সার ব্যাকরণ-প্রণেতা। [জনশ্রুতি এইরূপ—ক্রমদীশ্বর ১০।১২ বৎসর ব্যাকরণ পড়িয়াও ব্যাকরণে ব্যুৎপত্তিলাভ করিতে পারেন নাই ; তখন অধ্যাপক "তোমার কিছু হবে না" বলিয়া তাঁহাকে বিদায় দিলেন। ক্রমদীশ্বর মনঃক্ষোভে দেহত্যাগ করিবেন এই স্থির করিয়া বনমধ্যে প্রবেশ করিলেন। সেখানে একটি বৃহৎ সরোবর দেখিয়া তাহার জলে ডুবিবার জন্য প্রস্তরনির্ম্মিত সোপানাবলীর সর্ব্বশেষ সোপানে উপস্থিত হইলেন এবং সোপানশিলায় একটি গহ্বর দেখিতে পাইলেন। স্ত্রীলোকেরা জলপূর্ণ কুম্ভ সেখানে রাখিত, এইরূপ রাখিতে রাখিতে বহুবৎসরে ঐরূপ গহ্বর হইয়াছে। ক্রমদীশ্বর তাহা বুঝিলেন এবং ভাবিলেন তবে আমিও বহুদিনব্যাপী চেষ্টা ও অধ্যবসায়ে শব্দশাস্ত্রে জ্ঞানলাভ করিতে পারিব, এই স্থির করিয়া তিনি দ্বিগুণিত উৎসাহে ও অধ্যবসায়ের সহিত ব্যাকরণ পাঠ করিয়া শব্দশাস্ত্রে সবিশেষ ব্যুৎপন্ন হইয়াছিলেন এবং সংক্ষিপ্তসার নামক একখানি উৎকৃষ্ট ব্যাকরণ প্রণয়ন করিয়া-ছিলেন]।

ক্রমনিম্ন (ক্রোমোনিম্‌ন) [ক্রম (ক্রমশঃ ; ক্রমাগত) নিম্ন] বিণ, ক্রমশঃ গড়ানিয়া : ঢালু।

ক্রমমাণ (ক্রোমোমান্) [ক্রম্ (গমন করা) +আন (কর্ত্তৃ—আনশ্) ম্ আগম] বিণ, চলনশীল ; গমনশীল।

ক্রমশঃ (ক্রোমোশো) [ক্রম+শস্ (বীপ্সার্থে)] ক্রি-বিণ, ক্রমে ক্রমে ; পর্য্যায়ক্রমে : পরে পরে : ক্রমাগত ; শনৈঃ শনৈঃ।

ক্রমসংগ্রহ (ক্রোমোসংগ্রোহো) [ক্রমে (পর্য্যায়ক্রমে) সংগ্রহ করা হইয়াছে যাহাতে—বহু] বি, পুং, দায়াধিকারের পর্য্যায়জ্ঞাপক গ্রন্থ। ইহার প্রণেতা শ্রীকৃষ্ণ তর্কালঙ্কার।

ক্রমসন্দর্ভ (ক্রমোশন্দর্ভ) [ক্রমের সন্দর্ভ যাহাতে, বহু] বি, পুং, অনুষ্ঠান-জ্ঞান-বিজ্ঞাপক গ্রন্থবিশেষ।

ক্রমাগত (ক্রোমাগতো) [ক্রম—আগত (৩ তৎ)] বিণ, ক্রমানুসারে আগত : পরম্পরাগত ; ক্রমশঃ। ২। পূর্ব্ব পুরুষানুক্রমে আগত ; বংশপরম্পরাগত। ৩। ধারাবাহিক। ৪। অনবরত ; অবিশ্রান্ত ; সর্ব্বদা ; কেবলই।

ক্রমানুভাবকতা (ক্রোমানুভাবোকোতা) [ক্রম—অনুভাবক (উৎপাদক ; ভাবি=চিন্তা করা, হওয়া)+তা (ভাবে)] বি, স্ত্রী, যে বৃত্তি দ্বারা পর্য্যায়-জ্ঞান জন্মে ; ক্রমিক জ্ঞানোৎপাদকতা।

ক্রমান্বয় (ক্রোমান্নয়) [ক্রম—অনু—অয় (গমন করা, পাওয়া)+অ (ভাবে—অল্] বি, ক্রমে পাওয়ার ভাব ; পর্য্যায় ; যার পর যা এই নিয়মে সংঘটন। ২। ক্রি-বিণ, ক্রমান্বয়ে।

ক্রমান্বয়ে (ক্রোমান্নয়ে) [ক্রমান্বয় দ্রঃ] ক্রি-বিণ, যাহার পর যাহা এই নিয়মে ; পরে পরে ; একে একে ; অনুক্রমে ; পর্য্যায়ক্রমে।

ক্রমায়াত (ক্রোমায়াত) [ক্রম—আয়াত (আগত) ৩ তৎ] বিণ, পুরুষানুক্রমে আগত। ২। যাহা ক্রমে ক্রমে বা পরে পরে আসিতেছে।

ক্রমিক (ক্রোমিক্) [ক্রম+ইক (ভবার্থে)] বিণ, ক্রমশঃ ; ক্রমাগত ; ধারাবাহিক। ২। ক্রি-বিণ, অবাধে ; ক্রমান্বয়ে।

ক্রমেল, ক্রমেলকশ (ক্রোমেল, লক্) [ক্রম্ (গমন করা) + এল (সংজ্ঞার্থে) ক (স্বার্থে) কিম্বা ক্রম—ইল্ (গমন করা) + অ (কর্ত্তৃ-সংজ্ঞার্থে, ক) যাহারা ধারাবাহিক ভাবে অর্থাৎ শ্রেণীবদ্ধ হইয়া গমন করে] বি, পুং, উষ্ট্র ; উট ; camel.

ক্রয় (ক্রয়) [ক্রী (ক্রয় করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, মূল্য বা দ্রব্য বিনিময়ে দ্রব্য গ্রহণ ; কেনা ; বিক্রয়ের বিপরীত।

ক্রয়বিক্রয় (ক্রয় বিক্রয়) [ক্রয় (কেনা) বিক্রয় (বেচা) দ্বন্দ্ব] বি, পুং, খরিদ-বিক্রী ; কেনা-বেচা ; গ্রা—বিকিকিনি। ২। ব্যবসায় ; বাণিজ্য। প্র—ক্রয়বিক্রয়ের বাজার এককালে বন্ধ হইয়া গিয়াছে। বিণ, ক্রয়বিক্রয়ক ; বাণিজ্য সম্বন্ধীয় ; খরিদ-বিক্রী সংক্রান্ত।

ক্রয়বিক্রয়িক (ক্রয় বিক্‌ক্রোইক্) [ক্রয় বিক্রয় (কেনাবেচা) + ইক (করে অর্থে—ইকণ্) যে ক্রয় করিয়া বিক্রয় করে] বি, পুং, ক্রয়বিক্রয়কারী ; বণিক ; ব্যবসাদার।

ক্রয়বিক্রয়ী (ক্রয় বিক্‌ক্রোঈ) [ক্রয়বিক্রয় (কেনাবেচা) + ইন্ (অস্ত্যর্থে) = ক্রয়বিক্রয়িন্ ১মা, ১ব, যাহার দ্রব্য ক্রয় ও বিক্রয়ের ব্যবসায় আছে] বি, পুং, ক্রয়বিক্রয়কারী ; বণিক্ ; ব্যবসায়ী।

ক্রয়লেখ্য (ক্রয়লেক্‌খো) [স্মৃতিতে পারিভাষিক শব্দ। ক্রয়ের জন্য লেখ্য (লিপি) ৪ তৎ] বি, ক্লী, বিষয়াদি ক্রয়-বিজ্ঞাপক পত্র ; কবালা।

ক্রয়িক (ক্) [ক্রয় (কেনা) + ইক (যে করে এই অর্থে—ইকণ্)] বি, পুং, যে দ্রব্য ক্রয় করে ; ক্রয়কারী ; খরিদ্দার। ২। বণিক।

ক্রয্য (ক্রোজ্ জ) [ক্রী (ক্রয় করা) + য (কর্ম্মে—ক্যপ্)] বিণ, ক্রয় করণার্থ উপস্থিত ; পণ্য ; কিনিবার মত।

ক্রশিমা (ক্রোশিমা) [কৃশ+ইমন্ (ভাবে) = ক্রশিমন্ ১মা, ১ব] বি, পুং, কৃশতা ; শুষ্কতা [বিরল]।

ক্রশিষ্ঠ (ক্রোশিশ্ ঠ) [কৃশ+ইষ্ঠ (অত্যর্থে) অ লোপ] বিণ, যে অতিশয় কৃশ।

ক্রশীয়ান্ (ক্রোশিয়ান্) [কৃশ+ঈয়স্ (অত্যর্থে—ঈয়সু) = ক্রশীয়স্ ১মা, ১ব] বিণ, যাহার শরীর অতিশয় কৃশ।

ক্রস্ (স্) [ইং—Cross] বি, ঢেরা। ২। যীশুখ্রীষ্টকে যাহাতে বিদ্ধ করিয়া হত্যা করা হইয়াছিল সেই ক্রুশ কাষ্ঠের চিহ্ন।

ক্রাকচিক (ক্রাকোচিক্) [ক্রকচ (করাত) + ইক (জীবিকার্থে—ইকণ্) যাহারা ক্রকচ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে] বিণ, করাতি।

ক্রাথ (থ্) [ক্রথ্ (বধ করা) + অ (কর্ত্তৃ-সংজ্ঞার্থে—ঘঞ্)] বি, পুং, রামের সেনানায়ক বানরবিশেষ। ২। নাগবিশেষ।

ক্রান্ত [ক্রম্ (গমন করা) + ত (কর্ম্মে—ক্ত) যেখানে গমন করা হইয়াছে] বিণ, ব্যাপ্ত ; সঞ্চারিত ; বাং-য়, আ, অতি, সং প্রভৃতি উপসর্গযোগে ব্যবহৃত হয়। যথা—সংক্রান্ত ; আক্রান্ত ; অতিক্রান্ত ; নিষ্ক্রান্ত ; পরাক্রান্ত।

ক্রান্তি [ক্রম্ (গমন করা) + তি (ভাবে—ক্তি)]। গমন ; আক্রমণ আদি অর্থে সংস্কৃতে ব্যবহার আছে। বাং-য় উপসর্গযোগে ব্যবহৃত হয়। যথা—সংক্রান্তি ; অতিক্রান্তি] বি, অয়ন-বৃত্ত ; অয়নমণ্ডল ; খগোলের মধ্যস্থ সূর্য্যাদিগ্রহের ভ্রমণকক্ষ। ২। উত্তরে কর্কটক্রান্তি পর্য্যন্ত এবং দক্ষিণে মকর-ক্রান্তি পর্য্যন্ত বিষুবরেখা হইতে কোন জ্যোতিষ্কমণ্ডলীর দূরত্ব ; declination. [দ্রঃ—"Ecliptic = ক্রান্তিবৃত্ত। এই বৃত্তস্থিত নক্ষত্রদিগের declination কেই ক্রান্তি বলে" —অপূর্ব্ব দত্ত—সা, প, প,]।

ক্রান্তি [সং] বি, কড়ার তৃতীয়াংশ। **কড়াক্রান্তি**—হিসাবের অতি সূক্ষ্মভাগ ; অকিঞ্চিৎকর মুদ্রা।

ক্রান্তিপাত (ত্) বি, পুং, বিষুবরেখা ও অয়নমণ্ডলের যে সন্ধি স্থল, যে স্থলে পৃথিবী আসিলে দিন ও রাত্রির পরিমাণ সমান হয় ; equinox.

ক্রান্তিবলয় (য়) বি, পুং, অয়ন-মণ্ডলের চতুর্ব্বিংশতি ভাগ উত্তর ও দক্ষিণে অবস্থিত কাল্পনিক বলয়াকৃতি পরিধি।

ক্রান্তিবৃত্ত—বি, অয়ন-বৃত্ত ; রাশিচক্র ; ecliptic.

ক্রিকেট্ [ইং—Cricket] বি, পাশ্চাত্য ক্রীড়া-বিশেষের নাম ; ক্রিকেট্ খেলা। ইহা প্রধানতঃ ইংলণ্ড ও আমেরিকার খেলা। ব্যাট (bat) বল (ball) উইকেট (wicket) এই ক্রীড়ার সরঞ্জাম। দুই পক্ষ হইয়া ইহা খেলিতে হয়।

ক্রিমি [কৃমি দ্রঃ। [ক্রম্ (গমন করা) + ই (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) ই - আগম = ক্রি। আ—কিরমীজ, Qermaz—a cochineal insect, and liquid expressed from it—যাহা হইতে crimson (deep red tinged with blue) সং—কৃমিজ। ফা—কিরম্ ; হি—কিরিআ] বি, পুং, কীট ; পোকা। ২। মলকীট। [ক্রিমিও হয় কিন্তু বাং-য় ব্যবহার নাই] ৩। জীবাণু ; রোগজীবাণু, bacilli. রক্তজ ক্রিমি ;—"কেশাদ, রোমাদ, নখাদ, দন্তাদ, কিক্কিশ, কষ্ঠদ ও পরীসর্পা এই সপ্তবিধ ক্রিমি রক্তে জন্মে। ইহারা রক্তবর্ণ, কৃষ্ণবর্ণ, স্নিগ্ধ এবং স্থূল। এই ক্রিমিসমূহ দ্বারা রক্তাধিষ্ঠানগত রোগসমূহ জন্মিয়া থাকে।" —সুশ্রুতের অনুবাদ (শরচ্চন্দ্র শাস্ত্রী, সা, প, প, ১৩১৭)।

ক্রিয় [জ্যোতিষিক পরিভাষা] বি, মেষরাশি।

ক্রিয়মাণ (কৃয়োমাণ্) [কৃ (করা) + আন (কর্ম্মে—আনশ্) ই—য্ ও য্ আগম] বিণ, সম্পাদ্যমান ; যাহা করা হইতেছে ; করণশীল।

ক্রিয়া [কৃ (করা) + অ (ভাবে—ক্যপ্) ই—য় আগম—আপ্ (স্ত্রী) গ্রা—কিরিয়া, কিরিয়ে, তুল—পা - কিরিয়ং] বি, স্ত্রী, কার্য্য ; কর্ম্ম। ২। শাস্ত্রীয় অনুষ্ঠান ; বৈধকর্ম্ম, পুণ্যকর্ম্ম ; কৃত্য। ৩। সাম দান ভেদ ও দণ্ড এই চতুর্ব্বিধ রাজনৈতিক উপায়প্রয়োগ। ৪। গর্ভাধানাদি সংস্কার। ৫। আশ্রমানুযায়ী আচার। ৬। পূজা। ৭। শ্রাদ্ধ। ৮। অভ্যাস ; শিক্ষা। **ক্রিয়াকর্ম্ম** [সহচর শব্দ] কৃত্যাদি। **ক্রিয়াকলাপ** [ক্রিয়া—কলাপ (সমূহ) সহচর শব্দ] কার্য্যাদি, কাণ্ডকারখানা ; আচার-ব্যবহার। **ক্রিয়াকাণ্ড** [ক্রিয়া—কাণ্ড (সমূহার্থে) সহচর শব্দদ্বয়] কার্য্যাদি ; কার্য্যাবলী।

ক্রিয়া [ব্যাকরণে] বি, ধাতুর অর্থ-প্রকাশক পদ ; verb. প্র—কর্ত্তা, কর্ম্ম, ক্রিয়া।

ক্রিয়াঙ্গ [ক্রিয়া (র) অঙ্গ, ৬ তৎ] বি, ক্লী, কোন প্রধান অনুষ্ঠানের অঙ্গ। ২। করক্রিয়া-সাধন যন্ত্রাদি ; তানপুরা সেতারাদি যন্ত্র যাহা করসঞ্চালনে বাদিত হয়।

ক্রিয়াদ্বেষী (কৃআদ্‌দেষি) [ক্রিয়া—দ্বিষ্ (দ্বেষ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = ক্রিয়াদ্বেষিন্ ১মা, ১ব] বিণ, ক্রিয়াবিরোধী। ২। বিবাদক্ষেত্রে লিখিত দলিল এবং সাক্ষীকে যে দ্বেষ করে।

ক্রিয়াফল (ল্) [ক্রিয়ার ফল, ৬তৎ] বি, ক্লী, কর্ম্মের ফল ; পুণ্য বা পাপ কর্ম্মহেতু যথাবিহিত পরিণাম।

ক্রিয়াবসন্ন (কৃআবশন্ন) [স্মৃতির পরিভাষা। ক্রিয়া দ্বারা অবসন্ন—৩তৎ] বিণ, সাক্ষী প্রভৃতি দ্বারা পরাজিত হওয়া।

ক্রিয়াবাদী [স্মৃতির পরিভাষা। ক্রিয়া—বদ্ (বলা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = বাদিন্ ১মা, ১ব = বাদী (যে বলে)] বিণ, ফরিয়াদী।

ক্রিয়াবান্ [ক্রিয়া + বৎ (অস্ত্যর্থে বতু) - ক্রিয়াবৎ ১মা, ১ব] বিণ, কার্য্যে উদ্যোগী ;

ক্রিয়াশীল। ২। যিনি অনেক ক্রিয়া কর্ম্মের অনুষ্ঠান করিয়াছেন।

ক্রিয়াবিশেষণ (ন্) [ক্রিয়ার বিশেষণ (গুণ দোষ বা অবস্থা প্রকাশক)] বি, ক্লী, যে পদ দ্বারা ক্রিয়ার গুণ, দোষ বা অবস্থা প্রকাশ করে ; adverb. [দ্রঃ—বিশেষণ পদ ক্রিয়ার বিশেষণ হইলে "সমানাধিকরণ" নামে অভিহিত হয় ; বিশেষ্য পদ ক্রিয়ার বিশেষণ হইলে, "ব্যধিকরণ ক্রিয়া-বিশেষণ" পদবাচ্য হয়]।

ক্রিয়াযোগ (কৃআজোগ্) [ক্রিয়ার যোগ, ৬তৎ] বি, পুং, ক্রিয়াসম্বন্ধ। ২। দেব-পূজাদি ক্রিয়া।

ক্রিয়াশক্তি (কৃআশোক্‌তি) [ক্রিয়ার শক্তি, ৬তৎ] বি, স্ত্রী, সৃষ্টি-ক্রিয়াবিষয়কশক্তি ; জগদুৎপত্তি বিষয়ে পরমেশ্বরের ক্ষমতা। ২। কর্ম্মক্ষমতা।

ক্রিয়াশীল (ল্) [ক্রিয়া—শীল (স্বভাব) যাহার (বহু)] বিণ, নিয়ত কর্ম্মরত। বি, **ক্রিয়াশীলতা**।

ক্রিয়াসক্ত (কৃআশক্‌ত) [ক্রিয়া + আসক্ত] বিণ, কর্ম্মে অনুরক্ত ; কার্য্যে আসক্ত। বি, **ক্রিয়াসক্তি**—কর্ম্মানুরক্তি।

ক্রিয়াসমভিব্যাহার (কৃআশমভিব্‌ব্যাহার্) [ক্রিয়ার সমভিব্যাহার (পৌনঃপুন্য)] বি, পুং, পুনঃপুনঃ একই কর্ম্মের অনুষ্ঠান বা সাধন।

ক্রিয়াসিদ্ধ (কৃআশিধধ) [ক্রিয়ার দ্বারা সিদ্ধ] বিণ, সিদ্ধহস্ত ; ব্যবহারের অনুযায়ী কার্য্যসম্পাদন-কুশল ; practical. ২। পুনঃ-পুনঃ ক্রিয়া দ্বারা যিনি সিদ্ধি লাভ করিয়াছেন।

ক্রিয়েন্দ্রিয় [ক্রিয়ার সাধক যে ইন্দ্রিয়] বি, ক্লী, কর্ম্মেন্দ্রিয়।

ক্রীড়ক (ক্) [ক্রীড়্ (খেলা করা) + অক (কর্ত্তৃ)] বিণ, যে ক্রীড়া করে ; ক্রীড়া-প্রদর্শক।

ক্রীড়ৎ [ক্রীড়্ (খেলা করা) + অৎ (কর্ত্তৃ—শতৃ)] বিণ, যে খেলিতেছে ; ক্রীড়মান। ২। ক্রি-বিণ, ক্রীড়া করিতে করিতে।

ক্রীড়ন (কৃড়ন্) [ক্রীড় (খেলা করা) + অন (ভাবে—অনট্)] বি, খেলন।

ক্রীড়নক (কৃড়নক্) [ক্রীড়্ (খেলা করা) + অনট্ (করণে) + ক (স্বার্থে)] বি, ক্লী, খেলার সামগ্রী ; খেলনা ; পুতুল। ২। পরিহাস বা অবজ্ঞার বিষয় বা বস্তু।

ক্রীড়নীয় [ক্রীড়্ + অনীয় (করণে)] বিণ, ক্রীড়াসামগ্রী ; খেলার উপকরণ। ২। খেলিবার উপযুক্ত।

ক্রীড়য়ে [ক্রীড়া দ্রঃ। পদ্যে আকারান্ত শব্দের উত্তর 'য়ে' যোগে ক্রিয়াপদসাধন। আধুনিক। মেঘনাদবধ কাব্যাদি দ্রঃ] ক্রি, ক্রীড়া করে ; খেলা করে। প্র—"চন্দ্র উদিলে চকোর যেমন ক্রীড়য়ে মনহরষে, আমরাও নাথ তেমনি করে মাতিব তব প্রকাশে।"—পুণ্ডরীক মুখো।

ক্রীড়া [ক্রীড়্ (খেলা করা) + অ (ভাবে—অঙ্) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, খেলা ; তামাসা। ২। পরিহাস। ক্রি, ক্রীড়য়ে। **ক্রীড়া-কৌতুক**—খেলাধূলা ; আমোদ-আহ্লাদ ; হাস্যপরিহাস।

ক্রীড়াচ্ছল (কৃড়াছ্‌ছল্) [ক্রীড়ার ছল] বি, ক্রীড়াব্যাজ ; ক্রীড়াব্যপদেশ। ক্রি-বিণ, **ক্রীড়াচ্ছলে**—খেলার ছলে ; ক্রীড়া-ব্যপদেশে।

ক্রীড়াতাল (ল) [ক্রীড়ার তাল, ৬তৎ] বি, পুং, সঙ্গীতশাস্ত্রোক্ত তালবিশেষ ; যে তালে একমাত্র প্লুত থাকে।

ক্রীড়াভূমি [ক্রীড়া (সাধক) ভূমি—ম, প, লো কর্ম্মধা] বি, যে ভূমিতে ক্রীড়া হয় ; রঙ্গভূমি ; মল্লভূমি।

ক্রীড়াময় (য়্) বিণ, ক্রীড়াপূর্ণ ; খেলায় মত্ত ; ক্রীড়াসক্ত।

ক্রীড়াযান (কৃড়াজান্) [ক্রীড়ার নিমিত্ত যান (রথ) ৪ তৎ] বি, ক্লী, পুষ্পরথ [বিরল]।

ক্রীড়ারথ (থ্) [ক্রীড়ার নিমিত্ত রথ। ৪ তৎ] বি, পুং, পুষ্পরথ। ২। ছেলেদের খেলিবার রথ।

ক্রীড়াশীল (ল্) [ক্রীড়া—শীল (স্বভাব) যাহার (বহু)] বিণ, নিয়ত ক্রীড়ারত ; খেলায় মত্ত। ২। যে ক্রীড়া করিতেছে। বি, **ক্রীড়াশীলতা**।

ক্রীড়াসক্ত (কৃড়াশক্‌ত) [ক্রীড়া (তে) আসক্ত, ৭মী তৎ] বিণ, ক্রীড়ামত্ত ; খেলায় অনুরক্ত ; সতত ক্রীড়ারত। বি, **ক্রীড়াশক্তি**।

ক্রীত [ক্রী (ক্রয় করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, মূল্য বিনিময়ে গৃহীত বা প্রাপ্ত ; যাহা ক্রয় করা হইয়াছে ; কেনা। ২। [স্মৃতিতে] বি, পুং, পুত্রবিশেষ।

ক্রীতক (ক্) [ক্রীত + ক (সংজ্ঞার্থে)] [স্মৃতিতে] বি, পুং, ক্রীত পুত্র ; যে পুত্রকে মাতাপিতার নিকট হইতে মূল্য দিয়া লওয়া হয়।

ক্রীতদাস (কৃতোদাশ্) [ক্রীত যে দাস (ভৃত্য)—কর্ম্মধা] বি, পুং, কেনা ভৃত্য ; কেনা গোলাম ; মূল্য দিয়া যে ভৃত্যকে যাব-জ্জীবনের জন্য লওয়া হয়।

ক্রুঙ্ [ক্রুন্‌চ্ (বক্র গমন করা, হিংসা করা) + কিপ্ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং-স্ত্রী, কৃষ্ণ-বর্ণ বক ; কোঁচবক।

ক্রুঞ্চ [ক্রুন্‌চ্ (বক্র গমন করা, বক্র হওয়া) + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—ক)] বি, পুং, ক্রৌঞ্চ-বক ; কোঁচবক। ২। ক্রৌঞ্চ পর্ব্বত। স্ত্রী, **ক্রৌঞ্চা**—বীণাবিশেষ।

ক্রুদ্ধ [ক্রুধ্ (কোপ করা) + ত (কর্ত্তৃ—ক্ত), ত=ধ, ধ=দ্] বিণ, ক্রোধী ; রাগান্বিত ; রুষ্ট ; ক্রোধান্বিত।

ক্রুশ [ইং—cross] বি, † এই রূপ কাষ্ঠ ; যে কাষ্ঠে যীশুখৃষ্টকে বিদ্ধ করিয়া হত্যা করা হইয়া-ছিল। ২। ক্রুশের মত চিহ্ন। ৩। ঢেরা (+)।

ক্রুশ, ক্রুশী, কুরুশ (শ্) [ইং—crochet] বি, চিকণের কাজ ; পশম ও সূতা বোনার বক্র-মুখ কাঠিদ্বারা বোনা কাপড়। **ক্রুশীর কাঠী**—ক্রুশ বুনিবার সূচী বা বক্রমুখ শলাকা।

ক্রুষ্ট [ক্রুশ্ (ক্রন্দন করা) + ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, রোদন ; ক্রন্দন। ২। শব্দ ; রব ; নাদ। ৩। [কর্ম্মে—ক্ত] বিণ, আহূত ; যাহাকে আহ্বান করা হইয়াছে। ৪। ধ্বনিত। ৫। অভিশপ্ত।

ক্রূর (র্) [কৃৎ (ছেদন করা) + র (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—রক্) কৃৎ=ক্রূ] বিণ, নৃশংস ; নির্দ্দয় ; নিষ্ঠুর ; কঠিন হৃদয়। ২। পরদ্রোহী। ৩। উগ্র ; তীব্র। প্র—ক্রূর গন্ধ। ৪। [জ্যোতিষে] মেষাদি দ্বাদশ রাশির মধ্যে ১।৩।৫।৭।৯।১১ সংখ্যক ক্রূর ও বিষম রাশি। ৫। গ্রহবিশেষ। ৬। [বৈদ্যকে] রক্ত করবী। (২) ভূতাঙ্কুশবৃক্ষ। (৩) কৃষ্ণধুতুরা। (৪) শ্বেতপুনর্নবা। (৫) হেঁচেতা গাছ। ৭। [লক্ষণা হইতে] কঙ্কপক্ষী। (২) শ্যেনপক্ষী। (৩) পেচক।

ক্রূরকর্ম্মা (র্) [ক্রূরকর্ম্মন্—১মা, ১ব। ক্রূর (নির্দ্দয়) হইয়াছে কর্ম্ম—যাহার, বহু] বিণ, নিষ্ঠুর ; নৃশংস কর্ম্মকারী। ২। ঘাতক। ৩। [আয়ুর্ব্বেদে] পুং, কটুতুম্বিনী বৃক্ষ ; তিৎলাউর গাছ।

ক্রূরগন্ধ [ক্রূর (তীব্র, উগ্র) হইয়াছে গন্ধ যাহার, বহু] বি, গন্ধক।

ক্রূরদৃক্ [ক্রূর—দৃশ্ (দেখা)—ক্বিপ্ (কর্ত্তৃ) শ্=ক্] বি, পুং, শনিগ্রহ ; শনৈশ্চর। ২। মঙ্গল গ্রহ। ৩। খল ; পিশুন।

ক্রূররব (ক্রূরবব্) [ক্রূর (উগ্র, কর্কশ) হইয়াছে রব (শব্দ) যাহার, বহু] বি, পুং, দাঁড়কাক বা দ্রোণ কাক।

ক্রূর লোচন (র্, ন্) [ক্রূর হইয়াছে লোচন (চক্ষুঃ) যাহার, বহু] বি, পুং, শনিগ্রহ ; শনৈশ্চর।

ক্রূরাকৃতি [ক্রূর (ভীষণ) হইয়াছে আকৃতি (শরীর) যাহার, বহু] বিণ, ভীমমূর্ত্তি ; যাহার আকৃতি দেখিলে ভয় হয়। ২। বি, পুং, রাবণ।

ক্রেতব্য (ক্রেতোব্‌বো) [ক্রী (কেনা) + তব্য (কর্ম্মে)] বিণ, ক্রয়যোগ্য ; যাহা মূল্য দ্বারা ক্রয়

করা যায় ; কিনিবার যোগ্য ; যাহা কেনা উচিত ; ক্রেয়।

ক্রেতা [ক্রী (ক্রয় করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = ক্রেতৃ ১মা, ১ব] বিণ, যে ক্রয় করে ; খরিদ্দার।

ক্রেয় [ক্রী (কেনা) + য (কর্ম্মে)] বিণ, কিনিবার যোগ্য। ২। যাহা ক্রয় করিতে হইবে।

ক্রোক (ক্) [আইনের পারিভাষিক শব্দ] বি, আটক। ২। ভূম্যধিকারী বা রাজাকর্ত্তৃক প্রজার ফসল প্রভৃতি আটক করাকে ক্রোক বলে।

ক্রোটন (ন্) [ইং—croton] বি, পাতা-বাহার গাছ ; বৈদেশিক বৃক্ষ—যাহার ফুল হয় না, ডাল পুঁতিলে গাছ হয়।

ক্রোড় (ড্) [ক্রুড্ (ঘন হওয়া) + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—অচ্)] বি, পুং, কোল ; উৎসঙ্গ। ২। বক্ষ। ৩। [শরীর-বিঃ পরিঃ] বক্ষো-মধ্যভাগ ; বক্ষঃ এবং ভুজদ্বয়ের অন্তর। ৪। বৃক্ষকোটর। প্র—"ক্রোড়-নীড়ে রাখয়ে যেমতি পক্ষী"—মেঘনাদ। স্ত্রী, ক্রোড়া—বাহুর মধ্যভাগ।

ক্রোড় (ড্) [সং—কোটি হইতে] বি, ক্রোর : কোটি সংখ্যা ; ১,০০০০০০০ ; শত লক্ষ।

ক্রোড়পতি (ক্রোড়্পোতি) [ক্রোড় (বহু ধন) পতি] বি, কোটিমুদ্রার অধিকারী ; বহু-ধনশালী।

ক্রোড়পত্র (ক্রোড়্পৎত্র) [ক্রোড়—পত্র—প্রধান পত্রের ক্রোড়স্থ ক্ষুদ্র পত্র] বি, ক্লী, অতিরিক্ত পত্র ; পুস্তক বা পত্র মুদ্রাঙ্কনের পর যে মুদ্রিতাংশ সংযুক্ত হয় ; supplement.

ক্রোধ (ধ্) [ক্রুধ্ (রাগ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, রোষ ; কোপ ; রাগ ; দ্বেষ। ২। [পুরাণে] লোভের পুত্র ; স্বীয় ভগিনী হিংসার পতি এবং পুত্র কলি ও কন্যা দুরুক্তির পিতা।

ক্রোধজ [ক্রোধ (রাগ)—জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ—ড) ক্রোধ হইতে যে জন্মে] বি, পুং, মোহ। ২। ক্রোধ হইতে জাত অষ্টবিধ ব্যসন ; পৈশুন্য, সাহস, দ্রোহ, ঈর্ষা, অসূয়া, অর্থদোষ, বাক্‌কলহ ও পারুষ্য।

ক্রোধন (ন্) [ক্রুধ্ (কোপ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, রাগ ; ক্রোধ। ২। [কর্ত্তৃ—অনট্] বিণ, ক্রুদ্ধস্বভাব ; হঠাৎ যাহার ক্রোধ জন্মে ; যে সহসা রাগান্বিত হয়। ৩। বি, পুং, ভৈরববিশেষ।

ক্রোধালু [ক্রোধ (রাগ) আলু (শীলার্থে)] বিণ, কোপনস্বভাব ; রাগী।

ক্রোধী [ক্রোধ + ইন্ (অস্ত্যর্থে) = ক্রোধিন্ ১মা, ১ব] বিণ, সহজে যাহার ক্রোধ জন্মে ; যে সহসা রাগান্বিত হয় ; রাগী। ২। বিনা কারণে যে রাগ করে। ৩। সকল সময়ে যাহার ক্রোধ দেখা যায়।

ক্রোর (র্) [সং—কোটি হইতে হি—ক্রোর, ড়] বি, একশতলক্ষ ১,০০,০০,০০০। ২। কুররপক্ষী। ক্রোরপতি—ক্রোড়পতি দ্রঃ।

ক্রোশ (শ্) [ক্রুশ্ (রোষ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, আক্রোশ। ২। ক্রন্দন। [প্র, অ]।

ক্রোশ (শ্) [সং। প্রা—ক্রোশ] বি, পথের পরিমাণবিশেষ ; ৮০০০ হাত দীর্ঘ পথ। ইংরেজী মাইলের দ্বিগুণেরও কিছু অধিক। স্থানভেদে প্রায় ইংরেজী দুই মাইল পথ। "Kos, commonly written coss—a measure of distance varying in different parts of India, from one to two miles, but most usually about the latter."—*Wilson.* ডালভাঙ্গা-ক্রোশ—গাছের ডাল ভাঙ্গিয়া তাহাকে যষ্টিস্বরূপ হাতে লইয়া চলিতে চলিতে বৃক্ষশাখা শুকাইয়া যায় তথাপি এক ক্রোশ আর পূর্ণ হয় না ; অতি দীর্ঘপথ।

ক্রোশন (ন্) [ক্রুশ্ (ক্রন্দন করা—আহ্বান করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, রোদন ; ক্রন্দন ; করুণ শব্দ ; কাতর বিলাপ। ২। ক্রোধপ্রকাশ।

ক্রোষ্টু (ক্রোষ্টু) [ক্রুশ্ (রোদন করা) তু (কর্ত্তৃ—তুন্) শ্ = ষ, তু = টু] বি, পুং, জম্বুক ; ফেরু ; শৃগাল। স্ত্রী, ক্রোষ্ট্রী।

ক্রৌঞ্চ [ক্রুঞ্চ্ + অ (স্বার্থে—অণ্)] বি, পুং, পর্ব্বতবিশেষ ; হিমালয়ের অংশবিশেষ। ২। দ্বীপবিশেষ। ৩। বৌদ্ধসম্প্রদায়িক ধ্বজা-বিশেষ। ৪। দৈত্যবিশেষ। ৫। রাক্ষসবিশেষ। ৬। বকপক্ষী ; কোঁচবক। স্ত্রী, ক্রৌঞ্চী—স্ত্রীবক। ২। উৎক্রোশ পক্ষিণী।

ক্রৌঞ্চদারক, ক্রৌঞ্চদারণ (ক্, ন্) [ক্রৌঞ্চ (পর্ব্বত) দারক—দারণ (যে বিদারণ করে)] বি, পুং, পরশুরাম। ২। [ক্রৌঞ্চ (দৈত্যবিশেষ) দারক (ঘাতক) "কুমারঃ ক্রৌঞ্চদারণঃ"—অমর] বি, পুং, কুমার ; কার্ত্তিকেয়।

ক্রৌঞ্চপদা (সং) বি, স্ত্রী, ২৫ অক্ষরাবৃত্তি ছন্দোবিশেষ। যথা—"নাগর কৃষ্ণে না কর নিন্দা, তিনি নিখিল ভুবনপতি গতি চরমে।"

ক্রৌঞ্চবধূ (ক্রৌন্‌চোবোধু) [ক্রৌঞ্চের (বকের) বধূ (স্ত্রী) ৬তৎ] বি, স্ত্রী, বকের স্ত্রী ; ক্রৌঞ্চী। প্র—"ক্রৌঞ্চবধূসহ ক্রৌঞ্চে নিষাদ বিঁধিলা।"—মেঘনাদ।

ক্রৌঞ্চাদন (ন্) [ক্রৌঞ্চের (কোঁচবকের) অদন (ভক্ষ্য) ৬তৎ] বি, ক্লী, মৃণাল ; পদ্মের নাল। ২। পিপ্পলী। স্ত্রী, ক্রৌঞ্চাদনী—পদ্মবীজ।

ক্রৌঞ্চারণ্য (ক্রৌন্‌চারোন্‌নো) [ক্রৌঞ্চ নামক যে অরণ্য—কর্ম্মধা] বি, ক্লী, দক্ষিণা-পথস্থ জনস্থানের ৩ ক্রোশ দূরে অবস্থিত ঘোর অরণ্যবিশেষ।

ক্রৌঞ্চারাতি [ক্রৌঞ্চের (ক্রৌঞ্চ নামক অসুরের) অরাতি (শত্রু) ৬তৎ] বি, পুং, কার্ত্তিকেয়। ২। [ক্রৌঞ্চের (ক্রৌঞ্চ নামক পর্ব্বতের) অরাতি]—বি, পুং, পরশুরাম।

ক্রৌঞ্চারুণ (ন্) [ক্রৌঞ্চ (ক্রৌঞ্চ তুল্য যে অরুণ (রক্তবর্ণ) কর্ম্মধা] বি, পুং, কোঁচ-বকের আকারের ন্যায় রচিত ব্যূহবিশেষ।

ক্রৌর্য্য (ক্রৌর্‌জো) [ক্রূর + য (ভাবে)] বি, ক্লী, ক্রূরের ভাব ; খলতা ; ক্রূরতা।

ক্রোশশতিক (–শোতিক্) [ক্রোশ—শত + ইক (গমনকারী অর্থে—ইকণ্)] বিণ, যে একশত ক্রোশ পথ গমন করিতে পারে ; শত ক্রোশ গমনক্ষম।

ক্লম (ক্লোম্) [ক্লম্ (ক্লান্ত হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, শ্রম ; আয়াস। ২। অবসন্নতা ; ক্লান্তি ; শ্রান্তি ; অতিরিক্ত পরিশ্রম করিয়া গ্লানি বোধ। প্র—"বারি-শীকর-সম্পৃক্ত সুশীতল সমীরণ স্পর্শে বিগত-ক্লম হইলেন।" —কাদম্বরী।

ক্লান্ত (ক্লান্‌তো) [ক্লম্ (ক্লান্ত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, অতিশয় পরিশ্রান্ত ; যে ব্যক্তি উৎকট পরিশ্রম করিয়া দুর্ব্বল হইয়াছে ; শারীরিক শ্রম দ্বারা পরিশ্রান্ত ; অবসন্ন। প্র—"কিন্তু ক্লান্ত যদি তুমি এ দুরন্ত রণে"—মেঘনাদ। বি, ক্লান্তি।

ক্লান্তি [ক্লম্ (ক্লান্ত হওয়া) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, পরিশ্রম ; গ্লানি ; অবসাদ ; ২। খেদ ; অতিরিক্ত পরিশ্রম করিয়া দুর্ব্বল হওয়া। বিণ, ক্লান্ত।

ক্লিন্ন [ক্লিদ্ (আর্দ্র হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত) দ্—ন = ত] বিণ, ক্লেদযুক্ত ; ঘর্ম্মাদি দ্বারা সিক্ত। ২। আর্দ্র।

ক্লিশিত [ক্লিশ্ (কষ্ট পাওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত) ই আগম,] বিণ, ক্লেশযুক্ত ; কষ্টপ্রাপ্ত ; যে কষ্ট ভোগ করিয়াছে ; যে দুঃখ পাইয়াছে। ২। ক্লান্ত। ৩। কৃশ ; ক্ষীণ ; শুক্‌নো।

ক্লিশ্যমান (ক্লিশ্‌শোমান্) [ক্লিশ্ (কষ্ট পাওয়া) + আন (কর্ম্মে—আনশ্) য্—ম্ আগম] বিণ, যে ক্লেশ ভোগ করিতেছে ; যে কষ্ট পাইতেছে।

ক্লিষ্ট [ক্লিশ্ (ক্লেশ পাওয়া) + ত (কর্ত্তৃ), শ = ষ, ত = ট] বিণ, ক্লেশপ্রাপ্ত। ২। ক্লান্ত ; পরিশ্রান্ত। ৩। কৃশতা-প্রাপ্ত।

ক্লীব (ব্) [ক্লীব্ (কুণ্ঠিত হওয়া) + অ (কর্তৃ—ক)] বি. পুং. ক্লী. যে পুরুষ কার্য্যে কুণ্ঠিত হয়; যাহার পুরুষত্ব নাই। ২। নপুংসক; যে স্ত্রী ও পুরুষ ইহার কোন লক্ষণাক্রান্তই নয়। (যাহার মূত্র ফেনাযুক্ত হয় না এবং বিষ্ঠা জলে মগ্ন হয় মেঢ়ের উত্তেজনা ও শুক্র নাই এইরূপ ব্যক্তিকেই শাস্ত্রকারগণ ক্লীব বলিয়াছেন)। ৩। বিণ. অক্ষম। ৪। পরাক্রমহীন। ৫। কাপুরুষ। ৬। নিষ্ফল; ব্যর্থ; নিরর্থক।

ক্লীবত্ব, ক্লীবতা [ক্লীব + ত্ব, তা (ভাবে)] বি. নপুংসকত্ব; ক্লীবের ভাব; পুরুষত্বহীনতা। ২। কাপুরুষতা।

ক্লীবলিঙ্গ (ব্) [ব্যাকরণে। ক্লীবের লিঙ্গ (চিহ্ন) ব্যঞ্জক যাহা, বহু] বি. পুং. স্ত্রী. পুরুষ ভিন্ন বাচক; neuter gender.

ক্লেদ (দ্) [ক্লিদ্ (আর্দ্র হওয়া) + অ (ভাবে–ঘঞ্)] বি. পুং. ক্লিন্নতা; কাদা জল। ২। আর্দ্রতা। ৩। [কর্তৃ, সংজ্ঞার্থে—অল্] মলযুক্ত জল। ৪। পুঁজ।

ক্লেদিত [ক্লিদ্ (ক্লেশ পাওয়া) + ণিচ্ (স্বার্থে) = ক্লেদি + ত (কর্ম্মে, ক্ত)] বিণ. ঘর্ম্ম বা জলাদি দ্বারা আর্দ্র; ক্লিন্ন; মলযুক্ত; জলপূর্ণ।

ক্লেশ (শ্) [ক্লিশ (কষ্ট পাওয়া) + অ (ভাবে—অল্) প্রাকৃ–রূপ—কিলেস] বি. পুং. দৈন্য; কষ্ট; দুঃখ। ২। যন্ত্রণা। ৩। পরিশ্রম। প্র—ক্লেশ স্বীকার করিয়া একাজ করিতে হইবে।

ক্লেশিত [ক্লিশ্ + ণিচ্ = ক্লেশি + ত (কর্ম্মে-ক্ত)] বিণ. যাহাকে কষ্ট দেওয়া হইয়াছে: প্রাপ্তক্লেশ।

ক্লৈব্য (ক্লৈব্ ব) [ক্লীব + য (ভাবে—যণ্)] বি. ক্লী. ক্লীব ভাব; ক্লীবত্ব; কাপুরুষতা। ২। কাতরতা। ৩। বিফলত্ব; নিরর্থকত্ব; নিষ্ফলত্ব।

ক্লোম (ম্) [সং। "হৃদয়স্ত দক্ষিণে ক্লোমা বামে প্লীহা"—ক্ষীরস্বামী] বি. পিত্তকোষ; যকৃৎ; liver. ২। উদরস্থ জলাধার; গলনাড়িকা; মূত্রাশয়; the bladder. ৩। ফুস্‌ফুস; the lungs. ৪। পিপাসা স্থান; তিল (হি–তিল্লী); ইহা হৃদ্‌পিণ্ডের দক্ষিণ ভাগে আমাশয়ের নীচে এবং অগ্ন্যাশয়ের উপরে অবস্থিত। হৃদয়ের দক্ষিণদিকে ক্লোম এবং উহা যকৃৎ ও ফুসফুসকে আশ্রয় করিয়া আছে। ক্লোম শরীরের জলবাহী শিরা-সকলের মূল।

ক্লোমা [ক্লোম দ্রঃ। শরীর-বিঃ পরিঃ] বি. হৃদয়পার্শ্বস্থ মাংসখণ্ড; left lobe. ২। উদরস্থ জলাধার; গলনাড়ী। ৩। প্লীহা।

ক্বচিৎ (কোচিৎ) [ক (কোথা) + চিৎ (অসাকল্যার্থে)] অ. কোথাও; কুত্রাপি। ২। কোন অংশে। ৩। কোন সময়; কখন।

ক্বণ (ন) [ক্বণ্ (শব্দ করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. বীণাদি যন্ত্রের ধ্বনি। ২ শব্দ; নাদ। ৩। ছোট হাঁড়ী। [দ্রঃ—বাংলায় ইহা হইতে "কানায়ে" কথার উৎপত্তি হয় নাই ত? তুল—কানায়ে ঠেলা, অর্থাৎ হাঁড়ী ঠেলা; রন্ধন করা] ক্বণ ক্বণ—অনুকার শব্দ। ক্বণ ক্বণে—কাংস্যাদির বাদ্যকারী। প্র—ক্বণ ক্বণে আওয়াজ।

ক্বণন (ন্) [ক্বণ্ (শব্দ করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. ক্বণ দ্রঃ।

ক্বণিত (কোনিত) [ক্বণ্ (শব্দ করা) + ত (ভাবে—ক্ত)] বি. ক্লী. শব্দ; ধ্বনি। ২। [কর্ম্মে—ক্ত] শব্দিত; ধ্বনিত; যাহাকে শব্দ করান হইয়াছে; শব্দায়মান।

ক্বথ (কথ্‌থ) [রাসাঃ পরিঃ] বি. ক্বাথ; decoction. বিণ. ক্বথিত—ক্বাথ-করা ক্বথিত জল—decocted water.

ক্বাথ (কাথ্) [ক্বথ্ (পাক করিয়া ক্বাথ বাহির করা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. নির্য্যাস; জলে ভিজাইয়া জ্বাল দিলে বস্তুর যে সারাংশ নির্গত হয়।

ক্ষণ (খন্) [ক্ষণ্ (ক্ষয় হওয়া) + অ (কর্তৃ—অচ্) যে ক্ষয়প্রাপ্ত হয়] বি. পুং. কালের সূক্ষ্ম অংশ; কালের ক্ষুদ্র ভাগ। ১৮ নিমেষে এক কাষ্ঠা, ৩০ কাষ্ঠায় এক কলা, ৩০ কলায় এক ক্ষণ, ১২ ক্ষণে এক মুহূর্ত্ত; ৩০ মুহূর্ত্তে এক অহোরাত্র। ২। অতি অল্পকাল। প্র—ক্ষণমাত্র অপেক্ষা কর। ৩। অবকাশ; অবসর। প্র—শুভক্ষণে একার্য্য সিদ্ধ হইবে। "কি কুক্ষণে দেখেছিলি তুইরে অভাগী"—মেঘনাদ। ৪। ব্যাপার; পর্ব্ব; উৎসব। ৫। । ৬। সুযোগ।

ক্ষণজন্মা (ন) [ক্ষণে (শুভ মুহূর্ত্তে) জন্ম (উৎপত্তি) হইয়াছে যাহার, বহু] বিণ. পুং. যাহার শুভক্ষণে জন্ম হইয়াছে; যে শুভমুহূর্ত্তে জন্মগ্রহণ করিয়াছে। ২। অদৃষ্টবান্; ভাগ্যবান্। ৩। অলৌকিক শক্তিশালী; অসাধারণ ক্ষমতাপন্ন। ৪। নানা শুভাবহ চিহ্নযুক্ত; সর্ব্বসুলক্ষণাক্রান্ত। ৫। ক্ষণিক।

ক্ষণদ (ন) [ক্ষণ (যাত্রাদির শুভ সময়) দা (দান করা) + অ (কর্তৃ—ড)] বি. পুং. যে যাত্রাদি কার্য্যের শুভ সময় নির্ণয় করিয়া দেয়; গণক; দৈবজ্ঞ। ২। ক্লী. জল; বারি। স্ত্রী. ক্ষণদা।

ক্ষণদা (খনদা) [ক্ষণ (বিশ্রামের সময়) দা (যে দান করে)] বি. স্ত্রী. রাত্রি; যামিনী। ২। [আয়ুর্ব্বেদে] হরিদ্রা।

ক্ষণদাকর (খনদাকর্) [ক্ষণদা (রাত্রিতে) কর (কিরণ) যাহার, বহু] বি. পুং. নিশাকর; চন্দ্র।

ক্ষণদ্যুতি (খনদ্যুতি) [ক্ষণ (অল্পকাল মাত্র) স্থায়ী হইয়াছে দ্যুতি (দীপ্তি) যাহার—বহু] বি. স্ত্রী. বিজলী; বিদ্যুৎ; চপলা।

ক্ষণধ্বংসী (খনধ্‌ধোংশি) [ক্ষণে (মুহূর্ত্ত পরে) ধ্বনস্ (নষ্ট হওয়া) + ইন্ (কর্তৃ—ণিন্) = ধ্বংসিন্ ১মা, ১ব] বিণ. যাহা ক্ষণকাল পরে আর থাকে না; ক্ষণিক; অল্পস্থায়ী; ক্ষণভঙ্গুর।

ক্ষণন (খনন্) [ক্ষণ্ (হিংসা, বধ করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. হনন; বধ; হত্যা। [প্র, অ]।

ক্ষণপ্রভা (খনঃপ্রোভা) [ক্ষণ (অল্প সময় মাত্র) প্রভা (দীপ্তি) থাকে যাহার, বহু] বি. স্ত্রী. তড়িৎ; বিদ্যুৎ। প্র—"ক্ষণপ্রভা প্রভাদানে, বাড়ায় মাত্র আঁধার, পথিকে ধাঁধিতে"—মাইকেল। ২। যাহার দীপ্তি।

ক্ষণবিধ্বংসী (খনবিধ্‌ধোংশি) বিণ. ক্ষণধ্বংসী দ্রঃ।

ক্ষণভঙ্গুর (খনভোংগুর্) [ক্ষণে (অল্প সময়ের মধ্যে) ভঙ্গুর (ভঙ্গশীল) যাহা অতি অল্পকাল মধ্যে ভাঙ্গিয়া যায়] বিণ. ক্ষণমাত্রস্থায়ী; যাহা অল্পকাল স্থায়ী হয়, ক্ষণিক। স্ত্রী. ক্ষণভঙ্গুরা—বিজলী; চপলা।

ক্ষণিক (খোনিক্) [ক্ষণ (অল্প সময়) + ইক (স্থায়ী অর্থে—ইকণ্)] বিণ. যাহা অল্পকাল মাত্র অবস্থান করে; ক্ষণমাত্র স্থায়ী; অতি অল্প সময় মধ্যে যাহা নষ্ট হইয়া যায়; কিছুকাল পরে যাহার অস্তিত্ব থাকে না। বি. ক্ষণিকতা—ক্ষণস্থায়িত্ব। প্র—"দলগত প্রবল উত্তেজনা যুদ্ধবিগ্রহে এবং প্রমোদ উৎসবে উপযোগী হইতে পারে, কারণ ক্ষণিকতাই তাহার প্রকৃতি—কিন্তু ভক্তির পক্ষে সংযত সমাহিত শান্তিই শোভন এবং অনুকূল, কারণ তাহা অকৃত্রিমতা এবং ধ্রুবতা চাহে, উন্মত্ততায় তাহা আপনাকে নিঃশেষিত করিতে চাহে না।"—চারিত্রপূজা।

ক্ষত [ক্ষণ্ (আঘাত করা) + ত (কর্ম্মে—ক্ত) আঘাত হইতে উৎপন্ন হয় বলিয়া] বি. ক্লী. ব্রণ; ঘা। ২। আঘাত বা প্রহার দ্বারা বিদীর্ণ; কর্ত্তিত বা ছিন্ন স্থান। ৩। শরীরের যে স্থানে অস্ত্র প্রয়োগ করা হইয়াছে। ৪। বিণ. ভগ্ন; কর্ত্তিত; বিদারিত; বিদ্ধ। ৫। আঘাতপ্রাপ্ত। ৬। দষ্ট; যে স্থানে সর্পাদিতে দংশন করিয়াছে। ৭। ব্যথাপ্রাপ্ত।

ক্ষতজ [ক্ষত (ক্ষতস্থান) জ (যে জন্মে) ক্ষতস্থান হইতে উৎপন্ন অর্থাৎ যে ক্ষতস্থান হইতে বহির্গত হয়] বি. ক্লী. শোণিত; রক্ত; রুধির। ২। পূঁষ; পূঁজ। ৩। ক্ষয়কাস।

ক্ষতবিক্ষত [ক্ষত—বিক্ষত (বিশেষরূপে ক্ষত)] বিণ. যাহার সর্ব্বশরীরে ক্ষত হইয়াছে;

যে শরীরে এরূপ স্থান নাই যে সেস্থান ক্ষত হয় নাই। প্র—প্রহারে তাহার শরীর ক্ষত-বিক্ষত করিয়া দিয়াছে।

ক্ষতব্রত (খতব্‌ব্রোতো) [ক্ষত (ভঙ্গ) হইয়াছে ব্রত (নিয়ম) যাহার, বহু] বিণ, যাহার ব্রত ভঙ্গ হইয়াছে ; নষ্টব্রত ; যে সঙ্কল্পিত নিয়ম ভঙ্গ করিয়াছে।

ক্ষতাশৌচ (চ্‌) [ক্ষত জন্য যে অশৌচ—৪ তৎ] বি, ক্লী, ক্ষত জন্য দেহাশুদ্ধি ; কোনরূপ আঘাতে শরীরের রক্তপাত হইলে তজ্জন্য দেহাশুদ্ধি ; ক্ষত জন্য অশৌচ।

ক্ষতি (খোতি) [ক্ষণ্‌ (আঘাত করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, অপকার ; হানি : অনিষ্ট। ২। অপচয়। ৩। নাশ ; ধ্বংস। ৪। অস্ত্রাদির চিহ্ন ; অস্ত্রাঘাত। ৫। ক্ষয়।

ক্ষত্তা (খৎতা) [ক্ষদ্‌ (সম্বরণ করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্‌=ক্ষত্তৃ ১মা, ১ব.) যে দ্বার অবরোধ করে] বি, পুং, দ্বারবান ; দৌবারিক। ২। সারথি ; রথচালক। ৩। দাসীপুত্র ; বিদুর। ৪। বৈশ্যা কিম্বা ক্ষত্রিয়ার গর্ভে শূদ্রের ঔরসজাত পুত্র। ৫। ধনাধ্যক্ষ।

ক্ষত্র, ক্ষত্ত্র (খৎত্র) [ক্ষদ্‌ (ক্ষতি)+ক্বিপ্‌ (কর্ত্তৃ)=ক্ষৎ—ত্রৈ (ত্রাণ করা)+অ (কর্ত্তৃ—ড)=ক্ষত্র, ক্ষৎ—ৎ লোপ হইয়া ক্ষত্র এরূপ প্রয়োগও আছে। ক্ষত হইতে ত্রাণকারী। পৃথু রাজা প্রাণিগণকে ক্ষত হইতে পরিত্রাণ করিয়া ক্ষত্র বা ক্ষত্রিয় সংজ্ঞা প্রাপ্ত হন] বি, পুং, ক্ষত্রিয়জাতি।

ক্ষত্রকর্ম্ম [খৎত্রকর্‌মো) [ক্ষত্রের (ক্ষত্রিয়ের) কর্ম্ম (কার্য্য) ৬তৎ] বি, ক্লী, ক্ষত্রিয়ের কার্য্য ; ক্ষত্রিয়োচিত কর্ম্ম যথা—"শৌর্য্য, তেজঃ, ধৈর্য্য; দক্ষতা, যুদ্ধে পরাঙ্মুখ না হওয়া, দান : আধিপত্য।"—মনুসংহিতা।

ক্ষত্রধর্ম্ম [ক্ষত্রের (ক্ষত্রিয়ের) ধর্ম্ম (সাহস পুরুষকার প্রভৃতি)] বি, ক্ষত্রিয়ের ধর্ম্ম ; ক্ষত্র-কর্ম্ম দ্রঃ। বিণ, **ক্ষত্রধর্ম্মা**। ২। ধৃষ্টদ্যুম্নের পুত্র।

ক্ষত্রবন্ধু (খৎত্রবোন্‌ধু) [ক্ষত্র+বন্ধু (হীনার্থে)] বিণ, হীন ক্ষত্রিয়।

ক্ষত্রবিদ্যা [ক্ষত্রের বিদ্যা—৬তৎ] বি, স্ত্রী, যুদ্ধবিদ্যা ; ধনুর্ব্বেদ।

ক্ষত্রান্তক (ক্‌) [ক্ষত্রের (ক্ষত্রিয় জাতির) অন্তক (নাশক) ৬তৎ] বি, পুং, ২১ বার পৃথিবীকে নিঃক্ষত্রিয়কারী পরশুরাম।

ক্ষত্রিয় ক্ষত্রিয় (খোৎতৃও) [ক্ষত্র (আপদত্রাণকর্ত্তা) +ইয় (স্বার্থে) যে প্রজাদিগকে আপদ হইতে ত্রাণ (রক্ষা) করে] বি, পুং, ক্ষত্র ; ক্ষত্রিয়জাতি ; দ্বিতীয় বর্ণ ; যাহারা অধ্যয়ন; যজন, দান, যুদ্ধ, প্রজাপালন এবং ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য ও বানপ্রস্থ এই তিন আশ্রমের অধিকারী। স্ত্রী, **ক্ষত্রিয়া, ক্ষত্রিয়াণী**—ক্ষত্রিয় নারী (হিন্দীতে ক্ষত্রাণী)। ২। **ক্ষত্রিয়ী** ক্ষত্রিয়ের পত্নী ; ক্ষত্রিয়ভার্য্যা।

ক্ষত্রী (খোৎতৃ) [ক্ষত্র+ইন্‌ (অস্ত্যর্থে)=ক্ষত্রিন্‌ ১মা, ১ব। শব্দের সংক্ষেপ। ইহার অপভ্রংশে হিন্দুস্থানে ক্ষেত্রী এবং ছত্রীও বলে] বি, পুং ক্ষত্রিয় জাতি। স্ত্রী **ক্ষত্রিণী**।

ক্ষন্তব্য (খন্‌তোব্‌বো) [ক্ষম্‌ (সহ্য করা) +তব্য (কর্ম্মে)] বিণ, ক্ষমার ক্ষমার পাত্র ; ক্ষমার্হ। ২। যে বিষয়ে ক্ষমা করা উচিত। ৩। যে বিষয়ে ক্ষমা করিতে হইবে।

ক্ষপণ (ন্‌) [ক্ষপ্‌ (লজ্জাক্ষেপণ করা, দূর করা)+অন (কর্ত্তৃ—অনট্‌)] বিণ, যে লজ্জা দূর করিয়াছে ; লজ্জাহীন ; নির্লজ্জ ; বেহায়া। ২। ক্লী, নিক্ষেপ ; পরিত্যাগ। [প্র, অ]।

ক্ষপণক (—নক্‌) [ক্ষপ্‌ (লজ্জা না থাকা) +অন, কর্ত্তৃ=ক্ষপণ+ক (স্বার্থে)] বি, পুং, বৌদ্ধ সন্ন্যাসী ; ইহারা উলঙ্গ থাকে এবং নাস্তিক মত প্রচার করে। ২। পণ্ডিতবিশেষ ; মহারাজ বিক্রমাদিত্যের নবরত্নসভার দ্বিতীয় রত্ন। ৩। নির্লজ্জ। ৪। উলঙ্গ।

ক্ষপণী (খ্‌পোনি) [ক্ষপ্‌ (ক্ষেপ করা)+অন (কর্ম্মে, সংজ্ঞার্থে—অনট্‌) ঈপ্‌—স্ত্রী। নৌকা চালাইতে যাহাকে জলে ক্ষেপ করিতে হয়] বি, স্ত্রী, নৌকাদণ্ড ; ক্ষেপণী ; দাঁড়।

ক্ষপা (খ্‌পা) [ক্ষপ্‌ (ক্ষেপণ করা)+অ (সংজ্ঞার্থে—অঙ্‌) আপ্‌—স্ত্রী] বি, স্ত্রী, রজনী। ২। হরিদ্রা।

ক্ষপাকর (র্‌) [ক্ষপা (রাত্রি) কর (যে করে) উপপদ ; অর্থাৎ যাহার উদয় কালকে লোকে রাত্রি বলিয়া জানে] বি, পুং, নিশা-পতি ; চন্দ্র। ২। কর্পূর।

ক্ষপানাথ (থ্‌) [ক্ষপার (রাত্রির) নাথ (প্রভু) ৬ তৎ] বি, পুং, [ক্ষপকর দ্রঃ]।

ক্ষপিত (খে্াপিতো) [ক্ষপ্‌+ণিচ্‌=ক্ষপি+ত (কর্ম্মে—ক্ত) যাহা ক্ষয় পাওয়ান হইয়াছে] বিণ, বিনষ্ট : কৃতধ্বংস যাহা বিনাশ করা হইয়াছে। ২। দগ্ধ ; ভস্মীকৃত। ৩। অতিবাহিত।

ক্ষম [ক্ষম্‌ (সহ্য করা)+অ (ভাবে—অল্‌)] বি, ক্লী, উপযোগিতা ; যোগ্যতা। ২। [কর্ত্তৃ—অচ্‌] বিণ, সমর্থ ; শক্ত। [দ্রঃ—এই অর্থে **ক্ষমবান্‌** শব্দের ব্যবহার আছে। প্র—"আজি ক্ষমবান্‌ সহায় মিলিল।"—নলদময়ন্তী (গিরিশ)] বাং-য় "সক্ষম" শব্দ প্রচররূপ। তৎপূর্ব্বে "ক্ষমযুক্ত" শব্দের ব্যবহার ছিল। প্র—"এখানে ত্রিরাত্রি বাস করিতে কেহ ক্ষমযুক্ত হয় না।"—৺ যদুনাথ সর্ব্বাধিকারীর দিনলিপি, ১২৬৯ সাল। ৩। কুশল ; নিপুণ। ৪। সহিষ্ণু। ৫। যোগ্য ; উপযুক্ত। বি, ক্ষমতা।

ক্ষমতা [ক্ষম+তা (ভাবে)] বি, স্ত্রী, শক্তি ; সামর্থ্য। ২। ধনবত্তা। ৩। উপযুক্ততা ; যোগ্যতা ; উপযোগিতা।

ক্ষমতাপন্ন [ক্ষমতা—আপন্ন (প্রাপ্ত)—২য়া তৎ] বি, ক্ষমতাপ্রাপ্ত ; শক্তিশালী। ২। প্রতিপত্তিশালী। স্ত্রী, **ক্ষমতাপন্না**।

ক্ষমতাবান্‌ [ক্ষমতা+বতু (অস্ত্যর্থে)=ক্ষমতাবৎ, ১মা, ১ব] বিণ, ক্ষমতাশালী : সমর্থ। ২। বলবান ; শক্তিশালী। স্ত্রী, **ক্ষমতাবতী**।

ক্ষমতাশালী [ক্ষমতা+শালিন্‌ (অস্ত্যর্থে)=ক্ষমতাশালিন্‌, ১মা, ১ব] বিণ, শক্তিবিশিষ্ট ; ক্ষমতাপন্ন ; বলবান্‌। ২। প্রতিপত্তিশালী ; influential. স্ত্রী, **ক্ষমতাশালিনী**।

ক্ষমা (খমা) [ক্ষম্‌ (সহ্য করা)+অ (ভাবে—অঙ্‌) আপ্‌, স্ত্রী,—অপকার সহ্য করা] বি, স্ত্রী, সহিষ্ণুতা ; তিতিক্ষা। ২। শক্তি থাকিতে অপকারীর প্রত্যপকার সহ্য করা : মার্জ্জনা ; অপরাধীর প্রতি কোপ না করা। ৩। নিবৃত্তি ; শান্তি। [সং—তে—পৃথিবী, (২) রাত্রি, (৩) দুর্গা। প্রভৃতি অর্থের প্রয়োগ আছে। বাং-য় প্র, অ]।

ক্ষমা করা—ক্রি, অপরাধ মার্জ্জনা করা ; মাপ করা ; অন্যের দোষ উপেক্ষা করা।

ক্ষমা দেওয়া—ক্ষান্ত হওয়া : নিরস্ত হওয়া ;

ক্ষমা [ক্ষম্‌ (সহ্য করা) ধাতু হইতে। উ, পু—ক্ষমি। ম, পু—ক্ষম ; প্র, পু—ক্ষমে। অস-ক্রি, ক্ষমিতে, ক্ষমিয়া, ক্ষমি (পদ্যে)। ণিজন্ত—ক্ষমান] ক্রি, ক্ষমা করা। প্র—"পাষণ্ডী নিন্দুক আসি পড়িল চরণে ; অপরাধ ক্ষমি তারে দিল কৃষ্ণপ্রেমে।"—চৈতন্যচরিত।

ক্ষমাগুণ (ন্‌) [ক্ষমা এই গুণ (ম, প, লো, কর্ম্মধা)] বি, তিতিক্ষা ; সহিষ্ণুতা।

ক্ষমান (খমানো) [ক্ষমা (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। উ, পু—ক্ষমাই। ম, পু—ক্ষমাও। প্র, পু—ক্ষমায়। অস-ক্রি, ক্ষমাইতে, ক্ষমাইয়া] ক্রি ক্ষমা করান। প্র—"গোপাল বিপ্রের ক্ষমাইল শ্রীবাস অপরাধ।"—চৈতন্যচরিত।

ক্ষমা পরায়ণ (ন্‌) [ক্ষমা—পর (শ্রেষ্ঠ)—অয়ন (আশ্রয়) যাহার (বহু)] বিণ, ক্ষমাশীল।

ক্ষমাপ্রার্থনা [ক্ষমা—প্রার্থনা (যাচ্‌ঞা)] বি, মাপ চাওয়া ; অপরাধের দণ্ড হইতে অব্যাহতি পাইবার প্রার্থনা।

ক্ষমাপ্রার্থী [ক্ষমার প্রার্থী (প্রার্থিন্‌, ১মা, ১ব) ৬তৎ] বিণ, যে ক্ষমা প্রার্থনা করে। ক্ষমা প্রার্থনাকারী। স্ত্রী, **ক্ষমাপ্রার্থিনী**।

ক্ষমাবান্ [ক্ষমা + বতু (অস্ত্যর্থে) = ক্ষমাবৎ ১মা, ১ব—ক্ষমা যাহার আছে] বিণ, ক্ষমাগুণে পূর্ণ : ক্ষমাশীল। স্ত্রী, **ক্ষমাবতী**।

ক্ষমাশীল (ল্) [ক্ষমা—শীল (স্বভাব) যাহার (বহু)] বিণ, ক্ষমাবান্ ; সহিষ্ণু। স্ত্রী, **ক্ষমাশীলা**।

ক্ষমিতা (খোমিতা) [ক্ষম্ (সহ্য করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) ই আগম = ক্ষমিতৃ ১মা, ১ব] বিণ, যে সহ্য করিতে পারে ; সহনশীল। ২। ক্ষমাবান ; ক্ষমাশীল।

ক্ষমী (খোমি) [ক্ষম্ (সহ্য করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = ক্ষমিন্ ১মা, ১ব] বিণ, যে অন্যের দোষ সহ্য করিতে পারে ; ক্ষমাবান্।

ক্ষম্য (খোম্‌মো) [ক্ষম্ (সহ্য করা) + য (কর্ম্মে)] বিণ, ক্ষমার্হ ; যে দোষ করিলেও সহ্য করিতে হইবে ; যাহাকে ক্ষমা করা কর্ত্তব্য ; ক্ষমার উপযুক্ত ; ক্ষমাপাত্র। ২। উপেক্ষার যোগ্য।

ক্ষয় (খয়্) [ক্ষি (ক্ষয় হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, নাশ ; ধ্বংস। ২। অপচয় ; ক্ষতি। ৩। হ্রাস। ৪। ক্রমে ক্রমে ক্ষীণ হওয়া। ৫। অন্ত ; অবসান। ৬। [করণে—অল] যাহা দ্বারা ক্ষীণ হয় ; ক্ষয় রোগ। ক্ষয়কাস ; consumption. ৭। [অধি—অল্ (ক্ষয় হয় যে সময়ে)] প্রলয় ; কল্পান্ত। ৮। দ্বিসংক্রমন যুক্ত চান্দ্রমাস। ৯। কৃষ্ণপক্ষ। ১০। [ক্ষি (বাস করা) + অ (অধি—অল্)] গৃহ ; বাসস্থান [প্র, অ]। **ক্ষয় করা**—ক্রি, নষ্ট করা। ২। হারাইয়া ফেলা। **ক্ষয় পাওয়া** (গ্রা—ক্ষ্যায় পাওয়া)—ক্রি, ক্রমে ক্রমে ক্ষীণ হইয়া মরা বা লোপ পাওয়া। **শরীর ক্ষয় করা**—দেহ পাত করা। অত্যাচারে বা অতিরিক্ত শ্রমে বা দুর্ভাবনায় দেহ নষ্ট করা।

ক্ষয়ঙ্কর (র্) [ক্ষয়—কৃ (করা) + অ (কর্ত্তৃ—খশ্, ম্ আগম) যে বিপক্ষদিগকে ক্ষয় করে] বিণ, ক্ষয়কারক ; প্রলয়ঙ্কর। স্ত্রী, **ক্ষয়ঙ্করী**।

ক্ষয়পক্ষ (খয়্‌পোক্‌খো) [ক্ষয় (ক্ষয়প্রাপ্ত) যে পক্ষ—কর্ম্মধা, কিম্বা ক্ষয় (চন্দ্রকলার হ্রাস) হয় যে পক্ষে, বহু] বি, পুং, কৃষ্ণপক্ষ।

ক্ষয়মাস (খয়্‌মাশ্) [ক্ষয় (ক্ষয়প্রাপ্ত) যে মাস (কর্ম্মধা)] বি, পুং, মলমাস।

ক্ষয়রোগ (য়্, গ্) [ক্ষয় (ক্ষীণকারক) যে রোগ (ব্যাধি) কর্ম্মধা] বি, পুং, যক্ষ্মারোগ। phthysis ; consumption.

ক্ষয়শীল (য়্, ল্) [ক্ষয় (ক্ষীণ হওয়া) শীল (স্বভাব) যাহার, বহু] বিণ, যাহা ক্রমশঃ ক্ষয়প্রাপ্ত হয়।

ক্ষয়িত (খোইত) [ক্ষি + ণিচ্ = ক্ষয়ি (ক্ষীণ হওয়ান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা ক্ষয় পাওয়ান হইয়াছে ; নাশিত। ২। হ্রাসপ্রাপ্ত ; হ্রাসিত। ৩। [ক্ষয় + ইত (যুক্তার্থে) ক্ষয়প্রাপ্ত]।

ক্ষয়ী (খোয়ী) [ক্ষয় + ইন্ (অস্ত্যর্থে) : ক্ষয়িন্ ১মা, ১ব। যাহার ক্ষয় আছে] বিণ, ভঙ্গুর ; নশ্বর ; ক্ষয়শীল।

ক্ষয্য (খোইঅ, খোজ্‌জ) [ক্ষি (ক্ষয় হওয়া) + য (কর্ম্মে) যাহাকে ক্ষয় করিতে হইবে] বিণ, ক্ষয়ের উপযুক্ত ; বিনাশ্য ; বিনাশযোগ্য।

ক্ষর (র্) [ক্ষর্ (ক্ষরিত হওয়া—ফোঁটা ফোঁটা পড়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, চুয়ান ; ক্ষরণ ; গলন। ২। ছেদন। ৩। বিনাশ ; ক্ষয়। ৪। [অপা—অল্, ক্ষরিত হয় যাহা হইতে] মেঘ। ৫। [কর্ত্তৃ—অচ্] যে ক্ষরিত হয় ; জল। ৬। [যাহার ক্ষয় হয়] বিণ, নশ্বর ; ভঙ্গুর। (বিপরীত "অক্ষর")।

ক্ষরণ (ন্) [ক্ষর্ (ক্ষরিত হওয়া) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বিন্দু বিন্দু করিয়া পতন ; চুয়ান। ২। নিঃসরণ। ৩। মদস্রবণ। বিণ, ক্ষরিত।

ক্ষরিত (খোরিতো) [ক্ষর্ (ক্ষরিত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত) ই আগম] বিণ, যাহা অল্প অল্প ধারা বাহিয়া পড়িতেছে বা পড়িয়াছে। ২। নিঃসৃত। ৩। চুয়াইয়া পতিত।

ক্ষাত্র (খাৎত্র) [ক্ষত্র + অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, ক্লী, ক্ষত্রিয়ের কর্ম্ম ; ক্ষত্রিয়োচিত কার্য্য। প্র—ক্ষাত্র শক্তি। ২। বিণ, ক্ষত্রিয় সম্বন্ধীয় ; ক্ষত্রিয় সংক্রান্ত। ৩। [ভাবে—অণ্] ক্ষত্রিয়ত্ব।

ক্ষান্ত [ক্ষম্ (সহ্য করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সহিষ্ণু। ২। সহনশীল ; ক্ষমাবান্ : যে ক্ষমা করে। ৩। নিরস্ত ; নিবৃত্ত ; বিরত ; পরিত্যক্ত। বি, ক্ষান্তি।

ক্ষান্তি [ক্ষম্ (সহ্য করা) + তি (ভাবে—ক্তি) অ = আ] বি, স্ত্রী, তিতিক্ষা ; ক্ষমা। প্র—"শ্রান্তি ক্লান্তি ক্ষান্তি তুমি ভ্রান্তি সর্ব্বভূতে।" —ঘনরাম।
২। বিরতি ; নিবৃত্তি। ৩। অপেক্ষা। বিণ, ক্ষান্ত।

ক্ষাম (ম্) [ক্ষৈ (ক্ষীণ হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত) ত = ম] বিণ, দুর্ব্বল ; বলহীন। ২। ক্ষীণ ; কৃশ। ৩। শুষ্ক ; রুক্ষ।

ক্ষার (র্) ["ভস্মকাচ-বসাঃ ক্ষারাঃ"—ত্রিকাণ্ড।] বি, পুং, শুষ্ক লতা-পত্র-ভস্ম ; সাজিমাটি ; alkali. ২। যবক্ষার ; সোরা ; nitrate of potash. ৩। লবণ ; ক্ষারী নুন। ৪। [ক্ষারজ বলিয়া] কাচ। ৫। ["ক্ষারঃ কাচে রসে গুড়ে"—হেমচন্দ্র] গুড় ; খাঁড়। ৬। সোহাগা। বিণ, **ক্ষারী**। **ক্ষারজল**—ক্ষার-মিশ্রিত জল ; লোণাজল। [দ্রঃ—**তীক্ষ্ণক্ষার** = caustic alkali. **মৃদুক্ষার** = mild alkali. **বৃক্ষক্ষার** = vegetable alkali. —রাসায়নিক পরিভাষা (সা, প, প)]

ক্ষারক (ক্) [ক্ষার + ক (কর্ত্তৃ) বস্ত্র পরিষ্কার করিবার জন্য যে ক্ষার প্রস্তুত করে] বি, রজক ; ধোবা। ২। মাছ রাখিবার খালুই। ৩। মুকুল ; জালি ; কুঁড়ি। স্ত্রী, ক্ষারিকা।

ক্ষারনদী (ক্ষার্‌নোদি) বি, স্ত্রী, যে নদীর জল ক্ষারযুক্ত। ২। [পুরাণে] নরক-বিশেষে অবস্থিত ক্ষারের নদী।

ক্ষারভূমি (র্) [ক্ষারযুক্ত যে ভূমি, কর্ম্মধা] বি, স্ত্রী, যে ভূমিতে ক্ষার থাকে ; উষর প্রদেশ ; লোণাদেশ।

ক্ষারমৃত্তিকা (র্) [ক্ষার (লবণযুক্ত) যে মৃত্তিকা—কর্ম্মধা] বি, স্ত্রী, লোণামাটী ; ক্ষারময় ভূমি। ২। সাজিমাটী।

ক্ষারমেহ (র্) বি, পুং, পিত্তজনিত মেহরোগবিশেষ।

ক্ষারসমুদ্র (খার্‌শোমুদ্‌দ্রো) [ক্ষারের সমুদ্র, ৬ তৎ] বি, পুং, লবণাম্বুরাশি ; লবণ সমুদ্র।

ক্ষারিকা [ক্ষারক দ্রঃ] বি, স্ত্রী, রজকী।

ক্ষারিত [ক্ষর্ + ণিচ্ = ক্ষারি (গমন করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, স্রাবিত ; গলান। ২। প্রাপ্তাপরাধ ; দোষযুক্ত।

ক্ষারোদক (ক্) [ক্ষারযুক্ত উদক (জল) হইয়াছে যাহার, বহু] বি, পুং, যাহার জল লবণময় ; লবণ সমুদ্র। ২। [ক্ষারযুক্ত যে উদক (জল) কর্ম্মধা] বি, ক্লী, লবণাক্ত জল ; লোণাজল।

ক্ষালন (ন্) [ক্ষাল্ (ধৌত করণ) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ধৌতকরণ ; জলদ্বারা শোধন। ২। শোধন ; শুদ্ধি। ৩। দোষ কাটান। স্ত্রী—**ক্ষালনী**।

ক্ষালিত [ক্ষল্ + ণিচ্ = ক্ষালি (ধৌত করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা ধৌত করা হইয়াছে ; ধৌত ; পরিমার্জ্জিত। ২। শোধিত ; বিশুদ্ধীকৃত ৩। দূরীকৃত ; নিরাকৃত।

ক্ষিত [ক্ষি (ক্ষীণ হওয়া) - ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, যাহা ক্ষয় করা হইয়াছে ; ক্ষয়প্রাপ্ত।

ক্ষিতি [ক্ষি (ক্ষয় পাওয়া, বাস করা) + তি (অধি—ক্তি) যথায় ক্ষয় পায় (মাটির দেহ মাটি হওয়ার ভাব ; তুল—" * * * returns to earth".—*Byron.* অথবা বাস করা হয় যেখানে)] বি, স্ত্রী, পৃথিবী। ২। বাসস্থান ; গৃহ। ৩। [ক্ষি (ক্ষয় হওয়া) + তি (অধি—ক্ত) সমস্ত ক্ষয়প্রাপ্ত হয় যে কালে] প্রলয়কাল। [প্র, অ] ৪। রোচনা নামক গন্ধদ্রব্য।

ক্ষিতিক্ষিৎ [ক্ষিতি (পৃথিবী) ক্ষি (ঐশ্বর্য্য পাওয়া) + ক্বিপ্ (কর্ত্তৃ) পৃথিবীর ঐশ্বর্য্য যে প্রাপ্ত হয়] বি, পুং, ক্ষিতিপতি ; রাজা।

ক্ষিতিজ [ক্ষিতিতে (পৃথিবীতে) জ (যে জন্মে)] বিণ, ভূমিজাত ; ভূমি হইতে

উৎপন্ন। ২। বি, বৃক্ষবিশেষ। ৩। মঙ্গল-গ্রহ। ৪। ভৌম। ৫। নরকাসুর ; স্ত্রী—**ক্ষিতিজা**—সীতা।

ক্ষিতিধর, ক্ষিতিভৃৎ (র্) [ক্ষিতি (পৃথিবী) ধর (ধৃ—ধারণ করা)+অ (কর্ত্তৃ—অচ্) ভৃৎ (ভৃ—ভরণ—ধারণ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) ৎ—আগম পর্ব্বত সকল পৃথিবীকে ধারণ করিয়া আছে এই বিশ্বাসে পর্ব্বতের নাম ভূধর, ক্ষিতিধর প্রভৃতি] বি, পুং, ভূধর ; পর্ব্বত। ২। অনন্ত ; বাসুকি। ৩। রাজা (প্রজাপালন করেন বলিয়া রাজা ক্ষিতিধর নাম পাইয়াছেন)।

ক্ষিতিনাথ (থ্) [ক্ষিতির নাথ (প্রভু) ৬তৎ] বি, পুং, ক্ষিতিপতি ; ক্ষিতিপাল ; রাজা।

ক্ষিতিপ (প্) [ক্ষিতি (পৃথিবী) প (পালক) পা (পালন করা)+অ (কর্ত্তৃ—ড) যে পৃথিবী পালন করে] বি, পুং, পৃথিবী-পতি ; ভূপ।

ক্ষিতিরুহ [ক্ষিতি (ভূমি) রুহ (যে জন্মে) রুহ্ (জন্মান)+অ (কর্ত্তৃ—ক) যে ভূমিতে জন্মে, উপপদ] বি, পুং, মহীরুহ ; বৃক্ষ ; গাছ।

ক্ষিতীশ (শ্) [ক্ষিতির—ঈশ (ঈশ্বর) ৬তৎ] বি, পুং, ক্ষিতীশ্বর ; ভূপাল ; ক্ষিতি-পতি ; রাজা।

ক্ষিপ্ত [ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ত (কর্ম্মে—ক্ত) যাহা ক্ষেপণ করা হইয়াছে] বিণ, নিক্ষিপ্ত ; প্রক্ষিপ্ত ; ত্যক্ত। ২। বিক্ষিপ্ত ; বিকীর্ণ ; বিস্তীর্ণ। ৩। চালিত ; প্রেরিত। ৪। [কর্ত্তৃ—ক্ত] অত্যাসক্ত ; ৫। বায়ু রোগগ্রস্ত ; উন্মত্ত ; বাতুল ; ক্ষেপা ; যাহার বুদ্ধি বিচলিত হইয়াছে। স্ত্রী, **ক্ষিপ্তা**—উন্মাদিনী। ২। রাত্রি।

ক্ষিপ্তনিবাস (শ্) [ক্ষিপ্তের (বাতুলের) নিবাস (বাসস্থান) ৬তৎ] বি, পুং, উন্মাদাশ্রম ; পাগ্‌লা গারদ ; lunatic assylum.

ক্ষিপ্যমাণ (ন্) [ক্ষিপ্ (ক্ষেপণ করা)+আন (কর্ম্মে—আনশ্) য্, ম্ আগম] বিণ, যাহা নিক্ষিপ্ত করা হইতেছে।

ক্ষিপ্র (খিপ্‌প্রো) [ক্ষিপ্ (প্রেরণ করা)+র (কর্ত্তৃ, রক্)] ক্রি-বিণ, ক্লী, দ্রুত ; শীঘ্র ; তূর্ণ ; সত্বর। ২। [যাহা ক্ষিপ্র প্রস্তুত হয় অথবা যাহাতে সমস্ত প্রেরণ করা হয়] খেচরান্ন ; খিচ্‌ড়ী।

ক্ষিপ্রকারী (খিপ্‌প্রোকারি) [ক্ষিপ্র (শীঘ্র) কারী—কৃ (করা)+ইন্ (কর্ত্তৃ-ণিন্)=কারিন্ ১মা, ১ব। যে শীঘ্র কার্য্য করে] বিণ, দ্রুতহস্ত ; লঘুহস্ত ; শীঘ্রকারী ; যে শীঘ্র শীঘ্র কর্ম্ম সমাপন করে। বিপরীত—চিরকারী। ২। চতুর ; চালাক।

ক্ষিপ্র-গতি (খিপ্‌প্রোগোতি) [ক্ষিপ্র (শীঘ্র) গতি (বেগ, গমন) যাহার (বহু)] বি, দ্রুতগামী ; বেগবান্। ২। অতি শীঘ্র।

ক্ষিপ্রহস্ত (ক্ষিপ্‌প্রোহস্‌তো) [ক্ষিপ্র (শীঘ্রকারী) হস্ত (কর) যাহার (বহু)] বিণ, লঘুহস্ত ; দ্রুত কার্য্যকারী ; কার্য্যকালে যাহার হাত শীঘ্র চলে ; যে ব্যক্তি করকৌশল প্রদর্শন করে।

ক্ষীণ (খীন্) [ক্ষি (ক্ষীণ হওয়া)+ত (কর্ত্তৃ-ক্ত=ণ)। বাং—প্রাকৃ—খীন ; তাহার স্ত্রীলিঙ্গে 'খীনি' (বৈ, পদ, সা) প্র—"খীনি ধনি" (বিদ্যাপতি)] বিণ, যে ক্ষয়প্রাপ্ত হইয়াছে ; সূক্ষ্ম। ২। জীর্ণ ; শীর্ণ ; কৃশ। ৩। শুষ্ক। [বিরল] স্ত্রী, **ক্ষীণা**। বি, ক্ষীণতা।

ক্ষীণজীবী (খীন্‌জিবি) [ক্ষীণ—জীব্ (বাঁচা)+ইন (কর্ত্তৃ, ণিন্) ক্ষীণ-জীবিন্ ১ম, ১ব] বিণ, ক্ষুদ্রজীবন ; অল্পপ্রাণ ; যাহার প্রাণ অনায়াসে বিনষ্ট হইতে পারে।

ক্ষীণতা (খীনোতা) [ক্ষীণ+তা (ভাবে)] বি, স্ত্রী, দুর্ব্বলতা ; দৌর্ব্বল্য ; কৃশতা। ২। সূক্ষ্মতা। বিণ, ক্ষীণ।

ক্ষীণবল (ন, ল্) [ক্ষীণ (ক্ষয়প্রাপ্ত) হইয়াছে, বল (বীর্য্য) যাহার, বহু] বিণ, বলহীন ; শক্তিহীন ; হীনবীর্য্য ; যাহার বল বা শক্তি ক্ষয়প্রাপ্ত হইয়াছে।

ক্ষীণশক্তি (খীনশোক্‌তি) [ক্ষীণ—শক্তি, যাহার] বিণ, বলহীন ; শক্তিশূন্য ; দুর্ব্বল।

ক্ষীয়মাণ (খীওমান্) [ক্ষি (ক্ষয় হওয়া)+আন (কর্ম্মে—আনশ্) য্-ম্ আগম] বিণ, যাহা ক্ষয় হইতেছে।

ক্ষীর (খীর্) ["ক্ষীরং দুগ্ধে জলে"—মেদিনী। ঘস্ (ভোজন করা)+ঈর (কর্ম্মে—ঈরন্) নিপাতনে ঘস্=ক্ষ্+ঈর] বি, ক্লী, দুগ্ধ। প্র—নীর ত্যাগী ক্ষীরগ্রাহী হংস। ২। চিনির সহিত পাক করা ঘন দুগ্ধ। প্র—দই ক্ষীর। ৩। নির্য্যাস ; বৃক্ষাদির দুগ্ধবৎ রস বা আটা। ৪। জল।

ক্ষীরকণ্ঠ (র্) [ক্ষীর (দুগ্ধ) রহিয়াছে কণ্ঠে (গলায়) যাহার, বহু] বি, পুং, মাতৃস্তন্যপায়ী শিশু ; দুধের ছেলে ; কচি ছেলে ; নিয়ত দুধ পান হেতু যাহার গলা টিপিলে দুধ বাহির হয়।

ক্ষীর-খণ্ড [প্রা-বৈ-সা। প্রা-বাং-য় প্রচর-রূপ] বি, ক্ষীরঘটিত মিষ্টান্নবিশেষ।

ক্ষীরজ [ক্ষীর (দুগ্ধ) হইতে জ (যে জন্মে)—জন্ (জন্মান)+অ (কর্ত্তৃ—ড)] বি, ক্লী, দুগ্ধবিকার ; দধি। ২। বিণ, ক্ষীরোৎপন্ন-বস্তু ; যে সকল দ্রব্য ক্ষীর হইতে উৎপন্ন হয়।

ক্ষীরদল (ল্) [ক্ষীর (দুগ্ধের মত দ্রব্য) রহিয়াছে দলে (পত্রে) যাহার, বহু] বি, পুং, যাহার পাতা ভাঙ্গিলে দুগ্ধের মত তরল পদার্থ নির্গত হয় ; আকন্দ গাছ, মনসাসিজ প্রভৃতি।

ক্ষীরদ্রুম [ক্ষীরযুক্ত যে দ্রুম (বৃক্ষ) কর্ম্মধা] বি, পুং, ক্ষীরপ্রধানবৃক্ষ ; অশ্বত্থবৃক্ষ।

ক্ষীরধেনু [ক্ষীর-নির্ম্মিত যে ধেনু, কর্ম্মধা] বি, স্ত্রী, ব্রাহ্মণকে দানের জন্য ক্ষীরনির্ম্মিত ধেনু।

ক্ষীরনীর (খীর্‌নীর্) [ক্ষীর (দুগ্ধ) নীর (জল) দুগ্ধ এবং জল মিশ্রিতের ন্যায়] বি, ক্লী, জল ও দুগ্ধের মিলন যেরূপ অভিন্ন তদ্রূপ মিলন। ২। আলিঙ্গন।

ক্ষীরপ [ক্ষীর (দুগ্ধ)—পা (পান করা)+অ (কর্ত্তৃ-ড) যে ক্ষীর পান করে] বি, পুং, স্তন্যপায়ী বালক ; দুগ্ধপায়ী শিশু। স্ত্রী, **ক্ষীরপা**।

ক্ষীরপলাণ্ডু [ক্ষীর (ক্ষীরের মত সাদা) যে পলাণ্ডু—কর্ম্মধা] বি, পুং, শ্বেতপলাণ্ডু ; সাদা পেঁয়াজ।

ক্ষীরপুলি (র্) [পুলি দ্রঃ] বি, ক্ষীরের পুর দেওয়া পুলিপিঠা।

ক্ষীরমোহন (খীর্‌মোহোন্) বি, ক্ষীরের পুর দেওয়া ও উপরে মিছরির বুকনি দেওয়া রসগোল্লা।

ক্ষীরশর, ক্ষীরসর (খীর্‌শর্) [ক্ষীরের (দুগ্ধের) শর (যাহা উপরে থাকে)] বি, পুং, দধি বা অম্ল মিশ্রিত দুগ্ধের সারভাগ ; ছানা।

ক্ষীরশর্করা (র্) বি, দুগ্ধের ছানা হইতে প্রাপ্ত দানাময় শর্করা-বিশেষ ; দুগ্ধ হইতে ছানা প্রস্তুত করিয়া লইলে যে তক্র (ঘোল) পড়িয়া থাকে, তাহাকে গাঢ় করিয়া তাহাতে একখণ্ড কাষ্ঠ বা রজ্জু ফেলিয়া রাখিলে তদুপরি শর্করার ন্যায় যে দানা পড়ে তাহার নাম ক্ষীরশর্করা।

ক্ষীরসর্পিঃ (খীরশোর্‌পি) [ক্ষীর দ্বারা পক্ক যে সর্পিঃ (ঘৃত) কর্ম্মধা] বি, ক্লী, ঘৃতপক্ক ক্ষীর। ২। [ক্ষীর এবং সর্পিঃ (দ্বন্দ্ব)] দুগ্ধ এবং ঘৃত।

ক্ষীরসা [প্রাদে। রাজপুতানা ও উৎকলে প্রসিদ্ধ] বি, ক্ষীরঘটিত মিষ্টান্ন ; (রাজপুতানায়) মোচার আকৃতি ক্ষীরের মিঠাই।

ক্ষীরসার (খীর্‌শার্) [ক্ষীরের (দুগ্ধের) সার (সারাংশ) ৬তৎ] বি, পুং, নবনীত ; ননী। ২। ছানা।

ক্ষীরস্বামী (খীরশ্‌শামি) বি, পুং, অমর-কোষের টীকাকার।

ক্ষীরা [সং—ক্ষীরিকা] বি, ফলবিশেষ ; শসা।

ক্ষীরাই—ক্ষীরা দ্রঃ।

ক্ষীরাব্ধি [ক্ষীরের (দুগ্ধের) অব্ধি (সমুদ্র) ৬তৎ] বি, পুং, ক্ষীরসাগর।

ক্ষীরাব্ধিজ [ক্ষীরাব্ধি (ক্ষীর সমুদ্র) হইতে জ (যে জন্মিয়াছে ; কর্ত্তৃ-ড প্রত্যয়ান্ত জন্ ধাতুজ)—উপপদ] বি, পুং, চন্দ্র। ২। ক্লী, মুক্তা। স্ত্রী, **ক্ষীরাব্ধিজা**—লক্ষ্মী।

ক্ষীরাব্ধিতনয়া ["ক্ষীরাব্ধিতনয়া রমা"—অমরকোষ। ক্ষীরাব্ধির (ক্ষীর সমুদ্রের) তনয়া (কন্যা) ৬তৎ] বি, স্ত্রী, লক্ষ্মী।

ক্ষীরিকা—বি, স্ত্রী, শসা ফল ; ক্ষীরা।

ক্ষীরী [ক্ষীর (ক্ষীরের মত রস) + ইন্ (অস্ত্যর্থে) = ক্ষীরিন্ ১মা, ১ব] বি, পুং, বট, অশ্বত্থ, ডুমুর, আকন্দ প্রভৃতি বৃক্ষ ; যাহাদের মধ্যে দুগ্ধবৎ রস আছে। ২। ক্ষীরাই শাক : euphorbia pilulifera. স্ত্রী, **ক্ষীরিণী**—দুগ্ধবতী গাভী।

ক্ষীরেয়ী [ক্ষীর + ঈয় (সম্বন্ধার্থে) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, দুগ্ধপক্ক অন্ন ; পায়স ; পরমান্ন।

ক্ষীরোদ, ক্ষীরোদক (খীরোদ, দক্) [ক্ষীর (দুগ্ধ) হইয়াছে, উদ, উদক (জল) যাহার, বহু] বি, পুং, ক্ষীর সমুদ্র : ক্ষীরোদধি। [দ্রঃ—পুরুষের নাম ; স্ত্রী, ক্ষীরোদা। প্র—ক্ষীরোদচন্দ্র, ক্ষীরোদা সুন্দরী] **ক্ষীরোদক-বাস**—ক্ষীর সাগরে যাহার বাস ; নারায়ণ।
প্র—"পারিজাত মালা দিল ক্ষীরোদক-বাস। বিদায় হইয়া হর আইল কৈলাস॥" —কবিক।

ক্ষীরোদতনয়া (দ্) [ক্ষীরোদের (ক্ষীর সমুদ্রের) তনয়া (কন্যা) ৬তৎ] বি, স্ত্রী, রমা ; লক্ষ্মী।

ক্ষুঁয়া (খুঁআ) [ক্ষুমা, খুঞা দ্রঃ] বি, রেশম ; পাট। ২। রেশমী কাপড় ; পাটের কাপড়।

ক্ষুঁয়াজাল (খুঁয়াজাল্) [ক্ষুমা দ্রঃ] বি, ছোট মাছ ধরিবার জালবিশেষ ; ইহা সূক্ষ্ম সূতার জাল।

ক্ষুঁয়াতাঁতি (খুঁআতাঁতি) [ক্ষুঁয়া—ক্ষুমা (পাট, শণ) তাঁতি (তন্তুবায়) যে তাঁতি মোটা সূতার কাপড় বুনে] বি, চট প্রভৃতি মোটা সূতার কাপড় বোনা তাঁতি। প্র—"অযোগ্য হইয়া কেন বাড়াও উৎপাত। ক্ষুঁয়াতাঁতি হ'য়ে দেও তসরেতে হাত॥" —ভারতচন্দ্র।

ক্ষুণি, ক্ষুণী (নি) [ক্ষু (শব্দ করা) + ণি, ণী (অধি—সংজ্ঞার্থে) যেখানে অবস্থান করিয়া প্রাণিগণ শব্দ করে] বি, স্ত্রী, ক্ষৌণী ; পৃথিবী। [প্র, অ] ২। খুনী দ্রঃ।

ক্ষুণ্ণ (খুন্নো) [ক্ষুদ্ (চূর্ণ করা) + ত (কর্ম্মে—ক্ত) ত = ন] বিণ, যাহা চূর্ণ করা হইয়াছে ; চূর্ণীকৃত ; যাহা গুঁড়ান হইয়াছে। ২। মনোভঙ্গ ; হতাশ। ৩। আঘাতপ্রাপ্ত ; আহত। ৪। ক্ষুব্ধ ; দুঃখিত। ৫। [অঙ্কে] গুণিত।

ক্ষুৎ [ক্ষু (হাঁচি দেওয়া) + ক্বিপ্ (ভাবে) ৎ আগম] বি, স্ত্রী, হাঁচি। [অপ্র]। ২। ক্ষুধ্ (ক্ষুধা) সন্ধিস্থলে ক্ষুৎ। প্র—ক্ষুৎ পিপাসা।

ক্ষুৎক্ষাম (ম্) [ক্ষুধ্ (ক্ষুধা দ্বারা) ক্ষাম (ক্ষীণ) ৩তৎ] বিণ, ক্ষুধায় ক্ষীণ ; ক্ষুধায় কাতর।

ক্ষুৎক্ষামকণ্ঠ [ক্ষুধা দ্বারা ক্ষাম (শুষ্ক) হইয়াছে কণ্ঠ যাহার, বহু] বিণ, যাহার ক্ষুধায় কণ্ঠ শুকাইয়াছে ; ক্ষুধার জন্য কণ্ঠদেশ শুষ্ক হইয়াছে।

ক্ষুৎপিপাসা (খুৎপিপাশা) [ক্ষুধ্ (ক্ষুধা) এবং পিপাসা (তৃষ্ণা) দ্বন্দ্ব] বি, স্ত্রী, ক্ষুধা ও তৃষ্ণা।

ক্ষুদ (খুদ্) [ক্ষুদ্র শব্দের সংক্ষেপ] বি, তণ্ডুল-কণা। ২। সামান্য বা ছোট ; অকিঞ্চিৎকর। প্র—ক্ষুদের কথা। বিণ, **ক্ষুদিয়া**; **ক্ষুদে**। [দ্রঃ—বাং-য়—পুরুষের নাম ক্ষুদো ; ক্ষুদে। স্ত্রী, **ক্ষুদী**]।

ক্ষুদ্র (খুদ্রো) [ক্ষুদ্ (চূর্ণ করা) + র (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, রক্)] বিণ, ক্ষুদ্রাকৃতি ; অল্পকায় : ছোট ; হ্রস্ব ; খর্ব্ব। ২। অনুদার। প্র—ক্ষুদ্রপ্রাণ। ৩। অধম ; নিকৃষ্ট ; নীচ। প্র—ক্ষুদ্র আশয়। ৪। কৃপণ। ৫। যশঃ, প্রভুত্ব, ঐশ্বর্য্যহীন ; সামান্য। প্র—ক্ষুদ্র ব্যক্তি। ৬। অল্প। প্র—শীতের ক্ষুদ্র বেলা। ৭। অল্প পরিসর ; অপ্রশস্ত। প্র—ক্ষুদ্রস্থান। স্ত্রী, **ক্ষুদ্রা**—নটী ; বেশ্যা। ২। মধুমক্ষিকা। ৩। [আয়ুর্ব্বেদে] রক্তপুনর্নবা। (২) কণ্টকারী (৩) ডহু (৪) তণ্ডুলকণা।

ক্ষুদ্রক (খুদ্রোক্) [ক্ষুদ্র + ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, অস্ত্রবিশেষ। ২। অধুনা পঞ্জাবের অন্তর্গত প্রাচীন দেশবিশেষ। ৩। তোলা পরিমাণ।

ক্ষুদ্রকম্বু (খুদ্রকোম্বু) [ক্ষুদ্র যে কম্বু, কর্ম্মধা] বি, পুং, শম্বুক ; শামুক।

ক্ষুদ্রকায়, য়া (খুদ্রোকায়) [ক্ষুদ্র—কায়া (শরীর) যাহার (বহু)] বিণ ক্ষুদ্র দেহবিশিষ্ট ; খর্ব্বদেহ। ২। বি, ক্ষুদ্রদেহ।

ক্ষুদ্রঘণ্টিকা (ক্ষুদ্রোঘোন্‌টিকা) [ক্ষুদ্র (ছোট) যে ঘণ্টিকা (কর্ম্মধা)। "কিঙ্কিণী ক্ষুদ্র ঘণ্টিকা"—অমর] বি, স্ত্রী, কিঙ্কিণী ; ঘুঙুর।

ক্ষুদ্রজীরক (ক্) বি, সা-জিরে।

ক্ষুদ্রনাসিক (খুদ্রোনাশিক্) [ক্ষুদ্র (ছোট) নাসিকা (নাক) যাহার, বহু] বিণ, অনুন্নত নাসিকাবিশিষ্ট ; খাঁদা।

ক্ষুদ্রপাটলা—বি, ঘণ্টাপারুল।

ক্ষুদ্রপ্রাণ (খুদ্রোপ্রান্) [ক্ষুদ্র (অল্প) হইয়াছে প্রাণ যাহার, বহু] বিণ, অল্পপ্রাণ ; যাহার প্রাণ অল্প ; যে অনায়াসে মারা পড়ে। ২। যাহার সামার্থ্য বা ক্ষমতা অল্প। ৩। কৃপণ ; অদাতা। ৪। পরশ্রীকাতর।

ক্ষুদ্রবজ্রক (খুদ্রবজ্‌ভ্রক্) বি, বৈক্রান্তমণি।

ক্ষুদ্রবৃহৎ (খুদ্রো) [ক্ষুদ্র ও বৃহৎ, দ্বন্দ্ব] বিণ, ক্ষুদ্র এবং বৃহৎ ; ক্ষুদ্র হইতে বৃহৎ পর্য্যন্ত সকল শ্রেণী : ছোটবড়।

ক্ষুদ্রসুবর্ণ (খুদ্রো শুবর্ন) [ক্ষুদ্র (অল্প) যে সুবর্ণ (স্বর্ণ) কর্ম্মধা। সুবর্ণের মত কথঞ্চিৎ উজ্জ্বলবর্ণ বলিয়া ইহার নাম ক্ষুদ্র সুবর্ণ] বি, পিত্তল।

ক্ষুদ্রাক্ষ (খুদ্রাক্‌খ) [ক্ষুদ্র (ছোট) হইয়াছে অক্ষি (চক্ষুঃ) যাহার (বহু) অক্ষি = অক্ষ] বিণ, ক্ষুদ্রচক্ষুঃ ; যাহার চক্ষু ছোট। ২। বি, হস্তী।

ক্ষুদ্রামলক (খুদ্রামলক্) [ক্ষুদ্র (ছোট) যে আমলক (আমলকি ফল) কর্ম্মধা] বি, ক্লী, কাঠ আমলা।

ক্ষুদ্রাম্লিকা—বি, স্ত্রী, শুষুণি শাকের মত চারপাতা শাক ; আমরুল-বিশেষ ; oxalis corniculata.

ক্ষুদ্রাশয় (খুদ্রাশয়) [ক্ষুদ্র (অল্প) হইয়াছে আশয় (অভিলাষ বা মন) যাহার, বহু] বিণ, অল্পাশয় ; নীচাশয় ; নীচপ্রবৃত্তি ; ক্ষুদ্রান্তঃকরণ। স্ত্রী, **ক্ষুদ্রাশয়া**। বি, ক্ষুদ্রাশয়তা

ক্ষুদ্রাশয়তা (খুদ্রা) [ক্ষুদ্রাশয় + তা (ভাবে)] বি, স্ত্রী, নীচপ্রকৃতি ; ক্ষুদ্রস্বভাবতা ; লঘুচরিত্র।

ক্ষুদ্রৈলা—বি, ছোট এলাচ ; elettaria cardamomum.

ক্ষুদ্বোধ (ক্ষুদ্‌বোধ্) [ক্ষুধ্ (ক্ষুধার) বোধ (জ্ঞান) ৬তৎ] বি, পুং, ক্ষুধাবোধ ; ক্ষুধাজ্ঞান : ক্ষুধা পাওয়া।

ক্ষুধ্ (খু) [ক্ষুধ্ (ভোজনের ইচ্ছা) + ক্বিপ্ (ভাবে)] বি, স্ত্রী, ভোজনের ইচ্ছা ; ক্ষুধা। ২। লালসা। [বাং-য় অন্য শব্দযোগে ব্যবহার হয়]।

ক্ষুধা (খু) [ক্ষুধ্ (দ্রঃ) + আপ্—স্ত্রী] বি, স্ত্রী, ভোজনের ইচ্ছা ; খাইবার প্রবৃত্তি। ২। ইচ্ছা ; লালসা। প্র—প্রেমক্ষুধা। বিণ, ক্ষুধিত।

ক্ষুধাভিজনন (খুধাভিজনন) [ক্ষুধার অভিজনন (উৎপাদক) ৬তৎ] বিণ, ক্ষুধার উদ্রেককারী ; অগ্নিবর্দ্ধক।

ক্ষুধার্ত্ত (খুধার্ত) [ক্ষুধা—দ্বারা ঋত = আর্ত্ত (পীড়িত) ৩তৎ] বিণ, ক্ষুধাক্লান্ত ; ক্ষুধায় কাতর ; যাহার অতিশয় ক্ষুধা হইয়াছে : ক্ষুধাতুর ; ক্ষুধিত। স্ত্রী, **ক্ষুধার্ত্তা**। **ক্ষুধার্ত্ত-ব্যাঘ্র** যে ব্যাঘ্র ক্ষুধায় কাতর হইয়া খাই খাই করে। [লক্ষণা হইতে]অতি ভয়ঙ্কর বা ভীষণ।

ক্ষুধিত (খু) [ক্ষুধ্ (ভোজনের ইচ্ছা) + ত (কর্তৃ, ক্ত) যাহার ভোজনের ইচ্ছা হইয়াছে বিণ. ক্ষুধাতুর ; বুভুক্ষিত ; ক্ষুধান্বিত। বি. ক্ষুধা স্ত্রী. **ক্ষুধিতা**—ক্ষুধায় কাতরা।

ক্ষুধিত-ব্যাঘ্র—ক্ষুধার্ত্ত ব্যাঘ্র দ্রঃ।

ক্ষুন্নিবৃত্ত—ক্ষুন্নিবৃত্তি দ্রঃ।

ক্ষুন্নিবৃত্তি [ক্ষুৎ (ক্ষুধার) নিবৃত্তি (উপশম) ' তৎ] বি, স্ত্রী. ক্ষুধার শান্তি ; ক্ষুধার উপশম ভোজনেচ্ছার-বিরতি। বিণ. ক্ষুন্নিবৃত্ত।

ক্ষুপ (প্) [ক্ষু (শব্দ করা) + প (অধি-সংজ্ঞার্থে, পক্) যাহার শাখায় বসিয়া পক্ষিগণ শব্দ করে] বি, পুং, অমুচ্চ বংশশাখাযুক্ত ঝাড়বিশিষ্ট গাছ ; গুল্ম। ২। গুজরাটস্থ প্রসিদ্ধ পর্ব্বত। ৩। সত্যভামার গর্ভজ শ্রীকৃষ্ণের ঔরস-পুত্র। ৪। রাজা ইক্ষ্বাকুর পিতা।

ক্ষুব্ধ [ক্ষুভ্ (চঞ্চল হওয়া, কাতর হওয়া) + (কর্তৃ—ক্ত) যে চাঞ্চল্য প্রাপ্ত হয়, ত = ট]বিণ. বিচলিত ; চঞ্চলতা-প্রাপ্ত। ২। ক্ষুণ্ণ ; ক্ষোভ-প্রাপ্ত। ৩। দুঃখিত : কাতর ; ব্যাকুল। ৪। ভীত ; ত্রস্ত। [বিরল]। ৫। বি, পুং, মন্থনদণ্ড। বি, ক্ষোভ। স্ত্রী. **ক্ষুব্ধা**।

ক্ষুভিত [ক্ষুভ্ (চঞ্চল ও কাতর হওয়া) + ত (কর্তৃ—ক্ত) ই—আগম, (যে চঞ্চল বা কাতর হয়)] বিণ. বিচলিত ; সঞ্চালিত। ২। আলোড়িত ; মথিত। ৩। ব্যাকুল।

ক্ষুমা (খু্মা) [ক্ষুঁয়া ও হয়। খুঞা দ্রঃ। ক্ষু (হাঁচা) + ম (সংজ্ঞার্থে—আপ্)। স্ত্রী.যাহার সুক্ষ্ম তন্তু বাতাসে উড়িতে থাকে ও নাসিকায় প্রবেশ করিয়া হাঁচির উদ্রেক করে] বি, স্ত্রী. রেশম। ২। পাট। ৩। শণ। ৪। তিসি ; মসিনা। ৫। [বৈদ্যকে] অতসীবৃক্ষ। (২) নীলগাছ। বিণ. ক্ষৌম।

ক্ষুর (খুর্) [ক্ষুর্ (ছেদন করা) + র (করণে—সংজ্ঞার্থে, রক্) যাহা দ্বারা ছেদন করা যায়। প্রাকৃ—খুর] বি, পুং, কেশমুণ্ডনের অস্ত্র ; ক্ষৌরকারাস্ত্র। ২। ক্ষুরনামক তীক্ষ্ণধার সদ্যঃ-প্রাণহারক অস্ত্রবিশেষ ; ক্ষুরাস্ত্র। [দ্রঃ—ইহা হইতে ক্ষুদ্রাকার—ক্ষুরী, প্রাকৃ—ছুরী ; তাহা হইতে ক্ষুদ্র, ক্ষুরিক, প্রাকৃ—ছুরিকা]। ৩। গবাদি জন্তুর অস্থিময় পদতল। ৪। পালঙ্গ খাট প্রভৃতির পায়ার শেষ ভাগ। স্ত্রী. ক্ষুরী।

ক্ষুরকর্ম্ম [ক্ষুর দ্বারা কর্ম্ম, ৩তৎ] বি, স্ত্রী. ক্ষৌর : মুণ্ডন।

ক্ষুরপত্রিকা (পোৎত্‌্রিকা) বি, স্ত্রী. পালঙ্গ-শাক।

ক্ষুরপ্র [ক্ষুর (অস্ত্র) + প্র (সংজ্ঞার্থে)] বি, পুং, অর্দ্ধচন্দ্রাকৃতি প্রাণহারক অস্ত্র। ২। তৃণাদি ছেদনের অস্ত্র ; খুরপা।

ক্ষুরা [ক্ষুর দ্রঃ। গ্রা—উচ্চারণে আ যোগ, যোগ, রূপান্তর—খুরা, উচ্চারণ ভেদে খুরো। প্র—খাটের খুরো] বি, পদ ; পায়া।

ক্ষুরা বসান—বাসন বা কাষ্ঠাসনাদি ব্যবহার জন্য ঘর্ষণে ক্ষয় প্রাপ্ত না হয় তজ্জন্য তাহাদের তলায় ধাতু বা কাষ্ঠখণ্ড সংযুক্ত করা। **ক্ষুরা দেওয়া**—বিণ. ক্ষুরা বসান। প্র—ক্ষুরা দেওয়া বাটি।

ক্ষুরী [ক্ষুরী + ইন্ (অস্ত্যর্থে) = ক্ষুরিন্ ১মা, ১ব] বি, ক্ষৌরকার। স্ত্রী. **ক্ষুরিণী**। ২। ক্ষুরযুক্ত পশু ; সশফ জন্তু।

ক্ষুল্ল [ক্ষুদ্ (চূর্ণ করা) + কিপ্ কর্তৃ = ক্ষুৎ (ধুলা গুঁড়া) লা (গ্রহণ করা) = অ (কর্তৃ—ড—সংজ্ঞার্থে)] বিণ. ক্ষুদ্র ; অল্প ; লঘু। [বিরল] ২। কনিষ্ঠ। প্র—ক্ষুল্লতাত।

ক্ষুল্লতাত [ক্ষুল্ল (কনিষ্ঠ) যে তাত (পিতা, এখানে পিতৃব্য) কর্ম্মধা] বি, পুং, পিতার কনিষ্ঠভ্রাতা ; খুড়া ; কাকা।

ক্ষেত (খেত্)—ক্ষেত্র দ্রঃ।

ক্ষেতখোলা—বি, ক্ষেত্র এবং খামার। **ক্ষেত-খামার**ও বলে। ২। চাষবাস (খোলা এখানে ক্ষেত সংক্রান্ত অন্যান্য বিষয় ব্যাপার বোধক)।

ক্ষেতপাপড়া [সং—ক্ষেত্রপর্পটী। ধান্যক্ষেত্রে অধিক জন্মে বলিয়া] বি, ক্ষুদ্র ভেষজবৃক্ষবিশেষ ; oldenlandia corymbosa.'

ক্ষেতি—বি, ক্ষেত্রকর্ম্ম ; চাষ-আবাদ।

ক্ষেত্র (খেৎত্র) [ক্ষি (বাস করা) + ত্র (অধি, সংজ্ঞার্থে—ষ্ট্রন্) যাহাতে বাস করা যায়] বি, ক্লী, ভূমিখণ্ড ; মৃত্তিকাখণ্ড। ২। শস্যের আবাস ; মাঠ ; ময়দান। ৩। স্থান ; স্থল। প্র—যুদ্ধক্ষেত্র ; কর্ম্মক্ষেত্র। ৪। সিদ্ধভূমি। প্র—"কুরুক্ষেত্র।" ৫। তীর্থস্থান। প্র—জগন্নাথক্ষেত্র। ৬। সভা ; সমিতি ; বৈঠক। ৭। গণিতে রেখা দ্বারা সীমাবদ্ধ, ত্রিভুজ, চতুর্ভুজ, অষ্টভুজাদি স্থান। ৮। [দর্শনে] দেহ (২) মন। (৩) ইন্দ্রিয়। ৯। স্ত্রী ; পত্নী ; ভার্য্যা। ১০। অবস্থা। প্র—কোন ক্ষেত্রে কি কথা বলিতে হইবে তাহা জানা উচিত।

ক্ষেত্রজ (খেৎত্রোজো) [ক্ষেত্রে—জ (জাত) ড প্রত্যয়ান্ত জন ধাতুজ)] বিণ. যে ক্ষেত্রে জন্মে ; ক্ষেত্রোৎপন্ন। ২। [স্মৃতিতে] বি, পুং, আপনার স্ত্রীতে অন্য পুরুষ দ্বারা উৎপাদিত পুত্র। স্ত্রী. **ক্ষেত্রজা**—অন্য পুরুষোৎপাদিতা কন্যা।

ক্ষেত্রজ্ঞ (খেৎত্রোগ্‌গোঁ) [ক্ষেত্র (শরীর প্রভৃতি) জ্ঞ (যে জানে) জ্ঞা (জানা) + অ (কর্তৃ, সংজ্ঞার্থে—ড) যে শরীরের বিশেষ বিবরণ জানে] বি, পুং, পরমাত্মা বা অন্তর্য্যামী পুরুষ। ২। বিণ. যিনি দেহ মন প্রভৃতির গুণাগুণ জানেন ; পণ্ডিত। ৩। নিপুণ ; কার্য্যকুশল। ৪। স্বেচ্ছাচারী ; কামী ; কামুক। ৫। যে ভূমির দোষগুণ জানে ; কৃষিকর্ম্মবেত্তা ; কৃষক। ৬। কোন্ অবস্থায় কি কর্ত্তব্য তাহা যে জানে।

ক্ষেত্রতত্ত্ব (খেৎত্রোতৎতো) [ক্ষেত্রের তত্ত্ব (যথার্থ নিরূপণ) করা হইয়াছে যে শাস্ত্রে বহু] বি, ক্লী, ত্রিভুজ চতুর্ভুজ প্রভৃতি রেখা দ্বারা সীমাবদ্ধ ক্ষেত্র ; ক্ষেত্র সমুদয়ের প্রতিকৃতি ও পরিমাণনিরূপক শাস্ত্র ; জ্যামিতি ; geometry.

ক্ষেত্রপতি (খেৎত্রোপোতি) [ক্ষেত্রের পতি (স্বামী) ৬তৎ] বি, পুং, ক্ষেত্রস্বামী ; ক্ষেত্রের অধিকারী। ২। কৃষাণ ; চাষী ; যে আপন ক্ষেতে চাষ করে। ৩। দেহের অধিষ্ঠাতা ; রুদ্র।

ক্ষেত্রপর্পটী (খেৎত্রপর্পোটি) বি, স্ত্রী. ক্ষেতপাপ্‌ড়া ; শাকবিশেষ।

ক্ষেত্রপাল (খেৎত্রপাল্) [ক্ষেত্র পাল (পালক)] বি, পুং, ক্ষেত্ররক্ষক ; যাহারা ক্ষেত্রে শস্যরক্ষা করে। ২। মহাদেব। [বন্ধ্যা বা মৃতবৎসা নারীকে বঙ্গের অনেকস্থানে ক্ষেত্রপালের ঔষধ খাওয়ান হয়। এই ঔষধ খাইবার পর সন্তান হইলে, তাহাদিগের "ক্ষেত্রপদ" "ক্ষেত্রদাসী" প্রভৃতি নাম রাখার প্রথা আছে]।

ক্ষেত্রফল (খেৎত্রফল্) [ক্ষেত্রের ফল, ৬তৎ] বি, ক্লী, শস্য ; ক্ষেত্রের ফল। ২। ভূমিকালি ; ভূমির পরিমাণ ফল, ক্ষেত্রের মধ্যস্থিত ভূমির পরিমাণ ; area.

ক্ষেত্রবিদ্ (খেৎত্র) [ক্ষেত্র (শরীর) বিদ্ + কিপ্ (কর্তৃ), যিনি শরীর ইন্দ্রিয় ও মন প্রভৃতির সমস্ত জানেন] বি, পুং, জীবাত্মা।

ক্ষেত্রযমানিকা (খেৎত্রোজমানিকা) বি, স্ত্রী. বনজোয়ান।

ক্ষেত্রসম্ভব (খেৎত্রশম্‌ভব্) [ক্ষেত্র (ভূমি) হইতে সম্ভব (উৎপত্তি) যাহার, বহু] বিণ. ভূমি হইতে উৎপন্ন ; ভূমিসম্ভূত ; ক্ষেত্রোৎপন্ন।

ক্ষেত্রসীমা (খেৎত্রশীমা) [ক্ষেত্রের (ভূমির) সীমা (অবধি) ৬তৎ] বি, স্ত্রী. বৃক্ষাদি দ্বারা চিহ্নিত ভূমি ; এই অবধি এই ভূমি এইরূপ চিহ্নের নাম সীমা। ২। জমির শেষ সীমা ; জমির অবধি।

ক্ষেত্রাজীব (খেৎত্রাজিব্) [ক্ষেত্র (জমি) আজীব (জীবিকা) যাহার, বহু] বিণ. কৃষি-জীবী ; ইহারা জমির কার্য্য করিয়া তদুৎপন্ন শস্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করে।

ক্ষেত্রাধিদেবতা (খেৎত্রা) [ক্ষেত্রের অধিদেবতা—৬ তৎ] বি, স্ত্রী. পরমাত্মা। ২। জীবাত্মা। ৩। তীর্থস্থানের অধিষ্ঠাত্রী দেবতা।

ক্ষেত্রাধিপ (খেৎত্রাধিপ্) [ক্ষেত্রের অধিপ (অধিপতি) ৬ তৎ] বি, পুং, মেষাদি দ্বাদশ রাশির অধিপতি গ্রহগণ।

ক্ষেত্রামলকী (মৃ, লো) বি, স্ত্রী. ভূম্যামলকী।

ক্ষেত্রিক (খেৎত্রিক্) [ক্ষেত্র + ইক (অস্ত্যর্থে—ইকণ্)] বি, পুং, যাহার ক্ষেত্র আছে; ক্ষেত্রস্বামী; ক্ষেত্রাধিপতি।

ক্ষেত্রিয় (খেৎত্রিয়) [ক্ষেত্র (ক্ষেত) শরীর + ইয় (তদুৎপন্নার্থে)] বি, স্ত্রী, ক্ষেত্রোৎপন্ন তৃণ; ঘাস। ২। পুং, শরীরোৎপন্ন অসাধ্য ব্যাধি। ৩। পরদেহ চিকিৎসা। ৪। পরদার। ৫। পরদাররত ব্যক্তি। ৬। বিণ, ক্ষেত্র-সম্বন্ধীয়। ৭। ক্ষেত্রজাত; ক্ষেত্রোৎপন্ন। ৮। এদেহে চিকিৎসার অসাধ্য কিন্তু দেহান্তরে চিকিৎস্য।

ক্ষেত্রী (খেৎত্রি) [ক্ষেত্র + ইন্ অস্ত্যর্থে = ক্ষেত্রিন্ ১মা, ১ব] বিণ, যাহার ক্ষেত্র আছে: ক্ষেত্রস্বামী; হলী। ২। বি, পুং, পতি; স্বামী।

ক্ষেনী (খেনি) বি, বৈদিক কালে প্রচলিত বীণা বিশেষ; বৈদিক সমাজের কর্করি বাদ্যবিশেষ।

ক্ষেপ (খেপ্) [ক্ষিপ্ (ক্ষেপণ করা) + অ (ভাবে—অল্)] বি, নিক্ষেপ; ছুঁড়িয়া ফেলা: ত্যাগ। প্র—শরক্ষেপ। অস্ত্রক্ষেপ। ২। বিন্যাস। প্র—পদক্ষেপ। ৩। প্রেরণ। চালান। প্র—নৌকার ক্ষেপ। ৪। বার; পর্য্যায়; দফা। প্র—প্রতিক্ষেপে তাহার সহিত দেখা হবে। এবার দিলে চার ক্ষেপ হবে। ৫। অতিবাহন; যাপন। প্র—কাল-ক্ষেপ। ৬। বিলম্ব। প্র—সময়ক্ষেপ। ৭। [সং—তে ব্যবহার আছে। বাং-র প্র-অ] অহঙ্কার; নিন্দা; বঞ্চনা; লঙ্ঘন।

ক্ষেপণ (খে,ন্) [ক্ষিপ্ (ক্ষেপণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বিক্ষেপ; দূরে ক্ষেপ: দূরে ফেলিয়া দেওয়া। ২। পরিত্যাগ; ৩। অপসারণ। ৪। প্রেষণ; প্রেরণ; পাঠান। ৫। যাপন; অতিবাহন।

ক্ষেপণক (খেপনক্) [ক্ষেপণ + ক (কর্ত্তৃ—অক)] বিণ, যে ক্ষেপণ করে; ক্ষেপক; ক্ষেপণকারী।

ক্ষেপণি (নি) [ক্ষিপ্ (ক্ষেপণ করা) + অনি (সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, দাঁড়; যাহা জলে ক্ষেপণ করিয়া নৌকা চালায়। প্র—"লহর কাটিছে ক্ষেপণী"—মর্ম্মবাণী, ১৩২২। ২। ধ্বজি। ৩। ক্ষেপলা জাল। ৪। যে অস্ত্র নিক্ষেপ করিতে হয়। ক্ষেপণাস্ত্র। ৫। [ঘুরাইয়া ক্ষেপলা জালের মত নিক্ষেপ্য] ফাঁদবিশেষ।

ক্ষেপণিক (নিক্) [ক্ষেপণি + ইক (যে করে)] বি, পুং, যাহারা ক্ষেপণি ক্ষেপণ করে; দাঁড়ি।

ক্ষেপণী (নি) [ক্ষেপণ + ঈপ্: স্ত্রী] বি, স্ত্রী, যে বক্ররেখার প্রান্তভাগদ্বয় বিপ্রকৃষ্ট হইয়া যায়; parabola. ২। ক্ষেপণি দ্রঃ।

ক্ষেপণীয় [ক্ষিপ্ + অনীয় (কর্ম্মে)] বিণ, ক্ষেপণ যোগ্য; যাহা ক্ষেপণ করে। ২। বি, ক্লী, যে সকল অস্ত্র ক্ষেপণ করিতে পারে; ক্ষেপণ করিবার অস্ত্রাদি।

ক্ষেপলা (খ্যাপ্‌লা) [ক্ষেপ (নিক্ষেপ)—লা (যাহা মাথার উপর দুই হাতে ঘুরাইয়া জলে ফেলিয়া দেয়] বি, মাছ ধরিবার গোলাকৃতি ঘূরণ জাল। [দ্রঃ—টানা জালে একাধিক লোকের আবশ্যক। ক্ষেপলা জাল একজনেই ফেলে। জাল দ্রঃ]।

ক্ষেপহি (খে) [মৈ; বৈ, পদ, সা। ক্ষেপইও হয়] ক্রি, ক্ষেপণ করে; কাটায়। প্র—"ক্ষেপহি নিশি নিশি জাগি।" —বিদ্যাপতি।

ক্ষেপা (খ্যাপা) [সং—ক্ষিপ্ত। খেপা দ্রঃ] বিণ, উন্মত্ত; বাতুল; পাগল। ২। [বাং-বিশেষার্থে। স্নেহসূচক] বি, অবোধ; অবুঝ। ২। পাগলা। ৩। আবদারে। প্র—এমন ক্ষেপা আর কোথায় আছে। দূর্ ক্ষেপা ছেলে। স্ত্রী, ক্ষেপী।

ক্ষেপ্তা [ক্ষিপ্ (ক্ষেপণ করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = ক্ষেপ্তৃ ১মা, ১ব] বিণ, ক্ষেপণকারী; ক্ষেপণকর্ত্তা; যে কোন বস্তু নিক্ষেপ করে।

ক্ষেম (খেম্) [ক্ষি (ক্ষয় করা) + ম (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে দুঃখ নাশ করে] বি, পুং, ক্লী, কল্যাণ; মঙ্গল; কুশল। প্র—"কানে তোর দিব হেম, চিন্তহ আমার ক্ষেম, যেমতে সম্বন্ধ ভাঙ্গা যায়॥"—কবিক। ২। [ম—ভাবে] লব্ধ বস্তুর রক্ষা; যে বস্তু লভ্য হইয়াছে তাহা যত্ন করিয়া রাখা। ৩। চোর নামক গন্ধদ্রব্য। ৪। মুক্তি। ৫। নক্ষত্রবিশেষ। ৬। পুং, কলিঙ্গ দেশের রাজা। ৭। বিণ, মঙ্গলদায়ক; শুভকর। ৮। (খ্যামো) [মেয়েলি কথায় 'ক্ষ্যামো' ক্ষ্যামা দাও' এরূপ শব্দ ব্যবহৃত হয়] ক্রি, ক্ষমা কর। প্র—"রামা হে ক্ষেম অপরাধ মোর" —জ্ঞানদাস। স্ত্রী, ক্ষেমা—কাত্যায়নী।

ক্ষেমকর (র্) [ক্ষেম (মঙ্গল) কর (যে করে)] বিণ, শুভজনক; কল্যাণবিধায়ক। ২। সুখপ্রদ; সুখদায়ক।

ক্ষেমকৃৎ [ক্ষেম (মঙ্গল)—কৃৎ (যে করে) কৃ (করা) + কিপ্ (কর্ত্তৃ) যে মঙ্গল বিধান করে] বিণ, হিতৈষী; শুভকারী; মঙ্গলজনক; কল্যাণপ্রদ।

ক্ষেমঙ্কর (র্) [ক্ষেমা (মঙ্গল)—কৃ (করা) + অ (কর্ত্তৃ—খ) ম্ আগম] বিণ, মঙ্গল-বিধায়ক; শুভদায়ক; মঙ্গলকারী। স্ত্রী, ক্ষেমঙ্করী—মঙ্গলদায়িকা; দেবীবিশেষ।

ক্ষেমদর্শী (খেমদোর্শি) [ক্ষেম (মঙ্গল) দৃশ্ (দর্শন করা) + ইন্ (কর্ত্তৃ—গিন্) = ক্ষেমদর্শিন্ ১মা, ১ব] বি, পুং, কোশলের অধিপতি-বিশেষ। ২। বিণ, মঙ্গলদর্শী; শুভদর্শী; যে আপনার মঙ্গল দর্শন করে।

ক্ষেমবান (ন্) [ক্ষেম (মঙ্গল) + বতু (অস্ত্যর্থে) = ক্ষেমবৎ ১মা, ১ব] বিণ, কুশল-যুক্ত; মঙ্গলশালী।

ক্ষৈত্র (খৈৎত্র) [ক্ষেত্র (ক্ষেত) + অ (সমূহার্থে) অণ্] বি, ক্লী, ক্ষেত্রসমূহ; ক্ষেত সকল। ২। [ক্ষেত্র + অ (সম্বন্ধার্থে—অণ্)] ক্ষেত্র সম্বন্ধীয়। [বিরল]।

ক্ষৈরেয় [ক্ষীর + এয় (সম্বন্ধার্থে—এয়ণ্)] বিণ, ক্ষীর সম্বন্ধীয়, ক্ষীর সংক্রান্ত। ২। ক্ষীর দ্বারা পক্ব।

ক্ষোড় (ড্) [ক্ষুড্ (বন্ধন করা) + অ (করণে—অল্) যাহা দ্বারা বন্ধন করা হয়] বি, পুং, গজবন্ধনী; হাতী বাঁধিবার শৃঙ্খলাদি। ২। আলান। ৩। [গ্রা—খোঁড়, খোঁয়াড়] গবাদি পশু বন্ধন করিয়া রাখিবার গৃহ।

ক্ষোদ (দ্) [ক্ষুদ্ (চূর্ণ করা) + অ (কর্ম্মে, সংজ্ঞার্থে—অল্) যাহা চূর্ণ করা হইয়াছে] বি পুং, ক্ষুদ্র; ক্ষুদ। ২। চূর্ণ; গুঁড়া। ৩। [অধি—অল্—যাহাতে চূর্ণ করা হয়] যে প্রস্তরে তণ্ডুলাদি চূর্ণ করে; পেষণ-শিলা।

ক্ষোদন (ন্) [ক্ষুদ্ (চূর্ণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, চূর্ণন; চূর্ণ করা; পেষণ করা; গুঁড়া করা। ২। খনন; খোঁড়ন। ৩। প্রস্তরাদিতে অক্ষর-বিন্যাস; অক্ষরাঙ্কন। [দ্রঃ পুরুষের নাম 'খোদন' (তুচ্ছার্থে, খোদনা) স্ত্রী, "খুদনী" থাকে]।

ক্ষোদিত [ক্ষুদ্ (চূর্ণ করা) + ণিচ্ = ক্ষোদি + ত (কর্ম্মে—ক্ত) যাহা চূর্ণ করান হইয়াছে] বিণ, চূর্ণীকৃত। ২। চূর্ণিত; পিষ্ট। ৩। খোদিত; উৎকীর্ণ; যাহা খোদা হইয়াছে; খনিত।

ক্ষোভ (ভ্) [ক্ষুভ্ (চঞ্চল হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, চাঞ্চল্য; উদ্বেগ। ২। আন্দোলন; বিলোড়ন। ৩। মনঃকষ্ট; মনস্তাপ; দুঃখ। ৪। আঘাত। বিণ, ক্ষোভিত।

ক্ষোভণ (ন্) [ক্ষুভ্ + ণিচ্ = ক্ষোভি (চঞ্চল করা) + অন (করণে, সংজ্ঞার্থে—অনট্)] বি, পুং, কন্দর্পের বাণ দ্বারা লোকের মন চঞ্চলীকৃত হয় বলিয়া, কামবাণ; কন্দর্প বাণ-বিশেষ। ২। [সাংখ্য দর্শনে] পুরুষ। ৩। শিব; বিষ্ণু। ৪। বিণ, ক্ষুব্ধ; ক্ষোভকারী।

ক্ষোভিত [ক্ষুভ্ + ণিচ্ = ক্ষোভি + ত (কর্ম্মে —ক্ত) যাহাকে চঞ্চল করা হইয়াছে] বিণ, সঞ্চালিত; আলোড়িত। ২। ত্রাসিত। ৩। ঘর্ষিত। বি, ক্ষোভ। স্ত্রী, ক্ষোভিতা।

ক্ষৌণি, ক্ষৌণী [ক্ষু (শব্দ করা) + (অধি) নি—ণী)—যাহা শব্দময়] বি, স্ত্রী, ক্ষিতি; পৃথিবী। প্র—"ক্ষৌণীর হরিলে ভার দৈত্য কৈলে ক্ষীণ।"—কবিক।

ক্ষৌণীপ্রাচীর (র্) [ক্ষৌণী (পৃথিবী) হইয়াছে প্রাচীর (প্রাচীর সদৃশ) যাহার, বহু] বি, পুং, জলরাশি ; অম্বুধি ; সমুদ্র।

ক্ষৌণীবিদ্যা [ক্ষৌণীর (পৃথিবীর) বিদ্যা (জ্ঞান) ৬ তৎ] বি, স্ত্রী, ভূতত্ত্ববিদ্যা ; geology.

ক্ষৌণী-ভুক্ [ক্ষৌণী (পৃথিবী) ভুজ্ (পালন করা, ভোগ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে পৃথিবী পালন করে] বি, নৃপতি।

ক্ষৌদ্র (খৌদ্রো) [ক্ষুদ্রা (মক্ষিকা) + অ (গৃহীতার্থে—অণ্) মক্ষিকাগণ যাহা গ্রহণ করে] বি, ক্লী, মধু। ২। জল। ৩। পুং, চম্পকবৃক্ষ। ৪। মগধদেশের বর্ণসঙ্কর জাতি। ৫। [সম্বন্ধার্থে—অণ্] বিণ, ক্ষুদ্র সম্বন্ধীয়।

ক্ষৌদ্রজ [ক্ষৌদ্র (মধু) হইতে জ (যাহা জন্মে)] বি, ক্লী, মোম ; শিক্থ। ২। বিণ, মধূৎপন্ন ; মধুজাত।

ক্ষৌদ্রপটল (ল্) [ক্ষৌদ্রের (মধুর) পটল (আধার) ৬ তৎ] বি, ক্লী, মধুর আধার ; মৌচাক।

ক্ষৌদ্রমেহ [ক্ষৌদ্র (মধু) যে মেহ (শুক্র) কর্ম্মধা] বি, পুং, মধু মেহ ; মধুরূপে পরিণত মেহ রোগবিশেষ।

ক্ষৌদ্রেয় [ক্ষৌদ্র (মধু) + এয় (সম্বন্ধার্থে—এয়ণ্)] বি, ক্লী, মোম। ২। বিণ, মধু-সংক্রান্ত ; মধুসম্বন্ধীয়।

ক্ষৌম [সং। "ক্ষৌম অট্টে দুকূলে"—মেদিনী] বি, পুং, প্রাসাদ ; অট্টালিকা। ২। চিলে ঘর। ৩। [ক্ষুমা (রেশম) + অ (ভবার্থে—অণ্)]পট্ট বস্ত্র ; দুকূল ; রেশমী কাপড়। ৪। শণ। ৫। বিণ, রেশমী ; শণ-নির্ম্মিত।

ক্ষৌর [ক্ষুর + অ (সম্বন্ধার্থে - অণ্)] বিণ, ক্ষুর সম্বন্ধীয় ; ক্ষুর সংক্রান্ত। ২। বি, ক্ষুর-কর্ম্ম ; মুণ্ডন।

ক্ষৌরিক (ক্) [ক্ষুর + ইক (অস্ত্যর্থে-ইকণ্)] বি, ক্ষুরকর্ম্মকারী ; ক্ষুরী ; নাপিত।

ক্ষ্মা (খাঁ) [ক্ষম্ (সহ্য করা) + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—অণ্) আপ - স্ত্রী, যে সকলের ভার সহ্য করে] বি, স্ত্রী, পৃথিবী।

ক্ষ্মাপতি, ক্ষ্মাভৃৎ (খাঁপোতি, খাঁভৃৎ) বি, পৃথিবীপতি ; রাজা [প্র, অ]।

ক্ষ্বিণ্ণ (খিন্ন) [ক্ষ্বিদ্ (মোচন করা) + ত (কর্ম্মে—ক্ত) দ্ - ত = ণ্ণ] যাহাকে মোচন করা হইয়াছে ; মুক্ত।

ক্ষ্বেড় (খেড়) [ক্ষ্বিদ্ (শব্দ করা) + অ (অণ্—কর্ত্তৃ) দ্ = ড্] বি, ক্লী, হলাহল : গরল ; বিষ। ২। বিণ, কুটিল ; ক্রূর। ৩। নিষ্ঠুর। ৪। সিংহনাদ। ৫। কুৎসিত। ৬। অশ্লীল গান ; খেউড়। এই অর্থে "খেড়"ও বলে।

ক্ষ্বেড়িত [ক্ষ্বেড় (শব্দ করা) ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, সিংহনাদ। ২। বীরগণের যুদ্ধনাদ ; হুঙ্কার।

ক্ষ্বেলা [ক্ষ্বেল্ (কাঁপা) + অ (ভাবে—অঙ্) - আপ্, স্ত্রী] বি, স্ত্রী, কম্পন। ২। ক্রীড়া ; খেলা ; লীলা।

ক্ষ্বেলন (ন্) [ক্ষ্বেল্ (খেলা করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, খেলন ; ক্রীড়ন। ২। সঞ্চালন ; কম্পন।

ক্ষ্বেলিত [ক্ষ্বেল্ (খেলা করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ক্রীড়িত। ২। আন্দোলিত ; সঞ্চালিত।

খ—ব্যঞ্জন বর্ণমালার ও কবর্গের দ্বিতীয় মহাপ্রাণ অঘোষবান বর্ণ। জিহ্বামূল ইহার উচ্চারণ-স্থান বলিয়া ইহা জিহ্বামূলীয় বর্ণ এবং ক অপেক্ষা খ উচ্চারণে মুখ হইতে অধিক বায়ু বহির্গমন ও অধিক জোরের প্রয়োজন হেতু ইহা মহাপ্রাণ। আঘাত বা শব্দের জোর ও ক্ষিপ্রতা অর্থে অন্য বর্ণসহ খ যুক্ত হয়। প্র—খট্, খচ্, খপ্। ২। [খদ্ (স্থৈর্য্যে) + অ (ড—কর্ত্তৃ) অদ্ লোপ, খ্ + অ = খ] বি, ক্লী, ব্যোম ; আকাশ ; শূন্য ; নভঃ। [দ্রঃ —এই অর্থেই প্রচলিত। সূর্য্য, ইন্দ্রিয়, দেহ, নগর, স্বর্গ, সুখ, মুখ, ব্রহ্মা প্রভৃতি অর্থের প্রয়োগ বাঙ্গালাভাষায় দৃষ্ট হয় না। কিন্তু খলিন, খদ্যোতন, খপুর প্রভৃতির ন্যায় পদে খ উক্ত অর্থের দ্যোতনা করে। ক-খ —বর্ণ পরিচয়। প্র—তাহার ক খ শেখা হয়েছে এখন বানান শিখবে। ক দ্রঃ।

খই (খোই) [সং—খদিকা] বি, লাজ ; ভাজাধান ; ভৃষ্টধান্য। **খইচড়া, খইছড়া** —খই ভাজিবার সময় যে খই ভাল ফুটে না। **খই ফুটা**—ধান ভাজিবার সময় খোলার উপর ধান ফুটিয়া চড়বড় করিয়া লাফাইতে থাকা বা খোলায় খই ফুটিতে থাকা। মুখে **খই ফুটা** [খই ফুটার ভাব হইতে] মুখ হইতে তাড়াতাড়ি ও অনর্গল কথা বাহির হওয়া ; তড়বড় তড়বড় করিয়া কথা বলা। প্র— "আমার কাছে সয়ের মুখে খই ফুটতে থাকে" —দীনবন্ধু মিত্র। **খই টেঁকুর**—বি, অজীর্ণ জনিত খদি গন্ধময় উদ্গার ; চোঁয়া টেঁকুর। **খইয়া বা খয়ে বন্ধনে পড়া**—জনৈক তাঁতী ঘরের খুঁটি ধরিয়া দাঁড়াইয়াছিল। এই সময় তাহাকে খই খাইতে দিলে সে খুঁটি মধ্যে রাখিয়া দুই হাত পাতিয়া খই গ্রহণ করে। তখন সে ভাবে, হাত সরাইলে খই পড়িয়া যাইবে ও খুঁটি কাটিয়া হাত বাহির করিলে ঘরের চাল পড়িয়া যাইবে সুতরাং উভয় সঙ্কটে পড়িয়া তাঁতী যেমন আবদ্ধ হইয়াছিল সেইরূপ বন্ধনে পড়া ; কিংকর্ত্তব্যবিমূঢ় হওয়া ; এমন বাধা বিঘ্নের মধ্যে পড়া বা চতুর্দ্দিকে এমন বাঁধাবাঁধির মধ্যে পড়া যে সহসা তাহা হইতে নিষ্কৃতি লাভের উপায় স্থির করা কঠিন।

খইচুর (খোইচুর্) [খদিকা চূর্ণ শব্দজ] বি, চিনিতে পাক করা খইচূর্ণের মোদক।

খইন, খএন (খৈন্, খোএন্) [গহীন (গভীর) শব্দজ] বিণ, গভীর ; অগাধ।

খইনধান্য, খএনধান (ন্) [খই + আন (যোগ্যার্থে) = খইআন—খান] বি, যে ধানে খই হয় ; (বরিশালে খইয়াধান)।

খইয়াগোখুরা, খয়েগোখরো (খোয়ে-গোখ্‌রো) বি, বিষধর সর্পবিশেষ ; গোখুরা সর্পের প্রকার ভেদ ; the gray variety of the cobra de capello. [প্রাকৃ—খলী—হেমচন্দ্র]।

খইয়েনো (খো) [খইয়া (খইয়ের আকৃতি ফুল কাটা) নো (লোহা)]। প্রাচীনকালের গহনা] বি, সধবার হস্তাভরণবিশেষ : সধবার বামহস্তে পরিবার বাহারে লোহা।

খইরী (খো) খৈরি দ্রঃ।

খইল (খোইল) [সং—খলি] বি, কাণের মল। ২। তিল, সরিসা প্রভৃতির তেল নিঃসৃত হইলে যে অসারভাগ থাকে তাহাকে খইল বলে ; তেলের কাট ; খোল।

খএর, খয়ের (র্) [খদির শব্দজ] বি, খদির বৃক্ষের নির্য্যাস ; mimosa catechu.

খক্ [শব্দাত্মক] বি, কাশির শব্দ : অব্যক্ত গলশব্দ। প্র—সে খক্ করিয়া কাশিল। ২। হাসির শব্দ।

খকখক (ক্, ক্) [শব্দাত্মক। অল্পার্থে ও আদরে—খুক্‌খুক্ (কাশে) ; অল্পার্থে ও নিন্দার

—খিক্‌খিক (হাস্যে) ; আধিক্যার্থে ও অনাদরে —খেক্‌খেক্ ; শিশুর এক নিশ্বাসে উপর্য্যুপরি হাস্যে—খকরখক্] বি, অব্যক্ত গলশব্দ কাশির শব্দ ; উচ্চ হাস্যশব্দ। **খক্‌খকানি** —বি, কাশির খক্‌খক্ শব্দকরণ।

খকানি [গ্রা—খেঁকানি। শব্দাত্মক] বি, কর্কশ শব্দে তাড়না।

খকার (র্) বি, খ এই বর্ণ।

খগ (গ, গ্) [খ (আকাশ) গ (গম্=গমন করা +অ, কর্ত্তৃ) যে আকাশে গমন করে, উপপদ] বি, পুং, পক্ষী ; পাখী। ২। বায়ু। ৩ সূর্য্য ; গ্রহগণ। ৪। বাণ। ৫। দেবতা। ৬ পতঙ্গ। ৭। পঙ্গপাল। ৮। বিণ, ব্যোমচারী ; আকাশবিহারী ; শূন্যগামী। [দ্রঃ—পক্ষী অর্থেই বঙ্গভাষায় সাধারণতঃ ব্যবহৃত হয়]।

খগগতি (খগোগোতি) [খগ (পক্ষী) তার গতি (গমন) ৬তৎ] বি, স্ত্রী, পক্ষীর শূন্য গমনের প্রকার ভেদ ; অবডীন ; অনুডীন অভিডীন ; উড্ডীন ; প্রোড্ডীন ; সংডীন ; নিডীন ; তির্য্যগ্‌ডীন প্রভৃতি ১০১ পক্ষিগতি তন্ত্রে নির্দ্দিষ্ট হইয়াছে।

খগপতি (খগোপোতি) [খগের (পক্ষীর) পতি (প্রভু বা শ্রেষ্ঠ) ৬তৎ] বি, পুং, গরুড়।

খগম (ম্) [খ—গম্ (গমন করা) +অ (ন—কর্ত্তৃ)] বিণ, ব্যোমচারী। বি, পক্ষী। ২। জনৈক মুনি।

খগরাজ (খগোরাজ্) [খগের রাজা, ৬তৎ, তৎপুরুষ সমাসে রাজা=রাজ] বি, পুং, খগেশ্বর ; গরুড়।

খগান্তক (ক্) [খগের অন্তক (নাশক) ৬তৎ] বি, পুং, শ্যেন, বাজ প্রভৃতি হিংস্রক পক্ষী। ২। ব্যাধ ; পাখমারা। প্র—খগান্তক মৃগান্তক দুই ভাই কালান্তক উজ্জয়িনী-নগবনিবাসী।"—কবিক।

খগাবগা [খগা—বগা (তুচ্ছার্থে—আ)। পাখী-পক্ষীর আঁকাবাঁকা চলন বা ফেলা ছড়া করিয়া আহারের ভাব হইতে] বিণ, বিশৃঙ্খল ; বিশ্রী। ২। সুশিক্ষা রহিত। প্র—খগাবগা গোছ লেখাপড়া শেখা। ৩। নোংরা ; ফেলাছড়া ; বিক্ষিপ্ত। প্র—খগাবগা করিয়া খাওয়া।

খগাসন (খগাশন্) [খগ (গরুড়) আসন (বসিবার স্থান) যাহার] বি, পুং, গরুড়বাহন ; বিষ্ণু। ২। [খগ (সূর্য্য)] উদয়াচল।

খগুণ (ন্) [গণিত পরিঃ] বি, বীজগণিতে শূন্য যে রাশির গুণক।

খগেন্দ্র [খগ—ইন্দ্র (শ্রেষ্ঠ) ৬তৎ] বি, পুং, গরুড়। ২। বিণ, খগশ্রেষ্ঠ।

খগেশ্বর (খগেশ্‌শর্) [খগ—ঈশ্বর (প্রভু) ৬তৎ] বি, পুং, খগপতি গরুড।

খগোল (ল্) [খ (আকাশ) গোল গ্রহ-নক্ষত্রাদি-সংস্থিত মণ্ডল] বি, পুং, নভোমণ্ডল। ২। গ্রহ নক্ষত্রাদি সমন্বিত খ-প্রতিরূপক কৃত্রিম গোলক ; the celestia sphere.

খগোল-বিদ্যা (খগোল্‌বিদ্‌দ্যা) [খগোল (সম্বন্ধীয়) বিদ্যা] বি, স্ত্রী ; যে বিদ্যা দ্বারা আকাশমণ্ডল ও গ্রহনক্ষত্র ধূমকেতু প্রভৃতি নভঃস্থ যাবতীয় পদার্থের দূরত্ব, স্বরূপ, অবস্থান, গতিবিধি ইত্যাদি জানা যায় ; নভোবিজ্ঞান astronomy.

খগ্‌গড় (ড়্) [হিঃ] বি, পুং, খাগ্‌ড়া শর ; উশীর ; saccharum spontaneum.

খচ (চ্) [খট্ এই অনুকার শব্দের কোমলরূপ] বি, হঠাৎ আঘাতের শব্দ ; দেহে কণ্টকাদি হঠাৎ বিদ্ধ হইবার শব্দ।

খচখচ (চ্, চ্) [শব্দাত্মক শব্দ ; ইহা কোমল শব্দ, কঠিন হইলে খট্‌খট্] অ, বারম্বার কোমল বস্তুতে তীক্ষ্ণ পদার্থ বিদ্ধ হইবার শব্দ। ২। অঙ্গে কণ্টকাদি বিদ্ধ হইয়া থাকিলে তাহাতে সামান্য আঘাত বা স্পর্শমাত্রে ক্লেশকর অনুভূতি উৎপাদন করে, তাহাকে খচ্‌খচ্ করা বলা হয়। বিণ, **খচখচে, খচ্‌খোচে**। ক্রি, **খচ্‌খচান** খচ্‌খচ্ করা। বি, **খচ্‌খচানি**।

খচমচ (খচোমচো) [শব্দাত্মক, অবজ্ঞার্থে—খেচামেচি] বি, করতাল, খঞ্জনী প্রভৃতির বাদন শব্দ। ২। গণ্ডগোল ; গোলমাল ; গোলোযোগ। ৩। জঞ্জাল ; বিরক্তিকর ব্যাপার ; ঝঞ্ঝাট। প্র—"রাজসেবা কত খচমচ" —ভারতচন্দ্র। বিণ, **খচ্‌মচে, খচ্‌মোচে**। ক্রি, **খচ্‌মচান** (নো)। বি, **খচ্‌মচানি**।

খচর (র্) [খ (আকাশে) চর (গমন করে)—চর্—গমন করা+অ—কর্ত্তৃ, ট—খে চরতীতি খচর বা খেচর—উপপদ] বিণ, আকাশচারী। ২। বি, পুং, বায়ু। ৩। বারিদ ; জলদ ; মেঘ। ৪। রাক্ষস। ৫। গ্রহ। ৬। সূর্য্য। ৭। পক্ষী। ৮। অশ্বতর ; ঘোটকের ঔরসে গর্দ্দভীর গর্ভে বা গর্দ্দভের ঔরসে ঘোটকীর গর্ভে জাত পশু। ৯। রূপকতাল-বিশেষ। ১০। বিণ, শঠ ; প্রবঞ্চক। ১১। নীচ বা কুপ্রবৃত্তিশালী [এই অর্থে তুচ্ছার্থে **খচ্‌রা** শব্দের ব্যবহার আছে]। স্ত্রী, **খচ্‌রী**—রাক্ষসী। ২। অশ্বতরী।

খচরা [প্রা-বাং। খ (আকাশ) চরা (যে চরে)] বিণ, আকাশচারী ; শূন্যগামী। প্র—"দস গিরিথর কেহ বলএ নিকট কেহ বলএ দূর। উদঅ কয় গোঁসাঞি খচরা সমুদ্দর কূর॥" —শূন্যপুরাণ।

খচাখচ্ [খচ্+আ (ব্যাপ্তি, নিরবচ্ছিন্নতা প্রভৃতি অর্থে—খচ্] বি, ক্রমাগত চারিদিকে খচ্‌খচ্ করিয়া আঘাত বা বিদ্ধকরণের ভাব-বোধক।

খচারী (খচারি) [খ (আকাশ) চর্ (বিচরণ করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) খে চরতীতি—খচারী, উপপদ] বিণ, আকাশে বিচরণকারী। ২। বি, পুং, সূর্য্য ; গ্রহ-নক্ষত্রাদি। ৩। পক্ষী। ৪। কার্ত্তিকেয়। স্ত্রী, **খচারিণী**—রাক্ষসী।

খচিত (খোচিত) [খচ্ (যুক্ত করা, জোড়া) +ত (কর্ম্মে—ক্ত) 'ই' আগম] বিণ, নির্ম্মিত ; রচিত। ২। গ্রথিত ; জড়িত। প্র—"রতনে খচিত চামর যতনে ধরি, ঢুলায় কিঙ্করী।" —মেঘনাদ। ৩। মিশ্রিত। ৪। পরিব্যাপ্ত। ৫। বদ্ধ। ৬। যুক্তকৃত ; যোজিত। ৭। নিহিত ; অন্তর্নিবিষ্ট। ৮। শোভিত ; অলঙ্কৃত।

খচ্চর (খচ্‌চর্ [ইতর] বি, পুং, অশ্বতর। ২। জারজপুত্র। ৩। বিণ, দুর্ব্বৃত্ত ; দুষ্ট ; নষ্ট। **তিলেখচ্চর** [ইতর] বি, চিত্র-বিচিত্র দেহ বা তিলের ন্যায় দাগযুক্ত অশ্বতর। ২। দাগী বদমায়েস ; অতিশয় নষ্ট লোক।

খজ (জ্) [খজ =মন্থন করা ; নাড়া] বি, তাড়ু ; হাতা।

খজল (ল্) [খ (আকাশ) জল—৬তৎ] বি, ক্লী, হিম ; নীহার ; শিশির। ২। বৃষ্টিজল।

খজা, খজাকা [খজ্ (মন্থন করা)+অ, আক (করণে) যাহা দ্বারা মন্থন করে] বি, স্ত্রী, তাড়ু ; উখ্‌ড়ি ; হাতা। ২। ক্রি, মন্থন করা।

খজ্যোতিঃ (খজ্‌জোতি) [খ—জ্যোতিস্] বি, জোনাকি পোকা।

খঞ্চা (খোন্‌চা) [ফা—খাঞ্চা। ক্ষুদ্রার্থে, খুঞ্চী] বি, বড় থালা ; বারকোশ।

খঞ্জ [খন্‌জ্ (বিকল গমন)+অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, ভগ্নপদ ; বিকল পদ ; খোঁড়া।

খঞ্জখেট, খঞ্জখেল (ট্, ল্) বি, খঞ্জন-পক্ষী।

খঞ্জন (খন্‌জন্) [খন্‌জ্ (বিকল গমন) +অন (ট্—সংজ্ঞার্থে) খঞ্জের ন্যায় গমন যে পক্ষীর] বি, পুং, ক্ষুদ্রজাতীয় পক্ষী। the wag-tail. খঞ্জন দেখিতে ছিপ্‌ছিপে, ইহাদের ঠোঁট সরু, পা সরু ও লম্বা, ডানা মাঝারী, পুচ্ছ বড়, ইহারা স্বভাবতঃ চঞ্চল, ইহারা ক্রমাগত পুচ্ছ নাচাইতে থাকে। ইহাদের স্বর অনুচ্চ কিন্তু মিষ্ট। খঞ্জন নানা জাতীয়, তন্মধ্যে সাধারণতঃ একজাতীয় দেখা যায়, তাহার মাথার সম্মুখ ভাগ ও দুই পাশ সাদা, মাথার পিছন দিক, গলা ও বুকের উপর দিকটা কাল ; পালক ধূসর বর্ণ, অন্যান্য জাতির সমুদয় মাথা, ঘাড় ও দেহের

নিম্নভাগ হল্‌দে এবং উপরিভাগ নীলাভ ধূসর। সুন্দরীদিগের নয়নের উপমাস্থল বলিয়া খঞ্জন-আঁখির কবি-প্রসিদ্ধি আছে। প্র—"তিল ফুল জিনি নাসা, বসন্ত কোকিল ভাষা, ভ্রূযুগল চাপ সহোদর। খঞ্জন-গঞ্জন আঁখি অকলঙ্ক শশিমুখী, শিরোরুহ অসিত চামর॥"—কবিক। "খঞ্জন-গঞ্জন আঁখি অঞ্জনরঞ্জিত"—শিবায়ন।

খঞ্জনরত [খঞ্জন (খঞ্জন পক্ষীর ন্যায়) রত (রমণ)—যাহাদের] বি, যতিদিগের প্রচ্ছন্ন মৈথুন।

খঞ্জনী, খঞ্জরী (খন্‌জোনি, রি) [বাদ্যধ্বনি হইতে এই নাম] বি, স্ত্রী, ক্ষুদ্র চক্রাকার আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ।

খঞ্জর, খঞ্জড় (র, ড়) [হি] বি, গোলা। প্র—"খড়্গা চর্ম্ম লেজা তীর কামান খঞ্জর"—অন্নদামঙ্গল। ২। [আ—খঞ্জর্] ভগ্ন তরবারি হইতে নির্ম্মিত ছোরা; a dagger.

খঞ্জরীট (ট্) বি, খঞ্জন পাখী। খঞ্জন দ্রঃ।

খট্ (ট্) [সং—ষট্। ষ=খ (হি-তে)। প্রবাদ ইহা ষড়ানন কার্ত্তিকেয়ের ছয় মুখ-নিঃসৃত বলিয়া এই নাম] বি, রাগবিশেষ। মতান্তরে, বরাটী, আশাবরী, তোড়ী, ললিত বহুলী, গান্ধার, মতান্তরে—ভৈরবী, মল্লার, তোড়ী, রামকিরি, ধানসী ও সিন্ধুবী এই ছয়ের মিশ্রণে উৎপন্ন। মতান্তরে ইহা দীপক রাগের পুত্র। প্রাতে এক দণ্ড হইতে পাঁচ দণ্ড মধ্যে গেয়। **খট্‌তালী**—ঘনযন্ত্রবিশেষ। **খট্-তোড়ী**—খট্ এবং তোড়ী মিশ্রণজাত। **খট্-যোগিঞা**—খট্ এবং যোগিঞা মিশ্রণে উৎপন্ন।

খট (ট্) [খড় দ্রঃ] বি, তৃণ; খড়: কুটী।

খট (ট্) [খট্বাঙ্গ (দ্রঃ)=খাটের খুরার মত বা নরকপালাগ্র মুদ্গার (তৎ সাদৃশ্যে)] বি, কুঠার। ২। লাঙ্গল। ৩। ঘুসি প্রহার।

খট (ট্) [খাত হইতে? খড় দ্রঃ] বি, অন্ধকূপ।

খট (ট্) [শব্দাত্মক] বি, অনুকার শব্দ। কাষ্ঠ, অস্থি প্রভৃতি কঠিন পদার্থের পরস্পর আঘাত শব্দ। ক্রি, **খটখটান** (নো) —খটখট শব্দ করা। ২। দ্বারে শব্দ করিয়া ডাকা। বি, **খটখটানি**।

খট (ট্) [অখট্টি, আখটি দ্রঃ] বি, বায়না: আবদার।

খটকা (খট্‌কা) [হি—খুট্‌কা] বি, সন্দেহ। প্র—"অনেক স্থলে মনে খট্‌কা থাকিয়া যায়"। —সা-প-প, ১৩০২। ২। ভয়।

খটখট (খট্‌খট্) বি, খড়ম, বা গোড়তোলা জুতা পায়ে দিয়া তাড়াতাড়ি চলার শব্দ। বিণ, খটখটিয়া, খটখটে। ক্রি-বিণ, খটখটানি।

খটখট করা—দ্বারে শিকল বা লাঠি প্রভৃতি কঠিন বস্তুর আঘাতে শব্দ করা। ২। খট-খট শব্দ করা। প্র—খড়ম পায়ে দিয়া খটখট করিয়া চলা।

খটখটি (খট্‌খোটি) [হি] বিণ, শক্ত; কঠিন

খটখটিয়া, খটখটে, খট্‌খটিয়া, খট্‌খটে (খট্‌খোটে) [শব্দাত্মক। খট্‌খট্ —ই-য়া। শুষ্ক কাষ্ঠাদিবৎ কঠিন ও শুষ্ক পদার্থের আঘাত শব্দ হইতে] বিণ, অতিশয় শুষ্ক ও কঠিন; ঝনা। ২। এত তেজাল বা খর যাহার ঝাঁঝে পদার্থ শুক্‌না খট্‌খটে হইয়া যায়। প্র—খটখটে রৌদ্র। ৩। খটখট শব্দকারী। ৪। পরিচ্ছন্ন; ঝর্‌ঝরে।

খটমট (খট্‌মট্) [শব্দাত্মক। খট্ (কঠিন ভূমির উপর জুতার গোড়ালি ঠুকিবার শব্দ) মট (গর্ব্বিতভাবে পা ফেলিবার সময় হাড়ের মটমট শব্দ)] বি, গোড়তোলা বা কঠিন গোড়ালিযুক্ত জুতা পায়ে দিয়া গর্ব্বিতভাবে চলিবার শব্দ। বিণ, **খটমটে** (খট্‌মোটে)। ক্রি, বি, **খটমটানি**।

খটরখটর (খটোর্‌খটোর্) [খট শব্দের পৌনঃপুনিকতার্থে দ্বিত্ব। 'র' খট শব্দ করিবার পর থামিয়া আবার ঐরূপ করণের অর্থে প্রযুক্ত] বি, ক্রমাগত মৃদুগতিতে খটখট করিয়া চলিবার ভাব; ঐরূপ শব্দ।

খটরমটর (খটোর্‌মটোর্) বি, কাষ্ঠাদি শুষ্ক ও কঠিন বস্তুর উপর দিয়া কঠিন পাদুকাসহ চলাফেরা করার শব্দ।

খটাখট (ট্) [খটখট অপেক্ষা উচ্চ ও ব্যাপক শব্দে] বি, কাষ্ঠাদি কঠিন বস্তুতে কঠিন বস্তুর ক্রমাগত আঘাত শব্দ। হাতুড়ী পিটিবার শব্দ।

খটাৎ [শব্দাত্মক] বি, হঠাৎ খট্ করিয়া শব্দ: খট্ অপেক্ষা জোরে বহুদূর ব্যাপী শব্দ।

খটাশ, স (শ্) [খট্টাশ শব্দজ] বি, জন্তু-বিশেষ: ভাম। ২। শব্দাত্মক শুষ্ক কঠিন বস্তুর আঘাত শব্দ] বি, খট্ শব্দের ব্যাপ্তি-বোধক।

খটি (খোটি) [অখট্টি শব্দজ] বি, শিশুদিগের বায়না বা আবদার। ২। [খটী দ্রঃ] স্তূপ। ৩। পরামর্শ। ৪। আড়ত।

খটিক (খোটিক্) [খট্ (আকাঙ্ক্ষা করা)+ অক (কর্ত্তৃ) ই—আগম] বি, পুং, বিকৃত হস্ত। ২। মুষ্টি। ৩। [সং—খট্টিক] উত্তর পশ্চিম ভারতের এক জাতিবিশেষ। ইহারা হাঁস, মুরগী, পারাবত প্রভৃতি পক্ষিপালন ও ক্রয়বিক্রয় দ্বারা জীবিকানির্ব্বাহ করে। স্ত্রী, **খটিকা**—খড়ী।

খটিনী (খোটিনি) [কঠিনী শব্দজ] বি, স্ত্রী, খড়ী।

খটী (খোটি) [সং—খনি (অর্থ সম্প্রসারণে); হি—খান] বি, স্ত্রী, স্তূপ; রাশি। ২। বাণিজ্যস্থান; আড়ত। ৩। ধান্য বা চাউল বিক্রয়ের স্থান। ৪। [সং—কঠিনী] খড়িমাটী।

খটেল (খোটেল্) [খুট (খুঁত দ্রঃ)+ আল —ওয়াল] বিণ, খুঁত ধরিতে পটু; দোষ ধরাই যাহার স্বভাব।

খট্টা (খট্টা) [খট্ (আচ্ছাদন করা)+অ (কর্ম্মে—অল্) আপ্-স্ত্রী] বি, পর্য্যঙ্ক; শয়ন করিবার খাট। ২। শববহনের খাট।

খট্টাঙ্গ [খট্টার অঙ্গ, ৬তৎ] বি, খাটের খুরার আকৃতি মুদ্গার; নরকপালাগ্র অস্ত্র। ২। লগুড়।

খট্টাশ (খট্টাশ্) [খট্ট্+অল্ (কর্ত্তৃ)=খট্ট —অশ্ (ভোজন করা)+অ (অচ্—কর্ত্তৃ)] বি, পুং, স্ত্রী, খটাশ; বন্য জন্তুবিশেষ। ২। গন্ধগোকুলা; the pole cat.

খট্টিক (খোট্‌টিক্) [খট্ট্ (আবরণ করা)+ ইক (সংজ্ঞার্থে)—যে জালাদি আবরণ দ্বারা পক্ষী প্রভৃতি ধৃত করে] বি, পুং, শাকুনিক; ব্যাধ; লুব্ধক; পাখিমারা (খটিক দ্রঃ)।

খট্টেরক (ক্) [খট্ট্ (আচ্ছাদনে)+এরক (কর্ম্মে)] বিণ, খর্ব্বাকৃতি খাট। স্ত্রী, **খট্টেরকা**।

খট্বা (খট্টা) [সং] বি, স্ত্রী, পর্য্যঙ্ক; খাট।

খট্বাঙ্গ (খট্টাংগো) [খট্টাঙ্গ দ্রঃ। খট্বার +অঙ্গ—৬তৎ] বি, ক্লী, খাটের পায়া। ২। খাটের পায়ার ন্যায় মুগুর। ৩। নর-কপালাগ্র লগুড়। ৪। নরপঞ্জর। ৫। পৃষ্ঠ-বংশ; শিরদাঁড়া। ৬। শিবের অস্ত্রবিশেষ। ৭। সূর্য্যবংশীয় রাজাবিশেষ। **খট্বাঙ্গধর**—বি, পুং, শিব। স্ত্রী, **খট্বাঙ্গধারিণী**। প্র—"ত্রিনয়নি! ও মা! খট্টাঙ্গধারিণি! নিশুম্ভদলনি! মায়াপ্রবর্দ্ধিনি!" —বাং—গান (দাশরথি)।

খট্বিকা, খট্টিকা (খোট্‌টীকা) [খট্বা+ক (অল্পার্থে—আপ্) আ=ই] বি, স্ত্রী, ছোটখাট।

খড (ড্) [হি—খড্] বি, দুই পাহাড়ের মধ্যস্থ বৃহৎ ব্যবধান, অতিশয় নিম্ন উপত্যকা; অত্যুচ্চ পর্ব্বতমালার মধ্যে মধ্যে সুগভীর নিম্নভূমি; খো; খোএন।

খড় (ড়্) [প্রাকৃ—খড় (হেমচন্দ্র—নামমালা) খড়্ (ভেদ করা)+অ (অল্—ভাবে)] বি, পুং, ভঙ্গ। ২। [কর্ম্মে—অল্] ক্লী, ক্ষুদ্র তৃণ। স্ত্রী, **খড়ী**—খড়ীমাটী; খটী। **খড়ের আগুন**—খড়ে অগ্নি স্পর্শ হইলে যেমন দপ্ করিয়া জ্বলিয়া উঠে সেইরূপ অতি সামান্য উত্তেজনায় যাহার ক্রোধ উদ্দীপ্ত হয়; কোপনস্বভাব; উগ্রপ্রকৃতি।

খড়কি (খোড়্কী) [খড়ক্কী শব্দজ। খিড়কী দ্রঃ] বি, স্ত্রী, খিড়কী ; গুপ্তদ্বার। প্র—"ধায় বেগে খড়কীর পথে।" —কবিক ২। খড়খড়ী।

খড়কি (ড়্) বি, খড়ক্কিকা (দ্রঃ)। ২। ধান্যভেদ। প্র—"সনা-খড়কি দুগ্‌গা-ভোগ আসআঙ্গ কল। আস মুক্তাহার বুলেন দ্বিগুন জার ফল॥" —শূন্যপুরাণ।

খড়কে (খোড়্কে) [খড় শব্দজ] বি, খড় বা তৃণ খণ্ডের ক্ষুদ্র শলাকা ; দন্তপরিষ্কারক তৃণখণ্ড। ২। বাটা মৎস্যের প্রকার ভেদ খড়কে বাটা।

খড়ক্কিকা, খড়ক্কী—বি, স্ত্রী, খিড়কীদ্বার অন্তঃপুরবাসিনীদিগের গমনাগমনের গুপ্তদ্বার ২। খড়খড়ি।

খড়খড় (খড়্খড়্) [শব্দাত্মক] বি, শুষ্ক তৃণ পত্রাদির মধ্যে নড়া বা চলাফেরার শব্দ। বিণ, **খড়খড়ে** (খড়্খোড়ে)। ক্রি, বি, **খড়খড়ানি**।

খড়খড়ি (খড়্খোড়ি) [শব্দাত্মক। খুলিবার ও বন্ধ করিবার সময় খড় খড় শব্দ করে বলিয়া] বি, জানালা দরজার কাষ্ঠাবরণ বিশেষ ; venetian blinds ; ঝিলিমিলি।

খড়ম (খড়োম্) [হি—খড়োঙ্] বি, কাষ্ঠ-পাদুকা। প্র—"করেতে ত্রিশূল শোভে চরণে খড়ম"—ভারতচন্দ্র।

খড়মড় (ড়্, ড়্) [খড় খড় শব্দের সংক্ষেপ 'খড়'—মড়্ মড়্ শব্দের সংক্ষেপ 'মড়'] শুষ্ক তৃণ-পত্র মধ্যে নড়াচড়ার শব্দ ; অধিক মাড় দেওয়া বস্ত্র, কাগজ প্রভৃতির পাট ভাঙ্গা বা নাড়াচাড়া করিবার শব্দ। বিণ, **খড়মড়ে** (খড়্মোড়ে)। ক্রি, বি, **খড়মড়ানি**।

খড়মাল্লি, ল্লী (ড়্ [প্রাদে] বি, অগ্নিসিদ্ধ লবণ।

খড়রা (ড়্) [হি—খর্‌রা] বি, ঘোড়ার গা মাজা যন্ত্র।

খড়া—বি, ইষ্টকাদির জোড়ের মুখ। **খড়া-কাটা, খড়া দেওয়া, খড়ামারা**—গৃহাদির ইষ্টক প্রস্তর প্রভৃতির জোড়ের মুখ বা ফাটলের মুখ চূণ সুরকি প্রভৃতির প্রলেপ বা প্ল্যাষ্টার দ্বারা বন্ধ করিয়া দেওয়া। ২। দাগরাজি করা।

খড়ি (খোড়ি) [খটী, খড়ী দ্রঃ] বি, শ্বেত-বর্ণ মৃত্তিকাবিশেষ। ২। তিলকমাটী। ৩। কৌশল ; শিল্পচাতুর্য্য : নৈপুণ্য। প্র—"স্থির চোকে ধীর মনে যে দেখিবে খড়ি। সে বলিবে ঠিক যেন ঈশ্বরের খড়ি॥"—পদ্যপাঠ। ৪। উপদেশ ; পরামর্শ ; মন্ত্রণা। ৫। কার্য্য ; কর্ম্ম। প্র—"এমন যাত্রাতে গেলে লোক হয় বন্দী। কহিনু পঞ্জিকা সাধু শুন খড়ি সন্ধি। ৬। গণনা ; অঙ্ক। প্র—"খড়ি পাতিয়া জন্ম, শক, দিন, বার, তিথি, দণ্ড, পল সকল নিরূপণ করিলেন।"—সীতারাম (বঙ্কিম) ৭। শুষ্ক কাষ্ঠ ; ইন্ধন। ৮। একজাতীয় মোটামোটা লম্বা লম্বা ঘাস। ৯। খুস্‌কি শরীরে তেলজল না পড়িলে চর্ম্ম শুষ্ক হয় এবং তাহাতে আঁচড় লাগিলে বা চুলকাইলে যে খড়ির বা শ্বেতবর্ণ ধূলার মত ঝরিয়া পড়ে তাহাকে খড়ি উঠা বলে। প্র—"শত শিরা গায়, কেশ উড়ে যায় গায়ে উঠে তব খড়ি। ১০। চিহ্ন ; খড়ির দাগ। ১১। একজাতীয় ইক্ষু ; খড় বা খড়ি আক। **খড়ি উড়া**—খড়ির মত শ্বেতবর্ণ শুষ্ক চর্ম্ম উঠা ; খুস্কি উঠা প্র—"তৈল বিনা তনু ক্ষীণা খড়ি উড়ে যায়"—শিবায়ন। **হাতেখড়ি**—শিশুর সর্ব্বপ্রথম বাঙ্গালা বর্ণমালা ভূমির উপর লিখিতে শিখারম্ভ সংস্কার। ২। কোন ব্যবসায় বা কোন কার্য্যে শিক্ষানবীশী বা প্রথম হস্তক্ষেপ। **চকখড়ি, চাখড়ি, চুনাখড়ি, ফুলখড়ি**—শ্বেত ও মোলাম খড়ি ; carbonate of lime. **খড়ি করা**—অঙ্ক কষা। **খড়িপাতা**—জ্যোতিষের গণনা করা।

খড়িকা (খো) [খড় শব্দজ] বি, উলুখড়ের মূলভাগ। ২। খড়কে কাঠি। ৩। খড়ী মাটি। [গ্রা] খড়কে। **খড়কে খাওয়া**—খড়্কে কাঠি দিয়া আহারের পর দাঁতের ফাঁকে সংলগ্ন অন্নব্যঞ্জনাদি বাহির করা। **খড়কে ডুরে**—সরু আঁজির ডুরে কাপড়। **খড়্কে বাটা**—সরু ও ছোট জাতীয় বাটা মাছ। **কানখড়্কে**—[কাণ খট্‌কা হইতে] তীক্ষ্ণ শ্রবণশক্তিযুক্ত।

খড়িকার (খোড়িকার্) [খুট (খুঁত) কার, তুল—খুঁত কাড়া] বি, কুৎসা।

খড়িঞ্চী, খড়িটি—বি, খড় মিশ্রিত মৃত্তিকা দ্বারা গৃহাদির ভিত্তি লেপন ; মেটে দেওয়াল মসৃণ করিবার জন্য তাহাতে লাগাইবার প্রলেপ ; মেটে বাড়ীর দেওয়ালে যে লেপ দেওয়া হয়। **খড়িটি করা**—মেটেবাড়ীর দেওয়ালে লেপ দেওয়া বা প্ল্যাষ্টার করা।

খড়ি পাতা (খো) ক্রি, অঙ্কপাত করা ; অঙ্ক রাখা। প্র—" মন্ত্র পড়ি খড়ি পাতি—গণিয়া গণনে ; নিবেদিলা হাসি সখী—" মেঘনাদ।

খড়িমাটী—বি, শ্বেতমৃত্তিকাবিশেষ : খটী ; চকখড়ি ; chalk.

খড়িয়া, খড়ে (খোড়িআ, খোড়ে) বিণ, খড়িযুক্ত। ২। পাণ্ডুবর্ণ। বি, শাকবিশেষ। ২। জলাঙ্গীনদীর নামান্তর। ৩। জ্বালানী কাঠবিক্রেতা।

(খোড়ি) [খড় (ভেদ করা)+অ (ল্) ঈপ্-স্ত্রী] বি, স্ত্রী, খড়ীমাটী। প্র—"মন্ত্রপড়ি খড়ী পাতি গণিয়া গণনে। নিবেদিলা হাসি সখী"—মেঘনাদ। ২। অঙ্ক (শুভঙ্করী) ; গণিত। ৩। ইক্ষুর ন্যায় একপ্রকার গাছ।

খড়ীন (খোড়ীন্) [খ—ডীন (নভোগতি)] বি, ক্লী ; বিহঙ্গ-গতিভেদ।

খড়ুয়া, খড়ো (খো) [খড়্+উ আ= খড়ুআ (সংক্ষেপে) খড়ো] বিণ্ খড়যুক্ত ; খড়নির্ম্মিত। ২। খড় আচ্ছাদিত।

খড়েল (খোড়েল্) [খট—জল] বি, যে নারিকেলের জল সম্পূর্ণ শুষ্ক হইয়া গিয়াছে ; ঝুঁদী নারিকেল।

খড়্গ (খড়্গ) [খড়্ (ভেদ করা)+গ (ন্—কর্ত্তৃ)] বি, পুং, গণ্ডারের শৃঙ্গ। ২। [+গ (ন্) করণে যাহা দ্বারা ছেদন করে] খাঁড়া, তরবারি প্রভৃতি ছেদনাস্ত্র। ৩। সুগন্ধি দ্রব্যবিশেষ—। ৪। ক্লী, লৌহ। ৫। [খড়্গ (গণ্ডারের নাসিকাস্থিত খড়্গ)+অ (অস্ত্যর্থে) অ লোপ] বি, পুং, গণ্ডার।

খড়্গকোষ (ষ্) [খড়্গের (অস্ত্রের) কোষ (আবরণ) ৬ তৎ] বি, পুং, খড়্গাবরণ, তরোয়ালের খাপ।

খড়্গপত্র (খড়্গপত্‌ত্র) বি, ক্লী, অসিপত্র ; অসিফলক ; ঢাল। ২। ইক্ষু।

খড়্গপাণি (নি) [খড়্গ—পাণিতে যাহার, বহু] বিণ্, যাহার হস্তে খড়্গ আছে ; কৃপাণ-কর ; অসিধর।

খড়্গপিধান (ন্) বি, খড়্গকোষ দ্রঃ।

খড়্গমাংস (শ্) বি, গণ্ডারের মাংস।

খড়্গহস্ত (খড়্গোহস্ত) [খড়্গ হস্তে যাহার—বহু] বিণ্, কৃপাণধারী। ২। খড়্গাঘাতে উদ্যত। ৩। সাতিশয় ক্রুদ্ধ। ৪। প্রতিকূল।

খড়্গী (খোড়্গি) [খড়্গ+ইন্ (অস্ত্যর্থে)+ খড়্গিন্ ১মা, ১ব] বি, পুং, গণ্ডার। ২। মহাদেব। ৩। বিণ, খড়্গধারী।

খড়্গীক (খড়্গিক্) [খড়্গ+ঈক (পটু-তার্থে)] বি, ক্লী, খড়্গের কার্য্য সমাধা হয় বলিয়া দাত্র ; দা।

খণ (ন্) [ক্ষণ শব্দের কোমল রূপ, ব্রজ] বি, ক্ষণ ; মুহূর্ত্ত ; অনুক্ষণ। প্র—"খণে গোই রোই খণে হসই।"—গোবিন্দদাস।

খণ্ড (খন্ড) [খন্ড্ (ভগ্ন করা)+অ (ল্—ভাবে)] বি, পুং, অংশ ; ভাগ ; টুকরা। ২। গ্রন্থের ভাগ ; volume. ৩। দেশাংশ। ৪। দস্যু ; ডাকাত। প্র—"চোর খণ্ড লম্পট পাইল কিবা লাগ।" —কবিক। ৫। খাঁড়গুড়। প্র—"রান্ধিবে ছোলার শাক তাতে দিবে খণ্ড।"—কবিক। ৬। খাঁড়া [অ, ম্]। ৭। থান ; টা ; টী ; গ্রন্থ। প্র—একখণ্ড কাপড়। ৮। বিণ, খণ্ডিত।

স্ত্রী. খণ্ডী—খণ্ডনকারিণী। **খণ্ড কথা**—বি. ছোট গল্প ; স্বল্প কথা। **খণ্ডকর্ণ**—বি. পুং. সকরকন্দ আলু ; মৌ আলু।

খণ্ডকাব্য (খন্‌ডোকা্‌ব) বি. ক্লী. মহাকাব্যের সকল লক্ষণাক্রান্ত নহে এমন অনতিদীর্ঘ কাব্যকে খণ্ডকাব্য বলে। খণ্ডকাব্যে আট সর্গের অধিক থাকে না।

খণ্ডখণ্ড [খণ্ড+খণ্ড (সংখ্যাধিক্য অর্থে—দ্বিত্ব)] ক্রি-বিণ. ভাগ ভাগ ; খণ্ড বিখণ্ড ; টুকরা টুকরা ; খণ্ডশঃ।

খণ্ডজ [খণ্ড—জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ—ড). বি. পুং. বিভাগজ ; অংশজ। ২। গুড়।

খণ্ডতাল (ল্) বি. পুং. সঙ্গীতের তাল-বিশেষ।

খণ্ডন (ন্) [খন্‌ড্) (ভগ্ন করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. অংশকরণ ; খণ্ড করণ। ২। ছেদন ; ৩। যুক্তিদ্বারা অপ্রকৃত প্রমাণ করণ ; ভঞ্জন ; নিরাকরণ।

খণ্ডন করা—অপ্রমাণ করা। ২। প্রতি-বিধান করা ; হইতে না দেওয়া। প্র—বিধি লিপি খণ্ডন করা কাহার সাধ্য। ৩। ছেদন করা ; ভগ্ন করা। ৪। বিভাগ করা।

খণ্ডনীয় [খন্‌ড্ (ভগ্ন করা) + অনীয় (কর্ম্মে)] নিরাকরণীয় ; খণ্ডন-যোগ্য ; ভঞ্জনীয়।

খণ্ডপরশু [খণ্ড (টুকরা) পরশু (কুঠার) যাহার, বহু. যিনি শত্রুগণকে পরশু দ্বারা খণ্ড খণ্ড করিয়া ছিলেন] বি. পুং. মহাদেব। ২। রাহু। ৩। পরশুরাম।

খণ্ডপর্শু (পোর্শু) বি. খণ্ডপরশু দ্রঃ।

খণ্ডপাল (ল্) [খণ্ড (ইক্ষু গুড়, খাঁড়) পাল (যে রক্ষা করে, যে ব্যবহার রাখে) উপপদ] বি. পুং. ময়রা।

খণ্ডপ্রলয় (খন্‌ডপ্‌প্রোলয়) [খণ্ড (অংশ) প্রলয় (ধ্বংস)—৬তৎ, বা কর্ম্মধা] বি. পুং. ক্ষুদ্রপ্রলয় ; প্রজাপতি ব্রহ্মা প্রাতে সৃষ্টি করিয়া সায়ংকালে সৃষ্টির অবসানরূপ যে লয় করেন তাহাই দৈনন্দিন প্রলয় বা খণ্ডপ্রলয়। ২। তুমুলকাণ্ড। ৩। খুনোখুনি ব্যাপার।

খণ্ডা [খন্‌ড্ (ভগ্ন করা) + অল্ (কর্ম্মে) স্ত্রী-আপ্] বি. স্ত্রী. খণ্ডিত ; অংশ। ২। [খন্ (বিদারণ করা) + ড (করণে)—স্ত্রী. আপ্ =খণ্ডা] খড়্গ ; খাঁড়া। প্র—প্রচণ্ডা খর্পর খণ্ডা হাতে, মুণ্ডমালী।"–মেঘনাদ। ৩। [জ্যোতিষে] গণনার সুবিধার্থ গণিতিক অঙ্কাবলী ; table.

খণ্ডা, খণ্ডান (খণ্ডানো) [উ. পু—খণ্ডাই ; খণ্ডি (খো)। ম-পু—খণ্ড ; খণ্ডাও ; খণ্ডান ; খণ্ডা। প্র. পু—খণ্ডে ; খণ্ডায় ; খণ্ডান। অস-ক্রি. খণ্ডিতে ; খণ্ডাইতে ; খণ্ডিয়া ; খণ্ডাইয়া, খণ্ডি (পদ্যে), খণ্ডে (খো) ; খণ্ডিবার, খণ্ডাইবার, খণ্ডাবার] ক্রি. খণ্ডন করা। ২। বর্জ্জন করা ; ত্যাগ করা। প্র—"লজ্জা খণ্ডি কহি আমি আপন মরম।"—কবিক।

খণ্ডাতি—[খণ্ডা (খাঁড়া) + তি] বি. খড়্গ-ধারী (ঘনরাম)।

খণ্ডান (খন্‌ডানো) [খণ্ড দ্রঃ। উ-পু—খণ্ডাই। ম-পু—খণ্ডাও, খণ্ডান, খণ্ডা। প্র-পু—খণ্ডায়, খণ্ডান। অস-ক্রি. খণ্ডাইতে ; খণ্ডাইয়া : খণ্ডি (পদ্যে), খণ্ডে (খো) ; খণ্ডাইবার] ক্রি. খণ্ডন করা ; বিচ্ছিন্ন করা ; ছেদন করা। ২। অতিক্রম করা। ৩। সংশোধন করা ; বিপরীত করা ; যাহা হইবার তাহা না ঘটিবার উপায় করা। প্র—"এ কলঙ্ক কেবা খণ্ডাইবে।" —রামায়ণ (জগৎরাম)। "কপালের ফল কে খণ্ডিবে বল।"

খণ্ডাখণ্ডি (খন্‌ডাখোন্‌ডি) বি. পরস্পর কলহ ; পরস্পর বিপক্ষতা।

খণ্ডাভ্র (খন্‌ডাব্‌ভ্র) [খণ্ড (অংশীভূত) যে—অভ্র (মেঘ) কর্ম্মধা] বি. ক্লী. খণ্ড মেঘ।

খণ্ডিক (খোন্‌ডিক্) [খণ্ড+ইক্—অস্ত্যর্থে] বি. পুং. ক্রোধান্বিত ; রুষ্ট। ২। মুনি-বিশেষ। ৩। বগল ; কক্ষ ; কাঁখ। ৪। খেঁসারি কলায়।

খণ্ডিত (খোন্‌ডিত) [খণ্ড+ত (কর্ম্মে—ক্ত)] বিণ্. যাহা খণ্ড করা হইয়াছে ; কর্ত্তিত ; ছিন্ন ; দ্বিখণ্ডিত। ২। পৃথক্-কৃত ; ভিন্ন। ৩। অংশিত ; বিভক্ত। ৪। অঙ্গহীন ; অসম্পূর্ণ। ৫। ভীত ; শঙ্কিত। স্ত্রী. **খণ্ডিতা**।

খণ্ডী (খোনডি) বিণ্. স্ত্রী. খণ্ডনকারিণী। প্র—"খুল্লনা পূজেন চণ্ডী শোক-দুঃখ-খণ্ডী" —কবিক। ২। বি. বনমুগ।

খত, খৎ [আ—খৎ=রেখা, আঁচড় তাহা হইতে কলমের আঁচড—পরে তমসুক] বি. চিঠি ; লিপি। ২। কর্জ্জ লওয়া টাকার জামিনস্বরূপ, দস্তুরমত ষ্ট্যাম্প কাগজে লিখিত প্রতিজ্ঞাপত্র ; ঋণলেখ্য ; তমসুক। ৩। চিঠা। ৪। চিহ্ন ; সরলরেখা ; কষি। ৫। ঘর্ষণ বা আঘাত চিহ্ন। প্র—"ভূমে হাঁটুপাতি কেহ নাকে দেয় খত বেঁচে গেলে এবার বিষয়ে দণ্ডবত॥ —ঘনরাম। প্র—"আছে খৎ নে পথে বোসে কে রমণী সে, শ্যাম কি ধার কিছু তার।" —রামবসু। **দাসখৎ**—দাসত্বস্বীকার পত্র। প্র—"ওহে গোবিন্দ মনে সন্দ হোতেছে। দিয়েছ দাসখৎ তুমি কোন রমণীর কাছে॥"—রামবসু। **নাকেখৎ**—অপরাধের দণ্ডস্বরূপ ভূমিতে নাসিকা ঘর্ষণ। ২। ভবিষ্যতে সাবধান হইবার জন্য উক্ত দণ্ড গ্রহণ। **ফারখৎ**—ছাড়পত্র। **বন্ধকীখৎ**—কোন কিছু বন্ধক রাখিবার নিদর্শন পত্র।

খতনা (খৎনা) [আ—খৎনা] বি. সুন্নৎ ; ত্বক্‌চ্ছেদ ; মুসলমানী করণ ; circumcision.

খতবা (ৎ) [আ—খুৎবা] বি. রাজার মঙ্গলোদ্দেশ্যে সমবেত হইয়া পঠিত নমাজ ; রাজার কল্যাণ-প্রার্থনা।

খতম (খতম্) [আ—খত্‌ম্] বি. শেষ ; সমাপ্তি। ২। মৃত্যু। বিণ. সমাপ্ত।

খতরা (খত্‌রা) [আ—খৎরহ্ (বিপদ)] বি. ভয় ; বিপদ।

খতান (খতানো) [খৎ দ্রঃ। উ-পু—খতাই। ম-পু—খতাও। প্র-পু—খতায়। অস-ক্রি. খতাইতে · খতাইয়া, খতিয়ে] ক্রি. গণনা করা ; হিসাব নিকাস করা। বি. **খতেন**। [খতিয়ান দ্রঃ]।

খতি (খোতি) [আ—খৎ (রেখা) শব্দজ] বি. কাপড়ের জমি। ২। উৎকোচ। প্র—"বিনা উপকারে খায় খতি"—কবিক।

খতিয়ান, খতেন (খোতিয়ান্, খোতেন্) [হিং] বি. নির্দ্ধারিত খাজনা ও আদায় উসুলের হিসাব-পত্র ও প্রজাদির জমি-জমা-সম্বন্ধীয় বিশেষ তথ্যনিরূপক কাগজ বা বহি। ২। যে হিসাব পুস্তকে ক্রয়বিক্রয় বা আমদানী রপ্তানীর হিসাব স্বতন্ত্র করিয়া লিখিত থাকে। প্রত্যেক ক্রেতা বা বিক্রেতার নামে প্রত্যেক জিনিষের ক্রয় বিক্রয় বা আমদানী রপ্তানীর হিসাব স্বতন্ত্র করিয়া যাহাতে লিখিত থাকে ; যাহা দ্বারা প্রত্যেকের সহিত দেনা পাওনা কিরূপ চলিতেছে কোন জিনিষে কিরূপ লাভ লোকসান ইত্যাদি জানিতে পারা যায় ; ledger book.

খতিয়ান করা—প্রত্যেক প্রজার দখলী ভূমির বিশেষ ও বিস্তারিত বিবরণ অর্থাৎ কোন প্রজা চিঠার কোন দাগের কি পরিমাণ ও কি প্রকার জমি দখল করে। পৃথক পৃথক ফর্দ্দ লেখক।

খতো, খতুয়া (খো) [ক্ষত শব্দজ] বিণ. ভগ্ন ; জীর্ণ। ২। বি. চোখের কোণে ও পাতায় ঘা]।

খত্তাল (খত্‌তাল্) [সং—করতাল] বি. ক্লী. কাংস্যনির্ম্মিত বাদ্য যন্ত্র-বিশেষ।

খদি, খদিকা (খো) [সং] বি. স্ত্রী. খই ; লাজ। প্র—"গোপনারী দেয় দধি, সূত্রধর চিড়া খদি মোদক সন্দেশ খণ্ড চিনি।" —কবিক।

খদির (খোদির্) [খদ্ (হিংসা করা) + ইর (কির—কর্ত্তৃ)] বি. পুং. খয়ের গাছ। ২। ইন্দ্র। ৩। চন্দ্র। ৪। ক্লী. খয়ের।

খদিরসার (খোদির্‌সার্) [খদিরের (খদির বৃক্ষের) সার, ৬ তৎ] বি. পুং. খয়ের।

খদিরিকা (খো) বি. স্ত্রী. লাক্ষা ; গালা। ২। লজ্জাবতীলতা।

খদ্দের, খদ্যের (খোদ্দের্) [ফা—খরীদার্ শব্দের অপভ্রংশ] বি, খরিদ্দার ; ক্রয়কারী ; ক্রেতা।

খদ্যোত (খদ্দোত্) [খ (আকাশ) দ্যুৎ (দীপ্তি পাওয়া) + অ—(কর্ত্তৃ—অল্)—যে আকাশে দীপ্তি পায়] বি, পুং, জোনাকি পোকা। ২। যে আকাশে বা স্বর্গে দীপ্তি পায় এই অর্থে (খদ্যোত বা খদ্যোতন) = সূর্য্য। **খদ্যোতিকা** [খদ্যোত দ্রঃ] বি, স্ত্রী, জোনাকি পোকা। প্র—"খদ্যোতিকাদ্যুতি যথা পূর্ণ শশিতেজে"—মেঘনাদ।

খধূপ (প্) [খ (আকাশ) ধূপ (গন্ধদ্রব্য) ৬ তৎ] বি, পুং, তারাবাজী ; হাউইবাজী। ২। তোপ।

খন [ক্ষণ শব্দের কোমলরূপ। ব্রজ] বি, ক্ষণ ; মুহূর্ত্ত। প্র—"বুঝি এতখনে আমাদের চিনিল মাতা'।"—রবি। "অব অনুখন দেই আঁচরে হাত।"—বিদ্যাপতি। ২। (খন্) খন্ এই ধ্বনির অনুকরণ শব্দ ; ধাতুনির্ম্মিত দ্রব্যাদির আঘাত শব্দ। প্র—খন্ করিয়া শব্দ হইল।

খনক (ক্) [খন (খোঁড়া) + অক (কর্ত্তৃ)] বিণ, **খননকারী**। বি, পুং, খনি হইতে যাহারা ধাতু উত্তোলন করে ; খনিকার্য্যকারক ; miner. ২। সিঁধাল চোর। ৩। মূষিক।

খন-খন (খন্‌খন্) [শব্দাত্মক] বি, ধাতুপাত্র বা ধাতুময় যন্ত্রাদির শব্দ।

খনন (খনন্) [খন্ (খোঁড়া) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, গর্ত্ত বা খাত করা ; খোঁড়া। ২। খনি হইতে ধাতু রত্নাদি খুঁড়িয়া বাহির করা। বিণ, খাত ; খনিত—যাহা খনন করা হইয়াছে।

খনয়িত্রী (খনইৎত্রি) [খন্ + ণিচ্ = খনি (খনন করান) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) ই আগম, স্ত্রী—ঈপ্ = খনয়িত্রী] বি, স্ত্রী যে খনন করায়। ২। [করণে—তৃ] যাহা দ্বারা খনন করা হয় ; খন্তা। ৩। খুন্তী।

খনা (খোনা) বিণ, অনুনাসিক স্বরে যে কথা কহে ; যে নাকে কথা কহে। ২। (খনা খোনা) বি, স্ত্রী, জ্যোতির্ব্বিদ্যায় পারদর্শিনী জনৈকা বঙ্গনারী। **খনার বচন**—সূত্রাকারে লিখিত এবং সুপ্রচলিত কতকগুলি প্রবচন খনার লিখিত বলিয়া প্রসিদ্ধ। ইহাতে পুষ্করিণীখনন, বর্ত্ম নির্ম্মাণ, বৃক্ষরোপণ প্রভৃতি সাধারণের হিতকর এবং কৃষক ও গ্রহাচার্য্যের জ্ঞাতব্য ও পালনীয় ক্ষেত্রতত্ত্ব ও জ্যোতিষবিষয়ক বহু উপদেশ আছে। প্র—"খনা ডেকে বলে যান। রোদে ধান ছায়ায় পান॥" উষালক্ষণ সম্বন্ধে আছে ;—"ডাকয়ে পক্ষী না ছাড়ে বাসা। উড়িয়ে বৈসে খাবে করি আশা॥ ফিরে যায় নিজালয় না পায় দিশা। খনা ডেকে বলে সেই সে উষা॥"

খনি, খনী (খোনি) [খন্ (খোঁড়া) + ই (কর্ম্মে) সুবর্ণাদি উত্তোলন জন্য যাহা খনন করা হয়] বি, স্ত্রী, ধাতু রত্নাদির উৎপত্তি স্থান ; আকর। ২। গর্ত্ত। ৩। ক্রি, খনন করি ; খুঁড়ি। ৪। বস্ত্রবিশেষ ; পাটের পাছড়া। প্র—"মনসা জমিলরে গায়েনে দেও খনি।" —পদ্মাপুরাণ (বিজয় গুপ্ত) [এই বস্ত্র বয়ন করিতে বহুদিন লাগিত ও ইহা খুব মজবুত হইত। যথা, "মোর দেশে একজাতি, জন কত আছে তাঁতি বুনিতে অনেক দিন লাগে। কেবল ধীরের কাম, বস্ত্র বড় অনুপাম, প্রাণশক্তি টানিলে না ভাঙ্গে।" —বি, গুপ্ত]।

খনিজ (জ্) [খনি—জ (জন্—জন্মান + অ (কর্ত্তৃ—ড) উপপদ] বিণ, যাহা খনিতে জন্মে ; খনি হইতে উৎপন্ন ; খনিজাত ; আকরিক ; আকরজ।

খনিত (খোনিত) [খনন দ্রঃ] বিণ, যাহা খনন করা হইয়াছে ; খাত।

খনিত্র (খোনিৎত্র) [খন্ (খোঁড়া) + ইত্র (করণে—ইত্রণ্) যাহা দ্বারা খনন করে] বি, ক্লী, খনন করিবার অস্ত্র ; খন্তা।

খনে [প্রা-বাং। ক্ষণ—খন] ক্রি, বিণ, ক্ষণে। প্র—"এই যে অপূর্ব্ব বটবৃক্ষের তলায় খনে বৈসে খনে উঠে লোটায় ধূলায়'—ব্রজপরিক্রমা।

খন্তা (খন্‌তা, খোন্‌তা) [খনিত্র শব্দজ] বি, খননাস্ত্র ; খনিত্র ; খুরপাস্ত্র। প্র—"বাম দিগে কাচন্তি পরভুর তিধার খন্তা।"—শূন্য-পুরাণ। ২। রন্ধনকার্য্যে ব্যবহৃত বড় খুন্তি।

খন্তিক (খোন্‌তিক্) বি, খন্তা। প্র—"খন্তিক পুতিয়া মুকুতা ঝুলায়া কহয়ে গাহকী আগে"। —চণ্ডীদাস।

খন্দ [সং—কন্দ] বি, শস্যাদি ; ফসল। প্র—রবিখন্দ। "খন্দে নাহি নিব বাড়ী"—কবিক। ২। ধান্যাদির অধিষ্ঠাত্রী লক্ষ্মীদেবী। প্র—খন্দপূজা। ৩। [ফা—খন্দক্, কন্দহ্ (গর্ত্ত, খানা)] নিম্নভূমি ; খানা।

খন্দক (ক্) [ফা—খন্দক্ (গর্ত্ত)] বি, খানা ; গর্ত্ত ; নর্দ্দমা। প্র—"পগার খন্দক খানা উলু কেশে নল বেণা নাহি সাধ্য করে অব্যাহতি।" —কবিক।

খন্দকার (র্) [খন্দ (শস্য)—কার (কারক—উৎপাদক)] বি, শস্যোৎপাদক। ২। মুসলমানের উপাধি।

খন্দপালা [খন্দ (শস্যের অধিষ্ঠাত্রী দেবী লক্ষ্মী) পালা—পূজা] বি, পর্য্যায়ক্রমে শস্য-সম্বন্ধীয় উৎসব ; ভাদ্র, চৈত্র ও পৌষ মাসে শস্যোৎপত্তির পর এতদ্দেশীয় হিন্দুগণ শস্যা-ধিষ্ঠাত্রী লক্ষ্মীদেবীর পূজা করিয়া থাকে।

খন্য (খোন্‌ন) [খন্ (খনন করা) + য (কর্ম্মে)] বিণ, যাহা খনন করে ; খননীয় ; খননের উপযুক্ত।

খন্যে (খোন্‌নে) [খনিয়া শব্দের প্রাচীন বানান] ক্রি, খনন করিয়া। প্র—"সর্ব্ব ধন সম্বরিয়া রাখিলেন খন্যে"। —কবিক।

খপ (প্) [সং—ক্ষিপ্র] ক্রি, বিণ, আচম্বিত ; হঠাৎ ; দ্রুত ; শীঘ্র।

খপখপ (প্) [খপ্ দ্রঃ। উপর্য্যুপরি অর্থে দ্বিত্ব। অবিরামার্থে—খপাখপ্] ক্রি-বিণ্, শীঘ্র শীঘ্র।

খপ্‌খপানি [প্রাদে, গ্রা। শব্দাত্মক। হৃদ্‌পিণ্ডে অতি বেগে রক্তসঞ্চালন-জনিত অব্যক্তধ্বনি ; বুক ঢিপ্ ঢিপ্] বি, বুকের মধ্যে ধড়ফড়ানি ; ব্যাকুলতা। ২। [ঐ ভাব হইতে] ধুক্‌পুকুনি ; খুঁতখুঁতুনি ; অসন্তোষ ; অতৃপ্তি ; উদ্বেগ। প্র—"শাস্ত্রে নিষিদ্ধও নহে, অনাচারও নহে, অথচ কার্য্যটা করিবার সময় হইতেই তোমার মনে কেমন একটা খপ্‌খপানি হইতে লাগিল। নিশ্চয় জানিও তুমি সেই কার্য্যে অধর্ম্ম করিলে।" —সনাতনী।

খপ্‌রা, খাপ্‌রা [খর্পর শব্দজ] বি, খোলা ; শর্কর। ২। কুটীর (মাণিকচাঁদের গান)।

খপ্‌রেল (ল্) [হি—খপ্‌রৈল্] বি, খর্পর। ২। খোলা দ্বারা আচ্ছাদিত কুটীর ; খোলার ঘর। ৩। খোলার চাল।

খপাৎ [খপ্ (দ্রঃ) + আৎ (কোমল পদার্থের শীঘ্র পতনার্থে বা আঘাত অর্থে)] অ, পতন বেগ সহ অনুকার শব্দবোধক।

খপাস্ (শ্) [খপ্ (দ্রঃ) + আস্ (শুষ্ক-পদার্থের শীঘ্র পতনার্থে)] অ, পতন বেগ সহ অনুকার শব্দবোধক।

খপুর (র্) [সং—খর্পর—খপ্পর—খপুর] বি, খর্পর। ২। মৃৎকলস। ৩। ডাবর ; তাম্বূলকরঙ্ক। প্র—কর্পূর তাম্বূল গুয়া খপুর পূরিল সই।"—নরোত্তম দাস। "তাম্বূল কর্পূর খপুরে পুন রাখরে"—জ্ঞানদাস। ৪। গুবাক বৃক্ষ। ৫। শূন্যে অট্টালিকা ; airy castle.

খপুষ্প [খ (আকাশ)—পুষ্প (ফুল)] বি, পুং, আকাশ-কুসুম। ২। অস্তিত্বহীন পদার্থ। ৩। অবাস্তবিক। ৪। অপ্রসিদ্ধ বস্তু।

খপ্পর (র্) [খর্পর শব্দজ] বি, খোলা ; খোলার চাল বা ছাদ। ২। চাতুরী ; ফাঁদ। প্র—"সাহেবের খপ্পরে পড়লে ছাড়ান ভার" —নীলদর্পণ।

খফা [ফা—খফাহ্] বিণ, ক্ষিপ্ত ; ক্রুদ্ধ।

খবর (খবোর্) [আ—খবর্] বি, সংবাদ ; বার্ত্তা। ২। তত্ত্ব ; উদ্দেশ। ৩। সন্ধান। ৪। তত্ত্বাবধান ; যত্ন। ৫। মনোযোগ ;

হংস। **খবরের কাগজ**—সংবাদ পত্র ; a newspaper. ম্যাগেজিন দ্রঃ—"Any printed publication issued in numbers, consisting of not more than two sheets and published at short stated intervals of not more than one month, conveying intelligence of passing events". *American Encyclopædia of Printing, 1871.*]

খবরগীর (খবোর্‌গির্) [আ—খবর্+ফা—গীর্] বি. সংবাদদাতা। ২। তত্ত্বাবধায়ক। ৩। গোয়েন্দা।

খবরগীরী (খবোর্‌গিরি) [ফা] বি. খবরগীরের কার্য্য। ২। তত্ত্বাবধান। ৩। গোয়েন্দাগিরি।

খবরদার (খবোর্‌দার্) [ফা—খবর্‌দার্] অ. সাবধান ; হুসিয়ার। বিণ. সতর্ক ; সাবধান ; সযত্ন। বি. খবরদারী ; সতর্কতা। ২। তত্ত্বাবধান।

খবরাখবর (র্) বি. তত্ত্বাবধান ; দেখাশুনা।

খবারি [খ (আকাশ) বারি (জল) আকাশের জল] বি. বৃষ্টি। ২। শিশির ; নীহার ; হিম।

খবাষ্প [খ—বাষ্প] বি. পুং. হিম।

খবিশ্ খবীশ্, খবিস্ (খোবিশ্) [আ—খবীশ্] বিণ্. অপরিষ্কৃত ; নোংরা। ২। কুচিন্তক ; বিদ্বেষবুদ্ধিবিশিষ্ট ; দুষ্ট ; নষ্ট। ৩। অপবিত্র হৃদয় ; অশুদ্ধমন। ৪। কুটিল ; হিংস্র। ৫। [মুসলমানদিগের ভাষায়] ভূত। প্র—"খবিশ্ পাইল বলি ডাকি আনি ওঝা। লিখি দিনু গলায় তাবিজ বোঝা বোঝা।"—ভারতচন্দ্র।

খমক (ক্) [ফা—খমক্] বি. বাদ্যযন্ত্রবিশেষ। প্র—"রবাব খমক বীণা সুমিল করিয়া প্রবেশিল বৃন্দাবনে জয় জয় দিয়া।"—জ্ঞানদাস। "বন্দে দিগম্বরে খমক ডমরু করে বৃষে আরোহণ পঞ্চানন।"—কবিক।

খমধ্য (খ-মোদ্‌ধ) বি. মস্তকের উপরস্থ কল্পিত নভোবিন্দু ; খস্বস্তিক ; খার্দ্ধবিন্দু ; zenith.

খমনি (খমোনি) [খ (আকাশ)—মণি (প্রধান রত্ন)] বি. পুং. দ্যুমণি ; সূর্য্য।

খমীর (র্) বি. খাম্বিরা দ্রঃ।

খম্বা (খম্‌বা) [হি—খম্বা। সং—স্তম্ভ=খম্ভ] বি. স্তম্ভ ; থাম ; খুঁটী।

খয়র (র্) [আ—খএর্] বি. মঙ্গল ; সুখ ; স্বাস্থ্য। ২। অ. বেশ ; আচ্ছা।

খয়রা (য়্) [খদির বা খয়েরের মত রং বলিয়া] বি. ফিকা কটা রং ; পিঙ্গল। ২। নৃত্য ও গীতের তালবিশেষ। খরতাও বলে। ইহার

+ । । ।১ । ।

বোল—ধাক্ ধিধা ধিধি, ধাক্ তিৎ (সঙ্গীত রত্নাকর) ২। মৎস্যবিশেষ। প্র—"দেখ জলে দলে দলে মাছে করে খেলা। বাণ বুয়াল আর পাব্দা বাটা খয়রা খোরবোলা।"—ব্রজ রায়। ৩। পাখী।

খয়রাত, ৎ (ত্) [আ—খয়্‌রাৎ (দান)] বি. ভিক্ষা ; দান ; বিতরণ। প্র—"খয়রাতে বীর দিল বাড়ি"—কবিক। "রাজ কর খরচ খয়রাৎ হেন জানি"—ঘনরাম।

খয়রাতী (খএরাতি) [আ—খয়্‌রাতি] বি. দান-করা বস্তু ; ভিক্ষা। ২। বিণ. দান স্বরূপ প্রাপ্ত। ৩। দাতব্য।

খয়া [ক্ষয় শব্দজ] বিণ. ক্ষয়প্রাপ্ত ; ঘসা।

খয়ের (র্) [খদির শব্দজ] বি. খদির ; mimosa catechu.

খয়ের খাঁ [আ—খয়র্‌খোআঁ] বিণ. হিতাকাঙ্ক্ষী ; মঙ্গলকামী। ২। স্তাবক ; খোসামুদে। বি. **খয়েরখাঁই**।

খয়েরশালি (র্) বি. ধান্যবিশেষ। প্র—"খেজুরথুপী খয়েরশালি ক্ষেম গঙ্গাজল।"—শিবায়ন।

খর (র্) [খুর শব্দ হইতে ; খর্‌খর্ করিয়া চলন হইতে। "রাসভাঃ গর্দ্দভাঃ খরাঃ"—অমর] বি. পুং. যাহার মুখ বিবর বৃহৎ। ২। গর্দ্দভ ; গাধা। ৩। অশ্বতর। ৪। কাক। ৫। কঠিন ; কড়া। ৬। কর্কশ ; রূঢ়। ৭। লঙ্কাপতি রাবণের বৈমাত্রেয় ভ্রাতা। ৮। উষ্ণতা ; উত্তাপ। ৯। কণ্টকী বৃক্ষবিশেষ। ১০। বিণ্. উষ্ণ। ১১। প্রবল। প্র—"গগনে গরজে ঘন বহে খর সমীরণ, কুল ত্যজি এলাম কেন মরিতে আতঙ্গে।"—বঙ্কিম। ১২। অতি উৎকৃষ্ট। ১৩। শীঘ্র। ১৪। তীব্র। ১৫। (খরো) তীক্ষ্ণ ; খুব ধারাল। প্র—"খর টাঙ্গি দিয়া বীর কাটে করিশুণ্ড। বালকেতে যেমন কাটয়ে ইক্ষুদণ্ড॥"—কবিক। ১৬। অতিরিক্ত লবণাক্ত। স্ত্রী—খরা—গর্দ্দভী। ২। খরগোশ [গ্রা] ৩। রৌদ্র। **টিক-খর**—তীব্র (মেজাজ)। **খর-পোড়**—খুব বেশী ভাজা। **নুন-খর**—অধিক লবণাক্ত।

খরখর (খরো খরো) বিণ, অতিরিক্ত ভাজা ; দগ্ধপ্রায়। ২। বেশী লবণ দেওয়া। ৩। (খর্ খর্) বিণ. শীঘ্র ; তাড়াতাড়ি ; তিরবিরে। ৪। অস্থির ; চঞ্চল। ৫। প্রগল্ভ।

খরখরে (খর্‌খোরে) বিণ. কর্কশ ; আবড়োখাবড়ো ; তীক্ষ্ণস্পর্শ। ২। তীক্ষ্ণবুদ্ধি ; চতুর ও চঞ্চল। ৩। বিশুষ্ক। ৪। বেশী ভাজা। ৫। যাহার মুখ দিয়া বাক্য বাহির হইতে তিলমাত্র বিলম্ব হয় না। ৬। প্রখর।

খরগোস (খর্‌গোশ্) [পা—খর্‌গোশ্] বি. পুং. শশ ; শশক ; a rabit ; a hare. সজারু প্রভৃতি জাতীয় একপ্রকার তীক্ষ্ণ দন্ত নিরামিষাশী, দ্রুতগামী পশু।

খরচ, খরচা (খরচ্, খর্‌চা) [ফা—খর্‌চ শব্দজ] বি. ব্যয়। প্র—"খরচ করিলে দ্বিগুণ বাড়ায়ে উছলিয়া বহি যায়।"—চণ্ডীদাস। ২। অর্থ। ৩। দেনা ; ঋণ। **খরচখর্চ্চা, খরচপত্র**—সাংসারিক প্রয়োজন মত বিবিধ বিষয়ে ব্যয়। **হাত-খরচ**—প্রাত্যহিক প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী ক্রয় করিবার জন্য মজুদ অর্থ। **খরচান্ত**—আয় নিঃশেষে খরচ ; খরচে রিক্তহস্ত। **নিখরচিয়া**—যাহার খরচ নাই ; যাহাকে ব্যয় করিতে হয় না। ২। কৃপণ। **বেখরচা**—বিনা ব্যয় ; বিনামূল্য। **সাখরচিয়া, সাখরচে**—যে মুক্তহস্তে খরচ করে।

খরচি (খোর্‌চি) [ফা] বিণ. অতিরিক্ত খরচকারী। ২। [প্রাদে] বি. জাল বুনিবার কাঠি বা কাঠের সূচী। ৩। ঘন-যন্ত্র-বিশেষ।

খরচিয়া, খরচে (খোর্‌চে)—বিণ. যে অকুণ্ঠিত ভাবে খরচ করে। ব্যয়শৌণ্ড।

খরতর [খর (তীব্র)+তর (তুলনার্থে, আধিক্যার্থে)] বিণ. অধিক খর। ২। অতি তীব্র ; তীক্ষ্ণতর।

খরতাল, খরতালী [গ্রা—কর্ত্তাল, খত্তাল] বি. করতাল ; cymbal. ইহা কাংস কিম্বা ইস্পাৎ দ্বারা নির্ম্মিত হয়। ইহা সভ্যযন্ত্র ও ইহার বাদ্য মধুর।

খরজ (জ্) [সং—ষড়জ] বি. সঙ্গীতের সপ্তস্বরের অন্যতম ; সা এই খাদস্বর।

খরড়া [ঘর্ষণ শব্দ হইতে হি—খর্‌রা] বি. অশ্বাদির গাত্র ঘর্ষণ যন্ত্র ; খুরচা।

খরণস (খরনশ্) [খর (তীক্ষ, সূক্ষ্মাগ্র) নস (নাসিকাবিশিষ্ট)] বিণ. তীক্ষ্ণনাসিক। ২। সূক্ষ্মাগ্র-নাসিক। ৩। [খর (গর্দ্দভ)] গর্দ্দভের মত নাসিকাযুক্ত।

খরতর—বিণ. তীব্র ; ঝাঁঝাল। ২। তীক্ষ্ণ।

খরতা—বি. খয়রা তাল।

খরদূষণ (ন্) [খর এবং দূষণ, (দ্বন্দ্ব)] বি. পুং. স্বনাম প্রসিদ্ধ রাক্ষস ভ্রাতৃদ্বয়। ২। [খর (উগ্র) দূষণ (দোষ) যাহার, বহু] ধুস্তূর ; ধুতুরা।

খরধার (খরোধার্) [খর (তীক্ষ্ণ) ধার যাহার—বহু] বিণ. তীক্ষ্ণ ধার ; অতিশয় ধারাল (অস্ত্র)।

খরনাদী (দি) [খর—নদ্ (শব্দ করা)+ইন্ (ণিন্—কর্ত্তৃ)] বিণ. তীব্র শব্দকারক। ২। গর্দ্দভবৎ চীৎকার-শব্দকারক। স্ত্রী. **খরনাদিনী**—ঘোর-নাদিনী ; রেণুকা নামক গন্ধদ্রব্য।

খরমুজ, খরবুজ, খরবুজা (খোর্‌মুজ্, বুজ্) [ফা—খর্‌বুজ্ শব্দজ] বি. তরমুজ জাতীয় অপেক্ষাকৃত ক্ষুদ্র ফলবিশেষ।

খররোমা [খর (তীক্ষ্ণ) রোমন্ (রোম) যাহার, বহু =খররোমন্ ১মা, ১ব] বিণ, কঠিন রোমযুক্ত। ২। পুং, নাগবিশেষ।

খরশাণ (ন্) [খর—শাণ] বিণ, তীক্ষ্ণ ধার ; খুবধারাল। প্র—"শিলীমুখী সূচীমুখী বাণ খর শান।" "যৌতুক ধনুকখান, তিন তীর খরশাণ, আরো দিল যে ছিল বিধান।"—কবিক।

খরশাল (ল্) [খর+শাল] বি, ক্লী, গর্দ্দভের বাসস্থান। ২। [খর (তীব্র)+শাল (শালী)] বিণ, উচ্চ ; উগ্র ; তীব্র। প্র—"ধাঁউ ধাঁউ ধাম্‌সা ধ্বনি উঠে খরশাল"—ঘনরাম [অ,প্র]।

খরশুলা, খরসুলা, খর্সুলা (খোর-শুলা) বি, খোরষোলামাছ ; ক্ষুদ্র ভাঙ্গন মৎস্যের মত। প্র—খরসুলা কিনে কই, কিনিল মহিষা দই, কামরাঙ্গা কিনে কুড়ি দুই।"—কবিক।

খরসানি (খরশানি) [শব্দাত্মক] বি,খর্‌খর্ শব্দ ; ঘোড়া প্রভৃতির খুরের ঘর্ষণ শব্দ। প্র—"সরগ মরত পাতাল ঘোড়ার খরসানি।" —শূন্যপুরাণ।

খরা—বি, শশক। ২। গর্দ্দভী। ৩। রৌদ্র। প্র—"বৈশাখে অনল সম খরতর খরা।"—কবিক। ৪। বিণ, অতি খরভাজা ; অতি-ভর্জ্জিত। ৫। [প্রাদে] সন্ধান। প্র—"গরুটার খরা পাওয়া গেল না"।

খরাণ (খরানো) ক্রি, আগুনে ঝলসান ; তীব্র উত্তাপ-যোগে দগ্ধপ্রায় করা : খরাইয়া ফেলা।

খরিতা [আ—খরীতা] বি, পত্র।

খরিদ (খোরিদ্) [ফা—খরীদ্] বি, ক্রয়।

খরিদা (খো) [ফা—খরীদা] বিণ, ক্রীত ; কেনা।

খরিদার, খরিদ্দার (খোরিদার, খোরিদ্দার) [ফা—খরীদদার শব্দজ] বি, যে ক্রয় করে ; ক্রেতা ; খদ্দের। প্র—"দোকানে দোকানে কুলবালাগণে খরিদ্দার ডাকে হাসিয়া ছলে।" —গদ্যপদ্য (বঙ্কিম)।

খরিফ (ফ্) [আ—খরীফ্] বি, হৈমন্তিক শস্য।

খরু (খোরু) [খন্ (খনন করা)+উ (নিপাতনে, ন্=র্)] বি, পুং, অশ্ব : ঘোড়া। ২। শিব। ৩। কামদেব। ৪। দন্ত। ৫। দর্প। ৬। বিণ, শুক্লবর্ণ। ৭। তীক্ষ্ণ। ৮। নির্ব্বোধ। ৯। ক্রূর, খলস্বভাব। ১০। স্ত্রী, পতিম্বরা কন্যা ; যে কন্যা ইচ্ছানুরূপ পতিকে বরণ করে।

খর্চ্চা (খর্‌চা) [আ—খর্‌চ্] বি, খরচ : ব্যয় ; মোকদ্দমার ব্যয়। প্র—"দেওয়ানি বিচার বিক্রী পেতে ডিক্রী খর্চ্চাতেই খায় সর্ব্বস্ব ধন।"—মনোমোহন বসু।

খর্জ্জন (খর্‌জন্) [খর্জ্জ (চুলকিয়া দেওয়া)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, গাত্রকণ্ডূয়ন ; চুলকান।

খর্জ্জু, র্জ্জূ (খো) [খর্জ্জ্ (চুলকিয়া দেওয়া) +উ—ঊ (কর্ত্তৃ)] বি, স্ত্রী, কীট-বিশেষ। ২। খেজুর গাছ। ৩। [ভাবে—উ] গাত্র কণ্ডূয়ন।

খর্জ্জুর (খোর্‌জুর্) [খর্জ্জ্+উর (কর্ত্তৃ)] বি, ক্লী, খেজুর ফল। ২। পুং, কীট-বিশেষ। বৃশ্চিক ; সুঁয়া পোকা। স্ত্রী, খেজুরগাছ।

খর্পর (র্) বি, পুং, ধূর্ত্ত। ২। চোর। ৩। মৃন্ময় ভগ্নপাত্রের অংশ। ৪। ভিক্ষাপাত্র। ৫। মড়ার মাথার খুলি ; কপাল ; খাপ্‌রা। প্র—"করালবদনা কালী অসিখর্পরধারিণী।" ৬। স্বনাম-প্রসিদ্ধ উপধাতুবিশেষ। প্র—"সুবাসিত কুঙ্কুম সুগন্ধি চন্দন, কর্পূর খর্পর কর সাজ।"—গোবিন্দদাস। স্ত্রী, খর্পরী—কজ্জল ; কাজল।

খর্ব্ব [খর্ব্ব্ (দর্প করা, গমন করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, হ্রস্ব ; ছোট। ২। বামন ; বেঁটে। ৩। বি, ক্লী, সংখ্যাবিশেষ ; ১,০০,০০, ০০,০০০ সংখ্যা। ৪। পুং, কুবেরের নিধি-বিশেষ। ৫। কুব্জবৃক্ষ।

খর্ব্বট (ট্) [খর্ব্ব্+অট (সংজ্ঞার্থে)] বি, ক্লী, পুং, পর্ব্বত প্রান্তবর্ত্তী গ্রাম। ২। গ্রামের মধ্যস্থ গ্রাম।

খর্ব্বশাখ (খ্) [খর্ব্ব (ছোট) শাখা (বাহু) যাহার—বহু] বি, পুং, খর্ব্ববাহু ; বামন ; খর্ব্ব ; বেঁটে। ২। ক্ষুদ্র শাখাবিশিষ্ট বৃক্ষ।

খল (ল্) [খল্ (সঞ্চয় করা)+অ (অধি—অল্)] বি, পুং, ক্লী, ধান্যাদির মর্দ্দন স্থান ; খামার। প্র—"যাহারা * * * গ্রাম, বিবীত অথবা খল দগ্ধ করে"—রত্নমালা। ২। ঔষধ মর্দ্দনের পাত্রবিশেষ ; উদুখল। ৩। তৈলের সিটা। ৪। মল ; জঞ্জাল। ৫। [কর্ত্তৃ—অল্] বিণ, দুর্জ্জন : হিংসক ; কুটিল ; নীচ ; কপট।

খলই ["স্খলিত হয়" স্থলে স্খলনের কোমলরূপ। ব্রজ] ক্রি স্খলিত হয় ; খল। প্র—' খলই লখই না পারা।"—বিদ্যাপতি।

খল্‌খল [শব্দাত্মক] বি, হাস্যের শব্দ। ক্রি, বিণ, খলখল শব্দ করিয়া। প্র—"কি যে সে বিকট হাসি হাসে খলখল।"—প্রেম ও ফুল। **খলখল করা**—অল্প জলের মধ্যে মৎস্য যেমন শব্দ করিয়া বেড়ায় সেইরূপ শব্দে নড়া বা চলা ফেরা করা বা ক্রীড়া করা।

খলখলি (খল্‌খোলি) বি, চরণালঙ্কারবিশেষ ; ঝাঁঝর-মল।

খলতা [খল+তা (ভাবে)] বি, স্ত্রী, খলের ব্যবহার ; হিংসাপ্রবৃত্তি। ২। কুটিলতা ; কৌটিল্য। ৩। নীচতা।

খলতি [স্খল (স্খলিত হওয়া)+অতি (সংজ্ঞার্থে, স লোপ)] বি, পুং, ইন্দ্রলুপ্ত রোগ ; মাথার টাক। ২। বিণ, টাকযুক্ত ; যাহার টাক আছে।

খলধান (ন্) [খড়্—ধা (ধারণ করা)+অন (অধি—অনট্) ড=ল্] বি, পুং, খামার।

খলন (ন্) [স্খল+অন(ভাবে—অনট্) স লোপ] বি, খলতা ; হিংসা ; কুটিলতা। প্র—"খলের খলনে জারে সেই জনে কলঙ্ক ঘোষয়ে লোকে" —চণ্ডীদাস। ২। স্খলিত হওন ; স্খলন।

খলপা [খল দ্রঃ] বি, শস্যের গোলাবিশেষ। ২। ভঙ্গপ্রবণ বৃক্ষশাখা ; পলকা ডাল।

খলপূ [খল [মলন স্থান) পূ (মার্জ্জন করা) +ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, মার্জ্জনকারী : ফরাস ; মেথর [প্র, অ]।

খলবল (ল্, ল্) [শব্দাত্মক] অ, অল্প জলে মাছ লাফাইবার শব্দ।

খলল (ল্) [আ—খলল্] বি, গোলযোগ ; ব্যাঘাত ; বিঘ্ন।

খলি (খো) [প্রাকৃ—খলী। খল (সংগ্রহ করা) +ই (কর্ম্মে)] বি, পুং, তৈলাদির সিটা ; কাইট।

খলিন, খলীন (খোলিন্) [খ (মুখ) তাহাতে লীন (যে সংলগ্ন হয়)] বি, পুং, ক্লী, লাগাম ; অশ্বের মুখরজ্জু। ২। অশ্বাদির মুখস্থিত কড়িয়ালির লৌহবিশেষ।

খলিফা (খোলিফা) [আ—খলীফা] বি, ওস্তাদ। ২। সুশিল্পী। ৩। দরজি।

খলিশ, খলিশা (খো শ্) [সং—খলেশয়] বি, পুং, খলিশা মাছ।

খলে কপোত,—কপোতিকা ন্যায়—বি, ন্যায় বিশেষ। খলে অর্থাৎ খামারে যেমন ভিন্ন ভিন্ন জাতীয় অল্প ও অধিকবয়স্ক সমুদয় কপোত এককালে পতিত হয় সেইরূপ বিভিন্ন-প্রকৃতির সমুদায় পদার্থ একবিষয়ের সহিত অন্বিত হইলে "খলে কপোত" ন্যায় বলা হয়।

খলেধানী, খলেবালী (খো) বি, স্ত্রী। ধান্যাদি মাড়িবার সময় যে স্তম্ভে গোরু মহি-ষাদি বাঁধা হয়।

খলেশ (খোলেশ্) বি, পুং, খলিশা মৎস্য। ২। (খলেশ্) বিণ, খলের প্রধান, মহাখল।

খলোক্তি [খল (তাহার) উক্তি, ৬তৎপু বি, কুবাক্য ; গালিমন্দ।

খল্যা (খোল্‌ল্যা) [খল (খামার)+য (সমূহার্থে —যণ্)] বি, স্ত্রী, খামারসমূহ।

খল্ল [খল্ (সংগ্রহ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)= খল্—লা (গ্রহণ করা)+অ (কর্ম্মে, ড) আ লোপ=খল্ল] বি, পুং, ঔষধ মাড়িবার পাত্র-বিশেষ ; খল। ২। গর্ত্ত। ৩। চর্ম্ম। ৪। বস্ত্র-বিশেষ। ৫। মশক। ৬। চাতক। স্ত্রী, খল্লী—হস্তপদাদিতে খাল ধরা।

খল্লিকা [খল্ল+ক (স্বার্থে) স্ত্রী—আপ্, ই (আগম)] বি. স্ত্রী. পিটে-ভাজার খোলা ; মুচিখোলা।

খল্লিট, খল্লীট (ট্) [সং] বিণ. যাহার মাথায় টাক পড়িয়াছে।

খশ, খস (শ্) বি, পুং. দেশবিশেষ। ২। খশ দেশের অধিবাসী। স্ত্রী. **খশা**—মুরা-নামক গন্ধ দ্রব্য। ২। কশ্যপপত্নী ; দক্ষ-রাজার কন্যা।

খস (খোশ্) [খ (শরীরাংশ, ইন্দ্রিয়) সো (অবশ বা অবসন্ন করা)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, চুলকনা, পাঁচড়া। ২। (খশ্) স্বনাম-খ্যাত খস জাতি। ৩। [পা—খশ্] খসখস-নামক তৃণ। ৪। [শব্দাত্মক] শুষ্ক ঘাস, নূতন বস্ত্র প্রভৃতির ঘর্ষণ শব্দ ; স্মট্টালিকা প্রভৃতির অংশ (ইষ্টক প্ল্যাসটার প্রভৃতি) খুলিয়া বা খসিয়া পড়িবার শব্দ। প্র—কার্ণিশ হইতে খানিকটা বালির চাঙ্গড় খস করিয়া খুলিয়া পড়িল। ৫। বিণ. তীক্ষ্ণস্পর্শ ; খরখরে। [দ্রঃ—শুষ্ক কঠিন বস্তুর টুকরা খস করিয়া খুলিয়া পড়ে কিন্তু কোমল ও সজল বস্তুর অংশ যেমন কাদার তাল পস করিয়া পড়ে]।

খসই [ব্রজ] বি. খসা দ্রঃ।

খসখস (খশ্‌খশ্) [শব্দাত্মক] অ. শুষ্ক বস্ত্রাদির ঘর্ষণ-শব্দ-বোধক। ২। শুষ্ক ঘাস বা পাতার মধ্যে চলাফেরার শব্দ। ক্রি, খসখসান (নো) খসখস করা। বি. খসখসানি. বিণ. খসখসিয়া।

খসখস (খশ্‌খশ্) [হি] বি. বেণার মূল ; খসতৃণ। **খসখসের টাট্টি**—গ্রীষ্মের রৌদ্র ও তীব্র আলোক নিবারক বেণার মূলে আচ্ছাদিত আগড়বিশেষ। উহা জলে ভিজাইলে সুগন্ধ বিস্তার করে ও স্নিগ্ধকর হয়।

খসখসানি (খশ্‌খশানি) বি. শুষ্ক বস্ত্রাদির ঘর্ষণজাত শব্দ। প্র—"বারাণসীর খসখসানি মহা ধুমে"—হেম বন্দ্যো।

খসখসিয়া, খসখসে (খশ্‌খোশিআ, খশ্‌খোশে) বিণ. অমসৃণ ; কর্কশ। ২। শুষ্ক। ৩। শুষ্ক তৃণ, পত্রাদির ঘর্ষণজাত শব্দকারী বা শব্দযুক্ত।

খসড়া (খশ্‌ড়া) [আ—খস্‌রা] বি, পাণ্ডুলিপি ; পাণ্ডুলেখ্য ; অসংস্কৃত লেখ্য ; মুসাবিদা ; rough draft. ২। করনির্দ্ধারণ করিবার মোটামুটি হিসাব। ৩। জমির পরিমাণ ও প্রজার নামধাম যে কাগজে লিখিত হয়। ৪। গ্রাম জরিপ করিবার সময় যে সূচীপত্র প্রস্তুত হয়। ৫। যে পত্রে বা বহিতে দৈনিক ক্রয় বিক্রয় উপস্থিতমত লিখিত হয় ; দৈনিক হিসাব লেখার খাতা ; খসড়া বহি।

খসত [ব্রজ। খসা দ্রঃ] ক্রি. খসিয়া যায়। ২। বিণ. স্খলিত। প্র—"রোয়ত হসত খসত মণি যোজত পন্থহি নয়ন পসারি।"—জ্ঞানদাস।

খসম (খশম্) [আ—খস্‌ম্] বি. স্বামী ; পতি। প্র—"আর দেখ নারীর খসম মরি যায়। নিকা নাহি দিয়া রাঁড় করি রাখে তায়॥"—অন্নদামঙ্গল।

খসয়ে [ব্রজ] খসা দ্রঃ।

খসল [ব্রজ] ক্রি. খসা দ্রঃ।

খসা (খশা) [সং—স্খল্ (স্খলনে)। হি—খস্‌না। প্র-পু—খসে। অস-ক্রি, খসিতে ; খসিয়া, খসি (পদ্যে), খসে (খো)। ণিজন্ত—খসান] ক্রি. খসিয়া যাওয়া ; খুলিয়া যাওয়া ; ভগ্ন হইয়া পড়া ; ধসা। প্র—ছাদের টালি খসিয়া পড়িয়াছে। ২। নির্গত হওয়া ; বাহির হওয়া। প্র—মুখ হইতে কথা খসা। ৩। সরিয়া পড়া। প্র—দল হইতে একজন লোক খসিল। ৪। ঝরা। প্র—"খসি খসি পড় লোর।"—কবিশেখর। ৫। খরচ করা ; ব্যয় করা। প্র—তাহার টেক হইতে একটী পয়সাও খসে না। **খসাওল** [ব্রজ] খসাইল ; খুলিল। প্র—"নীবিবন্ধ খসাওল কান।"—বি. প। **খসই**—খসিয়া পড়ে ; ঝরে। প্র—"দশনক জ্যোতি মতি নাহি সমতুল হসইতে খসই মণি জানি।" —গোবিন্দ দাস। **খসল**—খসিল। প্র—"খসল কুসুম কেশ দুঁহু অতি ভোর।"—জ্ঞানদাস। **খসয়ে**—খসে। প্র—"শুনইত মধুর মুরলীরব খোর, খসয়ে কাঁখের কুম্ভ নীবি নিচোর॥"—জ্ঞানদাস। **গা খসা, পেট খসা**—গর্ভস্রাব ; অসময়ে অপুষ্টদেহ বা অগঠিত-দেহ মৃত সন্তান প্রসূত হওয়া।

খসান (খশানো) [হি—খসানা। খসা দ্রঃ। উ-পু—খসাই। ম-পু—খসাও ; খসান্ ; খসা। প্র-পু—খসায় ; খসান্। অস-ক্রি, খসাইতে। , খসিয়ে] ক্রি. খুলিয়া ফেলা। প্র—"বসি থাকি থাকি, উঠয়ে চমকি ; ভূষণ খসায়ে পরে।"—চণ্ডীদাস। ২। ভগ্ন করা। প্র—"মধ্যখানে খানিক খসায়ে দিল চালা।"—শিবায়ন। ৩। সরান ; পৃথক করা। ৪। ব্যয় করান ; খরচ করান। প্র—সে কৃপণের একটী পয়সা খসান ভার। ৫। বাহির করা ; ব্যক্ত করা। প্র—"যা হয় একটা মুখের কথাই খসাও"—প্রফুল্ল।

খস্বস্তিক (খশ্‌শোস্‌তিক্) বি. মস্তকোপরি কল্পিত নভোবিন্দু ; খমধ্য ; zenith.

খাআ [খাওয়া দ্রঃ। হি—খানা। উ-পু—খাই। ম-পু—খাও (হি—খাও)। প্র-পু—খায়। অস-ক্রি, খাইতে ; খাইয়া, খেয়ে। ণিজন্ত, খাআন, খাওয়ান] ক্রি, ভোজন করা ; আহার করা। ২। [গ্রা] প্রাণ লওয়া ; মারিয়া ফেলা। প্র—ওকে খা তাহলেই আপদ চুকে যায়। ৩। প্রাপ্ত হওয়া। প্র—ভয় খায়। ৪। ভোগ করা ; সহ্য করা। প্র—"আর রাস্তায় দাঁড়াইয়া হিম খাইতে পারি না"—আলাল।

খাই [খাত শব্দজ] বি, গর্ত ; খাত ; গভীরতা। ২। পরিখা ; গড়খাই। প্র—"চতুর্দ্দিকে কৈল খাই সমুদ্রসমান"—কাশী—মহা—আদি। ৩। লাগ ; সূত্র ; সন্ধান। প্র—"শব্দ বুঝাইতে যাই অর্থের না পাই খাই"—অশোকগুচ্ছ। ৪। সূত্রের ছিন্নমুখ ; সূত্রের অবধি। প্র—সুতার খাই হারাইয়া গিয়াছে। ৫। আকাঙ্ক্ষা ; অভিলাষ। **খাইখাই**—একান্ত খাবার অভিলাষ ; লোভ। প্র—কিছুতেই ত খাই খাই কমে না? ২। খাই এইরূপ শব্দ। **খাইখালাসী**—বি. জমীর উপস্বত্ব হইতে ঋণপরিশোধের সর্ত্তবিশিষ্ট।

খাইদ, খাদ (দ্) [প্রাদে] বি, কাইট ; মলা। ২। খাইন। খাদ দ্রঃ।

খাইল, খাল, খালি (ল্) [সং—খাত] বি, কৃত্রিম নদী ; নহর ; খাত। **খাল-কাটিয়া কুমীর আনা**—স্বহস্তে বিপদ বা শত্রু আসিবার পথ করিয়া দেওয়া ; নিজে পথ করিয়া শত্রুকে ডাকিয়া আনা।

খাইল, খাল (ল্) [সং—খল্ল=চর্ম্ম] বি, চামড়া। **খাইল ধরা**—পেশীর সঙ্কোচ ও রক্ত চলাচল বন্ধ হইয়া যন্ত্রণা হওয়া ; হাতে পায়ের আক্ষেপ হওয়া ; খিল ধরা।

খাওন (ন্) [খাদন শব্দজ] বি. আহার ; ভক্ষণ।

খাওনিয়া [গ্রা—খাউনে] বিণ, ভোজন-পটু ; খাইয়ে। ২। ভোজনকারী। স্ত্রী. **খাউনী**।

খাওয়া [খা দ্রঃ] ক্রি, ভক্ষণ করা। ২। প্রাপ্ত হওয়া। প্র—ভয় খাওয়া। বকুনি খাওয়া ; মার খাওয়া। ৩। বি, ভক্ষণ। প্র—তাহার খাওয়া হইয়াছে। ৪। ভোগ করা। প্র—হিম খাওয়া। ৫। বিণ. ভক্ষিত [গ্রাম্য—খেও]।

খাওয়াইয়া [হি—খবাইয়া ; খাইয়ে] বিণ. ভোজনপটু ; খাইয়ে। ২। অস-ক্রি, আহার করাইয়া।

খাওয়া দাওয়া [খাওয়া+দাওয়া (দান)—প্রা-বাং—"খাবাদিবা"র ব্যবহার দৃষ্ট হয়] ক্রি, খাওয়া ও খাদ্য দান করা ; ভক্ষণ করা ও ভোজন করান। ২। আহারাদি করা। প্র—"একদিন খেয়ে দেয়ে"—চন্দন। "রান্ধা বাড়া খাবা দিবা করে নিরন্তর।"—শিবায়ন।

খাওয়ান (নো) [খাদনা শব্দজ। খাআ দ্রঃ] বি, আহার করান ; ভোজন করান।

খাঁ [ফা—খাঁদা=শিক্ষিত] বিণ, অভিজ্ঞ ; শিক্ষিত ; জ্ঞানী। প্র—"দেবেন্দ্র বাবু আমায় ইংরাজী খাঁ বলিয়া জানিতেন"—আত্মচরিত (রাজনারায়ণ বসু)। ২। [ফা—খান্ শব্দের সংক্ষেপ] মুসলমানদিগের মধ্যে উচ্চ উপাধি-বিশেষ। প্র—খাঁ বাহাদুর ; খাঁ সাহেব। **খাঁই** [প্রাদে] বি, ইচ্ছা ; আকাঙ্ক্ষা ২। গভীরতা।

খাঁই [সং—কাঙ্ক্ষা—আকাঙ্ক্ষা শব্দের অপভ্রংশে আহিক্কে—আইক্কে—ক্রমে খাঁই] বি, আকাঙ্ক্ষা ; স্পৃহা। ২। লোভ ; আহিক্কে (গ্রা) ; পাইবার জন্য প্রবল আশা। **খাঁই করা**—দাওয়া করা ; প্রার্থনা করা ; চাওয়া। **খাঁই খাঁই করা**—পাইবার জন্য লালায়িত হওয়া ; লোলুপ হওয়া ; দেহি-দেহি রব করা।

খাঁকতি (খাঁ) [খাঁ খাঁ (দ্রঃ)। খাঁক—ফাঁক (অভাব) + তি (ভাবে)] বি, অপ্রতুল ; অনাটন। প্র—"কারণ হরির শ্বশুর রমাকান্ত বসুর টাকার ছিলনাক খাঁকতি"—দ্বিজেন্দ্র রায়।

খাঁকরি (ক) [হি—অঙ্গার—অঙ্কার—আঁকার (পূ-বঙ্গে—আকার)—খাঁকার + ই (ক্ষুদ্রার্থে)] বি, পাংশুকণা ; অঙ্গারকণা ; কিরকিরা ; বালি।

খাঁকার, খাঁকারি, খাঁখার [হি—খঙ্কার, খঙ্খার] বি, গলায় অস্ফুট কর্কশ শব্দ ; কৃত্রিম কাশির শব্দ। প্র—গলা খাঁকারি। ২। নিন্দা ; অপযশ। প্র—"রন্ধন করিতে ছুঁড়ী আনিবে খাঁকার।"—কবিক। "শুন শুন সই গৌরাঙ্গ চাঁদের কথা—না কহিলে মরি, কহিলে খাঁকারি এ বড় মরমে ব্যথা।"—গোবিন্দদাস। ৩। [কলঙ্ককর বা কলঙ্ক আকার (কেলেঙ্কার) শব্দজ] বি, কলঙ্ক। প্র—"কি যশ অপযশ, না ভায় গৃহবাস, হইলা কুলের খাখার"
—জ্ঞানদাস।

খাঁখারী [ব্রজ] বিণ, কলঙ্কিনী। প্র—"পিরীতি লাগিয়া এ তিন খোয়ানু হইনু কুল খাঁখারী।"—বলরাম দাস।

খাঁ-খাঁ [শব্দাত্মক, ফাঁকা স্থানের শব্দ। গৃহাদি শূন্য পড়িয়া থাকিলে তাহার শূন্যতা বা নির্জ্জনতার কাল্পনিক শব্দ] বি, বায়ুপূর্ণ শূন্য স্থানের প্রতিধ্বনির শব্দ ; শূন্যতার অব্যক্ত ধ্বনি। ২। ব্যাকুলতার অস্ফুট ধ্বনি ; হু হু। প্র—মনের মধ্যে খাঁ খাঁ করিতেছে। বাড়ীটা যেন খাঁ খাঁ করিতেছে। [তুল—"Born of the very sigh that silence heaves"—keats.]

খাঁচা [হি—খাঁচা, খাঁচি] বি, পিঞ্জর ; কঞ্চি বা চেঁচাড়ির পিঁজরা ; পিঁজরা।

খাঁজ (জ্) বি, রেখা। ২। বহির্গত অংশ। ৩। ইষ্টকাদির জোড়ের মুখের অবকাশ।

খাঁটি, খাঁটী [হি—খরা—খড়া] বিণ, অকৃত্রিম ; বিশুদ্ধ।

খাঁড় (ড়) [খড় বা খড়ি ইক্ষু হইতে উৎপন্ন বলিয়া 'খণ্ড' তাহার অপভ্রংশ খাঁড়] বি, দানাদার গুড়। প্র—"দধি দুগ্ধ খাঁড় পুরি আত ভাঁড় ধর্ম্মপূজ এ সুব বেলা॥"—শূন্যপুরাণ।

খাঁড়া [খাণ্ডা শব্দের অপভ্রংশ] বি, খাণ্ডা দ্রঃ। খড়্গ ; ছেদনাস্ত্র। প্র—"সুনার খেড় মন্দির সুনার নাটসাল। চন্দ্রহাস খাঁড়া হাথত চন্দ্র কোটাল॥"—শূন্যপুরাণ।

খাঁড়াতী [খাঁড়া (খড়্গ) + তী] বিণ, যে খাঁড়া বা খড়্গ দ্বারা পশু ছেদন করে।

খাঁড়ি [খাল—খাইল—খালি—খাড়ি] বি, খড়িয়া ; সরু শাখা নদী। ২। [অখণ্ডিত—হি—খরি] বিণ, আস্ত ; অভঙ্গ ; অখণ্ড।

খাঁদা, খেঁদা (খ্যাঁদা) [ক্ষুদ্রনাসিকা] বিণ, যাহার নাসিকা—উচ্চ নয় ; নতনাসিকা। স্ত্রী, **খাঁদী, খেঁদী**—যে স্ত্রীর নাক বসা বা অনুন্নত। **খাঁদা বোঁচা**—যাহার নাক কাণ উভয় কাটা গিয়াছে। প্র—খাঁদা বোঁচা হৈল কার গেল নাক কাণ"—শিবায়ন।

খাক [ফা—খাক্] বি, ছাই ; ভস্ম।

খাকার (র্) [কলঙ্ক আকার (কেলেঙ্কার) শব্দজ] বি, নিন্দা। ২। কাণ্ড। প্র—"কাহা নাহি শুনিয়ে এমতি খাকার।"—বিদ্যাপতি।

খাকি, খাকী [খাদিকা শব্দজ] বিণ, স্ত্রী, যে খায়। প্র—"গতর খাকি" "হাঁড়ি খাকি" ইত্যাদি। ২। [খাক দ্রঃ] বি, ছাই রং ; বাদামী রং ; পাংশুবর্ণ। পুং, **খেকো**। **চোখ-খাকী**—চোখ দ্রঃ। **গতর-খাকি** গতর দ্রঃ।

খাগড়া (গ্) বি, নল ; খাঁক ; reed. ২। রাঙ্গও তাম্র মিশ্রণে প্রস্তুত উৎকৃষ্ট কাঁসার বাসনের জন্য প্রসিদ্ধ মুর্শিদাবাদ বহরমপুরের অন্তর্গত স্থানবিশেষ। বিণ, **খাগড়াই**—খাগড়ায় নির্ম্মিত। ২। রাঙ্ ও তামায় প্রস্তুত উজ্জ্বল কাঁসায় নির্ম্মিত। (ভরুণে দ্রঃ)।

খাগী (খাকী দ্রঃ) বিণ, যে নারী কিছু খায়। পুং, **খেগো**।

খাঙ্গরা [খাংরা] [প্রাদে] বি, সম্মার্জ্জনী ; শোধনী ; ঝাঁটা। সাধারণতঃ নারিকেল পাতার কাঠিতে এই সম্মার্জ্জনী প্রস্তুত হয়।

খাঙ্গা [কাঙ্গাল শব্দের অপভ্রংশে] বিণ, কাঙ্গাল ; দরিদ্র। প্র—"কি করিব কাত্যায়নী কৃষ্ণ কৈল খাঙ্গা। কর্ণধার ভাল বটি নৌকাখানি ভাঙ্গা॥"
—শিবায়ন।

খাজনা (জ্) বি, খাজানা দ্রঃ।

খাজা [খণ্ডা শব্দজ] বি, পক্ব মিষ্টান্নবিশেষ। ২। আঁটাল ; নিরেট ; কঠিন। প্র—"কতক গুলি খাসা খাজা কাঁটাল, কতকগুলির বড় আটা।"—কমলাকান্তের দপ্তর। ৩। নিরেট মূর্খ ; খাজা গোঁয়ার ; কাট গোঁয়ার।

খাজাঞ্চী (খাজান্‌চি) [আ—খাজানাঃ + তুর্কী—চী] বি, খাজনার কর্তা ; ধনাধ্যক্ষ। ২। সদর কাছারীর তহবিলরক্ষক ; যে কর্ম্মচারী মফস্বলের খাজনার চালান প্রভৃতি বুঝিয়া লয় এবং জমা খরচ প্রভৃতির হিসাব রাখে ; তহবিলদার ; a treasurer.

খাজানা, খাজনা (জ্) [আ—খজানাঃ] বি, রাজস্ব। ২। অন্যের ভূমি ভোগ করিবার জন্য স্বত্বাধিকারীকে যাহা কিছু দিতে হয় ; কর। ৩। ধনাগার ; ট্রেজারি ; the treasury. ৪। ধন। **নগদান খাজনা**—জমিভোগ জন্য জমীদারকে প্রতি বৎসর দেয় নগদ টাকা। **ফসলী খাজনা, ভাওলী খাজনা**—জমি ভোগ জন্য জমীদারকে নগদ টাকার পরিবর্ত্তে সেই জমিতে উৎপন্ন ফসলের দেয় অংশ।

খাজিক (ক্) বি, খই।

খাজুর (র্) [প্রাদে] বি, খেজুর দ্রঃ।

খাঞা [প্রা-বাং] অস-ক্রি, খাইয়া ; খেয়ে। প্র—"আগুনে পুড়িয়া মরোঁ জলে পরবেশ করোঁ বিষ খাঞা মরোঁ মো পাপিয়া।"
—গোবিন্দদাস।

খাঞ্চা—বি, কাষ্ঠনির্ম্মিত বৃহৎপাত্র।

খাঞ্চাপোষ (ষ্) [ফা] বি, কাষ্ঠনির্ম্মিত বৃহৎ পাত্রের আচ্ছাদন।

খাঞ্জ [খঞ্জ শব্দের বিশেষ্যরূপ] বি, খঞ্জতা ; lameness. ২। খাঁজ।

[ফা—খান্‌খানান্ শব্দজ] বি, উচ্চ উপাধি। ২। [নবাব খান্‌জাহান্ খাঁ নামক অত্যন্ত বিলাসী ও মুক্ত হস্ত নবাব হইতে] অত্যন্ত উচ্চ বা নবাবী চালে যে চলে। প্র—যেন নবাব খানজা খাঁ।

খাট (ট্) [খট্ (আচ্ছাদন করা) + অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, খাটিয়া ; ছাপোর খাট ; পালঙ্ক ; খট্টা ; পর্য্যঙ্ক। প্র—"শিব বলে রাজরাজেশ্বরী হয়ে বসে খাক খাটে।"—শিবায়ন। ২। (খাটো) [প্রাদে] খর্ব্ব ; ক্ষুদ্র ; ছোট। ৩। কম ; হীন ; নিম্ন। প্র—"কুলেশীলে রূপে গুণে দক্ষ কিসে খাট। যে তুমি জামাতা হয়ে সম্ভ্রমে না উঠ॥"—শিবায়ন।

খাটা [বাং-প্রাকৃ। তুল—সং, খট্ (আকাঙ্ক্ষায়), কট্ (কৃচ্ছ্রজীবনে), বিকারে খট—খাট। উ-পু—খাটি। ম-পু—খাট ; খাটুন ; খাট্। প্র-পু—খাটে ; খাটেন্। অস, ক্রি, খাটিতে, খাটতে ; খাটিয়া, খেটে। ণিজন্তে—খাটান] ক্রি, চেষ্টা করা ; কর্ম্ম করা। ২। পরিশ্রম করা। ৩। যথা প্রবৃক্ত হওয়া ;

উপযুক্ত হওয়া। ৪। [সং—খাট্ (আচ্ছাদনে)] টাঙ্গাইয়া দেওয়া। ৫। বিণ, শ্রমলব্ধ। বি, পরিশ্রম [খাটুনি দ্রঃ]।

খাটান (নো) [দেশী প্রাকৃ হইতে। তুল —পণ্ডিত বিধুশেখর শাস্ত্রী প্রদর্শিত সং-তে পরিণত "খট্ট"ধাতু ("বিত্তায় খট্টয়েৎ"—হেমচন্দ্রের যোগশাস্ত্র, ১ম প্রকাশ)—প্রবাসী ১০ম ভাগ ২য় খণ্ড, ৫ম সংখ্যা] বি, ব্যবসায়ে টাকা খাটান ; অর্থ বৃদ্ধিহেতু ব্যবসায়ে নিয়োগ করা। ২। কর্ম্মে নিয়োগ করা। ৩। যথাস্থানে বা উপযুক্ত ক্ষেত্রে প্রয়োগ করা। ৪। [খাটা দ্রঃ] মেহনত বা শ্রম করান। ৫। [সং—খট্ট (আচ্ছাদনে)] টাঙ্গান। প্র—খাটায়ে তাম্বুঘর, বসিল সদাগর।"—কবিক।

খাটাল (ল্) বি, অন্তর ; মধ্যস্থল। ২। খিলান ; vault ৩। ঘরের মেজে।

খাটি, টী [খট্টা হইতে। ক্ষুদ্রার্থে ই, ঈ] বি, স্ত্রী, মড়ার খাট।

খাটি, টী [খাঁটি দ্রঃ] বিণ, বিশুদ্ধ ; অমিশ্রিত ; অকৃত্রিম। প্র—"তোমার গো-রস খাটী কিম্বা নীর ভরা।"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

খাটিয়া [সং—খট্বা] বি, ছোট খাট ; দড়ীর খাট।

খাটুনি [খাটা দ্রঃ] বি, পরিশ্রম ; মেহনত। **খাটা-খাটুনি**—[একার্থক সহচর শব্দদ্বয়] —নানা কাজে শ্রম ; ক্রমাগত মেহনত।

খাটুলি [খাট+উলি (ক্ষুদ্রার্থে)] বি, ছোট-খাট। ২। মড়ার খাট। প্র—"যত শিশু মেলি, রাখিল খাটুলি, জাঠার মাকড়া বলে।" —মনসামঙ্গল।

খাট্টা [হি—খট্টা] বি, খাটাই ; অম্ল ; টক।

খাড়ব (ব্) [ষট্ শব্দজ। ষড় (ছয়) হইতে ষাড়ব। ষ=খ (হিন্দী উচ্চারণ)] বি, যে রাগে ছয় স্বরের বিকাশ হয়। [দ্রঃ—যাহাতে সপ্তস্বরের বিকাশ তাহার নাম সম্পূর্ণ। এবং যাহাতে পাঁচ স্বরের বিকাশ—তাহার নাম ঔড়ব]।

খাড়া [হি—খড়া] বিণ, উর্দ্ধাধঃভাবে অবস্থিত বা দণ্ডায়মান। প্র—"খাড়া করে রাখ।" ২। সোজা। প্র—"দুপুরের রোদে তরুতলে এসে, ছায়া হয়ে থাকে খাড়া"—কস্তুরী। ৩। বি, ডাঁটা। প্র—"খাড়া বড়ী শাক পাতাড়ে বিলক্ষণ টান"—হেমচন্দ্র। "পুঁই খাড়া চিংড়ীর করে ভুষ্টি নাশ"—ঈশ্বর গুপ্ত।

খাড়াক্খাড়া [গ্রা] দাঁড়াইয়া দাঁড়াইয়া ২। শীঘ্র। প্র—"তুমি বড় লক্ষী ছাড়া ছেড়ে দেওনা খাড়াক্খাড়া।—কস্তুরী।

খাড়ী (খাড়ি) বি, নদীর মোহানা ; সাগর সঙ্গম ; estuary.

খাড়ু [প্রাদে] বি, হস্তালঙ্কারবিশেষ। প্র—"সবে মাত্র দুই গাছা খাড়ু ছিল হাতে"—ঈশ্বর গুপ্ত [ঢাকা অঞ্চলে পায়ের গহনা মলের নামান্তর—সা, প, প, ১৩১৬]

খাড়ুমুড়া [প্রাদে] বি, ব্যবহারে ক্ষয়প্রাপ্ত খাঙ্গরা ; মুড়ো খেংরা। প্র—"ধন্য মামী তুমি অন্য মেয়ে যদি হৈতে। খাড়ুমুড়া মারি তারে দূর করি দিতে।"—শিবায়ন।

খাণ্ডব (ব্) [খণ্ড+অ (ন), ব আগম] বি, পুং, যমুনাতীরস্থিত প্রদেশবিশেষ। ২। ইন্দ্রপ্রস্থের সন্নিহিত দেশবিশেষে এক অরণ্য ছিল উহাই খাণ্ডবারণ্য নামে খ্যাত ছিল। **খাণ্ডবদাহ**—অগ্নিকে পরিতুষ্ট করিবার জন্য কৃষ্ণার্জ্জুন কর্তৃক খাণ্ডব বন ও বনবাসী জীবজন্তুর দাহ।

খাণ্ডবপ্রস্থ (খান্ডব্প্রোস্থ) বি, পুং, ইন্দ্রপ্রস্থ ; আধুনিক নাম দিল্লী।

খাণ্ডবায়ন (ন্) বি, পুং, ঋষিবিশেষ।

খাণ্ডবিক (ক্) [খাণ্ডব (খণ্ডজাত মোদকাদি) +ইক (প্রস্তুত করে অর্থে—ইকণ্)] বি, পুং, যে মোদক প্রভৃতি প্রস্তুত করে ; ময়রা।

খাণ্ডা—বি, খড়্গ ; খাঁড়া। প্র—"বাম হাতে খর্পর দক্ষিণ হাতে খাণ্ডা"—কৃত্তিবাস। "বিকট দশন গুলা, মাঘ মাসে যেন মুলা জিভি খান খাণ্ডার সমান।"—কবিক। ২। সূর্য্যবংশীয় রাজা ভূধরের পুত্র এবং দণ্ডকারণ্যের রাজা দণ্ডের পিতা।

খাণ্ডার (র্) [প্রাদে। বরিশাল খান্দার] বি, কোন্দল ; কলহ ; ঝগড়া।

খাণ্ডিক (ক্) [খণ্ড (ইক্ষু গুড়)+ইক (ইকণ্)] বি, পুং, যাহারা গুড় খণ্ড বা মোদকাদি প্রস্তুত করে ; মোদক ; ময়রা।

খাত (ত্) [খন্ (খনন করা ; খোঁড়া)+ত (কর্ম্মে—ক্ত)] বি, ক্লী, তড়াগ ; দীর্ঘিকা ; পুষ্করিণী। ২। কূপ। ৩। গর্ত্ত ; খাই। ৪। বিণ, যাহা খনন করা হইয়াছে ; খনিত। ৫। [ভাবে—ক্ত] খনন ; খোঁড়া।

খাতক (ক্) [খাত+ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, জলাশয় ; দীর্ঘিকা ; পরিখা ; খানা। ২। পুং [খাদক শব্দজ] অধমর্ণ ; ঋণী। ৩। মহাজনের নিকট কর্জ্জকারী। প্র—ভূষণা নগরে সীতারামের অনুগত বাধ্য প্রজা বা খাতক বিস্তর লোক ছিল।"—সীতারাম (বঙ্কিম)। "খতে লেখা রোয়েছে ওহে শ্রীহরি। খাতক ত্রিভঙ্গ শ্যাম, মহাজন শ্রীরাধা প্যারি।"—বাং-গান, রামবসু। ৪। খনি কার্য্যকারক ; খনক।

খাতা [খাতক দ্রঃ] বি, একত্রবদ্ধ পত্রাদি ; বহি। ২। হিসাবের পুস্তক ; দেনা পাওনার বহি। ৩। ভূমি খণ্ড। ৪। দল ; থাক ; স্তবক। ৫। কৃষকদিগের উর্ব্বরা ও অনুর্ব্বরা জমির অনুপাত অনুযায়ী রাজস্ব দিবার জন্য দায়ী হওয়া। **খাতাবন্দী**—খাতা অনুসারে কর নির্দ্ধারণ। **খাতাবহি**—যে পুস্তকে আয় ব্যয়ের হিসাব লেখা হয় ; আয় ব্যয়ের হিসাব বহি। **খাতালেখা**—মহাজনের কারবারের হিসাব মাল ও টাকা জমা খরচের হিসাব ; লাভ ও লোকসানের হিসাব লেখাকে খাতা লেখা বলে।

খাতির (খাতির্) [আ—খাতর্] বি, সমাদর ; সম্মান। ২। যত্ন। ৩। অনুরোধ ; উপরোধ। ৪। প্রাণ ; অন্তঃকরণ ; মন। ৫। বাসনা ; অভিলাষ [অপ্র]। ৬। কারণ ; জন্য ; নিমিত্ত। প্র—পরাণ হারায়ে ছিনু পেটের খাতিরে"—ঘনরাম।

খাতিরজমা (র্) [ফা—খাতর্জমা] বি, নিশ্চয়তা। ২। বিণ, নিশ্চিন্ত। [এই শব্দ ক্রমে বঙ্গভাষায় ব্যবহারে আসিতেছে]।

খাতিরদারী (খাতির্দারি) [ফা] বি, সম্মান রক্ষা ; সম্মাননা।

খাতিরনাদারদ (খাতির্নাদারদ্) [ফা—খাতর্ নদারদ্] বি, উপেক্ষা। ২। অবহেলা ; অবজ্ঞা। ৩। বিণ, অপক্ষপাত সমালোচক ; যাঁহার নিকট খাতিরের আশা নাই ; যে ব্যক্তি উপরোধ অনুরোধ বা বন্ধুত্বের খাতির না রাখিয়া হক কথা বলে ; যথার্থবাদী [এই অর্থে আধুনিক বঙ্গ সাহিত্যে এই শব্দ প্রবেশ লাভ করিতেছে]।

খাদ (খাদ) [সং—ক্ষয়দ হইতে, হি—খাদ—যাহা ক্ষয় করে] বি, পান। প্র—"সেই পিতলে আবার আধা আধি খাদ"—রজনী সেন। ২। খাত। প্র—"পশ্চিমের সীমা গঙ্গা ।"—অন্নদামঙ্গল।

খাদক (ক্) [খাদ্ (খাওয়া)+অক (কর্ত্তৃ)] বিণ, যে ভক্ষণ করে ; ভক্ষক ; ভোক্তা। ২। পুং, ঋণী ; অধমর্ণ।

খাদন (ন্) [খাদ্ (খাওয়া)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আহার ; ভোজন। ২। [কর্ম্মে—অনট্] যাহা খাওয়া হয় ; খাদ্য। ৩। [করণে—অনট্] যাহা দ্বারা খাওয়া যায় ; দন্ত।

খাদা [প্রাদে—যশোহর] বি, জমীর মাপের পরিমাণ ; ১৬ বিঘা। ২। প্রস্তরনির্ম্মিত অন্নপাত্রবিশেষ।

খাদি [খণ্ড শব্দজ] বি, ক্ষুদ্র ক্ষুদ্র অংশ ; ছোট টুক্রা। প্র—"খাদি খাদি করে কাটা" ২। ছোট সাড়ী। প্র—"শত শত এক জায়, গুজরাটে তন্তবায় ভূণী ধুতি খাদি বুনে গড়া।" —কবিক। "খাদি পরে থাকে।"

খাদিত [খাদ্+ত (কর্ম্মে—ক্ত) যাহার খাওয়া হইয়াছে] বিণ, ভুক্ত ; ভক্ষিত। ২। খণ্ড খণ্ড করা ; খাদি খাদি করা ; খণ্ডে বিভক্ত।

খাদিম (ম্) [আ—খাদিম্] বি, ভৃত্য ; সেবক [মুসলমানি বাঙ্গালায়] ।

খাদির (র্) [খদির + অ (সম্বন্ধার্থে—অণ্ বিণ, খদিরকাষ্ঠ-নির্ম্মিত । ২ । খদিরসংক্রান্ত ৩ । বি, স্ত্রী, খয়ের ।

খাদী [খাদ্ (ভক্ষণ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = খাদিন্ ১মা, ১ব] বিণ, খাদক ; ভক্ষক । প্র—মাংসখাদী ; নরখাদী ।

খাদুক (ক্) [খাদ্ + উক (এ্ঃ) কর্ত্তৃ] বিণ, খাদক ; ভক্ষক ; হিংসক ।

খাদ্য (খাদ্দ) [খাদ্ + য (কর্ম্মে—যণ্)] বিণ, খাইবার যোগ্য ; যাহা খাওয়া উচিত বা আবশ্যক । ২ । ভক্ষ্যব স্তু ; ভোজ্য দ্রব্য ; খাবার ।

খান (খান্) [খণ্ড শব্দজ] বিণ, খণ্ড । প্র—"একখান কাপড়" । ২ । বস্তু-নির্দ্দেশ ; দ্রব্যের সংখ্যা মাত্র । প্র—কয়খান কাপড়ের দরকার । ৩ । [স্থান শব্দজ] স্থান । প্র—"এখানে কিছু নাই" । ৪ । [হি] খনি ; আকর । **খানখান** (খান্খান্) [খণ্ড খণ্ড শব্দজ] বি, খণ্ডখণ্ড ; টুকরা-টুকরা । প্র—"সুদর্শনে কাটিয়া করিল খানখান ॥"—শিবায়ন ।

খানকা, খান্কা [খামকা দ্রঃ] ক্রি-বিণ, আচম্‌কা ; হঠাৎ । প্র—"আপনি তাহাকে খান্কা কোন দিন আনাইয়া দেখিবেন ।"—রাজসিংহ (বঙ্কিম) ।

খানকী (খান্‌কি) [ফা—খান্‌কী] বি, বারাঙ্গনা ; বেশ্যা । **খানকীপনা** (খান্‌কিপোনা)—বেশ্যার মত আচরণ । **খানকীবাজ**—বশ্যাসক্ত ; লম্পট । বি, **খানকী-**

খানখানা (ন্) [[ফা—খান্] বি, খাঁ উপাধিকদের প্রধান ।

খানদান (ন্, ন্) [ফা] বি, বংশ । বিণ, **খানদানী** ।

খানসামা (খান্শামা) [ফা—খান্সামা] বি, ভৃত্যবিশেষ ; রন্ধনাগারের পরিদর্শক ও মদ, বাসন প্রভৃতির রক্ষক । **খানসামা-গিরী**—খানসামার পদ ও কার্য্য ।

খানা [খাত শব্দজ] বি, গর্ত্ত ; খাত ; হ্রদ । প্র—"বয়স তাহার বছর ষোল, দেখতে শুনতে কালোকোলো ; পিলে অগ্রমাসে মলো আমি তখন খানায় পড়ে ।"—বিষবৃক্ষ । ২ । [ফা—খানা] স্থান । প্র—দেওয়ান-খানা ; ডাক্তারখানা ; গোসলখানা ; তোষাখানা । ৩ । বি, ভোজ । প্র—"বেলগেছেতে খানা দিয়ে খেটে হ'লে খুন ।"—হেমচন্দ্র । ৪ । সংখ্যা বাচক শব্দে বিশেষার্থক প্রত্যয় । যথা —একখানা ; দশখানা । ৫ । [খণ্ড শব্দজ] অসম্ভ্রমার্থে বস্তু নির্দ্দেশ । প্র—ঘরখানা ; মুখখানা । সম্ভ্রম আদর প্রভৃতি অর্থে "খানি" ।

খানি [খানা দ্রঃ] আদরার্থে খানা বা টা প্রভৃতি সংখ্যা বাচক শব্দের প্রত্যয় স্বরূপ ব্যবহৃত হয় । প্র—"না জানি কি গুণ ধরে মুখ খানি তোমার, যত দেখি তত সাধ দেখিতে আবার ।"—জ্যোতি ঠাকুর । ২ । খনি আকর (খান দ্রঃ) ।

খানিক (খানিক) [খন্ (খনন করা) + ইক (ণ্) অস্ত্যর্থে] বি, স্ত্রী, দেওয়ালের গর্ত্ত বা ফাটল । ২ । বিণ, খনির কর্ম্মকারী । ৩ কিয়দংশ ; কতক । প্র—"বুড়া নয় খানিক বয়সে বটে বাড়া"—ধ, ম (ঘনরাম) ৪ । [ক্ষণেক শব্দের অপভ্রংশ] বি, কিয়ৎক্ষণ ক্ষণেক । প্র—"কই গো বৃন্দে সই, বৃন্দাবনচন্দ্র কই । বল্লে এই আসি আসি, গেল অর্দ্ধ নিশি, শশী স্বস্থানে যাবে খানিক বই ।' —রামবসু ।

খানিল (ল্) [খন্ (খনন করা) + ইল (অস্ত্যর্থে)] বি, পুং, সিঁধাল চোর [প্র অ] ।

খানাখারাব, খানেখারাব (ব্) [ফা—খান্-এ-খরাব্] বিণ্, ধ্বংস বা সর্ব্বনাশ প্রাপ্ত ; উৎসন্ন ; সর্ব্বস্বান্ত ; বিনষ্ট । ২ । নির্ব্বংশ ।

খানাতল্লাস (শ্) [আদাঃ পরিঃ] বি, অপহৃত দ্রব্য কিম্বা আসামীকে বাহির করিবার জন্য গৃহাদির অনুসন্ধান ।

খানাপিনা [ফা] বি, পান ভোজন । প্র—"পান পানী খানাপিনা আয়েব না করে ॥"—অন্নদামঙ্গল ।

খানাবাড়ী [ফা—খানা-বার্ = বাড়ী] বি, আবাসবাটী ; বসতবাড়ী ।

খানাসুমারি (শুমারি) [ফা—খান্-এ-শুমার্] বি, বাড়ীর সংখ্যা নির্দ্ধারণ । খানে সুমারী দ্রঃ ।

খানিক, খানেক (ক্) [খান (খণ্ডার্থে)—এক] বি, অল্প ; একটু ।

খানেজাদ (দ্) [ফা—খান্-এ-জাদ্] বিণ, ঘরোয়া । ২ । বি, ভৃত্য ; চাকর-নফর ।

খানেসুমারি (—শু) বি, যে হিসাবে গ্রাম, বাড়ী, দোকান, জনসংখ্যা প্রভৃতি নির্দ্দিষ্ট থাকে । ২ । জনসংখ্যা ।

খাপ (প্) [ফা—খাম্] বি, অসিকোষ ; অস্ত্রাধার । ২ । যে কোন কোষ বা খোল । ৩ । [প্রাদে । ঢাকা] মলাট । ৪ । মিল । প্র—ও জিনিস ইহার সঙ্গে খাপ খাবে না । ৫ । ঘনত্ব ; বস্ত্রাদির ঠাস বা ঘন বুনন । **খাপ খাওয়া**—মিল হওয়া । ২ । উপযোগী বা যোগ্য হওয়া । ৩ । মানিয়ে যাওয়া ; মানানসই হওয়া ।

খাপচি (প্) [খামচা দ্রঃ] বি, খামচি ; খাবলা । ২ । চিমটি ; খিমচি । ৩ । খাবি ।

খাপছাড়া (প্) [খাপ + ছাড়া] বিণ্, গরমিল । ২ । বেমানান । ৩ । অপ্রাসঙ্গিক ; অসম্বন্ধ ।

খাপস্তি [সং—স্থাপন হইতে স্থাপয়ন্তি—প্রা-বাং—অপভ্রংশে খাপস্তি] ক্রি, প্রতিষ্ঠা করেন । ২ । স্থাপন করেন । প্র—"সেত বর্ম্মের তাম্র অঙ্গেতে চড়ায় লোহ মোহ কাম ক্রোধ ধরন্তি জিউ খাপস্তি কায় ॥"—শূন্য পুরাণ ।

খাপরা (প্) [খর্পর শব্দজ] বি, কলসী ভাঙ্গা ; খোলা । ২ । খাবরা ; খোরা ।

খাপরেল (খাপ্‌রেল্) [খাপরা দ্রঃ] বি, খোলা । ২ । খোলার ঘর ।

খাপা, খাপ্পা [ফা—খফা] বিণ, কুপিত, বিরক্ত, রুষ্ট । প্র—"মোর ঝাপটা দেখে মোর ভাশুর খাপা"—নীলদর্পন ।

খাপান (নো) ক্রি, খাটান ; কার্য্যে লাগান ।

খাপি, খাপী [খাপ (ঠাস বুনন) + ঈ যুক্ত] বিণ্, মোটা ; ঘন বুননযুক্ত ; ঠাস বুননের ; ঘন জমিবিশিষ্ট (বস্ত্র) ।

খাপ্পা (খাপ্‌পা) [সং ক্ষিপ্ত । ফা—খাফা] বিণ, ক্ষিপ্ত ; ক্রুদ্ধ । প্র—"মহারাজা হবে খাপ্পা, সারবে দফা হব রফা, এই দুইজনা ॥"—বাং-গান ।

খাবরা (খাব্‌রা) [খর্পর শব্দজ] বি, খাপ্‌রা ; খোলা ; টালি । ২ । কাঠ মাটি বা পাথরের আবখোরা । প্র—"সম্ভ্রমে ফুল্লরা দিল মাটিয়া পাথরা, ব্যঞ্জনের তরে দিল নূতন খাবরা ।"—কবিক ।

খাবল (খাবোল্) [সং—কবল অপভ্রংশে] বি, গ্রাস ।

খাবলা (খাব্‌লা) বি, পাঞ্জা পরিমাণ ; থাবায় যত ধরে । **খাব্‌লা খাব্‌লা**—থাবা থাবা ।

খাবলান (নো) [খাবল (দ্রঃ) + আন (ক্রিয়ায়) । উ-পু—খাবলাই । ম-পু—খাবলাও ; খাবলান ; খাব্‌লা । প্র-পু—খাবলায় ; খাবলান্। অস-ক্রি—খাবলাইতে ; খাবলাইয়া ; খাব্‌লে । খুবলানও এইরূপ] ক্রি, খাবল বা কবল পরিমিত বস্তু থাবা দিয়া লওয়া ; কামড় বসাইয়া অংশ তুলিয়া লওয়া ; চোবলান ।

খাবা [প্রাদে । অন্তঃস্থ 'ব' বাঙ্গালায় বর্গীয় 'ব' এ পরিণত] খাওয়া দ্রঃ । **খাবা-দিবা**—খাওয়া দাওয়া দ্রঃ । প্র—"রান্ধা বাড়া খাবা দিবা করে নিরন্তর ।"—শিবায়ন । "মন যদি মোর ঔষধ খাবা"—রামপ্রসাদ ।

খাবার (র্) [খাওয়ার বা লইবার (দ্রব্য)] বি, খাদ্যদ্রব্য । ২ । মিষ্টান্ন । ৩ । খাইবার (ভোজন করিবার) শব্দের সংক্ষেপ **জলখাবার**—জল ও মিষ্টান্ন খাদ্য ; স্বল্পাহার ।

খাবি [খাওয়া হইতে] বি, মাছ ভাসিতে ভাসিতে যে জল খায় বা মৃত্যুকালে লোকে মধ্যে মধ্যে অনিচ্ছাসত্ত্বেও যে মুখব্যাদান করিয়া জল বা বায়ু গলাধঃকরণ করে । নাভিশ্বাসের সঙ্গে মুমূর্ষুর মধ্যে মধ্যে মুখব্যাদান

করণ ; খাইবার অনুকরণে মুখব্যাদান। প্র—"খাবি খেয়ে মরে লোক হাজার হাজার।" —অ, ম। খাবিখাওয়া—অন্তিমকালে জল বা শ্বাস গ্রহণের জন্য মুখব্যাদান করা ও জল বা বায়ু গলাধঃকরণ করা। প্র—"বৈদ্যেতে পাবেনা নাড়ী এমন অন্তিম দশায় খাবি খাব।"—দ্বিজেন্দ্র রায়।

থাম (ম্) [সং—স্তম্ভ। প্রাকৃ—থম্ভ। হি—খম্বা] বি. গৃহের দারুস্তম্ভ; ঘরের খুঁটি। প্র—"চারিভিতে রুএ কলা ভিতর হেমগিরি। ছাওআ মণ্ডপের থামে বান্ধএ বনমালা।"—শূন্যপুরাণ।

থাম (ম্) [শব্দাত্মক] হুঙ্কার; ভয়ানক শব্দ। প্র—"হুম হাম খুম খাম ভীমশব্দ ভাষিছে।"—অ-ম।

খাম (ম্) [ফা—খাম্] বি. পত্রের আবরণ; লেফাফা। ২। পত্রের অঙ্গবিশেষ। ৩। কোষ। প্র—"শ্রীমুখ খাম করিলেন ইতি।" —কবিক।

খাম (ম্) [ফা—খাম্] কাঁচা। ২। অপরিণত; অপুষ্ট।

খামআলু [ফা—খম্ (কোঁকড়া, বড় গোলাকার)] বি. চুপড়ী আলু।

খামকা, খামখা (খামোকা) [ফা—খাম্খোআ] সহসা; অকস্মাৎ; হঠাৎ; দৈবাৎ। ২। অকারণ; অনর্থক; বিনা কারণে। প্র—"খামখা সে ভাল বাসে, আমি কি বাসিতে কই"—চন্দন।

খাম-খাম (ম্) [সং—খণ্ড—খান—খাম+উআ=খামুয়া—গ্রা খেমো] চাপ্ চাপ্, খান্ খান্।

খামখেয়াল (খাম্খেআল্) [ফা—খাম-খেআল্] বি. চিত্তের অস্থিরতা; মনমর্জ্জির ভাব। ২। বৃথা কল্পনা। বিণ্, খাম-খেয়ালী—অস্থির চিত্ত; মনমর্জ্জি।

খামচা, খামচি (ম্) [আ—খাম্চা। অল্পার্থে, চি] বি. টিপ। ২। নখাঘাত। ৩। খাবলা; থাবা।

খামচান (খামচানো) [খামচা দ্রঃ] ক্রি, নখাঘাত করা; পাঞ্জার আঘাত। [দুই আঙ্গুলের দ্বারা পিষ্ট করিলে বা অঙ্গুলিদ্বয়ের নখাঘাতকে চিম্‌টিকাটা বলে কিন্তু তদধিক অঙ্গুলি প্রয়োগকে খামচান বলে। খামচানো এবং চিম্‌টি কাটার মধ্যবর্ত্তী খিমচি কাটা]।

খামাটি—বি. মল্লবেশ; মালকোঁচা। প্র—"যেন অসুর খামাটি এঁটে রয়েছে।" লীলাবতী (দীনবন্ধু)। ২। ক্রোধে দন্ত দ্বারা অধর দংশন।

খামার (খামার্) [হি—খামার্] বি. শস্য-মর্দ্দনস্থান; শস্য-প্রাঙ্গণ। প্র—"আর একটু তালুক, দুবিঘে খামার, তাতেও দুদশ টাকা"—রজনী সেন। খাস-খামার—জমিদার যে জমি প্রজাকে বিলি করিয়া না দিয়া নিজ দখলে রাখিয়া তাহার খাজানা কালেক্টরীতে দাখিল করেন। হাসিল খামার—জমিদারের নিজ দখলে রক্ষিত আবাদী জমি।

খামালু [খাম (ক্ষেম)—আলু] বি. চুবড়ি আলু। খামারপতিত—কোন জমীদারী ভুক্ত কর অনির্দ্ধারিত অনাবাদী জমি রাজজঙ্গল। আগতখামার—খাসখামার হইতে দাখিল করা খামার। গতখামার—খাসখামার হইতে খারিজ করা খামার।

খামি [প্রাদে] বি. অলঙ্কারের অংশবিশেষ অলঙ্কারের মধ্যমণি। ২। মিঠাই প্রস্তুত করিবার উপকরণ। খামিরা—খাম্বিরা দ্রঃ

খাম্বা (খাম্বা) [সং—স্তম্ভ হইতে প্রাকৃ—খম্ভ শব্দজ। হি—খম্বা] বি. স্তম্ভ; থাম।

খাম্বাজ (খাম্বাজ্) বি. রাগিণীবিশেষ।

খাম্বিরা [আ—খমীর্] বি. পচন; গাঁজ ২। মসলাযুক্ত তামাক।

খায় (য়্) [খা দ্রঃ। হি—খানা] ক্রি. ভক্ষণ করে; আহার করে। ২। [প্রাদে] পান করে। প্র—জল খায়। ৩। ভোগ করে প্র—"উট গাধা ক্ষেতি খাবে, রাজার নফর হবে, বিপদে সম্পদে তোর ভার।"—কবিক। "কার ধন কেবা খায়।" ৪। লাগে ঠিক হয়। প্র—খাপ খায়।

খার (র্) বি. শস্য পরিমাণ করিবার পাত্রবিশেষ। ১৬ দ্রোণ পরিমাণ। about 3 bushels.

খারা [হি—খরা শব্দজ] বিণ, সরল; অকপট; ন্যায়নিষ্ঠ; সৎসাহসী। ২। [প্রাদে] বেগুনের বোঁটা ও ফলের মধ্যবর্ত্তী অপেক্ষাকৃত শক্ত অংশ।

খারানি [ক্ষার হইতে খার এবং পানি হইতে আনি] বি. ক্ষারজল।

খারাপ (খারাপ্) খারাব দ্রঃ।

খারাব (খারাব্) [আ—খরাব্] বিণ, কু; মন্দ; ভাল নহে। ২। খেলো; নিরেশ। প্র—তাহারা খারাব মাল চালান দিয়াছিল। ৩। দুষ্ট; নষ্ট। প্র—ছেলেটা খারাব হয়ে গেছে। খারাব লোকের সঙ্গে বেড়াইতে নাই। ৪। অভদ্র; অশ্লীল। খারাব কথা মুখে আনিতে নাই। ৫। রুক্ষ; কঠোর; উগ্র; রাগী। প্র—তাহার মেজাজটা বড়ই খারাব (অর্থাৎ সে রগচটা (লোক)। ৬। অশুদ্ধ; সন্দিগ্ধ। প্র—লোকটার হৃদয় বা মনটা বড়ই খারাব। ৭। দুঃখার্ত্ত; শোকার্ত্ত; সন্তপ্ত। প্র—পিতার মৃত্যুতে তাহার মনের অবস্থা বড়ই খারাব আছে। ৮। ব্যবহারের অযোগ্য; অব্যবহার্য্য। প্র—জিনিসগুলা বহুদিন ফেলিয়া রাখায় একেবারে খারাব হইয়া গিয়াছে। ৯। হীনদশাপন্ন; দুর্দ্দশাগ্রস্ত; উৎসন্ন। প্র—কর্ত্তার মরিয়া যাইবার পর সংসারটা খারাব হয়ে গেল। ১০। অশুভ; অমঙ্গলকর; অকল্যাণকর। প্র—খারাব দিন; যাত্রা খারাব; খারাব লগ্ন। ১১। দূষিত। প্র—তাহার রক্ত খারাব হইয়া গিয়াছে। ১২। শ্রীহীন; বিশ্রী; সৌন্দর্য্যহীন, লাবণ্যহীন। প্র—তাহার চেহারা খারাব হইয়া গিয়াছে। ১৩। বিকৃত। প্র—তাহার মস্তিষ্ক খারাব হইয়া গিয়াছে। ১৪। অপরিষ্কৃত; নোংরা; ময়লা। প্র—কাদায় পড়িয়া যাওয়ায় পোষাকটা খারাব হইয়া গেল। পুষ্করিণীর জল খারাব করা উচিত নহে। বি. খারাবী. খারাব করা—অনিষ্ট করা; মন্দ করা। ২। বিগড়াইয়া দেওয়া; কুপথে লইয়া যাওয়া। প্র—সেই ত কুপরামর্শ দিতে দিতে লোকটাকে খারাব করিল। খারাব কথা—মন্দ কথা; কুকথা; অশ্লীল কথা। ২। গুরুতর ব্যাপার; অমঙ্গলের সম্ভাবনা; আশঙ্কাজনক ব্যাপার; ভয়ের বিষয়। প্র—ইহা ত বড় খারাব কথা হইল। পেটখারাব—অজীর্ণ; উদরাময়। মন খারাব করা—মনে দুঃখ হওয়া; দুঃখ করা বা দুঃখ পোষণ করা; ক্ষুণ্ণ হওয়া; দমিয়া যাওয়া। মাথা খারাব করা—বিরক্ত হওয়া; কুপিত হওয়া; চটিয়া যাওয়া। মাথা খারাব হওয়া—মস্তিষ্ক বিকৃত হওয়া; অব্যবস্থিত চিত্ত হওয়া। মুখ খারাব করা—অশ্লীল ভাষায় গালি দেওয়া; অশ্লীল ভাষা ব্যবহার করা।

খারাবী (খারাবি) [আ—খরাব্] বি. অহিত; অনিষ্ট। ২। সর্ব্বনাশ। ৩। দুষ্টামি; নষ্টামি। খুনখারাবী—খুনোখুনি; রক্তারক্তি; হত্যাকাণ্ড। ২। কাটকাটরার আসবাব। পত্রে যে পালিশ ধরান হয় তাহার উপকরণবিশেষ, ইহা গাঢ় লালবর্ণ।

খারিজ (জ্) [আ—খারিজ্] বিণ, বাতিল; পরিত্যক্ত; অগ্রাহ্য। খারিজ করা—কাটিয়া দেওয়া; বাতিল করা। প্র—পুস্তক হইতে তাহার নাম খারিজ করিয়া দিল। ২। কর্ম্মচ্যুত করা; ছাড়াইয়া দেওয়া। ৩। ত্যাগ করা। প্র—"শিয়রে কলিঙ্গ রায়, গোহারি করিব তায়, খারিজ করিব বাড়ী ঘর" —কবিক।

খারিজ দাখিল (জ্, ল্) [আ—খারিজ্—দাখিল্ (দেওয়া, পেশ করা)] বি. পরিত্যাগ-পত্র দান করা; কর্ম্মত্যাগের চিঠি দেওয়া। ২। এক প্রজার জমীর জমা অপর প্রজা গ্রহণ করিলে পর, একের জমা খারিজ হইয়া অন্যের নামে দাখিল হইলে তাহাকে খারিজ দাখিল বলে।

খারিজা—বিণ. খারিজ করা ; দাখিলী, হুজুরী। **খারিজা তালুক**—যে তালুকের রাজস্ব সাক্ষাৎ সম্বন্ধে (directly) কলেক্টরের কাছারিতে দাখিল হয় ; হুজুরী ; স্বাধীন। [দ্রঃ—এইরূপ তালুক ক্ষুদ্র জমিদারী বলিয়া গণ্য]।

খারী—বি. স্ত্রী. শস্য পরিমাপক পাত্রবিশেষ ; ১৬ দ্রোণ পরিমাপক। খার দ্রঃ।

খাল, খাইল (ল্) বি. আক্ষেপ ; অঙ্গগ্রহ। ২। খানা; নিম্নভূমি। ৩। খাত ; প্রণালী। প্র—খাল কেটে জল আনা।

খালগস্তী (খাল্গোস্তি) [খাল—গস্তী—যাহারা খালে গস্ত করে] বি. আড়তদার কর্ত্তৃক নিযুক্ত হইয়া যাহারা জলপথে ঘুরিয়া ব্যাপারী সংগ্রহ করে।

খাল্সা, খালিসা (শা) [আ—খাল্সা] বি. গবর্ণমেন্টের রাজস্ববিভাগীয় দপ্তর। ২। খাসমহল।

খালাড়ী, খালারী (খালাড়ি, রি) [ক্ষারী খাল, সংক্ষেপে] বি. যথায় লবণ প্রস্তুত করা হয়।

খালাস (শ্) [আ—আখ্লস্ (ছাড়িয়া যাওয়া)] বি. মুক্তি ; রেহাই ; অব্যাহতি। প্র—"ভাইপো সৌলদ জঙ্গে খালাস করিয়া। উড়িষ্যার করিল ছার লুঠিয়া পুড়িয়া।"—অ, ম। ২। শান্তি ; তৃপ্তি ; আরাম ; সংসারবন্ধন হইতে মুক্তিলাভ ; সংসারের বা জীবনের জ্বালা যন্ত্রণার হস্ত হইতে মুক্তি বা উদ্ধার। প্র—"বাঁচিবার সাধ নাই মলেই খালাস।"—ঈশ্বর গুপ্ত। ৩। প্রসব। প্র—তাহাকে খালাস করাইবার জন্য ডাক্তার আনিতে হইয়াছিল। ৪। বিণ. দায়শূন্য ; ভারশূন্য ; নির্দোষ। প্র—"দেখিয়া তোমায় তার রূপের প্রকাশ ; ভুলিয়া ভুলাবে দাদা, বলিয়া খালাস॥"—ঘনরাম।

খালাসপত্র (শ্) বি. মুক্তিদানের হুকুম ; ছাড়পত্র।

খালাসী (খালাশি) [আ—খালাস্ শব্দজ] বি. জাহাজ কিম্বা সৈন্য বিভাগে নিযুক্ত নিম্ন কর্ম্মচারীবিশেষ। ২। ভারি বস্তু উত্তোলন ; তাঁবু খাটান ; বাড়ীঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা প্রভৃতি কার্য্যে নিযুক্ত ভৃত্য। ৩। মুক্তি।

খালি, খালী [আ—খালী] বিণ. শূন্য। ২। শেষ ; নিঃশেষ। প্র—"দেখিয়া কলসী খালি কেহ দেয় করতালি।"—কুঙ্কুম। ২। কেবল। **খালি-খালি**—(গ্রা) কেবলই ; ক্রমাগত ; সর্ব্বদা। ২। শূন্যপ্রায়। **খালি-ধরা**—অঙ্গগ্রহ ; আকর্ষণী ; খেঁচা-রোগ। **খালিহাত**—রিক্তহস্ত ; pennyless.

[খাজু]লি [খালি (খাল, canal)+জুলি (জল স্রোতঃ ; পয়োনালী)] বি. ক্ষুদ্র জলস্রোতঃ। প্র—"সাগর যোজন শত দেখি খালিজুলি।'"—কৃত্তিবাস।

খালুই [প্রাদে] বি. বাঁশ বা ঘাসনির্ম্মিত পাত্র ; যাহাতে জেলেরা মাছ রাখে।

খাস (শ্) [আ—খাস্] বিণ. বিশেষ ; অসাধারণ [ইহার বিপরীত আ—আম্=সাধারণ, public—আম দরবার ও খাস দরবার]। ২। নিজস্ব। ৩। নির্ব্বাচিত। ৪। বিশুদ্ধ। **খাস করা**—অধিকৃত ভূসম্পত্তি বা ভূখণ্ড স্বীয় কর্ত্তৃত্বাধীন করা। প্র—"এমন সোণার ভারত খাস করেছ বাস করে মা থাকো থাকো" —ঈশ্বর গুপ্ত। **খাস আপীল**—আপীলের উপর আপীল। **খাসকামরা**—স্বতন্ত্র ও নির্জ্জন গৃহ। **খাসগেলাস** (খাশ্গেলাশ্) গেলাসের আকারে অভ্রনির্ম্মিত বাতিদান ; বিবাহাদি উৎসবে আলোকের জন্য ব্যবহৃত হয়।

খাসখামার (খাশ্খামার্) বি. জমিদার যে জমি প্রজার নিকট বিলি না করিয়া নিজ দখলে রাখিয়া নিজেই তাহার রাজস্ব কালেক্টরীতে দাখিল করেন। **খাসতালুক—খাসমহল, খাসমহাল** (খাশ্মোহোল্) বি. যে সকল জমি প্রজার নিকট বিলি না করিয়া জমিদার আপন অধীনে রাখে।

খাসবরদার (খাশ্বরদার্) বিণ. আশাসোঁটাধারী।

খাসা (খাশা) [আ—খাসা] বিণ. উৎকৃষ্ট ; উত্তম ; উপাদেয়। প্র—"ওরে মনের মতন কর যতন রতন পাবে অতি খাসা॥" —রামপ্রসাদ। ২। বেশ। প্র—"কৃষ্ণ তোমার খাসা মিষ্ট কথা যেন সুধা ঝরে।"—দ্বিজেন্দ্র রায়। ৩। গোধূমচূর্ণবিশেষ। ৪। এক প্রকার কাপড়। প্র—"মলমল খাসা।"

খাসী (খাশি) [আ—খসি] বিণ. ছিন্নাণ্ড। ২। বি. ছিন্নমুষ্ক ছাগ।

খাস্ত (খাস্তো) বিণ. মন্দ ; নষ্ট। ২। লুপ্ত। প্র—পাঁচ নকলে আসল খাস্ত।"

খাস্তা [ফা—খস্তা] বিণ. অবশিষ্ট। ২। উৎকৃষ্ট। ৩। নষ্ট ; বিকৃত।

খি [খাই দ্রঃ] বি. খে ; খাই ; খেই। প্র—এক খি সুতায় হবে না।

খিআতি [সং—খ্যাতি। প্রা-বাং, অপভ্রংশে] বি. খ্যাতি। প্র—"বসুমতী রাখিল খিআতি॥" —শূন্যপুরাণ।

খিঁচ (চ্) [খুঁত (দ্রঃ) হইতে খোঁচ—খিঁচ] বি. অল্প ত্রুটি। ২। [হি— খিঁচ্=টান] টান।

খিঁচা [হিঃ—খিঁচ্না] ক্রি. টানা ; আকর্ষণ করা।

খিঁচান (নো) [খিঁচা+আন (ণিজন্তে)] ক্রি. টানান। ২। [হি—খিসিয়ানা—খিসানা] খিচান ; দাঁত বাহির করা।

খিক (খিক্) [খক্ অপেক্ষা মৃদু শব্দ] বি. তরল হাস্য শব্দ।

খিকখিক (খিক্খিক্) [খিক্ দ্রঃ] বি. ক্রমাগত ঐরূপ শব্দে হাস্য।

খিখি [খু (শব্দ করা)+ইখি (কর্ত্তৃ—ডিখি) সংজ্ঞার্থে] বি. পুং. শিবা ; খ্যাকশিয়ালী। ২। খেঁক্শিয়ালী। ৩। বানর।

খিঙ্খির (খিংখির্) বি. শিবের অস্ত্রবিশেষ।

খিচ, খিঁচ (চ্) বি. মতভেদ। ২। মনান্তর। ৩। বিবাদ। ৪। বচসা ; বাদানুবাদ। ৫। ক্ষুদ্র কণ্টক। ৬। কাঁকর। ৭। অসম্পূর্ণতা ; অবশিষ্ট ; বাকী।

খিচকান (খিচ্কান্) [প্রাদে—ময়মন সিং] বি. বিবাদ। ২। [খিঁচকানো—গ্রা, 'খ্যাঁচকান'] ক্রি. কলহ করা ; ঝগড়া করা ; খেচাখেচি বা খিচিখিচি করা।

খিচড়ান, খিঁচড়ান (খিচ্ড়ানো) ক্রি. খারাব হইয়া যাওয়া ; বিগড়ান। ২। বাধা বা বিঘ্ন পাওয়া।

খিচড়ী [খেচর শব্দজ। হি—খিচ্ড়ী] বি. চাল ডাল মিশ্রিত ঘৃত পক্ব অন্নবিশেষ ; খেচরান্ন। খিচুড়ি দ্রঃ। **খিচড়ী বা খিচুড়ি পাকান**—পাঁচ রকম বিসদৃশ বস্তুর একত্র সমাবেশ করা। ২। গণ্ডগোল বাধান ; গোল বাধান। **জগা খিচড়ী বা খিচুড়ী**—বহু দ্রব্যের সংমিশ্রণ ; হাব্জা গোব্জা ; hodgepodge. ২। অনেক বিষয় একত্র করিয়া সম্পূর্ণ বুলাইয়া ফেলা।

খিচন (খিচোন্) বি. শরীরের বিকৃত করণ ; অঙ্গভঙ্গিকরণ ; ঝাঁকন ; আক্ষেপ। ক্রি. **খিচোনো**।

খিচান (নো) ক্রি. মুখভঙ্গী করা। ২। দাঁত দেখান। **দাঁত খিচান**—দাঁত দেখান ; ভেংচান।

খিচিখিচি [শব্দাত্মক] বি. ক্রমাগত খিচখিচ করণ ; কিচিকিচি ; চেঁচাচেচি ; ঝগড়া ; কলহ।

খিচিমিচি—বি. সামান্য বিষয় লইয়া বকাবকি ; ঝগড়া।

খিচুড়ি [খেচর শব্দজ। খিচড়ী দ্রঃ] বি. দ্বিদলান্ন ; খেচরান্ন ; ডাইল, চাউল ও ঘৃত মসলাযোগে একত্র পকান্ন। ২। দুই বিপরীত বর্ণের মিশ্রণ। ৩। বিশৃঙ্খলতার সংমিশ্রণ।

খিট (ট্) বি. খিচ ; ধুলা।

খিটকাল (ট্, ল্) [প্রাদে—ময়মনসিং] বি. বিবাদ। ২। বিঘ্ন।

খিটখিট (খিট্ খিট্) বি. দ্বারে শিকলের আঘাত শব্দ। ২। তিরস্কার; সদাসর্ব্বদা ভর্ৎসনা বা বকুনি। ৩। সর্ব্বদা অসন্তোষ বা রাগ-প্রকাশ।

খিটখিটা, খিটখিটে (ট্) বিণ. সদাসর্ব্বদা তিরস্কারকারী। ২। যে সর্ব্বদা পরের ছল বা দোষ ধরে ও তজ্জন্য বকাবকি করিয়া সকলের বিরক্তি ও ক্লেশ উৎপাদন করে; কোপনস্বভাব ও সদা বিরক্ত। বি. খিট্‌খিটনি।

খিটমিট (খিট্ মিট্) বি. কোন না কোন বিষয় লইয়া অন্যের সহিত কলহ করা; সদা অসন্তোষ প্রকাশ ও তিরস্কার। বিণ. খিটমিটে।

খিটিমিটি—বি. সামান্য কারণে বিরক্তি প্রকাশ ও ছলধরা। ২। সদাসর্ব্বদা পরস্পরের মধ্যে বিবাদ; বচসা। প্র—"মুন্সেফ নবগোপাল বাবুর সহিত তাহার ভারি খিটিমিটি বাধিয়াছিল বিণ. খিটমিটে। বি. খিটমিটিনি।

খিড়কী, খড়কী (খোড়্ কি) [হি] বি. বাড়ীর পশ্চাদ্দিকের দ্বার; অন্তঃপুর-দ্বার; গুপ্ত-দ্বার। ২। বাতায়ন; জানালা; খড়খড়ি।

খিণি [সং—ক্ষীণ শব্দের কোমলরূপ। বৈ. পদাবলীতে] বিণ. ক্ষীণ। প্র—"সিংহ হইতে মাজারি খিণি।"—পদাবলী।

খিতাব (ব্) বি. খেতাব দ্রঃ।

খিতি [সং—ক্ষিতি হইতে প্রা-বাং—অপভ্রংশে] বি. ক্ষিতি; মৃত্তিকা। প্র—"লোটাইআ খিতি ধর্ম্মেত মিনতি প্রদখিন সাতবার।"—শূন্য-পুরাণ।

খিদমৎ (দ্) [আ—খিদ্‌মৎ] বি. সেবা।

খিদমদগার (খিদ্‌মদ্‌গার্) [ফা] বি. ভৃত্য; সেবক। ২। খানা খাইবার সময় যে পরিবেশনাদি করে।

খিদমদগারী (দ্. দ্) বি. খিদমদগারের পেশা বা পদ বা কার্য্য।

খিদ্যমান (খিদ্‌দোমান্) [খিদ্ (খেদ বা দুঃখ করা) + আন (কর্ত্তৃ—আনশ্)—য. ম্ আগম] বিণ. যে খেদ করিতেছে; শোককারী।

খিন, খিনি, খীণ (ন্) [ক্ষীণ শব্দের কোমল রূপ। ব্রজ, প্রা-বাং] বিণ. ক্ষীণ; কৃশ। প্র—"কেশরী জিনিয়া মাঝারি খিনি" —বিদ্যাপতি (পাঠান্তরে, 'খিণি')। "যত সখি খীণ দেখি"—গীতগোবিন্দ (গিরিধর)।

খিন্ন (খিন্‌নো) [খিদ্ (দুঃখিত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত) দ—ক্ত=ন্ন] বিণ. খেদযুক্ত; দুঃখিত। ২। শ্রান্ত; ক্লান্ত। ৩। অলস; অবসাদগ্রস্ত।

খিবন (ন্) [সং—ক্ষিপ্ ধাতুজ, হি—খিপনা অথবা খোদন হইতে] বিণ. খচিত; জড়িত। প্র—"সুবর্ণ মুদ্রিকা রত্নে করিয়া খিবন" —চৈতন্যভাগবত।

খিমচি (খিম্‌চি) ["খামচা" অপেক্ষা ক্ষুদ্রাকার ও লঘু] বি. নখাঘাত; চিমটি।

খিয়ানত (ৎ) [হি] বি. ক্ষতি। ২। ক্ষতির দণ্ড; দাঁড়।

খির (র্) [সং—ক্ষীর শব্দের কোমল রূপ। প্রা-বাং] বি. ক্ষীর; দুগ্ধ। প্র—"লঙ্কার দুআরে চরিত্রা আমিনি গতি নিলা জগানে খির বাটী। সে খির বাটী তথা বরদা হইআ। চরিত্রা আমিনি আইল জত্ম জত্ম দিআ॥" —শূন্য পুরাণ।

খিরকিচ (খির্‌কিচ্) [প্রাদে] বি. বিবিধ বস্তুর একত্র মিশ্রণ; পাঁচ রকম জিনিষে একটা তাল-পাকান; জগা-খিচুড়ি। ২। গোলমাল; বিঘ্ন। ৩। দৈন্য, দারিদ্র্য (বরিশাল—প্র)। বে-খিরকিচ—বিশুদ্ধ; ভেজালহীন।

খিরাজ (জ্) [আ—খিরাজ্] বি. কর; রাজস্ব।

খিল (ল্) [সং] বিষ্ণু; পরব্রহ্ম। প্র—"আগম নিগমাতীতা, খিল মাতা, খিল পিতা, পুরুষ প্রকৃতিরূপিণী।" —রামপ্রসাদ।

খিল (ল্) [খ (শূন্য) ল (লা—পাওয়া) + অ (অপা—ড) নিপাতনে খ=খি, যাহা হইতে কোনরূপ শস্য পাওয়া যায় না] বিণ. অনুর্ব্বর; পতিত। প্র—"সরকার হৈল কাল, খিলভূমি লিখে মাল —কবিক। ২। অকর্ষণীয় ভূমি। ৩। দুর্গম। ৪। পরিশিষ্ট। প্র—"খিল হরিবংশ। ৫। উৎপন্ন। ৬। অর্গল; হুড়কা; কীলক। ৭। অনিচ্ছায় মাংসপেশীর খেঁচুনি; টান; খাইল; খাল। প্র—"উঃ মরি ছাড় ছাড় বুকে পিঠে লাগলো খিল।" —মতি রায় (বাং-গান)।

খিলকা (ল্) [খেলকা দ্রঃ] বি. আল-খাল্লা। প্র—"দুনিয়ায় ফকির হব গলে খিলকা ডেলে।" —ঘনরাম।

খিলখিল (খিল্‌খিল্) [শব্দাত্মক। খল্‌খল অপেক্ষা মৃদু ও চাপা শব্দ] বি. হাস্যধ্বনি; শিশু ও নারীদিগের হাস্যশব্দ।

খিলজমী (খিলজমি) বি. উপস্থিত পতিত জমি যাহা আবাদ করিলে ফসল জন্মিতে পারে।

খিলনি, খিলনী (ল্) [খিল (দ্রঃ)—বন্ধনী] বি. খিল; অর্গল। প্র—"শণ জউ ঘৃত বাঁশ পুঞ্জে বিরচিত। যন্ত্রের খিলনি অস্ত্র গৃহ চতুর্ভিত॥"—কাশী-মহা আদি। "তিন দিন বহির্ভূতে ঘুচাবে খিলনী॥" —কাশী-মহা-শান্তি।

খিললাগা, খিলধরা—ক্রি. অঙ্গগ্রহ হওয়া; খাইল ধরা। প্র—হাতে পায়ে খিল ধরা। ২। দাঁতে দাঁতে লাগা; দাঁতি লাগা; চুয়াল ধরিয়া যাওয়া। প্র—"খিল লাগবে হাস্‌তে, বিষম লাগবে কাশ্‌তে।" —দ্বিজেন্দ্র রায়।

খিলা [হি—কীলা। খিল দ্রঃ] বি. অর্গল; খিল। প্র—"কত নিধি পাবকে পোড়ায়ে করে খিলা।"—ঘনরাম।

খিলাৎ, খেলাৎ [আ—খিলাৎ] বি. রাজদত্ত সম্মানসূচক পরিচ্ছদ। প্র—"নাইবা পেলেম রাজার খিলাত"—রবি।

খিলান (ন্) [প্রা] বি. ইষ্টকাদির গ্রন্থন-বিশেষ; arch. ২। [খিলানো] ক্রি. খিলাননির্ম্মাণ করা।

খিলি, খিলী [হি—ঠিলি শব্দজ। খোল দ্রঃ। ক্ষুদ্রার্থে ই, ঈ] বি. পানের বীড়া। প্র—"মিঠা পান মিঠা গুয়া চূণ পাথুরিয়া। রাপে ছুটা বিড়া বাঙ্কি খিলি সাজাইয়া॥" —অ. ম।

খীরকম্বা [প্রা-বাং] বি. ধান্যবিশেষ। প্র—"খীরকম্বা বুলেন পরভু পঞ্চাল রন জত্ম। কামদ-ধান বুলেন পরভু জেবা বাতি জলে হত্ম॥"—শূন্যপুরাণ।

খীল (খিল্) [খিল দ্রঃ] বি. হুড়কা।

খুঁচন (খুঁচোন্) [প্রাদে] বি. বেঁধন; বিদ্ধকরণ। ২। (খুঁচোনো) ক্রি. খোঁচান; বেঁধা; খোঁচা দেওয়া। ৩। টুয়ান; উস্কান; উত্তেজিত করা। ৪। উত্ত্যক্ত করা; ব্যতি-ব্যস্ত করা। বি. খুঁচানি—খুঁচন; বিদ্ধ-করণ; উত্ত্যক্তকরণ। বেগু খুঁচানি—নিরীহ বা নির্দ্দোষীকে অকারণ প্রহার; মনঃ-কষ্ট বা গঞ্জনা দান।

খুঁচি [সং—কুক্ষি] চাউল মাপিবার কুনিকা। লক্ষ্মীর খুঁচি—লক্ষ্মীর হস্তে যে ধান্যাধার থাকে। ২। চঞ্চলা বালিকাকে বিদ্রূপ কালে ঐ নামে অভিহিত করা হইয়া থাকে।

খুঁজা [হি—খোজনা। উ. পু—খুঁজি। ম. পু—খুঁজ, খোঁজ; খুঁজুন; খোঁজ্। প্র. পু—খুঁজে, খোঁজে। অস-ক্রি. খুঁজিতে; খুঁজিয়া, খুঁজে। খিজন্ত—খুঁজান] ক্রি. অনুসন্ধান করা; তল্লাস করা; অন্বেষণ করা। প্র—"খুঁজি বেদ বেদান্ত, তন্ত্র মন্ত্র, পাইনা মা তোর অন্ত কোথা।"—বাং-গান।

খুঁট (ট্) [সং—কূট হইতে; হি—খুঁট] বস্ত্রের প্রান্তভাগ; কাপড়ের কোণ। ২। সূত্র; সূতা।

খুঁট (ট্) [সং—খণ্ড=ভগ্ন—অসম্পূর্ণ] বি. ত্রুটি; খুঁত; দোষ।

খুঁটআখরিয়া (ট্) [চ. খুঁট—আখুরে] বি. যে অল্প লেখাপড়া জানে; অল্প শিক্ষিত।

২। যে প্রত্যেক অক্ষর খুঁটিয়া অর্থাৎ বিশেষ অনুসন্ধান করিয়া পাঠ করে। ৩। যে অতি সামান্য বিষয় লইয়া বিষম বাদানুবাদ করে। স্ত্রী. **খুঁট আখরী**।

খুঁটা, খোঁটা [সং—খুণ্ড্ (খোটনে) উ, পু—খুঁটি। ম, পু—খুঁট, খোঁট। প্র, পু—খুঁটে, খোঁটে। অস-ক্রি, খুঁটিতে ; খুঁটিয়া, খুঁটে। ণিজন্ত—খুঁটান] বি. কুড়িয়া লওয়া। ২। চঞ্চুদ্বারা তুলিয়া খাওয়া। ৩। নির্ব্বাচন করা। ৪। নখাঘাত করা ; ক্রমাগত চিমটিকাটার মত নখাঘাত দ্বারা অতি ক্ষুদ্র ক্ষুদ্র অংশ তুলিয়া ফেলা ও তাহাতে গর্ত্ত করা বা সেই স্থান গলাইয়া দেওয়া। প্র—আপেলটী অমন করিয়া খুঁটিওনা, নষ্ট হইয়া যাইবে। **খুঁটে খাওয়া**—বি. কুড়াইয়া খাওয়া। ২। উপার্জ্জন করা ; অন্নসংস্থান করা। প্র—"খুঁটে খেতে দুটা নাই টুটা মনস্তাপ" —শিবায়ন।

খুঁটা, খোঁটা [হি—খুঁটা। সং—কূট= বৃক্ষ, তাহা হইতে বৃক্ষ কাণ্ড, অথবা কাষ্ঠ হইতে] বি. কাষ্ঠ স্তম্ভ ; খুঁটি ; মেক ; গোঁজ। ২। [খুঁট দ্রঃ] দোষ ; কলঙ্ক ; অপযশ। ৩। গঞ্জনা। **খোঁটা দেওয়া**—দোষ দেওয়া ; গঞ্জনা দেওয়া।

খুঁটি, খুটী [কাষ্ঠ শব্দজ] বি, স্তম্ভ ; বাঁশ বা কাঠের থাম। **শ্যামের খুঁটি**—হৃষ্টপুষ্ট। প্র—"খেয়ে খেয়ে যেন শ্যামের খুঁটি হচ্চে।

খুঁটি নাটি [প্রাদে। ক্ষতি বা ত্রুটি হইতে খুঁটি এবং নাস্তি (অভাবার্থে) হইতে নাটি] বি, এটা নাই ওটা ভাল হয় নাই এইরূপ ভাব ; দোষ ত্রুটি ; সামান্য সামান্য দোষ।

খুঁটাগাড়ি (খুঁটিগাড়ি) বি, নৌকা বাঁধিবার কিম্বা মৎস্য ধরিবার জন্য নদীতে খুঁটী গাড়িতে হইলে জমিদারকে যে কর দিতে হয়।

খুঁটী (টি) [খুঁটা দ্রঃ। ক্ষুদ্রার্থে ঈ] বি, কাষ্ঠ-শলাকা ; গোঁজ। ২। তানপুরা সেতারাদি বাদ্যের তার জড়াইবার কাষ্ঠশলাকা বা কান।

খুঁড়া [খনন শব্দজ] ক্রি, খনন করা। ২। বি, খনন। ৩। বিণ, খনিত।

খুঁড়া [সং খঞ্জ হইতে] বিণ, খঞ্জ ; খোঁড়া। **খুঁড়াইয়া বড়**—পদাঙ্গুলির উপর ভর দিয়া উঁচু, যে প্রকৃত বড় বা মহৎ নহে কিন্তু গর্ব্বভরে বা গায়ের জোরে বড় হয়।

খুঁত (ত্) [ক্ষত শব্দজ] বি, ক্ষতচিহ্ন। ২। দোষ ; ছল ; ত্রুটি। ৩। কলঙ্ক। ৪। বিণ, ক্ষতচিহ্নযুক্ত। প্র—"খুঁত ফল দেখি রাজা নখে বিদারিল।"—মহা-আদি, কাশী।

খুঁত ধরা—ক্রি, ছল ধরা ; দোষ দেখান। **খুঁত কাড়া**—ক্রি, খুঁত ধরা ; দোষ বাহির করা।

খুঁতখুঁত, খুঁৎখুঁৎ (খুঁৎখুঁৎ) [ক্ষুণ্ন শব্দজ] বি, খপ্‌খপানি ; অসন্তোষ প্রকাশ ; অনিচ্ছা প্রকাশ। **খুঁৎখুঁৎ করা**—ক্রি মনে তৃপ্তি বা শান্তি না পাওয়া ; সন্তুষ্ট না হওয়া ; অসন্তোষ প্রকাশ করা। বিণ, **খুঁতখুঁতে**—অসন্তুষ্ট ; অতৃপ্ত। ২। সন্দিগ্ধ।

খুঁতমুত (খুঁৎমুৎ) বি, খুঁৎখুঁৎ ; অসন্তোষ প্রকাশ। **খুঁতমুত করা**—ক্রি, অসন্তোষ প্রকাশ করা ; কোন কিছু পছন্দ করিতে ইতস্ততঃ করা ; মনে না ধরায় বা মন না উঠায় বিরক্তি ও অতৃপ্তি প্রকাশ করা। বি, **খুঁতমুতুনি**। বিণ, **খুঁতমুতিয়া, খুঁমুতে**—যাহার কিছুতে সহজে মনে ধরে না বা মন উঠে না ; যে কোন কিছু পছন্দ করিতে ইতস্ততঃ করে।

খুঁয়া, খুঞা [প্রাদে] বি, মোটা ছোট কাপড়। প্র—"শিরে দিতে নাহি আঁটে খুঁয়ার বসন॥" —কবিক।

খুঁয়েতাঁতি— বি, যাহারা হাতে কাটা মোটা সূতার বস্ত্র বয়ন করে ; জোলা। প্র—"অযোগ্য হইয়া কেন বাড়াও উৎপাত। খুঁয়ে তাঁতি হয়ে দেহ তসরেতে হাত।"—অন্নদামঙ্গল।

খুক (খুক্) [খুক অপেক্ষা উচ্চ শব্দ 'খক'] বি, অনুচ্চ কাশির শব্দ।

খুকখুক (ক্,ক্) বি, ক্রমাগত অনুচ্চ শব্দে কাশি ; শিশু ও দুর্ব্বল ব্যক্তির কাশির শব্দ। গলা চাপিয়া আস্তে আস্তে কাশির শব্দ।

খুকখুকুনি (ক্) বি, খুকখুক শব্দকরণ। ২। ক্ষীণ শব্দে কাশিতে থাকার কার্য্য বা অবস্থা।

খুকি, খুকী [কুক্ষি শব্দজ] বি, দুগ্ধপোষ্যা বালিকা ; শিশু কন্যা। ২। মেয়ের আদরের নাম। প্র—বড় খুকী ; ছোট খুকী ; খুকীরাণী। ইত্যাদি।

খুঙ্গি, খুঙ্গী [সং—করঙ্গ। মঃ—খোঙ্গা] বেত বা বাঁশ নির্ম্মিত ক্ষুদ্র পেটিকা। প্র—নিরন্তর আছে সঙ্গী মসীপত্র পুঁথি খুঙ্গী" —কবিক।

খুঙ্গীপুঁথি—বি, পুঁথি রাখিবার খুঙ্গী এবং তাহাতে রক্ষিত পুঁথি। প্র—"মাথায় ধবল ছাতি, খুঙ্গি পুঁথি কাঁখে"—ঘনরাম।

খুচরা (চ্) [সং—ক্ষুদ্র হইতে] বিণ, ছোট ছোট ; অল্প ; ক্ষুদ্র ; অল্পসংখ্যা ; অল্প পরিমাণ।

খুচরা কাজ—ছোট ছোট কাজ ; অল্পে সমাধা হয় এরূপ কাজ। **খুচরা খরচ**—অল্প মূল্যের দ্রব্যক্রয়ে ব্যয়।

খুজন, খোঁজন (ন্) [হি—খোজ্‌না] বি, অন্বেষণ।

খুজরা [উ—খুজরা] বিণ্, সামান্য ; অল্প ; খুচরা।

খুজলি (জ্) [হি] বি, খোস ; চুলকনা ; পাঁচড়া।

খুঞা (খুঞা) [ক্ষুমা (রেশম) শব্দজ] বি, রেশম। (২) পাট। ২। রেশমজাত বস্ত্র ; ক্ষৌম বস্ত্র ; পট্টবস্ত্র ; দুকূল। প্র—"ছমাসের খুঞা খানি হৈল মোর গুড়া। লহনা প্রসাদ কৈল একখানি মুড়া॥"—কবিকঙ্কণ। ৩। মোটা বুননের ছোট কাপড়। প্র—"পরিবারে দিবা খুঞা উড়িতে খোসলা।"—কবিক। [খুঁয়া দ্রঃ]।

খুট্—বি, কাঠাদি কঠিন বস্তুর উপর কঠিন বস্তুর অতি মৃদু আঘাত শব্দ।

খুট-খাট (ট্, ট্) [খুট্+খাট্ (খুট্ অপেক্ষা উচ্চ) —ব্যাপ্তি অর্থে দ্বিত্ব] বি, একস্থানে খুট্, অন্যত্র খাট্ শব্দ হইবার ভাব। ধীরে ধীরে নড়াচড়ার শব্দ।

খুট-খুট (ট্, ট্) [খট্‌খট্ অপেক্ষা মৃদু "খিট্‌খিট্," তদপেক্ষাও মৃদু শব্দ—খুট্‌খুট্। পুনঃপুনঃ ঐ শব্দ হওয়া অর্থে দ্বিত্ব] বি, কাঠের উপর কোন কঠিন বস্তুর মৃদু আঘাত শব্দ ; ধীরে ধীরে দ্বারের শিকলের আঘাত শব্দ। কঠিন জমির উপর দিয়া চলিবার কালে পাদুকাঘাতের মৃদু শব্দ।

খুটুরখুটুর (র্) [খুটুর্+খুটুর (স্থান ও মৃদুপদক্ষেপে কালব্যাপকতা অর্থে দ্বিত্ব)] বি, চলিবার শব্দ ; শ্রান্ত পথিকের দীর্ঘ পথ চলিবার কালে চরণ যেন আর উঠে না এমন অবস্থায় ধীরে ধীরে গমনের মৃদু পদশব্দ বা অবলম্বন যষ্টির মৃদু আঘাত শব্দ। ২। ইন্দুর প্রভৃতি জন্তু কর্ত্তৃক বস্ত্র শস্য প্রভৃতি কাটিবার শব্দ।

খুটুসখুটুস (খুটুশ্ খুটুশ্) বি, খুটুর খুটুর অপেক্ষা লঘু শব্দ।

খুড়তুত (খুড়তুতো) [সং—খুল্লতাত] বিণ, খুল্লতাতজাত ; খুল্লতাতপুত্র সম্বন্ধে ; খুড়াত।

খুড়ন, খোড়ন (ন্) [খনন শব্দজ] বি, খনন।

খুড়া, খুড়ো [খুল্লতাত শব্দজ] বি, পিতৃব্য ; পিতার কনিষ্ঠ ভ্রাতা ; কাকা। প্র—"খুড়া খুড়া করে দণ্ডবৎ হয়ে কহিছে নারদ হাসি" —অ, ম। স্ত্রী, **খুড়ী**—পিতৃব্যপত্নী ; **হরির খুড়ো**—দূরসম্পর্কীয়। ২। যাহার সহিত কোন সম্বন্ধ নাই। প্র—মন তুমি তার হরির খুড়ো"—রসিক চক্রবর্ত্তী (বাংগান)।

খুদ (দ্) [ক্ষোদ (ক্ষুদ্র=চূর্ণ করা) শব্দজ] বি. তণ্ডুলের কণা ; চাউলের ক্ষুদ্রাংশ। প্র—"ভিক্ষা মাগি খুদ কণা যা পান ঠাকুর।" —অ. ম।

খুদকস্তা (খুদকস্‌তা) [ফা—খুদকাশ্‌ত্] বিণ. বসত গ্রামের জমি চাষকারী (রাইয়ত)

খুদকুঁড়া (দ্) [খুদ (তণ্ডুলকণা) কুঁড়া (তুঁষের ক্ষুদ্র অংশ)] বি. তণ্ডুলকণাতে মিশ্রিত তুষের ক্ষুদ্র অংশ। প্র—"গুমান হইল গুঁড়া না মিলিল খুদ কুঁড়া।"—অ. ম।

খুদমাগা (দ্) [প্রাদে] বি. পুনর্ব্বিবাহে স্ত্রী-আচরিত অনুষ্ঠানবিশেষ। প্র—"খুদমাগা কাদা খেঁড় নারিনু রচিতে।"—ভারতচন্দ্র।

খুদা, খোদা [হি—খোদ্‌না] ক্রি. খনন করা। ২। উৎকীর্ণ করা। ৩। বি. উৎকৃতি। ৪। বিণ. উৎকীর্ণ।

খুদ্দ [প্রা-বাং। ক্ষুদ্র শব্দের অপভ্রংশ] বিণ. ক্ষুদ্র। প্র—"খুদ্দ হুতুরাজ বুলেন ভজনা বাঁকই। মুলা মুক্তাহার পরভু বুনেন একুঠাই॥" —শূন্যপুরাণ।

খুধা [সং—ক্ষুধা শব্দের অপভ্রংশ। প্রা-বাং] বি. ক্ষুধা। প্র—"খুধায় তৃসায় পক্কর দহেস্ত কলেবর। উল্লুক বলেণ্ড পরভুর সহিতে নারি ভর॥" —শূন্যপুরাণ।

খুন, খূন (ন্) [আ—খূন্] বি. রক্ত। ২। হত্যা। ৩। বিণ. আকুল। প্র—"শুনিয়া গোবু ভাবিয়া হল খুন।"—রবি। ক্রি. খুন্ করা।

খুনখারাপি, খুনখারাব, খুনখারাবী (ন্) [ফা—খূন খরাবী] বি. হত্যাকাণ্ড। ২। রক্তপাত ; রক্তারক্তি। প্র—"একটা খুনখারাপি হত একটা খুনখারাপি হত।" —দ্বিজেন্দ্র রায়। ৩। গাঢ় লাল রং।

খুনখুনি, নী (খুনোখুনি) **খুনাখুনি** [ফা—খূন্] বি. রক্তারক্তি : কাটাকাটি ; হত্যাকাণ্ড। ২। তুমুল ঝগড়া ও মারামারি। প্র—"ধূলাখেলা ঢেলাবৃষ্টি, মেলিলে না রহে দৃষ্টি, দুই দলে খুনাখুনি পড়ে।"—কবিক।

খুনশী (খুন্‌শি) [ফা—খূন+সী (সাদৃশ্যার্থে) শব্দজ] বি. খুনসড়ি ; কলহ। প্র—"বপশী আমার পতি সদাই খুনশী।"—অ. ম।

খুনসড়ি, খুনসুড়ি (খুন্‌শোড়ি, শুড়ি) বি. বিবাদ বিসম্বাদ ; ঝগড়া।

খুনিয়া—ক্রি. খনন করিয়া ; খুঁড়িয়া। প্র—"দস্তেতে খুনিয়া মাটি বান্ধে লৈয়া ফেলে।" —কাশী-মহা-আদি।

খুনী, খুনীয়া, খুনে [ফা—খূন শব্দজ] বিণ. যে খুন করে ; হত্যাকারী ; প্রাণহন্তা ; ঘাতক। ২। লাঠিয়াল ; দাঙ্গাবাজ। ৩। অতিশয় নিষ্ঠুর।

খুন্তি, খুন্তী (খুন্‌তি) খননাস্ত্র ; খনিত্র। ২। রন্ধন কার্য্যে ব্যবহৃত ছোট খন্তা।

খুপরী (প্) বি. খুবরী দ্রঃ।

খুপী [ক্ষুপ+ঈ. সাদৃশ্যে] বিণ. খোপের মত।

খুব (ব্) [ফা—খূব্] ক্রি-বিণ. উত্তম ; বেশ। ২। প্রশংসার্হ। ৩। [ব্যঙ্গার্থে] নিন্দার্হ। ৪। বিণ. অত্যন্ত। **খুব করা**—বেশ করা দ্রঃ।

খুবরি, খুবরী (খুব্‌রি) [ক্ষুপ শব্দজ। খোবর অপেক্ষা ক্ষুদ্র : খোবর দ্রঃ] ক্ষুদ্র গৃহ ; কুটীর ; ঝুপড়ী। ২। দেওয়ালের ফাটল বা গর্ত্ত। ৩। [প্রাদে—ঢাকা. গ্রা] কুলুঙ্গি।

খুবসুরৎ (খুব্‌শুরৎ) [ফা—খূব্‌সূরৎ] বিণ. পরম সুন্দর ; পরমা সুন্দরী। ২। সুশ্রী। প্র—"শুনিলাম রূপনগরওয়ালী আরও খুবসুরৎ।"—রাজসিংহ (বঙ্কিম)। বি. খুবসুরতি।

খুবানি, খোবানি [ফা—খূবানী] বি. ফলবিশেষ : an apricot.

খুমখুমুনি (খুম্‌খুমুনি) বি. বিদ্বেষভাব ; আন্তরিক ক্রোধ।

খুমারি [প্রাদে] বি. ভর্ৎসনা। প্র—"সেবি স্বামী অন্ধ সদা করে দ্বন্দ্ব ভোজনকালে খুমারি" —ঘনরাম। ২। খোঁয়ারি ; নেশা কাটিবার পর অবসন্নতা বা অবসাদ।

খুয়ান (নো) [ক্ষয় শব্দজ। খুয়াইয়া, উ-পু—খুয়াই। ম-পু—খুয়াও। প্র-পু—খুয়ায়। অস-ক্রি, খুয়াইতে ; খুয়াইয়া ; খুইয়ে] ক্রি. ক্ষয় করা ; নষ্ট করা ; হারান বা হারাইয়া ফেলা। প্র—"হারালেম তোমায় হরি, আমি হায় কি তৃষায়। আমি খুয়ালেম অমূল্য নিধি, হায় কি খেলায়।"—রায় কালীপ্রসন্ন ঘোষ।

খুয়ার (র্) [খোয়ার দ্রঃ] বি. অপযশ ; নিন্দা।

খুর (র্) [খুর্ (ছেদন করা)+অ (করণে—অক্) যাহা দ্বারা চুল ছেদন করা হয়] বি. পুং. ক্ষৌরাস্ত্র। ২। অশ্বাদির পায়ের সর্ব্ব নিম্নভাগ। ৩। খাটের পায়া। ৪। নখী-নামক গন্ধদ্রব্য।

খুরখুর (খুর্‌খুর্) [খর্‌খর্ অপেক্ষা লঘু শব্দ] বি. ক্ষুদ্রাকার জীবজন্তুর শীঘ্র গমন-ভঙ্গিসহ ভূমিতে তাহাদের নখরস্পর্শ শব্দ। ছোট ছেলের লঘু পদক্ষেপে চলনভঙ্গি।

খুরটি (র্) [হি—খুরাঁটে=কুটিল, ঝানু] আখুটি ; দুষ্টামি।

খুরণস্, খুরণস (নশ্) [খুর (অশ্বাদির খুর। নস (তাহার ন্যায় নাসিকা যাহার) নাসিকা স্থানে নস্, নস] বিণ. যাহার চেপ্‌টা নাক ; খাঁদা।

খুরপা, খুরপো (র্) [খুরপ্র শব্দের অপভ্রংশ] বি. পুং. খুরপ্র ; খননাস্ত্র-বিশেষ।

খুরপি (র্) [খুরপা অপেক্ষা ক্ষুদ্র] বি. স্ত্রী. খুরপা দ্রঃ।

খুরপ্র [খুর—প্রথ্ (প্রোথিত করা)+অ (কর্ত্তৃ—ড)] বি. পুং. অর্দ্ধচন্দ্রাকৃতি বাণবিশেষ। ২। খুরপাস্ত্র।

খুরলি, খুরলী [খুরোলি ; চ—খুরুলি] বি. স্ত্রী. অস্ত্রপ্রয়োগ শিক্ষা ; সংগ্রামকৌশল শিক্ষা : বিপক্ষের আক্রমণ হইতে আত্মরক্ষা প্রভৃতি শিক্ষা ; ব্যায়াম। ৩। বংশীর অভ্যাস ; স্বরাভ্যাস : বংশীবাদনের অভ্যাস বা শিক্ষা এই অর্থে—'মুরলী খুরলী'। প্র—"ঈষৎ হসিত বয়ান-চন্দ তরুণী-নয়ন নয়ন-কন্দ বিম্ব-অধরে মুরলী খুরলী, ত্রিভুবন-মন-মোহিনী"—গোবিন্দদাস। ৪। দুষ্টামি ; রঙ্গ। প্র—"শির পর ছাঁদ অধর পর-মুরলী। চলয়িতে পন্থে কতই কর খুরলি॥"—গোবিন্দদাস।

খুরশী (র্) [ফা—কুর্‌সি] বি. কাষ্ঠাসনবিশেষ ; টুল।

খুরসানি (খুর্‌শানি) [প্রা-বাং। খুরঘর্ষণ হইতে] বি. খড়রা। ২। খুরাঘাত। প্র—"সতেক হাথ নেতে কৈল ঘোড়ার নিছনি। সরগ মরত পাতালেত লেগেছে খুরসানি।" —শূন্যপুরাণ।

খুরা [হি] বি. পায়া। প্র—"খাটের খুরা ধরিয়া সে বসিয়া পড়িল।"—গল্পগুচ্ছ (রবি)।

খুরাটি [খুর—মাটি সংক্ষেপে] বি. খুরাঘাত দ্বারা উত্থিত মাটি।

খুরালিক (ক্) [খুর+আলি+ক=খুরালিক] বি. পুং. নারাচাস্ত্র। ২। ক্ষৌরকারের খুরাধার। ৩। উপাধান ; বালিশ।

খুরি, খুরী [হি—খোরী] বি. কটোরা ; মাটির ছোট পাত্র। ২। কাঁসার ছোট বাটী। প্র—"কাঁসারী পাতিয়া শাল গড়ে ঝারী খুরী থাল ঘটী বাটী বড় হাঁড়ি সীপ।" —কবিক।

খুর্পা [খুরপ্র শব্দজ] বি. ক্ষুরপ্র দ্রঃ।

খুর্ম্মা [ফা] বি. গাছপাকা খর্জ্জুর।

খুলন (ন্) [হি—খোল্‌না] বি. মুক্তকরণ : বন্ধন মোচন। ২। শিথিল করণ। ৩। প্রসারণ।

খুলা, খোলা [হি—খুল্‌না. খোল্‌না। উ-পু—খুলি। ম-পু—খুল. খোল. খুলুন : খোল্। প্র-পু—খুলে, খোলে। অস-ক্রি—খুলিতে ; খুলিয়া. খুলে। ণিজন্ত—খুলান. খোলান] ক্রি, বন্ধন মোচন করা ; মুক্ত করা। ২। শিথিল করা।

খুলাসা (শা) খোলসা দ্রঃ।

খুলি, খুলী [খর্পর শব্দজ] বি. মাথার খুলি ; কপাল। প্র—মড়ার মাথার খুলি বিকাশিয়া দন্তগুলি।—প্রেম ও ফুল। ২। পাত্রবিশেষ। বৃহৎ কটাহ। ৩। মৃন্ময় কটাহ।

খুল্ল—বিণ, ছোট ; ক্ষুদ্র। ২। কনিষ্ঠ। প্র—খুল্লতাত ; খুল্ল পিতামহ। ৩। লঘু ; অল্প। ৪। নীচ। ৫। নখী নামক গন্ধদ্রব্য।

খুল্লতাত (খুল্‌লোতাত্) [খুল্ল (কনিষ্ঠ) যে তাত (পিতৃ-ভ্রাতা)—কর্ম্মধা] বি, পুং, পিতৃব্য ; খুড়া।

খুল্লনা (খুল্‌লোনা) বি, স্ত্রী, ধনপতি বণিকের পত্নী ; লক্ষপতি বণিকের কন্যা। রত্নমালা-নাম্নী অপ্সরা দুর্গার অভিশাপে মানবজন্মগ্রহণ করিয়া খুল্লনা নামে অভিহিতা হন। শ্রীমন্ত ইঁহার পুত্র।

খুল্লম (খুল্‌লোম্) বি, পুং, বর্ত্ম ; পথ।

খুশ (শ্) [ফা—খুশ্] বিণ, আনন্দজনক ; প্রীতিকর।

খুশকী (শ্) [ফা—খুশকী] বিণ, পায়ে হাঁটা ; চলা ; পয়দল। ২। স্থলপথ। ৩। মরা মাস ; শুষ্ক চর্ম্ম।

খুশখত (শ্) [ফা—খুশখৎ] বি, পরিপাটী হস্তাক্ষর ; সুন্দর লিপি। ২। আনন্দের চিঠি।

খুশখবর (খুশ্‌খবর্) [ফা—খুশ্‌খবর্] বি, সুসংবাদ ; খোশখবর।

খুশ-খোরাক, খোশ-খোরাক (খুশ্-খোরাক্) [ফা—খুশ্‌খোরাক্] বি, উপাদেয় আহার্য্য। ২। অল্পাহার। বিণ, **খুশ-খোরাকী।**

খুশগল্প, খোশগল্প (খুশ্‌গলপ) [ফা—খুশ্ +হি—গপ্] বি, আমোদজনক কথাবার্ত্তা ; মজার কাহিনী।

খুশনবীস (খুশ্‌নোবিশ) [ফা—খুশ্‌নবীস্] বিণ, যাহার হস্তাক্ষর অতি সুন্দর ; সুলেখক ; উৎকৃষ্ট লিপিকর।

খুশনমা (খুশনোমা) [ফা—খুশ্‌নমা] বিণ, সুন্দর। ২। পরিপাটী।

খুশনাম, খোশনাম (শ্, ম্) [ফা—খুশ্‌নাম্] বি, সুনাম ; খ্যাতি।

খুশনামী, খোশনামী (শ্) [ফা—খুশ্-নামী] বি, সুখ্যাতি ; প্রসিদ্ধি।

খুশমিজাজ, খোশমেজাজ (শ্, জ্)[ফা—খুশ্‌মিজাজ্] বিণ, প্রফুল্লচিত্ত। ২। সুখী।

খুশামদ, খোশামোদ (খোশামোদ্) [ফা—খুশ্‌আমদ্] বি, তোষামোদ ; চাটুবৃত্তি। বিণ, খুশামুদিয়া ; খুশামুদে ; খোসামুদে।

খুশী, খুসি, খুসী [ফা—খুশী] বি, আনন্দ ; আমোদ ; প্রীতি। প্র—"তার হাসি হাসি মুখশশী, খুসি ফোটে চেহারায়"
—বিহারীলাল চক্রবর্ত্তী।
২। ইচ্ছা। ৩। সন্তোষ। ৪। বিণ, আনন্দিত ; প্রীত। **হাসিখুসি**—আমোদ-আহ্লাদ। প্র—"রাত পোহাল, প্রভাত হল, ফুরিয়ে গেল হাসিখুসি।" —বাং-গান।

খুষ্ক (খুষকো) [ফা—খুশ্‌ক্] বিণ, শুষ্ক।

খুষ্কী (খুশ্‌কি) [ফা—খুশ্‌কী] বি, শুষ্কতা। ২। মরামাস। ৩। শুষ্কপথ ; স্থলপথ ; ডাঙ্গাপথ।

খুস্ (খুশ্) ক্রি-বিণ, ত্বরায় ; অবিলম্বে। প্র—"সে তথা হইতে খুস্ করিয়া সরিয়া পড়িল।

খুসা (খুশা) ক্রি, কাঁড়া ; কাঁড়িয়া শস্য হইতে ভুষি, তুঁষ বা খোসা বাহির করিয়া ফেলা ; ছাঁটা।

খুসি, খুসী—খুশী দ্রঃ।

খুস্থুর মুস্থুর (খুশুরমুশুর্) [শব্দাত্মক] বি, অব্যক্ত শব্দ ; শুষ্ক পত্র ; বস্ত্র প্রভৃতির ঘর্ষণ শব্দ। ২। ক্রি-বিণ, ঐরূপ শব্দ করিতে করিতে গোপনে ও সন্তর্পণে চলা-ফেরা। প্র—"কলাবনে চাঁদবেনে খুস্থুর-মুস্থুর নড়ে" —মনসামঙ্গল।

খৃষ্ট (খৃষ্ ট) [ইং—Christ শব্দজ] বি, যীশুখৃষ্ট ; খৃষ্টান ধর্ম্মের প্রবর্ত্তক।

খৃষ্টান (খৃষ্‌টান্) [ইং—Christian] বিণ, খৃষ্টধর্ম্মসম্বন্ধীয়। ২। বি, খৃষ্টধর্ম্মাবলম্বী। প্র—"আমি দেখি ঈশ্বরের নিজহস্তে লিখা, জীবন্ত ও বাইবেল খৃষ্টান বালিকা।"—ফুলরেণু।

খৃষ্টানী [ইং—Christianity শব্দজ] বি, খৃষ্টধর্ম্ম ; খৃষ্টধর্ম্মাবলম্বীদিগের আচরণ। প্র—"খৃষ্টানি হবে মাটি" —রবি।

খৃষ্টাব্দ (খৃষটাব্‌দ) বি, যীশুখৃষ্টের জন্মদিন হইতে যে অব্দ গণনা করা হয়।

খৃষ্টীয় (খৃষটিও) বিণ, খৃষ্টধর্ম্মসম্বন্ধীয়।

খেঁ—বি, সূতার সূক্ষ্ম বা সরু পাক।

খেই—বি, সূতার অগ্রভাগ। প্র—সূতার খেই হারান। ২। প্রসঙ্গ ; সূত্র। প্র—গল্পের খেই হারান। ৩। সন্ধান।

খেউড় (ড়) বি, অশ্লীল গ্রাম্য গীত বা পদ্য। ২। অকথ্য গালিগালাজ।

খেউরি [ক্ষৌর শব্দজ] বি, ক্ষৌরকর্ম্ম।

খেঁক (খ্যাঁক্) বি, শৃগাল কুক্কুরাদির ডাক। ২। কর্কশ শব্দে তাড়না।

খেঁকখেকানি (খ্যাঁক্‌খ্যাকানি) বি, পরস্পর কলহকারী শৃগাল কুক্কুরাদির গলশব্দ বা তাড়নার শব্দ।

খেঁকমেক (খ্যাঁক্‌ম্যাক্) বি, কর্কশ স্বরে তীব্র অসন্তোষ প্রকাশ ; ক্রোধ প্রকাশ।

খেঁকশিয়াল (খ্যাঁক্‌শিয়াল্) বি, শৃগাল-বিশেষ। স্ত্রী, **খেঁকশিয়ালী।**

খেঁকান (খ্যাঁকানো) [শব্দাত্মক] ক্রি, খ্যাঁক্ খ্যাঁক্ এইরূপ শব্দ করা। ২। কর্কশ-স্বরে ও কঠোর বচনে তিরস্কার বা তাড়না করা। বি, **খেঁকানি।**

খেঁকারি (খ্যাঁকারি) [খাঁকার দ্রঃ] বি কণ্ঠ পরিষ্কারকরণ শব্দ। ২। সতর্ককরণ মানসে বা সাড়া দিবার জন্য অনেকটা কাশির মত গলশব্দকরণ। এই অর্থে "গলা খাঁকারি" শব্দ ব্যবহৃত হয়। প্র—গলা খেঁকারি দিয়া লোকটী বাড়ীর ভিতরে প্রবেশ করিল।

খেঁকি, খেঁকী (খেঁ্কি) [খেঁক+ই, ই (কারী)—যে খেঁক করে] বিণ, রাগী ; কোপনস্বভাব ; রগচটা।

খেঁচকা (খ্যাঁচ্‌কা) [হি—খিচ্‌কা, বাধা, পশ্চাতে টান] বি, টান ; আকর্ষণ। ২। সদাসর্ব্বদা বিরক্তিকর প্রার্থনা ; যখন-তখন অনুরোধ ; ক্রমাগত বিরক্তিজনক তাগাদা। ৩। বিঘ্ন।

খেঁচকান (খ্যাঁচ্‌কানো) [হি—খিচ্‌কানা] ক্রি, অনবরত বিরক্তিকর অনুরোধ বা প্রার্থনা করা ; কোন কিছুর জন্য অনবরত জেদ করত ব্যতিব্যস্ত করিয়া তুলা ; বিরক্তিকর তাগাদা করা। বি, **খেঁচ্‌কানি।**

খেঁচড়া (খ্যাঁচ্‌ড়া) [প্রাদে] বিণ, দুষ্ট ; অশিষ্ট। **আধাখেঁচড়া**—অসম্পূর্ণ।

খেঁচনি, খিচনি (চো) বিণ, খচিত ; জড়িত। প্র—"তঁহি দিব্য অলঙ্কার রত্নে খেঁচনি।" —চৈতন্যভাগবত।
২। [হি—খীচনা] বি, খেঁচন। হস্তপদাদি অঙ্গপ্রত্যঙ্গের আক্ষেপ। ক্রি, **খেঁচা** (খ্যাঁচা)।

খেঁচা (খ্যাঁচা) [হি—খিচ্‌না] বি, আকর্ষণ ও বিকর্ষণ করা ; অঙ্গের আক্ষেপ ও বিক্ষেপ করা। বি, **খেঁচুনি**—হাত পা খেঁচা রোগ ; আক্ষেপ ; convulsion. ২। টান ; আকর্ষণ।

খেঁচাখেঁচি (খ্যাঁচাখেঁচি) [খীচনা] বি, টানাটানি। ২। মনকষাকষি ; মনোমালিন্য। ৩। বকাবকি ; কলহ।

খেঁটে [খাট কাট] বি, মোটা ছোট লাঠি।

খেঁড়, ড়ো (ড়ো) বি, কাঁকুড় জাতীয় ফল-বিশেষ। ২। বহুদিন প্রসূতা গাভীর গাঢ় দুধ।

খেঁড়ু [খেড়ো, খেউড়, খেঁউরও বলে। সং—ক্ষেড়=কর্ণপীড়াকর ধ্বনি] বি, ইতর কবিতা ; কবিগান ; খেউড়। ২। বিণ, যাহারা খেউড় গান করে। প্র—
"নদে শান্তিপুর হৈতে খেঁড়ু আনাইব।
নূতন নূতন ঠাটে খেঁড়ু শুনাইব।"—বি, সু।

খেঁতখেঁত (খ্যাঁৎখ্যাঁৎ) [খুঁৎখুঁৎ দ্রঃ] বি, শিশুদিগের অসুখ হইলে বা তাহাদের মন অপ্রফুল্ল থাকিলে সামান্য কারণে অল্প অল্প ক্রন্দনারম্ভ করে তাহার শব্দ। ক্রি, **খেঁত-খেঁতান** (খ্যাঁৎখ্যাতানো) খেঁৎখেঁৎ করা ;

ঐরূপ শব্দে ক্রন্দন করা। বি, খেঁতখেঁতানি (খ্যাংখ্যাতানি)।

খেকো [গ্রা—খেও, খেও] বিণ, যাহা খাওয়া হইয়াছে। প্র—ইঁদুরে খেকো। ২। যে খায়। প্র—"চরে খেকো দোয়া গরু এমন কোথাও পাবে নাকো" —ঈশ্বর গুপ্ত। স্ত্রী, খাকী, খাগী।

খে-ঘাট—খেয়াঘাট দ্রঃ।

খেঙরা, খেঙ্গরা, খেংরা (খ্যাংরা) [খিল্ম ?] বি, সম্মার্জ্জনী। প্র—'ঘরে শুতে এলে এবার খেঙ্গরা দেব ঠুকে'—হেম বন্দ্যো।

খেঙরান (খ্যাংরানো) ক্রি, সম্মার্জ্জনী প্রহার করা। **খেঙরা দেওয়া**—(গ্রা) ঝাড়ু দেওয়া; ঝাঁট দেওয়া; সম্মার্জ্জনীদ্বারা পরিষ্কার করা। **খেঙরাইয়া বা খেংরে দেওয়া**—(গ্রা) খেঙরার দ্বারা প্রহার করা; ঝাঁটা পেটা করা।

খেচর (র্) [খচর দ্রঃ। খে (আকাশে)—চর্ (যে গমন করে)+অ (কর্ত্তৃ—ট) যে আকাশে গমন করে] বিণ, বিমানচারী; আকাশগামী। ২। বি, পুং, পক্ষী। ৩। দেবযোনি। ৪। সূর্য্যচন্দ্রাদি গ্রহগণ। ৫। শিব। ৬। পারদ। স্ত্রী, খেচরী—তন্ত্রোক্ত মুদ্রাবিশেষ। ২। খিচুরী; খেচরান্ন।

খেচাখেচি (খ্যাচাখেচি) বি, বকাবকি; কলহ।

খেচামেচি (খ্যাচামেচি) [খচমচ দ্রঃ] বি, চেঁচামেচি; বকাবকি; চীৎকার; গোলমাল; গণ্ডগোল।

খেচি [প্রাদে] বি, নৌকার জল ফেলিবার পাত্র।

খেজাড়ি, খাজাড়ী—বি, মুড়ি। প্র—"প্রভাতে খেজাড়ি মাঙ্গে কার্ত্তিক গণাই" —কবিক।

খেজুর (র্) [সং—খর্জ্জুর] বি, প্রসিদ্ধ ফল-গাছ; the date palm. ২। খর্জ্জুর ফল; the date. **কলসী খেজুর**—কলসীতে পুরিয়া রপ্তানি করায় এই নাম। উৎকৃষ্ট জাতীয় খর্জ্জুর। **পিণ্ডখেজুর**—পিণ্ডাকারে প্রেরিত বিদেশী খর্জ্জুর। **খেজুরগুড়, খেজুরেগুড়**—খেজুর রসে প্রস্তুত গুড়। **খেজুরছড়ি**—ধান্যবিশেষ। প্র—"লতামৌ মৌকলস আর খেজুরছড়ি, পর্ব্বত-জিরা গন্ধতুলসী আর দলাগুড়ি।" —শূন্যপুরাণ। ২। খেজুর পাতার মত রেখাযুক্ত রঙ্গকরা সাড়ী। **খেজুরথুপী**—ধান্যবিশেষ। প্র—"খেজুর-থুপী খয়েরশালি ক্ষেম গঙ্গাজল।"—শিবায়ন। **খেজুরমেথি**—খেজুরগাছের মাথার কোমল শস্য। **খেজুররস**—খেজুর গাছের রস যাহা জ্বাল দিয়া গুড় হয়।

খেট (ট্) [খে (আকাশে, শূন্যে)+অট (ভ্রমণকারী)—যে আকাশে ভ্রমণ করে] বি, সূর্য্য চন্দ্রাদি গ্রহ নক্ষত্র। ২। ঢাল। ৩। পল্লীগ্রাম। ৪। ঘোটক। ৫। মৃগয়া। ৬। তৃণ। ৭। অধম; নীচ। [আধু-বাং—অপ্র]।

খেট, খেঁট (খ্যাট্, খ্যাঁট্) [খিট্ (ভোজন করা)+অল্ (ভাবে)] বি, ভোজন; ভোজ।

খেটক (ক্) [খেট্ (ত্রাসিত করা)+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, ঢাল; ফলক; দণ্ড; মুদ্গর। প্র—"পাশাঙ্কুশ ঘণ্টা খেটক শরাসন। বাম পাঁচ করে শোভে পাঁচ প্রহরণ॥"—কবিক। "বারাহী খেটক ধরা আইলা দেবী চন্দ্রচূড়া চঞ্চলাস্যা মুষলধারিণী॥"—কবিক। ২। বলরামের মুদ্গর। ৩। পল্লীগ্রাম; পাড়াগাঁ।

খেটী [খেট (ক্রীড়া, কামক্রীড়া)+ইন্ (অস্ত্যর্থে)=খেটিন্ ১মা, ১ব] বি, পুং, কামুক; লম্পট। [প্র, অ]।

খেটে, খেঁটে [খর্ব্ব শব্দজ খাট হইতে] বি, ক্ষুদ্রাকার স্থূল যষ্টি; মোটা ছোট লাঠি; ছোট মুদ্গর। **বেঁটে খেঁটে**—[বেঁটে (বামন)—খেঁটে (খর্ব্ব, খাট)] বিণ, ছোটখাট; খর্ব্বাকৃতি।

খেটে [খাটিয়া শব্দের গ্রাম্য উচ্চারণ। হি—খাট্‌লা। (অসমাপিকা) পরিশ্রম করিয়া; মেহনত করিয়া। প্র—"কোমর বাঁধিয়া এঁটে সারাদিন খেটে খুটে মধু আসি লও লুটে" —পদ্যপাঠ, ১ম ভাগ। ২। কর্ম্মে নিযুক্ত হইয়া। ৩। কর্ম্ম করিয়া। প্র—"সারাটা দিন খেটে খেটে করছে কেমন গা, একটু খানি না জিরুলে আর ত বাঁচি না।"—শিশুপাঠ্য গ্রন্থাবলী। **খেটেখুটে**—কাজকর্ম্ম সম্পাদনজনিত পরিশ্রমের পর। ২। দৈহিক পরিশ্রমের পর। ৩। মেহনত করিয়া; শারীরিক পরিশ্রম দ্বারা।

খেটেল (ল্) বি, শ্রমিক; মজুর। ২। সামান্য ভৃত্য। প্র—"কখন খেটেল কখন কাঁড়ারী, কখন খেটেল কখন ভাঁড়ারী।"—অ, ম।

খেড় (খ্যাড়্) [প্রা-বাং। আধু-প্রাদে। খড় দ্রঃ] বি, খড়। প্র—"রূপার খেড় মন্দির হইল তখন রূপার হৈল কপাট।"—শূন্যপুরাণ।

খেত (ত্) [গ্রা। ক্ষেত্র হইতে] বি, ক্ষেত্র; চাষের জমী।

খেতরী, খেতুরী—বি, রামপুর বোয়ালিয়ার ছয় ক্রোশ দূরে গড়ের হাট পরগণায় খেতরী গ্রাম অবস্থিত। সাড়ে তিন শত বৎসর পূর্ব্বে ইহা একটী ক্ষুদ্র রাজ্যের রাজধানী ছিল। ১৪৫৩-৪ শকে এখানে স্থানীয় জমীদার রাজা কৃষ্ণানন্দ দত্তের নারায়ণী নাম্নী স্ত্রীর গর্ভে নরোত্তম ঠাকুর জন্মগ্রহণ করেন। এই খেতরীতে নরোত্তম ঠাকুর বিগ্রহ স্থাপনোদ্দেশ্যে দেশের যাবতীয় চৈতন্যভক্তকে নিমন্ত্রণ করিয়া একত্র করিয়াছিলেন। ইহাই খেতরীর প্রসিদ্ধ মেলা বা মহোৎসব। বৈষ্ণব সাহিত্যে ও ইতিহাসে খেতরীর মেলা বিশিষ্ট স্থান অধিকার করিয়াছে।

খেতাব (ব্) [আ—খেতাব্] বি, নাম; উপাধি। প্র—"বড় সাপ্‌টাদের সাত কলে খেতাব সি, এস, আই"—হেম বন্দ্যো। "মহাবদ জঙ্গে দিলা "পাতসা খেতাব"—অ, ম।

খেত্রী (খেত্‌ত্রি) [ক্ষত্রিয় হইতে] বি, পশ্চিমের ক্ষত্রিয়াখ্য হিন্দু জাতিবিশেষ; ছেত্রী।

খেদ (দ্) [খিদ্ (শোক করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, আক্ষেপ; দুঃখ। প্র—"এখন আমার আর কোন খেদ নাই ম'লে।" —সারদামঙ্গল। ২। শোক। ৩। শ্রম। ৪। ক্লান্তি; অবসন্নতা।

খেদা—বি, বন্য হস্তী ধরিবার স্থান। প্র—"দশ দশ যোজন চৌদিকে হৈল খেদা।" ২। তাড়া। প্র—"উজীর হলো রায়জাদা, বেপারিরে দেয় খেদা, ব্রাহ্মণ বৈষ্ণবের হল অরি।" —কবিক। **খেদা করা**—হাতী ধরিবার কল পাতা ও হাতী ধরা। প্র—"ভোলানাথ চাকলাদার ভাওয়ালের জঙ্গলে একবার খেদা করিয়াছিলেন। সে খেদার চিহ্ন অদ্যাপি বর্ত্তমান আছে। এখন গবর্ণমেন্ট খেদা করিয়া থাকেন।"—ময়মনসিংহের বিবরণ।

খেদাড়ান (খ্যাদাড়ানো) [খেদিত দ্রঃ] ক্রি, তাড়াইয়া দেওয়া। ২। তাড়াকরা। প্র—"অসুর সম্বর তার নামে আমি হারি। খেদাড়িয়া দেবগণে নিল স্বর্গপুরী॥"—কৃত্তিবাস। "মহাক্রোধে কেহ নাহি যায় খেদাড়িয়া"—চৈতন্য ভাগবত।

খেদাড়িআ [প্রা-বাং] অস-ক্রি, তাড়াইয়া; তাড়া করিয়া। প্র—"জনমিআ মণ্ডুক জলে লাফা লাফি জাএ। অনন্ত বাসুকি তারে খেদাড়িআ খাএ॥"—শূন্যপুরাণ।

খেদান (খ্যাদানো) [সং—খিদ্ (উপতপ্তীভাবে দৈন্যে) ধাতু হইতে] দূর করিয়া দেওয়া; তাড়াইয়া দেওয়া। প্র—"কটকে মুরসিদকুলি খাঁ নবাব ছিল। তারে গিয়া আলিবর্দ্দি খেদাইয়া দিল।"—অ, ম। ২। কাটিয়া তুলা। প্র—"মাটী খেদাইয়া খাল বানাইয়া উপরে দেওল চাপ"—চণ্ডীদাস। ৩। বিণ, বিতাড়িত; দূরীকৃত। প্র—"মায়ে খেদান বাপে তাড়ান"।

খেদিত (তো) [খিদ্ (শোক করা)+ণিচ্ =খেদি+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, দুঃখিত; খিন্ন। প্র—"তাহাতে নহি খেদিত, শুন ওহে ব্রজনাথ, ও বংশীর যে গুণ কত, বিশেষে শুনাও"—বাংগান (হরু ঠাকুর)।

খেদি [খেদিয়া সংক্ষেপে পদ্যে। খেদান দ্রঃ] অস-ক্রি, তাড়াইয়া। প্র—"লুকাইলে খেদি

খুঁজি ধরে সব ঠাঁই বুড়ীকে না ছুঁলে কার পরিত্রাণ নাই॥"—শিবায়ন।

খেদে (খ্যাদে) ক্রি, তাড়ায়; দূর করে; অপসারিত করে। প্র—"অন্ধকার খেদে"—ধ. ম (ঘনরাম)। ২। আক্রমণ করে। প্র—"দন্ত করি লম্ফ মারি খেদে লাউসেনে"—ঘনরাম। ৩। [খেদে] ক্রি-বিণ, দুঃখে; আক্ষেপে। প্র—"বিচ্ছেদে মনের খেদে, ঘুরি দিবা যামিনী॥"—বিষাদ (গিরিশ)।

খেন (খ্যান্) [ক্ষণ শব্দজ] বি, মুহূর্ত্ত। প্র—"খেনে খেনে ধূলায় লুঠায় ভগবতী"—কবিক।

খেপ (প্) [সংক্ষেপ শব্দের অপভ্রংশ] বি, বার; দফা।

খেপা (খ্যাপা) [সং—ক্ষিপ্ত; ক্ষেপা দ্রঃ] বিণ, ক্ষিপ্ত; পাগল; অস্থিরচিত্ত। ২। [স্নেহসূচক] পাগ্‌লা। (২) আবদারে। (৩) অবুঝ। প্র—খেপাছেলে। স্ত্রী, খেপী

খেপান (খ্যাপানো) [ক্ষিপ্ত শব্দজ] ক্রি, ক্ষিপ্ত করা; পাগল করা। ২। মাতান; মত্ত করা। ৩। রাগান। প্র—"বড় বউ তোমায় কে খেপিয়েছে"—জামাইবারিক (দীনবন্ধু)। ৪। (খ্যাপান্) বি, প্র—তাকে এমন খেপানটা খেপিয়েছে"।

খেপাম, মো (খ্যাপামো) বি, পাগলামি। প্র—"নরহরি পরাণ নিমাই এইরূপে গো খেপামো করিতে ভাল জানে"—নরহরি।

খেম (খ্যামো) [ক্ষমা শব্দজ] ক্রি, ক্ষমা কর; মার্জ্জনা কর। প্র—"চরণে ধরিয়া হরে কুমার মিনতি করে অপরাধ খেম মহাশয়।"—কবিক।

খেমরাঅ, (য়্) [প্রা-বাং] বি, ধান্য-বিশেষ। প্র—"পাঙ্গুসিআ ভাদ্দমুখি বুনেন খেমরাঅ। তুলন ধান বুনেন বিরিঞ্চি দুদুরাঅ॥"—শূন্যপুরাণ।

খেমচা (খ্যাম্‌চা) বি, বাদ্যযন্ত্রবিশেষ। ২। [খাম্‌চার উচ্চারণ ভেদ] একমুষ্টি পরিমাণ; খাব্‌লা।

খেমটা (খ্যাম্‌টা) বি, সঙ্গীতের তালবিশেষ; ছয় মাত্রার, মতান্তরে চারি মাত্রার তাল। যথা—

+	১	১
।	। ।	।

"ধাটে ধেঁ, না-তে নেঁ, তাটে ধেঁ, না ধেনেঁ" অথবা

+	১	०	১
।	।	।	।

"ধাগেধি, নাতিন্, নাক্‌ধি নাতিন্"। ২। ঐ তাল অনুযায়ী নৃত্য, খেম্‌টা নাচ। —ভারতকোষ।

খেমটী [খ্যামটা দ্রঃ] বি, নর্ত্তকী; খেমটা-ওয়ালী।

খেমা (খ্যামা) [প্রা। প্রা-বাং। সং—ক্ষমা শব্দের অপভ্রংশ] বি, ক্ষমা। প্র—"আমার বিসেস দোস খেমা কর মোরে সঙ্কটে তারিবে মোরে সমন দুস্করে॥"—শূন্যপুরাণ।

খেমী [প্রাদে। খুঙ্গী দ্রঃ] বি, খুঙ্গী; পেটিকা

খেয় (য়্) [খন্ (খনন করা)+য (কর্ম্মে) —ন লোপ] বি, স্ত্রী, বাটী নগর বা দুর্গের চতুর্দ্দিকে যে খাত করা যায়; গড়খাই। ২। [খেঅ] বিণ, যাহা খনন করা আবশ্যক বা উচিত; খননযোগ্য।

খেয়া [সং—ক্ষেপ হইতে] বি, নৌকাচালন; নৌকার পাড়ি। প্র—"আমায় নিয়ে যাবি কেরে বেলা শেষের শেষ খেয়ায়"—চয়নিকা। **খেয়া দেওয়া**—ক্রি, নৌকা পার করে দেওয়া। প্র-"সেই ঘাটে খেয়া দেয় ঈশ্বরী পাটুনী"—অ, ম। **খেয়াঘাট**—নৌকায় পার হইবার ঘাট।

খেয়াতি [গ্রা। খ্যাতি শব্দ অপভ্রংশে। পদ্যে] বি, খ্যাতি: প্রসিদ্ধি। প্র—"কলঙ্কিনী করি খেয়াতি হৈয়াছে। আর কি কাহারে ডর।" —জ্ঞানদাস।

খেয়ান (খেআনো) ক্রি, নৌকা করিয়া পার করা। ২। ভাসান; ভাসাইয়া দেওয়া। প্র—"খেয়াব তনুর তরী প্রবাস-সাগরে।"—ভারতচন্দ্র।

খেয়ানৎ [খিয়ানৎ দ্রঃ) বি, ক্ষতি।

খেয়াল (ল্) [আ—খেয়াল্ (মন, মনো-যোগ)] বি, কল্পনা। ২। বিদ্যা। ৩। সুলতান হোসেনী কর্ত্তৃক প্রচারিত একরূপ সঙ্গীত। ইহাতে অস্থায়ী ও অন্তরা এই দুই তুক্ সর্ব্বদা থাকে। খেয়াল নানা প্রকার।—ভারতকোষ। ৪। জ্ঞান। ৫। চিন্তা। ৬। অনুমান। ৭। স্বপ্ন। ৮। প্রলাপ। ৯। নিজ স্বভাব; প্রিয়-উদ্দেশ্য বা মত। প্র—"ক্ষ্যাপা তুই আছিস আপন খেয়াল ধরে। * * * * * * মিছে তুই তারি লাগি আছিস্ জাগি না জানি কোন্ আশার জোরে।"—রবি। **খেয়াল দেখা**—স্বপ্ন দেখা। ২। প্রলাপ বকা।

খেরাজ (জ্) [আ—খিরাজ্] বি, রাজস্ব; কর; খাজনা। বিণ, খেরাজী। **খেরাজী জমী**—যে জমীর কর দিতে হয়। বিপরীত লাখেরাজ জমী।

খেরি [ব্রজ। হি—খেল্। (ল=র)] বি খেলা। প্র—"সহচরী সঞে যাহা কয়ল ফুল খেরি"—বিদ্যাপতি।

খেরো [হি—খেরুয়া] বি, লাল রঙে ছোপান মোটা সূতার কাপড়; খেরুয়া; ইহাতে প্রধানতঃ গদি বালিশ প্রভৃতির খোল তৈয়ার করা হয়।

খেল (ল্) [হি—খেল] বি, খেলা; ক্রীড়া; বাজী। ২। ক্রীড়াস্থল: ক্রীড়ার বস্তু; ক্রীড়নক। প্র—"সকল চিন্তার খেল তুমি যারে বাম। পদ্মালয়া পাদপদ্মে ভণে ঘনরাম।"—ধ, ম। ৩। [খেয়াল শব্দের অপভ্রংশ] খেয়াল; ধ্যান; জ্ঞান। প্র—"মড় মড় ভাঙ্গে হাড়, তবু খেল্ নাহি তার।"—কুসুম।

খেলই [ব্রজ] ক্রি, খেলা করে। প্র—"নাগর খেলই রাইক সঙ্গে।"—জ্ঞানদাস।

খেলকা (ল্) [উ] বি, অঙ্গাবরণবিশেষ।

খেলৎ [খেল্ (খেলা করে)+অৎ (কর্ত্তৃ, শতৃ)] বিণ, যে খেলিতেছে।

খেলত [ব্রজ। হিং—খেলল] ক্রি খেলা করিতে: খেলিতে। প্র—"খেলত না খেলত লোক দেখি লাজ।"—বি, প।

খেলন (খ্যালোন্) [খেল্ (খেলা করা)+অন (ট্) ভাবে] বি, ক্লী, ক্রীড়া; খেলা। প্র—"নব নব খেলন।"—বি, প। ২। কৌতুক; পরিহাস।

খেলনা (খ্যালনা) [হি—খেলোনা। খেল্+না—যাহা দ্বারা খেলা করে] বি, ক্রীড়নক; খেলিবার বস্তু।

খেলা (খ্যালা) [খেল (খেলা করা)+অ (ভাবে—অঙ্) আপ—স্ত্রী] বি, স্ত্রী, ক্রীড়া [খেলন দ্রঃ]। **খেলাধূলা**—ধূলা লইয়া খেলা। ২। অজ্ঞান শিশুর অকিঞ্চিৎকর পদার্থ লইয়া ক্রীড়া। প্র—বেদে দিলে চক্ষে ধূলা, ষড় দর্শনের সেই অন্ধগুলা, ওরে না চিনিল জ্যেষ্ঠা মূলা, খেলা ধূলা কে ভাঙ্গিলা।"—রামপ্রসাদ। **ছেলে খেলা**—শৈশবের ক্রীড়া। ২। লঘু বিষয় লইয়া ব্যাপৃত থাকা; অকিঞ্চিৎকর বিষয়ে আসক্তি।

খেলাঘর (খ্যালাঘর্) [খেলা (ক্রীড়া, মিথ্যা, কৃত্রিম)+ঘর (সংসার)] বি, কৃত্রিম সংসার; প্রকৃত সংসারের অনুকরণ করিয়া ক্রীড়া। **খেলাঘর পাতা**—সংসারে লোক যেরূপে জীবন যাত্রা নির্ব্বাহ করে তাহার অনুকরণে মানুষের পরিবর্ত্তে পুতুল ও বাসন কোসনের পরিবর্ত্তে ভাঁড়কুড় প্রভৃতি লইয়া নকল সংসার প্রতিষ্ঠা করা।

খেলাড়িয়া, খেলাড়, খেলাড়ে (খ্যা) [হি—খেলাড়ী, খেলাড়ি] বিণ, ক্রীড়ক; যে খেলা করে। ২। খেলাপ্রিয়।

খেলাত, খেলোয়াত (ত্) [আ—খেলাত্] বি, মুসলমান বাদশাহগণ কর্ত্তৃক প্রদত্ত সম্মানসূচক পরিচ্ছদ; robe of honour. প্র—"রাজাকে * * * খেলোয়াত দিয়া বিদায় করিলেন।"—দুর্গেশনন্দিনী।

খেলান (খ্যালানো) বি, খেলা করান; কাহার বা কোন কিছুর খেলা দেখান। প্র—সাপ খেলান। ২। স্বচ্ছন্দভাবে বিহার করা;

অবাধ গতিবিধি করা। ৩। কৌতুক দেখান ; রঙ্গ দেখান।

খেলানিয়া, খেলানে (খ্যা) বিণ. যে খেলা করে ; ক্রীড়ক। ২। খেলুড়ে ; খেলাপ্রিয়। স্ত্রী. **খেলানী**।

খেলাপ (প্) [আ—খেলাফ্, খিলাফ্] বিণ. প্রতিকূল ; বিপরীত। বি. **খেলাপি**—বৈপরীত্য ; অন্যথাচরণ।

খেলারি, খেলারী—বি. পুং. খেলনা-নির্ম্মাতা।

খেলি [প্রা-বাং—ব্রজ] ক্রি. খেলা। প্র—"আমার জীবন সঙ্গে করতহি খেলি।"—গোবিন্দদাস।

খেলুড়িয়া, খেলুড়ে—বি. খেলাপ্রিয় ২। খেলার সাথী ; ক্রীড়াসঙ্গী ; ক্রীড়াসহচর। স্ত্রী. **খেলুড়ী**।

খেলুনিয়া, খেলুনে—বি. খেলার সঙ্গী স্ত্রী—**খেলুনী**।

খেলুয়া, খেলো—বিণ. অনুত্তম ; নিরেশ ; খারাব ; মন্দ।

খেলোয়াড় (খ্যালোয়াড়্) [হি—খেলবাড়] বিণ. ক্রীড়াদক্ষ ; উৎকৃষ্ট ক্রীড়া প্রদর্শক। ২। চালাক ; কৌশলী। ৩। প্রবঞ্চক ; চাতুরীপূর্ণ। ৪। দুষ্ট ; কুচরিত্র।

খেশ (শ্) বি. গাত্রবস্ত্রবিশেষ।

খেসারৎ (শা) [আ—খিসারৎ] বি. হানি ; ক্ষতি। ২। ক্ষতিপূরণ। প্র—সে খেসারতের দাবী করিয়া নালিশ করিয়াছে।

খেসারতি (খেশারোতি) [আ] বিণ. ক্ষতিজনক ; হানিকর। ২। বি. ক্ষতিপূরণের মোকদ্দমা।

খেসারী (খ্যাশারি) [হি—খেসারী। সং—"খঞ্জকারী" হইতে, কারণ বৈদ্যকমতে ইহা দীর্ঘকাল অধিক সেবনে খঞ্জত্ব ও পঙ্গুত্বকারী। খোঁড়া করে বলিয়া বাং-য়, খোঁড় বা খুঁড়িয়ার ডাল] বি. তেওড়া কলায় ; ত্রিপুট ; খুঁড়ের ডাল, lathyrus sativus.

খৈ [খদিকা শব্দজ] বি. লাজ ; খই।

খৈরি—বি. দীর্ঘজঙ্ঘ ও কাদাখোঁচাজাতীয় পক্ষিবিশেষ, ইহারা নল, খাগড়া প্রভৃতির জঙ্গলে অধিক থাকে।

খৈল (ল্) [প্রাকৃ—খলী] বি. খলী ; তৈলমল। প্র—"ধুইয়া দিয়াছে চুল খৈল গিলা দিয়া।"—ফুল্লরেণু।

খো বি. খোয়া পাথর বা ইটের ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড। ২। [হি—খোআ] জমাট ক্ষীর ; খোয়া। ৩। মেছিতা ; মেচেতা। প্র—"দর্পণে নিহালি দেখ পড়িয়াছে খো।"—কবিক। ৪। আকমাড়া কলে রস বাহির করিয়া লওয়া আক।

খোঁচ (চ্) [সং—কণ্টক বা সূচী হইতে পূ-বঙ্গে কোঁচ। খচ্ দ্রঃ। হি—খোঁচ্] বি. কণ্টক ; সূচীবৎমুখ। ২। বেধনাস্ত্রবিশেষ।

খোঁচা [খোঁচ (দ্রঃ)+আ (অস্ত্যর্থে)] বি. সূক্ষ্মাগ্র দণ্ডের অগ্রভাগ দ্বারা আঘাত ; বংশ বা কাষ্ঠদণ্ড বা সূক্ষ্মমুখ যন্ত্র দ্বারা বিদ্ধকরণ। প্র—"কেউ মারে খোঁচা টেবিলের নীচে।"—দ্বিজেন্দ্র রায়। "মৌচাকের মধু মিষ্ট কি হৈত মৌমাছি খোঁচা যদি না রৈত।"—লীলাবতী (দীনবন্ধু)। ২। কীলক। ৩। বিঘ্ন। ৪। সন্দেহ। **খোঁচাখুঁচি**—বেধনাস্ত্র দ্বারা পরস্পর আঘাত। ২। চতুর্দ্দিকে খোঁচার প্রয়োগ। ৩। বিরক্ত করণ ; উত্ত্যক্ত করণ। ৪। প্রতিকূলাচরণ ; বিরুদ্ধাচরণ। ৫। কোন অপ্রিয় বিষয় লইয়া আলোচনা বা ঘাটাঘাটি। ক্রি. **খোঁচান** (নো)।

খোঁজ (জ্) [হি—খোজ। সং—খুজ্ (চৌর্য্যে) বা খজ্ (বিলোড়নে) ধাতুজ] বি. অন্বেষণ। ২। সন্ধান। ৩। খবর ; তত্ত্ব।

খোঁজন (ন্) [হি—খোজনা] বি. ঢুঁড়ন ; সন্ধান করন।

খোঁজা [খুঁজা দ্রঃ ণিজন্ত—খোঁজান] ক্রি. সন্ধান করা ; তল্লাস করা। **খোঁজাখুঁজি**—চতুর্দ্দিকে এবং ক্রমাগত অন্বেষণ। [ব্রজ] খোঁজব—খুঁজিব। প্র—"দশদিক খোঁজব।"—গোবিন্দদাস।

খোঁটা [খুঁটা দ্রঃ] বি. দোষ। প্র—"পাছে বল বুনিপোরে মাসী দেই খোঁটা।"—অ, ম। ২। গঞ্জনা ; লাঞ্ছনা। প্র—"খোঁটা খেয়ে অধোমুখে পতি তার চায়। এইরূপে গঞ্জনায় সারানিশি যায়॥"—হেম বন্দ্যো। ৩। কৃতকার্য্যের উল্লেখ করিয়া লজ্জাদান বা তিরস্কার। প্র—"বিনা নিমন্ত্রণে গেলে হবে মাথা কাটা। আমার প্রসঙ্গে সতী পাবে বড় খোঁটা॥"—কবিক। ৪। মেকি ; ভেজাল ; দোষযুক্ত। প্র—যটি টাকা দিয়াছিলে খোঁটা।"—অ, ম। ৫। স্তম্ভ ; গোঁজ। ৬। [তাহা হইতে] অবলম্বন। প্র—"ধৈর্য্য খোঁটা, ধর্ম্ম বেড়া।"—রামপ্রসাদ। ৭। কীলক। প্র—"জাঁতা ছাইআ তথা খোঁটা জে পুতিল। বিস কন্মাক হর অনুমতি দিল।"—শূন্যপুরাণ।

খোঁটা, খুঁটা [খনন হইতে খনা—খোঁড়া—খোঁটা। উ-পু—খুঁটি। ম-পু—খোঁট ; খুঁটুন ; খোঁট্। প্র-পু—খোঁটে ; খোঁটেন্। অস-ক্রি—খুঁটিতে ; খুঁটিয়া, খুঁটে। ণিজন্তে—খোঁটান] ক্রি. নখদ্বারা গর্ত্ত করা ; চিমটি কাটিয়া টানিয়া বাহির করা। ২। এক একটী করিয়া সংগ্রহ করা বা তুলিয়া লওয়া।

দাঁতখোঁটা—খড়কে দিয়া দাঁতের ফাঁক হইতে ভুক্তদ্রব্যের কণা বাহির করিয়া ফেলা।

খোঁট্টা (খোট্টা) বি. খোট্টা দ্রঃ।

খোঁট্টাই [খোট্টা+ই (আচরণার্থে)] বি. খোঁট্টার ব্যবহার। ২। খোঁট্টাদিগের ব্যবহৃত।

খোঁড় বি. (ড়্) খোঁয়াড় দ্রঃ।

খোঁড়ল (ল্) [হি—খওলা। তুল—ফা-খন্দক্। প্রা-বাং—খোঁদোল] বি. গর্ত্ত। ২। কোটর।

খোঁড়া [খঞ্জ শব্দজ অথবা খোঁড়=খুঁড়িয়া যাওয়া] বিণ. খঞ্জ ; পঙ্গু। স্ত্রী—**খুঁড়ী**। ২। [খনন শব্দজ অথবা খোঁড়্=খুঁড়িয়া যাওয়া] ক্রি. খনন করা। ৩। ঢোকা।

খোঁড়ান (নো) [খঞ্জ শব্দজ] ক্রি. খঞ্জের ন্যায় গমন করা ; খোঁড়াইয়া চলা।

খোঁদল (ল্) [খোঁড়ল দ্রঃ। হি—খওলা] বি. গর্ত্ত। ২। কোটর। **খোঁন্দোলো**—গর্ত্ত করা ; কোটরিত ; খোবরাল।

খোঁদা [খন্দক শব্দজ] বি. গর্ত্ত। ২। বিণ. গর্ত্তবিশিষ্ট।

খোঁনা—খোনা দ্রঃ।

খোঁপা, খোপা [ক্ষুপ শব্দজ] বি. বদ্ধকেশ ; কবরী। প্র—"কপালে টিপের ফোঁটা খোঁপা বাঁধা চুল।"—হেম বন্দ্যো। ২। কেশবিন্যাস। ৩। বৃক্ষশাখা, কাষ্ঠ বা বংশাদির কীলক বা গোঁজ ; খুঁটী।

খোঁয়াড় (ড়্) [চ—খোঁড। খোঁড়=খুঁড়িয়া যাওয়া। শূকরাদি যথায় থাকে তথাকার ভূমি খুর ও দন্তদ্বারা খুঁড়িয়া গর্ত্ত করিয়া থাকে ; অথবা, কুটীর—কুঁড়ে হইতে তুচ্ছার্থে খোঁড়-খোঁয়াড়] বি. ইতস্ততঃ ভ্রাম্যমান গৃহপালিত পশুকে আটক করিয়া রাখিবার স্থান ; pound. ২। শূকরশাল ; শোরকুঁড়ে। ৩। শোরকুঁড়ের ন্যায় নোংরা এবং অপবিত্র বাসস্থান। প্র—"এই শূয়রের খোঁয়াড় আগুনে পোড়াইয়া মাতা বসুমতীকে আবার পবিত্র করিব।"—আনন্দমঠ।

খোঁয়ারি—বি. মদ্যাদির নেশা কাটিবার পর অবসাদ ; গ্লানি। **খোঁয়ারি ভাঙ্গা**—নেশা ছুটিলে অবসাদ দূর করিবার জন্য অল্প মাত্রায় মাদক সেবন।

খোঁসড়ান (খোঁশড়ানো) [প্রাদে] ক্রি. খোসা খোলা ; খোঁসা।

খোক, খোকন (ক্, ন্) বি. শিশুর আদরের নাম। প্র—"খোকন যাবে মাছ ধরতে খীর নদীর কূলে।"—ছেলে ভুলান ছড়া।

খোকা [কুক্ষি শব্দজ কৌক্ হইতে। কুক্ষিয়া—পূ-বঙ্গে—কোকা, কোঁকা—যে কোলে থাকিয়া লালিত পালিত হয়] বি.

দুগ্ধপোষ্য শিশু ; কোলের ছেলে। ২। পুত্র-সন্তান। ৩। ছেলের আদরের নাম। ৪। বিণ. দুগ্ধপোষ্য শিশুর ন্যায় বুদ্ধিশূন্য বা আদুরে। প্র—সে দিনকের-দিন যেন খোকা হয়ে যাচ্ছে। ৫। ক্ষুদ্র জাতীয়; ছোট। প্র—খোকা ইলিশ।

স্ত্রী. খুকি, খুকী। **ছোট খোকা**—কচি খোকা। ২। সর্ব্ব কনিষ্ঠ পুত্র। **বুড় খোকা**—শিশুর আচরণকারী বয়স্ক ব্যক্তির প্রতি বিদ্রূপোক্তি।

খোকাম (খোকামো) বি. শিশুর ন্যায় আচরণ ; ছেলেমানুষী। ২। আদুরেপনা।

খোক্কশ, স (খোক্‌কোশ্) [রাক্ষসের অনুকরণে। তুল—রাক্ষস-খোক্কস। বোক্কস দ্রঃ। আ—খন্নাস্] বি. কাল্পনিক পিশাচ-যোনি।

খোঙ্গা (খোংগা)—খুঙ্গী দ্রঃ।

খোজা [ফা—খ্বাজা:] বি. ক্লীব ; পুরুষত্বহীন : নপুংসক। ২। [হি—খোজনা] ক্রি. খোঁজা ; অন্বেষণ করা।

খোজুয়া [সং—খর্জু। হি—খজুয়া] বি. চুলকনা ; পাঁচড়া। প্র—"রস পড়ে খোজুয়া হৈতে।" —চৈতন্যচরিতামৃত।

খোট্টা, খোঁট্টা—বিণ. হিন্দুস্থানবাসী ; পশ্চিম-দেশীয়। প্র—"ভূট্টাপ্রিয় খোট্টাকবি শতেন্দ্র দেবেন্দ্র।"—শেফালীগুচ্ছ (দেবেন্দ্র সেন)।

কাটখোট্টা—গোঁয়ার ; রুক্ষস্বভাব।

খোটি, টী [খোটা দ্রঃ] বি. স্ত্রী. ধূর্ত্তা ; চতুরা স্ত্রী। ২। পালম শাক।

খোটেল (ল্) [খুঁট (দোষ) আল (যুক্তার্থে)] বিণ. দুষ্ট। ২। ধূর্ত্ত। ৩। খল।

খোড় (ড়্) [সং] বি. খঞ্জ ; খোঁড়া।

খোদ (দ্) [আ—খুদ] স্বয়ং ; নিজে : খাস। প্র—"জেব উন্নিশা মোগলরাজ্যে সর্ব্বে সর্ব্বা খোদ ঔরঙ্গজেব তাঁহার আজ্ঞাকারী।" —রাজসিংহ (বঙ্কিম)।

খোদকস্তা (খোদকস্‌তা) [ফা] বি. খুদকস্তা দ্রঃ।

খোদহাকিমী (দ্) বি. যাহার যে ক্ষমতা নাই তাহার সেই ক্ষমতা আপনাতে আরোপের চেষ্টাকরণ।

খোদা [আ—খুদা] বি. ঈশ্বর। প্র—"চাপিআ উত্তম হয় ত্রিভুবনে লাগে ভয় খোদার বলিয়া এক নাম।"—শূন্যপুরাণ। **খোদার-খাসী**—খুব হৃষ্টপুষ্ট ব্যক্তি ; যাহার সংসারের কোন চিন্তা নাই এবং যে স্বচ্ছন্দে বিচরণ করে (ধর্ম্মের ষাঁড় দ্রঃ)। ২। স্থূল দেহ ব্যক্তির প্রতি বিদ্রূপোক্তি।

খোদা [সং—ক্ষুদ্ (সম্পেষণে) ধাতু হইতে ফা—কন্দহ্ =উৎকীর্ণ, engraved.] ক্রি. অঙ্কিত করা ; মুদ্রিত করা। বি. **খোদাই** ; খোদন : মুদ্রাদিতে অঙ্কপাত। ২। কাষ্ঠাদিতে যন্ত্র নির্ম্মাণ। ৩। [খন্ ধাতু হইতে] খনন করা।

খোদান (নো) [খোদা দ্রঃ। ণিজন্তরূপ] ক্রি. অঙ্কিত করান ; কাষ্ঠাদি ফলকে অস্ত্রে কাটিয়া চিত্র বা অক্ষর গঠিত করান।

খোদান (নো) [খন্ ধাতু হইতে] ক্রি. খনন করান ; খোঁড়ান। প্র—"শীঘ্র কুণ্ডদ্বয় খোদাইল যত্নমতে শ্যামকুণ্ড বক্র যৈছে শুন সবিহিতে।"—ব্রজপরিক্রমা।

খোদাবন্দ (খোদাবন্‌দ্) [ফা—খুদাবন্দ্] বি. মালিক ; প্রভু। ২। রাজা বা মান্য ব্যক্তিকে সম্বোধন করিবার শব্দ ; your lordship.

খোনা (খোঁনা) [ক্ষত ঘোণা বা ক্ষুণ্ণ নাসিকা। তুল—ঘোণা=নাসিকা। "ঘোণা নাসা চ নাসিকা।"—অমর] বিণ. যে নাকে কথা বলে ; অনুনাসিক স্বরভাষী ; যাহার সকল কথাতেই চন্দ্রবিন্দু যুক্তের ন্যায় শুনায়। স্ত্রী. **খুনি**।

খোপ (প্) [সং—ক্ষুপ হইতে অথবা গহ্বর —খোবর—খোব—খোপ] বি. পারাবতের ঘর ; বিটঙ্ক ; খুপরি। প্র—"খোপের ভিতর পায়রা যেমন কর্‌তেছি বকবকম্"—কড়ি ও কোমল। ২। ইষ্টকালয়াদিতে পাখী থাকিবার খোপর। "সালিখ লাখে লাখে খোপের মধ্যে থাকে।" —রবি। ৩। ক্ষুদ্র কুঠরী। ৪। গৃহের পার্শ্বভাগ।

খোবর (খোবোর্) [গহ্বর শব্দজ] বি. গর্ত্ত ; গহ্বর। ২। দেয়ালের ফাটল। ৩। কোটর। ৪। ঝুপড়ি ; কুঁড়ে ; খুবরি।

খোবরাল (খোব্‌রালো) [খোবর (গহ্বর, গর্ত্ত)—আল (বিশিষ্টার্থে)] বিণ. গর্ত্তবিশিষ্ট : খোন্দল ; ক্রোড়িত ; concave. [তুল—হি —গহরিলা (গহ্বরাল)]।

খোবানি [ফা—খুবানি] বি. সুস্বাদ ফলবিশেষ।

খোয়নু, খোয়লুঁ [ক্ষয় শব্দজ। ব্রজ] ক্রি. হারাইলাম। ২। ত্যাগ করিলাম। প্র—"খোয়নু এ তনুক আশা।" —বি. প।

খোয়া (খোআ) [ক্ষয় শব্দজ] বিণ. অপব্যয়িত ; নষ্ট ; হারাণ। ২। ইষ্টকাদির খণ্ড।

খোয়াইনু, খোয়ায়নু, খোয়ায়লুঁ—ক্রি. ক্ষয় করিলাম। প্র—"দিবস লিখি নখর খোয়াইনু।" —বিদ্যাপতি। "আসিবার আশে লিখিনু দিবসে খোয়াইনু নখের ছন্দ।" —চণ্ডীদাস।

খোয়ান, খুয়ান (নো) [ক্ষয় শব্দজ] ক্রি. হারাইয়া ফেলা ; নষ্ট করা ; ক্ষয় করা।

খোয়ার (র্) বি. ক্ষতি অনিষ্ট। ২। অপমান। ৩। নিন্দা ; কুৎসা ; কলঙ্ক। ৪। ক্লেশ ; দুর্দ্দশা। ক্রি. **খোয়ার করা**। স্ত্রী. **খোয়ারী**। **শতেক খোয়ারী**—যৎপরোনাস্তি অপমানিতা ও দুর্দ্দশাগ্রস্তা ; সর্ব্বনাশী। [দীনবন্ধু মিত্র]।

খোর (র্) [ফা—খোর্=যে খায়] বিণ. যে খায় ; খাদক। প্র—নেশাখোর।

খোরপোষ (র্, ষ্) [খোরাক পোষাক শব্দের সংক্ষেপ] বি. অশনবসন ; অন্নবস্ত্র ; খোরাক পোষাক ; গ্রাসাচ্ছাদন।

খোরযোলা (র্) বি. ক্ষুদ্রজাতীয় মৎস্য-বিশেষ। প্র—"দেখ জলে দলে দলে মাছে করে খেলা। * * * বাণ বুয়াল আর পাব্দা বাটা খয়রা খোরযোলা॥"—মতিরায়। (বাংগান)।

খোরা—বি. বড় বাটী ; পাত্রবিশেষ ; মৃত্তিকা বা প্রস্তর নির্ম্মিত পাত্রবিশেষ।

খোরাক (ক্) [ফা—খুরাক্] বি. খাদ্য দ্রব্য ; ২। আহার। প্র—"সপ্তাহ খোরাক দিল সকলেরে বাঁচাইল।"—অ. ম।

খোরাকি [ফা—খুরাকী] বি. খাদ্য দ্রব্যের মূল্য। ২। ভরণপোষণের ব্যয়।

খোরাকী (খোরাকি) [খোরাক+ঈ (অস্ত্যর্থে)] বিণ. খোরাক আছে যাহার অর্থাৎ ভূরিভোজক ; যে প্রচুর আহার করিতে পারে ; যাহার প্রচুর ভোজন শক্তি আছে।

খোরি, খোলি [হিং—খুল্‌না। খোরি= খোলি ব্রজ] ক্রি. খুলিয়া ; আবরণ উন্মোচন করিয়া। প্র—"আলিঙ্গনে নীবিবন্ধ বিনি খোরি।" —বিদ্যাপতি। "খোলি বয়ান যব চুম্বই মুখে।"— বি. প।

খোল (ল্) [খোড় দ্রঃ। ড়=ল] বিণ. খঞ্জ : খোঁড়া ; যাহারা দুই পা সমান ভর করিয়া চলিতে পারে না। বি. এক প্রকার আনদ্ধ যন্ত্র, ইহা প্রায়ই মৃত্তিকা দ্বারা নির্ম্মিত ; হরিসংকীর্ত্তনাদিতে এই যন্ত্র ব্যবহৃত হয় ; মৃদঙ্গ। ২। আবরণ ; ওয়াড়। ৩। খলি ; তৈলপিণ্ডিকা ; তৈলমল ; সরিষা বা রেড়ীর খোল। ৪। খন্দ ; গর্ত্ত। প্র—চোখ খোলে বসে গেছে। ৫। জমি ; সূত্রের সূক্ষ্মতা ও স্থূলতার তারতম্য এবং তরল বা ঘন বয়ন জনিত বস্ত্রের বিশেষত্ব। ৬। [প্রাদে—বরিশাল] সুপারী গাছের পাতার যে প্রশস্ত অংশ বৃক্ষের সহিত সম্বদ্ধ থাকে। ৭। কলাগাছের পাতার নীচের ভাগ যাহা দ্বারা ঐ গাছগুলি আবৃত থাকে ; খোলা ; বাক্‌লা ; ভেলা। প্র—"সম্মুখে কলার খোলে কাকে ভাত খায়।"—ফুলরেণু। ৮। বিণ. নিম্ন জলাভূমিবিশিষ্ট।

খোলক (ক্) [খোল+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, ২। পাগড়ী। ৩। টোপর। সর্ব্বাঙ্গের আবরক বস্ত্রবিশেষ। ৪। পাত্র; হাঁড়ী। ৫। অভ্যন্তর। ৬। মৃদঙ্গ। ৭। সুপারির খোসা। ৮। বল্মীক।

খোলতা (ল্) [হি] বিণ, ভাস্বর; প্রভান্বিত; উজ্জ্বল। ২। বি, **খোলতাই**।

খোলস (খোলোশ্) বি, সর্পের ত্বক্; কঞ্চুক। ২। আবরণ; আচ্ছাদন। প্র—"স্কন্ধে ঝুলে পড়ে আছে শুধু পৈতেখানা তেজহীন ব্রহ্মণ্যের নির্বিষ খোলস।"—রাজা ও রাণী। "রাখ রাখ তুলে ঢাকাই শাড়ীটি সাপের খোলস তার।" —অশোকগুচ্ছ।

খোলসা (খোলোশা) বি, পরিষ্কার; চকসা। ২। অব্যাহতি; মুক্তি। বিণ, মুক্ত; জড়তাশূন্য। ৩। মেঘমুক্ত। ৪। সরল; অকপট। ৫। খালি; শূন্য; আজাড়। ৬। তাৎপর্য্য। ৭। সংক্ষেপ; সারসংগ্রহ।

খোলা [খর্পর শব্দজ] বি, খাপরা। ২। খোসা; ফলাদির ত্বক্। ৩। পাক করিবার পাত্রবিশেষ। ৪। চাউল, খই প্রভৃতি ভাজিবার পাত্র; ভাজনা খোলা। প্র—"অগ্নিময় তপ্তখোলা তপ্ত বালু তায়।" —ফুলরেণু। "খোলায় পিটুলি দেন হয়ে অতি শুচি।" —ঈশ্বর গুপ্ত। ৫। খর্পর; ভিক্ষাপাত্র। প্র—"প্রথমত প্রীত করি খোলা দিব হাতে। সেঁচাইব জল মাছ বহাইব মাপে॥" —শিবায়ন। ৬। ক্ষেত; কর্ষণভূমি; জমি। প্র—"ও পারেতে ধানের খোলা এ পারেতে হাট।" —রবি। ৭। উন্মোচন; ৮। বিণ, অনাবৃত; উন্মুক্ত; অবন্ধ। উদার; সরল; অকপট। ৯। ক্রি, উন্মুক্ত করা; অনাবৃত করা; অবন্ধ করা। **খোলা কাটা**—শ্রাদ্ধের জন্য কলাগাছের খোলা কাটা। ২। গালি। **খোলাভাঁটী**—মদচুয়াইবার কারখানা; যাহা কোন আইনকানুনে বন্ধ নহে। **ইটখোলা**—পাঁজা পোড়াইবার স্থান।

খোলাকুচি, খোলামকুচি (ম্) বি, খর্পর বা খোলার টুকরা। ২। অকিঞ্চিৎকর পদার্থ; যাহার কোন মূল্য নাই; অপদার্থ। প্র—"বুক ভাঙ্গা হৈলে শাঁখা খোলাকুচি হয়।" —শিবায়ন।

খোলাখুলি [হি—খুল্লমখুল্লা] বি, পরস্পরের প্রতি পরস্পরের অকপট ভাব; সরল ব্যবহার; কোন বিষয় গোপন না রাখা।

খোলাসা [আ—খুলাসা] বি, চুম্বক; সার। ২। মুক্ত; খালি। ৩। সরল। ৪। সুস্পষ্ট। ৫। পরিষ্কার; চকসা।

খোলে [হি—খোলনা; খুলা দ্রঃ] ক্রি, অনাবৃত করে; উন্মুক্ত করে। প্র—"খোলেনি কখন সেই রুদ্ধদ্বার এই দ্বাদশ বৎসর।" —কুরুক্ষেত্র (নবীন)।

খোলো [খল্ শব্দজ। খল+উয়া=খলুয়া—সংক্ষেপে] বিণ, খল; হিংসক। ২। গর্ত্ত করা; কোটরে প্রবিষ্ট। ৩। ক্রি, অনাবৃত কর; মুক্ত কর। প্র—"খোল খোল দ্বার খোল শীঘ্রগতি।"—হেম বন্দ্যো।

খোল্লো, খোলো [খোল দ্রঃ] বিণ, খোলের ভিতর বসা; কোটরে প্রবিষ্ট। প্র—"চক্ষু দুটি যেমন ছোট তেমনি খোল্লো।" —নবীনতপস্বিনী।

খোশ (শ্) খুশ্ দ্রঃ।

খোস (শ্) [খস দ্রঃ] বি, পাঁচড়া।

খোসকবালা (খোশ্কবালা) [ফা—খুশ্ +আ—কবালা] বি, স্বেচ্ছাকৃত দানবিক্রয়-পত্র; যে দলীল বা প্রমাণ পত্র-দ্বারা বিনা কড়ারে (unconditional) চির কালের জন্য স্বত্ব স্ব-ইচ্ছায় হস্তান্তরিত হয়।

খোসখবর (শ্, র্) [ফা—খুশ্খবর্] বি, সুসংবাদ। ২। আনন্দের সংবাদ।

খোসগল্প (শ্) [ফা—খুশ্ গপ্] বি, আমোদজনক কথোপকথন।

খোসপোষাক (শ্ ক্) [ফা] বি, সুন্দর ও উত্তম পরিচ্ছদ।

খোসপোষাকী (শ্) [ফা] বিণ, যে সুন্দর সুন্দর ও উৎকৃষ্ট পোষাক পরিধান করে। ২। যাহার ভাল ভাল পরিচ্ছদ ব্যবহার করিবার সখ বা ঝোঁক আছে।

খোসবয়, বাই (শ্) [আ-খুশ্বু] বি, সুগন্ধ।

খোসলা (শ্) [হি—খেস—খেসড়া। ড=ল] বি, কম্বলাদি উর্ণাবস্ত্র। প্র—হরিণ বদলে পাইনু পুরাণ খোসলা। উড়িতে সকল অঙ্গে বরিষয়ে ধূলা॥"—কবিক।

খোসা (খোশা) [কোষ শব্দজ। ফা—খোসা] বি, ফলাদির ত্বক্; ছাল; খোলা। ২। বিণ, শ্মশ্রু গুম্ফ হীন ব্যক্তি।

খোসামদ, খোসামোদ (খোশামোদ্) [ফা—খুশ্আমদ্] বি, চাটূক্তি; স্তুতি।

খোসামদিয়া, খোসামুদে (শা) [ফা—খুশামদ্+হি—ইয়া, ঈ] বিণ, চাটুকার; স্তাবক।

খোসামদী, খোসামুদি (খোশা) [ফা] বি, স্তুতি; চাটূক্তি।

খোসাল (খোশাল্) [ফা—খোশাল্] বিণ, খুসি, আনন্দিত; তুষ্ট। প্র—"মদ দেখে বীর কালু পরম খোসাল।"—ঘনরাম।

খ্যাঁক্—বি, শৃগাল কুক্কুরাদির গলশব্দ। ২। কর্কশ স্বরে—তাড়নার শব্দ।

খ্যাঁক্ খ্যাঁক—বি, বারংবার ঐরূপ শব্দ করা; ধমকানি।

খ্যাঁকম্যাক—বি, কর্কশশব্দে ক্রোধ বা অসন্তোষপ্রকাশ। ২। গণ্ডগোল।

খ্যাঁচ্ম্যাচ্—বি, সর্ব্বদা বিরক্তি-জনক তাগাদা।

খ্যাঁচখেঁচি, খ্যাঁচাখেচি—বি, সর্ব্বদা বকাবকি; ক্রমাগত কলহ করা।

খ্যাঁৎখ্যাঁৎ [ক্ষুৎ (হাঁচি) অনবরত হাঁচি সর্দ্দি ও জ্বরভাবের লক্ষণ। তাহা হইতে, ক্ষুৎ ক্ষুৎ গ্রা—খ্যাঁৎ খ্যাঁৎ। মনে না ধরিলে বা কোন কিছু মনের মত না হইলে মন খুঁত খুঁত করে। এই খুঁৎ খুঁতের বাহ্য প্রকাশ খ্যাঁৎ খ্যাঁৎ] শিশুদিগের শরীর অসুস্থ হইলে সামান্য কারণে এবং অকারণে তাহারা অসন্তোষ প্রকাশ সূচক ক্রন্দন করে বা বায়না ধরে। সে ক্রন্দনের ধ্বনি অনেকটা এইরূপ। বিণ, **খ্যাঁত খেঁতে**।

খ্যাত [খ্যা (বলা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ; কথিত। ২। প্রসিদ্ধ; বিশ্রুত; বিখ্যাত। বি, **খ্যাতি**।

খ্যাতব্য (খ্যাতোব্বো) বিণ, খ্যাতির উপযুক্ত।

খ্যাত্যাপন্ন—বিণ, প্রখ্যাত, বিখ্যাত; প্রসিদ্ধ।

খ্যাতি [খ্যাত দ্রঃ+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সুনাম; যশ। ২। প্রতিপত্তি। ৩। প্রসিদ্ধি। ৪। ঘোষণা; প্রচার। ৫। কথন। ৬। জ্ঞান [বিরল] বিণ, **খ্যাত**।

খ্যানখ্যান—খ্যাঁৎখ্যাঁৎ দ্রঃ। বিণ, **খ্যান্খেনে**।

খ্যাপক (ক্) [খ্যা (বলা)+ণিচ্=খ্যাপি—প আগম=বলান+অক (কর্ত্তৃ)] বিণ, প্রচারক; ঘোষক। ২। কীর্ত্তনকারী। বি, খ্যাপন।

খ্যাপন (খ্যাপোন্) [খ্যাপক দ্রঃ। খ্যাপি+অন (ট্)—ভাবে] বি, ক্লী, ঘোষণা; প্রচার। ২। কীর্ত্তন। ৩। কথন। স্ত্রী, **খ্যাপনা**।

খ্রীস্ট [খৃষ্ট দ্রঃ] বি, যীশুখৃষ্ট; Christ.

খ্রীষ্টান [খৃষ্টান দ্রঃ] বিণ খৃষ্ট-ধর্ম্ম-সম্প্রদায়-ভুক্ত; christian.

গ

গ—ব্যঞ্জনবর্ণমালার ও ক বর্গের তৃতীয়, অল্পপ্রাণ, ঘোষবান্ বর্ণ। জিহ্বামূল ইহার উচ্চারণ-স্থান বলিয়া ইহাকে জিহ্বামূলীয় বর্ণ বলে। সাধারণতঃ গ ধ্বনি গাম্ভীর্য্য, ভাবের গুরুত্ব ও গতির গর্ব্বিতভঙ্গীভেদার্থে প্রযুক্ত হয়। ইহা প্রধানতঃ কবর্গীয় বর্ণযোগে অব্যক্ত কণ্ঠস্বরের উগ্রতা বা উচ্চতা, চবর্গীয় বর্ণযোগে ঘনত্ব, টবর্গীয় বর্ণযোগে কাঠিন্য, তবর্গীয় বর্ণযোগে কোমলতা বা কোমলবস্তুর সংস্পর্শ, পবর্গীয় বর্ণযোগে তরল পদার্থে ঘটাদি ভরণশব্দ, র যোগে ঘর্ষণ ধ্বনি, ল যোগে তারল্য, উষ্মবর্ণযোগে উষ্মার প্রকোপ এবং অনুনাসিক বর্ণযোগে অগ্নিজ্বলন, গুরুভার-পতনাদির শব্দ-গাম্ভীর্য্য প্রকাশ করে। যথা—**গকগক, গাঁকগাঁক, গজগজ, গিজগিজ, গটগট, গদগদ, গপ্‌গপ্, গবগব, গর্‌গর্, গলগল, গস্‌গস্, গন্‌গন্, গমগম** প্রভৃতি।

গ [গৈ (গান করা]+অ (ড, কর্ত্তৃ)] বি, গন্ধর্ব্ব। ২। গীত। ৩। গণেশ। ৪। গুরু। ৫। [গৈ (শব্দ করা) – শব্দের আশ্রয় বলিয়া] আকাশ ; গগন। ৬। স্বর্গ। ৭। সুমেরুপর্ব্বত। ৮। বিণ, গায়ক। [একাক্ষর-কোষে]।

গইড়, গোড় [হি] বি, গোড়ালি। ২। পদ ; চরণ। ৩। পদাঙ্ক। ৪। মত। প্র—গোড়ে গোড় দেওয়া।

গইন্দা (গোইন্‌দা) বি, গোয়েন্দা দ্রঃ।

গইবি, গৈবি (গোইবি) [আ—গায়েব্] বিণ, গুপ্ত। প্র—গৈবি খুন। ২। [শতরঞ্জ খেলায়] ছক না দেখিয়া দূর হইতে চাল চালা-সম্বন্ধীয়। প্র—গৈবি খেলা।

গইল (গৈল্) [সং—গোশালা=গোআল ; গোহাল—গবল] বি, গোশালা ; গোগৃহ। **গইলে**—গোয়াল ঘরে। গৈলে দ্রঃ।

গএর, গয়ের (র্) [আ—বল্‌গম্। শব্দাত্মক গাঢ় শ্লেষ্মা তুলিয়া ফেলিবার সময় যে শব্দ হয় তাহা হইতে] বি, গাঢ় শ্লেষ্মা।

গঁদ (দ্) [হি—গোঁদ্ ; ইং—gum arabic] বি, জিওল, বাবলা প্রভৃতি বৃক্ষের নির্য্যাস ; বাব্‌লা গাছের আটা। **গঁদদানি** (হি) যে কাচ পাত্রে গঁদ ভিজান থাকে। **গঁদদেওয়া**—গঁদের আঠা মাখান বা যুক্ত।

গঁদ (দ্) [গন্ধ অপভ্রংশে] বি, দূর সম্পর্ক ; গঁদান দ্রঃ।

গঁদান (নো) [গন্ধ+আন (ক্রিয়ার)]ক্রি, গন্ধ বিস্তার করা ; গন্ধযুক্ত হওয়া। ২। [গন্ধ হইতে সম্বন্ধ অর্থে] সম্বন্ধ পাতান ; আত্মীয় স্বজনের বিবাহ, উত্তরাধিকার প্রভৃতি ক্রম নির্দ্দেশ দ্বারা বা তাহার সূত্র ধরিয়া ঘনিষ্ঠতা বা আত্মীয়তা স্থাপন করা। **গঁদের গঁদ**—গন্ধের গন্ধ ; সম্বন্ধের গন্ধমাত্র যাহার সহিত আছে, সে—গঁদ। গঁদের সহিত আবার দূর সম্পর্কিত যে সে—গঁদের গঁদ ; সাক্ষাৎ সূত্রে যাহার সহিত সম্বন্ধ নাই ; দূর কুটুম্বের দূর কুটুম্ব ; অতিদূর সম্পর্কিত ব্যক্তি।

গকগক (ক্, ক্) [শব্দাত্মক। আধিক্যার্থে, গাঁক্‌গাঁক্] অ, উচ্চকণ্ঠশব্দ ; বৃষ, ভল্লুক প্রভৃতির ডাক।

গকার (র্) বি, গ এই অক্ষর।

গগ [গ (গলশব্দ)+গ (ব্যাপ্তি, অর্থে)] অ, বহু লোকের উচ্চ গলশব্দ। ২। গগানি ; রুদ্ধপ্রায় গলশব্দ। **গগ করিয়া ধরা**—চতুর্দ্দিক হইতে আসিয়া উচ্চকণ্ঠে তিরস্কার বা প্রতিবাদ করিতে করিতে ঘিরিয়া ফেলা।

গগন (ন্) [গম্ (গমন করা)+অন (কর্ত্তৃ) ম=গ। সর্ব্বত্র যাহার গতি, যে বিশ্ব ব্যাপিয়া আছে] বি, ক্লী, আকাশ। প্র—গগনের থালে রবি চন্দ্র দীপক জ্বলে।"—ব্রহ্মসঙ্গীত। [দ্রঃ—অলঙ্কার শাস্ত্রে—হৃদয়, মন, চিত্ত, ভাগ্য, অদৃষ্ট প্রভৃতি শব্দ গগনার্থে প্রযুক্ত হয়। প্র—"তুমি প্রকাশিত হলে, মোহ আঁধার যায় চলে, হৃদয়গগনমণ্ডলে, হয় দিব্য জ্ঞান-চন্দ্রোদয়।"—ব্রহ্মসঙ্গীত।

গগনক [গগনক+ক (হি—৬ষ্ঠী বিভক্তি চিহ্ন) প্রা-বাং] বি, ক্লী, আকাশের। প্র—"গগনক চাঁদ হাতে ধরি দেয়লু।"—জ্ঞানদাস।

গগনগতি (গগন্ গোতি) [গগনে (আকাশে) গতি (গমন) যাহার, বহু] বি, পুং, গ্রহ উপ-গ্রহাদি। ২। দেবতা। ৩। খেচর ; পক্ষী। ৪। বিণ, গগনবিহারী ; আকাশগামী।

গগনচর (ন্, র্) [গগনে (আকাশে) চর (বিচরণ করে) চর্ (গমন করা) +অ (কর্ত্তৃ—ট)] যে আকাশে গমনাগমন করে ; বিহঙ্গম। ২। সূর্য্যাদি গ্রহ উপগ্রহ। ৩। দেবতা। ৪। বিণ, খেচর ; শূন্যগামী ; আকাশগামী।

গগনচুম্বিত, গগনচুম্বী [গগন—চুম্ব+ইত, ইন্=চুম্বিন্ ১মা, ১ব। যে চুম্বন করে—স্পর্শ করে] আকাশস্পর্শী ; অতি উচ্চ।

গগনধ্বজ (গগনধ্‌ধজ) [গগনের (আকাশের) ধ্বজ (পতাকা স্বরূপ) ৬তৎ] বি, পুং, সূর্য্য। ২। মেঘ।

গগনমণ্ডল (গগনমোন্‌ডল্) [গগনের (আকাশের) মণ্ডল (পরিধি) কিম্বা গগন রূপ মণ্ডল (বিভাগ-স্থান) কর্ম্মধা] বি, পুং, নভোমণ্ডল ; মণ্ডলাকার আকাশ।

গগনাঙ্গন (ন্) [গগন (আকাশ) অঙ্গন (উঠান স্বরূপ) কর্ম্মধা] গগনতল ; নভস্থল।

গগনাঙ্গনা [গগনবিহারিণী যে অঙ্গনা—ম, প, লো, কর্ম্মধা] বি, স্ত্রী, কামগামিনী দিব্যাঙ্গনা ; অপ্সরা ; সুরনায়িকা।

গগনাম্বু [গগনের—অম্বু (জল) ৬তৎ] বি, ক্লী, আকাশ হইতে পতিত জল ; মেঘনিঃসৃত জল ; ।

গগনেচর (র্) [গগনে (আকাশে) চর (যে বিচরণ করে) অলুক্-৭মী তৎ] বি,পুং, সূর্য্যাদি গ্রহ নক্ষত্র। ২। রাশিচক্র। ৩। দেবতা ও দেবযোনি সকল। ৪। পক্ষী।

গগনোল্মুক (ক্) [গগনে (আকাশে) উল্মুক (জ্বলন্ত অঙ্গারস্বরূপ) ৭তৎ] বি, পুং, মঙ্গলগ্রহ।

গগান (নো) [শব্দাত্মক প্রাদে—গ্যাঁ গ্যাঙানো] ক্রি, শিশুর ক্রন্দন শব্দ ; ক্রন্দন করিতে করিতে যেন দম বন্ধ হইবার উপক্রম হইতেছে এরূপ ভাবের ক্রন্দনশব্দ। ২। মুমূর্ষু ব্যক্তির যন্ত্রণাব্যঞ্জক গলশব্দ।

গগান (নো) [গগ (দ্রঃ)+আন (ক্রিয়া বিভক্তি)। উ-পু—গগাই। ম-পু—গগাও। প্র-পু—গগায়। অস-ক্রি, গগাইতে ; গগাইয়া] ক্রি, গগ শব্দ করা। ২। শারীরিক যন্ত্রণা-প্রকাশক শব্দ করা ; কাতরতা প্রকাশ করা। ৩। শিশুদিগের রুদ্ধশ্বাসে উচ্চ ক্রন্দন করা ; রুদ্ধ গলায় ককান। বি, **গগানি**। বিণ, **গগানিয়া, গগানে**।

গঙ্গ (গংগ) [ব্রজ] বি, গঙ্গা। প্র—"যা[illegible] মিলল গঙ্গ-তরঙ্গ।"—বিদ্যাপতি।

গঙ্গা (গংগা) [গম্ (গমন করা)+অ (কর্ত্তৃ—ড, ম্ লোপ=গ, গাং (পৃথিবী অভিমুখে) গ (যে গমন করে) নিপাতনে—আ লোপ, আপ্—স্ত্রী। যিনি ব্রহ্মলোক হইতে পৃথিবীতে গমন করিয়াছেন] বি, স্ত্রী, ভগীরথানীত জলপ্রবাহ ; ভাগীরথী ; গঙ্গা নদী। এই নদী হিমালয়স্থ গড়-বাল প্রদেশে উত্থিত ও বহু নদীর সহিত মিলিত হইয়া আর্য্যাবর্ত্তের মধ্যদিয়া আসিয়া বঙ্গোপ-সাগরে পতিত হইতেছে। ২। গঙ্গার অধি-ষ্ঠাত্রী দেবী ; ভীষ্ম-জননী। ৩। [গঙ্গার ন্যায় বিশাল ও গভীর—বিদ্রূপে] অজ্ঞ ; আনাড়ী।

এই অর্থে "মা গঙ্গা"ও ব্যবহৃত হয়। প্র—তাঁর বিদ্যার কথায় আর কাজ কি। তিনি বিজ্ঞানে একেবারে "মা গঙ্গা"। **গঙ্গা বল**—অশ্রাব্য বা অসাধু কথা শ্রবণে যে পাপ স্পর্শের সম্ভাবনা তাহা হইতে উদ্ধারের জন্য "দুর্গা বল" "নারায়ণ" "শ্রীবিষ্ণু" "রাম বল" "মহাভারত" ইত্যাদি উক্তির সমতুল্য "গঙ্গা" নামোচ্চারণ। **গঙ্গা নারায়ণ ব্রহ্ম বল**—মৃত্যুকালে গঙ্গা নারায়ণ ও ব্রহ্ম এই তিন নাম উচ্চারণ শ্রবণ ও স্মরণ করান। **গঙ্গা যমুনা** (গঙ্গাজোমুনা) গঙ্গার শুভ্র ও যমুনার কাল জলের মিশ্রণ। তাহা হইতে দুই বিভিন্ন বর্ণের সংযোগজাত মিশ্রবর্ণ। **গঙ্গাযমুনা চুড়ী**—স্বর্ণ ও রৌপ্যময় চুড়ী। **গঙ্গা যমুনা ঘটী** বা **ঘড়া** কিয়দংশ তামা ও কিয়দংশ পিতলের ঘটী বা ঘড়া। **গঙ্গা-যমুনা-শাল**—গঙ্গাজলের বর্ণ সহ কাল বা অন্য বর্ণ মিশ্রিত শাল। **গঙ্গা-দিকে-পা, গঙ্গাবাগে-পা**—মরণের পথে অগ্রসর ; বার্দ্ধক্য ; শেষ দশা। **গঙ্গামাহাত্ম্য**—গঙ্গার মহিমা : গঙ্গা-স্নান, গঙ্গাজল স্পর্শ, গঙ্গা দর্শন, গঙ্গানাম উচ্চারণ, গঙ্গা স্মরণ প্রভৃতিতে যে ফল হয় তাহার কীর্ত্তন।

গঙ্গাকোটি [গঙ্গা (গঙ্গাস্নান)+কোটি (শতলক্ষ বার)] বি, কোটি বার গঙ্গাস্নান। প্র—"এই দেখ কোটি তীর্থ পরম মঙ্গল। এথা স্নানমাত্রে মিলে গঙ্গাকোটিফল॥"
—ব্রজপরিক্রমা।

গঙ্গাচিল্লী—বি, গাংচিল দ্রঃ।

গঙ্গাজল (গংগাজল্) [গঙ্গা (নদী) তাহার জল, ৬তৎ] বি, গঙ্গানদীর জল। প্র—"স্বর্ণথালে গঙ্গাজলে শঙ্খ তুলে ধুয়ে। গাছি গাছি গুছাইল চক্ষে চক্ষে থুয়ে॥"—শিবায়ন। ২। স্ত্রী লোকের সই সাঙ্গাতি পাতাইবার নাম। প্র—"মকর্ গঙ্গাজল"—বঙ্কিম। **গঙ্গাজল স্পর্শ করা**—গঙ্গার পবিত্র জল স্পর্শ করিয়া শপথ করা। ২। মাথায় অথবা [illegible]াদিতে গঙ্গাজল ছড়া দিয়া অস্পৃশ্য দ্রব্য [illegible]জনিত দোষ ক্ষালন করা। ৩। রাজা প্রতাপাদিত্যের খুল্লতাত বিক্রমাদিত্যের খড়্গ।

গঙ্গাজলি (গংগাজোলি) [গঙ্গা—জল+ই (সম্বন্ধে) প্রাদে] বি, অন্তর্জ্জলি। ৩। মুমূর্ষুর মুখে গঙ্গাজল দান। ৩। গঙ্গাজল স্পর্শ দ্বারা শপথ।

গঙ্গাজলিয়া, গঙ্গাজলে (গংগাজোলিআ, জোলে) [গঙ্গাজল+ইআ (তদ্বর্ণ বিশিষ্টার্থে)] বিণ, গঙ্গাজলের বর্ণবৎ বা বর্ণ-বিশিষ্ট। প্র—"গঙ্গাজলে শাল।"

গঙ্গাতরঙ্গ [গঙ্গার তরঙ্গ, ৬ তৎ] বি, গঙ্গার ঢেউ।

গঙ্গাতীর (র্) [গঙ্গার তীর (পুলিন) ৬ তৎ] বি, ক্লী, গঙ্গানদীর তীরভূমি। ২। নারায়ণক্ষেত্র।

গঙ্গাদ্বার (গংগাদ্দার্) [গঙ্গার দ্বার (প্রবেশ পথ) ৬ তৎ] বি, হরিদ্বার (গঙ্গা এই স্থান হইতেই ভারতবর্ষে প্রবেশ করেন এই প্রসিদ্ধি হইতে) এখানে দক্ষযজ্ঞ হইয়াছিল। ইহার নামান্তর মোক্ষদ্বার : মায়া-পুরী।

গঙ্গাধর (র্) [গঙ্গা—ধর (ধৃ—ধারণ করা) +অ (কর্ত্তৃ—অচ্)—যিনি জলময়ী গঙ্গাকে শিরে ধারণ করিয়াছেন] বি, পুং, শিব। ২। [নদীমাত্রকেই গঙ্গা বলে ও প্রায় সকল নদীই সমুদ্রে পতিত হইতেছে তাহা হইতে] সমুদ্র। ৩। স্বনামখ্যাত আলঙ্কারিক। (২) স্বনামখ্যাত দর্শনের টীকাকার। (৩) একজন প্রসিদ্ধ বাঙ্গালী কবিরাজ। **গঙ্গাধরচূর্ণ**—বি, অতিসার-নাশক চূর্ণ ঔষধবিশেষ।

গঙ্গাপুত্র (—পুৎত্র) [গঙ্গার পুত্র, ৬ তৎ] বি, পুং, ভীষ্ম প্রভৃতি অষ্টবসু। ২। শবদাহ-কারী জাতিবিশেষ ; মুদ্দফরাস। ৩। কাশীর এক শ্রেণীর ব্রাহ্মণ।

গঙ্গাপ্রাপ্তি, লাভ (ভ্) [গঙ্গা—প্রাপ্তি, লাভ—গঙ্গাকে প্রাপ্তি (লাভ) ২ তৎ। গঙ্গার গর্ভে জ্ঞানপূর্ব্বক প্রাণত্যাগ করা, মুমূর্ষুর অন্তর্জলি করা এবং গঙ্গাতীরে শবদাহ করিয়া দেহাবশেষ গঙ্গাগর্ভে নিক্ষেপ করার প্রথা হইতে] বি, মৃত্যু।

গঙ্গাফড়িঙ্গ্ (গংগা ফোড়িং) বি, ঘাসের বর্ণ পতঙ্গবিশেষ ; ইহারা ঘাসের উপর লাফাইয়া যায় ; grasshopper.

গঙ্গাবতার (র্) [গঙ্গার অবতার (অবতরণ স্থান) ৬তৎ] বি, গঙ্গা পৃথিবীতে যে স্থানে অবতরণ করিয়াছেন ; হরিদ্বার। ২। [গঙ্গার অবতার (অবতরণ) ৬তৎ] ব্রহ্ম-লোক হইতে গঙ্গার অবতরণ ; পৃথিবীতে আগমন।

গঙ্গাবাসী (গংগাবাশি) [সং—গঙ্গাবাসিন্ ১মা, ১ব] বি, যে ব্যক্তি গঙ্গার ধারে বাস করে। ২। বিণ, গঙ্গাতীরে বাসকারী ; গঙ্গাতীরস্থ।

গঙ্গাযাত্রা (গংগাজাৎত্রা) [গঙ্গাতে যাত্রা—৭তৎ] বি, মুমূর্ষুর গঙ্গালাভের জন্য যাত্রা : গঙ্গাতীরে প্রাণত্যাগে স্বর্গলাভ কামনায় গমন। **গঙ্গাযাত্রা করান**—মুমূর্ষুকে গঙ্গায় লইয়া যাওয়া।

গঙ্গাযাত্রিক (গংগাজাৎত্রিক্) [গঙ্গা—যাত্রা +ইক (কর্ত্তৃ—ইকণ্)] বিণ, যাহারা যোগাদি উপলক্ষে গঙ্গা স্নানার্থ যাত্রা করে। ২। যে রোগী অন্তর্জলি করাইবার উপযুক্ত।

গঙ্গালহরী (গংগালহরি) [গঙ্গার লহরী (তরঙ্গ) ৬তৎ] বি, স্ত্রী, গঙ্গোর্ম্মি, গঙ্গার তরঙ্গ। ২। পণ্ডিত জগন্নাথ মিশ্র প্রণীত গঙ্গাস্তোত্র।

গঙ্গালাভ (গংগালাভ্) [গঙ্গা—লাভ, ২য়া তৎ] বি, গঙ্গা-প্রাপ্তি ; গঙ্গাতীরে মৃত্যু।

গঙ্গাসাগর (গংগাশাগোর্) [গঙ্গার সহিত মিলিত, যে সাগর মধ্যপদলোপী কর্ম্মধা, সাগরের যে স্থানে গঙ্গা আসিয়া মিলিতা] বি, ক্লী, সাগরসঙ্গম স্থান : ইহা একটী প্রসিদ্ধ তীর্থ : ২। [লক্ষণায়] বহুদূর।

গঙ্গাসুত (গংগাশুত) [গঙ্গার সুত (পুত্র) ৬তৎ] বি, পুং, ভীষ্ম। ২। কার্ত্তিকেয়।

গঙ্গাস্নান (গংগাস্নান, স্‌ঁান্) [গ্রা—গঙ্গা-চ্চান] বি, গঙ্গার জলে অবগাহন।

গঙ্গাস্রোতোন্যায় (য়্) বি, গঙ্গার স্রোত যেমন ক্রমাগত বহিতেছে তদ্রূপ।

গঙ্গোত্রী (গংগোৎত্রি) বি, হিমালয়স্থ গড়বাল প্রদেশের যে স্থান হইতে গঙ্গা অবতরণ করিয়াছে। এই স্থান পবিত্র তীর্থ বলিয়া প্রসিদ্ধ।

গঙ্গোদক (ক্) [গঙ্গা+উদক] বি, গঙ্গা-জল।

গঙ্গোদ্ভেদ (গংগোদ্‌ভেদ্) [গঙ্গার উদ্ভেদ (প্রথম প্রকাশ) হইয়াছে যে স্থান হইতে, বহু] বি, পুং, হরিদ্বার তীর্থ।

গচ (চ্) [সং—গুচ্ছ—গোছ—গোচ—অথবা "গাঢ়" হইতে] বি, স্থূলত্ব ; ঘনত্ব। প্র—কাপড়ের জমির বেশ গচ আছে।

গচাল (গচালো) [গচ দ্রঃ] বিণ, মোটা ; পুরু। **গচাল কাপড়**—পুরু জমির কাপড় ; ঘন বুনানের কাপড়।

গচ্চা [হি—ঘাটা হইতে] বি, ক্ষতিপূরণ ; দণ্ড [তুল—হি—ডাঁড় বা দাঁড় ; সং—দণ্ড]।

গচ্ছিত (গোচ্‌ছিৎ) [হি-গিরাত, গির্‌বি, বায়না, গহ্‌নে ধরনা] বিণ, ন্যস্ত ; রক্ষিত ; নিক্ষিপ্ত ; গছান। এই অর্থে "গচ্ছিতী"ও হয়। প্র—গচ্ছিতী ধন।

গছা [প্রা-বাং। সং—গুচ্ছ] বি, গুচ্ছ ; গোছ। প্র—"সাবণ মাসেতে ধান হইলেন গছা। ধান দেখিআ পরভুর মনে বোড় ইচ্ছা॥"—শূন্য-পুরাণ। [অপ্র]।

গছান (নো) [গচ্ছিত দ্রঃ। উ-পু—গছাই। ম-পু—গছাও। প্র-পু—গছায়। অস-ক্রি—গছা-ইতে : গছাইয়া ; গছিয়ে] ক্রি, জোড়া দেওয়া। ২। গ্রহণ করান। ৩। গচ্ছিত করা। প্র—"শ্লোক রাখি কৌটা ঢাকি হীরারে গছায়।"—অ, ম। ৪। অর্পণ করান। প্র—"হৃদি কারাগার ঘোরে বান্ধিয়া মনের ডোরে গছাইব পরাণে এখনি।"—বাং-গান (ভারতচন্দ্র)। **ফল গছান ব্রত**—যে ব্রতে ব্রাহ্মণকে ডাব, আম্র প্রভৃতি ফলদান করিতে হয়। এই বিশ্বাস হইতে এ ব্রতের উৎপত্তি হইয়াছে

যে ব্রতী এজন্মে ফল গচ্ছিত রাখিয়া দিলে পরজন্মে সুফল লাভ করিবে। **ধন গচ্ছান ব্রত**—ফল গচ্ছানর মত, ধন দানরূপ ব্রত।

গজ (জ্) [গজ্ (শব্দ করা)+অ (কর্ত্তৃ—অচ্) যে গভীর শব্দ করে] বি, পুং, হস্তী। ২। নাগবিশেষ। ৩। বানরবিশেষ। ৪। ঔষধ পাকার্থ গর্ত্তবিশেষ। ৫। দুইহস্ত পরিমাণ ; a yard. প্র—"প্রথমে করিল সজ্জ দীর্ঘে ডিঙ্গা শত গজ আড়ে গড়ে বিংশতি প্রমাণ।" —কবিক। ৬। [অষ্টনাগ বা গজ হইতে] ৮ সংখ্যার দ্যোতক। প্র—"সমাপ্ত করি গজ ইষু রস সোমে" (অর্থাৎ ১৬৫৮ শক)—গীত গোবিন্দ (গিরিধর)। ৭। অঙ্কুর ; কল। প্র—তালের আঁটির গজ। ৮। [আয়ুর্ব্বেদে] নাগকেশর ; গজপিপ্পলী। গজপুট। **ইলাহীগজ**—আকবর বাদশাহ প্রবর্ত্তিত ৪১ ইঞ্চির গজ। (আধুনিক ও সাধারণ গজ ৩৬ ইঞ্চি পরিমাণ। প্র—"সাজাতে কতই রঙে নব্যতন্ত্র সঙ্। গরদ গজে ঢালতে কতই রঙ।"—হেমচন্দ্র। **গজকাঠি**—দুই হস্ত পরিমিত মাপ কাঠি ; কাষ্ঠ বা লৌহনির্ম্মিত গজপরিমাণ দণ্ড। ২। বারুদ ঠাসিবার লৌহদণ্ড। ৩। হুঁকার নল পরিষ্কার করিবার শিক।

গজ কচ্ছপের যুদ্ধ—মহাভারতোক্ত গজ ও কচ্ছপের যুদ্ধ ; দুই স্থূলকায় ব্যক্তির ধস্তাধস্তি বা মল্লযুদ্ধ।

গজকা (জ্) [হি—গজগা] বি, গজস্কন্ধজাত কেশগুচ্ছ। ২। পালকগুচ্ছের চূড়া : যাহা ঢাকীরা ঢাকের মাথায় বাঁধিয়া দেয় : কেহ কেহ নিজের মাথায়ও বাঁধে। প্র—"গাত্রে চিত্র বসন গজকা বান্ধা শিরে।"—ধনরাম।

গজকুম্ভ (গ্জোকুম্ভ) [গজের কুম্ভ, ৬তৎ] বি, পুং, করিকুম্ভ ; হস্তীর মস্তকস্থ কুম্ভ।

গজকেশর (র্) বি, নাগকেশর।

গজগজ (গজ্ গজ্) [সং—গর্জ্জন ; হি—গজরানা] বি, গজ্ গজ্ রব : বিরক্তি ও ক্রোধব্যঞ্জক রব ; ক্রমাগত আপন মনে বক্‌বক্ করিয়া অসন্তোষ প্রকাশ করা বা ভর্ৎসনা করা। ক্রি, **গজগজান** (নো)—গজগজ করা। বি, **গজগজানি**—ক্রমাগত গজগজ অর্থে "গজর্ গজর্।" গজগজ করা—গজা দ্রঃ। শব্দ করা। প্র—তাহার পেটের ভিতর কথা গজগজ কচ্চে।

গজগতি (গজোগতি) [গজের ন্যায় গতি (গমন) যাহার—বহু] বিণ, স্ত্রী, মন্দগমনকারিণী। ২। বি, চতুর্থ ও অষ্টম অক্ষর গুরু এরূপ অষ্টাক্ষরাবৃত্তি (সংস্কৃত) ছন্দোবিশেষ। ৩। গজের গমন।

গজগামী (গজোগামি) [গজে (গজ আরোহণে) গম্ (গমন করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন)=গামিন্ ১মা, ১ব—গামী (উপপদ)] বিণ, হস্ত্যারোহী ; যে হাতী চড়িয়া যায়। ২। [গজ (গজের ন্যায়) গামী যে গমন করে (উপমিত কর্ম্মধা)] যে গজের ন্যায় মন্দ মন্দ গমন করে ; গজের ন্যায় সুন্দর গতিশীল। স্ত্রী, **গজগামিনী**।

গজগিরি—গজগীর দ্রঃ।

গজগীর (জ্, র্) [হি] বি, কূপাদি জলাশয়ের চতুর্দ্দিকে উচ্চ শান-বাঁধান পাড়। বি, গজগীরি, গজগিরি ; গজগীরের কাজ ; পুষ্করিণী কূপাদি জলাশয়ের চতুর্দ্দিকের শান বাঁধান চাতালের কাজ। ২। প্রাচীর বা ঘরের মেজে চূন দিয়া মাজার কাজ ; পঙ্খের কাজ।

গজঘণ্টা [গজের ঘণ্টা, ৬তৎ] বি, স্ত্রী, হাতীর গলার ঘণ্টা। (দূর হইতে সকলকে সাবধান করার জন্য গজের গলদেশে ঘণ্টা দেওয়া হয়)। ২। [হস্তী যেরূপ দীর্ঘাকার তাহার গলার ঘণ্টাও তদ্রূপ বৃহৎ, তাহার সাদৃশ্যে] বি, যে গলবেষ্টনী বা কণ্ঠভূষণ এত বৃহৎ ফাঁদাল, যে একেবারে মানানসহী নহে। তুল—হাতীর গলায় ঘণ্টা।

গজচক্ষু (ক্ষুঃ) [গজ (বৎ) চক্ষু] বি, ক্ষুদ্র চক্ষু। ২। ঈষৎ বক্র চক্ষু।

গজচ্ছায়া বি, স্ত্রী, তিথি ও নক্ষত্র ঘটিত যোগবিশেষ ; কৃষ্ণপক্ষীয় ত্রয়োদশী তিথিতে যদি চন্দ্র মঘানক্ষত্রাশ্রিত হয় এবং রবি হস্তানক্ষত্রাশ্রিত হয় তবেই গজচ্ছায়া যোগ হয়।

গজদন্ত [গজের দন্ত (দাঁত) ৬তৎ] বি, পুং হাতীর দাঁত ; ivory. ২। [গজের দন্ত হইয়াছে যাহার, বহু] বি, পুং, গণেশ। ৩। দাঁতের উপরে যে দাঁত হয় ; গজদাঁত। ৪। বিণ, যাহার দাঁতের উপর দাঁত উঠিয়াছে ; যাহার গজদাঁত আছে।

গজদন্তবৎ [গজ দন্তের সাদৃশ্য হেতু] বি, মূলা।

গজনল (জ্, ল্) [গজ (বাহিত) নল (নালাস্ত্র) ম,প,লো কর্ম্মধা] বি, এক প্রকার বৃহদাকার গুরুভার কামান। ইহার ভিন্ন ভিন্ন অংশ হাতীর পৃষ্ঠে চাপাইয়া একস্থান হইতে অন্য স্থানে লইয়া যাওয়া হইত। বার মণ ওজনের গোলা এই কামান হইতে ছোঁড়া হইত।

গজন্দর (র্) [সং—গজেন্দ্র অপভ্রংশে] বিণ, মহাকায় ; অতিশয় স্থূল। **পেট-গজন্দর**—যাহার পেট হাতীর পেটের মত ; স্থূলোদর।

গজপতি (গজপোতি) [গজের পতি (স্বামী) ৬তৎ] বি, পুং, গজশ্রেষ্ঠ ; গজরাজ ; গজপ্রধান। **গজপতি বিদ্যাদিগ্‌গজ**—[নবীন তপস্বিনী নাটকের সহজবুদ্ধিহীন কিন্তু বহু শাস্ত্রজ্ঞ পণ্ডিত গজপতির চরিত্র হইতে] পণ্ডিতমূর্খ।

গজপিপ্পলী [সং] বি, গজপিঁপুল ; চবিকা ফল বা চই ফল ; scindapsus officinalis ; pothos officinalis.

গজপুট (ট্) বি, পুং, ঔষধ পাকার্থ ১।০ হস্ত উর্দ্ধ ১।০ হস্ত প্রস্থ গর্ত্ত। মতান্তরে ২ হস্ত বা গজ পরিমিত গর্ত্ত।

গজপুর (র্) [গজনামক যে পুর (পুরী) ম, প, লো কর্ম্মধা] বি, ক্লী, যুধিষ্ঠিরের রাজধানী হস্তিনাপুর।

গজপ্রিয়া—বি, শল্লকীবৃক্ষ ; শালবিশেষ।

গজব (গজব্) [আ—গ়জ়ব্ (জুলুম, জোরজবরদস্তি, লুট)] বি, সর্ব্বনাশ ; জুলুম ; অন্যায় : অভিসম্পাত। প্র—"গজব করিলে তুমি আজব কথায়।"—ভারতচন্দ্র।

গজবক্ত্র (গজবক্ত্র) [গজের (হস্তীর) বক্ত্র (মুখ) ৬ তৎ] বি, ক্লী, হস্তীর মুখ। ২। [গজের বক্ত্রের (মুখের) ন্যায় বক্ত্র (মুখ) যাহার, বহু] বি, পুং, গণেশ ; গজানন। প্র—"গজবক্ত্র গৌরীপুত্র সবে মুখ নাই মাত্র সাবিত্রীর শাপের কারণ।"—শিবায়ন।

গজবন্ধনী [গজ (হস্তী) বন্ধ্ (বন্ধন করা) +অন (অধি, অনট্) ঈপ, স্ত্রী] বি, স্ত্রী, যেস্থানে হাতী বাঁধা থাকে ; হাতিশালা। ২। যে হাতী বাঁধা হয় ; আলান। ৩। [করণে—অনট্] যাহা দ্বারা গজ বন্ধন করা হয় ; গজবন্ধন শৃঙ্খল বা রজ্জু।

গজবীথি [গজের বীথি (শ্রেণী) ৬ তৎ] বি, স্ত্রী, গজশ্রেণী। ২। ঐরাবত অবস্থানের দ্বিতীয় বীথি (স্থান) যথায় রোহিণী, মৃগশিরা ও আর্দ্রা এই তিন নক্ষত্র অবস্থিত।

গজভুক্ত [গজ কর্ত্তৃক ভুক্ত, ৩য়া তৎ] বিণ, হাতী যাহা খাইয়াছে। **গজভুক্ত কপিত্থবৎ**—হাতী কয়েতবেল যেমন গলাধঃকরণ করে, মল ত্যাগকালে বেলের আকৃতি তেমনি থাকে, কিন্তু হাতী তাহার ভিতরের শস্য জীর্ণ করায় তাহা অন্তঃসার শূন্য হইয়া বাহির হইয়া যায় তাহা কেহ জানিতে পারে না সেইরূপ ল[illegible] নির্গমন কেহ জানিতে পারে না।

গজমতি (মো) [গজের—মতি ([illegible] ৬তৎ] বি, স্ত্রী, গজমুক্তা। প্র—"[illegible] কাচলি গলে গজমতি হার" —জ্ঞানদাস। [ব্রজ। গ্রা, বৈ, সা-ত্যো] **গজমোতিম**। প্র—"গলে গজমোতিম মাল"—জ্ঞানদাস।

গজমাণিক (—মানিক্) [গজ—মাণিক, ৬তৎ] বি, হাতীর কাণের উপর দুইটি শ্বেতবর্ণের বড় মুক্তার ন্যায় আঁচীল ; গজমুক্তা।

গজমুক্তা [গজের—মুক্তা, ৬তৎ] বি, স্ত্রী, হাতীর কুম্ভদেশে যে মুক্তা জন্মে ; গজমাণিক।

গজমুখ (খ্) [গজের মুখ যাহার, কিম্বা গজের মুখের ন্যায় মুখ যাহার, বহু] বিণ, পুং,

গণেশ ; গজানন। ২। [৬তৎ] হস্তীর মুখ।

গজযূথ (গজজুথ্) [গজের—যূথ, ৬তৎ] বি, স্ত্রী, হাতীর পাল।

গজর, ল (র্, ল্) [হি—গজর্। সং—গজঘণ্টা হইতে] বি, প্রতি প্রহর বাজিবার কালে যত প্রহর কাল হয় পেটা ঘড়িতে ততবার দ্রুত আঘাত। ২। [সং—গর্জ্জন। এই অর্থে দ্বিত্ব] বি, বিরক্তি ব্যঞ্জনা। **গজর গজর করা**—ক্রমাগত গজগজ (দ্রঃ) করা ও অনবরত বিরক্তি বা ক্রোধ-প্রকাশক শব্দ বা ভর্ৎসনা করা।

গজরা (জ্) গজরান দ্রঃ। ২। [হি—গজ্‌রা] বি, গোড়ে ; ঘন ফুলে গাঁথা দীর্ঘ মালা।

গজরাজ [গজের—রাজা, ৬তৎ রাজা = রাজ] বি, পুং, গজশ্রেষ্ঠ ; গজেন্দ্র ; উৎকৃষ্ট হস্তী ; ঐরাবত।

গজরান (গজ্‌রানো) [গর্জ্জন শব্দের বর্ণ-বিপর্য্যয় ; গর্জ্জান দ্রঃ] ক্রি, গর্জ্জন করা। ২। ক্রোধে গরগর করা।

গজল [আ—গ়জ়ল্] বি, প্রেমসঙ্গীত।

গজশিক্ষা [গজের শিক্ষা, ৬ তৎ] বি, স্ত্রী, গজচালনের কৌশল অভ্যাস।

গজা [হি—উগ্‌না। উপ্‌জানা। মূলে গম্ ধাতু উর্দ্ধগতি অর্থে উগা উ-পু—গজাই। ম-পু—গজাও। প্র-পু—গজায়। অস-ক্রি, গজাইতে। গজাইয়া ; গজিয়ে ; গজাইবার ; গজাবার : গিজন্ত. গজান (নো)] ক্রি, অঙ্কুরিত হওয়া ; উদ্‌গত হওয়া। ২। বৃদ্ধি পাওয়া।

গজা [হি—গোঝা। রাজপুতানায় গুঁঝা। ক্ষুদ্রার্থে গুজিয়া] বি, ঘৃত, শর্করা ও ময়দা মিশ্রিত মিঠাই। আকার অনুসারে—গোল গজা। (২) চৌকা গজা। (৩) জিবে গজা (জিহ্বাকৃতি বলিয়া)।

গজা [সং—গর্জ্জন শব্দজ] বি, গর্জ্জন করা ; গজ্‌গজ্ করা ; শব্দিত হওয়া ; ঝঙ্কৃত হওয়া ; মুখরিত হওয়া। প্র—"পেটের ভিতরে গজে দাশুরায়ী ছড়া।" —হেমবন্দ্যো।

গজা [গজ (দুই হস্ত পরিমাণ) শব্দজ] বিণ, গজ পরিমিত। প্র—৫ গজা ধুতি (এই অর্থে "গজী" শব্দও ব্যবহৃত হয়)।

গজাগ্রণী (গজাগ্‌গ্রোনি) [গজের—অগ্রণী (শ্রেষ্ঠ) ৬তৎ] বি, পুং, গজপ্রধান ; ঐরাবত।

গজাজীব (ব্) [গজদ্বারা—আজীব (যে জীবন ধারণ করে, ৬তৎ)] বি, পুং, মাহুত।

গজাধ্যক্ষ (গজাদ্ধোক্‌খ) বি, হস্তিশালার প্রধান তত্ত্বাবধায়ক।

গজান (নো) [সং—জন্ ধাতুজ] ক্রি, অঙ্কুরিত হওয়া। প্র—পাতা গজান। ২। বৃদ্ধি পাওয়া। প্র—গোঁফদাড়ী গজান। ৩। জন্মান। প্র—বুদ্ধি গজান ; আক্কেল গজান।

গজানন (—নন্) [গজের—আনন (বদন, মুখ) যাহার, কিম্বা গজের আননের ন্যায় আনন, যাহার, বহু] বি, পুং, গণেশ ; গজাস্য। ২। [৬তৎ] গজের মুখ।

গজানীক (ক্) [গজ রূপ যে অনীক (সৈন্য) রূপক কর্ম্মধা] বি, পুং, চতুরঙ্গ সেনার মধ্যে হস্ত্যারোহী সৈন্যবিভাগ। ২। গজের অনীক (যুদ্ধ) ৬তৎ, হস্তীর যুদ্ধ।

গজারি [গজের (হস্তীর)—অরি (শত্রু, ঘাতক) ৬তৎ] বি, পুং, কেশরী : সিংহ। ২। শিব (গজাসুরকে বধ করায়)। ৩। গজারি নামক বৃক্ষ।

গজারূঢ় [গজ + আরূঢ়, ৭তৎ] বিণ, হস্তি-পৃষ্ঠে উপবিষ্ট। ২। গজারোহী সৈন্য।

গজাল (ল্) [প্রাদে] বি, মৎস্যবিশেষ। ২। বড় প্রেক। প্র—"নানারূপ বন্দ করি বাঁশের গজাল মারি সাজাইল কলার মান্দাসে।" —কেতক দাস।

গজাসুর (গজাশুর) [গজ (রূপ) অসুর —কর্ম্মধা] বি, পুং, গজাকৃতি অসুরবিশেষ। মহেশ নামক এক নবপতি, মহর্ষি নারদ কর্ত্তৃক অভিশপ্ত হইয়া গজযোনি প্রাপ্ত ও অসুরবৎ দেবদ্বেষী হওয়াতে তাঁহার গজাসুর এই নাম হয়।

গজী (গোজি) [ফা—গজী] বি, মোটা সূতার কাপড়বিশেষ।

গজেন্দ্র [গজের—ইন্দ্র (রাজা) ৬তৎ] বি, পুং, গজশ্রেষ্ঠ ; গজরাজ। ২। ঐরাবত হস্তী।

গজেন্দ্রগমন—গজরাজের ন্যায় মন্দ মন্দ গমন। স্ত্রী—গজেন্দ্রগামিনী।

গঞ্জ [সং—গনজ্ (শব্দ করা) + অ (অধি, ঘঞ্)] বি, শস্যাদি প্রচুর পরিমাণে ক্রয় বিক্রয়ের স্থান; গোলা ; হাট। ২। রত্নাদির খনি। ৩। ভাণ্ডার। ৪। গোয়াল ঘর। স্ত্রী, গঞ্জা—মদিরা গৃহ ; শুঁড়ির দোকান। ২। মদ্যপাত্র। ৩। খনি। ৪। পাতার ঘর ; কুঁড়ে। **গঞ্জ করা**—হাট করা।

গঞ্জন (ন্) [গনজ্ + অন (ভাবে)—অনট্] বি, ক্লী, তিরস্কার। প্র—"অস্থি মোর জর জর লোকের গঞ্জনে" —বাং-গান (নিধু)। ২। গঞ্জনার বিষয় ; কলঙ্ক। প্র—"অকুলীনে দিলে সুতা লাজে হবে হেঁট মাথা, বংশে বহু থাকিবে গঞ্জন।" ৩। [কর্ত্তৃ—অনট্] বিণ, তিরস্কারক ; তুচ্ছকারক ; মর্দনকারী স্ত্রী, **গঞ্জনা**—যাতনা ; দুঃখ ; লাঞ্ছনা। ২ তিরস্কার। ভর্ৎসনা ; খোঁটা ; কটূক্তি। ৩ বিদ্রূপ। প্র—"গঞ্জনা দেয় তরবারী"—মানসী

গঞ্জা [সং—গনজ্ (শব্দে, তিরস্কারে) উ-পু—গঞ্জি। ম-পু—গঞ্জ। প্র-পু—গঞ্জে অসক্রি, গঞ্জিতে (গো) : গঞ্জিয়া, গঞ্জে (গো)] ক্রি, গঞ্জনা করা ; তিরস্কার করা ; ভর্ৎসনা করা ; বাক্যযন্ত্রণা দেওয়া। প্র—"গুরুজন ঘরে গঞ্জয়ে আমারে তোমারে কহিব কত"—চণ্ডীদাস। ২। দোষ দেওয়া। প্র—"বৃথা গঞ্জ দশাননে তুমি বিধুমুখী"—মেঘনাদ। ৩। অবমাননা করা ; লাঞ্ছনা করা। ৪। ঝঙ্কার করা ; বাদ্য করা ; বাজা। প্র—"চরণ-কমল-পাশে যাবক-রঞ্জন তাপর মঞ্জীর গঞ্জে।" —বি, প।

গঞ্জি, গেঞ্জি, গেঞ্জিফ্রক (ক্) [ইং—gurnsey frock] বি, জালবোনার মত রন্ধ্র-যুক্ত বুনানির টাইট বা আঁট ছোট জামা-বিশেষ।

গঞ্জিকা (গো) [হি—গঞ্জা। সং-তে গঞ্জিকা অর্থে মদিরা-গৃহ] বি, গাঁজা ; সিদ্ধি গাছের জটা। ২। মদিরাগৃহ : তাড়িখানা।

গঞ্জীফা (গোন্‌জিফা) [ফা—গনজ্‌ফা] বি, তাস। [তুরস্কদেশে "প্রথম প্রবর্ত্তিত। ভারতে যবন-শাসন সময়ে মোগলেরা তাস খেলায় খুব উন্নতি করিয়াছিল। মুসলমানজাতি কর্ত্তৃক ভারতে তাস খেলা প্রবর্ত্তিত হয়। তাহার অনুকরণে কতকগুলি প্রতিভাশালী হিন্দু নর-পতি নবপ্রথানুসারে অভিনব তাসখেলা প্রবর্ত্তন করেন, তাহার নাম গঞ্জীফা। পারস্য গনজ্ অর্থে ধন—এই স্থলে ধনী বণিক্ মহাজন শেঠ প্রভৃতি ঐশ্বর্য্যশালী লোকের ক্রীড়া, বড়-লোক কর্ত্তৃক কৌতুক বা হস্তকৌশল হাতের চাতুরি কিম্বা ক্রীড়া প্রদর্শনের উপায় তাসগুলি লাক্ষাদ্বারা প্রস্তুত এখন প্রায় উঠিয়া গিয়াছে, কিন্তু মুসলমানিভাষায় তাসমাত্রের নাম এখন গঞ্জীফা হইয়াছে। প্রাচীন গঞ্জীফায় ১৪৮ খানা তাস থাকিত তাহাতে সমুদয় রামায়ণ গ্রন্থখানি চিত্রিত থাকিত, যথা—গন্ধমাদন পর্ব্বত, পঞ্চবটী, রামলক্ষ্মণাদি, রাবণাদি, অশ্বরথাদি কল্পতরু, বিশল্যকরণি প্রভৃতি অর্থাৎ রামায়ণে যে সমস্ত পর্ব্বত নদনদী ইত্যাদি"—ঐতিহাসিক চিত্র, ১৩১৫]।

গট, গ্যাট (ট্) [সং—ঘট (শ্বাসরুদ্ধ অবস্থা) অপভ্রংশে প্রাদে—ব্যবহারভেদে, গ্যাট, গ্যাঁট। তুল—হিন্দী—গট্টা (ছিপি)] বিণ, কুম্ভক-যোগস্থ ; রুদ্ধশ্বাস ; ঘটবৎ নিশ্চল ; জড় (ঘট দ্রঃ)। প্র—"ছিপি আঁটা কর্পূরের শিশির মত গ্যাট হইয়া বসিয়া আছেন, পাছে বুদ্ধিশুদ্ধি উবিয়া যায়।" —টেকচাঁদ।

গট (ট্) [অনুকার শব্দ, তুল, খট্, মট্। সং—গ্রন্থি—গাঁট] বি, মুষ্টি প্রহার কালে হাড়ের আঘাত শব্দ। ২। চলিয়া যাইবার কালে পায়ের হাড় বা গাঁটের শব্দ। ইহা হইতে "গাঁটা" মুঠা করিয়া অঙ্গুলির গ্রন্থি ;

অস্থি বা গাঁটের দ্বারা প্রহার। প্র—গাঁটা মারা। **গটগট করিয়া চলা**—পায়ের গাঁটের শব্দ করিয়া গমন করা। ২। দম্ভভরে চলা।

গটরা (ট্) গর্রা দ্রঃ।

গটা [প্রা-বাং। গোটা দ্র] বিণ. একটা; আস্ত। ২। সংখ্যাপূরক "টা"। প্র—"সকল সাজ হইল পরভুর আর সাজ চাই। গটাদস কুআ দিআ সাজাইল মই॥"—শূন্য পুরাণ।

গঠন (ন্) [গঠ্ নির্মাণ করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. প্রস্তুত; নির্মাণ। ২। রচনা; গড়া। ক্রি. গঠা (প্র-অ) চ-গড়া। তাহা হইতে গঠিল—গড়িল; নির্মাণ করিল।—গঠিব—গ্রা. গড়িব। গঠিতে—গ্রা. গড়িতে। বিণ. গঠিত (গড়িত অপ্র)। গঠিয়া (প্রা-বাং)—গ্রা. গড়িয়া। প্র—"সত পল সুনার কান্ত গঠিআ জগাএ"—শূন্যপুরাণ।

গঠিত (গোঠিতো) [গঠ্ (নির্মাণ করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ. যাহা গঠন করা হইয়াছে: নির্ম্মিত; রচিত।

গড় (ড্) [প্রাকৃ—গঢো = দুর্গ (হেমচন্দ্রের দেশী নামমালা)] বি. পুং. প্রতিবন্ধ; বাধা; আটক। ২। দুর্গ। প্র—"আজমীর গড় দিলা যবে মোরে, পণ করিলাম মনে, প্রভুর দুর্গ শত্রুর করে ছাড়িব না এ জীবনে।"—রবি। ৩। পরদা। ৪। পরিখা; গর্ত্ত। প্র—"আড় করি পাড় দিতে সিকি গেল গড়ে। লেখা করি নাহি হয় আদপোয়া গড়ে॥"—ঈশ্বর গুপ্ত। ৫। স্থানবিশেষ। ৬। ঢেঁকি পতন হইবার গহ্বর স্থান। প্র—"কন্দলে পরমানন্দ নারদের ঢেঁকী। আঁকশলী পোয়া মোনা গড়ে মেকামেকী॥"—ভারতচন্দ্র। ৭। নমস্কার; অভিবাদন; প্রণাম। "সম্মুখে আসিয়া ঢিপ করিয়া গড় করিল"—টেকচাঁদ। প্র—"অষ্টাঙ্গেতে কৈল গড় মনসার পায়।"—মনসার ভাসান। ৮। গড়ই মাছ। ৯। স্থূল হিসাব; average. ১০। (গ্ড়ো) ক্রি. গঠন কর। **গড় করা**—নমস্কার করা: প্রণাম করা। প্র—"গড় করি গৌরীর নন্দন গণনাথে"—শিবায়ন।

গড়ক (গ্ড়োক্) [গড় + ক (স্বার্থে)] বি. পুং. গড়ুই মাছ।

গড়খাই (ড্) [গড়খাত শব্দজ] বি. রাজা বা ভূম্যধিকারীদিগের বাটীর চতুঃপার্শ্বস্থ পরিখা। প্র—"অরূপ আত্মার ভাই ভরে না এ গড়খাই।"—কস্তুরী।

গড়খানা (ড্) [গড়খাত শব্দজ] বি. গড়খাই দ্রঃ।

গড়গড় (ড়্ড়্) [শব্দাত্মক। লঘু শব্দে "গুড়্গুড়্"। প্রাকৃ—গড়য়ড়ি = বজ্রধ্বনি (হেমচন্দ্রের নামমালা)] বি. বজ্রনির্ঘোষ। ২। ঘড়া হইতে জল ঢালিবার শব্দ। ৩। উপর হইতে লাফ দিয়া গড়াইয়া পড়িবার শব্দ ও পতনভঙ্গী। ৪। জলপ্রবাহের শব্দ। **গড়গড় করা**—গড়্গড়্ শব্দ করা। প্র—আকাশ বা মেঘ গড়্গড়্ করা। **পেট গড়গড় করা**—অজীর্ণজনিত পেট সাড় করা।

গড়্গড়া [হি—গড়গড় করিয়া তামাক টানিবার শব্দ হইতে] বি. তামাক খাইবার ছোট আলবোলা। ২। উলুখড়ের মত ঘাসবিশেষ, ইহার ধানগাছের স্থায় শীষ হয়, ফল শাদা মটরের মত।

গড়ন (গড়োন্) [গঠন শব্দজ] বি. ক্লী. প্রস্তুত করণ; গঠন: নির্ম্মাণ। ২। নির্ম্মিতি। ৩। সৌষ্ঠব। প্র—"সাবাস সাবাস নাক চোখের গড়ন।"—হেমবন্দ্যো। ৪। বি. গহনার গঠন: অলঙ্কারের নির্ম্মিতি। প্র—"গড়ন ভাঙ্গিতে সই আছে কত খল। ভাঙ্গিয়া গড়িতে পারে সে বড় বিরল॥"—চণ্ডীদাস।

গড়নপিটন (গড়োন্ পিটোন্) বি. গঠন ও সৌষ্ঠব; নির্ম্মিতি ও ডোল; আকারপ্রকার (তুল—হি—ডিলডোল)।

গড়নদার (গড়োন্দার্) [গড়ন (গঠন) ফা—দার (কর্ত্তা অর্থে)] বি. যে গড়ে; যে স্বর্ণ রৌপ্য তাম্রাদি ধাতু পিটিয়া বিশেষ কোন দ্রব্যের আকারে পরিণত করে।

গড়পড়তা (গড়্পড়্তা) [গড় (হি—গর্ (মোট হিসাব) পড়তা (হি)—হিসাবে যাহা পড়ে] বি. মোটামুটি হিসাব; average. প্র—"৩৬ বৎসর ও ৯ বৎসরের গড়পড়তা ২২।২৩ বৎসর।"—সনাতনী।

গড়মিল (গড়্মিল্) [গরমিল শব্দের প্রাদেশিক উচ্চারণ বিকার] বি. বেমানান; অমিল; পরস্পরের মধ্যে সাদৃশ্যের অভাব। প্র—"লিখিতে বসলেই অক্ষরগুলো গড়মিল হয় যে সবই।"—দ্বিজেন্দ্র রায়। ২। মতভেদ; পরস্পর মনের মিল না হওয়া।

গড়া—বি. মোটা ধুতি; সাদা থান ফাড়া ধুতি। ২। দুর্গের স্থায় চতুর্দ্দিক পরিবেষ্টিত স্থান। প্র—কাটগড়া। ৩। মাছ ধরিবার জন্য খাল প্রভৃতি জলাশয়ের পারাপার বেড়া। প্র—"শত শত এক জায় গুজরাটে তন্তুবায়। ভুনী-ধুতি আদি বুনে গড়া।"—কঙ্কিক।

গড়া (গ্) [সং—গঠন—গঠা; হি—গঢ়না। উ-পু—গড়ি (গো)। ম-পু—গড় ; গড়ন (গোড়ন্); গড়্, প্র-পু—গড়ে; গড়েন। অস-ক্রি, গড়িতে (গে।); গড়িয়া (গে।)। **পিজন্ত—গড়ান**। উ-পু—গড়াই। ম-পু—গড়াও; গড়ান্; গড়া। প্র-পু—গড়ায়; গড়ান। অস-ক্রি—গড়াইতে; গড়াইয়া, গড়িয়ে] ক্রি. গঠন করা; নির্ম্মাণ করা। প্র—পুতুল গড়া; গহনা গড়া। ২। শিক্ষা, মন্ত্রাদি দ্বারা প্রস্তুত করা। প্র—তাহাকে এতক্ষণ খুব গড়েপিটে রেখেছে। ৩। ভাঙ্গার বিপরীত। প্র—ভাঙ্গা সহজ কিন্তু গড়া বড় শক্ত। ৪। বিণ. সাজান; কাল্পনিক; অপ্রকৃত; জাল। প্র—ওসব গড়া মামলা বা কথা বা সাক্ষ্য। ৫। গঠিত। **শিব গড়িতে বানর**—ভাল করিতে মন্দ; এক করিতে আর। প্র—"শিব গড়িতে বানর হল এই কি বিধির বিড়ম্বনা॥"—বাং-গান।

গড়াই, গড়ুই (গো) [সং—গড়ক (অমরে)। গড় (বৈদ্যকে)] বি. চেঙ্গ মাছ সদৃশ মৎস্যবিশেষ।

গড়াগড়া [গড়া (গড়ানর ভাব)—গড়া (সাদৃশ্যার্থে, দ্বিত্ব)—প্রায় গড়াইবার মত] বিণ. সারি সারি; পাশাপাশি। প্র—গড়াগড়া পড়ে আছে দেখা গেল।

গড়াগড়ি (গড়াগোড়ি) [গড়ান দ্রঃ] বি. অবলুণ্ঠন। প্র—"এত বলি কান্দে রামা গড়াগড়ি দিয়া।"—ঘনরাম। ২। [কাত হইয়া ইতস্ততঃ পতিত থাকার ভাব] ছড়াছড়ি। প্র—"গোটা কত ভগ্ন ঘট যায় গড়াগড়ি"—নবীন সেন (অবসর সরোজিনী)।

গড়ান (গ্ড়ানো) [গড়া দ্রঃ] ক্রি. গঠন করান; নির্ম্মাণ করান। প্র—"গাছ কাটি গড়াইব লাঙ্গল জোয়ালি।" —শিবায়ন। [ব্রজ] **গড়াইতে**—গড়িতে; গড়াইতে। **গড়ায়ত**—গড়ায়। **গড়ায়ব**—গড়াইব। প্র—"ভাঙ্গি গড়ায়ব বুঝি কত বেরি"—বি, প। **গড়ল**—গঠন করিল। প্র—"কাহে কুলবতী করি গড়ল মোর্ দেহ"—বি, প।

গড়ান (গড়ানো) [শব্দাত্মক। ঘড়ার জল ঢালিবার সময় বা চক্রাদির আবর্ত্তনকালে যে গড়গড় শব্দ হয় তাহা হইতে গড়গড়ান—গড়ান। উত্তমাদি পুরুষে রূপান্তর "গড়া" শব্দে দ্রঃ] ক্রি, গড়াইয়া যাওয়া; আবর্ত্তিত হইয়া পড়া। প্র—"সিঁড়ি দিয়া গড় গড় করিয়া গড়াইয়া পড়িল। ২। গড়াইয়া দেওয়া; ঢালুস্থানে ছাড়িয়া দেওয়া; আবর্ত্তিত করা। ৩। ঘটাদি পাত্র হইতে জল ঢালা। প্র—কুঁজা হইতে জল গড়ান। ৪। ভূমিতে অঙ্গ ঢালিয়া দেওয়া; শয়ন করা। প্র—একটুখানি গড়াইয়া লওয়া। ৫। অত্যন্ত বিনীত হওয়া; অতিশয় অমায়িকতা দেখান; গড়াইয়া পড়া। ৬। অবলুণ্ঠন করা; গড়াগড়ি দেওয়া। ৭। পৌঁছন; পরিণত হওয়া। প্র—শ্রাদ্ধ অনেক দূর গড়াইল। ব্যাপারটা যে শেষে এতদূর গড়াইবে কে জানিত। বি. গড়ান (ন্) বিণ.

গড়ানিয়া, গড়ানে—যে গড়ায়। ২। যে গড়াইয়া পড়ে ; অত্যন্ত বিনয়ী ও অমায়িক। ৩। ঢালু। এই অর্থে গড়েন্ শব্দের ব্যবহার আছে।

গড়িমষি (গোড়িমোষি) [সং—গলি ("গলি র্দুষ্টবৃষঃ শক্তোহপ্যধুর্ব্বহঃ"—হেমচন্দ্র। সমর্থ হইয়াও ভারবহনে অনিচ্ছুক দুষ্ট বৃষ) = গড়ি—গড়্—গরু + মষি—মইষ = মহিষ—গরুমহিষি, অর্থাৎ অলস গরু মহিষের প্রকৃতি] বি. দীর্ঘসূত্রতা।

গড়িয়া, গড়ে (গো) [গেড়ুয়া দ্রঃ। গণ্ড, গণ্ডু, গড়্ (গ্রন্থি)—গণ্ডমালা (কণ্ঠমালা)—তৎসদৃশ বলিয়া] বি. পুষ্পের গণ্ডমালা ; ঘন গুম্ফিত পুষ্পস্তবক।

গড়ু (গোড়ু) [গড় + উ—কর্ত্তৃ] বিণ. কুব্জ। ২। বি. পুং. পৃষ্ঠের স্ফীত স্থান। কুঁজ। ৩। গলগণ্ড প্রভৃতি রোগ। ৪। গ্রন্থি। ৫। কেঁচো। ৬। শলা।

গড়ুর, গড়ুল (গোড়ুর্, ল্) [গরুড়—বর্ণ বিপর্য্যয়ে গড়ুর। র = ল] বিণ. যাহার পৃষ্ঠে গড়ু অর্থাৎ কুঁজ আছে। কুব্জ, কুঁজো। ২। পক্ষিরাজ ; বিনতানন্দন।

গড়ের (র্) [হি—গড়েরা। সং—গড্ডর।] বি. পুং. ভেড়া ; মেষ।

গড়োল (ল্) বি. পুং. গুড়। ২। গ্রাম।

গড্ডর, গড্ডল (র্, ল্) [সং] বি. পুং. গাড়ল ; ভেড়া। ২। মেষ। স্ত্রী. গড্ডরিকা, গড্ডলিকা।

গড্ডরিকা, গড্ডলিকা [গড্ডর দ্রঃ] বি. স্ত্রী. দলের মধ্যে অগ্রগামিনী মেষী ; মেষপাল সকল যে মেষীর পশ্চাৎ পশ্চাৎ অনুসরণ করে। ২। অবিচ্ছিন্ন গতি। **গড্ডরিকা প্রবাহ, গড্ডলিকাপ্রবাহ**—বি. নিজে বিবেচনা না করিয়া সকলের দেখাদেখি পূর্ব্ব প্রচলিত মতের অনুগমন করা।

গড্ডা, গড্ডী (গা) [হি] বি. তাড়া ; বাণ্ডিল ; আটি।

গড্ডুক (ক্) বি. পুং. গাড়ু।

গঢ়া [প্রা-বাং। হি—গঢ়না] ক্রি. গড়া দ্রঃ। প্র—"না জানি কতেক নিধি গঢ়িল কেমন বিধি ত্রিভুবনে নাহিক উপমা।"—জ্ঞানদাস।

গণ (ন্) [গণ (গণনা করা) + ণিচ্ = গণি + অ (অল্, কর্ম্মে)] বি. পুং. সমষ্টি ; সমূহ ; বর্গ। ২। শ্রেণী ; জাতীয় বিভাগ। ৩। [গণিতে] সংখ্যা ; গণনা। ৪। [ব্যবহার শাস্ত্রে] গোষ্ঠীবর্গ ; সন্তানসন্ততিগণ। ৫। মকদ্দমায় কোন পক্ষের লোক। ৬। তিন গুল্ম অর্থাৎ যে সৈন্যদলে ১৩৫ জন পদাতি, ৮১ অশ্ব, ২৭ রথ ও ২৭ হস্তী থাকে। ৭। গঙ্গার পশ্চিমে পথের দূরত্ব পরিমাণ। ৮। [পুরাণে] শিবানুচরগণ ; প্রমথগণ ; ভূতগণ ; ভৈরবগণ। প্র—"দেহ হৈতে বাহির হৈল ভূতগণ। ভৈরবের ভীমনাদে কাঁপে ত্রিভুবন।"—অ. ম। "বেতাল ভৈরবগণ করে তাড়াতাড়ি"—ঐ। ৯। [শিবানুচরগণ হইতে] অনুচরবর্গ। (২) সম্প্রদায় ; দল। প্র—বৈষ্ণবগণ ; বৌদ্ধগণ। (৩) সাঙ্গোপাঙ্গ ; ভক্তগণ ; পার্শ্বচরগণ। প্র—"তাঁরে ভয় নাহি কিছু, বিষম তাঁর গণ।" —চৈতন্যচরিতামৃত। "স্বগণ সহিতে মোর মানিল নিমন্ত্রণ।"—ঐ। ১০। [জ্যোতিষে] ২৭ নক্ষত্রের বিভাগত্রয়, প্রত্যেক ভাগে ৯টি করিয়া নক্ষত্রের অধিকারে জন্মানুসারে দেবগণ, মনুষ্যগণ বা রাক্ষসগণ এই সংজ্ঞা। ১১। [ছন্দোশাস্ত্রে] ত্রিশ কাষ্ঠা (প্রায় ৮ সেকেণ্ড্) পরিমাণ কাল বিভাগ। ১২। [ব্যাকরণে] সংস্কৃত ধাতু সমূহের দশটি শ্রেণী বিভাগ যথা,—ভ্বাদিগণ (ভূ আদি ধাতু সমূহ), অদাদিগণ (অদ্ আদি), জুহোত্যাদিগণ (হু আদি), দিবাদিগণ (দিব্ আদি), স্বাদিগণ (সু আদি), তুদাদিগণ (তুদ্ আদি), রুধাদিগণ (রুধ্ আদি), তনাদিগণ (তন্ আদি), ক্র্যাদিগণ (ক্রী-আদি) ও চুরাদিগণ (চুর্ আদি ধাতুগণ)। ১৩। পথ ; রাস্তা। প্র—"তুমি করি দিলে গণ পায়্যাবে রাক্ষসগণ জনপদ হবে প্রেতপুর।"—কবিক।

গণক (গনোক্) [গণ + ণিচ = গণি + অক—কর্ত্তৃ] বি. পুং. বার তিথি নক্ষত্রানুসারে গ্রহগণের গতিদ্বারা শুভাশুভ নিরূপণকারী ব্রাহ্মণজাতিবিশেষ। গ্রহাচার্য্য : দৈবজ্ঞ। ২। জ্যোতির্ব্বিদ্। ৩। বিণ. যে গণনা করে। প্র—"গণকঠাকুর গণকঠাকুর করি নমস্কার, হাতটী দেখে ভাগ্যলিপি বলত আমার।"

গণকার (গনোকার্) [গণ (সৈন্য সমূহ) কার—কৃ (করা) + অ (কর্ত্তৃ, অণ্) যে সৈন্য গঠন করে] বি. পুং. সেনাপতি : সেনাধ্যক্ষ ; সেনানায়ক। ২। ভ্বাদ্যাদিগণভুক্ত ধাতু সমূহের অর্থ নির্ণায়ক পণ্ডিত। ৩। গণক : তিথি নক্ষত্র মিলনে শুভাশুভ গণনাকারী : জ্যোতিষে গণৎকার।

গণক্কার (গোনোক্কার্) [সং—গণকার—পরে, গণৎকার] বি. গ্রহাচার্য্য : গণক। ২। বিণ. গণনাকারী।

গণচক্রক (গনচক্রোক্) [গণ (দল, পক্ষ) —চক্র (চক্রাকারে মিলন, উপবেশনাদি)] বি. ক্লী. সাধুলোকের একত্র বসিয়া ভোজন ব্যাপার।

গণতা (গনোতা) [গণ + তা (ভাবে)] বি. স্ত্রী. ন্যায়ান্যায় বিচার না করিয়া নিজগণ বা পক্ষীয় ব্যক্তির সহায়তা ; পক্ষপাত ; একদেশদর্শিতা।

গণতি, গুণতি (ন্) [গণা দ্রঃ] বি. গণনা ; সংখ্যা।

গণতোষিণী (গনতোষিনি) [গণের (প্রাণিগণের) তোষিণী (তুষ্টি দায়িনী)] বিণ. স্ত্রী. যিনি প্রাণিগণের তুষ্টি সাধন করেন ; অন্নদা। প্র—"শিবমোহিনী শিবসোহিনি গো॥
গণতোষিণি ঘনঘোষিণি * * *
গিরিবাসিনি ভারতাশিনি গো॥"
—অন্নদামঙ্গল।

গণৎকার (গোনোৎকার্) [গণকার অপভ্রংশে] বি. গণক ; গ্রহাচার্য্য ; জ্যোতিষী।

গণদেবতা (গণোদেবোতা) বি. স্ত্রী. শিবাদি পঞ্চ ; ইন্দ্রাদি দশদিকপাল ; আদিত্যাদি নবগ্রহ ; বিশ্ব ১০, বসু ৮, তুষিত ৩৬, আভাস্বর ৬৪, বায়ু ৪৯, সাধ্য ১২, রুদ্র ১১, আদিত্য ১২, মহারাজিক ২২০ ইত্যাদি দেবগণ।

গণদ্রব্য (গণোদ্রোব্বো) [গণের (সাধারণের) দ্রব্য (বস্তু) ৬তৎ] বি. ক্লী. সাধারণের অধিকারযোগ্য দ্রব্য। ২। [গণ (সাধারণ) যে দ্রব্য—কর্ম্মধা] ২। বস্তুসমূহ।

গণন (গণোন্) [গণ্ (সংখ্যা করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. গণনা করা ; সংখ্যা করা ; ঠিক দেওয়া। স্ত্রী—**গণনা** ; বি. অবধারণ। ২। গ্রাহ্য করা। ৩। উল্লেখ। ৪। রাশি নক্ষত্র দ্বারা শুভাশুভ নিরূপণ।

গণনাথ (গণোনাথ্) [গণের নাথ, ৬তৎ] বি. পুং. গণেশ। প্র—"গড় করি গৌরীর নন্দন গণনাথে।" —শিবায়ন। ২। শিব। গণ শব্দের পর পতি ; নায়ক অধিপতি ; ঈশ প্রভৃতি শব্দ থাকিলে গণেশ অর্থ বুঝায়। ৩। বহুজনের কর্ত্তা ; অনেক দ্রব্যের অধিপতি।

গণনায়ক (ন. ক্) [গণ (জনগণ—সর্ব্বসাধারণ) —নায়ক (চালক, নেতা)] বি. জননায়ক ; নেতা ; দেশনায়ক ; leader.

গণনায়িকা (গণোনায়িকা) [গণের নায়িকা, (অধিষ্ঠাত্রী) ৬তৎ] বি. স্ত্রী. দুর্গা।

গণনার্হ (গণোনার্‌হ) বিণ্. গণনার যোগ্য। ২। উল্লেখ্য।

গণনীয় (গণোনীও) [গণ (সংখ্যা করা) + ণিচ্ = গণি + অনীয় (কর্ম্মে)] বিণ. গণনার্হ ; গণনার যোগ্য ; সংখ্যেয় ; যাহা সংখ্যা করা যায়। ২। উল্লেখযোগ্য : গণ্য। ৩। গ্রাহ্য।

গণপতি (গণোপোতি) [গণের (প্রমথগণের) পতি (প্রভু) ৬তৎ] বি. পুং. গণনাথ ; গণেশ। ২। শিব। ৩। বহুজনের পতি।

গণপর্ব্বত (গণোপর্বত) [গণের—শিবের অনুচরগণের পর্ব্বত, (অচল) ৬তৎ] বি. পুং.

শিবের অনুচরগণ এবং অন্যান্য যক্ষ ও কিন্নরগণ যে পর্ব্বতে বাস করে ; কৈলাস পর্ব্বত।

গণবৎ, গণবন্ত [গণ + বৎ—অস্ত্যর্থে যাহাদের গণ (সমূহ) আছে] বিণ. গণযুক্ত ; গণের সহিত ; একত্র ; শ্রেণীবদ্ধ।

গণভর্ত্তা [গণের (প্রমথগণের) ভর্ত্তা ভৃ (ভরণ করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = ভর্ত্তৃ ১মা. ১ব. ভর্ত্তা (ধারণকর্ত্তা. প্রভু) ৬তৎ] বি. পুং. শিব ; মহেশ্বর। ২। গজানন।

গণশক্তি (গণোশোক্‌তি [গণ (প্রজা-সমূহ ; জনসঙ্ঘ)—শক্তি] বি. জনসঙ্ঘের শক্তি ; জনবল।

গণা (গনা. গোনা) [গুণা. গোনাও হয়। গণ = গণনা করা] উ-পু—গণি. গুণি। ম-পু—গণ. গোণো ; গণুন্. গুণুন ; গণ্. গোণ্। প্র-পু—গণে. গোণে ; গণেন্. গোণেন্। অস-ক্রি—গণিতে. গুণ্‌তে ; গণিয়া. গুণিয়া। [ণিজন্ত—গণান] ক্রি. গণনা করা ; সংখ্যা করা। ২। গণ্য করা। প্র—"শমনে সামান্য গণে।" —দাশরথি। ৩। বিচার করা ; মনে করা ; বোধ করা। প্র—"আমি করি নিবেদন আর না করিহ রণ হেতু কিছু আমি মনে গুণি।"—কবিক। ৪। স্মরণ করা। প্র—"মনে গুণি পূরব সুনেহ।"—বি. প। ৫। মান্য করা। ৬। বিণ. গণিত ; সংখ্যাত। ৭। গণনায় নির্দ্ধারিত ; কমও নহে ; বেশীও নহে ; ঠিক ঠিক। প্র—"তাঁহাদিগের বর্ষীয়সী গ্রীকজাতির বয়ঃক্রম গণা সাতাইশ শত বৎসর।"—উপাসনা. ৬ষ্ঠবর্ষ। [ব্রজ]—**গণইতে**—গণনা করিতে। প্র—"গণইতে দোষ গুণলেশ না পাওবি।" —বিদ্যাপতি। **গণবি**—গণ্য করিবে ; গণিবে। প্র—"চিতে নাহি গণবি আনে।" —বিদ্যাপতি। **গণলা**—গণনা করিলাম ; গণ্য করিলাম। প্র—"পিয়াক গরবে হাম কাহুক না গণলা।" —বিদ্যাপতি। **গণলু, লুঁ**—গণ্য করিলাম ; গণিলাম। বি. গণ্‌তি. গুণ্‌তি। **গণা গাঁথা**—সংখ্যাত ও গ্রথিত ; গণনায় নির্দ্ধারিত। ২। যাহা সংখ্যা করা ও মনে গাঁথিয়া রাখা হইয়াছে সুতরাং ভুল হইতে পারে না। প্র—গণা গাঁথা জিনিষ হইতে একটি সরিলেই জানিতে পারিবে। **গণা-গোষ্ঠী**—গণ ও গোষ্ঠী ; জ্ঞাতিকুল ; পরিবারবর্গ ; গোষ্ঠীবর্গ ; পরিজন সমূহ।

গণাই [গণেশ—গণেই—গণাই (অনাদরে অতি পরিচয় বা স্নেহার্থে)] বি. পুং. গণাই-ঠাকুর ; গণপতি।

গণাক্রান্ত (গণাক্‌ক্রানতো) [গণ দ্বারা আক্রান্ত. ৩ তৎ কিম্বা গণং (গণকে আক্রান্ত (প্রাপ্ত) ২ তৎ] বিণ. যে-কোন পক্ষে স্থিত ; দলভুক্ত ; দলবদ্ধ ; দলপ্রাপ্ত।

গণাগ্রণী (গনাগ্‌গ্রোনি) [গণের (দেবগণের) অগ্রণী (অগ্রগামী. অধ্যক্ষ) ৬ তৎ] বি. পুং. গণেশ। ২। মহাদেব।

গণাধিপ (প্) বি. পুং. গণপতি।

গণান (গোনানো) [গণা দ্রঃ। উ-পু—গণাই। ম-পু—গনাও ; গণান্ ; গণা। প্র-পু—গণায় ; গণান। অস-ক্রি—গণাইতে ; গণাইয়া. গণিয়ে. গুনিয়ে] ক্রি. সংখ্যা করান। ২। গণৎ-কার দ্বারা ভাগ্য গণনা করান। ৩। বর কন্যার ভবিষ্যৎ শুভাশুভ জানিবার জন্য পঞ্জিকা কোষ্ঠী প্রভৃতির সাহায্যে জ্যোতির্ষী পণ্ডিত দ্বারা বিবাহের ফলাফল নির্দ্ধারণ করা। প্র—গণান গাঁথান হয়ে গিয়েছে. দেনা পাওনার গোলটা মিটলেই বিবাহের দিন স্থির হয়।

গণান্ন (গণান্‌নো) [গণের অন্ন (৬ তৎ. কিম্বা গণের জন্য অন্ন. ৪র্থী তৎ)] বি. ক্লী. বহু লোকের জন্য একত্র যে অন্ন (ভোজনীয় দ্রব্য) প্রস্তুত হয়।

গণান্নভোজী (গনান্‌নোভোজি) [গণান্ন—ভোজিন্ ১মা. ১ব] বিণ. যে বহুবিধ গণের সংশ্লিষ্ট অন্ন ভোজন করে ; গণান্নভক্ষক ; যে সাধারণের অন্ন ভোজন করে।

গণি (গোনি) ক্রী. গণ্য করি। ২। মনে করি ; ভাবি ; বোধ করি। ৩। গণনা করি।

গণিকা (গোনিকা) [গণ + ণিচ্ = গণি + অক—স্ত্রী. আপ্—ই আগম] যাহাকে কামুকেরা কামুকী বলিয়া গণনা করে। [কিম্বা গণ (কামুক সমূহ) + ইক (অস্ত্যর্থে) যাহার পতিরূপে অনেক কামুকগণ আছে—আপ্—স্ত্রী] বি. স্ত্রী. বারস্ত্রী ; বেশ্যা। ২। হস্তিনী। ৩। যুঁইফুল।

গণিকারিকা (গোনিকারিকা) বি. স্ত্রী. ওষধিবিশেষ।

গণিত (গোণিত) [গণ (সংখ্যা করা) + ণিচ্ = গণি + ত (কর্ম্মে—ক্ত) ই আগম] বিণ. যাহা গণনা করা হইয়াছে ; সংখ্যাত। ২। [করণে—ক্ত. যাহা দ্বারা অর্থাৎ যে শাস্ত্রদ্বারা গণনা করা যায়] বি. ক্লী. অঙ্কশাস্ত্র ; mathematics. **পাটীগণিত**—arithmetic. **বীজগণিত**—algebra. **রেখাগণিত**—পরিমিতি ; mensuration. **গণিত-বিজ্ঞান**—the science of mathematics. **মিশ্রগণিত**—mixed mathematics. **উচ্চগণিত**—higher mathematics. **গণিতবিদ্যা**—গণিতশাস্ত্র। **গণিতশ্রেণী**— arithmetical progression.

গণিতজ্ঞ (গোনিতোগ্‌গোঁ) [গণিত (অঙ্কশাস্ত্র) জ্ঞ (যে জানে) জ্ঞা (জানা) + অ (কর্ত্তৃ—ড) যে জানে] বি. পুং. যে গণিতশাস্ত্র জানে ; গণিতশাস্ত্রবেত্তা।

গণীভূত (গো) [গণ—চ্বি—গণী + ভূত (ভূ + ক্ত. কর্ত্তৃ)] বিণ. বংশগত ; ২। গণান্তর্গত ; সম্প্রদায়ভুক্ত।

গণেয় (গনেঅ) [গণ + এয় (স্বার্থে—এয়ণ্ নিপাতনে সিদ্ধ)] বিণ. গণ্য. গণনীয়।

গণেরু (গনেরু) [গণ (কামুকগণ) + ঈর (গমন করা) = গণের + উ (কর্ত্তৃ) = গণেরু. কামুকগণ কাম নিবৃত্তির জন্য যেখানে গমন করে] বি. স্ত্রী. বারাঙ্গনা ; বেশ্যা। ২। হস্তিনী। ৩। পুং. কর্ণিকার বৃক্ষ।

গণেরুকা (নে) বি. স্ত্রী. দূতী ; কুট্টনী. ; কুট্‌নী।

গণেশ (গ্‌নেশ্) [গণের—দেবগণের ঈশ (প্রভু) ৬ তৎ] বি. পুং. শিব ও পার্ব্বতীর জ্যেষ্ঠপুত্র ; গণপতি। ইনি গণের অধিপতি।

গণেশকুসুম (গনেশ্‌কুশুম্) [গণেশের মত রক্তবর্ণ যে কুসুম. কর্ম্মধা] বি. ক্লী. রক্ত করবীর পুষ্প। ২। বি. পুং. রক্তকরবীর গাছ।

গণেশখণ্ড (গ্‌নেশ্‌খনডো) বি. ক্লী. স্কন্দ পুরাণান্তর্গত গণেশের উৎপত্তি বিষয়ক গ্রন্থ-বিশেষ।

গণেশশৈশব (গ্‌নেশ্‌শৈশব্) [গণেশ (গজানন) হইয়াছে শৈশব (শিশু) যাহার. বহু] বি. পুং. শিব। প্র—"গণেশ-শৈশব বিভূতি-বৈভব ভবেশ-ভৈরব দিগম্বর।" —ভারতচন্দ্র।

গণ্ড (গনড্. ডো) [গণ্ড্ (গণ্ড ব্যাপার হওয়া) + অ (কর্ম্মে)] বি. পুং. কপোল-দেশ ; গাল। ২। ঘোড়ার গণ্ডদেশের সাজ ; অশ্বভূষণবিশেষ। ৩। গণ্ডার। ৪। হাতীর গাল। ৫। গজের কুম্ভ। ৬। চিহ্ন। ৭। ফোড়া ; গাঁড়। ৮। গ্রন্থি। ৯। বুদ্বুদ। ১০। যোগবিশেষ। বিণ. প্রধান। **গণ্ডে পিণ্ডে, গাণ্ডে পিণ্ডে** [গণ্ডে (কণ্ঠ অর্থে. গলে) পিণ্ডে (কুঁচকির পিণ্ডিকা হইতে)] কুঁচকিকণ্ঠা ঠাসিয়া ; অপরিমিতরূপে।

গণ্ডক (ক্) [গণ্ড + ক (স্বার্থে)] বি. পুং. গণ্ডার। ২। অন্তরায় ; বিঘ্ন। ৩। গণ্ডা। গণ্ডাকিয়ার সংখ্যাবিশেষ। স্ত্রী. **গণ্ডকী**—নদীবিশেষ [পরি দ্রঃ]।

গণ্ডকারী (লী) বি. স্ত্রী. বৃক্ষবিশেষ। ২। লজ্জাবতী লতা। ৩। খয়ের গাছ। ৪। কেওয়াঠুঁটী। ৫। বনচালিতা।

গণ্ডকীশিলা—বি. স্ত্রী. গণ্ডকী নদীর তীরস্থ শালগ্রামদেশোৎপন্ন শালগ্রাম শিলা।

গণ্ডকূপ (প্) বি. স্ত্রী. গণ্ডস্থলের কূপ। ২। শৈলশিখরস্থ সমতলভূমি ; অধিত্যকা a tableland.

গণ্ডগাত্র (—গাৎত্র) [গণ্ড (স্ফোটক) গাত্রে (শরীরে) যাহার, বহু] বি, স্ত্রী. ডেয়ো মান্দার, আতা ও নোনা ফল। ২। বিণ, যাহার গায়ে আতার মত গণ্ড সমাকীর্ণ।

গণ্ডগোল (ল্) [গণ্ড (প্রধান, অত্যধিক) গোল] বি. গোলমাল, অতিশয় কোলাহল ; বহুলোকের কলরব। ২। বিবাদ।

গণ্ডগ্রাম (ম্) [গণ্ড (প্রধান) গ্রাম, কর্ম্মধা] বি, বৃহৎ গ্রাম ; বহুজনবাসযোগ্য গ্রাম।

গণ্ডদেশ (শ্) বি, পুং, কপোল ; গণ্ডস্থল ; গাল।

গণ্ডফলক (ক্) বি, ক্লী, গণ্ডস্থল ; কপোল ; গাল। ২। বিণ, বিস্তীর্ণ কপোলযুক্ত।

গণ্ডবিন্দু—বি, পুং, কুবেরের সেনাপতি।

গণ্ডমণ্ডল (ল্) [গণ্ড—মণ্ডল, ৬তৎ] বি, গণ্ডদেশ। প্র—"গণ্ডমণ্ডল বলিত কুণ্ডল উড়ে চূড়ে শিখণ্ড।"—গোবিন্দদাস।

গণ্ডমালা [গণ্ড (স্ফোটক) মালা (শ্রেণী) ৬তৎ] বি, স্ত্রী, গলদেশে মণ্ডলাকার ফোড়া-সমূহ। ২। গণ্ডের ন্যায় গোলাকার স্বর্ণ-গুটিকার মাল্য ; বালকের কণ্ঠভূষণবিশেষ।

গণ্ডমূর্খ [গণ্ড (প্রধান) = মূর্খ, কর্ম্মধা] বিণ, অতিশয় নির্ব্বোধ ; ঘোর মূর্খ ; নিরেট বোকা।

গণ্ডযোগ (—জোগ্) বি, রাশিচক্রের এক-সপ্তবিংশতিতম অংশ অর্থাৎ ২৭ যোগের মধ্যে দশম যোগ। এই যোগে জন্ম হইলে পিতা-মাতার মৃত্যু হয়। প্র—"গণ্ডযোগে জন্ম হলে, সে হয় যে মা-খেকো ছেলে।"—রামপ্রসাদ।

গণ্ডলেখা [গণ্ড - লেখা = রেখা (সীমা)] বি, স্ত্রী, কপোলদেশ ; গাল ; কপোল।

গণ্ডশৈল [গণ্ড (প্রকাণ্ড) শৈল (গোলাকার খণ্ড)] বি, পুং, অগ্ন্যুৎপাত ভূমিকম্প প্রভৃতি দ্বারা উৎক্ষিপ্ত গোলাকার সুবৃহৎ প্রস্তর বা পর্ব্বতাংশ ; boulder. ২। ক্ষুদ্র ক্ষুদ্র পাহাড়। ৩। ললাটদেশ ; কপাল।

গণ্ডস্থল (গনড্সৃথল্) [গণ্ড (গাল) স্থল (স্থান) কর্ম্মধা] বি, ক্লী, কপোলদেশ ; গণ্ডদেশ ; সমুদয় গাল। স্ত্রী, **গণ্ডস্থলী**।

গণ্ডা—বি, গণ্ডার। প্র—"গণ্ডা বলিদান, অভয়া কৈল পান জবার মালা গলে দোলএ।"—শূন্য পুরাণ। ২। সংখ্যাবিশেষ ; ৪ কড়ায় এক গণ্ডা। প্র—"অঙ্কশাস্ত্রে বররুচি, গ্যালিলিয়ো, নিউটান। গণ্ডা কড়ি গুণ্‌তে হ'লে জানের বাড়ী যান।"—হেম বন্দ্যো। ৩। পাওনা হিসাব ; প্রাপ্য অংশ। **আপন গণ্ডা**—স্বার্থ ; নিজের প্রাপ্য। **গণ্ডা গণ্ডা**—বহুসংখ্যক ; অনেক ; যথেষ্ট পরিমাণ। **গণ্ডায় আণ্ডা বা এণ্ডা দেওয়া**—গণ্ডাকিয়া বোঝাইবার সময় পাঠশালের সর্দ্দার পড়ুয়া যখন যত কড়ায় যত গণ্ডা বলে অপর পড়ুয়ারা তাহাই সমস্বরে পুনরাবৃত্তি করে কিন্তু যে ফাঁকি দেয় সে গণ্ডার সুরে সুর মিলাইয়া শেষে বলে আণ্ডা বা ণ্ডা (তাহা হইতে) ফাঁকি দেওয়া।

গণ্ডাকিয়া—বি, গণ্ডা হিসাবে সংখ্যা করিবার ধারা।

গণ্ডার (র্) বি, পুং, স্থূলচর্ম্মী প্রসিদ্ধ পশু ; খড়্গী ; a rhinoceros.

গণ্ডি (গোনডি) [গণ্ড্ + ই (সংজ্ঞার্থে)] বি, পুং, গাছের গুঁড়ি। ২। বেষ্টন রেখা। প্র—গণ্ডির মধ্যে থাকা। গণ্ডির বাহিরে পা দেওয়া। ৩। মন্ত্রবেষ্টনী, (যে মন্ত্রপূত স্থান হইতে ভূতাদি অপদেবতা অথবা মনুষ্যাদি জীবগণ বাহিরে যাইতে, বাহির হইতে ও তন্মধ্যে আসিতে পারে না)। মায়ামৃগ ধরিতে যাইবার সময় লক্ষ্মণ ভ্রাতৃজায়া সীতা-দেবীকে গণ্ডির মধ্যে রাখিয়া এবং গণ্ডির বাহিরে যাইতে নিষেধ করিয়া গিয়াছিলেন।

গণ্ডীরিকা (গোনডিরিকা) বি, স্ত্রী, মঞ্জিষ্ঠা ; তেকাঁটাসিজ ; মনসাসিজ।

গণ্ডু (গোনডু) [গন্ড্ + উ - উ (সংজ্ঞার্থে)] বি, পুং, স্ত্রী, মস্তকাধান ; উপাধান ; বালিশ। ২। গ্রন্থি ; গাঁট।

গণ্ডূপদ (গোনড়ুপদ) [গণ্ডূ (গ্রন্থি) পদে (সর্ব্ব শরীরে) যাহার, বহু] বি, পুং, কিঞ্চুলুক ; কেঁচো। স্ত্রী, **গণ্ডূপদী**—ছোট কেঁচো।

গণ্ডূষ (গোনড়ুষ্) [প্রা-বাং, "গণ্ডুস" (শূঃ পুঃ) —অপ্র। গন্ড্ (বদনের এক দেশ) + উষ (সংজ্ঞার্থে)] বি, পুং, মুখপূর্ণ জল। ২। একবোষ জল। ৩। গোকর্ণাকৃতি করতল। ৪। হিন্দু শাস্ত্রমতে ভোজনের প্রথমে ও শেষে মন্ত্র-পাঠপূর্ব্বক মুখে যে জল গ্রহণ করা হয়। প্র—"জহ্নুমুনি গঙ্গাকে গণ্ডূষ করি গিলে"—শিবায়ন। ৫। হস্তিশুণ্ডের অগ্রভাগ। **এক গণ্ডূষ জল দেওয়া**—পিতৃ পুরুষের তর্পণ করা।

গণ্ডোপধান (ন্) [গণ্ড (গাল) উপ - ধা (ধারণ করা) + অন (অধি - অনট্) গণ্ড রাখা হয় যাহাতে] বি, ক্লী, গণ্ডস্থল রাখিবার বালিশ ; গালবালিশ।

গণ্ডোপল (ল্) [গণ্ড (গণ্ডবৎ) যে উপল, ম-প-লো, কর্ম্মধা] বি, পুং, শিল ; করকা।

গণ্ডোল (ল্) [গণ্ড্ (বদনের একদেশ) + ওল (কর্তৃ, ওলচ্) যে মুখ বিবর পূর্ণ করে] বি, পুং, গ্রাস ; কবল। ২। গুড়। ৩। চিনি।

গণ্ডোলপাদ (দ্) [গণ্ডোলের ন্যায় যে পাদ—কর্ম্মধা] বি, ক্লী, করকার ন্যায় বর্ত্তুলাকার চরণ।

গণ্য (গোন্ন) [গণ্ (গণনা করা) + ণিচ্ + গণি + য (কর্ম্মে)] বিণ, গণনার যোগ্য ; গণনীয়। ২। গ্রাহ্য। ৩। বিবেচ্য। **গণ্য করা**—গণনা করা ; বোধ করা ; মনে করা। **গণ্য মান্য**—বিশিষ্ট ; সম্ভ্রান্ত। **অগণ্য**—অসংখ্য ; অগণিত। **অগ্রগণ্য**—প্রধান ; অগ্রবর্ত্তী। **নগণ্য**—যে গণ্য নয় ; যাহাকে গণ্য করা হয় না ; গণনার অনুপযুক্ত। ২। তুচ্ছ।

গৎ [হি—গৎ] বি, গানের নির্দ্ধারিত সুর ; বাজনার নির্দ্দিষ্ট বোল। ২। অপরিবর্ত্তনীয় ধারা। ৩। গতি। **বাঁধাগৎ, বাঁধিগৎ**—যে গতের পরিবর্ত্তন নাই।

গত [গম্ (গমন করা) + ত (কর্তৃ, ক্ত) ম্-লোপ] বিণ, যে গিয়াছে ; প্রস্থিত। ২। অতীত ; যাহা হইয়াছে। ৩। সমাপ্ত। ৪। নষ্ট। ৫। উৎসন্ন ; পতিত ; যাহার ফিরিবার বা ভাল হইবার আশা নাই। ৬। গত প্রাণ ; মৃত। ৭। সঞ্চারিত ; পরিব্যাপ্ত। ৮। [কর্ম্মে—ক্ত] প্রাপ্ত ; জ্ঞাত। ৯। [ভাবে—ক্ত] বি, ক্লী, গত বিষয়।

গতক্লম (গতক্লোম্) [গত (অতীত) হইয়াছে ক্লম (ক্লান্তি, শ্রম) যাহার, বহু] বি, ক্লী, যাহার শ্রান্তি দূরীভূত হইয়াছে ; যে কায়ক্লেশ দূর করিয়াছে ; অবসাদহীন ; বিশ্রান্ত।

গতখামার (র্) [জমীঃ পরিঃ] বি, যে জমী পূর্ব্বে খাসখামার ছিল পরে খাসখামার হইতে খারিজ হইয়াছে।

গতঘৃণ (ন) [গত (অতীত) হইয়াছে—ঘৃণা যাহার, বহু] বিণ, ঘৃণাবিহীন ; নির্ঘৃণ ; যাহার ঘৃণা নাই ; ঘৃণারহিত।

গতচেতন (ন্) [গত হইয়াছে চেতন (জ্ঞান) যাহার, বহু] বিণ, অচৈতন্য ; যাহার চৈতন্য নাই ; চেতনাবিহীন ; হতচেতন ; অজ্ঞান ; সংজ্ঞাহীন।

গতজীব (ব্) [গত (প্রস্থিত) হইয়াছে জীব (প্রাণ) যাহার, বহু] বিণ, বিগত প্রাণ ; গতজীবন ; মৃত। [দ্রঃ—মাইকেল মধুসূদন দত্ত "হতজীব" শব্দ ব্যবহার করিয়াছেন]।

গতজ্যোতিঃ [গত (নষ্ট)—জ্যোতিঃ (তেজ, দীপ্তি) যাহার, বহু] বিণ, বিগত তেজঃ ; দীপ্তিহীন। প্র—"গতজ্যোতিঃ আঁখি"—মেঘনাদ।

গতত্রপ (গতৎত্রপ্) [গত হইয়াছে ত্রপা (লজ্জা) যাহার, বহু] বিণ, নির্লজ্জ, লজ্জাহীন ; বিগতলজ্জা ; বে-সরম। স্ত্রী, **গতত্রপা**।

গতনাসিক (নাশিক্) [গত হইয়াছে নাসিকা যাহার, বহু] বিণ, নাসিকাবিহীন ; খাঁদা।

গত-প্রত্যাগত (প্রোৎত্যা) [পূর্ব্বে যে গত সেই পশ্চাৎ প্রত্যাগত (প্রতিনিবৃত্ত) কর্ম্মধা] বিণ, যে পূর্ব্বে গিয়াছিল সে এখন ফিরিয়া আসিয়াছে।

গতপ্রাণ (গতঃ প্রান্) [গত হইয়াছে প্রাণ যাহার, বহু] বিণ, যাহার প্রাণ ত্যাগ হইয়াছে ; মৃত : গতজীবন ; প্রাণহীন।

গতবুদ্ধি [গত (লুপ্ত) হইয়াছে বুদ্ধি (জ্ঞান) যাহার, বহু] বিণ, নষ্টবুদ্ধি ; লোপপ্রাপ্ত বুদ্ধি ; হতজ্ঞান ; বুদ্ধিহীন।

গতব্যথ (গতব্‌বথ) [গত (দূরীভূত) হইয়াছে ব্যথা (দুঃখ) যাহার, বহু] বিণ, বেদনাশূন্য, ব্যথাহীন।

গতভর্ত্তৃকা (ভো) [গত—(প্রস্থিত বা নষ্ট) হইয়াছে ভর্ত্তা (স্বামী) যাহার ; বহু, ভর্ত্তৃ+ক-আপ্—স্ত্রী। ঋকারান্তাদি শব্দের বহুব্রীহি সমাসে অন্তে ক—যোগ হয়] বিণ, যে স্ত্রীর স্বামী বিদেশে গিয়াছে ; প্রোষিত ভর্ত্তৃকা। ২। পতিহীনা ; বিধবা।

গতর (গতোর) [গাত্র—গাত্তর-গতর] বি, গাত্র ; শরীর। ২। শরীরের স্থূলতা। ৩। স্বাস্থ্য। ৪। শরীরের বল।—প্র—"বলে, গতর আছে, খেটে খেগে।"—ঈশ্বর গুপ্ত। **গতরখাকী, গতরখাগী**—[গ্রা] যে স্ত্রী স্বীয় শরীরের সকল শক্তি খাইয়াছে অর্থাৎ যাহার গতরের অহঙ্কার বা দর্প নিজ দোষে চূর্ণ হইয়াছে ; যাহার নড়িবার চড়িবার শক্তি পর্য্যন্ত লোপ পাইয়াছে। ২। অত্যন্ত অলস বা কুঁড়ে স্ত্রীলোকের প্রতি গালী স্বরূপ প্রযুক্ত হয়। পুং, **গতরখেকো**। **গতরখাটান**—শারীরিক পরিশ্রম করা। **গতরজমা**—আলস্য ; কুঁড়েমি। **গতুয়া**—গেঁতো দ্রঃ। **গতর নাড়া**—দেহ সঞ্চালন করা ; কর্ম্মে ব্যাপৃত থাকা। প্র—"গতর নাড়তে চায় না"। **গতর পোষা**—শ্রম বাঁচাইয়া চলা ; পরিশ্রমসাধ্য কার্য্য হইতে বিরত থাকা ; মেহনত না করা ; দেহকে না খাটান। ২। শরীরের শক্তি ব্যয় না করিয়া দেহ যাহাতে পুষ্ট হয় তাহাই করা। **গতরে মাওড়া পোকা ধরা**—অকর্ম্মণ্য হইয়া যাওয়া ; আলস্যে কাল কাটাইতে কাটাইতে কর্ম্মের শক্তি হারাইয়া ফেলা। **গতরের মাথা খাওয়া**—কর্ম্মের শক্তি হারান ; স্বাস্থ্যহীন হওয়া ; নিষ্কর্ম্মা হইয়া থাকা। **গা-গতর**—[একার্থক সহচর শব্দ] সর্ব্বাঙ্গ ; অঙ্গ প্রত্যঙ্গ।

গতরস (রশ্) [গত হইয়াছে রস যাহার, বহু] বিণ, রসশূন্য ; নীরস ; রসহীন।

গতরায়তী [জমীঃ পরিঃ] বি, কোন প্রজার নামে জমা হইতে খারিজ করা জমী।

গতরিয়া, গতুরে (পো) [গতর (দ্রঃ)+ইয়া। সংক্ষেপে—গতুরে] বিণ, যাহার গতর আছে ; পরিশ্রমী ; কর্ম্মঠ।

গতশোক (ক্) বি, পুং, বিগত-শোক। ২। অশোক গাছ।

গতশোচন (ন্) [গত (গত বিষয়ের) শোচন (শোক) ৬তৎ] বি, ক্লী, পশ্চাত্তাপ ; গতানুশোচন ; অনুতাপ। ২। [গত হইয়াছে শোচন (শোক) পশ্চাত্তাপ যাহার, বহু] যাহার শোক দূর হইয়াছে। স্ত্রী, **গতশোচনা**—গত বিষয়ের অনুশোচনা।

গতসঙ্গ (—শংগ) [গত (পরিত্যক্ত) সঙ্গ (সংসর্গ) যৎ কর্ত্তৃক বহু] বিণ, ত্যক্তসঙ্গ ; নিঃসঙ্গ। ২। ফলকামনাহীন। ৩। [গত হইয়াছে সঙ্গ (বিষয় বাসনারূপ সংসর্গ) যাহার, বহু] যাহার বিষয়বাসনা নাই ; বিষয়বাসনাবিহীন। ৪। [গত (প্রাপ্ত) হইয়াছে সঙ্গ যৎকর্ত্তৃক] যে সঙ্গ পাইয়াছে ; ফল কামনাবিশিষ্ট ; প্রাপ্ত-সংসর্গ।

গতসন্নক (—সন্নক্) [গত (অতীত) হইয়াছে সন্ন (অবসন্নতা) যাহার, বহু, ক যোগ—অবসাদ হেতু যাহার মদক্ষরণ রহিত হইয়াছে] বি, পুং, মদশূন্যহস্তী।

গতস্পৃহ (গতসপৃহ) [গত (দূরীভূত) হইয়াছে, স্পৃহা (বাসনা) যাহার, বহু (বহুব্রীহি সমাসে আকারান্ত স্ত্রীলিঙ্গ শব্দের আকার স্থানে অকার হয় যদি সমাসে পুংলিঙ্গকে বুঝায়)] বিণ, বিগত-স্পৃহ ; বীতরাগ ; যাহার আর কোন বিষয়ে বাসনা নাই ; কামনাশূন্য ; কামনাবিহীন।

গতাক্ষ (গতাক্‌ক) [গত (নষ্ট) হইয়াছে অক্ষি (চক্ষুঃ) যাহার বহু, (বহুব্রীহি সমাসে অক্ষি শব্দে চক্ষুঃ বুঝাইলে "অক্ষ" এইরূপ হয়] বিণ, গতচক্ষুঃ ; নেত্রহীন ; শূন্যলোচন ; অন্ধ।

গতাগত [গত এবং আগত (দ্বন্দ্ব)] বি, ক্লী, গমনাগমন ; যাতায়াত ; যাওয়া আসা। ২। পক্ষীর গমনবিশেষ।

গতাগতি (গোতি) [গত ও আগতি (আগমন) দ্বন্দ্ব] বি, স্ত্রী, গমনাগমন। প্র—"লোক-গতাগতি বার্ত্তা পাব নিরন্তর।"—চৈতন্য চরিতামৃত। ২। জন্ম মৃত্যু। প্র—"হরগৌরী পদতলে দ্বিজরামেশ্বর বলে দূর কর গতাগতি দোষ।"—শিবায়ন।

গতান (নো) [গম্ ধাতুজ। গম=প্রাপ্ত হইতে] ক্রি, হস্তগত করান ; গছান। প্র—"আগে থেকে টাকা গতান ছিল।"

গতানুগতিক (—গোতিক) [গত (যে গিয়াছে) তাহার অনুগতিক (অনু=পশ্চাৎ—গতিক=গমনকারী) ৬তৎ] বিণ, পূর্ব্ব দৃষ্টান্ত অনুসরণ করিয়া যাহারা গমন করে ; অন্যকে যাইতে দেখিয়া যাহারা পশ্চাৎ পশ্চাৎ গমন করে ; অনুকারী ; লোকদৃষ্টান্তানুবর্ত্তী। ২। বি, ক্লী, গতানুগতিক ন্যায়।

গতানুশোচন (ন্) [গত (গত বিষয়ের) অনুশোচন (পশ্চাত্তাপ) ৬তৎ] বি, ক্লী, গত বিষয়ের অনুতাপ ; পশ্চাত্তাপ।

গতায়তি [গত (গমন) এবং আয়তি (আগমন) দ্বন্দ্ব] বি, স্ত্রী, যাতায়াত ; যাওয়া আসা ; গমনাগমন। প্র—"এ পথে নিয়তি কর গতায়তি নূপুরের ধ্বনি শুনি।"—চণ্ডীদাস।

গতায়াত (ত্) [গত (গমন) এবং আয়াত (আগমন) দ্বন্দ্ব] বি, ক্লী, যাওয়া আসা ; যাতায়াত। প্র—"হইল মঙ্গলময় পণ্ডিত ভবন চতুর্দ্দিকে গতায়াত করে লোকগণ।"—নবদ্বীপ-পরিক্রমা।

গতায়ু [গত হইয়াছে আয়ুস্ (জীবন কাল) যাহার, বহু] বিণ, যাহার পরমায়ুঃ ক্ষয় হইয়াছে ; যাহার মৃত্যুসময় আগত হইয়াছে ; আগত-মৃত্যু ; আসন্ন মরণ।

গতার্ত্তবা [গত (অতীত) হইয়াছে আর্ত্তব (ঋতু সম্বন্ধীয় ফল বা ঋতু) যাহার, বহু] বি, স্ত্রী, যাহার ঋতু বন্ধ হইয়াছে ; বৃদ্ধা স্ত্রী। ২। বন্ধ্যা ; বাঁঝা স্ত্রী ; ইহাদের ঋতু ফল নাই।

গতার্থ [গত (অতীত, সমাপ্ত) হইয়াছে অর্থ (অভিধেয়, প্রয়োজন) যাহার, বহু] বিণ, যাহার প্রয়োজন শেষ বা সমাধা হইয়াছে ; যাহার প্রয়োজন নাই ; সিদ্ধপ্রয়োজন।

গতাসু (গতাশু) [গত (বহির্নিস্সৃত) হইয়াছে অসু (প্রাণাদি পঞ্চ বায়ু) যাহার, বহু] বিণ, যাহার প্রাণ দেহত্যাগ করিয়াছে ; গত-প্রাণ ; মৃত। প্র—"স্ত্রী হলেন গতাসু।"—দ্বিজেন্দ্র রায়।

গতি (গোতি) [গম্ (গমন করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, গমন ; প্রস্থান ; যাওয়া ; ২। আগমন। প্র—"কি হেতু মাতঃ! গতি তব আজি এ ভবনে?"—মেঘনাদ। ৩। অবস্থা ; ভাব ; দশা। প্র—আকাশের গতি। কালের গতি। ৪। যাত্রা। ৫। জীবনযাত্রা। ৬। শরণ ; আশ্রয়। প্র—তোমা বিনা গতি নাই। ৭। উপায়। প্র—গৌরী বিনা গতি নাই গড় করি সাধে।"—শিবায়ন। ৮। জ্ঞান। ৯। পরিণাম। ১০। সঞ্চার। ১১। স্বরূপ ; প্রকার। প্র—"কেবা জানে তব গতি।" ১২। নির্ব্বাহ। ১৩। প্রাপ্তি। ১৪। [ক্তি—অধি, গমন করে যাহাতে] পথ। ১৫। গম্যস্থান। ১৬। প্রমাণ। ১৭। ভাগ্য। ১৮। নাড়ীব্রণ ; সোর। ১৯। যে গুণ থাকাতে জড় পদার্থের একস্থান হইতে স্থানান্তর প্রাপ্তি হয় ; চলৎশক্তি ; বেগ ; motion. ২০। [বৌদ্ধ যুগের বাংলা] সেবক। ২১। ধর্ম্মানুচর ; গণ দ্রঃ। প্র—"মদনা জুবতী সঙ্গে সোলস অগতি, গাজন দুআরে উপনীত।"—শূন্যপুরাণ। ২২। উদ্ধার। প্র—ওর গতি হবে না—। ২৩। সৎকার ; শব-দাহ। প্র—গতি করে ফিরে এসেছে। ২৪। পথ। ২৫। [প্রাদে গাত্র হইতে গত্তি—গতি]

গতর। প্র—ছেলেটির গতি লাগে নি। **গতি করা**—সৎকার করা। ২। ব্যবস্থা করা। ৪। উদ্ধার করা। **গতিদান**—গতিশক্তি দান; চালন। **গতি-মুক্তিদান**—উদ্ধারসাধন। **অগতির গতি**—যাহার গমনক্ষমতা নাই তাহার পক্ষে চলৎশক্তি স্বরূপ। ২। অনন্যোপায়ের উপায়; পতিতের উদ্ধারক; বদ্ধজনের মুক্তিস্বরূপ। ৩। নিরাশ্রয়ের আশ্রয়।

গতিক (গোতিক্) [গতি+ক] বি, পুং, অবস্থা; দশা। প্র—আজকের গতিক ভাল নয়। "আজিকে গতিক মন্দ"—রবি। ২। প্রকার; কৌশল; উপায়। প্র—কোন গতিকে একাজটা যদি হয়ে যায়। কোন গতিকে একবার দেখা করিয়ে দিতে পার? **কার্য্য-গতিক**—কর্ম্মের ধারা; কার্য্যের প্রয়োজন। **প্রাণগতিক**—জীবনের অবস্থা। **বে-গতিক**—সঙ্কট; অসুবিধা; দুর্য্যোগ। প্র—বেগতিক দেখে পালিয়েছে। **শরীর-গতিক**—শরীরের অবস্থা।

গতিক্রিয়া (গতিক্‌ক্রিআ) বি, দীর্ঘসূত্রতা; procrastination.

গতিদায়ী (গোতি—) [গতি (মুক্তি) দায়ী (যে দান করে); গতি—দা+ইন্—দায়িন ১মা, ১ব] বিণ, যিনি মুক্তিদান করেন। স্ত্রী, **গতি-দায়িনী**—মোক্ষদাত্রী। প্র—"কিঙ্করে কর দয়া দয়াময়ি! দাক্ষায়ণি! গতিস্ত্বংহি গতিস্ত্বংহি, অগতির গতিদায়িনি।"—বাং-গান।

গতিবিধি (গোতি) [গতি (গমন) তাহার বিধি (বিধান) ৬তৎ] বি, পুং, গমনের বিধান। ২। মুক্তির উপায়। প্র—"মুক্ত কর মোরে মুক্তকেশি! আমি মুক্তি অভিলাষী ওমা, কর গতিবিধি, হর গতিবিধি এ ভবে, ভব-প্রেয়সি।"—রামপ্রসাদ। ৩। গমনাগমন; যাওয়া-আসা। প্র—এ দিকে তাহার গতিবিধি বড় নাই। ৪। চালচলন; রীতিনীতি; কার্য্যকলাপ। প্র—"কিছুদিন তার গতিবিধি খুব ভাল করিয়া লক্ষ্য করিবে।"

গতিভঙ্গ (গোতিভংগ) বি, গতিতে বিঘ্ন; গতি কার্য্যে প্রতিবন্ধ; গতি-প্রতিরোধ।

গতিশক্তি (গোতিশোক্‌তি) [গতির (গমনের) শক্তি (ক্ষমতা) ৬তৎ] বি, স্ত্রী, গমনাগমনের সামর্থ্য; যাতায়াতের ক্ষমতা; চলৎশক্তি।

গতিশক্তিরহিত (গোতিশোক্‌তিরোহিত্) [গতি—শক্তি (গমন-ক্ষমতা) তাহাতে রহিত, ৭তৎ, কিম্বা তাহা দ্বারা রহিত—৩তৎ] বিণ, যাহার গমন করিবার শক্তি নাই; গতিশক্তি-বর্জ্জিত; গতিশক্তিহীন; চলচ্ছক্তিরহিত।

গতিহীন (গোতিহীন্) [গতি দ্বারা হীন, ৩তৎ] বিণ, গমনশক্তি-হীন; চলৎশক্তি-রহিত; পঙ্গু। ২। যাহার উপায় নাই; নিরুপায়; যাহার সংসার-যাত্রা চলিবার বিশেষ ব্যবস্থা নাই; অনন্যগতি।

গত্যন্তর (গোৎতোন্‌তর্) [গতি (উপায়ের) অন্তর (অন্য) ৬তৎ] বি, ক্লী, অন্য উপায়; উপায়ান্তর; অন্যগতি।

গত্বর (গৎতর্) [গম্+বর (কর্ত্তৃ—শীলার্থে—ত আগম) বিণ, গতিশীল। ২। অস্থায়ী।

গদ (দ্) [গদ্ (বলা)+অ (অল্—কর্ত্তৃ)] বি, পুং, গদাধরের (কৃষ্ণের) কনিষ্ঠ ভ্রাতা। ২। ব্যাধি; রোগ। ৩। [ভাবে—অল] ক্লী, কথন। ৪। হলাহল: বিষ। ৫। গুল্ম প্রভৃতি সর্প বিষের ঔষধ। ৬। সর্পবিষনিবারক মন্ত্র। প্র—"সর্পের যতেক গদ ঔষধি সংসারে।"—কাশী, মহা। "নানা গদ ঔষধি করিল আরোপণ।"—কাশী, মহা। ৭। [প্রাদে] ভার; গুরু ভোজনের ভার।

গদগদ, গদ্গাদ [সং—গদ্ (ভাষণে)। গদ্গাদঃ—শব্দ, ক, দ্রু] অ, অব্যক্ত কণ্ঠধ্বনি বাচক। (২) হর্ষ, লজ্জা, সঙ্কোচ, স্নেহ, করুণা প্রভৃতি ভাববোধক অব্যক্ত বা অস্ফুট কণ্ঠস্বর বাচক। প্র—"রস ভরে গদ্গাদ বোল"—গোবিন্দদাস। ২। বিণ, ভাবে বিহ্বল; বিমোহিত বা ভোর হইয়া অস্ফুট কণ্ঠস্বর যুক্ত; প্র—"গায়িল নারদ, ভাবে গদগদ, এমন ভজন নাহিরে আর।"—হেম বন্দ্যো। ৩। কাতরতা পূর্ণ বা ব্যাকুলতা-ব্যঞ্জক অর্দ্ধোচ্চারিত স্বর-যুক্ত; জড়িত বচন। প্র—"রাম অশ্রুপূর্ণ লোচনে গদ্গাদ বচনে কহিতে লাগিলেন"—বিদ্যাসাগর (সী, ব)। ৪। উল্লাসে বা আনন্দে রুদ্ধকণ্ঠ। প্র—"আনন্দে গদগদ নারদ মাতিল। তন্ত্রী তুলিয়া তার মার্জ্জিত করিল॥"—হেম বন্দ্যো। ৫। বিহ্বল; ভাবাবিষ্ট। প্র—"গদগদ চিত্ত। **গদ্গাদানদ**—অব্যক্ত শব্দ। **গদগদনাদী**—অব্যক্ত গম্ভীর নিনাদকারী। প্র—"গদগদনাদী গোদাবরী।" বিণ, **গদগদে** (গদ্‌গোদে)—অতি কোমল; তলতলে। প্র—"আমটা পেকে গদ্‌গদে হয়ে গেছে।

গদড়া (দ্) [হি—গদ্‌লা—ময়লা জল; কাদা জল। ফা—গর্দ্দা] বি, ময়লা: মলিনতা। কোন কিছুর ময়লা ধোয়াট; কাদড়ানি।

গদলা (দ্) [হি—গদ্‌লা] বি, কাদা জল; অতিশয় ঘোলা।

গদা [গদ্ (মেঘশব্দ)+অ (অল্—কর্ম্মে) স্ত্রী, আপ্। অথবা আঘাত কালে গুরুভার হেতু গদ্ করিয়া শব্দ হয় বলিয়া] বি, স্ত্রী, লোহাদি-নির্ম্মিত প্রহরণ; গদা অস্ত্র; লোহমুদ্গার। ২। মুগুর। ৩। মোটা লাঠি। ৪। পারুল গাছ। [সম।—**গদা** মুদ্গার অপেক্ষা লম্বা। সাধারণ গদা অষ্টপল, মুষ্টিস্থান স্থূল এবং পদতল হইতে বক্ষ পরিমাণ লম্বা। বৈশম্পায়নোক্ত গদা লোহনির্ম্মিত। তাহার শীর্ষদেশ স্থূল, অঙ্গ শতপল বিশিষ্ট এবং ক্ষুদ্র ক্ষুদ্র লৌহ কণ্টকে সর্ব্বাঙ্গ খচিত। এই গদা লম্বায় চারি হাত। ইহার স্থূলতা রথচক্রের নাভির তুল্য ও ভয়ঙ্কর দর্শন। গদার মস্তকে কিরীট অর্থাৎ পাগড়ির মত বেড় থাকে। ইহা সুবর্ণ শৃঙ্খলে রক্ষিত বা গ্রথিত। ইহা গজ ও পর্ব্বত চূর্ণ বিচূর্ণ করিতে সমর্থ। ভীমের গদা এইরূপ গদা বলিয়া অনুমিত। **মুদ্গার** গদার মতই লৌহময় কিন্তু অপেক্ষাকৃত হ্রস্ব। ইহা তিন হাতের অধিক হয় না। ব্যবহার ও কার্য্য উভয়েরই সমান অর্থাৎ ঘূর্ণন ও নিপাতন। গদার মুঠ স্থূল, মুদ্গারের কৃশ, মুদ্গারের অঙ্গ বর্ত্তুলাকার গদার মত পল থাকে না। মুদ্গার দ্রঃ। **শতঘ্নী**ও এক প্রকার মুদ্গার। ইহা গদার ন্যায় কণ্টকিত লৌহসার-নির্ম্মিত, মুদ্গারের ন্যায় সুদৃঢ়, বর্ত্তুল, এবং গদা ও মুদ্গারের ন্যায় মুঠযুক্ত, দৈর্ঘ্যে গদার মত চারিহস্ত প্রমাণ। ব্যবহার ও কার্য্যে তিনই সমতুল্য। শতঘ্নী দ্রঃ।—ধনুর্ব্বেদ (রত্নমালা)]।

গদাই [গদাধর শব্দের গ্রা, ও অতি-পরিচয়-সূচক রূপ। যথা মাধব হইতে মাধাই] বি, গদাধর; বিষ্ণু; কৃষ্ণ। **গদাই লস্করি চাল**—গদা অর্থাৎ ভারবাহী নৌকা, ইহার অন্য নাম 'গাধাবোট'। ইহা গাধার মত বোঝাই লইয়া অতি মন্থর গতিতে যায়। গাধাই হইতে গদাই এই পোতের লস্করগণ দ্রুতগমনে অনভ্যস্ত সুতরাং দীর্ঘসূত্রী। (তাহা হইতে) দীর্ঘসূত্রতা; কুঁড়েমি; গেঁতোমি; হচ্চে হবে করছি করব এইরূপ ভাব; সকল কার্য্য সাধনে বিলম্ব। মতান্তরে গদাধর লস্কর নামক কোন অলস ব্যক্তির স্বভাব হইতে; কিন্তু তাহার ইতিহাস নাই।

গদাগ্রজ (গদাগ্‌গ্রোজ্) [গদ (কৃষ্ণের কনিষ্ঠ ভ্রাতা) তাহার অগ্রজ (জ্যেষ্ঠ ভ্রাতা) ৬তৎ] বি, পুং, কৃষ্ণ; বিষ্ণু।

গদাঘাত (ত্) [গদা (দ্বারা) আঘাত, ৩তৎ] বি, গদা প্রহার; গদা দ্বারা আঘাত।

গদাধর (র্) [গদা (লৌহ মুদ্গার) ধর (যে ধারণ করে) উপপদ] বি, পুং, শ্রীকৃষ্ণ; বিষ্ণু। ২। গদাভৃৎ; গদাধারী।

গদাপাণি (নি) [গদা—পাণিতে যাহার, বহু] বি, পুং, গদাধর; বিষ্ণু। ২। ভীম।

গদাযুদ্ধ (—জুদ্‌ধ) [গদা (দ্বারা) যুদ্ধ, ৩তৎ] বি, যে যুদ্ধে গদাই প্রহরণ। গদা যুদ্ধ করিতে হইলে বিবিধ গতি শিক্ষা করিতে হয়, যুদ্ধশাস্ত্রে সেই সকল গতির অর্থাৎ সঞ্চরণের ও গদা-পরিচালনার বিংশতি প্রকার কৌশল বর্ণিত হইয়াছে।

গদাসন (গদাশন্) [গদা নামক যে আসন (কর্ম্মধা)] বি, ক্লী, তন্ত্রোক্ত আসনবিশেষ।

গদি (গোদি) [হি—গদ্দা—গদ্দী] বি. তূলাদি পূর্ণ কোমল শয্যা বা আসনবিশেষ। ২। [হি—গদ্দী] মহাজনদিগের কারবারের স্থান। ৩। সিংহাসন। প্র—রাজগদি। ৪। মহন্তের পদ ও অধিকার।

গদিত (গো) [গদ্ (বলা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা বলা হইয়াছে ভাষিত ; কথিত ; উক্ত। ২। ক্লী. বাক্য। ৩। [ভাবে—ক্ত] ভাষণ ; কথন।

গদিয়ান (গোদিয়ান) [হি—গদিবান্] বি. আড়তের প্রধান কর্ম্মচারী। ২। সর্ব্বে সর্ব্বা ; প্রধান। প্র—"পিতার মৃত্যু হইলে মতিলাল বাটীতে গদিয়ান হইয়া বসিল।"—টেকচাঁদ।

গদী (গোদী) [গদা (লৌহ মুদ্গর) + ইন্ (অস্ত্যর্থে) = গদিন্ ১মা, ১ব, যাহার হাতে গদা আছে] বি. পুং. বিষ্ণু। ২। বিণ. গদাধারী ; গদাধর।

গদগদ—গদ্গদ দ্রঃ।

গদ্দি (গোদ্দি) [প্রাদে] কৌতুক ; পরিহাস ; তামাসা। প্র—"চাষার গদ্দি কাস্তের ঠোকর।"

গদ্য (গোদ্দ) [গদ্ (বলা) + য (কর্ম্মে) সচরাচর কথা বলার ভাষা] বি. ক্লী. যে বাক্য পদ্যের ন্যায় ছন্দো বন্ধে রচিত নহে ; সদা সর্ব্বদা কথোপকথনের ভাষা। [দ্রঃ—গদ্য পদ্যের ন্যায় মাত্রাগত বা পরিমিত অক্ষরগত না হইলেও গদ্য রচনার বিশেষ বিশেষ রীতি বা ধারা আছে ; তাহাকে গদ্যের ছন্দঃ বলা যাইতে পারে ; prose style] ২। সঙ্কেত। প্র—"হেন বুঝি গদ্য মোরে করিল যুবতী। —কবিক। ৩। পরিহাস ; কৌতুক প্র—"গোপীনাথ গদ্য করে পৌত্রবধূ হেরি পদ্মিনী প্রত্যুম্ন বধূ পরম সুন্দরী॥"—শিবায়ন ৪। বিণ. কথনীয় ; কথন-যোগ্য।

গদ্যানক (গোদ্দ্যানক্) বি. ক্লী. ৪৮ রতি পরিমাণ। ২। [বৈদ্যকে] ৬৪ গুঞ্জা পরিমাণ।

গন (ন্) [প্রা-বাং। গণ দ্রঃ] বি. পথ। প্র—"বিলম্ব না সহে মোরে ছেড়ে দেও গন।" —ঘনরাম।

গনগন (গন্গন্) [শব্দাত্মক। আগুন যখন খুব জ্বলিতে থাকে তখন তাহার শিখা সমূহ সর্পের মত ফণা উন্নত করিয়া বায়ুতে কাঁপিতে থাকে ও তাহা হইতে গন্গন্ শব্দ উত্থিত হয়] অ. অগ্নিজ্বলন শব্দ। প্র—এখনও উনানে আগুন গনগন করিতেছে। বিণ. **গন্গনে** (গন্গোনে) দীপ্তিশালী ; তেজাল। প্র—আগুন বেশ গনগনে হয়ে উঠেছে।

গনগনান (গন্গনানো) [গনগন দ্রঃ] ক্রি. গনগন করা ; প্রদীপ্ত ও জ্বলন-শব্দে শব্দিত হওয়া। ২। ক্রোধাগ্নি জ্বলিতে থাকা ; ক্রোধে অস্পষ্টভাবে গর্জ্জন করা ; বিরক্তি প্রকাশ করিতে না পারিয়া আপন মনে অব্যক্ত ধ্বনি করিতে থাকা। বি. গনগনানি। প্র—দিনরাত তার কিসের এত গনগনানি।

গন্তব্য (গন্তোব্‌বো [গম্ (গমন করা) + তব্য (কর্ম্মে)—ম্ = ন্] বিণ. গমনীয় ; গম্য ; যেখানে যাইতে হইবে বা যাওয়া উচিত। ২। গম্য ; প্রাপ্য। ৩। জ্ঞাতব্য।

গন্তা [গম্ (গমন করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = গন্তৃ ১মা, ১ব] বিণ. গম্যমান ; গমনশীল ; যে যায় ; যে যাইতে উদ্যত।

গন্ত্রী (গোনত্রি) [গম্ + ত্র (করণে—ষ্ট্রণ) ম্ = ন্—ঈপ—স্ত্রী] বি. স্ত্রী. গরুর গাড়ী ; যাহা দ্বারা গমন করে। ২। [গম্ + তৃ (তৃণ—কর্ত্তৃ) স্ত্রী—ঈপ্] বিণ. স্ত্রী. গমনশীলা ; যে গমন করে।

গন্ধ [গন্ধ্ (হসনে) + অ (অণ্—কর্ত্তৃ)—যাহা হাসায় (তুল—ইং—laughing gas ; nitrous oxide) অর্থাৎ হর্ষ উৎপাদন ও স্মিতমুখ করে। সুতরাং মূলে সুগন্ধ জ্ঞাপক (তুল—গন্ধপুষ্প)] বি. চেতন অচেতন, জাগতিক সমুদয় পদার্থ হইতে নিত্য বিকীরিত অতিসূক্ষ্ম পরমাণু-রাশি, যাহা অন্যান্য বহিরিন্দ্রিয়ের অনুভূতির অতীত হইয়া কেবলমাত্র ঘ্রাণেন্দ্রিয়ের গ্রাহ্য হয় ; পার্থিব গুণবিশেষ ; ঘ্রাণ। [দ্রঃ—ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম এই পঞ্চভূতের মধ্যে গন্ধ একমাত্র ক্ষিতি ও ক্ষিতিজের গুণ এবং তাহা কেবলমাত্র ঘ্রাণেন্দ্রিয় দ্বারা গৃহীত হইয়া বস্তু বিশেষের অস্তিত্ব বোধ করায়। প্রত্যেক বস্তুরই গন্ধ স্বতন্ত্র প্রকার, তথাপি গন্ধের উগ্রতা বিরক্তিও ক্লেশকর অনুভূতির উদ্রেক করে এবং মৃদুতা সুখ ও হর্ষোৎপাদন করে। সাধারণতঃ উগ্রগন্ধ দুর্গন্ধ এবং মৃদুগন্ধ সুগন্ধ-বাচ্য হয়। বিভিন্ন অনুভূতি অনুসারে গন্ধের ভিন্ন ভিন্ন শ্রেণী-বিভাগ করা যাইতে পারে। যথা—পচাগন্ধ, টকগন্ধ, চামসাগন্ধ, মিষ্টগন্ধ ইত্যাদি] ২। গন্ধক দ্রব্য। ৩। গন্ধক। ৪। কৃষ্ণ অগুরু। ৫। গর্ব্ব ; অহঙ্কার। ৬। অল্প ; লেশ। ৭। [প্রা গঁদ (দ্রঃ)] সম্বন্ধ ; সম্পর্ক ; (সাধারণতঃ) দূরসম্পর্ক। ৮। আমোদ। ৯। নৃত্য। স্ত্রী. **গন্ধা**—স্বর্ণচাঁপার কলি। ২। বনতুলসী। ৩। বংশলোচন। **গন্ধ কওয়া** [প্রা] গন্ধ বিকিরণ করা। **গন্ধ ছাড়া**—গন্ধ বিস্তার করা। **গন্ধ দেওয়া**—গন্ধ বিস্তার বা বিতরণ করা। ২। ইঙ্গিত করা। **গন্ধেগন্ধে**—সংস্রব ক্রমানুসারে ; সূত্র ধরিয়া। **গন্ধে টের পাওয়া**—অনুমানে জানা। **নাম গন্ধ**—নাম অথবা গন্ধ হইতে বস্তু নির্ণয় ; কোন নিদর্শন।

গন্ধক (ক্) [গন্ধ + ক, সংজ্ঞার্থে] বি. পুং. উৎকট গন্ধযুক্ত পীতবর্ণ প্রসিদ্ধ ধাতু ; উপধাতু-বিশেষ। গন্ধক বর্ণভেদে শ্বেত, রক্ত, পীত ও নীল এই চারি প্রকার। **গন্ধককাঠী**—গন্ধকের দেশলাই ; দেশী দেশলাই ; পাট কাঠীর মুখে গন্ধক দেওয়া দেশলাই।

গন্ধকচূর্ণ (ক্) [গন্ধক (প্রধান) চূর্ণ—ম, প, লো কর্ম্মধা। যে চূর্ণে গন্ধকই প্রধান] বি. ক্লী. বারুদ।

গন্ধকারিকা [গন্ধ (গন্ধদ্রব্যযুক্ত বেশাদি) —কারিকা (যে করে) যে প্রভুর বেশ-বিন্যাসের জন্য সুগন্ধ চন্দনাদি প্রস্তুত করে] বি. স্ত্রী. স্বৈরিন্ধ্রী।

গন্ধকালিকা [গন্ধ—কল্ (শব্দ করা, বিস্তার করা) + অ (ঘঞ্, কর্ত্তৃ—সংজ্ঞার্থে) = কাল + ক (স্বার্থে)—আপ্, স্ত্রী। ই আগম। যিনি স্বীয় গাত্রগন্ধ প্রসারিত করেন] বি. স্ত্রী. মৎস্যগন্ধা ; ব্যাসজননী।

গন্ধকালী [গন্ধ—কাল + ঈপ্, স্ত্রী] বি. স্ত্রী. গন্ধকালিকা দ্রঃ।

গন্ধকাষ্ঠ [গন্ধযুক্ত কাষ্ঠ, কর্ম্মধা] বি. ক্লী. চন্দন কাষ্ঠ ; কৃষ্ণ অগুরু। ২। সম্বর কাষ্ঠ।

গন্ধকুটী—বি. স্ত্রী. মুরা নামক গন্ধদ্রব্য।

গন্ধকেলিকা, গন্ধচেলিকা [গন্ধ—কেলিকা, চেলিকা (বস্ত্র)—বস্ত্র সুগন্ধকারী দ্রব্য] বি. স্ত্রী. মৃগনাভি ; কস্তুরী।

গন্ধগোকুলা [সং—নকুল হইতে গোকুলা ইহাদের নাভির নিকট এক প্রকার গন্ধদ্রব্য থাকায় এবং ইহারা নকুলবংশীয় বলিয়া এই নাম] বি. নকুলবংশীয় জন্তুবিশেষ ; গন্ধ-মার্জ্জার।

গন্ধজল (ল্) [গন্ধ (সুগন্ধি মিশ্রিত) জল —কর্ম্মধা] বি. সুবাসিত জল।

গন্ধজটিলা [গন্ধ—জটি + লা (দানে)—যাহার জট (মূল) গন্ধ দান করে] বি. বচা ; বচ।

গন্ধজাত [গন্ধ (সুগন্ধ) —জাত (উৎপন্ন) হয় যাহা হইতে, বহু] বি. ক্লী. তেজপত্র ; তেজপাতা। ২। [জাত (সমূহ)] গন্ধ-সমূহ। ৩। গন্ধদ্রব্যসমূহ। ৪। বিণ. [গন্ধ হইতে জাত (উৎপন্ন)] গন্ধোৎপন্ন।

গন্ধতণ্ডুল (—তোনডুল্) [গন্ধ (সুগন্ধ-বিশিষ্ট) তণ্ডুল যে ধান্যের, বহু] বি. পুং. বাসমতি ধান। ২। বাসমতি চাল।

গন্ধতুলসী (তুলশি) বি. ধান্যবিশেষ। প্র—লতামৌ মৌকলস আর খেজুর ছড়ি।
পর্ব্বত জিরা গন্ধ তুলসী আর দলা গুড়ি॥"
—শূন্যপুরাণ।
২। গোলাপ তুলসী। বাবুই তুলসী।

গন্ধতূর্য্য (র্জ) [গন্ধের (রণের) তূর্য্য (বাদ্য-যন্ত্র)] বি. ক্লী. যুদ্ধের বাজনা ; দগড়।

গন্ধতৃণ (ন) [গন্ধ (সুগন্ধ) তৃণ] বি. নেবুর তেলের মত কিন্তু তাহা অপেক্ষা উগ্র গন্ধযুক্ত ঘাসবিশেষ ; andropogon schoenanthus.

গন্ধতৈল [গন্ধযুক্ত যে তৈল—কর্ম্মধা] বি, ক্লী. ফুলেল তৈল । ২ । চন্দনের আতর ।

গন্ধত্বক (তক্) [গন্ধ ত্বচ্ (বল্কল) শব্দ—গন্ধযুক্ত বলিয়া] বি, এলবালুক ।

গন্ধদারু [গন্ধযুক্ত যে দারু (কর্ম্মধা)] বি, ক্লী. গন্ধদ্রুম । ২ । চন্দন বৃক্ষ ।

গন্ধদ্রব্য (গনধদ্রোব্বো) [গন্ধযুক্ত যে দ্রব্য (কর্ম্মধা)] বি, ক্লী. নাগকেশর । ২ । সুগন্ধি দ্রব্য ; aromatic.

গন্ধদ্বিপ (—দ্দিপ্) [গন্ধ (মদগন্ধযুক্ত) দ্বিপ (হস্তী) কর্ম্মধা] বি, পুং, মদগন্ধযুক্ত হস্তী ।

গন্ধনকুল, গন্ধমূষিক (নোকুল্, ক্) [গন্ধ (গন্ধযুক্ত বলিয়া)—নকুল, মূষিক (তৎসদৃশ বলিয়া)] বি, পুং, ছুচুন্দরী ; ছুঁচা ।

গন্ধপিশাচিকা—বি, স্ত্রী. ধূপ । ২ । গন্ধমূষিক ; ছুঁচা ।

গন্ধপুষ্প [গন্ধযুক্ত পুষ্প হইয়াছে যাহার, বহু] বি, পুং, সুগন্ধি বৃক্ষ । ২ । বেতস বৃক্ষ । ৩ । আঁকোড় গাছ । ৪ । সুগন্ধি কুসুম । ৫ । ক্লী. গন্ধ এবং পুষ্প । স্ত্রী. **গন্ধপুষ্পা**—কেতকী । ২ । নীলগাছ ; নীলিনী ; নীলপত্রী ; নীলপুষ্পী । ৩ । বাসন্তীফুল ; কাঞ্চনপুষ্পী ।

গন্ধবণিক্ (গনধবোনিক্) [গন্ধের (গন্ধ দ্রব্যের) বণিক্ (ব্যবসায়ী) ৬তৎ । গন্ধদ্রব্যের ব্যবসায়ী] বি, পুং, মতবিশেষ নবশায়েকের অন্তর্গত জাতিবিশেষ ; গন্ধবেণিয়া ।

গন্ধবতী (গনধোবোতি) [গন্ধ + বৎ (অস্ত্যর্থে—বতু)—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, গন্ধযুক্তা ক্ষিতি । ২ । ব্যাসজননী ; মৎস্যগন্ধা । ৩ । সেঁউতীফুল । ৪ । নবমল্লিকা । ৫ । মুরামাংসী । ৬ । বায়ু ও বরুণদেবের পুরীবিশেষ ।

গন্ধবল্কল (ল্) [গন্ধ (গন্ধযুক্ত) যে বল্কল (বৃক্ষের ত্বক) কর্ম্মধা] বি, ক্লী. দারুচিনি ; গুড়ত্বক্ ।

গন্ধবহ [গন্ধ (বস্তুর ঘ্রাণ) বহ (যে বহন করে) বহ্ (বহন করা) + অ (কর্ত্তৃ—অচ্) উপপদ, যে গন্ধ বহন করিয়া একস্থান হইতে স্থানান্তরে লইয়া যায়] বি, পুং, বায়ু । প্র—"সুগন্ধবহ বহিল চৌদিকে, সুস্বনে সবার কাছে কহিয়া বিলাসী, কোন্ কোন্ ফুল চুম্বি কি ধন পাইলা ।" —মেঘনাদ । ২ । বিণ, গন্ধবিশিষ্ট ; সুগন্ধদ্রব্য ; যে বস্তু সুন্দর গন্ধ ধারণ করে ; চন্দন । স্ত্রী. **গন্ধবহা**—নাসিকা ।

গন্ধবান্ [গন্ধবৎ (অস্ত্যর্থে—বতু) শব্দ ১মা, ১ব] বিণ, গন্ধযুক্ত । স্ত্রী. **গন্ধবতী** ।

গন্ধবারি [গন্ধযুক্ত বারি (কর্ম্মধা)] বি, ক্লী. সুগন্ধযুক্ত জল ; গোলাপজল ।

গন্ধবাহ [গন্ধ—বহ্ (বহন করা) + অ—(কর্ত্তৃ—অণ্)] বি, পুং, যে গন্ধ বহন করে ; বায়ু । ২ । কস্তুরী মৃগ । ৩ । বিণ, গন্ধযুক্ত দ্রব্য । স্ত্রী. **গন্ধবাহা**—নাসিকা ।

গন্ধবিরজা (গনধবিরোজা) বি, পার্ব্বত্য বৃক্ষবিশেষের নির্য্যাস ; সরল (pine) নামক দেবদারু গাছের আটা ।

গন্ধবিহ্বল (গনধবিভ্ভল্) [গন্ধ (দ্বারা) বিহ্বল, ৩তৎ] বিণ, ঘ্রাণ দ্বারা মূর্চ্ছিত ; গন্ধে বিবশ ।

গন্ধবীজা [গন্ধ (গন্ধযুক্ত) বীজ যাহার, বহু, স্ত্রী—আপ্] বি, স্ত্রী, মেথি । ২ । বচগাছ ; কুলঞ্জন বৃক্ষ ।

গন্ধব্যাকুল (ল্) [গন্ধে ব্যাকুল—৩তৎ] বিণ, গন্ধবিহ্বল ; আঘ্রাণে মত্ত । প্র—"গন্ধব্যাকুল বাতাসে ।" —রবি ।

গন্ধভাদাল, গন্ধভাদুলী, ভাদাল (ল্) [সং—গন্ধভদ্রা] বি, স্ত্রী. প্রসারিণী নামক একপ্রকার দুর্গন্ধযুক্ত লতা ; গাঁধাল ; গন্ধশটী ; paeberia foetida.

গন্ধমাদন (গনধোমাদোন্) [গন্ধ—মদ্ + ণিচ্ = মাদি (মত্ততা জন্মান) + অন—কর্ত্তৃ, গন্ধ দ্বারা মত্ততা জন্মায়] বি, পুং, ইলাবৃত ও ভদ্রাশ্ব বর্ষের মধ্যে অবস্থিত পর্ব্বতবিশেষ । মতান্তরে ইহা মানস সরোবরের নিকট তিব্বতে অবস্থিত (সিদ্ধান্তশিরোমণি, ভাস্করাচার্য্য) । মতান্তরে ইহা সুমেরুর দক্ষিণ দিকে অবস্থিত (বিষ্ণুপুরাণ)। লক্ষ্মণ শক্তিশেলে পতিত হইলে, হনুমান এই পর্ব্বত হইতে বিশল্যকরণী নামক ঔষধ আনিয়া লক্ষ্মণকে পুনর্ব্বার জীবিত করেন । ২ । গন্ধমাদনবাসী । ৩ । বানরবিশেষ । ৪ । ভ্রমর । ৫ । গন্ধক । ৬ । [বিদ্রূপে] সামান্য ও লঘু বস্তু স্থলে বৃহদাকার ও ভারি দ্রব্য । স্ত্রী. **গন্ধমাদনী** বা **মাদিনী** [গন্ধদ্বারা মাদনী, ৩তৎ] মদিরা ; সুরা । ২ । লাক্ষা ; জৌ । ৩ । তরুরুহা ; পরগাছা । ৪ । পঞ্জাবদেশীয় দেবদারুবিশেষ ; চৌড়গাছ ।

গন্ধমার্জ্জার (র্) [গন্ধযুক্ত মার্জ্জার, (কর্ম্মধা)] বি, পুং, খট্টাস ; গন্ধগোকুল ।

গন্ধমালতী—বি, ধান্যবিশেষ । প্র—"বুথিআজান লক্ষ্মী বুলেন বাঁসমতী । সাল ছাটী পসি কাঁওদ গন্ধমালতী ।"—শূন্যপুরাণ । ২ । সুগন্ধ লতাপুষ্পী ; echites caryophyllata. ৩ । গন্ধকোকিলা নামক গন্ধদ্রব্য । প্র—"গন্ধমালতী, গুয়া থুপী গুণাকর ।"—শিবায়ন ।

গন্ধমালিনী—বি, স্ত্রী. গন্ধদ্রব্যবিশেষ ; মুরামাংসী ।

গন্ধমুখা [গন্ধযুক্ত মুখ যাহার, বহু] বি, স্ত্রী. গন্ধমূষিক ; ছুছুন্দরী ।

গন্ধমূল (ল্) [গন্ধ (যুক্ত) মূল যাহার] বি, আদাজাতীয় সুগন্ধ মূলবিশেষ ; alpina galanga, a species of cucurina.

গন্ধমূলা [বৈদ্যকে] বি, স্ত্রী. রাস্না । ২ । শটী । ৩ । স্থলপদ্ম ।

গন্ধমূষিক (ক্) [গন্ধ (দুর্গন্ধযুক্ত) মূষিক] বি, ছুচুন্দরী ।

গন্ধমৃগ [গন্ধযুক্ত যে মৃগ (হরিণ) কর্ম্মধা] বি, পুং, যে মৃগের নাভিদেশে কস্তুরী নামক সুগন্ধি দ্রব্য জন্মে ; কস্তুরীমৃগ ।

গন্ধমোহিনী [গন্ধ—মুহ্ + ণিচ্ = মোহি (মুগ্ধ করান) + অনট্ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] স্ত্রী—ঈপ্ । বিণ, যে গন্ধ দ্বারা মুগ্ধ করে । ২ । বি, স্ত্রী, চম্পককোরক ; চাঁপার কলি ।

গন্ধরস (শ্) [গন্ধযুক্ত রস (কর্ম্মধা)] বি, পুং, উপধাতুবিশেষ । ২ । পুষ্পসার । ৩ । গন্ধ ও রস (দ্বন্দ্ব) । ৪ । আরবাদি দেশজাত একরূপ গুল্মের নির্য্যাস । ৫ । [গন্ধ (গন্ধযুক্ত) রস (স্বাদ) যাহার] বিণ, যে বস্তুর রস হইতে গন্ধ পাওয়া যায় ; আতর । ৬ । মুরামাংসী । ৭ । ধূপ । প্র—"পুড়ি ধূপদানে, হায়, গন্ধরস যথা সুগন্ধে আমোদে দেশ ।" —মেঘনাদ ।

গন্ধরাজ (জ্) [গন্ধের (গন্ধযুক্তের) রাজা ৬তৎ, রাজা = রাজ] বি, ক্লী. স্বনামপ্রসিদ্ধ পুষ্পবিশেষ । ২ । কৃষ্ণ অগুরু । ৩ । শ্বেতচন্দন । ৪ । পুং, উত্তম গন্ধযুক্ত দ্রব্য ; প্রধান গন্ধদ্রব্য । ৫ । গুগ্গুল ।

গন্ধর্ব্ব [গান ধর্ম্ম যাহাদের এই অর্থে গন্ধর্ব্ব নিপাতনসিদ্ধ] বি, পুং, দেবযোনিবিশেষ । ইঁহারা স্বর্গীয় গায়ক । ২ । গায়ক ; যাহাদের সংগীতশাস্ত্রে সম্যক্ অধিকার নাই অথচ মধুর গান করে তাদৃশ গায়ক ; গন্ধর্ব্বশ্রেণীর গায়ক । ৩ । কোকিল । ৪ । [গন্ধ—অর্ব্ব (প্রবাহিত হয়)] যাহাদের গন্ধ প্রবাহিত হয় ; গন্ধমৃগ । ৫ । গন্ধ (হিংসা)—অর্ব্ব—(গমন করা) যাহারা যুদ্ধাদি সময়ে হিংসার্থ গমন করে ; যুদ্ধের ঘোটক । ৬ । শ্বেতএরণ্ড । ৭ । শ্বেতকরবীর ।

গন্ধর্ব্ব ছুটান (নো) [গন্ধর্ব্ব (দ্রঃ) ছুটান (বাহির করিয়া দেওয়া ; তাড়ান)—ব্যঙ্গোক্তি] ক্রি, এমন প্রহার করা যে সুর বদল হইয়া যায় অর্থাৎ সঙ্গীতের স্থলে আর্ত্তনাদ করিতে হয় অথবা মারের চোটে গন্ধর্ব্ব অর্থাৎ ঘোড়ার মত ছুটিয়া বেড়াইতে হয় ।

গন্ধর্ব্বনগর (গনধর্‌বোনগর্) [গন্ধর্ব্বের (গন্ধর্ব্বগণের) নগর (বাসস্থান) ৬তৎ] বি, ক্লী. গন্ধর্ব্বগণের বাসস্থান ।

গন্ধর্ব্বপূজা [গন্ধর্ব্ব ছুটান দ্রঃ। প্রাদে—ব্যবহার] বি, প্রথমে আদর করিয়া পরে প্রহার করিয়া বিদায় দেওয়া।

গন্ধর্ব্ববিদ্যা [গন্ধর্ব্বের বিদ্যা, ৬তৎ] বি, স্ত্রী, সঙ্গীতবিদ্যা।

গন্ধর্ব্ববিবাহ [গন্ধর্ব্ব (বিধানে) বিবাহ, তৎ বা গন্ধর্ব্ববিধানানুরূপ যে বিবাহ—কর্ম্মধা] বি, পুং, কেবল নায়ক নায়িকার অভিমতানুসারে যে বিবাহ সম্পন্ন হয়।

গন্ধর্ব্ববেদ (দ্) [গন্ধর্ব্ব (গানসম্বন্ধীয়) বেদ (শাস্ত্র) কর্ম্মধা] বি, পুং, সঙ্গীতশাস্ত্র

গন্ধর্ব্বভূষণ (ন্) বি, সিন্দূর।

গন্ধর্ব্বলোক (ক্) [গন্ধর্ব্বের—লোক (বাসস্থান) ৬ তৎ] বি, পুং, গন্ধর্ব্বগণের বাসভূমি।

গন্ধলি—বি গাঁদাফুল, marigold. প্র—"কাননে কুসুম তুলিলা রঙ্গন আর ঝাটি চামলী গন্ধলি তুলিলা শ্রীফল দুইবটী॥" —শূন্যপুরাণ।

গন্ধলোলুপ (প্) [গন্ধেতে লোলুপ (লুব্ধ) ৭ তৎ] বিণ, গন্ধলুব্ধ; গন্ধ পাইলেই তৎপ্রতি যাহাদের চিত্ত আকৃষ্ট হয়; গন্ধমুগ্ধ। **গন্ধলোলুপা**—গন্ধমুগ্ধা। ২। বি, মক্ষিকা; মাছি।

গন্ধশালি [গন্ধযুক্ত যে শালি (কর্ম্মধা) বি, পুং, সুগন্ধি ধান্যবিশেষ; কলমশালি।

গন্ধসার (গনধোশার্) [গন্ধযুক্ত হইয়াছে সার (স্থিরাংশ) যাহার, বহু] বি, পুং, চন্দনবৃক্ষ।

গন্ধহস্তী [গন্ধযুক্ত যে হস্তী (কর্ম্মধা)] বি, পুং, মদগন্ধ গজ।

গন্ধহারিকা [গন্ধের হারিকা, ৬ তৎ] বি, স্ত্রী, গন্ধযুক্ত বেশকারিকা; যে কলানিপুণা রমণী পরগৃহে কর্ম্ম করে।

গন্ধহীন (ন্) [গন্ধ (দ্বারা) হীন, ৩ তৎ] গন্ধশূন্য; যাহাতে গন্ধ পাওয়া যায় না।

গন্ধা—বি, বনতুলসী। ২। শটী। ৩। প্রিয়ঙ্গু। ৪। বংশলোচন।

গন্ধাখু [গন্ধযুক্ত যে আখু (কর্ম্মধা)] বি, স্ত্রী, ছুঁচা; গন্ধমূষিক।

গন্ধাজীব (ব্) [গন্ধ (গন্ধদ্রব্য) হইয়াছে আজীব জীবিকা যাহার, বহু] বি, পুং, গন্ধবণিক্; গন্ধবেণে।

গন্ধাঢ্য (গন্ধাড্ঢ) [গন্ধ দ্বারা আঢ্য (যুক্ত) ৩ তৎ] বি, ক্লী, চন্দন; শ্বেতচন্দন। ২। গন্ধরাজ। ৩। বকুল। বিণ, গন্ধযুক্ত দ্রব্য; সুগন্ধি বস্তু; সুগন্ধযুক্ত। স্ত্রী, **গন্ধাঢ্যা**—নারাঙ্গী নেবু। ২। কস্তুরী। ৩। গন্ধভাদাল। ৪। কেতকী। ৫। নবমল্লিকা। ৬। আরামশীতলানামক সুগন্ধ পত্রশাক।

গন্ধাধিবাস (শ্) [গন্ধ (গন্ধদ্রব্য) দ্বারা অধিবাস (সংস্কার) ৩তৎ] বি, পুং, দুর্গোৎসবে গন্ধমাল্যাদি দ্বারা প্রতিমার সংস্কার। আভ্যুদয়িকাদি কার্য্যেও ঐরূপ গন্ধাদি দ্বারা অধিবাস করা হয়।

গন্ধার (র্) বি, পুং, গান্ধার নামক দেশ। ২। স্বরবিশেষ। ৩। সিন্দূর।

গন্ধালী [গন্ধের আলী (সমূহ) যাহাতে, বহু] বি, স্ত্রী, গন্ধভাদালি লতা; গাঁদাল। ২। জাতিফল। ৩। কুমিরেপোকা।

গন্ধিক (গোন্ধিক্) [গন্ধ + ইক (যুক্তার্থে)] বি, পুং, গন্ধযুক্ত; গন্ধক।

গন্ধিরস (গোন্ধিরশ্) বি, পুং, নিশাদল।

গন্ধী (গোন্ধি) [গন্ধ আছে ইহার এই অর্থে গন্ধ + ইন্ = গন্ধিন্, ১মা, ১ব] বিণ, উৎকৃষ্ট গন্ধযুক্ত; সুগন্ধবিশিষ্ট। ২। [দুর্গন্ধযুক্ত] গাঁধি পিঁপড়া। ৩। ছারপোকা।

গন্ধেন্দ্রিয় (গনধেন্দ্রিঅ) [গন্ধগ্রাহক যে ইন্দ্রিয় (মধ্যপদলোপী কর্ম্মধা)] বি, ক্লী, ঘ্রাণেন্দ্রিয়; নাসিকা; নাক।

গন্ধেশ্বরী (গনধেশ্শোরি) গন্ধবণিকদিগের কুলদেবতা। ২। নদীবিশেষ।

গন্ধোত্তমা [গন্ধদ্বারা উত্তমা, ৩ তৎ] বি, স্ত্রী, মদিরা; সুরা।

গন্ধোপজীবী (প্) [গন্ধ (গন্ধদ্রব্য) দ্বারা উপজীবী, উপ—জীব্ (জীবন ধারণ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = উপজীবিন্ ১মা, ১ব] যে গন্ধদ্রব্য দ্বারা জীবিকা নির্ব্বাহ করে—৩ তৎ] বি, পুং, গন্ধবণিক্।

গন্ধোলী [গন্ধ্ (পীড়া দেওয়া কিম্বা ঘ্রাণ লওয়া) + ওল (কর্ত্তৃ) ঈপ্—স্ত্রী, যে দংশন দ্বারা পীড়া দেয়] বি, স্ত্রী, বোল্তা।

গন্নাকাটা [গন্না (ঘোণা = নাক—"ঘোণা নাসা চ নাসিকা"—অমর। তুল—গন্দা খাঁদা। সাধারণতঃ ঘোণা অর্থে নাকের নিম্নাংশ হইতে ওষ্ঠ পর্য্যন্ত যেমন অশ্বাদির, আবার ঘোণার সহিত সংলগ্ন বলিয়া উপর ঠোঁট) + কাটা (কর্ত্তিত, খণ্ডিত)। তুল—ওড়ি, গ্রহণ-খণ্ডিয়া (সূর্য্যচন্দ্রগ্রহণকালে গর্ভিণী প্রাচীরাদিতে দাগ কাটিলে বা কিছু খণ্ডিত করিলে ওষ্ঠ-কাটা সন্তান জন্মে এই বিশ্বাস হইতে); হি—ওঁট্-কাটা] বিণ, উপর ঠোঁট কাটার জন্য যাহার কণ্ঠস্বর অনুনাসিক; খোনা; গন্দা-খাঁদা। ২। [গন্না (সং—ঘোণা—নাসিকা) খাঁদা (বসা) গন্না-কাটা। গ্রা—গন্দাখাঁদাও বলে] বিণ, কর্ত্তিত নাসিকা বা পিনেস প্রভৃতি রোগহেতু যে নাসিকা সাহায্যে (সম্পূর্ণ অনুনাসিক স্বরে) কথা কহে; যাহার নাক বসা বা চাপা সুতরাং কণ্ঠস্বরহীন; গতনাসিক। তুল—হি—নাক্টা। প্র—"বিয়ের ব্যাপার সব দেশে। * * * * কানায় খোঁড়ায় গন্না খাঁদায়, হাঁদায় গোঁদায় হারামজাদায়, বিয়ের হাটে হাট করে যায় সবাই ক'নের বরবেশে।" —অতুলকৃষ্ণমিত্র (বাং-গান)। (দ্রঃ—গন্নাকাটা ও গন্নাখাঁদা প্রায় এক অর্থেই প্রযুক্ত হইয়া থাকে]।

গপ্‌গপ্ [শব্দাত্মক। শব্দাধিক্যে—গাপ্ গাপ্। মৃদুশব্দে **গুপ্‌গুপ্, গুপ্‌গাপ**। ব্যাপ্তি ও ক্ষিপ্রতার আধিক্য অর্থে **গপাগপ্**] বি, বড় বড় গ্রাস চর্ব্বণে সময়ক্ষেপ না করিয়া ক্ষিপ্রতাসহ গলাধঃকরণ শব্দ। ২। ক্ষুধার্ত্তের লক্ষণসূচক। প্র—এক পাথর ভাত গপ্‌গপ করে খেয়ে ফেল্লে।

গফ (ফ্) [গপ্, গপ্‌শও বলে (হি—গপ্‌সা) ফা—গফ্ = ঘন close woven] বিণ, ঠাস বুনানির। ২। পুরু।

গবগব (গব্‌গব্) [শব্দাত্মক] বি, কুঁজা ঘড়া প্রভৃতি সরু গলার জলপাত্র হইতে জল পতনের শব্দ। "বুক্‌বুক্" শব্দও বলে। ২। ক্রমাগত ক্ষিপ্রহস্তে গ্রাস লইয়া অবিলম্বে গলাধঃকরণ করিবার শব্দ। প্র—সে গবগব করিয়া সমস্ত খাইয়া ফেলিল।

গবয় (য়্) [গো (গোরু)—অয্ (গমন করা) + অ (কর্ত্তৃ—অচ্) = অয়—গো + অয় = গবয়, যে গো সদৃশ গমন করে] বি, পুং, গলকম্বল বিহীন গোতুল্য পশু। ২। একপ্রকার বানর।

গবর (র্) [গাবর দ্রঃ] বি, নৌকার মাঝি; মাল্লা। **গটিয়া গাবর, গাঁইঠা গাবর**—নৌকার গলুয়ের মাঝি। ৩। বলিষ্ঠ মাঝি। প্র—"গটিয়া গবর নায়ক নফর, নাহিক দেখে নিস্তার।"—ক্ষেমানন্দ (মনসার ভাসান)।

গবরাজ (জ্) [গো (গোরু) + অ (অণ্—সম্বন্ধার্থে) = গব—গরুর যে রাজা (কর্ম্মধা) রাজা = রাজ, কিম্বা গব (গো সমূহ) তাহাদের রাজা, ৬ তৎ] বি, পুং, বৃষ; ষাঁড়।

গবল (ল্) [গু (শব্দ করা) + অল (কর্ত্তৃ—অলচ্)] বি, পুং, বন্যমহিষ। ২। [করণে—অল, শব্দ করা হয় যদ্দারা] ক্লী, মহিষ শৃঙ্গ।

গবা [গবী (গাভী) শব্দজ। প্রাদে-ব্যবহার—পুং, গবা, গবারাম = ষণ্ডবৎ] বিণ, গোবুদ্ধিবিশিষ্ট; বোধশক্তিহীন; নির্ব্বোধ; বোকা।

গবচন্দ্র, গবারাম, গবুচন্দ্র—গবা শব্দের শ্লিষ্টপ্রয়োগ। প্র—"হবু চন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী।"

গবাক্ষ [গো (কিরণ) অক্ষ্ (বিস্তৃত করা) + অ (কর্ত্তৃ—অচ্) যে গৃহাদির মধ্যে কিরণ বিস্তার করে, অথবা গো—গোরু অক্ষি (চক্ষু) যে গরুর চক্ষুর ন্যায় গোলাকার। তুল—গ্রা,

গোখুবরী। (উপমিত কর্ম্মধা)] বি, পুং, বাতায়ন; গৃহ মধ্যে উত্তাপ এবং বায়ু প্রবেশের নিমিত্ত যে ক্ষুদ্রপথ থাকে; জানালা; পূর্ব্ব সময়ে ইহা গোলাকার ছিল বলিয়াই ইহার নাম গবাক্ষ হইয়াছে। ২। বানরবিশেষ।

স্ত্রী, **গবাক্ষী**—গোমুক। ২। অপরাজিতা, ৩। রাখাল শসা। ৪। শেওড়া। **গবাচী**—বি, স্ত্রী, পাঁকাল মাছ।

গবাশন (ন্) [গো (গোরু) অশন যে ভোজন করে) অশ্ (ভোজন করা)+অন (কর্ত্তৃ—অনট্) যে গোমাংস ভক্ষণ করে] বি, ক্লী, গোমাংসভক্ষক; গোখাদক; মুচী; চামার।

গবাশ্ব [গো এবং অশ্ব (দ্বন্দ্ব)] বি, ক্লী, গোরু এবং অশ্ব।

গবী (গোবি) [গো (গোরু)+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, স্ত্রীগোরু; গাভী। ২। বাক্য; বাণী।

গবুচন্দ্র (গোবু) গবা দ্রঃ। প্র—"হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী।"

গবেষণ (ন্) [গো+এষণ—ইষ্ (অন্বেষণ করা)+অন (ভাবে—অনট্)] বি, পুং, অন্বেষণ; কোন বিষয়ের তত্ত্ব নিরূপণার্থ অনুসন্ধান। ২। গো (জল) এষণ=জলান্বেষণ। ৩। বি, পুং, নৃপতিবিশেষ। স্ত্রী, **গবেষণা**।

গবেষিত [গো—ইষ্ (ইচ্ছা করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যে বিষয়ের অনুসন্ধান করা হইয়াছে; অন্বেষিত।

গব্য (গোব্ব) [গো+য (ষ্য, ভবার্থে)] বিণ, গাভীসম্বন্ধীয়। ২। গোদুগ্ধ; গোদুগ্ধজাত দধি ঘৃতাদি। স্ত্রী, **গব্যা**—গাভী সকল। ২। গোরোচনা। **পঞ্চগব্য**—গোদুগ্ধজাত ক্ষীর, দধি, ঘৃত এবং গোমূত্র ও গোময়।

গব্যূতি (গোব্বুতি) [গো (পৃথিবী) যু (যোগ করা)+তি (কর্ম্মে—ক্তি) সংজ্ঞার্থে] বি, স্ত্রী দুই ক্রোশ পথ পরিমাণ।

গব্দা (গব্দা, গোব্দা) [হি—গব্দা] বিণ, অশোভনীয় স্থূল; স্ফীত; মোটা; পুরু। ২। স্থূলবুদ্ধি।

গভর্ণমেণ্ট (ন্ট) [ইং—government] বি, রাজ-শক্তি; রাষ্ট্রতন্ত্র; শাসন-বিভাগ; শাসকসম্প্রদায়।

গভর্ণর (র্) [ইং—governor] বি, প্রাদেশিক শাসনকর্ত্তা।

গভর্ণর-জেনারেল (র্, ল্) [ইং—governor-general] বি, সর্ব্বপ্রধান শাসনকর্ত্তা।

গভস্তি (গভস্তি) [গ (পৃথিবীবাচক গো শব্দজ) ভস্(দীপ্তি পাওয়া)+তি (কর্ত্তৃ—তিক্, সংজ্ঞার্থে) যে পৃথিবীকে দীপ্ত করে] বি, পুং, সূর্য্য ও চন্দ্রের তেজ; কিরণ। স্ত্রী, **গভস্তি বা গভস্তী**—অগ্নিপত্নী; স্বাহা।

গভস্তিপাণি (নি) [গভস্তি (কিরণ) হইয়াছে পাণি (কর) স্বরূপ যাহার, বহু] বি, পুং, সূর্য্য; দিবাকর।

গভস্তিমান্ [গভস্তি (কিরণ)+মৎ (অস্ত্যর্থে—মতু)=গভস্তিমৎ ১মা, ১ব, গভস্তিমান্] বি, পুং, প্রখর কিরণধারী; সূর্য্য। ২। ক্লী, সপ্ত পাতালের এক পাতাল; তলাতল।

গভীর (গোভীর্) [গম্ (গমন করা)+ঈর (ঈরম্—কর্ম্মে) নিপাতনে (ম্=ভ্)] বিণ, অতলস্পর্শ; অগাধ। প্র—গভীর অতলস্পর্শ তোমার প্রেম-সাগরে ডুবিলে একবার কেহ আর কি উঠিতে পারে।"—ব্রহ্মসঙ্গীত। ২। প্রগাঢ়। প্র—গভীর জ্ঞান। ৩। দুরবগাহ; যাহার মধ্যে সহজে প্রবেশ করিতে পারা যায় না। ৪। স্থির; অচঞ্চল। ৫। গহন; নিবিড়। প্র—"তিনি গভীর বনমধ্যে প্রবেশ করিলেন।" ৬। দুর্গম। ৭। বহুদূর বিস্তৃত। ৮। গম্ভীর। প্র—"সেই গভীর স্বরে উদাস করে আর কে কারে ধরে রাখে।" —ব্রহ্মসঙ্গীত। ৯। অতি নিম্ন। **গভীর জলের মীন**—যে-সকল বৃহৎ মৎস্য জলের উপরে না ভাসিয়া জলাশয়ের গভীর প্রদেশে থাকে। ২। অগাধ জলের মাছের মত যে-সকল ব্যক্তি লঘু বিষয়ের আলোচনা না করিয়া গভীর বিষয় লইয়া থাকে। যাহারা বিষয়ের উপর উপর অর্থাৎ ভাসা ভাসা ভাবে চিন্তা না করিয়া গভীরতম প্রদেশে প্রবেশ করিয়া সার মীমাংসায় উপনীত হয়। প্র—"গভীর জলের মীনের মত আমি সাঁতার ভুলে ডুবে রব।"—ব্রহ্মসঙ্গীত।

গভীরতা (গো) [গভীর+তা (ভাবে)] বি, স্ত্রী, নিবিড়তা। ২। গম্ভীরতা; স্থিরতা। ৩। দুর্গমতা।

গভীরাত্মা (গোভিরাৎতা) [গভীর (দুর্লক্ষ্য) আত্মা (স্বরূপ) যাহার, বহু] বি, পুং, জগৎপতি; পরমেশ্বর।

গম (ম্) [গম্ (গমন করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, গমন। প্র—নির্গম, আগম। ইহার স্বতন্ত্র ব্যবহার দৃষ্ট হয় না। ২। [গমন করা যায় যাহা দ্বারা এই অর্থে করণে, অল্] পথ।

গম (গ) [সং—গোধূম। হি—গেহুঁ] বি, গোধূম; গম নামক শস্য।

গম (ম্) [শব্দাত্মক। হি—ধম্] অ, গুরু ভার পতন বা গুরুভার প্রহরণ দ্বারা আঘাত শব্দ; মুদ্গারের আঘাত শব্দ। **গম্গমে, গম্গম্**—গম্ভীর ধ্বনি; পৃষ্ঠে মুষ্টি প্রহার শব্দ; মুহুধ্বনিতে **গুম্গুম্**—শব্দের ব্যাপ্তি ও উপর্য্যুপরি মুষ্ট্যাঘাতে **গমাগম্**।

গমক (ক্) [গম্+ণিচ=গমি (গমন করান)+অক, কর্ত্তৃ] বিণ, বোধক। ২। জ্ঞাপয়িতা [প্র, অ]। ৩। যে প্রেরণ করে; প্রেরক। [প্র, অ] ৪। স্বরকম্পন; যে স্বর মূর্চ্ছনা প্রাপ্ত হয়। সুরের মাথায় এক এক বিন্দু গমকের চিহ্ন। যথা—সা—া—া—া। সুরে অধিকতর মনোহারিত্ব সম্পাদন করিবার জন্য, গমক (কম্পনের সামান্য নাম), কম্পন (সুরবিশেষের দ্রুত আন্দোলন)। আশ স্বরের দুই বা ততোধিক সুরের বিকাশ) মীড় (আশের ঘনত্ব) এবং গিট্‌কিরী (একাধিক সুরের আশ সহকৃত দ্রুতোচ্চারণ) ব্যবহৃত হয়]। প্র—"গাওত গমকে গীতকীরি গুর্জ্জরী গৌরী গোল গোপী গান্ধার।" —গোবিন্দ দাস।

গমন (ন্) [গম্ (গমন করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, গতি; পাদক্ষেপণ; চলন। ২। প্রস্থান। ৩। [গমন করা যায় যাহা দ্বারা এই অর্থে (করণে—অনট্)] রথ, শকটাদি যান। ৪। আগমন। প্র—"পুন বলে কহ কহ রামাগ্রি পণ্ডিত। কি কারণে তোমার গমন আচম্বিত॥"—চৈতন্য ভাগবত। কি কারণে মোর স্থানে করেচ গমন।"—শীতলামঙ্গল (কবিবল্লভ) [অপ্র]।

গমনাগমন (ন্) [গমন এবং আগমন (দ্বন্দ্ব)] বি, ক্লী, যাতায়াত; গতায়াত; আনাগোনা।

গমনার্হ [গমনের অর্হ (যোগ্য) ৬ তৎ] বিণ, গমনের যোগ্য; যাইবার উপযুক্ত; যে দেশে বা কালে যাওয়া যাইতে পারে।

গমনীয় [গম্+অনীয় (কর্ম্মে)] বিণ, গম্য; গমনের যোগ্য।

গমাগম (ম্) [গমনাগমন শব্দের সংক্ষেপ] বি, গমনাগমন; যাতায়াত; বসবাস। প্র—"মনুষ্যের গমাগম দেখে কতো দূরে"।২। [গম্‌গম্ দ্রঃ] উপর্য্যুপরি মুষ্ট্যাঘাত শব্দ। ৩। পুনঃ পুনঃ আঘাত শব্দ।

গমিত (গোমিত) [গম্+ণিচ=গামি (গমন করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রাপিত। ২। অতিবাহিত। ৩। জ্ঞাপিত।

গম্ভীর (গোম্ভির্) [গম্ (গমন করা)+ঈর (কর্ত্তৃ—ঈরণ্)] বিণ, অগাধ; গভীর। প্র—"কেমন তাহার গভীর গম্ভীর উপরে শেহালাদল"—চণ্ডীদাস। বি, গম্ভীরতা।

গম্ভীরতা (গো) [গম্ভীর+তা (ভাবে)] বি, স্ত্রী, গভীরতা। ২। নিবিড়তা। ৩। স্থিরতা। ৪। ধীরতা; গাম্ভীর্য্য।

গম্ভীরবেদী (গোম্ভিরবেদী) [গম্ভীর—বেদী বিদ্ (জানা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=গম্ভীর বেদিন্ ১মা, ১ব] বি, পুং, মত্তহস্তী; যাহার রক্তক্ষরণ ও মাংসচ্ছেদনেও চৈতন্য নাই; যে হস্তী চির অভ্যস্ত শিক্ষা পর্য্যন্ত ভুলিয়া যায়।

(গোম্‌ভিরা) [সং—গম্ভীর। গম্ভী= (শিব)+আ (আলয়ার্থে)] বি, দেবালয় গৃহ ২। মন্দিরের মধ্যস্থল ; অন্ধকারময় ভিতরের গৃ (উৎকলে)। ৩। শিবালয়। ৪। গাজনের উৎসব। ৫। [ডাকের সাজে] বস্ত্রের উপর নানা চিত্র-বিচিত্র ছাঁচে রাঙ্গের পা বসান।

গম্য (গোম্‌মো) [গম্ (গমন করা)+য (কর্ম্মে)] বিণ, গন্তব্য ; গমনীয় ; গমন-যোগ্য ২। প্রাপ্য। ৩। জ্ঞেয় : বোধ্য। ৪। অনুমেয় ৫। সাধ্য। ৬। ভোগ্য। স্ত্রী, **গম্যা**—উপভোগ্যা।

গম্যমান (গোম্‌মোমান্) [গম্+আন (কর্ম্মে—আনশ্)—য—ম আগম] বিণ, জ্ঞায়মান ২। অনুমান-যোগ্য।

গয় (য়্) [পরি দ্রঃ। গৈ (গান করা)+অ (কর্ত্তৃ—ড্য়)ঐ—লোপ] বি, পুং, অসুর-বিশেষ। এই অসুর গয়াক্ষেত্রে নিহত হয়। ২। বানরবিশেষ। ইনি গয়াধাম স্থাপনকরেন।

গয়ংগচ্ছ—"যাচ্ছি যাব" এইরূপ ভাব ; দীর্ঘসূত্রতা ; কুঁড়েমি।

গয়না (য়্) [হি—গহ্‌না হইতে] বি, অলঙ্কার ; গহনা।

গয়বি—গইবি দ্রঃ।

গয়রহ (য়্) [আ—গ্যয়র্ (অন্য) ; ফা-বগয়্‌রহ্ (বাকী আর আর ; ইত্যাদি)। আদাঃ পরিঃ। সংক্ষেপে, "গঃ" "গৈঃ"] অ, ইত্যাদি ইত্যাদি। ২। বাকী অপরাপর ব্যক্তি। ৩। আর সমস্ত ; সমুদয়।

গয়লা [সং—গোপাল ; প্রাকৃ—গোঅল] বি, গোপ ; গোপালক ; গোয়াল।

গয়সাল বা গরসাল—বি, যে হিন্দু ধর্ম্মাবলম্বী পরে মুসলমান হয়। প্র—"হিন্দু হয়ে মুসলমান বৈসে গয়সাল"—কবিক।

গয়া [গয় (গয় নামক রাজা)+অ (কৃতার্থে)-আপ্, স্ত্রী] বি, স্ত্রী, গয় নামক রাজর্ষি-নির্ম্মিত পুরী ; বিহারের অন্তর্গত জেলা এবং তাহার প্রধান সহর ; প্রসিদ্ধ তীর্থস্থান। এই স্থানে আসিয়া হিন্দুগণ মৃতের উদ্দেশে পিণ্ডদান করিয়া থাকে। এই স্থানে গয় নামক প্রসিদ্ধ অসুর বিষ্ণুর হস্তে নিহত হয়। ২। [প্রাদে—ঢাকা] ফড়িংবিশেষ। **গয়াংগচ্ছ**—বি, গয়াপ্রাপ্তি ; মৃত্যু ; মরণ। প্র—"কোটা বাসে মাল কচ্ছ সে বুঝি গয়াংগচ্ছ।"

গয়াধাম (ম্) বি, গয়াতীর্থ ; গয়া সহর। গয়া দ্রঃ।

গয়াবলি [প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"গয়াবলি, গোপালভোগ, গৌরীকাজল।"—শিবায়ন।

গয়ার (র্) [গয়র দ্রঃ] বি, কণ্ঠস্থিত শ্লেষ্মা ; কফ। প্র—"গয়ারে বয়ারদের গয়ার গয়ারের মত, কিন্তু সরল গয়ার নয়, গলা আঁচড়ে তোলা।"—লীলাবতী।

গয়াল (ল্) বি, এক জাতীয় বৃষ ; the gayal. ২। ধান্যবিশেষ ; ইহার চাউল শ্বেতবর্ণ হয়।

গয়ালি, গয়ালী [হি—গয়াবাল্] বি, গয়াক্ষেত্রের পাণ্ডা ব্রাহ্মণ। ২। গয়াক্ষেত্রবাসী।

গয়েশ্বরী (গয়েশ্‌শোরি) [গয়া নগরে নির্ম্মিত বলিয়া। গয়া—কাঁসোরী (হি—কাঁসার পাত্র অর্থে) সংক্ষেপে গয়েশ্বরী। তুল—রাণীশ্বরী কংসেশ্বরী ; চিন্তেশ্বরী প্রভৃতি ভিন্ন ভিন্ন স্থানের কাঁসার থালা] বি, গয়ায় নির্ম্মিত কানা উঁচু কাঁসার থালা। ২। কাঁসার থালার আকারের অনুকরণে গয়ার পাথরের থালা।

গর (র্) [সং] বি, পুং, ক্লী, গরল ; উপবিষ ২। পুং, রোগ। ৩। করণের মধ্যে পঞ্চম গরকরণ। ৪। গ্রাসকারী। প্র—"অজগর"।

গর [আ—গয়র্ (অন্য)] অ, স্বতন্ত্র ; ভিন্ন ; অন্য। প্র—গরজেলা। ২। অভাবাত্মক অব্যয় ; নঞর্থক ; বিপরীতার্থক। প্র—গরমিল ; গর্‌হাজির ; গর্‌রাজি। **গর্‌আদর**—অনাদর। **গর্‌কবুল**—অস্বীকার। **গর্‌পছন্দ**—অপছন্দ ; অমনোনীত। **গরবিবেচক**—অবিবেচক। **গর্‌বিবেচনা**—অবিবেচনা **গর্‌বিলি**—অবন্দোবস্ত ; অব্যবস্থা। **গরমিল**—অমিল। ২। হিসাবে জমা খরচে বৈষম্য। প্র—"আদায় করিয়া শেষ তহবিল গরমিল হইলে শূলে যাব নাকি?"—বঙ্কিম (সীতারাম)। ৩। মনান্তর।

গররাজি—অপ্রস্তুত ; অনিচ্ছুক। **গরসময়**—অসময় ; অনুপযুক্ত সময় ; বেটাইম। **গরহাজির**—অনুপস্থিত। **গরহিসাবী**—বেহিসাবী ; আয় ব্যয় বা জমাখরচের হিসাব যাহার নাই। ২। অমিতব্যয়ী।

গরগর [সং—গদগদ হইতে। ব্রজ] বিণ, গদগদ। ২। ব্যাকুল। ৩। উল্লসিত। প্র—"রাইরূপ হেরি গরগর অন্তর"—বিদ্যাপতি। "শ্যাম সুনাগর রসের সাগর গর গর রাই দরশন আশে।"—ব্রজপরিক্রমা। ৪। [বর্ণ বিপর্য্যয়ে—রগ্‌রগ্] ঘোর গেরুয়াবর্ণ। প্র—তরকারিতে হলুদ গরগরে করে দেওয়া। ৫। [ফা—গুর্‌রানা] ক্রোধে গরগর করা ; আপন মনে রাগ প্রকাশ করা। প্র—"ধাকা দিয়ে গরবিণী গরগরিয়ে যায়, কাঁপরে পড়িয়া কবি ফ্যাল্ ফ্যাল্ চায়।"—হেম বন্দ্যো।

গরজ (গরোজ্) [আ—গরজ্] বি, আবশ্যক। ২। যত্ন। প্র—"তোমার মেয়ের বিয়ে গরজ তোমার"।

গরজনি [সং—গর্জ্জন শব্দের কোমল রূপ। ব্রজ] বি, গর্জ্জন। প্র—"ঘেটিতা ঘেটিতা ঘিনি মৃদঙ্গ গরজনি"—বিদ্যাপতি।

গরজান, গর্জ্জান (র্, নো) [সং—গর্জ্জন ; ব্রজ—পদ্যে কোমল রূপ—গরজন ; গরজ+আন (ক্রিয়ায়)। উ-পু—গরজাই। ম-পু—গরজাও। প্র-পু—গরজে, গর্জ্জায়। গরজায়। অস-ক্রি, গরজিতে, গর্জাইতে : গরজিয়া, গর্জাইয়া, গর্জিয়া, গর্জে] ক্রি, গর্জ্জন করা। প্র—"গগনে গরজে মেঘ ঘন বরষা"—সোনার তরী। ২। উচ্চৈঃস্বরে ডাকা। প্র—"গোধন গরজত বড়ই গভীর"—গোবিন্দদাস। **গরজত**—গর্জ্জন করে ; করিতেছে। ঐ অর্থে প্রা-বাং—**গরজন্তি**।

গরদ (গরোদ্) [গর (বিষ) দ (দান করা)+অ (কর্ত্তৃ—ড) উপপদ। যে বিষ দান করে] বিণ, বিষপ্রদায়ী ; যে অন্যকে বিষ খাওয়ায়। ২। ক্ষৌমবস্ত্র। প্র—"গরদেতে ধুতি গরদ কিম্বা ধুতি"—দ্বিজেন্দ্র রায়।

গরব (ব্) [সং—গর্ব্ব পদ্যে] বি, অহঙ্কার ; গর্ব্ব। প্র—"তোমায় চিনি বলে আমি করেছি গরব লোকের মাঝে"—রবি। "গরবে না কর হঠ লুবধ মুরারি"—বিদ্যাপতি। বিণ, গরবী ; গরবিত। প্র—"গুরু গরবিত বোলে অবিরত এ বড়ি বিষম বাধা।"—জ্ঞানদাস। গোবিন্দদাসে—**গরবায়িত**। ২। গৌরব ; মহিমা (পদ্যে)। প্র—"শেষে ফুটিল রে কবে এমন গরবে শতেক শোভন দলে গো!"—বিজয় মজুমদার। **গরবখাকি** [প্রাদে] গালিবিশেষ ; যাহার গর্ব্ব অথবা দর্প চূর্ণ হইয়াছে ; যে গরবের মাথা খাইয়াছে। তুল—গতর খাকি, চোখ খাকি ইত্যাদি। প্র—গর্ব্বিণী সে গরব খাকি তিন ছেলের মা। পরের পুরুষ দেখে ধরিতে নারে গা।"—ঘনরাম।

গরবিণী [গর্ব্বিণী শব্দজ] বি, স্ত্রী, গৌরববতী। ২। অহঙ্কারবতী ; দর্পিতা ; গর্ব্বিতা। প্র—"ধীরে যায় রাই গরবিণী, শ্যাম-প্রেম-সোহাগিনী"—সা, প, প।

গরবী [গর্ব্বী শব্দজ। ব্রজ] বিণ, গর্ব্বকারী ; গর্ব্বী ; দর্পী ; গর্ব্বিত ; অহঙ্কৃত। প্র—"হরি বড় গরবী গোপী মাঝে বসই"—বি, প।

গরব্রত [গর (সর্পবিষ ভক্ষণ) ব্রত (নিয়ম—স্বভাব) যাহার, বহু] বি, পুং, শিখী ; ময়ূর।

গরভ [সং—গর্ভ। পদাবলীতে ব্যবহৃত] বি, পুং, গর্ভ। বিণ, **গরভিত**—গর্ভযুক্ত। ২। গর্ভে স্থিত, অন্তর্নিহিত। প্র—"গুঞ্জা গৈরিক গোরস-গরভিত গোরোচনা রুচিরধারী।"—গোবিন্দদাস।

গরম (গরোম্) [সং—ঘর্ম্ম। হি—গরম্] বিণ, উষ্ণ। ২। ঔদ্ধত্য। ৩। অহঙ্কার ; গর্ব্ব। ৪। গ্রীষ্ম। **গরম কথা**—কড়া কথা ; ক্রোধোক্তি। **গরম কাপড়**—

শরীর গরম রাখিবার উপযোগী বস্ত্র ; শীতকালে ব্যবহার্য্য পশুলোম, তূলা প্রভৃতি-নির্ম্মিত বস্ত্র। **গরম কাল**—গ্রীষ্মকাল। **গরম খবর**—টাট্‌কা খবর ; নিতান্ত আধুনিক সংবাদ। **গরম গরম, গরমা-গরম**—ভাজা ; খোলা হইতে সদ্য নামান। **গরম-পোষ**—[ফা—গরম্‌পোষ্‌] কাণঢাকা গরম লাল কাপড়ের টুপি। **গরম মসলা**—দারুচিনি, লবঙ্গ, এলাচী প্রভৃতি উষ্ণবীর্য্য মসলা। **গরম মেজাজ**—উগ্রপ্রকৃতি। **গরম হাওয়া**—উত্তপ্ত বায়ু : লূ। **কুসম কুসম গরম**—অল্প অল্প গরম ; ঈষদুষ্ণ ; কদুষ্ণ। **গা গরম**—দেহ উত্তপ্ত। ২। জ্বর। **টাকার গরম**—ধনবত্তার অহঙ্কার ; ধনগর্ব্ব। **নরম গরম**—ব্যবহারে কখন মৃদুতা কখন উগ্রতা প্রদর্শন ; মধ্যম শাসন। **পচা গরম**—যে গ্রীষ্মে শরীর অবিরত ঘর্ম্মে পচিয়া যায় ; ফল পাকড় যে গরমে পচিয়া যায় ; নির্ব্বাত গ্রীষ্ম। **পেট গরম**—উদরের উষ্মা ; অজীর্ণ। **বাজার গরম**—বাজারে পণ্য দ্রব্যের মূল্য বৃদ্ধি। **মাথা গরম**—উষ্ণ মস্তিষ্ক ; কোপন বা উগ্র স্বভাব।

গরমি (গোর্‌মি) [গরম দ্রঃ। গ্রা। হি-র অনুকরণে—**গরমাই**। তুল—গরমাই কাল, গরমাই হওয়া] বি, গ্রীষ্মকাল। প্র—গরমি পড়লে আর গায়ে গরম জামা চলবে না। ২। গ্রীষ্ম ; উষ্মা ; উত্তাপ। প্র—গরমি বোধ হওয়া। ৩। [হি—গর্ম্মী] উপদংশরোগ। ৪। বিণ, উষ্ণ ; উত্তপ্ত। **সর্দ্দি গরমি**—ঠাণ্ডা ও গরমের মিলনজাত রোগ।

গরল (ল্) [গর (বিষ)+ল (স্বার্থে)] বি, ক্লী, বিষ। ২। সর্পের বিষ। ৩। পরিমাণবিশেষ। ৪। ঘাসের আটি। স্ত্রী, **গরলী**—গড়ুই মাছ।

গরলারি [গরল—অরি (নাশক)] বি, পুং, গরুড়মণি ; মরকতমণি। ২। বিষহর।

গরলায়েক (গর্‌লাএক্‌) [জমী: পরি:] বি, যে জমিতে শস্য জন্মে না। ২। অনুপযুক্ত।

গরা [প্রাদে, ঢাকা অঞ্চলে] বি, গড়া ; মৎস্য ধরিবার জন্য খালের এক পার হইতে অপর পার পর্য্যন্ত যে বেড়া দেওয়া হয়।

গরাদে [পর্ত্তু—grade (গ্রাদে) শব্দজ] বি, রেল ; কাঠরা ; ঝরকা ; জানালা দরজা প্রভৃতির লোহ বা কাষ্ঠময় দণ্ড।

গরান, গরাণ (ন্) বি, চামড়ায় কষ লাগাইবার জন্য যে-গাছের ছাল ব্যবহৃত হয়, কাষ্ঠ জ্বালান হয় এবং সরলাংশ খুঁটির কাজে লাগে ; the mangrove.

গরাস (গরাশ্‌) [ব্রজ : গ্রাস শব্দের কোমল-রূপ] বি, গ্রাস ; কবল। ২। আহার ; ভক্ষণ। প্র—"তেঁই না করয়ে গরাস।" —বি, প।

গরাসিল (শি) [গরাস্‌ (গ্রাস)+ইল্‌ (বাং-ক্রিয়া বিভক্তি)। ব্রজ—**গরাসল**] ক্রি, গ্রাস করিল। প্র—"তিমিরে গরাসিল মোরে।" —জ্ঞানদাস।

গরিব (গোরিব্‌) [আ—গরীব্‌] বি, অর্থ-হীন ; দরিদ্র। প্র—"গরিবে বিমুখ সবে, নিদ্রা আর আসে না।" —অশোকগুচ্ছ।

গরিবানা (গো) [আ] দরিদ্রের ন্যায় ; গরিবের মতন। প্র—"মহতের কার্য্য কর গরিবানা চেলে।" —ঈশ্বর গুপ্ত।

গরিমা (গো) [গুরু+ইমন্‌ (ভাবে)=গরিমন্‌ ১মা, ১ব, গরিমা] বি, পুং, গৌরব। ২। গুরুত্ব। ৩। মাহাত্ম্য। ৪। ভার। ৫। গর্ব্ব ; আত্মশ্লাঘা ; দর্প ; অহঙ্কার। ৬। মহিমা।

গরিষ্ট (গোরিষ্‌ট) বিণ, গরীয়ান্‌ দ্রঃ।

গরিষ্ঠ (গোরিষ্‌ঠ) [গুরু+ইষ্ঠ (অত্যর্থে) গুরু=গর] বিণ, গরীয়ান দ্রঃ।

গরীয়ান (গোরীআন্‌) [গুরু+ইয়স্‌ (অত্যর্থে) গুরু=গর] বিণ, মর্য্যাদাশালী ; মর্য্যাদাপন্ন। ২। গুরুতর ; অতিশয় গুরু ; বড় ভারী। ৩। অতি গৌরবান্বিত। প্র—"য়ুরোপ বাহু-বলে বলীয়ান, যন্ত্রকৌশলে গরীয়ান, নবোৎসাহে তেজীয়ান।" —সনাতনী। ৪। অর্থবান। ৫। অতি মহৎ। ৬। বি, পুং, নরপতিবিশেষ। স্ত্রী, **গরীয়সী**—মহতী ; গৌরবান্বিতা ; মাননীয়া। প্র—"জননী ও জন্মভূমি স্বর্গাদপি গরীয়সী।"

গরু (গোরু) [সং—গো ; হি—গোরু। বাং-য়, **গোরু** ও লিখিত হয়] বি, পুং, স্ত্রী, গো ; গাভী ; বৃষ। ২। মূর্খ ; নির্ব্বোধ ; বুদ্ধিহীন। [গরুর বিভিন্ন অঙ্গের নাম—**গোমুণ্ড, গোমস্তক**—গরুর মাথা। **গোমুখ**—গরুর মুখ। **সাস্না, গো-গল-কম্বল**—গরুর গলার লোল মাংস। **গোক্ষুর**—গরুর পায়ের খুর ; শফ। **মোড়**—গোস্তন ; উধস ; আপীন। **বাঁট**—মোড়ের বর্ত্তিকা। **বহ**—স্কন্ধ প্রদেশ। বিভিন্ন শ্রেণীর গরু—**নস্তিত, নস্যোত**—নাক ফোঁড়া গরু। **যুগ্য**—বিদাবহা গরু। **প্রাসঙ্গ**—ঘানিটানা গরু। **হালিক**—হেলে গরু ; লাঙ্গলটানা গরু। **ধুরীণ, ধুরন্ধর**—গাড়িটানা গরু। **একধুর**—এক পিঠা বা একভার বহনযোগ্য গরু। **সর্ব্বধুরীণ**—দুই পিঠা গরু। **বশা**—বন্ধ্যা গো। **অচণ্ডী**—ছাঁদিয়া দোহনযোগ্যা গো। **বেহৎ**—গর্ভঘাতিনী। **সন্ধিনী**—বৃষভাক্রান্তা ঋতুমতী গো। **সুব্রতা**—সুখে দোহন যোগ্যা। **ধেনু**—নবপ্রসূতা। **শবলী**—শবলবর্ণা গাভী। **শ্যামলী**—শ্যামলবর্ণা গাভী। **ধবলী**—শুক্লবর্ণা গাভী]।

গরুঅ [গুরু শব্দজ=হি—গরু, গরুয়া (ভারি)। ব্রজ] বিণ, গুরু ; ভারি। প্র—"গিরি সম গরুঅ মান নাহি মুঞ্চসি।"—বিদ্যাপতি।

গরুচোর (র্‌) [প্রাদে] বি, যে গরু চুরি করিয়াছে ; অতিশয় ভীরু। প্র—"ভয়ে ভয়ে সদা আছি হয়ে গরুচোর।" —কস্তুরী।

গরুড় (গোরুড়্‌) [গর (বিষ)+উড় (যে নাশ করে অর্থাৎ যে সর্প ভক্ষণ করে) ; কিম্বা গুরু (মহৎ) ডী (উড়িয়া যাওয়া)+অ (কর্ত্তৃ—ড) ই লোপ, ড=ড়। গুরু=গরু (নিপাতনে) যে গুরুভার লইয়া উড়িতে পারে] বি, পুং, পক্ষিরাজ ; বৈনতেয়। প্র—"বীরবর খগপতি নখদ্বারা দৃঢ়রূপে গজ-কচ্ছপ ধারণ করিয়া ঋষিগণের বিনাশ ভয়ে সেই শাখা চঞ্চুপুটে গ্রহণ করিলেন। মহর্ষিগণ গরুড়ের এই অলৌকিক কর্ম্ম দেখিয়া বিস্ময়া-কুলিত-চিত্তে তাঁহার গরুড়' এই নাম রাখিলেন। যেহেতু ঐ পন্নগভোজী বিহঙ্গরাজ গুরুভার বহন করিয়া উড্ডীন হইয়াছেন।" —মহা-বন (বর্দ্ধমান)। ২। সৈন্যনিবেশরূপ ব্যূহ-বিশেষ। ৩। বিণ, গরুড়-সদৃশ বলধর। প্র—"পড়ে ছিল যথা—হিড়িম্বার স্নেহনীড়ে পালিত গরুড় ঘটোৎকচ।" —মেঘনাদবধ।

গরুড়ধ্বজ (গোরুড়োধ্‌ধজ্‌) [গরুড় (পক্ষি-রাজ)—হইয়াছে ধ্বজ (রথচিহ্ন) যাহার, বহু] বি, পুং, বিষ্ণু ; কৃষ্ণ। ২। বিণ, গরুড় মূর্ত্তি অঙ্কিত ধ্বজা-বিশিষ্ট।

গরুড়পুরাণ (গোরুড়্‌পুরাণ্‌) [গরুড় কর্ত্তৃক উক্ত যে পুরাণ (কর্ম্মধা)] বি, ক্লী, অষ্টাদশ পুরাণের অন্তর্গত পুরাণ-বিশেষ।

গরুড়মূর্ত্তি (গোরুড়্‌ মূর্ত্তি) [প্রাদে—বরিশাল] বিণ, গরুড় যেমন বিষ্ণুর নিকট যুক্তকরে অবস্থিত তদ্রূপ ; অতি ভয়ে ভীত। প্র—"সে ভয়ে গরুড়মূর্ত্তি হয়ে গেছে।"

গরুড়শয়ন (ন্‌) [কশ্যপপত্নী বিনতা যে অণ্ডদ্বয় প্রসব করিয়াছিলেন তাহার একটিকে অকালে ভগ্ন করায় নিম্নাঙ্গহীন অরুণের জন্ম হয়, অপর ডিম্ব অসময়ে ভগ্ন না করিয়া যথা সময়ে সন্তান জন্মগ্রহণের অপেক্ষা করায় বহু-শত বৎসর পরে সেই অণ্ড হইতে গরুড়ের জন্ম হয়—সুতরাং বহুকাল গরুড় অণ্ডমধ্যে সুপ্ত ছিলেন। তাহা হইতে] বি, ক্লী, দীর্ঘনিদ্রা ; অবস্থায় বহুকাল অবস্থান। তুল—অনন্ত-শয়ন। প্র—"ঠারে ঠোরে কথা কই দিনে পতির-সনে। রাত্রি হইলে নিদ্রা যাই গরুড়-শয়নে॥" —কবিক।

গরুড়াগ্রজ (গোরুড়াগ্‌গ্রোজ) [গরুড়ের—অগ্রজ (জ্যেষ্ঠ) ৬তৎ] বি, পুং, গরুড়ের জ্যেষ্ঠ ভ্রাতা ; সূর্য্যসারথি ; অরুণ।

গরুড়াঙ্কিত (গোরুড়াংকিত) বি, ক্লী, মরকত মণি।

গরুড়াসন (গোরুড়াশন্) [গরুড় (গরুড়বৎ যে আসন)] বি, রুদ্রযামলোক্ত যোগাসনবিশেষ।

গরুৎ (গোরুৎ) [গৃ (শব্দ করা)+উৎ (কর্ত্তৃ) গৃ=গর্] বি, পুং, পক্ষ ; পালক।

গরুত্মতী (গোরুৎমোতি)—গরুত্মান্ দ্রঃ।

গরুত্মান্ [গরুৎ (পক্ষ) আছে যাহার এই অর্থে+মতু=গরুত্মৎ—১মা, ১ব] বি, পুং, গরুড়। ২। পক্ষী। স্ত্রী, গরুত্মতী—পক্ষবিশিষ্টা। ২। পক্ষসদৃশ পালযুক্ত নৌকাদি। প্র—চলিলা যথা গরুত্মতী তরি, তরঙ্গনিকরে রঙ্গে করি অবহেলা।" —মেঘনাদ।

গর্গ (গরগো) [পরি দ্রঃ] [গৃ (ভোজন করা)+গ (কর্ত্তৃ—গ ন্)] বি, পুং, স্বনামপ্রসিদ্ধ মুনিবিশেষ।

গর্গর (র্) [গর্গ (অনুকরণ শব্দ)+র (যে করে।—রা=দান করা+অ, কর্ত্তৃ—ড) যে জলপূরণ সময়ে শব্দ করে] বি, পুং, কলস ; ঘট ; ঘড়া। ২। মন্থনী : দধিমন্থন-পাত্র। স্ত্রী, গর্গরী :—গাগরী ; ছোট ঘড়া। প্র—"গৌরী সে গর্গরী হৈতে গড়াইল জল" —শিবায়ন।

গর্জ্জ [গর্জ্জ্ (শব্দ করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, শব্দ ; মেঘধ্বনি। স্ত্রী, **গর্জ্জা**—মেঘ ও হস্তী প্রভৃতির শব্দ।

গর্জ্জক (ক্) [গর্জ্জ+অক—কর্ত্তৃ] বিণ, যে গর্জ্জন করে ; গর্জ্জনকারী।

গর্জ্জন (ন্) [গর্জ্জ (শব্দ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, শব্দ ; ধ্বনি। ২। উদ্ধত শব্দ ; স্পর্দ্ধা। ৩। কোন জন্তু কোপ করিয়া যে শব্দ করে। ৪। মেঘধ্বনি। ৫। সিংহাদির ডাক। **গর্জ্জনতৈল**—বি, বাত বেদনা কষ্টাদিনাশক প্রসিদ্ধ কবিরাজী তৈল।

গর্জ্জমান (ন্) [গর্জ্জ্ (শব্দ করা)+আন (কর্ত্তৃ—আনশ্)] বিণ, গর্জ্জনশীল ; যে গর্জ্জন করিতেছে ; গর্জ্জনকারী।

গর্জ্জর (র্) [গাজর, গাজোর] বি, ক্লী, মূলবিশেষ ; গাজর ; the carrot.

গর্জ্জান (গর্জ্জানো) [গর্জ্জন দ্রঃ। উ-পু—গর্জ্জাই। ম-পু—গর্জ্জাও। প্র-পু—গর্জ্জায়। অস-ক্রি, গর্জ্জাইতে ; গর্জ্জাইয়া। গ্রা—গজ-রান] ক্রি, গর্জ্জন করা। বি, গর্জ্জানি।

গর্জ্জিত (গো) [গর্জ্জ্ (শব্দ করা)+ত (ভাবে—ক্ত) ই—আগম] বি, ক্লী, গর্জ্জন দ্রঃ। ২। [কর্ম্মে—ক্ত] বিণ, শব্দিত ; নাদিত ; ধ্বনিত। ৩। [কর্ত্তৃ—ক্ত] বি, পুং মত্তহস্তী।

গর্ত্ত [গ্রা—গত্ত। গৃ (ভোজন করা)+ত (কর্ত্তৃ—তন্)] বি, পুং, গহ্বর ; রন্ধ্র ; ছিদ্র ; বিবর। ২। রোগবিশেষ। ৩। ত্রিগর্ত্ত দেশ। **তাঁতগর্ত্ত**—তাঁত বুনিবার সময় যে গর্ত্তে পা ঝুলান হয়।

গর্ত্তিকা (গো) [গ্রা—গাত। গর্ত্ত (গহ্বর)+ইক (অস্ত্যর্থে) আপ্—স্ত্রী, যে গৃহে গর্ত্ত থাকে] বি, স্ত্রী, তাঁতগর্ত্ত ; তাঁতঘর।

গর্দ্দভ (গরধোব্) [গ্রা—গদ্ধোব্। গর্দ্দ্ (শব্দ করা)+অভ (কর্ত্তৃ—অভ চ্) সংজ্ঞার্থে] বি, পুং, যে উৎকট শব্দ করে ; রাসভ ; গাধা। স্ত্রী, **গর্দ্দভী**।

গর্দ্দা (গরদা) [ফা—গর্দ্দ] বি, ধূলা ; মাটি ; ময়লা।

গর্দ্দান (গরদান্) [ফা-গরদান্] বি, ঘাড় ; গলা। ২। মাথা। প্র—"যায় বুঝি এসিয়ার এবার গর্দ্দান।"—কস্তুরী।

গর্দ্দানি [গর্দ্দান দ্রঃ] বি, ঘাড়ধাক্কা দ্রঃ : গলাধাক্কা। প্র—তাহাকে গর্দ্দানি দিয়ে বাহির করিয়া দিল।

গর্দ্দিশ (শ্) [ফা—গর্দ্দিশ্] বি, ভাগ্য-বিপর্য্যয় ; অদৃষ্টের ফের ; অবস্থা-বৈগুণ্য। **গোলাম গর্দ্দিশ**—গোলাম দ্রঃ।

গর্ব্ব [গর্ব্ব্ (দর্প করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, অহঙ্কার ; আত্মশ্লাঘা ; দর্প। ২। বিদ্যা বল ও ধনাদিলাভবশতঃ অন্যকে অবহেলা করা। বি, গর্ব্বী।

গর্ব্বাট (ট্) [গর্ব্ব (দর্প দ্বারা) অট (যে গমন করে)] বি, পুং, দ্বারপাল। ২। বিণ, যে গর্ব্বভরে চলে।

গর্ব্বিত (গো) [গর্ব্ব্ (দর্প করা)+ত (কর্ত্তৃ—ক্ত) যে গর্ব্ব করে] বিণ, যাহার গর্ব্ব উদ্ধত ; অহঙ্কৃত। ২। [গর্ব্ব (দর্প)+ইত (অস্ত্যর্থে)] গর্ব্বকারী।

(গোরবি) [গর্ব্বিন্ শব্দ। পদ্যে গরবি (দ্র)] বিণ, গর্ব্বিত ; গর্ব্বকারী। স্ত্রী, গর্ব্বিণী।

গর্ভ, গর্ব্ভ (গরভ) [গ্রা—গরভো। গৃ (গ্রাস করা)+ভ (কর্ম্মে) যাহাকে গ্রাস অর্থাৎ আবরণ করিয়া রাখে] বি, পুং, গর্ভাশয়-স্থিত শুক্রশোণিতময় পিণ্ড ; ভ্রূণ। ২। গর্ভস্থ শিশু। ৩। অগ্নি (বাং-য় বিরল)। ৪। [অধি—ড, যে স্থানে শুক্র শোণিতময় পিণ্ড সন্তানরূপে পরিণত হয়] কুক্ষি ; পেট ; উদর। ৫। অভ্যন্তর ; মধ্য। প্র—ভূগর্ভ, নদীগর্ভ। ৬। ভাদ্র মাসের কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশী তিথিতে নদীর যতদূর জলে ভরিয়া উঠে তাহার নাম গর্ভ (গর্ভের উপরভাগকে তীর বলে)। ৭। [নাট্যে] সন্ধিবিশেষ। ৮। পুত্র। ৯। অন্ন [বাং-য় বিরল]।

গর্ভক (গরভক্) [গর্ভ (অভ্যন্তর)+ক (কৈ=প্রকাশ পাওয়া+অ (কর্ত্তৃ, ড—সংজ্ঞার্থে) গর্ভে অর্থাৎ কেশের অভ্যন্তরে যে প্রকাশ পায় (শোভা পায়)] বি, পুং, কেশ-মধ্যপরিশোভিত পুষ্পমালা ; খোঁপার মালা। ২। খোঁপার ফুল। ৩। ক্লী, দুই রাত্রি এক দিন।

গর্ভকণ্টক (গরভোকনটক্) বি, পনসবৃক্ষ ; কাঁটাল গাছ।

গর্ভকেশর (র্) [গর্ভের কেশর, ৬ তৎ] বি, পুং, ক্লী (উদ্ভিদ্বিদ্যায়) পুষ্পবৃন্তের অগ্রভাগ অধিকার করিয়া পুং-কেশরসমূহের মধ্যে অবস্থিত রূপান্তরিত পত্রবিশেষ ; কেশরের মধ্যে যে সূত্রটি সর্ব্বাপেক্ষা স্থূল এবং যাহার শিরোভাগ একপ্রকার স্নেহ-পদার্থযুক্ত থাকে ; পুষ্পযোনি ; pistils.

গর্ভকোষ (ষ্) [গর্ভের কোষ, ৬ তৎ] বি, পুং, গর্ভাশয়।

গর্ভগৃহ [গর্ভের (অভ্যন্তরের) গৃহ, ৬ তৎ] বি, ক্লী, অভ্যন্তর গৃহ ; ভিতরের ঘর। ২। সূতিকাগৃহ ; প্রসবগৃহ।

গর্ভচ্যুত (গরভোচ্‌চুত) [গর্ভ হইতে চ্যুত (পতিত) ৫ তৎ] বিণ, গর্ভ হইতে নিঃসৃত ; গর্ভ হইতে পতিত।

গর্ভজ [গর্ভ—জ (জন—জন্মান)+অ (কর্ত্তৃ—ড) যে জন্মায় (উপপদ)] বিণ, গর্ভে জাত ; গর্ভে উৎপন্ন।

গর্ভণ্ড (গরভনড্) [গর্ভ (উদর) অণ্ড (ডিম) নিপাতনে গর্ভাণ্ড না হইয়া গর্ভণ্ড] বি, পুং, নাভির গোঁড়।

গর্ভতন্তু (গরভতোনতু) [গর্ভ (গর্ভের) তন্তু, ৬ তৎ—গর্ভস্থ তন্তু, তন্তুবৎ অংশ] বি, ক্লী, (উদ্ভিদ্ বিদ্যায়) গর্ভকেশরের উপরিস্থিত দীর্ঘ সূত্রবৎ অংশ।

গর্ভদাত্রী—বি, একপ্রকার গুল্মজাতীয় গাছ ; পুত্রদাত্রীনামক ক্ষুপ।

গর্ভদাস (শ্) [গর্ভ—দাস] বি, মাতৃগর্ভে থাকিতেই যে দাস ; ক্রীতদাসীপুত্র। স্ত্রী, **গর্ভদাসী**।

গর্ভদোহদ (দ্) [গর্ভের (গর্ভবিশিষ্টার) দোহদ অভিলাষ, ৬ তৎ] বি, ক্লী, গর্ভ হইলে গর্ভবিশিষ্টার (গর্ভবতীর) যে সকল বস্তু খাইতে ইচ্ছা হয় ; গর্ভিণীর বাঞ্ছিত বস্তু।

গর্ভধারণ (ন্) [গর্ভ-ধৃ (ধারণ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, শুক্র শোণিত

সংযোগ রূপ গর্ভগ্রহণ ; গর্ভে সন্তানগ্রহণ ; অন্তঃসত্ত্বা হওয়া।

গর্ভধারিণী [প্রা—গরভোধারিণী। গর্ভ—ধৃ (ধারণ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = গর্ভধারিন্ স্ত্রী—ঈপ্] বি, স্ত্রী ; যিনি গর্ভ গ্রহণ করেন ; জননী ; মাতা।

গর্ভনাড়ী—বি, গর্ভস্থ শিশুর নাভি হইতে যে নাড়ী ফুলের সহিত সংযুক্ত থাকে ; নাভিরজ্জু ; umbilical cord.

গর্ভনিঃসৃত [গর্ভ হইতে নিঃসৃত, ৫ তৎ] বিণ, গর্ভচ্যুত ; গর্ভ হইতে নির্গত।

গর্ভপরিস্রব (—পোরিস্স্রব্) [গর্ভ (গর্ভস্থ শিশু) তাহার পরি (পরক্ষণে) স্রব (ক্ষরণ) হয় যাহার, বহু] বি, পুং, গর্ভের ফুল, যাহার সহিত গর্ভস্থ সন্তানের নাভিরজ্জু সংযুক্ত থাকে ; the placenta.

গর্ভপাত (ত্) [গর্ভের (গর্ভস্থ শিশুর) পাত (পতন) ৬ তৎ] বি, পুং, অসময়ে গর্ভস্থ সন্তানের পতন ; গর্ভস্রাব।

গর্ভপাতক (ক্) [গর্ভ (ভ্রূণ) পত্ + ণিচ = পাতি (পাতিত করা) + অক—কর্ত্তৃ] বিণ, তীব্র ঔষধাদি দ্বারা গর্ভ নষ্টকারী। গর্ভঘাতক ; ভ্রূণঘাতী। ২। বি, পুং, রক্ত শোভাঞ্জন।

গর্ভপাতন (ন্) [গর্ভের পাতন (পত্ + ণিচ্ = পাতি (পতিত করান) + অন (ভাবে—অনট্) ৬ তৎ] বি, ক্লী, ঔষধাদি প্রয়োগে গর্ভনাশ ; ভ্রূণ-হত্যা। ২। পুং, রীঠাকরঞ্জ।

গর্ভপোষণ (ন্) [গর্ভের পোষণ, ৬ তৎ] বি, ক্লী, গর্ভস্থ সন্তানের সংরক্ষা ; গর্ভরক্ষা।

গর্ভবতী (গরভোবোতি) [গর্ভ + বৎ (বতু) ইহার গর্ভ আছে এই অর্থে = গর্ভবৎ—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, গর্ভিণী ; অন্তঃসত্ত্বা ; যে নারী গর্ভধারণ করিয়াছে।

গর্ভবাস (শ্) [গর্ভের (গর্ভস্থ শিশুর) বাস (বাসস্থান) ৬ তৎ] বি, পুং, যেখানে গর্ভস্থ শিশু বাস করে ; কুক্ষি।

গর্ভব্যূহ [গর্ভরূপ ব্যূহ (রূপক কর্ম্মধা)] বি, পুং, গর্ভের ন্যায় গুপ্তভাবে সৈন্য সমাবেশ।

গর্ভমাস (শ্) [গর্ভের (গর্ভোৎপত্তির) মাস—৬ তৎ] বি, পুং, গর্ভারম্ভের মাস ; যে মাসে গর্ভ উৎপন্ন হয়।

গর্ভযন্ত্রণা (গরভোজন্ত্রোনা) [প্রা—গভ্ভো-জন্তোন্না। ৬ তৎ] বি, গর্ভাবস্থার ক্লেশ ; সাধারণতঃ দশমাস দশ দিন সন্তান উদরে থাকায় ও প্রসবকালে জননীর যে যাতনা। ২। দীর্ঘকালব্যাপী উৎকট যাতনা। ৩।

গর্ভলক্ষণ (গরভোলোক্খোন্) [গর্ভের (সন্তানোৎপত্তির) লক্ষণ (চিহ্ন) ৬ তৎ] বি, ক্লী, গর্ভ হইয়াছে এইরূপ চিহ্ন। যে চিহ্ন দ্বারা গর্ভ হইয়াছে এইপ্রকার জ্ঞান হয়।

গর্ভশয্যা (—শোজ্জা) [গর্ভ (কুক্ষি) রূপ শয্যা (কর্ম্মধা) কিম্বা গর্ভের (গর্ভস্থ শিশুর) শয্যা (শয়নস্থান) ৬ তৎ] বি, স্ত্রী, জরায়ু ; গর্ভাশয়।

গর্ভসংক্রমণ (—শংক্রোমন) [গর্ভে (উদরে) দেহান্তর ধারণার্থ সংক্রমণ (গমন) ৭ তৎ] বি, ক্লী, জীবের গর্ভে প্রবেশ।

গর্ভসময়, গর্ভকাল (—শময়, ল্) [গর্ভের (গর্ভোৎপত্তির) সময় (কাল)]। ঋতু-স্নানের পর পুরুষ-সমাগম-কাল ; গর্ভধারণ কাল।

গর্ভস্থ (গরভস্থ) [গর্ভে—স্থ—স্থা (থাকা) + অ (কর্ত্তৃ—ক)—আ লোপ] বিণ, যে গর্ভে থাকে ; গর্ভস্থিত ; কুক্ষিস্থিত। ২। অভ্যন্তরস্থ ; মধ্যস্থিত। প্র—ভূগর্ভস্থ।

গর্ভস্রাব (গরভোস্স্রাব্) [গর্ভের (গর্ভস্থ শিশুর) স্রাব (অকাল পতন) ৬তৎ] বি, পুং, অসময়ে গর্ভপতন ; গর্ভপাত ; miscarriage. ২। তীব্র ঔষধাদি প্রয়োগে গর্ভনাশ। ৩। [গালি] বৃথাজন্ম ; অকালকুষ্মাণ্ড।

গর্ভাগার (র্) [গর্ভের (গর্ভপ্রসবের) আগার (গৃহ) ৬তৎ] বি, ক্লী, আঁতুড় ঘর ; সূতিকা-গৃহ ; প্রসব-গৃহ। ২। গৃহের মধ্যস্থ গৃহ ;

গর্ভাঙ্ক (গরভাংক) [গর্ভের (অভ্যন্তরের) অঙ্ক ; ৬তৎ] বি, পুং, নাটকের এক অঙ্কের অন্তর্গত ক্ষুদ্র অঙ্কবিশেষ।

গর্ভাধান (ন্) [গর্ভের আধান (উৎপাদন) ৬তৎ] বি, ক্লী, স্ত্রীলোকের দ্বিতীয় বিবাহ-রূপ সংস্কার ; স্ত্রীর প্রথম রজোদর্শন হইলে ষোড়শ দিনের মধ্যে ভর্ত্তা পবিত্র হইয়া সায়ং-কালে সূর্য্যার্ঘ্য প্রদান পূর্ব্বক যথাবিধি বহ্নি-স্থাপনানন্তর পঞ্চগব্য দ্বারা স্ত্রীকে শোধন করিয়া

গর্ভাশয় (য়্) [গর্ভের (গর্ভস্থ সন্তানের)—আশয় (শয়নের স্থান)—৬তৎ] বি, পুং, যেখানে শুক্র-শোণিতময় সন্তান অবস্থান করে ; গর্ভাধার, জরায়ু ; কুক্ষি।

গর্ভিণী (গোর্ভিনি) [প্রা—গব্ভিনী। গর্ভ (ভ্রূণ) হইয়াছে যাহার—এই অর্থে + ইন = গর্ভিন্-স্ত্রী, ঈপ্] বি, স্ত্রী, গর্ভবতী ; অন্তঃসত্ত্বা ; (প্রাদে)—পোয়াতি। ২। ক্ষীরাই বৃক্ষ।

গর্ভিত [গর্ভ + ই৩ (যুক্তার্থে] বিণ, গর্ভযুক্ত। ২। অন্তর্গত।

গর্ভোপঘাতিনী—[গর্ভ—উপ—হন্ (বধ-করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = গর্ভোপঘাতিন্—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, যে গাভীর অসময়ে বৃষ-গমন-জন্য গর্ভপাত হয় ; গাবড়া ফেলা গাই। ২। তৃণ ধান্য ; গড়গড়।

গর্রা [আরবীতে—গর্ গরহ্ (গলার ঘড়ঘড় শব্দ, কুলকুচা) এবং গর্রা (উজ্জ্বল, মহাপ্রাণ ও শ্বেত) শব্দ আছে ; কিন্তু বাঙ্গালা গর্রা সম্ভবতঃ শব্দাত্মক, অনেকের উচ্চহাস্যের মিলিত ধ্বনি, অনেকটা গর্গর্ গর্গর্, বা গট্গট্ গট্গট্ স্বরূপ। তাহা হইতে গট্রা শব্দও প্রচলিত আছে। তুল—গিট্কারী] উচ্চহাস্যধ্বনি। প্র —"হাসির গর্রা ছেয়ে ফেলিল"—টেকচাঁদ।

গর্হণ (ন্) [গর্হ্ (নিন্দা করা) + অন (ভাবে—অনট্)] বি,ক্লী, দোষারোপ, কুৎসা ; নিন্দা ; ২। তিরস্কার ; ভর্ৎসনা। স্ত্রী, গর্হণা। বিণ, গর্হণীয়।

গর্হিত (গো) [গর্হ (নিন্দা করা) + ত (কর্ম্মে—ক্ত) ই আগম] বিণ, যাহাকে লোকে নিন্দা করে ; দূষ্য ; নিন্দিত। ২। কুৎসিত ; মন্দ ; জঘন্য ; প্রতিষিদ্ধ।

গর্হ্য (গর্হ) [গর্হ + য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, গর্হণযোগ্য ; নিন্দাভাজন ; নিন্দনীয়। ২। জঘন্য ; অধম।

গর্হ্যবাদী (গরহবাদি) [গর্হ্য (কুৎসিত) বদ্ (বলা) + ইন (কর্ত্তৃ—ণিন্) = গর্হ্যবাদিন্ ১মা, ১ব] বিণ, যে গর্হিত কথা বলে ; মন্দভাষী ; অশিষ্টবাদী।

গল (ল্) [গল্ (ভোজন করা) + অ (করণে, অল্—সংজ্ঞার্থে) ভোজন করা হয় যদ্দ্বারা] বি পুং, কণ্ঠদেশ ; গলা। ২। ধুনা। ৩। বাদ্যবিশেষ।

গলই (গলৈ, চ—গোলুই) [প্রাদে। গলি দ্রঃ] বি, নৌকার প্রান্তভাগ (সাধাঃ) অগ্রভাগ। ২। অঙ্গুলিদ্বয়ের মধ্যবর্ত্তী স্থান।

গলকম্বল (ল্) [গলের কম্বল (৬তৎ)] বি, পুং, গরুর গলদেশে কম্বলাকৃতি লম্বমান মাংস ; সাস্না।

গলগণ্ড [গলে—গণ্ড (গোঁড়) ৭তৎ] বি, পুং, গলদেশে স্থূলাকার মাংসপিণ্ড ; গরগণ্ডরোগ। ২। হাড়গিলা পাখী।

গলগল (ল্) [শব্দাত্মক। মুহু শব্দার্থে—গুল্গুল্] অ, অবলীলাক্রমে তরল পদার্থের গলাধঃকরণ শব্দ। ২। ক্রমাগত কথা কহা। তুল—ফা—গলগলা = গোলমাল।

গলগ্রহ (গলগ্গ্রোহ) [প্রা—গলার গেরো। গল (গলদেশ) গ্রহ (যে গ্রহণ করে) উপ-পদ] বি, পুং, অনিচ্ছায় ও অকারণে যাহার ভার গ্রহণ করিতে হয়। প্র—"শিখিব পড়িব বড় লোক হব, পর গলগ্রহ হ'য়ে কেন রব, এরূপ প্রবল প্রতিজ্ঞা যাহার হন ভগবান সহায় তাহার।"—চিরঞ্জীব শর্ম্মা। ২। অকারণে যে

দায় উপস্থিত হয়। ৩। যাহার কোন ক্ষমতা নাই কেবল বসিয়া বসিয়া পরের অন্ন ধ্বংস করে। ৪। অসমাপ্ত কর্ম্ম। ৫। গলার বোঝা। ৬। কৃষ্ণপক্ষীয় চতুর্থী, সপ্তমী, অষ্টমী, নবমী ও ত্রয়োদশী তিথি।

গলৎ [গল্ (ক্ষরিত হওয়া) + অৎ (কর্ত্তৃ – শতৃ) গলৎ] বিণ, যাহা গলিতেছে। প্র—গলৎকুষ্ঠ।

গলত (গলোত্)—গলদ দ্রঃ।

গলত – গলা দ্রঃ।

গলৎকুষ্ঠ [গলৎ যে কুষ্ঠ (কর্ম্মধা)] বি, স্ত্রী, যে মহাব্যাধিতে অঙ্গ হইতে পূয ও রক্তস্রাব হয়। যে রোগ দ্বারা ক্রমে হস্ত পদাদির অঙ্গুলী খসিয়া পড়ে।

গলদ (গলোদ্) [আ—গ়লৎ = ভুল] বি, ভুল। ২। দোষ।

গলদশ্রু (গলদোসস্রু) [গলৎ (গলিতেছে) অশ্রু (নয়ন জল) যাহার, বহু] বিণ, যাহার চক্ষু হইতে জল পড়িতেছে ; বিগলিত অশ্রু। প্র—"বিমলা গলদাশ্রু লোচনে কহিলেন।"—বিমলা (দামোদর)।

গলন (ন্) [গল্ (ক্ষরিত হওয়া) + অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, দ্রব হওয়া ; গলিয়া যাওয়া। ২। নির্গত হওয়া।

গলরন্ধ্র [গলের রন্ধ্র (ছিদ্র) ৬তৎ] বি, স্ত্রী, গলার ছিদ্র ; কণ্ঠনালী।

গললগ্নীকৃতবাসা (গলোলোগ্নিকৃতোবাশা) [গলে—লগ্নীকৃত বাস (বস্ত্র) যাহার] বিণ, গলবস্ত্র ; বিনয়, হীনতা, দৈন্য প্রভৃতি প্রকাশার্থে গলায় কাপড়ন্যস্তকারী। প্র—'মালতী উঠিলেন, পরে গললগ্নীকৃতবাসা হইয়া সরোদনে কহিলেন।"—বিমলা (দামোদর)।

গলশুণ্ডিকা [গলের (কণ্ঠের) শুণ্ডিকা (শুঁড়) ৬তৎ, হাতীর শুঁড়ের ন্যায় লম্বমান মাংসখণ্ড আছে বলিয়া] বি, স্ত্রী, আলজিভ।

গলস্তনী [গলে (গলদেশে) স্তন (স্তনাকার মাংস খণ্ড) যাহার, বহু] বি, স্ত্রী, অজা : ছাগী।

গলহস্ত [গলে হস্ত—৭তৎ] বি, পুং, অবমাননা পূর্ব্বক বহিষ্কৃত করিয়া দিবার জন্য গলায় হস্ত দান ; অপমানিত করার জন্য গলে হস্তার্পণ ; গলাধাক্কা : গলাটিপি ; অর্দ্ধচন্দ্র। ২। তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের বিস্তার।

গলা [সং—গল ; হি—গলা। তুল—ল্যা—gula—the throat] বি, কণ্ঠ ; গলদেশ। ২। লজ্জালুলতা।

গলা [গল্ ধাতুজ। উ-পু—গলি। ম-পু—গল ; গলুন ; গল্। প্র-পু—গলে ; গলেন। অস-ক্রি, গলিতে ; গলিয়া (গো), গ'লে (গোলে)। ণিজন্ত—গলান] ক্রি, গলিত হওয়া ; তরল হওয়া ; দ্রব হওয়া। ২। ছিদ্র বা সংকীর্ণ দ্বারের মধ্য দিয়া গমন করা। ৩। বিণ, গলিত ; দ্রবীভূত। ৪। জীর্ণ। ৫। পচা [ব্রজ] **গলত, গলতহি**—গলে। প্র—"নয়নে গলতহি লোর"—বি, প। **গলয়ে**—গলে। প্র—"চামরে গলয়ে জানু মোতিম হারা"—বি, প। বি, গলন। **গলা খুস্খুস্**—শ্লেষ্মার প্রকোপ হেতু গলার মধ্যে এরূপ অনুভূতি যাহাতে কাশির উদ্রেক হয়। **গলা খেঁকারি দেওয়া**—স্বীয় উপস্থিতি বিজ্ঞাপিত করিবার জন্য গলশব্দ করা ; গয়ার তুলিবার সময়মত "খকর" এই রূপ করা। **গলা ঘঙ্ ঘঙ্**—সর্দ্দি কাশির জন্য গলার ঘঙ্ঘঙ্ শব্দ। **গলা ঘড়্ ঘড়্**—গলার শ্লেষ্মা জমিয়া ঘড় ঘড় শব্দ ; ঘুংড়ি। **গলা চাপা**—শ্বাসরোধ করা। **গলা ছাড়া**—সঙ্গীতের স্বর—উচ্চ কথা। **গলা টিপি**—দূরীকরণার্থ গলহস্ত : অর্দ্ধচন্দ্র ; অপমান। প্র—"ঝুঁটি ধরে ঝাঁটা মেরে দূর করে দিব। গলা টীপি দিয়া শাঁখা গুণাগার লেব।"—শিবায়ন। **গলা ধরা**—স্বর বন্ধ হওয়া। **গলাধাক্কা**—ঘাড়ধাক্কা দ্রঃ। **গলা ফোলা**—গলদেশের স্ফীতি রোগ। **গলাবন্দ**—স্বরবন্ধ। **গলাবসা**—গলার আওয়াজ বাহির না হওয়া **গলাবাজি**—চেঁচামেচি ; চীৎকার : হাঁক ডাক। প্র—"উত্তর হোক না হোক গলাবাজীতে মাত করি।"—নবীন তপস্বিনী। **গলাভাঙ্গা**—স্বরভঙ্গ হওয়া। **গলাভারি**—গম্ভীর স্বর। **ভাল গলা**—সুকণ্ঠ। **গলায় কাপড়**—অতি দৈন্য বা অতি বিনয়ের লক্ষণ : গলবস্ত্র। **গলায় গলায়**—আকণ্ঠ। **হলায় গলায়**—অতি ঘনিষ্ঠ। **গলায় দড়ি**—ধিক্কার। **গলাকাটা**—দেহ হইতে মুণ্ড বিচ্ছিন্ন করা ; কণ্ঠচ্ছেদ করা। ২। [কণ্ঠচ্ছেদের ভাব হইতে] ডাকাতি করা ; লুণ্ঠন করা ; প্রবঞ্চনা করা ; ঠকান। ৩। বিণ, স্কন্ধকাটা ; কবন্ধ। ৪। যে গলা কাটে ; ডাকাত। প্র—"গলাভরা মালা তোমার কপাল জুড়ি ফোঁটা। দিনে হও ব্রহ্মচারী রাত্রে গলাকাটা।"—শিবায়ন। **আস্তে যেতে গলা কাটা**—আদান প্রদান উভয় ক্ষেত্রে অর্থাৎ সকল ব্যবহারেই বঞ্চনা করা ; "শাঁখের করাত" হওয়া।

গলাগলা [প্রাদে] বিণ, পরিপূর্ণ ; গলায় গলায় ; আকণ্ঠ। প্র—"মধুভরা গলাগলা, ছুঁইতে উনুয়ে তাহা উঠে পরিমল।"—প্রেম ও ফুল। ২। নরম নরম। ৩। পিণ্ডবৎ।

গলাগলি (গলাগোলি) [গলা—গলা—ই (স্বার্থে)] ক্রি-বিণ, পরস্পরের স্কন্ধে হস্ত প্রসারিত করিয়া। প্র—তাহারা গলাগলি বান্ধিয়া যাইতেছে। ২। বিণ, ঘনিষ্ঠ আত্মীয় প্র—ওদের গলাগলি ভাব।

গলান (নো) [গলা দ্রঃ। উ-পু—গলাই। ম-পু—গলাও ; গলান ; গলা। প্র-পু—গলায় ; গলান অস-ক্রি—গলাইতে ; গলাইয়া ; গলিয়ে] ক্রি, দ্রবীভূত করা ; দ্রব করা ; তরল করা ; গলিত করা। এই অর্থে গ্রা—**গালান**। ২। অঙ্গুলির খোঁচা দিয়া ক্ষত করা ; টেপা ; নখ দ্বারা খোঁটা। ৩। রন্ধ্র পথ দিয়া বাহির করা। প্র—ছুঁচে সূতা গলান। **মাথা গলান**—প্রবেশ করা।

গলাবন্দ, গলাবঁদ (দ্) [ফা—গুলুবন্দ্] বি, গলা গরম রাখিবার জন্য পশমাদির লম্বা পটি ; কম্ফর্টার।

গলাসি, গলাসী (শি) [গলান্ও বলে। গল—রসি (হি—রস্সী রজ্জু)] বি, গবাদির গলবন্ধন রজ্জু।

গলি (গোলি) [হি—গলি, কুলিয়া] বি, অল্প পরিসর পথ ; ক্ষুদ্র পথ ; lane. প্র—"আট হাট ষোল গলি বত্রিশ বাজার।"—ভারতচন্দ্র। ২। নৌকার দুই প্রান্তভাগ ; গলুই। প্র—আগাগলি বা পাছা গলি (ঢাকা অঞ্চলে)।

গলিগলি (গোলিগোলি) বি, প্রতিগলি ; সকল পথ ; সর্ব্বত্র ; অন্ধি সন্ধি। প্র—'আজ্ঞা কর আগে আমি আসি একবার। জ্ঞাত হয়ে গলিগলি গড়ের দুয়ার।"—ঘনরাম।

গলিকুচা, কুচি—গলি এবং গলির বাঁক বা সন্ধিস্থান ; গলিঘুঁজি। প্র—"চৌদিকে প্রাচীর উচা কাছে নাহি গলি কুচা : পুষ্প বনে ঢাকে শস্ত রবি।"—ভারতচন্দ্র।

গলিঘুঁজি [গলি দ্রঃ] বি, গলিও ঘুঁজি (ক্ষেত্রের আইল যথায় বক্র হয় সেই স্থানকে ঘুঁজি বলে,) গলি ও গলির সন্ধি ; গলির বাঁক। প্র—"শুনেছিনু প্রেমের কুঞ্জে অনেক বাঁকা গলি ঘুঁজি।" —রবি।

গলিজ (গোলিজ্) [আ—গ়লীজ্] বিণ, নোংরা। দুর্গন্ধময় ; পচা।

গলিত (গো) [গল্ (রক্ষিত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, যাহা ক্ষরিত অর্থাৎ গলিত হইয়া গিয়াছে ; দ্রবীভূত। ২। জীর্ণ ; শীর্ণ। ৩। লুপ্ত ; নষ্ট। ৪। স্খলিত ; পতিত ; ক্ষরিত। ৫। শিথিল। প্র—"গলিত করহ দুর্গা গলার জিঞ্জির।"—কবিক। ৬। বিণ, গলৎ-কুষ্ঠ-রোগাক্রান্ত। প্র—"একদিন মার্কণ্ডমুনি ধর্ম্মনিন্দা করেছিল। সেই অপরাধে মুনি গলিত হইল।" —শূন্যপুরাণ।

গলিতকুষ্ঠ (গো) [গলিত যে কুষ্ঠ (কর্ম্মধা)] বি, স্ত্রী, গলৎকুষ্ঠ।

গলুই (গো) [গলি দ্রঃ] বি, নৌকাপ্রবেশ। ২ নৌকার দুইপ্রান্তের সংকীর্ণ স্থান। প্র—"কেহ বা গলুয়ে বসিল"—টেকচাঁদ।

গলেগণ্ড [গলে—গণ্ড (মাংসপিণ্ড) যাহার বহু] বি, পুং, হাড়গিলা পাখী। ২। বিণ, যাহার গলগণ্ড আছে।

গল্প [সং—জল্প। প্রা—গপ্প ; ইং—gup] বি, উপকথা ; উপন্যাস। বিণ, **গল্পে, গপ্পে** (গোলপে, গোপ পে)—গল্পকারী ; অপ্রকৃত কথার অবতারণাকারী।

গল্লা [আ—গল্লা] বি, শস্য ; আনাজ। ২। শস্যের আটি ; বিচালির তড়পা। ক্রি, **গল্লান** (নো)—গুচ্ছ করা ; আটি বাঁধা। **গল্লাচিংড়ী**—বি, বড় চিংড়ী ; মোচা চিংড়ী ; lobster.

গসগস (গশ্‌গশ্‌) [শব্দাত্মক। ঘর্ষণ শব্দ। মৃদু শব্দ। **গিসগিস**, মৃদুতর শব্দে **গুস্‌-গুস্‌**] অ, বহু লোকের সমাগম-জনিত শব্দ। প্র—"পুলিস গস্‌গস্‌ করিতেছে—সাক্ষাৎ যমালয়" —টেকচাঁদ। "মতিলালের নিকট লোক গস্‌গস্‌ করিতে লাগিল।" —ঐ।

গস্ত (গস্‌তো) [ফা—গশ্‌ৎ—পাহারার ভ্রমণ] বি, ভ্রমণ। ২। [বাংঃ] হাটে ঘোরা। **গস্তকরা**—হাটবাজার করা ; মাল খরিদ করা। প্র—"বলে যারা জবরদস্ত তাদের ঘরে লাভের গস্ত, মাগো—" —ঈশ্বর গুপ্ত। বি, **গস্তি**।

গস্তানী (গস্‌তানি) [হি—গস্তান্‌=কুলটা-স্ত্রী—ঈ (স্ত্রী) অতিরিক্ত] বি, যে রমণী ইচ্ছাপূর্ব্বক পরপুরুষ সংসর্গ করে ; বেশ্যা। প্র—"কুটিনী গস্তানী বড় যে মস্তানী, উভে উভে দিব শূলে"—ভারতচন্দ্র।

গস্তিদার (গোস্‌তিদার্‌) [ফা—গস্ত্‌—ই—দার] বি, যে দ্রব্যাদির অনুসন্ধান করিয়া বেড়ায় ; কোন্‌ স্থানে কোন্‌ জিনিষ সুবিধা দরে বিক্রী হয় ইহা যে অনুসন্ধান করে।

গহ, গাহ [সং—গৃহ। প্রা-বাং, গহ, গাহ, গেহ] বি, গৃহ ; ঘর। প্র—"জাঅ জাউ ধন, পতি, গহ, জন "গাহ মিলি নাগরী জদুমণি পাহ" —রসমঞ্জরী (পীতাম্বর)।

গহন (ন্‌) [গহ্‌ (নিবিড় হওয়া) + অন (কর্ম্মে—অনট্‌)] বিণ, দুষ্প্রবেশ্য ; যেখানে সহজে প্রবেশ করা যায় না ; দুর্গম। প্র—"গহন কুসুম কুঞ্জমাঝে, মৃদুল মধুর বংশী বাজে।" —রবি। "পন্থ গহন অতি দূর"—বি, প। ২। গভীর। ৩। দুর্বোধ ; দুরূহ। ৪। চেষ্টাদ্বারা যাহাকে দেখিতে পাওয়া যায় না। ৫। পুং, পরমেশ্বর। ৬। গহ্বর।

গহনা [হি—গহ্‌না। প্রা—গহনা] বি, স্ত্রী, অলঙ্কার ; ভূষণ। প্র—"সোণা যে বলিয়া পিতল আনিয়া গড়ি দিল যে গহনা" —চণ্ডীদাস। **গহনা গাঁটি**—অলঙ্কার ও বস্ত্রাদির পুঁটুলি। **গহনাপত্র**—অলঙ্কার ও টাকাকড়ি সম্বন্ধীয় কাগজপত্র। ২। অলঙ্কারাদি। **গহনার নৌকা**—পণ্য-বাহী লঘুগতি নৌকা। প্র—"গহনার নৌকায় গেলে দুই চার পয়সায় হতে পারে" —টেকচাঁদ। ২। কদাচ কোন যাত্রী লইয়া যায় যে নৌকা।

গহিন, গহীন (গোহিন্‌) [ব্রজ। সং—গহন] বিণ, গভীর।

গহীর (গোহির্‌) [ব্রজ। সং—গভীর] বিণ, গভীর ; গহন।

গহু (গোহু) [ব্রজ। সং—গৃহ্‌] ক্রি, গ্রহণ করুক। ২। গ্রহণ করে। প্র—"আগে গহু বাস।" —বিদ্যাপতি।

গহ্বর (গভ্‌বর্‌) [গো (পৃথিবী)—হ্বৃ (কুটিল হওয়া) + অ (কর্ম্মে—অল্‌) সংজ্ঞার্থে] বি, গর্ত্ত ; দেবখাত। ২। গিরিগুহা ; গহন।

গা [সং—গুচ্ছ হইতে গোছ, গোছা—তাহা হইতে গাছা—সংক্ষেপে গা। তুল—পানের গুচ্ছ হইতে গোছা পরে 'গোছ' (৩২টা, স্থান বিশেষে ৫০টাপান)] বি, গুপারির পরিমাণ ; গুপারির ১০টাতে এক 'গা' হয় ; বরিশালাদি অঞ্চলের উচ্চারণে 'ঘা'।

গা [সং—গৈ=গান করা। হি—গানা। উ-পু—গাই। ম-পু—গাও, গাহ (হি—গাব, গাও) ; গান, গাউন, গাহন, গাহেন ; গা। প্র-পু—গায়, গাহে ; গান, গাহন, গাহেন। অস-ক্রি—গাইতে, গাহিতে ; গাইয়া, গাহিয়া, গেয়ে ; গাইবার, গাহিবার, গাবার ("গাবার মত হয়নি কোনো গান"—রবি)। ণিজন্ত, গাওয়ান। গাওয়া দ্রঃ] বি, গান ; গাওনা ; গীত (হি—গানা)। **গান বাজনা**—গীতবাদ্য (হি—গানা বাজানা)। গান দ্রঃ।

গা [সং—গাত্র—গাত—গাঅ। হি—গাও ; ব্রজ—গা ; বাং—গা] বি, গাত্র ; দেহ ; শরীর ; অঙ্গ। প্র—"তিন মাসে কেমন কেমন করে গা"—ঘনরাম। "আল সহি পুরল সকলহি গা" —বিদ্যাপতি। "বাজে আপন গার উপরে" —রামপ্রসাদ। ২। কোন বস্তুর উপরিভাগ বা বহিরঙ্গ বা পৃষ্ঠ। **গা করা**—মনোযোগ করা ; মন দেওয়া। **গা কশ কশ করা**—ক্রোধে বা প্রতিশোধ লইবার জন্য উৎসুক হওয়া ; আক্রোশযুক্ত হওয়া। **গায়ে কাঁটা দেওয়া**—শরীর কণ্টকিত হওয়া ; ভয়ে রোমাঞ্চ হওয়া। **গা কাঁপা**—অতিশয় ভয়ে দেহ কম্পিত হওয়া। **গা কেমন করা**—গা বমি বমি করা—বমনোন্মুখ হওয়া, বমন হইবার পূর্ব্বে অসুস্থতা বা অস্থিরতা বোধ করা। **গা খসা**—গর্ভস্রাব হওয়া ; পেটখসা। **গাখসান**—গর্ভপাত করা। **গা-গতর**—শরীরের অঙ্গ প্রত্যঙ্গাদি এবং তাহার সমষ্টিভূত সর্ব্বাঙ্গ ; দেহ। গতর দ্রঃ। প্র—গা গতরের বেদনা ; গা গতর বয় না ; গা গতর খাটান। **গা গষগষ করা**—বা গষগষে হওয়া। **গা ঘসা**—গাত্রঘর্ষণ ; অঙ্গ মার্জ্জনা। **গা ঘেঁসা**—অঙ্গে অঙ্গ সংলগ্ন বা স্পর্শ করা। প্র—গা ঘেঁসিয়া বসা। **গা ঘেঁসা হওয়া**—নিকটে থাকিতে থাকিতে সঙ্কোচশূন্য বা নির্ভয় ও পরিচিত হওয়া। **গা ঘামান**—পরিশ্রম করা। **গা ঘোরা**—সর্ব্বাঙ্গ ঘূর্ণিত বোধ করা। ২। গা ঝিম ঝিম করিয়া পড়িবার মত হওয়া। **গায়ের চামড়া তোলা**—অতিশয় প্রহার করা ; নির্দ্দয়ভাবে বেত্রাঘাত করা। **গায়ের জল**—স্বাস্থ্য। প্র—ছেলেটির গায়ের জল ভাল, সেই জন্যই ৮।৯ বৎসর বয়সেই ১১।১২ বৎসরের বলিয়া মনে হইতেছে। **গা জুড়ান** (নো)—জ্বরের উপশম হওয়া ; দেহের উত্তাপ স্বাভাবিক হওয়া। ২। কোন সুসংবাদ আদি প্রাপ্তিজনিত শরীর শীতল হওয়া অর্থাৎ উৎকণ্ঠা ক্রোধ প্রভৃতির উপশমে শান্তি ও আরাম জন্মান। ৩। [বিদ্রূপোক্তিতে বিপরীতার্থে। তুল—অঙ্গ জল হওয়া] মনে ক্রোধাদির উদ্রেক হওয়া। **গা জ্বালা, গা'র জ্বালা, গায়ের জ্বালা**—গাত্রদাহ ; দ্বেষ ; হিংসা ; ঈর্ষ্যা। **গা জ্বালা করা**—ক্রোধের উদ্রেক হওয়া। ২। ঘৃণার উদয় হওয়া। **গা-জোরি, জুরি** [গা—জোর (ফা—জোর্‌=বল)—ই (স্বার্থে)] দৈহিক শক্তি প্রয়োগ। **গা জুরি করে, গায়ের জোরে**—বল প্রয়োগে, যুক্তি বিচার দ্বারা নহে। **গা-ঝাড়া দিয়ে উঠা** [অশ্বাদি ভূতলে লুণ্ঠিত হইয়া গাত্রকণ্ডূয়ন নিবারণ করে এবং তাহাতে অঙ্গ ধূলায় ধূসরিত হয় ; পরে তাহারা গা নাড়া দিয়া সেই ধূলা ঝাড়িয়া ফেলে। এই ভাব হইতে] আলস্য যেন ধূলার মত সর্ব্বাঙ্গে ছড়াইয়া পড়িয়া দেহীকে অভিভূত ও জড় ভাবাপন্ন করিয়া একস্থানে বসাইয়া রাখে তাই গা নাড়া দিয়া অঙ্গ হইতে আলস্যকে যেন ঝাড়িয়া ফেলিয়া উঠা ; জড়তার ঘোর কাটাইয়া সজাগ ও চেষ্টান্বিত হওয়া। **গায়ের ঝাল ঝাড়া**—অন্তরস্থ ক্রোধ তর্জ্জন গর্জ্জন, তিরস্কার, বিদ্রূপ, প্রহার, অনিষ্ট সাধনাদি দ্বারা শরীর হইতে যেন বাহির করিয়া দেওয়া ; দাপ তোলা। **গা ঝিমঝিম্‌ করা**—[ঝিমাইবার ভাব]

রক্তহীনতাদি কারণে অত্যন্ত দুর্ব্বলতা বোধ করা ; অঙ্গ অবশ ; শিথিল হওয়া। গা টেপা—শরীরে চাপ দেওয়া। গা ডলা—অঙ্গ দলন বা মর্দ্দন করা। গা ডুলিমেরে ওঠা, গা ডুলিডুলি করা—অঙ্গ শিহরিত হওয়া ; শিহরিয়া উঠা। গা ঢাকা—অঙ্গ আবৃত করা ; অঙ্গকে লোকচক্ষু হইতে আবরণ করা। ২। (গা-ঢাকা) বিণ, অদৃশ্য ; লুক্কায়িত। প্র—"বিষয় আশয় বেনামি করিয়া গা-ঢাকা হয়'—টেকচাঁদ। গা-ঢাকা হওয়া—লুক্কায়িত হওয়া। গা ঢাকা দেওয়া—লুকাইয়া পড়া। গা ঢালা—শয়ন করা। গা টিসটিস করা—শিথিল অঙ্গ হওয়া ; শারীরিক অসুখ বোধ করা। গা তোলা—উত্থান করা ; গাত্রোত্থান করা ; জাগা। প্র—"গা তোলো পুরবাসী, রজনী পোহাইল, দয়াময় নাম কর গান।"—ব্রহ্মসঙ্গীত। গায়ে থুথু দেওয়া—অত্যন্ত লজ্জা দেওয়া ; ছিছি করা ; অবজ্ঞা করা ; ঘৃণা করা ; নিন্দা করা। গা দেওয়া [গা—অঙ্গ (তাহা হইতে) শরীরের শক্তি (তাহা হইতে) মন লাগান। প্র—সে আর কোন কথায় গা দেয় না। গা ধসা—চর্ম্মরোগ বা রক্তদূষণ জন্য মাংস গলিত হইয়া পড়া। গা ধোয়া—অঙ্গ মার্জ্জনা করা। গা নাড়া দেওয়া—অঙ্গচালনা করা ; চলিয়া ফিরিয়া বেড়ান। প্র—অত গা নাড়া দিও না, শ্রম-জ্বর হইতে পারে। গা পাতিয়া লওয়া—বিনা আপত্তিতে সহ্য করা ; প্রতিবাদ না করিয়া মৌনভাবে স্বীকার করা। গা ফুলান—অঙ্গ স্ফীত করা ; ক্রোধে ঘন ঘন শ্বাসপ্রশ্বাস-ক্রিয়াজনিত স্ফীত হওয়া। গায়ে ফুঁ দিয়া বেড়ান—ফুঁ দিয়া উড়াইবার মত লঘু দ্রব্যও অঙ্গে স্পর্শ না করে এরূপভাবে বিচরণ করা ; কোন ঝুঁকি অর্থাৎ দায়িত্ব না লইয়া স্বচ্ছন্দে বেড়ান। গা বসা—অঙ্গ (অর্থ সম্প্রসারণে) মন সংলগ্ন হওয়া ; মন লাগা। গা বমি বমি করা—বমনের উদ্রেক হওয়া। গা ভাঙ্গা—হাই উঠা। আলস্যে স্বাভাবিক পরিচালনশক্তিহীন হইয়া পড়া। গা মদরান—অঙ্গ মদালস হওয়া। গা মলা—গা ডলা দ্রঃ। অঙ্গ মর্দ্দন করা। গা মাটি মাটি করা—গা মাটিতে ঢালিয়া দিবার ইচ্ছা করা ; গা চিস্ চিস্ করা। গা মোড়া দেওয়া—এ পাশ ও পাশ করিয়া শরীরে পাক দেওয়া। গা ম্যাজ ম্যাজ করা—আলস্য বোধ করা ; গা চিস্ চিস করা। গায়ে মাস লাগা—হাড়ে মাংস লাগা ; মাংস বৃদ্ধি হইয়া হাড় ঢাকিয়া যাওয়া ; মোটা হওয়া। গা লাগা—প্রকৃত পক্ষে অঙ্গ সংলগ্ন হওয়া তাহা হইতে মন আকৃষ্ট হওয়া ; প্রবৃত্তি জন্মান। গা সহা—গা—সহ—উআ] অঙ্গে সহ্য হয় এমন। গা শিড় শিড় করা—অঙ্গে শিহরণ বোধ করা ; শীত কণ্টকিত এবং শীতে কম্পিত হওয়া। গা সড়সড় করা—চর্ম্ম ও ত্বকের রস শুষ্ক হইবার কালে যে অনুভূতি হয় ; গায়ের উপর দিয়া লঘু ভাবে কীটাদি চলিয়া বেড়াইবার অনুভূতি জন্মান। গায়ে হলুদ—গাত্র হরিদ্রা দ্রঃ। বিবাহ কালীন সংস্কারবিশেষ।

গাঅন (ন্) [গান দ্রঃ] বি, গান ; গীত। প্র—"আনন্দেত পদতল মধুকর কোকনদ পণ্ডিত রামাই গায়ন।' —শূন্যপুরাণ।

গাঅনা—গাওনা দ্রঃ।

গাই [সং—গাভী হইতে প্রা] বি, স্ত্রী, গরু ; গাভী ; গবী। প্র—"আমতলে ডাকে গাই, নিকটে বাছুর নাই।"—কুঙ্কুম।

গাইন (ন্) বি, গায়েন দ্রঃ।

গাইয়ে [গাওয়া দ্রঃ। গাহিয়া সংক্ষেপে। গাওয়া দ্রঃ] অস-ক্রি, গান করিয়া। ২। [হি—গাবৈয়া] বিণ, গীতকারী ; সংগীতজ্ঞ। প্র—তিনি একজন পাকা গাইয়ে। গাইয়ে বাজিয়ে লোক।

গাইল (ল্)—গালি দ্রঃ।

গাইল—গাওয়া দ্রঃ।

গাউন, গউন (ন্) [ইং—gown.] বি, প্র—"গাউনে সাজিয়া মেম বলিলা নিগার ডেম দরিদ্র স্বামীরে কত করে বিড়ম্বনা।"—চন্দন।

গাএন (ন্) [প্রা-বাং। গায়েন দ্রঃ] বি, গাইন (দ্রঃ) ; গায়ক। প্র—"গায়েন বাএন দুআরি"—শূ, পু।

গাওই [ব্রজ। হি—'গাবৈ' শব্দের কোমল রূপ] ক্রি, গাহে ; গান করে। প্র—"কোকিল পঞ্চম গাওইরে।"—বি, প।

গাওন (ন) [গান দ্রঃ] বি, গানকরণ ; গীত গাওন।

গাওনা [গান দ্রঃ] বি, গান ; সঙ্গীত। প্র—ওখানে বেশ গাওনা হচ্ছে।

গাওয়া [ফা—গবা] বি, যে সাক্ষাতে দেখিয়াছে ; সাক্ষ্য।

গাওয়া [সং—গব্য। হি—গাবা] বিণ, গব্য ; গোদুগ্ধে প্রস্তুত ; গোদুগ্ধজাত। প্র—গাওয়া ঘি।

গাওয়া [সং—গৈ। বাং—গায়। উ-পু—গাই। ম-পু—গাও ; গান্, গাউন ; পা। প্র-পু—গায় ; গায়েন ; গান। অস-ক্রি—গাইতে ; গাইয়া ; গাইয়ে ; গেয়ে। গাহিবার ; গাবার। ণিজন্ত—গাওয়ান] ক্রি, গান করা। ২। কীর্ত্তন করা। প্র—"স্নেহময়ী জননী হারায়ে নয়ন মণি, গাইয়ে তব গুণ কাঁদিবে।"—দীনেশ বসু। ৩। জাহির করা ; গাবান ; প্রচার করা। ৪। বিণ, গীত। [ব্রজ] গাওই—গান করে। গাওত—গান করে। প্র—"কোই কোই গাওত নব নব তান।"—জ্ঞানদাস। গাওব—গান করিব। প্র—"দুহুঁক চরিত বদন-ভরি গাওব।"—গোবিন্দদাস। গাওয়ে—[হি—গাবৈ] গান করে। প্র—"কবি বিদ্যাপতি গাওয়ে।"—বি, প। গাব—গাহিবে। প্র—"কেহ অপযশ গাব।"—বি, প। গাবায়—গান করে। গায়বি—গান করিবে। গাবই—গান করিবে। প্র—"কোকিল পঞ্চম গাবইরে।"—জ্ঞানদাস। গাবে—গাহিব। বি, গাওন ; গাওনা। বিণ, গাইয়া গাইয়ে [হি—গাবৈয়া]।

গাং [গঙ্গা—অপভ্রংশে] বি, গঙ্গা ; ভাগীরথী। ২। নদী। প্র—"আমার শুষ্ক গাঙ্গে জোয়ার এসেছে।'—রবি।

গাংচিল (ল্) [গাং (গঙ্গা, নদী—সমুদ্র চর) চিল (চঞ্চু চিলের মত সূচাল ও দৃঢ় এবং চিলের মত ছোঁ মারিয়া মাছ ধরে বলিয়া)] বি, সন্তরকবর্গের পক্ষিবিশেষ ; হংস জাতীয় লিপ্তপদ সামুদ্রিক পাখী, ইহাদের দেহের উপরিভাগ ধূসর ও নিম্নভাগ শ্বেত ; a species of gull ; a sea gull.

গাংজলা [গাং (নদী) জল+আ (অস্ত্যর্থে) —নদীর জল ঢুকিয়া যে স্থান জলময় হয়] বি, ক্ষুদ্র বিল।

গাংদাড়া বি, মৎস্যবিশেষ।

গাঁ [গ্রাম শব্দজ] বি, বহুলোকের বসতিস্থান ; নগর অপেক্ষা ক্ষুদ্র ; village. প্র—"কি নাম তোমার কহ কোন গাঁয়ে ঘর।" —শিবায়ন। গাঁয়ে মানে না আপনি মোড়ল—যাহাকে কেহই মান্য করে না ; গ্রাম শুদ্ধ লোক যাহাকে অগ্রাহ্য করে সে যদি আত্মশ্লাঘা করে, তবে তৎপ্রতি ইহা প্রযুক্ত হয়। গাঁ বড় তার মাঝের পাড়া—ক্ষুদ্র গ্রামে কয়েক ঘর লোকের মাত্র বসতি সুতরাং তাহার মধ্যে পল্লীর সংখ্যাধিক্য সম্ভবে না। ২। যে বস্তুর অস্তিত্ব মাত্র নাই তাহার উল্লেখ বা কল্পনা ; সম্পূর্ণ নির্গুণ ব্যক্তির গুণের উল্লেখ।

গাঁই গাঞী [সং—গ্রামিন্—গ্রামী] বি, ব্রাহ্মণের শ্রেণী। প্র—"শ্রোত্রিয় কেশরি গাঁই রাঢ়ীয় ব্রাহ্মণ।"—ভারতচন্দ্র।

গাঁইট, গাঁট, ঠ (ট, ঠ,) [সং—গ্রন্থি—গণ্ঠি—গাঁইট] বি, গিরা ; গিট। প্র—"আঁচলের গাঁট খুলে পড়েছিল তার,"—প্রেম ও ফুল। ২। বস্তা। প্র—কাপড়ের গাঁইট।

গাঁইয়া, গেঁয়ে, গেঁয়ো [সং—গ্রাম্য] বিণ. গ্রাম্য। ২। গোঁয়ার।

গাঁ গাঁ [শব্দাত্মক] বি. বৃষের ডাক। ২। বৃষের ডাকের মত উচ্চরব; গভীর আর্ত্তনাদ।

গাঁক্ গাঁক্ [শব্দাত্মক] অ. বৃষের রব ২। উৎকট চীৎকার। ৩। [অনাদরে] মিলিত আর্ত্তনাদ।

গাঁজ (জ্) [হি—গাঁজ] বি. মাতন; পচন; fermentation; খমির। প্র—"কাল গরুর গাঁজ আন ঔষধের সার।" কবিক। ২। ফেনা।

গাঁজন্ (গাঁজোন্) [গাজ দ্রঃ] বি. দ্রব্যের বিকৃতি করণ; পচিয়া ফেনাযুক্ত হওয়া; মাতন।

গাঁজলা (জ) [গাঁজা দ্রঃ] বিণ. মাতান; পচান; fermented. ২। বি. ফেনা।

গাঁজলা দুধ—প্রথম কতিপয় দিবসের বা সদ্যঃপ্রসূতা গাভীর দুগ্ধ।

গাঁজা [হি—গাঞ্জা] বি. গাঞ্জা; গঞ্জিকা; সিদ্ধি-জাতীয় বৃক্ষের জটাজাত মাদক দ্রব্যবিশেষ; cannabis sativa hemp.

গাঁজা খাওয়া—তামাকের মত সাজিয়া গাঁজার ধূমপান করা; গাঁজার নেশা করা।

গাঁজা টেপা—গাঁজা সাজিবার পূর্ব্বে অঙ্গুষ্ঠের টিপদিয়া অন্য হাতের তালুতে টিপিয়া টিপিয়া গুলি পাকান। বিণ. **গেঁজেড়ী; গেজেল; গাঁজিয়াল।**

গাঁজা [গাঁজ দ্রঃ] ক্রি. গাঁজিয়া যাওয়া; মাতিয়া যাওয়া; পচিয়া ফেনাযুক্ত হওয়া।

গাঁজা খোর (র্) [হি—গাঞ্জা+ফা—খোর্] বিণ. যাহারা গাঁজা খায়; গেঁজেল। প্র—"গাঁজা খোর রাজপুত আফিঙ্গেতে মজবুত"—ভারতচন্দ্র।

গাঁজাখুরি [হি—গাঞ্জা—ফা—খোরী (খাদকের —সেবীর কর্ম্ম)] বিণ. অলীক; গাঁজায় দম দিয়া গাঁজাখোর যেরূপ অলীক কথার প্রস্তাব করে; বাজে কথা; অকেজো কথা। প্র—"উপন্যাসে অধিকাংশ গাঁজা খুরি জেনো।" —দ্বিজেন্দ্র রায়।

গাঁজি [গাজী শব্দের উচ্চারণ বিকার] বি. মুসলমান বীর; গাজী দ্রঃ। প্র—"যে ভজে সে মস্ত গাঁজি"—রামপ্রসাদ।

গাঁজিয়া, গেঁজিয়া—গেঁজে দ্রঃ।

গাঁজিয়াল (ল্) গেঁজেল দ্রঃ।

গাঁট, গাঁটি, গাঁঠি (ট্) [সং—গ্রন্থি। হি—গিঠা, গিরা। প্রাকৃ—গেণ্ঠ বা গেণ্ট্অ=বস্ত্রগ্রন্থি (হেমচন্দ্রের দেশী নামমালা)] বি. গ্রন্থি; গেরো; ফাঁস। প্র—"যাবৎ না গলে গাঁটি তাবৎ জঞ্জাল"—শিবায়ন।

গাঁটকাটা (ট্) [গ্রন্থিকর্ত্তক কিম্বা কটক শব্দজ] বি. যাহারা অলক্ষিত ভাবে গাঁইট কাটিয়া লয়; জুয়াচোর; হি—পকেট-মারা; pickpocket.

গাঁটছড়া (ট্) [গাঁইট ছড়া—গাঁটছলা—গ্রন্থি-ছড়া। ছড়া দ্রঃ] বি. বিবাহকালীন বর কন্যা উভয়ের বস্ত্রে গ্রন্থি বন্ধন। প্র—"মাথায় বসন দিলা রতন মোড়ালা। বেদের বিধানে বিপ্র বাঁধে গাঁট ছলা॥"—কবিক।

গাঁটরি, গাঁঠরি [গ্রন্থি শব্দজ। প্রাকৃ—গেণ্ঠ ও গেণ্ট্অ=বস্ত্রগ্রন্থি (হেমচন্দ্র—নাম-মালা)] বি. পুং. পুটুলি (নানাবিধ কি একবিধ প্রয়োজনীয় দ্রব্য একত্র করিয়া একখানি বস্ত্রাদি দ্বারা বন্ধন করিয়া রাখিলে ঐ বস্ত্রাদিযুক্ত দ্রব্য সকলকে গাঁটরি বা পুটলি বলে)। প্র—"আমাদের এ জন্মের সঞ্চিত পাপগুলি আমরা গাঁটরি বাঁধিয়া বৈতরণীর সেই খেয়ার বোঝাই দিয়া বিনা কড়িতে পার করিয়া লইয়া যাই।"—সীতারাম (বঙ্কিম)।

গাঁটি, গাঁঠি [গ্রন্থি শব্দজ। হি—গাঠি বা গিটা] বি. গ্রন্থি; গাঁট; ফাঁস; বন্ধন। প্র—"শত গাঁটি ছিঁড়া টেনা করি পরিধান।" —ভারতচন্দ্র। 'বাহিরে রতন আঁচরে দেই গাঁঠি"—বি. প। 'এথা হোলি খেলি দোঁহে বৈসে সিংহাসনে। সখী দুঁহুঁ বস্ত্রে গাঁঠি দিলা সঙ্গোপনে॥"—ব্রজপরিক্রমা।

গাঁড় (ড্) [হি। বাং—অশ্লীল] বি. পায়ু। ২। যোনি। ৩। [গণ্ড হইতে] স্ফোটক।

রাজগাঁড়—উদরাভ্যন্তরস্থ স্ফোটক।

গাঁত (ত্) [সং—গাত্র—অপভ্রংশে। প্রা-বাং] বি. শরীর; গাত্র; দেহ। প্র—"শুনিতে তাহারি বাত, পুলকে ঝ রয়ে গাত।"—চণ্ডীদাস।

গাঁত (ত্) [গ্রন্থি—গাঁইট—গাঁট—গাঁত। যাহারা গাঁইট বাঁধে বা কাটে] বি. গাঁইট-কাটা; চোর। **গাঁতের মাল**—চুরির দ্রব্য; চোরাই মাল। প্র—"গাঁতের মাল লইয়া হজম করিত"—টেকচাঁদ।

গাঁতন (ন্) [সং—গ্রন্থন] বি. গুম্ফন; বন্ধন। ২। গাঁথন।

গাঁতা (গাঁ) [সং—গ্রন্থ হইতে] উ-পু—গাঁতি। ম-পু—গাঁত; গাঁতুন্; গাঁত্। প্র-পু—গাঁতে; গাঁতেন্। অস-ক্রি—গাঁতিতে; গাঁতিয়া; গেঁতে। ণিজন্ত—গাঁতান] ক্রি. গুম্ফন করা; গ্রন্থিত করা। ২। প্রাচীরাদি নির্ম্মাণ।

গাঁতান (ন্) [সং—গ্রন্থন—অপভ্রংশে] বি. গাঁতি; পর্য্যায়; পালা। ২। বিণ. শঠ; ধূর্ত্ত।

গাঁতান (গাঁতানো) [গাঁতা দ্রঃ] ক্রি. গ্রন্থন করান।

গাঁতি [সং—গ্রন্থন] বি. সামান্য জোত জমা; ক্ষুদ্র জমা জমি। ২। এক কর্ম্ম সম্পাদনে বহু-লোকের সম্মিলন; a guild. ৩। শ্রেণী; দল। ৪। দস্যুদল; চোরের দল। ৫। গাঁতান; পর্য্যায়; পালা। **গাঁতিদার**—যে জমি জমা লয়; জোতদার; কৃষক। প্র—"অনেক গাঁতিদারও জাল ও জুলুমে ভাজা ভাজা।"—টেকচাঁদ।

গাঁতি [হি—গাঁয়ৎ] বি. দাঁড়া কোদাল, গর্ত্তে মাটি ফেলিবার কোদাল; a pickaxe. প্র—"নাহি গাঁতি ধার, বিশাই না ধরে সেউনি।" —কবিক। "এখনও কোদাল পড়ে নাই, গাঁতি চলে নাই, ইতি মধ্যেই এই। গাছে না উঠিতেই এক কাঁদি।"—বসুমতী ১৩১৮।২৭ মাঘ। ২। জালবিশেষ।

গাঁথন (গাঁথোন্) [সং—গ্রন্থন] বি. গ্রন্থন; গুম্ফন; মাল্যরচনা। প্র—"চিকন গাঁথনে বাড়িল বেলা"—অ. ম। ২। গঠন; নির্ম্মাণ। ৩। মৃত্তিকা, ইষ্টক, পাষাণ প্রভৃতি উপরে উপরে সাজাইয়া প্রাচীরাদি উত্তোলন। স্ত্রী. গাঁথনি, গাঁথনী। প্র—"চারি পাশে সাজে প্রবাল মুকুতা গাঁথনি আঁটনি কত।"—চণ্ডীদাস।

গাঁথনী [ব্রজ। প্রা. বৈ. সা. গাঁথন+ঈ (ইত—যুক্ত অর্থে)] বিণ. গ্রন্থিত; গ্রথিত; গাঁথা। প্র—"জনু গাঁথনি পুহপমালা" —বিদ্যাপতি। [অ প্র]।

গাঁথা [সং—গ্রন্থ=গাঁথা। উ-পু—গাঁথি। ম-পু—গাঁথ; গাঁথুন; গাঁথ্। প্র-পু—গাঁথে; গাঁথেন। অস-ক্রি—গাঁথিতে, গাঁথিয়া, গেঁথে। ণিজন্ত—গাঁথান] ক্রি. গ্রন্থন করা; গুম্ফন করা। প্র—মালা গাঁথা। ২। সংলগ্ন করা। ৩। দৃঢ়বদ্ধ করিয়া রাখা; চিরদিন স্মরণে রাখা। প্র—মনে গাঁথিয়া রাখা। ৪। প্রাচীরাদি নির্ম্মাণ করা। প্র—ইট গাঁথা; পাঁচিল গাঁথা। [ব্রজ] **গাঁথই**—গাঁথে; গ্রন্থন করে। প্র—"কুসুম তোড়ি কোই গাঁথই হার"—গোবিন্দ দাস। **গাঁথইতে, গাঁথ-ইতে**—গাঁথিতে; গ্রন্থন করিতে। প্র—"একলি আছিনু হাম গাঁথইতে হার"—বিদ্যাপতি। **গাঁথল**—গ্রন্থন করিল; গাঁথিল। ২। মিলিত করিল। ৩। বাঁধিল; বদ্ধ করিল। প্র—"অপরূপ প্রেমপাশে তনু গাঁথল" —বিদ্যাপতি।

গাঁথা [সং—গাথা] বি. গাথা। ২। সঙ্গীত; গান। প্র—"রজনী বিলাস শুনিতে উল্লাস অমিয় অধিক গাঁথা"—চণ্ডীদাস।

গাঁথান (নো)—ক্রি. গাঁথা দ্রঃ।

গাঁদি, গাঁধি—(গাঁ) [সং—গন্ধ হইতে—গন্ধকীটের বহুল সমাবেশজনিত স্থান গন্ধময় হইবার ভাব। তাহা হইতে বহুর সমাবেশ] বি. রাশি; ঢের। প্র—ছারপোকার গাঁদি

লাগা। ২। ভিড়। প্র—"মানুষের গাঁদি যেন ঠেকাঠেকি কোল।"—হেম বন্দ্যো। **গাঁদিলাগা**—[গাঁদি-লাগা (হি—লাগ্না হওয়া)] ভিড় হওয়া : ঢের বা রাশি হওয়া ; বহুসংখ্যার একত্র সমাবেশ হওয়া। প্র—ওখানে পিঁপড়ার গাঁদি লেগেছে।

গাগরি, গাগরী (গাগোরি) [গর্গরী শব্দজ মৈ-বাং ও হি—গগরী] বি. ক্ষুদ্র কলস : ছোট কলসী : ঘট। প্র—"কুচযুগগিরি কনক গাগরী উলটি পড়ল মেরু।"—চণ্ডীদাস।

গাঙ্গ (গাং) [গঙ্গা—বর্ণ বিপর্য্যয়ে গাঙ্গ] বি. গঙ্গানদী। ২। নদী ; গাঙ্। প্র—"গাঙ্গে উঠেছে তুফান, তায় নাহি জ্ঞান গুমানের পাল তবু উড়ায়।"—রায় কালীপ্রসন্ন ঘোষ।

গাঙ্গ (গাংগ) [গঙ্গা + অ(ণ্) অপত্যার্থে, গ= গা, গঙ্গা। আ-লোপ] বি. পুং. গঙ্গার গর্ভজ ; ভীষ্ম। ২। অষ্টবসু। ৩। কার্ত্তিকেয়। ৪। গঙ্গাজল। ৫। বিণ. গাঙ্গেয় ; গঙ্গা সম্বন্ধীয়। ৬। গঙ্গানদীজাত।

গাঙ্, গাঙ (গাং) [গ্রা—গঙ্গা শব্দজ] বি. গঙ্গা নদী। ২। নদী। প্র—'আমার শুষ্ক গাঙ্গে জোয়ার এসেছে।"—রবি। ৩। গঙ্গা শব্দের অপভ্রংশ। প্র—গাঙশালিক : গাঙ্গচিংড়ি।

গাঙ্গট, গঙ্গাট (ট্) [গঙ্গা (গঙ্গা নদী) তাহাতে অট (যাহারা গমন করে) নিপাতনে গাঙ্গট] বি. পুং. গঙ্গা চিঙ্গড়ী। ২। নদীতীর।

গাঙ্গটেয় [গাঙ্গট + এয় (সম্বন্ধে—এয়ণ্)] বি. পুং. গাঙ্গট (দ্রঃ) : গাঙ্গদাড়া মাছ।

গাঙ্গদাড়া (গাংদাড়া) বি. মৎস্যবিশেষ ; গাঙ্গটেয় ; বকের মত ঠোঁট বলিয়া ইহাকে বকঠুঁটোমাছও বলা হয়।

গাঙ্গায়নি [গঙ্গা + আয়নি (ন্) অপত্যার্থে] বি. পুং. ভীষ্ম। ২। অষ্টবসু।

গাঙ্গিনী—বি. গঙ্গানদীর একটী শাখা যাহা মুর্শিদাবাদের উত্তর হইতে প্রবাহিত হইয়া ব্রহ্মপুত্রের সহিত মিলিত হইয়াছে। প্র—পশ্চিমে আপনি গঙ্গা পূর্ব্বেতে গাঙ্গিনী। সেই গ্রামে উত্তরিলা অন্নদাচারিণী।—ভারতচন্দ্র।

গাঙ্গেয় [গঙ্গা + এয় (ণ্) অপত্যার্থে (আদিস্বর দীর্ঘ)] বি. পুং. গঙ্গানন্দন : ভীষ্ম। [গঙ্গায় উৎপত্তি বলিয়া কার্ত্তিকেয়। (২) ইলিশমাছ [বাং-বিরল]। ২। [এয় (ণ্) সম্বন্ধ অর্থে] বিণ. গঙ্গা সম্বন্ধীয়। ৩। গঙ্গার। প্র—"স্বর্ণকুম্ভে পূত অম্ভোরাশি গাঙ্গেয়।"—মেঘনাদ। ৩। [বৃক্ষায়ুর্ব্বেদে] বি. ক্লী. ভদ্র-মুস্তা : মুস্তা : ধুতুরা : কেশুর। ৪। সুবর্ণ : gold.

গাছ (ছ্) [সং—গচ্ছ (বৃক্ষ) শব্দজ। প্রাদে-বাং – গাছ। হি—গাছ = বাগান ; কিন্তু বঙ্গ ও বিহারে "বৃক্ষ"] বি. বৃক্ষ ; পাদপ ; তরু। ২। তৈলকারের যন্ত্র : ঘানিগাছ। প্র—গাছের তেল ও কলের তেল। কলুর গাছের উপর অতিরিক্ত টেক্স বসাইয়া * * *।"—সঞ্জীবনী। "ভবের গাছে যুড়ে দিয়ে মা পাক দিতেছ অবিরত।"—রামপ্রসাদ। ৩। মদ বা চিনি যে বৃহৎ মৃৎপাত্র বা জালায় রক্ষিত হয়। প্র—একগাছ মদ। ৪। কোন লম্বা জিনিসের সংখ্যার বোধক টা বা টী। যথা—একগাছ দড়ি। একগাছ চুল। ৫। [গাছা, গাছি দ্রঃ] বিণ. বৃহৎ ; বড়। প্র—গাছ প্রদীপ। ৬। লম্বা ; ঢেঙ্গা। প্র—"মেয়ে ত দেখতে দেখতে গাছ হয়ে উঠলো।" **গাছ-কোমর বাঁধা**—গাছে উঠিবার সময় কোমর বাঁধিয়া কাপড় পরা হইতে : পরিধেয় বস্ত্রের এক অংশ দৃঢ়রূপে কটিতে বেষ্টন করা বা বাঁধা (ছুটাছুটি, পরিবেশন প্রভৃতি কার্য্যের সময় মেয়েরা গাছ-কোমর বাঁধে)। **গাছকৌটা**—কাষ্ঠ বা ধাতু নির্ম্মিত উচ্চ গঠনের কৌটাবিশেষ। **গাছ গাছড়া**—বৃক্ষ লতা গুল্মাদি : ভেষজলতাদি : শাক-পাতা **গাছ গাড়ু**—বড় গাড়ু ; বৃহদাকার জল-পাত্র-বিশেষ। প্র—"বুড়া গরু লড়া দাঁত ভাঙ্গা গাছ গাড়ু।"—শিবায়ন। **গাছগেঁড়ি**—বড় আকারের গেঁড়ি ; ইহা গাছের পাতা খায়। গাছে এ গেঁড়ি ধরিলে গাছ নষ্ট হইয়া যায়। **গাছদা**—কাটারিবিশেষ। নারিকেল তাল প্রভৃতি গাছ চাঁচা দা ; চাঁচ দা। **গাছপান**—এ পান দেখিতে ও খাইতে প্রায় বরজের পানেরই মত ; ইহা কোন বৃক্ষ অবলম্বন করিয়া লতাইয়া লতাইয়া উঠে। রৌদ্রে ইহার কোন অনিষ্ট হয় না। **গাছ-পালা**—বৃক্ষ লতা গুল্মাদি ; তরু লতাদি : উদ্ভিজ্জ। **গাছপ্রদীপ**—গাছের শাখার আকারে সাজান দীপদানবিশেষ ; ইহার এক একটি শাখায় পাঁচ পাঁচটী ক্ষুদ্র প্রদীপ সজ্জিত থাকে ; একটী গাছে অনেকগুলি দীপ থাকায় আরতিকালে ইহার বড় শোভা হয়। **গাছবেড়া**—সারি সারি ঘনসন্নিবিষ্ট বৃক্ষের বেড়া বা ঘেরাও ; বৃক্ষের বেষ্টনী। **গাছ-বেঙ্গ বা গেছোবেঙ্গ**—আসাপা বেঙ্গ ইহারা গাছে থাকে। **গাছ মরিচ**—লাল মরিচ : লঙ্কা। **গাছমোণ্ডা**—মহা-নৈবেদ্যের উপর যে উঁচু সন্দেশ দেওয়া হয়। **গাছসিন্দুক**—পূর্ব্বকালের খুব উচ্চ সিন্দুক। অনেক সময় এ সিন্দুক এত বড় করা হইত যে মই দিয়া তাহার ভিতরে নাবিতে হইত। **বুড়িগাছ** [প্রাদে—মৈমনসিংহ] আক-মাড়া কলের অংশ-বিশেষ। গাছের গুঁড়ি তিন হাত উচ্চ রাখিয়া পুঁতিয়া তাহাতে কাটিয়া গর্ত্ত করা। **কলমের গাছ**—গাছের ডাল বিশেষ প্রক্রিয়া দ্বারা সন্নিস্থান হইতে কাটিয়া রোপণ করিলে যে বৃক্ষ জন্মে তাহাকে কলমের গাছ বলে ; a graft. **গাছে-চড়ান** (নো)—গাছে তুলে দেওয়া ; গাছের উপর উঠাইয়া দেওয়া। ২। অযথা প্রশংসা করিয়া, বাহবা দিয়া কিম্বা চাটু বাক্যে কাহাকেও গর্ব্বিত করিয়া তুলা। ৩। অতি-রিক্ত আশা দেওয়া। ৪। কোন বিষয়ে উৎসাহ দেওয়া। **গাছে তুলে মই কাড়া**—আশা দিয়া নিরাশ করা। ২। প্র—"গাছে তুলে দিয়ে বঁধু কেড়ে নিল মই"—দীনবন্ধু মিত্র। কোন কার্য্যে প্রবৃত্ত বা করিয়া পরে কর্ম্মস্থল হইতে সরিয়া পড়া ; সাহায্য দানের আশা দিয়া সাহায্য না করা। **গাছে কাঁঠাল গোঁফে তেল**—কোন কিছুর আশা বা প্রত্যাশায় পূর্ব্ব হইতে তাহার ব্যবস্থা বা আয়োজন করা। প্র—"যাদু কথায় কি কাজ করে। যেমন যাদুকরে যাদু করে। গাছে কাঁঠাল গোঁফেতে তেল, তাতে কি আশা পোরে।" – গোপাল উড়ে। **গাছেরও খাওয়া তলারও কুড়ান**—নিতান্ত স্বার্থপর ব্যক্তির মত কাজ করা ; সমুদয় আত্মসাৎ করা। **গাছে না উঠিতেই এক কাঁদি**—কার্য্যে হস্তক্ষেপ করিবার পূর্ব্বেই ফলের আশা। ২। কার্য্যে প্রবৃত্ত হইবার মুখে বা সূত্রপাতেই ফলপ্রাপ্তি।

গাছা [গাছ দ্রঃ। আদরার্থে আ] বি. বৃক্ষ ; গাছ। প্র—"পেটের বাছা ও বাড়ীর গাছা দুই প্রায় সমান উপকারে আইসে।" ২। কোন লম্বাকৃতি দ্রব্যের সংখ্যা-বোধক। প্র – এক গাছা খাড়া ; দশ গাছা চুল : তিন গাছা ছড়ি। ৩। কাষ্ঠনির্ম্মিত দীপাধার বা পিলসুজ।

গাছান (নো) [গাছ শব্দজ] ক্রি. গাছ করা : গাছ জন্মান : চাষ করা। ২। গাছে চড়া।

গাছি, গাছী [গাছ দ্রঃ। যত্ন বা আদরার্থে ই, ঈ] বি. গাছা দ্রঃ। সংখ্যাবোধক 'টী' অর্থে। প্র—এক গাছি চুল বা দড়ি। "দুইহাতে চারি গাছি চুড়ি বেলোয়ারি।"—অশোকগুচ্ছ। বিণ. যে গাছে চড়ে। ২। যাহারা তাল, খেজুর, প্রভৃতি গাছে ক্ষত করিয়া রস বাহির করিয়া লয় ; সিউলি। ৩। ছড়া। প্র—"ফুলের মালা গাছি বিকাতে আসিয়াছি, পরখ করে কেহ করে না স্নেহ।" [দ্রঃ—যাহা গাছের মত লম্বা ; চৌকা : গোল ; চওড়া প্রভৃতি আকৃতিবিশিষ্ট নয় ; যাহা টানা সরু আকৃতি-যুক্ত তাহার সহিত গাছ শব্দ সাধারণতঃ ব্যবহৃত হয় অধিক সরু অর্থে এবং আদরার্থে 'গাছি' বা 'গাছী']।

গাছুড়িয়া, গাছুড়ে, গাছুয়া [গাছ দ্রঃ] বি, যে গাছে চড়িতে পটু ; বৃক্ষারোহণে পটু ; গেছো ।

গাজন (গাজোন্) [গর্জ্জন শব্দজ] বি, শিবের উৎসব ; শিবসম্বন্ধীয় গান । ২ । বৈশাখমাসের ধর্ম্মোৎসব । প্র—"গাজনে দুর্গার মেলা সেত ফুলে গাঁথিমালা নিরন্ত জোগাঅ ঈসরে ।" —শূন্যপুরাণ ।

গাজর (র্) [বৈদ্যকে—গর্জ্জর] বি, স্ত্রী, শাক-মূলবিশেষ ; গাজোর ; a carrot.

গাজা [সং—গর্জ্জন—গাঁজ, গাজ] বি, দ্রঃ । ক্রি, গর্জ্জন করা । প্র—"ফণাফণ ফণাফণ ফণীফণ গাজে ।"—ভারতচন্দ্র । বি, গাজন গাজ ।

গাজী [আ—গাজী (যুদ্ধে গমনকারী)] বি, যোদ্ধা ; বীর । প্র—গণেশ হইলা গাজী কার্ত্তিক হৈল্য কাজি ফকির হইল্যা জত মুনি ॥" —শূন্যপুরাণ । **গাজির বা গাজীর গান** —বি, মুসলমানদিগের ধর্ম্মযুদ্ধ সঙ্গীত-বিশেষ ; **গাজিমিয়া** ।

গাঞি (গাঁই) [সং—গ্রামিন্] বি, গ্রামোপাধি। ২ । বিণ, গ্রামোপাধিক ; গ্রামীণ । বঙ্গেশ্বর বল্লাল সেনের সময় ব্রাহ্মণগণের বসবাসের জন্য এক একখানি গ্রাম প্রদান করেন । সেই সকল গ্রামের নামানুসারে তাৎকালিক ব্রাহ্মণগণের উপাধি নির্দ্দিষ্ট হইত । যথা—চট্টগ্রামীণ—চট্টোপধ্যায় ; লাহিড়িগ্রামীণ—লাহিড়ী ; সন্ন্যাসিনগ্রামীণ সান্যাল ইত্যাদি ।

গাটি, গাটী [গ্রন্থি হইতে] বি, গ্রন্থি । ২ । দড়ি ; রজ্জু । প্র—'বেরাল পাটের গাটি সুনার কড়ি লাগে । রূপার বাখারি ছিটিকে তথির উপরে ॥"—শূন্যপুরাণ ।

গাট্টা [হি—গট্টা । সং—গ্রন্থি ; প্রা—গ্রাঠ—গাঁঠি—গাই—গাট—গাঁট্টা—গাট্টা] বি, আঁটি ; তাড়া । ২ । বদ্ধ মুষ্টিতে অঙ্গুলির অস্থিসন্ধি ।

গাড়, গাড়া, গেড়ে [হি—গাড্ঢা] বি, গর্ত্ত । ২ । ছোট ডোবা । প্র—"কালকেতু বড় বড় নিত্য কোঁড়ে ডোবা গাড়ে পড়িলে উঠিতে নাহি পারি ।"—কবিক ।

গাড়ন (ন্) [হি—গাঢ়্না] বি, প্রোথন ; পোঁতন ; গর্ত্ত খুঁড়িয়া তাহাতেস্থাপন ।

গাড়র, গাড়ল (র্ ল্) [সং—গড্ডর, গড্ডল] বি, মেষ ; ভেড়া । ২ । স্ত্রীর পরামর্শ মত যে চলে ; স্ত্রীর বশীভূত ব্যক্তি । প্র—"গাড়রের গালের গুয়া বকুলের পাত"—কবিক । ৩ । [ভেড়ার প্রকৃতি হইতে] যে পরের বুদ্ধিতে বা নির্দ্দেশে চলে ; অন্যের দেখাদেখি যে কাজ করে, নিজের বুদ্ধি খাটাইতে পারে না ; বোকা । প্র—"তোমায় আর কি শেখাব তুমি ত আর গাড়ল নও ।"

গাড়া [গর্ত্ত শব্দজ । হি—গড্ঢা, গড্ঢ] বি, গর্ত্ত । প্র—"ভুঁয়েশের গাড়া"—ভারতচন্দ্র ।

গাড়া [হি—গাঢ়্না । উ-পু—গাড়ি । ম-পু—গাড় । প্র-পু—গাড়ে । অসক্রি, গাড়িতে ; গাড়িয়া, গেড়ে । ণিজন্ত—গাড়ান (নো)] ক্রি, ২ । ডুবিয়া যাওয়া । ৩ । প্রোথিত করা ; পোঁতা । ৪ । [প্রাদে] ধন অপহরণ করা । ৫ । রাখা ; পাতা ; পাতিত করা । প্র—"কেহ হাঁটু গাড়িয়া বসিয়া * * *"—সা-প-প, ১৩১৯ । **গাড়িয়া বসা**—চাপিয়া বসা । ২ । পুতিয়া যাওয়া । প্র—"গাড়িয়া বসিল শংখ গলে নাহি গিরা"—শিবায়ন ।

গাড়ী [সং—গন্ত্রী] বি, রথ ; শকট ; যান । **গাড়ী করা**—গাড়ী ভাড়া করা । ২ । গাড়ীতে যাওয়া । ৩ । গাড়ী নির্ম্মাণ করা । **গাড়ী চড়া**—গাড়ীতে বসিয়া যাওয়া । **গাড়ী ঘোড়া চড়া**—বাবুগিরি করা ; সুখ ঐশ্বর্য্য ভোগ করা । **গাড়ী ডাকা**—গাড়ী ভাড়া করিয়া আনা । **উটগাড়ী**—উষ্ট্রবাহিত গাড়ী ; উটের গাড়ী । **এক্কা-গাড়ী**—রথযাত্রায় খেলনার রথাকৃতি পশ্চিম ভারতের একঘোড়ায়-টানা গাড়ী-বিশেষ । **কলের গাড়ী**—বাষ্পযান ; রেলগাড়ী । **গরুর গাড়ী**—বলদবাহিত গাড়ী ; গোযান । **ঘোড়ার গাড়ী**—অশ্ববাহিত গাড়ী ; অশ্বযান । **চেরেট গাড়ী**—[ইং—chariot.] হেলান দিয়া বসিয়া যাইবার মত চার চাকার হালকা গাড়ী ; রথ ; a car used in ancient warfare. **ছ্যাক্‌রা গাড়ী**—[সং—শকট, শকটিকা । হি—শক্ড়া । বাং—ছাকড়া উচ্চারণ বিকারে ছ্যাকরা । তুল—ফা—শিক্রম্, শিগ্রম্] ব্রাউনবেরী (Brownberry) আকারের চারি চাকার অশ্ববাহিত ভাড়াটিয়া গাড়ী । **টানাগাড়ী**—মানুষে টানা গাড়ী ; রিকশা। **ট্রামগাড়ী**—অশ্ব অথবা তাড়িৎ চালিত ট্রামকার । **ঠেলাগাড়ী**—গরুর গাড়ীর আকৃতি গাড়ী, যাহা সম্মুখের লোক টানিয়া ও পশ্চাতের লোক ঠেলিয়া লইয়া যায় । **ডাকগাড়ী**—[ডাক দ্রঃ] ২ । ডাকবাহী দ্রুতগামী রেলগাড়ী ; Mail train. **তিন-চাকার গাড়ী**—ত্রিচক্রযান ; ট্রাই-সাইকেল্ । **পা-গাড়ী**—পদচালিত দ্বিচক্র-যান বাইসাইকেল । **পাল্কী গাড়ী**—পাল্কীর আকারে চারিচাকার অশ্বযান ; Brownberry. **বগীগাড়ী** (বোগী) [Bogie] সহজে ঘুরাইবার ফিরাইবার মত চারিচাকার গাড়ী । **মালগাড়ী**—যে গাড়ী মাল বোঝাই করিয়া লইয়া যায় ; goods train. **মোষের গাড়ী**—মহিষ বাহিত ইট কাঠ প্রস্তরাদি ভারী দ্রব্য বহনের গাড়ীবিশেষ । **রেল গাড়ী**—লৌহবর্ম্মের উপর দিয়া বাষ্পচালিত যান ; কলের গাড়ী । **হাত গাড়ী**—ছোট ছেলে মেয়েদের জন্য ক্ষুদ্রাকার ঠেলাগাড়ী ; হাতে টানা গাড়ী । **হাওয়া গাড়ী**—বাষ্প বা তাড়িৎ—চালিত যান ; মোটর গাড়ী ; motor car. **গাড়ীবারান্দা**—যে বারান্দার ভিতর গাড়ী দাঁড়ায় ।

গাড়ীবান্—বি, পুং, গাড়োয়ান দ্রঃ ।

গাড়ু [গডডুক শব্দজ] বি, জলপাত্র-বিশেষ ; ঝারী (ঝর্ঝর দ্রঃ) । প্র—"গাড়ুতে নাই জল"—দ্বিজেন্দ্র রায় । ২ । [সং—গড়ু হইতে] পৃষ্ঠগ্রন্থি ; কুব্জ ।

গাড়োয়ান [হি— গাড়ীবান্ । বাং উচ্চারণে ব্=ওয়া । দ্রুত উচ্চারণে গাড়্য়ান্] বি, পুং, শকটচালক ; কোচোয়ান ; coachman.

গাঢ় [গাহ্ (বিলোড়ন করা) + ত (কর্ত্তৃ—ক্ত) হ—ত=ঢ়] বিণ, যে অবগাহন করিয়াছে । ২ । দৃঢ় ; ঘন ; অতরল । ৩ । অত্যন্ত ; অনেক । ৪ । [কর্ম্মে (ক্ত)] অতি গভীর ; প্রগাঢ় । ৫ । নিমগ্ন নিমজ্জিত । ৬ । সেবিত । ৭ । ভারি । ৮ । সঙ্গীতশাস্ত্রে যে স্বরকে ইচ্ছানুরূপ স্থানে উচ্চ ও নীচ করিতে পারে ।

গাঢ়মুষ্টি [গাঢ় যে মুষ্টি (কর্ম্মধা)] বি, বদ্ধমুঠ ; সঙ্কুচিত ও দৃঢ়বদ্ধ করতল । ২ । [গাঢ় (দৃঢ়) হইয়াছে মুষ্টি মুঠা যাহার, বহু] বি, পুং, খড়্গ । ৩ । বিণ, যে অর্থ-ব্যয়ে কাতর ; কৃপণ ।

গাঢ়া [হি—গাড্ঢা] বি, গর্ত্ত ; গাড়া দ্রঃ ।

গাণপত্য (গানপোৎত) [গণ-পতি (গণেশ) + য—গণপতি ইহাদের দেবতা এই অর্থে (যণ্), ই—লোপ] বিণ, গণেশোপা-সক সম্প্রদায় । ২ । গণপতিসম্বন্ধীয় । ৩ । স্ত্রী, গণাধিপত্য ; দলের অধিনায়কত্ব ।

গাণিতিক (গানিতিক্) [গণিত + ইক (জ্ঞাতার্থে, ইকণ্)] বিণ, যিনি গণিতশাস্ত্র জানেন ; গণিতজ্ঞ । ২ । [ইকণ্—সম্বন্ধার্থে] গণিতসম্বন্ধীয় ।

গাণ্ডিব, গাণ্ডীব (ব্) [প্রাক্—গাণ্ডীব= ধনু (হেমচন্দ্র—নামমালা)] বি, পুং, অর্জ্জুনের ধনুক । ব্রহ্মা নির্ম্মিত এই ধনু প্রথমে চন্দ্র, চন্দ্রের নিকট হইতে বরুণ এবং অগ্নির প্রার্থনানুসারে বরুণের নিকট হইতে অর্জ্জুন প্রাপ্ত হইয়াছিলেন । ২ । গ্রন্থি ; গাঁট ।

গাণ্ডীবধন্বা (গান্ডিব্‌ধন্না) [গাণ্ডীব (নামক) ধনু যাহার—বহু, বহুব্রীহি সমাসে—ধনু= ধন্বন্ ১মা, ১ব—ধন্বা] বি, পুং, অর্জ্জুন ।

গাণ্ডীবী [গাণ্ডীব (ধনুকবিশেষ)+ইন্ (অস্ত্যর্থে) = গাণ্ডীবিন্ ১মা. ১ব] বি, পু, যাহার গাণ্ডীব ধনুক আছে ; অর্জ্জুন।

গাত (ত্) [গাত্র শব্দের অপভ্রংশ] বি, গাত্র ; গা ; শরীর ; দেহ। প্র—"সকল গাত দুকূল দৃঢ় অতি।" "পুলকে ভরয়ে গাত—পদাবলী।" ২। গাত্রে ; দেহে।

গাতব্য (গাতোব্ব) [গৈ (গান করা)+তব্য (কর্ম্মে)] বিণ, গানের যোগ্য। ২। উচ্চৈঃস্বরে বলিবার বিষয়।

গাতা [গৈ (গান করা)+তৃ (কর্ত্তৃ, তৃচ্), গৈ=গা+তৃ=গাতৃ ১মা. ১ব] বিণ, যে গান করে ; গায়ক ; গাথক।

গাত্র (গাৎত্র) [গম্ (গমন করা)+ত্র (কর্ত্তৃ—ষ্ট্রণ্—সংজ্ঞার্থে)—ম্ লোপ ; যে গমন করে] বি, ক্লী, দেহ ; অঙ্গ ; গা। ২। হস্তিজঙ্ঘার অগ্রভাগ।

গাত্রমার্জ্জনী (গাৎত্রমার্জনি [গাত্রের (দেহের) মার্জ্জনী (৬ তৎ) যাহা দ্বারা গাত্র মার্জ্জন করে] বি, স্ত্রী, গামছা ; তোয়ালিয়া।

গাত্ররুহ (গাৎত্ররুহ) [গাত্রে (শরীরে) রুহ (যে উদ্গত হয়) ৭ তৎ, কিম্বা গাত্র-রুহ্ (উৎপন্ন হওয়া)+অ (কর্ত্তৃ—ক)] বি, ক্লী, লোম ; রোম।

গাত্রসম্মিত (গাৎত্রোশোম্‌মিত) [গাত্র—সম্মিত (পূর্ণ) হয় যাহার, বহু] বিণ, যাহার অঙ্গ-প্রত্যঙ্গ সম্পূর্ণ হইয়াছে ; সমস্ত অঙ্গ প্রত্যঙ্গযুক্ত ; সর্ব্বাবয়বসম্পন্ন।

গাত্রানুলেপনী (গাৎত্রানুলেপোনি) [গাত্র—অনু—লিপ্ (লেপন করা)+অন (ট—করণে) স্ত্রী—ঈপ] বি, স্ত্রী, অঙ্গরাগ করিবার তুলিকা। ২। সাবান।

গাত্রাবরণ (গাৎত্রাবরন্) [গাত্র—আ—বৃ (আচ্ছাদন করা)+অনট্ (করণে)] বি, ক্লী, গাত্রাচ্ছাদনী ; অঙ্গরাখা। ২। বর্ম্ম ; কবচ প্রভৃতি।

গাত্রোত্থান (গাৎত্রোৎথান্) [গাত্র+উত্থান] বি, উত্থান ; গা তোলন ; দাঁড়ান।

গাথক (ক্) [গৈ (গান করা)+থক (কর্ত্তৃ)] বি, পুং, গায়ক ; সঙ্গীতকারী।

গাথা [গৈ+থ (কর্ম্মে), গৈ=গা, স্ত্রী, আপ] বি, স্ত্রী, কবিতা ; শ্লোক ; পদ্য। ২। আর্য্যা-ছন্দঃ। ৩। ছন্দোবদ্ধ রচনা ; গীত। ৪। প্রাকৃত ভাষায় গীতিচ্ছন্দ। ৫। গীতিকাব্য, কীর্ত্তন।

গাদ (দ্) [সং—কর্দ্দঃ। হি—গর্দা, গাদড়া, গাদলা—গাদ] বি, কাইট, কোন দ্রব্যের মন্দ অংশ ; মলা। **গাদকাটা**—ময়লা দূর করা। প্র—চিনির গাদ কাটান।

গাদন (ন্) [প্রাদে] বি, পূর্ণ করণ ; ঠাসন ; পোতন। ২। প্রহার। প্র—"নীলের দাদন ঠেঙ্গার গাদন, বাঁধন চমৎকার"—ঈশ্বর গুপ্ত।

গাদা [হি—গাদনা। উ-পু—গাদি। ম-পু—গাদ ; গাড়ুন ; গাদ্। প্র-পু—গাদে ; গাদেন। অস-ক্রি—গাদিতে ; গাদিয়া, গেদে। ণিজন্ত—গাদান (নো)] ক্রি, ঠাসা। প্র—বন্দুকে বারুদ গাদা।

গাদা [সং—গাধ্ ধাতু (প্রতিষ্ঠা, গ্রন্থন, রচনা) হইতে আধিক্য এবং অনাদর অর্থে গাদা। অল্পার্থে ও আদরার্থে গাদি] বি, স্তূপ ; রাশি। প্র—"দর্শন শাস্ত্রের গাদা কেবল বাড়ায় ধাঁদা"—বিহারী চক্রবর্ত্তী। ২। বিণ, পূর্ণ ; ঠাস ; ভরা। ৩। [প্রাদে] ক্রি, ঠেসে দেওয়া ; ঠাসা ; ভরে দেওয়া। ণিজন্ত—**গাদান** (নো)—ঠাসান ; অন্যের দ্বারা ভরাইয়া লওয়া। ৪। রাশিকৃত। **গাদা-গাদি**—বিণ, ঠাসাঠাসি ; ঘেঁষাঘেঁষি ; ঘনবদ্ধ।

গাদি [গদ (কৃষ্ণের কনিষ্ঠ ভ্রাতা)+ই (ণ্) অপত্যার্থে] বি, পুং, গদের পুত্র। ২। [গাদা দ্রঃ] স্তূপ, রাশি, বহু একত্র। প্র—খড়ের গাদি, কাপড়ের গাদি ইত্যাদি।

গাদিগাদি [গাদা দ্রঃ] বি, গাদা গাদা ; রাশি রাশি। প্র—"ঠাই ঠাই কটক পড়িল গাদি গাদি"—কৃত্তিবাস।

গাধ (ধ্) [সং—গাধ্ = প্রতিষ্ঠা, গ্রন্থন, রচনা] বি, পুং, তলা ; স্থান। ২। বিণ, অগভীর ; তলস্পর্শ-যোগ্য (বিপরীত—অগাধ = অতল-স্পর্শ)। ৩। [অল্—ভাবে] পুং, স্ত্রী, লোভ।

গাধা [সং—গর্দ্দভ। প্রাকৃ—গদ্দবা ; বাং—গদ্দোব ; হি—গধাহ্] বি, খর ; রাসভ ; গর্দ্দভ। স্ত্রী, **গাধী**—গর্দ্দভী। **গাধা পিটে ঘোড়া**—গাধাকে পিটিয়া অর্থাৎ প্রহার করিয়া ঘোড়ায় পরিণত করা অর্থাৎ ঘোড়ার মত অনলস এবং দ্রুতগামী করা, তাহা হইতে গর্দ্দভপ্রকৃতি বালককে শিক্ষা, তিরস্কার বা প্রহার দ্বারা বুদ্ধিমান ও চতুর করিবার চেষ্টা করা। **গাধা বোট**—গাধার ন্যায় মন্থর গতি ভারবাহী নৌকা-বিশেষ। **গাধামি**—অতিশয় নির্ব্বুদ্ধিতা ; বোকামি।

গাধি—বি, পুং, ঋষি বিশ্বামিত্রের পিতা চন্দ্র-বংশীয় রাজাবিশেষ। **গাধিজ, গাধিসুত, গাধির নন্দন**—বিশ্বামিত্র ঋষি।

গাধিজ [গাধি (বিশ্বামিত্রের পিতা)—জ—জন্ (জন্মান)+অ (কর্ত্তৃ, ড) গাধি হইতে যে জন্মিয়াছে] বি, পুং, বিশ্বামিত্র মুনি।

গাধিপুর (র্) [গাধির পুর—৬ তৎ] বি, ক্লী, কান্যকুব্জ। চন্দ্রবংশীয় রাজা গাধির রাজ্য ; কনোজ।

গাধেয় [গাধি+এয় (অপত্যার্থে—এয়ন্)] বি, পুং, গাধির নন্দন বিশ্বামিত্র।

গান (ন্) [গৈ (গান করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সঙ্গীত ; গীতি। ২। সামবেদ-ধ্বনি। ৩। সঙ্গীতে অভিনয় ; opera. ৪। [কর্ম্মে—অনট্] যাহা গান করা যায় ; গান যোগ্য রচনা। **ওস্তাদী গান**—সঙ্গীত-বিজ্ঞাননির্দ্দিষ্ট নিয়মে গীতালাপ। **চুটকী গান**—টপ্পা, খেমটা প্রভৃতি লঘু প্রকৃতির ও নাচের গান। **গান বাজনা**—গীত-বাদ্য। **গানের কলি**—গানের পদ। **গান করা**—গাওয়া। **গান শুনান**—অপরকে শুনাইয়া গান করা। **গুণ গান**—[গান গুণের সহচর] কোনই গুণ এই অর্থে। প্র—গুণ গান নাই ধ্যানে দড়। ২। গুণকীর্ত্তন।

গান (ন্) [গাওয়া দ্রঃ। গাউন। পূ-বঙ্গে-গাহেন ; সংক্ষেপে গান] ক্রি, গান করুন ; গান গাউন। প্র—আপনি একটি গান গান। ২। [গাহেন ; গায়েন—সংক্ষেপে গান] গাহিয়া থাকেন। প্র—গান তিনি প্রত্যহ এই সময়ই গান।

গানাঘুষা [গানা—কানা—ঘোষা (কর্ণে ঘোষণা)] বি, কর্ণে কর্ণে ঘোষণা ; কানাকানি ; গোপনে গোপনে রটনা।

গান্দিনী [গাং (পৃথিবীকে) দা (শুদ্ধ করা) +ইন্ (কর্ত্তৃ—ণিন্)—ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, যিনি পৃথিবীকে পবিত্র করেন ; সুরধুনী ; গঙ্গানদী। ২। যদুবংশীয় শফল্কের পত্নী ; অক্রূরজননী।

গান্দিনীসুত [গান্দিনীর (গঙ্গার) সুত (পুত্র) ৬তৎ)] ভীষ্মদেব। ২। অক্রূর। ৩। কার্ত্তিক।

গান্ধর্ব্ব [গন্ধর্ব্ব+অ (সম্বন্ধার্থে অণ্)] বিণ, গন্ধর্ব্বসম্বন্ধীয়। ২। বি, পুং, পাত্রপাত্রীর ইচ্ছানুক্রমে বিবাহ। ৩। ঘোটক। ৪। ক্লী, গান।

গান্ধার (র্) [গান্ধার (নৃপতিবিশেষ)+অ (নিবাসার্থে অণ্)] বি, পুং, গান্ধার রাজার রাজ্য ; কান্দাহার। প্র—"কোথা সে উজ্জ্বল হুতাশন-সম হিন্দু-বীর-দর্প-বুদ্ধি-পরাক্রম। কাঁপিত যাহাতে স্থাবর জঙ্গম ; গান্ধার অবধি জলধিসীমা॥"—হেম বন্দ্যো। ২। বিণ, গান্ধারদেশবাসী। ৩। বি, স্বর-বিশেষ। ৪। রাগবিশেষ। ৫। ক্লী, গন্ধক। ৬। সিন্দূর।

গান্ধাররাজ (র্, জ্) [গান্ধারের (দেশ-বিশেষের) রাজা (৬তৎ)] বি, পুং, গান্ধার দেশের রাজা ; রাজা সুবলের পুত্র ; দুর্য্যোধনের মাতুল ; শকুনি।

গান্ধারী—বি, স্ত্রী, গান্ধাররাজপুত্রী ; ধৃতরাষ্ট্র-মহিষী।

গান্ধারেয় [গান্ধারী (দুর্য্যোধনের মাতা) +এয় (অপত্যার্থে, এয়ণ্)] বি, পুং, গান্ধারীর শত পুত্র ; দুর্য্যোধনাদি। ২। গান্ধার রাজপুত্রগণ।

গান্ধিক (ক্) [গন্ধ+ইক (পণ্যার্থে, ইকণ্)] বি, পুং, যাহারা গন্ধদ্রব্য বিক্রয় করে ; গন্ধবণিক্ ; গন্ধবেণে। ২। গাঁধি-পোকা। ৩। বিণ, গন্ধদ্রব্যবাহিক। ৪। লেখক।

গাপ (প্) [সং—গোপন—গোপ—গাপ] বি, গোপন। ২। বিণ, গুপ্ত ; লুকায়িত ; অন্যের অজ্ঞাত ও অদৃশ্য। প্র—"সে টাকাটা একেবারে গাপ হইবে।" —টেকচাঁদ। **গাপ করা**—গোপন করা ; লুকাইয়া ফেলা ; ছাপান।

গাফিল (ল্) [আ—গাফিল্] বিণ, অবহেলা-কারী ; অমনোযোগী।

গাফিলি [আ—গফ্‌লৎ] বি, অমনোযোগ। ২। কুঁড়েমি।

গাব (ব্) [সং—গালব। হি—গাব] বি, পুং, কষায়-রস ; বৃহৎ ফলবৃক্ষবিশেষ ; তিন্দুক বৃক্ষ ; কেঁদ গাছ ; diospyros glutinosa. ২। গাব ফল। ৩। গাবজাতীয় কষায় রস বৃক্ষবিশেষ ; লোধ্রবৃক্ষ ; লোধ (তুল—গুজ-রাতী—লোদর ; হি—লোধ) ; symplocos racemosa. ৪। কাঁচা গাব ফলের আঠা ও কষ। প্র—গাবরাট (দ্রঃ)। ৫। মৃদঙ্গাদি আনদ্ধ যন্ত্রের যে স্থানে করতলের আঘাত বা চাঁটি পড়ে সেই স্থানে যে গোলাকার খদিরবর্ণ আঠা জমান থাকে। প্র—"কেহ বা বাঁয়ার গাব আছে কিনা তাহা থপ্‌থপ্ করিয়া পিটে দেখে।"—টেকচাঁদ। ৬। তৈজসপাত্রে যে গাবের কষবৎ কলঙ্ক ধরে। **গাবভেরেণ্ডা** [গাব ফলের আঠার মত পিচ্ছিল তৈলযুক্ত বলিয়া] এরণ্ড ; রেড়ীগাছ ; castor-oil plant.

গাব, গাবা (ব্) [সং—গর্ভ—অপভ্রংশে —গব্‌ভ—গাব] বি, গর্ভ। প্র—"ভয়ে গাবিনী গাব ছাড়ে।" ২। পুষ্করিণী প্রভৃতি জলাশয়ের ঢালু এবং গর্ভদেশ।

গাব (গাব্) [ব্রজ] ক্রি, গাওয়া দ্রঃ। ২। রব ; গান। প্র—"পিক কুহু কুহু করত গাব"—বলরাম দাস।

গাবগুবাগুব [শব্দাত্মক] বি, একতারা জাতীয় বাদ্যযন্ত্র ; আনন্দলহরী নামক বাদ্যযন্ত্র।

গাবড়া (ব্) [গর্ভ হইতে] বি, ভ্রূণ। ২। যে গাভীর গর্ভপাত হইয়াছে।

গাবর [সং—কর্ণধার প্রাদে—উচ্চারণ বিকারে] বি, ডিঙ্গার কর্ণধার ; (পোত-বাহক) নৌকা-চালক ; সর্দ্দার মাঝি ; যে নৌকার হাল ধরিয়া থাকে। প্র—"গড়ে ডিঙ্গা মধুকর, মাঝখানে দুইঘর, পাশে গুড়া বসিতে গাবর।"—কবিক। "গাঠ্যার গাবর বাহে বাজে রণশিঙ্গা"—ক্ষেমানন্দ। "হাতে কেরোয়াল বৈসে নায়ের গাবর"—কবিক। ২। নৌকাজীবী ; মাল্লাজাতি ; মালা। ৩। সারিগায়ক ; মাঝি। প্র—"সারি গায় দুই সারি গাবরে।" —রামেশ্বর। ৪। [প্রাদে—ঢাকা] কৈবর্ত্ত ; হালিক ; গোয়ালা প্রভৃতি। —ঢাকা প্রকাশ (বঙ্গীয় শব্দসিন্ধু)।

গাবা [গর্ভ হইতে] বি, গর্ভ। ২। গাভা দ্রঃ।

গাবান (নো) [গর্ব্ব শব্দজ। উ-পু—গাবাই। ম-পু-গাবায়। অস-ক্রি, গাবাইতে ; গাবাইয়া ; প্র-পু—গাবায় ; গাবিয়ে ; গাবাইবার ; গাবাবার]। ক্রি, গর্ব্ব করা ; গর্ব্বচ্ছলে ঘোষণা করা বা বলিয়া বেড়ান। ২। [গাব (পুষ্করিণী প্রভৃতি জলাশয়ের গর্ভ)] আলোড়ন দ্বারা পুষ্করিণী প্রভৃতির জল ঘোলা করা। প্র—"পুখুর গাবালে যেন চিলে তুলে মীন।"—কবিক।

গাবী বি, স্ত্রী, গাভী। [বাং—বিরল]।

গাবুর (র্) [প্রা-বাং। গাবর দ্রঃ] বি, মাঝিদিগের তত্ত্বাবধায়ক ; ইহারা সারি গাহিয়া মাঝিদিগকে কার্য্যে আকৃষ্ট রাখিত ও মাঝিরা কার্য্যে শ্লথ হইলে ডাঙ্গস দিয়া প্রহার করিত। ২। গাভুর দ্রঃ।

গাবুরাণী (নি) [প্রা-বাং। প্রাদে—গাভুর দ্রঃ] বি, যৌবন। প্র—"এমন বয়সে ছাড়ি যাও আমার বৃথা গাবুরাণী।"—মাণিকচাঁদের গান।

গাবীন, গাভীন (গাভিন্) [গর্ভিণী শব্দজ] বি, গর্ভবতী ; অন্তঃসত্ত্বা। প্র—"গাভীন হইলে তুমি রস তায় কত।"—ঈশ্বর গুপ্ত। [দ্রঃ। সাধারণতঃ অন্তঃসত্ত্বা গাভীকেই বাঙ্গালায় গাভীন (চ—উচ্চারণ গাবিন্) বলে]।

গাভা, গাবা [সং—গর্ভ—অপভ্রংশে। হি—গভুআর্=গর্ভকেশর। কোমল কেশের গুচ্ছ বা থুপি] বি, গর্ভ। ২। ফুলের গর্ভ-কেশর। ৩। পুষ্পমঞ্জরী। ৪। কেশগুচ্ছ। ৫। গুচ্ছ থুপি। প্র—"কবরী বান্ধিয়া দিল কুসুমের গাভা" —কবিক। "শিরে লটপট পাগ চম্পকের গাভা।" —চৈতন্যমঙ্গল।

গাভিন (ন্) গাবিন দ্রঃ।

গাভী [সং—গবী। হি—ও প্রা-বাং—গাই] বি, ধেনু ; গবী।

গাভুর (গাভুর) [প্রা-বাং। প্রাদে—চট্টগ্রাম, বিক্রমপুর অঞ্চলে] বিণ, যুবক ; জোয়ান। ২। বলবান্—ডাকের বচন। [গাবুরাণী দ্রঃ]। **গাভুরডলন**—বিণ, অতি বলবান্ (গ্রা)। [দ্রঃ—দেবী জয়দুর্গার কতকগুলি অনুচর আছে গাভুরডলন প্রভৃতি তাহাদের নাম]।

গামছা, গামোছা (গাম্‌ছা, চ—গাম্‌চা) [গাত্রমুঞ্চন বা মুঞ্চন শব্দজ। তুল—হি—আঙ্গোছা] বি, গাত্রমার্জ্জনী।

গামলা (গাম্‌লা) [পর্ত্তু—gamella (কাঠের বড় খোরা) শব্দজ] বি, পিত্তলনির্ম্মিত প্রসিদ্ধ পাত্রবিশেষ ; মৃন্ময় পাত্রবিশেষ।

গামারি [সং—গাম্ভারি দ্রঃ] বি, গাম্ভারী-বৃক্ষ ; গাজনের সন্ন্যাসীদিগের নিকট ইহা পবিত্র। প্র—"গামারি মঙ্গলে চলিল ভকতা-গণে সুনিআ ধাএ সর্ব্বজনা।" —শূন্যপুরাণ।

গামী [গম্ (গমন করা)+ইণ্ (কর্ত্তৃ—ণিন্। ভবিষ্যৎকাল বুঝাইতে)=গামিন্ ১মা, ১ব] বিণ, যে গমন করিবে। ২। গমনশীল। [দ্রঃ—গামী শব্দের স্বতন্ত্র প্রয়োগ দেখা যায় না, কিন্তু অন্য শব্দসহ যুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে যথা,-গ্রামগামী ; দ্রুতগামী ; অগ্রগামী প্রভৃতি] ২। [গ্রাম=গাম] গ্রামবাসী।

গামুক (ক্) বি, গমনশীল ; গমনোদ্যত।

গাম্ভারি [সং—গাম্ভারিকা] বি, বৃক্ষবিশেষ ; উক্ত বৃক্ষজাত কাষ্ঠ। প্র—"মদনমূরতি সাধু ধনপতি বসিলা গাম্ভারি পীঠে।" —কবিক। [অপভ্রংশে] গামারি (শূন্যপুরাণ)।

গাম্ভীর্য্য (গাম্‌ভির্জ) [গম্ভীর+য (ভাবে —ষ্যণ্)] বি, স্ত্রী, অল্পে অধৈর্য্য না হওয়া ; গম্ভীরতা। ২। প্রগাঢ়তা। ৩। অচাপল্য ; অচাঞ্চল্য। ৪। বিকারহীনতা।

গায় (গায়) [গৈ (গান করা)+অ (ভাবে —ঘঞ্) গৈ=গা, য়—আগম] বি, পুং, গান করে ; গাহে। প্র—"বলিহারী তোমারি চরিত মনোহর গায় সকল জগতবাসী।" —সত্যেন্দ্রনাথ ঠাকুর।

গায়, গায়ে (য়) [সং—গাত্র—গাঅ] বিণ, অঙ্গ। প্র—"মানের দায়ে সেজে যোগী মেখেছি গায় ভস্মরাশি।" —গিরিশ। "গায়ে হাত দিয়া কথা কও নাহি বটে। শূলী নাম লোপ হেতু লাগিয়াছ হটে॥"—শিবায়ন। **গায়ে ফুঁ দিয়া বেড়ান**—বেড়াইবার কালে গায়ে ধুলা লাগিলে তাহা ফুৎকার দ্বারা অপসারিত করা। ২। যাহাতে অঙ্গে ধুলা লাগে এমন কাজ না করা ; মেহনত না করা ; কোন কার্য্যের ভার না লইয়া ফাঁকে ফাঁকে বেড়ান। **গায়ে হাত তোলা**—প্রহার করা। **গায়ে মাখা**—আপনার গায়ে পাতিয়া লওয়া ; অঙ্গীকার করা। ২। স্পর্শ করা ; মনোযোগ দেওয়া। **গায়ে গায়ে** —পাশাপাশি ; ঘেঁষাঘেঁষি। ২। পরস্পর আদান প্রদান না করার ভাব ; অর্থাৎ দেয় এবং প্রাপ্য কিছু থাকিলে তাহা না দেওয়া না লওয়া। প্র—গায়ে গায়ে শোধ।

গায়ক (ক্) [গৈ (গান করা) + অক (কর্তৃ, গৈ=গায়] বিণ, গাথক। ২। সঙ্গীতকারী যিনি সঙ্গীত দ্বারা লোকের মনোরঞ্জন করিতে পারেন। প্র—"নাচিছে নাটক গাইছে গায়ক রাগ তাল মান লয়।"—ভারতচন্দ্র।
স্ত্রী, গায়িকা, গায়কী [মাইকেল মধুসূদন দত্ত ব্যবহৃত]—সঙ্গীতকারিণী। প্র—"সকরুণে গাইছে গায়কী।"—মেঘনাদ।

গায়ত্রী, গায়ত্ত্রী (গায়ৎত্) [প্রা, গায়েত্রী, গাইত্রী; গায়ৎ (গানকারী) ত্রৈ (পালন করা) + অ—(কর্তৃ—ড) =গায়ত্র—ঈপ্—স্ত্রী, এই বেদমন্ত্র যে গান করে তাহাকে যে ত্রাণ করে; অথবা, গৈ + অ (ঘঞ্) = গায় (গান) তাহা দ্বারা যে ত্রাণ করে] বি, স্ত্রী, বেদমাতা; ত্রিপাদ মন্ত্রবিশেষ। ২। বৈদিক ছন্দোবিশেষ। ৩। ষড়ক্ষর ছন্দঃ।

গায়ন (গায়োন্) [গৈ (গান করা) + অন (কর্তৃ, শিল্পী অর্থে—অনট্)] বিণ, গায়ক সঙ্গীতকারী। প্র—"গায়নে বায়নে মা মাগি এই বর। অন্নে পূর্ণ কর ঘর গলে দেহ স্বর"—শিবায়ন। স্ত্রী, গায়নী—সঙ্গীতকারিণী।

গায়ব, গায়বি [ব্রজ। গাওয়া দ্রঃ] ক্রি, গাহিবে। প্র—"রজনী দিবস গুণ গায়বি মোর"—বিদ্যাপতি।

গায়েন, গাইন (ন্) [গান + ই, ইয়া = গানি = গাইন। হি—গাব্ইয়া] বি, যে গান করে; গায়ক; সাধারণতঃ যাহারা ভাগবত, চণ্ডী, রামায়ণ প্রভৃতি গান করিয়া থাকে প্র—গায়েন ঠাকুর। প্র—"তাল মান গানে উরগো গায়েনে বলি বেদস্তুতিমতে।"—কবিক

গায়েব (ব্) [আ—গয়েব্] বিণ, অদৃশ্য গুপ্ত।

গায়েবী [গায়েব (দ্রঃ) + ঈ (প্রচারার্থে) বিণ, গুপ্ত। প্র—গায়বী খুন।

গারড় (ড়্) [গাড়র দ্রঃ] বি, গাড়ল মেষ। প্র—"সিংহাসনে কিবা যুদ্ধ করিবে গাড়র"—কবিক।

গারদ (দ্) [ইং—guard.] বি, প্রহরিদল। ২। কারাগার। প্র—"কিন্তু সে ধরা পড়েছে। কাছারির গারদে কয়েদ আছে।" —কৃষ্ণকান্তের উইল। "তারা কোন অপরাধে এ দীর্ঘ মেয়াদে সংসার গারদে থাকি বল।" —নীলাম্বর মুখোপাধ্যায় (বাং-গান)। ৩। [আ—গায়্রৎ] লুণ্ঠন; নাশ।

গারস্ত [সং—গৃহস্থ শব্দের অপভ্রংশে প্রা-বাং—গারস্ত, আধু-বাং—গেরস্ত] বি, গৃহস্থ। প্র—"জতদূর ধম্মর ওঁকার জান। গারস্তের মহাপাপ দুরত পলান॥"—শূন্যপুরাণ।

গারা [হি] বি, কাদা।

গারি [হি—গারী। মৈ-বাং। হি—র = বাং—ল] বি, গালি; কটূক্তি। প্র—"হাসি দেই গারি"—বিদ্যাপতি। "সাধুবিনা হয় দোহার গারি।"—কবিক।

গারী [ঘর দ্রঃ] বি, ঘর; সংসার; গৃহস্থালী। প্র—"লুট হৈল ধন লণ্ডভণ্ড হৈল গারী।" —কবিক।

গারুড় (ড়্) [গরুড় + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, গরুড় সম্বন্ধীয়। ২। বি, ক্লী, সবুজবর্ণ রত্ন; মরকত মণি। ৩। স্বর্ণ। ৪। অস্ত্রবিশেষ। ৫। ব্যূহবিশেষ। ৬। পুরাণবিশেষ। ৭। সাপের বিষঝাড়া মন্ত্র।

গারুড়ি—বিণ, সর্পমন্ত্রজ্ঞ। ২। সর্প বশীকরণ মন্ত্র : বিষবৈদ্য [কাশী-মহা-বিরাট]।

গারুড়িক (ক্) [গরুড় (বিষমন্ত্র) + ইক (তৎ জ্ঞাতার্থে—ইকণ্)] বি, পুং, যাহারা বিষমন্ত্র জানে; বিষবৈদ্য; সাপুড়ে।

গারুত্মত (গারুৎমৎ) [গরুৎ + মতু অস্ত্যর্থে = গরুত্মৎ (গরুড়) + অ (ভবার্থে—অণ্)] বি, ক্লী, মরকতমণি। ২। গরুড়াস্ত্র।

গার্গি [গর্গ (মুনি) + ই (অপত্যার্থে—ইণ্)] বি, পুং, গর্গ-মুনির পুত্র। স্ত্রী, গার্গী—গর্গতনয়া।

গার্গ্য (গারগ) [গর্গ (মুনি) + য (অপত্যার্থে—যণ্)] বি, পুং, গর্গতনয়। ২। গর্গমুনিবংশীয়।

গার্জ্জেন্ [ইং—guardian.] বি, আদালত-গ্রাহ্য নাবালকের অভিভাবক।

গার্টার (র্) [ইং—garter. এই শব্দ বাঙ্গালায় চলিয়া গিয়াছে] বি, ফিতার বন্ধনী; মোজাবন্ধনী।

গার্দ্দভ (ভ্) [প্রা—গদ্ধব, গদ্ধোব। গর্দ্দভ + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, গর্দ্দভসম্বন্ধীয়। ২। বি, গর্দ্দভের শব্দ।

গার্দ্ধ্রপক্ষ (পো) [গৃধ্র (শকুনি) + অ (সম্বন্ধার্থে—অণ্) = গার্দ্ধ্র (গৃধ্র-সম্বন্ধীয়) —পক্ষ (পালক) আছে যাহাতে, বহু] বি, পুং, গৃধ্র পক্ষবৎ পক্ষযুক্ত বাণ।

গার্ভ [গর্ভ + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, গর্ভসম্বন্ধীয়। ২। গর্ভসম্বন্ধীয় সংস্কার; গর্ভাধান।

গার্ভিক (গার্ভিক্) [গর্ভ + ইক (সম্বন্ধে)] বিণ, গর্ভ-সম্বন্ধীয়।

গার্হপত্য (গার্হপোৎত) [গৃহপতি + য (সম্বন্ধার্থে—যণ্), গৃহ = গার্হ—পতি, ই লোপ] বি, পুং, সাগ্নিক গৃহস্থের যজ্ঞাগ্নি; যে অগ্নি সাগ্নিক গৃহস্থ আজীবন প্রজ্বলিত রাখে। ২। বিণ, গৃহপতি সম্বন্ধীয়।

গার্হমেধ (গার্হমেধ্) [গৃহমেধ (গৃহী) + অ (সম্বন্ধার্থে—অণ)] বিণ গৃহস্থোচিত; গৃহস্থের অনুষ্ঠেয়। ২। বি, পুং, গৃহস্থদিগের কর্ত্তব্য বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, পিতৃতর্পণ, ভূতবলি ও অতিথিপূজা এই পাঁচ প্রকার যজ্ঞরূপ কর্ম্ম।

গার্হস্থ, গার্হস্থ্য (গার্হস্থ) [গৃহস্থ + অ (সম্বন্ধার্থে—অণ্ ও যণ্), গৃহ = গার্হ] বি, পুং, গৃহস্থাশ্রম; দ্বিতীয় আশ্রম; গৃহীর কর্ত্তব্য কার্য্য; গৃহিধর্ম্ম। ২। বিণ, গৃহী-সম্বন্ধীয়।

গাল (ল্) [গণ্ড শব্দজ] বি, কপোল; গণ্ডদেশ। ২। মিথ্যা; কপোলকল্পিত; অসত্য। প্র—"জোয়াচোর বেটার সকল কথা গাল।"—ঘনরাম। বিণ, গেলো—মিথ্যাবাদী। ৩। গালি; গালাগাল; কটুবাক্য; কটূক্তি। ক্রি, গালানো—[গ্রা] গালি দেওয়া; কটূক্তি করা। —তাহাকে গালিয়ে শীলিয়ে এক কল্লে। গালগল্প—কথাবার্ত্তা; অলীক গল্প; খোসগল্প। প্র—"কর্ত্তাদের গালগল্প গুড়ুক টানিয়া"—ঈশ্বর গুপ্ত। "হয়ত মিথ্যা গালগল্প কিম্বা দলাদলির ঘোঁট"—টেকচাঁদ।

গালন (ন্) [গালি (ক্ষরান) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ছাঁকা; ক্ষরণ-করান। ২। গলান। ৩। [রাসাঃ—পরিঃ] চুয়ান; filtration; filter. বিণ, গালিত দ্রঃ।

গালব (ব্) বি, পুং, লোধ্র বৃক্ষ; শ্বেত লোধ। ২। গাব গাছ; তিন্দুক। ৩। মণিবিশেষ [পরি দ্রঃ]।

গালব (ব্) বি, পুং, স্বনামপ্রসিদ্ধ ঋষি।

গালবাদ্য (গালবাদ্দ) [গাল দ্বারা বাদ্য, ৩ তৎ, কিম্বা গালের বাদ্য, ৬ তৎ] বি, ক্লী, মুখদ্বারা বম্ বম্ শব্দ করার নাম গালবাদ্য; এই বাদ্য মহাদেবের অতি প্রিয়। প্র—"শৌনকাদি ঋষিগণ পূজা করে ত্রিলোচন গালবাদ্যে বিল্বপত্র দিয়া।"

গালা—বি, লাক্ষা; লা।

গালা—ক্রি, গলাইয়া ফেলা। ২। ক্ষত করা। ৩। বাহির করিয়া দেওয়া। প্র—জল গালা। ভাতের ফেন গালা। ফোড়া গালা (অর্থাৎ স্ফোটকের ভিতরস্থ রস রক্ত-পূযাদি নিঃসারিত করা)। ৪। বিদ্ধ করা; অঙ্গুলির অগ্রভাগ বা সূক্ষ্মমুখ দণ্ডাদি প্রবিষ্ট করা। প্র—মাছের চোক গালা।

গালান (নো) ক্রি, তরল করা; দ্রব করা। প্র—সোণা গালান। ২। গালি দেওয়া। ৩। বিণ, যাহা দ্রব করা হইয়াছে।

গালি, গালী—বি, কটু বাক্য। ২। শাপ; অভিসম্পাত। গালিগালাজ—(জ্)—গালাগালি; কটুকাটব্য। গালাগালি—বি, কটুবাক্য প্রয়োগ। ২। অশ্লীল কথা।

গালিচা [ফা—কালীচা] বি. মেষাদি লোম নির্ম্মিত আসন ; কম্বলবিশেষ। ২। শয্যা-বিশেষ ; কালিন্।

গালিত [গল্+ণিচ=গালি (ক্ষরান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা গলান হইয়াছে তরলীকৃত ; দ্রবীকৃত। ২। [রাসাঃ—পরিঃ চুয়ান ; filtered. **বস্ত্র-গালিত**—বস্ত্র মধ্য দিয়া পরিস্রুত ; filtered through cloths

গালিনী [সং—তন্ত্রে] বি. স্ত্রী. মুদ্রাবিশেষ

গালিম (ম্) [আ—গালিম্] বি. শত্রু ; অরি

গালোড়িত বিণ. উন্মত্ত। ২। নির্ব্বোধ ৩। রোগপীড়িত।

গাহ—গহ দ্রঃ।

গাহক (ক্) [গ্রাহক শব্দজ] বি. গ্রাহক ; গ্রহীতা। প্র—"বিদ্যাপতি-পতি ওরস গাহক' —বিদ্যাপতি। ২। ক্রেতা ; খরিদার। স্ত্রী—**গাহকী**। প্র—"দোকানে দোকান মেলিল তথন দেখিয়া গাহকীগণ।"—চণ্ডীদাস।

গাহন (গাহোন্) [গাহ্ (বিলোড়ন করা)+অন (ট্) ভাবে] বি. ক্লী. বিলোড়ন। ২। [গাহ্=স্নান করা] মজ্জন ; জল প্রবেশ ; স্নান। প্র—"যদি গাহন করিতে চাহ এস নেমে এস হেথা গহন তলে।"—রবি।

গাহনা—গাওনা দ্রঃ।

গাহা [প্রাদে] বি. সুপারির সংখ্যা ; ১০টা সুপারিতে এক গাহা হয়। প্র—"গাহা দুই গুয়া নিল আপনার তরে"—কবিক। [দ্র—স্থানভেদে গাহা স্থলে "খা" ও বলে] ২। [গ্রা] গান করা ; গাওয়া।

গাহিত [গাহ্ (বিলোড়ন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যে জলে প্রবেশ করিয়াছে ; স্নাত ; বিলোড়িত ; নিমগ্ন।

গাহিল [প্রাদে] ক্রি. মেরামত করিল (যেমন নৌকা গাহিল) ২। গান করিল। প্র—"মৃদু বহিল সমীর, গাহিল অধীর কোকিল, অখিল মোহিয়া"। —বিজয় মজুমদার।

গিআন (ন্) [গেআন দ্রঃ। প্রা-বাং। সং —জ্ঞান শব্দের প্রাকৃ. উচ্চারণে] বি. জ্ঞান ; বোধ। প্র—"হাসিয়া জেদিকে চাএ ত্রিভুবন মোহে তায় সুরপতি হরয়ে গিআন।" —শূন্যপুরাণ।

গিঁটে [সং—গ্রন্থি হইতে গিঁটা, গিঁটে, গাঁইট] বি. গ্রন্থি ; অস্থি সংযোগস্থান ; গাঁট। প্র—"লিখে লিখে ব্যথা হলো আঙ্গুল গুলার গিঁটে।"—দ্বিজেন্দ্র রায়। ২। বিণ. গাঁইটা ; গাঁটযুক্ত।

গিঁঠা [সং—গ্রন্থি হইতে। হি—গিঠা] বি. গ্রন্থি ; গাঁইট ; গাঁট। প্র—"স্থলে জলে আমি হাজার বাঁধনে বাঁধা যে গিঁঠাতে গিঁঠাতে।" —রবি। ২। ফাঁস ; গেরো ; বন্ধনী।

গিজগিজ (জ্, জ্) [শব্দাত্মক। বহুলোকের সমাবেশে ঘেঁষাঘেঁষি হেতু গুঞ্জন। আধিবে **গজ্গজ্**। মৃদু অর্থে- গিজগিজ, মৃদু-তর এবং বিরলতা অর্থে—**গুজগুজ** (অল্প লোকের মৃদুগুঞ্জন)] অ. জনতা। ২। বঃ প্রাণীর একত্র সমাবেশ। [দ্রঃ—জীবজন্তুর সমাবেশে সাধারণতঃ গিজগিজ। মনুষ্যের জনতা অর্থে গিস্গিস্]।

[ফা—গুঞ্জান্=ঘনতা। গ্রা—ঘেঞ্জি বিণ. ঘন ; ঘেঁষঘেঁষ। ২। সংকীর্ণ।

গিটকিরি, রী [হি—গিট্কারী, গিট্কিরী গলার খ খ বা গির্গির্ (হি—গির্গিরী) শব্দের অনুকরণে] বি. সুরে মনোহারিত্ব সম্পাদনার্থে একাধিক সুরের আশ সহকৃত দ্রুতোচ্চারণ। গিটকিরি দ্বিবিধ—সাদা ও সগমক।

গিধিনী [সং—"গৃধিনী"র কোমলরূপ। গ্রা] বি. স্ত্রী. গৃধিনী। প্র—"গিধিনী শ্রবণ।"—বি. প। পুং. গৃধ্র (দ্রঃ)। তুল—হি, গিধ।

গিনি [ইং—guinea] বি. ইংলণ্ডে প্রচলিত ২১ শিলিং মূল্যের স্বর্ণমুদ্রা ; বর্ত্তমান ভারতে প্রচলিত ১৫ টাকা মূল্যের স্বর্ণমুদ্রা। **গিনিসোণা**—প্রচলিত গিনিমুদ্রার যেরূপ সোণা।

গিন্নম (গিন্নোমো) ["গৃহিণীর মত"—সংক্ষেপে গিন্নম। প্রাদে] বি. পাকাম ; অল্পবয়স্ক বালিকা যদি বৃদ্ধার মতন কথা ব্যবহার করে তাহাকেই লোকে গিন্নম বলে।

গিন্নি, ন্নী [সং—গৃহিণী। গ্রা] বি. স্ত্রী. ভার্য্যা ; কর্ত্রী ; গৃহিণী। প্র—"হইবি গিন্নি ব্যঞ্জন বাঁটিবি না ছুঁইবি হাঁড়ী।"—চণ্ডীদাস। প্র—"গিন্নীর হারিয়ে গেছে চাবি।"—দ্বিজেন্দ্র রায়।

গিন্নিপনা, গিন্নীপনা (গিন্নিপোনা) [সং—গৃহিণী+পনা (শীলার্থে)। চ. গিন্নেপনা, গিন্নীত্বও বলে] বি. কর্ত্রীর ব্যবহার। ২। পাকামি।

গিন্নিবান্নি, গিন্নীবান্নী [গিন্নী (গৃহিণী)+বান্নি ("বার্ণি"+বর্ণিনী=ব্রহ্মচারিণী তাহা হইতে মান্যা "মান্নি"ও বলে) এই অর্থে সহচর শব্দ] বি. স্ত্রী. বধূগণের মান্যা গৃহিণী।

গিমা—বি. ক্ষুদ্র তিক্তাস্বাদ শাকবিশেষ ; erythraea roxburghii.

গিয়া [সং—গম্ (গমন করা) বাঙ্গালায় এই ধাতুর কোন কোন বিভক্তি প্রচলিত। উ-পু —গেলাম ; গেলুম ; গেনু ; গিয়াছি ; গিয়া-ছিলাম ; গিয়াছিনু। ম-পু—গেলে ; গেলেন ; গেলি ; গিয়াছিলে ; গিয়াছিলেন ; গিয়াছিলি ; এবং সংক্ষেপে—গেছলে ; গেছলেন ; গেছ্লি। প্র-পু—গেল ; গেলা (ব্রজ—গেলি) গেলেন ; গিয়াছে ; গেছে ; গিয়াছিল ; গেছিল ; গিয়াছেন ; গেছেন ; গিয়াছিলেন ; গেছলেন। অস-ক্রি. গিয়া ; গে] ক্রি. গমন করা ; যাওয়া। প্র—"সবে উপায়ন দিয়া উমাপুত্রে দেখে গিয়া শনিমাত্র আসে নাই ডরে।"—শিবায়ন।

গিরগিটী (গির্গিটী) [হি—গির্গট্] টিক্-টিকী অপেক্ষা বড় জন্তুবিশেষ ; ইহার দেহের বর্ণ ক্ষণে ক্ষণে পরিবর্ত্তন হয় বলিয়া ইহাকে বহুরূপীও বলে।

গিরা [সং—গ্রন্থি শব্দজ] বি. গ্রন্থি ; গাঁইট। প্র—"মনের গিরা দেরে কেটে।"—রাম প্রসাদ। "গাড়িয়া বসিল শংখ গলে নাই গিরা।"—শিবায়ন। ২। [ফা] একগজ কাপড়ের ষোড়শাংশের এক অংশ।

গিরি [গৄ (গ্রাস করা+ই (কর্ত্তৃ—কি) ঋ=ইর্=গির্+ই=গিরি। যে পৃথিবীকে গ্রাস করিয়াছে] বি. পুং. পর্ব্বত। ২। পার্ব্বতীর পিতা। প্র—"গিরি তুমি যে অগতি বুঝে না পার্ব্বতী, প্রসূতির অখ্যাতি জগন্ময়॥" —রাম বসু (বাং-গান)। ৩। পরিব্রাজকদিগের উপাধিবিশেষ ; সন্ন্যাসিবিশেষ। দ্রঃ—"যে সর্ব্বদা উর্দ্ধবাহু উন্মুক্তকেশ ও উলঙ্গ অবস্থায় থাকে, যাহার সকল প্রাণীতেই সমভাব এবং নারীগণকে ইষ্টদেবীজ্ঞানে সমাদর করে, তাহারাই সন্ন্যাসীর মধ্যে গিরি"। ৪। পারদ দোষবিশেষ। ৫। ভাঁটা। ৬। গেণ্ডুক। ৭। বালমূষিক ; ছোট ইন্দুর। ৮। চক্ষু-রোগবিশেষ। ৯। [ই—(ভাবে—কি)] ভক্ষণ ; ভোজন। [অপ্র]।

গিরি [ফা—গর্ (কর্ত্তা অর্থে) গরী (কর্ম্মধা—শীলার্থে) তুল—কারীগর, কারীগরী। বাং গরী হইতে গিরি। গিরিফ্তন্=ধারণ করা, অবলম্বন করা] বি. বাং প্রত্যয়বিশেষ ; ব্যবসায় বা কার্য্য অবলম্বন করা অর্থে যুক্ত হয়। প্র—বাবুগিরি ; কেরাণীগিরি ; মুটেগিরি।

গিরিকদলী—বি. স্ত্রী. বনকদল ; ডইরে কলা। ২। পার্ব্বত্য কদলী বৃক্ষ। ৩। পাহাড়ী কলা।

গিরিকর্ণিকা (কো) [গিরি (পর্ব্বত) কর্ণ +ক (অস্ত্যর্থে) আপ্—স্ত্রী, ই আগম, গিরি (পর্ব্বত) হইয়াছে কর্ণ সদৃশ যাহার, বহু] বি. স্ত্রী. পৃথিবী। ২। শাদা অপরাজিতা ফুল ও লতা।

গিরিকর্ণী (কো) [গিরি (বালমূষিক) কর্ণ—ঈপ্, স্ত্রী—মূষিককর্ণের মত যাহার পাতা] বি. স্ত্রী. কৃষ্ণ অপরাজিতা। ২। রাখালশশা।

গিরিকা [গিরি+ক (স্বার্থে) আপ্—স্ত্রী] বি. স্ত্রী. বালমূষিক ; নেংটি ইঁদুর। ২। বসু রাজার পত্নী।

গিরিকুমারী [গিরি (পর্ব্বতরাজ হিমালয়, তাঁহার) কুমারী (কন্যা)] বি. স্ত্রী. গিরি-নন্দিনী ; উমা ; পার্ব্বতী। প্র—"শ্মশানে কেন মা গিরিকুমারী।"—গান।

গিরিচর (র্) [গিরি (পর্ব্বত) চর্ (বিচরণ করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, যাহারা গিরিতে বিচরণ করে; পর্ব্বতভ্রমণকারী। ২। রুদ্রবিশেষ। ৩। তস্কর।

গিরিজ [গিরি (পর্ব্বত) জ (জাত। জন্—জন্মান)+অ (কর্ত্তৃ—ড) ন—লোপ, উপপদ] বি, পুং, শিলাজতু। ২। লোহ। ৩। গৈরিক। ৪। অভ্র। ৫। রক্তকাঞ্চন বৃক্ষ। ৬। বিণ, যাহা গিরিতে জন্মে; পর্ব্বতজ; শৈলজ।

গিরিজা [গিরি (হিমালয় পর্ব্বত) জা—জন্+অ (কর্ত্তৃ—ড)—আপ্, স্ত্রী-হিমালয়ে জাতা, উপপদ] বি, স্ত্রী, গৌরী; পার্ব্বতী; উমা। প্র—"—শিব পাবকযুত ভাল বামবিভাগে গিরিজা তবরূপ অতি ললিত।"—হেম বন্দ্যো। ২। শিলাজতু। ৩। হরীতকী। ৪। পাষাণভেদী লতা; শিলফোড়। ৫। কাঠ বা গিরি মল্লিকা। ৬। গিরিকদলী।

গিরিজা [পর্ত্তু—egreja] বি, খৃষ্টান উপাসনা মন্দির; গির্জ্জা (দ্রঃ); church. প্র —"সঙ্গে সঙ্গে ছুটে যাই গিরিজার ঘরে।" —ঈশ্বর গুপ্ত।

গিরিজাকুমার, তনয়, নন্দন (র্, য়্, ন্) [গিরিজা (পার্ব্বতী) তাহার—কুমার, তনয়, নন্দন (পুত্র) ৬তৎ] বি, পুং, পার্ব্বতীসুত; গণেশ; কার্ত্তিকেয়।

গিরিজাপতি [গিরিজার পতি—৬তৎ] বি, পুং, শিব। প্র—"জয় দেব জয় দেব জয় গিরিজাপতি শিব, গিরিজাপতি দাসে পালহ নিত্য" —হেম বন্দ্যো।

গিরিজায়া [গিরি (র্) জায়া] বি, স্ত্রী, হিমালয়পত্নী মেনকা; উমাজননী। প্র— "'এলি কিরে উমা! হৃদয় রতন—' বলি গিরিজায়া ডাকে ঘন ঘন।"—মানসকানন কাব্য।

গিরিদুর্গ [গিরি (পর্ব্বত) রূপ দুর্গ (কর্ম্মধা)] বি, ক্লী, পর্ব্বতের উপর নির্ম্মিত দুর্গ; পার্ব্বত্যদুর্গ; গড়।

গিরিধাতু [গিরিজাত ধাতু] বি, ক্লী, উপধাতু; গিরিমাটী; গৈরিক।

গিরিন (ন্) [ইং—green] বি, সবুজরঙ্গ।

গিরিনন্দিনী (—নোন্দিনী) [গিরির (হিমালয়ের) নন্দিনী (সমৃদ্ধি বা আনন্দদায়িনী) ৬তৎ] বি, স্ত্রী, গঙ্গা। ২। নদী। ৩। গিরিতনয়া পার্ব্বতী।

গিরিপ্রিয়া [গিরির (পর্ব্বতের) প্রিয়া, ৬তৎ, কিম্বা গিরি (পর্ব্বত) হইয়াছে প্রিয় (মনোজ্ঞ বাসস্থান) যাহাদের, বহু] বি, স্ত্রী, চমরী মৃগী।

গিরিফ্‌তার (র্) [ফা—গিরিফ্‌তার] বিণ, রাজদ্বারে বিচার বা দণ্ডপ্রাপ্তিহেতু পুলিশকর্ত্তৃক ধৃত।

গিরিফ্‌তারি [ফা—গিরিফ্‌তারী] বি, রাজদ্বারে বিচার বা দণ্ডপ্রাপ্তির জন্য পুলিশকর্ত্তৃক অপরাধীকে ধৃতকরণ। **গিরিফ্‌তারি পরোয়ানা**—অপরাধীকে ধৃত করিবার জন্য আদালতের হুকুম বা আদেশপত্র।

গিরিবর (র্) [গিরির (পর্ব্বতের) বর (প্রধান) ৬তৎ] বি, পুং, হিমালয় পর্ব্বত। ২। পার্ব্বতীর পিতা হিমালয়। প্র— "গৌরীর গন্ধাধিবাস করে গিরিবর।"—শিবায়ন।

গিরিবালা [গিরি (হিমালয়) বালা (কন্যা)—৬তৎ] বি, স্ত্রী, হিমালয় কন্যা উমা; পার্ব্বতী। প্র—"লও তুলি মাথে বরণের ডালা; গিরিবালা আজি আসিছে ঘরে।"—মানসকানন কাব্য।

গিরিবাসী (শি) [গিরি (পর্ব্বত) তাহাতে—বস্ (বাস করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)= গিরিবাসিন্—১মা, ১ব] বিণ, পর্ব্বতবাসী; পাহাড়ী। স্ত্রী, **গিরিবাসিনী**।

গিরিব্রজ (গিরিব্‌ব্রোজো) বি, ক্লী, বেহারের অন্তর্গত প্রাচীন প্রসিদ্ধ নগরবিশেষ (পরিঃ দ্রঃ)।

গিরিভূ [গিরি (হিমালয়) হইতে ভূ (উৎপন্ন) কিম্বা (ভূ+ক্বিপ্—অপা) গিরি হইয়াছে ভূ (উৎপত্তিস্থান) যাহাদের—বহু] বি, স্ত্রী, পর্ব্বতজাত; গঙ্গা প্রভৃতি নদী। ২। পার্ব্বতী। ৩। উপলখণ্ড।

গিরিমল্লিকা (মো) [গিরি (পর্ব্বত) তথায় জাত মল্লী (বেলফুল) ক (সাদৃশ্যে) আপ, স্ত্রী] বি, স্ত্রী, কুড়চি গাছ।

গিরিমেণ্ট [ইং—agreement. গ্রা, রূপ আদা—পরিঃ] বি, রাজীনামা। ২। অঙ্গীকারপত্র।

গিরিয়াল (ল্) [গিরি—বাল (হি)] বি, পর্ব্বতত্ব; পর্ব্বতের আধিপত্য। প্র—"তোমা ঝি হৈতে মোর মজিল গিরিয়াল। ঘরে জামাই রাখিয়া পুষিব কত কাল॥"—কবিক।

গিরিরাজ (জ্) [গিরির (পর্ব্বতের) রাজা (প্রধান) ৬তৎ] বি, পুং, পর্ব্বতপতি; হিমালয়। প্র—"গা তোল মেনকা! উঠ গিরিরাজ। ঘরে এল তারা,—হারানিধি আজ॥' —মানসকানন কাব্য।

গিরিরাণী [গিরি (তাহার) রাণী] বি, স্ত্রী, হিমালয়পত্নী মেনকা; উমাজননী। প্র— "হের নগেশ্বর!—উঠ গিরিরাণি! কোলে এল তব কোলের ঈশানী."—মানসকানন কাব্য।

গিরিশ (শ্) [গিরি (কৈলাস পর্ব্বত) তাহাতে—শ—শী (শয়ন করা)+অ (কর্ত্তৃ—ড) ঈ—লোপ। যে কৈলাস পর্ব্বতে শয়ন করে, কিম্বা, গিরি—শ (অস্ত্যর্থে) কৈলাস রূপ বাসস্থান আছে যাহার] বি, পুং, মহাদেব; শিব।

গিরিশৃঙ্গ [গিরির (পর্ব্বতের)—শৃঙ্গ (চূড়া) ৬তৎ] বি, পুং, পর্ব্বতশিখর; শৈলচূড়া।

গিরিখি, গিরীষি [গ্রা—কথ্য ও প্রা-বৈ পদাবলীতে। গ্রীষ্ম শব্দের কোমলরূপ] বি, গ্রীষ্ম ঋতু; গরমি কাল। প্র—"শীতের ওঢ়নী পিয়া গিরীষির বা"—বিদ্যাপতি।

গিরিসঙ্কট (শংকট্) [গিরির সঙ্কট (নিম্নভূমি) ৬তৎ] বি, পর্ব্বত মধ্যস্থ সঙ্কীর্ণ নিম্নভূমি; mountain pass.

গিরিসার (শার্) [গিরির (পর্ব্বতের) সার (শ্রেষ্ঠ) ৬তৎ] বি, পুং, মলয়পর্ব্বত। ২। [সার—সারাংশ] লোহ। ৩। রঙ্গ; রাঙ। ৪। টিন।

গিরিসুত (শুত) [গিরির (হিমালয়ের) সুত (পুত্র) ৬তৎ] বি, পুং, মৈনাকপর্ব্বত। স্ত্রী, **গিরিসুতা**—পর্ব্বতকন্যা; উমা।

গিরীন্দ্র [গিরির (পর্ব্বতের) মধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ) ৬তৎ] বি, পুং, পর্ব্বতপ্রধান; হিমালয়। প্র— "যেখানে যা সাজে যত ভাঙ্গিয়া ভাণ্ডার। গিরীন্দ্র গৌরীর গায়ে দিল অলঙ্কার।"— শিবায়ন।

গিরীশ (শ্) [গিরির (পর্ব্বতের) ঈশ (স্বামী) ৬তৎ] বি, পুং, শিব; মহাদেব। ২। পর্ব্বতপ্রধান; হিমালয়। ৩। গির্ (বাক্য) তাহার ঈশ (পতি) বাচস্পতি; বৃহস্পতি।

গির্জ্জা [চ—গিরৃজে। পর্ত্তু—igreja, egreja] বি, খৃষ্টোপাসকদিগের উপাসনা-মন্দির বা ভজনালয়। প্র—"মসজিদে গির্জ্জায় গেলে কভু নাহি মুক্তি মেলে"—গোবিন্দদাস।

গির্দ্দা [ফা—গির্দ বালিশ (গোলগাল বালিশ) হইতে। গির্দা (গোল কার্পেট) যাহা হুঁকা বসাইবার আধারের মুখে পাতা হয়। গির্দ (গোল)] বি, ঠেসান দিয়া বসিবার বড় গোল বালিশ।

গির্‌বি [হি—গিরবী, গিরো; ফা—গির্‌বী= বন্ধকী জিনিস] বি, বন্ধক দান; জিনিসপত্র বাঁধা রাখার ব্যাপার।

গিল (গিল্) [গৃ (গ্রাস করা)+অ (কর্ত্তৃ—ক) ঋ=ইর্=গির—র=ল] বিণ, গ্রাসক। গ্রাসকারী। বাঙ্গালায় অন্য শব্দে যুক্ত হইয়া অর্থ প্রকাশ করে। প্র—তিমিঙ্গিল।

গিলন (গিলোন, গ্রা, গেলোন্) [গৃ+অন (ভাবে—অনট্) নিপাতনে ঋ=ইর্-র=ল। (কিম্বা সৌত্র গিল্ ধাতু)] বি, ক্লী, গ্রাসকরণ; গলাধঃকরণ; গিলিয়া ফেলন।

গিলা, গেলা [গিল দ্রঃ। উ, পু—গিলি। ম,পু—গিল; গিলুন; গেল্। প্র-পু—গিলে, গেলে; গিলেন, গেলেন। অস-ক্রি;— গিলিতে; গিলিয়া, গিলে; গিলিবার।

গিজন্ত—গিলান, গেলান] ক্রি, গলাধঃকরণ করা ; না চিবাইয়া উদরস্থ করণ। প্র—"সরল বালিকা পেলে নাহি গিলে খায়"—কুসুম। ২। [অনাদরে] আহার করা।

গিলটি, গিল্টি (ল্) [ইং—gilt. হি—গিলট্ ; গিল্টী] বিণ, দোষী। ২। গিল্টিকরা ; সোনার হল্ করা ; অলঙ্কৃত। প্র—"মারবেল মারা গিল্টি হলে একবার দেখ চেয়ে।"—হেম-বন্দ্যো। ৩। [গ্রন্থি] বি, গ্রন্থিস্ফীতি। ৪। ফোড়ায় পূঁয বসিয়া কঠিনতা-প্রাপ্ত স্থান।

গিলিত [গিল্ (গ্রাস করা) + ত (কর্ম্মে, ক্ত) ই আগম] বিণ, ভক্ষিত; গলাধঃকৃত।

গিলে—বি, লতা-ফল-বিশেষ, বীজ চেপ্টা, মসৃণ।

গিস্‌গিস্ (গিশ্‌গিশ্) [গস্‌গস্ দ্রঃ। শব্দাত্মক] বি, বহুলোকের সমাগমজনিত বস্ত্রাদির ঘর্ষণ ও চলাফেরার শব্দ। বিণ, **গিসগিসা, গিসগিসে**।

গী [সং—গির্] বি, বাণী ; বাক্য ; ভাষা।

গীত (গীত্) [গৈ (গান করা) + ত (ভাবে, ক্ত)] বি, ক্লী, স্বর-তাল-লয়যুক্ত কণ্ঠধ্বনি ; গান ; সঙ্গীত।

গীত [গৈ + ত (কর্ম্মে)] বিণ, যাহা গান করা হইয়াছে। ২। কথিত ; রচিত। ৩। উচ্চারিত।

গীতগোবিন্দ (ন্দ্) বি, পুং, কবি জয়দেব-কৃত সুললিত ছন্দে রচিত কৃষ্ণলীলাবিষয়ক গীতিকাব্য।

গীতজ্ঞ (গীতোগ্‌গোঁ) [গীত—জ্ঞ (যে জানে)] বিণ, সঙ্গীত বিদ্যায় যাহার অধিকার আছে ; গাইয়ে। ২। সঙ্গীতের মর্ম্মজ্ঞ।

গীতপ্রিয় [গীত (গান) প্রিয় হইয়াছে যাহার—বহু] বিণ, যে গান শুনিতে বা গাহিতে ভালবাসে ; সঙ্গীতাসক্ত ; গীতানুরক্ত।

গীতবাদ্য (গীত্‌বাদ্‌দ) [গীত ও বাদ্য] বি, গানবাজনা।

গীতশাস্ত্র (গীত্‌শাশ্‌ত্র) বি, সঙ্গীতবিদ্যা ; সঙ্গীতবিজ্ঞান।

গীতা [গীত দ্রঃ] বি, গীত ; গাথা। ২। কুরুক্ষেত্র সমরে শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে যে সকল উপদেশ দিয়াছিলেন তদবলম্বনে ব্যাসদেব কর্ত্তৃক রচিত ভগবদ্গীতা নামক কবিতা।

গীতা [গৈ (গান করা) + ত (কর্ম্মে—ক্ত) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, ভগবান ও ভক্ত অথবা গুরুশিষ্যের প্রশ্নোত্তরচ্ছলে আত্মবিদ্যার উপদেশ সম্বলিত গ্রন্থ। ভগবদ্গীতা, রামগীতা, শিবগীতা, গুরুগীতা, ভীষ্মগীতা ইত্যাদি বহুবিধ গীতা আছে। ২। কুরুক্ষেত্র সমরস্থলে অর্জ্জুনের প্রতি শ্রীকৃষ্ণোক্ত যোগোপদেশমূলক গ্রন্থ ; শ্রীমদ্ভগবদ্গীতা।

গীতায়ন (ন্) বি, ক্লী, গীতসাধন বেণু মৃদঙ্গাদি, অর্থাৎ যাহা দ্বারা গীতের বিস্তার হয় [বিরল]।

গীতি [গৈ (গান করা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সঙ্গীত। ২। গীতি নামক ছন্দ।

গীতিকবিতা (কো) [গীতির (গানের) কবিতা কিম্বা গানরূপ কবিতা] বি, গীতিচ্ছন্দে রচিত পদ্য ; বিদ্যাপতি, চণ্ডীদাস প্রভৃতির পদাবলী।

গীতিকা [গীতি—ক (তুল্যার্থে)—আপ্, স্ত্রী] বি, স্ত্রী, গীতিতুল্য গাথা। ২। গান। ৩। বিংশতি অক্ষরাত্মক বৃত্তি।

গীতী [গীত + ইন্ (জ্ঞাতার্থে) = গীতিন্ ১মা, ১ব] বিণ, গায়ক। প্র—"সকরুণ গীতে গীতী গাইছে কাঁদিয়া রক্ষোদুঃখ।"—মেঘনাদ।

গীম (ম্) [গ্রীবা শব্দজ। মৈ—বাং] বি, গ্রীবা ; ঘাড় ; গলা। প্র—"বঙ্কিম গীম অমিয় ঠিম বোল। কাঞ্চন-কুণ্ডল গণ্ড-হিল্লোল॥" —গোবিন্দদাস। "গীমকহার"—বিদ্যাপতি।

গীর্ণ [গৄ (শব্দ করা—গ্রাস করা) + ত (কর্ম্মে—ক্ত)—ঋ = ঈর্ = গীর্ণ] বিণ, কথিত ; বর্ণিত। ২। ভক্ষিত ; গিলিত ; গলাধঃকৃত।

গীর্ব্বাণ (ন্) [গীঃ (বাক্য) হইয়াছে বাণ (শর) যাহার—বহু, যাঁহাদের বাক্যই কার্য্য সমাধানের অস্ত্র] বি, পুং, দেবতা] প্র—"জ্ঞানদাতা গঙ্গাধর গীর্ব্বাণের গুরু। বিশ্ববীজ বিশ্বনাথ বাঞ্ছাকল্পতরু॥"—শিবায়ন।

গীর্ব্বাণবাণী—দৈববাণী। ২। দেবভাষা ; সংস্কৃত ভাষা। **গীর্ব্বাণ-কুসুম**—লবঙ্গ।

গীষ্পতি (গীষ্‌পোতি) [গীর্পতি, গীঃপতি শব্দ সংস্কৃতে প্রচলিত ; বাঙ্গালায় বিরল। গির্ = গীষ্ (তাহার) পতি, ৬তৎ] বি, পুং, দেবতাদিগের গুরু বৃহস্পতি। ২। মহাপণ্ডিত।

গু, গূ [সং—গূ (মলত্যাগ করা)] বি, পুরীষ ; বিষ্ঠা ; মল।

গু-কুড়—বিষ্ঠাকুণ্ড ; যে স্থানে বিষ্ঠার ছড়াছড়ি : বিষ্ঠাময় স্থান। **গু করা, গু করে দেওয়া**—কাহার দোষ কীর্ত্তন এবং তাহার অপমান ও লজ্জার কথা প্রকাশ করিয়া লোক চক্ষে ঘৃণিত করা ; হীন করা। **গুয়ের অধম করে দেওয়া**—অত্যন্ত বিনীত করা ; লজ্জায় নির্ব্বাক করা ও লোকের কাছে মাথা হেঁট করান। **গু কাটা**—মল ধৌত করা ; গু মুক্ত করা। **গুখেকো, গু খোর** [হি—গু খান্না] বিষ্ঠাখাদক (স্ত্রী, গু খাকী) ; গালি ; গু খেকোর বা গু খোরের (সংক্ষেপে গু খোর—গুওর = গোর) বেটা—গুখাদকের পুত্র, পিতাপুত্রকে যুগপৎ গালি। **গায়ে গু মাখলে যমে ছাড়ে না**—শরীর অপবিত্র বস্তুতে ঢাকিলে মৃত্যু বা যমের হাত এড়ান যায় না। তদ্রূপ অপরাধ করিয়া রাজদ্বারে দণ্ডলাভের হাত হইতে এড়ান শক্ত ; ওজর আপত্তি খাটে না। ২। অদৃষ্টফল অখণ্ডনীয়। **গুয়ে বসাইয়া দেওয়া**—অত্যন্ত অপ্রস্তুত ও হীন করা ; অধম করা। **ভাতে হাত দিতে গুয়ে হাত দেওয়া**—ভাল লইতে হস্ত প্রসারণ করিয়া মন্দ গ্রহণ করা ; [illegible]ষ জ্ঞাপক। **গু কপাল**—অত্যন্ত দুরদৃষ্ট। স্ত্রী, **গু কপালী**—যে নারীর কপাল অতি মন্দ ; স্বামী পুত্র হীনা নারীর খেদোক্তি। **গুয়ের গোগ্‌লা**—অতিশিশু; যে গুমাখিয়া থাকিলেও বুঝিতে পারে না। **গু মুত ঘাঁটা**—শিশুর মল মূত্র পরিষ্কার করা, তাহা হইতে পালন করা ; মানুষ করা ; ২। রোগীর সেবা করা। **গুয়ে মুতে এক করা**—মল-মূত্র এককালে ত্যাগ করায় তাহা বহুদূর বিস্তৃত হইয়া সমস্ত স্পর্শ করিয়া এক শ্রেণীভুক্ত অর্থাৎ অপবিত্র করা। **গুয়ে মুখে হয়ে থাকা**—সেবা করিবার লোকাভাবে অসময়ে শয্যায় মলমূত্র ত্যাগ করিয়া সেই স্থানেই পড়িয়া থাকা। **গুয়ে গোবরে** [সহচর শব্দদ্বয়] অত্যন্ত অপরিষ্কার অবস্থায়। **গু ঘাঁটা**—বিষ্ঠা হাত দিয়া নাড়া ; পাগলের কার্য্য। **গুখোরি, গুখুরি** [গু—খোর + ই (ভাবে)] বিষ্ঠা ভোজনের ন্যায় জঘন্যকার্য্য ; ক্ষোভের কার্য্য ; ঝকমারি।

গুআ [সং—গুবাক। সংক্ষেপে] বি, গুবাক ; সুপারি। প্র—"কার হাথে চাউল গুআ, চলিল একত্র পুআ, রামাগণ চলে জুথে জুথে।"—শূন্যপুরাণ।

গুঁজামিল (ল্)—গোঁজামিল দ্রঃ।

গুঁজি—গোঁজা দ্রঃ। ২। গুড় রাখিবার হাঁড়ি।

গুঁজিকাটি [গুঁজি (গোঁজ দ্রঃ)—কাঠি (শলাকা)] বি, খোঁপার গুঁজিয়া খোঁপা দৃঢ় রাখিবার শলাকা ; মাথার কাঁটা। প্র—"রাখ বোন ফুল, তেল, গুঁজিকাটি তোর।"—অশোকগুচ্ছ।

গুঁড়, গুঁড়া (গুঁড়ো) [চূর্ণার্থক গুণ্ড্ ধাতুজ] বি, চূর্ণ ; রেণু। ২। বিণ, পিষ্ট ; চূর্ণীকৃত। প্র—"তুমি নহ শূল ভিন্ন আমি নহি বুড়া। বজ্র আন বাপারে ভাঙ্গিয়া করি গুঁড়া।"—শিবায়ন। ৩। কণা ; অবশিষ্টাংশ ; অবশেষ। প্র—"আছিল বিস্তর ঠাট প্রথম বয়সে। এবে বুড়া তবু কিছু গুঁড়া আছে শেষে।"—ভারতচন্দ্র।

গুঁড়ান (নো) [সং—গুণ্ড্ (চূর্ণকরণে)। উ-পু—গুঁড়াই। ম-পু—গুঁড়াও ; গুঁড়োও ; গুঁড়ান্ ; গুঁড়া ; গুঁড়ো। প্র-পু—গুঁড়ায় ; গুঁড়ান্। অস-ক্রি—গুঁড়াইতে ; গুঁড়তে ; গুঁড়াতে ; গুঁড়্‌তে ; গুঁড়াইয়া ; গুঁড়িয়ে ; গুঁড়াইবার ; গুঁড়বার] ক্রি, চূর্ণ

করা ; পেষণ করা ; ২। প্রহারে অস্থি চূর্ণ করা ; পেষণে ক্লিষ্ট করা ; দর্পচূর্ণ করা ; বিনীত করা। বি, **গুঁড়ানি**। বিণ, **গুঁড়ানো**।

গুঁড়ি [গুড় দ্রঃ]।

গুঁড়ি [সং—গুণ্ডক] বি, চূর্ণ। ২। ক্ষুদ্র বিন্দু। **নুনগুঁড়ি**—চূর্ণিত লবণের কণা-সমূহ। ২। তদ্রূপ ক্ষুদ্র ক্ষুদ্র বারিবিন্দু। ৩। তদ্রূপ ক্ষুদ্র ক্ষুদ্র চর্ম্মচর্চ্চিকা বা ঘামাচি। **চালের গুঁড়ি**—কুটিয়া চূর্ণ করা চাউল। **কাঁচা গুঁড়ি**—পিষ্টকাদি পরিণত হইবার পূর্ব্বে চূর্ণ করা মাত্র চাউল। প্র—"ছোট ছেলে ডানপিটে কাঁচা গুঁড়ি খেয়েছে।"—ঈশ্বর গুপ্ত। **গুঁড়ি গুঁড়ি বৃষ্টি**—ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দুবর্ষণ। **ইলশা গুঁড়ি**—যে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি পতন কালে ইলিশ মাছ জালে অধিক পড়ে।

গুঁড়ি (গুঁ্) [সং—গণ্ডি। "মূলাচ্ছাখাবধি, গণ্ডিঃ প্রকাণ্ডঃ"—হেমচন্দ্র] বি, বৃক্ষের গোড়ার স্থূল ভাগ যাহার উপর হইতে ডাল পালা বাহির হয় ; কাণ্ড। **গুঁড়ি কাষ্ঠ**—গাছের গুঁড়ির দিকের স্থূল ও কঠিন কাষ্ঠ। প্র—"গুঁড়িকাষ্ঠ নুড়িশিলা, ভক্তিপথে নেয়ে" —হেম বন্দ্যো।

গুঁতা, গুঁতো [গুতান দ্রঃ] বি, কফোণি বা কনুয়ের ঠেলা। ২। প্রহার। ৩। দণ্ড বা লাঠির ঠেলা ; হুড়ো। ক্রি, গুঁতানো—গবাদি পশুর শৃঙ্গদ্বারা আঘাত ; ঢু মারা। **গুঁতো মারা**—কনুইয়ের আঘাত করা। **গুঁতোগুঁতি**—ঠাসাঠাসি ; অল্পস্থানে বহু লোকের অবস্থান হেতু পরস্পরের কনুইয়ের সংঘর্ষণজনিত কষ্ট। প্র—ছোট্ট ঘরটীর মধ্যে ছেলেপুলে নিয়ে গুঁতোগুঁতি করে থাকা, কষ্টের একশেষ। **গুঁতুনে**—শিংএর আঘাত করা যাহার অভ্যাস। প্র—গুঁতুনে গরু।

গুগ্গুল, গুগ্গুলু (ল্) [সং] বি, পুং, গুগগুল নামক বৃক্ষ ; গুগগুল বৃক্ষের সুগন্ধি নির্য্যাস। ইহা দেব-পূজায় ধূপ-ধূনার ন্যায় ব্যবহৃত হয়।

গুগলি (গুগ্‌লি) বি, শামুকজাতীয় ক্ষুদ্র দৃঢ়বর্ম্মী প্রাণী ; দেখিতে খুব ছোট গেঁড়ির মত ; পুকুরের পাঁকে ও জলের ধারে ধারে বেড়ায়।

গুচ্চার, গুচ্চির (র্) [গুচ্ছচারি হইতে] বি, চারিগুচ্ছ ; গোছা চারেক। ২। [গুচ্ছচারি হইতে] বহু ; অনেক ; মেলা।

গুছা—গোছা দ্রঃ।

গুছান (নো) [গুচ্ছ—হইতে। বিক্ষিপ্ত-গুলিকে লইয়া গুচ্ছ বাঁধা। উ-পু—গুছাই। ম-পু—গুছাও ; গুছান ; গুছা। প্র-পু—গুছায় ; গুছান। অস-ক্রি—গুছাইতে গুছাইয়া ; গুছিয়ে ; গুছাইবার] ক্রি গোছা-গোছায় বদ্ধ করা ; কেতা করিয়া রাখা ; সাজান। বিণ, গুছানিয়া, গুছানে।

গুছি, গুছী [গুঁজী (দ্রঃ) যাহা গুঁজিয়া দেওয়া হও] বি, চুল বাঁধিবার সময় খোঁপার উপযুক্ত বিননী না হইলে তাহা দীর্ঘ ও পুষ্ট করিবার জন্য যে ছেঁড়া চুলের গোছা মাথায় চুলের ভিতর গুঁজিয়া বা যোগ দিয়া বিনান হয়। ২। যোগান। **কথায় গুছি দেওয়া**—কাহার কথার সঙ্গে অন্যের কথা যোগাইয়া দেওয়া।

গুচ্ছ [গু (শব্দ করা) + ছ (অধি, সংজ্ঞার্থে) —(যেখানে ভ্রমরগণ গুণ্ গুণ্ শব্দ করে) গু+ছ=গুচ্ছ—স্বর বর্ণের পর ছ থাকিলে দ্বিত্ব হয় এবং প্রথম ছ=চ হয়] বি, পুং, পুষ্পস্তবক। ২। থোলো ; থোকা ; আটি ; গোছা। ৩। বত্রিশনরী হার ; কণ্ঠভূষণ-বিশেষ। ৪। মুক্তার মালা। ৫। শিখিপুচ্ছ। ৬। মল্লিকাদি গাছ (যে সকল গাছের মূল হইতে ঝাড় বাঁধে ; ক্ষুপ)।

গুচ্ছক (ক্) [গুচ্ছ+ক (স্বার্থে)] বি, পুং, গুচ্ছ।

গুচ্ছপত্র (—পৎত্র) [গুচ্ছাকৃতি পত্র যাহার, বহু] বি, পুং, যে সকল গাছের পাতা গুচ্ছাকার। ২। তালগাছ।

গুচ্ছপুষ্প [গুচ্ছাকৃতি পুষ্প (ফুল) যাহার —বহু] বি, যে সকল গাছের ফুল গোছা গোছা হয়। ২। সপ্তপর্ণ বৃক্ষ ; ছাতিম গাছ। ৩। অশোক গাছ, ইহার ফুল স্বভাবতঃই গোছা বাঁধা থাকে বলিয়া ইহার নাম গুচ্ছপুষ্প।

গুচ্ছফলা [গুচ্ছাকৃতি ফল যাহার, বহু] বি, স্ত্রী, দ্রাক্ষালতা। ২। কদলীবৃক্ষ।

গুজগুজ (জ্) [মূলে শব্দাত্মক। সং—গুজ্ (কুজনে) + গুজ্ (একাধিক জনের অব্যক্ত শব্দে)] অ, গোপনে ও চাপাগলায় পরস্পর কথা ; চুপি চুপি কথা। ২। গোপনে পরামর্শ। বিণ, **গুজগুজিয়া, গুজগুজে**—যাহার পেটের কথা স্পষ্ট পাওয়া যায় না ; ভিদ্‌ভিদে। ২। অপ্রসন্ন। বি, **গুজগুজানি**—অস্পষ্ট কথাবার্ত্তা ; অপ্রকাশ্য পরামর্শ। প্র—"অত ফুস্‌ফুসানি কিসের গা, কি হয়েছে ?"

গুজব (ব্) [হি—গুজফ] বি, জনরব ; রটনা। বহু লোকের মুখে যাহা শুনা যায়।

গুজরৎ, গুজরাৎ [মহাজনী পরিভাষা] বি, যাহার দ্বারা প্রেরিত ; মারফত ; মার্ফৎ ; হস্তে ; যাহার দ্বারা টাকা পাওয়া যায় বা যাহার নিকট মাল দেওয়া যায় তাহার নাম খাতায় লিখিবার সময় 'গুজরৎ' বলা হয়—ইহা সংক্ষিপ্ত ভাষায় "গুঃ"—মহাজনবন্ধু—১৩১১। **গুজরৎ খোদ—গুজরাৎ খোদ** [সংক্ষেপে—গুঃ খোদ ; গুঃ ; গুঃ খোঃ] নিজের মার্ফৎ ; স্বহস্তে দত্ত।

গুজরাট (ট্) [গুর্জ্জর—রাষ্ট্র=রাট] বি, গুর্জ্জর জাতির দেশ। ভারতবর্ষের পশ্চিমস্থ সাগরকূলবর্ত্তী দেশ। হিন্দুর প্রসিদ্ধ তীর্থ-বিশেষ। সমুদ্র তীরবর্ত্তী দ্বারকা ইহার অন্তর্গত। **গুজরাটী, গুজরাতী**—বি, গুজরাটের দেশভাষা। ২। গুজরাটের অধিবাসী। ৩। বিণ, গুর্জ্জর দেশোৎপন্ন।

গুজরান (জ্, ন্) [ফা—গুজ্‌রান্] বি, জীবিকা। ২। জীবনযাপন ; দিনকর্ত্তন।

গুজ্‌রান (নো) [ফা—হইতে হি—গুজ্‌রানা] ক্রি, যাপন করা ; অতিবাহিত করা। ২। দাখিল করা। প্র—"জানাইব কেমন ছেলে মোকদ্দমায় দাঁড়াইলে। যখন গুরুদত্ত দস্তাবিজ গুজরাইব মিছিলকালে॥"— রামপ্রসাদ।

গুজরী, গুঁজরি (গুজ্‌রি) [শব্দাত্মক। গুঞ্জরণ হইতে] বি, পাদাভরণবিশেষ ; ইহা পঞ্চম নামক আর একটী পাদাভরণের সহিত একত্রে পরিহিত হয় বলিয়া সচরাচর গুজ্‌রী-পঞ্চমও বলা হয়। ২। বৃক্ষকীটবিশেষ ; ইহা তাল নারিকেল খর্জ্জুর প্রভৃতি বৃক্ষের বিষম শত্রু ; গাছগেঁড়ি গাছে লাগিলে যেমন আর তাহা বাড়ে না, এই গুজরী-পোকা ধরিলেও গাছ মরিয়া যায়।

গুজস্তা [ফা—গুজস্‌তা] বিণ, সাবেক ; পুরাতন।

গুজস্তা-জমী [জমীঃ পরিঃ] বি, পুরাতন প্রজার বাসযুক্ত জমী ; যে জমীতে প্রজাবিলি আছে।

গুজারা [ফা—গুজারা] বি, যাপন ; নির্ব্বাহ।

গুজিয়া—বি, ছোট গজা। ২। ক্ষীরের মিষ্টান্ন-বিশেষ।

গুজুরা—বি, ধান্যবিশেষ। প্র—"গুজুরা বোআলি-দাড় হাতি-পঞ্জর। বুড়া মাতা ধান বুনেন দেখিতে সুন্দর॥"—শূন্যপুরাণ।

গুজ্জরী (গুজ্‌জোরি) বি, স্ত্রী, রাত্রিকালে ও শৃঙ্গার রসে গেয় রাগিণীবিশেষ।

গুঞ্জ [গুন্‌জ্ (অব্যক্ত ধ্বনি করা) + অ (অধি, অল্)—যাহাতে ভ্রমরগণ গুঞ্জন করে] বি, পুং, স্তবক ; থোপা ; গুচ্ছ। ২। [ভাবে, অল্] গুঞ্জন।

গুঞ্জন (ন্) [গুঞ্জ্ + অন (অনট্—ভাবে)] বি, ক্লী, গুনগুন্ শব্দ ; ঝঙ্কার ; গুনগুনানি। প্র—"কর্ণ নাহি চাহি শুনি ভ্রমর গুঞ্জন"—সদ্ভাবশতক।

গুঞ্জর, গুঞ্জার (র্) [গুন্জ্ ধাতু] বি. গুঞ্জন ; ভ্রমরঝঙ্কার। প্র—"বৈজয়ন্তী মালা গলে দোলে অনিবার। ভ্রময়ে ভ্রমর যাতে করএ গুঞ্জার।"—ব্রজপরিক্রমা।

গুঞ্জমালা, গুঞ্জহার, গুঞ্জাহার (র্) [গুঞ্জ (কুঁচফল)—হার (মাল্য) ৬ তৎ] বি. কুঁচফলের মালা। প্র—"অঞ্জন আঁখি যুগলে গুঞ্জহার পররে গলে"—দাশরথি। "শ্রীকুণ্ড শ্রীগোবর্দ্ধন শিলা গুঞ্জাহার শ্রীরঘুনাথের এই সেবা সুপ্রচার।"—ব্রজপরিক্রমা।

গুঞ্জর [গুঞ্জ+র (স্বার্থে)] বি. গুঞ্জন।

গুঞ্জরা [গুঞ্জর+আ (ক্রিয়া বিভক্তি) । উ-পু—গুঞ্জরি। ম-পু—গুঞ্জর। প্র-পু—গুঞ্জরে। অস-ক্রি—গুঞ্জরিতে ; গুঞ্জরিয়া ; গুঞ্জরি (পদ্যে)] ক্রি. গুঞ্জন করা ; গুনগুন করা ; ভ্রমরের ন্যায় ঝঙ্কার করা। প্র—"কত গুঞ্জরে অলি, কুঞ্জের তলে বিহগেরা গায় নাচিয়া।" —বিজয় মজুমদার। "গুঞ্জরে মধুকর পুঞ্জে, কোকিল কূজয়ে"—হেম বন্দ্যো। "তালে বনমালে অলি ভ্রমিছে গুঞ্জরি"—জ্ঞানদাস।

[সং] বি. স্ত্রী. কুঁচফল। প্র—"গুঞ্জা রতন করই সমতুল"—বি. প। "কিবা মনোহর তরুবর গুঞ্জা ফুলে।"—অ-ম। ২। পরিমাণ-বিশেষ ; কুঁচের ওজন। ৩। গুনগুনানি। ৪। মদের দোকান বা ভাঁটি ; তাড়িখানা।

[সং—গুঞ্জ্ (কূজনে, অব্যক্ত শব্দে) উ-পু—গুঞ্জি। ম-পু—গুঞ্জ। প্র-পু—গুঞ্জে। অস-ক্রি, গুঞ্জিতে ; (পদ্যে)] ক্রি. গুঞ্জন করা ; ভ্রমরের ন্যায় ঝঙ্কার করা ; গুনগুন রব করা। প্র—"গুঞ্জে অলি চুম্বে ফুল হয়ে দিশে হারা"—দামোদর মুখো। [ব্রজ] **গুঞ্জই**—গুঞ্জন করে। প্র—"তঁহি অলি গুঞ্জই শবদ রসাল" —গোবিন্দদাস। **গুঞ্জত**—গুঞ্জন করে। প্র—"গুঞ্জত ভ্রমরীভ্রমর উতরোল"।—গোবিন্দদাস।

[গুঞ্জা+ক (স্বার্থে)—আপ্—স্ত্রী. গুঞ্জা=গুঞ্জি] বি. স্ত্রী. গুঞ্জা ; কুঁচ। ২। তিনটী যবোদর পরিমাণ।

ি—বিণ. ঝঙ্কৃত : গুনগুনরবে মুখরিত।

গুটলী, গুট্‌লে (ট্) বি. গুটি-আকৃতি মল।

গুটান (নো) [গুড্ =বেষ্টন করা] ক্রি. আকর্ষণ করা। ২। আপনার দিকে যাহা ছড়াইয়া আছে তাহাকে জড় করিয়া ক্ষুদ্রাকার করা ; সঙ্কুচিত করা। ৩। সুত্রাদি কাঠফলকাদিতে জড়ান।

গুটি [গুড্ (বেষ্টন করা)+ই (ইক্—কর্ম্মে) সংজ্ঞার্থে। ড্=ট্] বি. স্ত্রী. বটিকা। ২। গুলি ; সুটি। প্র—"ধূলি গুটি পায় মাত্র যে সুকৃতি জন।"—চৈতন্যভাগবত। ৩। গুটিপোকা ; রেশম-কীট। ৪। ঘুঁটি। ৫। [রাসাঃ পরিঃ] বটী ; বড়ী ; pill.

গুটিক, গুটেক [গুটি=গোটা+এক] বি. রাশি ; যথেষ্ট। ২। অল্প। ৩। একমাত্র ; একটি। প্র—"হৃদয় মুখেতে এক সমতুল কোটিকে গুটিক পাই।"—বিদ্যাপতি।

গুটিকা [গুটি+ক (স্বার্থে) আপ্—স্ত্রী] বি. স্ত্রী. গুলি ; গুটি ; গুটী (দ্রঃ)।

গুটিকাপাত (ৎ) [গুটিকার পাত (৬তৎ)] বি. পুং. সুবৃত্তি খেলায় গুলি নিক্ষেপ ; গুলি বাঁট।

গুটিগুটি, গুটী গুটী [গুটী দ্রঃ] ক্রি-বিণ. সঙ্কুচিত আকারে ; চুপে চুপে ; অলক্ষিত ভাবে। আস্তে আস্তে ; পদশব্দ না হয় এরূপ ভাবে ; গুড়ি গুড়ি।

গুটী [সং—গুটিকা] বি. কোষকীট। ২। গুটী পোকার মত মন্থর গমন। প্র—গু যাওয়া। ৩। বড়ী। ৪। গোবসন্ত ; small pox. ৫। অষ্টী ; ফলের আঁটি। ৬। সুড়ি।

গুটীপোকা—বি. তুঁতপোকা ; রেশম-কীট ; কোষকীট ; the cocoon.

গুটিয়া [সং—গেণ্ডুক, গোণ্ডুক। গুটি+আ (সাদৃশ্যে) গোলাকৃতি ক্রীড়নক ; কন্দুক] বি. গুটী ; গোলক ; কন্দুক ; গোলা ; গেঁদ। প্র—"দুইটী গুটিয়া ফেলাঞা লুফিয়া বুকের উপর ধরে।"—চণ্ডীদাস।

গুড় (ড়) [সং—গুড়—"ইক্ষুপাক"—অমর। "ইক্ষুরস কাথ"—বৈদ্যক। "ইক্ষুসার ; মধুর, রসপাকজ, খণ্ডজ, মোদক।"—রাজনির্ঘণ্ট] বি. ইক্ষু, তাল নারিকেল, খর্জ্জুর প্রভৃতি গাছের রস হইতে প্রস্তুত মধুর রস খাদ্যবিশেষ। গুড় মিষ্টরসের উপমাস্থল। প্র—ও গাছের আম একেবারে মিষ্টি গুড়। [দ্রঃ—রসের পাক অনুসারে ইহার বিভিন্ন অবস্থায়—"তাতরসি," "মাত বা ঝোলা," "ভেলি", "খাঁড়," ও "চিটা" বলে] **আকুয়া বা একো গুড়**—আকের রস জ্বাল দিয়া প্রস্তুত গুড়। **খেজুরিয়া বা খেজুরে গুড়**—খর্জ্জুর গাছের রসে প্রস্তুত গুড়। **পাটালি গুড়**—পাটায় জমান গুড়। **ভূরো গুড়**—গুড়ের রস ঝরাইয়া শুষ্ক করা গুড় ; দোলো। **গুড় অম্বল**—গুড় মিশ্রিত অম্ল ব্যঞ্জন ; অম্লমধুরা-স্বাদ ব্যঞ্জন। **গুড়চাউলী**—চিটা গুড় মাখান চাউল : বরের গায়ে গুড় চাউল ছুঁড়িয়া মারিবার প্রথা বঙ্গের প্রায় সর্ব্বত্রই বহুকাল হইতে প্রচলিত। **গুড় পিঠা**—গুড়মিশ্রিত পিষ্টক। **গুড়ে বালি**—গুড়ে বালি পড়িলে আর খাওয়া যায় না কিন্তু খাইবার পূর্ব্বে বালি পড়িয়াছে কি না দেখা বা জানাও যায় না সুতরাং মুখে দিয়া জানা যায় ও তখন ফেলিয়া দিতে হয়। তাহা হইতে আশায় নৈরাশ্য। প্র—"মনে করিয়াছিলাম হলা ও গদা এক গণ্ডূষ জল দিবে এখন সে গুড়ে বালি।" —টেকচাঁদ। **লাভের গুড় পিপড়ায় খাওয়া**—কোন সামান্য পুঁজির গুড় বিক্রেতা যে পরিমাণ গুড় খরিদের উপর লাভ স্বরূপ বাঁচাইয়া ছিল তাহা পিপীলিকায় শেষ করিয়া দেওয়ায় তাহার লাভ করা আর হইল না। (তাহা হইতে) একদিকে যেমন লাভ হওয়া অন্যদিকে তেমনি ক্ষতি হওয়া। ২। হাতীর সাজ। স্ত্রী. গুড়া—চূর্ণ ; গুঁড়া। ২। মনসা গাছ।

গুড়ক (ক্) [গুড়+ক (সংজ্ঞার্থে)] বি. পুং. গুড়দ্বারা পক্ব ঔষধবিশেষ ; মোদক।

গুড়কাঁউলি, গুড়কামাই (ড়) [সং—কাকপিলু, কাকমাচিকা (বৈদ্যকে)] বি. কণ্টকাকীর্ণ ছোট গাছ ; কাকজঙ্ঘা ; কাকনামা ; solanum indicum.

গুড়গুড় (ড়, ড়) [অনুকার শব্দ] বি. গম্ভীর শব্দ। ২। মেঘ গর্জ্জন। ৩। হুঁকা বা গুড়গুড়িতে ধূম টানিবার শব্দ। ৪। ভাঁটা গড়াইবার শব্দ ; কাঠের উপর কাঠগোলক গড়াইয়া দিবার শব্দ।

গুড়গুড়ি (ড়) [শব্দাত্মক। ধূমপানের সময় গুড় গুড় শব্দ হইতে] বি. হুঁকার প্রকার ভেদ ; ধূমপানের যন্ত্র ; আলবলা। প্র—"সংসার হয় অসহ্য প্রায় গুড়গুড়ি বিনা।"—দ্বিজেন্দ্র রায়।

গুড়গুড়িয়া, গুড়গুড়ে (ড়) [গুটিকা শব্দজ। শব্দাত্মক] বিণ. গুড় গুড় শব্দকারী ; গম্ভীর শব্দকারী। ২। গোলকবৎ ; ভাঁটার মত। ৩। বেঁটে ; খর্ব্বাকৃতি।

গুড়তৃণ (গুড়ৎতৃন) [তৃণ জাতীয় বৃক্ষ বলিয়া তৃণ এবং রসে গুড় হয় বলিয়া গুড়। কর্ম্মধা] বি. ক্লী. ইক্ষু ; আক।

গুড়ত্বক (ক্) [গুড় (মধুরাস্বাদ) ত্বক্ (ছাল) যাহার, বহু] বি. জয়ত্রী। ২। দারুচিনি।

গুড়দারু (ড়) [গুড়—দারু (বৃক্ষ)] বি. ক্লী. যে দারু বা তৃণ হইতে গুড় উৎপন্ন হয় ; ইক্ষু।

গুড়ধেনু [গুড়নির্ম্মিত ধেনু—ম. প. লো. কর্ম্মধা] বি. ফল কামনায় ব্রাহ্মণকে গুড়-নির্ম্মিত ধেনুদানরূপ ব্রত।

গুড়পুষ্প [গুড় (মধুর) হইয়াছে পুষ্প যাহার, বহু] বি. পুং. মহুয়া ফুলের গাছ ও মহুয়া ফুল।

গুড়মুড়া, গুড়মুড়ি [হি] গুল্ফ ; গোড়ালি।

গুড়মূল (ড়, ল্) [গুড় (মধুর) মূল যাহার, বহু] বি. পুং. কাঁটা নটে। ২। কনক নটে।

গুড়শর্করা (ড়) [গুড় হইতে উৎপন্ন শর্করা (চিনি)—৫ তৎ] বি. স্ত্রী. দোবরা চিনি।

গুড়ান (নো) [সং—গুণ্ড্ (বেষ্টনে) । গুটান দ্রঃ। উ-পু—গুড়াই। ম-পু—গুড়াও ; গুড়ান্ ;

গুড়া। প্র-পু—গুড়ায়, গুড়ান। অস-ক্রি—গুড়াইতে, গুড়াতে; গুড়াইয়া, গুড়িয়ে; গুড়াইবার, গুড়াবার] ক্রি, গুটান; পাকান ঘুরাইয়া ঘুরাইয়া মোড়া; কুণ্ডলিত করা। ২। সঙ্কুচিত করা।

গুড়ান (নো) [সং—গুণ্ড্ (চূর্ণকরণে, পেষণে)] ক্রি, গুঁড়ান।

গুড়াপূপ (প্) [গুড় (গুড় মিশ্রিত) যে অপূপ (পিষ্টক)—ম, প, লো, কর্ম্মধা] বি, পুং, গুড়পিঠা; আঁদশা।

গুড়ি [সং—গুটি অথবা গূঢ় হইতে গূঢ়ি—গুড়ি তুল—গূঢ়পাদ] বি, গূঢ়পাদের ন্যায় হাত পা গুড়াইয়া চলার ভাব; কচ্ছপের ন্যায় শরীর বর্ত্তুলাকার ও হস্তপদের সঙ্কোচ। **গুড়ি মারা; গুড়িশুড়ি মারা, গুঁড়ি শুঁড়ি মারা**—গূঢ়পাদবৎ আকার ধারণ করা; হাত পা গুটাইয়া থাকা। প্র—"ভাব্‌তে ভাব্‌তে লেপের মধ্যে গুঁড়িশুঁড়ি মেরে কখন ঘুমিয়ে পড়্‌লুম জানিনা।"—জাপান (মল্লিক)—**গুড়ি মারিয়া চলা**—শিকারের জন্য শিকারী জীব যেরূপ শরীর সহ হস্তপদ সঙ্কুচিত করিয়া ধীরে ধীরে এবং অলক্ষিত ভাবে চলে তদ্রূপ গমন করা।

গুড়ুক (ক্) হি—গুড়াকু। গুড়—তামাকু=তামুক—সংক্ষেপে গুড়ুক—গুড়মিশ্রিত তামাক] বি, মিঠা তামাক। ২। তামাক। প্র—"কর্ত্তাদের গালগল্প গুড়ুক টানিয়া"—ঈশ্বর গুপ্ত। **গুড়ুক তামাক**—গুড়মিশ্রিত তামাক; মিঠা তামাক। **গুড়ুক ফুঁকা**—তামাক খাওয়া। প্র—"কাছে থেকে কাটে সুখে, গল্প ও গুড়ুক ফুঁকে,"—মানসী (রবি)।

গুড়ুচ, গুড়চী, গুড়ুচী, গুড়ূচী (ড্) [সং—গুলঞ্চ] বি, স্ত্রী, গুলঞ্চলতা।

গুড়ুম (ম্) [সং—গুড়্ (শব্দে) শব্দের ব্যাপ্তি ও গাম্ভীর্য্য অর্থে ম যোগ] বি, মেঘগর্জ্জন। ২। তোপধ্বনি; কামানে গোলা দাগিবার শব্দ। **আক্কেল গুড়ুম**—বুদ্ধি (তোপে উড়াইবার মত) লোপ। আক্কেল দ্রঃ।

গুড়োদক (ক্) বি, গুড়ের সরবৎ।

গুঢ়া, গুড়া [গুঁড়ি কাঠ হইতে নির্ম্মিত মোটা বা পুরু তক্তা] বি, নৌকার পার্শ্বস্থিত বসিবার তক্তা। প্র—"গড়ে ডিঙ্গা মধুকর মধ্যে তার ছই ঘর পাশে গুঢ়া বসিতে কাণ্ডার।"—কবিক।

গুণ (ন্) [গুণ্ [অভ্যাস করা) + অ (অল্-কর্ম্মে) যাহা অভ্যাস করা হয়। যাহা অভ্যস্ত বা অভ্যাসে প্রকৃতিগত] বি, পুং, ধর্ম্ম; বস্তু-ধর্ম্ম; জীবধর্ম্ম। ২। দেহ ধর্ম্ম: রূপ; লাবণ্য; অঙ্গসৌষ্ঠবাদি। ৩। মন ও আত্মার ধর্ম্ম; স্নেহ, প্রেম, ভক্তি, দয়া, দাক্ষিণ্য, সৌজন্য, বিনয়, শৌর্য্য, বীর্য্য, ধৈর্য্য, গাম্ভীর্য্য, বিদ্যা, বুদ্ধি, বিবেকাদি। ৪। [জড়বিজ্ঞানে] পদার্থের স্বাভাবিক ধর্ম্ম; জড়পদার্থের পরস্পর ভেদবাচক ধর্ম্ম; শুক্লত্ব; কৃষ্ণত্বাদি বর্ণ; অম্লত্ব, মধুরত্বাদি রস: কাঠিন্য, মার্দ্দব, তারল্যাদি স্পর্শ; হ্রস্ব, দীর্ঘ চতুষ্কোণাদি আকার; ক্ষার, মধু, মীন, অম্লাদি গন্ধ। ৫। [দর্শনে] প্রকৃতির ধর্ম্ম; সত্ত্ব, রজঃ, তমঃ। ৬। [ন্যায় দর্শনে] রূপ, রস, গন্ধ, স্পর্শ, শব্দ, সংখ্যা, পরিমাণ, পার্থক্য, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, বুদ্ধি, সুখ, দুঃখ, ইচ্ছা, দ্বেষ, যত্ন, গুরুত্ব, দ্রবত্ব, স্নেহ, সংস্কার, ধর্ম্ম, অধর্ম্ম। ৭। [তন্ত্রে] মন্ত্র; যাদু: বশীকরণ। প্র—"ওরে তোরে দেখিতে নয়ন পাগল কেন। এই বোধ হয় মোর, জান কি গুণ।"—নিধুবাবু। "না জানি কি গুণ ধরে মুখানি তোমার"—স্বপ্নময়ী নাটক। ৮। [আয়ুর্ব্বেদে] কফ, পিত্ত, বায়ু প্রভৃতি। ৯। [নীতিশাস্ত্রে] ষড়্‌বিধ রাজনীতি; —সন্ধি, বিগ্রহ, যান, আসন, দ্বৈধ, আশ্রয়। ১০। [ব্যাকরণে] স্বরের রূপান্তর; ই-ঈ স্থানে এ, উ-ঊ স্থানে ও, ঋ স্থানে অর্, ঌ স্থানে অল্ প্রভৃতি স্বরাদেশ। ১১। [অলঙ্কার শাস্ত্রে] রচনার উৎকর্ষ প্রতিপাদক ধর্ম্ম; প্রসাদ, মাধুর্য্য, ওজঃ। ১২। [গণিতে] রাশির বৃদ্ধি; পূরণ; multiplication. (২) [বীজগণিতে] কোন রাশি কতবার লওয়া হইয়াছে তাহার নির্দশক সংখ্যা বা বর্ণ; a coefficient. ১৩। আবৃত্তি; বার। প্র—দুইগুণ; তিনগুণ। ১৪। স্বভাব; প্রকৃতি। প্র—তাহার ঐ গুণের জন্যই ত তাহাকে ত্যাগ করিল। ১৫। উপকার; সুফল; শুভপরিণাম। প্র—জিতেন্দ্রিয়তার অনেক গুণ, লেখাপড়া শেখার অশেষ গুণ। ১৬। শক্তি; প্রভাব। প্র—ঔষধের গুণে তিনি দুদিনেই আরোগ্য লাভ করেছেন। "যে গুণে নলের মন করিলে হরণ।" ১৭। সুলক্ষণ; উৎকর্ষ। প্র—"কোন গুণ নাই তার কপালে আগুন"—অ-ম। **গুণে ঘাট নাই**—গুণ বিষয়ে কোন অংশে কম নাই; সকল গুণের আধার। (তাহা হইতে বিদ্রূপে) কোন গুণ নাই। **গুণে নুন দিতে নাই**—লবণ দিয়া সকল ব্যঞ্জন স্বাদু করা হয়, কিন্তু লবণ না দিয়াই স্বাদু (বিদ্রূপে) তাহা হইতে নির্গুণ। **সকল গুণের গুণমণি**—সর্ব্বগুণশালী; বিদ্রূপে—নির্গুণ। **গুণকরা**—বশীকরণ মন্ত্রে বা বশীকরণ ঔষধ খাওয়াইয়া বশ করা। **গুণের নিধি, গুণের সাগর**—সর্ব্বগুণ-যুত। প্র—"প্রভু মোর গুণের সাগর রসময় রূপের নাগর রসিকের শিরোমণি, বিলাসধনের ধনী, নৃত্য গীত বাদ্যের আকর"—অ, ম। ২। [বিদ্রূপে] নির্গুণ।

গুণ (ন্) [সং—গুণ্ (আবৃত্তি—তাহা হইতে পুনঃপুনঃ পাক) + অ (অল্—কর্ম্মে) যাহাকে ক্রমাগত পাক দেওয়া যায়] বি, রজ্জু; কাছি; cord; rope. ২। সূত্র; সূতা। প্র—"কি এ মনোহর দেখিতে সুন্দর গাঁথয়ে সুন্দর মালিকা, গাঁথে কিবা গুণে, শোভে নানা গুণে কামমধুব্রত পালিকা।"—অ-ম। **গুণটানা**—নৌকার মাস্তুলে রজ্জু বাঁধিয়া নদ্যাদির ধার দিয়া টানিয়া লইয়া যাওয়া। ৩। ধনুকের ছিলা; জ্যা। প্র—"ইথে কাম মহাশয়, জগৎ করিতে জয়, তব হাতে গুণযুত ফুলধনু দিয়েছে।" —রসতরঙ্গিণী। **গুণ, গুন** (ন) [সং—গোণী=ছিদ্রবস্ত্র] বি, শণের মোটা সূতার ছিদ্রবস্ত্র; শাণী (হেমচন্দ্র) চট; থলিয়া। **কাদায় গুণ ফেলা**—কষ্টকে কষ্ট, অবমানকে অবমান, অসুবিধাকে অসুবিধা জ্ঞান না করিয়া ও সমস্ত চাপা দিয়া স্বীয় উদ্দেশ্য সাধন করা; ধৈর্য্য ধরিয়া থাকা। প্র—"সবুরেতে মেওয়া ফলে উতলায় কি ফল ফলে। থাক্‌তে হয় লো কাদায় জলে গুণ ফেলে।"—গোপাল উড়ে।

গুণক (ক্) [গুণ্ (পূরণ করা) + অক (কর্ত্তৃ)] বি, পুং, যে অঙ্কের দ্বারা অন্য অঙ্কের পূরণ করা যায়: the multiplier. ২। কোন রাশি কতবার লওয়া হইয়াছে তাহার নির্দশক সংখ্যা বা বর্ণ; coefficient.

গুণকথন (গুনকথন্) [গুণের কথন—৬তৎ] বি, ক্লী, গুণানুকীর্ত্তন।

গুণকার (র্) [গুণ (হিত) কার (যে করে)] বিণ, গুণকারক দ্রঃ। ২। [সঙ্গীতশাস্ত্রে] বি, যাহার দেশীয় প্রথামত তৌর্য্যত্রিক অর্থাৎ নৃত্য গীত বাদ্য উত্তমরূপ এবং মার্গ মতানুযায়ী সঙ্গীত সামান্যমাত্র জানা আছে।

গুণকারক [গুণ (উপকার) কৃ (করা) + অক (কর্ত্তৃ)] বিণ, যাহাতে উপকার দর্শে; উপকারজনক; আরোগ্যপ্রদ। প্র—গুণকারক ঔষধ।

গুণকারী [গুণকার দ্রঃ] বিণ, যে গুণ করে।

গুণকীর্ত্তক (ন, ক্) [গুণের কীর্ত্তক যে কীর্ত্তন করে—৬তৎ] বিণ, যে গুণ গান করে; গুণপ্রচারক; গুণানুবাদক।

গুণকীর্ত্তন (ন, ন্) [গুণের কীর্ত্তন (বর্ণন) —৬তৎ] বি, ক্লী, গুণানুবাদ; গুণগান; গুণের প্রশংসা।

গুণ্‌গুণ্ [সং—গুঞ্জ্ (গুঞ্জনে)] বি, ভ্রমরাদির অব্যক্ত মধুর ধ্বনি; গুণগুণানি। প্র—"কেন অলি ঘুরে মর মিছে ফুলে ফুলে। কেন কর 'গুণগুণ' গুণ কেবা চায়?"—গোবিন্দদাস।

গুণচট—শণসূতার চট বা থলে। গুণ দ্রঃ।

গুণগৃহ্য (গুনগৃজ্ঝ) [গুণ দ্বারা গৃহ্য (গ্রস্ত, আক্রান্ত) ৩তৎ] বিণ. গুণের পক্ষপাতী ; গুণাক্রান্ত।

গুণগৌরব (ন. ব্) [গুণ হেতু গৌরব—৫তৎ] বি. গুণবত্তার জন্য মহিমা বা প্রশংসা।

গুণগ্রহণ (গুনগ্ গ্রোহন্) [গুণের গ্রহণ—৬তৎ] বি. ক্লী. গুণজ্ঞান ; অন্যের গুণ-স্বীকার ; গুণীর গুণ বুঝিয়া তদনুসারে সমাদর ও মান দান।

গুণগ্রাম (ন্. ম্) [গুণ—গ্রাম (সমূহার্থে)] গুণসমূহ, গুণাবলী।

গুণগ্রাহক (গুনোগ্ গ্রাহক্) [গুণ—গ্রহ্ (গ্রহণ করা) + অক (কর্ত্তৃ)] বিণ. গুণজ্ঞ ; গুণগ্রাহী ; যে অন্যের গুণ অনুসারে তাহার গৌরব রক্ষা করে। স্ত্রী. **গুণগ্রাহিকা**।

গুণগ্রাহিতা (নোগ্ গ্রা) [গুণ—গ্রহ্ + ইন্ (ণিন্—কর্ত্তৃ) = গুণগ্রাহিন্ + তা (ভাবে)] বি. স্ত্রী. গুণপ্রিয়তা ; গুণানুরাগিতা ; গুণগ্রহণ শক্তি ; গুণজ্ঞতা। ২। গুণমুগ্ধতা।

গুণগ্রাহী (গুনোগ্ গ্রাহি) [গুণ—গ্রহ্ (গ্রহণ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = গুণগ্রাহিন্ ১মা. ১ব] বিণ. যে অন্যের গুণ গ্রহণ করিতে পারে ; যে অন্যের গুণের আদর করে ; গুণজ্ঞ। স্ত্রী. **গুণগ্রাহিণী**।

গুণজ্ঞ (গুনোগ্ গ্যঁ) [গুণ—জ্ঞা (জানা) + অ (কর্ত্তৃ—ড) আ লোপ] বিণ. গুণগ্রাহী ; যে অন্যের গুণ বুঝিয়া আদর করে। স্ত্রী.

গুণতহি (ন) [ব্রজ] ক্রি. গণ্য করে, গণনা করে ; তুলনা করে। প্র—"রাধা সঞে যব গুণতহি মাধব"—বিদ্যাপতি।

গুণত্রয় (গুনোৎত্রয়্) [গুণের ত্রয় (তিন) ৬তৎ] বি. ক্লী. সত্ত্ব, রজঃ ও তমঃ এই তিনটি প্রাকৃতিক গুণ।

গুণধর (ন. র্) [গুণ—ধর (যে ধরে)] বি. গুণী-ব্যক্তি ; গুণশালী ; গুণসম্পন্ন। ২। [ব্যঙ্গার্থে] গুণহীন। স্ত্রী. **গুণধরা, গুণধরী**।

গুণধাম (ন. ম্) [গুণের ধাম (আলয়, আগার) ৬তৎ] বি. পুং. গুণাকর ; গুণনিধি। প্র—"পরম উদার করুণাময় বিগ্রহ ভুবনমঙ্গল গুণধাম।"—জ্ঞানদাস।

গুণন (ন. ন্) [গুণ্ (গুণ করা প্রভৃতি) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. পূরণ ; গুণ করা। ২। আবৃত্তি। ৩। অভ্যাস। ৪। মন্ত্রণা। ৫। সংখ্যা করা ; গণিয়া দেখা।

গুণনিকা [গুণ্ + অন করা (ণ—অনট্) = গুণন + ক (সংখ্যার্থে) আপ্—স্ত্রী. ই—আগম] বি. স্ত্রী. যাহা বৃদ্ধি করে ; গুণসাধন ; শূন্য অঙ্ক ; cypher. ২। অভ্যাস ; পুনরাবৃত্তি। ৩। শূন্য।

গুণনিধি [গুণের নিধি, গুণ—নি—ধা (ধারণ করা) + ই (অধি—কি)] বিণ. গুণসাগর ; গুণাধার ; গুণাকর ; গুণসিন্ধু ; অশেষ সর্ব্বগুণালঙ্কৃত। প্র—"তবে কেন গুণনিধি ত্যজ কিঙ্করীরে আজি।"—মেঘনাদ।

গুণনীয় (গুনোনিয়) [গুণ (পূরণ করা) + অনীয় (কর্ম্মে)] বিণ. যাহাকে পূরণ করিতে হইবে ; গুণ করিবার যোগ্য ; গুণ্য।

গুণনীয়ক (ন. ক্) [গুণনীয় + ক (সংজ্ঞার্থে)] বি. পুং. অপবর্ত্তক ; যে রাশি অপর রাশিকে এমন ভাবে ভাগ করে যাহাতে কিছুই অবশিষ্ট থাকে না ; measure ; যে রাশি অপর রাশির সহিত গুণিত হইয়া গুণফল উৎপাদন করে ; factor.

গুণপনা [গুণ (গুণী, তাহার) পনা (দ্রঃ) দ্রুত উচ্চারণে গুণপণা] বি. গুণবত্তা ; নৈপুণ্য।

গুণপন্থ (ন) [গুণ (ধর্ম্ম)—পন্থ (পথিন্ শব্দ)] বি. ধর্ম্মপথপ্রদর্শক শাস্ত্র। প্র—"বেদ বিদ্যা তন্ত্র মন্ত্র বেণু বীণা আদি যন্ত্র * * * * * * * আগমের নানা গ্রন্থ আর যত গুণপন্থ চারি বেদ আঠার পুরাণ। ব্যাস বাল্মীকাদি যত কবি সেবে অবিরত তুমি দেবী প্রকৃতি প্রধান।"—ভারতচন্দ্র।

গুণপূর্ণ (গুনপূর্ন) [গুণ দ্বারা পূর্ণ—৩ তৎ] বিণ. যাহাতে যাবতীয় গুণ আছে ; যে নানা-গুণে পরিপূর্ণ ; গুণমণ্ডিত ; গুণান্বিত।

গুণবত্তা (ন) [গুণ + বতু (অস্ত্যর্থে) = গুণ-বৎ + তা (ভাবে)] বি. স্ত্রী. গুণের অস্তিত্ব ; গুণশালিতা ; গুণের বিদ্যমানতা।

গুণবাচক (ন. ক্) [গুণের বাচক—৬তৎ] বিণ. গুণপ্রকাশক ; গুণবোধক ; বিশেষণ।

গুণবাদ (ন. দ্) [গুণ—তাহার বাদ (কীর্ত্তন) —৬তৎ] বি. গুণকীর্ত্তন ; গুণানুবাদ।

গুণবান [গুণ + বৎ (বতু) অস্ত্যর্থে = গুণবৎ ১মা. ১ব] বিণ. যাহার গুণ আছে ; গুণশালী ; গুণবিশিষ্ট। স্ত্রী. **গুণবতী**—গুণশালিনী ; ।

গুণবি (ৰ) [ব্রজ] বি. গনিবে। প্র—"চিতে নাহি গুণবি আনে।"—বি. প।

গুণবৃক্ষ [গুণের (গুণ বন্ধনের) বৃক্ষ, ৬তৎ] বি. পুং. নৌকার যে মাস্তুলে রজ্জু বাঁধিয়া নৌকা চালান হয় ; গুণস্তম্ভ ; মাস্তুল।

গুণবৈষম্য (গুন বৈষোম্ম) [গুণ—বৈষম্য, ৬ তৎ] বি. বিরুদ্ধ গুণের সমাবেশ ; গুণের অসামঞ্জস্য।

গুণভৃৎ (ন) [গুণ—ভৃ (ধারণ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ. যে গুণধারণ করে ; গুণধারী ; গুণবান্ ; গুণী। ২। বি. পুং. সর্ব্বগুণাকর ; পরমেশ্বর।

গুণমণি (গুনোমোনি) [গুণ রূপ মণি (রত্ন) । প্রা-বাং—গুণমণি (শৃ. পু.)] বি. গুণালঙ্কার ; গুণনিধি। প্র—"কোথা মম শ্যাম গুণমণি ? মণিহারা আমি গো ফণিনী !" —ব্রজাঙ্গনা কাব্য। ২। [গুণী-মণি—গুণী-দিগের মধ্যে মণি (শ্রেষ্ঠ)] বিণ. গুণিশ্রেষ্ঠ ; গুণধর ; সর্ব্বগুণান্বিত।

গুণময় (ন. য়্) [গুণ + ময় (প্রাচুর্য্যার্থে—ময়ট্)] বিণ. সর্ব্বগুণযুক্ত ; গুণশালী ; প্রভূত গুণসম্পন্ন। স্ত্রী. **গুণময়ী**—সর্ব্বগুণ-সম্পন্না ; গুণান্বিতা ; গুণশালিনী।

গুণরত্ন [গুণ রূপ যে রত্ন (কর্ম্মধা)] বি. ক্লী. গুণমণি।

গুণলুব্ধ (ন) [গুণেতে লুব্ধ—৭তৎ] বিণ. গুণমুগ্ধ ; গুণগ্রহণে আগ্রহান্বিত ; গুণগ্রাহী।

গুণশালিতা (ন) [গুণ—শালিন্ + তা (ভাবে)] বি. স্ত্রী. গুণবত্তা ; গুণসম্বন্ধ ; গুণের বিদ্যমানতা ; গুণ থাকা।

গুণশালী (ন) [গুণ + শালিন্ ১মা, ১ব] বিণ. গুণবিশিষ্ট ; গুণযুক্ত ; গুণী ; গুণবান্। স্ত্রী. **গুণশালিনী**—গুণবতী ; গুণসম্পন্না।

গুণশূন্য (গুনশুন্ন) [গুণদ্বারা শূন্য—৩ তৎ] বিণ. গুণহীন ; গুণবর্জ্জিত ; নির্গুণ।

গুণসংমূঢ় (গুনশংমূঢ়) [গুণদ্বারা সংমূঢ়—৩ তৎ] বিণ. আত্মাভিমানী।

গুণসঙ্গ (গুনশংগ) [গুণেতে সঙ্গ (আসক্তি) —৭তৎ] বি. পুং. সুখদুঃখানুরাগ।

গুণসম্পন্ন (গুনোশম্পন্ন) [গুণ দ্বারা সম্পন্ন —৩তৎ] বিণ. গুণবিশিষ্ট ; গুণান্বিত ; গুণযুক্ত।

গুণসাগর (গুনোশাগর্) [গুণের সাগর—৬তৎ] বিণ. গুণসিন্ধু ; গুণাশ্রয় ; গুণনিধি। ২। বি. প্রজাপতি ; কমলযোনি। ৩। বুদ্ধ বিশেষ।

গুণস্তম্ভ (গুনস্তম্ভ)—গুণবৃক্ষ দ্রঃ।

গুণহীন (গুনহীন্) [গুণ দ্বারা হীন—৩তৎ] বিণ. যাহার কোন গুণ নাই ; গুণবর্জ্জিত ; নির্গুণ ; গুণশূন্য।

গুণা (না) [ফা—গুনাহ্ = পাপ, অপরাধ] বি. দোষ ; অপরাধ ; পাপ। প্র—"সুন্দরের গুণা তবে কত গুণ তার।"—ভারতচন্দ্র।

গুণা, না [গুণ দ্রঃ] বি. তার। প্র—"জাঁতিয়া গাঁথিয়া সোণা সাঁড়াশীতে টানে গুণা, নিরূপণ সূতার সঞ্চার।"—কবিক। ২। দূর্ব্বা। ৩। সুরা।

গুণা (না) [প্রাদে—মৈমনসিংহ] বি. আকমাড়া কলের অংশবিশেষ ; বুড়ীগাছের গর্ত্তে আক-পেষণ জন্য আট দশ হাত লম্বা কাষ্ঠদণ্ড।

গুণা (না) ক্রি. গণা দ্রঃ।

গুণাকর (গুনাকর্) [গুণ + আকর (খনি) ৬তৎ] বি. গুণাধার ; গুণনিধি ; সর্ব্বগুণযুত।

২। উপাধিবিশেষ। প্র—ভারতচন্দ্র রায় গুণাকর। ৩। বুদ্ধ। ৪। ধাতুবিশেষ প্র—"গন্ধমালতী গুয়াথুপী গুণাকর।"—শিবায়ন।

গুণাগার, গুণাকার (না, র্) [চ—গুণোগার। ফা—গুনাহ্‌গারী (অপরাধীর জরিমানা আদায়ের টাকা) অর্থে গুণাগার বাঙ্গালায় চলিয়াছে] বি, অর্থদণ্ড; লোকসানীর মূল্য। প্র—"খুঁটি ধরে ঝাঁটা মেরে দূর করে দিব। গলাটিপি দিয়া গাঁথা গুণাগার লব।" —শিবায়ন। ২। [ফা—গুনাহ্‌গার্=পাপী, অপরাধী] বিণ, অপরাধী। প্র—"কর্ণবেধে যদি হয় হিন্দু গুণাগার।" —ভারতচন্দ্র।

গুণাগীর (না, র্) [ফা—গুনাহ্‌গার্ হইতে] বিণ, দোষী; অপরাধী। প্র—"মহানন্দে জাহাঙ্গীর গুণাগীর হয়ে। চলিলেন ভবানন্দ মজুন্দারে লয়ে॥" —ভারতচন্দ্র।

গুণাগুণ (ন্) [গুণ+অগুণ] বি, গুণ এবং দোষ; দোষগুণ; ভালমন্দ; উৎকর্ষাপকর্ষ।

গুণাতীত (না, ত্) [গুণের অতীত, ৬তৎ] বিণ, যে সত্ত্ব রজঃ ও তম এই তিন গুণের মধ্যে কোন গুণে লিপ্ত নয়; নির্গুণ; পরমেশ্বর।

গুণাধার (না, র্) [গুণ+আধার—৬তৎ] বি, গুণাকর; সর্ব্বগুণমণ্ডিত।

গুণানুকরণ (না, ন্) [গুণ—অনুকরণ, ৬তৎ] বি, সদৃশ গুণলাভের প্রয়াস।

গুণানুকীর্ত্তন (না, ন্) [গুণ+অনুকীর্ত্তন, ৬তৎ] বি, গুণানুবাদ; বার বার কোন গুণের উল্লেখ করিয়া প্রশংসা করা।

গুণানুবাদ (না, দ্) [গুণ+অনুবাদ, ৬তৎ] বি, পুনঃ পুনঃ কাহারও কোন গুণের উল্লেখ দ্বারা প্রশংসাবাদ; গুণকীর্ত্তন।

গুণানুরাগ (না, গ্) [গুণ+অনুরাগ, ৬তৎ] বি, গুণাসক্তি; গুণের প্রতি আকর্ষণ; গুণপ্রীতি। বিণ, **গুণানুরাগী**—গুণাসক্ত; গুণের প্রতি প্রীতিবিশিষ্ট; গুণানুরক্ত। স্ত্রী, **গুণানুরাগিণী**—গুণানুরক্তা।

গুণান্তর (না, র্) [গুণের অন্তর, ৬তৎ] বি, পুং, গুণভেদ; ভাবান্তর; অন্যগুণ।

গুণান্বিত (গুনান্নিতো) [গুণ (দ্বারা) অন্বিত, ৩তৎ] বিণ, গুণমণ্ডিত; গুণশালী; গুণযুক্ত। স্ত্রী, **গুণান্বিতা**।

গুণাবলী (গুনাবোলি) [গুণ+আবলী, ৬তৎ] বি, গুণসমূহ। ২। নামতা; table of multiplication.

গুণাভরণ (না, ন্) [গুণ (রূপ) আভরণ, কর্ম্মধা] বি, ক্লী, গুণালঙ্কার; গুণভূষণ।

গুণাভাস (গুনাভাশ্) [গুণ+আভাস, ৬তৎ] বি, গুণসাদৃশ্য। ২। গুণ বলিয়া ভ্রম।

গুণার্ণব (গুনার্নব্) [গুণ+অর্ণব, ৬তৎ] বি, গুণসাগর; গুণাধার; গুণনিধি।

গুণালঙ্কার (গুনালংকার্) [গুণ (রূপ) অলঙ্কার—কর্ম্মধা] বি, গুণাভরণ।

গুণালঙ্কৃত (গুনালোংকৃত) [গুণ দ্বারা অলঙ্কৃত, ৩তৎ] বিণ, যাহার নানা গুণ আছে; গুণরত্নভূষিত; গুণমণ্ডিত। স্ত্রী, **গুণালঙ্কৃতা**।

গুণিত (নি) [গুণ্ (অভ্যাসে, পূরণে)+ত (কর্ম্মে—ক্ত) ই আগম] বিণ, অন্য রাশি দ্বারা গুণ করা; পূরিত। ২। গণিত; সংখ্যাত। ৩। [গু্নিত] ক্রি, গণনা করিত। গুণা দ্রঃ।

গুণিতক (নি, ক্) [গুণিত+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, গুণনীয়ক।

গুণিন (গুনিন্) [গুণ (মন্ত্র) ইন্ (অস্ত্যর্থে, সিদ্ধ অর্থে)] বিণ, মন্ত্রসিদ্ধ; তন্ত্রমন্ত্রে নিপুণ; যে গুণ করিতে জানে। প্র—লোকটা ভারি গুণিন। ২। জ্যোতিষী। ৩। রোজা।

গুণী [গুণ+ইন্—(অস্ত্যর্থে) গুণিন্ ১মা, ১ব] বিণ, যাহার গুণ আছে; গুণযুক্ত; গুণ-বিশিষ্ট; গুণবান্। প্র—"* * * অখিল জগতে, নাহি হেন গুণী আর, কহিনু তোমারে।"—বীরাঙ্গনা কাব্য। ২। ধার্ম্মিক। ৩। তন্ত্রমন্ত্র-সিদ্ধ; বশীকরণমন্ত্রসিদ্ধ; যে গুণ করিতে জানে; বশ করিবার বা মুগ্ধ ও স্তম্ভিত করিবার বিদ্যা যাহার আছে। প্র—
"তুমি কেমন করে গান কর যে গুণী,
অবাক হয়ে শুনি, কেবল শুনি।"—গীতাঞ্জলি।

গুণীভূত [গুণ+ঈ (অভুততদ্ভাবার্থে, চ্বি) =গুণী+ভূত] অপ্রবল; অপ্রধানভাবে স্থিত; অপ্রধানীভূত। ২। অদৃশ্য; লক্ষ্যের বহির্ভূত।

গুণীভূতব্যঙ্গ (গুনিভুত ব্যাংগ) [অলঙ্কার শাস্ত্র পরিঃ] বি, কাব্যাংশের যেথানে ব্যঙ্গার্থ হইতে বাচ্যার্থ চমৎকারজনক হয় [ব্যঙ্গার্থ অধিক চমৎকারজনক হইলে তাহাকে ধ্বনি-কাব্য বলা হয়; ধ্বনি দ্রঃ]।

গুণোৎকর্ষ (নো) [গুণের উৎকর্ষ, ৬তৎ] বি, পুং গুণপ্রাচুর্য্য; গুণের বৃদ্ধি; গুণাধিক্য।

গুণোপেত (নো) [গুণ দ্বারা উপেত (যুক্ত) ৩তৎ] বিণ, গুণপ্রাপ্ত; গুণমণ্ডিত; গুণযুক্ত; গুণী।

গুণ্ঠন [গুণ্ঠ্ (বেষ্টন করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আচ্ছাদন; আবরণ; বেষ্টন। ২। অবগুণ্ঠন; ঘোমটা।

গুণ্ঠিত [গুন্‌ঠ্ (বেষ্টন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা বেষ্টন করা হইয়াছে; বেষ্টিত; আচ্ছাদিত; গুণ্ঠনাবৃত। ২। ভস্মাচ্ছাদিত; ছাইচাপা।

গুণ্ডা, গুণ্ডা (গুনডো—ডা) [সং—গুণ্ড্ (চূর্ণীকরণে, পেষণে) ধাতু হইতে; হি—গুণ্ডা (বদমাস, দস্যু)] বি, বদমাস; দুর্বৃত্ত; দুর্জন; দস্যু। প্র—"শুন দেখি ওরে গুণ্ডা, যদিবা হানিলি গণ্ডা কোন লাজে নিলি বরমালা।"—ঘনরাম। **গুণ্ডামি**—গুণ্ডার ন্যায় আচরণ। **গুণ্ডাগিরি**—বদমায়েসী; দস্যুবৃত্তি; দুর্বৃত্তাচার। ২। গুপ্তহত্যাকারী; গুপ্তঘাতক।

গুণ্ডিক (ক্) [গুনড্ (চূর্ণ করা)+অক (ই আগম)] বি, পুং, গুঁড়ি; চাউলাদি চূর্ণ; স্ত্রী, **গুণ্ডিকা**।

গুণ্ডিচা—বি, স্ত্রী, জগন্নাথ দেব রথারোহণের পর সপ্তাহ কাল যে বেদীতে অবস্থান করেন; ইন্দ্রদ্যুম্ন মহিষী গুণ্ডিচা দেবী প্রতিষ্ঠিত শ্রীক্ষেত্রস্থ মণ্ডপবিশেষ।

গুণ্ডিচাযাত্রা—(জাৎত্রা) বি, জগন্নাথ দেবের শ্বশুরালয় যাত্রারূপ উৎসব। প্র—কিছু দিনান্তরে মহা আড়ম্বরে শ্রীগুণ্ডিচা যাত্রা হয়।" —কাঞ্চীকাবেরী।

গুণ্ডিত [গুনড্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, চূর্ণিত; গুঁড়ান। ২। গুঁড়ি মিশান; চূর্ণযুক্ত।

গুণ্য (গুন্ন) [গুণ্+য (কর্ম্মে)] বিণ, যাহাকে গুণ করিতে হইবে; গুণনীয়। ২। বিশিষ্ট গুণশালী।

গুৎস (গুৎশ) [গুধ্ (ক্রীড়া করা, বেষ্টন করা)+স (অধি, সংজ্ঞার্থে) ভ্রমরগণ যেখানে ক্রীড়া করে] বি, পুং, তোড়া; গোছা; থোকা। ২। গাছের গুঁড়ি। ৩। তৃণ-গুচ্ছ; পুষ্পস্তবক। ৪। গ্রন্থের অধ্যায় বা পরিচ্ছেদ। ৫। ছত্রিশনরি হার।

গুৎসক (ক্)—গুৎস দ্রঃ।

গুত, গুতা (গুতো)—গুঁতা দ্রঃ।

গুতান (নো) [প্রা-বাং—ঢুষান। 'গুতান'র ব্যবহার দৃষ্ট হয় না। হি—গুথ্‌না অর্থে সূতার গাঁথা। সম্ভবতঃ আ—গোতা (জলে ঢু মারিবার মত করিয়া ডুব; হি—গোতা মার্‌না= ডুব গালা to dive.) উ-পু—গুতাই। ম-পু—গুতাও। প্র-পু—গুতায়। অস-ক্রি, গুতাইতে; গুতাইয়া; গুতিয়ে; গুতাইবার] ক্রি, ঢু মারা; শৃঙ্গদ্বারা আঘাত করা। বি, **গুতানি, গুতুনি**। বিণ, **গুতানিয়া, গুতুনে, গুতন্তে, গুতুন্তে**।

গুদ (দ্) [গু (মল ত্যাগ করা)+দ (করণে—সংজ্ঞার্থে) যদ্দারা মল ত্যাগ করা হয়] বি, পুং, গুহ্যদেশ; মলদ্বার; পায়ু। ২। [প্রাদে] স্ত্রী-চিহ্ন; যোনি; pudendum muliebre.

গুদড়, গুদড়ী, গুধড়ী (ড়্), (দ্, ড়ি) (ধ্, ড়ি) (পর্ত্ত—godrim শব্দজ] বি, ভিখারীর কাঁথা; সন্ন্যাসী ফকীরদিগের গাত্রাবরণ; কন্থা।

গুদম, গুদাম (ম্) [হি—গুদাম। ইং-তে এই শব্দ "godown" রূপ প্রাপ্ত হইয়াছে] বি, মালখানা ; ভাণ্ডার।

গুদার, গুদার ঘাটা, গুদারা (র্) [ফা—গুদার্, খেয়াঘাট] বি, খেয়াঘাট।

গুন্‌গুন্ [শব্দাত্মক। (গুঞ্জ্)] বি, গুঞ্জন ; ভ্রমর ঝঙ্কার। প্র—"গুন্‌গুন্ রবে তারা মধুপান করে।"—পদ্যপাঠ। ২। অস্ফুটস্বরে সঙ্গীতের আলাপ।

গুন্দল (ল্) বি, মর্দ্দল ; মাদল নামক বাদ্য।

গুন্দ্র—বি, শরতৃণ ; শরের গাছ। ২। মুতাতৃণ।

গুপ (গুপো) [গুপ্ত শব্দজ] বি, গুপ্ত আঘাত। প্র—"অন্তরে মরম ব্যথা কাহারে কহিব কথা গুপতে গুমরি মরি মরি।"—চণ্ডীদাস।

গুপত [গুপ্ত শব্দের মৃদুরূপ পদ্যে] বিণ, গুপ্ত। প্র—"চারি বেদ নহি ছিল সাস্তর বিচার। গুপত বেদ করিলেন্ত পরভু করতার॥" —শূন্যপুরাণ।

গুপ্ত [গুপ্ (রক্ষা করা, গোপন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, লুক্কায়িত ; গূঢ়। ২। অপরিজ্ঞাত ; অদৃশ্য ; অলক্ষিত। ৩। সংবৃত ; আচ্ছাদিত। ৪। রক্ষিত। ৫। বি, পুং, উপাধিবিশেষ। স্ত্রী, **গুপ্তা** [প্রা-বাং] রক্ষা ; উদ্ধার। "দশ বিশ বীরবর লইয়া যমঘর শ্রীমন্তে করিতে গুপ্তা।"—কবিক। ২। চুয়া।

গুপ্তকথা [গুপ্ত (গোপনীয়) কথা] বি, গোপনীয় বিষয় ; গূঢ়বিষয় ; অজ্ঞাত কাহিনী ; অপ্রকাশিত বৃত্তান্ত।

গুপ্তগতি (গো) [গুপ্ত হইয়াছে গতি (গমন) যাহার, বহু] বি, পুং, যে গোপনে গমন করে ; গুপ্তচর।

গুপ্তচর (র্) [গুপ্ত যে চর, কর্ম্মধা] বি, পুং, গোপনে ভ্রমণকারী দূত ; গুপ্ত সংবাদ-দাতা।

গুপ্তবেশ (শ্) [গুপ্ত—বেশ] বি, ছদ্মবেশ।

গুপ্তমন্ত্র (মো) [গুপ্ত—হইয়াছে মন্ত্র (মন্ত্রণা) যাহার, বহু] বিণ, যে রাজার মন্ত্রণা কেহই জানিতে পারে না। প্র—"গুপ্তমন্ত্র রাজার বিপৎপাতের সম্ভাবনা নাই।" —রত্নমালা।

গুপ্তি [গুপ্ (রক্ষা করা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, রক্ষণ ; রক্ষা। ২। পাহারা। ৩। সংবরণ। ৪। গোপন। ৫। [অধি—ক্তি] গুপ্তস্থান ; ভূগর্ভ। ৬। কারাগার। ৭। ময়লাদি ফেলিবার ভূমি। ৮। নৌকা কিম্বা জাহাজাদির খোল। ৯। [কর্ত্তৃ—ক্তি] যে প্রাণিগণকে ইহলোক হইতে গোপন করে ; যম। ১০। তরবারি অপেক্ষা কিছু ছোট ও সরু অস্ত্র। ইহা যষ্টির অভ্যন্তরে গুপ্ত থাকে বলিয়া ইহার নাম গুপ্তি।

গুফা [সং-গুহা—অপভ্রংশে অথবা গুপ্ত হইতে হি—গুফা=গুপ্তস্থান (২) কন্দর। প্রা-বাং—**গোফা**] বি, গর্ত্ত ; পর্ব্বতকন্দর।

গুবরান (নো) ক্রি, ড্যাসান : আধপাকা হওয়া। ২। অস্পষ্ট ও নোংরা করিয়া লেখা (গাঙ্গুলী)।

গুবাক, গূবাক (ক্) [গু (ত্যাগ করা) + আক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে পক্কাবস্থায় ফল সকল ত্যাগ করে] বি, পুং, সুপারি গাছ। ২। ক্লী, সুপারি।

গুম (ম্) [শব্দাত্মক। ঘোষ, গ এবং গম্ভীর অর্থে, ম] বি, গম্ভীর শব্দ ; পৃষ্ঠে কিল পড়িবার শব্দ ; উচ্চস্থান হইতে গুরুভার বস্তু পতন শব্দ ; তোপ দাগিবার শব্দ।

গুম (ম্) [হি—গুম্=গুপ্ত] বিণ, গুপ্ত ; লুক্কায়িত ; অপ্রকাশিত। প্র—মালপত্র গুম করে ফেলেছে। ২। আপনাতে আপনি বদ্ধ : নির্ব্বাক এবং নিশ্চল ভাব। প্র—গুম হইয়া বসিয়া থাকা। ৩। (মো) [অপ্রকাশিত বা বদ্ধ অবস্থার বোধক] বিণ, গুমসা ; বদ্ধ বায়ুতে থাকায় দুর্গন্ধময়। প্র—গুম গন্ধ।

গুমগুম (ম্, ম্) [অনুকার শব্দ : গুম দ্রঃ। ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব] অ, কিল প্রহার শব্দ ; ছাদে গোড়ালি ঠুকিয়া চলিবার শব্দ। ক্রি, **গুমগুমান** (নো)—গুমগুম শব্দে কিল মারা। অস-ক্রি, **গুমগুমাইয়া, গুমগুমিয়া।** বি, **গুমগুমানি।** বিণ, **গুমগুমিয়া, গুমগুমে।**

গুমখুন (ম্, ন্) [হি - গুম + ফা = খূন্] বি, গোপন হত্যা ; গুপ্তহত্যা।

গুমট, গুমঠ (ট্, ঠ্) বি, উত্তাপ ; গ্রীষ্ম ; গরম। ২। নির্ব্বাত গ্রীষ্ম : মেঘে চতুর্দ্দিক ঘিরিয়া ও বায়ুরোধ করিয়া থাকিলে যে পচা গরম পড়ে। প্র—"হঠাৎ গুমঠ ভাঙ্গিয়া একটা বাতাস হু হু করিয়া অন্ধ বনানীর শিরোদেশ কাঁপাইয়া স্তব্ধ আকাশের ঘনপুঞ্জ আলোড়িত করিয়া তুলিল।"—মানসী।

গুমটী (ম্) [হি] বি, প্রহরীদের থাকিবার সঙ্কীর্ণদ্বার তিনদিক বদ্ধ গুম্বজাকৃতি গৃহ। (২) প্রহরীদের বাস গৃহ। ২। যে জাহাজের খোলের জল সেঁচিয়া ফেলে।

গুমর (মোর্) [ফা—গুমান্=গর্ব্ব। গ্রা, ব্যবহার, তুল—আ—গর্র্‌া ; সং—গর্ব্ব। গুমোরও লিখিত হয়] বি, গর্ব্ব ; দম্ভ ; মাৎসর্য্য ; দেমাক্। **গুমর করা**—গর্ব্ব করা ; দাম্ভিকতা দেখান। **গুমর ভাঙ্গা**—গর্ব্ব চূর্ণ করা। ২। অহঙ্কার দূর হওয়া।

গুমরান (গুম্‌রানো) [গুম (দ্রঃ) + আন (ক্রিয়ায়)—গুমান পরে গুমরান। হিন্দীর অনুকরণে আকার স্থানে র়া। উ-পু—গুমরাই। ম-পু—গুমরাও। প্র-পু—গুমরায়। অস-ক্রি, গুমরিতে : গুমরাইতে ; গুমরাইয়া : গুমরিয়া; গুমরি (পদ্যে) গুমরে] ক্রি, আপনাতে আপনি প্রায় বদ্ধশ্বাস হইয়া থাকা : হৃদয়াবেগ রুদ্ধ করা। প্র—"মনে হলে দুখ, ফাটে মোর বুক গুমরে গুমরে মরি।"—চণ্ডীদাস। "এযে বুক ফাটা দুখে গুমরিছে বুকে, গভীর মরম বেদনা।"—রবি।

গুমসন, গুমসান (গুম্‌শোনো, শনো) [হি —গুম্‌সা=ভাপ্‌সা : ছাতাপড়া] ক্রি, বদ্ধ-বায়ু বা নির্ব্বাত স্থানে থাকায় ছাতা ধরা বা ভাপ্‌সিয়া যাওয়া। ২। গুমট করা। বি, **গুমসানি**—গুমট। বিণ, **গুমসা, গুমসি।**

গুমা [গুম দ্রঃ] ক্রি, গুমিয়া যাওয়া ; ছাতা পড়া ; ভাপ্‌সান বা গরমে পচিয়া দুর্গন্ধযুক্ত হওয়া। ২। বি, গুমা গন্ধ।

গুমান (ন্) [ফা—গুমান] বি, গর্ব্ব ; অহঙ্কার। প্র—"গুমান হইল গুঁড়া না মিলিল খুদ কুঁড়া।" "কোথা বা সে বেণরাজা কোথা বা সে বাণ। কোথা গেল দুর্য্যোধন করিয়া গুমান।"—শিবায়ন।

গুমি [গুম দ্রঃ] বি, গোপন। ২। বিণ, গুপ্ত।

গুম্ফ [গুন্ফ্ (গাঁথা) + অ (ভাবে—অল্)] বি, পুং, গ্রন্থন ; গাঁথনি ; গাঁথা। ২। [কর্ম্মে —অল্)] গুচ্ছ। ৩। প্রবন্ধ। ৪। শ্মশ্রু ; গোঁপ।

গুম্ফন (ন্) [গুন্ফ্ (গ্রন্থন করা) + অনট্ (ভাবে)] বি, ক্লী, গাঁথন ; রচনা।

গুম্ফবন্ধনী [এই পারিভাষিক শব্দ জ্যোতিরিন্দ্র নাথ ঠাকুর মহাশয় ব্যবহার করিয়াছেন] বি, গণিতে মিশ্ররাশি একত্র বা স্বতন্ত্র করিবার বন্ধনী ; ডবল ব্র্যাকেট ; এই { } চিহ্ন। **প্রমুখী গুম্ফ বন্ধনী**—গুম্ফবন্ধনীর প্রথম বা বামার্দ্ধ ; { এই চিহ্ন। **বিমুখী গুম্ফ বন্ধনী**—গুম্ফবন্ধনীর দক্ষিণ বা শেষার্দ্ধ ; } এই চিহ্ন।

গুম্ফিত [গুন্ফ্ (গাঁথা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা গাঁথা হইয়াছে ; গ্রথিত ; বদ্ধ ; রচিত।

গুম্বজ (জ্) [ফা—গুম্বদ্ ; উ—গুম্বজ্] বি, গোল ছাদ ; মন্দির মসজিদ প্রভৃতির শীর্ষস্থ কলস ; dome ; cupola.

গুয়া [সং—গুবাক, সংক্ষেপে] বি, সুপারি। প্র—"মুখে মুখ দিয়া পান গুয়া নিয়া ঘুরিয়া বেড়ায় সুখে।"—চণ্ডীদাস। **গুয়াথুপী**—বি, ধান্যবিশেষ। প্র—"গন্ধমালতী গুয়া-থুপী গুণাকর।"—শিবায়ন। **গুয়ারেখী** [সুপারির গায়ের রেখার মত রেখা-যুক্ত বলিয়া

এই নাম] বি. সিংহমুখযুক্ত অগ্রভাগ ডিঙ্গা। প্র—"গড়ে ডিঙ্গা সিংহমুখী, নাম যার গুয়ারেখী।"—কবিক।

গুয়ে [গু+ইয়া—গুইয়া সংক্ষেপে] বিণ. বি যুক্ত। ২। বি. শিশুকে যমে স্পর্শ করিবে না এই বিশ্বাসে তাহার গুইয়া বা গুয়ে এই নাম রাখা হয়। গুয়েবাবলা [সং—বিষ্ঠা খদির (বিট খদির দ্র:)। বিষ্ঠার ন্যায় দুর্গন্ধময় বলিয়া এই নাম] বি. বিটখদির ; বিট। গুয়ে সালিক (শালিক) বি. সারিকা পাখীর জাতিবিশেষ।

গুরু [সং—গৄ (স্তুতি উক্তি অর্থে) = গুর্+উ (কর্ত্তৃ—কু) যিনি দেবতাকে স্তব করিতে শিক্ষা দেন—যিনি শিষ্যের মঙ্গলার্থ দেবতার স্তব করেন] বি. পুং. ধর্ম্মপ্রচারক ; আচার্য্য। ২। উপদেশক ; অধ্যাপক ; শিক্ষাদাতা। ৩। মন্ত্রোপদেষ্টা ; যিনি তান্ত্রিক বিধানে মন্ত্র দেন। [তন্ত্রশাস্ত্রে] গু শব্দের অর্থ যিনি সিদ্ধি দান করেন, র অর্থে পাপনাশক, উ অর্থে শম্ভু অতএব গুরু অর্থাৎ যিনি সাধকগণের সিদ্ধি প্রদানের জন্য উপদেশ দ্বারা পাপরাশি নাশ করিয়া স্বয়ং শম্ভুরূপে আত্মাকে দর্শন করান। ৪। ধর্ম্মোপদেশক ; পুরোহিত। ৫। দেব-গুরু বৃহস্পতি। ৬। দৈত্য গুরু শুক্রাচার্য্য। ৭। রঘুবংশে বশিষ্ঠ ও বিশ্বামিত্র। ৮। চন্দ্রবংশে দ্রোণাচার্য্য। ৯। পুং, ক্লী. দীর্ঘস্বর। ১০। [কর্ম্মে—কু] বিণ. ভারী। ১১। মহৎ। ১২। কঠিন। ১৩। অত্যন্ত ; অধিক। ১৪। পূজনীয়। ১৫। দুর্গম। ১৬। বিষম। ১৭। দুর্ব্বহ। ১৮। অত্যুত্তম ; উৎকৃষ্ট। ১৯। প্রয়োজনীয়। ২০। প্রশংসনীয়। ২১ পিণ্ডালু ; চুবড়ী আলু। ২২। জন্মদাতা ; পিতা। স্ত্রী. গুর্ব্বী—গুরুতরা। গুরুকন্যা—গুরুর কন্যা। গুরুকুল—গুরুর বংশ। গুরু-গিরি—অধ্যাপনা ; মন্ত্রদানাদি কর্ম্ম সম্পাদন : গুরুর পদোচিত কর্ম্ম। গুরুগৃহ—গুরুর গৃহ ; গুরুজন—গুরুর ন্যায় মান্য ব্যক্তি। গুরু-দক্ষিণা—গুরু বিদায় ; গুরুর যাহা প্রাপ্য। গুরুদশা—বৃহস্পতির দশা। ২। পিতৃ-মাতৃ বিয়োগ জন্য অবস্থা। প্র—গুরুদশার বৎসর। গুরুদেব—গুরুরূপ দেবতা। সম্মানিত গুরু। গুরুঠাকুর—গুরুদেব। গুরুনিন্দা—গুরুর নিন্দা। গুরুপত্নী—গুরুর সহধর্ম্মিণী। গুরুপাক—যাহা সহজে পরিপাক হয় না। গুরু-পাট—গুরুর স্থান। গুরুপুত্র—গুরুর পুত্র। গুরুপুরুত—মন্ত্রগুরু ও পুরোহিত। গুরুপূজা—গুরুকে পূজা ; গুরুর সেবা ও সম্মান। গুরুবরণ—গুরুর বরণ। গুরু-বর্ণ—উচ্চবর্ণ। গুরুবল—গুরুর কৃপাবল ; গুরুর আশীর্ব্বাদ বল। প্র—"আমার বড় গুরুবল যে অদ্যাপিও সরকারগিরি কর্ম্মটী বজায় আছে।"—টেকচাঁদ। গুরুবার—বৃহস্পতিবার (বৃহস্পতি দেবগুরু)। গুরু-ভক্তি—গুরুর প্রতি ভক্তি। গুরুভাই—এক গুরুর শিষ্য সম্পর্কে ভাই। গুরু মহা-শয়, গুরুমশাই—শিক্ষাগুরু ; পাঠশালার শিক্ষা গুরু। গুরুমা—ইষ্টমন্ত্রদাত্রী। ২। গুরুপত্নী। ৩। আধু-বাং-য় বালিকা বিদ্যালয়ের শিক্ষয়িত্রীকে ছাত্রীগণ কর্ত্তৃক সম্বোধন। গুরুমারা বিদ্যা—যে মারণ বিদ্যা গুরুর নিকট শিক্ষা সেই বিদ্যার বলে গুরুকেই মারা। উপমাস্থল—অর্জ্জুন দ্রোণাচার্য্য। গুরুসেবা—গুরুর সেবা। গুরু করা—গুরুস্থানে বরণ করিয়া তাঁহার নিকট মন্ত্র গ্রহণ করা।

গুরুক্রম (গুরুক্ক্রোম্) [গুরু (উপদেশক) হইয়াছে ক্রম (পর্য্যায়) যাহাতে (যে উপদেশে) বহু] বি. পুং. গুরুপরম্পরাগত উপদেশ। বিণ. গুরুক্রমিক।

গুরুঘ্ন [গুরু—হন্ (বধ করা) + অ (কর্ত্তৃ—টক্) হ—অ—লোপ, হ্ = ঘ্+ন্ = ঘ্ন] ২। বিণ. গুরুহন্তা।

গুরুতম (ম্) [গুরু+তম (বহুর মধ্যে একের উৎকর্ষার্থে)] বিণ. অত্যধিক ভারী ; সর্ব্বাপেক্ষা গুরু। ২। সকলের পূজনীয়।

গুরুতর [গুরু+তর (দুয়ের মধ্যে একের উৎকর্ষার্থে] বিণ. গরীয়ান্ ; অপেক্ষাকৃত অধিক গুরু। প্র—গুরুতর অপরাধ।

গুরুতল্প [গুরু (বিমাতা) হইয়াছে তল্প (ভার্য্যা) যাহার—বহু] বি. পুং. বিমাতৃগামী। ২। [গুরুর তল্প (শয্যা) ৬ তৎ] গুরুর শয্যা। ৩। গুরুপত্নী।

গুরুতল্পগ [গুরুর তল্প (ভার্য্যা)—গ—গম্ (গমন করা) + অ (কর্ত্তৃ, ড) ম্-লোপ] বি. পুং. বিমাতৃগামী। ২। গুরুপত্নীগামী।

গুরুতা, গুরুত্ব [গুরু+তা, ত্ব (ভাবে)] বি. তা—স্ত্রী, ত্ব—ক্লী, গুরুগিরি। ২। মহত্ব। ৩। ভারত্ব। ৪। আতিশয্য ; আধিক্য। ৫। গাম্ভীর্য্য ; অলঘুত্ব। ৬। কাঠিন্য। ৭। পূজনীয়ত্ব।

গুরুত্বানুভাবকতা [গুরুত্বের অনুভাবকতা, ৬ তৎ] বি. স্ত্রী. গুরুত্ববোধক শক্তি।

গুরুনিতম্ব—বিণ. যাহার নিতম্বদেশ স্থূল ; পাছা-ভারী। স্ত্রী. গুরুনিতম্বা, বাং—গুরুনিতম্বিনী। ২। [গুরু যে নিতম্ব, কর্ম্মধা] বি. ভারি পাছা। প্র—"গুরু নিতম্ব উরু পয়োধর ভারে ভূমে টলিয়ে পড়ি"—বাং-গান।

গুরুনিতম্বতা [জাতি: পরি:] বি. যাহাদিগের নিতম্বদেশ বা পাছা ভারি ; steatopygia.

গুরুপরিচর্য্যা (গুরুপোরিচোর্জ্জা) [গুরুর পরিচর্য্যা—৬ তৎ] বি. স্ত্রী. গুরুসেবা।

গুরুভার (র্) [গুরু—ভার] বি. অধিক ভার। ২। দায়িত্বের আধিক্য। ৩। বিণ. যাহার ভার অধিক ; খুব ভারী। ৪। যাহাতে দায়িত্ব অত্যন্ত অধিক ; অত্যধিক দায়িত্বযুক্ত।

গুরুমর্দ্দল (ল্) [গুরু (বৃহৎ) যে মর্দ্দল, কর্ম্মধা] বি. পুং. বৃহদাকার মাদল বাদ্য।

গুরুমুখী—বি. শিখজাতির বর্ণমালা।

গুরুয়া [গুরু+আ (স্বার্থে) ব্রজ] বিণ. গুরু ; ভারী। ২। স্থূল ; পীন। প্র—"গিরিবর গুরুয়া পয়োধর"—বিদ্যাপতি। ৩। অধিক ; অতিশয়। প্র—গুরুয়া গরব কুল নাশয়িতে কুলবতী কলঙ্ক আগে আগে চলে।" —জ্ঞানদাস।

গুরুশুশ্রূষা (শুশ্ব্রুশা) [গুরুর শুশ্রূষা (সেবা) ৬ তৎ] বি. স্ত্রী. গুরুসেবা।

গুরুহত্যা (গুরুহোৎত্যা) [গুরুকে হত্যা—২ তৎ] বি. গুরুকে হত্যা করা রূপ মহাপাতক।

গুরুহন্তা [গুরুর হন্তা—৬ তৎ] বিণ. গুরু-হত্যাকারী ; গুরুঘ্ন।

গুরুহা [গুরু—হন্ (বধ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ) = গুরুহন্, ১মা-১ব = গুরুহা] বিণ. গুরুহন্তা।

গুরূত্তম [গুরুদিগের মধ্যে উত্তম, ৭তৎ] বিণ. পূজ্যতম ; গুরুশ্রেষ্ঠ ; সর্ব্বাপেক্ষা পূজনীয়। ২। বি. পুং জগদীশ্বর।

গুরূপদেশ (শ্) [গুরুর উপদেশ, ৬তৎ] বি. কর্ত্তব্যাকর্ত্তব্য সম্বন্ধে গুরুর পরামর্শ ও আদেশ।

গুরূপাসনা (শনা) [গুরু+উপাসনা] বি. গুরুপূজা।

গুর্জ্জর (র্) বি. পুং. গুজরাট দেশ। ২। গুর্জ্জরদেশের অধিবাসী। স্ত্রী. গুর্জ্জরী—বি. গুর্জ্জররাগিণী। ২। গুজরাটবাসিনী। ৩। বিণ. গুর্জ্জরসম্বন্ধীয়।

গুর্ব্বঙ্গনা [গুরুর—অঙ্গনা (স্ত্রী) ৬তৎ] বি. স্ত্রী. গুরুভার্য্যা ; গুর্ব্বী। ২। [গুরুর (পিতার) অঙ্গনা (ভার্য্যা)] বিমাতা।

গুর্ব্বর্থ [গুরু (মহৎ) অর্থ (অভিধেয়) যাহার, বহু] বিণ. দুরবগাহ অর্থযুক্ত। ২। বিশেষ আবশ্যক। ৩। [৬ তৎ] গুরুর ধন।

গুর্ব্বিণী (নি) [গুরু (গর্ভস্থ সত্ত্ব) + ইন (অস্ত্যর্থে) = গুর্ব্বিন্—স্ত্রী. ঈপ্] বি. স্ত্রী. গর্ভবতী ; গর্ভিণী। প্র—"সহেন গুর্ব্বিণী এই যাতনা সকল, পুত্রের কমল মুখ দেখিতে কেবল"।—পদ্যপাঠ, ২য় ভাগ। "গুর্ব্বিণী সকল গিরিরাজে গালি পেড়ে। কলস্বরে কান্দেন কন্যার মাকে বেড়ে"—শিবায়ন।

গুর্ব্বী [গুরু+ঈপ্—স্ত্রী] স্ত্রী. বিণ. মহতী ; প্রধানা। ২। গর্ভবতী। ৩। বি. স্ত্রী. গৌরববতী। ৪। গুরুভার্য্যা।

গুল (ল্) [ফা—গুল্] বি. পোড়া তামাক। ২। তামাক খাইবার জন্ম অঙ্গার-চূর্ণ-নির্ম্মিত গোলাকার বটিকা বা গুটিকা। প্র—"রমণ বাবুর আলবোলাটা সেখানে ছিল, তাহাতে কল্কে বসান ; গুলের ছাই ছিল মাত্র" —ইন্দিরা (বঙ্কিম)। ৩। গোবর ও কয়লার গুঁড়ায় পাকান গুলি ; জ্বালাইবার গুল।

গুল (ল্) [ফা—গুল্=গোলাপফুল, ফুল] বি. ফুল। বাঙ্গালায় ইহার স্বতন্ত্র ব্যবহার নাই। অন্ত শব্দযোগে এই অর্থ প্রকাশ করে। *প্র—গুলবাহার ঢাকাই।

গুল (ল্) [গুড়্ শব্দের উচ্চারণ বিকার। ড়=ল] বি. পুং. ইক্ষুবিকার ; গুড়।

গুলকন্দ (গুল্কন্দ্) [ফা—গুল্ (গোলাপ)] বি. গোলাপ-দেওয়া মিষ্টান্ন।

গুল্‌গুলা, গুল্‌গুলে [শব্দাত্মক। পক ফলের ভিতর গলিত হইলে উপর হইতে টিপিলে ভিতরে গুল্‌গুল্ শব্দ হয়। হি—' বিণ. ফলাদি পাকিয়া অতিশয় নরম হওয়া ; গলিতবৎ ; গলগলে। ২। বঁদিয়ার পাক, কিন্তু বড় বড় টোপাকুলের আকার মিষ্টান্ন ; রসবড়া।

গুলজার (গুল্জার্) [ফা—গুল্=ফুল+জার্=কেয়ারী=ফুলের কেয়ারী। বাং-য় অর্থ সম্প্রসারণ] বিণ. সুশোভন ; শোভাময় ; জাঁকাল। প্র—"নগরের মধ্যে বড় বড় গুলজার চাঁদনী চৌক।"—রাজসিংহ (বঙ্কিম)। ২। মুখরিত ; কোলাহলময়। প্র—"রাজপুরী মাঝে লেগেছে বাজার বড় গুলজার সরস ঠাট।" —বঙ্কিম (গদ্যপদ্য)। **নরক গুলজার** (বিদ্রূপোক্তি)—বিবিধ পাপীর একস্থানে উপস্থিতি বা সমাগমজনিত আসর জমজমে।

গুলণ্ড [গোলকুণ্ড বলে] বি. গুড়্চী দ্রঃ।

গুলতন (গুল্‌তোন্)—গুলতান দ্রঃ।

গুলতরাস (গুল্‌তরাশ্) [ফা] বি. যাহারা কাগজ কাটিয়া ফুল তৈয়ার করে।

গুলতান (ন্) [ফা—গল্‌তান্=পেঁচদার ; পাকান] বি. পেঁচ ; কুচক্র। ২। কোন বিষয় বা কথা লইয়া দশজনের আলোচনা (প্রায়ই প্রতিকূল) ; জটলা।

গুলতি (ল্) [হি। প্রা-বাং—গুলতাই] বি. বাঁটুল ; গুলী ; ছোট গুলি। প্র—"হাতে হেম গুলতাই বাঁটুল"—ধর্ম্মমঙ্গল।

গুলদস্তা (ল্) [ফা] বি. ফুলদান। যে পাত্রে ফুলের তোড়া রাখা হয় ; bouquet.

গুলদার (ল্, র্) [ফা] বিণ. ফুলদার ; ফুলকাটা।

গুলনকস (গুল্‌নক্‌শো) [ফা—গুল্ (ফুল) + আ—নক্‌শ্=চিকনের কাজ, embroidery.] বি. ফুলপাতা তোলা রেশমীক পিড়। ২। চিকনের ফুলতোলা কাজ।

গুলনার, গুলেনার (ল্, র্) [ফা—গুলে-আনার] বি. ডালিমফুল-তোলা শাড়ী।

গুলবদন (ল্, ন্) [ফা—গুল্‌বদন্] বি. রেশমী ডুরিদার শাড়ী। ২। অতিশয় কোমল।

গুলবাহার (ল্, র্) [ফা] বি. শাদা জমির উপর প্রায় লাল বা কাল ফুল তোলা শাড়ী। প্র—গুলবাহার ঢাকাই।

গুলা, গুলি, গুলিন (ন্) [গ্রা—রূপান্তর —গুলো, গুনো, গুনি। তুচ্ছার্থে আকার যোগ ; এবং আদর অর্থে ইকার যোগ] অ. বহুত্ব-বোধক প্রত্যয়। প্র—পাখী গুলা, মানুষগুলি, পুস্তকগুলিন। ২। বিশেষ কতিপয়। প্র—বাড়ীগুলি বেশ পরিষ্কার বা বাড়ীগুলা বড় নোংরা [এখানে বাড়ীমাত্রেই পরিষ্কার বা নোংরা নহে কিন্তু বিশেষ কয়েকটী বাড়ী]। প্র—"শৈশবের খেলা ধুলা সে বকুল গাছগুলা আসে রে নয়নজল সেদিন স্মরিয়া।" —প্রেম ও ফুল।

গুলান (গু্লানো) [গোল (চক্র) হইতে। উ-পু—গুলাই। অ-পু—গুলাও। প্র-পু —গুলায়। অস-ক্রি. গুলাইতে ; গুলাইয়া ; গুলিয়ে] ক্রি. গোল পাকান ; সূত্রে বা খেই হারান ; বিশৃঙ্খল করা ; জটিল করা। ২। [হি—ঘুলানা] গোলা : মিশান। ৩। ঘুলান ; পাবান ; মথন করা ; আলোড়ন করা।

গুলিয়ে উঠা—গা বমি বমি করা ; বমনেচ্ছা হওয়া। প্র—"ঘোলা জল পড়লে পেটে গাটা অমনি গুলিয়ে উঠে, পেট ফাঁপে আর টেঁকুর উঠে, হেউ হেউ হেউ।"—বাং-গান।

গুলাব (ব্) [ফা—গুলাব্ (গুল—এ—আব)] বি. গোলাপজল। প্র—"বামহস্তে গুলাব ভরা ঝারী" —কথা। ২। গোলাপফুল।

গুলাবপাশ—গোলাবপাশ দ্রঃ।

গুলাবী [ফা—গোলাব] বিণ. মিশ্রিত ; গোলাবের সৌগন্ধযুক্ত। ২। মৃদু ; অল্প অল্প।

গুলাল (ল্) [হি] বি. সুগন্ধি তুলসি গাছ ; বাবুই তুলসি। ২। আবীর ; দোল পর্ব্বে ব্যবহৃত ফাগ। প্র—"পরিমলে মিলিত ভ্রমরাকুল আকুল সুন্দর বকুল গুলাল।" —গোবিন্দদাস।

গুলি, গুলী [সং] বি. গুটিকা। ২। হাত পায়ের পিণ্ডাকার মাংসপেশী। ৩। আফিমের বিকারবিশেষ ; আফিমের গুলি। চণ্ডু দ্রঃ। **গুলিখোর**—যে গুলি খায় ; যে গুলির নেশা করে। **গুলিখোরি, গুলিখুরী**—গুলির নেশা ; গুলিখোর-দিগের প্রকৃতিসুলভ কল্পনা ; মিথ্যা ; আজগুবি। ৪। বন্দুক প্রভৃতির গুলি।

গুলিকা [গুটিকা দ্রঃ। গুড়্ (বেষ্টন করা) + অক (কর্ত্তৃ)—স্ত্রী—আপ—ই আগম। ড়=ল] বি. স্ত্রী. গুলি ; গুটিকা।

গুলিডাঙ্গ, গুলিডাণ্ডা [হি—গুল্লিডাণ্ডা : বাং-য়, গুলড্ডাংও বলে] বি. গুটিকা ও দণ্ড ; পুলিপিঠার আকারে কাটা কাঠ ও তাহার সরুমুখে আঘাত করিবার জন্ম প্রায় এক হস্ত প্রমাণ দণ্ড ঘটিত খেলা।

গুলিবাট (ট্)—গুটিকাপাত দ্রঃ।

গুলী [গুটী দ্রঃ। গুল+ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. বসন্তরোগ। ২। গুটিকা ; গুলি ; গুলতি ; বাঁটুল ; ছোট লোহার গোলা। ৩। আফিমের বিকারজ মাদকদ্রব্যবিশেষের গুলী ; গুলি (দ্রঃ)।

গুলেল (ল্) [হি] বি. গুল্‌তি করিবার ধনুক ; গুলি বা গুটিকা ছুঁড়িবার ক্ষুদ্র ধনুক।

গুলো [গোলা দ্রঃ] বি. পায়ের বর্ত্তুলাকার মাংস-পিণ্ড ; ডিমার বর্ত্তুল। ২। বাহুর বর্ত্তুলাকার মাংসপেশী ; হাতের গুলো। ৩। ঢেঁকির গুলা।

গুল্‌ফ [গুল্ (গমন করা) + ফ (কর্ত্তৃ, ফক্)] বি. পুং. পাদগ্রন্থি ; গোড়ালি। প্র— "গুল্‌ফের উপরেতে শোভিল গোটামল। —শিবায়ন।

গুল্ম [গুড় (বেষ্টন করা) + ম (কর্ত্তৃ, মক্) ড়্=ল্] বি. পুং. ডালপালা হীন ছোট ছোট গাছের ঝাড়। ২। উদরজ রোগ-বিশেষ ; পেটের ভিতর গোলার মত হওয়া ; (নিদানভেদে,—বাতিক, পৈত্তিক, শ্লৈষ্মিক, দ্বন্দ্বজ ও রক্তজ গুল্ম)। প্র—"কি করি বাঁচিয়া ভাবিয়া ভাবিয়া গুল্ম হইল বুঝি পেটে।" —ভারতচন্দ্র। ৩। সৈন্যদিগের ঘাটি বা থানা। ৪। সৈন্যের দল—ইহাতে ৯ হস্তী, ৯ রথ, ২৭ অশ্ব ও ৪৫ পদাতি থাকে। প্র— "স্থানে স্থানে গুল্মপাতি দৃঢ় কর সেনা"— কাশী-মহা। ৫। প্লীহা। স্ত্রী. **গুল্মী**—তাবু। ২। বল্লী। ৩। আমলকী গাছ। ৪। গুড়-কাউলী। ৫। এলাচগাছ।

গুল্মিনী (গুল্‌মিনি) [গুল্ম + ইন্ (অস্ত্যর্থে) =গুল্মিন্, ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. ঝাঁকড়া ও বহুদূর বিস্তৃত লতা।

গুষ্টি [সং—গোষ্ঠী] বি. গোষ্ঠী ; কুল ; বংশ ; ঝাড়। **গুষ্টির পিণ্ডী**—কুলনাশ বা নির্ব্বংশ এই অর্থে গালি। **গুষ্টির মাথা**—বংশের মাথা খাওয়ার ইঙ্গিত (গালি)। **গুষ্টিবর্গ**— বংশের ছেলে বুড়া সমস্ত।

গুহ [গুহ্ (সংবরণ করা] + অ (কর্ত্তৃ—ক) যিনি তারকাসুরের বলবীর্য্য সংবরণ করেন]

বি, পুং, ষড়ানন ; কার্ত্তিক। প্র—"প্রদ্যুম্নের বাণে গুহ হনুমান হয়ে। ভঙ্গ দিল রণে শিখী শোণিতাক্ত হয়ে।"—শিবায়ন। "প্রমথ গণের নাথ গুহ গণেশের সাথ সুরাসুর নরের জীবন।" —কবিক। ২। বিষ্ণু। ৩। রামায়ণোক্ত স্বনামপ্রসিদ্ধ গুহক চণ্ডাল। ৪। কায়স্থ জাতির পদবীবিশেষ। ৫। বেগগামী অশ্ব।

গুহা [গুহ্ (সংবরণ করা) + অ (অধি—ক) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, গুম্ফা (ভ্রঃ) ; গহ্বর ; গর্ত্ত। ২। পর্ব্বতকন্দর ; শৈলগহ্বর। ৩। অভ্যন্তর দেশ।

গুহাচর (র্) [গুহা (গহ্বর) চর (বিচরণকারী)। চর্ (গমন করা) + অ (কর্ত্তৃ—ট)—যে পর্ব্বতের গুহা মধ্যে বিচরণ করে] বিণ, পর্ব্বতকন্দরে বিচরণকারী ; গুহাচারী। ২। অন্তরস্থিত। ৩। পরব্রহ্ম ; পরমেশ্বর।

গুহাশয় (য়্) [গুহা (গহ্বর) হইয়াছে আশয় (বাসস্থান) যাহার, বহু] বি, পুং, সিংহাদি পশুগণ ; যে সকল জন্তু গর্ত্ত বা গহ্বরে বাস করে। ২। জ্ঞানহীন। ৩। জীবাত্মা ও পরমাত্মা। বিণ, গুহাস্থিত।

গুহাহিত [গুহাতে আহিত (স্থিত) ৭তৎ] বিণ, গুহাতে আবদ্ধ ; গুহায় নিহিত। ২। অন্তঃস্থিত পরব্রহ্ম।

গুহ্য (গুজ্ঝ) [গুহ্ + য (কর্ম্মে—ক্যপ্)] বিণ, যাহাকে গোপন করিতে হয় ; গোপন-যোগ্য ; অপ্রকাশ্য। ২। নিভৃত ; বিজন ; নির্জ্জন। ৩। দুর্ব্বোধ্য। ৪। মলদ্বার। ৫। উপস্থ। ৬। [ভাবে—য] দম্ভ ; অহঙ্কার। ৭। [কর্ত্তৃ—য। যে আপনাকে গোপনে রাখে] বি, পুং, কচ্ছপ। ৮। পরমেশ্বর।

গুহ্যক (গুজ্ঝক্) [গুহ্ (রক্ষা করা) + ক (সংজ্ঞার্থে) নিপাতনে য—আগম। যাহারা ধন রক্ষা করে] বি, পুং, কুবেরানুচর দেব-যোনিবিশেষ ; যক্ষ। গুহ্যক লোক—গন্ধর্ব্বলোকের নিম্নে ও পিশাচলোকের ঊর্দ্ধে অবস্থিত লোক (কাশীখণ্ড)।

গুহ্যকেশ্বর (গুজ্ঝকেশ্শর্) [গুহ্যকের—ঈশ্বর, ৬তৎ] বি, পুং, যক্ষরাজ কুবের।

গুহ্যদীপক (গুজ্ঝদীপক্) [গুহ্য (গুহ্যদেশে) দীপক আছে যাহার] বি, পুং, জোনাকী পোকা ; খদ্যোত।

গুহ্যদেশ—মলদ্বার। ২। জঘন।

গুহ্যভাষিত (গুজ্ঝ) [গুহ্য (অপ্রকাশ্য) যে ভাষিত (ভাষ্—বলা + ত, কর্ম্মে—ক্ত) যাহা অপ্রকাশ্যে বলা হইয়াছে—কর্ম্মধা] বি, ক্লী, গুপ্তকথা ; গোপন মন্ত্রণা ; মন্ত্র।

গূ [গু (বিষ্ঠা ত্যাগ করা) কিপ্ (কর্ম্মে, সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, বিষ্ঠা ; গু (ভ্রঃ)।

গূঢ় [গুহ্ (গোপন করা, আচ্ছাদন করা) + ত (কর্ম্মে—ক্ত) ; হ=ঢ়, ত=ঢ় (ঢ় লোপ)] বিণ, গুপ্ত ; অপ্রকাশিত ; অপ্রকাশ্য ; অলক্ষিত। প্র—গূঢ় পথ। ২। নিগূঢ় ; দুর্জ্ঞেয়। প্র—ধর্ম্মের গূঢ় তত্ত্ব। ৩। দুর্ব্বোধ্য ; জটিল। ৪। গহন ; দুষ্প্রবেশ্য ; দুর্গম। ৫। আবৃত ; আচ্ছাদিত ; সংবৃত। ৬। হৃদয় নিহিত ; মর্ম্মগত ; আন্তরিক। প্র—গূঢ় অভিসন্ধি। ৭। নির্জ্জন। প্র—গূঢ় স্থান।

গূঢ়চারী [গূঢ়—চর্ (গমন করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = গূঢ়চারিন্ ১মা, ১ব] বিণ, গুপ্তভাবে বিচরণকারী ; গুপ্তসন্ধানী ; স্বাভিপ্রায় গোপন করত অন্যের অভিপ্রায় সন্ধানকারী। স্ত্রী, গূঢ়চারিণী।

গূঢ়জ [গূঢ় (লুক্কায়িত) জ (জাত) জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ—ড) ন্ লোপ] বি, পুং, জারজ শিশু।

গূঢ়পত্র [গূঢ় হইয়াছে পত্র (পাতা) যাহার, বহু] বি, পুং, করবীর বৃক্ষ। ২। অঙ্কোঠ বৃক্ষ ; আঁকোড় গাছ।

গূঢ়পথ (থ্) [গূঢ় (গুপ্ত) যে পথ (পথিন্ শব্দ + অ—ইন্ ভাগ লোপ) কর্ম্মধা] বি, পুং, গোপন পথ। ২। [গূঢ় (অজ্ঞাত) হইয়াছে পথ যাহার, বহু] অন্তঃকরণ ; হৃদয়।

গূঢ়পাদ (দ্) [গূঢ় (গুপ্ত) হইয়াছে পাদ (চরণ) যাহার, বহু] বিণ, যাহাদের পা ঢাকা থাকে এবং লক্ষিত হয় না ; গুপ্তপদ-বিশিষ্ট। ২। বি, কচ্ছপ। ৩। সর্প।

গূঢ়পুরুষ (ষ্) [গূঢ় (লুক্কায়িত) যে পুরুষ —কর্ম্মধা] বি, পুং, ছদ্মবেশী দূত ; a spy.

গূঢ়পুষ্পক (ক্) [গূঢ় (সংবৃত) হইয়াছে পুষ্প যাহার, বহু] বি, পুং, বকুল ফুলের গাছ।

গূঢ়মার্গ [গূঢ় (গুপ্ত) যে মার্গ (পথ) কর্ম্মধা] বি, পুং, গূঢ়পথ ; গুপ্তপথ ; সুড়ঙ্গ।

গূঢ়সাক্ষী (শাক্খি) [গূঢ় (গুপ্ত) যে সাক্ষী (সাক্ষিন্ শব্দজ) কর্ম্মধা] বি, পুং, যে সাক্ষী গোপনে থাকিয়া বাদী বা প্রতিবাদীর কথা শুনিয়াছে ; বিরুদ্ধ পক্ষের কথা আড়ালি পাতিয়া শুনিয়াছে এমন সাক্ষী।

গূঢ়াঙ্গ [গূঢ় (গুপ্ত) হইয়াছে অঙ্গ (অবয়ব) যাহার—বহু] বি, পুং, কচ্ছপ। ২। বিণ, গুপ্ত শরীর ; গুপ্তদেহ।

গূঢ়োৎপন্ন [গূঢ় (গুপ্তভাবে) যে উৎপন্ন (জাত) কর্ম্মধা] বি, পুং, দ্বাদশবিধ পুত্রের অন্যতম ; বিবাহ করিয়া বধূকে গৃহে আনিয়া গৃহস্থ জানিলেন বধূ গর্ভবতী, গর্ভ কাহা কর্ত্তৃক তাহা স্থির নাই, ঐ ভ্রূণ ভূমিষ্ঠ হইলে উঢ়োঢ়ার গূঢ়োৎপন্ন পুত্র কথিত হইত।

গৃধিনী [সং—গৃধ্র শব্দের স্ত্রীলিঙ্গে। প্রা—গিধিনী। পুং, গিধ্ (হি)] বি, স্ত্রী, রাজ-শকুনি ; ইহাদের মাথা, ঘাড় ও গলা প্রায় পালক শূন্য। চক্ষের দুইপ্রান্ত হইতে গোলাপী আভা যুক্ত চর্ম্ম কানের মত ঝুলিতে থাকে ও গলার চতুর্দ্দিকে পালকের গুচ্ছ হয়। শকুনদিগের মধ্যে ইহারা শ্রেষ্ঠ ; otogyps caluns ; a vulture.

গৃধ্র (গৃধ্ধ্র) [গৃধ্ (লোভ করা) + র (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)—যাহারা গলিত মাংস বা শবদেহ প্রভৃতিতে অতি লোভ করে] বি, পুং, রাজ-শকুন ; শকুন জাতীয় পক্ষী মধ্যে শ্রেষ্ঠজাতি ; গরুড়।

গৃধ্রনখী (গৃধ্ধ্রনোখি) [গৃধ্র—গৃধ্রের মত নখ কণ্টক যাহার, বহু + ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, কুলে খাড়া গাছ।

গৃধ্রপত্র (গৃধ্ধ্রপৎত্র) [গৃধ্রের পক্ষ হইয়াছে পত্র যাহার, বহু] বি, পুং, বাজপাখীর পক্ষ-সদৃশ পক্ষযুক্ত বাণ।

গৃধ্ররাজ (গৃধ্ধ্ররাজ্) [গৃধ্রের রাজা (রাজন্ শব্দজ)—৬তৎ ; রাজা = রাজ] বি, পুং, গরুড়। ২। সম্পাতি। ৩। জটায়ু।

গৃহ [গ্রহ্ (গ্রহণ করা, আশ্রয় দেওয়া) + অ (কর্ত্তৃ—ক)। প্রাকৃ—ঘর ; ব্রজ—গেহ, প্রা, বৈ, সা—গহ, গাহ] বি, পুং, ক্লী, ঘর। ২। গৃহস্থাশ্রম। ৩। গৃহিণী ; স্ত্রী। ৪। দ্বাদশ রাশি।

গৃহকপোত (ত্) [গৃহস্থিত কপোত, কর্ম্মধা] বি, পুং, পারাবত ; পায়রা।

গৃহকর্ত্তা—বি, পুং, গৃহস্বামী। স্ত্রী, গৃহকর্ত্রী।

গৃহকর্ম্ম [গৃহের কর্ম্ম, ৬ তৎ] বি, ক্লী, গৃহ-কার্য্য ; গৃহস্থের কর্ত্তব্য কার্য্য। প্র—"গৃহকর্ম্ম করিতে আলায় সব দেহ।"—জ্ঞানদাস।

গৃহকারক (ক্) [গৃহ (ঘর) কারক (যে করে) ৬তৎ] বি, গৃহনির্ম্মাতা ; গৃহ নির্ম্মাণ-কারী ; ঘরামি। ২। গৃহকর্ত্তা।

গৃহজন (ন্) [গৃহ—জন (লোক)] বি, পরিজন ; ঘরের লোক।

গৃহগোধা—গোধিকা [গৃহের গোধা বা গোধিকা ৬তৎ] বি, স্ত্রী, টিকটিকী।

গৃহচ্ছিদ্র (গৃহচ্ছিদ্দ্র) [গৃহের ছিদ্র, ৬তৎ] ক্লী, আত্মগৃহের ত্রুটি ; স্বগৃহের কলঙ্ক। ২। ঘরের দোষ ; গৃহাপবাদ। ৩। আত্মকলঙ্ক। ৪। গৃহ মধ্যে রন্ধ্র।

গৃহজ [গৃহে—জ (উৎপন্ন) জন (জন্মান্) + অ (কর্ত্তৃ—ড) ন লোপ, উপপদ] বিণ, গৃহ-জাত ; গৃহোৎপন্ন ; গৃহে প্রস্তুত।

গৃহজাত [গৃহেতে জাত, ৭তৎ] বিণ, গৃহোৎপন্ন ; গৃহজ ; গৃহপ্রস্তুত। ২। (ত্) গৃহে আনীত ; গৃহাগত। ক্রি, গৃহজাত করা—অন্যস্থান হইতে ঘরে আনিয়া ফেলা।

গৃহদাহ—বি, ঘরে আগুন লাগা।

গৃহদেবতা [গৃহের দেবতা—৬তৎ] বি, স্ত্রী, বাস্তুদেবতা ; পুরুষানুক্রমে পুজিত গৃহে প্রতিষ্ঠিত দেবতা ; কুলদেবতা।

গৃহদেবী [গৃহের দেবী] বি, স্ত্রী, ষষ্ঠীদেবী। ২। গৃহিণী।

গৃহধূম (ম্) বি, ঝুল ; রন্ধনগৃহের ধূম।

গৃহনায়ক (ক্) [গৃহের নায়ক (কর্ত্তা) ৬তৎ] বি, পুং, গৃহকর্ত্তা ; গৃহস্বামী। ২। ধনাধ্যক্ষ। ৩। গন্ধের পরিদর্শক বা অধ্যক্ষ।

গৃহপতি (পো) [গৃহের পতি (স্বামী) ৬তৎ] বি, পুং, গৃহস্বামী। ২। গৃহস্থাশ্রমী ; গৃহস্থলোক। ৩। মন্ত্রী।

গৃহপোতক (ক্) [গৃহের পোতক (পোতা) ৬তৎ] বি, পুং, যে আয়তনের উপর গৃহ নির্ম্মিত হয় ; পোঁতা ; ভিটা। ২। বাসস্থান ; ।

গৃহপ্রবেশ (গৃহপ্প্রোবেশ্) [গৃহে প্রবেশ] বি, নবগৃহে প্রথম প্রবেশরূপ শাস্ত্রীয় অনুষ্ঠান।

গৃহবলিভুক্ (বো) [গৃহ বলিভুজ্ শব্দজ। গৃহের যে বলি (খাদ্যাংশ) ভুজ্ (যে ভোজন করে) অর্থাৎ যে গৃহে পতিত কি পার্শ্বস্থিত খাদ্যাংশ সকল ভোজন করে] বি, পুং, চড়াইপাখী। ২। কপোত। ৩। বায়স।

গৃহবাজ (জ্) [গ্রা—গিরেবাজ, গেরুবাজ। বাজপাখীর সাদৃশ্য হেতু] বি, লোটন পায়রা : the tumbler pigeon.

গৃহবাটিকা [গৃহের বাটিকা (উদ্যান) ৬তৎ কিম্বা গৃহস্থিত বাটিকা—কর্ম্মধা] বি, স্ত্রী, গৃহোদ্যান ; গৃহ সংলগ্ন উদ্যান। ২। বাগান বাড়ী ; উদ্যানস্থ বাটিকা বা বাড়ী।

গৃহবাসী (শি) [গৃহ—বস্ (বাস করা) + ইন্ = গৃহবাসিন্—১মা, ১ব] বিণ, গৃহে বাসকারী ; সংসারী। প্র—"ছিলাম গৃহবাসী করলে উদাসী"—গান।

গৃহবিচ্ছেদ (দ্) [গৃহ—বিচ্ছেদ, ৬তৎ] বি, গৃহের লোকজনের মধ্যে বিবাদ ; আত্মকলহ ; ঘরোয়া ঝগড়া।

গৃহব্যাপার (র্) [গৃহের ব্যাপার, ৬তৎ] বি, পুং, গৃহকর্ম্ম ; গৃহকার্য্য ; সাংসারিক ব্যাপার।

গৃহভূমি—গৃহপোতক দ্রঃ।

গৃহভেদ (দ্) [গৃহের ভেদ (ছেদ, বিচ্ছেদ) ৬তৎ] বি, পুং, গৃহের প্রাচীর ভেদ ; সিঁধ কাটিয়া চুরি। ২। গৃহবিচ্ছেদ ; পরিবারবর্গের পরস্পর মনোমালিন্য ; ঘর ভাঙ্গা। ৩। গৃহের গোপনীয় কথার মর্ম্মাবগতি।

[গৃহ—ভিদ্ (ভেদ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = গৃহভেদিন্ ১মা, ১ব] বিণ, যে পরিবারের মধ্যে বিরোধ ঘটায় ; ঘর ভাঙ্গানে। স্ত্রী, **গৃহভেদিনী**—ঘর-ভাঙ্গানী

গৃহমণি (মোনি) [গৃহের মণি, ৬তৎ] বি, পুং, প্রদীপ।

গৃহমার্জ্জন (ন্) [গৃহ—মার্জ্জন, ৬তৎ] বি, সম্মার্জ্জনী দ্বারা গৃহ পরিষ্করণ ; গৃহধৌত করণ।

গৃহমৃগ [গৃহ (গৃহপালিত) মৃগ (পশু)—কর্ম্মধা] বি, পুং, সারমেয় ; কুকুর।

গৃহয়ালু [গ্রহ—ণিচ্ = গৃহি (নিপাতন)—গ্রহণ করা + আলু (কর্ত্তৃ—শীলার্থে)] বিণ, যাহার গ্রহণ করিতে অভিলাষ আছে ; গ্রহণ করিতে উৎসুক ; গ্রহণাভিলাষী।

গৃহলক্ষ্মী (গৃহলোক্খি, খিঁ) [গৃহ—লক্ষ্মী, ৬তৎ] বি, ঘরের লক্ষ্মী ; (গৃহের লক্ষ্মীস্বরূপা বলিয়া) কুলকামিনী।

গৃহস্থ (গৃহস্থ) [গ্রা—গেরস্ত। প্রা-বাং—গারস্ত (শ, পুং)। গৃহে (ঘরে)—স্থা (থাকা) + অ (কর্ত্তৃ—ড) আ—লোপ (উপপদ) যে গৃহস্থাশ্রমে থাকে] বি, পুং, সংসার ধর্ম্মাবলম্বী ; সংসারী ; দ্বিতীয় আশ্রমবাসী। ২। মধ্যবিত্ত অবস্থার লোক। ৩। গৃহস্বামী ; গৃহকর্ত্তা। ৪। বিণ, গৃহে অবস্থিত ; গৃহবাসী।

গৃহস্থালী [গৃহস্থ দ্রঃ। গ্রা—গেরস্থালি] বি, সংসার।

গৃহস্থাশ্রম (গৃহস্থাস্স্রম্) [গৃহস্থ—আশ্রম, ৬তৎ] বি, পুং, দ্বিতীয়াশ্রম। [ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ ও সন্ন্যাস এই আশ্রম চতুষ্টয়ের দ্বিতীয় আশ্রম। উপনয়নের পর ২৫ বৎসর পর্য্যন্ত ঊর্দ্ধরেতাঃ হইয়া গুরুগৃহে বাস করিয়া অধ্যয়ন, তৎপরে বিবাহ করিয়া ২৫ বৎসর পর্য্যন্ত স্ত্রী পুত্রাদি লইয়া সংসার ধর্ম্ম পালন তৎপরে সংসার ত্যাগ করিয়া বনে কুটীর নির্ম্মাণ করিয়া তথায় ১৫ বৎসর পর্য্যন্ত উপাসনা ও ধর্ম্ম-সাধনা এবং শেষে সর্ব্বত্যাগ করিয়া জীবনের শেষ পর্য্যন্ত দেশে দেশে ভ্রমণ করিয়া আত্মজ্ঞান লাভ আশ্রমীর কর্ত্তব্য বলিয়া শাস্ত্রে উক্ত]।

গৃহস্বামী (গৃহশ্শামি) [গৃহ—স্বামী, ৬তৎ] বিণ, গৃহের প্রভু ; গৃহকর্ত্তা ; বাটীর কর্ত্তা। স্ত্রী, **গৃহস্বামিনী**—গৃহকর্ত্রী।

গৃহাগত [গৃহে আগত, ৭তৎ কিম্বা গৃহ—আগত (প্রাপ্ত) = ২তৎ] বি, পুং, গৃহে উপস্থিত ; আগন্তুক ; অভ্যাগত। ২। বিণ, যে বাটীতে আসিয়াছে ; অতিথি দ্রঃ।

গৃহাঙ্গনা [গৃহ—অঙ্গনা—৬তৎ] বি, স্ত্রী, গৃহকর্ত্রী ; গৃহস্বামিনী। ২। কুলনারী।

গৃহাম্ল [গৃহ (গৃহে প্রস্তুত) অম্ল, কর্ম্মধা] বি, স্ত্রী, আমানি ; কাঁজি।

গৃহারাম (ম্) [গৃহ (গৃহযুক্ত) যে আরাম (উপবন) মধ্যপদলোপী কর্ম্মধা] বি, পুং, গৃহসংলগ্ন উদ্যান। ২। বাগান বাড়ী।

গৃহাসক্ত (—শক্ত) [গৃহে আসক্ত, ৭তৎ] বিণ, সংসারানুরক্ত।

গৃহী (গৃহি) [প্রা-বাং—গেহী। গৃহ (ভার্য্যা। তুল—"গৃহিণীগৃহমুচ্যতে") + ইন্ (অস্ত্যর্থে) = গৃহিন্ ১মা, ১ব] বি, পুং, গৃহস্থ ; সভার্য্য ; যে গৃহস্থের ধর্ম্ম পালন করে। স্ত্রী, **গৃহিণী** [প্রা-বাং—গেহিনী] ঘরণী ; ভার্য্যা ; পত্নী ; স্ত্রী।

গৃহীত [গ্রহ (গ্রহণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কৃতগ্রহণ ; আয়ত্তীকৃত। ২। আক্রান্ত। ৩। ধৃত ; লব্ধ ; প্রাপ্ত। ৪। আশ্রিত। ৫। যাহা স্বীকার করা হইয়াছে ; স্বীকৃত।

গৃহীতগর্ভা [গৃহীত (ধৃত) গর্ভ যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যে গর্ভ গ্রহণ করিয়াছে ; গর্ভলক্ষণযুক্তা ; গর্ভবতী।

গৃহ্য (গৃজ্‌ঝ) [গ্রহ্ (গ্রহণ করা) + য (কর্ম্মে—ক্যপ্) গ্রহ্ = গৃহ্ + য = গৃহ্য] বিণ, যাহা গ্রহণ করা হয় ; গ্রহণের যোগ্য। ২। আয়ত্ত ; অধীন। ৩। বি, ক্লী, গোভিলাদি কৃত সামবেদাদি উক্ত কর্ম্মকাণ্ডের গ্রন্থবিশেষ। ৪। গৃহসম্বন্ধীয়। প্র—"অর্দ্ধাঙ্গিনী গৃহিণীর সহিত গৃহ্য ধর্ম্মকর্ম্ম অনুষ্ঠান করাই পতির উচিত কার্য্য"—হরিদেব শাস্ত্রী। স্ত্রী, **গৃহ্যা**—বৃহৎ গ্রামের নিকটবর্ত্তী ক্ষুদ্র গ্রাম।

গে [গিয়া দ্রঃ] অস-ক্রি, গিয়ে ; গিয়া ; যাইয়া। প্র—"সঙ্গোপনে এসো গে অবশ্য দিব ঘোড়া"। —ধর্ম্ম, ম। ২। [ব্রজ। সম্বোধনে] অ, লো ; ওলো ; হে ; রে। প্র—"চাদ উগল হয় দেখল সজনী গে"—বি, প।

গেআন (ন্) [পা—ঞাণ ; প্রা-বাং-য়—জ্ঞান শব্দের কোমল রূপ। সং—গেআন, গেয়ান, গিয়ান] বি, জ্ঞান। প্র—"মহাহংস্তে পেএ পরভু বসিলা ধিআনে। কত সত জুগ গেল এক বস্ত গেআনে।"—শূন্যপুরাণ।

গেও [ব্রজ] ক্রি, গেল ; গমন করিল। প্র—"ননদী নিন্দহ আপন ঘরে ভোর। তৈখনে লই গেও বসনহি চোর।"—জ্ঞানদাস। "রোদতি রাধা শ্যাম করি কোর, হরি হরি কাঁহা গেও প্রাণনাথ মোর"—গোবিন্দ দাস।

গেঁজ (গ্যাঁজ্) [গজান দ্রঃ] বি, গজ ; অঙ্কুর ; কল ; ডেঁপ। ২। ওলের গেঁজুড়ি বা মুকি। ৩। গোদের উপর যে গেঁজুড়ি হয়। ৪। পাখীর বিশেষতঃ সালিক পাখীর লেজের কাছে যে ব্রণ হয়।

গেঁজলা (গ্যাঁজ্‌লা) গাঁজা ; ফেনা ; গাঁজলা ; frothy. ২। গরুর প্রসবের প্রথম কয়েক দিনের দুধ যাহা ফেনা-ফেনা থাকে। **গেঁজলা ভাঙ্গা**—মুখ দিয়া ফেনা বাহির হওয়া।

গেঁজান (গেঁজানো) [গাঁজ দ্রঃ] ক্রি, গাঁজান ; পচাইয়া মাতান বা ফেনাযুক্ত করা ;

ferment. ২। পুষ্করিণী প্রভৃতির জল পচিয়া বি. গেঁজানি।

গেঁজিয়া, গেঁজে—বি. জালী কাপড়ের বগলী; লম্বা থলী।

গেঁজেল (ল্) [গাঁজা—ইয়াল] বিণ. গাঁজাখোর। ২। নেশাখোর। ৩। মিথ্যা প্রস্তাবকারী; যাহাদের কথার ঠিক থাকে না ও যাহা বলে তাহাও ভিত্তিহীন।

গেঁটা (গ্যাঁটা) [গ্রন্থি (গাঁট—অস্থি—কাঠিন্যব্যঞ্জক)+আ (তদ্ভাবার্থে)] বিণ. খর্ব্ব ও দৃঢ়কায়; বেঁটে। গেঁটাগোঁটা—[ইহাতে দেহের গঠনের খর্ব্বতা ও দৃঢ়তার সহিত শারীরিক ক্ষমতার ভাবও জড়িত] বিণ. খর্ব্ব, স্থূল ও দৃঢ়কায়; মোটাসোটা; স্থূল অথচ বলিষ্ঠ।

গেঁটে [গাঁট (গ্রন্থি)+ইআ (বিশিষ্টার্থে, তদ্ভাবার্থে, সম্বন্ধার্থে) গাঁটিয়া=(গেঁটে)] বিণ. গাঁটযুক্ত; গ্রন্থিল। ২। গ্রন্থিজাত; গ্রন্থিস্থিত; গ্রন্থিসম্বন্ধীয়। প্র—গেঁটেবাত—গ্রন্থিপ্রদাহ; gout.

গেঁটে [সং—গ্রন্থি—হিং—গণ্ঠি—গাঁট—গাঁটে] অ. বস্ত্রগ্রন্থিতে; আঁচলের খুঁটে। ২। কোমরের বস্ত্রগ্রন্থিতে; টেঁকে। প্র—"জানিগো জানিগো তারা তোমার যেমন করুণা। কেহ দিনান্তরে পায়না খেতে, কারু পেটে ভাত গেঁটে সোণা।"—রামপ্রসাদ।

গেঁড় (ড়্) [গ্রন্থি শব্দজ। তাহা হইতে হলুদ, কচু, পদ্ম প্রভৃতি জাতীয় উদ্ভিদের গ্রন্থিল মূল] বি. গ্রন্থিল মূল।

গেঁড়া (গ্যাঁড়া) [গ্রন্থি শব্দজ। ইহার বিপরীত 'ঢেঙ্গা'] বিণ. বেঁটে; খর্ব্বাকার; হ্রস্ব। প্র—"মামীর বয়স বাড়া, মামী ঢেঙ্গা এযে গেঁড়া, তবে কেন ডরালে গোঁসাই।"—শিবায়ন। ২। ক্রীড়াকন্দুক; খেলার গোলা। ৩। গ্রন্থি; টাকার থলি; গেঁজে; গাঁট; টেঁক। গেঁড়া করা, গেঁড়া দেওয়া—[প্রাদে] কোন দ্রব্য ভুলাইয়া লওয়া; ঠকাইয়া লওয়া; চুরি করা। ছেলের হাতে গেঁড় বা মোদক দিয়া তাহার গহনা ভুলাইয়া লওয়া। গেঁড়া মারা [গেঁড়া (গ্রন্থি, গাঁঠ) মারা (লুণ্ঠন করা, চুরি করা)। তুল—পকেট মারা] ক্রি. ঠকাইয়া লওয়া; চুরি করা।

গেঁড়ি—বি. ছোট ছোট শামুক।

গেঁড়িয়া, গেঁড়ে [গাড়া দ্রঃ] বি. গাড় বা বৃহৎ গর্ত্ত মধ্যে বৃষ্টির জল জমিয়া যে ছোট পুকুর হয়; ডোবা। ২। [অশ্লীল গালি হি—গাণ্ডু] যে পায়ু মৈথুন করায়; a catamite.

গেঁড়িগোপাল (ল্) [প্রা-বাং] বি. ধান্যবিশেষ। প্র—"বাঁকচুর পুআন-ঝিড়ি গেঁড়ি-গোপাল। হুড়া বাঁসকাটা বুনে মরিচ মইপাল।"—শূন্যপুরাণ।

গেঁড়ু, গেঁড়ো [গ্রন্থি হইতে] বি. গাঁট; কন্দ; এঁঠে। ২। [সং—গেণ্ডুক। হি—গেঁদ] গোলা; ভাঁটা।

গেঁথে [গাঁথা দ্রঃ] অস-ক্রি. গ্রন্থন করিয়া; গাঁথিয়া। ২। রচনা করিয়া। প্র—"এসেছি কি হেথা যশের কাঙালি কথা গেঁথে গেঁথে নিতে করতালি।"—রবি।

গেঁদা (গ্যাঁদা) [হি—গেঁদা] বি. প্রসিদ্ধ ফুল; গাঁদা; marigold; calendula.

গেঁয়ে, গেঁয়ো [সং—গ্রাম্য হইতে গাম—ইয়া—গাঁইয়া—গেঁয়ে] বিণ. গ্রাম্য; গ্রাম সম্বন্ধীয়। ২। অশিক্ষিত; অসভ্য।

গেছো [গাছ+উয়া=গাছুয়া—সংক্ষেপে] বিণ. গাছ-সম্বন্ধীয়। ২। যে গাছে থাকে বা গাছে গাছে বেড়ায়। প্র—গেছো ইঁদুর। ৩। পুরুষভাবাপন্না স্ত্রী। প্র—"আমাদের বাবু যে একটা গেছো মেয়ের হাতে পেড়েছেন দেখতে পাই।"—লোকরহস্য (বঙ্কিম)। ৪। দজ্জাল; ডানপিটে।

গেঙ্গান (গ্যাঙানো) [শব্দাত্মক। গোঁ গোঁ শব্দ হইতে। উ-পু—গেঙ্গাই। ম-পু—গেঙ্গাও; গেঙ্গান; গেঙ্গা। প্র-পু—গেঙ্গায়, গেঙ্গান। অস. ক্রি. গেঙ্গাইতে; গেঙ্গাইয়া, গেঙ্গিয়ে] ক্রি. গোঁ গোঁ শব্দে কাতরতা প্রকাশ করা; শরীরের অভ্যন্তরস্থ যন্ত্রণা প্রকাশক শব্দ করা। বি. গেঙ্গানি—কাতরোক্তি।

গেঙ্গারি (গ্যাঙারি) [গেঙ্গান দ্রঃ] বি. গেঙ্গানি।

গেঙ্গিটেঙ্গরা (ট্যাংরা) [গ্রা—গেনিটেঙ্গরা] বি. ক্ষুদ্র টেংরামাছ।

গেজেট (গেজেট্) [ইং—Gazette] বি. নিয়মিত সময়ে প্রকাশ্য সংবাদপত্র। ২। সরকারী দপ্তরের সংবাদ, আদেশ, আইন-কানুন প্রভৃতি সম্বলিত পত্র। [দ্রঃ—"A newspaper published at short stated intervals (in America). In Great-Britain, the official newspaper, which contains the authorised legal and state announcements and proclamation".--American Encyclopædia of Printing, 1871.

গেজেটীয়ার (গেজেটিআর্) [ইং—Gazetteer—"a geographical dictionary".] বি. ভৌগোলিক পরিভাষা, সংস্থান, বিবরণ প্রভৃতি সম্বলিত অভিধান।

গেট (ট্) [ইং—gate] বি. ফটক; বহির্দ্বার; উদ্যান বা অট্টালিকার বৃহৎ প্রবেশদ্বার। প্র—"কাটকে আটক রব না। * * * * এখন গেটের বাইরে পা দিয়েছি। দখল কর জেনানা।" —অমৃত বসু।

গেড়ু [সং—গেণ্ডুক। হি—গেঁদ] বি. খেলিবার গোলক; ভাঁটা; গেন্দুক। প্র—"এই গেড়ু খোরে গেড়ু লইয়া উল্লাসে। সখাসহ রামকৃষ্ণ মত্ত খেলারসে।"—ব্রজপরিক্রমা।

গেড়ুয়া [গড়িয়া দ্রঃ] বি. স্তবক; গুচ্ছ; গোড়ে। প্র—"ফুলের গেড়ুয়া লুফিয়া ধরয়ে সঘনে দেখায়ে পাশ।"—চণ্ডীদাস।

গেণ্ডু, গেণ্ডুক, গেন্দুক (ক্) [হি—=গোলা; কন্দুক দ্রঃ] বি. পুং. কন্দুক; ভাঁটা; বল (ball)।

গেণ্ডুলীলা [হি—গেঁদ; গেণ্ডু (কন্দুক)+লীলা (ক্রীড়া)] বি. বল খেলা; গোলা লইয়া খেলা।

গেনু [ব্রজ। গেনুঁ, গিয়া দ্রঃ] ক্রি. গেলাম। প্র—"মনমথ-মথন অরুণ-নয়নাঞ্চল চাহনি ভৈগেনু গোরা।"—গোবিন্দদাস।

গেবে—বি. বাক্স, আলমারি, দেরাজ প্রভৃতির ভিতরের কক্ষ।

গেয় [গৈ (গান করা)+য (কর্ম্মে)] বিণ. যাহা গান করা হয়; গান করিবার উপযুক্ত।

গেয়ান (গেআন্) [সং—জ্ঞান: গিআন দ্রঃ] বি. জ্ঞান; বোধ; বুদ্ধি; চৈতন্য। প্র—"পুন হেরইতে কাহে হরল গেয়ান"—বিদ্যাপতি। "রাধা সে ধেয়ান, রাধা সে গেয়ান, রাধা সে মনের সাধা।"—ভারতচন্দ্র।

গেরণ (গেরোন্) [গ্রহণ অপভ্রংশে] বি. সূর্য্য বা চন্দ্রগ্রহণ। গেরণ লাগা—সূর্য্য বা চন্দ্রগ্রহণ হওয়া।

গেরি [সং—গৈরিক। হি—গেরু] বি. গিরিমাটী। ২। গেরু রঙ্গ।

গেরুয়া [গৈরিক শব্দজ] বি. গৈরিক। ২। গেরু মাটি; মাটি দ্বারা রঞ্জিত বস্ত্র; গেরুয়া বসন। প্র—"প্যাণ্ট ও কোট রেখে শ্রীহরি নিলেন গেরুয়া"—দ্বিজেন্দ্র রায়। ৩। বিণ. গৈরিক বর্ণবিশিষ্ট; গৈরিক বর্ণে রঞ্জিত। প্র—"গেরুয়া বসন অঙ্গেতে পরিব শঙ্খের কুণ্ডল পরি।"—জ্ঞানদাস।

গেরেফ্তার—গিরিফ্তার দ্রঃ।

গেরেফতারী—গিরিফ্তারী দ্রঃ।

গেরো [হি—গিরা (গ্রন্থি শব্দজ)=গাঁট; আঁচল] বি. গাঁট; গ্রন্থি। ২। আঁচল [বিরল]। ৩। [গ্রহ শব্দজ] কুগ্রহ; দুর্নিয়তি; দুর্ভাগ্য। প্র—"কপালেরই গেরো গো, এ কপালেরই গেরো"—দ্বিজেন্দ্র রায়।

গের্দ্দ (গের্দো) [ফা—গির্দ্দ=বেষ্টন] বি. চতুর্দ্দিক ঘিরণ বা বেষ্টন। ২। আয়ত্ত; ৩। সুবন্দোবস্ত; গোছ।

গেল (গ্যালো) [সং—গত হইতে] বিণ, যাহা বা যে চলিয়া গেল ; ২। বিগত ; গত। প্র—"ঠাকরুণ গেল হাটে মহাশয়কে আনতে বলেছিলেন"—নীলদর্পণ। ৩। প্রস্থিত। ক্রি, গমন করিল। ২। (গেলো) [তুচ্ছার্থে—গেল্] গলাধঃকরণ কর্ ; গিল্।

গেলা [অবজ্ঞায়। হি—নিগল্‌না। সং-নিগর (ভোজন)] বি, গিলন ; গলাধঃকরণ আহার। প্র—গেলাকুটা ভাল হয় না বলিয়া পলাইয়াছে। ২। ক্রি, গিলা দ্রঃ। গলাধঃকর করা ; ভোজন করা। ৩। [পদ্যে। ব্রজ—গেলি] গেল ; যাইল : গমন করিল।

গেলাঙ [ব্রজ] ক্রি, গেলাম ; যাইলাম প্র—"কেন গেলাঙ জল ভরিবারে। যাইতে যমুনার ঘাটে সেথানে ভুলিনু বাটে তিমিরে গরাসিল মোরে॥"—জ্ঞানদাস।

গেলান (নো) [গিলা দ্রঃ—অনাদরে ক্রি, খাওয়ান।

গেলাস, গ্লাস (শ্) [ইং—glass শব্দজ] বি, পানপাত্রবিশেষ। প্র—"আধ গ্লাস জল যেন নিদাঘের কালে"—অশোকগুচ্ছ। খাস-গেলাস (খাশ্ গেলাশ্)—খাস দ্রঃ।

গেলি [পদ্যে। ব্রজ] ক্রি, গেল ; চলিল। প্র—"গেহে প্রবেশ করল সব ধেনুগণ সখাসব মন্দিরে গেলি।"—গোবিন্দদাস। "গেলি কামিনী গজহু গামিনী" বি, প। ২। [অবজ্ঞার্থে—গদ্যে ও পদ্যে] গমন করিলি।

গেলো [গালগল্প দ্রঃ] বিণ, যে গালগল্প করিতে ভালবাসে ; মিথ্যাবাদী। প্র—গেলো লোকের কথার ঠিক নাই।

গেহ [সং—"গৃহংগেহোদবসিতং বেশ্ম সদ্ম নিকেতনং" ইত্যমরঃ। অথবা গ (গণেশ) ঈহ্ (ইচ্ছা করা) + অ (অধি—অল্) যথায় লোকে গণেশাদি দেবগণের মূর্তি চিত্রিত করিতে ইচ্ছা করে] বি, ক্লী, আলয় ; গৃহ ; ঘর ; নিলয় ; বাসস্থান। প্র—"আজু মঝু গেহ গেহ করি মানলুঁ"—বি, প। "কহলো নাগরি, গেহ পরিহরি, কাহে বিবাসিনী রে।"—বঙ্কিম। "নিরাশ্রয় জন পথ যার গেহ সে ও আছে তব ভবনে"—ব্রহ্মসঙ্গীত।

গেহা [ব্রজ। গেহ+আ (এই আকার হিন্দী উচ্চারণে অন্ত্য অকারের টান মাত্র। ক্রমে এই 'অ' 'আ'-তে এবং 'বা' 'ওয়া' তে পরিণত। যথা,—ঘরবা=ঘরওয়া)] বি, গেহ ; গৃহ ; ঘর। প্র—"চললহুঁ সঙ্কেত গেহা"—বি, প।

গেহী (গেহি) [গেহ+ইন্ (অস্ত্যর্থে)= গেহিন্—১মা, ১ব] বি, পুং, গৃহস্থ ; গৃহী। স্ত্রী, গেহিনী—গৃহিণী। প্র—"হরষিত মনে ব্যাধ গদগদ বাণী। উচ্চস্বরে পুনঃপুনঃ ডাকিল গেহিনী॥"—মঙ্গলচণ্ডী (জনার্দন)। ২। কর্ত্রী। প্র—"তাঁহাকে দেখিয়া বাটীর গেহিনী জিজ্ঞাসা করিলেন—'তুমি কেগা ? কি নিমিত্তে এখানে আগমন ?'"—টেকচাঁদ।

গৈবী [আ—গয়েব্] বিণ, গইবি দ্রঃ।

গৈরিক [গিরি (পর্ব্বত)+ইক (ণ্—জাত অর্থে)] বি, ক্লী, গিরিমাটী। ২। স্বর্ণ। ৩ শিলাজতু। ৪। বিণ, গিরিজাত ; গিরিসম্ভূত

গৈরেয় [গিরি (পর্ব্বত)+এয় (জাতার্থে এয়ণ্)] বি, ক্লী ; যাহা পর্ব্বতে জন্মে গিরিমাটী। ২। শিলাজতু। ৩। পর্ব্বতজাত বস্তু।

গো [গম্ (গমন করা)+ও (কর্ত্তৃ—সংজ্ঞার্থে ডো) যে যথেচ্ছ বিচরণ করে] বি, ধেনু গাভী। ২। বৃষ। ৩। পশু। ৪ পৃথিবী। ৫। মাতা। ৬। গায়ত্রী। ৭ বাণী ; বাক্য। ৮। স্বর্গ। ৯। চক্ষু ১০। ইন্দ্রিয়। ১১। দৃষ্টি। ১২। দিক্ ১৩। কেশ। ১৪। কিরণ। ১৫। জল ১৬। বাণ। ১৭। সূর্য্য। ১৮। চন্দ্র ১৯। যাগবিশেষ। ২০। ঋষিবিশেষ। [দ্রঃ—সকল অর্থ বাঙ্গালায় প্রচলিত নাই। কিন্তু সংস্কৃতের অনুবাদ গ্রন্থে এবং অন্য শব্দ সহযোগে ইহার অধিকাংশ অ বিরল প্রয়োগ দৃষ্ট হয়]। গো-ভাগাড়—গরু মরিলে যেস্থানে ফেলা হয় ; গরুর শ্মশান। গোমূর্খ—গরুর ন্যায় নির্ব্বোধ। গোবৈদ্য—গো-চিকিৎসক। ২। মানুষের রোগ সম্বন্ধে আনাড়ী-চিকিৎসক ; হাতুড়ে চিকিৎসক ; a quack.

গো [প্রাদে—ওগো, গে দ্রঃ] অ, সম্বোধন শব্দ।

গোআলা, গোয়ালা [সং—গোপাল। প্রাকৃ—গোঅল] বি, গোরক্ষক ; গোপ ; গোয়ালা ; দুগ্ধবিক্রেতা ; গয়লা।

গোই [ব্রজ—গোপই শব্দের সংক্ষেপ] ক্রি, গোপন করিয়া ; ঢাকিয়া। প্র—"ধাওবি বসনে অঙ্গ সব গোই।"—বিদ্যাপতি। "ধবলিম এক বসনে তনু গোই।"—গোবিন্দদাস।

গোঁ [সং—গম্ (গত্যর্থে) ধাতু ইহার মূল। গম্ভীর, গুম্ দ্রঃ। অনন্যলক্ষ্য-গতির ভাব। গুম হইয়া বসা আর গোঁ ধরিয়া বসা ; "গোঁ"র (ষাঁড়ের) শিং বাঁকাইয়া দাঁড়ান আর শূকরের ঘাড় গুঁজিয়া চোঁচা দৌড় গোঁ শব্দের অর্থ দ্যোতনা করে। তুল—ইং—headstrong, headlong, to make head against ইত্যাদি ; ফা—সরকশী ; গর্দ্দনকশী প্রভৃতি] বি, এক বিষয় ধরিয়া বসার ভাব ; অনন্য-লক্ষ্য গতির ভাব ; জিদ ; এক রোকামি।

গোঁ [অনুকার শব্দ] বি, গোঁ এই শব্দ।

গোঁ-গোঁ—রুদ্ধশ্বাস-অনুনাসিক স্বরে যন্ত্রণা-ব্যঞ্জক শব্দ।

গোঁগা, গোঙা [হি—গুঙ্গা=বোবা] বি, যে গোঁ গাঁ করিয়া শব্দ করে ; বোবা ; মূক। গোঁগা ছেলের নাম তর্কবাগীশ—যাহা সম্ভব নহে ; অসম্ভব কথা ; অসঙ্গত কথা।

গোঁগান (গোঙানো) ক্রি, গোঁ গোঁ শব্দ করা। ২। বোবার মত গোঁ গোঁ শব্দে কথা বলিতে চেষ্টা করা। ৩। যন্ত্রণাসূচক শ্বাসরোধক অনুনাসিক শব্দ। [গোঁ শব্দ দ্রঃ]

গোঁগাণ্য [গোঁগানিয়া] বিণ, গোঁ গাঁ শব্দ-কারী। প্র—"গোঁগাণ্য বুড়া।"—শিবায়ন।

গোঁজ (জ্) [হি—মূলে গম্ ধাতু—যাহা ভিতর গমন করান বা গোঁজা যায়] বি, কীলক ; খোঁটা ; খুঁটা। ২। খুঁটার মত স্থির ভাবে ঘাড় গুঁজিয়া থাকার ভাব ; নির্ব্বাক্ ও ভার। প্র—"মুখটা গোঁজ করিয়া বসিয়া থাকে।"—টেকচাঁদ।

গোঁজা [মূলে গম্ ধাতু। উ-পু—গুঁজি। ম-পু—গোঁজ ; গুঁজুন ; গোঁজ্। প্র-পু—গোঁজে ; গোঁজেন্। অস-ক্রি—গুঁজিতে ; গুঁজিয়া ; গুঁজে ; গুঁজিবার। ণিজন্ত, গোঁজান] ক্রি, প্রবেশ করান ; ঢুকান ; পোঁতা। ২। বি, যাহা অভাব পড়ে তাহা যোগ করণ ; হিসাবে যাহাতে জমা খরচে মিল হয় এরূপ রাশি জমা বা খরচের দিকে যোগদান। প্র—"গোঁজা বিদ্যা না জানে হিসাবে দেয় গোঁজা।"—ভারতচন্দ্র।

গোঁড় (ড়্) [সং—গোণ্ড] বি, উচ্চনাভি। বিণ, গোঁড়া—গোঁড়যুক্ত।

গোঁড়া [গোঁড় (গুল্ফ বা পদমূল—তাহা হইতে মূল)+আ] বিণ, যে মূল ধর্ম্মমত বা বিশ্বাস হইতে একপদও বিচলিত হয় না ; যে প্রাচীন ধর্ম্মের মূল আঁকড়াইয়া থাকে ; প্রাচীন-ধর্ম্ম-মতাবলম্বী। ২। ধর্ম্ম সম্বন্ধে যুক্তি-হীন অন্ধবিশ্বাসী ; orthodox. ৩। অতিরিক্ত পক্ষপাতী। ৪। ভক্ত ; অতিশয় অনুরক্ত ; admirer. প্র—"গোঁড়া হয়ে মাতে সব দেখে নাক গোড়া।"—ঈশ্বর গুপ্ত। ৫। চাটুকার ; স্তাবক ; খোসামোদকারী ; তোষামুদে।

গোঁড়াম, গোঁড়ামি [গোঁড়া দ্রঃ] বি, অতি-রিক্ত প্রশংসা করণ ; ধর্ম্মান্ধতা। প্র—"যুচাব গোঁড়ামি রোগ দিয়া ছাগনাদী।"—ঈশ্বর গুপ্ত।

গোঁৎ [আ—গোৎ=জলে ঢু মারিয়া প্রবেশ, ডুব] বি, মাথা নীচু করিয়া জলের মধ্যে বেগে প্রবেশ ; মাথা হেঁট করিয়া ডুব। ২। ডুবের অনুকরণ শব্দ। প্র—"গোঁৎ করে সোঁৎ ঠেলে ভাটি গাং ছেড়ে।"—ঈশ্বর গুপ্ত।

গোঁৎমারা-গোঁৎ দেওয়া ; মাথা হেঁট করিয়া ডুবা।

গোঁধলা (ধ্) [বৌদ্ধযুগেব বাঙ্গালা] বি. গোময় ; গোবর।

গোঁপ, গোঁফ (প্, ফ) [সং—গুম্ফ হইতে বাং—গোঁপ ; গোঁফ] বি. উপর ঠোঁটে রোমরাজি ; মোচ।

গোঁপখেজুরে, গোঁফখেজুরে (ফ্) [খেজুরগাছের তলায় এক ব্যক্তি শয়ন করিয়া ছিল। সেই অবস্থায় একটি খেজুর তাহার গোঁফের উপর পতিত হয়, কিন্তু সে এতই অলস যে স্বহস্তে খেজুরটি গোঁফ হইতে তুলিয়া মুখে দিবার কষ্ট স্বীকার না করিয়া কোন পথিকের অপেক্ষায় গোঁফের উপর খেজুর লইয়াই শয়ন করিয়া থাকে। তদবধি "গোঁফখেজুরে" অলসেব আদর্শ অর্থে ব্যবহৃত হইতে থাকে] বিণ. নিতান্ত অলস। প্র—"কিন্তু গোঁপখেজুরে হয়ে থাকা কি যায়। খেজুরটি গোঁফে আছে আছেই কেহ না মুখের ভিতর দিলে খাওয়া হইবে না।"—টেকচাঁদ। "অচ্যুত আপনি কিছু করে না আর ইয়ারদের কিছু করিতে দেয় না। সেই পোষমানা বাঁদরগুলা শাক পাতা ফল মূল, যাহা আনিয়া দেয়, গোঁপখেজুরের মত তাহাই খায় দায় আর পড়িয়া থাকে।"

গোঁয়া [সং—গম্ (গমন করা) ধাতু হইতে। উ-পু—গোঁয়াই। ম-পু—গোঁয়াও। প্র-পু—গোঁয়ায় ; গোঁয়। অস-ক্রি—গোঁয়াইতে : গোঁয়াইয়া। ণিজন্ত, গোঁয়ান] ক্রি. অতিবাহিত করা ; কাটান। প্র—"দিন গোঁয়াও মিথ্যা কার্য্যে।"—কবিক। ২। গত হওয়া। প্র—"মিছে খেলায় দিন গোঁয়ালো।"—রামপ্রসাদ। ৩। অনুসরণ করা। প্র—"ধনুক তুলিতে যত রাজপুত্র যায়। দেখিয়া সকল লোক পশ্চাতে গোঁয়ায়।"—কৃত্তিবাস।

গোঁয়ান (গোঁআনো) [শব্দাত্মক] ক্রি. গোঁ গোঁ শব্দ করা ; অব্যক্ত স্বরে শারীরিক যন্ত্রণা প্রকাশ করা।

গোঁয়ার (গোঁআর্) [হি—গমার। গ্রাম+আর (সম্বন্ধার্থে) গ্রামে যে বাস করে। তুল—নাগর=নগরে যে বাস করে। প্র—"গামক বসলে বোলিঅ গমার। নগরহ নাগর বোলিঅ সংসার॥"] বিণ. গ্রাম্য ; গেঁও। ২। অশিক্ষিত ; অমার্জ্জিত। প্র—"পড়েতে গোঁয়ার পুত্র হয়েছে দুর্জ্জন।"—ধ, ম। ৩। কাণ্ডজ্ঞানহীন ; হোঁকা ; rash. প্র—"তাদের মধ্যে অনেকেই গোঁয়ার ; তাহারা সামান্য কারণে প্রলয় কাণ্ড ঘটায় ; তাহারা রাগ প্রভৃতি রিপু দমনে অসমর্থ।"—সাবিত্রী তত্ত্ব। ৪। অরসিক। প্র—"রতিরস না জানয়ে কানু সে গোঙার।"—বিদ্যাপতি। ৫। লম্পট। ৬। দস্যু ; চোর। প্র—"অমূল্য রতন সাথে, গোঙারের ভয় পথে, লাগি পাইলে লইবে কাড়িয়া।"—পদকল্পতরু। ৭। [গোঁ (জেদ) আর (আছে যাহার এই অর্থে)] এক গুঁয়ে : জিদ্দী। স্ত্রী. **গোঁয়ারী, গোঁয়ারিণী** [ব্রজ] প্র—"কে করিল হেন কায কেমন গোঁয়ারী"—চণ্ডীদাস। "তুঁহু গোঁয়ারিণী সহজে আহীরিণী।"—বিদ্যাপতি। [তুল—হি—গমারিন্]

গোঁয়ারগোবিন্দ (র্, ন্দো) কাণ্ডজ্ঞান শূন্য ব্যক্তি ; যে দুঃসাহসিক কার্য্য করিতে ইতস্ততঃ করে না।

গোঁসাই (গোঁশাই) [গোস্বামী শব্দজ] বি. প্রসিদ্ধ বৈষ্ণব বংশীয়গণের উপাধি।

গোকর্ণ [গো (গরু) তাহার কর্ণ (কাণ) তৎসদৃশ যে (বহু)] বি, পুং, অনামিকার নিম্ন পর্ব্বে অঙ্গুষ্ঠযুক্ত করিলে গোকর্ণ সদৃশ হয় : অঙ্গুলি পরিমাণ ; অঙ্গুষ্ঠ ও অনামিকা প্রসারিত করিলে তাহার মধ্যস্থ ব্যবধান। ২। গণ্ডূষ। ৩। রুদ্রবিশেষ। ৪। মৃগবিশেষ। ৫। সর্প। ৬। অশ্বতর। ৭। কাশীস্থ শিবলিঙ্গবিশেষ।

গোকল (ল্) [গো—কল (কবল শব্দজ) ৬তৎ] বি. গোরুকে যে ঘাস খাইতে দেওয়া হয় : গোগ্রাস। ২। গোকলব্রত ; গরুকে ঘাস খাওয়ান ও গোপূজা ব্রত, তাহার মন্ত্র—"গোকল গোকুলে বাস গরুর মুখে দিয়ে ঘাস আমার যেন হয় স্বর্গে বাস।"—ব্রতকথা।

গোকীল [গোর (পৃথিবীর) কীল (শঙ্কু) ৬তৎ] বি, পুং, লাঙ্গল। ২। মুষল।

গোকুল (ল্) [গো (গরু) তাহার কুল (সমূহ)—৬তৎ] বি, ক্লী, গোপাল ; গোসমূহ। ২। গো—কুল (সমূহ) যে স্থানে থাকে—বহু] গোষ্ঠ ; গোস্থান। ৩। যমুনাতীরস্থ মথুরামণ্ডলস্থ গ্রাম ; কৃষ্ণ বলরাম নন্দালয়ে যথায় পালিত হইয়াছিলেন। প্র—"শ্রীমুখপঙ্কজ দেখবো বলে হে, তাই এসেছিলাম এগোকুলে। আমায় স্থান দিও রাই চরণতলে।"—বঙ্কিম।

গোকুলের ষাঁড়—স্বেচ্ছাচারী ব্যক্তি ; অনিষ্টকারী ব্যক্তি। "প্র—হলধর গদাধর ও মতিলাল গোকুলের ষাঁড়ের ন্যায় বেড়ায়।"—টেকচাঁদ।

গোক্ষীর (গোক্খীর্) [গো—ক্ষীর (দুগ্ধ)] বি, গরুর দুধ।

গোক্ষুর (গোক্খুর্) [গো (গরু) তাহার ক্ষুরের ন্যায় ক্ষুর (কণ্টক) যাহার—বহু অথবা গোক্ষুর আকৃতি বলিয়া] বি, পুং, স্বনামপ্রসিদ্ধ কণ্টকাকীর্ণ ক্ষুদ্র বৃক্ষবিশেষ ; গোখুরা। ২। গরুর ক্ষুর।

গোক্ষুরা (গোক্খুরা) [সং—গোক্ষুর] বি, মস্তকে গোরুর ক্ষুর চিহ্নযুক্ত স্বনাম-প্রসিদ্ধ সর্প ; গোখরো সাপ ; cobra de capello

গোক্ষুরী, গোখুরী—বি, গোক্ষুর আকৃতি কর্ণাভরণ-বিশেষ।

গোখরি, গোখরু [গোক্ষুরবৎ টোপ তোলা বলিয়া] বি, গোখরি চুড়ি : হস্তাভরণ বিশেষ। ২। ডাকের সাজে সূতাব ফিতা-বিশেষ।

গোখাদক (ক্) [গো—খাদক (যে খায়)] বিণ, যে গরুর মাংস খায় : গোমাংসাশী।

গোখুর (র্) [গোর খুর, ৬তৎ] বি, গরুর খুর। প্র—"গোখুর ধূলি উছলি ভরু অম্বর ঘন ঘন হাম্বারব হৈ হৈ রাব।"—গোবিন্দদাস।

গোগৃহ—বি, গোশালা।

গোগোল (ল্) বি, গুহ্যদ্বার নির্গমনরূপ রোগবিশেষ ; a hæmorrhoidal tumour.

গুয়ের গোগোল (গ্রা) অতি শিশু।

গোগ্রন্থি (গোগ্‌গ্রোন্‌থি) [গো (গোময়) গ্রন্থ্ (গাঁথা) + ই] বি, পুং, ঘুঁটে। ২। গোষ্ঠ। ৩। গোজিহ্বিকা নামক ওষধি।

গোগ্রহ (গোগ্‌গ্রোহ) [গো—গ্রহ] বি, গাভীহরণ ; গোধন হরণ।

গোগ্রাস (গোগ্‌গ্রাশ্) [গোর গ্রাস, ৬তৎ] বি, পুং, প্রায়শ্চিত্তান্তে গরুকে মন্ত্রপূত ঘাস দান। ২। অন্ন হস্তদ্বারা না উঠাইয়া গরুর মত মুখ দিয়া গ্রহণ করতঃ চর্ব্বণ না করিয়া গলাধঃকরণ।

গোঘাতক (ক্) [গো—ঘাতক (যে হনন করে)] বিণ, গোহন্তা : গোহত্যাকারী।

গোঘৃত [গো-জাত ঘৃত (কর্ম্মধা)] বি, ক্লী, গোদুগ্ধোৎপন্ন ঘৃত ; গব্যঘৃত ; গাওয়া ঘি।

গোঘ্ন [গো—হন্ (বধ করা) + অ (কর্ত্তৃ—টক্) —যে গোহত্যা করে] বিণ, গো হননকারী ; গোঘাতক। ২। [গো হনন করে যদুদ্দেশে (উপপদ) অর্থাৎ যাহার আগমনে গো হনন করা হইত, প্রাচীন প্রথার আভাস] বি, পুং, অতিথি।

গোঙা—গোঙ্গা দ্রঃ।

গোঙান—গোঙ্গান দ্রঃ।

গোঙান (গো) [প্রা-বাং। গোঁয়া দ্রঃ। গম্ (গমনে) হইতে হি—ক্রি, গমানা ; বি, গমারা=অতিবাহন। ম=ঙ। উ-পু—গোঙাই। ম-পু—গোঙাও ; গোঙান ; গোঙা। প্র-পু—গোঙায় ; গোঙান। অস-ক্রি—গোঙাইতে ; গোঙাইয়া ; গুঙিয়ে] ক্রি, অনুসরণ করা ; গমন করা। প্র—"সকল বানর তার পাছে গোঙাইল।"—কৃত্তিবাস। ২। ক্ষেপণ করা ; যাপন করা ; অতিবাহন করা। প্র—"কোথা কম্বল লাঠি, গলায় তুলসী কাঠি সদাই গোঙায় গীত নাটে।" —কবিক। "কি কার্য্যে গোঙাও কাল তুমি বিদ্যা ভোলে"।—চৈতন্যচরিত।—"কেমনে রজনী গোঙাব"—নরোত্তমদাস। [ব্রজ] **গোঙায়নু**—

যাপন করিলাম।—"কত মধু যামিনী রভসে গোঙায়লু।"—বিদ্যাপতি। "বহুদুঃখে গোঙায়লু মাধব সাথ"—বিদ্যাপতি। **গোঙায়ব**—কাটাইব। প্র—ইহ নবযৌবন বিরহে গোঙায়ব।—বি, প। **গোঙায়বি**—কাটাইবে। প্র—"জনম গোঙায়বি রোই একান্ত"—বি, প। **গোঙায়ল**—যাপন করিল। **গোঙায়লি**—কাটাইলি, কাটাইল। প্র—"জনম গোঙায়লি রোই"—বি, প।

গোঙার (গোঁআর্) [সং—গ্রাম্য; হি—গমার্—গওঁার। গোঁয়ার দ্রঃ। ব্রজ, প্রা-বাং] বিণ, গ্রাম্য; গেঁয়ো। ২। অবিমৃষ্যকারী; বিবেচনা-হীন; মূঢ়। প্র—"বুঝলু এ সখি কানু গোঙার।"—বিদ্যাপতি। ৩। লম্পট। ৪। চোর; দস্যু। প্র—"অমূল্য রতন সাথে, গোঙারের ভয় পথে, লাগি পাইলে লইবে কাড়িয়া।"—পদকল্পতরু। স্ত্রী, **গোঙারিনী** (বৈ-পদাবলী) গোঁআরিনী দ্রঃ।

গোঙ্গা (গোঙা) [শব্দাত্মক, গোঁ গোঁ বা গাঁই গুঁই হইতে। হি—গুঙ্গা, গুঙা] বিণ, মূক; বোবা; অস্ফুটবাক্।

গোঙ্গান (গোঙানো) [শব্দাত্মক। গোঁ গোঁ শব্দ হইতে। উ-পু—গোঙ্গাই। ম-পু—গোঙ্গাও। প্র-পু—গোঙ্গায়। অস-ক্রি—গোঙ্গাইতে; গোঙ্গাইয়া] ক্রি, গোঁ গোঁ শব্দে যন্ত্রণা প্রকাশ করা; কণ্ঠ ও নাসিকাযোগে অনুনাসিক শব্দবিশেষ; গলা চাপিয়া ধরিলে বাক্‌রোধ হইবার মত অব্যক্ত কাতরোক্তি করা। বি, **গোঙ্গানি, গেঙ্গানি**। বিণ, **গোঙ্গানিয়া, গেঙ্গানিয়া, গোঙ্গানে, গেঙ্গানে**।

গোচন্দন (ন্) বি, গোরোচনা।

গোচ (চ্) বি, গোছ দ্রঃ।

গোচর (র্) [গো (ইন্দ্রিয়গণ) চর (বিচরণ করে) যেখানে, বহু] বি, পুং, যেখানে ইন্দ্রিয়গণ বিচরণ করে; ইন্দ্রিয়ের বিষয়; ইন্দ্রিয়গ্রাহ্যবস্তু। ২। আশ্রয়। ৩। সাক্ষাৎকার, প্রত্যক্ষ; জ্ঞাতসার। ৪। [গো (গরু) চর (বিচরণ করে) যেখানে] গোচারণের মাঠ; ক্ষেত্র।

গোচর্ম্ম [গোর চর্ম্ম—৬তৎ] বি, ক্লী, গরুর চামড়া।

গোচা, গোছা [সং—গুচ্ছ] বি, গুচ্ছ; আঁটি; পুলা; স্তবক

গোচারক (ক্) [গো—চর+ণিচ্=চারি (গমন করান)+অক (কর্ত্তৃ) যে গরু চরায়] বি, পুং, রাখাল; গোপাল; গোরক্ষক।

গোচারণ (ন্) [গোর চারণ—৬তৎ] বি, ক্লী, গরু চরাণ; গোকে ঘাস খাওয়ান।

গোচারী [গো—চর্+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=গোচারিন্ ১মা, ১ব] গোচারক।

গোচ্চার (গোচ্‌চার্) [গুচ্ছার (গুচ্ছ) প্রা-বাং—ঘৃণাবাচক বা অপ্রীতিকর বহুত্ববাচক] বিণ, বহুল; বিস্তর; মেলা।

গোছ [সং—গুচ্ছ] বি, পানের গুঃ সাধারণতঃ ৮ গণ্ডা পান। ২। ধানের আটি বা হালি। ৩। সুবন্দোবস্ত: শৃঙ্খলা; সুবিধা; সুযোগ।

গোছা, গোচ্ছা [সং—গুচ্ছ: হি—গুচ্ছা প্রাকৃ—গোচ্ছা=মঞ্জরী—হেমচন্দ্রের নামমালা] বি, গুচ্ছ; থোলো।

গোচিকিৎসক (শক্) বি, গরুর রোগের চিকিৎসাকারী; গোবৈদ্য; গরুর ডাক্তার a veterinary surgeon.

গোছ (ছ্) [গুচ্ছ শব্দজ] বি, হালা; আটি। প্র—ধানের গোছ, পানের গোছ। ২। সুবিধা; সুযোগ; বিলি। প্র—কাজের গোছ জানে না। ৩। অবস্থা; উপায়; প্রকার। প্র—সেই গোছের লোক কি যে বললেই শুনবে। ৪। পায়ের গোড়ালি ও ডিমার মধ্যভাগ। **গোছগাছ**—গুচ্ছ গুচ্ছ; থোপা থোপা। **গোছান**—গুচ্ছ করা; সাজান। **গোছানে**—সুবন্দোবস্তকারী।

গোছান (নো) [গোছ দ্রঃ। উ-পু—গোছাই। ম-পু—গোছাও; গোছান্; গোছা। প্র-পু—গোছায়; গোছান্। অস-ক্রি—গোছাইতে; গোছাইয়া; গুছিয়ে] ক্রি, গোছ করা; সাজান; যথাস্থানে যথা দ্রব্য সজ্জিত করণ।

গোছাল (গোছালো) [গুচ্ছ শব্দজ] বিণ, যাহা বিশৃঙ্খল নহে; সংযত; শৃঙ্খলাযুক্ত। ২। সুবন্দোবস্তযুক্ত। ৩। হিসাবী; মিতব্যয়ী। ৪। দক্ষ; পটু; চতুর। ৫। : বদ্ধ। **গোছাল সংসার**—যে সংসারে গোছ অর্থাৎ সুবন্দোবস্ত বা সুশৃঙ্খলা বিদ্যমান আছে; যে সংসারে গৃহস্থগণ আয় ব্যয়ের প্রতি লক্ষ্য রাখিয়া মিতব্যয়িতার সহিত বা হিসাব করিয়া চলে।

গোট (ট্) [গুড্ (বেষ্টন করা) ধাতুজ। ড=ট, সং—গুটিকা; হি—গোট=ফিতার বেষ্টনী, কিনারা, ঝালর বা হাঁসিয়া] বি, বস্ত্রাদির প্রান্তে লাগান ফিতা বা ঝালর; হাঁসিয়া। ২। অলঙ্কারবিশেষ; স্ত্রীলোকের কটিভূষণ; মেখলা। ৩। [গোষ্ঠ শব্দজ। 'গোঠ' এর বিকৃত উচ্চারণ] গোষ্ঠ; গোচারণ মাঠ। **গোটগোট**—গুটি গুটি; একে একে। প্র—"গোট গোট সখী সভ গেলি"—পদাবলী।

গোটা [অখণ্ড—একটা—এগটা—একগোটা (প্রা-বাং)] বিণ, অখণ্ড; সমগ্র; সম্পূর্ণ; আস্ত। প্র—"কোথা থাকে দালান কোঠা কোনও জিনিষ রয়না গোটা।"—রজনী সেন। ২। আস্ত মাষকলাই। প্র—গোটা-সিদ্ধ। ৩। [বস্তু নির্দ্দেশার্থে] টা। প্র—"এড়িলেক গাছগোটা করিয়া হুঙ্কার"—কৃত্তিবাস। "উপাড়িয়া চাকাগোটা তুলি নিল হাতে"—ঐ। ৩। [সংখ্যানির্দ্দেশার্থে] টা বা টি। প্র—"যৌতুক ধনুকখান খর গোটা তিন বাণ দিয়া জামাতার কৈল মান।"—কবিক। ৪। [অনধিকার্থে] মাত্র। প্র—একগোটা। **এক-গোটা**—[প্রা-বাং] একমাত্র। **গোটা-কয়েক**—কয়েকটা মাত্র। **গোটাকতক**—অল্প কতকগুলা। **গোটার মস্‌লা**—বিবিধ বেণে-মসলার মিশ্রণ যাহা ভাজিয়া ও গুঁড়াইয়া ব্যঞ্জনাদিতে ব্যবহার করা হয়।

গোটানাল, লাল (ল্) [গোটা (ঘোড়া হইতে)+নাল, লাল (লালা)] বি, ওল, লঙ্কাদির তীব্র রস যোগে বা রোগবিশেষের প্রকোপে মুখ হইতে ঘোড়ার লালের মত যে লালা স্রাব হয়; ফেনা; গাঁজলা।

গোটাসিদ্ধ (শি) বি, আ-ফাটা তরকারি সহ সিদ্ধ আস্ত মাষকলাই (শ্রীপঞ্চমীর রন্ধন)।

গোটিক (ক্) [গুটিক দ্রঃ] বিণ, একটী। প্র—"কোটিতে গোটিক হয়"—চণ্ডীদাস।

গোঠ (ঠ্) [গোষ্ঠ শব্দজ] বি, গোবিচরণের মাঠ; গবাদির ঘাস খাইবার স্থান। ২। [সং—গুটি (বেষ্টনে)] কটিত্র; কটিবেষ্টনী; কটিদেশের শিকলাকৃতি অলঙ্কারবিশেষ।

গোড় (ড্) [প্রাকৃ ও হি—গোড়=পদ= গোড়ালি। তাহা হইতে পদানুসরণ] বি, মত। প্র—"মেজ বউ মন্দ নয় সেই গোড়ে গোড়"—ঈশ্বর গুপ্ত। ২। [প্রাদে—ঢাকা] গুঁড়ি; মূলদেশ; গোড়া। প্র—গাছের গোড়ে জল দেওয়া। ৩। শিকড়; জড়। প্র—যেসো জমিতে ঘাসের গোড় সহজে মরে না। **গোড়ে গোড় দেওয়া**—পদাঙ্ক অনুসরণ করা; মতে মত দেওয়া।

গোড়বালা (ড্) [গোড় (সং—গুল্‌ফ হইতে হি—গোড়) বালা (সং—বলয় হইতে)] বি, চরণালঙ্কারবিশেষ; মল। প্র—"আঙ্গুলে অঙ্গুরী আর, পদে গোড়বালা।"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

গোড়া [গোড় দ্রঃ] বি, মূল; শিকড়। প্র—ও গাছের গোড়াশুদ্ধ তুলিয়া ফেল। "গোড়ায় কাটিয়া আগায় জল"—অ, ম। ২। নিকট; কাছে। প্র—হাতের গোড়ায় আছে। ৩। ভিত্তি; ভিত; দেওয়াল বা স্তম্ভের গোড়া। ৪। আদি; প্রথম; সূত্রপাত; আরম্ভ। প্র—গোড়াতে সাবধান হওয়া উচিত ছিল। **আগাগোড়া**—আদি অন্ত।

গোড়াগুড়ি—[গোড়া+গুড়ি] বি, সর্ব্ব প্রথমে ; প্রথম। ২। প্রথমাবধি।

গোড়াইল [গোড় দ্রঃ] ক্রি, পদানুসরণ করিল ; অভিমতে মত দিল। ২। পশ্চাদ্ধাবন করিল। প্র—"দেখি দুঃশাসন ক্রোধে পাছে গোড়াইল"—কাশী—মহা। ৩। সঙ্গ লইল ; পাছু ধরিল ; পেছনে চলিল। প্র—"যেইক্ষণ হইতে কুণ্ডল দ্বিজ পাইল। সেইক্ষণ হৈতে তক্ষক গোড়াইল॥"—কাশী—মহা। ৪। নিকটবর্ত্তী হইল। ৫। পরিণতি প্রাপ্ত হইল। ৬। গমন করিল। প্র—"গোড়াইল গিরিশ গৌরীর পিছু পিছু"—শিবায়ন।

গোড়ান (গো) ক্রি, নিকটবর্ত্তী হওয়া। ২। অনুসরণ করা ; গমন করা। প্র—"কুমার তার পশ্চাতে গোড়ায়"—গীত, গো, (গিরিধর)। "চট পট চন্দ্রচূড় চলে তার ঘরে। গঙ্গাধরে গিরিরাজ গোড়াইতে নারে॥"—শিবায়ন।

গোড়ারী, গোড়ালি (গো) [প্রাকৃ—গোড় (পদ) শব্দজ। প্রাদে—ঢাকা—গুরমুড়া] বি, গুল্‌ফ ; পাদমূল। প্র—"মনসার গায়ে পড়ে গোড়ালির পানি।"—কেতকাদাস।

গো-ডিম (ম্) [গু ডিম] বি, পক্ষীদিগের ডিম হইতে বাহির হইবার পর প্রথম অবস্থা।

গোড়েন (ন্) [গড়ানিয়া—গড়ানে—বর্ণ-বিপর্য্যয়ে গোড়েন] বিণ, গড়ানিয়া ; ঢালু। ২। বি, ঢালু দেশ। প্র—গোড়েনে গোড়েনে উঠে নীর কেটে তীর ছুটে"—ঈশ্বর গুপ্ত।

গোণা (না) [গণিত দ্রঃ] বিণ, সংখ্যাত ; গণিত ; যাহা গণনা করা আছে ; যাহার সংখ্যা করা আছে ; নির্দ্দিষ্ট। প্র—"গোণা দিনত যায় মা বয়ে কাঁদছি ভবে শমনভয়ে।"—দ্বারকানাথ গাঙ্গুলি—ধাং—গান।

গোণী (নি) [সং—গুণ্‌ (গণনা করা] বি, স্ত্রী, পরিমাণবিশেষ। ২। শণ সূতার ছিদ্র বস্ত্র ; গুণ ; থলিয়া ; বস্তা।

গোণ্ড [গুনড়্‌ (বেষ্টন করা) +অ (কর্ত্ত, সংজ্ঞার্থে—অচ্‌) গু=গো] বি, পুং, জাতি-বিশেষ। ২। [গো—অণ্ড] নাভিদেশের উন্নত মাংসপিণ্ড ; গোঁড়।

গোতম, গৌতম (ম্) বি, পুং, ন্যায় দর্শন-প্রণেতা মুনি। ২। গৌতমবুদ্ধ। ৩। [গো+তম (শ্রেষ্ঠার্থে)] গো-শ্রেষ্ঠ। স্ত্রী, **গোতমী, গৌতমী**। দুর্গা। ২। রাক্ষসীবিশেষ। ৩। কণ্ব মুনির ভগিনী।

গোতমপলাল (ম্, ল্) [প্রা-বাং] বি, ধান্য-বিশেষ। প্র—"ধান মাঝে ধান বুনেন বক কড়ি। গোতমপলাল বুনেন পাতল জায়ছড়ি॥" —শূন্যপুরাণ।

গোতা [রূপান্তর—গোপ্‌তা, গোপ্তা (দ্রঃ)। আ—গোতা=ডুব] বি, হেঁট মাথায় ডুব ; ঘাড় গুঁজিয়া বা মাথা নীচু করিয়া জলমধ্যে প্রবেশ করা। **গোতা মারা, গোতা খাওয়া**—মাথা নীচু করিয়া ডুব গালা।

গোত্র (গোৎত্র) [গো (শব্দ করা) +ত্র (করণে—সংজ্ঞার্থে)—যাহাদ্বারা আদি পুরুষের নাম উক্ত হয়] বি, ক্লী, অন্বয় ; কুল ; বংশ। প্র—"প্রথমেই বলিলেন শ্রীবাস উদার। গোত্র বাড়াউক কৃষ্ণ আমা সবাকার॥"—চৈ, ভা। "কেবল ব্রাহ্মণেরই গোত্র প্রথা ছিল ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রগণ আপন আপন পুরোহিতের গোত্রভাগী হইয়াছেন"। ২। নাম। ৩। কুল-প্রবর্ত্তক ঋষি। ৪। বংশপ্রবর্ত্তক ঋষির সন্তান-পরম্পরা। ৫। ক্ষেত্র। ৬। পথ। ৭। গো-গৃহ। ৮। অরণ্য। ৯। ছত্র। ১০। [গো=পৃথিবী—ত্রৈ (পালন করা) +অ (কর্ত্তৃ—ড) ঐ—লোপ। যে পৃথিবীকে রক্ষা করে] পর্ব্বত। প্র—"গোত্রের প্রধান পিতা মুখ বংশ খ্যাত"ভারতচন্দ্র। ১১। বিণ, কুৎসিত।

গোত্রজ (গোৎত্র) [গোত্র—জন্‌+অ (কর্ত্তৃ—ড) ন্‌ লোপ] বিণ, সগোত্র ; একগোত্রে জাত ; এক বংশীয় ; সমানগোত্রীয়।

গোত্রপ্রধান (গোৎত্রপ প্রোধান্‌) [গোত্রের (পর্ব্বতের) মধ্যে প্রধান, ৬ তৎ] বি, পুং, হিমালয়। ২। [গোত্রের (বংশের) প্রধান (শ্রেষ্ঠ)] কুলপতি ; বংশশ্রেষ্ঠ ; গোষ্ঠীপতি।

গোত্রভিদ্‌ (গোৎত্র) [গোত্র (পর্ব্বত) ভিদ্‌ (ভেদ করা) +ক্বিপ্‌ (কর্ত্তৃ) উপপদ। যে বজ্র দ্বারা গোত্র ভেদ করিয়াছে] বি, পুং, ইন্দ্র দ্রঃ।

গোত্রা (গোৎত্রা) [গোত্র (পর্ব্বত) +অ (অস্ত্যর্থে) স্ত্রী—আপ্‌] বি, স্ত্রী, ধরা ; পৃথিবী। ২। [গো+ত্র (সমূহার্থে)—আপ্‌—স্ত্রী] গো সমূহ।

গোদ (দ্) [সং—গোদ—মস্তিষ্ক তাহা হইতে রস ও মেদ বৃদ্ধি] বি, শ্লীপদ ; শোথ ; পদ-স্ফীতি রোগ। প্র—"ছোট ভাইয়ে সাম্য বাক্যে নিবারিল ক্রোধ। বিভা হয় নাই তার দুই পায়ে গোদ॥"—কবিক। **গোদের উপর বিষফোড়া**—কষ্টের উপর কষ্ট ; যন্ত্রণার উপর যন্ত্রণা [দুঃখের উপর টনকের ঘা দ্রঃ]।

গোদন্ত [গোর (গোরুর) দন্ত (দাঁত) ৬তৎ] বি, পুং, গোরুর দাঁত। ২। [বর্ণের তৎ সাদৃশ্য হেতু] বি, ক্লী, হরিতাল।

গোদা [গো (জল) দা (দান করা) +(ক্বিপ্‌—)—স্ত্রী, যে জল দান করে] বি, স্ত্রী, নদী। প্র—গোদাবরী। ২। [গোদ (স্থায়ী শোথ রোগ) +আ (অস্ত্যর্থে)] বিণ, পদস্ফীত রোগী। প্র—"গোদা কুঁজো কুরুণ্ডে প্রভৃতি আর যত। সকলের রমণী সকলে নিন্দে কত॥" —অ-ম। ৩। [তুচ্ছার্থে] অশোভনীয় স্থূল ; মোটা। ৪। [বিক্রপার্থে বা হীনার্থে। গোদ (মস্তিষ্ক তাহা হইতে মস্তক) শব্দজ] মাথা বা প্রধান ; দলপতি ; ringleader. প্র—পালের গোদা। ৫। বানর দলপতি। ৬। মোটা ; অতি স্থূলকায়।

গোদান (ন্) [গো (গোরু) দা+অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, গোরুদানরূপ পুণ্যকর্ম্ম। ২। [গো (কেশ)—দো (ছেদন করা) + অন (অধি—অনট্‌) কেশ ছেদন করা হয় যে সংস্কারে] বি, ক্লী, কেশ ছেদনরূপ সংস্কার-বিশেষ ; কেশান্ত সংস্কার। ৩। (গোদানো) [প্রাদে—ঢাকা। হি—গোদানা শব্দজ] ক্রি, উল্কী পরা [গোদানি দ্রঃ]।

গোদানি [হি=গোদনা শব্দজ] বি, উল্কী।

গোদাবরী (বো) [গো (জল) দা (যে দান করে)=গোদা (নদী) +বর (প্রধানার্থে) ঈপ—স্ত্রী] বি, স্ত্রী, দক্ষিণ ভারতের নদীবিশেষ। প্র—"সুভগে হে গোদাবরি পুণ্য বারি তোর, সুধাংশুবদনী সীতা দেখেছ কি মোর।"—রামায়ণ।

গোদুগ্ধ [গোর দুগ্ধ, ৬তৎ] বি, ক্লী, গোক্ষীর ; গোরুর দুধ্‌।

গোদুহ [গো—দুহ্‌ (দোহন করা) +অ (কর্ত্তৃ—ক)] বিণ, যে গো দোহন করে ; গোদোহন কারী ; গোদোহক ; গোদোয়াল। ২। গোপ।

গোদোহ—বি, গরুর দুগ্ধ দোহন ; দুধ দোয়া।

গোদোহিনী [গো—দুহ্‌ (দোহন করা) + অন (অধি—অনট্‌) যাহাতে গো দোহন করে] বি, স্ত্রী, যে পাত্রে দুগ্ধ দোহন করে ; গোদোহনপাত্র ; দুগ্ধ দোহনের ভাঁড়।

গোধন (ন্) [গো (গাভী)—ধন (সমূহ) ৬তৎ] বি, ক্লী, গাভীসমূহ ; গোসকল। ২। [গো রূপ যে ধন (কর্ম্মধা)] গাভীরূপ ধন, গো সম্পদ্‌। প্র—"গোধন চালায়ে শিশুগণ লয়ে গমন করিলা ব্রজে।"—চণ্ডীদাস।

গোধা, গোধিকা [প্রাদে (পাব্‌না)—গোমা। গুধ্‌ (বেষ্টন করা) +অ (কর্ত্তৃ—অঙ্‌) —আপ্‌-স্ত্রী, আকারের পূর্ব্বে—ক (স্বার্থে) —ই আগম। সিংহলীতে গোধি] বি, স্ত্রী, গোসাপ। ২। [করণে—অঙ্‌)] বাম প্রকোষ্ঠের চর্ম্মাবরণ ; যোদ্ধৃগণের বাম হস্তের চর্ম্মরক্ষণী।

গোধাঙ্গুলিত্র (লিৎত্র) [গোধা (গোধা-চর্ম্ম-নির্ম্মিত যে অঙ্গুলিত্র (মধ্যপদলোপী কর্ম্মধা)] বি, ক্লী, গোসাপের চর্ম্মদ্বারা নির্ম্মিত দস্তানা ; যোদ্ধৃগণের অঙ্গুলি-রক্ষণী-বিশেষ।

গোধি [গুধ্‌ (বেষ্টন করা) +ই—সংজ্ঞার্থে কিম্বা, গো (চক্ষুঃ) ধা (ধারণ করা) +ই (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে চক্ষু ধারণ করে] বি

পুং, ললাটদেশ ; কপাল। ২। [সিংহলীতে গোধি] গোধা ; গোসর্প।

গোধুম, গোধূম (ম্) [সং। হি—গেঁহু। বাং—গম ; গোম] বি, পুং, গম নামক শস্য। ২। যব।

গোধূমচূর্ণ [গোধূমের চূর্ণ, ৬তৎ] বি, ক্লী, ময়দা ; আটা।

গোধূমসার (ম, শার্) [গোধূমের সার (সারাংশ) —৬তৎ] বি, ক্লী, গমের পালো।

গোধূলি, গোধুলি [গোর (গোরুর) ধূলি (ক্ষুরাঘাতে উত্থিত রজঃ) হয় যে সময়ে, বহু] বি, স্ত্রী, সূর্য্যের অস্তগমন কাল ; সূর্য্যাস্তগমন সময় ; সূর্য্যাস্তগমন বেলা। সূর্য্যাস্তগমন কালে পশ্চিমদিক্ যখন আরক্তবর্ণ হয় এবং আকাশে একটী দুইটী করিয়া নক্ষত্র দৃষ্ট হয়, যখন গরুর পাল মাঠ হইতে গৃহাভিমুখে গমন করে এবং তাহাদের ক্ষুরোত্থিত ধূলি আকাশ আচ্ছন্ন করে সেই সময়ের নাম গোধূলি। প্র—"গোধূলির ছায়াতলে"—মানসী। [দ্রঃ—বিবাহাদি শুভকর্ম্ম অনুষ্ঠান কল্পে শাস্ত্রে গোধূলির ত্রিবিধ লক্ষণ নির্দ্দিষ্ট আছে। (১) হেমন্ত ও শিশিরে—যখন সূর্য্যের কিরণ মৃদু হইয়া (লোহিত) পিণ্ডের (গোল) আকার ধারণ করে। (২) গ্রীষ্মে ও বসন্তে—যখন ভানু অস্তগমন কালে অর্দ্ধেক মাত্র দৃষ্ট হয়। (৩) বর্ষা ও শরতে—যখন সূর্য্য অস্তগমন করায় অদৃশ্য হয়]।

গোধেনু [গো (গোরু) ধেনু (দুগ্ধবতী)কর্ম্মধা] বি, স্ত্রী, দুগ্ধবতী গাভী ; যে গাভীর দুগ্ধ হয়।

গোন (ন্) [প্রাদে—বরিশাল] বি, নদীর অনুকূল-দিকে স্রোত। ২। [গণনা শব্দজ] ক্রি, গণনা কর্ (সমানার্থে গোনো। সম্ভ্রমার্থে গুণুন্)।

গোনন্দ—বি, পুং, কাশ্মীরের পূর্ব্বতন নরপতি : ইনি রাজা জরাসন্ধের মিত্র ; শকারম্ভের ২৫।২৬ বৎসর পূর্ব্বে ইঁহার রাজত্ব ছিল।

গোনর্দ্দ [গো (জল) নর্দ্দ্ (শব্দ করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, সারস পক্ষী। ২। ময়ূর। ৩। যুধিষ্ঠিরের সম-সাময়িক কাশ্মীর-পতি। ৪। দেশবিশেষ।

গোনস, গোনাস (শ্) [গো—(গরু) নস্, নাসা (নাসিকা) গরুর নাসিকার ন্যায় নাসিকা যাহার—বহু (নাসা শব্দ স্থানে নস)] বি, পুং, বৃহৎ সর্প ; বোড়া প্রভৃতি প্রকাণ্ড সাপ।

গোপ (প্) [গো (পৃথিবী, গোরু)—প (পালক। পা—পালন করা + অ—কর্ত্তৃ, ড) যে পৃথিবী পালন করে (উপপদ)] বি, পুং রাজা ; ভূমিপ। ২। গোপালক ; গোয়ালাজাতি। ৩। গোরক্ষক। স্ত্রী, গোপী—গোয়ালিনী। ২। রক্ষাকর্ত্রী।

গোপক (ক্) [গুপ্ (গোপন করা) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে গোপন করে] বি, পুং, গোপনকারী। ২। রক্ষক। স্ত্রী, গোপিকা।

গোপকন্যা (গোপ্কোন্না) [গোপের কন্যা, ৬তৎ] বি, স্ত্রী, গোপকুমারী ; গোপ-জাতির কন্যা ; গোপবালিকা।

গোপত [গুপ্ত শব্দজ। ব্রজ] বিণ, গুপ্ত ; লুক্কায়িত। অদৃশ্য। প্র—"হাস গোপত বোল উপজল লাজ"—বি, প।

গোপন (ন্) [গুপ্ (গোপন করা) রক্ষা করা + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, লুক্কায়িত করণ ; অদৃশ্য করণ। ২। রক্ষণ।

গোপনীয় [গুপ্ + অনীয় (কর্ম্মে)] বিণ, গোপ্য ; অপ্রকাশ্য। ২। রক্ষণীয়।

গোপবধূ (বো) [গোপের বধূ (স্ত্রী) ৬তৎ] বি, স্ত্রী, গোপপত্নী ; গোপজাতীয়া স্ত্রী ; গোপনারী ; গোপী ; গোয়ালিনী।

গোপবল্লভ (ভ্) [গোপগণের বল্লভ (প্রিয়)—৬তৎ] বি, পুং, কৃষ্ণ। ২। বিণ, গোপদিগের প্রিয়।

গোপরিচর্য্যা (গোপোরিচোর্জ্জা) [গোর —পরিচর্য্যা (সেবা)—৬তৎ] বি, স্ত্রী, গোসেবা ; গোপালন।

গোপসি (গো) [ব্রজ] গোপ (গোপন) + সি—ব্রজভাষায় বর্ত্তমানে মধ্যম পুরুষে ক্রিয়াবাচক বিভক্তি] ক্রি, গোপন করিতেছ। প্র—"কত না যতনে কত না গোপসি" —বিদ্যাপতি।

গোপহার (র্) ["গোঁফহার"ও বলে। গুম্ফাকৃতি বলিয়া] বি, কণ্ঠাভরণবিশেষ।

গোপাঙ্গনা [গোপ + অঙ্গনা, ৬তৎ] বি, স্ত্রী, গোপনারী ; গোপবধূ দ্রঃ।

গোপাধ্যক্ষ (গোপাদ্ধোক্খো) [গোপের অধ্যক্ষ, ৬তৎ] বি, পুং, গোপদিগের অধিপতি।

গোপানসী (—নোশি) [গুপ (রক্ষা করা) + নস (কর্ত্তৃ, নসট্) আ আগম, ঈপ্—স্ত্রী, যে গৃহ রক্ষা করে] বি, স্ত্রী, খড়ো ঘরের চালের পাইড় ; মুদিন ; চালের বাতা।

গোপায়িত [গুপ্ (রক্ষা করা) + আয় (স্বার্থে) = গোপায় + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, রক্ষিত ; পালিত।

গোপাল (ল্) [গো (পৃথিবী, গরু) পাল (যে পালন করে) উপপদ] বি, পুং, পৃথিবীপাল ; রাজা। ২। গোপালক : রাখাল। ৩। কৃষ্ণের শৈশবের আদরের নাম। ৪। [কৃষ্ণের মত] আদরের ধন ; সোহাগের সন্তান। প্র—"তারেও 'গোপাল' জানি। স্নেহ-মাখা কোলে টানি। চুমো দাও মুখে"—মানকুমারী দাসী।

গোপালক (ক্) [গোপাল + ক (স্বার্থে)] বি, পুং, গোপাল দ্রঃ।

গোপাল চম্পূ (গোপাল্ চোম্পু) [গোপাল (কৃষ্ণলীলা বর্ণনহেতু) চম্পূ (গদ্য পদ্যময় বলিয়া)] বি, পুং, কবি জীবরাজ-প্রণীত গোপাললীলা বর্ণন বিষয়ক গ্রন্থ।

গোপালন (ন্) [গো—পালন, ৬তৎ] বি, গো-রক্ষা ; গো-সেবা।

গোপালভোগ (ল্, গ্,) বি, ধান্যবিশেষ। প্র—"লাল কামিনী সোলপনা বুনে পচ্ছা ভোগ। আন্ধার কুলি ঘুমলে উলি আর গোপালভোগ॥"—শূন্যপুরাণ। ২। আম্র-বিশেষ। ৩। কদলীবিশেষ।

গোপাষ্টমী [গোপ—অষ্টমী] বি, স্ত্রী, কার্ত্তিকী শুক্লাষ্টমী যেদিন কৃষ্ণ গোপালনে প্রথম প্রবৃত্ত হন।

গোপিকা [গোপ + ক (কণ্, স্বার্থে)—আপ্ স্ত্রী, ক প্রত্যয়ের পূর্ব্ব অকার স্থানে ইকার] বি, স্ত্রী, গোপনারী ; গোয়ালিনী। ২। রক্ষা-কর্ত্রী। ৩। গোপনকারিণী। পুং—গোপক।

গোপিত [গোপ (গোপন করা) + ইত—গুপ্ত, গোপিত] বিণ, গুপ্ত ; লুক্কায়িত ; রক্ষিত।

গোপিত্ত (গোপিৎত) [গোর পিত্ত, ৬তৎ] বি, ক্লী, গোরোচনা। ২। সুগন্ধিবিশেষ।

গোপিনী [সং—গোপ—স্ত্রী, গোপী ; কিন্তু বাং-য় গোপী অপেক্ষা, অতিরিক্ত স্ত্রীলিঙ্গান্ত প্রত্যয়যুক্ত গোপিনী শব্দের অধিক প্রচলন] বি, স্ত্রী, গোপাঙ্গনা ; গোপবধূ। প্র—"বৃন্দাবন-ধন, গোপিনীমোহন, কাহে তু তেয়াগি রে।" —বঙ্কিম।

গোপী [গোপ শব্দের স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী, গোপনারী।

গোপীকামোদী—বি, স্ত্রী, কামোদ এবং কেদারী হইতে উৎপন্ন মিশ্র রাগিণীবিশেষ।

গোপীজনবল্লভ [গোপী + জন (সমূহার্থে) = গোপীজন তাহাদের বল্লভ (প্রিয়), ৬তৎ] বি, পুং, গোপীনাথ ; শ্রীকৃষ্ণ।

গোপীযন্ত্র (গোপিজন্ত্র) [এই যন্ত্রযোগে রাজ-সন্ন্যাসী গোপীচন্দ্রের পুণ্যকাহিনীর গান হইত বলিয়া অথবা গোপীচন্দ্র কর্ত্তৃক আবিষ্কৃত যন্ত্র] বি, একতারবিশিষ্ট তন্তযন্ত্রবিশেষ ; বাউল-দিগের ব্যবহার্য্য একতারা।

গোপীসাখ (শাখ) [বৈষ্ণব সাহিত্যিক পরিঃ] বি, ললিতা, বিশাখা, বৃন্দা, চম্পকলতা, প্রভৃতি রাধিকার অষ্টসখী। ২। [আধ্যাত্মিক অর্থে] শমদমাদি অষ্টবিধ ধর্ম্মবৃত্তি : অষ্টসিদ্ধি।

গোপুচ্ছ [গো (গোরু) পুচ্ছ (লাঙ্গুল—লেজ) ৬তৎ] বি, পুং, গাভির পুচ্ছ ; গো-লাঙ্গুল। ২। হারবিশেষ। ৩। বানরবিশেষ।

গোপুর (র্) [গুপ্ (রক্ষা করা)+উর (কর্ম্মে—সংজ্ঞার্থে)] বি, ক্লী, যাহাকে দৌবারিকগণ রক্ষা করে ; পুরদ্বার ; নগরদ্বার। ২। তোরণ।

গোপুরীষ (ষ্) [গোর পুরীষ (মল), ৬তৎ] বি, ক্লী, গোবর।

গোপেন্দ্র [গোপের (গোপগণের) ইন্দ্র (প্রভু), ৬তৎ] বি, পুং, কৃষ্ণ। ২। গোকুলের গোপদিগের অধিপতি ; নন্দ।

গোপ্তব্য (গোপ্‌তোব্‌ব) [গুপ্ (রক্ষা করা)+তব্য (যোগ্যার্থে—কর্ম্মে)] বিণ, গোপনযোগ্য ; অপ্রকাশ্য। ২। রক্ষণযোগ্য।

গোপ্তা [গুপ্ (রক্ষা করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=গোপ্তৃ—১মা, ১ব] বিণ, যে রক্ষা করে ; রক্ষক। ২। পাতা ; পালক ; প্রতিপালনকর্ত্তা। ৩। প্রভু। স্ত্রী, **গোপ্ত্রী**—রক্ষয়িত্রী। ২। পালিকা। ৩। স্বামিনী।

গোপ্তা [গোতা দ্রঃ] বি, গোতা। ২। জলে অধোমস্তকে বেগে প্রবেশ করার মত আকাশে ঘুড়ির বাতাসে পাক খাইয়া ধরার দিকে বেগে গমন, ঊর্দ্ধমুখ ঘুড়ির বেগে অধোগমন। প্র—"শ্যামাপদ-আকাশেতে মন-ঘুড়ি আমার উড়তেছিল। কলুষ-কুবাতাস পেয়ে গোপ্তা খেয়ে পড়ে মল॥"—নীলাম্বর মুখোপাধ্যায়।

গোপ্য (গোপ্‌প) [গুপ্ (রক্ষা করা)+য (কর্ম্মে)] বিণ, রক্ষণযোগ্য। ২। গোপনযোগ্য। ৩। বি, দাসীপুত্র।

গোপ্রচার (প্রো, র্) [গোর (গাভীর) প্রচার (বিচরণ স্থান। প্র—চর্=গমন করা+অ (অধি—ঘঞ্) গোসকল যেস্থানে বিচরণ করে, ৬তৎ] বি, পুং, গোচারণার্থ রক্ষিত বা নির্দ্দিষ্ট ভূমিভাগ ; গোষ্ঠ। প্র—"রাজার ইচ্ছানুসারে গোপ্রচার করিবে"—রত্নমালা।

গোপ্রদ (গোপ্‌প্রোদ) [গো (ধেনু) প্রদ (যে দান করে। প্র—দা=দান করা+অ, কর্ত্তৃ—ড, আ—লোপ) উপপদ] বিণ, গোদানকারী। ২। ভূমিদানকারী।

গোফা [সং—গুহা ; হি—গুফা] বি, গুহা ; ভজনার্থ নির্জ্জন গহ্বর। প্র—"গঙ্গাতীরে থাক গিয়া নির্জ্জন গোফায়"—চৈ, ভা। ২। গর্ত্ত।

গোবৎস (শ) [গোরুর বৎস, ৬তৎ] বি, পুং, বাছুর।

গোবদা (ব্) গোদ্দা দ্রঃ।

গোবধ (ধ্) [গো—বধ (হনন)] বি, গোহত্যা।

গোবর (র্) [সং—গোবিট্ ; হি—গোবর্। পূজ্যব্যক্তিগণের অনেকের নাম গোবর্দ্ধন থাকায় বধূগণের উচ্চারণ নিষেধহেতু গোবরকে "সার" বলিতে বলিতে প্রায় সর্ব্বত্রই সার এই অর্থে চলিয়াছে] বি, গোমল ; গোময়। **গোবর-গাদায় পদ্মফুল**—কুৎসিত পরিবারের মধ্যে সুন্দর বালক বা বালিকা। ২। নীচকুলে মহৎ ব্যক্তি। **গোবরগণেশ**—গোময় নির্ম্মিত গণেশমূর্ত্তি। ২। তদ্বৎ স্থূল-দেহ অথচ অচল, জীবনীশক্তিশূন্য এবং অকর্ম্মণ্য। **গোবর-ছড়া**—গোবর গোলা জলের ছিটে। প্র—"মোলে দণ্ড দু-চার কান্নাকাটী শেষে দিবে গোবরছড়া।"—রামপ্রসাদ। **ষাঁড়ের গোবর**—যাহা হিন্দুর কোন সংস্কারকার্য্যে লাগে না ; তাহা হইতে অকেজো ; অকর্ম্মণ্য। **গোবরভরা মাথা**—অসার রস্তপূর্ণ মস্তিষ্ক : যাহার ঘটে বুদ্ধি নাই ; unintelligent.

গোবরাট (ব্, ট্) [গবরাট দ্রঃ] বি, দ্বারের চৌকাটের নিম্নস্থ কাট ; the sill. ২। [প্রাদে উচ্চারণে] গাবরাট দ্রঃ। ধাতু-পত্রাদিতে গাববর্ণ বা গোবর বর্ণ কলঙ্কের দাগ।

গোবরান (গোবরানো) [গুবরান দ্রঃ] ক্রি, গোবরের মত বর্ণ হওয়া ; ফলের পাক ধরিবার বর্ণ হওয়া। ২। বদখত লেখা ; ধাবড়ান।

গোবর্দ্ধন (গোবর্‌ধন, গোবোর্‌ধোন্) [গ্রা, গোবোর্দ্ধন। গো (গাভী) বর্দ্ধন—বৃধ্ (বৃদ্ধি পাওয়া)+অন (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—অনট্) উপপদ। যে স্বোৎপন্ন তৃণ শস্যাদি দ্বারা গোকুল বর্দ্ধিত করে] বি, পুং, বৃন্দাবনস্থ প্রসিদ্ধ পাহাড়।

গোবর্দ্ধনধর (ন্, র্) [গোবর্দ্ধন (পর্ব্বত) ধর (যে ধারণ করে। ধৃ—ধরা+অ (কর্ত্তৃ—অচ্)—যিনি গোবর্দ্ধন ধারণ করিয়াছিলেন] বি, শ্রীকৃষ্ণ।

গোবর্দ্ধনধারণ [গোবর্দ্ধন—ধারণ : ২ তৎ, বহ্] বি, গোবর্দ্ধন গিরিধারী ; শ্রীকৃষ্ণ।

গোবর্দ্ধনধারী (ন্) [গোবর্দ্ধন—ধৃ (ধারণ করা)+ইন্ (কর্ত্তৃ-ণিন্)=ধারিন্ ১মা, ১ব] বি, পুং, শ্রীকৃষ্ণ।

গোবশা [বশা (বন্ধ্যা) যে গো, কর্ম্মধা। বশা শব্দের পর নিপাত] বি, স্ত্রী, যে গাভী প্রসব করে না এবং দুগ্ধও দেয় না : বন্ধ্যা গাভী।

গো-বাঘ, গো-বাঘা (ঘ্) [গো (ঘাতক) বাঘ—ম-প-লো, কর্ম্মধা] বি, যে ব্যাঘ্র প্রধানতঃ গরুকে আক্রমণ করে ; তরক্ষু ; the hyena.

গোবাট (ট্) [গো—বাট (আবৃত স্থান, গৃহ] বি, ক্লী, গোষ্ঠ। ২। গোগৃহ।

গোবাস (শ্) [গো—বস্ (বাস করা)+অ (অধি—ঘঞ্—সংজ্ঞার্থে)] বি, পুং, গোশালা। ২। গোষ্ঠ।

গোবিট্ [গো (গোরু) বিট্ (বিষ্ঠা), ৬ তৎ] বি, ক্লী, স্ত্রী, গোবর।

গোবিন (ন্) [গভীর শব্দজ। বৌদ্ধযুগের বাঙ্গলা] বিণ, গভীর (মাণিক চাঁদের গানে)।

গোবিন্দ [গো (দ্রঃ)+বিদ্ (লাভে, প্রাপ্তিতে, জ্ঞানে, বিদ্যমানতায়, সত্তায়)+অ "যাঁহা দ্বারা স্বর্গ লাভ হয় ; যাঁহাকে জানিলে স্বর্গ হয় : যিনি বিশ্ব ব্রহ্মাণ্ডের সমস্ত জানেন : যিনি সর্ব্বত্র বিদ্যমান। ইন্দ্রিয়গণকে প্রকাশ করায় গোবিন্দ নামে যিনি খ্যাত হইয়াছেন" —মহাভারত] বি, পুং, বিষ্ণু ; শ্রীকৃষ্ণ। ২। চৈতন্যদেব। প্র—জয় জয় গৌর গোবিন্দ সর্ব্বেশ্বর। জয় জয় নিত্যানন্দ দেব হলধর॥"—ব্রজপরিক্রমা। ৩। বিণ, যে গো সম্বন্ধে সমস্ত জানে ; গোপালক। ৪। বেদজ্ঞ।

গোবিন্দদ্বাদশী [বৈষ্ণব তন্ত্রে] বি, স্ত্রী, গোবিন্দার্চ্চনায় সর্ব্বপাপঘ্ন পুষ্যা নক্ষত্রযুক্ত ফাল্গুনমাসের শুক্লা দ্বাদশী।

গোবিষাণ (ন্) [গোরুর বিষাণ, ৬ তৎ] বি, ক্লী, গো-শৃঙ্গ। **গোবিষাণ ন্যায়**—দুরন্ত গরুর যেমন কৌশলে একটী শিং ধরিয়া অপর শিংটী ধরিতে হয় তদ্রূপ।

গোবী (গোবি) [গোপী শব্দের অপভ্রংশ। ব্রজ] বি, স্ত্রী, গোপী। ব্রজাঙ্গনা। প্র—গোবী সঞে কুঞ্জহি রাস বিহারিব"—বি, প।

গোবৃন্দ [গো (গোরু) বৃন্দ (সমূহ)—৬তৎ] বি, ক্লী, গোসমূহ ; গোপাল।

গোবেচারা, গোবেচারী (গোব্যাচারা, রি) [সং—গো—ফা—বেচারা=নিরীহ] বিণ, নিরীহ ; ভাল মানুষ।

গোবেড়েন (ন্) [গো (গরু) বেড়েন (বাড়ী=লাঠি)] বি, রাখাল বা গাড়োয়ান গরুকে যেমন নির্দ্দয়ভাবে প্রহার করে সেইরূপ ভাবে গুরুতর প্রহার।

গোদ্দা [হি—গ্‌ব্‌দা। গদ্দা দ্রঃ] বিণ, অপ্রীতিকর বা সৌন্দর্য্যের হানিকর মোটা বা পুরু। গ্রা—গোদা ; ফুলা।

গোব্রজ (গোর্‌ব্রোজ) [গো—ব্রজ্ (গমন করা)+অ (অধি, সংজ্ঞার্থে—অল্)] বি, ক্লী, গো-সকল যথায় বিচরণ করে বা আহারার্থ গমন করে ; গোষ্ঠ।

গোমক্ষিকা (মো) [গো—মক্ষিকা, ৬তৎ] বি, স্ত্রী, যে মক্ষিকা গোকে দংশন করে।

গোমণ্ডল (মোন্‌ডল্) [গোর (গাভীর) মণ্ডল (সমূহ), ৬তৎ] বি, ক্লী, গোবৃন্দ ; গোরুর পাল ; গোসমূহ। ২। কিরণসমূহ। ৩। ভূমণ্ডল ; পৃথিবীমণ্ডল।

গোমন্ত [গোমান দ্রঃ। গোমৎ—১মা, বহ্ব] বিণ, বহু গো-বিশিষ্ট। ২। বি, পশ্চিম ঘাটের সন্নিহিত ও বিন্ধ্য পর্ব্বতের প্রত্যন্ত-দেশস্থ প্রসিদ্ধ পৌরাণিক পর্ব্বত—যথায় কৃষ্ণ-জরাসন্ধে সংগ্রাম হইয়াছিল।

গোময় (য়্) [গো+ময় (মল অর্থে)] বি, পুং, ক্লী, গো-মল; গোবর।

গোমসূর্য্যাধান (গোমোশুর্য্যাধান্) [গো+মসূরী+আধান—৬তৎ] বি, স্ত্রী, গো-বীজের টীকা দান; vaccination. বিণ, **গোমসূর্য্যাহিত**—যাহাকে গোবীজের টীকা দেওয়া হইয়াছে; vaccinated.

গোমাতা [গো (সকলের) মাতা, ৬তৎ] বি, স্ত্রী, সুরভি। ২। [হি—গৌ মাতা] মাতাস্থানীয়া গাভীজাতি। ৩। কশ্যপ মুনির এক পত্নী।

গোমান্ [গো+মৎ (অস্ত্যর্থে-মতু)=গোমৎ—১মা, ১ব] বিণ, যাহার অনেক গাভী আছে। ২। ভূসম্পত্তিশালী। ৩। নেত্রবান্; চক্ষুষ্মান্। ৪। জ্যোতিষ্মান্; কিরণবিশিষ্ট; কিরণশালী। স্ত্রী, **গোমতী**—অযোধ্যায় প্রবাহিতা প্রসিদ্ধা নদী। ২। গোরোচনা।

গোমায়ু [গো—মা (পরিমাণ করা)+উ (কর্তৃ, উন্) য—আগম] বি, পুং, যাহারা শব্দ করিয়া স্বজাতির পরিমাণ বুঝিতে পারে; শৃগাল। প্র—"অনন্তর রাজা ধৃতরাষ্ট্রের ভবনে একটা গোমায়ু অগ্নিহোত্র-গৃহে উচ্চৈঃশব্দে চীৎকার করিয়া উঠিল এবং গর্দ্দভও বিকটাকার পক্ষিসকল তাহার সেই রবে প্রত্যুত্তর কবিতে লাগিল।"—মহাভারত (বর্দ্ধ)।

গোমাস্তা, গোমস্তা [ফা-গোমাশ্‌তা। গ্রা-বাং উচ্চারণ—গ্‌মোস্তা] বি, তহশীলদার; খাজনা আদায়কারী। a revenue collector. ২। মহাজনের গদির কর্ম্মচারী। প্র—"পাটা পাড়ি হাটে বসে মাছ বেচিব আমি। গোমস্তা হইয়া কড়ি গণ্যা লবে তুমি॥"—শিবায়ন। রসদ বিভাগের রসদ সরবরাহকারী ও হিসাবরক্ষক; a commissariat agent.

গোমুখ (খ্) [গো (গো সদৃশ) মুখ যাহার—বহু] বি, গরুর মুখ। ২। গোমুখবৎ। বাদ্যভাণ্ড; a trumpet. ৩। জপমালার ঝুলি। ৪। গৃহ। ৫। সিঁধ। ৬। বিলেপন। ৭। পু, কুম্ভীর। ৮। প্রমথবিশেষ। ৯। যক্ষবিশেষ। স্ত্রী, গোমুখী।

গোমুখী [গো—মুখী (মুখাঙ্কিত)] বিণ, স্ত্রী, গোমুখাঙ্কিত। ২। বি, হিমালয়স্থ গোমুখাকৃতি প্রসিদ্ধ গহ্বর যাহার ভিতর দিয়া গঙ্গা নদী প্রবাহিতা। ৩। গোমুখাকৃতি জপমালার থলী।

গোমূত্র (গোমুৎত্র) [গোর মূত্র, ৬তৎ] বি, ক্লী, চোনা।

গোমূত্রিকা (গোমুৎত্রিকা) [গোমূত্র+ক (স্বার্থে) স্ত্রী—আপ্। ইকার আগম] বি, স্ত্রী, গোমূত্রিকাবন্ধ; চিত্রকাব্যের অন্তর্গত বন্ধভেদ। ইহাতে শ্লোকের বর্ণ ও পদ গোমূত্রপতনের কল্পিত চিত্রাকারে সজ্জিত হয়। ২। গাভীদিগের বলবর্দ্ধক তৃণবিশেষ (হি—গোচবি)।

গোমূর্খ [গো (সদৃশ) মূর্খ। গ্রা—গোমুখ্‌খু] বিণ, বর্ণ জ্ঞান-হীন; নিরেট মূর্খ; নির্ব্বোধ; গণ্ডমূর্খ। প্র—"চণ্ডাল.চুয়াড় চাষা গোমূর্খ গুঁয়ার,"—লীলাবতী (দীনবন্ধু মিত্র)।

গোমেদ (দ্) [গো (চক্ষু)-মিদ্ (স্নিগ্ধ হওয়া)+অ (করণে, সংজ্ঞার্থে—অণ্) যাহা দ্বারা চক্ষুর স্নিগ্ধতা জন্মে] বি, পুং, (পীতবর্ণ বলিয়া ইহার নাম) পীতমণি। ঐ প্রকার রত্নের মধ্যে এক রত্ন; বৈদূর্য্য মণি; a topaz; agate (রাসা-পরিঃ)।

গোমেধ (ধ্) [গো+মেধ (যজ্ঞ, বলি)] বি, গোবধ নামক যজ্ঞ; গো-বলি-ঘটিত যজ্ঞ। ২। ["অন্নং হি গৌঃ।" শতপথ—৪।৩।১। ২৫] অন্ন, ইন্দ্রিয়সকল, কিরণ ও পৃথিবী আদিকে পবিত্র রাখার নাম গোমেধ।—দয়ানন্দসরস্বতী (সত্যার্থ-প্রকাশ)।

গোয় (য়্) [গোপয়ে দ্র.] ক্রি, গোপন করে। প্র—"আঁচরে মুখশশী গোয়"—গোবিন্দদাস। ২। কাটায়; অতিবাহিত করে; গোঁয়ায়। প্র—"জনম চরণ পর গোয়"—রবি।

গোযান (গোজান্) [গো—যান (বাহন) গোরূপ যান—কর্ম্মধা, কিম্বা গোর যান (শকট) ৬তৎ] বি, ক্লী, গরুর গাড়ী; গোশকট।

গোয়াল (ল্) [সং-গোশালা—গোশাল; প্রাকৃ—গোহাল, গোআল] বি, গোশালা; গোগৃহ; গোহাইল; গোহাল। প্র—"সবারি আছিল হাল; গোয়ালে গরুর পাল।"—কস্তুরী। ২। [গোপাল শব্দজ গোহাল হইতে] গোয়ালা; গয়লা। ৩। গোয়ালিয়া দ্রঃ।

গোয়ালা [গোপাল; প্রাকৃ—গোঅল] বি, গোরক্ষক; গোপালক। ২। গয়লা; আভীর। স্ত্রী, **গোয়ালানি**; গ্রা, গয়্‌লানী। **নামে গোয়ালা কাঁজি ভক্ষণ**—নাম মাত্র গোয়ালা কিন্তু দুধ খাইতে পায় না, খায় আমানি। অর্থাৎ নাম মাত্র সার কাজে কিছু নয়।

গোয়ালিয়া, গোয়ালে [সং—গোধাপদী। ইহার মূল গোসাপের মত বলিয়া অথবা হংসের পদসদৃশ বলিয়া হংসপদী] বি, লতাবিশেষ; (ক্ষুদ্র বৃহৎ ত্রিপর্ণ ও সপ্তপর্ণ ভেদে) বড় গোয়ালে ছোট গোয়লে; Vitis pedata.

গোয়েন্দা [ফা—গোইন্দা] বি, গুপ্তচর; আপনাকে অজ্ঞাত রাখিয়া যাহারা অপরের গৃহসন্ধান করে।

গোর (গোর্) [ফা (সমাধি) তুল—ইং—grave.] বি, সমাধি; কবর। **গোর দেওয়া**—সমাধিস্থ করা; মৃতদেহ প্রোথিত করা। **গোরোস্থান**—গোরস্থান দ্রঃ; কারবালা; যে ভূমিতে মৃত ব্যক্তি সমাধিস্থ হয়।

গোর (গোর্) [গৌর শব্দজ] বি, গৌরবর্ণ; হরিদ্রাবর্ণ; লাল আভা। প্র—"কমল পরাগে গোর আমার লোচন লোর ফিরি ফিরি বুলে অলিকুল।"—কবিক।

গোরক্ষক (গোরোক্‌খক্) [গো (গাভী, পৃথিবী)—রক্ষ্ (রক্ষা করা)+অক (কর্তৃ)] বি, যে গরুর রক্ষণাবেক্ষণ করে; রাখাল। ২। বিণ, ইহা হইতে গোগণকে যে রক্ষা করে। **গোরচনা**—গোরোচনা দ্রঃ। প্র—"গোরচনা সিদ্ধার্থ স্বর্ণ রৌপ্য তাম্র আদি। চামর দর্পণ আদি দিল যথা বিধি॥"—শিবায়ন।

গোরক্ষপুর (র্) বি, আগ্রা-অযোধ্যা যুক্তপ্রদেশস্থ একটী বিভাগ ও প্রধান নগর। গুরখা জাতির উপাস্য গোরক্ষনাথের সমাধি স্থান। বিণ, **গোরক্ষপুরী**—(গ্রা-গোরকপুর)।

গোরস (শ্) [গো—রস (ক্ষীর) ৬তৎ] বি, পুং, ক্লী, দুগ্ধ। প্র—"নিরবধি ডাকেন কে কিনিবে গোরস।"—চৈ, ভা। "গোপেতে গোরস লোয়ে দেশ দেশ ভ্রমণ করে যেমন"—রাম বসু। "হেথা আছে ছায়া জল গোরস প্রচুর।"—কাঞ্চীকাবেরী। ২। দুগ্ধজাত বলিয়া,—দধি নবনীত প্রভৃতি [বিরল]।

গোরস্থান (গোরোস্থান্) [গোর—স্থান] বি, যে স্থানে গোর দেওয়া হয়; সমাধিস্থান; a graveyard.

গোরা [সং—গৌর] বি, শুভ্রবর্ণ; গৌরবর্ণ। ২। [আদরার্থে] গৌরাঙ্গদেব; চৈতন্যদেব। প্র—"অরুণ বসন-ছবি, জিনি প্রভাতের রবি, গোরা অঙ্গে লহরী খেলায়॥ এহেন সম্পদকালে, গোরা না ভজিনু হেলে, তুয়া পদে না করিনু আশ।"—বৃন্দাবন দাস। ৩। বিণ, গৌরবর্ণ বিশিষ্ট। প্র—"কভু না জানিনু কভু না শুনিনু শ্যাম কাল কি গোরা"—চণ্ডীদাস। ৪। য়ুরোপীয়। ৫। য়ুরোপীয় সৈন্য। **জাহাজী গোরা**—যে জাহাজ হইতে সদ্য আসিয়া নামিয়াছে; দেশ প্রচলিত রীতি নীতি সম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ। **গোরাপল্টন**—য়ুরোপীয় সৈন্যদল। **ন্যাংটাগোরা**—যে গোরা সৈন্যদল আপাদমস্তক বস্ত্র ব্যবহার করে না; হাঁটু খোলা পাজামা পরা য়ুরোপীয় সৈন্য; a Highlander. **গোরার বাদ্য**—য়ুরোপীয় সৈনিক বিভাগীয় বাদকদল; band.

গোরাচাঁদ (দ্) [গোরা—চাঁদ] বি, অকলঙ্কচন্দ্র; গৌরচন্দ্র। ২। গৌরবর্ণ ব্যক্তিদিগের মধ্যে চন্দ্র অর্থাৎ শ্রেষ্ঠ। গৌরকান্তি বলিয়া

শ্রীচৈতন্যের নামান্তর। প্র—"নবদ্বীপে শচীর উদরে অধিষ্ঠান। শুভক্ষণে গোরাচাঁদ পাইয়া প্রকাশ॥"—শিবায়ন।

গোরায়েত (ত্) [হি] বি, জমীদারের নিযুক্ত নিম্নশ্রেণীর কর্ম্মচারী। ২। গ্রাম-হরকরা।

গোরি, গোরী [গৌরী শব্দজ। হি—গোরী] বিণ, গৌরবর্ণা। প্র—"গোরীকলেবর" —বি, প। ২। সুন্দরী। ৩। [গৌরবর্ণা বলিয়া] রাধিকা। প্র—"এত শুনি গোরী, দুবাহু পসারি বঁধুয়া করিল কোলে॥"—চণ্ডীদাস। পুং, গোরা।

গোরু [গরু, গো দ্রঃ] বি, গবী; গাভী; গাই। ২। বৃষ। **গোরু মেরে জুতা-দান**—বিলক্ষণ পাপকর্ম্ম দ্বারা সামান্য পুণ্য-কর্ম্মের অনুষ্ঠান; অতিশয় গর্হিত কার্য্য করিয়া স্বল্পমাত্র ভাল কাজ করা। **গোরুবাছুর** [গোরু এবং গোবৎস। তাহা হইতে] বি, গোরু এবং গোরুর সমতুল্য গৃহপালিত পশু যথা—গো, মহিষ, ছাগ প্রভৃতি; গবয়।

গোরুত (ত্) বি, দুইক্রোশ পরিমাণ।

গোরো [গৌর শব্দজ। গোরা শব্দের প্রাদেশিক উচ্চারণ ভেদ। তুল—ধলা—ধোলো; কালা—কালো; কালো-কোলো] বিণ, শ্বেতবর্ণ-বিশিষ্ট; গৌরকান্তি; ফর্‌সা; গোরা দ্রঃ।

গোরোচনা [গো—রুচ্+ণিচ=রোচি (দীপ্তি পাওয়া)+অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, গরুর মস্তকস্থ শুষ্ক উজ্জ্বল পীতবর্ণ পিত্ত; গোমূত্র হইতে কৃত্রিম গোরোচনা প্রস্তুত হয়; রোচনা। প্র—"গোরোচনা জন্মে দেখ গাভীর ভাণ্ডারে।"

গোল (ল্) [গুড় (বেষ্টন করা, গোল হওয়া) +অ (কর্ত্তৃ—অণ্) ড়=ল] বি, পুং, যে গোল আকারবিশিষ্ট হয়; বর্ত্তুলাকার বস্তু। ২। কন্দুক; বালকের ক্রীড়নক; গেঁদ। ৩। চক্র; প্যাঁচ; ফ্যাসাদ; intricacy. প্র—"ওর ভেতর গোল আছে; শৈলেন স্ত্রীধন বলে পরিবারকে দিয়ে বাড়ী বেচাচ্ছে কিন্তু তা নয় বাড়ী বেনামী।"—গিরিশ। ৪। বিণ, গোলাকার। ৫। চক্রাকার; round. ৬। বিশৃঙ্খল। **গোলে হরিবোল দেওয়া**—তাৎপর্য্য গ্রহণ না করিয়া কেবল আবৃত্তি মাত্র করা; উচ্ছৃঙ্খলতা; বিশৃঙ্খল কার্য্য। **হট্টগোল**—[হট্ট (হাট) গোল (চীৎকার)] হাটে বাজারে ক্রেতা বিক্রেতার কথার আদান প্রদানে ও বহুলোকের ডাকাডাকি হাঁকাহাঁকির জন্য গণ্ডগোল; সকলে একসঙ্গে কথা কহিলে যে বিশৃঙ্খল শব্দ হয়।

গোলক (ক্) [গোল+ক (স্বার্থে)] বি, পুং, গোল দ্রঃ। ভাঁটা; বাঁটুল। ২। গোলা। ৩। মণ্ডল। ৪। [স্মৃতিতে] পতির মৃত্যুর পর জাতসন্তান; জারজ পুত্র।

গোলকধাঁধা (গোলোক্) [হি—গোরক্-ধন্ধা] বি, ধাঁধার গোলক; যে বাড়ী বা গোল বেষ্টনীর মধ্যে প্রবেশ করিলে শতপাক খাই-য়াও বাহির হইবার পথ পাওয়া যায় না, একই পথে পুনঃপুনঃ আসিতে হয়; ঘুরপাক খাইবার স্থল। প্র—মেদীর গোলকধাঁধা তাহাতে পড়িল বাঁধা চপলার চঞ্চল চরণ।" —অশোকগুচ্ছ। ২। দুর্বোধ্য বা দুর্গম-বিষয়; জটিল বিষয়। ৩। কর্ণকুহর। ৪। [লক্ষণায়] সংসার।

গোলক্ষণ (গোলোক্‌খোন্) [গোর লক্ষণ, ৬তৎ] বি, ক্লী, গরুর শারীরিক শুভচিহ্ন।

গোলগাল (ল্, ল্) [গোল+গাল (সহচর শব্দ, আদরার্থে)। তুল—কালকোল] বি, প্রায় গোল; অনেকটা গোল; গোলাল।

গোলদার (ল্, র্) [গোলা—দার—দ্রুত উচ্চারণ] বি, গোলার অধিকারী; যাহার অনেক গোলা আছে; আড়তদার।

গোলদারি (ল্) [গোলদারি] বি, গোলা-দারের ব্যবসায়; আড়তদারী।

গোলন্দাজ (গোলোন্‌দাজ্) [হি—গোল (গোলা, সমাসে আ লোপ)+ফা—আন্দাজ্ (নিক্ষেপক)] বি, গোলা নিক্ষেপক সৈন্য; an artillery man.

গোলন্দাজি (গোলোন্দাজি) [গোলন্দাজ দ্রঃ)+ই (কর্ম্মে বা ব্যবসায় অর্থে)] বি, গোলন্দাজের কর্ম্ম।

গোলপাতা (ল্) বি, নারিকেল পাতার মত সরু পাতার গাছ; ক্ষুপবিশেষ: ইহার পাতায় ছাতা নির্ম্মাণ চাল ছাওয়া প্রভৃতি হয়; nipa fruticans. প্র—গোলপাতার ছাতা; গোলপাতার ঘর।

গোলমরিচ (গোল্‌মোরিচ্) [গোলাকার যে মরিচ, কর্ম্মধা] বি, কালরিমচ; black pepper.

গোলমাল (গোল্‌মাল্) [হি—গোলমাল, গোলমোল] বি, গণ্ডগোল; বহু লোকের একত্র চীৎকার; হট্টগোল। **গোলমালে চণ্ডীপাঠ**—শৃঙ্খলহীন কার্য্য।

গোলা [সং—গোল। হি—গোলা] বি, ধান্যাদি রাখিবার স্থান; ধান্যাদির আগার; প্র—"কোন গোলাতে রাখতে যাবে একটি আঁটি ধান?"—রবি। ২। কাষ্ঠাদি নির্ম্মিত ক্রীড়ানক; গেঁদ; কন্দুক; ball. ৩। বর্ত্তু-লাকার লৌহনির্ম্মিত পিণ্ড; কামানের গোলা। ৪। [বর্ত্তুলাকারের আবর্ত্তন হইতে] বিণ, তরলীকৃত; মিশ্রিত।

গোলা [গল্ (ভক্ষণে) যাহা হইতে গিলা—ইহা হইতে আত্মসাৎ করা—মিশ্রিত করা। অথবা আবর্ত্তনের (আওটান) অর্থাৎ গোলাকারের ভাব হইতে। উ-পু—গুলি। ম-পু—গোল; গুলুন; গোল্। প্র-পু—গোলে; গোলেন। অস-ক্রি—গুলিতে; গুলিয়া; গুলে; গুলিবার। ণিজন্ত, গোলান] ক্রি, মিশ্রিত করা; জলে কচলাইয়া তরল করা। প্র—"গঙ্গাজলে গুলে ফেলে কুঙ্কুমচন্দন।" বি, শুষ্ক কড়াই মটরের গাছ; লতা গাছের শুষ্ক ঝোপ। ২। প্রলেপ; গোবর গোলা; চূণগোলা; নিকাই-বার গোবরমাটি গোলা। **গোলাহাঁড়ী**—যে হাঁড়িতে ছড়া দিবার ও নিকাইবার গোবর মাটি গোলা থাকে।

গোলাগ্নিচূর্ণ [অগ্নিচূর্ণ দ্রঃ] বি, বারুদ; যে চূর্ণ হইতে অগ্নি উৎপন্ন হইয়া গোলা নিক্ষিপ্ত হয়। প্র—"সচিব গজ, অশ্ব, রথ, পদাতির * * * * * কার্য্যক্ষম অশ্বারোহীর সংখ্যা শাস্ত্র ও গোলাগ্নিচূর্ণযুক্ত অস্ত্র সম্ভারের সংখ্যা প্রভৃতি সমস্ত অবগত হইয়া রাজাকে নিবেদন করিবে।"—শুক্রনীতি ২—অ ৯০—৯৪। (রত্নমালা)।

গোলাঘর (র্) বি, গোলাবাড়ী দ্রঃ; a grainary.

গোলাঙ্গুল (ল্) [গোরুর লাঙ্গুল, ৬তৎ] বি, পুং, গোরুব লেজ। ২। কৃষ্ণবর্ণ মুখবিশিষ্ট বানর-বিশেষ। ৩। গোলাঙ্গুল ন্যায়। **অন্ধ গোলাঙ্গুল ন্যায়**—অন্ধ যেমন শ্বশুর বাড়ীর গরুর লাঙ্গুল ধরিয়া শ্বশুরবাড়ী গিয়াছিল তদ্রূপ।

গোলাজাত (ত্) বিণ, শস্যাগারে সংগৃহীত বা সঞ্চিত। ক্রি, **গোলাজাত করা**—গোলা বা শস্যাগারে সঞ্চয় করা। প্র—"শস্য মাড়িতেছে, ঝাড়িতেছে এবং গোলা-জাত করিতেছে।"

গোলাপ, গোলাব (প্, ব্) [ফা—গুলাব্। "গুল" অর্থে সাধারণতঃ ফুল, বিশেষার্থে গোলাপ ফুল এবং 'আব' অর্থে জল। "গুল-এ-আব"—গোলাপফুলের জল, গোলাপজল] বি, গোলাপফুল; a rose. ২। গোলাপজল; rose-water.

গোলাবপাশ (ব্ শ্) [ফা—গুলাব্‌পাশ্। ফা—পাশীদন্=ছড়ান, ছিটান, ছিটাইবার পাত্র] বি, গোলাব জল ছড়াইবার পাত্র; গোলাপ জল ছিটাইবার পিচকারী।

গোলাবাড়ী [গোলা (দ্রঃ) বাড়ী] বি, শস্যাদি রাখিবার স্থান; শস্যাগার; a grain-ary; a store-house. ২। ধান্যাদি বিক্রয়ের প্রধান স্থান; আড়ত। প্র—"গোলাবাড়ী মাঠ আর ঘর ভরি গেছে ফসলে ফসলে"।—অশোক গুচ্ছ।

গোলাবী, পী [ফা—গুলাবী] বিণ, গোলাপ ফুলের বর্ণযুক্ত। প্র—"আলাপী চাহনি কোথা গোলাপী উষায়।"—অশোকগুচ্ছ।

২। গোলাপফুলের গন্ধযুক্ত। ৩। তরল; অল্প অল্প; মৃদু। প্র—গোলাবী নেশা।

গোলাম (ম্) [আ—গোলাম্] বি. ক্রীতদাস; ভৃত্য; দাস; চাকর।

গোলাম-গর্দ্দিশ (গোলামগোর্‌দিশ্) [আ—গোলাম্ গর্‌দিশ্] বি. ভৃত্যদিগের বসিবার ঘেরা বারান্দা; আজ্ঞার অপেক্ষায় উপস্থিত থাকিবার জন্য প্রভুর গৃহের সম্মুখস্থ দালানের ঘেরা স্থান। প্র—"গোলাম গর্দ্দিশে খাড়া গোলাম সকল"—ভারতচন্দ্র।

গোলামি [গোলাম দ্রঃ] বি. গোলামের কর্ম্ম; দাস্যবৃত্তি; চাকরি। প্র—"কারে বা উচ্চে ডাকিতেছি আমি, গোলামের জাতি শিখেছে গোলামি"—হেম বন্দ্যো।

গোলালো [গোল+আল (সাদৃশ্যে)] বিণ. অনেকটা গোল; প্রায় গোল; গোলগাল। প্র—"নমামি গন্ধক গন্ধ মুণ্ডটি গোলালো"—হেম বন্দ্যো।

গোলোক (ক্) [গো (স্বর্গ) লোক (ভুবন)—কর্ম্মধা] বি. পুং. বৈকুণ্ঠ।

গোলোকপতি (ক্, পো) [গোলকের পতি] বি. পুং. বিষ্ণু; বৈকুণ্ঠপতি; বিশ্বপতি। প্র—"যদি দানের এ গতি তুমিত গোলোকপতি, দান সাধহ ঘরে ঘরে।"—জ্ঞানদাস।

গোলোমী [যে গোলোমের সদৃশ] বি. স্ত্রী. শ্বেতদূর্ব্বা।

গোল্লা [গোল শব্দজ] বি. গোলাকৃতি মিষ্টান্ন-বিশেষ; সন্দেশ। **কাঁচাগোল্লা**—ছানার ভাগ অধিক দিয়া নরম পাকে যে সন্দেশ প্রস্তুত হয়। **রসগোল্লা**—ছানায় প্রস্তুত ও রসে পাক করা মিষ্টান্নবিশেষ।

গোল্লা [গোলোক (বৈকুণ্ঠ) শব্দজ। মৃত্যু না হইলে তথায় যাওয়া যায় না সুতরাং তাহা হইতে পরলোক, প্রেতলোক বা যমের বাড়ী। ক্রমে অপকৃষ্ট অর্থে নরক] বি. নরক; অধোগতি। প্র—"আমি যদি হারামজাদী বলে থাকি, তবে যেন গোল্লায় যাই"—ইন্দিরা (বঙ্কিম)।

গোশাল, লা (ল) [গোর শালা (গৃহ), ৬তৎ। আ=অ] বি. ক্লী. স্ত্রী. গোগৃহ; গো থাকিবার স্থান; গোরুর ঘর; গোয়াইল।

গোশীর্ষ [গোর শীর্ষ (মস্তক), ৬তৎ] বি. ক্লী. গোমস্তক। ২। হরিচন্দন। ৩। চন্দন। ৪। গোমস্তক তুল্য অস্ত্রবিশেষ। ইহার দুইটি পদ, নীচে কাষ্ঠ নির্ম্মিত দণ্ড সংলগ্ন থাকে এবং উহার ঊর্দ্ধকায় লৌহফলকে আবদ্ধ থাকে, মধ্যাঙ্গ নতশিরা এবং তাহার মুঠ অতি সুন্দর, বর্ণ কৃষ্ণরক্ত ও উচ্চতা ১৬ আঙুল অর্থাৎ প্রায় ১ হাত। মুঠা ধরা ও পরিক্ষেপ ইহার ব্যবহার এবং বিদ্ধকরণ ও ছেদন করা ইহার কার্য্য।

গোশৃঙ্গ (শৃংগ) [গোর শৃঙ্গ—৬তৎ] বি. পুং. গোরুর শিঙ্। ২। পর্ব্বতবিশেষ। ৩। গরুর শিঙে নির্ম্মিত শুষির রণবাদ্য।

গোষ্ঠ [গ্রা—গোঠ। গো (গোরু)—স্থ—স্থা (থাকা)+অ (অধি, সংজ্ঞার্থে, ক) আ-লোপ স্থ=ষ্ঠ] বি. পুং. ক্লী. গোচর; পশুচারণের মাঠ। ২। মিলন স্থান: সভা। প্র—পাঠ-গোষ্ঠ। ৩। মিলন; সাথ; সঙ্গ; জোট। প্র—"সিংহিনী সমীপে হৈল শৃগালের গোষ্ঠ।"—শিবায়ন।

গোষ্ঠাগার (র্) [গোষ্ঠের (সভার) আগার (গৃহ)—৬তৎ] বি. ক্লী. যে গৃহে সভা হয়; সভাগৃহ; সম্মিলন স্থান। ২। গো-প্রচার স্থান। ৪। গল্প।

গোষ্ঠাধ্যক্ষ (গোষ্ঠাদ্‌ধোক্‌খ) [গোষ্ঠের (সভার) অধ্যক্ষ (নায়ক), ৬তৎ] বি. পুং. সভানায়ক; সভাপতি।

গোষ্ঠাষ্টমী (ষ্টো) বি. স্ত্রী. গোপাষ্টমী দ্রঃ।

গোষ্ঠী [গ্রা. গুষ্টি। গোষ্ঠ্ (সমারোহ করা, একত্র করা)+অ (অধি—অল্, সংজ্ঞার্থে) ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. বহুলোকের সমাগম স্থান; সভা। ২। [কর্ম্মে—অল্, যাহারা সমবেত হয়] সমূহ; দল; গণ। প্র—"চলিলেন নীলাচলে ভক্তগোষ্ঠী সঙ্গে।"—চৈ-ভা। ৩। পরিবার বর্গ; পোষ্যবর্গ। প্র—"তোমার গোষ্ঠীকে বাপু মোর পরিহার। ভাল মেয়ে ভুবনে রহিল নাহি আর॥"—শিবায়ন। ৪। জ্ঞাতি। ৫। দৃশ্যকাব্য-বিশেষ। ইহা এক অঙ্কে নিবদ্ধ। ৯।১০ জন পুরুষ ও ৫।৬ জন স্ত্রীলোক দ্বারা ইহা অভিনীত হয়। ৬। [জাতিঃ পরিঃ] বংশ; কুল; sept; clan. গোষ্ঠীনিকর—phratry.

গোষ্ঠীপতি (পো) [গোষ্ঠীর (সভার) পতি (স্বামী) ৬তৎ] বি. পুং. কুলপতি; বংশের প্রধান। ২। সভার অধিনায়ক; সভাপতি। ৩। দলপতি।

গোষ্পদ (দ্) [গোর পদ (পা থাকে যে স্থানে) বহ. স্ আগম] বি. ক্লী. গাভীর পদচিহ্নিত স্থান। ২। গোক্ষুর-চিহ্ন। ৩। গাভীর যাতায়াত স্থান; ৪। সামান্য বিষয়; অকিঞ্চিৎকর বিষয় [দামোদর মুখো—বিমলা]।

গোষ্পদীকৃত (ষ্পো) [গোষ্পদ—কৃ+ত (কর্ম্মে—ক্ত) =কৃত, কৃতের পূর্ব্বে 'ঈ' অভূততদ্ভাবার্থে (চ্বি) আগম, 'দ' এর অকার লোপ] বিণ. যাহা বাস্তবিক গোপদ চিহ্ন তুল্য নয় অথচ তাহাকে গোর পদচিহ্নের তুল্য করা হইয়াছে; বৃহৎ জলাশয়কে বুজাইয়া ক্রমে অত্যন্ত ক্ষুদ্রায়তন করা।

গোসংখ্য (গোশোংখ) [গো (গোরু) সম্—খ্যা (বলা)+অ (কর্ত্তৃ—ড) যে গোরুদিগের সহিত কথা বলে] বি. পুং. গোপালক। ২। যে গাভী গণনা করে; গোসংখ্যাকারী।

গোসঙ্গ (গোশংগ) [গোর (গোরুর) সঙ্গ (মিলন) হয় যে সময়ে—বহু] বি. পুং. গাভী-সম্মিলন-ক্ষণ; প্রভাত; সকাল বেলা।

গোসর্প (শ) [সং—গোধা] বি. পুং. গোধিকা; গোসাপ।

গোসর্পিকা (শো) [গো—সর্পিকা—সৃপ্ (গমন করা)+অক (কর্ত্তৃ) আপ্—স্ত্রী, সৃপ্ =সর্প, ই আগম—যে ইচ্ছামত গমন করে] বি. স্ত্রী. স্বেচ্ছাচারিণী; বেশ্যা। ২। গোসর্পিণী।

গোসা (শা) [আ—গ্‌সা] বি. কোপ: রোষ, রাগ: ক্রোধ। প্র—"গোসা করি পুষাকে ভ্রূবের মারে বাড়ি। চড়ায়ে উড়াল দাঁত উপাড়িল দাড়ি॥"—শিবায়ন। ২। অভিমান। প্র—"গোসা করো না প্রাণ আমার কি দোষ। গুরুজন ভয়ে মরি তুমি কর রোষ॥"—নিধুবাবু।

গোসাঘর (র্) [গোসা—দ্রঃ] বি. রোষাগার। [দ্র—প্রাচীনকালে সম্ভ্রান্ত গৃহের অন্তঃপুরে একটী গৃহ নির্দ্দিষ্ট থাকিত যথায় মহিলাগণ ক্রোধ বা অভিমান কালে আশ্রয় গ্রহণ করিতেন]।

গোসাঞী, গোঁসাই (গোঁশাই) [গোস্বামী শব্দজ] বি. প্রভু; ঈশ্বর। প্র—"অভাগীর এই দুঃখ ঘুচাও গোঁসাই"—ঘনরাম। ২। গোস্বামী।—"সাধু নাহি ছিল ঘরে তেই ডুবাইনু তোরে না জানিয়া বলিনু গোসাঞী।"—কবিক। ৩। মহাশয়।

গোসোয়ারা (শো) [ফা—গোশ্‌বারা= হিসাবের সংক্ষেপ] বি. সংক্ষিপ্ত হিসাব; an abstract of account. প্র—"কাহাকে বলে চিঠা, কাহাকে বলে গোসোয়ারা—" টেকচাঁদ।

গোস্ত [ফা—গোশ্‌ৎ] বি. মাংস। [দ্রঃ—বাংলায় বহুস্থানে ইহার গ্রাম্য উচ্চারণ 'গোশ' এবং অর্থ গোমাংস কিন্তু তাহা ভুল]।

গোস্তন (ন্) [গো—স্তন—গোরুর স্তনের ন্যায় গুচ্ছ করা] বি. পুং. চারি নর হার। ২। [গো—স্তন, ৬তৎ] গোরুর স্তন। স্ত্রী. **গোস্তনী**—গোস্তনের মত যে ফল দেখা যায়; দ্রাক্ষাফল; আঙুর।

গোস্তাকি [ফা—গুস্‌তাখ্=ধৃষ্ট। গুস্‌তাখী=ধৃষ্টতা] বি. ঔদ্ধত্য। ২। প্রগলভতা; ধৃষ্টতা। ৩। অবজ্ঞাপ্রদর্শন। ৪। অশিষ্টতা; বেআদবি।

গোস্বামী (গোশ্‌শামি) [গো (গোরু—পৃথিবী—জল—স্বর্গ) তাহার স্বামী (প্রভু) ৬তৎ] বি. পুং. গোরুর অধিপতি; গোরুর

রক্ষক। ২। সংসার ত্যাগ করিয়া যে ধর্মচিন্তায় মনোনিবেশ করিয়াছে। ৩। যে ধর্মোপদেশ দেয়; ধর্মোপদেষ্টা। ৪। নিত্যানন্দ-বংশীয় ব্রাহ্মণগণের উপাধি। ৫। জগৎপতি; ভগবান্। ৬। রাজা। ৭। জলস্বামী; জলাধিপতি; বরুণ। ৮। দেবরাজ ইন্দ্র। ৯। বাচস্পতি।

গোহত্যা (গোহোৎত্যা) [গোর হত্য (বিনাশ) হন্ (বধ করা)+য (ভাবে) ন্=ত্—আপ্, স্ত্রী, ৬ তৎ] বি, স্ত্রী, গোবধ।

গোহাইল (ল্) [গোশালা হইতে। গোহাল, গোহাইল] বি, গো-গৃহ; গোয়াল ঘর।

গোহাড় (ড়্) [গোর (গরুর) হাড় (অস্থি) ৬ তৎ] বি, গোরুর অস্থি।

গোহারি [হি—গোহারী=কান্নাকাটি। সং—গোচর হইতে] বি, দুঃখ জানান ও তাহার প্রতিকার প্রার্থনা; সুবিচার প্রার্থনা। প্র—"স্বামীর কারণে বাপে গোহারি করিল"—মহা—সভা, কাশী। "তোমা সভাস্থানে দুঃখে করিল গোহারি"—চৈ, ভা। "ব্রহ্মার সদনে গিয়া করিল গোহারি"—কাশী, মহা। ২। সাক্ষাৎ নিবেদন। প্র—"ছোট বড় পশু গেলা করিতে গোহারি"—কবিক। ৩। নমস্কার। প্র—"খুড়ী খুড়ী করি ঠগা করিল গোহারি"—কবিক।

গোহাল (ল্) [গোশালা শব্দজ] বি, গোশালা; গোয়াল; গোগৃহ।

গোহাল্যা (গোহাল্ল্যা) [গোহাল (গোপাল্যা, গোশালা)+ইআ (সম্বন্ধার্থে)] বিণ, গোশালা সম্বন্ধীয়; গোহাল বিষয়ক; গোয়াল সম্বন্ধীয়; গরুর। **গোহাল্যা-গীত**—বি, গরুর গান; গোশালার গীত। প্র—"গোহাল্যা গাইয়া গীত কোয়ালি ফিরায় নিত এক ভিতে বসিল মারাটা"—কবিক।

গোহ্য (গোজ্ঝ্য) [গুহ্ (আচ্ছাদন করা)+য (কর্মে)] বিণ, সংবৃত। ২। গোপনীয়। ৩। বি, গুহ্যদেশ।

গৌড় (ড়্) [গুড় (ইক্ষুরসজ মিষ্ট)+অণ্ (তস্য ইদমর্থে) অর্থাৎ গুড়ের জন্মস্থান এই, অথবা গৌড় (রাজা)+অ (তস্য ইদমর্থে—অণ্)। মতান্তরে সূর্য্যবংশীয় রাজা মান্ধাতার দৌহিত্র, গৌড় হইতে এই নাম] বি, গৌড়-দেশ; বাঙ্গালাদেশের প্রাচীন নাম। পরিঃ দ্রঃ। ২। গৌড়দেশীয় লোক। স্ত্রী, **গৌড়ী**—রাগিণীবিশেষ। ২। গুড় দ্বারা প্রস্তুত সুরা। ৩। কাব্যের ওজোগুণবিশিষ্ট রচনারীতি।

গৌড়িয়া [গৌড়+ইয়া (নিবাসার্থে)] বিণ, গৌড়বাসী। প্র—"মাধবেন্দ্র কৃপাতে গৌড়িয়া বিপ্রবর। বৈরাগ্যে প্রবল প্রেমভক্তি রসময়।"—ব্রজপরিক্রমা।

গৌড়ীয় [গৌড়+ঈয় (নিবাসার্থে)] বিণ, গৌড়নিবাসী। ২। গৌড়সম্বন্ধীয়। **গৌড়ীয় ভাষা**—গৌড় দেশের ভাষা; বাঙ্গালা ভাষা; উত্তর বঙ্গে প্রচলিত ভাষা।

গৌণ (ন্) [গুণ+অণ্ (অপ্রধানার্থে) গু=গৌ] বিণ, যাহার উদ্দেশ্য প্রধান নহে; অপ্রধান। ২। কূট; অপ্রকৃত; কাল্পনিক। প্র—"এই মত প্রতি সূত্রে সহজার্থ ছাড়িয়া, গৌণ অর্থ ব্যাখ্যা করে কল্পনা করিয়া।"—চৈতন্যচরিত। ৩। গুণসম্বন্ধীয়। [বিরল] ৪। বি, ক্লী, কালবিলম্ব। ৫। অপেক্ষা। স্ত্রী, **গৌণী**—শব্দের গৌণী নামক বৃত্তি।

গৌতম (ম্) [গোতম (মুনিবিশেষ)+অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, গৌতম পুত্র; শতানন্দঋষি; ২। বুদ্ধ। ৩। বিণ, গোতমসম্বন্ধীয়। স্ত্রী, **গৌতমী**—গোতম-সম্বন্ধীয়া। ২। গোতমবংশীয়া স্ত্রী। ৩। গোদাবরী নদী। ৪। রাক্ষসবিশেষ। ৫। দুর্গা। ৬। দ্রোণাচার্য্যের পত্নী; কৃপী।

গৌর (র্) [গুড় (বেষ্টন করা)+অ (অধি—সংজ্ঞার্থে—ণঞ্)—ড়=র] বিণ, ধবল; শ্বেত। ২। পীত। ৩। লোহিত। ৪। পরিষ্কৃত। ৫। চন্দ্র। ৬। চৈতন্যদেব; গোরা।

গৌরচন্দ্র—বি, পুং, মহাপ্রভু; চৈতন্যদেব।

গৌরব (ব্) [গুরু+অ (ভাবে—অণ্)] বি, ক্লী, গুরুত্ব; ভার। ২। স্থূলতা। প্র—"কটিক গৌরব পাওল নিতম্ব"—বি, প। ৩। যত্ন; আদর; সম্মান। ৪। মহিমা। ৫। মর্য্যাদা। ৬। উৎকর্ষ।

গৌরবান্বিত [গৌরব+অন্বিত, ৩ তৎ] বিণ, গৌরবযুক্ত; মহিমান্বিত।

গৌরবিত [গৌরব (মর্য্যাদা)+ইত (অস্ত্যর্থে) যাহার গৌরব আছে] বিণ, মর্য্যাদাশালী; গৌরবযুক্ত; গৌরবান্বিত; মান্য; সম্মানবিশিষ্ট।

গৌরবিণী [গর্ব্ব হইতে; পুং, গর্ব্বী। বাং-য় স্ত্রী, গরবিণী—রূপান্তরে গৌরবিণী] বি, স্ত্রী, গর্ব্বিতা। প্র—"আমি যে সই গৌরবিণী তারি গৌরবে।"—হরঠাকুর।

গৌরমুখ (র্, খ্) বি, পুং, শমীকমুনির শিষ্যবিশেষ। ২। [গৌরবর্ণ মুখ যাহার, বহ্] বি, পুং, চন্দ্র।

গৌরসর্ষপ (গৌর্শর্ষপ্) [গৌরবর্ণ যে সর্ষপ, কর্ম্মধা] বি, পুং, সাদা সরিষা; রাইসরিষা।

গৌরাং [গৌরাঙ্গ শব্দের অপভ্রংশ] বি, পুং, গৌরচন্দ্র; চৈতন্যদেব। প্র—"গৌরাং একা যদি আসিতে নার তবে নিতাইচাঁদকে সঙ্গে কর। গৌরাং, নদে ছাড়া যদি রইতে নার তবে আমার হৃদয় নদে কর।" —বাং-গান।

গৌরাঙ্গ [গৌর (শ্বেত বা পীতবর্ণবিশিষ্ট অঙ্গ যাহার, বহ্] বি, পুং, চৈতন্যদেব। ২। বিণ, শুভ্রদেহ। স্ত্রী, **গৌরাঙ্গী**।

গৌরাস্য [গৌর (ধবল) আস্য (মুখ) যাহার, বহ্] বি, পুং, যে জাতীয় বানরের মুখমাত্র গৌর, অবশিষ্টাঙ্গ কৃষ্ণবর্ণ।

গৌরিকা—গৌরী দ্রঃ।

গৌরী [গৌর+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, গৌরবর্ণা স্ত্রী। ২। দুর্গা। ৩। অবিবাহিতা অষ্টমবর্ষীয়া কন্যা; পূর্ণ আট বৎসর হইতে ৮ বৎসর ১১ মাস ২৯ দিন পর্য্যন্ত গৌরীকাল। ৪। বসুন্ধরা; পৃথিবী। ৫। বরুণের পত্নী। ৬। হরিদ্রা। ৭। গোরচনা। ৮। রাগিণী-বিশেষ। ৯। নদীর নাম।

গৌরীকাজল—বি, ধান্যবিশেষ। প্র—"গয়া বলি, গোপালভোগ, গৌরীকাজল।"
—শিবায়ন।

গৌরীকান্ত [গৌরীর (পার্ব্বতীর)—কান্ত (পতি) ৬ তৎ] বি, পুং, উমাপতি; শিব।

গৌরীকাল (ল্) [গৌরীর কাল (সময়) ৬ তৎ] বি, পুং, অবিবাহিতা অষ্টমবর্ষীয়া কন্যাবস্থা।

গৌরীপট্ট [গৌরীরূপ পট্ট, কর্ম্মধা] বি, পুং, গৌরীপাট; শিবলিঙ্গের পেনেট।

গ্যাস (শ্) [ইং— gas শব্দজ] বি, বাষ্পীয় পদার্থ; বায়ব্য পদার্থ।

গ্রথিত (গ্রো) [গ্রথ্—গ্রন্থ্ (গাঁথা)+ত (কর্ম্মে—ক্ত) ঈ—আগম] বিণ, যাহা গ্রন্থন করা হইয়াছে; গুম্ফিত। রচিত। ৩। খচিত। ৪। আক্রান্ত।

গ্রন্থ (গ্রোন্থ) [গ্রন্থ্ (গাঁথা, একত্র সমাবেশ করা)+অ (কর্ম্মে, অল্)—যাহাকে গাঁথা হয়, পূর্ব্বে তালপত্রাদিতে লিখিয়া তাহা সূত্রবদ্ধ করিয়া বা গাঁথিয়া রাখার প্রথা হইতে অথবা অক্ষর, পদ, বাক্য, পত্র, অধ্যায় প্রভৃতির একত্র সমাবেশ করণের ভাব হইতে। তুল—জর্ম্ম, band=গ্রন্থ (বন্ধন করা হয় বলিয়া)] বি, পুং, পুস্তক; পুঁথি। ২। সন্দর্ভ। ৩। ধর্ম্মগ্রন্থ; শাস্ত্রগ্রন্থ; শাস্ত্র।

গ্রন্থকর্ত্তা, গ্রন্থকার (গ্রোন্থোকর্ত্তা) [গ্রন্থ (শাস্ত্র) কৃ—করা+তৃ (কর্তৃ—তৃচ্)=গ্রন্থকর্তৃ—১মা, ১ব, ৬তৎ, গ্রন্থ—কৃ+অ (কর্তৃ—অন্) গ্রন্থকে (প্রণয়ন) করে—উপপদ] বি, পুং, যিনি গ্রন্থ প্রণয়ন করেন; গ্রন্থপ্রণেতা।

গ্রন্থন (গ্রোন্‌থন্) [গ্রন্থ্ (একত্র করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, বিভিন্ন বস্তুকে একত্র সম্বন্ধ করণ ; গুম্ফন ; গাঁথন। ২। রচনা।

গ্রন্থনা (গ্রো) বি, গ্রন্থন।

গ্রন্থি (গ্রোন্‌থি) [গ্রন্থ্ + ই (ভাবে)] বি, পুং, দেহের সন্ধিস্থান ; গাঁইট ; গিরা। ২। বংশদণ্ডাদির সন্ধি। ৩। বন্ধন। ৪। বাত-রোগ। ৫। বক্রতা।

গ্রন্থিক (গ্রোন্‌থিক্) [গ্রন্থ (সন্দর্ভ) + ইক (জ্ঞাতার্থে)] বি, পুং, যিনি সন্দর্ভ জ্ঞাত আছেন ; যিনি নানা বিষয়ক গ্রন্থ পাঠ করিয়া জ্ঞাত আছেন। ২। দৈবজ্ঞ ; গণক। ৩। পাণ্ডুপুত্র সহদেব বিরাট দেশে এই নামে পরিচিত ছিলেন। ৪। গ্রন্থিপর্ণ। ৫। পিপ্পলীবৃক্ষ। ৬। ক্লী, গুগ্‌গুল।

গ্রন্থিছড়া (গ্রোন্‌থিছড়া) [ছড়া দ্রঃ] বি, গাঁটছড়া। প্র—"দ্বিজে বান্ধে গ্রন্থিছড়া, বরকন্যা দেখে অরুন্ধতী"—কবিক।

গ্রন্থিত (গ্রোন্‌থিত) [গ্রন্থ দ্রঃ] বিণ, কৃত-গ্রন্থন ; গুম্ফিত ; গ্রথিত।

গ্রন্থিবন্ধন (গ্রোন্‌থিবন্‌ধন্) [গ্রন্থি-দ্বারা বন্ধন—৩তৎ কিম্বা গ্রন্থি রূপ বন্ধন—কর্ম্মধা] বি, ক্লী, বিবাহকালে বরকন্যার বস্ত্রে বস্ত্রে বন্ধন। ২। গাঁটী বন্ধন ; গের দেওয়া।

গ্রন্থিভেদ (গ্রোন্‌থিভেদ্) [গ্রন্থি—ভিদ্ (ভেদ করা) + অ (কর্ত্তৃ – অণ্) উপপদ—গ্রন্থিং ভিনত্তি] বি, পুং, গ্রন্থিচ্ছেদনকারী ; গাঁট-কাটা ; চোর।

গ্রন্থিমান্ (গ্রো) [গ্রন্থি + মৎ (অস্ত্যর্থে, মতু) = গ্রন্থিমৎ ১মা, ১ব] বিণ, যাহাতে গ্রন্থি আছে ; গ্রন্থিযুক্ত। স্ত্রী, **গ্রন্থিমতী**—গ্রন্থিযুক্তা।

গ্রন্থিল (গ্রো) [গ্রন্থি + ল (যুক্তার্থে) যাহাতে অনেক গ্রন্থি আছে] বিণ, বহুগ্রন্থিযুক্ত ; গাঁট-গাঁট। ২। যে সকল জন্তুর শরীর গাঁটগাঁট ; articulated animals. **গ্রন্থিময় দেহ, গ্রন্থিল দেহ**—বহু গ্রন্থিযুক্ত-দেহ জীব ; articulata.

গ্রন্থিহর (গ্রোন্‌থিহর্) [গ্রন্থি—(গাঁইট) হর যে হরণ করে (হৃ + অ ; কর্ত্তৃ—অচ্) যে মন্ত্রণাদ্বারা বিষয় গ্রন্থি অর্থাৎ জটিল বিষয় সরল করিয়া দেয়] বি, পুং, গ্রন্থিহারক ; মন্ত্রী।

গ্রন্থী (গ্রো) [গ্রন্থ—(সন্দর্ভ) + ইন্ (অস্ত্যর্থে = গ্রন্থিন্ ১মা, ১ব)] বিণ, বহুগ্রন্থ রচয়িতা। ২। বহুবিধ গ্রন্থাধিকারী।

গ্রসন (গ্রোশন্) [গ্রস্ (ভক্ষণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, গ্রাসকরণ।

গ্রসমান (ন্) [গ্রস্—(গ্রাস করা) + আন (কর্ত্তৃ—আনশ্) ম্ আগম] বিণ, গ্রাসকারী ; যে গ্রাস করিতেছে।

গ্রস্ত (গ্রোশ্‌ত) [গ্রস্ (গ্রাস করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কৃতগ্রাস ; গলাধঃকৃত ২। আবৃত ; আচ্ছাদিত। ৩। অভিভূত ৪। আক্রান্ত।

গ্রহ (গ্রোহো) [গ্রা—গের। গ্রহ্ (গ্রহণ করা + অ (কর্ত্তৃ—অল্)—প্রত্যেকে প্রত্যেককে গ্রহণ বা আকর্ষণ করে বলিয়া এই নাম] বি, পুং, সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু ও কেতু এই নয়টি জ্যোতিষ্ক a planet. ২। গ্রহণ। প্র—দারগ্রহ। ৩ ধারণ। প্র—মুষ্টিগ্রহ। ৪। বোধ। প্র—অর্থগ্রহ ভাবগ্রহ। ৫। নৈকট্য ; সন্নিকর্ষ। ৬ উৎসাহ ; রণোদ্যম। ৭। সঙ্গীতে—প্রারম্ভিক আলাপের সুর। ৮। গ্রহবৈগুণ্য ; কুগ্রহ ৯। দুর্ভাগ্য ; বিপদ ; গ্রহের ফের ; গ্রহ বিপাক।

গ্রহকঙ্কাল (গ্রোহোকংকাল্) [গ্রহগণের মধ্যে কঙ্কাল—৭ তৎ] বি, পুং, রাহুগ্রহ।

গ্রহকোপ (গ্রোহোকোপ্) বি, গ্রহের অশুভ দৃষ্টি।

গ্রহগোচর (গ্রোহোগোচর্) [গ্রহের গোচর, ৬তৎ] বি, পুং, ক্লী, জন্মরাশি হইতে গ্রহগণের শুভাশুভ গতি।

গ্রহচিন্তক (গ্রোহোচিন্‌তক্) [গ্রহ—চিন্ত্ (চিন্তা করা) + অক (কর্ত্তৃ)] বি, পুং, গ্রহাচার্য্য ; দৈবজ্ঞ।

গ্রহজগৎ (গ্রোহো) বি, গ্রহমণ্ডল দ্রঃ।

গ্রহণ (গ্রোহোন্) [গ্রহ্ (গ্রহণ করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, প্রাপন ; আদান। ২। ধারণ। প্র—নামগ্রহণ ; করগ্রহণ। ৩। স্বীকার। ৪। অঙ্গীকার ; মানিয়া লওন। ৫। অনুভব। ৬। অবলম্বন। প্র—আশ্রয় গ্রহণ। ৭। বরণ ; আদর। ৮। বন্ধন ; ধৃতকরণ ; বশে আনয়ন। ৯। ত্যাগের বিপরীত। প্র—তাহাকে প্রথমে ত্যাগ করিয়াছিল কিন্তু এক্ষণে পুনরায় গ্রহণ করিয়াছে। ১০। [গ্রা-গেরন। সূর্য্য ও চন্দ্র-গ্রহণ ; গ্রহের অদর্শন ; অন্য গ্রহের ছায়া দ্বারা আচ্ছাদন ; eclipse. ১১। ইন্দ্রিয়।

গ্রহণি (ণী) [গ্রহ্ (গ্রহণ করা) + অনি (কর্ত্তৃ) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, নাড়ীবিশেষ। ২। উদরাময় ; উদরভঙ্গ রোগ।

গ্রহণীয় (গ্রোহোনিঅ) [গ্রহ্ (গ্রহণ করা) + অনীয় (কর্ম্মে)] বিণ, গ্রাহ্য ; গ্রহণযোগ্য।

গ্রহদোষ (গ্রোহোদোষ্) [গ্রহ—দোষ] বি, গ্রহের দুষ্ট বা প্রতিকূল দৃষ্টি ; গ্রহের বৈগুণ্য ; কুগ্রহের প্রভাবদোষ। প্র—"গ্রহ-দোষে দোষী জনে কে নিন্দে সুন্দরী।"—মেঘনাদ।

গ্রহদেবতা (গ্রোহো—) [গ্রহের দেবতা—৬তৎ] বি, স্ত্রী, গ্রহের অধিষ্ঠাত্রী দেবতা।

গ্রহধূপ (গ্রোহোধূপ) [গ্রহের ধূপ—৬তৎ] বি, পুং, গ্রহপূজায় ব্যবহৃত গুগ্‌গুল প্রভৃতি।

গ্রহনায়ক (গ্রোহোনাঅক্) [গ্রহের নায়ক (প্রধান) ৬তৎ] বি, পুং, সূর্য্য। ২। শনি।

গ্রহনীহারিকা (গ্রোহো) বি, নীহারিকা দ্রঃ।

গ্রহপতি (গ্রোহোপোতি) [গ্রহের—পতি (প্রধান) ৬তৎ] বি, পুং, সূর্য্য। ২। শনি।

গ্রহপীড়া (গ্রোহো) [গ্রহকৃত যে পীড়া—কর্ম্মধা] বি, স্ত্রী, গ্রহের অশুভ দৃষ্টিবশতঃ আধি-ব্যাধি।

গ্রহপূজা (গ্রোহো) [গ্রহের—পূজা (অর্চ্চনা) ৬তৎ] বি, স্ত্রী, গ্রহশান্তির জন্য পূজা।

গ্রহবহ্নি (গ্রোহোবোন্‌হি) [গ্রহের—বহ্নি —৬তৎ] বি, পুং, কপিলা পিঙ্গলাদি নামক নবগ্রহের নবপ্রকার বহ্নি।

গ্রহবিপ্র (গ্রোহোবিপ্‌প্র) [গ্রহের শুভাশুভ দর্শক যে বিপ্র—মধ্যপদলোপী কর্ম্মধা] বি, পুং, গ্রহাচার্য্য ; দৈবজ্ঞব্রাহ্মণ। প্র—"গুজ-রাট একপাশে গ্রহবিপ্রগণ বৈসে।"—কবিক।

গ্রহবৈগুণ্য (গ্রোহোবৈগুন্ন) [বিগুণ—(প্রতিকূল) + য (ষণ্, ভাবে) = বৈগুণ্য (প্রতি-কূলতা) গ্রহের বৈগুণ্য—৬তৎ] বি, ক্লী, গ্রহের বিরূপতা ; গ্রহগণের প্রতিকূলপ্রভাব ; গ্রহের অশুভ ফলদায়কত্ব ; গ্রহের ফের।

গ্রহমণ্ডল (গ্রোহোমোণ্ডল্) [গ্রহ—মণ্ডল, ৬তৎ] গ্রহ উপগ্রহাদির ভ্রমণ পথ ; গ্রহজগৎ ; the planetary world.

গ্রহযাগ (গ্রোহোজাগ্) [গ্রহের—যাগ (যজ্ঞ) ৬তৎ] বি, পুং, গ্রহশান্তির জন্য যজ্ঞ ; গ্রহদোষ নিবৃত্তির জন্য নবগ্রহের হোম।

গ্রহরাজ (গ্রোহোরাজ্) [গ্রহের রাজা (প্রধান)—৬তৎ, রাজা = রাজ] বি, পুং, সূর্য্য। ২। চন্দ্র। ৩। বৃহস্পতি। ৪। শনি।

গ্রহস্ফুট (গ্রোহোস্‌ফুট্) বি, গ্রহস্ফুট স্থান ; গ্রহের স্থিতি জ্ঞাপক রাশি।

গ্রহাধীশ (গ্রোহাধীশ্) [গ্রহের—অধীশ (অধিপতি) ৬তৎ] বি, পুং, সূর্য্য।

গ্রহাবমর্দ্দন (গ্রো, ন্) [গ্রহের—অবমর্দ্দন (পীড়া) ৬তৎ] (অব—মৃদ্ (মর্দ্দন করা, পীড়া দেওয়া) অন (ভাবে—অনট্) বি, ক্লী, সূর্য্যগ্রহণ ; চন্দ্রগ্রহণ। ২। [গ্রহের (সূর্য্য ও চন্দ্ররূপ গ্রহদ্বয়ের) মর্দ্দন (পীড়া) হয় যৎকর্ত্তৃক বা যাহা হইতে, বহু] বি, পুং, রাহু।

গ্রহীতা (গ্রো) [গ্রহ্ (গ্রহণ করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্)—ঈ—আগম = গ্রহীতৃ ১মা, ১ব, ঋ = আ] বিণ, যে গ্রহণ করে ; গ্রাহক।

গ্রাবু [গ্রা—গেরাপু] বি, তাস খেলার প্রণালী ভেদ। যে খেলা চারিজনে খেলে ও যাহাতে ছক্কা, ঘোম ধরা হয় [ইহারই অনুরূপ খেলা যাহা দুইজনে খেলিবার এবং যাহাতে পঞ্জা ধরা হয় তাহার নাম 'বিন্তি']।

গ্রাম (ম্) [হি—গাম ; গাঁও ; বাং-গ্রা—গাঁ ; গাঁই ; গাঞি ; গেরাম। গ্রাম (অদন্ত চুরাদিগণীয়) + ণিচ্ (স্বার্থে) = গ্রামি (আমন্ত্রণ করা) + অ (অধি) সংজ্ঞার্থে—অল্, যেখানে মনুষ্যগণকে আমন্ত্রণ (আহ্বান) করা হয়] বি, পুং, লোকালয় ; পল্লীগ্রাম ; পাড়াগাঁ ২। বি, স্ত্রী, সঙ্গীতে মূর্চ্ছনা ও তানের পর্দা। ৩। ষড়্‌জ, মধ্যম ও গান্ধার এই তিন স্বরশ্রেণী। ৪। সমূহ [গুণবাচক শব্দের পর যুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে]। প্র—গুণগ্রাম। **গ্রামখরচা**—গ্রাম ভাটি দ্রঃ। **গ্রাম-সম্পর্কে**—এক গ্রামে সদ্ভাবে বাস করিতে করিতে আত্মীয়তা সূত্রে। **গণ্ডগ্রাম**—বড় গ্রাম ; বহুলোকের বাসগ্রাম। **পল্লী-গ্রাম**—বৃহৎ নগরের পল্লীস্বরূপ ক্ষুদ্র গ্রাম। **গ্রামভাটি, ভেটি**—গ্রাম-বৃত্তি ; গ্রামের সাধারণ অনুষ্ঠানের ভাণ্ডারে দেয় এবং বিবাহ-কালে বর পক্ষীয়ের নিকট হইতে প্রাপ্য অর্থ।

গ্রামকুক্কুট (গ্রাম্‌কুক্কুট) [গ্রামের কুক্কুট, ৬তৎ] বি, পুং, গৃহপালিত কুক্কুট।

গ্রামঘাতী (ম্) [গ্রাম—হন্ + ইন্ (কর্তৃ, ণিন্), হ=ঘ, ন=ঘাতিন্—১মা, ১ব] বিণ, গ্রামের মধ্যে যে পাঁঠা কাটে।

গ্রামচর্য্যা (গ্রাম্‌চোরজ্জা) [গ্রামের চর্য্যা—চর্ + য (কর্ম্মে, ক্যপ্) স্ত্রী—আপ্, ৬তৎ] বি, স্ত্রী, গ্রাম্য ধর্ম্ম। ২। দাম্পত্য ধর্ম্ম ; স্ত্রীসঙ্গ।

গ্রামজ [গ্রাম—জন্ (জন্মান) + অ (কর্তৃ, ড) —ন্ লোপ, উপপদ] বিণ, গ্রামোৎপন্ন ; গ্রাম জাত।

গ্রামজিৎ [গ্রাম—জি (জয় করা) + কিপ্ (কর্তৃ), কিপ্ - লোপ—উপপদ] বিণ, গ্রামজয়ী।

গ্রামণী [গ্রাম—নী (লওয়া) + কিপ্ (কর্তৃ —গ্রামং নয়তি) উপপদ] বিণ, যে গ্রামকে উন্নতির পথে লইয়া যায় ; গ্রামের উন্নতি বর্দ্ধক। ২। বি, গ্রামের মণ্ডল বা অধিনায়ক। ৩। নাপিত। ৪। বিষ্ণু। ৫। যক্ষ। ৬। স্ত্রী, নটী। ৭। নীলিকা।

গ্রামদেবতা (ম্) [গ্রামের অধিষ্ঠাতৃ দেবতা, ৬ তৎ] বি, স্ত্রী, গ্রামের অধিষ্ঠাত্রী দেবতা ; গ্রামের জনসাধারণ কর্তৃক প্রতিষ্ঠিত দেবতা।

গ্রাম-দৌত্য (গ্রাম্‌দোৎত) [গ্রামের দৌত্য (দূত) + য (যণ্—ভাবে) ৬ তৎ] বি, স্ত্রী গ্রামের সংবাদবহন কর্ম্ম।

গ্রামধর্ম্ম (ম্) [গ্রামের (সত্ত্বসমূহের) ধর্ম্ম, ৬ তৎ] বি, স্ত্রী-সঙ্গ ; মৈথুন।

গ্রামবাসী (ম্, শি) [গ্রাম—বস্ (বাস করা) + ইন (কর্তৃ—ণিন্) = বাসিন্ ১মা, ১ব] বিণ, গ্রামে বাসকারী ; যে গ্রামের বাহির হয় নাই ; গ্রামীণ ; গেয়ে।

গ্রামযাজক (গ্রাম্‌জাজক) [গ্রাম—যজ্ + ণিচ্ = যাজি (যাগ করান) + অক (কর্তৃ)] বি, পুং, গ্রামের পুরোহিত ; গ্রামদেবতার ।

গ্রামযাজী (গ্রাম্‌জাজি) [গ্রাম—যজ্ (দেবপূজা) + ইন্ (কর্তৃ, ণিন্) = যাজিন্—১মা, ১ব] বিণ, গ্রামযাজক।

গ্রামসিংহ (গ্রাম্‌শিংহো) বি, কুকুর।

গ্রামস্থ [গ্রাম—স্থা (থাকা) + অ (কর্তৃ) —আ লোপ] বিণ, গ্রামে স্থিত। ২। সহগ্রামী ; এক গ্রামবাসী।

গ্রামান্ত [গ্রামের অন্ত (সীমা), ৬ তৎ] বি, পুং, গ্রামের বহির্ভাগ ; গ্রামপ্রান্ত।

গ্রামিক (ক্) [গ্রাম + ইক (ইকণ্, রক্ষণার্থে)] বিণ, গ্রামরক্ষক। ২। গ্রামের অধিকারী ; রাজা।

গ্রামী [গ্রাম + ইন্ (অস্ত্যর্থে) = গ্রামিন্—১মা, ১ব] বিণ, গ্রামের অধিপতি ; গ্রামপতি ; মণ্ডল। ২। গ্রামস্থ ; গ্রামের অধিবাসী। ৩। গ্রামধর্ম্মী। ৪। গাঁই (দ্রঃ)। ৫। গ্রাম্য।

গ্রামীণ (ন্) [গ্রাম + ঈন (বাসার্থে)] বিণ, গ্রামবাসী ; গ্রামস্থ। ২। গ্রামের বাহিরে যে কখনও যায় নাই ; গেঁয়ো।

গ্রাম্য (গ্রাম্ম) [গ্রাম + য (ভবার্থে—যণ্)] বিণ, গ্রামোৎপন্ন ; গ্রামজাত ; গেঁয়ো। ২। অবর ; ইতর। ৩। অশ্লীল। ৪। অমার্জ্জিত ; অসভ্য। ৫। অশিক্ষিত ; মূর্খ। ৬। প্রাকৃত। ৭। কাব্যালঙ্কার দোষ ; গ্রাম্যতা দ্রঃ।

গ্রাম্যকর্কটী (গ্রাম্মককটি) [গ্রাম্য—কর্কটী (কাঁকুড়)—কর্ম্মধা] বি, স্ত্রী, কুমড়া।

গ্রাম্যতা (গ্রাম্মোতা) [গ্রাম্য + তা (ভাবে)] বি, স্ত্রী ; অশিষ্টতা ; অভদ্রতা ; ইতরজনোচিত আচরণ ; ইতরমি। ২। অশ্লীলতা। ৩। [অলঙ্কার শাস্ত্রে] কাব্যের অলঙ্কার দোষ ; রচনার মধ্যে ইতর ভাষার প্রয়োগ।

গ্রাম্যধর্ম্ম (গ্রাম্মো—) [গ্রাম্য (প্রাকৃতের) ধর্ম্ম, ৬ তৎ] বি, গ্রামধর্ম্ম দ্রঃ।

গ্রাম্যপশু (গ্রাম্মোপোশু) [গ্রাম্য (গ্রাম-জাত ও গ্রামে পালিত) যে পশু কর্ম্মধা] বি, পুং, গ্রামে পালিত পশু ; গৃহপালিত পশু ; মনুষ্য, গো, মেষ, ছাগ, অশ্ব, অশ্বতর, গর্দ্দভ এই সাত গ্রাম্যপশু বলিয়া শাস্ত্রে প্রসিদ্ধ। কিন্তু কুকুর, বিড়ালও প্রকৃতপক্ষে গ্রাম্যপশু পদবাচ্য ও এই পর্য্যায়ের অন্তর্ভুক্ত হইবার যোগ্য।

গ্রাম্যমৃগ [গ্রাম্য (গ্রামজাত) যে মৃগ (পশু) কর্ম্মধা] বি, পুং, কুকুর।

গ্রাস (গ্রাশ্) [গ্রস্ (ভোজন করা) + অ কর্ম্মে - ঘঞ্] বি, পুং, ভোজনকালে যাহা মুখে দেওয়া হয় ; কবল ; খাবল ; মুখ পূর্ণ হয় এত বড় অন্নপিণ্ড ; a mouthful. ২। [ভাবে - ঘঞ্] ভক্ষণ ; গলাধঃকরণ। ৩। আচ্ছাদন ; ছায়াদ্বারা সূর্য্য চন্দ্রাদির আচ্ছাদন। প্র—পূর্ণগ্রাস ; অর্দ্ধগ্রাস।

গ্রাসাচ্ছাদন (গ্রাশাচ্‌ছাদোন) [গ্রাস (অশন, ভোজন) ও আচ্ছাদন (বসন, পরিধান)—দ্বন্দ্ব] বি, স্ত্রী, আহার ও পরিধান ; অশনবসন ; খাওয়া-পরা। ২। অন্নবস্ত্র।

গ্রাহ [গ্রহ্ + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, আদান ; গ্রহণ। ২। জ্ঞান ; বোধ। ৩। নির্বন্ধ। ৪। আগ্রহ। ৫। [কর্তৃ, সংজ্ঞার্থে - ঘঞ্] হাঙ্গর, কুম্ভীর প্রভৃতি। ৬। শুশুক। ৭। জলহস্তী।

গ্রাহক (ক্) [গ্রহ (দ্রঃ) + অক (কর্তৃ) অ=আ] বিণ, গ্রহণকারী। ২। [হি—গাহক] ক্রেতা ; খরিদ্দার। প্র—"সুন্দরীগণে বুঝিলে মনে ইহার গ্রাহক তুমি"—চণ্ডীদাস। স্ত্রী, **গ্রাহিকা**। বিণ, **গ্রাহিত**—যাহা গ্রহণ করান হইয়াছে।

গ্রাহী [গ্রহ্ (গ্রহণ করা) + ইন্ (কর্তৃ—ণিন্) = গ্রাহিন্—১মা, ১ব] বিণ যে গ্রহণ করে ; গ্রহণকর্তা। অন্যশব্দের পরে যুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে। যথা—ধনগ্রাহী, গুণগ্রাহী, ছলগ্রাহী প্রভৃতি। ২। যে আকর্ষণ করে ; আকর্ষক। ৩। মলবদ্ধ-কারক ; ধারক। স্ত্রী, **গ্রাহিণী**—গ্রহণকর্ত্রী। ২। [বৈদ্যকে] ক্ষীরি ; ক্ষুদ্র দুরালভা।

গ্রাহ্য (গ্রাজ্‌ঝ) [গ্রহ্ + য (কর্ম্মে, যাণ্)] বিণ, যাহা গ্রহণ করা যায় ; গ্রহণযোগ্য ; স্বীকার্য্য ; গ্রহণীয়। ২। গণনীয়। ৩। আদরণীয়।

গ্রীক (গ্রিক্) [ইং—Greek] বিণ, গ্রীস দেশীয়। ২। বি, গ্রীসদেশের লোক। ৩। গ্রীশ দেশের ভাষা।

গ্রীশ, গ্রীস (শ্) [গিরিশ দ্রঃ] বি, য়ুরোপ খণ্ডের মধ্যে স্বনাম-প্রসিদ্ধ প্রাচীন ও আদি সভ্যদেশ। মহাকবি হোমর, মহাবীর এলেকজাণ্ডার এই দেশে জন্ম গ্রহণ করিয়াছিলেন।

গ্রীবা [গ (ভোজন করা) + ব (করণে) আপ, স্ত্রী—যাহা দ্বারা ভোজন করা যায়] বি, স্ত্রী, গলদেশ। ২। ঘাড়।

গ্রীবী [গ্রীবা+ইন্ (অস্ত্যর্থে, প্রশস্তার্থে) =গ্রীবিন্ ১মা, ১ব] বিণ, দীর্ঘগ্রীব, গ্রীবা-বিশিষ্ট।

গ্রীষ্ম (গৃষ্ ম্) [ব্রজ—গিরিষি ; গ্রা—গিরিস্মি] বি, পুং, গ্রীষ্মকাল ; গরমি কাল। ২। উষ্মা ; উত্তাপ। ৩। বিণ, উষ্ণ।

গ্রীষ্মধান্য (গৃষ্ মোধান্ন) বি, স্ত্রী, গ্রীষ্ম-কালোৎপন্ন ধান্য ; বোরো ধান।

গ্রীষ্মমণ্ডল (গৃষ্ মোমোন্ডল্) [গ্রীষ্ম—মণ্ডল] বি, কর্কট ক্রান্তি ও মকর ক্রান্তির অন্তর্বর্ত্তী ভূভাগ ; the torrid zone.

গ্রেণ (ন) [ইং—grain.] বি, ইংরেজী পরিমাণবিশেষ : এক ভরির ১৮০ তম ভাগ ; এক যবোদর পরিমাণ।

গ্রেপ্তার (র্) [ফা—গিরিফ্ তার্] বিণ, পুলিশ কর্ত্তৃক ধৃত। বি, গ্রেপ্তারি। গ্রেপ্তারি পরওয়ানা—পুলিশ কর্ত্তৃক ধৃত করিবার আদেশ পত্র। গিরিফতার দ্রঃ।

গ্রৈব, গ্রৈবেয় [গ্রীবা+অ, এয় (সম্বন্ধে)] বিণ, গ্রীবাসম্বন্ধীয়।

গ্রৈষ্মিক [গ্রৈষ্ মিক্) [গ্রীষ্ম+ইক (সম্বন্ধে, জাতার্থে, জ্ঞাতার্থে)] বিণ, গ্রীষ্মসম্বন্ধীয়। ২। গ্রীষ্মকালীন। ৩। গ্রীষ্মধর্ম্মজ্ঞ।

গ্লটন (ন্) [ইং—glutton] বি, অতিশয় ঔদরিক জন্তুবিশেষ।

গ্লান [গ্লৈ (মলিন হওয়া) +ত (কর্ম্মে—ক্ত) ত=ন] বিণ, ম্লান। ২। অবসন্ন ; ক্লান্ত।

গ্লানি [গ্লৈ (মলিন হওয়া) +তি (ভাবে—ক্তি) ক্তি=নি] বি, স্ত্রী, পরিশ্রম ; অবসাদ ; ক্লান্তি। ২। রোগ ; অসুখ ; অস্বাস্থ্য। ৩। হানি। ৪। কল্পিত দোষপ্রদর্শন ; মিথ্যাপবাদ।

গ্লেয় [গ্লৈ (ম্লান হওয়া) +য (কর্ম্মে)] বিণ, গ্লানিকর ; গ্লানির উপযুক্ত।

গ্লৌ [গ্লৈ (ক্ষয় পাওয়া) +ঔ (কর্ত্তৃ—ডৌ) যে সময়ে ক্ষয় প্রাপ্ত হয়] বি, পুং, চন্দ্র ; মৃগাঙ্ক। ২। কর্পূর (চন্দ্রবাচক শব্দে কর্পূর বুঝায়, যেমন অর্কবাচক শব্দে সূর্য্য বুঝায়)।

ঘ

ঘ—ব্যঞ্জনবর্ণমালার ও কবর্গের চতুর্থ এবং মহা-প্রাণ ও ঘোষবান্ বর্ণ। জিহ্বামূল ইহার উচ্চারণ স্থান বলিয়া ইহাকে জিহ্বামূলীয় বর্ণ বলে। ২। ইহা ক, চ, ট, ত, প, র, ল, ঙ, ঞ, ণ, ন, ম এই বর্ণগুলির সহিত যুক্ত হইয়া বিবিধ বাদ্য, কণ্ঠধ্বনি, আঘাত এবং চক্র ঘূর্ণনের শব্দ জ্ঞাপন করে। ৩। সং-তে—ঘর্ঘর শব্দ, ঘণ্টাধ্বনি, ঘণ্টা, ঘুঙুর এবং বৎসর বুঝায়। স্ত্রী, ঘা—আঘাত। ২। কাক্রী।

ঘা-ঘ, ঘা-ঘো [ঘা (আঘাত, ক্ষত) +ঘ বা ঘো (সদৃশ বস্তুর বাহুল্যার্থে)] বি, ক্ষতাদি। ২। আঘাতাদি ; ঠোকাঠুকি।

ঘট (ট্) [ঘট্ (চেষ্টা করা, উৎপন্ন করা) + অ (কর্ম্মে—অল্)—যাহা চেষ্টা দ্বারা বা উপকরণাদি সংগ্রহ করিয়া নির্ম্মাণ করিতে হয় —যাহা স্বভাবজাত নহে] বি, পুং, চেষ্টাকৃত বস্তু ; উপকরণ যোগে নির্ম্মিত বস্তু। ২। কুম্ভ ; কলস। ৩। [কুম্ভাকৃতি বলিয়া] গজকুম্ভ। ৪। মস্তক ; মস্তিষ্ক ; বুদ্ধিস্থান। প্র—তাহার ঘটে বুদ্ধি থাকলে ত সে বুঝবে। ৫। দেহ ; মূর্ত্তি। প্র—"তিনি ঘটে ঘটে বিরাজ করেন ইচ্ছাময়ীর ইচ্ছা যেমন।"—রামপ্রসাদ। ৬। কুম্ভক যোগ ; শ্বাসকালে শ্বাসরোধ ; (পট দ্রঃ)। ৭। কুম্ভরাশি। ৮। পরিমাণ বিশেষ ; ২০ দ্রোণ ; ৬৪ সের। গণেশ-ঘট—গণেশমূর্ত্তি (তাহা হইতে) হৃষ্টপুষ্ট (ব্যঙ্গার্থে)। প্র—ছেলেটি যেন গণেশঘট।

ঘটক (ঘটোক্) [ঘট্ (চেষ্টা করা) +অক (কর্ত্তৃ—ণক)—যে চেষ্টা করে] বি, পুং, যে চেষ্টা করিয়া ঘটনা করে ; যে চেষ্টা দ্বারা ঘটাইয়া দেয়। ২। যে বিবাহের সম্বন্ধ ঘটায়। ৩। ব্রাহ্মণের মধ্যে ঘটক জাতি ; বল্লাল সেন প্রতিষ্ঠিত কুলমর্য্যাদাভিজ্ঞ। ৪। বনস্পতি : যে বৃক্ষের ফুল না হইয়া ফল হয়। ৫। যজ্ঞডুমুরের গাছ ; যজ্ঞডুমুরের কাঠ। প্র—"মগন হইয়া প্রমথ নাথ, ঘটক ডমরু লইয়া হাত, কোটি কোটি কোটি দানব সাথ, শ্মশানে ফিরিছে গাইয়া ;"—রামপ্রসাদ।

ঘটকর্পর (র্) বি, পুং, রাজা বিক্রমাদিত্যের নবরত্নের অন্যতম রত্ন। ২। খর্পরভাঙ্গা ; ঘটের টুকরা।

ঘটকার (ঘটোকার্) [ঘট (কুম্ভ)—কার (যে করে)—কৃ+অ (কর্ত্তৃ—অণ্) যে ঘট নির্ম্মাণ করে, উপপদ] বি, পুং, ঘটনির্ম্মাতা ; কুম্ভকার ; কুমার।

ঘটকালি (ট্) [প্রাদে। ঘট (ঘটনা) +কালি (হি—কারী, করণ) র=ল] বি, বিবাহ সম্বন্ধ। ২। বিবাহ-সংঘটন-কৌশল। প্র—"আয় না লো সব একে একে গোলাপী কাঞ্চন, দেখি তোদের রূপের ছটা ঘটকালি কেমন।" —বাজিমাৎ (হেম বন্দ্যো)।

ঘটঘট (ঘট্ঘট্) [অনুকার শব্দ] বি, কাষ্ঠাদি-নির্ম্মিত শূন্যপাত্রে কাষ্ঠদণ্ড গোলকাদি সঞ্চালন শব্দ। ২। উদ্দেশ্যহীন ঘুরিয়া বেড়ান। ক্রি—ঘট্‌ঘটান (নো)।

ঘটজ [ঘট+জ—জন্ (জন্মগ্রহণ করা) +অ (কর্ত্তৃ—ড)] বিণ, ঘট হইতে উৎপন্ন বা জাত। ২। [ঘটে বা কুম্ভে জন্ম বলিয়া] বি, অগস্ত্য ঋষি।

ঘটদাসী (ঘটোদাশি) [ঘট (চেষ্টা বা যোগাড় করা)—দাসী] বি, স্ত্রী, দূতী ; উদ্যোগকারিণী ; সংঘটনকারিণী ; কুট্টনী। ২। ধর্ম্মের অনুচরী। প্র—"সেতাই পণ্ডিত আইল চরি সঙ্গ গতি। চন্দ্র কটাল আইল বসুআ ঘটদাসী॥" —শূন্য-পুরাণ। [দ্রঃ—"গতি" =ধর্ম্মের অনুচর]।

ঘটদেশজ (জ্) বি, স্ত্রী, করকচ লবণ।

ঘটন (ঘটন্) [ঘট্ (চেষ্টা করা) +অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, সঙ্ঘটন ; মেলন। ২। যোজনা। ৩। দৈবগতি ; বিধির নির্বন্ধ। ৪। আকস্মিক ব্যাপার।

ঘটনা (ঘটোনা) [ঘট্+ণিচ্ =ঘটি+অন (ভাবে)] বি, স্ত্রী, ব্যাপার। ২। রচনা ; নির্ম্মাণ। প্র—"চাঁদ সার লএ মুখ ঘটনা কর লোচন চকিত চকোরে।"—বি, প (গুপ্ত)। ৩। হস্তীসৈন্য। ৪। দৈবগতি। ৫। যোজনা। ৬। আকস্মিক ব্যাপার।

ঘটনাক্রমে (ঘটোনাক্‌ক্রোমে) [ঘটনার) ক্রম (৬তৎ) আছে যাহাতে (ব্রং)] ক্রি-বিণ, দৈবক্রমে, ব্যাপার বশতঃ ; দৈবাৎ।

ঘটনাচক্র (ঘটোনাচক্‌ক্রো)।

ঘটনাধীন (ঘটোনাধীন্) [ঘটনার অধীন (৬তৎ)] বিণ, দৈবাধীন।

ঘটনানুভাবকতা (ঘটোনানুভাবোকোতা) [ঘটনার অনুভাবকতা, ৬তৎ] বি, স্ত্রী, ব্যাপার বোধিকা শক্তি ; যে বৃত্তি বা শক্তি দ্বারা ঘটনার অনুভব করিতে পারা যায়।

ঘটনাপূর্ণ (ঘটোনাপুর্ণো) [৩ তৎ] বিণ, ব্যাপারপূর্ণ ; বিষয়পূর্ণ ; ঘটনাময়।

ঘটনাবলী (ঘটোনাবোলি) [ঘটনার আবলী] —৬তৎ] বি, স্ত্রী, বিষয় সমূহ ; সকল ব্যাপার।

ঘটনাবহ (ঘটোনাবহ) [ঘটনার আবহ (বহনকারী) ৬তৎ] বিণ, সঙ্ঘটক।

ঘটনাস্রোতঃ (ঘটোনাস্স্রোত্) [ঘটনার স্রোত, ৬তৎ] বি, ক্লী, ঘটনা প্রবাহ ; ধারাবাহিক ঘটনা।

ঘটপট (ঘট্পট্) [ঘট ও পট, দ্বন্দ্ব] বি, পুং, কলস ও চিত্রপট : পূজার জন্য চিত্রিত মৃৎভাণ্ড এবং বস্ত্রোপরি প্রতিমার চিত্র। প্র—এবার প্রতিমা আনতে পারেনি মায়ের ঘটে পটে পূজা হয়েছে।

ঘটযোনি (ঘটজোনি) [ঘট (কুম্ভ) হইয়াছে যোনি (উৎপত্তি স্থান) যাহার, বহু] বি, পুং, যে কুম্ভের মধ্যে জন্মিয়াছে ; কুম্ভযোনি ; কুম্ভসম্ভব ; অগস্ত্য মুনি।

ঘটস্থাপন্ (ঘটস্থাপোন্) [ঘটে স্থাপন—৭তৎ] বি, ক্লী, কোন দেব প্রতিমূর্ত্তি না করিয়া কেবল ঘটে সেই দেবতার আহ্বান। ২। [ঘটের স্থাপন (স্থিতি করান) ৬তৎ] কোন স্থানে ঘট রাখিয়া দেওয়া।

ঘটা [ঘট্ (চেষ্টা করা) + অ (ভ—ভাবে)—(স্ত্রী) আপ্] বি, স্ত্রী, ঘটনা। ২। সভা। ৩। রণহস্তী সমূহের রণক্ষেত্রে সংমিলন। ৪। সমারোহ ; জাঁকজমক ; আড়ম্বর। প্র—"দৈবাৎ দক্ষের ঘরে ঘটা হৈল বড়। ইন্দ্র চন্দ্র বৃন্দারকবৃন্দ হৈল জড়॥"—শিবায়ন। "ঘটা করি ভূপতি চলিলা"—ঘনরাম। ৫। শোভা। প্র—"কালো চুলে কিবা ঘটা চোখে কালো তারা"—হেম বন্দ্যো। ৬। আচ্ছাদন ; অন্ধকার ; ঘোর। প্র—ঘন ঘটা ; "ঘটা করে মেঘ আস্‌চে"। ৬। সমূহ। প্র—"আমন্ত্রণ করি আন অমরের ঘটা"—শিবায়ন।

ঘটা [ঘট্ (চেষ্টা করা, সংঘটন) + অ—করা অর্থে)। প্র-পু—ঘটে। অস-ক্রি, ঘটিতে, ঘটতে (ঘোট্‌তে) ; ঘটিয়া, ঘটে (ঘো)। ণিজন্ত—ঘটান (নো)] ক্রি, হওয়া ; সংঘটিত হওয়া ; পরিণতি প্রাপ্ত হওয়া। প্র—"দেব রক্ষোরণে, (দুর্জ্জয় উভয় কুল) কি জানি কি ঘটে।"—মেঘনাদ। ২। জোটা ; উপস্থিত হওয়া।

ঘটাঘট [শব্দাত্মক] অ, অনুকরণ শব্দ ; জিনিষপত্র নাড়াচাড়ার শব্দ। ২। [ঘট (ঘটন) + অঘট (অঘটন)] যোগাযোগ।

ঘটাটোপ [ঘটের—আটোপ, ৬তৎ] বি, পুং, আড়ম্বর। ২। আসবাব পত্র বা শকটাদির ঢাকন ; ঘেরাটোপ।

ঘটান (নো) [ঘটা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ : উ-পু—ঘটাই ; ম-পু—ঘটাও ; ঘটান্ ; ঘটা। প্র-পু—ঘটায় ; ঘটান। অস-ক্রি, ঘটাইতে। ঘটাতে ; ঘটাইয়া, ঘটিয়ে] ক্রি, ঘটিতে বাধ্য করা ; যাহাতে ঘটে তাহা করা ; সম্ভব করা। ২। মিলন করা ; সংমিলিত করা।

ঘটালাউ—বি, কুম্ভতুম্ব ; ঘটাকার বৃহৎ লাউ।

ঘটালিকা—বি, স্ত্রী, মিষ্ট নেবু।

ঘটিক (ঘোটিক্) [ঘট্ (চেষ্টা করা) + ইক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, নিতম্ব দেশ। ২। পাদগ্রন্থি (তু—হি, ঘুটনা)।

ঘটিকা (ঘোটিকা) [ঘটিক + আপ্—স্ত্রী] বি, স্ত্রী, দিবাভাগের কিম্বা রাত্রির দ্বাদশ ভাগ ; আড়াই দণ্ড ; ঘণ্টা। ২। দণ্ডাত্মককাল। ৩। মুহূর্ত্ত। ৪। ক্ষুদ্র ঘট। ৫। ঘটী ; কলসী। ৬। গুল্ফ ; পাদগ্রন্থি। ৭। [ঘট্ + ণিচ্ = ঘটি (যে চেষ্টা করে তাহাকে চেষ্টা করান) + অক (কর্ত্তৃ)—আপ্—স্ত্রী, সঙ্ঘটনকারিণী ; যোজনকারিণী। **ঘটিকা লবণ**—বি, ক্লী, বিট্‌লবণ।

ঘটিত (ঘোটিতো) [ঘট্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যে সম্বন্ধে চেষ্টা করা হইয়াছে ; রচিত। ২। যোজিত। ৩। সঙ্ঘটিত। ৪। সংক্রান্ত।

ঘটী (ঘোটি) [ঘট + ঈপ্ (ক্ষুদ্রার্থে) স্ত্রী (জলপাত্র অর্থে) ঘটী শব্দের ব্যবহার সংস্কৃতে আছে] বি, স্ত্রী, ঘটাকৃতি ; কাংস্য বা পিত্তলাদি ধাতুনির্ম্মিত ক্ষুদ্র জলপাত্র ; ছোট ঘট। প্র—"খুলিল কনক বাটী আনিয়া জলের ঘটী ঢালিলেক সুবাসিত বারি।"—চণ্ডীদাস। ২। যে চক্রাকার কাংস্যখণ্ডে আঘাত করিয়া সময় জ্ঞাপন করা হয় ; ঘণ্টা ; a gong. ৩। সময়-নিরূপক যন্ত্র ; ঘড়ী ; তামী ; তাম্রী। ৪। মুহূর্ত্ত পরিমাণকাল ; ৪৮ মিনিট। ৫। দণ্ড পরিমাণকাল ; ২৪ মিনিট।

ঘটীযন্ত্র (ঘোটিজন্ত্রো) [ঘটী (ঘড়ী) রূপ যে যন্ত্র, কর্ম্মধা] বি, ক্লী, কালনিরূপণের যন্ত্র ; ঘড়ী। ২। [ঘটী (ঘট) তাহার যন্ত্র, ৬তৎ] ঘটী উত্তোলনার্থ যন্ত্র ; কূপাদি হইতে জলপূর্ণ ঘট তুলিবার যন্ত্র ; জলতোলা কল।

ঘটোৎকচ (চ্) [ঘট (করিকুম্ভ) তৎসদৃশ যে উৎকচ (উৎ—উৎগত, কচ—কেশ) কেশশূন্য, কর্ম্মধা] মস্তকে কেশ না থাকায় ঘটসদৃশ সুতরাং ঘটোৎকচ এই নাম। বি, পুং, হিড়িম্বা রাক্ষসীগর্ভজাত ভীমের পুত্র।

ঘটোৎকচান্তক (ক্) [ঘটোৎকচ—অন্তক] বি, পুং, অঙ্গদেশাধিপতি কর্ণ।

ঘটোদ্ভব (ব্) [ঘট + উদ্ভব] বি, পুং, কুম্ভজাত ; অগস্ত্যমুনি।

ঘট্ট (ঘট্টো) [ঘট্ (চলা) + অ (অধি—অল্)] বি, পুং, পুষ্করিণী প্রভৃতি জলাশয়ের ঘাট। ২। যেস্থানে নৌকার মাশুল গ্রহণ করে ; কুতঘাট ; শুল্ক আদায়ের স্থান। ৩। গিরিসঙ্কট (mountain pass) ; পর্ব্বতের মধ্যস্থ সঙ্কীর্ণ পথ। ৪। চৌকি ; থানা (এই অর্থে ঘাটি শব্দের ব্যবহার আছে) ঘাটে দ্রঃ।

ঘট্টজীবী (ঘট্টোজিবি) [ঘট্ট (পার ঘাট, খেয়াঘাট) তদ্দারা জীবী (যে জীবন ধারণ করে) জীব্ (প্রাণধারণ করা) + ইন (কর্ত্তৃ—ণিন্) = জীবিন্—১মা, ১ব] বি, পুং, যাহারা পারঘাটে লোক পার করিয়া তদর্থ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে ; পাটুনি জাতি।

ঘট্টন (ঘট্‌টোন্) [ঘট্ট (চলন) + অন (ভাবে —অনট্)] বি, ক্লী, সঞ্চালন ; জোরে নাড়া ; সম্যক্ আন্দোলন ; ঘোটন। ২। ঘর্ষণ। ৩। সংঘটন ; নির্ম্মাণ ; গঠন। স্ত্রী, **ঘট্টনা**। [ঘট্ট + অন (ভাবে)—আপ্, স্ত্রী] চালনা ; ইতস্ততঃ নাড়াচাড়া। (২) **ঘট্টনী**—[ঘট্ট + অনট্ (করণে)—যাহা দ্বারা ঘট্টন করে] ঘোটনা।

ঘট্টিত (ঘোট্‌টিত) [ঘট্ট + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, চালিত। ২। সংঘটিত ; যাহা ঘোটা হইয়াছে। ৩। গঠিত ; নির্ম্মিত।

ঘড়ঘড় (ড়) [ঘুঙ্গড়ি দ্রঃ] বি, শ্লেষ্মাজনিত কণ্ঠধ্বনি। ২। শকটাদির শ্লথ চক্রশব্দ।

ঘড়া [ঘট + আ (বৃহদর্থে)] বি, বৃহদাকৃতি বা শ্রেষ্ঠ কলস ; পিত্তলের কলস।

ঘড়ী (ঘোড়ি) [সং—ঘটীযন্ত্র] বি, সময়-নিরূপক যন্ত্র। **পেটাঘড়ী**—কাংস্যময় চক্রাকার পুরু পাত ; যাহা হাতুড়ী দ্বারা পিটিয়া বাজাইতে হয়। **সূর্য্যঘড়ী**—সূর্য্য-কিরণে ছায়া দেখিয়া সময় নিরূপণ করিবার যন্ত্র ; sun-dial. **টেঁকঘড়ী**—ক্ষুদ্র ঘড়ী ; watch. **ক্লকঘড়ী**—ক্লক নামক সময় নিরূপক বড় ঘড়ী ; বাজা ঘড়ী ; clock. **টাইম্‌পিস্ ঘড়ী**—ক্লক অপেক্ষা ছোট ঘড়ী। সাধারণতঃ যে ঘড়ী বাজে না ; timepiece. **ঘুম ভাঙ্গান ঘড়ী**—যে ক্লক বা টাইমপিস ঘড়ীতে এমন স্প্রীং দেওয়া থাকে যাহাতে নির্দ্দিষ্ট সময়ের জন্য দম দিয়া রাখিলে সেই সময়ে ঘুম ভাঙ্গাইয়া দেয়। **বালিঘড়ী**—ডমরু আকৃতি কাচনির্ম্মিত ঘটিকা যন্ত্র। ইহার উপরাংশ বালুকণায় পূর্ণ থাকে, সেই বালুকা নিম্নভাগে ক্রমশঃ পতিত হইয়া সময় নির্দ্দেশ করে। প্র—"দুই পাশে হাতে বালী ঘড়ী"—অ, ম।

ঘড়ীয়াল (ঘোড়ীআল্) [হি। বাং—দ্রুত উচ্চারণে ঘড়েল] বি, যাহারা ঘড়ী বাজায় ; ঘণ্টাবাদক। প্র—"ঘড়ীয়াল দুইপাশে হাতে বালী ঘড়ী।"—ভারতচন্দ্র। ২। মৎস্যবিশেষ। ৩। [হি] কুম্ভীরবিশেষ। ৪। পক্ষিবিশেষ।

ঘণ্ট (ঘন্টো) [সং] বি, পুং, যাহা প্রথমে সিদ্ধ করিয়া লইয়া মসলা ও মিষ্ট দ্রব্যের সহিত

মাখিয়া তেজপত্র ও ঘৃতের সহিত সাঁতলাইয়া সেই সঙ্গে নারিকেল কোরা ময়দা ও দুধ দিয়া ঘুঁটিয়া লওয়া। পাঁচ রকম দ্রব্য মিলিত ব্যঞ্জনকে ঘণ্ট বলে। প্র—"শড়শড়ি ঘণ্ট ভাজা নানা মত শাক।"—ভারতচন্দ্র। ২। পাঁচটা জিনিষের অযথা মিশ্রণ। ৩। অপব্যয়—যেমন টাকার ঘণ্ট। ৪। মৌমাছি।

ঘণ্টক (ঘন্টক্) বি, পুং, ঘেঁটকোল। ঘণ্টাপারুলবৃক্ষ।

ঘণ্টা [ঘণ্ +ট (কর্ম্মে—সংজ্ঞার্থে) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, কাংস্যাদি ধাতু-নির্ম্মিত বাদ্যযন্ত্রবিশেষ। ২। সার্দ্ধদ্বিদণ্ডাত্মককাল; আড়াই দণ্ডকাল। ৩। (ব্যঙ্গার্থে) কিছুই নয়; কলা (কলা দ্রঃ)। হাতীর গলায় ঘণ্টা —অসামঞ্জস্য প্রকাশক ব্যঙ্গ। যেমন রোগা হাতে ধাঁদাল বালা। গলা দ্রঃ। ৪। জবা ফুলের গাছ।

ঘণ্টাক (ঘন্টাক্) বি, পুং, ঝিঙে; ঘণ্টাপারুল।

ঘণ্টাকর্ণ [ঘণ্টা—কর্ণ, ঘণ্টার সদৃশ কর্ণ (কাণ) যাহার, বহু] বি, পুং, শিবগণবিশেষ। ঘেঁটুঠাকুর। ২। পণ্ডিতবিশেষ।

ঘণ্টাগরুড় (ঘন্টাগোরুড়) [হি—গরুড়ঘণ্টা : ঘণ্টায় অঙ্কিত গরুড় মূর্ত্তি (পদ্মপুরাণে—"শঙ্খো যস্য গৃহে নাস্তি ঘণ্টা বা গরুড়াঙ্কিতা")—গরুড় মূর্ত্তি মাত্র, কাজে নয়] বি, ঘণ্টার গরুড়। ২। [লক্ষণায় বিদ্রূপোক্তি] অকর্ম্মণ্য ব্যক্তি—যে কেবল বাসদেবী (দ্রঃ) করিতে পারে। প্র—"ঘণ্টাগরুড় খাড়া থাকেন কাচেন কাপের কাচ।"—ঈশ্বরগুপ্ত।

ঘণ্টানাদ (দ্) [ঘণ্টার নাদ (শব্দ) ৬তৎ] বি, পুং, ঘণ্টাধ্বনি; ঘণ্টার শব্দ। ২। কুবের-মন্ত্রবিশেষ।

ঘণ্টাবীজ (জ্) [ঘণ্টাকৃতি বীজ যাহার] বি, স্ত্রী, জয়পাল বৃক্ষ; জামাল-গোটার গাছ। ২। বি, পুং, জামাল-গোটার বীজ।

ঘণ্টিক (ঘোন্টিক্) বি, পুং, পাদযুক্ত জলজন্তু-বিশেষ।

ঘণ্টিকা (ঘোন্টিকা) [ঘণ্টা+ক (সংজ্ঞার্থে) —অ=ইআপ্—স্ত্রী] বি, স্ত্রী, ছোট ঘণ্টা; ঘণ্টী। ২। শণফুল। ৩। আলজিভ্। ৪। গলায় ঘণ্টাবৎ ঝোলে যে মাংসপিণ্ড; গলগণ্ড রোগ।

ঘণ্টী (ঘোন্টি) [ঘণ্টা+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, ঘণ্টিকা দ্রঃ।

ঘণ্টু (ঘোন্টু) [ঘণ্ (দীপ্তি পাওয়া)+টু (সংজ্ঞার্থে)] বি, পুং, হাতীর গলার ঘণ্টা। ২। উগ্রতা; উদ্ধতা; আত্মম্ভরিতা (তুল—হি—ঘমণ্ড)।

ঘণ্টেশ্বর (ঘনটেশ্শর্) [ঘণ্টার ঈশ্বর—প্রভু ৬তৎ] বি, পুং, মঙ্গলের পুত্র; ঘণ্টাকর্ণ। ২। মহাদেবের অন্যনাম। ৩। ঘেঁটুঠাকুর।

ঘণ্টাপাটলি—বি, স্ত্রী ঘণ্টাপারুল। বস্তুবৃক্ষ-বিশেষ। ইহার ফুল সুগন্ধি, ফল দেখিতে ঘণ্টার মত।

ঘন [হন (বধ করা—আঘাত করা) + অ (কর্ম্মে, অল্)] বি, ক্লী, মন্দিরা (যাহা পরস্পর আঘাত করিলে বাদ্য হয়); করতাল; ঘুঙুর; ঘণ্টী প্রভৃতি ধাতুনির্ম্মিত বাদ্যযন্ত্র। ২। মধ্যম নৃত্য। ৩। চর্ম্ম; ত্বক্। ৪। লৌহ। ৫। লৌহ-মুদ্গর। ৬। কাঠিন্য; দৃঢ়তা। ৭। জমাট। ৮। বিস্তার। ৯। গাঢ়। প্র—ঘন দুগ্ধ। ১০। নিবিড়—ঘন বন। ১১। দুর্ভেদ্য। প্র—ঘন বেড়া। ১২। অধিক বর্ষা। প্র—"গগনে গরজে মেঘ ঘন বরষা।"—রবি ঠাকুর। ১৩। পুরু। প্র—ঘন কাপড়। ১৪। সমান তিন অঙ্কের গুণ; কোন রাশিকে সেই রাশিদ্বারা দুইবার গুণন: যেমন ২ এর ঘন ৮। ১৫। অবিচ্ছিন্ন; অনবরত। ১৬। পুং, মেঘ; জলদ। প্র—"গগনে গরজে ঘন, বহে খর সমীরণ কুল ত্যজি এলাম কেন মরিতে আতঙ্কে!"—বঙ্কিম।

ঘনঘন—ক্রি-বিণ, বারম্বার: অল্প সময়ের মধ্যে বেশীবার। প্র—ঘনঘন আসা যাওয়া। ২। বিণ, স্থূল স্থূল: থোকাথোকা; গাঢ়; জমাট। ৩। ঘেঁষঘেঁষ।

ঘনকফ (ফ্) [ঘনের (মেঘের) কফ (শরীরস্থ ধাতুবিশেষের ন্যায়) ৬তৎ] বি, পুং, শিলা; করকা। ২। গাঢ় শ্লেষ্মা।

ঘনকাল (ল্) [ঘনের (মেঘের) কাল (সময়) ৬তৎ] বি, পুং, যে কালে মেঘ হয়; মেঘের সময়; বর্ষাকাল; বর্ষাঋতু।

ঘনকৃষ্ণ (কৃশ্টো) [ম, প, লো, কর্ম্মধা] বিণ, মেঘের মত কাল; গাঢ়কৃষ্ণ।

ঘনক্ষেত্র (খেৎত্র) [ঘন যে ক্ষেত্র—কর্ম্মধা] বি, ক্লী, যে ক্ষেত্রের দৈর্ঘ্য, প্রস্থ, বেধ বা উচ্চতা পরস্পর সমান।

ঘনগোলক (ক্) [রাসাঃ পরিঃ] বি, সংশ্লিষ্ট রজতসুবর্ণ; মিশ্রিত স্বর্ণরৌপ্য পিণ্ড।

ঘনঘটা—বি, মেঘাড়ম্বর।

ঘনঘন [গ্রা—ঘোনোঘোনো। উপর্য্যুপরি অর্থে দ্বিত্ব] ক্রি-বিণ, অল্প সময়ের মধ্যে বেশীবার। প্র—"ঘন ঘন তুমি বাহিরে যাও, আন ছলে কত কথা বুঝাও।" —জ্ঞানদাস। ২। অতরল; প্রায় গাঢ়। প্র—দুধ একটু ঘন ঘন করে জ্বাল দাও। ৩। অতি নিকটে; কাছাকাছি ঘেঁষঘেঁষ। প্র—অতি ঘন ঘন গাছ লাগালে ফল ভাল ধরে না।

ঘনঘোর (র্) [ঘন (মেঘ) ঘোর (আচ্ছন্ন)] বিণ; মেঘাচ্ছন্ন। ২। [ঘন বৎ ঘোর] মেঘ-ভীষণ। ৩। জলদ গম্ভীর।

ঘনচতুষ্কোণ (চো, ন্) [ঘন যে চতুষ্কোণ —কর্ম্মধা] বি, পুং, দৈর্ঘ্য, প্রস্থ, বেধ বা উচ্চতা-বিশিষ্ট চতুষ্কোণ; a cube.

ঘনচ্ছদ (ঘনচ্ছদ্) বি, ক্লী, সজিনাগাছ। ২। তালিসপত্র।

ঘনজ্বালা (ঘনজ্জালা) [ঘনের (মেঘের) জ্বালা (অগ্নিশিখা)—৬তৎ] বি, স্ত্রী, মেঘাগ্নি; বজ্রাগ্নি। ২। সৌদামিনী; বিদ্যুৎ।

ঘনতোল (ল্) [ঘন (মেঘ) তোল (তৌল, ওজন)—যাহা মেঘ সমতুল্য] বি, সঙ্গীতের তাল পরিমাণ বা ধ্বনি। ২। [যে উড়িয়া মেঘ পর্য্যন্ত যায়] চাতকপক্ষী।

ঘনত্ব (ঘনৎত) [ঘন+ত্ব (ভাবে)] বি, ক্লী, দৈর্ঘ্য, প্রস্থ ও বেধবিশিষ্টতা: ঘনতা। ২। দৃঢ়ত্ব। ৩। নিবিড়তা। ৪। গাঢ়তা।

ঘনপত্র (—পৎত্র) [ঘন—পত্র যাহার, বহু] বি, পুং, পুনর্নবা।

ঘনপদবী [ঘনের (মেঘের) পদবী (পথ)—৬ তৎ] বি, স্ত্রী, মেঘের সঞ্চার পথ; আকাশ।

ঘনপল্লব (ব্) বি, শজিনা শাক; ঘন পত্র (বিশিষ্ট)।

ঘনপ্রিয়া (ঘনপ্প্রিয়া) বি, স্ত্রী; তরমুজ। ২। বনজাম।

ঘনফল (ল্) [গণিতে] বি, দীর্ঘ, প্রস্থ, বেধ ও উচ্চতাবিশিষ্ট ক্ষেত্রের গুণফল; cubic contents.

ঘনবর্ত্ম (—বর্ত্ত) [ঘনের বর্ত্ম (বর্ত্মন্ শব্দজ) পথ—৬ তৎ] বি, ক্লী, মেঘ-পথ; আকাশ।

ঘনবল্লিকা, ঘনবল্লী (বো) [ঘন (মেঘ) তাহাতে যে বল্লিকা—বল্লী (লতা)—৭ তৎ] বি, স্ত্রী, বিদ্যুৎ; ক্ষণপ্রভা; অমৃতস্রবা-নামক লতা।

ঘনবাস (শ্) [ঘন (দীর্ঘকাল) বাস (অবস্থান) যাহার, বহু] বি, পুং, যে অনেক দিন থাকে; কুষ্মাণ্ড। বিণ্, ঘন বসতিপূর্ণ স্থান।

ঘনবাহন (ন্) [ঘন (মেঘ) হইয়াছে, বাহন (যান) যাহার, বহু] বি, পুং, যিনি মেঘে আরোহণ করেন; গতায়াত করেন; মেঘবাহন দেবরাজ ইন্দ্র।

ঘনবীথি—বি, স্ত্রী, মেঘপথ; আকাশপথ।

ঘনবিন্যস্ত (ঘনোবিন্নশ্ত) বিণ, ঘেঁষ ঘেঁষ করিয়া সজ্জিত।

ঘনমূল (ল্) বি, ক্লী, যে রাশি আপনার দ্বারা দুইবার গুণিত হয় সে সেইরূপ গুণফলের ঘনমূল। যেমন ৮ এর ঘনমূল ২। the cube root. ২। [বৈদ্যকে] লতাকড়ার।

ঘনমূল-চিহ্ন—ঘনমূল রাশির সাঙ্কেতিক চিহ্ন: $\sqrt[3]{}$—এই চিহ্ন।

ঘনরব (ব্) বি, পুং, শিখী; ময়ূর। ২। মেঘধ্বনি।

ঘনরস (শ্) [ঘনের (মেঘের) রস (জল) ৬তৎ] বি, পুং, বৃষ্টি। ২। ঘন আঠা। ৩। কর্পূর। ৪। মুগরা। ৫। মূর্ব্বা।

ঘনশ্যাম (ঘনোশ্‌শ্যাম্) [ঘন (নিবিড়) শ্যাম (শ্যামবর্ণ) যাহার, বহু; কিম্বা ঘন (মেঘ) তাহার ন্যায় শ্যামবর্ণ যাহার, বহু] বিণ, যাহার গায়ের বর্ণ মেঘের মত শ্যামল; গাঢ় শ্যামল বর্ণ।

ঘনসার (—শার্) [ঘন (মেঘ) সার (নির্য্যাস) ৬তৎ। (২) ঘন (গাঢ়) সার (স্থিরাংশ) যাহার, বহু] বি, পুং, বৃষ্টি; জল। ২। পারদ। ৩। চন্দন। ৪। কর্পূর।

ঘনস্কন্ধ (ঘনশ্‌কন্ধ) [বৈদ্যকে] বি, পুং, ক্যাওড়া; জলপাই।

ঘনস্বন (ঘনশ্‌শন্) [ঘনের (মেঘের) স্বন (শব্দ) ৬তৎ] বি পুং, মেঘধ্বনি: জলদ নির্ঘোষ; মেঘগর্জ্জন। ২। [মেঘের ন্যায় স্বন (শব্দ) যাহার, বহু] বিণ, যাহার শব্দ মেঘের গর্জ্জনের ন্যায় গম্ভীর; গম্ভীর ধ্বনি; গভীর কণ্ঠস্বর। স্ত্রী, **ঘনস্বনা**।

ঘনা [বৈদ্যকে] বি, স্ত্রী, মধুপর্ণী লতা।

ঘনাকর [ঘন+আকর; ঘন আকর (আশ্রয় স্থান) যাহার, বহু] বি, পুং, বৃষ্টি। ২। [ঘন আ—কর (যে করে)] বর্ষাকাল; ঘনাগম। ৩। [ঘন (তাহার) আকর] আকাশ।

ঘনাগম (ম্) [ঘনের (মেঘের) আগম (আগমনকাল) আ-গম্ (গমন করা)+অ (অধি—অল্) মেঘের আগমন হয় যে কালে, ৬তৎ] বি, পুং, বর্ষাকাল; প্রাবৃট্‌কাল; জলদাগম সময়।

ঘনাঘন (ন্) [হন্ (বধ করা)+অ (কর্তৃ, সংজ্ঞার্থে—অল্) হ=ঘ, দ্বিত্ব-অ=আ] বি, পুং, যিনি বারম্বার দৈত্যকুল বিনাশ করেন; ইন্দ্র। ২। ঘাতপ্রতিঘাত। ৩। উপর্য্যুপরি আঘাত। ৪। মত্তবারণ; মদমত্ত হস্তী: দুরন্ত হাতী। ৫। বিণ, নিয়ত হননকারী। ৬। নিরন্তর; নিয়ত। ৭। [ঘোনাঘোন্] কাছাকাছি। প্র—সংক্রান্তি-ঘনাঘন আসবে বলেচে।

ঘনাত্যয় (ঘনাৎতয়্) [ঘনের (মেঘের) অত্যয় (অপগম) হয় যে সময়, বহু] বি, পুং, যেকালে মেঘ অপসৃত হয়; শরৎকাল; মেঘাপগম।

ঘনান (ঘনানো, গোনানো) [ঘন (নিকট, গাঢ়) আন (ক্রিয়া বিভক্তি)। উ-পু—ঘনাই। ম-পু—ঘনাও; ঘনান্; ঘনা। প্র-পু—ঘনায়; ঘনান্। অস-ক্রি, ঘনাইতে; ঘনাইয়া, ঘুনিয়ে] বি, ঘন হইয়া আসা; নিকটবর্ত্তী হওয়া; কাছাকাছি হওয়া। প্র—মরণ ঘনাইয়া আসা। ২। গাঢ় করা; আওটাইয়া ঘন করা।

ঘনান্ত [ঘনের (মেঘের) অন্ত (অবসান) হয় যে কালে, বহু] বি, পুং, যে কালে মেঘ জলবর্ষণ করিয়া জলাভাবে নাশপ্রাপ্ত অর্থাৎ নিঃশেষিত হয়; শরৎকাল।

ঘনাম্ল (ঘনাম্‌ল) [রাসাঃ পরিঃ] বি, মহাদ্রাবী; strong acid.

ঘনাশ্রয় (ঘনাস্‌স্রয়্) [ঘনের (মেঘের) আশ্রয় (অবলম্বন)—৬তৎ] বি, পুং, যাহাকে আশ্রয় করিয়া মেঘ থাকে; আকাশ।

ঘনিষ্ঠ (ঘোনিশ্‌ঠ) [ঘন+ইষ্ঠ (অত্যধিক, অর্থে)] বিণ, অত্যধিক ঘন; অতিশয় ঘন। ২। বিণ, [অতি ঘন অর্থাৎ নিকট] আসন্ন; অতি নিকটস্থ; অব্যবহিত। প্র=ঘনিষ্ঠ সম্পর্ক। ২। নিকটাত্মীয়। ৩। যে ঘন ঘন দেখা সাক্ষাৎ ও আসা যাওয়া করে। স্ত্রী—**ঘনিষ্ঠা**।

ঘনিষ্ঠতা (ঘোনিশ্‌ঠোতা) [ঘনিষ্ঠ+তা (ভাবে)] বি, স্ত্রী, নিকটাত্মীয়তা: নিকট সম্বন্ধ। ২। ঘন ঘন সংস্রব জনিত বন্ধুত্ব। বিণ, ঘনিষ্ঠ।

ঘনীভূত (ঘো) [ঘন—ভূত (মধ্যে ঈ—চ্বি—অভূততদ্ভাবার্থে) যাহা পূর্ব্বে ঘন (দৃঢ়) ছিল না পরে ঘন হইয়াছে] বিণ, যাহা এক স্থানে আসিয়া কেন্দ্রীভূত হইয়াছে। ২। দৃঢ়ীভূত। ৩। জমাট: সান্দ্রীভূত।

ঘনোপল (ল্) [ঘন (মেঘ) তাহা হইতে জন্মে যে উপল (প্রস্তর) ৫তৎ] বি, পুং, করকা; শিলা।

ঘবড়ান (ঘব্‌ড়ানো)—ঘাবড়ান দ্রঃ।

ঘর (র্) [সং—গৃহ। প্রাকৃ—ঘর] বি, গৃহ; বাড়ী; ভবন। প্র—ঘরে ফিরিয়া যাওয়া। ২। আশ্রয়। ৩। মন্দির। ৪। প্রকোষ্ঠ; কুঠরী। প্র—শয়ন ঘর। ৫। সংসার। প্র—ঘরের কথা। ঘর খরচ। ৬। বংশ; কুল। প্র—ভাল ঘরে বিবাহ। ৭। পরিবার। প্র—দশ ঘর ব্রাহ্মণের বাস। ৮। স্থান। প্র—হজমের ঘর। ৯। মূল; নিদান; হেতু। প্র—ঐ ত রোগের ঘর। ১০। খুব্‌রী; সূত্রাদির গ্রন্থি; বুননের মধ্যস্থ রন্ধ্র। ১১। খানা; column. বিণ, ঘরুয়া; ঘরো। **ঘর করা**—সংসারের কর্ত্তব্য সমূহ নির্ব্বাহ করা; পরিবার পালন করা; সংসারধর্ম্ম করা; গৃহস্থ বা গৃহিণীর কর্ত্তব্য সাধন করা। ২। সংসারের পত্তন করা। **ঘর করিতে যাওয়া**—বয়ঃপ্রাপ্ত হইয়া পতি গৃহে সংসার ধর্ম্ম করিতে যাওয়া। **ঘর উজাড়**—গৃহশূন্য; ঘর খালি। **ঘর উজ্জ্বল**—বংশের গৌরব। স্ত্রী, **ঘর উজ্জ্বলা**—কুলোজ্জ্বলা। **ঘরকন্না**—ঘর করণ; ঘর করণা [প্রাদে] বি, গৃহস্থালী; সংসার। প্র—"একদিন সুখ নাই ঘরকন্না নিয়ে"—ঈশ্বরগুপ্ত। "ভাবে মনে মনে সাধিছে আপন ঘর করণের কাজ"—খেয়া। ২। সংসারধর্ম্ম; গৃহধর্ম্ম। **ঘর করে**—ক্রি, বিণ, সংসারের আশ্রয় হেতু বা হিতার্থে। প্র—ঘর করে কিছু রাখিবার যো নাই। **ঘর খরচ**—বি, সংসারের নিত্য নৈমিত্তিক ব্যয়। প্র—"আমি বেটা লক্ষীছাড়া, আমার ঘরে লক্ষ্মী খাড়া ঘরে হতে খাই তাড়া, ঘর খরচ নাই"—বঙ্কিম (গদ্যপদ্য) **ঘরগারী**—[প্রা-বাং। ঘর—গারী (আগার) সহচর শব্দ] বি, গৃহস্থালী; ঘরসংসার। প্র—"এই শেল রহিল মনে সাক্ষী দিব আন জনে, সঞ্চয় করিয়া ঘরগারী"—কবিক। **ঘর চলা**—সংসারের ব্যয় নির্ব্বাহিত হওয়া। ২। গৃহের কাজকর্ম্ম নির্ব্বাহিত হওয়া। **ঘর চালান**—সংসারের ব্যয় নির্ব্বাহ করা। **ঘর ছাড়া**—গৃহত্যাগ করা; বৈরাগ্য অবলম্বন করা। **ঘরজাত করা**—ঘরে আনা; বাহির হইতে ঘরে আনিয়া ফেলা; ঘরলাগ করা। **ঘর জামাই**—বি, পুং, যে জামাই বারমাস শ্বশুরভবনে বাস করে। **ঘর জোড়া**—শূন্যগৃহ পূর্ণ করা। ২। জমকাল। **ঘর জ্বালানে পরভুলানে**—পরিবারবর্গের কষ্টদায়ক কিন্তু বাহিরের লোকের প্রিয়। **ঘর তোলা**—ক্রি, ঘর গাঁথিয়া তোলা: গৃহ নির্ম্মাণ করা। ২। [সূচীশিল্পে] সূতা, পশম প্রভৃতিতে বুনানির গ্রন্থি দেওয়া; মোজা, ক্রুসি প্রভৃতির কাঠিতে ঘর বুনিয়া তোলা। **ঘর দ্বার**—ঘর ও দ্বার; আশ্রয়। ২। সংসার। প্র—ঘরদ্বার ছেড়ে পালান। **ঘরলাগ করা**—ঘরলাগ অর্থাৎ অন্যত্র হইতে ঘরে আনিয়া ফেলা; ঘরজাত করা। **ঘরপোড়া**—[লঙ্কার ঘর পোড়াইয়াছিল বলিয়া] হনুমান। (কৃত্তিবাসী রামায়ণ)। **ঘর পোড়ার কাঠ**—অগ্নিদাহে গৃহ ধ্বংশ হইলে যে জ্বালানি কাঠ পাওয়া যায়; লোকসানের ভিতরেও লাভের বস্তু। **ঘর পোড়ার গরু**—যে গরু একবার অগ্নিদাহ হইতে রক্ষা পাইয়াছে। সে লালবর্ণ মেঘ দর্শনেও অগ্নিভ্রমে ভীত হয়। প্র—ঘর পোড়ার গরু সিঁদুরে মেঘ দেখে ডরায়। ২। লক্ষণসাদৃশ্যে বিপদাশঙ্কা করা। **ঘর পোষা**—গৃহপালিত। **ঘর ফেলা**—গৃহ ভগ্ন করা। ২। [সূচীশিল্পে] উল, সূতা প্রভৃতির বুনানি খুলিয়া ফেলা। **ঘর বর**—ঘর ও বরের কুল বা বংশ। **ঘর বসত**—গৃহবাস; দ্বিরাগমন। **ঘর বসান**—জমিদারীর মধ্যে প্রজা বসান বা বাস করান। **ঘর বাঁধা**—খড়ো বা মেটে ঘর নির্ম্মাণ করা। ২। কুল বন্ধন করা; কুল করা। **ঘর বার**—উৎকট প্রতীক্ষায় বারবার ঘরের ভিতরে

যাওয়া ও ঘরের বাহিরে আসা। **ঘর ভাঙ্গানো**—কুপরামর্শ দ্বারা কাহারও সংসারে বিবাদ বাধাইয়া একান্নবর্ত্তী পরিবারকে ছোড়ভঙ্গ করা। প্র—"ওমা এমন ঘরভাঙ্গা বেহায়া মেয়ে বাপের কালেও ত দেখিনি গো"—বলিতে বলিতে গিন্নী একেবারে ক্ষিপ্র-পদে কর্ত্তার নিকট উপস্থিত হইলেন।"—কলিকাল (শৈলেশ মজুমদার)। **ঘর ভরা**—ধনধান্যে গৃহ পূর্ণ করা। প্র—"ঘর ভরি দিব সোণায় রূপায় বুদ্ধি যোগাও তুমি।"—রবি ঠাকুর। **ঘরমঙ্গলান**—বিবাহে সংস্কার বিশেষের অনুষ্ঠান করা ; ঘরের মঙ্গল আচার করা। **ঘরমজানো**—কুল বা বংশকে কলঙ্কিত করা। ২। বিপথগামী করিয়া কোন সংসারকে ডুবানো। **ঘরমারা**—ক্রি, বুনানির মুখ বন্ধ করা। ২। মোজা টুপি প্রভৃতি বুনানির ঘর ক্রমশঃ হ্রাস করা। ৩। বাড়ী লুঠ করা। **ঘরমুখো**—গৃহাভিমুখী : পরিবারের প্রতি অত্যধিক অনুরক্ত। **ঘর সরা**—ঘর ব্যবহার করা ; ঘরে বাস করা। **ঘর সন্ধান**—গৃহের দোষানু-সন্ধান ; গৃহচ্ছিদ্র জ্ঞান ; গৃহের ভেদ জ্ঞাত হওয়া। প্র—ঘরসন্ধানে রাবণ নষ্ট। **ঘর-সর্ব্বস্ব**—গৃহের সারবস্তু ; গৃহের সর্ব্বস্বধন। প্র—"ঘরসর্ব্বস্ব ঘরে ন্যাকা আজুলি ভারে।"—উপকথা। **ঘরাঘরি**—গৃহসংক্রান্ত। ২। আপোষে। ৩। নিকট আত্মীয়ের মধ্যে। প্র—ঘরাঘরি কুটুম্বিতা। **ঘরেঘরে**—প্রতি ঘরে ; জন্মে জন্মে। প্র—"ঘরে ঘরে মোর ঘর আছে আমি সেই ঘর মরি খুঁজিয়া।"—রবি। **ঘরে পরে**—গৃহে বাহিরে ; শত্রু ও মিত্রে। "কারেই বা কই প্রাণে মোরে রই। ঘরে পরে আরো তাহে করয়ে লাঞ্ছন।"—হরুঠাকুর (বাং-গান)। **অঘর**—ঠেকো-ঘর ; হীনকুল। **আঁতুড়-ঘর**—প্রসব-ঘর। **একঘরে**—আদান প্রদান সম্বন্ধে আপনার ঘরে বদ্ধ ; সমাজচ্যুত ; সমাজপরিত্যক্ত ; ঠেকো। **কেতাবঘর**—লাইব্রেরী ; পুস্তক-আগার। **কোটা ঘর**—ইষ্টক প্রস্তরাদি নির্ম্মিত ঘর · পাকা ঘর ; অট্টালিকা। **খেলা-ঘর**—ক্রীড়াগৃহ ; ছোট ছেলেমেয়েদের খেলিবার ঘর। ২। অবাস্তব। প্র—সত্যিকার না খেলাঘরের ? **গোয়াল ঘর**—গোশালা। **গোলাঘর**—শস্যাদি সঞ্চিত করিয়া রাখি-বার স্থান ; শস্যাগার ; মরাই। **গোসাঘর** [হি—গুস্সা হইতে] পূর্ব্বকালে সম্ভ্রান্ত-গৃহের অন্তঃপুরে একটী গৃহ নির্দ্দিষ্ট থাকিত যথায় মহিলাগণ ক্রোধ বা অভিমানকালে আশ্রয় গ্রহণ করিতেন। **ছিটেবেড়ার ঘর**—কঞ্চির বেড়ার গায়ে মাটির ছিটে (প্রলেপ) দেওয়া ঘর। **ছেঁচা বেড়ার ঘর**—যে ঘরের দেওয়াল ছেঁচা বাঁশের উপর মাটি ধরান। **নাচঘর**—নৃত্যশালা। **বৈঠকখানা ঘর**—বাহিরের লোকের বসিবার ও আলাপ করিবার গৃহ। **ভাঙ্গা ঘর ছেয়ে দেওয়া**—[বিদ্রূপে] অসমর্থকে সাহায্য করা। অভাব মোচন করা (তুল—ছাতা দিয়া মাথা রাখা)। **ভাঙ্গাঘর যোড়া দেওয়া**—সংসারের মধ্যে পরস্পরের মনোমালিন্য দূর করা। **ভাঁড়ার ঘর**—রন্ধনোপযোগী ও আহারীয় দ্রব্যাদি রাখিবার গৃহ। **মেটেঘর**—মৃন্ময়গৃহ ; কুটীর। **রান্না ঘর**—রন্ধন গৃহ ; পাকশালা। **শয়ন ঘর**—শয়ন করিবার ঘর ; বিশ্রামগৃহ। **ঘরের ল্যাঠা**—সংসারের ঝঞ্ঝাট। **ঘরে আগুন দেওয়া**—সংসারে বিবাদ বাধান। **ঘরো জল**—গৃহসম্পত্তি ; আপনার ·ধন ; সঞ্চিত ধন। প্র—বেনো জল এসে ঘোরো জল বার করে নিয়ে গেল।

ঘরণী [সং—গৃহিণী হইতে] বি. স্ত্রী. ভার্য্যা ; স্ত্রী : সহধর্ম্মিণী। প্র—"শিবের ঘরণী ওই অপূর্ব্ব মোহিনী"—অশোকগুচ্ছ। "হরের ঘরণী"—চণ্ডীদাস।

ঘরট্ট [ঘর্ (অনুকার শব্দ) অট্ট (অট্ ভ্রমণে)—যাহা ঘর্ ঘর্ শব্দে ঘোরে] বি. যাঁতা।

ঘরমু [ঘর—মু (অভিমুখ—মুখ)। গ্রা। পদ-সা] অ, ঘরের প্রতি ; ঘরের দিকে। প্র—"ঘরমু চাইতে নারিনু সই আকুল করিল প্রাণ।"—গোবিন্দদাস।

ঘরহি [ব্রজ] ক্রি-বিণ, গৃহে। প্র—"ব্রজকুল নন্দন কহত যতনে পুন ঘরহি পাঠাওল ফেরি"—গোবিন্দদাস।

ঘরা [হি—ঘর্রা—ঘর দ্রঃ] বি. কামানে আগুন দিবার ছিদ্র। ২। ছিদ্র। **ঘরা খেয়ে যাওয়া**—[গ্রা] ঘর্ষণে ক্ষয়প্রাপ্ত হইয়া ছিদ্র হওয়া। প্র—ঘরা খেয়ে বালার ফাঁদ বেড়ে গেছে।

ঘরাউ, ঘরাও [ঘর +উআ (সম্বন্ধে) = আউ=আও] বিণ. গৃহসম্বন্ধীয় : ঘরোয়া (দ্রঃ)।

ঘরাণা (না) [প্রাদে] বি. উচ্চবংশজাত ; বিখ্যাত বংশোৎপন্ন। প্র—"তোমার জন্য রাজসিংহ সর্ব্বস্ব পণ করিবে কেন ? বিশেষ তুমি মাড়বারের ঘরাণা।" —রাজসিংহ (বঙ্কিম)। ২। গৃহসম্বন্ধীয়। প্র—এ আমাদের ঘরাণা কথা।

ঘরামী [প্রাদে] বি. গৃহনির্ম্মাণকারী ; গৃহ-কারক ; যাহারা গৃহ প্রস্তুত করে, সাধারণতঃ কাঁচা বাড়ী, খোড়ো বা খোলার ঘর যাহারা নির্ম্মাণ করে।

ঘরোয়া [হি—ঘরউআ, ঘরৈয়া, বাং-সংক্ষেপে ঘরো (ঘোরো) ঘর—উআ (সম্বন্ধে) = উয়া = ওআ = আউ] বিণ, গৃহসম্বন্ধীয়। ২। পারিবারিক। ৩। অতিপরিচিত।

ঘর্ঘট (ট্) [ঘর্ (অনুকরণ শব্দ) ঘট্ (ঘটান, করা) + অ (কর্ত্তৃ—অন্) ঘরঘর শব্দ হেতু নাম] বি. পুং. টেংরামাছ ; pimelodus gogoru.

ঘর্ঘর (র্) [শব্দাত্মক। মৃদুশব্দে ঘুর্‌ঘুর্। আধিক্যে ঘড়ঘড়] অ, ঘূর্ণন শব্দ ; চক্রাদির ঘর্ষণ শব্দ। ২। শ্লেষ্মাজনিত গলার ঘরঘর শব্দ। ৩। ঘোর শব্দ। ৪। [ঘরঘর রবকারী বলিয়া] পেচক ; পেঁচা। স্ত্রী. **ঘর্ঘরা, ঘর্ঘরী**—ক্ষুদ্রঘণ্টিকা ; ঘুঙুর। ২। ঘর্ঘরানামক নদী ; অপর নাম সরযূ। ইহা অযোধ্যার নিকট হইতে প্রবাহিত হইয়া গঙ্গায় মিলিতা হইয়াছে। ৩। একপ্রকার বীণা। ৪। তুষানল। ৫। বিণ, ঘর্ঘর শব্দবিশিষ্ট।

ঘর্ঘরিকা (ঘর্‌ঘোরিকা) [ঘর্ঘর + ক (স্বার্থে) আপ্—স্ত্রী। ই আগম] বি. স্ত্রী. ঘুঙুর। ২। বাদ্যযন্ত্র। ৩। খই। ৪। নদীবিশেষ।

ঘর্ঘরিত (ঘর্‌ঘোরিত) [ঘর্ঘর (এই শব্দ) + ইত (যুক্ত, কৃত)] বি, ক্লী. ঘর্ঘর এইরূপ শব্দে শব্দিত।

ঘর্ম্ম [ঘৃ (ক্ষরণে) + ম (কর্ত্তৃ)] বি. পুং. যে ক্ষরিত হয় ; ঘর্ম্ম জল ; ঘাম ; স্বেদ। ২। রৌদ্র। ৩। গ্রীষ্ম। ৪। বিণ. উষ্ণ।

ঘর্ম্মচর্চ্চিকা (চো) [সং] বি. স্ত্রী. ঘর্ম্মজ। ঘামাচি দ্রঃ।

ঘর্ম্মবিচর্চ্চিকা (চো) [ঘর্ম্ম জন্য যে বিচর্চ্চিকা —কর্ম্মধা] বি, স্ত্রী. ঘামাচি।

ঘর্ম্মাক্ত [ঘর্ম্ম (দ্বারা) আক্ত (সিক্ত) ৩তৎ] বিণ. যাহা ঘর্ম্মে ভিজিয়া গিয়াছে ; স্বেদার্দ্র। স্ত্রী. **ঘর্ম্মাক্তা**—স্বেদসিক্তা ; ঘর্ম্মাপ্লুতা। **ঘর্ম্মাক্তকলেবর**—স্বেদসিক্ত দেহ। ২। বিণ. যাহার দেহ স্বেদ-স্নাত হইয়াছে ; ঘর্ম্মে অভিষিক্ত কলেবর। স্ত্রী. **ঘর্ম্মাক্তকলে-বরা**—যে স্ত্রীর দেহ ঘামে ভিজিয়াছে ; স্বেদ-সিক্তদেহা।

ঘর্ম্মান্ত [ঘর্ম্মের (গ্রীষ্মের) অন্ত (শেষ) হয় যে সময়ে—বহু] বি. পুং. বর্ষাকাল।

ঘর্ম্মান্তকামুকী [ঘর্ম্মান্তে (বর্ষাকালে) যে কামুকী (কামপরতন্ত্রা) ৭তৎ—বর্ষাকালে ইহারা কামপরতন্ত্র হয় বলিয়া] বি. বলাকা ; বক। ২। কপোতশ্রেণী।

ঘর্ম্মার্ত্ত [ঘর্ম্ম (দ্বারা) আর্ত্ত (পীড়িত) ৩তৎ] বিণ. যে অতিশয় ঘর্ম্ম নির্গত হওয়ায় কাতর হইয়াছে ; ঘর্ম্মবারিপীড়িত।

ঘর্ম্মার্ত্তকলেবর (ঘৃ) [ঘর্ম্ম (দ্বারা) আর্ত্ত ক্লিষ্ট) [কলেবর (দেহ) যাহার, বহু] বিণ, অতিশয় ঘর্ম্ম জন্য ক্লিষ্ট শরীর ; স্বেদাভিষিক্ত দেহ। স্ত্রী, ঘর্ম্মার্ত্তকলেবরা।

ঘর্ম্মার্দ্র (ঘরমারদ্র) [ঘর্ম্ম দ্বারা আর্দ্র—৩তৎ] বিণ, স্বেদসিক্ত ; যাহা ঘর্ম্মদ্বারা ভিজিয়াছে ; ঘর্ম্মস্নাত।

ঘর্ষকপদী (ঘরশকপোদি) [ঘর্ষক (মৃত্তিকা কর্ষণকারী) পদ (পা) যাহার—বহু, ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, কর্ষকবর্গের পক্ষিজাতি, যাহারা পদদ্বয়ের দৃঢ় নখর দ্বারা ভূমি কর্ষণ করিতে পারে ; ময়ূর, পেরু, তিত্তির, কুক্কুটাদি ; the rasores ; gallinaceous birds.

ঘর্ষণ (ঘরশন্) [ঘৃষ্ (ঘর্ষণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মার্জ্জন। ২। ঘর্ষণ করা ; ঘষা। ৩। ততযন্ত্রের তারে বিশেষ কৌশলে তার ঘর্ষণ ; আশ। স্ত্রী, **ঘর্ষণী**—যাহা ঘর্ষণ করা হয় ; হরিদ্রা।

ঘর্ষণাল (নাল্) [ঘষণ—অল্ (সমর্থ হওয়া) +অ (করণে—অণ্) যাহা দ্বারা ঘর্ষণ করিতে পারা যায়] বি, পুং, ঘর্ষণসাধন ; শিলাপুত্র ; লোড়া।

ঘর্ষিত (ষো) [ঘৃষ (ঘর্ষণ করা) +ত (কর্ম্মে —ক্ত)] বিণ, যাহা ঘষা হইয়াছে ; ঘৃষ্ট ; যাহা পিষ্ট বা বাটা হইয়াছে। ২। যাহাতে ঘর্ষণের চিহ্ন পড়িয়াছে বা যে ঝড়ানি লাগিয়াছে।

ঘলঘসিয়া, ঘলঘ'সে (ঘলগোশিয়া) বি, মহাদ্রোণী পুষ্প। পারদ শোধনার্থ ব্যবহৃত হয়।

ঘষ (ঘশ্) বি, অনুকার শব্দ ; ঘষণ। ক্রি, ঘষা ; ঘষণ করা ; মাজা। **মাথা ঘষা**—নারীদিগের কেশমার্জ্জন দ্রব্য। প্র—মাথাঘষা তেলের মসলা।

ঘষা [সং—ঘৃষ্—ঘষা ; প্রাকৃ—বানানে ঘসা। উ-পু—ঘষি। ম-পু—ঘষ ; ঘষুন্ ; ঘষ্। প্র-পু—ঘষে ; ঘষেন্। অস-ক্রি—ঘষিতে, ঘষ্‌তে (ষো) ; ঘষিয়া, ঘষে (ষো)। ণিজন্ত—ঘষান (নো)] ক্রি, ঘর্ষণ করা। ২। বিণ, ঘৃষ্ট ; ক্ষয়প্রাপ্ত ; ক্ষয়া। প্র—ঘষা পয়সা। **ঘষাঘষি** (ঘষাঘোষি)—পরস্পর ঘর্ষণ। **নাকমুখ ঘষা**—শাস্তি স্বরূপ ভূমিতে নাক মুখ ঘর্ষণ করা। **মাথাঘষা**—স্ত্রীলোকদের কেশ মার্জ্জনের উপকরণবিশেষ। **ঘষা-মাজা**—ঘর্ষণ ও মার্জ্জন করা। পরিষ্কার পরিচ্ছন্ন করা। ২। চক্‌চকে করা। ৩। চালাক চতুর করিয়া তোলা ; to brush up.

ঘসটিয়া (ঘোশ্‌টিয়া) [সং—ঘর্ষণ। হি—ঘসিট] অস-ক্রি, ঘর্ষণ করিয়া ; ঘসড়াইয়া। ২। বিণ, ঘৃষ্ট। **ঘস্‌টিয়া ঘসটিয়া**— রগড়াইতে রগড়াইতে ; ঘৃষ্টে ঘৃষ্টে।

ঘসা (ঘ্শা) [সং—ঘৃষ্ =ঘষা, প্রাকৃ-রূপ ঘসা] ক্রি, ঘষা দ্রঃ।

ঘসি (ঘোশি) [ঘস্ (খাওয়া) +ই (ভাবে) বি, অন্ন। ২। ভোজন। ৩। বিলঘুঁটে।

ঘা [সং—ঘাত ; হি—ঘাও ; বাং-সংক্ষেপে ঘা] বি, আঘাত ; প্রহার। প্র—"বন্ধুর পিরীতি শেলের ঘা"—চণ্ডীদাস। ২। চিহ্ন। ৩। ক্ষত। ৪। মনঃকষ্ট ; শোক। ৫। ক্ষতি। বিণ, ঘাইয়াল ; ঘায়েল। **ঘা খাওয়া**-আঘাতপ্রাপ্ত হওয়া। ২। শোক পাওয়া **ঘা খেকো**—আঘাতপ্রাপ্ত। **ঘা দেওয়া**—আঘাত দেওয়া ; পেটা। ২। মনে কষ্ট দেওয়া। দ্বারে ঘা দেওয়া—দ্বার খুলিয়া দিবার জন্য আঘাত করিয়া ডাকা। **ঘা মারা**—পেটা। ২। ধাক্কা দেওয়া। **ঘা শুকান**—ক্ষত স্থান শুষ্ক হওয়া। ২ পুরাতন শোক বিস্মৃত হওয়া। **ঘাকতক বসিয়ে দেওয়া**—কয়েকবার চপেটাঘাত করা ; প্রহার দেওয়া। **ঘা সহা**—বিণ, ঘাতসহ। ২। আঘাত বা শোক সহ্য করিয়াছে যে। ক্রি, ঘা সহা। **ঘা করা**—ক্ষত উৎপাদন করা। প্র—নাক খুঁটে খুঁটে ঘা করেছে। **কাটা ঘায়ে নুনের ছিটা**—যে স্থান কাটিয়া ঘা হইয়াছে তাহাই যন্ত্রণাদায়ক তাহার উপর নুন দিলে অসহ্য যন্ত্রণাদায়ক হয় ; (লক্ষণায়) যন্ত্রণার বৃদ্ধি। প্র—এক জ্বালায় মরচি আবার ওসব কথা তুলে কাটা ঘায়ে নুনের ছিটে দাও কেন। **মড়ার উপর খাঁড়ার ঘা**—শবদেহে খড়্গাঘাত যেমন অনর্থক তদ্রূপ ; নিৰ্জ্জীব ও প্রতিশোধ লইতে অক্ষম জনের প্রতি অত্যাচার। ২। কষ্টের উপর কষ্ট। **নালী ঘা**—শোষ ঘা ; sinus.

ঘাই [সং—আঘাত—ঘাত—ঘাতি—ঘাই] বি, গভীর জল হইতে উঠিয়া লেজের ঝাপটা দিয়া মাছের গভীর জলে প্রবেশ। প্র—"এখন কাত্‌লা মাছে দিচ্ছে ঘাই।" ২। ক্ষেত্রে জল নির্গমের পথ।

ঘাইট, ঘাটি, ঘাট (ট্) [সং ঘট্ট ; হি—ঘাট] বি, জলাশয়াদিতে অবতরণ স্থান। প্র—নদীর ঘাট ছেড়ে আঘাটায় গেলে কেন। ২। চৌকি ; থানা। প্র—ঘাটিতে ঘাটিতে পাহারা বসিয়াছে। ৩। পথ। প্র—ঘাটি আগুলিয়া থাকা। ৪। গিরিসঙ্কট ; সঙ্কীর্ণ পার্ব্বত্য পথ ; mountain pass. ৫। ত্রুটি। প্র—ঘাট হয়েছে। **ঘাট মানা**—ত্রুটি স্বীকার করা। **ঘাট বসান**—জলাশয়ে অবতরণ স্থান নির্ম্মাণ করিয়া দেওয়া। **আটঘাট বাঁধা**—অর্থাৎ সকল দিক সুরক্ষিত করা। **ঘাট বাঁধান**—জলাশয়ের অবতরণ স্থান ইষ্টক প্রস্তরাদির দ্বারা গাঁথাইয়া দেওয়া ; পাকা ঘাট নির্ম্মাণ করান।

ঘাটের কড়ি—শবদাহের খরচা। ২। পারানি। **ঘাটের মড়া**—[বিদ্রূপে, সাদৃশ্যার্থে] যে মরিতে বসিয়াছে ; যাহার জীবনের আর অল্পই অবশিষ্ট আছে। অতি বৃদ্ধ ; রোগশীর্ণ। **খেয়াঘাট**—নৌকায় পারাপারের ঘাট। **পারঘাট**—খেয়াঘাট দ্রঃ। **কাঁচাঘাট**—মৃত্তিকা ও বৃক্ষকাণ্ডে নির্ম্মিত, মেটে ঘাট। **ঘাটের নেয়ে, ঘাটের মাঝী**—যে পারাপার করে। খেয়াঘাটের শুল্ক আদায়কারক। **ঘাটবাট**—[বাট=বর্ত্ম-পথ] বি, পথঘাট। প্র—"ঘাট বাট মাঠ ফিরিনু বহুত দেশ, কাঁহা মোর কান্তবরণ কাঁহা রাজবেশ।"—বঙ্কিম।

ঘাটওয়াল [হি—ঘাট্‌বাল। বাং-গ্রা—ঘেটেল্। সং—ঘট্টপাল] বি, ঘাটরক্ষক। ২। ঘাটের শুল্ক আদায়কারক।

ঘাইয়াল, ঘায়েল (ঘাএল) [ঘা—য়াল (য়াল=যুক্ত)] আঘাতপ্রাপ্ত। আহত ; ক্ষত। **ঘাইল, ঘায়েল করা**—চোটের দ্বারা জখম করা ; ক্ষতবিক্ষত করা।

ঘাইত—ঘাত দ্রঃ।

ঘাউয়া [ঘা+উআ, (আউ ; হি—ঘাউ) বাং-গ্রা—ঘেও ; ঘেয়ো] বিণ, ক্ষতযুক্ত ; যাহার ঘা আছে। ২। দুষ্ট।

ঘাঁট (ট্) বি, [ঘণ্ট বিকারে ঘাঁট বা ঘ্যাঁট] বি, একত্র মিশ্রিতব্যঞ্জন ; পিণ্ডীকৃত। প্র—কুমড়োর ঘাঁট। ২। ঘেঁটুঠাকুর। ৩। বিসদৃশ বস্তুসমূহের মিশ্রণ।

ঘাঁটন (ঘাঁটোন্) [প্রাদে] বি, আবর্ত্তন ; আলোড়ন। ২। মিশ্রিতকরণ। ৩। চট্‌কান।

ঘাঁটা [সং—ঘট্ট (চলনে)। উ-পু—ঘাঁটি। ম-পু—ঘাঁট ; ঘাঁটুন্ ; ঘাঁট্। প্র-পু—ঘাঁটে, ঘাঁটেন। অস-ক্রি—ঘাঁটিতে ; ঘাঁটিয়া, ঘেঁটে। ণিজন্ত—ঘাঁটান] ক্রি, আঙ্গুল দিয়া নাড়া ; আলোড়িত করা। ২। বিচলিত করা। ৩। উত্তেজিত করা ; জাগ্রত করা। প্র—"মূঢ় যে ঘাঁটায় সখে, হেন বাঘিনীরে"—মেঘনাদ। ৪। চালনা করা। ৫। আলোচনা করা। প্র—"ছি রাজেন্দ্র কাল কাটালে পুঁথি ঘেঁটে ঘেঁটে"—হেম বন্দ্যো। **ঘাঁটাঘাঁটি**—নাড়া-নাড়ি, হস্তদ্বারা অধিক ব্যবহার। ২। অধিক আন্দোলন বা আলোচনা।

ঘাঁটি (ঘ্‌াঁ) ঘাটি দ্রঃ। **ঘাঁটুকাল**—ঘাটুকাল দ্রঃ।

ঘাঁত (ত্) [সং—আঘাত—ঘাত (দ্রঃ)] বি, আঘাত। ২। কৌশল ; ফন্দী ; সুযোগ। ৩। স্বার্থ। প্র—ঘাঁতের ভাই।

ঘাগরা, ঘাগরি (ঘ্যাগ্‌রা, ঘ্যাগোরি) [হি—ঘাঘরা। সং—ঘর্ঘরা] বি, পরিধেয় বস্ত্রবিশেষ।

প্র—"পায়ে পায়ে ঘাগরা উঠে দুলে"—রবি "অনন্ত শাটীতে ঘেরা অদ্ভুত ঘাগরি"—দেবেন্দ্র সেন (অশোকগুচ্ছ)।

ঘাগী (ঘাগি) [হি—ঘাগ্ পুং। বাং-পুং ও স্ত্রীলিঙ্গে ঘাগি] বিণ, ভুক্তভোগী। ২ বারবার দণ্ডিত ; পুনঃপুনঃ শাস্তিপ্রাপ্ত। ৩। চতুর ; দুষ্ট ; শঠ। প্র—"ঘরে পোষে চোর আরো কহে জোর এ বড় কুটনী ঘাগী"—ভারতচন্দ্র। "নাক্‌টা নেড়ে দিলে তেড়ে বল্লে দূর হ ধাগী"—ম্যাক্‌বেথ (গিরিশ)। **পুরাণ ঘাগী** (পুরানো) [তুল, হি—পুরাণা ঘাঘ্] বিণ, বহুকাল হইতে ঠেকিয়া শিখিয়া যে অতিশয় চতুর ও ধূর্ত্ত হইয়াছে।

ঘাঘর (ঘোর্) [সং—ঘর্ঘর] বি, বাদ্যবিশেষ ; ঝাঁঝ। প্র—"তাল মৃগেল ঘাঘর বাজে।" গ্রাম্য ছড়া। **ঘাঘরা**—ঘাগরা দ্রঃ।

ঘাট (ট্) [সং—ঘট্ট। ঘাইট দ্রঃ] বি, স্নানার্থ নদী প্রভৃতিতে অবতরণ স্থান। ২। পর্ব্বত : প্র—পূর্ব্বঘাট ; পশ্চিমঘাট। ৩। পর্ব্বত-মধ্যস্থ সংকীর্ণ পথ ; গিরিসঙ্কট। ৪। সেতার প্রভৃতি বাদ্য যন্ত্রের বিভক্ত এক এক অংশের নাম ঘাট। ৫। ত্রুটি ; দোষ ; অপরাধ ; অন্যায়। প্র—"অসময়ে পিত্রালয়ে গিয়াছিলাম —ঘাট হইয়াছে, শত সহস্র অপরাধ হইয়াছে—আমায় ক্ষমা কর।"—কৃষ্ণকান্তের উইল। "ঘাট হয়েছে বাপ, সবাই মোদের কর মাপ।" —অমৃত বসু। ৬। ন্যূন ; কম

ঘাটওয়ালী (ট্) [প্রাদে। বাঁকুড়া অঞ্চলে ও বীরভূমে চলিত] পার্ব্বতীয় পথ। ২। পার ঘাটা রক্ষককে যে জমী দেওয়া যায়। ৩। ঘাট-রক্ষয়িত্রী (ঘাটোয়াল দ্রঃ)।

ঘাটতি (ট্) [হি—ঘট্‌তি=কম্‌তি] বি, হ্রাসতা ; কমতি। প্র—"ঘাটতি বাড়তি কিছু বোঝা যায় না।"

ঘাটন (ন্) [ঘাট দ্রঃ] বি, হ্রাস হওন ; কম হওন।

ঘাটলি, ঘাট্‌লি [প্রা-বাং। হি—ঘাটবাল, ঘাটবালা] বি, ঘাটোয়াল ; ঘাটরক্ষক। প্র—"তরাতরি পার হএ জান দানপতি। ঘাটর ঘাটলি রাজা বিনে মস্তা জাঅ॥"—শূন্যপুরাণ।

ঘাটা (ঘা) [হি—ঘট্টা=কড়া] বি, কিণাঙ্ক ; কড়া ; ঘর্ষণজনিত কঠিন চর্ম্ম। ২। ঘটিকা ; ঘাড় ; গ্রীবা।

ঘাটা [ঘাট (কম) + আ (ক্রিয়ায়)। উ-পু—ঘাটি ম-পু—ঘাট। প্র-পু—ঘাটে। অস-ক্রি—ঘাটিতে ; ঘাটিয়া, ঘেটে। ণিজন্ত—ঘাটান (নো)] ক্রি, হ্রাস পাওয়া ; কম হওয়া ; ছোট হওয়া। প্র—"শেষে আইন পেসার পেস্কারিতে মানটা গেল ঘেটে।"—হেম বন্দ্যো। "নিজে ঘাটে অন্যে দোষে মুখ সাপটে দড়।"—হেম। "রাজার আদর আগে ঘাটে নাই কিছু। কু-মন্ত্রী মামুদা মন ভাঙাইল পিছু।"—ধ, ম (ধনরাম)। প্র—"ধর্ম্মে নাহি ঘাটি আমি শুন ঠাকুরাণী।" —কাশী, মহাভারত।

ঘাটাল (ল্) [ঘ্‌াট (পাহাড়) আল্ (বিশিষ্ট বা সাদৃশ্যার্থে)—যাহা পার্ব্বত্যস্থানের মত উঁচুনীচু। হিন্দীতে বৈহড় বলে] বিণ, বন্ধুর ; আবুড়া খাবুড়া। ২। নদ্যাদির ঘাট সদৃশ উচ্চ।

ঘাটি [ঘাট (অল্প) + ই (স্বার্থে)] বি, অভাব ; অল্পতা ; ন্যূনতা। প্র—"শব্দের উপর যে এমন করে পাটি। তার নাকি কখন অর্থের আছে ঘাটি॥"—শিবায়ন। ২। ক্রি, ন্যূন হই ; কম হই ; ঘাটা দ্রঃ। **ঘাটিমানা**—অপরাধ স্বীকার করা।
প্র—"ঘাটি মান তার ঠাঁই ইহা ভিন্ন গতি নাই।"—কৃত্তিবাস।

ঘাটিলু, ঘাটিলুঁ [আধু-বাং—ঘাটিলাম। প্রা-বাং—ঘাটিলাঙ, ঘাটিলাঞ। ব্রজ। প্রা, বৈ-সা] ক্রি, হার মানিলাম ; ঘাট মানিলাম। প্র—"ঘাটিলু মাটিলু প্রভু বলিলুঁ তোমারে।" —চৈ, ভা।

ঘাটু [সং—ঘণ্টাক] বি, ক্ষুপবিশেষ ; ঘেঁটুগাছ ২। ঘেঁটুফুল।

ঘাটুকাল (ল্) [সং—ঘণ্টকর্ণ, ঘণ্টাকর্ণ। অপভ্রংশে, ঘাঁটকল। প্রাদে, উচ্চারণ ভেদে—ঘাঁটুকাল, ঘাটুকাল, ঘেঁটকুল ঘেঁটকোল] বি, ঘেঁটুফুলের গাছ ; ঘেঁটকল্ বা ঘেঁটুগাছ। প্র—ঘাটুফুল ঘাটুকাল কাটিল কেয়া।"—কবিক।

ঘাটোয়াল (ল্) [ঘাটওয়ালী দ্রঃ] বি, যে ঘাটোয়ালী জমী অধিকার করে। স্ত্রী, ঘাটোয়ালী।

ঘাড় (ড়্) [সং—ঘাটা] বি, গ্রীবা ; মস্তকের নিম্ন ও কণ্ঠের পশ্চাৎ ভাগ। ঘাড় নাড়া—ঘাড় নাড়িয়া ইঙ্গিত করা। ২। উভয় পার্শ্বে ঘাড় নাড়িয়া অসম্মতি জ্ঞাপন করা। **ঘাড় ভাঙ্গা**—ঘাড় মটকাইয়া দেওয়া ; কণ্ঠাস্থি ভগ্ন করা। ২। জব্দ করা। ৩। আত্মস্বার্থে অন্যকে ব্যয় বহন করিতে বাধ্য করা। **ঘাড়ে করা**—মাথায় বা স্কন্ধের উপর কোন ভার তুলিয়া লওয়া। ২। বহন করা। ৩। কোন কিছুর ভার বা দায়িত্ব গ্রহণ করা। **ঘাড়ে গর্দ্দানে**—গজস্কন্ধ ; স্কন্ধ হইতে মস্তক পৃথক বলিয়া বোধ হয় না এমন স্থূল। **ঘাড়ধাক্কা**—বি, বহিষ্করণার্থ ঘাড়ে হাত দিয়া বল প্রয়োগ ; গলাধাক্কা। প্র—"গোষা ছিল গৌরীর গুমানে গেল ভরি। ঘরে হতে ঘুচাইল ঘাড়ধাক্কা মারি।"—শিবায়ন।

ঘাণ্টিক (ক্) [ঘণ্টা + ইক (বাদনার্থে—ইকণ্)] বি, যাহারা অনেকে মিলিত হইয়া ঘণ্টাবাদন পূর্ব্বক দেবতার উপাসনা করে। ২। বিণ, স্তুতিপাঠক। ৩। ঘণ্টাবাদক। ৪। ধুতুরা গাছ।

ঘাত (ত্) [হন্ (হনন্ করা) + অ (ভাবে—ঘঞ্) হ=ঘ, অ=আ, ন=ত, ঘাঁত দ্রঃ] বি, পুং, হিংসা ; বধ ; হত্যা। ২। আঘাত। ৩। প্রহার। ৪। ক্ষত ; ঘা। ৫। [করণে, ঘঞ্—যাহা দ্বারা হনন করে] বধ যোগ্য অস্ত্র ; প্রহারক অস্ত্র। ৬। [গণিতে] গুণন ; কোন সংখ্যা বা রাশির তৎসংখ্যা বা রাশি দ্বারা পুনঃপুনঃ পূরণ। ৭। স্বার্থ ; স্বাভিপ্রায় ; মতলব। ৮। কৌশল ; সুযোগ। **ঘাতচিহ্ন**—[বীজগণিতে] বর্গ-ঘন প্রভৃতিসূচক অঙ্ক ; index ; power. ঘাত প্রতিঘাত—আঘাত ও প্রতিঘাত ; ক্রিয়া ও প্রতিক্রিয়া ; কার্য্যের বিপরীতদিকে কার্য্য। **ঘাতঘোত, ঘাঁত ঘোঁত**—কৌশলাদি সন্ধান সুলুক। **ঘাতের ভাই**—যে মতলব বা স্বার্থহেতু ভাই সম্বন্ধ পাতায় ; অত্যন্ত স্বার্থপর।

ঘাতক (ক্) [হন্ (বধ করা) + অক (কর্ত্তৃ) হ=ঘ, অ=আ, ন্=ত্। যে হিংসা করে] বিণ, আঘাতকারী ; প্রহারক। ২। হত্যাকারী ; হননকারী ; বধকর্ত্তা। ৩। জল্লাদ ; যে মৃত্যুদণ্ডে দণ্ডিত লোকের মুণ্ডচ্ছেদ করিবার জন্য নিযুক্ত। ৪। গুণ্ডা ; গুপ্ত হত্যাকারী ; ঘাতুক।

ঘাতন (ন্) [হন্ + ণিচ্ = ঘাতি (বধ করান) + অন (ভাবে—অনট্) ই লোপ] বি, ক্লী, অপর দ্বারা বধ করান ; হত্যাসম্পাদন। ২। যজ্ঞার্থে পশু বধ। ৩। আঘাত করান। ৪। [করণে—অনট্] বধসাধক অস্ত্র ; যাহা দ্বারা বধ করা হয়।

ঘাতসহ (ঘাত্‌শহ) বিণ, যাহা আঘাত সহিতে পারে ; যাহা অল্প আঘাতে ভাঙ্গে না ; পিটিলে যাহা না ভাঙ্গিয়া বিস্তৃত হয় ; আঘাত সহন-ক্ষম ; malleable. বি, **ঘাতসহত্ব**।

ঘাতস্থান (ঘাতস্‌থান্) [ঘাতের স্থান—৬তৎ] বি, ক্লী, শ্মশান। ২। মশান। ৩। বলি দিবার স্থান।

ঘাতাবেশ (শ্) [ঘাত—আবেশ (সমাবেশ)] বি, কোন সংখ্যা বা রাশি ধারাবাহিকরূপে তৎসংখ্যা বা রাশি দ্বারা ক্রমান্বয়ে গুণিত হইয়া একটী রাশি উৎপন্ন করিবার প্রক্রিয়া ; involution.

ঘাতিপক্ষী (পো) [ঘাতি (বধকারী) যে পক্ষী, কর্ম্মধা] বি, পুং, শ্যেনপক্ষী (ক্ষুদ্র পক্ষীর বিনাশকারী বলিয়া এই নাম) ; বাজপাখী।

ঘাতী [সং—ঘাতিন্ শব্দ ১ম, ১ব] বিণ বধকারী। স্ত্রী. **ঘাতিনী**—হননকারিণী।

ঘাতুক (ক্) [হন্ (বধ করা) + উক (কর্ত্তৃ-শীলার্থে)] বিণ. হননকারী ; বধকারী। ঘাতক। ২। ক্রূর। ৩। নিষ্ঠুর। ৪। হিংস্র।

ঘাত্য (ঘাৎত) [হন + য (কর্ম্মে—ঘ্যণ্) হ = ঘ, অ = আ, ন্ = ত] বিণ. বধার্হ : বিনাশ্য ; বিনাশযোগ্য ; বধ্য। ২। ঘাতযোগ্য ; গুণনীয়। ৩। ঘাতসহ।

ঘানি, ঘানী [মুদ্গারার্থক, সং—ঘন হইতে] বি. তৈল নিষ্কাশন যন্ত্র। প্র—"মৎস্য বেচে করে চাষ, বৈসে দুই জাতি দাস, কলুরা নগরে পাতে ঘানি"—কবিক। **ঘানিটানা**—অপরাধের দণ্ড স্বরূপ ঘানি টানিয়া তৈল নিষ্কাশন করা। **বিষমঘানি, শক্তঘানি**—অতিশয় পরিশ্রমের কার্য্য : কঠিন কর্ম্ম

ঘাপটি (প্) [ঘাটি দ্রঃ। 'ঘুপ্‌টি'ও বলে] বি. ওত ; লুক্কায়িতভাবে অপেক্ষা। ২। অন্ধকার। **ঘাপ্‌টি মারা**—লুকাইয়া ওত করিয়া থাকা। প্র—"ঘাপটি মেরে এক কোণে।"—ম্যাকবেথ। "উকিলদিগের দালাল ঘাপ্‌টি মেরে জাল ফেলিতেছে।"—টেকচাঁদ।

ঘাবড়ান (ঘাব্‌ড়ানো) [হি—ঘব্‌ড়ানা। উ-পু—ঘাবড়াই। ম-পু—ঘাবড়াও। প্র-পু—ঘাবড়ায়। অস-ক্রি—ঘাবড়াইতে ; ঘাবড়াইয়া, ঘাব্‌ড়ে। উভয়—সকর্ম্মক ও অকর্ম্মক] ক্রি. বিচলিত হওয়া ; থতমত খাওয়া : ভেব্‌ড়ে যাওয়া ; ভীত হওয়া। প্র—"কিন্তু ব্লাকিয়র সাহেবের খিচুনিতে এক একবার ঘাবড়িয়া যাইতে লাগিল।"—টেকচাঁদ। ২। ভয় দেখান : ভেব্‌ড়ে দেওয়া ; থতমত খাওয়ান। বি. **ঘাবড়ানি**।

ঘাম (ম্) [সং—ঘর্ম্ম = রৌদ্র : গ্রীষ্ম—তাহার ফল স্বেদ। হি—ঘাম অর্থে রৌদ্র] বি. স্বেদ : ঘর্ম্ম ; শরীরের ক্লেদ : শ্রমজল। প্র—"পৃথিবী স্তরমিআ চুহে পরিসরম হইএা। অর্দ্ধ অঙ্গের ঘাম পরভু ফেলিল মুছিএা।"—শূন্যপুরাণ। **ঘামহি**—ঘামেতে। প্র—ঘামহি অলকা তিলক বহি যাওত।"—জ্ঞানদাস। ক্রি. ঘামা। বিণ. **ঘামুয়া, ঘেমো**—ঘর্ম্মাক্ত। ২। যে বেশী ঘামে। **কাল ঘাম**—যে ঘাম মৃত্যু ঘটায় ; মৃত্যু কালীন ঘাম। **ঘাম দিয়া জ্বর ছাড়া**—ঘামের পর জ্বর ছাড়ার মত, উদ্বেগ বা সঙ্কট কাটিয়া যাওয়া। **ঘামতেল**—বাণশ-মিশ্রিত তার্পিণতৈল।

ঘামা [সং—ঘর্ম্ম—ঘাম + আ (ক্রিয়ার) । উ-পু—ঘামি। ম-পু—ঘাম। প্র-পু—ঘামে। অস-ক্রি—ঘামিতে ; ঘামিয়া। ণিজন্ত—ঘামান] ক্রি. ঘর্ম্মাক্ত হওয়া।

ঘামাচি [সং—ঘর্ম্মচর্চ্চিকা] বি. ঘর্ম্মজনিত ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণ।

ঘামান (নো) [ঘামা দ্রঃ। উ-পু—ঘামাই ম-পু—ঘামাও। প্র-পু—ঘামায়। অস-ক্রি—ঘামাইতে ; ঘামাইয়া] ক্রি. ঘর্ম্মাক্ত কলেবর করা। ২। চালনা করা। প্র—মাথা ঘামান। বি. ঘামানি। বিণ. **ঘামানিয়া, ঘামানে।**

ঘালি [সং—ঘাত। হি—ঘায়েল্ = আঘাত প্রাপ্ত ; wounded ; চোট প্রাপ্ত হইতে বাং-য় —চোট অর্থে ব্যবহার] বি. আঘাত : চোট। প্র—"ঘালি খেয়ে তায় ঘায়ের জ্বালায় ঘুরে ঘুরে পড়ে ধোঁকে।"—ঘনরাম। ২। বিণ. ক্ষত : আঘাত। **ঘালি খাওয়া**—আহত হওয়া ; ঘায়েল হওয়া ; চোট পাওয়া।

ঘাস (শ্) [ঘস্ (ভক্ষণ করা) + অ (কর্ম্মে, ঘঞ্—সংজ্ঞার্থে) গবাদি পশু যাহা ভক্ষণ করে] বি, পুং, তৃণ দূর্ব্বাদি। **ঘাস জল**—গবাদি পশুর খাদ্য। ২। বিশেষত্বহীন একই প্রকার আহারীয়। প্র—এখানেও ঘাস জল, সেখানেও ঘাস জল। **ঘাস কাটা**—ঘেসেড়া। ২। ক্রি. ঘাস কর্ত্তন করা। (২) [বিদ্রূপার্থে] সামান্য কাজ করা, তাহা হইতে বৃথা কর্ম্ম করা (তুল—নেই কাজ ত খই বাছ)।

ঘাসি (শি) [ঘস্ (গ্রাস করা) + ই (কর্ত্তৃ —সংজ্ঞার্থে) যে সকল গ্রাস করে] বি. পুং, বহ্নি ; অগ্নি [প্র, অ]। ২। বিণ. ঘাসযুক্ত ঘেসো।

ঘাসিয়াড়া (শি) [গ্রা—ঘেসেড়া। ঘাস + বালা—বারা] বি. যে ঘাস কাটে ; যে ঘাস যোগায়।

ঘি [সং—ঘৃত। প্রাকৃ—ঘিঅ। হি—ঘিউ] বি. আজ্য ; ঘৃত ; হবিঃ ; দুগ্ধজাত স্নেহ। ২। মস্তিষ্ক। প্র—মাথার ঘি।

ঘিঁষ (ষ্) বি. ঘেঁষ দ্রঃ।

ঘিচি [সং—কুঞ্চিত হইতে] বিণ. কুঞ্চিত পৃষ্ঠ ; কপর্দ্দক ; ঘেচিকড়ি। ২। ঘন ; ঘিঞ্জি দ্রঃ।

ঘিচিঘিচি [গিজগিজ দ্রঃ] ঘনত্বের বিস্তার ; গিজ্ গিজ্ (তুল—হি—ঘিচ্‌পিচ্)।

ঘিজঘিজ (জ্, জ্)—ঘ্যাজঘ্যাজ দ্রঃ।

ঘিঞ্জি [ফা—গুনজান্ = ঘন : নিবিড় ; dense ; close এই অর্থে হি—গঝন] বিণ. নিবিড় ; গাঢ় ; ঘন। ২। সঙ্কীর্ণ। ৩। লোক বহুল। ৪। এঁদো।

ঘিটা [ঘট্‌ঘট্ করিয়া লাগিবার শব্দ হইতে তুল—হি—ঘুট (ঢোক্)] ক্রি. ঘট্‌ঘট্ করিয়া গেলা। প্র—"ঘন ঘন গিলে জল ঘিটে ঘট্‌ঘট্।"—ধর্ম্মমঙ্গল (মাণিক)।

ঘিন্‌ঘিন্ [সং—ঘৃণা ; বাং—প্রাকৃ, ঘেন্না ; তাহার ভাব অর্থে দ্বিত্ব "ঘেন্না ঘেন্না"] বি. ঘৃণাবোধ। প্র—গা ঘিন্‌ঘিন্ করা। ক্রি. ঘিন্‌ঘিন্ করা—ঘৃণা করা। বিণ. ঘিন্‌ঘিনা, ঘিন্‌ঘিনিয়া, ঘিন্‌ঘিনে—ঘৃণা কারী ; যাহার সহজে ঘৃণার উদ্রেক হয়। (২) আহারীয় প্রায় সকল বস্তুতে যাহার ঘৃণা। (৩) যাহার কিছুই রুচিকর হয় না।

ঘিন্‌ঘিন্ [অনুকরণ শব্দ] বি. ঘেনঘেন্ দ্রঃ। বিণ. ঘিন্‌ঘিনা, ঘিনঘিনে—মৃদুমৃদু। ঝিন্‌ঝিন্ দ্রঃ। প্র—ঘিন্‌ঘিনে ব্যথা।

ঘির (র্) বি. ঘের দ্রঃ।

ঘিরা [সং—ঘৃ (আচ্ছাদনে) = ঘির্ + আ (ক্রিয়া বিভক্তি)। উ-পু—ঘিরি। ম-পু—ঘির ; ঘিরহ : ঘির্। প্র-পু—ঘিরে ; ঘিরেন। অস-ক্রি—ঘিরিতে ; ঘিরিয়া, ঘিরে। ণিজন্ত—**ঘিরাণ**] ক্রি. ঘেরা দ্রঃ।

ঘিষ্টা [হি—ঘসীটা] বিণ. ঘৃষ্ট ; ঘষড়ান ; ঘষা।

ঘিষ্টান (নো) [হি—ঘসীট্‌না] ক্রি. ঘষড়ান। ২। বিণ. ঘষণে ক্ষয় প্রাপ্ত।

ঘুঁজি (ঘু) [ঘোঁজ দ্রঃ] বি. সঙ্কীর্ণ গলি। ২। গলির মধ্যে একান্তে অবস্থিত যে বক্র ও সঙ্কীর্ণ স্থানে আলোক প্রবেশ করে না, অন্ধকার কোণ ; এঁদো স্থান। **গলিঘুঁজি**—সঙ্কীর্ণ পথ ; এঁদো কোণ। ৩। ঘোঁজ দ্রঃ।

ঘুঁট (ট্) [হি—সং—গণ্ডূষ] বি. গণ্ডূষ। ২। ঢোক।

ঘুঁটা, ঘোঁটা [সং—ঘট্টা ; হি—ঘুঁট্‌না বা ঘোঁট্‌না] ক্রি. সঞ্চালন করা ; আলোড়ন করা ; আবর্ত্তন করা ; বাটা ; পেষণ করা। ২। অন্বেষণ করা ; খুঁজে বেড়ান। প্র—"দেশ বিদেশে লয়ে যাবে, ভাঙ সিদ্ধি ঘুঁটাইবে।"—ভারতচন্দ্র। ণিজন্ত—ঘুঁটান ; ঘোটান ; আলোড়ন করান ; বাটান ; পেষাণ।

ঘুঁটি [সং—গুটিকা] বি. ইষ্টকাদি খণ্ড ; ঢিল। ২। সতরঞ্চ পাশা প্রভৃতি খেলিবার গুটিকা। প্র—ঘুঁটি চালা। ৩। ক্রি. পেষণ করি ; বাটি। প্র—"সিদ্ধি ঘুঁটি দিতে মোরে তুমি বড় শক্ত।"—ভারতচন্দ্র। ৪। অন্বেষণ করি ; খুঁজে বেড়াই। ঘুঁটা দ্রঃ।

ঘুঁটিয়া, ঘুঁটে (ঘুঁ) [সং—ঘুণ্টিক "বনস্থ করীষ"—শব্দ, ক, দ্রু] বি. শুষ্ক গোময় ; ঘুঁটে। প্র—"ঘুঁটে পোড়ে গোবর হাসে।"—প্রবচন। "সন্ধ্যা হৈলে ঘরে ঘরে ঘুঁটে করে জড়।"—ভারতচন্দ্র। **ঘুঁটে দেওয়া**—ঘোঁটন করা ; ঘোঁটা ; আলোড়ন করা। ২। গোময় দ্বারা ঘুঁটে প্রস্তুত করা।

ঘুঘু [সং—ঘু (শব্দে) ঘুঘুঘু এইরূপ শব্দ করে বলিয়া] বি, পুং, ঘুঘু রবকারী কপোত জাতীয়

পক্ষিবিশেষ ; dove. স্ত্রী, প্রাদে, ব্যবহারে—"ঘুঘী" "ঘুগী"। ঘুঘু – ছোট, বড়, মাঝারী নানা আকারের ও নানা বর্ণের হয়। জাতি অনুসারে ঘুঘুর নামও ভিন্ন ভিন্ন ;—**চূড়াধারী ঘুঘু**—যাহাদের মাথায় বুলবুলির ন্যায় ঝুঁটি ও ডানায় শাদা কালো ডোরা হয়। **তিলিয়া ঘুঘু বা পাঁড় ঘুঘু**—যাহাদের গায়ে ফুটকি ফুটকি দাগ হয় ; spotted dove. **রাজঘুঘু বা রামঘুঘু**—লালাভ হরিদ্বর্ণ অথবা টুকটুকে লালবর্ণ ঘুঘু ; red turtle dove. **শ্যামঘুঘু**—ঘাড়ে কাল বেড় খয়েরি বর্ণের ঘুঘু : turtle dove. **হরিয়াল ঘুঘু**—গাছের পাতার মত সবুজ বর্ণের ঘুঘু : কিন্তু 'হরিয়াল' স্থলে 'হরিতাল' শব্দের অপপ্রয়োগ বশতঃ গ্রা-বাং-য়—"হক্তেল ঘুঘু" বলে। ২। [খৃষ্টান মিশনরি গণের আবির্ভাবের পর হইতে —পবিত্র আত্মা স্থলে বিদ্রূপে "পবিত্র ঘুঘু" sacred dove. অর্ব্বাচীন অর্থ] বিণ, অত্যন্ত কৌশলী ; চতুর ; মতলবী ; স্বার্থ সাধন বা স্বকার্য্য উদ্ধারপটু। **ঘুঘু দেখেছ ফাঁদ দেখ নাই**—[প্রবচন] ঘুঘু পাখীকেই আনন্দে চরিতে দেখিয়াছ কিন্তু সে যে ফাঁদে ধরা পড়ে ও মারা যায় তাহা দেখ নাই। (তাহা হইতে) সুখের মুখ দেখেছ দুঃখের পরিচয় পাও নাই। ২। [ঘুঘু দেখিয়া তাহা ধরিতে যাওয়া এবং ঘুঘু ধরা ফাঁদে পড়িয়া কষ্ট পাওয়ার ভাব হইতে] লোভে পড়িয়া অগ্রসর হয়েছ কিন্তু ফাঁদে পড়িবে যে তাহা ভাব নাই। **ভিটায় ঘুঘু চরা** [ঘুঘু জনশূন্য স্থানেই থাকিতে ভাল বাসে ; তাহা হইতে] অভিশাপ-বিশেষ ; সর্ব্বনাশ হওয়া ; উজাড় হওয়া। **ভিটায় ঘুঘু চরান**—সর্ব্বনাশ করা।

ঘুঙুর, ঘুঙ্গুর, ঘুঙ্ঘুর (র্) [সং—ঘুজ্ঘুর। গ্রা, ঘুঘুর (বৈ, কবি জ্ঞানদাসে), ঘুনুর, ঘুঁগুর] বি, চরণালঙ্কারবিশেষ ; যে পাদাভরণ ঘুঙ্ ঘুঙ্ বা ঘুঙ্ঘুর্ রবে বাদ্য করে। প্র—"রাধার পায়ের কনক ঘুঙ্গুর"—অশোকগুচ্ছ। "ঘন ঘণ্টা বাজে ঘোর ঘুজ্ঘুরের রব"—ঘনরাম।

ঘুঙ্গড়ি [হি—ঘুঙ্গরু শব্দ হইতে] বি, সর্দ্দি বসিয়া গেলে কাশিবার সময় যে ঘুঙ্ ঘুঙ্ শব্দ হয়। ২। ঘুঙ্গরি বাল্সা : শিশুদের বুকে সর্দ্দি বসিয়া গলা ঘড়্-ঘড়্ করা রোগ ; বালরোগ। ৩। মৃত্যুর পূর্ব্বকালীন কণ্ঠধ্বনি ; গলা ঘড় ঘড়ানি।

ঘুঙ্গনিদানা (ঘুংনি) [চ—ঘুগ্নি] বি, আলু নারিকেল প্রভৃতির ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ডের সহিত মসলাযোগে সিদ্ধ মটর বা বরবটি কলাই। ২। চিনির রসে পাক করা কলাই। ইহাকে কলিকাতায় "মকলদানা" বলে।

ঘুট (ট্) [হি—ঘুট্না] বি, পুং, গোড়ালি ; গুল্ফ।

ঘুটঘুটে (ট্) [ঘুট্ (ব্যাঘাত করা) বা ঘুট্ (নিবিড় অন্ধকার)। আধিক্যার্থে দ্বিত্ব] বিণ, গাঢ় কৃষ্ণবর্ণ ; মিশ্‌মিশে কাল ; ঘনান্ধকার। প্র—"তবে হাত পা দেখে বোধ হয় ঘুট ঘুটে কালো।"—দ্বিজেন্দ্র রায়। "ঘুট্-ঘুটে অন্ধকারে সামনের মানুষ চেনা যায় না।"

ঘুটি, ঘুটিক (ক্)—ঘুট দ্রঃ। স্ত্রী, **ঘুটিকা**।

ঘুটিং [প্রাদে—ঘষিম। হি] বি, কাঁকর, নুড়ি প্রভৃতি যাহা দগ্ধ করিয়া চূণ তৈয়ারি হয়। প্র—ঘুটিং চূণ। ২। গুটিকা ; ঘুঁটি। প্র—"খেলি ফুল ঘুটিং পুখুর দেই গায়। বেনা গাছে ঝুঁটি বেঁধে গড়াগড়ি যায়।"—শিবায়ন।

ঘুড়ী [হি—গুড্ডী। সং—ঘূর্ণ] বি, বায়ুভরে যাহা ঘুরিতে ঘুরিতে চলে ; আকাশে উড়াইবার চতুষ্কোণ কাগজখণ্ড-নির্ম্মিত ক্রীড়নক। **ঘুড়ীর প্যাঁচ**—ঘুড়ীর লড়াই। একজনের ঘুড়ীর সূতার দ্বারা অন্যের ঘুড়ীর সূতা কাটা। **মাঞ্জা দেওয়া**—কাঁচের গুঁড়া আটার সহিত মিশাইয়া তাহাতে সূতা মাজা বা ঘষা। মাঞ্জা দেওয়া সূতায় সূতা সহজে কাটে। **ভোঁমারা ঘুড়ী**—সূতা কাটিয়া যে ঘুড়ী ঘুরিতে ঘুরিতে পতিত হয় (ভ্রাম্যমাণ হইতে ভোঁমারা)। [ঘুড়ীর প্রকার ভেদে বিভিন্ন নাম আছে যথা—**ঘয়লা**—সমস্ত শাদা কেবল এক পার্শ্বে ভিন্ন বর্ণের পটি বসান বা পটির মত রঙ্গ করা থাকে। **দো ঘয়লা**—সতরঞ্চি চেক কাটা। **ঢাউস, ঢাপুস** (পূ-বঙ্গে)—খুব প্রকাণ্ড ঘুড়ী ; অনেকটা দরমার মত ; চওড়া বাঁকারিতে কাপড় ও কাগজ দিয়া তৈয়ার করিতে হয় এবং সূতার পরিবর্ত্তে দড়ী বাঁধিয়া উড়াইতে হয়। **চিলে**—মাঝারি আকারের ঘুড়ী। **পতঙ্গ**—ক্ষুদ্রাকৃতি ঘুড়ী। হিন্দীতে ঘুড়ী মাত্রকেই পতঙ্গ্ বলে। **তেলাঙ্গ**—ঘুড়িভেদ। **মানুষ ঘুড়ী**—মানবাকৃতি বলিয়া এই নাম। **বামনা**—কাল, লাল প্রভৃতি রঙ্গের ধারি বা পটি বসান বা তদ্রূপ রঙ্গ করা। ধারি বা পটির বর্ণ অনুসারে কালা বাম্না, লালবাম্না প্রভৃতি নাম হয়। ঘুড়ীর বিভিন্ন অংশের নাম,—**শলা** (মুণ্ডশলা – পূ-বঙ্গে)—ঘুড়ীর পৃষ্ঠদণ্ড-বৎ সরলভাবে থাকে যে কাঠি। **কাঁপ** বা **পেটী**—যে কাঠি ধনুকের আকারে লগ্ন থাকে। ২। ঘোটকী।

ঘুণ (ন্) [ঘুণ্ (ভ্রমণ করা) + অ (কর্ত্তৃ—ক)] বি, পুং, কীটবিশেষ। কাষ্ঠাদি ধ্বংসকারী একপ্রকার ক্ষুদ্র কীট ; কাষ্ঠ কৃমি। ২। চিন্তা। প্র—"ভাবিতে রসের তনু জারিলেক ঘুণে"—চণ্ডীদাস। **কাঁচা বাঁশে ঘুণ ধরা**—অল্প বয়সে শোক অথবা চিন্তাদিতে জীর্ণ দেহ হওয়া। **ঘুণ হওয়া** [ঘুণ কীটের ন্যায় অভ্যন্তরে প্রবেশ করার ভাব হইতে] নিপুণতা লাভ করা ; পরিপক্ক হওয়া ; অভিজ্ঞতা লাভ করা। প্র—*লোকটা ঐ কাজে ঘুণ হয়ে গেছে।*

ঘুণাক্ষর (ঘুনাক্খর্) [ঘুণ (দ্বারা কৃত) অক্ষর—কর্ম্মধা] বি, ক্লী, ঘুণ পোকা ইচ্ছামত কাটিতে থাকে দৈবাৎ সেই কাটের মুখে এক আধটা অক্ষর সদৃশ হইয়া পড়ে ; তাহা হইতে দৈবাৎ ; অজ্ঞাতসার। ২। আশ্চর্য্য ঘটনা। ৩। সৌভাগ্য। ৪। স্মৃতি খেলা। ৫। ইঙ্গিত-মাত্র ; কিছুমাত্র ; সামান্য। প্র—আমি ত এ বিষয়ের ঘুণাক্ষর জানি না"। ক্রি-বিণ, **ঘুণাক্ষরে**—ইঙ্গিতে ; ইসারাতে। প্র—"সাবধান এ বিষয় যেন কেউ ঘুণাক্ষরে না জানতে পারে"।

ঘুণী (নি) [প্রাদে। কাঠির ঘন সন্নিবেশ আছে বলিয়া] বি, বংশশলাকা-নির্ম্মিত মাছ ধরিবার এক প্রকার পিঞ্জর।

ঘুণ্ট, ঘুণ্টক (ক্) [ঘুট্ (ব্যাঘাত করা) + অ—ম্ আগম + ক যোগে ঘুণ্টক] বি, পুং, গোড়ালি ; ঘুটিক।

ঘুণ্টি [হি] বি, বোতাম। ২। অতিক্ষুদ্র ঘণ্টা। প্র—ঘুণ্টি দেওয়া জুতা (শিশুদের)।

ঘুণ্টিক (ক্) বি, ক্লী, বিল ঘুঁটে। ঘষি। ঘষি দ্রঃ।

ঘুচন (ন্) [প্রাদে। ঘুচা দ্রঃ] বি, নাশ ; ধ্বংস। ২। সমাপ্তি। ৩। ত্যাগ। ৪। মোচন। ৫। [প্রাদে] গোবর দিয়া উচ্ছিষ্ট স্থান পরিষ্কার করণ ; এঁটো পাড়ন।

ঘুচা [গ্রা, ঘোচা। মূলে সং—গম্ (গচ্ছ) ধাতু থাকা সম্ভব। কোন কিছু গত হওয়ার ভাবই ইহাতে প্রবল। হি—চুক্না। অকর্ম্মক। প্র-পু—ঘুচে, ঘোচে। অস-ক্রি—ঘুচিতে ; ঘুচিয়া, ঘুচে। ণিজন্ত—ঘুচান] ক্রি, সমাপ্ত হওয়া ; শেষ হওয়া। প্র—তাহার সংসার করা এইবার ঘুচে গেল। ২। নাশ হওয়া ; ধ্বংস পাওয়া। প্র—সুখ ঐশ্বর্য্য সমস্ত ঘুচিয়া গিয়াছে। ৩। অদৃশ্য হওয়া ; লোপ পাওয়া। প্র—"মান অপমান গেছে ঘুচে নয়নের জল গেছে মুছে।"—রবি। ৪। গত হওয়া ; অতিবাহিত হওয়া ; কাটা। প্র—"আর কি ভারত সজীব আছে * * * * হায় রে সে দিন ঘুচিয়া গেছে।"—হেম বন্দ্যো।

ঘুচান (নো) [ঘুচা (দ্রঃ)। ণিজন্ত রূপ। উ-পু—ঘুচাই। ম-পু—ঘুচাও ; ঘুচান ; ঘুচা। প্র-পু—ঘুচায় ; ঘুচান। অস-ক্রি—ঘুচাইতে, ঘুচাতে ; ঘুচাইয়া, ঘুচিয়ে] ক্রি, ধ্বংস করা ; শেষ করা ; নাশ করা। ২। মিটান ; মুছিয়া ফেলা ; বিলোপ করা। প্র—কলঙ্ক ঘুচান। ৩। দূর করা ; অভাব মোচন করা। প্র—দুঃখ ঘুচান। "ঘুচাইব

যত মনের তাপ।" ৪। বিচ্ছিন্ন করা ; রহিত করা। প্র—সম্বন্ধ ঘুচান। "নইলে তার দেওয়ানী ঘুচিয়ে দেব।"—যোগেশ্বরী (দামোদর)। ৫। হত্যা করা ; জীবন শেষ করা। ৬। প্রতিবন্ধকতা করা ; বাধা প্রদান করা ; প্র—তার ঘর সংসার করা এই বার ঘুচাইয়া দিবে। ৭। [প্রাদে] গোবর জল দিয়া উচ্ছিষ্ট স্থান পরিষ্কার করা ; নিকান ; এঁটো পাড়া।

ঘুনসি, ঘুনসী (ঘুন্শি) [প্রাদে] বি. কোমরে পরিবার সূতা। প্র—"জীবন ভাণ্ডারীর বয়স কিছু বেশী, কতকগুলো চাবি ঘুন্সিতে ঝোলান।"—সীতারাম (বঙ্কিম)।

ঘুপসী (ঘুপ শি) [ঘোপ (দ্রঃ) + সী (সাদৃশ্যার্থে—হি-র অনুকরণে)] বিণ. খুবরির ন্যায় অর্থাৎ ক্ষুদ্র ; খোপ বা ঘোপের মত। ২। অন্ধকারময়। প্র—ঘুপসী ঘরে ঢুকে প্রাণ হাঁপিয়ে উঠেছে।

ঘুম (ঘুম্) [ঝুম দ্রঃ। হি—অজ্‌হাই—উৎ ঘনি] বি. নিদ্রা ; সুপ্তি ; শয়ন। ২। পর্ব্বত-বিশেষ [পরিশিষ্ট দ্রঃ]। **কাঁচা ঘুম**—যতক্ষণ ঘুমাইলে নিদ্রাপূর্ণ হয় তাহা অপেক্ষা অল্প ঘুম ; অপূর্ণ নিদ্রা ; প্রয়োজনাপেক্ষা অল্প নিদ্রা। **ঘুমকাতর**—নিদ্রাক্লিষ্ট ; নিদ্রাভাবে কাতর। **ঘুমকাতুরে**—যে খুব ঘুমায় ; ঘুমাইতে না পাইলে যাহার কষ্ট হয় ; যে অধিকক্ষণ জাগিয়া থাকিতে পারে না। **ঘুমঘোর**—নিদ্রার গাঢ় অবস্থা। প্র—"সাধের ঘুমঘোর কভু কি ভাঙ্গিবে না"। ২। নিদ্রার আবেশ। **ঘুম চটে যাওয়া**—ব্যাঘাত জনিত নিদ্রাবেশ কাটিয়া যাওয়া ও পুনরায় ঘুম না আসা। **ঘুমচোখ**—নিদ্রাবেশে নিমীলিত-প্রায় চক্ষু ; ঘুমে ঢুলুঢুলু চোখ। **ঘুম দেওয়া, ঘুম মারা**—প্রায়ই অলসের বৃথা সময় ক্ষেপণের প্রতি কটাক্ষচ্ছলে উক্ত হয় ; নিদ্রা যাওয়া। **ঘুম পাড়ান**—যাহাতে কাহার নিদ্রাকর্ষণ হয় তাহার উপায় করা ; নিদ্রা যাইতে বাধ্য করা। **ঘুম ভাঙ্গা**—নিদ্রার ঘোর কাটা ; নিদ্রা শেষ হওয়া। **ঘুম ভাঙ্গান**—নিদ্রিত ব্যক্তিকে জাগান।

ঘুমন্ত (মো) [ঘুম—অন্ত (প্রত্যয়)। ঘুমানো দ্রঃ] বিণ. নিদ্রিত ; সুপ্ত ; নিদ্রামগ্ন। প্র—"ওই কে অমরবালা দাঁড়ায়ে উদয়াচলে, ঘুমন্ত প্রকৃতি পানে চেয়ে আছে কুতূহলে।"—বিহারীলাল চক্রবর্ত্তী (সারদামঙ্গল)।

ঘুমা, ঘুমান (নো) [প্রা—ঘুমোনো ; ঘুমুনো ; ঘুম (দ্রঃ) + আ, আন (ক্রিয়ার বিভক্তি) উ-পু—ঘুমাই। ম-পু—ঘুমাও ; ঘুমান ; ঘুমা ; ঘুমো। প্র-পু—ঘুমায় ; ঘুমান। অস-ক্রি—ঘুমাইতে, ঘুমাতে ; ঘুমাইয়া, ঘুমিয়া, ঘুমিয়ে। অকর্ম্মক] ক্রি. নিদ্রা যাওয়া ; নিদ্রিত হওয়া। প্র—"ছেলে ঘুমাল পাড়া জুড়াল।"—ছড়া। ২। [ঘুমাইয়া থাকার ভাব হইতে] অসতর্ক থাকা ; খোঁজ খবর না রাখা ; অজ্ঞাত থাকা। ৩। অচেতন থাকা। প্র—"আর ঘুমাও না মন, মায়া ঘোরে কতদিন রবে অচেতন।"—গিরিশ। ৪। [লক্ষণায়] মৃত হওয়া। প্র—"হেথা আসি কলকণ্ঠ পড়িয়াছে ঘুমিয়া।"—কাব্য-কুসুমাঞ্জলি। ৫। বিণ. ঘুমন্ত ; সুপ্ত। প্র—"ঘুমানো বীণা তারে জাগায় গান।"—অবসর। [ব্রজ বুলিতে] **ঘুমল**—ঘুমাইল। প্র—"ঘুমল দুহুঁ জন হিয়ে হিয়ে জোর।"—জ্ঞানদাস। **ঘুমায়ব**—ঘুমাইব। প্র—"শুনি কহে সব সখী, শুন মো সবার বোল, সবহুঁ ঘুমায়ব নহ উতরোল।"—জ্ঞানদাস। **ঘুমিতে**—ঘুমাইতে। প্র—"নিশি দিশি অবিরত জাগিতে ঘুমিতে কত প্রাণনাথ সোঙরি সদাই।"—জ্ঞানদাস।

ঘুর (র্) [সং—ঘূর্ণ। হি—ঘুরণ] বি. ঘূর্ণন ; পাক ; চক্র। ২। ঘূর্ণী রোগ ; মাথা ও গা ঘোরা। প্র—ঘুর লাগিয়াছে। ৩। বিণ. বহুপথ ঘুরিয়া যাইবার মত ; দীর্ঘ। **ঘুরলাগা**—মাথা ও শরীর ঘূর্ণিত হওয়া ; ঝিম ঝিম করা ; ঘূর্ণী হওয়া। **ঘুরপাক খাওয়া**—চক্রাকারে ঘুরিতে থাকা। **ঘুরচক্র**—ঘুরপাক ; চক্রবৎ ঘূর্ণন। **ঘুরঘুট**—ঘন অন্ধকার ; ঘুটঘুট অন্ধকারে তাল পাকাইয়া ঘুরিয়া বেড়াইবার ভাব। **ঘুরঘুটিয়া, ঘুরঘুটে**—ঘন অন্ধকারময়।

ঘুরঘুর (র্, র্) [সং—ঘুর্ঘুর। শব্দাত্মক—ঘুরঘুর শব্দ করে বলিয়া] বি. ঘুরঘুরিয়া পোকা। ২। ভ্রমণ। বিণ. ঘুরঘুরিয়া ; ঘুরঘুরে। **ঘুরঘুর করিয়া বেড়ান**—চারিদিকে ঘুরিয়া বেড়ান। **ঘুরঘুরে ঘা**—যে ঘা শীঘ্র আরোগ্য হয় না ; পুরাতন ক্ষত ; শোষযুক্ত ঘা।

ঘুরা [ঘুর (ঘূর্ণ) আ (ক্রিয়া বিভক্তি)। প্রা—ঘোরা। উ-পু—ঘুরি। ম-পু—ঘুর ; ঘোর ; ঘুরুন্ ; ঘুর্ ; ঘোর্। প্র-পু—ঘুরে ; ঘোরে ; ঘুরেন্ ; ঘোরেন্। অস-ক্রি—ঘুরিতে ; ঘুরিয়া ; ঘুরে। ণিজন্ত—ঘুরান ; ঘোরান ; (নো)] ক্রি. ঘূর্ণিত হওয়া ; ভ্রাম্যমাণ হওয়া। প্র—মাথা ঘুরা। ২। ভ্রমণ করা। ৩। বিষয়ে ব্যাপৃত থাকা। ৪। প্রকৃত পন্থা না পাইয়া পুনঃপুনঃ ভ্রমে পতিত হওয়া। ৫। লক্ষ্যহীন হইয়া বিচরণ করা। ৬। অনর্থক হাঁটাহাঁটি করা। **ঘুরাঘুরি**—ক্রমাগত ঘুরা ; পুনঃ পুনঃ হাঁটাহাঁটি।

ঘুরান (নো) [প্রা—ঘোরান। ঘুর (ঘূর্ণ) + আন (ণিজন্ত ক্রিয়া বিভক্তি)। উ-পু—ঘুরাই। ম-পু—ঘুরাও ; ঘুরান ; ঘুরা। প্র-পু—ঘুরায় ; ঘুরান। অস-ক্রি—ঘুরাইতে, ঘুরাতে ; ঘুরাইয়া, ঘুরিয়ে] ক্রি. ঘূর্ণিত করা। ২। পাক দেওয়া ; পাকান। ৩। চারিদিকের পথ দিয়া বেড়াইয়া আনা। ৪। কোন বিষয়ে ব্যাপৃত করা। প্র—আজকাল ঐ বিষয়ে মাথা ঘুরাইতেছে। ৫। হাঁটাহাঁটি করান ; পুনঃপুনঃ ফিরান ; ফেরাফিরি করা। ৬। অজ্ঞান অন্ধকার বা মায়া ঘোরে পথ-ভ্রষ্টের মত ঘুরিতে বাধ্য করা ; উদ্ধারের বা মুক্তির পথ না দেখান। প্র—"মা আমায় ঘুরাবি কত, নাক ফোড়া বলদের মত।"—রামপ্রসাদ। বি. **ঘুরানি, ঘুরুনি**। বিণ. ঘুরানিয়া, ঘুরুনে।

ঘুরুণে (নে) [সং—ঘূর্ণ] বি. ঘূর্ণীবায়ু। ২। জলস্তম্ভ।

ঘুরুলী, ঘুরুলে, ঘুর্লো, ঘুল্লো [সং—ঘূর্ণী] বি. ঘূর্ণীবায়ু। ২। জলের ঘূর্ণীপাক। প্র—"কুল কুল কুরব কমল কাণে কাণ। ঘোররবে ঘুরলী ঘুরিছে ঘনে ঘন।"—ঘনরাম। "ঘুরুলে বাতাস ল'য়ে জলের ঘুরুলে।"—ভারতচন্দ্র।

ঘুর্ঘুর (র্) [ঘুর্ (অনুকরণ শব্দ) ঘুর্ (শব্দ করা) + অ (কর্ত্তৃ)। প্রা—ঘুগ্‌রো। যে ঘুর্ ঘুর্ শব্দ করে] বি. পুং. ঘুরঘুরিয়া পোকা। ২। [ভাবে—অ] ঘুরঘুর করিয়া আসা—বার বার ঘুরিয়া ফিরিয়া আসা যাওয়া। প্র—ঘুর ঘুর করে কেবলই আসচে।

ঘুর্ঘুরিকা [ঘুর্ঘর (শব্দবিশেষ) + ইক (ইকণ্—অস্ত্যর্থে)] বি. স্ত্রী. একপ্রকার রোগ ; গলা ঘড়্ঘড়ে।

ঘুর্ঘুরী—স্ত্রী. ভ্রমরী। ২। গলার ভিতর ঘড়্ঘড়্ শব্দ হওয়া।

ঘুলা [হি—ঘুল্‌না। সং—ঘুট ধাতু (পরিবর্ত্তনে—আবর্ত্তনে) = ঘুড়্ = ঘুল্। উ-পু—ঘুলি। ম-পু—ঘুল ; ঘোল ; ঘুলুন ; ঘুল্, ঘোল্। প্র-পু—ঘুলে ; ঘোলে ; ঘোলেন। অস-ক্রি—ঘুলিতে ; ঘুলিয়া, ঘুলে। ণিজন্ত—ঘুলান, ঘোলান (নো)] ক্রি. মিশ্রিত করা ; গোলা ; মেলা। প্র—"আর ভুলালে ভুলব না গো। রামপ্রসাদ বলে দুধ খেয়েছি ঘোলে মিশে ঘুলব না গো।"—রামপ্রসাদ। ২। ঘূর্ণিত হওয়া ; ধারণা করিতে বা বুঝিতে অসমর্থ হওয়া। প্র—দেখে শুনে মাথাটা কেমন ঘুলিয়ে গেছে।

ঘুলান (নো) [ঘুলা (দ্রঃ)। উ-পু—ঘুলাই। ম-পু—ঘুলাও ; ঘুলান্ ; ঘুলা, ঘোলা। প্র-পু—ঘুলে, ঘোলে ; ঘোলেন। অস-ক্রি—

ঘুলাইতে, ঘোলাইতে ; ঘুলাইয়া, ঘোলাইয়া ঘুলিয়ে] ক্রি, আলোড়ন করা। ২। মিশ্রিত করা ; মিলান। ৩। ঘোলা করা ; আবিল করা। প্র—জল ঘুলিও না। ৪। খেই হারান ; জটিল করিয়া ফেলা ; দুর্ব্বোধ্য করা।

ঘুষ (ষ্) [সং—ঘুষ্ =বধ করা। যাহা সত্য ও ন্যায়কে বধ করিয়া প্রতিবন্ধকতা নাশ করে। অথবা ঘুষ্ =শব্দ করা। অর্থ বিপর্য্যয়ে যাহা নিঃশব্দে বা গোপনে দেয়, প্রতিকূল শব্দ করিতে দেয় না। ঘুষ্ ধাতুর আর এক অর্থ প্রতিজ্ঞান করা। যাহার প্রাপ্তিতে উপকারের প্রতিজ্ঞা করে] বি, স্বার্থসাধনার্থ গোপনে প্রদত্ত বা দেয় ধন ; উৎকোচ ; অন্যায় পুরস্কার ; bribe. **ঘুষ খাওয়া**—ঘুষ গ্রহণ করা। **ঘুষ খাওয়ান, ঘুষ দেওয়া**—ঘুষ দান করা।

ঘুষখোর (ষ্, র্) [ঘুষ (দ্রঃ) খোর (আ—খোর্=যে খায়)] বি, যে উৎকোচ গ্রহণ করে ; যে ঘুষ লইয়া সহায়তা করে ; উৎকোচগ্রাহী।

ঘুষঘুষে (ষ্) [সং—ঘুষ্ শব্দে, অর্থবিপর্য্যয়ে নিঃশব্দে। ঘুষ দ্রঃ] বিণ, চাপা ; অপ্রকাশিত ; ভিতরে ভিতরে ; অল্প অল্প। প্র—ঘুষঘুষে জ্বর।

ঘুষাঘুষি [সং—ঘৃষ্ (ঘর্ষণে, হিংসায়)] বি, মুষ্টি ; কীল ; মুঠা। **ঘুষা মারা**—মুষ্ট্যাঘাত ; পাণিতল সঙ্কুচিত করিয়া প্রহার করা।

ঘুষা [সং—ঘুষ্ =শব্দ করা—ঘোষণা করা। উ-পু—ঘুষি। ম-পু – ঘুষ ; ঘুষুন ; ঘুষ্। প্র-পু—ঘুষে। অস-ক্রি – ঘুষিতে ; ঘুষিয়া, ঘুষে। ণিজন্ত—ঘুষান (নো)] ক্রি, ঘোষণা করা ; প্রচার করা। ঘোষা দ্রঃ। ২। ঘুষা চিংড়ী : একপ্রকার ক্ষুদে চিংড়ী।

ঘুষিত, ঘুষ্ট [ঘুষ্ (শব্দ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা শব্দিত হইয়াছে ; ধ্বনিত ; নাদিত ; বাদিত। ২। [ভাবে—ক্ত] ঘোষণা ; শব্দ।

[ঘুষ্, ঘুষ্ঘুষে দ্রঃ] বি, গুপ্তবেশ্যা ; লোকাপবাদ ভয়ে গোপনে ব্যভিচারকারিণী।

ঘূক (ক্) [ঘূ=অনুকরণ শব্দ। ক—কৈ (শব্দ করা) + অ (কর্ত্তৃ—ড, সংজ্ঞার্থে) যে ঘূক্ঘূক্ এইরূপ ঘোর শব্দ করে] বি, পুং, পেচক ; পেঁচা। **ঘূকনাদিনী**—ঘূৎকারকারিণী ; ঘর ঘর শব্দকারিণী ; ঘোর নিনাদিনী। ২। গঙ্গা।

ঘূৎকার (র্) [সং—ঘূকার, ঘূকার] বি, পেচকের কর্কশ রব। প্র—"পেচক ঘূৎকার" —ম্যাক্‌বেথ।

ঘূর (র্) [ঘুর—দ্রঃ] বি, ঘূর্ণন ; চক্র ; পাক। **ঘূরপাক খাওয়া**—ঘূর্ণাবর্ত্তে পড়া ; ঘূর্ণিত হওয়া ; পুনঃপুনঃ ঘুরিয়া পড়া। **ঘূরণজাল**—সচরাচর জেলেরা যে জালে মাছ ধরে। মস্তকের উপর তুলিয়া ঘুরাইয়া ফেলিয়া দেয় বলিয়া ইহাকে ঘূরণ জাল বলা হয়। **ঘূর লাগা**—গা ঘোরা। প্র—কাঁচা সুপারি খেয়ে ঘূর লেগেছে।

ঘূরণ (ন্) [সং—ঘূর্ণন] বি, চক্রের ন্যায় ভ্রমণ ; চক্রবৎ ফিরণ।

ঘূরত [ঘুরা দ্রঃ] ক্রি, ঘুরিতেছে। প্র— "খরতর পবনে তরণী ঘন ঘূরত পৈঠত জল অনিবার।"—গোবিন্দদাস।

ঘূর্ণ (র্ণ) [ঘূর্ণ্ (ভ্রমণ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, ভ্রমণ : ঘূর্ণন। ২। ঘূর্ণী ; আবর্ত্ত ; ভ্রমি। ৩। বিণ, ঘূর্ণিত। ৪। [বৈদ্যকে] গীমাশাক।

ঘূর্ণন (র্ন ন্) [ঘূর্ণ্ (ঘোরা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পুনঃপুনঃ পরিভ্রমণ ; ক্রমাগত আবর্ত্তন।

ঘূর্ণাবর্ত্ত (র্না) [ঘূর্ণ + আবর্ত্ত] বি, ঘূর্ণিজল ; আবর্ত্ত ; জলের পাক। ২। ঘুরান সিঁড়ি ; spiral.

ঘূর্ণায়মান (র্না, ন্) [ঘূর্ণ্ (ঘোরা) + ণিজন্ত, আন (আনশ্—কর্ত্তৃ) য, ম—আগম] বিণ, যাহা ক্রমাগত আবর্ত্তিত হইতেছে ; যাহা চক্রাকারে ঘুরিতেছে ; ভ্রাম্যমাণ ; যাহাকে ঘুরাইয়া দেওয়া হইয়াছে।

ঘূর্ণিকা (র্নি) [ঘূর্ণ্ (ঘোরা) + অক (কর্ত্তৃ) আপ্ —স্ত্রী, ই আগম] বি, যে ঘূর্ণন করে : ঘুরুলি। ২। শুক্রাচার্য্য তনয়া দেবযানীর সখী।

ঘূর্ণিত (র্নি) [ঘূর্ণ্ + ত (কর্ম্মে—ক্ত) ই আগম] বিণ, আবর্ত্তিত।

ঘূর্ণী (র্নি) [ঘূর্ণ্ (ঘোরা) + ইন্ (কর্ত্তৃ—শীলার্থে —ণিন্) = ঘূর্ণিন্ ১মা, ১ব, যাহার 'ঘূর্ণা আছে] বিণ, ঘূর্ণিবিশিষ্ট ; ভ্রাম্যমাণ ; আবর্ত্তনশীল। প্র—ঘূর্ণীজলে নৌকা যেমন ঝড়ের কুটো জ্বলন্ত আগুনের কাঠ"—গদ্য পদ্য (বঙ্কিম)। ২। জলভ্রমি ; জলাবর্ত্ত। ৩। [গ্রা—ঘুন্নী] মাথাঘোরা রোগ।

ঘূর্ণ্যমান (ঘূর্নোমান্) [ঘূর্ণ্ (ঘোরা) + আন (আনশ্—কর্ত্তৃ) য—ম আগম] বিণ, যাহা ঘুরিতেছে।

ঘৃণা (না) [গ্রা—ঘেন্না। ঘৃ (সেচন করা, আর্দ্র করা) + অ (কর্ত্তৃ—ণ্)—স্ত্রী, আপ্। হৃদয় আর্দ্র করার ভাব। "কারুণ্যং করুণা ঘৃণা। কৃপা দয়ানুকম্পা স্যাৎ"—অমর] বি, অনুকম্পা ; দয়া ; কৃপা। (এই অর্থে বাং-য় প্র-অ)। ২। [কৃপা হইতে অবজ্ঞা। তুল —কৃপাপাত্র (প্রাদে, ব্যবহার)] অবজ্ঞা ; অবহেলা ; অশ্রদ্ধা। ৩। [অশ্রদ্ধা হইতে বিদ্বেষ] বিদ্বেষ ; বিতৃষ্ণা ; repulsion. ৪। [বাং-বিশেষার্থে] লজ্জা।

ঘৃণিত (নি) [ঘৃণ্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ঘৃণাকর ; ঘৃণ্য ; হেয় ; ঘৃণার পাত্র ; ঘৃণার যোগ্য। ২। নিন্দিত ; অবজ্ঞাত। ৩। জঘন্য ; ঘৃণার উদ্রেককর ; বিতৃষ্ণা বা অরুচিকর।

ঘৃণী (নী) [ঘৃণা + ইন্ (অস্ত্যর্থে) = ঘৃণিন্—১মা, ১ব] বিণ, যে অন্যকে অবহেলা বা নিন্দা করে ; ঘৃণাকারী। ২। [ঘৃণা = দয়া] দয়ালু [প্র-অ]।

ঘৃত [ঘৃ (ক্ষরণে) + ত (কর্ম্মে—ক্ত)] যাহা উত্তাপ পাইলে ক্ষরিত হয়] বি, ক্লী, সর্পিঃ ঘৃত ; আজ্য ; হবিঃ ; ঘি। ২। জল। (বাং-প্র-অ)। ৩। [ভাবে—ক্ত] ক্ষরণ ; গলন। ৪। দীপ্তি। ৫। বিণ, যে ক্ষরিত হইয়াছে। ৬। যে দীপ্তি পাইয়াছে ; দীপ্ত।

ঘৃতকুমারী [হি—ঘিউকুআঁর। সং। ঘৃত (ঘি, ঘৃতের সাদৃশ্য হেতু) কুমারী (বালা, কোমলতা বশতঃ)। সং-তে ইহার অন্য নাম কুমারী] বি, স্ত্রী, স্বনামপ্রসিদ্ধ ক্ষুপ। আনারসের পাতার মত কাঁটা কাঁটা পত্রবিশিষ্ট গুল্ম ; indian aloe.

ঘৃতকুল্যা—নদীবিশেষ। পরিশিষ্ট দ্রঃ।

ঘৃতকৌশিক (ক্) [ঘৃত (প্রদীপ্ত) যে কৌশিক (কুশিক গোত্র সম্বন্ধীয়)—কর্ম্মধা] বি, পুং গোত্রবিশেষ ; গোত্রকারক মুনি-বিশেষ।

ঘৃতধারা [ঘৃত (ঘৃততুল্য) ধারা যাহার, বহু] বি, স্ত্রী, নদীবিশেষ। ইহার জল ঘৃত-তুল্য বলিয়া এই নাম। ২। ঘৃতসমুদ্র। ৩। [ঘৃতের ধারা, ৬তৎ] ঘৃতপ্রবাহ। ৪। বসুধারা।

ঘৃতপ [ঘৃত (আজ্য) প (যে পান করে) = পা (পান করা) + অ (কর্ত্তৃ – ড, সংজ্ঞার্থে)] বি, পুং, যাহারা যজ্ঞীয় ঘৃত পান করে ; আজ্যপ নামক পিতৃগণ। ২। বিণ, যে ঘৃত পান করে ; ঘৃতপানকারী ; ঘৃতপায়ী।

ঘৃতপূর (র্) [ঘৃত দ্বারা পূর (পূর্ণ) = পৃ (পূরণ করা) + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, ঘৃত দ্বারা পক্ব অন্ন বিশেষ ; ঘিওর।

ঘৃতবতী (ঘৃতোবোতি) [ঘৃত (জল, আজ্য) + বৎ (অস্ত্যর্থে—বতু] ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, দ্যাবা-পৃথিবী। ২। বিণ, ঘৃতাক্ত। ৩। ঘৃতবিশিষ্ট।

ঘৃতাক্ত [ঘৃতদ্বারা—অক্ত (সিক্ত) ৩তৎ] বিণ, যে সর্ব্বাঙ্গে ঘৃত মাখিয়াছে ; ঘৃতলেপিত ; ঘৃতসিক্ত ; ঘৃতার্দ্র ; ঘিয়ে ভিজা ; ঘি মাখা।

ঘৃতাচী—অপ্সরাবিশেষ। পরিশিষ্ট দ্রঃ।

ঘৃতান্ন (ঘৃতান্ন) [ঘৃতসংসৃষ্ট যে অন্ন (অদনীয়)—কর্ম্মধা] বি, ক্লী, ঘৃত পক্ব অন্ন ; ঘৃত যুক্ত অন্ন। ২। [ঘৃত হইয়াছে অন্ন (ভক্ষ্য বস্তু) যাহার, বহু] বি, পুং, হব্যবাহন ; বহ্নি।

ঘৃতাহুতি [ঘৃত (দ্বারা) আহুতি—৩তৎ] বি, স্ত্রী, বহ্নিতে মন্ত্রপূত ঘৃতদান ; মন্ত্র পাঠ করিয়া অগ্নিতে ঘৃতার্পণ।

ঘৃতেলী [ঘৃত—ইর্ (গমন করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) = ঘৃতের, র = ল, ঈপ্ – স্ত্রী (ঘৃত দেখিলে যাহারা তৎপ্রতি গমন করে)] বি, স্ত্রী, তৈলপায়ী : তেলাপোকা।

ঘৃতোদ [ঘৃত (হইয়াছে) উদ (উদক—জল) যাহার, বহু] বি, পুং, ঘৃতসমুদ্র ; ঘি সাগর।

ঘৃষ্ট [ঘৃষ্ (ঘষণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা ঘর্ষণ করা হইয়াছে : ঘর্ষিত। ২। মার্জ্জিত, যাহা পরিষ্কৃত করা হইয়াছে : যাহা খষা হইয়াছে : ঘষা। ৩। বি, পুং, ঘষণ-যোগ্য : গন্ধদ্রব্যবিশেষ ; অগুরু প্রভৃতি। প্র—"এ যেন সে যেন নয়, এযে শুধু কথা, এযে ঘৃষ্ট পিষ্ট পুষ্প নহে পরিমল।"—ফুলরেণু।

ঘৃষ্টতাড়িত (তা, ত্) [বৈঃ পরিঃ] বি, ক্লী, ঘর্ষণ দ্বারা যে তাড়িত শক্তি জন্মে।

ঘৃষ্টি [ঘৃষ্ (ঘর্ষণ করা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, ঘর্ষণ ; ঘষণ ; ঘষা। ২। স্পর্দ্ধা ; মাৎসর্য্য প্রকাশ। ৩। চামর আলু। ৪। অপরাজিতা। ৫। [কর্ত্তৃ – সংজ্ঞার্থে—তি (তিক্) যাহারা মুখদ্বারা ভূমি ঘর্ষণ করে] পুং, শূকর। স্ত্রী, শূকরী।

ঘেও [ঘা, খাউয়া দ্রঃ] বিণ, ক্ষতবিশিষ্ট ; ঘা যুক্ত। ২। পক্ষী বা কোন জন্তুদ্বারা ফলাদি দষ্ট হইলে তাহাকে খেও না বলিয়া ঘেও বলা হয়।

ঘেঁচড়া (ঘ্যাঁচ্ড়া) [সং—ঘৃষ্ট] বিণ, পুনঃ-পুনঃ ঘষণ দ্বারা কিণাঙ্কিত ; দগড়াপড়া। ২। কঠিন। ৩। ট্যাটা ; অবাধ্য। প্র—কথা-ঘেঁচড়া। ৪। অনুভবহীন। প্র—মারঘেঁচড়া।

ঘেঁচিকড়ি (কো)—ঘেচিকড়ি দ্রঃ।

ঘেঁচু [সং—ঘেঞ্চুলিকা] বি, কচুজাতীয় মূল-বিশেষ ; ক্ষুদ্র কচু (হি—ঘুঁইঞা)।

ঘেঁটু [ঘণ্টাকর্ণ দ্রঃ] বি, খোসাদি চর্ম্মরোগের অধিদেব ; ঘেঁটু ঠাকুর। ২। ঘেঁটুফুল ; ঘেঁটুগাছ ; ঘেঁটকোল্। ৩। [বিদ্রূপে] খোসপাঁচড়ায় পঙ্গু ব্যক্তি।

ঘেঁষ (ঘেঁশ্, ঘ্যাঁশ্) [শব্দাত্মক। মধ্যম শব্দে ঘষ্ ; মৃদুতর শব্দে ঘিষ্ : মৃদুতম শব্দে ঘুষ্] বি, ঘর্ষণ শব্দ। ঘ্যাঁষ দ্রঃ।

ঘেঁষা (ঘ্যাঁষা) [ঘেঁসাও হয়। ঘৃষ্ (ঘর্ষণ করা)। উ-পু—ঘেঁষি। ম-পু—ঘেঁষ (ঘ্যাঁষো) ; ঘেঁষুন্ ; ঘেঁষ্। প্র-পু—ঘেঁষে ; ঘেঁষেন্। অস-ক্রি—ঘেঁষিতে ; ঘেঁষ্তে ; ঘেঁষিয়া ; ঘেঁষে। ণিজন্ত—**ঘেঁষান** (নো) উ-পু—ঘেঁষাই। ম-পু—ঘেঁষাও ; ঘেঁষান্ ; ঘেঁষা। প্র-পু—ঘেঁষায় ; ঘেঁষান্। অস-ক্রি-ঘেঁষাইতে ; ঘেঁষাইয়া : ঘেঁষিয়ে] ক্রি, গাত্র ঘষণ বা স্পর্শ করিয়া অবস্থান করা। অতি নিকটবর্ত্তী হওয়া। প্র—গা ঘেঁষে বসা। ২। সংস্রবে যাওয়া : সঙ্গে থাকা। প্র—সে সেখানে ঘেঁষতে পায় না।

ঘেঁস (শ্) বি, ঘ্যাঁষ দ্রঃ।

ঘেঁস (ষ্) [সং—ঘর্ষণ। গ্রা—ঘেঁষ দ্রঃ] বি, ঘষণ ; গাত্র ঘষণ। প্র—ঘেঁষ লাগা। ২। স্পর্শ। প্র—তাহার ঘেঁষটুকু সহ্য হয় না। ৩। সান্নিধ্য ; নৈকট্য। ৪। নিবিড়তা ; ঘনত্ব। ৫। ঠেস। প্র—ঘেঁস দিয়া বসা। ৬। প্রশ্রয় ; আমল। প্র—সে আর বড় তাহাকে ঘেঁস দেয় না। ৭। বিণ, ঘন ; ঠাস। প্র—কম্বলখানার ঘেঁস বুনন। **ঘেঁস-ঘেঁস** – ক্রি-বিণ, কাছাকাছি। **ঘেঁস দেওয়া**—ঠেস দেওয়া। ২। প্রশ্রয় দেওয়া : আমল দেওয়া।

ঘেঁস (ষ্) [সং—ঘষণ] বি, ঘর্ষণজাত : চূর্ণ ; করাতের গুড়া। ২। পোড়া পাথুরে কয়লার গুঁড়া ; পাথুরে কয়লার আধপোড়া ছাই।

ঘেঁসা (ঘ্যাঁশা) [ঘেঁষা দ্রঃ] ক্রি, ঘর্ষণ করা। ২। নিকটস্থ হওয়া ; অগ্রসর হওয়া। প্র—"এখন দেখছি 'চূষ্য' লেহ্য, পেয়, ছেড়ে (বড়) ঘেঁস না চর্ব্ব্যের কাছে।"—রজনীসেন। ৩। [ঘনিষ্ঠ দ্রঃ] ঘনিষ্ঠ হওয়া ; আত্মীয়তা ঘনান। প্র—"হেঁসে হেঁসে ঘেঁসে ঘেঁসে ছুঁতে যান অঙ্গ।"—শিবায়ন।

ঘেঁসাঘেঁসি (ঘ্যাঁশাঘেঁশি) [ঘেঁস দ্রঃ] ক্রি-বিণ, পাশাপাশি ও মধ্যে ফাঁক না রাখিয়া ; ঘন হইয়া। ২। বি, পরস্পর গাত্রঘর্ষণোৎপাদক ঘন অবস্থিতি। প্র—"আর বার আমার অধর্ম্ম পাছে হয়। ঘেঁসাঘেঁসি ঘরের ভিতর ভাল নয়।"—শিবায়ন।

ঘেঙ্ঘেঙ্ (ঘ্যাং ঘ্যাং) [শব্দাত্মক। ঘঙ্ঘঙ্ গম্ভীর শব্দে ; ভাঙ্গা আওয়াজে ঘেঙ্ঘেঙ ; মৃদু শব্দে ঘুঙ্ঘুঙ] অ, শ্লেষ্মা গাঢ় হইলে কাশের শব্দ। প্র—সর্দ্দি বসে গলা ঘেঙ্ঘেঙ্ করেচে। ক্রি, **ঘেঙঘেঙান** (নো)। বি, **ঘেঙঘেঙানি**।

ঘেঙা, ঘেঙ্গা (ঘ্যাঁঙা) [ঘ্যান ঘ্যান দ্রঃ] বি, ঋণ ; তাগাদা। ২। ঝঞ্ঝাট। ক্রি, **ঘেঁঙ্গান** (নো)। বি, **ঘেঙানি, ঘেঙ্গানি**—অনবরত অসঙ্গত যাচ্ঞা ; নির্ব্বন্ধাতিশয়ের সহিত পুনঃপুনঃ প্রার্থনা। **ঘেঙিয়ে ঘেঙিয়ে**—পুনঃপুনঃ জেদ করিয়া ; বারবার যাচ্ঞা করিয়া।

ঘেচিকড়ি, ঘেঁচিকড়ি (কো) [কুঞ্চিত হইতে ঘেঁচি—কপর্দ্দক হইতে কড়ি] বি, গেঁঠে কড়ি। প্র—"শতেক কাহন নিল বাছা ঘেচি কড়ি।—কবিক।

ঘেঞ্চুলিকা [সং। তুল—হি—ঘুঁইঞা] বি, স্ত্রী, কচুজাতীয় মূলবিশেষ ; ঘেঁচু ; ছোট জাতীয় কচু।

ঘেনঘেন—ঘ্যান ঘ্যান দ্রঃ।

ঘেন্না [গ্রা—মেয়েলী। সং—ঘৃণা] বি, ঘৃণা দ্রঃ। বিণ, **ঘিন্নিয়া, ঘিন্নো** [বিপরীত নিঘিন্নিয়া ; নিঘিন্ধে (সং—নির্ঘৃণ)—যাহার ঘৃণা নাই]।

ঘের (র্) [সং—ঘৃ (আচ্ছাদন করা) = ঘির = ঘের] বি, চতুর্দ্দিকের বিস্তার ; পরিধি ; বেড় : বেষ্টনী। প্র—"ঘের কতটা মাপিয়া তাহার পর কাপড় কাটিও। ২। বেষ্টিত স্থান। প্র—ঐ ঘেরটার মধ্যে আছে। **ঘের-ঘার**—ঘের ও ঘার (ঘোর) একার্থক সহচর শব্দদ্বয়।

ঘেরণ (ন্) [ঘেরা দ্রঃ] বি, বেষ্টন ; বেড়ন ; আবরণ।

ঘেরা, ঘিরা [গ্রা—উচ্চারণ ভেদে – ঘ্যারা। ঘিরা দ্রঃ। উ-পু—ঘেরি। ম-পু—ঘের ; ঘেরুন্ ; ঘের্। প্র-পু—ঘেরে। অস-ক্রি—ঘেরিতে ; ঘেরিয়া ; ঘেরে। ণিজন্ত—ঘেরান (নো)। প্র-পু—ঘেরাই। ম-পু—ঘেরাও ; ঘেরান্ ; ঘেরা। প্র-পু—ঘেরায় ; ঘেরান্। অস-ক্রি – ঘেরাইতে ; ঘেরাইয়া : ঘেরিয়া] ক্রি, আচ্ছাদন করা ; ছাওয়া : আবৃত করা। প্র—"ঘেরিল যামিনী নিভিল আলো।"—রবি। ২। বেষ্টন করা। ৩। চতুর্দ্দিকে প্রাচীরাদি দ্বারা বাহির হইতে অদর্শনীয় করা। ৪। বি, বেষ্টিত স্থান ; ঘের ; বেড়। ৫। বিণ, বেষ্টিত। প্র – ঘেরা স্থান। **ঘেরাঘিরি, ঘেরি** – পরস্পর স্বাধিকার বেষ্টিত করণ।

ঘেরাও, ঘিরাও [হি – ঘিরাও। ঘির + উআ = আউ] বিণ, আবৃত ; আচ্ছাদিত ; বেষ্টিত। ২। বেষ্টন। প্র – কোম্পানির লোক তার বাড়ী ঘেরাও করেচে। ৩। বেষ্টনী।

ঘেসেড়া (শে) [ঘাসিয়াড়া দ্রঃ] বিণ, যে ঘোড়ার ঘাস কাটে ; যে ঘাস যোগায়। প্র—"ঘেসেড়া মরিল ডুবে তাহার হাভাসে"—অ, ম। স্ত্রী, **ঘেসেড়ানী**। প্র—"ঘাসের বোঝায় বসি ঘেসেড়ানী ভাসে"—অ-ম।

ঘেসো (শো) [ঘাস + উ-আ = ঘাসুয়া—ঘেসো] বিণ, তৃণযুক্ত ; ঘাসে পূর্ণ। প্র—ঘেসো মাঠ। ২। যাহাতে ঘাসের মত গন্ধ ; ঘাসগন্ধ। প্র—ঘেসো দুধ। ৩। অসার। **ঘেসো ভুঁড়ি**—শক্তিহীন অথচ মোটা ভুঁড়ি ; ঢোসা লোক ; উদরের অসার স্থূলতা।

ঘোঁজ (জ্) [গঞ্জ (গোগৃহ, গোয়াল) শব্দজ—গরুর শিঙের নিম্নদিকে বক্রতার নাম ঘোঁজ। নিম্নদিকে বক্র শিঙ্বিশিষ্ট গরুকে " ঘোঁজা শিঙে" বলে] বিণ, বক্র। ২। বি, যে

স্থানে ক্ষেত্রের আইল বাঁকিয়া যায় ; জমির বাঁক ; ঘুঁজী।

ঘেঁাট (ট্) [ঘুট্ ধাতু (পরিবর্ত্তনে, আবর্ত্তনে)] বি, জটলা ; আন্দোলন। প্র—"ভদ্রলোকেরাও বারোইয়ারির আটচালায়, শিবের মন্দিরের রকে, স্থায়কচ্কচি ঠাকুরের টোলে এবং অন্যান্য তথাবিধ স্থানে বসিয়া ঘোঁট করিতে লাগিলেন"—বিষবৃক্ষ। ২। [হি—ঘুঁট। শব্দাত্মক। জল গলাধঃকরণের শব্দ ঘুঁট হইতে] একবারে গিলিবার মত জল। ২। গণ্ডূষ।

ঘোঁটা [ঘুটন দ্রঃ। ধুট্ধাতুজ। উ-পু—ঘুঁটি। ম-পু—ঘোঁট ; ঘুঁটুন ; ঘোঁট্। প্র-পু—ঘোঁটে ; ঘোঁটেন। অস-ক্রি—ঘুঁটিতে ; ঘুঁটিয়া। ণিজন্ত—ঘোঁটান (নো) উ-পু—ঘোঁটাই। ম-পু—ঘোঁটাও ; ঘোঁটান ; ঘোঁটা। প্র-পু—ঘোঁটে ; ঘোঁটান্। অস-ক্রি-ঘোঁটাইতে ; ঘোঁটাইয়া] ক্রি, আলোড়ন করা। ২। পরিভ্রমণ করা। ৩। তোলপাড়া করা ; অন্ন তন্ন করিয়া অন্বেষণ করা। বি, ঘোঁটন। বিণ, ঘোঁটা। প্র—সহর ঘোঁটা ছেলে।

ঘোঁৎঘোঁৎ—ঘোত্ঘোত্ দ্রঃ।

ঘোগ (গ্) [সং—কোক্—বন্য কুক্কুর। তুল—তেলু, "কোকা"] বি, পুং, বাঘ এবং কুকুরের মাঝামাঝি একপ্রকার জন্তু। [কোক্ দ্রঃ] lemur tradigradus. প্র—"তুমি তার কোথায় লাগ যাদুমণি * * * * * * মনেতে করেছ আসা বাঘের ঘরে ঘোগের বাসা আস্কে খেয়েছ যাদু ফোড়তো গণনি।"—গোপাল উড়ে। বাঘের ঘরে ঘোগের বাসা—ব্যাঘ্র অপেক্ষা দুর্ব্বল হইলেও ঘোগ বাঘের ভয়ানক শত্রু, কারণ ঘোগেরা ব্যাঘ্রশিশুদের একাকী পাইলেই খাইয়া ফেলে, এইজন্য তাহারা বাঘের বাসায় লুকাইয়া বাস বাঁধিয়া থাকে, অনেক সময় তাহারা বাঘের হাতে পড়িয়া প্রাণ হারাইলেও তাহার সহিত শত্রুতা করিতে ছাড়ে না। ইহা হইতে দুর্ব্বল শত্রুর প্রতি ক্রোধোত্তেজিত—বাঘের ঘরে ঘোগের বাসা পেয়েছ বলা হয়।

ঘোট, ঘোটক (ট্, ক্) [ঘুট্ (প্রত্যাবর্ত্তন করা) + অ, ক (অচ্, অক্—কর্ত্তৃ)—যে ভূমিতে প্রত্যাবৃত্ত হইয়া লুঠ করে] বি, পুং, স্ত্রী, অশ্ব ; বাজি ; ঘোড়া।

ঘোটন (ন্) [ঘোঁটা দ্রঃ] বি, অন্বেষণ ; তল্লাসকরণ। ২। পেষণ। ৩। আলোড়ন।

ঘোট্না [ঘোঁটন + আ (করণে)] যাহা দ্বারা আবর্ত্তন করে ; যাহা দ্বারা ঘোঁটা যায় ; পেষণদণ্ড। প্র—"ঘরে ছিল ঘোট্না ঘর্ষণে গেল ফেটে। দিন দুই দানবদলনী দেও বেটে।"—শিবায়ন। "নূতন ঘোট্না কুঁড়া দিয়াছে বিশাই"—অ, ম।

ঘোড় (ড়্) [ঘোড়া দ্রঃ। হি—ঘোড়্] বি, ঘোড়া ; অশ্ব। ঘোড়গাড়ি, ড়ী—ঘোড়ায় টানা গাড়ী ; অশ্বশকট। ঘোড়দৌড়—জুয়া খেলাবিশেষ ; হার জিতের বাজী রাখিয়া ঘোড়াকে দৌড় করান। ঘোড়দৌড় করান—নাকাল করা। ঘোড়তোলা—উচ্চ গোড়ালীযুক্ত ; উঁচু গোড়ালীর। ঘোড় সওয়ার—অশ্বারোহী। প্র—আগে পিছে ঘোড়সওয়ার।

ঘোড়া, ঘোঁড়া [সং—ঘোটক। হি—ঘোড়া] বি, ঘোটক ; অশ্ব (দ্রঃ) ; তুরঙ্গ। ২। [দাবা খেলায়] প্রধান বলবিশেষ ; the knight. ৩। বন্দুকের হাতুড়ি অর্থাৎ যে অংশ আকর্ষণ করিলে হাতুড়ির মত বারুদের মুখে আঘাত করিয়া অগ্নি উৎপাদন করে ; hammer of a gun. স্ত্রী, ঘোড়ী ; ঘুড়ী। ঘোড়া ঘোড়া—খেলুড়েদিগের মধ্যে পরস্পর ঘোড়া হইয়া অপরকে পিঠে করিয়া হাতে পায়ে ভর দিয়া বেড়ান রূপ খেলা। ২। ঘোড়ার মত। ঘোড়ার ডিম—অলীক পদার্থ। প্র—"জানিনা নিষ্কাম কর্ম্ম বুঝিনা নিষ্কাম ধর্ম্ম বুঝি না ঘোড়ার ডিম তোমরা কি কহ"—কস্তুরী। "লালচাঁদ সিং নাচে তিড়িং তিড়িং ডালরুটীর যম কিন্তু কাজে ঘোড়ার ডিম্।"—বিষবৃক্ষ। ঘোড়া ডিঙ্গাইয়া ঘাস খাওয়া—গৃহপালিত ও বঙ্গদেশে সচরাচর দৃষ্ট ঘাসখোর জন্তুর মধ্যে ঘোড়াই উচ্চতম, সুতরাং তাহাকে অতিক্রম বা লঙ্ঘন করিয়া গরু, মেষ, ছাগলাদি ঘাস খাইতে পারে না তাহা হইতে উচ্চতন কর্ম্মচারীকে লঙ্ঘন বা অতিক্রম করিয়া স্বার্থ সাধন করিতে পারে না ; বৃথা বা নিষ্ফল চেষ্টা করা। ঘোড়ারোগ—অবস্থার অতিরিক্ত বিষয়ে সাধ বা উৎকট বাসনারূপ বাতিক। আটে কাটে দড় ত ঘোড়ার উপর চড়—অশ্বারোহণ করিতে গেলে প্রায়ই পতিত হইতে হয়, সুতরাং আটপিটে লোক ভিন্ন অপরে পারে না। কষ্ট সহিতে দক্ষতা থাকে তবে কঠিন কাজে হাত দাও। ঘোড়ায় চড়া—অশ্বারোহণ করা ; অশ্বপৃষ্ঠে গমনাগমন করা। ঘোড়ামাচি—ঘোড়ার গায়ে বসিয়া রক্ত শোষণ করে একপ্রকার বড় মাছি ; a horse-fly. ঘোড়ামুখ, মুখো—ঘোড়ার মত লম্বা মুখ। স্ত্রী, ঘোড়ামুখী (গালিতে)। ঘোড়ানিম—অধিক লম্বা পাতা অত্যধিক তিক্ত বন্য নিম্ববৃক্ষ। ঘোড়ামুগ—সোণামুগ অপেক্ষা লম্বা অপকৃষ্ট মুগ কলাই। ঘোড়াশাল—অশ্বশালা ; আস্তাবল। ঘোড়া দেখে খোঁড়া হওয়া—চলিতে চলিতে ঘোড়ায় চড়িবার সুযোগ পাইয়া আরাম করিবার লোভ সামলাইতে না পারিয়া খোঁড়ার ভাব দেখান বা চলিতে না পারা।

ঘোড়ারু [ঘোড়া (ঘোড়ার আকৃতি) রু= রুরু (মৃগ) সংক্ষেপে—ঘোড়ারু। মৃগজাতি কিন্তু ঘোড়ার ন্যায় অঙ্গ বলিয়া, ওড়ি—গোড়াঙ্গ। আফ্রিকার বন্য চিত্রাশ্ব (zebra) তুল্য খাড় হইতে পুচ্ছ পর্য্যন্ত ডোরা কাটা, অশ্ববৎ-খুরবিশিষ্ট ও অতি দ্রুতগামী পশু। কবিকঙ্কনের বর্ণনায় রুরু জাতীয় বলিয়াই বোধ হয়। আধুঃ—ঘোড়ারু বা ঘোড়ারুরু (*Haughton*) শব্দের ব্যবহার নাই] বি, ঘোড়ার মত দেখিতে এবং মৃগের মত দ্রুতগামী পশু। প্র—"বার শিঙ্গা তুলারু ঘোড়ারু ঢোলকান।"—কবিকঙ্কণ। "তুলারু ঘোড়ারু মৃগ, পবন জিনিয়া বেগ, কালসার বীর মহাশয়।"—ঐ। "বায়ু ভর করি যায় তুলারু ঘোড়ারু। উভকান করি ধায় আহত শশারু।"—ঐ।

ঘোড়ারুরু [ঘোড়া—রুরু (মৃগ)] বি, বৃহদাকার হরিণ ; গোড়ারু দ্রঃ। an elk. [*Haughton.*]। ঘোড়াসিজ—বি, মনসা-সিজ-জাতীয়গাছ। প্র—"ঘোড়াসিজ, পাতাসিজ গুড়কাওলী।"—কবিক।

ঘোণা (না) [নাসিকাধ্বনি হইতে। "ঘোণা নাসা চ নাসিকা"—অমর] বি, স্ত্রী, নাসা ; নাসিকা ; নাক। ২। অশ্বের নাসিকা। ৩। মুখের অগ্রভাগ। ঘোণাকাটা—গন্নাকাটা দ্রঃ।

ঘোণী (নি) [ঘোণা (নাসিকার অগ্রভাগ) ঈ (বিশিষ্টার্থে) যাহার নাসিকাগ্রাংশ অধিক লম্বিত, অথবা ঘোঁত ঘোঁত শব্দ করে বলিয়া] বি, পুং, শূকর।

ঘোত্ ঘোত্ [অনুকরণ শব্দ] বি, শূকরের কণ্ঠস্বর। ২। অসন্তোষের অস্পষ্ট অভিব্যক্তি ; গোঁজ গোঁজ। ঘোঁত ঘোঁত করিয়া খাওয়া—[শূকরের বিষ্ঠা ভোজনের ন্যায়] খাদ্য অখাদ্য যথা ইচ্ছা ভোজনে উদর পূর্ণ করা (অবজ্ঞার্থে উক্ত হয়)।

ঘোপ (প্) [খোপ হইতে] বি, খুবরি ; খোপ। প্র—"ঘোপের ভিতর বসে আছে।" ঘোপঘাপ—ঘোপ ও তৎসদৃশ আড়াল।

ঘোমটা (ম্) [হি—ঘুঙ্গট্-ঘোঙট্] বি, বস্ত্র দ্বারা মুখাবরণ ; অবগুণ্ঠন ; মুখাচ্ছাদন। স্থানভেদে উহাকে মাথার কাপড় দেওয়া বলে। প্র—"আবরি বদন আমি ঘোমটায় সখি করপুটে কহিনু—"—মেঘনাদবধ। "ঘোমটার জলদ আঁধারে। তোমার ও মুখশশী কাঁদিছে কাতরে।"—অশোক গুচ্ছ। ঘোমটা খোলা—অবগুণ্ঠন উন্মোচন করা। ২। অনাবৃত মুখ। ৩। অবরোধ প্রথা ভাঙ্গা। প্র—"আর কেন লো ঘোমটা খোল কবির কথা

রাগ।"—হেম বন্দ্যো। **ঘোমটা তোলা, ঘোমটা ফেলা**—অবগুণ্ঠন মোচন করা; মুখ খোলা। প্র—চাঁদ উঠেছে ফুল ফুটেছে কদমতলায় কে? দাঁড়িয়ে আছেন কৃষ্ণঠাকুর ঘোমটা তুলে দে।"—মেয়েলী ছড়া। "আইমা লো চেয়ে রৈল ফেলিয়া ঘোমটা।"—অন্নদামঙ্গল। ২। মাথার কাপড় টানিয়া মুখ ঢাকা; ঘোমটা দিবার জন্য বাড়ের কাপড় মাথায় তুলিয়া দেওয়া। **নাচতে এসে ঘোমটা কেন**—বৃথা লজ্জা। ২। কপট লজ্জা। **ঘোমটার ভিতর খেম্‌টা নাচ**—কুলবধূর বেশে অসতীর ব্যবহার।

ঘোর (র্) [ঘুর (ভয়ঙ্কর হওয়া)+অ (কর্ত্তৃ—অচ, সংজ্ঞার্থে) যিনি সংহারার্থ ভয়ঙ্কর মূর্ত্তি ধারণ করেন] বি, পুং, সর্ব্বসংহারক শিব। ২। ঘোর-নামক ঋষিবিশেষ। ৩। [ঘুর দ্রঃ] ঘূর; চক্র; ভ্রম। ৪। মত্ততা; আবেশ। ৫। সঙ্কট। ৬। গভীর। স্ত্রী, **ঘোরা**—ভয়ঙ্করা রজনী। ২। ভীমা। ৩। বিণ, দুর্গম; বিষম; দারুণ। ৪। ঘন; নিবিড়; গাঢ়। ৫। অতি উৎকট। ৬। অসদৃশ; অনন্যসদৃশ; বিসদৃশ। ৭। সঙ্কটময়। ৮। মহৎ। ৯। বিকট; ভয়ানক। **ঘুমের ঘোর**—নিদ্রাচ্ছন্নতা। **নেশার ঘোর**—মাদক দ্রব্য জনিত মত্ততা। **রোগের ঘোর**—পীড়াজনিত আচ্ছন্নতা ও চৈতন্যাভাব। **ঘোর করা**—অন্ধকারে আচ্ছন্ন করা। **ঘোরা ফেরা**—ইতস্ততঃ পরিভ্রমণ করা; গমনাগমন করা; পদচালনা করা; বায়ুসেবন করিয়া চলা ফেরা। **ঘোর চক্কর, ফের**—প্যাঁচ; ফাঁদ। **ঘোরা ঘুরি**—ইতস্ততঃ ভ্রমণ। কোন বস্তু বা বিষয়ের অন্বেষণে হাঁটা হাঁটি। **ঘোর ঘোর**—অন্ধকার অন্ধকার; ঊষা ও সন্ধ্যা কাল। **মাথা ঘোরা**—শিরোঘূর্ণন। ২। বুদ্ধির অস্থিরতা; বুদ্ধিচাঞ্চল্য। **গা ঘোরা**—গা পাক দেওয়া বা পাকিয়ে উঠা; গা-বমিবমি করা।

ঘোরদর্শন (র্, ন্) [ঘোর (ভয়ঙ্কর) দর্শন (দৃষ্টি) যাহার, বহু] বি, পুং, স্ত্রী, পেচক। ২। বিণ, যাহাকে দেখিলে ভয় হয়; বিকটাকৃতি।

ঘোরাল (লো) [ঘোর (দ্রঃ)+আল (হি—বালা—যুক্তার্থে)] বিণ, ঘনান্ধকার যুক্ত। ২। গাঢ়। ৩। অভিমান বা ক্রোধপূর্ণ (মুখ); ঘোরাল মুখ; গাম্ভীর্য্যযুক্ত গোলমুখ।

ঘোরি [ব্রজ ও প্রা-বৈ-সা; হি—ঘুলনা—ঘোলি (মিলাই) ল=র] ক্রি, অস, মিশ্রিত করিয়া; গুলিয়া। প্র—"চন্দন ঘোরি কুঙ্কুম তঁহি ডারল, কর্পূর তাম্বুল মুখবাস।"—গোবিন্দদাস।

ঘোল [সং—"সসরং নির্জ্জলং মথিতং দধি।"—শব্দ, ক, দ্রঃ] বি, তক্র; মাখন-তোলা দই। ২। নদীর আবর্ত্ত; আওড়। ৩। বিণ, ঘোলা; আবিল; কর্দ্দমাক্ত। প্র—জলটা কাদায় ঘোল হয়ে গেছে। ঘোলা জল। **ঘোল খাওয়া**—মন্থন দণ্ড দ্বারা চালিত হওয়ায় ঘোলের যে অবস্থা হয় অর্থাৎ ঘুরপাক খায় সেইরূপ ঘুরপাক খাওয়ার ভাব (তাহা হইতে) মুণ্ড ঘুরিয়া যাওয়া, গ্রা-ভাষায় নাকানি চুবানি খাওয়া; কষ্টের ফেরে পড়া। অথবা উৎকট রোগে বহুদিন ভুগিয়া রোগী বাঁধা নিয়মে পথ্য গ্রহণ করিতে বাধ্য হয় বলিয়া পথ্যের ব্যবস্থায় রোগের পূর্ব্ব সূচনা বুঝায়; সুতরাং তাহা কষ্টভোগ অর্থেই প্রযুক্ত হয়। তুল—ছমাসের ঝোল ভাত খাওয়া। ঘোল খাওয়ান [অভিশাপ দান বা ভয় প্রদর্শন, শাসন প্রভৃতি অর্থে প্রযুক্ত] কষ্টে ফেলা; জব্দ করা। **মাথায় ঘোল ঢালা**—[এদেশে পূর্ব্বে অপরাধীর রাজদণ্ড স্বরূপ তাহার মাথা মুড়াইয়া মাথায় ঘোল ঢালিয়া দেশ হইতে বাহির করিয়া দিবার প্রথা হইতে] ক্রি, অপমান করা; অপদস্থ করা। ২। ক্ষতিগ্রস্ত করা। ৩। জব্দ করা। **দুধের সাধ ঘোলে মেটা**—উৎকৃষ্ট বস্তুর অভাব নিকৃষ্ট বস্তুর দ্বারা পূরণ করা। দুধের স্বাদ ঘোলে মেটা অসম্ভব অর্থাৎ মেটে না। এইঅর্থে প্রবচনটি ব্যবহৃত হয়। প্র—"দুধেরি পিপাসা কভু ঘোলে নাহি যায় রে"—বাং-গান।

ঘোলবটক (ল্, ক্) [ঘোলে সিক্ত বটক] বি, ঘোলবড়া।

ঘোলমউনি, ঘোলমৌনী (ল্) [সং—ঘোলমন্থনী। প্রাকৃ—ঘোলমঅনী] বি, ঘোল মন্থন করিবার দণ্ড। ২। ক্ষুপবিশেষ। ইহার ছোট ছোট ফুল ও গোল গোল ছোট ফল হয়। (বাং-শব্দকোষ); peeringia celosioides—*Carey*.

ঘোলমওয়া (ল্) [গ্রা—ঘোল মউনী দ্রঃ] ক্রি, ঘোলমন্থন করা; মাখন তৌলা।

ঘোলা [ঘোল দ্রঃ] বিণ, আবিল; কর্দ্দমাক্ত; অনির্ম্মল। [অল্পার্থে] ঘোলাটিয়া (দ্রুত উচ্চারণে) ঘোলাটে। প্র—"আমরা মাটির কণা জল-স্রোত ঘোলা করি অবিশ্রাম চলিয়াছি ভেসে"—রবি। ২। স্বচ্ছতানাশক আবরণ; আচ্ছাদন। প্র—ঘোলা ধরা বা পড়া। ক্রি—ঘোলান—ঘোলা করা। **ঘোলা ধরা, পড়া**—অস্বচ্ছ হওয়া। প্র—কাঁচখানা ঘোলা পড়ে গেছে। ২। চক্ষের তারার উপর আবরণ বা আচ্ছাদন পতিত হওয়া; ছানি পড়া। প্র—চখে ঘোলা পড়া। ৩। ডিম গাঁজিয়া বা পচিয়া নষ্ট হওয়া। প্র—একটা ডিম ফুটে বাচ্ছা হয়েছে আর একটা ডিম ঘোলা পড়ে গেছে।

ঘোলাটিয়া, ঘোলাটে—ঘোলা দ্রঃ।

ঘোলান (নো) [ঘোলা দ্রঃ] ক্রি, আবিল করা; জল আলোড়িত করিয়া নিম্নের কর্দ্দম উপরে তুলিয়া মলিন করা। ২। তরল পদার্থ আওটাইয়া গাঢ়তর করা। বি, **ঘোলানী** [ঘোলাপানি] কাদা জল; কাদড়ানী। ২। তলানী। বিণ, ঘোলানিয়া- ঘোলানে—আবিল।

ঘোলানিয়া—ঘোলান দ্রঃ।

ঘোষ (ষ্) [ঘুষ্ (শব্দ করা)+অ (অধি—অল, সংজ্ঞার্থে)] বি, পুং, যেখানে গরুর ডাক, দুগ্ধ দোহন ও দধি মন্থন শব্দ হয়; গোপদিগের বাসস্থান। আভীর-পল্লী; গোয়ালাপাড়া। ২। [কর্ত্তৃ—অচ্, সংজ্ঞার্থে] গোপজাতি; গোয়ালা। ৩। বাঙ্গালী কায়স্থজাতির উপাধিবিশেষ। ৪। [ভাবে—অল্] ধ্বনি; শব্দ; রব; গম্ভীর বা ঘোরাল শব্দ। ৫। মেঘনির্ঘোষ। ৬। [কর্ত্তৃ—অচ—যাহারা শব্দ করে] কাঁসা। ৭। মশক; মশা; ডাঁশ।

ঘোষক (ক্) [ঘুষ্ (শব্দ করা—ঘোষণা করা)+অক (কর্ত্তৃ)] বিণ, যে ঘোষণা করে; প্রচারক; প্রকাশক। ২। নিনাদক; ধ্বনিকারক।

ঘোষণ, ঘোষণা (ন্, না) [ঘুষ্+অন (অনট্—ভাবে)] বি, স্ত্রী, উচ্চৈঃ শব্দ। ২। রাজাদেশ প্রচার। ৩। চতুর্দ্দিকে বিজ্ঞাপন প্রচার। ৪। প্রকাশ্য আন্দোলন।

ঘোষবান (ঘোষ্‌বান্) [ঘোষ (দ্রঃ)+বৎ (অস্ত্যর্থে—বতু) ১মা, ১ব] বিণ, গম্ভীর শব্দায়মান। ২। [ব্যাকরণে] ব্যঞ্জন বর্ণের উচ্চারণে ধ্বনির গাম্ভীর্য্য; গ, ঘ, জ, ঝ, ড, ঢ, দ, ধ, ব, ভ। এই কয়টি ঘোষবান বর্ণ। স্ত্রী, ঘোষবতী।

ঘোষবতী (ঘোষ্‌বোতি) [ঘোষ (শব্দ)=বৎ (অস্ত্যর্থে—বতু)ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, মহারাজ উদয়নের বীণা। ২। বিণ, শব্দশালিনী; গম্ভীরনাদিনী।

ঘোষযাত্রা (ঘোষ্‌জাৎত্রা) [ঘোষ (আভীর পল্লী) তথায় যাত্রা (গমন) ৭তৎ] বি, স্ত্রী, পূর্ব্বতন রাজাদিগের গবাদি তত্ত্বাবধান জন্য আভীরপল্লীতে গমন রূপ পর্ব্ব।

ঘোষহীন (ঘোষ্‌হীন্) [ঘোষবান্ দ্রঃ] বি, গম্ভীর রবশূন্য; শব্দগাম্ভীর্য্যরহিত। ২। [ব্যাকরণে] যে সকল বর্ণ উচ্চারণ কালে ধ্বনির গাম্ভীর্য্য প্রকাশ পায় না; অঘোষবান। ক, খ, চ, ছ, ট, ঠ, ত, থ, প, ফ, এই কয়টি ঘোষহীন বর্ণ।

ঘোষা—বি, স্ত্রী, মৌরী। ২। বিড়ঙ্গ। ৩। গুলফা। **ঘোষালতা**—বি, স্ত্রী, ঝিঙ্গাগাছ।

ঘোষা [ঘোষ+আ (ক্রিয়ায়)। উ-পু—ঘোষি ম-পু—ঘোষ; ঘোষুন, ঘুষুন; ঘোষ্। প্র-পু—ঘোষে; ঘোষেন। অস-ক্রি—ঘোষিতে, ঘুষিতে; ঘোষিয়া, ঘুষিয়া। ণিজন্ত—ঘোষান] ক্রি, শব্দ করা; ঘোষণা করা; প্রচার করা।

ঘোষান (নো) [ঘোষা দ্রঃ। উ-পু—ঘোষাই। ম-পু—ঘোষাও; ঘোষান; ঘোষা। প্র-পু—ঘোষায়; ঘোষান্। অস-ক্রি—ঘোষাইতে; ঘোষাইয়া] ক্রি, বিঘোষিত করান; ঘোষণা করান। ২। পাঠশালে ছাত্রদিগকে এক সঙ্গে উচ্চৈঃস্বরে নামতা আবৃত্তি করান। বা পড়ান। প্র—"ছেলেদের ঘোষাইবার একটু একটু গোল হইত।"—টেকচাঁদ।

ঘোষিত [ঘুষ্ (শব্দ করা)+ণিচ্=ঘোষি+ত (কর্ম্মে-ক্ত)] বিণ, যাহার ঘোষণা করা হইয়াছে; প্রচারিত।

ঘ্যাঙ্ঘ্যাঙ—ঘেঙ্ ঘেঙ্ দ্রঃ।

ঘ্যান্ঘ্যান্ (ন্, ন্) [শব্দাত্মক। ঘানির ক্রমাগত ঘূর্ণন শব্দ] বি, নাকে কান্না। ২। আবদার; টানাসুরে আবদার।

ঘ্যানর ঘ্যানর (ঘ্যানোর্ ঘ্যানোর্) [ঘানি রব হইতে ঘ্যানোর্, ক্রমাগত অর্থে দ্বিত্ব] বি, অনুকরণ শব্দ। ২। [লক্ষণায়] ক্রি-বিণ, ক্রমাগত আবদার বা নাকে কাঁদা; একঘেয়ে অনুযোগ; একটানা ক্রন্দন।

ঘ্রাণ (ন্) [ঘ্রা (গন্ধ লওয়া)+অন (করণে-অনট্) যাহা দ্বারা গন্ধ লওয়া হয়] বি, ক্লী, ঘ্রাণেন্দ্রিয়; নাসিকা। ২। [ভাবে—অল্] গন্ধ গ্রহণ; গন্ধ পাওয়া; আঘ্রাণ।

ঘ্রাণজ (নোজো) [ঘ্রাণ (ঘ্রাণেন্দ্রিয়) জ (জন্+অ, কর্ত্তৃ—ড) নাসিকাতে যাহার উপলব্ধি হয়] বিণ, ঘ্রাণেন্দ্রিয় হইতে উৎপন্ন। ২। আঘ্রাণ হইতে; আঘ্রাণমূলক।

ঘ্রাণতর্পণ (ন্, ন্) [ঘ্রাণের (নাসিকার) তর্পণ (তৃপ্তি) হয় যাহা হইতে—বহু)] বি, পুং, ঘ্রাণেন্দ্রিয়ের তৃপ্তিসাধন। ২। সুরভি; সৌগন্ধ।

ঘ্রাণেন্দ্রিয় (নে) [ঘ্রাণ (রূপ যে) ইন্দ্রিয়—কর্ম্মধা] বি, ক্লী, যে ইন্দ্রিয় দ্বারা দ্রব্যের গন্ধ গ্রহণ করা যায়; নাসিকা; ঘ্রাণ; নাক।

ঘ্রাত [ঘ্রা (গন্ধ লওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যে বস্তুর গন্ধ লওয়া হইয়াছে; কৃতঘ্রাণ; গৃহীত গন্ধ; আঘ্রাত।

ঘ্রাতব্য (ঘ্রাতোব্ব) [ঘ্রা+তব্য (কর্ম্মে)] বিণ, ঘ্রেয়; যাহার ঘ্রাণ লওয়া যাইতে পারে; যাহা আঘ্রাণ করা আবশ্যক বা কর্ত্তব্য। ঘ্রাণযোগ্য; যাহা ঘ্রাণ করিতে হইবে।

ঘ্রাতা [ঘ্রা+তৃ (কর্ত্তৃ, তৃচ্)=ঘ্রাতৃ, ১মা, ১ব] বিণ, গন্ধগ্রাহী; আঘ্রাণকারী।

ঘ্রাতি—বি, ঘ্রাণেন্দ্রিয়। ২। ঘ্রাণ।

ঘ্রেয় [ঘ্রা (ঘ্রাণ লওয়া)+য (কর্ম্মে)] বিণ, ঘ্রাতব্য; যাহার ঘ্রাণ লওয়া যায়; ঘ্রাণার্হ। ২। বি, গন্ধদ্রব্য।

ঙ

ঙ (উঁঅঁ) [ব্যঞ্জন বর্ণমালার ও কবর্গের পঞ্চম বর্ণ। জিহ্বামূল ইহার উচ্চারণ স্থান বলিয়া ইহাকে জিহ্বামূলীয় এবং নাসিকা দ্বারা উচ্চারিত হয় বলিয়া অনুনাসিক বর্ণ বলে। প্রাচীন বাঙ্গালায় "ম" স্থানে 'ঙ'র ব্যবহার ছিল। প্র—"মো যদি জানিতাঙ্, পাছে এপথে কণ্টক আছে, তবে ঘরের না হইতাঙ বাহির"—জ্ঞানদাস। স্মরণ স্থলে সোঙরণ ('সুমরণ' শব্দেরও ব্যবহার ছিল)। প্র—"সে গুণ সোঙরি মোর পাঁজর খসি যায়"—চণ্ডীদাস; কোঙর (কুমার)—"এহো কোন রাজার কোঙর" (চৈতন্যচরিতামৃত); কোঙরী (কুমারী,—বলরামদাস)। আইলাঙ (আইলাম) ইত্যাদি। ঙ কবর্গের অন্য বর্ণ-চতুষ্টয়ের সহিত যুক্ত হইয়া ব্যবহৃত হয়। চলিত বাঙ্গালায় ইহার স্বতন্ত্র ব্যবহার নাই: সংস্কৃত একাক্ষর কোষধৃত অর্থে প্রাচীন বাঙ্গালা পদ্যে ঙর স্বতন্ত্র কিন্তু বিরল ব্যবহার দৃষ্ট হয়।

ঙ [সং—ঙ্ (শব্দে)] শব্দ; রব; ধ্বনি। ২। উভরব। ৩। বিষয়। ৪। বিষয়াসক্তি। ৫। বিষয় রক্ষা। ৬। উভয়। ৭। [তন্ত্রে] পরমকুণ্ডলী।

ঙকার (উঁঅঁকার্) বি, ঙ এই বর্ণ। ২। ঙ দ্রঃ। প্র—"ঙকার ভৈরব আর বিষয় ঙকার। ঙকার স্বরূপা রাখ ঙপদ আমার॥"—ভারতচন্দ্র (অন্নদামঙ্গল)। "ঙকার বিষয় চণ্ড, অভিধানে ধ্বনি। ঙকার না চাহি মাগো, ঙকারদমনী॥"—মদনমোহন তর্কালঙ্কার (বাসবদত্তা)।

চ—ব্যঞ্জন বর্ণমালার ৬ষ্ঠ, চবর্গের আদ্য এবং স্বল্পপ্রাণ অঘোষবান বর্ণ। ইহার উচ্চারণ স্থান তালু। সং-তে—এবং, ও, আরও, পক্ষান্তর, সমুচ্চয়, সমাহার, আনুষঙ্গিকতা, অবধারণ, পাদপূরণ প্রভৃতি অর্থ প্রকাশ করে। ২। [সং—অভিধানে] কূর্ম্ম; চন্দ্র; চণ্ডেশ্বর; চোর। ৩। ক, ট, ন, প, ব, ম, র ও ল বর্ণের সহিত যুক্ত হইয়া কর্ত্তন, চর্ব্বণ, প্রভৃতির অনুকরণ শব্দ, বেগ, ত্বরা প্রভৃতি ভাব প্রকাশ করে। ৪। [চল সংক্ষেপে—চ। গ্রা-ব্যবহারে—স্নেহার্থে বা অবজ্ঞার্থে বা অতি পরিচয়ে। ম-পু—অনুজ্ঞা ব্যতীত অন্যান্য পুরুষ বা কালে ব্যবহার নাই, রূপান্তরও হয় না; চলা দ্রঃ] ক্রি, প্রস্থান কর্; গমন কর্। ৫। সঙ্গে যাইতে আহ্বান। প্র—এখান থেকে চ দেখি। আমার সঙ্গে চ।

চই, চঁই (চোই) [সং—চবিকা] বি, পিঁপুলমূল সদৃশ প্রসিদ্ধ ফল ও তাহার লতা; চৈ; গজপিপ্পলী; পিঁপুলমূল; piper chaba.

চই-চই (চোইচোই) [প্রাদে] অ, হাঁসের পালকে খাবার দিবার সময়ের ডাক; কচ্ছপকে খাবার দিবার সময় ডাকের শব্দ।

চইত (চোইৎ) [হি—চ্যেৎ; সং—চৈত্র] বি, চৈত্রমাস।

চউকী (চৌকি) [সং—চতুষ্ক; হি—চউকী] বি, বসিবার চতুষ্কোণ কাষ্ঠাসন; চৌকী দ্রঃ।

চউতোর (চোউতোর্) [প্রা-বাং। হি—চবুত্রা। সং—চত্বর] বি, চৌতারা (দ্রঃ); চণ্ডী-মণ্ডপ; বসিবার চৌচালা বা দালান। প্র—"চউতোর সকল"—ব্রজপরিক্রমা।

চওড়া [সং—চর্পটঃ=বিপুলঃ (মেদিনী)। হি—চ্ওড়া, চৌড়া] বিণ, প্রশস্ত; বিস্তৃত। প্র—চওড়া কাপড়। চওড়া বুক। ২।

বি. বিস্তার ; আড়দিক ; প্রস্থের দিক প্র—ঘরের চওড়াটা মেপে দেখ। কম-চওড়া—অপ্রশস্ত ; সরু ; সঙ্কীর্ণ। লম্বা চওড়া—বিণ. সুদীর্ঘ ও সুপ্রশস্ত ; আড়ে দীর্ঘে বড়। ২। বিপুল দেহ। ৩। বড় মানুষী। ৪। অসঙ্গত।

চক (ক্) [চতুষ্ক] বি. চৌকাক্ষেত্র ; চারি কোণা ভূমি। ২। গ্রামের মধ্যস্থ ভূমিখণ্ড ৩। অট্টালিকাবেষ্টিত চতুষ্কোণ প্রাঙ্গণ ৪। চতুঃশালার মধ্যস্থান। ৫। [চক= গ্রামের সমষ্টি] কতকগুলি গ্রামের সমষ্টি মণ্ডলী ; জমিদারীর অংশ। ৬। ময়দান ৭। বাজার।

চক (ক্) [ইং—chalk] বি. ফুল খড়ি খটী।

চকচক (চক্‌চক্) [শব্দাত্মক। সং—চক্ (তৃপ্তি অর্থে)। চক্+চক্ (উপর্য্যুপরি অর্থে দ্বিত্ব] অ. জলীয় পদার্থ জিহ্বার দ্বারা পান করিবার শব্দ। প্র—বিড়াল কুকুর প্রভৃতি জন্তু জল, দুগ্ধ প্রভৃতি চক্‌চক্ করিয়া পান করে। (২) পাত্রে চুমুক দিবার কালে ওষ্ঠ চাপিয়া দুগ্ধাদি পান করিবার শব্দ ; চুমুক না দিয়া চাকিয়া চাকিয়া পান করা (চুমুকের শব্দ চোঁ চোঁ)। প্র—"চুমুকে চকচক পেয় পিয়া।"—অ, ম। ২। সরীসৃপবিশেষের ডাকের শব্দ ; তিতির-জাতীয় পাখীর ডাক। [দ্রঃ—মৃদু শব্দে চিক্‌চিক ; মৃদুতর শব্দে—চুক্‌চুক ; মৃদুতম—চুকুচুকু। প্র-"চুকু চুকু চুকু চুষ্য চুষিয়া।"—অ, ম]।

চকচক (চক্‌চক্) [সং—চকাস্ (দীপ্তি পাওয়া) চাকচক্য। দীপ্তি বা ঔজ্জ্বল্য অর্থে, স্বচ্ছতা অর্থে] বিণ. চকচকিয়া, চকচকে (চক্‌চোকে) মসৃণ ও উজ্জ্বল। ২। স্বচ্ছ। ৩। স্নেহ পদার্থে সিক্ত। প্র—তেলচকচকে। [দ্রঃ—চক্‌চক্ অপেক্ষা ক্ষীণ দীপ্তিতে—চিক্‌চিক্ ; ক্ষণতর দীপ্তিতে—চুক্‌চুক্ (কুচ্‌কুচ্ দ্রঃ)—যাহা দ্বারা অগ্নি চক্‌মক্ করিয়া উঠে] ক্রি. চক্‌চকান (নো)—চক্‌চক্ করিয়া দীপ্তি পাওয়া। বি. চকচকানি ; চকচকি (চক্‌চোকি)।

চকবন্দী (চক্‌বোন্‌দি) [চক (দ্রঃ)+ফা—বন্দ্+ই (তৎকরণার্থে)] বি. জমীর চৌহদ্দী বা সীমা-নির্দ্ধারণ ; গ্রামের সীমা-নিরূপণ। ২। খণ্ড খণ্ড করিয়া ভূমির ভাগ ; কয়েক খণ্ড ক্ষেত্রসম্বলিত বিভাগ ; লাট। ৩। ভূসম্পত্তি ; an estate. ৪। রাজস্ব বা পুলিস অধিকৃত সীমা ; হাল্‌কাবন্দী ; the limits of a police or revenue jurisdiction—*Wilson.* বিণ. চকবন্দ।

চকমক (ক্, ক্) [তুর্কী—চক্‌মক্ অর্থে আলো জ্বালা। "chak-mak = to strike a light chak-in-mak = to strike a light itself ; (specially) to lighten (used of the lightning)" P. 60. *A Sketch of Turki language. pt. I. by R. B. Shaw, Lahore. 1875.*] অ. বিদ্যুতের ঝিলিক অর্থে ; চঞ্চল আলোক অর্থে ; চক্‌মক্ দ্রঃ বিণ. চকমকিয়া, চকমকে (চক্‌মোকে)—যাহা বিদ্যুতের ন্যায় ঝলকিত হয় ; তীব্র উজ্জ্বল। ক্রি. চক্‌মকান (নো)। [দ্রঃ—চকমক অপেক্ষা প্রবল দীপ্তিতে—ঝক্‌মক্ ক্ষীণদীপ্তিতে চিক্‌মিক্]।

চকমকান (চক্‌মকানো) [তুর্কী-চকমক (দ্রঃ)+আন (ক্রি. বিভক্তি)] ক্রি. চকমক করা ; বিদ্যুৎ চমকান ; ঝলকিত হওয়া অস-ক্রি. চকমকিয়া, চকমকি (পদ্যে) বি. চক্‌মকানি ; চকমকি (মো)।

চকমকি, কী (চক্‌মোকি) [চক্‌মক্ (দ্রঃ) +ই (অস্ত্যর্থে)—যাহাতে চকমক করিবার মত বস্তু আছে] বি. অগ্নি উৎপাদক কঠিন প্রস্তরবিশেষ ; flint. ২। চকমকি পাথর ও তাহা ঠুকিবার ইস্পাৎ ; flint and steel. প্র—"আমি প্রদীপ, তেল, চকমকি, সোলা সকলই আনিয়া রাখিয়াছি"—মৃণালিনী। চকমকি ঝাড়া,—ঠোকা—চকমকি পাথরে ইস্পাতের আঘাত করিয়া যে আগুনের ফিন্‌কি বাহির হয় তাহা সোলায় ধরা। হাত ঝুনিয়া বা ঝাড়িয়া ইস্পাৎ ঠুকিতে হয় এবং পাথর হইতে ফিন্‌কি ঝরিয়া পড়িবার মত বাহির হয় বলিয়া ঝাড়া বলে (তুল—ফুলঝুরি=হি—ফুলঝাড়ি)।

চক্‌মা—বি. পূর্ব্বহিমালয়স্থ পর্ব্বতবিশেষ। ২। [হি] চক্ষে ধূলাদান ; প্রবঞ্চনা ; ধোঁকা।

চকমিলন (চক্‌মিলোন্) [চক (দ্রঃ)+মিলন] বিণ. চতুষ্কোণ মিলিত চতুর্দ্দিকে সম উচ্চ কক্ষ মধ্যে সমচতুষ্কোণ প্রাঙ্গণ ; চকমিলান। প্র—চকমিলন বাড়ী।

চকরা, চকরাকাণা (ক্, না) [চক্র—কাণা, যে দৃষ্টি-অভাবে চক্রবৎ ঘুরিয়া বেড়ায়, অথবা চক্ষুর (চকুরা)+কাণ=কাণা—যে চক্ষু থাকিতে কাণা। শেষার্থেই অধিক ব্যবহৃত হয়] বিণ. চোখ থাকিতে কাণা। [দ্রঃ—চকরা কাণা শব্দসাদৃশ্যে গ্রা—"চোখে কাণে" হইয়াছে ; অর্থ—"চোকে"। প্র—চোখেকাণে দেখ্‌তে পাওনা ?]

চকল (চকোল্) বি. চোকর দ্রঃ।

চকলা (ক্) [চকল (সং—শকল=ত্বক্—বল্কল, খণ্ড)+আ (বৃহদর্থে)। গ্রা-উচ্চারণভেদে চোক্‌লা] বি. ছাল ; ত্বক্ (তুল—হি. ছিল্‌কা)। ২। [চক্র ও শকল শব্দের মিশ্রণজাত অর্থ, চক্রাকার খণ্ড] চাকা ; চাক্‌লা।

চকসা (চক্‌শা) [সং-চকাস্ (দীপ্তি পাওয়া চকচক দ্রঃ)। চকস+আ (ভাব বা অবস্থা অর্থে)] বি. মেঘ কাটিয়া সূর্য্যা-লোকের প্রকাশ অর্থাৎ বৃষ্টি থামিয়া বা মেঘ কাটিয়া রৌদ্রের প্রকাশ। চকসা করা—মেঘ কাটিয়া রৌদ্র দেখা দেওয়া।

চকাচকি (—চোকি) [চক্রবাক্ চক্রবাকী—সংক্ষেপে] বি. চক্রবাক ও চক্রবাকী ; সন্তরক বর্গের বন্য হংসবিশেষ। ইহারা সর্ব্বদা স্ত্রী-পুরুষে থাকে বলিয়া এই নাম। ইহাদের দাম্পত্যপ্রেম চিরপ্রসিদ্ধ ; the brahminy duck. প্র—"চকা কন চকী প্রিয়ে ! এ বড় কৌতুক। বিধি হতে ব্যাধ ভাল বড় দুঃখে সুখ॥"—রসসাগর।

চকার (র্) বি. চ এই বর্ণ।

চকাসিত (শিত) [চকাস্ (দীপ্তি পাওয়া)+ত (কর্ম্মে—ক্ত) ই—আগম] বিণ. আলোকিত ; উজ্জ্বলিত। ২। প্রকাশিত।

চকিত (চোকিত) [চক্ (ভীত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত) ই—আগম] বিণ. ভয় চঞ্চলিত ; চমকিত ; ভয়জনিত সতর্ক ও চমকিত ; ভীরু। প্র—"পড়ে মনে বরিষার বৃন্দাবন অভিসার একাকিনী রাধিকার চকিত চরণ"—রবি। ২। কম্পিত। স্ত্রী. চকিতা—ভয়ব্যাকুলা ; ভীতা ; চমকিতা। ২। ষোড়শাক্ষর ছন্দো-বিশেষ। ৩। [ভাবে—ক্ত] বি, ক্লী. ভয়।

চকিত (চোকিত) [চক্‌মক্ (দ্রঃ) হইতে চক্ (বিদ্যুতের চমক্ বা ঝিলিক)+ইত (যুক্ত বা সদৃশ অর্থে)] বিণ. ক্ষণপ্রভান্বিত। ২। (তদ্বৎ) ক্ষণস্থায়ী ; ক্ষণিক। বি. ক্ষণ-প্রভার ক্ষণিক দীপ্তির মত অল্পক্ষণ ; মুহূর্ত্ত ; নিমেষ। প্র—চকিতের মধ্যে অদৃশ্য হওয়া।

চকোর (র্) [চক্ (তৃপ্ত হওয়া)+ওর (কর্ত্তৃ—ওরন্) সংজ্ঞার্থে, যাহারা (চন্দ্রিকা পানে) তৃপ্ত হয়। প্রবাদ এই যে চকোর জ্যোৎস্না পান করিয়া জীবন ধারণ করে এবং অনবরত ঊর্দ্ধমুখে চাঁদের প্রতি চাহিয়া থাকে] বি, পুং, পারাবত জাতীয় পক্ষিবিশেষ ; চন্দ্রালোক বা জ্যোৎস্না সেবনে তৃপ্ত হয় যে পাখী ; greek partridge. [দ্রঃ—চকোর প্রকৃতি হইতে (চকোর যেমন চাঁদের পানে একদৃষ্টে চাহিয়া থাকে তদ্রূপ) আলঙ্কারিক প্রয়োগে আগ্রহের সহিত প্রতীক্ষাকারী বা অনন্যলক্ষ্য প্রভৃতি অর্থে—"চিত্ত-চকোর", "হৃদয়-চকোর", "মন-চকোর" প্রভৃতি শব্দের ব্যবহার আছে] স্ত্রী. চকোরী [দ্রঃ—চকোরীর চক্ষু অতি সুন্দর বলিয়া সুনয়নাকে চকোরাক্ষি বলার কবিপ্রসিদ্ধি আছে]।

চক্কর (চক্‌কোর্) [সং—চক্র (দ্রঃ)] বি. চাকা ; a wheel. ২। কুমারের চাক ; a potter's wheel. ৩। ভ্রমি ; আবর্ত্ত ;

জলাবর্ত্ত ; a whirlpool. ৪। ঘানি ; a oil mill. ৫। ঘানিগাছের চতুর্দ্দিকে ঘুরিবার চক্রাকার পথ। ৬। ঘোড়দৌড়ের চক্রাকার পথ ; a race ground. ৭। চাকার গাড়ি ; চক্রযান ; চক্র দ্রঃ। ৮। দেহে গোল বা চক্রাকার চিহ্ন। ৯। শালগ্রাম শিলার চক্রাকার চিহ্ন। ১০। মণ্ডলী। ১১। চাক্‌লা ; প্রদেশ ; বিশেষ অধিকারের সীমা। ১২। ঘুরপাক ; পাক ; ফের। ১৩। ভ্রমি ; আবর্ত্ত ; জলাবর্ত্ত ; a whirlpool. ১৪। ভ্রম ; ধাঁধা। ১৫। মস্তকঘূর্ণন ; মাথা ঘোরা। ১৬। ফণা। প্র—সাপের চক্কর। ১৭। ক্রোধে উদ্ধতমূর্ত্তি। প্র—ফোঁস চক্কর। একটুতেই অমনি চক্কর ধরে বসেন। বিণ, **চক্করিয়া.** গ্রা—**চক্কুরে** (চোক্‌কুরে) চক্রী। ২। পাকান। **চক্কর দেওয়া**—চক্র দ্রঃ। **চক্কবত্তি** (চক্‌কোবোৎতি) চক্রবর্ত্তী দ্রঃ।

চক্র (চক্‌ক্রো) [সং। পা—চক্ক ; প্রাকৃ—চক্ক ; হি—চাক্কা ; বাং—চাকা] বি, রথাঙ্গ ; চাকা। ২। চক্ররথ ; চক্রযান ; cycle. ৩। কালচক্র ; cycle. ৪। ঘোড় দৌড়ের চক্রাকার পথ ; a race circle. ৫। বেষ্টনী ; চক্রাকার বেড়া। ৬। কুম্ভকারের যন্ত্র ; কুমারের চাক ; potter's wheel. ৭। তৈলনিষ্কাশন-যন্ত্র ; ঘানি ; an oil mill. ৮। ঘানিগাছের চতুর্দ্দিকে ঘুরিবার পথ। ৯। জলাবর্ত্ত ; a whirlpool. ১০। দেহে গোলাকার চিহ্ন। ১১। শালগ্রামশিলার চক্রাকার চিহ্ন। ১২। সুদর্শন চক্র ; চক্রাকার ছেদক অস্ত্র। প্র—"চক্রাস্ত্র করিল চক্রী চক্র আচ্ছাদনে।" ১৩। চক্রাকার ছটা বা রশ্মি-রেখা ; মণ্ডল ; পরিধি ; গ্রহমণ্ডল ; চন্দ্রমণ্ডল ; সূর্য্যমণ্ডল। ১৪। চক্রাকার খণ্ড ; চাকা ; চাক্‌লা ; চক্কর দ্রঃ। ১৫। চক্রাকারে সৈন্য সমাবেশ ; ব্যূহ। (২) ধনুর্দ্ধরদিগের মণ্ডল। ১৬। [তন্ত্রে] ষট্‌চক্র ; দেহাভ্যন্তরস্থ ছয় বিভাগ ; মূলাধার, স্বাধিষ্ঠান, মণিপুর, অনাহত, বিশুদ্ধি ও আজ্ঞা এই ছয় পদ্ম বা চক্র। (২) মন্ত্রোদ্ধারার্থ ষট্‌চক্র (কুলাকুল, রাশি, নক্ষত্র, অকথহ, অকড়ম্ ও ঋনিধনি)। ১৭। সাধন চক্র ; মণ্ডলী ; বীরাদিচক্র। ১৮। গণ। ১৯। [জ্যোতির্বিদ্যায়] রাশিচক্র ; zodiac. ২০। [ফলিত জ্যোতিষে] জ্যোতিষিক যন্ত্র ; পতাকী চক্র। ২১। মণ্ডলাকার কররেখা বা পদতলস্থ চক্র-রেখা ; অঙ্গুলি-পর্ব্বশীর্ষস্থ চক্রবৎ রেখা। ২২। চিত্রকাব্যে চক্রবন্ধ। ২৩। সমূহ [বিরল]। ২৪। গ্রাম সমূহ ; প্রদেশ ; চাক্‌লা। ২৫। শাসনতন্ত্র। ২৬। রাজ্য। ২৭। ফণা ; সাপের মাথার চক্রচিহ্ন। ২৮। ঘুরপাক ; পাক ; ফের। ২৯। মস্তক ঘূর্ণন ; মাথা-ঘোরা রোগ। ৩০। ইন্দ্রজাল। ৩১। চক্রান্ত ; কূট মন্ত্রণা ; ফাঁদ ; কূট অভিসন্ধি। প্র—"চক্র করি চক্রপাণি চক্রেতে কাটিয়া।" ৩২। তগরপাদিকা পুষ্প। ৩৩। [গণিতে] বৃদ্ধি ; সুদ ; interest. চক্রবৃদ্ধি—compound interest. বিণ, চক্রী। ক্রি, **চক্র করা**—ষড়যন্ত্র করা ; কাহার বিরুদ্ধে মন্ত্রণা করা। **চক্র দেওয়া, চক্কর দেওয়া**—ঘুরিয়া আসা ; বেড়াইয়া স্বস্থানে ফিরিয়া আসা। প্র—দুই এক চক্র দিয়া আইস। **পাকচক্র**—সহচর শব্দ ; পাক ও চক্র (পাক) অর্থাৎ পাকের উপর পাক। ২। পেঁচের ভিতর পেঁচ ; জটিল যুক্তি ; দুর্ভেদ্য মন্ত্রণাজাল। ক্রি-বিণ, **পাকচক্রে** ; (সাধাঃ) **পাকেচক্রে**। তুল—জিলিপির পেঁচ। **দশচক্র**—দশজনের চক্র ; একজনের প্রতিকূলে বহুর মিলন ও যুক্তি। প্র—দশচক্রে পড়ে কাজটা করতে হয়েছিল। **দশচক্রে ভগবান ভূত**—ভগবান নামক এক দরিদ্র ব্রাহ্মণ কোন রাজার প্রিয় হইয়াছিলেন। রাজার পারিষদবর্গ ভগবানের প্রতি রাজার অত্যধিক আদর যত্ন দেখিয়া এই স্থির করিল যে, ভগবান ঠাকুরকে আর রাজার নিকট আসিতে দেওয়া হইবে না তখন তাহারা দ্বাররক্ষকগণকে আদেশ করিল "রাজার হুকুম ভগবান-ঠাকুরকে প্রবেশ করিতে দিও না"। ভগবান আর রাজবাড়ীতে যাইতে পারেন না। কয়েক দিন পরে ভগবানকে না দেখিয়া রাজা পারিষদ-বর্গকে বলিলেন ভগবান আর আসেন না কেন? তাহাতে তাহারা বলিল, মহারাজ, আজ ১৩ দিবস হইল ভগবানের মৃত্যু হইয়াছে তাহা আপনি শুনেন নাই? রাজা ইহা শুনিয়া অতি ক্ষুব্ধ ও বিস্মিত হইয়া বলিলেন, কই না? তাঁহার পুত্রও ত আমার নিকট আসে নাই? চক্রকারীরা বলিল, ওরা ঐরকম। আপনাকে উহারা গ্রাহ্য করে না। কিছুদিন পরে ভগবান রাজার সহিত সাক্ষাতের উপায়ান্তর না দেখিয়া এই স্থির করিলেন যে, রাজা যেদিন অপরাহ্নে নদীতীরে পদব্রজে ভ্রমণ করিতে আসিবেন সেইদিন নদীতীরস্থ কোন উচ্চবৃক্ষে আরোহণ করিয়া রাজাকে দর্শন করিব। কোন চক্রান্ত হইয়াছে ইহা ভগবান ঠাকুর বুঝিয়াছিলেন। পরে রাজা একদিন সদলবলে পদব্রজে নদীতীরে ভ্রমণ করিতে যাইতেছেন, এমন সময় সম্মুখস্থ এক উচ্চ বৃক্ষের উপর হইতে ভগবানের "মহারাজ মহারাজ" এই আহ্বান শব্দ শুনিতে পাইয়া সেই বৃক্ষের দিকে দৃষ্টিপাত করিলেন। পারিষদগণ জানিতে পারিয়া সকলে একবাক্যে বলিয়া উঠিল মহারাজ পলায়ন করুন পলায়ন করুন, ভগবান মরিয়া ভূত হইয়াছে। এই বলিয়া সকলে রাজাকে ফেলিয়াই পলায়ন করিল। রাজাও তখন তাহাদের পশ্চাতে দ্রুত ধাবন করিলেন। (তাহা হইতে) দশজনে অর্থাৎ বহুলোকে এক জোট হইয়া চেষ্টা করিলে জীবিতকে মৃত, হয়কে নয় ইহা প্রতিপন্ন করিতে পারে। [দ্রঃ—গ্রাম্য ব্যবহারে ভুলক্রমে ভগবান শব্দে ঈশ্বর অর্থ করিয়া দশচক্রের শক্তি বৃদ্ধি করে]। **বিষ নাই কুলাপানা চক্র**—কুলার মত মস্ত ফণা অথচ বিষহীন। [লক্ষণায়] নিগুণের ক্রোধ, ঔদ্ধত্য বা অভিমান। **বৃহস্পতি চক্র** [বৃহস্পতি দ্রঃ। জ্যোতিঃ পরিঃ]। **নক্ষত্র চক্র**—ষষ্টিবার্ষিক কালচক্র ; lunar asterism. a cicle of 60 years.

চক্রক (চক্‌ক্রক্) [তর্ক শাস্ত্রে] কুতর্ক ; হেত্বাভাস্ ; যে তর্কের দ্বারা সিদ্ধান্ত করা হইবে তাহাই সিদ্ধান্ত দ্বারা সমর্থন করা। arguing in a circle.

চক্রকোর (চক্‌ক্রকোর্) [অস্থিবিদ্যায় trochoid শব্দের পরিভাষা ; চক্র—কোর (কূর্পর)] বি, চক্রাকার অস্থিসন্ধি ; চল-সন্ধি (diathrosis movable joint) শ্রেণীর চক্রবৎ অস্থি।

চক্রগণ্ডু (চক্‌ক্রোগোনডু) [চক্র (গোলাকার) গণ্ডু (উপাধান) কর্ম্মধা] বি, পুং, গোল বালিস।

চক্রগতি (চক্‌ক্রোগোতি) [চক্র (চক্রবৎ) গতি (গমন)] বি, আবর্ত্তন ; ঘূর্ণন ; ঘুর-পাক ; চক্রাকারে গমন।

চক্রগুচ্ছ (চক্‌ক্রগুচ্‌ছ) [চক্র (চাকা) গুচ্ছ (গোছা) চক্রের ন্যায় গোলাকার গুচ্ছ যাহার, বহু] বি, পুং, অশোক বৃক্ষ।

চক্রতীর্থ [চক্র (সুদর্শন চক্র) তদ্দারা কৃত তীর্থ, ৬৩৫] বি, ক্লী, প্রভাসক্ষেত্রে কৃষ্ণ-কর্ত্তৃক সুদর্শন চক্রদ্বারা নির্ম্মিত তীর্থবিশেষ। ২। বৃন্দাবনস্থ তীর্থ-বিশেষ ; গোবর্দ্ধন-সন্নিহিত চক্রেশ্বর-শিবস্থান।

চক্রতুণ্ডী (চক্‌ক্রতুন্‌ডি) [চক্র—তুণ্ড+ঈ] বিণ, চক্রবৎ বা মণ্ডলাকার তুণ্ডযুক্ত ; cyclostomous. বি, গোলমুখ জলজন্তু ; ঈল (eel) বা ল্যাম্প্রী (lamprey) মৎস্য-জাতীয় জন্তু ; cyclostomata.

চক্রদন্ত—পরিঃ দ্রঃ।

চক্রদন্তা—চক্রদন্তী দ্রঃ।

চক্রদন্তী (চক্‌ক্রোদোন্‌তি) বি, পুং, দন্তী-বৃক্ষ ; জয়পাল গাছ।

চক্রধর (চক্‌ক্রোধর্) [চক্র—ধর (ধৃ—ধারণ করা+অ (কর্ত্তৃ—অচ্) যে চক্রকে ধারণ করে—উপপদ] বি, পুং, বিষ্ণু ; কৃষ্ণ। ২। [রাজার করতলে চক্রাকৃতি রেখা থাকায়] রাজা। ৩। মণ্ডলাধিপ ; চাক্‌লাদার। ৪। [সর্পের মস্তকে মণ্ডলাকার চক্র আছে বলিয়া] সর্প। ৫।

চক্রধারী ; যে চক্রনামক অস্ত্র ধারণ করে। ৬। যে চাকা ধরিয়া আছে বা ধরে।

চক্রধর্ম্মা (চক্‌ক্রধর্‌মা) [চক্র (চক্রের মত মণ্ডলাকার) ধর্ম্ম—মণ্ডলাকারে নৃত্য করা যাহাদের ধর্ম্ম (গুণ)—বহু। বহুব্রীহি সমাসে ধর্ম্ম=ধর্ম্মন্ ১মা. ১ব, ন লোপ] বি, পুং, বিদ্যাধরবিশেষ।

চক্রধার (চক্‌ক্রধার্) বি, অর্দ্ধধারাস্ত্র-বিশেষ, ৮ অঙ্গুলি পরিমাণ আয়ত, ফলক ২ অঙ্গুলি এবং মধ্যস্থল ১ অঙ্গুলি বিস্তৃত।

চক্রধারণ (চক্‌ক্রধারোন্) [চক্র—ধৃ (ধরা) +ণিচ্=ধারি+অন (করণে—অনট্)] বি, ক্লী, যে অংশ রথাদির চক্র ধারণ করিয়া থাকে ; অক্ষনাভি। ২। চক্র ধৃতকরণ।

চক্রনদী (চক্‌ক্রোনোদি) বি, গণ্ডকী নদী। পরিঃ দ্রঃ।

চক্রনাভি (চক্‌ক্রোনাভি) [চক্র—নাভি (৬তৎ)] বি, চক্রের মধ্যবিন্দুস্থিত কীলক ; চক্রধারণ ; the navel of a wheel.

চক্রনামা (চক্রনামা) [চক্র (মক্ষিকাচক্র) নামা (নামন্ শব্দজ)—নাম যাহার—বহু, চক্রনামন্ ১মা, ১ব, ন্ লোপ, অ=আ] বি, পুং, মাক্ষিক ধাতু। ২। বিণ, চক্রনামধারী।

চক্রনায়ক (চক্রনায়ক্) [চক্র (চক্রবৎ) নী (পাওয়া) +অক (কর্ত্তৃ) নী=নায়, যে চক্রের মতন গোলাকার ভাব প্রাপ্ত হয়] বি, পুং, ব্যাঘ্রনখ। ২। নখীনামক গন্ধ-দ্রব্য। ৩। [চক্র (সেনা) নায়ক (অধ্যক্ষ)] বি, সেনাপতি।

চক্রপথ (চক্‌ক্রপথ্) [চক্র (চক্রাকার) যে পথ (পথিন শব্দ)—কর্ম্মধা] বি, পুং, মণ্ডলাকার পথ।

চক্রপাণি (চক্‌ক্রপানি) [চক্র (সুদর্শনচক্র) পাণিতে (হস্তেতে) যাহার—বহু] বি, পুং, বিষ্ণু ; কৃষ্ণ। যিনি সুদর্শনচক্র ধারণ করেন। ২। বিণ, চক্রহস্ত ; চক্রধৃত হস্ত।

চক্রপাদ (চক্‌ক্রপাদ্) [চক্র (চাকা) হইয়াছে পাদ (চরণ স্বরূপ) যাহার—বহু] বি, পুং, রথ ; গাড়ী। ২। [চক্রের মত গোলাকার পাদ হইয়াছে যাহার] হস্তী ; উষ্ট্র।

চক্রপাল (চক্‌ক্রপাল্) [চক্র (রাজ্য) পাল (পা+ণিচ্=পালি (পালন করা) + অ (কর্ত্তৃ—অচ্) যে রাজ্য পালন করে] বি, পুং, রাজ্যপালক ; দেশপতি ; রাজা। ২। [চক্র (অধীন সেনা) পাল (যে রক্ষা করে)] সেনাপতি ; ব্যূহরক্ষক। ৩। চাকলাদার।

চক্রফল, চক্রফলক (চক্‌ক্রফল, ফলক্) [চক্র (চক্রবৎ) ফলক (অগ্রভাগ) যাহার, বহু] বি, পুং, চক্রবৎ তীক্ষ্ণধার অস্ত্রবিশেষ।

চক্রবৎ (চক্‌ক্রবৎ) [চক্র—বৎ (বতু)] বিণ, চক্রের ন্যায় ; মণ্ডলাকার।

চক্রবন্ধু (চক্‌ক্রবোন্‌ধু) [চক্র (চক্রবাক-পক্ষী) তাহাদের বন্ধু (বান্ধব) ৬তৎ। সূর্য্যের অস্তগমনের সঙ্গে সঙ্গেই চক্রবাক ও চক্রবাকীর বিরহদশা ঘটে, আবার সূর্য্য উদিত হইলেই উভয় একত্র মিলিত হয় ; উভয়ের মিলনকারী বলিয়াই সূর্য্য চক্রবন্ধু] বি, পুং, সূর্য্য।

চক্রবর্ত্তী (চক্‌ক্রবোর্‌তি) [চক্র (দেশ-সমূহ) বৃত্ (বর্ত্তমান থাকা) +ইন্ (কর্ত্তৃ, শীলার্থে—ণিন্) =বর্ত্তিন্ ১মা, ১ব=বর্ত্তী ; চক্রে বর্ত্তী—৭তৎ, কিম্বা চক্রে (রাজ্যে স্বামিরূপে) অবস্থান করাই স্বভাব হইয়াছে যাহার, উপপদ। স্ত্রী—চক্রবর্ত্তি, ত্তী] বি, পুং, বহুবিস্তৃত রাজ্যের রাজা ; সম্রাট্ ; সার্ব্বভৌম। ২। বহুবিস্তৃত খ্যাতি বা প্রসিদ্ধিব্যঞ্জক উপাধি : ব্রাহ্মণের উপাধিবিশেষ।

চক্রবাক (চক্‌ক্রবাক্) [চক্র—বাক (বচ্ =বলা+অ—কর্ম্মে, সংজ্ঞার্থে, ঘঞ্)—রব যাহার, বহু। রথচক্রবৎ রব বলিয়া এই নাম। হি—চকেবা] বি, হংসজাতীয় পক্ষিবিশেষ ; চকা ; ruddy sheldrake. প্র—"প্রদোষে বিহীন বাক্, তীরে ঘোরে চক্রবাক তাহারে আক্রমে যথা বিংশতি হংসিনী।"—অশোক-গুচ্ছ। স্ত্রী, **চক্রবাকী**। [দ্রঃ—বাং-তে চাতককেও চক্রবাক বা চকা বলে ; কিন্তু চাতক স্বতন্ত্র পক্ষী]।

চক্রবাড়, চক্রবাল (চক্‌ক্রবাড়, বাল্) [চক্র (দেশসমূহ) বল্ (আবরণ করা) +অ (কর্ত্তৃ—অণ্) যে দেশসমূহ আবরণ করে অথবা চক্র (চক্রাকার) বাড়, বাল (বেষ্টনী) —যাহা আকাশপ্রান্তে চক্রাকারে পৃথিবী বেষ্টন করিয়া আছে] বি, পুং, দৃষ্টিপরিচ্ছেদক রেখা ; দিঙ্মণ্ডল ; দিগন্তবৃত্ত ; আকাশ-কক্ষ ; horizon. (২) যে সমতল লম্বমান রেখার সহিত সমকোণ করিয়া এবং দর্শকের দৃষ্টিকেন্দ্র ভেদ করিয়া চক্রবাল স্পর্শ করে ; sensible horizon ; visible horizon. ইহার পারিভাষিক শব্দপর্য্যায়,—অম্বরান্ত, চক্রবাল, চক্রপাল, মণ্ডল, দিগন্ত, ক্ষিতিজ, কুজবৃত্ত, ক্ষিতিবৃত্ত, কুবৃত্ত, হরিজ। সা-প-প-১৩২১। (৩) sensible horizon নামক সমতলের সহিত সমান্তরাল ভাবে ভূকেন্দ্রভেদী সমতল ; rational horizon ; celestial horizon ; true horizon. ২। লোকালোক পর্ব্বত।

চক্রবাত (চক্‌ক্রবাত্) [চক্র (ঘূর্ণী) যে বাত (বায়ু), কর্ম্মধা] বি, পুং, ঝঞ্ঝাবায়ু ; ঘূর্ণী-বায়ু ; বাত্যা ; তুফান।

চক্রবৃদ্ধি (চক্‌ক্রবৃদ্‌ধি) [গণিতে] বি, স্ত্রী, বৃদ্ধির গুণ বা বৃদ্ধি ; সুদের সুদ ; compound interest.

চক্রব্যূহ (চক্‌ক্রব্‌বুহ) [চক্র (চক্রাকার) ব্যূহ (সৈন্য রচনা), কর্ম্মধা] বি, পুং, যুদ্ধার্থে মণ্ডলাকারে সৈন্যস্থাপন ; অভিমন্যুকে সপ্তরথীতে ঘিরিয়া বধ করিবার কালে দ্রোণাচার্য্য কর্ত্তৃক রচিত চক্রাকার ব্যূহ।

চক্রভ্রম (চক্‌ক্রভ্রম্) [চক্র (বৎ) ভ্রম (ভ্রমণ—ঘূর্ণন) যাহার, বহু] বি, পুং, যে চক্রের মত ঘোরে ; কুন্দযন্ত্র। ২। শাণ।

চক্রমুদ্রা (চক্‌ক্রমুদ্রা) [চক্র (চক্রাকার) যে মুদ্রা, কর্ম্মধা] বি, স্ত্রী, দেবপূজার করমুদ্রা-বিশেষ।

চক্রযান (চক্‌ক্রজান্) [চক্র (চাকা) হইয়াছে যান (গমন-সাধন) যাহার, বহু] বি, ক্লী, দুই, তিন বা তদুর্দ্ধ-সংখ্যক চক্রযুক্ত যান ; রথ ; গাড়ী ; শকট ; সাইকেল।

চক্ররক্ষক (চক্‌ক্ররোক্‌খোক্) [চক্র (ব্যূহ) রক্ষ্ (রক্ষা করা) +অক (কর্ত্তৃ) যে ব্যূহা-কারে রচিত সৈন্য রক্ষা করে] বিণ, ব্যূহরক্ষক।

চক্রহস্ত (চক্‌ক্রহস্ত) বি, চক্রপাণি দ্রঃ।

চক্রাকার (চক্‌ক্রাকার্) [চক্র+আকার] বি, গোল।

চক্রাঙ্গ (চক্‌ক্রাংগ) [চক্রের অঙ্গ—৬তৎ অথবা চক্র (চাকা) হইয়াছে অঙ্গ (অবয়ব) যাহার, বহু] চক্রযান ; গাড়ী। ২। চক্রের অবয়ব ; চক্রাংশ। ৩। [চক্র (চিত্রবিচিত্র) অঙ্গ যাহার, বহু] হংস। ৪। উদ্যান ; বাগান। স্ত্রী, **চক্রাঙ্গী**—হংসী।

চক্রাট (চক্‌ক্রাট্) [চক্র (গ্রাম বা দেশ) অট (ভ্রমণকারী)—যে দেশে দেশে বা গ্রামে গ্রামে ঘুরে বেড়ায়] বিণ, ভবঘুরে ; vagabond. ২। সাপুড়ে। ৩। ঠগ।

চক্রান্ত (চক্‌ক্রান্ত) [চক্রের অন্ত (শেষ, একশেষ) ৬তৎ] বি, পুং, কাহার বিরুদ্ধে বহু লোকের কুপরামর্শ বা কুযুক্তি। ২। ফন্দি ; ছল ; কূট কৌশল-জাল। প্র—"চক্রান্ত করিল চক্রী চক্র আচ্ছাদনে"—রস সাগর।

চক্রান্তকারী (চক্‌ক্রান্তকারী) [চক্রান্ত—কৃ+ইন্ (কর্ত্তৃ—শীলার্থে, ণিন্) চক্রান্ত-কারিন্ ১মা, ১ব] বিণ, কুযুক্তিদাতা ; কুমন্ত্রণা-কারী ; চক্রান্তে সংসৃষ্ট বা লিপ্ত।

চক্রাবর্ত্ত (চক্‌ক্রাবর্‌ত) [চক্র (চাকা) তাহার আবর্ত্ত (ভ্রমণ—ঘূর্ণন), ৬তৎ] বি, পুং, চাকার ঘূর্ণন। ২। [চক্রবৎ আবর্ত্ত (উপমিত)] মণ্ডলাকারে ভ্রমণ ; ঘূরপাক ; আবর্ত্তন। প্র—"ক্ষণেক তাণ্ডব করে ক্ষণে চক্রাবর্ত্তে ফিরে মৃগ নহে দেবতার মায়া।"—কবিক।

চক্রিকা—বি, স্ত্রী, হাঁটুর চক্রাকার হাড় ; মালাইচাকি ; কূর্পর। ২। জানু ; হাঁটু ; the knee.

চক্রী (চোক্‌ক্ৰি) [চক্র+ইন্ (অস্ত্যর্থে)] বিণ, পুং, চক্রধারী। ২। চক্রান্তকারী ; কুমন্ত্রী ; খল। ৩। চক্রারূঢ়। ৪। ব্যূহ-রচনাকারী। ৫। চক্রবাক। ৬। বিষ্ণু ; কৃষ্ণ। ৭। রাজা। ৮। কুম্ভকার। ৯। কলু। ১০। সর্প। ১১। কাক।

চক্রেশ্বর (চক্‌ক্রেশ্‌শর্) [চক্র (দেশসমূহ) তাহার ঈশ্বর (প্রভু), ৬তৎ] বি, পুং, সম্রাট্। ২। [তন্ত্রে] সাধনচক্রের অধিপতি ; তন্ত্রসাধকগণের মণ্ডলাকারে উপবেশন এখানে চক্র এবং উপাস্যদেব, অথবা শক্তিমণ্ডলীর ঈশ্বর বা অধিপতি। স্ত্রী, **চক্রেশ্বরী**—বিদ্যাদেবী।

চক্ষণ (চক্‌খন্) বি, মদ্যপ যাহা চাখিয়া চাখিয়া ভক্ষণ করে ; মদের চাট।

চক্ষুঃ (চোক্‌খু) [চক্ষ্ (দর্শন) + উস্ (করণে) যাহা দ্বারা দর্শন করা যায়] বি, ক্লী, দর্শনেন্দ্রিয় ; অক্ষি ; লোচন ; চোখ। ২। দৃষ্টি ; নজর। ৩। অন্তর্দৃষ্টি ; বিবেচনা। **চর্ম্মচক্ষু**—রক্ত, মাংস, শিরাদি সম্বলিত দর্শনেন্দ্রিয়। **মনশ্চক্ষু, জ্ঞানচক্ষু**—মানস বা চিত্তপটে দর্শন করিবার শক্তি ; অন্তর্দৃষ্টি। **চক্ষু খুলিয়া দেওয়া**—অজ্ঞানতা দূর করা প্রকৃত বিষয় বুঝাইয়া দেওয়া ; যে দৃষ্টি অজ্ঞানতায় নিমীলিতবৎ বা আবৃত ছিল তাহা জ্ঞানদান করিয়া উন্মীলিত করা ; opening one's eyes. **চক্ষু মুদ্রিত বা নিমীলিত করা**—চোখ বোজা ; চোখ বন্ধ করা। **সাধারণের চক্ষুতে**—জনসাধারণের দৃষ্টিতে বা বিবেচনায়। **চক্ষু কর্ণের বিবাদ মিটান,—ভঞ্জন করা**—শোনা বিষয় চক্ষুগোচর করিয়া সন্দেহ দূর করা।

চক্ষুর্গোচর (চোক্‌খুর্গোচর্) [চক্ষুর গোচর—৬তৎ] দৃষ্টির বিষয়ীভূত ; চক্ষুর্বিষয় ; চক্ষুগ্রাহ্য। নেত্রগোচর। বাং—**চক্ষুগোচর**।

চক্ষুদান (চোক্‌খুদান্) [চক্ষুঃ+দান=চক্ষুর্দান, কিন্তু বাং-য়—চক্ষুদান। চক্ষু (দৃষ্টি) দান] বি, প্রতিমার চক্ষে রঙ্ দিয়া পূজার উপযোগী করণ ; প্রতিমার চক্ষে জ্যোতিঃ সম্পাদন দ্বারা প্রাণপ্রতিষ্ঠা। ২। স্বার্থ সম্বন্ধে যে চক্ষু বুজিয়া অর্থাৎ অসতর্ক আছে, স্বার্থহানি করিয়া তৎপ্রতি তাহার চক্ষুরুন্মীলন বা সতর্কীকরণ। ৩। চুরি ; অপহরণ। ক্রি, **চক্ষুদান করা**।

চক্ষুর্দান—চক্ষুদান দ্রঃ।

চক্ষুর্বিষয় (চোক্‌খুর্‌বিষয়) [চক্ষুঃ+বিষয়] বি, দর্শনীয় বস্তু ; চক্ষুগ্রাহ্য ব্যাপার। ২। দৃশ্য।

চক্ষুলজ্জা (চোক্‌খুলজ্‌জা) [চক্ষুঃ+লজ্জা=**চক্ষুর্লজ্জা**। বাং-চ—চক্ষুলজ্জা] বি, স্ত্রী, অভদ্র বা অশিষ্ট আচরণ-কুণ্ঠতা ; চক্ষে যাহা লজ্জাজনক ঠেকে তাহার অনুষ্ঠানে কুণ্ঠা বা সঙ্কোচ।

চক্ষুঃশ্রবা (চোক্‌খুস্‌স্রোবা) [চক্ষুস্ (নয়ন) হইয়াছে শ্রবস্ (কর্ণ) যাহার, বহু=চক্ষুশ্রবস্ ১মা, ১ব,—স্—লোপ, অ—আ। যাহাদের চক্ষুদ্বারা শ্রবণের কার্য্যও হয়] বি, পুং, সর্প।

চক্ষুষ্মান (চোক্‌খুষ্‌মান্) [চক্ষুষ্মৎ শব্দ (অস্ত্যর্থে, মতু) ১মা, ১ব] বিণ, স্ত্রী, **চক্ষুষ্মতী**। দর্শনেন্দ্রিয়-বিশিষ্ট। ২। সত্যদ্রষ্টা।

চক্ষুষ্মত্তা (চোক্‌খুষ্‌মৎতা) [চক্ষুস্+মৎ (অস্ত্যর্থে—মতু) + তা (ভাবে)] বি, স্ত্রী, প্রখর দৃষ্টির বিদ্যমানতা। ২। সত্য দর্শনের শক্তি। ৩। সূক্ষ্মদৃষ্টি।

চক্ষুষ্য (চোক্‌খুষ্‌ষ) [চক্ষুস্+য (হিতার্থে-ষ্য)] বিণ, নেত্রের হিতকর ; দৃষ্টিশক্তি-বর্দ্ধক। ২। চক্ষের আরামদায়ক ; নয়নাভিরাম সুদৃশ্য ; সুন্দর।

চক্ষূরাগ (চোক্‌খুরাগ্) [চক্ষুঃ+রাগ=চক্ষূরাগ। চক্ষু (র) রাগ—৬তৎ] বি, পুং, নেত্রের রক্তিমা ; চক্ষের রক্তিম আভা ; অরুণদৃষ্টি। ২। নেত্ররঞ্জন।

চক্ষূরোগ (চোক্‌খুরোগ্) [চক্ষুঃ+রোগ=চক্ষূরোগ। চক্ষু (র) রোগ—৬তৎ] বি, পুং, চোখের অসুখ ; চোখ ওঠা, ছানি পড়া, খোতো ধরা প্রভৃতি নেত্রব্যাধি।

চঙ্কুর (চোংকুর্) [চন্‌ক্ (সৌত্র ধাতু) = গমন করা + উর (কর্ত্তৃ—উরচ্) সংজ্ঞার্থে] বি, পুং, শকট ; রথ ; যান ; বাহন। ২। যে মৃত্তিকা ভেদ করিয়া ঊর্দ্ধে গমন করে] বৃক্ষ।

চঙ্ক্রমণ (চংক্রোমন্ [ক্রম্ ধাতু হইতে (যঙ্ লুগন্ত) চঙ্ক্রম্ (পুনঃপুনঃ গমন করা) + অন (ভাবে - অনট্)] বি, ক্লী, বারংবার গমন ; পাদচারণ। **পদচঙ্ক্রমণ করা**—পায়চারি করা ; বেড়ান।

চঙ্গ (চংগ) [সং] বিণ, শোভন ; সুন্দর। ২। দক্ষ ; কর্ম্মঠ ; নিপুণ। ৩। সুস্থ ও সবল ; নীরোগ। ৪। পালোয়ান ; মল্ল। ৫। সৈন্য ; যোদ্ধা। প্র - "ভীড়নে চলিল চঙ্গ বাইশ হাজার"—কবিক। ৬। [প্রাদে] সিঁড়ি ; মই।

চঞ্চরিকাবলী (চন্‌চরিকাবলী) [চঞ্চরীক—আবলী (শ্রেণী) ৬তৎ] বি, স্ত্রী, ভ্রমরপংক্তি ; মধুকরশ্রেণী। ২। ত্রয়োদশাক্ষরা ছন্দোবিশেষ। ১, ৮, ১১ বর্ণ লঘু।

চঞ্চরী (চন্‌চোরি) [যঙ্ লুগন্ত চর্ ধাতু+ঈ (কর্ত্তৃ)] বি, স্ত্রী, ভ্রমরী।

চঞ্চরীক (চন্‌চরিক্) [সং—চঞ্চরী দ্রঃ] বি, ভ্রমর ; মধুকর।

চঞ্চল (চন্‌চল্) [চল্ (যঙ লুগন্ত) = চঞ্চল (পুনঃপুনঃ চলা) + অ (কর্ত্তৃ—অচ্)] যে পুনঃপুনঃ চলে] বিণ, অস্থির ; চপল। ২। কম্পিত ; ব্যাকুল। ৩। বিচলিত। ৪। লম্পট। ৫। বি, বায়ু। স্ত্রী, **চঞ্চলা**—বিদ্যুৎ ; চপলা। ২। লক্ষ্মী। বি, **চাঞ্চল্য**। **চঞ্চল-অধর**—কিছু বলিবার জন্য উৎসুক বা স্ফুরিতাধর। প্র—"তপস্বীরে দেখে কিছু চঞ্চল-অধর। সে স্থান ছাড়িয়া গৌরী গেলা স্থানান্তর॥"—কবিক। **চঞ্চলচিত্ত**—অস্থিরচিত্ত ; ব্যাকুলচিত্ত ; উদ্বিগ্নমন। প্র—"চঞ্চল চেতন আমি চলিশ বন্ধনে।"—কবিক। **চঞ্চলনেত্র, নয়ন**—অস্থির দৃষ্টি ; খনখন দৃষ্টি ; চতুর্দ্দিকে দৃষ্টিপাত। **চঞ্চলপ্রকৃতি, চঞ্চলস্বভাব**—স্বভাবতঃ অস্থির।

চঞ্চলতা [চঞ্চল+তা (ভাবে)] বি, স্ত্রী, অস্থিরতা ; চপলতা। ২। কম্পন। ৩। ব্যাকুলতা।

চঞ্চলত্ব (চন্‌চলৎত) বি, চঞ্চলতা (দ্রঃ)।

চঞ্চলিত (চন্‌চোলিত) [চঞ্চল+ইত (যুক্তার্থে)] বিণ, চাঞ্চল্যযুক্ত ; চঞ্চল। প্র—"এই এসে এসে বলি চিত অতি চঞ্চলিত।"—নিধুবাবু।

চঞ্চা—বি, স্ত্রী, চাঁচ ; দরমা ; চ্যাটাই ২। নলকাঠি-নির্ম্মিত ডমরু-আকার আসন ; মোড়া। ৩। ক্ষেত্রাদি হইতে শৃগাল, কাক প্রভৃতি দূর করিবার জন্য খড়ের মানুষ ; scare crow

চঞ্চু, চঞ্চূ (চোন্‌চু) [চঞ্চ্ (খাওয়া) + উ, (করণে) যাহা দ্বারা পক্ষীরা আহার করে] বি, স্ত্রী, পাখীর ঠোঁট। স্ত্রী, **চঞ্চুকা**।

চঞ্চুরী (চোন্‌চুরি) বি, চটকপক্ষী ; চড়াইপাখী।

চট (চট্) [ছোট বা জট হইতে] বি, পাটের দড়িতে প্রস্তুত খুব মোটা বস্ত্র ; গুণ ; থলিয়া ; বোরা।

চট (ট্) [ঝাট (দ্রঃ)—ঝট্] ক্রি-বিণ, শীঘ্র ; ঝটিতি। প্র—"মাথা ধরা ছেড়ে গেল চট্"—রবি।

চটক (ক্) [চট্ (ভেদ করা) + অক (কর্ত্তৃ) —যে ফাঁক পাইলেই তাহার ভিতর দিয়া ঘরের ভিতর প্রবেশ করে। হি—চঙ্কড়েয়া ; গৌড়ইয়া] বি, পুং, চড়ুই পাখী ; a sparrow. **গৃহচটক**—ঘোরো চড়ুই ; ঘর বাড়ীতে থাকে,—দেওয়ালের ফাটলে, চালে, বরগার ফাঁকের মধ্যে বাসা বাঁধিয়া থাকে। ঘুলঘুলি, দরজা জানালার ফাঁক দিয়া ইহারা ঘরে ঢোকে। ইহারা খুব মানুষ-ঘেঁষা। **আরণ্য বা বন্য চটক**—বুনো চড়ুই ; ইহারা গেছো, মেঠো ভেদে নানা প্রকার। কৃষ্ণ-

চটক—শ্যামাপাখী। স্ত্রী. চটকী, চটকা, চটিকা—মাদি চড়াই।

চটক (ক্) [চট্ (ভেদ বা বিদীর্ণ করা) + অক (কর্তৃ)—যাহা সৌন্দর্যে, বর্ণে বা ঔজ্জ্বল্যের তীব্রতায় চক্ষুর ঝিল্লী যেন বিদীর্ণ করে। অথবা চটু (ঝটু, শীঘ্র) + অক। যাহা চটু করিয়া লোকের মনে লাগে বা মন হরণ করে। হি—চটক্ (splendour, gaudiness)] বি. তীব্রদীপ্তি; জেল্লা। প্র—তাহার চেহারা তত ভাল নয় কিন্তু রঙ্গের চটক্ খুব আছে।। ২। জমক; ভড়ক; ভড়ঙ্গ; আড়ম্বর। প্র—"বিজ্ঞাপনের চটক্ ভিন্ন ঔষধ কাটে কার।"—রজনী সেন। কথার চটকেই মাত করে দিয়েছে। ৩। হাব ভাব যুক্ত চাল: wanton gait. তুল—হি—চটক্-মটক্। বিণ. চটকিয়া, চটুকিয়া, চটুকে (চো) জমকাল; জলজলে; জেল্লাদার; চড়কো দ্রঃ। প্র—চটুকে রঙ্গ। চটুকে চাল।

চটকদার (চটক্‌দার্) [চটক্ + ফা—দার (বিশিষ্টার্থে)] বিণ. যাহার বা যাহাতে চটক আছে: চটুকে।

চটকা (ট্) [চট্ (আবরণে) ধাতু হইতে। —আচ্ছন্নতা। তুল—হি—ঝপ্‌কি = তন্দ্রা। চমক (দ্রঃ)—চম্‌কা। তুল—এক চমক ঘুমাইয়া লওয়া] বি. নিদ্রাবেশ; তন্দ্রা। ২। আবেশ; মগ্নভাব; বাহ্যজ্ঞানশূন্যতা। চটকা-ভাঙ্গা—নিদ্রাবেশ দূর হওয়া; তন্দ্রার ঘোর কাটা; সজাগ হওয়া। ২। বাহ্যজ্ঞান হওয়া; সতর্ক হওয়া।

চটকান (চট্‌কানো) [হি—চটকানা। সং—চটু (ভেদ করা, বধ করা, মর্দন করা)] ক্রি. করতল দ্বারা কচলান; কচটান (দ্রঃ); মর্দ্দন করা; মলা; মাড়া। উ-পু—চটকাই। ম-পু—চটকাও। প্র-পু—চটকায়। অস-ক্রি—চটকাইতে; চটকাইয়া; সংক্ষেপে চটকে (চোট্‌কে)। বি. চটকানি—মর্দ্দন; কচলন্। ২। যাহা চটকাইয়া রাখা হইয়াছে; পিষ্ট দ্রব্য।

চটকামুখ (খ্) [চটকা (র) মুখ (চঞ্চু) সদৃশ] বি. চটকা-চঞ্চুবৎ ও তীক্ষ্ণাগ্র অস্ত্রবিশেষ।

চট-চট (চট্‌চট্) [শব্দাত্মক] অ. করতলাঘাত শব্দ; চপেটাঘাত; চাপড়। প্র—তাহাকে চট্‌চট্ করিয়া ঘাকতক চড় বসাইয়া দিল। ২। আঠাল দ্রব্য চটকাইবার শব্দ। ৩। [জট (সংঘাতে, পরস্পর সংলগ্নীকৃতভাবে) —চট + চট (ঘনত্ব বা গাঢ়তা হেতু সংলগ্নতার আধিক্য অর্থে)] অ. স্পর্শমাত্র আঠার মত সংলগ্ন হওয়ার ভাববোধক। প্র—হাত চটচট করা। বিণ. চটচটিয়া, চটচটে (চট্‌চোটে) —স্পর্শমাত্র লাগিয়া যায় এরূপ; লগ্নশীল। প্র—আঠা বেশ চটচটে হয়েছে।

চটচটান (চট্‌চটানো) [চটচট + আন (ক্রিয়ায়)] ক্রি. চট্‌চট্ শব্দ করা। ২। আঠার মত স্পর্শমাত্র সংলগ্ন হওয়া। বি. চটচটানি।

চটৎকার (র্) [চট্ (দ্রঃ) ধাতু হইতে চটৎ (অব্যক্ত শব্দে) কার—(কৃ + অ, ভাবে—ঘঞ্)] বি. চটৎ এইরূপ শব্দ। (২) কোন কঠিন দ্রব্য চিড়াইবার বা হঠাৎ বিদীর্ণ হইবার শব্দ। (৩) পাথুরে কয়লা বা চিড় কাঠ প্রভৃতি পুড়িবার কালে যে শব্দ হয়।

চটপট (চট্‌পট্) [চট্ (ঝট্) + পট্ (গতি অর্থে) ঝটিতি গমন] ক্রি-বিণ. ত্বরিত; শীঘ্র; ঝটিতি। প্র—"চটপট চন্দ্রচূড় চলে তার ঘরে। গঙ্গাধরে গিরিরাজ গোড়াইতে নারে॥"—শিবায়ন।

চটপটিয়া, চটপটে (চট্‌পোটে) বিণ. শীঘ্রকারী; ক্ষিপ্র। ২। তৎপর; চালাক; দক্ষ; চতুর। প্র—"আমরা দেখতে ছোকরা বটে, কিন্তু কাজে ভারি চট্‌পটে॥"—রজনী সেন।

চটা [চণ্ড্ (কোপে) চড়া—চটা] ক্রি. কোপ করা; ক্রোধ করা; রাগা। প্র—"যদি 'সাহেব' না বোলে 'বাবু' কেহ বলে মনে মনে ভারি চটি।"—দ্বিজেন্দ্র রায়। উ-পু—চটি (চোটি)। ম-পু—চট (চটো)। প্র-পু—চটে। ণিজন্ত—চটান (চটানো) অপরকে ক্রুদ্ধ করা; রাগান। প্র—"আমাদের সাহেব যদিও দেবতা, তবু ঐ সাহেবগুলোই চটাই।" —দ্বিজেন্দ্র রায়। ২। বিণ. কোপন-স্বভাব; রাগী। প্র—"মেজাজ হলো চটা"—দ্বি-রায়। ৩। [চণ্ড = উগ্র] বিণ. উগ্র; উদ্ধত। ৪। অত্যধিক; অতিশয়; চড়া। রগচটা—অল্পে যে ক্রুদ্ধ হয়; উগ্রমেজাজ; রাগী। রগ দ্রঃ।

চটা [চট্—ভেদে, বিদারণে] ক্রি. বিদীর্ণ হওয়া; ফাটা; চীড় খাওয়া। ণিজন্ত—চটান (নো)—ফাটান; ফাড়া; চেরা

চটা [চট দ্রঃ] বি. ত্বক; চাক্‌লা; উপরের পাৎলা অংশ। প্র—চটা উঠিয়া যাওয়া। ২। চাটাই; দরমা। ৩। [প্রাদে] বাঁকারি, বাঁশের বাখারি।

চটাচটি (চটাচোটি) [চটা দ্রঃ। ব্যাপ্তি অর্থে দ্বিত্ব] বি. পরস্পরের মধ্যে ক্রোধের ভাব; রাগারাগি। ২। ফাটাফাটি। ৩। চট্‌চট্ শব্দের ব্যাপ্তি; উপর্য্যুপরি ও চতুর্দ্দিকে চপেটাঘাত শব্দ।

চটান (চটান্) [হি—চটান, চট্যান্ = বিস্তৃত পাষাণ খণ্ড, শৈলভূমি] বি. পাষাণে বাঁধান ভূমি; সমতল শৈল ভূমি; শান (দ্রঃ)। ২। সমতল বিস্তীর্ণ ক্ষেত্র। ৩। বিণ. চটাল; চওড়া; সমতল ও বিস্তৃত।

চটানিয়া, চটানে [চটা, চটান দ্রঃ] বিণ. ক্রোধের উদ্রেককারী; যাহার জন্য লোকে চটে। ২। প্রশস্ত; চওড়া। ৩। পাষাণে বাঁধান।

চটাল (লো) [গ্রা—চ্যাটাল। হি—চাটি-আল (level) চটাল দ্রঃ] বিণ. চওড়া; প্রশস্ত।

চটি (চোটি) [ফা—চৎরী = তাঁবু, ডেরা] বি. পান্থশালা; ক্ষণিক বিশ্রামস্থান; আশ্রম।

চটি (চোটি) [চর্ম্ম—চামড়—চামট—চামাটি—চটি] বি. চামড়ার পাতলা জুতা। প্র—"এক পাট চটি বিছানায়"—দ্বিজেন্দ্র রায়।

চটী (চোটি) [চট দ্রঃ। চটবৎ পাতলা] বি. পাতলা বই; কতিপয় পৃষ্ঠার পুস্তিকা; pamphlet. প্র—"একটী ক্ষুদ্র চটী প্রকাশ করাতে এই আন্দোলনের উৎপত্তি হয়।" —রাজনারায়ণ বসু (আত্ম-চরিত)।

চটু (চোটু) [চট্ (ভেদ করা বা সংলগ্ন হওয়া + উ (করণে) যাহা অন্তর স্পর্শ করে বা মনে লাগে] বি. চাটুবাক্য; তোষামোদ। বিণ. চটুকিয়া—চটক দ্রঃ।

চটুল (চোটুল্) [চট্ + উল (কর্তৃ—সংজ্ঞার্থে) অথবা চঞ্চলতা অর্থে ল যোগ। তুল—সং—চটু-লোল (চটু = সুন্দর + লোল = চঞ্চল) সংক্ষেপে চটুল] বিণ. অস্থির; চঞ্চল। ২। মনোজ্ঞ; সুন্দর। ৩। প্রিয়বাদী [বিরল]। স্ত্রী. চটুলা—বিদ্যুৎ। ২। বিণ. চঞ্চলা। প্র—"জলতল ত্যজি, যথা উঠয়ে চটুলা সফরী।"—মেঘনাদ। ৩। প্রিয়বাদিনী [বিরল]।

চট্টল (চট্টল্) [সং—পরিঃ দ্রঃ] বি. চট্ট-গ্রামের পৌরাণিক নাম; চাটগাঁ। প্র—"পুজিবারে চন্দ্রনাথে যাইবে চট্টলে।"—রঙ্গমতী।

চট্টোপাধ্যায় (চট্টোপাধ্যায়) [চট্ট (হি—চট্টা = ছাত্র, পড়ুয়া; চৎশালী = ছাত্রশালা; পাঠশালা; ওড়ি—চাটশালি। তুল—"চাট-শালি পাঠ") + উপাধ্যায়] বি. ব্রাহ্মণের উপাধিবিশেষ।

চড় (ড়্) [চপেট—চাপড়—চড়] বি. চপেটাঘাত; চাপড়। প্র—"ভীমসনে ভ্রূকুটি করিছে ভূতনাথ। চট্‌চট্ শুনি চড় চাপড় নির্ঘাত।" —শিবায়ন।

চড়ই—চড়ুই দ্রঃ।

চড়ক (ক্) [সং—চক্র] বি. বর্ষ চক্র ঘুরিয়া বর্ষ-শেষ ও নববর্ষারম্ভের রূপক; প্রতি চৈত্র

সংক্রান্তিতে অনুষ্ঠিত উচ্চ বাঁশ বা খুঁটির মাথায় তরাজুর দাঁড়ির আকারে বাঁধা দণ্ডে ঘূর্ণন উৎসব ; শিবের গাজন মহোৎসবে চড়ক গাছে ঝুলিয়া চক্রভ্রমণ। এই উৎসবে গাজনের সন্ন্যাসীদের মধ্যে যাহারা চড়কগাছে ঘোরে তাহাদের জিহ্বা, পার্শ্ব, নাক, কাণ, হাত প্রভৃতি ফোঁড়া হইত। এখন প্রায় এপ্রথা উঠিয়া গিয়াছে। **চড়কগাছ**—যে দীর্ঘ বাঁশ বা দারুস্তম্ভের উপর হইতে ঝুলিয়া ঘুরিতে হয়। ২। [লক্ষণায়—বিদ্রূপে] অতিরিক্ত দীর্ঘাকার ; রোগা ও ঢেঙ্গা। **চড়কডাঙ্গা**—যে স্থানে চড়ক উৎসব হয়। ২। [চড়ক গাছ হইতে] জলাদি প্রাপ্তির অসুবিধাজনক উচ্চভূমি। প্র—"জিহ্বা ফোড়ে জিহ্মা কাটে করয়ে চড়ক—কবিক। **চড়কে কাটি পড়া**—গাজনের উৎসব আরম্ভ হইলে ঢাকে কাটি পড়ে অর্থাৎ ঢাক বাদ্য আরম্ভ হয়। **চড়কতলা**—চড়কডাঙ্গা দ্রঃ। যে মাঠে চড়ক উৎসব হয়। **চড়ক সংক্রান্তি**—চৈত্র সংক্রান্তি। **চড়কের বাদ্য**—চড়চড় শব্দে ঢাক বাদ্য। বিণ. **চড়কিয়া, চড়ুকে** (চোড়ুকে)—চড়ক সংক্রান্ত। ২। চড়ক গাছের ন্যায় উচ্চ। ৪। চড়কের বৎসরে জাত। **চড়ুকেহাসি**—উচ্চহাস্য ; অট্টহাস। ২। বাণ ফোড়ার যন্ত্রণা চাপা দিয়া লোক দেখান হাসি।

চড়কা, চড়কো (ড়্) [চড়ক+আ, চড়ক+উআ—চড়কুয়া, চড়কো] বিণ, উচ্চ ; উন্নত। ২। উগ্র ; উন্নত। ৩। তীব্র ; তেজাল।

চড়কাল (চড়্কালো) [চড়্ক (দ্রঃ)+ আল (সাদৃশ্যে)] বিণ, অনেকটা চড়া ; প্রায় চড়া। ২। চট্কাল ; চটকদার ; জমকাল।

চড়চড় (চড়্চড়্) [শব্দাত্মক] অ, অনুকরণ শব্দ ; বৃক্ষাদি উৎপাটন শব্দ। প্র—"চড় চড় শব্দে ছিঁড়ে লতার বন্ধন।"—কৃত্তিবাস। ২। রৌদ্রের ঝাঁজে বা আগুনের তেজে কাট ফাটিবার শব্দ ; বস্ত্রাদি বিদারণ শব্দ ; ভাজনা-খোলায় কড়াই মুড়ি প্রভৃতি ভাজিবার শব্দ ; চুল ছেঁড়ার শব্দ। ৩। চড়চড় শব্দে ফাটিবার অনুভূতি ; গায়ের চামড়া শুষ্ক হইতে যে অনুভূতি জন্মে। ৪। চড় বা চাপড়ের শব্দ। [দ্রঃ—অধিক বা চড়া শব্দে **চড়চড়** ; মৃদু শব্দে **চিড়চিড়** ; মৃদুতর শব্দে **চুড়চুড়** ; মৃদুতম শব্দে **চুড়ুচুড়ু**]। বিণ, **চড়চড়িয়া, চড়চড়ে** (চড়্চোড়ে) দ্রুত উচ্চারণে **চচ্চড়ে**—চড়চড় শব্দকারী। প্র—চড়চড়ে বাজনা। ২। তীব্র ; উগ্র ; চড়কা। প্র—চড়চড়ে রোদ বা আগুন। ক্রি, **চড়চড়ান** (নো), দ্রুত উচ্চারণে **চচ্চড়ানো**—চড়চড় শব্দ করা। ২। চচ্চড় করিয়া ফাটা। ৩। চড়ের উপর চড় বসাইয়া দেওয়া ; চড়ান। ৪। চড়চড় শব্দে ঢাক বাজান। ৫। অতিরিক্ত স্ফীত হইয়া বিদারণ। ৬। আধার অপেক্ষা আধেয়ের পরিসর অধিক হওয়ায় টান পড়া। বি, **চড়চড়ানি, চচ্চড়ানি। বুক চচ্চড়ান**—হিংসায় হৃদয় বিদীর্ণ হওয়া ; বুক ফেটে যাওয়া। **পেট চচ্চড়ান**—অতিরিক্ত আহার বা গুরু ভোজনে পেট ফাটিবার মত যন্ত্রণাদায়ক হওয়া।

চড়চড়ী, ড়ি (চড়্চোড়ি) [প্রাদে। দ্রুত —চচ্চড়ি] বি, শুষ্ক ব্যঞ্জন। [সড়সড়ি দ্রঃ] প্র—"আম্র দিয়া শৌলমাছে ঝোল চড়চড়ী"—অ, ম। ২। [সং—চচ্চরী চড়চড় শব্দে বাজে বলিয়া চর্চ্চরী বাদ্য।

চড়তি (চোড়্তি) [চড়া (দ্রঃ)] বি, চড়ন ; উর্দ্ধগমন ; আরোহণ। ২। মূল্যের বৃদ্ধি ; বাড়তি। বিপরীত—পড়তি।

চড়ন (চড়োন্) [চড়া দ্রঃ] বি, আরোহণ ; উঠন। ২। পৃষ্ঠে আরোহণ। সওয়ার হওন। প্র—"চড়নের ঘোড়া জোড়া রাজ-আভরণে।"—ঘনরাম। ৩। বর্দ্ধন। ৪। প্রসাধন : জড়ন : খচিত করণ ; mounting. স্বর্ণকারদিগের ভাষায় রসান ; অলঙ্কারে রং ধরাণ।

চড়নদার (চড়োন্দার্) [চড়ন (দ্রঃ)+ ফা—দার (কর্ত্তা)] বিণ, যে চড়ে : আরোহী। প্র—"হাতিয়ার বোঝাই দুই একখানা কিস্তি ঘাটে আসিয়া লাগিয়াছে। তাহাতে একজন ইংরেজ চড়ন্দার।"—চন্দ্রশেখর। ২। যে অলঙ্কারাদিতে রঙ্গ চড়ায় ; রসানকারী। বি, **চড়নদারি**।

চড়বড় (চড়্বড়্) [শব্দাত্মক] অ, অনুকরণ শব্দ, ভাজনা খোলায় ধান চাল ভাজিবার শব্দ : খই ফুটিবার শব্দ ; অল্পজলে চুনা মাছ লাফাইবার শব্দ। ২। খই ফোটার মত কথা ফুটিবার শব্দ। প্র—ছেলেটা চড়বড় করে বকে গেল যেন মুখে খই ফুটতে লাগল। [দ্রঃ—মৃদুশব্দে—**চিড়বিড়**, মৃদুতর শব্দে—**চুড়বুড়, চুড়ুবুড়ু**]।

চড়া [চড় (চর দ্রঃ)+আ (অস্ত্যর্থে] বি, পুলিন ; নদীগর্ভে পলি পড়িয়া দ্বীপের মত যে স্থান গঠিত হয়। নদী গর্ভস্থ নবগঠিত শুষ্কভূমি নদী মধ্যে ভূভাগ। প্র—"সুরধুনী আদ-মরা বুকেতে পড়েছে চড়া।"—ঈশ্বরগুপ্ত। ২। [চড় শব্দ হইতে] গুণ ; ধনুকের ছিলা। প্র—"যৌতুকের বাঁশে দিল মরুগার চড়া।"—কবিক।

চড়া (চ্) [হি—চঢ়্না] ক্রি, উপরে উঠা ; আরোহণ করা। প্র—"জজ্বে জজ্ব দিয়া পায়েতে ছান্দিয়া বাঁশের উপর চড়ে।"—চণ্ডীদাস। ২। উপরে পড়া ; আক্রমণ করা। ৩। বৃদ্ধি পাওয়া। প্র—দাম চড়া। ৪। ক্রুদ্ধ হওয়া ; রাগা। উ-পু—চড়ি (চোড়ি) ; ম-পু—চড়। প্র-পু—চড়ে। ণিজন্ত—**চড়ান** (নো)। উ-পু—চড়াই। ম-পু—চড়াও। প্র-পু—চড়ায়। বি, **চড়ানি**—উদ্ধত হওয়া। **মাথায় চড়া**—অত্যন্ত আবদারে হওয়া ; প্রশ্রয় পাওয়া। **বুকে চড়া**—আক্রমণ করা।

চড়া (চ্) [সং—চণ্ড] বিণ, উদ্ধত ; উগ্র। প্র—চড়া মেজাজ। ২। তীব্র ; তীক্ষ ; তেজাল। প্র—চড়া ঝাল। চড়া রৌদ্র। ৩। বর্দ্ধিত : অতিশয় : অত্যধিক। প্র—চড়া দাম। সন্দেশের বাজার বড় চড়া। ৪। টক্‌টকে। প্র—চড়া রং। ৫। উচ্চ।

চড়া [চাড়া দ্রঃ। চড়া—আরোহণ অর্থে] বি, টান ; আকর্ষণ ; ধনুকের গুণ বা ছিলা ধনুকের হুলে সংলগ্ন করিবার কালে আকর্ষণ। প্র—"চড়া দিতে এখনি হবেক চারিখান।"—ধ-ম (মাণিক)।

চড়া (চ্) [প্রাদে] বি, প্রশ্ন। প্র—চড়া উতার। **চড়া উতার, উতোর**—কবি বা গম্ভীরার গানের সওয়াল জবাব।

চড়া—বি, রন্ধন বা পাকের পর যে অতিরিক্ত চোঁয়া বা জ্বলা তেল, ঘি পড়িয়া থাকে।

চড়াই (চ্) [সং—চর্ (গমনে) এবং আ—রুহ্ (নিম্ন হইতে উর্দ্ধ গমনে) এই দুয়ের মিশ্রভাব হইতে হি—চঢ়্না (আরোহণ করা) ; হি—চঢ়াই। বাং—ঢ়=ড়। বিপরীতে—উৎরাই] বি, উর্দ্ধগমন ; উঠা। ২। উচ্চতা ; উন্নতি। ৩। উর্দ্ধপথ ; uphill. প্র—এক এক পাহাড়ের চড়াই চড়িতেই প্রাণ যেন বাহির হইয়া যায়। ৪। চড়ুই দ্রঃ। **চড়াই-উৎরাই**—উন্নতি, অবনতি ; উর্দ্ধগমন পথ ও অধোগমন-পথ। উৎরাই দ্রঃ। প্র—"অনেকগুলি চড়াই ও উৎরাই অবলীলাক্রমে অতিক্রম করিয়া অপেক্ষাকৃত পরিসরক্ষেত্রে আসিয়া উপনীত হইল।"—মানসী। **চড়াইভাতি**—চড়ুই দ্রঃ।

চড়াও, চড়াউ [গ্রা—উচ্চারণ ভেদে—চড়োয়া] বি, আরোহণ। ২। আক্রমণ। **বাড়ী চড়াও**—বাড়ী আক্রমণ।

চড়াচড়ি [চড় (দ্রঃ)+আ+চড়+ই ব্যাপ্ত্যর্থে, দ্বিত্ব] ক্রি, চপেটাঘাত শব্দ। ২। পরস্পর চড় প্রহার।

চড়াৎ—অ, অনুকার শব্দ।

চড়ান (চ্‌ড়ানো) [চড়া দ্রঃ] ক্রি, আরোহণ করিতে দেওয়া ; উঠাইয়া দেওয়া ; তুলিয়া দেওয়া। প্র—গাছে চড়ান। ২। আরোহণ করা। প্র—ধনুকের ছিলা চড়ান। ৩। স্থাপন করা। প্র—উনানে হাঁড়ি চড়ান। ৪। চাপান। প্র—আরও মাল চড়াও। ৫। উচ্চ করা ; বিপরীত অর্থে নামান। ৬। বাড়ান ; বৃদ্ধি করা। প্র—গলা চড়ান।

চড়ান (চড়ানো) [চড় দ্রঃ] ক্রি, চপেটাঘাত করা। **গালে চড়ান**—আত্মগ্লানি হেতু আপনার গালে আপনি চড় মারা।

চড়ুই, চড়াই (চোড়ুই) [চটক দ্রঃ] বি, চটক পাখী। **চড়ুই পাখীর প্রাণ**—ক্ষীণ প্রাণ। ২। ক্ষীণজীবী ব্যক্তি। ৩। অল্পাহারী। **চড়ুই ভাতি**—উদ্যান ভোজ ; বনভোজন : picnic.

চড়ুকে (চোড়ুকে) চড়ক দ্রঃ।

চঢ় [প্রা-বাং। হি—চঢ় ; চঢ়না] চড় দ্রঃ

চণক (চণক্) [সং—চর্ব্বণ : চর্ব্বণীয়ক ; চণা দ্রঃ] বি, পুং, ছোলা ; বুট। ২ বাৎস্যায়ন মুনির পিতা, মুনিবিশেষ।

চণা (না) [চর্ব্বণ হইতে হি—চবেনা—চ্‌না—যাহা চর্ব্বণ করা হয়] বি, চণক ছোলা।

চণ্ড (চন্‌ড) [চণ্ড্‌ (ক্রোধ করা)+অ (কর্ত্তৃ—অচ্ সংজ্ঞার্থে)] বিণ, অতি কোপন অতি ক্রুদ্ধ। ২। উষ্ণ। ৩। উগ্র : তীক্ষ্ণ তীব্র। ৪। ভীষণ : ভয়ানক : ভীম। প্র—চণ্ড বিক্রম। ৫। বি, ক্রোধ। ৬। উষ্মা ; উষ্ণতা। ৭। তীব্রতা। ৮। ঔদ্ধত্য। ৯। যমদূত। ১০। শুম্ভ-নিশুম্ভানুচর দৈত্যবিশেষ। মুণ্ডদৈত্যের ভ্রাতা। প্র—"জয় চণ্ডবিনাশিনি, মুণ্ড-নিপাতিনি দুর্গবিঘাতিনি মুখ্যতরে।"—অ, ম। ১১। ভূতবিশেষ। **চণ্ড নামান**—ভূত নামান ; মন্ত্রবলে চণ্ড ভূতকে আহ্বান করিয়া তাহার নিকট অভীষ্ট বিষয় জ্ঞাত হওয়া। **চণ্ডচামুণ্ড, চণ্ডুচামুণ্ডু**--[গ্রা] শিবানুচরদ্বয়। ২। অনুচরবর্গ। স্ত্রী, চণ্ডী।

চণ্ডকৌশিক (ক) বি, মহর্ষি কাক্ষীবান্ গৌতমের পুত্র। ২। কোপনস্বভাব বলিয়া কুশিকগোত্রীয় বিশ্বামিত্র। ৩। ক্লী, নাটক-বিশেষ।

চণ্ডনায়িকা [চণ্ড (দৈত্যবিশেষ) তাহার নায়িকা (বধকর্ত্রী) ৬তৎ] অষ্টনায়িকার অন্যতমা : দুর্গা।

চণ্ডবতী (চন্‌ডোবোতি) [চণ্ড (ক্রোধ)+বতু (অস্ত্যর্থে) ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, অষ্ট-নায়িকার অন্যতমা ; চণ্ডী ; দুর্গা।

চণ্ডবিক্রম (চন্‌ডবিক্‌ক্রম্) [চণ্ড (হইয়াছে) বিক্রম যাহার, বহু] বি, পুং, প্রচণ্ডপ্রতাপ। ২। বিণ, অতি পরাক্রমশালী : অমিত-বিক্রম।

চণ্ডশক্তি (চন্‌ডোশোক্‌তি) [চণ্ড (হইয়াছে) শক্তি যাহার, বহু] বি, পুং, বলি-সৈন্যস্থিত দানববিশেষ। ২। বিণ, প্রচণ্ড-পরাক্রম।

চণ্ডাল, চাণ্ডাল (চন্‌ডাল্) [চণ্ড (ক্রুদ্ধ)+অল্ (সমর্থ হওয়া)+অ (কর্ত্তৃ—অচ্—সংজ্ঞার্থে) যে ক্রুদ্ধ হইয়া অনুচিত কর্ম্ম করিতে সমর্থ হয়] বিণ, ক্রূরকর্ম্মা। ২। ভীষণ কর্ম্মে উদ্যতকারী। প্র—রাগ চণ্ডাল। ৩। কঠিন প্রাণ ; নির্দ্দয় ; নিষ্ঠুর। ৪। জাতিবিশেষ ; চাঁড়াল।

চণ্ডালবল্লকী (চন্‌ডাল্‌বল্‌লকি) [চণ্ডালের বল্লকী (বীণা) ৬তৎ] বি, স্ত্রী, চণ্ডাল জাতির বীণা ; কণ্ডোল বীণা।

চণ্ডিকা (চোন্‌ডিকা) [চণ্ড+ক (স্বার্থে, কণ্)—আপ্ স্ত্রী—ই আগম] বি, স্ত্রী, পার্ব্বতীর মূর্ত্তিভেদ ; দুর্গা। ২। অতিকোপনা স্ত্রী।

চণ্ডিমা (চোন্‌ডিমা) [চণ্ড+ইমন্ (ভাবে) =চণ্ডিমন্ :মা, ১ব, ন্ লোপ, অ=আ] বি, পুং, চণ্ডত্ব।

চণ্ডী (চোন্‌ডি) [চণ্ড+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, পার্ব্বতীর মূর্ত্তিভেদ : দুর্গা। ২। মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবীমাহাত্ম্য কথা। ৩। অতি-কোপনা স্ত্রী। **মঙ্গল চণ্ডী**—মঙ্গলকারিণী চণ্ডী ; দুর্গা। **রণচণ্ডী**—রণোন্মত্তা চণ্ডী। ২। বিণ, রণমত্তা ; অতিশয় কোপনা। **চণ্ডীপাঠ**—মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবী-মাহাত্ম্য পাঠ। **চণ্ডীমণ্ডপ**—যে মণ্ডপে চণ্ডীপাঠ এবং চণ্ডীপূজা হয় ; ঠাকুরদালান।

চণ্ডীদাস (চোন্‌ডিদাশ) [চণ্ডীর দাস (সেবক) ৬তৎ] বি, পুং, গীতচিন্তামণি গ্রন্থবিরচক কবিবিশেষ। ইনি ১৩৩৯ শকে সাকুপুর থানার অন্তর্গত নান্নুর গ্রামে বরেন্দ্র-ব্রাহ্মণবংশে জন্মগ্রহণ করেন, ১৩৯৯ শকে মৃত্যুমুখে পতিত হন। ২। চণ্ডীর সেবক।

চণ্ডীপাঠ (চোন্‌ডিপাঠ্) [চণ্ডী (দেবী মাহাত্ম্য) পাঠ (আবৃত্তি) ৬তৎ] বি, পুং, মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবীমাহাত্ম্য পঠন। প্র—"যত ঋষি সবে আসি করে চণ্ডীপাঠ"—শিবায়ন।

চণ্ডীমণ্ডপ (চোন্‌ডিমোনডোপ্) [চণ্ডী (র) মণ্ডপ—৬তৎ] বি, পুং, দেবী পূজার গৃহ। ২। ঠাকুর দালান। ৩। পূর্ব্বকালের গ্রাম্য বৈঠকখানা ঘর বা দালান।

চণ্ডু (চোন্‌ডু) [চণ্ড+উ (কর্ত্তৃ, উন্) যাহা চণ্ড করে। হি—চণ্ডূ] বি, আফিম্ ঘটিত মাদকদ্রব্যবিশেষ।

চণ্ডুল (চোন্‌ডুল্) বি, ভরত-পক্ষী-ভেদ। ২। [হি—চণ্ডূল] বিণ, চণ্ডুখোর।

চণ্ডেশ্বর (চন্‌ডেশ্‌শর্) বি, পুং, শিবমূর্ত্তি-বিশেষ।

চতুঃ (চোতুঃ) [সং—চতুর্, র=ঃ] চার। এই শব্দ অন্য শব্দসহ ব্যবহৃত হয়। প্র—চতুঃষষ্টি ; চতুঃসীমা।

চতুঃপার্শ্ব (চোতুপ্‌পারশ) বি, চারিপাশ ; চতুর্দ্দিক ; ক্রি-বিণ, **চতুঃপার্শ্বে**।

চতুঃশাখ (চোতুশ্‌শাখ্) [চতুঃ (চতুর্—চার) শাখ—শাখা যাহার, বহু] বি, পুং, বেদ। ২। বিণ, চারিশাখাবিশিষ্ট।

চতুঃশাল (চোতুশ্‌শাল্) [চতুঃ (চতুর্—চার) শাল—শালা—গৃহ (সমাহার দ্বিগু] বি, ক্লী, চারি কক্ষ যুক্ত বৃহৎ গৃহ। ২। চক-মিলান ঘর। স্ত্রী, **চতুঃশালা**।

চতুঃষষ্টি (চোতুশ্‌শোশ্‌টি) [চতুঃ (চতুর্—চার) ষষ্টি (ষাইট) চার অধিক হইয়াছে যে ষাইট সংখ্যাতে, বহু] বি, স্ত্রী, চৌষট্টি ; ৬৪।

চতুঃসীমা (চোতুশ্‌শিমা) [চতুঃ (চতুর্—চার) সীমা] বি, চারদিকের পরিসর ; চতুর্দ্দিকের কিনারা।

চতুর্ (চোতুর্) [চতুঃ দ্রঃ। বহুবচনান্ত শব্দ] বিণ, চারি ; ৪ সংখ্যক। **চতুর্ব্বাচক শব্দ**—চার সংখ্যা জ্ঞাপক শব্দ ; যে শব্দে চার বুঝায়।

চতুর (চোতুর্) [সং] বিণ, বুদ্ধিজীবী ; চালাক। ২। কুশল ; কর্ম্মদক্ষ। ৩। ধূর্ত্ত ; ঠগ। ৪। হস্তিশালা। স্ত্রী, **চতুরা**—বি, চতুরতা ; চাতুরী।

চতুরংশ (চোতুরংশ) [চতুর্—অংশ] বি, চার ভাগ। ২। বিণ, চারি অংশে বিভক্ত।

চতুরংশিত (চোতুরোংশিত [চতুর্ (চার্) অংশ (ভাগ)+ইত (যুক্ত)] বিণ, চার ভাগে বিভক্ত। ২। এক তা কাগজ চার পৃষ্ঠায় ভাঁজ করা ; চার পেজী ; quarto.

চতুরঙ্গ (চোতুরংগ) [চতুর্ (চার) অঙ্গ যাহার—বহু] বিণ, চারি অঙ্গবিশিষ্ট। ২। সর্ব্বাঙ্গসম্পন্ন। ৩। বি, চতুরঙ্গ বল ; হস্তী, অশ্ব, রথ ও পদাতি এই চারি অঙ্গে পরিপূর্ণ সেনা। ৪। [সঙ্গীতশাস্ত্রে] গীতের জাতি-বিশেষ ; ইহা চারি তুক্ সম্পন্ন, প্রথম তুকে বর্ণনায় চতুরঙ্গ শব্দ উক্ত থাকে, দ্বিতীয় তুকে স্বরগ্রাম, তৃতীয় তুকে আলাপের বোল ও চতুর্থ তুকে বাদ্যের অনুকরণ থাকে। ৫। [ক্রীড়ায়] দাবা বা সতরঞ্চ। ৬। অক্ষক্রীড়াভেদ ; চৌপাড়।

চতুরতা (চোতুরোতা) [চতুর+তা (ভাবে)] বি, স্ত্রী, নিপুণতা ; কর্ম্মকুশলতা ; দক্ষতা ; চাতুর্য্য ; নৈপুণ্য। ২। বুদ্ধিজীবিতা। ৩। শঠতা ; ধূর্ত্ততা ; শাঠ্য।

চতুরন্ত [চতুর্—অন্ত (সীমা) যাহার—বহু] বিণ, চারি প্রকার পদার্থ দ্বারা পরিবৃত। ২। চতুঃসীমা।

চতুরপণা (চোতুরপোনা) [চতুর+পনা] বি, চতুরতা। প্র—"চণ্ডীদাস কয় তবে কেন নয়, জানিয়া চতুরপণা।"—চণ্ডীদাস।

চতুরশীতিতম [চতুর্ (চার্ অধিক) অশীতি (আশী)=চতুরশীতি+তম (পূরণার্থে—চৌরাশীর পূরণ হইয়াছে যাহাতে)] বি, চার অধিক আশী ; ৮৪।

চতুরশ্ব (চোতুরশশ) [চতুঃ (চতুর্—চার) অশ্ব, সমাহার দ্বিগু] বি, চারি ঘোড়া ; অশ্বচতুষ্টয়। ২। [চতুর্—অশ্ব—যাহার] বিণ, চার ঘোড়াযুক্ত। প্র—চতুরশ্ব রথ।

চতুরস্র (চোতুরস্স্র) [চতুর্ (চার) অস্র (কোণ) যাহার, বহু] বিণ, চতুষ্কোণ। ২। প্রশস্ত ; সমতল ; চৌরস। ৩। নির্দ্দোষ ; ব্যভিচারশূন্য। ৪। চৌকোষ ; সকল বিষয়ে দক্ষ।

চতুরানন (চোতুরানন্) [চতুর্ (চারখানি) আনন (মুখ) যাহার, বহু] বি, পুং, চতুর্ম্মুখ ; ব্রহ্মা। প্র—"কত চতুরানন মরি মরি যাওত ন তুয়া আদি অবসানা।"—বি, প।

চতুরালি (চোতুরালি) [হি—চতুরাই। ব্রজ —চতুরালি] বি, ছল। ২। সেয়ানামি ; চালাকি ; চাতুরী।

চতুরাশ্রম (চোতুরাস্স্রম্) [চতুর্ (চার) আশ্রম—কর্ম্মধা] বি, ক্লী, ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ, সন্ন্যাস এই চারি প্রকার আশ্রম।

চতুর্গুণ (চোতুর্গুন্) [চতুর্ (চার) গুণ] বিণ, চারগুণ ; fourfold ; quadruple. ২। অত্যধিক।

চতুর্থ (চোতুর্থ) [চতুর্+থ (সংখ্যাপূরণার্থে)] বিণ, চারি সংখ্যার পূরক। স্ত্রী, চতুর্থী। **চতুর্থভাক্**—প্রজার আয়ের চতুর্থাংশ গ্রহণকারী রাজা। ২। বিণ, চতুর্থাংশভাগী।

চতুর্থক (চোতুর্থক্) [সংজ্ঞার্থে] বি, বিষমজ্বরবিশেষ।

চতুর্থী (চোতুর্থি) [চতুর্থ—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, অমাবস্যা ও পূর্ণিমার পরবর্ত্তী চতুর্থ দিবসীয় তিথি। [দ্রঃ—শুক্লা ও কৃষ্ণাভেদে দ্বিবিধ, শুক্লাচতুর্থী মুখ্যচান্দ্র মাসের চতুর্থ দিবস ; কৃষ্ণাচতুর্থী মুখ্যচান্দ্রমাসের উনবিংশ দিবস ও গৌণচান্দ্রমাসের চতুর্থ দিবস]। ২। [ব্যাকরণে] চতুর্থীবিভক্তি। **চতুর্থীক্রিয়া**—পিতামাতার মৃত্যুর পর চতুর্থ দিবসে বিবাহিতা কন্যা কর্ত্তৃক করণীয় শ্রাদ্ধ।

চতুর্দ্দশ (চোতুর্দশ্) [চতুর্ (চার, অধিক) দশ (দশন্ শব্দজ)—মধ্যপদলোপী কর্ম্মধা। সং—চতুর্দ্দশ, প্রাকৃ—চোদ্দ, বাং—চৌদ্দ, চোদ্দো] বি, চৌদ্দ সংখ্যা ; ১৪। ২। বিণ, চৌদ্দসংখ্যক। স্ত্রী, চতুর্দ্দশী।

চতুর্দ্দশভুবন—বি, ক্লী, ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জন, তপ, সত্য, এই সপ্তস্বর্গ (উর্দ্ধভুবন) এবং অতল, সুতল, বিতল, তলাতল, মহাতল, রসাতল ও পাতাল এই সপ্তপাতাল (অধোভুবন)।

চতুর্দ্দশবিদ্যা—বি, স্ত্রী, ঋক্, সাম, যজুঃ, অথর্ব্ব এই চারিবেদ এবং শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ, এই ৬ বেদাঙ্গ, ধর্ম্মশাস্ত্র (মন্বাদি সংহিতা), পুরাণ, মীমাংসা ও তর্ক (ন্যায় দর্শন) এই চতুর্দশবিদ্যা।

চতুর্দ্দশী (চোতুর্দোশি) বি, স্ত্রী, তিথিবিশেষ ; চৌদ্দ সংখ্যার পূরক তিথি ; প্রতিপদ হইতে আরম্ভ করিয়া ষোড়শকলাত্মক চন্দ্রের এক এক কলা এক এক তিথিতে ক্ষয় হইয়া অমাবস্যা এবং ঐ সকল কলা পুনর্ব্বার পূর্ণ হইয়া পূর্ণিমা হয়। এই পূর্ণিমা ও অমাবস্যার পূর্ব্ব তিথির নাম চতুর্দ্দশী, অর্থাৎ যে তিথিতে চতুর্দ্দশ কলার ক্ষয় অথবা পূর্ণতা প্রাপ্তি হয়। **অঘোরাচতুর্দ্দশী**—ভাদ্র কৃষ্ণপক্ষীয়া চতুর্দ্দশী। **অঙ্গারকচতুর্দ্দশী**—চৈত্রশুক্লা চতুর্দ্দশী। **অনন্তচতুর্দ্দশী**—ভাদ্রশুক্লা চতুর্দ্দশী। **পাষাণচতুর্দ্দশী**—অগ্রহায়ণ মাসের শুক্লাচতুর্দ্দশী। **ভূতচতুর্দ্দশী**—কার্ত্তিকী কৃষ্ণা চতুর্দ্দশী। **মদনচতুর্দ্দশী**—চৈত্রমাসের শুক্লাচতুর্দ্দশী। **রটন্তীচতুর্দ্দশী**—মাঘী কৃষ্ণা চতুর্দ্দশী। **শিবচতুর্দ্দশী**—ফাল্গুনমাসের কৃষ্ণা চতুর্দ্দশী ; শিবরাত্রি। **সাবিত্রীচতুর্দ্দশী**—জ্যৈষ্ঠমাসের কৃষ্ণপক্ষীয়া চতুর্দ্দশী।

চতুর্দ্বার (চোতুর্দ্দার্) [চতুর্ (চারখান) দ্বার (প্রবেশ পথ) যাহার, বহু] বি, ক্লী, চারিদ্বার গৃহ ; চারদুয়ারি ঘর।

চতুর্দ্দিক (চোতুর্দ্দিক) [চতুর্ (চার) দিক্ —কর্ম্মধা] বি, স্ত্রী, পূর্ব্ব পশ্চিম উত্তর দক্ষিণ। ২। [প্রাদে] চারিদিক ; সকল বিষয়।

চতুর্দ্দোল (চোতুর্দ্দোল্) [চতুর্ (চার) দোল (ডুলি)] বি, পুং, ক্লী, চারিজন বাহিত শিবিকা ; চৌদোলা ; রাজশিবিকা।

চতুর্দ্ধা (চোতুর্ধা) [চতুর্+ধা (প্রকারার্থে)] অ, চতুর্ব্বিধ ; চার রকমে। ২। চারদিকে ; চার বিষয়ে। ৩। চারবারে। ৪। চারখণ্ডে।

চতুর্ধাম (চোতুর্ধাম্) [চতুর (চার) যে ধাম (বাসস্থান) কর্ম্মধা] বি, ক্লী, রমানাথ, বৈদ্যনাথ, জগন্নাথ ও দ্বারকানাথ, মথুরামণ্ডলস্থ এই চারি ধাম।—ভক্তমাল।

চতুর্ব্বর্গ (চো) [চতুর্ (চার) বর্গ (সমূহ) সমাহার দ্বিগু] বি, পুং, ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ —এই পুরুষার্থ চতুষ্টয়। প্র—"শুনেছি শ্রীনাথের কথা বট চতুর্ব্বর্গ দাতা"—রামপ্রসাদ।

চতুর্ব্বর্ণ (চোতুর্বর্ন) [চতুর (চারি) বর্ণ (জাতি)] বি, পুং, জাতি চতুষ্টয় ; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, শূদ্র।

চতুর্ব্বিংশতি (চোতুর্বিংশোতি) [চতুর্ (চার অধিক) বিংশতি (কুড়ি)—ম,প,লো, কর্ম্মধা] বি, স্ত্রী, চব্বিশ ; ২৪।

চতুর্ব্বিংশতিক (চোতুর্বিংশোতিক্) [চতুর্ব্বিংশতি+ক] বিণ, ২৪ সংখ্যক।

চতুর্ব্বিংশতিতম (চোতুর্বিংশোতিতম) [চতুর্ (চার অধিক) বিংশতি (কুড়ি) +তম (সংখ্যা পূরণার্থে)] বিণ, ২৪ সংখ্যার পূরক ; চতুর্ব্বিংশ।

চতুর্বিদ্য (চোতুর্বিদ্দ) বিণ, চারিবেদজ্ঞ ; চতুর্ব্বেদী ; চোবে।

চতুর্ব্বিধ (চো) [চতুর (চার) + বিধা (প্রকারার্থে)] বিণ, চারিপ্রকার ; চার রকম।

চতুর্ব্বেদ (চোতুর্বেদ) [চতুর (চার) বেদ (দ্বিগু)] বি, পুং, ঋক্, যজুঃ, সাম, অথর্ব্ব এই চারিবেদ। [দ্রঃ—প্রথম ঋক, যজুঃ ও সাম—বেদের এই তিনভাগই ছিল, সুতরাং পূর্ব্বে বেদের নাম ছিল "ত্রয়ী"]।

চতুর্ব্যূহ (চোতুর্বুহ) [চতুর (চার) ব্যূহ (দেহ রচনা) যাহার, বহু] বি, পুং, কৃষ্ণ, বলরাম, প্রদ্যুম্ন, অনিরুদ্ধ এই চতুর্দ্দেহাত্মক বিষ্ণু। ২। বিণ, চারিপ্রকার ব্যূহ দ্বারা ব্যূহিত।

চতুর্ভুজ (চোতুর্ভুজ্) [চতুর্ (চার) ভুজ (হস্ত) যাহার-বহু] বি, পুং, নারায়ণ। ২। [জ্যামিতিতে] যে ক্ষেত্র চারি সরল রেখার দ্বারা বদ্ধ ; চারি বাহু বেষ্টিত ক্ষেত্র। a quadrilateral figure. **সমচতুর্ভুজ**—চারি বাহু পরস্পর সমান এবং চারি-কোণ সমকোণ এরূপ চতুর্ভুজক্ষেত্র ; বর্গক্ষেত্র ; square. ২। চারি বাহুযুক্ত ; চতুর্বাহু। ৩। [নারায়ণত্ব বা মোক্ষ লাভ করা।

তুল - চতুর্ভুজ হওয়া—স্বর্গ হাত বাড়াইয়া পাওয়া] অতিশয় আনন্দিত ; স্বর্গসুখ লাভের আনন্দ। প্র—"চতুর্ভুজ হই বুঝি তাহারে দেখিলে"—নিধুবাবু।

চতুর্মাস (চোতুর্মাস্) বি. আষাঢ়ের শুক্লদ্বাদশী বা পূর্ণিমাতে আরম্ভ করিয়া কার্ত্তিক মাসের শুক্লদ্বাদশীতে সমাপ্ত হয়।

চতুর্মাসিক, চাতুর্মস (চাতুর্মাশিক্—মশ্) বিণ. চতুর্মাস ব্যাপী কৃত্য ; শয়ন একাদশী হইতে উত্থান একাদশী ব্যাপী ব্রত।

চতুর্মুখ (চোতুর্মুখ্) [চতুর্ (চারখান) মুখ, (আনন) হইয়াছে যাহার, বহু] বি, পুং, চতুরানন ; ব্রহ্মা। ২। বিণ. চার মুখবিশিষ্ট। ৩। কবিরাজী ঔষধ ; চতুর্মুখ বড়ী। ৪। [ব্যঙ্গার্থে] অনর্গল বক্তা।

চতুর্যুগ (চোতুর্জুগ্) [চতুর্ (চার) যুগ (দ্বিগু)] বি. ক্লী. সত্য, ত্রেতা, দ্বাপর ও কলি।

চতুশ্চত্বারিংশৎ (চোতুশ্চৎতারিংশৎ) [চতুর্ (চার) চত্বারিংশৎ (চল্লিশ) চতুরধিক চত্বারিংশৎ—ম.প.লো. কর্ম্মধা] বি. স্ত্রী. চার অধিক চল্লিশ ; চুয়াল্লিশ ; ৪৪।

চতুশ্চত্বারিংশত্তম (চোতুশ্চৎতারিংশৎতম) [চতুশ্চত্বারিংশৎ + তম (পূরণার্থে)] বিণ. ৪৪ সংখ্যার পূরক ; চতুশ্চত্বারিংশ।

চতুষ্ক (চোতুষ্ক) [চতুর্ + ক (সংজ্ঞার্থে)] বি. ক্লী. চত্বর ; চারিকোণ প্রাঙ্গণ। ২। চারিকোণে চারিস্তম্ভযুক্ত মণ্ডপ। স্ত্রী. **চতুষ্কী**—চারিকোণা পুষ্করিণী। ২। চৌকি।

চতুষ্কর (চোতুষ্কর্) [চতুর্ (চার) কর (হস্ত) যাহার—বহু] বি. পুং. নারায়ণ ; বিষ্ণু। ২। শিব। প্র—"বরা ভয়ান্বিত চতুষ্কর"—শিবনামাবলী. অ. ম। ৩। বিণ. চারি হস্তবিশিষ্ট ; চতুর্ভুজ ; quadrumanous. **চতুষ্কর জন্তু**—যে সকল জন্তুর পদদ্বয় হস্তের মত অর্থাৎ দুই হস্ত ও দুই পদের অগ্রভাগ করের মত ; বানরাদি ; quadrumana.

চতুষ্কোণ (চোতুষ্কোণ্) [চতুর্—চতুঃ + কোণ] বিণ. চারকোণযুক্ত ; চৌকা ; quadrangular.

চতুষ্টয় (চোতুষ্টয়্) [চতুর্ + তয় (অবয়বার্থে—তয়ট্)] বিণ. যার চারি অবয়ব। ২। চতুর্বিধ। ৩। বি. ক্লী. চারি সংখ্যা। ৪। চার সংখ্যার সমষ্টি। প্র—আশ্রমচতুষ্টয়।

চতুষ্পথ (চোতুষ্পথ্) [চতুর্ (চার) পথ (পথিন্ শব্দজ—রাস্তা) তাহার সমাহার, সমাহার দ্বিগু] বি. ক্লী. চৌরাস্তা ; চৌমাথা, যেখানে চারটী পথ মিলিত হইয়াছে।

চতুষ্পদ (চোতুষ্পদ্) [চতুর্ (চার) পদ, পদের সমাহার—সমাহার দ্বিগু] বি, ক্লী. চারি চরণবিশিষ্ট শ্লোক (পদ্য)। ২। চার পদবিশিষ্ট জন্তু ; যে জীবের করদ্বয়ও পদের ন্যায় ; পশু ; quadruped. ৩। [জ্যোতিষে] মেষ, বৃষ, সিংহ এবং মকরের পূর্ব্বার্দ্ধ ও ধনুর পরার্দ্ধ। ৪। বিণ. চারি চরণবিশিষ্ট। ৫। [ব্যঙ্গার্থে। গ্রাম্য ব্যবহার] পশুর ন্যায় বুদ্ধিবিশিষ্ট। প্র—বুদ্ধি চতুষ্পদ। স্ত্রী. **চতুষ্পদী**।

চতুষ্পাঠী (চোতুষ্পাঠি) [চতুর্ (চার বেদ) পাঠ (অধ্যয়ন) হয় যেথানে, বহু ; ঈপ্— স্ত্রী] বি. স্ত্রী. বেদাধ্যয়নস্থান ; বেদ-বিদ্যালয় ; টোল ; চৌবাড়ী।

চতুষ্পাদ (চোতুষ্পাদ্) [চতুর্ (চার) পাদ (পা) যাহার—বহু] বি. পুং. পশু। চতুষ্পদ। ২। শ্লোক। ৩। সর্ব্বাবয়ব-পূর্ণ ধর্ম্ম। ৪। বিণ. সম্পূর্ণ ; চারপোয়া। ৫। জ্যোতিষোক্ত করণবিশেষ।

চতুস্তল (চোতুস্তল্) [চতুর্ (চার) তল যাহার বহু] বিণ. চারিতলা ; চৌতলা।

চতুস্ত্রিংশৎ (চোতুস্ত্রিংশৎ) [চতুর্ (চার) ত্রিংশৎ (ত্রিশ) চতুরধিক ত্রিংশৎ—ম. প. লো. কর্ম্মধা] বি. স্ত্রী. চৌত্রিশ, ৩৪।

চতুস্ত্রিংশত্তম (চোতুস্ত্রিংশৎতম) [চতুস্ত্রিংশৎ + তম (সংখ্যাপূরণার্থে)] বিণ. ৩৪ সংখ্যার পূরক।

চত্বর (চৎতর্) [সং। চত্ (গমন করা) + বর (কর্ম্মে—ষ্বরচ্)—গম্যস্থান] বি. ক্লী. প্রাঙ্গণ। ২। চাতাল ; চটান দ্রঃ। ৩। আবাস। প্র—"বিপাকে চত্বর ছাড়ি প্রজা দিল রড় ।"—কবিক। ৪। ৫। রঙ্গভূমি।

চত্বার—বি. চার।

চত্বারিংশৎ (চৎতারিংশৎ) [পরিমাণার্থে নিপাতনে সিদ্ধ] বি. স্ত্রী. চল্লিশ ; ৪০।

চত্বাল (চৎতাল্) [সং] বি. চাতাল।

চনচন, চন্‌চন্ (চন্‌চন্) [সং—চন্ (শব্দে) চন্‌চন্ এই শব্দ। হিং—চনচনানা, চনচনাহট্] অ. বেগ বা প্রবাহধ্বনিবাচক অব্যয়। প্র—জল বা রক্ত চন্‌চন্ ক'রে ব'য়ে যায়। ২। শিরা, স্নায়ু প্রভৃতির সঙ্কোচ জনিত ক্লেশানুভূতি-বিশেষ। ৩। স্ফোটকাদির রস শুষ্ক হইবার ভাববোধক। ক্রি. **চন্‌চনান** (নো)। বি. **চন্‌চনানি**। বিণ. **চন্‌চনিয়া, চনচনে** (চন্‌চোনে)। [দ্রঃ—চনচন্—তীব্র অনুভূতি বা বেগ। মৃদুতায়—**চিন্‌চিন্** ; মৃদুতর স্থানে **চুন্‌চুন্**।

চনমন, চন্‌মন্ (চনমন) [চন্ (চঞ্চল)—মন্] অ. চাঞ্চল্যের ভাববোধক অব্যয়। বিণ. **চনমনিয়া, চনমনে** (চন্‌মোনে) চঞ্চল। ২। জড়তাবর্জ্জিত ; জীবন্ত। ক্রি. **চন্‌মনান** (নো) বি. চনচনানি।

চনা, চোনা—বি. গোমূত্র।

চন্দ, চন্দা [সং—চন্দ্র ; প্রাকৃ—চন্দ। ব্রজ. প্রা-বৈ-সা—চন্দ ; চন্দা] বি. চন্দ্র ; চাঁদ। প্র—"রজনী উজোরল গগনহি চন্দ ॥"—জ্ঞানদাস। "আজু রজনী হাম ভাগ্যে পোহায়নু পেখনু পিয়া-মুখ-চন্দা"—বিদ্যাপতি। ২। [রাসায়নিক পরিভাষায়] রজত ; চন্দ্র ; silver. প্র—চন্দহেম।

চন্দক (চন্দক্) [চন্দ্ (দীপ্তি পাওয়া) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি. পুং. চাঁদামাছ।

চন্দন (চন্দন্) [চন্দ্ (আহ্লাদিত করা) + অন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)। গ্রা. চন্নন (চন্‌নোন্)] বি. পুং. চন্দনবৃক্ষ ; যাহা সুগন্ধে মন আনন্দিত করে। ২। ক্লী. চন্দনকাষ্ঠ। ৩। বাটা চন্দন। স্ত্রী. **চন্দনা**। **শ্বেতচন্দন**—শ্বেতবর্ণ সুগন্ধ চন্দন। **হরিচন্দন** (পীত-চন্দন)—পীতবর্ণ সুগন্ধ চন্দন ; শ্রীখণ্ড চন্দন। **রক্তচন্দন**—গন্ধহীন রক্তবর্ণ চন্দন। **কুচন্দন**—(বীজ রক্তবর্ণ বলিয়া রক্তচন্দন নামে অভিহিত) বকমকাঠ। **চন্দনপীড়ি**—চন্দন ঘষিবার পীঠিকা ; চন্দনকুঁড়ি।

চন্দনধেনু (ন্) [চন্দন (দ্বারা অলঙ্কৃতা) যে ধেনু (গবী) কর্ম্মধা] বি. স্ত্রী. পতি পুত্রবতী নারীর মৃত্যুর পর অশৌচান্ত দ্বিতীয় দিনে বৃষোৎসর্গের পরিবর্ত্তে চন্দনাঙ্কিতা সবৎসা ধেনু দান করা হয় ; ঐ প্রদেয়া ধেনুর নাম চন্দনধেনু।

চন্দনপঙ্ক (ন্) বি. ঘৃষ্টচন্দন। প্র—"সর্ব্বাঙ্গে চন্দনপঙ্ক অঙ্গদ বলয় শঙ্খ বাহু বিভূষণ সুশোভন।"—কবিক।

চন্দনপুষ্প (ন্) [চন্দনবৎ সুগন্ধযুক্ত যে পুষ্প—ম. প. লো. কর্ম্মধা] বি. ক্লী. লবঙ্গ।

চন্দনসাল (চন্দন্‌শাল্) বি. ধান্যভেদ ; ধান দ্রঃ। প্র—"রক্তসাল চন্দনসাল বুনেন এক-ভিতে। রাজদল মৌকলস বুনেন তুরিতে ॥"—শূন্যপুরাণ।

চন্দনা [সং—চন্দন + আপ্, স্ত্রী] বি. স্ত্রী. শুকপক্ষিবিশেষ ; যে টিয়ার গলায় লালরেখার বেষ্টনী বা কাঁটি আছে। ২। নদীবিশেষ। ৩। মৎস্যবিশেষ।

চন্দনাচল (ল্) [চন্দন—অচল (পর্ব্বত)] বি. পুং. মলয়পর্ব্বত ; মলয়াচল।

চন্দরস (শ্) বি. ইং—sandarac নামক বৃক্ষ-নির্য্যাস ; ধুনা ; রজন।

চন্দহেম (ন্) [রাসায়নিক পরিঃ (চন্দ = চন্দ্র = রৌপ্য)—হেম (স্বর্ণ)] বি. রজত ও স্বর্ণ-

মিশ্রণজাত সঙ্কর ধাতু ; alloy of silver and gold.

চন্দ্র [সং—চন্দ্র, প্রাকৃ—চন্দ, বাং—চাঁদ। চন্দ্ (দীপ্তি পাওয়া)+র (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, রক্)] বি, পুং, শশধর ; মৃগাঙ্ক ; বিধু ; হিমাংশু ; ওষধিপতি ; নক্ষত্রেশ ; রজনীকর ; কুমুদবান্ধব ; চাঁদ। ২। ময়ূরচন্দ্রক। ৩। স্বর্ণ। ৪। হীরক। ৫। কর্পূর। ৬। জল। ৭। দ্বীপবিশেষ ; চন্দ্রদ্বীপ। ৮। [অন্য শব্দের পর থাকিলে] শ্রেষ্ঠ। ৯। বিণ, আহ্লাদজনক। স্ত্রী, **চন্দ্রা**—এলালতা। ২। চন্দ্রিকা। ৩। চাঁদোয়া।

চন্দ্রক (ক্) [চন্দ্র+ক (সাদৃশ্যার্থে)] বি, পুং, ময়ূরপুচ্ছস্থিত অর্দ্ধচন্দ্রাকৃতি চিহ্ন। ২। মণ্ডল। ৩। [চন্দ্র+ক (স্বার্থে)] চন্দ্র। ৪। [ক (সংজ্ঞার্থে)] চাঁদা মাছ। ৫। নখ।

চন্দ্রকলা [চন্দ্রের কলা (অংশ) ৬তৎ] বি, স্ত্রী, ১৬ কলায় পূর্ণচন্দ্রের একাংশ ; চন্দ্রমণ্ডলের ষোড়শ ভাগ। চন্দ্রের ১৬ কলার নাম,—(১) পূষা, (২) যশা, (৩) সুমনসা, (৪) রতি, (৫) প্রাপ্তি, (৬) ধৃতি, (৭) ঋদ্ধি, (৮) সৌম্যা, (৯) মরীচি, (১০) অংশুমালিনী, (১১) অঙ্গিরা, (১২) শশিনী, (১৩) ছায়া, (১৪) সম্পূর্ণমণ্ডলা, (১৫) তুষ্টি, (১৬) অমৃতা [কামশাস্ত্রে]। মতান্তরে—অমৃতা, মানদা, পূষা, পুষ্টি, তুষ্টি, রতি, ধৃতি, শশিনী, চন্দ্রিকা, কান্তি, জ্যোৎস্না, শ্রী, প্রীতি, রঙ্গদা, পূর্ণা, অপূর্ণা [তন্ত্রে]।

চন্দ্রকান্ত [চন্দ্রবৎ কান্ত (প্রিয়) কিম্বা চন্দ্র হইয়াছে কান্ত (কান্তিপ্রদ) যাহার, বহু] বি, পুং, মণিবিশেষ। এই মণি চন্দ্রকিরণস্পর্শে দ্রবীভূত হয় অর্থাৎ শিশির ধারণ করিয়া অধিক সৌন্দর্য্যশালী হয়। বৈদ্যমতে ইহা ঈষৎ পীতবর্ণ স্বচ্ছ এবং ইহা হইতে জল নিঃসৃত হয়। ২। পুং, ক্লী, চন্দন-কাষ্ঠ। ৩। কুমুদ। ৪। বিণ, চন্দ্রের মত সুন্দর ; চন্দ্রপ্রভ। স্ত্রী, **চন্দ্রকান্তা**—জ্যোৎস্না। ২। রাত্রি। ৩। তারকা। ৪। ওষধি।

চন্দ্রকান্তি [চন্দ্রের মত কান্তি যাহার, বহু] বি, চন্দ্রের জ্যোতি। ২। রজত ; রৌপ্য। ৩। শুক্তি। ৪। [প্রাদে] চন্দ্রাকৃতি ফুলবড়িবিশেষ।

[চন্দ্রক (চন্দ্রাকৃতি চিহ্ন, চাঁদ)+ইন্ (অস্ত্যর্থে)=চন্দ্রকিন্ ১মা, ১ব, ন্ লোপ] বি, পুং, ময়ূর। ২। বাঁশের মণ্ডলাকৃতি চাঁচ। এই চাঁচে গুটীপোকা গুটী বাঁধে। ৩। নেত্ররোগবিশেষ।

চন্দ্রকেতু বি, পুং, লক্ষ্মণের পুত্র। ২। রাজাবিশেষ।

চন্দ্রগুপ্ত—বি, পু, গ্রীকমহাবীর এলেকজাণ্ডারের সমসাময়িক স্বনামপ্রসিদ্ধ ভারতসম্রাট্। পরিঃ দ্রঃ।

চন্দ্রগ্রহণ (চন্দ্রোগ্রোহোন্) বি, পৃথিবীর ছায়াপাতে চন্দ্রকে আচ্ছাদন ; রাহু দ্বারা চন্দ্রকে আবৃত করণ।

চন্দ্রচূড় (ড্) [চন্দ্র (হইয়াছে) চূড় (চূড়া—শিরোভূষণ) যাহার, বহু] বি, পুং, চন্দ্রমৌলি ; মহাদেব ; শিব। প্র—"—চলিলা ভুজঙ্গে চন্দ্রচূড়ালয়ে, যথা রক্ষ কুলেশ্বরী আরাধেন চন্দ্রচূড়ে রক্ষিতে নন্দনে—"—মেঘনাদ। ২। পর্ব্বতবিশেষ।

চন্দ্রদেব (ব্) বি, পুং, শশী।

চন্দ্রপ্রভ (চন্দ্রোপ্প্রোভো) [চন্দ্রের ন্যায় প্রভা (কিরণ) যাহার, বহু] বিণ, সৌম্যমূর্ত্তি ; সুন্দর।

চন্দ্রপ্রভা (চোন্দ্রোপ্প্রোভা) বি, স্ত্রী, চন্দ্রের কিরণ ; জ্যোৎস্না। ২। ওষধিবিশেষ। ৩। বিণ, চন্দ্রের ন্যায় প্রভাসম্পন্না।

চন্দ্রবংশ [চন্দ্রের বংশ, ৬তৎ] বি, পুং, চন্দ্র হইতে জাত পুরুষপরম্পরা। ২। চন্দ্রবংশীয় ; জনকবংশ ; যদুবংশ ; পুরুবংশ। ৩। বিণ, চন্দ্রবংশোদ্ভব।

চন্দ্রবল্লরী [চন্দ্র (চন্দ্র সদৃশ উজ্জ্বল) বল্লরী (লতা) ম, প, লো, কর্ম্মধা] বি, স্ত্রী, সোমলতা।

চন্দ্রবাণ (ন্) বি, পুং, অর্দ্ধচন্দ্রাকৃতি বাণ।

চন্দ্রবিন্দু [চন্দ্রে (অর্দ্ধচন্দ্রে) বিন্দু—৭তৎ] অর্দ্ধচন্দ্রাকৃতি বর্ণে যুক্ত বিন্দু ; অনুনাসিক বর্ণ ; ঁ।

চন্দ্রব্রত (ব্রোতো) বি, ক্লী, চান্দ্রায়ণ ; চন্দ্রলোক প্রাপ্তিকামনা-হেতু ব্রতবিশেষ

চন্দ্রভস্ম (চন্দ্রভস্শ) বি, ক্লী, কর্পূর।

চন্দ্রভাগ (গ্) বি, পুং, পর্ব্বতবিশেষ পৌরাণিক প্রসিদ্ধি এই যে, ব্রহ্মা এখানে চন্দ্রের হ্রাসবৃদ্ধিকর ভাগ করিয়াছিলেন বলিয়া এই নাম। স্ত্রী, **চন্দ্রভাগা**—চন্দ্রভাগ পর্ব্বতোৎপন্ন পঞ্জাবদেশীয় নদীবিশেষ। ইহার প্রাচীন নাম অসিক্নি ; আধুনিক "চেনাব"।

চন্দ্রভানু—বি, পুং, কৃষ্ণসহচরী চন্দ্রাবলীর পিতা।

চন্দ্রভূতি [চন্দ্রের সদৃশ ভূতি (কান্তি) যাহার—বহু] বি, ক্লী, রজত ; রৌপ্য।

চন্দ্রমণি (মোনি) [চন্দ্র সদৃশ উজ্জ্বল মণি (রত্ন) ম-প-লো, কর্ম্মধা] বি, পুং, চন্দ্রকান্তমণি।

চন্দ্রমণ্ডল (মোন্ডল্) [চন্দ্রের মণ্ডল, ৬তৎ] বি, ক্লী, চন্দ্রের পরিধি ; যে মণ্ডলাকার প্রভা চন্দ্রকে বেষ্টন করিতে দেখা যায়।

চন্দ্রমল্লিকা (মোল্লিকা) [চন্দ্রমণ্ডলিকা—মণ্ডলাকৃতি বলিয়া অথবা চন্দ্রমৌলী হইতে, বৃন্তে মৌলী (চূড়া) স্বরূপ এবং চন্দ্রাকার] বি, প্রসিদ্ধ পুষ্পবিশেষ ; chrysanthemum ; ফা-গুলদাউদী।

চন্দ্রমা [চন্দ্র (কর্পূর অথবা আলোক) মস্ (তুল্য করা)+কিপ্ (কর্ত্তৃ)—চন্দ্রমাঃ। যে কর্পূরবৎ শুভ্রালোক দান করে অথবা যে আহ্লাদিত করে] বি, পুং, চন্দ্র। প্র—"চন্দ্রমার কিরণপাতে কামিনীগণ ভ্রান্ত হইয়া কৈরবভ্রমে কুবলয় গ্রহণ করিয়া কর্ণোৎপল করিতেছে"—কাদম্বরী। "চন্দ্রমাশালিনী যা মধুযামিনী"—বঙ্কিম। ২। স্ত্রী, বিষ্ণুপুরাণোক্ত নদীবিশেষ।

চন্দ্রমুখী [চন্দ্র (সদৃশ) মুখ যাহার—বহু—ঈপ্, স্ত্রী, উপমালঙ্কার] বিণ, যে স্ত্রীর মুখ চন্দ্রের মত সুন্দর ; চন্দ্রবদনা ; চাঁদবদনী। পুং, **চন্দ্রমুখ**। [দ্রঃ—চন্দ্রমুখ (চন্দ্রের সদৃশ) না হইয়া মুখচন্দ্র অর্থাৎ মুখেই চন্দ্রত্ব আরোপিত হইলে রূপকালঙ্কার হইত]।

চন্দ্রমৌলি [চন্দ্র (হইয়াছে) মৌলি (চূড়া, কিরীট) যাহার] বি, চন্দ্রচূড় ; শিব। ২। বিণ, চূড়ায় চন্দ্র ধারণকারী।

চন্দ্ররেখা, চন্দ্রলেখা—বি, স্ত্রী, বাণরাজকন্যা উষার সখী।

চন্দ্ররেণু (নু) বি, গ্রন্থতস্কর ; কাব্যচৌর plagiarist.

চন্দ্রলোক (ক্) বি, সৌরজগতের যেস্থানে চন্দ্র পৃথিবীকে পরিভ্রমণ করে ; স্বর্গের যে লোকের অধিষ্ঠাত্রীদেবতা চন্দ্র। ২। চন্দ্রের অভ্যন্তর স্থান ; স্বর্গবিশেষ।

চন্দ্রশালা—বি, স্ত্রী, চিলে ঘর ; প্রাসাদ-উপরিস্থিত গৃহ।

চন্দ্রশেখর (র্) [চন্দ্র—শেখর (শিরোভূষণ) যাহার, বহু] বি, পুং, চন্দ্রচূড় ; শিব। ২। পর্ব্বতবিশেষ। ৩। তালবিশেষ। ৪। চট্টলের তীর্থবিশেষ।

চন্দ্রসরোবর (র্) বি, পুং, বৃন্দাবনস্থ প্রসিদ্ধ জলাশয়।

চন্দ্রহার (র্) [চন্দ্র (চিহ্নিত বা খচিত) হার (কণ্ঠভূষণ) যে হারে চাঁদ বসান থাকে। অধুনা অপ্র] বি, স্ত্রী, কণ্ঠহারবিশেষ। প্র—"চন্দ্রহার গলায় চৌদিক করে আলো।"—ধ, ম (মাণিক)। ২। স্ত্রীলোকের কটিভূষণবিশেষ ; মেখলা। [দ্রঃ—পূর্ব্বের চন্দ্রহার স্থলে অধুনা "তারাহার" কণ্ঠভূষণ এবং চন্দ্রহারের ন্যায় "সূর্য্যহার" এক্ষণে অন্যতম কটিভূষণ]।

চন্দ্রহাস (শ্) [চন্দ্র—হস্ (হাস্য করা, উপহাস করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, প্রঞ্) যে উজ্জ্বলতায় চন্দ্রকে উপহাস করে] বি, পুং, রাবণের খড়্গ। ২। ক্লী, রৌপ্য।

স্ত্রী. চন্দ্রহাসা—গুড়ূচী। ৩। খড়্গ বা খাঁড়াবিশেষ ; এই খাঁড়ার গায়ে চন্দ্রমূর্ত্তি অঙ্কিত থাকে। প্র—"সুনার খেড়মন্দির সুনার নাটশাল। চন্দ্রহাস খাঁড়া হাথত চন্দ্র কোটাল॥"—শূন্যপুরাণ।

চন্দ্রা—বি. স্ত্রী. চন্দ্রাতপ ; চাঁদোয়া। ২। এলাইচ। ৩। গুড়ূচী।

চন্দ্রাংশু [চন্দ্রের—অংশু (কিরণ) ৬তৎ] বি. পুং. জ্যোৎস্না।

চন্দ্রাতপ (প্) [চন্দ্রের আতপ (কিরণ)। আ—তপ্ (তাপ দেওয়া)+অ (অন. কর্ত্তৃ) ৬তৎ] বি. পুং. জ্যোৎস্না। ২। [চন্দ্র আত্ (গমন) পা (রক্ষা করা)+অ (কর্ত্তৃ—ড) যাহা চন্দ্রকিরণ—(অর্থসম্প্রসারণে) সূর্য্যকিরণেরও গমন নিবারণ করে] চাঁদোয়া ; মণ্ডপ ; সামিয়ানা ; a conopy ; awning.

চন্দ্রানন (-নন্) [চন্দ্র—আনন যাহার—বহু] বিণ. চন্দ্রতুল্য সুন্দর মুখবিশিষ্ট। ২। বি. চন্দ্রের মত সুন্দর মুখ ; চাঁদমুখ ; চন্দ্রমুখ ; চন্দ্রবদন ; দ্রঃ। স্ত্রী. **চন্দ্রাননা, চন্দ্রাননী**।

চন্দ্রাপীড় (ড়্) [চন্দ্র—হইয়াছে আপীড় (শিরোভূষণ) যাহার, বহু] বি. পুং. চন্দ্রচূড় ; শিব। ২। কাদম্বরী-কাব্যোক্ত তারাপীড়ের পুত্র।

চন্দ্রাবলী—বি. স্ত্রী. গোপাঙ্গনা ; রাধিকার সখী। বি. পুং. চন্দ্রকিরণ ; জ্যোৎস্না।

চন্দ্রালোক (ক্) [চন্দ্রের—আলোক, ৬তৎ]

চন্দ্রার্ক [রসায়নে] বি. রজত এবং তাম্র মিশ্রণে উৎপন্ন সঙ্কর ; alloy of silver and gold. তুল—তারাক (১৬ ভাগ রৌপ্য ও ১২ ভাগ তাম্র।—সা-প-প)।

চন্দ্রিকা (চোন্দ্রিকা) [চন্দ্র+ইক (ণ, ইদমর্থে) আপ্—স্ত্রী] বি. স্ত্রী. চন্দ্রকিরণ ; জ্যোৎস্না। ২। নয়নতারা। ৩। চন্দ্রভাগা নদী। ৪। ত্রয়োদশাক্ষরা ছন্দোবিশেষ ; ১০, ১১ ও ১৩ বর্ণ ইহার গুরু। ৫। চাঁদা-মাছ। ৬। কাণছিঁড়ার গাছ। ৭। শ্বেত কণ্টকারী।

চন্দ্রিল (চোন্দ্রিল্) [চন্দ্র+ইল (অস্ত্যর্থে)—যাহার (কপালে) চন্দ্র আছে] বি. চন্দ্রমৌলি ; শিব। ২। নাপিত। ৩। বাস্তুক-শাক ; বেতোশাক।

চন্দ্রেশ্বর (চন্দ্রেশ্শর্) বি. পুং. কাশীস্থ শিবলিঙ্গবিশেষ।

চন্দ্রোদয় (য়্) [চন্দ্র—উদয়, ৬তৎ] বি. জ্যোৎস্নার আবির্ভাব।

চন্দ্রোপল (ল্) [চন্দ্র (চন্দ্রপ্রিয়) যে উপল (প্রস্তর) ম. প. লো. কর্ম্মধা] বি. পুং. চন্দ্রকান্তমণি।

চপ (প্) [ইং—chop. গ্রা—উচ্চারণে ছাপ—ছাপা—ছাবা] বি. ভর্জ্জিত মাংসখণ্ড ; মাংসের পিষ্টক ; য়ুরোপীয় খাদ্যবিশেষ ; এক্ষণে এদেশে ইহার ভূরি প্রচলন হইয়াছে। প্র—মটনচপ। চপকাটলেট্।

চপচপ (চপ্চপ্) [শব্দাত্মক। তুল—ইং—chop. থুরা ; চোপান। বাং—চোপাইবার বা চোপ বসাইবার শব্দ] অ. অনুকরণ শব্দ। অতরল কিন্তু কোমল বস্তুর কর্দ্দনশব্দ। ২। জল কাদায় পা ফেলিবার ও পা তুলিবার শব্দ। ৩। চর্ব্বণ শব্দ ; এই অর্থে চব্চবও বলে। চিবাইবার শব্দ হইতে হিন্দীতে চণক। ক্রি. **চপ্চপান** (নো) বি. **চপচপানি**। বিণ. **চপচপিয়া, চপচপে** (চপ্চোপে)।

চপট, চপেট (ট্) [চপ্ (চূর্ণ করা)+অট—ইট (সংজ্ঞার্থে), হি—চপৎ] বি. পুং. করতলাঘাত ; চড় ; চাপড়। স্ত্রী. **চপেটী**—ভাদ্রমাসীয় শুক্লা ষষ্ঠী ; চাপ্ড়া ষষ্ঠী। চাপাতি দ্রঃ।

চপল (ল্) [চপ্ (গমন করা)+অল (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বিণ. অস্থির ; চঞ্চল। ২। তরল। ৩। ধৃষ্ট ; প্রগল্ভ। ৪। অদৃঢ়। ৫। ক্ষণস্থায়ী। ৬। বি. পুং. পারদ। [দ্রঃ চপলপ্রকৃতি হেতু (১) পারদ (২) মৎস্য (৩) চোর (কিন্তু বাঙ্গালায় বিরল ব্যবহার)] ক্রি-বিণ. ঝটিতি ; শীঘ্র। প্র—চপল গতি। স্ত্রী. **চপলা**—লক্ষ্মী। ২। বিদ্যুৎ। ৩। বেশ্যা। ৪। ছন্দোবিশেষ। বিণ. চঞ্চলা। প্র—"চপলা লক্ষ্মী মোরে অচপল, ভারতী না থাকে থির এক পল, এত করি তাঁর সেবা।"—রবি।

চপলতা [চপল+তা (ভাবে)] বি. স্ত্রী. অস্থিরতা ; চাঞ্চল্য। ২। প্রগল্ভতা ; ধৃষ্টতা।

চপলাঙ্গ [চপল—অঙ্গ যাহার, বহু] বি. পুং. শিশুমার ; শিশুক।

চপেট (ট্) [সং। হি—চপৎ। চপট দ্রঃ] বি. প্র—"চপেট চাপড়ে রণ করয়ে বানরগণ। যত সেনা ত্যজিল পরাণ॥"—কবিক।

চপেটাঘাত (ত্) বি. করতল-প্রহার। প্র—"একটি চপেটাঘাতে বধিতাম প্রাণ।"—কৃত্তিবাস।

চবচব (চব্চব্) [শব্দাত্মক] অ. অনুকার শব্দ। ২। চর্ব্বণ শব্দ ; চিবাইবার শব্দ। জাবর কাটার শব্দ। ৩। চাবুক মারিবার শব্দ। ৪। [চ্যবন দ্রঃ] চুয়াইয়া পড়িবার ভাব : কোন তরল পদার্থে চুবাইলে সেই পদার্থ গা বহিয়া যেরূপ গড়াইয়া পড়ে তাহার ভাব ; জব্জব দ্রঃ। ক্রি. **চবচবান** (নো)। বি. **চবচবানি**। বিণ. **চবচবিয়া, চবচবে** (চব্চোবে)।

চবর্গ—বি. পুং. চ শ্রেণী ; চ, ছ, জ, ঝ, ঞ এই পাঁচটী বর্ণ।

চবাং [শব্দাত্মক] অ. জলে ছড়ি বা বৃক্ষশাখাদির আঘাত শব্দ। ২। চাবুকের আঘাত শব্দ।

চবুতরা (চো) [সং—চত্বর : হি—চবুতর, দ্রুত উচ্চারণে, চৌতরা ; বাং. গ্রা—চউতর ; চৌতারা] বি. দালান ; দাওয়া। ২। [প্রাদে] কোতোয়ালের থানা।

চব্বিশ (চোব্বিশ্) [চতুর্ব্বিংশ হইতে] বি. ২৪ এই সংখ্যা ; চার অধিক বিশ। ২। বিণ. ২৪ সংখ্যক। **চব্বিশ ঘণ্টা**—সমস্ত দিন সমস্ত রাত ; অবিরাম। বিণ. **চব্বিশে**—মাসের ২৪ তারিখ।

চম (চম্) [চমক দ্রঃ] অ. আতঙ্কের ভাব বোধক : ছম্ দ্রঃ।

চমক (ক্) [হি—চমক্] বি. প্রভা ; দীপ্তি। ২। [চমৎকার-সংক্ষেপে] বিস্ময় ; আশ্চর্য্য। ৩। ভয় ; আতঙ্ক। ৪। চৈতন্য ; জ্ঞান ; সজাগভাব। প্র—এখন বুঝি তোমার চমক হ'ল। ৫। তন্দ্রা ; নিদ্রা। প্র—এক চমক ঘুম। ৬। মগ্ন বা আচ্ছন্নের ভাব। প্র—"অনেক সময় খরিদ্দার হাঁকাহাঁকি করিলে তবে চমক ভাঙ্গিত।"—ভারতী, ১৩২০।

চমকন (চম্কন্) [চমৎকরণ] বি. পুং. চমৎকৃত হওন ; কাঁপন ; কম্পন ; ডরন।

চমকান (চম্কানো) [চমক+আন] ক্রি. চমকিয়া উঠা ; আতঙ্কে শিহরিয়া উঠা ; ভয়ে আঁৎকে উঠা। ২। বিস্মিত হওয়া ; আশ্চর্য্যান্বিত হওয়া। ৩। চমকিয়া উঠা ; ঝিলিক দেওয়া। ৪। সন্তুলন করা। উ-পু—চমকাই। ম-পু—চমকাও। প্র-পু—চমকায়। অস-ক্রি—**চমকিয়া, চমকে** (চোম্কে)। বি. **চমকানি**—ঝিলিক। প্র—"বিদ্যুতের চমকানি কালে।"—রবি। ২। বিস্ময়প্রকাশ। ৩। আঁৎকানি। বিণ. **চমকিত**। স্ত্রী. **চমকিতা**।

চমচম (ম্, ম্) [ছমছম দ্রঃ] অ. ভয়ে শিহরণ। ২। অনুকার শব্দ। ৩। [চম্ (ভক্ষণে)] বি. রসে পাক করা ছানার মিষ্টান্ন।

চমৎকরণ (ন্) [চমৎ (চমৎকার) কৃ+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. আশ্চর্য্য বোধ করান ; চমৎকৃতকরণ।

চমৎকার (র্) [চমৎ (আশ্চর্য্য)—কার—কৃ+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. আশ্চর্য্য ; বিস্ময়। ২। অনির্ব্বচনীয় আনন্দ। ৩। বিণ. বিস্ময়জনক।

চমৎকারক (ক্) [চমৎ (আশ্চর্য্য)—কৃ +অক (কর্ত্তৃ)] বিণ, বিস্ময়কর।

চমৎকারিতা [চমৎ—কারিন্+তা (ভাবে) ন্‌-লোপ] বি, স্ত্রী, আশ্চর্য্যজনকতা ; বিস্ময় করণ ; চমৎকরণ।

চমৎকারী [চমৎ—কৃ+ইন্ (কর্ত্তৃ—ণিন্) =চমৎকারিন্ ১মা, ১ব,—ন্ লোপ] বিণ, যে বিস্ময় উৎপাদন করে ; বিস্ময়জনক ; আশ্চর্য্যজ্ঞাপক। স্ত্রী, **চমৎকারিণী**—বিস্ময়োৎপাদিকা।

চমৎকৃত [চমৎ-কৃ+ত (কর্ম্মে—ক্ত) গ্রা চমৎকিত (কৃত্তিবাসে)] বিণ, যাহার আশ্চর্য্য বোধ হইয়াছে ; বিস্ময়াবিষ্ট ; আশ্চর্য্যান্বিত।

চমর (র্) [চম্ (ভক্ষণ করা, গমন করা) +অর (কর্ত্তৃ-অরণ্) সংজ্ঞার্থে] বি, ক্লী, চামর। ২। পুং, মৃগবিশেষ। ইহাদের পুচ্ছ-লোমে চামর হয়। স্ত্রী, চমরী।

চমরী [চমর+ঈ (অস্ত্যর্থে)] বি, স্ত্রী, চমরী গাই।

চমস (শ্) [চম্ (ভক্ষণ করা) +অস্ (সাহ-চর্য্যার্থে) ভোজনের সময় যাহার ব্যবহার হয়] বি, পুং, ক্লী, হাতা ; চামচ। স্ত্রী, **চমসী**—পিষ্টকবিশেষ।

চমূ (চোমু) [চম্ (ভক্ষণ করা, গমন করা) +উ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, সেনাদল।

চমূনাথ (থ্) [চমূর নাথ—৬তৎ] বি, পুং, সেনাপতি।

চমূরু, চমূরূ [চম্ (ভক্ষণ করা)+উরু, রূ (কর্ম্মে)—যাহা ভক্ষিত হয়] বি, পুং, এক জাতীয় হরিণ।

চম্পক (ক্) [চম্প্ (দীপ্তি পাওয়া)+অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, চাঁপাগাছ। ২। চাঁপাফুল। ৩। চম্পানগর। ৪। ক্লী, চাঁপাকলা। ৫। [ন্যায় দর্শনে] সিদ্ধিভেদ।

চম্পকচতুর্দ্দশী (চম্‌পক্‌চোতুর্‌দোশী) [চম্পক-পুষ্পদ্বারা শিব পূজার বিধি হইতে] বি, স্ত্রী, জ্যৈষ্ঠ মাসের শুক্লা চতুর্দ্দশী।

চম্পকমালা (ক্) [চম্পক—মালা, ৬তৎ] বি, স্ত্রী, চাঁপা ফুলের মালা। ২। দশাক্ষর ছন্দোবিশেষ—যাহার ২।৩।৭।৮ বর্ণ লঘু অপর গুরু।

চম্পকলতা (ক্) বি, স্ত্রী, রাধিকার সখী।

চম্পকারণ্য (—রোন্‌নো) [চম্পক (চম্পক প্রধান)—অরণ্য] বি, তীর্থবিশেষ। ২। চাঁপাফুলের বন।

চম্পট (ট্) [হি—চম্পৎ] বি, প্রস্থান ; পলায়ন। প্র—"লক্ষ্মণ সেন ত দিলেন চম্পট কচুবনে এক দৌড়েতে।"—দ্বিজেন্দ্র রায়।

চম্পা [চম্প্ (গমন করা) +অ (অধি—অল্) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, চম্পনামক নরপতি কর্ত্তৃক স্থাপিত নগরী। ইহাই অঙ্গরাজ কর্ণের রাজধানী ছিল ; ইহা ভাগলপুরের নিকটবর্ত্তী।

চম্পাধিপ (প্) [চম্পার অধিপ, ৬তৎ] বি, পুং চম্পা নগরের রাজা ; কর্ণ।

চম্পাবতী (বোতি) [চম্পা (চাঁপা ফুল-গাছ)+বৎ (অস্ত্যর্থে—বতু)—যেখানে অনেক পরিমাণে চাঁপা ফুলের গাছ আছে] বি, স্ত্রী, কর্ণের রাজধানী। ২। রাজকন্যা-বিশেষ।

চম্পূ (চোম্‌পু) [চম্প্ (গমন করা)+উ (সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, গদ্যপদ্যময় কাব্যগ্রন্থ।

চম্বেলি [চামেলি দ্রঃ] বি, চামেলিফুল।

চয় (য়্) [চি (একত্র করা)+অ (কর্ম্মে—অল্) । যাহা একত্র করা হয়] বি, পুং, নিচয় ; রাশি ; সমূহ ; পুঞ্জ ; এই অর্থে অন্য শব্দসহ যুক্ত হয়। ২। চয়ন ; আহরণ। ৩। সঞ্চয়।

চয়ন (ন) [চি (একত্র করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সঙ্কলন ; সংগ্রহ। ২। ফুল পাতা প্রভৃতি তোলা। ৩। নির্ব্বাচন।

চয়নক (ক্) [চয়ন দ্রঃ—অক (ণক, কর্ত্তৃ)] বিণ, যে চয়ন করে : সংগ্রহকর্ত্তা। ২। বি, সংগ্রহ। স্ত্রী, **চয়নিকা**।

চয়নীয় [চি (চয়ন করা)+অনীয় (কর্ম্মে)] বিণ, যাহা চয়নের যোগ্য ; যাহা চয়ন করা উচিত বা আবশ্যক।

চর (র্) [চর্ (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ)] বি, পুং, যেব্যক্তি রাজা কিম্বা অন্য কোন ব্যক্তি দ্বারা প্রেরিত হইয়া গুপ্তভাবে লোকের অভিপ্রায় জানিয়া আপন প্রভুর নিকট সংবাদ দেয় ; দূত। ২। নদীকূলে ক্রমসঞ্চিত উচ্চ ভূভাগ ; চড়া ; দ্বীপ ; নদীগর্ভে স্রোত দ্বারা উৎপন্ন যে বালুকাময় স্তর। ৩। গোচারণ ভূমি ; যেখানে পশু চরে। ৪। মেষ, কর্ক্কট, তুলা ও মকর রাশি। ৫। স্বাতি পুনর্ব্বসু শ্রবণা এই তিন নক্ষত্র। ৬। বিণ, অস্থাবর ; গমনশীল ; জঙ্গম।

চরক (ক্) বি, পুং, আয়ুর্ব্বেদ-বেত্তা ঋষি [ইনি ব্রহ্মা, প্রজাপতি, অশ্বিনীকুমার, ধন্বন্তরি, ইন্দ্র, ভরদ্বাজ, আত্রেয় এবং অগ্নিবেশ্যের নিকট যথাক্রমে সূত্র, শারীরস্থান, ঐন্দ্রিয়, চিকিৎসা, নিদান, বিমান, বিকল্প ও সিদ্ধি এই অষ্ট স্থান শিক্ষা করিয়া চরকসংহিতানামে গ্রন্থ প্রস্তুত করেন]। ২। চরক মুনিকৃত গ্রন্থ। ৩। চর ; দূত। ৪। ভিক্ষু। ৫। ক্ষেতপাপড়া। ৬। চড়ক দ্রঃ।

চরকা (র্) [সং—চক্র] বি, সূত্রকর্ত্তন যন্ত্র। সূতা কাটার যন্ত্র।

চরকি, চরকী (চোর্‌কি) [চক্র] বি, স্ত্রী, চক্রাকার অগ্নিক্রীড়ার দ্রব্য। ২। নাটাই।

চরখি (চোর্‌খি) বি, বাখারি দ্বারা নির্ম্মিত সূতা জড়াইবার দ্রব্যবিশেষ ; নাটাই। ২। অগ্নিক্রীড়াবিশেষ ; চরকীবাজি। প্র—"চরখি হইয়া চলে কেহো সাথে সাথে। হাউই হইয়া অন্য ধায় শূন্য পথে॥"—শিবায়ন।

চরচর (চর্‌চর্) [শব্দাত্মক] অ, অনুকার শব্দ ; বিদারণ শব্দ ; অপেক্ষাকৃত কঠিন বস্তু বিদারণ—চড়চড়। খাঁকের বা হাঁসের পালকের কলমে লিখিবার শব্দ। (২) তাহা হইতে জোর কলমে লেখা ; ইহা লেখকের রচনা-শক্তিরও জ্ঞাপক। প্র—চরচর করে লিখে দিলে। ক্রি, **চরচরান** (নো)। বি, **চরচরানি**। বিণ, **চর-চরিয়া, চরচরে** (চর্‌চোরে)।

চরণ (ন্) [চর্ (গমন করা)+অন (করণে অনট্) যাহা দ্বারা গমন করা যায়] বি, পুং, ক্লী, পদ ; পা। ২। মূল। ৩। শ্লোকের চতুর্থাংশ। ৪। বেদের কঠ কৌথুম বহ্বৃচাদি শাখা। ৫। [অনট্-ভাবে] ক্লী, চলন, ভ্রমণ। ৬। আহারান্বেষণ। ৭। অনুষ্ঠান। ৮। ব্যবহার আচরণ। ৯। স্বভাব ; শীল ; চরিত্র।

চরণকমল (ন্, ল্) [চরণ রূপ কমল—কর্ম্মধা, বর্ণসাদৃশ্য ও সৌন্দর্য্যহেতু চরণে কমলত্বের আরোপ—রূপকালঙ্কার] বি, পাদপদ্ম। প্র—"ছায়া দিয়া রাখ তব চরণকমলে।"—কবিকঙ্কণ। **শ্রীচরণকমল**—মঙ্গলালয় স্বরূপ চরণপদ্ম ; সকল ঐশ্বর্য্য সম্পদের আধার যে চরণপদ্ম। **শ্রীচরণকমলেষু, চরণ-কমলেষু**—[চরণ-কমল—(অধিকরণকারকে) কমলেষু ; পূজ্যব্যক্তির সকাশে পত্র লিখিবার এই সংস্কৃত পাঠ অবিকল বাঙ্গালায় চলিত হইয়াছে] পাদপদ্ম।

চরণগ্রন্থি (ন্, গ্রো) [চরণ (পা) গ্রন্থি (গাঁইট) ৬তৎ] বি, পুং, পায়ের গাঁট ; গুল্ফ ; গোড়ালি।

চরণচাপ (ন্, প্) [চরণ—চাপ, ৬তৎ] বি, চরণালঙ্কারবিশেষ ; নূপুর। প্র—"আয় এয়োগণ করবি বরণ পরে চরণচাপ"—হেম বন্দ্যো।

চরণ-চারণ (ন্) বি, পাদচারণ ; পায়চারি। প্র—"চরণ-চারণ করে যথা সিংহদ্বার॥"—কাঞ্চীকাবেরী।

চরণচারী (ন্, রি) [চরণ (পা) চর্ (গমন করা)+ইন (কর্ত্তৃ—শীলার্থে, ণিন)=চারিন্ ১মা, ১ব, দীর্ঘ ঈ—ন্—লোপ] বি, যে চরণ-দ্বারা বিচরণ করে ; পাদচারী ; যে পায়ে হাঁটিয়া যায়।

চরণব্যূহ (চরনব্‌বুহ) বি, পুং, বেদব্যাস কর্ত্তৃক সঙ্কলিত চতুর্ব্বেদ-বিবরণ-শাস্ত্র।

চরণতরী (চরন্‌তোরি) [চরণরূপ তরী (তরণি) কর্ম্মধা] বি, স্ত্রী, পদাশ্রয় ; দয়া ; কৃপা ; আশীর্ব্বাদ। প্র—"তার কৃপা করি কিঙ্কর তোমার দিয়ে চরণতরী রাখ এইবার ॥" —রামপ্রসাদ।

চরণদাসী (চরোন্‌দাশি) বি, পত্নী। ২। চরণদাস প্রবর্ত্তিত বৈষ্ণবধর্ম্মসম্প্রদায়বিশেষ।

চরণসেবক (চরোন্‌শেবক্‌) বিণ, পদসেবাকারী। ২। তোষামোদকারী। ৩। বি, ভৃত্য। ৪। অনুগতব্যক্তি। স্ত্রী, **চরণসেবিকা**।

চরণসেবা (চরোন্‌শেবা) [চরণের সেবা, ৬তৎ] বি, স্ত্রী, পদসেবা ; পা টেপা।

চরণাঙ্কিত (ন্‌) [চরণ—অঙ্কিত] বিণ, চরণচিহ্নিত ; পদচিহ্নযুক্ত ; চরণের ছাপযুক্ত।

চরণানুগ (নু) [চরণ—অনু—গম্‌ (গমন করা)+অ (কর্ত্তৃ—ড) ম্‌-লোপ, উপপদ] বিণ, পদ বা পদাঙ্ক অনুসরণকারী ; পশ্চাদ্‌গামী। ২। চরণসেবক ; শরণাগত।

চরণাভরণ (চরনাভরন্‌) [চরণের আভরণ, ৬তৎ] বি, ক্লী, নূপুর, মল প্রভৃতি চরণের অলঙ্কার ; চরণচাপ দ্রঃ।

চরণামৃত (চরনাম্‌মৃত) [চরণের অমৃত (জল), ৬তৎ। গ্রা—চন্নমেত্তর্‌] বি, নারায়ণ বা কোন দেবমূর্ত্তি অথবা পূজ্য ব্যক্তির পাদপ্রক্ষালন করা জল ; পাদোদক।

চরণাম্বুজ (চরনাম্‌বুজ্‌) [চরণ রূপ অম্বুজ, কর্ম্মধা] বি, ক্লী, চরণকমল (দ্রঃ) : পাদপদ্ম।

চরণায়ুধ (চরনায়ুধ্‌) [চরণ—আয়ুধ] বি, যাহার চরণ তীক্ষধার ও সুকঠিন নখরযুক্ত বলিয়া আয়ুধের কার্য্য করে—এই অর্থে যাবতীয় শিকারী জীবজন্তুকে বুঝাইতে পারে কিন্তু ব্যবহারে কুক্কুটকে বুঝায়।

চরণারবিন্দ (না) [চরণ (রূপ) অরবিন্দ, কর্ম্মধা] বি, ক্লী, পাদপদ্ম। প্র—"চরণারবিন্দ নখ চন্দ্রমা সুন্দর রায়বসন্তচিত হেরই আনন্দে।" —রায়বসন্ত।

চরম (ম্‌) [চর্‌ (গমন করা)+অম (কর্ত্তৃ—সমাপ্তি অর্থে)] বি, অবসান ; অন্ত ; শেষ। ২। অন্তিমকাল ; শেষাবস্থা ; মৃত্যু।

চরমলেখ (ম্‌, খ্‌) [চরম—লিখ্‌ (লেখা) +অ (কর্ম্মে, সংজ্ঞার্থে—ঘঞ্‌)] বি, পুং, চরমকালে বা শেষদশায় যাহা লিখিত হয় ; উইল।

চরমাচল (ল্‌) [চরম—পশ্চিমদিক্‌ তাহাতে যে অচল—পর্ব্বত, ৭তৎ কিম্বা পশ্চিমদিকের অচল—৬তৎ] বি, পুং, অস্তগিরি ; যে পর্ব্বতে সূর্য্য অস্ত যায় ; চরমাদ্রি।

চরস (শ্‌) [হি—চর্‌স্‌] বি, গাঁজার আটা ; ইহা সেবনে মত্ততা জন্মে।

চরা [চর্‌ (বিচরণে, ভক্ষণে)] ক্রি, বিচরণ করা। ২। চরিয়া বেড়ান ; আহার সংগ্রহ করিয়া বেড়ান ; চারা (দ্রঃ) খাওয়া ণিজন্ত, **চরান** (নো)। প্র—মাঠে গরু-চরান।

চরাচর (র্‌) [চর (জঙ্গম) অচর (স্থাবর) —দ্বন্দ্ব] বি, জঙ্গম ও স্থাবর। ২। জগৎ।

চরাচরগুরু (রু) [চর (জঙ্গম) অচর (স্থাবর) তাহাদের গুরু (কর্ত্তা) ৬তৎ] বি, পুং, পরমেশ্বর। ২। সৃষ্টিকর্ত্তা ; ব্রহ্মা ৩। বিষ্ণু। ৪। শিব।

চরাট (ট্‌) বি, কোণাকার সঙ্কীর্ণ স্থান ; নৌকার সম্মুখ ও পশ্চাতে গলুইএর সন্নিহিত স্থান।

চরাণি (নি) [চারণ] বি, চরাইবার কাজ। ২। পশুচারণ স্থান ; মাঠ ; ময়দান।

চরান (চরানো) [চরা দ্রঃ] বি, পশুচারণ করা ; গবাদি পশুর খাদ্য বা চারা খাওয়ান। প্র—"ব্রজরায় চরায় বাছুর বৃন্দাবনে"— শিবায়ন।

চরি (চোরি) [চর্‌ (গমন করা)+ই (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, ভূচর। ২। পশু। ৩। প্রাণী ; জীব [বিরল। তুল—হি—চরিন্দা (ভূচর) পরিন্দা (পালকযুক্ত—খেচর)]।

চরিত (চোরিত্‌) [চর্‌ (আচরণ করা, গমন করা)+ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, আচরণ ; ব্যবহার। ২। চরিত্র। প্র— "বলিহারি তোমারি চরিত মনোহর। গায় সকল জগতবাসী।"—সত্যেন্দ্র ঠাকুর। ৩। রীতি। ৪। কার্য্য। ৫। বিচরণ। ৬। সঞ্চার। ৭। চেষ্টা ; উপায়। ৮। নিদর্শন ; লক্ষণ। প্র—"কিছুই না দেখে অঙ্গে স্নানের চরিত।"—চৈতন্যভাগবত। ৯। জীবনচরিত্র ; জীবনী। প্র—রামচরিত। ১০। [কর্ম্মে—ক্ত] বিণ, চেষ্টিত। ১১। অনুষ্ঠিত। ১২। বিহিত ; উচিত। ১৩। সম্পন্ন। ১৪। ফলিত। ১৫। ভক্ষিত।

চরিতব্রত (চোরিতব্‌ব্রোত) [চরিত (আচরিত ব্রত—কর্ম্মধা] বি, অনুষ্ঠিতব্রত। ২। [আচরিত হইয়াছে ব্রত যৎকর্ত্তৃক, বহু] যে ব্রত অনুষ্ঠান করিয়াছে ; কৃতব্রত।

চরিতাখ্যান (চোরিতাখ্‌খ্যান্‌) [চরিতের আখ্যান—৬তৎ] বি, ক্লী, চরিত্র কীর্ত্তন ; জীবনচরিত বর্ণন।

চরিতাখ্যায়ক (চোরিতাখ্‌খ্যায়ক্‌) [চরিত (চরিত্র) আখ্যা (কথন)+অক (কর্ত্তৃ) যে চরিতের আখ্যান করে, ৬ তৎ] বিণ, চরিত্র-কথক ; জীবনচরিত্র-বর্ণনকারী। ২। বি, জীবনী-লেখক ; a biographer. স্ত্রী, **চরিতাখ্যায়িকা**।

চরিতাবলী (চোরিতাবোলি) [চরিতের —আবলী (শ্রেণী) ৬তৎ] বি, স্ত্রী, যাহাতে অনেকের জীবনচরিত্র বর্ণিত হইয়াছে ; চরিত গ্রন্থ। ২। চরিত্র সমূহ। ৩। আচরণসমূহ।

চরিতার্থ (চো) [চরিত (সিদ্ধ হইয়াছে) অর্থ (প্রয়োজন) যৎকর্ত্তৃক, বহু। যাহার অভীষ্ট সিদ্ধ হইয়াছে ; যাহার অভিপ্রেত কার্য্য সাধন হইয়াছে] বিণ, সিদ্ধকাম ; কৃতকার্য্য ; কৃতার্থ ; কৃতকৃত্য। ২। আপ্যায়িত ; পরিতুষ্ট। বি, চরিতার্থতা।

চরিতার্থতা (চো) [চরিতার্থ+তা (ভাবে)] বি, স্ত্রী, চরিতার্থের ভাব। সফল-কর্ম্মত্ব ; কৃত-কৃত্যতা ; কৃতার্থতা।

চরিতার্থিত (চো) [চরিতার্থ+ইত (ভূত অর্থে, অস্ত্যর্থে)] বিণ, যে সফলকাম হইয়াছে ; যে কৃতকৃত্যতা লাভ করিয়াছে ; কৃতার্থীকৃত। ২। কৃতাপ্যায়ন ; কৃত-পরিতোষ।

চরিত্র (চোরিৎত্র) [চর্‌ (আচরণ করা—গমন করা)+ইত্র (করণে—ইত্রন্‌) সংজ্ঞার্থে] বি, ক্লী, আচরণ ; চালচলন ; ব্যবহার। ২। স্বভাব ; প্রকৃতি। ৩। রীতি। ৪। মন ; লোভ। প্র— "চঞ্চল চেতন আমি চলিশ বন্ধনে। চোরের চরিত্র হৈল চণ্ডিকার ধনে ॥"—কবিক। ৫। চেষ্টা ; উপায়। প্র—চেষ্টা চরিত্র করিয়া কোন কাজ করা। ৬। উন্নত বা আদর্শ জীবন ; সদ্‌গুণ ; ধর্ম্ম। প্র—যাহার চরিত্র আছে এমন ব্যক্তিকে বিশ্বাস করিবে, চরিত্র-হীনকে বিশ্বাস নাই। ৭। নাটক উপন্যাসাদিতে বর্ণিত স্ত্রী বা পুরুষ ; নায়ক নায়িকা। ৮। বৌদ্ধধর্ম্মশাস্ত্র। ৯। বিণ, স্বভাববিশিষ্ট ; চরিত্র-যুক্ত। ইহা এই অর্থে অন্য শব্দসহযুক্ত হয়। প্র—দেব-চরিত্র ব্যক্তি ; সাধুচরিত্র। স্ত্রী, **চরিত্রা**—স্বভাবা ; প্রকৃতি বা গুণযুক্তা ; প্র—সুচরিত্রা। দ্রঃ—শিক্ষা, অভ্যাস ও কার্য্য দ্বারা আমরা প্রকৃতিকে যেরূপ গঠন্‌ করি তাহাকে চরিত্র বলে। চরিত্র কর্য্যে প্রকাশ পায়। যাহা অন্তর্হিত তাহাই স্বভাব। অলব্ধ অর্থাৎ শিক্ষা অভ্যাসাদি দ্বারা লাভ করা নয় যে প্রকৃতি তাহার নাম স্বভাব। ২। তেঁতুল গাছ। **কুচরিত্র, দুশ্চরিত্র**— দূষিত-চরিত ; কলঙ্কিত স্বভাব। ২। লম্পট। **নষ্টচরিত্র**—লম্পট ; চরিত্রহীন। **চরিত্র নষ্ট করা**—কদভ্যাস দ্বারা স্বভাব দূষিত বা কলঙ্কিত করা ; কুসঙ্গ করা। ২। লম্পটতা করা ; ধর্ম্ম নষ্ট করা। **চরিত্র খোয়ান, চরিত্র হারান** (নো)—কুচরিত্র হওয়া ; চরিত্র নষ্ট করা।

চরিত্রদোষ (চোরিৎত্রদোষ্‌) [চরিত্র (তাহার) দোষ, ৬তৎ] বি, চরিত্রে কলঙ্ক। ২। লাম্পট্য।

চরিত্রনির্দ্দেশক (চোরিৎত্রনির্দেশক্) বিণ. স্বভাব-প্রকৃতিবিজ্ঞাপক। ২। স্বভাব সম্বন্ধীয়; বিশিষ্ট গুণ, ধর্ম্ম বা লক্ষণাত্মক; characteristic.

চরিত্রবান্ (চোরিৎত্রবান্) [চরিত্র—বৎ (অস্ত্যর্থে, বতু)—১মা, ১ব] বিণ. চরিত্রশালী; স্বভাববিশিষ্ট। ২। সৎস্বভাব; উন্নত-চরিত্র; সাধুচরিত্র। স্ত্রী. **চরিত্রবতী**।

চরিত্রহীন (চোরিৎত্রহীন্) [চরিত্র (সম্বন্ধে বা বিষয়ে) হীন (৩ তৎ)] বিণ. যাহার চরিত্র নাই; অসৎচরিত্র; কুচরিত্র; characterless. স্ত্রী. **চরিত্রহীনা**।

চরিষ্ণু (চোরিষ্‌ণু) [চর্ (গমন করা) + ইষ্ণু (কর্ত্তৃ, শীলার্থে)] বিণ. চলনশীল; গমনশীল; জঙ্গম; movable. ২। বি. পুং. কীর্ত্তিমান রাজার পুত্র।

চরু (চোরু) [চর্ (ভক্ষণ করা + উ, কর্ম্মে—সংজ্ঞার্থে)—দেবতারা যাহা ভক্ষণ বা ভোজন করেন] বি. পুং. যজ্ঞের পায়সান্ন। প্র—"হরি চারি অংশ লয়ে চরুভাগে ভাগ হয়ে তিন গর্ভে হৈলা চারিজন।"—অ. ম।

চরুস্থালী (চোরুস্‌থালি) [চরুর স্থালী (পাক পাত্র) ৬তৎ] বি. স্ত্রী. চরু-পাকার্থ স্থালী; চরুপাকের পাত্র।

চরুহোম (চোরুহোম্) বি. দেবতার উদ্দেশে নিবেদিত মাংস; মাংস বলি।

চর্চ্চ [ইং—church] বি. খ্রীষ্টীয় ধর্ম্মমন্দির; গির্জ্জা।

চর্চ্চরী (চর্‌চোরি) [চর্চ্চ্ (শব্দ করা) + অর (কর্ম্মে, সংজ্ঞার্থে, অরন্) ঈপ্, স্ত্রী] বি. স্ত্রী. আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ; ঝর্ঝর। ২। সঙ্গীত-বিশেষ। ৩। উৎসববিশেষ; চাঁচর।

চর্চ্চা [চর্চ্চ (বলা, আলোচনা করা) + অ (ভাবে, অঙ্) আপ্, স্ত্রী] বি. স্ত্রী. আন্দোলন; অনুশীলন; আলোচনা। ২। পুনঃপুনঃ আবৃত্তি; জপ; চিন্তা। প্র—"চক্রপাণি চর্চ্চা যার চিত্তে রাত্রি দিন"—শিবায়ন। ৩। লেপন। ৪। ভ্রমণ। ৫। যাচাই; পরীক্ষা। ৬। চর্য্যা দ্রঃ। **চর্চ্চা পিঁপড়া** [পালকের চরচর্ শব্দ হইতে অথবা যাহার বিষ তীব্র জ্বালাকর] বি. ক্ষুদ্র পালক-বিশিষ্ট পিপীলিকা। ইহার কামড়ে বিষ শরীরে প্রবিষ্ট হইয়া দষ্টস্থান স্ফীত আরক্ত এবং যন্ত্রণাকর হয়।

চর্চ্চান (নো) [সং—চর্চ্চ (ভৎর্সনে, তর্জ্জনে) চর্চ্চা দ্রঃ] ক্রি. চর্চ্চা করা। ২। আন্দোলন বা অনুশীলন করা। ৩। ভ্রমণ করা। ৪। অনুসন্ধান করা; পরীক্ষা করা; যাচাই করা। প্র—"সাবধানে চৌদিকে চর্চ্চিয়া আইস ভাই।"—ঘনরাম। ৫। রটান। ৬। ঘোঁট করা; (তাহা হইতে) কুৎসা করা।

চর্চ্চিত (চোর্‌চিত) [চর্চ্চা (আলোচনা) + ইত (কৃত, অর্থে)] বিণ. অনুশীলিত; আলোচিত। ২। চিন্তিত; অনুধ্যাত। ৩। অন্বিত। ৪। প্রলিপ্ত; মর্দ্দিত; লেপিত; anointed. প্র—চন্দনচর্চ্চিত।

চর্পট (ট্) [সং সৌত্র ধাতু—চর্প (বিস্তারে, পাতনে)] বি. চপেট; চাপড়। ২। বিস্তার। স্ত্রী. চর্পটা; চর্পটী।

চর্পটা [চর্পট (দ্রঃ) স্ত্রী. আপ্] বি. স্ত্রী. চাপড়া ষষ্ঠী; ভাদ্র শুক্লাষষ্ঠীতে ক্ষীর পিটুলির চাপ্‌ড়া বা চাপাতি ষষ্ঠীদেবীকে নিবেদন করিয়া দিবার প্রথা হইতে এই নাম।

চর্পটী [চর্পট (দ্রঃ)—স্ত্রী. ঈ। হি—চপাতী, তি] বি. স্ত্রী. হাতে চাপড়ান রুটী; চপাতি। ২। পাতলা বিস্কুট।

চর্ব্বণ (ন্) [চর্ব্ব্ (চর্ব্বণ করা) + অ (ভাবে—অনট্)] বি. ক্লী. দন্তদ্বারা চূর্ণ করা; চিবান। ২। স্বাদগ্রহণ। বিণ. **চর্ব্বণীয়**—চর্ব্বণযোগ্য।

চর্ব্বি, চর্ব্বী (চোর্‌বি) [ফা—চর্ব্বী] বি. মেদ; বসা। **চর্ব্বীর বাতি**—বসায় প্রস্তুত বাতি। তুল—মোমবাতি (মোমে প্রস্তুত)। **চর্ব্বি হওয়া**—মেদ বৃদ্ধি হওয়া। ২। মোটা হওয়া। ৩। [চর্ব্বিতে শরীর গরম রাখে—তাহা হইতে] অহঙ্কার হওয়া।

চর্ব্বিত (চোর্‌বিত) [চর্ব্ব্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. কৃতচর্ব্বণ; যাহা চিবান হইয়াছে। ২। ভক্ষিত। ৩। পানের পিক্; চেব। প্র—"চর্ব্বিত চর্ব্বণে—পড়িছে বদনে শোভিত পিন্ধন ধার।"—চণ্ডীদাস। **চর্ব্বিত-চর্ব্বণ**—যাহা চিবান হইয়াছে তাহা পুনরায় চিবান; চিবাইয়া যাহার রসপান করা হইয়াছে পুনরায় সেই নীরস বস্তুকে চর্ব্বণ করা। [তাহা হইতে] উক্ত-বিষয়ের পুনরুল্লেখ। যে বিষয় আলোচিত হইয়া গিয়াছে তাহার পুনরালোচনা।

চর্ব্ব্য (চোর্‌ব) [চর্ব্ব (চর্ব্বণ করা) + য (কর্ম্মে)] বিণ. যাহা চর্ব্বণ করিয়া (চিবাইয়া) খাইতে হয়, চর্ব্বন-যোগ্য; চর্ব্বণীয়।

চর্ম্ম [চর্ (গমন করা, বোধ করা) + ম—(করণে—মন্) যাহা দ্বারা স্পর্শ বোধ হয় কোচ ভাষায়, চম্‌রা] বি. ক্লী. ত্বক: চাম্‌ড়া। ২। বল্কল; গাছের ত্বক; ছাল। ৩। ঢাল। প্র—"ভাতিল অসি অগ্নিশিখা সম ধূমপুঞ্জ সম চর্ম্মাবলীর মাঝারে"—মেঘনাদ।

চর্ম্মকার (র্) [চর্ম্ম (চর্ম্মন্ শব্দ ২য়া ১ বচনান্ত) কার—কৃ (করা) + অ (কর্ত্তৃ—অন্) উপপদ—যাহারা চর্ম্ম তৈয়ারি করে] বি. পুং. চামার; মুচি।

চর্ম্মকীল (ল্) [চর্ম্ম—কীল] বি. আঁচীল। ২। অর্শরোগ; হারিষ।

চর্ম্মঘটিকা (ঘো) বি. জোঁক।

চর্ম্ম চটক (ক্) [চর্ম্ম (চাম্‌ড়া) চটক—চট্ (আবরণ করা) + অক (সংজ্ঞার্থে)—যাহার পক্ষ চর্ম্মদ্বারা আবৃত থাকে] বি. পুং. চর্ম্মময় পক্ষযুক্ত জীববিশেষ; বাদুড়। স্ত্রী. চর্ম্মচটিকা।

চর্ম্মচটিকা (চোটিকা) [চর্ম্মচটক দ্রঃ] বি. স্ত্রী. চর্ম্মচটী; চামচিকে।

চর্ম্মচটী (চোটি) [চর্ম্ম—চট্ (আবরণ করা) + ঈ (কর্ত্তৃ) সংজ্ঞার্থে] বি. স্ত্রী. যাহার পক্ষ চর্ম্মদ্বারা আবৃত থাকে; চাম্‌চিকা।

চর্ম্মচিত্র, চিত্রক (চিৎত্রক্) [চর্ম্ম (চামড়া চিত্র্ (নানা বর্ণের করা) + অক (কর্ত্তৃ)] বি. শরীরের চর্ম্ম স্থানবিশেষে সাদা ও স্থান-বিশেষে কাল করে; শ্বেত কুষ্ঠ। ধবল রোগ ২। চিত্রমৃগ।

চর্ম্মণ্বতী (চর্‌মোন্‌নোতি) [চর্ম্মন্ + বৎ (অস্ত্যর্থে, বতু) ঈপ্, স্ত্রী। বহু চর্ম্ম আছে যাহাতে] বি. স্ত্রী. পূর্ব্বকালে রাজা রন্তিদেব অসংখ্য বৃষ ও অন্যান্য পশু বধ করিয়া দৈনিক ব্রাহ্মণ-ভোজন করাইতেন; ঐ সকল বিনষ্ট পশু হইতে যে রক্ত স্রোত প্রবাহিত হইত তাহা হইতে উৎপন্না যে নদী। ইহা দশপুর নগর হইতে প্রবাহিতা। বুন্দেলখণ্ডে চর্ম্মণ্বতীর নামান্তর "চম্বল"। ২। কলাগাছ।

চর্ম্মতরঙ্গ [চর্ম্মের—তরঙ্গ—৬তৎ] বি. পুং. শিথিল চর্ম্ম; বলি-অঙ্কিত শিথিল চর্ম্ম। ২। চর্ম্মের কুঞ্চন; ত্বক-সঙ্কোচ। ৩। চর্ম্মের ঊর্ম্মি; চর্ম্মকীল; আঁচীল।

চর্ম্মদণ্ড [চর্ম্ম (নির্ম্মিত) দণ্ড—কর্ম্মধা] বি. চামড়ার চাবুক; কোড়া।

চর্ম্মদল (ল্) বি. ক্ষুদ্র কুষ্ঠবিশেষ; impetigo

চর্ম্মদূষিকা [চর্ম্ম (চাম) দূষ্ (দোষ জন্মান) + অক (কর্ত্তৃ)] বি. স্ত্রী. যে চর্ম্মের দোষ জন্মায়; চর্ম্মরোগ: দদ্রু প্রভৃতি।

চর্ম্মদ্রুম (চর্‌মদ্রুম্) বি. পুং. ভূর্জ্জপত্রের বৃক্ষ।

চর্ম্মপত্রা (পৎত্রা) [চর্ম্ম (চর্ম্ম নির্ম্মিত) পত্র (পক্ষ) যাহার, বহু] বি. স্ত্রী. যাহাদের পক্ষ চর্ম্মনির্ম্মিত; চাম্‌চিকা। ২। বাদুড়।

চর্ম্মপাদুকা [চর্ম্ম-নির্ম্মিতা যে পাদুকা—কর্ম্মধা] বি. স্ত্রী. উপানৎ; জুতা।

চর্ম্মপিড়কা [পারিভাষিক শব্দ] বি. স্ত্রী. মসূরিকা রোগ; বসন্ত রোগ।

চর্ম্মপুট, চর্ম্মপুটক (ট্, ক্) [চর্ম্ম (নির্ম্মিত) পুট—কর্ম্মধা + ক—যোগে পুটক] বি. ক্লী. চর্ম্মময় পাত্র; চর্ম্মকূপী; কুঁপা।

চর্ম্মপ্রভেদিকা, চর্ম্মভেদিকা (প্রো) [চর্ম্ম—প্র—ভিদ্ (ভেদ করা) + অক (কর্ত্তৃ)] বি. স্ত্রী. চর্ম্মভেদী অস্ত্র; শল্য; lancet.

চর্ম্মরু [চর্ম্ম—রু (রব)+ক্বিপ্ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যাহারা চামড়া নাড়া চাড়ার শব্দ করে। হি—চম্‌রু ; চাম্‌রুয়া] বি. পুং. চর্ম্মকার ; চামার।

চর্ম্মাখ্য (চর্‌মাখ্‌খ) বি. ক্লী. ক্ষুদ্র কুষ্ঠবিশেষ ; scleroderma. ২। চামার ঘাস।

(ন্) বি. পুং. হিঙ্গুল। ২। চর্ম্মরঙ্গ করণ ; tanning.

চর্ম্মিক (চোর্‌মিক্) [চর্ম্ম+ইক (কৃতার্থে—ইকণ্) যে চর্ম্মনির্ম্মিত ফলক লইয়া যুদ্ধ করে] বি. পুং. ঢালী। স্ত্রী. **চর্ম্মিকা**—ভূর্জ্জপত্র। ২। পার্চমেণ্ট কাগজ।

(চোর্‌মি) [চর্ম্ম (ঢাল)+ইন্ (অস্ত্যর্থে)] বি. পুং. ঢালী।

চর্য্য (চোর্‌জ) [চর্ (আচরণ করা)+য (কর্ম্মে)] বিণ. যাহা আচরণ করা যায় ; আচরণ-যোগ্য ; আচরণীয়। স্ত্রী. **চর্য্যা**—আচরণ। ২। গতি। ৩। পালন ; রক্ষা। প্র—আয়ুশ্চর্য্যা ; দেহচর্য্যা ; এই অর্থে গ্রা—চর্চ্চা। ৪। আহার ; ভোজন। ৫। চরিত্র।

চল [চল্ (চলা)+অ (কর্ত্তৃ—অচ্)] বিণ. অস্থির ; চঞ্চল। প্র—চলচিত্ত। ২। কম্পিত। ৩। জঙ্গম ; গমনশীল। ৪। আচরিত। স্ত্রী. **চলা**—চঞ্চলা বলিয়া, লক্ষ্মী ; বিদ্যুৎ। ২। [ভাবে—অল্—আপ্] অস্থিরতা ; চঞ্চলতা। ৩। বায়ুরোগ। ৪। চল [অস্থি বিদ্যায়] শরীরের যে সকল অস্থিসন্ধি স্থির বা অচল নহে ; diarthrosis movable. (সা. প. প)।

চলচঞ্চু (চলচোন্‌চু) [চল (চঞ্চল হইয়াছে) চঞ্চু ঠোঁট যাহার, বহ্] বি. পুং. চকোর পক্ষী।

চলচিত্ত [চল (চঞ্চল) চিত্ত (মনঃ) যাহার, বহ্] বিণ. যাহার মন বিচল হইয়াছে ; চঞ্চল-স্বভাব ; চপলচিত্ত। ২। অব্যবস্থিতচিত্ত ; যাহার মতের স্থিরতা নাই। ৩। উদ্বিগ্ন ; ব্যাকুল। প্র—"তিনি তাহাতে ক্ষুব্ধ বা চলচিত্ত হইতেন না।"—চারিত্রপূজা।

চলচ্ছক্তি—চলৎ শক্তি দ্রঃ।

চলৎ [চল্ (চলা)+অৎ (কর্ত্তৃ—শতৃ)] বিণ. চলনশীল ; যে চলিতেছে ; ধাবনশীল ; গমন-তৎপর। ২। চঞ্চল ; চপল। ৩। কম্প-মান ; যাহা কম্পিত হইতেছে। ৪। যাহার চলন আছে ; চলিত।

চলত [ব্রজ। চলা দ্রঃ] ক্রি, চলে। প্র—"বঁধুর মঙ্গল মৃদঙ্গ বাজত। চলত কত কত ভাঁতিয়া।" —গোবিন্দদাস।

চলতি, চল্‌তি (চোল্‌তি) [চলৎ দ্রঃ] বিণ. যাহা চলিতেছে। ২। প্রচলিত ; চলিত। প্র—চল্‌তি দর। ৩। যাহার চলন আছে ; যাহার সহিত সামাজিক ক্রিয়া কর্ম্ম হয়। প্র—চলতি ঘর।

চলৎশক্তি, চলচ্ছক্তি (শোক্‌তি, ছোক্‌তি) [চলৎ—শক্তি] বি. স্ত্রী. গতিশক্তি ; চলিবার ক্ষমতা।

চলদল (—দল্) [চল (চঞ্চল) দল (পত্র) যাহার, বহ্] বিণ, যাহার পত্র সর্ব্বদা বায়ুভরে কম্পিত হয়। ২। বি, অশ্বত্থ বৃক্ষ। প্র—যার গুণে চলদল, অপুষ্পেও অবিরল, অগ্নিময় পুষ্পের আকর।"—রঙ্গলাল।

চলন (ন্) [চল্ (চলা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. ভ্রমণ ; গমন। ২। কম্পন। ৩। রেওয়াজ ; রীতি। ৪। চাল ; ধরণ। প্র—"বিলাতি চলন বিলাতি ধরণ। আমরা করিতেছি অনুকরণ॥"—দ্বিজেন্দ্র রায়। ৫। অনুষ্ঠান। ৬। [করণে—অনট, যাহা দ্বারা চলে, গমন করে] চরণ ; পদ ; পা। ৭। [কর্ত্তৃ—অনট্] হরিণ। ৮। বিণ, । ৯। কম্পমান। ১০। সচরাচর ব্যবহার ; চলিত থাকা। স্ত্রী. **চলনী**—পরিধেয় বস্ত্র ; ঘাঘ্‌রা। ২। গজবন্ধনী।

চলনসই—যাহা দ্বারা কার্য্য নির্ব্বাহ হইতে পারে ; চলিবার মত। **চলনঘর**—যে ঘরের মধ্য দিয়া গমনাগমন করা যায় ; চলিবার ঘর। ২। যে ঘরে বিবাহাদির কাজকর্ম্ম করা চলে।

চলনশিলা (ন) বি, স্ত্রী. বৃন্দাবনস্থ শ্রীকৃষ্ণের লীলাস্থানবিশেষ।

চলপত্র (—পৎত্র) [চল (চঞ্চল) পত্র (পাতা) যাহার, বহ্] বি. পুং. চলদল (দ্রঃ) অশ্বত্থবৃক্ষ।

চলবিচল (ল্, ল্) বি. এদিক ওদিক ; নির্দ্ধারিত মাত্রার কম বেশী ; মাত্রা অতিক্রম। প্র—একটু চল বিচল হইলে আর রক্ষা নাই।

চলা [চল্ ধাতু গমনে] ক্রি, গমন করা। প্র—লোক চলা। ২। পদব্রজে গমন করা ; হাঁটা। প্র—সে গাড়ী করে গেল না চলে গেল। ৩। প্রস্থান করা। প্র—সে চলে গেছে। ৪। অতিবাহিত হওয়া ; কাটা। প্র—জীবন এক রকম করে চলিয়াই যাইবে ; ভদ্রভাবে চলা। ৫। নির্ব্বাহ হওয়া। প্র—কাজকর্ম্ম চলা। ৬। গতিপ্রাপ্ত হওয়া। প্র—কল চলা। ৭। নির্গত হওয়া ; ছোটা ; বাহির হওয়া। প্র—রক্ত চলা। নল দিয়া জল চলা। ৮। পৌঁছান ; লক্ষ স্থানে উপস্থিত হওয়া। প্র—দৃষ্টি চলা। ৯। উদ্যত হওয়া ; ছোটা ; উঠা। প্র—হাত চলা ; পা চলা। ১০। প্রচলিত হওয়া। প্র—প্রথাটা এদেশে এখন চলিয়াছে। ১১। সামাজিক ক্রিয়াকর্ম্ম চলিত হওয়া ; ব্যবহৃত হওয়া ; জল আচরণীয় হওয়া ; সামাজিক আদান-প্রদানের উপযোগী হওয়া। প্র—সে প্রায়শ্চিত্ত করিয়া এখন হিন্দুসমাজে চলিয়া গিয়াছে। ১২। পোষানো ; খরচ কুলাইয়া লাভ থাকা ; ক্ষতি না হওয়া। প্র—অত খরচ করিয়া তাহার চলে? অবশ্যই চলে। ১৩। সঙ্গত হওয়া ; ঠিক্ বা উপযুক্ত হওয়া। প্র—ওরূপ করিলে চলিবে না। এই-বার এক কাজ করিলে চলে। ১৪। উদ্দেশ্য সিদ্ধ হওয়া ; প্রয়োজন সিদ্ধ হওয়া। প্র—যতদিন সে ভাল না হয়, ততদিন ঐ লোকের দ্বারাই চলিবে। ১৫। অবিচ্ছেদে বা ক্রমাগত ঘটিতে থাকা। প্র—এখন কথাটা চলুক। ১৬। আরম্ভ হওয়া। প্র—গল্প চলিলে পড়াশুনা সব বন্ধ হইবে। ১৭। [দ্রুতত্ব-ব্যঞ্জক] পা দ্রুত চালান। প্র—বৃষ্টি আসিল, এখন একটু চলিয়া চল। ১৮। মহাযাত্রা করা ; মরা ; প্র—সে ত চলিল, ছেলেদের উপায় কি হইবে। ১৯। প্রবাহিত হওয়া। প্র—"ভরা গাঙ চলে কানে কান"—গিরিশ। ২০। অগ্রসর হওয়া প্র—চল, আমি যাচ্ছি। ২১। প্রযুক্ত হওয়া ; খাটা। প্র—ও শব্দ এখানে চলিবে না। ২২। গড়ায় ; গড়াগড়ি যায়। প্র—"চলে কপাল ধধ—ধঃ, কার মাথা এটা হি হি হি হঃ।" —হেম বন্দ্যো। ২৩। ধাবিত হওয়া। প্র—মন চলা ; বুদ্ধি চলা। ২৪। [তিরস্কারে] দূর হওয়া। প্র—চলে যাও। [উ-পু—চলি। ম-পু—চল (সমানে) ; চলুন (চোলুন্—সম্ভ্রমে) ; চল্ (অবজ্ঞায়)। প্র-পু—চলে (সমানে বা অবজ্ঞায়) ; চলেন (সম্ভ্রমে)। অস-ক্রি—চলিতে, চল্‌তে (চো)। চলিয়া, চলে (চোলে)। ণিজন্ত—চলান। ব্রজ ও প্রা-বৈ-সা—**চলই**=চলিতে। **চলত**=চলিল ; চলে। **চলতহি, চলতঁহি**=চলিল, চলে। **চলনু**=চলিলাম। **চলল, চললা**=চলিল। **চললি**=চলিল। **চলয়িতে**=চলিতে। **চলব**=চলিব। **চলয়ে**=চলে। **চলিয়ে**=চলি। **চলু**=চলে ; চল ; চলিয়া। **চলুঁ**=চলি ; চলিলাম। প্র—"চললি হরিণ নয়নী রাই"—জ্ঞানদাস] **চলাচলি**—চলাফেরা। **চলাবুলা**—চলাফেরা। **কথা-মত চলা**—কথা শুনা ; আদেশ বা উপদেশ পালন করা। **মুখ চলা**—মধ্যে মধ্যে বা ঘন ঘন আহার হেতু মুখ নড়া। ২। মুখ ছোটা ; গালি বকা ; জবাব করা। **পেট চলা**—অজীর্ণ হেতু ঘন ঘন ভেদ হওয়া। **হাত পা চলা**—প্রহারে হাত ও পায়ের ব্যবহার হওয়া ; কিল চড় লাথির ব্যবহার হওয়া। **চলেইছে**—[ক্রমাগত ঘটার ভাব ; নাগাড় ; না মরা] ক্রমাগত চলিয়াছে ; এস্তার চলিয়াছে।

চলাচল [চল—অচল—চলস্থানে নিপাতনে সিদ্ধ] বিণ, অত্যন্ত চঞ্চল। ২। [চল+অচল] চলিত অচলিত ; প্রচলিত অপ্রচলিত ব্যবহৃত অব্যবহৃত। ৩। বি, পুং, বাক্য ৪। [গ্রা] চলা না চলা ; ব্যবহার থাকা না থাকা। ৫। [অস্থি বিদ্যায়] অস্থিসন্ধির স্থিরতা ও চলন ; যে সকল অস্থিসন্ধি আংশিক চলে আবার অচল থাকে ; amphearthro mixed joint ; amphearthrodial. **চলাচল সীবনী**—সেলাই করা চলাচল অস্থিসন্ধি ; sacrum coccyx.

চলাতঙ্ক—বি, পুং, বাতরোগ।

চলান (চলানো) [চলা দ্রঃ] ক্রি, চলিতে বাধ্য করা। চালান দ্রঃ।

চলিত (চোলিত) [চল্+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিচলিত ; বিকম্পিত ; চঞ্চল ; অস্থির। ২। প্রস্থিত। ৩। প্রচলিত।

চলিষ্ণু (চোলিষ্‌টু) [চল্+ইষ্ণু (কর্ত্তৃ—শীলার্থে)] বিণ, চলনশীল ; গমনশীল। জঙ্গম। ২। গমনোদ্যত ; প্রস্থানোন্মুখ।

চলু (চোলু) [হি—চুল্লু] বি, পুং, গণ্ডূষ।

চলুক (চোলুক্) [চলু দ্রঃ। হি—চুল্লু] বি, গণ্ডূষ ; চুমুক।

চলেন্দ্রিয় [চল (চঞ্চল) ইন্দ্রিয় যাহার—বহু] বিণ, সামান্য কারণ বশতঃ যাহার মন বিচলিত হয়। ২। অস্থিরচিত্ত। ৩। অজিতেন্দ্রিয়। স্ত্রী, **চলেন্দ্রিয়া**—অস্থিরচিত্তা।

চলেন্দ্রিয়তা [চলেন্দ্রিয়+তা (ভাবে)] বি, স্ত্রী, চঞ্চলচিত্ততা ; অস্থিরচিত্ততা। ২। অজিতেন্দ্রিয়তা।

চলো (চ্) [চলা (দ্রঃ)—ম-পু—সমানার্থে। "চল" উচ্চারণ ভেদে—চলো] ক্রি, গমন কর ; যাও। প্র—"এখন সন্ধ্যা বেলায় কোলের ছেলে, ঘরে নিয়ে চলো।"—রামপ্রসাদ।

চলোর্ম্মি [চল (চঞ্চল) যে উর্ম্মি (তরঙ্গ)—কর্ম্মধা] বি, স্ত্রী, নর্ত্তনশীল তরঙ্গ ; লীলাময়-তরঙ্গ। প্র—"চলোর্ম্মি আঘাতে"—মেঘনাদ।

চল্কন (ন্)[চল্কান] বি, উথলন ; উচ্ছলন। ক্রি, চলকান।

চল্কা, চলকা (ল্) [ঝলক দ্রঃ] খানিকটা ; ঝলক। প্র—এক চল্কা দুধ।

চল্কান, চলকান (চল্কানো) ক্রি, ধাক্কা পাইয়া ঢলঢলে বা তরল বস্তুর খানিকটা অংশ ছটকিয়া পড়া ; চল্কান। উ-পু—চলকাই। ম-পু—চলকাও। প্র-পু—চল্কায়। অস-ক্রি,—চলকাইতে ; **চল্কিয়া, চল্কাইয়া, চল্কে** (চোল্কে) বি, **চল্কানি**। বিণ, **চল্কানিয়া, চল্কানে**

চল্লিশ, চাল্লিশ (চোল্লিশ্) [সং—চত্বারিংশৎ] বি, ৪০ এই সংখ্যা। ২। বিণ, চার গুণ দশ সংখ্যা বা ৪ সংখ্যার দশগুণ ৪০ সংখ্যক।

চল্লিশা (চোল্লিশা) [গ্রা—চালশে] বি, চল্লিশ বৎসর বয়সে দৃষ্টির ক্ষীণতা ; ৪০ বৎসর বয়স হেতু চক্ষের জ্যোতির্হ্রাস।

চশম, চসম (শম্) [ফা—চশম্=চক্ষু] বি, চক্ষু ; চোখ ; আঁখি।

চশমখোর (ম্, র্) [ফা—চশম্—খোর্ (খাদক)] বি, চক্ষুলজ্জাবিহীন। প্র—"চশম খোর চোকল খোর হয়। পাপিষ্ঠ দুরন্ত সেই পুণ্যবন্ত নয়॥"—ঘনরাম। ২। চোকখেকো

চশমা (চশ্মা) [ফা] বি, উপনেত্র ; উপাক্ষ

চষক (ক্) [সং] বি সুরাপানপাত্র। ২। মধু। ৩। সুরা।

চষণ (ন্) বি, চাষ কর্ম্ম ; চষুণি (চষা দ্রঃ)।

চষা [কর্ষণ=চর্ষণ—চষা। কৃষি দ্রঃ] ক্রি, কৃষিকর্ম্ম করা ; চাষ করা। প্র—"চষ ত্রিলোচন চাষ চষ ত্রিলোচন। নহে উদাসীন হও ছাড় পরিজন।"—শিবায়ন। "আমার নগরে বৈস, যত ভূমি চাহ চষ, তিন সন বই দিও কর।"—কবিক। ২। মাটি খুঁড়িয়া ওলট পালট করা ; সমভূম করা। ৩। বিণ, কর্ষিত ; কৃষ্ট। উ-পু—চষি। ম-পু—চষ ; চষুন ; চষ্। প্র-পু—চষে, চষেন। অস-ক্রি—চষিতে ; চষিয়া ; চষে (চোষে)। বি, **চাষ** ; **চষুনি** (চো)।

চষিত (চোষিত) [চষা দ্রঃ] বিণ, কৃত-চাষ ; কৃষ্ট ; কর্ষিত।

চষীপোকা (চোষি) এক প্রকার চর্ম্মকীট ; মাওড়া পোকা।

চহল, লা [প্রাদে] বি, নরম মাটি ; কাদা ; দলদলে মাটি।

চা [হি—চাহ্=স্পৃহা। (২) প্রয়োজন ; অভাব] বি, স্পৃহা, বাসনা ; বাঞ্ছা।

চা [চীনা—"চা", ফা—চায়] বি, পৃথিবীর প্রায় সর্ব্বত্র প্রসিদ্ধ বৃক্ষ ; চাগাছ। ২। চা-গাছের রৌদ্রে শুকান ও ভাপান পাতা ; tea. **চা-কর**—চা বৃক্ষের চাষকারী ; চা-বাগানের অধিকারী। **চা-কুলী**—যে মজুর চা-বাগানে কাজ করে। **চা-খাওয়া**—চা-সিদ্ধ জল দুগ্ধাদি মিশ্রিত করিয়া পান করা। **চা-গরম করা**—চা জলে সিদ্ধ করিয়া পান করিবার মত করা। **চা-দান, দানী**—চায়ের পেয়ালা ; চা পান করিবার পাত্র। **চা-বাগান**—যে ক্ষেত্রে চা-গাছের চাষ হয়। চা-ক্ষেত্র ; tea garden. **নুন-চা**—লবণ মাত্র মিশ্রিত করা চা-সিদ্ধ জল। **চা'র চামচ**—চা পান করিবার ক্ষুদ্র চামছ ; a tea spoon.

চা [চাওয়া দ্রঃ] ক্রি, ম-পু (অবজ্ঞার্থে) চেয়ে দেখ। ২। [যাচ্ঞার্থে চাওয়া ধাতু] যাচ্ঞা কর্ ; প্রার্থনা কর্।

চাই [চাওয়া দ্রঃ] অ, আবশ্যক ; প্রয়োজন ; কর্ত্তব্য। প্র—"শিয়রে সবল শত্রু সাবধান চাই।"—ঘনরাম। ২। আবশ্যক কিনা ; লইবে কিনা ; জিজ্ঞাসা। প্র—আর কিছু চাই। ৩। ক্রয় করিবে কিনা ; জিজ্ঞাসা ; ফেরিওয়ালার ডাক। প্র—চাই আম।

চাইট, চাট (ট্) [চাট দ্রঃ] বি, গবাদির পদাঘাত।

চাইড়, চাড়ি (ড়্) বি, চাড় দ্রঃ।

চাইতে [চাহিতে দ্রঃ] অ, অপেক্ষা ; তুলনায় ; হইতে ; থেকে ; চেয়ে।

চাউনি [চাহনি দ্রঃ] বি, দৃষ্টি ; নেত্রপাত। প্র—"চাউনি কর্ত্তার পানে কাঁদুনি কাঁদিয়া।"—ঈশ্বরগুপ্ত।

চাউল (ল্) [সং=তণ্ডুল। প্রা-বাং—তাঁড়ুল ; তাঁউল। প্র—"আতপ তাঁড়ুল নিল পালেত পুরিয়া।" "ঘৃত মধুফল আতপ তাঁউল।"—শূন্যপুরাণ। হিন্দীতে—তামল—চামল্—চাঁবল্। বাং—চাউল—চাল্। প্র—"থাল হৈতে চাল্গুলি ভরিয়া রাখেন ঝুলি।"—কবিক।] বি, ধান্যের শস্য ; তণ্ডুল ; rice ; চাল দ্রঃ। **চাউল মুগরা**—চালমুগরা দ্রঃ। [দ্রঃ—আইন-ই-আকবরীতে তৎকাল-প্রচলিত প্রসিদ্ধ চাউলের নাম ;—সুখদোষ চাউল ; দেওয়ান প্রসাদ চাউল ; সংজেরা চাউল ; মিছরী চাউল ; দওজেরা চাউল ; পল্লন চাউল ; দেকের চাউল ; ষাঠী চাউল]॥

চাওন (ন্) [চাওয়া দ্রঃ] বি, যাচ্ঞা ; প্রার্থনা। ২। অবলোকন।

চাওয়া [হি—চাহ্ (স্পৃহা ; অভাব ; প্রয়োজন) চাহ্না (স্পৃহা করা)। উ-পু—চাই, চাহি। ম-পু—চাও, চাহ (সমানে) ; চা, চাস, চাহিস (অনাদরে)। চাউন, চাহ্ন (পু-বঙ্গে—চাহেন—সম্ভ্রমে)। প্র-পু—চায়, চাহে (সমানে, অনাদরে) চাহেন (সম্ভ্রমে)। অস-ক্রি—চাইতে, চাহিতে ; চাইয়া, চাহিয়া। প্রা-বাং—চাঞা ; চেঞা ; আধু-বাং—চেয়ে। ণিজন্ত—**চাওয়ান** (নো)] ক্রি, ইচ্ছা করা ; বাসনা করা ; বাঞ্ছা করা। প্র—"চাহিনা সুখে থাকিতে হে। হের কত দীন জন কাঁদিছে।"—রবি। "আমি যেতে চাই তব পথ পানে।"—ঐ। ২। পাইতে ইচ্ছা করা ; ভালবাসা ; প্রেম করা। প্র—সে অষ্ট প্রহর সেইখানেই থাকতে চায়।" "চায় না সে মেশামিশি।"—গিরিশ। "একি দায় মন কেন তায় চায়।"—ঐ। ৩। প্রার্থনা করা ; যাচ্ঞা করা। প্র—"খুন হয়ে ছিনু বাছা চুণ চেয়ে চেয়ে।"—ভারতচন্দ্র। "কহ রায় কি

চাহ ইনাম।"—অ, ম। "আমি চাই মহতের মহৎ পরাণ, মুকুতা মাণিক নিধি আমারে দিও না বিধি।"—কাব্যকুসুমাঞ্জলি। ৪। ভিক্ষা করা ; বিনামূল্যে পাওয়া। প্র—"শেষে না কুলায় কড়ি আনিলাম চেয়ে।"—ভারতচন্দ্র। ৫। ধার চাওয়া। প্র—আজ কাল টাকা চাহিলে কেহ ধার দেয় না। ৬। প্রয়োজন হওয়া ; আবশ্যক হওয়া। প্র—"সবাই বলে সকল চেয়ে তারেই পাওয়া চাই ;"—চয়নিকা। ৭। অভাব হওয়া ; কম পড়া ; অনটন হওয়া ; প্র—"আমার আরাম শয়ন প্রতিদিন স্তরে স্তরে রাশীকৃত হইয়া উঠিতেছে আমার আর কি চাই।"—চারিত্রপূজা। ৮। অপেক্ষা করা। প্র—সে তাহার পথ চেয়ে বসে আছে। ৯। সম্মত হওয়া ; রাজী হওয়া। প্র—সে কি সহজে বলতে চায়। "কখন সোজা চায় না যেতে।"—গিরিশ। বি, **চাওন, চাহন।** **চাওয়া চাই, চাহাচাহি**—পরস্পরে যাচিঞা।

চাওয়া—দেখা ; নেত্রপাত করা। প্র—"ভরা পালে চলে যায় কোন দিকে নাহি চায়।"—চয়নিকা। ২। অনুকূল দৃষ্টি করা ; প্রসন্ন হওয়া। ৩। [কুদৃষ্টি অর্থে] নজর দেওয়া ; দৃষ্টি দেওয়া। ৪। কৃপা-দৃষ্টি করা ; অভয় দেওয়া। প্র—"অন্নে পূর্ণ করি দিল্লী সকলে বাঁচাও। পাতশা প্রণাম করে কটাক্ষেতে চাও।"—ভারতচন্দ্র। **চোখ চাওয়া**—চোক খুলিয়া দেখা। ২। সজাগ হওয়া ; সতর্ক হওয়া। **মুখ তুলে চাওয়া**—প্রসন্ন হওয়া ; অনুগ্রহ দৃষ্টিতে দেখা। মাথা বা ঘাড় তুলিয়া দেখা ; লজ্জাদি কারণে অবনত মুখ উন্নত করিয়া দৃষ্টিপাত করা ইহা দেখা ও মুখ দেখান দুই কারণে হইতে পারে। **ফিরে চাওয়া**—পশ্চাতে দেখা ; পিছন ফিরিয়া দেখা। ২। পুনরায় দৃষ্টি করা। ৩। যাহাকে দেখিবে না বলিয়া চোক ফিরাইয়া ছিল বা ঘৃণায় যাহার দিকে পশ্চাৎ ফিরিয়া ছিল পুনরায় তাহার অভিমুখ হওয়া ; অনুকূল দৃষ্টি করা ; প্রসন্ন হওয়া। প্র—"তুমি যদি না চাও ফিরে তবে যাব সেই যমুনার-তীরে।"—বঙ্কিম। উ-পু—চাই ; চাহি। ম-পু—চাও ; চাহ (সমানে) ; চা, চাস্, চাহিস, (অনাদরে) ; চাউন, চাহেন (পু-বঙ্গে চাহেন—সম্ভ্রমে)। প্র-পু—চায়, চাহে (সমানে, অনাদরে)] অস-ক্রি—চাইতে, চাহিতে ; চাইয়া, চাহিয়া। ণিজন্ত—চাওয়ান (নো)। বি, চাওন, চাউনি।

চাওয়ান (নো) [চাওয়া দ্রঃ] ক্রি, চক্ষু খোলান। ২। অন্যের দ্বারা যাচ্ঞা করা।

চাঁই [হি—চাই। সং—চঙ্গ=দক্ষ (মেদিনী)] বিণ, প্রধান ; মণ্ডল। মুসলমানসম্প্রদায়ের ধর্ম্মনেতা ; মুল্লা। প্র—"মৌলবী বলেন আমি মুসলমানের চাঁই"—হেম বন্দ্যো। ২। বি, চাঙ্গড় (দ্রঃ) ; ডেলা। ৩। মৎস্য ধরিবার যন্ত্রবিশেষ। ৪। পদবীবিশেষ। ৫। ধান্দু ; দক্ষ ; চালাক।

চাঁচ (চ্) [সং—চঞ্চা] বি, চ্যাটাই ; দর্ম্মা। ২। টাটী ; আগড়। ৩। জাফ্রী।

চাঁচ (চ্) [চাঁদ (রজত) হইতে] বি, চৌড়া কানা বা ধার উঁচু কাঁসার পাত্রবিশেষ। ২। [চাঁদ (চন্দ্রাকৃতি বলিয়া), দ=চ] পাত-গালা ; চাঁদ জৌ।

চাঁচ-দা (চ্) [চাঁচ (চাঁচিবার) দা (কাদ্দা—কর্ত্তরী)] বি, বক্রমুখ প্রশস্ত ফলক কর্ত্তরী ; যে দা বা কাটারী দ্বারা রস গ্রহণার্থ খেজুরাদি গাছ চাঁচা হয়।

চাঁচন (চাঁচোন্) [প্রাদে] বি, ছোলন ; সূক্ষ্মকরণ। ক্রি, চাঁচা (দ্রঃ)।

চাঁচর (র্) [প্রাদে] বিণ, কুঞ্চিত ; কোঁকড়া। প্র—"চাঁচর চিকুর জাল জলধর জিনি"—রাম-প্রসাদ। "শ্যামল শরীর প্রভু চাঁচর কুন্তল।"—কৃত্তিবাস। ২। (চাঁচোর্) বি, দোলের পূর্ব্বদিনের বহ্ন্যুৎসব ; হোলী ; ফল্গুৎসব।

চাঁচা, চাঁছা [হি—চাঁচ্না, চর্চরানা, খরোচনা, ছাঁশ্না=scraping, scratching] ক্রি, অস্ত্রাদি দ্বারা পরিষ্কার করা ; ছোলা ; ছাল বা ত্বক ছেদন করিয়া মসৃণ করা। অস-ক্রি—চাঁচিতে ; চাঁচিয়া। ণিজন্ত—চাঁচান (নো)। বি, চাঁচন ; চাঁছন ; চাঁচুনি।

চাঁচাড়ি—চেঁচাড়ি দ্রঃ।

চাঁচি, চাঁচী, চাঁছি [হি—খুরচি ; চাঁচা দ্রঃ] বি, দুধের যে গাঢ় অংশ পাত্রের গায়ে বসিয়া থাকে এবং যাহা চাঁচিয়া বা আঁচড়াইয়া লইতে হয়। ২। ব্যঞ্জনাদির ঘন অংশ যাহা পাত্রের গায়ে লাগিয়া থাকে। প্র—তরকারির চাঁচী। ৩। [চঞ্চা হইতে—চাঁচ দ্রঃ] দুধের সর ; জাল দেওয়া দুধের উপর যে ঘন আবরণ পতিত হয়।

চাঁচুনি [চাঁচা দ্রঃ] বি, চাঁচা বা ছোলার কর্ম্ম। ২। কাষ্ঠ ধাতু প্রভৃতি অস্ত্র দ্বারা ছেদন করিবার কালে যে পাতলা ও ক্ষুদ্র অংশ পতিত হয় ; ছিল্কা।

চাঁছি—চাঁচি দ্রঃ।

চাঁটী, চাটি [চাট দ্রঃ। চপেট] বি, চপেটাঘাত ; চাপড়। ২। হস্তদ্বারা বাদ্য-যন্ত্রের উপর আঘাত। প্র—"তবলা নিয়ে ধাঁই কোরে দিলেম দুই তিন চাঁটী।"—দ্বিজেন্দ্র-রায়। "এগারটা রাত্রে যেই ঢোলে চাঁটী পড়িল অমনি"—ভারতী, ১৩২১। ৩। প্র—"দাদালিয়া দাবড়ে, চাটি চড় চাপড়ে কামড়ে পাড়ে হাতী ঘোড়া"—ঘনরাম।

চাঁড়াল (ল্) [সং—চণ্ডাল—প্রা] বি, হিন্দু জাতিবিশেষ। প্র—"চাঁড়াল বাগদী হাড়ী ডোম মুচী শুঁড়ী"—চণ্ডীদাস।

চাঁদ (দ্) [সং—চন্দ্র] বি, চন্দ্র ; নিশাকর।

চাঁদওয়ারী—বি, দোচালা ঘরের প্রস্থদিকের দুই চালের মধ্যবর্ত্তী ত্রিকোণাকার চালা ; gable.

চাঁদড় (ড়্) [সং—চান্দ্র] বি, ওষধিবিশেষ। অতিবিষা ; আতইচ।

চাঁদনি, চাঁদনী [চন্দ্রাতপ। হি—চাঁদনী] বি, শামিয়ানা ; চাঁদোয়া। ২। চন্দ্রকিরণ ; জ্যোৎস্না। প্র—"শরতে চাঁদনি হাসে আঁকি সেই ছবি"—অশোকগুচ্ছ।

চাঁদা [সং—চন্দ্র হইতে প্রাকৃ—চন্দ ; হি—চন্দা, চান্দা] বি, চাঁদ। ২। মৎস্যবিশেষ ; চাঁদামাছ। ৩। [সাধাঃ, চাঁদি] কেশহীন মস্তকের মধ্যভাগ ; টাকযুক্ত মাথা ; ব্রহ্মতালু।

চাঁদা [ফা—চন্দ=অল্প—যাহা পাঁচজনের নিকট হইতে অল্প অল্প করিয়া সংগ্রহ করা হয় তাহা চান্দা (হি)] বি, পাঁচজনের নিকট হইতে সংগৃহীত অর্থ। প্র—চাঁদা দিতে চাঁদি ফাটে মানের গুড়ে বালি"—হেমবন্দ্যো। ২। [ইং—subscription শব্দের অনুবাদ] সাময়িক ও সংবাদ পত্রের মূল্য।

চাঁদাকুড়া, চাঁদকুড়া (দ্) [চাঁদ+কুড়া (গুঁড়াও বলে, ক্ষুদ্র বলিয়া চন্দ্রের কণাবৎ। সং—চন্দ্রক] বি, রজতশুভ্র ক্ষুদ্র ক্ষুদ্র মৎস্য-বিশেষ ; চাঁদা মাছ। প্র—"ধরেন পাবদা পুঁঠী পাঁগাস পাঠীন। চিথল চিঙ্গুড়ি চেলা চাঁদাকুড়া মীন॥"—শিবায়ন।

চাঁদি, চাঁদী [চন্দ্র—চাঁদ+ই (সাদৃশ্যে)] বি, স্বচ্ছরৌপ্য। ২। মস্তকের উপরিভাগ ; ব্রহ্মতালু। প্র—"চাঁদা দিতে চাঁদি ফাটে মানের গুড়ে বালি।"—হেম বন্দ্যো।

চাঁদের কণা [চন্দ্রকণা শিশুর আদরে] বি, চাঁদের খণ্ড ; ছোট চাঁদ ; শিশুচাঁদ। প্র—"আয়রে চাঁদের কণা তোরে খেতে দিব ফুলের মধু পরতে দিব সোণা।"—বঙ্কিম।

চাঁদোয়া [সং—চন্দ্রাতপ] বি, চন্দ্রাতপ ; পাইল।

চাঁন (ন্) [প্রা-বাং। অপ্র] বি, চন্দ্র। প্র—"পূরব ভানু আইলা পচ্চিমর চাঁন। উত্তরর গরুড় আইল দক্ষিনর হনুমান॥"—শূন্যপুরাণ।

চাঁপকলি (চাঁপ্কোলি] [সং—চম্পক-কলিকা হইতে] বি, চাঁপা ফুলের মুকুলের মত কর্ণভূষণবিশেষ ; দুল ; ইয়ারিং। ২। কণ্ঠভূষণবিশেষ ; কলিহার। **চাঁপদাড়ী** [হি—চাঁপ=ধনুক, (২) জমাট] বি, অর্দ্ধ-চন্দ্রাকার ঘন দাড়ী। (দাড়ি দ্রঃ)। প্র—"চাঁদমুখে চাঁপদাড়ি গান্ধে নাই গোঁপ"—ঈশ্বরগুপ্ত।

চাঁপা [সং—চম্পক। প্রাকৃ—চম্পঅ। হি—চম্পা। চম্পক শব্দজ] বি, চম্পক বৃক্ষ। ২। চম্পকপুষ্প। প্র—"সুচারু চাঁপা পরায়া কাণে আপনা ধন্ত করিয়া মানে।"—ব্রজ পরিক্রমা। কনক চাঁপা, কাঁটালী চাঁপা, দুলাল চাঁপা, ভুঁই চাঁপা, স্বর্ণ চাঁপা, জহরীচাঁপা প্রভৃতি চাঁপার ভেদ যথাস্থানে (দ্রষ্টব্য); michelia champaca. ৩। কদলী ভেদ; চাঁপা কলা।

চাক (ক্) [চক্র শব্দজ] বি, মধুচক্র; মধুক্রম; মৌচাক। ২। কুম্ভকারের চক্র। ৩। চক্রাকার; গোল। প্র—"চাকুতে কাটিয়া চাক যে করিয়া তাহাতে বসাইল হেন।"—চণ্ডীদাস। **চাক করা** (ক্) [হি—চিখনা; চখ্‌না। বাং—চাখা] বি, ভক্ষণ; গ্রাস। প্র—"পার্ব্বতী বলেন প্রভু তুমি কেন খাবে। চাক্ করিলে ভাঙ্গ এখন পাক করিতে হবে॥" —শিবায়ন।

চাকচক্য, চাক্‌চিক্য (চাক্‌চোক্‌ক্) [চক্ (তৃপ্তি) দ্বিত্ব=চকচক্+য (ভাবে—যণ্)] বি, ক্লী, দীপ্তি; উজ্জ্বলতা।

চাকণচিকণ (চাকোন্‌চিকোন্) [সহচর শব্দদ্বয়] বিণ, চিক্কণ; মসৃণ ও উজ্জ্বল। ২। বি, পরিমার্জ্জন।

চাকতি (ক্) [চক্র—চাক+তি (পত্র=পাতি=সংক্ষেপে)] বি, চক্রাকার লৌহাদির পাত।

চাকন (চাকোন্) [চাকা দ্রঃ] বি, স্বাদগ্রহণ; আস্বাদন। ২। স্বাদ পরীক্ষা করণ। বিণ, **চাকনিয়া, চাকুনী** (স্ত্রী): **চাকুনে** (পুং)—যে চাকে; স্বাদপরীক্ষক। **চাকনদার** (গ্রা)—যে স্বাদ পরীক্ষায় দক্ষ।

চাকভাউরি,—ভাঁউরি, রী (চাক্) [চাক (চক্র) ভাঁউরী (ভ্রমি)] বি, চক্রাবর্ত্ত; চক্রভ্রমি; ঘুরপাক। প্র—"চুলে ধরি সীতারে দিল চাকভাউরী"—কৃত্তিবাস।

চাকমাছ (ক্, ছ্) [প্রাদে। চক্রমৎস্য] বি, বৃহৎ কচ্ছপ; বারকোল।

চাকর (র্) [ফা—চাকর] বি, পরিচারক; ভৃত্য; কর্ম্মচারী। স্ত্রী, চাকরাণী। **চাকর বাকর, চাকর নফর**—ভৃত্য ও তৎসদৃশ ব্যক্তিবর্গ; পরিচারকবর্গ।

চাকর (র্) [চা—কর (যে করে)] বি, চা-বাগানের অধিকারী; চা প্রস্তুতকারী। প্র—"নীলকর চাকর—"—হেম বন্দ্যো।

চাকরান্ (ক্) [ফা। জমীদারী পরিঃ] বি, ভৃত্যের ভরণ-পোষণার্থ দত্ত ভূম্যাদি; চাকর বেতনের পরিবর্ত্তে যে জমি ভোগ করে।

চাকরি, রী (ক্) [ফা] বি, দাসত্ব। ২। বেতন লইয়া অন্তের কর্ম্ম সম্পাদন।

চাকরে (ক্) [চাকরিয়া, চাকর দ্রঃ] বিণ, যে চাকরি করে। ২। বি, বেতনভুক্ কর্ম্মচারী।

চাকলা, চাক্‌লা [সং—চক্র। ফা—চক্‌লা] বি, কয়েকটী পরগণার সমষ্টিকে চাক্‌লা কহে; জেলা।

চাকলাদার (ক্, র্) [ফা—চাক্‌লা—দার, চাক্‌লেদার] বি, চাকলার অধিকারী; জিলাদার। ২। উপাধি।

চাকা (চা) [হি—চিখ্‌না—চখ্‌না=স্বাদ লওয়া] ক্রি, স্বাদ গ্রহণ বা পরীক্ষা করা। প্র—"চাকিতে চাকিতে লাগিল জিহ্বাতে পহিল লাগিবে মীঠ।"—চণ্ডীদাস। ২। অনুভব করা; ভোগ করা।

চাকা [সং—চক্র। প্রাকৃ—চক্ক। হি—চক্কা—তাহা হইতে চাকা] বি, চক্র; a wheel. প্র—গাড়ীর চাকা; ঘড়ির চাকা। ২। রুটী, লুচি বেলিবার চাকী। ৩। বড় মাছের খণ্ড; দাগা। ৪। বিণ, চক্রাকার; গোল। প্র—চাকা মুখ।

চাকী (চাকি) বি, হিন্দুর জাতীয় পদবীবিশেষ।

চাকু [তুর্কী—চাকূ=ছুরি] বি, ছুরি; a knife প্র—"বুকেতে মারিয়া চাকুর ঘা তাহাতে লুণের ছিটে।"—চণ্ডীদাস।

চাকুন্দা, চাকন্দা [সং—চক্রমর্দ্দ। হি—চকবড়] বি, ক্ষুদ্র গুল্ম।

চাকুম-চাকুম (ম্, ম্) [শব্দাত্মক] বি, চর্ব্বণের শব্দ। প্র—"ভোর কোঁচড়ে ছেঁচা বাদাম চাকুম চাকুম খায়।"—ম্যাকবেথ।

চাকুরি [চাকরি দ্রঃ] বি, চাকরি; বেতনের বিনিময়ে কর্ম্ম: দাসত্ব। প্র—"চাকুরির মুখে ছাই ছাড়িতে না পারি ভাই"—ভারতচন্দ্র।

চাকুলে, চাকুল্যা [সং—চক্রকুল্যা। তেলু—কোলাকুপোন্না] বি, ওষধি; পৃশ্নিপর্ণী বৃক্ষ; hemionites cordifolia.

চাক্তি—বি, চাকতি দ্রঃ।

চাক্রিক (চাক্‌রিক্) [চক্র (সমূহ)+ইক (অস্ত্যর্থে—ইকণ্)] বি, পুং, চক্রাকারে দলবদ্ধ স্তুতিপাঠক। ২। কলু। ৩। গাড়োয়ান।

চাক্ষুষ (চাক্‌খুষ্) [চক্ষুস্+অ (অন্—সম্বন্ধার্থে)] বিণ, চক্ষুরিন্দ্রিয় জন্য জ্ঞান; প্রত্যক্ষ; চক্ষুগোচর। ২। বি, ক্লী, ষষ্ঠ মনু; চক্ষুর পুত্র। প্র—"চাক্ষুষ বিহনে দুঃখ কহিতে বিদরে বুক"—নিধুবাবু (বাং-গান)।

চাখ (খ্)—বি, চাক দ্রঃ।

চা খড়ি (চাখোড়ি) বি, খড়ি দ্রঃ; চকখড়ি; খড়ি মাটি; ফুলখড়ি; chalk.

চাখা (চা) [হিন্দী—চখ্‌না] ক্রি, চাকা দ্রঃ।

চাঙ্গ [টঙ্গ, চঙ্গ দ্রঃ] বি, সাঙ্গা; টঙ্গ; মঞ্চ; মাচান। প্র—"অধ্যয়ন উঠেছে চাঙ্গে রেতে যখন নিদ্রা ভাঙ্গে, লুপ্ত 'অ' কারের মত মরে থাকি জ্যান্ত।"—(রজনী সেন)। ২। ঢোঙ্গ দ্রঃ। ৩। চাঙ্গড় (দ্রঃ)।

চাঙ্গ [সং—চলদঙ্গ] বি, চ্যাং বা চেঙ্গো মাছ।

চাঙ্গট (ট) [চতুঃ—অঙ্গুষ্ঠ] বি, চারি অঙ্গুষ্ঠ প্রমাণ। তুল—ফা—চঙ্গুল (পূর্ণমুষ্টি শুষ্ক সামগ্রী)।

চাঙ্গড়, চাঙ্গড়া (চাংগড়, চাংড়া) [ফা—চাঙ্গ্=বিস্তৃত থাবা: প্রসারিত করতল পরিমাণ। হি—চঙ্গের, চঙ্গেরা=বড় ঝুড়ি; ঝোড়া। চাঙ্গড়+আ (বৃহদর্থে)] বি, মৃত্তিকাদির বৃহৎ খণ্ড; বড় চাপ; এক চেঙ্গারি বা ঝুড়ি পরিমাণ।

চাঙ্গড়া (চাংড়া) [চাঙ্গড় দ্রঃ] বি, খণ্ড; চাপ। ২। ডাব; তাল। প্র—"গড়াইল শত শত সুবর্ণ চাঙ্গড়।"—কবিক। ৩। চেঙ্গড়া (দ্রঃ); ঝোড়া; ওড়া। ৪। মজবুত; শক্ত; সমর্থ।

চাঙ্গা [সং—চাঙ্গ (দ্রঃ)] বিণ, দক্ষ; সমর্থ; শক্ত; মজবুত। প্র—মন চাঙ্গা ত কাঠুতিয়া গঙ্গা। ২। নীরোগ; সুস্থ। **চাঙ্গা করা**—সুস্থ করা; সবল করা। **চাঙ্গা হওয়া**—আরোগ্য লাভ করা।

চাঙ্গারী [হি—চঙ্গেরী। বৃহদর্থে—চাঙ্গড়া বা চ্যাঙ্গ্ড়া] বি, বংশদণ্ড (বাঁশ) নির্ম্মিত পাত্র বিশেষ; ঝুড়ি; চেঙ্গারি।

চাচা [সং—তাত (পিতা—পিতৃব্য)—তাতা পরে, হি—চাচা, চচা=কাকা=খুল্লতাত। পিতাকে অনেক স্থলে, হি—ভাষায় চাচা বলে আবার কোন কোন স্থানে জ্যেষ্ঠ ভ্রাতাকে বলিতে শুনা গিয়াছে। বাঙ্গালী মুসলমানদিগের ভাষায় খুড়া] বি, খুল্লতাত; কাকা; খুড়া। প্র—"গ্রাম সম্বন্ধে চক্রবর্ত্তী হয় আমার চাচা" —চৈতন্যচরিত। ২। [প্রাদে] গ্রাম্য মুসলমানের প্রতি সম্বোধন। [ঈ, গুপ্ত] ৩। অব্যক্তিক (impersonal) অর্থে। তুল—শম্মা (শর্ম্মা)। "যে যার" অর্থে। প্র—"চাচা আপনা বাঁচা"—প্রবচন। স্ত্রী, চাচী (হি-তে "চাচানী" ও হয়)।

চাঞা [চাহিয়া প্রা-বাং—রূপ চাইঞা, চাঞা, চায়্যা] ক্রি, অস, চাহিয়া; দৃষ্টি নিক্ষেপ করিয়া। প্র—"গোপী রৈল চাঁদমুখ চাঞা।"—গোবিন্দ দাস। ২। অপেক্ষা করিয়া। ৩। প্রার্থনা করিয়া।

চাট (ট্) [হি—চাট=স্বাদ] বি, লেহ; আহারীয় দ্রব্য; ভোজনের কালে যাহা লেহন করা হয়। তুল—চর্ব্ব্য, চূষ্য, লেহ্য, পেয়। ২। মুখরোচক খাদ্যদ্রব্য। ৩। মাদক দ্রব্য সেবনে বিকৃত স্বাদ বদল করিবার জন্য যাহা ভক্ষিত হয় (এই ভোজ্য প্রায়ই চাটিয়া চুষিয়া খাইবার মত বলিয়াও চাট)। [মুখরোচক হইতে যাহা চিত্তরোচক] লালসা; আগ্রহাতিশয়; ঝোঁক।

৪। অভ্যাস। **চাট ধরা, চাট পড়া, চাট লাগা** [হি—চাট পড়্‌না] বি. অভ্যাস জন্মান। ২। ঝোঁক হওয়া : লালসা হওয়া।

চাটন (ন্‌) [হি—চাট্‌না] বি. জিহ্বাদ্বারা রসাস্বাদন।

চাটনি, চাট্‌নি (ট্‌) [ফা—চাটনি (স্বাদ গ্রহণ)=হি—চট্‌নী : চাখিয়া চাখিয়া ও চাটিয়া খাইবার উপযোগী বলিয়া] বি. অম্লমধুর লেহ্য ব্যঞ্জন ; মধুর রসযুক্ত খাটাই। ২। স্বাদবর্দ্ধক ব্যঞ্জন। ৩। [চাট (দ্রঃ) করিবার মত। গ্রা] গ্রাস। প্র—তাহাকে চাটনি করিয়া ফেলিবে।

চাটা [হি—চাট্‌না] ক্রি. জিহ্বা দ্বারা গ্রহণ করা ; লেহন করা। প্র—"আসি রোজ রোজই খেত পাদযুগ চেটে।"—দ্বিজেন্দ্র রায়। **চাটাচাটি**—পরস্পর পরস্পরকে লেহন। **গা চাটাচাটি**—পরস্পরের মধ্যে গাত্র-লেহন ; তাহা হইতে আত্মীয়তা। **পা চাটা**—পদ লেহন করা : তোষামোদ করা। **পাত চাটা**—উচ্ছিষ্ট ভোজন করা : পরের অনুগ্রহ বা প্রসাদভোজী। **চাটা-পোঁছা**—লেহন ও মার্জ্জন ; এমনভাবে লেহন করা যে চিহ্নমাত্র না থাকে।

চাটাল, চটাল (চাটালো, চ্যাটালো) [চপেট হইতে চাপটা—চাটা। হি—চাটা (চাঁটা)+আল (বালা—যুক্তার্থে) অথবা চাটা (চাটাই)+আল (সাদৃশ্যে)—চাটাইয়ের মত বিস্তৃত] বিণ. বিস্তৃত ; চওড়া।

চাটি [হি—চট্টী=নাশ ; চট্‌=ধ্বংস] ধ্বংস ; উৎসন্ন। প্র—"করে ভিটে মাটি চাটি সার" —ঈশ্বর গুপ্ত।

চাটিম (ম্‌) [চাটিগাম (চট্টগ্রাম)জাত মর্ত্তমান। তুল—ঢাকাই মর্ত্তমান] বি. মর্ত্তমান কদলী ভেদ।

চাটু [সং—চাটু, প্রাকৃ—চটু, বাং—চাটু, চট্‌ (ক্রোধ, ভেদ করা)+উ (করণে) যাহা দ্বারা ক্রোধ বা ভেদ জন্মায়] বি. পুং-ক্লী. স্তুতি-বাক্য ; তোষামোদ। ২। মিথ্যা-প্রিয়বাক্য। ৩। স্তোকবাক্য ; আশার কথা। প্র—"পুনঃ দরশন লাগি কত চাটু বোলে"—চণ্ডীদাস।

চাটু [চটু (বৈদ্যকে)। চাটাল পাত্র বলিয়া চাটু। তুল—চিট্‌কাল, চটাল] বি. চাপট বা চেটোর আকৃতি লৌহ বা মৃত্তিকানির্ম্মিত পাত্রবিশেষ। প্র—"চাটু যেন নাহি জানে পিষ্টকের স্বাদ।"—কাশী-মহা-সভা।

চাটুকার (র্‌) [চাটু (স্তুতিবাক্য) কার—কৃ (করা)+অ (কর্ত্তৃ—অণ্‌)] বিণ. অপরের প্রীতির জন্য মিথ্যা-প্রিয়বাক্য-কথক ; তোষামোদকারী ; খোশামুদিয়া।

চাটুজ্যে, জ্যা (চাটুজ্‌জে, জ্‌জ্যা) [চট্ট (চট্টোপাধ্যায়)+জ (জাত)—আ (ইআ। তুল=কনোজিয়া)] বি. বাঙ্গালী ব্রাহ্মণের উপাধিবিশেষ ; চট্টোপাধ্যায় ; ইং (অক্ষরান্তরী-করণে) chatterjea,—ee,—ji. এইরূপ বাঁড়ুয্যে ; মুখুজ্যে।

চাটুতি (চ্‌) [চাটতি, চাটাতি রূপও দেখা যায়] বি—চট্টোপাধ্যায় ; চাটুজ্যে দ্রঃ।

চাটুবাদ (দ্‌) [চাটু (প্রিয়) বাদ (বাক্য, বচন)—কর্ম্মধা] বি, পুং. পরের সন্তোষার্থ অনুচিত প্রিয়বাক্য ; কাহারও প্রীতি উৎপাদন এবং তদ্দারা তাহার অনুগ্রহ লাভার্থ বা স্বার্থসিদ্ধির উদ্দেশ্যে তাহার মনোরঞ্জনকারী মিথ্যা বা অতিরিক্ত প্রশংসা ; তোষামোদ।

চাটুবাদী [চাটু+বাদ—বদ্‌ (বলা)+ইন্‌ (কর্ত্তৃ—ণিন্‌)=বাদিন্‌ ১মা. ১ব, দীর্ঘ ঈ, ন লোপ] বিণ. চাটুভাষী ; তোষামোদকারী।

চাটুক্তি [চাটু (প্রিয়)+উক্তি—কর্ম্মধা] বি. স্ত্রী. চাটুবাক্য ; অনুচিত অতিরিক্ত প্রশংসা। ২। কপট স্তুতি।

চাড় (ড়্‌) [সং—চেষ্টা—চাট (দ্রঃ)] বি. কোন ভারি বস্তুর উৎখাত বা তুলিয়া ফেলিবার জন্য বাঁশ প্রভৃতির দ্বারা বলপ্রয়োগ। ২। প্রযুক্ত বল বা জোর। ৩। উৎসাহ ; চেষ্টা ; চাইড় দ্রঃ। প্র—"রূপ নাই, যৌবন নাই, ধন নাই তোর। বুড়া ভাতার ধরব কেনে চাড় কেন্দেছে মোর॥"—শিবায়ন। "চাড় পড়িলেই ফিকির বেরয়"—টেকচাঁদ।

চাড়া [চড়াও বলে। চাড় দ্রঃ। উৎখাত হইতে উপর দিকে তোলা। হি—চঢ়াই] বি. উত্তোলন ; উচ্চ বা উর্দ্ধ করণ। প্র—"গরবেতে গোঁপে দেন চাড়া"—ঈশ্বর গুপ্ত। ২। জ্যা আরোপণ ; ধনুকের ছিলা পরাণ। প্র—"বাণযুড়ে রাক্ষসে ধনুকে দিয়া চাড়া" —কৃত্তিবাস। ৩। চাড় : চেষ্টা। এই অর্থে চাইড দ্রঃ। ৪। খুটী ; অবলম্বন ; ঠেকনা। প্র—বাঁশের চাড়া দিয়ে ছাদ বজায় রেখেছে ; না হলে এতদিন পড়ে যেত।

চাণক্য (চানোক্‌কো) [চণক (মুনিবিশেষ)+য (যণ্‌—অপত্যার্থে)] বি. পুং. চণক-মুনির পুত্র ; তীক্ষ্ণবুদ্ধি পণ্ডিতবিশেষ, বিষ্ণুগুপ্ত। নন্দবংশের উচ্ছেদকারী ও সম্রাট চন্দ্রগুপ্তের মগধসিংহাসনাধিকারের মূল ও তাঁহার মন্ত্রী। ২। ক্লী. গ্রন্থবিশেষ। **চাণক্যনীতি**—চাণক্য-উদ্ভাবিত রাজনীতি। **চাণক্য-শ্লোক**—চাণক্য সঙ্কলিত নীতিবিষয়ক পুস্তকের পদ্য বা বচন।

চাণুর, চানুর (র্‌) বি. পুং. দৈত্যবিশেষ ; কৃষ্ণ কর্ত্তৃক ধনুর্যজ্ঞকালে নিহত রাজা কংসের মল্ল। **চাণুরমর্দ্দন, সূদন** [ব্রজ—চাণুরমরদন] চাণূরদৈত্যনাশক। প্র—"চাণুরমরদন তুহুঁ বনমালী।"—বিদ্যাপতি।

চাণ্ডাল (ল্‌) [চণ্ডাল+অ (স্বার্থে, অণ্‌)] বি. পুং. নিষাদ ; চাঁড়াল। ২। ইতর ; অশিষ্ট। স্ত্রী. চাণ্ডালী।

চাণ্ডালী [চণ্ডালী দ্রঃ।] বি. নিষাদ স্ত্রী। ২। বিণ. ভীষণা ; ভীমা।

চাতক (ক্‌) [চত্‌ (যাচ্‌ঞা করা)+অক (কর্ত্তৃ) যে মেঘের নিকট জল প্রার্থনা করে (কবি প্রসিদ্ধিতে)] বি. পুং. চাতক পাখী ; coccyster ; pied-crested cuckoo. পৃথিবীর প্রায় সর্ব্বত্রই চাতক দৃষ্ট হয়। চাতকের ঠোঁট খুব ছোট, ডানা কাস্তের মত ; পুচ্ছ দীর্ঘ ও পা হ্রস্ব, পুচ্ছের শেষ পালক দুটী দুই পাশে সন্ন্যাসীদের সরুমুখ চিমটার আকারে থাকে ; ঐ দুটী প্রায় ৭।৮ ইঞ্চি লম্বা হয়। পালকের বর্ণ কালো, বেগুনে, ধূসর মিশ্রিত, বুক পেট লালাভ শাদা। নানা-জাতীয় পতঙ্গ ইহাদের প্রধান খাদ্য। মেঘ করিলে ইহারা বহু উর্দ্ধে উঠিয়া "ফটীক জল" এইরূপ শব্দ করিতে থাকে। এই অনুকরণ শব্দ হইতে চাতক মেঘের নিকট জল চাহিতেছে এবং মেঘের জল ব্যতীত চাতক অন্য জল পান করে না, কবিগণ কর্ত্তৃক এইরূপ কল্পিত। প্র—তৃষিত চাতক নব জলধরে মিলিল, ভুলিল চকোর চাঁদে।"—চণ্ডীদাস। স্ত্রী. **চাতকী, চাতকিনী**। প্র—"চাতকী আমি সজনি, শুনি জলধর ধ্বনি, কেমনে ধৈরয ধরি থাকিলো এখন?"—ব্রজাঙ্গনা কাব্য। "যথা চাতকিনী কুতুকিনী ঘন দরশনে।"—বাসবদত্তা।

চাতর (চাতর্‌, চাতোর্‌) [হি—চাতর=বিস্তৃত জাল, বড় ফাঁদ] বি. ফাঁদ ; চক্র। ২। চাতুরীজাল ; কৌশল ; ফন্দী। প্র—"হায় প্রভু কোটালের পড়িলে চাতরে"—ভারতচন্দ্র। ৩। [সং—চত্বর] চত্বর। ৪। হাট ; বাজার। প্র—"ফুলরা পসরা করে নগর চাতরে"—কবিক। ৫। [হাট হইতে বহু জনাকীর্ণ স্থান ; হাটের চৌমাথা ; চক। প্র—"শেষে চাতরে কি ভাঙ্গবো হাঁড়ি" —রামপ্রসাদ। ৬। নদী খাল প্রভৃতির গর্ভ-ভূমি ; জলাশয় গর্ভস্থ সমতল ক্ষেত্র।

চাতাল (ল্‌) [চত্বর হইতে] বি. উপবেশন-উপযোগী, অনাবৃত, প্রস্তরাদিদ্বারা বাঁধান স্থান ; বিস্তৃত সোপানপঙ্‌ক্তি ; শান।

চাতুর (র্‌) [চতুর+অ (অণ্‌—সম্বন্ধে)] বি. চারিজনকে বহন করিবার মত শকট বা রথ ; four seated carriage. ২। গোল বালিশ।

চাতুরাশ্রম্য (চাতুরাস্‌স্রোম্‌মো) [চতুর (চার) আশ্রম (ধর্ম্ম-জীবন)+য (যণ—স্বার্থে)] বি, স্ত্রী, ব্রহ্মচর্য্য; গার্হস্থ্য; বানপ্রস্থ ও ভিক্ষু।

চাতুরিক (ক্) [চতুর (রথ)+ইক] বি, পুং, সারথি।

চাতুরী [চতুর+অ (অণ্—ভাবে) ঈপ—স্ত্রী] বি, স্ত্রী, চাতুর্য্য দ্রঃ।

চাতুর্থক (চাতুরথক্) বি, মধ্যে দুই দিন অন্তর দিয়া প্রতি চতুর্থ দিনে যে জ্বর আসে; চতুর্থ দিবসভব বিষমজ্বর; চতুর্থ দিবসীয় পালা-জ্বর; quartan.

চাতুর্দ্দশ (শ্) [চতুর্দ্দশ+অ (অণ্—জাতার্থে)] বিণ, চতুর্দ্দশীতে জাত।

চাতুর্ব্বর্ণ্য (চাতুর্‌বরন্‌ন) [চতুর্ (চার) বর্ণ (জাতি)+য (স্বার্থে, যণ্)] বি, স্ত্রী, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র। ২। চারি বর্ণের অনুষ্ঠেয় ধর্ম্ম। ৩। বিণ, চতুর্ব্বর্ণ সম্বন্ধীয়।

চাতুর্ভৌতিক (ক্) [চতুর্ভূত+ইক (ইকণ্—তন্তবার্থে)] বিণ, মাটি, জল, আগুন আর বায়ু হইতে উৎপন্ন (শরীরাদি)। [ন্যায়দর্শনে আকাশের উপাদান স্বীকৃত হয় নাই]।

চাতুর্মাস (শ্) [চতুর্মাস+অ (তদধিকৃতার্থে অণ্)] বিণ, চারিমাসে নিষ্পাদ্য; চারিমাসে সম্ভাব্য; চাতুর্মাসিক।

চাতুর্মাসিক (—শিক্) [চতুর্মাস+ইক (ইকণ্—তদধিকৃতার্থে)] বিণ, চতুর্মাস কাল-ব্যাপী ব্রহ্মচর্য্য।

চাতুর্ম্মাস্য (চাতুর্‌মাশ্‌শ্য) [চতুর্ (চার) মাস+য (যণ্—স্বার্থে)] বি, স্ত্রী, চারিমাস-নিষ্পাদ্য ব্রতবিশেষ। এই ব্রত আষাঢ় মাসীয় শুক্লাদ্বাদশী বা পূর্ণিমা হইতে আরম্ভ করিয়া কার্ত্তিক মাসের শুক্লাদ্বাদশী বা পূর্ণিমাতে সমাধান করিতে হয়। স্ত্রী, **চাতুর্মাস্যা** [প্রাদে] চাতুর্ম্মাস্য ব্রত। প্র—"চাতুর্ম্মাস্যা মথুরায় ফল অতিশয়। পৃথিবীর যত তীর্থ মাথুরে বৈসয়॥"—ব্রজপরিক্রমা।

চাতুর্য্য (চাতুর্‌জ) [চতুর+য (ষ্যঞ—ভাবে)] বি, চতুরের ভাব; চতুরতা; চালাকি। ২। কৌশল; কূটবুদ্ধি। ৩। প্রবঞ্চনা; চাতুরী; শঠতা। ৪। কলাবিদ্যা; art. প্র—শিল্প-চাতুর্য্য।

চাতুর্হোত্র [চতুঃ হোত্র+অ (ইদমর্থে] বি, হোম চতুষ্টয়ের ক্রিয়াকর্ম্ম। বিণ, হোম চতুষ্টয় সম্বন্ধীয়।

চাত্বাল (ল্) বি, পুং, গর্ত্ত।

চাদর (চাদর, চাদোর্) [ফা—চাদর্ (শবদেহ-আবরক বস্ত্র, উত্তরীয়)] বি, উত্তরীয়বস্ত্র।

চান (ন্) [সং—স্নান হইতে বিভিন্ন প্রাকৃতে উচ্চারণ ভেদে রূপান্তর। হিন্দীতে আস্নান, নাহান: ব্রজ—সিনান; বাং—চান, ছান; স্তান ইত্যাদি] বি, স্নান। প্র—"মুক্তাচান করিবারে মন অভিলাসি"—শূন্যপুরাণ।

চানক (ক্) [প্রা-বাং। অপ্র] বি, চন্দ্রক; চন্দ্রাতপ; চাঁদোয়া। প্র—"চানক দিল মানিক ভাণ্ডার পুখুর আড়ার উপর।"—শূন্যপুরাণ।

চানকা (ন্) [সং—চন্দ্রক] বি, দ্বারের উপরিস্থিত অল্পায়তন চত্বর; অর্দ্ধচন্দ্রাকার গাড়িবারান্দা।

চানকান (চান্‌কানো) [হি—চন্‌কানা—সূর্য্যাতপে ফল ফাটিয়া বীজ বাহির হইয়া পড়া—তাহা হইতে জড়তা ত্যাগ করা] ক্রি, নাড়াচাড়া দেওয়া; তৎপর করা। ২। রৌদ্রে ছড়াইয়া শুষ্ক ও অল্প গরম করা। অল্প আঁচ্ লাগান। ৩। রঙ্গ বা তৈলাদি স্নেহ পদার্থ মাখাইয়া উজ্জ্বল করা; বার্ণিশ করা; রঙ্গ করা। প্র—প্রতিমার চক্ষু চানকান। **চান্‌কে লওয়া**—চানকান।

চানখান (চান্‌খানো)—চানকান দ্রঃ।

চানা, চেনা (চ্যানা) [চণা দ্রঃ] বি, চণক; ছোলা। প্র—"যারা আঙ্গুর পেস্তা দিত ফেলে তারা এখন চিবায় চানা।"—ঈশ্বরগুপ্ত।

চান্দ (চান্দ্) [চন্দ্র—হইতে প্রাকৃ—চন্দ, চান্দ্। চাঁদ দ্রঃ। ব্রজ, প্রা-বৈ-সা] বি, পুং, চন্দ্র; শশী; চাঁদ। প্র—"চান্দ নিঙাড়ি" —পদাবলী। "চান্দ দিনহি দীনহীনা সো পুন পালটি ক্ষণে ক্ষণে ক্ষীণা"—বিদ্যাপতি।

চান্দড় (ড়্) [চন্দ্রিকা—চন্দ্রা—চন্দ্‌রা; বর্ণবিপর্য্যয়ে চান্দর, চান্দড়—চাঁদড় (পাঠান্তরে দৃষ্ট হয়] বি, সর্ব্ববিষনাশক ঔষধবিশেষ। প্র—"চান্দড় ঈসর মূল নৌকায় বান্ধিয়া। বুদ্ধিবলে যায় সাধু সর্পদহ বাইয়া॥"—কবিক।

চান্দনিক (ক্) [চন্দন+ইক (ইকণ্)] বিণ, চন্দনসম্বন্ধীয়। ২। চন্দন-নির্ম্মিত। ৩। চন্দনচর্চ্চিত।

চান্দনিয়া [হি—চান্দনী (চাঁদনী)+আ (যুক্তার্থে)] বিণ, চন্দ্রকিরণময়; জ্যোৎস্না-উদ্‌ভাসিত। প্র—"একে গিরি গোবর্দ্ধন তাহে সুশোভিত বন তাহে আর চান্দনিয়া রাতি।" —কৃষ্ণকাণ্ড।

চান্দরা [চন্দ্র হইতে] বি, দোচালা ঘরের ত্রিকোণাগ্র দেওয়াল; gable end.

চান্দা [চন্দ্র—চন্দা; চান্দা] বি, চন্দ্র। ২। চাঁদ; চুমকি। ৩। ময়ূরপুচ্ছের চন্দ্র। ৪। [সং—চন্দ্রা। প্রা-বাং] চন্দ্রাতপ; চাঁদোয়া।

চান্দাকুড়া, চাঁদাগুঁড়া [চাঁদকুড়া দ্রঃ] বি, চাঁদকুড়োমাছ।

চান্দো [চন্দন। বৈদ্যকে ইহার মূল জঙ্গম বিষনাশক বলিয়া উক্ত] বি, গুল্মবিশেষ; সর্পবিষের মহৌষধ।

চান্দ্র [চন্দ্র+অ (অন্—সম্বন্ধার্থে)] বিণ, চন্দ্র-সম্বন্ধীয়। ২। চন্দ্রের গতি দ্বারা নিয়মিত। প্র—চান্দ্রমাস। ৩। বি, চন্দ্রলোক। ৪। চান্দ্রায়ণ ব্রত। ৫। চন্দ্রকান্তমণি। স্ত্রী, **চান্দ্রী**—চন্দ্রিকা। ২। চন্দ্রপত্নী। ৩। জ্যোৎস্না। ৪। শ্বেত কণ্টকারী।

চান্দ্রমস (চান্‌দ্রমশ্) [চন্দ্রমস্ শব্দ। চান্দ্র দ্রঃ] বিণ, চান্দ্র।

চান্দ্রমাস (শ্) [চান্দ্র (দ্রঃ)—মাস] বি, পুং, চন্দ্রের গতি দ্বারা নিয়মিত মাস; কৃষ্ণা প্রতিপদ হইতে পৌর্ণমাসী পর্য্যন্ত অর্থাৎ শুক্লপক্ষের ১৫ ও কৃষ্ণ পক্ষের ১৫ এই ৩০ তিথিঘটিত মাস। [চান্দ্রমাস মুখ্য ও গৌণভেদে দ্বিবিধ, কৃষ্ণপ্রতিপদ হইতে পূর্ণিমা পর্য্যন্ত যে ৩০ বা ৩১ দিন তাহার নাম মুখ্যচান্দ্রমাস, হিন্দুদিগের ব্রতপূজাদি কার্য্যে এই মাস ব্যবহৃত হয়। শুক্লপ্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত যে মাস তাহার নাম গৌণচান্দ্রমাস। হিন্দু-দিগের তিথিকৃত্যে এই মাস উল্লিখিত হয়। হিন্দুস্থানে এই মাস বা এই মাসঘটিত বৎসর প্রচলিত]।

চান্দ্রায়ণ (ন্) [চান্দ্রে (চন্দ্রলোকে) অয়ন (গতি) যাহা দ্বারা, বং] বি, স্ত্রী, চান্দ্র তিথির দ্বারা নিয়মিত ব্রতবিশেষ; শুক্ল-প্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত আহার নিয়মিত করিয়া অর্থাৎ কৃষ্ণপক্ষের প্রতিদিন এক-একগ্রাস আহার কম করিয়া শুক্লপক্ষে পূর্ণ করত ব্রহ্মচর্য্যাবলম্বনরূপ ব্রত। ২। প্রায়শ্চিত্ত-বিশেষ। বিণ, **চান্দ্রায়ণিক**—চান্দ্রায়ণ ব্রতধারী; চান্দ্রায়ণব্রতানুষ্ঠাতা।

চাপ (প্) [চপ্ (চূর্ণীকরণে, পেষণে)+ঘঞ্ (করণে)] বি, ভার; weight. প্র—"মাটি খেদাইয়া খলি বানাইয়া উপরে দেওল চাপ।"—চণ্ডীদাস। ২। পেষণ; pressure. প্র—কাজের চাপ পড়েছে। ৩। আরোপ; বিশেষতঃ দোষারোপ। প্র—অনর্থক তাহাকে চাপ দিবার প্রয়োজন নাই। ৪। পীড়াপীড়ি। প্র—একটু চাপ দিলেই সে সব কথা বলে ফেলবে। ৫। বিণ, গুরু-তর; পূর্ণ মাত্রার উপর; সীমা বা উপযুক্ত পরিমাণের অতিক্রমণ। প্র—অত চাপ আহার করা ভাল হয় নাই। ক্রি, চাপা। ণিজন্ত, চাপান (নো)। **উপর চাপ**—উপর হইতে চাপ। ২। উপরওয়ালার পীড়ন। ৩। মিথ্যা দোষারোপ। **চরণ-চাপ**—চরণ দ্রঃ। **বুক চাপ**—বুকের উপর কিছু চাপিয়া থাকিলে যেমন শ্বাসরোধকর হয় বা হাঁপ ধরে তদ্রূপ সম্মুখ-রুদ্ধ।

চাপ (প্) [পূর্ব্বে দ্রঃ। হি—চাপ=ঠাস, গাদা] বি, চাঙড়; তাল। প্র—মাটির চাপ। ২। থকথকে দ্রব্য; ঘন আঠাবৎ পদার্থ। প্র—রক্তের চাপ। ৩। বিণ, জমাট; ঘন; থকথকে। এই অর্থে **চাপচাপ**। প্র—চাপ চাপ রক্ত; চাপ চাপ কফ।

চাপ (প্) [চপ্ (চূর্ণ করা, ধ্বংস করা, প্রাণ নাশ করা)+অ (করণে—ঘঞ্)] বি,পুং, ক্লী, ধনু; কোদণ্ড; শরাসন। প্র—"চাপে দিল টঙ্কার হুঙ্কার বিপরীত।"—ঘনরাম। ২। [প্রা-বাং] কটক; সৈন্য। ৩। [গণিত—পরিঃ—জ্যামিতিতে] বৃত্তের পরিধির অংশ; ধনু; arc. বিণ, **চাপী**—ধনুর্দ্ধারী সৈন্য। চাপগারি—ধনুক ধারণ, রক্ষণ ও তাহার ব্যবহার; ধনুর্দ্ধরের কর্ত্তব্য।

চাপকান (চাপ্‌কান্) [ফা—চপ্‌কন্; চক্‌মন্। হিং—বিকারে আচ্‌কন্] বি, কাঁধ হইতে হাঁটু পর্য্যন্ত লম্বা জামা; ইজার নামক ঢিলা পাজামার সহিত পরিধেয় জামা। প্র—"ইজার চাপকানে হায় মোক্ষ নাহি পাওয়া যায়।"—চন্দন।

চাপগারি, রী [চাপ দ্রঃ] বি, ধনুকের কাজ; ধনুকের ব্যবহার; ধনুর্বিদ্যা। প্র—"তুলিয়া আখড়া ঘরে মল্লযুদ্ধ কেহ করে মাল বিদ্যা গুণী চাপগারী।"—কবিক। বিণ, **চাপগার**—যে ধনুকের কাজ জানে; ধনুর্দ্ধর; ধনুর ব্যবহারবিৎ।

চাপটা (প্) [চেপ্‌টা, চ্যাপটাও হয়। চর্পট—চপেট হইতে তুল—চিপিটক। হি—চপ্‌টা] বিণ, চিপিটকবৎ; পিষ্ট। প্র—মেরে চাপ্‌টা করে দেবে। ক্রি, **চাপটান** (নো)—চাপটা করা; পিষিয়া বিস্তৃত করা। তুল—মেরে পাট বিছান। প্র—"চালনভঙ্গী অতি সুরঙ্গী চাপটিল জীবন মোর।"—চণ্ডীদাস। বিণ, **চাপটানি**।

চাপটী, চাপটি, চাপটিলি [চাপ দ্রঃ। দেহের চাপ দিয়া স্থিতির ভাব। হি—পালথি] বি, উচু বা উবু হইয়া পা মুড়িয়া পাছায় ভর দিয়া আসন চাপিয়া উপবেশন। প্র—চাপটি খেয়ে বসা। ২। পরস্পর আঘাত; ঠোকাঠুকী। [বাং—বিরল]।

চাপড় (ড়্) [চর্পট-চপেট হি—থাপ্পড়] বি, থাবড়া; করতল-প্রহার। প্র—"ভীম সনে ভ্রুকুটি করিতে ভুতনাথ। চট্‌চট্ শুনি চড় চাপড় নির্ঘাত॥"—শিবায়ন। ক্রি, চাপড়ান।

চাপড়া, চাবড়া [হি—চাপ দ্রঃ] বি, স্থূল খণ্ড। প্র—ঘাসের চাপড়া।

চাপড়ান (চাপ্‌ড়ানো) [চাপড়+আন (ক্রিয়ায়)] ক্রি, চাপড় মারা; চড়ান; থাবড়া মারা। ২। করতলের মৃদু মৃদু আঘাত করা। প্র—পিঠ চাপড়ান; পেট চাপড়ান। ৩। আক্ষেপ, আত্মগ্লানি, ক্ষোভ, শোক-প্রভৃতি-প্রকাশক, অঙ্গে করতল-প্রহার। বিভিন্ন অঙ্গের আঘাত দ্বারা ভিন্ন ভিন্ন ভাবার্থ প্রকাশিত হয়। যথা—**গালেমুখে চাপড়ান** (ক্ষোভে, আপশোষে)। **বুক চাপড়ান** (শোকে, অভিসম্পাতে)। **পিট চাপড়ান** (উৎসাহদানে, প্রশংসায়)। **পোঁদ চাপড়ান** (ক্ষোভে)। **পেট চাপড়ান** (কোষ্ঠ নিঃসরণের বেগ উৎপাদনে)। **কপাল চাপড়ান** (অদৃষ্টের দোহাই বা ভাগ্যের দোষ দানে)। বি, **চাপড়ানি**।

চাপদণ্ড (প্) [চাপ—দণ্ড] বি, যে যন্ত্রের দ্বারা জল বা বাষ্প উর্দ্ধগত ও নিম্নগত হয়; pump.

চাপদাড়ি (প্) [হি—চাপ (ঘন) ডাঢ়ী] বি, ঘন ও অর্দ্ধ চন্দ্রাকৃতি দাড়ি। সাধাঃ—চাঁপদাড়ি (দ্রঃ)।

চাপন (চাপোন্) [চাপ, চাপা দ্রঃ] বি, ভারার্পণ। ২। টিপন। ৩। আরোহণ। ৪। আক্রমণ। প্র—"গজবর চাপনে পড়িল মশানে, পদাতিক লাথে লাথ।"—কবিক।

চাপরাশ, চাপরাস (চাপ্‌রাশ্) [ফা—চপ্‌রাস্] বি, পদচিহ্ন; উপাধি; পরিচয়চিহ্ন-সূচক পিত্তলাদি নির্ম্মিত ধাতুপট্ট; badge.

চাপরাসী (চাপরাশি) [ফা—চপ্‌রাসী] বি, যাহার চাপরাস আছে; চাপরাসধারী; সংবাদাদিবাহক; আর্দ্দালি; an orderly.

চাপল্য (চাপোল্‌লো) [চপল+য (ষণ্—ভাবে)] বি, ক্লী, অস্থিরতা; চাঞ্চল্য; চপলতা। ২। অনবস্থিতি। ৩। প্রগল্‌ভতা; ঔদ্ধত্য।

চাপা [চাপ (দ্রঃ)+আ (ক্রিয়া বিভক্তি)] ক্রি, চাপ দেওয়া; ভার রাখা; ভর দেওয়া। ২। টেপা; টিপিয়া দেওয়া। ৩। আবৃত করা; ঢাকা। ৪। জুড়িয়া ফেলা; জোড়া; ব্যাপা; অধিকার করা। প্র—"পঞ্চ গৌড় চাপিয়া গৌড়েশ্বর রাজা॥"—কৃত্তিবাস। ৫। রোধ করা; পথ চাপিয়া বসা। ৬। গোপন করা; লুকান; অপ্রকাশ করা। ৭। আড়াল করা। ৮। আরোহণ করা; চড়া। ৯। একক্রমে বহুক্ষণ চাপিয়া বসা। প্র—কাজ করা। উ-পু—চাপি। ম-পু—চাপ (সমানে); চাপুন (সম্ভ্রমে); চাপ্ (অবজ্ঞায়)। ণিজন্ত—চাপান (নো)। অস-ক্রি—চাপাইয়া; চাপাইতে; বি, চাপন; চাপনি; চাপুনি। বিণ, চাপা-নিয়া; চাপানে। **চাপাচাপি**—পরস্পরের প্রতি চাপ প্রদান। ২। পীড়াপীড়ি। ৩। চাপের উপর চাপ; মাত্রাধিক্যজনিত চাপ; অতিরিক্ত চাপ। প্র—চাপাচাপি করিয়া খাওয়া। **চাপাচুপি**—ঢাকাঢুকি; গোপনের বিবিধ চেষ্টা। **চাপাপড়া**—আবৃত হওয়া; ঢাকিয়া যাওয়া। ২। উত্থাপিত না হওয়া; বিস্মৃত হওয়া। **চাপা দেওয়া**—আবৃত করা; ঢাকা। ২। গোপন করা। **চাপিয়া বসা**—চাপটি খাইয়া বসা। ২। শীঘ্র না উঠা।

চাপা [চাপ+আ (অস্ত্যর্থে, যুক্তার্থে)] বিণ, আবৃত; ঢাকা। ২। যে পেটের কথা বাহির করে না; মন্ত্রগোপক; অচপল। প্র—খুব চাপা লোক। ৩। অধিকৃত; জোড়া; ব্যাপ্ত। প্র—উঠান চাপা পাল। ৪। জমাট; ঘন; বসা। ৫। রুদ্ধ। প্র—চাপা গলা। ৬। আরূঢ়। প্র—ঘাড়েচাপা লোক। ৭। টেপা; টোল খাওয়া। ৮। বি, চাপন। ঘোড়ায় চাপা বড় সহজ নয়। ৯। ঢাকন। প্র—হাঁড়ীর মুখের চাপাটা সরাও।

চাপাখোর (র্) [রাজমিস্ত্রীর ভাষায়] বি, প্রাচীরাদির গাঁথনিবিশেষ; যে গাঁথনে ফাঁক থাকে না।

চাপাটী [সং—চর্পটী। হি—চপাটী] বি, হাতে চাপড়ান রুটী।

চাপাদার (র্) [ফা—বাণিজ্যের ভাষায়] বি, মাল ওজন কালে যাহারা কাঁটায় মাল তোলে ও নামায়।

চাপান (ন্) [চাপ (দ্রঃ) ভার—আন (অর্পণ) প্রশ্ন সমাধানের ভারার্পণ। উত্তর দিবার দায় বা ভার প্রতিপক্ষের উপর চাপাইয়া দেওয়া] বি, কবির গান ও তর্জ্জার লড়াইয়ে এক পক্ষ কর্ত্তৃক অপর পক্ষের উপর উতোর দিবার বা সমস্যা পূরণ করিবার দায়িত্ব অর্পণ। ২। চাপ; pressure. ৩। সৈন্যপদভর (তাহা হইতে) আক্রমণ। প্র—"বেড়িয়া মশান পাইকের চাপান, ঘনপড়ে দামামার সাড়া।"—কবিক।

চাপান (নো) [চাপা (দ্রঃ) ণিজন্ত রূপ] ক্রি, চাপ দেওয়ান। ২। উপরে তুলিয়া দেওয়া; ভার রাখিয়া দেওয়া; আরোপণ। প্র—মাথায় চাপান; কাঁধে চাপান; ঘোড়ার পিঠে চাপান। "চিত্র রথে চাপাইয়া চলিল পশ্চাৎ। আনন্দে দুন্দুভি বাজে নাচে নরনাথ॥"—শিবায়ন। উ-পু—চাপাই। ম-পু—চাপাও (সমানে); চাপাউন, চাপান্ (সম্ভ্রমে); চাপা (অনাদরে)। প্র-পু—চাপায় (অনাদরে, সমানে); চাপান্ (সম্ভ্রমে)। অস-ক্রি—চাপাইতে; চাপাইয়া। বি, **চাপানি**।

চাবড়া (ব্) বি, চাপড়া দ্রঃ; চাপ; চাপড়।

চাবা [চাবান দ্রঃ] ক্রি, চিবা; চর্ব্বণ কর্। ২। চিবাইবি। ৩। [চাওয়া দ্রঃ। চাহিবা সংক্ষেপে] চা; প্রার্থনা কর্। ৪। চাহিবি;

প্রার্থনা করিবি। প্র—"মন তুই কি হলি হাবা মায়ের চরণ বিনা আর কি চাবা"—বাং-গান।

চাবাড়ি [চপেট—চাপড় (দ্রঃ), গ্রা প্রয়োগ-ভেদ] বি, চপেটাঘাত ; চড়। প্র—"মারিবে চাবাড়ি।"—কবিক। প্রায় ইহা চড় শব্দের সহচর থাকে—**চড়চাবাড়ি**।

চাবান (-নো) [সং—চর্ব্বণ হইতে। প্রাদে, গ্রা। উ-পু—চাবাই। ম-পু—চাবাও ; চাবান্ : চাবা। প্র-পু—চাবায় ; চাবান্। অস-ক্রি—চাবাইতে ; চাবাইয়া] ক্রি, চর্ব্বণ করা। প্র—"মন যদি মোর ঔষধ খাবা আছে শ্রীনাথ-দত্ত পটল-সত্ব মধ্যে মধ্যে ঐটি চাবা।"—রামপ্রসাদ।

চাবি, বী [পর্ত্ত—chave] বি, তালার কাঠি ; ছোড়ান্ ; কুঞ্চী। ২। কোন কল বা যন্ত্রাদি চালাইবার এবং থামাইবার উপায় স্বরূপ যন্ত্র। প্র—"হলি না রে ঘুরাইতে, প্রেমচাবি না ছুঁইতে, বাজে কেন সোহাগের কল॥"—অশোকগুচ্ছ। **চাবিকাঠি**—চাবিনামক কাঠি ; যে কাঠি চাবির কাজ করে ; চাবি ; কুঞ্চী। **তালাচাবি**—তালা এবং তাহা বন্ধ করিবার ও খুলিবার চাবিকাঠি। **চাবি দেওয়া**—তালা বন্ধ করা ; চাবি দ্বারা রুদ্ধ করা। ২। ঘড়ি প্রভৃতি যন্ত্র চালাইবার জন্য শিথিল স্প্রীং চাবি ঘুরাইয়া জড়াইয়া দেওয়া ; দম দেওয়া।

চাবুক (ক্) [ফা] বি, অশ্বতাড়ন দণ্ড ; কশা ; বেত্র ; ছিপ্টি। ২। কশাঘাত স্বরূপ দণ্ড ; শাস্তি ; মর্ম্মভেদী তিরস্কার। ৩। বিণ, সাদৃশ্যে চাবুকের মত এবং তাহার বিনানীর মত মজবুত। ক্রি, **চাবুকান, চাবকান** (চাব্কানো)—চাবুকমারা ; কশাঘাত করা। উ-পু—চাবকাই। ম-পু—চাবকাও (সমানে) ; চাব্কান্ (সম্ভ্রমে) : চাব্কা (অবজ্ঞায়)। প্র-পু—চাব্কায় (সমানে, অনাদরে) ; চাবকান্ (সম্ভ্রমে)। অস-ক্রি—চাবকাইতে ; চাবকাইয়া, চাব্কে। বি, চাব্কানি।

চাম (ম্) [সং—চর্ম্ম, প্রাকৃ—চাম] বি, চর্ম্ম ; চামড়া। **চামদড়ি**—চামের রজ্জু ; তাঁত। ২। তন্তুবৎ কৃশ ও পাকান ; অত্যন্ত রোগা। প্র—রদ্দুরে ঘুরে ঘুরে আর না নেয়ে না খেয়ে যেন চামদড়ি হয়ে গেছে।

চামচ, চামচে (চামচ্, চাম্চে) [ফা—চম্চহ্। হি—চামচ্] বি, চমস ; ক্ষুদ্র ; হাতা ; spoon.

চামচিকা (ম্) [সং—চর্ম্মচটিকা] বি, বাদুড়-জাতীয় ক্ষুদ্র জীববিশেষ ; আকৃতি প্রকৃতিতে প্রায় বাদুড়ের মত কিন্তু তিন ইঞ্চি অপেক্ষা বড় হয় না।

চামড় (ড়) চিমড় দ্রঃ। ২। চামড়া।

চামড়া (ম্) [চর্ম্ম হইতে চাম ও চামড়, চামড়া। চাম অপেক্ষা কাঠিন্য-বোধক। কোমল অর্থে, ছাল অর্থাৎ চামের উপরের আবরণ—ত্বক। কঠিন অর্থে চামড়া। তুল—ছাল চামড়া তুলে দেওয়া] বি, চর্ম্ম।

চামর (র্) [চমর (মৃগ, চমরী গাই) + অণ্] বি, ক্লী, চমরী-গো-পুচ্ছনির্ম্মিত ব্যজনবিশেষ। **চামরগ্রাহ**—চামরধারী ; চামর দ্বারা বীজনকারী। **চামরধারিণী**—বি, স্ত্রী, চামরগ্রাহিকা ; চামর দ্বারা বীজনকারিণী। **চামরপুষ্প** [যাহার পুষ্প সকল চামরের ন্যায় স্তবকে স্তবকে জন্মে] সুপারি, আম্র, কাশ, কেতকী প্রভৃতি পুষ্পবৃক্ষ। **চামর-হস্ত**—চামরধারী। স্ত্রী, চামরহস্তা—চামর দ্বারা বীজনকারিণী।

চামরী [চামর + ইন্ (অস্ত্যর্থে)—চামরিন্, ১মা, ১ব, যাহার চামর আছে] বিণ, চামরযুক্ত ; চামরবৎ গুচ্ছবিশিষ্ট। বি, পুং, মৃগ-বিশেষ ; চমরী গাই। ২। অশ্ব।

চামলী [প্রা-বাং-গ্রা] বি, চামেলী পুষ্প। প্র—"কাননে কুসুম তুলিলা রঙ্গন আর ঝাটি। চামলী গন্ধলি তুলিলা শ্রীফল দুই বটি —শূন্যপুরাণ।

চামসা, চামসি, চামসিয়া, চামসে (চাম্—শা, শি, শিয়া, শে) [চাম (চর্ম্ম) + সা, সি, সিয়া, সে (সাদৃশ্যার্থে)] বিণ, চামসম ; চর্ম্মসদৃশ ; চামড়ার মত ; চামবৎ ; চামচাম। প্র—চামসা গন্ধ। ২। চিমসা ; চিমড়া।

চামাটি—চামাতি দ্রঃ।

চামাতি [চর্ম্মপত্র—চামপাতি—চামাতি] বি, চামড়ার পটী ; চর্ম্মময় হস্তবন্ধনী। প্র—"ডাড়ুকা চরণে কেন দুহাতে চামাতি"।—কবিক। "দুই হাতে চামাতি দিল গলায় জিঞ্জির।"—কবিক। ২। ক্ষুরের ধার মসৃণ করিবার চর্ম্মখণ্ড ; a strap.

চামার (র্) [চর্ম্মার। চাম—আর] বি, পুং, চর্ম্মকার ; মুচী। ২। নিষ্ঠুর ; হৃদয়-হীন। ৩। অতি কৃপণ। স্ত্রী, চামারণী (হি—চামারীন্)।

চামুটি [চাম (চর্ম্ম) মুটি (মুষ্টি)—সংক্ষেপে, চামুটি] বি, খড়্গের যে স্থানে মুঠা করিয়া ধরিতে হয় তাহার চর্ম্মাবরণ। ২। চামাতি ; চর্ম্মের হস্তবন্ধনী।

চামুণ্ডা [দেবী চণ্ড ও মুণ্ড নামক দৈত্যদ্বয়কে বিনাশ করিয়াছিলেন বলিয়া চামুণ্ডা নামে খ্যাতা।—দেবীমাহাত্ম্য] বি, স্ত্রী, দুর্গার রূপ-ভেদ। প্র—জয় চামুণ্ডে জয় চামুণ্ডে জয় চামুণ্ডে। করকলিতাসি বরাভয় মুণ্ডে॥" —বাসবদত্তা।

চামেলি [হি—চম্বেলী] বি, মল্লিকা জাতীয় কিন্তু তদপেক্ষা ক্ষুদ্র পুষ্পবিশেষ ; জাতিপুষ্প ; jasmine.

চাম্পার্টি [ইং—champerty] বি, কাহার মোকদ্দমার স্বত্ব কিনিয়া স্বয়ং মোকদ্দমা পরিচালন ; কাহার বিষয় উদ্ধার করিবার ভার লইয়া উদ্ধৃতব্য বিষয়ের অংশীস্বরূপ মোকদ্দমা চালান।

চায় (য়) [চাওয়া, চাহা দ্রঃ] ক্রি, চাহে : প্রার্থনা করে। ২। অভিলাষ করে ; বাসনা করে। প্র—"আর তো ব্রজে যাব না ভাই যেতে প্রাণ নাহি চায়।"—অতুলকৃষ্ণ মিত্র। অস-ক্রি, **চায়্যা**—প্রা-বৈ-সা ; **চাঞা**—চাহিয়া। প্র—"বাছুর আনিব চায়্যা"—কবিক। [অপ্র]।

চায়েন (ন্) [হি] বি, আরাম। ২। শান্তি। ৩। চাঙ্গা ; নিরোগ।

চার (র্) [চতুর্] বি, চারি ; ৪। **চার-গুণ, চার-ডবল**—চতুর্গুণ। **চারচক্ষুঃ**—রাজা। ২। চতুর্দ্দিকে যাহার দৃষ্টি ; সতর্ক। **চার-কোণা**—চতুষ্কোণ ; চৌকা। **চার-পাই, চার-পায়া**—চারিটী পা-বিশিষ্ট কাষ্ঠাসন ; খাট। প্র—"ছুতার আজও চার-পায়া খানা দেয়নি ক সারিয়ে"—দ্বিজেন্দ্র রায়। **চারটা**—চার প্রহর ; চার ঘণ্টা। প্র—বেলা চারটা ; রাত চারটা। **চারটি** [দ্রুত উচ্চারণে, চাট্টি] চারি সংখ্যক। ২। অল্প পরিমাণ। প্র—চাট্টি ভাত। এই অর্থে **চারটিখানি**, সংক্ষেপে **চাট্টিখানি**, **—খানিক** শব্দেরও ব্যবহার আছে। টি, খানি, খানিক পরিমাণ বাচক। **চার-দিন**—অধিক দিন নয়। **চার-জন**—জন কতক ; কয়েক জন। ২। জন-সাধারণ। **চারহাঁটু**—[গ্রা] দুইজন লোক ; স্ত্রী-পুরুষ। **চারদিক**—সকল দিক ; সকল বিষয়। **চারপো**—চারিপোয়া ; সেরপূর্ণ ; সীমাপূর্ণ ; পরিপূর্ণ।

চার (র্) [চর্ (গমন করা) + অ (ঘঞ্—কর্ত্তৃ) সংজ্ঞার্থে] বি, চর ; গুপ্তচর ; a spy. ২। [চর্ ধাতু হইতে, অথবা চাট শব্দের বিকারে চার, চাট দ্রঃ] মাছের বিচরণ-স্থান। (২) যে মসলা গন্ধে মাছকে আকৃষ্ট করে এবং যাহা পতিত হইলে জল মাছের বিচরণ-স্থান-যোগ্য হয় ; মাছের চাট। প্র—চার ফেলা ; পুকুরে চার করে রাখা। ৩। বন্দীশালা ; কারাগার। ৪। কৃত্রিম বিষ। ৫। [ভাবে—ঘঞ্] সঞ্চার। ৬। [করণে—ঘঞ্] বাঁশের সেতু। **চার করা**—মাছ ধরিবার জন্য মাছের চাট প্রস্তুত করা। ২। জলাশয়ের যে স্থানে ছিপ ফেলিতে হইবে সেই স্থানে চার

ফেলিয়া রাখা যাহাতে চারের গন্ধে মাছ আসিয়া তথায় বিচরণ করে।

চার (র্) [ফা—চার্ (চারাহ্'র সংক্ষেপ =ঔষধ, উপায়] বি, পার : উপায় ; বিহিত চারা দ্রঃ। **না-চার**—নিরুপায়।

চারক (ক্) [চার+ক (স্বার্থে)] বি, পুং, পিয়ালগাছ। ২। [চর্—ণিচ্ =চারি (চরান) +অক (কর্তৃ)] বিণ, পশুচারক ; যে চরায় ; গোপাল।

চারখানা (র্) [হি] বি, চৌখুপী ; চেক-কাটা কাপড় ; চৌকা ডুরিদার বস্ত্র ; checkered cloth. ২। চারিখণ্ড।

চারজামা (র্) বি, হাতীর পৃষ্ঠের উপর বসিবার কাষ্ঠময় আসন। ২। গদিযুক্ত জিন ; a padded saddle.

চারণ (ন্) [চর্+ণিচ্ =চারি (সঞ্চার করান) +অন (কর্তৃ)] বি, পুং, ভাট। ২। স্তুতি-পাঠক ; কুলকীর্ত্তি গায়ক। ৩। রাজপুত-দিগের শ্রেণীবিশেষ যাহারা যুদ্ধকালে বীরগাথা কীর্ত্তনে যোদ্ধৃবৃন্দকে উৎসাহিত করে। দেবযোনিবিশেষ। ৫। নট। ৬। পশু-চারণের মাঠ ; চারণভূমি।

চারা [হি—চারা = পশুখাদ্য (fodder) । ২। সম্ভার (provision)। ৩। টোপ (bait)] বি, হস্তীর খাদ্য। ২। মাছের আহারীয়। ৩। চার (দ্রঃ) অর্থেও ব্যবহৃত। ভাজা মেথি, মাথাঘষার মসলা প্রভৃতি চূর্ণ যাহার গন্ধে আকৃষ্ট হইয়া গন্ধযুক্ত জলে আসিয়া বিচরণ করে।

চারা [চর্ (গমন—সঞ্চার করা)] বি, ডিম ফুটিয়া যাহা জলে বিচরণ করে ; চারা মাছ ; বাচ্চা মাছ। ২। বৃক্ষের যে অবস্থায় নাড়িয়া পোঁতা হয় ; ছোট গাছ ; চারা গাছ ; নবোদ্গত গাছ।

চারা [ফা—চারা (চারাহ্, সংক্ষেপে)= ঔষধ ; বিহিত ; সহায়] বি, উপায় ; প্রতি-বিধান ; বিহিত। প্র—"দিয়েছি গোলামী খৎ এখন কি আর আছে চারা।"—রামপ্রসাদ।

চারান (নো) [চার (সঞ্চার) + আন (ক্রিয়া বিভক্তি)] ক্রি, সঞ্চারিত করা। ২। বণ্টন করা।

চারি [সং—চত্বার শব্দ হইতে চতুর্, প্রাকৃ—চারি, বাং—চারি] বিণ, চার ; ৪ 'সংখ্যা' ; দুই আর দুই। **পায়-চারি**—পদ চারণা ; ধীরে ধীরে বিচরণ করিতে করিতে বায়ুসেবন। **চারি-কোণ**—চতুষ্কোণ। **চারি-গুণ**—চতুর্গুণ ; চারগুণ ; চারডবল। **চারি-টি**—চারটি দ্রঃ। **চারিদিক্**—চতুর্দ্দিক্। ২। সকল দিক্। ৩। সকল বিষয়। **চারি পোয়া**—চারপো (দ্রঃ)। ২। পরিপূর্ণ। **চারি-ভিত** [পদ্যে, গানে] চতুর্দ্দিক্। প্র—"কুটুম্ব বান্ধব জত সভে রহে চারিভিত" —শূন্যপুরাণ। "চিতা-ভস্ম চারিভিতে রেখেছি মা আসিস যদি"—গান।

চারিত [চর্+ণিচ্ =চারি (গমন করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, চালিত ; সঞ্চালিত সঞ্চারিত। ২। যাহাকে চরাইয়া আনা হইয়াছে।

চারিত্র, চারিত্র্য [চরিত্র+অণ্, যণ্ (স্বার্থে)] বি, ক্লী, চরিত্র দ্রঃ ; character. প্র—"চারিত্র পূজা।"—রবি।

চারিমা [চারু (মনোহর) + ইমন্ (ভাবে) =চারিমন্ ১মা, ১ব] বি, পুং, চারুতা ; কমনীয়তা ; লালিত্য।

চারী [চার (চর্ (বিচরণ করা) + ণিচ্ = চারি + ইন্ (অস্ত্যর্থে) =চারিন্—১মা, ১ব] বিণ, সঞ্চারী ; বিচরণকারী ; ভ্রমণকারী। এই অর্থে অন্যশব্দ যোগে ব্যবহৃত হয়। প্র—"কুঞ্জকাননচারী." ২। [চার—ঈপ্, স্ত্রী, পদসঞ্চরণ হইতে] নৃত্যের অঙ্গবিশেষ। **আলাপচারী**—সঙ্গীত অভ্যাস ; সুর ভাঁজা।

চারু ["সুন্দরং রুচিরং চারু সুষমং সাধু শোভনম্। কান্তং মনোরমং রুচ্যং মনোজ্ঞং মঞ্জু মঞ্জুলম্॥" —অমর। চর্ (গমন করা, সঞ্চারিত হওয়া) + উ (ণ্—কর্তৃ)—যাহা সকলের দৃষ্টিপথ বা মনের মধ্যে গমন করে] বিণ, সুন্দর ; মনোরম ; মনোজ্ঞ ; সুদর্শন। প্র—"কবরীর চারু শোভা যোগিজন মনোলোভা," ২। কোমল ; ললিত। ৩। শোভাময়। ৪। বি, বৃহস্পতি। ৫। রুক্মিণীগর্ভজ, শ্রীকৃষ্ণের পুত্র।

চারুতা [চারু+তা (ভাবে)] বি, স্ত্রী, সুন্দরতা ; চারিমা ; শোভা ; মনোজ্ঞতা। ২। কোমলতা ; লালিত্য ; কমনীয়তা।

চারুনেত্র (নেৎত্র) [চারু (সুন্দর) নেত্র (চক্ষুঃ) যাহার, বহু] বি, পুং, হরিণ। ২। বিণ, সুন্দর নয়নযুক্ত। স্ত্রী, **চারুনেত্রা**—বিণ, সুনয়না। প্র—"উত্তর করিলা তবে চারু-নেত্রা দেবী চিত্রাঙ্গদা"—মেঘনাদ। ২। বি, অপ্সরাবিশেষ।

চারুপর্ণী (পোর্নি) [চারু—পর্ণ (পাতা) যাহার, বহু] বি, স্ত্রী, গন্ধভাদাল।

চারুবক্ত্র (চারুবকত্র) [চারু (সুন্দর) বক্ত্র (মুখ) যাহার, বহু] বি, পুং, কুমারের অনুচর বিশেষ। ২। বিণ, চুমুখ। স্ত্রী, **চারুবক্ত্রা**।

চারুবর্দ্ধন (ন্) [চারু+বর্দ্ধন (বৃধ্ +ণিচ্ =বর্দ্ধি—বৃদ্ধি পাওয়ান + অন (কর্তৃ—অনট্)] বিণ, সৌন্দর্য্যবর্দ্ধক।

চারুব্রত (চারুব্রোতো) [চারু ব্রত যাহার, বহু] বিণ, সুব্রত। স্ত্রী, **চারুব্রতা**—সুব্রতা।

চারুলোচন (ন্) [চারু (সুন্দর) লোচন (নেত্র) যাহার, বহু] বি, পুং, হরিণ। ২। বিণ, চারুনেত্র ; সুনয়ন। স্ত্রী, **চারু-লোচনা**।

চারুশিলা [চারু—শিলা (প্রস্তর)] বি, সুদৃশ্য পাষাণ। ২। মণি।

চারুশীল [চারু—শীল (চরিত্র) যাহার—বহু] বিণ, সুন্দর স্বভাব ; সুশীল ; সাধুচরিত্র। স্ত্রী, **চারুশীলা**—সৎস্বভাবা ; সুশীলা।

চারুহাসী (শি) [চারু—হস্ (হাস্য করা) + ইন্ (কর্তৃ, শীলার্থে—ণিন্) = হাসিন্ ১মা, ১ব] বিণ, সুন্দর হাস্য করাই যাহার স্বভাব ; যাহার মুখ মধুর হাস্যকারী। স্ত্রী, **চারু-হাসিনী**—যে স্ত্রীর হাস্য মনোহর ; মধুর হাসিনী ; মৃদুহাস্যকারিণী।

চার্চ্চিক্য (চার্‌চিক্ক) [সং] বি, ক্লী, অঙ্গলেপ ; চন্দনাদি লেপন।

চার্জ্জ, চার্জ (চার্‌জ্) [ইং—charge. আদাঃ পরিঃ] বি, অভিযুক্ত ব্যক্তির প্রতি অপরাধের আরোপ।

চার্ব্বঙ্গী (চার্‌বোংগি) [চারু—অঙ্গ+ঈপ্ (স্ত্রী)] বি, স্ত্রী, সুন্দরী স্ত্রী। ২। বিণ, কোমলাঙ্গী। পুং, চার্ব্বঙ্গ।

চার্ব্বাক (ক্) [চারু—বাক্ (বাক্য)—যাহার বাক্য আপাতত মনোরম] নাস্তিকতা-প্রতিপাদক দর্শনকার মুনিবিশেষ। খৃঃ তৃতীয় শতাব্দীতে ইঁহার অভ্যুদয় অনুমিত হইয়াছে। ২। যুধিষ্ঠিরকে বিনাশ করিবার অভিপ্রায়ে দুর্য্যোধন কর্তৃক নিযুক্ত জনৈক রাক্ষস।

চার্ব্বী [চারু+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, সুন্দরী স্ত্রী। ২। শোভা। ৩। কুবেরপত্নী।

চার্ম্ম [চর্ম্ম+অ (ণ্—সম্বন্ধে)] বিণ, চর্ম্ম-সম্বন্ধীয়। ২। চর্ম্মময়। ৩। বি, চর্ম্মনির্ম্মিত বা চর্ম্মাবৃত যান।

চার্ম্মিক (ক্) [চর্ম্ম+ইক (ণ্—নির্ম্মিত বা জাত অর্থে)] বিণ, চর্ম্মময় ; চামড়ার।

চাল (চাল্) [সং—তণ্ডুল—তাঁড়ুল—তাউল—চাউল (সংক্ষেপে, চাল)] বি, তণ্ডুল ; ধানের শস্য ; চাউল ; rice ; oryza sativa. ২। [হি—চাউল, চাবঁল] এক রতির অষ্টমাংশ। **আতপ চাল, আলোচাল**—সূর্য্যাতপে শুষ্ক চাউল ; যে চাউল ধান্ সিদ্ধ করিয়া বাহির করা হয় নাই। **চাল কোটা**—চাউল কুট্টিত করা ; চাল কাঁড়া। **চাল কাঁড়া**—ঢেঁকী বা উখলীতে মুষল দ্বারা নিস্তুষ করা। **চাল গুঁড়ান**—চাল ভিজাইয়া শিল প্রভৃতিতে চূর্ণ করা। **চালের গুঁড়ি**—চাউল চূর্ণ ; পিষ্ট চাউল। **চাল চিবান**—শুষ্ক চাউল চর্ব্বণ। ২। নীরস

উক্তি করা। ৩। (চাল চিবাইবার অনুকরণে) চ্যাটং চ্যাটং কথা বলা। **চালের পিঠা**—পিষ্ট চাউলের বড়া ; চাউল ঘটিত পিষ্টক। **গুড়চাল**—গুড় মিশ্রিত চাল ; যাহা বিবাহের সময় বরের গায়ে ছুঁড়িয়া মারে। **চাল ঝাড়া**—চাউল হইতে ক্ষুদ, ধূলা প্রভৃতি উড়াইয়া দেওয়া। **চাল ধোয়া**—রন্ধনার্থ চাউল জলে মাজিয়া ও ধৌত করিয়া পরিষ্কার করা। **চাল ধোয়ানি**—চাল ধোয়া জল। **চাল ভাজা**—ভর্জ্জিত বা ভৃষ্ট চাউল ; মুড়ি। **চাল সিদ্ধ করা**—ভাত রাঁধা। **চাল বাচা**—চাউলের সহিত মিশ্রিত কাঁকর মাটি বা অন্য শস্য প্রভৃতি নির্ব্বাচিত করিয়া পৃথক করা। **সিদ্ধচাল**—অগ্নিতাপে ভাপান বা সিদ্ধ করা ধান হইতে যে চাল বাহির করা হয়। **মিহি চাল**—সরু দানার উৎকৃষ্ট ও স্বাদু চাল। **বুক্‌ড়ি চাল**—মোটা দানার অপকৃষ্ট চাল।

চাল (চাল্) [চল (গমন করা, চলা, বিস্তার লাভ করা)+অ (ঘঞ্—কর্ত্তৃ)—যাহা গৃহাদির উপরিভাগে যায় বা বিস্তার লাভ করে] বি, পুং, গৃহাদির আচ্ছাদন ; সাধারণতঃ বাঁশ, খড়, গাছপালার আচ্ছাদন ; ছাদ। ২। নৌকার ছই। ৩। প্রতিমার উপরের আকাশ যাহাতে বিমান পথ ও স্বর্গলোকের দৃশ্যাবলী চিত্রিত থাকে ; প্রতিমার পশ্চাদ্বর্ত্তী ছটা ; চালচিত্র। **খোলার চাল**—যে ঘরের আচ্ছাদন বা ছাদ খোলায় আবৃত। **খোড়ো চাল**—খড়দ্বারা আচ্ছাদিত ছাদ। [দ্রঃ—চাল অনুসারে প্রায়ই ঘরের নাম হয় ; যথা—খোলার ঘর=যে ঘরের চাল খোলায় আচ্ছাদিত, এইরূপ, খোড়ো ঘর ; হোগলার ঘর ; লতাপাতার ঘর] পরে—চাল চুলা দ্রঃ। **চাল কেটে উঠান**—উদ্‌বাস্তু করা। **চালের বাতা**—চালের মুখে বাঁধা লম্বা বাঁখারি ; বাতা দ্রঃ। **চাল ছাওয়া**—খরের উপরে বিছান ও সমান্তরাল করিয়া বাঁধা বাঁশ বাঁখারির উপর খড়, খোলা প্রভৃতি দ্বারা আচ্ছাদিত করা বা ঢাকিয়া দেওয়া। **চাল চুলা**—চাল অর্থে কুঁড়ে (উপরে দ্রঃ), তাহা হইতে লক্ষণায়—আশ্রয় এবং চুলা অর্থে উনান, তাহা হইতে রন্ধনাগার, লক্ষণায়—অন্নসংস্থান। প্র—যাহার চাল চুলা নাই তাহার হাতে মেয়ে দেওয়া কি যায়? **চাল না চুলো ঢেঁকি না কুলো**—(যাহার) কিছুই নাই ; না গৃহ না গৃহোপকরণ না অন্ন সংস্থান ; নিঃসম্বল ; নিরাশ্রয়।

চাল (ল্) [চরিত্র শব্দের অপভ্রংশে হি—চাল্=চলন বা গতিভঙ্গী। চল্ (গমনী করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, প্রথা ; রীতি ; আচার। প্র—দেশের যেমন চাল ; যে কালের যে চাল ; custom ; usage. ২। কাজের ধারা ; সাধন উপায় ; method ; manner. ৩। ব্যবহার ; আচরণ ; লৌকিকতা ; manner ; conduct. প্র—"যারা খেতো সরু চাল, চালে মোটা চাল" —ঈশ্বর গুপ্ত। ৪। স্বভাব ; চরিত্র। ৫। কৌশল ; ফন্দী, trick. তুল—চালবাজী ; আচ্ছা চাল চেলেছে। ৬। পাশা, দাবা প্রভৃতি গুটিকা ঘটিত খেলার ঘুঁটির ঘর পরিবর্ত্তন ; ছকের এক ঘর হইতে অন্য ঘরে গমন। প্র—তাহাকে এক চালে মাত করেছে। **চাল মাত**—দাবা খেলায় ঘুঁটির চাল বন্ধ। **গরীবী চাল, গরীবানা চাল**—দরিদ্রের স্বীয় অবস্থা অনুযায়ী আচরণ ; দরিদ্রের মত সামান্য ব্যয়। **বড় মানুষী চাল**—ধনীর উপযুক্ত ব্যয় ; ধনীর অবস্থানুযায়ী ভোগ বা বিলাসিতা। **লম্বা চাল**—অবস্থার অতিরিক্ত ব্যয় বা আচরণ ; জাঁক। **চাল বাজী**—কৌশল প্রয়োগ ; ফন্দী বা কূটবুদ্ধি প্রয়োগ। **চাল বাড়ান**—ব্যয় বৃদ্ধি করা ; বিলাসিতা বৃদ্ধি করা ; আচারব্যবহারে খরচ খরচার বাহুল্য করা। **চাল কমান**—ব্যয় সঙ্কোচ করা ; জাঁক জমক কম করা। **কুচাল, বেচাল, বদচাল**—মন্দস্বভাব ; বদচলন। **চাল খারাপ করা, চাল বিগড়ান**—মন্দ স্বভাব হওয়া ; কুচরিত্র হওয়া।

চালক (ক্) [চল্ (গমনে)—ণিচ্=চালি+অক (ণক—কর্ত্তৃ)] বিণ, যে চালায় ; পরিচালনকারী। ২। সারথি। ৩। প্রেরক ; স্থানান্তরকারী। ৪। বি, পুং, মদমত্ত হাতী।

চালচলন (চাল্‌চলোন্) [চাল—চলন (সহচর শব্দদ্বয়) হি—চালচলন্, চাল দ্রঃ] বি, স্বভাব-চরিত্র ; ধরণধারণ। প্র—লোকটার চাল চলন ভাল বোধ হয় না। ২। রীতি নীতি। প্র—"দেশের আজকাল এমনি চালচালন" —রজনী সেন।

চালতা (ল্) বি, অম্ল কষায় রস গোলাকার পিচ্ছিল বীজ ফলবিশেষ ; চাল্‌তে ; dillenia speciosa ২। [প্রাদে] জাম।

চালন (ন্) [চল্—ণিচ=চালি+অন (ভাবে)] বি, ক্লী, অপসারণ ; প্রেরণ ; স্থানান্তরিতকরণ। ২। ঝাড়ন। ৩। সঞ্চালন। স্ত্রী, চালনা। বিণ, **চালনীয়**।

চালনা [চালন+আপ্-স্ত্রী] বি, স্ত্রী, আন্দোলন ; অনুশীলন ; চর্চ্চা। বিণ, **চালনীয়**।

চালনী, চালুনী [হি—চাল্‌না ; চাল্‌নী। চাল্+ণিচ্=চালি (চালা, ঝাড়া)+অন (অনট্—করণে) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, যাহা দ্বারা শস্যাদি বা তাহার চূর্ণ চালা বা ঝাড়া যায় ; বহুচ্ছিদ্র বংশশলাকা বা তারনির্ম্মিত পাত্র ; ছাঁকনী। **চালনী ন্যায়**—চালনী সঞ্চালিত করিলে বা ঘুরাইলে শস্যাদি স্থানান্তরে পতিত হইবার ন্যায় বা মত। **চালনী বলে ছুঁচ তোর মার্গে কেন ছেঁদা**—শতচ্ছিদ্র চালুনী কর্ত্তৃক একছিদ্র ছুঁচের ছিদ্র দর্শন—লক্ষণায়, বহু ত্রুটি যাহার তাহার পরচ্ছিদ্র অন্বেষণ।

চালবাজ (ল্, জ্) [চাল (দ্রঃ) —ফা—বাজ্] বিণ, যে চাল চালে ; কৌশলী। ২। বঞ্চক। বি, **চালবাজী**।

চালশা, চালশে (ল্) [চল্লিশ—চালিশ+ইয়া] বিণ, চল্লিশ বর্ষ বয়স্ক। ২। চল্লিশ বর্ষ বয়সে যে দৃষ্টিক্ষীণতা হয়। প্র—এইবার তাহাকে চালশে ধরিয়াছে।

চালা [চল্—ণিচ্=চালি, চলা ধাতুর ণিজন্তরূপ চলান বা চালা। চাল+ত্থা (ক্রিয়ার) ক্রি, হি—চলানা] সঞ্চালন করা। ২। ঝাড়া ; চালুনী দ্বারা পরিষ্কার করা। ৩। চলিতে বাধ্য করা ; স্থানান্তরিত করা ; সরান ; নাড়ানাড়ি। ৪। ঘূর্ণিত করা ; ঘুরাণ। প্র—মাথা চালা। ৫। [খেলায়] ঘুঁটি এক ঘর হইতে সরাইয়া অন্য ঘরে রাখা। ৬। মন্ত্রশক্তি আকর্ষণ করা ; যে স্থানে সাপ আছে তথা হইতে মন্ত্রশক্তি দ্বারা সাপকে বাহির হইতে বাধ্য করা। প্র—"রাখিল নূতন ঘটে, গর্জ্জনে কলস ফাটে সাপ চালে চন্দ্র মতিমান।"—কবিক। ৭। বিণ, চালিত ; প্রেরিত। ৮। আক্ষেপ করা [অপ্র]। ৯। ভৎর্সনা করা ; তিরস্কার করা [অপ্র]। প্র—"যত পারেন গঙ্গাদাস পণ্ডিতের স্থানে। সভারেই ঠাকুর চালেন অনুক্ষণে॥"—চৈতন্যভাগবত। **মাথা-চালা**—মাথা ঘুরান। **হাত-চালা**—মন্ত্র পড়িয়া যেখানে চুরির জিনিষ লুকান আছে তথায় হাতকে আকর্ষণ-বলে সরিয়া সরিয়া গিয়া থাকিতে বাধ্য করা। **চালচালা**—কৌশল প্রয়োগ করা। ২। আচরণ অনুষ্ঠান করা। **চালাচালি**—এক স্থান হইতে অন্যস্থান ও পুনঃপুনঃ তৎকরণ ; নাড়ানাড়ি। **গা-চালা**—ত্বক কম্পিত করা। অশ্ব গবাদি পশুর গায়ের চামড়া কম্পিত করিয়া চুলকান বা ধূলা উড়ান ; গা ঝাড়া। উ-পু—চালি। ম-পু—চাল (সমানে) চালুন (সম্ভ্রমে), চাল্ (অনাদরে)। প্র-পু—চালে (সমানে, অনাদরে) ; চালেন (সম্ভ্রমে)। ণিজন্ত—চালান (নো। অস-ক্রি—চালিতে ; চালিয়া।

চালা [চাল (ছাদ)+আ (বিশিষ্টার্থে বা অস্ত্যর্থে)] বিণ, চালবিশিষ্ট। ২। যে ঘরের চাল আছে ; কুঁড়ে ; চালাঘর। ৩। ইঁদুরের গর্ত্ত। **একচালা**—যে ঘরের একখানা চাল ঢালু ভাবে নির্ম্মিত। এইরূপ, **দোচালা, চারচালা, আটচালা**।

চালাক (ক্) [ফা—চালাক্] বিণ, চতুর দক্ষ; পটু। ২। বুদ্ধিমান। বি, চালাকি, কী।

চালাকি, কী (চা্) [চালাক দ্রঃ] বি, তীক্ষ্ণবুদ্ধি। ২। চতুরতা। ৩। ফন্দী।

চালান (ন্) [চালা দ্রঃ। হি—চলান্] বি, প্রেরণ। (১) রপ্তানি। ২। অসামীকে পুলিশ কর্তৃক গ্রেপ্তার করিয়া বিচারার্থ আদালতে পাঠান। (২) অপরাধীকে গ্রেপ্তার করিয়া পুলিশে পাঠান। ৩। মাল ক্রেতার নিকট পাঠান। ৪। প্রেরিত মাল-পত্রের তালিকা; invoice. ক্রি, চালান (নো) বিণ, চালানি, নী। চালান দেওয়া—রপ্তানি করা।

চালান (নো) [চলান দ্রঃ। চলার ণিজন্ত-রূপ] ক্রি, চলিতে বাধ্য করা। ২। পরি-চালিত কর্। ; পথ প্রদর্শন করা; উপদেশ বা মন্ত্রণা দেওয়া। উ-পু—চালাই। ম-পু—চালাও (সমানে), চালান (সম্ভ্রমে), চালা (অনাদরে)। প্র-পু—চালায় (অনাদরে) চালান (সম্ভ্রমে)। অস-ক্রি, চালাইতে, চালাইয়া। বিণ, চালানিয়া, চালানে।

চালানি, নী [চালান দ্রঃ] বিণ, যাহা চালান দেওয়া হইয়াছে; যে মাল পাঠান হইয়াছে; ২। রপ্তানি-উপযোগী; চালান দিবার জন্য রক্ষিত।

চালি, চালী [চাল—ই, ঈ, (ক্ষুদ্রার্থে)] বি, নৌকার বংশনির্ম্মিত বসিবার স্থান। ২। ক্ষুদ্র মঞ্চ; মাচা। ৩। ছোট চাল।

চালিত [চল্+ণিচ=চালি+ত (কর্ম্মে—ত ই আগম] বিণ, যাহা চালাইয়া দেওয়া হইয়াছে। সঞ্চালিত। ২। স্থানান্তরিত। পরিচালিত; ৪। আন্দোলিত। ৫। ।

চালিতা (চা্) বি, অম্লকষায় গোলাকার ফল ও তাহার গাছ; চাল্তা বা চাল্তে dillenia speciosa.

চালু (চা্) [প্রা-বাং। চাউল উচ্চারণ ভেদে] বি, চাউল; চাল। প্র—"ধান্য ভানা গেল নাই এই কালে কই। চাকরের চালু চাই চারি দণ্ড বৈ॥"—শিবায়ন।

চালুয়া [সংক্ষেপে চেলো] বি, চালের পোকা; চেলোপোকা; weevil.

চাষ (ষ্) [চষ্ (ভক্ষণে)+অ (ঘঞ্—ভাবে)—ভক্ষণের উপযোগী বস্তু উৎপাদন। প্রা-বাং—চাস (পূ-পু)] বি, ভূমিকর্ষণ; ক্ষেত্রে হল চালন; কৃষিকর্ম্ম। ২। চর্চ্চা; অনুশীলন; culture. প্র—"বুদ্ধির চাষ কোনখানে নাই সমস্ত মরুভূমি"—রবি। ৩। [কর্ত্তৃ—ঘঞ্] সোণা চড়ুই। ৪। [কর্ম্মে—ঘঞ্] ইক্ষু। চাষ করা—কৃষি-কর্ম্ম করা। ২। অনুশীলন করা। চাষবাস করা—চাষ করা ও বাস করা: কৃষিকর্ম্ম করিয়া জীবন যাপন করা। ২। [সহচর শব্দ] কৃষিকর্ম্ম করা। বিণ, চষা; চাষা; চাষাড়িয়া; চাষাড়ে; চাষী। ক্রি, চষা।

চাষা [চাষ+আ (বৃত্তি-অর্থে)] বি, চাষ যাহার বৃত্তি বা জীবনোপায়; কৃষক: চাষী; কৃষাণ; cultivator, ২। বিণ, গ্রাম্য; অসভ্য: villager. ৩। মূর্খ; অপণ্ডিত। প্র—"গোধন রক্ষক যারা, সঙ্কীর্ত্তন ভাষে তারা, কে বুঝে পণ্ডিত কেবা চাষী"—রামপ্রসাদ। বিণ, চাষাড়িয়া। চাষাভুষা, ভুষো—চাষা ও তৎশ্রেণীস্থ লোক; গ্রাম্য অশিক্ষিত লোকজন। চাষাধোবা—হিন্দুজাতি-বিশেষ।

চাষাড়িয়া [চাষা+টিয়া—ড়িয়া (সাদৃশ্যে)। সংক্ষেপে চাষাড়ে] বিণ, চাষার ন্যায়; কৃষকসুলভ।

চাষী (চা্ষি) [চাষ দ্রঃ] বি, কৃষিজীবী; কৃষক। প্র—"আমরা প্রজা চাষী, জমি চষি সুফল ফলাই তায়"—চাষার পত্র।

চাহন (ন্) [চাহা দ্রঃ] বি, প্রার্থনা: যাচ্ঞা। ২। অবলোকন; নেত্রপাত।

চাহনি [গ্রা—চাউনি। চাহা দ্রঃ] বি, দৃষ্টি; নজর। প্র-"কিবা সে চাহনি ভুবন ভুলনী'—চণ্ডীদাস।

চাহা [হি—চাহ্না=চাওয়া (দ্রঃ)] ক্রি, প্রার্থনা করা; ভিক্ষা করা। ২। অপেক্ষা করা; আশা করা। প্র—"পথ পানে চাহি'—রবি। প্র—"চাহিতে চিন্তিতে চারি মাস বয়ে গেল"—শিবায়ন। ৩। অন্বেষণ করা। প্র—"আপনা সম্বরি উঠ. নিজ ধন চাহ"—চৈতন্য ভাগবত। "চাহিনু অনেক ঠাঁই যথা থেলে সঙ্গী ভাই, কেহ নাহি কহিল সন্ধান।"—কবিক। ৪। অভিলাষ করা; বাসনা করা; স্পৃহা করা; ভালবাসা। প্র—"যাদের চাহিয়ে তোমারে ভুলেছি, তারা ত চাহে না আমারে।"—রবি। ৫। [চাওয়া দ্রঃ] দৃষ্টি-পাত করা; দেখা। "চারিদিকে দেখ চাহি হৃদয় প্রসারি,"—রবি। উ-পু—চাহি। ম-পু—চাহ (সমানে); চাহন (পূ-বঙ্গে, চাহেন—সম্ভ্রমে)। চা (অনাদরে)। প্র-পু—চাহে (সমানে); চাহেন (সম্ভ্রমে)। অস-ক্রি—চাহিতে; চাহিয়া। বি, চাহনি; চাউনী।

চাহাচাহি—বহু লোকের পরস্পর অব-লোকন। ২। চারি চক্ষুর মিলন; দেখাদেখি। ৩। পরস্পরের মধ্যে প্রার্থনা। মুখ চাহা-চাহি—পরস্পরের মুখের প্রতি দৃষ্টিপাত। ২। একের অন্য অপেক্ষা।

চাহা [পাখীর কণ্ঠস্বর হইতে নাম। ঝাঁকে ঝাঁকে আকাশে উড়িতে উড়িতে চাক্, চিকা, চকা এইরূপ শব্দ করে বলিয়া] বি, লম্বা-ঠোঁট পাখীবিশেষ; কাঁদা খোঁচা; snipe. ইহাদের মাংস খাইবার জন্য অনেকে চাহা শিকার করে।

চাহারম (ম্) [ফা—চাহারম্, চাহারুম্=চতুর্থাংশ] বি, চারভাগের একভাগ; চতুর্থাংশ। চাহারম জমী—যে জমীতে চার আনা-হিসাব ফসল উৎপন্ন হয়। চাহরম পত্তনি—সে-পত্তনিদারের অধীন পত্তনি।

চাহি, চাহিতে [হি—চাহো তুলনায় নির্ব্বা-চনার্থক; ইং— either. এক হইতে অন্যের উৎকর্ষ বা অপকর্ষ অর্থে] অ, অপেক্ষা; চেয়ে। প্র—"রূপ চাহি গুণ নহ উন।"—গোবিন্দদাস।

চাহিদা [হি—চাহ্=প্রয়োজন; হি—চাহিতা =বাঞ্ছিত; ভালবাসার পাত্র। কিন্তু বাঙ্গালায় চাহ্ অর্থে চাহিতা "চাহিদা"রূপে ব্যবহৃত] বি, প্রয়োজন; টান; demand. প্র—"অর্থ-নীতি শাস্ত্রে বলে, ডিমাণ্ড্ অনুসারে সাপ্লাই অর্থাৎ চাহিদা অনুসারে জোগান হইয়া থাকে।"—চারিত্রপূজা।

চিআন, চিওয়ান (চিয়ানো, চিওয়ানো) [চিৎ (জাগরণে)+আন (ক্রিয়ায়)—চিতান—চেতান (দ্রঃ)] ক্রি, চৈতন্য সম্পাদন করা। ২। জাগান। ৩। সতর্ক করা। উ-পু—চিআই, চিয়াই। ম-পু—চিয়াও (সমানে) চিয়ান (সম্ভ্রমে); চিয় (অনা-দরে)। প্র-পু—চিয়ায় (সমানে, অনাদরে) চিয়ান (সম্ভ্রমে)। অস-ক্রি—চিয়াইতে, চিয়াইয়া। বি, চিওন।

চিংড়ি [চিঙ্গট (হি—ঝিঙা] বি, চিঙ্গড়ি দ্রঃ। ইচলা মাছ।

চিঁ [অনুকার শব্দ] বি, পাখীর ছানার ডাক। (২) পাখীর যন্ত্রণা-সূচক শব্দ। ২। অতি ক্ষীণ স্বর। ৩। রুগ্ন-কণ্ঠরব।

চিঁ চিঁ—পাখীর ছানার ডাক। (২) পাখীর আর্ত্তনাদ। চিঁচিঁ করা—রুগ্ন-দুর্ব্বলের অতিশয় ক্ষীণ কণ্ঠে বেদনা প্রকাশ করা। ধরিলে চিঁচিঁ করে ছাড়িলে লম্ফ ছাড়ে—বদ্ধ বা ধৃত হইলে দুর্ব্বলতা প্রকাশক কাতরতা প্রকাশ করে, অব্যাহতি বা ছাড়া পাইলে সবলের মত লাফালাফি বা দৌরাত্ম্য করে।

চিঁহি, চিঁহিঁ, চিঁহিঁহি [অনুকার শব্দ] বি, অশ্বের রব; হ্রেষা।

চিক (ক্) [উজ্জ্বল্যে চিক্‌চিক্ করে বলিয়া] বি; কণ্ঠভূষণবিশেষ।

চিক, চীক (ক্) [তুর্কী—চিক্] বি, চক্ষে তীব্র আলো না লাগে এতদর্থে নির্ম্মিত বংশ-

শলাকার পর্দা : বাহির হইতে গৃহাদির ভিতরে দেখা না যায় এজন্য ব্যবহৃত চওড়া, পাতলা বা সরু গোল কাঠির জাল।

চিকচিক, চিক্‌চিক্ (ক্, ক্) [শব্দাত্মক, অনুকার শব্দ] অ, কোন কোন পাখীর ডাক। ২। উজ্জ্বল; মসৃণ ও আভাম্বিত। আধিক্য অর্থে চক্‌চক্। ক্রি, চিকচিকান (নো) বিণ, চিকচিকিয়া, চিকচিকে। বি, চিকচিকুনী—বৃষ্টিবাদলে ক্রমাগত বিদ্যুতের বিকাশ।

চিকণ (ন্) [তেলু—চক্কনি (সুন্দরী) হইতে সুন্দর এবং অর্থ সম্প্রসারণে দীপ্তিশালী] বিণ, চিক্কণ; চক্‌চকে; উজ্জ্বল। প্র—"ইহার বামে দেখি চিকণ বরণী।"—চণ্ডীদাস। ২। মসৃণ এবং উজ্জ্বল্। ৩। সুন্দর। প্র—"চিকণ গাঁথনে বাড়িল বেলা।"—ভারতচন্দ্র। বিণ, চিকণিয়া, চিকণা। প্র—"বেণী বিননিয়া, চূড়া চিকনিয়া।"—অ, ম।

চিকণকালা [চিকণ (সুন্দর) কালা] বি, কৃষ্ণ; কৃষ্ণসুন্দর; শ্যামসুন্দর। প্র—"চিকণকালা গলায় মালা বাজন নূপুর পায়।" গোবিন্দদাস। প্র—"না যাও যমুনার জলে তরুয়া কদম্ব মূলে চিকণকালা করিয়াছে থানা।"—বৈ, পদাবলী।

চিকণ-চাকণ, চিকন-চাকন—চিক্কণের উপর পারিপাট্য; সুন্দর মসৃণ গঠন। প্র—"হিঁদুদের দুর্গা পুজো। উপরে চিকণ চাকণ, ভিতরে খড়ের বুজো॥"—গ্রা-ছড়া। চিকণ গাথন—সুন্দরভাবে গ্রন্থন।

চিকণান, চিকনান (চিক্‌নানো) [হি—চিকনানা। চিকণ+আন (ক্রিয়ায়)] ক্রি, চিকণ করা; মসৃণ উজ্জ্বল ও সুদৃশ্য করা। বি, চিকনাই, চেক্‌নাই। অস-ক্রি, চিকণিতে—চিকণ করিতে। চিকনিয়া—চিকণ করিয়া। চিকণাইতে—চিকণা করিতে। চিকণাইয়া—চিকণা করিয়া।

চিকন, চিকণ (ন্) [ফা—চিকন্] বি, সূচ দ্বারা কাপড়ে সূতার বা জরীর ফুল তোলা; লতা কাটা। চিকণের কাজ—কাপড়ের উপর সূচী-কর্ম্ম; কাপড়ে ফুল তোলার কর্ম্ম।

চিকা [প্রাদে। শব্দাত্মক—চিক্‌চিক শব্দে ডাকে বলিয়া] বি, ছুচ্ছুন্দরী; ছুঁচা।

চিকারা [টিকারাও বলে] বি, তত-যন্ত্রবিশেষ।

চিকারী [হি] বি, সেতারে সংলগ্ন প্রধান পঞ্চ তারের অতিরিক্ত তিন চারটী ক্ষুদ্র ক্ষুদ্র তার।

চিকি [হি—চিক্‌নী (সং—চিক্কণ হইতে)] বি, দুগ্ধে সিদ্ধ করা সুপারি; চিকিসুপারি।

চিকিৎসক (চি্‌কিৎশক্) [কিত্ (রোগ নাশ করা)+সন্ (স্বার্থে) দ্বিত্ব=চিকিৎস (রোগের প্রতিকার করা)+অক (কর্ত্তৃ)] বি, পুং, যে ঔষধাদি দ্বারা রোগ নাশ করে; বৈদ্য। [গ্রা, চিকিচ্ছক]।

চিকিৎসা (চি্‌কিৎশা) [কিত্ (রোগনাশ করা)+সন্ (স্বার্থে—দ্বিত্ব) ক=চ, চিকিৎস +অ (ভাবে) আপ্। স্ত্রী। গ্রা, চিকিচ্ছা] বি, স্ত্রী, রোগের প্রতিকার। ২। প্রতিবিধান। বিণ, চিকিৎস্য, চিকিৎসনীয়—চিকিৎসার যোগ্য; প্রতিবিধানের যোগ্য।

চিকিৎসিত (চি্‌কিৎশিত) [কিত+সন্ (স্বার্থে), চিকিৎস+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার চিকিৎসা করা হইতেছে বা হইয়াছে। স্ত্রী, চিকিৎসিতা।

চিকিৎস্য (চি্‌কিৎশ) [চিকিৎস+য (কর্ম্মে)] বিণ, প্রতিকার্য্য; প্রতিকার করার যোগ্য; চিকিৎসার উপযোগী। ২। প্রতিবিধেয়; সংশোধ্য।

চিকীর্ষা [কৃ (করা)+স (ইচ্ছার্থে সন্, দ্বিত্ব) ক=চ কৃ=কির্ ইকার দীর্ঘ=চিকীর্ষ (করিতে ইচ্ছা)+অ (ভাবে) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, করিবার ইচ্ছা।

চিকীর্ষিত [চিকীর্ষ+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অভিলষিত; অভিপ্রেত; বাঞ্ছিত।

চিকীর্ষু [চিকীর্ষ+উ (কর্ত্তৃ)] বিণ, করিতে ইচ্ছুক।

চিকুট, চিকুটী, চিকুটা ["চিক্কণ কৃষ্ণ" অথবা "কৃষ্ণ চীর" হইতে] বিণ, অত্যন্ত কাল; "কালকিষ্টি"। ২। চিমটি কাটিলে ময়লা উঠে এমন মলিন ছেঁড়া কাপড়। চীরকুট দ্রঃ।

চিকুর (র্) [চি (বৃদ্ধি পাওয়া)+কুর (সংজ্ঞার্থে)] বি, পুং, কেশ; কুন্তল; শিরোরুহ; কচ। প্র—"চাঁচর চিকুর ছান্দে কবরী টানিয়া বান্ধে বেড়ি নব মালতীর ফুল।"—কবিক। ২। বিদ্যুৎ; চপলা। ৩। বিণ, চঞ্চল; চপল। চিকুর ঝলা—বিদ্যুৎ চমকান।

চিক্ক [চিক্ (চিক্‌চিক্ শব্দ করা)+ক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে চিক্‌চিক্ শব্দ করে] বি, পুং, ছুঁচা; চিকা।

চিক্কণ [চিকণ দ্রঃ] বিণ, চিকণ; মসৃণ; স্নিগ্ধ; চক্‌চকে। ২। সুন্দর। ৩। বি, পুং, সুপারি গাছ। ৪। ক্লী, সুপারি ফল। স্ত্রী, চিক্কণা—যে গাভীর গাত্রচর্ম্ম মসৃণ এবং উজ্জ্বল।

চিক্কুর (র্) [চিকুর দ্রঃ। তীব্রার্থে "ক" পুনরুক্ত রূপান্তর—চিকুড়, চিখের, চৌখের, চিক্‌খুর, চিক্‌খুড়] বি, বজ্রাগ্নিবৎ তীব্র। ২। ঝনঝনা বা বজ্রধ্বনির মত উচ্চ বা ভীষণ। চিক্কুরমেরে—অতিশয় তীব্র শব্দে; with a shrill voice.

চিঙ্গট, ড় (ট্, ড়্) [শব্দাত্মক, ছিটিঙ্ ছিটিঙ্ করিয়া লাফায় বলিয়া (গতিভঙ্গীবিশেষ), চিঙ্—অট্ (গমনে—কর্ত্তৃ) ট=ড়] বি, পুং, চিঙ্গড়ী দ্রঃ; ইচ্‌লা মাছ।

চিঙ্গটী [চিঙ্গট+ঈপ্ (ক্ষুদ্রার্থে)] বি, স্ত্রী, ছোট চিঙ্গড়ী; ইচ্‌লা মাছ।

চিঙ্গড়ী [চিংড়ি, চিংড়ীও দেখা যায়। হি—চিঙ্গা, ঝিঙ্গুয়া। চিঙ্গড়+ঈপ] বি, স্ত্রী, ইচ্‌লে মাছ। গল্‌দাচিঙ্গড়ী—মাথা মোটা বড় চিঙ্গড়ী। বাগ্‌দাচিঙ্গড়ী—বৃশ্চিকের মত অথবা বাঘের গায়ের লম্বা দাগের মত রেখাবিশিষ্ট ও গল্‌দা অপেক্ষা ক্ষুদ্র চিঙ্গড়ী। বাদাচিঙ্গড়ী—বাদায় জন্মে বলিয়া বাগ্‌দা অপেক্ষা ছোট জাতীয় চিঙ্গড়ী। ধানবুনিয়াচিঙ্গড়ী—ধানবনে জন্মে বলিয়া এই নাম। ঘুষোচিঙ্গড়ী—ছোট চিঙ্গড়ী। কাদাচিঙ্গড়ী—এত ক্ষুদ্র যে অনেকগুলি একত্র করিলে কাদার তালের মত দেখায় বলিয়া এই নাম।

চিচকার (চ্, র্) চিৎকার দ্রঃ।

চিচিঙ্গা [সং—চিচিণ্ড] বি, সাপের মত পাকান ও লম্বা ফলবিশেষ; গেঁপা; snake gourd.

চিচিণ্ড [সং] বি, পুং, চিচিঙ্গা নামক ফল।

চিচ্চিড়া, চিচ্চিড়ে—বিণ, চিড়চিড়া দ্রঃ।

চিচ্ছক্তি (চিচ্‌ছোক্‌তি) [চিৎ+শক্তি। চিৎ (রূপা) শক্তি, কর্ম্মধা] বি, স্ত্রী, চৈতন্য শক্তি।

চিজ (জ্) [ফা—চীজ্=বস্তু] বি, সামগ্রী; বস্তু। ২। মূল্যবান সামগ্রী।

চিঞ্চাম্ল [রাসাঃ পরিঃ। চিঞ্চা (তেঁতুল)+অম্ল] বি, তেঁতুলের অম্ল; তিন্তিড়িকাম্ল; tartaric acid.

চিঞ্জিনী—বি, স্ত্রী, চিন্‌চিনানি; চাপ পাইয়া অঙ্গবিশেষের রক্ত চলাচল কিয়ৎক্ষণ বন্ধ থাকিলে যে অনুভূতি জন্মে (আধিক্যার্থে, ঝিঞ্জিনী)।

চিট (ট্) [হি—চিট্, চিরকুট] চিঠা দ্রঃ। ক্ষুদ্র কাগজখণ্ড; চিরকুট। ২। কাইট। বিণ, চিটা; চিটে। চিট্‌চিটে—আঠাবৎ লগ্নীভাব; আধিক্যার্থে—চটচট।

চিটা, চিটে [হি—চোট] বি, তামাক মাখিবার কাল ঘন চট্‌চটে গুড়; কোত্‌রা গুড়; treacle. প্র—"সরস পায়স চিনি পরিহরি চিটাতে আদর এত।"—চণ্ডীদাস। "টাকায় দুখান নাগরি চিটে"—ঈশ্বর গুপ্ত।

চিটা [চিটচিটার সংক্ষেপ] বিণ, যাহা চট্‌চট্ করে; আঠাল।

চিটি, চিঠী [হি—চিট্‌ঠী ; চিঠা (দ্রঃ)] বি. লিপি ; পত্র ; পত্রিকা ; পত্রী। **হাত-চিঠি**—হাত চিঠা দ্রঃ। **উকীলের চিঠি**—উকীলের হাতের চিঠি ; নালিশ করিবার ভয়-প্রদর্শক পত্র। **চিঠি চাপাটি**—[হি] চিঠিপত্র।

চিটেগুড় (ড়) [চিটে (দ্রঃ) গুড়] বি. কোতরা গুড় ; কাল চট্‌চটে ঘনরস গুড়। প্র—"চিটে গুড় ছিটে দিয়ে পিটে খান কসে।"—ঈশ্বর গুপ্ত।

চিট্যাফটা [প্রা-বাং। গ্রা] বিণ. ছিটা ফোঁটা : অতি অল্পমাত্র। প্র—"চিট্যাফটা দেখ দূত গলায় তুলসী।"—শূন্যপুরাণ।

চিঠা [হি—চিট্‌ঠা। ক্ষুদ্রার্থে চিঠি। গ্রা—চিটা] বি. লিপি ; পত্র। ২। ফর্দ ; তালিকা। ৩। জমিদারী সংক্রান্ত হিসাব-পত্র ; খসড়া ; যে কাগজে জমির পরিমাণ বিস্তৃত ভাবে লেখা থাকে। প্র—"জমিদারী কাগজ কখন দৃষ্টি করেন নাই, কাহাকে বলে চিঠা, কাহাকে বলে গোসোয়ারা।"—টেকচাঁদ। **হাতচিঠা**—দ্রব্যসামগ্রী পাঠাইবার জন্য যাহার প্রয়োজন তাহার স্বাক্ষর (হাতের সহি) যুক্ত আদেশ পত্র।

চিড় (ড়) [শব্দাত্মক. বিদারণ শব্দ হইতে] বি. কাষ্ঠাদি বিদারণ শব্দ। ২। বিদারণ চিহ্ন ; ফাট। ৩। [হি—চিড়চিড়া=খর] বি. খর বা চড়া রৌদ্র। প্র—"সহসা ক্ষেত্রোপরি রেখার স্বরূপ চিড় দর্শন" [অপ্র]। ৪। ক্রোধ। ৫। সুগন্ধ দেবদারু জাতীয় গাছ। ইহার বল্কলযুক্ত শাখাদি জ্বালাইলে বল্কল চিড় চিড় শব্দে ফাটিয়া ছট্‌কাইতে থাকে। ক্রি. চিড়ান। **চিড় খাওয়া**—ফাট ধরা।

চিড়চিড় (ড়, ড়) [চিড়+চিড় (আধিক্যার্থে—দ্বিত্ব] বিদারণ শব্দ। ২। ফোড়া প্রভৃতি ফাটিবার যন্ত্রণা। ৩। গায়ের চামড়া শুষ্ক হইয়া ফাটিবার ক্লেশকর অনুভূতি। প্র—গা চিড়চিড় করা। বিণ. **চিড়চিড়া, চিড়চিড়ে**—দ্রুত উচ্চারণে—**চিচ্চিড়ে**। ক্রি. **চিড়্‌চিড়ান** (নো)। বি. **চিড়চিড়ানি, চিড়চিড়ুনি**। চিড় চিড় অপেক্ষা প্রবল অর্থে "চড়চড়" এবং অপেক্ষাকৃত মৃদু অর্থে "চুড়চুড়"।

চিড়চিড়ে (ড়) বি. অপামার্গ বৃক্ষ ; আপাং গাছ।

চিড়বিড় (ড়, ড়) [চিড় (দ্রঃ)—বিড় (ব্যাপ্তি, অর্থে)] অ. চতুর্দ্দিক বেড়িয়া চিড়চিড় করা। ক্রি. **চিড়বিড়ান**। বিণ. **চিড়বিড়া, চিড়বিড়ে**। **গা চিড় বিড় করা**—সর্ব্বাঙ্গে শুষ্ক চর্ম্ম বিদারণের কষ্ট বোধ হওয়া। ২। তীব্রভাবে গা কুট কুট করা। প্র—ঘামাচিতে গা চিড়বিড় করে। **চিড়বিড়াইয়া ধরা**—চিড়চিড়া যন্ত্রণা (অঙ্গ) আক্রমণ করা।

চিড়া, চিঁড়া [সং—চিপিটক। হি—চূড়া। বাং-গ্রা—চিঁড়ে] বি. চিপিটক। প্র—"পুণ্য পদাঘাতে তার ঢেঁকি স্বর্গে উঠে। সরলা গৃহস্থ বধূ অই চিড়া কুটে॥"—গোবিন্দদাস। **চিঁড়া কোটা**—ভিজে ধান গরম খোলায় অল্প অল্প ভাজিতে ভাজিতে ঢেঁকিতে কুটিয়া চেপ্‌টা করা। **চিঁড়া ভাজা**—ভৃষ্ট চিঁড়া [**চিঁড়া মুড়কি**—চিঁড়ায় মুড়্‌কি মিশ্রিত জলপান।

চিড়ান (নো) [চিড় (দ্রঃ)+আন (ক্রিয়ায়)] ক্রি. বিদীর্ণ হওয়া ; ফাটা ; ফাঁক হওয়া।

চিড়িক (ক্) বি. ক্ষতস্থান বা বাতাদি আক্রান্ত স্থানের ভিতর সূচ ফুটাইবার মত যন্ত্রণা। **চিড়িক মারা**—সূচ ফুটাইবার মত যন্ত্রণা দেওয়া।

চিড়িতন (তোন্) [হি—চিড়িয়া=পাখী] বি. পাখী উড়িবার মত চিত্র ফোঁটযুক্ত তাস।

চিড়িমার (র্) [হি—চিড়িয়া—চিড়ি=পাখী +মার (যে মারে—শিকারী)] বি. পাখী-মারা। বাঙ্গালার সর্ব্বত্র ব্যবহৃত হয় না।

চিড়িয়া [হি—চিড়িয়া—পক্ষী] বি. পক্ষী। প্র—"না, চিড়িয়া নাচিবে না, তুই এখন তোর গল্প বল্।"—চন্দ্রশেখর। **চিড়িয়াখানা**—পশুশালা ; the zoo.

চিৎ [চিত্ (বোধ করা) + ক্বিপ্ (ভাবে)] বি. জ্ঞান ; চৈতন্য। প্র—সৎ চিৎ আনন্দ। ২। আকাশের দিকে মুখ ও ধরার দিকে পিঠ রাখিয়া শয়ন ; উত্তান-শয়ন। ৩। মল্লযুদ্ধে উত্তান-শয়ন পরাজয়ের চিহ্ন ; পরাজয়। ৪। চিত্ত ; মন। ৫। বিণ. চিৎ করিয়া শায়িত ; পরাজিত। প্র—"তোমার শত্রুরা রণক্ষেত্রে চিৎ।"—বঙ্কিম (লোকরহস্য)। **চিৎ করা**—দ্বন্দ্বযুদ্ধে মাটিতে চিৎ করিয়া ফেলিয়া বুকে চাপিয়া বসা ; হারাইয়া দেওয়া। **চিৎ-উপুড়**—কড়ি খেলায়। প্র—চার চিৎ চর্ক, পাঁচ চিৎ পাঞ্জা। এক চিৎ তিন উপুড়। **চিৎপটাং** [গ্রা] অ. চিৎ হইয়া পতন। **চিৎপাত**—বি. চিৎ হইয়া পতন। প্র—"আমি অমনি ধপাস্ করিয়া চিৎপাত হইয়া পড়িয়া যাইব।"—বঙ্কিম (লোকরহস্য)।

চিত [চি (চয়ন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা চয়ন করা হইয়াছে ; কৃতচয়ন। ২। সঞ্চিত। ৩। রচিত। ৪। জড়িত ; খচিত।

চিত [চিত্ত শব্দের কোমলরূপ পদ্যে ও সঙ্গীতে] বি. চিত্ত ; মন। প্র—অবিচলকুল রমণী সকল শুনিয়া হরস চিত।"—চণ্ডীদাস। "সদাই আগুন জ্বলছে চিতে"—গান।

চিতল (ল্) [গ্রা—চেতোল্। সং—চিত্রফল] ফলই (সং—চিত্রফল) জাতীয় কিন্তু ফলই অপেক্ষা বৃহদাকার মৎস্যবিশেষ ; চ্যাপ্‌টা দেহ চওড়া পেট প্রসিদ্ধ মৎস্য ; notopteris chitala.

চিতা [সং—চিতা=চুল্লী (মেদিনী) তাহা হইতে শ্মশানের চুল্লী গ্রা. চিতে] বি. স্ত্রী. চুল্লী : শ্মশানের অগ্নিকুণ্ড। ২। শবদাহস্থান ; শ্মশান। প্র—"চিতাভস্ম চারি ভিতে"—গান। ৩। চিতাগ্নি। প্র—"আর কোন সাধ নাই মা চিতে, দিবানিশি জ্বলচে চিতে"—গান। **চিতা সাজান**—শবদাহের জন্য শ্মশানে কুণ্ড খনন করিয়া তদুপরি কাষ্ঠাদি দাহ্য দ্রব্য স্থাপন করা ; মৃতদেহ ভস্মীভূত করিবার জন্য চুল্লী প্রস্তুত করা। **রাবণের চিতা**—রাবণের চিতা নির্ব্বাণ প্রাপ্ত হইবে না এই পুরাণ-প্রসিদ্ধি হইতে যে ক্রোধ, শোক, হিংসা জনিত অন্তর্দাহের শান্তি নাই ; চিরস্থায়ী মনের জ্বালা।

চিতা [সং—চিত্রক। ওড়ি, হি—চিতা, ম-চিত্রকু বি. প্রসিদ্ধ বিষাক্ত বৃক্ষ ; চিত্রক বৃক্ষ ; রাঙ্-চিতে ; plumbago zeylanica. শ্বেতচিতা (ওড়ি—ধূব চিতা) ও রক্তচিতা ভেদে ইহা দুই প্রকার। ২। অগ্নিমন্থ বৃক্ষ ; গণিয়ারী গাছ। ৩। [হি—চিত্তি। চিৎ, খাবুড়া] কাপড়ে যে কাল কাল দাগ পড়ে ; মসে (মসী) ধরিবার দাগ ; গাছের পাতায় বা গাছের গায়ে সূক্ষ্ম শেওলা বা ছাতা পড়া দাগ ; মানুষের গায়ে কাল কাল দাগ পড়িলে মাচিতা বা মেচেতা বলে। ৪। [চিতার মত কাল গোল ছাপ সর্ব্বাঙ্গে আছে বলিয়া] চিতা বাঘ। ৫। গোল গোল কাল ছাপ বিশিষ্ট সর্প ; চিতে বা চিতী সাপ।

চিতাকাটা—ক্রি. ছেলে পুলে রোগা হইলে চিতার পাতা বাটিয়া তাহার পৃষ্ঠে ও বক্ষে দাগ দেওয়া ; ছড়ি দেওয়া (দ্রঃ)।

চিতান, চিতেন (ন্) [চিৎ, চিতান (নো) দ্রঃ। লক্ষণায় উচ্চ বা চড়া সুরে যাহা গাওয়া যায়] বি. গানে মহড়ার পর যে অংশ গলা ছাড়িয়া গাহিতে হয়।

চিতান (নো) [চিৎ—(জ্ঞান) + আন (সম্পাদনার্থে) গ্রা. চিয়ান] ক্রি. চৈতন্য সম্পাদন করা। ২। জাগান ; জাগরিত করা। ৩। চিৎ হওয়া ; মাথা পিছনে অল্প খুঁকাইয়া, বুক

সম্মুখে বাড়াইয়া ও দুই বাহু পশ্চাতে বিস্তৃত করিয়া দাঁড়ান। প্র—বুক চিতাইয়া দাঁড়ান। ৪। মাছের গা ভাসান; মাছের প্রশস্ত দিক উপরে করিয়া ভাসা; আড় হইয়া ভাসা (মাছের মৃত্যুলক্ষণ)।

চিতি [সং] বি, স্ত্রী, চিতা। ২। সমূহ; চয়; রাশি। ৩। ইষ্টক, খড় প্রভৃতির পরিমাপক অঙ্ক। ৪। পাঁজা; ইট, খড় প্রভৃতির স্তূপ।

চিতিব্যবহার (চিতিব্যাবোহার্) [চিতি দ্রঃ। ব্যবহার (নিয়ম)] বি, ইটের রাশি বা পাঁজার অথবা খড়ের গাদার ঘনফল নির্দ্ধারণের বিধি।

চিতিসাপ (—শাপ্) [চিত্রসর্প] বি, চিতি দ্রঃ।

চিতী [গায়ে চিতার মত গোল কাল ছাপ পড়া বলিয়া] বি, সর্প ভেদ। প্র—"চাটলে চিতী কামড়াইলে বোড়া।—প্রবচন।

চিতেন (ন্) [চিতান দ্রঃ] বি, সঙ্গীতের অংশ-বিশেষ; গানের যে অংশ চড়া সুরে গাহিতে হয়; মহড়ার পরবর্ত্তী অংশ।

চিত্ত (চিৎত) [চিত্ (জ্ঞান করা) +ত (করণে, সংজ্ঞার্থে—ক্ত)—যদ্দারা জানা যায় গ্রা—চিত্তির। তুল—চিত্তির চটে যাওয়া] বি, ক্লী, মন; চৈতন্য স্থান।

চিত্তচাঞ্চল্য (চিৎতোচান্‌চোল্‌লো) [চিত্তের চাঞ্চল্য, ৬ তৎ] বি, ক্লী, মনের চঞ্চলতা; অস্থিরতা।

চিত্তচালন (ন্) [চিত্তের চালন, ৬তৎ] বি, ক্লী, মানসিক বৃত্তির পরিচালনা; মনো-বৃত্তির অনুশীলন।

চিত্তজ্ঞ (চিৎতোগ্‌গোঁ) [চিত্ত—জ্ঞ (যে জানে)—জ্ঞা (কর্ত্তৃ—ড)] বিণ, যে চিত্তের বা মানসিক অবস্থা অবগত আছে; ভাবজ্ঞ।

চিত্তজ্ঞতা [চিত্তজ্ঞ+তা (ভাবে)] বি, স্ত্রী, মানসিক ভাব-পরিজ্ঞান; মন বুঝা।

চিত্তদোষ (ষ্) [চিত্তের দোষ, ৬তৎ] বি, পুং, মনের কলুষ। ২। চিত্তভ্রম।

চিত্তদ্রাবক (চিৎতদ্রাবক্) [চিত্তের দ্রাবক, ৬ তৎ] বিণ, হৃদয় দ্রবকারী; মন গলাইয়া দেয় এরূপ পদার্থ।

চিত্তনদী (—নোদি) [চিত্ত (চিত্তবৃত্তিরূপ) নদী—রূপক কর্ম্মধা] সু ও কুচিন্তা স্রোত নিয়ত প্রবাহিত হয় বলিয়া নদীস্বরূপা যে চিত্ত।

চিত্তপ্রসন্নতা [চিত্তের প্রসন্নতা, ৬তৎ] বি, স্ত্রী, চিত্তের নির্ম্মলতা; মানসিক প্রফুল্লতা।

চিত্তপ্রসাদ [চিত্তের প্রসাদ (প্রসন্নতা) ৬তৎ] বি, পুং, মনের তৃপ্তি; চিত্তের সন্তোষ; মনের প্রসন্ন ভাব।

চিত্তবিক্ষেপ (চিৎতোবিক্‌খেপ্) [চিত্তের বিক্ষেপ, ৬তৎ] বি, পুং, মনকে বিবিধ বিষয়ে ক্ষেপণ; যোগের ব্যাঘাতজনক সাংসারিক সুখের বহু বিষয়ে চিত্তকে সংলগ্ন করা। ২। চিত্তের বিভ্রম; distraction of the mind.

চিত্তবিদ্ [চিত্ত—বিদ্ (জানা) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে চিত্তবৃত্তি জানে] বিণ, যে মন জানে; অভিপ্রায়াভিজ্ঞ; আশয়জ্ঞ। ২। বি, পুং, বৌদ্ধবিশেষ।

চিত্তবিপ্লব (ব) [চিত্তের বিপ্লব, ৬ তৎ] বি, পুং, চিত্তের বিকৃতি; বুদ্ধির ভ্রংশ; উন্মাদ; বাতুলতা।

চিত্তবিভ্রম (—বিব্‌ভ্রোম্) [চিত্তের বিভ্রম, ৬তৎ] বি, পুং, চিত্তবিপ্লব; বুদ্ধিভ্রংশ।

চিত্তবৃত্তি [চিত্তের বৃত্তি, ৬তৎ] মনের ধর্ম্ম; মনোবৃত্তি; faculties of the mind. ২। মনোগত ভাব; চিত্তের অবস্থা।

চিত্তবৈকল্য (—বৈকোল্‌লো) [চিত্তের বৈকল্য (বিকলতা) ৬ তৎ] বি, চিত্তবিভ্রম; মনোবিকার।

চিত্তভূমি [চিত্ত (রূপ) ভূমি (ক্ষেত্র) কর্ম্মধা। (২) চিত্তের ভূমি (অবস্থা) ৬তৎ] বি, স্ত্রী, চিত্তের ভাব; মানসিক অবস্থা। ২। চিত্তরূপ ক্ষেত্র।

চিত্তভ্রংশ (চিৎতোভ্‌ভ্রোংশ) চিত্তের ভ্রংশ, ৬তৎ] বি, চিত্তবিভ্রম; মানসিক শক্তি ক্ষয়; চিত্তবৈকল্য।

চিত্তরঞ্জিনী (রো) [চিত্ত+রন্‌জ্ (রঞ্জন করা) ণিচ্—রঞ্জি—ণিন্ (কর্ত্তৃ)—ঈপ্, স্ত্রী] বিণ, স্ত্রী, মনোহরা; মনোমোহিনী। পুং, **চিত্তরঞ্জন**।

চিত্তরঞ্জিনীবৃত্তি (রো) [চিত্তের রঞ্জিনী। (আনন্দদায়িকা) যে বৃত্তি। বঙ্কিমচন্দ্র ইং—æsthetics শব্দের অনুবাদে এই শব্দের প্রবর্ত্তন করেন] বি, স্ত্রী, মানবের মনোবৃত্তি সমূহের মধ্যে অন্যতম, এই বৃত্তিবশে মানব আমোদেচ্ছায় প্রবৃত্ত হয়।

চিত্তশুদ্ধি [চিত্তের শুদ্ধি, ৬তৎ] বি, মনের নির্ম্মলতা; মানসিক পবিত্রতা।

চিত্তস্থৈর্য্য (চিৎতস্থৈর্‌জ) [চিত্তের স্থৈর্য্য (স্থিরতা) ৬ তৎ] বি, মনের অচঞ্চলতা; চিত্তের নিরুদ্বেগ ভাব; উদ্‌বেগহীনতা।

চিত্তহারী [চিত্ত—হৃ (হরণ করা) + ইন্ (কর্ত্তৃ) শীলার্থে—ণিন্ = চিত্তহারিন ১মা ১ব, উপপদ] বিণ, যে মনকে হরণ করে; মনোহারী; মনো-লোভা। স্ত্রী, **চিত্তহারিণী**।

চিত্তাকর্ষক (ক্) [চিত্ত+আকর্ষক] বিণ, হৃদয় হরণকারী; মনোহর; মনোলোভা। বি, চিত্তাকর্ষণ।

চিত্তোদ্বেগ (চিৎতোদ্‌বেগ্) চিত্তের উদ্বেগ ৬তৎ] বি, চিত্তচাঞ্চল্য; দুর্ভাবনা।

চিত্তোন্নতি (চিৎতোন্‌নোতি) [চিত্তের উন্নতি, ৬তৎ] বি, স্ত্রী, মনের উন্নতি; হৃদয়ের উন্নত অবস্থা।

চিত্র (চিৎত্র) [গ্রা—চিত্তির] বি, ক্লী, প্রতিমূর্ত্তি; আলেখ্য; ছবি। ২। তিলক। ৩। আকাশ। প্র—চালচিত্র। ৪। কাব্যালঙ্কারবিশেষ; চিত্রালঙ্কার। ৫। চিতার গাছ। ৬। অশোক গাছ। ৭। ভেরেণ্ডা গাছ। ৮। বিণ, বিস্ময়-কর; আশ্চর্য্যজনক; বিচিত্র। প্র—"আর নাগ বলে এ কোন চিত্রকথা।"—মহাভারত (কাশীরাম)। ৯। বিবিধ বর্ণে রঞ্জিত; চিত্রিত।

চিত্রক (চিৎত্রক্) [চিত্র+ক (স্বার্থে)] বি, ক্লী, আলেখ্য; চিত্র। ২। ফোঁটা; তিলক। ৩। চিতাবাঘ। ৪। চিত্র (চিত্রিত করা) + অক (কর্ত্তৃ) বিণ, চিত্রকারক।

চিত্রকণ্ঠ (চিত্রকন্‌ঠ) [চিত্র (নানা চিহ্নযুক্ত) কণ্ঠ (গলা) যাহার, বহু] বি, পুং পায়রা। ২। ঘুঘু।

চিত্রকম্বল (চিৎত্রকম্‌বল্) [চিত্র (বিচিত্র) যে কম্বল—কর্ম্মধা] বি, পুং, গালিচা, দুলিচা, আসন প্রভৃতি।

চিত্রকর, চিত্রকৃৎ, চিত্রকার (চিৎত্রোকর্ —কার্) [চিত্র (আলেখ্য, ছবি) + কর, কৃৎ, কার (কৃ (করা) + অ (কর্ত্তৃ—অচ্) = কর, কৃ + ক্বিপ্ (কর্ত্তৃ) ত্—আগম = কৃৎ, চিত্র—কৃ + অ (কর্ত্তৃ—অল্) = চিত্রকার] বি, পুং, পটুয়াজাতি। যাহারা বর্ণ ও তুলির দ্বারা চিত্র নির্ম্মাণ করে। ২। চিত্রশিল্পী; a painter,

চিত্রকাব্য (চিৎত্রোকাব্‌ব) বি, ক্লী, পদ্মবন্ধ, খড়্গ-বন্ধ প্রভৃতি ঘটিত কাব্য।

চিত্রকায় (চিৎত্রকায়) [চিত্র (চিতা বা গোল কাল ছাপযুক্ত) কায় (দেহ) যাহার, বহু] বি, পুং, চিতাবাঘ।

চিত্রকূট (চিৎত্রকুট্) [চিত্র (বিবিধ দৃশ্যযুক্ত) কূট (শৃঙ্গ) যাহার, বহু] বি, পুং, রামগিরি। বুন্দেলখণ্ডপ্রদেশে প্রসিদ্ধ কাম্‌তা পাহাড়। বন্দানগরীর প্রায় ২৫ ক্রোশ দক্ষিণপূর্ব্বদিকে পয়স্বিনী নদীর উপর এই পর্ব্বত অবস্থিত আছে; আধুনিক নাম চিত্রকোট। রামচন্দ্র সীতা ও লক্ষ্মণের সহিত এই পর্ব্বতে কিছুদিন বাস করিয়াছিলেন।

চিত্রগত (চিৎত্রগত) [চিত্রে (চিত্রপটে) গত (ন্যস্ত) ৭তৎ] বিণ, চিত্রার্পিত।

চিত্রগন্ধ (চিৎত্রগন্‌ধ) [চিত্র (মনোহর) গন্ধ যাহার—বহু] বি, ক্লী, হরিতাল। ২। মনোহর গন্ধ; সুগন্ধ। প্র—"কনক কুমুদ ফুটে, কান্তি কারু নাহি টুটে, চিত্র গন্ধ লৈয়া বায়ু বহে।"—কবিক।

চিত্রগুপ্ত (চিৎত্র) [চিত্র (লেখন) তার গুপ্ত (রক্ষক)] বি. পুং. চতুর্দ্দশ যমের অন্যতম। ২। যমের লেখক।

চিত্রণ (চিৎত্রন্) [চিত্র (চিত্রিত করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. চিত্রকরণ, আলেখ্য লিখন। স্ত্রী. **চিত্রণা, চিত্রণী**।

চিত্রদীপ (চিৎত্রদীপ্) বি. পুং. পঞ্চপ্রদীপ মধ্যে দীপবিশেষ।

চিত্রদেবী—বি. স্ত্রী. শক্তিবিশেষ। কলিকাতার উত্তরে চিৎপুরের অধিষ্ঠাত্রী শক্তিমূর্ত্তি ; চিত্রেশ্বরী। ২। মহেন্দ্রবারুণী।

চিত্রধাম (চিৎত্রধাম্) [চিত্র—ধাম] বি. পুং. সর্ব্বতোভদ্রমণ্ডল। ২। শোভনপুরী।

চিত্রপক্ষ, পক্ষী (চিৎত্রপোক্খ) [চিত্র (চিত্রিত) পক্ষ (পাখা) যাহার, বহ্] বি. পুং. তিত্তির পক্ষী।

চিত্রপট (চিৎত্রপট্) [চিত্রের পট, ৬তৎ] বি. পুং. ছবি আঁকিবার বস্ত্র ; যে বস্ত্রের উপর ছবি আঁকা যায় ; canvas. ২। আলেখ্য পট ; যে বস্ত্রের উপর ছবি আঁকা আছে। প্র—"বাস্তবিক এ চিত্রপট"—সীতার বনবাস।

চিত্রপদা (চিৎত্রপদা) বি. স্ত্রী. অষ্টাক্ষর সংস্কৃত ছন্দোবিশেষ। ইহার ২। ৩। ৫ ও ৬ বর্ণ লঘু অবশিষ্ট গুরু।

চিত্রফলক (চিৎত্রফলক্) [চিত্র—ফলক বি. ক্লী. চিত্রপট ; যাহার উপরে ছবি আঁকা যায় ; canvas.

চিত্রবহা (চিৎত্রোবহা) বি. স্ত্রী. ভারতপ্রসিদ্ধ নদী।

চিত্রবাণ (চিত্রবান্) বি. পুং. ধৃতরাষ্ট্রের পুত্র। ২। [চিত্র (নানাবর্ণযুক্ত) বাণ যাহার, বহ্] বিণ. বিচিত্রবাণযুক্ত।

চিত্রবিচিত্র (চিৎত্রবিচিৎত্র) বি. বিবিধ চিত্র। ২। বিণ. বিচিত্র বা বিবিধবর্ণে রঞ্জিত।

চিত্রবিদ্যা (চিৎত্রবিদ্দা) বি. চিত্রকলা।

চিত্রভানু (চিৎত্রভানু) [চিত্র (বিচিত্র) ভানু (সপ্তজিহ্বারূপ কিরণ) যাহার, বহ্] বি. পুং. অগ্নি। ২। সূর্য্য। ৩ ; অশ্বিনীকুমারদ্বয়। ৪। ভৈরব। ৫। মণিপুরের রাজা ও অর্জ্জুনপত্নী চিত্রাঙ্গদার পিতা। বভ্রুবাহনের মাতামহ। ৬। চিতাগাছ। ৭। অর্কবৃক্ষ—আকন্দগাছ।

চিত্রমেখল (চিৎত্রমেখল্) [চিত্র (নানা চিহ্নযুক্ত) মেখলা (কটিভূষণ) যাহার, বহ্] বি. পুং. ময়ূর।

চিত্ররথ (চিৎত্ররথ্) [চিত্র (নানাবর্ণ রঞ্জিত) রথ যাহার, বহ্] বি, পুং, সূর্য্য। ২। জনৈক গন্ধর্ব্ব। ইনি কশ্যপের ঔরসে দক্ষকন্যার গর্ভে জন্মগ্রহণ করেন। ইঁহার অন্য নাম অঙ্গারপর্ণ। ৩। ইন্দ্রকর্ত্তৃক রামচন্দ্রের নিকট লঙ্কায় প্রেরিত জনৈক গন্ধর্ব্ব। প্র—"চিত্ররথ নাম মম, শুন দাশরথি ; চির অনুচর আমি সেবি অহরহঃ দেবেন্দ্রে ; গন্ধর্ব্বকুল আমার অধীনে। আইনু এ পুরে আমি ইন্দ্রের আদেশে।" মেঘনাদ।

চিত্রল (ল্) [চিত্র (বিচিত্র)—ল (যে উৎপন্ন হয়)] বিণ, বিবিধ বর্ণযুক্ত ; চিত্রবিচিত্র।

চিত্রলতা (চিত্র (নানাবর্ণযুক্ত) যে লতা-কর্ম্মধা] বি, স্ত্রী, মঞ্জিষ্ঠা।

চিত্রলেখনী (চিৎত্রলেখনি) [চিত্র—লিপ্ (লেখা) + অন (করণে—অনট্) ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, যাহা দ্বারা সুন্দর লেখা বা চিত্র করা যায় ; তুলি ; কুঁচী।

চিত্রলেখা (চিৎত্রলেখা) বি. স্ত্রী. বাণ-রাজার মন্ত্রীর কন্যা ; উষার সখী। ২। অপ্সরাবিশেষ। ৩। অষ্টাদশাক্ষরচ্ছন্দো-বিশেষ।

চিত্রলোচনা (চিৎত্র) বি. স্ত্রী. শারিকা।

চিত্রশার্দ্দূল (চিৎত্রশারদুল্) [চিত্র (যুক্ত) যে শার্দ্দূল (ব্যাঘ্র) কর্ম্মধা] বি. পুং চিতাবাঘ।

চিত্রশালা, চিত্রশালিকা (চিত্রোশালা) [চিত্র (বিচিত্র সংগ্রহপূর্ণ) শালা (গৃহ) কর্ম্মধা] বি. স্ত্রী. কৌতুকাগার ; পুরাদ্রব্যালয় ; যথায় জ্ঞান বিজ্ঞান, শিল্প, সাহিত্যসংক্রান্ত কৌতূহলোদ্দীপক সামগ্রী সকল রক্ষিত থাকে। চিত্রশিল্পীর কর্ম্মশালা ; যে গৃহে চিত্রকর ছবি আঁকে।

চিত্রসেন (চিত্রশেন্) বি, পুং, গন্ধর্ব্বরাজ বিশ্বাবসুর পুত্র, এবং ইন্দ্রলোকে অর্জ্জুনের নৃত্যগীতাদি বিদ্যাশিক্ষা দাতা। স্ত্রী. **চিত্রসেনা**—নদীবিশেষ।

চিত্রহস্ত (চিৎত্রহস্ত) [চিত্র—হস্ত (হস্ত ক্রিয়া) কর্ম্মধা] বি. পুং. সমরকৌশলে হস্ত-ক্রিয়াবিশেষ। ২। করতল চিৎ ; প্রসারিত হস্ত। ৩। বিণ, যুদ্ধে ক্ষিপ্রহস্ত।

চিত্রা (চিৎত্রা) [চিত্র + আপ্—স্ত্রী] বি. স্ত্রী. ২৭ নক্ষত্রের ১৪তম নক্ষত্র ; ইহার অধিষ্ঠাত্রী দেবতা বিশ্বকর্ম্মা। ২। ছন্দোবিশেষ। ৩। অপ্সরাবিশেষ। ৪। নদীবিশেষ। ৫। রাধিকার সখীবিশেষ। ৬। মায়া। ৭। চিতি সাপ।

চিত্রাক্ষ (চিৎত্রক্খ) [চিত্র—অক্ষি যাহার, বহ্। অক্ষি = অক্ষ] বিণ, বিচিত্র নেত্রযুক্ত। ২। ধৃতরাষ্ট্রপুত্র। স্ত্রী. **চিত্রাক্ষী**—শারিকা।

চিত্রাঙ্গ (চিৎত্রাংগ) [চিত্র (চিত্রিত) অঙ্গ (দেহ) যাহার, বহ্] বিণ. চিত্রিতদেহ। ২। বি. সর্প। ৩। রাঙচিতার গাছ। ৪। হিঙ্গুল। ৫। হরিতাল। স্ত্রী. **চিত্রাঙ্গী**—মঞ্জিষ্ঠা। ২। কাণকোটারি।

চিত্রাঙ্গদ (চিৎত্রাংগদ্) [চিত্র—অঙ্গ (দেহ) —দ—দা (দান করা) + অ (কর্ত্তৃ—ড) সংজ্ঞার্থে] বি. পুং. শান্তনুরাজার পুত্র। ২। গন্ধর্ব্ব। ৩। বিদ্যাধর। ৪। কলিঙ্গদেশের রাজা। স্ত্রী. **চিত্রাঙ্গদা**—অর্জ্জুন-পত্নী। ২। রাবণভার্য্যা।

চিত্রায়ুধ (চিৎত্রায়ুধ্) [চিত্র (চিত্রিত) আয়ুধ যাহার, বহ্] বি. ক্লী. বিচিত্র বা অদ্ভুত অস্ত্র। ২। বি. পুং. ধৃতরাষ্ট্রের এক পুত্র। ৩। বিণ. অদ্ভুত অস্ত্রযুক্ত।

চিত্রার্পিত (চিৎত্রার্পিত) [চিত্রে (চিত্রপটে) অর্পিত, ৭তৎ] বিণ. চিত্রপটে অঙ্কিত ; চিত্র ফলকাঙ্কিত।

চিত্রাহুতি (চিৎত্রাহুতি) [চিত্র—আহুতি] বি. ভোজনের প্রাক্কালে দেবোদ্দেশ্যে নিবেদিত ভোজ্যের অগ্রভাগ।

চিত্রিক (চিৎতৃক্) [চিত্রা (নক্ষত্রবিশেষ) + ইক (সম্বন্ধে)] বি. পুং. চিত্রানক্ষত্রঘটিত মাস : চৈত্রমাস।

চিত্রিণী (চিৎতৃনি) বি. স্ত্রী. চারি জাতীয় নারীর মধ্যে দ্বিতীয়া এবং পদ্মিনীর ও শঙ্খিনীর মধ্যবর্ত্তিনী।

চিত্রিত (চিৎতৃত) [চিত্র (চিত্রিত করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. চিত্রার্পিত ; চিত্রফলকে লিখিত ; চিত্রপটে অঙ্কিত বা প্রতিফলিত। ২। চিহ্নিত। ৩। নানাবর্ণে রঞ্জিত ; বিচিত্রবর্ণযুক্ত।

চিত্রীয়মান্ (চিৎতৃয়মান্) [চিত্র + য (আশ্চর্য্য চিত্রকরণার্থে—ক্যঙ্) = অ = ঈ = চিত্রীয় + আন (কর্ত্তৃ—আনশ্) ম্—আগম] বিণ. আশ্চর্য্যজনক। ২। চিত্রিত হইতেছে এরূপ।

চিত্রেশ্বর (চিৎত্রেশ্শর্) [চিত্রের (চিত্রগুপ্তের) ঈশ্বর—৬তৎ] বি. পুং. প্রভাসতীর্থে চিত্রগুপ্ত প্রতিষ্ঠিত শিবলিঙ্গ।

চিত্রোক্তি (চিৎত্রোক্তি) [চিত্র (আকাশ) উক্তি (বাণী) কর্ম্মধা] বি. স্ত্রী. দৈববাণী ; আকাশবাণী। ২। [চিত্র (বিচিত্র, অদ্ভুত) + উক্তি] অদ্ভুত কথা।

চিত্রোপলা (চিৎত্রোপলা) [চিত্র (নানাবর্ণে রঞ্জিত হইয়াছে) উপল (প্রস্তর) যাহার —বহ্] বি. স্ত্রী. নদীবিশেষ। ২। বিণ. রঞ্জিত প্রস্তরযুক্ত।

চিথল (ল্) [সং—চিত্রফল] বি. চেতলমাছ ; চিতল দ্রঃ। প্র—"ধরেন পাবদা পুঁটি পাঁগাস পাঠিন। চিথল চিঙ্গুড়ি চেলা চাঁদাকুড়া মীন।"—শিবায়ন।

চিদাকাশ (শ্) [চিৎ (রূপ) আকাশ—কর্ম্মধা] বি. পুং. ক্লী. নির্লিপ্ত চৈতন্য চিদ্রূপ-পরব্রহ্ম।

চিদাত্মা (চিদাৎতা) [চিৎ (জ্ঞান রূপ) যে আত্মা (দেহী) কর্মধা] বি, পুং, চৈতন্য স্বরূপ আত্মা ; জ্ঞানময় আত্মা।

চিদানন্দ [চিৎ (জ্ঞান) এবং আনন্দ আছে যাহার, বহু] বি, পুং, যিনি জ্ঞান ও আনন্দময় ; নিত্য জ্ঞানানন্দস্বরূপ ; চৈতন্য ও আনন্দ স্বরূপ ব্রহ্ম। প্র—"চিদানন্দ সিন্ধুনীরে প্রেমানন্দের লহরী, উঠিছে পড়িছে কিবা নবনব রূপ ধরি।"—ব্রহ্মসঙ্গীত। ২। শিব ; মহাদেব। প্র—"চেতরে চেতরে চেত ডাকে চিদানন্দ।"—অ, ম।

চিদাভাস (শ্) [চিৎ (জ্ঞান) তাহার আভাস (প্রকাশ) ৬তৎ] বি, পুং, চৈতন্য-স্ফূর্তি ; জ্ঞানের প্রকাশ ; জ্ঞানের স্ফুরণ। ২। [চিৎ (জ্ঞান) ও আভাস (জ্যোতি) আছে যাহার, বহু] জ্ঞান ও জ্যোতির্ময় ; জ্ঞানময়। ৩। জীবাত্মা।

চিদ্রূপ [চিৎ (জ্ঞান হইয়াছে) রূপ (স্বরূপ) যাহার—বহু] বি, পুং, চৈতন্যস্বরূপ ; জ্ঞানময়-আত্মা। ২। বিণ, স্ফূর্তিমান। ৩। জ্ঞানী।

চিন, চিন্ (ন্) [সং—চিহ্ন—অপভ্রংশে] বি, চিহ্ন ; দাগ ; লক্ষণ ; নিদর্শন। প্র—"গহনে গহনে গড় ভ্রমি বার তিন। দেখিতে না পান রায় শার্দ্দুলের চিন্।"—ঘনরাম ২। অভিজ্ঞান ; পরিচয়। ৩। বিণ, পরিচিত। **অচিন**—অচেনা ; অপরিচিত। প্র—"খাঁচার ভিতর অচিন পাখী কমনে আসে যায়"—গোরা (রবি)। **সবচিন**—যে সকলকে চেনে ; সবজান্তা।

চিনচিন (ন্, ন্) [ঝিন ঝিন দ্রঃ। আধিক্যার্থে —চনচন্ অপেক্ষাকৃত মৃদু অর্থে—চুনচুন] অল্প অল্প জ্বালা। ২। অঙ্গের কোন স্থান বহুক্ষণ চাপিয়া থাকিলে রক্ত চলাচল বন্ধ হওয়া হেতু যে অব্যক্ত অনুভূতি জন্মে তাহাকে চিন্‌চিন্ বলে। ধমনিপথে রক্ত চন্‌চন্ করিয়া প্রবাহিত হয়। বাধা পাইলে চিন্‌চিন্ করে। অধিক বাধায় ঝিনঝিন্ করে। ক্রি, **চিন্‌চিনান** (নো)—চিন্‌চিন করা। বি, **চিনচিনি, চিন্‌চিনানি**। বিণ, **চিন্‌চিনা, চিন্‌চিনে**।

চিনন (চিনোন্) [চিন দ্রঃ] বি, অবগত হওন ; জানন।

চিনা [হি—চিন্‌হা। চিহ্ন হইতে] বি, চিহ্ন ; নিদর্শন। ২। পরিচয়। ৩। বিণ, পরিচিত জানিত ; জানা।

চিনা, চেনা [চিহ্ন—চিনহা—চিনা। উ-পু —চিনি। ম-পু—চিন ; চেন (সমানে) ; চিনুন (সম্ভ্রমে) ; চিন্ ; চেন্ (অনাদরে)। প্র-পু—চিনে ; চেনে (সমানে, অনাদরে) ; চিনেন, চেনেন (সম্ভ্রমে)। অস-ক্রি—চিনিতে ; চিনিয়া। ণিজন্ত—চিনান] ক্রি, অভিজ্ঞান করা। প্র—ওকে চেন দেখি কেমন চিনতে পার। ২। পরীক্ষা করা। প্র—মুখের কথায় শুধু লোক চেনা যায় না। ৩। পূর্ব-পরিচিত বলিয়া বুঝিতে পারা ; ঠাহর করিতে পারা। ৪। পূর্ব্বাবধি জানা। প্র—"দেখ সখী নবদ্বীপে চেনা মানুষ যায় না চেনা।"—গান। ৫। [হি—চুন্‌না] নির্ব্বাচন করা ; বাছা। ৬। জানা। ৭। পরিচয় করা ; আলাপ করা। ৮। বিণ, পরিচিত। বি, চিনানি। **চিনা-চিনি, চেনা-চিনি**—পরস্পর আলাপ পরিচয় করা। ২। জানা-জানি। **চিনা-পরিচয়, চেনা-পরিচয়**—পরিচয় দ্বারা পরস্পর পরস্পরকে জানা বা অভিজ্ঞান করা। **মুখচেনা**—ক্রি, মুখ দেখিয়া পূর্ব্বপরিচিত বলিয়া বোধ করা। ২। বিণ, আলাপ পরিচয় হয় নাই, কেবল পরস্পর সাক্ষাৎ হওয়ায় যাহার মুখ বা চেহারা পরিচিত।

চিনি, নী [সং—শর্করা—ফা—শকর্, শক্কর্। বিণ, ফা—শ্‌করীন্(শর্করাযুক্ত), শীরা = চিনির রস, শীরীনী = মিষ্টতা ; বিণ, শীরী—ক্রমে হিন্দীতে—শির্নী, শিন্নী, চিনী, চীনী] বি, শর্করা (দ্রঃ) গুড়ের বিকার। **চিনিসন্দেশ**—ছানা-হীন কেবল চিনির পাক-করা সন্দেশ। **চিনি-পাতা দই**—চিনি-মিশ্রিত দুধে পাতা বা জমান দই। **চিনির মুড়কী**—চিনির রসে পাক-করা খই। **চিনির পানা**—চিনি ভিজান জল। **চিনির নৈবেদ্য**—তণ্ডুলের স্থলে চিনিতে রচিত নৈবেদ্য। **চিনির রস**—জলে গোলা চিনি আগুনে জ্বাল দিলে ও তাহাতে দুধ ছিটাইয়া গাদ (ময়লা) কাটাইলে রস হয়। **চিনির বলদ**—যে বলদ মহাজনের চিনির বস্তা বহন করে অথচ নিজের পিঠে থাকিতে চিনি খাইতে পায় না। তাহা হইতে যে ব্যক্তি পরের জন্য কোন কিছুর ভার লইয়া খাটে অথচ নিজে তাহা ভোগ করিতে পারে না।

চিনিচোপ (প্) [ফা—চোবচিনি] বি, তোপচিনি ; china root.

চিন্তক (ক্) [চিন্ত্ (চিন্তা করা) + অক (কর্তৃ)] বিণ, যে ভাবে ; যে চিন্তা করে ; চিন্তাকারী।

চিন্তন (ন্) [চিন্ত্ (চিন্তা করা) + ণিচ্ = চিন্তি + অন, (ভাবে—অনট্)] বি, ক্লী, মনন ; ধ্যান। ২। উপাসনা। ৩। অনুধাবন। ৪। স্মরণ। ৫। মনে মনে বিচার ; আলোচনা। ৬। চিন্তা দ্বারা স্থিরীকরণ।

চিন্তনীয় (চিন্‌তোনিও) [চিন্ত্ + ণিচ্ = চিন্তি + অনীয় (কর্ম্মে)] বিণ, চিন্ত্য ; চিন্তাযোগ্য ; ভাব্য। স্ত্রী, **চিন্তনীয়া**।

চিন্তা [চিন্ত্ (ভাবা, চিন্তা করা) + অ (অঙ্ —ভাবে)—আপ্, স্ত্রী] বি, স্ত্রী, চিন্তন ; মনন ; ধ্যান। ২। উপাসনা। ৩। স্মৃতি। ৪। ভাবনা : উদ্বেগ। ৫। শঙ্কা ; ভয়। ৬। বি, শ্রীবৎস রাজার পত্নী।

চিন্তাকুল (ল্) [চিন্তা (দ্বারা) আকুল, ৩তৎ] বিণ, চিন্তায় ব্যাকুল ; ভাবনাকুল ; অতিশয় চিন্তিত ; উদ্বিগ্ন।

চিন্তাকুলিত [চিন্তা (দ্বারা) আকুলিত, ৩তৎ] বিণ, চিন্তায় ব্যাকুলিত ; চিন্তাকুল ; ভাবনায় উদ্‌ভ্রান্ত বা বিপর্য্যস্ত।

চিন্তাজনক (ক্) [চিন্তার জনক, ৬তৎ] বিণ, যে চিন্তা জন্মায় ; ভাবনার হেতু ; শঙ্কা বা উদ্বেগ উৎপাদক।

চিন্তান (চিন্‌তানো) [চিন্তা + আন (ক্রিয়ায়) গ্রা—চেন্তান। উ-পু—চিন্তাই ; চিন্তি। ম-পু—চিন্ত (সমানে) ; চিন্তন্ (সম্ভ্রমে) ; চেন্তা (অনাদরে)। প্র-পু—চিন্তে, চেন্তায় (সমানে, অনাদরে) ; চিন্তান, চেন্তান (সম্ভ্রমে)। অস-ক্রি—চিন্তিতে ; চিন্তিয়া (পদ্যে)। কোন কোন বিভক্তিরূপ গদ্যে] ক্রি, চিন্তা করা ; ভাবা। প্র—"অতএব আদি অন্ত আপনার সদা চিন্ত"—রাজা রামমোহন রায়। ২। ধ্যান করা ; অনন্য চিত্তে মনে করা। ৩। স্মরণ করা। বি, চিন্তন। **চাহিয়া চিন্তিয়া**—[গ্রা—চেয়ে চিন্তে, সহচর শব্দ] শুদ্ধ চাহিয়া শব্দ কর্কশ হয় বলিয়া "নিজেই যাহাতে ভাল হয় এরূপ ভাবিয়া চাহিয়া লওয়ার" ইঙ্গিত ; আত্মীয়তার ভাব-বোধক ; এইহেতু নিমন্ত্রিতগণের ভোজনকালে নিমন্ত্রণকারী বিনীতভাবে বলিয়া থাকেন "মহাশয় চাহিয়া চিন্তিয়া লইবেন"। **ভাবিয়া-চিন্তিয়া**—[গ্রা—ভেবে চিন্তে। একার্থক সহচর শব্দদ্বয়] ধীরভাবে সকলদিক পুনঃ পুনঃ ভাবিয়া।

চিন্তান্বিত (চিন্‌তান্‌নিত) [চিন্তা (দ্বারা) অন্বিত (যুক্ত) ৩তৎ] বিণ, চিন্তাযুক্ত ; চিন্তাকুলিত ; ভাবিত। ২। উদ্বিগ্ন ; অস্থির।

চিন্তাবেশ্ম (বেশ্‌শ্ম) [চিন্তার বেশ্ম (গৃহ) ৬তৎ] বি, ক্লী, মন্ত্রণাগৃহ।

চিন্তামগ্ন, চিন্তানিমগ্ন [চিন্তাতে (চিন্তা সাগরে) মগ্ন, নিমগ্ন—৭তৎ] বিণ, সমুদ্রবৎ চিন্তার মধ্যে নিমজ্জিত ; বিরাট চিন্তার মধ্যে আত্মবিস্মৃত ; চিন্তায় বাহ্যজ্ঞানশূন্য।

চিন্তামণি (চিন্‌তামোনি) [চিন্তার মণি, ৬তৎ] বি, পুং, অভীষ্টদায়ক মণি বা রত্নবিশেষ ; স্পর্শমণি। প্র—"চিন্তামণি নাশ কৈলে কাচের বদলে।"—কবিক। ২। ব্রহ্মা। ৩। বিষ্ণু।

৪। শিব। প্র—"তুমি শ্যাম-অঙ্গের ভূষণ তোমার ভূষণ চিন্তামণি।" —দাশরথি। "অচিন্তরূপিণী মেয়ে পরমচিন্তামণি পেয়ে।" ৫। বুদ্ধবিশেষ। ৬। ঈশ্বর। ৭। গঙ্গেশোপাধ্যায়-প্রণীত সুবিখ্যাত ন্যায়গ্রন্থ। **চিন্তামণি বিনায়ক**—কাশীস্থ গণেশ-মূর্ত্তি ভেদ।

চিন্তিত [চিন্ত্ (চিন্তা করা) + ণিচ্ = চিন্তি + ত (কর্ম্মে—ক্ত) ই আগম] বিণ. যাহা বা যাহাকে চিন্তা করা হইয়াছে ; অনুধ্যাত। ২। ভাবিত। ৩। চিন্তাযুক্ত।

চিন্তে [চিন্তা দ্রঃ। প্রাদে] অস-ক্রি. চিনিতে ; অভিজ্ঞান করিতে। ২। চিন্তা ; স্মরণ। প্র—"এখন কেন পারবে চিন্তে, হয়েছ হে নিশ্চিন্তে, চিন্তে থাকলে পারতে চিন্তে, চিন্ত না শ্যাম সে-সব চিন্তে।"—মধুকান।

চিন্ত্য (চিন্‌ত) [চিন্ত্ (ভাবনা করা + ণিচ্ = চিন্তি + য (কর্ম্মে)] বিণ. চিন্তনীয় ; ভাব্য ; চিন্তার যোগ্য ; চিন্তার বিষয় : যাহা চিন্তা করা যায়।

চিন্ত্যমান (চিন্‌তোমান্) [চিন্ত্ (চিন্তা করা) + ণিচ্ = চিন্তি + আন (কর্ম্মে—আনশ্) য-ম আগম] বিণ. যাহা চিন্তা করা যাইতেছে ; আলোচ্যমান ; অনুধ্যায়মান।

চিন্ময় (চিন্‌ময়্) [চিৎ + ময় (স্বরূপার্থে—ময়ট্)] বিণ. চিৎস্বরূপ ; জ্ঞানস্বরূপ ; জ্ঞানময়। ২। ঈশ্বর। প্র—"অজর অমর চিন্ময় সুন্দর, নিত্যনিরঞ্জন পাবন হে,"—ব্রহ্মসঙ্গীত।

চিপ (প্) [চাপ (দ্রঃ) হইতে] বিণ. আঁট আঁট ভাব ; কষা। প্র—"গুটি শঙ্খ দুটি বাই চিপ যদি হয়। ঢল ঢল করে নাহি চিরদিন রয়।"—শিবায়ন।

চিপটান, চিপ্টান (চিপ্‌টানো) [রূপান্তরে চেপটান ; চ্যাপ্‌টান ; চেপ্টান ; চ্যাপ্টান। চিপটা দ্রঃ। উভয় সকর্ম্মক ও অকর্ম্মক। হি—চিপট্‌না ; ণিজন্ত—চিপটানা। উ-পু—চিপটাই। ম-পু—চিপটাও (সমানে) ; চিপটান্ (সম্ভ্রমে) ; চিপ্‌টা (অনাদরে। প্র-পু—চিপটায় (অনাদরে, সমানে) ; চিপটান্ (সম্ভ্রমে) । অস-ক্রি—চিপটাইতে ; চিপটাইয়া] ক্রি. চিপিটকের মত পিষ্ট হইয়া বিস্তৃত হওয়া ; চেপ্টা হওয়া। (২) চেপ্টা করা। ২। চাপিয়া লওয়া ; সংলগ্ন হওয়া। (২) চাপিয়া দেওয়া ; আঠার মত লাগান ; লিপ্ত করা। ৩। অতিশয় জনতায় বা ভারি বস্তুর পতনে পিষ্ট হওয়া বা করা ; চাপা দেওয়া বা পড়া। বি. চিপ্টানি। বিণ. চিপ্টানিয়া ; চিপ্টানে।

চিপটি (প্) [হি—চিপ্‌টা ; চিপিট অথবা চপেট ; চিপিটা ; চপেটা ; চাপ্‌টা ; চিপটা ; চেপটা ; চেপ্ট] বিণ. চিপিটকের বা চপেটের মত পাতলা ও প্রশস্ত ; পেষণ দ্বারা বিস্তারিত করা। ক্রি. চিপটান (নো)। বি. চিপটানি।

চিপসান (চিপ্‌শানো) [চিমসান দ্রঃ। উভয় সকর্ম্মক, অকর্ম্মক। রূপান্তর চেপসান চুপসান ; চোপসান ; চিপ্সান ; চুপ্সান চেপ্সান ; চোপ্সান। উ-পু—চিপসাই। ম-পু—চিপসাও। প্র-পু—চিপসায়। অস-ক্রি—চিপ্‌সাইতে ; চিপ্‌সাইয়া] ক্রি. শুকাইয়া সংকুচিত হওয়া বা করা ; রস মরিয়া কুঞ্চিত হওয়া।

চিপিট, চিপিটক(ট্, ক্) [পিট্ (পেটা, চেপ্টা করা) + অ (কর্ম্মে, সংজ্ঞার্থে—অল্) নিপাতনে দ্বিত্ব, পি = চি + ক (স্বার্থে) = চিপিটক—যাহা চেপ্টা করা হয়] বি.পুং. চিঁড়া। প্র—"ঘর দুই চারি প্রভু দেখে চিপিটক।"—চৈ-ভা। ২। বিণ. চওড়া ; বিস্তৃত ; চেটাল। ৩। চিপিট নাক ; চেপ্টা নাক।

চিপ্টান, চিপ্টেন (ন্) [চিপঃ দ্রঃ। চিপ—টান ; চাপিয়া টানার ভাব ; চিম্‌টি—এমন উক্তি যাহা চিম্‌টির মত যন্ত্রণাদায়ক ধীর ভাবে মধ্যে মধ্যে এমন উক্তি করা যাহা প্রাণে আঘাত করার ভাব] বি. অনুচ্চস্বরে মধ্যে মধ্যে প্রযুক্ত অন্তর্দাহের বাক্য ; যে কথায় লোকের আপাদমস্তক জ্বলিয়া যায়। **চিপ্টেন-ঝাড়া**—রাগ প্রকাশ না করিয়া এমন কথা বলা যাহাতে লোকের আপাদমস্তক জ্বলিয়া যায়।

চিফকোর্ট, চীফকোর্ট (ফ্, র্ট্)[ইং—Chief Court] বি. প্রধান বিচারালয় : হাইকোর্ট অপেক্ষা নিম্নশ্রেণীর আদালত।

চিবন (ন্) [চর্ব্বণ হইতে] বি. দন্ত দ্বারা পেষণ।

চিবন, চিবান (চিবোনো, চিবানো) [রূপান্তরে—চিবুনো, চিবোনো। চর্ব্বণ হইতে হি—চাব্‌না, চবানা। উ-পু—চিবাই, চিবুই। ম-পু—চিবাও, চিবোও (সমানে) ; চিবান, চিবোন, চিবুন (সম্ভ্রমে) ; চিবা, চিবো (অনাদরে)। প্র-পু—চিবায়, চিবোয় (সমানে, অনাদরে) ; চিবান্, চিবোন্ (সম্ভ্রমে)। অস-ক্রি ; চিবাইতে, চিবুতে, চিবোতে ; চিবাইয়া, চিবিয়ে] ক্রি. চর্ব্বণ করা ; দন্তে পেষণ করা। প্র—"চন্দ্রসূর্য্য চিবাইয়া ফেলাইব দাঁতে।"—কৃত্তিবাস। বি. **চিবন, চিবানি, চিবুনি**। বিণ. **চিবানিয়া ; চিবুনো ; চিবানো**।

চিবি [প্রাদে। চির হইতে ?] বি. ফাঁক ; ফাটল। প্র—জানালার চিবি।

চিবুক (ক্) [চীব্ (আচ্ছাদন করা) + উ (কর্ম্মে—কু) ক যোগ নিপাতনে, চী = চি। সং-তে, চিবি, চিবুও হয়] বি. দাড়ীর অগ্রভাগ ; থুত্‌নী। প্র—"অরুণ অধরে হসন ইন্দু। চিবুকে মধুর শ্যামর বিন্দু।"—জ্ঞানদাস। **চিবুকস্পর্শ**—দাড়িতে হাত (আদরের চিহ্ন)।

চিমটন (চিম্‌টন্) [চিমটি দ্রঃ] বি. নখ-প্রহার ; চিমটিকাটা ; খামচান।

চিমটা, চিমটে (ম্) [হি—চিম্‌টা। চিমটান দ্রঃ। চিমটির আকারে ধরিয়া (দগ্ধাঙ্গারাদি) তুলিবার ভাব হইতে] বি, অগ্নি গ্রহণার্থ লৌহ-নির্ম্মিত যন্ত্র। গৃহস্থের চিমটা অপেক্ষা সন্ন্যাসীর চিমটা বৃহৎ ও ভারী। অতি ক্ষুদ্র চিমটার নাম সন্না ; tongs.

চিমটান (চিম্‌টানো) [চিম (চাম—চর্ম্ম) টান (টানা—আকর্ষণ করা) অথবা চিম = চিপ (দ্রঃ) অর্থাৎ চাপিয়া আকর্ষণ করার ভাব। উ-পু—চিমটাই। ম-পু—চিমটাও (সমানে) ; চিমটান্ (সম্ভ্রমে) ; চিমটা, চিমটো (অনাদরে)। প্র-পু—চিমটায় (সমানে, অনাদরে) ; চিমটান্ (সম্ভ্রমে)। অস-ক্রি—চিমটাইতে, চিমটিতে ; চিমটাইয়া ; চিমটিয়া, চিম্‌টে] ক্রি, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী দ্বারা চাপিয়া ধরা ; চিমটিকাটা। ২। পিষ্ট হওয়া। (২) পিষ্ট করা। বি. **চিমটানি ; চিমটিনী**।

চিমটি (চিম্‌টি) [চিপ দ্রঃ। চিপটি (ব্যাপকার্থে, তি) = টি (কাঠিন্যে)] বি. অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর টিপ দিয়া দৃঢ়ভাবে ধারণ ; দুই অঙ্গুলি দ্বারা পেষণ। ২। দুই অঙ্গুলির টিপে যে পরিমাণ শুষ্ক দ্রব্য ধরিতে পারে। **চিমটি কাটা**—চিমটি দিবার সময় নখাঘাত হেতু কাটিয়া যাইবার ভাব হইতে ; চিমটি বসান।

চিমড়, চিমড়া (ড়্, ম্) [রূপান্তর—চিমড়ি, চিমড়ে। হি—চীমড়্। সং—চর্ম্ম—চাম্‌ড়া হইতে] বিণ. চামড়ার মত ; যাহা টানিয়া ছেঁড়া যায় না ; tough. ২। যাহা সহজে নোয় না ; দুর্দ্দমনীয় ; শক্ত। ৩। একগুঁয়ে ; সহজে যে বিনীত হয় না। ৪। অত্যন্ত কৃশ ; পাকান।

চিমনি (ম্) [ইং—chimney] বি. ধূম-নির্গমন-যন্ত্র ; ল্যাম্পের আলোক-বেষ্টনী।

চিমসা, চিমসে (চিম্‌শা—শে) [চামসা দ্রঃ] বিণ. চর্ম্ম সদৃশ চিমড়া। ২। শুষ্ক চামড়ার দুর্গন্ধযুক্ত ; চামগন্ধ। ক্রি. চিমসান (চিমশানো)। বি. **চিমসানি, চিমসিনী**।

চিয়ন (ন্) [চিয়ান দ্রঃ] বি. চৈতন্য সম্পাদন। ২। জাগ্রত করণ। ৩। চক্ষুরুন্মীলন। ৪। বিশ্বাস।

চিয়া [চিৎ—চেতা (দ্রঃ) = চিঅ, চিআ, চিয়া। অকর্ম্মক। উ-পু—চিই। ম-পু—চিঅ, চিয়, চিও। প্র-পু—চিয়ে। ণিজন্ত—চিয়ান] ক্রি, চৈতন্য লাভ করা ; সচেতন হওয়া ; প্রাণ পাওয়া। ২। জাগ্রত হওয়া জাগা ; চক্ষু উন্মীলিত করা। প্র—"চিয় পুত্র স্মররে জননী"—কবিক।

চিয়াড় (ড়) [চি = চৌ = চতুর্—আড় = আর (হি—বেধনাস্ত্র), চেয়াড়ও হয়] বি, চতুর্ম্মুখ বাণবিশেষ। প্র—"দোয়াড় চিয়াড় বাণ করবাল খরশান।"—কবিক। **চিয়াড় চাপড়**—ধনুর্ব্বাণ। প্র—"মহাবীর চিয়াড় চাপড়ে করে রণ"—কবিক।

চিয়াড়ি [চেঁচাড়ি দ্রঃ] বি, চেঁচাড়ি। ২। পুতুলের চোখ, নাক, ঠোঁট প্রভৃতি গঠন করিবার জন্য কুম্ভকারদিগের ব্যবহৃত বংশ-নির্ম্মিত ফলকবিশেষ।

চিয়ান (নো) [চেতন = চেঅন = চিঅন, চিয়ন, চিআন (প্রা-বাং)। হি—চিয়ানা। উ-পু—চিয়াই। ম-পু—চিয়াও। প্র-পু—চিয়ায়। অস-ক্রি—চিয়াইতে ; চিয়াইয়া, চিয়ায়া, চিয়িয়ে। অকর্ম্মক—চিয়ন, চিঅন। ণিজন্ত—চিয়ান] ক্রি, চৈতন্য সম্পাদন করা ; চেতন করা। প্র = "চিয়ায় চাপায়ে গায় চন্দন কুঙ্কুম।"—ঘনরাম। ২। বাঁচান ; প্রাণ দেওয়া ; জীবন দান করা। প্র—"চিয়ায়া উত্তর দেহ ছায়ারে সংহতি নেহ পাসরিলে পুরব পিরীত।"—কবিক। ৩। নিদ্রা ভঙ্গ করা ; জাগ্রত করা ; জাগান। প্র—"নিদ্রা গেলে আমি চিয়াইয়া স্বামী মুখে তুলে দেয় গুয়া।"—কবিক। ৪। বিন্যাস করা ; সাজান। প্র—"কুবলয় করবীর চিকুর চিয়াব"—জ্ঞানদাস। বি, চিয়ন। **শ্মশানচিয়ান**—শ্মশানে শবসাধন-মন্ত্র দ্বারা শবকে জাগ্রত করিয়া শক্তিসাধনা করা ; শ্মশান জাগান।

চিয়ারী [চিয়াড় (দ্রঃ) ঈ (ক্ষুদ্রার্থে) বি, ছোট শিকার মারিবার তীর।

চির (চি (চয়নে) + র (রক্—অবিচ্ছেদ অর্থে)] বিণ, কাল সম্বন্ধে বহু বা দীর্ঘ। ২। সকল ; সর্ব্ব। প্র—"চিরদিন সমান না যায়"। ৩। নিত্য। প্র—"হে চিরসুন্দর"—চয়নিকা। ৪। অনন্ত। প্র—"হেথা ছায়া আছে চিরনন্দন চিরবসন্ত বায়।"—রবি। ৫। বি, বিলম্ব। প্র—চিরকারী।

চির (র্) [চীর দ্রঃ। প্রাদে] বি, বস্ত্র। ২। ফালি ; খণ্ড ; লম্বা ভাবে ছিন্ন অংশ। প্র—"কার কাটে হস্ত পদ কার কাটে শির। বুক ভেঙ্গে গেল কেহ হইল দুই চির।"—শিবায়ন।

চিরকর্ম্মা [চির (দীর্ঘকালব্যাপী) কর্ম্ম (ক্রিয়া যাহার, বহু] বিণ, যাহার কাজ করিতে অনেক কাল লাগে ; চিরক্রিয় ; দীর্ঘসূত্রী।

চিরকাঙ্ক্ষিত [চির (চিরদিনের) কাঙ্ক্ষিত (বাঞ্ছিত) ৬তৎ] বিণ, বহুকালের অভিপ্রেত অনেক দিনের বাঞ্ছিত ; দীর্ঘকালের আকাঙ্ক্ষিত। প্র—"এসহে এস চিরকাঙ্ক্ষিত"—রবি (সাধনা)।

চিরকারিতা [চির-কৃ (করা) + ইন (কর্ত্তৃ-ণিন্) = চিরকারিন্ + তা (ভাবে)] বি, স্ত্রী, বিলম্বে ক্রিয়া সম্পাদন ; অল্প সময়সাধ্য কর্ম্মে বহু সময় ক্ষেপণ ; দীর্ঘসূত্রিতা ; বিলম্বে কার্য্যনিষ্পাদনের স্বভাব।

চিরকারী [চির (বহুকাল) = কৃ + ইন (কর্ত্তৃ-ণিন্) = কারিন্ ১মা, ১ব] বিণ, যে কাল-বিলম্ব করে ; যে শীঘ্র কার্য্য শেষ করিতে পারে না ; যে অল্প সাধ্য কর্ম্মে অনেক সময় ব্যয় করে ; দীর্ঘসূত্রী। ২। বি, পুং, মুনি গৌতমের পুত্র (দীর্ঘসূত্রী ছিলেন বলিয়া এই নাম)।

চিরকাল (ল্) [চির (দ্রঃ) কাল-কর্ম্মধা] বি, চিরদিন। ২। ক্রি, বিণ, বহুদিন ধরিয়া। ৩। আবহমানকাল। প্র—"চিরকাল ধরে গম্ভীরস্বরে অম্বরপরে বসিয়া"—বিশ্বনৃত্য (রবি)। ৪। আজীবন। বিণ, **চিরকালীয়া, চিরকেলে, চিরকালিক, চিরকালীন**—বহুদিনব্যাপী ; চিরকাল সম্বন্ধীয় ; বহুকাল হইতে।

চিরকালার্জ্জিত [চির-কাল + অর্জ্জিত] বিণ, বহুদিন হইতে সঞ্চিত ; আজীবন যাহা অর্জ্জন করা হইয়াছে।

চিরক্রিয় (চিরক্কৃও) [চির (বহুকালে-সম্পাদন হয়) ক্রিয়া (কর্ম্ম) যাহার, বহু] বিণ, চিরকারী ; দীর্ঘসূত্রী।

চিরক্রিয়তা (চিরক্কৃওতা) [চির-ক্রিয়া যাহার, = চিরক্রিয় + তা (ভাবে)] বি, স্ত্রী, চিরকারিতা দ্রঃ।

চিরক্রীত (চিরক্কৃত) [চির (বহুকালের জন্য) ক্রীত (ক্রী—ক্রয় করা) + ত (কর্ম্মে—ক্ত) ৪তৎ] বিণ, বহুকালের জন্য যাহা ক্রয় করা হইয়াছে ; বহু পূর্ব্বে যাহা ক্রীত হইয়াছে ; অনেক দিনের কেনা। ২। চিরদিনের জন্য বা যাবজ্জীবনের জন্য ক্রীত (বিপরীতে—চির বিক্রীত)। ৩। যে অন্য হইতে এত উপকার পাইয়াছে যে তাহা পরিশোধ করা যায় না ; অত্যন্ত উপকৃত। স্ত্রী, **চিরক্রীতা**—চিরোপকৃতা।

চিরজীবক (ক্) [চির (দীর্ঘকাল)—জীব্ (বাঁচিয়া থাকা) + অক (কর্ত্তৃ)] বি, পুং, জীবক বৃক্ষ। ২। বিণ, যে অনেক দিন বাঁচিয়া থাকে ; চিরঞ্জীব ; চিরজীবী।

(ন্) [চির (দ্রঃ)—জীবন] বি, সমস্ত জীবন ; জীবিতকাল। ২। ক্রি, বিণ, জীবনকাল ব্যাপীয়া ; আজীবন।

চিরজীবিতা [চির—জীব (বাঁচিয়া থাকা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = চিরজীবিন্ + তা (ভাবে)] বি, স্ত্রী, দীর্ঘকাল জীবন ধারণ।

চিরজীবী [চির—জীব্ + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = চিরজীবিন্ ১মা, ১ব] বি, পুং, দীর্ঘকাল যে বাঁচে। ২। অমর ; যাহার মরণ নাই। ৩। বি, ঈশ্বর ; বিষ্ণু ব্যাস, বিভীষণ, হনুমান, বলি, অশ্বত্থামা, মার্কণ্ডেয়, কৃপাচার্য্য, পরশুরাম, শাল্মলি বৃক্ষ ও কাক চিরজীবী বা অমর বলিয়া প্রসিদ্ধ। অন্যত্র—অশ্বত্থামা, বলি, ব্যাসদেব, হনুমান, বিভীষণ, কৃপাচার্য্য ও পরশুরাম এই সাত জন চিরজীবী বলিয়া প্রসিদ্ধ।

চিরঞ্জি (চিরোন্‌জি) [হি] বি, পিয়াল গাছ ; buchania latifolia ; পিয়াল ফল ; ক্ষুদ্র বাদামবিশেষ ; meet of the chirongia sapida ; বঙ্গে যেরূপ তিলের ব্যবহার পশ্চিমাঞ্চলে তদ্রূপ চিরঞ্জির ব্যবহার, ইহা তথায় খাদ্যদ্রব্য সুস্বাদু করিবার জন্য পেস্তার মত ব্যবহৃত হয়।

[চিরং—জীবিন্ ১মা, ১ব] বিণ, চিরজীবী দ্রঃ।

চিরণ, চেরণ (ন্) [চিরা দ্রঃ] বি, বিদারণ ; ফাড়ন।

চিরণী, চিরুণী [চিরণ (চেরা দ্রঃ) + ঈ (অস্ত্যর্থে বা সাধন অর্থে) যাহা দ্বারা চুল চেরা যায় বা যাহা চির যুক্ত বা চেরা চেরা। অথবা চর্ণী—কর্ণী হইতে ; যাহা দ্বারা কষণ করা বা আঁচড়ান যায়] বি, চুল আঁচড়াইবার চিরুণী ; প্রসাধনী। বড় চিরুণীর নাম কাঁকুই (হি—কাঙ্গী)।

চিরণ্টী, চিরিণ্টী [চিরম্ (চিরকাল) অট্, ইট্ (গমন করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্) নিপাতনে, চিরণ্ট, চিরিণ্ট—ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, যে কন্যা চিরকাল পিত্রালয়ে গমনাগমন করে ; পিতৃগৃহে চিরদিন অবস্থিতা কন্যা ; যে বিবাহিতা হইলেও পিতৃগৃহে আজীবনকাল অবস্থান করে ; পিতৃগৃহস্থিতা কন্যা।

চিরতা, চিরাতা, চিরেতা [হি—চিরাইতা, চিরায়তা। সং—কিরাতক। বৈদ্যকে কিরাত তিক্ত, চিরতিক্ত] বি, ভূনিম্ব ; চিরতা।

চিরদারিদ্র্য (চিরোদারিদ্দ্র) বি, চির অভাব ; আজীবন নির্ধনতা বা অর্থাভাব ; চিরদিন নিঃস্ব অবস্থা। প্র—"চিরদারিদ্র্য করিব মোচন, চরণের ধুলা লুটে।"—রবি। ২। চির দৈন্য।

চিরদাস (শ্) বি, পুরাতন ভৃত্য ; ক্রীতদাস। ২। বিণ, চিরানুগত ; চিরদিনের মত অধীন। স্ত্রী, **চিরদাসী**। প্র—"চিরদাসী দাসী ও চরণে"—মেঘনাদ।

চিরদিন (ন্) ক্রি-বিণ. চিরকাল (দ্রঃ); আজীবন। প্র—"ক্ষ্যাপার মতন আছি চিরদিন উদাসীন আন্‌মনা!" —চয়নিকা। ২। বি. বহুকাল; দীর্ঘকাল। প্র—"চিরদিন দেখি নাই পাণ্ডুপুত্রগণে। সভার উদ্বেগ চিত্ত তাহার কারণে॥"—কাশী. মহা।

চিরদুঃখ (দুক্‌খ) বি. চিরকালব্যাপী দারিদ্র্য। ২। জীবনব্যাপী কষ্ট। ৩। মরণান্ত শোক। বিণ. **চিরদুঃখী**; স্ত্রী. **চিরদুঃখিনী**।

চিরদুর্লভ (ভ্) [চির—দুর্লভ (দুঃখে লভ্য)] বিণ. যাহা কখনই সুলভ নহে: যাহা প্রাপ্ত হওয়া চিরদিনই দুঃসাধ্য; চিরদুষ্প্রাপ্য। স্ত্রী. **চিরদুর্লভা**।

চিরদৈন্য (দৈন্ন) বি. জীবনব্যাপী দারিদ্র্য। ২। যে অভাবের শেষ নাই। ৩। চিরস্থায়ী দীনতা।

চিরনিদ্রা (নিদ্‌দ্রা) বি. যে নিদ্রা কখন ভঙ্গ হয় না; মৃত্যু। বিণ. **চিরনিদ্রিত**।

চিরনিদ্রাগত (নিদ্‌দ্রা) [চির—নিদ্রা+গত (প্রাপ্ত)] বিণ. অনন্তকালের জন্য নিদ্রামগ্ন; মৃত। স্ত্রী. **চিরনিদ্রাগতা**।

চিরনিদ্রাভিভূত (নিদ্‌দ্রা) [চির—নিদ্রা—অভিভূত] বিণ. অনন্তকাল নিদ্রামগ্ন; মৃত।

চিরনিদ্রিত (নিদ্‌দৃত) বিণ. অনন্ত নিদ্রায় অভিভূত; মৃত। স্ত্রী. **চিরনিদ্রিতা**। বি. **চিরনিদ্রা**।

চিরনিবাস (শ্) বি. বহুকাল হইতে বসবাস: পুরুষানুক্রমে বাস।

চিরনিবিষ্ট—বিণ. চিরস্থিত। ২। পুরুষানুক্রমে অধ্যুষিত। ৩। দীর্ঘকাল নিযুক্ত। ৪। চিরপ্রবিষ্ট। **চিরনিবিষ্টা**।

চিরনিবৃত্ত—বিণ. চিরকালের জন্য বিরত: চিরশান্ত। স্ত্রী. **চিরনিবৃত্তা**। বি. **চিরনিবৃত্তি**।

চিরনির্দ্দিষ্ট, চিরনির্দ্ধারিত—বিণ. যাহার কখন ব্যতিক্রম হয় না; চিরস্থিরীকৃত।

চিরনির্ব্বাসন (শন্) বি. চিরজীবনের জন্য দেশান্তরীকরণ। ২। মৃত্যুকাল পর্য্যন্ত দ্বীপান্তর-বাসরূপ দণ্ড; transportation for life. বিণ. **চিরনির্ব্বাসিত**; স্ত্রী. **চিরনির্ব্বাসিতা**।

চিরনির্ভর (নির্ভর্) বিণ. যাহার উপর চিরদিন ভরসা রাখা যায়; যে চিরদিন আশ্রয় দান করে। ২। বি. অনন্তকালের আশ্রয়; চিরসহায়; ঈশ্বর। প্র—"চিরবন্ধু, চিরনির্ভর, চিরশান্তি তুমি হে প্রভু!"—ব্রহ্মসঙ্গীত।

চিরনির্ম্মল—বিণ. কখন যাহা মলিন হয় না; সর্ব্বদা যাহা পরিষ্কার থাকে; চিরবিশুদ্ধ। ২। বি. শুদ্ধাত্মা; ঈশ্বর।

চিরনীহার (নিহার্) বি. যে তুষার কখন গলে না; স্থায়ীভাবে সঞ্চিত বরফ; everlasting snow.

চিরনীহারবাহ (নিহার) [ভৌঃ পরিঃ] বি. উচ্চ পর্ব্বত পার্শ্বে অতি ধীরে প্রবহমাণ বরফের নদী। ২। চিরতুষার সীমার নিম্নদেশে জমাট বরফ।

চিরনীহারসীমা (নিহার্‌শিমা) [ভৌঃ পরিঃ] বি. উচ্চ পর্ব্বতের চিরতুষারাবৃত অংশের রেখা বা নিম্নভাগ; snow-line

চিরনূতন (ন্) বিণ. যাহার অভিনবত্ব কখন নষ্ট হয় না; চিরনবীন; যাহা কখন পুরাতন হয় না।

চিরন্তন (ন্) [চিরম্+তন (ভবার্থে—তনট্)] বিণ. যাহা বহুকাল হইতে একভাবে চলিয়া আসিতেছে; বহুকাল প্রচলিত; চিরকালীন। প্র—"সে শ্রেণীর লোকের চিরন্তন সংস্কার এই যে, অধ্যয়ন কার্য্য লোকসাধারণের নহে, শ্রেণীবিশেষের"—চন্দ্রনাথ বসু। ২। পৌরাণিক; পুরাতন। স্ত্রী. **চিরন্তনী**।

চিরপরিচিত (পো) বিণ. দীর্ঘকাল যাহার সহিত জানাশুনা আছে; বহুকাল হইতে জানিত; চিরপরিজ্ঞাত; পুরাতন আলাপী।

চিরপুষ্ট—বিণ. চিরদিন পালিত। ২। আজীবন প্রবল। ৩। চিরস্থূল। স্ত্রী. **চিরপুষ্টা**

চিরপূজ্য (পুজ্‌জ) বিণ. চিরদিন যাঁহার পূজা হইতেছে; চিরকাল মান্য।

চিরপোষিত—বিণ. আজীবন যাহা পোষণ অর্থাৎ পালন, বা ধারণ বা বিশ্বাস করা হইয়াছে। ২। চিরআকাঙ্ক্ষিত; চিরবাঞ্ছিত।

চিরপ্রচলিত (চিরপ্‌প্রো) বিণ. যাহা চিরদিন চলিয়া আসিতেছে; যাহা আবহমানকাল হইতে আচরিত হইতেছে। বি. **চিরপ্রচলন**।

চিরপ্রবাস (চিরপ্‌প্রোবাশ্) বি. দীর্ঘকাল বিদেশবাস। ২। আজীবন প্রবাসবাস।

চিরপ্রবাসী (চিরপ্‌প্রোবাশি) [চির—প্র—বস্ (বাস করা)+ইন্ (কর্ত্তৃ—অভ্যাসার্থে, ণিন্) প্রবাসিন্ ১মা, ১ব] বিণ. যে বহুদিন অন্যদেশে থাকে; চিরকালবিদেশবাসী; চিরবিদেশী। স্ত্রী. **চিরপ্রবাসিনী**—চিরবিদেশবাসিনী; চিরবিদেশিনী।

চিরপ্রবাহ (প্রো) বি. অনন্তস্রোত; যে প্রবাহের বিরাম নাই।

চিরপ্রবাহিত (চিরপ্‌প্রো) বিণ. যাহা আবহমানকাল হইতে বহিয়া যাইতেছে; চিরস্রোত। স্ত্রী. **চিরপ্রবাহিতা**।

চিরপ্রবাহী (চিরপ্‌প্রোবাহি) [চিরপ্রবাহিন্ শব্দ] বিণ. যাহার প্রবাহ কখন থামে না; যাহার স্রোত অনন্তকাল ধরিয়া চলিয়াছে; স্ত্রী. **চিরপ্রবাহিণী**।

চিরপ্রসিদ্ধ (চিরপ্‌প্রোসিদ্‌ধ) বিণ. বহুকাল হইতে বিখ্যাত। ২। যাহার প্রসিদ্ধির হ্রাস নাই; চিরপ্রখ্যাত। স্ত্রী. **চিরপ্রসিদ্ধা**। বি. **চিরপ্রসিদ্ধি**।

চিরপ্রাপ্ত (প্রা) [চির (বহুকাল ধরিয়া) প্রাপ্ত—২তৎ] বিণ. যাহা বহুকাল পূর্ব্বে লব্ধ।

চিরপ্রার্থিত (—প্রার্‌থিত) [চির (বহুকাল ধরিয়া) প্রার্থিত (বাঞ্ছিত) ২তৎ; কিম্বা চিরকালের জন্য প্রার্থিত, ৪তৎ] বিণ. চিরবাঞ্ছিত; আজীবনের আকাঙ্ক্ষিত; বহুকাল হইতে ঈপ্সিত। স্ত্রী. **চিরপ্রার্থিতা**।

চিরপ্রোষিত [চির (চিরকালের জন্য) প্রোষিত (বিদেশস্থিত) ৪তৎ] বিণ. যে বহুকাল বিদেশে ছিল; বহুদিনের প্রবাস হইতে আগত। স্ত্রী. **চিরপ্রোষিতা**।

চিরবন্দিত (বো) [চির—বন্দিত] বিণ. অনন্তকাল যাঁহার বন্দনা হইতেছে; চিরপূজ্য; যিনি চিরজীবন সকলের পূজা পাইয়া আসিতেছেন; চিরবরেণ্য।

চিরবাঞ্ছিত—বিণ. চিরকাল লোক যাঁহাকে বাসনা করে; চিরআকাঙ্ক্ষিত; চিরপ্রার্থিত;

চিরবিচ্ছেদ (দ্) বি. দীর্ঘকালের ছাড়াছাড়ি; বহুদিনব্যাপী বিবাদ। ২। অনন্তবিরহ। বিণ. **চিরবিচ্ছিন্ন**।

চিরবিদায় (য়্) বি. চিরকালের জন্য প্রস্থান। ২। মৃত্যু।

চিরবিরহ—বি. চিরবিচ্ছেদ দ্রঃ।

চিরবিরুদ্ধ—বিণ. চিরদিন যে প্রতিকূল। ২। আজীবন যে বিপক্ষ। স্ত্রী. **চিরবিবিরুদ্ধা**।

চিরবিরোধ (ধ্) বি. যে বিরোধ বা বিপক্ষতার শেষ নাই; অনন্ত বিবাদ; চিরশত্রুতা। বিণ. **চিরবিরোধী**। স্ত্রী. **চিরবিরোধিনী**।

চিরবিস্ময় (বিশ্‌শঁয়) বি. অনন্ত বিস্ময়ের বস্তু। ২। বিণ. যাহা চিরদিন লোকের বিস্ময় উৎপাদন করে। স্ত্রী. **চিরবিস্ময়া**.

চিরবিস্মৃত (বিশ্‌সৃঁত) [চির (চিরদিন হইতে) বিস্মৃত—২তৎ। বি—স্মৃ+ত (কর্ত্তৃ—ক্ত)] বি. যে বহুদিন ভুলিয়া গিয়াছে। ২। [কর্ম্মে—ক্ত]। বিণ. যাহাকে লোকে চিরদিনের মত ভুলিয়া গিয়াছে; যাহাকে কেহ মনে করে না বা সংবাদ লয় না। বি. **চিরবিস্মৃতি**।

চিরবিহিত—বিণ. যে বিধানের অন্যথা হয় না; যাহা চিরদিনের জন্য বিধিবদ্ধ। ২। চিরআদিষ্ট। ৩। চিরদিন অনুষ্ঠিত।

চিরবৈর—বিঃ চিরশত্রুতা। বিণ. **চিরবৈরী**। স্ত্রী. **চিরবৈরিণী**।

চিরবৈরাগ্য (গ্‌গ) বি. আজন্ম সংসারে অনাস্থা ; চিরদিনের জন্য বিষয়ে বিরক্তি ; ২। আজন্ম সন্ন্যাস। বিণ. চিরবৈরাগী।

চিরমলিন (ন্) বিণ. যাহা কখন পরিষ্কার হয় না ; যাহার কালিমা কখন দূর হয় না। স্ত্রী. চিরমলিনা। বি. চিরমলিনতা, চিরমালিন্য।

চিরমান্য (ন্ন) বিণ. আবহমানকাল হইতে বা অনন্তকালের জন্য সম্মানিত বা পূজাপ্রাপ্ত ; আজন্মপূজিত। স্ত্রী. চিরমান্যা।

চিরমিত্র (—মিৎত্র) [চির—মিত্র (বন্ধু) ৬তৎ] বি, ক্লী. অনেক দিনের বন্ধু ; অতি পুরাতন সুহৃদ্। ২। স্থায়ী বন্ধু ; যাহার মিত্রতা নষ্ট হইবার নহে।

চিরমুগ্ধ, চিরমোহিত—বিণ. গুণ বা রূপে চিরদিন আত্মবিস্মৃত বা অত্যন্ত আকৃষ্ট।

চিরযশস্কর, চিরযশস্য (যশশ্‌কর্, যশশ্‌শ) বিণ. চিরগৌরবাত্মক ; যাহা অনন্তকাল যশ বিস্তার করে। স্ত্রী. চিরযশস্করী।

চিরযশস্বী (জশশ্‌শি) [চিরযশস্বিন্ শব্দ] বিণ. যাহার যশ চিরদিন অটুট থাকে ; চিরগৌরবান্বিত ; অনন্তকীর্ত্তিশালী। স্ত্রী. চিরযশস্বিনী।

চিররহস্য (রহোশ্‌শ) বি. যে রহস্যের সমাধান কখন হয় না ; অনন্তকাল যে রহস্য উদ্ঘাটিত হয় না।

চিররাত্র (—রাৎত্র) [চির—রাত্র] ক্রি-বিণ. চিরকাল ; চিরদিন দ্রঃ।

চিররিপু—বি. চিরশত্রু ; আজন্ম বৈরী।

চিররুগ্ন [চির—রুগ্ন (রোগাক্রান্ত)] বিণ. চিররোগী। স্ত্রী. চিররুগ্না।

চিররুদ্ধ—বিণ. যাহাকে দীর্ঘকাল আবদ্ধ করা হইয়াছে। ২। আজন্ম বন্দী ; যাবজ্জীবন কারাদণ্ডে দণ্ডিত। স্ত্রী. চিররুদ্ধা।

চিররোগ (গ্) [চির (বহুকাল স্থায়ী) রোগ (ব্যাধি)] বি. যে রোগ বহুদিন হইতে আক্রমণ করিয়া আছে ; chronic disease.

চিররোগী [চিররোগ+ইন্ (অস্ত্যর্থে)] বিণ. যাহার চিররোগ আছে ; আজীবন যে রোগ ভোগ করিতেছে ; চিররুগ্ন। স্ত্রী. চিররোগিণী।

চিরলব্ধ—বিণ. বহুকালের চেষ্টায় প্রাপ্ত ; আজন্ম সাধনায় অর্জ্জিত। স্ত্রী. চিরলব্ধা।

চিরলালিত—বিণ. চিরপোষিত। চিরপালিত। স্ত্রী. চিরলালিতা।

চিরলুব্ধ—বিণ. চিরবাঞ্ছিত ; আজন্ম অভিলষিত ; চিরঈপ্সিত। ২। চিরমুগ্ধ। স্ত্রী. চিরলুব্ধা।

চিরশত্রু (শোৎত্রু) বিণ. যে চিরকাল শত্রুতাচরণ করে ; আজন্ম বৈরী। বি. চিরশত্রুতা।

চিরশান্ত—বিণ. যে চিরদিনের জন্য সংযত হইয়াছে। ২। দীর্ঘকাল নিরুপদ্রব ও স্থির। ৩। আজন্ম ধীর। স্ত্রী. চিরশান্তা।

চিরশান্তি—বি. দীর্ঘকালব্যাপী শান্তি ; চিরকালের মত উদ্‌যোগহীনতা। ২। মুক্তি। ৩। মৃত্যু।

চিরশ্যামল (চিরশ্‌শ্যামল্) বিণ. যাহার বর্ণ চিরদিন সবুজ থাকে ; চিরহরিৎ। স্ত্রী. চিরশ্যামলা।

চিরশ্লাঘ্য (ঘ্‌ঘ) বিণ. চিরপ্রশংসনীয়।

চিরসখা (শখা) বি. চিরদিনের বন্ধু ; আজন্ম সুহৃৎ। স্ত্রী. চিরসখী।

চিরসঙ্গী, চিরসাথী (শোংগি) বিণ. আজন্ম সহচর ; চিরবয়স্য। স্ত্রী. চিরসঙ্গিনী।

চিরসহচর (শহচর্) বিণ. নিত্যসঙ্গী ; আজন্ম সহচর। স্ত্রী. চিরসহচরী।

চিরসহায় (চিরশহায়্) [চির (চিরকালের) সহায়, ৬তৎ] বিণ. বহুকালের আশ্রয়দাতা ; বহুদিনের উপকারী। ২। চিরসম্বল ; চিরভরসা। স্ত্রী. চিরসহায়া। বি. চিরসহায়তা।

চিরসুখী (চিরশুখি) [চির—সুখ+ইন্ (বিশিষ্টার্থে বা অস্ত্যর্থে)] বিণ. যাহার চিরদিন সুখ আছে ; আজীবন সুখী ; নিরন্তর যে সুখ ভোগ করে। প্র—"চিরসুখী জন ভ্রমে কি কখন ব্যথিত-বেদন বুঝিতে পারে।"—সদ্ভাবশতক। স্ত্রী. চিরসুখিনী। বি. চিরসুখ।

চিরসুন্দর [চির (অনন্তকাল ব্যাপিয়া) সুন্দর —২ তৎ] বি, পুং. পরমেশ্বর—যাঁহার সৌন্দর্য্য চিরদিন সমান। প্র—"হৃদয়-নন্দন বনে—এস হে এস চিরসুন্দর।"—ব্রহ্মসঙ্গীত।

চিরসুহৃৎ (শুহৃৎ) [চির (চিরকালের) সুহৃৎ (মিত্র) ৬তৎ] বি, ক্লী. চিরদিনের বন্ধু ; বহুকালের সখা ; চিরমিত্র। ২। পরমেশ্বর। প্র—"কেন ভোল ভোল চিরসুহৃদে, ভুলনা চিরসুহৃদে। ধন মান প্রাণ সকলি যাঁ হ'তে, এমন সুহৃদে, কেন ভোল।"—ব্রহ্মসঙ্গীত।

চিরসূতা (শুতা) [চির—সূতা (প্রসূতা—প্রসবিনী) ২তৎ] বি, স্ত্রী. দীর্ঘকাল প্রসবিনী ; বহুকাল প্রসূতা। ২। যে গাভী অনেক বার প্রসব করে। ৩। যে গাভী অনেক কালের পর প্রসব করে।

চিরসেবক (শেবক্) বিন. আজীবন সেবাকারী। ২। বি. পুরাতন ভৃত্য। স্ত্রী. চিরসেবিকা।

চিরসেবিত (শেবিত) [চির (চিরদিনের সেবিত—৬তৎ)] বিণ. বহুকাল ধরিয়া যাহার সেবা হইতেছে। ২। বহুকালানুষ্ঠিত ; দীর্ঘকাল-সাধিত : চিরআচরিত ; লোকে যাহা বহুকাল মানিয়া আসিতেছে। স্ত্রী. চিরসেবিতা।

চিরস্থিত (চিরোস্‌থিত) বিণ. যাহা বা যে দীর্ঘকাল আছে ; চিরস্থায়ী। স্ত্রী. চিরস্থিতা।

চিরস্থায়িতা (চিরোস্‌থায়িতা) [চির (দীর্ঘকাল) স্থা (থাকা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) য আগম=চিরস্থায়িন্+তা (ভাবে) ন—লোপ] বি, স্ত্রী. দীর্ঘকাল স্থায়িত্ব ; চির দিন থাকা ; অনশ্বরতা ; অমরত্ব।

চিরস্থায়ী (চিরস্‌থায়ী) [চির—স্থা (থাকা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) চিরস্থায়িন্ ১মা, ১ব] বিণ. অবিনশ্বর। ২। অল্পকালে যাহার ধ্বংস, রূপান্তর বা অন্যথাভাব হয় না ; যাহা বহুকাল সমভাবে থাকে ; দীর্ঘকাল স্থায়ী ; অক্ষয়।

চিরস্থায়ীবন্দোবস্ত—১৭৯৩ খ্রীঃ লর্ড কর্ণওয়ালিস বঙ্গীয় জমিদারগণের সহিত প্রথমে দশবৎসরের জন্য এবং তৎপরে তাহাই চিরনির্দ্দিষ্ট হারে খাজনা দিবার যে বন্দোবস্ত করেন। ২। যে ব্যবস্থার পরিবর্ত্তন হয় না।

চিরহরিৎ (হো) [চির (অক্ষয়, স্থায়ী) হরিৎ (সবুজ)] বিণ. যাহার হরিৎবর্ণ নষ্ট হয় না ; যে চিরকাল সবুজ থাকে ; নারিকেল, তাল, খর্জ্জুরাদি চিরশ্যামল বৃক্ষ ; evergreen.

চিরা [চীর দ্রঃ] বি. মাথার চীর বস্ত্র ; ফালী কাপড়ের পাগড়ি। প্র—"কালুর কাটারি ছড়ি মস্তকের চিরা"—ঘনরাম।

চিরা, চেরা [হি—চিরনা। কাঠাদি বিদারণ কালে যে শব্দ হয় তাহা হইতে চির অর্থাৎ চর্‌চর্ বা চির্‌চির্ শব্দ হইতে। অথবা সং—ছিদ্ (ছেদনে) ধাতুজ ছিঁড়া হইতে ছিরা, পরে চিরা ও ছেঁড়া হইতে চেরা। কিম্বা ছুর্ ধাতু (ছেদনে) হইতে আসা সম্ভব। উ-পু—চিরি। ম-পু—চির, চের (সমানে) ; চিরুন্ (সম্ভ্রমে) ; চের্ (অনাদরে)। প্র-পু—চেরে (অনাদরে, সমানে) ; চেরেন্ (সম্ভ্রমে)। অস-ক্রি, চিরিতে ; চিরিয়া। ণিজন্ত—চিরান, চেরান] ক্রি, বিদারণ করা ; ফাটান ; ফাড়া ; ছিন্ন করা ; ছেঁড়া। প্র—কাঠ চেরা ; কাপড় চেরা। ২। বিভাগ করা। প্র—চুল চেরা। ৩। নখাঘাত দ্বারা রেখাবৎ ক্ষত করা। ৪। বল প্রয়োগে উন্মুক্ত করা ; ফাঁক করা ; খোলা। প্র—"দেখিয়াছি আঁখি চিরে"—অশোকগুচ্ছ। **চুলচেরা**—চুল চিরিয়া দুই সমান ভাগ করার ন্যায় সূক্ষ্ম ভাগ করা। **ফোড়া চেরা**—স্ফোটকে অস্ত্র-প্রয়োগ দ্বারা দূষিত রক্ত পুযাদি বাহির করা। **বুক চেরা**—বক্ষ বিদারণ করা। "মা কালীকে বুক চিরে রক্ত দিয়ে এল"। ২। বিণ. হৃদয়ের অন্তস্তল হইতে প্রাপ্ত ; প্রাণাপেক্ষা প্রিয়তম। প্র—বুকচেরা ধন। ৩। কামিজ,

কোট প্রভৃতি পরিচ্ছদের যে স্থান বুকে উপর পড়ে তাহা কাটা ; বুককাটা। প্র—বুক-চেরা জামা।

চিরাই [প্রা-বাং] বি. চিরায়ুঃ ; দীর্ঘায়ুঃ প্র—"জনম হইলা বসুমতী হও গো চিরাই আজ্ঞি জাক জনমাইব তাক দিও ঠাঁই।"—শূন্যপুরাণ।

চিরাগ, চেরাগ (গ্) [ফা—চিরাগ্ = দীপ] বি. প্রদীপ। বিণ. চিরাগী, চেরাগী। **চেরাগ-দান**—পিলসুজ ; দীপদণ্ড ; দীপ আধার। **চেরাগ আলী**—মুসলমানী নাম আলী যাঁহার জীবনের চেরাগ স্বরূপ।

চিরাগত [চির+আগত] বিণ. বহুকাল হইতে প্রচলিত ; আবহমানকাল হইতে যাহা চলিয়া আসিতেছে।

চিরাগী, চেরাগী [চিরাগ (দ্রঃ)+ঈ (সম্বন্ধে) চিরাকীও বলে] বি. মুসলমানী নাম। প্র—চিরাগী মিয়া। ২। চিরাগ সম্বন্ধীয়। ৩। কোন পীরের আস্তানার সংলগ্ন জমী [illegible]—যাহাতে পীরের উদ্দেশে চিরাগ দেওয়া হয় (পী[illegible]বাত্তর ভূমি সদৃশ)।

চিরাতা—চি[illegible]রতা দ্রঃ।

চিরাচরিত [illegible] (চো) [চির+আচরিত] বিণ. দীর্ঘকাল [illegible]ত।

চিরানন্দ [চির[illegible] (অক্ষয়) আনন্দ হয় বা আছে যাহার—ব[illegible]হ] বিণ. যে জন আজীবন আনন্দ অনুভব করে। ২। বি. অক্ষয় আনন্দ ; সদান[illegible]ন্দ ; যে আনন্দের শেষ নাই।

চিরানুকূল [illegible] (ল্) [চির+অনুকূল] বিণ. চির[illegible]সহায় ; চিরহিতকারী। প্র—"আপনি চিরানুকূল"—সীতার বনবাস।

চিরানুরক্ত [চির+অনুরক্ত] বিণ. আজন্ম বা চিরদিন আসক্ত ; চিরপ্রিয়। স্ত্রী. **চিরানুরক্তা**।

চিরানুরাগ (গ্) [চির+অনুরাগ] বি. যে ভালবাসার ক্ষয় নাই। আজন্ম প্রীতি ; চির প্রেম। বিণ. **চিরানুরাগী** ; স্ত্রী. **চিরানুরাগিণী**।

চিরানুশোচনা [চির+অনুশোচনা] বি. আজীবন অনুতাপ : চির আক্ষেপ।

চিরান্ধ [চির+অন্ধ] বিণ. জন্মান্ধ। ২। যাহার চক্ষু কখনো খোলে না ; যে কখন সত্য দর্শন করে না।

চিরানুষ্ঠিত [চির+অনুষ্ঠিত] বিণ. যাহা চিরকাল সম্পাদিত হইতেছে। ২। যে আচরণ পুরুষানুক্রমে চলিয়া আসিতেছে।

চিরাভ্যস্ত (চিরাভ্‌ভোস্‌তো) [চির (বহুকালের) অভ্যস্ত] বিণ. চিরদিনের অভ্যাসিত ; বহুকাল হইতে যাহার অভ্যাস করা হইয়াছে।

চিরায়ুঃ, চিরায়ু [চির (দীর্ঘকাল) আয়ুস্ (জীবন) যাহার, বহ্] বিণ. দীর্ঘজীবী। ২ বি. পু. অমর।

চিরায়ুষ্মতী (চিরায়ুশ্‌মোতি, শ্‌শোতি [চির+আয়ুষ্মতী] বিণ. চিরজীবিনী। পুং. আয়ুষ্মান।

চিরাশ্রিত (চিরাস্‌সৃতো) [চির+আশ্রিত বিণ. যে বহুকাল অন্যের আশ্রয়ে পালিত ২। আজীবন রক্ষিত।

চিরুণি, চিরুণী [চিরণী দ্রঃ] বি. কঙ্কতিকা চিকুরবিন্যাসকারিণী ; ছোট কাঁকুই। প্র—"হাতে নিল চিরুণি মাথায় নাই কেশ"—ঘনরাম।

চির্ভটী (চির্‌ভোটি) বি. স্ত্রী. ফুটীফল। ২। কাঁকুড়।

চিল (ল্) [সং—চিল্ল রব হইতে] বি. প্রসিদ্ধ দীর্ঘপক্ষ দৃঢ়চঞ্চু নখরবিশিষ্ট মাংসাশী পক্ষী : যে পাখী চিল্ চিল্ রবে তীব্র চীৎকার করে ; the common kite. ২। যে শিশু তীব্র চীৎকার করিয়া নিরন্তর কাঁদে। **চিলচেঁচান**—চিলের মত অতিশয় তীব্র চীৎকার করা।

চিলবিল, চুলবুল (চিল্‌বিল্) [সং—চঞ্চল হইতে হি—চিল্‌বিল্, চুল্‌বুল্] অ. চঞ্চলতা প্রকাশ ; ছটফট্ ; অস্থিরতা প্রকাশ।

চিলবিলান (ল্, নো) [হি—চিলবিলানা, চুলবুলানা] ক্রি. ছটফট করা ; চঞ্চল বা অস্থির হওয়া। বিণ. **চিলবিলা ; চুলবুলা, চিলবিলে ; চুলবুলে।** বি. **চিলবিলানি ; চিলবিলিনি ; চুলবুলানি ; চুলবুলুনি।**

চিলম (ম্) [ফা—চিলম্] বি. হুঁকার কল্কে ; ছিলিম (দ্রঃ)।

চিলমচী (ম্) [তুর্কী—চিলম্‌চী] বি. হাত মুখ ধুইবার আধার। [এদেশে মুসলমানী ও য়ুরোপীয় আসবাবপত্র যাঁহারা ব্যবহার করেন তাঁহাদের দ্বারা ব্যবহৃত হয়]।

চিলা, চিলে ["চিলিয়া" সংক্ষেপে] বি. অট্টালিকার সর্ব্বোচ্চস্থানে যে ঘর ; চিলে কুঠুরি। **চিলেঘর**—অট্টালিকার ছাদের উপরের ছোট ঘর ; ছাদে উঠিবার সিঁড়ির ঘর ; চিলা কুঠুরি। **চিলাছাদ, চিলেছাত**—চিলাঘরের ছাদ।

চিলাচিলি [হি—চিল্লাচিল্লী] বি. পরস্পর চীৎকার শব্দে আহ্বান ; চেঁচাচেঁচি। ২। কান্নাকাটি।

চিল্ল [সং। শব্দাত্মক। চিল্‌চিল্ রবে তীব্র চীৎকার করে বলিয়া] বি. চিল ; the common kite.

চিল্লক (ক্) বি. পুং, স্ত্রী. চিল। ২। ঝিল্লিকা।

চিল্লান, চেল্লান (নো) [হি—চিল্লানা (চিল চেঁচান)—চীৎকার করা। তুল—ইং—shrill চিলের মত অতি তীব্র রব। বাং-তে গ্রাম্য ব্যবহার] ক্রি. চেঁচামেচি করা ; চীৎকার করা ; চেঁচানো।

চিল্লি—বি. চিল ; চিল দ্রঃ।

চিল্লিকা—বি. স্ত্রী. চিল্লীশাক (হি—চিলারী)। ২। চোখের ভ্রূ।

চিল্লীকা—বি. স্ত্রী. ঝিল্লী ; ঝিঁঝিপোকা।

চিহিঁ, চিহিঁহিঁ [অনুকার শব্দ] বি. হ্রেষা-রব ; ঘোড়ার ডাক।

চিহ্ন (চিন্‌হ্) [চিহ্ন (লক্ষ করা)+অ (করণে—অণ্) যাহা দ্বারা চিহ্ন রাখা যায়] বি. লক্ষণ। ২। যাহা স্মরণ করাইয়া দেয় ; স্মারক। ৩। যাহা চিনাইয়া দেয় ; পরিচায়ক ; অভিজ্ঞান ; নিদর্শন। ৪। সংশয় নিবারক : যাহা দেখিলে আর সন্দেহ থাকে না। ৫। সঙ্কেত ; ইসারা। ৬। তন্ত্র-সম্প্রদায়-পক্ষ-প্রভৃতি-জ্ঞাপক বস্তু ; ধ্বজ ; পতাকা। ৭। [ভাবে—অল্] দাগ ; ছাপ ; কলঙ্ক।

চিহ্নকারী (চিন্‌হোকারি) [চিহ্ন—কারী (কৃ+ইন্—কর্ত্তৃ, গিন্)=কারিন্ ১মা, ১ব] বিণ. যে চিহ্ন করে ; যে কোন কিছুতে দাগ দেয়।

চিহ্নৎ (চিন্‌হৎ) [হি। বাং—গ্রা। সং—চিহ্নিত হইতে] বি. চিহ্ন। প্র—কাপড়ে একটা চিহ্নৎ পর্য্যন্ত নাই। ২। চিহ্নিত। প্র—চিহ্নৎ করে দেওয়া।

চিহ্নধারী (চিন্‌হোধারি) [চিহ্ন—ধারী (ধৃ+ইন্—কর্ত্তৃ, গিন্)=ধারিন্ ১মা, ১ব] বিণ. যে চিহ্ন ধারণ করে ; চিহ্নযুক্ত। ২। পতাকা-ধারী ; পতাকী। স্ত্রী. **চিহ্নধারিণী**—চিহ্নযুক্তা। ২। বি. শ্যামালতা।

চিহ্না (চিন্‌হা) [হি—চিন্‌হা=চিহ্ন। গ্রা—চেন্না। উ-পু—চিহ্নি। ম-পু—চিহ্ন। প্র-পু—চিহ্নে। অস-ক্রি—চিহ্নিতে ; চিহ্নিয়া। প্রা-বাং] ক্রি. অভিজ্ঞান করা ; পরিচয় স্মরণ করা। প্র—"না চিহ্নে মানুষ নিমিখ নাই"—চণ্ডীদাস। বি. চিহ্নানি ; চিহ্নৎ।

চিহ্নিত (চিন্‌হিঁত) [চিহ্ন+ত (কর্ম্মে) গ্রা—চিহ্নৎ] বিণ. যাহাতে চিহ্ন দেওয়া হইয়াছে ; চিহ্নযুক্ত ; অঙ্কিত। প্র—ঢেরা চিহ্নিত বাড়ী : ক চিহ্নিত কাগজ। ২। পোড়া লোহায় ক্ষতচিহ্ন করা ; দাগ দেওয়া ; দাগী ; branded. ৩। উচ্চশ্রেণীর রাজকার্য্যে নিয়োগ ও নির্ব্বাহ সম্বন্ধে কৃত অঙ্গীকার ; covenanted. **চিহ্নিতনামা**—যে কাগজে জমির রাজকীয় সীমাচিহ্ন নিরূপিত থাকে।

চীখৈর (র্) [প্রাদে। চিক্কুর (দ্রঃ)—চিক্‌খুর] বি. চীৎকার দ্রঃ।

চীজ, চিজ (জ্) [ফা—চীজ্=বস্তু, সামগ্রী] বি, বস্তু ; দ্রব্য ; সামগ্রী ; জিনিস। প্র—"হায়রে পুজিব কিসে কোন চীজ নাই"—অ, ম। চীজ-বস্তু [ফা—চীজ্‌বস্তু] বি, আসবাব পত্র ; জিনিস পত্র ; দ্রব্যসামগ্রী

চীৎকার, চিৎকার (র্) [চি চি কার। গ্রা—চিচ্‌কার, চিচ্‌কের। তুল—হি—চিল্লাহট্‌। চিৎ—চীৎ—চিল্ (চিল্‌চিলাকার—চিলের চেঁচানর অনুকরণে শব্দ করা)+কার (—কৃ+অ ভাবে—ঘঞ্)] বি, পুং, তীব্র কণ্ঠধ্বনি ; চেঁচান ; উচ্চৈঃশব্দ।

চীতল (ল্) বি, চিতল দ্রঃ।

চীন (ন্) [চিহ্ন। চিন দ্রঃ] বি, চিহ্ন। ২। চমরু নামক মৃগ।

চীন (ন্) [সং—চীন। ইং—china. ফা—চীন] বি, চীন নামক প্রসিদ্ধ দেশ। ২। চীনজাত বস্ত্রবিশেষ ; চীনাংশুক।

চীনা [চীন+আ (সম্বন্ধে, ভবার্থে)] বিণ, চীন দেশোৎপন্ন ; চীনদেশে প্রাপ্তব্য ; চীনদেশে নির্ম্মিত। প্র—চীনা বাসন ; চীনা মাটি। ২। চীন দেশ সম্বন্ধীয় ; চৈনীয়। ৩। চীন দেশের লোক ; চীনের অধিবাসী। চীনা কর্পূর—কর্পূরবিশেষ। চীনা কাঁকুড়—সং-নাম চীনাক। চীনা ঘাস—চীনদেশীয় ক্ষুপ-বিশেষ ; bœhmeria nivea এই ঘাসে দড়ী দড়া প্রস্তুত হয় ; চীন দেশে ইহাতে কাপড় ও হয়। চীনা মাটি—শ্বেত চিক্কণ মাটি যাহাতে বাসন তৈয়ার হয়। চীনা বাদাম—মাট বাদাম ; মাটকড়াই। চীনা বাসন—চীনা মাটির বাসন। চীনা সিন্দুর—ঘোর লাল সিন্দুর ; সংস্কৃত নাম চীন পিষ্ট। চীনার পান্না, চীনার পাত—সর্ব্বোৎকৃষ্ট কোমল বিশুদ্ধ স্বর্ণপত্র।

চীনা [সং—চীন, চীনক। হি—চীনা] বি, ব্রীহিধান্যবিশেষ ; চীনে ধান। প্র—"মাস মসুরী তণ্ডুল মধুরী বরবটী বাটুলা চীনা।"—কবিক।

চীনাংশুক (ক্) [চীন (চীন নামক) যে অংশুক (বস্ত্র) কর্ম্মধা, চীনাংশুক ও বলে] বি, ক্লী, পট্টবস্ত্র।

চীবর (র্) [সং] বি, ক্লী, সন্ন্যাসীদিগের পরিধেয় জীর্ণবাস ; চীর। ২। ভিক্ষাপাত্র।

চীবরী [চীবর (জীর্ণবস্ত্র)+ইন্ (অস্ত্যর্থে) যাহার জীর্ণবস্ত্র আছে] বি, পুং, বৌদ্ধ সন্ন্যাসী। ২। বিণ, চীবরধারী।

চীর (র্) [চিরা দ্রঃ। সং—চীর=বস্ত্রখণ্ড (শুভূতি, মেদিনী। ২। চূড়া (হেমচন্দ্র)] ক্লী, কাপড়ের ফালি ; ছেঁড়া কাপড় ; নেকড়া। ২। কাপড় ; বসন ; বাস। প্র—"না বাঁধে চিকুর না পরে চীর"—চণ্ডীদাস। ৩। শিরস্ত্রাণ। ৪। কাগজের ফালি ; চীরকুট। ৫। বৃক্ষত্বক ; গাছের ছাল ; বল্কল। স্ত্রী, চীরী—ঝিল্লী, ঝিঁঝিপোকা।

চীরকুট (র্, ট্) [হি—চিরকুট্। চীর (ছিন্ন) কুট (টুক, ক্ষুদ্রার্থে)] বি, ক্ষুদ্রখণ্ড ; ছোট টুকরা। ২। বস্ত্রখণ্ড ; ছেঁড়া নেকড়া। ৩। কাগজের ক্ষুদ্রখণ্ড। ৪। [কৃষ্ণ চীর হইতে চীর-কৃষ্ণ, চীরকুট সংক্ষেপে চিরকুট—চিকুট (দ্রঃ)] অতি মলিন ছিন্ন বস্ত্রখণ্ড। তুল—হি—চিথ্‌ড়া।

চীরধারী (র্) [চীর—ধারী (ধৃ=ধারণ করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=ধারিন্ ১মা, ১ব] বিণ, জীর্ণ মলিন বস্ত্র পরিধানকারী ; টেনকি পরা ; কৌপীনধারী।

চীরা [চীর দ্রঃ] বি, পাগড়ী ; চিরা দ্রঃ।

চীর্ণ [কৄ=চৄ (ক্ষেপণে, বিক্ষেপে)+ত (কর্ম্মে—ক্ত) চৄ=চীর্—ত=ন] বিণ, বিদীর্ণ ; দীর্ণ। ২। খণ্ডিত ; বিভক্ত। ৩। কৃতচয়ন ; সঞ্চিত। চীর্ণপর্ণ—ক্ষুদ্র ক্ষুদ্র পাতাযুক্ত গাছ। ২। নিমগাছ। ৩। খেজুর গাছ।

চুআন (নো) [চ্যু (ক্ষরিত হওয়া, ভ্রষ্ট হওয়া) চু+আন (বাং ক্রিয়া বিভক্তি)] ক্রি, চুয়ান দ্রঃ।

চুঁ [শব্দাত্মক। চুঁ চুঁ শব্দ হইতে আধিক্যার্থে চোঁ, অপেক্ষাকৃত মৃদু শব্দে চুঁই] অ, অগ্নি বা রৌদ্রের খরতাপে জল শোষণ বা বাষ্পীভূত-করণ শব্দ ; শুষ্ক মৃত্তিকাদিতে জল-শোষণ-শব্দ। ২। সামান্য বা অতি মৃদু শব্দ। প্র—চুঁ শব্দটী না হয় এমন ভাবে থাকিবে। চুঁ করা—চুপিসাড়ে কথা বলা। ২। সামান্য প্রতিবাদ করা। চুঁ শব্দ—অতি মৃদু শব্দ। ২। সামান্য প্রতিবাদ। প্র—বিরুদ্ধ পক্ষ হইতে একটী চুঁ শব্দও হইল না।

চুঁইচুঁই [চুঁ দ্রঃ। পুনঃপুনঃ বা প্রকারার্থে, দ্বিত্ব] অ, জল সিদ্ধ হইবার বা শোষণের মৃদু শব্দ। ২। দগ্ধ হইবার শব্দ। ৩। জ্বলিয়া যাওয়ার ভাব ; দগ্ধ হওয়া। প্র—ক্ষুধায় পেট চুঁইচুঁই করা।

চুঁওয়া—চুঁয়া দ্রঃ

চুঁওয়ান—চুয়ান দ্রঃ।

চুঁচড়ো (চ্) [চূর্ণ হইতে। গ্রা—চুণো, চুঁচ্‌ড়ো, চুনা মাছ, খুব ছোট মাছ। ২। বঙ্গদেশের অন্তর্গত নগরবিশেষ ; chinsurah. ৩। চুঁচড়ো দ্রঃ। সূক্ষ্মমুখ।

চুঁচা—চোঁচা দ্রঃ।

চুঁচি [সং—চুচুক] বি, স্তনের অগ্রভাগ বা বোঁটা। ২। যুবতীর স্তন।

চুঁয়া [রূপান্তর—চুঁআ, চুঁওআ, চুঁওয়া, চুঁএা (প্রা-বাং। পূঃ-পূঃ) চোঁয়া। চুঁ (দ্রঃ)+আ (বাং ক্রিয়া বিভক্তি)। অকর্ম্মক। প্র-পু—চোঁয়। অস-ক্রি—চুঁইতে ; চুঁইয়া ; চুঁয়ে। নিজন্ত—চুঁয়ান] ক্রি, আদগ্ধ হওয়া। ২। খর ভাজা হওয়া।

চুঁয়ান, চোঁয়ান (নো) [চুঁয়া দ্রঃ। উ-পু—চুঁয়াই। ম-পু—চুঁয়াও, চোঁয়াও, (সমানে) ; চুঁয়ান, চোঁয়ান (সম্ভ্রমে) ; চুঁয়া, চোঁয়া (অবজ্ঞায়)। প্র-পু—চুঁয়ায়, চোঁয়ায় (সমানে, অবজ্ঞায়) ; চুঁয়ান, চোঁয়ান (সম্ভ্রমে)। অস-ক্রি—চুঁয়াইতে, চোঁয়াইতে ; চুঁয়াইয়া, চোঁয়াইয়া, চুঁয়িয়ে, চুঁইয়ে] ক্রি, আদগ্ধ করা ; খর ভাজা করা ; প্রায় পোড়াইয়া ফেলা ; পোড়া পোড়া করা।

চুক (ক্) [হি—চুক=ত্রুটি] বি, ত্রুটি ; ভুল। চুক-ভুল, ভুল-চুক [চুক=বিস্মৃতি দোষ, ভুল=অশুদ্ধি দোষ। কিন্তু ব্যবহারে একার্থক, সহচর শব্দদ্বয়] ভুল ভ্রান্তি ; ভ্রমপ্রমাদ। প্র—"দুজনে ওজনে তুল চুক্‌-ভুল নাই"—কস্তুরী।

চুক (কো) [সং—চুক্র] বি, বৃক্ষাম্ল। ২। বিণ, টক ; অম্ল। চুকা দ্রঃ। চুকপালঙ—টক পালঙ্‌শাক।

চুকচুক (ক্, ক্) [অনুকার শব্দ। শব্দাধিক্যে, চক্‌চক্। মৃদুশব্দে, চিক্‌চিক্। মৃদুতর শব্দে, চুক্‌চুক্। মৃদুতম শব্দে, চুকুচুকু] অ, দুগ্ধাদি ওষ্ঠাধর এবং জিহ্বা সহযোগে পান করিবার শব্দ ; চুম্বনের অনুকরণে জলদুগ্ধাদি আকর্ষণ শব্দ ; পাত্র হইতে চুষিয়া পান করিবার শব্দ। ২। [স্নেহ পদার্থে] মসৃণ ও উজ্জ্বল ; চিক্কণ। ক্রি, চুকচুকান (নো)—চুকচুক শব্দ করা ; চুকচুক করিয়া পান করা। বি, চুকচুকানি, চুকচুকুনি। বিণ, চুকচুকে।

চুকন (ন্) [চুকান দ্রঃ] বি, ভুল করণ ; ভ্রমে পতন। ২। নিষ্পত্তি ; মিটমাট। ৩। ঋণ শোধ ; মূল্য শোধ। ৪। হনন ; প্রাণ বিনাশ ; আয়ুঃশেষ। ৫। (চুকোনো) ক্রি, চুকান দ্রঃ।

চুকলি [আ—চুগল্। বাং-র গ্রা ব্যবহার] বি, পশ্চাতে নিন্দা ; কুৎসা। চুকলি খাওয়া—পশ্চাতে নিন্দা করা। প্র—"পাত্র বলে বেটারা সকল ঠক ঠেঁটা। মুখে মুখে সম্মুখে চুকলি খায় বেটা।"—ঘনরাম।

চুকলি (ক্) [চাকলিও বলে] বি, চক্রাকার পাতলা পিষ্টক।

চুকা [সং—চুক্র। ফা—তুরুশ্] বি, বৃক্ষাম্ল ; অম্ল ; টক। চুকাপালঙ—টক্‌ পালঙশাক।

চুকা, চোকা [হি—চুক্‌না। উ-পু—চুকি। ম-পু—চুক, চোক (সমানে) ; চুকেন্ চোকেন্ ; চুকুন্ (সম্ভ্রমে) ; চোক্ (অনাদরে)। প্র-পু—চুকে, চোকে (সমানে, অবজ্ঞায়) ; চুকেন, চোকেন (সম্ভ্রমে)। অস-ক্রি—

চুকিতে; চুকিয়া। ণিজন্ত—চুকান, চোকান (নো)] ক্রি, চুক করা; ভুল করা। ২। সমাপ্ত হওয়া।

চুকান (নো) [রূপান্তরে—চুকোনো। চুক—আন (ক্রিয়ায়, ণিজন্ত)। উ-পু—চুকাই। ম-পু—চুকাও, চুকোও (সমানে); চুকান, চুকোন (সম্ভ্রমে); চুকো (অনাদরে)। প্র-পু—চুকায়, চুকোয় (সমানে, অনাদরে); চুকান, চুকোন (সম্ভ্রমে)। অস-ক্রি,—চুকাইতে, চুকোতে; চুকাইয়া, চুকইয়ে] ক্রি, চুকাইয়া দেওয়া; পরিশোধ করা। ২। মিটান; নিষ্পত্তি করা। ৩। বিনাশ করা; প্রাণ হরণ করা; (গ্রাম্যভাষায়) সাবাড় করা।

বি, চুকানি, চুকুনি, চুকতি, চুক্তি। বিণ, চুক্তা।

চুকানীদার (র্) [চুকানী—ফা—দার] বি, জোত জমিতে স্বত্বহীন প্রজাবিশেষ।

চুক্তি, চুকতি [হি—চুক্তা। চুকান দ্রঃ] বি, নিষ্পত্তি। ২। অবসান।

চুঙ্গী [চোঙ্গা (দ্রঃ) অপেক্ষা ক্ষুদ্র] বি, ছোট চোঙ্গ; নলী: খোল। ২। আমদানী রপ্তানী মালের উপর ধার্য্য শুল্ক; মাশুল। ২। কয়ালের প্রাপ্য দস্তরি।

চুচুক, চুচুক (ক্) [চুষ্ (পানে)। চুচু (চুষিবার বা শিশুর দুগ্ধ পানের শব্দ) ক] বি, পু, ক্লী, স্তনাগ্র; স্তনের বোঁটা।

চুচুকৃতি [চুচু (অনুকরণে) কৃ (করা)+ তি (কর্তৃ, সংজ্ঞার্থে—ক্তি)] বি, স্ত্রী, চুচু বা চুকচুক শব্দ; চুচুকার। ২। চুম্বন শব্দ।

চুঞ্চু [সং। উপাধিতে অন্য শব্দে যুক্ত হইয়া প্রসিদ্ধ এই অর্থ জ্ঞাপন করে] বিণ, প্রসিদ্ধ। প্র—অক্ষরচুঞ্চু: ন্যায়চুঞ্চু।

চুটকি, কী (ট্) [সং—ছোটিকা (অঙ্গুলি ধ্বনি, তুড়ি শব্দ)] বি, স্ত্রীলোকের পদাঙ্গুলির অঙ্গুরীয়বিশেষ (ইহাতে কড়াই গাঁথা থাকায় তুড়ির মত ধ্বনি করে)। প্র—"তোমার চরণে চুটকি হয়ে পড়ে আছি।"—দীনবন্ধু মিত্র (জামাই বারিক)। "চটুল চরণে চুটকী পরিয়া খেমটাওয়ালী নাচে।"—পাঁচু ঠাকুর। ২। তুড়ি; অঙ্গুষ্ঠ ও মধ্যমা দ্বারা যে চুটচুট্ শব্দ হয়। ৩। চিমটি। ৪। অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী, মতান্তরে অঙ্গুষ্ঠ, তর্জ্জনী ও মধ্যমা এই তিন অঙ্গুলির টিপে যতটুকু চূর্ণ ধরে; এক চিমটি। ৫। তুড়ির বাদ্যের তালে গেয় লঘু সুরের গীত (হি—চুটকুলা)। ৬। বিণ, সামান্য; তুচ্ছ; অকিঞ্চিৎকর। ৭। লঘু। প্র—চুটকী সাহিত্য। "একটু চুটকী ভিন্ন যায় না সময়"—রজনী সেন"। ৮। লঘু ও সরস বা মনোহর; চটুল। চুটকী বাজান—তুড়িবাদ্য করা। চুটকী সাহিত্য—সরল ভাষায় অতি অল্প কথায় লঘু ও সরস সাহিত্য; "নরচরিত্রের বা মনুষ্য জীবনের কোনও একটা জটিল তত্ত্ব সরস অথচ সরল ভাষায় প্রকাশ করাই এই প্রকারের সাহিত্যের বিশেষত্ব। একটু রসিকতা থাকিবে, কিন্তু তাহা হাল্কা হইবে না, ভাবটি গভীর হইবে অথচ তাহাতে বিকট গাম্ভীর্য্য থাকিবে না, চাই কি একটু বিদ্রূপের কটাক্ষ থাকিবে অথবা করুণার অন্তঃসলিল প্রবাহ ধীরে বহিয়া যাইবে। এইরূপে উজ্জ্বলে মধুরে মিশিলেই এই প্রকারের সাহিত্য সার্থক হয়।"—ললিত বন্দ্যো (ফোয়ারা)।

চুটকী (ট্) [চুঙ্গী—গ্রাম্য বিকারে] বি, চুঙ্গী; কয়ালের প্রাপ্য দস্তরী। ২। টাকার সুদ।

চুটকী (ট্) [সং—চূড়া। হিঃ—চোটী, চুটী, চুটকী] বি, মস্তকের শিখা; টিকী। চৈতন্য-চুটকী—চৈতন্যের স্থানের শিখা; টিকী।

চুটাইয়া, চুটিয়ে—চোটান দ্রঃ।

চুটী [চুটকী দ্রঃ] বি, শিখা; চূড়া।

চুড়ি, চুড়ী, চূড়ী [হি—চূড়ী] বি, স্ত্রীলোকের হস্তালঙ্কারবিশেষ। প্র—"সুবলিত ভুজে সাজে সুবর্ণের চুড়ি"—শিবায়ন।
—দার (র্) [হি—চুড়ী+ফা-দার] বি, চুড়ির মত কুঞ্চিত অগ্র; চুনট করা। প্র—"শুঁড়ওলা নাগরা জুতা পায়ে দেয় চুড়ীদার জামা পরে আর কবিদের মত বাব্‌রি চুল রেখেছে।"—নারায়ণী।

চুণ (চুন্) [সং—চূর্ণ। হি—চুণ, চুণা] বি, চূর্ণ। প্র—চুণসুরকির গাঁথনি, চুণকাম করা বাড়ী। ২। [চুণের বর্ণ শুভ্র বলিয়া তদ্বৎ শ্বেতবর্ণ বা ফ্যাকাশে, লজ্জা কিম্বা ভয় বশতঃ মুখের রক্তহীনতা অর্থাৎ মুখ শুকান ভাবকে চুণ বলে] বিণ, রক্তহীন; শুষ্ক। প্র—"পণ্ডিতের হৈল মুখ চুণ"—রবি। সে লজ্জায় মুখ চুণ করিয়া চলিয়া গেল।

চুণি (নি) চুনি দ্রঃ

চুন (ন্) [চুণ দ্রঃ] বি, চূর্ণ; ক্ষার; অট্টালিকাদি নির্ম্মাণার্থ চূর্ণ। ২। পানের সঙ্গে খাইবার চুণ। প্র—"খুন হয়ে ছিনু বাছা চুন চেয়ে চেয়ে। শেষে না কুলায় কড়ি আনিলাম চেয়ে॥"—ভারতচন্দ্র।

চুনট (ট্) চুনাট দ্রঃ।

চুনন (ন্) [হি—চুন্না শব্দজ] বি, বাছন; নির্ব্বাচন।

চুনা [হি—চুন্না=নির্ব্বাচন] ক্রি, বাছিয়া লওয়া; একটী একটী করিয়া সংগ্রহ করা। ২। [চূর্ণ] বি, ক্ষুদ্রজাতীয় মৎস্য; চুনা মাছ।

চুনাট [চূর্ণিত হইতে হি—চুনাট্, চুনট্] বি, চূর্ণন; সঙ্কোচন; কুঞ্চন। ২। বস্ত্রাদির কিনারা, জামার হাতা, চাদর প্রভৃতির ধার কুঞ্চন।

চুনি, নী [হি—চুন্নী] বি, রত্নবিশেষ; রক্তবর্ণ বহুমূল্য স্বচ্ছ প্রস্তরবিশেষ; পদ্মরাগমণি; লোহিতক; ruby.

চুনিয়া [চুণ (চূর্ণ lime) +ইআ (ব্যবসায়ার্থে, সম্বন্ধার্থে)] বি, চূর্ণকার জাতি; যাহারা চুণ তৈয়ার করে।

চুনুরি [হি—চুন্‌রী, চুনরী=বস্ত্ররঞ্জন-কৌশল (২) রঞ্জিত বস্ত্র] বি, বিচিত্র রঞ্জিত-বস্ত্র; রঙ্গে ছোবান কাপড়; রঙ্গীন বসন। প্র—"তোমার যে চুনুরি শাড়ীতে বড় সাধ মা"—নীলদর্পণ। ২। চুণ তৈয়ারকারী।

চুনোপুঁটী [চুনা (দ্রঃ)—পুঁটী (দ্রঃ)] বি, ছোট ছোট মাছ। ২। [লক্ষণায়] সামান্য দরের লোক; গরীবগুরবা; অল্প পুঁজী, অল্প ক্ষমতার লোক।

চুন্দী [চুন্দ্ (বিজ্ঞাপনে)] বি, স্ত্রী, কুট্‌নী।

চুন্নী [চোর—স্ত্রী, চোরনী; দ্রুত উচ্চারণে চোন্নী, চুন্নী] বি, স্ত্রী, যে নারী চুরী করে। গালিবিশেষ। ২। [চুন্দী দ্রঃ] কুট্‌নী; গালিবিশেষ।

চুপ (প্) [চপ্=মন্দ মন্দ গমন করা। হি—চুপ=নীরব (২) গোপন] বিণ, নীরব; মৌন। (২) ক্রি-বিণ, নীরবে। ২। ক্রি-বিণ, নিস্পন্দ ভাবে; নড়নচড়ন রহিত। প্র—রোগী নির্জ্জীবের মত চুপ করে পড়ে আছে। ৩। নিঃশব্দে; আওয়াজ না করিয়া। চুপ করা—কথা বন্ধ করা; মৌন হওয়া। ২। গণ্ডগোল না করা। চুপচাপ—সম্পূর্ণ চুপ করিয়া; নীরবে; নিঃশব্দে। ২। কলহ না করিয়া। চুপ দেওয়া—কথোপকথনে বিরতি দেওয়া; গোল না করা। চুপ মারা—মুখ বন্ধ করা ও গতি রহিত করা; নীরব ও নিশ্চল হওয়া। প্র—এখানে চুপমেরে বসে থাক। চুপ হওয়া—সাড়া না দেওয়া; নিরুত্তর হওয়া। চুপসাড়—চুপিসাড় দ্রঃ।

চুপড়ি, চুবড়ি, ড়ী [তুল—হি, টোকরী। চোচ=বল্কল—বংশত্বক— চেঁচাড়ি=চিয়াড়ী, তাহাতে নির্ম্মিত বলিয়া ?] বি, বংশত্বকে নির্ম্মিত পাত্রবিশেষ; ক্ষুদ্র ঝুড়ি; টুকরী। প্র—"মাধব শাঁখারী লয়ে শঙ্খের চুপড়ি। শাশুড়ীর সহিত করিছে হুড়াহুড়ি॥"—শিবায়ন। ২। [লক্ষণায়] আধার। প্র—"কুঞ্জ নহে তাহার সে বুদ্ধির চুপড়ী"—কৃত্তিবাস। সিন্দূরচুবড়ী—সিন্দূর রাখিবার পাত্র। (চেঁচাড়ীতে পাত্রটি নির্ম্মাণ করিয়া প্রথমে

লাল কাপড়ে মুড়িয়া তাহার উপর কপর্দ্দকের আচ্ছাদন দেওয়া হয়)। ২। [সিন্দুরচুবড়ীর সাদৃশ্য হইতে] জবড়জঙ্গী স্ত্রীলোক; যে নারী সীমন্তে একরাশ সিন্দূর মাখিয়া এবং মেলা কাপড়চোপড়ে বেষ্টিত হইয়া থাকে। প্র—সিঁদুরচুবড়ী হয়ে বসে আছে।

চুপসা (চুপ্‌শা) [রূপান্তরে—চোপসা। চুষ্ (শোষণে) হইতে] বিণ. যাহা চুপসিয়াছে; যাহার রস শোষিত হইয়াছে। ২। রস রক্তের শোষণ হেতু কৃশ; বসা। প্র—রৌদ্রে ঘুরে ঘুরে মুখ চোপ্‌সা হয়ে গেছে।

চুপসান, চোপসান (চুপ্‌শানো, চোপ্‌শানো) [চুষ্ ধাতু শোষণে। উ-পু—চুপসাই। ম-পু—চুপসাও। প্র-পু—চুপসায়। অস-ক্রি, চুপসাইতে; চুপসাইয়া। ঐরূপ চোপসান হইতে] ক্রি, চুষিয়া লওয়া। প্র—কালী চুপসে যাওয়া বা লওয়া। ২। কষ্টে, ভয়ে শরীরের রস মরিয়া দেহ বা কোন অঙ্গ শুষ্ক ও কৃশ হওয়া; বসে যাওয়া। প্র—মুখ চুপসে যাওয়া; গাল চুপসে যাওয়া। বি, **চুপ্‌সানি; চোপ্‌সানি।** বিণ, **চুপ্‌সা; চোপ্‌সা।**

চুপা [হি—চুপকা=নীরব] বিণ, নীরব।

চুপি [হি—চুপ্পী=নীরবতা] বি, নীরবতা; নিঃশব্দ। ২। ক্রি-বিণ, নীরবে; নিঃশব্দে; আস্তে। ৩। গোপনে। **চুপিচাপি**—নিঃশব্দে; গোল না করিয়া। **চুপিচুপি**—অতি ধীরে; অপরে শুনিতে না পায় এরূপ ভাবে; খুব আস্তে; আস্তে আস্তে। ২। গোপনে; অন্যের অলক্ষিতে। **চুপিসাড়ে**—অনুচ্চস্বরে; খুব আস্তে; প্রায় নীরবে; ফিস্ ফিস্ করিয়া। ২। চুপ করিয়া এবং ইসারা বা ইঙ্গিতে। **চুপিদেওয়া**—চুপ দেওয়া দ্রঃ। প্র—"তেতালার ঘরে গিয়া চুপি দিয়া রই"—চন্দন।

চুবক (ক্) [চুয়া (ব্রজবুলিতে) চুব—চুবক] বি, চুয়া নামক সুগন্ধদ্রব্যবিশেষ। প্র—"চুবক লইয়ে, ফুকরি কহয়ে, আইল দাসী যে তবে।"—চণ্ডীদাস। "চন্দন চুবক লইবে কতেক"—চণ্ডীদাস। ২। [হি—চুব্‌কী] চুবন; মজ্জন; ডুব।

চুবন, চুবনি (ন্) [হি—চুভ্‌কী চুবান্: ডুব] বি, নিমজ্জন; ডুব। ২। যে ডুব বা মজ্জনে নাকে মুখে জল প্রবেশ করে; শ্বাসরোধক ডুব। প্র—"চুবন খেয়ে হাঁপইয়ে উঠে"—গিরিশ। "চক্ষু রাঙ্গা ভরে পেট খাইয়া চুবনি"—ক্ষেমানন্দ।

চুবলান (চুব্‌লানো)—চোবলান দ্রঃ।

চুবান (নো) [রূপান্তরে—চোবান, চোবড়ান, চুব্‌ড়ান। হি—চুবানা। জলে নিমজ্জনের শব্দ 'চুব'—তাহার অনুকরণে। উ-পু—চুবাই। ম-পু—চুবাও: চুবান: চুবা। প্র-পু—চুবায়; চুবান। অস-ক্রি—চুবাইতে; চুবাইয়া। ঐরূপ চোবান] ক্রি, নিমজ্জিত করা; ডুবাইয়া দেওয়া; বুড়ান। ২। জলের ভিতর চেপে বা গুঁজড়ে ধরা; এমন ভাবে ডুবাইয়া দেওয়া যাহাতে নাকে মুখে জল ঢুকিয়া শ্বাস বন্ধ হয়। **চুবাচুবি**—বি, চুবানি; চুবুনি; চোবানি; চুবন; চোবোন। পরস্পর পরস্পরকে চোবাইয়া দেওয়া (তুল—হি—চুভ্‌কা চুভ্‌কী)। প্র—"দুইজনে চুবাচুবি দুইজনে ডুবাডুবি"—কস্তুরী।

চুম (চুমো) [গ্রা] চুম্ব দ্রঃ।

চুমকি (ম্) [হি—চম্‌কি (চমকদার ধাতুর ক্ষুদ্র ক্ষুদ্র পাত)] বি, সোনা রূপা প্রভৃতির চকমকে ছোট ছোট পাত; রাঙ্গ নির্ম্মিত ছোট ছোট বুটী। প্র—"চুমকি জড়িত চারু পীতাম্বর চেলি"—ঈশ্বর গুপ্ত। **চুমকি ঘটি**—ভাল পালিশের ছোট জলপাত্রবিশেষ (চুমকির মত চকমকে বলিয়া অথবা চুমুক দিয়া জলপান করিবার উপযুক্ত বলিয়া)। **চুমকি বসান**—বস্ত্রাদিতে চুমকি টাঁকিয়া দেওয়া বা সংলগ্ন করা।

চুমকুড়ি, চুমকুড়ী (চুমকুড়ি) [হি—চুম্‌কার] বি, মুখশব্দ দ্বারা চুম্বন; চুম্বনের অনুকরণে ওষ্ঠদ্বয় সঙ্কুচিত এবং জিহ্বা দ্বারা পথরোধ করিয়া বায়ু আকর্ষণ। প্র—চুমকুড়ি দিয়া পাখী পড়ান। **চুমকুড়ি দেওয়া**—চুমকুড়ী শব্দ করা। তদ্দ্বারা উৎসাহ দেওয়া।

চুমরান, চোমরান (ম্, নো) [হি—চুমকার্‌না=মিষ্ট কথায় ভুলান, to coax.] ক্রি, মিষ্ট কথায় ভুলান; ভুলাইবার ছলে পিঠে হাত বুলান। **চুমরেচামরে কাজ হাসিল করা, কাজ আদায় করা বা কাজ লওয়া**—মিষ্ট কথায় ভুলাইয়া বা পিঠে হাত বুলাইয়া কার্য্য উদ্ধার করা।

চুমরি, চুমুরি, রী (ম্) [চামর হইতে। নারিকেল ফুল চামরের মত এই কোষ হইতে বাহির হয় বলিয়া। বরিশালে "চুরী"। শুষ্ক হইলে চুমরি, কাঁচা অবস্থায় মোচ] বি, নারিকেল ফুল কিম্বা ফল (মুচি) ধরিবার সময় যে নৌকাকৃতি কোষ মধ্যে থাকে; নারিকেল ফুল ও মুচির আধার; মুঞ্জরীচ্ছদ।

চুমা—চুম্ব দ্রঃ। চুম্বন (স্নেহ বা আদর অর্থে)। **চুমাচুমি**—পরস্পর পরস্পরকে চুম্বন। প্র—"আলিঙ্গন চুমাচুমি"—কস্তুরী।

চুমুক (গ্রা) বি, পানীয় দ্রব্যে মুখ সংযোগ করিয়া পান। প্র—"খেয়েছে হৃদয়রক্ত চুমুকে চুমুকে"—ফুলরেণু (গোবিন্দ)।

চুমুরী—চুমরি দ্রঃ।

চুমো [চুম্ব অপভ্রংশে। রূপান্তরে চুমা] বি, চুম্বন। প্র—হেসে হেসে দুলে দুলে চুমো খায় ফুলে ফুলে,"—বিহারী চক্রবর্ত্তী। **চুমো খাওয়া**—চুম্বন করা।

চুম্ব [চুম্ব্ (চুম্বন করা)+অ (ভাবে—অল্)। চুম্ব হইতে স্নেহ ও আদর অর্থে অপভ্রংশে, চুম, চুমা, চুমো] বি, চুম্বন। প্র—"এত বলি কত দেওল চুম্ব। বারে বারে দেখে মুখারবিন্দ"—চণ্ডীদাস।

চুম্বই [ব্রজ। প্রা-বৈ-সা—পদ্যে। চুম্ব+ই (ক্রিয়া বিভক্তি)] ক্রি, চুম্বন করে। প্র—"আহা মরি মরি বলি বদন পুন চুম্বই দোঁহে দোঁহে তনু নিরছাই।"—গোবিন্দদাস।

চুম্বক (ক্) [চুম্ব্ (চুম্বন করা)+অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে লৌহ চুম্বন অর্থাৎ আকর্ষণ করে] বি, পুং, যে প্রস্তর লৌহকে আকর্ষণ করে; চুম্বক পাথর; অয়স্কান্তমণি। ২। [তুল—হি—চুনন্‌া] সংক্ষিপ্তসার; summary. ৩। নানা গ্রন্থপত্র হইতে নানা বিষয় সংগ্রহকারী; সংগ্রহকর্ত্তা। ৪। যে চুম্বন করে; চুম্বনকর্ত্তা। ৫। [চুম্ব+ক (শব্দে; চুম্বন শব্দ অর্থে) গ্রা—চুমুক] পানীয় দ্রব্যে মুখস্পর্শ করিয়া আকর্ষণ।

চুম্বকশলকা, চুম্বক-সূচিকা, চুম্বক-সূচী (ক্, শুচি) বি, লৌহ-আকষক অয়স্কান্তমণির কাঁটা; a magnetic needle.

চুম্বন (ন্) [চুম্ব্ (চুম্বন করা, মুখ সংযোগ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, স্নেহ, অনুরাগ, সৌজন্য প্রভৃতির বশে মুখে মুখে সংযোগ; মুখে মুখ স্পর্শ; চুমা; চুম্ব। ২। ওষ্ঠাধর দ্বারা স্পর্শ; ওষ্ঠাধরে করতল স্পর্শ। বিণ, চুম্বিত।

চুম্বিত [চুম্ব্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কৃত চুম্বন; যাহাকে চুম্বন করা হইয়াছে। ২। যাহাকে স্পর্শ করিয়াছে; স্পৃষ্ট। ৩। সংলিপ্ত; সংমিলিত।

চুয়ন (চুয়ন্) [চুয়া দ্রঃ] বি, ক্ষরণ; ঝরণ।

চুয়া [হি—চুআ। চুয়ান দ্রঃ—"এক প্রকার গাছ আছে, যাহার শিকড় কাটিয়া পুনরায় মাটির মধ্যে পুঁতিয়া রাখিতে হয়। যেটুকু পচিবার, তাহা পচিয়া যায়, যেটুকু অবশিষ্ট থাকে, তাহা এক সপ্তাহ জলে ভিজাইয়া রাখিতে হয়; পরে সেই জল একটী সংকীর্ণ মুখ বোতলের মধ্যে পুরিয়া মুখটী বেশ করিয়া আঁটিয়া দিতে হয়; তাহার পর একটী তলদেশে ছিদ্রবিশিষ্ট বোতলের উপর উল্টা মুখে বসাইতে হয়। সকলের নীচে একপাত্র জল

পাকে এবং ইহার চারিদিকে ঘুঁটের আগুনের সামান্য তাপ দিতে হয়। এই তাপ লাগিয়া যাহা চুয়াইয়া পড়ে, তাহাই চুয়া। এই চুয়া গোলাপ জলে ভাল করিয়া ধুইয়া লইতে হয়।"—আইন-ই-আকবরী (পাঁচকড়ি বন্দ্যো)] বি. সুগন্ধি দ্রব্যবিশেষ। প্র—"কেশর কস্তুরী চুয়া চন্দন সুগন্ধ। ধূপ ধুনা সৌরভ সকলে মহানন্দ॥"—শিবায়ন।

চুয়া [চুয়ান দ্রঃ। প্র-পু—চোয়। ব্রজ—চুয়ত ; চুঅত=চুইয়া পড়ে। অস-ক্রি—চুইতে ; চুইয়া] ক্রি. ক্ষরিত হওয়া ; ঝরা। প্র—"শ্রম ভরে স্বেদ বিন্দু বিন্দু চুয়● যৈছন জলদে বিথারল মোতি।"—গোবিন্দদাস। বি. চুয়ন।

চুয়াড় (ড়্)—চোয়াড় দ্রঃ।

চুয়াত্তর (চুয়াৎতোর্) [সং—চতুঃসপ্ততি চতুঃ—চৌঃ=চুঃ—সপ্ততি—হত্তরি—হাত্তর] বি. ৭৪ এই সংখ্যা। ২। বিণ. চতুরধিক সত্তর সংখ্যক।

চুয়ান, চোয়ান (নো) [চ্যু (ক্ষরণে) ধাতু হইতে। হি—চুবানা=ফোঁটা ফেলা, ঝরান] উ-পু—চুয়াই। ম-পু—চুয়াও ; চুয়া। প্র-পু—চুয়ায়। সম্ভ্রমে—ম-পু, প্র-পু—চুয়ান্। অস-ক্রি, চুয়াইতে। চুয়াইয়া। ঐরূপ চোয়ান] ক্রি. ঝরাণ ; ক্ষরাণ ; পাত্রাদির ছিদ্র দিয়া ফোঁটা ফেলা ; পরিস্রবণ করা। ২। নিষেক করা। প্র—"হৃদয়ে চুয়ান প্রেমের মদিরা"—অবসর। বি. চুয়ানি—পরিস্রবণ ; distillation. বিণ. চুয়ানো—পরিস্রুত ; distilled. মদচুয়ান—মদ্য পরিস্রবণ ; খোলা ভাঁটিতে মদ চুয়াইয়া প্রস্তুত করা।

চুয়ান্ন (চুয়ান্‌নো) [চতুঃপঞ্চাশৎ] বি. ৫৪ এই সংখ্যা। ২। বিণ. চতুরধিক পঞ্চাশ সংখ্যক।

চুয়াল, চোয়াল (ল্) [হি—চুয়ার, চুয়াল্। সং—কবল] বি. দন্তপঙ্‌ক্তিযুগল ; কবল ; হনু ; এক কস হইতে অন্য কস পর্য্যন্ত ; jaw. চুয়াল ধরা—উপর ও নিম্ন দন্তপঙ্‌ক্তি বদ্ধ হওয়া ; দুই কসে খিল ধরা ; কোন কিছু চিবাইবার জন্য মুখ নাড়িতে না পারা। চুয়াল ভাঙ্গা—চুয়ালের খিল খুলিয়া বা ছাড়াইয়া দেওয়া।

চুয়াল্লিশ (শ্) [সং—চতুশ্চত্বারিংশৎ] বি. ৪৪ এই সংখ্যা। ২। বিণ. চার অধিক চল্লিশ সংখ্যক।

চুর, চূর (র্) [সং—চূর্ণ (অস্থি চূর্ণ হইলে দেহ ভাঙ্গিয়া পড়িবার ভাব, শিথিল ভাব) অথবা পূর্ণ (পরিপূর্ণ ভাব, ভরপূর)] বিণ. ভরপূর ; ভোর ; বিহ্বল ; হতজ্ঞান। প্র—"ভাঙ্ খেয়ে হয়ে আছি চুর।"—দ্বিজেন্দ্র রায়।

চুরট, চুরুট (ট্) [তামিল—সুরুট্টু (বর্ত্তিকা a roll) হইতে ফরাসী cheroute ; ইং—cheroot. বাং—চুরুট] বি. ধূমপানার্থ শুষ্ক তামাক পাতার বাতি ; ধূমবর্ত্তিকা।

চুরানব্বই (চুরানোব্‌বোই) [সং—চতুর্নবতি] বি. ৯৪ এই সংখ্যা। ২। বিণ. চার অধিক নব্বই সংখ্যক।

চুরাশি [সং—চতুরশীতি] বি. ৮৪ এই সংখ্যা। ২। বিণ. চার অধিক আশীসংখ্যক।

চুরি [চুর্ (চৌর্য্যে)। হি—চোরী)] বি. চৌর্য্য ; অপহরণ। চুরি-চামারি—সহচর শব্দদ্বয়। চুরি ও তদ্রূপ অপকর্ম্ম। চুরি করিয়া—অপহরণ করিয়া। ২। লুকাইয়া অন্তরালে থাকিয়া ; গোপনে। প্র—"সুষমা যখন মুখের ঘোমটা মাথায় তুলিয়া সাংসারিক কাজ কর্ম্মে ব্যাপৃত, রাজীব তখন কোথা হইতে কোন ফাঁকে গুটিগুটি আসিয়া অন্তরালে দাঁড়াইয়া চুরি করিয়া সুষমার মুখের পানে এক দৃষ্টে চাহিয়া থাকিত।"—কলিকাল (শৈলেশ মজুমদার)। লুকাচুরি—যে খেলায় এক জন চোর হয় ও অপরে চোরকে ধরা না দিবার জন্য লুকায়। দেখাচুরি—যে খেলায় লুকাইতে হয় না, চোরের সাক্ষাতেই দৌড়িতে দৌড়িতে চোরকে ধরা না দিবার চেষ্টা করা হয়।

চুল, চূল (ল্) [সং—চূড়, চূল। প্রা-বাং—চুলি] বি. কেশ ; কচ। কটা চুল—তাম্র বর্ণ কেশ ; ইট বর্ণ কেশ। কাঁচা চুল—কৃষ্ণবর্ণ কেশ ; অল্প বয়সের লক্ষণ। পাকা চুল—শ্বেতবর্ণ কেশ। বৃদ্ধ বয়সের লক্ষণ। এলো চুল—মুক্তকেশ (স্ত্রীলোকের)। চুল বাঁধা—খোঁপা বাঁধা। কোঁকড়া চুল—কুঞ্চিত কেশ। চাঁচর চুল—ঢেউ খেলান চুল। ঝাঁকড়া-চুল—থোবা থোবা চুল। চুল রাখা—দেবোদ্দেশে মানত করিয়া কেশ ধারণ করা এবং দেবতাকে চুল দিবার পূর্ব্বে চুল না কাটা। পাঁচচুলা করা—পাঁচ চূড়া করিয়া মাথা নেড়া করা ; পাঁচটি শিখা রাখিয়া চুল কাটা। চুল তোলা—পাকা চুল উৎপাটন। চুল ঝাড়া—স্নানের পর নারীদিগের কেশ হইতে জল ঝরান। চুল চেরা—চেরা দ্রঃ।

চুলকনা, চুলকনি, চুলকুনি (ন্) [তুল—হি—খুজলি। সং—কণ্ডূতি] বি. ত্বকের মধ্যে সড়সড়ানি ; কণ্ডূতি ; গাত্র কণ্ডূয়ন। ২। চর্ম্মরোগবিশেষ ; যাহা নখ দ্বারা আঁচড়াইতে আঁচড়াইতে ক্ষত বিক্ষত হয়। ৩। চেষ্টা ; অস্থিরতা ; অত্যাগ্রহ।

চুলকান (চুল্‌কানো) [তুল—হি, খুজ্‌লান (উ-পু—চুলকাই। ম-পু—চুলকাও (সমানে) চুলকা, চুলকো (অনাদরে)। প্র-পু—চুল্‌কায় (সম্ভ্রমে—ম-পু, প্র-পু—চুলকান। অস-ক্রি, চুলকাইতে ; চুলকাইয়া] ক্রি. কণ্ডূয়ন করা ; নখ-ঘর্ষণ করা। প্র—"উকুনের কামড়েতে হইয়া আকুল। চক্ষু মুদি দুইহাতে চুলকান চুল॥"—অ, ম।

চুলবুল (চুলবুল্) [হি—চুলবুল, চিলবিল দ্রঃ অ. চঞ্চলতা-জ্ঞাপক ; অস্থিরতা-প্রকাশক ক্রি. চুলবুলানো। বি. চুলবুলানি চুলবুলুনি। বিণ. চুলবুলিয়া, চুলবুলা চুলবুলে—চঞ্চল ; ছট্‌ফটে ; অস্থির। প্র—"ফণা তুলে চুলবুলে ফণী অগণন।"—সারদা মঙ্গল।

চুলা, চুলী, চুলো [সং—চুল্লী] বি. উনান আখা। ২। শ্মশান-চুল্লী ; শবদাহার্থ অগ্নিকুণ্ড চুলা জ্বালা—উনান ধরান। ২। শবদাহা অগ্নিকুণ্ড জ্বালা। [গালি অর্থে] চুলা যাওয়া—মরা। (২) চুলোর দো যাওয়া—যমের দক্ষিণ দ্বারে যাওয়া ; মরা চুলোমুখ—উনন মুখ ; মুখে আগুন পোড়ামুখ। স্ত্রী. চুলোমুখী। চুলে ভোগা—চুলাভোগকারী ; শব ; মড়া। স্ত্রী চুলোভুগী।

[চুল—আ, চুল—ই। চুল দ্রঃ বি. পরস্পর কেশাকর্ষণ ; পরস্পর চুল টান টানি করিয়া ঝগড়া ; তুমুল ঝগড়া। প্র-"দুই দলে মিলামিলি গলাগলি চুলাচুলি ব যাত্রী দেউড়ী না ছাড়ে।"—কবিক। ২। চু চুলে বন্ধন।

চুলি [চুল দ্রঃ। প্রা-বাং। আধু-গ্রা বি. চুল ; কেশ। প্র—"এলাইয়া বেণী ফুলে গাঁথনি দেখয়ে খসায়ে চুলি।"—চণ্ডীদা আউ-চুলি—এলোকেশ।

চুলুক (ক্) [হি—চুল্লু। চুল্ (পান কর +উক (অধি) যাহাতে পান করা যায় বি. গণ্ডূষ। ২। কর্দ্দম ; কাদা। গোত্রপ্রবর্ত্তক মুনি।

চুলো—চুলা দ্রঃ।

চুল্কনা, চুল্কনি (ক্নো)—চুলকনা দ্রঃ।

চুল্কান (নো)—চুলকান দ্রঃ।

চুল্লি, চুল্লী [সং—চুল্লী] বি. স্ত্রী. অগ্নিস্থা চুলা ; উনান। ২। চিতা।

চুষা, চোষা [সং—চুষ্ (পান করা)। উ-পু চুষি। ম-পু—চুষ, চোষ (সমানে চোষ (অনাদরে)। প্র-পু—চুষে, চে (সমানে, অনাদরে)। সম্ভ্রমে—ম-পু—চুষ

প্র-পূ—চুষেন, চোষেন। অস-ক্রি—চুষিতে; চুষিয়া। ণিজন্ত—চুষান; চোষান (নো)] ক্রি, মুখ দ্বারা শোষণ করা।

চুষি, চুষিকাটি [চুষি (চুষিবার) কাটি] বি, শিশু ভুলাইবার খেলনাবিশেষ; শিশু শুইয়া শুইয়া যে রঙ্গীন কাঠের ডাটি মুখে দিয়া চুষিতে থাকে ও পা ছুঁড়িয়া খেলা করে।

চুসা (শা)—চুষা দ্রঃ।

চুসি (শি) [চুষি দ্রঃ] বি, চুসিয়া খাইবার পিষ্টক। প্র—"পায়সে পিটুলি দিয়া করিয়াছে চুসি" —ঈশ্বর গুপ্ত। ২। শিশুর চুষিবার খেলনা।

চূচড়ো (চ্) [চুঁচ (সূচ)=ড়া। চোঁচড়াও হয়] বিণ, সূক্ষ্মাগ্রবিশিষ্ট।

চুচুক (ক্)—চুচুক দ্রঃ।

চূড় (ড়্) [সং—চূড়া] বি, হস্তের আভরণ; চুড়ি আকার স্বর্ণালঙ্কারবিশেষ।

চুড়চুড় (চুড়্চুড়্) [শব্দাত্মক] অ, আগুনের আঁচে ব্যঞ্জনাদি সিদ্ধ করিবার জল মরিয়া গেলে চুড়চুড় শব্দে ফুটিতে থাকে; চুঁইয়া চুঁইচুঁই করিবার পূর্ব্বে মাখামাখা রসে ফুটিবার শব্দ। ২। [চূড়া-চূড়া (প্রায় বা সাদৃশ্য অর্থে, দ্বিত্ব)] বিণ, চূড়াকার; চূড়ার মত উচ্চ।

চূড়া [চূড্ (মুণ্ডনে)+অ (অঙ্—অধি) আপ—স্ত্রী] বি, স্ত্রী, মস্তকমুণ্ডনরূপ সংস্কার; চূড়াকর্ম্ম। ২। কেশ। ৩। শিখা; টিকি। ৪। ময়ূরের মাথার ঝুটি। ৫। পর্ব্বতের শিখর; শৃঙ্গ। ৬। মস্তকভূষণ; মুকুট। ৭। কলগী, মুকুট বা পাগড়ীর উপরের পুষ্পগুচ্ছ বা পালক। ৮। ভূষণ; অলঙ্কার। ৯। করভূষণ; চুড়ী। ১০। অগ্রভাগ। ১১। বিণ, শ্রেষ্ঠ; প্রধান। প্র—"হইয়া লোকের চূড়া সিংহাসনে বৈস খুড়া আমাকে রাজ্যের লাগে ভার।" —কবিক।

চূড়াকরণ (ন্) [চূড়া—কৃ (করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ব্রাহ্মণাদি দ্বিজাতির মস্তক-মুণ্ডনরূপ সংস্কার।

চূড়াকর্ম্ম—বি, চূড়াকরণরূপ সংস্কার।

চূড়ান্ত [চূড়া (অগ্রভাগ) তাহার অন্ত (শেষ) ৬তৎ] বি, পুং, শেষসীমা। ২। শেষ নিষ্পত্তি; চরম সিদ্ধান্ত। ৩। পরাকাষ্ঠা।

চূড়াবৎ [চূড়া+বৎ (বতু—অস্ত্যর্থে)] বিণ, চূড়াযুক্ত; যাহার চূড়া আছে। ২। শিখর সদৃশ। স্ত্রী, চূড়াবতী।

চূড়ামণি (—মোনি) [চূড়ার মণি—৬তৎ] বি, পুং, মস্তকস্থ রত্ন; শিরোমণি। ২। মস্তকভূষণ। ৩। কাকমাচিকা ফল। ৪। শাস্ত্র জ্ঞানের উৎকর্ষ জ্ঞাপক উপাধিবিশেষ। ৫। বিণ, সর্ব্বপ্রধান। ৬। অগ্রগণ্য।

চূড়াল [চূড়া (শিখা)+ল (অস্ত্যর্থে) শিখা যাহাতে থাকে] বি, ক্লী, মস্তক। ২। বিণ, চূড়াযুক্ত; শিখাবিশিষ্ট। ৩। মাথাল; প্রধান।

চুড়ি, চুড়ী—চুড়ি দ্রঃ।

চূণ (ন্) [সং—চূর্ণ] বি, প্রস্তর কিম্বা শম্বুকাদি ভস্ম; ক্ষার। চুণ দ্রঃ। প্র—"চূণে গেছে মুখ তেতে দধি দেখে ভয়"—কুসুম। কলি-চূণ—কলি দ্রঃ। চূণের জল—চূণগোলা জল থিতাইলে উপরের স্বচ্ছজল।

চূণকাম (চুন্কাম্) [চূণ—কাম (কর্ম্ম)] বি, চূণকর্ম্ম; গৃহাদিতে চূণ ধরাণ: কলি ফেরান।

চূণটী (নো) বি, চূণের বাটী; চূণ রাখিবার ডিবা।

চূণারী [সং—চূর্ণকার] বি, চূণপ্রস্তুতকারক; চূর্ণকার জাতি; যাহারা চূণ প্রস্তুত করে। পূর্ব্ববঙ্গে এই জাতিকে কটুরা বলে; চুনিয়া।

চূত [চূষ—চুষা+ত (কর্ম্মে—ক্ত)] বি, ক্লী, আম্রফল। ২। বি, পুং, আমগাছ। প্র—"চূত মুকুলকুল সঙ্কুলদলিকুল গুণ গুণ রঞ্জন গানে।"—মদনমোহন তর্কালঙ্কার। ৩। [চুত্ (ক্ষরণে)+অ (অপাদানে—অল্)] প্রসবদ্বার; যোনি। চূতলতা—লতানিয়া আমগাছ। যথা—লতাবোম্বাই। ২। যে লতা আম্রবৃক্ষকে বেষ্টন করিয়া উঠিয়া থাকে।

চূর (র্) [সং—চূর্ণ] বি, গুঁড়া; চূর্ণ; টুকরা টুকরা। ২। নাশ। প্র—"ভাঙ্গা গেল যত ভুর, চাতুরী হইল চূর, এড়াইতে নারিবে এমনি"—অ, ম। বিণ, চুরচুরে। আম চূর—আম্রচূর্ণ-শুষ্ক। খইচূর—খই চূর্ণের মোদক। খয়ের চূর—খয়ের বর্ণ শুষ্ক মিঠাই (জগন্নাথদেবের প্রসাদ)। মতিচূর—মিহিদানার মিঠাই। বোতলচূর—বোতলের কাচ চূর্ণ। চেনা চূর—চনক চূর্ণ; মসলা মাখান ছোলা চেপ্টা করা। লোহাচূর—লৌহ চূর্ণ। ঐরূপ পিতল চূর, তামাচূর। নেশায় চূর—নেশায় বিহ্বল। চরণচূর—চন্দ্রাকার চরণালঙ্কার বিশেষ; চরণ চাঁদ। রতনচূর—চন্দ্রাকার করভূষণবিশেষ; রতন চাঁদ।

চূরচূর (র্, র্) [চূর (দ্রঃ)+চূর (বাহুল্যার্থে)] বিণ, বহু ক্ষুদ্র ক্ষুদ্র অংশে খণ্ডিত; টুকরা টুকরা। প্র—"করিল মঙ্গল ঘট ভেঙ্গে চূর চূর"—কুসুম।

চূরমার (চুরমার্) [চূর (চূর্ণ) মার (মর্দ্দন)—মাড়্] বিণ, চূর্ণ ও মর্দ্দিত; ভগ্ন ও দলিত। প্র—"বর দ্বার ভাঙ্গিয়া করিল চূরমার" —শিবায়ন। "রেলের উপর কোনও কিছু থাকিলে তখনই বোঝাই ট্রেণ পড়িয়া চূরমার হইয়া যাইবে"—ললিত বন্দ্যো (ফোয়ারা)।

চূর্ণ [চূর্ণ্ (গুঁড়া করা)+অ (কর্ম্মে, সংজ্ঞার্থে—অল্)] বি, পুং, গুঁড়া। ২। চূণ। ৩। সুগন্ধি ধূলি। ৪। আবীর। ৫। বিণ, পিষ্ট; গুঁড়া করা। অস্থি চূর্ণ করা, হাড় গোড় চূর্ণ করা—হাড় গুঁড়া করা; প্রহার বা পতন হেতু শরীরের অস্থি ভগ্ন করা। মস্তক চূর্ণ করা—মাথায় আঘাত করিয়া মাথা ভাঙ্গিয়া দেওয়া। দর্প চূর্ণ করা—গর্ব্ব ভাঙ্গিয়া দেওয়া; জাঁক ভাঙ্গিয়া দেওয়া। গতর চূর্ণ—অতিরিক্ত শ্রম, পতন, প্রহার প্রভৃতি হেতু শরীরের সর্ব্বাঙ্গ চূর্ণ হইবার মত বেদনা উৎপাদন।

চূর্ণক (ক্) [চূর্ণ দ্রঃ। চূর্ণ্+ক (স্বার্থে)] বি, পুং, চূর্ণ। ২। যে পুস্তকে মূলের বিশদ; ব্যাখ্যা, টীকা টিপ্পনী দ্বারা সহজবোধ্য করা হয়। যাহাতে সমস্ত দুরূহ অর্থাদি ভাঙ্গিয়া দেওয়া হয়। ৩। দীর্ঘসমাসহীন রচনা রীতি; বৈদর্ভী রীতি।

চূর্ণকার (র্) [চূর্ণ—কার (যে করে) কৃ+অ (কর্ত্তৃ—অন্)] বি, পুং, যে চূণ প্রস্তুত করে; চুনিয়া। ২। চূণ ব্যবসায়ী; চূণারীজাতি।

চূর্ণকুন্তল (ল্) [চূর্ণ (কুঞ্চিত) কুন্তল (চুল) —কর্ম্মধা] বি, পুং, অলক; ঝাপ্টা; জুল্পি; যে কোঁকড়া চুল কপালে আসিয়া পড়ে।

চূর্ণতা, চূর্ণত্ব [চূর্ণ—তা, ত্ব (ভাবে)] বি, চূর্ণ হইবার অবস্থা। ২। চূর্ণন। ৩। পতন।

চূর্ণন (ন্) [চূর্ণ্+অন (ভাবে)] বি, ক্লী, চূর্ণ করণ; গুঁড়ন। বিণ, চূর্ণনীয়—চূর্ণকরণ-যোগ্য।

চূর্ণপদ (দ্) [চূর্ণ (অঙ্গভঙ্গঘটিত) পদ (পদক্ষেপ) আছে যাহাতে, বহু] বি, ক্লী, নৃত্য-কৌশল-ভেদ।

চূর্ণি, চূর্ণী বি, টীকা; ভাষ্য। ২। বঙ্গদেশের প্রসিদ্ধ নদীবিশেষ। ৩। শত কপর্দ্দক মূল্যের মুদ্রাবিশেষ।

চূর্ণিকা [চূর্ণ দ্রঃ] বি, স্ত্রী, শক্তু; ছাতু।

চূর্ণিত [চূর্ণ্ (চূর্ণ করা)+ত (কর্ম্মে—ক্ত)—ই আগম] বিণ, যাহা গুঁড়া করা হইয়াছে; চূর্ণীকৃত। ২। ধ্বংসপ্রাপ্ত।

চূর্ণীকৃত [চূর্ণ—কৃত—ঈ (অভূততদ্ভাবে, চ্বি)] বিণ, কৃতচূর্ণ; যাহা চূর্ণ করা হইয়াছে; গুঁড়ান।

চূর্ণীভূত [চূর্ণ—ভূত—ঈ (অভূততদ্ভাবার্থে—চ্বি)] বিণ, যাহা গুঁড়া করা হইয়াছে।

চূর্ম্মা, চূর্ম্মা-লাড়ু—ঝালমসলা ও গুড়-যোগে প্রস্তুত চালভাজার মোদক; ঝালের লাড়ু।

চূল, চূলক (ল্, ক্) [চুলদ্রঃ] বি, পুং, কেশ।

চূলা [চূল্ (উন্নত হওয়া)+অ (কর্তৃ, সংজ্ঞার্থে—অল্)] বি, স্ত্রী, চিলেঘর। ২। [ভাবে—অঙ্] চূড়া।

চূলিকা [চুল্+অক (কর্তৃ) আপ্, অ=ই] বি, স্ত্রী, হস্তীর কর্ণমূল। ২। চূড়া। ৩। সংস্কৃত নাটকের অঙ্গবিশেষ।

চূষণ (ন্) [চূষ্ (চূষা)+অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, শোষণ; রসাদি শোষণ করিয়া আহার।

চূষণীয় [চূষ্+অনীয় (কর্ম্মে)] বিণ, চুষিবার যোগ্য; চূষ্য।

চূষা—বি, হাতীর কোমরে বাঁধিবার রজ্জু।

চূষিত—[চুষ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা চুষিয়া লওয়া হইয়াছে।

চূষী—চুষি দ্রঃ।

চূষ্য (চুষ্য্য) [চূষ্+য (কর্ম্মে)] বিণ, যাহা চুষিয়া খাইবার উপযোগী; চোষণীয়। ২। বি, চর্ব্ব্য, চষ্য, লেহ্য, পেয় এই চারি প্রকার আহারীয়ের এক শ্রেণীর খাদ্য। প্র—"চূষ্য চূষিয়া"—ভারতচন্দ্র। চর্ব্বচূষ্য, চর্ব্ব্য-চূষ্য—যাহা চিবাইবার ও চুষিয়া খাইবার।

চেইন (ন্)—চেন দ্রঃ।

চেও [চাওয়া দ্রঃ] ক্রি, ম-পু, চাহিও; দেখিও। প্র—"পুরানো বন্ধুর পানে মুখ তুলে চেও"—রবি।

চেংড়া, চেংরা—চেঙ্গড়া দ্রঃ।

চেঁচাচেচি (চ্যাচাচেঁচি) [হি—চিচিআনা, চেঁচান দ্রঃ] বি, পরস্পর উচ্চৈঃস্বরে উত্তর প্রত্যুত্তর বা কথোপকথন; অনেকের চীৎকার। ২। গণ্ডগোল।

চেঁচাড়ি, চাঁচাড়ি [চাঁচ (চক্কা)—(হি) আড়ি (বাঁক)] বি, বাঁশ চাঁচা সরু সরু পাত; বাঁখারি চাঁচা কাঠি। ২। চিয়াড়ি দ্রঃ।

চেঁচান (চ্যাচানো) [শব্দাত্মক। চেঁচে, চাঁচা, চিঁচিঁ, চাই চাই প্রভৃতি শব্দ হইতে। হি—চিচিআনা, চিচায়না, চিল্লানা, চাঁয় চাঁয় করনা। উ-পু—চেঁচাই। ম-পু—চেঁচাও (সমানে); চেঁচা (অনাদরে)। প্র-পু—চেঁচায় (সমানে, অনাদরে)। সম্ভ্রমে, ম-পু, প্র-পু—চেঁচান। অস-ক্রি—চেঁচাইতে; চেঁচাইয়া] ক্রি, চীৎকার করা; উচ্চৈঃস্বরে কথা বলা; গণ্ডগোল করা। ২। ডাক ছাড়িয়া কাঁদা। বি, চেঁচানি। বিণ, চেঁচানিয়া; চেঁচানে।

চেঁচামিচি,—মেচি (চ্যাচা) [চেঁচা (চীৎকার, চেঁচানি)—মিচি, মেচি (হি—মিচ্‌কারনা, মচানা=উৎপাদন করা, তোলা)] বি, চীৎকার; গণ্ডগোল। চেঁচামেচি করা [হি—চাঁয় চাঁয় মচানা] চীৎকার করা; উচ্চ রব তোলা; গণ্ডগোল করা।

চেঁচেপুঁছে [চেঁচে (চাঁচিয়া, চাটিয়া) পুঁছে (মুছিয়া)] ক্রি-বিণ, চাঁচিয়া মুছিয়া; চাটিয়া মুছিয়া; চিহ্নমাত্র না রাখিয়া। প্র—"দাস দাসী সকলে সকল দিয়া পিছু। চেঁচেপুঁছে খাইল রাণী রেখেছিল কিছু॥"—শিবায়ন।

চেঁট (চ্যাট্) [অশ্লীল] বি, শিশ্ন।

চেঁদ (চ্যাদ্) [অশ্লীল। "চেঁদে", "চাঁদা" শব্দের ও প্রাদে ব্যবহার আছে] বি, শিশ্ন।

চেক (ক্) [ইং—check] সূতা বা রঙ্গের চৌকা ঘর; ছক। ২। বিণ, চৌকা ঘর কাটা; চৌখুপী। চেককাপড়, চাদর, র‍্যাপার—চৌখুপী ঘর কাটা বস্ত্র বা গাত্রবস্ত্র। হি—চারখানা। চেককাটা—ছককাটা। ২। চৌখুপী।

চেকওয়ার (চেক্‌ওয়ার্) [হি] বি, বংশ-নির্ম্মিত বাড়ীর ঘেরা। ২। [চেক, cheque] বিণ, চেক অনুযায়ী।

চেকমুড়ি, চেকমুড়ী (চেক্‌মুড়ি) [চেক দ্রঃ] বি, চেকের প্রতিপত্রিকা; দাখিলার যে অংশ চেক বহিতে থাকে; চেকের বামার্দ্ধ; চেকের যে অংশ চেক বহিতে নিদর্শনস্বরূপ থাকে; counterfoil.

চেকিতান (ন্) [সং—কিত্ (ভূয়োজ্ঞানে)= চেকিত (যঙ্‌লুগন্ত)+আন (আনশ্—কর্তৃ)] বিণ, ভূয়োজ্ঞানবিশিষ্ট। ২। বি, পুং, সর্ব্বজ্ঞ; শিব। ৩। ভারতীয় প্রসিদ্ধ নৃপতি। কুরুক্ষেত্র সমরে পাণ্ডবপক্ষে যুদ্ধ করিয়া দুর্য্যোধন হস্তে নিহত হন। প্র—"চেকিতান বীর্য্যবান্ কাশি-রাজ বীর"—গীতা (কুমারনাথ)।

চেগরা, চেঙরা (গ্, ঙ্) [চেঙ্গরা দ্রঃ] বিণ, বাচাল; প্রগল্ভ। প্র—"কি-বলে ডেগরা বড় যে চেগরা"—অ-ম।

চেঙ্—চেঙ্গ দ্রঃ।

চেঙ্গ (চ্যাং) [চিঙ্ (লাফাইয়া চলা)—বৈদ্যকে চেঙ্গ 'চলদঙ্গ'] বি, চেঙ্গো মাছ; চ্যাঙ্গ মাছ। প্র—"চেঙ্গ ধরে চামণ্ডী চাহিয়া চারি আড়ে। কুঁচে কাঁকড়ার তরে হাত ভরে গাড়ে॥"—শিবায়ন। ২। [চাঙ্গ দ্রঃ] সরু মাচা; চালি; যাহাতে শব বাঁধিয়া বহন করে; কোন কোন স্থানে কেবল বাঁশে বাঁধিয়া শব বহন করে (তথায় বংশদণ্ড অর্থে সাঙ্গা)। ৩। [মঞ্চ যেমন চার কোণে চার খুঁটি অবলম্বনে থাকে তদ্রূপ অথবা সাঙ্গায় বাঁধা শববৎ] হাত পা ধরিয়া শূন্যে ঝুলান। ৪। [চেঙ্গ মাছের মত] লাফাইয়া লাফাইয়া চলা; চলদঙ্গবৎ গমন। চেঙ্গদোলা, চেঙ্গ-ঝোলা—শবঅঙ্গবৎ ঝুলন; হাত পা ধরিয়া ঝুলাইয়া ও প্রায় দুলাইতে দুলাইতে বহন। প্র—পাঠশালের পড়ুয়ারা তাহার ভাইকে চেঙ্গদোলা করিয়া গুরুমহাশয়ের কাছে লইয়া গেল।

চেঙ্গড়া (চ্যাংড়া) [সং—চঙ্গ (দক্ষ—মেঃ) কর্ম্মণ্য; বাং-য় বাক্যালঙ্কারে ক্রমে বিপরীত অর্থে প্রচলিত] বি, পুং, চপলমতি অল্পবয়স্ক যুবক। প্র—"ছিটাফোঁটা তন্ত্র মন্ত্র আছে কতগুলি। চেঙ্গড়া ভুলায়ে খায় কত জানে ঠুলি॥" —অ, ম। ২। বিণ, অর্ব্বাচীন; চপলমতি; অপরিণত বুদ্ধি; ছাবলা। স্ত্রী, চেঙ্গড়ী। ৩। ছেলে; ছোঁড়া [তুল—চেঙ্‌রা (ছেলে); চেঙ্‌রী (মেয়ে)—কুচবিহারে]। ৪। বড় চেঙ্গারি; ওড়া বা ঝোড়া।

চেঙ্গড়াম, চেঙ্গড়ামি (চ্যাং, মো) [চেঙ্গড়া—ই (হি) বাং-য় ই=মি, পরে ম] বি, চেঙ্গড়াপনা; ছেবলামি।

চেঙ্গমুড়ি—শবদেহ—বস্ত্র শয্যাদি মুড়িয়া বা জড়াইয়া সাঙ্গা বা চালিতে বন্ধন। প্র—চেঙ্গ-মুড়ি করিয়া মড়া লইয়া যাওয়া। ২। [গালি অর্থে] মড়া: শব। প্র—"চেঙ্গমুড়ি কাণী।"

চেঙ্গরা (চ্যাংরা) [চাঙ্গড়া দ্রঃ] অপ্রবীণ; বংশনির্ম্মিত পাত্র; বড় চেঙ্গারি; ঝোড়া। ২। চেঙ্গড়া দ্রঃ।

চেঙ্গারি (চ্যাঙারি) বি, ঝুড়ী।

চেঞা [প্রা-বাং। চাওয়া দ্রঃ। অপ্র] ক্রি, চাহিয়া; হেরিয়া; দেখিলে। প্র—"সই কিবা সে শ্যামের রূপ নয়ান জুড়ায় চেঞা।"—ঘনরাম।

চেট, চেটক (ট্, ক্) [চিট্ (প্রেরণ করা)+অ (কর্ম্মে, সংজ্ঞার্থে—অল্) চেট+ক (স্বার্থে) —যাহাকে প্রেরণ করা হয়] বি, পুং, দাস; প্রেষ্য; ভৃত্য। ২। উপনায়ক; যে নায়ক তুষ্টবাক্য দ্বারা রুষ্টা রমণীকে তুষ্ট করে; ভাঁড়-বিশেষ। স্ত্রী, চেটী, চেটিকা [সং—চেটী, প্রাকৃ—চেড়ী, বাং—চেড়ী] দাসী; চেড়ী। ২। উপনায়িকা।

চেটাই, চেটা (চ্যাটা) [চপেট হইতে যাহা চপেটবৎ চাটাল] বি, দরমা; খেজুর, তাল প্রভৃতি পাতার আসন।

চেটাল (চ্যাটালো) [সং—চপেট—চেট+আল (সাদৃশ্যে) চপেট বৎ ছড়াল, বিস্তৃত] বি, বিস্তৃত; চওড়া; চ্যাপটা।

চেটী—চেট দ্রঃ।

চেটুয়া [চপেট হইতে] বি, স্ত্রী, হস্ততল; হাতের চেটো। ২। পদতল; পায়ের চেটো। ৩। নবযুবতী; কিশোরী।

চেটেনেটে, চেট্রেনেট্রে [চেটে (ছোট শব্দজ)—নেটে (হি—নাটা=খর্ব, শব্দজ) উচ্চারণ ভেদে চেট্রেনেট্রে—গ্রা] বিণ, ছোটখাট। ২। অল্পবয়স্কা বধূ। প্র—"চেটেনেটে (পাঠান্তরে চেট্রেনেট্রে) যায় জলে তারে তুমি ধর চুলে। এমত তোমার কোন রীতি।"—চণ্ডীদাস। [চেটো দ্রঃ]

চেটো [ছোট শব্দের উচ্চারণ বিকার। গ্রা-বাং] বিণ, ছোট। ২। অল্পবয়স্ক যুবতী। "কিবা চেটো বউড়ি, ঝিউড়ি, বুড়ী ঠাড়ি। ধূলায় লোটায়ে কান্দে শিরে ভাঙ্গে হাঁড়ি॥"—ঘনরাম [অ-প্র]। ৩। করতল। **চেটো বউ**—ছোট বউ; নব বধূ।

চেড় (ড়্) [চিট্—ধাতুজ] বি, পুং, দাস স্ত্রী, **চেড়ী**—দাসী। প্র—"ত্বরা করি নগরে চত্বরে ধায় চেড়ী"—কবিক।

চেড়ী [চেটী দ্রঃ—ট=ড়] বি, স্ত্রী, দাসী; চেড়ী। ২। স্ত্রী রক্ষী।

চেতঃ, চেত [চিত্ (জানা)+অস্ (কর্তৃ)=চেতস্] বি, ক্লী, অন্তঃকরণ; মনঃ; চিত্ত; হৃদয়; হৃৎ; মানস। ২। চিত্তবৃত্তি। ৩। বিণ, চিত্তবান্; মনা। প্র—চঞ্চলচেত। ৪। [অস্—ভাবে] জ্ঞান; প্রজ্ঞা; চৈতন্য। ৫। পুং, আত্মা। বিণ, চেতা।

চেতক (ক্) [চিত্+অক (কর্তৃ)] বিণ, যে চেতনা জন্মায়; যে বিস্মৃত বিষয়ের স্মরণ করাইয়া দেয়; যে কর্তব্যাকর্তব্য বোধ জন্মায়; উদ্বোধক।

চেতকী [সং] বি, স্ত্রী, সুগন্ধযুক্ত ত্রিশিরা হরীতকী। ২। জাতীপুষ্প।

চেতন (ন্) [চিত্+অন (কর্তৃ—সংজ্ঞার্থে, অনট্)] বি, পুং, আত্মা; জীব; প্রাণী। ২। ক্লী, চিত্ত। ৩। বিণ, চেতনাশালী; চৈতন্যবিশিষ্ট; যাহাদের গতিশক্তি ও জীবনের অনুভব আছে। ৪। জাগ্রত। ৫। [অনট্—ভাবে] ক্লী, জ্ঞান।

চেতনা [চেতন (দ্রঃ)+আপ্—স্ত্রী] বি, স্ত্রী, চেতনা; সংজ্ঞা। ২। চৈতন্য; জ্ঞান। ৩। মন। ৪। বুদ্ধি। ৫। নিদ্রাভঙ্গ; জাগরণ।

চেতনাত্মক (চেতনাৎতক্) বি, চৈতন্যময়। স্ত্রী, **চেতনাত্মিকা**।

চেতনারহিত, চেতনাবিহীন, চেতনাশূন্য, চেতনাহীন (রোহিত্, ন, শুন্ন, ন্) বিণ, অচৈতন্য।

চেতা [গ্রা—উচ্চারণ চ্যাতা। চেত (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। উ-পু—চেতি। ম-পু—চেত (সমানে); চেত্ (অবজ্ঞায়); চেতুন্ (সম্ভ্রমে)। প্র-পু—চেতে (সমানে, অনাদরে); চেতেন্ (সম্ভ্রমে)। অস-ক্রি—চেতিতে; চেতিয়া। ণিজন্ত—চেতান] ক্রি, সজ্ঞান হওয়া; চৈতন্য লাভ করা। ২। উদ্বুদ্ধ হওয়া; জাগ্রত হওয়া; জাগা। প্র—"চেতরে চেতরে চেত ডাকে চিদানন্দ।"—অ, ম। ৩। শাস্তি পাইয়া শিক্ষালাভ; কষ্ট পাইয়া বা ঠেকিয়া চৈতন্য লাভ করা; সাবধান বা সতর্ক হওয়া। প্র—"ঠেকি বারে বারে খুব চেতেছি"—রামপ্রসাদ।

চেতান (নো) [চেতা দ্রঃ] ক্রি, চৈতন্য সম্পাদন করা; উত্তেজিত করা; জাগান; উদ্বুদ্ধ করা। প্র—"জ্বলন্ত বিদ্যুৎ হৃদয়ে ঢালিব চেতাইব পুনঃ অবশ প্রাণ॥"—চন্দন। ২। আলস্য ভঙ্গ করা; চিত হইয়া পড়া; চিতান দ্রঃ।

চেতানি [চেতান দ্রঃ] বি, উদ্বোধন; জাগরণ। ২। চিত হওন।

চেতিত [চিত্+ণিচ্=চেতি (জানা)+ত (কর্মে—ক্ত)] বিণ, যাহা জানা গিয়াছে; জ্ঞাত। ২। জাগ্রত; উদ্বুদ্ধ।

চেতোমান (ন্) [চেতঃ+মৎ (মতু—অস্ত্যর্থে)] বিণ, চৈতন্যযুক্ত।

চেদি—বি, পুং, প্রাচীন চেদিরাজ্য, বর্তমান চন্দেল নামক দেশ। ২। চেদিরাজ্যের অধিবাসী। ৩। কৈকষপুত্র চেদিরাজের বংশ; চৈদ্য। **চেদিপতি**—চেদিরাজ; শিশুপাল।

চেন (ন্) [ইং—chain হইতে বাং—চেইন্, চেন] বি, শৃঙ্খল; শিকল। ২। কণ্ঠভূষণ; হার। প্র—"পায় বুট জোব্বা•গায়ে গলায় সোণার চেন"—হেম বন্দ্যো। ৩। [জরীপে Gunter's chain.] জমীর দৈর্ঘ্য পরিমাপক ৬৬ ফুট লম্বা এবং ১০০ কড়া বা বন্ধনীর শিকল।

চেনকা (চ্যান্কা) [চমক হইতে] বি, চান্কা; চালাক।

চেনা [চিনা দ্রঃ] বিণ, পরিচিত। **চেনা পরিচয়**—অভিজ্ঞান ও আলাপ। **চেনা-চিনি**—পরস্পর পরস্পরকে চেনা।

চেনা (চ্যানা) [চণা দ্রঃ] বি, ছোলা; চণক।

চেন্না—চিহ্ন দ্রঃ।

চেপটা (চ্যাপ্টা) চাপটা দ্রঃ। **চেপ্টা-নাক**—বসা নাক; নিম্ননাসিকা। প্র—"চেপ্টা নাকে নয়ন ঢাকা।"—গিরিশ। **চেপ্টা করা**—পিষ্ট করা। ২। দাবিয়া রাখা। ৩। দর্পচূর্ণ করা। **মুসুরিচেপ্টা**—মসুর দালের মত চাপ্টা। ২। [লক্ষণায়] পিষ্ট; দর্প-চূর্ণ।

চেব (ব্) [গ্রা। সং—চর্বণ হইতে] বি, চর্বিত বস্তুর রস; পানের পিক্; ছেপ্; থুথু।

চেয় [চি (চয়ন করা)+য (কর্মে)] বিণ, চয়নযোগ্য; চয়নীয়। ২। অগ্ন সংস্কারযোগ্য অগ্ন্যাধান।

চেয়াড় (ড়্) [চেয়াড়ি অপেক্ষা বড়] বি, চেঁচাড়ি। ২। অস্ত্ররূপে ব্যবহৃত বাঁশের ধারাল ছাল। প্র—"মিথ্যা হৈলে চেয়াড়ে কাটিব তোর নাসা।"—কবিক। ৩। চতুর্মুখ বাণ; চিয়াড় দ্রঃ।

চেয়াড়ি—চেঁচাড়ি দ্রঃ।

চেয়ার (র্) [ইং—chair. 'চ্যার'ও দৃষ্ট হয়] বি, কাষ্ঠাসনবিশেষ; কেদারা।

চেয়ে [চাহিয়া সংক্ষেপে। চাওয়া দ্রঃ] ক্রি, চাহিয়া; চক্ষু মেলিয়া। প্র—"আঁখি তুই দেখনা চেয়ে তোর প্রাণের নেয়ে যাচ্চে বেয়ে কিসের নেশায়।"—রায় কালীপ্রসন্ন ঘোষ। ২। অপেক্ষা। প্র—তার চেয়ে। ৩। যাচ্ঞা করিয়া।

চেরা [চিরা দ্রঃ] ক্রি, বিদারণ করা। ২। বিণ, বিদারিত। প্র—"দুখ যামিনীর বুক চেরা ধন হেরিনু একি।"—রবি।

চেরাকী [আ—চিরাগী] চিরাগী (দ্রঃ)। পীর স্থানে প্রত্যহ প্রদীপ দিবার খরচের জন্য যে নিষ্কর ভূমি প্রদত্ত হয়।

চেরাগ (গ্)—চিরাগ দ্রঃ।

চেরান (নো) [চিরা দ্রঃ] ক্রি, ণিজন্ত, বিদারণ করান; ফাটান; ফাড়ান। প্র—কাঠ চেরান; ফোড়া চেরান। বি, **চেরানি**।

চেল (ল্) [চিল্ (পরিধান করা)+অ (কর্মে—অল্)] বি, ক্লী, যাহা পরিধান করা যায়; বস্ত্র। ২। পরিচ্ছদ। ৩। নিকৃষ্ট চেলা। ৪। বিণ, কুৎসিত। স্ত্রী, **চেলী**।

চেলা (চ্যালা) [হি—চেলা=শিষ্য (প্রা)] বি, শিষ্য। সাধারণতঃ সাধু সন্ন্যাসীদিগের শিষ্য। ২। ছাত্র। প্র—"যখন পণ্ডিতদের গুরু মারা চেলা।"—রবি। ৩। সাকরেদ (দ্রঃ)। প্র—"করি তিন ডাক দিয়ে অমনি খারিজ যেন ডাকাতের চেলা।"—রজনী সেন। ৪। সহচর। ৫। মৎস্যবিশেষ; চেলা মাছ। "চিপল চিঙ্গুড়ি চেলা চাঁদা কুড়া মীন।"—শিবায়ন।

চেলা [চিরা (দ্রঃ)—চেরা। র=ল যাহা বিদারণ করা যায়] বি, জ্বালানি কাষ্ঠ; চেলা কাঠ।

চেলান (নো) [চির—চের—চেল। আন (ক্রিয়ায়) উ-পু—চেলাই। ম-পু—চেলাও (সমানে): চেলা (অনাদরে)। প্র-পু—চেলায় (সমানে, অনাদরে)। সম্ভ্রমে—ম-পু, প্র-পু—চেলান। অস-ক্রি—চেলাইতে; চেলা-ইয়া; চেলিয়ে] ক্রি, কাটিয়া চেলা করা; বিদারণ করা; ফাড়া। প্র—কুড়ুলখানা দিয়ে কাট কখানা চেলিয়ে দাও। বি—**চেলানি**—ছোট ছোট কাষ্ঠ খণ্ড।

চেলি, লী, চেলিকা (চে্লি) [সং—চেল] বি, পট্টবস্ত্রবিশেষ ; চেলির কাপড়। প্র—"স্ত্রীর শ্রীঅঙ্গে চেলি নানা জরির নক্‌সা আঁকা।"—দ্বিজেন্দ্র রায়।

চেলীম (ম্) [সং—চিলিচিম] বি, পুং, বেলে গড়গড়ীমাছ।

চেলুনি [চাউল—পানি (জল)] বি, চাল ধোয়া জল।

চেলো—বি, বাদ্যবিশেষ। প্র—"এই বলিয়া তিনি নিজের চেলোখানি আনিয়া তাঁহাদিগকে দেখাইলেন, তারপর তাহা বাজাইয়া দুটি ভজন গাহিলেন।"—প্রদীপ ৩য় ভাগ (বেহালা)।

চেষ্টক (ক্) [চেষ্ট্ (চেষ্টা করা)+অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বিণ, যে চেষ্টা করে ; চেষ্টিত।

চেষ্টন (ন্) বি, চেষ্টা। ২। বিণ, সচেষ্ট ; চেষ্টক।

চেষ্টমান (ন্) [চেষ্ট্ (চেষ্টা করা)+আন (কর্ত্তৃ—আনশ্)] বিণ, যে চেষ্টা করিতেছে ; উদ্যোগী।

চেষ্টা [চেষ্ট্ (চেষ্টা করা)+অ (ভাবে—অঙ্)] বি, স্ত্রী, কোন কিছু করিবার জন্য যে শরীর বা মনের চালনা বা চঞ্চলতা। ২। ব্যাপার। ৩। কর্ম্ম। ৪। উদ্যোগ। ৫। যত্ন। ৬। গতি। ৭। সাহস।

চেষ্টান্তর (র্) [চেষ্টা—অন্তর (অন্য)] বি, অন্য চেষ্টা। ২। উপায়ান্তর।

চেষ্টান্বিত [চেষ্টা (দ্বারা) অন্বিত, ৩তৎ] বিণ, চেষ্টাযুক্ত : সচেষ্ট।

চেষ্টারহিত, চেষ্টাবিহীন, চেষ্টাশূন্য, চেষ্টাহীন (রোহিত্, ন, শুন্ন, ন্) বিণ, নিশ্চেষ্ট। বি, চেষ্টারাহিত্য, চেষ্টাবিহীনতা, চেষ্টাশূন্যতা, চেষ্টাহীনতা।

চেষ্টিত [চেষ্ট্+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, চেষ্টান্বিত ; যে চেষ্টা করে ; সচেষ্ট। ২। [কর্ম্মে—ক্ত] যে বিষয়ের জন্য চেষ্টা করা হইয়াছে। ৩। [ভাবে—ক্ত] বি, ক্লী, চেষ্টা ; যত্ন।

চেষ্টিতব্য (—তোব্‌ব) বিণ, চেষ্টা করিবার উপযুক্ত ; যাহার জন্য চেষ্টা করিতে হইবে বা করা উচিত।

চেহারা [ফা—চেহ্‌রা] বি, আকৃতি। প্র—"ভূতের মতন চেহারা যেমন নির্ব্বোধ অতি ঘোর।"—রবি। ২। মুখমণ্ডল।

চৈ—চই দ্রঃ।

চৈচৈ [শব্দাত্মক চইচই দ্রঃ] বি, হংসাদিকে আহার দিবার সময়ের আহ্বান।

চৈত [চৈত্র অপভ্রংশে] বি, চৈত্রমাস।

চৈতন (ন্) [চৈতন্য দ্রঃ] বি, টিকী। প্র—"ভক্ত সেই, যে আজন্মকাল চৈতন নাহি ছাঁটে"—রজনীসেন। চৈতনচুটকী—টিকী।

চৈতন্য (চৈতোন্‌নো) [চেতন+য (ষণ্, স্বার্থে বা ভাবে)] বি, ক্লী, চেতনের ভাব ; ধর্ম্ম বা কর্ম্ম ; অনুভূতি ; জ্ঞান ; বোধ ; চেতনা। ২। প্রকৃতি। ৩। ব্রহ্ম। ৪। প্রাণ ; জীবন। ৫। জাগরণ। প্র—"গিরি গৌরী আমার এসেছিল, স্বপ্নে দেখা দিয়ে চৈতন্য করিয়ে চৈতন্যরূপিণী কোথায় লুকাল।"—আগমনী গীত। চৈতন্যচন্দ্রামৃত—বি, ক্লী, প্রবোধানন্দ সরস্বতীপ্রণীত চৈতন্যদেবের মাহাত্ম্য-কীর্ত্তন গ্রন্থ। চৈতন্যচরিতামৃত—কবিরাজ কৃষ্ণদাস প্রণীত চৈতন্যদেবের জীবনচরিত। চৈতন্যভৈরবী—চৈতন্যসারোক্ত ভৈরবীবিশেষ।

চৈতন্যময় (চৈতোন্‌নোময়্) বি, চেতনাযুক্ত ; চিন্ময়। ২। চৈতন্যস্বরূপ। স্ত্রী, চৈতন্যময়ী।

চৈতন্যরূপী (তোন্‌নো) [চৈতন্যরূপিন্ শব্দ+ঈপ্, স্ত্রী] বিণ, চৈতন্যময় : চিৎস্বরূপ ; চিন্ময়। স্ত্রী, চৈতন্যরূপিণী। প্র—"চৈতন্যরূপিণী সতীরে আবার নিরখিতে পাই নয়নে॥"—দশমহাবিদ্যা।

চৈতন্যোদয় (য়্) [চৈতন্যের উদয়, ৬তৎ] বি, বোধোদয় ; চেতনার উদয়। ২। জ্ঞানের আবির্ভাব ; জ্ঞানোদয়। চৈতন্যোদয় হওয়া—জ্ঞান জন্মান।

চৈত্ত, চৈত্তিক (ক্) বিণ, চিত্ত সম্বন্ধীয়।

চৈত্য (চৈত্ত) [চি (চয়ন করা)+য (কর্ম্মে) ত—আগম=চিত্য (অগ্নি)+অ (ইদমর্থে—অণ্)=চৈত্য] বি, ক্লী, যজ্ঞস্থান ; পূজার স্থান। ২। বৌদ্ধগণের দেবমন্দির। ৩। স্মৃতিস্তম্ভ ; monument. ৪। [চিতা (শ্মশান)+য (ইদমর্থে—যণ্)] পুং, রথ্যা কিম্বা শ্মশানপার্শ্বস্থ বৌদ্ধগণের পূজ্যবৃক্ষ ; শ্মশানতরু। ৫। বিণ, চিতাসম্বন্ধীয়।

চৈত্র, চৈত্রিক (চৈৎত্র, ত্রক্) [চিত্রা+অ (ণ,—চিত্রা নক্ষত্রযুক্ত পূর্ণিমাবিশিষ্টমাসার্থে) আ লোপ=চৈত্র+ইক (ণ্) স্বার্থে=চৈত্রিক] বি, পুং, মধুমাস : চিত্রা-নক্ষত্রযুক্ত পূর্ণিমা যে মাসে থাকে সেই মাস।

চৈত্ররথ (চৈৎত্ররথ্) [চিত্ররথ+অ (ণ, চিত্ররথ গন্ধর্ব্ব ইহার রক্ষক এই অর্থে,] বি, ক্লী, কুবেরের উদ্যান। ২। পুং, মুনিবিশেষ। ৩। চিত্ররথ গন্ধর্ব্ব যে গ্রন্থের নায়ক।

চৈত্রাবলী (চৈৎত্রাবোলি) বি, স্ত্রী, চৈত্রপূর্ণিমা। ২। মদনত্রয়োদশী।

চৈত্রী (চৈৎত্রি) [চিত্রা (নক্ষত্রবিশেষ)+অ (ণ্—চিত্র নক্ষত্রযুক্তার্থে) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, চৈত্রপূর্ণিমা।

চৈদ্য (চৈদ্দ) [চেদি (দ্রঃ)+য (ণ্য) ই-লোপ)] বি, পুং, চেদিরাজ শিশুপাল। প্র—"কালিয়-মর্দ্দন! কংসনিসূদন! কেশীমথন কংসারে! * * * চতুর্ভুজ! চৈদ্যহরে!"—বাসবদত্তা।

চৈন, চৈনেয় [চীন+এয় (এয়ণ্ সম্বন্ধে, জাতার্থে)] বিণ, চীনসম্বন্ধীয়। ২। চীনদেশজাত ; চীনদেশ উৎপন্ন। চীনা ; চীনদেশীয়।

চো [সং—কূপ হইতে গ্রা, "কো"=চো] বি, কূপ।

চোআল—চুয়াল দ্রঃ।

চোঁ [শব্দাত্মক] অ, শোষণ শব্দ। চোঁ চোঁ—ক্রমাগত শোষণ ; শুষিয়া পান করা। ২। একনিঃশ্বাসে পান করা। প্র—এক বাটি দুধ চোঁ চোঁ করে পান করলে।

চোঁচ (চ্) [সং—চঞ্চা। হি—চোঁচ্=চঞ্চু ; (২) খোঁচা] বি, আঁশ ; ছালের মধ্যস্থ সূক্ষ্মমুখ বা সূচীবৎ অংশ। ২। পাখীর ঠোঁট ; চঞ্চু।

চোঁচা [চোঁ চোঁ (দ্রঃ)+আ=উআ (প্রকারার্থে)] বিণ, একনিশ্বাসে ; ঊর্দ্ধশ্বাসে ; অতিবেগে ; প্র—সে উঠেই চোঁচা দৌড় দিল। ২। একটানা ; একঘেয়ে। প্র—"কাঁদবেন দুই চারি ঘণ্টা চোঁচা উচৈঃস্বরে।"—দ্বিজেন্দ্ররায়। ৩। সোজা।

চোঁচাল—বিণ, চোঁচযুক্ত।

চোঁতা—চোতা দ্রঃ।

চোঁয়া, চুঁয়া, চুয়া [চুঁয়া দ্রঃ] বিণ, দগ্ধপ্রায় করিয়া ভাজা। ২। তাপাধিক্যে শুষ্ক ; তাপদগ্ধ। ক্রি, চোঁয়ান। চোঁয়াঢেকুর—অম্লোদ্গার, খই ঢেঁকুর।

চোক, চোখ (ক্, খ্) [সং—চক্ষু অপভ্রংশে] বি, চক্ষু ; অক্ষি। ২। [সং—চতুষ্ক] চতুর্থাংশ ; চারি পণ-পরিমাণ ; কাহণের এক চতুর্থাংশ। ৩। চোখা (দ্রঃ) ; তীক্ষ্ণধার ; খরশাণ। প্র—"চোক্ চোক্ শরে শূর অগ্নিরিলা শূরে।"—মেঘনাদ। চোককাটান—চোখের ছানি তোলা। চোক খোলা—জাগা। ২। সতর্ক হওয়া ; ৩। জ্ঞানচক্ষু খোলা। চোক গালা—চোকে খোঁচা দিয়া তারা উৎপাটন করা বা গলিত করা। চোক ঘোরাণ—চোখের তারা ঘুরাণ। ২। রাগে চতুর্দ্দিকে দৃষ্টি ফেরান। চোক ছলছল করা—শ্লেষ্মাধিক জ্বরের ধমকে বা অভিমানে চোকের

পাতা জলে ভারি হওয়া। **চোক ছাড়ান**—চক্ষু উঠা রোগে চোকের পাতা পিচুটিতে লিপ্ত হইলে সেই পাতা খোলা। **চোক ঝাঁইঝাঁই করা**—রৌদ্রে বা তীব্র আলোকে চক্ষু ঝাপ্‌সাইয়া বা ঝলসাইয়া যাওয়া। **চোক টাটান**—অপরের ঐশ্বর্য্য বা সৌন্দর্য্য দেখিয়া ঈর্ষ্যা বা লোভবশতঃ চক্ষুর পীড়া হওয়া। **চোক টেপা**—চোকের পাতা ফেলিয়া সঙ্কুচিত করত ইঙ্গিত করা। **চোক ঠারা**—বক্র দৃষ্টিতে ইঙ্গিত করা। **চোক পাকান**—রাগে ঘূর্ণিতলোচন হওয়া। **চোক ফুটা**—চক্ষুরুন্মীলিত হওয়া। ২। প্রকৃত বিষয় জানিতে পারা। **চোক ফুটান**—চোক খুলিয়া দেওয়া। ২। প্রকৃত বিষয় জানান ; সাবধান করিয়া দেওয়া। **চোক মটকান**—চোক টেপা দ্রঃ। **চোক রাঙান**—ক্রোধে চক্ষু রক্তবর্ণ করা। ২। তীব্র দৃষ্টিতে ভয় দেখান। **কটা চোক**—চোকের তারা ঘন কৃষ্ণ না হইয়া পীতাভ ; যে চোকের চারিদিকে কটাবর্ণ ; বেরাল-চোক। **কুঁচ চোক**—ক্ষুদ্র গোল চক্ষু। **কুটুরে চোক ; কোটর চোক**—খোলের ভিতর ঢ়ুকিয়া গিয়াছে যে চোক। **ঘোলা চোক**—যে চক্ষু উজ্জ্বল নয় ; ঘোলাটে। **টানা চোক**—দুই কর্ণের দিকে প্রসারিত চোক। **টেরা চোক**—যে চোকের দৃষ্টির গতি বক্র। **ড্যাবরা চোক**—যে চোকের ডবডবে চাহনি ; যে চোকের তারা বড় ও সম্মুখ দিকে ঠেলিয়া আসিয়াছে। **পটলচেরা চোক**—পটল লম্বে দুভাগ করিলে যেমন দেখায় সেইরূপ প্রসারিত চক্ষু। **পান্‌সে চোক**—[পানীসা হইতে পানসে] জলে যেন ভাসিতেছে এমন তারা বিশিষ্ট চোক ; ভাসা চোক। ২। যে চোকের তারা ঘোরাল নহে, খুব কালও নহে, খুব কটাও নহে, বরং একটু নীলের আভাযুক্ত। **ভাল চোক**—শুভদৃষ্টি। অনুকূল দৃষ্টি ; প্রীতিদৃষ্টি। **মন্দ চোক**—কুদৃষ্টি ; অপ্রিয় দর্শন। **রাঙা চোক**—ক্রোধে রক্তবর্ণ চোক। ২। নেশায় লাল চোক। **লাল চোক**—রাঙা চোক দ্রঃ। **সাদা চোক**—যে চক্ষু নেশায় বিকারপ্রাপ্ত নহে ; সহজ দৃষ্টি। **এক-চোকো**—যে এক পক্ষে দেখে ; পক্ষপাতী। **চোকে আঙ্গুল দিয়া দেখান**—দৃষ্টি আকর্ষণ করিয়া বা ভিতরের ব্যাপার বুঝাইয়া কোথায় দেখিতে হইবে নির্দ্দেশ করিয়া বিশেষ-ভাবে দেখান। **চোকোচোকি**—সামনা-সামনি ; দেখাদেখি। **চোকে চোকে রাখা**—কাহার প্রতি সতর্ক দৃষ্টি রাখা। দৃষ্টির বাহিরে বা আড়ালে যাইতে না দেওয়া। **চোকের দেখা**—শুদ্ধ দর্শন, আলাপের বা সঙ্গ সুখের জন্য নহে। ২। ক্ষণের দেখা। প্র—"কি জানি কি ঘুম ঘোরে কি চোখে দেখেছি তারে"—সারদামঙ্গল। **চোকের নেশা**—দেখিবার জন্য তীব্র ঝোঁক বা উৎকট আগ্রহ। **চোকের বালি**—চোকের পীড়াদায়ক ; চক্ষুশূল। প্র—"ননদিনী দেখয়ে চোকের বালি।"—চণ্ডীদাস। **চোকের ভুল**—দৃষ্টিভ্রম। **চোকের মাথা খাওয়া**—কাণা বা অন্ধ হওয়া। **চোকের সুখ**—প্রিয় দর্শন ; সুদৃশ্য দেখিয়া আরাম। **চোকের পাতা**—চক্ষুর পল্লব ; নেত্র পল্লব ; **চোকের পাতার রোঁয়া**—চক্ষুর পল্লবে যুক্ত রোম। **চোকের পলক**—চক্ষুর পাতার পতন ; নিমেষ। **চোক উঠা**—চক্ষুরোগবিশেষ ; যে রোগে চক্ষু লাল হয়, জ্বালা করে, চাহিতে পারা যায় না ; opthalmia. **চোক নাচা**—চক্ষুর স্পন্দন।

চোকর, ল (র্, ল্) [হি—চোকর। সং—চোলক (বল্কল, ত্বক—শব্দরত্নাবলী)—বর্ণ বিপর্য্যয়ে চোকল, ল=র] বি, শস্যের ত্বক বা ছাল ; গমের ভুসি।

চোকলা, চাকলা (ক্) [সং—চোলক (বল্কল—শব্দরত্নাবলী) ; বর্ণবিপর্য্যয়ে, চোকল—আ (অনাদরে) চক্র হইতে চাক+লা (অনাদরে)] বি, ফলাদির খোসা। ২। ফলাদির পাতলা গোল খণ্ড।

চোকা—চুকা দ্রঃ।

চোকান (নো) [চুকান দ্রঃ। চুকা ধাতুর ণিজন্তরূপ] ক্রি, নিষ্পত্তি করা ; মিটান। ২। সমাপ্ত করা। ৩। চোখান (দ্রঃ) ; তীক্ষ্ণ করা।

চোকাল [চোক—আল (বালা)] বিণ, চোকা ; তীক্ষ্ণ। **চোকাল-মুখাল**—চতুর চালাক ; কইয়ে বইয়ে ; smart.

চোখ, চোখা (খ্) [সং—চোক্ষ=দক্ষ তীক্ষ্ণ। সুন্দর] বিণ, দক্ষ ; নিপুণ। ২। ৩। তীক্ষ্ণ ; খরশাণ। প্র—"চোখ চোখ বাণ"—কৃত্তিবাস। "বাছিয়া বাছিয়া মারে চোখা চোখা শর।"—ঐ। ৪। অন্তর্ভেদী ; কাটা কাটা। প্র—"বাঁকা মুখে কথা কহে চোখা"—ভা, চ।

চোখ (খ্) [সং—চক্ষু—অপভ্রংশে—চোক, চোখ] বি, চক্ষু ; অক্ষি। চোক দ্রঃ। **চোক-ঠারা**—নয়নের ইঙ্গিত করা।

চোখ গেল (চোখ্‌গেলো) [ডাকের অনুকরণে নাম] বি, কোকিলজাতীয় প্রসিদ্ধ পাখী ; পাপিয়া (দ্রঃ) ; ইহারা "চোখ গেল চোখ গেল" রবে চতুর্দ্দিক ঝঙ্কারিত করে এবং কোকিলের ন্যায় ক্রমেই স্বর চড়াইতে থাকে, ইহারাও অন্য পাখীর বাসায় ডিম পাড়ে।

চোখা, চোখো, চোকা, চোকো [হি—চোখা (খাঁটি)] বিণ, চোখ (দ্রঃ) তীক্ষ্ণ ; তীক্ষ্ণধার ; খরশাণ। ২। অন্তর্ভেদী ; মর্ম্মভেদী ; কাটা কাটা। প্র—চোখা চোখা কথা। ৩। তীব্র। ৪। তীব্র আস্বাদ। প্র—চোখা গুড়। ৫। বিশুদ্ধ ; খাঁটি ; অমিশ্র। প্র—চোখা মাল। **চোখোল-মুখলো**—চোকাল দ্রঃ।

চোখানো (নো) [উচ্চারণভেদে চোকান। চোখ (তীব্র)—আন (করা অর্থে)। উ-পু—চোখাই। ম-পু—চোখাও (সমানে) ; চোখা (অনাদরে)। প্র-পু—চোখায়। সম্ভ্রমে—ম,পু, প্র-পু—চোখান। অসর্ক্রি—চোখাইতে ; চোখাইয়া] ক্রি, চোখ করা ; ধার করা ; শাণ দেওয়া। **মুখ চোখানো**—শাণ দিবার অনুকরণে জিহ্বা ওষ্ঠাধরে বুলান। খাইবার বা কোন কথা বলিবার উদ্যোগ বা আগ্রহ-জ্ঞাপক।

চোখো [চোখ (দ্রঃ) +উআ] বিণ, চক্ষুযুক্ত। ২। তীব্র ; উগ্র। ৩। তীক্ষ্ণধার।

চোগা [ল্যা—টোগা ; ফা—চোগা] বি, এক প্রকার শ্লথ বহির্বাস ; যে ঢিলা ও সম্মুখে খোলা জামা চাপকানের সহিত পরিহিত হয়। প্র—চোগা চাপকান।

চোঙ্গা [রূপান্তরে—চোঙা ; হি—চোঙ্গা। বাং-তে **চোঙ্গও** বলে। সরু অর্থে **চুঙ্গী**] বি, বড় নল ; বাঁশের নল।

চোট (ট্) [সং—চুট্ (ছেদনে)। হি—চোট্=আঘাত] বি, আঘাত ; কোপ ; চোপ। প্র—আর একটা চোট দিলেই গাছটা পড়ে যাবে। "এক চোটে গজস্কন্ধ করিয়া ছেদন"—কবিক। ২। প্রহরণাদির আঘাত বা পতন হেতু ক্ষত ; জখম। প্র—হাত পায়ের চোট ভাল হয়ে গেছে। মাথায় যে চোট লেগেছে সেইটাই এখন সাঙ্ঘাতিক হয়ে দাঁড়িয়েছে। ৩। কোপ ; ক্রোধ। প্র—চোট করে কথা বলা। ৪। বল ; জোর ; শক্তি ; প্রভাব। প্র—গুঁতার চোট ; মন্ত্রের চোট। ৫। সুযোগ। প্র—"বেঁচে থাক মুগুর্য্যের পো খেলে ভাল চোটে"—হেম বন্দ্যো। ৬। বেগ ; ধমক ; তোড়। প্র—"যেতেছে ছিঁড়ে প্রচণ্ড হাসির চোটে কলিজা ধমনী"—প্রেম ও ফুল। "কথার চোট"। **চোট করা**—রাগ করা ; কোপ করা। ২। আঘাত করা। **চোট-লাগান, চোট মারা**—আঘাত করা। **চোট বসান**—অস্ত্রের কোপ মারা। চোট

পাট—অস্ত্রাঘাতের মত শীঘ্র এবং মর্মভেদী উত্তর প্রত্যুত্তর। প্র—"কোন প্রয়োজনে মূর্খ কর চোটপাট"—ঘনরাম। একচোট—এক দৌড়। ২। একবার ; এক দফা। কথার চোট—কথার তোড় ; বাক্যের জোর। গুঁতার চোট—প্রহারের জোর ; ঠেলার জোর। মন্তরের চোট—মন্ত্রবল। আচোট—যাহাতে কোদালের চোট পাড় নাই।

চোটা [চিটা দ্রঃ] বি. চিটা গুড় ; কোতরা গুড়। প্র—"চোটা গুড় দিল খোট্টা ডিল্লী-নিবাসী।"—অশোকগুচ্ছ। ২। খোকা। ২। অতিরিক্ত সুদ ; দৈনিক অতিরিক্ত সুদ। প্র—চোটা সুদে টাকাধার দেওয়া। চোটা খাটা—দৈনিক বা সাপ্তাহিক অধিক সুদে টাকা খাটা। চোটা খাটান—দৈনিক বা সাপ্তাহিক নিয়মে অতিরিক্ত সুদে টাকা খাটান।

চোটান (নো) [চোট (দ্রঃ) + আন (করা অর্থে) ণিজন্তরূপ। উ-পু—চোটাই। ম-পু—চোটাও (সমানে) ; চোটা (অনাদরে)। প্র-পু—চোটায় (সমানে, অনাদরে)। সম্ভ্রমে—ম-পু-প্র-পু, চোটান। অস-ক্রি, চোটাইতে ; চোটাইয়া, চুটাইয়া, চুটিয়ে] ক্রি, চোট লাগান বা বসান ; কোপান। ২। কোদলান ; মাটি কাটা। ২। সামর্থ্য বা ক্ষমতা প্রকাশ করা। প্র—সে খুব চোটাইয়া কাজ করিয়াছে। এই অর্থে সাধাঃ—চুটাইয়া, (সংক্ষেপে) চুটইয়ে শব্দের ব্যবহার আছে। প্র—সে খুব চুটইয়ে কাজ করেছে।

চোটী [সং—চোটী (হেমচন্দ্রে)। তুল—চোলী, ধটী, শাটী] বি, স্ত্রী, শাটী ; শাড়ী। ২। চোলী ; কাঁচুলী।

চোট্টা [হি-র অনুকরণে বাং-তেও ব্যবহার আছে] বি, চোর।

চোড় (ড়) [চোল, ল = ড়] বি, পুং, দেশ-বিশেষ। ২। উত্তরীয় বস্ত্র।

চোণা (না) বি, গোমূত্র। ক্রি, চোণান (নো)—গবাদিকে মুতান।

চোতা [চ্যুত—পতিত। যাহা ফেলিয়া দেওয়া হইয়াছে] বিণ, যাহা অনাবশ্যক এবং অকিঞ্চিৎ-কর বোধে ফেলিয়া দেওয়া হইয়াছে ; রদি। প্র—চোতা কাগজ। ২। যাহা পরিষ্কার করিয়া লেখা নয় ; খসড়া।

চোদা [অশ্লীল] ক্রি, স্ত্রীসঙ্গম করা। ণিজন্ত—চোদান।

চোদ্দ, চৌদ্দ [সং—চতুর্দ্দশ] বি, চার অধিক দশ সংখ্যা ; ১৪। ২। বিণ, ১৪ সংখ্যক। ৩। বহু। প্র—চোদ্দবার এক কথা। চৌদ্দ বার—অনেকবার ; পুনঃপুনঃ ; একশ বার। চৌদ্দ ঠাঁই—ঠাঁই ঠাঁই করিয়া অনেক ঠাঁই ; বহু স্থান। চৌদ্দপুরুষ—পিতা পিতামহাদি অথবা পুত্র, পৌত্রাদিক্রমে ঊর্দ্ধতন বা অধস্তন চৌদ্দপুরুষ অথবা উর্দ্ধতন সাত ও অধস্তন সাত এই চৌদ্দপুরুষ। চৌদ্দশাক—চতুর্দ্দশ প্রকার শাকের মিশ্রণ ; এই শাক খাওয়ার উৎসব। প্র—"চতুর্দ্দশীর চৌদ্দশাক' চৌদ্দভূত—বহুভূত ; অনেক বাজে লোক। চোদ্দপোয়া, পো—সর্ব্বাঙ্গ ঢালিয়া শয়ন ; হাত পা ছড়াইয়া অর্থাৎ সমস্ত শরীরের বিস্তার। প্র—বাসায় গিয়া চৌদ্দপো হওয়া যাউক।"—টেকচাঁদ।

চোদ্দই (চোদ্দ্ ই) বি, মাসের চতুর্দ্দশ দিবস ; ১৪ তারিখ।

চোনা [শব্দাত্মক। চন্, চন্ (শব্দে) তাহা হইতে প্রস্রাব-বেগ-শব্দ] বি, গোমূত্র ; গোরুর প্রস্রাব। প্র—"প্রতিবাসিনী কহিল, একটু কৈলে বাছুরের চোনা খাইয়ে দিও।"—বিষবৃক্ষ।

চোনাট (ট্) [চুনাট দ্রঃ] বি, কেশ।

চোপ (প্) [শব্দাত্মক। চপ্ কোমল বস্তুর উপর অস্ত্রাঘাত শব্দানুকরণ। তুল—ইং—chop] বি, অস্ত্রাঘাত ; কোপ ; চোট। ক্রি, চোপান।

চোপড় (ড্) [চোকর দ্রঃ। হি—চাপড় = খোসা ; তুষ] বি, আচ্ছাদন। কাপড় চোপড়—বস্ত্রাদি ; পোষাক-পরিচ্ছদ।

চোপড়া (প্) [চোপড় (দ্রঃ) + আ (অনাদরে)] বি, খোলা ; চোপা ; ছোবড়া।

চোপদার (প্, র্) [ফা—চোব্ দার্] বি, আশাসোঁটা-বাহক ভৃত্য। প্র—"সারি সারি চোপদার হাতে হেম-ছড়ি।"—ভারতচন্দ্র।

চোপদারী (প্) [চোপদার + ই (পেশা অর্থে)] বি, চোপদারের কাজ।

চোপরা, চোঁপরা (প্) [চোঁপ (মুখ্য) + রা (অনাদরে)] বি, মুখ। ২। মুখরতা ; চোঁপা ; রূঢ়ভাবে উত্তর-প্রত্যুত্তর। ৩। তিরস্কার। ৪। [চোপড়া দ্রঃ] ছোবড়া।

চোপসা (চোপ্ শা) চুপসা দ্রঃ। ক্রি, চোপসান (চোপ্ শানো)।

চোপা [প্রাদে। গ্রা। চোপা এবং তুচ্ছার্থে চোপ্ রাও হয়] বি, মুখ। ২। মুখের কথা ; রূঢ় বাক্য ; সমানে সমানে উত্তর ; 'মুখের উপর' বা সম্মুখে দুর্ব্বিনীত জবাব। প্র—"চোপায় কে পারে আর খোপায় ফুলের হার কোপায় কথায় যেন কাট।"—ঈশ্বর গুপ্ত। ৩। তিরস্কার ; ভর্ৎসনা ; নিন্দা। প্র—"ঘটকের মুখে শুধু কুলীনের চোপা"—ঈ, গুপ্ত। ৪। [শব্দাত্মক] ক্রি, মধ্যম, পু, (অসম্ভ্রমার্থে) কোপমার্ ; অস্ত্রাদির আঘাত করিয়া থুয়ে ফেল্। ৫। কলার খোসা ; ছোবা ; ছোবড়া। প্র—"কড়ির পুঁটলি বান্ধি জাতির ব্যভার। এঁটো চোপা খাইলে নহে কুলের খাঁখার।"—কবিক।

চোপান (নো) [চোপ (দ্রঃ) + আন (করা অর্থে)। উ-পু—চোপাই। ম-পু—চোপাও (সমানে) ; চোপা (অনাদরে)। সম্ভ্রমে—ম-পু, প্র-পু—চোপান্। অস-ক্রি—চোপা-ইতে ; চোপাইয়া, (সংক্ষেপে) চুপিয়ে] ক্রি, চোপ বসান ; কর্ত্তন করা ; পুনঃপুনঃ অস্ত্রাঘাত করা ; খোরা। বি, চোপান, চোপানি ; চোপ।

চোবচীনী (ব্) [ফা] বি, তোপচিনী দ্রঃ।

চোবড়ান (চোব্ ড়ানো [গ্রা] চুবান দ্রঃ।

চোবদার (চোব্ দার্) চোপদার দ্রঃ।

চোবল (চোবোল্) ছোবল দ্রঃ।

চোবলান (চোব্ লানো) ছোবলান দ্রঃ।

চোবে [হি। চৌ (চার) বে (বেদ)—চতুর্ব্বেদে যাহার অধিকার] বি, চতুর্ব্বেদী ব্রাহ্মণের উপাধি। ২। মথুরার ব্রাহ্মণশ্রেণী-বিশেষ।

চোয়া—চুয়া দ্রঃ।

চোয়াড়, চোহাড় (ড্) [ধাঙ্গড় দ্রঃ। হি—চুহড়া = মেথর ; চুহ্ ড়ী = মেথরাণী। হি—চুহড় = ধোঁকা দিয়া শিকার ; ব্যাধবৃত্তি] বি, শ্বপচ ; কিরাত। প্র—"অতি নীচ কুলে জন্ম জাতিতে চোয়াড়। কেহ না পরশে জল লোকে বলে রাঢ়॥"—কবিকঙ্কণ। ২। হাজারীবাগ প্রভৃতির পার্ব্বত্য অসভ্য জাতি-বিশেষ ; ধাঙ্গড়। ইহারা একলব্যের স্বজাতীয় এবং বংশপরম্পরায় ধানুকী। এই জাতীয় প্রধান শাখার মধ্যে এখনো বৃদ্ধাঙ্গুলি কর্ত্তনের বিধি আছে এবং যাহারা কর্ত্তন করে না তাহাদের মধ্যেও বৃদ্ধাঙ্গুলি ব্যবহার নিষিদ্ধ। শর নিক্ষেপকালে ইহারা দক্ষিণ হস্তের অপর চারি অঙ্গুলি মাত্র ব্যবহার করে। প্র—"মালে করে মালাম চোয়াড়ে লোকে কাঁড়"—ভারতচন্দ্র। ৩। [ধাঙ্গড় জাতির প্রকৃতি ও আচার হইতে] অসভ্য ; বর্ব্বর ; গোঁয়ার ; ধাঙ্গড়। প্র—যেন চোয়াড়ের মত হাত পা।

চোয়ান (চোয়ানো) চুয়ান দ্রঃ। চোয়াল (চোআল্) [চুয়াল দ্রঃ।] বি, চিবুকাস্থি।

চোয়াল্লিশ (শ্) চুয়াল্লিশ দ্রঃ।

চোর (র্) [চুর্ (চুরি করা) + ণিচ্ = চোরি + অ (চ্—কর্ত্তৃ)] বি, পুং, যে পরদ্রব্য অপহরণ করে ; তস্কর। ২। লুকাচুরি প্রভৃতি খেলায় যাহাকে কেহ ছোঁয় না ও ধরা দেয় না এবং সে যাহাকে স্পর্শ করে সেই চোর হইয়া পুনরায় অপরকে ধরিতে চেষ্টা করে। স্ত্রী, চোরণী (গ্রা—চুন্নী)। বিণ, চোরা ; চোরাই চোর

চোর খেলা—যে খেলায় একজন চোর হইয়া অপরকে ধরিতে চেষ্টা করে। চোর ছেঁচড়—ছেঁচড় দ্রঃ। চোর-কুঠারী—ঘরের ভিতরের ঘর। চোরখণ্ড, চোর-খণ্ডা—চোর ছেঁচোড়। প্র—"চোরখণ্ডা হৈতে তুমি নাহি কর ভয়। চরণে ধরিয়া মাগি ছাড়গো নিলয়।"—কবিক। চোর-গলি, চোরাগলি—গলির ভিতরের অপ্রকাশ্য সংকীর্ণ গলি। চোরে চোরে কুটুম্বিতা—একই অসৎ পথের পথিকের মধ্যে ঘনিষ্ঠতা ও সদ্ভাব। চোরে চোরে মাসতুতা ভাই—এক কাজের কাজী; পরস্পর সমতুল্য। ছিঁচকে চোর—দলবদ্ধ চোর নহে অথবা চৌর্য্যবৃত্তি মাত্র যাহাদের জীবিকা সেরূপ চোরের দলের লোক নহে; ছুটকো চোর; গৃহস্থকে অসতর্ক দেখিলে যাহারা ছিঁচ্‌কেকাঠিও চুরি করে। ঘটীচোর—ছিঁচ্‌কে চোর দ্রঃ। সিঁদেল চোর—চুরিই যাহাদের জীবনোপায় এরূপ পাকা চোর; সিঁদকাটি দ্বারা প্রাচীরাদিতে গর্ত্ত করিয়া ভিতরে প্রবেশ করিয়া দ্রব্যাদি-অপহারক। চোরের মায়ের কান্না—চোর ছেলের চুরির দণ্ড হেতু ক্রন্দন গোপনেই হয়, চোরের মার কষ্ট কাহাকে জানাইবার নহে, কারণ কেহই সহানুভূতি করিবে না। চোর মরে সাতঘর মজাইয়া—চোর ধরা পড়িলে অনেককে মকদ্দমায় লিপ্ত করে।

চোর (র্) [বৈদ্যকে] বি, চোর-নামক গন্ধ-দ্রব্য; গেঁঠেলা।

চোরকাঁটা (র্) [সং—চোরক। চোর কণ্টক (বৈদ্যকে)] বি, ঘাসজাতীয় বন-গাছ; চোর পুষ্পী; ভাঁটুই; ইহার লম্বা লম্বা ডাঁটা ফুলে পূর্ণ হয়, এই ফলের গায়ে কাপড় লাগিলেই কাঁটার মত তাহাতে বিঁধিয়া যায়; andropogon aciculatus.

চোরা—বি, পুং, অসুরবিশেষ। দুর্গা এই অসুরকে বিনাশ করেন। ২। চোর। প্র—"চোরা না শুনে ধর্ম্মের কাহিনী।"—প্রবচন।

চোরা [বৈ, সা, চুরিআ=চোরিয়া=চোরাই, চোরা] বিণ, চুরি-সম্বন্ধীয়; চুরি-করা; অপহৃত। প্র—"চোরা দ্রব্য বোঝা লয়ে চোরে করে চুরি।"—রবি। ২। গুপ্ত; লুক্কায়িত। চোরা মাল—অপহৃত দ্রব্য। চোরাগর্ত্ত—অদৃশ্য গর্ত্ত; a pitfall. চোরাপথ—গুপ্তপথ। চোরা পাহাড়—জলের ভিতরে অদৃশ্য পাহাড়, যাহাতে ঠেকিয়া জাহাজাদি ভগ্ন হয়। চোরা বালি—জলের ভিতরে অদৃশ্য বালির চর, যাহাতে নৌকা জাহাজাদি বসিয়া যায় বা ভগ্ন হয়।

চোরাই, চোরাও [চোরা দ্রঃ] বিণ, চুরি-করা; চৌর্য্যদ্বারা লব্ধ; অপহৃত। চোরাই মাল—চোরা মাল দ্রঃ।

চোরান (নো) [হি—চোরানা=চুরি করা। প্রা-বাং ও ব্রজ বুলিতে। আধু-বাং—অপ্র। ব্রজ—চোরাবল, চোরাবলি। উ-পু—চোরাই। ম-পু—চোরাও। প্র-পু—চোরায়। অস-ক্রি—চোরাইতে; চোরাইয়া] ক্রি, চুরিকরা। প্র—"কেহ বলে আমার চোরায় গীতা পুঁথি।"—চৈতন্যভাগবত। "বাক গীতে জগত চিত চোরায়ল"—গোবিন্দদাস। বিণ, চোরিত—অপহৃত।

চোল (ল্) [চোল রাজার রাজ্য বলিয়া দেশের নাম] বি, পুং, তাঞ্জোরপ্রদেশ।

চোল (ল্) [সং] কাঁচুলি। ২। ঘাঘরা। স্ত্রী, চোলী—কাঁচুলি।

চোলক (ক্) [চোল+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, বর্ম্ম; সাঁজোয়া। ২। বল্কল; ছাল।

চোলাই [উর্দ্ধপাতন দ্রঃ। হি—চোলানা] বি, রাসায়নিক প্রক্রিয়াবিশেষ; তির্য্যক্‌-পাতন; distillation. চোলাই করিবার নিয়ম,—"অগ্নির উত্তাপে ময়লা জল প্রথমতঃ বাষ্পাকারে পরিণত হয়। পরে শীতল পাত্রের সংস্পর্শে ঐ জলীয় বাষ্প পুনর্ব্বার তরল হইয়া দ্বিতীয় পাত্রে জলরূপে সংগৃহীত হয় বা জমিতে থাকে। ঐ জল বিশুদ্ধ। প্রথম পাত্রস্থিত অপরিষ্কার জলে দ্রবীভূত লবণ ও অন্যান্য ধাতব পদার্থ উক্ত পাত্রেই পড়িয়া থাকে। এই প্রক্রিয়ার নাম চোলাই।"—নব্যরসায়নী বিদ্যা।

চোষক (ক্) [সং—চুষ্‌ ধাতু হইতে, চোষা দ্রঃ] বিণ, শোষক। বি, চোষণ।

চোষা [সং—চূষ্‌ (শোষণে) চূষা দ্রঃ] ক্রি, শোষণ করা; চুষিয়া খাওয়া। প্র—"কে যেন কাহারে আগে চুষে নিতে পারি"—কুঙ্কুম। ২। বিণ, চুষিত; শোষিত। ৩। চোপ্‌সা। ণিজন্ত—চোষান।

চোষ্য [চুষ্‌ (চুষা)+য (কর্ম্মে)] বিণ, যাহা চুষিয়া খাইতে হয়; চূষ্য দ্রঃ।

চোস্ত [ফা—চুস্ত্‌] বিণ, সমতল; সমান। ২। মসৃণ। ৩। চালাক। ৪। টান; tight. ৫। ঋজু; সোজা। [বিরল]।

চোহাড় (ড়)—বি, চোয়াড় দ্রঃ।

চোহান (ন্)—চৌহান দ্রঃ।

চোহাল (ল্)—চোয়াল দ্রঃ।

চোহেল (ল্) [হি—চহল্‌=চহ্‌লা; পঙ্ক; কিচেল] বি, কর্দম; পঙ্ক। ২। [লক্ষণায়—পাপপঙ্ক] মাতামাতি; আমোদ। প্র—"রাত্রে বাবুদিগের সঙ্গে মজায় ও চোহেলে মত্ত হইতে-ছেন।"—টেকচাঁদ।

চৌ [সং—চতুঃ=চতুর্‌=চউর=চৌ; চাউর, চার] বিণ, চারি। তুল—চতুষ্ক=চৌক।

চৌআড়ী—চৌয়ারী।

চৌক (ক্) [সং—চতুষ্ক] বি, চারিপণ পরি-মাণ; সিকি কাহন; এক চৌক (দ্রঃ)। ২। [হি] চক; সহরের চতুষ্পথ। ৩। চারি কোণবিশিষ্ট প্রাঙ্গণ।

চৌক, চোক (ক্) [চক্ষুস্‌ হইতে] বি, চক্ষু।

চৌকন (ন্) [হি—চৌগান্‌] বি, চারিপল বিশিষ্ট গদা। প্র—"চৌকনিয়া পাইক চৌকন হাথে করে"—কবিক।

চৌকষ (চৌকষ্‌, চৌকোষ্‌) [বাং-তে, চৌকোশ শব্দেরও ব্যবহার আছে। হি—চৌকস্‌=সতর্ক; দক্ষ; চালাক। চৌ (চার—তাহা হইতে অনেক—সকল) কষ (হি—কস্‌=গুণ, শক্তি, দক্ষতা)—যাহার চারদিক দেখিয়া কাজ করিবার শক্তি আছে] বিণ, যে চার বিষয়ে দক্ষ; যাহার চারিদিকে দৃষ্টি আছে; সকল কর্ম্মে অভিজ্ঞ; সতর্ক; চালাক; চতুর; square. প্র—"অকর্ম্মণ্য লোক ছিলেন তাহা নহে। বিশেষ কর্ম্মঠ ও চৌকোশ লোক ছিলেন"—ভারতী, ১৩২১।

চৌকা [চৌক (দ্রঃ)+আ (যুক্তার্থে)] বিণ, চারিকোণবিশিষ্ট; চতুষ্কোণ। ২। প্রাঙ্গণ; চক। ৩। পাকস্থান। চারচৌকা—সমচতুষ্কোণ; square.

চৌকাঠ (ঠ্) [হি—চৌখট্‌; চৌ (চারি) কাঠ (কাষ্ঠ)] বি, দ্বারের চতুষ্পার্শ্বে কাষ্ঠ-চতুষ্টয়ের বেষ্টন বা ফ্রেম। [দ্রঃ—চৌকাঠের উপরের কাঠ=কপালী; নীচের কাঠ=গবরাট; দুই পাশের কাঠ=বাজু]।

চৌকী [সং—চতুষ্কী। মশারি চতুষ্কোণ বলিয়া। তাহা হইতে চতুষ্কোণ কাষ্ঠাসন] বি, চতুষ্কোণ ও চারি পায়া যুক্ত কাষ্ঠাসন। ২। [চতুষ্ক বা চৌক অর্থাৎ চতুষ্পথ] তাহা হইতে—চতুষ্পথে অবস্থিত প্রহরীর আড্ডা; ফাঁড়ী। ৩। প্রহরীর কর্ম্ম। ৪। প্রহরী। প্র—"চারিদিকে চৌকী রহিল বানরগণ।"—ঘনরাম। ৫। রাজকর বা মাশুল আদায়ের স্থান। চৌকী দেওয়া—পাহারা দেওয়া। চৌকী হাঁকা—রাত্রে চৌকীদার কর্ত্তৃক গৃহস্থকে সাবধান বা সতর্ক করিবার জন্য হাঁক দিয়া বা উচ্চৈঃস্বরে ডাক দিয়া জাগান।

চৌকীদার (র্) [চৌকী (প্রহরীর আড্ডা)—দার] বি, প্রহরী। ২। কর আদায়ের পেয়াদা।

চৌকীদারী [চৌকীদার+ই (বৃত্তি অর্থে)] বি, চৌকীদারের কর্ম্ম; চৌকীদারের পদ।

চৌকোণা (না) [চতুষ্কোণ] বিণ, চারিকোণবিশিষ্ট।

চৌকোশ (শ্) [চৌ—কোশ (ক্রোশ)] বি, চারিক্রোশ। প্র—"বসাইল গুজরাট জুড়িল চৌকোশ বাট কৈল বীর আমার পুজন।"—কবিক। ২। চৌকষ দ্রঃ।

চৌখণ্ডী (খো) [চৌ (চার) খণ্ড (স্কন্ধ—খুরা)] বি, চৌকী ; চারপায়াযুক্ত খাটুলি ; চৌপায়া (হি—) ; চৌখুরী (দ্রঃ)। বিণ, **চৌখণ্ডিয়া**—চার কোণে চার খুরা বসান। প্র—"চৌখণ্ডিয়া পীড়ি।"—কবিক।

চৌখুঁট [চৌ—খুঁট্ (কিনারা)] বি, চারিদিকের প্রান্তভাগ।

[চৌ—খোপ—ঈ] চারখোপযুক্ত। ২। চারখানা ; চৌকাখুবরী যুক্ত।

চৌখুরী [চৌ (চার) খুর (পায়া) + ঈ (বিশিষ্টার্থে)] বি, চারপায়া যুক্ত কাষ্ঠাসন ; চৌকী ; চৌখণ্ডি। প্র—"মাতঙ্গ তুরঙ্গ দিল রথবর দোলা। চন্দন চৌখুরী ঝারি রত্নময় মালা॥"—কবিক।

চৌগোঁপ্পা [চৌ (চার) গোঁপ (গুম্ফ) + আ (যুক্তার্থে)] বিণ, দাড়ি দুই ভাগ করিয়া উপরদিকে গোঁপের মত তুলিয়া দেওয়া। প্র—"বাবুরাম বাবু চৌগোঁপ্পা—নাকে তিলক—কস্তাপেড়ে ধুতি পরা—ফুলপুকুরে জুতা পায় —উদরটী গণেশের মত—কোঁচান চাদরখানি কাঁধে"—টেকচাঁদ।

চৌগুণ (ন্) [সং—চতুর্গুণ] চারডবল।

চৌঘুড়ী [চৌ (চার) ঘোড়া = ঘুড়ী (ঘোড়াযুক্ত)] বি, চতুরশ্ব শকট ; চার ঘোড়ার গাড়ী। প্র—"চৌঘুড়ীতে সঙ্গে করে সাদা মোসাহেব।"—হেম বন্দ্যো।

চৌঙকি [প্রা-বাং। হি—চৌক্। সং—চমক হইতে] ক্রি-বিণ, চমকিত হইয়া ; চমকে। প্র—"চৌঙকি চলয়ে ক্ষণে, ক্ষণে চলু মন্দ। মনমথ পাট পহিল অনুবন্ধ॥"—বিদ্যাপতি। [অপ্র]।

চৌচাক্কা [চৌ (চার) চাক্কা (হি সং—চক্র)] বি, চার চাকার গাড়ি। ২। চৌচাক্লা ; চারখানা।

চৌচাপট, চৌচাপড় (ট্, ড্) [চৌ—চাপট, ড়। হি—চাপড় (পাথুরে জমী)—চারদিকের জমী। তুল—হি—চৌপট্ = সমতল—flat] বি, চতুষ্পার্শ্বস্থ জমী ; পরিবেষ্টনস্থান। ২। সর্ব্বাঙ্গের পূর্ণ বিস্তার-পরিমাণ ভূমি : চৌদিকে চাপিবার ভাব। প্র—চৌচাপটে পড়িয়া গেল। ৩। ঘটনাস্থান ও তাহার চতুষ্পার্শ্বস্থ বস্তু, বিষয় ও ব্যাপারসমূহ ; surroundings. চৌদিক চাপিয়া চৌচাপটে ধরা পড়া। প্র—এবার সে একেবারে চৌচাপটে ধরা পড়েছে আর যাবে কোথা।"

চৌচালা [চতুঃশালা হইতে অথবা চৌ (চার) চাল (ছাদ) + আ (যুক্তার্থে)] বি, যে মেটে ঘরের চারখানা চাল আছে ; চারিদিকে ঢালু চাল দিয়া আচ্ছাদিত চারিখানি ঘর যুক্ত বাঙ্লা ; চতুঃশালা।

চৌচীর (র্) [চৌ (চার) চীর (খণ্ড)] বিণ, চার খণ্ড।

চৌট, চৌঠ (ট্, ঠ্) বি, চতুর্থাংশ। ২। ভূমির উপসত্বের সিকিভাগ, যাহা মহারাষ্ট্র রাজারা প্রজার নিকট হইতে করস্বরূপ আদায় করিতেন।

চৌঠা [সং—চতুর্থ। প্রাকৃ—চউট্ঠ। হি—চৌথা] বি, মাসের চতুর্থ দিবস।

চৌড় [চূড়া হইতে] বিণ, চূড়া-সম্বন্ধীয়। ২। বি, চূড়াকরণ।

চৌড়া [হি—চৌড়া ; চওড়া দ্রঃ] বিণ, প্রশস্ত ; চটাল ; চওড়া। ২। বি, প্রস্থ।

চৌড়াই [চৌড়া + ই (পরিমাণার্থে)] বি, চৌড়াদিক ; প্রস্থ পরিমাণ। **লম্বাই-চৌড়াই**—দৈর্ঘ্য এবং প্রস্থ পরিমাণ। ২। ব্যাপ্তি। ৩। গর্ব্ব ; জাঁক।

চৌতলা, তালা [চৌ—তলা, তালা (তল)] বিণ, ত্রিতলের উপরের প্রকোষ্ঠ ; চার মঞ্জিলা ; চারি তল অট্টালিকা ; চার তালা বাড়ী।

চৌতারা [সং—চত্বর] বি, চত্বর। প্র—"বাহির চৌতারায় রাম করেন দেওয়ান"—কৃত্তিবাস। ২। [চৌ—তার (তন্ত্র)] চার তারের তানপুরাজাতীয় তত-যন্ত্রবিশেষ ; ইহার দণ্ড বংশনির্ম্মিত একতারার মত।

চৌতাল (ল্) [চৌ (চার) তাল (সঙ্গীতের তাল)] বি, ছয়টি পদের তাল তন্মধ্যে চারটি পদে আঘাত আছে বলিয়া চৌতাল।

চৌত্রিশ (চৌতৃশ্) [সং—চতুস্ত্রিংশৎ] বি, চার অধিক ত্রিশ সংখ্যা ; ৩৪। ২। বিণ, ৩৪ সংখ্যক।

চৌথ (থ্) [সং—চতুর্থ হইতে] বি, এক চতুর্থাংশ ; চারভাগের একভাগ। ২। রাজকরবিশেষ ; প্রজার উপস্বত্বের চতুর্থভাগ।

চৌদানি, নী [হি] বি, কর্ণালঙ্কারবিশেষ।

চৌদিক, চৌদিগ (ক্, গ্) [সং—চতুর্দ্দিক্] চারিদিক ; সকল দিক। প্র—"চলে যেতে চৌদিগে চালের উড়ে খড়।"—শিবায়ন।

চৌদিশ (শ্) [সং—চতুর্দ্দিশ্] চৌদিক। প্র—"মেলিয়া নয়ন চৌদিশ নেহারে দেখিয়া না সহে প্রাণে।"—চণ্ডীদাস।

চৌদুলি [চতুর্দ্দোল + ই (বৃত্তি অর্থে)] বি, চতুর্দ্দোলবাহক জাতি ; দুলে। প্র—"চৌদুলি চুণারী মাঝি কোরাঙ্গা ভরদ্বাজী মাল বৈসে ঘরের বাহিরে।"—কবিক।

চৌদোল (ল্) [প্রা-বাং। সং—চতুর্দ্দোল আধু-বাং—চতুর্দ্দোলা] বি, চতুর্দ্দোল সুখাসনবিশেষ। প্র—"চৌদোলে চাপিল রা[ম] দম্পতি সহিত"—ঘনরাম।

চৌদ্দ [সং—চতুর্দ্দশ] বিণ, ১৪ সংখ্যা চোদ্দ দ্রঃ।

চৌধুরী [চৌ (চারি) ধুর (নৌ, হস্তী, অশ্ব ও পদাতির ভার) + ইন্ অস্ত্যর্থে = চতুর্ধুরিন্—১মা, ১ব, চতুর্ধুরী। ইহার অপভ্রংশ চৌধুরী বি, সামন্ত রাজা। ২। যিনি যুদ্ধার্থ নৌ, হস্তী অশ্ব, ও পদাতিরূপ চারি বলের অধিকারী ৩। নগরের সর্ব্বপ্রধান ব্যবসায়ী ; বাজার সর্দ্দার। ৪। গ্রামের মণ্ডল বা প্রধান। ৫ উপাধি। স্ত্রী, **চৌধুরাণী** [হি—চৌধুরীন চৌধুরাইন]।

চৌপট (ট্) [হি—চৌপট্] বিণ, ধ্বংস। ২। সমভূম। ৩। সমতল ; flat.

চৌপদী (চৌপোদি) [সং—চতুষ্পদী] বিণ, চারিপদ বিশিষ্ট ; চতুষ্পদ ; quadruped ২। চারি চরণযুক্ত পদ্য ছন্দ।

চৌপর (চৌপোর্) [চতুঃপ্রহর অপভ্রংশে গ্রা-ব্যবহারে সংক্ষেপে—**চোপোর**। তুল—অষ্টপ্রহর হইতে আটপর] বি, চারি প্রহর কাল ; সমস্ত দিন কিম্বা সমস্ত রাত।

চৌপল (ল্) [হি—চৌপল্। চৌ (চারি পল (কোণ)] বি, চারি কোণ। ২। বিণ, চারিপল যাহার ; চৌকোণ বস্তু।

চৌপলিয়া, চৌপলে (পো) [চৌপল + ই (বিশিষ্টার্থে)] বিণ, চারি পল যুক্ত ; চারি দিকে পলতোলা ; চারি শিরাল।

চৌপাড়, চৌপাড়ী, চৌবাড়ী (ড়্) [সং—চতুষ্পাঠী] বি, চতুর্ব্বেদাধ্যয়ন ও অধ্যাপনা স্থান ; টোল।

চৌপায়া (চৌ (চার) পায়া (পদ)] বিণ, চারিপদবিশিষ্ট ; চতুষ্পদ। ২। খট্টা চৌকী।

চৌপালা [চতুর্দ্দোল হইতে গ্রা—চৌদোল চৌপালা] বি, চতুর্দ্দোল। প্র—"আগে হ[...] রে চৌপালা শেষে যায় রে ডুলি।"—ছে[লে] ভুলান ছড়া।

চৌবাচ্ছা [ফা—চা-বাচ্চা, চা-বাচা। ফা—চা (কূপ), বাং-গ্রা—চো (= কো—কুয়া—কূপ)—বাচ্চা (ক্ষুদ্রার্থে) হি—চৌবাচ্ছা] বি, জলকুণ্ড ; হৌজ।

চৌবাড়ী—চৌপাড় দ্রঃ।

চৌমাথা [চৌ (চার) মাথা (পথের মস্তক অর্থাৎ মোড়)] বি, চারিটী পথের মোড় বা মোয়াড়া আসিয়া যে স্থলে মিলিত হইয়াছে।

চৌম্বক (ক্) [চুম্বক (দ্রঃ)+অণ্ (ইদমর্থে)] বিণ, আকর্ষক। ২। চুম্বক সংক্রান্ত। প্র—চৌম্বক শক্তি।

চৌযুগ (চৌজুগ্) [চৌ (চারি) যুগ (কাল)] বি, চতুর্যুগ; সত্য, ত্রেতা, দ্বাপর, কলি এই চারি কাল। ২। চিরকাল; সর্ব্বকাল।

চৌয়ারী, চৌয়াড়ী [হি—চৌ—আরী আড়ী (ওয়ার, ওয়াড় আচ্ছাদন বা আড়াযুক্ত গৃহ] বি, চারি চালাযুক্ত ঘর; চৌচালী।

চৌর (র্) [চোর+অণ্ (স্বার্থে)] বি, পুং, যে চুরি করে; পরদ্রব্যাপহারক। ২। গন্ধদ্রব্যবিশেষ। ৩। কবিবিশেষ।

চৌরস, চৌরাস (শ্) [সং—চতুরস্র। হি—চৌরস্] বিণ, প্রশস্ত; চওড়া। ২। সমতল। প্র—"ক্ষেতে বসি কৃষাণে ঈশান দিলা বলে। চারি দণ্ডে চৌদিকে চৌরাস করে চলে।"—শিবায়ন।

চৌরাশি [সং—চতুরশীতি] বি, ৮৪ সংখ্যা। ২। বিণ, চারি অধিক আশী সংখ্যক।

চৌরাস্তা [চৌ—রাস্তা (হি—রাস্তা। তুল—ফা—রাস্ত্=সোজা ও সমতল] বি, চৌমাথা (দ্রঃ)।

চৌরি, চৌরিকা, চৌরী [চৌর+ই (ভাবে) =চৌরি+ক (স্বার্থে) আপ্] বি, স্ত্রী, চৌর্য্য; চুরি। ২। গুপ্ত। প্র—"চৌরি পিরীতি হোয় লাখ গুণ রঙ্গ।"—বিদ্যাপতি।

চৌর্য্য (চৌর্‌জ) [চোর+য (ষ্য)] বি, চোরের বৃত্তি; তস্করবৃত্তি; চুরি।

চৌর্য্যবৃত্তি (র্জ) [চৌর্য্য—বৃত্তি] বি, চোরের ব্যবসায়; চুরিকর্ম্ম।

চৌষট্টি (—ষো) [সং—চতুঃষষ্টি] বি, চারি অধিক ষাট সংখ্যা; ৬৪। ২। বিণ, ৬৪ সংখ্যক। চৌষট্টি কলা—৬৪ প্রকার কলা বিদ্যা; কলা দ্রঃ। উনকোটি চৌষট্টি—এক কম কোটি সংখ্যা—নির্ভুলতা (accuracy) বোধক এবং চৌষট্টি কলার পূর্ণসংখ্যা—প্রকার বোধক। তাহা হইতে যত রকমের হইতে পারে এবং সেই সমস্ত খুঁটিয়া অর্থাৎ নিখুঁত ভাবে। গ্রা, উনকুটি চৌষট্টি।

চৌহদ্দি (হো) [হি—চৌ—আ—হদ্=সীমা] বি, চতুঃসীমা।

চৌহান (ন্) বি, রাজপুত জাতির অগ্নিকুলোদ্ভব চারিটী বীরবংশশাখার চতুর্থ শাখা। ইহার প্রতিষ্ঠাতা বীরশ্রেষ্ঠ চোহান বা চাহ্‌মান। এই কুলে বীরবর আনহল হইতে মহারাজ পৃথ্বীরাজ পর্য্যন্ত ৩৯ জন নরপতি জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া উক্ত হইয়াছে।

চ্যবন (ন্) [চ্যু (পতিত হওয়া)+অন (কর্তৃ) সসত্ত্বাবস্থায় মাতাকে রাক্ষসে অপহরণ করিয়া লইয়া যাইতে দেখিয়া স্বয়ং গর্ভ হইতে পতিত হইয়া দুষ্টকে দমন করেন বলিয়া এই নাম] বি, পুং, ভৃগুমুনির ঔরসে, পুলোমার গর্ভে জাত মুনি। ২। [ভাবে—অনট্] ক্লী, পতন; ক্ষরণ; গলন। চ্যবন প্রাশ—কাশ রোগে আক্রান্ত হইয়া চ্যবন মুনি যে প্রাশ (সেব্য) প্রস্তুত করিয়া সেবন করতঃ রোগমুক্ত হন, চক্রদত্ত গ্রন্থোক্ত সেই ঔষধ।

চ্যাং—চোঙ্গ দ্রঃ।

চ্যাঙ্গড়া, চ্যাঙ্গরা (চ্যাং) [চ্যাংড়া, চেঙড়া দ্রঃ। প্রাদে—টাঙ্গাইল] বি, বালক বা বালিকা; অপরিণত বালক; অর্ব্বাচীন। ২। বাচাল। ৩। যৌবনোদ্ধত।

চ্যালা—চেলা দ্রঃ।

চ্যুত [চ্যু (গমন করা, পতিত হওয়া প্রভৃতি) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যে উচ্চ স্থানাদি হইতে পতিত হইয়াছে; ভ্রষ্ট; পতিত। ২। বিন্দু বিন্দু পতিত; ক্ষরিত; গলিত। ৩। বিচ্যুত; নষ্ট। ৪। [অধিকার হইতে] হস্তচ্যুত; গত। ৫। বহিষ্কৃত; বিতাড়িত। প্র—কর্ম্মচ্যুত; পদচ্যুত।

চ্যুতাধিকার (র্) [চ্যুত+অধিকার] বিণ, অধিকার হইতে বিচ্যুত; অধিকার হইতে বঞ্চিত। স্ত্রী, চ্যুতাধিকারা।

চ্যুতি [চ্যু+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, ক্ষরণ, গলন। ২। ভ্রংশ; পতন। ৩। গমন। ৪। নাশ।

ছ

ছ—ব্যঞ্জন বর্ণমালার সপ্তম ও চ বর্গের বর্ণ। ইহার উচ্চারণস্থান জিহ্বামূল। চ স্বল্পপ্রাণ এবং ছ মহাপ্রাণ বর্ণ। ২। [ছদ্ (আচ্ছাদন করা)+অ (কর্তৃ—ড) দ্ লোপ] বি, ক্লী, গৃহ। ৩। মাহাত্ম্য। ৪। [ছো (ছেদন করা)+অ (সংজ্ঞার্থে—ড) ওকারলোপ] বিণ, তরল। ৫। নির্ম্মল। ৬। ছেদক। ৭। কম্পিত। ৮। বি, পুং, ছেদ। সংক্ষেপে ছে, তুল—ছে দেওয়া। ৯। খণ্ড। ১০। ছ [সং—ষট্; হি—ছা বা ছে; ইং—six; ফা—শষ্] বিণ, ছয়; ৬ সংখ্যক। প্র—ছ'তালা বাড়ী। ছষট্টি—ছয়দশ ছয়; ৬৬। ছশো—ছয়শত। ছগাঁ—ছয়টী গ্রাম। প্র—ছগাঁ মাগলেও বা ন গাঁ মাগ্‌লেও তা। ছকড়া নকড়া—তুচ্ছ-তাচ্ছীল্য; অবহেলা। ছবুড়ি ছগণ্ডা (দ্রুত উচ্চারণে ছোব্‌ড়ি ছগণ্ডা)—১৪৪; লক্ষণায় অনেক; বহুসংখ্যক।

ছই, ছৈ (ছোই) [সং—ছদি] বি, নৌকার ছাদ; গাড়ীর ছাদ। প্র—"ঘন ঘন ঝড়ে ছৈ সব উড়ে প্রবল পবন ডাকে"—মনসার ভাসান।

ছঁউই (ছোঁউ ই) বি, মাসের ছ তারিখ; মাসের ৬ষ্ঠ দিবস।

ছক (ক্) বি, পাশা, দাবা প্রভৃতি খেলিবার ঘর। ছক কাটা—দাবা প্রভৃতি খেলিবার জন্য ঘুটির চারকোণা ঘর চিহ্নিত করা। ক্রি। ছকা—ব্যঞ্জনে ফোড়নের মসলা ও ঘৃতের সম্ভার দেওয়া। ২। ছক কাটা; রেখা টানা। ৩। বি, ব্যঞ্জনবিশেষ; ছোকা।

ছকড়া [সং—শকট—শকটা—শকড়া—ছকড়া। গ্রা—ছ্যাকড়া] বি, শকট; ভাড়াটিয়া ঘোড়ার গাড়ি; ভারবাহী গোরুর গাড়ি। প্র—"ছকড়া গাড়ি"—টেকচাঁদ। ছকড়া নকড়া—তুচ্ছতাচ্ছীল্য।

ছকার (র্) বি, ছ এই বর্ণ।

ছকি (ছো) [গ্রা-বাং। হি—ছোক্‌রী হইতে] বি, স্ত্রী, মেয়ে। প্র—"ছল ছল আঁখি ছকি ছাওয়ালের বাদে। গৌরী বিনা গতি নাহি গড় করি সাধে।"—শিবায়ন।

ছকুড়ি—বি, পাশা খেলার দানবিশেষ। প্র—"ছকুড়ি পঞ্জুড়ি ফেলে পরে বাজি তলাড়্ হয়ে যাবে।"—নবীনচন্দ্র চক্রবর্ত্তী।

ছক্কা (ছক্‌কা) বি, ব্যঞ্জনবিশেষ; লুচির উপকরণ তরকারী। ২। ছয়টী ফোঁটাযুক্ত তাস।

এক পক্ষকে একটীও পিট লইবার সুযোগ না দিয়া সমস্ত পিট লইতে পারিলেই ছক্কা হয় **ছক্কাকরা**—ঐরূপ পিট লওয়া। **ছক্কা ধরা**—ক্রি, বিপক্ষকে হারাইয়া জিতের চিহ্নস্বরূপ ছয় ফোঁটার একখানি তাস নিজের পার্শ্বে রাখা। **ছক্কাপাঞ্জা করা, ছক্কাই পাঞ্জাই করা**—জাঁক করা; লম্বা লম্বা কথা বলা।

ছগ (গ্) বি, ছাগ। স্ত্রী, ছগী।

ছগণ (ন্) [ছ (খণ্ড) গণ (সমূহ) কর্ম্মধা] বি, স্ত্রী, শুষ্ক গোময়; ঘুঁটে।

ছগল (ল্) [সং] বি, পুং, ছাগল। ২। স্ত্রী, নীলবর্ণ বস্ত্র। ৩। পুং, অত্রিমুনি। স্ত্রী, **ছগলী**—ছাগলী।

ছগলক (ক্) [ছগল+ক—স্বার্থে] বি, পুং, ছাগল।

ছচল্লিশ (ছচো, শ্) বি, ছয় অধিক চল্লিশ সংখ্যা; ৪৬। ২। বিণ, ৪৬ সংখ্যক।

ছটকা (ট্) বি, সট্‌কা দ্রঃ; হুকার দীর্ঘ নল।

ছটকান (ছট্‌কানো) [হি—ছিটক্‌না। সং—ছুড্ (গতি অর্থে)। উ-পু—ছট্‌কান। ম-পু—ছটকাও। প্র-পু—ছটকায়। অস-ক্রি—ছটকিতে, ছটকাইতে; ছটকিয়া, ছটকাইয়া, ছটকে] ক্রি, বিক্ষেপ করা; ছড়ান। ২। ঠিকরান। **ছট্‌কে পড়া** (ছোট্‌কে পড়া) ঠিক্‌রে পড়া। প্র—"ছট্‌কে পড়লো মাথা থেকে অপমানের বোঝা"—দ্বি-রায়।

ছটপটে, ছটফটে (ছট্‌পোটে, ফোটে) বিণ, অস্থির; চঞ্চল। প্র—"ছটপটে ছেলে ফেলে ছাড়ি গেল ঘর"—শিবায়ন। [তুল—ছিটফিটে (অধিক তীব্রতাব্যঞ্জক)]।

ছটাফল (ল্) [ছটা—সরলরেখা আছে ফলে যাহার, বহু] বি, পুং, সুপারিগাছ।

ছট্‌ফট্—ক্রি-বিণ, [অস্থিরতা, ব্যাকুলতা, উদ্বেগ-ব্যঞ্জক] আইঢাই; আন্‌চান্। প্র—"প্রাণ করে ছট্‌ফট্ পাগল পাগল"—কুসুম। ২। যন্ত্রণায় অস্থির হইবার ভাব; ধড়্‌ফড়্। বিণ, **ছটফটিয়া, ছটফটে** (কো)।

ছটরা, ছড়্‌রা, ছর্‌রা (ট্) [ইং—grape shot হইতে শট্‌রা—বাং—ছট্‌রা এবং হি—ছর্‌রা] বি, বন্দুকের ছিটে গুলি। প্র—"কি পাড়ে ঠাকুর! একটা ছড়্‌রাও নাই?"—দেবী চৌধুরাণী।

ছটা [ছো (দীপ্তি পাওয়া)+অট (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অটন্) ও=আ, আ-লোপ, আপ্, স্ত্রী] বি, স্ত্রী, দীপ্তি; আলোক। ২। সৌন্দর্য্য; শোভা; কান্তি; দ্যুতি; ছবি। ৩। সমূহ। ৪। পরম্পরা। ৫। রেখা।

ছটাক (ক্) [হি] বি, সেরের ষোড়শাংশ; পাঁচতোলা। ২। ৫ হাত দীর্ঘ ও ৪ হাত প্রস্থ ভূমি। **ছটাকে, ছটাকি**—খর্ব্ব দেহ অথবা ক্ষুদ্রকায়া বালকবালিকার ডাক নাম **ছটাছটি**—প্রকাশ্য।

ছটি (ছো) [ছটা দ্রঃ] দীপ্তি। প্র—"রজত পাশলি ছটি পরে দিব্য তুলাকোটি বাহু বিভূষণ ঝলমলী।"—কবিক।

ছড় (ড্) বি, চর্ম্ম; ছাল। প্র—"নিযুক্ত করিল বিধি সভায় কাপড়। অভাগী ফুল্লর পরে হরিণের ছড়।"—কবিক। ২ বেহালার ছড়ী। ৩। দণ্ড; লোহের ছড় গরাদে। প্র—জানালার ছড়। ৪। আঁচড় প্র—"অনুদিন বনে ফিরি, ঝোড়ে ঝোড়ে বাড়ি মারি, গায়ে ছড় কাঁটা ফুটে পায়।"—কবিক প্র—"বাছার গায়ে কতই ছড় গিয়াছে"—টেকচাঁদ।

ছড়া (ছ্) [সং] বি, হার; মালা। ২ গ্রাম্য কবিতা। প্র—"সুমধুর বাণী বলে সে দোকানী কিসের সেই যে ছড়া।"—চণ্ডীদাস। ৩। গুচ্ছ; স্তবক; থোলো। "ছড়া ছড়া পরিপক্ক তাজা মর্ত্তমান"—হেম। ৪। চর্ম্ম ছাল। প্র—"সম্ভ্রমে বসিতে দিল হরিণের ছড়া"—কবিক। ৫। ক্রি, ছড়িয়া যাওয়া আঁচড়ের দাগ পড়া। **ছড়া কাটা**—ক্রি, ছড়া আবৃত্তি করা। ২। ছড়ার উত্তর প্রত্যুত্তর করা। প্র—"তা কবি যতই ছড়া কাটুন"—ললিত বন্দ্যো (ফোয়ারা)। **ছড়াঝাঁট—ছড়াঝাঁটি দেওয়া**—ক্রি, প্রাতে প্রাঙ্গণাদিতে গোবর-জল ছিটাইয়া তাহাতে ঝাড়ু বা খ্যাংরা দিয়া পরিষ্কার করা। "প্র—ছড়া ঝাঁটি দেয় কেহ, কেহ জল বয়"—ঘনরাম। **ছড়া দেওয়া**—ক্রি, হিন্দু গৃহস্থের বাটীতে কাহারও মৃত্যু হইলে দাহ জন্য সেই শবদেহ শ্মশানে লইয়া যাইবার সময় মৃতের কোন আত্মীয় মৃতব্যক্তি পুরুষ অথবা বিধবা হইলে জলের সহিত গোবর গুলিয়া এবং সধবা হইলে চন্দন গুলিয়া গৃহপ্রাঙ্গণ ও বহির্দ্বারে ছিটাইয়া দেয়, তাহাকে ছড়া দেওয়া বলে। প্র—"ব্যাধিতে কর্ব্বে জরা ছাড়লে প্রাণ বলবে মড়া পরিবারে দেবে ছড়া ভেসে নয়ন জলে।" ধর্ম্মানন্দ মহাভারতী। **ছড়া ভাঙ্গা**—ক্রি, ছড়ার অর্থ করা। ২। গুচ্ছ হইতে পৃথক করা। প্র—কাঁদি থেকে কলার ছড়া ভেঙ্গে নেও। **ছড়াহাঁড়ী**—বি, প্রত্যহ প্রাঙ্গণাদিতে ছড়া দিবার গোবর-জল যে হাঁড়ীতে থাকে। তুল—"সকালবেলা ছড়া ঝাঁট সন্ধ্যাবেলা বাতি, লক্ষ্মী বলেন সেই ঘরে আমার বসতি।" **গাঁটছড়া**—বি, বিবাহ-বন্ধনের বাহিরের অনুষ্ঠান। বিবাহের সময় বস্ত্রখণ্ডে হরীতকী, বহেড়া, সুপারি, হলুদ ও কড়ি বাঁধিয়া তাহার এক প্রান্ত বরের উত্তরীয় এবং অন্য প্রান্ত কন্যার বস্ত্রাঞ্চলের সহিত গ্রন্থিবদ্ধ করাকে গাঁটছড়া বলে। (গ্রা—গাঁটছাড়া) **ছড়া দেওয়া**—মাঙ্গল্য কর্ম্মে গঙ্গাজল, চন্দনাদি ছড়ান; কোন স্থান শুদ্ধ করিয়া লইবার জন্য গোময়-জল ছড়ান। ২। বর্ষণ করা; তড় তড়া দেওয়া; ছিটা দেওয়া; ছিটান; sprinkle. প্র—"অরুণের থালা হাতে, আকাশের আঙ্গিনাতে কনক চন্দন ছড়া দিতে। পূর্ব্বের দুয়ার খুলে, গোলাপী ঘোমটা তুলে উষা যেন আসে পৃথিবীতে।"—চন্দন। **ফেলা-ছড়া, ফ্যালাছড়া**—ফেলিয়া দেওয়া এবং ছড়ান; ইতস্ততঃ নিক্ষেপ। প্র—খাবার জিনিষের আধিক্যবশতঃ ফেলাছড়া করিয়া খাওয়া।

ছড়াছড়ি (ছড়াছোড়ি) [ছড়া দ্রঃ] বি, চতুর্দ্দিকে ক্ষেপণ; অবহেলা বা অযত্ন করিয়া জিনিষপত্র ইতস্ততঃ নিক্ষেপ; ছড়াইয়া নষ্ট। প্র—জিনিষপত্র ছড়াছড়ি মাড়ামাড়ি যায় তবু তুলে রাখে না।

ছড়ান (নো) [সং—ছটা। বাং—ছটান (ছটার আকারে বিস্তৃত করা) হি—ছিৎরানা] ক্রি, ছিটান: বিক্ষেপ করা; বিস্তৃত করা। ২। বীজাদি নিক্ষেপ করা। বি, **ছড়ানি**। বিণ, **ছাড়ানিয়া, ছড়ানে**।

ছড়ি, ছড়ী (ছোড়ি) [সং—যষ্টি। য=ল হইয়া, লট্টি, লাঠী। বৃহদর্থে—লাট্টা। য ক্রমে জ, পরে ছ; ছট্টি—ছড়ী হি—ছড়্, ছড়ী। বৃহৎযষ্টি অর্থে, বাং—জাঠা এবং হি—সোঁটা] সরু লাঠী। **ছড়ীদার**—বি, ছড়ীবাহক; বেত্র বাহক; পুরীর পাণ্ডাদিগের অনুচর। **ছড়ীবরদার**—বি, আসাবরদার; চোবদার। **খেজুরছড়ী**—বি, খর্জ্জুর-মঞ্জরী। **ফুলছড়ী**—বি, পুষ্পনির্ম্মিত যষ্টি; কাগজ, সোলা প্রভৃতি-নির্ম্মিত কৃত্রিম পুষ্পযষ্টি।

ছতরী (ছোৎরি) [সং—ছত্র] বি, ছাদ; চাল। ২। গাড়ী পাল্কীর ছাদ। ৩। নৌকার ছই। ৪। মশারি খাটাইবার বা ঝুলাইবার কাঠাদি-নির্ম্মিত ফ্রেম। **দো-ছতরী**—ঘরের ভিতরে ছাদের নীচে সিঁড়ি বা গলি পথের ছাদ।

ছত্তর (ছৎতোর্) [সং—সত্র] বি, সত্র; যজ্ঞ; দানযজ্ঞ; যগ্‌গি। **একাছত্তর হওয়া**—সমস্ত মিলে মিশে এক হওয়া।

ছত্র, ছত্ত্র (ছৎত্র) [ছদ্+ণিচ্=ছাদি (আচ্ছাদন, আবরণ করা)+র বা ত্র (করণে) দ=ত্, আ-লোপ] যাহা দ্বারা রৌদ্রাদি আচ্ছাদন করা হয়; আতপত্র; ছাতা। ২। কৌড়ক। ৩। (ভাবে—ত্রণ্) আচ্ছাদন। ৪। [সত্র শব্দের অপভ্রংশ। গ্রা—ছত্তর]

সত্র। প্র—"ছত্র খুলি নগরে নগরে দীনহীন ভিখারীর তরে"—অশোকগুচ্ছ। স্ত্রী, ছত্রা—(কর্ত্তৃ—ত্র) অতিছত্রা বৃক্ষ। ২। মঞ্জিষ্ঠা। ৩। মৌরী। **অন্নছত্র**—অন্নসত্র ; যেখানে দীন দরিদ্রকে অন্ন বিতরণ করা হয় ; সদাব্রত। **জলছত্র**—গ্রীষ্মকালে যেখানে তৃষ্ণার্ত্ত পথিককে জলদান করা হয় ; প্রপা।

ছত্রক (ছৎত্রক্) [ছত্র+ক (স্বার্থে)] বি, ক্লী, ছত্র ; ছাতা। ২। পুং, মাছরাঙ্গা পাখী। ৩। কোঁড়ক ছাতা। ৪। ব্যাঙের ছাতা। **ছত্রকদেহী, ছত্রকাঙ্গ**—বি, একপ্রকার সামুদ্রিক জীব, যাহাদের শরীর ব্যাঙের ছাতার মত।

ছত্রদণ্ড (ছৎত্রোদনডো) [ছত্র ও দণ্ড দ্বন্দ্ব] বি, পুং, ক্লী, রাজচ্ছত্র ও রাজদণ্ড ; রাজচিহ্ন-বিশেষ। ২। [৬তৎ] ছত্রের দণ্ড ; ছাতার বাঁট।

ছত্রধর, ছত্রধার, ছত্রধারী (ছৎত্রোধর্, ধার্) [ছত্র—ধর—ধৃ (ধারণ করা)+অ (কর্ত্তৃ—অচ্) ধৃ=ধর, (ধৃ+অ—কর্ত্তৃ—অণ্ = ধার) (ধৃ+ইন্—কর্ত্তৃ—ণিন্=ধারিন্ ১মা, ১ব,—ধারী) উপপদ] বিণ, যে ছত্র ধারণ করে ; ছত্রধারক। প্র—"কাঁদিল ফেলি ছত্র ছত্রধর।"—মেঘনাদ। ২। রাজা। প্র—"ছল ধরি ছত্রধারী বধয়ে পরাণে। ছাগলের প্রায় ছেদ দক্ষিণ মশানে॥"—কবিক।

ছত্রপতি (ছৎত্রপোতি) [ছত্রধর দ্রঃ] বি, রাজা ; সম্রাট্।

ছত্রপত্র (ছৎত্রোপৎত্রো) [ছত্রের ন্যায় পত্র (পাতা) যাহার, বহু] বি, ক্লী, ছত্রাকার পত্র-বিশিষ্ট বৃক্ষ। ২। পদ্মফুল। ৩। ভূর্জ্জপত্র।

ছত্রভঙ্গ (ছৎত্রোভংগো) [ছত্রের (রাজচিহ্ন) ভঙ্গ (নাশ) ৬তৎ] বি, পুং, রাজ্যনাশ ; অরাজকতা। ২। বৈধব্য। ৩। দল, বা শ্রেণী হইতে পার্থক্য, বিচ্যুতি বা স্বাতন্ত্র্য ; সঙ্গিগণ হইতে বিচ্ছিন্নতা। বিণ, দলভ্রষ্ট এই অর্থে, গ্রা-প্র—"ছোড়ভঙ্গ"।

ছত্রাক (ছৎত্রাক্) [ছত্রক দ্রঃ] বি, ক্লী, কোঁড়ক। স্ত্রী, **ছত্রাকী**—রাস্না।

ছত্রাকার (ছৎত্রাকার্) [ছত্র+আকার] বি, ইতস্ততঃ বিস্তার ; চারিদিকে ছড়াইয়া পড়ন। ২। ছত্রভঙ্গ। প্র—"ভাঙ্গিল রাজার বল হৈয়া ছত্রাকার।"—কবিক।

ছত্রী (ছোৎত্রী) [ছত্র+ইন্ (অস্ত্যর্থে)= ছত্রিন্—১মা, ১ব। ক্ষত্রিয় শব্দের অপভ্রংশ ক্ষত্রি, পরে ছত্রী, ক্ষ=ছ] বি, পুং, ক্ষত্রী জাতি। (২) পশ্চিমাঞ্চলের ছত্রী ব্রাহ্মণ। (৩) নাপিত। ২। বিণ, ছত্রধারী। ৩। ছত্রযুক্ত।

ছত্বর (ছৎতোর্) [ছদ্ (আচ্ছাদন করা)+ বর (সংজ্ঞার্থে) দ্=ত্] বি, পুং, কুঞ্জ। ২। আশ্রম।

ছদ (দ্) [ছদ্+ণিচ্=ছাদি (আচ্ছাদন করা) +অ (করণে—ঘঞ্, সংজ্ঞার্থে) যাহা দ্বারা বৃক্ষ সকল স্বীয় অঙ্গ আচ্ছাদন করে] বি, পুং, বৃক্ষপত্র ; পাতা। প্র—"মণিময়-চ্ছদ গড়ে কোকনদ অরুণ কিরণ শোভা।"—অ-ম। ২। পক্ষ ; পক্ষীর ডানা। ৩। [ভাবে—ঘঞ্] আচ্ছাদন। ৪। [প্রাদে] প্রথা। [দ্রঃ—"ছদ"—পদ্যে ; গদ্যে স্বতন্ত্র ব্যবহার নাই]।

ছদন (ন্) [ছদ্+ণিচ্=ছাদি (আচ্ছাদন করা)+অন (ভাবে—অনট্) আ লোপ] বি, ক্লী, আবরণ ; আচ্ছাদন। ২। [করণে—অনট্] বৃক্ষপত্র। ৩। তেজপত্র ; তেজপাত। ৪। পাখীর পাখা ; ডানা।

ছদি (ছোদি) [ছদ্ (আচ্ছাদন করা)+ণিচ্= ছাদি+ই (করণে) যাহা দ্বারা গৃহাদি আচ্ছাদন করে, আ লোপ)] বি, পুং, গৃহের আচ্ছাদন ; ছাদ ; চাল। ২। [ভাবে—ই] আচ্ছাদন ; আবরণ।

ছদ্ম (ছদ্দঁ) [ছাদি+মন্ (করণে—সংজ্ঞার্থে)—যাহা দ্বারা মনের ভাব আচ্ছাদন (গোপন) করে] বি, ক্লী, ছল ; কপট ; ব্যাজ ; কৈতব।

ছদ্মবেশ (ছদ্দঁবেশ্) [ছদ্ম (কপট) যে বেশ, কর্ম্মধা] বি, পুং, প্রবঞ্চনা বা পর-প্রতারণার বেশ ; কপট বেশ। ২। প্রকৃত রূপ গোপন করিয়া অন্য প্রকারে পরিচিত হইবার জন্য স্বভাব ও বেশ ভূষার পরিবর্ত্তন ; আত্ম-স্বভাবের বিপরীত ভাব। যথা—চোরের সন্ন্যাসী সাজা। **ছদ্মবেশ ধারণ**—কপট বা জাল বেশ গ্রহণ ; আত্মগোপন জন্য অপ্রকৃত ভাব ও সাজসজ্জা ধারণ।

ছদ্মবেশী (ছদদঁবেশি) [ছদ্ম—বেশ (কর্ম্মধা) =ছদ্মবেশ+ইন্ (অস্ত্যর্থে) ছদ্মবেশিন্—১মা, ১ ব] বিণ, যে ছলক্রমে অন্যরূপ পরিচ্ছদ গ্রহণ করে ; যে ছদ্মবেশ ধরে ; কাপটিক। স্ত্রী, **ছদ্মবেশিনী**।

ছন্ (ন্) [সং—ক্ষণ। প্রা—হি—ছন। তুল—লক্ষণ=লচ্ছন। ব্রজ—অনুকরণে। প্রা-বৈ-সা] বি, ক্ষণ ; মুহূর্ত্ত ; শুভক্ষণ। ২। উৎসব [অপ্র]।

ছনছন (ছন্ছন্) [হি—সন্সন্। স=ছ। শব্দাত্মক। গ্রা] বি, মূত্র নিঃসরণ ও পতন শব্দ। লঘুশব্দে—ছুন্ছুন্।

ছন্দ [সং—ছন্দ্ (আচ্ছাদন করা) যাহা অন্যান্য বৃত্তি আচ্ছাদন করিয়া ফেলে] বি, প্রবৃত্তি ; ঝোঁক ; ইচ্ছা ; অভিলাষ। ২। অভিপ্রায়। ৩। বশ্যতা। ৪। বিষ। ৫। [প্রাদে] বি, ছল ; কৌশল। ৬। প্রবঞ্চনা [বিরল]। প্র—"বড়ই দানিসবন্দ কাহাকে না করে ছন্দ, প্রাণ গেলে রোজা নাহি ছাড়ি"—কবিক। ৭। আড়ম্বর।

ছন্দঃ (ছন্দো) [সং—ছন্দস্] বি, ক্লী, পদ্য-বন্ধ ; পয়ার, ত্রিপদী, অমিত্রাক্ষর, একাবলী, তোটকাদি ভেদবোধক সংজ্ঞা। ২। গদ্যের রচনারীতি ; গদ্যছন্দঃ ; prose style· [দ্রঃ—গদ্যের ছন্দঃ সাধারণে স্বীকৃত নহে ; কিন্তু গদ্যেরও ছন্দ আছে ; সেই ছন্দ ভঙ্গ হইলে রচনা বেশ জমাট বাঁধে না এবং মাধুর্য্যহীন হয়]। **ছন্দঃপতন**—মাত্রা বা অক্ষরের ন্যূনতা বা সংখ্যাধিক্যজনিত ছন্দের অশুদ্ধি ; ছন্দোদোষবিশেষ।

ছন্দক (ক্) [ছন্দ্ (রক্ষা করা)+অক (কর্ত্তৃ)] বি, পুং, রক্ষক। ২। বাসুদেব।

ছন্দজ (জ্) বি, পুং, বসুপ্রভৃতি দেবগণ।

ছন্দবন্ধ (ছন্দোবনধো) [সং—ছন্দোবন্ধ] বি, বাক্‌কৌশল ; কথার গাঁথুনি বা বাঁধুনি। ২। কৌশল ; উপায়। প্র—ছন্দবন্ধ আর এখানে খাটবে না। ৩। চেষ্টাচরিত্র। প্র—"এ বড় বিষম ধন্দ যত করি ছন্দবন্ধ ভাল ভাবি হয় মন্দ পড়িনু বিপাকে।"—অ, ম।

ছন্দানুগমন, ছন্দানুসরণ (—গমোন্, শরোন্) [ছন্দ—ইচ্ছা (তাহার) অনুগমন, অনুসরণ (পশ্চাদ্গমন) ৬তৎ] বি, ক্লী, নিজের ইচ্ছানুসারে চলা ; স্বেচ্ছানুযায়ী কার্য্য-সম্পাদন।

ছন্দানুগামী [ছন্দ (ইচ্ছা)—অনু—গম্ (গমন করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=ছন্দানু-গামিন্ ১মা, ১ব] বিণ, যে স্বেচ্ছানুসারে চলে ; ছন্দানুসারী।

ছন্দানুবর্ত্তন (ন্) [ছন্দের (অন্যের ইচ্ছার) অনুবর্ত্তন (অনুগমন, অনুসরণ) ৬তৎ] বি, ক্লী, অন্যের মন যোগান ; অন্যের অভিপ্রায়া-নুসারে গমন ; পরানুসরণ। বিণ, ছন্দানুবর্ত্তী।

ছন্দানুবর্ত্তী (—বোরৃতি) [ছন্দ—অনু—বৃত্+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=অনুবর্ত্তিন্ ১মা, ১ব, ছন্দের অনুবর্ত্তী, ৬তৎ] বিণ, যে পরের অভিপ্রায়ানুসারে চলে ; পরানুসারী। ২। যে অন্যের মন যোগায়। স্ত্রী, **ছন্দানুবর্ত্তিনী**—ইচ্ছানুগামিনী।

ছন্দানুসারী (ছন্দানুশারি)—ছন্দানুগামী দ্রঃ।

ছন্দোগ (গ্) [সং] বিণ, সামবেদ গান-কর্ত্তা।

ছন্দোদোষ (ষ্) বি, কবিতার মধ্যে লঘু, গুরু, পরিমিত অক্ষরের ন্যূনতা বা আধিক্য-জনিত দোষ। ইহা চারি প্রকার। যথা,—অধিকাক্ষর, ন্যূনাক্ষর, যতিভঙ্গ ও মাত্রাপাত।

ছন্দোভঙ্গ—ছন্দঃপতন।

ছন্ন (ছনেনা) [ছদ্+ণিচ=ছাদি (আচ্ছাদন করা)+ত (কর্ম্মে—ক্ত)—ই লোপ, আ লোপ, দ্—ত=ন্ন] বিণ, আচ্ছাদিত। ২। আচ্ছন্ন।

৩। [প্রাদে] ভ্রষ্ট ; নষ্ট। প্র—"আমি পাগলও নই ছন্নও নই।"—জামাই বারিক (দীনবন্ধু)। ৪। বিনষ্ট ; অপসারিত। প্র—"পাপ তাপ হবে ছন্ন"—অ, ম। **ছন্নছাড়া** [লক্ষ্মী বিকারে লছ্‌মি, গ্রা ব্যবহারদোষে "উৎসন্ন—উচ্ছন্ন"র ভাবসাদৃশ্য হইতে লছমি স্থলে ছন্ন] বিণ, লক্ষ্মীছাড়া।

ছন্নমতি (ছন্‌নোমোতি) [মতিচ্ছন্ন দ্রঃ। ছন্ন। (নষ্ট, লুপ্ত) মতি (বুদ্ধি) যাহার, বহু] বিণ, যাহার বুদ্ধির বিকৃতি হইয়াছে ; ভ্রষ্টবুদ্ধি ; নষ্টমতি ; লুপ্তবুদ্ধি ; হতজ্ঞান। প্র—"জীব-ব্রজ ধাইছে চৌদিকে ছন্নমতি"—মেঘনাদ।

ছপছপ (ছপ্‌ছপ্) [শব্দাত্মক। সপ্‌সপ্ দ্রঃ] বি, বেত্রাদির আঘাত শব্দ ; জলের উপর কোন বস্তুর আঘাত শব্দ ; সম্মার্জ্জনীর আঘাত শব্দ। ২। ভয়ের ভাব (ছম্‌ছম্ দ্রঃ)। [আধিক্য স্থলে ছপাছপ]।

ছপ্পর, ছাপ্পর (ছপ্‌পোর) [হি—ছপ্‌পর্] বি, ছাদ ; খোলার চাল ; খড়ের ছাদ। ২। আচ্ছাদন।

ছবি (ছোবি) [ছো (ছেদন করা—তাহা হইতে অন্ধকার ছেদন বা নাশ করা) + ই (করণে—ই—সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, আলোক-চ্ছটা : দ্যুতি ; কিরণ। ২। শোভা ; সৌন্দর্য্য। (তুল—আ—সবীহ্ = সুন্দর)।

ছবি (ছো) [আ—তস্‌বীর্—পরে, তছ্‌বির্—ছবির্—ছবি। উ = ছবি, ছব্ = সৌন্দর্য্য। (২) মূর্ত্তি। ছবীলা = সুন্দর। প্রা-হিন্দুসাহিত্যে প্র-অ] প্রতিকৃতি ; চিত্র : প্রতিমূর্ত্তি।

ছব্বা, ছব্বি (ছোব্‌বি) [ছবি (শোভা) দ্রঃ। মেয়েলী বিদ্রূপার্থে। উ—ছব্ (splendour)] বি, বেশ বিন্যাস দ্বারা শোভা সম্পাদন। ২। গঠন সৌন্দর্য্য ; চেহারা ; মুখশ্রী। প্র—মুখের ছব্বা দেখ। ছব্বাখানা ; ছব্বা দেখলে রাগ ধরে।

ছমছম (ছম্‌ছম্) [চম্‌কে চম্‌কে শব্দজ ; প্রাদে-উচ্চারণ-ভেদে 'চম্‌চম্'] বিণ, অজ্ঞাত ভয়ে ভীত : ঘনঘন চমকিত। প্র—"ভিতরে প্রবেশ করিলাম। নির্জ্জন পুরী। গা যেন ছমছম করিয়া উঠিল।"—ভারতী, ১৩২০।

ছমণ্ড [সং। গ্রা—ছেমড়া, পরে ছোঁড়া] বি, পুং, মৃতপিতৃক : পিতৃমাতৃহীন বালক ; অনাথ শিশু।

ছয় (য়) [সং—ষট্ ; হি—ছট্] বি, ৬ এই সংখ্যা। বিণ, ৬ সংখ্যক।

ছয়লাপ (ছয়্‌লাপ্) [ফা—সয়্‌লাব্ (প্লাবিত) স = ছ ; ব = প] বিণ, পূর্ণ ; প্লাবিত ; আপ্লুত। প্র—"আলিপুর ঘুড়ি গাড়ীতে ছয়লাপ।"—হেম বন্দ্যো।

ছরকোট (ছর্‌কোট্) [ছর (সত্র অপভ্রংশে) কোট (কূট। তুল—অন্নকূট)—অন্নসত্রে রাশীকৃত অন্নের ছড়াছড়ি সাদৃশ্য হইতে] বি, ছড়াছড়ি ; (তাহা হইতে) বিশৃঙ্খলা : অব্যবস্থা। প্র—কাজ কর্ম্মের ছরকোট।

ছরছর (ছর্‌ছর্-দ্রুত উচ্চারণে ছচ্ছর্) [শব্দাত্মক। তুল—ঝর্ঝর] বি, ছাদ প্রভৃতি হইতে জল-প্রবাহ পতনের শব্দ। ২। মূত্রপতনের শব্দ (ছনছন দ্রঃ)। [দ্রঃ—বিশৃঙ্খলভাবে ছড়াইয়া পতনের শব্দ। ছ্যার্‌ছ্যার বা ছ্যাচ্ছ্যার্ (অবজ্ঞার্থে) : সরু প্রবাহের পতন শব্দ ছির্‌ছির্ বা ছিচ্ছির ; তাহা হইতেও লঘু পতন শব্দে ছুর্‌ছুর্ বা ছুচ্ছুর (তুল—ঝুর্‌ঝুর্)]।

ছরম (ম্) [সং—শ্রম। গ্রা—মেয়েলী, ছের্‌মো] বি, শ্রম।

ছরাদ (ছ্‌রাদ্) [সং—শ্রাদ্ধ। গ্রা—ছেরাদ্দো বলে] বি, শ্রাদ্ধ। **ছরাদ করা, খাওয়া**—মৃত্যু কামনা করা ; অভিশাপ অর্থে ; গালি-বিশেষ। **ছরাদ গড়ান**—শ্রাদ্ধ দ্রঃ। ব্যাপার গুরুতর হওয়া ; (উপহাসে) পরিণাম অন্যরূপ হওয়া।

ছরিকা (ছো) [প্রাদে] বি, ছড়ি। প্র—"বেত্র বংশী ছরিকা জঠর পটে শোভে।"—চৈতন্যভাগবত। [অপ্র]।

ছর্দ্দ [ছর্দ্দ্ (বমন করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, বমন ; উদ্‌গিরণ ; বমি।

ছর্দ্দন (ন্) [ছর্দ্দ্ (বমন করা) + অন (ভাবে—অনট্) যাহা খাইলে বা ঘ্রাণ করিলে বমন-বেগ হয়] বি, ক্লী, বমন। ২। পুং, নিম্ববৃক্ষ। ৩। মদনবৃক্ষ।

ছর্দ্দি, ছর্দ্দিঃ, ছর্দ্দী (ছোর্‌দি) [ছর্দ্দ্ (বমন করা) + ই (ইস্— ভাবে) = ছর্দ্দি, ছর্দ্দিস্] বি, স্ত্রী, উদ্গার ; বমি। প্র—"ওয়াক্ ছর্দ্দি।"—ভারতচন্দ্র।

ছর্‌রা, ছর্রা [হি—ছর্রা] বি, বন্দুকের গুলি ; ছট্‌রা ; grapeshot. প্র—"ছেড়ে দেবে ছর্‌রা-ভরা—পাখীমারা 'গণ্',"
—হেমচন্দ্র।

ছল (ল্) [ছল্ (ণিজন্ত নাম ধাতু—ছলনা করা) + অ (ভাবে—অল্) — ই লোপ] বি, ছলনা ; চাতুরী ; প্রতারণা ; শঠতা। প্র—"ছল করে জল আন্‌তে যাওয়া সাজে না সাজে না"—বাং-গান। ২। উদ্দেশ্য ; অভিপ্রায় ; অভিসন্ধি। প্র—কে কি ছলে আসে যায় ঠিক ধরা শক্ত। ৩। হেতু ; নিমিত্ত ; প্রসঙ্গ ; ব্যপদেশ। প্র—কথাচ্ছলে। ৪। রূপ ; আকার। প্র—"বরণ কালিম ছাঁদে, বৃষ্টি ছলে মেঘ কাঁদে"—ভারতচন্দ্র। ৫। ইঙ্গিত ; ইসারা ; হাবভাব ; ঠারঠোর। প্র—"কাণে কড়ি কড়ে রাঁড়ী কথা কয় ছলে"—ভারতচন্দ্র। "ছলে লোক ছিছি বলে"—অ, ম। ৬। সূত্র ; উপলক্ষ্য। প্র—"প্রণামের ছলে বলী আশীষি রাক্ষসে,"—মেঘনাদ। ৭। ভাণ ; লোক-দেখানে ভাব ; বাহ্য ভাব। প্র—"ছলে লজ্জা পেয়ে"—ভারত (অর্থাৎ লজ্জার ভাণ করিয়া)। "ছায়ারূপা, ছাবালেরে ছাড় ছদ্ম ছল"—অ, ম। ৮। প্রযুক্ত বাক্যের অর্থান্তর কল্পনা করিয়া দোষারোপ ; দোষ। প্র—কথার ছল ধরা। ৯। ছুতা। প্র—আন ছলে পুনঃ চাহে ফিরিয়া ফিরিয়া"—অ, ম। ১০। বিণ, ছদ্ম ; কপট। প্র—ছল-বেশ। স্ত্রী, **ছলা**। ক্রি, ছলা। ক্রি-বিণ, ছলে। **ছল-কপট, ছল-চাতুরী** [সহচর শব্দদ্বয়] বি, শঠতা। **ছল করা**—কপটতা অবলম্বন করা ; ভাণ করা। **ছল ধরা**—কথার দোষ বাহির করা ; **ছল পাতা**—ছলনারূপ জাল বিস্তার করিয়া রাখা ; ছলনা করা। প্র—"আছে কোথা ছল পাতি, চল চল দেখিরে। ভাসাব সোহাগ-সরে সখা সখীরে"—বঙ্কিম। **ছলবল**—গায়ের জোর ও কৌশল। **ছলেবলে**—কপট বুদ্ধি-কৌশলে ও গায়ের জোরে ; যে কোন প্রকারে। তুল—কলে কৌশলে।

ছলচ্ছল (ছলচ্‌ছল্) [ছল্‌ছল্ দ্রঃ] অ, তরঙ্গাভিঘাত শব্দ ; উচ্ছলিত। প্র—"ছল-চ্ছল্ টলট্টল্ কলকল্ তরঙ্গা।"—অ, ম।

ছলছল (ছল্ ছল্) [জল (জ বিকারে—ছ) জল (ব্যাপ্তি অর্থে দ্বিত্ব)] অ, জলভরা ; অশ্রুপূর্ণ ; জলে ভাসা ; সজল ; কাঁদকাঁদ। প্র—"আঁখি ছলছল।"—রবি। "পুছয়ে কানুর কথা ছলছল আঁখি।"—চণ্ডীদাস। "শ্যামল তমাল তল, নীল যমুনার জল, আর দুটী ছলছল নলিন নয়ন।"—রবি। ক্রি, ছলছলান—ছলছল করা। **ছলছল করা**—ক্রি, অপমান বা অভিমান হেতু চক্ষু সজল ও চোখের পাতা জলে ভারি হওয়া। ২। জ্বর বা শ্লেষ্মার প্রকোপ হেতু চক্ষু জলার্দ্র হওয়া প্র—তাহার চোখ দুটি ছলছল করিতেছে। ৩। [শব্দাত্মক] জলের ঘাত প্রতিঘাত বা আন্দোলন শব্দ। তুল—ছলাৎ ; "ছলাচ্ছল"—ভারত। **ছলছলে** (ছল্‌ছোলে) [ছল—ছল + ইয়া (সংক্ষেপে এ)] বিণ, সজল ; অশ্রুপূর্ণ।

ছলছল (ল্, ল্) [জল উচ্ছলিত হইবার শব্দ] অ, জল তরঙ্গায়িত হইবার কালে তটে বাধা পাইয়া যে শব্দ করে। ২। অনুকার শব্দ। ছল্‌ছল্ শব্দ করে বলিয়া ঘুঁঘুর দেওয়া আঙ্গোটকে (পাদাঙ্গুষ্ঠের অলঙ্কার) হিন্দীতে—ছল্লা বলে ; বাং-চুট্‌কী।

ছলন (ছলোন্) [ছলি (ণিজন্ত নাম ধাতু—ছলনা করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, কপটতা ; প্রতারণা ; শঠতা ; পর-প্রতারণা। স্ত্রী, **ছলনা**।

ছলা [ছল দ্রঃ] বি, স্ত্রী, ছলনা ; প্রতারণা ; শঠতা। প্র—"শিখিনি ছলা কলা অবলা নারী।"—গিরিশ। ২। অভিপ্রায় ; অভিসন্ধি; উদ্দেশ্য ; মতলব। প্র—"কিবা অভিলাষে, বাড়ায় লালসে না বুঝি তাহার ছলা।"—চণ্ডীদাস। ৩। ছুত ; অছিলা ; সূত্র। প্র—ঢাক বাজাবে পেলে ছলা।"—বাংগান।

ছলিত (ছোলিত) [ছল্+ণিচ্=ছলি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে ছলনা করা হইয়াছে ; প্রতারিত। ২। [ভাবে—ক্ত] বি, স্ত্রী, ছলনা ; বঞ্চনা ; প্রতারণা [প্র, অ]।

ছল্লি, ছল্লী (ছোল্লি) [ছদ্+ণিচ=ছাদি (আচ্ছাদন করা) + ক্বিপ্ (ভাবে) = ছদ্—লা (দান করা) + ই (কর্ত্তৃ—কি)] বি, স্ত্রী, যে শরীর আচ্ছাদন করিয়া রাখে ; ছাল ; ত্বক্। ২। বৃক্ষত্বক্ ; বল্কল। ৩। বনফুল-বিশেষ।

ছষট্টি (ষো) [সং—ষট্ষষ্টি] বি, ছয় অধিক ষাট সংখ্যা ; ৬৬।

ছা, ছাঁ [ছাবাল দ্রঃ] বি, ছানা ; শাবক ; শিশু ; বাচ্চা। প্র—"সেথা পুঁটী মাছে বিয়োয় না ক টিয়া পাখীর ছা।"—দ্বিজেন্দ্র রায়। "কাকের বাসায় যথা কোকিলের ছা।" "ছাঁয়ে ভাড়াইল মায়।"—ভারতচন্দ্র। **ছা-পোষা**—অল্প উপার্জ্জনে যাহাকে অনেক গুলি সন্তান সন্ততির ভরণ পোষণ করিতে হয়। **কাকের ছা বকের ছা লেখা**—কাক বকের পদের মত সরু সরু আঁকা বাঁকা লেখা।

ছা—ক্রি, [ছাওয়া দ্রঃ]।

ছা-আল (ল্) [ছাবাল (দ্রঃ) ছাও দ্রঃ] বি, শিশু। ২। বিণ, শৈশব। প্র—"ধর্ম্মরাজ বৈল তুমি ছাআল বয়সে। বালক কালেতে ছিলা বাল্যক্রীড়া রসে॥"—কাশী-মহা-আদি।

ছাই [প্রাদে। সং—ক্ষার] বি, খাক্ ; ভস্ম ; পাঁইস। প্র—"কুসুম ভূষণে সেজেছ মোহন ; কুল শীল লাজে দিয়েছ ছাই।"—কৃষ্ণেন্দ্র রায়। ২। অকিঞ্চিৎকর ; কিছুই না। প্র—"ধান-ধন বড় ধন আর ধন গাই। সোণা রূপা কিছুমিছু আর সব ছাই॥"—গ্রাম্যপ্রবচন। **ছাই করা**—কার্য্য পণ্ড করা। কিছু না করা। **ছাই ফেলতে ভাঙ্গা কুলো**—অতি অকিঞ্চিৎকর কাজের জন্য নিয়োজিত অকিঞ্চিৎকর বা অপদার্থ পাত্র। **ছাই-ভস্ম**—তুচ্ছ বস্তু। ২। অসার পদার্থ। **শত্রুর মুখে ছাই**—শত্রুর অমঙ্গল কামনারূপ তুক।

ছাইট (ট্) [সং—ছটা=ছাট (বর্ণ বিপর্য্যয়ে)] বি, বায়ুতাড়িত বৃষ্টির ছাট।

ছাউনি [হি—সাউনি] বি, সেনানিবাস ; শিবির ; উর্দ্দু বাজার ; ক্যান্টন্মেন্ট ; cantonment.

ছাউনি [সং—ছাদনী। গ্রা] বি, আচ্ছাদনী ; চাঁদোয়া। **ছাউনি নাড়া**—বৈবাহিক অনুষ্ঠানবিশেষ ; স্ত্রী-আচার। প্র—"শুভক্ষণে কন্যাবরে করিয়ে ছাউনি।"—ঘনরাম।

ছাএল (ল্) [ফা—সাএল্] বি, প্রার্থনাকারী ; বাদী ; আবেদনকারী ; আপীলকারী ; applicant ; appellant.

ছাও, ছাওয়াল, ছাবাল (ল্) [সং—শাবক। প্রা-বাং—ছাআল, যাহা হইতে ছেলে] বি, সন্তান ; শাবক ; শিশু। প্র—"অষ্ট লোক-পাল রাখ আমার ছাওয়ালে।"—কৃত্তিবাস। "অসংখ্য অসংখ্য পঙ্গপাল দুর্ভিক্ষের দুরন্ত ছাবাল"—অশোকগুচ্ছ। ২। অল্প বয়স ও অল্পবুদ্ধি ; ছেলে মানুষ ; অর্ব্বাচীন।

ছাওয়া [সং—ছাদন—ছাঅন—ছাওন] ক্রি, আচ্ছাদন করা ; ঢাকা ; ঘেরা। ২। [ছায়ার উচ্চারণ সাদৃশ্য হইতে ভুলক্রমে] বি, ছায়া ; প্রতিবিম্ব। ৩। বিণ, পরিব্যাপ্ত ; পরিপূর্ণ। প্র—"মহামায়ায় বিশ্ব ছাওয়া ভাবছ মায়ার বেড়ী কাটি॥"—আজু গোস্বামী। ৪। বিছান ; ছড়ান ; বিস্তৃত। অস—ক্রি, **ছাইতে**—আচ্ছাদন করিতে। **ছাইয়া**—আচ্ছাদন করিয়া। [প্রা-বাং] ছাইআ। প্র—"জাতা ছাইয়া তথা খোঁটা জে পুতিলে"—শূন্যপুরাণ।

ছাওয়াল (ছাওয়ালো) [ছড়াল (ছটা হইতে)] বিণ, লম্বা চওড়া ; দীঘল ; বিস্তৃত। সাধাঃ—ছিয়াল (দ্রঃ)। ২। ছাও দ্রঃ।

ছাঁই [ঝাঁই (দ্রঃ), ঝ-ছ] বি, পিষ্টকের মধ্যে পুর দিবার জন্য চিনি অথবা গুড় দ্বারা পাক করা তিল, নারিকেল কোরা ইত্যাদি। তিল, নারিকেল কোরা প্রভৃতি গুড়ের সহিত অল্প ভাজা। প্র—"ছাঁই করে রাখিলাম অর্দ্ধভাগ কেটে।"—ঈশ্বরগুপ্ত।

ছাঁইচ, ছাঁচ (চ্) [প্রাদে] বি, ঘরের পশ্চাদ্ভাগ। ২। চালের প্রান্তভাগ দ্বারা রক্ষিত গৃহের চতুষ্পার্শ্ব। ৩। [হি—সাঁচা শব্দজ] বি, সাদৃশ্য ; প্রতিকৃতি ; ঢব ; ফর্ম্মা ; mould. প্র—"নয়নে তুলিয়া তার নিয়ে যাই ছাঁচ।" ৪। ভ্রূণের প্রথমাবস্থা ; ডিম্বের পূর্ব্বাবস্থা। প্র—"ঢালিয়াছে কত ছাঁচে, মৃত্তিকা কাঞ্চন কাচে"—কুসুম। ৫। মট (চিনির দ্বারা প্রস্তুত নানা আকারের ফল ফুল, জীবজন্তু, রথ প্রভৃতি) যাহা দোল-পর্ব্বোপলক্ষে বিক্রয় হয়। ৬। প্রকৃতি ; চরিত্র। **ছাঁচতলা**—বি, চাল বা ছাদের তলদেশ। **ছাঁচ তোলা**—ক্রি, কাদার ন্যায় কোমল ও নমনীয় বস্তুতে নানা প্রকার মূর্ত্তি বা ফল ফুলাদির আকার উঠান। **ছাঁচ বাঁধা**—ডিম্বের পূর্ব্বাকৃতি প্রাপ্ত হওয়া ; প্রায় আকার ধারণ করা।

ছাঁকন (ছাঁকোন্) [প্রা] বি, বস্ত্রাদি দ্বারা দ্রবদ্রব্য নিঃসারণ ; নির্ম্মলকরণ ; ছাকা। প্র—"হিণ্ডীর সমীপে চণ্ডী দিল হাণ্ডী ভরি। ছাঁকে তাকে শিব বাপে পোয়ে বস্ত্র ধরি।"—শিবায়ন।

ছাঁকন (ছাঁকোন্) [শাতন দ্রঃ] বি, ছাঁকা দ্রঃ।

ছাঁকনা, ছাঁকনী (ক্) [ছাঁকা দ্রঃ। হি—ছান্না যাহা দ্বারা ছাঁকা যায়] বি, ছাঁকিবার পাত্র ; জাল বা জালবোনা হাতা ; চালনী ; ঝাঁঝরী। প্র—"ভাঙ্গের ছাকনা গেল তারে বড় মো॥"—কবিক।

ছাঁকনী [হি—ছান্না] বি, চালুনী ; যাহা দ্বারা ছাঁকা যায় ; ছোট ছাক্না।

ছাঁকা [সং—শাতন (পতিত হওয়ান) ; হি—সান্না—ছান্না—ছাঁক্না—ছাঁকা] ক্রি, বস্ত্র বা সূক্ষ্ম-ছিদ্র জালের ভিতর দিয়া কোন দ্রব্যের সূক্ষ্মাংশ নির্গত করান ; নির্য্যাস গ্রহণ করা ; নিঙ্গড়ান। ২। অধিক ঘৃত বা তৈলে পিষ্টক, মৎস্য প্রভৃতি ভর্জ্জিত করা ; ভাজিয়া ঝাঁঝরীতে তুলিয়া ঘৃত বা তৈল বাহির করিয়া দেওয়া। ৩। ছেঁকা দ্রঃ। বিণ, ছাঁকা। বি, ছাঁক। (২) ছাকন। (৩) ছাঁকনা, ছাঁকনী।

ছাঁকা [ছাঁক+আ (কৃত অর্থে)] বিণ, ছানিত ; ছাঁক-করা। প্র—ছাঁকা-দুধ। ২। অধিক ঘৃত বা তৈলে ভর্জ্জিত। প্র—ছাঁকা ঘিয়ে ভাজা। ৩। ছাঁকিবার মত ; ছাঁকিবার জন্য নির্ম্মিত বা নির্দ্ধারিত। প্র—দুধ ছাঁকা বা শর্ব্বৎ ছাঁকা বস্ত্র। ৪। বিশুদ্ধ ; খাঁটি ; সত্য ; সার। প্র—ছাঁকা কথা। ৫। ছাঁটা ; নির্ব্বাচিত ; বাছের-বাছ। প্র—ছাঁকা ছাঁকা লোক সঙ্গে লইবে। **ছাঁকা কথা**—ঠিক কথা ; বাজে কথা নয়।

ছাঁচনী (চ্) [সং—সেচনী] বি, সেচনী। ২। মন্থনদণ্ড।

ছাঁচি [হি—সাঁচি (সাঁচা)] বিণ, খাঁটি ; দেশী। **ছাঁচিকুমড়া**—দিশীকুমড়া। **ছাঁচিগুড়**—ইক্ষুজাত গুড় ; একোগুড়। **ছাঁচিতেল** [উচিত তিলের তেল কিন্তু বাং-ব্যবহারে] সরিষার তেল। **ছাঁচি পান**—এক প্রকার সুগন্ধি পান ; কড়ি-পান ; দেশীপান [হিন্দী দেশবারী পান]। **ছাঁচিবেত**—সরু বেত ; ছিপ্ছিপে বেত।

ছাঁট (ট্) [ছাঁটন দ্রঃ] বি, কর্ত্তিত অংশ ; অতিরিক্ত অংশ ; টুক্রা। ২। [সং—

ছটা] ছিটা। প্র—জলের ছাঁট ; বৃষ্টির ছাঁট। **কাট-ছাঁট**—কাটিয়া এবং ছাঁট বাদ দিয়া যে ডৌল হয়। প্র—জামার কাটছাঁট।

ছাঁটন (ছাঁটোন্) [সং—ছেদন। হি—ছাঁট্না (কাটিয়া বাদ দেওয়া)] বি, ছেদন : কর্ত্তন। ২। [হি—ছাঁট্না (নির্ব্বাচন করা)] বাদ দেওয়া ; অগ্রাহ্য করণ। ৩। নির্ব্বাচন [বাং-অপ্র]।

ছাঁটা [ছাঁট, ছাঁটন দ্রঃ] ক্রি, কর্ত্তন করা ; কাটা। প্র—কাপড় ছাঁটা ; চুল ছাঁটা। ২। অমান্য করা ; অগ্রাহ্য করা। প্র—সবার কথা ছেঁটে ফেলে চলে গেল। ৩। কাঁড়া ; কুটিয়া খোসা বাহির করিয়া ফেলা। প্র—চাল ছাঁটা।

ছাঁদ (দ্) [সং—ছন্দঃ] বি, গঠন ; শ্রী। প্র—"বদন ছাঁদ কামের ফাঁদ, ঝুরিয়া ঝুরিয়া কান্দে"—চণ্ডীদাস। ২। শোভা। প্র—"বরণ কালিম ছাঁদে বৃষ্টি ছলে মেঘ কাঁদে তড়িত লুটায় পায় ধড়ার আঁচলে॥"—ভারত। ৩। প্রকার ; ধরণ। প্র—"কানড়া ছাঁদে কবরী বান্ধে নবমল্লিকার মালে"—চণ্ডীদাস। "নানা ছাঁদে বাঁধে পাক মোড়া"—চণ্ডীদাস। ৪। ছন্দ। প্র—লেখার ছাঁদ ; কথার ছাঁদ। "পতিশোকে রতি কাঁদে বিনাইয়া নানা ছাঁদে" অ, ম। ৫। গাভীর পদবন্ধন রজ্জু ; ছাঁদন দড়ি। ক্রি, ছাঁদা। ক্রি-বিণ, ছাঁদে।

ছাঁদন (থাঁদোন্) [সং—আচ্ছাদন—ছাদন] বি, বেষ্টন। **ছাঁদন-দড়ি**—দুগ্ধ দোহনকালে গাভীর পদ বন্ধনের রজ্জু। প্র—"ছাঁদন দড়ি বাহুলতা ছেদন কঠিন"—হেম বন্দ্যো।

ছাঁদলা—ছানলা দ্রঃ।

ছাঁদা [ছাঁদ দ্রঃ। হি—ছাঁদনা] ক্রি, বেষ্টন করা ; জড়ান। ২। ফাঁদা ; পত্তন করা। ৩। নিমন্ত্রিত ব্যক্তি নিমন্ত্রণ রক্ষা করিতে গিয়া যে ভোজ্য দ্রব্য গৃহে লইয়া যায়। ভোজ্য উত্তরীয়াদিতে বাঁধিয়া লইয়া যাইবার প্রথা হইতে "ছাঁদাবাঁধা"। এই প্রথা এক্ষণে প্রায় উঠিয়া গিয়াছে। ৪। গো দোহনকালে গাভীর পশ্চাতের পদদ্বয় রজ্জুদ্বারা বদ্ধ করা। অস-ক্রি, **ছাঁদিতে,** (সংক্ষেপে) **ছাঁদ্তে**—বেষ্টন করিতে ; জড়াইয়া ধরিতে। **ছাঁদিয়া,** (সংক্ষেপে) **ছেঁদে**—বেষ্টন করিয়া ; জড়াইয়া। প্র—"আল্যা করি কোলে বসি ছেঁদে ধরি গলে ওমা ওমা বলি উমা কথা কন ছলে"—অ, ম বি, ছাঁদন।

ছাগ (গ্) [সং। ইং—goat, ছাগল দ্রঃ] বি, পুং, অজ ; ছাগল (দ্রঃ) ; পাঁঠা। **ছাগ-শিশু**—ছাগলছানা। **ছাগ-মাংস**—পাঁঠার মাংস। স্ত্রী, **ছাগী**।

ছাগণ (ন্) [সং—ছগণ (ঘুঁটে)+অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, পুং, ঘুঁটের আগুন।

ছাগবাহন (ছাগ্‌বাহোন্) [ছাগ হইয়াছে বাহন যাহার—বহু] বি, পুং, অগ্নিদেব।

ছাগমুখ (গ্, খ্) [ছাগের মুখের ন্যায় মুখ যাহার, বহু] বি, পুং, কার্ত্তিক (ষষ্ঠ মুখ ছাগের ন্যায় বলিয়া)। ২। কার্ত্তিকের অনুচরবিশেষ (ছাগমুণ্ডবৎ মুণ্ড বলিয়া)। ৩। দক্ষ প্রজাপতি (শিবনিন্দা জন্য ছাগমুখ)।

ছাগল (ছাগোল্) [সং। সং-তে "ছাগলক" শব্দের ব্যবহারও আছে। ছাগ দ্রঃ। বাং—পুং, স্ত্রী। প্র—মাদীছাগল ; মদ্দা বা বোকা ছাগল (বোকা দ্রঃ)। কবিকঙ্কণ—স্ত্রী, "বকী" প্রয়োগ করিয়াছেন। প্রা-বাং—স্ত্রী, "ছেলি"] বি, পুং, অজ ; ছাগ। খনার বচনে মেষরাশির "মেষ" অর্থে "ছাগল"। ২। [ছাগলের গম্যা অগম্যা গমন বিচারহীনতারূপ প্রকৃতি বা প্রবৃত্তি হইতে] যাহার গম্যাগম্য বিচার নাই ; অগম্যাগমনকারী। স্ত্রী, ছাগলী। **ছাগল-লাদী, নাদী** [হি—লীদ্ (বিষ্ঠা) হইতে লাদী, (বাং-য়, ল=ন) নাদী (ক্ষুদ্র ক্ষুদ্র গুটিকা বা গুলির আকার হেতু লাদী, লাদ বা নাদ] বি, ছাগবিষ্ঠা। **রাম-ছাগল**—বড়জাতীয় ছাগল।

ছাগলাদ (গ্, দ্) বি, প্রসিদ্ধ আয়ুর্ব্বেদীয় ঘৃত। **ছাগলাদ্য ঘৃত** (সংক্ষেপে—ছাগলাদ্) আয়ুর্ব্বেদীয় ঔষধবিশেষ : যে ঘৃতে খাসী বা নপুংসক ছাগলের চর্ব্বি প্রধান উপকরণ স্বরূপ মিশ্রিত হয়।

ছাট (ছাট্) [ছাঁট দ্রঃ। সং—ছটা] বি, বায়ু তাড়িত বৃষ্টিধারা। ২। [হি—সাঁট= সোঁটা] চাবুক ; বেত্র ; ছড়ি। প্র—"ধীরে ধীরে যায় রামা লইয়া ছাগল। ছাট হাতে পাট মাথে যেমন পাগল॥"—কবিক। "সারথি ঘোড়ার গায় মারিলেক ছাট"—কৃত্তিবাস। ৩। গাজনের সন্ন্যাসীদের ব্যবহৃত বেত্রগুচ্ছ-নির্ম্মিত ছড়ি ; কোড়া। ৪। [ছাটো] ক্রি, কর্ত্তন কর ; কপচাও। প্র—"চুল ছাট"। (২) পরিষ্কার কর ; তুষ ছাড়াও। প্র—"চাউল ছাট"।

ছাটনি (ট্) [ছিটুনিও বলে। সং—ছটা= ছাট (দ্রঃ)—ছটার মত বলিয়া] বি, চালের ছাউনির উপর যে সূক্ষ্ম সূক্ষ্ম বাখারি বিছাইয়া দেওয়া যায় ; ছিটেবেড়া। প্র—"জোয়ের ছাটনি দিল জোয়ের বান্ধনি। যোল পাট দিয়া কৈল জোয়ের ছাউনি॥"—কবিক।

ছাড় (ড়্) [সং—সৃ ধাতু (গতি অর্থে) +ণিচ্ =সারি+ঘঞ্ =সারঃ—উৎসারণ (দূরীকরণ) অপসারণ (সরান) তাহা হইতে হি—ছোড় ; ছোড়না (ত্যাগ করা) —বাং, ছাড়্। গ্রা, হি-তে—ছাঁড়, ছাঁড়না শব্দ আছে] বি, ত্যাগ ; বর্জ্জন। ২। অসংলগ্নতা। ৩। উপেক্ষা ; ক্ষমা। ৪। বিরাম ; অবসান ; বিচ্ছেদ। প্র—এক দণ্ডের জন্য ছাড় নাই। **ছাড়চিঠি, ছাড়পত্র**—যে পত্র দেখাইলে ছাড়িয়া দেওয়া হয় ; ব্যক্তি বা বস্তু গন্তব্য স্থানে যাইবার কালে পথ রোধ না করা হয় এজন্য যে নিদর্শনপত্র দেওয়া হয়। ২। ত্যাগ বা বর্জ্জন নির্দ্দেশক পত্র ; ফারখত ; তালাক।

ছাড়ন (ন্) [ছাড় দ্রঃ] বি, বর্জ্জন ; ত্যাগ করণ। ২। ধরন ; বন্ধ হওন ; বিরতি ; অবসান।

ছাড়া [মূলে ছটা শব্দ। তাহা হইতে ভাবে, কোন কিছু হইতে নির্গত হওয়া। (২) ছটকাইয়া পড়া। (৩) বিচ্ছিন্ন হওয়া। গ্রা, বা ঠেট হিন্দী—ছাঁড়া। হি—ছোড়না। ছাড় দ্রঃ। অকর্ম্মক, সকর্ম্মক উভয় অর্থেই ব্যবহার আছে] ক্রি, ত্যাগ করা ; পরিত্যাগ করা। প্র—দেশছাড়া ; ঘরের কোণ ছাড়া। ২। স্বত্বত্যাগ করা ; ক্ষতি স্বীকার করা। ৩। অভ্যাস ত্যাগ করা ; রহিত করা। প্র—সে মদ ছাড়িয়াছে। ৪। সঙ্গ ত্যাগ করা ; সহবাস পরিত্যাগ করা। ৫। নির্দ্দিষ্ট স্থান ত্যাগ করা ; রওনা হওয়া ; কোন স্থান হইতে গমন আরম্ভ করা। প্র—গাড়ী ছাড়া ; জাহাজ ছাড়া ; ষ্টেশন ছাড়া। প্র—সে কখন এখান থেকে ছাড়লে? ৬। অসংলগ্ন হওয়া : পৃথক হওয়া ; জোড় খুলিয়া যাওয়া। প্র—জল বসিয়া তক্তা গুলা ছাড়িয়া গিয়াছে। ৭। অঙ্গগ্রহ বা আড়ষ্ট ভাব দূর হওয়া ; টান শিথিল হওয়া। প্র—হাত পায়ের খিল ছাড়া। ৮। ঘনত্ব নষ্ট হওয়া ; ফাঁক ফাঁক হওয়া। প্র—কাপড়ের সূতা ছাড়া। ৯। আক্রমণ ত্যাগ করা। প্র—জ্বর ছাড়া ; মাথা ছাড়া। ১০। আবদার বা জেদ ত্যাগ করা ; এড়াইতে চেষ্টা করিলে বা চাহিলে এড়াইতে দেওয়া। তুল—"না-ছোড়-বান্দা"। প্র—ও ছেলে কি সহজে ছাড়ে, সেই গেল তবে ছাড়লে। সে কোন মতেই ছাড়লে না শেষে সুপারিশ করতেই হল। ১১। আয়ত্তের মধ্যে যে আছে তাহাকে অব্যাহতি দেওয়া ; পুনঃ পুনঃ আক্রমণের হাত হইতে নিষ্কৃতি দেওয়া ; যাহা করিবার করিয়া আর কিছু না করা। প্র—"নাকাল করিয়া ছাড়া ; সর্ব্বস্বান্ত করিয়া ছাড়া। ১২। কৃপাপাত্রজ্ঞানে অনিষ্টের হাত হইতে অব্যাহতি দেওয়া ; উপেক্ষা করা। প্র—আরে ওর কথা ছেড়ে দাও ; আহা ওকে ছেড়ে দাও। ১৩। যাইতে দেওয়া ; আটক না করা। প্র—পথ ছাড়া ; পাহারা ঘাটি আগুলিয়া বসিয়া আছে ; ছাড়পত্র দেখাইলে ছাড়িতে পারে। ১৪। মুক্তি দেওয়া ; দণ্ড

ভোগের পর খালাস দেওয়া। প্র—এতদিন পরে তাহাকে জেল থেকে ছাড়িয়াছে। ১৫। বিচারে নিরপরাধ সাব্যস্ত হইলে আদালত বা পুলিশের জিম্বা হইতে খালাস দেওয়া। ১৬। অতিক্রম করা। প্র—কত পথ ছাড়াবার পর তবে পৌঁছান গেল। ১৭। ভুলক্রমে বাদ দেওয়া। প্র—তাঁহার নাম তালিকায় নাই; নামটি ছাড়া ভাল হয় নাই। ১৮। ভয় বা সমীহা করিয়া রেহাই দেওয়া; রেয়াৎ করা। প্র—সে কাহাকেও ছাড়ে না: তাকে কি আর ছেড়ে কথা কহিবে? ১৯। সঙ্গ হইতে বঞ্চিত হওয়া। প্র—তাহাকে একদণ্ড কেহ ছাড়িয়া থাকিতে চায় না। ২০। কর্ম্মত্যাগ করা। প্র—লোকটা এক কথায় চাকরি ছাড়িল। ২১। বিণ. ত্যক্ত; বর্জ্জিত। ২২। বিচ্ছিন্ন; অসংলগ্ন; বিযুক্ত। ২৩। নিঃসঙ্গ: সঙ্গহীন। প্র—"তাঁহার নিকট লোক ছাড়া নাই" —টেকচাঁদ। উ·পু—ছাড়ি। ম·পু—ছাড় (সমানে): ছাড়ন্ (সম্ভ্রমে): ছাড় (অনাদরে)। প্র·পু—ছাড়ে (সমানে, অনাদরে); ছাড়েন্ (সম্ভ্রমে)। অস-ক্রি—ছাড়িতে; ছাড়িয়া। ণিজন্ত—ছাড়ান (দ্রঃ)। **ছাড়াছাড়ি**—এক অন্যকে ত্যাগ করিলে তাহাদের মধ্যে ছাড়াছাড়ি হয়; পরস্পরের মধ্যে বিচ্ছেদ। প্র—"মধ্যে হল ছাড়াছাড়ি গেলাম কে কোথায়"—রবি। **ছাড়াছাড়া**—বিণ. পৃথক্ পৃথক্; অসংলগ্ন; গ্রা—ছড়্কা ছড়্কা। **গলা ছাড়া**—চীৎকার করা: উচ্চৈঃস্বরে গানের সুর তোলা (বিপরীত, চাপা গলায় গান করা); মুক্তকণ্ঠে গান করা। **ধাত ছাড়া, নাড়ী ছাড়া**—ধমনীর স্পন্দন রহিত হওয়া; নাড়ীর গতি স্থির হওয়া; মৃত্যুর পূর্ব্বলক্ষণ দেখা দেওয়া। **নজর ছাড়া**—বিণ. দৃষ্টির বহির্ভূত (তিরস্কারে)। প্র—তাহাকে নজর ছাড়া করে দাও। **নজর ছাড়া করা**—মুখ দর্শন করিতে না হয় এমন ভাবে দূর করিয়া দেওয়া। **পেট ছাড়া**—উদরাময় রোগ হওয়া; পাকস্থলীতে ভুক্তদ্রব্য জীর্ণ না হইয়া মলদ্বার দিয়া বাহির হইয়া যাওয়া। বিপরীত—পেট ধরা। **ফুল ছাড়া**—কড়েয়া বা কচি ফলের পশ্চাতে বা পোঁদে যে ফুল থাকে (ফলের মুখ বোঁটায় লগ্ন থাকে) ফল বড় হইলে তাহা শুকাইয়া ঝরিয়া পড়ে। (তাহা হইতে), **পোঁদের ফুল ছাড়া**—শৈশব উত্তীর্ণ হওয়া। **পোয়ান বা পোন ছাড়া** [পোয়ান=কুম্ভকারের অগ্নিকুণ্ড: (যেখানে কাঁচা মাটির হাঁড়িকুঁড়ি পুতুল প্রভৃতি পুড়িয়া তৈয়ার হয়) নির্ম্মাণ গৃহ; তাহা হইতে সন্তানবতীর গর্ভ] গর্ভছাড়া; এক গর্ভের নয়; গর্ভে যে আকৃতি ও প্রকৃতির সন্তান হয় তাহা হইতে স্বতন্ত্র। প্র—তার পেটের সব ছেলে গুলিই সুশ্রী কিন্তু এছেলেটি তার পোয়ান ছাড়া হয়েছে। **ভারত ছাড়া**—ভারতবর্ষে যাহা নাই; ভারতের বহির্ভূত। তুল—জগৎ ছাড়া; বিশ্ব ছাড়া। **ভিটা ছাড়া**—পৈতৃক বাসস্থান হইতে বিতাড়িত; উদ্বাস্তু। **ভূত ছাড়া**—ভূত তাড়ান; দুষ্টবুদ্ধি বা দুষ্টামি সংশোধন করা। প্র—মারিয়া ভূত ছাড়া করা। **মা ছাড়া**—যে শিশু মায়ের কাছে থাকিতে পায় না; জননীর কাছ ছাড়া। **মার কোল ছাড়া**—যে শিশু জননীর কোলে উঠিতে পায় না। **মাই ছাড়া**—এঁড়ে ছেলে; যে শিশুকে স্তন্যপান করান হয় না। **লক্ষ্মীছাড়া**—শ্রীহীন; হতভাগ্য। **সৃষ্টিছাড়া**—সৃষ্ট বস্তুর মধ্যে যাহা মেলে না: সৃষ্টির বহির্ভূত। **ডাক ছাড়া**—চীৎকার করা: উচ্চরব করা। **হতচ্ছাড়া** [হত (মৃত বা নষ্ট)+সারা (অবশেষে)—সারা=ছাড়া] হতাবশিষ্ট; নষ্টাবশেষ: উৎসন্ন (গালিবিশেষ)। **হাত ছাড়া**—বিণ. হস্তচ্যুত; অধিকারবহির্ভূত; আয়ত্তের বাহির। **মাথা ছাড়া**—শিরঃপীড়ার শান্তি হওয়া; মাথা খোলসা হওয়া। **হাল ছাড়া** (তাহা হইতে) হতাশ হওয়া। [নৌকা বাঁচান অসম্ভব বুঝিয়া মাঝিরা হাল ছাড়িয়া দেয়]।

ছাড়ান (ন্) [ছাড়ার ভাব] বি. ছাড়ন; বর্জ্জন। ২। খালাস; মুক্তি; উদ্ধার। প্র—"গৌড়ে বন্দী পিতামাতা না হ'ল ছাড়ান" —ঘনরাম। **ছাড়ান ছিড়ান** (সহচর শব্দদ্বয়) মুক্তি। **কাটান্ ছাড়ান, কাটান্ ছিড়ান্**—সম্পূর্ণ বিচ্ছেদ; সকল সম্বন্ধ বা সংস্রব রহিত।

ছাড়ান (নো) [ছাড়া (দ্রঃ)। ণিজন্ত] ক্রি. ছাড়িতে বাধ্য করা; ত্যাগ করান। ২। উদ্ধার করা; মুক্ত করা; খালাস করা। প্র—জেল থেকে ছাড়ান। হাত ছাড়ান। ৩। তাড়ান; দূর করা। প্র—ভূত ছাড়ান: রোগ ছাড়ান। ৪। সংশোধন করা। প্র—স্বভাব ছাড়ান; মত ছাড়ান। ৫। উন্মুক্ত করা; খোলা; ত্বক্ বাহির করা। প্র—খোসা ছাড়ান। **ফল ছাড়ান**—ফলের ত্বক্ বা খোসা খুলিয়া ফেলা বা কাটিয়া ফেলিয়া দেওয়া।

ছাত (ত্) ছাদ দ্রঃ।

ছাতলা, ছাৎলা, ছেৎলা, ছ্যাৎলা—ছাতা দ্রঃ।

ছাতা [সং—ছত্র। হি—ছাত্তা] বি. ছত্র; আতপত্র; ছাতি। ২। বেঙের ছাতা; কোঁড়ক; mushroom. ৩। ছাৎলা; ময়লা। প্র—"চারিদিকে অপূর্ব্ব প্রস্তরে খোদিত নরমূর্ত্তি সকল শোভা করিত; তাহারই দুই চারিটা আজিও আছে; কিন্তু ছাতা পড়িয়াছে, রঙ্গ জ্বলিয়া গিয়াছে"—বঙ্কিম (সীতারাম)। ৪। চাক। প্র—মৌমাছির ছাতা। **ছাতা দিয়া মাথা রাখা**—মাথায় ছাতা ধরিয়া রৌদ্র বৃষ্টি হইতে মাথা বাঁচান। ২। আশ্রয় বা অর্থ সাহায্য দ্বারা মান রক্ষা করা।

ছাতার, ছাতারিয়া (র্) [ইহারা দলবদ্ধ হইয়া ছৎর্ ছৎর্ শব্দে চীৎকার করে বলিয়া] বি. চটকজাতীয় চঞ্চল-প্রকৃতি পাখীবিশেষ। ২। [ইহারা সর্ব্বদা কিচির মিচির শব্দ ও লাফালাফি করে বলিয়া তাহাদের প্রকৃতি-সাদৃশ্যে] যাহারা সর্ব্বদা ঝগড়া বিবাদ ও বকাবকি করে।

ছাতি [ছাতা দ্রঃ। হি—ছতরী] বি. আতপত্র; ছত্র। প্র—"নিজহস্তে নরপতি ধরিবে ধবল ছাতি।"—কবিক। ২। বুক। প্র—"ভেবে ছিলাম মনের কথা লিখব ছাতি ঠুকে"—হেম বন্দ্যো। "মন্দ যান মৌনী শিয়াল হ'তে ছাতি ঠুকে"—ঐ। **ছাতি ধরা**—সাহায্য করা। **যেখানে জল পড়ে সেইখানে ছাতি ধরা**—যে বিষয়ে বা যে দিকে কষ্ট বা অভাব তখনই তাহা মোচন করা। **বুকের ছাতি**—বুকের পাটা। ২। সাহস। **ছাতি ঠুকিয়া**—বক্ষে আঘাত করিয়া; সাহস প্রকাশ করিয়া; নির্ভয়ে। **ছাতি ফাটা**—বুক ফাটা; হিংসায় হৃদয় বিদীর্ণ হওয়া। ২। পিপাসায় বুক শুকাইয়া কাঠ ফাটিবার মত হওয়া। ৩। প্রবল ইচ্ছা সত্ত্বেও মুখ ফুটিয়া কিছু বলিতে না পারায় হৃদয় বিদীর্ণপ্রায় হওয়া।

ছাতু [সং—শক্তু; হি—সত্তু—ছত্তু] বি. ছোলা যবাদি ভাজার চূর্ণ। ২। [সং—ছত্রাক (অবজ্ঞার্থে ক)] ছাতা (দ্রঃ)। **ছাতুখোর**—ছাতু খাইয়া যাহারা জীবনধারণ করে। ছাতুপ্রিয়; যাহাদের অকিঞ্চিৎকর ভোজন। **কাঠছাতু**—কাঠ পচিয়া যে ছাতা হয়; কাঠছাতা; গাছে যে ছাতা হয়; polyporus.

ছাত্র (ছাৎত্র) [সং—"ছাত্রান্তেবাসিনৌ শিষ্যে"—অমর] বি, পুং, অন্তেবাসী; শিক্ষাগুরুর শিষ্য; পাঠশালা, টোল ও স্কুল কলেজের পড়ুয়া। স্ত্রী, ছাত্রী (ছাত্র শব্দের স্ত্রীলিঙ্গে ছাত্রা এই পদ হয় কিন্তু অধুনা "ছাত্রী" পদেরই ব্যবহার আছে। ছাত্রের স্ত্রী এই অর্থে ছাত্রী হইতে পারে তাহাও অপ্রসিদ্ধ)। **ছাত্রবোধ**—ছাত্রের বোধোদয় হয় এমন পাঠ্য। **ছাত্রবৃত্তি**—প্রতিভাবান্ ছাত্রের উৎসাহবর্দ্ধন ও পাঠব্যয় বহনার্থ নির্দ্দিষ্ট কালের

জন্য, পুরস্কারস্বরূপ প্রদত্ত মাসিক অর্থসাহায্য scholarship.

ছাদ (দ্) [ছাদি (আচ্ছাদন করা) + অ (করণে—ঘঞ্) যাহা গৃহাদির উপরিভাগ আচ্ছাদন করে] বি, স্ত্রী, গৃহাদির উপরিভাগের আচ্ছাদন ; ছাত ; চাল। প্র—"ছাদের উপর অমনি দুপদাপ"—দ্বিজেন্দ্র রায়। [দ্রঃ—ইষ্টক, টালি, প্রস্তর ও ইষ্টকচূর্ণ বা কাঁকর দ্বারা নির্ম্মিত আচ্ছাদনের নাম ছাদ বা পাকা ছাদ। বাঁশ, কাঠাদির মাচা করিয়া তাহার উপর গোলা বা খড় দিয়া যে আচ্ছাদন নির্ম্মিত হয় তাহার নাম চাল]।

ছাদক (ক্) [ছদ্ + ণিচ্ = ছাদি (আচ্ছাদন করা) + অক (কর্ত্তৃ)] বিণ, আচ্ছাদনকারী। ২। যে ঘর ছায় ; ঘরামি।

ছাদন (ন্) [ছদ্ + ণিচ্ = ছাদি (আচ্ছাদন করা) + অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, আবরণ ; আচ্ছাদন। ২। ঘর ছাওন। ৩। যাহা দ্বারা কোন কিছু আচ্ছাদিত হয় ; পত্র ; বল্কল ; গাত্রবস্ত্র। বিণ, ছাদিত। ক্রি, ছাওয়া, ছাদন করা ;

ছাদিত [ছদ্ (ছাদন করা) + ণিচ্ = ছাদি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, আচ্ছাদিত। ২। যাহার ছাদ করা হইয়াছে।

ছানন (ছানোন্) [হি—সান্না] বি, মিশ্রণ ; দলন ; মর্দ্দন ; চট্‌কান ; মাখন ; মলন। ক্রি, **ছানা**—মাখা ; মিশান। বি, **ছান**—মাখিয়া যাহা হয় ; মেটে ঘরে প্রলেপ দিবার গোবর মাটি গোলা।

ছাঁনলাতলা, ছাঁদলা (ন্, দ্) [সং—ছাদন ; চন্দ্রাতপতল। তুল—হি—চাঁদনী। ছাদন + আ (যুক্তার্থে) তলা (স্থল)—যে স্থলের উপর আচ্ছাদন দেওয়া হইয়াছে] বি, বিবাহের ছায়ামণ্ডপ।

ছানা [ছিন্ন (ছেঁড়া = কাটা—ফাটান) অম্লযোগে দুধ ছিড়িয়া এবং জল কাটাইয়া যাহা হয় অথবা ছাঁক বা ছান হইতে—যাহা দুগ্ধ হইতে ছানিয়া বাহির করা হয়] বি, দুগ্ধবিকার ; তক্রপিণ্ড ; ছেনা (দ্রঃ)। ২। [হি—সাননা] ক্রি, ছাঁকা ; নিংড়ান। প্র—"সুধা ছানিয়া কেবা ও সুধা ঢেলেছে গো, তেমতি শ্যামের চিকণ দেহ"—চণ্ডীদাস।

ছানা (ছা্না) [ছাবাল দ্রঃ—বাচ্চা—ছা—ছাঁ—ছানা (ঁ = ন)] বি, শাবক ; বৎস ; শিশু ; বাচ্চা। স্ত্রী, ছেনি, ছেনী (ছেলি দ্রঃ)। **ছানাপোনা**—ছোট ছোট শিশুসন্তান। তুল—আণ্ডা বাচ্চা। পোনা দ্রঃ। [দ্রঃ—ছানা—মানবেতর জীবশিশু। প্র—কুকুর ছানা ; বেরাল ছানা ; পাখীর ছানা ; সাপের ছানা। মানবশিশু—ছেলে ; ছাঁ ; বাছা (বৎস)। বাচ্চা—মানব ও মানবেতর শিশু]।

ছানি [সং—ছন্ন (ছাদিত)—ছানি (ছাদনী) হি—ছানী, ছাল্লা] বি, দৃষ্টির প্রতিবন্ধক ; চক্ষের আবরণ। প্র—"যেইক্ষণে কৃপাদৃষ্টি করিলা ভবানী। সেইক্ষণে ঘুচে তার লোচনের ছানি॥"—কবিক। ২। দৃষ্টি-আবরক চক্ষুরোগবিশেষ ; চক্ষের তারা-আচ্ছাদনকারী শ্বেতবর্ণঝিল্লী ; cataract. প্র—"ছানি কাটে দিয়ে চক্ষে কাঁটা"—কবিক। **ছানিপড়া**—ছানি রোগ হওয়া। ২। (গালি) দৃষ্টি লোপ পাওয়া। **ছানি কাটান**—অস্ত্র দ্বারা চক্ষের তারার আবরক ঝিল্লী কাটাইয়া ফেলা।

ছানি [প্রা—সানী (পুনরায়, দ্বিতীয় বার) নজর্‌ - ই - সানী = পুনরবলোকন, review ; revision] বি, পুনরবলোকন-প্রার্থনা ; পুনরায় বিচারের আবেদন ; আপীল।

ছানি [হি—সয়েন্ = ইঙ্গিত ; তুল—ইং—sign.] বি, ইঙ্গিত ; ইশারা। প্র—হাতছানি দিয়া ডাকা। ২। [যাহা ইঙ্গিত করে] চিহ্ন ; চুচুকে কৃষ্ণ চিহ্ন (গর্ভলক্ষণ)। প্র—"কুচাগ্রেতে ছানি পড়ে, পেটে নড়ে ছেলে"—ধ-ম (মাণিক)।

ছানি [হি—সানী (গবাদির আহার্য্য ভুষি বা খৈল মিশ্রিত খড়ের কুঁচি)। বাং স = ছ। প্রাদে] বি, খড়ের কুটি ; খৈলমিশ্রিত বিচালির কুঁচি ; জাব।

ছান্দ [সং—ছাঁদ ; ছাঁদন দ্রঃ] বি, বেষ্টন ; বন্ধন। প্র—"তব মায়া ছান্দে, বিশ্ব পড়ি কান্দে ভারতে এফেরে ফেলিওনা।"—অ, ম। ২। [সং—ছন্দ] বি, প্রকার ; রকম। ৩। কৌশল।

ছান্দলা (ল্) [ছাঁদলা, ছান্‌লা দ্রঃ] বি, ছায়ামণ্ডপ ; বিবাহের অধিবাসস্থল। প্র—"আসনে বসিয়া দ্বিজ পূর্ব্বমুখ সরসিজ শুভক্ষণে বান্ধিল ছান্দলা।"—কবিক।

ছান্দস (শ্) [ছন্দস্ (বেদ) + অ (অধ্যয়ন, অধ্যাপন অর্থে—অণ্)] বি, পুং, বেদাধ্যায়ী ; বেদাধ্যাপক ; শ্রোত্রিয়। ২। বিণ, বেদ-সম্বন্ধীয়। (২) বৈদিক ছন্দঃ সম্বন্ধীয়।

ছান্দোগ্য (ছান্‌দোগ্‌গ) [ছন্দস্ (বেদ) তাহার মধ্যে গ—গৈ (গান করা) + অ (কর্ম্মে, ড—সংজ্ঞার্থে) = ছন্দোগ (যাহা গীত হয়) + যণ্—বেদের মধ্যে গান-যোগ্য অংশ] বি, সামবেদের ছান্দোগ্য নামক অংশ।

ছাপ (প্) [সং—ছুপ্ (স্পর্শ করা) হইতে স্পর্শের চাপ দেওয়া। হি—ছাপ্ (impression)—ছাপা—ছাপ্‌না। তুল—ছাপাখানা] বি, মুদ্রণ ; অঙ্কন। ২। চিহ্ন ; দাগ। ৩। মোহর। **ছাপ দেওয়া**—মুদ্রার চাপ দিয়া চিহ্নিত করা ; মোহর করা। **উপর ছাপ**—উপর দ্রঃ।

ছাপন (ন্) [ছাপা দ্রঃ] বি, পুস্তকাদি মুদ্রাঙ্কণ। ২। বস্ত্রাদির উপর পুষ্প পত্রাদি অঙ্কিত করণ। ৩। গোপন। ৪। অতিরেক।

ছাপর (ছাপোর্) [হি—ছপ্পর] বি, আচ্ছাদন ; ছাদ ; চাল। **ছাপর খাট**—মশারি খাটাইবার চালবিশিষ্ট পালঙ্ক।

ছাপরা (প্) [সং—খর্পর। অপভ্রংশে খাপ্‌রা পরে ছাপ্‌রা। হি—খপ্‌রেল] বি, ছাইবার খোলা। প্র—ছাপরার ঘর। ২। বেহারপ্রদেশস্থ নগরবিশেষ।

ছাপা (ছাপা) [ছাপ দ্রঃ। হি—ছাপ্‌না] ক্রি, মুদ্রাঙ্কিত করা ; printing. ২। মোহর করা ; করতলের চিহ্ন অঙ্কিত করা ; ছেপ্‌ত করা। বিণ, মুদ্রাঙ্কিত ; printed. ণিজন্ত, **ছাপান** (ছাপানো) [হি—ছাপ্‌ওয়ানা] মুদ্রিত করান। ২। ছাপিয়া প্রকাশ করা। প্র—কাগজ ছাপান। বি, ছাপ ; ছাপাই।

ছাপা [হি—ছিপা, ছুপা] বিণ, গুপ্ত ; লুক্কায়িত ; চাপা ; অপ্রকাশিত। প্র—"উদয় অচলে অরুণ উঠিলে কমল ফুটে যে জলে। এতকাল ধরে তাহার তত্ত্ব ছাপা ছিল কোন ছলে॥"—রবি। "ব্যক্ত হবে আগে পাছে ছাপা ত না রবে"—অ, ম। ২। অজানা ; অগোচর। প্র—"এ তোর মাসীরে বাপা কোন কর্ম্ম নহে ছাপা।"—ভারতচন্দ্র। ৩। [হি—ছিপ্‌না, ছুপ্‌না] ক্রি, ছাপা থাকা ; আত্মগোপন করা ; লুক্কায়িত হওয়া ; গা ঢাকা হওয়া। ৪। ঢাকা পড়া। প্র—"সুড়ঙ্গ কিরূপে ছাপে ভাবিছেন রায়"—অ, ম। ণিজন্ত, **ছাপান** [হি—ছিপ ওয়ানা] লুকাইয়া রাখা ; গোপন করা। ২। [ছাপা অর্থেও ব্যবহার আছে] আত্মগোপন করা ; অন্তর্হিত হওয়া। প্র—"শশিমুখী লাজভয়ে ছাপাইল কালীদয়ে কুঞ্জর প্রবেশে বনতলে।"—কবিক। [ব্রজ] **ছাপাই**—ঢাকে। প্র—"অম্বরে বদন ছাপাই"—বিদ্যাপতি। **ছাপায়ল**—লুকাইয়া রাখিল ; ঢাকিল। প্র—"অন্তরে বৈদগধি মাণিক ছাপাইল দুহুঁ ভেল পম্বক চোর।"—জ্ঞানদাস। **ছাপাছাপি**—লুকালুকি ; ঢাকাঢাকি ; যথা তথা গোপন করণ ; সকলের নিকট চাপিয়া রাখা।

ছাপা [সং—উপচয় (আধিক্য, বৃদ্ধি) বাং—উপ্‌চা ক্রমে ছাপা] ক্রি, অধিক হওয়া ; বৃদ্ধি পাওয়া ; অতিরিক্ত হওয়া। প্র—জল চৌবাচ্চা ছাপাইয়া পড়িয়াছে। **ছাপাছাপি**—পুরাপুরির সীমা অতিক্রমণ ; অত্যধিক। ২। কানায় কানায় ; কণ্ঠায় কণ্ঠায়। প্র—হাঁড়িতে চাউল ছাপাছাপি হয়েছে। ছাপাছাপি আহার করা ভাল নয়। ণিজন্তরূপ, ছাপান (নো)।

ছাপাই (ছা্পাই) [হি—ছাপওয়াই। ছাপা (দ্রঃ) + ই (কর্ম্ম অর্থে)] বি. ছাপার কার্য্য ; মুদ্রাঙ্কণ। ২। বিণ. ছাপা সংক্রান্ত। প্র—ছাপাই খরচ।

ছাপান (ন্) [ছাপা ক্রিয়ার সমার্থক কর্ম্ম ; তুল—ইং—cognate object] বি. লুকন। প্র—"এমন ছাপান ছাপাইব মাগো খুঁজে খুঁজে নাহি পাবা।"—রামপ্রসাদ। ২। ছাপা দ্রঃ।

ছাপ্পান্ন (ছাপ্‌পান্‌নো) [সং—ষট্‌পঞ্চাশৎ] বি. ৫৬ সংখ্যা। ২। বিণ. ৫৬ সংখ্যক।

ছাবলা (ব্) [গ্রা—ছেবলা উচ্চারণে ছ্যাব্‌লা। ছাবাল + আ (প্রকৃতি বা লীলার্থে)] বিণ. ছাবালের ভাব ; চপল-স্বভাব ; লঘুপ্রকৃতি ; হাল্‌কা। বি. **ছাবলামি** [গ্রা—ছেবলামি উচ্চারণে ছ্যাব্‌লামি] প্রকৃতির লঘুতা ; ছেলে-মানুষী ; চঞ্চলতা ; চপলতা।

ছাবা [ছাপা হইতে ; গ্রা] ক্রি. ছাপদেওয়া ; অঙ্কিত করা ; মোহর করা। ২। বিণ. অঙ্কিত। ৩। বি. ছাপ ; ফুলপাতার চিহ্ন ; তিলক বা ইষ্টদেবতার নাম অঙ্কন। প্র—"সর্ব্বাঙ্গে শোভিত ছাবা কলি মৃগ বাথথাবা সারি সারি হরিনাম লেখা।"—অন্নদামঙ্গল।

ছাবাল (ল্) [হি—বাল-বাচ্চা (সং—বাল-বৎস) সহচর শব্দ—বাং-য় (পদবিপর্য্যয়ে—পরে সংক্ষেপে ছাবাল)। প্রা-বাং—ছাআল (শূ-পুরাণ) ছওয়ালও হয়] বি. পুং. শিশুপুত্র। প্র—"দামাল ছাবাল দুটি অন্ন চাহে ভূমি লুটি কথায় ভুলায়ে কেবা রাখিবে।" —ভারতচন্দ্র। বিণ. ছাবলা।

ছাবিবশ (ছাব্‌বিশ্) [সং—ষড়্‌বিংশতি] বিণ. ২৬ সংখ্যা।

ছামনি, ছামনী (ছা্‌ম্‌নি) [সং—সম্মুখ। হি—আম্‌না-সাম্‌নী প্র—সাম্‌না সাম্‌নী (মুখোমুখী)। বাং-গ্রা—ছাঁউনি] বি. চাহনি ; শুভদৃষ্টি ; চারি চক্ষে চাওয়া-চায়ি ; পরস্পর সম্মুখ দর্শন। প্র—"ছামনি নাড়িয়া অভিচারে দিল মন।"—শিবায়ন। "চৌদিকে ব্যাধের নারী উচ্চৈঃস্বরে বলে হরি ছামনী হইল কন্যা বরে।"—কবিক। প্র—"ছামনিতে" —পদ্মাপুরাণ (বিজয় গুপ্ত)। ২। সম্মুখ। **ছামনি নাড়া**—চোক ফিরাইয়া বা তুলিয়া শুভদৃষ্টি করা। [অপ্র]।

ছামনী (মৃ) [সং—আচ্ছাদনী-ছাদনী। বাং-গ্রা—ছাঁউনি] বি. আচ্ছাদন ; আবরণ-বস্ত্র।

ছায়নি [ছামনি, ছায়ানী দ্রঃ] বি. ছামনি ; ছাঁউনি ; বর কন্যার পরস্পর শুভদৃষ্টি। ২। নির্ম্মঞ্ছন ; নিছনি ; বরণ। প্র—"সেইখানে ফেলাইয়া ছায়নির ডালা। কান্দিতে কান্দিতে রামা নিজ গৃহে গেলা॥"—কবিকঙ্কণ।

ছায়া ["ছায়া সূর্য্যপ্রিয়া কান্তিঃ প্রতিবিম্ব-মনাতপঃ"—অমর। ছো (ছেদন করা) + য (কর্ত্তৃ) আপ্—স্ত্রী—যে আতপচ্ছেদ করে। তুল—ফা—সায়া ; গ্রী—skia = a shadow] বি. স্ত্রী. রৌদ্রাভাব ; আতপচ্ছেদ ; অনাতপ। ২। অন্ধকার। প্র—ছায়াচ্ছন্ন ; মৃত্যুচ্ছায়া। ৩। কোন ব্যক্তি বা বস্তুর প্রতিবিম্ব ; অশরীরী অবয়ব। প্র—"—কেমনে ছুঁইবে এ ছায়া, শরীরী তুমি"—মেঘনাদ। ৪। [কায়ার সহিত ছায়ার গমন মত] নিত্যসঙ্গী ; নিত্য অনুসরণ-কারী। ৫। অবস্তু। ৬। সাদৃশ্য ; প্রতি-রূপ। ৭। কান্তি ; প্রভা ; ছটা। ৮। । প্র—"দ্বাদশ মূরতি, গ্রহগণ-পতি সংজ্ঞা ছায়া নারী ধন্যা।"—অ. ম। ৯। মায়া ; মহামায়া ; দুর্গা। প্র—"ছায়ারূপা ছাবালেরে ছাড় ছদ্ম ছল"—অ. ম। ১০। আশ্রয়। প্র—"ছায়া দিয়া রাখ তব চরণ-কমলে"—কবিক। "দীনজনে কর দয়া, দেহ রাম পদছায়া"—কৃত্তিবাস। "উরি, দাসে দেহ পদছায়া"—মেঘনাদ। ১১। রাগিণী-বিশেষ। **আবছায়া**—বি. অপচ্ছায়া। ২। আড়াল। আবছায়া দ্রঃ। **ছায়া-চিত্র**—ফটোগ্রাফ ; photograph ; আলেখ্য চিত্র দ্রঃ। **ছায়াবাজী**—ছায়ার খেলা ; magic lantern show ; বস্ত্রের উপর ছায়া-পাত দ্বারা নানা জীবন্ত চিত্র প্রতিফলন ; cinematograph.

ছায়াঙ্ক [ছায়া (সূর্য্যপ্রতিবিম্ব) দ্বারা অঙ্ক (নিদর্শন, প্রকাশ) যাহার, বহু—সূর্য্যের আলোকপাতে যে প্রকাশ পায়] বি. পুং. চন্দ্র।

ছায়াচ্ছন্ন (ছায়াচ্‌ছোন্‌নো) [ছায়া + আচ্ছন্ন] বিণ. ছায়া দ্বারা আচ্ছন্ন ; অন্ধকারা-বৃত। ২। বিষাদমগ্ন।

ছায়াতনয় (য়) [ছায়ার তনয়, ৬তৎ] বি. পুং. ছায়াসুত ; শনিগ্রহ। ২। সাবর্ণিমনু।

ছায়াতরু (তো) [ছায়াপ্রধান যে তরু (বৃক্ষ) —কর্ম্মধা] বি. পুং. যে বৃক্ষের অনেক দূরব্যাপী ছায়া হয় ; বৃহৎবৃক্ষ। ২। বটবৃক্ষ। ৩। নমেরুবৃক্ষ।

ছায়াদেহ [ছায়া (ছায়াকৃতি, শূন্য) দেহ] বি. অশরীরীমূর্ত্তি ; অস্থি মাংসাদিহীন অবয়ব ; ছায়াপুরুষ দ্রঃ। প্র—"উড়ি পড়ি ছায়াদেহে ছিঁড়ে নাড়ী ভুঁড়ী।"—মেঘনাদ।

ছায়ানট (ট্) [সং—ছায়ানট্ট] বি. পুং. রাগিণীবিশেষ।

ছায়ানী (নি) [ছামনি দ্রঃ। ছায়নি, ছাউনিও হয়] বি. ছামনী ; শুভদৃষ্টি। প্র—"পাটে চড়ে রূপবতী প্রদক্ষিণ করে পতি শুভক্ষণে দুজনে ছায়ানী।"—কবিক। ২। পুং. নির্ম্মঞ্ছন ; নিছনি।

ছায়াপথ (ছায়াপথ্) [ছায়া (জ্যোতিঃ) পথ (পথ সদৃশ বলিয়া)] বি. পুং. জ্যোতিশ্চক্রের মধ্যস্থিত পথের ন্যায় দৃশ্যমান অর্দ্ধমণ্ডলাকার নক্ষত্রপুঞ্জ ; আকাশগঙ্গা ; সুরপথ। যমের জাঙ্গাল। ২। আকাশ পথ ; শূন্যপথ। প্র—"ছায়াপথে ছায়া পলাইলা দূরে।"—মেঘনাদ।

ছায়াপাদ (দ্) বি. ছায়া ব্যবহার দ্রঃ।

ছায়াপুরুষ (ছায়াপুরুষ্) [ছায়ারূপ পুরুষ = কর্ম্মধা] বি. পুং. শূন্যে দৃশ্যমান দেহীর অনুরূপ ছায়া বা প্রতিবিম্বাত্মক মূর্ত্তি।

ছায়াব্যবহার (ছায়াব্‌বোহার্) [পারিভাষিক শব্দ—*Colebrook*] বি. ছায়া-ঘড়ির কাঁটা বা শঙ্কু দ্বারা সময় নিরূপণ।

ছায়ামণ্ডপ (ছায়ামোনডোপ্) [ছায়া—মণ্ডপ = উপরে আচ্ছাদন দিয়া যে মণ্ডপ বা বেদী অনাতপ করা হইয়াছে] বি. ছাঁদলা তলা ; বিবাহের স্থান। প্র—"ছেয়ে ছায়া-মণ্ডপ রেখেছে মণিমালে। দপ্ দপ্ দীপক জ্বলিছে তার কোলে।"—শিবায়ন। "ছায়া মণ্ডপের মাঝে ঢেমছা দগড় বাজে।"—কবিক।

ছায়ামণ্ডপী (মো) [ছায়ামণ্ডপ—ঈ (সম্বন্ধার্থে)] বিণ. ছাঁদলাতলা সংক্রান্ত। ২। বি. ছাঁদলা তলার ব্যয় ; বিবাহ-মণ্ডপ আচ্ছাদন করিবার জন্য বরপক্ষীয়ের দেয় অর্থ।

ছায়ামান (ন্) [ছায়া দ্বারা মান (পরিমাণ) করা হয় যাহার, বহু] বি. পুং. চন্দ্র।

ছায়ামৃগধর (র্) [ছায়া (রূপ) মৃগ = ছায়ামৃগ, কর্ম্মধা। তাহাকে ধর (যে ধারণ করে)] বি. পুং. মৃগাঙ্কধর ; শশধর ; চন্দ্র।

ছায়াসুত (ছায়াশুত) বি. ছায়াতনয় দ্রঃ।

ছার (র্) [সং—ক্ষার] বি. ক্ষার ; ভস্ম। ২। বিণ. অধম ; হেয় ; তুচ্ছ। প্র—"কি ছার সে নর তারে ডরাও আপনি"—মেঘনাদ। ৩। দগ্ধ ; হত ; দুঃখময়। প্র—"ছকী বলে আরে মোর ছার কপাল ছি। অন্ধবরে বিভা দিনু খুদী হেন ঝি॥"—শিবায়ন। ৪। নষ্ট ; ধ্বংস ; উৎসন্ন ; ভস্মীভূত ; ছারখার। প্র—"দিয়াছে সঁপিয়া শত্রু করতলে, সোণার ভারত করিতে ছার।"—হেম বন্দ্যো। ৫। ব্যর্থ ; অসার ; অকর্ম্মণ্য। প্র—"ধিক রহুঁ এছার ইন্দ্রিয় মোর সব"—চণ্ডীদাস। **ছারকপাল** —পোড়াকপাল ; দগ্ধভাগ্য ; দুর্ভাগ্য। প্র—"ছারকপালে ছাইকপালে দেখে আসে ডর লো"—অ. ম।

ছারখার (ছারখার্) [ছার (সার) + খার (ক্ষার) = ক্ষারসার] বি. সর্ব্বনাশ। ২। বিণ. ভস্মসাৎ ; উৎসন্ন।

ছারপোকা (র্) [প্রাদে. পাবনা—"ছাই পোকা"। আক্রোশার্থে ছার, ছাই] বি. গন্ধ-কীট ; মৎকুণ। **ছারপোকার বিয়ান** —অসংখ্য ডিম্ব প্রসব ; ক্রমাগত বংশ বৃদ্ধি। প্র—"হয়েছে সব উল্টো ঘটন, ছার পোকার বিয়েন মতন নিত্যি নূতন।"—মনোমোহন বসু।

ছাল (ল্) [সং—ছল্লী (ত্বক্)] বি. ত্বক্ ; চর্ম্মের উপরকার পাত্‌লা আবরণ ; epidermis ২। বন্ধল। স্ত্রী. **ছালা**—কোম্বা ; ঘাটা। **ছাল চামড়া**—ত্বক ও চর্ম্ম। **ছাল পাতলা** (তুল—কাণ পাত্‌লা) যাহার কথা সহ্য হয় না ; যে সহজে চটিয়া যায়।

ছালট (ছ্‌ালোট্) [ছাল (দ্রঃ)—অট (খণ্ডার্থে)] বি. বাকল ; বৃক্ষত্বকের খণ্ড।

ছালটি (ল্) [ছাল (বৃক্ষ ত্বক্ নির্ম্মিত অর্থে)] বি. শণ ছাল বা শণসূত্র দ্বারা নির্ম্মিত বস্ত্র ; linen.

ছালা [সং—স্থালী। হি—থৈলা] বি. স্ত্রী. স্থালী ; থলিয়া ; বস্তা ; বোরা। ২। ভারবাহী পশুপৃষ্ঠের ঝোলা। ছালাছালা—বস্তা বস্তা ; অসংখ্য। প্র—"জল ছাড়ি স্থলে যদি স্থিতি করে স্থাণু। ছালাছালা ছিনা জোঁকে ছাওয়াইবে তনু।"—শিবায়ন।

ছালিয়া—ছেলিয়া দ্রঃ।

ছাহম (ম্) [আদাঃ পারিভাঃ শব্দ] বি. জমীর বিভাগ বা বাটওয়ারা।

ছি [সং—ছিঃ (গর্হ অর্থে)—শব্দ-ক-দ্র। "ছী" ও লিখিত হয়। পা—ধি (নিন্দায়)। হি—ছি, ছোঃ। ব্রজ—ছিয়ে। বাং-গ্রা, ছ্যাঃ] অ, ঘৃণা। প্র—ছি ও নোংরা জিনিষ ফেলে দাও। ২। নিন্দা। প্র—তাহার কাজ দেখিয়া সকলেই তাহাকে ছি ছি করিতেছে। ৩। [ধিক্ দ্রঃ] ধিকার। প্র—"যারে বলে ছি, তার ধিক্ জীবনে রৈল কি ?"—বাং গান।

ছিঁচকাঁদুনে (চ্) [ছিঁচ (ছোঁয়াচ, ছোঁচ) কাঁদুনিয়া—কাঁদুনে (যে কাঁদে)] বিণ. একটু ছুঁইলে যে কাঁদে ; অত্যন্ত আবদারে। প্র—"ভাল ছেলের লক্ষণ এই ছিঁচ কাঁদুনের মত প্যান প্যান করে কাঁদে না"—লীলাবতী (দীনবন্ধু)।

ছিঁচকে, ছিঁচ্‌কে চোর (চ্) [হি - উচক্কা (গাঁট কাটা, চোর)—বাং-উচাকা, (উটকো ও বলে)—উচকো, আচ্‌কা দ্রঃ। উচ্চারণ-বিকারে ছিঁচকে] বি. সামান্য সামান্য দ্রব্য অপহারক ; ছুট্‌কো চোর ; a pickpocket a thief.

ছিঁড়া, ছেঁড়া [সং—ছিন্ন (ছিদ্= ছিন্ন করা) ছিণ্ডা দ্রঃ] ক্রি. ছিন্ন করা ; ফাড়া ; চেরা। প্র—কাপড় ছেঁড়া। ২। ছিন্ন ; বিদারিত। প্র—"শত গাঁটি ছিঁড়া টেনা করি পরিধান"—অ,ম। **ছিঁড়াছিঁড়ি, ছেঁড়াছিঁড়ি**—পরস্পর টানাটানি করিয়া ছেঁড়া। ২। পরস্পর আঁচড়াআঁচড়ি।

ছিঁদ (দ্) ছিদ্র দ্রঃ।

ছিক্কা [শব্দাত্মক। প্রা-বাং। ঞ্জী দ্রঃ। ছিক্ (অনুকার শব্দ) ক=কৈ শব্দ করা+ অ, কর্ত্তৃ—ড)—আপ্—স্ত্রী। হি—ছিঁক] বি. স্ত্রী. হাঁচি।

ছিচকা, ছিঁচকে (চ্) [হি—শিক্‌চা। সং—শলাকা] বি. শিক ; গজ ; হুঁকার নল্ পরিষ্কার করিবার কাঠি।

ছিচড়া, ছিছড়া (চ্, ছ্) [প্রা. ছেঁচড়া। হি—ছিছোরা] বি. চোর। ২। বিণ. বিবাদকারী ; ঝগড়াটে ; কুব্যবহারকারী। ৩। ছাগাদির ছেঁড়া-খোঁড়া মাংস, হাড় নাড়ীভুঁড়ী ইত্যাদি যাহা কুকুরাদিকে খাইতে দেওয়া হয়।

ছিছরা (ছ্) [প্রা-বাং] বি. ধান্যবিশেষ। প্র—"জেঠ ধান বুলেন গোসাঞি ছিছরা আমনো"—শূন্যপুরাণ।

ছিছি, ছিছিছি [ছি দ্রঃ। আধিক্যার্থে, পুনঃ পুন উক্ত] অ. ঘৃণা। ২। লজ্জা। প্র—"ছি ছি ছি মরি লজ্জায়, একথা কি কওয়া যায়"—বাং-গান। ৩। নিন্দা। ৪। ধিকার ; আত্মগ্লানি। প্র—"ছিছি মন তোর কপাল পোড়া"—রামপ্রসাদ।

ছিট, ছীট (ট্) [সং—চিত্র হইতে হি—ছীট ; তাহা হইতে ইং—chintz] বি. নানা বর্ণের ছিটা দেওয়া বস্ত্র ; চিত্রিত বস্ত্র ; ছিটের কাপড়। প্র—ছিটের জামা ; লক্ষ্ণৌয়ের ছিট। ২। [ছটা—ছিটা] ফোঁটা ; বিন্দু। প্র—জলের ছিট। ৩। ঈষৎ চিহ্ন ; আমেজ ; ইসারা। প্র—পাগলের ছিট ; বাইয়ের ছিট। ৪। টুকরা ; খণ্ড। প্র—ছিট জমি। ৫। শেষ ; জের ; লাগাড়।

ছিটকান (ছিট্‌কানো) [হি—ছিট্‌কনা, ছিটকানা ; ছিড়্‌কনা] ক্রি. ছিটান ; ছড়ান। প্র—প্রত্যেক গাছের গোড়ায় ভাল করিয়া জল ছিটকাইয়া দিবে। ২। ঠিকরিয়া যাওয়া ; হঠাৎ বেগে দূরে গিয়া পড়া। প্র—"ঠোকর খাইয়া ছিটকাইয়া পড়িল ; তপ্ততৈল ছিটকাইয়া তাহার গায়ে লাগিয়াছে"—বিষবৃক্ষ। ৩। কোন বস্তু পতিত হইলে তাহার ক্ষুদ্রাংশ বা ছিটা বিস্তৃত হইয়া পড়া। প্র—ওখানে জল ফেলিও না, ছিটকাইয়া গায়ে লাগিবে। বি. ছিটকানি (হি—ছিড়্‌কান, ছিড়কানি)।

ছিটকিনী (ট্) [হি—ছিট্‌কনী(a cleat)] বি. দ্বারাদি বন্ধ করিবার হুক।

ছিটনি, ছিটুনি [সং—ছটা হইতে] বি. ছটার আকারে কঞ্চি, বাখারি বা সরু সরু কাঠি পাশাপাশি সাজাইয়া বাঁধন ; চালের খড় সরিয়া না যায় এজন্য চালের উপর সরু বাখারির চালি বন্ধন। প্র—"তালর কাঁড়ি লাগে গুয়ার বাখারি ছিটনি তথির উপর।"—শূন্যপুরাণ। ২। ঝালর। প্র—"ময়ূরের পাখা তায় লেগেছে ছিটনি। বিনোদ পাটের খোপ রসের দাপনি।"—কবিক।

ছিটা, ছিটে [সং—ছটা, ছাঁট দ্রঃ। ছটার আকারে ক্ষেপণের ভাব হইতে] বি. ছিট ; বিন্দু ; ফোঁটা ; কণা। প্র—জলের ছিটা ; দুধের ছিটে। ২। পলিপড়া জমি বা চর ভূমিতে শস্যের আছড়া। ক্রি. ছিটান।

ছিটাফোঁটা [একার্থক সহচর শব্দদ্বয়] বি. এক আধ ছিটা ; দুই এক ফোঁটা বা বিন্দু। ২। বশীকরণাদিতে—অঙ্গে মন্ত্রপড়া জলের ছিটা ও কপালে গুণ করিবার ঔষধের ফোঁটা। প্র—"ছিটা ফোঁটা তন্ত্র মন্ত্র আসে কতগুলি"—অ, ম। "বাদুড়ের পাখা আন সজারুর কাঁটা। তেমাথায় পোড়ায়ে কপালে দিব ফোঁটা।"—কবিক। **ছিটাবোনা**—পলিপড়া বা চর ভূমিতে চাষ না করিয়া কেবল শস্য ছড়াইয়া দেওয়া। **কাটা ঘায় লুনের ছিটে**—ক্ষতস্থান সহজেই কষ্টদায়ক তাহাতে লবণের ছিটা দিয়া যন্ত্রণা বৃদ্ধি করা। প্র—"বুকেতে মারিয়া চাকুর ঘা তাহাতে লুনের ছিটে"—চণ্ডীদাস। **ছিটাবেড়া, ছিটেবেড়া**—কঞ্চি বা বাখারির বেড়া বাঁধিয়া তাহাতে মাটির ছিটা দেওয়া।

ছিটান (নো) [ছিটা দ্রঃ। হি—ছিটানা ; ছিটকানা] ক্রি. ছড়া দেওয়া। ২। বিস্তৃত করা ; বিছান। বি. ছিটানি ; ছিটনি।

ছিড়, ছিড়ান, ছিড়েন (ছিড়্, ন্) [ছিট দ্রঃ] বি. শেষ ; লেজুড় ; লাগাড় ; জের। প্র—কাজের ছিড়েন মারতে পারা যায় না। **ছাড়ান্‌ছিড়েন**—অব্যাহতি ; উদ্ধার

ছিণ্ডা [প্রা-বাং] ক্রি. ছিন্ন করা ; ছেঁড়া। প্র—"মুণ্ড ছিণ্ডি আনিছে"—ভারত। প্র—"ছিণ্ডিল গুণ্ড, ভাঙ্গিল মুণ্ড কাঁকড়ি যেন খান খান।"—কবিক। বি. **ছিণ্ডন**।

ছিত্তি [ছিদ্ (ছেদন করা) + তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. ছেদন [অ-প্র]।

ছিদাম (ম্) [হি—ছদাম, ছিদাম] বি. সিকি পয়সা ; দুই দামড়ি।

ছিদ্র (ছিদ্রো) [ছিদ্ (ভেদ করা) + র (কর্ম্মে —রক্)প্রা—ছিঁদ, ছেঁদা, ছিদ্দির] বি. ক্লী. ছেদ ; বিবর ; বিঁদ। ২। দোষ ; ত্রুটি। প্র—পরচ্ছিদ্র। ৩। অবকাশ। ৪। [জ্যোতিষে] লগ্নের অষ্টম স্থান।

ছিদ্রদর্শী (দিদ্রোদোরৃশি) [ছিদ্র - দৃশ্ (দর্শন করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = দর্শিন্ ১মা, ১ব] বিণ. দোষদর্শক ; ছিদ্রান্বেষণকারী ; যে পরের দোষ অনুসন্ধান করে।

ছিদ্রানুসন্ধান (ছিদ্রোনুশন্ধান্) [ছিদ্রের অনুসন্ধান, ৬তৎ] বি. ক্লী. ছিদ্রান্বেষণ ;

ছিদ্রানুসরণ ; দোষানুসন্ধান। বিণ. ছিদ্রানুসন্ধায়ী।

ছিদ্রানুসরণ (ছিদ্‌দ্রানুশরন্) [ছিদ্রে অনুসরণ. ৬তৎ] বি. দোষানুসরণ।

ছিদ্রানুসারী (ছিদ্‌দ্রানুশারি) [ছিদ্র-অনু—সৃ (গমন করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)= অনুসারিন্—১মা. ১ব] বিণ. ছিদ্রান্বেষী যে দোষ অনুসন্ধান করে ; দোষানুসন্ধানকারী

ছিদ্রান্বেষণ (ছিদ্‌দ্রান্নেষন্) [ছিদ্রে অন্বেষণ. ৬তৎ] বি. দোষানুসন্ধান।

ছিদ্রান্বেষী (ছিদ্‌দ্রান্নেষি) [ছিদ্র—অনু-ইষ্ (অনুসন্ধান করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)= ছিদ্রান্বেষিন্ ১মা. ১ব] বিণ. পরদোষানুসন্ধায়ী ছিদ্রানুসারী। বি. ছিদ্রান্বেষণ।

ছিদ্রালদেহী (ছিদ্‌দ্রা) [জীববিজ্ঞানে] বি. অসংখ্য ছিদ্রযুক্ত জলশোষক জীব ; স্পঞ্জ।

ছিদ্রিত [ছিদ্র+উত (জাতার্থে)] বিণ কৃত-ছিদ্র ; বিঁধ করা ; গর্ত্ত করা ; বিদ্ধ।

ছিনন (ছিনোন্) [ছিনান দ্রঃ] বি. হরণ বলপূর্ব্বক গ্রহণ ; কাড়িয়া লওন ; ছিনিয়া লওন।

ছিনা, ছিনে [সং—শীর্ণা হইতে, অথবা ক্ষীণ-ছীন্—ছীনা। ঝীম দ্রঃ] বিণ. শীর্ণ কৃশ : সরু ; সূতার মত পাকান। ৩ [ফা—সীনা শব্দের বিকৃত উচ্চারণ। প্রাদে—ব্যবহার] বুকের পাটা ; বক্ষের পরিসর। ৪ নাছোড়বান্দা।

ছিনা-জোঁক, ছিনে-জোঁক (ক্) [ছিনা দ্রঃ] বি. সরু সরু ছোট জোঁক ; ক্ষুদ্রজাতীয় জলৌকা। প্র—"জলছাড়ি স্থলে যদি স্থিতি করে স্থাণু। ছালা ছালা ছিনা জোঁকে ছাওয়াইবে তনু॥"—শিবায়ন।

ছিনাল,—র (ল্, র্) [সং—ছিন্না। প্রাকৃ—ছিন্নাল ; ছিনাল (বেশ্যা)। প্র—"ছিন্নালিয়া পুত্তো" হি—ছিনার] বি. বেশ্যা ; ব্যভিচারিণী স্ত্রী ; কুলটা ; ভ্রষ্টা। প্র—"ডাকাতি ছিনার চোর হাজার হাজার"। বি. ছিনালী।

ছিনালী [ছিনাল দ্রঃ] বি. বেশ্যাবৃত্তি। ২। কুলটার হাবভাব ; বেশ্যার চতুরতা।

ছিনিমিনি [শব্দাত্মক। অথবা জল ছিন্ন করিতে করিতে যায় বলিয়া] বি. জলে খোলামকুচি ছুঁড়িয়া খেলা ; ইহাতে খোলাখণ্ড এমনভাবে ফেলিতে হয় যে তাহা জলের উপরি-ভাগ দিয়া জল কাটিতে কাটিতে বহুদূর যায় ; the play at ducks and drakes. **টাকা লইয়া ছিনিমিনি খেলা**—টাকাকে টাকা জ্ঞান না করিয়া খোলামকুচির মত জলে ফেলিয়া দেওয়া ; অযথা অর্থ ব্যয় করা ; টাকা উড়ান বা নষ্ট করা।

ছিন্ন (ছিন্‌নো) [সং-ছিন্ন. প্রাকৃ-ছিন্ন, বাং-ছেঁড়া. ছিদ্ (ছেদন করা)+ত (কর্ম্মে—ক্ত) দ. ত=ন্ন] বিণ. যাহা ছেদন করা হইয়াছে ; কর্ত্তিত ; দ্বিধাকৃত। ২। যাহা ছিঁড়িয়াছে। ৩। উৎপাটিত। স্ত্রী. ছিন্না-বেশ্যা। ২। গুড়ূচী।

ছিন্নদ্বৈধ (ছিন্‌নোদ্‌দৈধ) [ছিন্ন হইয়াছে দ্বৈধ (সংশয়) যাহার. বহু] বিণ. নিঃসন্দেহ ; ছিন্ন-সংশয় ; যাহার সংশয় ভঞ্জন হইয়াছে।

ছিন্ননাস (ছিন্‌নোনাশ্) [ছিন্ন—নাসা (নাসিকা) যাহার. বহু] বিণ. যাহার নাসিকা ছিন্ন হইয়াছে, গতনাসিক।

ছিন্নভিন্ন (ছিন্‌নভিন্‌ন) [ছিন্ন এবং ভিন্ন] বিণ. যাহা ছেদ ও ভেদ করা হইয়াছে। ২। উচ্ছিন্ন ; বিনষ্ট। ৩। ইতস্ততঃ বিক্ষিপ্ত। ৪। লণ্ডভণ্ড।

ছিন্নমস্তক (ছিন্‌নোমস্‌তোক্) [ছিন্ন হইয়াছে মস্তক যাহার. বহু] বিণ. মস্তকহীন ; নির্মুণ্ড ; স্কন্ধকাটা। ২। বি. কাটামুণ্ড।

ছিন্নমস্তা (ছিন্‌নোমস্‌তা) [ছিন্ন-মস্ত (মস্তক) যৎকর্ত্তৃক-বহু. স্ত্রী-আপ্] বি. স্ত্রী. দশমহা-বিদ্যার মধ্যে দেবীবিশেষ। ২। বিণ. যে নারীর মাথা দেহ হইতে বিচ্ছিন্ন করা হইয়াছে।

ছিন্নশ্বাস (ছিন্‌নোশ্‌শাশ্) [ছিন্ন হয় শ্বাস যাহা দ্বারা. বহু] বি. পুং. ক্ষুদ্র শ্বাস রোগ ; ইহাতে সময়ে সময়ে শ্বাসরোধ হইয়াছে বলিয়া বোধ হয়।

ছিপ (প্) [ছিপ্‌ছিপা দ্রঃ] বি. মৎস্য-ধারণ দণ্ড। ২। [ছিপের ন্যায় সরু বলিয়া অথবা দ্রুত গমন হেতু শীঘ্র শীঘ্র দাঁড় ফেলার জন্য—ছিপ্ ছিপ্ শব্দ হইতে] সরু লম্বা হাল্‌কা দ্রুতগামী নৌকাবিশেষ ; সিপ নৌকা।

ছিপছিপা,—পিয়া,—পে (ছিপ্‌ছিপে) [সরু লিক্‌লিকে ছড়ি বা বেতের আঘাত বা সঞ্চালন করিলে যে ছিপ্ ছিপ্ বা সিপ্ সিপ্ শব্দ হয় তাহা হইতে] বিণ. সরু ও লম্বা। ২। ছিপ্ ছিপ্ শব্দকারী ; ছিপ্ ছিপ্ শব্দ যুক্ত।

ছিপা [হি—ছিপ্‌না. ছিপানা (লুকন, লুকান)] ক্রি. লুকাইয়া থাকা। বিরল। ২। ঢাকা ; চাপা। ণিজন্ত, ছিপান, ছেপান (নো)—লুকান, গোপন করা। **ছিপা-ছিপি**—লুকাচুরি ; ঢাকাঢাকি

ছিপি, পী (ছিপি) [হি—ছিপ্পা (ঢাকা)] বি. ছিদ্ররোধক কাষ্ঠ, কাচ বা সোলা ; গুজি ; কাক ; cork.

ছিপী [ছাপ হইতে, হি—ছিপী যে ছাপে] বি. বস্ত্র রঙ্গকারী ; যাহারা কাপড় ছোবানর ব্যবসায় করে।

ছিবড়া, ছিবুড়া, ছিবড়ে (ব্) [ছিব (সং—ষ্ঠীব্, টা (শিষ্ট সংক্ষেপে)=ড়া] বি. চর্ব্বিত দ্রব্যের অসার ভাগ। ছোবড়া দ্রঃ।

ছিবা—ছেপ দ্রঃ।

ছিয়াত্তর (ছিয়াৎতোর্) [সং—ষট্‌সপ্ততি] বি. ৭৬ এই সংখ্যা। ২। বিণ. ৭৬ সংখ্যক। (২) ছিয়াত্তুরে। **ছিয়াত্তুরে-মন্বন্তর**—সন ১১৭৬ সালে বঙ্গদেশে যে জনপদ ধ্বংসী দুর্ভিক্ষ হইয়াছিল।

ছিয়ানব্বই (ছিয়ানোব্‌বুই) [সং—ষট্‌-নবতি—ষন্নবতি] বি. ৯৬ এই সংখ্যা। ২। বিণ. ৯৬ সংখ্যক।

ছিয়ানী—ছেয়ানী দ্রঃ।

ছিয়াল (ছি—য়ালো) [গ্রা। ছাওয়াল দ্রঃ] বিণ. লম্বাচওড়া ; বিস্তৃত ; দীঘল ; বিশাল। প্র—ছিয়াল গড়ন।

ছিয়াশি [সং—ষড়শীতি] বি. ৮৬ সংখ্যা। বিণ. ৮৬ সংখ্যক।

ছিয়ে ছিয়ে [ব্রজ। ছি দ্রঃ] অ. ছি ছি ; কি লজ্জা। প্র—"ছিয়ে ছিয়ে তোহারি রভসময় ভাষ।"—বিদ্যাপতি। "এসখি ছিয়ে ছিয়ে কহইতে লাজ"—গোবিন্দদাস। "ছিয়ে ছিয়ে রাধা চঞ্চল হৃদয় তোহারি,"—রবি।

ছিরা [শ্রী—গ্রা. মেয়েলী—ছিরী-তাহা হইতে ছিরা—অতি পরিচয় বা অবজ্ঞার্থে ছিরে। শ্রীমন্ত=ছিরিমন্ত—সংক্ষেপে ছিরা] বি. শ্রীমন্ত সওদাগর। প্র—"কৃষ্ণ কথা শোনে ছিরা জননীর কোলে"—কবিক।

ছিরি [সং—শ্রী ; পা—সিরী ; প্রাকৃ—সিরি। প্রা-বাং—সিরি। প্র—সিরিফল—পদাবলী। গ্রা-মেয়েলী—ছিরি] বি. শ্রী ; কান্তি ; শোভা ; আভা ; সৌন্দর্য্য। প্র—"উচকুচযুগ কনকগিরি। হিয়ার মাঝাবে মাণিক ছিরি॥"—জ্ঞানদাস। **ছিরিবরণডালা**—বিবাহে প্রয়োজনীয় পিঠালী ও বিবিধ রঙ্গে নির্ম্মিত মাঙ্গল্য উপকরণ-বিশেষ এবং বর-বরণের ডালা। **ছিরিছাঁদ**—শ্রী ও ছন্দ ; আকার প্রকার। **ছিরি-ফল**—শ্রীফল ; বেল। প্র—"কুচ ছিরি-ফল"—বৈ. পদাবলী। বিপরীতে, **বিচ্ছিরি**—বিশ্রী।

ছিরে—বি. ছিরা দ্রঃ। ২। [চিরায়ু হইতে ছিরাই অপভ্রংশে। তাহা হইতে সংক্ষেপে ছিরে] যে প্রসূতির সন্তান বাঁচে না সেই মৃতবৎসার পুত্রের ফেলা, গুয়ে প্রভৃতি নামের ন্যায় নাম।

ছিলকা, ছিল্কা, ছিল্কে (ছিল্‌কা) [সং—ছল্লি, ছল্লিকা। গ্রা-ছিল্‌কে] বি. গাছের ছালের খণ্ড ; বল্কলখণ্ড ; বল্কল ; ছাল। ২। ফলের উপরের আবরণ বা খোলা। ৩। গায়ের ছাল চামড়া ; ত্বক্। প্র-জলদি কাম বাজাও বলে, যদি পিঠের ছিল্‌কে তোলে সেলাম ঠুকে ধরবে গান।"—ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়।

ছিলা [সং—ছলি। (প্রা)] বি. জ্যা; মৌর্বী: শিঞ্জিনী: ধনুকের গুণ। ২। বস্ত্রাদির প্রান্তভাগস্থ সূত্র; কাপড়ের প্রান্তভাগের দশী।

ছিলিম (ম্) [ফা—চিলম্] বি. কলিকা; কল্কে। প্র—"একছিলিম অন্ততঃ ভোরে উঠেই চাই"—রজনী সেন।

ছিলিমচি [ফা—চিলিম্‌চী] বি. হুকার যে অংশে কল্কে বসাইতে হয়। ২। হাতা ধুইবার ঢাকনিদার ধাতুপাত্র।

ছিষ্টি (ছিষ্‌টি) [সং—সৃষ্টি। প্রা-বাং। আধু-বাং—মেয়েলী] বি. সৃষ্টি। প্র—"নহি ছিষ্টি ছিল আর নহি সুর নর।"—শূন্যপুরাণ। **ছিষ্টিছাড়া**—সৃষ্টিছাড়া: সৃষ্টির অতীত। ২। যাহা দেখিতে বা শুনিতে পাওয়া যায় না। **ছিষ্টিছাড়া কথা**—যে কথা কখনও কোথায়ও শুনা যায় নাই বা যায় না।

ছিহথ (ছিহৎথ) [প্রা-বাং] বি. শ্রীহস্ত। প্র—'পুনরপি গোসাঞি ছিহথ বুলাইল'—শূন্যপুরাণ [অ-প্র]।

ছুআ, ছুয়া, ছোয়া [সং—ছুপ্ (স্পর্শ করা)। প্রা—ছুঁআ, ছুঁয়া, ছোঁয়া] ক্রি. স্পর্শ করা: গায়ে হাত ঠেকা। প্র—ছেলেদের সংক্রামক রোগে আক্রান্ত ব্যক্তিকে ছুঁইতে দিতে নাই। "ছুঁওনা ছুঁওনা ওটি লজ্জাবতী-লতা"—হেম বন্দ্যো। ২। লাগাল; পৌছন। প্র—এত উচে আছে যে তাহা ছুয়া যায় না। ৩। আমল: অধিকার: সুযোগ। প্র—সে অনেক দিন থেকেই সাবধান হয়েছে আর বড় ছোঁয়া দিতেছে না। ণিজন্ত, ছুয়ান। অস-ক্রি. ছুইতে। ণিজন্ত, ছুয়াইতে। ছুইয়া। ণিজন্ত, ছুয়াইয়া। প্রাদে উচ্চারণে, ছুয়্যা (পশ্চিম বঙ্গে—ছুঁয়ে)—স্পর্শ করিয়া। প্র—"পঙ্কে ছুয়্যা লয় ডিঙ্গা"—কবিক। **ছুঁআছুঁই**—পরস্পর গাত্র স্পর্শ করণ। ২। একে ওকে ছুঁইয়া ফেলা। **ছুঁআলেপা** (সাধাঃ—**নেপা**)—যাহা স্পর্শ করা উচিত নয় তাহা স্পর্শ করা ও তাহা মাখাইয়া দেওয়া।

ছুঁই [ছুঁআ দ্রঃ] ক্রি. স্পর্শ করে। **ছুঁইছুঁই**—ছোঁয়ার বিচার। ২। এই ছুঁলে এই ছুঁলে এইরূপ ভয় বা সঙ্কোচ ভাবে। পাছে ছুঁইয়া অশুচি করিয়া ফেলে তাই সতর্ক ভাব।

ছুঁচ (চ্) [সং—সূচি। বাং—সূচও বলে] বি. সুঁই: সূচী: সীবনী।

ছুঁচ, ছুঁচা, ছুঁছা (ছুঁচো [সং—ছুছুন্দরী (স্ত্রী) প্রা—ছুঁচো] বি, পুং, গন্ধমূষিক। ২। গালি। প্র—পাজি: ছুঁচো। ৩। অতি নীচ। স্ত্রী. **ছুঁচী**—ছুছুন্দরী। **বাহিরে কোঁচার পত্তন ভিতরে ছুঁচোর কেত্তন**—কোঁচা দ্রঃ।

ছুঁচলো, ছুঁচাল, ছুঁচোলো (চো) [ছুঁচ (সূচি)+আল] বিণ. সূচীর মত: কাঁটাকাটা: অগ্রভাগ সূচীর ন্যায় তীক্ষ্ণ। প্র—"দাড়ি হবে সোজা ছুঁচলো, কট্টা এবং খাটো"—দ্বিজেন্দ্র রায়।

ছুঁচিবাই [সং—শুচি বায়ু: বাতিক] বি. অশুচি হইবার ভয়ে সর্ব্বদা যে শঙ্কিত: যে সর্ব্বদা ছুঁইছুঁই করে। শুচি শুচি করিয়া এবং অঙ্গশুদ্ধি লইয়া যে বায়ুরোগগ্রস্ত। বিণ. **ছুঁচিবেয়ে** (বাইয়া)।

ছুঁড়ন, ছোঁড়ন (—ড়োন্) [ছুঁড়া দ্রঃ] বি. ক্ষেপণ। ক্রি. ছুড়া: ছোঁড়া।

ছুঁড়া, ছোঁড়া [হি—ছুড়ন, ছোড়ানা। সং—ক্ষেপণ (ক্ষিপ্ ধাতু) ছুট্‌না] ক্রি. ক্ষেপণ করা: নিক্ষেপ করা: দূরে ফেলিয়া দেওয়া: এড়া। প্র—ঢিল ছোঁড়া। **ছোঁড়াছুঁড়ি**—পরস্পরের প্রতি নিক্ষেপ। **তুবড়ী ছোঁড়া, বাজী ছোঁড়া**—তুবড়ীতে আগুন দেওয়া: বাজী পোড়ান। **হাত ছোঁড়া, পা ছোঁড়া**—হাত পা বেগে ছড়ান: অঙ্গ প্রত্যঙ্গ বিক্ষেপ করা: ছট্‌ফট্ করা: হাত পা আছড়ান। প্র—সে জ্বরের ধমকে হাত পা ছুঁড়িতেছে। **ঢিলটি ছুঁড়িলে পাট-কেলটি খাইতে হয়**—মারিলেই মার খাইতে হয়: যেমন ব্যবহার করা যায় তেমনি ব্যবহার পাওয়া যায়: [illegible]

ছুঁড়ী [সং—ছমণী। হি—ছোরী অবজ্ঞা বা সহানুভূতি অর্থে] বি. স্ত্রী. নবযুবতী: বালিকা: কিশোরী। প্র—"রন্ধন করিতে ছুঁড়ী আনিবে গাঁকার"—কবিক। পুং. **ছোঁড়া**। **ওঠ ছুঁড়ী তোর বিয়ে**—বিবাহের জন্য যে সম্পূর্ণ অপ্রস্তুত তাহাকে হঠাৎ বিবাহে আহ্বান যেমন, তেমনি প্রস্তুত না হইয়া কোন কাজ করিতে বলা (বৃথা অর্থে)।

ছুঁত, ছুঁৎ (ত্) [ছুৎ দ্রঃ, ছুঁআ দ্রঃ] বি. স্পর্শ। ২। স্পর্শদোষ: অশৌচ। প্র—ছুঁত যাওয়া। ৩। খুঁত: ত্রুটি।

ছুকরী [হি—ছুকরী, ছোকরী, ছোরী। ছুঁড়ী দ্রঃ। অবজ্ঞার্থে] বি. স্ত্রী. কিশোরী: বালিকা: নবযুবতী। পুং. ছোকরা।

ছুছুন্দরী (ছুছুনদোরি) [ছুছু (অব্যক্ত শব্দ) দৃ (বিদারণ করা)+অ (কর্ত্তৃ—থ) সংজ্ঞার্থে শব্দ করত যাহারা মৃত্তিকা বিদারণ করে] বি. স্ত্রী. গন্ধমূষিক; ছুঁচা। [দ্রঃ—বাং-য় পুংলিঙ্গে 'ছুছুন্দর' শব্দ গঠন করিয়া কেহ কেহ ব্যবহার করেন]

ছুট (ট্) [ছাঁট দ্রঃ] বি. ছাঁট; কর্ত্তন; কাতরান; অতিরিক্ত অংশ। প্র—ছুট বাদ যাওয়া।

ছুট (ট্) [জটা—ছোটা (দড়ি) ছোট, ঝুঁটি দ্রঃ। তুল—হি—চুটী] বি. চুল বাঁধিবার দড়ী। প্র—"একপণ ছুট করেছি কিন্তু মুটোর ভিতর থাকবে"—নীলদর্পণ।

ছুট (ট্) [ছোট দ্রঃ] বি. পরিধেয় বস্ত্র: ধুতি; উড়ানি। **একছুট**—একবস্ত্র: ধুতিমাত্র। **দুছুট**—ধুতি উড়ানি।

ছুট (ট্) [সং—ছটা—ছটা যেমন কেন্দ্র হইতে বাহির হয়। হি—ছুট্‌না] বি. দৌড়: ধাবন। প্র—ছুট দেওয়া; এক ছুটে বাড়ী পৌছন। ২। ছাড়: মুক্তি। ৩। অবসর: ছুটি। ৪। বিণ. আল্‌গা: অসংলগ্ন। প্র—ছুট কথা। ৫। ছাপায় ছাড় রূপ দোষবিশেষ: রচনার অংশবিশেষ ভুলক্রমে ছাপা না হইলে বাক্যের মধ্যে পৃষ্ঠার মধ্যে বা ছাপার কাগজের এক পৃষ্ঠার সঙ্গে অপর পৃষ্ঠার মিল না থাকার নাম ছুট বা ছুট ছাপা। **ছুট দেওয়া, ছুট মারা**—ছোটা: ছুটে যাওয়া। ২। দৌড়িয়া পালান। **ছুট-করান**—দৌড় করান: দৌড়ায়ন; দৌড়িতে বাধ্য করা: কাহার পশ্চাদ্ধাবন করিতে পাঠান। ক্রি. ছুটা। **মুখছুট**—মুখ দিয়া যা' তা কথা বাহির হওয়া: গালাগালি দিতে বা লোককে শক্ত কথা শুনাইতে যাহার মুখে বাধে না।

ছুটক, ছুট্‌কা, ছুট্‌কো (ছুট্‌কো, ছুট্‌কা) [ছুট দ্রঃ] বিণ. উট্‌কা: বাহিরের। ২। পথভ্রষ্ট ও কচিৎ আগত: বিক্ষিপ্ত: দল ছাড়া। প্র—ছুট্‌কা মানুষ। ২। পলাতক। **ছুট্‌কো ছাট্‌কা**—ইতস্ততঃ বিক্ষিপ্ত; যাহা গণনার মধ্যে না আসিয়া ছট্‌কিয়া পড়িয়াছে।

ছুটকী (ট্) [ছোট—কী (তুচ্ছার্থে, স্বার্থে, স্ত্রীলিঙ্গে)। হি—ছোট্‌কী। দ্রুত উচ্চারণে ছুট্] বি. স্ত্রী. ছোট বউ।

ছুটন (ছুটোন্) [ছুট দ্রঃ] বি. দৌড়ন: দ্রুত গমন। ২। পলায়ন। ৩। মুক্তি; খালাস।

ছুটা, ছোটা [ছুট দ্রঃ। হি—ছুট্‌না। উ-পু—ছুটি। ম-পু—ছুট, ছোট (সমানে): ছুটুন (সম্ভ্রমে)। প্র-পু—ছুটে, ছোটে (সমানে, অনাদরে); ছুটেন, ছোটেন (সম্ভ্রমে)। অস-ক্রি—ছুটিতে; ছুটিয়া।
ছুটান, ছোটান (দ্রঃ)] ক্রি. দৌড় দেওয়া; বেগে গমন করা। ২। পলায়ন করা। প্র—থান থেকে ঘোড়া ছুটেছে।

৩। মুক্ত হওয়া ; জেল থেকে খালাস পাওয়া। ৪। লোপ পাওয়া। প্র–রং ছুটে গেছে ; দাগ ছোটা। ৫। প্রবাহিত হওয়া। প্র–রক্ত ছুটা। ৬। কাটিয়া যাওয়া ; অপগত হওয়া ; ছাড়িয়া যাওয়া। প্র–নেশা ছোটা। ৭। ধাবিত হওয়া ; আকৃষ্ট হওয়া। প্র–মন ছোটা। ৮। বেগে নির্গত হওয়া। প্র–রক্ত ছোটা ; ঘাম ছোটা : আগুন ছোটা। ৯। ছাড়িয়া যাওয়া। প্র–আপদ ছুটা। ১০। প্রহারার্থ সহজে উদ্যত হওয়া ; উঠা। প্র–হাত পা ছোটা। **আগুন ছোটা**—ভিতরে উষ্মা বোধ হওয়ায় আগুনের মত উত্তাপ বাহির হওয়া। প্র–গা দিয়া আগুন ছুটে গেল। **হাত পা ছোটা**–সহজে কিল চড় মারিতে হাত উঠা ও লাথি মারিতে পা উঠা। **ঘুম-ছোটা**–নিদ্রাবেশ অপগত হওয়া ; জাগা। প্র–"আমার ঘুম ছুটেছে আর কি ঘুমাই"–রামপ্রসাদ। **নেশা ছোটা**—নেশা কাটিয়া যাওয়া ; প্রকৃতিস্থ হওয়া। **ছুটাছুটি**–দৌড়াদৌড়ি। ২। তাড়াতাড়ি : ত্বরা। **মুখ ছোটা**–ভাল মন্দ কথা মুখ দিয়া অনর্গল বাহির হওয়া। **রক্ত ছোটা**–বেগে রক্ত নির্গত হওয়া। প্র–অস্ত্র করিতেই তাহার শিরা কাটিয়া রক্ত ছুটিল।

ছুটা [ছোটা দ্রঃ। কলা বাস্নার সুতা] বি, দড়ি ; ছোটা। ২। কলা বাস্নার তন্তু বা সুতা। ৩। পৃথক ; আলাহিদা। প্র—"রাখে ছুটা বিড়াবান্ধি খিলি সাজাইয়া"।—ভারত (অ, ম)।

ছুটান (নো) [ছুটা (দ্রঃ) ধাতুর নিজন্ত রূপ] ক্রি, ছুটিতে বাধ্য করা ; দৌড়ান। ২। ছোঁড়া।

ছুটালিয়া, ছুট্‌লে, ছুটুলে [ছোট (ক্ষুদ্র) বালা=ওয়ালিয়া] বিণ, ছোট (অবজ্ঞায়)। প্র—ছুটুলে বৌ। ২। তুচ্ছ ; লঘু : সামান্য।

ছুটি, টী [হি—ছুট্টী] বি, অবসর ; ফুরসৎ ; নিত্যকর্ম্ম হইতে বিরাম। প্র—কাজের ছুটি। ২। বিদায়। প্র—ছুটি লওয়া : পূজার ছুটি। ৩। মুক্তি ; খালাস, ছাড়ানি ; উদ্ধার। প্র—আর ওকে বন্ধ করে না রেখে এইবার ছুটি দাও। যে মামলায় ফেঁসেছে, তাথেকে এখন ছুটী পেলে হয়।

ছুড়া, ছোড়া, ছোঁড়া [হি—ছুড়না। উ-পু—ছুড়ি। ম-পু—ছুড় ; ছোড় ; ছুড়ন্ ; ছোড়্। প্র-পু—ছোড়ে ; ছোড়েন। অস-ক্রি—ছুড়িতে ; ছুড়িয়া। ণিজন্ত—ছুড়ান, ছোড়ান] ক্রি, নিক্ষেপ করা ; দূরে ফেলা। বি, ছুড়ন।

ছুৎ, ছুত (ত্) [সং—অশুচ্। ছুঁৎ দ্রঃ] বি, অশৌচ। প্র—ছুত যাওয়া ; ছুত পড়া। ২। স্পর্শদোষ ; স্পর্শসংক্রামকতা ; contagion. প্র–ছুত লাগা। ৩। ছুতা দ্রঃ। **ছুত-**

–যে হাঁড়ীতে ছড়া দিবার গোবর গোলা জল থাকে। গ্রা, মেয়েলী ছোঁচহাঁড়ী।

ছুত-পড়া [গ্রা, মেয়েলী ছোঁচ পড়া] অশুচি হওয়া।

ছুতা, ছুতো [সং–সূত্র] বি, সামান্য কারণ : ছল ; অছিলা : উপলক্ষ ; বাব। প্র–কোন একটা ছুতা করিয়া সেখানে উপস্থিত হওয়া। ২। ছিদ্র ; খুঁত : দোষ ; ত্রুটি। প্র–কেন নিন্দ বিধাতায় ছল ছুতা ধরিয়া ?"–কস্তুরী। **ছুতা-নতা, ছলছুতা**—কোন একটা অছিলা ; সামান্য কারণ।

ছুতার (ছুতোর্) [সং—সূত্রধার। গ্রা–ছুতোর্] বি, সূত্রধার ; মিস্ত্রী ; কাষ্ঠকর্ম্মকার। ২। জাতিবিশেষ।

ছুতুক (ক্) [ছুত দ্রঃ] বি, স্পর্শদোষ ; ছুঁত। প্র–"বাগদির লাজ নাই ধরে চ কে মোর। ছেলেপুলে ছুঁইলে ছুতুক হবে ঘোর॥"—শিবায়ন।

ছুনী [প্রাদে। তুল—ছেনি। আদরার্থে] বি, স্ত্রী, ছোট : ক্ষুদী। পুং—ছেনা, তুল—ক্ষুদে।

ছুপ (প্) [ছুপ্ (স্পর্শ করা) + অ (কর্তৃ—ক)] বি, পুং, স্পর্শ। ২। চপলতা। ৩। যুদ্ধ। **ছুপে ধরা**—চাপিয়া ধরা।

ছুপ (প্) [সং—ক্ষুপ] বি, ঝোপ ; ক্ষুপ ; ঝাড়।

ছুপান (নো) [ছুবান দ্রঃ। ছুপ্ ধাতু হইতে] ক্রি, চোপ ধরান ; ছোপান (দ্রঃ)।

ছুবলান (ব্, নো) ক্রি, ছোবলান দ্রঃ।

ছুবান ছোবান (নো) [সং—ছুপ্ (স্পর্শ করা) তাহা হইতে ছু—ছো—ছোঁ ; 'ছোয়া'র ণিজন্ত রূপ ছোয়ান পরে ছোবান (প্রা-বাং)] ক্রি, লেলাইয়া দেওয়া ; পশ্চাৎ অনুসরণ করান। প্র—"সঙ্গে শিশুগণ ফিরে, তাড়িয়ে শশারু ধরে, দূরে গেলে ছুবায় কুকুরে।" —কবিক।

ছুবান, ছোবান (নো) [হি—ছিপ্‌না =কাপড়ে নক্‌সা ছাপা ও রং করা। ছিপী যে বস্ত্র ছাপে ও রঞ্জিত করে। ছাপ দেওয়া কাপড়কে "ছাপুয়া" বলে। বাং-য় রঙ্গান অর্থেই প্রচলিত] ক্রি, রঞ্জিত করা ; রং করা। প্র—কাপড় ছোবান। ২। বস্ত্রাদি চিত্রিত করা।

ছুয়া—ছুআ দ্রঃ।

ছুয়ারা—ছোয়ারা দ্রঃ।

ছুরা [ছুর্ (ছেদন করা) + অ (কর্তৃ—ক) —আপ্, স্ত্রী] বি, স্ত্রী, চূণ ; চূর্ণ। ২। বড় ছুরী ; ছোরা ; খঞ্জর।

ছুরি, ছুরিকা, ছুরী [সং। প্রাকৃ—ছুরা ; বাং—ছুরি। ছুর্ (ছেদন করা) + ইঅক, অ (কর্তৃ—ক) স্ত্রী—ঈপ্] বি, স্ত্রী, ছোরা অপেক্ষা ক্ষুদ্র অস্ত্রবিশেষ ; চাকু : knife. প্র—কলম কাটা ছুরি। ২। নিঃসন্তানা গাভী ; বন্ধ্যা গাই। **মিছরীর ছুরি, হীরের ছুরি**—বাহিরে বন্ধু অন্তরে গলা কাটিবার মত শত্রু ; বাহিরে মধু অন্তরে প্রাণনাশক বিষ। **গলায় ছুরি দেওয়া**—গলা কাটা (তুল—ইং—a throat-cut) ; অতিশয় ঠকান। প্র—কেবল গলায় ছুরী দিলে দোকানদারী হয় না।

ছুরিত [ছুর্ (রঞ্জিত করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, লিপ্ত। ২। জড়িত। ৩। ব্যাপ্ত। ৪। শোভিত ; বিকাশিত। ৫। ছিন্ন। ৬। অভিনয়কালে ভাবভঙ্গী প্রদর্শন সহকারে নায়ক সহিত নায়িকাদের নৃত্য।

ছুলা—ছোলা দ্রঃ। ণিজন্ত—**ছুলান**।

ছুলি, ছুলী (ছুলি) [ছাল দ্রঃ] ত্বকরোগ-বিশেষ।

ছুহারা—ছোহারা দ্রঃ।

ছে [সং—ছেদ সংক্ষেপে] বি, ছেদ ; বাদ। প্র—কাঠের ছে দেওয়া ; কাঠ ছে করা। ২। কণ্ডন ; ছেদন (তুষ)। প্র—চাল ভাল কাঁড়া হয় নাই : আর এক ছে দাও, তিন ছে দিলেই পরিষ্কার হয়ে যাবে। ৩। বৃষ্টির বিরাম ; ছেয়ানি। ক্রি, **ছেয়ান**—ছে দেওয়া ; টুকরা করা।

ছেঁওড় (ছ্যাঁওড়্) [সং—ছমণ্ড হইতে] বি, অনাথ বালক ; পিতৃমাতৃহীন বালক।

ছেঁকা (ছ্যাঁকা) [শব্দাত্মক। ঝাঁই, ছোঁকা দ্রঃ। উত্তপ্ত লৌহশলাকা শীতল জলে ডুবাইলে যে ছ্যাঁ শব্দ হয় তাহা হইতে। তপ্ত তৈলে জলীয় দ্রব্য নিক্ষেপের শব্দ। প্র—ছেঁক্ কল্-কল্] বি, শীতল চর্ম্মে দগ্ধ শলাকা স্পর্শ ; (তাহা হইতে) দগ্ধক্ষত। প্র—ছেঁকার দাগ ; চিমটা পুড়াইয়া তাহার সর্ব্বাঙ্গে ছেঁকা দিয়াছে। [দ্রঃ—ছেঁকা—ছেঁক হইতে বাং-প্রাদে অর্থে সেক (তাপ) শব্দ প্রচলিত হইয়াছে। সেক দ্রঃ]। ২। [হি—ছোঁকনা। উ-পু—ছেঁকি। ম-পু—ছেঁক। প্র-পু—ছেঁকে] ক্রি, অল্প তৈল বা ঘৃতে ভাজা ; সন্তলন করা ; আধপোড়া করা। বি, ছেঁকা (২) ছোঁকা। (৩) ছেঁচ্‌কি (দ্রঃ)। **ছেঁকা দেওয়া**—লৌহ শলাকাদি দগ্ধ করিয়া অঙ্গে ক্ষত করা।

ছেঁচ (চ্) [ছাইচ দ্রঃ] বি, ছাঁইচ। প্র—

"দাঁড়ায়ে ঘরের ছেঁচে হাসে মনোহর।"—কুঙ্কুম।

ছেঁচকি, ছেচকি (চ্) বি. জলে সিদ্ধ করিয়া অল্প ঘৃত বা তৈলে ভাজা ব্যঞ্জনবিশেষ। **ছেঁচকিপোড়া**—আধ-সিদ্ধ ও আধপোড়া. অতি সামান্য ঘৃত বা তৈলে ভাজিতে গিয়া আধপোড়া করা।

ছেঁচড়, ছেঁচোড় (ছ্যাঁচোড়্) [সং—ছিত্বর। হি—ছিছোড়] বিণ. প্রতারক ; বঞ্চক ; দুষ্ট ; খল। ২। যে ঋণ গ্রহণ করে কিন্তু প্রত্যর্পণ করে না ; ঋণ শোধ করিতে চায় না। স্ত্রী. **ছেঁচড়ী**।

ছেঁচড়া (ছ্যাঁচ্‌ড়া) [ছেঁচড় দ্রঃ] বি. প্রতারক ; শঠ। ২। চোর। ৩। নীচ। প্র—"বেহায়া ছেঁচড়া হলি।"—রজনী সেন। ৪। মৎস্য ও বিবিধ শাক সবজী মিশ্রিত ব্যঞ্জন বিশেষ. ইহাতে তৈলের ভাগ বেশী থাকায় সচরাচর তেলের তরকারিও বলা হয়।

ছেঁচড়াপনা, ছেঁচড়াম, মি (ছ্যাঁচ্) [হি—ছিছোরাপন্] বি. নীচবৃত্তি।

ছেঁচড়ান. ছেঁছুরান (ছ্যাঁচ্‌ড়ানো. রানো) ক্রি. আছড়ান ; আছড়াইয়া ফেলা। ২। নির্মম-ভাবে টানিয়া লইয়া যাওয়ায় ক্ষত বিক্ষত হওয়া। ৩। দলিত করা। প্র—সুড়ঙ্গে ফেলিয়া পাবু ছেঁছুড়িয়া লইল চোরের পাশে।"—ভারত।

ছেঁচন (ছ্যাঁচোন্) [সেচন শব্দজ] বি. সিঞ্চন। ২। সেচন। ৩। থ্যাৎলান।

ছেঁচা (ছ্যাঁচা) বিণ. পিষ্ট ; কুট্টিত। প্র—"হাসি হাসি শশিমুখী যেঁসি প্রাণনাথে। ছেঁচা গুয়া তাম্বুল যোগান হাতে হাতে।"—ঘনরাম। "ভোর কোঁচড়ে ছেঁচা বাদাম চাকুম চুকুম খায়।"—ম্যাকবেথ (গিরিশ)। ২। ক্রি. পেষা ; কুটা। প্র—শিকড়গুলা ছেঁচিতে হইবে। ৩। জব্দ করা। প্র—তাহাকে একবার ছেঁচা দরকার যাহাতে আর মাথা তুলিতে না পারে। **নাকে নল ছেঁচা**-নাকাল করা। **ছেঁচা বেড়া**—বাঁশ ছেঁচিয়া চেপ্টা করিয়া তাহার বেড়া।

ছেঁচা (ছ্যাঁচা) [সং—সেচন। হি—সীঁচনা বিণ. সীঁচা] ক্রি. সেচন করা। প্র—জল ছেঁচা। ২। বিণ. সিঞ্চিত ; তোলা। প্র—ছেঁচা জল।

ছেঁচান (ছ্যাঁচানো) [ছেঁচা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। উ-পু—ছেঁচাই। ম-পু—ছেঁচাও। প্র-পু—ছেঁচায়। অস-ক্রি—ছেঁচাইতে ; ছেঁচাইয়া] ক্রি. অন্যের দ্বারা থেঁৎলান ; কুটান। ২। সেচন করান।

ছেঁটে-ছুঁটে ['ছাঁটিয়া ছুঁটিয়া'—সংক্ষেপে] অস-ক্রি. বাদসাদ দিয়া।

ছেঁড়া (ছেঁ) [সং—ছিন্ন—ছিণ্ড (প্রা-বাং)] বিণ. ছিন্ন ; কর্তিত ; কাটা ; ফাড়া ; ফাটা। প্র—ছেঁড়া কাপড়। ২। খণ্ডিত। ৩। উৎপাটিত। প্র—ফুল ছেঁড়া ; গাছের পাতা ছেঁড়া। ৪। [ছিন্ন বা ফাটার ভাব হইতে] অম্লযোগে দুধের জল কাটিয়া পিণ্ডীভূত। ৫। ছিদ্রযুক্ত। প্র—কাপড়ের ছেঁড়া জায়গা-গুলা সেলাই করিয়া ফেল। ৬। অকিঞ্চিৎকর ; বাজে ; অসার ; তুচ্ছ। প্র—ওসব ছেঁড়া কথায় বা ছেঁড়া মামলায় থেকো না। ৭। ক্রি. ছিঁড়িয়া যাওয়া ; কর্তিত হওয়া ; ছিন্ন হওয়া ; ফাড়া। (২) উৎপাটন করা। (৩) দুধ ছিঁড়িয়া দধিবৎ হওয়া এবং দধি ছিঁড়িয়া জমাট না বাঁধা। প্র—"সই দধি কেন ছিঁড়ি গেল।"—চণ্ডীদাস। **ছেঁড়া খোঁড়া**—বিণ. ছিন্নবিচ্ছিন্ন। প্র—"ছেঁড়া-বাস. ছেঁড়া খোঁড়া কেশ।"—বিহারী চক্রবর্তী। **ছেঁড়া চুলে খোঁপাবাঁধা**—পরচুলা দিয়া খোঁপা বাঁধা যায় কিন্তু সে চুল আপনার স্বাভাবিক চুলের মত হয় না তদ্রূপ পরকে আপনার করিতে যাওয়া বৃথা। ২। বয়সে যে চুল নষ্ট হইয়াছে পরচুলা দিয়া তাহার শোভা সম্পাদন করা ; বিলাস বাসনার নিদর্শন। প্র-"প্রবীণে নবীন হতে আরো বাসনা * * * ছেঁড়া চুলে বকুল ফুলে খোঁপা বেঁধেছে।"-বাং-গান। **ছেঁড়াছিঁড়ি**-পরস্পর আঁচড় কামড় দ্বারা ক্ষত বিক্ষত করণ ; পরস্পর টানাটানি করিয়া খণ্ড করা। ২। কোন কিছু পাইবার প্রতিযোগিতায় কাড়াকাড়ি। ৩। জেদাজিদি ; ঝুলাঝুলি। **ছেঁড়া মামলা, লেঠা**-তুচ্ছ বিষয় ; ঝঞ্ঝাটে ও বিরক্তিকর ব্যাপার। **ছেঁড়া নেকড়া**-কানি ; বস্ত্রখণ্ড। ২। কাড়া নেকড়া-জাতীয় বাদ্যবিশেষ।

ছেঁদা (ছ্যাঁদা) [ছিদ্র শব্দজ] বি. গর্ত ; রন্ধ্র ; ফুটা ; ছিদ্র। প্র-"ছেঁদা দিয়ে বেরিয়েছে ল্যাজ্ ধরচি আমি তাই। তুই আমারে শক্ত করে ধরে রাখিস্ ভাই।"-শিশুপাঠ্য গ্রন্থাবলী। **ছেঁদা-মালা**—তলা-ফুটা নারিকেল-মালা। ২। [লক্ষণায়] অপব্যয়ী ব্যক্তি।

ছেঁদে [প্রাদে] ক্রি. ছাঁদিয়া ; বেষ্টন করিয়া ; ঘিরিয়া।

ছেঁদো [প্রাদে। ছাঁদ+উ আ] বিণ. ছন্দঃ বা ছাঁদযুক্ত ; কৌশলময় ; কৃত্রিম ; কপট ; আড়ম্বরযুক্ত ; সাজান। প্র-"ছেঁদো কথা ছাড়িয়া দাও তুমি কি আমার সঙ্গে রজনীর সম্বন্ধ করিতে আসিয়াছ?"—রজনী (বঙ্কিম)।

ছেক (ক্) [ছো (ছেদন করা)+ঈক(কর্তৃ-ঈকন্) নিপাতনে সিদ্ধ] বিণ. বিদগ্ধ। ২। অনুপ্রাসবিশেষ। ৩। [প্রাদে] বিচ্ছেদ ; বিরাম।

ছেকড়া (ছ্যাক্)—বি. ছকড়া দ্রঃ।

ছেকানুপ্রাস (নুপ্‌প্রাশ্) [ছেক (বিদগ্ধ) +অনুপ্রাস বিদগ্ধানুমোদিত অনুপ্রাস] বি. যে শব্দালঙ্কারে ব্যঞ্জন-সমূহ পর্য্যায়ক্রমে উচ্চারিত হয়।

ছেকাপহ্নুতি—বি. স্ত্রী. অর্থালঙ্কারবিশেষ।

ছেকোক্তি—বি. লক্ষণা ; ব্যঞ্জনা ; ব্যঙ্গোক্তি।

ছেড় (ড্) বি. গৎ বাজাইবার সময় যে-কোন তারে যে-কোন স্বর প্রকাশ করিয়া নায়কী (প্রধান তার) ও আহত তার ভিন্ন অপরাপর তারে বিভিন্নরূপে মাত্রানুযায়ী আঘাত দ্বারা যে বাদন ক্রিয়া নিষ্পন্ন করা যায় তাহার নাম ছেড়।

ছেত্তা [ছিদ্ (ছেদন করা)+তৃ (কর্তৃ-তৃচ্) দ্=ত্=ছেত্তৃ ১মা. ১ব] বিণ. যে ছেদন করে ; ছেদক ; ছেদনকারী। স্ত্রী. **ছেত্রী**।

ছেত্রী (ছেৎত্রি) বি. ক্ষেত্রী ; ক্ষত্রিয় জাতি।

ছেদ (দ্) [ছিদ্ (ছেদন করা)+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. ছেদন। ২। বিচ্ছেদ ; বিরাম। ৩। অধ্যায় ; পরিচ্ছেদ। ৪। (কর্ম্মে-ঘঞ্) যাহা ছেদন করা হয় ; খণ্ড ; অংশ। ৫। (কর্তৃ—ঘঞ্) বিণ. ভাজক ; ছেদক ; ছেদনকারী।

ছেদক (ক্) [ছিদ্+অক (কর্তৃ)] বিণ. যে ছেদ করে ; কর্তক। ২। যে ভাগ করে ; অংশ কারক।

ছেদন (ন্) [ছিদ্+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. ছেদ ; কর্তন। ২। খণ্ড। ৩। (করণে—অনট্) যাহা দ্বারা ছেদন করা হয় ; যাহা দ্বারা কাটা যায় ; অস্ত্রাদি।

ছেদনীয় (দো) [ছিদ্ (ছেদন করা)+অনীয় (কর্ম্মে)] বিণ. যাহা ছেদন করা আবশ্যক বা কর্তব্য ; ছেদনযোগ্য ; ছেদ্য ; কর্তনীয়। ২। নির্ণয় করিবার যোগ্য ; নির্ণেয়।

ছেদপ্রবণ (ছেদ্‌প্রোবন্) বিণ. যে দ্রব্য সহজে ছিন্ন হইয়া যায়। ২। যাহা সহজে ছেদ করা যায়।

ছেদিত [ছিদ্+ণিচ্+ছেদি (ছেদন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. দ্বিধাকৃত ; দ্বিখণ্ডী-কৃত ; কর্তিত ; যাহা কাটা হইয়াছে।

ছেদ্য (ছেদ্‌দো) [ছিদ্+য (কর্ম্মে-ঘ্যণ)] বিণ. ছেদনীয় ; ছেদনার্হ ; ছেদন-যোগ্য ; কর্তনীয় ; বধ্য। প্র—"ছেদ্য প্রিয়পতি ছলে বলে অতি ছল ধরে নিশাপতি।"-কবিক। ২। নির্ণেয় ; নির্ণয়যোগ্য।

ছেনা (ছ্যানা) [ছানা দ্রঃ] বি. ছানা ; তক্র-পিণ্ড। প্র—"ক্ষীরখণ্ড ছেনা ননি, কিনি

চাঁপাকলা"—ঘনরাম (ধ. ম)। ২। (ছ্যানা) শাবক। স্ত্রী. ছেনি। প্র—ছাগল ছেনি।

ছেনাল (ল্)—ছিনাল দ্রঃ।

ছেনী—বি. বাটালী অপেক্ষা ক্ষুদ্র ছেদ করিবার লৌহযন্ত্রবিশেষ।

ছেপ (প্) বি. ছেব ; থুথু ; পিচ্ ; পিক্ ; নিষ্ঠীবন। প্র—"পিক্দানিতে টাকা রাখিয়া বাক্সের ভিতর ছেপ না ফেলি, তাহার খবরদারি করিবে"—রজনী (বঙ্কিম)।

ছেপত, ছেবত (ছেপ্তো, ছেব্তো) [ছেপ্ত দ্রঃ] বিণ. ছাপ দেওয়া ; মোহরাঙ্কিত। প্র—ছেপ্ত (বঙ্কিম বাবুর "রাজসিংহ")।

ছেপত্তনী [ফা—সে (তিন) পত্তনী] বি. দর-পত্তনীদারের অধীনে পত্তনীদার।

ছেপায়া [ফা—সে=তিন—পায়া (পদ-বিশিষ্ট) ; সে=ছে। ইং—tripod] বি. তেপায়া ; টেপাই। ২। [প্রাদে] বলদের স্কন্ধ হইতে গাড়ী খুলিয়া তাহাকে যে আবদ্ধ দুই দণ্ডের উপর ভর দিয়া রাখা হয়।

ছেব্লা (ছ্যাব্লা) [প্রাদে] বি. প্রগল্ভ ; চপলপ্রকৃতি ব্যক্তি। ২। নির্বোধ ; বোকাটে।

ছেব্লাম, ছেব্লামি—বি. প্রগল্ভতা।

ছেমড়া (ম্) [সং—ছমণ্ড (পিতৃমাতৃহীন বালক, orphan) হইতে। গ্রা—ছেঁওড়। বিণ. ছেঁওড়ে। প্র—মা ছেঁওড়ে, বাপ ছেঁওড়ে ছেলে ; ছোঁড়া দ্রঃ] বি. পিতৃমাতৃহীন বালক ; মা-বাপ খেকো ছেলে ; অনাথ বালক। ২। ছেলেদের গালির সম্বোধন। [দ্রঃ—উক্ত কারণে ছেলেদের ছোঁড়া বলিলে প্রাচীনারা ছেলের বাপ মায়ের অমঙ্গল ভাবিয়া ছোঁড়া সম্বোধন করিতে নিষেধ করেন] স্ত্রী. ছেমড়ী—ছুঁড়ী। ২। [মুসলমানী বাঙ্গালা] নব যুবতী। প্র—"মুনাছিব ছেমড়ী পাল্যা দরদ ছাড়ে কেড়া।"—গান।

ছেমোচাপা—খিট্খিটে ; খেঁকী। ২। ভূতে পাওয়া। প্র—"ঐ দেখ ছেমোচাপা ছমছমে আসে রাজা"—নলদময়ন্তী।

ছেয়া [প্রাদে] বি. উদুখল। প্র—"ভেরণ্ডা ছেয়ায় উড়ি ধান্য ভানি, আমা হাঁড়ি, বালির তিহড়ি তায় পাক"—ঘনরাম।

ছেয়ানি [সং—ছেদনী] বি. ছেনী। প্র—"বন্দীর ডাড়্কা তারা ছেয়ানিতে কাটে।"—কবিক। ২। বিচ্ছেদ ; বিরতি। প্র—"বৃষ্টির ছেয়ানি।

ছেয়াল, ছিয়াল—বিণ. ছড়াল ; বাড়ন্ত ; বিস্তৃত। প্র—ছেয়াল গড়ন।

ছেলামি [আ—সেলাম্ হইতে] বি. সম্মানের নিদর্শনস্বরূপ যাহা দেওয়া যায় ; নজর। ২। ঢালু করিয়া কর্তন ; গোড়েন ; বাঁক।

ছেলি, ছেনী—বি. ছাগল। প্র—"খুলনা ছাগল রাখে পাপ জ্যৈষ্ঠ মাসে, অগ্নিসম অঙ্গ পোড়ে রবির প্রকাশে। আষাঢ়ে পূরিত মহী নবমেঘের জল, ছেলি চরাইতে রামা নাহি পায় স্থল।"—কবিক।

ছেলিয়া, ছেলে [সং—শাবক হইতে ছাবাল—ছাওয়াল—ছাআল] বি. পুং, স্ত্রী. শিশু-সন্তান। প্র—মেয়েছেলে ; বেটাছেলে। সাধাঃ—পুত্রসন্তান। প্র—ছেলেমেয়ে। প্রা-বাং—স্ত্রী. ছেলি। **ছেলে খেলা**—শিশুদিগের খেলা। ২। অস্থায়ী, অকিঞ্চিৎকর অনুষ্ঠান। **ছেলে-বুদ্ধি**—শিশুসুলভ চপলমতি ; অপরিণত বুদ্ধি ; লঘুচিত্ত ; ছেলেমানুষী।

ছেলেধরা [প্রাদে। ছেলে (দুষ্ট ছেলেদের) '+ধরা (যাহারা ধরিয়া লইয়া যায়) বঙ্গে দুষ্ট দুর্দান্ত শিশুদিগকে (কাল্পনিক) শিশু-ধৃতকারীর ভয় দেখাইয়া শাসন করা হয়] বি. জুজু। প্র—"ধরিয়া কি লয়ে গেল লঙ্কোর ক্রূর ছেলেধরা"—অশোকগুচ্ছ।

ছেলেপুলে, ছেলেপিলে [প্রাদে] বি. সন্তানসন্ততি। প্র—"স্বামীর বয়স কত, ছেলেপুলে কটি"—শিবায়ন।

ছেলেমানুষ (ষ্) [ছেলে (শিশু) মানুষ—মনুষ্যশিশু] বি. মানবক ; বালক। ২। বিণ. অপরিণতবুদ্ধি ; হালকাবুদ্ধি ; লঘুচিত্ত।

ছেলেমানুষি [ছেলে—মানুষি—ই (ভাবে)] বি. ছেলেমানুষের মত আচরণ ; বালকতা।

ছেলেমেয়ে—বি. বালকবালিকা ; সন্তান-সন্ততি।

ছেলেমি, ছেলেমো [গ্রা] বি শিশুর মত আচরণ ; বালকত্ব।

ছৈ [প্রা-বাং। ছই দ্রঃ] বি. নৌকা প্রভৃতির উপরিভাগের আবরণ। প্র—"ঘন ঘন ঝড়ে ছৈ সব উড়ে, প্রবল পবনের ডাক।"—ক্ষেমানন্দের ম. ভাসান।

ছৈঘর—বি. নৌকার বৈঠক ঘর। প্র—"প্রথমে তুলিল ডিঙ্গা নাম মধুকর। সুবর্ণে নির্মাণ সে ডিঙ্গার ছৈঘর।"—কবিক।

ছো, ছোঁ—বি. কামড় ; ছোবল। ক্রি. ছোঁ মারা ; সহসা আসিয়া কোন সামগ্রী উঠাইয়া লইয়া পলায়ন করা। প্র—চিলে ছোঁ মারিয়া মাছ লইয়া গেল। "গৌরীর কপালে ছিল বাদিয়ার পো। কপালে তিলক দিতে সাপে মারে ছোঁ।"—কবিক। ২। ঝাপটা। প্র—"আকাশে উঠিয়া পক্ষী ছোঁ দিয়া সে পড়ে"—কৃত্তিবাস। **ছোঁ দেওয়া**—আমল দেওয়া। **ছোঁ ঘা দেওয়া**—স্পর্শ ও আঘাত করা ; তাহা হইতে ছোঁ ঘা না দেওয়া—আমল না দেওয়া ; ঘনিষ্ঠতা না রাখা।

ছোঁক (ক্) [শব্দাত্মক] বি. তপ্তখোলায় কাঁচা তরকারী নিক্ষেপ শব্দ। ২। সন্তলন ; সম্ভার ; ফোড়ন।

ছোঁকছোঁক (ছোক্) [শোঁকশোঁক] বি. শুঁকিবার কালে নাসিকার শব্দ। ২। আঘ্রাণ। **ছোঁক ছোঁক করা**—চারিদিকে আহারীয় দ্রব্যের ঘ্রাণ লওয়া। তুল—নোলা (জিহ্বা) সক্সক্ করা (আহারের লালসা ব্যঞ্জক)। ২। দ্রব্যাদি অপহরণ বা আত্মসাৎ করিবার জন্য যেন সকল জিনিষের ঘ্রাণ (সন্ধান) লওয়া ; অতিশয় লোভ করা।

ছোঁকা, ছোকা [হি—ছোঁক্ ; ছোঁকনা (সন্তলন করা)। 'ছকা'ও বলে। ছেঁকা দ্রঃ] বি. ছেঁক দেওয়া বা ছোঁক দেওয়া ব্যঞ্জন ; জলে সিদ্ধ করিয়া অল্প তৈলে সাধারণতঃ ঘৃতে আধ-ভাজা ব্যঞ্জন ; ছেঁচ্কি (দ্রঃ)। প্র—"মেজবউ কোথা, ডেকে দাও তারে, কোথা ছোকা, কোথা লুচি!"—রবি।

ছোঁচ, ছোঁয়াচ (চ্) [অশুচি হইতে] বি. অশৌচ। **ছোঁচপড়া**—অশুচি।

ছোঁচা (ছোঁ) [ছোঁক ছোঁক হইতে] বিণ. পুং, খাদ্যলোভী ; যে সর্বদা কিছু পাইবার বা খাইবার আশায় ছোঁক্ছোঁক্ করিয়া বেড়ায় ; নির্লজ্জ ; বেহায়া ; লোভী। প্র—কেহ ছোঁচা কেহ বোঁচা কেহ বা সরল"—কবিক।

ছোঁচান (নো) [সং—শৌচ, বাং—আন (করা অর্থে)] ক্রি. মলত্যাগের পর জলশৌচ করা। ক্রি. বিণ. **ছোঁচানি**।

ছোঁড়া (ছোঁ) ক্রি. ছুড়া দ্রঃ।

ছোঁড়া [সং—ছমণ্ড (পিতৃমাতৃহীন বালক) হইতে ছেমড়া পরে ছোঁড়া। হি—ছোরা ; তুচ্ছার্থে] বি. অনাথ বালক ; ছোকরা ; বালক। ২। বাপ মা খেকো অর্থে গালি। প্র—"এবার বধিব বলে আপদ দুছোঁড়া"—ঘনরাম (ধ. ম)। স্ত্রী. ছুঁড়ি, ছুঁড়ী (হি—ছোরী)।

ছোঁয়াচ (চ্) বি. ছোঁচ দ্রঃ।

ছোকরা (ক্) [হি—ছোকরা] বি. অল্পবয়স্ক বালক ; শিশু। প্র—"আমরা দেখ্তে ছোকরা বটে কিন্তু কাজে ভারি চট্পটে"—রজনী সেন। ২। [অবজ্ঞার্থে] অপরিণতবয়স্ক ; নব যুবা। [বরিশালে—ছ্যামরা।

ছোট (ট্) বি. খেয়া পারের নৌকা। ২। দড়ি ; রজ্জু। স্ত্রী. ছোটা—বন্ধলের সূত্র। প্র—কলার ছোটা।

ছোট (ছোটো) [সং—ক্ষুদ্র। হি—ছোটা] বিণ. ক্ষুদ্র। প্র—"ছোট পাখী ছোট পাখী এস মোর কাছে।" ২। অধম ; নীচ। প্র—

ছোট লোক। ৩। কনিষ্ঠ। প্র—এইটী আমার ছোট ছেলে। ৪। বিনয়াবনত ; নম্র। প্র—"বড় হবে ত ছোট হও।" ৫। বেঁটে ; খাটো ; নত। প্র—"অতি বাড় বেড়না ঝড়ে প'ড়ে যাবে অতি ছোট হ'য়ো না ছাগলে মুড়াবে।" ৬। ক্রি. দৌড়াও। স্ত্রী. ছোটী (হি) তুচ্ছার্থে ছোট্‌কী, ছুটকী। ছোট কাকা—কনিষ্ঠ পিতৃব্য। স্ত্রী. ছোট কাকী। ছোট কথা—তুচ্ছ কথা। ছোট কাজ—সামান্য কাজ, নীচ কাজ। ছোট ঘর—ক্ষুদ্র প্রকোষ্ঠ। ২। নীচ বংশ ; নিকৃষ্ট কুল। ছোট ঠাকুর—খুড় শ্বশুর। ছোট ঠাকরুণ—খুড় শাশুড়ী। ছোট ঠাকুর পো—কনিষ্ঠ দেবর। ছোট দাদা—জ্যেষ্ঠ ভ্রাতাদিগের মধ্যে কনিষ্ঠ। ছোট দিদি—বড় ভগিনীদিগের মধ্যে কনিষ্ঠ। ছোট নজর—সংকীর্ণ দৃষ্টি। ২। অনুদারতা। ছোট ননদ—স্বামীর কনিষ্ঠা ভগিনী। ছোট মা—গর্ভধারিণী অপেক্ষা বয়ঃকনিষ্ঠা বিমাতা। ছোট মুখে বড় কথা—অবস্থার অতীত কথা ; নীচ ব্যক্তির মুখে মহতের প্রতি অসম্মানের কথা। ছোট মন—সঙ্কীর্ণ হৃদয়। হাত ছোট করা—দানের জন্য সঙ্কুচিত করা ; কৃপণতা করা। ছোট লোক—নীচ লোক ; সংকীর্ণ-চেতা। ছোট খাট—ক্ষুদ্র ; খর্ব্ব। ছোট মোট—ক্ষুদ্র। 'মোট' 'ছোট'র সহচর শব্দ।

ছোট আদালত—বি. যে আদালতে ক্ষুদ্র ক্ষুদ্র দেনা পাওনার মোকদ্দমা নিষ্পত্তি হয় ; small cause court.

ছোটা [প্রাদে। বরিশালে ছোড়া] বি. কলা গাছ হইতে সূত্র বা রজ্জুর কার্য্য নির্ব্বাহার্থে গৃহীত অংশ ; কলা গাছের পেটোর সূত্রের মত সূক্ষ্ম অংশ।

ছোটা [ছুটা দ্রঃ] ক্রি. দৌড় দেওয়া। ২। ছাড়া। ণিজন্ত—ছোটান। ছোটাছুটি—দৌড়াদৌড়ি।

ছোটিকা [ছুট্ (ছেদন করা)+অক (কর্তৃ) আপ্—স্ত্রী] বি. স্ত্রী. অঙ্গুলিধ্বনি ; তুড়ি।

ছোট্ট (ছোট্‌টো [হি—ছোটা। উৎকর্ষার্থে টয়ের দ্বিত্ব] বিণ. ক্ষুদ্রতর ; বেশ ছোট। প্র—"ছোট্টী গোলাপ জাম মেজো কাঁচা মিঠা আম"—চন্দন।

ছোড় (ড্) বিণ. ছাড়া ; পৃথক ; ছাড়াছাড়ি। প্র—"দুটি ভেয়ে ছোড় হয়ে ঘরে যাব কি বলিয়ে।"—ঘনরাম। ছোড়ভঙ্গ—দল ছাড়া ; ছত্রভঙ্গ। নাছোড় বান্দা—যে ছাড়িবার বান্দা নয় ; যে ছাড়ে না ; কাঁইয়া ; একগুঁয়ে। ছাড়ছোড়—বাদসাদ ; কিয়দংশ পরিত্যাগ।

ছোড়ন (ছোড়োন্) [হি—ছোড়না] বি. নিক্ষেপ ; ক্ষেপণ। ২। বর্জ্জন। ক্রি. ছাড়া।

ছোড়না (ড্) [প্রাদে। ছোড়ন দ্রঃ। যাহা আচ্ছাদন স্বরূপ ক্ষেপণ করা হয়। তুল—ঢাকনা, বিছানা] বি. চন্দ্রাতপ ; প্রচ্ছদপট। প্র—"শুভক্ষণে ছোড়না টাঙ্গায় সদাগর"—কবিক।

ছোড়ভঙ্গ (ড্) [সং—ছত্রভঙ্গ] বিণ. বিশৃঙ্খল। ২। ছত্রভঙ্গ। ৩। দল হইতে ছাড়া ছাড়ি।

ছোড়লা (ড্) [প্রাদে] বি. ছালনাতলা ; স্ত্রী-আচারের স্থান। প্র—"তবে সেই মহাপ্রভু ছোড়লাতে গিয়া। দণ্ডাইলা পীঠোপরি উল্লাসিত হইয়া॥"—চৈতন্য ভাগবত।

ছোড়া (ছো) ক্রি. ছুড়া দ্রঃ।

ছোড়ান (ন্) [হি-ছোড়ান্] বি. মুক্তি ; অব্যাহতি। প্র—"বন্দী দান লৈয়া কৈল সাধুর ছোড়ান।"—কবিক। ২। [দ্বার মুক্ত করে বলিয়া] তালার চাবি ; কুঞ্চিকা ; ছাড়ান-ছোড়ান-বি. কোন প্রকারে মুক্তি বা অব্যাহতি। প্র-তাহার হাত থেকে আর ছাড়ান ছোড়ান নাই।

ছোপ (প) [সং-ছুপ্-স্পর্শ করা] বি. বস্ত্রাদিতে চিহ্ন ; দাগ। প্র-কাপড়ে মুখ মুছিবার সময় কাপড়ে পানের ছোপ লাগিয়াছে। ২। লেপ ; প্রলেপ। ৩। ছেপ ; নিষ্ঠীবন।

ছোপান (নো) [ছুপ্ ধাতুজ। উ-পু-ছোপাই। ম-পু—ছোপাও। প্র-পু—ছোপায়। অস-ক্রি—ছোপাইতে ; ছোপা-ইয়া ; ছুপিয়ে] ক্রি. ছোপ ধরান। ২। রঞ্জিত করা ; রঙ্গ ধরান।

ছোবড়া (ব্) [ছিবড়া দ্রঃ। সং-ছল্লী হইতে ছাল, ছোল (বরিশালে ছোলা)-ছোব+ড়া (কাঠিন্য অর্থে)] বি. ফলের বাহিরের আবরণ যাহার ভিতরে সারাংশ বা শস্য থাকে ; ফলের বাহিরের অসারাংশ। প্র-নারিকেলের ছোবড়া।

ছোবল (ছোবোল্) [সং-কবল (গ্রাস) হইতে বাং "খাবল", অর্থ সম্প্রসারণে—নখ-দন্তা-ঘাত ; চর্ব্বণ (চর্ব্ব্ অদনে)। গ্রা-চোবল] বি. নখ-দন্তাঘাত ; কামড়। ২। সর্পাঘাত ; সাপের দংশন। প্র—সাপটা এক ছোবলেই তাহাকে নিকাশ করিয়াছে। ক্রি. ছোবলান।

ছোবলান, ছুবলান (ছোব্‌লানো) [ছোবল দ্রঃ। বাংয়-খাবলান, খুবলান, খোবলান। প্র=খুবলে খাওয়া] ক্রি. নখ-দন্তাঘাত করা ; কামড়ান। প্র-হরিণটাকে সে দিন ছোবলাইয়া ক্ষত বিক্ষত করিয়া দিয়াছে। ২। সাপে খুবলে খাওয়া। ক্রি. ছোবল। বিণ. ছোবলান। প্র-সাপে ছোবলানো ঘা।

ছোবা—বি. চোপা ; ছোবড়া।

ছোবান (নো) [ছুবান দ্রঃ] ক্রি. তাড়া করিতে দেওয়া ; লেলাইয়া দেওয়া। প্র--"সাত ভাই গৃহস্থ ঘরে গেলাম ঠাকুর। ভিক্ষা নাহি দিল আর ছোবাল কুকুর॥" -ঘনরাম। [দ্রঃ-ছোবাল=ছোবাইল] ২। রঙ্গান ; রঞ্জিত করা।

ছোরা [হি] বি. বড় ছুরি ; dagger.

ছোল (ল্) [সং-ছল্লী] বি. ত্বক্ ; বল্কল ; ছাল।

ছোলঙ্গ [ছাল পুরু নেবু] বি. বাতাবি নেবু। প্র-"করুণা কমলা ছোলঙ্গ টাবা"-কবি-কঙ্কণ।

ছোলদারি, রী [হি। ইং-shouldari] বি. ত্রিকোণ তাঁবু ; পাল ; চাকর নফরের বস্ত্র-গৃহ।

ছোলন (ন্) বি. চাঁচন। ছোলা দ্রঃ।

ছোলা [হি-ছোলা] বি. চণক ; চেনা ; বুট।

ছোলা [হি-ছোল্‌না] ক্রি. চাঁচা ; ত্বক মুক্ত করা ; ছাল খোলা। ২। বিণ. ছাল তোলা ; ত্বকমুক্ত ; ছাল ছাড়ান। ৩। মাজা ; পরিষ্কৃত। প্র-"দাঁত ছোলা মাজা দোলা হাস্য অবিরাম।"-ভারতচন্দ্র।

ছোলে [আ-সলাহ্ (বন্ধুত্ব—স্নেহ্)] বি. আপোষ। ছোলেনামা-আপোষে বিবাদ মিটাইবার রাজীনামা ; a deed of compromise.

ছোহারা [হি-ছুহারা, ছু+আরা=ছোয়ারা। আ—খুর্মা] বি. স্ত্রী. শুষ্ক খেজুর ; খুর্মা।

ছ্যা—অ. ছিছি ; ঘৃণা। ২। লজ্জা।

ছ্যাঁক—বি. অনুকার শব্দ। ক্রি. ছ্যাঁক করা।

ছ্যাৎলা [ছাতা দ্রঃ] বি. কোন দ্রব্য সেঁতাইয়া গেলে তাহার উপর সর পড়ার মত যে শাদা ময়লা জমে।

জ

জ—ব্যঞ্জন বর্ণমালার অষ্টম, চ বর্গের তৃতীয়, স্বল্প-প্রাণ ও ঘোষবান্ বর্ণ। তালু হইতে উচ্চারিত হয় বলিয়া ইহার নাম তালব্য বর্ণ।

জ—সাধারণতঃ গর্জ্জন ও দীপ্তির জ্ঞাপক। ২। প্রা-বাং-য়, য স্থানে "জ"র ব্যবহার। য দ্রঃ। ৩। অন্য শব্দের পর সমাসযুক্ত হইলে ইহা জাত বা উৎপন্ন এই অর্থ জ্ঞাপন করে। প্র—জলজ, স্থলজ, গোত্রজ : অঙ্গজ ইত্যাদি। ৪। [সংস্কৃত অভিধানে] বি, বিষ্ণু ; শিব : জনক। বিণ, দ্রুত। বাঙ্গালায় স্বতন্ত্র ব্যবহার নাই।

জঅ [জয় শব্দের প্রা-বাং রূপ] বি, জয় দ্রঃ।

জঅনা [জনা—জন শব্দের প্রা-বাং-রূপ] বি, জন : লোক। প্র—"জঅনা জাত্রি এ ধর্ম্মর মন্দির বেড়িআ চোখ।" —শূন্য পুরাণ।

জই (জোই) [হি] বি, যব সদৃশ শস্য-বিশেষ ; oats.

জউ (জৌ) [সং—জতু] বি, লাক্ষা ; কীট-গালা ; lac. **জউঘর**—সং—জতু-গৃহ।

জওজ (জওজ্) [আ—জ়ওজ্ = পতি। বাং-য়, আদাঃ ভাষা] বি, স্বামী।

জওজে [আ—জ়ওজহ্ বা জ়ওজেহ্ = পত্নী। বাং-য়, আদাঃ ভাষা] বি, স্ত্রী।

জওয়াব (ব্) জবাব দ্রঃ। উত্তর।

জওয়াবদিহি—জবাবদিহি দ্রঃ।

জওয়াবলজওয়াব [আ—জবাব্-উল্-জবাব্] বি, প্রতিবাদীর উত্তরের উত্তর।

জং—জঙ্গ দ্রঃ। ২। [প্রাদে] চার আঁটি শস্য একত্র বন্ধন।

জংলা—জঙ্গলা দ্রঃ।

জক, জঁক (ক্) যক দ্রঃ।
(ক্) জগ্‌জগ দ্রঃ।

জকশক, জকসক (জক্‌শক্) [জক—আ জগ্‌ম্ হইতে, শক সাদৃশ্যার্থে জখমের মত]—অ, অত্যন্ত দুর্ব্বল অর্থে ; লতাইয়া পড়ার ভাব।

জকসকিয়া, জক্‌সকে (জক্‌শকিয়া, জক্‌শোকে) [জকশক (দ্রঃ) + ইয়া—জকসকিয়া, দ্রুত উচ্চারণে জকসকে [বিণ, ন্যাক্‌শা। ২। [জড়সড় দ্রঃ] জড়সড় ; থতমত। প্র—ধম্‌কানি খেয়ে লোকটা জকসকে হয়ে গেল।

জক্ষ্ম, জক্ষ্মা (জক্‌খাঁ) [জক্ষ্ (ভক্ষণ করা) + ম (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—মন্)] বি, পুং, ক্ষয়রোগ ; consumption ; phthisis.

জখন (জ্‌খোন্) [প্রা-বাং—য=জ] অ, যখন। প্র—"শূন্য ভরে তুহ্মি জখন তুল্যা-ছিলা হাই। তাহাতে জনমিলাম আহিন্য নাম উল্ল কাই॥" —শূন্যপুরাণ।

জখম (জখোম্) [ফা—যখ়্‌ম্] বি, চোট : আঘাত : ক্ষত। ২। বিণ, চোটপ্রাপ্ত : আহত।

জখমী (জোখ্‌মি) [ফা—জ়খ্‌মী] বিণ, চোটপ্রাপ্ত ; আঘাতপ্রাপ্ত : আহত। ২। জখম ঘটিত। প্র—জখমী মামলা।

জখর (র্) [প্রাদে] বি, উদরের মধ্যস্থিত গুল্মাকার রোগবিশেষ।

জখিআ (জোখিয়া) [প্রা-বাং] ক্রি, জোঁখা দিয়া ; পরিমাণ করিয়া ; মাপিয়া। প্র—"কাটিআ ছিড়িআ মাপিয়া জখিআ সাত হাথে হইল পোতা।" —শূন্যপুরাণ।

জগ [হি—জগ্। সং—জগৎ। প্রা-বাং] বি, জগৎ। প্র—"জগভরি কলঙ্ক রহিল চির দিন" —চণ্ডীদাস। "জগমাহা উপমা করহ্ঁ ন পাই"—পদাবলী।

জগচ্চক্ষুঃ (জগচ্‌চোক্‌খু) [জগৎ + চক্ষু। জগতের চক্ষুঃ (চক্ষুঃস্বরূপ) ৬ তৎ] বি, পুং, সূর্য্য।

জগজগ (গ্, গ্) হি—দগ্‌জগ্] অ, অনুকার শব্দ। ২। অত্যুজ্জ্বলতা : জ্বলজ্বল দৃশ্য। বিণ, জগজগা, জগজগে (জগ্‌জোগে)—ঝকঝকে ; জ্বলজ্বলে।

জগজগা, গে [হি] বি, পিতলের সূক্ষ্মপাত : রাঙ্গতার পাত।

জগজগান (নো) [হি—জগ্‌জগানা] ক্রি, জ্বলজ্বল করা ; ঝক্‌ঝক্ করা।

জগজন (ন্) [জগজ্জন দ্রঃ] বি, জগতের লোকজন। প্র—"জগজনরঞ্জন"—পদাবলী।

জগজ্জন (জগোজ্‌জোন্) [জগৎ + জন। জগতের জন—৬তৎ] বি, পুং, জগতের লোক।

জগজ্জননী [জগৎ—জননী, ৬ তৎ] বি, স্ত্রী, জগদম্বা ; পরমেশ্বরী।

জগঝম্প (জগোঝম্প) [সং—শব্দানু-কারাত্মক] বি, বৃহৎ আনদ্ধ যন্ত্রবিশেষ ; প্রাচীন রণবাদ্য।

জগৎ [গম্ (গমন করা) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে গমনশীল : যাহা নিয়ত ঘূর্ণমান। নিপাতনে গম্ = জগ্—অন্তে—অৎ] বি, ক্লী, লোক ; ভুবন। ২। বিশ্ব ; ব্রহ্মাণ্ড। ৩। পৃথিবী। ৪। শরীর। ৫। পুং, বায়ু। ৬। বিণ, অস্থায়ী ; জঙ্গম।

জগতি (জ্‌গতি) [প্রাদে] বি, সিংহাসন। প্র—"নানা রত্নে নির্ম্মাণ করিল জগতি।" —কবিক।

জগতী (জ্‌গোতি) [জগৎ + ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, ভুবন। ২। পৃথিবী। ৩। যাবতীয় লোক। ৪। দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ।
জগতীতল—ভূতল : পৃথ্বীতল ; পৃথিবী।

জগৎকর্ত্তা [জগতের কর্ত্তা (কৃ—করা + তৃ, কর্ত্তৃ—তৃচ্ = কর্ত্তৃ—১মা, ১ব) ৬তৎ] বি, পুং, ঈশ্বর।

জগৎকারণ (—রোন্) [জগতের কারণ, ৬ তৎ] বি, বিশ্বসৃষ্টির নিদান ; পরব্রহ্ম।

জগৎপতি (জগোৎপোতি) [জগতের পতি, ৬তৎ] বি, পুং, জগদীশ্বর।

জগৎপাতা, জগৎপিতা [জগৎ—পা (পালন করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = জগৎ-পাতৃ ১মা, ১ব, পা = পি (নিপাতনে) ৬তৎ] বি, পুং, জগদীশ্বর।

জগৎপালক (ক্) [জগতের পালক—৬তৎ] বিণ, জগৎপাতা ; পরমেশ্বর।

জগৎপ্রাণ (ন্) [জগতের প্রাণ, ৬তৎ] বি, পুং, বায়ু : সমীরণ ; বাতাস। প্র—"বিষবৃষ্টি জ্ঞান কোকিল গান। হরে মোর প্রাণ জগৎপ্রাণ॥"—কবিক।

জগৎসংসার (—শংশার্) [জগৎ—সংসার] বি, অখিল জগৎ ; বিশ্বব্রহ্মাণ্ড।

জগৎসাক্ষী (জগৎশাক্‌খি) [জগতের সাক্ষী, ৬ তৎ] বি, পুং, যিনি জগতের সমস্ত বৃত্তান্ত সর্ব্বদা প্রত্যক্ষ করিতেছেন ; সূর্য্য। ২। পরমেশ্বর।

জগৎসেতু (—শেতু) [জগতের সেতু, ৬তৎ] বি, পুং, জগতের নিস্তারহেতু-স্বরূপ ঈশ্বর।

জগদম্বা, জগদম্বিকা (জগদোম্‌বিকা) [জগতের অম্বা, অম্বিকা (মাতা) অম্বা + ক—আপ্ আ = ই] বি, স্ত্রী, জগজ্জননী ; জগৎ-পালিকা ; দুর্গা।

জগদল, জগদ্দল (ল্) [জগৎ—দল্ (দলন করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, জগৎ দলনকারী ; পরমেশ্বর। ২। গুরুভার পাথর। প্র—"বামপদে ঠেলিল পাষাণ জগদল॥" —কবিক। "বুকের উপর যেন জগদ্দল পাথর চাপান আছে।"—সনাতনী।

জগদাত্মক (জগদাৎতক্) [জগৎ + আত্মক—জগৎ হইয়াছে আত্মা যাহার, বহু—সমাসে ক] বিণ, জগন্ময় ; বিশ্বরূপ। স্ত্রী, জগদাত্মিকা।

জগদাধার (র্) [জগৎ + আধার, ৬ তৎ] বি, জগৎ যাঁহাতে প্রতিষ্ঠিত ; জগৎপাতা।

জগদীশ (শ্) [জগতের ঈশ (প্রভু) ৬তৎ বি, পুং, বিশ্বপতি ; পরমেশ্বর ; নারায়ণ ।

জগদীশ্বর (জগদীশ্‌শর্) [জগৎ+ঈশ্বর, ৬তৎ] বি, বিশ্বেশ্বর ; পরমেশ্বর ; জগৎপতি । স্ত্রী, জগদীশ্বরী ।

জগদ্‌গুরু [জগতের গুরু, ৬তৎ] বি, পুং, পরমেশ্বর । ২ । শিব ; মহেশ্বর ।

জগদ্‌গুরু [জগৎ+গুরু, ৬তৎ] বি, জগতের গুরু ; পরমাত্মা । ২ । মহর্ষি নারদের নামান্তর ।

জগদ্ধাত্রী (জগদ্‌ধাৎত্রি) [জগৎ+ধাত্রী জগতের (ত্রিভুবনের) ধাত্রী (ধারণকর্ত্রী, পালিকা)] বি, স্ত্রী, গৌরী ; জগন্মাতা ; দুর্গা ।

জগদ্‌যোনি (—জোনি) [জগতের যোনি (উৎপত্তি স্থান) ৬তৎ] বি, পুং, জগতের উৎপাদক ; জগৎকারণ ; স্রষ্টা । ২ । ব্রহ্মা ; বিষ্ণু ; মহেশ্বর । ৩ । স্ত্রী, পৃথিবী ।

জগদ্বন্ধু (জগদ্‌বোন্ধু) [জগতের বন্ধু, ৬তৎ] বি, পরমেশ্বর ।

জগদ্বল (ল্) [জগতের বল, ৬তৎ] বি, বায়ু ।

জগদ্বাসী (শি) [জগৎ—বাসী] বিণ, জগতের অধিবাসী ; যে জগতে বাস করে । স্ত্রী, জগদ্বাসিনী ।

জগদ্বিখ্যাত [জগতে বিখ্যাত, ৭তৎ] বিণ, যাহার খ্যাতি জগতে প্রচারিত হইয়াছে ; বিশ্ববিশ্রুত ; সকল দেশে প্রসিদ্ধ ।

জগদ্ব্যাপী [জগৎ+ব্যাপী] বিণ, জগতের সর্ব্বত্র ব্যাপ্ত ; বিশ্বময় ।

জগন্নাথ (থ্) [জগৎ+নাথ—৬তৎ] বি, পুং, বিশ্বনাথ ; পরমেশ্বর । ২ । বিষ্ণু ; শিব । ৩ । উৎকলের প্রসিদ্ধ বিষ্ণুর দারুমূর্ত্তি । **জগন্নাথভোগ**—মহাপ্রভুর ভোগের নিমিত্ত প্রস্তুত মিষ্টান্নবিশেষ । **জগন্নাথ যাত্রা**—পুরী তীর্থে গমন । **জগন্নাথক্ষেত্র**—পুরীধাম ; জগন্নাথ তীর্থ ; শ্রীক্ষেত্র ।

জগন্নিবাস (শ) [জগৎ+নিবাস] বি, যাঁহার মধ্যে বিশ্বব্রহ্মাণ্ড বাস করে ; জগদাশ্রয় ; বিষ্ণু ।

জগন্ময়ী (জগোন্‌মোই) [জগৎ+ময় (প্রাচুর্য্যার্থে—ময়ট্) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, যিনি সমস্ত জগৎ ব্যাপিয়া আছেন ; জগদ্ব্যাপিনী শক্তি ।

জগন্মাতা [জগৎ+মাতা, ৬তৎ] বি, জগৎ-জননী ।

জগন্মোহন (ন্) [জগৎ+মোহন, ৬তৎ] বিণ, জগৎমুগ্ধকর ; ভুবনমোহন । ২ । পরম সুন্দর । ৩ । বি, নাটমন্দির ; জগমোহন দ্রঃ । স্ত্রী, **জগন্মোহিনী**—পরমাসুন্দরী ; ভুবনমোহিনী ।

জগপতি (পো) [জগ=জগৎ—পতি, ৬তৎ বি, বিশ্বপতি ; পরমেশ্বর । প্র—"গাওত জগপতি জগবন্দন"—ব্রহ্মসঙ্গীত ।

জগবন্দন [জগ=জগৎ-বন্দন (পূজ্য ৬তৎ] বিণ, জগৎবন্দিত ; জগজ্জনের পূজিত জগপতি দ্রঃ ।

জগবন্ধু (বো) [জগ (জগৎ)—বন্ধু, ৬ তৎ বি, জগতের বন্ধু ।

জগভরি (ভো) [জগ=জগৎ—ভরি=ভরিয়া, পূর্ণিত (ভর দ্রঃ)] বি, ভরা ; পূর্ণ । প্র—"এ হরি এ হরি জগভরি লাজ । তোহে না বুঝিয়ে ঐছন কাজ ।"—জ্ঞানদাস ।

জগমগ [ডগমগ (দ্রঃ)—বংশাদি লম্বমান বস্তুর অগ্রভাগের আন্দোলন বা কম্পন-বোধক কিন্তু, জগমগ—উজ্জ্বল বা তেজঃপুঞ্জ পদার্থের আন্দোলন বা কম্পন । হি—জগ্‌মগানা] বিণ, দীপ্তি বা উজ্জ্বলতার কম্পন যুক্ত । প্র—"জগমগ লোচন কমল ঢলায়ত"—গোবিন্দদাস ।

জগমোহন (ন্) [জগ (জগৎ) মোহন, ৬তৎ] বিণ, যে জগৎকে মোহিত করে ; বিশ্ববিমোহন । ২ । [প্রাদে] বি, জগন্নাথের মন্দিরের যে স্থান হইতে যাত্রীরা ঠাকুর দর্শন করে ; নাটমন্দির । প্র—"নৃত্য গীত করি জগমোহনে বসিলা"—চৈতন্যচরিত । স্ত্রী, **জগমোহিনী** ।

জগাখিচুড়ী [খিচুড়ী দ্রঃ] বি, বিসদৃশ বস্তু-দ্বয় বা বস্তুসমূহের মিশ্রণ ; নানা বিষয়ের গোলমাল ।

জগাতি [প্রাদে] বি, শুল্ক আদায়কারী কর্ম্মচারী । প্র—"নদীকূলে বৈসে রাজা ইহার '—মহা, কাশী ।

জঘন (ন্) [সং] বি, ক্লী, স্ত্রীলোকের কটি । ২ । উদরের নিম্নভাগ ; নিতম্বের বিপরীত দিকের নিম্নদেশ । **জঘনকূপ, কূপক**—সুন্দরীদিগের কটিদেশস্থ আবর্ত্তদ্বয় ।

(জঘোন্‌নো) [জঘন (দ্রঃ)+য] বিণ, নীচ ; অধম । ২ । ঘৃণিত ; হেয় । ৩ । অনুচিত ; গর্হিত । ৪ । নিন্দনীয় । বি, জঘন্যতা । **জঘন্য কাণ্ড, ব্যাপার**—অতি হেয় আচরণ ; গর্হিত অনুষ্ঠান । **জঘন্যবৃত্তি**—নীচবৃত্তি ।

জঙলা, জঙ্গলা, জংলা [জঙ্গল দ্রঃ] বিণ, জঙ্গল সম্বন্ধীয় । ২ । জঙ্গল-জাত । ৩ । বন্য ; বুনো । প্র—"সাথী হারা সেই পাখীটী আমার ভুলে গেছে সব জঙ্‌লা বুলি" ।—বিষাদ ও অশ্রু । ৪ । বর্ব্বর ; অসভ্য ; uncivilized. ৫ । রাগিণীবিশেষ । স্ত্রী, জঙ্গলী—জঙ্‌লী, জংলী ।

জঙ্গ (জং) [ফা—জংগ্ (যুদ্ধ)] বি, যুদ্ধ ; লড়াই । প্র—"দেখিয়া সতীর নাশ রুষিল শিবের দাস মহাকাল মাতাইল জঙ্গ ।"—শিবায়ন । ২ । কলহ ; দ্বন্দ্ব । ৩ । জাহাজ । প্র—"জঙ্গ ডিঙ্গা লয়ে তারা বাণিজ্যেতে আইসে"—কবিক । বিণ, জঙ্গী ।

জঙ্গ (জং) [ফা—জংগ্] বি, মরিচা ; মড়চে ।

জঙ্গম (জংগম্) [যঙ্ লুগন্ত, গম্ (গমন করা) +অ(কর্ত্তৃ—অচ্) দ্বিত্ব, গ=জ, ং—আগম= জংগম—ং=ঙ্] বিণ, যে অনবরত গমন করে ; যে একস্থানে স্থায়ী নহে ; গতিশীল ; অস্থাবর । **স্থাবর জঙ্গম**—জড় অজড় সমস্ত ; চেতন, অচেতন সমুদয় পদার্থ । প্র—"স্থাবর জঙ্গমময় তোমা ভিন্ন কিছু নয়, ভাবিয়া বুঝিনু তুমি এক ।"—কবিক ।

জঙ্গমভূত (ম্, ত্) [রাসাঃ পরিঃ] বি, জৈব পদার্থ ; animal substance.

জঙ্গল (জংগোল্) [হি—জঙ্গল্ । জঙ্গম স্থানে জঙ্গ—ল, লা (ড প্রত্যয়ান্ত) যে জঙ্গমগণকে আনে বা গ্রহণ করে] বি, ক্লী, ক্ষুদ্র বন ; ক্ষুপের অরণ্য । ২ । বন ; অরণ্য । ৩ । মরুভূমি । ৪ । বিণ, নির্জ্জন । বিণ, জঙ্গলা ; জঙ্গলিয়া ।

জঙ্গলবাড়ী, জঙ্গলবুড়ী [হি—জঙ্গল্—ব্‌রি=বন পরিষ্কার করণ] বি, জঙ্গল পরিষ্কার করণ । **জঙ্গলবাড়ী বা জঙ্গলবুড়ী তালুক**—যে জঙ্গল পূর্ণ তালুক প্রথমে অল্প খাজনায় বিলি করিয়া প্রজার দ্বারায় বন কাটাইয়া পরিষ্কার করা হয় ।

জঙ্গলা—জঙলা দ্রঃ ।

জঙ্গলাট, জঙ্গলাৎ (জংলাট্) [হি—জঙ্গ্‌লাৎ] বি, জঙ্গলবিভাগ । ২ । পতিত অর্থাৎ কৃষিকার্য্যের অনুপযুক্ত বনময় ভূমি ।

জঙ্গলিয়া [জঙ্গল+ইয়া । জঙ্গুলিয়া দ্রঃ] বিণ, জঙ্গলময় ; বন্য । ২ । বর্ব্বর ; অসভ্য ; জঙ্গলী দ্রঃ ।

জঙ্গলী [জঙ্গল+ঈ] জঙ্গলসম্বন্ধীয় ; বন্য ; বনজাত । ২ । অসভ্য ; বুনো ।

জঙ্গাল, জাঙ্গাল (ল্) [জঙ্গ্ (গমনাগমনে) + আল (বাধা—বাঁধ)] বি, পুং, বাঁধ ; সেতু । জাঙাল দ্রঃ ।

জঙ্গি, জাঙ্গি (জোংগি) [ফা—জঙ্গী] বিণ, যুদ্ধ সম্বন্ধীয় । ২ । সমর বিভাগীয় । প্র—জঙ্গি লাট । ৩ । যুদ্ধকারী ; কুস্তিগীর্ । ৪ । মহাবল ; প্রকাণ্ড । প্র—জঙ্গী পালোয়ান ।

জঙ্গিলাট (জোংগিলাট্) [জঙ্গ্ (যুদ্ধ)+ ই (বিভাগীয় অর্থে)—লাট (ইং— lord হইতে, প্রধান শাসনকর্ত্তা)] বি, ব্রিটিশ ভারতের সৈনিকবিভাগীয় সর্ব্বপ্রধান রাজ-পুরুষ ; the Commander-in-chief in India.

জঙ্গুল (জোংগুল্) বি, ক্লী, বিষ ।

জঙ্গুলিয়া, জঙ্গুলে (জো) [জঙ্গল দ্রঃ] বিণ, বন্য।

জঙ্ঘ (জংঘ) [জঙ্ঘা দ্রঃ] বি, জঙ্ঘা ; জাং প্র—"জঙ্ঘে জঙ্ঘ দিয়া পায়েতে ছান্দিয়া বাঁশের উপরে চড়ে।"

(জংঘা) [জন্ (জন্মান)+অ (কর্তৃ, নিপাতনে—জন্)=জঙ্ঘ—আপ্, স্ত্রী] বি, গুল্ফ এবং জানুর মধ্যভাগ ; গুল্ফ অবধি জানু পর্য্যন্ত অবয়ব।

জঙ্ঘাশূল (জংঘাশুল্) বি, স্ত্রী, জঙ্ঘার বেদনাকারক রোগ।

জঙ্ঘী (জোংঘি) [জঙ্ঘা+ইন্ (অস্ত্যর্থে) =জঙ্ঘিন্ ১মা, ১ব] বিণ, যাহার জ বেগবতী ; যে দ্রুত গমন করে ; দ্রুতগামী।

জজ (জজ্) [ইং—judge. শব্দজ] বি, বিচারপতি। **জজম্যাজেস্টার** [judge and magistrate] বড় বড় হাকিম। **জজ-পণ্ডিত**—হিন্দুব্যবহার-শাস্ত্রে পারদর্শী সংস্কৃতজ্ঞ পণ্ডিত যিনি ইংরেজদিগের প্রথম অধিকারকালে বঙ্গদেশস্থ বিচারালয়ে বিচার-পতির সাহায্য করিতেন।

জজমেণ্ট (জজ্মেন্ট্) [—judgment] বি, জজের বিচার ফল ; রায় ; নিষ্পত্তি।

জজান (নো) [সং—যজ্ (পূজায়, সঙ্গমে) ধাতু হইতে। উ-পু—জজাই। ম-পু—জজাও। প্র-পু—জজায়। অস-ক্রি—জজাইতে ; জজাইয়া ; জজিয়ে] ক্রি, একাকার করা ; চতুর্দিকের জিনিষপত্র স্পর্শ দ্বারা অশুচি করা। প্র—সাতঘর জজিয়ে বেড়ান।

জজিয়তি (জোজিওতি) বি, জজের কার্য্য ; জজের ধর্ম্ম বা কর্ত্তব্য ; জজগিরি। প্র—"জজের গৃহিণী কন জ্যালা জজিয়তি নামে শুধু অনারেবল পদ বিলায়তি।"—হেম।

জজ্ঞ (জোগ্‌গোঁ) [প্রা-বাং য—স্থলে জ] বি, যজ্ঞ ; যাগ। প্র—"হোম গাইল পণ্ডিত রামাই ভাবি নিরঞ্জন। জজ্ঞ অধিবাস মন্ত্র আবাহন।"—শূন্যপুরাণ।

(জোন্‌জাল্) [সং—ঝঞ্ঝার ভাব ইহার মূলে। হি—জঞ্জাল] বি, পুং, আবর্জনা ; ওঁচলা। ২। উৎপাত ; ঝঞ্ঝাট ; গণ্ডগোল। প্র—"নিত্য আসি জঞ্জাল করহ মোর সনে।" —কাশী-মহা। "বাপ বটে বড়লোক বল গিয়া তাঁরে। জঞ্জাল ঘুচুক যাও জনকের ঘরে।"—শিবায়ন। বিণ, **জঞ্জালিয়া ; জঞ্জালে**।

জঞ্জির, জঞ্জীর (জোন্‌জির্) [ফা—জন্‌জীর] বি, শিকল।

জট (ট্) [প্রা—জোট্। জট্ (একত্র জড় হওয়া)+অ (কর্তৃ—অচ্)] বি, পুং, সংহত-কেশ ; জটা। প্র—মাথায় জট পড়ে গেছে। ২। কেশ ; চুল। প্র—"জটে দড়ি দিয়া বীরে বান্ধিলেক চালে, হাতে হাতকড়ি দিল গলায় জিঞ্জিরে।"—কবিক। ৩। জটি গাঁইট। প্র—"খুড়িমার মন প্রতিকূল মন একেবারে জালে জঞ্জালে জট পাকাইয়া গেল।"—ভারতী, ১৩২০।

জটলা, জটল্লা (টো) [সং—জটিল হইতে] বি, অনেকে জোট বাঁধিয়া যে পরামর্শ করে ; প্র—"ওদের বৈঠকখানায় সকলে মিলিয়া রোজ জটলা করে।" "তাঁহাকে দেখিলে তাহারা পথ ছাড়িয়া দেয় ও জটলা বাঁধিয়া কাণাকাণি করিতে থাকে"—করঙ্ক। ২। জনতা ; ভি

জটা [জট্+অ (কর্তৃ—অল্) আপ—স্ত্রী] বি, স্ত্রী, পাকাইয়া জটিল হইয়াছে যে চুল ; শটা। প্র—"মথায় পাকালে জটা আটা মেখে চুলে।"—কৃত্তিবাস। ২। কেশর ; সিংহাদি পশুর ঘাড়ের লোম। ৩। বৃক্ষের ঝুরি। ৪। বেদপাঠবিশেষ। ৫। রুদ্রজটা। ৬। শতাবরী। ৭। কপিকচ্ছু।

জটাচীর (জটাচির্) [জটা হইয়াছে চীর (বসন) যাহার, বহু। অর্থাৎ জটাই যাহার বসনস্থানীয়] বি, পুং, দিগম্বর ; শিব। ২। [জটা এবং চীর আছে যাহার, বহু] বি, জটা ও চীরধারী সন্ন্যাসী।

জটাজূট (জটাজুট্) [জটার জূট (সমূহ) ৬তৎ] বি, পুং, জটাসমূহ। প্র—"ফাটে বুক জটাজূট হেরি তব শিরে মুগ্ধকেশী।"—মাইকেল।

জটাজ্বাল (জাল্) [জটা (বৎ) জ্বালা (অগ্নিশিখা) যাহার, বহু] বি, পুং, প্রদীপ। ২। [জটাতে জ্বালা যাহার, বহু] বি, পুং, শিব।

জটাটঙ্ক [জটা—টন্‌ক্ (বন্ধ করা)+অ (কর্তৃ—অচ্)] বি, পুং, শিব।

জটাধর (জটাধর্) [জটা—ধর—ধৃ (ধারণ করা)+অ (কর্তৃ—অচ্) উপপদ। যে জটা ধারণ করে] বি, পুং, শিব। ২। বুদ্ধবিশেষ। ৩। দেশবিশেষ। ৪। কোষকারবিশেষ। ৫। বিণ, জটাধারী—যাহার মস্তকে জটা আছে।

জটাধারী [জটা—ধারিন্] বিণ, মস্তকে জটা-ধারণকারী। ২। শিব। ৩। সন্ন্যাসী। স্ত্রী, **জটাধারিণী**—সন্ন্যাসিনী।

জটামাংসী (—শি) [কন্দে জটাবৎ শিকড় থাকায় এই নাম] বি, স্ত্রী, সুগন্ধিদ্রব্যবিশেষ ; spikenard.

জটায়ু [জটা (কেশরাশি) তাহা হইতে অপরিমিত, আয়ু (জীবন কাল) যাহার, বহু] বি, পুং, গরুড়বংশীয় প্রসিদ্ধ পক্ষী ; অরুণের পুত্র ও সম্পাতির সহোদর।

জটাল (ল্) [জটা+ল (অস্ত্যর্থে)] বিণ, জটাধারী। ২। বি, ব্রহ্মচারী। ৩। বটবৃক্ষ। ৪। সিংহ। ৫। কর্পূর। ৬। গুগ্‌গুল।

জটালঙ্কা (জটালংকা) ক্ষুপবিশেষ। জটা লঙ্কার গাছ। পল্লীগ্রামে প্রায়ই দেখা যায়।

জটাসুর (—শুর্) বি, পুং, ভীম হস্তে নিহত অসুরবিশেষ।

জটি, জটী (জোটি) [সং—জট্+ই] বি, স্ত্রী, জটা। ২। সমূহ। ৩। প্লক্ষবৃক্ষ।

জটিয়া, জটে (জো) [জট+ইয়া (বিশিষ্টার্থে)] বিণ, যাহার জট আছে। **জটেবুড়ী**—ছেলেদের ভয় দেখাইবার জন্য কল্পিত ভয়ের মূর্ত্তি ; ছেলেধরা।

জটিল (জোটিল্) [জটা+ইল (অস্ত্যর্থে)] বিণ, জটাবিশিষ্ট ; জটাধারী। প্র—"জটিল তপস্বী বেটা ভারি কি এমন।"—কৃত্তিবাস। "জানিলা যোগিনী জটিলের মনোরথ। জলস্থলে জলৌকা পাঠাল দুইমত।"—শিবায়ন। ২। জড়ানিয়া ; পেচোয়া ; পাকান। ৩। দুর্ব্বোধ্য। ৪। বি, সন্ন্যাসী। ৫। [জটা হেতু] সিংহ। ৬। [জটের মত ঝুরি নামে বলিয়া] বটগাছ। ৭। [প্রা-বাং] **জটিল্যা**—(জোটিল্যা) জটাজূটধারী। প্র—"মহাদেব বসিল্যা জতেক জটিল্যা আইলা জতেক তপসি" —শূন্যপুরাণ।

জটিলা (জো) বি, স্ত্রী, আয়ানের মাতা ও রাধিকার শাশুড়ী ; রাধিকার ননদ কুটিলার জননী।

জটী (জোটি) [জটা+ইন্ (অস্ত্যর্থে)= জটিন্ ১মা, ১ব] বিণ, পুং, জটাধারী ; জটা-ধর-সন্ন্যাসী। ২। বি, সিংহ। ৩। বট বৃক্ষ।

জটুল, জড়ুল, জড়ূর (জোটুল, র্) [জট (জটবৎ রোম)+উল (কর্তৃ) জটবৎ রোমশ চিহ্ন, ট=ড়] বি, পুং, জন্ম হইতে শরীরস্থ শ্বেত, লোহিত, কৃষ্ণ রোমশ (প্রায়ই) চিহ্ন।

জঠর (জঠোর্) [জন্ (ভক্ষণ করা)+অর (করণে—অরণ্) যাহা দ্বারা ভক্ষণ করা যায়। ন=ঠ অথবা জন্—জন্মান—অধি(অর) যাহাতে প্রাণী জন্ম গ্রহণ করে] বি, পুং, স্ত্রী, উদর। ২। জরায়ু ; গর্ভ। প্র—"দশমাস দশ দিন ধরিয়া জঠরে। জননী কাটান কাল কতই কঠোরে।" ৩। [কর্তৃ—অর] বিণ, কর্কশ ; কঠিন। ৪। বৃদ্ধ। **জঠরজ্বালা**—ক্ষুধার উদ্রেক। **জঠর-যন্ত্রণা**—গর্ভধারণ ক্লেশ ও প্রসববেদনা।

জঠরতা, জঠরত্ব (রো) [জঠর (কর্কশ, কঠিন)+তা, ত্ব (ভাবে)] বি, কাঠিন্য। ২। কাকশ্য।

জঠরস্থ [জঠর—স্থ, স্থা (থাকা)+অ (কর্তৃ—ড) যে জঠরে আছে] বিণ, গর্ভস্থ। ২। যাহা জঠরে গিয়াছে : উদরস্থ।

জঠরাগ্নি (জঠোরাগ্‌নি) [জঠরের অগ্নি (অনল)—৬৩৭] বি, পুং, জঠরস্থিত অগ্নি : উদরস্থ একপ্রকার রস (gastric juice)

জঠরানল (ল্) [জঠর+অনল] বি, জঠরাগ্নি দ্রঃ। **জঠরানল-নিবৃত্তি**—ক্ষুধার শান্তি।

জড় (ড়্) [জট্ (সংহতি অর্থে) ধাতু হইতে অথবা জল্ (আচ্ছাদনে)+অ (কর্ম্মে—অল্) ল=ড। যাহাকে আচ্ছাদন করিয়া রাখিয়াছে] বিণ, জমাট। ২। মূর্খ। ৩। অচেতন। ৪। নিস্পন্দ। ৫। চেষ্টারহিত; নিষ্ক্রিয়। ৬। অজ্ঞান : জ্ঞানবুদ্ধিহীন। প্র—"জড়মাত্র ছিলে, জ্ঞান যে দিল তোমার সকল ইন্দ্রিয় দিল তোমার সহায়, কিন্তু তুমি ভুল তারে এ তো ভাল নয়।"—রাজা রামমোহন রায়। ৭। অন্ধ। ৮। মূক : বোবা। ৯। স্ফূর্ত্তিহীন। ১০। আচ্ছন্ন : মোহিত। ১১। সঙ্কুচিত; আড়ষ্ট। প্র—সে লজ্জায় জড়সড় হ'য়ে রহিল। হাত পা জড় করে শোয়া। ১২। একত্র; স্তূপীকৃত। প্র—কাটগুলা এক ধারে জড় করে রাখ। ১৩। বি, মূল : মূলীভূত কারণ। প্র—যত কিছু অহিত হচ্চে সেই সে সমুদয়ের জড়। ১৪। সীমা। প্র—"পাথরের জড, পাথরের গড়, কঙ্গুরা পুরট শোভা।"—কবিক। **জড় করা**—একত্র করা : সংগ্রহ করা; স্তূপ করা। **জড়-পুঁটুলি**—পুঁটুলির মত জড় : জড়সড়। **জড় হওয়া**—জমাট বাঁধা। ২। একস্থানে মিলিত হইয়া দল বাঁধা।

জড়চেতনা [জাতিঃ পরিঃ] বি, ভুত প্রেত : পিশাচ; তুক তাক বা মন্ত্র তন্ত্র : fetish. **জড়চেতনাবাদ, জড়-চৈতন্যবাদ**—মন্ত্রতন্ত্রে বিশ্বাস; ভুত-প্রেতপূজা; চৈত্যপূজা; fetishism.

জড়জগৎ—বি, প্রকৃতি : চৈতন্যহীন স্থাবর জগৎ; ভৌতিক জগৎ।

জড়তা (জড়োতা) [জড়+তা (ভাবে)] বি, স্ত্রী, জাড্য। ২। শৈথিল্য। ৩। শৈত্য। ৪। মূর্খতা। ৫। অস্পষ্টতা। ৬। স্ফূর্ত্তি-হীনতা; অস্বাচ্ছন্দ্য। ৭। অকর্ম্মণ্যতা; অপটুতা : অক্ষমতা। ৮। [পদার্থ বিদ্যায়] যে ধর্ম্মহেতু পদার্থ আপনা হইতে চলিতে বা থামিতে পারে না।

জড়ত্ব (জড়োৎতো [জড়+ত্ব (ভাবে)] বি, ক্লী, জড়তা দ্রঃ।

জড়পদার্থ (জড়োপদার্‌থো) [জড় (অচেতন) পদার্থ—কর্ম্মধা] বি, পুং, যে সকল পদার্থের চেতনা নাই : ক্ষিতি অপ্ তেজাদিপঞ্চভূত। ২। [পদার্থ বিদ্যায়] "যাহার ব্যাপ্তি, জড়তা, শক্তিমত্তা, ভার এবং অনশ্বরতা রূপ পঞ্চ প্রধান ধর্ম্ম বিদ্যমান আছে।"—ত্রিবেদী।

জড়পিণ্ড (জড়োপিনডো) [জড়াকৃতি পিণ্ড—কর্ম্মধা] বি, ক্লী, স্থূল জড় পদার্থ।

জড়প্রকৃতি (জড়প্রো) বি, জড়জগৎ : ভৌতিক জগৎ।

জড়বাদ (দ্) বি, প্রাকৃত দর্শন : যে মতবাদে আত্মার স্বতন্ত্র অস্তিত্ব স্বীকৃত হয় না : দেহাত্ম-বাদ : materialism. বিণ, **জড়বাদী**।

জড়ভরত (জড়্‌ভরোত্) [জড় (জড়বৎ) ভরত] বি,পুং, লোকজনের সঙ্গ বর্জ্জিত ও জড় ভাবাপন্ন ভরত-নামক ব্রাহ্মণবিশেষ। ২। [ভরতের প্রকৃতি হইতে] জড়বৎ : নির্ব্বাক্; নিস্পন্দ।

জড়সড় (জড়োজড়ো) [জড়—সড় (অসাড় হইতে) অথবা জড়—(হি) সিকোড় (সঙ্কুচিত)] বিণ, সঙ্কুচিত। প্র—"ভয়ে জড়সড় পৃথিবী আবার।"—প্রেম ও ফুল। ২। আড়ষ্ট : হাত পা গুটাইয়া কুণ্ডলীবৎ। প্র—মুক্তি এমন জড়সড় হইয়া ছোট্টটি হইয়া বসিয়াছিল যে রাজপথের চারিদিকের চঞ্চলতা ও বিরাটতার মধ্যে তাহাকে খুঁজিয়া পাওয়া দায়।—ভারতী, ১৩২০।

জড়াও [হি=জড়াউ] বিণ, জড়িত : সংলগ্ন : খচিত। ২। বি, অলঙ্কারে মণি রত্নাদি বসাইবার কাজ; জড়োয়া।

জড়াজড়ি (—জোড়ি) [জড়ান দ্রঃ] বি, পরস্পর পরস্পরকে বেষ্টন বা আলিঙ্গন। প্র—"পথে জড়াজড়ি দেখিনু নাগরী সখির সহিত যায়।"—চণ্ডীদাস।

জড়ান (জড়ানো) [জট্ (সংহতি অর্থে) ধাতু হইতে। উ-পু—জড়াই। ম-পু—জড়াও; জড়ান্, জড়া। প্র-পু—জড়ায়; জড়ান্। অস-ক্রি, জড়াইতে; জড়াইয়া; জড়িয়ে; জড়াইবার] ক্রি—বেষ্টন করা; আবৃত করা। ২। আলি-ঙ্গন করা। প্র—"গোপী পাইল গোবিন্দ গৌরীর পাদপূজে। জড়ায়ে ধরেছি তোমা তাই মনে বুঝে।"—শিবায়ন। ৩। পাকান; ঘুরান। প্র—"অক্ষরগুলা কোথাদিয়া যে কেমন করিয়া জড়াইয়া পরস্পরে পুঁটুলি পাকাইয়া গিয়াছে।"—ভারতী, ১৩২১। ৪। [হি—জড়ানা] খচিত করা; জড়িত করা। ৫। লিপ্ত করা। প্র—কোন মামলায় জড়ান।

জড়ামড়ি (মোড়ি) [জড়া (জড়াজড়ির সংক্ষেপ)—মড়ি (মর্দ্দন হইতে মাড়ামাড়ির ভাব)] বি, জড়াজড়ি ও মাড়ামাড়ি।

জড়িত (জোড়িত) [জড়+ইত (যুক্ত)] বিণ, সংলগ্ন; যুক্ত। ২। বেষ্টিত। ৩। আচ্ছাদিত। ৪। খচিত।

জড়িপটী (জোড়িপোটি) [জড়ি—পটী (পট্টী বা পদী) পটির মত বা পদে] বি, ঘুর-পাক; জড়সড়ভাব। **জড়িপটী খাওয়া**—বিজড়িত পদ হওয়া; চলিতে পা জড়াইয়া যাওয়া।

জড়িবুটি [হি—জড় (মূল, শিকড়) বুটি (বটিকা, গুলি) সহচর শব্দ] বি, শিকড়-মাকড়; টোট্‌কা ঔষধ।

জড়িম (জো) [জড়িমা দ্রঃ। জড়+ইমন (ভাবে)] বি, জড়তাযুক্ত কথা : অস্পষ্ট-বাক্য। প্র—"মাথা হেলাইয়া অঙ্গ দোলাইয়া জড়িমযুক্ত বচনে। কহে কুবেরের বেটা"—অ,ম।

জড়িমা (জো) [জড়+ইমন্ (ভাবে)=জড়িমন্ ১মা, ১ব, ন—লোপ, আ] বি, পুং, জড়তা : জড়ভাব : জড়ত্ব।

জড়ীকৃত (জো) [জড়—ঈ (অভূত—তদ্ভাবার্থে চ্বি)] বিণ, যাহাকে নিস্পন্দ করা হইয়াছে। ২। হতবুদ্ধি। ৩। জমাট।

জড়ীভূত (জড়িভুতো) [জড়—ভূত—ঈ অভূততদ্ভাবার্থে—চ্বি)] বিণ, জড়ভাবাপন্ন; নিস্পন্দীভূত। ২। নিশ্চেষ্ট : নিরুৎসাহ। ৩। হতবুদ্ধি। ৪। অভিভূত। ৫। বেষ্টিত; সমাচ্ছন্ন; মগ্ন : জড়িত। প্র—ঋণজালে জড়ীভূত।

জড়ুর (জড়ুর্) জটুল দ্রঃ।

জড়ুল (জোড়ুল্) জটুল দ্রঃ।

জড়োপাসক (শক্) বিণ, জড়ের উপাসনা-কারী; প্রকৃতি-পূজক।

জড়োপাসনা (শ) বি, জড়ের উপাসনা; প্রকৃতি-পূজা।

জড়োয়া [হি—জড়াব্—জড়াউ—জড়বা] বি, মণিরত্নাদিখচিত স্বর্ণালঙ্কার। ২। বিণ, মণিরত্নাদি জড়িত বা খচিত। **জড়োয়া গহনা**—বহুমূল্য প্রস্তর, মুক্তা প্রভৃতি জড়িত অলঙ্কার।

জতু (জোতু) [জন্ (উৎপন্ন হওয়া)+উ (কর্তৃ) ন্=ত] বি, ক্লী, লাক্ষা। ২। লাক্ষাকীটজাত গাঢ় লালবর্ণ পদার্থ; লাক্ষা দ্রঃ; লা; গালা।

জতুক (জোতুক্) [জতু+ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, হিঙ্গু; হিং। ২। জতু; লাক্ষা। ৩। জটুল।

জতুগৃহ (জতুগ্‌গৃহ) [জতুর গৃহ, ৬তৎ] বি, পুং, জতুনির্ম্মিত গৃহ। দুর্য্যোধন হিংসাপরবশ হইয়া পাণ্ডববধার্থ বারণাবত নগরে জতুময় যে গৃহ নির্ম্মাণ করাইয়াছিলেন।

জতুমণি (জোতুমোনি) [আয়ুর্বেদীয় পরিঃ] বি. জড়ুল ; জতুক। ২। গাত্ররোগবিশেষ। nœvus.

জতুরস (জোতুরশ্) [জতুর রস, ৬তৎ] বি. পুং. যাবক ; আলতা।

জত্রু (জোৎত্রু) [জন্ (উৎপন্ন হওয়া) + রু (কর্ত্তৃ. সংজ্ঞার্থে) ন্=ত্] বি. ক্লী. উভয় পার্শ্বস্থ কণ্ঠাস্থি।

জন (জোন্) [জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—অচ্)] বি. পুং. লোক ; ব্যক্তি। প্র—"পরিশ্রান্ত জনে প্রভু লয়ে যাও সংসার-সাগর পারে"—রবি। ২। শ্রমিক ; মজুর ; যে দৈনিক বেতনে অন্যের কর্ম্ম করে। প্র—"উত্তর দেশের জন, আইসে যেন দানাগণ, শতেক জনের আগুয়ান। * * * * * দক্ষিণ দেশের জন, আইল নাম বিকর্ত্তন, পঞ্চশতজনের অধিকারী। পশ্চিমের বেরুনিয়া, আইল দাফর মিয়া, সঙ্গে তার জন দুহাজার।" —কবিক। ৩। মানব ; মানুষ। প্র—"তোমার চরণ করেছে বরণ নিখিল জন।"—রবি। ৪। অসুর। ৫। মস্তলোক ; মুরুব্বি (বিদ্রূপে)। প্র—তুই যে এক জন হয়ে বসেছিস। ৫। পুরুষ ; কৃতী বা সামর্থ্যবান জীব। প্র—"তোমা বিনা সৃষ্টি রাখে নাহি হেন জন।"—মহা-কাশী। ৬। (জন) [পুরাণে] জনলোক ; সপ্তলোকের অন্যতম ভুবন ; মহর্লোকের উপরি স্থিত লোক, এখানে ব্রহ্মার মানসপুত্রগণ ও উর্দ্ধরেতা ঋষিগণ বাস করেন। ৭। প্রাণী ; যোনি ; অধিবাসী। প্র—"দেখিতে চলিল যত ত্রৈলোক্যের জন"—মহা-কাশী। ৮। জনসাধারণ ; নরনারী ; স্ত্রীপুরুষ। প্র—"কুম্ভকর্ণ মৃত্যুবার্ত্তা করিয়া শ্রবণ। ক্রন্দন করয়ে যত লঙ্কাবাসী জন॥"—কৃত্তিবাস। ৯। সমূহ। প্র—"গোপবধূজন" ; "গোপীজন-বল্লভ"—বৈ. পদ. সা। **জন খাটান**—মজুর দ্বারা কাজ করান। **জন লাগান**—মজুরকে কাজে নিযুক্ত করা।

জনক (ক্) [জন্ + ণিচ্ = জনি (জন্ম দেওয়া) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি. পুং. যিনি জন্ম দান করেন ; জন্মদাতা ; পিতা। ২। বিণ. যে উৎপাদন করে ; উৎপত্তির হেতু ; উৎপাদক।

জনক (ক্) বি. পুং. মিথিলার স্বনামপ্রসিদ্ধ রাজা। মিথিল ও বিদেহ ইঁহার নামান্তর। **জনকবংশ**— জনক রাজার বংশ।

জনক-জননী (ক্) বি. পিতামাতা ; বাপ-মা ; জন্মদাতা ও জন্মদাত্রী। **জনক-জননী-জননী**—ধরিত্রী ; পিতৃমাতৃগণের জন্মদাত্রী ; জন্মভূমি। প্র—"অয়ি নির্ম্মল সূর্য্যকরোজ্জ্বল ধরণী, জনক-জননী-জননী!"—চয়নিকা।

জনক-ঝিআরি [প্রা-বাং] সীতা। প্র—জার জেবা আছে মান দেবতা বৈসে স্থানে স্থান পরিসএ জনক-ঝিআরি।"—শূন্যপুরাণ।

জনকতনয়া (ক্) [জনকের তনয়া (কন্যা) ৬তৎ] বি. স্ত্রী. জনকাত্মজা ; জনকদুহিতা ; জনকসুতা ; জানকী ; বৈদেহী ; সীতা ; মৈথিলী।

জনকতা [জনক + তা (ভাবে)] বি. স্ত্রী. হেতুত্ব ; নিদান। ২। উৎপাদকতা ; উৎপাদিকা শক্তি।

জনকনন্দিনী (ক্, নো) বি. স্ত্রী. জনক-রাজার কন্যা ; সীতাদেবী।

জনচক্ষুঃ (চোক্খু) [জনের চক্ষুঃ (চক্ষুর ন্যায় প্রকাশক) ৬তৎ] বি. পুং. লোকচক্ষুঃ ; সূর্য্য।

জনতা (জনোতা) [জন (বহুজন) + তা (সমূহার্থে)] বি. স্ত্রী. বহুজনের একত্র সমাবেশ ; ভিড়। ২। মনুষ্যত্ব। [বিরল]।

জনদেব (জনোদেব্) [জনের দেব—৬তৎ] বি. পুং. রাজা। ২। মিথিলার রাজা ; জনক।

জনন (জনোন্) [জন্ + ণিচ্ = জনি (জন্ম-দেওয়া) + অন (ভাবে—অনট্)] বি. জন্ম ; উৎপত্তি। ২। জাতকর্ম্মঃ। সংস্কারবিশেষ। ৩। [অধি—অনট্] বংশ ; গোত্র। ৪। [অপা - অনট্] জন্ম হয় যাহা হইতে ; পরমেশ্বর। ৫। [কর্ত্তৃ—অনট্] জনক। [বিরল]।

জননবিপর্য্যায় (জননবিপোর্জ্যায়) [জীব-বিঃ পরিঃ] বি. পুরুষ-পরম্পরা ; পুরুষপর্য্যায় ; alternation of generation.

জননাশৌচ (জননাশোচ্) [জননের অশৌচ —৬তৎ] বি. ক্লী. সন্তানাদির জন্মজনিত অশৌচ।

জননি (জনোনি) [জন্ (জন্মান) + অনি (ভাবে)] বি. স্ত্রী. জন্ম ; উৎপত্তি। ২। [অধি—অনি] জন্ম হয় যাহাতে ; বংশ ; গোত্র।

জননী (জনোনি) [জন্ + ণিচ্ = জনি (জন্ম-দেওয়া) + অন (অধি—অনট্) যাহাতে পিতা কর্ত্তৃক জন্ম দেওয়া হয় = জনন—ঈপ্, স্ত্রী] বি. স্ত্রী. গর্ভধারিণী ; মাতা ; প্রসূতি। ২। উৎপাদিকা। ৩। জন্মস্থান ; জন্মভূমি। প্র—"বঙ্গ আমার জননী আমার"—গান। ৪। যূথিকা। ৫। মঞ্জিষ্ঠা। ৬। গন্ধদ্রব্যবিশেষ।

জননীয় [জন্ + অনীয়] বিণ. জননযোগ্য ; উৎপাদনের উপযুক্ত।

জনপদ, জনপাদ (দ্) [জনের পদ, পাদ (স্থান)—৬তৎ] বি. পুং. লোকজনের বসতি স্থান ; লোকালয়। ২। লোক।

জনপ্রবাদ (জনঃপ্রোবাদ্) [জনের প্রবাদ—৬তৎ বা জন কর্ত্তৃক প্রবাদ—৩তৎ] বি. পুং. লোকপরম্পরায় যাহা উক্ত হয় ; জনরব ; জনশ্রুতি। ২। লোকাপবাদ।

জনপ্রিয় (জনঃপ্রিও) [জনের প্রিয়—৬তৎ] বিণ. লোকবৎসল ; লোকপ্রিয় ; জনসাধারণের অনুরাগভাজন।

জনবহুল (বোহুল্) বিণ. বহু জনসমাকুল ; জনাকীর্ণ।

জনবাদ (দ্) [জন (লোক)—বাদ] বি. জনপ্রবাদ দ্রঃ।

জনভূয়িষ্ঠ (জনভূইষ্টো) [জন—ভূয়িষ্ঠ (বহুল) যেখানে—বহু] বিণ. জনবহুল ; লোকবহুল।

জনম [সং—জন্ম শব্দের পদ্যে কোমলরূপ] বি. জন্ম। প্র—"জনম অবধি হাম রূপ নেহারনু নয়ন না তিরপিত ভেল"—চণ্ডীদাস।

জনমানব (ব্) [জন (একজনও এই অর্থে) মানব (লোক, স্ত্রী বা পুরুষ)] বি. একজন মনুষ্যও ; কোনও লোক।

জনমানবহীন (ব্, হিন্) [জনমানবশূন্য বা হীন, ৩ তৎ] বিণ. জনশূন্য ; নির্জ্জন।

জনমেজয়—জন্মেজয় দ্রঃ।

জনয়িতা (জনোইতা) [জন্ + ণিচ্ = জনি (জন্মান) + তৃ (কর্ত্তৃ—তৃচ) = জনয়িতৃ ১মা, ১ব] বি. পুং. যিনি জন্মদান করেন ; পিতা ; জনক। স্ত্রী. **জনয়িত্রী**—বি. মাতা। ২। বিণ. উৎপাদিকা ; উৎপাদয়িত্রী।

জনরঞ্জন [জন-রঞ্জন] বিণ. সকল লোকের মনোরঞ্জনকারী। ২। বি. লোকের চিত্ত-হরণ।

জনরব (জনোরব্) [জনের রব (শব্দ), ৬তৎ] বি. পুং. কিংবদন্তী ; জনপ্রবাদ ; জনশ্রুতি ; লোকের মুখে যে কথার রটনা হয়। প্র—"জনরব বিষধর পাইয়াছি নিরন্তর। মিলন অমিয় পানে এবে বেঁচে আছি॥"—নিধুবাবু (বাং গান)। "সহস্রশীর্ষ জনরব এখনও যে সম্বন্ধে নীরব!"—বসুমতী, ১৩১৮।২৭ এ মাঘ। ২। বহুলোকের কোলাহল ; লোক সমষ্টির কলরব ; জনতার রব ; লোকজনের কণ্ঠধ্বনি।

জনলোক (ক্) [জনের লোক (ভুবন) ৬তৎ] বি. পুং. মহর্লোকের উপরিস্থিত-লোক। এই স্থানে উর্দ্ধরেতা ঋষিগণ এবং ব্রহ্মার মানসপুত্রগণ বাস করেন। ২। বর্ত্তমান চীন।

জনশূন্য (শুন্নো) বিণ. জনহীন ; নির্জ্জন।

জনশ্রুত (জনঃশ্রুত) [জন—শ্রুত] বিণ. প্রসিদ্ধ ; লোকবিখ্যাত। ২। লোক-পরম্পরায় শ্রুত। বি. জনশ্রুতি।

জনশ্রুতি (জনঃশ্রুতি) [জনের শ্রুতি (শ্রবণ) ৬তৎ] বি. স্ত্রী. কিংবদন্তী ; লোক-প্রসিদ্ধি ; জনপ্রবাদ। বিণ. জনশ্রুত।

জনসংঘ (শংঘ) বি. বহু লোকজনের সম্মিলন ; লোকসংহতি ; খুব ভিড়।

জনসমাজ (শ. জ্) বি. লোকসমাজ ; সমাজ।

জনসাধারণ (শাধারন্) বি. সাধারণ ব্যক্তি। ২। সমস্ত প্রজা ; আবালবৃদ্ধবনিতা সমস্ত।

জনস্থান (জনোস্থান্) [জন-নামক যে স্থান —কর্ম্মধা] বি. ক্লী. দণ্ডকারণ্যের মধ্যবর্ত্তী স্থান-বিশেষ। ২। [জনের স্থান, ৬তৎ] লোক-জনের বসতি স্থান। ৩। লোকালয়।

জনস্রোত, জনস্রোতঃ [জনস্রোত্) [জন—স্রোতস্] বি. লোকপ্রবাহ। প্র—"বহিছে জনস্রোতঃ কলরবে, স্রোতঃ-পথে জল যথা বরিষার কালে।"—মেঘনাদ।

জনশূন্য, জনহীন (হিন্) [জনদ্বারা শূন্য, হীন—৩ তৎ] বিণ. লোকবিহীন ; নির্জ্জন।

জনা [জন দ্রঃ। প্রা. হি—জনা।—পদ্যে] বি. পুং. জন ; লোক ; ব্যক্তি। প্র—"তবে আর সাগর বান্ধিবে কোন জনা"—কৃত্তিবাস। ২। প্রাণী ; জীব। প্র—"স্বর্গ মর্ত্ত্য পাতালে কাঁপিল সর্ব্বজনা॥"—কৃত্তিবাস। ৩। [অবজ্ঞায় জন শব্দে আ যোগ] লোকটা ; বেটা। প্র—"তোমার সভাতে নাহি মন্ত্রী এক জনা" "আমার সহিত যুদ্ধ দিবে কোন জনা"—কৃত্তিবাস। ৪। [বিনয়ে, উ-পুরুষে] আমা হেন দীন, অনুগত, আশ্রিত, নগণ্য ; মূঢ় বা তুচ্ছ ইত্যাদি অর্থে। প্র—"এজনার প্রাণগতিক মঙ্গল" "দরিদ্র জনারে কিনিয়া লহ"—চণ্ডীদাস। প্র—"তুমি বন্ধু, তুমি নাথ, নিশি দিন তুমি আমার, * * * * * * তাপ হরণ তোমার চরণ অসীম শরণ দীন জনার॥" —ব্রহ্মসঙ্গীত। ৫। [মাথা গুনতি হিসাবে বা সংখ্যার্থে] লোক ; স্ত্রী বা পুরুষ। প্র—জনা প্রতি। স্ত্রী. জনি (ব্রজ)। প্র—"গোরস অবইতে জাইতে জনি জনি পুছ বনমারি॥"—বিদ্যাপতি। **জনা-জনা**—প্রতি জনা ; এক এক জন। **জনাজুতি**—জনা প্রতি ; প্রত্যেক জন ; এক এক জন করিয়া। **জনাজুটি**—স্বতন্ত্র অর্থাৎ পৃথক্ ভাবে এবং যৌথ হিসাবে ; ব্যষ্টি ও সমষ্টি ভাবে। **জনাযাত্রী** [প্রা-বাং—জন্মনাযাত্রী—শূঃ পুঃ]—যাত্রী জনা ; প্রত্যেক যাত্রী লোক ; তীর্থযাত্রী মাত্রেই।

জনাকীর্ণ (র্ন) [জনদ্বারা আকীর্ণ, ৩ তৎ] বিণ. লোকে লোকারণ্য ; জনসঙ্কুল।

জনাচার (জনাচার্) [জন—আচার, ৬তৎ] বি. লোকাচার ; জনসমাজে প্রচলিত আচার ব্যবহার।

জনাজাত, জনাজুটী, তি. (ত্) [হি—জনাজাত। জাত=জুটি, জুতি (প্রতি অর্থে)] ক্রি-বিণ. প্রতিজন হিসাবে ; একে একে।

জনাতিগ (গ্) [জন—অতি—গম্ (অতিক্রম করা) + অ (কর্ত্তৃ—ড) ম্ লোপ্] বিণ. লোকাতীত।

জনানা, জানানা [ফা—জনানা (হ্)] বি. স্ত্রীলোক। ২। অন্তঃপুর ; রঙ্গমহল ; a seraglio. ৩। বিণ. মেয়েলি।

জনানী [ফা—জনানী] বিণ. স্ত্রীলোক সম্বন্ধীয়। ২। অন্তঃপুর সংসৃষ্ট।

জনান্ত [জন (জনপদ অর্থে) অন্ত (সীমা)] বি. পুং. দেশ ; প্রদেশ ; বিভাগ ; জেলা ; district ; province ; country.

জনান্তিক (জনানতিক্) [জনের অন্তিক, ৬ তৎ] বি. ক্লী. অসম্পর্কিত লোক হইতে অনতিদূর ; একপার্শ্ব ; অন্যলোকের সাক্ষাতে অথচ অনুচ্চস্বরে কথা বা অভিপ্রায় প্রকাশ। ক্রি-বিণ. **জনান্তিকে**—এক পার্শ্বে ; aside. প্র—"মালতীর উত্তর না পাইয়া ক্ষমা জনান্তিকে বলিল"—ভারতী, ১৩২০।

জনাপবাদ (দ্) [জন—অপবাদ] বি. লোক নিন্দা ; কলঙ্ক ; অপযশঃ।

জনাব (ব্) [জন—অব্ (রক্ষা করা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ. জনরক্ষক ; লোকপাল ; নারায়ণ। [অপ্র]। ২। [ফা—জনাব্] অ. হুজুর ; মহাশয় ; সম্মানসূচক সম্বোধন। **জনাব আলী** [জনাব-এ-আলী] বি. মহানুভব ; your excellency.

জনার (র্) বি. মকাই, ভুট্টাজাতীয় শস্যবিশেষ।

জনার্দ্দন (ন্) [জন (জনগণ, জনাসুর) + অর্দ্দন (৬ তৎ) অর্দ্দ + ণিচ্ = অর্দ্দি (পীড়ন করা) + অন (কর্ত্তৃ—অনট্) দুর্বৃত্তগণকে যিনি অর্দ্দন করেন (মহাভারত)] বি. পুং. বিষ্ণু। প্র—"ত্বং হি কালিয় মর্দ্দন হে জনার্দ্দন জনপালন। ত্বং হি কলিকলুষহারী বনবিহারী হরি নিরঞ্জন॥"—গোবিন্দ ব্রহ্মচারী। ২। বিণ. লোকপীড়ক।

জনাশ্রয় (জনাশ্রয়) [জনের আশ্রয়—৬তৎ] বি. পুং. লোকের আশ্রয়স্থল ; নারায়ণ। ২। লোকালয়। ৩। কিছুকালের প্রয়োজনার্থ নির্ম্মিত কুঁড়ে ; a temporary shed.

জনি (জো [ব্রজ। অপ্র] অ. যদি। প্র—"এই ভয় উঠে মনে এই ভয় উঠে। না জানি কানুর প্রেম তিলে জনি ছুটে॥"—বিদ্যাপতি। ২। [জনু দ্রঃ] যেন। প্র—"সজনি ও বোল না বোল জনি আর।"—জ্ঞানদাস। ৩। জনে। **জনিজনি**—জনে জনে ; প্রতিজনে ; প্রত্যেককে। প্র—"জনিজনি পুছ বনমারী"—বৈ. প। ৪। [সং—জন্ (জনান্) + ইন (ভাবে)] বি. জন।

জনিক (জোনিক্) [জন্ + ণিচ্ + ক (কর্ত্তৃ)] বিণ. জনক ; উৎপাদক। ২। হেতু।

জনিকা (জো) [জনক + আপ্—স্ত্রী. অ = ই] বি. স্ত্রী. জন্মদাত্রী ; জনয়িত্রী। ২। পুত্রবধূ। [বিরল]।

জনিত (জো) [জন্ + ণিচ্ = জনি (জন্মান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা জন্মান হইয়াছে ; উৎপাদিত। স্ত্রী. **জনিতা**।

জনিত্রী (জোনিৎত্রি) [জন + তৃন্ (কর্ত্তৃ), ঈপ্, স্ত্রী] বি. স্ত্রী. জনয়িত্রী ; জননী।

জনীন (জোনীন্) [জন + ঈন (হিতার্থে)] বিণ. জনহিতকর ; লোকের উপকারজনক। ২। প্রয়োজনানুযায়ী।

জনু, জনূ (জোনু) [সং—জন্ (জন্মান) + উ—উ (ভাবে)] বি. স্ত্রী. উৎপত্তি ; জন্ম। প্র—"পাপ তনু হতে জনু জানি পাপভাগ। যোগাসনা যোগিনী জীবন কৈল ত্যাগ॥"—শিবায়ন। ২। [জনু] সদৃশ ; যেন ; যেমন। প্র—"জলদবরণ কানু দলিত অঞ্জন জনু।"—চণ্ডীদাস। "চণ্ডীর আজ্ঞায় হনু হাতে পাঁজি দ্বিজ জনু, উপনীত রাজার সভায়"॥—কবিক। ৩। বিণ. উৎপন্ন। প্র—অগ্রজনু।

জন্তু (জোন্তু) [জন্ (জন্মান) + তু (কর্ত্তৃ—তুন্)] বি. পুং. যে জন্মে ; প্রাণী ; শরীরী ; জীব। ২। [বাং—প্রাদে] পশু।

জন্তুঘ্ন (জোন্তুগ্‌নো) [জন্তু (জীব, কীট) ঘ্ন (হন্—নাশ করা) + অ (কর্ত্তৃ—টক্) যে কীটাদি জীব নাশ করে] বিণ. জন্তুঘাতী ; প্রাণিঘাতক ; জীবনাশক। ২। [বৈদ্যকে] বি. হিঙ্গু। (২) লেবুবিশেষ।

জন্তুফল (জোন্তুফল্) [জন্তু—ফল, যাহার ফলের ভিতর কীট পতঙ্গ জন্মে] বি. পুং. যজ্ঞ ডুমুরের গাছ। ২। যজ্ঞডুমুর।

জন্ত্র [প্রা-বাং। য স্থলে জ] বি. যন্ত্র (দ্রঃ)। প্র—"তপসা করেন বস্তা দেহে দিআ জন্ত্র। বিষ্ণুদেব তপ করএ আবাহন মন্ত্র॥"—শূন্য পুরাণ।

জন্ম (জন্মো) [প্রা—জম্ম (জম্‌মো)]। প্র—"জম্ম গেল ছেলে খেয়ে আজ বলে ডান।" জন্ + মন্ (ভাবে)] বি. ক্লী. উদ্ভব ; উৎপত্তি ; দেহধারণ ; আবির্ভাব। ২। [অধি—মন্, যাহাতে বা যেখানে জন্ম হয়] সংসার ; লোক। ৩। জীবন। ক্রি-বিণ. **জন্মে**—জন্মাবধি ; জন্ম হইতে এ পর্য্যন্ত। প্র—"আমি জন্মে জানিনে প্রেম, যাতনা মনে পড়ে না। সই তুমি মজালে তোমার ধর্ম্মে সবে না।"—রাম বসু।

জন্মএয়স্ত্রী, জন্মএয়ো [জন্ম (আজন্ম) এয়স্ত্রী, এয়ো (আয়তীবিশিষ্টা, সধবা)] বি. চিরসধবা। প্র—"ষাট ষাট বেঁচে থাক জন্ম

জন্মো হয়ে।"—ঈশ্বর গুপ্ত। **জন্মজন্ম**—প্রতিজন্ম। **জন্মগ্রহণ করা**—দেহ ধারণ করা ; ভূমিষ্ঠ হওয়া ; জন্ম ধারণ করা। **জন্ম-জন্মান্তরে**—একজন্ম হইতে অন্য জন্মে এজন্মে ও তাহার পরবর্ত্তী যত জন্ম হইবে তাহাতে।

জন্মকোষ্ঠী—বি, জন্মপত্রিকা।

জন্মগত [জন্মন্—গত] বিণ, জন্মনিহিত ; জন্মার্জ্জিত। ২। বংশক্রমানুগত।

জন্মগ্রহ, জন্মগ্রহণ (জন্মোগ্‌গ্রোহো, গ্রোহোন্) বি, জন্মলাভ ; অভ্যুদয় ; উৎপত্তি। ২। অবতারণ।

জন্মঘটিত (ঘো) বিণ, জন্মসম্বন্ধীয় ; জন্ম-সংক্রান্ত।

জন্মজন্মান্তর (র্) [জন্ম—জন্মান্তর (জন্ম +অন্তর)] বি, এক জন্ম হইতে অন্য জন্ম ; জন্ম জন্ম ; প্রতি জন্ম ; অনন্তকাল। প্র—"কিম্বা জন্মজন্মান্তরে এ সাধ মোর পুরাইবে।" —বঙ্কিম। বিণ, **জন্মজন্মান্তরীণ**।

জন্মতিথি (জনমোতিথি) [জন্মের তিথি, ৬তৎ] বি, পুং, জন্মমুহূর্ত্তে যে তিথি ছিল ; যে তিথিতে জন্ম ; ভূমিষ্ঠ হইবার চান্দ্র দিন।

জন্মদ [জন্মন্ (জন্ম) দ—দা (দান করা) + অ (কর্ত্তৃ—ড) যিনি জন্মদান করেন] বি, পুং, জন্মদাতা ; জনক ; পিতা। স্ত্রী, **জন্মদা**—জননী ; সম্বোধনে জন্মদে। প্র—"কিন্তু যে কি গুণ আছে যাচিব যে তব কাছে হেন অমরতা আমি কহ গো শ্যামা জন্মদে।"—মাইকেল।

জন্মদিন (ন্) বি, জন্মের দিন ; যেদিন জন্ম হয়। **জন্মদিনোৎসব**—যেদিন জন্ম হয়, বৎসরের সেই দিনে অনুষ্ঠিত উৎসব।

জন্মনক্ষত্র (জন্মোনোক্‌খোৎত্রো) বি, যে নক্ষত্রে জন্ম।

জন্মপত্র, জন্মপত্রিকা (পৎত্র, পোৎতৃকা) বি, কোষ্ঠী ; ঠিকুজি ; যে পত্রিকা বা পত্রে ভূমিষ্ঠ হইবার কাল ও রাশি, গ্রহাদির গণনা প্রভৃতি লিখিত হয়।

জন্মপরিগ্রহ (পোরিগ্‌গ্রোহো) [জন্মকে পরিগ্রহ, ২তৎ] বি, জন্মগ্রহণ।

জন্মবাদ (দ্) [জন্ম—বাদ (তত্ত্ব), জাতিঃ পরিঃ] বি, অন্বয়বাদ ; কুলক্রম ; জীবদিগের জন্মক্রম তত্ত্ব। **মানবজন্মবাদ**—মানব-জাতির জন্ম সম্বন্ধীয় চিন্তন। **মানবেতর জন্মবাদ**—মানবজাতির অধস্তন জীবদিগের বংশক্রম ; মানবেতর বংশক্রম ; totemism.

জন্মবৃত্তান্ত [জন্ম—বৃত্তান্ত] বি, উৎপত্তির বিবরণ ; জন্মকাহিনী। ২। জীবন চরিত।

(ম্মো) [জন্মের ভূমি, ৬তৎ] বি, স্ত্রী, যে ভূমিতে জন্ম হয় ; জন্মস্থান ; স্বদেশ।

জন্মমৃত্যু (মৃৎতু) বি, জন্ম ও মরণ।

জন্মরাশি (জনমোরাশি) [জন্মের রাশি—৬তৎ] বি, পুং, যে রাশিতে জন্ম হয়।

জন্মশোধ (ধ্) ক্রি-বিণ, জন্মের মত ; চির-জীবনের মত ; শেষ।

জন্মস্থান (জনমোস্‌থান্) বি, যেস্থানে জন্ম হয় ; জন্মভূমি।

জন্মা, জন্মান [সং—জন্ম + আ, আন (ক্রিয়া বিভক্তি)। উ-পু—জন্মি ; জন্মাই। ম-পু—জন্ম (জোন্মো), জন্মিও, জন্মাও ; জন্মান ; জন্মা। প্র-পু—জন্মে, জন্মায় জন্মেন্, জন্মান্। অস-ক্রি—জন্মিতে, জন্মাইতে ; জন্মিয়া, জন্মি, জনমি, জনমিয়া (পদ্যে) ; জন্মাইয়া ; জন্মিবার ; জন্মাইবার] ক্রি, জন্মগ্রহণ করা। প্র—"জনমি ভারত ভূমে, মা ! কি কর্ম্ম করিলাম আসি।"—রামপ্রসাদ।

জন্মান (নো) [জন্মা দ্রঃ। ণিজন্তরূপ] ক্রি, জন্মদান করা। ২। উৎপাদন করা।

জন্মান্তর (জনমান্‌তর্) [জন্মের অন্তর (প্রভেদ) ৬তৎ] বি, ক্লী, অপর জন্ম ; পরজন্ম ; পূর্ব্বজন্ম ; পরলোক। ২। এক লোক হইতে অন্য লোক ; লোকান্তর ; এক জগৎ হইতে অন্য জগৎ।

জন্মান্তরবাদ (র্, দ্) [জন্মান্তর (দ্রঃ) + বাদ (তত্ত্ব, মত)] বি, পুনর্জ্জন্মবাদ ; মৃত্যুর পর পুনরায় জন্ম হয় এই বিশ্বাস বা মত ; theory of transmigration.

জন্মান্তরীণ (জনমানতোরীন্) [জন্মান্তর + ঈন (ভবার্থে)] বিণ, জন্মান্তরে জাত ; পূর্ব্বজন্মে সংঘটিত ; পরজন্ম সম্বন্ধীয়।

জন্মান্ধ (জনমানধো) [জন্ম হইতে অন্ধ — ৫তৎ] বিণ, জন্ম হইতে দৃষ্টিহীন ; আজন্ম অন্ধ ; মাতৃগর্ভে থাকিতেই যাহার দৃষ্টিশক্তির বিকাশ হয় নাই।

জন্মাবচ্ছিন্ন (জনমাবোচ্‌ছিন্‌নো) [জন্মের অবচ্ছিন্ন — ৬তৎ] বিণ, আজন্ম ; জন্ম হইতে মরণ পর্য্যন্ত।

জন্মাবধি (বো) [জন্ম + অবধি] ক্রি, বিণ, জন্মকাল হইতে ; আজন্ম।

জন্মায়তী (জনমায়োতি) [জন্ম আয়ুষ্মতী] বি, আজন্ম সধবা ; চিরসধবা। প্র—"জন্মায়তী হও, পাকাচুলে সিঁদুর পর, হাতের নো ক্ষয় যাক" —নীলদর্পণ

জন্মাষ্টমী (জনমাষটোমি) [জন্মে (শ্রীকৃষ্ণের জন্মসময়ে) যে অষ্টমী—৭তৎ] বি, স্ত্রী, যে ভাদ্র-কৃষ্ণাষ্টমীতে শ্রীকৃষ্ণের জন্ম হইয়াছিল। ২। কৃষ্ণের জন্মোৎসব।

জন্মিত (জো, ত্) বিণ, গৃহীত-জন্ম ; কৃতোৎপন্ন ; যাহাকে জন্ম দেওয়া হইয়াছে। [দ্রঃ—বাং-র অশুদ্ধ ব্যবহার "জন্মিত" (জোন্মিৎ)]।

জন্মে [জন্ম দ্রঃ] ক্রি-বিণ, জীবনে। **জন্মে জন্মে**—প্রতিজন্মে ; জন্মান্তরে ; যত বার জন্ম হইবে ততবার। **জন্মের মত**—চির জীবনের জন্য। প্র—"এই চূড়া নে এই ধড়া নে জন্মের মত বিদায় দে ভাই।"—অতুলকৃষ্ণ মিত্র।

জন্মেজয়, জনমেজয় (য়) [জনম, জন্ম—এজয়, এজি + অ (কর্ত্তৃ — খশ্) যাহার জন্ম দর্শনে রিপুগণ কম্পিত হইয়াছে] বি, পুং, বিষ্ণু। ২। রাজা পরীক্ষিতের পুত্র ; যিনি বৈশম্পায়নের নিকট মহাভারত ব্যাখ্যা শ্রবণ করিয়াছিলেন এবং পরে সর্পযজ্ঞের অনুষ্ঠান করিয়াছিলেন।

জন্য (জোন্‌নো) [বিরল ব্যবহার। জন্ (জন্মান) + য (কর্ত্তৃ—ঘ্যণ্)] বিণ, যে জন্মগ্রহণ করে। ২। [জন্ + ণিচ্ = জনি + য (কর্ম্মে)] যাহাকে জন্মান হয় ; উৎপাদ্য ; সৃষ্ট। ৩। [কর্ত্তৃ—য] উৎপাদক। ৪। জনহিতকর। স্ত্রী, **জন্যা**—জননী। ২। মাতৃসখী।

জন্য, জন্যে (জোন্ন) [সং—জন্য—উৎপাদক, জনক] ক্রি-বিণ, কারণ ; নিমিত্ত ; হেতু ; অর্থ। প্র—কি জন্য ; তজ্জন্য।

জপ, জাপ (প্) [জপ্ (হ্রস্বচ্চারে, মানস পাঠে, জপা) + অ (ভাবে—অল্ ও ঘঞ্)] বি, পুং, মনে মনে পুনঃ পুনঃ পাঠ। ২। পুনঃ পুনঃ আবৃত্তি পূর্ব্বক বেদাধ্যয়ন ; স্বাধ্যায়। ৩। ইষ্টমন্ত্র পুনঃপুনঃ আবৃত্তি। প্র—' খুড়িমা মেঝেতে বসিয়া মালা জপ করিতেছিলেন।"—ভারতী, ১৩২০।

জপন (ন্) [জপ্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, জপকরণ।

জপমালা [জপের মালা — ৬তৎ] বি, স্ত্রী, জপ করিবার মালা ; যে মালার গুটিকা গণনা করিতে করিতে ইষ্ট নাম উচ্চারণ করা হয়। ২। (পো) সর্ব্বদা চিন্তার বিষয় ; নিত্য-স্মরণীয় বস্তু ; নিত্য কর্ম্ম সাধন।

জপযজ্ঞ (জপ্‌জোগ্‌গো) [জপ—যজ্ঞ, কর্ম্মধা] বি, পুং, জপরূপ যজ্ঞ ; জপ। ২। [জপ এবং যজ্ঞ, দ্বন্দ্ব] মন্ত্রোচ্চারণ ও দেবপূজা।

জপা [জপ্ + অ (করণে—অল্) আপ, স্ত্রী] বি, স্ত্রী, জবাফুলের গাছ। ২। জবাফুল।

জপা [জপ্ (দ্রঃ) + আ (ক্রিয়া বিভক্তি)। উ-পু—জপি। ম-পু—জপ ; জপুন ; জপ্। প্র-পু—জপে ; জপেন্। অস-ক্রি—জপিতে ; জপিয়া ; জপি (পদ্যে)। ণিজন্ত—জপান] ক্রি, জপ করা ; ধ্যান করা। ২। মুখস্থ করা ; রটা। ৩। [প্রাদে, গ্রা] মাংসাদি থোড়া।

জপান (নো) [জপা দ্রঃ। উ-পু—জপাই। ম-পু—জপাও ; জপান ; জপা। প্র-পু—জপায় ; জপান। অস-ক্রি—জপাইতে ; জপাইয়া]

ক্রি, জপ করান। ২। মুখস্থ করান। ৩ ক্রমাগত মন্ত্রণা বা পরামর্শ দেওয়া।

জপিত (জোপিতো) [জপ্ + ত (কর্ম্মে—ক্ত) বিণ. যাহা জপ করা হইয়াছে; পুনঃপুনঃ পঠিত।

জপ্য (জোপ পো) [জপ্ (জপ করা) + য (কর্ম্মে)] বিণ. জপনীয়; যাহা জপ করা হয়। ২। [ভাবে—য] জপ।

জবজব (জব্ জব্) [শব্দাত্মক। কোন বস্তু কোন তরল পদার্থে সিক্ত হইয়া কোমল হইলে সামান্য আঘাত পাইয়া জব্ জব্ এইরূপ শব্দ করে] ক্রি-বিণ. বিলক্ষণ ভিজাইয়া; অভিষিক্ত করিয়া। প্র—"নাড়াচাড়া দিয়া ভাজে ঘৃত জব জব"—ঘনরাম। বিণ. **জবজবে** (জব্ জোবে)।

জবড়জঙ্গ,—জঙ্গী (—ড়্—জং, জোংগি) [জাবড় (দ্রঃ) জঙ্গ] বিণ. অসুন্দর বা অপরিপাটিরূপে বিস্তর কাপড় চোপড়ে জড়িত বেষ্টনে ভারাক্রান্ত। ২। জড়ভরত।

জবন (ন্) [জু + অন (ভাবে—অনট্)] বি. বেগ। ২। [কর্ত্তৃ—অন] বেগবান্ অশ্ব। ৩। বিণ, দ্রুতগামী : বেগবান্। ৪। যবন দ্রঃ। স্ত্রী, **জবনী**—যবনী দ্রঃ।

জবনিকা—যবনিকা দ্রঃ।

জবনী (জবোনি) যবন দ্রঃ।

জবর (জবোর্) [ফা—জ়ব্ র্] বিণ, জোরাল বলিষ্ঠ : ক্ষমতাবান্। ২। অধিক। ৩। প্রকাণ্ড। ৪। ভারী ; গুরু। ৫। জমকাল ; জাঁকাল। প্র—"তুই নাম করেছিস ভারি জবর। কটা তারার রাখিস খবর॥"—রজনী সেন। **জবর-জুলুম**—সবল পীড়ন ; ভয়ানক জবরদস্তি। প্র—"দেশময় নূতনের জবর-জুলুম"—কুঙ্কুম।

জবরদস্ত (জবোর্দস্তো) [ফা—জ়ব্ র্দস্ত্ বিণ, শক্ত ; বলবান্ ; জোরাল ; শক্তিসম্পন্ন : দুর্দ্দান্ত। প্র—"বলে যারা জবরদস্ত তাদের ঘরে লাভের গস্ত"—ঈশ্বর গুপ্ত। বি, জবর-দস্তী।

জবরদস্তী (জবোর্দোস্তি) [জবরদস্ত দ্রঃ] বি, অত্যাচার ; পীড়ন। ২। জোর।

জবরান (জব্ রান) [ফা—জ়ব্ রন্] বি, জবরদস্তি ; জোরজার। প্র—"জবরান করিলে সাজা পাইতে হইবে"—টেকচাঁদ।

জবর্দ্দার (জবর্দার্) বিণ, জোরদার ; বলবান্ ; দুর্দ্দান্ত। প্র—"রাজা হচ্ছে শিষ্ট শান্ত প্রজা হচ্ছে জবর্দ্দার"—দ্বিজেন্দ্র রায়।

জবা—বি, প্রসিদ্ধ রক্ত-পুষ্প বৃক্ষ ; জবা নানা বর্ণের ও নানা-জাতীয়, তন্মধ্যে রক্ত জবাই প্রসিদ্ধ ; ওড়পুষ্প ; hibiscus rosa sinensis. প্র—"জবাফুল আর বিল্বদলে"—রামপ্রসাদ।

জবাই (জবাই) [আ—জ়েবা, জ়বীহা] বি, কোরাণের মন্ত্রপাঠ করিয়া ঈশ্বরের নামে উৎস' করিতে করিতে কণ্ঠচ্ছেদ। ২। নাশ : লোপ প্র—"কি করি নাচার, স্বদেশী আচার করিয়াছি সব জবাই।"—দ্বিজেন্দ্র রায়। ক্রি, **জবাই করা**—কোরাণের মন্ত্রপাঠ করিতে করিতে ধর্ম্মানুমোদিত ভোজ্য জীবের কণ্ঠচ্ছেদ। প্র—"করে ধরি পর ছুরী, কুঁকুড়া জবাই করি, দশ গণ্ডা দান পায় কড়ি॥"—কবিক।

জবান (ন্) [ফা—জ়বান্] বি, জিহ্বা। ২। ভাষা। ৩। বাক্য ; উক্তি।

জবানবন্দী (জবান্বোন্দি) [ফা। আদাঃ পরিঃ] বি, আদালতে বিচারকের সমক্ষে যাহা উক্ত হয় ; সাক্ষ্য ; বয়ান ; বিবরণ।

জবানী (নি) [জবান দ্রঃ] বি, উক্তি। ২। বিণ, মৌখিক। ৩। ক্রি-বিণ, প্রমুখাৎ ; মুখের কথায়।

জবাব (ব্) [আ—জবাব্] বি, (সদর্থে) উত্তর। ২। [কদর্থে] চোপা : অবিনীত প্রত্যুত্তর দান। ৩। বিদায়। প্র—"একটুখানি মোহ তবু মনের মধ্যে রাখো। মিথ্যেটারে একেবারেই জবাব দিয়ো নাকো॥"—রবি। ৪। কৈফিয়ৎ ; explanation. ৫। ত্যাগ। প্র—কাজে জবাব দেওয়া। ৬। মিল ; এক-টার তুল্য অন্য একটা।

জবাবদিহি, জবাবদেহি (ব্) [আ—জ়বাব্ দিহ্] বিণ, উত্তরদাতা ; দায়ী ; কৈফিয়ৎ দিবার উপযুক্ত।

জবুথবু (জোবুথোবু) জবু (জড়)—থবু (স্থবির)] বি, জড়সড় ; জড়ভরত। প্র—"ভেকো ভ্যাকা থাক্‌বে একা জবু থবু হয়ে।" —ম্যাক্‌বেথ। [যব স্থব দ্রঃ] যেমন আছে তেমনি ; চাপাচুপি।

জব্দ (জব্ দো) [আ—জ়ব্ ত্] বিণ, বাজেয়াপ্ত ; অধিকৃত। ২। শাসিত ; সংযত। ৩। দর্পচূর্ণ ; বিনীত। ৪। অপমানিত। ৫। পরাভূত। প্র—"মুখভরি বল হরি নাম মনোরম। বলিতে যে শব্দ জব্দ হলো কলি যম॥"—ঘনরাম। ৬। [প্রাদে] আদায় ; আয়ত্ত। প্র—"আজ বাগানের কত নারিকেল জব্দ হইল।

জম্—জঙ্গ্ দ্রঃ।

জমক (ক্) [হি—জমক্] বি, শ্রীবৃদ্ধি ; উন্নতি। [জাঁক শব্দের সহচর] ঔজ্জ্বল্য ; চমক।

জমকান (জম্‌কানো) [হি—জম্‌কানা। উ-পু—জমকাই। ম-পু—জম্‌কাও। প্র-পু—জমকে; জমকায়। অস-ক্রি—জমকিতে, জমকা-ইতে ; জমকিয়া, জমকাইয়া ; জম্‌কে] ক্রি, জমিয়া থাকা ; চাপিয়া বসা। ২। আঁটিয়া দেওয়া। ৩। জমা ; সংহত হওয়া ; জাঁকান ; জমজমে হওয়া। প্র—আসর এই-বার বেশ জমকেছে। **জমকিয়া উঠা**—জাঁকাইয়ে উঠা ; উৎকর্ষতা লাভ করা। প্র—আগুনটা এখন বেশ জমকে উঠেছে।

জমকাল (জম্‌কালো) [জমক দ্রঃ। আ—জামিল = জাঁকাল] বিণ, জাঁকাল ; জাঁক-জমকবিশিষ্ট ; সাড়ম্বর।

জমজ (জমজ্) বিণ, যমজাত ; এককালে জাত।

জমজম (জম্‌জম্) [আ—জম্‌রা = ভিড় ; জমাএত। আ—জ়ম্‌জ়মা = ঐকতান বাদ্য ; সঙ্গৎ] বিণ, জমজমা ; জমজমিয়া ; জম্‌জোমে। ২। [আ—জ়ম্‌জ়ম্] বি, মক্কাস্থিত প্রসিদ্ধ কূপ। ইহার জল মুসলমানদিগের নিকট পরম পবিত্র।

জমজমা (ম্) [জমজম দ্রঃ] বিণ, জমকাল। ২। ভিড়।

জমজমাট (ম্ ট্) [হি—জমজমাহট্] বি, জমায়েত ; ভিড়। ২। সংহতির ভাব ; জমাট।

জমদগ্নি (জমদোগ্ নি) [জম্ (ভক্ষণ করা) + অৎ (কর্ত্তৃ—শতৃ) = জমৎ (ভক্ষণকারী) যে অগ্নি—কর্ম্মধা। অগ্নিশর্ম্মা ছিলেন বলিয়া এই নাম] বি, পুং, পরশুরামের জনক।

জমা [আ—জমাআ হইতে হি—জমানা। উ-পু—জমি। প্র-পু—জমে। অস-ক্রি—জমিতে ; জমিয়া : জমি (পদ্যে) জমে। ণিজন্ত—জমান (নো)] ক্রি, জমা হওয়া ; স্তূপীকৃত হওয়া ; সঞ্চিত হওয়া। সংগৃহীত হওয়া। প্র—"টিকিটের দামটা জমিলেই সে বাড়ী ফিরিয়া আসিবে।"—ভারতী, ১৩২১।

জমা [আ—জমাআ] বি, সংহতি ; স্তূপ ; total. ২। মোট সংখ্যা। ৩। সঞ্চয় ; সংগ্রহ। ৪। আয় ; বৃদ্ধি। ৫। পুঁজি ; capital. ৬। নির্দ্দিষ্ট করা [বিরল]। ৭। রাজস্ব ; কর।

জমাওয়াশীলবাকী (জমাওআশিল্‌বাকি) [আ—জমা ৱাসিল্—বাকী। জমা (মোট জমা)—ওয়াশীল (আদায় উশুল)—বাকী (আদায় করণ যোগ্য)] বি, খাজানা যাহা আদায় হইয়াছে ও যাহা বাকী আছে তাহার হিসাব ; আদায় এবং বাকীর হিসাব। প্র—"কাহাকে বলে গোসোয়ারা কাহাকে বলে জমা-ওয়াসিল-বাকি কিছুই বোধ নাই।"—টেকচাঁদ।

জমাখরচ (জমাখরোচ্) [জমা (আ—জমা = আয়, সঞ্চয়) + খরচ (ফা—খ়র্‌চ্ = ব্যয়)] বি, আয় ব্যয় হিসাব।

জমাগুজস্তা [আ—জমা + ফা—গুজ়স্‌তা (গত)] বি, যে জমা গত সালের কাগজে প্রজার নামে লেখা থাকে ; প্রজার নিকট হইতে প্রাপ্য গতবর্ষের বাকী খাজনা।

জমাট (ট্) [আ—জম্‌আয়ৎ] বিণ. সংহত ; একত্র ; সম্মিলিত ; জড়। প্র—"জমাট শক্তির বিশ্ব মহা পরিচয়।"—কুসুম। ২। অবিচ্ছেদ ; একটানা ; অনাহত। ৩। বি. প্রলেপ ;· blister. **জমাট বাঁধা**—ক্রি. জমিয়া যাওয়া। প্র—জল জমাট বাঁধিয়া বরফ হয়। ২। [সংগীতে] স্বরগ্রামের সহিত কণ্ঠস্বর মিলিত হইয়া অবিচ্ছিন্ন ভাবে শ্রোতার আনন্দ উৎপাদন করা। প্র—গানটা বেশ জমাট বেঁধেছে।

জমাদার (র্) [হি—জমাদার্] বি. সৈনিক বিভাগে ৩০ জন পরিমাণে নির্দ্দিষ্ট সুবাদারের অধস্তন কর্ম্মচারী। ২। পাহারাওয়ালাদিগের উপরিতন কর্ম্মচারী ; head constable. ৩। [ব্যঙ্গোক্তি] পরিচালনাপটু স্থূলকায় ব্যক্তি। স্ত্রী—**জমাদারণী**।

জমাদ্দার (জমাদ্দার্) [জমাদার দ্রঃ] বি. স্বল্প লোকনায়ক ; বক্‌শীর নিম্নস্থ কর্ম্মচারী। প্র—"দ্বারী কহে তবে পারি জমাদ্দার বক্‌শীরে কয়ে।"—ভারতচন্দ্র। স্ত্রী. **জমাদ্দারণী**।

জমান (নো) [হি—জমানা। উ-পু—জমাই। ম-পু—জমাও ; জমান্ ; জমা। প্র-পু—জমায় ; জমান। অস-ক্রি—জমাইতে ; জমাইয়া, জমিয়ে] ক্রি. জমা করা। ২। জমা করান। ৩। দৃঢ়লগ্ন করা ; আঁটা। ৪। খচিত করা। ৫। সঞ্চয় করা ; সংগ্রহ করা। ৬। জমাট বাঁধান। প্র—বরফ জমান।

জমানত (জমানৎ) [আ—জমানৎ] বি. হাজির জামিন ; প্রতিভূ ; মুচ্‌লকা ; security ; bail.

জমানতনামা (ৎ) [আ—জমানৎ, ফা—নামা] বি. জামিন নামা ; মুচ্‌লকা-পত্র ; bail ; bond.

জমানবীশ (নোবিশ্) [আ—জমা, ফা—নবীস্] বি. জমীদারী সেরেস্তায় জমীজমার হিসাব রক্ষক কর্ম্মচারী।

জমাবন্দী (বো) [ফা] বি. প্রজাবিলির হিসাব ; খাজনা জমা ও তাহার হিসাবের খাতা।

জমায়েত, জমায়েৎ (ত্) [আ—জম্‌আয়ৎ] বি. বহু লোকের একত্র সমাবেশ ; ভিড়।

জমি, জমী (জোমি) [ফা—জমীন্] বি. ভূমি ; ভূভাগ। প্র—জাহাজ হইতে একটুও জমি দেখা যায় না। ২। ভূসম্পত্তি। প্র—জমি খরিদ করা ; জমি জিরাৎ করা। ৩। ক্ষেত্র। প্র—জোত জমি ; চষা জমি ; জমির চতুর্দ্দিকে আলি দেওয়া। ৪। পৃথিবী ; ধরা। প্র—আকর্ষণশক্তিবলে কোন কিছু আকাশের দিকে ছুড়িলেই জমিতে আসিয়া পড়ে। ৫। স্থান। প্র—বহু চেষ্টাতেও সে ভিড়ের ভিতর বসিবার মত জমি পাওয়া গেল না। **জমি লওয়া**—জমি জমা লওয়া। ২। জমি আঁকড়িয়া পড়িয়া থাকা। কুস্তি করিতে করিতে পালওয়ানরা একবার জমি লইলে সহজে তাহাদের চিৎ করা যায় না। **জমি করা**—সার দিয়া মাটি পূর্ণ করিয়া চাষের উপযোগী করা। ৩। কোন কাজের জন্য তাহার উপযোগী করিয়া ভূমিখণ্ড প্রস্তুত করা। **জমি-জমা**—ভূসম্পত্তি ও মূলধন। **জমি জরাৎ, জিরাৎ**—চাষবাসের ভূমি। **জায়গা জমি**—ভূসম্পত্তি। **জোতজমি**—জমিদারের নিকট হইতে জমা লওয়া চাষের জমি। **আউঅল্,—আওল জমি**—প্রথম শ্রেণীর বা চাষবাসের উপযোগী সর্ব্বোৎকৃষ্ট জমি। **দোয়ম,—দোয়েম জমি**—চাষের পক্ষে দ্বিতীয় অর্থাৎ মধ্যম শ্রেণীর জমি। **সোয়ম,—সোয়েম জমি**—চাষের পক্ষে তৃতীয় শ্রেণীর বা নিরেস জমি। **চাহারম জমি**—চাসের পক্ষে চতুর্থ শ্রেণীর বা সর্ব্বাপেক্ষা অধম জমি ; অপকৃষ্ট ভূমি। **খামার জমি**—খামার করিবার উপযুক্ত আবাদী জমি। **খিলজমি**—অনাবাদী নবাব বা জমিদার সরকারের জমি। **চাকরান জমি**—চাকর বা কর্ম্মচারীকে প্রদত্ত নিষ্কর ভূমি। ঐরূপ ফকীরকে দত্ত জমি—**ফকীরান জমি**। **দেবোত্তর, পীরোত্তর, বিষ্ণুত্তর, ব্রহ্মোত্তর জমি**—দেব, পীর, বিষ্ণু ব্রাহ্মণ উদ্দেশে বা সেবার্থ দত্ত নিষ্কর জমি। **নাবাল জমি**—চারিদিকের জমি অপেক্ষা নীচু সুতরাং বর্ষাদি জল যে জমিতে দাড়ায়। **জলান বা জোলান জমি**—যে জমিতে প্রায় বার মাস জল থাকে। **পড়ো,—পতিত জমি**—অনাকৃষ্ট ভূমি। **মাল জমি**—জমিদারকে যে জমির কর দিতে হয়।

জমীদার (জোমিদার্) [ফা—জমীন্দার্, জিমীদার, জমীদার] বি. ক্ষেত্রস্বামী। ২। ভূস্বামী ; ভূম্যধিকারী ; ভূইঞা।

জমীদারী, রি (জোমিদারি) [জমীদার + ই, ঈ (বৃত্তি পদ অর্থে)] বি. ভূম্যধিকারীর কার্য্য। ২। জমীদারের অধিকৃত ভূমি ও ।। প্র—তাহার জমীদারী হইতে বেশ আয় হয়।

জম্পতি (জম্‌পোতি) [জায়া এবং পতি অর্থে—জম্পতি (নিপাতনে)] বি. পুং, স্ত্রী-পুরুষ ; পতিপত্নী।

জম্বির, জম্বীর (জোম্‌বীর্) বি. ক্লী. জামির নেবু ; গোঁড়ানেবু। ২। নেবুর গাছ।

জম্বীরদ্রাব (জোম্‌বীর্‌দ্রাব্) [রাসাঃ পরিঃ] বি. মাতুলুঙ্গাম্ল ; বীজপূরাম্ল ; citric acid. ২। নেবুর রস ; lemon juice, lime juice.

জম্বু, জম্বূ (জো) বি. স্ত্রী. জামগাছ। ২ জাম। ৩। সপ্তদ্বীপের অন্যতম ; ভারতবর্ষ। ৪। সুমেরু পর্ব্বত হইতে প্রবাহিত নদ ; জম্বুনদ।

জম্বুক জম্বূক (জোম্‌বুক্) বি. পুং, শৃগাল। ২। শৃগালবৎ ধূর্ত্ত। ৩। সংকীর্ণচেতা ব্যক্তি। ৪। কার্ত্তিকের অনুচর-বিশেষ।

জম্বুখণ্ড (জোম্‌বুখন্‌ডো) বি. পুং, জম্বুদ্বীপ ; ভারতবর্ষ।

জম্বুদ্বীপ (জোম্‌বুদ্‌দীপ্) [জম্বু (জম্বুবৃক্ষযুক্ত যে দ্বীপ, ম. প. লো কর্ম্মধা। নীল পর্ব্বতের দক্ষিণ ও নিষধের উত্তরে অবস্থিত সুদর্শন-নামক জম্বুবৃক্ষ হইতে এই দ্বীপের নাম] বি. পুং, সপ্তদ্বীপের অন্যতম ; ভারতবর্ষ।

জম্ভ (জম্‌ভ) [জন্‌ভ্ (নষ্ট করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্)] বি. পুং, মহিষাসুরের পিতা। প্র—"সেই মহাসুর জম্ভ, কি কব তাহার দম্ভ, ভুজবলে পর্ব্বত উপাড়ে। সে অসুর মহাবলে, মহেশ পূজার ফলে, দিক্‌করী তুলিয়া আছাড়ে॥"—কবিক। ২। জম্বীর ; লেবু। ৩। তূণ। ৪। [কর্ম্মে—অল্] ভক্ষ্য। স্ত্রী, **জম্ভা**—জৃম্ভা ; জৃম্ভণ।

জম্ভক (জম্‌ভক্ [জন্‌ভ্ (হাই তোলা) + ক (যে করে)] বিণ. জৃম্ভণকারী ; যে হাই তোলে। ২। বি. জামির নেবু।

জম্ভন (ন্) [সং] বি. রমণ ; সঙ্গম।

জম্ভারি [জম্ভ (অসুর বিশেষ)—অরি (শত্রু)] বি. পুং, ইন্দ্র। ২। অগ্নি। প্র—"দারুণ দৈবের দণ্ড দুঃখ কব কাকে। যৌবন জীবন গেল জম্ভারির পাকে।"—শিবায়ন।

জম্ভীর (জোম্‌ভির্) [জন্‌ভ্ + ঈর (সংজ্ঞার্থে) ম্ আগম] বি. পুং জামির নেবু।

জয় (জয়্) [জি (জয় করা) + অ (ভাবে—অল্)] শত্রুদমন ; বিপক্ষকে পরাভবন ; ২। কৃতকার্য্যতা ; সফলতা। ৩। বিষ্ণু। ৪। বিষ্ণুর পার্শ্বচর। ৫। জয়ন্ত। ৬। বিরাট সভায় যুধিষ্ঠিরের ছদ্ম নাম। ৭। পুরাণ ইতিহাসাদি শাস্ত্র।

জয়জয় (জয়্‌জয়্) বি. জয়ধ্বনি। প্র—প্রভাতিল বিভাবরী জয়জয় রবে। ২। [বিশিষ্টার্থে] সর্ব্বত্র বা চারিদিক জয় বা অধিকার ; মাত করণ ; সর্ব্বজয়। ৩। দুর্দ্দান্তের মত ঘুরে বেড়ান। প্র—ছেলেটা সকাল থেকে গ্রামের চারিদিক জয়জয় করে বেড়াচ্চে। **জয়জয়কার**—জয় জয় শব্দ ; জয়ধ্বনি।

জয়জয়ন্তী (জয়্‌জয়ন্‌তি) [সং]বি. সঙ্গীতের রাগিণী।

জয়ঢক্কা (জয়্‌ঢক্‌কা) [জয়সূচক যে ঢক্কা—কর্ম্মধা] বি. স্ত্রী. জয়ঢাক ; ভেরী।

জয়ঢাক (জয়্ঢাক্) [জয় (সূচক) ঢাক (ঢক্কা)] বি, আনদ্ধ বাদ্য-যন্ত্র ; রণবাদ্য ।

জয়ৎসেন (জয়ৎশেন্) বি, পুং, বিরাটালয়ে নকুলের ছদ্মনাম ।

জয়ত্রী (জয়ত্‌ত্রি) [প্রা—জৈত্রী ; হি—জাবত্রী ; সং – জাতিপত্রিকা] বি, জাতিকোষ ; জায় ফলের ভিতরের ত্বক্ ; mace.

জয়দুর্গা (য়) বি, স্ত্রী, দুর্গার মূর্ত্তিভেদ । [তুল—জয় মঙ্গলচণ্ডী] ।

জয়দেব (জয়্দেব্) বি, পুং, খৃঃ পঞ্চদশ শতাব্দীর প্রসিদ্ধ বঙ্গীয় কবি ; গীতগোবিন্দ কাব্য-প্রচারক ; কেন্দুবিল্ব গ্রাম-নিবাসী ভোজদেব নামক বিপ্রের ঔরসে ও তৎপত্নী বামাদেবীর গর্ভে ইঁহার জন্ম ; ইনি ললিতকান্ত পদাবলীতে "গীতগোবিন্দ" রচনা করিয়া অমর হইয়াছেন ; ইনি সম্রাট্ লক্ষ্মণসেনের সভাপণ্ডিত ছিলেন ।

জয়দ্বল (জয়দ্বল্) [জয়ৎ (জয়শীল) বল যাহার, বহু] বি, পুং, বিরাটগৃহে সহদেবের ছদ্মনাম ।

জয়দ্রথ (জয়দ্রোথো) বি, পুং, সিন্ধুদেশের রাজা ; দুর্য্যোধনের ভগিনী দুঃশলার পতি ।

জয়ধ্বনি (জয়োদ্ধোনি) [জয়ের ধ্বনি, ৬ তৎ] বি, পুং, জয়জয় শব্দ : বিজয়উল্লাসসূচক রব । ২ । আনন্দসূচক অভিব্যক্তি ।

জয়ন্ত (জয়োন্তো) বি, পুং, ইন্দ্রপুত্র । ২ । শিব । ৩ । বিরাটগৃহে ভীমের ছদ্মনাম । ৪ । দশরথের মন্ত্রী । ৫ । চন্দ্র । ৬ । সঙ্গীতের তালবিশেষ । স্ত্রী, **জয়ন্তী**—ইন্দ্রের কন্যা । ২ । দুর্গা । ৩ । অষ্টনায়িকার ৪র্থ নায়িকা । ৪ । বৃক্ষবিশেষ । ৫ । যোগবিশেষ [যদি শ্রাবণ মাসের কৃষ্ণা অষ্টমী অর্দ্ধ রাত্রের কলা মাত্র অধঃ উর্দ্ধে রোহিণীযুক্তা হয় তবে এই যোগ হয়] ।

জয়ন্তিকা—বি, হরিদ্রা ।

জয়পতাকা (জয়) [জয়-সূচক যে পতাকা পতাকা—কর্ম্মধা] বি, স্ত্রী, বিজয়-নিশান

জয়পত্র (জয় পৎত্র) [জয়সূচক যে পত্র—কর্ম্মধা] বি, ক্লী, বিচারফলে মোকদ্দমায় জয়ী পক্ষকে দত্ত জয়সূচক পত্র : ডিক্রী । ২ । বিবাদ-নিষ্পত্তি-সূচক পত্র : সন্দেহভঞ্জন-পত্র । প্র—"জয়পত্র লিখিবারে দিল অনুমতি । * * * * সন্দেহ ভঞ্জনপত্র হইল লিখিত ।" -কবিক ।

জয়পাল, জৈপাল (য়, ল্) [হি—জমাল-গোটা] বি, প্রসিদ্ধ তৈলদবৃক্ষ : croton tiglium. ২ । জয়পালের বীজ যাহা হইতে তৈল হয় ।

জয়পুর (য়্, র্) বি, রাজপুতানার অন্তর্গত খণ্ড রাজ্যবিশেষ ; অম্বররাজ জয়সিংহের প্রতিষ্ঠিত ও বাঙ্গালী পূর্ত্ত-বিদ্যাবিৎ বিদ্যাধর ভট্টাচার্য্যের নির্দ্দেশমত নির্ম্মিত বর্ত্তমান সুদৃশ্য সহর ।

জয়বাহিনী (য়) [জয়ের (জয়ন্তের)—বাহিনী (সেনা)—৬তৎ] বি, স্ত্রী, জয়ন্তের সেনা । ২ । ইন্দ্রাণী ; শচী ।

জয়ভঙ্গ (য়) [জয়ের ভঙ্গ—৬তৎ] বি, পরাজয় ; হার । প্র—"জয়ভঙ্গ কারু নাহি দোঁহে বলবন্ত ।"—চৈতন্যভাগবত ।

জয়মঙ্গল (জয়্মোংগোল্) [জয় যুক্ত হইয়াছে মঙ্গল সৌভাগ্য যাহার—বহু] বি, জয়মঙ্গল চণ্ডী দ্রঃ । ২ । রাজহস্তী । ৩ । কবিরাজী প্রসিদ্ধ জ্বরনাশক ঔষধ জয়মঙ্গলরস ।

জয়রাম (জয়্রাম্) বি, রামচন্দ্রের শত্রু জয় হেতু তাঁহার অনুচরবর্গের জয়ধ্বনি । প্র—"পূরিল কনকলঙ্কা জয়রাম নাদে ।"—মাইকেল । ৩ । [প্রাদে হিন্দুস্থান] অভিবাদন ; সুপ্রভাত : good morning. প্র—জয়রামজী, জয়রাম ভাই বা জয় সীতারাম ।

জয়লক্ষ্মী (জয়্লোক্‌খী) [জয় যুক্ত যে লক্ষ্মী—কর্ম্মধা] বি, স্ত্রী, জয়ের অধিষ্ঠাত্রী দেবতা ; জয়শ্রী । ২ । জয়লাভজনিত শোভা । [সাধারণতঃ "বিজয়লক্ষ্মী" শব্দের অধিক ব্যবহার] ।

জয়শব্দ (জয়্শব্দো) [জয়—ইত্যাকার যে শব্দ—কর্ম্মধা] বি, পুং, "জয় হউক" এই আশীর্ব্বচন । ২ । [জয়ের (শত্রু পরাজয়ের) শব্দ—৬তৎ] জয়ধ্বনি ।

জয়শীল (জয়্শীল্) [জয় দ্বারা শীল (যুক্ত) —৩তৎ কিম্বা জয়ে (জয় করিতে) শীল (স্বভাব) হইয়াছে যাহার—বহু] বিণ, জয়ী : জয়যুক্ত ।

জয়শৃঙ্গ (জয়স্সৃংগ) [জয়—শৃঙ্গ] বি, রণশিঙা ।

জয়শ্রী (জয়স্স্রি) [জয়—শ্রী (লক্ষ্মী)] বি, বিজয়লক্ষ্মী । ২ । রাগিণীবিশেষ ।

জয়স্তম্ভ (জয়্স্তম্ভো) [জয়সূচক যে স্তম্ভ (কর্ম্মধা)] বি, পুং, জয়চিহ্নজ্ঞাপক স্তম্ভ : জয়ৎলাট । [ভারতের স্থানে স্থানে এরূপ জয়স্তম্ভ আছে, যথা—চিতোরের ক্ষীরাৎ কুম্ভ : (২) দিল্লীর কুতবমিনার : (৩) কলিকাতার অক্টারলোনী মনুমেণ্ট ইত্যাদি] ।

জয়া [জি + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—অল্) = জয় – আপ্, স্ত্রী] বি, স্ত্রী, পার্ব্বতী । ২ । পার্ব্বতীর সহচরী । ৩ । হরীতকী । ৪ । জয়ন্তীবৃক্ষ । ৫ । সিদ্ধি ; ভাঙ । ৬ । তৃতীয়া, অষ্টমী ও ত্রয়োদশী তিথি । ৭ । পতাকাবিশেষ ।

জয়িত্রী (জৈৎত্রি) বি, জাতিফলের ভিতরের ত্বক্ : জয়ত্রী দ্রঃ ।

জয়ী (জোঈ) [জি (জয় করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = জয়িন্ ১মা, ১ব] বিণ, যে জয় করিয়াছে ; জয়শীল ; যে সর্ব্বত্র জয়লাভ করে ।

জয্য (জোজ্জ) [জি (জয় করা) + য (কর্ম্মে, শক্যার্থে—নিপাতনে) জি = জয্] বিণ, যাহাকে জয় করিতে পারা যায় ; যে পরাজয়-সাধ্য । ২ । যে যুঝিবার উপযুক্ত পাত্র ।

জর (জর্) [ফা—জ়র্] বি, স্বর্ণ ।

জরকসী (জর্‌কোশি) [ফা—জ়র্‌কশী] বি, জরির কাজ ; জরদোজী ।

জরজর (জরোজরো) [জর্জ্জর শব্দজ । ক্ষীণার্থে জির্‌জির্] বি, জর্জ্জরিত ; দগ্ধ । ২ । জর্জ্জরিত প্রায় । ৩ । সন্তপ্ত । প্র—"লোমকূপ সকলে শোণিত নিকলে জরজর হইল অঙ্গ ।"—শিবায়ন । "জরজর হিয়া রহিল পড়িয়া চেতন নহিল মোর ।"—চণ্ডীদাস । "দুঃখে দুঃখে জরজর আর কত মা দুঃখ দিবে ।"—রামপ্রসাদ ।

জরঠ (ঠ্) [জৃ (জীর্ণ হওয়া) + অঠ (কর্ত্তৃ)] বিণ, কঠিন । ২ । কঠোর । ৩ । বৃদ্ধ । প্র—"মূল্য দিয়া পণ দশ কিনিল জীয়ন্ত শশ, জরঠ কমঠ কিনে রুই ।"—কবিক । ৪ । জীর্ণ । ৫ । পাংশুবর্ণ ।

জরৎ [জৃ (জীর্ণ হওয়া) + অৎ (কর্ত্তৃ—শতৃ)] বিণ, জীর্ণ । ২ । বৃদ্ধ । [শব্দান্তর সহ ব্যবহৃত হয় । যথা—জরৎকারু] । স্ত্রী, **জরতী**—বৃদ্ধা ; জরাগ্রস্তা ।

জরৎকারু (জরৎকারু) [জরৎ (জীর্ণ হইয়াছে) কারু (দারুণ শরীর) যাহার—বহু, যিনি কঠোর তপস্যা দ্বারা সেই দারুণ শরীরকে ক্রমে ক্রমে ক্ষীণ করিয়াছিলেন] বি, পুং, স্বনাম-প্রসিদ্ধ মুনি । ২ । স্ত্রী, মনসাদেবী ; জরৎকারু মুনির পত্নী : বাসুকির ভগ্নী । [পূর্ব্বোক্ত কারণ বশতঃ বাসুকির ভগিনীও জরৎকারু নামে বিখ্যাত হন] ।

জরতী (জরোতি) [জৃ (জীর্ণ হওয়া) + অৎ (কর্ত্তৃ) = জরৎ—ঈপ্, স্ত্রী] বিণ, স্ত্রী, জীর্ণ-দেহা : বৃদ্ধা : জরাযুক্তা । প্র—"প্রভাতে দ্বাদশী, অভয়া উপবাসী হইয়া জরতী ব্রাহ্মণী । আইলা ভিক্ষা আশে ধর্ম্মকেতু বাসে নিদয়া দিলেক পীড়া পানী ।"—কবিক ।

জরদ (জরদ্) [ফা—জ়র্দ্] বিণ, পীত ; হরিদ্রাবর্ণ ।

জরদা, জর্দ্দা [ফা] বি, জাফরাণ মিশ্রণহেতু পীত বা ঈষৎ লোহিত বর্ণযুক্ত মিঠা পোলাও । ২ । পীত । ৩ । সুগন্ধ মসলাযুক্ত তামাকপাতা-চূর্ণ ; পানের সহিত খাইবার তামাক ।

জরদোজ (র্, জ্) [জরদোজী দ্রঃ] বিণ, যাহারা জরদোজীর কাজ করে ।

জরদোজী (র্) [ফা—জ়র্‌দোজ়ী] বি, মখমল এবং রেশম ও পশমের কাপড়ের উপর শল্মা-চুমকি প্রভৃতি জরির কাজ ।

জরদ্গব (জরদ্গব্) [জরৎ (জীর্ণ) যে গো । —কর্ম্মধা] বি, পুং, বৃদ্ধ বৃষ ; জীর্ণ ষণ্ড । প্র—"ওহে জরদ্গব তোমায় কি আর কব ।"

২। পৃথ্রবিশেষ। প্র—"উদর ভরণ লাগি এবে পাপী সব, লওয়ায় ঈশ্বর আমি মূলে জরদ্গব।"—চৈতন্যভাগবত। ৩। স্থবির অকর্ম্মণ্য ; ঢোসা। স্ত্রী. **জরদ্গবী** (জরদ্‌গোবি) [জরতী (প্রাচীনা) যে গবী—কর্ম্মধা বি. বৃদ্ধগবী।

জরা [জৄ (জীর্ণ হওয়া) + অ (ভাবে—অঙ্) আপ্] বি. স্ত্রী. জীর্ণাবস্থা ; জরতী ; বৃদ্ধাবস্থা বার্দ্ধক্য। ২। জরারাক্ষসী। ৩। ষষ্ঠীদেবী।

জরা [জৄ = জর্ + আ (ক্রিয়ার), উ-পু—জরি ম-পু—জর ; জরুন্, জর্। প্র-পু—জরে জরেন। অস-ক্রি—জরিতে ; জরিয়া ; জরে (জোরে)। ণিজন্ত—জরান] ক্রি. জীর্ণ হওয়া ২। হজম হওয়া ; পরিপাক হওয়া। প্র—"কেমন করিয়া দেখ পেটে ভাত জরে।"
—শিবায়ন।

জরাগ্রস্ত (জরাগ্রোস্‌তো) [জরা দ্বারা গ্রস্ত —৩তৎ] বিণ. বার্দ্ধক্যদশাপ্রাপ্ত ; বার্দ্ধক্য-পীড়িত ; জীর্ণ।

জরান (নো) [জরা দ্রঃ। উ-পু—জরা ম-পু—জরাও ; জরান ; জরা। প্র-পু—জরায় ; জরান ; অস-ক্রি—জরাইতে ; জরাইয়া ; জরিয়ে] ক্রি. জীর্ণ করা। প্র—আম লবণে জরান।

জরায়ু [জৄ (জীর্ণ হওয়া)] বি. পুং. গর্ভ ; ভ্রূণ ; womb.

জরায়ুজ (জরায়ুজ্) [জরায়ু—জ (জাত)] বিণ. যে সকল জীব জরায়ুতে জন্মগ্রহণ করে।

জরাসন্ধ (জরাশন্‌ধো) [জরা—রাক্ষসী দ্বারা সন্ধ (সংযোজিত)—৩তৎ] বি. পুং. মগধদেশের রাজা ; বৃহদ্রথের পুত্র। [দুই মাতার গর্ভ হইতে অর্দ্ধ অর্দ্ধ অঙ্গ প্রসূত হইলে সেই খণ্ডদ্বয় জরারাক্ষসী কর্ত্তৃক মিলিত হয় এবং তাহাতে জরাসন্ধের জন্ম হয়]।

জরি (জোরি) [ফা—জ়রী] বি. সোণালি বা রূপালির সূতা। প্র—"স্ত্রীর শ্রী অঙ্গে চেলি জরির নানা নক্সা আঁকা।"—দ্বিজেন্দ্র রায়।

জরিপ, জরীপ (জোরিপ্) [আ—জ়রীব—ক্ষেত্র পরিমাণ] বি. জমীর মাপ ; cadastral surveying.

জরিপ আমীন (জোরিপ্ আমীন্) বি. যে কর্ম্মচারী জমীর পরিমাণ করে।

জরিমানা (জোরিমানা) [আ—জুর্মানা] বি. অর্থদণ্ড ; fine.

জরী (জোরী) [জরা + ইন্ (অস্ত্যর্থে) = জরিন্ ১মা, ১ব] বিণ. জরাযুক্ত ; জীর্ণ ; বৃদ্ধ। [প্র, অ]। ২। বি. সোণার কাজ করা জিনিষ।

জরু (জোরু) [হি—জোরু] বি. স্ত্রী। প্র—গেল গরু জরু, তৃণ তরু কিছু নাহি আর।"—ঈশ্বরগুপ্ত।

জরুড় (জোরুড়্) [সং—জটুল (দ্রঃ)] বি. দেহস্থ রোমশ চক্রচিহ্নবিশেষ। প্র—"জননী বলেছে মোর জনক কনক গৌর, বাম নাসা উপরে আঁচিল। * * * * *
জরুড় দক্ষিণ করে কুন্তল সকল শিরে সদাই রুদ্রাক্ষমালা গলে।"—কবিক।

জরুর (জোরুর্) [আ—জ়রূর্] ক্রি-বিণ. অতি প্রয়োজনীয় ; বিশেষ দরকারী। ২। নিশ্চয়।

জরুরৎ (জোরু—) [আ—জ়রূরৎ] বি. প্রয়োজন।

জরুরী (জোরুরি) [আ—জ়রূরি] বিণ. অত্যন্ত দরকারী ; একান্ত প্রয়োজনীয়। প্র—জরুরী কাজ ছিল বলে সে তাড়াতাড়ি চলে গেল।

জর্জ্জর (র্) [জৄ (জীর্ণ হওয়া) + অ—নিপাতনে দ্বিত্ব] বিণ. জর্জ্জরিত ; জীর্ণ ; জরজর। প্র—"পাপে তাপে কলেবর, হয়েছে জর্জ্জর যাতনা ত আর সহেনা নাথ।"—রায় কালী প্রসন্ন ঘোষ।

জর্জ্জরিত (জর্‌জোরিতো) [জর্জ্জ্ (জীর্ণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহাকে জীর্ণ করা হইয়াছে।

জর্জ্জরীক (জর্‌জোরিক্) [জর্জ্জর + ঈক] বিণ. ঝাঁঝরা। ২। জীর্ণ।

জর্জ্জরীকৃত (জর্‌জোরীকৃতো) [জর্জ্জর—কৃ (করা) + ত (কর্ম্মে—ক্ত) ঈ (চ্বি) আগম, অভূততদ্ভাবার্থে] বিণ. যাহাকে ঝাঁঝরা করা হইয়াছে ; জীর্ণীকৃত।

জর্জ্জরীভূত (জরজোরীভুতো) [জর্জ্জর—ভূ (হওয়া) + ত (কর্ম্মে—ক্ত) ঈ (চ্বি) আগম, অভূততদ্ভাবার্থে] বিণ. যাহা জীর্ণ হইয়াছে।

জর্ডন (জড়্‌ডন্) [ইং—Jordon শব্দজ] বি. খ্রীষ্টানদিগের পবিত্র নদী ; প্যালেষ্টাইনের ভিতর দিয়া প্রবাহিতা ; এই নদীর জল স্পর্শ করাইয়া খ্রীষ্টধর্ম্মে দীক্ষিত করা হয়। প্র—"জর্ডনের জলে কভু নাহি পরিত্রাণ"—চন্দন।

জর্ণাল (ল্) [ইং—journal] বি. মহাজন-সওদাগরদিগের কারবারের দৈনিক হিসাব যাহাতে থাকে ; সাময়িক পত্র ; ম্যাগাজিন।

জর্দ্দা (জর্‌দা) [ফা—জ়র্দা] বিণ. পীতবর্ণ ; হরিদ্রা রং। ২। জাফ্রাণ বা হরিদ্রা যোগে পীতবর্ণ মিঠা পোলাও। ৩। পানের সঙ্গে খাইবার সুগন্ধি তামাক।

জল (ল্) [জল্ (আচ্ছাদন করা) + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—অল্)] বি. ক্লী. বারি ; সলিল ; পয়ঃ ; তোয় ; পানীয়। ২। বিণ. শীতল। ৩। তরল। ৪। ব্যর্থ ; নষ্ট। প্র—টাকা গুলা সব জল হয়ে গেল। বিণ. **জলো**—জল যুক্ত। প্র—"জোলো দুধে পুষ্টদেহ তেলে জলে নেয়ে" —হেমবন্দ্যো। **জল উঠা**—জল বাহির হওয়া। **জল করা**—জলবৎ তরল করা। ২। দ্রব করা। ৩। ক্রোধ শান্তি করা ; ঠাণ্ডা করা। ৪। লোকসান দেওয়া। **জল খসা**—(অশ্লীল) সঙ্গমজনিত যোনি হইতে রেতঃ নিঃসরণ ; জল ভাঙ্গা। **জল খাওয়া**—জলপান করা। ২। মিষ্টান্ন ভোজন করা ও জল পান করা। বিনয়ার্থে মিষ্টান্নের উল্লেখ না করিয়া কেবল জলের উল্লেখ। **জল খাবার**—জল ও মিষ্টান্ন। ২। মিঠাইয়ের সামগ্রী। **জল না গলা**—ছিদ্রশূন্যতা ; জল নির্গমনের পথ রুদ্ধতার ভাব। তাহা হইতে বদ্ধমুষ্টি হওয়া ; কৃপণতা। প্র—তাহার হাত হইতে জল গলে না। **জল গালা**—নিঙ্‌ড়াইয়া বা চাপ দিয়া বা উত্তাপ দিয়া জল বাহির করিয়া দেওয়া। **জল ছড়া দেওয়া, জল তড়তড়া দেওয়া**—জল ছিটান ; জল আছড়া দেওয়া। **জল গরম করা**—উত্তাপে জল উষ্ণ করা। **জল জুড়ান**—গরম করা জলকে শীতল করা। **জল দেওয়া**—চিতায় জল দান করা ; জলাঞ্জলি দেওয়া ; তর্পণ করা। ২। জলসেচন করা। প্র—গাছে জল দেওয়া। ৩। মরণ কালে গঙ্গাজল মুখে দেওয়া। **জল ঢালা**—প্রবল বেগে বৃষ্টি হওয়া। ২। প্রচুর জল ফেলা। **জল হওয়া**—বৃষ্টি হওয়া। **জল পড়া**—ক্রি. বৃষ্টিপাত হওয়া। ২। জল মন্ত্রপূত করা। ৩। বি. মন্ত্রপূত জল। **জল ভরণে**—জলপূর্ণ করিবার জন্য ; জল তুলিতে ; জল আনিতে। প্র—"যাতি হুঁ জল ভরণে"—বৈষ্ণব কবির গান। **জল ভাঙ্গা**—জল নিঃসরণ হওয়া। ২। জল উত্তীর্ণ হওয়া ; জল কাটিয়া পার হওয়া ; জলপূর্ণ স্থান দিয়া হাঁটিয়া যাওয়া। **জল তোলা**—কূপ, পুষ্করিণী, নদ্যাদি হইতে জল আনিয়া রাখা। **জল হাওয়া**—জলবায়ু ; আবহাওয়া। **জল সরা**—জল ব্যবহার করা। **জল সহা, জল সাধা**—বিবাহাদি কর্ম্মে প্রতিবেশীর গৃহ হইতে জল সংগ্রহরূপ মঙ্গলাচার করা। **জলঝড়**—বৃষ্টি ও ঝড় ; ঝঞ্ঝা। **জল মারা**—জলগালা দ্রঃ। **জল জীয়ন্ত,—জ্যান্ত**—জলে মাছ যেমন জীবন্ত ভাবে থাকে ; ধড়ফড়ে ; সজীব ও সবল। **জলকাদা**—বৃষ্টি এবং তাহার পতনে পথে কর্দ্দম। **জলপাত্র**—ঘটী, গেলাস প্রভৃতি জলাধার। ২। উপপত্নী ; রক্ষিতা। **জলতরঙ্গ**—জলের ঢেউ। ২। কোমল ও মধুর ধ্বনি বাদ্যবিশেষ ; জলপূর্ণ বাটীর কানায় কাঠির বাদ্য। **জলপান**—জল গলাধঃকরণ। ২। জলপানের নিমিত্ত লঘু খাদ্য ; জল খাবার। মুড়িমুড়কি, চিঁড়ে মুড়কি, খইমুড়কি, মটর কড়াই প্রভৃতি ভাজা। ৩। মিঠাইয়ের দ্রব্য। ৪। [বিনয়ার্থে] ঘৃতপক্ক আহারীয়।

প্র—জলপানের নিমন্ত্রণ। **জলপানি**—শিক্ষানবীশের বৃত্তি : পরীক্ষোত্তীর্ণ উৎকৃষ্ট ছাত্রের পুরস্কার স্বরূপ বৃত্তি। **জলযোগ**—জল পান দ্রঃ। **জলছবি**—যে ছবি জলে এক কাগজ হইতে কাগজান্তরে উঠান যায় ; transfer picture. **জলনালী**—নর্দ্দমা। **জল বিছাতি, বিছুটী**—প্রহারার্থ জলে ভিজান বিছুটী গাছ। **জল ভস্‌কা**—বেলে মাটি বা বালী জলযুক্ত হইলে যেরূপ ভস্‌ভস্ করিয়া নাবিয়া যায় ও জল উঠিয়া পড়ে তদ্রূপ যে জিনিষ চাপ দিলে টোল খায় ও জল বাহির হইয়া পড়ে। **জলসার**—যাহাতে কোন সারবস্তু নাই তাহাতে জলমাত্রই সার : নিরুপায় স্থলে উপায়। **জল শৌচ**- [গ্রা—জলশ্চোচ] মলত্যাগের পর জল দ্বারা মলদ্বার প্রক্ষালন। **জলছত্রে**—জল সত্র : তৃষ্ণার্ত্ত পথিকদিগকে জল খাওয়াইবার ব্যবস্থা। **জলদোষ**-কোষবৃদ্ধি রোগ। ২। উদরী রোগ। **জলপথ**—জলের উপর দিয়া যাইবার পথ : নদী পথ, সমুদ্র পথ ইত্যাদি। **ডুবে ডুবে জল খাওয়া**-ডুবিয়া জলপান করার মত অন্যের অজ্ঞাতসারে কার্য্য করা। **জলে ফেলা**—অপাত্রে দান করা। **জলে যাওয়া**-জল আনিতে যাওয়া। ২। বৃথা কার্য্যে ব্যয় হইয়া যাওয়া।

জলই, জলুই (জো) বি, গজাল : বড় প্রেক।

জলকণ্টক (জলোকন্‌টক্) [জল (জলজাত) কণ্টক (কণ্টকী ফল)] বি, পানিফল।

জলকর (ল, র্) [জলের কর (শুল্ক) ৬তৎ] বি, পুং, জমীর মধ্যে জলাশয়াদির রাজস্ব। ২। জলাশয় প্রতিষ্ঠার জন্য গৃহীত রাজকর। ৩। জলাভূমি। ৪। বিণ, জলোৎপাদক।

জলকষ্ট (জলোকশ্‌ট) [জল—কষ্ট, ৬তৎ] বি, জলাভাব জনিত ক্লেশ ; জলাভাব।

জলকাক (ল, ক্) [জলের কাক—৬তৎ] বি, পুং, পানিকৌড়ী পক্ষী।

জলকুক্কুটী (ল্) [জলের কুক্কুটী (মুরগী) ৬তৎ] বি, স্ত্রী, গাঙচিল।

জলকুন্তল (ল্) [জলের কুন্তল (কেশ) ৬তৎ] বি, পুং, শৈবাল।

জলক্রীড়া [জলেতে ক্রীড়া, ৭তৎ] বি, স্ত্রী, জলে সন্তরণাদি ক্রীড়া ; জলকেলি।

জলখেলা [সং—জলকেলি] বি, জলক্রীড়া। প্র—"ভাসল তরি সকালবেলা, ভাবিলাম এ জলখেলা।"—বঙ্কিম।

জলগণ্ড (জলোগনড) বি, জলাভূমি ; a swamp.

জলগণ্ডূষ (জলোগোনডুষ্) [জল—গণ্ডূষ] বি, জলপূর্ণ গণ্ডূষ ; জলের অঞ্জলি।

জলগর্ভ (জলোগরভ) [জল—গর্ভে (মধ্যে) যাহার, বহু] বি, জলপূর্ণ। স্ত্রী, **জলগর্ভা**—জলপূর্ণা। প্র—"হেমঝারি জলগর্ভা"—কবিক

জলচর (র্) [জলে—চর্ (গমন করা) + অ (কর্ত্তৃ—অচ্) ৭তৎ] বিণ, জলে চরে যে সকল জীব ; জলবিহারী। ২। বি, জলজন্তু।

[জল-চর্ + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = জলচারিন্ ১মা, ১ব, উপপদ] বিণ, জলে বিচরণকারী ; জলচর।

জলছত্র (জলছৎত্র) [সং—জলসত্র] বি, পথিকদিগের পিপাসা নিবারণার্থ প্রতিষ্ঠিত পানীয় জল রক্ষার স্থান।

জলজ (জলজ্) [জল-জ (জন্—জন্মান + অ, কর্ত্তৃ—ড) ন্ লোপ। যে জল হইতে জন্মে, উপপদ] বি, ক্লী, পদ্ম। ২। বিণ, জলোদ্ভব ; জলজাত ; জলীয়।

জলজন্তু (জলজোন্‌তু) [জলস্থিত যে জন্তু, কর্ম্মধা] বি, পুং, জলচর জীব ; aquatic animals.

জলটুঙ্গি (জলটুঙি) [জল-তুঙ্গী] বি, জলমধ্যস্থ গৃহ। প্র—"বামভাগে দুর্গামেলা, তার কাছে নাটশালা, সিংহদ্বার পূর্ব্বে জলাশয়। খিড়কি উত্তরভাগে, জলটুঙ্গি তার আগে, প্রতি বাড়ী কূপের সঞ্চয়॥"—কবিক।

জলডিম্ব (জলডিম্‌বো) [জলে স্থিত যে ডিম্ব—কর্ম্মধা] বি, পুং, শম্বুক ; শামুক।

জলতরঙ্গ (ল্) [জল—তরঙ্গ, ৬তৎ] জলের ঢেউ। ২। বাদ্যযন্ত্রবিশেষ। ৩। বি, ঢেউখেলান চুড়ী বা মল।

জলত্রা (জলৎত্রা) [জল-ত্রা (ত্রৈ=ত্রাণ করা + অ) কর্ত্তৃ-আপ্, স্ত্রী] বি, ছত্র ; পাল।

জলত্রাস (জলৎত্রাশ্) [জল হইতে ত্রাস—৫তৎ] বি, জলাতঙ্ক।

জলদ (দ্) [জল—দা (দান করা) + অ (কর্ত্তৃ—ক) আ লোপ, উপপদ] বি, পুং, যে জল দান করে ; মেঘ ; নীরদ ; বারিদ। প্র—"জলদপ্রতিম কণ্ঠে বুদ্ধ উত্তরিলা 'হয়েছি সম্বুদ্ধ আমি একক'।"—অমিতাভ। ২। মুস্তক। ৩। বিণ, জলদাতা, জলদানকারী।

জলদকাল (দ, ল্) [জলদের কাল—৬তৎ] বি, পুং, যে সময় মেঘ সঞ্চয় হয় ; বর্ষাকাল।

জলদাগম (ম্) [জলদের (মেঘের) আগম (আগমন, উদয়) বহু] বি, পুং, যে-কালে মেঘে আকাশ আচ্ছন্ন থাকে ; বর্ষাকাল।

জলদী (জোল্‌দি) [হি—জলদ্] ক্রি, বিণ, শীঘ্র। জল্‌দি দ্রঃ।

জলদুর্গ [জল মধ্যস্থিত বা বেষ্টিত যে দুর্গ—কর্ম্মধা] বি, ক্লী, জলবেষ্টিত দুর্গ ; গড়।

জলদেবতা [জল—দেবতা, ৬তৎ] বি, জলের অধিষ্ঠাত্রী দেবতা ; বরুণ।

জলদোষ (ষ্) [জল—দোষ] বি, উদরী ; dropsy. ২। কুরণ্ড ; hydrocele.

জলদ্রোণী (জলদ্‌দ্রোণী) [জলের দ্রোণী (সেচনপাত্র) ৬তৎ] বি, স্ত্রী, জলসেচনী ; নৌকার জল তুলিয়া ফেলিবার সিউনী। ২। ডোঙা।

জলধর (র্) [জল—ধৃ (ধারণ করা) + অ (কর্ত্তৃ-অচ্) যে জল ধারণ করে, উপপদ] বি, পুং, বারিধর ; বারিদ ; মেঘ। ২। সমুদ্র। ৩। বিণ, জলধারক ; জলধারী।

জলধরমালা (র্) [জলধরের (মেঘের) মালা (শ্রেণী) ৬তৎ] বি, স্ত্রী, মেঘপুঞ্জ ; মেঘশ্রেণী। ২। সংস্কৃত ছন্দোবিশেষ।

জলধারা [জল—ধারা] বি, জলের প্রবাহ। ২। বৃষ্টিধারা ; বারিধারা।

জলধি (জ লোধি) [জল—ধা (ধারণ করা) + ই (অধি—কি) যাহাতে জল ধারণ করে, উপপদ] বি, পুং, জলনিধি ; সমুদ্র। ২। সাগর পরিমিত রাশি ; শত লক্ষকোটী সংখ্যা। **জলধিসুতা** (জলোধিশুতা) বি, লক্ষ্মী। প্র—"দক্ষিণে জলধিসুতা বামে সরস্বতী"—কবিক।

জলধিজ (জলোধিজ্) [জলধি—জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ—ড) ন্ লোপ্। যে জলধি হইতে জন্মে ; উপপদ] বি, পুং, সমুদ্রোদ্ভব। ২। চন্দ্র। স্ত্রী, **জলধিজা**—বি, স্ত্রী, লক্ষ্মী ; সমুদ্র মন্থনকালে ইনি সমুদ্র হইতে উৎপন্ন হন।

জলনকুল (জলনোকুল্) [জলের নকুল (বেজি) ৬তৎ, কিম্বা জলস্থিত যে নকুল, কর্ম্মধা] বি, পুং, জলমার্জ্জার ; ভোঁদড়।

জলনালী, জলপ্রণালী [জলের নালী বা প্রণালী, ৬তৎ] বি, স্ত্রী, জল নির্গমনের পথ ; নর্দ্দমা।

জলনিধি (লো) [জলের নিধি (আশ্রয়) ৬তৎ] বি, পুং, বারিধি ; সমুদ্র।

জলনির্গম (ল, ম্) [জলের নির্গম হয় যাহা হইতে—বহু] বি, পুং, জল বাহির হইবার পথ ; জলনালী ; নর্দ্দমা। ২। [জলের নির্গম, ৬তৎ] জলের বহির্গমন ; জল নিঃসরণ।

জলনির্গমনী [জলের নির্গমন (বহির্নিঃসরণ) হয় যাহা হইতে—বহু। ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, জলনালী ; নর্দ্দমা।

জলনীলী [জল—নীল (নীলবর্ণ করা) + অ (কর্ত্তৃ—অল, সংজ্ঞার্থে) যে জলকে নীলবর্ণ করে—উপপদ। ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, শৈবাল।

জলন্ধর (র্) [জল—ধৃ (ধারণ করা) + অ (কর্ত্তৃ—খ) ম্ আগম ম্=ন, যে জল ধারণ করে, উপপদ] বি, পুং, অসুরবিশেষ। ২। পর্ব্বত। ৩। তীর্থবিশেষ।

জলপতি (পো) [জলের পতি, ৬তৎ] বি, পুং জলাধিপ ; বরুণদেব। ২। সরিৎপতি ; সমুদ্র।

জলপথ (থ্) [জলের পথ—৬তৎ] বি, পুং, জলনালী। ২। নদ্যাদি; জলযানে গমনাগমনের পথ।

জলপাই (ল্) [সং—জম্বুপাদপ] বি, ক্ষুদ্র আমড়ার মত ফলবান বৃক্ষবিশেষ; কোষাম্র: olive tree. ২। জলপাই গাছের ফল।

জলপান (জল্পান্) [জল—পান (সহচর শব্দ)] বি, জলখাবার দ্রঃ; জলযোগ; ভক্ষণ। ২। [সাধাঃ] মুড়ি মুড়কি; খই মুড়কি; চিঁড়ে মুড়কি। প্র—"আছিল ভিক্ষার শেষ পালি দুইখান। গণেশের মূষিক করিল জলপান॥"—কবিক। **জলপান করা**—জলযোগ করা; জলখাওয়া। প্র—"হাল ছাড়ি হালুয়া যবে করে জলপান। হেল্যাকে চরাণ হয় হয়ে যত্নবান॥"—শিবায়ন।

জলপানি (ল্) [জল—পানি] বি, শিক্ষা নবীশের শিক্ষাকালের বৃত্তি; ছাত্রের পুরস্কার স্বরূপ বৃত্তি।

জলপারাবত (ল্, ত্) [জলের পারাবত (কপোত) ৬তৎ কিম্বা জলস্থিত যে পারাবত কর্ম্মধা] বি, পুং-স্ত্রী, পানকৌড়ি; জলকাক।

জলপিপাসা (জল্পিপাশা) [জল—পিপাসা,-৬তৎ] বি, জলপান করিবার ইচ্ছা; জল তৃষ্ণা। প্র—"নদীর কূলে বসত ক'রে জল পিপাসায় মর কেন"—বাউলের গান।

জলপুষ্প (ল্) [জলের পুষ্প, ৬তৎ কিম্বা জলেতে জাত যে পুষ্প, কর্ম্মধা] বি, ক্লী, জলজ পুষ্প।

জলপ্রদান (জলঃপ্রোদান্) [জলের প্রদান, ৬তৎ] বি, ক্লী, মৃত ব্যক্তির উদ্দেশে জলদান; প্রেততর্পণ।

জলপ্রপা (জলঃপ্রোপা) [জলের প্রপা (পানশালা) ৬তৎ] বি, স্ত্রী, পানীয়শালা; দানগৃহ; জলছত্র।

জলপ্রপাত (জলঃপ্রোপাত্) [জলের প্রপাত (পতন) ৬তৎ] বি, পুং, জলপতন। ২। [জলের প্রপাত (পতন) হয় যাহা হইতে, বহু] বি, পুং, পর্ব্বতের উচ্চস্থান হইতে বহুদূরব্যাপী জলরাশির নিরন্তর পতন; a waterfall.

জলপ্রায় (জলপ্রায়্) বি, জলময়স্থান।

জলপ্রিয় (জলঃপৃয়) [জল হইয়াছে প্রিয় যাহার, বহু] বি, পুং, জলজীব। ২। চাতক পক্ষী। ৩। বিণ, যে জল ভালবাসে।

জলপ্লব (জলঃপ্লব) [জল—প্লু (গমন করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অল্) জলের মধ্যে যে গমন করে] বি, পুং, জলমার্জ্জার; উদ্বিড়াল।

জলপ্লাবন (জলঃপ্লাবন্) [জল দ্বারা প্লাবন (ব্যাপ্তি) ৩তৎ] বি, ক্লী, বন্যা।

জলপ্লাবিত (জলঃপ্লাবিতো) [জল দ্বারা প্লাবিত (মগ্ন) ৩তৎ] বিণ, জলাবৃত: জলমগ্ন; জলে আচ্ছন্ন।

জলবন্ধক (ক্) [জলের বন্ধক, ৬তৎ] বি, পুং, জল-প্রবাহ-রোধক: বাঁধ।

জলবল্কল (—বল্কল্) [জলের বল্কল (ছাল) ৬তৎ] বি, পুং, জলের পানা।

জলবাতাস (ল্, শ্) জলহাওয়া দ্রঃ।

জলবায়স (ল্, শ্) [জলের বায়স (কাক) ৬তৎ] বি, পুং, পানিকৌড়ি।

জলবাহ [জলের বাহ, জল—বহ্ (বহন করা) + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—ঘঞ্) = যে জল বহন করে, ৬তৎ] বি, পুং, বারিবাহ; মেঘ। ২। বিণ, বারিবাহক; জলবাহনকারী।

জলবিড়াল (ল্, ল্) [জলস্থিত যে বিড়াল, কর্ম্মধা] বি, পুং, জলমার্জ্জার; ভোঁদড়।

জলবিম্ব [জলের বিম্ব—৬তৎ] বি, পুং, জলের বুদ্বুদ।

জলবুদ্বুদ (দ্) [জলের-বুদ্বুদ (বিম্ব) ৬তৎ] বি, ক্লী, জলবিম্ব।

জলব্যাল (জলব্যাল্) বি, ঢোঁড়াসাপ; জলঢোঁড়া।

জলভীতি [জলত্রাস দ্রঃ] বি, যে রোগে জল দেখিলে ভয় হয়; জলাতঙ্ক; hydrophobia.

জলমগ্ন (জলমগ্ন্) [জলে—মগ্ন, ৭তৎ] বিণ, জলে নিমজ্জিত; যে জলে ডুবিয়াছে; জলপ্রবিষ্ট।

জলময় (জলময়্) [জল+ময় (প্রাচুর্য্যার্থে —ময়ট্)] বিণ, জলপূর্ণ; জলপ্লাবিত।

জলমার্গ (জল্মারগো) [জলের মার্গ (পথ) ৬তৎ] বি, পুং, পয়ঃপ্রণালী; জল বাহির হইবার নালা। ২। জলপথ।

জলমার্জ্জার (জলমারজার্) [জলস্থিত যে মার্জ্জার, কর্ম্মধা, কিম্বা জলের মার্জ্জার—৬তৎ] বি, পুং, ভোঁদড়; উদ্বিড়াল।

জলমূর্ত্তি [জলের মূর্ত্তি (আকৃতি), ৬তৎ] বি, স্ত্রী, জলের আকার। ২। [জল হইয়াছে মূর্ত্তি (আকৃতি) যাঁহার, বহু] বি, পুং, সর্ব্বব্যাপী বলিয়া শিব।

জলযন্ত্র (জলোজন্ত্রো) [জলের যন্ত্র (কল) ৬তৎ] বি, ক্লী, জল তুলিবার কল; ধারাযন্ত্র; ফোয়ারা। ২। কালজ্ঞাপক ঘটিযন্ত্রবিশেষ; জলঘড়ি। ৩। পিচকারী। প্র—"আর যত গ্রামের সম্বন্ধে তারা ভাই। জলযন্ত্র লইয়া সবে আইল ধায়া ধাই॥"—কবিক। **জলযন্ত্রগৃহ, জলযন্ত্রমন্দির**—গ্রীষ্মকালে বাসার্থ জলের ফোয়ারাযুক্ত গৃহ। ২। জলটুঙ্গি।

জলযাত্রা (জলজাৎত্রা) [জলের নিমিত্ত যাত্রা (গমন)—৪তৎ] বি, স্ত্রী, জল আনিবার জন্য গমন।

জলযান (—জান্) [জলেতে যান (গমনসাধন) ৭তৎ] বি, ক্লী, জলে গমন-সাধন; নৌকাদি।

জলসওয়া (জলশওয়া) [জল—সওয়া (সাধা)] ক্রি, জলসাধা: বিবাহাদি উপলক্ষে সধবাগণের বাড়ী বাড়ী জলসংগ্রহরূপ মাঙ্গলিক অনুষ্ঠান করা। প্র—"যোড় হয়ে জল স'য়ে মঙ্গলিলা হাঁড়ী। হেনকালে হইল বরের তড়বড়ি।"—শিবায়ন। ২। জল সহ্য হওয়া।

জলসিক্ত (জলশিক্ত) [জল দ্বারা সিক্ত, ৩তৎ] বিণ, জলার্দ্র।

জলসেক (জলশেক্) [জল—সেক, ৬তৎ] বি, জলসিঞ্চন: জলঝাছড়া। গরমজলে ফ্লানেলাদি কাপড় ভিজাইয়া তাহার স্বেদ বা উত্তাপ দান: fomentation.

জলস্তম্ভ (জলস্তম্ভ্) [জল—স্তম্ভ, ৬তৎ] বি, পুং, জলের স্তম্ভ: নদী ও সমুদ্র গর্ভ হইতে স্তম্ভাকারে উৎক্ষিপ্ত বা আকাশ হইতে জলগর্ভে পতিত জলরাশি।

জলস্রোত (জলস্রোত্) [জল—স্রোত, ৬তৎ] বি, জলপ্রবাহ।

জলহরণ (ন্) [জল—হরণ, ৬তৎ] বি, ক্লী, জলবাহন; জলাহরণ।

জলহরি (জলহোরি) [জলস্থিত যে হরি, কর্ম্মধা] বি, পুষ্করিণী: সরোবর। প্র—"পিড়কি উত্তরভাগে জলহরি তার আগে প্রতিবাড়ী কূপের সঞ্চয়।"—কবিক।

জলহস্তী (জলহোস্তি) [জলস্থিত যে হস্তী (হস্তিন্ শব্দজ) হাতী] বি, পুং, হস্তিতুল্য কিন্তু তদপেক্ষা ক্ষুদ্রাকার জলজন্তুবিশেষ।

জলহারক (ক্) [জল—হৃ (হরণ করা) +অক (কর্ত্তৃ)] বিণ, জলবাহক: জলের ভারি।

জলা [জল+আ (বিশিষ্টার্থে)] বিণ, যে নিম্নভূমি প্রায় জলময় থাকে; কচ্ছ; বিল: swamp. ২। বিণ, জলময়।

জলাকা—জলৌকা দ্রঃ।

জলাঞ্জলি (জলান্জোলি) [জলের—অঞ্জলি (আঁজলা)—৬তৎ] বি, পুং, জলগণ্ডূষ; অঞ্জলি প্রমাণ জল। ২। মৃতের তৃপ্ত্যর্থ চিতায় জলদান। ৩। তর্পণ। ৪। সম্বন্ধত্যাগ। ৫। [জলাঞ্জলি দিয়া মৃতের সহিত সকল সম্বন্ধ ত্যাগের ভাব হইতে] ত্যাগ। ৬। বিদায়। প্র—"প্রেমাধীনা নারীকুল ডরে কিহে দিতে জলাঞ্জলি, মঞ্জুকেশি।"—বীরাঙ্গনা কাব্য। ৭। নষ্ট; অপব্যয়।

জলাতঙ্ক (জলাতংকো) বি, কুকুরে কামড়াইলে এই রোগ হয়; যে রোগে জল দেখিলেই আতঙ্ক উপস্থিত হয়। প্র—"জলাতঙ্কে করে প্রাণে আতঙ্ক সঞ্চার।"—কুসুম।

জলাত্মক (জলাৎতোক্) [জল হইয়াছে আত্মা যাহার—বহু, ক যোগ] বি, জলস্বরূপ ২। জলময়। স্ত্রী. **জলাত্মিকা**।

জলাত্যয় (জলাত্তোয়্) [জলের অত্যয় (নাশ) হয় যে কালে, বহু] বি, পুং, যে কালে বৃষ্টিজল থাকে না; শরৎকাল। ২। ক্লী, জলনিঃসরণ।

জলাধার (র্) [জলের আধার (আশ্রয়) ৬তৎ] বি, পুং, জলাশয়। ২। জলধি; সাগর। ৩। জলপাত্র।

জলাধিপ (প্) [জলের অধিপ (অধিপতি) ৬তৎ] বি, পুং, বরুণ। ২। সমুদ্র।

জলাধিপতি (পো) বি, জলাধিপ দ্রঃ।

জলাবর্ত্ত [জলের—আবর্ত্ত (ঘূর্ণন) ৬তৎ বি, পুং, জলের ঘূর্ণা; জলভ্রমি; জলের পাক; a whirlpool.

জলারাঙ্গি [প্রাদে] বি, ধান্যবিশেষ। প্র—"কোটা মেটা রাঙ্গগড় তোজনা আর বোর কোঙরভোগ জলারাঙ্গি আর কনকচুর।"—শূন্যপুরাণ।

জলার্ক [জলগত যে অর্ক—কর্ম্মধা] বি, পুং, জলসূর্য্য; জলে প্রতিবিম্বিত সূর্য্য।

[জল—অর্থ্ (প্রার্থনা করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=অর্থিন্ ১মা, ১ব] বিণ, যে জল প্রার্থনা করে; জলাভিলাষী; তৃষ্ণার্ত্ত; পিপাসাকুল; তৃষিত।

জলার্দ্র [জলদ্বারা আর্দ্র (ভিজা) ৩তৎ] বিণ, জলসিক্ত। স্ত্রী. **জলার্দ্রা**।

জলাশয় (য়্) [জলের আশয় (আধার) ৬তৎ, জল—আ (সম্যক্) শী (শয়ন করা) +অ (অধি—অল্)] বি, পুং, যথায় জল থাকে; জলাধার; সমুদ্র; নদী, পুষ্করিণী প্রভৃতি।

জলাশয়োৎসর্গ (জলাশয়োৎশর্গ) [জলাশয়ের উৎসর্গ, ৬তৎ] বি, পুং, দীর্ঘিকা, পুষ্করিণী, কূপ আদির প্রতিষ্ঠা।

জলুই (জো) জলই দ্রঃ।

জলুকা, জলূকা (জো) জলৌকা দ্রঃ।

জলুয়া [গ্রা—জলো। জল+উয়া (যুক্তার্থে)] বিণ, জলময়; জলযুক্ত। ২। পাত্‌লা।

জলুস (জোলুশ্) [আ—জুলুস্=সিংহাসনে অভিষেক, (২) জাঁকজমক; তাহা হইতে তদুপলক্ষে চতুর্দ্দিকে সাজসজ্জা দীপাদিতে আলোকিত করণের ভাব] বি, জমক। ২। ঔজ্জ্বল্য।

জলেচর (র্) [জলে—চর (যে গমন করে) —অলুক, ৭তৎ] বি, পুং, জলজন্তু।

জলেশ (শ্) [জলের ঈশ (প্রভু) ৬তৎ] বি, পুং, জলধি; সমুদ্র। ২। জলের অধিষ্ঠাতা দেবতা; বরুণ; বারীশ। প্র—"কি কারণে, কহ লো সজনি, সহসা জলেশ পাশী অস্থির হইলা?"—মেঘনাদ।

জলেশ্বর (জলেশ্‌শর্) [জলের ঈশ্বর (প্রভু) ৬তৎ] বি, পুং, জলাধিপতি বরুণ। ২। সমুদ্র। ৩। শিব। স্ত্রী. **জলেশ্বরী**—বরুণপত্নী; বরুণানী। প্র—"অনুমতি দেহ, জলেশ্বরী, তরঙ্গিণী বিমল-সলিলা আছে যত ভবতলে কিঙ্করী তোমারি"—মেঘনাদ।

জলোচ্ছ্বাস (জলোচ্‌ছাশ্) [জলের উচ্ছ্বাস —৬তৎ] বি, পুং, জলের স্ফীতি; জোয়ার।

জলোদর (র্) [জল হয় উদরে যাহা হইতে, বহু] বি, স্ত্রী, উদরী রোগ।

জলোদ্ভব (ব) [জল হইতে উদ্ভব যাহার, বহু] বি, অগ্নি। প্র—"ঘৃত পাইলে যেইমত অলে জলোদ্ভব।"—মহা—কাশী। ২। জলসম্ভব; জলোৎপন্ন। স্ত্রী. **জলোদ্ভবা**।

জলৌকা [জল হইয়াছে ওকস্ (বাসস্থান) যাহার, বহু] বি, স্ত্রী, জোঁক। প্র—"কি দিব কচ্ছপ তুলা শশা হেন মশা গুলা জলৌকা কুঞ্জর শুণ্ডাকার।"—কবিক।

জল্‌দি, জল্‌দী (জোল্‌দি) [ফা—জলদী] ক্রি-বিণ, শীঘ্র।

জল্প, জল্পন (জল্‌পো) [জল্প্ (জল্পনা করা)+অ, অন (ভাবে—অল্, অনট্)] বি, পুং, জল্পনা দ্রঃ।

জল্পক (ক্) [জল্প+অক (কর্ত্তৃ)] বিণ, জল্পনাকারী; প্রগল্‌ভ; বাচাল।

জল্পনা (ন্) [জল্প্ (বৃথা বাক্যব্যয় করা)+অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, প্রগলভতা; বৃথাবাক্যব্যয়ী; বাচালতা। ২। প্রস্তাবনা।

জল্পিত (জো) [জল্প্+ত (ক্ত, কর্ম্মে)] বিণ, যে বিষয়ে জল্পনা করা হইয়াছে। ২। উক্ত; কথিত; ভাষিত। ৩। প্রস্তাবিত।

জল্লাদ (দ্) [ফা—জল্লাদ] বি, ঘাতক; রাজদণ্ডে দণ্ডিত অপরাধীর শিরশ্ছেদনকারী। ২। নির্দ্দয়; নিষ্ঠুর।

জশম, জসম (ম্) [হি] বি, বাহুভূষণবিশেষ।

জসদ (জশদ্) [রাসাঃ পরিঃ। সং—যশদ] বি, রসক; রূপ্যভ্রাতা; রাজত; ত্রোটক; রঙ্গাভ; zinc.

জস্তা (জশ্‌তা) জসদ দ্রঃ।

জহর (র্) [ফা—জহর্] বি, বিষ; গরল। ২। জ্যোতির্ম্ময় প্রস্তরবিশেষ।

জহরৎ [মূল শব্দ ফা—গওহর, তাহা হইতে আ—জওহর্। তাহার বহুবচনে, জওহরাত্] বি, মণিরত্নাদি; বহুমূল্য প্রস্তরসমূহ; jewels.

জহরব্রত (জহর্‌ব্রোতো) বি, রাজপুত রমণীদিগের সতীত্ব রক্ষার্থে অগ্নিকুণ্ড করিয়া তাহাতে আত্মসমর্পণরূপ ব্রত।

জহরী, জহুরী [ফা—জওহরী]।

জহান (জ্‌াহান্) [ফা] বি, পৃথিবী।

জহুরি (জোহুরি) [ফা—জওহরি] বি, যে জহরতের কারবার করে; যে জহরতের দোষ গুণ ও মূল্যাদি নিরূপণ করিতে পারে। প্র—"লাল নীল মণি যেন জহুরি দোকানে"—অশোকগুচ্ছ।

জহ্নু (জোন্‌হু) বি, পুং, সুহোত্রের পুত্র রাজর্ষি জহ্নু। ২। বিষ্ণু।

জহ্নুকন্যা (জোন্‌হুকোন্‌ন্যা) [জহ্নুমুনির কন্যা—৬তৎ। পুরাণে উক্ত হইয়াছে যে ভগীরথ আনীত গঙ্গাপ্রবাহে তপোবন প্লাবিত হইলে রাজর্ষি জহ্নু গঙ্গাকে পান করিয়া ফেলেন। পরে ভগীরথ স্তবে তুষ্ট করিলে মুনি তাঁহার জানুদেশ বিদারণ করিয়া গঙ্গাকে বাহির করেন। তদবধি গঙ্গা তাঁহার কন্যাপদবাচ্যা] বি, স্ত্রী, জাহ্নবী; গঙ্গা।

জহ্নুতনয়া (জোন্‌হুতনয়া) জহ্নুকন্যা দ্রঃ।

জহ্নুসপ্তমী (জোন্‌হুশপ্তমী) বি, বৈশাখী শুক্লাসপ্তমী; যে দিবস জহ্নুমুনি গঙ্গাকে পান করিয়াছিলেন।

জহ্নুসুতা (জোন্‌হুশুতা) বি, স্ত্রী, জহ্নুকন্যা দ্রঃ।

জা [সং—জ=জা=জাত। তুল—ফা—জা= জাদা=জাত, born. (২) পুত্র। তাহা হইতে বাং-র—জা=পুত্র] বি, সন্তান; নন্দন; পুত্র। প্র—"দত্তজা (বাড়ির কর্ত্তা) সে মধ্যাহ্নকালে"—অশোকগুচ্ছ। ২। [সং —যাতৃ] যা দ্রঃ। ৩। [গমনার্থক] যা দ্রঃ। প্র—"যোজন শত জাঅ"—শূঃ পুঃ। [দ্রঃ—প্রা-বাং—বা বাং—প্রাকৃতে যা স্থলে জা]।

জাঅ [জা দ্রঃ। প্রা-বাং] ক্রি, যায়; গমন করে। প্র—"ছুটিল পরম হংস জোজন শত জাঅ। ঠাকুর উলুকে ছুহ উঠিয়া রহাঅ"—শূন্যপুরাণ।

জাই [প্রা-বাং। ওড়ি—জাই, গ্রা-হি—জাহী; সং—জাতি] বি, জাতিপুষ্প; চামেলী; jasmine; jasminum grandiflora. প্র—"জাই জুই তুলেত পুজিবাক নিরঞ্জন; নানা পুষ্প তুলে বড়ু করিঞা লিখন।"—শূন্যপুরাণ।

জাইগীর (র্) জায়গীর দ্রঃ।

জাইগীরদার (র্, র্) জায়গীরদার দ্রঃ।

জাইদাদ (দ্)—জায়দাদ দ্রঃ।

জাউ [সং—যবাগু] বি, মণ্ড; মাড়। প্র—"চারি হাঁড়ী মহাবীর খায় খুদ জাউ। ছয় হাঁড়ি মসুর সুপ মিশাইয়া লাউ॥"—কবিক।

জাওয়ান (নো) [জীবন হইতে জীবা—জীবান হি—জীউ, জীউআনা। উ-পু—জাওয়াই।

ম-পু—জাওয়াও ; জাওয়ান ; জাওয়া। প্র-পু—জাওয়ায় ; জাওয়ান। অস-ক্রি—জাওয়াইতে ; জাওয়াইয়া ; জাইয়ে] ক্রি, জীবন দেওয়া ; প্রাণ দেওয়া ; বাঁচান। ২। বাঁচাইয়া রাখা ; জীবিত রাখা। প্র—গামলা বা কলসীর জলে মাছ জাওয়ান। ৩। মজুত রাখা ; প্রয়োজনের সময় ব্যবহার করিবার জন্য তুলিয়া রাখা।

জাওর (র্) [জাবরও বলে। জীর্ণার্থক জৃ ধাতুজ] বি, গিলিত বস্তু উদ্গার করিয়া পুনঃ চর্ব্বণ ; গিলিতচর্ব্বণ। **জাওর কাটা**—গো-জাতীয় জন্তু কর্ত্তৃক গিলিত খাদ্য চর্ব্বণ করা ; রোমন্থন করা ; চর্ব্বিত চর্ব্বণ করা। ২। [লক্ষণায়] একই বিষয়ের পুনঃপুনঃ উত্থাপন বা আলোচনা করা।

জাওলা [জীব—জীউ+বালা (ওয়ালা=ওলা)—জল হইতে তুলিলে যে মাছ শীঘ্র মরে না ; তুল—হি—জান্দার] বি, শোল, শাল, কৈ, সিঙ্গী, মাগুর প্রভৃতি যে সকল মাছ জাওয়ান (দ্রঃ) থাকে ; যে মাছ গৃহে কলসাদি জলপাত্রে অর্থাৎ তোলা জলে বাঁচাইয়া রাখা যায়। ২। জাওলা মাছ ধরা যন্ত্রবিশেষ ; জাওলা ধরিবার যন্ত্র দণ্ড ও টোপগাঁথা সূতা। ডোবা পুষ্করিণী প্রভৃতি জলাশয়ের ধারে ঐ ছিপ পুঁতিয়া টোপ জলের স্বল্প নিম্নে ডুবাইয়া রাখিয়া দেওয়া হয়।

জাঁওয়াতি [সং—জন্মপত্রিকা, জন্মপাতি] বি, জন্মপত্রিকা। প্র—"দীপিকা ভাস্বতি ধরে শাস্ত্র বিচার করে বালকের লেখে জাঁওয়াতি।"—কবিক।

জাঁক (ক্) [প্রাদে, জমক দ্রঃ] বি, সমারোহ ; আড়ম্বর। ২। স্পর্দ্ধা ; দম্ভ। প্র—"কোথা যায় নাট গীত কোথা যায় জাঁক"—চৈ, ভা। ৩। চাপ। **জাঁক করা, —দেখান**—গর্ব্ব প্রকাশ করা। বিণ, জেঁকো।

জাঁকজমক (জাঁক্‌জমোক্) [জাঁক দ্রঃ] বি, ঘটা ; আড়ম্বর ; সমারোহ। প্র—"জাঁকজমকে করলে পূজা অহঙ্কার হয় মনে মনে"—রামপ্রসাদ। "হুকসাহেবের সখের বাজার ক্যাসো জমকজাঁক"—অমৃতবসু।

জাঁকড় (ড়্) [হি—জাকড়্] বি, পরীক্ষার্থ গৃহীত পণ্যের ক্রয় বা ফেরত উভয় সম্ভাবনা ; পণ্য পরীক্ষার্থ গ্রহণকালে মূল্য জমা রাখা ও পণ্য ফেরত হইলে মূল্য ফেরতের অঙ্গীকার ; ফিরাইয়া লইবার সর্ত্ত। **জাঁকড় বহি**—যে বহিতে জাঁকড়ে জিনিষ দিবার হিসাব থাকে। ২। পাকা হিসাবের খাতা।

জাঁকড়ান (জাঁক্‌ড়ানো) ক্রি, জাঁকা দ্রঃ।

জাঁকা [জমক দ্রঃ। হি—জকড়্‌না। উ-পু—জাঁকি। ম-পু—জাঁক। প্র-পু—জাঁকে। অস-ক্রি—জাঁকিতে ; জাঁকিয়া ; জেঁকে। ণিজন্ত—জাঁকান] ক্রি, জম্‌কিয়া বসা ; চাপিয়া বসা ; চাপা। প্র—"মাংস চুরি করিয়া মাধব ঠেলে শাঁখা। কড়কড় করে কর যত যায় জাঁকা॥"—শিবায়ন। ২। আঁটিয়া ধরা ; কামড়িয়া ধরা।

জাঁকান (জ্‌াকান্) [জাঁকা দ্রঃ। হি—জকড়্‌না] বি, চাপ ; ভার। প্র—"জাঁকানে মরিয়া যাবে যাও বারি (বাহির) হ'য়ে"—শিবায়ন।

জাঁকান (নো) [জাঁক দ্রঃ। উ-পু—জাঁকাই। ম-পু—জাঁকাও ; জাঁকান্ ; জাঁকা। প্র-পু—জাঁকায় ; জাকান। অস-ক্রি—জাঁকাইতে ; জাঁকাইয়া, জাঁকিয়ে] ক্রি, জাঁকজমক করা ; সমারোহ করা ; জমকাল হওয়া।

জাঁকার (র্) [সং—ঝঙ্কার—ঝাঁকার—জাকার] বি, ঝঙ্কার। ২। উচ্চ চীৎকার।

জাঁকাল (লো) [জাঁক (দ্রঃ)+আল (যুক্তার্থে)] বিণ, জমকাল ; আড়ম্বরপূর্ণ।

জাঁকুয়া, জেঁকো [জাঁক (দ্রঃ)+উআ] বিণ, যে জাঁক করে ; গর্ব্বকারী ; অহঙ্কৃত।

জাঁত (ত্) [সং—যন্ত্র। জাঁতা (দ্রঃ)—জাঁত] বি, জাঁতা ; ভস্ত্রা। ২। যন্ত্র ; কল। ৩। স্বর্ণ রৌপ্যাদির তার টানা সচ্ছিদ্র লৌহপাত যন্ত্র।

জাঁতা [যন্ত্র শব্দজ। জাঁত দ্রঃ] বি, পেষণ যন্ত্র। ২। অগ্নি প্রজ্বালনার্থ যন্ত্রবিশেষ। প্র—"বসিবার বাঘছালে জাঁতা দিউক তেয়্যা। পাবকে ফেলুক প্রেত চিতাঙ্গার বয়্যা"—শিবায়ন। "জীঅন্ত মিগীর ছাল ছাড়িআ লইল। বাতাস মণ্ডল জাঁতা ছাইআ লইল॥"—শূন্য পুরাণ।

জাঁতা [জাঁত (দ্রঃ)+আ (বাং-ক্রিয়া বিভক্তি) উ-পু—জাঁতি। ম-পু—জাঁত। প্র-পু—জাঁতে। অস-ক্রি—জাঁতিতে ; জাঁতিয়া। ণিজন্ত—জাঁতান] ক্রি, যন্ত্রে ফেলা ; কলে ফেলা ; জাঁত যন্ত্রে ফেলিয়া চাপ দেওয়া বা আকর্ষণ করা ; যন্ত্র যোগে চাপা ; চাপিয়া টানা। প্র—"জাঁতিয়া গাঁথিয়া সোণা সাঁড়াশীতে টানে গুণা, নিরূপণ সূতার সঞ্চার"—কবিক। ২। চাপ দেওয়া।

জাঁতান (ন্) বি, জাঁতা দ্রঃ।

জাঁতান (জাঁতানো) [জাঁতা দ্রঃ] ক্রি, চাপান।

জাঁতী [সং—যন্ত্রী] বি, গুপারি কাটিবার অস্ত্র।

জাঁতীকল—ইঁদুর ধরিবার কলের প্রকার ভেদ ; জাঁতীর মত কল।

জাঁদরেল (জাঁদরেল্) [ইং—general] বি, সেনাপতি ; সেনার অধিনায়ক ; বীর। প্র—"জাঁদরেল কালু ঘোষ"। "শাস্তি যে বড় বীর ভারি জাঁদরেল"—আনন্দমঠ। ২। জাঁকান ; জমকাল। ৩। জবরদস্ত।

জাঁহাপনা [জাহাঁপনা দ্রঃ] বি, পৃথিবীপতি ; সম্রাট্। প্র—"মানসিংহ যোড়হাতে অঞ্জলি বান্ধিয়া মাতে কহে জাঁহাপনা সেলামত"—অন্নদামঙ্গল।

জাঁহাবাজ (জ্) [ফা—জাহান—বাজ্] বিণ, দুনিয়াদার। ২। দুর্দ্দান্ত। ৩। অসমসাহসিক।

জাক [ব্রজ—যাক। প্রা-বাং। আধু-বাং—যাকে] স, যাহাকে। প্র—"আঙ্কি জাক জনমাইব তাক দিও ঠাঁই।"—শূন্যপুরাণ।

জাকর—জাঁকড় দ্রঃ।

জাগ (গ্) [জাগা দ্রঃ] বি, পাক ধরাইবার জন্য উত্তাপ ; ফল পাকাইবার মত উষ্ণতা বা উষ্ণবীর্য্য আবরণ। **জাগ দেওয়া**—গরমে পাকান ; পাকাইবার জন্য পাতা প্রভৃতি দিয়া ফল ঢাকিয়া রাখা।

জাগন (জাগোন্) [জাগা দ্রঃ] বি, নিদ্রাভঙ্গ ; জাগরণ।

জাগন্ত [জাগ্রত হইতে। তুল—ঘুমন্ত ; জীবন্ত] বি, জাগ্রৎ ; জাগরণশীল ; যে জাগিয়া আছে। [বিপরীতে ঘুমন্ত]।

জাগর (র্) [জাগৃ (জাগিয়া থাকা)+অ (সংজ্ঞার্থে—অল্)] বি, পুং, ধর্ম্ম। ২। জাওর ; জাবর ; the cud. ৩। বিণ, জাগ্রৎ ; জাগন্ত।

জাগরণ (ন্) [জাগৃ (জাগিয়া থাকা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অনিদ্রা ; নিদ্রারাহিত্য। ২। সতর্কতা ; অপ্রমাদ। ৩। কীর্ত্তনের অঙ্গবিশেষ। প্র—"এতদূরে পালা গীত হইল সমাপন। অতঃপর রজনীতে গাব জাগরণ॥" ৪। ধর্ম্মপূজাদি উৎসব শেষের পূর্ব্বরাত্রি।

জাগরিত [জাগৃ+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিনিদ্র ; যে জাগিয়া আছে ; যে নিদ্রা যায় নাই ; যাহার নিদ্রা ভঙ্গ হইয়াছে।

জাগরিতা [জাগৃ+তৃ (কর্ত্তৃ—তৃচ্) ই—আগম =জাগরিতৃ, ১মা, ১ব] বিণ, জাগরণকারী।

জাগরূক (জাগোরুক্) [জাগৃ+উক (কর্ত্তৃ, উকঞ্)] বিণ, জাগ্রৎ ; জাগরণশীল। ২। সাবধান ; অপ্রমত্ত ; সতর্ক।

জাগা [সং—জাগৃ ধাতু হইতে। উ-পু—জাগি। ম-পু—জাগ, জাগো ; জাগুন্ ; জাগ্। প্র-পু—জাগে ; জাগেন। অস-ক্রি—জাগাইতে ; জাগাইয়া ; জাগি (পদ্যে) ; গ্রা—জেগে। ণিজন্ত—জাগান] ক্রি, নিদ্রাত্যাগ করা ; নেত্র উন্মীলন করা। প্র—"রাতি পোহাইল জাগ শিশুগণ"—গান। ২। মোহ-নিদ্রা ভঙ্গ করা ; তত্ত্বজ্ঞান লাভ করা। প্র—"জাগো সকলে এবে অমৃতের অধিকারী। নয়ন খুলিয়া দেখ পাপ তাপহারী।"—ব্রহ্মসঙ্গীত। ৩। সচেতন হওয়া। সতর্ক হওয়া। প্র—"জাগো জাগাও নগর বাসিগণ"—পাষাণপ্রতিমা। ৪। স্বার্থের প্রতি দৃষ্টিশীল হওয়া ; আত্মহিতে মনোযোগী হওয়া। প্র—"অতএব জাগ জাগ গো ভগিনী। হও বীরজায়া বীরপ্রসবিনী॥"—জাতীয়সঙ্গীত।

৫। সর্ব্বদা হৃদয়ে বিরাজ করা; স্মরণে থাকা। প্র—"কালী যার হৃদে জাগে তর্ক তার কোথা লাগে"—রামপ্রসাদ। ৬। জাগিয়া রাত্রি অতিবাহিত করা; অনিদ্রায় রাত কাটান।

জাগান (নো) [জাগা দ্রঃ। উ-পু—জাগাই। ম-পু—জাগাও; জাগান; জাগা। প্র-পু—জাগে; জাগেন। অস-ক্রি—জাগাইতে; জাগাইয়া] ক্রি, নিদ্রা ভঙ্গ করা; ঘুম ভাঙ্গান। ২। সচেতন করা; সতর্ক করা। ৩। স্মরণ করান। ৪। তন্ত্র সাধন করা; যাগ করা। প্র—"এক ছত্রী গাছ আন হাই আমলাতী। শনি মঙ্গলবারে জাগাবে নিশা রাতি॥"—কবিক। ৫। ভাঁক দিয়া ফল পাকান। ৬। জাগাইয়া রাখা; মজুত রাখা।

জাগীর—জায়গীর দ্রঃ।

জাগ্রত (জাগ্ গ্রোৎ) [জাগৃ+অৎ (কর্ত্তৃ—শতৃ)] বিণ, সজাগ; জাগরণশীল। ২। বি, ক্লী, জাগিয়া থাকার অবস্থা।

জাগ্রদবস্থা (জাগ্ গ্রোদবস্থা) [জাগ্রৎ+অবস্থা] বি, নিদ্রাহীন অবস্থা; জাগিয়া থাকিবার অবস্থা।

জাঘনী (জাঘোনি) [জঘন+অ (সমীপার্থে—অন্)] বি, স্ত্রী, উরুদেশ; উরুৎ। ২। [শরীর-বিঃ, পরিঃ] পুচ্ছ; tail.

জাঙ্গ (জাং) [সং—জঙ্ঘা। হি—জাঙ্গ্] বি, জঙ্ঘা; জানু হইতে হাঁটু পর্য্যন্ত; জানু হইতে গোড়ালি পর্য্যন্ত। ২। [হি—জাঙ্গ্=উরু] উরু; জাঘনী; জানু।

জাঙ্গড়া (জাংড়া) [প্রাদে] বি, সওয়ার; অশ্বারোহী। প্র—"যতেক জাঙ্গড়া জড়াইয়া ঘোড়া, ঘোড়াসনে ভূমে লোটে"—ঘনরাম। ২। শম্বুকজাতীয় দীর্ঘাকায় জলজ প্রাণীবিশেষ।

জাঙ্গল (ল্) [জঙ্গল+অ (ইদমর্থে—অন্)] বি, পুং, জলহীন ভূভাগ। ২। কুরু জাঙ্গল; কুরুদেশের সমীপবর্ত্তী দেশবিশেষ। ৩। বিণ, জঙ্গল সম্বন্ধীয়। ৪। বন্য; বনচর; অসভ্য; জঙ্গলা। ৫। আরণ্য; জঙ্গলময়।

জাঙ্গলি, জাঙ্গলিক (জাংগোলিক্) [জঙ্গল+ই—ইক—জ্ঞানার্থে ইণ্, ইকণ্) নিবাসার্থে বা] বি, পুং, ব্যালগ্রাহী; সাপুড়ে। ২। বিণ, জঙ্গলবাসী।

জাঙ্গাল, জাঙাল (ল্) [জঙ্গল শব্দজ] বি, মাটির বাঁধ; উচ্চ আলি বা আইল। প্র—"পচ্চিম দুআরে দানপতি জাঅ। সুনার জাঙ্গালে পথ বাঅ॥"—শূন্যপুরাণ। ২। সেতু। প্র—"বীরবলে এ জাঙাল ভাঙি, দূর কর অপবাদ"—মেঘনাদবধ। "রিপু যার দশানন সদা সত্য-পরায়ণ যার কীর্ত্তি সমুদ্রে জাঙ্গাল"—কবিক। ৩। [প্রা-বাং] পতিত ভূমি। ৪। পথ।

জাঙ্গিয়া [হি] বি, জাঙ্গ অর্থাৎ জানুমাত্র ঢাকা পড়ে এরূপ অন্তর্বাস।

জাঙ্গী [সং—চেতকী] বি, ক্ষুদ্রাকৃতি কৃষ্ণবর্ণ হরীতকী।

জাঙ্গুল (ল্) [জাঙ্গুল+অ (জাতার্থে—অন্)] বি, ক্লী, বিষ।

জাঙ্গুলিক (ক্) [জাঙ্গুল (বিষ)+ইক (ইকণ্)] বি, পুং, বিষবৈদ্য; সাপুড়ে।

[সং—জঙ্ঘ। প্রাদে] বি, জঙ্ঘা; কুঁচকি হইতে হাঁটু পর্য্যন্ত। ২। পদ; চরণ। প্র—"হান হান হাঁকারে হাতীর হানে শুঁড়। হানিছে ঘোড়ার জাঙ্ঘ মানুষের মুড়॥"—ঘনরাম। বিণ, জাঙ্ঘিক—যাহারা জঙ্ঘা সহায়ে জীবিকার্জ্জন করে; দ্রুতগামী; পত্রবাহক।

জাচ (চ্) বি, যাচ দ্রঃ।

জাচা, জাঁচা [হি—জাঁচানা] ক্রি, যাচা দ্রঃ।

জাচাই—যাচাই দ্রঃ।

জাজলি (জাজোলি) বি, অথর্ব্ববেদবিৎ মুনিবিশেষ।

জাজিম (ম্) [ফা—জাজম্; হি—

বি, গালিচার উপর বিছাইবার কাজ করা বা শাদা মোটা বড় চাদর।

জাজ্বল্যমান (জাজ্ জোল্‌লোমান) [যঙন্ত জ্বল্ (অতিশয় দীপ্তি পাওয়া)+আন (কর্ত্তৃ—আনশ্) ম—আগম] বিণ, অত্যুজ্জ্বল; দেদীপ্যমান। ২। অতি জ্বলন্ত।

জাট (ট্) [জাঠা দ্রঃ। প্রা-বাং] বি, কাষ্ঠখণ্ডবিশেষ। প্র—"আড়া পরিসর জেন মহীধর, চন্দনর মাল জাট।"—শূন্যপুরাণ।

জাট (ট্) বি, পাঞ্জাব, রাজপুতানা, সিন্ধু প্রভৃতি স্থানের হিন্দু জাতিবিশেষ; ঐ জাতিরা যদুবংশী বলিয়া পরিচয় দেয়।

জাটতুত, জেটতুতা (ট্) [গ্রা। জ্যেষ্ঠতাত+উ (উয়া)—জেঠতাতুআ—জাটতুতা] বিণ, জ্যেষ্ঠতাতজ; জেঠ দ্রঃ।

জাটি [সং—যষ্টি। প্রা-বাং] বি, জাটকাষ্ঠ; খুঁটি। প্র—"ফটিকর থান জাটি করিল রোপণ। অগর চন্দন ফুল নেতর বসন॥"—শূন্যপুরাণ। ২। ঘানিগাছের স্তম্ভবৎ কাষ্ঠ।

জাঠ (ঠ্) [জাট দ্রঃ] বি, জাতিবিশেষ।

জাঠ [জাঠা দ্রঃ] বি, হুঁকার নলিচা। ২। ঘানিগাছের হাঁড়ির মধ্যস্থিত স্থূল কাষ্ঠদণ্ড।

জাঠর (র্) [জঠর+অ (ভবার্থে—অণ্)] বি, পুং, জঠরগত অগ্নি। ২। কুমারের অনুচর। ৩। বিণ, জঠর সম্বন্ধীয়।

জাঠা (জা) [সং—যষ্টি। জাঠি দ্রঃ] বি, লোহযষ্টি; অস্ত্র। "হাতে ছিল জাঠাগাছ এতেক কহিয়া। লক্ষ্মণের প্রতি ছাড়ে হুহুঙ্কার দিয়া॥"—কৃত্তিবাস।

জাঠি, ঠী [সং—যষ্টি] বি, যষ্টি। ২। রথদণ্ড। ৩। লোহযষ্টি; অস্ত্র। প্র—"রথচূড় পড়িয়াছে আর আর জাঠি"—কৃত্তিবাস।

জাড় (ড়্) [হি—জাড়া—সং—জাড্য] বি, হিম; শীত। প্র—"দারুণ দুর্জ্জয় জাড় নাহি রাখে কিছু সাড়। হাড় ভাঙ্গে কাঁপায় শরীর॥"—ঈশ্বর গুপ্ত।

জাড়ি, জাড়ী—জ্বর শব্দের সহচর—জ্বরজাড়ি—জাড়ি—জাড্য—শীতহেতু কম্প তাহার সহিত জ্বর। ২। জ্বরাদি রোগে সর্ব্বাঙ্গে ক্ষুদ্র ক্ষুদ্র ব্রণোদ্গম। প্র—"একে তোমার ক'ফো নাড়ী, ডুব দিওনা বাড়াবাড়ী হলে পরে জ্বরজাড়ি যেতে হবে যমের বাড়ী।"—ঈশ্বর গুপ্ত। ৩। নানা গাছগাছড়ায় প্রস্তুত জ্বরনাশক ঔষধ।

জাড্য (জাড্ ড) [জড় (শীতল, সংকুচিত)+য (যণ্—ভাবে)] বি, ক্লী, জড়প্রকৃতি; জড়তা; নির্জ্জীব ভাব। ২। [হি—জাড়া। গ্রা-হি—জাড্য] শীত; জাড়; কম্প। ৩। জড়বুদ্ধি; অজ্ঞতা; মূর্খতা। ৪। দীর্ঘসূত্রতা। ৫। অনৈপুণ্য; অদক্ষতা। ৬। অঙ্গশৈথিল্য; ঘন ঘন জৃম্ভণ ও নিদ্রালসতার ভাব; আলস্য।

জাত (ত্) [সং—জন্ (জন্মান)+ত (ক্ত, কর্ত্তৃ)। তুল—ফা—জাদ্=গৃহীতজন্ম; জাত] বিণ, যে জন্মিয়াছে; গৃহীত-জন্ম; সঞ্জাত; উদ্ভূত, উৎপন্ন। প্র—গৃহজাত শিল্পসামগ্রী; বনজাত ফলমূলাদি। ২। স্ফুট; ব্যক্ত। ৩। প্রশস্ত। ৪। আসল; খাঁটি; প্রকৃত। প্র—জাত সাপ। ৫। [তুল—আ—জাদ্=খাদ্যসঞ্চয় বা জমা করন] ন্যস্ত; ভুক্ত; অন্তর্গত; আবদ্ধ। প্র—"গুদামজাত; গোলাজাত। "সাতপুরুষে সভ্য মোরা হ'লেম গুদামজাত"—হেম বন্দ্যো। ৬। [জন্+ক্ত (ভাবে)] বি, উৎপত্তি; জন্ম। ৭। [জাতি দ্রঃ] জাতি; শ্রেণী; জন্মগত বর্ণ। ৮। প্রকার; variety. ৯। [ফা—জাত্ (বহুবচনার্থক প্রত্যয়) প্র—মেওয়াজাত] সমূহ। প্র—দ্রব্যজাত। ১০। [তুল—ফা—জাদ, জাদা=শিশু, নন্দন] বালক; নন্দন; পুত্র। ১১। [সং—যাত্রা (দেবতার উৎসব) হইতে] উৎসব; মেলা। প্র—"চণ্ডিকা বলেন শুন ব্যাধের নন্দন। নগরের মাঝে দেহ আমায় ভবন॥ পূজিও মঙ্গলবারে করাইও জাত। গুজরাট নগরেতে তুমি হবে নাথ॥" কবিকঙ্কণ। স্ত্রী, জাতা।

জাতক (জাতোক্) [জাত+ক (স্বার্থে)] বিণ, যে জন্মিয়াছে; উৎপন্ন; জাত। ২। জন্মকোষ্ঠী; জাতশিশুর শুভাশুভ নির্দ্ধারক গ্রন্থ। প্র—জাতককৌমুদী; বৃহজ্জাতক

প্রভৃতি। ৩। বৌদ্ধগ্রন্থবিশেষ ; বুদ্ধদেবের ৫৫০ জন্ম বৃত্তান্ত সম্বলিত প্রসিদ্ধ গ্রন্থ। ৪। জাতকর্ম্ম। ৫। পুং, ভিক্ষু।

জাতকর্ম্ম (জাতকরমো) [জাতের কর্ম্ম, ৬তৎ] বি, স্ত্রী, দশকর্ম্মের অন্যতম সংস্কার-ক্রিয়া ; সন্তান জন্মিলে পিতার অনুষ্ঠেয় সংস্কার-কর্ম্ম।

জাতকোপ (প্) [জাত (সঞ্জাত) কোপ] বিণ, অত্যন্ত রুষ্ট ; জাতক্রোধ। স্ত্রী, জাতকোপা।

জাতক্রিয়া (জাতঃকৃআ) [জাতের (সন্তানের) ক্রিয়া (সংস্কার) ৬তৎ] বি, স্ত্রী, জাতকর্ম্ম।

জাতক্রোধ (জাতক্‌ক্রোধ্) [জাত (সঞ্জাত) ক্রোধ] বিণ, ক্রোধপূর্ণ ; রোষান্ধ ; মহা-কুপিত। স্ত্রী, জাতক্রোধা।

জাতক্লম (ম্) [জাত (সঞ্জাত) ক্লম (ক্লান্তি) যাহার, বহু] বিণ, যাহার ক্লান্তি জন্মিয়াছে ; পরিশ্রান্ত ; অত্যন্ত ক্লান্ত। [বিপরীতে—গতক্লম]।

জাতচক্ষু,—নেত্র (চোক্‌খু,—নেৎত্র) [জাত (প্রকাশিত) চক্ষু, (নেত্র) যাহার, বহু] বিণ, যাহার চোক ফুটিয়াছে।

জাতদন্ত [জাত (উদ্গত) দন্ত যাহার, বহু] বিণ, যে শিশুর দাঁত উঠিয়াছে।

জাতপক্ষ (—পোক্‌খ) [জাত (উদ্গত) পক্ষ (পালক) যাহার, বহু] বিণ, যাহার পালক উঠিয়াছে ; যাহার ডানা উঠিয়াছে।

জাতপত্র (—পৎত্রো) [জাত (জন্ম) পত্র] বি, জন্মপত্রিকা। প্র—"শ্রীমন্ত ভাবেন মনে চণ্ডীর চরণ। জাতপত্র অঙ্গুরী দিলেন নিদর্শন॥"—কবিক।

জাতপুত্র (—পুৎত্রো) [জাত—পুত্র যাহার—বহু] বিণ, যাহার পুত্র জন্মিয়াছে ; পুত্রবান। স্ত্রী, জাতপুত্রা—পুত্রবতী

জাতপ্রত্যয় (—প্রোৎতয়্) [জাত (উৎপন্ন) প্রত্যয় (বিশ্বাস) যাহার, বহু] বিণ, যাহার বিশ্বাস জন্মিয়াছে ; বিশ্বাসবান্। স্ত্রী, জাত-প্রত্যয়া।

জাতবেদাঃ [জাতবেদস্ শব্দ—১মা, ১ব] বি, অগ্নি ; অগ্নিদেব।

জাতব্যবহার (ব্যাবোহার্) [জাত (প্রাপ্ত) হইয়াছে ব্যবহার (আইন মত অধিকার) যাহার—বহু] বিণ, যে বয়ঃপ্রাপ্ত হইয়াছে। ২। বি, সাবালক।

জাতভাই (ত্) বি, জাতি দ্রঃ।

জাতমাত্র (জাতোমাত্রো) [জাত+মাত্র (ক্রিয়াকালার্থে—মাত্রট্)] বিণ, যাহার এইমাত্র জন্ম হইয়াছে ; সদ্যোজাত। ২। ক্রি-বিণ, জন্মমাত্র ; জন্মিলেই ; ভূমিষ্ঠ হইলেই।

জাতরূপ (জাতোরূপ্) [জাত (উৎপন্ন হইয়াছে) রূপ (আকৃতি) যাহার, বহু] বিণ, গৃহীত রূপ ; ধৃতাকৃতি ; গঠিত মূর্ত্তি ; বদ্ধ আকৃতি ; উৎপন্ন মূর্ত্তি ; embodied. ২। সুবর্ণ।

জাতশ্রম (জাতঃস্রোম্) [জাত—শ্রম হইয়াছে যাহার—বহু] বিণ, জাতক্লম ; পরিশ্রান্ত। স্ত্রী, জাতশ্রমা।

জাতস্পৃহ [জাত (সঞ্জাত) স্পৃহ (স্পৃহা) যাহার—বহু] বিণ, যাহার স্পৃহা জন্মিয়াছে ; স্পৃহাবান্ ; প্রলুব্ধ।

জাতহারিণী (জাতোহারিনি) [জাত (উৎপন্ন বালক) হারিণী (হৃ (হরণ করা) +ইন্ (কর্ত্তৃ—ণিন্)=হারিন্—ঈপ্ স্ত্রী, হরণ কারিণী—যে সদ্যোজাত শিশুর জীবন হরণ করে] বি, স্ত্রী, রাক্ষসীবিশেষ। ২। ডাইনী ; নবজাত শিশুর প্রাণহারিণী। প্র—"এই জাতহারিণী পলায় সভে বলে"—চৈতন্য-ভাগবত।

জাতাঙ্কুর (র্) [জাত+অঙ্কুর (কলা)] বি, উদ্গত অঙ্কুর। ২। [উদ্গত হইয়াছে অঙ্কুর যাহার] বিণ, যবধান্য প্রভৃতি।

জাতাপত্যা (জাতোপোৎত্যা) [জাত (উৎপন্ন হইয়াছে) অপত্য (সন্তান) যাহার, —বহু] বি, স্ত্রী, যে নারীর সন্তান জন্মিয়াছে ; যে প্রসব করিয়াছে ; প্রসূতা।

জাতাশৌচ (চ্) [জাত+অশৌচ] বি, সন্তানের জন্ম হেতু অশৌচ। [বিপরীত মরণাশৌচ]।

জাতি [সং] বি, চামেলী ; মালতীজাতীয় পুষ্প-বিশেষ ; গোলাব পাতার মত জোড়া জোড়া পাতা প্রসিদ্ধ পুষ্প। প্র—"জাতি জুতি জুঁই মালতী ফুটিয়াছে নানা জাতি"—গান। জাই দ্রঃ। ২। অলঙ্কারবিশেষ।

জাতি [জন্ (উৎপন্ন হওয়া, জন্মান)+তি (ক্তি—ভাবে)] বি, স্ত্রী, জন্ম ; উৎপত্তি। প্র—"জাতিতে মুসলমান, জাতিতে বৈষ্ণব, জাতভিখারী প্রভৃতি স্থলে জাতি অর্থে উৎপত্তি বুঝায়"—জীবজাতি নির্ব্বাচন (যোগেশচন্দ্র রায়)। ২। জীব শ্রেণী ; যোনি ; সৃষ্টি-বিভাগ। প্র—মানবজাতি ; পশুজাতি ; পক্ষিজাতি ইত্যাদি। ৩। গুণ কর্ম্ম বিভাগ-জাত বর্ণ ; জাত ; ব্রাহ্মণাদি বর্ণ। ৪। বংশ ; গোত্র ; কুল। প্র—আর্য্যজাতি ; সেমেতিক জাতি। ৫। রাষ্ট্রীয় বন্ধনে বদ্ধ এবং দেশ বা প্রদেশগত প্রকৃতি ও সংস্কার অনুযায়ী গঠিত মানবসমষ্টি ; nation ; race, প্র—ইংরেজ, ফরাসী, বাঙ্গালী, পঞ্জাবী, জাপানী, গুজরাতী ইত্যাদি। ৬। শ্রেণী ; শাখা ; প্রকার। ৭। [দর্শন ও বিজ্ঞানে] বিশেষ ধর্ম্ম ; অনন্ত লক্ষণ। প্র—"বিচার করিয়া দেখ লক্ষণ লক্ষণা। জাতি গুণ দ্রব্য কিবা বুঝায় ব্যঞ্জনা॥"—ভারতচন্দ্র। ৮। নারীধর্ম্ম ; সতীত্ব। ৯। সমূহ ; জাত দ্রঃ। প্র—"পঞ্চম গাবথু কোকিল জাতি"—পদাবলী। ১০। সঙ্গীতের ছয়জাতি,—ষড়্‌রাগ ও ছত্রিশ জাতি রাগিণী। (২) ষড়্‌জাতি রাগ সমন্বিত সপ্তজাতি স্বর। ১১। সংস্কৃত ছন্দোবিশেষ। জাতিকুল [একার্থক সহচর শব্দদ্বয় ; বিভিন্নার্থক জাতি শব্দের বিশেষ অর্থ নির্ণায়ক সহচর শব্দ] বংশ। ২। বর্ণ ও বংশ। জাতিধর্ম্ম [ধর্ম্মার্থে জাতি বুঝাইবার জন্য সহচর স্বরূপ ধর্ম্মশব্দের ব্যবহার] জাতিগত ধর্ম্ম। জাতি খাওয়া, জাতি লওয়া—জাত্যন্তর করা ; জাতি নষ্ট করা ; জাতিভ্রষ্ট করা। ২। [স্ত্রীপক্ষে] সতীত্ব নাশ করা। প্র—"শিয়রে কলিঙ্গ রাজা বড় দুরাচার। তোমারে বধিয়া জাতি লইবে আমার॥"—কবিকঙ্কণ। জাতি যাওয়া—জাতি নষ্ট হওয়া। ২। জাত্যন্তরভুক্ত হওয়া। জাতি খোয়ান—জাতি ক্ষয় করা ; জাতিভ্রষ্ট হওয়া। জাতি-নাশ, জাতিপাত—জাতি হইতে পতন ; জাতিভ্রংশ। জাতিমারা—জাতি নষ্ট করা। ২। জাতিচ্যুত করা ; উচ্চ জাতি হইতে নিম্ন-জাতিভুক্ত করা। জাতিধর্ম্ম,—ব্যবসায়—জাতিগত পেশা। জাতবৈষ্ণব—চৈতন্যদেবের সময় হইতে যাঁহারা বৈষ্ণব-ধর্ম্ম অবলম্বন করিয়াছিলেন তাঁহাদের অনন্তর বংশ ; যাহারা পুরুষানুক্রমে বৈষ্ণব ; যাহারা মূল জাতি ত্যাগ করিয়া বা হারাইয়া বৈষ্ণবধর্ম্ম ও আচার অবলম্বন করিয়া স্বতন্ত্র জাতিতে পরিণত হইয়াছে। জাতিভাই—স্বজাতি ভুক্ত ব্যক্তি ; একজাতীয় ব্যক্তি। জাতি হারান—জাতি ত্যাগ করা ; জাতি ক্ষয় করা।

জাতিকোশ (শ্) [সং] বি, জাতিফল ; জায়ফল।

জাতিচ্যুত (জাতিচ্‌চুত) [জাতি হইতে চ্যুত (পতিত)—৫তৎ] বিণ, জাতিভ্রষ্ট ; জাতি হইতে বহিষ্কৃত।

জাতিতত্ত্ব (জাতিতৎত) [জাতিঃ পরিঃ] বি, মানবজাতির মূল বিভাগ ও পরস্পর সম্বন্ধ-বিষয়ক বিজ্ঞান ; বর্ণতত্ত্ব ; ethnology.

জাতিতে [জাতি দ্রঃ] অ, জাতিবিষয়ে ; জাতি গণনায় ; জাতি সম্বন্ধে। প্র—"তিনি জাতিতে ব্রাহ্মণ এবং অত্যন্ত হিন্দু।"—বঙ্কিম।

জাতিধর্ম্ম—জাতি দ্রঃ।

জাতিধ্বংস (জাতিঃধংশ) [জাতি—ধ্বংস (নাশ)] বি, জাতিলোপ ; জাতির বিনাশ।

জাতিফল, জাতীফল (ল্) জাতিকোষ দ্রঃ

জাতিবাচক্ (ক্) [জাতি—বাচক (জ্ঞাপক)] বিণ, জাতিনির্ণায়ক ; জাতিবোধক। ২ [ব্যাকরণে] গণসম্বন্ধীয় ; generic.

জাতিবৈর [জাতির বৈর—৬তৎ] বি, ক্লী, স্বাভাবিক শত্রুতা , যেমন অহি-নকুল।

জাতিব্রাহ্মণ (ন্) [জাতি দ্বারা ব্রাহ্মণ—৬তৎ] বি, পুং, ব্রাহ্মণোচিত আচারহীন কিন্তু ব্রাহ্মণের পুত্র বলিয়া ব্রাহ্মণ ; ব্রাহ্মণকুলে জন্ম হেতু ব্রাহ্মণ।

জাতিভ্রংশ (ভ্রোংশো) [জাতির ভ্রংশ—৬তৎ] জাতিনাশ।

জাতিসঙ্কর (—শংকর্) বর্ণসঙ্কর দ্রঃ।

জাতিস্মর (জাতিশ্‌শঁর্) [জাতি (জন্ম—পূর্ব্বজন্ম) স্মর—স্মৃ (চিন্তা করা, মনে পড়া) + অ (কর্ত্তৃ—অচ্) উপপদ। যাহার পূর্ব্বজন্মের বৃত্তান্ত স্মরণ হয়] বিণ, যাহার পূর্ব্বজন্ম স্মরণ থাকে ; পূর্ব্বজন্মে কি ছিল কি করিয়াছিল ইহ জন্মে যে মনে রাখে। প্র—"কেহ নহে জাতিস্মর তরুজীব প্রাণী।"—অশোকগুচ্ছ। "কেবল চণ্ডীর বর হুঁহে হৈল জাতিস্মর পিতা মাতা সোঙরিয়া কান্দে।"—কবিক। ২। তীর্থবিশেষ। স্ত্রী, **জাতিস্মরা**।

জাতী [জাতি+ঈপ্] বি, স্ত্রী, জাতি দ্রঃ ; মালতীপুষ্প ; চামেলী ; jasminum grandiflorum. ২। জাতীলতা ; জায়ফলের গাছ।

জাতীপত্রী (জাতিপোৎত্রি) [জাতীর পত্রী (ত্বক্)—৬তৎ] বি, স্ত্রী, জাতিফলের ত্বক্ ; জয়িত্রী ; mace.

জাতীফল (জাতিফল্) [জাতীর ফল—৬তৎ] বি, ক্লী, জায়ফল ; nutmeg.

জাতীয় [জাতি+ঈয় (সম্বন্ধে)] বিণ, জাতিসম্বন্ধীয় ; racial ; national. ২। জাতিগত। ৩। বিধ ; প্রকার। ৪। বর্ণসম্বন্ধীয় ; tribal. স্ত্রী, **জাতীয়া**।

জাতীশ্বর (জাতিশ্‌শর্) [জাতির ঈশ্বর—৬তৎ] বি, জাতিশ্রেষ্ঠ। ২। জাতির প্রভু। ৩। ব্রাহ্মণ।

জাতুকর্ণ (জাতুকর্‌নো) বি, পুং, মুনিবিশেষ।

জাতুকর্ণী (কো) বি, স্ত্রী, ভবভূতির জননী।

জাতুধান (ন্)[সং] বি, পুং, রাক্ষস।

জাতেষ্টি (জাতেষ্‌টি) [জাতের ইষ্টি (যাগ, সংস্কার)—৬তৎ] বি, স্ত্রী, সন্তান জন্মিলে অনুষ্ঠেয় সংস্কার ; জাতকর্ম্ম।

জাত্তির, জাত্রি (র্, জাৎতৃ) [সং—যাত্রী অপভ্রংশে। প্রা·বাং] বি, যাত্রী। প্র—সুনার খাটে পাটে জাত্তির বৈস এ হাট। ভেটিব সোরূপ নারান ঘুচাহ কপাট।"—শূন্যপুরাণ। "জতনা জাত্রি এ ধর্ম্মর মন্দির চেড়িআ গেল দোকানি পাতিআ গেল হাট।"—শূন্যপুরাণ।

জাত্য (জাৎত) [জাতি+য] বিণ, সুজাত ; কুলীন। ২। প্রধান ; শ্রেষ্ঠ। ৩। সমকোণ চতুর্ভুজ ; আয়ত ; সমকোণ ; rectangular.

জাত্যংশ (জাৎতংশ) [জাতিঃ পরিঃ] বি, বংশ ; গোত্র ; কুল ; জাতীয় ক্ষুদ্র বিভাগ ; tribe.

জাত্যন্ধ (জাৎতোন্‌ধো) [জাতি (জন্ম) হইতে অন্ধ (দৃষ্টিহীন)—৫তৎ] বিণ, জন্মান্ধ।

জাত্যভিমান (জাত্‌তোভিমান্) [জাতি+অভিমান] বি, উচ্চ জাতিতে জন্ম হেতু অহঙ্কার ; বর্ণাভিমান ; কৌলীন্য গর্ব্ব ; কুলগর্ব্ব।

জাদ (দ্) [তুল—আ–জাদ্‌বল্=টানা রেখা] বি, ফিতা ; রেশমী ফিতা। প্র—"সুরঙ্গ পাটের জাদে বিচিত্র কবরী বান্ধে মল্লিকা মালতী চাপা গন্ধে।"—কবিক। "পূরাতে জায়ার সাধ কিনিল পাটের জাদ শোভে তাহে মুকুতার বেড়ি।"—কবিক।

জাদ, জাদা (দ্) [ফা—জাদন্ হইতে জাদ্, জাদা=পুত্র] বি, পুং : পুত্র ; তনয়। বাঙ্গালায় স্বতন্ত্র ব্যবহার নাই। প্র—বাদশাজাদা : নবাবজাদা ; হারামজাদা। স্ত্রী, **জাদী**—কন্যা।

জাদু [ফা—জাদু] বি, ভেল্কী ; কুহক ; ইন্দ্রজাল ; যাদু [দ্রঃ]।

জাদুকর, জাদুগর (র্) [ফা—জাদুগর্। স্ত্রী, জাদুগর্‌ণী)] বি, ঐন্দ্রজালিক ; যাদুবিদ্যায় পারদর্শী ; ভেল্কীবাজ। স্ত্রী, **জাদুকরী**—কুহকী।

জাদুগরী [ফা—জাদুগরী] বি, কুহক ; ইন্দ্রজাল।

জাদুঘর (র্) [জাদু—ঘর—যে গৃহে অদ্ভুত অদ্ভুত পদার্থ সমূহের সংগ্রহ আছে এবং যাহা দেখিয়া মন্ত্রমুগ্ধবৎ হইতে হয়। তুল—আ—আজায়ব্‌ঘর্, আজায়ব্‌খানা। হি—জাদুঘর্] বি, প্রাকৃতিক ও শিল্প বিজ্ঞান জাত পদার্থ-সংগ্রহালয় ; পুরাদ্রব্যাগার ; কৌতুকাগার ; museum.

জাদুবিদ্যা (—বিদ্‌দ্যা) বি, ইন্দ্রজাল ; কুহকবিদ্যা।

জাদুমণি (জাদুমোনি) যাদু দ্রঃ।

জান (ন্) [জ্ঞা ধাতুজ] বি, সর্ব্বজ্ঞ। ২। যে ভবিষ্যৎ গুণিতে জানে ; দৈবজ্ঞ ; গণক। প্র—"গণ্ডা কড়ি গুণতে হলে জানের বাড়ী যান"—হেম বন্দ্যো। ৩। [ফা—জান্। তুল—সং—জীবন] প্রাণ। ৪। [সঙ্গীত শাস্ত্রে] কোন রাগের প্রধান সুর। ৫। [প্রা·বাং—য স্থলে জ।] যান ; গমন করেন। প্র—"আগে জান দুইজন দেখিবারে পাত্র"—শূন্যপুরাণ।

জানকী (জানকি) [জনক+অ (ষ্ণ, অপত্যার্থে)=জানক+ঈ (স্ত্রী, ঈপ্)] বি, স্ত্রী, জনক রাজার কন্যা ; সীতা।

জানত, তঃ [জানা দ্রঃ। গ্রা—জান্তে।] ক্রি-বিণ, জ্ঞানতঃ ; জ্ঞাতসারে ; জানে ; knowingly. [বিপরীতে অজানত ; গ্রা—অজান্তে]।

জানপদ (জানোপদ্) [জনপদ+অ (ভবার্থে বা সম্বন্ধে, অন্)] বিণ, জনপদ-জাত ; জনপদে উৎপন্ন। ২। যে জনপদে বাস করে ; নাগরিক ; citizen. প্র—"যোগ্য জানপদ হও ; যোগ্য কর্ম্মযোগ লও"—কর্ম্মগীতা (যদুনাথ মজুমদার)। ৩। জনপদ সম্বন্ধীয়। ৪। দেশ।

জানপদী (জানোপোদি) বি, স্ত্রী, অপ্সরা-বিশেষ।

জানবিৎ [গ্রা] বিণ, চেনা-শুনা ; পরিচিত। ২। যে জানে শুনে। প্র—সেখানে একজন জানবিৎ লোক পাঠান উচিত।

জানলা (জান্‌লা) [পর্ত্তু—janella. হি—জাংল] বি, গবাক্ষ ; a window.

জানা [সং—জ্ঞা (জ্ঞানে)। হি—জান্‌না। উ-পু—জানি। ম-পু—জান ; জানুন ; জান্। প্র-পু—জানে ; জানয়ে (পদ্যে) জানেন। অস-ক্রি—জানিতে ; জানিয়া ; জানি (পদ্যে) জেনে। ণিজন্ত—জানান] ক্রি, জ্ঞান করা ; অবগত হওয়া ; বোধগম্য করা ; বুঝা। ২। সংবাদ পাওয়া ; সংবাদ লওয়া ; সংবাদ রাখা। ৩। বিণ, যাহা জানা হইয়াছে ; জ্ঞাত। **জানাজানি**—পরস্পরের নিকট হইতে পরস্পরের জানা। [ব্রজ] জাননু, জানলুঁ—জানিলাম।

জানান (নো) [জানা দ্রঃ। উ-পু—জানাই। ম-পু—জানাও ; জানান্ ; জানা। প্র-পু—জানায় ; জানান। অস-ক্রি—জানাইতে ; জানাইয়া ; জানিয়ে] ক্রি, জ্ঞাত করা। ২। সংবাদ দেওয়া। ৩। টের পাওয়ান ; ভয় দেখান ; দণ্ডদানে শিক্ষা দেওয়া। ৪। সতর্ক করা ; সাবধান করা। ৫। নিবেদন করা। প্র—"আর জানাইব কারে, * * * * তুমি ছাড়া প্রভু মার্জ্জনা কেহ করিবে না সংসারে।"—রবি।

জানান (ন্) [জানা দ্রঃ] বি, সংবাদ দান ; কথা প্রদান। **জানান দেওয়া**—পূর্ব্ব হইতে জানাইয়া রাখা ; সংবাদ দেওয়া।

জানানা [ফা—জ়নানা। গ্রা—হি—জানানী শব্দেরও ব্যবহার আছে] বি, স্ত্রীলোক ; অন্তঃপুরবাসিনী। প্র—"একখানা জানানা সোয়ারি যাইতে ছিল"—টেকচাঁদ। ২। অবরোধ প্রথা। প্র—"চাই এদেশে, আর কিছুদিন, এদিশী জানানা।"—হেমবন্দ্যো।

জানালা—জানলা দ্রঃ।

জানু [জন্ (জন্মান)+উ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, উণ্) যে গতি জন্মায়] বি, পুং-ক্লী, উরুর সন্ধি ; হাঁটু।

জানুগতি (গো) [জানু দ্বারা গতি (গমন) ৩তৎ] বি. হামাগুড়ি। ২। ক্রি-বিণ. হামাগুড়ি দিয়া; জানুগতি দ্বারা। প্র—"জানুগতি চলে ক্ষণে বালক আবেশে।"—চৈ-ভা।

জানুবিজানু [জানু—বিজানু] বি. অসিযুদ্ধ-কৌশলবিশেষ; এক জানু পাতিয়া অন্য জানু মুড়িয়া অসি চালন।

জানোয়ার (র্) [ফা—জান্‌বর্] বি. জীব; জন্তু; প্রাণী। ২। অজ্ঞ; পশুবৎ মূর্খ।

জাপ (প্) [জপ্ (জপ করা)+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. মন্ত্রজপ; মন্ত্র উচ্চারণ করা। ২। [কর্ত্তৃ—ঘঞ্] জপকর্ত্তা।

জাপ (প্) [ইং—Japan এর সংক্ষেপে jap.] জাপান।

জাপক (ক্) [জপ্+অক (কর্ত্তৃ)] বিণ. যে জপ করে।

জাপটান (জাপ্‌টানো) [হি-জুট্‌না=জুটে যাওয়া, জড়ামড়ি করা; লিপট্‌না, লিপ্‌টানা =জড়াইয়া বা ছাঁদিয়া ধরা। এই দুইয়ের মিশ্রণে। উ-পু—জাপটাই। ম-পু—জাপটাও। প্র-পু—জাপটায়। অস-ক্রি—জাপটাইতে; জাপটাইয়া, জাপ্‌টে] ক্রি. জড়াইয়া ধরা; দুই বাহু প্রসারিত করিয়া ছাঁদিয়া ধরা; বাহু ও বক্ষ দ্বারা বেষ্টন করা।

জাপটি, জাপটী [জাপটা—জাপটি] বি. পরস্পর জাপটিয়া ধরণ; জড়াজড়ি; (জাপটান দ্রঃ)।

জাফরান (জাফ্‌রান্) [আ—জাআফ্‌রান্; ইং—saffron] বি. কুঙ্কুম।

জাফরি, জাফরী [উ. জাফ্‌রী, হি—ঝাঝ্‌রী, জালী] বি. বাঁখারি বা বেতের চৌকোণ ছিদ্রযুক্ত বেষ্টনী; ঝাঁপ।

জাব (ব্) [সং—যবস। "ঘাসো যবসং"—অমর] বি. গরুর খাবার ঘাস; জলে ভিজান খইল মাখা কুঁচান বিচালি। ২। [জাবের ভাব হইত] জলে সম্পূর্ণ সিক্ত; ভিজিয়া যাহা জবজবে বা জাবের মত হইয়াছে। প্র—কাপড় খানা ভিজে জাব হয়ে গেছে।

জাবড়া, জাবড়া [জাব দ্রঃ। অসুন্দর স্থূলার্থে ড় যোগ] বিণ. জাবের মত সিক্ত। প্র—"লঙ্কার মধ্যেতে ছিল যতেক কাপড়, ঘৃত তৈল দিয়া তাহা করিল জাবড়॥—কৃত্তিবাস।

জাবড়ান (ব়্, নো) [জাবড় (দ্রঃ)+আন (ক্রিয়ায়)। উ.পু—জাবড়াই। ম.পু—জাবড়াও। প্র.পু—জাবড়ায়। অস-ক্রি—জাবড়াইতে; জাবড়াইয়া, জাবড়ে। ঐরূপ জুবড়ান] ক্রি. জলে গুঁজিয়া ধরা; চুবান; বুড়ান।

জাবড়ী, জুবড়ী—জুবড়ী দ্রঃ।

জাবনা (ব্) [জাব দ্রঃ। অনাদরার্থে না-যোগ] বি. গবাদির আহার; জাব। প্র—"এসেছিল বকনা গরু পর গোয়ালে জাব্‌না খেতে"—বিষবৃক্ষ।

জাবাল, জাবালি (ল্) [সং—অজপাল হইতে] বি. পুং. ছাগরক্ষক: অজপালক; ছাগজীবী। ২। প্রসিদ্ধ মুনি।

জাবেদা [আ—জাবিতাহ্=আইন] বি. আইন; রাজবিধি; law. ২। বিণ. আদালতের বিধি অনুসারে; আইনানুযায়ী। **জাবেদা নকল**—আদালতের স্বাক্ষরিত বা মোহর করা নকল। **জাবেদা আপীল**—আইন সম্মত প্রথায় পুনর্ব্বিচারের প্রার্থনা; রীতিমত আপীল।

জাব্দা [আ—জাবিতা, জাবেদা দ্রঃ] বি. মহাজনের দৈনিক হিসাব বহি।

জাম (ম্) [সং—জম্বু; হি—জামুন; ওড়ি জামু] বি. ঘোর বেগুনী বর্ণ বড় অঙ্গুরাকৃতি প্রসিদ্ধ ফল; ইহার নামান্তর কালজাম; এই জাম অপেক্ষা ক্ষুদ্র, সমদর্শন, বন্যফল-ভুঁইজাম বা বনাজাম (ardisia humilis). আর এক প্রকার পীতবর্ণ সুগোল ও সুগন্ধ গোলাব জাম (eugenia jambos). শ্বেতজাম বা জামরুল অন্যপ্রকার জাম (ইং—jambolana.) ২। গাছ।

জামড়া (ম্) বি. জামুড়া দ্রঃ।

জামদগ্নেয়, জামদগ্ন্য (য়্,—দোগ্‌ন) [জমদগ্নি +এয়, য (অপত্যার্থে)] বি. পুং. জমদগ্নির পুত্র; পরশুরাম।

জামদানী [ফা—জামদানি] বি. মসলিন প্রভৃতি কাপড়ে ফুলদার করিয়া বুনা। ২। চাপ দিয়া ফুল তোলা ধাতুময় চাদরে নির্ম্মিত বাসন; নক্সা তোলা ধাতুপাত্র। ৩। বিণ. ফুলকাটা।

জামবাটী [ফা—জাম (খোরা—a bowl.)—বাটী) হি—বাটা] বি. উৎকৃষ্ট কাঁসার খুরাহীন খোরা বা বড় বাটী।

জামরুল (ম্, ল্) বি. শ্বেতবর্ণ প্রসিদ্ধ ফল; engenia alba.

জামল (ল্) বি. স্ত্রী. তন্ত্রশাস্ত্রবিশেষ।

জামা [ফা—জামা-পোষাক] বি. অঙ্গাবরণ-বিশেষ; অঙ্গরাখা; পিরান; কুর্ত্তি; কোট; বেনিয়ান। প্র—"ফেলিয়া বন্দুক জামা পাগ তলবার। ঢাল বুকে দিয়া দিল সিপাই সাঁতার।" ভারতচন্দ্র।

জামাই [সং—জামাতৃ, জামি দ্রঃ] বি. জামাতা; কন্যার পতি; কন্যার বর। প্র—"অপূর্ব্ব এই বিচারে জামাই আদর।"—মনোমোহন বসু। **জামাই-ভাত, জামাএী-ভাত**—জামাই ষষ্ঠী। প্র—"কুরঙ্গো জামাএী আমি কেমনে জানিমু। জামাই ভাতের দিনে ভাত দিতে ছিনু।"—শিবায়ন। **জামাই-ষষ্ঠী**—জ্যৈষ্ঠমাসের শুক্লপক্ষীয় ষষ্ঠী তিথিতে জামাতার পূজাপর্ব্ব। **ঝি জামাই**—কন্যা ও জামাতা। **ঘরজামাই**—শ্বশুরালয়ে বাসকারী জামাতা। **জামাইবরণ**—বিবাহকালে জামাতার পূজা। **জামাই বাড়ী**—কন্যার শ্বশুরালয়।

জামাতা [জা (জায়া শব্দজ) মা (গ্রহণ করা) +তৃ (কর্ত্তৃ—তৃচ্) যে কন্যার পাণিগ্রহণ করে] বি. পুং. কন্যার পতি; জামাই।

জামানত (ত্) জমানৎ দ্রঃ।

জামি, মী [সং—"জামিঃ স্বসৃকুলস্ত্রিয়োঃ"—অমর] বি. ভগিনী। ২। কুলস্ত্রী। ৩। কন্যা। ৪। বধূ।

জামিত্র (জামিৎত্র) [জামি (কুলনারী)—ত্রৈ (ত্রাণ করা)+অ (ড—কর্ত্তৃ)] বি. স্ত্রী. লগ্নের সপ্তম স্থান।

জামিত্রবেধ (ধ্) [জামিত্র স্থানে বেধ] বি. পুং. পাপগ্রহের সপ্তম স্থানে চন্দ্রের অবস্থিতিরূপ যোগ; ইহাতে বিবাহাদি কার্য্য নিষিদ্ধ।

জামিন, জামীন (ন্) [আ—জামিন্] বি. প্রতিভূ; স্থলাভিষিক্ত; a surety; bail. ২। মুচ্‌লকা; দায় শিরোধার্য্য করিয়া আদালতে অঙ্গীকারপত্র দান। **মালজামিন**—জামিনি দ্রঃ। **হাজির-জামিন**—আদালতে হাজির হইবার বা করিবার জন্য যে প্রতিভূ হয় বা মুচ্‌লকা লিখিয়া দেয়। প্র—"আমার হাজির জামিন ষড়ানন"—রামপ্রসাদ।

জামিনদার (ন্, র্) [জামিন (মুচ্‌লকা) দার (দাতা)] বিণ. প্রতিভূ; যে অপরের জন্য জামিন হয় বা জামিন দেয়। প্র—"গাছে উঠে মর্ত্তে আর জামিন হয় দিতে"। বি. **জামিনদারী**—জামিন বা মুচ্‌লকা দান। প্র—"ঐ যে মন করেছি জামিনদারী নেচে ওঠে ছটা বাদী।"—রামপ্রসাদ।

জামিননামা (ন্) [জামিন (প্রতিভূ হইবার অঙ্গীকার) নামা (পত্র)] বি. মুচ্‌লকা।

জামিনি, জামিনী [জামিন দ্রঃ। আ—জামিনী] বি. অঙ্গীকার; প্রতিভূ; জামীন। **জামিনি কবুল** [আ—জামিনি কবুল্] আদালত কর্ত্তৃক মুচ্‌লকা গ্রাহ্য। **ফেল জামিনি**—[আ—ফাএল জামিনি] শান্তি ভঙ্গ না করার জন্য অঙ্গীকার পত্র; শান্তিরক্ষার জন্য মুচ্‌লকা। **মালজামিনি**—মাল অর্থাৎ টাকার জন্য জামিন দেওয়া বা হওয়া। **হাজির-জামিনি**—হাজির অর্থাৎ উপস্থিত হইবার জন্য অঙ্গীকারপত্র লিখিয়া লওয়া; হাজির হইবার বা করিবার জন্য জামিন হওয়া।

জামিয়ার, জামীয়ার, জামেয়ার (র্) [ফা—জামা=পদমর্য্যাদাসূচক পোষাক; সাজ; রাজবেশ। জামাবর্ (জামহ্‌বর্) =ফুলতোলা শাল। উচ্চারণভেদে জামেবর্] বি, ছাগলোমে প্রস্তুত নানাপ্রকার রঙ্গীন চিত্রবিচিত্র করা ও ফুলতোলা কাশ্মীরি শাল।

জামির, মীর (র্) [সং—জম্বীর] বি, অত্যন্ত অম্লরস নেবুবিশেষ; citrus acida. প্র—"যদি মনোমত পাই, গ্রাস পাঁচ সাত খাই পোড়ামীনে জামিরের রস॥"—কবিক।

জামুড়া, জামড় (জামড়ো) [আ—জামিদ্=রক্তরোধক] বি, অঙ্গের প্রধানতঃ হাত ও পায়ের তলায় ক্রমাগত ঘর্ষণ বা আঘাত দ্বারা রক্তরোধজনিত মাংসের কঠিনতা; কড়া; কিণ। ২। ফলের অপক্কাবস্থায় পতনাদির আঘাত জনিত কঠিনতা; দরকচ। ৩। জঙ্গ; মরিচা। ৪। ডাকের গহনা গড়িবার উপকরণবিশেষ। **জামড় পড়া**—ক্রি, কড়া পড়া। প্র—"* * * হেঁটে হেঁটে পায়ে গেল জামড় পড়ে"—ঈ, গুপ্ত। ২। বিণ, কিণাঙ্কিত; কড়া- চিহ্নিত।

জামেয় [জামি (ভগিনী)+এয় (অপত্যার্থে এয়ণ্)] বি, পুং, ভাগিনেয় [প্র, অ,]।

জাম্ববতী (জাম্‌বোবোতি) [জাম্ববৎ (ঋক্ষরাজ) + ঈ (অপত্যার্থে)] বি, স্ত্রী, জাম্বুবানের কন্যা; কৃষ্ণের পত্নী।

জাম্ববান্ (জাম্‌বোবান্) [জাম্ব+বৎ (অস্ত্যর্থে—বতু)] বি, পু, ঋক্ষরাজ · জাম্বুবান্। ২। কৃষ্ণের শ্বশুর।

জাম্বীর (র্) [শরীর বিঃ পরিঃ] বি, জম্বীর ফলের আকৃতি জামুমধ্য-ভাগ। ২। [জম্বীর দ্রঃ] বিণ, জম্বীর সম্বন্ধীয়; জম্বীর ঘটিত।

জাম্বুনদ (দ্) [জম্বুনদ (সুমেরু পর্ব্বতোৎপন্ন নদ)+অ (অণ্—ভবার্থে)] বিণ, পুং, জম্বুনদোৎপন্ন। প্র—"জাম্বুনদ স্বর্ণ জিনি; গৌর বরণ খানি; অরুণ চরণ পীত বাস" —গোবিন্দ দাস। ২। জম্বুনদোৎপন্ন স্বর্ণ; স্বর্ণ; সোণা।

জাম্বুবান, জাম্বূবান (জামবুবান্) [জাম্বু (জাম)+বৎ (অস্ত্যর্থে বতু) অর্থাৎ জামের-মত কাল রং আছে যাহার] বি, পুং, জাম্ববান দ্রঃ।

জায় (য়) [হি—জায়্=যত সংখ্যা হিসাব] বি, হিসাব (বিপরীত বেজায় দ্রঃ); হিসাবের বিবরণ সহ তালিকা; কৈফিয়ৎ সহ হিসাব। ২। লিখিত বিস্তৃত বিবরণ। **জায়বাকী** [হি—জায়্+আ—বাকী] হিসাব নিকাস।

জায়গা (য়্) [ফা—জায়্‌গা (হ্)]। জায় (ফা—জা, জায়্ (স্থান)+গা (ফা—গাহ্= স্থান, কাল)—একার্থক সহচর শব্দদ্বয়। তুল—জায়গা জমী; স্থান কাল। হি—জাগা, জগহ্] বি, জমী; ভূমি। প্র—জায়গা কিনিয়া রাখা; জায়গা জমী করা। ২। স্থান; স্থল। প্র—এখানে আর জায়গা নাই। বসিবার জায়গা করা। ৩। পরিসর। প্র—কাপড় খানা একটু জায়গা রাখিয়া কাটিও সেলাই করিবার কালে খাট হইয়া না যায়। ৪। ক্ষেত্র; অবস্থা। প্র—কোন জায়গায় কি বলিতে হয় তাহা সে একেবারে জানে না। ৫। অবসর; ফাঁক।, ৬। সুযোগ; সুবিধা। ৭। কর্ম্মস্থান; চাকরির স্থল। প্র—"তোমার বোনঝির জন্য অন্য জায়গা দেখ।" —ভারতী, ১৩২০। ৮। আশ্রয় স্থল। ৯। আধার; পাত্র। প্র—জিনিস গুলা রাখিবার একটা জায়গা দাও। ১০। আবাসস্থল; বাসা।

জায়গির, জায়গীর, জাইগীর (য়্, র্) [ফা—জাইগীর্, জাগীর্] বি, কৃত কর্ম্মের পুরস্কারস্বরূপ রাজদত্ত জমী; ভূপতির নিকট পারিতোষিকস্বরূপ নিষ্করভূমি; পেন্‌সনস্বরূপ প্রাপ্ত ভূসম্পত্তি। প্র—"এতবলি নিজহস্তে লিখিয়া পরয়ানা। জায়গির করি দিল দক্ষিণ ময়না॥"—ঘনরাম। "অর্দ্ধ অঙ্গ জায়গির তবু শিবের মাইনে ভারি।"—রামপ্রসাদ।

জায়গিরদার, জায়গীরদার (য়্, র্) [ফা—জায়্‌গীরদার—জাগীর্‌দার্] বিণ, যে জায়গীর পাইয়াছে; জাইগীর ভোগ দখল-কারী। বি, **জায়গিরদারী**—জায়গিরের ভোগদখল।

জায়তি (য়্) [গ্রা। সং—জাতপত্রিকা শব্দের অপভ্রংশ] বি, জন্মপত্রিকা; কুষ্ঠী; ঠিকুজী।

জায়দা (য়) [গ্রা—জ্যায়্‌দা। আ—(হ্)=অধিক। আ—জায়্‌দ্=আধিক্য] বিণ, অধিক; বেশি; অতিরিক্ত।

জায়দাদ (জায়্‌দাদ্) [ফা—জাদাদ্=স্থান। হাউটনে জাইদাদ বানান আছে] বি, ভূমি-সম্পত্তি। ২। স্থাবর অস্থাবর সম্পত্তি; সম্পত্তিতে দখলি স্বত্ব; property; chattel.

জায়ফল (জায়্‌ফল্) [সং—জাতিফল] বি, ক্লী, হরীতকীজাতীয় কষায় ফলবিশেষ; জাতি-কোষ ফল; nutmeg.

জায়-বেজায় (য়্, য়্) [আ—জায়েজ্-বেজায়জ্] অ, ন্যায় অন্যায়; ভালমন্দ; বক্তব্য এবং অবক্তব্য। ২। অসম্বদ্ধ কথা।

জায়মান (জায়োমান্) [জন্ (জন্মান) +আন (—কর্ত্তৃ, আনশ্) জন=জা,—য-ম আগম—যাহা বা যে জন্মিতেছে] বিণ, জন্য; উৎপাদ্যমান।

জায়া [জন্+য (অধি) "যাহাতে স্বয়ং আত্মা অপত্য রূপে জন্মগ্রহণ করে" (মহাভারত)] বি, স্ত্রী, ভার্য্যা; স্ত্রী; পত্নী; সহধর্ম্মিণী। ২। [জ্যোতিষে] লগ্নের সপ্তম স্থান।

জায়াজীব (ব্) [জায়া দ্বারা আজীব (জীবিকা) যাহার, বহু। যে স্ত্রী দ্বারা জীবিকা নির্ব্বাহ করে] বি, পুং, নট; নটীর স্বামী। প্র—"পুলিন্দ কিরাতকোল, হাটেতে বাজায় ঢোল, জায়াজীব বসিল কেওলা।"—কবিক।

জায়াত্ব (জায়াৎতো) [জায়া+ত্ব (ভাবে)] বি, ক্লী ভার্য্যাত্ব; পত্নীভাব।

জায়ানুজীবী [জায়া দ্বারা অনুজীবী। অনু—জীব্ (বাঁচিয়া থাকা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) =অনুজীবিন্ ১মা, ১ব—যে ভার্য্যার উপার্জ্জিত অর্থ দ্বারা জীবিকানির্ব্বাহ করে] বি, পুং, নট। জায়াজীব দ্রঃ।

জায়াপতি (পো) [জায়া এবং পতি (দ্বন্দ্ব)] বি, পুং, পতিপত্নী; স্বামীস্ত্রী; স্ত্রীপুরুষ। প্র—"উয়া উয়া ডাকে সুত দুজনে পুলকযুত জায়াপতি সফল মানস॥"—কবিক।

জায়েজ (জ্) [আ—জায়েজ্] বিণ, যথা-বিধি; আইনসঙ্গত; কানুনমত। ২। ঠিক; যথারীতি; সঙ্গত।

জার (র্) [জৃ (জীর্ণ করা, ক্ষয় করা)+অ (কর্ত্তৃ—ঘঞ্) যে দাম্পত্যপ্রণয় কীটের ন্যায় জীর্ণ করে] বি, পুং, উপপতি; উপনায়ক; গুপ্তপতি; নাঙ্। প্র—"প্রতাপ কি তোমার জার?"—চন্দ্রশেখর। "জার-গত তার চিত্ত হৈল রাত্রিদিন।"—শিবায়ন।

জারক (জারোক্) [জৃ+অক (কর্ত্তৃ) যাহা জীর্ণ করে] বিণ, যাহা পরিপাক করায়; হজমী। ২। যা জরায় বা জীর্ণ করে।

(জ্) [জার (উপপতি) জ—জন্+অ (কর্ত্তৃ, ড—যে জন্মে) যে জার হইতে জন্মে, উপপদ] বি, পুং, জারের ঔরসজাত পুত্র; বেজন্মা। ২। বিণ, জারজাত। স্ত্রী, **জারজা**—জারজাত কন্যা।

জারজাত (র্) বি, জারজ। প্র—"লোকে অপযশ গায়, জারজাত কংসরায়, লেখা গেল দেবতানভায়॥"—কবিক।

জারণ (ন্) [জৃ+ণিচ্=জারি (জীর্ণ করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পরিপচন; পরিপাক করণ; জীর্ণ করণ। ৩। [কর্ত্তৃ—অনট্] বিণ, জীর্ণকারী; জারক; হজমী। ২। ধাতুশোধন; ধাতুমারণ। killing of metal. **হেমজারণ**—স্বর্ণমারণ; killing of gold. **রৌপ্যজারণ**—রৌপ্যমারণ, killing of silver.

জারা [ইং—jarrah.] বি, বৈদেশিক বৃক্ষ-বিশেষ। ২। জারাকাষ্ঠ।

জারা [জারণ দ্রঃ। উ-পু—জারি। ম-পু—জার। প্র-পু—জারে। অস-ক্রি—জারিতে;

জারিয়া ; জেরে। ণিজন্ত—জারাণ] ক্রি, জীর্ণ করা ; ধাতু মারা ; ভস্ম করা ; শোধন করা। ২। জর্জ্জরিত করা। [ব্রজ] জারল—জর্জ্জরিত করিল ; জীর্ণ করিল ; দগ্ধ করিল। প্র—"সহজে ননীক পুতলি গোরী, জারল বিরহ আনল তোরি।"—জ্ঞানদাস। "খলের খলনে জারে সেই জনে কলঙ্ক ঘোষয়ে লোকে"—চণ্ডীদাস। জারাজারা [তুল—ফা—জারজার=আর্ত্তনাদ]—জরজর দ্রঃ। জর্জ্জরিত। প্র—"জারাজারা কৈল সারা যমদূতগণে।"—শিবায়ন।

জারি, জারী [আ—জারী=আরম্ভ, চলতি] বি, আরম্ভ ; সূত্রপাত। ২। প্রচার ; প্রবর্ত্তন। ৩। বিণ, প্রচলিত ; প্রবর্ত্তিত। প্র—"মনুর শাস্ত্র শুধরে দিয়ে নূতন বিধি করব জারি।" —রবি। ৪। কার্য্যে পরিণতি ; কার্য্য ; ব্যবহার ; প্রয়োগ। প্র—"প্রাতঃকালে জারি হবে নূতন আইন।"—হেম বন্দ্যো। ৫। জাহির ; জাঁক ; আত্মপ্রশংসা। জারিজুরি—দর্প ; দম্ভ। ২। তেজ ; প্রভাব ; শক্তি। প্র—"হায় কি হল—হেম, নবীনের, নাইকো জারিজুরি।" —হেম বন্দ্যো।

জারিত [জারা দ্রঃ] বিণ, জীর্ণ ; শোধিত ; মারিত।

জারী (জারি) বি, স্ত্রী, জাড়ী দ্রঃ। ২। জারি দ্রঃ।

জারুল, জাড়ুল (ল্) বি, প্রসিদ্ধ বৃক্ষবিশেষ। ইহার কাষ্ঠে আসবাবপত্র নির্ম্মিত হয়।

জাল (ল্) [জল্ (আচ্ছাদন করা)+অ (কর্ত্তৃ)] বি, ক্লী, জীবজন্তু ধরিবার তন্তু সূত্র বা লৌহতারনির্ম্মিত যন্ত্র ; ফাঁদ। ২। আচ্ছাদন বস্ত্রবিশেষ। ৩। [জালের আকারে নির্ম্মিত বলিয়া] গবাক্ষ। ৪। মাকড়সার জাল ; লূতাতন্তু। ৫। চক্ষের তারার উপর আবরণ পতনরূপ রোগ ; ছানী। ৬। মিথ্যা ; প্রবঞ্চনা। ৭। বিণ, ঝুটা ; কৃত্রিম, মেকি ; ৮। শঠ ; প্রবঞ্চক ; ছদ্মবেশী ; ভণ্ড। জাল করা—কৃত্রিম করা ; ঠকাইবার বা ধোঁকা দিবার জন্য সত্যের অনুরূপ করিয়া নকল করা বা গড়া। মাছধরা জাল—সূত্রনির্ম্মিত জাল। [বিবিধ আকারের জাল বিভিন্ন নামে অভিহিত। কুঁড়াজাল, জালী, খেয়া জাল, খেপ্‌লা জাল, গাঁতি জাল, চাকুনি জাল, ঘূরণ জাল, ঘুনী জাল, টানা জাল, কেটা বা কেটী জাল, ভাসা জাল, বিন জাল, সিউনী জাল প্রভৃতি যথাস্থানে দ্রঃ। জালের বিভিন্ন অংশের নাম—কাঁঠি—জাল ভারি করিতে জালের প্রান্তভাগে যে লোহা, সীসা বা পোড়া মাটির গোলা বা পাত ঝুলিতে থাকে। ডুরি—জাল গুটাইয়া তুলিবার সূতা। বেটে—জাল বোনার সূতা। ফরদ, ফালি—একটানায় বোনা জালের অংশ। পতর, পাতি, ফাঁদকাঠি—জালের ফাঁদ করিবার পাতলা বাঁখারী]। জাল গুটান—জালে যাহা পড়িয়াছে তাহা সূতা টানিয়া জাল গুটাইয়া সংগ্রহ করা। ২। যাহা ছড়াইয়া আছে তাহা জড় করা। ৩। কর্ম্মক্ষেত্র সঙ্কুচিত করা। ৪। কর্ম্ম সম্পাদনে প্রস্থানের উদ্যোগ করা। প্র—"জাল গুটাইবার আয়োজন করিতে লাগিলেন।"—ভারতী ১৩২০। জাল ছেঁড়া পোলো ভাঙ্গা—বহু বিপদের হস্ত হইতে পরিত্রাণ প্রাপ্ত ; আটপিটে।

জালক (জালোক্) [জাল+ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, ক্ষুদ্রজাল। ২। ফুলের কলিকা। ৩। কুষ্মাণ্ড, ঝিঙা প্রভৃতি ফলের প্রথমাবস্থা। ৪। বিণ, জালকারক। স্ত্রী, জালিকা—মোচা।

জালকারক (জাল্‌কারোক্) [জালের কারক—৬তৎ। ক্ষুদ্র মক্ষিকা ধরিবার জন্য যে পাশ নির্ম্মাণ করে] বি, পুং, মাকড়সা। ২। বিণ, জালকারী ; জালিয়ৎ।

জালকীট (ল্‌ ট্‌) [জাল নির্ম্মাণকারী যে কীট—কর্ম্মধা] বি, পুং, জালনির্ম্মাণকারী কীট ; মাকড়্‌সা।

জালগর্দ্দভ (ভ্) বি, চর্ম্মরোগবিশেষ ; বিসর্প-রোগ ; cutaneous erysipelas.

জালগাঁঠি [সং—জালগোটিকা] বি, জাল ভারি করিবার জন্য জালের প্রান্তভাগস্থ ধাতু-গোলক ; কাঁঠি। ২। দীর্ঘাকার ঘাসবিশেষ ; panicum javanicum.

জালগোণিকা (ল্) বি, স্ত্রী, ঘোলমওয়া ভাঁড়।

জালজীবী (ল্) [জাল দ্বারা জীবী (যে জীবন ধারণ করে) ৩তৎ] বি, পুং, ধীবর ; জেলে।

জালতি [জাল—তি (ক্ষুদ্রার্থে)] বি, ক্ষুদ্র জাল। ২। গাছের ফল রক্ষার জন্য ঢাকা দিবার জাল। ৩। ফল পাড়িবার জাল বাঁধা আঁকষী ; পশুর থুথনি অর্থাৎ নাকমুখ ঢাকিবার জাল ; মুখস ; muzzle.

জালনা (ল্) জানালা দ্রঃ।

জালন্ধর (জালন্‌ধর্) বি, পুং, পঞ্জাবের অন্তর্গত জেলাবিশেষ। ২। বিণ, জলন্ধর-নিবাসী।

জালপাদ (জাল্‌পাদ্) [জাল যুক্ত বা জালের ন্যায় লিপ্ত পাদ (পা) যাহার —বহু] বি, পুং, হংস ও হংসপদী জীব।

জালসাজ (জালশাজ্) [হি—জাল+ফা—সাজ্ =বাজ্ (কারক)] বিণ, জালকারক ; জালিয়াৎ ; জালবাজ। বি, জালসাজি—প্রবঞ্চনা ; জালিয়াতি ; জালকর্ম্ম।

জালা [সং—অলিঞ্জর মাটির বৃহৎ জলপাত্র। তুল—ফা—জার্‌া=জলপাত্র। ইং—jar.] বি, জল রাখিবার বৃহৎ মৃৎপাত্র ; দীর্ঘাকার স্থূলোদর মৃৎপাত্র ; অলিঞ্জর। প্র—"জালায় নাহিক জল"—ঈশ্বর গুপ্ত।

জালান (নো) [প্রা-বাং। জ্বালান দ্রঃ] ক্রি, দগ্ধ করা ; পোড়ান। ২। অগ্নি-সংযোগ করা ; দীপ্ত করা। প্র—"চন্দনর কাট দিলা ঘৃত ধুনা দিয়া। ব্রহ্ম অগ্নি দিআ রামাই দিল জালাইআ।" —শূন্যপুরাণ। "সুবর্ণদীপ জালিয়া"—ঐ

জালিক (ক্) [জাল+ইক] বিণ, পুং, জালজীবী। ২। জালকারী। ৩। প্রবঞ্চক। ৪। জালসাজ। ৫। বি, ধীবর ; জেলে। ৬। ব্যাধ। ৭। মাকড়সা। স্ত্রী, জালিকা—মুখাবরণ। ২। বর্ম্ম ; তারের জালবোনা সাঁজোয়া। ৩। জোঁক।

জালিনী [(জাল+ইন্ (অস্ত্যর্থে)=জালিন্—ঈপ্—স্ত্রী, আলোক প্রবেশের জন্য জালযুক্ত] বি, স্ত্রী, চিত্রশালিকা ; অঙ্কনাগার। ২। [জালময় বলিয়া শুষ্কাবস্থায় দৃষ্ট হয়] ঝিঙ্গা ; ধুঁধুল।

জালিয়, য়া [জাল+ইয়] বি, জালকারক। ২। জেলে ; ধীবর। ৩। ব্যাধ।

জালিয়াৎ [আ—জাআল=কৃত্রিম] বিণ, জাল-কারক ; কৃত্রিম খৎ লেখক। বি, জালিয়াতি—কপটতা ; প্রবঞ্চনা। ২। জালখৎ লেখা।

জালী [জালি দ্রঃ] বি, বেগুন, শসা, ঝিঙে, কুমড়া প্রভৃতির খুব কচি ফল। জালীপান্তুয়া—যে পান্তুয়ার ভিতর মৌচাকের মত ফোঁপরা ও সরস থাকে।

জাল্ম (জালম) [জল্ (আচ্ছাদন করা)+ম (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—মণ্)] বি, পুং, নিম্ন সাধারণ লোক ; ইতরলোক। ২। বিণ, মূর্খ। ৩। অবিবেচক। ৪। হিংস্র ; ক্রূর। ৫। নীচ ; দুরাত্মা ; পামর। ৬। নিষ্ঠুর ; নির্দ্দয়। ৭। জড়।

জাশু, জাসু, জাসূদ, জাসূস (জাশু, —শুদ, —শুশ্) [আ—জাসূস=গোয়েন্দা ; দূত। সং—জাসূদ—"জাসূদশ্চারনায়কঃ"—রাজ ব্যবহার কোষ] বি, গোয়েন্দা ; চার। প্র—"পথিক পাইলে জাশু বলি লয় প্রাণে।" —চৈতন্যভাগবত। ২। চতুর ; ধাসু। ৩। অগ্রগণ্য ; চাঁই। প্র—"তুই বেটা সিঁদেলের জাশু।"—গোপাল উড়ে।

জাস্তি [আ—জিয়াদতি=আধিক্য ; আত্য-ন্তিকতা। তুল—ফা—জস্ত=উল্লম্ফিত ; তুল—

by leaps and bounds.] বি. আধিক্য ; অতিরিক্ত পরিমাণ।

জাহাঁপনা [ফা—জাহান্ (পৃথিবী, জগৎ) প্নাহ্ (শরণ, আশ্রয়)—জগৎ-শরণ, জাহান্ = জাহাঁ। সমাসে ও ছন্দের অনুরোধে ফা-তে ন পূর্ব্ব বর্ণে ঁ রূপে যুক্ত হয়] বি. জগদাশ্রয় : প্রভু ; lord. ২। বাদশাহ প্রভৃতির প্রতি উচ্চ সম্মানসূচক সম্বোধন।

জাহাঁবাজ, জাঁহাবাজ (জ্) [ফা—জাহান (জগৎ, দুনিয়া) + ফা বাজ্ (কর্ত্তৃ—দর্শক অর্থে)—যে—দুনিয়া দেখিয়া দেখিয়া বহু দর্শন লাভ করিয়াছে। তুল—জাহান্‌দীদা = বহুদর্শী] বিণ. বহুদর্শী। ২। [সাধাঃ কদর্থে প্রয়োগ] দুনিয়াদার ; ঝানু ; কূটবুদ্ধি ও দজ্জাল। প্র—"অমন জাঁহাবাজ মেয়ের ঠাঁই আমার এ বাড়ীতে হবে না।"—ভারতী, ১৩২০।

জাহাজ (জাহাজ্) [আ—জহাজ্] বি. বৃহৎ জলযান ; অর্ণবপোত। প্র—"রেলে কি জাহাজে গেলে কেহ তারে ঠেলে ফেলে।"—চন্দন। ২। উটের পিঠের পালান। দ্রঃ—জাহাজের ভিন্ন ভিন্ন কর্ম্মচারী ;—নাখোদা—প্রধান কর্ম্মচারী ; কাপ্তেন। মালিম, মালুম—যন্ত্র সাহায্যে দিক-নিরূপণকারী ; রাত্রে তারা লক্ষ্য করিয়া জাহাজের গতি নির্দ্দেশক ও বন্দর সমূহের সংবাদ রক্ষক। মেটখালাসী—পাইলের অধ্যক্ষ ; বায়ুর গতি অনুসারে পাল তোলা, পাল সাজান প্রভৃতি কার্য্যকারক। সারঙ্গ—মেট খালাসীর নিম্নতন কর্ম্মচারী : যাহারা জাহাজ চালান, জাহাজ বাঁধা, জল মাপার কাজ করে। পাঞ্জেরী—মাস্তলের উপর বসিয়া ঝড় বা অন্য জাহাজ আসিতেছে কিনা তাহার সংবাদ রাখে। শুকানি, ছয়ানি, কর্ণধার—গতি-নির্দ্ধারক কর্ম্মচারী ; দিনে এক ও রাত্রে দুই জন নিযুক্ত থাকে। ভাণ্ডারী—জাহাজের ভাণ্ডার-রক্ষক। কেরাণী—নিত্য নৈমিত্তিক ব্যয়ের হিসাব-রক্ষক। গুমটী—যাহারা জাহাজের খোলের জল সেচিয়া ফেলে। গোলন্দাজ—জাহাজ হইতে যাহারা তোপ দাগে। পাটুলি—যাহারা পাইলটের (pilot.) কাজ করে ; খেয়া ঘাটে পার করে। জাহাজ জাহাজ—বহুজাহাজ-পূর্ণ ; প্রচুর ; বিস্তর। আদার ব্যাপারীর জাহাজের খবর—অল্প মূলধনের গ্রাম্য ব্যবসাদারের বহির্বাণিজ্য সম্বন্ধে সংবাদ রাখা ; বামনের চাঁদ ধরিতে যাওয়াবৎ উপহাস্য।

জাহাজী [আ—জাহাজী] বিণ. জাহাজ-সম্বন্ধীয়। ২। জাহাজবাহিত ; বিদেশ হইতে সমুদ্রপার করিয়া আনীত ; প্র—জাহাজী সুপারী ; জাহাজী নারিকেল। ৩। যে জাহাজে কাজ করে ; নৌকর্ম্মচারী ; সুতরাং দেশীয় সমাজে যে বড় থাকে না। তাহা হইতে দেশাচার সম্বন্ধে অনভিজ্ঞ ; গোঁয়ার। প্র—জাহাজী গোরা।

জাহান্নম (ম্) [আ—জহন্নম্] বি. মুসলমান ধর্ম্মশাস্ত্রানুযায়ী নরক। জাহান্নমে যাওয়া—নরকে যাওয়া। ২। কুপথে যাওয়া ; কুচরিত্র হওয়া ; গোল্লায় যাওয়া।

জাহির (র্) [আ—জাহির্] বিণ. ব্যক্ত ; প্রকাশিত। ২। উন্মুক্ত। ৩। বাহির। প্র—"জাহির করিল যে যে ভূপতির আগে। যত নগরের লোকে ধরে খেলে বাঘে॥"—ঘনরাম। ৪। প্রচার।

জাহ্নবী [জহ্নু (মুনি বিশেষ) + অ (অণ্—অপত্যার্থে) + ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. জহ্নুকন্যা (দ্রঃ) ; ভাগীরথী ; গঙ্গা।

জি, জী [সং—জিহ্বা অপভ্রংশে] জিহ্বা ; রসনা। প্র—"পরাণ ত্যজেছে বাঘা বার করে জি।" "মুখে না নিঃসরে বাণী শুকাইল জি।" —ঘনরাম। ২। জীয়া দ্রঃ।

জিউ [হি] বি. জীবন ; প্রাণ। প্র—"জঠর অনলে যেন জিউ জ্বলে মোর।"—শিবায়ন।

জিউলী, জিওল (ল্) [জাওলা দ্রঃ। জীব + বালা। তুল—জানবর, জানদার] বি. মদ্গুরাদি মৎস্য। ২। প্রসিদ্ধ বন্যবৃক্ষ ; সহজে মরে না। জিওলের নির্য্যাসে আঠা হয়।

জিগমিষা (গো) [গম্ + সন্ (ইচ্ছার্থে, দ্বিত্ব) গ = জ—ই আগম = জিগমিষ + অ (ভাবে, অঙ্)] বি. স্ত্রী. গমনের ইচ্ছা।

জিগমিষু (গো) [গম্ + সন্ (ইচ্ছার্থে) = জিগমিষ + উ (কর্ত্তৃ)] বিণ. গমনাভিলাষী ; গমনোৎসুক।

জিগর (জিগর্) বি. পরমার্থ বিষয়ক গান

জিগির (র্) [ফা—জিগর্] বি. বিশেষ জোর দিয়া : নির্ব্বন্ধাতিশয়। জিগির দিয়া বলা—বিশেষ করিয়া উল্লেখ করা।

জিগীষা [জি (জয় করা) + সন্ (ইচ্ছার্থে) জি = গী = জিগীষ + অ (ভাবে)] বি. স্ত্রী. জয়াভিলাষ ; জয়েচ্ছা।

জিগীষু [জিগীষা দ্রঃ। জিগীষ + উ (কর্ত্তৃ)] বিণ. জয়োৎসুক ; জয়েচ্ছু। ২। উন্নতি বা উৎকর্ষ-লাভেচ্ছুক।

জিঘাংসা (শা) [হন্ (বধ করা) + সন্ (ইচ্ছার্থে, দ্বিত্ব) = জিহন্স) হ = ঘা, ন্ = ং = জিঘাংস + অ (ভাবে)—আপ্-স্ত্রী] বি. স্ত্রী. বধেচ্ছা ; হননচেষ্টা। বিণ. জিঘাংসিত।

জিঘাংসাবৃত্তি—প্রাণনাশের প্রবৃত্তি। ২। জীবহত্যা কার্য্য।

জিঘাংসু (শু) [হন্ + সন্ (ইচ্ছার্থে)—জিঘাংসা (দ্রঃ) + উ (কর্ত্তৃ)] বিণ. পুং. হননেচ্ছু।

জিঘ্র (জিঘ্‌ঘ্রো) [ঘ্রা (গন্ধ গ্রহণ করা) + অ (কর্ত্তৃ—শ) ঘ্রা = জিঘ্র্] বিণ ঘ্রাণকারী। [প্র, অ]।

জিজিয়া [আ—জিজিয়া] বি. বাদশার আমলে অমুসলমান প্রজার উপর ধার্য্য কর।

জিঞ্জির (র্) [ফা—জন্‌জীর্] বি. শৃঙ্খল ; শিকল ; জিঞ্জির দ্রঃ। প্র—"সোণার জিঞ্জির দিল, কাণে দিল সোণা"—(ঘনরাম)। জিঞ্জির কাঠি—খোঁপায় গুঁজিবার রূপার কাঠি যাহার মাথায় শিকল সংলগ্ন ঘুঙুর গাঁথা থাকে।

জিজীবিষা (জিজিবিষা) [জীব্ (বাঁচা) + সন্ (ইচ্ছার্থে, দ্বিত্ব) = জিজীবিষ + অ (ভাবে)] বি. স্ত্রী. জীবিত থাকিবার ইচ্ছা ; প্রাণধারণেচ্ছা। বিণ. জিজীবিষু।

জিজ্ঞাসক (জিগ্‌গাঁসক্) [জিজ্ঞাসা দ্রঃ] বিণ. যে জিজ্ঞাসা করে ; প্রশ্নকর্ত্তা।

জিজ্ঞাসন (জিগ্‌গাঁসন্) [জিজ্ঞাসা দ্রঃ] বি. প্রশ্ন করণ ; অনুসন্ধান।

জিজ্ঞাসমান (জিগ্‌গাঁশোমান্) [জ্ঞা (জানা) + সন্ (ইচ্ছার্থে, দ্বিত্ব) = জিজ্ঞাস + আন (কর্ত্তৃ—আনশ্)] বি. যে প্রশ্ন করিতেছে ; জিজ্ঞাসু ; অনুসন্ধিৎসু।

জিজ্ঞাসা (জিগ্‌গাঁশা) [গ্রা—জিগ্‌গেসা ; জিগ্‌গেস ; জিগেস। জ্ঞা (জানা) + সন্ (ইচ্ছার্থে, দ্বিত্ব) = জিজ্ঞাস + অ (ভাবে) আপ্ স্ত্রী—জানিতে ইচ্ছা] বি. প্রশ্ন। ২। জানিবার ইচ্ছা ; অনুসন্ধানের ইচ্ছা। ৩। কৌতূহল নিরাকরণার্থ উত্তর প্রার্থনা। জিজ্ঞাসাবাদ—জিজ্ঞাসা ও বার্ত্তা ; সংবাদ দান ও গ্রহণ ; আলাপ।

জিজ্ঞাসা (জিগ্‌গাঁশা) [জিজ্ঞাসা দ্রঃ। উ-পূ.—জিজ্ঞাসি। ম-পূ—জিজ্ঞাস। প্র-পূ—জিজ্ঞাসে। অস-ক্রি—জিজ্ঞাসিতে ; জিজ্ঞাসিয়া] ক্রি. জিজ্ঞাসা করা ; প্রশ্ন করা ; অনুসন্ধান করা।

জিজ্ঞাসার্হ (জিগ্‌গাঁশারহ) [জিজ্ঞাসা + অর্হ] বিণ. জিজ্ঞাসার যোগ্য ; প্রশ্ন করিবার উপযুক্ত।

জিজ্ঞাসিত (জিগ্‌গাঁশিতো) [জ্ঞা + সন্ (ইচ্ছার্থে) = জিজ্ঞাস + ত (কর্ম্মে—ক্ত)—ই আগম] বিণ. যাহার সম্বন্ধে প্রশ্ন করা হইয়াছে ; অনুসন্ধিত ; পৃষ্ট।

জিজ্ঞাসু (জিগ্‌গাঁশু) [জ্ঞা + সন্ (ইচ্ছার্থে, দ্বিত্ব) = জিজ্ঞাস + উ (কর্ত্তৃ)] বিণ. জিজ্ঞাসা

করিবার জন্য উন্মুখ ; জিজ্ঞাসাকারী ; জানিতে ইচ্ছুক ; জানিতে অভিলাষী। ২। আত্মমুক্তি কামনায় তত্ত্বজ্ঞান লাভেচ্ছু ; মুমুক্ষু।

জিজ্ঞাস্য (জিগ্‌গাশ্‌শো) [জ্ঞা + সন্ (ইচ্ছার্থে) = জিজ্ঞাস + য (কর্মে)] বিণ. জিজ্ঞাসার বিষয় বা স্থল। ২। প্রশ্নের যোগ্য। ৩। অনুসন্ধেয়। ৪। বি. প্রশ্ন ; জিজ্ঞাসার বিষয়।

জিজ্ঞাস্যমান (জিগ্‌গাশ্‌শোমান্) [জ্ঞা + সন্ (ইচ্ছার্থে, দ্বিত্ব) = জিজ্ঞাস + আন (কর্মে —আনশ্) য্—ম্—আগম] বিণ. যাহার সম্বন্ধে প্রশ্ন করা যাইতেছে ; যে বিষয়ে অনুসন্ধান চলিতেছে।

জিঞ্জির, জিঞ্জীর (র্) [ফা—জন্‌জীর্। জিজির দ্রঃ] বি. শৃঙ্খল ; শিকল। ২। দ্বীপান্তর। প্র—"জিঞ্জির হইতে ফিরিয়া আসিলে তাহার সমন্বয় হইয়াছিল।"—টেকচাঁদ।

জিৎ [জি (জয় করা) + কিপ্ (কর্তৃ, ত্— আগম—কিপ্ লোপ] বিণ. জয়কারী ; যে জয় করে। দ্রঃ—স্বতন্ত্র ব্যবহার নাই অন্যশব্দ সহ যুক্ত হইয়া অর্থ প্রকাশ করে। প্র— বিশ্বজিৎ। রণজিৎ।

জিত (ত্) [জি (জয় করা) + ত (কর্মে—ক্ত)] বিণ. কৃতজয় ; স্বায়ত্তীকৃত ; পরাজিত ; পরাভূত। ২। জয়লব্ধ। ৩। [ভাবে—ক্ত] জয়। প্র—এ যুদ্ধে তাহার জিত হইয়াছে। স্ত্রী. জিতা। হারজিত—জয়পরাজয়।

জিতক্রোধ (ধ্) [জিত (সংযত) হইয়াছে ক্রোধ যাহার—বহু] বিণ. যে ক্রোধ জয় করিয়াছে ; সংযত ক্রোধ ; ক্ষমাশীল ; শান্ত-প্রকৃতি ; সহিষ্ণু।

জিতশত্রু (জিতশোৎত্রু) [জিত (পরাজিত) হইয়াছে শত্রু (রিপু) যৎকর্তৃক—বহু] বিণ. যে শত্রুকে দমন করিয়াছে ; শত্রুজয়কারী ; জিতারি।

জিতা [জিত দ্রঃ] বি. স্ত্রী. যে স্ত্রীকে জয় করা হইয়াছে ; পরাজিতা। প্র—"অতএব ধর্মজিতা কৃষ্ণাকে তুমি কি প্রকারে জিতা নহে বলিয়া স্থির করিতেছ?"—মহা-সভা (বর্দ্ধ)।

জিতা, জেতা (জি, জে) [সং—জি= জয় করা হইতে জিত (জয়) + আ (বাং-ক্রিয়া বিভক্তি) উ-পু—জিতি। ম-পু—জিত, জেত ; জিতুন্ ; জিত্, জেত্। প্র-পু— জিতে, জেতে ; জিতেন, জেতেন। অস-ক্রি— জিতিতে ; জিতিয়া, জিতি (পদ্যে), জিতে। ণিজন্ত—জিতান ; জেতান] ক্রি. জয় করা। প্র—"দশে মিলি করি কাজ হারি জিতি নাহি লাজ।" "কটি পীত পট কিঙ্কিণী রাজ মদ গতি জিতি কুঞ্জররাজ জানুলম্বিত কদম্বমাল মত্ত মধুকর তোরণী॥"—ব্রজ পরিক্রমা।

জিতাত্মত্ব (জিতাৎতোৎত) [জিত (পরাজিত) হইয়াছে আত্মা যৎ কর্তৃক, বহু, জিতাত্মন্ ১মা, ১ব = জিতাত্মা (জিতেন্দ্রিয়) + ত্ব (ভাবে)] বি. স্ত্রী. জিতেন্দ্রিয়তা ; বশেন্দ্রিয়ত্ব।

জিতাত্মা (জিতাৎতা) [জিত (পরাজিত) আত্মন্ (আত্মা) যৎ কর্তৃক—বহু, যে আত্মাকে জয় করিয়াছে] বিণ. জিতেন্দ্রিয়।

জিতামিত্র (জিতামিৎত্র) [জিত (পরাজিত) হইয়াছে অমিত্র (রিপু) যৎকর্তৃক, বহু] (যে শত্রুকে পরাজয় করিয়াছে) বিণ. জিতারি। ২। বি. পুং. বিষ্ণু।

জিতারি (তা) [[জিত (পরাজিত) হইয়াছে অরি (শত্রু) যৎকর্তৃক, বহু] বি. পুং. বুদ্ধ। ২। বিণ. জিতশত্রু।

জিতাষ্টমী—বি. স্ত্রী. আশ্বিন মাসের কৃষ্ণপক্ষীয় অষ্টমী ; জীমূতাষ্টমী।

জিতাহব (ব্) [জিত (পরাজিত) হইয়াছে আহব (যুদ্ধ) যৎকর্তৃক, বহু] বিণ. যুদ্ধে জয়যুক্ত।

জিতেন্দ্রিয় [জিত (পরাজিত) হইয়াছে ইন্দ্রিয় যৎকর্তৃক, বহু] বিণ. ইন্দ্রিয়জয়ী ; যে কামাদি রিপুগণকে বশীভূত করিয়াছে। ২। বি. পুং. ব্রহ্মচারী ; তপস্বী।

জিতেন্দ্রিয়তা [জিতেন্দ্রিয় + তা (ভাবে)] বি. স্ত্রী. ইন্দ্রিয় জয়করণ ; ইন্দ্রিয় সংযম।

জিত্য (জিৎত) [জি (জয় করা) + য (কর্মে— ক্যপ্) ত্ আগম] বিণ. জেয় ; জয়যোগ্য ; পরাভবনীয়। স্ত্রী. জিত্যা—লাঙ্গলের ফলা।

জিত্বর (জিৎতর্) [জি (জয় করা) + বর (কর্তৃ-করপ্, শীলার্থে) ত্ আগম] বিণ. জয়শীল ; বিজয়ী। স্ত্রী. জিত্বরী—বারাণসী ; কাশী।

জিদ (দ্) [আ—জিদ্] বি. ঝোঁক ; গোঁ।

জিদি, জিদ্দী [জিদ (দ্রঃ) + ই, ঈ (কর্তৃ) জিদকারী] বিণ. একগুঁয়ে ; নিজের গোঁ ভরে যে চলে ; স্বেচ্ছাচারী।

জিন (ন্) [জি (জয় করা) + ন (কর্তৃ—নক্) যে তপঃপ্রভাবে জগৎ জয় করে] বি. পুং. বৌদ্ধ মত প্রচারক মুনি ; বুদ্ধ। ২। বিষ্ণু। ৩। বিণ. জয়ী ; বিজয়শীল।

জিন, জীন (ন্) [ফা—জীন্] ঘোড়ার সাজ ; ঘোড়ার পিঠে পাতিয়া বসিবার চর্মাসন ; পর্য্যাণ ; saddle. প্র—"আস্তাবন্দী নকর বাজীর বান্ধে জিন"—ঘনরাম। জিন সওয়ারী—যে ঘোড়ার পিঠে চড়িয়া যাইবার মত, গাড়ীর নয়। জিনবাড়ী— ভ্রমর যন্ত্র ঘুরাইবার ধনুকাকৃতি যন্ত্র।

জিন, জীন (ন্) [আ—জীন্] বি. দৈত্য।

জিনা [সং—জিন - জিত। উ-পু—জিনি। ম-পু—জিন। প্র-পু—জিনে। অস-ক্রি— জিনিতে ; জিনিয়া ; জিনি (পদ্যে) জিনে। ণিজন্ত—জিনান] ক্রি. জিতা ; জয় করা।

জিনিষ, জিনিস (জিনিশ্) [আ— জিন্‌স্] বি. বস্তু ; দ্রব্য ; পদার্থ। প্র— "আষাঢ়ে গল্প" সে কই ! সেও বুঝি গেল ওই আমাদের নিতান্তই দেশের জিনিষ!" ২। [পদার্থ বিজ্ঞানে] জড়পদার্থের ধর্মবিশেষ ; "যে ধর্ম থাকায় জড় পদার্থের বেগ উৎপাদনে বল লাগে সেই ধর্মের নাম জিনিষ"—ত্রিবেদী।

জিন্দিগি [ফা—জিন্দগী] জীবন ; জীবিতকাল। জিন্দিগিভোর—সারাজীবন।

জিব (ব্) [জিহ্বা শব্দজ] বি. রসনা ; জিভ। প্র—"জিব কাটে আধা কথা কয়ে লাজ পেয়ে"—কুঙ্কুম। আল-জিব—রসনা-পশ্চাতস্থ তালুদেশস্থ ক্ষুদ্র জিহ্বা। জিব কাটা—লজ্জায় বা অপ্রতিভ হইয়া দন্ত দ্বারা কালীঠাকুরের মত জিব চাপিয়া ধরা। জিব দেওয়া—জিহ্বা স্পর্শ দ্বারা এঁটো করা। জিব চোকান—ছুরী প্রভৃতি শানাইবার অনুকরণে ঠোঁটে জিহ্বা ঘর্ষণ ; আহার-লোলুপ হওয়া। জিব বাহির করা—লজ্জায় জিব কাটা। ২। জিব দেখাইয়া ভেংচান। ৩। কষ্টে ঐরূপ করা। জিব বাহির হইয়া পড়া—গলা টিপিলে জিহ্বা মুখ হইতে বাহির হইয়া পড়ে ; ইহা কষ্টে মৃত্যু হইবার লক্ষণ। ২। [লক্ষণায়] কঠিন কার্য্য সম্পাদনে প্রাণান্তকর ক্লেশ পাওয়া। জিব সেলাই করিয়া দেওয়া—কথা কহিতে না দেওয়ার ভয় দেখান।

জিবিয়া, জিবে [জিব + ইয়া] বিণ. জিহ্বা সম্বন্ধীয়। ২। জিহ্বাসদৃশ। জিবেগজা— জিহ্বাকৃতি গজার পাক মিষ্টান্ন। প্র—"কত জিনিস আনলেম ঘরে খাজা গজা জিবেগজা তোমার তরে।"—গোপাল উড়ে।

জিব্রা, জেব্রা [ইং—zebra শব্দজ] বি. ঘোটক ও গর্দ্দভের মধ্যবর্ত্তী সর্বাঙ্গে ডোরা কাটা অতি দ্রুতগামী শশক পশুবিশেষ।

জিমনাষ্টিক্ [ইং—gymnastic] বি. য়ুরোপীয় প্রথায় বিবিধ কৌশলযুক্ত ব্যায়াম।

জিম্মা [আ—জিম্মা] বি. ন্যাস ; সংরক্ষণ। ২। আয়ত্ত ; অধিকার। প্র—"তোর জিম্মা মোর পুরি বিদ্যার মন্দিরে চুরি কি কহিব কহিতে সরম।"—ভারতচন্দ্র। "ভাঁড়ার জিম্মা যার কাছে মা, সে যে ভোলা ত্রিপুরারি।"—রামপ্রসাদ।

জিয়ল (ল্) বি. ঘনরস বৃক্ষবিশেষ ; জিওল (দ্রঃ)। ২। মৎস্যবিশেষ।

জিয়া, জীয়া [জীব হইতে। হি—জীনা। উ-পু—জিই ; জী। ম-পু - জিয়, জিও ;

জীও। প্র-পু-জিয়ে; জীয়ে। অস-ক্রি—জিয়িতে: জিইতে, জী'তে: জিইয়া; জিয়া; জীয়া। ণিজন্ত—জিয়ান, জীয়ান] ক্রি, বাঁচা।

জিয়াদা [আ—জিয়াদা, জায়দ্=আধিক্য] বিণ, প্রচুর; অনেক; অত্যধিক। প্র—"অথবা স্বাধীন হয়ে ওকালতি পাশ ল'য়ে খোসামুদি জুয়াচুরি শিখিছে জিয়াদা।"—বঙ্কিম (গদ্য পদ্য)।

জিরন্দাজ (জ) [প্রা-জিরেন্দান। ফা-(জিরন্দাজ্] বি, হুঁকা বসাইবার বৈঠকের মুখে যে চিত্রিত বস্ত্র ঢাকা দেওয়া হয়।

জিরাৎ [আ—জরাআত্, জিরাআত্] বি, জমিজরাৎ; জমিজিরাৎ; বাসের জমি; কৃষিক্ষেত্র। এই শব্দ বাঙ্গালায় জমি শব্দের সহিত ব্যবহৃত হয়। প্র—"বুড়া হরিশ মণ্ডল যখন বাড়ী-ঘর জমি-জিরাৎ দেনা-পাওনা কিছুই বুঝাইয়া না দিয়া'—জলধর সেন। "সে অর্থ সঞ্চয় করিয়াছে জমিজিরাৎ করিয়াছে—ঐ।

জিরান (ন্) [জিরান (নো) দ্রঃ] বি, পরিশ্রমের পর ক্লান্তি দূর করণ: বিশ্রাম। ২। অবকাশ: অবসর: বিশ্রাম। প্র—কাজের একটু জিরান নাই। মাঝে মাঝে একটু একটু জিরান দিতে হয়।

জিরান (নো) [আ—জিরিআন, জর্য়ান্=বহমান হওয়া: ভেসে যাওয়া অর্থাৎ চেষ্টা-রহিত অবস্থায় গা ঢালিয়া দেওয়া: অথবা জুড়ান (দ্রঃ) শব্দ হইতে জিরান। উ-পু—জিরায়। ম-পু—জিরাও। প্র-পু—জিরায়। অস-ক্রি—জিরাইতে: জিরাইয়া] ক্রি, ক্লান্তি দূর করা: বিশ্রাম করা। প্র—"প্রসাদ বলে ব্রহ্মময়ী বোঝা নামাও ক্ষণেক জিরাই।"—রামপ্রসাদ।

জিরাফ, জিরেফা (ফ্) [ইং—giraffe—উচ্চারণভেদে, জিরেফ, জিরাফ] বি, উষ্ট্র অপেক্ষা লম্বা গলা ও লম্বা পা দীর্ঘাকার, চতুষ্পদ জন্তু; ইহাদের পশ্চাতের পদদ্বয় অপেক্ষা সম্মুখের পদযুগল প্রায় দেড়গুণ লম্বা।

জিল (ল্) [ঝিল্লী শব্দজ] বি, তীব্রস্বর; তীক্ষরব। ২। তত যন্ত্রের তার।

জিলা, জেলা [আ—জিলা] বি, গ্রামমণ্ডলী; প্রাদেশিক বিভাগের অন্তর্গত পরগণাসমষ্টি; district.

জিলিপি [উচ্চারণ-ভেদে জিলাপী, ঝিলাপী, হি—জলেবী] বি, চক্রাকারে পাকান মিষ্টান্ন-বিশেষ।

জিল্দ [আ—জিল্দ্] বি, পুস্তকের খণ্ড। ২। প্রতি ফর্ম্মা সেলাই করিয়া বই বাঁধার প্রণালী। ৩। চর্ম্ম; leather. **জিল্দগর**—যাহারা বই বাঁধে: দপ্তরী।

জিল্লা, জেল্লা [আ—জল্লা=মহিমান্বিত হওয়া; আ—জিলা=ঔজ্জ্বল্য; প্রভা। তুল—জিলা-কার=যে পালিশ করে] বি, আভা ঔজ্জ্বল্য; চিকণাই।

জিষ্ণু [জি (জয় করা)+স্নু (কর্ত্তৃ—শীলার্থে, কুক্)] বিণ, জয়শীল; বিজয়ী। প্র—"গোবিন্দ কেশব হরি জগদীশ বিষ্ণু। নারায়ণ প্রণত-বৎসল কৃষ্ণ জিষ্ণু।"—শিবায়ন। ২ বি, বিষ্ণু; কৃষ্ণ। ৩। ইন্দ্র। ৪। সূর্য্য ৫। অর্জ্জুন।

জিহ, জিহি [জিহ্বা শব্দজ] বি, রসনা; জিভ প্র—"লোল জিহি।" "লক্লক্ জিহি"—অ, ম।

জিহাদ, জেহাদ [আ—জহাদ্] বি, মুসলমান ধর্ম্মের বিরোধীদিগের বিরুদ্ধে মুসলমানের যুদ্ধ; ধর্ম্মযুদ্ধ।

জিহীর্ষা (জিহীর্ষা) [হৃ (হরণ করা)+সন্ (ইচ্ছার্থে, দ্বিত্ব)=জিহীর্ষ+অ (ভাবে) আপ্—স্ত্রী] বি, হরণ করিবার ইচ্ছা বা অভিলাষ। বিণ, জিহীর্ষু; হরণেচ্ছু।

জিহ্ব (জিব্‌ভ) [লিহ্ (আস্বাদন করা)+ব (করণে—ক্বন্) লি=জি] বি, পুং, রসনা।

জিহ্বা (জিভা) [প্রাদে—ময়মনসিংহ জিব্‌বা। জিহ্ব—আপ্, স্ত্রী] বি, স্ত্রী, যে ইন্দ্রিয় দ্বারা রস আস্বাদন করা যায়; রসনা; জিভ।

জিহ্বাগ্র (জিভাগ্‌গ্রো) [জিহ্বার অগ্র—৬তৎ] বি, পুং, রসনার অগ্রভাগ; জিহ্বার আগা।

জিহ্বাগ্রবর্ত্তী (জিভাগ্‌গ্রোবোর্‌তি) [জিহ্বার—অগ্র=জিহ্বাগ্র—বৃত্ (থাকা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=বর্ত্তিন্ ১মা, ১ব] বিণ, যে জিহ্বার অগ্রভাগে থাকে।

জিহ্বানির্লেখন (ন্) [জিহ্বার নির্লেখন (নির্—লিখ্+অন, ভাবে) ৬তৎ] বি, ক্লী, জিভ আঁচড়ান; জিভছোলা।

জিহ্বামূলীয় (জিভামুলীঅ) [জিহ্বা—মূল+ীয় (ভবার্থে) জিহ্বা (উচ্চারণের) মূল যাহার] বি, পুং, জিহ্বামূল হইতে উচ্চারিত বা উচ্চার্য্য বর্ণ; ক খ গ ঘ ঙ।

জিহ্বাস্তম্ভ (জিভাস্তম্ভ) [আয়ুঃ পরিঃ] বি, জিহ্বার অসাড়ত্ব; জিহ্বার পক্ষাঘাত রোগ; paralysis of the tongue.

জিহ্বাস্বাদ (জিভাশ্‌শাদ) [জিহ্বা+আস্বাদ] বি, পুং, লেহন; চাটা।

জিহ্মগ (গ্) [জিহ্ম (বক্র) গ—গম্ (গমন করা)+অ (কর্ত্তৃ—ড) বক্রভাবে গমনকারী] বিণ, সর্পগতিবৎ বক্রগতিযুক্ত; বক্রগামী। ২। বি, সর্প।

জিহ্মগামী (মি) [জিহ্মগামিন্ শব্দ] বিণ, বক্রগামী। ২। জিহ্মগ দ্রঃ।

জী [জি দ্রঃ। সং—জীবন শব্দের সংক্ষেপ। হি—জীউ, জী] বি, জীবন; প্রাণ। প্র—"আছে যদি জীয়ে আশা ত্যজিয়া দেশের বাসা প্রাণ লয়ে চল মহাবীর।"—কবিক। ২। মন। ৩। প্রবৃত্তি। ৪। আকাঙ্ক্ষা। ৫। [হি] মহাশয়: জীউ। ৬। [জীআ দ্রঃ] ক্রি, জীবনধারণ করি; প্রাণ রাখি। প্র—"বৃথায় জীবন জী"—চণ্ডীদাস।

জীআ, জীয়া [জীবা—হি—জীনা। উ-পু—জী। ম-পু—জীঅ; জীও; জীউন্; জী। প্র-পু—জীয়ে। অস-ক্রি—জীতে; জীইতে; জীইয়া; জীয়ে। ণিজন্ত—জীয়ান] ক্রি, বাঁচা; জীবন-ধারণ করা। প্র-"জীঅ জীঅ উলূক বাছা হওরে চিরাই।"—শূঃ পুঃ। "রচিয়া ত্রিপদী ছন্দ পাঁচালী করিল বন্ধ তোমার পুণ্যের হেতু জী"—কবিক। "মাগু মৈল বুড়াকালে জীয়া কাজ কি।" "জল বিনু মীন জনু কবহুঁ না জীয়ে।"—ঐ।

জীউ (জিউ) [হি। প্রা-বাং] বি, জীবন; প্রাণ। প্র—"পাণ যাইতে জীউ মোর কাঁপে" —বিদ্যাপতি। ২। আত্মা। প্র—"তার এক জীউ লয়ে, সিংহল পাটনে গিয়ে। জন্মা-ইল শালবন ঘরে। উজানী নগরে স্থিতি আর জীউ জয়াবতী, প্রবেশিল বিক্রম কেশরে।"—কবিক। ৩। জীবনের সংক্ষেপ। ৪। স্নেহ, সম্ভ্রম ও ভক্তিসূচক শব্দ; মহাশয়। ৫। মন। ৬। আশা: আকাঙ্ক্ষা। ৭। ইচ্ছা।

জীত [হি। জিত দ্রঃ] বি, জয়।

জীন (ন্) [জ্যা (বৃদ্ধি পাওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, জীর্ণ। ২। স্থবির: প্রাচীন; বৃদ্ধ। ৩। বুদ্ধ।

জীন (ন্) [ইং—jean] বি, ঘন সূতার টেকসই কাপড়। **জীনের জামা**—জীন কাপড়ের জামা।

জীব (ব) [জীব্ (বাঁচা)+অ (কর্ত্তৃ—ক) যে জীবিত থাকে] বি, পুং, দেহে অধিষ্ঠিত চেতন পদার্থ; জীবাত্মা। প্র—"দুই কূলে দিয়া বাতি, জীবন ত্যজিল সতী, পতির মরণে ছায়াবতী। বিদায় হইয়া শিবে, লয়ে দুজনায় জীবে, গেলা চণ্ডী ব্যাধের নিবাসে।"—কবিক। ২। দেহী; প্রাণী; জন্তু। ৩। [বেদান্ত দর্শনে] দেহাবচ্ছিন্ন; চৈতন্য। ৪। [করণে—অ (ক) যাহাদ্বারা জীবনধারণ করে] জীবিকা; বৃত্তি। ৫। [জীব= বেঁচে থাক; জীআ দ্রঃ] হাঁচিবার সময়ে কল্যাণ-বোধক শব্দ; দীর্ঘজীবী হইবার আশীর্ব্বাদ। প্র-"ছলে হাঁচিলাম জীববাক্য বলাইতে।"—অ, ম। ৬। জীবন; প্রাণ। ৭। জীবন-কাল; আয়ুঃ। ৮। বৃক্ষবিশেষ। **কৃষ্ণের জীব** [ব্যঙ্গোক্তি] কৃপাপাত্র। প্র—আহা কৃষ্ণের জীব উহাকে মারিও না।

জীবক (ক্) [জীব+ক (সংজ্ঞার্থে)] বিণ, ওষধিবিশেষ। ২। জীব বাক্যে যিনি

আশীর্ব্বাদ করেন ; আশীর্ব্বাদক। ৩। বুদ্ধদেবের চিকিৎসা গুরু এবং আত্রেয় ঋষির শিষ্য ; মগধদেশীয় প্রসিদ্ধ চিকিৎসক। ৪। ভিক্ষুক। ৫। বৃদ্ধিজীবী ; সুদখোর। ৬। ভৃত্য ; সেবক। ৭। সাপুড়ে।

জীবজন্তু (জিব্জোন্তু) [জীব (প্রাণী) +জন্তু (প্রাণী) বিবিধ জীব বা সমূহ অর্থে একার্থক সহচর শব্দ] বি. প্রাণিবর্গ ; জীবসমূহ ; নানা জন্তু।

জীবৎ [জীব্ (বাঁচা)+অৎ (কর্ত্তৃ—শতৃ)] বিণ. জীবন থাকিতে ; জীবনযুক্ত। ইহার স্বতন্ত্র ব্যবহার নাই, অন্য শব্দের যোগে ব্যবহৃত হয়।

জীবৎমান (ন্) বিণ. জীবৎ ; জীবদ্দশা। ক্রি-বিণ. জীবৎমানে—প্রাণ থাকিতে ; জীবদ্দশায়। জীবৎপতি—সধবা। জীবৎপিতৃক—যাহার পিতা বর্ত্তমান।

জীবতত্ত্ব (জীব্তত্ত) [জীবের তত্ত্ব,—৬তৎ] বি. ক্লী. প্রাণিতত্ত্ব ; জীববিজ্ঞান : zoology.

জীবদ [জীব (জীবন)—দ, দা—(দান করা) অ (কর্ত্তৃ—ক) আ—লোপ যে জীবন দান করে] বিণ. জীবনদাতা ; প্রাণদ। স্ত্রী. জীবদা।

জীবদাত্রী (দাৎত্রি) [জীব (প্রাণ) দা (দান করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=জীবদাতৃ +ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. ঋদ্ধি। ২। জীবন্তীবৃক্ষ। ৩। বিণ. প্রাণদা ; প্রাণদায়িনী।

জীবদ্দশা (জিবোদ্দশা) [জীবৎ (জীবিত) যে দশা (অবস্থা) কর্ম্মধা] বি. স্ত্রী. জীবিতাবস্থা ; জীবনকাল ; জীবৎকাল।

জীবন (ন্) [জীব্ (বাঁচা)+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. প্রাণ। ২। জীবনধারণ। ৩। জীবনস্বরূপ ; অতিপ্রিয়তম। প্র—জানকীজীবন। "যুবতীজীবন পতি"—দীনবন্ধু মিত্র। ৪। [(করণে—অনট্) যাহা দ্বারা জীবন ধারণ করা যায়] বৃত্তি ; জীবিকা। ৫। জল। প্র—"অঞ্জলি পুরিয়া রাজা আনিয়া জীবন।"—কৃত্তিবাস। ৬। [আয়ুষ্কর হেতু] সদ্যোজাত নবনী বা ঘৃত। ৭। মজ্জা। ৮। জগৎপ্রাণ ; সমীরণ ; বায়ু। ৯। [জীব্+ণিচ্=জীবি (বাঁচান)+অন (কর্ত্তৃ—অনট্) যে বার্দ্ধক্যে গ্রাসাচ্ছাদন দ্বারা বাঁচাইয়া রাখে] পুত্র। ১০। [যিনি বাঁচাইয়া রাখেন] পরমেশ্বর। ১১। জীববৃক্ষ। ১২। স্নেহসূচক সম্বোধন। তুল—বাবাজীবন। ১৩। বিণ. জীবাধিষ্ঠাতা। স্ত্রী. জীবনী—জয়ন্তীবৃক্ষ। জীবনা—মজ্জা।

জীবনক (ক্) [জীবন+ক (সংজ্ঞার্থে)] বি. ক্লী. অন্ন।

জীবনান্ত (জিবনান্ত) [জীবনের অন্ত (শেষ) ৬তৎ] বি. পুং. জীবনাবসান ; মৃত্যু।

জীবনাবাস (শ্) [জীবন (জল) হইয়াছে—আবাস (বাসস্থান) যাহার, বহু] বি. পুং. বরুণ। ২। [জীবনের আবাস (আধার) ৬তৎ] শরীর।

জীবনাশ (শ্) [জীব+নাশ বা জীবন+আশ (ভক্ষক)। প্রা-বাং] বিণ. জীবননাশক ; প্রাণঘাতক। প্র—"হীরকের খেড় মন্দির হীরার নাটসাল। জীবনাশ চূড় হাথ উল্ক কটাল।"—শূন্যপুরাণ।

জীবনী (জিবোনি) [জীব্+অন (করণে—অনট্)=জীবন—ঈপ্, স্ত্রী] বিণ. যদ্দ্বারা আয়ু বৃদ্ধি হয় ; জীবনসঞ্চারিণী ; প্রাণদা। ২। [বৈদ্যকে] বি. জীবন্তীবৃক্ষ। (২) মহামেদা। (৩) মেদা। (৪) কাকোলী।

জীবনীয় [জীবন (প্রাণ)+ঈয় (প্রয়োজনার্থে)] বিণ. যাহা প্রাণধারণের জন্য আবশ্যক ; আয়ুষ্কর উপায়। ২। জল। স্ত্রী. জীবনীয়া—জয়ন্তী।

জীবনীশক্তি (জিবোনিশোক্তি) [জীবনী (জীবনদায়িনী) শক্তি—কর্ম্মধা] বি. স্ত্রী. জীবন ধারণের শক্তি ; যে শক্তিবলে জীবনধারণ করা যায় ; সঞ্জীবনীশক্তি ; জীবনসঞ্চারিণী শক্তি।

জীবনোপায় (য়্) [জীবনের উপায়—৬তৎ] বি. পুং. জীবন ধারণের উপায় : জীবিকা ; যাহা দ্বারা জীবিত থাকা যায়।

জীবন্ত (জিবোন্তো) [গ্রা—জীয়ন্ত ; জ্যান্ত। জীব্ (বাঁচা)+অন্ত (কর্ত্তৃ)] বিণ. যে বাঁচিয়া আছে ; প্রাণবিশিষ্ট ; সজীব। ২। উৎসাহযুক্ত : চেষ্টাযুক্ত।

জীবন্তিকা (বো) বি. স্ত্রী. পরগাছা। ২। [বৈদ্যকে] হরীতকী। (২) গুড়ূচী।

জীবন্মুক্ত (জিবোন্মুক্তো) [জীবৎ (জীবদ্দশায়) মুক্ত—কর্ম্মধা] বিণ. জীবদ্দশায় মায়ার বন্ধন ছিন্ন করিয়া নির্লিপ্তভাবে অবস্থিত ; আত্মতত্ত্বজ্ঞ।

জীবন্মুক্তি (জিবোন্মুক্তি) [জীবৎ (জীবিতাবস্থাতে) মুক্তি—৭তৎ] বি. স্ত্রী. জীবন থাকিতে মায়াপাশ ছেদন ; সংসারে থাকিয়াও নির্ব্বিকার ও নির্লিপ্তভাব।

জীবন্মৃত [জীবৎ (জীবিতাবস্থাতে) মৃত—৭তৎ] বিণ. জীবদ্দশায় মৃতকল্প ; যে প্রাণ থাকিতেও কোন কারণবশত মৃতের ন্যায় থাকে : বেঁচে মরে থাকা। প্র—"আছি জীবন্মৃতা হোয়ে আশাপথ চেয়ে তোমায় না হেরিয়ে নয়ন ঝোরে।"—রামবসু।

জীবন্যাস (ব্, শ্) [জীবের ন্যাস—৬তৎ] বি. পুং. দেহমন্দিরে প্রাণপ্রতিষ্ঠা। প্র—"জীবন্যাস করি পূজে মৃন্ময় শঙ্কর।"—কবিক। "মন্ত্রবলে ধেয়ে চলে পায় জীবন্যাস। অকালে কুজ্ঝটি যেন ঢাকিল আকাশ।"—শিবায়ন।

জীববধ (ব্) [জীব—বধ—৬তৎ] বি. জীবনাশ ; জীবহত্যা।

জীববর্গ [জীব—বর্গ (সমূহ)] বি. জীবসমূহ ; প্রাণিকুল।

জীববলি (জিব্বোলি) [জীব—বলি, ৬তৎ] বি. জীবহত্যা।

জীববস্তু (জীব্বোস্তু) [জীব=বিঃ=পরিঃ] বি. জীবের সূক্ষ্ম অবস্থার রূপ ; জীবাণু ; protoplasm.

(ব্) [জীব—বান্] বিণ. সজীব ; জীবন্ত।

জীববৃত্তি (জীব্বৃৎতি) [জীবের বৃত্তি (ব্যবসায়) ৬তৎ, জীবগণের ব্যবসায়, জীব দ্বারা বৃত্তি (ব্যবসায়) ৩তৎ কিম্বা জীব পালনরূপ বৃত্তি—কর্ম্মধা, পশুপালনরূপ ব্যবসায়] বি. স্ত্রী. গোমহিষাদির বৃদ্ধি ও পালনের ব্যবসায়।

জীবমন্দির (জিব্মোন্দির্) [জীব (জীবনের) মন্দির (আলয়) ৬তৎ] বি. ক্লী. জীবাবাস ; শরীর।

জীবমাতৃকা (ব্) [জীবের মাতৃকা, ৬তৎ] বি. স্ত্রী. সপ্তমাতৃকাবিশেষ (কুমারী, ধনদা, নন্দা, বিমলা, মঙ্গলা, বলা, পদ্মা)।

জীবলোক (ব্, ক্) [জীবের লোক—৬তৎ] বি. পুং. প্রাণিজগৎ ; জীবজগৎ [বিপরীত "জড়জগৎ"]। ২। সংসার ; মর্ত্যলোক। ৩। [জীবরূপ লোক (জন) কর্ম্মধা] জীবযোনি।

জীবশূন্য (জীব্শুন্‌ন্) [জীব (জীবন) শূন্য] বিণ. প্রাণহীন ; মৃত। ২। [জীব (প্রাণী) শূন্য] প্রাণিহীন ; জীবজন্তুহীন।

জীবসঙ্ক্রমণ (জীব্শংক্রোমন্) [জীব—সংক্রমণ (এক হইতে অন্যে গমন)] বি. জন্মান্তর পরিগ্রহ ; metempsychosis.

জীবস্থান (জীব্স্থান্) [জীবের (জীবনের) স্থান (আশ্রয়)—৬তৎ] বি. ক্লী. যে স্থানে জীবনীশক্তির পূর্ণ প্রকাশ ; হৃৎপিণ্ড। ২। মর্ম্মস্থান।

জীবহত্যা [জীব-হত্যা, ৬তৎ] বি. স্ত্রী. জীববলি ; জীববধ ; জীবহিংসা ; প্রাণনাশ।

জীবহিংসা (ব্, শা) [জীব—হিংসা—৬তৎ] বি. জীবহত্যা। ২। জীবের প্রাণনাশেচ্ছা।

জীবহীন (জীব্হিন্) [জীব (প্রাণ) দ্বারা হীন—৩তৎ] বিণ. প্রাণহীন ; জীবনশূন্য।

জীবা [জীআ দ্রঃ] ক্রি. জীয়া ; বাঁচা। প্র—"যাকু মোর জীবন জীবায় সাধ কি?"—শিবায়ন। ২। বি. প্রাণ ধারণ ; জীবন। প্র—"স্বামী বিনা মৃত্যু জীবা একই সমান"—কাশী—মহা—আদি। ৩। [করণে—অল্] যাহা দ্বারা জীবন ধারণ করে ; জীবিকা।

জীবাত্মা (জীবাৎতা) [জীব+আত্মা, কর্ম্মধা] বি. জীব (দ্রঃ) ; প্রাণ পুরুষ ; দেহী ; শরীরস্থ চৈতন্য। ২। [দর্শনে] দেহের অন্তরস্থ স্বচ্ছ

পদার্থ, যাহাতে পরমাত্মা অর্থাৎ ঈশ্বর প্রতিবিম্বিত হন। প্র—"ব্রহ্মবিৎ ব্যক্তি * * মঙ্গল স্বরূপকে আপনার অন্তরে স্বীয় আত্মাতেই দৃষ্টি করেন * * যেখানে আমাদিগের জীবাত্মা সেইখানেই তিনি স্থিতি করিতেছেন।"—ব্রাহ্ম ধর্ম্ম। [দ্রঃ আত্মা—দেহস্থ চৈতন্য, বদ্ধ। পরমাত্মা আকাশস্থ চৈতন্য, সর্ব্বঘটে বিরাজিত কিন্তু মুক্ত। ঈশ্বর পরমাত্মা। তাঁহার প্রতিবিম্বিত পদার্থ জীবাত্মা।

জীবাধান (ন্) [জীব+আধান—৬তৎ] বি, প্রাণরক্ষা।

জীবাধার (র্) [জীবের (প্রাণীর) আধার (আশ্রয়)—৬তৎ] বি, পুং, বিশ্ব; ব্রহ্মাণ্ড জগৎ। ২। [জীবের (জীবনের) আধার (আশ্রয়) ৬তৎ] শরীর; দেহ।

জীবান্তক (ক্) [জীবের অন্তক (নাশক) ৬তৎ] বি, পুং, ব্যাধ; শাকুনিক। ২ প্রাণঘাতী অস্ত্র। ৩। বিণ, প্রাণান্তকর প্রাণঘাতক।

জীবাবশেষ (ষ্) [জীব, বিঃ পরিঃ] বি, ভূগর্ভ হইতে প্রাপ্ত বহুকাল পূর্ব্বে মৃত প্রাণীর দেহাবশেষ; মৃতের দেহ জীর্ণ হইয়া যাহা অবশিষ্ট থাকে: প্রস্তরীভূত জীবদেহ: fos

জীবিকা [জীব্ (বাঁচা) + অক (করণে) যে উপায় দ্বারা জীবন ধারণ করে, আপ্—স্ত্রী] বি, স্ত্রী, প্রাণধারণোপযোগী উপায়; জীবনোপায়; বৃত্তি। ২। জীবন্তী বৃক্ষ। ৩। জীবন।

জীবিত [জীব্ (বাঁচা) + ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, জীবন: আয়ু। প্র—জীবিতকাল। ২। জীবদ্দশা; জীবনকাল। ৩। [কর্ত্তৃ—ক্ত] বিণ, যে বাঁচিয়া আছে; যাহার প্রাণ আছে: জীবন্ত; সজীব।

জীবিতকাল (জিবিতোকাল্) [জীবিত যে কাল (সময়)—কর্ম্মধা] বি, পুং, জীবদ্দশা: আয়ুষ্কাল।

জীবিতেশ (শ্) [জীবিত+ঈশ—৬তৎ] বিণ, জীবনের প্রভু; জীবের প্রভু: জগদীশ্বর। ২। প্রাণেশ; প্রাণেশ্বর; প্রিয়তম।

[জীব্ (জীবন) + ইন্ (অস্ত্যর্থে) = জীবিন্—১মা, ১ব] বিণ, জীবনধারী; জীবন যুক্ত। প্র—দীর্ঘজীবী; অল্পজীবী।

জীবোপাধি [জীবের উপাধি (সংজ্ঞা)—৬তৎ] বি, পুং, স্বপ্ন, সুষুপ্তি ও জাগ্রত অবস্থা।

জীমূত (ত্) [জী—জলবোধক জীবন শব্দজ—মূত (মূ (বন্ধন, ধারণ করা) + ত (কর্ত্তৃ—ক্ত) যে জল ধারণ করে] বি, পুং, মেঘ।

জীমূতকেতু (ত্) [জীমূত (মেঘ) হইয়াছে কেতু (ধ্বজ) যাহার, বহু] বি, পুং, হিমালয়স্থ বিদ্যাধরগণের রাজা।

জীমূতবাহন (জিমুত্‌বাহোন্) [জীমূত (মেঘ) হইয়াছে বাহন (যান) যাহার, বহু] বি, পুং, ইন্দ্র। ২। দায়ভাগ নামক গ্রন্থকর্ত্তা।

জীয়ন্ত (জিওনতো) [জীবন্ত—অপভ্রংশে] বি, যে জীবিত আছে। প্র—"সই! জীয়ন্তে এমন জ্বালা।"—চণ্ডীদাস। "পিতামাতা ঘরে তব জীয়ন্তেতে মরা।"—ঘনরাম।

জীয়ল [জীয়াইল। জীয়া দ্রঃ] ক্রি, বাঁচাইল। ২। (জিওলো) বিণ, জীবন্ত। প্র—"গুরুজন জ্বালা জলের শিহালা পড়সি জীয়ল মাছে।" —চণ্ডীদাস। ৩। (জিওল্) [জিওল দ্রঃ] জিয়ল গাছ। ৪। মৎস্যবিশেষ।

জীয়া—জীআ দ্রঃ।

জীয়ান (নো) [হি—জিলানা। উ-পু—জীয়াই। ম-পু—জীয়াও। প্র-পু—জীয়ায়। অস-ক্রি—জীয়াইতে; জীয়াইয়া; জীইয়ে] ক্রি, বাঁচান; জীবন দান করা। প্র—"দেখি ব্যগ্র শিব শক্তি, দেবগণ করে যুক্তি জীয়ান গজেন্দ্র শির আনি॥"—শিবায়ন। "এমন শুনিয়া তবে বলে পদ্মাবতী। লোক জীয়াও প্রতাপ দেখুক নরপতি॥"—কবিক। ২। জীয়াইয়া রাখা জীবন্ত করিয়া রাখা; জাওয়ান। প্র—মাছ জীয়ান। ৩। জীবন যাপন করা; জীবন যাত্রা নির্ব্বাহ করা। প্র—"এই ব্যাধ ভাল জীয়ে তৃষ্ণা হলে পানি পিয়ে ক্ষুধাকালে করয়ে ভোজন।"—কবিক। ৪। সুস্থ করা।

জীর, জীরক, জীরা (র্) [সং—জীরক —যাহা জীর্ণ করে, পরিপাক করায়] বি, পুং, জীরা নামক মসলা; মৌরী জাতীয় ধান্যবিশেষ; cumin. ২। কালজীরা বা কৃষ্ণ জীরা—পাঁচফোড়নের জীরা। ৩। শা-জীরা; শ্বেত জীরক; (পোলাও) রন্ধনে ব্যবহৃত হয়; মিঠা জীরাও বলে।

জীর্ণ (জির্‌ন) [জৄ (জীর্ণ হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, ক্ষয়প্রাপ্ত; শীর্ণ: ক্ষীণ। ২। জারিত; জর্জ্জরিত। ৩। গলিত। ৪। অতি পুরাতন; প্রাচীন। ৫। যাহার পরিপাক হইয়াছে; যাহা হজম হইয়াছে। ৬। কাজের বাহির; অকর্ম্মণ্য। স্ত্রী, জীর্ণা। বি, জীর্ণি।

জীর্ণজ্বর (জীর্নজ্বর্) [জীর্ণ (পুরাতন) জ্বর—কর্ম্মধা] বি, পুং, পুরাতন জ্বর; chronic fever.

জীর্ণতা [জীর্ণ+তা (ভাবে)] বি, স্ত্রী, জীর্ণ হওয়া।

জীর্ণদেহ [জীর্ণ হইয়াছে দেহ (শরীর) যাহার, বহু] বিণ, জরাগ্রস্ত দেহ। ২। ক্ষীণ দেহ; শীর্ণ কলেবর। জর্জ্জরিত দেহ।

জীর্ণপর্ণ (জীর্‌নপর্‌ন) [জীর্ণ (গলিত, পুরাতন) পর্ণ (পাতা) যাহার, বহু] বিণ, গলিত পত্র। ২। বি, পুরাতন পত্র। ৩। কদম্ববৃক্ষ।

জীর্ণসংস্কার (জীর্‌নোশংশ্‌কার্) [জীর্ণ (পুরাতন, ক্ষয়প্রাপ্ত) সংস্কার—৬তৎ] বি, পুং, ভগ্ন, বিকৃত, ক্ষয়প্রাপ্ত বস্তুর পুনর্গঠন; মেরামত। বিণ, জীর্ণসংস্কৃত—পুনর্নবীকৃত; মেরামত করা।

জীর্ণা (জীর্‌না) বি, স্ত্রী, স্থূলজীরক; মোটা জীরা। ২। বিণ, প্রাচীনা; পুরাতনী।

জীর্ণোদ্ধার (জীর্‌নোদ্‌ধার্) [জীর্ণের—উদ্ধার—৬তৎ] বি, পুং, জীর্ণসংস্কার; মেরামত। বিণ, জীর্ণোদ্ধৃত।

জীল [হি—জিলানা=বাঁচান। জীআ দ্রঃ। প্র-পু—বর্ত্তমান কালের রূপ] বি, জীবিত হইল: জীবন পাইল। প্র—"সতীকে না দেখিয়া সবার ছিল দুখ। সবে জীল সতীর দেখিয়া চাঁদ মুখ॥"—শিবায়ন। ণিজন্ত, জীয়াইল।

জুআর, জুয়ার (র্) [জলবার বা জলবৃদ্ধি শব্দজ] বি, সমুদ্র হইতে আগত জলপ্রবাহ; জলস্ফীতি; জলোচ্ছ্বাস:

জুআল (ল) [প্রা-বাং] বি, জোয়াল (দ্রঃ)। প্র—"আস জোতি পাসজোতি আগুদর বড় চিন্তা। দুদিগে দুসলি দিআ জুআলে কৈল বিন্ধা।"—শূন্যপুরাণ।

জুঁই, জুই [সং—যূথিকা হইতে হি—জূহী] বি, যূথিকা; যুঁই দ্রঃ। প্র—"জাই জুই মারূআ লইব করে। ভক্তি করি দিব ধর্ম্ম পাদুকা উপরে।"—শূন্যপুরাণ।

জুঁকা, জোঁকা—ক্রি, জুখা দ্রঃ।

জুখ, জোখ (খ্) [যি—জোখ=তৌল] বি, ওজন। ২। উচ্চতার পরীক্ষা। মাপ জোখ—আকারের পরিমাপ ও গুরুত্বের ওজন। ২। উভয়ের মধ্যে তুলনা করিয়া দৈর্ঘ প্রস্থাদির পরিমাপ।

জুখা, জুঁখা, জোখা, জোঁখা [হি—জোখনা=তৌল করা। উ-পু—জুখি। ম-পু—জুখ, জোখ; জুখুন; জোখ্। প্র-পু—জুখে, জোখে; জুখেন, জোখেন। অস-ক্রি—জুখিতে, জুখিয়া, জুখে। ণিজন্ত—জুখান, জোখান] ক্রি, তৌল করা। প্র—"পিঞ্জরের তরে স্বর্ণ দিলেন জুখিয়া।"—কবিক। "দর করে এক মূলে জুখে নেয় দুনা তুলে।"—ঐ। ২। পাশাপাশি দাঁড় করাইয়া উচ্চতা তুলনা করা। ৩। বি, উভয়ের মধ্যে উচ্চতার তুলনা।

জুগ [প্রা-বাং—য স্থলে জ] বি, যুগ। প্র—"ধেআনেত বসিল পরভু কত জুগ গেল।"—শূন্যপুরাণ। ২। জগৎ। জুগপতি [প্রা-বাং] বি, জগৎপতি; জগন্নাথ। প্র—"মাইঝখানে স্নান করন্তি জুগর জুগপতি"—শূন্যপুরাণ।

জুগী, জোগী [সং—যোগী] বি, হিন্দুজাতিবিশেষ।

জুগুপ্সক (জুগুপ্‌শক্) [গুপ্‌ (নিন্দা করা) +সন্ (স্বার্থে, দ্বিত্ব)গু=জু,=জুগুপ্স+অক (কর্ত্তৃ)] বিণ, কুৎসাকারী ; নিন্দক।

জুগুপ্সা (জুগুপ্‌শা) [গুপ্‌+সন্ (স্বার্থে, দ্বিত্ব) গু=জু,=জুগুপ্স+অ (ভাবে—অঙ্‌)] বি, স্ত্রী, নিন্দা ; কুৎসা। ২। ঘৃণা ; অপবাদ।

ত (জুগুপ্‌শিতো) [গুপ্‌+সন্ (স্বার্থে)=জুগুপ্স+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিন্দিত। ২। ঘৃণিত ;

জুজ (জ্) [আ—জুজ্‌=গ্রন্থের অংশ বা খণ্ড। দপ্তরীদিগের ভাষায়] বি, পুস্তকের খণ্ড।

জুজবন্দি (জুজ্‌বোন্দি), [আ—জুজ্‌ব্‌ন্দি] বি, বই বাঁধানর কাজ ; পুস্তকের বাঁধাই ; ফর্ম্মা ফর্ম্মা সেলাই করিয়া বাঁধান ; ফোড় (stitch) দেওয়া নহে।

জুজু [সং—জুঃ=পিশাচী—"জুরাকাশে সরস্বত্যাং পিশাচ্যাং জবনে স্ত্রিয়াম্‌"—মেদিনী। অথবা—ফা—জু=অন্বেষণকারী—যে খোঁজে তাহা হইতে যে দুষ্ট ছেলে খোঁজে] বি, ছেলে-ধরা। প্র—"অতএব সন্তানদিগকে ঐ জুজু ঐ কানকাটা বলিয়া ভয় দেখান কুশিক্ষা ইহাতে সন্দেহ নাই।"—টেকচাঁদ। ২। কল্পিত ভয়ের মূর্ত্তি ; পিশাচ-যোনি ; প্রেত ; ভূত। প্র—"এখন দেখাও ভয় জুজু হাপা বিছা।"—ভারতচন্দ্র।

জুজুবুড়ি, ড়ী [জুজু দ্রঃ। তুল—জটেবুড়ী] ডাইন ; ছেলেধরা বুড়ী। প্র—"কতবুড়ি জুজুবুড়ি ধর্‌ছে কতজন"—বঙ্কিম।

জুঝা [সং—যুধ্‌—জুঝ্‌। হি—জুঝ্‌না=যুদ্ধ-করা। উ-পু—জুঝি। ম-পু—জুঝ ; জুঝুন ; জোঝ্‌। প্র পু—জুঝে। অস-ক্রি—জুঝিতে ; ; জুঝি (পদ্যে) ; জুঝে। ণিজন্ত— ।] ক্রি, যুদ্ধ করা। **জুঝাজুঝি**—লড়ালড়ি ; পরস্পর যুদ্ধ।

জুঝারিয়া [জুঝারু দ্রঃ। জুঝ্‌ (যুদ্ধ) +ারিয়া] বিণ, যুদ্ধকারী ; লড়াইয়া।

জুঝারু [সং—যুধ্‌ (যুদ্ধ করা) হি—জুঝনা, জুঝারু=যোদ্ধা] বিণ, যুদ্ধশীল ; লড়াইয়া। প্র—"উনলক্ষ রণদক্ষ জুঝারু মাতঙ্গ।"—ঘনরাম।

জুটক (ক্) [জট্‌ (একত্র জড় হওয়া)+অক (কর্ত্তৃ) উ আগম] বি, ক্লী, জটা। স্ত্রী, **জুটিকা**—চুলের ঝুঁটী ; শিখা ; টিকী ; গুচ্ছ।

জুট, জুঠ, জুঠা (ঠ্) [সং—উচ্ছিষ্ট হইতে হি—জুঠা] বি, উচ্ছিষ্ট ; এঁটো।

জুটা, জোটা [জুট (দ্রঃ)+আ (ক্রিয়ায়) উ-পু—জুটি। ম-পু—জুট, জোট ; জুটুন ; জোট্‌। প্র-পু—জুটে ; জোটে। অস-ক্রি—জুটিতে ; জুটিয়া ; জুটি (পদ্যে) ; জুটে। ণিজন্ত—জুটান, জোটান] ক্রি, যুক্ত করা ; মিলান। ২। সংগ্রহ করা ; জড় করা ; যোগাড় করিয়া আনা।

জুটান, জোটান (নো) [জুটা দ্রঃ। উ-পু—জুটাই। ম-পু—জুটাও ; জোটান ; জোটা। প্র-পু—জুটায় ; জোটায় ; জুটান ; জোটান। অস-ক্রি—জুটাইতে ; জোটাইতে ; জুটাইয়া ; জোটাইয়া] ক্রি, মিলান। ২। যোগাড় করিয়া আনা।

জুড়ন (ন্) [জুড়ান দ্রঃ] বি, শীতল করণ ; ঠাণ্ডা করণ। ২। সুস্থ করণ। ৩। (জুড়োনো) বিণ, যাহা জুড়াইয়াছে ; শীতল ; ঠাণ্ডা।

জুড়ন (ন্) [জুড়া দ্রঃ] যুক্তকরণ ; মিলন। প্র—"হিয়ে হিয়ে জুড়ন না গেল"—বিদ্যাপতি।

জুড়া, জোড়া [হি—জোড়্‌না। সং—জুড়্‌ (বন্ধনে)। উ-পু—জুড়ি। ম-পু—জুড, জুড্‌ন, জুড়্‌। প্র-পু—জুড়ে ; জুড়েন। অস-ক্রি—জুড়িতে ; জুড়িয়া ; জুড়ি (পদ্যে) ; জুড়ে। ণিজন্ত—জুড়ান। ঐরূপ জোড়া] ক্রি, বন্ধ করা ; সংলগ্ন করা ; যুক্ত করা। প্র—"না জানি কি কর জুড়ি কহে ধীরে ধীরে।"—ব্রজপরিক্রমা। ২। পূর্ণ করা ; ভরা। প্র—"তোমা বিনা ভবে নাহি নিস্তার, বিনামূল্যে দীনে কর পার, রবে কীর্ত্তি জুড়ি ভুবন।"—কালীপ্রসন্ন ঘোষ। "জগৎ জুড়ে নিয়ম এই মা তার বিপরীত কেন হবে'—শিশিরকুমার ঘোষ। ৩। যোজনা করা ; আরম্ভ করা। প্র—"দেখিয়া বিবর্ণ শিশু কুঞ্জর-বদন। কপালে আঘাত হানি জুড়িল ক্রন্দন॥"—কবিক।

জুড়ান (নো) [হি—জড়, জুড়া=শীত ; শীতল। সং—জাড্য=জাড়=শীত। উ-পু=জুড়াই। ম-পু=জুড়াও ; জুডান ; জুডা। প্র-পু—জুডায় ; জুডান। অস-ক্রি—জুডাইতে ; জুড়াইয়া, জুড়িয়ে। উভয় সকর্ম্মক ও অকর্ম্মক] ক্রি, ঠাণ্ডা হওয়া ; শীতল হওয়া ; শীতল করা। প্র—দুধ খুব গরম, জুড়াইয়া দাও। ২। শান্তি দেওয়া ; ঠাণ্ডা করা ; সুস্থ করা ; ঠাণ্ডা হওয়া ; সুস্থবোধ করা ; শান্তি পাওয়া। প্র—"জুড়াইতে চাই, কোথায় জুড়াই"—গিরিশ ঘোষ। ৩। আনন্দ লাভ করা ; আনন্দ দান করা। প্র—তাহার মুখচন্দ্র দর্শন করিয়া নয়ন মন জুড়াইল।

জুড়ি, জুড়ী [যুগ্ম—যুগ। হি—জোড়ী] বিণ, যুগল। ২। সঙ্গে জুতিবার ঘোড়া ; সমদর্শন ও সমশক্তি অশ্বযুগল। ৩। জুড়ীগাড়ী ; দুই ঘোড়ায় টানা গাড়ি। ৪। যাত্রায় দুই দুইজন করিয়া যে গান গায় তাহাদের গায়কযুগল। **জুড়িদার** (র্) [হি—জোড়িদার] বি, সহযোগী। ২। সমতুল্য ; জোড়ের একজন। ৩। পাহারাওয়ালার সহযোগী ; প্রহরীর সঙ্গী প্রহরী।

জুত, জুতা (জুতো) [হি—জুতা, জুতী] বি, চর্ম্মপাদুকা ; বিনামা ; উপানৎ।

জুত, জুৎ (ত্) [হি—জোত, জ্যোত (সং—জ্যোতিঃ)] জুতি দ্রঃ। জ্যোতিঃ। প্র—চোখের জুত বেশ আছে।

জুত [হি—জোট্‌=জোড় ; মিল] বি, মানান ; জোড়। ২। সুযোগ। **জুত্‌ওয়ালা**—সুবিধাজনক ; উপযোগী। **জুত্‌মত**—সুযোগ সম্মত ; বাগ মাফিক। **জুত্‌সই**—জুতমত ; সুযোগমত ; সুবিধাজনক ; উপযুক্ত। **বেজুত্‌**—অসুবিধা।

জুতল (জুতোলো) [জুত দ্রঃ। জুতওয়ালা শব্দের সংক্ষেপ] বিণ, সুবিধামত ; পরিপাটী। প্র—"আজ বেশ জুতল খানা মিলে ছিল।"

তা [হি—জুতা] বি, উপানৎ ; বিনামা ; চর্ম্মপাদুকা। **জুতাজুতি**—পরস্পর জুতা মারামারি। **জুতাপয়জার**—জুতাজুতি। **জুতা মারা**—জুতা প্রহার করা। ২। অপমানিত করা। **জুতা খাওয়া**—জুতা দ্বারা প্রহৃত হওয়া। ২। অপমানিত হওয়া। **জুতা খাওয়ান**—অপরকে উত্তেজিত করিয়া জুতা প্রহার করান। ২। অপমানিত করান।

জুতান (নো) [জুতা+আন (ক্রিয়ায়)] ক্রি, জুতা মারা। **জুতাস্ত, জুতস্ত**—বিলক্ষণ জুতাপ্রহার।

জুতি [জ্যোতিঃ বা দ্যুতি—অপভ্রংশে।] বি, জ্যোতি ; দীপ্তি। প্র—"রাজহংস মন্দগতি হেম জিনি দেহ-জুতি গজকুম্ভ চারু পয়োধরে।"—ক, ক, চ।

জুতি—জুতা দ্রঃ।

[ফা—জুদাহ্‌] বিণ, পৃথক্‌ ; ভিন্ন ; স্বতন্ত্র। প্র—"অধর-সুধা পড়িছে জুদা দশনমুকুতা শশী।"—চণ্ডীদাস।

জুন (ন্) [হি] বি, সময়।

জুন (ন্) [ইং—June.] বি, জুন মাস ; ইংরেজী ৬ষ্ঠ মাস ; জ্যৈষ্ঠের শেষার্দ্ধ হইতে আষাঢ়ের প্রথমার্দ্ধ পর্য্যন্ত।

জুনিপোকা, জূনিপোকা [সং—জ্যোতিরিঙ্গণ—বাং—জোনাকি, জোনাই—জোনি, জুনি] বি, খদ্যোত।

জুবড়ান (নো) [রূপান্তর—জোবড়ান, জাবড়ান ; জেবড়ান। জবজব্‌, জাব দ্রঃ। উ-পু—জুবড়াই। ম-পু—জুবড়াও ; জুবড়ান্‌ ; জুবড়া। প্র-পু—জুবড়াইতে ; জুবড়াইয়া, জুবড়ি ; জুবড়ে। ঐরূপ জোবড়ান] ক্রি,

জুবড়ান ; চুবান। অভিষিক্ত করা ; অতি সিক্ত করা।

জুবিলি [ইং—jubillee শব্দজ] প্রথম ৫০ বার্ষিক উৎসব। প্র—"যৌবন জুবিলি দেয় দেবের সভায়"—কস্তুরী।

জুব্বা, জোব্বা (জুব্‌ব্‌) [আ+জুব্বা] বি. স্কন্ধ হইতে জানুর নিম্ন পর্যন্ত লম্বা বুক খোলা অঙ্গাবরণবিশেষ। প্র—"পায়ে বুট জোব্বা গায়ে গলায় সোণার চেন"—হেম বন্দ্যো।

জুম, জূম (ম্‌) [আ—জুল্‌ম্‌—সংক্ষেপ] বি. জুলুম ; অত্যাচার। প্র—"বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম। আসিয়া ভুবনেশ্বর করিলেন ধুম॥" ২। স্পর্দ্ধা। প্র—"এত জুম আজ্ঞা বিনা বুকে হাত দিলা।"—ভারতচন্দ্র।

জুমলা (ম্‌) [আ—জুম্‌লা=জমা] বি. জমাট ; মোট ; সমষ্টি ; একুন ; total.

জুমিয়া [প্রাদে] বি. চট্টগ্রামাদির বন্যজাতির সাধারণ নাম। প্র—"এ রঙ্গ ভূমে। জুমিয়া রমণীগণ মধ্যাহ্নে বসিয়া। কানন কার্পাসে বুনে বিচিত্র বসন।"—রঙ্গমতী।

জুম্মা (জুম্‌মা) [আ—জুমাহ্‌] বি. শুক্রবার। **জুম্মা মস্‌জিদ**—শুক্রবারে যে মসজিদে মুসলমান জনসাধারণ মিলিত হইয়া নমাজ পড়ে।

জুয়া (জুআ) [সং—দ্যূত=জুঅ হি—জুয়া] বি. অর্থের বাজী রাখিয়া তাস পাশা প্রভৃতি খেলা ; দ্যূত ক্রীড়া।

জুয়াচোর (জুআচোর্‌) [জুয়া—চোর। দ্রুত উচ্চারণে "জোচ্চোর"] বি. প্রবঞ্চক ; কিতব ; প্র—"জুয়াচোর বেটার সকল কথা গাল"—ঘনরাম। ২। জুয়া খেলোয়াড় ; জুয়ারী। বি. **জুয়াচুরী**—[গ্রা. জোচ্চুরি] প্রবঞ্চনা ; শঠতা। প্র—"জুয়াচুরী কথায় ভুলালো নৃপবরে"—ঘনরাম। **জুয়াচুরিপনা** [গ্রা—জোচ্চুরিপনা] বঞ্চনা করণ ; জুয়াচুরী। প্র—" পসরা লুটায়ে কর জুয়াচুরিপনা।"—ঘনরাম।

জুয়াড়ী, জুয়াড়িয়া [জোয়ারী হি—জুয়ারী] বি. কিতব ; অক্ষক্রীড়ক ; জুয়া খেলোয়াড়।

জুয়ান্ (ন্‌) —জোয়ান দ্রঃ।

জুয়ান (নো) [সং—যুজ্‌ (যোগ করা)। যোগান হইতে যোআন। পরে জুয়ান। উ-পু —জুয়াই। ম-পু—জুয়াও। প্র-পু—জুয়ায়। অস-ক্রি—জুয়াইতে ; জুয়াইয়া] ক্রি. যোগান ; সরবরাহ করা ; সংগ্রহ করিয়া আনা। ২। অভাব পূর্ণ করা। ৩। উপযুক্ত হওয়া ; উপযোগী হওয়া ; উচিত হওয়া ; যোগ্য হওয়া। প্র—"অনুগত জনেরে ছাড়িতে না জুয়ায়।"—বিদ্যাপতি। 'যার মা না থাকে তার সংসার না জুয়ায়"—কবিক। ৪। জুটা ; উপস্থিত হওয়া। প্র—"কি কহিব কথা না জুয়ায়" —ত্রৈলোক্য কবিভূষণ।

জুয়ার, জুয়ারী (র্‌) [জুয়াড়ী দ্রঃ] বি. যে পণ করিয়া জুয়া খেলে। জুয়াড়ী। প্র—"কেহ বলে মোর পুত্র পরম জুয়ার। মোর এই বর যেন না খেলায় আর॥"—চৈ. ভা।

জুয়ার—জুআর দ্রঃ।

জুয়াল, জুয়ালি, জোয়াল (ল্‌) [সং—যুগ হইতে যুগল—যুগাল=জুআল (প্রা-বাং) জুয়ালি, (ওড়ি—জুআলি) বাং—জোয়ালি—জোয়ালি। হি—জোয়া, জোহ্‌। মঃ—জূঁ। হলে সংযুক্ত বলদের স্কন্ধস্থিত কাঠদণ্ড ; যুগন্ধর। প্র—"ঈশ্বরীর ইচ্ছায় বিশাই পায় পড়ে। লাঙ্গল জুয়ালি মই সদ্য দিল গড়ে॥"—শিবায়ন।

জুরী (জুরি) [ইং—jury শব্দজ] বি. সহকারী বিচারক ; আদালতে জজের সহিত বসিয়া যাঁহারা বিচারের সহায়তা এবং অপরাধের সত্যাসত্য নির্দ্ধারণ করেন।

জুল (ল্‌) [জুপ (দ্রঃ) হইতে, "মিল" শব্দের সহচর] বি. মিলন ; সাদৃশ্য ; সমতা। —আকার প্রকারে মিল। রূপে বা জোখা (দ্রঃ) য় মিল। ২। [জুট বা যোগ হইতে সম্ভাবার্থক মিল শব্দের সহচর] যোগ ; সংশ্রব ; মিশ্রণ। এই অর্থে **মিলজুল**—মেলা মেশা। প্র—তাহার সহিত এখনও মিল জুল হয় নাই। ৩। [জ্বল হইতে উজ্জ্বল শব্দের অপভ্রংশে] ক্ষীণোজ্জ্বল ; এই অর্থে **জুলজুল**—মৃদু উজ্জ্বল (জ্বলজ্বল দ্রঃ) ; মিটমিট। প্র—জুলজুল করিয়া চাহিয়া আছে।

জুলপি, জুলফি (ল্‌) [ফা—জুল্‌ফ্‌। প্রা-বাং —জুলুফ্‌] বি. কর্ণমূল পর্যন্ত লম্বিত কেশ। ২। চক্ষু ও কর্ণের মধ্যবর্ত্তী দেশে বিলম্বিত কুঞ্চিত কেশগুচ্ছ ; কাণ ঝাপ্‌টা। প্র—"দেখিয়া জুলুফে, মদন কুলুফে মন যে হইল লোভা"—চণ্ডীদাস।

জুলাই [ইং—July] বি. ইংরেজী বৎসরের সপ্তম মাস ; আষাঢ়ের শেষার্দ্ধ হইতে শ্রাবণের প্রথমার্দ্ধ পর্য্যন্ত।

জুলাব, জোলাব, জোলাপ, জুলাফ [ফা—জুলাব্‌=গোলাবজল। ইহা সারক বলিয়া জোলাব অর্থে প্রযুক্ত। অপভ্রংশে হি-তে—জলাব্‌ মলভেদক ঔষধ। মূলে পর্ত্তু—jalapa. আমেরিকার জলাপা নামক গাছের মলভেদক শিকড়জাত ঔষধ ; "the pergative root of a plant first brought from Jalapa or xalapa in Mexico."] বি. সারক ঔষধ ; রেচক।

জুলি, জুলী [জল প্রণালী শব্দজ। প্রা-বাং—জোলি। প্র—"বহুত খানি জোলি"—শূন্যপুরাণ] বি. জলনালী ; ক্ষুদ্র খাত ; প্রণালী। প্র—"শোণিতে খালিজুলি ভরিয়া বহে কুলি সিংহল পূরিল বাণে।"—চণ্ডীদাস। ২। মাটি খুঁড়িয়া প্রস্তুত লম্বা চুলী। ৩। নাবাল জমী। ৪। জল নির্গমের পথ ; পথের পার্শ্বস্থ নালা বা সরু নর্দ্দমা। **নয়ন জুলি**—সরু জল নালী।

জুলু [ইং—zulu] বি. দক্ষিণ আফ্রিকার অসভ্য জাতিবিশেষ।

জুলুম (ম্‌) [আ—জুল্‌ম্‌] বি. অত্যাচার ; উৎপীড়ন ; জোর জবরদস্তী। প্র—"দেশময় নূতনের জবর জুলুম"—কুঙ্কুম। ২। অন্যায় দণ্ড।

জুলুম করা—অত্যাচার করা ; পীড়ন করা। **জুলুমানা, জুল্‌মানা**—আ—জুরমানা] বি. অর্থদণ্ড।

জুষ (ষ্‌) [জুষ্‌ (সেবনে ; প্রীতি অর্থে) ধাতু কিপ্‌ প্রত্যয়ান্ত] বিণ. সেবক। ২। প্রণয়ী। ৩। সহায়।

জুষ (ষ্‌) [যূষ্‌, জূষ্‌, ঝূষ্‌ (বধে) ধাতু হইতে অথবা ফা—জোষান্দহ্‌=কাথ, তুল—ইং— juice.] বি. যুরুয়া ; কাথ ; ঝোল।

জুষ্ট [জুষ্‌ (সেবা করা, পূজা করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. পূজিত। ২। সেবিত। ৩। উচ্ছিষ্ট।

জুষ্য [জুষ্‌ (সেবা—পূজা)। য (কর্ম্মে)] বিণ. উপাস্য ; সেব্য।

জুস (শ্‌) জুষ দ্রঃ।

জুহার (র্‌) [হি। জোহার দ্রঃ] বি. জোহার ; যুক্তকরে নিবেদন ; হাতজুড়ে মিনতি। প্র—"আমার জুহার খুড়ি কালি দিহ বাকি কড়ি যাই অদ্য বণিকের বাড়ী।"

জুহু, জুহূ [হু (হোম করা)+কিপ্‌ (করণে, দ্বিত্ব) হুহু=জুহু। উ=ঊ] বি. স্ত্রী. যজ্ঞীয় কাষ্ঠপাত্রবিশেষ।

জূজূ—জুজু দ্রঃ।

জূট (ট্‌) [গ্রা—জোট। জূট্‌ (জড় হওয়া) +অ (কর্ত্তৃ, ক)] বি, পুং. সমূহ ; রাশি। ২। জটিল বন্ধন ; সমূহের একত্র বন্ধন। ৩। জটা। ৪। চূড়াকার কেশগুচ্ছ ; ঝুঁটি। **জটাজূট**—জটা বন্ধন ; জটার গাঁইট।

জূষ্—জুষ দ্রঃ।

জৃম্ভ [জৃম্ভ (হাইতোলা)+অ (ভাবে—অল্‌)] বি. আলস্য বা নিদ্রাবেশ জনিত মুখবিকাশ ; হাইতোলা। স্ত্রী. **জৃম্ভা** ; (ক প্রত্যয় যোগে) জৃম্ভিকা ; জৃম্ভণ। ২। বিকাশ ; ব্যাদান। ৩। স্ফুরণ ; প্রকাশ।

জৃম্ভক (ক্‌) [জৃম্ভ্‌+অক (কর্ত্তৃ)] বিণ. জৃম্ভণকারী। ২। আলস্যকর ; নিদ্রাকারক। ৩। [পুরাণে] প্রজাপতি দক্ষের কন্যাদ্বয়ের

গর্ভে মহর্ষি কৃশাশ্বের ঔরসজাত শতপুত্র (ইঁহারা জৃম্ভকাস্ত্রনামে প্রসিদ্ধ—রামায়ণ)।

জৃম্ভকাস্ত্র [জৃম্ভক দ্রঃ] বি, যে অস্ত্র জৃম্ভণ করায়; যাহার আঘাতে আহবে যোদ্ধৃগণ নিদ্রিত হয়।

(ন্) [জৃন্ভ্ + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, হাই। ২। মুখব্যাদান; মুখবিকাশ; হাঁ। প্র—"জৃম্ভণ করিয়া আছে দেখিয়াছি তারে। তপনের তাপে তনু তপ্ত করিবারে॥" ৩। স্ফুরণ; প্রকাশ।

জৃম্ভমাণ (ন্) [জৃন্ভ্+আন (কর্তৃ—আনশ্)] বিণ, যে জৃম্ভণ করিতেছে।

জৃম্ভিত (জৃম্‌ভিতো) [জৃন্ভ্ (হাইতোলা) +ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, জৃম্ভা; হাই। প্র—"জ্বর নহে অঙ্গে সদাই তাপ। জৃম্ভিত মুখে কলেবরে কাঁপ॥"—কবিক। ২। [কর্তৃ—ক্ত] বিণ, জৃম্ভণযুক্ত। ৩। বিস্ফারিত।

জে [প্রা-বাং-য়—য স্থানে জ] যে দ্রঃ।

জেওরৎ [জহরৎ দ্রঃ। ফা—জওহরাত (জওহর্ শব্দের বহুবচন)] বি, জহরত আদি; মণিমুক্তাদি।

জেঁকো [জাঁক (দ্রঃ)+উয়া=জাঁকুয়া—সংক্ষেপে জেঁকো] বিণ, যাহার জাঁক আছে; যে জাঁক করে; আত্মস্পর্দ্ধী। প্র—"জেঁকো বাবুর বাটীর দালানে ব্রাহ্মণভোজন হইতেছে।" —টেকচাঁদ।

জেঁয়াচ, জেঁওচ, জেঁচ, জাঁচ (চ্) [হি—জাঁচ্=দৃঢ়; অভেদ্য; অখণ্ড বিণ, যে জননীর সন্তান সমস্তই জীবিত আছে; যে প্রসূতির কোন সন্তান মরে নাই; অখণ্ড পোয়াতী।

জেজিয়া—জিজিয়া দ্রঃ।

জেটকুল (ট্, ল্) [প্রাদে] বি, টিকটিকি।

জেঠ [জ্যেষ্ঠ হইতে। হি—জেঠ=অগ্রজ] বি, ধান্যবিশেষ; যাহা সকল ধানের অগ্রে পাকে। প্র—"জেঠ ধান বুনেন গোসাঞি ছিছরা আমলো।"—শূন্যপুরাণ। ২। জ্যেষ্ঠ; অগ্রজ। ৩। স্বামীর অগ্রজ; ভাশুর।

জেঠতুতা (ঠ্) [জ্যেষ্ঠ হইতে জেঠ—তাতজাত হইতে তাতাত=তুতা] বিণ, জেঠাত; জ্যেষ্ঠতাত সম্বন্ধে। প্র—জেঠতুতা ভাই বা বোন্।

জেঠা (জ্যাঠা) [জ্যেষ্ঠতাত শব্দজ] বি, পিতার জ্যেষ্ঠভ্রাতা; পিতার অগ্রজ। স্ত্রী, **জেঠী**—জ্যেষ্ঠতাত পত্নী (প্রাদে—পূঃ বঙ্গে);

জেঠী [সং—জ্যেষ্ঠী] বি, স্ত্রী, টিকটিকি। প্র—"জেঠীরব নীলাম্বর শুনিল শ্রবণে দৈবদোষে তাহা না শুনিল কোন জনে।" —কবিক। [দ্রঃ—পশ্চাত জেঠীরব নিষেধ বা বিঘ্নসূচক। টিকটিকি দ্রঃ]।

জেতব্য (জেতোব্‌বো) [জি (জয় করা) +তব্য (কর্ম্মে)] বিণ, জেয়; জয়যোগ্য; জয়োপযোগী।

জেতা [জি+তৃ (কর্তৃ—তৃচ্=জেতৃ ১মা, ১ব] বিণ, যে জয় লাভ করিয়াছে; জয়যুক্ত; জয়শীল।

জেতান (নো) জিতা দ্রঃ।

জেদ (দ্) [জিদ দ্রঃ] বি, একগুঁয়েমি; গোঁ; প্রবল ঝোঁক। প্র—"রমণীর এত জেদ, কি এত গভীর খেদ"—প্রেম ও ফুল।

জেদাজিদি—জিদাজিদি দ্রঃ।

জেন [জানিও—সংক্ষেপে; হি—জান্না; জানা দ্রঃ] ক্রি, জানিও; জ্ঞান করিও। প্র—"তবে অভেদ জেন শ্যামের পদ শ্যামা-মায়ের চরণ দুটী।" —আজু গোস্বামী। ২। [প্রা-বাং—য স্থানে জ] যেন।

জেনানা—জনানা দ্রঃ।

জেব (ব্) [আ—জেব্] বি, জামার পকেট।

জেব্রা—জিব্রা দ্রঃ।

জেয় [জয় দ্রঃ] বিণ, জয়যোগ্য; জেতব্য।

জেয়াদা [জিয়াদা দ্রঃ] বিণ, অনেক; প্রচুর। প্র—"কান্ত বলে দিন তো ভাইরে নাই জিয়াদা"—রজনী সেন।

জের (র্) [ফা—জের্—নিম্ন, তাহা হইতে নিম্ন হিসাব] বি, নিম্ন হিসাব; বকী হিসাব; **জের টানা**—পূর্ব্বপৃষ্ঠার মোট রাশি পরপৃষ্ঠায় লইয়া যাওয়া।

জেরবার (জের্‌বার্) [ফা—জের্‌বার্] বিণ, ভারাক্রান্ত। ২। অতিশয় ঋণগ্রস্ত। ৩। জর্জ্জরিত; বিপর্য্যস্ত; নাকাল।

জেরা [আ—বজ্‌=যুক্তি। ফা—জুস্ত্-ও-জূ=ভাল করিয়া পরীক্ষা বা তদন্ত] বি, বিচারকের সমক্ষে বাদী প্রতিবাদী ও সাক্ষীদিগকে কূট-প্রশ্নদ্বারা সত্যাসত্য পরীক্ষা।

জেরায়ৎ—বি, জিরাত দ্রঃ। ২। ফসল।

জেল (ল্) [ইং—jail] বি, কয়েদ। ২। জেলখানা; কারাগার। **জেলখানা**—কারাগৃহ। **জেলদারোগা**—জেলের কয়েদীদিগের তত্ত্বাবধায়ক কর্ম্মচারী। **জেল খাটা**—বিচারে দণ্ডিত হইয়া কারাগৃহে বাস করা; কারাদণ্ডে দণ্ডিত হইয়া জেলে থাকিয়া অতিরিক্ত শাস্তিস্বরূপ পাথর ভাঙ্গা, ঘানিটানা প্রভৃতি পরিশ্রমের কাজ করা; জেলের দণ্ড ভোগ করা। **জেলখালাস**—জেল হইতে মুক্তি। **জেলখালাসী**—দণ্ডভোগ শেষ হইবার পর কারামুক্ত।

জেলা—জিলা দ্রঃ।

জেলে [সং—জালিক; হি—জালিয়া সংক্ষেপে জেলে] বি, জালিক; জালজীবী; ধীবর; মৎস্যব্যবসায়ী। ২। মাল্লা; মালা; নৌজীবী ধীবর। প্র—"নিশি শেষে দাঁড় বেয়ে জেলে যায় গীত গেয়ে"—ঈশ্বরগুপ্ত। স্ত্রী, জেলেনী। **জেলেমালা**—একার্থক সহচর শব্দদ্বয়। মালা দ্রঃ। **জেলেকাছা**—জালের মত বিরল বুনানের ছোট কাপড়। **জেলেডিঙ্গি**—যে নৌকা করিয়া মালারা মাছ ধরে; পান্সী। **জেলেবোট**—মাছ ধরিবার বড় নৌকা।

জেল্লা—জিল্লা দ্রঃ।

জেহাদ—জিহাদ দ্রঃ।

জৈত্র [জেতৃ+অ (স্বার্থে—অণ্) জি=জৈ] জয়ক্ষম। ২। পুং, পারদ। ৩। বি, ক্লী, ঔষধ।

জৈন [জিন+অ (সম্বন্ধার্থে—অণ্) জি=জৈ] বি, পুং, জিনমতাবলম্বী জাতি। **জৈনধর্ম্ম**—ঋষভ কর্তৃক প্রবর্ত্তিত ধর্ম্ম ইহা বৌদ্ধধর্ম্মের রূপান্তর মাত্র। ইহারা শ্বেতাম্বর ও দিগম্বর এই দুই প্রধান শাখায় বিভক্ত। জৈনধর্ম্ম গ্রন্থ কল্পসূত্র ও আগম এই দুই প্রধান ভাগে বিভক্ত।

জৈমিনি—বি, পুং, মীমাংসা দর্শন-প্রণেতা মুনি। ইনি পঞ্চ বজ্রবারকের অন্যতম বলিয়া বজ্রপাতকালে লোকে ইঁহার নাম উচ্চারণ করে। তুল—"জৈমিনিশ্চ সুমন্তশ্চ বৈশম্পায়ন এবচ। পুলস্ত্য পুলহশ্চৈব পঞ্চৈতে বজ্রবারকাঃ"। **জৈমিনি-দর্শন**—জৈমিনি-কৃত বেদের মীমাংসা এবং শ্রুতি স্মৃতির বিরোধ ভঞ্জনকারক দর্শনশাস্ত্র। **জৈমিনিভারত**—জৈমিনি মুনির প্রণীত মহাভারত গ্রন্থ। এই গ্রন্থের অশ্বমেধ পর্ব্বমাত্র প্রাপ্তব্য।

জো [সং—যোগ বা যোত্র হইতে] বি, সুযোগ; সুবিধা। ২। উপায়। ৩। যোগাড়। ৪। বিণ, উপযোগী; শস্য বপনের উপযোগী। **জোকাল**—শস্য বপনের উপযুক্তকাল। **জোবৃষ্টি**—শস্য-বপনের সুবিধাজনক বৃষ্টি।

জোকার (র্) [প্রাদে] বি, উলুধ্বনি। ২। জয়ধ্বনি; জয় জয়কার।

জোঁক (ক্) [সং—জলৌকা—জলোক—জল—য়ক (উকুন)। হি—জোঁক] বি, জলৌকা। নির্বিষ ও সবিষ ভেদে জোঁক ১২ প্রকার নির্ণীত হইয়াছে।

জোঁকা, জোঁখা, জোখা [জুখা দ্রঃ] ক্রি, পরিমাণ করা। ২। ওজন করা। প্র—"জোখে বেণে চড়ায়্যা পড়্যান"—কবিক। ৩। বি, ওজন। ৪। তুলনায় পরীক্ষা। **জোঁকাজুঁকি**—পাশাপাশি দাঁড় করাইয়া বড় ছোট পরীক্ষা। ২। মাপামাপি। **লেখা-জোঁকা, লেখাজোকা**—ওজন ও বিবরণ;

বিশেষ বিবরণ ; লিখিত হিসাব। প্র—"শত শত দানা খায় নাহি লেখাজোখা।"—কবিক।

জোগাড় (ড়্) [সং—যোগ+আড়] বি. উপকরণ সংগ্রহ ; আয়োজন। **জোগাড় যন্ত্র**—জোটপাট ; আয়োজন।

জোগাড়িয়া, জোগাড়ে [জোগাড়+ইয়া] বিণ. উপকরণ-সংগ্রাহক ; আয়োজনকারী ; উপায়কারক। ২। উদ্যোগী।

জোগান (ন্) [সং—যোগ। হি—জুগান্] বি. সরবরাহ ; অভাব বা প্রয়োজন পূরণ। প্র—দুধের যোগান দেওয়া।

জোগান (নো) [প্রা-বাং—জুয়ান (দ্রঃ) । উ-পু—জোগাই। ম-পু—জোগাও ; জোগান্ : জোগা। প্র-পু—জোগায় ; জোগান্। অস-ক্রি—জোগাইতে ; জোগাইয়া ; জোগাইয়ে] ক্রি. সরবরাহ করা ; প্রয়োজন বা অভাব পূরণ করা ; supply. **মন জোগান**—মনের বাঞ্ছা বা বাসনা পূরণ করা ; মনের মত কাজ করা। ২। তোষামোদ করা। **ফুল জোগান**—নিত্য প্রয়োজনীয় ফুল পৌঁছিয়া দেওয়া। **ভাতকাপড় জোগান**—নিত্য নিয়মিত খাওয়ান পরান অর্থাৎ ভরণপোষণ করা। **কথা জোগান**—যে সময় যে কথা বলা দরকার তাহা ঠিক সময়ে মনে পড়া ও বলা।

জোঙড়া—বি. শামুকজাতীয় জলজীব ; গুগ্‌লি।

জোচনা, জোচ্ছনা [সং—জ্যোৎস্না হইতে পা—কথ্য জোচ্ছনা। কোমলরূপ পদ্যে—জোছনা] বি. জ্যোৎস্না ; চন্দ্রালোক। প্র—"যামিনী জোছনামত্তা"—রবি। **কাগ-ডিমে জোচ্ছনা, কাগজোচ্ছনা**—কাকডিম্বের মত শাদা কালয় মিশান ঘোলাটে বা পাংশুবর্ণ চন্দ্রালোক। **জোচ্ছনায় ফিনিক ফোটা**—চন্দ্র হইতে অগ্নিস্ফুলিঙ্গবৎ উজ্জ্বল কিরণে চতুর্দ্দিক উদ্ভাসিত করা। **ফুটফুটে জোচ্ছনা**—যে চন্দ্রালোকে চতুর্দ্দিক স্ফুটিত অর্থাৎ প্রকাশিত হয়।

জোট (ট্) [জট দ্রঃ] বি. জটিল বন্ধন ; রাশির বন্ধন বা গাঁইট ; জট। প্র—জোট পড়িয়া গিয়াছে। **জোট পড়ান**—সূত্র বা কেশ জটিল বন্ধনে বদ্ধ করা ; খেই হারাইয়া জড়াইয়া ফেলা। **জোটপাকান, জোট বাঁধা**—জট বন্ধন করা ; সূত্রাদি জড়াইয়া ফেলা। **জোটপাট**—জোটের সহচর পাট ; জটলা ; মেলামেশা ; একত্র মিলন। তুল—সকলে জুটেপুটে সমস্ত শেষ করে ফেলেছে। ২। যোগাড়যন্ত্র। প্র—সকলে জোটপাট করিয়া লও।

জোটা [জুটা দ্রঃ। হি—জুটনা। উ-পু—জুটি। ম-পু—জুট ; জোট। প্র-পু—জোটে ; ণিজন্ত—জোটান] ক্রি. মিলা ; যোগাড় হওয়া। প্র—"অন্ন জোটে না কথা জোটে মেলা সারা দিন ধরে একি ছেলেখেলা"—রবি। ২। উপস্থিত হওয়া।

জোটাজোট (ট্) [জোটা দ্রঃ] যোগাড়যন্ত্র। ২। পরস্পর মিলন ; সম্মিলন।

জোটেবুড়ি [জোটে (জট+ইয়া) বুড়ি (বৃদ্ধা) যে বৃদ্ধার মাথার চুলে জট পড়িয়া গিয়াছে] বি. ছেলেদের ভয়োৎপাদক কল্পিত মূর্ত্তি ; রাক্ষসী ; জুজুবুড়ি।

জোড় (ড়্) [জুড়্ (বন্ধন করা)+অ (সংজ্ঞার্থে অল্)] বি, পুং, লৌহবিশেষ। ২। মিলন। ৩। যুগল। ৪। বিবাহ সময়ে বরের ধুতিচাদর। **মাণিকজোড়**—রত্নের সহিত রত্নের মিলন ; অভেদ মিলন। **জোড় খাওয়া, জোড় লাগা**—সংযুক্ত হওয়া ; মিলিত হওয়া। **জোড় ভাঙ্গা**—যুগলের মধ্যে একটির পৃথক হওয়া। **জোড় তাড়**—তালিতুলি ; ছিন্ন স্থান সেলাই এবং ছিদ্রস্থানে তালি। **জোড়খাই**—বি. আনদ্ধ রণবাদ্যবিশেষ।

জোড়া [সং—যুগ্ম। হি—জোড়] বিণ. দুইটী ; যুগল। ২। বি. শাল। প্র—"বীর দেয় খাসা জোড়া, চড়িতে উত্তম ঘোড়া, নিত্য চিন্তে বীরের মঙ্গল॥"—কবিক। ৩। একত্রিত দুইখানি পরিচ্ছদ ; বস্ত্রাবরণ। **জামা-জোড়া**—জামা ও শাল ; পোষাক। **জোড়া-তাড়া**—জোড়তাড় দ্রঃ।

জোড়া [সং—জুড় (প্রেরণে, বন্ধনে) হি—জোড়্না : জুড়্না। বাং-য়, জুড়াও হয়। উ-পু+জুড়ি। ম-পু—জোড় ; জুড়্ন : জোড়্। প্র-পু—জোড়ে ; জোড়েন। অস-ক্রি—জুড়িতে : জুড়িয়া : জুড়ি। (পদ্যে ব্রজ—জোড়ি)। ণিজন্ত—জোড়ান (নো)] ক্রি. যুক্ত করা। প্র—"রাধা মৃগনয়নী গৌরী, নাগর কর বাঃজোড়ি"—ব্রজ পরিক্রমা।

জোত (ত্) [সং—যোত্র] বি. যুগবন্ধন রজ্জু। ২। কর্ষণযোগ্য ভূসম্পত্তি। ৩। কৃষকেরা দুই তিন বা ততোধিক বৎসরের জন্য জমীদারের নিকট চাষ করিবার স্বত্বে যে জমি গ্রহণ করে।

জোতদার (ত্, র্) [জোত—দার] বি. কৃষিস্বত্বযুক্ত জমীর অধিকারী ; রাইয়ৎ।

জোতা [যোজনা হইতে হি—জোত্না ; বাং—জোতা] ক্রি. জোড়া ; সংযোজিত করা ; গাড়িতে ঘোড়া গরু প্রভৃতি যোজিত করা। ২। কাহাকে কোন কর্ম্মে লাগান।

জোত্র (জোৎত্র) [গ্রা—জোত্তর্ ; সং—যোত্র] বি. উপায় ; সুযোগ ; সুবিধা ; জো। ২। সংস্থান।

জোনাকি (জোনাকিপোকা) [সং—জ্যোতিরিঙ্গণ, গ্রা—জোনী, জুনী] বি. খদ্যোত।

জোন্দা, জোঁদা—বিণ. অত্যম্ল ; অতিশয় টক। প্র—"পথশ্রম হবে মন্দা কিনহ তোড়ানি জোন্দা।"—কবিক। ২। জবরদস্ত।

জোবড়া (ব্) জুবড়া দ্রঃ।

জোবড়ান (নো) জুবড়ান দ্রঃ।

জোব্বা—জুব্বা দ্রঃ।

জোমা [যুগ্ম শব্দজ] বিণ. যুগ্ম ; জোড়া। প্র—"শশুর মুখটী জেঠি মিথনের মুণ্ড। জোমা গাড়রের শৃঙ্গ চাতকের তুণ্ড।"—কবিক। **জোমাগোদা**—অতিস্থূলদেহ।

জোয়া [হি—জোহ্না=খোঁজা, প্রতীক্ষা করা। জোহা দ্রঃ। প্র-পু—জোয়। বাঙ্গালায় ইহারই ব্যবহার দৃষ্ট হয়] ক্রি. আকাঙ্ক্ষা করা। ২। অন্বেষণ করা ; খোঁজা। ৩। প্রতীক্ষা করা ; মুখ চাওয়া ; তাকান। প্র—"কর যোড়ি ঠাঢ়ি বদন পুনু জোয়।"—পদাবলী।

জোয়ান (ন্) [ফা—জবান্=যুবা ; বয়স্ক। তুল—সং—যুবন্] বি. বয়স্ক লোক ; adult. ২। বলিষ্ঠ। **জোয়ানমদ্দ** [ফা—জবান্—মর্দ্দ (জবাঁমর্দ)] বি. সুন্দর হৃষ্টপুষ্ট যুবা পুরুষ ; বলিষ্ঠ যুবা।

জোয়ার (র্) [জুআর দ্রঃ। হি—জুবার্] বি. জলবৃদ্ধি ; জলস্ফীতি ; নদ্যাদির উজান প্রবাহবৃদ্ধি। প্র—"জোয়ারের পানি নারীর যৌবন গেলে না ফিরিবে আর।"—চণ্ডীদাস। "জোয়ারগাঙ্গে জল ছুটেছে রাখিবে কে। হরে মুরারে হরে মুরারে।"—বঙ্কিম।

জোয়াল (ল্) জুয়াল দ্রঃ।

জোর (র্) [ফা—জোর্] বি. বল ; শক্তি। ২। জেদ। ৩। উগ্র ; তীব্র ; চড়া। প্র—জোর গলা। **জোর করা**—জেদ করা ; জবরদস্তি করা। প্র—"একদিন একটা উড়ে ভারী ঘর হইতে জলের ঘড়া জোর করিয়া লইয়া চলিয়া গেল। ভারতী, ১৩২০। ২। শক্তি প্রয়োগ করা। **জোর জবর**—বাহুবল ও পীড়ন। **গায়ের জোর**—দৈহিক বল ; গোঁয়ারতমি। **গলার জোর**—কণ্ঠের উচ্চ স্বর। **কলমের জোর**—বিদ্যাবল ; লেখার প্রভাব। **জোর কলম**—জোরের লেখা ; শক্তিশালি-রচনা। **জোর গলায়**—উচ্চৈঃস্বরে; সকলকে শুনাইয়া ; নির্ভয়ে। **মনের জোর**—মানসিক শক্তি ; উদ্যম ; উৎসাহ ; দৃঢ়প্রতিজ্ঞা। **কমজোর**—দুর্ব্বল। **জোর জুলুম**—জোর জবর ; অত্যাচার। **জোর তলব**—অবিলম্বে উপস্থিত হইবার কড়া হুকুম। **কোমরের জোর**—অবলম্বনের বল ; সামর্থ্য। **জোর যার মুলুক তার**—যার

লাঠি তার মাটি ; যার বাহুবল আছে সেই দেশাধিকার করে।

জোর (র্) [জোড় দ্রঃ। গ্রা-বাং ও প্রাদে-উচ্চারণে ড়=র] বিণ, যুগ্ম ; যুগল ; জোড়া। প্র—"পরিহরি ব্রীড়া কত করে ক্রীড়া নয়নখঞ্জন জোর।"—কবিক।

জোরজবরদস্তী (জোর্‌জবরদোস্তি) [ফা] বলপ্রকাশ। ২। জেদ।

জোরবার (জোর্‌বার্) [ফা—জোর্। হি—জোরাবর্] বিণ, শক্তিশালী।

জোল (জোল্) বি, নিম্নভূমি। ২। জুলী দ্রঃ ; সরুনালা। ৩। বিণ, জলযুক্ত।

জোলা [ফা—জোলাহা, জুলাহ্] বি, মুসলমান তন্তুবায় জাতি। প্র—"তাসন করিয়া নাম বলাইল জোলা"—কবিক। ২। [জুলাহা জাতির অনুন্নত অবস্থা ও প্রকৃতি হইতে] বিণ, নির্ব্বোধ ; মূর্খ। স্ত্রী, **জোলানী**। **জোলা-হেটে**—জোলার হাতের বোনা মোটা জালী কাপড় যে হাটে বিক্রয় হয়, সেই কাপড় ; নিকৃষ্ট কাপড়। গ্রা, অশুদ্ধ—"জলাঘেটে"।

জোলান্ (ন্) [জল হইতে। জল—বান্] বিণ, জলযুক্ত : জোল দ্রঃ। ২। যে জমী প্রায় সারাবৎসর জলময় থাকে। প্র—জোলান জমি।

জোলি [জোল দ্রঃ] বি, জোলান জমি। প্র—দুর্ব্বার গাঙ্গেতে বহুতখানি জোলি।"—শূন্য পুরাণ। **নয়নজোলি**—বর্ষার জল নির্গমের জন্য পথের পার্শ্বে যে সরু নর্দ্দমা কাটা হয়।

জোলো [জল+উয়া=জলুয়া—সংক্ষেপে, জোলো] বিণ, জলযুক্ত ; জলময়। প্র—"জোলো দুধে পুষ্ট দেহ।"—হেম বন্দ্যো। ২। জলগর্ভ ; সেঁতান ; ভিজে। প্র—জোলো বাতাস। ৩। পানসে।

জোষিৎ, জোষিত (ত্) [জুষ্ (তৃপ্ত হওয়া) +ইৎ, ইত (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, স্ত্রী ; নারী।

জোহা [হি+জোহ্‌না জোয়া দ্রঃ।] ক্রি, আকাঙ্ক্ষা করা ; অপেক্ষা করা। ২। অন্বেষণ করা।●

জোহার (র্) [জুহার দ্রঃ] বি, অভিবাদন ; নমস্কার ; প্রণাম। প্র—"আসিয়া কোটাল নৃপে করিল জোহার কোটালে বান্ধিতে আজ্ঞা হইল রাজার।"—কবিক। "বারতা বলিতে ব্যাধ বারজন ধায়। জোহার জানায় যেয়ে ভূপতির পায়।"—ঘনরাম।

জৌ [জতু শব্দজ] বি, গালা। প্র—"ঝটিতি নির্ম্মাণ কর জৌয়ের আগার।"—কবিক। "জৌঘরে পাণ্ডবে দিল প্রাণ"—ঘনরাম।

জ্ঞ (গঁ) [জ্ঞা (জানা)+অ (কর্ত্তৃ—ক) আ—লোপ। স্বতন্ত্র ব্যবহার নাই। অন্য শব্দ বা উপসর্গসহ যুক্ত হইয়া অর্থ প্রকাশ করে] বিণ, যে জানে ; জ্ঞানী ; পণ্ডিত। প্র—অজ্ঞ ; বিজ্ঞ ; প্রাজ্ঞ ; শাস্ত্রজ্ঞ।

জ্ঞাত [জ্ঞা (জানা)+ত (ক্ত, কর্ম্মে)] বিণ, অবগত ; বিদিত।

জ্ঞাতব্য (গ্যাঁতোব্‌বো) [জ্ঞা+তব্য (কর্ম্মে)] বিণ, জ্ঞেয় ; জানিবার উপযুক্ত।

জ্ঞাতসার (গ্যাঁতশার্) [জ্ঞাত—সার] বিণ, যে সার অবগত হইয়াছে। ২। জ্ঞানগোচর। ক্রি-বিণ, **জ্ঞাতসারে**।

জ্ঞাতা (গ্যাঁতা) [জ্ঞা+তৃ (কর্ত্তৃ—তৃচ্)= জ্ঞাতৃ ১মা, ১ব,] বিণ, যে জানে ; প্রাপ্তজ্ঞান ; অভিজ্ঞ।

জ্ঞাতি (গ্যাঁতি) [জ্ঞা+তি (কর্ম্মে) যাহাকে আত্মীয় বলিয়া জানা যায়] বি, পুং, সগোত্র ; সপিণ্ড। ২। দায়াদ। [দ্রঃ—সপিণ্ড সগোত্র হইলে "জ্ঞাতি"। অসগোত্র হইলেও যাহাকে আপনার অন্তরঙ্গ করা যায় সেই **আত্মীয়**, জ্ঞাতি কুটুম্ব না হইয়াও আত্মীয় হওয়া যায়। শোণিত সম্পর্কেও দূর এবং নিকট আত্মীয় হয় অথচ জ্ঞাতি কুটুম্ব না হইতে পারে। বৈবাহিক সম্বন্ধে সম্পর্কিত হইলে **কুটুম্ব**]।

জ্ঞাতিত্ব (গ্যাঁতিৎত) [জ্ঞাতি+ত্ব (ভাবে)] জ্ঞাতির ন্যায় আচরণ ; জ্ঞাতিধর্ম্ম। প্র—"—কোন ধর্ম্মমতে, কহ দাসে, শুনি, জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি, এ সকলে দিলা জলাঞ্জলি ?"—মেঘনাদ।

জ্ঞান (গ্যাঁন্) [জ্ঞা (জানা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বুদ্ধি ; বোধ ; প্রতীতি। ২। তত্ত্ব-নিরূপণ। ৩। তত্ত্ব-উপদেশ ; তত্ত্ব-জ্ঞান। প্র—"জ্ঞান কহে অভয়া সাধুরে প্রিয়ভাষে, মোর মোর বলিতে অবনী শুনি হাসে॥"—কবিক। [সম—জ্ঞান ইন্দ্রিয়গণ-সাহায্যে বাহির হইতে সংগৃহীত হয়। যে জ্ঞান ক্রমে বিকাশ প্রাপ্ত হয় তাহাও ঐরূপে পূর্ব্বার্জ্জিত জ্ঞানের বীজ। **বুদ্ধি** প্রকৃত পক্ষে ভিতর হইতে বিকাশিত হয়। ইন্দ্রিয়গণ যে জ্ঞান আনিয়া মনের ভাণ্ডারে জড় করে বুদ্ধি সেই ক্ষেত্রে গজাইতে থাকে। জ্ঞান দান করা যায়। বুদ্ধি নিজস্ব, দান করা যায় না। বুদ্ধিমান পরামর্শ দান করিতে পারে। **পাণ্ডিত্য** কেবল জ্ঞানের ভাণ্ডার অধিকার করে। পণ্ডিত সেই ভাণ্ডারের কোথায় কি আছে তাহার সংবাদ দিতে পারে অর্থাৎ জ্ঞানের কথা বলে। জ্ঞানী সত্যদর্শক ও সত্য-প্রকাশক। বুদ্ধিমান অগ্র পশ্চাৎ ভাবিয়া প্রয়োজনস্থলে কর্তব্য নির্ণয় ও অনুষ্ঠানকারী। বিবেকের সহিত হৃদয়ের সম্বন্ধ। বিবেকীর কেবল সুনীতি ও সদ্ধর্ম্মের প্রতি লক্ষ্য থাকে]।

জ্ঞানকাণ্ড—বি, বেদের যে কাণ্ডে তত্ত্বজ্ঞানের বিষয় উপদিষ্ট হইয়াছে ; কর্ম্মকাণ্ড হইতে ভিন্ন।

জ্ঞানকৃত (গ্যাঁনকৃত) [জ্ঞান দ্বারা কৃত, ৩তৎ] বিণ, জ্ঞাতসারে অনুষ্ঠিত ; সজ্ঞানে কৃত।

জ্ঞানগম্য (গ্যাঁন্‌গোম্‌মো) [জ্ঞান দ্বারা গম্য, ৩তৎ] বিণ, জ্ঞান দ্বারা যাহার উপলব্ধি হয় ; জ্ঞান-সাহায্যে প্রাপ্তব্য। ২। ক্রি-বিণ, জ্ঞানতঃ ; জানিয়া বুঝিয়া।

জ্ঞানচক্ষুঃ (গ্যাঁন্‌চোক্‌খু) [জ্ঞানরূপ চক্ষুঃ—কর্ম্মধা] বি, ক্লী জ্ঞানরূপ দৃষ্টি ; অন্তর্দৃষ্টি।

জ্ঞানতঃ (গ্যাঁনোতো) [জ্ঞান+তস্ (পূর্ব্বকার্থে)] অ, ক্রি-বিণ, জ্ঞানে ; জ্ঞাত-সারে ; জ্ঞানপূর্ব্বক।

জ্ঞানদ [জ্ঞান—দ (দাতা)] বিণ, যে জ্ঞানদান করে ; জ্ঞানদাতা। স্ত্রী, **জ্ঞানদা**।

জ্ঞানদাতা (ন্) [জ্ঞানের দাতা, ৬তৎ] বি, পুং, যিনি জ্ঞান দান করেন ; গুরু। ২। জ্ঞানদ। স্ত্রী, **জ্ঞানদাত্রী**।

জ্ঞানপাপী (ন্) [জ্ঞান—পাপী] বিণ, জ্ঞান-পূর্ব্বক যে পাপকর্ম্ম করে ; পাপ জানিয়া এবং তাহার পরিণাম বুঝিয়াও যে তাহা করে।

জ্ঞানবান (গ্যাঁন্‌বান্) [জ্ঞান+বৎ (অস্ত্যর্থে—বতু)] বিণ, জ্ঞানবিশিষ্ট ; জ্ঞানী। স্ত্রী, **জ্ঞানবতী**।

জ্ঞানবাপী (গ্যাঁন্‌বাপি) [জ্ঞান—বাপী (কুণ্ড)] বি, স্ত্রী, কাশীস্থ তীর্থবিশেষ।

জ্ঞানময় (ন্, য়্) [জ্ঞান+ময় (পরিপূর্ণার্থে—ময়ট্)] বি, পুং, পরমেশ্বর ; পরব্রহ্ম। ২। শিব। ৩। বিণ, জ্ঞানী। স্ত্রী, **জ্ঞানময়ী**।

জ্ঞানযোগ (গ্যাঁন্‌জোগ্) [জ্ঞানের যোগ, ৬তৎ] বি, পুং, জ্ঞানের সম্বন্ধ। প্র—"তিনি জ্ঞানযোগে সমস্ত অবগত হইলেন। ২। জ্ঞান-প্রাপ্তির উপায়-নির্ণায়ক শাস্ত্র ; ব্রহ্মজ্ঞান লাভের পন্থাস্বরূপ যোগশাস্ত্র।

জ্ঞানশালী (গ্যাঁন্‌শালি) [জ্ঞান—শালী শালিন্ শব্দজ] বিণ, জ্ঞানী ; জ্ঞানবিশিষ্ট।

জ্ঞানশূন্য (গ্যাঁন) [জ্ঞান+শূন্য] বিণ, জ্ঞানবিরহিত ; অজ্ঞান।

জ্ঞানসাধন (গ্যাঁন্‌শাধোন্) [জ্ঞানের সাধন—৬তৎ] বি, ক্লী, জ্ঞানার্জ্জনের উপায় ; ইন্দ্রিয়। ২। তত্ত্বজ্ঞান সাধন।

জ্ঞানাকর (গ্যাঁনাকর্) [জ্ঞান+আকর—কর্ম্মধা] বি, জ্ঞানের আধার ; পরমজ্ঞানী।

জ্ঞানাঞ্জন (গ্যাঁনান্‌জন্) [জ্ঞান (রূপ)+অঞ্জন, কর্ম্মধা] বি, তত্ত্বজ্ঞান বা ব্রহ্মজ্ঞান ;

জ্ঞানাভাব (গ্যাঁনাভাব্) [জ্ঞান+অভাব, ৬তৎ] বি, জ্ঞানের অভাব ; জ্ঞানরাহিত্য ; অজ্ঞানতা।

জ্ঞানাভ্যাস (গ্যাঁনাভাশ্) [জ্ঞানের অভ্যাস—৬তৎ] বি, পুং, জ্ঞানের চর্চ্চা ; জ্ঞানের আন্দোলন।

জ্ঞানী (গ্যাঁ) [জ্ঞান+ইন্ (অস্ত্যর্থে)=জ্ঞানি ১মা ১ব] বিণ, বিজ্ঞ ; জ্ঞানবান ; প্রাপ্তজ্ঞান। ২। পরমার্থ তত্ত্বজ্ঞানী ; আত্মজ্ঞ।

জ্ঞানেন্দ্রিয় (গ্যাঁনেনদ্রিয়ো) [জ্ঞানের ইন্দ্রিয়, ৬তৎ কিম্বা জ্ঞান উৎপাদক ইন্দ্রিয়, কর্ম্মধা] বি, ক্লী, জ্ঞানের দ্বার স্বরূপ ইন্দ্রিয় : চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ ও মনঃ।

জ্ঞানোদয় (গ্যাঁনোদয়্) [জ্ঞান+উদয়—৬তৎ] বি, জ্ঞানের উৎপত্তি ; জ্ঞানের আবির্ভাব।

জ্ঞানোদ্ভূত (গ্যাঁনোদ্ভুত) [জ্ঞান+উদ্ভূত—৫তৎ] বিণ, জ্ঞান হইতে জাত ; জ্ঞানোৎপন্ন ; জ্ঞানজ।

জ্ঞাপক (গ্যাঁপোক্) [জ্ঞা+ণিচ্—প আগম =জ্ঞাপি (জানান)+অক (কর্ত্তৃ)] বিণ, যে জ্ঞাত করে, নিবেদক ; আবেদনকারী। ২। দ্যোতক ; ব্যঞ্জক। ৩। সংবাদদাতা। ৪। প্রচারক ; প্রকাশক।

জ্ঞাপন (গ্যাঁপোন্) [জ্ঞা+ণিচ্=জ্ঞাপি (জ্ঞাত করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সংবাদ দান ; জ্ঞাত করা ; বিদিত করা ; জানান। ২। [করণে—অনট। যাহা দ্বারা জানান যায়] বিজ্ঞাপন।

জ্ঞাপনীয় (গ্যাঁপোনিও) [জ্ঞা+ণিচ্= জ্ঞাপি+অনীয় (কর্ম্মে) ই লোপ] বিণ, জানাইবার যোগ্য ; নিবেদ্য ; জ্ঞাপন-যোগ্য।

জ্ঞাপয়িতা (গ্যাঁপোইতা) [জ্ঞা+ণিচ= জ্ঞাপি+তৃ (কর্ত্তৃ—তৃচ)—ই আগম= জ্ঞাপয়িতৃ ১মা, ১ব] বিণ, বিজ্ঞাপক। স্ত্রী, **জ্ঞাপয়িত্রী**।

জ্ঞাপিত (গ্যাঁপিত) [জ্ঞা+ণিচ=জ্ঞাপি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যে বিষয় জ্ঞাপন করা হইয়াছে। ২। নিবেদিত।

জ্ঞেয় (গেঁয়্) [জ্ঞা (জানা)+য (কর্ম্মে) আ=এ] বিণ, যাহা জানিবার উপযুক্ত ; যাহা জানিতে হইবে ; জ্ঞাতব্য।

জ্যা [জ্যা (বয়োহানি, জরা অর্থে)+ক্বিপ্ (কর্ত্তৃ) যাহা জীবের বয়োহানি বা আয়ুক্ষয় করে] বি, স্ত্রী, ধনুর ছিলা ; গুণ। ২। [অধি—ক্বিপ্) যাহাতে প্রাণী সকল জীর্ণ (লয়) হয়] পৃথিবী। ৩। বৃত্তাংশের প্রান্তদ্বয়-যোজক রেখা ; chord.

জ্যাঠামি [জ্যেষ্ঠ (জ্যাঠা। তাহা হইতে বৃদ্ধ)+মি (আচরণার্থে)] বি, বালকের মুখে বৃদ্ধের মত কথা ; পাকামি।

জ্যাবড়া (ব্) জুবড়া দ্রঃ।

জ্যামিতি (ইং—geometry শব্দের) [জ্যা (পৃথিবী) মিতি (পরিমাণ) ৬তৎ] বি, স্ত্রী, ক্ষেত্র-তত্ত্ব ; ঘানিক জ্যামিতি—solid geometry.

জ্যেষ্ঠ (জেষ্ঠ্) বিণ, অগ্রজ ; বয়োধিক। ২। প্রবীণ। ৩। শ্রেষ্ঠ। ৪। বি, পুং, বড় ভাই।

জ্যেষ্ঠতাত (জেষ্ঠোতাত) [সং—জ্যেষ্ঠঃ, প্রাকৃ—জেট্‌ঠা, বাং—জেঠা, তাতের (পিতার) জ্যেষ্ঠ, ৬তৎ (নিপাতনে পদবিপর্য্যয়)। গ্রা, জেটা] বি, পুং, পিতার জ্যেষ্ঠভ্রাতা ; জেঠা। প্র—"কার আইল খুড়া জেঠা কার আইল পো।"—শূন্যপুরাণ।

জ্যেষ্ঠবর্ণ (জেষ্ঠবর্ণ) [জ্যেষ্ঠ (শ্রেষ্ঠ) বর্ণ] বি, ব্রাহ্মণ।

জ্যেষ্ঠশ্বশ্রূ (জেষ্ঠোশোসস্রু) [জ্যেষ্ঠা যে শ্বশ্রূ (শাশুড়ী) কর্ম্মধা] বি, স্ত্রী, পতি বা পত্নীর জ্যেষ্ঠ তাতের স্ত্রী ; খাশুড়ীর বড় যা। ২। [শ্বশ্রূবৎ মান্যা বলিয়া] বড়শ্যালী।

জ্যেষ্ঠা (জেষ্ঠা) বি, স্ত্রী, ২৭ নক্ষত্রের মধ্যে সংখ্যায় অষ্টাদশ এবং বলয়াকার নক্ষত্র। ২। টীকটিকী ; জেঠী। ৩। [পুরাণে] গঙ্গা। ৪। অলক্ষ্মী। ৫। মধ্যমাঙ্গুলি। ৬। [অলঙ্কারে] নায়িকাবিশেষ।

জ্যেষ্ঠাশ্রম (জেষ্ঠাস্স্রোম্) [জ্যেষ্ঠ (শ্রেষ্ঠ)+আশ্রম] বি, গার্হস্থ্য।

জ্যেষ্ঠাশ্রমী (জেষ্ঠাসস্রোমি) [জ্যেষ্ঠাশ্রম+ইন্ (অস্ত্যর্থে)=জেষ্ঠাশ্রমিন্ ১মা, ১ব] বি, পুং, গৃহী।

জৈষ্ঠ (জৈষ্ঠ) [জৈষ্ঠী+জ্যেষ্ঠা নক্ষত্রযুক্তা পূর্ণিমা+অণ্, তদ্যুক্ত মাসার্থে] বি, পুং, জ্যৈষ্ঠ মাস ; দ্বিতীয় মাস। [প্রা-বাং] জৈট। প্র—"বৈসাখ গেলে জৈটমাস বৃস রাসি।"—শূন্যপুরাণ।

জৈষ্ঠী (জৈষ্‌ঠি) [জ্যেষ্ঠা+অ (যুক্তার্থে—অণ্) ঈপ্-স্ত্রী] বি, স্ত্রী, জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত পূর্ণিমা।

জৈষ্ঠ্য (জৈষ্ঠ) [জ্যেষ্ঠ+য (ভাবে,—ষণ্)] বি, ক্লী, জ্যেষ্ঠত্ব। ২। উৎকৃষ্টতা ; উৎকর্ষ।

জ্যাটা [গ্রা। জেঠা দ্রঃ] বিণ, শিশু হইয়া বুড়ার অনুকরণকারী ; বয়োজ্যেষ্ঠ ব্যক্তির অনুকরণকারী। ২। প্রগল্‌ভ ; বাচাল।

জ্যোতিঃ, জ্যোতি (জোতি) [জ্যোতিস্—দ্যুত্ (দীপ্তি)+ইস্ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)—যাহারা দীপ্তি দান করে] বি, গ্রহনক্ষত্রাদি। ২। তেজঃ ; দীপ্তি। ৩। দৃষ্টিশক্তি। প্র—চক্ষের জ্যোতিঃ হ্রাস। ৪। চৈতন্য ; আত্মা। প্র—জ্যোতির্ম্ময় পুরুষ। ৫। অগ্নি। ৬। সূর্য্য। ৭। শিখা ; জ্বালা। ৮। [ভাবে—ইস্] প্রকাশ। ৯। আলোক। [প্রা-বাং] জুতি, জোতি। প্র—"আদ্দ সংখ জলার জুতি। ধম্ম অঙ্গে হৈল জোতি।"—শূন্যপুরাণ।

জ্যোতিরিঙ্গণ (ন্) [জ্যোতিস্ (দীপ্তি)+ঈঙ্গণ (ইনগ্—গমন করা+অন—কর্ত্তৃ) যে জ্যোতি আকাশে গমনাগমন করে বা উড়িয়া বেড়ায়] বি, পুং, খদ্যোত ; জোনাকী। প্র—"কোটী কোটী হীরাচুর, তিমির করিত দূর, বনে জ্যোতিরিঙ্গণ নিকর।"—কাব্যকাবেরী।

জ্যোতির্বিদ্যা (জোতির্বিদ্দা) [জ্যোতিস্ শাস্ত্রের বিদ্যা, ৬তৎ] বি, স্ত্রী, গ্রহ নক্ষত্রাদি জ্যোতিষ্কগণসম্বন্ধীয় বিজ্ঞান ; astronomy. ২। গ্রহনক্ষত্রাদির গতি-স্থিতি ও সঞ্চারদ্বারা শুভাশুভ নিরূপক শাস্ত্র ; জ্যোতিষ ; astrology.

জ্যোতির্ব্বিদ্ [জ্যোতিস্—বিদ্ (জানা)+ক্বিপ (কর্ত্তৃ) উপপদ] বিণ, জ্যোতিঃশাস্ত্রজ্ঞ ; জ্যোতির্ব্বিদ্যায় পারদর্শী।

জ্যোতির্ম্মণ্ডল (জোতির্‌মোন্‌ডোল্) [জ্যোতিস্—মণ্ডল, ৬তৎ] বি, ক্লী, গ্রহ উপগ্রহ নক্ষত্রাদি বিরাজিত নভোমণ্ডল।

জ্যোতির্ম্ময় (য়্) [জ্যোতিস্+ময় (প্রাচুর্য্যার্থে—ময়ট্) স্=র] বিণ, জ্যোতিঃপূর্ণ ; দীপ্তিশালী ; দীপ্ত ; তেজঃপুঞ্জ।

জ্যোতিশ্চক্র (জ্যোতিশ্‌চক্‌ক্র) [জ্যোতিষের চক্র, ৬তৎ] বি, ক্লী, গ্রহমণ্ডল। ২। রাশি-চক্র।

জ্যোতিষ (ষ্) [জ্যোতিস্ (গ্রহ-নক্ষাদির দীপ্তি)+অ (তদ্বেদমর্থে—অণ্)] বি, ক্লী, বেদাঙ্গবিশেষ ; জ্যোতিষ্কসম্বন্ধীয় অঙ্কশাস্ত্র ; জ্যোতির্ব্বিদ্যা ; গ্রহাদির গতি দ্বারা শুভাশুভ নির্ণয়াত্মক শাস্ত্র ; ইহা গণিত ও ফলিত ভেদে দ্বিবিধ। বিণ, **জ্যোতিষী**—জ্যোতিঃশাস্ত্রজ্ঞ।

জ্যোতিষিক (ক্) [জ্যোতিষ+ইক (ইকণ্)] বি, পুং, জ্যোতির্ব্বিদ্। ২। বিণ, জ্যোতিষ সম্বন্ধীয়।

জ্যোতিষ্ক [জ্যোতিস্—কৃ (করা)+অ (কর্ত্তৃ—ড) কৃ=ক, যে জ্যোতিঃ করে] বি, পুং, সূর্য্যচন্দ্র গ্রহনক্ষাদি জ্যোতির্ম্ময় পদার্থ। ২। [বৈদ্যকে] চিত্রকবৃক্ষ। ৩। গণিকারিকাবৃক্ষ ; মেথিকাবীজ।

জ্যোতিষ্টোম (ম্) [জ্যোতিসের (সূর্য্য-চন্দ্রাদি গ্রহের) স্তোম (স্তুতি) আছে যাহাতে—বহু] বি, ক্লী, যজ্ঞবিশেষ।

জ্যোতিষ্পথ (থ্) [জ্যোতিসের (সূর্য্য-চন্দ্রাদি গ্রহের) পথ (গতাগতি স্থান) ৬তৎ] বি, গ্রহাদির ভ্রমণ পথ। ২। অন্তরীক্ষ।

জ্যোতিষ্মান (ন্) [জ্যোতিস্+মৎ (মতু—অস্ত্যর্থে)=জ্যোতিষ্মৎ ১মা, ১ব] বিণ, জ্যোতির্ম্ময়। ২। বি, পুং, সূর্য্য। ৩। কুশ-দ্বীপের রাজা প্রিয়ব্রতের কনিষ্ঠ পুত্র। স্ত্রী, **জ্যোতিষ্মতী**—রাত্রি। ২। চিত্তের বৃত্তি-বিশেষ।

জ্যোৎস্না—বি, স্ত্রী, চন্দ্রকিরণ ; চন্দ্রিকা। ২। দ্যুতি ; শোভা ; কান্তি।

জ্যোৎস্নী [জ্যোৎস্না (চন্দ্রকিরণ)+অ (অস্ত্যর্থে) ঈপ্—স্ত্রী] চন্দ্রিকাযুক্ত রজনী।

জ্যোতিষ্মতী—জ্যোতিষ্মান্ দ্রঃ।

জ্যৌতিষ (ষ্)—জ্যোতিষ দ্রঃ।

জ্বর (জর্) [জ্বর্ (সন্তপ্ত হওয়া)+অন্ (কর্ত্তৃ)] বি, পুং, দেহের সন্তাপ, নাড়ীর বেগ প্রভৃতি লক্ষণযুক্ত রোগবিশেষ ; fever. ২। দৈহিক সন্তাপ বা দাহ। ৩। অস্বচ্ছন্দতা ; অসুখ ; যাতনা। প্র—"সেই হইতে মোর হিয়া নহে থির মনোরথ জ্বরে ভোর।"—চণ্ডীদাস। **জ্বর করা**—অত্যাচার বা স্বাস্থ্যের নিয়ম লঙ্ঘন দ্বারা জ্বরে পড়া ; জ্বর উৎপাদন করা। **জ্বর হওয়া**—জ্বরের লক্ষণ দেখা দেওয়া ; জ্বর প্রকাশ পাওয়া। **জ্বরঠুটো**—বি, জ্বরভোগ কালে অন্নাদি দ্রব্য ভক্ষণ করিলে ওঠে যে ক্ষত হয়।

জ্বরঘ্ন (জরোঘ্নো) [জ্বর—হন্ (নাশ করা) +অ (কর্ত্তৃ—টক্) যে জ্বর নাশ করে] বিণ, জ্বরনাশক।

জ্বরা (জরা) [জ্বর্+আ (অস্ত্যর্থে) বিণ, জ্বরগ্রস্ত ; জ্বরাক্রান্ত। ২। জীর্ণ। ক্রি, জ্বরে আক্রান্ত হওয়া। প্র—"পিরিতের জ্বরে জ্বরেছে ইহারে পরাণ রয় কিনা রয়"—চণ্ডীদাস।

জ্বরাতিসার (জরাতিশার্) [জ্বর যুক্ত যে অতিসার (কর্ম্মধা)] বি, পুং, জ্বরযুক্ত অতিসার রোগ।

(ক্) [জ্বর+অন্তক (নাশক)] বিণ, জ্বরঘ্ন।

জ্বরি (জোরি) বি, জ্বর। প্র—"এমন ঔষধি পিয়াইলে যায় জ্বরি"—চণ্ডীদাস।

জ্বরিত (জোরিত) [জ্বর্ (রোগ হওয়া) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, জ্বরগ্রস্ত ; জ্বরাক্রান্ত।

জ্বল (জ্বল্) [সং] বি, অগ্নিশিখা ; দীপ্তি।

জ্বল জ্বল (জলজ্বল্) [জ্বল+জ্বল (আধিক্যার্থে দ্বিত্ব) । অশোভন ভাবে উজ্জ্বল অর্থে জ্বাল্ জ্বাল্। মৃদু অর্থে জুলজুল] অ, অতিশয় উজ্জ্বল ; জ্বলনের প্রখরতাসূচক।

জ্বলৎ [জ্বল্+অৎ (কর্ত্তৃ—শতৃ)] বিণ, জ্বলন্ত ; যাহা জ্বলিতেছে।

জ্বলতঁহি [ব্রজ] ক্রি, জ্বলিতেছে। প্র—"অতএ সে মধু মন জ্বলতঁহি অনুখন দোলত চপল পরাণ।"—গোবিন্দ দাস।

জ্বলন (ন্) [জ্বল্+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, দীপ্তি ; দীপন। ২। অগ্নিশিখা ; জ্বালা। ৩। দাহ ; জ্বালা ; সন্তাপ। ৪। [কর্ত্তৃ—অন যে দীপ্তি পায়] বি, পুং, বহ্নি।

জ্বলন্ত (জলোন্তো) [জ্বলৎ দ্রঃ] বিণ, জ্বলনশীল ; জ্বলিতেছে এমন। প্র—"বামার মা হতভম্ব হইয়া মুক্তির সেই জ্বলন্ত চোখের পানে চাহিয়া রহিল।"—ভারতী ১৩২১।

জ্বলা [জ্বল্ ধাতু] উ-পু—জ্বলি। ম-পু—জ্বল ; জ্বলুন ; জ্বল্। প্র-পু—জ্বলে। অস-ক্রি—জ্বলিতে ; জ্বলিয়া ; জ্বলি (পদ্যে), জ্ব'লে। ণিজন্ত—জ্বালান] ক্রি, প্রজ্বলিত হওয়া ; প্রদীপ্ত হওয়া। ২। উজ্জ্বল হওয়া। প্র—"জ্বল্ জ্বল্ চিতা দ্বিগুণ দ্বিগুণ"—সরোজিনী নাটক। ৩। দগ্ধ হওয়া। প্র—"হইয়ে মানিনী, যতেক গোপিনী বিরহ জ্বালাতে জ্বলিতেম"—হরু ঠাকুর।

জ্বলান (নো) [জ্বলাধাতুর ণিজন্তরূপ] ক্রি, পোড়ান। ২। জ্বালাতন করা ; বিরক্ত করা। প্র—হাড় জ্বালান।

জ্বলিত (জোলিতো) [জ্বল্ (দীপ্তি পাওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রজ্বলিত ; প্রদীপ্ত। ২। দীপ্ত ; প্রকাশিত। ৩। দগ্ধীভূত ; ভস্মাবশেষ।

জ্বাল (ল্ ([জ্বল্ (দীপ্তি পাওয়া)+অ (কর্ত্তৃ —ণ) বি, পুং, আগুনের আঁচ ; ঝলকা। ২। বহ্নিশিখা। ৩। [রাসাঃ পরিঃ] তাপ ; উত্তাপ। প্র—"জ্বাল দিয়া দুগ্ধের বিনাশ যবে করে। ক্ষীরের প্রীতিতে নীর, আগে ভাগে মরে।"—বাসবদত্তা। ৪। ক্ষত বা দগ্ধস্থানের সন্তাপ ; জ্বলন ; দাহ। ৫। যন্ত্রণা ; যাতনা ; জ্বালা। প্র—"শয়ন ঢেঁকিশালে নাথ শয়ন ঢেঁকিশালে নিদ্রা নাহি হয় ক্ষুদ্র পিপীলিকা-জ্বালে॥"—কবিকঙ্ক। ৬। ক্লেশ ; দুঃখ। ৭। বিণ, দীপ্তি বিশিষ্ট। স্ত্রী, জ্বালা। **জ্বাল দেওয়া**—তাপ দেওয়া ; গরম করা। প্র—দুধ জ্বাল দেওয়া। ২। আগুনে পোড়ানর ন্যায় যন্ত্রণা দেওয়া ; দগ্ধান।

জ্বালা [জ্বল্ (জ্বলনে), জ্বাল ; (অগ্নিজ্বলনে) । উ-পু—জ্বালি। ম-পু—জ্বাল ; জ্বালুন ; জ্বাল্। প্র-পু—জ্বালে ; জ্বালেন। অস-ক্রি—জ্বালিতে ; জ্বালিয়া ; জ্বালি (পদ্যে), জ্বেলে। ণিজন্ত, জ্বালান] ক্রি, অগ্নি করা। প্রদীপ্ত করা। প্র—আগুন জ্বালা ; প্রদীপ জ্বালা। ২। [জ্বালান অর্থে] দগ্ধ করা ; পোড়ান। [বিরল] প্র—" আই গো আর হাড় জ্বেলোনা"।—গোপাল উড়ে।

জ্বালা (জ্বালা) [রাসাঃ পরিঃ] বি, অগ্নিশিখা ; colouration of flame.

জ্বালা [জ্বাল (দ্রঃ)—আ—স্ত্রী] বি, স্ত্রী, দাহ। ২। মনস্তাপ। সন্তাপ। ৩। যন্ত্রণা ; উৎকট ক্লেশ। প্র—"বালা হয়ে জ্বালা সয়, কেমনে বাঁচিয়া রয়, কার মনে নাহি হয় দয়া একটুক গো দয়া একটুক"—ঈশ্বর গুপ্ত। ৪। ক্ষোভ ; আক্ষেপ। বি, **জ্বালন, জ্বালান্**। প্র—"তুমি আর জ্বালান জ্বালিও না"—নবীন তপস্বিনী। **জ্বালা করা**—দাহ বা সন্তাপের যন্ত্রণা বোধ করা ; অঙ্গ দগ্ধ হইলে বা কাটিয়া গেলে যে যন্ত্রণা হয় তাহা অনুভব করা।

জ্বালাতন (তোন্) [আ+জ্বলাবৃতন্] বি, দেশ হইতে বহিষ্করণ ; নির্ব্বাসন ; উদ্বাস্ত করণ। ২। [প্রাদে] দগ্ধ হইবার মত যন্ত্রণা-ভোগ। **জ্বালাতন-পোড়াতন** [সহচর শব্দ দ্বয়] অত্যন্ত কষ্ট।

জ্বালান (নো) [হি+জালানা। উ-পু—জ্বালাই। ম-পু—জ্বালাও ; জ্বালান্ ; জ্বালা। প্র-পু—জ্বালায় ; জ্বালান। অস-ক্রি—জ্বালাইতে ; জ্বালাইয়া ; জালিয়ে] ক্রি, দগ্ধ করা ; পোড়ান। ২। প্রজ্বলিত করা। ৩। যন্ত্রণা দেওয়া। ৪। জ্বালাতন করা ; উত্যক্ত করা।

জ্বালানিয়া, জ্বালানি [জ্বাল দ্রঃ] বিণ, জ্বালাইবার উপযুক্ত ; ইন্ধনোপযোগী। প্র—জ্বালানি কাঠ।

জ্বালানিয়া, জ্বালানে [জ্বালা দ্রঃ] বিণ, দগ্ধকারী। ২। উৎপীড়ক ; যন্ত্রণাদায়ক। ৩। উপদ্রবকারী। প্র—ঘরজ্বালানে পর ভুলানে। স্ত্রী, **জ্বালানী**—জ্বালাইবার উপযোগী। **জ্বালানী কাঠ**—ইন্ধন।

জ্বালামালিনী (জালামালিনি) বি, স্ত্রী, দেবীবিশেষ।

জ্বালামুখী (জালামুখি) [জ্বালা (অগ্নি শিখা) মুখ প্রধান যেখানে, বহু] বি, স্ত্রী, তীর্থবিশেষ। এস্থানে সতীর জিহ্বা পতিত হইয়া উক্ত তীর্থে পরিণত হইয়াছে।

জ্বালিত (তো) [জ্বল্+ণিচ্ =জ্বালি (জ্বালান)+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, প্রদীপ্ত। ২। দগ্ধীকৃত। ৩। উজ্জ্বলিত। ৪। যাহাকে জ্বালাতন করা হইয়াছে।

জ্বালী (জালি) [জ্বালিন্ শব্দ] বিণ, প্রদীপ্ত। ২। বি, শিব। স্ত্রী, **জ্বালানী**—জ্বলনশীল ; অত্যুজ্জ্বলা। "প্র—ধকধক ফেরুমুখ মধ্য-শিখি-জ্বালিনী॥"—বাসবদত্তা।

ঝ

ঝ— ব্যঞ্জনবর্ণমালার নবম, চ বর্গের চতুর্থ, তালু হইতে উচ্চার্য্য, ঘোষবান এবং মহাপ্রাণ বর্ণ। বি, ঝকার। ২। অনুকার শব্দ ; ঝঙ্কার ; ঝনৎকার। যথা, জলবর্ষণ শব্দ (ঝম্‌ঝম্, ঝর্‌ঝর্), বায়ুপ্রবাহ শব্দ (ঝিরঝির, ঝপাৎ), অস্ত্রঝনৎকার (ঝন্‌ঝন্) বাষ্পচালিত এঞ্জিনের শব্দ (ঝগ্‌ঝগ্) ইত্যাদি। ৩। বেগার্থক। প্র— ঝটিতি ; ঝট্‌পট্। ৪। দীপ্তি ও তেজার্থক। প্র—ঝাঁজ ; ঝলসান ; ঝক্‌মক্। ৫। শৈথিল্যার্থক। প্র—ঝলমল ; ঝলঝল ; ঝুল। ৬। ক্ষীণার্থক। প্র—ঝিন ; ঝিম। ৭। নিদ্রার্থক। প্র—নিঝুম ; ঝিমান।

ঝক (ক্) [হি—ঝক্ ; তুর্কী—চক্‌মক্ (আলোজ্বালা) ক্ষীণার্থে চক্] অ, আলোক ; দীপ্তি ; কিরণ। ২। চমক ; চিক্‌নাই। ৩। খেদ ; অনুতাপ। ৪। ত্রুটি ; অপরাধ ; দোষ। ৫। [হি—ঝক্ (passion, emotion). গোলমাল ; বিকার (মস্তিষ্কের) খেয়াল ; ঝোঁক ; হিন্দীতে—প্রচরদ্রূপ। ৬। ঝগড়া ; বিবাদ ; বকাবকি। ক্রি, ঝকা—আভাম্বিত হওয়া ; শোভা পাওয়া। প্র—"*** ঝক্‌ঝক্ ঝকি কাঞ্চন-কঞ্চুক-বিভা উজলিল পুরী।" —মেঘনাদ।

ঝকঝক (ক্, ক্) [ঝক দ্রঃ। চক্‌চক্ অপেক্ষা তীব্রতর এবং জগজগ অপেক্ষা ম্লানতর] অ, দীপ্তি ; ঔজ্জ্বল্যবাচক। ২। ঝকঝক করিয়া ; ঝকঝকিয়া। প্র—"ঝকঝক ঝকি"—মাইকেল। ৩। বি, বচসা ; বকাবকি ; ঝগড়া। প্র—রাতদিন ঝকঝক বকবক ভাল লাগে না। ক্রি, ঝকঝকান। বি, ঝকঝকি। বিণ, ঝকঝকিয়া, ঝকঝকে।

ঝকঝকান (ঝক্‌ঝকানো) [ঝক দ্রঃ। তুল—হি—ঝক্‌ঝকানা ; চকচকান অপেক্ষা তীব্রতর এবং জগজগান অপেক্ষা ম্লানতর] ক্রি, ঝকঝক করা ; আভা বা দীপ্তি প্রকাশ করা ; সমুজ্জ্বল হওয়া। ২। সমুজ্জ্বল করা ; দীপ্তিতে মণ্ডিত করা। প্র—"ঝকঝকি উরুদেশে (হায় রে, বর্ত্তুল যথা রম্ভা বন-আভা !) হৈমময় কোষে শোভে খরশাণ অসি ;"—মেঘনাদ। "ঝকঝকে চর্ম্ম, বর্ম্ম ঝলে ঝলঝলে !"—মেঘনাদ। ৩। তৈজস পাত্র, অস্ত্র, অলঙ্কারাদি মাজিয়া ঘষিয়া উজ্জ্বল করা।

ঝকঝকি (ঝক্‌ঝোকি) [ঝকঝক দ্রঃ] বি, বচসা ; বকাবকি ; ঝগড়া। প্র—"একি ঝকঝকি রাত্রিদিন বুঝালে বুঝে না।"—নিধু বাবু। ২। ঝঞ্ঝাট ; লেঠা। প্র—ও এক ঝকঝকি, ওতে থাকতেই নাই। ৩। (ঝক-ঝোকি) [ঝকঝকান দ্রঃ] ক্রি, ঝকঝক করিয়া ; আভাম্বিত করিয়া।

ঝকঝকিয়া, ঝকঝকে (ঝক্‌ঝোকিয়া, ঝক্‌ঝোকে) [ঝকঝক দ্রঃ] বিণ, দীপ্তিশীল ; সমুজ্জ্বল। ঝকঝকে-তকতকে — তৈজসের মত উজ্জ্বল এবং জলের মত স্বচ্ছ ; পরিষ্কার পরিচ্ছন্ন। প্র—ঘর দ্বার ঝাড়িয়া মুছিয়া ঝকঝকে তকতকে করিয়া রাখিয়াছে।

ঝকড়া (ক্) [ঝগড়া দ্রঃ] বি, প্রহরণবিশেষ ; বল্লম। প্র—"জাঠি ও ঝকড়া শেল মুসল মুদ্গর।"—কৃত্তিবাস।

ঝকমক (ক্, ক্) [তুর্কী—চক্‌মক্ (আলো জ্বালা) ; চক্-ইন্-মক্ (আপনাআপনি প্রজ্জ্বলিত হওয়া) আধিক্যার্থে ঝকমক। হি—ঝকমকানা] অ, নক্ষত্রের মত একবার উজ্জ্বল একবার ম্লান দীপ্তি ; জরির কাজ, চুমকি, ডায়মনকাটা স্বর্ণালঙ্কার রৌদ্রে ফিরাইলে ঘুরাইলে যেরূপ দেখায়। (ঝলমল্ দ্রঃ)। ক্রি, ঝকমকান—ঝকমক করা। বি, ঝকমকি। বিণ, ঝকমকে।

ঝকমকে (ঝক্‌মোকে) [ঝকমক + ইআ (যুক্তার্থে) দ্রুত উচ্চারণে ঝকমকে ; ক্ষীণতর দীপ্তিতে ঝিকমিকে] বিণ, ঝকমককারী। ২। দীপ্তিতে জমকাল।

ঝকমারা (ক্) [ঝক দ্রঃ। ঝক (ত্রুটি, দোষ)—মারা (মানা—ক্রমে মারা = স্বীকার করা)] ক্রি, ঝক মানিয়া লওয়া ; দোষ বা অপরাধ স্বীকার করা। প্র—ঝক মারবে আবার সেই কাজ করবে। বি, ঝকমারী।

ঝকমারি, রী [ঝক—মারা (মানা) + ই, ঈ (ভাবে)] বি, অপরাধ ; ত্রুটি ; দোষ। প্র—ঝকমারি হয়েছে, একবার নয় একশো-বার। ২। [অনুতাপ বা আক্ষেপার্থে] লেঠা ; আপদ ; ঝঞ্ঝাট ; ভ্রম ; পাপ। প্র—"রইল না কার সন্দেহ যে সংসারটা এ ঝকমারি" —দ্বিজেন্দ্র রায়। ৩। নির্বুদ্ধিতা ; বোকামি। ঝকমারির মাশুল—পাপের প্রায়শ্চিত্ত ; অপরাধের বা ত্রুটির দণ্ড ; পাপের ভোগ।

ঝকাঝক (ক্) [হি] অ, অতিশয় উজ্জ্বল।

ঝকাঝকি (ঝকাঝোকি) [ঝকঝকি দ্রঃ] বি, পরস্পরের মধ্যে বকাবকি ; ঝগড়াঝগড়ি। বকাবকি ঝকাঝকি—পরস্পরের মধ্যে গালাগালি ও ঝগড়া।

ঝকার (র্) বি, ঝ এই বর্ণ। ২। রক্ত-বিদ্যুল্লতাকার (কামধেনুতন্ত্রে)।

ঝক্কি (ঝোক্‌কি) [হি—ঝক্কী (passionate) যাহার ঝক্ (ঈর্ষ্যা, ক্রোধ, দোষাদির আতিশয্য) আছে] বিণ, ক্রোধন ; রাগী। ২। ঝগড়াটে। ৩। ক্ষেপাটে ; পাগলাটে। ৪। বি, বহুজনের একত্র বাসজনিত গোলমাল ; কোলাহল। ৫। ঝঞ্ঝাট ; উপদ্রব। ঝক্কিপোয়ান—উপদ্রব সহ্য করা ; ঝঞ্ঝাট সহা। প্র—তাহার ছেলে পুলেদের ঝক্কি পোয়ানই শক্ত।

ঝগড়া (গ্) [হি—ঝক্‌ড় = ঝড় ; হি—ঝকোড়া = ঝড় ও বৃষ্টি ; বৃষ্টির পসলা (shower)। ঝকোড়া হইতে (সাদৃশ্যার্থে) ঝক্‌ড়া দ্রুতউচ্চারণে ঝগড়া] বি, বিতণ্ডা ; বিবাদ ; কন্দল। প্র—"মাগী মিন্সে ঝগড়া করে রৈতে নার বাসে।"—রামপ্রসাদ। ২। ঝঞ্ঝাট ; গণ্ডগোল। ৩। [ঝকড়া দ্রঃ] প্রহরণ-বিশেষ ; বল্লম। প্র—"আসিয়া চৌবেড়ে জাঠি ঝগড়া এড়ে কোপে কালু করে বীরদর্প"—ঘনরাম। ক্রি, ঝগড়া করা। বিণ, ঝগড়াটিয়া, ঝগড়ালু। ঝগড়া-ঝাঁটি (সহচর শব্দদ্বয়) বাদবিতণ্ডা ; কলহাদি। প্র—"ঝগড়াঝাঁটি গেল থেমে"—দ্বিজেন্দ্র রায়। ঝগড়া-পাকান,—পাকাইয়া তোলা —ঝগড়া বাধাইবার জন্য নানা কথা তোলাপাড়া করা ও পরামর্শ আঁটা। ঝগড়ার যথেষ্ট কারণ বা সম্ভাবনা না থাকিলে যাহাতে ঝগড়া বাধে তাহার আয়োজন ও চেষ্টা করা। ঝগড়া ছোটা, ছুটা—ঝঞ্ঝাট মেটা ; আপদের শান্তি হওয়া ; গোল থামা। ঝগড়া বাধান —ঝগড়া করিতে বিপক্ষদ্বয়কে বাধ্য করা। ঝগড়া-শোনা—ঝগড়ার স্থলে উপস্থিত হইয়া উভয় পক্ষের বকাবকি গালাগালি শুনা। (২) ঝগড়াকারীদের মধ্যস্থ হওয়া। ঝগড়া-মেটা—কলহের নিষ্পত্তি হওয়া। ঝগড়া-মেটান—মধ্যস্থ হইয়া বিবাদের নিষ্পত্তি করিয়া দেওয়া।

ঝগড়াটিয়া (গ্) [ঝগড়া—আইট (হি প্রত্যয়। স্বভাবার্থে) + ইয়া (বিশিষ্টার্থে)—দ্রুত-উচ্চারণে, ঝগড়াটে] বিণ, ঝগড়া করা যাহার স্বভাব ; কলহকারী ; কলহপ্রিয়।

ঝগড়ালু (গ্) [ঝগড়া + আলু। তুল—দয়ালু] বিণ, কলহপ্রিয় ; ঝগড়াটিয়া।

ঝঙ্কার (ঝংকার্) [ঝং (অনুকার শব্দ)—কার (করণ) ; প্রা—ঝাঁকার] বি, ঝনৎকার ; ঝন্‌ঝন্ শব্দ। ২। অব্যক্ত শব্দ ; ভ্রমরাদির গুঞ্জন। ৩। শিঞ্জন ; টংকার।

৪। বীণাদি তন্তযন্ত্রের নিক্বণ। প্র—"আমি অধিক আবেগে প্রাণপণ বলে দিয়েছিনু ঝঙ্কার তাই ছিঁড়ে গেল তার।"—চিত্রা। ৫। ক্রোধ, বিরক্তি, আক্রোশ প্রভৃতি ব্যঞ্জক তর্জ্জন। বিণ, **ঝঙ্কৃত**।

ঝঙ্কারা [ঝং (ঝং, ঝন্, ঝন্ শব্দ)—কার + অ (বাং ক্রিয়া-বিভক্তি)] ক্রি, ঝঙ্কার করা ; ঝনঝন শব্দ করা ; অস্ত্রাদির, তৈজসাদির ঝনৎকার করা। ২। গুঞ্জন করা। ৩। শিঞ্জন করা। ৪। স্পর্শদ্বারা বীণাদি তত-যন্ত্রের তন্ত্র হইতে 'ঝং' ধ্বনি বাহির করা। প্র—"মাগো, একবার ঝঙ্কারো বীণা, ধরহ রাগিণী বিশ্ব-প্লাবিনী অমৃতউৎস ধারা।"—রবীন্দ্র। ৫। তর্জ্জন করা।

ঝঙ্কারিণী (নি) বিণ, স্ত্রী, ঝঙ্কারকারিণী। ২। বি, গঙ্গা। পুং, **ঝঙ্কারী**।

ঝঙ্কারে, ঝঙ্কারু [ব্রজ]—ঝঙ্কার করে। প্র—"মধুমদে ভ্রমর ভ্রমরী ঘন ঝঙ্কারু বিকশিত ফুল ফল পুঞ্জে"—গোবিন্দদাস। অস-ক্রি—**ঝঙ্কারি, ঝঙ্কারিয়া**—ঝঙ্কার করিয়া। প্র—"সোণার শৃঙ্খল ঝঙ্কারিয়া"—রবি। **ঝঙ্কারিতে**—ঝঙ্কার করিতে।

ঝঙ্কৃত (ঝোংকৃত) [ঝং বা ঝম্ + কৃ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ঝং ; 'ঝন্ বা ঝম্ শব্দে শব্দিত। প্র—"সকল অলঙ্কৃত কনক ঝঙ্কৃত কিঙ্কিণী রণরণি বোল।"—গোবিন্দদাস। ২। গুঞ্জিত ; শিঞ্জিত ; নিক্বণিত। বি, **ঝঙ্কৃতি**। স্ত্রী, **ঝঙ্কৃতা** ; শব্দিতা। ২। তারাদেবী।

ঝঞ্চন, (ঝন্‌ঝন্) [ধ্বন্‌ধন্ (ধ্বনি, ধ্বান) শব্দে] বি, ঝনঝন শব্দ (দ্রঃ)। তৈজস-পাত্রাদির পতন বা পরস্পর ঠোকাঠুকির শব্দ। স্ত্রী, **ঝঞ্চনা**। ক্রি, **ঝঞ্চনান**। ক্রি—বিণ, **ঝঞ্চনিয়া, ঝঞ্চনিয়ে**—ঝঞ্চনিত করিয়া। বিণ, **ঝনঝনিত**।

ঝঞ্চনা [গ্রা—ঝঞ্চনে (ঝন্‌ঝোনে)] বি, স্ত্রী, ঝন্‌ঝন্ শব্দ ; ঝনৎকার। প্র—"বীণাতন্ত্রে হান হান খরতর ঝঙ্কার ঝঞ্চনা,"—কল্পনা। ২। বজ্র।

ঝঞ্চনান (ঝন্‌ঝনানো) [ঝন্‌ঝন্ দ্রঃ] ক্রি, ঝনঝন শব্দ করা। ২। অত্যন্ত আঘাত হেতু বেদনা করা। বি, **ঝনঝনানি**।

ঝঞ্চনী (ঝন্‌ঝোনি) [শুষ্ক ফল বাতাসে ঝনঝন শব্দ করে বলিয়া] বি, ক্ষুপবিশেষ ; crotolaria sericea (*Carey*).

ঝঞ্চনে (ঝন্‌ঝোনে) [শব্দাত্মক] বি, বজ্র। প্র—"কড়কড়াকড় কড়াৎ কড়াৎ ডাকবে যখন ঝঞ্চনে।"—ম্যাকবেথ (গিরিশ)। ২। বিণ, অতিশয় শুষ্ক। প্র—ঝনঝনে কাঠ। ৩। ঝঞ্চন শব্দকারী।

ঝঞ্ঝা (ঝন্‌ঝা) [ঝট্ (একত্র মিলিত হওয়া) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, ড)—ট্ লোপ, নিপাতনে দ্বিত্ব, ং আগম, ং স্থানে ঞ্, আপ্—স্ত্রী অথবা ঝন্‌ঝন্ শব্দের সংক্ষেপ] বি, স্ত্রী, ঝড়বৃষ্টি। ২। [ভূগোলে] বৃষ্টিবজ্রপাতসমন্বিত বেগবান বায়ু ; বাত্যা ; ধ্বনিবিশিষ্ট বায়ু। প্র—"ঝঞ্ঝারূপা ঝড়রূপে ঝাঁপ গো ঝটিত।"—অ, ম। "আর্য্য তুমি, বীর্য্যে বিভু, ঝঞ্ঝা তব উত্তরীয় ; মন্দ্রভাষী ইন্দু-সখা, সিন্ধু তুমি বন্দনীয়।"—সত্যেন্দ্র দত্ত। ৩। শব্দবিশেষ ; ঝঞ্চনা। ৪। ঘননামক মাঙ্গল্য বাদ্যযন্ত্র ; গ্রা—ঝাঁঝ ; ঝাঝর। ইহার আকার বৃহৎ গোলাকার ও সমতল, মধ্যমধ্য যথায় আঘাত করিতে হয়। [যন্ত্রকোষে উক্ত হইয়াছে যে ইহা পৃথিবীর প্রায় সমুদয় দেশেই ঘঞ্ নামে প্রসিদ্ধ]।

ঝঞ্ঝাট (ঝন্‌ঝাট্) [ঝঞ্ঝা শব্দজ] বি, গোল-মাল ; লেঠা ; বিরক্তিকর সংস্রব। প্র—"ও ঝঞ্ঝাটে আর কাজ নাই"। ২। অশান্তি : কষ্ট। প্র—মহাঝঞ্ঝাট বাধালে। ঝঞ্ঝাট মিটলে বাঁচি। ৩। উপদ্রব। প্র—ঝঞ্ঝাট পোহান। ৪। ব্যস্ততা ; হুড়াহুড়ি : ভাবনা ; চিন্তা। প্র—"দিন কয়েকের জন্য সংসারের ভাবনা, কাজের ঝঞ্ঝাট * * * প্রভৃতি হইতে অব্যাহতি পাইয়া প্রাণটা একটু হাঁপ ছাড়িয়া বাঁচি।"—ললিত বন্দ্যো (ফোয়ারা)। বিণ, **ঝঞ্ঝাটিয়া**, গ্রা, **ঝঞ্ঝেটে**।

ঝঞ্ঝানিল (ঝন্‌ঝানিল্) [ঝঞ্ঝা (অতিবৃষ্টি) এবং অনিল (বায়ু) দ্বন্দ্ব] বি, পুং, ঝড়বৃষ্টি ; ঝঞ্ঝাবাত ; ঝঞ্ঝাবায়ু। ২। [ঝঞ্ঝা (প্রবল) যে অনিল (বায়ু) কর্ম্মধা] বি, পুং, বেগবান বায়ু। ৩। [বৈজ্ঞা, পরি, জ্যোতিষে] তুফান ; প্রবল ঘূর্ণিবায়ু ; typhoon.

ঝঞ্ঝাবর্ত্ত [ঝঞ্ঝা—আবর্ত্ত] বি, ঝঞ্ঝানিল : যে ঘূর্ণিবায়ু ঝড় বৃষ্টি বজ্রপাত সহ, অল্প পরিধি স্থান মধ্যে অতি প্রচণ্ড বেগে প্রবাহিত হয় ; tornado.

ঝট্ (ঝ্) [সং—ঝটিতি। হি—ঝট্] অ, ক্রি-বিণ, ত্বরা ; শীঘ্র ; দ্রুতগতি। প্র—"পার্ব্বতী বলেন মোরে পার কর ঝট্"—শিবায়ন। ২। আচম্বিতে ; অকস্মাৎ।

ঝটক (ক্) [ঝ (ত্বরা বেগার্থক) ট (টান বোধক) ক (স্বার্থে) হঠাৎ আকর্ষণ বোধক। হি—ঝট্‌কা, ঝটক্, ঝড়্‌কা, ঝড়ক্] বি, অকস্মাৎ বেগে আকর্ষণ ; হঠাৎ টান ; jerk. ২। হিন্দুজাতীয় অন্ত্যজ বর্ণবিশেষ। স্ত্রী, **ঝটকা**।

ঝটকা (ট্) [ঝটক দ্রঃ] বি, স্ত্রী, হঠাৎ বেগে আকর্ষণ। ২। ঝটিকা ; ঝড়। ক্রি, ঝট্‌কান।

ঝটকান (ঝট্‌কানো) [ঝটক দ্রঃ] ক্রি, ঝটকা দেওয়া ; হঠাৎ বেগে টানা। ২। (ঝট্‌কান্) বি, ঝটক। প্র—এমন ঝটকান্ ঝটকেছে। বি, **ঝটকন ; ঝটকানি**।

ঝট্‌পট্ (ঝট্‌পট্) [ঝট্ (ঝটক দ্রঃ) পট (পৎ—পতনার্থক)] অ, আহত পাখীর ডানা ঝাড়িবার শব্দ ; পক্ষপতন শব্দ। প্র—"হৃদয় বিহগ সম ঝটপট করতহি পঞ্জর-পিঞ্জর মাঝে॥"—রবি। ২। উড়িবার সময় পাখীর ডানার শব্দ। প্র—"দুই চারিটা পায়রা ঝট্‌পট্ করিয়া ছাদের দিকে উড়িয়া গেল।"—ভারতী, ১৩২০। ৩। [হি—ঝট্‌পট্ = ত্বরা] শী—। [দ্রঃ—হস্তলাঘব অর্থে চট্‌পট্। বেগ-বাচক ঝট্‌পট্]।

ঝটাপটি (ঝটাপোটি) [ঝটপট দ্রঃ] বি, পরস্পরের মধ্যে জাপটাজাপটি, জড়াজড়ি, হাতাহাতি করিতে করিতে কলহ। প্র—"ঝটাপটি ঝগড়া বহিয়া যায় ঝড়। চলে যেতে চৌদিগে চালের উড়ে খড়॥"—শিবায়ন।

ঝটিকা (ঝো) [ঝটক দ্রঃ] বি, ঝড়।

ঝটিকাবর্ত্ত (ঝো) [ঝটিকা—আবর্ত্ত, ৬ তৎ] বি, ঘূর্ণিবায়ু ; cyclone.

ঝটিত (ঝোটিত) [ঝট্ (শীঘ্র) + ইত (যুক্তার্থে)] ক্রি-বিণ, ত্বরান্বিত ; শীঘ্র। প্র—পিনহ ঝটিত কুসুম হার"—রবি।

ঝটিতি (ঝোটিতি) [ঝট্ (সংঘাতে) + ইতি (শীঘ্রার্থে ইতিচ্)] ক্রি-বিণ, দ্রুত ; ক্ষিপ্র : লঘু ; আশু : শীঘ্র ; তাড়াতাড়ি ; ঝট্ করিয়া। প্র—"কাত্যায়নী কৌতুকে কান্তের কথা শুনি। কম্পিয়া ঝটিতি ঝুলি ঝাড়ি দিল আনি॥"—শিবায়ন।

ঝড় (ড়) [সং—ঝট্ (রাশীকরণে) প্রাকৃ—ঝড়ী ; প্রা-বাং—ঝড়ী (আধু, প্রাদে ব্যবহার)] বি, বাত্যা ; ঝটিকা। ২। বেগ ; প্রবাহ। প্র—"শোকের ঝড় বহিল চৌদিকে"—মেঘনাদ। **ঝড়গতি**—ঝড়ের ন্যায় বেগগামী। প্র—"ঝড়গতি ঘোড়া হায় গতিহীন এবে"—মেঘনাদ। **ঝড়ঝাঁটা, টি**—ঝঞ্ঝা (দ্রঃ)। **ঝড় বহিয়া যাওয়া**—ঝড় ও বৃষ্টি। ঝড়ের মত বকিয়া বা বলিয়া যাওয়া ; এক নিশ্বাসে আবৃত্তি শেষ করা। বিণ, **ঝড়ুয়া**—গ্রা—**ঝোড়ো**।

ঝড়কান (ঝড়কানো) [ঝটক্—ঝড়ক + আন (বাং ক্রিয়া, বিভক্তি)। হি—ঝিড়্‌কানা, ঝড়ক্‌না] ক্রিয়া ঝটকা দেওয়া ; হঠাৎ টান মারা ; অকস্মাৎ বেগে আকর্ষণ করা। বি, **ঝড়কন, ঝড়কানি**।

ঝড়ি (ঝোড়ি) বি, ঝাড়ি দ্রঃ।

ঝড়ুয়া, ঝড়ো (ঝো) [ঝড় + উয়া] বিণ,

ঝড়ের বেগে পতিত। প্র—ঝড়ো আম। ২। ঝড়ে কাতর। প্র—ঝড়ো কাক। ৩। যে ঝড়ের সময় জন্মিয়াছে।

ঝণঝণা (ঝন্‌ঝনা) বি, ঝঞ্ঝনা দ্রঃ।

ঝণঝণায়মান (ঝনঝনায়োমান্) [ঝণঝণ+আন (কর্ম্মে—আনশ্) য়—ম আগম] বিণ, ঝণঝণ শব্দে শব্দায়মান ; যাহা হইতে ঝণঝণ শব্দ হইতেছে।

ঝণৎকার (ঝ্, র্) [ঝণৎ (অনুকরণ শব্দ)—কার (করণ, করা)] বি, পুং, কঙ্কণাদির ধ্বনি ; ঝন্‌ঝন্ শব্দ। প্র—"কঙ্কণের ঝণৎকার নূপুরের ধ্বনি"। ২। অস্ত্রের ঝণৎকার।

ঝণ্ডা (ঝা) [হি] বি, পতাকা ; নিশান।

ঝন, ঝনা (ন্) [ঝামা দ্রঃ। জ্বালানি কাঠাদির শুকাইয়া ঝম্‌ঝমে বা ঝন্‌ঝনে হওয়ার ভাব] বি, অনুকার শব্দ। ২। বিণ, শুকাইয়া চিমড়া। প্র—কাঠগুলা রৌদ্রে পড়িয়া পড়িয়া ঝনা হইয়া গিয়াছে।

ঝনকাট (ন্, ট্) [প্রাদে] বি, দ্বারের মাথাড়ী কাঠ ; কপালী ; সর্দ্দাল ; a door lintel. প্র—"এমন প্রাচীর ছিল হৈল চারি পাট। বাউটি পাথর তায় দিল ঝনকাট॥"—কবিক।

ঝনঝন—বি, ঝনৎকার ; ঝনঝন শব্দ। প্র—"রণ রণ ঝন ঝন নূপুর বাজ"—গোবিন্দ দাস।

ঝনঝনা (ন্) [ঝন্ (ঝম্) ঝনা (ঝম্ করা, ঝন্ করা)] ক্রি, ঝনঝন্ শব্দ করা ; ঝম্‌ঝম্ করা। প্র—"ঝন্‌ঝনিল অসি পিধানে"—মেঘনাদ। ২। বি, ঝঞ্ঝনা (দ্রঃ) ; বজ্র। ৩। বিপদ। প্র—"ঝনঝনা সম মাতা হৈল তব ধন। ঝটিতি করহ মাতা ঝগড়া মোচন॥" —কবিক। ২। [গ্রা—ঝনঝনে (ঝন্‌ঝোনে)] ঝঞ্ঝনা দ্রঃ। প্র—"কড় কড়াকড় কড়াৎ কড়াৎ ডাকবে যখন ঝনঝনে।"—ম্যাকবেথ (গিরিশ)। বি, ঝনঝনি (ঝন্‌ঝোনি, ঝনোঝোনি) ঝন্‌ঝন্ শব্দ ; ঝম্‌ঝম্ শব্দ। প্র—"নূপুরের ঝন্‌ঝনি, কিঙ্কিণীর বোলী"—মেঘনাদ। "ঘোড়া দড়বড়ি, অসি ঝন্‌ঝনি, কাটাকাটি, গোলা, তীর স্বন্‌স্বনি,"—হেম বন্দ্যো।

ঝনঝনান (ঝন্‌ঝনানো) [ঝনঝনা ক্রিয়ার ণিজন্ত রূপ] ক্রি, ঝনঝনিয়ে দেওয়া ; ঝনঝন শব্দ করান। ২। গুরুতর আঘাত লাগিলে যে ব্যথা অনুভূত হয় ; বেদনায় ঝন্‌ঝন্ করা। প্র—"এমন হোঁচট্ লেগেছে যে পা টা ঝন্‌ঝনিয়ে গিয়েছে। বিণ, **ঝনঝনায়িত, ঝনঝনায়মান**। বি, **ঝনঝনানি**। [দ্রঃ—হাড়ে আঘাত লাগিলে **কনকন** ও টনটন্ করে। ধমনি, শিরা, স্নায়ুতে আঘাত লাগিলে **ঝনঝন্** করে এবং বেদনা ক্ষীণতর হইলে **ঝিন্‌ঝিন্** করে। মাংস, ত্বক, ঝিল্লির আঘাত প্রায়ই **চন্‌চন্** এবং কম তীব্র হইলে **চিন্‌চিন্** করে]। বিণ, ঝনঝনে। প্র—ঝনঝনে বাত। ঝিন্‌ঝিনে দ্রঃ। ক্রি—বিণ, **ঝনঝনিয়া, ঝনঝনি**—ঝনঝন করিয়া ; ঝনঝন্ শব্দে। প্র—"অশ্বপার্শ্বে কোষে অসি বাজিল ঝন্‌ঝনি।"—মেঘনাদ।

ঝনৎকার (র্) [ঝনৎ (ঝমঝম শব্দ) কার (করন, করা)] বি, ঝনঝনানি ; ঝমঝম শব্দ ; ঝনাৎকার। প্র—"টাকা ঝন্‌ঝন্ ঝনৎকার বাজায়ে সে গেল চলি।"—রবি।

ঝনন, ঝননা, ঝননন [ঝন (অনুকার শব্দ)—নন (শব্দ করণার্থে)] বি, ঝন্‌ঝন্ শব্দ ; নিক্কণ। প্র—"দক্ষিণ করে ধরিয়া যন্ত্র, ঝনন-রণন স্বর্ণ তন্ত্র, কাঁপিয়া উঠিবে মোহন মন্ত্র নির্ম্মল নীল গগনে।"—সোণার তরী। "ঝন্‌ঝন্ ঝননন, ঠন্‌ঠন্ ঠননন, বরিসত বরকন্দাজে।"—ভারতচন্দ্র। স্ত্রী, **ঝননা**। ঝনন ; নিক্বণ। প্র—"ত্রিদিব সঙ্গীত সেই রজত ঝননা।" – রঙ্গমতী (নবীন)।

ঝনা—ঝন দ্রঃ।

ঝনাৎ [ঝন্—আৎ (ব্যাপ্তি ও আতিশয্যে)] অ, ঝনঝন অপেক্ষা তীব্র ক্ষণস্থায়ী শব্দ।

ঝনাৎকার (র্) [ঝনাৎ—কার (করণ)] বি, ঝনাৎ শব্দ করণ ; ঝনন।

ঝনুকমণি (ঝনুক্‌মোনি) বি, বিলাতী ষ্ট্রবেরী (strawberry) জাতীয় গুল্ম ও তাহার ফল। fragaria Indica *(Carey)*।

ঝপ্ [হি—ঝপ্ (শীঘ্র)] অ, অবিলম্বে ; শীঘ্র। প্র—'ঝপ্ করে ঝাপ দিয়া ঘাড়ভেঙ্গে পড়ে।"—ঘনরাম। **ঝপ্‌করে** [হি—ঝপ্‌সে] শীঘ্র ; চট্‌করে। **ঝপঝপ**—বৃষ্টিপতন শব্দ।

ঝপাঝপ (প্) বি, উপর্য্যুপরি ঝপ্‌ঝপ্ শব্দ। ২। ক্রমান্বয়ে জলে ঝাঁপ দিবার শব্দ।

ঝম্ [ধন্ (শব্দে) ঝন—ঝম্। লঘু শব্দে ঝুম্ ; অতি লঘু শব্দে ঝুমু (সাধাঃ, আদরার্থে)] অ, ঝনৎকার ; ঝঙ্কার। ২। অস্ত্রাদির ঝনাৎকার ; টংকার। ৩। বাদ্যধ্বনি। প্র—"বাজে ঝমঝম ঝম"—ঈ-গুপ্ত। ৪। বৃষ্টিপতন শব্দ। প্র—ঝম্‌ঝম্ শব্দে বৃষ্টি আসিল। ৫। নূপুরাদি চরণালঙ্কার শব্দ। প্র—মল ঝমঝম করা।

ঝমক (ক্) [অনুকার শব্দ] বি, বাদ্যধ্বনি ; নহবত বাদ্যের ধ্বনি। প্র—"ধু ধু ধম ধম ঝমক ঝমক ঝম ঘনঘন নৌবত বাজে।"—ভারত।

ঝমঝম (ম্, ম্) [ঝম্+ঝম্ (ব্যাপ্তি অর্থে ও উপর্য্যুপরি শব্দে দ্বিত্ব) লঘু শব্দে ঝুমঝুম ; আদরার্থে ঝুমুঝুমু। প্র—"ঝুমু ঝুমু ঝুমঝুম্ বাজে ওই মল"—অশোকগুচ্ছ] অ, অনুকার শব্দ। প্র—"রাত দিন ঝমঝম রাত দিন টুপ্‌টুপ্ কি সাজে সেজেছ রাণি একি আজ অপরূপ।"—কাব্যকুসুমাঞ্জলি। ২। রণবাদ্য। বিণ, **ঝমঝমে** (ঝম্‌ঝোমে)—ঝমঝম শব্দকারী। ২। শুষ্ক ; এমন শুষ্ক যে নিক্ষেপ করিলে বা নাড়িলে ঝম্‌ঝম্ শব্দ করে।

ঝমঝমান (ম্, নো) [ঝমঝম+আন (বাং ক্রি, বিভক্তি)] ক্রি, ঝমঝম শব্দ করা ; ঝমঝম করে বাজান। বি, ঝমঝমানি। বিণ, **ঝমঝমায়মান**—যাহা ঝম্‌ঝম্ করিতেছে।

ঝমর ঝমর (র্) [ঝম (অনুকার শব্দে) +র (রি রি ধ্বনি অর্থে) উপর্য্যুপরি শব্দে দ্বিরুক্ত, লঘু শব্দে ঝুমুর] অ, ঝাঁঝর নূপুর প্রভৃতি চরণালঙ্কার-বাদ্যধ্বনি। ২। ক্রি-বিণ, ঝমর্ ঝমর্ শব্দে। প্র—"ঝমর্ ঝমর্ ঝম্, ঝমর্ ঝমর্ ঝম্, বাজে ওই মল।" —অশোকগুচ্ছ।

ঝমাঝম (ম্) [ঝম্+আ (পরস্পর অর্থে)+ঝম্] অ, অনুকার শব্দের উপর্য্যুপরিত্ব ব্যাপ্তি এবং ঘনত্ববোধক। ২। রণবাদ্য ; ঢাকঢোলের সহিত কাঁসর ও ঝাঁঝর প্রভৃতির মিলিত ধ্বনি। ৩। মুষলধারায় বৃষ্টি পতন। ৪। তুমুল ঝগড়া ; বহুলোকের বকাবকি ঝকাঝকির সংঘাতবোধক। প্র—সেখানে ঝমাঝম ঝগড়া বেধে গিয়াছে।

ঝম্প (ঝম্‌প, পো) [ঝম্ (ঝাঁপ দিবার ভাব) প (পতনার্থক পৎ+ড (ভাবে)—তুল, ইং—jump] বি, ঝাঁপ ; লম্ফ। প্র—"প্রেতভাগ সানুরাগ ঝম্প ঝম্প ঝাঁপিছে।" —ভারতচন্দ্র। ২। ঝুলন। **লম্ফঝম্প**—লাফালাফি ; ঝোলাঝুলি। ২। অত্যন্ত আগ্রহ ; অতিরিক্ত ঔৎসুক্য ; ব্যগ্রতা ; অস্থিরতা। ৩। আস্ফালন। প্র—"লম্ফ ঝম্প ভুমিকম্প নাগ কূর্ম্ম লাড়িছে॥"—ভারতচন্দ্র। ৪। ক্রি, লাফাও ; ঝাঁপ দাও ; ঝাঁপাও। [দ্রঃ—পায়ে ভর দিয়া পড়া—লম্ফ। বুকে পেটে ভর দিয়া হাত পা ছড়াইয়া অর্থাৎ সর্ব্বাঙ্গ পাতিয়া অধোমুখে পড়া—**ঝম্প**। প্র—জলে ঝম্পদান ; ঝাঁপাইয়া পড়া ; ঝাঁপাই ঝোড়া। ঝম্প, ঝুলনার্থেও প্রযুক্ত হয়। প্র—বানরের লম্ফ ঝম্প]।

ঝম্পন (ঝম্‌পোন্) [ঝম্প্ (সৌত্রিক ধাতু) +অন (ভাবে—অনট্)] বি, ঝাঁপ দেওন ; লম্ফ প্রদান। ২। আক্রমণ। প্র—"হট করে হৈমবতী দিতে আনে ভাত। শার্দ্দূল ঝম্পনে সবে আগুলিল পাত॥"—শিবায়ন।

ঝম্পাক (ক্) [ঝম্প—অক্ (গমন করা) +অ (কর্ত্তৃ—অচ্, সংজ্ঞার্থে)=যে ঝম্প দিয়া গমন করে] বি, পুং, বানর ; কপি।

ঝম্পারু [ঝম্প (লম্ফ) ঋ (গমন করা)

+উ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে লম্ফ দিয়া গমন করে] বি, পুং, বানর ; কপি।

ঝম্পী (ঝোম্‌পি) [ঝম্প্ +ইন্ (অস্ত্যর্থে) = ঝম্পিন্ ১মা, ১ব—যে ঝম্প দেয়] বি, পুং, বানর ; কপি।

ঝর (র্) [ঝৃ (জীর্ণ হওয়া, ক্ষরিত হওয়া)+ অ (কর্ত্তৃ বা করণে—অল্) যাহা দ্বারা জল ক্ষরিত হয়] বি, নির্ঝর; পর্ব্বতাদি হইতে ক্ষরিত জল প্রবাহ ; ঝরণা। ২। সমূহ। ৩। ধারা ; প্রবাহ ; স্রোত। অবিরলতা অর্থে, পুনরুক্ত হইয়া—**ঝরঝর, ঝরঝরঝর** প্র—"—ঝরঝর ঝরে, অবিরল অশ্রুধারা—তিতিয়া বসনে।"—মেঘনাদ। ৪। বায়ুভরে পত্রপল্লবের কম্পন শব্দ ; শুষ্ক পত্র পুষ্পাদির পতন শব্দ। ক্রি, **ঝরা। অজ্‌ঝোর ঝরে** [গ্রা—মেয়েলী। মূলশব্দ অজস্রধারে—ধারায়] প্রবল ধারায়।

ঝরকা, ঝরোকা (ঝ্, রো) [হি—ঝরোখা (a lattice, a window)] ব্রজ—ঝরক। সং—গবাক্ষ অপভ্রংশে (হাউটন)] বি, বাতায়ন ; গবাক্ষ ; জানালা। প্র—"সখীগণ হেরই ঝরকহি ঝাঁপি"—জ্ঞানদাস। "দুইদিকে বিচিত্র বালিশ দিয়া তায়। ধূপাবলি রাখিল সকল ঝরোকায়॥"—শিবায়ন।

ঝরঝর (র্, র্) [ঝর দ্রঃ। লঘু অর্থে ঝির্‌ঝির্ অতিলঘু অর্থে ঝুরঝুর। ক্রমাগত অর্থে পুনরুক্ত] অ, ক্রমাগত ক্ষরণ ; অবিরল ধারায় পতন। প্র—"ঝরঝর জলধর ধার। ঝঞ্ঝ পতন বিথার" —গোবিন্দদাস। "ঝরঝর লোচন বারি।"—রবি। "পাদপ মরমর নিঝর ঝরঝর কুসুমিত বল্লিবিতান।"—রবি। ২। [ধুলা, বালি, ঝুল ঝরাইবার ভাব হইতে] পরিচ্ছন্ন ; পরিষ্কার। প্র—ঘর দ্বার পরিষ্কার ঝরঝর করিতেছে। ৩। [সং—জর্জ্জর] বিণ, ঝাঁঝরা ; জীর্ণ। ঝর্ঝর দ্রঃ।

ঝরঝরিয়া, ঝরঝরে (ঝর্‌ঝো) [ঝরঝর (দ্রঃ) +ইয়া সংক্ষেপে 'এ'] বিণ, ঝরঝরিত ; জর্জ্জরিত ; ঝাঁঝরা ; জীর্ণ। ২। পরিষ্কার ; পরিচ্ছন্ন। ৩। শুষ্ক ; চনমনে। প্র—মুখ বেশ ঝর্‌ঝরে দেখাচ্ছে। একদিন উপবাসে শরীর ঝরঝরে হয়েছে। ক্রি, **ঝরঝরান। পরকাল ঝরঝরে করে দেওয়া** [পরকাল ঝাঁঝরা, অসার, নষ্ট করা। "ঝরঝরে" শব্দের উজ্জ্বল এই অর্থ করিলে বিদ্রূপে বুঝিতে হইবে] উত্তরকালে উন্নতির আশা না রাখা ; মাথা খাওয়া। ২। মরণান্তে পরলোকে মুক্তির উপায় না রাখা।

ঝরণ (ঝরোন্) [ঝরা দ্রঃ] বি, ক্ষরণ ; পতন। বিণ, **ঝরিত**। ক্রি, **ঝরান**।

ঝরণা (ঝর্‌না) [ঝ (ক্ষরণে)+অন (কর্ত্তৃ—অনট্)—যে ক্ষরিত হয়] বি, স্ত্রী, পর্ব্বতাদি-নিঃসৃত জল ; নির্ঝর।

ঝরা [ঝর (দ্রঃ) +আ (বাং—ক্রি, বিভক্তি)] ক্রি ঝরিয়া পড়া ; ফোঁটা ফোঁটা পড়া ; ক্ষরিত হওয়া। প্র—"ঝরিতেছে অশ্রুজল কার অনুরাগে মিশে।"—ব্রহ্মসঙ্গীত। ২। অতিশয় ক্ষীণ ধারায় পতিত হওয়া। ৩। ঝর্‌ঝর করিয়া বৃষ্টি পড়া। প্র—"সেদিন বরষা ঝরঝর ঝরে কহিল কবির স্ত্রী—"—সোনার তরী। ৪। ফল, পাতা শুকাইয়া বোঁটা হইতে খসিয়া খসিয়া পড়া। প্র—"কেন ঝরে গেল ফুল।" —চিত্রা। ৫। বি, ঝরণ ; ক্ষরণ ; পতন। ৬। বিণ, ঝরিত ; ক্ষরিত ; পতিত। প্র—"ঝরা ফুল।" অস-ক্রি,—**ঝরিয়া, ঝরে** (ঝোরে) —বোঁটা খসিয়া। প্র—"অর্ঘ্যকুসুম ঝরে পড়ে গেছে বিজন বিপিনে ফুটি।"—চিত্রা। [ব্রজ] **ঝরই; ঝরু**—ঝরে। প্র—"ঝরই শিরে ফুলদল"—রবি। **ঝরব**—ঝরিবে (হিং) ; ঝরিব। প্র—"ছিন্নকুসুম সম ঝরব ধরাপর" —রবি। **গাল ঝরে যাওয়া**—অল্পবয়সে ছেলে মেয়েদের যে গাল ফুলো ফুলো বা টোপা থাকে তাহা বয়স কালে নামিয়া যাওয়া অর্থাৎ মুখের অন্যান্য অবয়বের সহিত সমপ্রসারীভূত হইয়া মানানসই হওয়া। **নাক ঝরা**—সর্দ্দি হওয়ায় ক্রমাগত নাক হইতে শ্লেষ্মা নির্গত হওয়া। ণিজন্ত, **ঝরান**। তাহা হইতে, বি, **ঝরানি**।

ঝরান (ঝরানো) [ঝরা (দ্রঃ) ণিজন্তরূপ] ক্রি, ঝরিতে দেওয়া ; পাতিত করা ; ফেলা। প্র—বালি ঝরান ; ফুল ঝরান ; পাতা ঝরান। **লাল ঝরান**—দাঁতের মাড়ী স্ফীত হইলে মুখের শ্লেষ্মা বাহির করিয়া দেওয়া।

ঝরিত (ঝোরিত) [ঝর+ইত (যুক্তার্থে)] বিণ, ঝরণাবিশিষ্ট। ২। ক্ষরিত ; গলিত। প্র—"নির্ঝর-ঝরিত বারিরাশি স্থানে স্থানে" —মাইকেল।

ঝরোকা—ঝরকা দ্রঃ।

ঝর্ঝর (ঝর্‌ঝর্) [ঝর্ঝ (অনুকার শব্দে) +অর (কর্ত্তৃ+অরন্)] বি, পুং, নদবিশেষ। ২। বারিপতন শব্দ ; ঝরণায় জল প্রবাহ শব্দ। প্র—"বহিছে বসন্তানিল ঝরিছে ঝর্ঝরে নির্ঝর।" —মেঘনাদ। ৩। আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ ; কাড়া। ইহা ঝরঝর করিয়া বাজে। ৪। [সং—জর্জ্জরীক] ঝাঁঝরী (দ্রঃ)। ৫। বেত্র-দণ্ডবিশেষ। স্ত্রী, **ঝর্ঝরী; ঝর্ঝরা**—বেশ্যা। ক্রি, **ঝর্ঝরা**—ঝর্ঝর করিয়া ঝরা। ২। ঝর্ঝর শব্দ করা। **ঝর্ঝরিয়া**—ঝর্ঝর করিয়া। বিণ, **ঝর্ঝরিয়া, ঝর্ঝরে** (ঝোঁ) ঝর্ঝরিত। যাহা ঝাঁঝরা হইয়াছে। ২। ঝর্ঝর শব্দকারী। ৩। ঝর্ঝর করিয়া পতনশীল।

ঝর্ঝরাবতী (ঝর্‌ঝরাবোতী) [ঝর্ঝর+বৎ (অস্ত্যর্থে বতু)+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, গঙ্গা ; ঝঙ্কারিণী দ্রঃ।

ঝর্ঝরি—বি, যন্ত্রকোষে উক্ত, এক প্রকার মন্দিরা।

ঝর্ঝরিক (ক্) [সং—জর্জ্জরীক—ঝাঁঝরা] বি, ক্লী, দেহ ; শরীর।

ঝর্ঝরিয়া, ঝর্ঝরে (ঝর্‌ঝোরিয়া, ঝর্‌ঝোরে) [ঝর্‌ঝরিয়া দ্রঃ। সং—জর্জ্জরিকা] বিণ, শুষ্ক ২। জড়তাহীন ; চনমনে। প্র—শরীর ঝর্ঝরে হওয়া। ৩। পরিষ্কার ; পরিচ্ছন্ন ; সুন্দর। প্র—কাপড় চোপড় পরে এখন বেশ ঝর্ঝরে দেখাচ্ছে। ৪। বালির মত চূর্ণ ও শুষ্ক। ৫। নির্ঝর বা ঝরণার শব্দে শব্দিত। ৬। পটহাদি বাদ্যের শব্দে শব্দিত।

ঝর্ঝরী [সং—জর্জ্জরীক ; বাং-গ্রা ঝাঁঝরী] বি, স্ত্রী, ঘৃত বা তৈলে পক্ক দ্রব্যের তৈল, ঘৃত ঝরাইয়া খোলা হইতে তুলিবার জন্য সচ্ছিদ্র দর্ব্বী বা হাতা ; ঝাঁঝরী। ২। [ঝর্ঝর শব্দ হইতে] মন্দিরা-বাদ্যবিশেষ ; কাংস্যনির্ম্মিত বাদ্য-বিশেষ ; ঝাঁঝরী।

ঝলক, ঝলকা (ঝ্‌লক্,) [হি—ঝল্‌কার, সং—ঝলকা। "শিখা জ্বালার্চ্চির্ঝলকা"—হেম-চন্দ্র। "ঝলা স্যাদাতপজ্যোৎস্নৌ"—মেদিনী। প্রাকৃ—ঝলংকিঅ, বাং—ঝলক (ক্রমে) দলক ; হলক। প্র—দামিনী দলকে ; আগুনের হলকা। ক্ষণস্থায়ী অল্পস্থানব্যাপী কিন্তু তীব্র আলোক অর্থে ঝিলিক] বি, আগুনের তরঙ্গ ; আগুনের শিখা। প্র—"ঝলকে ঝলকে উল্কা উগারি, শত শত লোল জিহ্বা প্রসারি, বহ্নি আকাশ জুড়িল।"—কথা (রবি)। ২। আলোকের তরঙ্গ। প্র—"ছটার ঝলকে পরাণ চমকে তিমিরে লাগয়ে ভয়।"—চণ্ডীদাস।

ঝলকান (ঝল্‌কানো) [ঝলক্+আন (বাং—ক্রি, বিভক্তি) হি+ঝল্‌কানা। প্রাকৃ—ঝলুংকিঅ] ক্রি, ঝলকিত হওয়া ; নলপান (দ্রঃ) চক্ষু ঝলসিতকারী আলোকের মুহুর্মুহু প্রকাশ ও তৎক্ষণাৎ অপ্রকাশ হওয়া। **ঝলকে**—ঝলকিত হয়। **ঝলকি, ঝলকিয়া**, ঝলকিত করিয়া। প্র—"লক্ষ মাণিক ঝলকি আঁচলে নেচে চলে যেন নটিনী।"—কথা (রবি)। "সখি রে ঝলকিয়া অলকেরে চামেলি ও বকুলে, উজলিয়া দেলো মোরে মোহনিয়া দুকুলে।"—অপূর্ব্ব ব্রজাঙ্গনা। [ব্রজ] **ঝলকত, ঝলকহি**—ঝলকে। প্র—"দশন কিরণ কত দামিনী ঝলকত হসইতে অমিঞা তরঙ্গ।"—গোবিন্দদাস। "গগনহি সঘন বিজুরী ঘন ঝলকহি দিনহি ভেল আঁধিয়ার।"—ঐ।

ঝলকিত [ঝলক+ইত] বিণ, ঝলসিত। ২। সমুজ্জ্বল।

ঝলঝল (ল্, ল্) [ঝল দ্রঃ। সং—ঝলজ্‌ঝলা। তুল —ইং—dangle] অ, ঝুলিতে থাকা ; ঝুলিয়া পড়ার ভাববোধক। ক্রি, **ঝলঝলান** (নো) ঝল্‌ঝল্ করা। **ঝলঝলি** (ঝল্‌-ঝোলি) ঝল্‌ঝল্ করিয়া। বিণ, **ঝলঝলে** (ঝল্‌ঝোলে)। **ঝলঝলায়মান**। **ঝল-ঝলিয়া** [প্রাকৃ—ঝলঝলিঅ=উজ্জ্বল] যাহা ও ঝকমক করিয়া ঝুলিতেছে : dangling, **ঝলঝল করা**—ঝুলিতে থাকা। বি, **ঝল্‌ঝলানি**।

ঝলমল (ল্, ল্) [ঝল্ (উজ্জ্বল হওয়া) মল্ (মলিন হওয়া বা মিলাইয়া যাওয়া)] অ, মুহূর্ত্তে উজ্জ্বল মুহূর্ত্তে মলিন হওয়া বা মিলাইয়া যাওয়ার ভাব। প্র—"ঝলমল করে তথি মুকুতা প্রবাল।"—শূন্যপুরাণ। ক্রি, **ঝল্‌মলান** (নো)—ঝল-মল করা। **ঝলমলি** (মো) ঝল্‌মল করিয়া। প্র—চাঁদ ঝলমলি বদন ছাঁদে, দেখিয়া যুবতী ঝুরিয়া কাঁদে।"—গোবিন্দদাস। [দ্রঃ—বৃহৎ আলোক **ঝলমল** করে ; অল্প আলোক **ঝিল্‌মিল** করে। নিরেট কঠিন এবং স্থির বস্তু **ঝক্‌মক্** করে এবং পাতলা, লম্বিত ঢিলা বস্তু **ঝলমল** করে। সোণার মুকুট ঝক্‌মক্ করে আর আঁচলা ঝল্‌মল্ করে]। বিণ, **ঝলমলিয়া, ঝলমলে** (ঝল্‌মো)।

ঝলরী [ঝল্ল দ্রঃ] বি, স্ত্রী, শিবমন্দিরে বাদিত কাংস্য-নির্ম্মিত বাদ্যবিশেষ ; ঝল্লরী ; ঝল্লী ; হেড়কা। ২। লম্বিত কুঞ্চিত কেশ : গ্রা, ঝুলুরী (ঝুলঝুল করিয়া ঝোলে বলিয়া)।

ঝলস (ঝল্‌শ্) [ঝলা দ্রঃ। হি—জৌলুস্] বি, জলুস ; ঔজ্জ্বল্য। ২। তেজ ; ঝাঁজ : ঝলক। বিণ, **ঝলসা**—ঝলসিত। **ঝলসাকাণা**—চালসে কাণা দ্রঃ ; আধলা কাণা ; সূর্য্যের দিকে চাহিয়া যাহার চক্ষু ক্ষরিয়া গিয়াছে বা অর্দ্ধান্ধপ্রায় হইয়াছে।

ঝলসান (ঝল্‌শানো) [হি—ঝল্‌সান। দেশী প্রাকৃ—ঝলসিঅ (দগ্ধ)] ক্রি, অর্দ্ধদগ্ধ করা ; আগুনে আঁচে আধপোড়া করা। প্র—"—ক্ষণপ্রভা সম মুহুঃ হাসে রতন-সম্ভবা বিভা ঝলসি নয়নে!"—মেঘনাদ। "বিজলী ঝলসে আঁখি কালানল তেজে"—মেঘনাদ। ২। উজ্জ্বল হওয়া ; ঝলকান ; দীপ্তিদান করা। ৩। বিণ, অর্দ্ধদগ্ধ ; আধপোড়া। বি, **ঝলসানি**।

ঝলা ["ঝলাস্তাদাতপজ্যোৎস্নে"—মেদিনী)] বি, স্ত্রী, সূর্য্যের কিরণ-তরঙ্গ ; অগ্নি-তরঙ্গ ; রৌদ্রের তেজঃ। ২। আলোকতরঙ্গ (যাহা রৌদ্রের তেজের মত চক্ষু ঝলসিয়া দেয়) ; প্রখরালোক। প্র—"বিদ্যুতের ঝলা সম চকমকি"—মেঘনাদ। ৩। অতিশয় দীপ্তি : ঔজ্জ্বল্য।

ঝলা [ঝল্ (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)] ক্রি, ঝুলিতে থাকা ; ঝল্‌ঝল্ করিয়া ঝুলা। প্র—"ঝলমলি ঝলে অঙ্গে নানা আভরণ।"—মেঘনাদ। ২। ঝল্‌ঝল্ বা জ্বল্‌জ্বল করিয়া জ্বলা। প্র—"পিঙ্গল জটা ঝলিছে ললাটে পূর্ব্ব অচলে উষার মত"—রবি। "রবিকর তাহে ঝলে ঝলঝলে কাঞ্চন কঞ্চুক বিভা নয়ন ঝলসি।"—মেঘনাদ।

ঝলাবর (ঝলাওঅর্) [হি] বিণ, সুন্দর। ২। নির্ম্মল।

ঝলি (ঝো) [ঝলিয়া শব্দের সংক্ষেপ, পদ্যে] অস-ক্রি, ঝল্‌ঝল্ করিয়া। প্র—"ঝুলিছে ঝলি ঝালরে মুকুতা"—মেঘনাদ।

ঝল্ক (ঝল্‌কো) [সং—ঝলক্কা। ঝলক দ্রঃ] বি, অগ্নির তেজ। ২। তরঙ্গ ; ঝলক।

ঝল্ল ["ঝল্লা মল্লা নটাশ্চৈব পুরুষাঃ শস্ত্রবৃত্তয়ঃ।"—মনু] বি, পুং, সৈনিকবৃত্তি-ব্যবসায়ী নিম্ন-শ্রেণীর হিন্দুজাতিবিশেষ। ২। অনুকার শব্দ ; কর্ণ বধিরকারী ধ্বনি।

ঝল্লক (ক্) [ঝল্ল (অনুকার শব্দ), ক (স্বার্থে)] বি, ক্লী, শিবমন্দিরে বাদিত কাংস্য করতাল ; একপ্রকার কাঁসোর।

ঝল্লরি, ঝল্লরী (ঝল্‌লোরি) [ঝল্ল, ঝল্লক দ্রঃ] বি, স্ত্রী, দেবমন্দিরে বাদিত কাংস্য-নির্ম্মিত বাদ্যবিশেষ : ঝলরী (দ্রঃ) ; cymbals. প্র—"নাদয়ে শঙ্খ নিনাদয়ে ঝল্লরি শিব, নিনাদয়ে ঝল্লরি আরতি করয়ে ব্রহ্মা বেদধ্বনি পাঠে"—হেম বন্দ্যো। ২। কুঞ্চিত কেশগুচ্ছ।

ঝল্লিকা (ঝোল্‌লিকা) বি, স্ত্রী, গাত্রমার্জ্জনী ; গামছা। ২। সূর্য্য কিরণের তেজ ; ঝাঁঝ ; ঝলক।

ঝল্লী (ঝোল্‌লি) ঝল্লরী ; ঝলরী দ্রঃ।

ঝশ (শ্) [প্রা-বং। প্রাদে] বি, মৎস্য। প্র—"রান্ধিল পাকাল ঝশ দিয়া তেঁতুলের রস।"—কবিক।

ঝাইল (ল্) [ঝর্—ঝল্ (ঝুলনের ভাব)] বি, ঝুলন ক্রীড়া ; ঝালি। ২। ঝম্প ; ঝাঁপ। **ঝাইলঝুপ্পা**—লাফালাফি খেলা, ইহাতে একদিকের উচ্চস্থান হইতে ঝুপ করিয়া পড়িয়া অপরদিকের উচ্চস্থানে লাফাইয়া উঠিতে হয় ; ইতিমধ্যে যে নিম্নস্থানে থাকে সে স্পর্শ করিতে না পারে এরূপ ভাবে যাইতে হয়। ২। লম্ফঝম্প দ্রঃ। ৩। ঝুলঝাঁপ।

ঝাইল, ঝাল (ল্) [জ্বালা হইতে ঝালা, ঝালি, ঝাইল] বি, কটুরস ; যে রস রসনার জ্বালা উৎপাদন করে।

ঝাইল (ল্) [সং—ছল্লী। বাং—ছালা (দ্রঃ) ছাইল—ঝাইল] বি, ছালা ; বস্তা ; বোরা ; চট ; ঝালি দ্রঃ। ২। [সং—জল্ (আচ্ছাদনে) জাল-ঝাল অংশার্থে, ই—ঝালি =ঝাইল] এক অংশ বা খণ্ড ; একদিক। প্র—"এক ঝাল বা ঝাইল কপাট বন্ধ কর"। ঝালি দ্রঃ। ৩। [প্রাদে] তাড়া ; গোছা। ৪। প্রস্থ ; সাট ; set. প্র—এক ঝাল তাস, এক ঝাল দাবা বা পাশা ইত্যাদি।

ঝাইল (ল্) [জ্বল্ (জ্বলনে)] বি, জ্বালাইয়া বা আগুনে পুড়াইয়া জোড়ন ; পাইন। ঝাল দ্রঃ।

ঝাউ [সং—ঝাবুক। ঝাউ (অনুকার শব্দ) ক (করা) বাতাসে ঝাঁ বা ঝাউ ঝাউ শব্দ হয় বলিয়া এই নাম] বি, স্বনামপ্রসিদ্ধ বৃক্ষ ; tamaria Indica.

ঝাউয়া [হি—ঝাঁকা দ্রঃ] বি, ঝোড়া ; বড় ঝুড়ি। **ঝাউয়াকলা**—কদলী ভেদ। **ঝাউয়ানেবু**—নেবু ভেদ।

ঝাঁ [ধাব্ (গতি, বেগ অর্থে) অথবা ধ্মা (শব্দে) গতির বেগ হইলেই শব্দ এই দুই ভাবের সংযোগে ধাঁ ; তাহাতে শক্তিন্যাস (অতি বেগ ও ত্বরা অর্থে) হেতু ঝাঁ] অ, অতি শীঘ্র ; অবিলম্বে ; বেগে ; দৌড়ে। **ঝাঁ করে**—এক দৌড়ে। ২। ঝাঁ বলিতে যতক্ষণ তাহার মধ্যে ; ঝাট্ করে ; অবিলম্বে। **ঝাঁঝাঁ** [ধ্মা (জ্বলনে) ঝাঁ। আঁচ দ্রঃ] বি, আগুনের জ্বলন্ত শব্দ। ২। [ধ্মা (শব্দে)] অনুকার শব্দ। ৩। [ধাব্—ধা—ঝা—ঝাঁ (বেগে)] শীঘ্র শীঘ্র ; অনেকগুলি কাজ পরে পরে বা একে একে কিন্তু ক্ষিপ্রহস্তে করিবার ভাব। ক্রি, **ঝাঁঝাঁ করা**—শীঘ্র করা। ২। ঝলসিত হইতে থাকা ; রৌদ্রে পুড়িতে থাকা ; ঝাঁঝ বিস্তার করা। ৩। গভীর রাত্রিতে নিস্তব্ধতার শব্দ করা ; নিশীথ কালের গাম্ভীর্য্যব্যঞ্জক কাল্পনিক রব। প্র—"ঝাঁঝাঁ করে রাতি"—রবি। ক্রি-বিণ, **ঝাঁঝাঁ করে**। প্র—কাজগুলা ঝাঁঝাঁ করে শেষ করে ফেল। ২। ক্ষিপ্র পদক্ষেপ। প্র—ঝাঁঝাঁ করে এগিয়ে যাও।

ঝাঁই [ধ্মা (শব্দ করণে) হইতে ঝাঁ এবং ধাব্ (গতি) হইতে—ঝা। শব্দ ও বেগের ভাব মিলিত হইয়া ঝাঁই। ঝাঁ+ই (ক্ষিপ্রগতি বোধক)] অ, অতিশীঘ্র ; ঝাঁ বলিতে যতক্ষণ তাহার মধ্যে ; পলকপাতে ; নিমেষে। ২। [ধ্মা (অগ্নিসংযোগ ও উজ্জ্বলীকরণে) +ই (ক্ষিপ্রতা অর্থে)] অ, তপ্ত খোলায় জলীয় দ্রব্য নিক্ষেপ শব্দ ; আধপোড়া বা চুঁইয়া যাইবার শব্দ। ৩। খর ভাজা ; ছাঁই।

৩। বিণ. ঝাঁঝযুক্ত ; ঝাল ; ঝাঁঝাল। ৪। তীব্র শব্দ ; কর্ণবধিরকারী ধ্বনি। ৫। তীব্র আলোক ; খর দীপ্তি ; চক্ষু ঝলসিতকারী ঔজ্জ্বল্য। **ঝাঁইঝাঁই**—[আলোক বা ধ্বনির আন্দোলন বা তরঙ্গ অর্থে পুনরুক্ত] অ. খর আলোক বা চক্ষু ঝলসিতকারী উজ্জ্বলতা বোধক। প্র—দুপুরের রোদে চোখ ঝাঁই ঝাঁই করে। ২। কর্ণ বধিরকারী বা কর্ণের পীড়াদায়ক তীব্র ধ্বনি। প্র—ঝিঁঝিঁ পোকার ডাকে কান ঝাঁই ঝাঁই করে। **ঝাঁইমরিচ**—লঙ্কা। **ঝাঁইসরিষা**—গুঁড়া রাইসরিষা ; mustard.

ঝাঁই [ধাব্—ধাউ—ধাই—ঝাই—ঝাঁই] বি. বড় বড় টেংরা জাতীয় আঁইশহীন দ্রুতগামী মৎস্যবিশেষ ; ঝাঁইমাছ ; বাচা মাছ। ২। [ঝাঁকা, ঝাঁক্‌রান দ্রঃ। ঝুঁকাইয়া বা দোলাইয়া দিবার ভাব হইতে] জোরে নাড়িয়া দেওন ; ধরিয়া নাড়ন।

ঝাঁকড় (ঝাঁকোড়)[সং—ঝণ্টা, ঝাঁটা—ঝাট—ঝাড়] বি. স্তবক ; গুচ্ছ ; অসম্বদ্ধ গুচ্ছ। প্র—"ঝাঁকড় মাকড় চুল নাহি আঁধি সাঁধি। হাত দিলে ধূলা উড়ে যেন কেয়া কাঁদি॥"—অন্নদামঙ্গল। বিণ. **ঝাঁকড়া**—গুচ্ছবাঁধা ; লম্বমান। ২। উস্কো খুস্কো।

ঝাঁকরান (ঝাঁক্‌রানো) ক্রি. দৃঢ়ভাবে ধরিয়া খুব নাড়া দেওয়া ; ঝাঁকা দ্রঃ। বি. **ঝাঁকরানি**—ঝাঁক্‌রা। প্র—ঝাঁকরা দেওয়া।

ঝাঁকা [হি—ঝাঁকা, ঝাউয়া] বি. ঝুড়ী : মোট বা বোঝা লইবার জন্য চওড়া বাঁখারি নির্ম্মিত মজবুত বড় ঝুড়ী। **একঝাঁকা**—ঝাঁকাপূর্ণ ; ঝাঁকায় বহা একক্ষেপ। **ঝাঁকা ঝাঁকা**—বহু : অনেক : তুল—ঝুড়ী ঝুড়ী। **ঝাঁকামুটে**—ঝাঁকাবাহক ; যে মজুর ঝাঁকায় করিয়া মোট বহন করে।

ঝাঁকা [হি—ঝাক্‌না] ক্রি. ঝুকিয়া দেখা ; আড়াল থেকে দেখা : উঁকী মারা ; হুমড়ি খাইয়া পড়া : ঝোঁকা। ২। ঝাঁক দেওয়া ; ঝাঁকরান : জোরে নাড়া দেওয়া। প্র—"তরণী ধরিয়া ঝাঁকে, রাক্ষসী ঝটিকা হাঁকে"—মানসী (সিন্ধুতরঙ্গ)। বি. **ঝাঁকন, ঝাঁকানি, ঝাঁকুনি**। বিণ. **ঝাঁকা**।

ঝাঁকার (র্) [গ্রা। সং—ঝঙ্কার] বি. ঝঙ্কার। ২। আঁজল পাঁজল : গা নাড়া : গা বমি বমি ভাব। প্র—গা ঝাঁকার দিয়ে ওঠা।

ঝাঁকারা [সং—ঝঙ্কার+আ (বাং—ক্রি. বিভক্তি)] ক্রি. ঝঙ্কার দেওয়া। প্র—"ধনুক তুলিয়া ঝাঁকারিল পুনঃ পুনঃ"—কাশী. মহা. আদি। ২। আন্দোলিত হওয়া ; আঁজল-পাঁজল করা ; বমনের বেগ আসা। প্র—গা ঝাঁকরে ওঠা।

ঝাঁকি [ঝাঁক দ্রঃ] বি. ঝোঁক ; ঝাঁকরানি ; জোরে নাড়া। ২। ঝুঁকিয়া দেখার ভাব ; উঁকী। **ঝাঁকিমারা**—ঝুঁকিয়া দেখা ; উঁকিমারা ; আড়াল থেকে দেখা।

ঝাঁগড় (ড়) [শব্দাত্মক ; নহবতের বাদ্যানুকরণ] বি. নহবতের বাদ্যধ্বনি ; দগড়াদি বাদ্যের শব্দ। প্র—"ঝাঁগড় ঝাঁগড় গড় গড় গড় গড় দগড় রগড় ঘন ঝাঁজে॥"—ভারতচন্দ্র।

ঝাঁজ (জ্) [ঝা (শব্দে) ঝাঁ—ঝা] অব্যক্ত ধ্বনি। ২। কাঁসরের বাদ্যবিশেষ ; ঝাঁঝর। ৩। চরণালঙ্কারবিশেষ ; ফাঁপা ও ভিতরে কড়াই দেওয়া রূপার মল ; ঝাঁঝর মল ; খলখলী মল, যাহা ভিতরে কড়াই থাকায় ঝমঝম করিয়া বাজে। ৪। জলীয় গুল্মবিশেষ ; ঝাঁজি ; ঝাঁঝি : utioularia fasciculata.

ঝাঁজ (জ্) [ঝাঁঝ। অপভ্রংশে ঝ=জ] বি. ঝাঁঝ দ্রঃ। বিণ. ঝাঁজাল।

ঝাঁজর (ঝাঁজোর্) ঝাঁঝর দ্রঃ।

ঝাঁজি [সং—জর্জ্জর (শৈবাল)] বি. জলের গুল্মবিশেষ ; জলজাত শৈবাল : গাঁজ।

ঝাঁঝ, ঝাঁজ (ঝ্, জ্) [ঝলা দ্রঃ। সং—অর্চ্চিস—আঁচ—ঝাঁঝ। "জ্বালকীলার্বর্চ্চিহেঁতিঃ শিখা"—অমর। অথবা ঝা ঝা—ঝাঁ ঝাঁ হইতে] বি. আগুনের জ্বালা ; শিখা : আঁচ ; তেজ ; উত্তাপ ; উষ্ণতা। প্র—রৌদ্রের ঝাঁঝ ; আগুনের ঝাঁঝ। ২। তীব্রতা ; উগ্রতা। ৩। উষ্ণ মেজাজ ; ক্রোধ। ৪। দর্প ; দম্ভ। ৫। উগ্র গন্ধ। প্র—তাহারই একটু ঝাঁজ নাকে লেগে আছে আজ"—কস্তুরী। বিণ. **ঝাঁঝাল**।

ঝাঁঝর, ঝাঁঝর (র্) ["জর্জ্জরীকং বহুচ্ছিদ্রে"—মেঃ, বিশ্ব। ঝর্ঝর দ্রঃ] বি. স্ত্রী. ছিদ্রবহুলতা ; চতুর্দ্দিকে ছিদ্র ; শুষিরতা। ২। বিণ. ঝাঁঝরা ; ফোঁপরা ; শূন্য। প্র—"পাঁজর ঝাঁঝর মোর দাঁড়াই কোথায়"—বিহারী চক্রবর্ত্তী। বিণ. **ঝাঁঝরা**। স্ত্রী. **ঝাঁঝরী**।

ঝাঁঝর (র্) [ঝাঁই ঝাঁই ও ঝর্ ঝর্ শব্দ হইতে] বি. ঝাঁঝ জাতীয় কাংস্যময় বাদ্যবিশেষ ; কাঁসর। প্র—"ঝাঁঝর মৃগেল ঘাঘর বাজে"—ছড়া। ২। ঝাঁঝ ; ঝমঝম, ঝর্‌ঝর্ শব্দে বাজে যে ফাঁপা ও ভিতরে কড়াই দেওয়া মল। ৩। ঝর্ঝর (হি—ঝজ্‌ঝর) নামক জলপাত্র ; কুজো। স্ত্রী. **ঝাঁঝরী**।

ঝাঁঝরী (ঝ্) [সং—জর্জ্জরীক। ঝাঁঝর দ্রঃ] বিণ. স্ত্রী. শুষির ; বহুচ্ছিদ্র। পুং. **ঝাঁঝরা**। ২। বহুচ্ছিদ্র দর্ব্বী বা হাতা। ঝাঁঝ দ্রঃ। ৩। বি. বহুচ্ছিদ্র লোহার, পিতলাদির জাল ; জাফরী। ৪। পয়ঃপ্রণালী দিয়া জলের সহিত ময়লামাটি যাইতে না পারে এমন লৌহময় জাল ; নর্দ্দমার মুহুরী। ৫। জলসেক করিবার পাত্র ; গাছের গোড়ায় জল দিবার নিষেক-পাত্র ; সেচনী। ৬। ছোট ঝাঁঝর ; ঝরঝর ও ঝম্‌ঝম্ করিয়া বাজে যে বাদ্য। প্র—"বাজে করতাল, বাজে মৃদঙ্গ, তুম্বকী, বাজিছে ঝাঁঝরী শঙ্খ"—মেঘনাদ।

ঝাঁঝাঁ—ঝাঁ দ্রঃ।

ঝাঁঝাল (ঝাঁ্ঝালো) [ঝাঁঝ (দ্রঃ)+আল (হি—বালা=বিশিষ্ট) **ঝাঁঝালো**ও লিখিত হয়] বিণ. যাহাতে বা যাহার ঝাঁঝ আছে ; তীব্র ; উগ্র। প্র—"নূতন প্রেমে নূতন বধূ, আগাগোড়া কেবল মধু পুরাতনে অম্লমধুর একটু ঝাঁঝালো।"—রবি। ২। উগ্র-গন্ধী। ৩। আঁচযুক্ত ; তাতাল : গরম গরম। ৩। তেজাল ; গরম মেজাজী : তেজিয়ান।

ঝাঁঝি, ঝাঁঝী—ঝাঁজী দ্রঃ।

ঝাঁট, ঝাট (ট্) [ঝট্ (সং-হত, জড় হওয়া)—অ (ঘঞ্)। "ঝাটো ব্রণ সংমার্জ্জনে"—বিশ্ব। তাহা হইতে "সংমার্জ্জনে"] বি. সংমার্জ্জন ; ধূলা মাটি উড়াইয়া বা ঝাড়িয়া পরিষ্কার করণ।

ঝাঁটা (গ্রা. উচ্চারণ—ঝ্যাঁটা) [ঝাঁট (দ্রঃ)+আ (করণে)—যাহা দ্বারা ঝাঁট দেওয়া যায়] বি. সম্মার্জ্জনী ; খেংরা ; ঝাড়ু। ক্রি. ঝাঁটান (নো) **ঝাঁটা খাওয়া**—ঝাঁটার দ্বারা প্রহৃত হওয়া। অপমানিত হওয়া। প্র—"ঝাঁটা খেয়ে ফিরে এসেছে। ঝাঁটা খেকো—যে ঝাঁটা দ্বারা প্রহৃত হয় ; যে সকলের কাছে অপমানিত ও ঘৃণিত হয়। মেয়েলি গালি। **ঝাঁটা পেটা করা**—উপর্য্যুপরি ঝাঁটা মারা ; খেংরে দেওয়া। **ঝাঁটার বাড়ি মারা**—ঝাঁটা দ্বারা প্রহার করা। **মুড়া ঝাঁটা**—ঘর্ষণে ক্ষয়প্রাপ্তমুখ খেংরা।

ঝাঁটি, ঝাঁটী (ঝ্া) [সং—ঝিণ্টি] বি. ঝিণ্টি পুষ্প ; কুরুবক। ২। ছাইবার পূর্ব্বে চালের উপর পাতলা করিয়া বিছান খড়। ৩। ঝাঁটা ; খেংরা : ঝাড়ু। প্র—"পথে ঝাঁটি দেই পবন সম্মার্জ্জনী হাথে"—চৈতন্যমঙ্গল। ৪। [ঝাট্যাতি বা ঝ্যাটাতি দ্রঃ] চ্যাপটা জলজ ঘাসের পাটা ; শেওলাবিশেষ। ৫। জাঠি নামক প্রহরণ।

ঝাঁটি, টী [ঝঞ্ঝাট দ্রঃ] বি. ঝগড়া ; ঝঞ্ঝাট। **ঝগড়া ঝাঁটি, ঝাটি জগড়া**—বিবাদ বিসম্বাদ ; ঝগড়া ঝঞ্ঝাট। প্র—"ঝাটি

ঝগড়া"—শূন্যপুরাণ। "ঝগড়া ঝাট গেল থেমে"—দ্বিজেন্দ্র রায়।

ঝাঁপ (প্) [সং—ঝম্প] বি. ঝম্প ; হাত পা ছড়াইয়া বুকে পেটে ভর দিয়া উপর হইতে পতন। ২। লম্ফ ; লাফ। প্র—'আর কেহ বলে, ঝাঁপ দিব জলে তেজিব এ পাপ দেহ" —চণ্ডীদাস। ২। [হি] আগড় ; বেড়া ; বংশনির্ম্মিত দ্বার। প্র—"দুই ঝাঁপ ভেঙ্গে যায় কত"—ঈশ্বর গুপ্ত। ৩। সতরঞ্চ প্রভৃতি বুনিতে সূতার টানা পড়েন দিতে হয়। তাহাকে উঠা নামা ও বলে। দুই টানার মধ্যে যে ফাঁক পড়ে এবং যাহার মধ্য দিয়া পড়েনের সূতা গলাইয়া দেওয়া হয় তাহার নাম ঝাঁপ। ৪। আচ্ছাদন ; ঢাকা ; চাপা। **কাণ ঝাঁপ দেওয়া**—কাহার পেটের উপর কাণ পাতা। কাণঝাঁপ দিয়া বুঝা পেটের ভিতর কিরূপ হড়হড় গড়গড় শব্দ হইতেছে। **ঝাঁপ ফেলা**—আগোড় বন্ধ করা। **ঝাঁপ তোলা, খোলা**—আগড় খুলিয়া ফেলা। **ঝাঁপ ভাঙ্গা**—ঝাঁপ সন্ন্যাস ব্রত ও উৎসব ভঙ্গ বা সমাপ্ত করা। **আগুণ ঝাঁপ**—অগ্নিকুণ্ডে ঝাঁপ দেওয়া। **কাঁটা ঝাঁপ**—নিম্নে কুল বা বেল কাঁটার ডাল পালা সাজাইয়া ভারার উপর হইতে ঝাঁপ বা লাফ। **বঁটি ঝাঁপ**—কাঁটার মত বঁটি সাজাইয়া তাহার উপর ঝাঁপ। **ঝুল ঝাঁপ**—নিম্নে অগ্নিকুণ্ড করিয়া ভারার বাঁশে পা বাঁধিয়া অধোমুখে ঝুলন। **মাল ঝাঁপ**—কবিতার ছন্দোবিশেষ। ২। মল্লদিগের লম্ফ বা আক্রমণের গতিভেদ।

ঝাঁপটা, ঝাপটা (প্) [ঝাঁপা দ্রঃ] বি. স্ত্রীলোকদিগের শিরোভূষণবিশেষ ; যে অলঙ্কার অর্দ্ধমস্তক ঢাকিয়া একদিকের কপালে ঝাঁপাইয়া পড়ে। ২। প্রসাধনবিশেষ ; কলি। **ঝাঁপটা কাটা**—খোঁপা বাঁধিবার কালে, সীঁথি কাটিয়া কাণের দুই পাশে চুলের গুচ্ছ করিয়া ঝুলাইয়া দেওয়া ; কলি কাটা।

ঝাঁপতাল (ঝাঁপ্‌তাল্) বি. সঙ্গীতের তালবিশেষ ; চারিটি পদ ও দশমাত্রার তাল ; ইহার বোল,—"ধাগে ধাগে দিন্, তাকে ধাকে দিন্

ঝাঁপসন্ন্যাস (ঝাঁপ্‌শোনন্‌ন্যাশ্) [ঝাঁপ—সন্ন্যাস (ব্রত, কৃচ্ছ্র সাধনা)—এই ব্রতসাধনায় আগুনে, কাঁটায়, বঁটিতে ঝাঁপ দিয়া পড়িতে হয় বলিয়া এই নাম] বি. গাজনের উৎসব ; শিবের প্রসন্নতা লাভের জন্য অনুষ্ঠেয় ব্রত ও উৎসব।

ঝাঁপসন্ন্যাসী (ঝাঁপ্‌শোনন্‌ন্যাশী) [—সন্ন্যাসিন্ শব্দ] বিণ. ঝাঁপ সন্ন্যাস ব্রতধারী ; গাজনের সন্ন্যাসী।

ঝাঁপা [ঝাঁপ দ্রঃ] ক্রি. ঝুঁকিয়া পড়া ; ঝাঁপাইয়া পড়া ; ঝাঁপ দেওয়া। ২। পতিত হওয়া ; পড়া। ৩। [পতনের ভাব হইতে] মনে পড়া ; উদয় হওয়া [অপ্র]। প্র—"সমুখে তাহার রূপে সদা মনে ঝাঁপে গো"—চণ্ডীদাস। ৩। ক্ষেপণ। প্র—"ধীবর কাল, হাতে লই জাল তুরিতে ঝাঁপায় তারে" —চণ্ডীদাস। ৪। আচ্ছাদন করা ; চাপা ; ঢাকা ; আবৃত করা। প্র—"বদন ঝাঁপিব বাসে"—জ্ঞানদাস। ৫। বিণ. ঝাঁপাল ঝাঁকড়া ; থোবা থোবা। প্র—ঝাঁপা ঝাঁপা চুল। [ব্রজ] ঝাঁপই ; ঝাঁপয়ি, ঝাঁপয়ে, ঝাঁপহি —ঝাঁপে ; আবৃত করে। প্র—"কবহু ঝাঁপয়ে অঙ্গ কবহু উঘারি"—বিদ্যাপতি। "অলকে ফুল কাঁপয়ি, কপোলে পড় ঝাঁপয়ি'—রবি। বিণ. **ঝাঁপাল**—ঝোপদার, ঝাঁকড়া ডাল ; পালায় বা লতাপাতায় বিস্তৃত। ২। ছাওয়াল (গঠন) ; ডাগর ও পূর্ণাঙ্গ। বি. **ঝাঁপাই**—ঝম্প। **ঝাঁপাই ঝোড়া**—সাঁতার দিবার কালে জলে হাত পা ছোঁড়া।

ঝাঁপান (নো) [ঝাঁপ দ্রঃ] ক্রি. ঝাঁপাইয়া পড়া ; ঝুঁকিয়া পড়া ; ঝুলিয়া পড়া। ২। ঝাঁপ দেওয়া। প্র—"ঝাঁপায়ে পড়িতে কর্ম্ম সাগরে"—মানসী। ৩। আক্রমণচ্ছলে ঝাঁপ দিয়া পড়া। বি. শিবের প্রসন্নতা লাভের উদ্দেশে যে উৎসব উপলক্ষে উচ্চ মঞ্চ বা মাচার উপর হইতে সাপ খেলান হয় ; মাচান। প্র—মনসার ঝাঁপান। বিণ. **ঝাঁপানিয়া**—ঝাঁপান প্রদর্শক ; ঝাঁপান উৎসবে যে সাপের খেলা দেখায়। [ব্রজ] **ঝাঁপায়সি**—আবৃত করিতেছে। প্র—"উরজ অঙ্কুর চীরে ঝাঁপায়সি থোরি থোরি দরশায়"—বিদ্যাপতি।

ঝাঁপি, পী (ঝাঁ) [ঝাঁপ (ঢাকনা) + ই,ঈ (অস্ত্যর্থে)] বি. ঢাকনিদার পেটারি ; বেত, চেঁচাড়ী, তাল খেজুর প্রভৃতির পাতায় নির্ম্মিত আচ্ছাদনযুক্ত পেটিকা। প্র—"এই ছলে অন্নপূর্ণা ঝাঁপি লয়ে করে। চলিলেন ভবানন্দ মজুন্দার ঘরে॥"—অ. ম। ২। হোগলাপাতা তালপাতা ও বংশাদি নির্ম্মিত ছত্র ; টোকা। ৩। ঝাপিপেটারি ফুল ; sida asiatica.

ঝাঁপি [ঝাঁপিয়া—পদ্যে] ক্রি. ঝাঁপ দিয়া। ২। ঝুঁকিয়া। ৩। ঢাকিয়া। ঝাঁপা দ্রঃ।

ঝাঙ্কৃত [ঝাং (অনুকরণশব্দ) কৃত (কৃ—করা + ত (করণে) যাহাদ্বারা ঝাং এইরূপ শব্দ করা হয়] বি, স্ত্রী, পাঁয়জোর। ২। ঝাঁ ঝাঁ শব্দ। ৩। বিণ. ঝাং শব্দে ঝঙ্কৃত। বি. ঝাঙ্কৃতি।

ঝাট (ট্) [ঝট্ (সংহত, জড় হওয়া) + অ (ঘঞ্)] বি. লতাগৃহ ; নিকুঞ্জ ; ঝোপ। ২। কান্তার [প্র-অ]। ৩। [ঝটিতি দ্রঃ] ক্রিবিণ. দ্রুত ; শীঘ্র ; অবিলম্বে। প্র—দেখিতে যদ্যপি সাধ থাকে তব, ঝাট চল ব্রজে যাই"—চণ্ডীদাস। "অলক্ষ্মী মাগীরে ঝাট দে রে তাড়াইয়া"—অশোকগুচ্ছ।

ঝাটা [ঝাঁটা দ্রঃ] বি, স্ত্রী, সম্মার্জ্জনী। ২। ভূঁই আমলা। ৩। যূথিকা।

ঝাটি, টী [ঝাঁটি দ্রঃ] বি, স্ত্রী, কুরুবকফুল, ঝাঁটিফুল। প্র—"কাননে কুসুম তুলিলা রাঙ্গন আর ঝাটি"—শূন্যপুরাণ।

ঝাট্যাতি (ঝাট্‌ট্যাতি) [ঝাঁটা (দ্রঃ) + তি (বৃত্তি অর্থে), তুল—করাতি] বি. সম্মার্জ্জক ; ঝাড়ুদার। প্র—"ঝাট্যাতি বাইতি লয় তোলা"—কবিক।

ঝাড় (ড়্) [সং—ঝাট (নিকুঞ্জ—মেঃ) প্রাকৃ—ঝাড়] বি. নিকুঞ্জের মত ঝোপ। প্র—"প্রতি ঝাড়ঝোড়ে বলে দাদা ওই বাঘ" —ঘনরাম। ২। স্তবক ; গুচ্ছ। প্র—"বলতে কথা বাছা বাছা কদম ফুলের ঝাড়" —হেম বন্দ্যো। ৩। এক স্থান হইতে উদ্ভূত সরু সরু শাখার সমূহ। প্র—বাঁশ ঝাড়। ৪। কুল ; গোষ্ঠী ; বংশ। ৫। বেলওয়ারী ঝাড় ; আলোধারা ; শাখাযুক্ত দীপগাছা ; chandelier. প্র—"ঝলকে ঝালর ঝুলিছে বেলর, ঝাড় ঝলঝল জ্বলে।"—বাসবদত্তা। **ঝাড়খণ্ড**—বৈদ্যনাথ তীর্থ। **ঝাড়-ঝঙ্কার**—(হি) শুষ্ক ক্ষুপের ঝাড় ; শুকনা গাছপালার ঝোপ। **ঝাড়ঝুড়**—পরিমার্জ্জন। ২। ছোট-ঝোপ। ৩। ঝাড়ফুঁক। **ঝাড়-বাঁধা**—ছটার মত বহুশাখায় সংবদ্ধ হওয়া ; একস্থান হইতে উদ্ভূত বহু শাখার সংহতি হেতু ঝাড়ের আকার ধারণ করা। **ঝাড়ঝোড়**—ক্ষুদ্র বৃহৎ ঝোপ। **ঝোপঝাড়**—ক্ষুপ ও ডালপালার ঝোপ। **ঝাড়ফুঁক করা**—মন্ত্রপাঠপূর্ব্বক গায়ে হাত বুলান এবং ফুঁ দেওয়া হইতে—রোগ বা ভূতাবেশ ভাল করিবার জন্য রোজার দ্বারা তন্ত্রমন্ত্রের অনুষ্ঠান করা।

ঝাড়ন (ঝাড়োন্) [হি] বি. ঝাড়পোঁছ করিবার বস্ত্রখণ্ড ; duster ২। ঝাড়কর্ম্ম ; ঝাড়ফুঁক (দ্রঃ)। ৪। সম্মার্জ্জন ; নির্ধূলিকরণ।

ঝাড়া [ঝাট দ্রঃ। ঝাটান] ক্রি. ঝাড়ু দ্বারা ধূলা মাটি উড়ান ; পরিষ্কার করা ; সম্মার্জ্জিত করা। ২। পাত্রাদির ভিতরের বস্তু বাহির করিয়া ফেলা ; উজাড় করা ; খালি করা। ৩। পাত্র বা স্থালীকে অধোমুখ করিয়া নাড়া দেওয়া, যাহাতে ভিতরের বস্তু বাহির হইয়া পড়ে। প্র—"ঝাড় মোর কাছে ঝুলি ঝাড় মোর কাছে"—শিবায়ন। ৪। পাছড়ান ;

বাছা ; বাছাই করা। ৫। নিক্ষেপ করা ; ছুঁড়িয়া মারা। প্র—"মাথায় এমন এক এগারঝি ঝাড়িব"—টেকচাঁদ। ৬। বিণ, পরিষ্কৃত ; যাহা পাছড়ান বা বাছাই করা হইয়াছে। প্র—ঝাড়া মুগ ; ঝাড়া চাল। ৭। গাছ নাড়া দিয়া ফল পাড়া। ণিজন্ত—ঝাড়ান (নো)। বি, ঝাড়ন। ঝাড়া-পুছা, ঝাড়ামোছা—সম্মার্জ্জনী দ্বারা ধূলামাটি উড়ান এবং ঝাড়ন বা বস্ত্রখণ্ড দ্বারা ঘষিয়া পরিষ্কার করা। প্র—"ঝাড়পুছে, ধূলা মাটী"—কস্তুরী। বি, ঝাড় পোঁছ ; ঝাড়মোছ। গা ঝাড়া দেওয়া—গা নাড়া দিয়া অশ্বাদি যেমন ধূলা ঝাড়িয়া ফেলে সেইরূপ আলস্য যেন ঝাড়িয়া ফেলা ; জড়তা ত্যাগ করা। ঝাল ঝাড়া—ঝাল দ্রঃ। ধান ঝাড়া—খামারে পাটার উপর আছাড় দিয়া বিচালি বা ধানগাছ হইতে ধান ঝরাইয়া ফেলা। ঝাড়া ফেরা [হিন্দী। উঃ বঙ্গে প্রচলিত] মলত্যাগ করা। ঝুলি-ঝাড়া—ঝুলি অধোমুখ করিয়া নাড়া দিয়া খালি করা ; রিক্তহস্ত হওয়া। নাক ঝাড়া—জোরে নিশ্বাস ফেলিয়া নাক হইতে শ্লেষ্মা বাহির করিয়া ফেলা। হাতঝাড়া দেওয়া—হাতে যাহা থাকে ঝাড়িয়া ফেলা বা ত্যাগ করা। ২। [প্রাদে অর্থে] দান করা। ৩। হাত ঝোড়া : হঠাৎ বেগে হাত নাড়া দেওয়া। কাপড় ঝাড়া—ঝট্‌কা দিয়া কাপড়ের ধুলা উড়ান। কাপড় ঝাড়া দেওয়া—তল্লাসীর সময় কাপড় খুলিয়া ও নাড়া দিয়া কিছু লুকান আছে কিনা দেখান। চুল ঝাড়া—স্নানের পর চুলে ঝট্‌কা দিয়া জল ঝাড়িয়া ফেলা। ঘর ঝাড়া—ঝাড়ু বা ঝাড়ন দিয়া ঘর ও ঘরের সামগ্রী পরিষ্কার করা। বিষ ঝাড়া—সাপকে ধরিয়া তাহার দন্তমুল হইতে বিষ বাহির করিয়া দেওয়া। ২। (তাহা হইতে) জব্দ করা। ধেংরে বিষ ঝাড়িয়া দেওয়া—ঝাড়ু মারিয়া তেজ বাহির করিয়া দেওয়া ; অপমান করিয়া দর্পচূর্ণ করা বা গর্ব্ব ভাঙ্গিয়া দেওয়া। ভূত ঝাড়া—মন্ত্রাদি দ্বারা ভুতাবেশ দূর করা। ভূতে পাওয়া লোককে মন্ত্রপাঠ সহকারে জুতা ঝাড়ু লাথি প্রভৃতি মারিতে মারিতে ভূত তাড়াইবার প্রথা আছে। ২। (তাহা হইতে) উত্তম মধ্যম প্রহার দেওয়া ; জুতা লাথি মারা।

ঝাড়ান (নো) [ঝাড়া—ণিজন্তরূপ [ক্রি, ঝাড়িতে বাধ্য করা। ঝাড়া দ্রঃ। প্র—চাল ঝাড়ান ; ঘর ঝাড়ান ইত্যাদি। ২। গাছ হইতে ঝরান বা পাড়ান। গাছ ঝাড়ান—গাছ নাড়া দিয়া ফল পাড়া বা ফল ঝরান। ভূত ঝাড়ান—মন্ত্রাদি দ্বারা ভুতাবেশ দূর করা ; ভূতঝাড়া দ্রঃ।

ঝাড়ান (ন্) [ঝাড়া দ্রঃ] বি, ঝাড়ার কাজ ; ঝাড় (দ্রঃ)। প্র—"আর একবার ভূত ঝাড়ান ঝাড়িয়ে দি"—নবীন তপস্বিনী।

ঝাড়ু [হি—ঝাড়ু। ফা—জারু] বি, সম্মার্জ্জনী ; খেংরা। ঝাড়ু মারা—সম্মার্জ্জনী প্রহার করা। ২। অপমান করা। ৩। ঘৃণার সহিত বর্জ্জন করা।

ঝাড়ুকশ্‌, ঝাড়ুদার, ঝাড়ুবরদার [হি—ঝাড়ু—ফা—কশ্‌, দার, বরদার] বি, যে ঝাড়ু দেয় ; যে ঝাঁট দেয় ; ঝাড়ুওয়ালা।

ঝাণ্ডা [হি] বি, পতাকা দণ্ড ; flagstaff. ঝাণ্ডা গাড়া—পতাকা দণ্ড প্রোথিত করা।

ঝান, ঝাম [ধ্মা (অগ্নিসংযোগে) ধ্মান। ঝাঁঝ দ্রঃ] বি, ঝাঁঝ ; উত্তাপ ; তেজঃ। ঝান খাওয়া—ঝাঁঝে মুষড়িয়া যাওয়া মলিন ও শীর্ণ হওয়া ; ঝলসিয়া যাওয়া ; লতাইয়া পড়া।

ঝানু (ঝা) [ঝূনা (দ্রঃ) বর্ণবিপর্য্যয়ে ঝানু। সং—ঝূনি=দুষ্ট] পাকা ; চতুর ; চালাক ; কূটবুদ্ধি ; ঘাগী। প্র—লোকটা মহা ঝানু।

ঝাপ (প্) [ঝাঁপ দ্রঃ] বি, ঝম্প ; ঝাঁপ। প্র—"ঝপ করে ঝাপ দিয়া ঘাড় ভেঙ্গে পাড়ে" —ঘনরাম।

ঝপট্টা, ক্রি, ঝপট্‌না—হঠাৎ আক্রমণ] বি, বেগে বায়ু বহিবার কালে সময়ে সময়ে যে প্রবলতর প্রবাহ হঠাৎ বহিয়া যায় ; ঝড়ের এক একটা ধাক্কা। ২। বায়ুবেগে তাড়িত বৃষ্টি-ধারার প্রবাহ ; জলের ছাঁট। ৩। হঠাৎ আকর্ষণ ; ধাক্কা ; বস্ত্র, চুল, লেজ, ডানা, জল প্রভৃতির আঘাত। ঝাপ্টা মারা—ঝাপ্টা দেওয়া ; পক্ষ দ্বারা আঘাত করা ; ছোঁ মারিবার সময় ডানা ও নখের আঘাত করা। প্র—চিল ঝাপ্টা মারিয়া ছেলের হাত হইতে খাবার লইয়া গেল।

ঝাপটা, ঝাপ্টা (প্) [ঝাঁপ্টা দ্রঃ] বি, স্ত্রীলোকদিগের শিরোভূষণবিশেষ।

ঝাপসা, ঝাপ্সা (ঝাপ্‌শা) [হি—ঝাঁপ (আবরণ)+সা (বৎ, সদৃশ) ; হি—ঝপ্‌সা। তুল—হি—ঝপাসিয়া=ধোকাবাজ ; যে চোখে ধুলা দেয়] বিণ, অস্পষ্ট ; আচ্ছন্ন। প্র—"ওপারেতে বৃষ্টি এল ঝাপসা গাছপালা।" —রবি। ২। ঘোলাটে। প্র—"চক্ষে দৃষ্টি ছিল না যাঁর, ঝাপ্সা দৃষ্টি হ'ল তার।" —দাশরথি।

ঝামক (ক্) [সং] বি, খর পোড়া ইট ; ঝামা।

ঝামকুড়াকুড় (ম্, ড়্) [শব্দাত্মক] বি, ঢাকঢোলের সঙ্গে কাঁসির বাদ্যধ্বনি। প্র—"ঝামকুড়াকুড় বাদ্যি বাজে সীতারামের খেলা" —ছড়া।

ঝামট, টা (ট্, ম্) [প্রাদে—উচ্চারণভেদে, ঝাম্‌কা। হি—ঝমাকা—ত্বরা এবং বর্ষণ। তাহা হইতে হঠাৎ কটুবাক্য বর্ষণ] বি, অকস্মাৎ তিরস্কার ; ধমকানি ; দাবড়ী ; মুখ তাড়া। মুখ ঝাম্‌টা দেওয়া (মেয়েলি) মুখ তাড়া দেওয়া ; হঠাৎ ধমক দেওয়া। মুখ-ঝামটা খাওয়া—মুখতাড়া খাওয়া ; দাবড়ী খাওয়া। প্র—সে মুখ ঝাম্‌টা খেয়ে ফিরে এল।

ঝামর, রি, রু (র্) [ঝাঁ, ঝান দ্রঃ। সং—ঝামক, খর পোড়া ইট—তদ্রূপ পুড়িয়া কাল বা মলিন ; ব্রজ। প্রা-বৈ-সা] বিণ, মুষড়ান ; মলিন। প্র—"আজু ঝামর অতি শ্যামর অঙ্গ"—জ্ঞানদাস। "ঝলকত দামিনী মালা। ঝামরি ভৈ গেল বালা॥"—গোবিন্দ দাস। "নীলকমল, ঝামরু হইয়াছে, মলিন হইয়াছে দেহ"—চণ্ডীদাস। ব্রজভাষায় স্ত্রী পক্ষে প্রায়ই, "ঝামরি"। প্র—"কহ সখি সাঙরি ঝামরি দেহা"—বি, প। "সামরি হে ঝামরি তোর দেহ।"—বি, প, (মিথিলার পাঠ)।

ঝামর (র্) [সং—"ঝামরঃ তর্কুশাণঃ ;"

ঝামরান (ঝামরানো) [ঝামর+আন (বাং ক্রি, বিভক্তি)] ক্রি, মুষড়ে যাওয়া ; মলিন ও শীর্ণ হওয়া। ২। রসে ছলছল করা, চোখ মুখ লাল এবং চোখের পাতা ফুলাফুলা হওয়া। প্র—সর্দ্দিতে তাহার চোখ মুখ ঝাম্‌রে উঠেছে।

ঝামা [দেশী প্রাকৃ—ঝামিঅ (হেমচন্দ্র)] বি, পোড়া ইট ঝামক (দ্রঃ)। ঝামা দেওয়া—ঝামাদ্বারা ঘর্ষণ করা। ঝামা মারা—ইট পুড়িয়া ঝামায় পরিণত হওয়া।

ঝার (র্) [পু-বঙ্গের উচ্চারণ, ড়=র] বি, ঝাড়। প্র—"বাঁশঝার"—কুঙ্কুম।

ঝারা [সং—ধারা। ধ=ঝ। তুল—বসুধারা=বসুঝারা ; অশ্রুধারা—অজ্‌ঝোর ঝারা (গ্রা)] বি, ধারা ; প্রবাহ। প্র—"আনন্দের ঝারা সে চাহনি হ'তে উথলিবে অবিরল"। ২। বহুচ্ছিদ্র বা একচ্ছিদ্র জলপাত্র, যাহা উচ্চস্থানে রাখিয়া নারায়ণ, শিব ও তুলসীবৃক্ষাদির মস্তকে অনবরত জল ঝরান হয়। ৩। শিক্যার আকার শোলা নির্ম্মিত খেলনা। বসুঝারা—বসুধারা দ্রঃ। ঝারা বসান—নারায়ণের মস্তকের উপর গঙ্গাজলের ধারাবাহক বা সেচক সচ্ছিদ্র পাত্র ঝুলান।

ঝারি, রী [হি—ঝজ্‌ঝর হইতে। ঝৄ (জীর্ণ, হইতে ক্ষরিত হওয়া) + ই (অপা, ইণ্‌) যাহা হইতে জল ঝরে] বি, গা-নলশূন্য গাড়ু। পূর্ব্বে সোণার, রূপার ঝারির প্রচুর ব্যবহার ছিল। প্র—"চরিত্রা তুরিতে রূপার ঝারিতে লইল থীর পুরিআ।"—শূন্যপুরাণ। "সোণার গাড়ু, সোণার ডাবর, সোণার সব ঝারি"—কৃত্তিবাস [দ্রঃ। ঝারি যে গাড়ু নহে তাহার প্রমাণ]। "পুরিয়া সুগন্ধবারি কেহ লয় জল ঝারি শ্বেতছত্র লয় কোন জন"—কবিক। "কেহ লেহ পাখা জলের ঝারী"—ভারত। "নয়নের বারি পূর্ণ ক'রে ঝারী দেখ সারি সারি রাখা গিয়েছে"—স্বপ্নবিলাস। ২। ঘটবিশেষ। প্র—"তণ্ডুল অষ্ট দুর্ব্বা, জাহ্নবী জলগর্ভা, কাঞ্চনে বিরচিত ঝারি।"—কবিক।

ঝার্ঝরিক (ঝার্‌ঝোরিক্‌) [সং] বি, যে ঝর্ঝর বাদ্য বাজায়।

ঝাঁল (ল্‌) [জ্বালা—ঝালা—ঝাল] বি, কটুরস। ২। কড়া মেজাজ ; উষ্মা ; ক্রোধ। প্র—তাহার অত ঝাল কিসের জন্য? ৩। বিণ, কটু ; তীব্র ; উগ্র ; তীক্ষ্ণ। প্র—ধানীলঙ্কা ছোট বটে কিন্তু ভারি ঝাল। ৪। প্রসবের পর প্রসূতিকে ঝাল খাওয়ান হয় ; ইহাতে গোলমরিচ, শুঁঠ, পিঁপুল, পিলা, কালজীরা প্রভৃতি দ্রব্য চূর্ণ করিয়া বা বাটিয়া ঘৃতে পাক করতঃ আঠা বা কাইয়ের মত করা হয় এজন্য ইহার অন্য নাম "কাওয়া ঝাল।" চূর্ণ অবস্থায় ঘৃত মাখিয়া দিলে "গুঁড়া ঝাল" বলে। ঝাল-মোয়া, মো, ঝাললাড়ু—চালভাজা চূর্ণ, লঙ্কাচূর্ণ, গুড় প্রভৃতিতে প্রস্তুত মোদক। ঐরূপ ঝালবড়া। ঝাল খাওয়া—প্রসবের পর ঔষধ ও পথ্য স্বরূপ প্রসূতির ঝাল ভক্ষণ করা। (ইহা খাইতে কষ্ট হয় বলিয়া) কষ্ট ভোগ করা বা কষ্ট বোধ করা। প্র—মা বিয়াল না বিয়াল মাসী, ঝাল খেয়ে মরিল পাড়াপড়শী (বিদ্রূপোক্তি)। যাহা অসম্ভব : যাহা হয় না। কারণ মাই প্রসব করে এবং প্রসূতিকেই ঝাল খাইতে হয়, (তাহা হইতে) সম্বন্ধহীন ব্যক্তি পরের সন্তানের প্রতি মায়া বা দরদ প্রকাশ করিলে অথবা উপরপড়া হইয়া ছেলের পক্ষাবলম্বন করতঃ শাসনে ব্যাঘাত জন্মাইলে উক্ত হয়। পরের মুখে ঝাল খাওয়া—একজনের কটূক্তি অন্যের নিকট শুনিয়া তাহা স্বীকার করিয়া লওয়া ; পরের মুখে শুনা কথা গায়ে পাতিয়া লওয়া। গরুর ঝাল খাইয়া বেড়ান—গৃহাদিতে আগুন লাগিলে গৃহস্থেরা পালিত গরুর গলার দড়ি কাটিয়া দেয় তাহারা কিংকর্ত্তব্যবিমূঢ় হইয়া তখন ইতস্ততঃ ছুটিয়া বেড়ায়, সেই চকিত ভ্রমণকে গরুর ঝাল খাইয়া বেড়ান বলে। প্র—"ঝাঁপ দে গহনে গরু বুল্যা ঝাল খায়া।"—শীতলামঙ্গল (নিত্যানন্দ)। ঝালঝাড়া—অল্প অল্প করিয়া যে ক্রোধ সঞ্চিত হইয়াছে, কোন সূত্রে ক্রোধের পাত্রের প্রতি কটূক্তি বর্ষণে তাহার শান্তি করা। ২। মসলার দোকানে লঙ্কাদি ঝাল মসলা ঝাড়িয়া যাহা ফেলিয়া দেওয়া হয়। ঝালের ঝোল [ব্যবহারে] নিরামিষ ঝোল। ঝালমিটান—ঝাল ঝাড়া দ্রঃ। গায়ের ঝাল মিটান বা ঝাড়া—কটূক্তি বর্ষণে ক্রোধ বা হিংসা জনিত গাত্রদাহ নিবারণ করা।

ঝাল (ল্‌) [ঝাইল দ্রঃ। উদ্ধার (সংস্কার অর্থে) উঝার—উঝাল—ঝাল। হি—ঝাল্‌না] বি, ধাতু নির্ম্মিত পাত্রাদি জুড়িবার জন্য রঙ্গ বা পিত্তলাদির পাইন। প্র—রাংঝাল দিয়া টিনের ছিদ্র বন্ধ করা ; ভাঙ্গা ঘড়ায় পিত্তল ঝাল দেওয়া। ২। স্বর্ণাদি অলঙ্কার নির্ম্মাণ ও সংযোজন করিবার পাইন। ক্রি, ঝালা। ণিজন্ত, ঝালান (নো)।

ঝালর (ঝালোর্‌) [হি—ঝালর্‌] যাহা ঝলমল করিয়া ঝুলিতে থাকে এবং ঝকমক করে ; সোণালি, রূপালি, চুম্‌কি প্রভৃতি বসান ও ঢেউখেলান বস্ত্রপ্রান্ত। প্র—"ঝুলিছে ঝলি ঝালরে মুকুতা"—মেঘনাদ। "গোলাপী ফানসে সোণালী ঝালর"—অবসর সরোজিনী। "ঝলিছে ঝালর, ঝুলিছে বেলর, ঝাড় ঝলঝল জ্বলে।"—বাসবদত্তা। ২। কুঞ্চিত তরঙ্গায়িত বস্ত্রখণ্ড ; মশারি, চন্দ্রাতপ প্রভৃতির চারিধারে সংলগ্ন থাকে। প্র—মসারির ঝালর ; পাখার ঝালর।

ঝালা [হি—ঝাল্‌না] ক্রি, পাইন দেওয়া ; রাং পিত্তলাদির জোড় দেওয়া ; ঝাল (দ্রঃ) দেওয়া। ২। [উদ্ধার—উঝার—উঝাল—ঝাল + আ (ক্রি, বিভক্তি)] উদ্ধার করা : সংস্কার করা ; নবীভূত করা ; ভিতরের আবর্জ্জনা সম্পূর্ণরূপে তুলিয়া ফেলা।

ঝালান (নো) ["ঝালা" র ণিজন্তরূপ] বি, ধাতুপাত্র, অলঙ্কার প্রভৃতিতে পাইন লাগাইয়া লওয়া। ২। উদ্ধার করান ; সংস্কার করান ; ভিতরের পঙ্ক ও আবর্জ্জনা তুলিয়া আমূল পরিষ্কার করা। পুকুর ঝালান—পুকুরের আবর্জ্জনা ও পঙ্ক উদ্ধার করা।

ঝালাপালা, ঝালাফালা [ঝালা (জ্বালা) পালা, ফালা (ফাড়া, ফাটা বিদীর্ণ করা) তুল—চীৎকারে কাণ ফেড়ে ফেলে] বি, কর্ণ বধিরকারী শব্দ ; কাণে তালা ; কর্ণ বিদারণ ; । প্র—"বীণা বেসুরো বেতালা, বড় ঝালাফালা বুকে থেকে তাই নামালো।"—বাং-গান (অমরেন্দ্র দত্ত)। "কাণে লাগে তালা, করে ঝালাপালা"—হেম বন্দ্যো। ২। বিণ, বধির। প্র—কাণ ঝালাফালা করে দিলে। ৩। [ঝালা (জ্বালা) পালা, ফালা (ফাড়া) সহচর শব্দ। তুল—জ্বালাতন পোড়াতন, জ্বালিয়ে পুড়িয়ে এক করা] অঙ্গ দগ্ধ ও হৃদয় বিদীর্ণ। প্র—"পান গুয়া গন্ধমালা অগ্নিসম দেয় জ্বালা করিলেক ঝালাপালা তনুপ্রাণ রহে না।"—ভারতচন্দ্র।

ঝালি, ঝালী (ঝা) [প্রাদে] বি, ঝুলন খেলা। প্র—"ঝালি খেলে বানরী চাপিয়া চিত্রতরু"—ধর্ম্মমঙ্গল। "ঝালী খেলে চড়ি গাছে"—কবিক। ২। নালার মুখের গর্ত্ত। ৩। ক্ষেত্রে জল সেচনার্থ খনিত কুণ্ড। প্র—"নাহি ঝালি কাটে বীর না ধরে সিউনি। অঞ্জলি করিয়া হনুমান তোলে পানি।"—কবিক। ৪। ঝুলি।

ঝাবু, ঝাবুক, ঝাবু (ক্‌) [সং—বায়ু তাড়িত হইয়া ঝাঝা, ঝাই ঝাই বা ঝাউ ঝাউ শব্দ হইতে] বি, পুং, ঝাউগাছ ; the tamarisk. ঘনপত্রস্তূপাকৃতি ও দীর্ঘভেদে দেশী ঝাউ দুই প্রকার। আর একপ্রকার অনতিদীর্ঘ সরু ও পুরু পাতায় গুচ্ছবাঁধা সুদৃশ্য বিদেশী ঝাউ আছে তাহাকে বিলাতী ঝাউ বলে।

ঝি, ঝী [পা—ধীতা—"দুহিতা ধীতা"—অভিধানপ্রদীপিকা। পা—ধীতা, প্রাকৃ—ধীদা হইতে ধিধ, ঝিঅ—ঝিয়া—ঝিআরি। ঝিআরি (শূঃ পুঃ) ঝিয় (কবিক) ভাষায়—dsi (*Max-Muller*)] বি, স্ত্রী, ; কন্যা। প্র—"কোথাকার বরে তুমি দিতে চাও ঝি। বাপ হয়ে জলে ফেলে আনে কবে কি?"—ঘনরাম। ২। দুহিতার মত যে সেবা করে ; দুহিতাস্থানীয়া ; দাসী ; পরিচারিকা। ঝি-পুত—ছেলেমেয়ে ; পুত্রকন্যা। ঝি বউ, বৌ ঝি—কন্যা ও বধূ ; কুলকন্যাগণ। ঝি-মা—মাতামহীর মা ; আয়ী। ঝিকে মেরে বৌকে শেখান—পরের মেয়ের গায়ে হাত না তুলিয়া অথবা বউকে ভয়ভাঙ্গা না করিয়া নিজের মেয়েকে প্রহার করিয়া বউকে দেখান ও তদ্দ্বারা শেখান। কিরূপ দোষ করিলে কিরূপ শাস্তি পাইতে হয়। ২। ইশারায় বা ঠেস দিয়া তিরস্কার করা। ঠাকুরঝি—শ্বশুর কন্যা ; ননদ।

ঝিঅর, ঝিআরি (র্‌) [প্রা-বাং। প্রা—ঝি দ্রঃ] বি, স্ত্রী, কন্যা ; দুহিতা। প্র—"সুক্রবার দিনে গো ঝিঅর করিব হবিস্ত"—শূন্যপুরাণ। "ঝিআরি বলিয়া ডাক করিল সম্ভাষন"—ঐ।

ঝিউড়ী [ঝিয়ারি দ্রঃ। প্রা] বি, কন্যা।

প্র—বঙড়ী ঝিউড়ী। ২। কুমারী কন্যা প্র—ঝিউড়ী মেয়ে। **ঝিউড়ী বঙড়ী**—কন্যাবধূ ; ঝি বউ। প্র—"লুটিয়া লইল ধন ঝিউড়ী বঙড়ী"—অন্নদামঙ্গল।

ঝিঁকরা (ক্) [ঝাড় দ্রঃ। ঝাকড়া—ঝাক্‌রা] বি. ঝাড়াল ছোট ছোট গাছ ; ক্ষুপ allarigium hexapetalum.
২। বিণ. ক্ষুপবিশিষ্ট। **ঝিকরা পোঁতা**—যে ধ্বংস প্রাপ্ত ভিটায় বা পোড়ো জমিতে ছোট ছোট বন্য গাছ ও বন্যক্ষুপ জন্মিয়াছে।

ঝিঁকা [ঝোঁক, ঝাঁকি দ্রঃ] বি. হাল ধরিয়া পশ্চাতে ঝুঁকিয়া পড়ন ; হালে টান দিয়া নৌকায় গতিদান। **ঝিঁকা মারা**—হাল ধরিয়া টানিয়া নৌকার গতি দান করা।

ঝিঁকুট, ঝিকুট (ট্) [ঝনকাঠ হইতে] বি. শুষ্ক ও চিমড়া বা শক্ত। পাকিয়া শুকাইয়া শক্ত ; ঝুনা] ২। দরকচা মারা ও অসময়ে পাকা সুতরাং কোমলতাহীন। ৩। [লক্ষণা হইতে] অকালপক্ব। প্র—ছেলেটা পাকা ঝিঁকুট বা পেকে ঝিঁকুট হয়ে গেছে।

ঝিঁঝি [ঝিল্লি দ্রঃ] বি. ঝিল্লি ; ঝিঁঝিপোকা।

ঝিঁঝিট, ঝিঝিট (ট্) বি. সন্ধ্যার পর গেয় রাগিণীবিশেষ : ইহাতে কোমল নিষাদ ব্যবহৃত হয় ;

ঝিঁটকী, ঝিটকী [ঝটকা দ্রঃ] বি; অল্প ঝট্‌কা। ২। পূর্ব্বকালে পাঠশালার পড়ুয়াদের শাস্তিবিশেষ [ইহাতে চঞ্চল বালকের ঘাড়ে মাটির চাপ বসাইয়া তাহাকে লিখিতে দেওয়া হইত ; চঞ্চলতাবশতঃ সে সময়ে ঘাড়ের চাঙড়টি পড়িয়া গেলেই বালক সাজা পাইত]।

ঝিক, ঝিঁক (ক্) [শিখা হইতে অথবা ঝোঁক হইতে ; হাঁড়ীর ঝোঁক যাহার উপর পড়ে] বি. শিখা ; চূড়া। ২। উনানের যে তিনটি চূড়ার উপর পাকের পাত্র বসান হয়। প্র—"কাঁচামাটি আনিয়া গড়িল তিন ঝিক।" —মনসামঙ্গল (কেতকাদাস)। ২। আলোক শিখা ; ঝিলিক অপেক্ষা ক্ষীণ ও অল্পায়তন উজ্জ্বলতা ; চমক্। চিক্ অপেক্ষা তীব্র ও বিস্তৃত। ক্রি. **ঝিকা**। বি. **ঝিকি**

ঝিকঝিক [পুনঃপুনঃ অর্থে দ্বিরুক্ত] অ. চিক চিক্ অপেক্ষা উজ্জ্বল। ঝিকঝিক অপেক্ষা ধীরে **ঝিকিঝিকি**—যেন থামিয়া থামিয়া, ঝিক্ আবার ঝিক্। **ঝিকঝিকান** (নো) ক্রি. ঝিকঝিক করা।

ঝিকমিক [ঝিক্ (উজ্জ্বল হইলে) মিক্ (ম্লান হইলে) ঝক্‌মক্ অপেক্ষা ক্ষীণ এবং অল্পায়তন ; চিক্‌মিক অপেক্ষা তীব্র ও বিস্তৃত এবং ঝিকিমিকি অপেক্ষা ক্ষিপ্র] অ. ক্ষণে উজ্জ্বল ক্ষণে ম্লান।

ঝিকিমিকি [ঝিকমিক (দ্রঃ) অপেক্ষা ধীর] অ. একবার উজ্জ্বল একবার অনুজ্জ্বল বা ম্লান। প্র—ঝিলিমিলি করে পাতা, ঝিকিমিকি আলো। আমি ভাবিতেছি কার আঁখি দুটি কালো।"—সোনার তরী।

ঝিকুট, ঝিকুটি (ট্) [প্রাদে] বি. মাথার ঘি ; ঝিকুর (দ্রঃ)।

ঝিকুর (র্) [ঝি (ঘি—মাথার ঘৃত বা মস্তিষ্ক) কুর=কুড় (কুণ্ড)] বি. মস্তিষ্ক। **ঝিকুর নড়া**—মাথার ঘি নড়া ; মাথা ঘুরে পড়া ; মাথা খারাপ হয়ে যাওয়া : প্র—তাকে ডেকে ডেকে মাথার ঝিকুর নড়ে গেল তবু সে এল না।

ঝিঙা, ঝিঙ্গাক (ক্) [সং] বি. ঝিঙ্গা ফল ; জ্যোৎস্নী (তাহা হইতে ওড়ি—জহ্‌নী ; হি-তে—ধুন্দুলকে নেনুয়া বলে)। স্ত্রী. ঝিঙ্গী—ঝিঙাগাছ।

ঝিঙ্গাসাল (শা) [প্রাদে। প্রা-বাং] বি. ধান্য-ভেদ প্র—"মসি-লোট ঝিঙ্গা-সাল বুনেন তসরা।"—শূন্যপুরাণ।

ঝিঙ্গুর, ঝিঙুর (র্, র্) [হি—ঝিঙ্গুর] বি ঝিঁঝিপোকা।

ঝিটি [সং—ঝিণ্টী। প্রা] বি. ঝাটিফুলের গাছ ও ফুল। প্র—"অপণ্ড ধুতুরা ঝিটি মারুআ কাচলি।"—শূন্যপুরাণ।

ঝিঞ্চিন (ন্) ঝিন্‌ঝিন্ দ্রঃ।

ঝিঞ্জী—ঝিঁঝি দ্রঃ।

ঝিন (ন্)—ঝিম দ্রঃ।

ঝিন্‌ঝিনি [হি] বি. ঝিম্‌ঝিম্ অনুভূতি : চাপ বা আঘাত হেতু কিয়ৎক্ষণ রক্ত চলাচল বন্ধ থাকার অবস্থা ; অঙ্গবিশেষের অসাড়তা। ২। অনুকার শব্দ।

ঝিনি, ঝিনিনি (ঝি) [অনুকার শব্দ। ঝিনিঝিনি সংক্ষেপে ঝিনিনি] বি. ঝঙ্কার : শিঞ্জন ; নিক্কণ। **ঝিনিকিঝিনি, ঝিনকিরিনি, রিনিকিঝিনি**—কঙ্কণ নূপুর প্রভৃতি অলঙ্কারের শব্দ। প্র—"ওই যে শব্দ চিনি, নূপুর রিনিকিঝিনি কেগো তুমি একাকিনী আসিছ ধীরে।"—চয়নিকা (রবি)।

ঝিনুক (ক্) [সং=শুক্তিকা। ফা—কিসম্-ই-সীপ। "অক্কিমণ্ডুক"—হেমচন্দ্র। (অক্কি হইতে ঝি, মণ্ডুক হইতে মুক ; বং ঝিনুকের খোলা নাড়িবার ঝিনিক ঝুনুক শব্দ হইতে ঝিনুক নাম আসিতে পারে। ঝিকমিক বর্ণ বা ঔজ্জ্বল্য হইতেও সম্ভব] বি. শুক্তি ; শম্বুক। ২। শুক্তি বা স্বর্ণ, রৌপ্য, পিত্তলাদি ধাতু নির্ম্মিত ঝিনুকাকৃতি পাত্র ; হাতলহীন দুই প্রান্ত সূচাল চামচ যাহাতে শিশুদিগকে দুধ খাওয়ান হয়। যাহার একপ্রান্ত সূচাল ও অপরপ্রান্ত গোলাল অর্থাৎ প্রদীপাকৃতি তাহার নাম গোঁদল। প্র—"দুধের ঝিনুকছাড়া।"—কস্তুরী। **ঝিনুকগিলা**—যে পাখী সমুদ্রের ধারে ধারে ঝিনুক খাইয়া বেড়ায় (তুল —হাড়গিলা) : ardea coromandeliana.

ঝিণ্টি, ঝিণ্টিকা [সং] বি. স্ত্রী. ঝাঁটিফুলের গাছ। ২। ঝাড় ; ক্ষুপ।

ঝিম (ন্) [ক্ষীণ, ছীন্, ঝীন, ঝীম্, ঝিম] বিণ. অতিশয় ক্ষীণ ; সূক্ষ্ম বলিয়া কমজোর। প্র—তাহার হার এত ঝিম হইয়াছে যে হাত দিতে ভয় হয় পাছে ছিঁড়িয়া যায়। ২। তন্দ্রাবেশ : ঝোঁক ; ঘোর ; আচ্ছন্নতা। ৩। ঝিম্ এই শব্দ। **গা ঝিমঝিম করা**—অঙ্গ অবশ হওয়া ; মাথা ঘুরিয়া শরীর আচ্ছন্ন হইয়া আসা।

ঝিমকিনি (ম্) [ঝিমিকি ঝিমিকি বা ঝিম্‌কি ঝিম্‌কি শব্দের সংক্ষেপ। ঝম্‌ঝম্ অপেক্ষা লঘু ঝিম্‌ঝিম্ তাহা অপেক্ষা লঘুতর ঝিমকিনি] বি. ঝিমঝিমুনি বৃষ্টি ; ক্ষীণধারায় বারিপাত। ২। তন্দ্রা বা নিদ্রাবেশ ; ঘুম বা নেশার ঝোঁক।

ঝিমান (নো) [প্রা—ঝিমোনো, ঝিমুনো। ঝিম দ্রঃ] ক্রি. ঝিমাইয়া পড়া : তন্দ্রাঘোরে আচ্ছন্ন হইয়া বসিয়া থাকা ; নেশায় আচ্ছন্ন হইয়া নিদ্রিতের ন্যায় চক্ষু মুদিত করিয়া বসিয়া থাকা এবং মাথা ঝুঁকিয়া পড়া : বসিয়া বসিয়া চক্ষু মুদিয়া ঢুলিতে থাকা। অস-ক্রি. **ঝিমাইতে, ঝিমাইয়া**। বি. **ঝিমানি, ঝিমনি, ঝিমুনি**।

ঝিয়ারি [ঝি দ্রঃ। প্রা—ঝিউরী] বি. স্ত্রী. দুহিতা ; কন্যা। প্র—"রাজার ঝিয়ারি সুন্দরী নারী তুমি কি করিবে তারে।"—চণ্ডীদাস। ২। অবিবাহিতা ; কুমারী। প্র—ফুল্লনা যৌবন তবুও ঝিয়ারী"—কবিক।

ঝিয়ে [প্রাদে। ঝিয় শব্দের সম্বোধনে] বি. স্ত্রী. হে কন্যে ; দুহিতঃ। প্র—"বলে দেবী ত্রিলোচনা শুন ঝিয়ে খুল্লনা সুখে থাক বিনোদ মন্দিরে।"—কবিক।

ঝিরিকা [ঝিরি ঝিরি শব্দ হইতে] বি. ঝিঁঝিঁপোকা ; ঝিল্লি দ্রঃ।

ঝিলমিল (ঝিল্‌মিল্) [ঝলমল দ্রঃ। ক্ষীণার্থে ঝিল্‌মিল] অ. সরু সরু ফিতার আকারে বস্ত্রখণ্ডের ঝালর ঝুলিতে থাকা ও ঝিকমিক করার ভাব। বিণ. **ঝিলমিলা, ঝিল-**

মিলে। ক্রি. ঝিলমিলান (নো) বি. ঝিলমিলি।

ঝিলমিলি (ল্) [হি—ঝিল্‌মিলি] বি. খড়খড়ির পাকি ; কপাট ; জানালার খড়খড়ি ; ২। নানা বর্ণের চিত্রবিচিত্র বস্ত্রখণ্ড সমূহের ঝালর। ৩। ঝলমল্ করার ভাব বা অবস্থা। ৪। রেশমী বস্ত্র : রেশমী জালি কাপড় ; gauze. ৫। তারের জাল। ৬। ঝাড়ের পল যাহা ঝাড় হইতে ঝুলিতে থাকে।

ঝিলি [প্রাদে। গ্রা-বাং। অপ্র] বি. বাটা দাইল।

ঝিলিক (ক্) [ঝলক্ (দ্রঃ) অপেক্ষা অধিক তীব্র কিন্তু অল্পায়তন ও ক্ষণস্থায়ী] বি. বিদ্যুতের চমক : ক্ষণপ্রভার অকস্মাৎ প্রকাশ ও অদর্শন। ২। তীব্র ও সূক্ষ্ম আলোকের হঠাৎ প্রকাশ ও হঠাৎ মিলাইয়া যাওয়া। প্র—"মণিমালার ঝিলিক্ হানে চোখে"—রবি। ঝিলিক দেওয়া, ঝিলিক মারা, ঝিলিক হানা—বিদ্যুৎ চমকান : নলপান (গ্রা)। ২। হঠাৎ উজ্জ্বল হইয়া তৎক্ষণাৎ আকাশের গায়ে বা শূন্যে মিলাইয়া যাওয়া।

ঝিলিমিলি [ঝিলমিল দ্রঃ। ঝলমল অপেক্ষা লঘু অর্থে বিকারে হিলিমিলি। প্র—রঙ্গ বেরঙ্গের হিলিমিলি গা—গিরিশ। বিণ. ঝিলমিলির মত রঙ্গ বেরঙ্গের মিশ্রণহেতু বিচিত্র : মিশ্রিত। ২। ঝিকমিকে এবং লম্বমান। প্র—"গলায় তাহার ছিল হার ঝিলিমিলি" —কৃত্তিবাস।

ঝিল্ল (ল্) [হি। ঝালি—জলপ্রণালী] বি. বৃহৎ জলাশয় ; a lake.

ঝিল্লি, ল্লী [সং—ঝিরী, ঝিরিকা, ঝিল্লী। হি—ঝিঙ্গুর ; ঝিল্লী। একাক্রমে ঝি ঝি বা ঝির ঝিরি শব্দ হইতে ঝিরি=ঝিলি, ঝিরি-ঝিরি=ঝিলি ঝিলি, পরে ঝিল্লি] বি. ঝিঁঝি পোকা ; a cricket. প্র—"ঝিল্লি মুখরিত রাতি"—চিত্রা। ২। [অনুকার শব্দ হইতে] বাদ্যযন্ত্রবিশেষ ; ঘনযন্ত্র, ইহা ঘণ্টা, শঙ্খ, ভেরী ও মৃদঙ্গের সহিত দেবমন্দিরে বাদিত হইত। ৩। [সং—ছল্লী (ছোল)] সূক্ষ্মত্বক্ ; a membrane.

ঝিল্লিকা, ঝিল্লী [ঝিল্লি দ্রঃ] বি. স্ত্রী. ঝিঁঝিঁপোকা ; a cricket. ২। সূর্য্যরশ্মির তেজবিশেষ ; ঝিলিক্। ৩। পাতলা চর্ম্ম ; membrane.

ঝিল্লীকণ্ঠ [ঝিল্লী (ঝিঁঝিপোকা তৎ সদৃশ) কণ্ঠ (যাহার) বহু] বি, পুং, গৃহ কপোত।

ঝিসিকানি [গ্রা-বাং। হি—ঝিসি (বৃষ্টির পসলা ; গুঁড়ি গুঁড়ি বৃষ্টি)+কান (ক্রিয়া বিভক্তি)+ই (ভাবে)] বি, গুঁড়ি গুঁড়ি বৃষ্টিপাত। প্র—"আসিন মাসেত মেঘে বারিসএ ঝিসিকানি।"—শূন্যপুরাণ।

ঝুঁকা (ঝুঁ) [হি—ঝুঁক্‌না ; ঝাঁক] ক্রি. দণ্ডায়মান অবস্থায় সম্মুখে নত হওয়া। ২। ভারে নত হওয়া। ৩। কোন কিছু পাইবার জন্য অতিশয় আগ্রহ করা ; আকৃষ্ট হওয়া। ৪। নত হওয়া ; নরম হওয়া ; উগ্রতা ত্যাগ করিয়া কোমল হওয়া। বি, ঝুঁকি।

ঝুঁকি (ঝুঁ) [ঝুকা দ্রঃ] বি, ঝোঁক : ভার। ২। দায়িত্ব। ৩। ঝোঁকের কাজ ; দায়িত্বপূর্ণ বিষয়। প্র—"অমন ঝুঁকিতে মোরা কি পা দি।" ৩। অন্তরাল হইতে দর্শন ; উঁকি। ৪। ঝোঁকতা : ওজনে তরাজুর একদিকের ঝোঁক। উঁকিঝুঁকি মারা—গুপ্তস্থানে বা আড়ালে থাকিয়া একবার এদিক একবার ওদিক হইতে দেখা। ঝুঁকি লওয়া—কাজের ভার বা দায়িত্ব লওয়া। ঝুঁকি দেওয়া—পরকে কোন কিছুর সম্পূর্ণ ভার দেওয়া ; দায়ী করা।

ঝুঁজ্‌কাবেলা [উষ হইতে ঝুজ। গ্রা] প্রত্যূষ ; ভোরবেলা।

ঝুঁজান ঝুঁঝান (নো) [সং—উৎসেচন। হি—ঝুঁঝনা। তুল—ইং—Oozing] ক্রি. ছিদ্র দিয়া তরল পদার্থের ঝরণ। প্র—রক্ত ঝুঁঝাইয়া পড়িতেছে।

ঝুট, ঝুটা (ঝুটো) [সং—জুষ্ট] বি. উচ্ছিষ্ট ; এঁটো। ২। মিথ্যা। প্র—ঝুটা কথা : ভাল কথার ঝুটাও ভাল। ৩। নকল। প্র—ঝুট জরী।

ঝুটা, ঝুঁটা [ঝুঁটি দ্রঃ] বি. বদ্ধকেশ ; খোঁপা। "শিরে কুঞ্চিত কুন্তল-বদ্ধ ঝুঁটা। ভালে শোভিত গোময় চিত্র ফোটা॥"—নৃসিংহ দাস।

ঝুটি, ঝুটী, ঝুঁটি, ঝুঁটী [সং—জূট] বি. শিখা ; ঘন টিকি। প্র—ঝুঁটি ধরে নাড়া দেওয়া। ২। খোঁপা। প্র—"চুল নাই দড়ির ঝুঁটী।" "ঝুঁটি বাঁধা উড়ে সপ্তম স্বরে পড়িতে লাগিল গালী।"—চিত্রা। ঝুটি বাঁধা—চুল পাকাইয়া খোঁপা বাঁধা।

ঝুড়া [হি—ঝড়্‌না ; ঝুনা দ্রঃ] ক্রি. ঝাড়পালা কাটিয়া ফেলা বা ছাঁটা। ২। হাড় সার করিয়া মাংস কাটা। ৩। সামান্য বাকি রাখিয়া কাটা যাহাতে কাটা অংশ ঝুলিতে থাকে।

ঝুড়ী [হি—বৃহদর্থে ঝোড়া] বি. বাঁশ বা বেতের বড় ডালা ; বড় চুপড়ী।

ঝুড়ী—অনেক ; ভূরিভূরি। ঝুড়িবোনা—বংশ বেত্রাদি দ্বারা ঝুড়ী তৈয়ার করা। ঝুড়ি দেওয়া—দোলো চিনির গাত বাহির করিয়া দিবার জন্য ঝুড়িতে রাখা।

ঝুনা [হি—ঝটক্‌না ; ঝট্‌কনা ; বাংলা-সংক্ষেপে ঝুনা। হি-তে "ঝুন্‌না" ও ব্যবহার হয়] ক্রি, বেগে হাত ঝাড়া।

ঝুনা, ঝুনো [ঝনা দ্রঃ] পক্ব, শুষ্ক কঠিন ও ত্বক ও কঠিন শস্যযুক্ত নারিকেল। ২। [ঝুনা নারিকেলে সহজে দাঁত বসে না বলিয়া] পরিপক্ব বুদ্ধি : দৃঢ় চরিত্র ; বিলক্ষণ অভিজ্ঞ। প্র—"ঝুনোবেলায় বড় কঠিন, দন্তস্ফূট করে কার সাধ্য ? তখন ইহাকে গৃহিণীপনা বলে"—বঙ্কিম।

ঝুনুক ঝুনুক (ক্) [শব্দাত্মক] অ, ঝাঁঝর, মল প্রভৃতির বাদ্যধ্বনি। প্র—"আয় দেখিনি নীলমণি তোর কেমন ঘুঙুর বাজে, তোরে নাচলে কেমন সাজে, ঝুনুক ঝুনুক বাজে।"—ছড়া (বাঁকুড়া)।

ঝুনুর ঝুনুর (র্, র্) [অনুকার শব্দ] বি. নূপুরাদি অলঙ্কারের শব্দ ; ঘুঙুরের বাদ্য। প্র—"ঝুনুর ঝুনুর ঘুঙুর নাদ কিঙ্কিণীরব উভয় বাদ পদতল স্থল কমল নিন্দি, নখ হিম কর গঞ্জনা।"—রামপ্রসাদ।

ঝুপ (প্) [ঝাপ দ্রঃ] বি. পতন শব্দ। ২। কম্প। (লঘু কম্পে এবং আদরার্থে) ঝুপু, ঝুপুৎ, ঝুপুস্—শিশুদের ঝাপ বা উচ্চ স্থান হইতে লাফ। ঝুপুর—জলে ক্ষেপণী বা দাঁড় ফেলিবার শব্দ। ঝুপ ঝুপ—উচ্চস্থান হইতে একে একে লাফ দিয়া পড়ার শব্দ। ২। বৃষ্টিপতন শব্দ। প্র—"বৃষ্টি যেরা চারিধার, ঘনশ্যাম অন্ধকার, ঝুপ্ ঝুপ শব্দ আর ঝর ঝর পাতা"—রবি। ঝুপ্‌ঝাপ, ঝুপাঝুপ—ভিন্ন ভিন্ন স্থান হইতে ঝুপঝুপ করিয়া পতনের শব্দ। ঝুপ ঝুপাঝুপ—ক্রমাগত দাঁড় ফেলিয়া নৌকা চালনের শব্দ। ঝুপ্ ঝুপ্ ঝাপ—ঝুপ ঝাপ্ দ্রঃ। প্র—"ঝুপ্ ঝুপ ঝাপ দুপ দুপ দাপ লম্ফঝম্প দিয়া চলে।"—ভারত।

ঝুপ (প্) [সং—ক্ষুপ] বি, ক্ষুদ্র ঝোপ ; ক্ষুপ।

ঝুপড়ি, ঝুপড়ী (প্) [হি—ঝোপ্‌ড়ী] বি, ক্ষুদ্র কুটীর ; পাতালতার নীচু কুঁড়ে। প্র—"মাথায় পিঙ্গল জটা সন্ন্যাসী কাপালী ঘটা ঝুপড়ি বান্ধিয়া এক পাশে"—কবিক।

ঝুপি, ঝুপী [ক্ষুপ—ঝুপ+ই, (ক্ষুদ্রার্থে)] বি, ছোট ঝোপ।

ঝুম (ম্) [হি—ঝিমনা] বিণ. নিস্তব্ধ। ২। ঘোর ; আচ্ছন্ন ; বুঁদ। ৩। বি. আবদার। ৪। [ঝম্ অপেক্ষা লঘু ঝুম্ তাহা হইতে লঘু ঝুনু] ঘুঙ্গুরের শব্দ। নূপুরাদির বাদ্য। ঝুম্‌ঝুম্. (লঘু শব্দে) ঝুনুঝুনু ঝুম্ এবং ঝুর্ শব্দের মিশ্রণে **ঝুমুর ঝুমুর** শব্দ। প্র—"ঝুমু ঝুমু ঝুমু ঝুনু ঝুমুর ঝুমুর ঝুমু, বাজে ওই মল"—অশোকগুচ্ছ।

ঝুমকা, ঝুমকো (ম্) [ঘণ্টার মত ঝুম্ ঝুম্ করিয়া ঝুলে বলিয়া] বি. ঝুমকালতা ; ঝুমকা ফুল ; passiflora. ২। [ফুলের অনুকরণে] কর্ণাভরণবিশেষ ; ঝুমকা ফুলের আকৃতি দুল।

ঝুম্‌ঝুম্ [অনুকার শব্দ] বি. ঘুঙ্গুর গাঁথা মলের শব্দ। ঝুম্ দ্রঃ। ২। গুচ্ছাকারে বিস্তৃত ও লম্বমান কেশ। বিণ. ঝুম্‌ঝুমা, ঝুম্‌ঝুমে।

ঝুম্‌ঝুমি [ঝুম্‌ঝুম্+ই] বি. শিশুদিগের খেলনাবিশেষ : নাড়া দিলে ঝুমঝুম শব্দ হয় বলিয়া এই নাম।

ঝুমুর,-ঝুমরি (র্) [সং—ঝুমরি (রাগিণী বিশেষ)—"প্রায়ঃ শৃঙ্গারবহুলা মাধ্বীক মধুরা মৃদুঃ। একৈব ঝুমরি র্লোকে বর্ণাদিনিয়মোজ্‌ঝিতা॥"—সঙ্গীত দামোদর] বি. শৃঙ্গার রসাত্মক রাগিণীবিশেষ ; ঝুমরি দ্রঃ। ২। অশ্লীল গীত ; মণ্ডলাকারে নৃত্যসহ অশ্লীল গীত। প্র—"বাসর ঘরে ঝুমুর কবি চখের মাথা খেয়ে"—হেম বন্দ্যো। ২। নূপুরাদির বাদ্যধ্বনি। ঝুম দ্রঃ।

ঝুমরি [সং—ঝুমরি (রাগিণীবিশেষ) ঝুমুর দ্রঃ] বি. স্ত্রী. মণ্ডলাকারে নৃত্যসহ অশ্লীল গান ; শৃঙ্গার রসাত্মক রাগিণীবিশেষ ; ঝুমুর গান। প্র—"যুবতীযূত শত গাওত ঝুমরি"—গোবিন্দ দাস। ২। কোঁকড়া কোঁকড়া থুপি থুপি ঝুল্ ঝুলে চুল। ঘন কুঞ্চিত কেশরযুক্ত ; বিণ. **ঝুমরা**—ঝাঁকড়া ; shaggy. **ঝামরি ঝুমরি**—ঝাঁকড়া ; লম্বিত ঘন কুঞ্চিত কেশ বা কেশরযুক্ত।

ঝুর, ঝুর্‌ঝুর্, ঝুরুঝুরু (ঝুর্) [শব্দাত্মক ঝর অপেক্ষা লঘু ঝুর তদপেক্ষা লঘু **ঝির**, লঘুতম ও সুখোৎপাদক শব্দে **ঝুরু**] মৃদু সঞ্চালিত বায়ুভরে বৃক্ষের পত্র পল্লবাদির লঘু আন্দোলন বা কম্পন শব্দ। প্র—ঝুরু ঝুরু কাঁপে গাছপালা"—ছবি ও গান (রবি)। "ঝুরু ঝুরু বহে সমীরণ"—রঙ্গমতী (নবীন)। ২। শুষ্ক চূর্ণ দ্রব্যের লঘু পতন শব্দ ; বালি বা গুঁড়া মাটি প্রভৃতির ছিদ্রাদি দিয়া গলন বা ঝরণ। বিণ. **ঝরঝুরিয়া, ঝুরঝুরে।** প্র—"তিরপুনির মাঠে রে ভাই ঝুরঝুরে বালি"—ছড়া।

ঝুরা [ধূলা—ধূরা—ঝুরা (শুষ্ক চূর্ণ। ঝুর (দ্রঃ) +আ (বাং-ক্রি. বিভক্তি)] ক্রি. ঝরা ; ঝরিয়া পড়া ; ঝুর ঝুর করিয়া গলিয়া পড়া। প্র—"দেখিয়া যুবতী ঝুরিয়া কাঁদে"—গোবিন্দ দাস। ২। অশ্রু ত্যাগ করা ; ঝরঝর করিয়া কাঁদা। প্র—"অন্নপূর্ণা বলে আমি অন্ন হেতু ঝুরি।"—শিবায়ন। "আপন বিরাগে করুণার রাগে ঝরণার মত ঝুরে ভারতী"—অক্ষয় সরকার। [ব্রজ] ঝুরত—কাঁদিতেছে। প্র—"ঝুরত তুয়া বিসু রাই।"—গোবিন্দদাস। **ঝুরিয়া মরা, ঝুরে মরা**—অজস্র অশ্রুপাত করা : ঝর ঝর করিয়া কাঁদা। প্র—"মদন ঝুরিয়া মরে"—পদাবলী। "কাম ঝুরে মরে"—ভারত।

ঝুরি, রী [হি। ঝুলন হইতে ঝালর—ঝুলরি—যাহা ঝুলে] বি. ঝালরের মত যাহা ঝুলিতে থাকে। ২। বৃক্ষ শাখা হইতে যে জট সূতা বা দড়ীর মত ঝুলিতে থাকে। প্র—বটের ঝুরি। **ঝুরি ভাজা**—ঘৃত বা তেলে ভাজা মটর ডাল বাটায় ঝুরির আকারে প্রস্তুত খাদ্য। কাটি ভাজাও বলে। **ফুলঝুরি** [হি—ফুলঝরি, ফুলঝাড়ি] বি. আতস বাজীতে আগুনের ফুল যাহা হইতে ঝুরিয়া পড়ে।

ঝুল (ল্) [হি—ঝুল—শিথিল, ঝোলা] বি. ঝুলার ভাব ; ঢিল ; ঝোল। প্র—জামার হাতা একটু আঁট আর পিঠের দিকে অনেকটা ঝুল আছে। ২। বিণ. ঝোলা ; ঢিলা।

ঝুলন (ন্) [হি—ঝুলন্। সং—দুল্ (দোলা)] বি. দোলন : হিন্দোলায় দোলন। ২। শ্রীকৃষ্ণের দোল উৎসব। ৩। ঝুলনা। প্র—"ঝুলে আজি ঝুলনে, সুখ কুঞ্জ কাননে, শ্যাম রাধিকা একি আসনে।"—মহারাজা যতীন্দ্র মোহন ঠাকুর। **ঝুলন যাত্রা**—শ্রীকৃষ্ণের দোল উৎসব।

ঝুলনা (ল্) [হি—ঝুলনা। ঝুল দ্রঃ] ক্রি. যাহাতে ঝুলা যায় ; দোলনা ; ঝোল্‌না ; হিন্দোল। প্র—"রচিয়া ঝুলনা বঙ্গে ঝুলএ শ্রাবণে"—ব্রজপরিক্রমা। ২। ঝোলা ; ডুলি।

ঝুলা [হি—ঝুলা, ঝুলি দ্রঃ] বি. ঝোলা ; বড় ।

ঝুলা [হি—ঝুলনা। সং—দুল্—দোলা] ক্রি. দোল খাওয়া। ২। ঝুঁকা ; ঝুঁকিয়া পড়া। ৩। আকৃষ্ট হওয়া ; লাভের জন্য অত্যন্ত জেদ ধরা। **ঝুলাঝুলি**—জেদাজেদি।

ঝুলি, লী [হি—ঝোলি। ঝোলা দ্রঃ। সাধাঃ—স্কন্ধে ঝুলান থাকে বলিয়া। প্রা-বাং—ঝালি (ঝালী)—চৈ. চরিতামৃত] বি. বস্ত্র খণ্ডে প্রস্তুত আধারবিশেষ ; হাত গলাইয়া কাঁধে ঝুলাইয়া রাখিবার মত অধিক পরিসর থলি। প্র—"পচা চর্ম্ম ঝুলী করে লোল ঝুলে"—ভারত। **ঝুলি ঝাড়া**—ঝুলি উজাড় করিয়া ফেলা ; ঝুলি অধোমুখ করিয়া নাড়া বা ঝাড়া ; ঝুলি খালি করা। **ঝুলি লওয়া**—ভিক্ষা-বৃত্তি অবলম্বন করা। **ভিক্ষার ঝুলি**—যে ঝুলি স্কন্ধে করিয়া ভিখারী অন্ন সংগ্রহ করে। **হরি নামের ঝুলি**—হরিনাম জপ করিবার মালা রাখিবার ঝুলি : কুঁড়াজালি।

ঝুল [ধূম-জাল] বি. ধূমের কালি। প্র—রান্না ঘরের ঝুল : চিমনীর ঝুল। ২। ধোঁয়া ধূলা প্রভৃতিতে মলিন মাকড়সার জাল। প্র—ঘরের ঝুল ঝাড়া। কালি ঝুল—সহচর শব্দ। কয়লার কালি ও ঝুলের কালি।

ঝেঁটা (ঝ্যাঁটা) ঝাঁটা দ্রঃ।

ঝেঁৎলা [শৈবাল—শেওলা—ছেৎলা] বি. চওড়া চওড়া শেওলা বা জলজ ঘাস। **ঝেঁৎলা মাজুর**—ঝেঁৎলায় বোনা মাদুর বা চাটাই।

ঝোঁক (ক্) [ঝুক দ্রঃ] বি. ঝোল : নীচের দিকে টান। ২। আকর্ষণ ; প্রবল ইচ্ছা : আগ্রহ ; জিদ। ক্রি. ঝোঁকা ; ঝুকা দ্রঃ।

ঝোঁকতা (ক্) [হি—ঝুক্‌তা] বি. ঝোঁক : তুলাদণ্ডের একদিকের আপেক্ষিক গুরুত্ব ভার।

ঝোঁটন (ঝোঁটোন্) [ঝুঁটি আছে বলিয়া] বি. মাথার উপর চূড়ার আকারে বদ্ধ কেশ। ২। মাথার উপরকার চুলের বা পালকের খোপা : ময়ূরের বা মোরগের শিখার মত চূড়া। ৩। বিণ. চূড়া বিশিষ্ট। প্র—ঝোঁটন বুলবুলি।

ঝোঁটা [সং—জটা (বৃহদর্থে ও অনাদরে) (সূক্ষ্মার্থে ও আদরার্থে) ঝুঁটি] বি. লম্বিত কেশগুচ্ছ।

ঝোড় (ড়্) [ঝোপ, ঝাড় দ্রঃ] বি. ঝোপ ; গুল্ম ; ক্ষুদ্র ক্ষুদ্র লতাগুল্মের বন। ২। জঙ্গল। প্র—"অনুদিন বনে ফিরি, ঝোড়ে ঝোড়ে বাড়ি মারি গায়ে ছড় কাঁটা ফুটে পায়।"—কবিক। ৩। সুপারি গাছ। **ঝোড় ঝঙ্কার** [প্রা-বাং (চৈ, চ)] বি. ঝোপ ঝাড়।

ঝোড়া [ঝুড়ী দ্রঃ। বড় ঝুড়ী] বি. বংশনির্ম্মিত বৃহৎ পাত্র ; ওড়া।

ঝোপ (প্) [সং—স্তূপ] বি. ঝাড় বা

ঝাড়ের মত ছটাকার সরু সরু ডালবিশিষ্ট ছোট গাছের ঝাড়ে যে স্থান আচ্ছন্ন হইয়া আছে। প্র—"চারিদিকে তার ঝোপে ঝোপে, আঁধার দিয়ে ঢেকেছে"—ছবি ও গান (রবি)। ২। গুল্ম। **ঝোপ ঝাড়**—ঝোপ ও তাহার উপকরণ। লতা গুল্মাদিতে আচ্ছন্ন স্থান এবং ছোট ছোট গাছের ঝাড়; ক্ষুদ্র বন। প্র—"কেতকী জলের ধারে ফুটিয়াছে ঝোপে ঝাড়ে" —সোনার তরী। **ঝোপ বুঝে কোপ**—[ক্ষুপের কাঠিন্য বা কোমলতা বুঝিয়া হাল্কা অথবা জোরে কোপ বসানর ভাব হইতে] অবস্থা বুঝিয়া তাহার সুযোগ গ্রহণ।

ঝোর (র্) [প্রাদে, ঝাল দ্রঃ] বি, জলনালী; নয়নগুলি।

ঝোল (ল্) [জল হইতে] বি, জলবহুল ব্যঞ্জন বিশেষ; জুষ; সুপ। প্র—"আর জন বলে পতি বঞ্চিত দশন। ঝোলঝাল বিনা তার না হয় অশন॥"—কবিক। "মদগুর মৎস্যের ঝোলে ধনে বাটা গোলা"—হেম বন্দ্যো। ২। বিণ, তরল; পাত্‌লা। **ঝোল ঝোল** (ঈষদর্থে দ্বিত্ব)। প্র—তরকারীটা একটু ঝোল ঝোল রেখো। **ঝোল ভাত খাওয়া**—বহু দিন ধরিয়া রোগে ভুগিয়া পথ্য করা। **ঝোল ভাত খাওয়ান**—দীর্ঘকালব্যাপী রোগের কামনা করা; গালি। ২। ভয় প্রদর্শন: গুরুতর প্রহার করিয়া বহুদিন শয্যাগত রাখিবার ভয় দেখান।

ঝোল (ল্) [সং—লোল। ঝুল দ্রঃ] বি, শিথিলতা; ঝোঁক; ঢিল; লোল। বিণ, ঝোলা। **ঝোলঝাল**—ঢিলা ঢালা।

ঝোলা [ঝোল দ্রঃ। ঝোল+আ (অস্ত্যর্থে)] বিণ, লম্বা; ঢিলা। বি, **ঝোলাই**—লম্বাই।

ঝোলা [ঝোল (জল)—আ (যুক্তার্থে)] বিণ, তরল। **ঝোলা গুড়**—মাত গুড়। গুড় দ্রঃ। প্র—"ঝোলা গুড় তোলা ছিল শিকের উপর"—ঈ, গুপ্ত]।

ঝোলা [ঝোল দ্রঃ] বি, বস্ত্রের বড় ঝুলি (দ্রঃ) লম্বা ও অধিক পরিসর থলি। ২। দোল্না যাহা দড়ির সাহায্যে ঝুলে ও যাহাতে উঠিয়া ঝুলা যায়।

ঝোলা [ঝোল+আ (ক্রি-বিভক্তি)] ক্রি, দোল খাওয়া। ২। উচ্চস্থান অবলম্বন করিয়া অধোদিকে সমস্ত শরীর শূন্যে রাখা; গাছে শাখা প্রভৃতি ধরিয়া শূন্যে ধরার দিকে দেহ রক্ষা করা; লট্‌কাইয়া থাকা; লম্বিত হওয়া। ৩। ঝোঁকা; অধোমুখে হেলিয়া পড়া। ণিজন্ত রূপ, **ঝোলান** (নো)—ঝুলাইয়া দেওয়া; লম্বিত করা; লটকান। ২। দোলান। ৩। ফাঁসি দেওয়া। ৪। বিণ, লম্বিত।

ঝ্যাঁটাতি [ঝাট্যাতি দ্রঃ। তুল—করাতি] বি, যে ঝাঁটা দ্বারা মুক্ত করে। প্র—"অন্নের বাজার মাঝে পঞ্চশব্দী বাদ্য বাজে ঝ্যাটাতি বাইতি লয় তোলা।"—কবিক।

ঞ

ঞ (ইঁয়) [ব্যঞ্জন বর্ণমালার দশম, চবর্গের পঞ্চম, অনুনাসিক বর্ণ। তালু ইহার উচ্চারণ স্থান। অন্য বর্ণের সহিত যুক্ত হইলে ইহার উচ্চারণ তালু ও নাসিকা সাহায্যে অনেকটা "ন্যঁ" মত হয়। ইহা চবর্গের অন্য চারিবর্ণ-সহ যুক্ত হইয়া ব্যবহৃত হয়, চলিত বাঙ্গালায় ইহার স্বতন্ত্র ব্যবহার নাই। প্রা-বাং-য় অনুনাসিক উচ্চারণ বা চন্দ্রবিন্দুস্থলে ইহার ব্যবহার ছিল। প্র—"নিশ্চয় জানিও মুঞি ভখিমু গরলে"—চণ্ডীদাস। "পূর্ব্বে সুচিত্রা নাম ইঞির হব খ্যাতি" (ইঞির=ইঁহার) —সা, প, প, ১৩১৮। "তেঞি কিয়ে তেজবি কান"—গোবিন্দদাস। আধু-বাং; "আ, য়া, ইয়" স্থলে প্রা-বাং-য় "ঞ"। প্র-"অমিঞা আগোরল"—গোবিন্দদাস। এত বলি এক গ্রাস অন্ন হাতে লঞা; উঝালি ফেলিল আগে যেন ক্রুদ্ধ হঞা।"—চৈতন্য-চরিতামৃত। "দিঞাছিল"—উদ্ধবানন্দের রাধিকা মঙ্গল। একাক্ষর-কোষধৃত অর্থে প্রাচীন বাঙ্গালা পদ্যে ও প্রা-বাং গদ্যে ইহার স্বতন্ত্র কিন্তু বিরল ব্যবহার দৃষ্ট হয়] বি, অনুনাসিক বাদ্য বা কণ্ঠধ্বনি; তানপুরা আদি তত যন্ত্রের ঝঙ্কার। ২। ইঞ্জিন আদি লৌহচক্রের ঘূর্ণন বা ঘর্ষণ শব্দ; ঘর্ঘর ধ্বনি; ঞকার। ৩। গায়ন। ৪। শুক্রাচার্য্য। ৫। স, এই আমি; এজনা। প্র—"ঞকার কারিণী, ঞ চরণে তোমার।"—বাসবদত্তা। ৬। [সংস্কৃতে] ক্রুর। (২) ষণ্ড। (৩) স্বধর্ম্মচ্যুত যোগী। ৪। [তন্ত্রে] পরম কুণ্ডলী।

ঞকার (য়োঁকার্) বি, ঞ এই বর্ণ। ২। ঘর্ঘর ধ্বনি। প্র—"ঞকার ঘর্ঘর ধ্বনি"—অ, ম। ৩। গায়ন। প্র—"গায়ন ঞকার" —অ, ম। ৪। ঘোর নাদ; হুঙ্কার। প্র—"ঞকার করিয়া এস"—অ, ম। ৫। ধর্ম্মে অনাসক্ত চিত্ত। প্র—"ঞকার করিয়া এস ঞকারে আমার"—অন্নদামঙ্গল। ৬। রুদ্র। প্র —"রুদ্রও ঞকার"—বাসবদত্তা। **ঞকার-কারিণী**—ঘোর নিনাদিনী; মহা ভয়ঙ্কর হুঙ্কারকারিণী: চণ্ডী; কালিকা। প্র—"ঞকার-কারিণী ঞ চরণে তোমার"—বাসবদত্তা।

ঞিহ [প্রা-বাং। তুল—তিঁহ=তিনি] স, ইনি। প্র—"ঞিহ আমাদিগের বেয়াদবির মধ্যে।"—মহারাজ নন্দকুমারের পত্র, ১১৭৮ সালের খত, সা, প, প।

ঞিহার (র্) [প্রা-বাং] স, ইঁহার। প্র—"ঞিহার স্থানে বিস্তারিত জ্ঞাত হইয়া কার্য্য করিবে।"—মহারাজ নন্দকুমারের পত্র, ১১৭৮ সালের খত, সা, প, প।

ট—ব্যঞ্জনবর্ণমালার একাদশ ও ট বর্গের প্রথম, অল্পপ্রাণ, অঘোষবান্ বর্ণ। মূর্দ্ধা ইহার উচ্চারণ স্থান বলিয়া ইহা মূর্দ্ধণ্য বর্ণ। ২। ট ও টবর্গীয় বর্ণগুলি কাঠিন্য-ব্যঞ্জক। দৃঢ়, শুষ্ক, কঠোর অর্থে অন্যান্য বর্ণসহ ট যোগ হয়। প্র—টক্, খট্, টন্, ফট্, লাঠি, কাট, ইট, কটাহ ইত্যাদি। ৩। [টক্+অ (কর্তৃ, ড)] বি, শব্দ। (২) টঙ্কার। ৪। উচ্চারণ সাদৃশ্যযুক্ত পদের সহচর শব্দের আদ্যক্ষর। বাঙ্গালায় ইহার ভূরি ব্যবহার। প্র—দেখা টেকা; ভুলান টুলান (টেকচাঁদ); ভাত টাত; বই টই ইত্যাদি [হিন্দীতে এইরূপ উ এবং ও বর্ণের প্রয়োগাধিক্য। প্র—দেখা ওখা; ভুল উল; ভাত ওত; বহি ওহি ইত্যাদি]।

টই, টুঁই (টৈ) [সং—তুঙ্গ হইতে] বি. চালের মটকা। **টইভুঁই**—ভূমি হইতে চালের মটকা অথবা মটকা হইতে ভূমি পর্য্যন্ত।

টই, টইটই (টৈ) [শব্দাত্মক] অ. আধার পূর্ণ জলের টলটল শব্দ। প্র—এক পেট জল খেয়ে পেট টই টই করচে।

টইটুম্বুর (টৈটুম্বুর্) [টই (পরিপূর্ণ অর্থে) টুম্বুর—তুম্ববৎ স্ফীত] বি. পরিপূর্ণ; ছাপাছাপি; কাণেকাণ। প্র—পুকুর জলে টইটুম্বুর হয়েছে। জল খেয়ে পেট টইটুম্বুর।

টং—অনুকরণ শব্দ। টঙ্ দ্রঃ। ২। [টঙ্ক (ক্রোধ) অর্থাৎ স্বয়ং ক্রোধ] বি, ক্রোধমূর্ত্তি। প্র—রেগে টং হয়ে বসে আছে।

টংকিত (টোংকিত) বি. ঠাউকো বা আনুমাণিক পরিমিত জমী।

টক (টক্) [অনুকার শব্দ] বি. শুষ্ক কাষ্ঠ প্রভৃতির উপর কঠিন বস্তুর আঘাত শব্দ। ইহার সহিত রুক্ষতা, শুষ্কতা ও কাঠিন্যের ভাব জড়িত। কোন নিরেট বস্তুতে নিরেট বস্তুর দ্বারা আঘাত শব্দ। **টক্ করে**—ক্রি-বিণ, টক্ এই শব্দ হইতে যত অল্প সময় লাগে তাহার মধ্যে: অতি শীঘ্র; নিমিষের মধ্যে। প্র—"টক্ করে কেটে ফেলা।" [টক্ ধ্বনির সহিতও ইহার সম্বন্ধ আছে] **টক্‌টক্**—উপর্য্যুপরি টক্ এই শব্দ। **টকটক করা**—ক্রি, ঐরূপ শব্দ করা। ২। ঘোর লাল বর্ণে শোভা পাওয়া। প্র—"লাল টক টক করিতেছে।" ৩। পুনঃ পুনঃ নিষেধ বা বিঘ্ন-সূচক বাক্য প্রয়োগ করা: অমঙ্গলসূচক বা অসন্তোষজনক বাক্যের উপর্য্যুপরি আবৃত্তি বা উল্লেখ করা। প্র—মাথার উপর টকটক করিও না। [দ্রঃ—টক্‌টক্ শব্দের তীক্ষ্ণ ও কম তীব্ররূপ "টিক্‌টিক্" এবং তদপেক্ষাও কোমল, হাল্কা এবং অবিরক্তিকররূপ "টুক্‌টুক্": টকটক ধ্বনি তীব্রতর কিন্তু শব্দ বহুবিস্তৃত হইলে হয় "টকাস্ টকাস্"]।

টক (টক্) [অম্ল আস্বাদ করিবার কালে মূর্দ্ধা বা তালুতে জিহ্বা স্পর্শ করিবামাত্র নিম্নে আকর্ষণ করিলেই টক্ করিয়া শব্দ হয়। তাহা হইতে সং—তক্র=অম্ল। বাং—টক্র—টক্। হি—খট্টা (অম্ল)] বি, অম্লাস্বাদযুক্ত ব্যঞ্জন-বিশেষ; খাট্টা; খাটাই। বিণ, অম্লযুক্ত; টোকো।

টকটক (টক্‌টক্) [টক (অম্ল)+টক (পুনরায় টক বিচারের পর আবার টক বোধ) অর্থাৎ মুখে পড়িতেই যাহার অম্লাস্বাদ পাওয়া যায় তাহা টক, কিন্তু যথেষ্ট বা সর্ব্বতোভাবে অম্লাস্বাদ যুক্ত না হইলে পুনঃপুনঃ স্বাদ গ্রহণ করিতে হয় এবং তাহাতে টক রসই অবধারিত হইলে তাহাকে বলা যায় টকটক] বিণ, ঈষৎ অম্লাস্বাদযুক্ত: যাহাতে অম্ল রসের আমেজ আছে। প্রাদে-গ্রা-ভাষায়—**টক্‌সা** বলে।

টকটকে (টক্‌টোকে) [টকটক্ শব্দাত্মক রুক্ষ ও কাঠিন্য-ব্যঞ্জক। গাঢ়তা ও আধিক্যার্থে দ্বিত্ব] বিণ, কড়া লাল; গাঢ় বা ঘোর লাল। প্র—"লাল টকটকে বা টকটকে লাল।" [দ্রঃ—প্রত্যেক বর্ণ, দর্শনেন্দ্রিয়ের উপর আঘাত করে। বর্ণ গাঢ় ও তীব্র হইলে তাহা নিরেট কঠিন বস্তুর মত টক করিয়া আঘাত শব্দের কল্পনা জাগাইয়া দেয় বা টক্ এই শব্দ স্মরণ করায় এবং সেই বর্ণতরঙ্গ উপর্য্যুপরি চক্ষে আসিয়া আঘাত করিলে তাহা "টকটকে" পদ-বাচ্য হয়। লালবর্ণ আমাদের দৃষ্টি স্বভাবতঃই অধিক আকর্ষণ করে এবং ইহা যতই ঘোরাল হয় ততই ইহার কাঠিন্য অনুভূত হয়। এই হেতু ঘোর লালকেই টকটকে বলে। টকটকে লাল, উগ্র বা তেজাল সুতরাং চক্ষুর পীড়া-দায়ক: ইংরেজিতে ইহাকে (warm colour) উষ্ণবর্ণ বলে কিন্তু টুকটুকে মৃদু ও চক্ষুর আরাম-দায়ক; টুকটুক দ্রঃ]।

টকতন্ত্রী (টকতোনত্রি) বি, প্রাচীন হিন্দুদিগের বাদ্যযন্ত্রবিশেষ।

টকা—ক্রি, টক হওয়া: অম্লাস্বাদে বিকৃত হওয়া। ২। অপ্রীতিকর বা মাধুর্য্যহীন হওয়া। প্র—"নূতনেই প্রেম মিঠে থাকে, বাসি হলেই টকে"—দ্বি, রায়।

টকাটক (টকাটক্) [টক্ (শব্দ)+আ (প্রতি এই অর্থে) টক (শব্দ) পুনরাবৃত্তি ও ব্যাপ্তি অর্থে দ্বিত্ব। টক্ দ্রঃ] বি, উপর্য্যুপরি টক্ এই শব্দ ও তাহার প্রতিশব্দ বা প্রতিধ্বনি।

টকুআ, টকুয়া (টোকুআ) [টক=অম্ল+উ +আ (বিশিষ্টার্থে)চ—টকো: টোকো] বিণ, অম্লবিশিষ্ট: অম্লরসযুক্ত।

টক্কর (টক্‌কোর্) [হি] বি, উছট্: ঠোকর। "ঘোড়াসকল টক্কর খাইতে লাগিল।" (রাজ-সিংহ)। ২। পরস্পর আঘাত; সংঘর্ষণ: ধাক্কা প্র—"রেলের গাড়িতে গাড়িতে টক্কর লাগা। ৩। প্রতিযোগিতা। প্র—"আমাদের সঙ্গে এসে দিতে চায় সব কিনা টক্কর"—দ্বিজেন্দ্র রায়। [দ্রঃ খাওয়া এবং দেওয়া যোগে টক্কর শব্দ ক্রিয়াপদ হয়। **টক্কর খাওয়া**—ঠোকর খাওয়া (প্রাপ্ত হওয়া)। **টক্কর দেওয়া**—প্রতিযোগিতা করা]।

টক্করাটক্করি (টক্‌কোরাটোক্‌কুরি) বি, দুই পক্ষের মধ্যে পরস্পর প্রতিযোগিতা; পক্ষ এবং বিপক্ষের উৎকর্ষাপকর্ষ ["করা" যোগে ক্রিয়াপদ হয়]। **টক্করাটক্করি করা**—ক্রি, প্রতিযোগিতা করা; প্রতিদ্বন্দ্বিতা করা। প্র—"প্রতিযোগী পরীক্ষার টক্করাটক্করিতে প্রধানতঃ তিনটি দোষ দেখা যায়"—সাধনা ২য় বর্ষ।

টক্রু (টোক্‌কু) বি, সূত্রপাক দিবার যন্ত্র-বিশেষ: টাকুর: ইং—spindle.

টগবগ (টগ্‌বগ্) [শব্দাত্মক] বি, ঐরূপ শব্দ। ২। ফুটন্ত জলের শব্দ; অত্যুষ্ণ জলে তণ্ডুলাদি ফুটিবার শব্দ। এই অর্থে প্রা-বাং—'টকভক' শব্দের প্রয়োগ। প্র—"বৈতরণীর জল ফুটি করএ টকভক।"—শূ, পু। ৩। দ্রুত-গামী অশ্বাদির পদশব্দ। এই অর্থে 'টগাবগ' শব্দেরও প্রাদেশিক ব্যবহার আছে।

টগর (টগোর্) [সং—তগর শব্দজ] বি, পুষ্প-বিশেষ; tabernæmontana coronaria. ২। তগর পুষ্প; টগর ফুল। গ্রাম্য—"টগ্‌গর" প্র—"তারা নামে টগ্‌গর ফুল।"—ছড়া।

টগরা, টগরে (গ্, টোগ্‌রে) [সং—টগর = হাব, লীলা, বিভ্রম] বিণ, চালাক; সেয়ানা (শিশুর প্রতিই প্রযুক্ত হয়)।

টগে-টগে [তর্কেতক্কে দ্রঃ] ক্রি-বিণ সতর্কতার সহিত; সাবধানে। প্র—টগেটগে পা ফেলে যাওয়া। ২। সন্ধানে। প্র—সে টগেটগে থেকে একদিন তাকে ধরে ফেলে।

টঙ, টঙ্গ (টং) [তুঙ্গ (উচ্চ) শব্দজ] বি, মঞ্চাদির উপরিস্থিত ক্ষুদ্র কুটীর। ২। মাচা; মাচান। প্র—"দেখিবারে পাইল বোঁচা টঙ্গের উপর।"—কবিক। ৩। বৃক্ষাবাস।

টঙ্‌টঙ্, টংটং [শব্দাত্মক] বি, অনুকরণ শব্দ। ২। ভ্রমণের প্রণালীবিশেষ; পদ-ব্রজে সামান্যভাবে ঘুরিয়া বেড়ান। [সমনাম—**ট্যাঁংট্যাঁং**—পদব্রজে ভ্রমণের সহিত অসম্ভ্রমের ভাব জড়িত। **টঙস টঙস**—ঐভাবের সহিত লক্ষ্যহীনতা ও ক্লান্তির ভাব মিশ্রিত। **ট্যাঁঙস্, ট্যাঁঙস**—পূর্ব্বোক্ত ভাবের সহিত অসম্ভ্রমের ভাব জড়িত। টঙ্‌টঙ্ ও ট্যাঙ্‌ট্যাঙ্ শব্দে দ্রুতগতি এবং টঙস্ টঙস্ বা ট্যাঁঙস্ ট্যাঁঙস্ শব্দে মন্দগতি বুঝায়]।

টঙ্ক (টংক) বি, পুং, টাঙি প্রভৃতি ভেদনাস্ত্র: খননাস্ত্র। ২। খড়্গ। ৩। মুদ্রা; টাকা। ৪। খাপ। ৫। চারি মাষা পরিমাণ: ৬। পর্ব্বতাদির উন্নত স্থান। ৭। সোহাগা। প্র—"বিড়ঙ্গ বদলে লবঙ্গ পাব শুঠের বদলে টঙ্ক।"—কবিক। **টঙ্কপতি**—টাকশালের অধ্যক্ষ। **টঙ্কবান**—ধনী।

টঙ্ক (টংকো) বিণ, দৃঢ়; শক্ত; মজবুত; দড়। প্র—"বাঁশের চেয়ে কঞ্চি টঙ্ক।"—প্রবচন।

টঙ্ক [রাসাঃ পরিঃ] বি, টঙ্কণ-ক্ষার; টঙ্কণ; borax.

টঙ্কন (টংকোন্) [টন্‌ক্ (টাঁকা) + অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, টাঁক ; বাঁধন। [জর্ম্ম—টাক্‌কন্ (, Ger tukken), ইং—টাক্ (tuck)] ২। চিহ্নকরণ। ৩। প্রাঙ্গণ ; উঠান।

টঙ্কন (টংকোন্) [টন্‌ক্ (বদ্ধ করা, টাঁকা) + অন (কর্তৃ)] বি, পুং, টাঙ্গন। ২। সোহাগা ২। পার্ব্বত্য ঘোটক।

টঙ্কবিজ্ঞান (ন্) বি, টঙ্কপরিজ্ঞাপক বিদ্যা। numismatics.

টঙ্কশালা [টঙ্ক (টাকা) + শালা (আগার, নির্ম্মাণ স্থান)] বি, টাঁকশাল ; mint.

টঙ্কা [হি—তন্‌খা বা তঙ্খা : উড়িয়া—তঙ্কা] বি, টাকা। ২। মাহিনা ; তলব : বৃত্তি।

টঙ্কার (টংকার্) [টং (শব্দ) + কার = করণ)—টং এই শব্দ করণ] বি, পুং ধনুকের ছিলার শব্দ। ২। ঝংকার। ৩। বিস্ময়। ৪। খ্যাতি।

টঙ্কিত (টোংকিত্) [টঙ্ক + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, বদ্ধ : টাঁকা : যাহা টাঁকা হইয়াছে। ২। ধনুকের ছিলার শব্দে শব্দিত : ঝংকৃত।

টঙ্গ (টংগ) [সং—তুঙ্গ] বিণ, উচ্চ। বি, উচ্চ স্থান ; উচ্চ মাচা ; চালের মটকা। ২। [সং--টঙ্ক (ক্রোধ) অতি ক্রোধ যেন মূর্ত্তি ধারণ করিয়া আছে এরূপ] অতিক্রুদ্ধ। প্র—রাগে টঙ্গ হইয়া বসিয়া আছে

টঙ্গ (টংগ) [শব্দাত্মক] বি, খননাস্ত্র। ২। পরশু : টাঙ্গী।

টঙ্গন (টংগন্) [টঙ্কন দ্রঃ] বি, সোহাগা।

টঙ্গস্ টঙ্গস্ (টঙশ্) [শব্দাত্মক] ক্লান্তপদে ও লাঠিতে ভর দিয়া টংটং শব্দে লাঠি ঠুকিতে ঠুকিতে ক্রমাগত পথ চলিবার ভাব।

টটমট—টটামটি দ্রঃ।

টটাটটি, টটাটিটী (টায়টায় দ্রঃ) বিণ, যেমন তেমন : জো সো ; সামান্য ; জোড়াতাড়া।

টটামটী—টটাটটি দ্রঃ।

টট্টর (টট্টর্) বি, পুং, টাট্টু ঘোড়ার পদশব্দ ২। ক্রোধ বা গর্ব্বভরে পদক্ষেপ ; ঠট্ঠর। স্ত্রী **টট্টরী**—ঢাকের বাদ্য।

টণ্ডাই [প্রাদে] বি, বচসা ; ঝগড়া।

টন (ন) [ইং—ton] বি, ২০ হন্দর ওজন ; প্রায় ২৭ মণ।

টনক (টনোক্) [টন্ (আঘাত শব্দ)] বি, স্মৃতি-স্থানে আঘাত। প্র—"কপালে টনক নড়ে, হাত হইতে হাতা পড়ে, উছট লাগিয়া পদ টলে।"—অ, ম,। "মরিতে স্মরণ করে সাধুর বালক। কৈলাসেতে ভগবতীর কপালে টনক।"—কবিক।

টনক (টন্‌কো) বিণ, শক্ত। প্র—"টনক করি ধরি মুখে দিল এক মুঠ।"—পদ্মাপুরাণ (বিজয় গুপ্ত)।

টনটন (টন্‌টন্) [শব্দাত্মক] বি, লৌহাদি কঠিন বস্তুতে তদ্রূপ কঠিন বস্তুর আঘাত শব্দ। ২। [স্ফোটকাদি পাকিয়া উঠিলে যে যন্ত্রণা হয় তাহা যেন উক্ত আঘাতের শব্দকে অভিব্যক্ত করে। পুঁজে পূর্ণ ফোড়া কাটিবার বা ফাটিয়া যাইবার পূর্ব্বে ভিতরের দূষিত রসরক্ত যেন ঠেলিয়া বাহির হইবার জন্য ফোড়ার মুখে পুনঃপুনঃ আঘাত করিতে থাকে ; সেই যন্ত্রণা-দায়ক আঘাতের কাল্পনিক শব্দের অভিব্যক্তির নাম টনটন] ক্রি, (করা ধাতু যোগে ক্রিয়াপদ হয়) ব্যথা বা বেদনা করা। যথা—ফোড়া টনটন করিতেছে। রগ টনটন করে। বি, **টনটনানি**—টনটন করিবার অবস্থা ; যন্ত্রণা। বিণ, টনটনে বা টনটনিআ। [দ্রঃ—টনটন শব্দ মৃদুতর ভাব ধারণ করিলে টিন্‌টিন্ (চিন্ চিন্ দ্রঃ) এবং তাহা মৃদুতম হইলে "টুনটুন" শব্দে পরিণত হয়]।

টনটনিআ, য়া (টন্‌টোনিয়া) বিণ, কঠিন ; শক্ত। ২। কঠোর ; নিষ্ঠুর (এই অর্থে অদৃষ্ট কপাল বা বরাত শব্দের সহিত প্রযুক্ত হয়)। চ—**টনটনে**।

টনটান (ন, ন্) [শব্দাত্মক] বি, অনুকার শব্দ। প্র—"টাঙ্গি টন্‌টান্ হানিতেছে ঠন্‌ঠন সেনাগণে দিয়া তাড়া।"—ঘনরাম।

টনা [তন্ত্র—তানা—টানা (দ্রঃ)—টনা। প্রা-বাং] বি, টানা ; রজ্জুবিশেষ। প্র—"পাটর টনা"—শূন্যপুরাণ।

টনিক (ক্) [ইং—tonic] বি, রুগ্ন দুর্ব্বল দেহে শক্তিসঞ্চারক ঔষধ।

টপ (টপ্) [হি—টপ্‌না] বি, এক ফোঁটা জলাদি তরল বস্তুর পতন শব্দ। [পতনের দ্রুতত্ব-ব্যঞ্জক : টপ্ ধ্বনি হইতে যতক্ষণ লাগে তত শীঘ্র]। ক্রি-বিণ, হঠাৎ টপ্ এই শব্দে ; টপ করিয়া। ২। অবিলম্বে ; এককালে, হঠাৎ ফল বা মিষ্টান্নাদি দ্রব্য পতনের বা মুখের মধ্যে নিক্ষেপ করিবার শব্দে। প্র—টপ করে গিলে ফেলা। গাছ হইতে টপ করিয়া ফল পড়িল। **টপটপ** [বারাধিক্য, দ্রুততা অর্থে দ্বিত্ব] বি, ক্রমাগত টপ্ এই শব্দ। ইহার মৃদুরূপ **টুপটুপ**। টুপটুপের বেগ যখন হ্রাস প্রাপ্ত হয় তখন **টুপুস টুপুস** হয়। কিন্তু টপটপ করিয়া পতনশীল বিন্দু যখন বৃহদাকার হয় তখন সেই মন্থরগতি বড়বড় ফোঁটা পতন শব্দের নাম **টপাস্ টপাস্**। কিন্তু যখন বিন্দু ছোট বড় নানা আকারে অপেক্ষাকৃত দূরে দূরে এবং অপেক্ষাকৃত বিলম্বে একের পর এক করিয়া পতিত হয় তখন হয় **টুপটাপ**।

টপ (প্) [টোপ (দ্রঃ) শব্দজ] বি, মুক্তা বা মটরাকৃতি গঠন, যেমন "টপতোলা"। ২। রৌদ্র বৃষ্টি প্রভৃতি নিবারক আচ্ছাদন ; উপরের আবরণ। [ইং—top = উপর এবং • গ্রী— topas = স্থান দ্রঃ]।

টপকা (প্) [সাধাঃ—আলটপকা] বিণ, অকস্মাৎ ; আলটপকা। ২। টপকান দ্রঃ।

টপকান (টপ্‌কানো) [হি—টপ্‌না, টপক্‌না = টপ টপ করিয়া পড়া। ২। ডিঙ্গাইয়া যাওয়া। [উ-পু—টপকাই। ম-পু—টপকাও। প্র-পু—টপকায়। অস-ক্রি—টপকাইতে : টপকাইয়া, টপ্‌কে] ক্রি, জলাদি তরল বস্তু ফোঁটা ফোঁটা করিয়া পড়া। ২। উল্লঙ্ঘন করা ; ডিঙ্গাইয়া যাওয়া।

টপখেয়াল (টপ্‌খেআল্) বি, টপ্পা ও খেয়াল এই উভয় সুর ও প্রণালী মিশ্রিত গীত।

টপটপ (প, প্) [শব্দাত্মক] বি, টপ দ্রঃ।

টপটপান (টপ্‌টপানো) [টপটপ + আন (ক্রি-বিভক্তি)] ক্রি, টপটপ্ শব্দে জল বা জলবৎ কোন তরল দ্রব্যের ফোঁটা পড়া। ২। টপটপ করিয়া ফোঁটা ফোঁটা বৃষ্টি পড়া। ৩। তাড়াতাড়ি ভক্ষদ্রব্য ক্রমাগত মুখের ভিতর নিক্ষেপ করা। ৪। কোন কিছু একটার পর একটা শীঘ্র শীঘ্র সম্পন্ন করা। বি, **টপটপানি**।

টপাটপ (টপাটপ্) [টপটপ্ দ্রঃ] অ, টপটপ অপেক্ষা পতন বা কবলিত করণের দ্রুতত্ব ও ব্যাপ্তির আধিক্য ব্যঞ্জক।

টপ্পা (টপ্‌পা) [হি—টপ্‌পা] বি, হিন্দী খেয়ালের অনুকরণে রচিত প্রণয়সঙ্গীত : বিশেষ সুর লয়ে গেয় গীতবিশেষ। প্র—"টপ্পা গেয়ে তেরিয়ান উঠিলেন ফুলে।"—হেম বন্দ্যো। [দ্রঃ—৺ রামনিধি গুপ্ত ওরফে "নিধুবাবু" (১১৪৮ সালে হুগলী, চাপতা গ্রামে জন্ম) "সরি মিঞার" টপ্পার অনুকরণে বাঙ্গালা টপ্পা বা প্রণয়সঙ্গীত রচনার প্রবর্ত্তক]।

টব (টব্) [ইং—টাব্ tub. শব্দজ] বি, কাষ্ঠ বা টিন প্রভৃতি নির্ম্মিত জলপাত্র : বাল্‌তি।

টবটব (টব্‌টব্) [শব্দাত্মক শব্দ] ক্রি-বিণ, চর্ম্মাদি-নির্ম্মিত বদ্ধমুখ পাত্রে প্রায় পরিপূর্ণ জলাদি তরল বস্তু আন্দোলিত হইলে তাহার শব্দ। প্র—পেটে জল টবটব করিতেছে। বিণ, **টবটবে** (টব্‌টোবে) উক্তরূপে পূর্ণ বা উক্ত শব্দবিশিষ্ট।

টমক (ক্) [অনুকার শব্দ] বি, বাদ্য যন্ত্র-বিশেষ। প্র—"রণ শিঙ্গা কাড়া পড়া টমক টেমাই"—ঘনরাম।

টমটম (টম্‌টম্) [ইং—ট্যান্‌ডেম্ tandemi শব্দজ] বি, এক ঘোড়ায় টানা দুচাকার খোলা গাড়ী। ২। ট্যামটেমী ; বাদ্যবিশেষ।

টয়ে (টোএ) [টই (চালের মটকা—চূড়া)] বি, চূড়া। ২। ঢাকের উপরে ময়ুরপুচ্ছ প্রভৃতির চূড়া। ৩। [টেকো দ্রঃ] জাল বুনিবার সূত্র যে ক্ষুদ্র বংশ বা কাষ্ঠ নির্ম্মিত যন্ত্রে জড়ান থাকে ও বুনিবার সময় জেলেরা কাণে বা মাথায় গুঁজিয়া রাখে। ৪। [বিদ্রূপে। জেলের টয়ের ন্যায়] পাগ ; ফ্যাটা। প্র—"তুই এক জন টয়ে বাঁধা ইংরাজীওয়ালা দরখাস্ত লিখ্‌ছে।—টেকচাঁদ।

টর্ণীনামা [ইং—এটর্ণী attorney+ফা—নামা (কোবালা, পত্র)] বি, মোক্তারনামা ; ওকালত নামা ; power of attorney.

টল (টল্) [হি—টহল শব্দের অপভ্রংশ] বি, পাদচারণ ; পায়চারি করিয়া চৌকী দেওয়া। (টহল দ্রঃ)।

টলটল (টল্‌টল্) ক্রি-বিণ, কোন আধারে জলাদি তরলবস্তু ছাপাছাপি হইয়া বায়ুভরে বা অন্য কারণে আন্দোলিত হইলে, তাহা টলটল করিতেছে বলা হয় : অস্থির। ২। আন্দোলিত। প্র—"টলটল ঢলঢল চলচল ছলছল কলকল তরল তরঙ্গে।"—অ, ম। বিণ, **টলটলিআ, টলটলে, টলটলিত, টলটলায়মান**।

টলটলান (টল্‌টলানো) [টলটল্+আন (ক্রিয়ায়)। উ-পু—টলটলাই। ম-পু—টলটলাও। প্র-পু—টলটলায়। অস-ক্রি, টলটলাইতে : টলটলাইয়া, টলটলি (পদ্যে)] ক্রি, টলটল করা। বি, **টলটলানি**।

টলবল (ল, ল্) [টলমল দ্রঃ] বিণ, আন্দোলিত। ২। দোলায়মান। প্র—"টলবল করে যেন পদ্মপত্রের বারি"—ধর্ম্ম (মাণিক)।

টলমল (টল্‌মল্) ক্রি-বিণ, পুনঃপুনঃ বা ঘনঘন আন্দোলিত বা বিচলিত ; অস্থির। ২। হেলাদোলা। প্র—"দুহুঁত ভাসিল জলে করস্তি টলমল"—শূ-পু। ৩। কি হয় কি হয় এইরূপ সংশয়াপন্ন অবস্থায় পতন। ৪। কম্পিত। বিণ, **টলমলিয়া**। চ, **টলমোলে** ; **টলমলিত** ; **টলমলায়মান**। ক্রি, **টলমলা**—টলমল করা। ণিজন্ত, **টলমলান** (নো)।

টলা [টল্=চঞ্চল হওয়া]। উ-পু—টলি (ট)। উ-পু—টল ; টলুন (টোলুনঃ) ; টল্। প্র-পু—টলে ; টলেন। অস-ক্রি—টলিতে। টলিয়া, (টো)। ণিজন্ত—টলান] ক্রি, বিচলিত বা চঞ্চল হওয়া। প্র—"মন টলা" ; ২। স্থানচ্যুত হওয়া। প্র—পা টলা। ৩। আন্দোলিত হওয়া। প্র—"গা টলা।" ৪। নড়চড় হওয়া ; অন্যথা হওয়া। প্র—"প্রতিজ্ঞা বা বাক্য টলা।" ২। স্থানচ্যুত হওয়া। প্র—"গা টলা।" বি, **টলন**।

টলাটলি [টলা (আন্দোলিত, বিচলিত হওয়া) +টল (দীর্ঘকালবর্ত্তিতা হেতু ও বহুলীকরণে দ্বিত্ব)+ই (তদ্ভাবে বা অবস্থা অর্থে)] বি, ক্রমাগত টলনের অবস্থা বা ক্রিয়া।

টলান [টলানো] ক্রি, টলাইয়া বা নড়াইয়া দেওয়া। (টল দ্রঃ)।

টসটস (টশ্‌টশ্) [হি—টসক্‌না শব্দজ। বিন্দুপতন শব্দ। মৃদু শব্দে **টুস্‌টুস্**] বি, কোন রসাল বস্তুর রস বা নির্য্যাস বিন্দু বিন্দু পতনের ভাব ব্যঞ্জক শব্দ। ক্রি-বিণ, ঐরূপ শব্দে। ২। রসে পরিপূর্ণ। বি, **টসটসানি**। বিণ, **টস্‌টসিয়া**, চ—**টসটোসে**। ক্রি, **টসটসান** (টশ্‌টশানো)।

টসা (টশা) [টস (দ্র৹)+আ (ক্রিয়া বিভক্তি)] ক্রি, টসাইয়া পড়া ; টসটস করিয়া পড়া ; চুয়াইয়া পড়া। ণিজন্ত—**টসান** (টশানো) টস্‌টস্ করিয়া বিন্দুপাতন ; চুয়ান।

টস্কান (টশ্‌কানো) [হি—টসক্‌না] ক্রি, চুয়াইয়া পড়া। ২। [কোন ভঙ্গপ্রবণ বস্তু] পড়িবা মাত্র বা স্বল্পাঘাতে ভাঙ্গিয়া যাওয়া। ৩। ভগ্নস্বাস্থ্য হওয়া।

টহরম (ম্) [ইং—term] কাছারির কার্য্যকাল। ২। দহরম দ্রঃ।

টহল (টহোল) [হি—টহল্‌না=পর্য্যটন করা] বি, ভিক্ষার্থে গান করিয়া পর্য্যটন ; পাদচারণ। ক্রি, **টহলা**—অশ্বাদির শ্রান্তি দূর করিবার জন্য পাদচারণ দেওয়া ; পাদচারণ করিয়া বা পরিভ্রমণ করতঃ চৌকি দেওয়া ঐরূপ চৌকিদারী বা খবরদারি করা। **টহলান** (টহোলানো) [হি—টহল্‌না] পায়চারি করা। বেড়ান ; পর্য্যটন করা। ২। ণিজন্ত, টহল দেওয়ান [হি—টহ্‌লানা] পায়চারি করান : বেড়াইয়া আনা। বি, **টহলন, টহলানি**—টহল দিবার কার্য্য।

টহলদার (ল্, র্) [টহল+ফা—দার] বি, যে টহল দেয় ; চৌকিদার।

টা [প্রা-বাং—ব্যবহার 'গোটা' শব্দের সংক্ষেপ। গোটা দ্রঃ] অ, বাঙ্গালার প্রত্যয়-বিশেষ (a suffix) এই প্রত্যয় যোগে বিশেষ্যপদ সামান্য বা সাধারণ অর্থ ত্যাগ করিয়া বিশিষ্ট বা নির্দ্দিষ্ট অর্থ প্রকাশ করে। যথা,—লোক বলে অর্থাৎ সাধারণে বলে কিন্তু লোকটা বলে অর্থে সেই নির্দ্দিষ্ট লোক বলে। ২। "টা" সম্ভ্রমের অভাবাত্মক ; সম্ভ্রমস্থলে টা "টি" বা "টী" হয়। ৩। সংখ্যানির্দ্দেশক অব্যয়। প্র—একটা, দশটা ইত্যাদি।

টাইপ (প্) [ইং—type] বি, ছাপার অক্ষর।

টাইম (ম্) [ইং—time] বি, সময়।

টাউন (ন্) [ইং—town] বি, নগর। **টাউনহল** (ন্, ল্) [ইং—townhall] বি নগরের সাধারণ মিলনস্থান।

টাউরন (টাউরোন্) [হি—টরকন শব্দজ] বি, টলিয়া পড়ন ঠিক্‌রন ; শীতে কম্পন।

টাউরান (টাওরানো) [হি—টর্‌কানা] ক্রি, ঠিকরে পড়া ; টলে পড়া।

টাঁক (টাঁক্) [সং—টঙ্ক (বন্ধন করা)] বি, তাক ; অপেক্ষা। ২। আশা। ৩। লোভ। ৪। বন্ধনী সেলাই [ইং—tuck. টঙ্ক দ্রঃ] ক্রি, টাঁকা। ক্রি-বিণ, টাঁকিয়া। চ, টেঁকে।

টাঁকশাল (ক্, ল,) [টঙ্কশালা শব্দের অপভ্রংশ] বি, মুদ্রানির্ম্মাণ স্থান ; mint.

টাঁকা—ক্রি, সিলাই করা। ২। সিলাই দ্বারা আটকান ; ছিন্নবস্ত্র জোড়া দেওয়া। ৩। কোন মন্দ অভিপ্রায়ে থাকা ; কোন অমঙ্গলের জন্য অপেক্ষা করা ; পূর্ব্বসূচনা করা ; কামনা করা। প্র—"ছলেতে অন্নদা দেবী কহেন রুষিয়া। মরণ টাঁকিলি বেটা অনাথা দেখিয়া ॥"—অ, ম। ক্রি-বি, টাঁকন। ২। টাঁকনি। ৩। টাঁকানি। ৪। টাঁকুনি।

টাক (টাক্) বি, মস্তকের কেশশূন্যতা। প্র—"মাথায় টাক ধরা বা টাক পড়া।" "টাক নাশক তৈল" ইত্যাদি। ২। কেশনাশক কীট। বিণ, **টাকুআ**, চ—টেকো—টাকবিশিষ্ট। ৩। [টা এক টা—এক (অনির্দ্দেশক) শব্দের সঙ্কুচিতরূপ] অ, পরিমাণবাচক অব্যয় : আন্দাজ বা অনুমান এই পরিমাণ। প্র—একসের টাক জলে সিদ্ধ কর। ক্রোশ টাক পথ যেতে হবে।

টাকনা (টাক্‌না) [শব্দাত্মক টাক্ শব্দ হইতে] বি, চাখিবার শব্দ। ২। স্বাদগ্রহণ ; চাখন। ৩। ব্যঞ্জন।

টাকরা (টাক্‌রা) [শব্দাত্মক। যে স্থানে জিহ্বাস্পর্শদ্বারা টাক্ শব্দ করা হয়—যে টাক্ আওয়াজ দেয়] বি, জিহ্বার ঊর্দ্ধদেশ : তালু।

টাকা [টঙ্ক শব্দজ] বি, রৌপ্যমুদ্রা : টঙ্কা (তঙ্কা দ্রঃ)। ২। ডবলপয়সা। ৩। ধন। প্র—"টাকাওয়ালা লোক"। ৪। [টন্‌ক্ ধাতুজ] বি, টাঁক ; সেলাই। ৫। [প্রা-গ্রা, টাক্‌না দ্রঃ] চাকা : জিহ্বাস্পর্শে স্বাদ গ্রহণ করা **টেকে দেওয়া**—ধান ভানিবার পূর্ব্বে রৌদ্রে শুষ্ক ধান্য ভানিবার উপযুক্ত হইয়াছে কিনা চাকিয়া দেখা। প্র—"যত সব ব্রজনারী চাল কুটচেন সারি সারি। এলে দিচ্চেন বড়াইবুড়ি টেকে দিচ্চেন রাই।"—গান। [এলে দেওয়া দ্রঃ] **টাকাওলা**

—যাহার প্রচুর টাকা আছে ; ধনী। **টাকা-কড়ি** [পূর্ব্বে কড়ির ব্যবহারই অধিক ছিল। কড়িই টাকার পরিবর্ত্তে বিনিময়ের প্রধান বস্তু ছিল এবং কড়ির সংখ্যানুসারে ধনের পরিমাণ করার প্রথা ছিল] ধনাদি ; ধনদৌলত। **টাকা করা**—টাকা জমা করা : অধিক ধন সঞ্চয় করা : ধনী হওয়া। **টাকা ভাঙ্গান**—টাকার বিনিময়ে আধুলি সিকি দুয়ানি, একানি পয়সা প্রভৃতি ক্ষুদ্র ক্ষুদ্র মুদ্রা গ্রহণ করা। **টাকা-পয়সা**—টাকাকড়ি দ্রঃ। **টাকা ধার করা**—অর্থ ঋণ করা। **টাকার মানুষ**—ধনী বা অর্থশালী ব্যক্তি। **টাকার আণ্ডিল**—যাহার অনেক টাকা আছে : প্রভূত ধন-শালী। **টাকার মুখ দেখা**—অর্থোপার্জ্জন করা।

টাকু [টক্কু শব্দের অপভ্রংশ] বি. টাকুর ; টেকো ; spindle. ২। নাটাই।

টাগ (টাগ্) [সং—টঙ্গ (জঙ্ঘা) শব্দজ] বি. জঙ্ঘা। ২। [হি—টাঙ্ (টাঙ্গ্) শব্দজ। ব্রজ] বি. পদ ; চরণ। প্র—"কেশের আগ, চুম্বয়ে টাগ্ ফিরিয়া ফিরিয়া বান্ধে"—চণ্ডীদাস।

টাঙ্গ (টাঙ্) বি. কোদাল ; খনিত্র। ২। চরণ : পদ। ৩। সোহাগা।

টাঙ্গন (টাঙন্) [টাঙ্গা (ইং—tonga) নামক গাড়ী-টানা বলিষ্ঠ ঘোড়া] বি. এক-জাতীয় পাহাড়ী ঘোড়া। প্র—"পার্ব্বত্য টাঙ্গন ত্যজি, বাছিয়া কিনিল বাজী"—কবিক। "তাজী বাজী টাঙ্গন করে ভর"—ঘনরাম। ২। ধান্যবিশেষ। প্র—"সমধুনা মুগাজাল বুনেন টাঙ্গন।"—শূন্যপুরাণ

টাঙ্গা (টাঙা) [টাঙ্গন (পার্ব্বত্য ঘোড়া) শব্দজ। চ—তাঙ্গা, তাঙা। ইং tonga.] বি, যে যান বা শকট টাঙ্গনদ্বারা বাহিত হয়।

টাঙ্গান (টাঙানো) -[প্রাদে] ক্রি, টাঙ্গাইয়া দেওয়া ; ঝুলান ; লট্‌কান।

টাঙ্গী (টাঙি, টাংগি) [অনুকারাত্মক শব্দ ; টং বা টন্ শব্দ হইতে এইনাম] বি, এক প্রকার কুঠার : কুঠার-আকৃতি লৌহ অস্ত্র-বিশেষ ; a battle-axe ; পরশু। প্র—"টাঙ্গি টন্ টান, হানিছে ঠনঠান, সেনাগণ দিয়া তাড়া।"—ঘনরাম। "কেহ মারে শেল সাঙ্গী, ডাবুষ পট্টিস টাঙ্গী, পরশ্বধ কুঠার তোমর।"—শিবায়ন। "টঙ্কিনী টমক টাঙ্গী, টানিয়া টঙ্কার"—অন্নদামঙ্গল।

টাট (টাট্) [সং—তাম্রপাত্র হইতে] বি, পূজার তাম্রপাত্রবিশেষ। প্র—"এখন প্রাণপণে থালাস কর, টাটে বা ডুবায় পাছে"—রামপ্রসাদ। ২। পর্দ্দা। ৩। গৃহতলে পাতিবার কাপড় ; ম্যাটিং (ইং—matting.) ৪। ক্যাম্বিসের কাপড় (canvas cloth.

টাটকা (টাট্‌কা) [হি—টট্‌কা] বিণ, সদ্যো-জাত : নূতন ; অম্লান।

টাটা (টা—টা) [শব্দাত্মক] ক্রি-বিণ, "করা" এই ক্রিয়াযোগে ইহা শুকাইয়া খট্‌খট্ করা, পিপাসায় ছটফট করা বুঝায়। [পিপাসায় জিহ্বা ও কণ্ঠ শুষ্ক হইলে জলের জন্য যে টান ধরে তাহার কাল্পনিক ধ্বনি—টাটা।

টাটান (টাটানো) ক্রি, আঘাত বা ক্ষতাদি জনিত ব্যাধি যন্ত্রণাকর হওয়া ; আড়ষ্ট হওয়া ; ব্যথা বা বেদনা করা। ক্রি-বি, **টাটানি**—বেদনা ; ব্যথা। **চোখটাটান**—ঈর্ষা করা ; পরশ্রীকাতরতা জন্মান।

টাটি, টাটী [হি—টট্টর (আগড়) শব্দজ] বি, আগড় ; ঝাঁপ। ২। আবরণ, প্র—"এই সংসার ধোঁকার টাটী"। ৩। [হি—টট্টী=শব্দজ] বি, মলত্যাগের স্থান ; পায়খানা। ৪। কোষ্ঠ।

টাটী [টাট শব্দজ] বি, পাত্রবিশেষ : খুরি। প্র—"ভাণ্ড টাটী বাটা বাটী পরিপূর্ণ ঘর॥"—ঘনরাম। ২। [প্রাদে] পদ্মফুলের বীজকোষ।

টাটু, টাট্টু (টাট্টু) [হি—টট্টু] বি, ঘোড়া : একজাতীয় ক্ষুদ্রকায় অশ্ব ; pony.

টাঠি [টাট দ্রঃ। ক্ষুদ্রার্থে ই] বি, টাটপাত্র। প্র—"বাটি বাটি টাঠি টাঠি মুঠি মুঠি করে। গুলি গুলি দিতে দিতে ঝুলি এল পুরে॥"—শিবায়ন।

টাড় (টাড়্) বি, হস্তালঙ্কারবিশেষ ; তাগার-ন্যায় অলঙ্কার। প্র—"বাহু করে টাড় বালা, ভুবন করেছে আলা কনককিঙ্কিণী কটি-বরে!"—ঘনরাম। ২। [প্রাদে, উ, বঙ্গ] পল্লী ; পাড়া। **টাড়ের মানসী** [টাড়ের (পাড়ার) + মানসী (লোক)] প্রতিবেশী ; পড়সী।

টাড়স (টাড়োশ্) [সং—ত্রাস হইতে তারস—তাড়স—টাড়স] বি, ত্রাস। **ফোড়ার টাড়স**—শরীরের কোন স্থানে ফোড়া প্রভৃতির জন্য যন্ত্রণার কারণ হইলে সেইস্থান স্পর্শ বা কোনরূপ আঘাত হইতে সুরক্ষিত রাখিবার জন্য সর্ব্বদা আড়ষ্ট ও ত্রাসযুক্ত থাকিতে হয় এবং সেই অতিশয় ত্রাস হইতে জ্বর বা স্বাস্থ্যের বিকার হওয়া স্বাভাবিক। ইংরেজিতে ইহাকে sympathetic fever বলে। তুল—ফোড়ার টাড়সে বা তাড়সে জ্বর হইয়াছে।

টান (টান্) [সং—তন্ (বিস্তারে)—তান (হি), ত=ট] বি, আকর্ষণ। প্র—"পুরুষের শতটান, শত্রু শাস্ত্র সংগ্রাম ভ্রমণ"—হেমবন্দ্যো। ২। আঁট ; টানিয়া বাঁধা ! প্র—টান পড়িয়াছে। [ইহার বিপরীত "আল্‌গা"] ৩। শ্বাসের সহিত ধূম্রাদি গলাধঃকরণ ; শোষ। প্র—"শিবু তামাকে কয়েকটী টান দিয়া বলিল"—শরতে বঙ্গপল্লী—দীনেন্দ্র রায়। ৫। স্নেহ ; মমতা ; মায়া ; আসক্তি ; ভালবাসা। ৬। মহার্ঘতা ; অনটন ; অভাব। প্র—"ধর্ম্মঘটের পর হইতে কয়লার বড় টান পড়িয়াছে।" ৭। অঙ্গগ্রহ ; খেঁচনি। spasm. প্র—

"চৈতন্য থাকিতে প্রভো করি নিবেদন
কণ্ঠ যবে রুদ্ধ হবে, নিঃশ্বাস ঘন বহিবে
উর্দ্ধ টান হবে নেত্রে না রবে স্পন্দন।"
—রায় কালীপ্রসন্ন ঘোষ।

৮। রেখা ; কসি। **টান-টান**—বিণ, সংকীর্ণ ; আঁটো-আঁটো। **টান দেওয়া**—ক্রি, টানিয়া ধরা ; জোরে আকর্ষণ করা (ঢিলা বা লোল দেওয়ার বিপরীত)। **টান ধরা**—ক্রি, জোর পড়া ; আকর্ষিত হওয়া ; মুক্ত বা সরলভাবে শ্বাস পড়া ; নিশ্বাসের বেগ উর্দ্ধগত হওয়া ; শ্বাস বদ্ধ হইয়া আসা। প্র—"বুকে পিঠে টান ধরা"। **টান পড়া**—ক্রি, দুর্ম্মূল্য হওয়া ; মহার্ঘ হওয়া ; প্রাচুর্য্যের অভাব হওয়া। **টানসহত্ব**—বি, টান বা আকর্ষণ সহ্য করিবার শক্তি।

টানা [হি—তানা, উর্দ্দু—টানা] বি, রেখা ; সূতার আঁজি ; বস্ত্রের দৈর্ঘ্য পরিমাণের সূত্র ; warp. ২। সংযোগ রজ্জু। ৩। স্ত্রীলোক-দিগের নথ প্রভৃতি অলঙ্কারের ভার লঘু করণোপযোগী স্বর্ণাদি নির্ম্মিত শৃঙ্খল। ইহাও অলঙ্কার।

টানা [সং—তন্ (বিস্তারে) তানা। হি—টানা। উ-পু—টানি। ম-পু—টান ; টানুন ; টান্। প্র-পু—টানে ; টানেন। অস-ক্রি—টানিতে ; টানিয়া, টানি (পদ্যে), টেনে ; টানিবার। ণিজন্ত—**টানান**] ক্রি, আকর্ষণ করা ; বিস্তৃত করা। ২। বিণ, যাহা টানা হইয়াছে। ৩। যাহা টানিতে হয়। প্র—"টানাগাড়ী"। ৪। একটানা ; সোজা ও লম্বা ঋজু ও দীর্ঘ। প্র—"টানাপথ বা রাস্তা" ; "সটান"। বি, **টানুনি, টানানি**।

টানাকাড়া [বস্ত্রবয়নকালে মাকুর ক্রমাগত যাওয়া আসার ভাব হইতে] বি, অনবরত আসা যাওয়া। প্র—"জগতের তাঁতকে পাবি এ তাঁত হতে সে তাঁত ভাল। বারবার আর এসে ধরায়, টানাকাড়ার ফল কি বল॥"—দাশরথি রায়।

টানাটানি—বি. পরস্পর আকর্ষণ। ২। অভাব ; অপ্রতুল।

টানাপড়েন (টানাপোড়েন্) বি. গমনাগমন ; যাওয়া আসা। প্র—"টান' পড়েন করে পায়ে ব্যথা হয়েছে।" ২। বস্ত্রের দৈর্ঘ্য ও প্রস্থ পরিমাণ সূত্র ; বস্ত্র বুনিবার লম্বাদিকের এবং ওসারের দিকের সূতা ; warp and woof.

টানাবুনা [টানিয়া বুনার ভাব] বি. টানাটানি ; জোড়াতাড়া ; ব্যয় সঙ্কোচ।

টানাপাখা—বি. যে পাখা বা ব্যজনী রজ্জু দ্বারা হাতে টানিয়া বা যন্ত্র সাহায্যে চালাইয়া ব্যবহার করিতে হয় ; ধাতুকাষ্ঠ প্রভৃতি নির্ম্মিত দণ্ড ও বস্ত্রাদির দ্বারা নির্ম্মিত বৃহৎব্যজনী। ইং—punkha.

টানাহেঁছা, টানাহেঁচড়া [হি—ছিচ্‌কা—হঠাৎ আকর্ষণ] বি. অনিচ্ছার টান : অন্যের অনিচ্ছায় বলপ্রয়োগ দ্বারা তাহার দৈহিক ক্লেশ উৎপাদক আকর্ষণ। প্র—"অকারণ টানা হেঁছা"—রজনী সেন।

টাপর, টাপোর (টাপোর্) [হি—ছপ্পর শব্দজ। মূল শব্দ সং—খর্পর। প্রাদে] বি. অস্থায়ী চালা ; ছাপর বা ছাপ্পর।

টাপু [সং—'স্তূপ' (উন্নত হওয়া) হইতে পালি টোপ এবং এই দুয়ের মিশ্রণে (hybrid) টাপু (হি)] বি. উন্নত স্থান। ২। ক্ষুদ্র দ্বীপ।

টাপুরটুপুর (র্) [শব্দাত্মক] ক্রমাগত টুপ্ টাপ্ শব্দে বৃষ্টি পতন। প্র—"বৃষ্টি পড়ে টাপুর-টুপুর নদী এল বাণ।"—ছড়া।

টাবা [প্রাদে-গ্রা] নেবু। বি. প্র—"রান্ধিবে মসূরীর সূপ দিয়া টাবা জল"—কবিক।

টামটুম—টুমটাম দ্রঃ।

টায়টায়, টায়টোয় (য়্) [টাল=টায় ; টোল=টোয় ; টাল দ্রঃ। একার্থক সহচর শব্দদ্বয়] ক্রি-বিণ. কোনক্রমে ; প্রয়োজনের ঠিক অনুযায়ী ; এক তিল কম ও নহে বেশীও নহে।

টার (টার্) [টা=পৃথিবী+ঋ (গমন করা)] বি. ঘোড়া ; রূক্ষদেশীয় টাট্টু। ২। [ইং—tar] আল্‌কাত্‌রা ; তারকোল। ৩। টাড়বালা ; করভূষণবিশেষ ; তাড়বালা।

টারপলিন, তারপল, ত্রিপল (টার্-পোলিন্, তার্পল, তৃপল্) [ইং—টারপলিন tarpaulin শব্দজ] জলে প্রবেশকরণ রহিত করিবার জন্য তারকোল বা পিচ ঢালা মোটা কাপড়বিশেষ ; মোমঢাল।

টারপিন (টার্পিন্) [ইং—টার্পেন্টাইন turpentine শব্দজ 'পাইন' নামক বৃক্ষের নির্য্যাস] বি. চীড় বা পাইন গাছের রস জ্বাল দিয়া নিষ্কাশিত তৈল : তার্পিণ।

টারল [ব্রজ। হি—টার্না] ক্রি. অতিবাহিত করিল ; ক্ষেপণ করিল।

টাল (টাল্) [টল্=চঞ্চল হওয়া] বি. ঝোঁক ; ঝুঁকি ; হেলন। ২। ধাক্কা বা ভারী বস্তুর সবল আঘাত। ৩। ফাঁড়া ; বিপদ : সঙ্কট। **টাল যাওয়া**—ক্রি. নবজাত শিশুর বা সাজ্ঘাতিক রোগে জীর্ণ অতিশয় দুর্ব্বল ও সুস্থ-দেহে সামান্য আঘাত বা ধাক্কা লাগিলে অথবা রোগীকে স্থানান্তরিত করিবার কালে তাহার মৃত্যু হইবার সম্ভাবনা তাহার মৃত্যুর এই সম্ভাবনার অবস্থাকে বা প্রাণ সঙ্কটকে 'টাল' যাওয়া বলে। প্র—"কোলে তুলিস্‌নে টাল যাবে"—নীলদর্পণ। ৪। [হি] আড়ত ; বিক্রয়ের স্থান। প্র—"কাঠের টাল।"

টালনি [টালা দ্রঃ]। ২। ব্যাজ ; বৃথা কালক্ষেপ।

টালনি [ব্রজ] বি. টলন ; হেলন। প্র—"চূড়ার টালনি বামে"—জ্ঞানদাস।

টালমাটাল (ল্, ল্) [টাল দ্রঃ] বি. অস্থিরতা ; চঞ্চলতা। ২। উভয়দিকে পুনঃপুনঃ হেলন। ৩। ওজর আপত্তি দ্বারা কালহরণ ; 'আজ নয় কাল' করিয়া ঘুরান ; পাওনাদারকে ফেরাফিরি। প্র—"এই মত টালমাটাল করিয়া বৎসরাবধি গেল"—বিষবৃক্ষ। "বাক্সের ভিতর টাকা থাকে কিন্তু টালমাটাল না করিলে বৈঠকখানা লোকে সরগরম ও জমজমা হয় না।"—টেকচাঁদ।

টালা [সং—টল্ (চঞ্চল হওয়া)। উ-পু—টালি ; ম-পু—টাল ; টালুন ; টাল্। প্র-পু—টালে ; টালেন্। অস-ক্রি—টালিতে ; টালিয়া ; টালি (পদ্যে), টেলে ; টালিবার। ণিজন্ত—টালান] ক্রি. অবহেলা করা ; আলস্যে ক্ষেপণ করা। প্র—"মনুষ্য দুর্লভ জন্ম বৃথা কেন টাল"—ঘনরাম। ২। প্রতিশ্রুতি রক্ষা না করা ; অঙ্গীকার পালন না করা ; ভাঁড়ান। প্র—"লজ্জা পেয়ে সত্য কথা মিথ্যা করি টালে॥"—শিবায়ন। ৩। অনুরোধ রক্ষা না করা ; কথা না শুনা ; অর্থাৎ অমান্য করা ; অগ্রাহ্য করা ; এড়ান। প্র—"সকলের কথা টালিয়া বৈষ্ণবী তাহার কথা রাখিল দেখিয়া কুন্দ বড় লজ্জিত হইল।"—বিষবৃক্ষ। ৪। প্রবোধ দিয়া রাখা ; বুঝাইয়া ক্ষান্ত করা। প্র—"বল তারে কথায় রাখিব কত টেলে। অবশ সে বশ নয় পরের ছেলে॥"—গোপাল উড়ে।

টালাটালি—বি. পুনঃপুনঃ টালা বা অপালন বা অগ্রাহ্য বা অমান্য করণ।

টালি [ইং—টাইল tile শব্দজ মূল ল্যা—টেগিয়ার (ছাওয়া বা আচ্ছাদন করা) ধাতুজ টেগুলা tegula শব্দজ] বি. গৃহের ছাদ ঢাকিবার জন্য চতুষ্কোণ দগ্ধ মৃত্তিকাখণ্ড।

টি, টী—বি. বাঙ্গালা প্রত্যয় ; suffix ; বিশেষার্থে বিশেষ্যপদে "টি" বা "টী" যুক্ত হয়। যেমন বালক—বালকটি বা বালকটী (=নির্দ্দিষ্ট বা সেই বালক)। ঐটি চাই। ২। আদরার্থে। প্র—লোকটি বেশ (অনাদরে, লোকটা ভারি খারাব)। ৩। [প্রাদেশিক গ্রাম্যভাষায় ইহা টিপ বা টীপ শব্দের সংক্ষেপ] শিশুর ভ্রূ-যুগলের মধ্যে যে বিন্দু বা টিপ দেওয়া হয়।

টিআ, টিয়া—বি. টিয়াপাখী ; তোতা।

টিউটর (র্) [ইং—tutor] বি. শিক্ষক। **প্রাইভেট টিউটর**—গৃহে যিনি শিক্ষা দেন ; গৃহশিক্ষক ; private tutor.

টিউশন্, নী [ইং—tuition] বি. শিক্ষকতা ; অধ্যাপন। "টুইশন" ও বলে।

টিক (টিক্) বি. অব্যক্ত শব্দ। (টক্‌টক্ শব্দ অপেক্ষা মৃদু) একবার ঐরূপ শব্দে পতনের ভাব জ্ঞাপক। **টিকটিক**—বারবার ঐরূপ শব্দ ; ঘড়ির দোলকের শব্দ। ২। বিঘ্নব্যঞ্জক বা নিষেধসূচক বাক্য ; নিষেধ বচন ; সতর্ক করণ ; 'করা' ধাতু যোগে ক্রিয়াপদ হয়। প্র—"ঘড়ি করে টিকটিক"—কোমল কবিতা। "মাথার উপর টিকটিক করিও না" টিকটিক এর গতি মন্থর হইলে হয় "টিকিস টিকিস"।

টিকটিকি, কী (টিক্‌টিকি) [উ] বি. স্ত্রী. জ্যেষ্ঠী, জেঠী, গৃহগোধিকা ; সরীসৃপ জাতীয়। ইহারা টিক টিক টিক বা টক টক টক করিয়া উপর্য্যুপরি তিন বার শব্দ করে বলিয়া এই নাম। ২। গমনে বা কোন কার্য্য করণে নিষেধার্থক ইঙ্গিত ; বাধা। প্র—"হাঁচি টিকটিকি বাধা, যে না মানে সে গাধা"—খনার বচন। **টিক্‌টিকি পড়া**—টিকটিকির ডাক বা মুখের শব্দ হওয়া। ২। ঐ শব্দ হেতু কোন কার্য্যে অগ্রসর হইবার পূর্ব্বে নিষেধাত্মক ইঙ্গিত হওয়া।

টিকটিকি (ক্) [ইং—detective শব্দের ধ্বনি অনুকরণে] বি. গুপ্ত পুলিশ ; যে পুলিশ গোপনে গোপনে অপরাধীর সন্ধান করে। ২। যে কাষ্ঠদণ্ডে বাঁধিয়া ফৌজদারী অপরাধীকে বেত মারা হয়।

টিকনি (টিক্‌নি) বি. ছেলেরা কোলে থাকিয়া পায়ের উপর জোর দিয়া লাফাইতে চেষ্টা করে বা ঝাঁপ দিতে চেষ্টা করে তাহাকে টিকনি মারা বলে ; লম্ফন ; ঝম্পন ; ঝাঁপ। ২। এক-প্রকার বার্ণিশ, যদ্দারা প্রতিমাদির বর্ণ উজ্জ্বল করা হয় ; চাল-মাড়া বা এরারুট-গোলা জল অগ্নির উত্তাপে ফুটাইয়া টিকনি বা টিকলি তৈয়ার হয়। ইহা প্রতিমার গাত্রে মাখাইয়া তাহার উপর বার্ণিশ বা গর্জ্জন তৈলাদি লাগান হয়। **টিকসই, টিকসহি**—টেঁকসই দ্রঃ।

টিকলি, টিকুলি (ক্) [হি—টীক্‌লি] বি, খণ্ড : টুকরা ; গোটা গোটা খণ্ড। প্র—"তোমার কথাগুলি যেন আকের টিকলি"—নবীন তপস্বিনী [বুকনি দ্রঃ]। ২। কপালে টিপ পরিবার স্থানের ভূষণবিশেষ : তিলক।

টিকা [প্রাকৃ—টিক্ক ; হি—টীকা=তিলকা] বি, রাজচিহ্ন : তিলক। প্র—"সিংহ তুমি মহাতেজা পশু মধ্যে হও রাজা, টিকা দিলা ভবানী ললাটে।"—কবিক।

টিকা, টাঁকা [উ-টিকি আ। বি, তামাক জ্বালাইবার টিকা : অঙ্গারাদি দ্বারা প্রস্তুত অগ্নিজ্বলন দ্রব্য। ২। বসন্তরোগ নিবারণ জন্য বাহুতে ক্ষত করিয়া বসন্তাদির বীজ রক্তের সহিত মিশ্রিত করণ ; inocculation ; vaccination. প্র—বসন্তের টিকা : প্লেগের টিকা ইত্যাদি। ৩। চুক্তি ; ঠিকা : ntract.

টিকা, টেঁকা (ট্যা) [সং—তিষ্ঠন। হি—টীক্‌না। উ-পু—টিকি, টেঁকি। ম-পু—টিক, টেঁক ; টিকুন, টেঁকুন ; টিক্ ; টেঁক্। অস-ক্রি—টিকিতে, টেঁকিতে ; টিকিয়া, টেঁকিয়া : টেঁকে : টিকিবার, টেঁকিবার : টিকবার, টেঁকবার। ণিজন্ত—টিকান, টেঁকান (নো)] ক্রি, তিষ্ঠান : অবস্থান করা। ২। স্থায়ী হওয়া। ৩। বাস করা। বি, **টিকন ; টিকুনি**। **টিকাদার**—যে বসন্ত প্রভৃতি রোগের টিকা দেয়। ২। যে কোন কাজ চুক্তি অনুসারে সম্পাদন করে : যে নির্দ্দিষ্ট সময়ে ও পারিশ্রমিকে কোন কার্য্য করিবার ভার গ্রহণ করে : কণ্ট্রাক্টর : ঠিকাদার। **টিকাদারী**—টিকাদারের কার্য্য বা ব্যবসায়।

টিকারা—বি, দুন্দুভি বাদ্য ; ধামাল। প্র—"অমনি কতকগুলি বন্য লোক টিকারা ও কাড়ানাগড়া বাজাইয়া গান করিতে লাগিল।"—টেকচাঁদ। "উটের উপরে বাজে দামামা টিকারা।"—রঙ্গলাল।

টিকারা [সং—ধিক্কার। হি—টিটকার—সংক্ষেপে] বি, ধিক্কার ; লজ্জাদান : টেক্কা। ২। অতিক্রমণ ; উল্লঙ্ঘন। [দ্রঃ "দেওয়া ধাতু যোগে ক্রিয়াপদ হয়। যথা—টিকারা দিয়া কথা কহা]।

টিকি কী [হি—চুট্‌কী ; শিখা শব্দজ। শিখা হইতে টিকা পরে টিকি] বি, শিখা : চূড়া। প্র—"টিকি ধরি টানে গো টুটাহ টিটকার"—ভারতচন্দ্র। **টিকি দেখিতে না পাওয়া**—উপস্থিত আছে তাহার নিদর্শন পর্য্যন্ত না পাওয়া।

টিকিট (টিকিট্) [ইং—টিকেট্ ticket শব্দজ] বি, নিদর্শন পত্র ; ছাড়পত্র ; মাশুল বা ভাড়ার রসীদ, যাহা দেখাইলে পুনরায় মাশুল বা ভাড়া দিতে হয় না। **টিকিটঘর**—যে ঘরে বা দপ্তরে টিকিট পাওয়া যায় ; টিকিট বিক্রয়ের স্থান।

টিকিন্ [ইং—ticking] বি, একপ্রকার মজবুত মোটা কাপড় যাহাতে তোষক, গদী, বালিশ প্রভৃতি তৈয়ার করে।

টিঞ্চার (র্) [ইং—tincture] বি, জলীয় ঔষধ (গুঁড়া বা বড়ী নহে)।

টিটকার, টিটকারি, টিটকারি, রী (টিট্‌কার্) [টিট্ (টিট্ টিট্ এইরূপ ধ্বনি)+কার (করণ) টিটকরণ ; হি—ধিৎকার :—মূল সং—ধিক্কার শব্দজ] বি, নিন্দা ; ভর্ৎসনা বা বিদ্রূপ প্রকাশক শব্দ। শেষোক্ত অর্থেই অধিক ব্যবহার আছে। প্র—"দেখিয়া হাসয়ে যত ব্রাহ্মণমণ্ডলী। টিটকারি দিয়া নাচে দেই করতালি॥"—মহা-কাশী। "মহা হাস্যে দিয়ে টিটকারী, বিদ্রূপ ঢালিয়া দেয় গায়"—অশোকগুচ্ছ।

টিটিভ, টিট্টিভ (ভ্) [টিট্টি (টিট্‌টিট্ এইরূ শব্দ)+ভ (ভাষ্=বলা)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, টিটিরপাখী।

টিণ্ডিশ (শ্) [সং—হি—ভিণ্ডী] বি, টাঁড়শ।

টিন (টীন্) [ইং—tin শব্দজ] বি, রৌপ্যের ন্যায় শ্বেতবর্ণ একপ্রকার ধাতু। এই ধাতুতে বাক্স পেঁটরা ছাদ প্রভৃতি নির্ম্মিত হয়। প্র—টিনের বাক্স, টিনের ছাদ ইত্যাদি।

টিনটিন (টিন্‌টিন্) [ধ্বন্যাত্মক শব্দ] ক্রি-বিণ, টিমটিম বা মিটমিট ; স্বল্পতা প্রাপ্ত ; পাতলা বা কৃশ হওয়া। করা ধাতুযোগে ক্রিয়াপদ হয়। প্র—"রোগা টিনটিন করিতেছে"। বি, **টিনটিনে**—কৃশ।

টিপ (টিপ্) [প্রাকৃত—টিপ্পি (হেমচন্দ্র)] বি, আঙ্গুলের অগ্রভাগ : আঙ্গুলের মুড়ী। প্র—"আঙ্গুলের টিপেটিপে নেচে ওঠে ওই"—চন্দন। ২। আঙ্গুলের মুড়ীর ছাপ ; চিহ্ন। ৩। হুণ্ডী : হাতচিঠি। ৪। কপালের মধ্যস্থলে ধৃতচিহ্ন বা ফোঁটা। প্র—"কপালে টিপের ফোটা খোঁপা বাঁধা চুল"—হেমবন্দ্যো। ৫। লক্ষ্য। প্র—"বন্দুকের টিপ ; হাতের টিপ" ইত্যাদি।

টিপটিপ (টিপ্‌টিপ্) [শব্দাত্মক ফোঁটা ফোঁটা বৃষ্টি পতনের শব্দ। ইহার মৃদুতররূপ এবং পতনের মন্থরগতি ব্যঞ্জক শব্দ—**টিপিটিপি**। ২। মাথার বেদনা বা যন্ত্রণার ভাবপ্রকাশ। "মাথা টিপ্‌টিপ্ করে"। ৩। ভয়ে দেহ ও মনের অবস্থাজ্ঞাপক। "ভয়ে মন টিপ্‌টিপ্ করে"। বিণ, **টিপটিপে**।

টিপটাপ (টিপ্‌টাপ্) ক্রি-বিণ, টিপটাপ শব্দে 'করা' ধাতুযোগে ক্রিয়াপদ হয়। প্র—"দলেমলে টিপটাপ করে দণ্ডদ্বয়। একগাছি গেল আর দুটি গাছ রয়॥"—শিবায়ন। ২। ২। ফোঁটা ফোঁটা বারি পতন শব্দ ; ক্ষুদ্র ক্ষুদ্র ফল গাছ হইতে পড়িবার শব্দ। বি, **টিপটিপনি, টিপটিপিনি, টিপটিপুনি**—ফোঁটা ফোঁটা বারি পতন শব্দ : অল্প অল্প বৃষ্টি হওয়া।

টিপন, টিপনি, টিপুনি, টেপন (পোন্) বি, টিপিয়া দিবার কার্য্য ; মর্দ্দন। ২। গুপ্তাঘাত করণ।

টিপননড়ী (টিপোন্‌নোড়ি) বি, বংশনির্ম্মিত বয়ন যন্ত্রের অংশবিশেষ ; তাঁত বুনিবার কালে ইহাদ্বারা ঝাঁপকে টিপিতে হয়।

টিপসহি (টিপ্‌শোই) [হি—টিপসহী] বি, নিরক্ষর লোকের অঙ্গুলির অগ্রভাগের ছাপ thumb-impression.

টিপা, টেপা [হি—টীপ্‌না] ক্রি, টিপিয়া দেওয়া : দলিয়া দেওয়া : চাপ দেওয়া। **টিপান, টেপান**—ক্রি, অন্যের দ্বারা টিপিয়া লওয়া। **টিপাটিপি**—পরস্পর পরস্পরের অঙ্গাদি মর্দ্দন করা। ২। পায়ের শব্দ না করা ; নিঃশব্দে : আস্তে আস্তে। **টিপিয়া**—ক্রি, চাপিয়া। ২। ইসারা করিয়া। ৩। সতর্ক বা সেয়ানা করিয়া দেওয়া। **টিপিয়া-টিপিয়া, টিপেটিপে**—ক্রি-বিণ, ভিতরে ভিতরে : গোপনে।

টিপিটিপি—বৃষ্টির ক্ষুদ্র ক্ষুদ্র ফোঁটা পতনের শব্দ। ২। পায়ের অগ্রভাগের উপর ভর করিয়া চলার ভাবজ্ঞাপক : নিঃশব্দ-পদ-সঞ্চারে।—"টিপিটিপি যাওয়া" ৩। দাঁত ঢাকিয়া হাস্য করার ভাব, হাস্য প্রকাশ না পায় এরূপ ভাবে মুখ চাপিয়া ঈষৎ হাস্য করা। ৩। কাহার অন্তরে আঘাত দিয়া বা মর্ম্মস্পর্শ করিয়া তাহাকে কোন কিছু বলা ; ক্রোধ, ঘৃণা, হিংসা প্রভৃতি ভাবের কোন চিহ্নমাত্র প্রকাশ না করিয়া ধীরে ধীরে মর্ম্মভেদী বাক্য প্রয়োগ করার ভাব প্রকাশক।

টিপ্পনী [টিপ্‌পোনি] বি, স্ত্রী, কোন বাক্য প্রবন্ধ বা পুস্তকাদির তাৎপর্য্য ব্যাখ্যা : অর্থ সরল করিবার জন্য যাহা লিখিত হয় : টীকা।

টিমটিম (ম্) [হি—টিমটিমানা। মিটমিট করা বা অনুজ্জ্বল আলোক প্রকাশ করা] বি, আলোকের ক্ষীণত্ববাচক। **টিমটিম করা**—ক্ষীণ আলোক দান করা : মিটমিট করা। বিণ, **টিমটিমে**।

টিয়া, টিআ—বি, টিয়াপাখী ; তোতা : paroquet. পৃথিবীর নানাস্থানে নানাজাতীয় টিয়াপাখী আছে। সাধারণতঃ ইহাদের পালকের বর্ণ সবুজ ও ঠোঁট লাল।

টিলা [হি] বি, উচ্চ-মৃত্তিকাস্তূপ ; ক্ষুদ্র পাহাড়। প্র—"এই ভাবিয়া মহেন্দ্র অশ্বে আরোহণ করিতে ধীরে ধীরে টিলার উপর উঠিতে আরম্ভ করিলেন।"—আনন্দমঠ।

টী—বাঙ্গালা প্রত্যয়বিশেষ ; টি দ্রঃ।

টীকা [টীক্ (গমন করা) + অ (করণে) স্ত্রী,—আপ্—যাহা দ্বারা কোন বিষয় বা উদ্দেশ্যের ভিতরে গমন বা প্রবেশ করা যায় : যাহাদ্বারা বোধগম্য হয়] বি, স্ত্রী, অর্থ-নির্ণায়ক গ্রন্থ : গ্রন্থাদির ব্যাখ্যাপুস্তক। ২। তামাক খাইবার টিকা। ৩। [টিকা দ্রঃ] তিলক ; রাজচিহ্ন। প্র—"ভালে টীকা দিয়া মাতা কৈলে মৃগরাজ"—কবিক।

টীট (টীট্) [ব্রজ] বিণ, ঠেঁটা ; বেহায়া। প্র—"টীট নাগর চোর"—বি, প,। **টীটপনা**—বি, ঠেঁটামি ; নির্লজ্জতা ; নির্লজ্জের মত ব্যবহার। প্র—"বুঝিয়া নাগরী ধরিল করে। এত টীটপনা আসিয়া ধরে॥"—চণ্ডীদাস।

টীপ (টীপ্) [টিপ দ্রঃ] বি, টিপ ; ফোঁটা : বিন্দু : কপালের চিহ্ন। প্র—"পরিতেছিলাম কপালে সোণার টীপ"—রবি।

টু, টুঁ [শব্দাত্মক] বি, অব্যক্ত শব্দ : টু এই শব্দ : ২। সামান্য বা ক্ষীণ প্রতিবাদ। ৩। টুঁ ইত্যাকার সামান্য শব্দ : ইহার স্থলে কখন কখন 'চুঁ' শব্দ বলা হয়। কোন প্রকার উক্তি। **টু দেওয়া**—সাড়া দেওয়া : নিজের বিদ্যমানতা জানান। প্র—"দম্পতির গৃহে ছাদ ফুটা করিয়া টু দেই"—বঙ্কিম (গদ্যপদ্য)। **টুঁশব্দ না করা**—এককালে নির্ব্বাক হওয়া ; চুপ করিয়া থাকা।

টুআন, টুয়ান (টোআনো) ক্রি, টুয়াইয়া দেওয়া : উস্কাইয়া দেওয়া : উত্তেজিত করা ; কোন কার্য্যে প্রবৃত্তি দেওয়া। ২। লেলান। প্র—"রাস্তার ছোঁড়াদের টুইয়া দিত"—টেকচাঁদ।

টুই, টুঁই [প্রা-বাং। প্রাদে] বি, মুড়েলা : চালের মুড়ি : চূড়া। প্র—"টুই মুড়িয়া নামএ এল বিসাম্ভর"—শূ-পু।

টুইল (ল্) [ইং—টুইল্ twill শব্দজ]—জামা, সেমিজ প্রভৃতি প্রস্তুত করণোপযোগী বস্ত্রবিশেষ। এই কাপড় বুনিবার কালে সূতার টানাপোড়েন দিবার বিশেষত্বের জন্য এই নাম।

টু—টু দ্রঃ।

টুঁই—টুই দ্রঃ।

টুঁটি [হি—টেঁাটী শব্দজ] বি, কণ্ঠনালী ; কণ্ঠ ; প্র—"টিপে ধরে টুঁটী"—ঘনরাম।

টুক, টুকি, টুকু, টুকুন, টুকুনি (ক, ন্) । অল্প ; লেশ। প্র—"বালা হয়ে জ্বালা সয়, কেমনে বাঁচিয়া রয়, কারো মনে নাহি হয়, দয়া একটুক গো দয়া একটুক"—ঈশ্বর গুপ্ত। "সকলের অবশেষ এইটুকু লাজ লেশ"—রবি। "দুজনে কি এটুকুনি করিবে গ্রহণ?"—মানকুমারী।

টুকটুক (টুক্টুক্) [শব্দাত্মক। টকটক দ্রঃ] ক্রি-বিণ, ঘোর লাল কিন্তু চক্ষুর অপ্রীতিকর নহে ; সৌন্দর্য্যবর্দ্ধক বা মানানসই লাল। প্র—"সে সলাজ হাসি মুখ, কিবা লাল টুকটুক"—কুঙ্কুম। ২। দুর্ব্বল ব্যক্তির চলনের শব্দানুকারী ভাষা। বিণ, **টুকটুকিয়া, টুকটুকে**—ঘোর লাল ; সুন্দর লাল।

টুকনি, নী (টুক্নি) [হি—টোকরী] বি, সামান্য ভিক্ষাপাত্র।

টুকরা টুকরো (ক্) [হি—টুকরা (খণ্ড) শব্দজ] বি, খণ্ড : ছিন্ন বা কর্ত্তিত অংশ। **টুকরা জমী**—ক্ষুদ্র জমী। **টুকরা দাখিলা**—ক্ষুদ্র দাখিলা।

টুকরী (টুক্রি) [হি—টোকরি শব্দজ] বি, বংশাদি-নির্ম্মিত পাত্র : ঝুড়ি এবং এই-জাতীয় আধার।

টুকা [টোকা দ্রঃ] ক্রি, পত্রান্তর করা। ২। সঙ্ক্ষেপে এবং উপস্থিত মত লিখিয়া লওয়া : ইং—নোট করা note.

টুকি [টোকা দ্রঃ] ক্রি-বিণ, অল্প। ২। খণ্ড। **টুকিটুকি**—খণ্ডখণ্ড। ২। অল্প অল্প। ৩। টুকটুক বা চুকচুক শব্দ করিয়া চুষিয়া খাওয়া। প্র—"টুকিটুকি খেলে পরে রসে ভরে গাল।"—ঈশ্বর গুপ্ত।

টুকী [টোকা দ্রঃ। সং—তোক (শিশু) ঈ (স্ত্রীলিঙ্গে)] বি, স্ত্রী, শিশুকন্যা ; খুকী : বালিকা। পুং, টোকা।

টুঙ্গ, টুঙ্গি, টুঙ্গী [সং—তুঙ্গ (উচ্চ) শব্দজ] বি, কাষ্ঠাদি-নির্ম্মিত উচ্চ স্থান। ২। মঞ্চোপরি ক্ষুদ্র গৃহাদি। **জলটুঙ্গি**—জল মধ্যস্থ গৃহ। ইহা জলগর্ভ হইতে প্রস্তরাদির ভিত্তির উপর নির্ম্মিত হয় এবং দ্বীপের ন্যায় দেখায়। প্র—"নানারত্নে নির্ম্মাইল টুঙ্গী শতে শতে।" কৃত্তিবাস।

টুট (টুট্) [ত্রুটী শব্দজ। ব্রজ] বি, ত্রুটী ; অল্পত্ব ; হ্রাস। **টুটই**—[ত্রোটন (ছিন্ন হওয়া) শব্দজ। ব্রজ] ভগ্ন করে : হ্রাস করে। **টুটইতে**—ভগ্ন হইতে ; ভাঙ্গিতে। প্র—"টুটইতে নাহি টুটে প্রেম অদভূত"—বি, প। **টুটত**—ভাঙ্গে। প্র—"দারুণ প্রেম তবহি নাহি টুটত"—বি, প। **টুটব**—ভাঙ্গিবে। প্র—"টুটব বিরহ কি ওর"—বি, প। **টুটল**—ভাঙ্গিল। প্র—"টুটল গীমক মোতিম হার"—বি, প। **টুটায়ব**—প্র—"হামারি গৌরব তুহুঁ বাঢ়ায়লি অব টুটায়ব কে।"—চণ্ডীদাস।

টুটা [ত্রুট্ (ছেদনে) ধাতু হইতে। হি—টুট্না। উ-পু—টুটি। ম-পু—টুট। প্র-পু—টুটে। অস-ক্রি—টুটিতে ; টুটিয়া, (পদ্যে) টুটি ; টুটিবার। ণিজন্ত—টুটান। মাইকেল এই অর্থে টুটা ব্যবহার করিয়াছেন। প্র—"কিন্তু মায়াবল আমি টুটি বাহুবলে"—মেঘনাদ] ক্রি, কমান ; হ্রাস করা। প্র—"সতীঝির প্রতি কেন টুটিল সম্মান"—কবিক। ২। ভগ্ন করা ; ভাঙ্গা : ছেদন করা। টুটি দ্রঃ।

টুটা [ত্রুটী আছে যাহার বা যাহাতে] বিণ, কম ; হ্রস্ব। প্র—"তুমি যে রাজার বেটা কে তোমাতে টুটা। যদি লবে পারাবত দাঁতে কর কুটা॥"—কবিক। "বোধে নাহি টুটা"—বি, স্থ। বিণ, ভগ্ন। ২। কম।

টুটান (নো) [হি—টুটানা] ক্রি, হ্রাস করান ; কমান। প্র—"তপস্যা করেন গৌরী হরপদ-আশে। আহার টুটান মাতা দিবসে দিবসে।"—কবিক। ২। ভঙ্গ করা : ভাঙ্গান।

টুটি (টুটা দ্রঃ। পদ্যে] ক্রি, ভাঙ্গিয়া। প্র—"হায় টুটি ফেলল।"—বি, প,। ২। [উত্তম পুরুষের ক্রিয়াপদ] ভগ্ন করি ; ভেদ করি ; চূর্ণ করি ; ছেদন করি। প্র—"কিন্তু মায়াবল আমি টুটি বাহুবলে। যথা পাই মারি অরি ভীম প্রহরণে।"—মেঘনাদ। ৩। টুঁটি দ্রঃ।

টুটে [হি—টুট্না = ভঙ্গ হওয়া] ক্রি, ভঙ্গ হয় : ঘুচে ; হ্রাস পায় ; কমে। প্র—"টুটইতে নাহি টুটে প্রেম অদভূত।"—বি, প। "চাপড খাইয়া বীর বলে নাহি টুটে।"—কবিক। "সোহাগ নাহি টুটে।"—কবিক। "নাহি টুটে দম্ভ।"—ধ, ম। "খাইতে সোয়াস্তি নাই নাহি টুটে ভুক।"—চণ্ডীদাস।

টুন (ন্) লাল রংএর কাপড় শালু।

টুনটুনি (ন্) [সং—টুণ্টুক্] বি, টুণ্টুনি পাখী ; orthotomus sutorius ; cisticola cursitis. বিণ, **টুনটুনে**—ক্ষুদ্র ও স্বল্প প্রাণ।

টুনা, টুনি, টুনু—বি, ক্ষুদ্রার্থক শব্দ

টুপটাপ (প্) বি, জলীয় তরল পদার্থের বা ফলাদি এক একটী করিয়া পতনের শব্দ। ২। ক্রি-বিণ, ঐরূপ শব্দে। প্র—"বৃক্ষপত্র হইতে টুপ্টাপ্ করিয়া শিশির বিন্দু ঝরিয়া পড়িতেছে।"—শরতে বঙ্গ-পল্লী (দীনেন্দ্র রায়)।

টুপভুজঙ্গ (টুব্ভুজং) [চলিত "ভুজুং," "ভুচুং" বা "ভুচং"। টুপ (টুব = টুবটুব) + ভুজঙ্গ (বিষধর বিষের আধার = মাদক দ্রব্য—মদে ডুবুডুবু

বা নেশায় পূর্ণ) "টুপভুজঙ্গ অর্থাৎ অতি ভুজঙ্গ অর্থাৎ সর্পের ন্যায় সতর্ক। সাদাসিদে লোক কোপকাপ বুঝে না; আজ্ঞে তা নয়, টুপভুজঙ্গ অর্থাৎ ভুজঙ্গ অর্থাৎ ভুজঙ্গ ভুজকুড়ি অর্থাৎ মদ্যপানের পর বাক্যশক্তি গতিশক্তিহীন অবস্থাপন্ন, ঐ অবস্থায় শরীর জড়সড় হইয়া থাকে ঘাড় নেটিয়ে পড়ে ও দুটি চোক ঝিমর ও মিটমিট করে, আর ইচ্ছা হয় যে পক্ষী হইয়া ছাদের উপর হইতে উড়ি। ভোঁ ও টুপভুজঙ্গ এরা মামাত পিসতুতো ভাই।" —টেকচাঁদ] বিণ, নেশায় চুর; নেশায় ভোঁ; বুঁদ। প্র—"মদ খাইয়া টুপভুজঙ্গ হইয়া"—রাজ, বসু, আত্মচরিত। "মহাশয় হরেকৃষ্ণ বাবু ও রাজকৃষ্ণ বাবু টুপভুজঙ্গ রকমে দরজায় উপস্থিত হইয়াছেন।"—টেকচাঁদ।

টুপি, টুপী [হি—টোপ (মস্তকাবরণ) টোপা (কাণ পর্য্যন্ত ঢাকা টুপি) ক্ষুদ্রার্থে টোপী (কেবল মস্তক ঢাকা টুপি)] বি, শিরস্ত্রাণবিশেষ: টুপি (দেশ, জাতি ও রুচি ভেদে ভিন্ন ভিন্ন প্রকার হয়)। প্র—"মন্দুড়োর মণ্ডিত মাথায় বীর টুপি।"—ঘনরাম।

টুবটুব (ব্ ব্) [শব্দাত্মক] অ, উপর্য্যুপরি ডুবিবার শব্দ। ২। জলে ঢিল প্রভৃতি ছুঁড়িয়া ফেলিবার শব্দ। ৩। জলে পরিপূর্ণ হইবার ভাব। বিণ, **টুবটুবে**—রস বা জলে পূর্ণ। **টুবটুবাটুব** [পরিহাসে] টুবটুবে। প্র—"রসে ভরা টুবটুবাটুব।"

টুমটাম (ম্, ম্) [হি—টুম, টুমটাম্=যৎকিঞ্চিৎ (২) ক্ষুদ্র অলঙ্কার)] বিণ, সামান্য, যৎকিঞ্চিৎ: অকিঞ্চিৎকর। ২। টুকুটাকু। ৩। বি, সামান্য বা তুচ্ছ জিনিস। **টুমটাম করে**—সামান্য ভাবে: অল্প ব্যয়ে।

টুয়ান, টোয়ান (আনো) ক্রি, টুইয়ে দেওয়া: উস্কাইয়া দেওয়া বা উত্তেজিত করা; সজাগ করিয়া দেওয়া: ইত্যাদি। প্র—"এহেন কুমার মারে টোয়াইয়া করি।"—ঘন।

টুল (টুল্) [ইং—stool.] বি, কাঠাসন।

টুলান (নো) ক্রি, টোলান দ্রঃ। ২। [সম উচ্চার্য্য শব্দের সহচর শব্দ স্বরূপ ব্যবহৃত হয়] তদ্রূপ কিছু এই অর্থে। প্র—"ভুলাইয়া টুলাইয়া।"—টেকচাঁদ।

টুলি [হি—টোলী (পল্লী) শব্দজ] টোলা দ্রঃ বি, পল্লী; পাড়া।

টুসটুস (শ্, শ্) [টস টস (দ্রঃ) অল্পার্থে ও আদরার্থে টুসটুস] অ, রসে পরিপূর্ণতা-বোধক; রসাধিক্যবশতঃ (স্বাভাবিক বা রসস্থ স্বরে) মুখমণ্ডলের ঢলঢলে ভাববোধক। ২। মৃদুশব্দে ও ক্ষুদ্র বিন্দুতে জল বা জলবৎ পদার্থের পতন। আধিক্যে "টসটস", —অত্যাধিক্যে "টপাস"।

টুসি (টুষি) [টোসা অপেক্ষা ক্ষুদ্র] বি, ক্ষুদ্র বিন্দু। ২। অঙ্গুলি দ্বারা সামান্য আঘাত; টুস্কি। (ইকার ক্ষুদ্রত্ববাচক টোসা দ্রঃ)।

টুস্কি (টুষ্কি) [সং—ছোটিকা] বি, টুসি; বৃদ্ধাঙ্গুলির সাহায্যে তর্জ্জনীর ক্ষিপ্র কিন্তু লঘু আঘাত: টোকা। প্র—"টুস্কিটির সয় নারে ভর, দেখ্‌তে দুখান হ'য়ে যায়"—রজনী সেন। **টুস্কির মাল**—ভঙ্গপ্রবণ: যাহা টুস্কির ভর সহে না।

টে—নির্দ্দিষ্ট বা বিশিষ্ট অর্থে এই শব্দের পর এবং ইকারান্ত বিশেষ্যপদের উত্তর বিকল্পে 'টে' বিভক্তি হয় (টা, টি দ্রঃ)। প্র—"এইটে", "সেইটে," "ঘড়িটে," "ছড়িটে।" ২। কোন কোন বিশেষণ পদের উত্তর 'টে' বিভক্তি হয়: তখন উহা ঈষৎ যুক্ত, তৎবিশিষ্ট, তদ্রূপ, তৎসদৃশ, তন্ময় প্রভৃতি অর্থ বিজ্ঞাপিত করে; যথা,—লম্বাটে অর্থাৎ দেখিতে লম্বা মত: লম্বা লম্বা; রাঙাটে, অর্থাৎ সম্পূর্ণ রাঙাও বলা যায় না অথচ অন্য কোন রঙ ও বলা যায় না: রাঙা রাঙা, ঈষৎ রাঙা বা রাঙার মত। এইরূপ পাংশুটে; কাদাটে, ঘোলাটে ইত্যাদি।

টেংরা (ট্যাংরা) বি, মৎস্যবিশেষ; টেঙ্গরা দ্রঃ। **টেংড়ি, টেংরি, টেংরী**—টেঙ্গরি দ্রঃ।

টেঁ [শব্দাত্মক] **টেঁটেঁ**—ক্রন্দন শব্দ: বিরক্তিব্যঞ্জক। ২। অপ্রীতিকর বাক্যের পুনঃ পুনঃ আবৃত্তি।

টেঁক (ট্যাঁক্) [সং—কট। হি—টেঁট্] বি, কোমর; কটিদেশ। **টেঁকে গোঁজা**—কোমরের কাপড়ে বা কশির স্থানে গুঁজিয়া বা মুড়িয়া রাখা। ২। অবলীলাক্রমে সম্পূর্ণ কাবু করা। **টেঁক ঘড়ি**—কটিদেশে রাখিবার ঘড়ি: ক্ষুদ্র ঘড়ি; watch.

টেঁক (ট্যাঁক্) [হি—টেক বা টিক্‌না শব্দজ। সং—স্থা ধাতুজ স্থিতি শব্দের অপভ্রংশ] বি, স্থিতি। **টেঁকসই**—স্থিতিশীল থাকিবার যোগ্য; মজবুত; দৃঢ়।

টেঁকা (ট্যাঁকা) [সং—স্থা ধাতুজ তিষ্ঠ এই ক্রিয়ারূপের অপভ্রংশে, হি—টীক্‌না (স্থিতি করা) শব্দজ] ক্রি, তিষ্ঠান; থাকা; স্থায়ী হওয়া। ২। বাঁচা। প্র—"মেনকা সুন্দরী মনস্তাপ করি কন। মর্দ্দের মর্দ্দনে মেয়ে টেঁকে কতক্ষণ?"—শিবায়ন।

টেঁকুটেঁকে—ট্যাঁক ট্যাঁক দ্রঃ।

টেঁটরা (ট্যাঁট্‌রা) [হি—ঢিঢোরা শব্দজ] বি, বাদ্যযন্ত্র; ঢাক। ২। বিজ্ঞাপন; প্রচারবাণী। [ট্যাট্‌রা দ্রঃ] **টেঁটরা-ওয়ালা**—যে নগরময় সরকারী হুকুম টেঁটরা বা ট্যাটরা বাদ্য ও চীৎকার করিয়া সাধারণে প্রচার করে; a town crier.

টেঁসা (ট্যাঁশা) ক্রি, অকালে মরিয়া যাওয়া। ২। মরিয়া শক্ত হওয়া।

টেক (টেক্) [সং—স্থা ধাতুজ হি—টিক্‌না ও টেক হইতে] বি, অবলম্বন; ঠেকনো। ২। স্থিতি; স্থায়িত্ব। ৩। (ট্যাক্) [টেঁক দ্রঃ] বি, টেঁক। ৪। নদী প্রভৃতির বাঁক। প্র—"দেখিয়াছি টেকের মাথায়"—দেবী-চৌধুরাণী। [তু—ল্যা, sto ষ্টো; staticus ষ্টাটিকাস্=স্থিতি করা: ইং—stake, ষ্টেক=ঠেকনো, খুঁটি]।

টেকসই, টেঁক্‌সই (ট্যাঁক্‌সৈ) [টেক=স্থিতি+সই=সহ্ (সহ্য করা)—কর্ত্তৃ—ঈ—যে বহুদিন থাকে] বিণ, যাহা শীঘ্র ক্ষয়প্রাপ্ত বা নষ্ট হয় না; মজবুত।

টেকা, টেঁকা (ট্যাঁকা) [টিকা দ্রঃ—ণিজন্ত, টেকান (নো)] ক্রি, অবস্থান করা; থাকা। প্র—"যার পিতামাতা ভস্ম মাখে তরুতলে রয়। ওমা, তার তনয়ের ভিটের টেকা, এ বড় সংশয়॥"—রামপ্রসাদ। ২। স্থায়ী হওয়া। ৩। বাঁচা।

টেকুআ, টেকুয়া, টেকো [টকু শব্দজ] বি, সূত্র পাক দিবার যন্ত্র; spindle. ২। [টাক শব্দের বিশেষণে] বিণ, টাকবিশিষ্ট; যাহার মস্তকের চুল উঠিয়া গিয়াছে। (টাক দ্রঃ)।

টেক্কর (টেক্‌কর) [সং—তীব্র শব্দজ] বি, তীব্র বিদ্রূপ। ২। কুৎসা; নিন্দা; অপবাদ। প্র—"টিটকারী টেক্করে হইনু পরাজয়"—কবিক।

টেক্কা—বি, প্রতিযোগিতা; প্রতিদ্বন্দ্বিতা। ২। টিকারা দ্রঃ। ৩। তাসের রং বিশেষ। প্র—"মন তুই কি সাহসে আজও বসে খেলিস তাস তুই টেক্কা রং রাখলি হাত রাখলি না ঢুকুড়ি সাত এখন বাজে রংএর সাতার পিঠে দিতে হবে টেক্কা পাশ।"—রসিক চক্রবর্ত্তী। **টেক্কা দেওয়া**—টেক্কা মারা; প্রতিযোগিতা করা। ২। অতিক্রম করা।

টেক্স (টেক্‌সো) [ইং—ট্যাক্স্ tax শব্দজ] বি, রাজকর; খাজানা; মাশুল। প্র—"জলের টেক্স; আলোর টেক্স ইত্যাদি।

টেঙ্গরা (ট্যাংরা) [ত্রিকণ্টক শব্দজ] বি, আঁইসহীন মৎস্যবিশেষ; macrones vittalus.

টেঙ্গরি, রী [টাঙ্গ দ্রঃ। হি—টেঙ্গরী] বি. পা। ২। পাঁটার পায়ের নিম্নাংশের হাড়।

টেটরা—টেঁটরা দ্রঃ।

টেটা (ট্যাটা) [সং. কণ্টক—কাঁটা হইতে] বি. লৌহময় অস্ত্রবিশেষ। পুকুরের অন্যান্য মাছ খায় এমন অনিষ্টকর মাছ যেমন 'শাল' 'বোআল' প্রভৃতিকে বিদ্ধ করিয়া মারিবার জন্য টেটা ব্যবহৃত হয়।

টেড়া (ট্যাড়া) [সং—তির্য্যক্ শব্দোৎপন্ন। হি—টেঢ়া শব্দজ। তেড়া, তির্য্যক, তেরিয়া দ্রঃ] বিণ. বক্র; বাঁকা; হেলা। ২। রুক্ষ; উগ্র। প্র—"যাদের পেটে হেড়া, মেজাজ টেড়া, তাদের কাছে কেটা যাবে"—ঈশ্বর গুপ্ত।

টেড়ি, টেড়ী [সং—তির্য্যক। হি—টেঢ়ী] বি. বাঁকা সিঁথি বা সিঁতে। **টেড়িকাটা**—ক্রি. চিরুণী বা ব্রুশাদি দ্বারা মাথার চুল ফিরাইয়া সিঁথি বাহির করা। **টেড়ি-বাগান** (বাগানো) টেড়িকাটা।

টেঢ়া [হি—টেঢ়া। টেড়া দ্রঃ] বিণ. বক্র; তির্য্যক্। প্র—"শিরস্ত্রাণ বর্ম্ম চর্ম্মে সজ্জিত সকলে। রণমদে মাতোয়াল, টেঢ়া ভাবে চলে॥"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

টেনা (ট্যানা) [ছিন্ন শব্দজ। তেনাও হয়। গ্রা] বি. ছিন্ন মলিন বস্ত্র; মলিন বাস; কানি; ল্যাতা। প্র—"তখন পরিতে টেনা, এবে পট্ট ধুতি"—ঘনরাম। "শত গাঁটি ছিঁড়া টেনা করি পরিধান"—অ, ম। ২। কৌপীন। **টেনি, টেন্‌কি**—টেনা অপেক্ষা ক্ষুদ্রাকৃতি। **টেনে**—অস-ক্রি. টানিয়া [টানা দ্রঃ]। **টেনেবুনে**—ক্রি-বিণ. কষ্টেসৃষ্টে; যোড়া-তাড়া দিয়ে; কোন ক্রমে।

টেপ (টেপ্) [ইং—টেপ tape শব্দজ] বি. ফিতা; বস্ত্র, ভূমি প্রভৃতি মাপিবার যন্ত্র; মাপের ফিতা।

টেপা [হি—টীপ্‌না শব্দজ] ক্রি. মর্দ্দন করা; চাপ দেওয়া। ২। অঙ্গুলি বা মুষ্টির চাপ দিয়া অনুভব করা; অঙ্গুলির টিপ বা অগ্রভাগ দিয়া জোরে স্পর্শ করা। ৩। ক্ষুদ্র ছিদ্রমুখ বন্ধ করা। ৪। বিণ. সংকীর্ণ। ৫। কৃপণ। **টেপা-গোঁজা**—বি. চাপাচাপি; সংকীর্ণতা। ২। অপ্রশস্ত স্থান। ৩। কৃপণতা; কার্পণ্য।

টেপারি—ট্যাপারি দ্রঃ।

টেবিল (টেবিল্) [ইং—table শব্দজ] বি. মেজ; যে কাষ্ঠাধারের উপর লেখা যায়; ইউরোপীয়েরা যাহার উপর আহারীয় রাখিয়া খানা খায়। প্র—"টেবিল পেতে খানা খাবে।"—ঈশ্বর গুপ্ত।

টেবো [টাবা (নেবু) অথবা টোপা (টোপ তোলা, ফুলা) + উ আ (যুক্তার্থে)] বিণ. ফুলো।

টেমাই, ট্যামাই—বি. বাদ্যযন্ত্রবিশেষ; ট্যামটেমি। প্র—"রণশিঙ্গা কাড়া পড়া টমক টেমাই"—ঘনরাম।

টের (টের্) বি. জ্ঞান। ২। সন্ধান। ৩। হঁস। **টের পাওয়া**—ক্রি. জানিতে পারা; সন্ধান পাওয়া। প্র—"লেখা ত লিখেছি ঢের, এখন পেয়েছি টের সে কেবল কাগজের রঙিন ফানুস॥"—রবি। "পাইয়াছে টের, কি করে এ ফের, কবি রায় গুণাকরে।"—অন্নদামঙ্গল।

টের (র্) [সং—তির্য্যক শব্দের অপভ্রংশে হি—টেঢ়্ শব্দজ] বি. সকলের সন্নিধি হইতে দূরে একান্ত স্থান; কোণ; প্রান্ত।

টেরক (টেরক্) [তির্য্যক শব্দজ] বিণ. যাহার দৃষ্টি বক্র; যাহার নয়ন বক্র; বক্রনয়ন।

টেরচা, টেরছা (ট্যার্) [হি—তীর্‌ছা শব্দজ] বিণ. কোণাকুনি; বক্র; টেড়া।

টেরা (ট্যারা) [হি—টেঢ়া] বিণ. বক্রদৃষ্টি; বক্র নয়ন।

টেরি (টে) [বি. টেড়ি দ্রঃ।

টেরি [হি—টেঢ়ি] বিণ. উগ্র। ২। বক্র। ৩। কঠোর (ব্রজ) ক্রি-বিণ. উগ্রভাবে; কুপিত হইয়া। প্র—"তা সঞে বচন হি টেরি"—বিদ্যাপতি। [তেরিয়া শব্দ দ্রষ্টব্য]।

টেলিগ্রাফ (টেলিগ্রাফ্) [ইং—telegraph শব্দজ] বি. শীঘ্রতম উপায়ে সঙ্কেত দ্বারা দূরে সংবাদ প্রেরণের বৈদ্যুতিক যন্ত্র।

টেলিগ্রাম (ম্) [ইং—টেলিগ্রাম telegram শব্দজ] বি. টেলিগ্রাফ যন্ত্র দ্বারা প্রেরিত সংবাদ বা বক্তব্যের সাঙ্কেতিক শব্দের অনুবাদ লিপি; টেলিগ্রাফে প্রেরিত সংবাদ।

টেলিফোঁ, ফোন্ [ইং—telephone শব্দজ] বি. বৈদ্যুতিক শব্দবাহী যন্ত্র; স্বরসংবাহক যন্ত্র [প্রবাসী]; রেশমাদি সূত্রনির্ম্মিত শব্দবাহী যন্ত্র—যাহা দ্বারা একজন অপরের সহিত দূরে ও দৃষ্টির অগোচরে থাকিয়াও কথোপকথন করিতে পারে।

টেলে [টালিয়া'র সংক্ষেপ] ক্রি. টালিয়া; থামাইয়া। ২। প্রবোধ দিয়া। প্র—"বল তারে কথায় রাখিব কত টেলে"—বাঙ্গালীর গান।

টেসো, টেঁসো (টেশো) [ফা—চাশ্‌নী] বিণ. শুকাইয়া বা জাগাইয়া পাকা; বিস্বাদ; কোষো। ২। কাঁচা। ৩। অম্ল। প্র—"টক্ টেসো আঁটি সার।"

টো [প্রাদে. গ্রা] বি. উঁকি; অন্তরাল হইতে দৃষ্টি। ২। চুপি সাড়; সতর্কতা; সাবধান; সন্তর্পণ। যথা টো মেরে পা ফেলা অর্থাৎ সাবধান বা সন্তর্পণে পা ফেলা; চুপি সাড়ে যাওয়া। ৩। [অট্ (ভ্রমণ) ধাতুজ] টহল।

টোঁ টো—ভ্রমণের প্রণালীবিশেষ; ভ্রমণের বা ঘুরিয়া বেড়াইবার স্থান ও সময়ের দূরত্ব, ব্যাপকত্ব ও আধিক্য সহ অসম্ভ্রমের ভাব-ব্যঞ্জক।

টোকনা (ক্) বি. সোণালী বা রূপালী প্রস্তুত করিবার পিত্তলপাত্রবিশেষ।

টোকফর্দ্দ (টোক্‌ফর্‌দো) [হি—টোক + ফা. ফর্দ = তালিকা] বি. স্মারকলিপি; memorandum; memo.

টোকরা (টোক্‌রা) [হি] বি. বাঁশ, শর, ঘাস প্রভৃতিতে নির্ম্মিত পাত্র; ওড়া; ঝোড়া; বড় ঝুড়ি। ২। মুষ্টিভিক্ষা। স্ত্রী. **টোকরী** বা **টুকরী**—ছোট ঝুড়ি; চুপড়ি।

টোকা [পর্ত্তুগীজ touca (বিবির টুপি) শব্দজ। পূর্ব্ববঙ্গে "মাথালি"] বি. শুষ্ক পত্রাদি-নির্ম্মিত বৃহৎ ছত্র। প্র—"ডোম গড়ে টোকা ছাতা"—কবিক। ২। ধুচুনি। ৩। অঙ্গুলির আঘাত; টুস্কি। প্র—"কোমল অঙ্গ, টোকা মারলে রক্ত পড়ে" —লীলাবতী। "রাত্রে সবাই ঘুমাইলে আমি আসিয়া দ্বারে টোকা মারিব"—রজনী।

টোকা [হি—টোঁক্‌না—লিখিয়া লওয়া; উল্লেখ করা; পেছুডাকা] ক্রি. নোট করা, স্মারকস্বরূপ লিখিয়া লওয়া। ২। প্রত্যুত্তর করা। ৩। ইসারা বা সঙ্কেত করা। ৪। দোষের উল্লেখ করা; দোষ দেখান। ৫। কাটা; বস্ত্রাদির স্থানে স্থানে কাটিয়া ছিদ্র করা; ঝাঁজরা করা। ৬। সেলাই করা। ৭। পেছু ডাকা। ৮। অল্প অল্প করিয়া ধীরে ধীরে এবং বহুবারে কোন আহার্য্য দ্রব্য চর্ব্বণ করা।

টোঙর, টোঙ্গর (টোঁঙর্) [তাতার-বংশীয় তোমরলঙ্ অথবা টাটারি দেশের টাঙ্গুস্-বংশীয় জঙ্গিস্ খাঁ ও তাঁহার অনুচর মুসলমানগণ 'তোমর', টোঙর, "টোঙ্গর"—বলিয়া উক্ত হইতে হইতে টোঙর শব্দ মুসলমান এই অর্থে প্রযুক্ত হয়] বি. মুসলমান; ম্লেচ্ছ। ২। [সং—ডিঙ্গর্ (খল) হইতে হি—ডুঙ্গর্, ডোঙ্গর্ (স্থূল দেহ) শব্দজ] বিণ. স্থূল দেহ; স্থূলবুদ্ধি; জড়ভরত; বোকা। ৩। যে একের কথা অন্যকে বলিয়া দেয়। ৪। খল।

টোটকা (টোট্‌কা) [টোট্‌কা, টুট্‌কা শব্দজ] বি. মুষ্টিযোগ; চিকিৎসা-ব্যবসায়ীদিগের দ্বারা ব্যবহৃত শাস্ত্রীয় ঔষধের তালিকার বহির্ভূত ঔষধ। ২। বিণ. সামান্য।

টোটা [হি—টুটাহ্ (ভঙ্গ) প্রা-বাং—**টোট**] বিণ. ভগ্ন; কম। প্র—"পরিণামে কভু না হবে টোট"—চণ্ডীদাস। ২। বি. মোমবাতি সম্ভবতঃ টোটার (cartridge) আকৃতি বিশিষ্ট বলিয়া। প্র—"টোটা বাতি জ্বলে"—হেম বন্দ্যো।

টোটো [সং—অট্ (ভ্রমণ)] ক্রি-বিণ, ক্রমাগত ঘুরিয়া বেড়ান ; বৃথা ভ্রমণ।

টোণ (ন্) [সং—তূণ শব্দজ] বি, তূণ বাণাধার। প্র—"টোণের ভিতরে বাণ জ্বলদগ্নি যেন।"—পরীক্ষিত সংবাদ।

টোপ (প্) [সং—স্তূপ (উন্নত হওয়া) শব্দের অপভ্রংশে পালি টোপ (বৌদ্ধপুরাত্রব্যাগার) শব্দজ—ইহা হইতে উন্নত স্থানের বা কোন কিছু উঁচু হইয়া উঠার ভাব] বি, উন্নত স্থান ; টাপু। ২। বৌদ্ধদিগের পুরাত্রব্যাগার। ৩। টুপি। ৪। অলঙ্কারাদির গায়ে মুক্তা বা মটরের ন্যায় উঁচু উঁচু করিয়া কড়াই তুলিলে সেই এক একটী কড়াইকে টোপ বলে। ক্ষুদ্র গোল এবং উন্নত গঠন : এক প্রকার নকাসি। ৫। মাছের টোপ ; মাছের আহার, যাহা খাইবার জন্য মাছ আইসে ও ধরা পড়ে (ইহা প্রায় মটরের ন্যায় গোল করিয়া পাকাইয়া দেওয়া হয়)। প্র—"মাছের টোপ গেলা"। "টোপ ধরে না ঠুক্‌রে বেড়ায়",—বাং-গান। ৬। [মাছের টোপের ভাব হইতে উৎপন্ন] প্রলোভনের বস্তু ; আকর্ষণ বা আসক্তি জন্মাইবার উপায়। প্র—"কেহ কিনে উল সুতা বুনাইতে মোজা জুতা নূতন প্রেমের ইহা টোপ" —চন্দন।

টোপর (টোপোর্) [সং—স্তূপ (উন্নত হওয়া) হইতে হি—টোপ (কাণ ঢাকা টুপি। টোপ অপেক্ষা বৃহৎ এবং অধিক উন্নত টোপা) টোপ+র তাহার মত যাহা উন্নত হইয়া উঠিয়াছে] বি, মস্তকের আবরণবিশেষ ; মুকুট। প্র—"চামের টোপর শোভে শিরে"—কবিক। ২। বরের মাথার মুকুট। ৩। উন্নত স্থান ; উপর। [তুল—গ্রী (toparches, topos (s = r) টোপর (স্থান) ইং—top] বিণ, ফোঁপরা ; ফাঁপা।

টোপলা (প্) [পোটলা দ্রষ্টব্য। বর্ণবিপর্য্যয়ে টোপলা। প্রাদে। টোপা দ্রঃ] বি, পুটুলি। প্র—"আগুনির কণা কিম্বা পাটর টোপলা। মুক্তাহার তথা এ লাগেছে ফোপলা॥"—শূন্য পুরাণ।

টোপা [টোপ অপেক্ষা বৃহৎ গোলাকৃতি] বিণ, টোপ আছে যাহাতে বা যাহাতে টোপ তোলা হইয়াছে। ২। ফাঁপা। ৩। গোলাকার ফাঁপা বস্তু যাহা জলে ডুবে না ; বয়া (buoy)র মত ভাসে। প্র—"মন আমার টোপা পানা ডুবতে চায়না।"—রামপ্রসাদ। "খেতেছি বসিয়া টোপা কুল"—রবি।

টোপান (টোপানো) ক্রি, টুপ টাপ করিয়া চুয়াইয়া পড়া।

টোয়া [টো দ্রঃ] বি, টোকা। ২। পায়ের বুড়া অঙ্গুলের টিপ বা ভর। **টোয়া মারা**—ক্রি, নিঃশব্দে গমন। পায়ের বৃদ্ধাঙ্গুলি বা অগ্রভাগের উপর ভর দিয়া চলা।

টোয়ান [টোআনো] ক্রি, টুয়াইয়া বা টোয়াইয়া দেওয়া : আক্রমণার্থ অগ্রসর করিয়া দেওয়া ; লেলাইয়া দেওয়া। প্র—"পার্থপরে টোয়াইয়া দিলেক মাহুত"—কাশী, মহা, বিরাট। ২। কাহাকে পরামর্শ দিয়া কোন কর্ম্মে প্রবৃত্ত করা ; ইঙ্গিত করা।

টোরা [সং—কটিত্র হইতে] বি, শিশুদিগের কোমরের ভূষণ।

টোল (টোল্) বি, চতুষ্পাঠী ; অধ্যয়ন ও অধ্যাপনা স্থান ; সংস্কৃত পাঠশালা। প্র—"পণ্ডিতেরা শেষে, টোলে সবাই এসে, কল্লেন মহাসভা একটা এই বঙ্গদেশে"—দ্বিজেন্দ্র রায়। ২। অস্থায়ী কুটীর ; কুঁড়ে। প্র—"বেদের টোল"। ৩। খোঁদা : আঘাত-জনিত গর্ত্ত (ইহা টোপের বিপরীত)। ৪। [ইং toll] মাশুল ; রাজকর। **টোল পড়া, টোল খাওয়া**—গর্ত্ত হওয়া ; খোঁদা হওয়া। বিণ, **টোল খেকো**—যাহাতে টোল পড়িয়াছে।

টোলা [হি] বি, পল্লী, পাড়া। যথা—আহিরীটোলা ; কলুটোলা ; পটুয়াটোলা ; বাঙ্গালীটোলা ইত্যাদি। প্র—"নববর্ষ মহাহর্ষ ইংরাজটোলায়"—ঈ, গুপ্ত।

টোলান (ট্োলানো) [তোৎলা দ্রঃ। তোৎলানো, বিদ্রূপে তোৎলামির অনুকরণ করা] ক্রি, কাহার কোন উক্তি বা ক্রিয়ার বিকৃত অনুকরণ দ্বারা তাহাকে অপদস্থ, বিদ্রূপ বা অবজ্ঞা করা ; ভেঙ্গান বা ভেংচান।

টোসা (টোষা) [রস বিন্দু টস্ শব্দে পতিত হওয়ার ভাব হইতে] বি, ফোঁটা ; বিন্দু।

টৌড়ী, টৌড়ী—বি, স্ত্রী, রাগিণীবিশেষ (সঙ্গীতে)।

ট্যাঁ—অনুকরণ শব্দ। **ট্যাঁ ট্যাঁ**—শিশুর ক্রন্দনধ্বনি। ২। বিরক্তিকর ধ্বনি। **ট্যাঁ ট্যাঁ করা**—সর্ব্বদা অপ্রীতিকর উক্তি, প্রশ্ন বা অনুরোধাদি দ্বারা উত্ত্যক্ত করা।

ট্যাঁক (ক্) টেঁক দ্রঃ।

ট্যাঁক-ট্যাঁক (ক্)—অবিরত বিরক্তিকর উক্তি ; কর্কশ উক্তি ; জল্পনা। ক্রি, **ট্যাঁক্-ট্যাঁক করা**।

ট্যাঁকশাল—টাঁকশাল দ্রঃ।

ট্যাঁকখোর (র্) বিণ, অপ্রিয় স্পষ্টবাদী ; কর্কশভাষী। ২। কৃপণ ; অদাতা।

ট্যাঁকা—টিকা দ্রঃ।

ট্যাঁপারি, ট্যাঁপারী—বি, খোলায় ঢাকা ছোট কুলের মত এক প্রকার ফল ; ভিতরে বেগুন বীজেরমত বীজপূর্ণ ; cape gooseberry.

ট্যাঁফোঁ [টুঁ শব্দ হইতে ট্যাঁ ফোঁস হইতে ফোঁ] বি, সামান্য প্রতিবাদ। ২। উচ্চবাচ্য। ক্রি, **ট্যাঁফোঁ করা**।

ট্যাঁস (ট্যাঁষ্) [টাঙ্গস চীন তাতার রুষ তুর্কি প্রভৃতির স্থানের মিশ্র সঙ্কর জাতিবিশেষ] বি, মিশ্রজাতি [টোঙর দ্রঃ] দোআঁশলা। ২। ফিরিঙ্গী অর্থাৎ যে খাঁটী য়ুরোপীয় নয় ; সাধারণতঃ অবজ্ঞার্থে য়ুরোপীয়। প্র—"হ'য়ে হিঁদুর ছেলে ট্যাঁসের চেলে টেবিল পেতে খানা খাবে"—ঈ, গুপ্ত। **ট্যাঁস ট্যাঁস**—কাঁচা বাঁশের শব্দ। ২। অম্লের তীব্রতাব্যঞ্জক।

ট্যাক্স (ট্যাক্‌শো) [ইং—ট্যাক্স্ tax শব্দজ, টেক্স দ্রঃ] রাজকর ; মাশুল। প্র—"একশ রকম ট্যাক্স দিব"—গোবিন্দ দাস। "আরো কি নূতন ট্যাক্সে প্রজা হবে শেষ?"—কুঙ্কুম।

ট্যাম্‌টেমী—বি, বাদ্যযন্ত্রবিশেষ ; যে বাদ্য হইতে ট্যাম্‌ট্যাম্ শব্দ উত্থিত হয় ; টেমাই।

ট্যাম্‌ট্যাম্—বি, ট্যাম্‌ট্যাম্ শব্দে বাদ্য। ২। শুষ্ক চর্ম্মের ও টিনের উপর আঘাত করণ শব্দ।

ট্যারো [প্রাদে (বরিশাল) হি—টর্‌রা = বক্র-প্রকৃতি ; উদ্ধত স্বভাব] বিণ, উদ্ধত ; দুরন্ত।

ট্রষ্ট [ইং—trust.] বি, ন্যাস ; স্থাপন ; রক্ষা।

ট্রষ্টী [ইং—ট্রস্‌টি trustee শব্দজ] বি, ন্যাস-রক্ষক।

ট্রাঙ্ক [ইং—trunk শব্দজ] বি, টিন প্রভৃতি নির্ম্মিত বড় বাক্স বা সিন্দুক ; তোরঙ্গ ; তুড়ুম।

ট্রান্‌সপোর্টেশন্ (ন্) [ইং—transportation] বি, দ্বীপান্তর ; নির্ব্বাসন দণ্ড।

ট্রান্‌স্‌ফর্-অব-প্রপার্টি (র্, ব্) [ইং—transfer of property] বি, আইনসম্মত বিষয়ের হস্তান্তর।

ট্রান্‌স্‌ফর-সার্টিফিকেট (ট্) বি, এক স্কুল হইতে অন্য স্কুলে প্রবেশ করিবার অধিকার নিদর্শক পত্র ; transfer-certificate.

ট্রাম, ট্র্যাম (ম্) [ই— tram] বি, ট্রামগাড়ী ; সদর রাস্তায় পাতা লোহার রেলের উপর দিয়া ঘোড়ায় টানা অথবা বিদ্যুৎ বা বাষ্প চালিত গাড়ী।

ট্রায়াল (ল্) [ইং—trial] বি, বিচার। ২। পরীক্ষা।

ট্রেজারি [ইং—treasury শব্দজ] বি, ধনাগার ; খাজানা।

ট্রেন (ট্রেন্) [ইং—ট্রেন্ train শব্দজ] বি, রেলের গাড়ী।

ট্রেস্‌পাস্ [ইং— tresspass] বি, অনধিকার স্থানে পদার্পণ ; অনধিকার প্রবেশ।

ঠ

ঠ—ব্যঞ্জন বর্ণমালার দ্বাদশ, টবর্গের দ্বিতীয়, মহাপ্রাণ, অঘোষবান্ বর্ণ। ইহার উচ্চারণ স্থান মূর্দ্ধা বলিয়া ইহা মূর্দ্ধণ্য বর্ণ। শব্দাত্মক পদের মধ্যে ঠ কঠিন বস্তুর আঘাত বা সংঘর্ষ-জনিত শব্দ জ্ঞাপন করে। প্র—ঠন্‌ঠন্ : ঠক্‌ঠক্ ; ঠাস্‌ঠাস্ ; ঠমক ; ঠরঠর্ ইত্যাদি। ২। ঘণ্টাধ্বনি। ৩। বজ্রধ্বনি ; মহাশব্দ।

ঠং—অ, অনুকার শব্দ।

ঠংঠং—বি, অনুকার শব্দ ; কাংস্য বাদ্য : ঠ্‌ন্‌ঠন্ দ্রঃ।

ঠক্—বি, অনুকরণ শব্দ। প্র—লাঠি ঠক্ ঠক্ করা।

ঠক, ঠগ (ক্, গ্) [হি—ঠগ্=বঞ্চক] বিণ, পুং, প্রতারক ; বঞ্চক ; খল : ছলনাকারী। ২। গুপ্তচর। প্র—"ঠক ফিরে পায় পায়।" —অন্নদামঙ্গল। "ঠক ভরা দরবার ছলে লয় ঘর দার"—ঐ। "ঠক কৈল ঠকে"—ভারতচন্দ্র। ৩। নিন্দাকারী ; পরকুৎসাকারী। প্র—"যদি আপনার কাছে আমার এমন নিন্দা করিয়া থাকে, তবে সে ঠক ঠকাম করিয়াছে"—লোক-রহস্য (বঙ্কিম)। ৪। মায়াবী। প্র—"ঠগ নিশাচর"—কবিক। ৫। বি, ঠগ নামক এক দস্যুসম্প্রদায়। ইহারা বণিক বা তীর্থযাত্রী সাজিয়া ছদ্মবেশে পথিকের সঙ্গে মিশিয়া সুবিধা মত গলদেশে রুমাল বা অন্য ফাঁস জড়াইয়া হত্যা করিত এবং তাহার সর্ব্বস্ব লুণ্ঠন করিত। ইংরেজ গবর্ণমেণ্ট ঠগী পুলিশ নিযুক্ত করিয়া ঐ সম্প্রদায় নির্ম্মূল করিয়াছেন। **ঠকপনা**—বি, ঠকবৃত্তি : প্রতারণা ; ছলনা। বিণ, **ঠগী**—ঠগ সম্বন্ধীয় ; ঠগসাম্প্রদায়িক।

ঠক, ঠকঠক (ঠক্‌ঠক্) [শব্দাত্মক] বি, শুষ্ক কাঠের উপর শুষ্ক কাঠের আঘাত শব্দ ; কঠিন জমিতে লাঠির আঘাত। ২। কাঠিন্য ; কঠিন বিষয় বা ব্যাপার ; দায়। প্র—"ঠাকুরাণী ঠেকাইল একি ঠকঠকে"—অন্নদামঙ্গল। বিণ, **ঠকঠকে** (ঠক্‌ঠোকে) কঠিন। ২। কৃশত্ব হেতু হাড়সার। প্র—"ঠকঠকে হাতে ঠেকে কি করিব আমি"—শিবায়ন।

ঠকঠকান (ঠক্‌ঠকানো) [হি—ঠক্‌ঠকানা। উ-পু—ঠক্‌ঠকাই। ম-পু—ঠকঠকাও ; ঠক-ঠকান ; ঠকঠকা। প্র-পু—ঠকঠকায় ; ঠক-ঠকান। অস-ক্রি—ঠকঠকাইতে ; ঠক-ঠকাইয়া ; ঠকঠকি (পদ্যে) ; ঠকঠকিয়ে] ক্রি, ঠকঠক শব্দ করা। ২। শূন্যতা জ্ঞাপন করা ; রিক্তহস্ততা প্রকাশ করা।

ঠকঠকি (ঠক্‌ঠোকি) ক্রি, ঠকঠক শব্দ করিয়া। ২। বি, শক্তাশক্তি ; সঙ্কট ; দায়। ৩। কঠিন বিষয় বা ব্যাপার। ৪। [মাকু চালাই-বার সময় ঠকঠক শব্দ হয় বলিয়া] ঠকঠকি তাঁত ; fly-shuttle loom.

ঠকন (ঠকোন্) [হি—ঠগ্‌না শব্দজ] বি, ঠকিবার বা প্রবঞ্চিত হইবার ভাব ; ঠকা ; ভুল হওয়া ; ভুলন ; অপ্রস্তুত হওন। প্র —"কি ঠকনটাই ঠকা হয়েছে।"

ঠকা (ঠ্) [হি—ঠগনা। উ-পু—ঠকি (ঠো)। ম-পু—ঠক, ঠকুন্ (ঠো), ঠক্। প্র-পু—ঠকে, ঠকেন। অস-ক্রি—ঠকিতে ; ঠকিয়া ; ঠকে (ঠো)। ণিজন্ত—ঠকান] ক্রি, বঞ্চিত হওয়া। ২। ভুল করা। ৩। অপ্রতিভ হওয়া। বি, ছলা, ছলনা (প্রাচী, বাং-অপ্র)। প্র—"বলে বীর ছাড় ঠকা তুই ভাঁড় দত্ত"—কবিক।

ঠকান (ঠকানো) [হি—ঠগানা। উ-পু—ঠকাই। ম-পু—ঠকাও, ঠকান্ : ঠকা। প্র-পু—ঠকায় ; ঠকান। অস-ক্রি, ঠকাইতে ; ঠকাইয়া, ঠকিয়ে (ঠো)] ক্রি, প্রবঞ্চিত করা ; ছলনা করা। ২। ভ্রান্তিতে বা ভ্রমে ফেলা ; ভুল করান। ৩। অপ্রতিভ করা : অপ্রস্তুত করা। ৪। ছলন ; অপ্রস্তুত করণ।

ঠকান (ঠকান্) [ঠকা+আন (ভাবার্থে)] বি, ঠকাইবার বা প্রবঞ্চিত করিবার ভাব ; ঠকার অবস্থা। প্র—"কি ঠকানটাই ঠকিয়েছে।" ২। বিণ, যে ঠকায় ; ঠগ।

ঠকানিয়া, ঠকানে [ঠকান শব্দ হইতে] বিণ, ভ্রমে পতিত করিবার মত। ২। ছল ধরার মত ; ছলাত্মক ; অপ্রতিভ বা অপ্রস্তুত-কারী। প্র—ঠকানে প্রশ্ন।

ঠকাম (ঠ্‌কামো) বি, কুৎসা ; নিন্দা। প্র—যে তোমার স্ত্রী হইবে, তাহার নামে ঠকাম করিবার জন্য কি আমি তাহার বাটীতে আসিয়া ইত্যাদি"—রজনী (বঙ্কিম)। "যদি আপনার কাছে আমার এমন নিন্দা করিয়া থাকে, তবে সে ঠক ঠকাম করিয়াছে"—লোকরহস্য (বঙ্কিম)।

ঠকামি, ঠকামী (ঠ্‌কামি) [ঠক+আই—ই পরে মি (ম দ্রঃ)] বি, পরকুৎসা ; নিন্দা ; গ্লানি। প্র—"ঝড় করে ঠকামী সোহাগী দ্বন্দ্ব করে।"—অন্নদামঙ্গল। ২। প্রবঞ্চনা ; প্রতারণা।

ঠক্কর (ঠোক্‌কোর্) বি, টক্কর ; আঘাত ; উছট ; হোঁচোট্।

ঠগ, ঠগা (গ্) [ঠক দ্রঃ] বিণ, শঠ ; বঞ্চক ; নিন্দক। প্র–"খুড়ী খুড়ী করি ঠগা করিল গোহারী।"—কবিক।

ঠগাম, মি (মো) [হি—ঠগাই। ঠগ+আই —আঁই—ইঁ, পরে মি] বি, ঠগবৃত্তি ; চুরি। প্রবঞ্চনা ; শঠতা।

ঠগী (ঠোগি) ঠক দ্রঃ।

ঠটিয়া (ঠোটিআ) বি, রম্ভাবিশেষ ; ঠোটে বা ঠোঁটে কলা। বিণ, অপুষ্ট (কদলী)। ২। ঠোঁট কাটা ; কর্কশভাষী। ৩। কর্কশ : রুক্ষ। ৪। অপ্রীতিকর।

ঠঠঠং—বি, অনুকরণ শব্দ। ২। ঘণ্টাধ্বনি।

ঠঠ্ঠর (র্) [থরথর হইতে] অ, ক্রোধে কম্পিত কলেবর। ২। গর্ব্বিত বা ঠেকারে চঞ্চলগতি।

ঠন্—অনুকরণ শব্দ ; কঠিন বস্তুর সহিত ধাতু দ্রব্যের আঘাত শব্দ : ঘণ্টাধ্বনি। কোন ক্ষুদ্র প্রধানত গোলাকার কঠিন বস্তু ক্ষিপ্রহস্তে জোরে নিক্ষেপ করিবার বা তদ্দ্বারা আঘাত করিবার শব্দ। ২। রিক্ততাবোধক। (এই অর্থে ঠন্‌ঠন্‌ও ব্যবহৃত হয়)।

ঠনঠন (ন্ ন) [ঠন্ (শব্দ) + ঠন (উপর্য্যুপরি-অর্থে দ্বিত্ব)] বি. ক্রমাগত ঠন্ এই শব্দ। ২। ঘণ্টা বা ঘড়ির শব্দ। ৩। রিক্ততাবোধক। ক্রি বিণ, ঠনঠন শব্দে। প্র—"ঘড়িয়াল ঠনঠন বাজাইছে ঘড়ি।"—অন্নদামঙ্গল। ক্রি, **ঠনঠনান** [ঠনঠনানো]—ঠনঠন শব্দ করা। ক্রি-বি, **ঠনঠনানি**—ঠনঠন শব্দ করণ। ঠনঠন করিবার শব্দ বা ধ্বনি। **ঠনঠন করা** —ঠনঠনান। ২। [ব্যঙ্গার্থে] শূন্যতা বা অভাব জ্ঞাপন করা।

ঠনঠনি [ঠনঠন+ই (তৎ ক্রিয়া অর্থে)] বি, ঠনঠন ধ্বনি। প্র—"তীর গুলি শনসনি, গজঘণ্টা ঠনঠনি।"—অন্নদামঙ্গল।

ঠনঠনে (ঠন্‌ঠোনে) [কলিকাতা ঠনঠনিয়া নামক পল্লীতে দেশী মুচীর হাতে গড়া চটি-জুতা বিখ্যাত তাহা হইতে] বি, চটি জুতা। প্র—"কেহ চড়ে জুড়ি কেটিন্ * * কারো বা ঠনঠনে।"—হেম বন্দ্যো।

ঠনঠান (ন্ ন্) [ঠন (দ্রঃ) ঠান শব্দের ব্যাপকতা অর্থে বা আধিক্য অর্থে] বি, প্র—"টাঙ্গি টনটান হানিছে ঠন্‌ঠান্।"—শিবায়ন।

ঠমক (ঠ্‌মক্) [হি—ঠমক্ ; ঠুমক্] বি, গমন-ভঙ্গী ; মন্দ মন্দ পদক্ষেপ ; হস্তীর ন্যায় হেলিতে দুলিতে গমন ; মন্থর গতি। ২। গর্ব্ব। ৩। ভঙ্গিমা। ক্রি-বিণ, **ঠমকি, ঠমকিয়া, ঠমকে**—থামিয়া ; মন্দ মন্দ। ২। হাব-ভাবে ; বিলাসব্যঞ্জক ভাবে। প্র—"কমলা ঠমকে হাসি ছড়ান রতন রাশি।"—সারদা-মঙ্গল। ৪। ছেনালি ; ঠসক। ৫। ঠোকা ; কঠিন বস্তুর উপর কঠিন বস্তুর আঘাত শব্দ : মলের শব্দ। প্র—"মার্বেলেতে মলের ঠমক বাজলো ক্রমে ক্রমে।"—হেম বন্দ্যো।

ঠর্‌ঠর্ [হি—ঠঠোর ; থরথর অপেক্ষা কঠোর ভাব] অ, শীত, অভিমান বা ক্রোধের কম্প।

ঠসক (ঠশোক্) [হি—ঠসক্] বি, হাবভাবের সহিত হেলিতে দুলিতে গমন ; ছেনালি।

ঠা—বি, ঠায় ; বাজনার প্রকারভেদ। বিণ, স্থির।

ঠাঁওর (ঠাওর্) [হি—ঠাহর্ সং—স্থাবর শব্দজ। "ঠাওর করিয়া দেখা=স্থাবর করিয়া দেখা=চক্ষের সম্মুখে স্থিরভাবে দাঁড় করাইয়া দেখা।"—দ্বিজেন্দ্র ঠাকুর।] বি, সুদৃষ্টি ; স্পষ্ট দর্শন ; নজর। প্র—এত দূরে আছে যে ঠাওর হয় না। ক্রি, **ঠাওরান** (ঠাহরানো)—বিশেষভাবে দৃষ্টি করা। ২। চেনা। চিন্তা ও বিচার দ্বারা নির্ণয় করা। ৪। কোন বিষয় স্থির বা ধার্য্য করা।

ঠাঁই (ঠাঁইঁ) [হি—ঠন। সং—ঠং] বি, ঠাই এই শব্দ : কঠিন বস্তুর গায়ে কঠিন বস্তুর আঘাত। ২। আচম্বিতে চড় মারিবার শব্দ। **ঠাঁইঠাঁই**—উপর্য্যুপরি ঠাঁই শব্দে আঘাত বা চড় মারিবার ভাববোধক।

ঠাঁই [সং—স্থান শব্দের অপভ্রংশ, প্রাকৃ—ঠাণ, প্রা·বাং—**ঠাঞি** শব্দজ] অ, স্থানে ; দেশে। প্র—"সব ঠাঁই মোর ঘর আছে, আমি সেই ঘর মরি খুঁজিয়া।"—চয়নিকা। "আকাশ সিন্ধু মাঝে একঠাঁই কিসের বাতাস লেগেছে।"—রবি। ২। নিকটে ; কাছে। প্র—"কারো ঠাঁই।"—অশোকগুচ্ছ। ৩। পৃথক। প্র—'ভাই ভাই ঠাঁই ঠাঁই।"—প্রবচন। বি, স্থান : বাস করিবার স্থান ; জন্মস্থান ; গৃহ। প্র—"পরবাসী আমি যে দুয়ারে চাই তারি মাঝে মোর আছে যেন ঠাঁই।"—চয়নিকা। ২। বসিবার দাঁড়াইবার মত স্থল মাত্র ; ক্ষণেকের জন্য অবস্থিতি স্থল ; ফাঁক, খালি বা শূন্য স্থান। প্র—"ঠাঁই নাই ঠাঁই নাই ছোট সে তরী আমারি সোনার ধানে গিয়েছে ভরি।"—রবি। ৩। স্থলভাগ ; জমি। প্র—"ঠক বুড়া ঠাঁই জানি ঠেকাইল তরী।"—শিবায়ন। ৪। স্থলকূল ; আশ্রয়। প্র—সে কোথাও ঠাঁই পেলে না। তাহাকে কেহ ঠাঁই দিলে না। ৫। ভোজন করিতে বসিবার স্থান। **ঠাঁই করা**—স্থান নির্দ্দেশ করা। ২। ভোজনের স্থান করা। প্র—নিমন্ত্রিতদিগের মধ্যে কয়েক জনের ঠাঁই করিয়া দাও। ৩। আশ্রয়ের বন্দোবস্ত করা। **ঠাঁইঠাঁই**—অ, পৃথক পৃথক। প্র—"ভাই ভাই ঠাঁই ঠাঁই।"—প্রবচন।

ঠাঁইনাড়া [ঠাঁই=স্থান+নাড়া=পরিবর্ত্তন] বি, স্থান বদল ; অভ্যস্ত বাসস্থান হইতে অন্যত্র বাস ; বাসস্থান পরিবর্ত্তন। ২। বিণ, স্থানচ্যুত।

ঠাকরুণ (ঠাক্‌রুন্) [ঠাকুরাণী শব্দের সংক্ষেপ] বি, স্ত্রী, দেবীপ্রতিমা। ২। ব্রাহ্মণী। ৩। গুরুপত্নী। ৪। মান্যাস্ত্রী। ৫। শাশুড়ী। ৬। ব্যঙ্গোক্তি (ঠাকুর দ্রঃ)। **ঠাকরুণদিদি**—পিতার ও মাতার মাসি পিসি প্রভৃতি। ২। ভগ্নীস্থানীয়া ব্রাহ্মণ কন্যা ; ব্রাহ্মণী দিদি ; বামুনদিদি।

ঠাকুর (র্) [হি—ঠক্কুর শব্দজ] বি, পুং, দেবতা ; দেবপ্রতিমা। প্র—"কতরূপ স্নেহ করি দেশের কুকুর ধরি বিদেশের ঠাকুর ফেলিয়া।"—ঈ, গুপ্ত। ৩। উত্তর ভারতের হিন্দু জাতিবিশেষ। (২) [হিন্দুস্থানে] নাপিত। ৪। উপাধিবিশেষ ; পদবী ; ব্রাহ্মণের উপাধি। ৫। পিতা ; শ্বশুর ; পিতৃব্যাদি ; গুরু। ৬। সম্মানসূচক সম্বোধন ; প্রভু। ৭। ধর্ম্মঠাকুর। ৮। ব্যঙ্গোক্তি। প্র—রেখে দাও না ঠাকুর। স্ত্রীলিঙ্গে, **ঠাকুরাণী**—(রাজপুতানায় ঠেঁট হি—ঠুক্‌রাণী)। **ঠাকুর ঠাকুর খেলা**—সত্যকার ঠাকুরের মত মূর্ত্তিস্থাপন করিয়া পূজা রূপ খেলা ; ঠাকুর সদৃশ পুতুলপূজার খেলা। **ঠাকুরপূজা**—দেবদেবীর পূজা ; দেবমূর্ত্তি প্রতিষ্ঠা করিয়া পূজা।

ঠাকুরজামাই (র্) [ঠাকুর (শ্বশুরের)—জামাই (জামাতৃ শব্দজ)] বি, পুং, শ্বশুরের জামাই : স্বামীর ভগ্নীপতি ; নন্দাই। প্র—"ধামধুমী বলে শুন ঠাকুরজামাই। হুকুম ঠাকুরঝির ছাড়ি দিব নাই॥"—বি, সু।

ঠাকুরঝি (ঠাকুজঝি) [ঠাকুর (গুরুর, শ্বশুরের) ঝি (কন্যা)] বি, স্ত্রী, শ্বশুর কন্যা ; ননদ। ৩। গুরু কন্যা। প্র—"ঠারি পদ্মা বলে শুন ঠাকুরের ঝি"—শিবায়ন।

ঠাকুরদাদা (ঠাকুদ্দাদা) [ঠাকুর (পিতার) দাদা=পিতা] বি, পুং, পিতার পিতা পিতামহ। [দাদা শব্দ দ্রঃ]।

ঠাকুরদালান (র্, ন্) বি, যে দালানে ঠাকুর পূজা হয় ; পল্লীগ্রামের চণ্ডীমণ্ডপ।

ঠাকুরপো (ঠাকুর্পো) [ঠাকুর (শ্বশুরের) পো (পুত্র)] বি, পুং, স্বামীর কনিষ্ঠ ভ্রাতা ; দেবর।

ঠাকুরবাড়ী—বি, জগন্নাথক্ষেত্র ; শ্রীক্ষেত্র ২। দেবতার স্থান ; দেবালয়।

ঠাকুরমা (ঠাকুর্মা) [ঠাকুর (পিতার) মা ; পিতার জননী। চ, **ঠাকুমা**—("ঠাকুরমা"র সংক্ষেপ)] বি, স্ত্রী, পিতামহী ; পিতার জননী। প্র—"ঠাকুরমার সর্ব্ব অঙ্গ কেঁপে উঠে থরথর।"—অশোক গুচ্ছ।

ঠাকুরাণী [ঠাকুরের স্ত্রীলিঙ্গে ঠাকুরাণী। সংক্ষেপে ঠাকরুণ] বি, স্ত্রী, দেবী। প্র—"ঠাঁই হবে ঠাকুরাণী বস সরে সরে।"—শিবায়ন। "ঠাকুরাণী ঠেকাইল একি ঠকঠকে।"—অন্নদা-মঙ্গল। ২। গুরুপত্নী। ৩। ব্রাহ্মণী। ৪। মান্যাস্ত্রী। ৫। শাশুড়ী। ৬। [হি—ঠাকুরাইন : রাজপুতানায়—ঠুক্‌রাণী। হি—আইন=বাং—আনী। ঠাকুর সাহেবের পত্নী] ৭। নাপিতানী।

ঠাকুরাল, ঠাকুরালি, লী (ল্) [ঠাকুর (প্রভু)—আল, আলি (প্রা, বাং-য়, "ঠাকুঁরাণ" শব্দও দৃষ্ট হয়)] বি, প্রভুত্ব ; কর্ত্তৃত্ব। প্র—"কহে সখি জয়া শুন গো অভয়া একি কর ঠাকুরালি।"—অন্নদামঙ্গল। ২। প্রভাব ; প্রাধান্য। প্র—"কর্ণসেন উপরে বাড়াব ঠাকুরাল"—ধর্ম্মমঙ্গল। "দৈববলে যদি আমি ছিলাম কাঙ্গাল। দেখিয়াছি খুড়া হে তোমার ঠাকুরাল"—কবিক। ৩। উপহাস ; ঠাট্টা

ঠাঙা [ঠেঙা, ঠেঙ্গা দ্রঃ] বি, লাঠী।

ঠাঞি (ঠাঁইঁ) [সং—স্থান। ব্রজ, প্রাচী· বাং। আধু—ঠাঁই (দ্রঃ)] বি, স্থান। প্র—"নাচিলেন শ্রীবাস অঙ্গনে এক ঠাঞি"—চৈ, ভা। "দরিদ্র যেমন পাইয়া রতন থুইতে ঠাঞি না পায়।"—বিদ্যাপতি। ২। কাছে ; সঙ্গে ; নিকটে। প্র—"সুখের লাগিয়া যে করে পিরিতি দুখ যায় তার ঠাঞি।"—চণ্ডীদাস।

ঠাট (ঠ্) [হি—ঠাঠ্] বি, সমূহ ; শ্রেণী ; দল। প্র—"জুড়িয়া ক্রোশেক বাট। চলে বরাতির ঠাট, চমকিত ইছানি নগর।"—কবিক। "নিশি দিশি আওব কামিনী ঠাট। চৌদিকে পসারব চাঁদ কি হাট।"—বিদ্যাপতি। ২। সৈন্যদল। প্র—"প্রবেশে অজয় তটে ভূপতির ঠাট"—ধর্ম্মমঙ্গল। "গর্জ্জিল বিকট ০।৩ জয়রাম নাদে"—মেঘনাদ। ৩। ধরণ ; প্রকার। প্র—"ভাঙা হাটে নবীন ঠাটে আরো কত খেল্‌ঘিরে"—বিহারীলাল চক্রবর্ত্তী। ৪। ভঙ্গী ; হাবভাব। প্র—"আছিল বিস্তর ঠাট প্রথম বয়সে"—বি, সু। ৫। প্রকৃত ভাব গোপন করিয়া অন্য ভাব দেখান ; ছল ; চাতুরী। প্র—"পুরুষের এত কেন ঠাট"—বি, সু। "দেখ ঠাট জানে কত, কলে বলে কথার ছলে দেখ গো ভোলায়"—গিরিশ। ৬। কাঠাম ; ছাঁচ ; skeleton. ৭। [প্রাদে]

বাহিরের আকৃতি ; বাহ্যদৃশ্য। প্র—"কোন-মতে ঠাট বজায় রাখা"। ৮। চালচলন ; স্বভাব। ৯। [ব্রজ] জাঁকজমক। প্র—অনুচরশ্রেণী এতদিনে সখীসব আছিল ঠাট"—বি, প। **ঠাট-ঠমক**—জাঁকজমক। ২। হাবভাব ; ছেনালি। **বাহিরের ঠাট বজায় রাখা**—কাহার অভাব অসুবিধা বাহিরের লোককে জানিতে না দিয়া, আভ্যন্তরীণ প্রতিকূল বিষয় ব্যাপার গোপন করিয়া, বাহিরের সহিত ভিতরের অবস্থার সামঞ্জস্য রক্ষা করা ; ধন না থাকিলেও যে কোন কৌশলে ধনীর চালে চলা।

ঠাটা, ঠাট্টা [হি—ঠাট্টা] বি, বিদ্রূপ ; ব্যঙ্গ : উপহাস ; পরিহাস। প্র—"এতো নহে ভাল, জল লয়ে চল, লোকে শুনি করে ঠাটা" —ঘনরাম। "ঠাট্টা করে ওড়াই সখি আপন কথাটাই"—রবি।

ঠাটান (নো) [অশ্লীল] ক্রি-বিণ, দৃঢ় বা কঠিন ভাবে খাড়া করা : শিশ্নকে দাঁড় করান।

ঠাটী, ঠেটী [প্রা, গ্রা] বিণ, যে ঠাট করে বা ঠাট দেখায় ; রঙ্গকারিণী : লজ্জাহীনা নারী : বেহায়া। প্র—"এক ঠাটী বলে, মোর কর্ম্মফলে পতি অতিশয় বুড়া।"—ঘনরাম। "সনকা বলিছে তোর লাজ নাই লো ঠাটী"—ঐ।

ঠাট্টা—ঠাটা দ্রঃ।

ঠাঠা [শব্দাত্মক] বি, বজ্র ; বাজ। প্র—ঠাঠা পড়া। ২। ঠায় দ্রঃ।

ঠাড় (ঠ্াড়ো) [হি—ঠাড্] বিণ, আড়। ২। দণ্ডায়মান ; খাড়া। ৩। উচ্চ। প্র—"সদা মাথা ঠাড়"—কবিশেখর। ৪। শুদ্ধ ; নিছক ; কেবলমাত্র। প্র—ঠাড় মাইনের চাকর। **ঠাড় করা**—দাঁড় করান, খাড়া করা। ২। চাঙ্গা করিয়া তোলা ; সুস্থ করিয়া তোলা। **ঠাড় মাহিয়ানা**—নির্দ্ধারিত বেতন মাত্র ; খোরাক পোষাকাদি-শূন্য বেতনমাত্র। **ঠাড় হওয়া**—সোজা হইয়া উঠা বা দাঁড়ান। ২। রোগ শয্যা ত্যাগ করিয়া উঠা ; আরোগ্য লাভ করা। **ঠাড়মোড়**—বিণ, ভয়ে কাঠ ; আড়ষ্ট। প্র—"ঠাড়মোড় হ'ল লোক তরাসে হুতাশে" —ঘনরাম।

ঠাড়া—বিণ, পুং, খাড়া ; সোজা ভাবে ঠেসান দেওয়া।

ঠাড়ি, ঠাঢ়ি [হি] বিণ, স্ত্রী, খাড়া। ২। [ব্রজ] ক্রি, দাঁড়াইয়া। প্র—"করযোড় ঠাড়ি বদন পুন জোয়"—বি, প। ৩। বিণ, দণ্ডায়মান। প্র—"ঠাড়ি রহল রাই নাহি আগুসারে"—বিদ্যাপতি। **ঠাঢ়ে**—খাড়া থাকে। প্র—"রণ-ভুক্ অভিমুখ দোঁহি ঠাট ঠাঢ়ে।"—শিবায়ন।

ঠাণ্ডা [হি—ঠান্ডা শব্দজ। দ্বিজেন্দ্রনাথ ঠাকুর মহাশয়ের মতে স্নিগ্ধ হইতে। স্নিগ্ধ—থিন্দ—থাণ্ডা] বিণ, শীতল। প্র—"ঠাণ্ডা বাতাস" "জল বরফের মত ঠাণ্ডা হয়েছে।" ২। নম্র-প্রকৃতি : শান্ত ; সুবোধ। প্র—"তারা ত ঠাণ্ডা কেহ নয়"—ঈ, গুপ্ত। ৩। সন্ধী।

ঠান (ন্) [হি—ঠাম] বি, ভাব ; ভঙ্গী ; মূর্ত্তি। প্র—"দেখিয়া বীরের ঠান ভয়ে কম্পমান প্রাণ পলাইতে নাহি দেখি পথ"—কবিক। ২। [সংস্থান হইতে] স্থান : ঠাঁই। ৩। কাছে। প্র—"জ্ঞানদাস কহে সব বিবরণ কহ জননীর ঠান।"—জ্ঞানদাস।

ঠাপ (প্) [অশ্লীল। হি—ঠপ্পা (ধাক্কা)] বি, ধাক্কা (শিশ্নের)। ক্রি, **ঠাপান**।

ঠাম (ম্) [সং—স্থান—ঠান—ঠাম অথবা ধাম—ঠাম] বি, স্থান ; নিকট। প্র—ভয়ে ভীত হৈয়া, আসিলা রাধার ঠাম"—চণ্ডীদাস। "ভ্রমর বিকল কতিহুঁ নাহি ঠাম"—বিদ্যাপতি। ২। সংস্থান : গঠন। প্র—"রোয়ল ঘট উচল করি ঠাম'—বি, প। ৩। ভঙ্গী ; রূপ : ভাব ; গঠন ; মূর্ত্তি ; শ্রী। প্র—"সে কিরে চূড়ার ঠাম, কেবল যেমন কাম"—চণ্ডীদাস। "ত্রিভঙ্গিম ঠাম পড়ে সখি মনে"—গিরিশ। দেখিয়া বীরের ঠাম, ভয়ে তনু কম্পমান, পলাইতে নাহি পাই পথ॥"—কবিক।

ঠায় (য়) [সং—স্থির হইতে] ক্রি-বিণ, স্থির ; একভাবে : নিশ্চল। প্র—ঠায় বসে আছে। "রথের উপর বীর পড়িলেন ঠায়"—মহা, দ্রোণ (কাশী)। ২। যেমন অবস্থায় যেখানে আছে ঠিক সেই অবস্থায় সেইখানে। প্র—"লাউ সেন বলে তেরে প্রাণ নিব ঠায়"—ঘনরাম। ৩। জলদের বিপরীত ; ধীরগতি। ৪। স্থান ; সন্নিধান ; ঠাঞি দ্রঃ। প্র—"সখীগণ তথি করিয়া যুকতি কহয়ে দোঁহার ঠায়"—কবিশেখর। **ঠায়ঠায়**—স্থানে স্থানে : ঠাঁই ঠাঁই। প্র—"পদঘায় ঠায়ঠায় অশ্ব হস্তী পুতিছে" —অন্নদামঙ্গল। ২। আস্তে আস্তে ধীর গতিতে।

ঠার (ঠার্) [হি] বি, ইসারা ; ইঙ্গিত। প্র—"চলিতে না পারে দেখাইয়া ঠারে" ; "পথিকেরা ভুলাইয়া আনে আঁখিঠারে"—অ, ম। **ঠার-ঠোর**—ইসারা এবং তদ্রূপ ক্রিয়া।

ঠারা [হি—ঠার্না। উ-পু—ঠারি। ম-পু—ঠার ; ঠারুন্, ঠারেন ; ঠার্। প্র-পু—ঠারে ; ঠারেন্। অস-ক্রি,—ঠারিতে ; ঠারিয়া ; ঠারি (পদ্যে), ঠেরে : ঠারে : ঠারিবার। ণিজন্ত, ঠারান (নো)] ক্রি, ইসারা বা ইঙ্গিত করা। ২। বক্র দৃষ্টিপাত করা ; আড়চক্ষে চাওয়া। প্র—"ঠারি পদ্মা বলে শুন ঠাকুরের ঝি"—শিবায়ন। **আঁখি ঠারা, চোক ঠারা**—আড়ে দেখা। আড়চাহনি দ্বারা ইঙ্গিত করা। **ঠারাঠারি, ঠারাঠুরি**—পরস্পর ইসারা। প্র—সখীগণ করে ঠারা-ঠারি"—চণ্ডীদাস। "কৈল ঠারাঠুরি কি রস রঙ্গে"—গোবিন্দদাস।

ঠারি [ঠাড়ি দ্রঃ] বিণ, দণ্ডায়মান ; খাড়া। প্র—"কালিয় বরণ, হিরণ্ পিধন বাঁকিয়া রহিল ঠারি"—চণ্ডীদাস। ২। [ঠারা দ্রঃ] অস-ক্রি, ঠারিয়া।

ঠারেঠোরে [ঠার দ্রঃ। ঠোর ঠার শব্দের সহচর] ক্রি-বিণ, ইঙ্গিতে ; স্পষ্টকথা না বলিয়া ইসারায়। প্র—"সেবি সেই স্বামী, বোবা হই আমি, কথা কহি ঠারেঠোরে।"—ঘনরাম। সব কথা ঠারেঠোরে নাহিক প্রকাশ" —চৈতন্য ভাগবত।

ঠাস (ঠাশ্) [হি—ঠাস্] বিণ, আঁট ; ঘন। প্র—"ঠাস বুনন।" ২। বি, চাপ।

ঠাস, ঠাস্ (ঠ্াশ্) [শব্দাত্মক] ক্রি, অনুকার শব্দ ; চড় মারিবার শব্দ। প্র—"ঠাস্ করিয়া চড় মারিল।"

ঠাসা (ঠ্াশা) [হি—ঠাস্না। উ-পু—ঠাসি। ম-পু—ঠাস ; ঠাসুন্ ; ঠাস্। প্র-পু—ঠাসে ; ঠাসেন। অস-ক্রি—ঠাসিতে : ঠাসিয়া ; ঠেসে। ণিজন্ত—ঠাসান] ক্রি, ছিদ্রহীন করিয়া ভরিয়া দেওয়া ; গাদা। ২। স্তূপাকার করা : বোঝাই করা : পূর্ণ করা। প্র—জিনিসপত্রে ঘর ঠাসিয়া ফেলিয়াছে। ৩। সবলে মর্দ্দন করা ; মাড়া। প্র—ময়দা ঠাসা। ৪। চাপিয়া ধরা। প্র—তাহাকে ঠাসিয়া ধরিয়াছে। ৫। বি, সেকরা যে ধাতুময় ছাঁচের উপরে সোণা রূপার পাত রাখিয়া পিটিয়া নক্সা তুলে। **ঠাসাঠাসি**—বি, গাদাগাদি ; চাপাচাপি ; ঘেঁসাঘেঁসি। **ঠাসামাড়া**—শরীরের সকল জোর ও ধকল দেওয়া। প্র—ঠাসিয়া মাড়িয়া কাপড় পরা।

ঠাসিঠুসি (শি, শি) [ঠাস (শব্দে) ঠুস (শব্দে) ই] বি, ঠুকঠাক ; অনুকার শব্দ। প্র—"ঠাসিঠুসি শব্দ শুনি"—চৈতন্যমঙ্গল।

ঠাহর (ঠাহোর্) [ঠাওর দ্রঃ] বি, তীক্ষ্নদৃষ্টি ; বিশেষভাবে দর্শন ; স্পষ্টদৃষ্টি। প্র—"ঠাহর করে দেখা।" **ঠাহরান** (ঠাওরানো) ক্রি, স্পষ্ট দেখিয়া নির্দ্ধারণ করা ; চেনা। ২। চিন্তা বা বিচার দ্বারা স্থির করা। প্র—"গর্ভের লক্ষণ এব্যাধি কেমন, ঠাহরিতে কিছু নারি"—বি, সু।

ঠিক (ঠীক্) [সং—স্থির শব্দজ হি—ঠীক। বি, স্থিরতা। প্র—এখন কিছুরই ঠিক নাই। ২। বিণ, সত্য ; প্রকৃত ; যথার্থ। ৩। ঠিকানা : উদ্দেশ। ৪। ধার্য্য ; স্থির। প্র—"কোন বিষয়ে সংকল্প ঠিক করা।" ৫। স্বাভাবিক সুস্থ অবস্থা। প্র—"মাথার ঠিক থাকা।"

ঠিক করা—ক্রি. শাসন করা; সোজা করা; প্রহার করা। ২। সংশোধন করা নির্ভুল করা। ৩। নির্দ্ধারিত করা। ঠিকঠাক—অবিকল; যথাযথ। ক্রি-বিণ. স্থিরীকৃত: নির্দ্ধারিত। প্র—"নামে নামে কার্য্যকালে হৈল ঠিকঠাক"—শিবায়ন। ঠিক দেওয়া—তেরিজ কষা: যোগফল বাহির করা। প্র—"ঠিকের ঘরটা ঠিক পারিনে।" —রজনী সেন। ঠিক হওয়া—যথাবৎ হওয়া: অনুরূপ হওয়া। ২। প্রস্তুত হওয়া। প্র—"তা' হ'লে মগুকে যাবার জন্যে ঠিক হ'তে বলি"—করঙ্ক। ৩। দণ্ড পাইয়া শান্ত হওয়া।

ঠিকরা (ক্) [হি—ঠিক্‌রা। টুক্‌রা হইতে] বি. ছোট ঢিল: খাপ্‌রা। ২। ঠিকরা কড়াই। ৩। চাউল ও নারিকেলাদি দ্বারা প্রস্তুত পিষ্টকবিশেষ। প্রা—ঠিকরী; ঠিক্‌রে।

ঠিকরান (ঠিক্‌রানো) [ঠোকর দ্রঃ। উ-পু—ঠিকরাই: ম-পু—ঠিকরাও: প্র-পু—ঠিকরায়; অস-ক্রি—ঠিকরাইতে: ঠিকরাইয়া: ঠিকরিয়া; ঠিকরে: ঠিকরাইবার] ক্রি. ছট্‌কাইয়া পড়া। ২। ক্রোধপূর্ব্বক দ্রুত পদক্ষেপে গমন: টক্কর খাইতে খাইতে গমন। ৩। তীব্র আলোক বা বর্ণের আঘাত পাইয়া যেন নেত্রতারা ছট্‌কাইয়া পড়া। বি. ঠিকরানি: ঠিকরণ।

ঠিকা [হি—ঠিকা: ঠেকা শব্দজ] বি. নির্দ্দিষ্ট সময়ের মধ্যে নির্দ্ধারিত কর্ম্মের বেতন: contract. ২। অল্প সময়ের জন্য; সাময়িক। temporary. ৩। দৈনন্দিন বেতনভোগী। ঠিকা চাকর—দৈনিক বেতন লইয়া যে ভৃত্য কাজ করে অথবা মাসিক বেতনে যে চাকর সংসারের আংশিক কাজ করে। স্ত্রী. ঠিকা চাকরাণী। ঠিকাদার—যে ঠিকায় কাজ করে; চুক্তি দ্বারা কর্ম্ম-সম্পাদক। ঠিকাদারী—ঠিকাদারের কর্ম্ম বা ব্যবসায়।

ঠিকানা—বি. গণনা: সংখ্যা। প্র—"কত তাহার ঠিকানা নাই।" ২। বাসস্থান। ৩। প্রকৃত অবধারণ; সন্ধান; উদ্দেশ। প্র—"বাজারে দোকান বন্ধ, দোকানদার কোথায় পলাইয়াছে, তাহার ঠিকানা নাই" আনন্দমঠ। এই অর্থে "ঠিকঠিকানা"—শব্দের ব্যবহার আছে। প্র—"ফেলেচ মা বিষম ফেরে পাই না কিন্তু ঠিকঠিকানা"—গান (রামপ্রসাদ)।

ঠিকারি [প্রা-বাং। আধু-বাং-য়, ঠিকরা; ঠিক্‌রে] বি. হাঁড়িভাঙ্গা খোলা; খাপ্‌রা। প্র—"পাত্র প্রক্ষালন করি খণ্ড খণ্ড কৈল; বহির্ব্বাসে বান্ধি সেই ঠিকারি রাখিল।"—চৈতন্য চরিত।

ঠিকুজি—বি. সংক্ষেপজন্মপত্রিকা।

ঠিলি [হি—ঠিলিয়া] বি. ঠোঙা; পত্রাদির আধার; খিলি। ২। ক্ষুদ্র কলসী; ঘট। ৩। পেটিকাবৎ আবরণ বা ছোট খোল।

ঠিশমিশ (শ্) বি. প্রা—ঠেশঠেশি: মনোমালিন্য; খুনসুড়ি। প্র—"ঠিশমিশ অহর্নিশ"—কৌতুকবিলাস।

ঠুং—অনুকার শব্দ। ২। কাচ বা ধাতুপাত্রে আঘাত লাগিবার শব্দ।

ঠুংঠাং—বি. অনুকরণ শব্দ: ঠুন্‌কা জিনিষে আঘাত শব্দ; ঝাড়লণ্ঠনের শব্দ।

ঠুংরি [হি—ঠুম্‌রী] সঙ্গীতের তাল ও রাগ-বিশেষ। ২। ঠুংরি তালে ও রাগে রচিত সঙ্গীত।

ঠুঁটা (ঠুঁ) [প্রাকৃ—টুংটো শব্দজ।—হেমচন্দ্র] বিণ. যাহার দুই হস্ত নাই: নুলা। প্র—"দু কর কাটিয়া কর ঠুঁটা"—ঘনরাম। ২। বি. ছিন্ন বৃক্ষ।

ঠুক (ক্) [শব্দাত্মক। ঠক্ শব্দ অপেক্ষা মৃদু] বি. শুষ্ক ও কঠিন বস্তুতে আঘাত লাগিবার শব্দ; লাঠি ঠুকিবার মৃদু শব্দ।

ঠুকঠুক (ক্, ক্) [শব্দাত্মক] বি. উপর্য্যুপরি ঠুক এই শব্দ।—"ঠক্‌ঠক" অপেক্ষা অল্প বা ক্ষীণ। ২। বৃদ্ধ দুর্ব্বল ব্যক্তির ধীরে ধীরে গমনের ভাববোধক।

ঠুকন (ন্) [হি—ঠুক্‌না। ঠোকন দ্রঃ] বি. আঘাতকরণ। ২। প্রহারকরণ; মারণ। ৩। প্রোথিত করণ. পোঁতন; গাড়ন।

ঠুকরণ (ঠুক্‌রোন্) বি. চঞ্চু দ্বারা আঘাত: খুঁটন। ক্রি. ঠুক্‌রন (ঠুক্‌রোনো) ঠোকর দেওয়া; ঠোকরান; খুঁটিয়া লওয়া।

ঠুকা [ঠোকা দ্রঃ] ক্রি. আঘাত করা। ২। প্রহার করা। বি. ঠুকানি, ঠুকুনি। ঠুকে দেওয়া—ঘা মারিয়া বসাইয়া দেওয়া। ২। প্রহার করা: মারা। প্র—"খ্যাংরা দেব ঠুকে"—বাজিমাৎ (হেম বন্দ্যো)।

ঠুঙ্গি ঠুঙ্গী—বি. ঠোঙ্গা অপেক্ষা ক্ষুদ্র; ঠিলি; পত্র নির্ম্মিত পাত্র।

ঠুটা [প্রা—ঠুঁটা (দ্রঃ)। হি—টুটাহ্, টোঁটা, টোটা=হস্তহীন] বিণ. হস্তহীন: নুলা। প্র—"মারিয়া করিল গুঁড়া সব হৈল ঠুটা খোঁড়া, তখন ছাড়িয়া দিল ভঙ্গ॥"—শিবায়ন। "ধাঁদা বোঁচা হৈল কার গেল নাক কাণ। ঠুটা খোঁড়া হৈল কেহ কার গেল প্রাণ॥" —শিবায়ন।

[ঠুটার সহিত স্থবির শব্দের ভাব মিলিয়া—থুরথুরা—ঠুড়ঠুড়া ঠুটঠুটা] বিণ. এত বৃদ্ধ যে হাত পা বশে রাখিতে পারে না।

ঠুনকা, ঠুনকো (ন্) [সং—স্তন; পালি-থন=ঠন। ঠন্‌কা অর্থাৎ স্তনের (রোগ)। থুন্‌কো দ্রঃ] বি. প্রসূতির স্তনের পীড়া। "প্রসবের পর যে কোন সময়ে স্তনের প্রদাহ ও সেই সঙ্গে জ্বর হয়। তখন প্রসূতির স্তনবৃন্তে বা সমুদায় স্তনে বেদনা হয়; সেকারণ তিনি শিশুকে স্তনপান করাইতে পারেন না।"—পারিবারিক চিকিৎসা। বিণ. ভঙ্গপ্রবণ। প্র—"আমরা ঘরের দিয়েরে ভাই পরের মেঙ্গে কিন্‌বনা ঠুনকো কাচ যায় যে ভেঙ্গে"—রজনী সেন।

ঠুনঠুন্—বি. অনুকরণ শব্দ; উপর্য্যুপরি ঠুন্ এই শব্দ; ধাতুপাত্রে বা দ্রব্যে ধাতু দ্রব্যের আঘাত শব্দ; ক্ষুদ্র ঘণ্টারব। ["ঠন্‌ঠন্" অপেক্ষা ক্ষীণ ও কোমল]।

ঠুমকি (ঠুম্‌কি) [শব্দাত্মক] বি. নৃত্যবিশেষ। প্র—"ঠুম্‌কি নাচে"—গিরিশ ঘোষ।

ঠুলি, লী—বি. গো অশ্বাদির চক্ষুর আবরণ। প্র—"মা আমায় ঘুরাবি কত। কলুর চোক ঢাকা বলদের মত॥ *** একবার খুলে দে মা চোখের ঠুলি, দেখি দুটি অভয় পদ॥"—রাম-প্রসাদ। ২। চক্ষে ধূলি দিবার কৌশল; ছলা; ভোল। প্র—"চেঙ্গড়া ভুলায়ে খায় কত জানে ঠুলি"—বি, সু।

ঠুসা (শা) [হি—ঠুস্‌না] ক্রি. গাদা; ঠাসা। ২। অত্যধিক গলাধঃকরণ করা: অতিরিক্ত পান আহার। প্র—"লোকটা খুব ঠুসে খেয়েছে"। ২। চেপে: প্রয়োজনের অধিক। প্র—"ঠুসে মদ্য লও নাথে, যেন না ফুরায় রাতে"—গদ্যপদ্য (বঙ্কিম)। ক্রি-বি—ঠুসন (ঠুসন্)—ঠোসা দ্রঃ। ঠুসি, ঠুসিয়া, ঠুসে—চাপিয়া; অল্পায়তনের মধ্যে অধিক দ্রব্য চাপাচাপি করিয়া রাখা।

ঠুসি (শি) [ঠেস দ্রঃ] বি. ঠুলি বা ঠিলি; পুর। প্র—ময়দার ঠুসি।

ঠেং (ঠ্যাং) [সং—টঙ্গ; হি—টাঙ্গ্] বি. পদ; পা। ২। জঙ্ঘা। ঠেং ঠেং করা [পরিধেয় বস্ত্র খুব খাট হইলে ঠেং ঢাকা পড়ে না। তাহাতে দুই ঠেংই দেখা যায় সুতরাং ঠেং ঠেং করে] পরিধেয় বস্ত্র ওসারে খুব খাট হওয়া। ঠেং ভাঙ্গা—পা ভাঙ্গা; খোঁড়া হওয়া। প্র—সে ঠেং ভেঙ্গে ঘরে বসে আছে।

ঠেঁট (ট্) [ঢীট দ্রঃ] বি. নির্লজ্জ। ঠেঁটপণা —বেহায়ামি। প্র—"কোথায় নাহিক দেখি হেন ঠেঁটপনা।"—কবিক।

ঠেঁটা, ঠেঠা, ঠিটা, ঢেটা [সং—শঠের অপ-ভ্রংশ। হি—ঢীট শব্দজ, প্রা—ঢ্যাঁটা।] বিণ. পুং, কর্কশভাষী; নির্লজ্জ; বেহায়া। প্র—"ঠাই জানি ঠেটা কাক ঠোকরায় তাকে।"—শিবায়ন।

"এ বলে উহারে সই ওটা বড় ঠেঁটা।"—অ. ম.। "বুঝে বুঝিলনারে মন ঠেঁটা।"—রামপ্রসাদ। ২। কাঁইয়া। ৩। [ঠাঠা দ্রঃ] কঠিন ; বজ্র-কঠোর ; দৃঢ়। স্ত্রীলিঙ্গে, ঠেঁটী।

ঠেঁটি—বিণ, লজ্জাহীনা ; কর্কশভাষিণী। ২। বি, স্ত্রী, একগুঁইয়া বা কাঁইয়া স্ত্রীলোক। ৩। [প্রাদে] অতি ক্ষুদ্র বস্ত্র। প্র—"পুরুতের ভাগ্যে ঘসা পয়সা ঠেঁটি পাঁচহাতি।"—রঙ্গলাল। ৪। বিধবার পরিধেয় বস্ত্রবিশেষ। প্র—"হাদে মাগী কালামুখী, ঠিক্ যেন কচিখুকী, পতিসুখে বড় সুখী—ঠেঁটি কেন পরেনি।"—ঈ, গুপ্ত।

ঠেক (ঠেক্) বি, যাহা দ্বারা আটক দেওয়া যায় ; ঠেস : ঠেকা বা ঠেকো। প্র—"তার নাহি ঠেক।"—শিবায়ন। ২। তণ্ডুলাদির আধারবিশেষ। ৩। ব্যাঘাত ; প্রতিবন্ধক। ৪। বিপদ ; দায় ; সঙ্কট। প্র—"এই ঠেকে ঠেকিল ঠাকুর অশ্বত্থামা।"—ঘনরাম।

ঠেকন, ঠেক্‌নআ, ঠেক্‌নুয়া, ঠেক্‌না (ঠেক্‌নো) বি, ঠেকাইয়া রাখিবার বস্তু ; ঠেস ; আটক। ২। টেক ; খুঁটি।

ঠেকন (ঠেকন্ বা ঠ্যাকোন্) বি, স্পর্শ। ২। পড়ন ; বিপদে বা সঙ্কটে পতন। প্র—এমন ঠেকন ঠেকবে।

ঠেকা—বি, গানের সহিত বাদ্যের সময় নিরূপক আঘাত : মাত্রা।

ঠেকা (ঠ্যাকা) [ঠোকর দ্রঃ। সং—টিক্ (গতি অর্থে) উ-পু—ঠেকি। ম-পু—ঠেক (ঠ্যাকো) ; ঠেকুন ; ঠেক (ঠ্যাক্)। প্র-পু—ঠেকে ; ঠেকেন ; অস-ক্রি—ঠেকিতে ; ঠেকিয়া ; ঠেকি (পদ্যে) ; ঠেকে। ণিজন্ত—ঠেকান (নো)] ক্রি, স্পর্শ করা। ২। আঘাত করা ; ঠোকা। ৩। ঠেস দেওয়া। ৪। ঠেক্‌না দেওয়া। ৫। দায়ে পড়া ; উদ্ধারের পথ বন্ধ অবস্থায় বিপদে পড়া ; সঙ্কটে পতিত হওয়া। প্র—"তুমি ঠেক্‌বে যখন শিখবে তখন।"—রামপ্রসাদ। "——বিষম সঙ্কটে ঠেকিবে বৈদেহীনাথ কহিনু তোমারে।"—মেঘনাদ। "অনর্থ পরের দায়ে, ঠেকনা লো ঠেকো না।"—রসতরঙ্গিণী। ৬। বি, স্পর্শ। ২। ঠেস অবলম্বন। প্র—"চাহনি চঞ্চল বাঁকা কদম্ব গাছের ঠেকা ভুবনমোহন রূপ ভাতি।"—জ্ঞানদাস।

ঠেকা—বিণ, ঠেকো দ্রঃ। ঠেকা মেয়ে—চিরকুমারী ; কুলীন-কন্যা। ২। যে কুমারীর বিবাহ সম্বন্ধ এক পাত্রের সহিত নির্দ্ধারিত হইয়া গায়ে হলুদ প্রভৃতি বৈবাহিক ক্রিয়া সম্পন্ন হইলেও সেই পাত্রের সহিত বিবাহ ঘটে নাই, এবংবিধ কুমারী কন্যাকে অন্যপাত্রে বিবাহ করিতে রাজী হয় না। এইরূপ কুমারী কন্যাকে "ঠেকা মেয়ে" বলে।

ঠেকাঠেকি (ঠ্যাকাঠেকি) বি, একের সহিত অন্যের স্পর্শ ; পরস্পরের সহিত পরস্পরের সংঘর্ষ বা আঘাত। ধাকাধাকি। প্র—"শূলে করি রুদ্র ধরি রেখেছে ব্রহ্মাণ্ড। নৈলে ঠেকাঠেকি হয়ে হৈত খণ্ডখণ্ড।"—শিবায়ন।

ঠেকান (ঠ্যাকানো) [ঠেকা দ্রঃ। উ-পু—ঠেকাই। ম-পু—ঠেকাও। প্র-পু—ঠেকায়। অস-ক্রি—ঠেকাইতে : ঠেকাইয়া : ঠেকিয়ে ; "ঠ্যাকান"ও হয়। প্র—"তখন তাদের ঠেকায় কে।"—হারাণ রক্ষিত] ক্রি, স্পর্শ করান ; ছোঁয়ান। ২। দায়ে ফেলা ; বিপদে ফেলা ; প্র—"বিপাকে ঠেকালে নারায়ণ।"—কবিচন্দ্র। ৩। বাধা দেওয়া ; গতিরোধ করা ; আট্‌কান। প্র—"সখী কহে, নিতি এ পথে যাই,—আজি ঠেকাইবে কেটা।"—চণ্ডীদাস। ৪। রক্ষা করা, সামলান ; বাঁচান। ৫। থামান ; সন্তুষ্ট করা।

ঠেকার (ঠ্যাকার) বি, অহঙ্কার ; দেমাক। বিণ, ঠেকারিয়া, ঠেকারে—যে ঠেকার করে ; অহঙ্কৃত ; গর্ব্বিত ; দেমাকে। ক্রি, ঠেকরান (ঠ্যাক্‌রানো) ঠেকার করা।

ঠেকিলে—অপারগ হইলে ; অসমর্থ হইলে ; অকৃতকার্য্য হইলে। প্র—"পরীক্ষায় নাহি কাজ। ঠেকিলে পরীক্ষে, না দেখিব চক্ষে, ভুবন ভরিবে লাজ।"—কবিক।

ঠেকুয়া—ঠেকো দ্রঃ।

ঠেকে (ঠ্যাকে) [ঠেকা দ্রঃ] ক্রি, স্পর্শ করে ; ছোঁয়। ২। পড়ে ; পতিত হয়। প্র—"চীনেম্যানের চোখে এইটেই বেশি করিয়া ঠেকে"—রবি। [ঠেকে=চোখে স্পর্শ করে]। ৩। মনে হয় (মনকে স্পর্শ করে। ৪। ঠেকিয়া ; দায়ে পড়িয়া। প্র—"ঠেকে খুব শেখা শিখেছি রে ভাই।"—মতিলাল রায় (বাং গান)।

ঠেকো, ঠেকুয়া, ঠেকা [ঠেকা দ্রঃ] বিণ, যে ঠেকিয়াছে ; যে আটক পড়িয়াছে। ২। যে সমাজের সংস্রব হইতে বিচ্ছিন্ন হইয়া কেবল আপনার ঘরে গিয়া ঠেকিয়াছে বা বদ্ধ হইয়াছে ; এক-ঘরে। ৩। দোষস্থ। প্র—ঠেকা ঘর।

ঠেঙ্গ (ঠ্যাং) [টাঙ্গ, ঠেং দ্রঃ] বি, পদ : পা। ঠেঙ্গ খোঁড়া হওয়া—পা ভাঙ্গিয়া চলৎ-শক্তি রহিত হওয়া। ঠেঙ্গ ভাঙ্গা—পা ভাঙ্গা : খোঁড়া হওয়া।

ঠেঙা, ঠেঙ্গা (ঠ্যাঙা) [সং—দণ্ড হইতে ডাঙ্গ তাহা হইতে] বি, লাঠি। প্র—"নীলের দাদন, ঠেঙ্গার গাদন, বাঁধন চমৎকার।"—ঈশ্বর গুপ্ত। "দোহাতিয়া ঠেঙ্গা পড়ে গৃহের উপর" চৈ, ভা। ক্রি, ঠেঙ্গান। ঠেঙ্গাঠেঙ্গি—বি লাঠি মারামারি ; দাঙ্গা। ঠেঙ্গাইয়া মারা—লাঠি প্রহার করিতে করিতে বধ করা। ২। লাঠি দ্বারা প্রহার করা। প্র—ঠেকেছি তোমার ঠাঁই ঠেঙ্গাইয়া মার।—শিবায়ন। ঠেঙ্গাবাজি—লাঠি মারামারি ; লাঠি দিয়া ঠেঙ্গান বা খুব প্রহার করা। ঠেঙ্গা মারা—ক্রি, লাঠি মারা ; লাঠান ; ঠেঙ্গাইয়া মারা। বিণ, উদ্ধত ; গোঁয়ার। ২। কর্কশ ; রুক্ষ ; প্র—"ঠেঙ্গামারা কথা"। ঠেঙ্গা মেরে কথা বলা—কঠোর বাক্য বলা।

ঠেঙ্গাড়িয়া, ঠেঙ্গাড়ে—বি, যে লাঠি মারিয়া লোকের সর্ব্বস্ব হরণ করে ; দস্যু। ২। নিষ্ঠুর এবং নির্ভীক।

ঠেঙ্গানি (ঠ্যাঙান্) বি, ঠেঙ্গানি ; লাঠি-প্রহার ; প্রহার। প্র—"খুব ঠেঙ্গানটা ঠেঙ্গাইল।"

ঠেঙ্গান (ঠ্যাঙানো) [ঠেঙ্গা দ্রঃ। উ-পু—ঠেঙ্গাই। ম-পু—ঠেঙ্গাও ; ঠেঙ্গান্ : ঠেঙ্গা। প্র-পু—ঠেঙ্গায় : ঠেঙ্গান। অস-ক্রি—ঠেঙ্গাইতে : ঠেঙ্গাইয়া, ঠেঙ্গিয়ে] ক্রি, দণ্ডাঘাত করা ; লাঠিদ্বারা প্রহার করা : লাঠান। বি, ঠেঙ্গানি—ঠেঙ্গাপ্রহার ; মার। বিণ, ঠেঙ্গানিয়া। ঠেঙ্গানি খাওয়া—প্রহৃত হওয়া ; মার খাওয়া। ঠেঙ্গানি দেওয়া—প্রহার করা।

ঠেট, ঠেঁট, ঠেঠ (ট্, ঠ্) [হি—ঠেঠ্] বিণ, গ্রাম্য ; সাধারণ লোকের চলিত ভাষা।

ঠেঁটা, ঠেঠা—বিণ, নির্লজ্জ। প্র—"ঠেঠায় করিল ঠেঠা ঠক কৈল ঠকে"—ভারত। ২। একগুঁইয়া ; অবাধ্য। ৩। রঙ্গপ্রিয়। "জামাতার মত থাক কত হও ঠেঁটা"—কবিক। স্ত্রী, ঠেঠী।

ঠেল (ঠেল্) [হি—ঠেল্] বি, স্তূপ। ২। ভিড়। ৩। ঠেলা ; ধাক্কা। ৪। বেগ ; শক্তি। প্র—"ঠেল তব কে সহিতে পারে"—কবিক (ভগবতীর স্তব)। ঠেল ধরা, ঠেল মারা—ভিড় হওয়া।

ঠেলল [ঠেল (দ্রঃ)—ল (ক্রিয়া বিভক্তি)। ব্রজ] বি, ঠেলিল ; আন্দোলিত করিল। প্র—"জনু ইন্দীবর পবনে ঠেলল"—বি, প।

ঠেলা [ঠ্যালা] বি, ধাক্কা। প্র—"মহেশের কাছে থাকি মুনি মারে ঠেলা"—শিবায়ন। ২। বেগ। ৩। হাতে টানা দ্বিচক্র গাড়ী বিশেষ। ৪। সঙ্কট ; দায়।

ঠেলা (ঠ্যালা) [হি—ঠেল্‌না। উ-পু—ঠেলি। ম-পু—ঠেল (ঠ্যালো) ; ঠেলুন ; ঠেল (ঠ্যাল্)। প্র-পু—ঠেলে ; ঠেলেন। অস-ক্রি—ঠেলিতে ; ঠেলিয়া ; ঠেলি (পদ্যে), ঠেলে ; ঠেলিবার। ণিজন্ত—ঠেলান (নো)] ক্রি, সম্মুখে ঝুঁকিয়া বা বেগ দিয়া অগ্রসর হওয়া ; ধাক্কা দেওয়া। ২। লঙ্ঘন করা ; অমান্য করা ; এড়ান। প্র—কথা ঠেলা।

৩। ত্যাগ করা ; বর্জ্জন করা ; ঘৃণায় বা অবজ্ঞায় ত্যাগ করা বা দূরে রাখা। প্র—"ঠেলে পায় ভুলে আছ কেমনে"—গিরিশ। ৪। সমাজ হইতে দূরে রাখা ; সামাজিক আদানপ্রদান রহিত করা ; এক ঘরে করা। ৫। বিণ. বর্জ্জিত ; ত্যক্ত। ৬। সমাজচ্যুত। ৭। বি. বেগ ; ধাক্কা। (২) দায়। (৩) বিপদ ; সঙ্কট। **ঠেলা দেওয়া**—ধাক্কা মারা। **ঠেলা খাওয়া**—ধাক্কা পাওয়া। **জাতে ঠেলা**—একঘরে করা ; জাতিচ্যুত করা। **সমাজে ঠেলা**—সমাজ হইতে বহিষ্কৃত করা। **দায় ঠেলা**—দায়ের ঠেলা ; দায়ে পড়িয়া ; বাধ্য হইয়া অনিচ্ছায়। **বেগার ঠেলা**—বাধ্য হইয়া অনিচ্ছায়।

ঠেলাঠেলি (ঠ্যালা) [ঠেলা দ্রঃ। [হি—ঠেলমঠেলা] বি. ধাক্কাধাক্কি। প্র—"হয় বোলা-বুলি করে ঠেলাঠেলি, হৈল অরাজক পারা"—চণ্ডীদাস। ২। বহুলোক সমাগম ; ক্রমাগত লোকের আগমন ও প্রত্যাগমন হেতু ভিড়। প্র—"ঠাকুরবাড়ী ঠেলাঠেলি লোকের নাহি শেষ।"—রবি (চয়নিকা)। ৩। তীব্র প্রতিযোগিতা। প্র—"রোজগারের জন্য অত্যন্ত ঠেলাঠেলি করিবার উত্তেজনা তাহার নাই",—রবি।

ঠেশ, ঠেস (ঠেশ্) বি. ঘেঁস ; হেলান্। প্র—"চন্দ্রমুখী চক্ষু বুজে ঠেস দিয়া যায়"—শিবায়ন। ২। অবলম্বন। ৩। আড়ি ; বিরোধ ; দ্বেষ। ৪। দোষ। প্র—"দিস কেন ঠাকুরের ঠেস"—রাম বসু। **ঠেস করা**—লক্ষ্য করিয়া বলা। প্র—"কুৎসিতের বেশ দেখে শ্যাম ; ঠেস করে কি কও আমাকে।"—দাশরথি রায়। **ঠেসঠোস**—ঠেস এবং তদ্রূপ কোন উক্তি বা ক্রিয়া। **ঠেস দেওয়া**—ক্রি. হেলান দেওয়া। ২। লক্ষ্য করিয়া বিরুদ্ধে বলা। **ঠেস মারা**—ঠেস দেওয়া ; ঠেলা দেওয়া ; ঠাসা।

ঠেসন [ঠ্যাশোন্] বি. ঠেস দেওন। ২। ঠাসন ; গাদন।

ঠেসনা (ঠেশ্‌না) বি. ঠেস ; অবলম্বন। প্র—"অবশ আলিসে ঠেসনা বালিসে। ঘুমে ঢুলু ঢুলু আঁখি"—চণ্ডীদাস। ২। (ঠেশোনা) ক্রি. ঠাসিও না ; মর্দন করিও না। ৩। হেলান্ দিও না।

ঠেসা, ঠেশা (ঠ্যাশা) [ঠেশ দ্রঃ। উ-পু—ঠেসি। ম-পু—ঠেস ; ঠেস্থন ; ঠেস (ঠ্যাশ্)। প্র-পু—ঠেসে, ঠেসেন। অস-ক্রি—ঠেসিতে ; ঠেসিয়া ; ঠেসি (পদ্যে), ঠেসে ; ঠেসিবার। শিজন্ত, ঠেসান (নো)] ক্রি. ঠেস দেওয়া। ২। মর্দন করা ; ডলা। ৩। ঘেঁষা। প্র—"বসেছে ব্রহ্মার কাছে ঠেসে"—শিবায়ন। ৪। ঠাসা। **ঠেসাঠেশি, ঠেসাঠেসি**—গাদাগাদি ; ভিড়। ২। গায়ে গায়ে লাগা ; ঘেঁসাঘেঁসি ; লাগালাগি ; মধ্যে ব্যবধান শূন্য ; সম্মিলিত। প্র—"উন্নত বিশাল স্তন গায় ঠেসাঠেসি"—ফুলরেণু। ৩। ঠেলাঠেলি ; ধাক্কাধাক্কি। ৪। পরস্পর উপলক্ষ করিয়া বা ইঙ্গিতে দোষারোপ করণ ; হিংসাহিংসি।

ঠেসান [ঠ্যাসান্] বি. অবলম্বন ; হেলান্। **ঠেসান দেওয়া**—ঠেস দেওয়া ; হেলান দিয়া থাকা ; কোন কিছুতে শরীরের কিয়দংশ ভার রক্ষা করা। প্র—"ব্রাহ্মণ এক গাছতলায় বসিয়া, গাছের গুঁড়ি ঠেসান দিয়া, চক্ষু বুজিয়া ভাবায় তামাকু টানিতেছে"—কমলাকান্তের দপ্তর (বঙ্কিম)।

ঠেসান [ঠ্যাশানো] ক্রি. হেলাইয়া রাখা। ২। ভেজান বা বন্ধ করা। প্র—"দরজা ঠেসাইয়া দাও।" বিণ. রুদ্ধ ; বদ্ধ ; লগ্ন। প্র—"দরজা ঠেসান আছে ত ?" ক্রি-বি. **ঠেসানি**।

ঠোঁট (ট্) [সং—ওষ্ঠ শব্দের প্রাকৃ—ওট্‌ঠ, হি—হোঁট, ওঁঠ্] বি. ওষ্ঠ ; অধর। প্র—"তারি মত ঠোঁট যোড়া"—কুঙ্কুম। ২। [সং—ত্রোটি শব্দের অপভ্রংশে হি—টোঁটী শব্দজ] চঞ্চু। **ঠোঁট উল্টান**—ক্রি. গর্ব্ব প্রকাশ করা ; ঠ্যাকার করা ; অবজ্ঞা প্রকাশ করা। **ঠোঁটকাটা**—বিণ. কর্ত্তিত ওষ্ঠাধর। ২। নির্লজ্জ ; বেহায়া। ৩। অপ্রিয় সত্য বলিতে যে সঙ্কুচিত হয় না ; স্পষ্ট বক্তা। স্ত্রী. **ঠোঁটকাটী**। **ঠোঁট ফুলান** (নো) ক্রি. ক্রন্দনের উপক্রম করা। ২। অধরোষ্ঠের কম্পন দ্বারা অভিমান প্রকাশ করা ; অভিমান করা। **ঠোঁটে ঠোঁটে লাগা**—অতিশয় শীত বা অন্য কারণে শরীরের কম্পজনিত অধরোষ্ঠের ঘন ঘন কম্পন। ২। ভয় বা বিস্ময়জনিত দন্ত ও ওষ্ঠ সংযোগে কম্পনের সহিত একপ্রকার অব্যক্ত ধ্বনি হওয়া। প্র—"লেগে গেছে ঠোঁটে-ঠোঁটে"—গিরিশ। **ঠোঁটে, ঠোটে**—অপুষ্ট কদলী ; ঠোটে কলা। ২। ডোরে কলা।

ঠোক (ঠোক্) বি. আঘাত। ২। [প্রাদে] আবদার, বায়না।

ঠোকন (ঠোকোন্) বি. আঘাত করা। ২। প্রহার।

ঠোকনা (ঠোক্‌না) বি. ঠোনা ; ঠোনকা ; গণ্ডে অঙ্গুলির আঘাত। প্র—"দুই গালে মারে বড় ঠোকনা।"—কবিক।

ঠোকর, ঠোকার (র্) [হি—ঠোকর্] বি. আঘাত ; ঠোকা। প্র—"ঠক্ বলে মাথায় ঠোকার কেহ মারে।"—ধ. ম। ২। টক্কর ; উছট। ৩। প্রতিবন্ধক ; বাধা ; বিঘ্ন। ৪। অযাচিতভাবে কোন বিষয়ে দখল দান বা সমালোচনা। প্র—"কিন্তু তাহার বাকচতুরতা ও সব বিষয়েতে ঠোকার মারা জন্য গ্রামস্থ সকলে তাঁহাকে লাল বুজকড় বলিয়া ডাকিত"—টেকচাঁদ। ৫। কঠোর শিক্ষা ; হৃদয়ে আঘাত পাইয়া শিক্ষা। **ঠোকর কাড়া**—অপ্রীতি-করভাবে প্রত্যুত্তর করা ; হৃদয়ে আঘাত করিয়া সমালোচনা করা। ক্রি. **ঠোকর খাওয়া** (আত্মপক্ষে)। **ঠোকর দেওয়া**—নীরস বা কঠোর ভাষায় প্রতি কথার জবাব দেওয়া। ২। ঠোকরান।

ঠোকরান (ঠোক্‌রানো) [ঠোকর (দ্রঃ) + আন (ক্রিয়া বিভক্তি)। উ-পু—ঠোকরাই ম-পু—ঠোকরাও। প্র-পু—ঠোকরায়। অস-ক্রি—ঠোকরাইতে ; ঠোকরাইয়া, ঠুকরি (পদ্যে), ঠুকরে ; ঠুকরিবার] ক্রি. চঞ্চুর আঘাত করা। ২। খুঁটিতে থাকা। ৩। ঠোকর মারা। প্র—"হাঁটু পাতি বুড়া এঁড়ে বসে গেল পাঁকে। ঠাঁই জানি ঠেঁটা কাক ঠোকরায় তাকে।"—শিবায়ন। ৪। সকল বিষয়ে অভিমত প্রকাশ করা।

ঠোকা—বি. আঘাত ; ধাক্কা। ২। প্রহার। ক্রি. আঘাত করা ; মারা ; প্রহার করা। **ঠোকাঠুকি**—পরস্পর আঘাত বা সংঘর্ষ। প্র—"মাথা ঠোকাঠুকি। ২। মারামারি। ৩। প্রতিদ্বন্দ্বীতা ; প্রতিযোগিতায় সংঘর্ষ। প্র—"চকমকি ঠোকাঠুকি শব্দ ও স্ফুলিঙ্গ বর্ষণ নাই।"—রবি।

ঠোঙা, ঠোঙ্গা (ঠোংআঁ) বি. পত্রাধার। প্র—"ঠোঙা করে শালপাতে, চাট দেবে হাতে হাতে।"—গান (গি. ঘোষ)। "আসিয়া পড়িল ঠোঙ্গা চন্দ্রাবলী ঘরে, খুলিয়া দেখিল মালা অতি মনোহরে।"—চণ্ডীদাস। (ক্ষুদ্রত্ব-বাচী) **ঠুঙি, ঠুঙ্গি**।

ঠোনা—বি. ঠোনকা ; ঠোকনা। প্র—"করিয়া মহাক্রোধ না মানে উপরোধ, খুল্লনা মারিল ঠোনা।"—কবিক। "ধাঁ করিয়া গোবিন্দ লালের গালে ভোমরা এক ঠোনা মারিল।"—কৃষ্ণকান্তের উইল (বঙ্কিম)।

ঠোনকা—বি. ঠোকনা ; ঠোনা ; অঙ্গুলি, বিশেষতঃ তর্জ্জনী বক্র করিয়া গণ্ডে আঘাত। প্র—"ঠোনকা মেরে ব্রজ মহিলা বারাণ্ডায় যান"—হেম বন্দ্যো। **ঠোনকামারা**—বক্রাঙ্গুলির আঘাত করা।

ঠোর (র্) বি. স্থিরতা। ২। (মনের স্থিরতা) নিশ্চয়। ৩। (জ্ঞানের বা বোধশক্তির স্থিরতা) চৈতন্য।

ঠোস (ঠোশ্) বি. কাঁপ। স্ফীতি। ২। পরিপূর্ণতা। ৩। ফোড়া; ফোস্কা। ৪। সঙ্কেত। ৫। ঘুষি [বঙ্গীয় শব্দসিন্ধু]। ঠোস করা—কাঁপিয়া টোপা হওয়া; চর্ম্মাদির খালি বায়ুতে পূর্ণ ও স্ফীত হওয়া। পেট ঠোস করা—পেট কাঁপা।

ঠোসা (শা) [হি—ঠুসনা] ক্রি. ঠুসা দ্রঃ। ণিজন্ত—ঠোসান—গাদান; ভরাণ; পরিপূর্ণ করণ; ২। খুব পেট ভরিয়া আহারকরান। বি. ঠোসান্।

ঠ্যাং, ঠ্যাঙ্ [ঠেং দ্রঃ] বি. পদ; চরণ; পা।

ঠ্যাঁটা, ঠ্যাটা—বিণ. একগুঁয়ে। অবাধ্য; obstinate. প্র—"কোন মতে শুনে নাক ছোঁড়া বড় ঠ্যাটা।"—ঈশ্বর গুপ্ত। [ঠেঁঠা দ্রঃ]।

ঠ্যাকান (নো) ঠেকান দ্রঃ।

ঠ্যাকার (র্) বি. অহঙ্কার; গ্যাদা; গুমর। প্র—"বামনেরঠ্যাকার বড়—আমরা তাহাদের রান্নাঘরে গেলে হাঁড়ি কুড়ি ফেলিয়া দেন—আবার পাতের প্রসাদ দিতে আসেন।"—ইন্দিরা (বঙ্কিম)। "ঠ্যাকারে মাটিতে পা নাহি পড়ে তার।"—ঈশ্বর গুপ্ত।

ঠ্যাঙা, ঠ্যাঙ্গা [সং—দণ্ড হইতে ডাঙ্গ শব্দজ] বি. ঠেঙ্গা দ্রঃ।

ঠ্যাঙ্গান (ঠ্যাঙানো] ঠেঙ্গান দ্রঃ।

ঠ্যাঙ্গাড়িয়া—ঠেঙ্গাড়িয়া দ্রঃ।

ঠ্যালা—ঠেলা দ্রঃ।

ড

ড—ব্যঞ্জনবর্ণমালার ত্রয়োদশ, টবর্গের তৃতীয়, অল্পপ্রাণ ঘোষবান্ বর্ণ। ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা বলিয়া মূর্দ্ধণ্যবর্ণ। শব্দাত্মক পদের মধ্যে ড গাম্ভীর্য্য ও গুরুত্ব দ্যোতনা করে। প্র—ডব্‌ডব্; ডম্‌ডম্ (তুল—টিম্ টিম্; থম্ থম্) ইত্যাদি। ডকার। ২। শব্দ। ৩। বাদ্যযন্ত্রবিশেষ। স্ত্রী. ডা—ডাকিনী।

ডগর (র্) [ডহর দ্রঃ] বিণ. গভীর। ২। [হি—ডগর (পথ)। চলিতে চলিতে বা গরুর গাড়ির চাকা বসিয়া বসিয়া যে পথের দাগ হইয়াছে তাহা "ডগ্‌রা" বা "দগ্‌ড়া" গ্রাম্য হিন্দী] বি. মেটো পথ; গ্রাম্য পথ। ২। গরু বাছুর গমনাগমনের পথ।

ডক, ডক্ [ইং—dock ডক্ শব্দজ] বি. বন্দর: জাহাজ নির্ম্মাণ ও রক্ষণ স্থান। প্র—সে খিদিরপুরের ডকে কাজ করে।

ডকবুস (ক্, শ্) [প্রা-বাং, অপ্র] বি. ডাঙ্গশ। প্র—"সেল ডকবুস হাতে শুরজ কোটাল॥"—শূন্যপুরাণ।

ডকার (র্) [শব্দাত্মক। হি—ডকার। উদ্গারের শব্দ হইতে] বি. উদ্গার শব্দ; ঢেঁকুর। ২। ডবর্ণ।

ডগ, ডগা, ডগী, ডগ্‌লা, ডগালে [অপ্র শব্দজ] বি. বৃক্ষাদির শীর্ষ। ২। অগ্রভাগ; আগা। ৩। আলুর বীজ; ইক্ষুর বীজ। ৪। বংশ, ইক্ষু প্রভৃতির সূক্ষ্মাগ্রভাগ।

ডগডগিয়া, ডগডগে (ডগ্‌ডোগে) [অতিশয় তীব্র অর্থে ড] বিণ. অধিক টক্‌টকে লাল; ঘোর লাল; রগরগে। ২। দগদগে (ক্ষত স্থান যখন খুব লাল হইয়া উঠে)।

ডগণ [ন্] বি. পুং, হস্তী, অশ্ব, রথ, পদাতিক ও পত্তি এই পঞ্চভাগে বিভক্ত গণবিশেষ।

ডগমগ (গ বা গ্) [হি—ডগ্‌মগ্] বিণ. ডুবুডুবু; নিমজ্জমান। প্র—"ডগমগ তনু রসের ভরে"—বি. সু। "প্রভাতে তরুণ রবি ডগমগ লাল ছবি, প্রদোষে মিলায়"—মানকুমারী। ২। ঢলঢলে; টলটলে; অস্থির; চঞ্চল। প্র—"জনু ডগমগ করে নলিনীকে নীর"—বি. প। ক্রি. ডগমগান (গ্, নো) [হি—ডগ্‌মগানা। প্র-পূ—ডগমগে=ডগমগ করে। অস-ক্রি, ডগমগিতে; ডগমগিয়া; ডগমগি (পদ্যে)। প্র—"ডগমগি রুধিরে ভূষিত সর্ব্ব গা"—ধ-ম] বি. ডগমগানি। বিণ. ডগমগিয়া, ডগ্‌মগে (মো)।

ডগর (ডগোর্) বি. ঢকাবিশেষ; দগড়।

ডগলা, ডগা, ডগালে—ডগ দ্রষ্টব্য।

ডগিডগি (ডোগিডোগি) [ডগ দ্রঃ] বিণ. কচি কচি; নধর। প্র—"ডগি ডগি ডাল ছোলার শাক"—কবিক।

ডঙ্ক (ডংক) [সং—দংশ। হি—ডংক্ (ফণা; হুল্)] বি. যে সাপ খেলায়: সাপুড়ে। প্র—"সর্পক্ষত ডঙ্ক নাচে বিবিধ প্রকারে।"—চৈ, ভা। ২। দংশন: দস্তাঘাত। প্র—"হেন বুঝি খুল্লনাকে হৈল সাপ ডঙ্ক।"—কবিক।

ডঙ্কা [ঢক্কা শব্দজ। হি—ডঙ্কা। ডং (অনুকরণ শব্দ; ঢক্কাধ্বনি)+ক (যে করে, কৈ শব্দজ)] বি. স্ত্রী. দুন্দুভি; টিকারা। ২। সর্ব্বসাধারণের অবগতির জন্য দুন্দুভিধ্বনি; ঢ্যাট্‌রা। প্র—"সাজ সাজ বলি ডঙ্কা হইল লস্করে"—অ, ম। ৩। টিকারা বা টেকা। ডঙ্কা দিয়া—ঢাক বাজাইয়া; সর্ব্বসমক্ষে প্রচার করিয়া; সগৌরবে জয় ঘোষণা করিয়া। প্র—"রাজা হয়ে ঠাকুর আইলা ডঙ্কা দিয়া।"—অ, ম। ডঙ্কা ফোঁস, ফোঁস ডঙ্কা—ফোঁস চক্র; সাপের ফোঁস ফোঁস শব্দসহ ফণার আঘাত। ডঙ্কা মারিয়া—প্রকাশ্যে গর্ব্ব করিয়া; উচ্চৈঃস্বরে আস্ফালন করিয়া; টিকারা বা টেকা দিয়া।

ডজন (ন্) [ইং—dozen হি—দর্জন] বি. দ্বাদশটী; বারটী; ১২।

ডণ, ডন (ন্) [সং—দণ্ড। হি—ডণ্ (ডঁড্)] বি. দণ্ডবৎ পতিত হইয়া ব্যায়াম। ডণ করা, ডণ ফেলা—সমস্ত শরীরের ভার দুই করতল ও দুই পদাঙ্গুলির উপর রাখিয়া দণ্ডবৎ পতিত হওয়া এবং উঠা।

ডণ্ড (ডন্‌ডো) [দণ্ড শব্দের বিকৃত উচ্চারণ] বি. দণ্ড; শাস্তি।

ডণ্ডী (ডোন্‌ডি) [দণ্ডী শব্দের বিকৃত উচ্চারণ] বি. দণ্ডী; দণ্ডধারী সন্ন্যাসী।

ডবকা (ডব্‌কা) [হি—ডব্‌কা] বিণ. উদ্গত যৌবন; নবযুবক; সোমত্ত। ২। কামকলা ও রসিকতায় যাহার পরিচয় হইয়াছে; পাকা। প্র—"ওমা ওযে ডবকা ছেলে"—নীলদর্পণ। ৩। অপরিণত বয়স্ক; অপরিপক্ব।

ডবডব, ডব্‌ডব্ [হি। শব্দাত্মক] বি. জল বা রসপূর্ণ আধারের আন্দোলন জনিত অব্যক্ত শব্দ। ২। [কটাক্ষ করিবার কালে চক্ষু দুটি বড় বড় হয় এবং ক্ষণকাল একদৃষ্টে চাহিয়া থাকিলেই সজল হইয়া আসে, তাহার মধ্যস্থ ভাসমান উজ্জ্বল নয়নমণি হইতে যেন অব্যক্ত কল্পিত ধ্বনি আমাদের কর্ণে শ্রুত হয়] ক্রি-বিণ, জল্ জল। ডবডবান (ডব্‌ডবানো) ক্রি. ডবডব করা; জলপূর্ণ হওয়া। ২। এক দৃষ্টে চাহিয়া থাকা; কটাক্ষ করা। ৩। অভিমান, ক্ষোভ প্রভৃতি হেতু চক্ষে জল ভরিয়া আসা, অশ্রুপূর্ণ হওয়া। ৪। ক্রোধপূর্ণ দৃষ্টিপাত করা; (বিস্ফারিত নয়নে) শাসন করা; চোখ পাকান; ভয় দেখান। বিশেষ্যে, ডবডবানি—বিস্ফারিত নয়নের প্রখর দৃষ্টি। ২। ভয় প্রদর্শন; শাসানি। বিণ. ডবডবিয়া, ডবডবে (ডব্‌ডোবে) সজল। ২। (চক্ষু পক্ষে) সজল এবং আয়ত; ভাসা ভাসা ডাগর ডাগর। [দ্রঃ ডবডবে চক্ষু অপেক্ষাকৃত বড় ও শ্রীহীন হইলে (অসম্ভ্রমার্থে) 'ড্যাবডেবে' হয়]।

ডবল (ল্) [ইং—double] বিণ, দ্বিগুণ ২। স্থূল ; মোটা (হি—প্রচলিত)। **ডবল পয়সা**—দুই পয়সা পরিমাণ মূল্য মুদ্রা হিন্দীতে ইহাকে "টাকা" বলে।

ডমর (র্) কলহ ; কচকচি। ২। সামান্য লড়াই। ৩। বিদ্রোহ।

ডমরু (ডমোরু) [ডম্ (ডম্ ডম্ শব্দ) + অর (ঋ, গমন করা, প্রাপ্ত হওয়া) + কর্ত্তৃ উ—যে ডম্ ডম্ শব্দ করিতে করিতে যায় বা যে আঘাত প্রাপ্ত হইয়া ডম্ ডম্ শব্দ করে] বি, হিন্দুদিগের অতি প্রাচীন ক্ষুদ্রাকার আনদ্ধ যন্ত্র-বিশেষ। এই বাদ্যযন্ত্র বসিবার 'মোড়া' বা ইংরেজী বর্ণ এক্স্ x এর মত। ইহার মধ্য ভাগ সংকীর্ণ ; উভয় প্রান্তভাগ স্থূল ও চর্ম্মাচ্ছাদিত। দুই প্রান্তে সূত্রবদ্ধ সীসার গুলি সংযুক্ত। মধ্যভাগ ধরিয়া নাড়িলে গুলি দুটি চর্ম্মে আঘাত করে ও ডম্ ডম্ বা ডুব ডুব শব্দ করিতে থাকে। ইহাকে ডম্বরু, ডম্বুর, ডুবুরু, ডুব্ডুবি এবং ডুগডুগিও বলে। শিবের বাদ্য যন্ত্র। প্র—"ডম্বরু বাজায়ে ভিক্ষা করে ঘরে ঘরে"—কৃত্তিবাস। উক্ত আছে ডমরুর ভিন্ন ভিন্ন ধ্বনি হইতে শিব শব্দশাস্ত্রের সৃষ্টি করিয়াছেন। মাল ও সাপুড়ের বাদ্যযন্ত্র। প্র—"ডমরু ধ্বনি শুনি কালফণী কভু কি অলসভাবে নিবসে বিবরে।"—মেঘনাদ। যাহারা বানর ভল্লুক প্রভৃতির নাচ দেখাইয়া বেড়ায় তাহারা এই বাদ্য ব্যবহার করে। কাব্যে ক্ষীণমধ্যা নারীর কটিদেশের ইহা উপমাস্থল। প্র—"মাঝা ডম্বুর, সিংহিনী আকার ; নিতম্ব বিমান চাক"—চণ্ডীদাস।

ডমরুমধ্য (মোধ্ধ) [হি—ডমরুমধ্য = isthmus যাহার মধ্যভাগ ডমরুর মধ্যভাগের ন্যায় সংকীর্ণ] বি, দুইটি বৃহৎ ভূভাগের সংযোজক সংকীর্ণ ভূভাগ।

ডম্ফ—বি, খঞ্জনীর মত প্রাচীন আনদ্ধ যন্ত্র-বিশেষ। ২। বংশীবিশেষ।

ডম্বর (ডম্বর্) [ডন্ব্ (প্রেরণ করা) + অর (ভাবে)] বি, পুং, আড়ম্বর ; ঘটা। প্র—"মেঘডম্বর" = ঘনঘটা। ২। [ব্রজ] সমূহ। প্র—"মধুকর ডম্বর অম্বর ভেল"—বি, প।

ডম্বল (ডম্বোল্)—ডাম্বেল দ্রঃ।

ডর (ডর্) [উ—ডর্] বি, ভয় ; ত্রাস ; শঙ্কা। প্র—"ডরেতে পলায় অরি"—কবিক। "গুহ-গজাননে বুঝি ডর গো"—অ, ম। "হরি ডরে হরিণী হরি হিয়ে ডোল"—বি, প। ২। (ডরো) ক্রি, ভয় কর ; ভয় খাও। এই অর্থে **"ডরাও"** শব্দের ব্যবহার আছে।

ডরা [হি—ডর্না। উ-পু—ডরি (ডো)। ম-পু—ডর ; ডরুন্ (ডো) ; ডরিস (ডোরিশ্)। প্র-পু—ডরে ; ডরেন্। অস-ক্রি, ডরিতে, ডর্তে (ডো) ; ডরিয়া। ডরে (ডো)। ণিজন্ত—ডরান। উ-পু—ডরাই। ম-পু—ডরাও। প্র-পু—ডরায়। অস-ক্রি, ডরাইতে ; ডরাইয়া। বাং-য় কিন্তু "ডরা" অর্থে "ডরান" প্রয়োগ আছে। প্র—"আমি কি ডরাই সখি ভিখারি রাঘবে।" "কাহারে ডরাও তুমি।"—মেঘনাদ] ক্রি, ভয় করা ; শঙ্কা করা ; ভয় পাওয়া। প্র—"তুমি আমাকে দেখে ডরিয়ে উঠেছিলে"—স্বর্ণলতা। বি, **ডরণ** ; ভয় করণ।

ডরান (ডরান্) বি, ভয় ; ডর। ২। (ডরানো) [ডরা দ্রঃ] ক্রি, ভয় দেখান। ৩। ভয় পাওয়া ; শঙ্কিত হওয়া।

ডরাসি [ব্রজ] ক্রি, ভয় করিতেছ। প্র—"তুহুঁ পুন কাহে ডরাসি"—বি, প।

ডরি (ডোরি) ক্রি, ভয় করি। এই অর্থে **ডরাই** শব্দের ব্যবহার আছে। প্র—"নাহি ডরি যমে আমি, কেন ডরাইব তোমায়?"—মেঘনাদ। "দেখামাত্র জিনিয়াছি কহিতে ডরাই।"—বি, সু।

ডরি (ডোরি) [হি – ডোর শব্দজ] বি, দড়ী পাশ। প্র—"ছেদন করিয়া দাও পিরীতের ডরি"—চণ্ডীদাস।

ডরুকা [হি—ডরপোক। ডর + উক + আ বি, ভীরু ; ভয়তরাসে।

ডলন [হি—দল্না] বি, মর্দ্দন। **ডল্না**—বি, পেষণযন্ত্র ; নোড়া।

ডলা—ক্রি, মলিয়া দেওয়া ; রগ্ড়ান। প্র—"মেড়োর ডলিলে কাণ, সেও করে অভিমান"—চন্দন। ২। মর্দ্দন করা ও ঠাসা। প্র—ময়দা ডলা।

ডহর [গভীর শব্দের অপভ্রংশে গহীর—গহর—ডহর] বিণ, গভীর। প্র—"ডহরপানি"। ২। [গহ্বর শব্দের রূপান্তর] বি, গহ্বর ; গর্ত্ত ; খাল ; খোএন। প্র—"সৎপথ কাটিয়া, বাপী পুরাইয়া ডহর করিবে ডাঙ্গা"—ঘনরাম। ৩। নদ্যাদির গর্ভস্থ গভীর গর্ত্ত ; দহ। প্র—নদী হইল পাথার প্রচুর হৈল জল। ডহরে ডুবিলে ডিঙ্গা যায় রসাতল"—শিবায়ন। ২। জলাভূমি। প্র—"ভাদর মাসেতে হৈল ধান অতি মনুহর ডহর ডাঙ্গর সব একুই সুসর।"—শূ, পু। ৩। নৌকার খোল ; নৌকার গর্ভদেশ, যথায় জল জমিয়া থাকে। বিশেষণে, **ডহরা** [হি—গহ্ রা = গভীর] অতলস্পর্শ।

ডহর, ডহরকরম্চা (প্র) বি, বৃক্ষবিশেষ ; ফলবিশেষ।

ডহা [বহা শব্দের প্রাদেশিক উচ্চারণ] ক্রি, বহিয়া যাওয়া ; প্রবাহিত হওয়া। ২। বর্ষণ করা। প্র—"যত ডাকে, তত ডহে না" (যত গর্জ্জে, তত বর্ষে না)—প্রবচন।

ডহু, ডহুয়া (ডোহুআ) বি, মাদার বৃক্ষ ; মাদার ফল। ২। বড়জাতীয় পিপীলিকা-বিশেষ ; (চ)—ডেএ বা ডেও পিপ্ড়ে।

ডাইন, ডান (ন্) [দক্ষিণ শব্দজ] বিণ, দক্ষিণ। ২। বি, স্ত্রী, ডাকিনী ; ডাইন।

ডাইন, ডাইনী, ডান [ডাকিনী শব্দজ] বি, স্ত্রী, কুহকিনী, মায়াবিনী। প্র—"হল ডাইনের কোলে ছেলে সোঁপা"—ঈশ্বর গুপ্ত। "মার চেয়ে যার অধিক মায়া তাকে বলে ডাইন"—প্রবচন।

ডাইন-কোণা (ন্, না) বি, ডানকোনা নামক ছোটমাছ। ডানকোণা দ্রঃ।

ডাইমন্ [ইং—diamond.] বি, হীরকখণ্ডের মত কড়াই তোলার উপর ছেলা। **ডাইমন-কাটা**—হীরার মত উজ্জ্বল করিয়া টোপ তুলিয়া ছিলা।

ডাইস (শ্) [ডাক দ্রঃ। ইং—dies] বি, ঠাসা দ্রঃ।

ডাং, ডাণ্ড [দণ্ড শব্দজ] দণ্ড ; ২। [যাহা দণ্ডের মত উচ্চ সুতরাং] স্তূপ। (চ) ডাঁই।

ডাঁট (ডাঁটো) বিণ, শক্ত ; কঠিন। ২। অপক্ব। ৩। দক্ষ ; সমর্থ। বলিষ্ঠ। প্র—"দারুণ কর্ম্মের তরে দক্ষ হস্ত ডাঁট। বুঝিয়া করিবে কার্য্য বিচক্ষণ বট॥"—শিবায়ন।

ডাঁটা—[সং—দণ্ড শব্দের অপভ্রংশ হি—ডাণ্ডা, পরে ডণ্টা হইতে] বি, বোঁটা। ২। শাকাদির স্থূল ও অপেক্ষাকৃত কঠিন অংশ। প্র—লাউ বা কুমড়া প্রভৃতি শাকের ডাঁটা, খাড়া বা কাণ্ড। ৩। সজিনাবৃক্ষের ফল। বিশেষণে—ডাঁটাল (ডাঁটালো) ডাঁটাযুক্ত ; শক্ত।

ডাঁটী, দাঁটী [উ, ডণ্ঠী (দণ্ড শব্দজ)] বি, ক্ষুদ্র প্রস্তর বা লৌহদণ্ড ; ঔষধাদি মাড়িবার জন্য খলের ডাঁটী।

ডাঁড়, দাঁড় (ড্) [দণ্ড শব্দজ] বি, নৌকা চালাইবার দাঁড় ; বটিয়া (চ, বোটে)। ২। যে দণ্ডের উপর টিয়া প্রভৃতি পাখী বসিয়া থাকে।

ডাঁড়কাক, দাঁড়কাক [দ্রোণকাক শব্দজ। গ্রা বাং-য় "ডোমকাক"] বি, সাধারণ কাক অপেক্ষা কিছু বড় এবং ঘোর কৃষ্ণবর্ণ কাক।

ডাঁড়া [দণ্ড শব্দজ ; অপভ্রংশে হি—ডাণ্ডা হইতে] বি, মেরুদণ্ড ; পৃষ্ঠদণ্ড ; শিরডাঁড়া। ২। ডাঙ্গা ; চর ; চড়া। ৩। ধারা ; নিয়ম ; প্রথা ; প্রকৃতি। ৪। একপ্রকার সর্প ; "ডাঁড়াসাপ"। ৫। জল নির্গমন পথ। ৬। বিণ, যে দাঁড়াইয়া আছে ; দণ্ডায়মান। ৭। ক্রি, দণ্ডায়মান হ ; ওঠ্। ৮। অপেক্ষা কর্।

ডাঁড়ান (ডাঁড়ানো) [দ = ড। দাঁড়ান দ্রঃ। উ-পু—ডাঁড়াই। ম-পু—ডাঁড়াও ; ডাঁড়ান ;

ডাঁড়া। প্র-পু—ডাঁড়ায়; ডাঁড়ান্। অস, ক্রি—ডাঁড়াইতে; ডাঁড়াইয়া; ডাঁড়িয়ে] ক্রি, দণ্ডায়মান হওয়া। ২। অপেক্ষা করা।

ডাঁড়াশ (ডাঁড়াশ্) বি, যে সর্প-লেজের উপর ভর করিয়া দাঁড়াইতে পারে; ডাঁড়াসাপ

ডাঁড়ি, দাঁড়ি [হি—ডাণ্ডি] বি, যে নৌকার দাঁড় টানে বা বাহে। প্র—"বাঁ হাতে সাঁড়াশী ডাঁড়ি নড়ি সব্য হাত।"—শিবায়ন বাক্যের পূর্ণ বিরামজ্ঞাপক দণ্ডের মত আকার বিশিষ্ট চিহ্ন; পূর্ণচ্ছেদ; full stop.

ডাঁড়ুকা, ডাড়ুকা [প্রাচী·বাং] বি, বেড়ি; শৃঙ্খলবিশেষ। প্র—"বন্দীর ডাঁড়ুকা তারা ছেয়ানিতে কাটে।"—কবিক। "চরণে ডাড়ুকা দিয়া বান্ধে মহাবীর।"—কবিক। ২। [প্রাদেশিক] চরণালঙ্কার-বিশেষ।

ডাঁশ (শ্) [দংশ শব্দজ। হি—ডাঁশ] বি, দংশ মক্ষিকা; সাধারণ মশক অপেক্ষা বৃহৎ একজাতীয় মশক। প্র—"বিদায় হইল মশা বাসা কৈল বনে। মাছি ডাঁশ পার্ব্বতী পাঠায়ে দিল দিনে।"—শিবায়ন।

ডাঁসা (ডাঁশা) [প্রা] বিণ, অর্দ্ধপক্ক; আধ-পাকা; যাহা শীঘ্রই পাকিবে; পাকা ও কচির মাঝামাঝি। প্র—"কেবা জানে ডাঁশা পাকা, কেবা জানে কচি। পেয়ারার গন্ধে হয় রুচি॥"—ঈশ্বর গুপ্ত। ২। অল্প রং-ধরা; ঈষৎ হরিদ্রাভ; কটা; উজ্জ্বল। প্র—"বোঁচা, বিড়াল তার সর্ব্বতনু হাঁসা। অর্দ্ধখান লেজ নাহি দুই চক্ষু ডাঁসা॥"—কবিক। ৩। বি, নাগদন্ত। ৪। বংশদণ্ডবিশেষ।

ডাক (ক্) [সং—ড=শিব, ডাক= শিবানুচর, ডা=ডাকিনী (মেদিনী)] বি, পুং, শিবানুচরবিশেষ; পিশাচবিশেষ। স্ত্রী, **ডাকিনী**।

ডাক (ডাক্) [ডঃ=শব্দ (একাক্ষরকোষ); ডকার=শব্দকরণ। হি—ডাকার=উচ্চৈঃস্বরে আহ্বান। সংক্ষেপে ডাক] বি, শব্দ; হাঁক; চীৎকার। ২। কণ্ঠধ্বনি; বুলি; জীবজন্তুর কণ্ঠরব। ৩। আহ্বান; নাম উচ্চারণ; সম্বোধন। ৪। স্মরণ; মনে মনে নামগ্রহণ। প্র—"ডাকের মত ডাক"; "ডাক দেওয়া"; "ডাক ছাড়িয়া কাঁদা"; "ডাক পাড়া"; হাঁক ডাক" ইত্যাদি। ৫। ডাক নামক পক্ষী; ডাক পাখী। ডাহুক দ্রঃ। ৬। প্রতিমাকে সাজাইবার অলঙ্কার। [ইহাতে প্রধানতঃ শোলার উপর রাঙ্গতা বা জরি বসান গহনা (মুকুট, কঙ্কণ, বাজু, হার, তাবিজ, লপট, বাদলার মালা ইত্যাদি) এবং রাঙ্গতা ও জরিবসান কাপড়, গন্ধবিরজার আঠায় রাঙ্গ, আংটী, চুমকী প্রভৃতি বসান আঁচলা, গম্ভীরা, কক্কা প্রভৃতি থাকে] প্র—"জগৎকে সাজাচ্চেন যে মা, দিয়ে কত রত্ন সোণা, ওরে কোন্ লাজে সাজাতে চাস্ তাঁয় দিয়ে ছার ডাকের গহনা।"—রামপ্রসাদ। ৭। ডাক নামক জনৈক গোপ। খনার বচনের ন্যায় তাঁহার রচিত এবং তাঁহার ভণিতাযুক্ত অনেক বচন বা প্রবাদবাক্য প্রচলিত আছে। প্র—"বলে ডাক এই সংসার"। * * * * "কাঁখে কলসী পানীকে যায়। হেট মুণ্ডে কাকহো না চায়। যেন যায় তেন আইসে। বলে ডাক গৃহিণী সেই সে॥"—বঙ্গভাষা ও সাহিত্য। ৮। প্রবাদবাক্য; চলিত কথা। প্র—"ডাকের কথায় বলে"। ৯। প্রকাশ্য; চলিত; সর্ব্বত্র পরিচিত বা সাধারণের জানিত। প্র—ডাক নাম রাশ নাম দ্বিনাম-ধারিণী"—অশোক গুচ্ছ। ১০। বিখ্যাত। প্র—"ডাকের সুন্দরী"। **ডাকের কথা**—প্রবাদ বচন। **এক ডাকের পথ**—অনতিদূর; খুব অল্প পথ; নিকট। **হাঁক-ডাক**—গলাবাজি; চেঁচামেচি। ২। প্রতাপ। **ডাক ছাড়া**—চীৎকার করা; হুঙ্কার করা প্র—"ছাড় ডাক, হে রুদ্র বৈশাখ।"—রবি। **ডাক দেওয়া**—ডাকা; মুক্তকণ্ঠে সম্বোধন বা আহ্বান করা। প্র—"মুখে তুলি পিনাক করাল কারে দাও ডাক।"—রবি। ডাক দ্বারা প্রতিমা সাজান। প্র—ওদের ঠাকুরকে বেশ ডাক দিয়েছে। **ডাক পাড়া**—উপর্য্যুপরি ডাকা; ডাকের উপর ডাক দেওয়া।

ডাক (ডাক্) [হি—ডাক্ বা ডাঁক্ অর্থে অশ্ব, শকটাদি যান ও বাহনের যোগান। পূর্ব্বে পূর্ব্বে দূরপথে যাইবার জন্য বা চিঠি-পত্রাদি পত্রবাহকদ্বারা পৌঁছিয়া দিবার জন্য পথের মধ্যে মধ্যে বিশ্রামার্থ বা অশ্ব উষ্ট্রাদির পরিবর্ত্তন জন্য পাড়াও, চটি বা আড্ডা থাকিত এইরূপ আড্ডা স্থাপন করাকে ডাক বসান বলে। পরে ডাক বলিতে ঐরূপে বাহিত পত্রাদিকেই বুঝাইতে থাকে] বি, প্রাচীন প্রথার ডাকে প্রেরিত বা ইংরেজ গবর্ণমেণ্টের ডাক বিভাগ মার্ফৎ প্রেরিত বা প্রাপ্ত সামগ্রী চিঠিপত্র; ডাকে প্রেরিত সরকারী দপ্তরের কাগজপত্র। **ডাকখানা, ডাকঘর**—যে স্থানে বা ঘরে ডাকবিলি হয়; post office. **ডাক-পেয়াদা, ডাকহরকরা**—যে ব্যক্তি ডাক বাড়ী বাড়ী পৌঁছিয়া দেয়। **ডাক বসান**–পথের স্থানে স্থানে ডাক লইয়া যাইবার গাড়ী ঘোড়াদির আড্ডা করা। **ডাক মুন্সী**—ডাক ঘরের কর্ম্মচারী; Post Master. **ডাকটিকিট**–রাজার মুখ অঙ্কিত মূল্য প্রভৃতি চিহ্নিত ডাক পাঠাইবার মাশুল নির্দর্শক কাগজ খণ্ড বা ছাপ; postage stamp. **ফেরত বা ফেরতা ডাক**—ডাকে পত্র প্রাপ্তিমাত্র তাহার প্রত্যুত্তর যে ডাকে পাঠান হয়।

ডাকতুরুপ (ক্, প্) বি, তাসের খেলা-বিশেষ।

ডাকসংক্রান্তি (ক্, শং) [প্রা] বি, আশ্বিন মাসের শেষ দিন বা সংক্রান্তি।

ডাকা [ড (শব্দ করা)। হি—ডাকারনা= উচ্চৈঃস্বরে ডাকা। উ-পু—ডাকি। ম-পু—ডাক ; ডাকুন; ডাক্। প্র-পু—ডাকে; ডাকেন। অস-ক্রি—ডাকিতে; ডাকিয়া, ডাকি (পদ্যে), ডেকে; ডাকিবার। ণিজন্ত—ডাকান] ক্রি, শব্দ করা; কণ্ঠধ্বনি করা; গর্জ্জন করা। প্র—"ডাকে পাখীগুলি, চল ফুল তুলি"—গিরিশ। "ডাকিছে দাদুরী তমাল কুঞ্জ তিমিরে"—রবি। "মেঘ ডাকা" "বান ডাকা" ইত্যাদি। ২। সম্বোধন। প্র—"পাঠানেরে কহিলেন ডাকি"—রবি। ৩। আবাহন করা; অনুগ্রহ বা কৃপা প্রার্থী হইয়া দেবতার নাম লওয়া। প্র—"—ডাকি আবার তোমায়, শ্বেতভুজে ভারতি!"—মেঘনাদ। "যে ডাকে মা তোমায় তুমি কর তায় ভবসিন্ধু পার"—আনটুনী সাহেব। ৪। শান্তি, মুক্তি (বা উদ্ধার কামনায়) নাম লওয়া; স্মরণ করা। প্র—"ডাকরে মন কালী বলে"—রামপ্রসাদ। "ডাকলে আমি রইতে নারি, যে ডাকে তার কাছে আসি"—গিরিশ। ৫। [শান্তি বা মুক্তি দানার্থে] প্রেমে, দয়ায় বা স্নেহে আকর্ষণ করা; গ্রহণ করা। প্র—"ডেকেছেন প্রিয়তম, কে রহিবে ঘরে।" "ডেকে লও দয়া ক'রে আমারে ভিতরে।" "ডাকিছ মধুর বচনে বার বার প্রেম ভরে * * আয় আয় আয় ব'লে।"—ব্রহ্মসঙ্গীত। ৬। আহ্বান করা; আসিতে বলা। প্র—"ডাক্তার ডাকা।" "লোক ডাকা।" ৭। ফিরাইয়া আনা। প্র—"সে চলিয়া গেল? তাহাকে ডাক।" ৮। প্রকাশ্যভাবে বলা; উচ্চৈঃস্বরে বলা; উচ্চগলায় আত্মপ্রত্যয়ের ভাবমিশ্রিত) বলা। প্র—"খনা (ডেকে বলে যান। রোদে ধান ছায়ায় পান।"—খনার বচন। ৯। চীৎকার করা। প্র—ডাকিয়া লহনা কান্দে।"—কবিক। **ডাকাডাকি করা**—বিরক্তিউৎপাদক সোরগোল করা; ক্রমাগত উচ্চৈঃস্বরে ডাকিয়া বিরক্তিউৎপাদক সোরগোল করা বা পুনঃপুনঃ ডাকা। প্র—"ডাকা ডাকি করিতে উঠিল পাঁচ বেটা।"—ধনরাম। ণিজন্ত—ডাকান (ডাকানো) অন্যের দ্বারা ডাকা। বিশেষ্যে—**ডাকান্ ডাকোন্** [ব্রজভাষায় ও প্রাচীন বাঙ্গলায়] **ডাকই**—ডাকিয়া। **ডাকউ**—ডাকুক। প্র—সোই কোকিল অব লাখ ডাকউ।"—বিদ্যাপতি। **ডাকএ, ডাকয়ে**—ডাকে।

ডাকব—ডাকিবে : ডাকিব। ডাকল—ডাকে। ডাকলু—ডাকিলাম। ডাকসি—ডাকিতেছি : ডাকে। ডাকহু—ডাক বা ডাক দাও। বিণ. ডাকা—শব্দিত : শব্দে মুখরিত ; ধ্বনিত। প্র—"সারাদিন পাখী ডাকা ছায়ায় ঢাকা তোমার পল্লী বাটে,"—রবি।

ডাকা [হি—ডাকা। ডাকুআ=দস্যু] বি. ডাকাতি ; দস্যুবৃত্তি ; প্রকাশ্য চুরি ; লুণ্ঠন। প্র—"দুর্ভিক্ষ হইল রাজ্যে, হৈল ডাকা চুরি।" —মহা-কালী। "ডাকা নাহি দেই ডাকাতের নহি সাথী।"—কবিক। ২। দস্যু ; ডাকাত [অপ্র]। ৩। বিণ. সাহসী ; (ডাকাতের ন্যায়) নির্ভীক। ডাকা-বুকা [ডাকা (দস্যুর মত)+বুক (হৃদয়)+আ (বিশিষ্টার্থে)] নির্ভীক ; অসমসাহসী। প্র—"যায় অন্তরীক্ষেতে অঙ্গদ ডাকা-বুকা।"—কৃত্তি. রামায়ণ। ক্রি. ডাকা দেওয়া, ডাকা মারা—ডাকাতি করা। প্র—"চুরি নাহি করি কোটাল ডাকা নাহি দি।"—কবিক।

ডাকাইত, ডাকাত (ত্) [হি] বি. দস্যু ; প্রকাশ্য চোর ; লুণ্ঠনকারী।

ডাকাইতি [ডাকাইত+ই (ব্যবসায়ার্থে)] বি. দস্যুবৃত্তি।

ডাকাতী [ডাকাত+ঈ (ব্যবসার্থে)] বি. দস্যুবৃত্তি : লুণ্ঠন ; বলপূর্ব্বক অপহরণ ; প্রকাশ্য চুরি। প্র—"ডরে দিলে ডাকাতি না দিলে রক্ষা নাই।"—শিবায়ন। "আপনি ডাকাতি করি, প্রজার সর্ব্বস্ব হরি, হয়েছিস দ্বিতীয় ধনেশ।"—বি. সু।

ডাকিনী (ডাকিনি) [প্রা—ডাইনী, ডাইন, ডান। ডাক+(স্ত্রীলিঙ্গে) ইন্, ঈপ] বি.স্ত্রী. কালীর গণবিশেষ : পিশাচীবিশেষ : শিব দুর্গার অনুচর। প্র—ডাকিনী যোগিনীগণ ভূত প্রেত অগণন সঙ্গে রঙ্গে নাচিয়া বেড়ায়।"—অ. ম। ২। কুহকিনী ; মায়াবিনী : ডাইনী। প্র—"এ পাড়াপড়সী ডাকিনী-সদৃশী এমত না খায় তারে" —চণ্ডীদাস।

ডাক্তার (ডাক্তার) [ইং—doctor ডক্টর্ শব্দজ=য়ুরোপীয় চিকিৎসা-বৈজ্ঞানিক] বি. য়ুরোপীয় পদ্ধতি অবলম্বনকারী চিকিৎসক। ২। দর্শন, সাহিত্য, বিজ্ঞান, আইন প্রভৃতি শাস্ত্রে বিশারদ : এতদর্থক বিশ্ববিদ্যালয়ের উচ্চ উপাধি। প্র—"ডাক্তার গুরুদাস বন্দ্যোপাধ্যায়।"

ডাগর, ডাগোর (ডাগোর্) [সং—দীর্ঘ শব্দজ। হি—ডাবর] বিণ. দীর্ঘ : বৃহৎ ; বড়। প্র—"সাগরের চেয়ে নারী ডাগর জিনিষ।"—নীলদর্পণ। "ঠিক যেন তোর ওই চাহনি ডাগোর।"—অশোক গুচ্ছ। ২। বয়সে বড় ; বয়স্ক। ডাগর-ডাগর [অধিকার্থে দ্বিত্ব] বিণ. বড় বড়।

ডাগর-ডোগর (ডাগোড্ডোগোর্) [ডাগোর +ডোগর=ডাগরের নিকটবর্ত্তী বা তুল্য] বিণ. শৈশবের অতীত ; বয়সে কথঞ্চিৎ বড়। প্র—"হয়েছিস্ ডাগর-ডোগর কিসের এখন ভয় এত।"—গিরিশ।

ডাঙ—ডাং ও ডাঙ্গ দ্রঃ।

ডাঙি—ডাঙ্গি দ্রঃ।

ডাঙ্গ (ডাঙ্) [দণ্ড শব্দজ (ডাং দ্রঃ) *Haughton* মতে দণ্ড শব্দজ। বৌদ্ধযুগের বাঙ্গালায় "ডাঙ্গকাটি"—মাণিক চাঁদের গান] বি. ডাণ্ডা ; লাঠি ; কাঠী। ২। স্তূপ ; ডাঁই। ৩। [হি] স্থল ; ডাঙ্গা। ক্রি. ডাঙ্গানো—প্রহার করা ; ঠ্যাঙানো। ডাঙ্গাইবার [প্রা-বাং (মাণিক চাঁদের গানে)] প্রহার করিতে। ডাঙ্গ-পিটিয়া [ডাণ্ডা-পেটা সুতরাং দুর্দ্দমনীয়, দুষ্ট ইত্যাদি] বিণ. দুর্দ্দান্ত। ২। অসমসাহসী ; ডানপিটে।

ডাঙ্গর (ডাঙোর্) [হি] বিণ. স্থূলদেহ ; হৃষ্টপুষ্ট ; মোটা। ২। স্থূলবুদ্ধি ; মূর্খ। ৩। খল। ৪। উচ্চজমি। প্র—"ডহর ডাঙ্গর সব একুই সুসর।"—শূন্যপুরাণ।

ডাঙ্গশ, ডাঙোশ—বি. হস্তিচালন দণ্ড ; অঙ্কুশ।

ডাঙ্গা, ড্যাঙ্গা (ডাঙা, ড্যাঙা) [ডাঙ্গ (তুঙ্গ শব্দজ)=স্থল+আ (বিশিষ্টার্থে)] বি. স্থল ; শুষ্কভূমি ; উচ্চভূমি। ২। স্থান : নিবাস : আলয়। প্র—ফরাসডাঙ্গা। ৩। [প্রা—বিক্রমপুর] মৎস্য পোষণের জন্য রক্ষিত পুষ্করিণী। ৪। ক্ষেত্র। প্র—কপিডাঙ্গা ; নলডাঙ্গা ; নারিকেল ডাঙ্গা ; পলাশডাঙ্গা। ৫। [প্রা—বরিশাল] নৌকা-পথ। প্র—নৌকা ডাঙ্গা বন্ধ করিও না ; এই ডাঙ্গা দিয়া আমার ঘাটে নৌকা আসে।

ডাঙ্গি (ডাঙি) বি. বস্ত্রবয়ন যন্ত্রের অংশবিশেষ : তাঁতের অঙ্গবিশেষ : যাহা দ্বারা পাড়ের ছক করা হয়।

ডাট (ট্) [হি] বি. আটক ; ছিপি।

ডাড়, দাড় (ডাড়্, দাড়্) [সং—দংষ্ট্রা। প্রাকৃ—দাড়া (হেমচন্দ্র) হইতে হি—ডাঢ়=দাঁত] বি. দন্ত ; দাঁত। ২। অস্ত্রাদির তীক্ষ্ণ ধার। ৩। হুল। ৪। কণ্টক ; কাঁটা। [দাড় দ্রঃ] ডাড়া, দাড়া—কাঁকড়া, বড় চিংড়ী প্রভৃতির সদন্ত পদ বা বাহু ; হুল।

ডাড়িম (ডাড়িম্) [দাড়িম্ব শব্দজ] বি. ডালিম দ্রঃ।

ডাড়ুকা [প্রা-বাং] বি. শৃঙ্খল। প্র—"কোমরেতে তোক দিল পাএত ডাড়ুকা।"—শূন্যপুরাণ।

ডাণ (ন্) [দক্ষিণ : হি—ডাহিন্ হইতে] বি. দক্ষিণ। প্র—"ভালবাসে প্রাণের মতন—সদা জেগে থাকে পাশে ডাণ হস্ত যেন।"—রবি।

ডাণ্ডা [দণ্ড শব্দজ, হি—ডণ্ডা হইতে] বি. দণ্ড ; মোটা লাঠি। ২। স্তম্ভ ; খুঁটি। [প্রা] পতিপুত্রহীনা। ডাণ্ডা-গুলি—ক্রীড়াবিশেষ ; যে খেলায় কাষ্ঠ-নির্ম্মিত দণ্ড ও গুলি ব্যবহৃত হয়, ইহাতে দণ্ডের আঘাতে গুলিকে দূরে নিক্ষেপ করিতে হয় [হি—গুল-ডাঁড়]।

ডাণ্ডী—বি. ক্ষুদ্র দণ্ড। ২। ডাণ্ডা অপেক্ষা সরু ও ছোট লাঠি। ৩। ডাঁটা। ৪। থাম খুঁটী। ৫। নৌকার দণ্ড বা দাঁড়বাহক ; ডাঁড়ী। ৭। পার্ব্বত্য প্রদেশে মনুষ্য কর্ত্তৃক বাহিত যানবিশেষ।

ডান, ডানি—ডাইন, ডাকিনী দ্রঃ। ২। [ডাণ দ্রঃ] দক্ষিণ।

ডানকনা, ডানকুনি, ডানকোনা, ডানিকণা [সং—দণ্ডিক (মৎস্যবিশেষ) শব্দজ "রাজবল্লভ"] বি. মৎস্যবিশেষ। প্র—"খোপা ঝি ধরিল ডানকনা।"—শিবায়ন।

ডানপিটিয়া, ডানপিটে [ডাং বা ডাঙ্গ পিটে দ্রঃ] বিণ. দুঃসাহসিক ; গোঁয়ার। ২। দুর্দ্দমনীয় ; দুর্দ্দান্ত ; দুষ্ট।

ডানহাত (ন্, ত্) [ডান (দক্ষিণ) হাত (হস্ত)] বি. দক্ষিণ হস্ত। ২। যাহার উপর সমস্ত কার্য্য নির্ভর করে ; প্রধান সহায়।

ডানা (ডা) [সং—ডয়ন (ওড়ন, উড়িবার শক্তি)+আ (বিশিষ্টার্থে)—নভোবিহারশক্তি যাহার বা যাহাতে আছে—পক্ষীর বাহু (হি—বাজু] বি. পক্ষ ; পাখা।

ডানি [দক্ষিণ শব্দজ] বিণ. দক্ষিণদিকের ; দক্ষিণ : ডান। প্র—"রত্নহাতা ডানি হাতে। সঘৃত পলায় তাতে।"—অন্নদামঙ্গল।

ডাব (ব্) বি. যে জলপূর্ণ নারিকেল ফলের ভিতর শাঁস হয় নাই বা অল্প শাঁস হইয়াছে ; কোমল বা কচি নারিকেল ; নেয়াপাতি নারিকেল।

ডাবর (ডাবোর) [হি—ডাবর অর্থে বড়] বি. বৃহৎ জলপাত্র। ২। [প্রা] জলে পান ভিজাইয়া রাখিবার পাত্র। ৩। বড় বাটি। প্র—"খণ্ডে মুগের সুপ উভারে ডাবর।"—কবিক। ৪। পিকদান। ডাবরী—ক্ষুদ্র ডাবর। ২। ক্ষুদ্র কলসী। প্র—"খালি খুরি ডাবরে পুরিয়া লহি চন্দন। সেইত চন্দনে পূজিব যে নিরঞ্জন।"—শূন্য পুরাণ।

ডাবরা (ব্) ড্যাবরা দ্রঃ

ডাবা [হি—উ—ডাব্বা (ডিব্বা অপেক্ষা বৃহৎ)] বি. মৃৎপাত্রবিশেষ ; গামলা। ২। বড় খোলের বা মালার হুঁকা ; খেলো হুঁকা। ডিব্বিয়া বড় হইলে "ডিবা" ; তদপেক্ষা বড় হইলে "ডাবা" হয়।

ডাবা [দব্বী হইতে] ক্রি. দর্ব্বী দ্বারা উত্তোলন ও পাতন। দুধ ডাবা—দুধ জ্বাল দিবার সময় কড়া হইতে দুধ হাতায় উঁচু করিয়া তুলিয়া

আবার কড়াতে ফেলা। এইরূপ করিতে থাকিলে দুধে প্রচুর সর পড়ে।

ডাবু—বি, ক্ষুদ্র কলসী ; ডাবরী। ডাবুষ (ডাবুষ্) বি, লৌহাস্ত্রবিশেষ ; কুঠার জাতীয় অস্ত্র। প্র—"কেহ মারে শেল সাঙ্গী ডাবুষ পট্টিষ টাঙ্গী বিশ্বখ কুঠার তোমর"—শিবায়ন।

ডামর (র্) [ডম্ (অনুকরণ শব্দ)+অর (ঋ=গমন করা, প্রাপ্ত হওয়া) ডমর+অ] বি, পুং, শিবোক্ত শাস্ত্রবিশেষ ; তন্ত্র শাস্ত্র-বিশেষ, যথা—(১) যোগডামর, (২) শিবডামর, (৩) দুর্গাডামর, (৪) সারস্বত ডামর, (৫) ব্রহ্মডামর এবং (৬) গন্ধর্ব্বডামর (বারাহী তন্ত্র)। প্র—"ডামর বিদিত ডঙ্কা দুর কর ভর"—অ, ম। ২। বিবাদ ; ঝগড়া ; বিস্ময় [অ-প্র]।

ডামর [হি—ডডামর্। প্রা] ধুনা। ২। মশাল। ৩। ক্ষুদ্র উকুন ; ডাঙর বা ডেঙ্গর।

ডামাডোল [প্রা-বাং—বৌদ্ধযুগ—'ডাম্বডোল' (মা-চাঁদ-গান) হি—ঢামাডোল] বি, কোলাহল : উচ্চ জনরব ; বহুজনতার শব্দ। প্র—দেশে বড় ডামাডোল উঠেছে এই বোল" —ঈশ্বর গুপ্ত। ২। গোলযোগ ; উৎপাত।

ডাম্বেল, ডম্বল [ইং—dumb-bell] বি, ব্যায়ামার্থে ব্যবহৃত উভয় প্রান্তে স্থূল গোলাকৃতি লৌহদণ্ড।

ডায়মন (র্, ন্) ডাইমন দ্রঃ।

ডায়েরী, ডায়ারী, ডাইরী (ইং—diary] বি, দিনলিপি ; রোজনামচা। প্র—"সাহিত্যসেবীর ডায়েরী" ; "খুকুরাণীর ডায়েরী"।

ডারা [হি—ডারনা, ডালনা (র=ল) ফেলা] ক্রি, ফেলা ; নিক্ষেপ করা। ২। ঢালা। ৩। সমর্পণ করা। ব্রজভাষা ও প্রাচীন বাঙ্গালা সাহিত্যে ইহার ভুরি ব্যবহার আছে। ডার [অবজ্ঞাসূচক] নিক্ষেপ কর ; ফেল। প্র—"যামুন সলিলে সব ডার রে"—বি, প। "সকল লইয়া যমুনায় ডার, আর ত না যায় দেখা"—চণ্ডীদাস। "বিহিক ডারলি"—বি-প। ডারত—নিক্ষেপ করে ; ফেলে। প্র—"সব সখী ডারত নাগর অঙ্গে। নাগর খেলই রাইক সঙ্গে॥"—জ্ঞানদাস। ডারনু—ফেলিলাম। প্র—"তুয়া বোলে গোরস যমুনাহি ঢার। হারনু কাঁচলি ডারনু হার॥"—গোবিন্দদাস। ডারল—ফেলিল। ডারলি—ফেলিল ; সমর্পণ করিলে। ডারি, ডারিয়া—ঢালিয়া ; ফেলিয়া। প্র—"কুঞ্জপানে হেরিয়া, অশ্রুবারি ডারিয়া, ভানু গায় শূন্য কুঞ্জে শ্যামচন্দ্র নাহি রে"—রবি। ২। [প্রা-বাং (বৌদ্ধযুগ)] বাঁধিয়া (মা-চাঁদ-গান)।

ডাল (ডাল্) [দারু শব্দজ দল হইতে (দ=ড্)। তুল—সং—ডল্লক হইতে বাং—ডেলো] বি, বৃক্ষশাখা ; বৃক্ষাঙ্গ। প্র—"তরুকুল ডাল, ফুলভরি ভাল, সৌরভে পূরিল তায়।"—চণ্ডীদাস। ২। (ডাল্) [প্রাকৃ—ডালী শব্দজ।—হেমচন্দ্র। দল্ ধাতু (দলনে) হইতে] ডাইল বা দাইল। মুগ, মসুর, মটর প্রভৃতি জাতীয় শস্য যাহা দলিয়া বা পিষিয়া অর্থাৎ যাঁতা প্রভৃতিতে দলন করিয়া খোসাশূন্য করা হইয়াছে। যেমন খোসাসহিত মুগকে মুগ বলে কিন্তু তাহাকে দলিয়া খোসাশূন্য করিলে মুগের দাল বা ডাল বলে, এইরূপ ছোলার ডাল, কড়াইএর ডাল ইত্যাদি। ক্রি, ডালান—গাছের ডাল কাটিয়া দেওয়া।

ডালকুত্তা (ডালকুৎতা) [হি—ডালনা= (শিকারীর ভাষায়) ধরিবার জন্য শিকারের পশ্চাৎ ছাড়িয়া দেওয়া ; কুত্তা=কুকুর। পশ্চাদ্ধাবিত হইয়া শিকার করিবার জন্য যে কুকুরকে ছাড়িয়া দেওয়া (ডালা) যায়] বি, একজাতীয় কুকুর ; grey-hound. ইহাদের শরীর লম্বা, ছিপছিপে, মাথা ছোট, মুখ ছুঁচলো, পাগুলি সরু সরু লম্বা লম্বা ; উদর অতিশয় কৃশ : গাত্রের লোম পাতলা ও খুব ছোট ছোট। ইহারা অতিশয় দ্রুতগামী। ইহারা পশ্চাদ্ধাবন করিলে ইহাদের নিকট হইতে দৌড়িয়া পরিত্রাণ পাওয়া অসম্ভব। —পশুপক্ষী (সরকার)।

ডালচিনি (ডাল্চিনি) [দারুচিনি শব্দজ] বি, বৃক্ষবিশেষের মিষ্ট ত্বক বা বাকল। স্বনাম-প্রসিদ্ধ বৃক্ষ।

ডালনা (ডাল্না) বি, ব্যঞ্জনবিশেষ। প্র—"দুধ থোড় ডালনা শুক্তানি ঘন্ট ভাজা।"—অ, ম।

ডালপালা (ল্) [সং—"দারু-পল্লব" অপভ্রংশে] বি, বৃক্ষের শাখা ও পত্রাদি ; শাখাপ্রশাখা। ২। [মূল ও কাণ্ডের অতিরিক্ত শাখাপল্লবের ভাব হইতে] মূল বিষয়ের অতিরিক্ত অর্থাৎ অতিরঞ্জিত বর্ণনা (তুল—কথার হাত পা)। প্র—প্রকৃত যাহা ঘটিয়াছিল তাহাতে আরও ডালপালা দিয়া বাড়ান হইয়াছে।

ডালা [সং—ডল্লক শব্দজ। হি—ডালিয়া] বি, বংশ-পত্রাদি-নির্ম্মিত পাত্র। প্র—"সে কি * * * ডালা কুলো ধামার মত যে পথে ঘাটে দেখ্‌তে পাবে।"—রজনী সেন। ২। পূজার উপকরণ পাত্র।

ডালান (ডালানো) [ডাল দ্রঃ] ক্রি, গাছের ডাল ছাটিয়া দেওয়া।

ডালি [হি—ডালিয়া—ডল্লকশব্দজ] বি, ডালা। বংশাদি-নির্ম্মিত পাত্রবিশেষ। ২। ২। ফল পুষ্পাদি রাখিবার আধারবিশেষ। ৩। (ইহা হইতে গৌণার্থে) ভাণ্ডার। প্র—"রূপের ডালি খুলে বসি পেতেছে দোকান।" —হেম বন্দ্যো। ৩। কাহারও সম্মানার্থে, প্রীত্যর্থে বা অনুগ্রহ-আকর্ষণোদ্দেশে প্রদত্ত খাদ্যোপহার ; উপঢৌকন ; ভেট। প্র—"আমি তোমাকে ডালি পাঠাইব, তুমি মনে রাখিও"—লোকরহস্য (বঙ্কিম)। "ওমা কালী দিব ডালি, অনুকূলা হও"—ঈশ্বর গুপ্ত।

ডালি [দল শব্দজ] বি, ডাইল ; দাইল ; দাল। ২। [দারু শব্দজ] নৌকা গঠনকালে নিম্নদিক অপেক্ষা উপর স্থূল এরূপ তক্তা বসাইয়া নৌকায় তক্তা বসানর কার্য্য শেষ করার নাম ডালি।

ডালিম (ম্) [দাড়িম্ব শব্দজ, ড=দ, ড়=ল] বি, দাড়িম্ব বৃক্ষ ; ডালিম ফল ; দালিম।

ডাহল (ল্) বি, পুং, ত্রিপুরাদেশ।

ডাহা [টাটকা হইতে টাহা—ডাহা] বিণ, সদ্য। প্র—ডাহা রক্ত। ২। খাঁটি ; অমিশ্র। প্র—ডাহা মিথ্যা।

ডাহিন (ডাহিন্) [দক্ষিণ শব্দের অপভাষা] বি, দক্ষিণ। "ডাহিনে ডাকিনী মাতা ডম্বরু রূপিণী"—কবিক। বিণ, ডাহিনা—দক্ষিণদিক সম্বন্ধীয়। ২। [দক্ষিণা অর্থাৎ দক্ষিণদিকে যাহা থাকে—ডানদিকের বাদ্য ; ইহার বিপরীত বাঁয়া] বি, তবলা।

ডাহুক (ডাহুক্) [সং—দাত্যূহ শব্দের অপভ্রংশ। অনুকারাত্মক শব্দ] বি, পুং, জলচর পক্ষিবিশেষ ; ডাক পাখী। স্ত্রী, ডাহুকা, ডাহুকী। প্র—"ডাহুক ডাহুকী সুখে বেড়িয়া বেড়ায়"—প্রেম ও ফুল। "টুপ-টুপাটুপ ডুবছে ডাহুক"—গান (গিরিশ)।

ডিক্রী, গ্রী [ইং—decree] বি, আদালতের নিষ্পত্তি ; বিচারকের আদেশ ; আদালতের ব্যবস্থা। প্র—"আমি নই আটাশে ছেলে * * * * এবার করব নালিশ নাথের আগে ডিক্রী লব এক সওয়ালে।"—রামপ্রসাদ। ডিক্রী জারী করা—বিচারকের আদেশ পালন করা। ডিক্রীদার—যে বিচারকের অনুকূল আদেশ প্রাপ্ত হইয়াছে।

ডিগ্ ডিগ্ [শব্দাত্মক] অ, ডমরু প্রভৃতির বাদ্যধ্বনি। ২। [ডিগডিগে দ্রঃ] ছিপ্ ছিপ্।

ডিগ্ ডিগে [ডগ দ্রঃ। বাঁশের সরু ডগা =ডগি=ডিগ (বর্ণ বিপর্য্যয়ে)+ডিগ (কম্পনার্থে দ্বিত্ব)+ইয়া (বিশিষ্টার্থে)—বায়ুভরে আন্দোলিত যে সরু ডগা] বিণ, খুব সরু ; ছিপছিপে। ২। পাতলা বা কাহিল শরীর।

ডিগর (র্) [ডেকরা দ্রঃ] বি, ২। দুষ্টবুদ্ধি।

ডিগবাজী (গ্) বি, মাথা নীচু করিয়া পদদ্বয় ও শরীরের অন্যান্য অংশ উপরে তুলিয়া উল্টাইয়া পড়া।

ডিঙ্গন (ডিঙোন্) [ডয়ন শব্দজ] বি, উল্লঙ্ঘন ; উল্লম্ফন । এই অর্থে "ডিঙ্গল" শব্দের প্রাদেশিক ব্যবহার আছে। [ডিঙোনো] ক্রি, উল্লঙ্ঘন করা ; লাফান ; লম্ফ দিয়া কোন কিছু লঙ্ঘন বা অতিক্রম করা।

ডিঙ্গর (র্) [প্রাকৃত (শব্দ রত্নাবলী)। হিন্দী, ডুঙ্গর। বাং—টোঙ্গর, ডোঙর] বিণ, শঠ; ধূর্ত্ত ; ডেগরা। ২। সেবক।

ডিঙ্গরা (ডিংরা) বিণ, ড্যাকরা ; ডাঙ্গপিটে। **লাফডিঙ্গরা**—চ্যাঙ্গড়া ; ফিচেল।

ডিঙ্গল, ডিঙোলো [দীর্ঘ শব্দজ ; দীঘর পরে দীঘল (র=ল) হইতে] বিণ, দীর্ঘ ; লম্বা।

ডিঙ্গা (ডিঙা) [দ্রোণী="কাষ্টাদিকৃতছিন্নাগ্র নৌকাকৃতি জল-সেচনী"—শব্দকল্পদ্রুমঃ। ডোঙ্গী-ডুঙ্গী—ডিঙ্গী (দ্রোণীর আকারে ক্ষুদ্র নৌকা) বৃহদর্থে ডিঙ্গা] বি, নৌকা ; তরণী ; পোত। প্র—"গড়ে ডিঙ্গা দেখিতে রূপস॥ প্রথমে করিল সজ, দীর্ঘে ডিঙ্গা শত গজ, আড়ে গড়ে বিংশতি প্রমাণ। মকর আকার মাথা, গজদন্তের বাতা, মাণিকে করিল চক্ষুদান॥ গড়ে ডিঙ্গা মধুকর, মাঝখানে ছইঘর, পাশে গুড়া বসিতে গাবর॥ দুসারি বসিতে পাট, উপরে মালুম কাঠ, পাছে গড়ে মাণিক ভাণ্ডার॥" "চাঁচিয়া কাঁটাল শাল, গড়ে দণ্ড কেরোয়াল ডিঙ্গা শিরে বান্ধিল মুড়েলা॥"—কবিক। ডিঙ্গার ভিন্ন ভিন্ন অংশের নাম,— **ছৈ ঘর ; রইঘর**—নৌকার মাচানের উপর ছাদবিশিষ্ট বসিবার ঘর। **গুণ**—যে রজ্জু মাস্তুলে বাঁধিয়া নদ্যাদির কিনারা দিয়া টানিয়া লইয়া যাওয়া হয়। **গুণ কাষ্ঠ, গুণ-বৃক্ষক**—যে কাষ্ঠে গুণ বাঁধা হয়। **কেরোয়াল**—হাইল ; হাল। **বৈঠা দাঁড়, পৌটা, চৈড়**—যে দণ্ড দ্বারা জল ঠেলিয়া নৌকা চালান হয় ; ক্ষেপণী ; লগী ; দাঁড়। **গুড়া, গুঢ়া, গুঁড়া**—নৌকার মাচান করিবার জন্য আড দিকে বসান মোটামোটা তক্তা। **ডালি**—নৌকার দুই কিনারার কাঠ ; ধার বা কানা। **পাল**—নৌকার মাস্তুলে বদ্ধ বায়ুধারক বস্ত্র। **মালুমকাঠ**—প্রধান মাস্তুল। **জুলি**—যে দণ্ডের সাহায্যে নৌকার গতি ঠিক করা ও যদৃচ্ছা নৌকা ঘুরান ফিরান যায় ; কর্ণ ; প্রধান নাবিক বা কর্ণধারের হাল ধরিয়া নৌকা পরিচালন করা সর্ব্ব প্রধান কার্য্য। **সিউনী, সেচনী**—কাঠের পাত্র যাহা দ্বারা নৌকার খোলের ভিতরের জল তুলিয়া ফেলা হয়। **গোঁজ**—যে খুঁটায় নৌকা বান্ধিয়া রাখা হয়। **পাটা, পাটা**—তক্তা। **পাটাতন**—পাট পাতা মাচান। **ডহর**—নৌকার গহ্বর ; খোল। **কোদাল**—কাষ্ঠ কোদাল, যাহা দ্বারা নৌকা পরিষ্কার করা হয়। **বহর**—নৌকার তলার বহির্ভাগ যাহা জলে ডুবিয়া থাকে। প্রাচীন বাঙ্গালা কাব্যে ডিঙ্গার ভিন্ন ভিন্ন নাম দৃষ্ট হয়, যথা—(১) মধুকর। (২) দুর্গাচর। (৩) শঙ্খচূড় ("আশী গজ জল ভাঙ্গে গাঙ্গের দুকূল")। (৪) চন্দ্রপাল ("যাতে ভরা দিতে হয় দুই কূল আলো")। (৫) ছোট মুঠী ("সেই নায়ে ভরা চলে বায়ান্ন পউটি")। (৬) গুয়ারেখী ("গড়ে ডিঙ্গা সিংহ মুখী নাম তার গুয়ারেখী দুপুরের পথ যার মালুমকাঠ দেখি")। (৭) নাটশালা ("তাহাতে দেখয়ে সবে গাবরের মালা")। (৮) রণজয়। (৯) রণভীমা। (১০) মহাকায়। (১১) সর্ব্বধরা ("হীরামুখী চন্দ্রকরা")।—কবিকঙ্কণ। **ডিঙ্গা মারা**—ক্রি, ঝিঁকা মারিয়া অর্থাৎ হাল ও দাঁড়ের জোরে নৌকাকে ঢেউএর উপর তুলিয়া দেওয়া, যাহাতে ঢেউ নৌকার ভিতর আসিয়া না পড়ে। ২। ডিঙ্গাইয়া যাওয়া ; লম্ফ দেওয়া। প্র—"বেত আঁছাড়িয়া বাঘ বেত বন হতে। ডাক ছাড়ি ডিঙ্গামারি দাঁড়াইল পথে।"—শিবায়ন।

ডিঙ্গি, ডিঙি—বি, ডিঙ্গা অপেক্ষা ক্ষুদ্র। ছোট নৌকা ; দ্রোণী। প্র—"দু একখানি জেলের ডিঙি সন্ধ্যেবেলায় ভিড়ে"—রবি। **ডিঙ্গি মারা**—ডিঙ্গা মারা দ্রঃ।

ডিজাইন (ন্) [ইং—design] বি, পরিকল্পিত চিত্র।

ডিণ্ডিম (ডিনডিম্) [ডিম্ ডিম্=ডিণ্ডিম। ডিণ্ডি (অনুকরণ শব্দ)—মি (ক্ষেপণ করা) +অ (কর্ত্তৃ—ড)—যাহাতে আঘাত করিলে ডিম্ ডিম্ শব্দ হয়] বি, প্রাচীন আনদ্ধ যন্ত্র বিশেষ ; ঢোল। প্র—"ডমরু মধ্যমা মাতা ডিণ্ডিমবাদিনী"—কবিক। [তুল—ইং—ডিন্ ; মধ্য ইং—ডিংগেন dingen (অনুকরণ শব্দ করা)]

ডিণ্ডিশ (ডিনডিশ্) বি, পুং, টিণ্ডিশ ; ঢাঁড়শ ; ঢাঁড়শ গাছ।

ডিত্থ—বি, পুং, কাষ্ঠময় গজ। ২। কোন এক ব্যক্তি বোধক শব্দ। ৩। শ্যামবর্ণ, বিদ্বান, সুন্দর, প্রিয়দর্শন এবং সর্ব্বশাস্ত্রার্থবেত্তা যুবা-পুরুষ। ডিত্থ এবং ডবিত্থ কাল্পনিক ব্যক্তি যুগলের নাম। দৃষ্টান্তাদি অর্থে ব্যবহৃত ব্যক্তি বোধক শব্দদ্বয়।

ডিনার (র্) [ইং—dinner] বি, খানা ভোজ। ২। মধ্যাহ্নভোজন। (৩) অপরাহ্নভোজন সন্ধ্যা ৬টা হইতে ৮টার মধ্যে। **ডিনার-পার্টী**—ভোজের মজলিস।

ডিপজিসন (—শন্) [ইং—deposition. আদাঃ পরিঃ] বি, এজাহার।

ডিপুটী, ডেপুটি [ইং—ডেপুটী deputy= কোন কর্ম্মচারীর স্থলাভিষিক্ত হইয়া যে কর্ম্ম করে] বি, সহকারী কর্ম্মচারী ; প্রধান কর্ম্মচারীর অব্যবহিত নিম্নপদস্থ কর্ম্মচারী ; সাধারণতঃ ডেপুটীম্যাজিষ্ট্রেট।

ডিপে, ডিপা, ডিবা, ডিবি [হি—ডিব্বা ; ডিবিয়া] বি, কৌটা ; সম্পুট। প্র—"অধরোষ্ঠ কিবা, প্রবালের ডিবা, কিবা শোভা করে সঞ্চার॥"—রঙ্গলাল (কাঞ্চী কাবেরী)। ২। তাম্বুলাধার। ৩। টিন প্রভৃতি ধাতুনির্ম্মিত ক্ষুদ্র আলোকাধার। প্র—"সাজাইতে বউ বিবি, পাউডার ডিবি ডিবি, আদরে কিনিছে কোন জন"—চন্দন।

ডিপোর্টেসন (—শন্) [ইং—deportation. আদাঃ পরিঃ] বি, নির্ব্বাসন। ২। স্থানান্তরিত করান।

ডিফেণ্ডাণ্ট [ইং—defendant. আদাঃ পরিঃ] বি, দেওয়ানী মকদ্দমার প্রতিবাদী ; মকদ্দমার প্রতিবাদী।

ডিম (ডিম্ব) [ডিম্ব শব্দজ] বি, অণ্ড ; ডিম্ব। প্র—"তোমার ডিমের স্বাদ সুধার সমান"—ঈশ্বর গুপ্ত। ২। হাঁটু ও গোড়ালীর মধ্যে পায়ের পশ্চাদ্দিকের ডিম্বাকৃতি মাংসল অংশ ; ডিমে। **ডিমপাড়া**—অণ্ড প্রসব করা। **ডিমে তা দেওয়া**—প্রসূত ডিম্ব ফুটাইবার জন্য ডিমের উপর বসিয়া দেহের তা অর্থাৎ তাপ বা উত্তাপ দান করা। **ডিমে রোগা**—আজন্ম রুগ্ন ; চিররোগী। ২। অতিশয় কৃশ। **ডিমকি, ডিম্‌কি** [কি, ক্ষুদ্রত্ববাচী] বি, ডিম অপেক্ষা ক্ষুদ্র ; ডিমের মত গোল অতি ক্ষুদ্র ক্ষুদ্র দানা ; ফুটকি। **ডিমকি ডিমকি** (ব্যাপ্তি অর্থে দ্বিত্ত)—মাছের ডিমের দানার মত বা যে স্থানে লোণা ধরে সেই স্থানের নুনগুঁড়ির মত। **ঘোড়ার ডিম**—যাহা অসম্ভব ; শূন্য ; কিছুই নয়।

ডিমল, ডিমুলো বিণ, ডিমওয়ালা ; ডিমযুক্ত। প্র—"দাগা কাটা রুই, পয়জারে কই ডিমুলো ডিমুলো"—রাজা বাহাদুর।

ডিমাই [ইং—demy] বি, কাগজের আকার বিশেষ ; যে কাগজের তক্তা কুড়ি ইঞ্চি লম্বা ও সাড়ে পনের ইঞ্চি চওড়া। ইহা মিডিয়ম আকার অপেক্ষা ছোট। ডেমি দ্রঃ।

ডিমিকি, ডিমিকী [ধ্বন্যাত্মক শব্দ] বি, ডমরুর বাদ্যধ্বনি ; ডিম্‌ডিম্ শব্দ। ক্রি, বিণ, ডিম্‌ডিম শব্দে। প্র—"ডিমিকী ডিমিকী ডমরু বাজে"—কমলাকান্ত (বাং গান)।

ডিম্ব (ডিম্‌ব) [ডিম্‌ব্ (প্রেরণ করা) +অ (কর্ত্তৃ—অন) যাহা জীবকে আপনার ভিতর হইতে বাহিরে (জগতে) প্রেরণ করে] বি, অণ্ড ; ডিম। ২। ভ্রূণ। ৩। শিশু (অমর কোষ)। ফুসফুস্ ; প্লীহা ; কলহ ; বিপ্লব ; ভয়। [বিরল]

ডিম্বাহব [ডিম্ব=ভয়ধ্বনি (যুক্ত) আহব (যুদ্ধ)] নৃপতিহীন যুদ্ধ।

ডিম্বকোষ (শ্) [উদ্ভিদ্বিদ্যায়] বি. গর্ভকোশের নিম্নস্থ শূন্যগর্ভ অংশ ; পুষ্পযোনি।

ডিম্বিকা—বি. স্ত্রী. জলবিম্ব। ২। কামুকী। ৩। শোণাক বৃক্ষ।

ডিম্ভ, ডিম্ভক [ডিন্ভ্ (জড় করা)+অ (কর্ত্তৃ—অন্)=ডিম্ভ+কণ্=ডিম্ভক] বি. পুং. শিশু ; বালক। ২। বিণ. মূর্খ (মেদিনী)। ৩। শাল্বদেশাধিপতি। ৪। মগধরাজ জরাসন্ধের সেনাপতি। **ডিম্ভচক্র**—বি. শুভাশুভ নির্ণায়ক চক্রবিশেষ।

ডিস (শ্) [ইং—dish] বি. রেকাবী।

ডিস্কাউন্ট্ [ইং—discount] বি. ছাড় ; হিসাবে ছাড়।

ডিস্চার্জ্ [ইং—discharge আদা] বি. অভিযোগের সমর্থক উপযুক্ত প্রমাণ অভাবে অভিযুক্তকে রেহাই বা মুক্তিদান।

ডিস্মিস্, ডিশ্মিশ্ [ইং—dismiss শব্দজ] বিণ. খারিজ ; বাতিল ; অগ্রাহ্য। ২। কর্ম্মে জবাব। প্র—"অন্য দাবী ডিসমিস" —দ্বিজেন্দ্র রায়।

ডিহি [ফা—ডীহ্] বি. গ্রামসমষ্টি ; কয়েকটী ক্ষুদ্র ক্ষুদ্র গ্রামে একটী মৌজা হয়, কয়েকটী মৌজায় একটী ডিহি হয়। **ডিহিদার**—বি. ৫।৭খানি গ্রামের বা ডিহির অধিকারী। প্র—"ধন্দে নাহি নিব বাড়ি, র'য়ে ব'সে দিও কড়ি, ডিহিদার না করিব দেশে"—কবিক।

ডীন (ন্) [ডী (ডয়ন করা বা উড়া)+ত (ভাবে—ক্ত)] বি. নভোগতি ; উড়ন। ২। বিণ. (কর্ত্তৃ—ক্ত) উড়নশীল ; উড্ডীয়মান ; নভোগত। ৩। আগমশাস্ত্রবিশেষ।

ডুকরণ, ডুকরাণ (ডুক্রোনো,—রানো) [হি—ডক্রানা] উ-পু—ডুকরাই। ম-পু—ডুকরাও। প্র-পু—ডুকরায়। অস-ক্রি, ডুকরাইতে; ডুকরিয়া, ডুকরি (পদ্যে), ডুক্রে] ক্রি. ডাক ছাড়িয়া কাঁদা ; বিলাপ করা ; মনস্তাপ বা আক্ষেপের সহিত ক্রন্দন করা ; ফুলিয়া বা ফুঁপাইয়া ফুঁপাইয়া কাঁদিতে কাঁদিতে হঠাৎ উচ্চৈঃস্বরে কাঁদিয়া উঠা। **ডুকরি, ডুকরিয়া, ডুকুরিয়া**—ক্রি-বিণ. প্র—"শিশু যবে ডুকুরিয়া করে গো চীৎকার"—অশোক গুচ্ছ। "ডুকারিয়া কাঁন্দে ভয়ে বান্ধা ছুটী হাত"—রামপ্রসাদ।

ডুগডুগী, ডুবুডুবি (বী) বি. অনুকারাত্মক শব্দ। হিন্দুদিগের প্রাচীন ক্ষুদ্র আনদ্ধ যন্ত্রবিশেষ ; ডমরু।

ডুগী [হি—ডুগ্গী] বি. তবলার সহচর বাদ্য ; বাঁয়া। ইহা তবলা অপেক্ষা ছোট ও বাম হস্তে বাজান হয়।

ডুঙ্গী, ডুঙি [দ্রোণী শব্দজ] বি. অতি ক্ষুদ্র নৌকাবিশেষ। ডোঙ্গা অপেক্ষা ক্ষুদ্র।

ডুডুম্—বি. বাদ্যধ্বনি। ২। অনুকারাত্মক শব্দ।

ডুণ্ডুভ (ডুনডুব্) বি. ঢোঁড়াসাপ। প্র—মহাদর্পে সর্পে গিয়া ধরিছে সালুর। বিড়ালে ডুণ্ডুভ দিয়া খেদিছে ইন্দুর।"—ঘনরাম।

ডুব (ডুব্) [হি—উ. ডুব্। ডুব্না=মগ্ন হওয়া (শব্দানুকারাত্মক)] বি. মজ্জন ; নিমগন ; গোঁত [হি—(গোতা) ; অবগাহন। গাহন। বিণ. ডুব দিবার মত গভীর ; ডুবন। প্র—ডুবজল। **ডুব-খাওয়া, ডুব গালা ডুব-দেওয়া, ডুব-পাড়া**—বারংবার ডুবা বা নিমজ্জিত হওয়া। জলের ভিতর উপর্য্যুপরি প্রবেশ করা। প্র—"ডুব দে মন কালী বলে হৃদিরত্নাকরের অগাধ জলে!"—রামপ্রসাদ। **ডুব-মারা**—ডুব দেওয়া। ২। অদৃশ্য হওয়া। **ডুব-সাঁতার**—সন্তরণের কৌশলবিশেষ ; জলের ভিতর থাকিয়া অদৃশ্য সন্তরণ অর্থাৎ জল কাটিয়া বা ঠেলিয়া গমন।

ডুবকি (ব্) [হি—ডুব্কি। শব্দাত্মক] বি. গোঁত ; ডুব। ২। ডুব্ডুব্ শব্দকারী ক্ষুদ্র আনদ্ধযন্ত্রবিশেষ ; ডুগী।

ডুবডুবি (ব্) [ডুব্ডুব শব্দ হইতে নাম] বি. ডমরু।

ডুবরী—ডুবারী দ্রঃ।

ডুবা [শব্দাত্মক। উ-পু—ডুবি। ম-পু—ডুব, ডোব, ডুবুন, ডুব্, ডোব্। প্র-পু—ডুবে, ডোবে ; ডুবেন ; ডোবেন। অস-ক্রি; ডুবিতে ; ডুবিয়া, ডুবি (পদ্যে), ডুবে ; ডুবিবার। নিজন্ত—ডুবান] ক্রি. জলমগ্ন হওয়া ; সলিলমধ্যে প্রবেশ করা। প্র—"ডুবিব অতল সলিলে, প্রেমসিন্ধুনীরে"—ব্রহ্মসঙ্গীত। "মুকুতাফলের লোভে ডুবে রে অতল জলে যতনে ধীবর"—মাইকেল। ২। [জলমগ্ন হওয়ার ভাব হইতে] অধঃপাতে যাওয়া ; অবনতি প্রাপ্ত হওয়া। প্র—"বঙ্গালী তুই যারে বাঙ্গালা ছেড়ে। ডুবল ভারত কদাচারে।" —রাসবিহারী মুখো। [ব্রজ] **ডুবইতে**—ডুবিতে। প্র—"বিরহসিন্ধু মাঝে ডুবইতে"—বিদ্যাপতি। **ডুবল**—ডুবিল। প্র—অমিয় সরোবরে ডুবল কান"—ঐ। **ডুব দেওয়া**—জলমধ্যে ক্ষণকালের জন্য মগ্ন হওয়া ; গোঁত মারা। **ডুব মারা**—ডুব দেওয়া। ২। গা ঢাকা হওয়া ; লুকান ; অদৃশ্য হওয়া। **ডুবে যাওয়া**—জলমগ্ন হওয়া। ২। ডুবিয়া মরা। **ডুবসাঁতার কাটা**—জলে ডুবিয়া সাঁতার দেওয়া।

ডুবান (নো) [ডুবা দ্রঃ। উ-পু—ডুবাই। ম-পু—ডুবাও, ডোবাও ; ডুবান, ডোবান ; ডুবা, ডোবা। প্র-পু—ডুবায়, ডোবায়, ডুবান, ডোবান। অস-ক্রি, ডুবাইতে, ডুবাইয়া, ডুবিয়ে ; ডুবাইবার] ক্রি. ডুবিতে বাধ্য করা ; জলমগ্ন করা। ২। আচ্ছন্ন করা। প্র—"ডুবায়ে রাখে মায়ায় হে"—রবি। ৩। অধঃপাতিত করা ; উৎসন্ন দেওয়া।

ডুবারী, ডুবারু [ডুব+আরি (ব্যবসায়ার্থে) —ডুব দেওয়া যাহার ব্যবসায় ; ডুব—আরু (অভ্যাস)—ডুব দেওয়ায় অভ্যস্ত] বি. ডুব দেওয়া কার্য্যে যে অভ্যস্ত বা ব্যবসায়ার্থে যাহাকে ডুব দিতে হয় ; যে অধিকক্ষণ জলের ভিতর থাকিতে পারে ; ডুব বিদ্যায় পারদর্শী। ২। যাহারা সমুদ্রাদিতে ডুব দিয়া মুক্তা প্রবালাদি উত্তোলন করে। ৩। যাহারা কূপ, পুষ্করিণী প্রভৃতি খনন করে। প্র—"কেমন ডুবারু, ডুবিছে তাহাতে, না জানি কি লাগি ডুবে" —চণ্ডীদাস। ৪। সন্তরকবর্গের পক্ষিবিশেষ ; the dabchicks **ডুবারীর পোষাক**—অধুনা য়ুরোপীয় প্রণালীতে যাহারা সাগর গর্ভ হইতে রত্ন উত্তোলন করে তাহাদের পোষাক ; diving dress.

ডুবুডুবু [ডুব্+উআ=ডুবুয়া=ডুবু+ডুবু (প্রায় অর্থাৎ সাদৃশ্য অর্থে দ্বিত্ব)] বিণ. মগ্নপ্রায় ; আকণ্ঠ নিমজ্জিত। প্র—"ডুবুডুবু করে ডিঙ্গা যায় রসাতল"—শিবায়ন। প্র—" ডুবুডুবু করি ডুবিয়া না মরি উঠিতে নারি যে কূলে।"—চণ্ডীদাস। ২। [লক্ষণায়] পরিপূর্ণ ; মগ্ন ; ভোর ; প্লাবিত ; পরিপ্লুত। প্র—"শান্তিপুর ডুবুডুবু নদে ভেসে যায়"—চৈতন্যচরিত।

ডুমা, ডুমো [ডিম অপেক্ষা বৃহৎ] বি. ডিম্বাকৃতি স্থূল খণ্ড ; মোটা টুকরা।

ডুমুর ডুমুর্ [সং—উড়ুম্বর শব্দজ সাঁওতাল পরগণায়, ডুমোর] বি. উদুম্বর বৃক্ষ ; ডুম্বর বা ডুম্বুর ফল। **ডুমুরফুল**—ডুমুর ফলের ভিতরেই ফুল থাকে বলিয়া লোকে ডুমুরের ফুল দেখিতে পায় না ; ইহা হইতে নয়নের অগোচর বস্তু ; যাহার দেখা পাওয়া যায় না। **ডুমুর ফুল হওয়া**—অদৃশ্য হওয়া।

ডুম্বুর (র্) [সং—ডমরু। প্রাদে রূপান্তর—ডম্বরু, ডুম্বুরু] ডমরু নামক বাদ্যযন্ত্র। প্র—"সিঙ্গা এত গান গীত ডুম্বুরে ধরএ তাল। ধর্ম্ম ধিয়াইআ সিব বাজাইছে গাল।"—শূন্য পুরাণ। ২। ডুমুর ফল ও তাহার গাছ।

ডুরি, ডুরী [হি—ডোর ; ডোরী ; সূত্র] বি. সূত্র ; সূতা ; সরু দড়ি ; রজ্জু। যথা,—"যত্ন করি চারি খুটে বাঁধে রত্ন ডুরি"—শিবায়ন। ২। বন্ধন ; (কর্ম্ম) সূত্র। যথা,—"প্রসাদ বলে ব্রহ্মময়ী কর্ম্মডুরি দেমা কেটে"—রামপ্রসাদ। ৩। আকর্ষণ ; টান ; প্রণয় বা ভালবাসার বাঁধন। প্র—"অনুরাগে গলি সোহাগে,—ছিড়িতে নারিলো ডুরি, কি করি

মন যে তারি॥"—গিরিশ। ৩। "পূর্ব্বে রাজাদিগের আদেশ সম্বলিত ডুরি লইয়া পথিকগণ যাতায়াত করিতে পারিতেন। এই "ডুরি" একরূপ পাসপোর্টের স্থায় ছিল।" —বঙ্গভাষা ও সাহিত্য] ছাড়পত্র; passport.

ডুলি [হি—ডোলী শব্দজ মূল শব্দ প্রাকৃত—ডোলো—হেমচন্দ্র] বি, স্ত্রী, কচ্ছপী। ২। পাল্কী; ডুলী। **ডুলিকা**—বি, খঞ্জনাকার পক্ষিবিশেষ।

ডুলী [হি—ডোলী=যানবিশেষ, ডোলা বা দোলার অপেক্ষা ক্ষুদ্র] বি, নরবাহিত যান বিশেষ; ক্ষুদ্র ডোলা বা দোলা; ছোট পাল্কী; শিবিকা। ২। রোমাঞ্চ। **ডুলী মারা**—দুলিয়া উঠা; ডুলী বা পাল্কী তুলিবার কালে আরোহীর শরীর যানের সঙ্গে যেমন দুলিয়া বা হেলিয়া উঠে সেইভাবে উভয় দিকে হেলা বা কম্পিত হওয়া। ২। রোমাঞ্চিত বা কণ্টকিত হওয়া [হি—ডোল্না =হেলন বা দোলন]।

ডেএ, ডেও—বি, বড় পিপীলিকা।

ডেওঢাকনা—[মিশ্র শব্দ hybrid; ডেও —ঢাক্না (হি)] বি, পাত্র ও তাহার আচ্ছাদন। ২। সরপোষ। ৩। গৃহস্থালীর ক্ষুদ্র ক্ষুদ্র অকিঞ্চিৎকর দ্রব্য সামগ্রী।

ডেং, ডেং—ড্যাং ড্যাং দ্রঃ।

ডেঁড়ে মুষে—ক্রি-বিণ, সর্ব্বতোভাবে শোষন করিয়া। ২। সর্ব্বস্বান্ত করিয়া।

ডেঁপ, ড্যাপ (প্) বি, অঙ্কুর; কল। ২। [প্রাদে] লম্বা বাঁশ বা কাঠ হইতে খাদিকাটা মাচার উপযোগী এড়ো কাঠ।

ডেঁপো [ডেঁপ্+উ+আ (বিশিষ্টার্থে)= ডেঁপুআ (উ+আ=ও)] [বিণ, পুং, অকাল-পক্ক; অল্পবয়সে যৌবনসুলভ রসিকতাকারী। প্র—"এখন দশ বছরের ডেঁপো চসমা ধরেছে"—রজনী সেন।

ডেক, ডেগ (ডেক্, গ্) [ফা—দেগ্, দেগ্ শব্দজ] বিণ, বৃহদাকার রন্ধন পাত্রবিশেষ।—**চী** (ঈ ক্ষুদ্রত্ব অর্থে) ডেক অপেক্ষা ক্ষুদ্র পাত্র। প্র—"যেখানে ডেকচী সমারূঢ়া অন্নপূর্ণার মৃদু মৃদু ফুটফুট বুটবুট টকবকোধ্বনি, সেইখানে আমার মন পড়িয়া থাকিত।"—কমলাকান্তের দপ্তর।

ডেক (ক্) [ইং—deck শব্দজ] বি, নৌকা, জাহাজাদির পাটাতন।

ডেকরা, ডেগরা (ড্যাক্, গ্) [সং—ডিঙ্গর শব্দজ] বিণ, ধূর্ত্ত, শঠ; খল। ২। ডাঙ্গপিটে; অশিষ্ট সাহসী। ৩। অভদ্র। প্র—"কি বলে ডেগরা, বড় যে চেগরা ঐ কথা ফিরা ফিরা—"—বি, সু।

ডেঙ্গর, ডাঙর [দেশজ] বি, কেশ-কীট; ক্ষুদ্র উকুণ। প্র—"ডেঙ্গর উকুণ নিকি করে ইলি বিলি"—অ, ম।

ডেঙ্গাডেঙ্গি (ড্যাংগাডেংগি) [ডিঙ্গান দ্রঃ] বি, ছোট ছোট ছেলে মেয়েদের খেলা; জল ডিঙ্গাডিঙ্গী।

ডেঙ্গু [ইং—dengue, স্পে—ডেঙ্গা=হাড়ভাঙ্গা জ্বর] বি, স্পেনদেশীয় ডেঙ্গু নামক জ্বরবিশেষ; এই জ্বরের সঙ্গে সঙ্গে হাড়ে হাড়ে বেদনা হয়; সর্ব্বাঙ্গ আড়ষ্ট হইয়া থাকে।

ডেঙ্গুয়া—বি, পরিবার হীন ব্যক্তি। ২। শাক-বিশেষ; ডেঙো শাক।

ডেড়, ডেড়া [উ, হি—ডেঢ়, ডেঢ়া, এক ও তাহার অর্দ্ধ; দেড়; সার্দ্ধৈক। বিণ, দেড়গুণ; অর্দ্ধাধিক এক পরিমিত।

ডেড়ি, ডেড়ি [হি] বি, ন্যূনতা। ২। দারিদ্র্য। ৩। বিপদ; অমঙ্গল; অশুভ। প্র—"খড়ি পাতি বলে খুড়ি, যে কিছু বাড়ীর ডেড়ী, খড়ি পাতি বুঝিনু বিস্তর"—ঘনরাম। বিণ, অধিক। প্র—"যে দিন যতেক পায়, তাহা সেই দিনে খায়, ডেড়ি অন্ন নাহি থাকে ঘরে" —কবিক। ৪। অবজ্ঞা; তুচ্ছতাচ্ছিল্য। ৫। লঙ্ঘন। কোন বৎসরে ধান্যাদি ধার লইয়া তাহার পর বৎসরে তাহার দেড়গুণ পরিমাণে শোধ দেওয়ার নাম ডেড়ি বাড়ি।

ডেঁপল, ডেফল (ড্যাপোল্) [সং—ডহু-ফল] বি, ডেও মাদার।

ডেবরা (ব্) ড্যাব্রা দ্রঃ।

ডেম (ড্যাম্) বি, কলাগাছের গোড়া হইতে উদ্গত ছোট চারা; তেউর বা তেড়।

ডেমাক (ডেমাক্) [আ—দিমাগ্] বি, মস্তিষ্ক। ২। দর্প; দেমাক; অহঙ্কার। বিণ, ডেমাকে [আ, দিমাগী] অহঙ্কৃত, দর্পী।

ডেমী [ইং—demy] বি, আদালতে দরখাস্ত লিখিবার বা রায় প্রভৃতির নকল করিবার কাগজ। ২। ডিমাই আকারের কাগজ।

ডেয়ে—ডেএ দ্রঃ।

ডেরা [হি—ডেরা=বাসা। গৃহ] বি, ক্ষণস্থায়ী বাসা; আড্ডা। ২। বস্ত্রাবাস; তাম্বু; কানাত। **ডেরা ডাণ্ডা**—তাঁবু ও তাহার সরঞ্জাম; বস্ত্রগৃহ নির্ম্মাণের উপকরণ। ২। গৃহস্থালীর আসবাব পত্র।

ডেরীডামরী [ডেরী (হি—ডেওঢ়ী=সার্দ্ধ, দেড়া)+ডামরী (ক্ষুদ্র। ডামর দ্রঃ)] বিণ, ছোট, মাঝারি, বড় এইরূপ পর্য্যায়ক্রমে অনেক; ছোট ছোট ছেলে পুলে; প্র—তাহার ডেরী ডামরী লইয়া অনেকগুলি ছেলেপুলে।

ডেলা, ড্যালা [সং—ডল্লক হইতে প্রাকৃ—ডেলা—হেমচন্দ্র। হি—ডল্লা] বি, বড় ঢিল; লোষ্ট্র। প্র—"সগুণে নির্গুণে বাধিয়ে বিবাদ, ডেলা দিয়া ভাঙ্গে ডেলা"—রামপ্রসাদ। **ডেলা মারা**—বিণ, অযত্ন লব্ধ; লক্ষ্যহীন; স্থূল বা মোটামুটী। ২। হাতুড়ে; অবৈজ্ঞানিক; আনাড়ী। প্র—ডেলা মারা বিদ্যা; ডেলা মারা চিকিৎসা।

ডেলো [সং—দল শব্দজ] বি, বৃক্ষবিশেষ। ২। কাঠের মোটা মোটা খণ্ড। ৩। মাদার বৃক্ষ ও ফল। ৩। ডালবাহিত লতা ও সেই লতাজাত ফল ডেলো শসা; ডেলো করলা ইত্যাদি।

ডেস্কো—[দেস্কো দ্রঃ] বি, দীপাধার।

ডেব্‌রা—ড্যাবরা দ্রঃ।

ডেহুয়া [ডেএ দ্রঃ] বি, ডেয়ে বা ডেও পিঁপড়ে।

ডোএ, ডোয়ে [দহিয়া=দগ্ধ হইয়া (দ= ড; হিআ=ইআ=এ বা য়ে) শব্দের অপ-ভ্রংশ] বিণ, দগ্ধ হইয়া; পুড়িয়া। প্র— "জ্বরে গা ডয়ে যাচ্ছে"।

ডোকরা [হি—ডোকরা, ডোকরী=বৃদ্ধ, বৃদ্ধা (অনাদরে)] বি, জড়বুদ্ধি; দুষ্টবুদ্ধি; দুর্ম্মতি। ২। ডাঙ্গপিটে; দুষ্ট। ৩। লক্ষ্মী-ছাড়া; হতভাগ্য; গালিবিশেষ। প্র— "কোথা হতে বুড়া এক ডোকরা বামন। প্রণাম করিল মোরে একি অলক্ষণ॥"—অ, ম।

ডোক্‌লা [হি—ডুক্‌রা=বুড়ো (অবজ্ঞার্থে)] বিণ, ডোকরা; অমিতাচারী; অপব্যয়ী; উড়নচড়ে; যাহার ব্যয়ের শৃঙ্খলা নাই। ২। ঔদরিক; পেটুক।

ডোঙ্গা, ডোঙা [সং—দ্রোণী শব্দজ] ক্ষুদ্র তরী; তাল বৃক্ষের গুঁড়ি দ্বারা নির্ম্মিত ক্ষুদ্র নৌকা; শালতি।

ডোবর [সং—গহ্বর হইতে] বি, ছোট গর্ত্ত।

ডোবা [স্বল্প জলবিশিষ্ট ক্ষুদ্র জলাশয়ে লোষ্ট্রাদি নিক্ষেপ করিলে ডব্ বা ডুব্ করিয়া যে শব্দ হয় তাহা হইতে ইহার উৎপত্তি] বি, সমল ও স্বল্প জল ক্ষুদ্র জলাশয়। প্র—"বিধর্ম্ম ডোবার জল খেয়ো না হে ভায়া"—ঈ, গুপ্ত। ২। গর্ত্ত।

ডোবা [হি—ডুব্‌না। শব্দাত্মক। ডুব দিবার শব্দ হইতে। উ-পু—ডুবি। ম-পু—ডোব; ডুবুন্; ডোব্, প্র-পু ডোবে, ডোবেন্। অস-ক্রি, ডুবিতে; ডুবিয়া, ডুবি (পদ্যে), ডুবে; ডুবিবার। গিজন্ত—**ডোবান** (নো)] ক্রি, জল মগ্ন হওয়া। ২। ঋণজালে এমন জড়িত হওয়া যে উদ্ধারের পথ না থাকা। ৩। পাপ পঙ্কে নিমজ্জিত হওয়া।

ডোম (ডোম্) [প্রাকৃত ডুম্ব (শ্বপচ) শব্দজ —হেমচন্দ্র] বি, পুং, বর্ণসঙ্করজাতিবিশেষ। ভারতের বহুবিস্তৃত অনার্য্য জাতিবিশেষ। স্ত্রী, ডোমনী, ডুম্নী। **ডোমচিল**—বি, চিল পক্ষীর প্রকার ভেদ (চিল দ্রঃ); গোদা চিল; ভুঁড়ো চিল। শঙ্খ বা শ্বেত চিলের বিপরীত বর্ণ অর্থাৎ কৃষ্ণবর্ণ চিল। প্র— "যাত্রার সময় ডোমচিল উড়ে মাথে"।—কবিক।

ডোম্‌না [হি] বি. গ্রাম্য সঙ্গীতবিশেষ। ২। চিতি সর্পবিশেষ।

ডোর (ডোর্) [প্রাকৃত দোরা (হেমচন্দ্র) ; হি—ডোর—দড়ি, ডুরি অপেক্ষা বড়। সং—ডোরম্ (=হস্তাদি বন্ধন সূত্র (শব্দকল্পদ্রুম)] বি. সূত্র ; রজ্জু ; দড়ি। প্র—"মালা ছিল তার ফুলগুলি গেছে রয়েছে ডোর"—রবি। ২। আকর্ষণ ; বন্ধন। প্র—"মায়া ডোর" "প্রেম ডোর" "স্নেহডোর" "দেবীকে বান্ধিল বড় দিয়া প্রেম ডোর"—ঘনরাম। ৩। বৈষ্ণবদিগের বহির্ব্বাস। প্র—"ডোর কৌপীন"। ৪। সন্ন্যাসীর কটিবন্ধ। প্র—"বসন বিহীন পরিছে কৌপীন তথি ডোর শোণ দড়ি"—কবিক। "কটিতটে ডোর ধরি তাহাতে কৌপীন পরি বহির্ব্বাসে করি আচ্ছাদন।"—অ. ম। [তুঃ—ল্যা—chorda ; ফ্রে—chorde ; জর্ম্ম—drehen.]

ডোরা [প্রাকৃত—দোরা (কটিসূত্র) শব্দজ—হেমচন্দ্র] বি. ডোর অপেক্ষা বৃহৎ : দড়া। ২। রেখা ; লম্বা দাগ বা চিহ্ন। ৩। তোলা পরিমাণ। প্র—"ঘৃত দিয়া সাত ডোরা কাঁথে দিলে বসুধারা, কৈল নান্দীমুখের বিধান।"—কবিক। ৪। পাক বা খাই। ৫। কটিসূত্র। ৬। সূত্র ; ডোর।

ডোল (ডোল্) [দেশী প্রাকৃ—ডোলো (শিবিকা)—হেমচন্দ্র। সং—ডুল্ ধাতুজ, হি—ডোল (ডোল্‌না=দোলা, নড়া, সরা ইত্যাদি) হইতে, দোল=ডোল] বি. যান বিশেষ ; ক্ষুদ্র শিবিকা। ২। বংশ নির্ম্মিত বৃহৎ পাত্র ; ধান্যাদি রক্ষণ পাত্র। প্র—"স্রোতে ভেসে গেল মোর কাপাসের ডোল"—কবিক। ৩। [হিন্দুস্থানে] লৌহাদি নির্ম্মিত কূপাদি হইতে জলোত্তোলন পাত্র ; ৪। জাহাজাদির মাস্তুল। ৫। [ে া= ে ৗ] ডৌল ; গঠন ; আকৃতি। ৬। বিণ. কম্পিত : রোমাঞ্চিত ; অস্থির। প্র—"ডরে প্রাণ ডোল হইল রক্ষ ভগবতী"—কবিক। "হরি ডরে হরিণী হরি-হিয়ে ডোল"—বি. প।

ডোলা [হি—ডোলা=দোলা] বি. শিবিকা বিশেষ ; দোলা।

ডোলা [সং—দোলা। দ=ড। উ-পু—ডোলি। ম-পু—ডোল। প্র-পু—ডোলে। অস-ক্রি—ডোলিতে : ডোলিয়া, ডোলি (পদ্যে)। ণিজন্ত—ডোলান। প্রা-বাং] ক্রি. দোলে : কম্পিত হয়। প্র—"ধরণী ডগমগি ডোলে"—বি. প। ২। বিচরণ করে। ৩। ঝুলে : লম্বিত হয়। প্র—"কি উপমা দিব যেই পিঠে ডোলে বেণী। অখণ্ড কদলীদলে বিহরে নাগিনী"—শূ. পু। ৪। ভাসে ; সন্তরণ করে ; নিমজ্জিত হয়। প্র—"সেই জন আনন্দ সাগর মাঝে ডোলে"—চৈ-ভা। [ব্রজ] **ডোলই, ডোলত**—দোলে। প্র—"ডোলত মোতিম হার"—বি. প।

ডোলা [ঢোলা হইতে, ঢ=ড। গ্রা] বিণ. শিথিল ; উস্কোখুস্কো। প্র—"ডোলা মাথা করে ছেঁড়া নেক্‌ড়া পোরে ওদের বাড়ী যাস্ কেন?"

ডোলান (নো) [ডোলা দ্রঃ। উ-পু—ডোলাই। ম-পু—ডোলাও। প্র-পু—ডোলায়। অস ক্রি.—ডোলাইতে ; ডোলাইয়া] ক্রি. দোলান ; কাঁপান। ২। ঢুলায় ; আন্দোলিত করে। প্র—চামর ডোলায়।

ডৌরে—বি. কদলীবিশেষ ; বীচেকলা।

ডৌল (ল্) [হি] বি. ঢপ ; মূর্ত্তি ; গঠন ; আকৃতি ; ঢাঁচা।

ড্যাং ড্যাং [শব্দাত্মক] বি. বাদ্যধ্বনি ; ।

ড্যাক্‌রা—'ডেকরা', 'ডেগরা' দ্রঃ।

ড্যাম (ম্) [ইং—damn শব্দজ] অ. ঘৃণা-বাচক ; নিন্দাবাচক ; তিরস্কারবাচক।

ড্যামেজ (জ্) [ইং—damage আদাঃ পরিঃ] বি. ক্ষতিপূরণ। প্র—"বুঝাইতে গেল কেশ সতীশ ডাক্তারে ড্যামেজের নালিশ হইতে বেশ পারে।—বিংশ শতাব্দীর বর।

ড্যাব্‌রা [প্রাকৃত—ডাবো. ডম্ব শব্দজ—হেমচন্দ্র। হি—ডাবর্=বড় ; ডাগর। তুল—"ডাবর নয়্‌নী" অর্থাৎ বিশালাক্ষী] বিণ. যাহা ডব্‌ডব করে ; যাহা জ্বল্ জ্বল্ করে। ২। ডাগরা : আয়ত।

ড্রয়িং [ইং—drawing] বি. রেখা চিত্রাঙ্কণ।

ড্রাম, ড্র্যাম [ইং—drachm] বি. ৬০ ফোটা পরিমাণ : ৬০ গ্রেণ ওজন।

ড্রিল (ল্) [ইং—drill] নিয়মিত ব্যায়াম। ২। যুদ্ধশিক্ষা।

ড্রেন (ন্) [ইং—drain] বি. জলপ্রণালী ; পয়নালা ; নর্দ্দমা : মুঙ্গরি।

ড্রেস (শ্) [ইং—dress] বি. পোষাক। ২। অস্ত্রোপচারের পর ক্ষত স্থান বন্ধন।

ঢ

ঢ—ব্যঞ্জনবর্ণমালার চতুর্দ্দশ, টবর্গের ৪র্থ, মহাপ্রাণ, ঘোষবান্ বর্ণ। ইহার উচ্চারণ স্থান মূর্দ্ধা বলিয়া ইহা মূর্দ্ধণ্য বর্ণ। সাধারণতঃ শব্দাত্মক পদে থাকিয়া ঢ লঘুত্ব, অন্তঃসারশূন্যতা বা স্ফীতির দ্যোতনা করে। প্র—ঢব্ ঢব্, ঢ্যাপ্ ঢ্যাপ্ ; ঢোসা ; ঢোল ইত্যাদি।

ঢং [অনুকার শব্দ] বি. ঘণ্টাধ্বনি ; ঘড়ির প্রহর বাদ্য। প্র—ঢং ঢং করিয়া পাঁচটা বাজিল। ২। ঢঙ্গ দ্রঃ। **ঢং করা**—ঢঙ্গ করা দ্রঃ।

ঢং ঢং [ঢং (দ্রঃ) +ঢং (উপর্য্যুপরি অর্থে দ্বিত্ব)] অ. অনুকার শব্দ ; ঘড়ি বাজিবার শব্দ। ২। পূজার কাঁসর বাজিবার শব্দ। ৩। পেটা ঘড়ি বাজিবার শব্দ ; gong. ক্রি. **ঢংঢঙ্গান** (নো) ঢং ঢং করা। বি. **ঢং ঢঙ্গানি** ; বিণ. **ঢংঢঙ্গে**।

ঢক (ঢক্) [অনুকরণ শব্দ ; টক্ শব্দ অপেক্ষা গম্ভীর ধ্বনি] বি. ফাঁপা বা শূন্যগর্ভ বস্তুতে কঠিন দ্রব্যের আঘাত শব্দ। ২। ক্রি-বিণ. ঢক্ ধ্বনি হইতে যত অল্পক্ষণ লাগে তত অল্প সময়ে এবং ঐরূপ শব্দানুকরণ। প্র—"ঢক্ করিয়া গিলিয়া ফেলিল"। ৩। বাটখারা ; weight. **ঢকঢক**—ঢিলা বা শ্লথভাবে স্থাপিত কঠিন দ্রব্যের নড়িবার বা গড়াইবার শব্দ ; বৃহৎ পাত্রের ভিতর শ্লথ ভাবে রক্ষিত ক্ষুদ্র দ্রব্যের অব্যক্ত শব্দ। প্র—"ঢকঢক করি ঢেঁকি উঠাইল বাগ। দোকাঠি বাজায়ে চলে বলে লাগ লাগ।"—শিবায়ন। ২। কলসী, গাড়ু প্রভৃতি জলপূর্ণ পাত্র হইতে জল ফেলিবার শব্দ। ৩। ক্রমাগত জল বা অন্য তরল বস্তু গলাধঃকরণ করিবার শব্দ। প্র—"সে ঢক ঢক করিয়া জল খাইয়া ফেলিল।" **ঢকঢোকে**—বিণ. শূন্য : খালি অন্তঃসার শূন্য : ঢকঢকে দেহ।

ঢকাৎ—বি. জলীয় পদার্থ গলাধঃকরণ শব্দ।

ঢকার (র্) বি. ঢ এই অক্ষর।

ঢকাস (ঢকাশ্) বি. ঢক্ শব্দের আধিক্য-ব্যঞ্জক।

ঢক্ক [সং] বি. পুং—ঢাক, ঢাকা নগর।

ঢক্কা [ঢক্+ক (শব্দার্থক কৈ ধাতুজ+কর্ত্তৃ, ড) যে শব্দ করে] বি. স্ত্রী. বৃহৎ আনদ্ধ যন্ত্রবিশেষ। ঢাক ; পটহ। **ঢক্কানাদ**—ঢাক বাজাইবার শব্দ। **ঢক্কারবা**—বি. স্ত্রী. ঢক্কার ন্যায় রবকারিণী দেবীবিশেষ ; তারিণীদেবী। **ঢক্কারী**—বি. স্ত্রী. ঢক্ শব্দকারী ; তারিণী দেবী। ২। মূর্ত্তি ; ধারা ; ঢপ। ৩। কীর্ত্তনাঙ্গ গানবিশেষ।

ঢঙ্গ (ঢংগো) [হি—ঢোঙ্গ =শঠতা, ছলনা, ছদ্মবেশ। ঢোঙ্গী=প্রতারক ; শঠ : খল] বিণ, খল ; শঠ ; প্রতারক। প্র—"ঢঙ্গ ঢাঙ্গাতি নহি আখেটির জাতি"—কবিকা। "সাধু নহিস ঢঙ্গ বেটা মিথ্যা তোর ভরা।"—কবিক। ২। দুষ্ট ; দুর্বৃত্ত ; দুরন্ত। প্র—"ঢঙ্গ কলি আসিয়া বিরোধ কৈল বনে।"—বিধু সেনের চৌতিশা (সা, প, প, ১৩১৫)। ৩। বি, ছলনা ; ছদ্মবেশ। প্র—"ঢেঁকিরে ডাকিয়া বলে ঢঙ্গ করি চল।"—শিবায়ন। ৪। রঙ্গ। প্র—"না কর এমন ঢঙ্গ।"—গোবিন্দদাস। ৫। [হি—ঢব্ =গঠন ; আড়া] আড়া ; আকৃতি ; গড়ন। **ঢঙ্গ করা**—রঙ্গ করা। ২। আমোদজনক অঙ্গভঙ্গী করা। ৩। ছদ্মবেশে ছলনা করা।

ঢঙ্গতা (ঙ্) [ঢঙ্গ+তা (ভাবে)] বি, দুষ্টামি। ২। ছলনা, তামাসা। প্র—"ঢঙ্গতা না কর প্রভু দেও দরশন।"—বিধু সেনের চৌতিশা (সা, প, প, ১৩১৫)।

ঢঙ্গা [হি—ঢব্] বি, আড়া ; গড়ন। ২। [হি—ঢঙ্গ্ =আচরণ, ব্যবহার] অসাধু আচার। ৩। [হি—ঢোঙ্গ্] ছলনা। ৪। বিদ্রূপ ; রঙ্গ ; তামাসা। প্র—"ঢোল ঢঙ্গা নাহি করি পরের যুবতী—কবিক। **বে-ঢঙ্গা**—বেআড়া ; out of proportion.

ঢন (ন্) [সং—ধ্বন্ (শব্দে)] বি, ঘণ্টাধ্বনি। ২। শুষ্ক জ্বালানি কাঠ পতনাদির ধ্বনি। **ঢন্-ঢন্**—বিণ, শূন্য ; খালি। ২। অভাব ; কিছু নাই ; ঢু ঢু।

ঢনা [ঝনা দ্রঃ] বিণ, শুষ্ক। প্র—"ঢনা কাঠ।" কৃশ ; দুর্ব্বল। প্র—ঢনা ছেলে। ২। ম্লান। ৩। বি, গবাদির রোগবিশেষ।

ঢণ্‌্নে (ঢন্‌ঢোনে) [অনুকারী শব্দ] বি, বিষাক্ত বড় মাছি ; ভনভনে মাছি। প্র—"আসিয়া ঢণ্‌নে মাছি বসিলেক ঘায়। মাছেতা পড়িবামাত্র কৃমি হৈল তায়।"—শিবায়ন। ২। শুষ্ক কাঠ পতন বা কঠিন বস্তুতে আঘাত করিবার ধ্বনিযুক্ত ; ঝন্‌ঝনে।

ঢপ (প্) [হি—ঢব্] বি, গঠন ; আকার প্রকার। মূর্ত্তি ; ঢাঁচা ; ডৌল। ২। চলন। ৩। কীর্ত্তনাঙ্গ ; ঢপসঙ্গীত।

ঢপ (প্) [শব্দাত্মক] বি, কাঠের খোলের মুখ আর্দ্র চর্ম্মে মুড়িয়া বাজাইলে যে শব্দ হয়। **ঢপঢপ**—ঢোল প্রভৃতির চর্ম্ম আর্দ্র হইলে আঘাত প্রাপ্ত হইয়া যেরূপ শব্দ করে সেই শব্দ। স্ফীত উদরে আঘাত করিলে ঢপ্‌ঢপ্ করে। ঘৃণা ও অবজ্ঞার্থে ঢপ্‌ঢপ্ শব্দ ঢ্যাপ্‌ঢ্যাপ্ শব্দে পরিণত হয়। ইহা কোন ফাঁপা ও স্যাঁতান বা ভিজা সুতরাং কিঞ্চিদধিক বায়ু-গর্ভ বস্তুর উপর আঘাত শব্দ। মৃতদেহ যখন বায়ুপূর্ণ ও ফুলিয়া ঢোল হইয়া উঠে তখন তাহাতে আঘাত করিলে ঢ্যাপ্‌ঢ্যাপ্ করিতে থাকে। সজীব দেহ সেরূপ হয় না বলিয়া তাহাতে আঘাত করিলে নিরেট বস্তুতে আঘাত শব্দের মত ঢিপ্‌ঢিপ্ করে।

ঢমালি, ঢামালি—বি, ঢঙ্গ ; রঙ্গ। প্র—"সখী সব মেলি, করিয়া ঢমালি, তোলয়ে বিবিধ ফুল॥"—রায়শেখর।

ঢরই [ব্রজ। ঢল=ঢলান, র=ল] ক্রি, দোলায়। প্র—"জম্বু কনয়া গিরি চামর ঢরই"—বিদ্যাপতি।

ঢরকি, ঢরি [ব্রজ] অস-ক্রি, গড়াইয়া ; উচ্ছলিত হইয়া। প্র—"ঢরকি পড় লোচন লোর"—বি, প। "ঢরি ঢরি পড় লোরা"—বিদ্যাপতি।

ঢরঢর [ব্রজ। ঢল দ্রঃ। ল=র] ক্রি-বিণ, ঢলঢল। প্র—"যে জনা রসিক রসে ঢরঢর"—চণ্ডীদাস।

ঢল (ল্) [হি] বি, ঢালু স্থল ; ঢাল ; নিম্নস্থল। ২। পর্ব্বতাদি হইতে নির্গত এবং তাহার ঢালু গাত্রবাহী নিম্নগামী জলরাশি। ২। বিণ, ঢিলা ; শ্লথ ; আলগা।

ঢলঢল [ঢলা দ্রঃ] বিণ, শ্লথ ; ঢিলা। ২। চঞ্চল ; ঈষৎ কম্পিত ; আন্দোলিত। প্র—"ঢল ঢল আঁখি লয়লাকে ডাকি কহে সাধু সীমন্তিনী।"—লয়লামজনু॥ ৩। তরঙ্গায়িত ; উচ্ছ্বসিত। ৪। [লক্ষণায়] ভাবতরঙ্গায়িত ; রসভাবের পূর্ণতায় টলটল। প্র—"ভাবে ঢলঢল, হাসে খলখল, টলটল ধরণী"—রামপ্রসাদ। ৫। লাবণ্য-চঞ্চল ; রূপের তরঙ্গময় ; লাবণ্য-পূর্ণ। প্র—"ঢলঢল কাঁচা অঙ্গের লাবনি, অবনি বহিয়া যায়।"—পদাবলী। "ঢলঢল জলদ বরণী এ কার রমণী রে।"—রামপ্রসাদ।

ঢলঢলে (ঢলঢলে) [প্রাকৃত—ঢংঢল্লে শব্দজ—হেমচন্দ্র] বিণ, ঢিলেঢালা ; শ্লথ ; আল্গা ; ঢিলা। ২। ভাসাভাসা ; লাবণ্য-চঞ্চল ; কোমল এবং উজ্জ্বল ; তরল। **ঢলঢল করা**—ক্রি, ঢল হওয়া ; ঢিল হওয়ার জন্য আধার আধেয় পরস্পর ঠোকাঠুকি করে। প্র—গুটী শব্দ ঘট বাই চিপ যদি হয়। ঢলঢল্ করে নাহি চির দিন রয়।—শিবায়ন।

ঢলতা (ল্) [হি] বি, ঢলিবার ভাব। ২। কোন দ্রব্যের চলিত ওজনের উপর বৃদ্ধি।

ঢলা [হি—ঢলনা। উ-পু—ঢলি (ঢো)। ম-পু—ঢল ; ঢলুন (ঢোলুন) ; ঢল্। প্র-পু—ঢলে ; ঢলেন। অস-ক্রি—ঢলিতে (ঢো) ; ঢলিয়া ; ঢলি (পদ্যে) ; ঢলে (ঢো) ; ঢলিবার (ঢো)। ণিজন্ত—ঢলান] ক্রি, টলা ; হেলিয়া পড়া। ২। নিদ্রালস হওয়া ; ঘুমের ঘোরে হেলিয়া পড়া ; নেশায় অবসন্ন হইয়া পড়া। ৩। রসভাবভারাক্রান্ত হওয়া ; ঢলঢল করা। প্র—"একে লো তোর এই ভরা যৌবন রসে করেছে অবশ, আবেশে ঢলে নয়ন"—গিরিশ। ৪। শুকাইয়া যাওয়া ; ম্লান হওয়া। প্র—"হেরি চম্পক কলি পড়ে ঢলি ঢলি"—গিরিশ। ৫। অস্তগমন করা। বি, **ঢলন, ঢলুনি** (ঢলোন্, ঢোলুনি)।

ঢলান (নো) [ঢলা দ্রঃ। উ-পু—ঢলাই। ম-পু—ঢলাও ; ঢলান ; ঢলা। প্র-পু—ঢলায় ঢলান্। অস-ক্রি—ঢলাইতে ; ঢলাইয়া, ঢলিয়ে (ঢো) ; ঢলাইবার] ক্রি, ঢলিতে বাধ্য করা ; হেলাইয়া দেওয়া। ২। কলঙ্কের কাজ করিয়া সাধারণের গোচর করা ; নিন্দিত বা ঘৃণ্য কর্ম্ম প্রকাশ্যভাবে করা ; এমন ভাবে গর্হিত কর্ম্ম করা যাহা দেশময় জানাজানি হয়। প্র—"দেশ ঢলালেম প্রেম করে সই প্রাণ গেলে বাঁচি"—রামবসু। বি, **ঢলান্**—লোকসমাজে প্রকাশিত কুকর্ম্ম। বিণ, **ঢলানিয়া, ঢলানে**—যে পুরুষ ঢলায়। স্ত্রী, **ঢলানী**—যে নারী ঢলায়। প্র—"দেশ ঢলানী ঘোল কলা ঢাক বাজাবে পেলে ছলা"—গোপাল উড়ে। ২। স্বৈরিণী ; বেশ্যা ; ঢেমনী।

ঢলাঢলি (—ঢোলি) [ঢলা (একপক্ষের কলঙ্ক প্রচার)+ঢলি (অপর পক্ষের কলঙ্ক প্রকাশ)—পরস্পর পদস্খলন] বি, দুই বা বহু জনের গর্হিতাচরণ ও তাহাদের কলঙ্কের কথা প্রকাশ ; পরস্পরের কেলেঙ্কারি।

ঢল্কান (ঢল্‌কানো) [হি—ঢলক্‌না, ঢক্কানা] ক্রি, ঢলে পড়া। ২। কোন তরলবস্তু ঢালিয়া দেওয়া ; ধাক্কা পাইয়া তরল পদার্থ আধার হইতে পড়িয়া যাওয়া। ৩। শিথিল হওয়া ; আল্‌গা হওয়া ; ঢিলা হওয়া।

ঢল্কো [প্রাকৃ—ঢংঢল্ল] বিণ, ঢলঢলে (দ্রঃ) ; আল্‌গা ; ঢিলা।

ঢসন (ঢ্‌শোন্) [হি—ধস্‌না=ধস ভাঙ্গিয়া পড়া। ধ=ঢ] বি, নিঃসরণ ; গলন। ২। ভগ্ন হইয়া পতন ; পাহাড়, নদীর কূল, প্রাচীর প্রভৃতির গাত্র হইতে অংশ স্খলন ; ধসন।

ঢাঁটি [ঢেঁটি দ্রঃ। হি—ঢীট শব্দের স্ত্রীলিঙ্গে] বিণ, স্ত্রী, ধৃষ্টা। প্র—"সে ঢাঁটি বেটীর তরে, সিন্নি মেনেছিলি পীরে, দিলি নাই কোন্ অহঙ্কারে।"—সত্যনারায়ণের পাঁচালী (রামেশ্বর)।

ঢাক (ক্) [ঢক্কা শব্দজ। চট্টগ্রামে, ঢাই] বি, বৃহৎ বাদ্যযন্ত্রবিশেষ ; পটহ। **ঢাক করা**—ঢাক পিটিয়া প্রচার করা ; গুপ্তবিষয় চতুর্দ্দিকে ব্যক্ত করা। **ঢাক-ঢাক-গুড়-গুড়** (ঢাক্‌ঢাক্‌গুড়্‌গুড়) লুকাচুরি ; কোন কথা চাপিয়া রাখা ; গোপনভাব ; কোন সংবাদ লুকাইবার চেষ্টা। প্র—"আর ঢাকঢাক গুড়গুড়ে প্রয়োজন নাই ; স্পষ্ট করিয়া বলিয়া

ফেল।" ঢাকঢোল পড়ে যাওয়া—চতুর্দ্দিকে ঢ্যাটরা পিটাইয়া রাষ্ট্র হওয়া। ঢাকঢোল পেটা—রাষ্ট্র করা। ঢাক-পেটা, ঢাকবাজান (বাজানো) ক্রি, চতুর্দ্দিকে প্রকাশ করিয়া দেওয়া; প্রচার করা: গোপনে যাহা হইয়াছে তাহা সাধারণের কর্ণগোচর করা।

ঢাকন (ঢাকোন্) [হি—ঢক্কন্] বি, আচ্ছাদন: আবরণ। ২। ঢাক্না; বাক্স প্রভৃতির ডালা; lid. ৩। গোপন। ঢাক্না, ঢাক্নি, ঢাক্নী [হি—ঢক্নী] বি, ঢাকা দিবার পাত্র। ২। বাক্স, সিন্দুক প্রভৃতির ডালা। ৩। সরপোষ। ৪। হাঁড়ি, কলসী প্রভৃতির মুখ ঢাকিবার পাত্র; সরা। প্র—"খুলি হাঁড়ি ঢাকনি, বাহির করয়ে ফর্ণা"—চণ্ডীদাস। [দ্রঃ—বৃহৎ আবরণ পাত্রকে ঢাকনা ও ক্ষুদ্র আবরককে ঢাকনি বলে] ঢাকনি—ঠুলি; পুট; capsule. ডেও-ঢাকনা [ডলক=ডালা=ডেলো=ডেও (ও তাহার) ঢাকনা] বি, গৃহস্থালির সামান্য সামান্য দ্রব্য সামগ্রী। ২। ডালা, ধামা, খুড়ী প্রভৃতি জাতীয় আধার ও তাহার আবরণ পাত্রাদি। ৩। আচ্ছাদনপাত্র; সরপোষ।

ঢাকস্মুমুর (ঢাক্শুমুর্) [সং—ধৃষ্টতা। ধৃষ্টের ভাব অর্থে ধার্ষ্টামো (গ্রা), পরে ঢাকস্মুমুর এবং ঢারসোমো বা ধাস্সোমো (গ্রা, প্রাদে)] বি, ধৃষ্টতা।

ঢাকা [হি—ঢেক্না] বি, ঢাকনা: ঢাকোন। ২। দুগ্ধপোষ্য শিশুদিগকে মশা মাছি প্রভৃতির দংশ হইতে রক্ষা করিবার উদ্দেশে ব্যবহৃত লোহ তার ও জাল বা সূত্রাদিনির্ম্মিত আবরণ-বিশেষ। বিণ, আবৃত; আচ্ছাদিত। ২। লুক্কায়িত: গুপ্ত; চাপা।

ঢাকা—পূর্ব্ববঙ্গের স্বনামপ্রসিদ্ধ প্রদেশ ও নগর; ঢাকা সহর। ঢাকাই—বিণ, ঢাকা-প্রদেশ জাত বা ঢাকায় নির্ম্মিত। প্র—"ঢাকাই কাপড়।" ২। ঢাকায় প্রচলিত। ঢাকাই-জালা—ঢাকায় নির্ম্মিত বৃহৎ জালা। ২। অতিস্থূল; অত্যন্ত স্ফীত। প্র—"জল খেয়ে খেয়ে পেট যেন ঢাকাই-জালা হয়েছে।"

ঢাকা [হি—ঢক্না=আচ্ছাদন করা। উ-পু—ঢাকি। ম-পু—ঢাক; ঢাকুন্; ঢাক্। প্র-পু—ঢাকে; ঢাকেন। অস-ক্রি—ঢাকিয়া; ঢাকিতে; ঢাকি (পদ্যে), ঢেকে; ঢাকিবার। ণিজন্ত—ঢাকান] ক্রি, চাপা দেওয়া: আবৃত করা। ২। লুকান; গোপন করা। [ব্রজ] ঢাকই, ঢাকত—ঢাকে। ঢাকল—ঢাকিল। প্র—"সে সব অবগুণ, ঢাকল একল পিক, বোলত মধুরিম বাণী"—বিদ্যাপতি। ঢাকা দেওয়া—গোপন করা। প্র—"সে বিষয় আর ঢাকা দিলে কি হইবে? তাহা আর ঢাকা দেওয়া চলে না।" ঢাকা পড়া—আবৃত হওয়া; আচ্ছাদিত হওয়া। ২। অদৃশ্য হওয়া; চাপা পড়া; বিস্মৃতির গর্ভে বিলীন হওয়া। প্র—"কথাটা ঐখানেই ঢাকা পড়ে গেল। গা ঢাকা দেওয়া—অদৃশ্য হওয়া। মুখ ঢাকা—ঘোমটা দেওয়া। প্র—"চাও চাও মুখ ঢেকোনা সরম সবে না।"—গান। শাক দিয়া মাছ ঢাকা—যাহা গুপ্ত থাকিবে না তাহাকে অকিঞ্চিৎকর উপায়ে গোপন করিবার চেষ্টা করা; যাহা জানাজানি হইয়াছে তাহাকে যাহা তাহা বলিয়া বা পাঁচ রকম কথায় ভুলাইয়া ঢাকা দিবার বা গোপন করিবার প্রয়াস পাওয়া। প্র—"আর কেন প্রাণ বিধুমুখি, শাক দিয়ে মাছ ঢাক, ঢাক বাজায়ে ঢেকে রাখ ঢাকা রবে কি॥"—গোপাল উড়ে।

ঢাকী [ঢাক (দ্রঃ)+ইন্ (অস্ত্যর্থে)] বিণ, যাহার ঢাক আছে; যে ঢাক বাজায়।

ঢাঙ্গাতি (ঢাঙাতি) বিণ, ছল; শঠ; চতুর: খল। প্র—"ঢঙ্গ ঢাঙ্গাতি নহি আখেটীর জাতি"—কবিক। "সভেই বলেন অয়ে নিমাঞি ঢাঙ্গাতি"—চৈ, ভা। বি, শঠতা; ছলনা; চাতুরী। প্র—"শিশুমতি মোর নাতি, নাহি জানে ঢাঙ্গাতি।"—কবিক। ঢঙ্গ ঢাঙ্গাতি—লম্পট। ২। চোর ছেঁচড়।

ঢাচা, ঢাঁচা [হি—ঢাঁচা] বি, ঢপ: ধাঁচা; আকৃতি; কাঠাম।

ঢাবি [হি—ঢব শব্দজ। প্রাদে] বি, মূর্ত্তি। প্র—'ঢাবি পানে চায় বাউল করিয়া তর্জ্জন"—গো, গীত।

ঢামালি [ঢলাঢলি দ্রঃ) শব্দের সংক্ষেপ] বি, রঙ্গ; তামাসা; রঙ্গভঙ্গ। ২। ঢলাঢলি। প্র—"নিত্যানন্দ সঙ্গে রঙ্গে রসের ঢামালি"—চৈতন্যমঙ্গল। "যতেক গোকুল নারী, কৌতুকে ঢামালি করি, ক্রীড়া করে যশোদার পাশে"—শ্রীকৃষ্ণবিজয়। ৩। দম্ভ; দর্প।

ঢার, ঢারত [ব্রজ। ঢালা দ্রঃ। ল=র। বৈ-পদাবলীতে] ক্রি, ঢালে; ঢালিতেছে। প্র—"তুয়া বোলে গোরস যমুনাহি ঢার" (পাঠান্তরে ডার)—গোবিন্দ দাস। "ঢারত সুরধুনি ধারা"—পদাবলী।

ঢাল (ঢাল্) [হি—ঢাল, ঢালু; ঢল] বি, ঢালু প্রদেশ; নিম্নভূমি। ২। [ঢাল হইতে ধার ঢ=ধ, ল=র] ধারা; জলরাশি (উচ্চভূমি হইতে পতিত)। ৩। [প্রাদে] গুচ্ছ। ৪। বিণ, ঢালু; গোড়েন; গড়ানিয়া।

ঢাল (ল্) [হি—ঢাল=চর্ম্মফলক, ঢালু আকৃতি হইতে] বি, অস্ত্রাদির আঘাত নিবারক গণ্ডা-রাদির কঠিন চর্ম্ম-নির্ম্মিত ফলক; shield প্র—"কোতোয়াল যেন কাল খাঁড়া ঢাল ঝাঁকে"—অ, ম।

ঢাল (ঢ়ালো)—ঢালা দ্রঃ।

ঢালকী [ঢাল+ক (স্বার্থে)+ইন্ (অস্ত্যর্থে)] বি, ঢালী। ২। বিণ, ঢালধারী।

ঢালনী (ন্) বি, স্বর্ণকারের স্বর্ণ, রৌপ্যাদি ধাতু গলাইয়া ঢালিবার পাত্রবিশেষ।

ঢালা [হি—ঢল্না। উ-পু—ঢালি। ম-পু—ঢাল: ঢালুন্; ঢাল্। প্র-পু—ঢালে; ঢালেন। অস-ক্রি—ঢালিতে; ঢালিয়া, ঢালি (পদ্যে), ঢেলে: ঢালিবার। ণিজন্ত—ঢালান] ক্রি, অধঃ-ক্ষেপণ করা; কোন পাত্র হইতে পাত্রান্তরে নিক্ষেপ করা; ফেলা; পাতিত করা; গড়ান। ২। ধাতু প্রভৃতি গলাইয়া ছাঁচে ঢালিয়া গঠন করা। ৩। বিণ, গৃহতলে বা কোন সমভূমিতে বিস্তারিত: ছড়ান। প্র—ঢালাবিছানা। বি, ঢলাই, ঢালন (ঢালোন্)—ঢালা এই কার্য্য। গা ঢালা, গা-ঢেলে দেওয়া—শিথিল-প্রযত্ন হওয়া; অনাকৃষ্ট ভাবে অবস্থান করা; কোন কিছুতে আশা বা আসক্তি না থাকা। ২। আশা ভরসা শূন্য হওয়া। ঢালাঢালি—ক্রমান্বয়ে কোন বস্তু পাত্র হইতে পাত্রান্তর করা।

ঢালাই—বি, উত্তাপ দ্বারা লৌহাদি ধাতুর গলন। ২। গলিত ধাতু ঢালিয়া পাত করণ। ঢালাই-করা—যাহা পেটা নহে: ঢালান। ঢালাইখানা—যথায় ধাতু গালাইয়া দ্রব্যাদি প্রস্তুত হয়; ঢালাইয়ের কারখানা; foundry.

ঢালাও—বিণ, বিস্তীর্ণ; ছড়ান। ২। প্রচুর; পর্য্যাপ্ত; ফালাও।

ঢালি, ঢালী [ঢাল+ইন (অস্ত্যর্থে)] বিণ, ঢালবিশিষ্ট; ঢালধারী। প্র—"সামালিয়া খায় তালি, কালুসিংহ মহা ঢালি,"—ঘনরাম। ২। বি, ঢালধারী সৈন্য। প্র—ধানুকী বন্দুকী ঢালী রায়বেশে ফরিকালি রাহুত মাহুত সমুদায়। —ঘনরাম।" তবকী ধানুকী ঢালী"—অ, ম।"

ঢালিপাক [ঢালি (ঢালধারী)+পাক (পাইক অর্থাৎ পদাতিক)] বি, ঢালধারী পদাতিক সৈন্য। প্র—ঢালি চঞ্চল কলে, ঢালিপাক ফরিকালে, ধং ধং বলি বেগে ধায়।" —ধর্ম্মমঙ্গল।

ঢালু [ঢাল (ঢল, গড়ন)+উ (অস্ত্যর্থে বা বিশিষ্টার্থে)] বিণ, ঢালযুক্ত; গড়েন বা গড়ানিয়া। ২। নিম্ন।

ঢিং—বি, অনুকার শব্দ। ঢিংঢিং—ঢংঢং অপেক্ষা মৃদুধ্বনি; কাঁসার বাদ্যের মৃদু শব্দ। ব্লক ঘড়ির ঘণ্টাধ্বনি।

ঢিকন, ঢিকান, ঢিকুন (নো) [সং—ধিক্ক্ (ক্লেশনে, ক্লান্তিবোধে) ধাতুজ। উ-পু—ঢিকাই, ঢিকুই। ম-পু—ঢিকাও,

ঢিকোও। প্র-পু—ঢিকায়, ঢিকোয়। অস-ক্রি—ঢিকতে, ঢিকাতে, ঢিকিতে, ঢিকুতে, ঢিকাইতে, ঢিকাইয়া, ঢিকিয়ে] ক্রি, ধীর ও ক্লান্ত পদে চলা; ধুঁকিতে ধুঁকিতে থামিয়া থামিয়া চলা।

ঢিট, ঢীট (ঢিট্) [ধৃষ্ট (শঠ, নির্লজ্জ) শব্দজ হি—ঢীট হইতে] বিণ, ধৃষ্ট; শঠ; চতুর; লজ্জাহীন; বেহায়া। প্র—"হাসি মুখ নিরখয়ে ঢীট মাধাই"—বিদ্যাপতি। বি, ঢিটানি।

ঢিটপনা (ট্) [হি—ঢীটপন্=বেহায়ামি] বি, লজ্জাহীনতা; নির্লজ্জতা; বেহায়াপনা। প্র—"এত ঢীটপনা জানে কোন্ জনা, বুঝিনু তোহারি রীতি"—চণ্ডীদাস। "কখন না দেখি আমি এমন ঢিটপনা"—কবিক (লহনার অভিসার)।

ঢিটানি [প্রা-বাং। ঢিট দ্রঃ] বি, চতুরতা; শঠতা; লজ্জাহীনতা। প্র—"ঢিটের ঢিটানি, খেতের মিটানি, সকলি জানি যে আমি।"—চণ্ডীদাস।

ঢিঢি [হি—ঢিঢোরা "হওয়া" যোগে] বিণ, প্রচারিত; চতুর্দ্দিকে সংবাদিত; রাষ্ট্র; বিজ্ঞাপিত। প্র—"সে কথা বাজারে ঢিঢি হইয়াছে।" ২। [ধিক্‌ধিক সংক্ষেপে—ধিধি=ঢিঢি "পড়া" যোগে] নিন্দাবাদ: ধিক্‌ধিক্ রব। প্র—"সহর-ময় ঢিঢি পড়িয়া গিয়াছে।"

ঢিঢিকার, ঢিডঢিকার (ড্, কার্) বি, ঢিঢি; প্রচার। ২। জয়জয় শব্দ; জয়জয়কার: উচ্চপ্রশংসাবাদ। প্র—"তবু সে ব্যাখ্যায় এদেশে পড়ে গেল ঢিড্‌ঢিকার"—দ্বিজেন্দ্র রায়। ৩। ধিক্কার; নিন্দা।

ঢিপ (ঢিপ্) [অনুকারাত্মক শব্দ] বি, ঢিপ্ এই শব্দ; কোন নিরেট ও স্থূলদ্রব্য পতনের শব্দ; আছাড় খাওয়ার শব্দ। প্র—"সে চলিতে চলিতে ঢিপ্ করিয়া পড়িল। ২। ঢিপ্ শব্দ জনক মুষ্ট্যাঘাত বা প্রহার। এই অর্থে দ্বিত্ব। প্র—"তাহাকে ধা কতক ঢিপ-ঢিপ করিয়া বসাইয়া দাও।"

ঢিপচাল্‌দা [চলৎ বা চলন্তা অবস্থায় ঢিপ করিয়া পতন হইতে] বি, ঢিপ্ করিয়া পতিত হইবার ভাব: চলিতে চলিতে পা পিছ্‌লাইয়া বা আছড়াইয়া পড়িবার ভাব; পিচ্ছিল পথে পদস্খলন। প্র—"সে কাদার উপর ঢিপচালদা হইয়া পড়িল।"

ঢিপন, ঢিপনি, ঢিপুনি (ঢিপন্) বি, মুষ্ট্যাঘাত: প্রহার। [প্রা-গ্রা—ব্যবহারে ডিপন চণ্ডীও বলে] ক্রি, **ঢিপন** (ঢিপোনো) ঢিপইয়ে দেওয়া: প্রহার করা। **ঢিপ-ঢিপইয়ে দেওয়া**—উপর্য্যপরি মুষ্ট্যাঘাত বা প্রহার করা। **ঢিপ করা**—ধুপ করিয়া পড়া। ২। ঢিপ্ শব্দে প্রহার করা: কিল মারা।

ঢিপি, ঢিপী, ঢিবী [সং—স্তূপ শব্দজ, হি—ঢপা হইতে] বি, স্তূপ; রাশি। ২। উচ্চভূমি। ৩। ধুপ্‌সা; মোটা। **ঢিপির মাকাল** [ঢিপিয়া মাকাল] স্থূলতায় ঢিপি এবং অকর্ম্মণ্যতায় মাকাল (দ্রঃ)।

ঢিপে [গ্রা। ঢিপি দ্রঃ] বি, স্তূপ। প্র—"ঘুটের ঢিপে ভাবে দিদি দেখিলে পর্ব্বত"—হেম বন্দ্যো।

ঢিপেশোকা [ঢিপে (ডিমে, ড=ঢ, ম=প জন্মাবধি) + শোকা (শুষ্ক, রুগ্ন) জন্মরোগা] বিণ, চিররোগী। ২। [হি—ঢেপা (ধুপসো দ্রঃ) অনাদরার্থে] ঢোসা; অকর্ম্মণ্য; স্থূলোদর; ঢিপির মাকাল। ৩। অলস; গতরখেকো। ৪। দুর্জ্জন; দুষ্ট; মন্দমতি। প্র—"এক ঠাটী বলে, মোর কর্ম্মফলে, পতি অতিশয় বুড়া। দুর্দ্দিনের কালে, ফেলাইল জলে, ঢিপে-শোকা মোর খুড়া॥"—ধর্ম্মমঙ্গল।

ঢিবরী (ব্) [হি] বি, গাড়ীর চাকার নাভি-গোলকস্থ লৌহপণ্ড: শামি। ২। টিন নির্ম্মিত ডিপার আকার কেরোসীন তেলের দীপ: লম্প।

ঢিমা, ঢিমে [মধ্যম শব্দের অপভ্রংশে হি—মধ্যিম (মৃদু) হইতে ধিম, ঝিম: ঢিম+আ (বিশিষ্টার্থে)] বিণ, মৃদু: ক্ষীণ; নম্র প্র—"ঢিমা আঁচ।" "ঢিমা আওয়াজ।" **ঢিমাতেতালা, ঢিমেতেতালা**—বাজনার প্রকারভেদ: একতালা, তেতালা বা ত্রিতালী, চৌতাল প্রভৃতির ন্যায় বাদ্যের তাল-বিশেষ।

ঢিল, ঢিলা, ঢিলে, ঢীল (ল্) [প্রাকৃ—ঢংঢল্ল। হি—ঢীলা] বিণ, শিথিল; ঢক্কো: শ্লথ; আলগা। ২। বি, শ্লথভাব; নোল। ৩। শৈথিল্য: কার্য্যে অমনোযোগ: দীর্ঘসূত্রতা। প্র—"রবিবার কুঠীওয়ালারা বড় ঢিলে দেন, ইচ্ছে হবে, খাচ্চি খাব, বলিয়া অনেক বেলায় স্নান আহার করেন।"—আলাল।

ঢিল, ঢিলা, ঢেলা [প্রাকৃ—'ডলো"। হি—ডল্লা=মাটির চাপ] বি, লোষ্ট্র; ঢেলা; ডেলা। ক্রি, **ঢিলন** (ঢিলোনো)।

ঢিলান (ঢিলানো) [ঢ্যালান দ্রঃ] ঢিল ছুড়িয়া মারা; ঢেলা মারা: ঢিলের আঘাত করা।

ঢীট (ট্) [সং—ধৃষ্ট; হি—ঢীট্] বিণ, ধৃষ্ট; প্রগলভ: নিলর্জ্জ। প্র—"হাসিমুখ নিরখয়ে ঢীট মাধাই।"—বি, প। বি, **ঢীটানি, ঢীটামি** [আধু-গ্রা—ঢ্যাটামি] ধৃষ্টতা। প্র—"ঢীটের ঢীটানি খেতের মিটানি. সকলি জানি যে আমি"—চণ্ডীদাস।

ঢীটপনা (ঢীট্‌পোনা) [ঢীট (দ্রঃ) + পনা (শীলার্থে)] বি, ধৃষ্টতা, বেহায়াপনা। প্র—"এত ঢীটপনা আসিয়া ঘরে"—চণ্ডীদাস। ২। চাতুরী।

ঢু [অনুকরণ শব্দ] বি, মস্তকের আঘাত; মাথার গুঁতো; ছাগ মেষাদি পশুর পরস্পর মস্তকাঘাত; ঢুষ॥ **ঢু-ঢু**—মেষাদির লড়াইয়ের সময় ঢু মারিবার জন্য উত্তেজনা বাক্য। **ঢু-দেওয়া, ঢু-মারা**—ক্রি, মাথার গুঁতা দেওয়া; মস্তকের আঘাত করা। প্র—"ঢ মারিতে জানে শুধু ঘটে তার ঢঢ়।"—ঈশ্বর গুপ্ত। ২। উদ্দেশ্যহীন ভাবে কোন স্থানে কিয়ৎক্ষণের জন্য গমন করা। ৩। [কাহার বাড়ী অল্পসময়ের জন্য প্রবেশ করার ভাব হইতে] একবার দেখা করিয়া বা দেখিয়া যাওয়া।

ঢুঁড়া [সং—ঢুন্ঢ্ (অন্বেষণ করা) হি—ঢুন্ঢ্‌না, ঢুঁড়না।] উ-পু—ঢুঁড়ি। ম-পু—ঢুঁড়, ঢোঁড়; ঢুঁড়ুন; ঢুঁড়্, ঢোঁড়্। প্র-পু—ঢুঁড়ে, ঢোঁড়ে; ঢুঁড়েন, ঢোঁড়েন্। অস-ক্রি—ঢুঁড়িতে; ঢুঁড়িয়া, ঢুঁড়ি (পদ্যে), ঢুঁড়ে: ঢুঁড়িবার। ণিজন্ত—ঢুঁড়ান (অন্বেষণ করান)] ক্রি, অন্বেষণ করা। [ব্রজ] **ঢুঁড়ই; ঢুঁড়ত**—খোঁজে।

ঢুকন (ঢুকোন্) [সং—ঢৌক (গমন করা) শব্দজ, অথবা ঢু (মস্তকাঘাত বা মস্তকপ্রবেশ) +কন (করণ)—প্রবেশ করান। ভিতরে প্রবেশ করিতে হইলে বা ঢুকিতে গেলে সাধারণতঃ মস্তকই প্রথমে প্রবিষ্ট করাইতে হয়। গর্ত্তে যখন কিছু প্রবেশ করে তখন তাহার মাথাটাই প্রথমে যায়। হি—ঢুকনা] বি, ভিতরে গমন; অন্তঃপ্রবেশ। ২। (ঢুকোনো) ক্রি, ণিজন্ত, ভিতরে প্রবেশ করান; ভিতরে প্রেরণ করা। (ঢুকান দ্রঃ)।

ঢুকা [হি—ঢুকনা] ক্রি, ভিতরে গমন করা; প্রবেশ করা; ভিতরে যাওয়া।

ঢুকান (নো) [ঢুকা ধাতুর ণিজন্ত রূপ] ক্রি, ভিতরে যাইতে বাধ্য করা; অন্তর্দ্দেশে প্রেরণ করা।

ঢুঢু, ঢুঁঢু [শূন্য পাত্রের শব্দ হইতে; ঢক্‌ঢক্ দ্রঃ] বিণ, শূন্য; খালি; কিছু না এইভাব; ফক্কিকারী। প্র-"আমরা বক্তৃতায় বুঝি ও কবিতায় কাঁদি, কিন্তু কাজের বেলায় সব ঢুঢু।"-দ্বিজেন্দ্র রায়। [তুল—বৌদ্ধযুগের বাঙ্গালা—'ছু ছু' (ডাকের বচন)]।

ঢুল [ঢুল্ শব্দজ, হি—ঢুল্‌না বা ঢুল্‌না হইতে] বি, তন্দ্রা; ঝোঁক; ঢুলন। **ঢুলন, ঢুলনি, ঢুলুনি**-বি, তন্দ্রা; নিদ্রার আকর্ষণ: নিদ্রালসতা; ঝিমনি। **ঢুলঢুল্**—বিণ, ভাব বা রসভারাবনত; ঈষৎ চঞ্চল। **ঢুলুঢুলে**—বিণ, ভাসাভাসা: তন্দ্রালস। [ঢলঢল অপেক্ষা কোমল ভাবাত্মক]।

ঢুলকি (ঢুলকি) বি. ক্ষুদ্র ঢোল।

ঢুলা, ঢোলা [হি—ঢুল্না (ঢুলিয়া পড়া : ঝুকা)। উ-পু—ঢুলি। ম-পু—ঢুল : ঢুলুন : ঢুল্ : ঢোল্। প্র-পু—ঢুলে : ঢুলেন : ঢোলো : ঢোলেন। অস-ক্রি—ঢুলিতে : ঢুলিয়া, ঢুলি (পদ্যে), ঢুলে : ঢুলিবার। ণিজন্ত—ঢুলান] ক্রি. ঘুমের ঘোরে মাথা ঝুকান : তন্দ্রালস হইয়া পতিত হওয়া। ২। মূর্চ্ছিত-প্রায় হইয়া পড়া। ৩। নেশায়, ভাবে, অনুরাগে, সুখে, শ্রান্তিতে বা আলস্যে অবসন্ন দেহ হইয়া পতিত হওয়া। প্র—"আঁখি ঢুলু ঢুলু অলস ভরে। ঢুলিয়া পড়িল সখীর কোরে"—চণ্ডীদাস।

ঢুলান (নো) [হি—ঢলানা। উ-পু—ঢুলাই। ম-পু—ঢুলাও : ঢুলান্ : ঢুলা। প্র-পু—ঢুলায় : ঢুলান। অস-ক্রি—ঢুলাইতে : ঢুলাইয়া, ঢুলিয়ে : ঢুলাইবার] ক্রি. দোলান : হেলান : নাড়াইয়া দেওয়া। ২। সঞ্চালন করা : ব্যজন করা। প্র—"সুখী হৈল শিবলোক ঘুচিল সবার শোক, জয়া পদ্মা চামর ঢুলায়।"—শিবায়ন। [ব্রজ] **ঢুলায়ত**-ঢুলায়। প্র-"ভাব ভরে গদগদ চামর ঢুলায়ত।"—চণ্ডীদাস।

পাহাড় ঢুলান—অমানুষিক পরিশ্রম করা : পুরুষকার দ্বারা অথবা আত্মশক্তি বলে অসম্ভবকে সম্ভব করা।

ঢুলী, ঢোলী—বি. ঢোল বাদক। [ঢোল দ্রঃ]।

ঢুলুঢুলু [ঢুল দ্রঃ] বিণ. তন্দ্রাঘোর : নিদ্রালস। প্র—"ঘুমে ঢুলুঢুলু আঁখি।"—চণ্ডীদাস। "আঁখি ঢুলুঢুলু অলস ভরে।"—চণ্ডী। ২। নেশায় শিবচক্ষু। প্র—"ঢুলু ঢুলু ঢুলু নয়ন লোল।"—অ. ম। "তাহার পাশে হাসে প্রমত্তত্ব ঢুলুঢুলু ঢুলু আঁখি।"—মেঘনাদ। ৩। ভাব বা রস ভারাক্রান্ত। প্র—"অরুণ নয়নে ধারা প্রেমে ঢুলুঢুলু আঁখি ভোর।"—কীর্ত্তন। (বাঙ্গালীর গান)।

ঢুলুনি [ঢুল দ্রঃ। যে অবস্থায় মাথা ঢুলিয়া বা ঝুকিয়া পড়ে] বি. তন্দ্রাবেশ। প্র—"একটু যেন ঢুলুনি আসিয়াছিল।"—সাধনা, ২য় বর্ষ।

ঢুণ্ঢন (ঢুনঢন্) [ঢুণ্ঢ্ (অন্বেষণ করা) + অন্ (ভাবে অনট্)] বি. ক্লী. অন্বেষণ : ঢুঁড়ন : খোঁজকরণ।

ঢুণ্ঢি [তৎকর্ত্তৃক সর্ব্বাঙ্গ ঢণ্ডিত বা অন্বেষিত হইয়াছিল বলিয়া] বি. পুং ঢুণ্ঢি গণেশ : কাশীস্থ গণেশ।

ঢুস (শ্) বি. ঢু। ২। শিঙের আঘাত। ৩। মাথার গুঁতা। প্র—"মেড়ার ডলিলে কাণ, সেও করে অভিমান সে-ও এসে মারে ঢুস্। নাহি করে ভয়।"—চন্দন। ক্রি. ঢুসান (ঢুশানো)।

ঢুসনা, ঢুষনা, ঢুষনো (ঢুশোনা, ঢুশ্‌নো) বিণ. অলস : অকর্ম্মণ্য। ২। তৈলহীন এবং বিশৃঙ্খল : অপরিষ্কার। প্র—"চুল ঢুসনা"—লীলাবতী (দীনবন্ধু)।

ঢুসান (ঢুশানো) [হি—ঢুসানা। উ-পু—ঢুসাই। ম-পু—ঢুসাও। প্র-পু—ঢুসায়। অস-ক্রি—ঢুসিতে : ঢুসিয়া : ঢুসে] ক্রি. ঢু মারা বা ঢুস দেওয়া। মাথার গুঁতা দেওয়া : শৃঙ্গ প্রহার করা। প্র—"শরভে শরভে মারে ঢুসাইয়া মুণ্ডে।"—কবিক।

ঢুসাঢুসি—পরস্পর মস্তকাঘাত বা গুঁতাগুঁতি। প্র—"বাহু কসাকসি আর ঢুসাঢুসি শিরে। হাতাহাতি দ্রুতগতি ঢাক যেন ফিরে—ঘনরাম।

ঢেউ [হি—ঢেউ] বি. জলতরঙ্গ : ঊর্ম্মি : জলোচ্ছ্বাস। প্র—"নদীর উপর জলের বসতি তাহার উপরে ঢেউ।"—চণ্ডীদাস। "ভবসিন্ধু মাঝে বিষম ঢেউ, দীনবন্ধু বিনা সেথা বন্ধু নাইরে কেউ।"—গিরিশ। "ভরা পালে চলে যায়, কোন দিকে নাহি চায়। ঢেউগুলি নিরুপায় ভাঙ্গে দুধারে॥"—সোনার তরী।

ঢেঁকলী, ঢেকলী (ক্) [হি] বি. নিম্ন হইতে জলোত্তোলনের যন্ত্র : ঢেঁকিকল কপিকল।

ঢেঁকি, ঢেঁকা [ঢেকলী দ্রঃ। মূলে শব্দাত্মক ঢকঢক এবং ক্যাঁচ্ ক্যাঁচ্ শব্দের মিলনে ঢেঁকুচ্ ঢেঁকুচ্‌রূপ অনুকার শব্দ হইতে। খেলায় ঢেঁকির শব্দের অনুকরণে "ঢেঁকুচ্‌কুচ্" "ঢেঁকুশ্‌কুশ্।" অথবা সং—ধক্ক (নাশনে—আঘাতে) + ই (যে আঘাত বা ঘা দেয়) তাহা হইতে ধক্কী = ধক্কী = ঢক্কী = ঢেঁকী। হি—ঢেকা। ঢেকা দ্রঃ] বি. ধান ভানিবার যন্ত্র : চাউল, চিঁড়া, তামাক প্রভৃতি কুটিবার যন্ত্র। ২। কলহপ্রিয় নারদ মুনির বাহন : কলহের অগ্রদূত। প্র—"নারদের ঢেঁকি লয়ে ধানভানে ভূতে।"—শিবায়ন। "বিষম উৎপাৎ একি! হায় নারদের ঢেঁকি! "শেষকালে এ যে দেখি ঝগড়ার মত।"—মানসী (রবি)। ৩। বিণ. কলহকারী, সর্ব্বদা ঝগড়াকারী : কোন্দল প্রিয়। ৪। অতিশয় মূর্খ : বোকার অগ্রগণ্য। ৫। বিপুল দেহ : অতিকায়। ঢেঁকির ভিন্ন ভিন্ন অংশের নাম—ঢেঁকি, কী—লম্বা স্থুল ও গুরুভার কাঠ : সাধারণতঃ প্রায় চারি হাত হইতে সাত হাত। যেদিকে মুষলযুক্ত এবং উঠে পড়ে তাহা মাথার দিক, মুষলযুক্ত ভাগ মাথা, আঁকশলী পর্য্যন্ত পিঠ, আঁকশলীর স্থান পেট, বাকি অংশ লেজ। **আঁকশলী**—ঢেঁকীর প্রায় তিন ভাগ ছাড়িয়া পশ্চাতের অঙ্গ ভেদ করিয়া যে শলাকা দুই পাশের অবলম্বন কাষ্ঠে সংলগ্ন থাকিয়া ঢেঁকীর উঠা পড়া সহজ করে; অঙ্কশলা শব্দের অপভ্রংশ। **পোয়া**—হাড়ি-কাঠের মত যে কাষ্ঠ মাটিতে পোঁতা থাকে এবং যাহার দুই বাহুর ছিদ্র মধ্যে ঢেঁকীর আঁকশলী প্রবিষ্ট থাকে। **মোনা**—ঢেঁকীর মাথা বা সম্মুখ প্রান্তে সংলগ্ন মুষল। **শামা** (সং—শাম) মুষলের মুখের লোহার বেড়। **গড়**—ঢেঁকীর মুষল যে গর্ত্তে পতিত হয়। গড়কাঠ—গর্ত্তের তলায় যে কাষ্ঠখণ্ড (গুড়িকাঠ, স্থল বিশেষে পাথর) বসান থাকে। **ঢেঁকির কচকচি**—কলহ : ঝগড়া : ঋচসা। প্র—"মিথ্যা ঢেঁকির কচকচি করায় কি উপকার।"—ঢেকচাঁদ। **ঢেঁকি স্বর্গে গেলেও ধান ভানে**—যাহার যাহা স্বভাব তাহা মলেও ছাড়িতে পারে না। ২। অদৃষ্ট সঙ্গে সঙ্গে যায়। **বুকে ঢেঁকির পাড় পড়া**—বুক ধড়াস্ ধড়াস্ করা। ২। হিংসায় হৃদয়ে আঘাত পড়া : হিংসায় বুক ফাটিয়া যাওয়া। **ঘরের ঢেঁকি কুমীর হওয়া** [ঢেঁকির আকার কুমীরের মত বলিয়া এবং ঢেঁকীও তখন ঘরে ঘরে ছিল] প্রচ্ছন্ন শত্রু। ২। যে পূর্ব্বে লাথির আঘাতে উঠিত পড়িত এখন তাহাই কুমীরের মত ভয় প্রদর্শক ও প্রাণনাশক হওয়া। **লাথির ঢেঁকি চড়ে ওঠে না**—যে লাথির বশ অর্থাৎ কঠোর শাসনের বশ সে লঘু শাসনে বাধ্য হয় না। **এক গাঁয়ে ঢেঁকি পড়ে অন্য গাঁয়ে মাথা ধরে**—যাহার সহিত কোন সংস্রব নাই তাহার মাথা ব্যথা : বিনা কারণে কষ্ট পাওয়া (গুপ্ত স্বার্থ থাকার ইঙ্গিত)। **বুদ্ধির ঢেঁকি**—ঢেঁকিবৎ প্রকাণ্ড অর্থাৎ অতিশয় নির্ব্বোধ : বোকার প্রধান।

ঢেঁকিশাল, ঢেঁকীশাল (ল্) [গ্রা—ঢেক-শেল্ বর্ণবিপর্য্যয়ে, ঢেশ্‌কেল (দ্রঃ)] বি. যে ঘরে ঢেঁকী থাকে ও ধানভানা হয়।

ঢেঁকুর (র্) ঢেকুর দ্রঃ।

ঢেঁটা (ঢ্যাঁটা) [ধৃষ্ট শব্দজ হি—ঢীট হইতে] বিণ. ধৃষ্ট : শঠ : দুষ্ট : খল। ২। একগুঁয়ে : অবাধ্য। বি. **ঢেঁটামি**—শঠতা : দুষ্টামি। ২। অবাধ্যতা।

ঢেঁটরা, ঢেঁড়রা, ঢেঁড়া [হি—ঢণ্ডোরা, ঢণ্ঢোরা, ঢিঢোরা শব্দজ] বি. ঢক্কা। ২। ঢক্কা বাদনপূর্ব্বক লোক সমাজে ঘোষণা : প্রচার। [প্রাদে—ঢেবাড়োরা] **ঢেঁটরা বা ঢেঁড়া পেটা**—ঢক্কা বাদন দ্বারা ঘোষণা করা।

ঢেঁড়স (ঢ্যাঁড়োশ্) [সং—ডিণ্ডিশ (বৈদ্যকে) হি—ভিণ্ডি, ঢাড়স্। বাং—ঢেঁড়োও বলে] বি. মার্কিন দেশগত একপ্রকার ক্ষুদ্র ফল বৃক্ষ ও ফল।

ঢেঁড়ী (ড়ি) [হি] বি, কর্ণভূষণবিশেষ। প্র—"ঝুম্‌কা ঢেঁড়ী।" ২। পোস্ত ফল ; আফিম গাছের ফুল। ৩। বাদ্যযন্ত্রবিশেষ।

ঢেঁশকেল, ঢেঁস্কেল, ঢেঁকশেল (ঢেঁশ্‌-কেল্‌, ঢেঁক্‌শেল্‌) [ঢেঁকিশাল দ্রঃ] বি, ঢেঁকি-শাল ; যে স্থানে ঢেঁকি পাতা থাকে। প্র—'কথন ঢেস্কেলের ঢেঁকিতে পা দিতেছ"—আলাল। **ঢেঁশকেল দিয়া কটক যাওয়া**—সোজা পথ ছাড়িয়া উল্টা দিক দিয়া বা ঘোর ফেরের পথ দিয়া যাওয়া ; সদর দরজা দিয়া না গিয়া বাড়ীর পশ্চাতে বা খিড়কির দিক (ঢেঁকিশাল প্রায় বাড়ীর পশ্চাতে থাকে) দিয়া যাওয়া। **ঢেঁশকেলে মাণিক পাওয়া**—নিজের ঘরে ; হাতের কাছে : অক্লেশে ঘরে বসিয়া।

ঢেঁশা, ট্যাঁশা [ঢুস শব্দজ] বি, ধাক্কা ; ঠেলা ; আঘাত। ২। বিদ্রূপ। ৩। দোষ প্রদর্শন ; দোষসূচক দৃষ্টান্ত। প্র—"ঢেঁশা দিয়া ঢেকা মারে ঢাক গো ঢক্কিণী।"—অ, ম।

ঢেক (ঢেক্‌) [হি—ঢের (রাশি) শব্দজ] বিণ, প্রচুর ; একরাশ ; অনেক।

ঢেকলন (ঢেক্‌লোনো) [হি—ঢেক্‌লানা = ধাক্কা বা ঠেলে দেওয়া] ক্রি, ধাক্কা দেওয়া।

ঢেকস-ঢেকস (ঢ্যাকশ্‌ ঢ্যাকশ্‌) বি, গোযান চক্রের শব্দ। প্র—"একদিন গো-শকটে পোর বন্দর হইতে দ্বারকাভিমুখে রওয়ানা হওয়া গেল ; দ্বারকা সেখান হইতে চারিদিনের পথ ঢেকস্‌ ঢেকস্‌ করিয়া সেই জনমানবহীন পথ ধরিয়া আমরা অগ্রসর হইতে লাগিলাম।'—ভারতভ্রমণ (ধরণী লাহিড়ী)।

ঢেকা (ঢ্যাকা) [সং—ধক্ক হইতে হি—ধাক্কা। ঢেঁকি দ্রঃ] বি, ধাক্কা। **ঢেকান, ঢেকা দেওয়া, ঢেকা মারা**—ক্রি, ধাক্কা দেওয়া ; ঠেলিয়া দেওয়া। প্র—"সভাকারে বহু নিন্দা করি দ্রোণ বীর। ধনু লৈয়া ঢেকা মারি করেন বাহির॥"—কাশী, মহা, আদি। "ঢেকামারে একবারে শত শত জন"—কবিক। "মোগলে ছুঁইতে যায় ভুতে ঢেকা মারে তায় ব্রহ্মদৈত্য করয়ে প্রহার।"—অ, ম।

ঢেকুর, ঢেঁকুর (ঢেকুর্‌) [সং—উদ্গার শব্দজ। হি—ডকার হইতে] বি, হিক্কা ; উদ্গার : ২। ঢাকুর নামক স্থান ; ঢাকুরের দুর্গ। প্র—"সে সকল সন্তাপ সদাই মনে পড়ে। না যেও নিঠুর পুরে ঢেকুরের গড়ে॥"—ঘনরাম।

ঢেঙ্গা, ঢেঙা [সং—দীর্ঘ। হি—ঢঙ্গা (লম্বা) হইতে] বিণ, দীর্ঘ ; লম্বা। প্র—"মামীর বয়স বাড়া, মামী ঢেঙ্গা এযে গেঁড়া, তবে কেন ডরালে গোঁসাই"—শিবায়ন।

ঢেড়ি, ঢেড়ী—[হি—ঢণ্ডোরা, ঢিঢোরা শব্দজ] বি, ঢেড়া ; ঢেটরা। প্র—"জাহাঙ্গীর ঢেড়ী দিল সকল সহরে"—অ, ম। "এত শুনি সহরে সঘনে পড়ে ঢেড়ি।"—ঘনরাম। ২। [হি—ডেঢ়া : ডেঢ়ী (একাধিক, অর্দ্ধ : সাধারণ অপেক্ষা অধিক বড়) শব্দজ] বিণ, ডেড়া বা ঢেড়া। ৩। ধাড়ী ; বুড় ; বাগীশ ; পটু। প্র—"বয়সের দোষে হয় বচনের ঢেড়ি"—ঘনরাম।

ঢেপ্‌সা (ঢ্যাপ্‌শা) [হি—ঢেপা বা ঢিপি + সা (সাদৃশ্যে) ; হি—ঢপ্‌সা] বিণ, ঢিপির মত স্ফীত এবং ঢোঙ্গের মত ঢ্যাপ্‌ঢেপে। ২। কদাকার স্থূল ; বেমানান মোটা ; ধুপ্‌সা।

ঢেমন, ঢ্যামোন্‌, ঢেম্‌না [হি] বি, চরিত্রহীন ; লম্পট ; ভ্রষ্ট। ২। স্ত্রীপুরুষের অবৈধ প্রণয় সংঘটক ; কোট্‌না। ৩। জারজ। প্র—"বেদুয়া ঢেমনে কভু না শুনাই পুরাণ"–কবিক। স্ত্রী, **ঢেমনী, ঢেম্নি**—[সং—ধমনী = "হট্টবিলাসিনী"—অমর] উপপত্নী ; স্বৈরিণী ; বেশ্যা। ৪। [হি—ধামিন্‌ শব্দজ] নির্ব্বিষ সর্পবিশেষ।

ঢেমচা, ঢেমসা (ঢ্যাম্‌চা, শা) বি, বাদ্য-যন্ত্রবিশেষ।

ঢের (র্‌) [হি—ঢের (রাশি ; স্তূপ) হুগলী বর্দ্ধমানাদি অঞ্চলে "ঢেক"] বি, বহু ; অনেক ; বিস্তর। প্র—"আনে বটে ঢের কড়ি নিজ রোজগারে"—হেম বন্দ্যো। প্র—"সেথা ঢের আছে তোর রাঙ্গা ছেলে"—ঈশ্বর গুপ্ত। ২। যথেষ্ট। প্র—"অসহ্য বেদনা এর, যা সয়েছি এই ঢের।"—প্রেম ও ফুল। প্র—"আমি ঢের সয়েছি আরত সব না"—ক্ষীরোদ বিদ্যাবিনোদ। ৩। গাদা ; স্তূপ।

ঢেরা, ঢ্যারা [হি—ঢর্রা শব্দজ] বি, সূত্র নির্ম্মাণযন্ত্র ; চরকা ; পাট কাটিবার যন্ত্র। ২। (চরকার × এইরূপ আকৃতি হইতে) × এইরূপ চিহ্নকে ঢেরা বলে। **ঢেরা-সহি**—নিরক্ষর ব্যক্তির দস্তখতের ঢেরা × চিহ্ন। প্র—"খাতক ত্রিভঙ্গ শ্যাম, মহাজন ব্রজ-কিশোরী। মনে আতঙ্গ করি ঐ, ত্রিভঙ্গ শুন কই, তোমা বই ঢেরা সই আর হবে কার।"—রাম বসু।

ঢেলা, ঢ্যালা [হি—ডল্লা, ঢেলা (বড় ঢিল) ; ঢিল দ্রঃ] বি, ড্যালা ; লোষ্ট্র ; চাঙ্গড়। প্র—"শিশু যদি ঢেলা মারে,"—অশোক গুচ্ছ। ২। প্রাচীর। প্র—"পোয়ালকুড় সম হনুমান তোলে ঢেলা॥"—কবিক। "নকল গড়ের মাটির ঢেলা"—চয়নিকা। ক্রি, **ঢেলান, ঢ্যালান** (ঢ্যালানো)—ঢিলমারা ; ঢিলছোঁড়া।

ঢেসা (ঢ্যাশা) [হি—ঝাঁসা (ধাঁধা, ধোঁকা)] বি, ধাঁধা ; ফাঁকি। প্র—"পরধন খায় ঢেসা দিয়া"—কবিক। ২। অপবাদ। ৩। অপরাধ। প্র—"ধনচোর ঢেসায় পাঠাব যমঘর"—ঘনরাম।

ঢো [প্রা, গ্রা] বি, শব্দ ; রব। প্র—"কোথাও কিছু নাই, অমনি একটা ঢো তুলিয়া দিল।" ২। মাত্রা। প্র—"একটা কথার ঢো"।

ঢোঁড়ন (ঢোঁড়োন্‌) [ঢণ্ঢন শব্দজ] বি, অন্বেষণ ; খোজন (হি—ঢুঁড়না = খোঁজা)। ক্রি, **ঢোঁড়া**—অন্বেষণ করা। ঢোড়া দ্রঃ।

ঢোঁড়া [ডুণ্ডুভ, ঢুণ্ঢুভ শব্দজ] বি, নির্ব্বিষ সর্প-বিশেষ ; ঢোঁড়াসাপ ; জলসর্প ; জলঢোঁড়া সাপ। ২। যাহার শক্তি বা ক্ষমতা নাই অথচ দর্প বা ক্রোধ আছে তাহাকে এই সর্পের সহিত তুলনা করিয়া ঢোঁডা বলে।

ঢোক (ঢোক্‌) [ঢক্‌ শব্দজ] বি, গলাধঃকরণ ; গিলন। ২। [হি—ঢোকা (ডেলা, চাপ) শব্দজ] বি, স্বর্ণাদি পরিমাণ করিবার দ্রব্য-বিশেষ। **ঢোঁক গেলা**—গিলিবার কোন বস্তু না থাকিলেও বায়ুমাত্র গলাধঃকরণ করা। **ঢোঁক গিলিয়া**—কোনকিছু গলাধঃকরণের অনুকরণ করিয়া। ২। তদ্রূপ করণে কিঞ্চিৎ সময় লইয়া ; ইতস্ততঃ করিয়া। প্র—একটা ঢোক গিলিয়া বৃদ্ধ কহিল, 'হুঁ'! বলিয়াই তাহার স্বর কেমন রুদ্ধ হইয়া গেল।"—ভারতী ১৩২০।

ঢোকন (ঢোকোন্‌) [সং—ঢৌক (গমন করা) শব্দজ] বি, ভিতরে গমন ; অন্তঃ-প্রবেশন। ক্রি, **ঢোকা, ঢুকা**—ভিতরে প্রবেশ করা ; অন্তঃপ্রবিষ্ট হওয়া। প্র—বাগদির লাজ নাই ঘরে ঢুকে মোর"—শিবায়ন। ণিজন্ত, **ঢোকান, ঢুকান** ; (ঢোকানো)—ভিতরে প্রেরণ করা ; অন্তঃ-প্রবিষ্ট করা।

ঢোয়া [হি—ঢোনা। উ-পু—ঢোই, ঢুই। ম-পু—ঢোও। প্র-পু—ঢোয়। অস-ক্রি, ঢুইতে, ঢুইয়া, ঢুয়ে। ণিজন্ত—ঢোয়ান (নো)] ক্রি, দ্রব্যাদি স্থানচ্যুত করা ; কোন কিছু এক স্থান হইতে অন্য স্থানে বহিয়া লইয়া যাওয়া ও রাখা ; বি, ঢোয়াই।

ঢোলাই, ঢোয়াই [হি] বি, দ্রব্যাদি লোক দ্বারা স্থানান্তরিত করিবার বা কোন স্থান হইতে আনাইয়া যথাস্থানে রাখাইবার জন্য পারিশ্রমিক।

ঢোলামারা [প্রাদে] বি, রোগবিশেষ। ২। শস্যাদির রোগবিশেষ।

ঢোল (ল্‌) [সং—ঢোল] বি, আনদ্ধ বাদ্য যন্ত্রবিশেষ। প্র—"বাজে শিঙ্গা কাড়া ঢোল"—ভারত। ২। [প্রাদে] কৌতুক ; রঙ্গ ; তামাসা ; বিদ্রূপ ; ব্যঙ্গ ; বিদ্রূপাত্মক অনুকরণ। প্র—"আপনে হইয়া শ্রীহট্টিয়ার তনয়। তবে ঢোল কর কোন যুক্তি ইথে হয়।"—চৈ, ভা। ৩। [ঢোল যন্ত্রের আকার

হইতে] স্ফীত ; ফুলিয়া ঢোলের আকৃতি ; ফাঁপা। প্র—"ফুলিয়া হয়েছে ঢোল"—দাশরথি। ৪। ছল। প্র—"ঢোল করি প্রভুরে লইয়া গেল কোন স্থানে॥"—বিধুসেনের চৌতিসা (সা. প. প. ১৩১৫)। **ঢোল করা**—ক্রি. প্রচার করা ; ঘোষণা করা। ২। দুষ্টামি বা নষ্টামি করা। প্র—"ঢঙ্গ ঢাঙ্গাতি ঢোল করে অতি ; ঢোল ঢাক শিঙ্গে বায়"—কবিক। ৩। ফাঁপান বা ফুলান। ৪। [ঢোল সমুদ্র (দ্রঃ) শব্দের সংক্ষেপ ঢোল] জলে জলময় করা। ৫। ব্যঙ্গ করা : বিদ্রূপ করা।

ঢোলক (ক্) [হি—ঢোলক্। ক্ষুদ্রার্থে ঢোলকি বা ঢুল্কী] বি. ঢোলের অনুকরণে নির্ম্মিত ক্ষুদ্র আনদ্ধ যন্ত্র। যাত্রা পাঁচালী ও ঐকতানবাদ্যাদিতে ব্যবহৃত বাদ্যযন্ত্রবিশেষ।

ঢোলকান (ঢোল্কান্) বি. মৃগজাতি বন্য পশু বিশেষ। প্র—"বারশিঙ্গা তুলারু ঘোড়ারু ঢোলকান। ধরণী লোটায়্যা কান্দে করি অভিমান।"—কবিক। "তুলারু ঘোড়ারু কৃষ্ণসার ঢোলকান।"—কবিক।

ঢোলসমুদ্র (ঢোল্শোমুদ্‌দ্রো) [বাঙ্গালী ভুঁইয়া রাজা কেদার রায় বিক্রমপুরে এত বড় দীর্ঘিকা খনন করাইয়াছিলেন যে তাহার এক পারে ঢোল বাজাইলে তাহার শব্দ অপর পারে শুনা যাইত না, তাহা হইতে] বি. অতি দীর্ঘায়তন জলাশয় : সমুদ্রবৎ দীর্ঘ সরোবর। ২। জলেজলময় ; চতুর্দ্দিক জলে থই থই। ৩। [লক্ষণায়] অতিশয় শ্লেষ্মায় শরীর পূর্ণ বা স্ফীত হওয়ার ভাব।

ঢোলতা (ল্) [ঢোল (দ্রঃ) + তা (ভাবে) বি. ছলনা। প্র—"ঢোলতা করিলে প্রভু তেজিব জীবন॥"—বিধুসেনের চৌতিশা (সা. প. প. ১৩১৫)।

ঢোলা [ঢলা দ্রঃ] ক্রি. ঝিমান : হেলিয়া পড়া : টলা। ২। দোলা : আন্দোলিত হওয়া। ৩। বিণ. ঢলঢলে : কোমল ; সরস। প্র—ঢোলা ঢোলা পাতা।

ঢোলাই [হি—ঢোলা (বহন করিয়া দ্রব্যসামগ্রী স্থান হইতে স্থানান্তর করা)] বি. বহন ; বহন করিয়া দ্রব্যাদি স্থান হইতে স্থানান্তরকরণ।

ঢোলন (ন্) [ঢুলা দ্রঃ] বি. ঢুলন ; দোলন : ঝিমন।

ঢোলান (ঢোলানো) ক্রি. দোলান : কাঁপান ; নড়াইয়া দেওয়া ; সঞ্চালিত করা।

ঢোলী—বিণ. ঢোলবিশিষ্ট : ঢোল বাদক। [ঢোল, ঢলী দ্রঃ]

ঢোল্কী, ঢুল্কি, ঢুল্কী [হি ঢোল দ্রঃ] বি. ক্ষুদ্র ঢোলক।

ঢোষা, ঢোসা (ঢোশা) [হি—ঢুস্‌সা] বিণ. দুর্ব্বল ; শক্তিহীন ফাঁপা বা স্থূলদেহ : অন্তঃসারশূন্য ; অকর্ম্মণ্য। প্র—ঘোওালোসা দধি-চোষা ঢোষা দল যত"—ঈশ্বর গুপ্ত। ২। শৃঙ্গাঘাত।

ঢোস্কা [ঢোষা (দ্রঃ) অবজ্ঞার্থে ক যোগ] বিণ. ফাঁপা দেহ : দুর্ব্বল : যাহাকে ঢু বা ধাক্কা দিলে পড়িয়া যায়। প্র—"ছি ছি ছি, এই ঢোস্কা কি ঐ মেয়েটির বর লো"।

ঢোসান, ঢোসান (ঢোশানো) ঢুসান দ্রঃ।

ঢৌকন (ঢৌকন্) [ঢৌক (গমন করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. গমন। ২। (করণে—অনট্) উপঢৌকন : উৎকোচ।

ঢৌল (ঢৌল্) বি. ঢোল : লাঞ্ছনা ; অপমান। ২। বিণ. লাঞ্ছিত : অপমানিত। প্র—"ঢৌল নাহি করি কভু পরের যুবতী"—কবিক।

ট্যাঁটরা (ট্) [ঢোল দ্রঃ। হি—ঢিঢোরা] বি. ঢোল। ২। ঘোষণা। **ট্যাঁটরা পিটে দেওয়া**—ঢোলের শব্দ করিতে করিতে কোন বিষয় ঘোষণা করা। ২। সাধারণে প্রকাশ করা।

ট্যাঁড়া—বি. ঢেঁটরা দ্রঃ।

ট্যাঁবাডোরা [প্রা-বাং—বৌদ্ধযুগ (মাণিক চাঁদ-গান ; হি—ঢিঢোরা] বি. ঢোলের দ্বারা ঘোষণা ; ট্যাঁট্রা।

ঢ্যালা [হি—ঢোডল্] বি. মাটির চাপ ; ইষ্টকখণ্ড ; বড় ঢিল : ঢেলা (দ্রঃ)।

ণ

ণ—ব্যঞ্জন বর্ণমালার পঞ্চদশ, ট বর্গের পঞ্চম, অনুনাসিক বর্ণ। মূর্দ্ধা ইহার উচ্চারণ স্থান বলিয়া ইহা মূর্দ্ধন্য বর্ণ। ইহার প্রকৃত উচ্চারণ ন ও ড় র মাঝামাঝি এবং অনেকটা "ড়ঁ" র মত। বাঙ্গালায় কিন্তু ইহা বিশুদ্ধ "ন" এর মত উচ্চারিত। এইজন্য সমোচ্চার্য্য দুই অনুনাসিকের মধ্যে পার্থক্য জ্ঞাপনার্থ বাঙ্গালায় ণ কে "মূর্দ্ধন্য ণ" এবং ন কে "দন্ত্য ন" বলা হইয়া থাকে। [দ্রঃ—সংস্কৃত, হিন্দী, মহারাষ্ট্রী, তেলুগু প্রভৃতি ভাষায় ণ ও ন এই বর্ণ দ্বয়ের উচ্চারণ মাত্রেই পার্থক্য বুঝা যায় সুতরাং বানানে ভুল হয় না]।

ণকার (র্) [সংস্কৃত ভাষায়] বি. পুং. শিব। ২। চৈতন্য ; জ্ঞান। ৩। পরমেশানী ; মহাশক্তি (তন্ত্রে)। ৪। পানীয় জলাশয়। ৫। নিশ্চয়। ৬। ভূষণ। ৭। বিণ. গুণবর্জ্জিত ; নির্গুণ। ণকারাদি শব্দের ব্যবহার বঙ্গভাষায় নাই। মধ্য বাং-য় স্তবে বিরল ব্যবহার দৃষ্ট হয়। প্র—"ণত্ব ণয়ে জ্ঞান ণত্ব ণকারে নির্ণয়। ণস্বরূপা রক্ষা কর ণ হইলে ক্ষয়॥"—ভারতচন্দ্র।

ণত্ব [ণকার দ্রঃ] বি. ণকারের ভাব। প্র—"ণত্ব ণকারের অর্থ, তত্ত্বজ্ঞান কয়। ণত্বরূপা ণত্ববিনা, ণত্ব কেবা পায়॥"—বাসবদত্তা।

ণত্ববিধান, ণত্ববিধি (নৎতবিধান্) বি. পদমধ্যে 'ন' কোন্ কোন্ অবস্থায় 'ণ' হয় কোথায় হয় না তাহার বিধান। [সাধারণতঃ, পদের মধ্যে ঋ, র ও ষ কারের পরবর্ত্তী ন মূর্দ্ধন্য হয়। (২) ন ভিন্ন ত বর্গীয় বর্ণ সংযুক্ত নকার ণ হয় না। (৩) য, ব, হ, ং, ঃ, স্বরবর্ণ, কবর্গ ও পবর্গ ব্যবধান থাকিলে ন মূর্দ্ধন্য হয়]।

ণফলা—বি. অন্য বর্ণে ণ যোগ। প্র—অপরাহ্ণ।

ণস্বরূপা (নশ্‌শোরুপা) [ণ—স্বরূপ—আ, স্ত্রী] বিণ. মহাশক্তিস্বরূপিণী। ২। চিন্ময়ী। ৩। বি. স্ত্রী. পরমেশানী ; মহাশক্তি।

ণিজন্ত (নি) [ণিচ + অন্ত] বি. প্রেরণার্থে ধাতুর উত্তর যে 'ণিচ্' প্রত্যয় হয় ব্যাকরণে তাহার নাম ণিজন্ত প্রত্যয়। **ণিজন্তপ্রকরণ**—ণিচ্ প্রত্যয় যোগে ধাতুর যে যে রূপান্তর হয় তাহার নিয়মাবলী।

ত

ত—ব্যঞ্জন বর্ণমালার ষোড়শ ও ৪র্থ বর্গের প্রথম বর্ণ। ইহার উচ্চারণ স্থান দন্ত। উচ্চারণকালে উপরের দন্ত পঙ্‌ক্তিতে জিহ্বাগ্র স্পর্শ করিতে হয়। তবর্গের বর্ণগুলি তারল্য, মৃদুতা ও কোমলতা-ব্যঞ্জক : যেমন টবর্গের বর্ণসমূহ কঠিনতা-জ্ঞাপক। ত বর্গীয় বর্ণযোগে শব্দাত্মক পদ মাত্রেরই সহিত কোমলতার ভাব জড়িত থাকে যথা,—তল্‌তল্ : তর্‌তর্ : থস্‌থস্ : দল্‌দলে, তাইতাই ইত্যাদি। কোন কঠিন বস্তু ঠক্ করিয়া পড়ে কিন্তু কোমল গলিত পদার্থ থক্ বা থস্ করিয়া পড়ে। ২। (তো) [সং—অব্যয় : শব্দ—"তু" হইতে ; বাং-য় "তো"ও লিখিত হয়। প্র—"তাইতো থাকি একাকিনী।"-গিরিশ ঘোষ] অ, ভাব ক্রিয়াদির বাস্তবিকতা, নিশ্চয়তা, দৃঢ়তা প্রভৃতি জ্ঞাপক। প্র—"প্রণাম কর লো তাঁয় সেই ত দেবতা তব।"-অম্বুজাসুন্দরী। "মোরা ত রয়েছি তোমারি সন্তান যদিও হয়েছি পতিত।" —রবি। সেথানে যাবই ত, যেতেই ত হবে। ৩। পাদপূরণে। প্র—"গোঁসাঞি দিলেন তবে বিউনির বায়। যত ছিল ছার পাঁশ উড়িয়া ত যায়।"—শূন্যপুরাণ। "কেমন রূপে ত আদ্যা আছে নিজ পুরে।"—শূন্যপুরাণ। ৪। প্রশ্নে যে পদের সহিত অন্বিত হয় তৎসম্বন্ধে নিশ্চয় বা নিঃসন্দেহ হইবার আকাঙ্ক্ষা বা প্রয়োজন অর্থে। প্র—"কি কারণে হেথা আজি কহ লো মুরলে, গতি তব ? * * * * * * * * * ভাল ত আছেন, কহ, প্রিয় সখী মম বারীন্দ্রাণী ?"—মেঘনাদ। সুখে আছ ত এখন। সতত আমার লাগি হ'তে জ্বালাতন।"—গান (সাতু বাবু)। ৫। বলদান (emphasis) অর্থে ("অতঃপর, এখন আর" এই অর্থ জ্ঞাপক "আর" শব্দের সহিত যুক্ত হইয়া "যে" এই শব্দের অর্থ প্রকাশ করে)। প্র—"দ্বিজ রাসবিহারী বলে, আর ত হাসি রাখতে নারি, তুমি যারে মা বলিলে সে বটে তোমারি নারী।"—রাসবিহারী মুখো। ৬। অবধারণ অর্থে। প্র—তাই ত; আমি ত জানি না। "আমি ত অবলা, তাহে এত জ্বালা, বিষম হইল বড়।"—চণ্ডীদাস। [দ্রঃ—মতান্তরে বাক্যালঙ্কারবিশেষ। "ত, বড় প্রভৃতি কতকগুলি অব্যয় শব্দ কেবল বাক্যালঙ্কারেই ব্যবহৃত হয় ; সেগুলির কোন বিশেষ অর্থ নাই ; যেমন আমি ত জানি না ; তুমি যে বড় দেখ লে ? ইত্যাদি।"—বাঙ্গালা ব্যাকরণ] ৭। কিন্তু ; পরন্তু। প্র—"তোমার কথা হেথা কেহ ত বলে না করে শুধু মিছে কোলাহল।"—রবি। "যাদের চাহিয়ে তোমারে ভুলেছি তারা ত চাহে না আমারে॥"—রবি। ৮। পক্ষে। প্র—অন্যের কথা ছাড়িয়া দাও তাহার ত প্রতিজ্ঞা স্থির থাকবে ? ৯। প্রতিজ্ঞাসূচক : নিশ্চয়ার্থক (এখানে প্রশ্নের ভাব থাকিবে না)। প্র—আমি ত যাব। সে হাতের কাজ শেষ না করে ত ছাড়বে না। ১০। পরিমাণসূচক। [এই সে দ্রঃ] প্র—"অতিশয় সাধ করি, এই তো হইল।"-নিধুবাবু। ১১। অনুরোধ বাক্যের মৃদুতা বা কোমলতা সম্পাদনার্থে। প্র—লক্ষ্মীটি তুমি একবার যাও ত তাহাকে সঙ্গে করে আন ত। ১২। বটে : যদিও। প্র—সেখানে গেলাম ত কিন্তু কিছুই দেখা গেল না (তুল—ইং—did, I did go, but &c. ১৩। প্রা-বাং—৭মী বিভক্তি। আধু-বাং—"তে" বা "এ"। প্র—"কোমরেত তোপ দিল পাএত ডাড়কা।"—শূন্যপুরাণ। ঘাটেত, বাটেত, মাঠত ইত্যাদি। অধিকরণে ত এখনও উত্তর বঙ্গে চলিত আছে। প্র—"তোমাকে মারিবে মন্ত্রণা পেটত পাও দিআ।"—ময়নামতীর গান। ১৪। প্রা-বাং—৫মী বিভক্তি চিহ্ন (হেত্বর্থে)। প্র-"সংসার তরিবাত জদি বাইন্ধ হেন ভেলা—শূন্যপুরাণ। ১৫। প্রা-বাং—২য়া বিভক্তি চিহ্ন। আধু: বাং-য় "কে"। প্র—"দেবীর চরিত্র কিছু কহিব তোমাত।" —দুর্গামঙ্গল। ১৬। প্রা-বাং-৩য়া বিভক্তি চিহ্ন (দ্বারা এই অর্থে)। প্র—"কপিলার খীরত প্রভুক সিনান করাইল। দুর্গা আনি পরভুর অঙ্গ মার্জ্জনা কৈল।"—শূন্যপুরাণ। এইরূপ সূতাৎ—সূতার দ্বারা, দড়িৎ—দড়ি দ্বারা।

তইঅও, তইও (তৈও) [তথাপিও হইতে ব্রজ। প্রা-বাং-য় তথাপিহ। আধু-বাং—তবুও ; প্রা-হি—তয়্-তবুও। হি—তবহুঁ] অ, তবুও ; তথাপি। প্র—'সব দিন কামিনি দরসন জাএ। তইঅও বেআধি বিরহ অধিকাএ॥"—বিদ্যাপতি। "তইও কাম হৃদয়ে অনুপাম। রোয়ল ঘট উচল করি ঠাম।"—বিদ্যাপতি। ২। [তৎহেতু হইতে। আধু-বাং—তাইতে, সেই জন্য। প্র—"মুনি গেল কুমুদিনী তইও তোহর ধনি শুনল মুখ অরবিন্দা।"—বিদ্যাপতি।

তইখন (তৈখন্) [সং—তৎক্ষণ। ব্রজ] অ, তখনই ; সেই মুহূর্ত্তে। প্র—"রোই রোই পিয় সই কাহে লো পরাণি তইখন না গেলো।"—বঙ্কিম।

তঁহি, তঁহিঁ (তোঁহিঁ) [হি—তহাঁ, তহঁ=তথায় ব্রজ, প্রা-বাং পদসা—তঞি] অ, তথায় ; সেইস্থানে ; তত্র। "প্র—ফুকরই আড় বদন তঁহি ফেরি।"—বিদ্যাপতি ; "তঁহি বলরাম বঞ্চিত একলে, সাধু ধামে অপরাধিয়া।"—বলরাম দাস। ২। সে। প্র—"তঁহি পুন মোতিহার টুটি ফেলল"—বিদ্যাপতি।

তঁহু (তোঁহুঁ) [ব্রজ] সে। প্র—"যাওব হাম যতন তঁহু করবে।"—বিদ্যাপতি।

তক্ [হি] অ, অবধি : পর্য্যন্ত। প্র—এতক : যে তক্ : যাঁহা তক্। প্র—"তবে এই তক্ বুঝি।" —কালীপ্রসন্ন ঘোষ (নিশীথ চিন্তা)।

তকতক (ক্, ক্) [সং—তক্ (হাস্য করা) ধাতু হইতে হাস্য আলোক, দীপ্তির রূপক] অ, তরল উজ্জ্বল অর্থে। স্বচ্ছজলের মৃদু আন্দোলন বা তরঙ্গজাত দীপ্তিবোধক। প্র—দীঘির জল তক্ তক্ করিতেছে। ২। শুভ্রোজ্জ্বল ; জ্যোৎস্নার কমনীয় দীপ্তিবোধক। প্র—"লক্‌লক্ ফণি জটাবিরাজ তক্‌তক্ তক্ রজনীরাজ।"—অ, ম। [দ্রঃ—রৌদ্রের তীব্র আলোক চকচক করে, জ্যোৎস্না তক্‌তক্ করে। কঠিন ধাতু মাজিলে ঝকঝক করে তাহাই আবার জলে ধুইলে তক্‌তক্ করে মৃদু অর্থে তিক্‌তিক্]।

তকমিনা (তোক্‌মিনা) [ফা। জমীঃ পরিঃ] বি, যে কাগজে খাস-খামারের উৎপন্ন ফসল প্রভৃতির হিসাব রাখা হয়, তাহার নাম।

তকরাদ মিটান (তক্‌রাদ্ মিটানো) [মহাঃ পরিঃ] ক্রি, গ্রাহকের নামে মালখরচ লিখিয়া উহা মাল বিক্রয় খাতায় জমা করা বা মহাজনের নামে নামে জমা করিয়া তাহা মাল-খরিদ খাতায় খরচ লেখা ; মহাজন বা ক্রেতার নামে জমা খরচ করিয়া প্রত্যেক মালের খরিদ বিক্রয় ভাঙ্গা। মাল জমাখরচের খাতার উভয়দিকের বাকী (balance) সমান করা [মহাজনবন্ধু, ১৩১১]।

তকরার (তক্‌রার্) [প্রা—তকরাদ। আ—তক্‌রার্] বি, বিচার ; বিতর্ক ; বাদানুবাদ ; বাককলহ altercation. প্র—"কেটে ফেলে ঝাট যদি দেখে তকরার।"—ভারতচন্দ্র। ২। পুনরুক্তি ; repcapitulation.

৩। [আইনে] ধার্য্য তর্কবিতর্ক ; argument.
তকরার করা—ক্রি, বিতণ্ডা করা ; বিবাদ করা।

তকরারী (ক্) [আ—তক্‌রারী] বিণ. ঝগড়াটে। ২। বিতর্কনীয় ; বিচারাধীন ; বিবাদী ; disputed.
তকরারী জমাখরচ—মহাজনী হিসাবের খাতারাখার প্রণালীবিশেষ ; খরিদ বিক্রয় হিসাবের খাতায়, মহাজনের গ্রাহকের নামে প্রত্যেক মাল এক দফা খরচ লেখা double entry in book-keeping.

তকসিম (তোক্‌শিম্) [আ—তক্‌সীম্] বি. ভাগ ; বিভাগ ; বাটোয়ারা ; বণ্টন অংশ। **তকসিম করা**—ভাগ করিয়া দেওয়া। **তকসিম নামা**—সম্পত্তি বিভাগ-সম্বন্ধীয় দলিলপত্র।

তকসির (তোক্‌শির্) [আ—ফা—তক্‌সীর্] বি. ত্রুটি ; ভুল ; আজ্ঞা অপালন। ২ অপরাধ ; crime ; guilt.

তকাজা [গ্রা—তাগাদা। আ—তকাজা] বিণ. প্রাপ্য ফেরৎ প্রার্থনা ; পাওনা হিসাব চুকাইবার জন্য জেদ ; তলব।

তকিত (তোকিত্) [আ] বি, তত্ত্ব ; তদন্ত।

তক্কা [তোয়াক্কা দ্রঃ। আ—তবক্কা] বি. অধীনতা ; সাপেক্ষতা ; ওয়াস্তা। প্র—"আমরা রাখিনে কাহারও তক্কা আমরা করিনে কাউরে কেয়ার, এ ভব মাঝে সবই ফক্কা জেনেছি আমরা পাঁচটি এয়ার।"—দ্বিজেন্দ্র রায়।

তক্ত (তক্‌তো) [আ—ফা—তখ্‌ৎ] বি, সিংহাসন। প্র—"পাতসা বসিল গিয়া তক্তের উপর।"—অন্নদামঙ্গল। ২। আসন। প্র—"কমবক্তি ওক্ত গেল তক্ত যাবে ফাঁক।"—হেম বন্দ্যো। ৩। তখতা ; কাষ্ঠফলক।

তক্তপোষ (তক্‌তোপোষ্) [ফা—তখ্‌ৎ-পোষ্] বি. বৃহৎ কাষ্ঠাসনবিশেষ।

তক্তা (তক্‌তা) [ফা—তখ্‌তা] বি. পাতলা কাষ্ঠফলক ; পাটা। ২। কাগজাদির তা। প্র—সে এই অল্প সময়ের মধ্যে তক্তা তক্তা কাগজ লিখে ফেলে।

তক্তানামা, তক্তারামা [ফা—তখ্‌ৎ-নুমা] বি. কাষ্ঠদ্বারা প্রস্তুত বৃহৎ আসন-বিশেষ। ইহা বিবাহাদি কার্য্যে আরোহণার্থ ব্যবহৃত হয় ; পাল্কীবিশেষ।

তক্তি (তোক্‌তি) [ফা—তখ্‌তী] বি. তক্তা-নির্ম্মিত লিখনাধার ; লিখিবার কাষ্ঠফলক। ২। কণ্ঠাভরণবিশেষ।

তক্র (তক্‌ক্র) [তক্ (সহ্য করা) + র (কর্ত্তৃ, রক্)—যাহা মন্থন সহ্য করিয়া অবশিষ্ট থাকে] বি, ক্লী, দুগ্ধবিকার ; মথিত দধি হইতে নবনীত গ্রহণ করিবার পর যে ভাগ অবশিষ্ট থাকে ; ঘোল। [দ্রঃ—"অর্দ্ধভাগ জলমিশ্রিত ঘোল তক্র"—দ্রব্যগুণশিক্ষা। "সিকি পরিমাণ জলযুক্ত ঘোলকে তক্র বলে"—দ্রব্যগুণাভিধান। "তিনভাগ দধিতে একভাগ জল মিশ্রিত করিলে তাহাকে তক্র বলে। অর্দ্ধেক জল অর্দ্ধেক দধি হইলে উদশ্বিৎ। যদি দধিতে জল মিশ্রিত না করিয়া তাহা মথিয়া লওয়া যায়, তাহাকে ঘোল বলে।"—তক্র-বিজ্ঞান (ভারতকোষ)]।

তক্রকুর্চিকা (তক্‌ক্রকুর্‌চিকা) বি, গরম দুগ্ধে তক্র সংযোগে উৎপন্ন পিণ্ড [দ্রব্যগুণদর্পণ]।

তক্রকূর্চ্চিকা (তক্‌ক্রোকুর্‌চিকা) [তক্র (ঘোল) কূর্চ্চিকা (গাঢ়দুগ্ধ) তক্রদুষ্ট দুগ্ধ-পিণ্ড] বি, স্ত্রী, দুগ্ধবিকার : নবনীত ; ছানা।

তক্রপিণ্ড (তক্‌ক্রপিন্‌ড) বি. পুং, ছানা। [তক্রকুচ্চিকা দ্রঃ]।

তক্রমাংস (তক্‌ক্রমাংশো) [তক্র (তক্র দ্বারা পক্ক) মাংস—কর্ম্মধা] বি, তক্রসংযোগে পক্ক মাংস ; কোর্ম্মা।

তক্রাট (তক্‌ক্রাট্) [তক্র (ঘোল) অট্ (গমন করা) + অ (কর্ত্তৃ, অচ্)—যে তক্রমধ্যে গমন করে] কি, পুং, মন্থনদণ্ড ; ঘোলমৌনী।

তক্ষ (তোক্‌খ) বি, পুং, রাজা ভরতের পুত্র। ২। গান্ধারের রাজা। তক্ষশিলা ইঁহার রাজধানী ছিল।

তক্ষক (তোক্‌খক্) [তক্ষ্ (কাষ্ঠাদি চাঁচা) + অক (কর্ত্তৃ, ণক)] বি, পুং, যে কাষ্ঠাদি চাঁচে ; ছুতার। ২। বিশ্বকর্ম্মা। ৩। নাট্যাধ্যক্ষ ; সূত্রধার। ৪। প্রধান নগর-বিশেষ। ৫। অষ্ট প্রধান নাগের একটি। কশ্যপের ঔরসে কদ্রু-গর্ভে ইঁহার জন্ম। ইনি সর্পরাজ বাসুকির ভ্রাতা। খাণ্ডববনে ইঁহার বাস ছিল। ইনি রাজা পরীক্ষিৎকে দংশন করিয়া-ছিলেন। পরে রাজা জন্মেজয় যজ্ঞ করিয়া সর্পকুল নির্ম্মূল করিতে থাকিলে ইনি আস্তীক মুনির চেষ্টায় জীবন লাভ করেন।—মহা—আদি।

তক্ষণ (তোক্‌খোন্) [তক্ষ্ (কাষ্ঠ লইয়া কাজ করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, ছুতারের কাজ ; অস্ত্র দ্বারা কাষ্ঠাদি চাঁচন ; রেঁদা করণ। ২। [করণে, অনট্] বি, যাহা দ্বারা তক্ষণ (চাঁচা) যায়] রেঁদা ; বাইশ। স্ত্রী, তক্ষণী।

তক্ষশিলা (তোক্‌খোশিলা) [তক্ষ্ (চাঁচা) শিলা (প্রস্তর)—যে নগরী প্রস্তর কাটিয়া নির্ম্মিত হইয়াছে] বি. স্ত্রী. পঞ্জাবের অন্তর্গত নগরীবিশেষ ; রাজা জনমেজয় এই নগরীতে সর্পযজ্ঞ করিয়াছিলেন। ভরতের পুত্র তক্ষ উত্তরকালে এইস্থানে স্বীয় রাজধানী স্থাপন করেন।—মহাভারত।

তক্ষা (তোক্‌খা) [তক্ষ্ (তনূকরণে) + অণ্ (কর্ত্তৃ—কনিন্) = তক্ষন্ ১মা, ১ব] বি, পুং, সূত্রধর ; ছুতার। ২। বিশ্বকর্ম্মা।

তখত (তখোৎ) [ফা—তখ্‌ৎ শব্দজ] বি, রাজসিংহাসন [তক্ত দ্রঃ]। ২। তক্তপোষ। ৩। তক্তা।

তখতা (খ্) [তক্তা দ্রঃ] বি, দীর্ঘ প্রস্থ ও বেধবিশিষ্ট কাষ্ঠখণ্ড ; কাষ্ঠফলক ; পাটা।

তখতাপোষ (তখ্‌তাপোষ্) [ফা—তখ্‌ৎপোষ্] বি, চতুষ্কোন এবং খুরাযুক্ত কাষ্ঠময় শয্যাধার। **খালি তখতাপোষ**—শয্যাহীন বা আবরণ হীন তখতাপোষ।

তখন (খোন্) [তৎক্ষণ শব্দজ] ক্রি, বিণ, তৎকালে : সে সময়। প্র—"দ্বারে যেন আঘাত হ'ল শুনেছিলেম সবে, আমরা তখন বলেছিলেম বাতাস বুঝি হবে ?"—চয়নিকা। ২। তাহার পর ; অতঃপর ; তাহা দেখিয়া ; তদ্দর্শনে। প্র—"দিলেম যা রাজ-ভিখারিরে স্বর্ণ হয়ে এল ফিরে, তখন কাঁদি চোখের জলে দুটি নয়ন ভরে, তোমায় কেন দিইনি আর সকল শূন্য করে।"—চয়নিকা।

তখনি (তখোনি) [গ্রা—তোখুনি] ক্রি-বিণ, তৎক্ষণাৎ ; সেই মুহূর্ত্তে।

তখমা (তখ্‌মা) [ফা—তখ্‌মা] বি, সুখ্যাতির নিদর্শন পত্র ; প্রশংসাপত্র ; certificate. ২। সুবর্ণপদক ; medal.

তখরচ (তখ্‌রচ্) [গ্রা] বি, নির্দ্দিষ্ট খরচ ব্যতীত অন্যান্য খরচ ; বাজে খরচ।

তগর (র্) [কথ্য—টগর] বি, পুং, টগরফুলের গাছ ; tabernæmontana coronaria. ২। ক্লী, টগরফুল। ৩। মদনবৃক্ষ। [তগর-পাদিক দ্রঃ]।

তগরপাদিক (র্, ক্) [tabernæm-ontana coronaria.] বি, ক্লী, জলজ গন্ধ-লতা ও ক্ষুপবিশেষ। **তগরপাদুকা** ও **শিউলিছোপ**। [দ্রঃ—আয়ুর্ব্বেদমতে তগরপাদিক অভাবে কুড় ব্যবহৃত হয়]।

তগাবি (ত্‌গাবি) [আ—ত্‌কাবী শব্দজ] বি, গভর্ণমেণ্ট বা জমিদারগণ জমির উন্নতি করিবার জন্য প্রজাকে যে কর্জ্জ দেন ; দাদন।

তগির, তগীর (ত্‌গীর্) [আ—তগৈয়ুর শব্দজ] বি, পরিবর্ত্তন ; বদল। ২। কর্ম্মচ্যুতি ; রোখশোধ ; a dismissal [*Haughton*]

তঙ্ক (তংক) বি, পুং, ক্লী, পাষাণভেদনাস্ত্র ; পাথর কাটা বাটালি।

তঙ্কন (তংকোন্) [তঙ্ক্ (দুঃখে পড়া) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, দুঃখে প্রাণ ধারণ ; অর্থাভাব ; দুঃখ। [তুল—হি—তংগ (অর্থকৃচ্ছ্রতা ; অনটন)]।

তঙ্কা [টঙ্ক শব্দজ] বি, রৌপ্যমুদ্রা ; টাকা। প্র—"পরীক্ষা না হইলে দিত একলক্ষ তঙ্কা"—কবিকঙ্কণ [তুল—হি—তন্খা, ফা—তন্খোআ]।

তচনচ, তছনছ (তচ্নচ্, তছ্নছ্) [হি—তহস্নহস্ (নষ্ট)] বি, ছড়াছড়ি ; উলটপালট্ ; নাস্তানাবুদ ; চুরমার ; নষ্ট ; তছরূপ। প্র—"গ্রামটা সেইরূপ তচ্নচ্ হবে নাকি"—টেকচাঁদ।

তচ্ছম (তচ্ছম্) [গ্রা। সং—তৎ+শম] বি, স্ত্রী, উপশম ; শান্তি। **তচ্ছম করা**—শান্ত করা ; থামান।

তচ্ছীল (তচ্ছিল্) [তৎ (সেইরূপ)+শীল (স্বভাব) হইয়াছে যাহার, বহু] বিণ, সেইরূপ স্বভাববিশিষ্ট ; তৎস্বভাবাপন্ন।

তছরূপ (তোছ্রূপ্) [ফা—তসর্রুফ্] বি, অপচয় ; ক্ষতি ; নষ্ট। ২। অপব্যবহার ; চুরি। প্র—"কালী নামে দেওরে বেড়া, ফসলে তছরূপ হবে না"—রামপ্রসাদ।

তছু *(তোছু) [ব্রজ। সং—তদ্ শব্দজ] স, তাঁহার। প্র—"বৃন্দাবন দাস তছু পদযুগে গান।"—চৈতন্য ভাগবত। "বিদ্যাপতি পদ-যুগল সরোরুহ—নিঃস্যন্দিত মকরন্দে। তছু মঝু মানস, মাতল মধুকর, পীবইতে করু অনুবন্ধে॥"—গোবিন্দদাস।

তজবিজ (তোজ্বিজ্) [আ—তজ্বীজ্ শব্দজ] বি, বিচার। প্র—"মফস্বলে আমার এরূপ তজবিজ।"—ঘনরাম। "তব তজবিজে পেতে পারে কি না পারে।"—চণ্ডীদাস। ২। পরীক্ষা ; অনুসন্ধান। ৩। অনুমোদন ; approbation. ৪। অন্বেষণ ; তল্লাস।

তঞ্চ (তনচ) [সং—তঞ্চ্ (গমনে, সঙ্কোচনে)] বি, তঞ্চক (দ্রঃ) ; প্রবঞ্চনা ; প্রতারণা।

তঞ্চক (তন্চোক্) [তঞ্চ্ (গমন করা)+অক (কর্ত্তৃ, ণক)—সত্য হইতে যে গমন করে] বিণ, যে সত্যের অপলাপ করে ; প্রবঞ্চক ; প্রতারক। ২। [প্রাদে] বি, সত্য হইতে তফাৎ ; সত্যের অপলাপ : বঞ্চনা। প্র—"আমি যাহা তোমায় জিজ্ঞাসা করি সত্য সত্য জবাব দাও কিছু তঞ্চক করিও না"—কৃষ্ণকান্তের উইল।

তঞ্চকতা (তন্চোকোতা) [তঞ্চক+তা (ভাবে)] বি, স্ত্রী, শঠতা ; প্রবঞ্চনা ; চাতুরী ; ছলনা।

তট (তট্) [তট্ (উন্নত হওয়া)+অ (কর্ত্তৃ—অচ্)—যাহা জলভাগ হইতে উন্নত] বি, স্ত্রী, জলাশয়ে জলভাগের অব্যবহিত পরবর্ত্তী তীর-ভূমি : তীর। প্র—"নির্ম্মল সলিলে বহিছ সদা, তটশালিনী সুন্দর যমুনে ও। কত কত সুন্দর নগরী তীরে, রাজিছে তটযুগ ভূষি ও।"—যমুনালহরী (গোবিন্দ রায়)। ২। স্থল ; স্থান। প্র—"পীতবসন ছলে, কেলী করত পীন কটিতটে বিজুরী রসাল॥"—জগদানন্দ। ৩। উচ্চক্ষেত্র। ৪। পুং, ক্লী, পর্ব্বতোপরিস্থ সমতল ভূমি ; সানু। ৫। পুং, শিব [বাং-প্র, অ] ৬। বিণ, উচ্ছ্রিত। স্ত্রী, **তটী**—২। দেশ। প্র—"বিচিত্র কপালতটী গলায় জালের কাঁঠি করযুগে লোহার শিকলি।"—কবিক।

তটস্থ (তটোস্থো) [তট (তীর) স্থ—স্থা (থাকা)+অ (কর্ত্তৃ—ড)] বিণ, যে ব্যক্তি তটে আছে বা থাকে ; তীরস্থ। ২। উদাসীন ; নির্লিপ্ত। ৩। পক্ষপাতশূন্য। প্র—"তটস্থ হইয়া হৃদে বিচার যদি করি। সব রস হইতে শৃঙ্গারে অধিক মাধুরী॥"—চৈতন্যচরিত। ৪। ব্যস্ত, ত্বরান্বিত। প্র—"দেখিলে তটস্থ হয়ে অমনি থাকিবে চেয়ে দোহার গলায় দিবে ফাঁশী॥"—শিবায়ন। "রাজা শুধু মৃদু নাড়িলা হস্ত নৃপ ইঙ্গিতে মহা তটস্থ। বাহির হইয়া গেল সমস্ত সভাস্থ দলবল।"—চয়নিকা (রবি)। ৫। সমীপস্থ। ৬। চমৎকৃত। ৭। পক্ষেও নয় বিপক্ষেও নয় ; নিরপেক্ষ ; neutral.

তটাক, তটাগ (ক্, গ্) [তট (তীর) অক্, অগ্ (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ্, সংজ্ঞার্থে) যাহার জল তটে গমন করিয়া ঘাত প্রতিঘাত করে] বি, পুং, ক্লী, তড়াগ।

তটাঘাত (—ঘাত্) [তটেতে আঘাত, ৭তৎ] বি, পুং, হস্তী প্রভৃতির বপ্রক্রীড়া ; তটাদিতে করীর করাঘাত।

তটিনী (তোটিনি) [তট+ইন্ (অস্ত্যর্থে) =তটিন্—ঈপ (স্ত্রী)] বি, স্ত্রী, নদী। ব্রজ—**তটনী**। প্র—"বিভ্রম সারিম সময় সাজ। বরশিলা যত তটনী মাঝ॥"—জ্ঞানদাস।

তটী (তোটি) [তট+ঈপ—স্ত্রী] বি, স্ত্রী, তীর ; তট ; কূল। ২। স্থান ; দেশ।

তড় (তড্) [তট শব্দজ] বি, তীর ; কিনারা। প্র—"নায়ে হইতে নেমে তড়ে। ফকিরের পায়ে পড়ে॥"—কামেশ্বর পাঁচালী। **তড় হওয়া**—নদীর জল হাঁটিয়া পার হওয়া যায় এরূপ ভাবে কমাকে তড় হওয়া বলে। ২। ক্রি-বিণ, সত্বর।

তড়কা (তড়্কা) [প্রাদে] বি, শিশুরোগ-বিশেষ ; ধনুষ্টঙ্কার রোগ। **রসতড়কা** (রশ্তড়্কা)—জ্বরসহ তড়কা ; এই রোগ হইলে মধ্যে মধ্যে চম্কিয়া উঠে এবং ভয় পাইয়া কাঁদিয়া উঠে।

তড়কা (ড়্) [তড়াক দ্রঃ] ক্রি-বিণ, লাফাইয়া ; এক লাফে। **বেঙতড়কা** [খুব জোরে বজ্রপাত হওয়া—যে শব্দে তীরস্থ বেঙ্গ সকল লাফাইয়া জলে পড়ে—ইহা হইতে বেঙ্গ তড়পা] বেঙের মত তড়াক্ করিয়া লাফ ; তড়াক করিয়া ; লাফাইয়া। প্র—"অরি হৈল দেবরাজ বেঙ্গ তড়কা পড়ে বাজ বরিষে মুষলধারে জল।"—কবিক।

তড়তড় (তড়্তড়্) [প্রাদে। অনুকারাত্মক শব্দ, onomatopoetic] বি, অনুকারাত্মক শব্দ। ২। বৃষ্টিপতন শব্দ। ৩। [গ্রাম্য] সত্বর। প্র—সে তথা হইতে তখন তড়তড় করিয়া পলাইয়া গেল। ৪। শিলাপতন শব্দ ; শিল পড়িবার শব্দ। **তড়তড় তড়ে**—ক্রি-বিণ, তড়তড় শব্দ করিয়া। প্র—"বর্ষিল আসার যেন সৃষ্টি ডুবাইতে প্রলয়ে, বৃষ্টিল শিলা তড়তড় তড়ে।"—মেঘনাদ।

তড়পন (তড়্পন্) [হি, উ—তড়প্না] বি, উল্লম্ফন। ২। আস্ফালন।

তড়পা (তড়্পা) [প্রাদে] বি, আঁটি ; মুষ্টিপ্রমাণ। প্র—একতড়পা বিচালি।

তড়বড় (তড় বড়) [শব্দাত্মক। অতিদ্রুত উচ্চারণজনিত জিহ্বার ও অতিদ্রুত গমনজনিত বস্ত্রাদির শব্দের ভাব হইতে] ক্রি-বিণ, তাড়া-তাড়ি ; ব্যস্ত সমস্ত হইয়া। প্র—"বুকে বাঁধে কাঁচুলি কবরীমাত্র কেশে। তড়বড়ি কোমর কস্থনি করে শেষে॥"—শ্রীধর্ম্মমঙ্গল। **তড়বড় তড়বড়** (তড়্বড় তড়্বড়্) বৃষ্টির বড় বড় ফোঁটা পতনের শব্দ। প্র—"তড়বড় তড়বড় করে বৃষ্টি এসে পড়ল।

তড়বড়ান (তড়্বড়ানো) [তড়বড় শব্দজ] ক্রি, তাড়াতাড়ি করা ; তাড়াহুড়া করা। ২। তড়বড় করিয়া কথা বলা ; খুব তাড়াতাড়ি বলিয়া যাওয়া। প্র—"পরীক্ষক প্রশ্ন করিতে না করিতে ছেলেটী তড়বড়িয়ে সব বলে গেল। মাষ্টার বল্লেন, আস্তে বল অমন তড়বড়ালে চলবে না।" বি, **তড়বড়ানি**।

তড়বড়ি (তড়বোড়ি) [ত্বরাত্বরি] ক্রি-বিণ, তাড়াতাড়ি। প্র—"তড়বড়ি তাড়ায় তরাসে বাঘে দেখি। ফুলে ফাপরিয়া বাঘ ফিরাইল আঁখি।"—ঘনরাম। ২। বি, তড়বড়ানি ; ব্যস্ততা। প্র—"হেনকালে কাল হৈল ঘরের তড়বড়ী"—শিবায়ন।

তড়া (তড়া) [তট শব্দজ] বি, তট ; তীর ; কূল।

তড়াক (ক্) তড়াগ দ্রঃ। ২। [তট্ (তড়) =উর্দ্ধগতি, উন্নয়ন] বি, লম্ফ। [দ্রঃ—ক্ষুদ্র লম্ফ—তিড়িক। লঘু ও ক্ষুদ্র—তুড়ুক]।

তড়াগ (গ্) [তড্ (আঘাত করা)+আগ—(অগ্+অ, কর্ত্তৃ—অচ্, নিপাতন সিদ্ধ)] বি, পুং, ২০০ শত হস্ত পরিমিত গভীর পুষ্করিণী ; দীঘি। বিণ, **তাড়াগ**।

তড়াঘাত (—ঘাত্) বি, পুং, তটাঘাত দ্রঃ।

তড়ি (তোড়ি) [তড়্ (আঘাত করা)+ই (ভাবে)] বি, পুং, আঘাত। ২। [প্রাদে, গ্রাম্য] চাটী।

তড়িৎ (তোড়িৎ) [তড়্ (আঘাত করা)+ ইৎ (কর্ত্তৃ) যে মেঘ ও পৃথিবীকে আঘাত করে] বি, স্ত্রী, ক্ষণপ্রভা ; সৌদামিনী ; বিদ্যুৎ। প্র—"তড়িৎ লুকাতে চায় ধড়ার আঁচলে"—অন্নদামঙ্গল। ২। বিণ, বিদ্যুৎ-বৎ। প্র—"কোথা তোরা অয়ি তরুণী পথিক-ললনা। জনপদবধূ তড়িৎ-চকিত-নয়না॥"—রবি।

তড়িত্বান্ (তোড়িৎবান্‚ তোড়িত্তান) [তড়িৎ +বৎ (অস্ত্যর্থে—বতু)=তড়িত্বৎ ১মা, ১ব] বি, পুং, মেঘ। প্র—"তড়িত্বান্ মহামেঘ সমীরণ-সখা। আষাঢ়ের প্রথম দিবসে দিল দেখা॥" —শিবায়ন। ২। বিণ, তড়িদ্গর্ভ ; বিদ্যুৎ-বিশিষ্ট।

তড়িদ্গর্ভ (তোড়িদ্গর্‌ভো) [তড়িৎ (বিদ্যুৎ) হইয়াছে গর্ভে (মধ্যে) যাহার, বব্রী] বিণ, পুং, মেঘ।

তড়িন্ময় (তোড়িন্‌ময়্) [তড়িৎ+ময় (স্বরূপার্থে—ময়ট্)] বিণ, তড়িৎস্বরূপ।

তড়ে—ক্রি-বিণ, হাঁটিয়া। প্র—"তড়ে পার হ'তে নদী প্রবেশিতে জলে। পাতাল ভেদিয়া জল আকাশে উথলে॥"—ঘনরাম। "চিন্তা নাই অনায়াসে পার হবে তড়ে"—ঐ।

তড়েবাঁকে [প্রাদে—তড়—তট—চড়া—স্বল্পজল+বাঁক] ক্রি-বিণ, নদীর যেখানে অল্প জল থাকে তাহা জানিয়া ঘুরিয়া ফিরিয়া। প্র—"কেহ আইসে তড়েবাঁকে কেহ আইসে নায়"—কবিক।

তণ্ডি (তোন্‌ডি) বি, পুং, জনৈক বেদ সূত্রকার ঋষির জনক ; ঋষিবিশেষ।

তণ্ডু (তোন্‌ডু) বি, পুং, শিবানুচরবিশেষ।

তণ্ডুল (তোন্‌ডুল্) [তণ্ড্ (আঘাত করা)+ উল (কর্ম্মে, সংজ্ঞার্থে) যে ঢেঁকির আঘাতে তুষরূপ অসারাংশ ত্যাগ করে] বি, পুং, চাউল। প্রা-বাং—**তাঁউল, তাঁড়ুল**—চাউল। প্র—"ঘৃত মধু ফল আতপ তাঁউল। গঙ্গাজল সত ভার।"—শূন্যপুরাণ। "আতপ তাঁড়ুল দেবতা সকল মুকুতা করিল তার।" —ঐ। "বিস্তর দুখেতে পরভু জনমাইল ধান। ভীমক চাই বাগুন পটল তাঁউলর আন॥" —ঐ।

তণ্ডুলমঙ্গল (তোণ্ডুল্‌মোংগল্) বি, বিবাহের পর মাঙ্গলিক অনুষ্ঠানবিশেষ ; চাল-মঙ্গলান। প্র—' যত এয়ো মেলি দেয় হুলাহুলি তণ্ডুল-মঙ্গল করে।"—কবিক।

তণ্ডুলোত্থ (তোন্‌ডুলোত্‌থ) [তণ্ডুল (চাল) হইতে উত্থ (উৎ—স্থা+অ) কর্ত্তৃ (ড)] বি, ক্লী, চাল ধুইলে যে সাদা জল বাহির হয় ; চালুনি বা চেলুনি।

তৎ [তন্ (বস্তু, ব্যক্তি ও বিষয় বিস্তার করা)+ ক্বিপ্ (ভাবে) ন্ লোপ, ৎ—আগম] স, সেই ; তিনি।

তত [তৎ (দ্রঃ) কর্ম্মে—ক্ত] বিণ, বিস্তার [বাং-অপ্র]। ২। [তত্র শব্দজ] তন্ত্র নির্ম্মিত ; তার নির্ম্মিত বা তারযুক্ত। প্র—ততযন্ত্র। ৩। অ, সেই পরিমাণ। প্র—"যত হাসি তত কান্না"।

ততঃপ্রভৃতি [সংস্কৃত হইতে অবিকল গৃহীত। [তস্মাদর্থে ততঃ, প্রভৃতি (অবধি)] অ, তদবধি : সেই অবধি। [আধু-বাং—অপ্র]।

ততক্ষণ (ততক্‌খোন্) [তত—ক্ষণ] ক্রি-বিণ, সেই পরিমাণ সময় ; ততটা কাল পর্য্যন্ত ; সেই সময়ের মধ্যে। প্রা-বাং—**ততখন**—ততক্ষণ ; সেই সময়ে। প্র—"ধেআনেতে শুনিলেন পরভু উল্লুক বচন। মুখর অমৃত পরভু দিলেন্ত ততখন॥"—শূন্যপুরাণ।

ততস্ততঃ (ততস্‌ততঃ) [ততঃ বীপ্সার্থে দ্বিত্ব] অ, তারপর তারপর ; তারপর কি হইল। [বাং—বিরল। অধু—অপ্র]।

ততহি, হিঁ [ব্রজ] ক্রি-বিণ, তাহাতে। প্র— "কেলি রভস যব শুনে। আনত হেরি ততহি দেই কাণে॥"—বিদ্যাপতি। "কপোলে তিলক বেকত দেখি। প্রেম কলেবর ততহিঁ সখী॥"—জ্ঞানদাস।

তৎকর (র্) [তৎ (সেই, তাহা) কর (যে করে)] বিণ, যে তাহা করে ; তদনুষ্ঠাতা।

তৎকাল (ল্) [তৎ (সেই) কাল (সময়) কর্ম্মধা] বি, পুং, সেইকাল ; সেই সময়। ২। [তৎ (সেই, নির্দ্ধারিত) হইয়াছে কাল যাহার, বব্রী] যাহার কাল নিরূপিত আছে [প্র, অ]।

তৎকালধী [তৎকালে (সেই সময়ে—উপস্থিত কালে) ধী (বুদ্ধি) যাহার, বব্রী] বিণ, প্রত্যুৎপন্নমতি।

তৎকালিক (ক্) [তৎকাল+ইক (ভবার্থে)] বিণ, তদানীন্তন ; তৎকালসংক্রান্ত। ২। তৎ-কালসম্ভূত।

তৎকালীন (ন্) [তৎকাল+ঈন (ভবার্থে)] বিণ, তদানীন্তন ; তৎসময় সংক্রান্ত।

তৎকালোচিত [তৎকালে (সেই সময়ে) উচিত (উপযুক্ত) ৭তৎ] বিণ, তৎ-কালোপযোগী ; সেই সময়ের উপযুক্ত।

তৎক্রিয় [তৎ (সেই) হইয়াছে ক্রিয়া (কর্ম্ম) যাহার, বব্রী] বিণ, তৎকর্ম্মকারক। ২। তদ্ব্যবসায়ী। ৩। বেতনাদি ভিন্ন যে ব্যক্তি কর্ম্ম করে।

তৎক্ষণ (তৎখোন্) [তৎ (সেই) ক্ষণ (সময়) কর্ম্মধা] বি, পুং, সেইক্ষণে ; তখনই।

তৎক্ষণাৎ (তৎখোনাৎ) [তৎ (সেই)—ক্ষণ +আৎ (পঞ্চমী স্থানে—আৎ)] ক্রি-বিণ, অবিলম্বে ; তখনই। [সংস্কৃত হইতে অবিকল গৃহীত]।

তত্তাবত (তৎতাবৎ) [তৎ—তাবৎ (সাকল্যার্থে)] অ, সেই সকল ; তৎসমুদয়। প্র—"তিলোত্তমা তত্তাবতের গৌরব করিতে লাগিলেন।"—দুর্গেশনন্দিনী।

তত্তুল্য (তৎতুল্‌লো) [তদ্ (তার) তুল্য (৬তৎ) সমাসে বিভক্তি লোপে পূর্ব্বরূপ তদ্+তুল্য=তত্তুল্য] বি, পুং, তাহার মত ; তৎসদৃশ : তদনুরূপ : সেই প্রকার।

তত্ত্ব (তৎত) [তদ্ (সেই)+ত্ব (ভাবে)] বি, ক্লী, ব্রহ্ম ; ঈশ্বর। ২। দর্শন ; বিজ্ঞান। ৩। মতবাদ ; theory. ৪। যাথার্থ্য ; প্রকৃত অবস্থা : সত্য ; তথ্য। প্র—"সুচতুর ভাঁড়ুদত্ত বুঝিল কার্য্যের তত্ত্ব বিরচিল শ্রীকবি কঙ্কণ।"—কবিক। ৫। পদার্থ। ৬। চিত্ত। ৭। স্বরূপ। প্র—"তোমার তত্ত্ব না পাই বেদ পুরাণে"—ব্রহ্মসঙ্গীত। ৮। বিলম্বিত নৃত্য ; নৃত্য বাদ্যাদি। ৯। [দর্শনে] ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ, ব্যোম : রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্, হস্ত, পদ, মুখ, পায়ু, লিঙ্গ, প্রকৃতি, মন, বুদ্ধি, অহঙ্কার—এই চতুর্বিংশতিকে তত্ত্ব বলে। মতান্তরে সপ্ত-বিংশতি তত্ত্ব উল্লিখিত হইয়াছে। ১০। সংবাদ : বার্ত্তা ; খবর : সন্দেশ। ১১। ভেট : উপঢৌকন : মিষ্টান্নাদি ভেট। প্র—পূজার তত্ত্ব পাঠান। [দ্রঃ—এদেশে আত্মীয় কুটুম্ববাড়ী তত্ত্ব (সংবাদ) লইতে প্রেরিত লোকের সঙ্গে কিছু মিষ্টান্ন পাঠাইবার প্রচলিত প্রথা হইতে ক্রমে তত্ত্ব অর্থে ভেট বা উপ-ঢৌকনও বুঝাইতে থাকে। সন্দেশ দ্রঃ]।

তত্ত্ব করা (তৎতো করা) [প্রাদে] ক্রি, অনু-সন্ধান করা ; খোঁজ করা ; খোঁজা ; তত্ত্ব-লওয়া। প্র—"ত্রিপুরা ত্রিপুরা বিনা তত্ত্ব-করা নাই। তনু মন সব তাঁর ত্রিপুরার ঠাঁই॥" —শিবায়ন। ২। ভেট বা উপঢৌকন পাঠান।

তত্ত্বজিজ্ঞাসু (তৎতোজিগ্‌গাঁশু) [তত্ত্ব (ব্রহ্ম) জিজ্ঞাসু (জ্ঞা=জানা+স—ইচ্ছার্থে সন্, জানিতে ইচ্ছুক)] বিণ, যিনি ব্রহ্ম-বিষয় জানিতে ইচ্ছা করেন।

তত্ত্বজ্ঞ (তৎতোগ্‌গোঁ) [তত্ত্ব (ব্রহ্ম) জ্ঞ (যে জানে) জ্ঞা=(জানা)+অ (কর্ত্তৃ—ড)] বিণ, তত্ত্বজ্ঞানী ; যাঁহার ব্রহ্মবিষয়ক জ্ঞান হইয়াছে। ২। যে কোন বিষয়ের স্বরূপ জানিয়াছে। ৩। দর্শনশাস্ত্রবিদ্।

তত্ত্বজ্ঞান (তৎতোগ্‌গ্যান্) [তত্ত্বের (ব্রহ্মের) জ্ঞান (বুদ্ধি) ৬তৎ] বি, ক্লী, ব্রহ্মজ্ঞান ; ব্রহ্মবিষয়ক বুদ্ধি ; ঈশ্বরজ্ঞান ; পরমজ্ঞান।

প্র—"সত্ত্বগুণে তত্ত্বজ্ঞান করতলে মুক্তি। অতএব হরিভক্ত এই সার যুক্তি॥"—অন্নদামঙ্গল। ২। আত্মবোধ। ৩। যাথার্থ্য জ্ঞান; স্বরূপ বোধ।

তত্ত্বজ্ঞানী (ততোগ্‌গ্যানি) [তত্ত্বজ্ঞান+ইন্ (অস্ত্যর্থে)=তত্ত্বজ্ঞানিন্ ১মা, ১ব] বিণ, ব্রহ্মজ্ঞানবান্; যাহার ব্রহ্মজ্ঞান জন্মিয়াছে। ২। স্বরূপজ্ঞ; যাথার্থ্যজ্ঞানবান্। ৩। দার্শনিক।

তত্ত্বতঃ [সংস্কৃত হইতে অবিকল গৃহীত। তত্ত্ব+তস্ (পঞ্চমীস্থানে তস্)] অ, বস্তুতঃ; পরমার্থতঃ; যথার্থরূপে।

তত্ত্ব-তল্লাস (তৎতোতল্‌লাস্) [তত্ত্ব (দ্রঃ)—তল্লাশ—তল্লাস—তালাস (অপভ্রংশে)] বি, খোঁজ খবর।

তত্ত্বতাবাস (তৎতোতাবাশ্) [সং—তত্ত্ব—আ—তালাস (hybrid) তালাস=তাবাস (অপভ্রংশে)] বি, জিজ্ঞাসাবাদ: খোঁজ খবর। ২। সন্ধানাদি: সংবাদাদি। ৩। লৌকিকতা; লৌকিক আচারানুষ্ঠান। ৪। ভেট; উপঢৌকন। [তত্ত্ব ও সন্দেশ শব্দ দ্রঃ]।

তত্ত্বদর্শিতা (তৎতোদোর্‌শিতা) [তত্ত্বদর্শী (দ্রঃ)+তা (ভাবে)] বি, স্ত্রী, তত্ত্বজ্ঞতা। ২। দর্শনশাস্ত্রে অভিজ্ঞতা।

তত্ত্বদর্শী (তৎতোদোর্‌শি) [তত্ত্ব—দৃশ্ (দেখা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=তত্ত্বদর্শিন্ ১মা, ১ব] বিণ, তত্ত্বজ্ঞানবান্; তত্ত্বজ্ঞ। ২। জ্ঞানী। ৩। দর্শনশাস্ত্রবিদ্।

তত্ত্বনিরূপণ (তৎতোনিরূপোন্) [তত্ত্বের—নিরূপণ (নির্ণয়) ৬তৎ] বি, ক্লী, স্বরূপনির্ণয়। সত্যনির্দ্ধারণ। ২। ব্রহ্মনিরূপণ।

তত্ত্বনির্ণয় (তৎতোনির্‌নয়্) [তত্ত্বের—নির্ণয় (নিরূপণ)—৬তৎ] বি, ক্লী, যাথার্থ্যনির্দ্ধারণ: তথ্য নিরূপণ। ২। বিজ্ঞানাবিষ্কার; তত্ত্বাবধারণ। ৩। ব্রহ্মনিরূপণ।

তত্ত্বন্যাস (তৎতোন্‌ন্যাশ্) [ন্যাস দ্রঃ] বি, পুং, তন্ত্রশাস্ত্র নির্দ্দিষ্ট ন্যাসবিশেষ।

তত্ত্ববাদী (তৎতোবাদি) [তত্ত্ব-বদ্ (বলা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=তত্ত্ববাদিন্ ১মা, ১ব] বিণ, যথার্থবাদী; স্পষ্টবক্তা।

তত্ত্ববিদ্ (তৎতোবিদ্) [তত্ত্ব—বিদ্ (জানা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, তত্ত্বদর্শী; দার্শনিক; তত্ত্বজ্ঞানী।

তত্ত্ববিবেক (তৎতোবিবেক্) বি, আরব্য ও পারস্য জ্যোতিগ্র্ন্থ হইতে সঙ্কলিত জ্যোতিগ্র্ন্থবিশেষ।—মৃন্ময়ী।

তত্ত্বানুসন্ধান (তৎতানুশন্‌ধান্) [তত্ত্বের—অনুসন্ধান (নিরূপণ)—৬তৎ] বি, ক্লী, তথ্যানুসন্ধান; সত্যনিরূপণ; প্রকৃত বিষয়ের অন্বেষণ।

তত্ত্বানুসন্ধায়ী (তৎতানুশন্‌ধাঈ) [তত্ত্বের—অনুসন্ধায়ী (অনু—সং—ধা (ধারণ করা)+ইন (কর্ত্তৃ—ণিন্)—তত্ত্বানুসন্ধায়িন্ ১মা, ১ব] বিণ, তত্ত্বান্বেষী।

তত্ত্বাবধান (তৎতাবধান্) [তত্ত্বের—অবধান (মনোযোগ)—৬তৎ] বি, ক্লী, কার্য্যপরিদর্শন ২। অধ্যক্ষতা।

তত্ত্বাবধায়ক (তৎতাবধায়ক্) [তত্ত্বের—অবধায়ক (মনোযোগী)—৬তৎ] বিণ, প্রকৃত কার্য্যানুষ্ঠানে মনোযোগী; তত্ত্বাবধানকারী; পরিদর্শক। ২। অধ্যক্ষ।

তত্ত্বাবধারক (তৎতাবধারক্) [তত্ত্বের-অবধারক (নিরূপক)-৬তৎ] বিণ, তত্ত্বনির্ণায়ক; সত্য অবধারণকারী।

তত্ত্বাবধারণ (তৎত্যবধারোন্) [তত্ত্বের—অবধারণ (নির্ণয়)—৬তৎ] বি, ক্লী, তত্ত্বনির্ণয়। ২। তথ্য বা সত্য নির্দ্ধারণ।

তত্ত্বাববোধ (তৎতাববোধ্) [তত্ত্বের—অববোধ (জ্ঞান)—৬তৎ] বি, পুং, তত্ত্বজ্ঞান; যাথার্থ্যজ্ঞান।

তৎপর (র্) [তদ্+স্মিন্ (৭মী চিহ্ন) তস্মিন্—পর (রত) ৭তৎ সমাসে বিভক্তি লোপে পুনরায় পূর্ব্বরূপ তদ্—পর, দ্=ত্] বিণ, নিবিষ্ট। ২। উদ্যুক্ত; ব্যগ্র। ৩। সচেষ্ট; যত্নবান্। ৪। চতুর। ৫। সতর্ক। ৬। নিপুণ। ৭। শীঘ্র; সত্বর। প্র—"তোমায় তৎপর বলে করিতে সাক্ষাৎ"—ঘনরাম। ৮। [তৎ (সেই) পর (প্রধান) কর্ম্মধা] তৎপ্রধান [প্র, অ]। ৯। ক্রি-বিণ, তাহার পর: তবে; তদনন্তর।

তৎপরতা (তৎপরোতা) [তৎপর+তা (ভাবে)] বি, স্ত্রী, সচেষ্টতা। ২। দক্ষতা। ৩। যত্ন; অভিনিবেশ। ৪। সতর্কতা।

তৎপরায়ণ (তৎপরায়োন্) [তৎ (তাহাতে) পরায়ণ (আসক্ত) ৭তৎ] বিণ, তন্নিষ্ঠ: তদাসক্ত। ২। তদাশ্রিত। ৩। তৎপ্রধান। [বিরল]।

তৎপুরুষ (তৎপুরুষ্) [তৎ (সেই) যে পুরুষ (ব্যক্তি)—কর্ম্মধা] বি, পুং, পরম পুরুষ। ২। [ব্যাকরণে] সমাসবিশেষ; যে সমাসে দ্বিতীয়াদি বিভক্তিযুক্ত শব্দ পর পদের সহিত অন্বিত হয়। তৎপুরুষ সমাস দ্বিতীয়া, তৃতীয়া, চতুর্থী, পঞ্চমী, ষষ্ঠী ও সপ্তমী ভেদে ছয় প্রকার।

তত্র (তৎত্র) [তদ্+ত্র (৭মী বিভক্তি স্থানে)] অ, সেখানে; তথায়; সেইস্থানে। ২। তদ্বিষয়ে [আধু, বাং—গদ্যে ইহার ব্যবহার ক্রমেই উঠিয়া যাইতেছে]। ৩। [প্রাদে] তথা; তাহাই; তেমন; তত। প্র—"যত্র আয় তত্র ব্যয়।"

তত্রত্য (তৎত্রোৎতো) [তত্র+ত্য (ভবার্থে) গদ্যে] বিণ, সেখানে যাহা হয়; তৎস্থান সংক্রান্ত; তথাকার।

তত্রাপি (তৎত্রাপি) [তত্র+অপি] অ, ক্রি-বিণ, তত্রাচ; তথাপি; তবু; তাহা হইলেও।

তৎসংক্রান্ত (তৎশংক্রান্‌তো) [তদ্—সংক্রান্ত, ৬তৎ] বিণ, তদীয়; তাহার সম্বন্ধীয়।

তৎসদৃশ (তৎশদৃশো) [তদ্—সদৃশ (তুল্য) ৬তৎ] বিণ, তাহার সমান; তাহার তুল্য; তথাবিধ। স্ত্রী, **তৎসদৃশী**—তত্তুল্যা।

তৎস্থলাভিষিক্ত (তৎস্থলাভিষিক্‌তো) [তৎস্থলে অভিষিক্ত (অধিষ্ঠিত) ৬তৎ] বিণ, তৎপদে অধিষ্ঠিত; তাহার স্থলে অভিষিক্ত।

তৎস্বরূপ (তৎশোরূপ্) [তৎ—স্বরূপ (অভিন্ন) ৬তৎ] বিণ, তাহা হইতে অভিন্ন: তাহার সহিত এক। ২। তৎসদৃশ। ৩। তাহার প্রতিরূপ।

তথা [তদ্ (সেই)+থা (প্রকারার্থে, থাচ্) বাং-য় ক্রমে বিরল ব্যবহার হইতেছে] ক্রি-বিণ, তদ্রূপ: সেইপ্রকার। ২। দৃষ্টান্ত। ৩। এবং; আরো। ৪। তথ্য; প্রকৃত; যথার্থ। ৫। সেইহেতু; ৬। স্বীকার: আচ্ছা তাই। ৭। [তদ্+থা (স্থান)] সেখানে; তৎস্থলে। প্র—"যথা যথা পণ তথা তথা এই রঙ্গ।"—ভারতচন্দ্র। ৮। সে ক্ষেত্রে; সে অবস্থায়।

তথাকথিত (তথাকোথিত) [তথা+কথিত (উক্ত) খ্যাত] বিণ, তন্নামে খ্যাত; তন্নামে প্রচলিত; তদ্রূপ উক্ত।

তথাগত (তথাগতো) [তথা+গত বা আগত] বি, পুং, বুদ্ধ। ২। বিণ, তথাভূত; তদ্রূপ আগত।

তথাচ (তথাচো) [তথা—চ] অ, তাহা সত্ত্বেও; তাহা হইলেও; তবুও।

তথাপি (ত্) [তথা—অপি] অ, তাহা হইলেও; তবুও; তথাচ।

তথাবিধ [তথা—বিধা (প্রকার) যাহার, বহু] বিণ, তদ্বিধ; তদ্রূপ: তাদৃশ; সেই প্রকার।

তথাভূত (ত্থাভুতো) [তথা-ভূ (হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সেই রূপে উৎপন্ন বা সম্ভূত; সেইভাবে নিষ্পাদিত। ২। তদবস্থাপন্ন; তদ্রূপ। প্র-"তথাভূত হতপ্রায় হেরি হলধর। বন্ধন মোক্ষণ করি বলিল বিস্তর।"—শিবায়ন)।

তথাস্তু (তথাস্‌তু) [তথা—অস্তু (হউক) সংস্কৃত হইতে অবিকল গৃহীত।] অ, তাহাই হউক; তদ্রূপ হউক; amen, [আমেন দ্রঃ] প্র—"তথাস্তু বলিয়া দেবী কৈলা অন্তর্দ্ধান॥"—অ, ম।

তথাহি [অবিকৃত সংস্কৃত শব্দ। তথা—হি নিশ্চয়ার্থে] অ, তেমনি। ২। সমুচ্চয়। ৩। নিদর্শনার্থক। [আধু—বিরল ব্যবহার]

তথি (তোথি) [তথা শব্দজ। হি—তসি (মানস-কোশ)] ক্রি-বিণ, তথায়; তত্র;

সেইখানে। প্র—"মল্লিকা মালতী বিকশিত তথি"—চণ্ডীদাস। ২। তাহাতে। প্র—স্থলাম্বুজদল, চরণযুগল, তথি শোভে নখচন্দ।"—কবিকঙ্কণ। ৩। অপিচ; আরও; এবং। প্র—"ভণয়ে বিদ্যাপতি গোবিন্দদাস তথি"—বিদ্যাপতি।

তথৈব (তথৈবো) [তথা—এব] অ, তদ্রূপই। [অবিকৃত সংস্কৃত শব্দ। অধু, প্র, অ,]।

তথৈবচ [তথা+এব+চ] অ, ঠিক সেইরূপ; তেমনি। প্র—ছোট ও তথৈবচ; সেও বড় কথা শুনে না। ২। পূর্ব্ববৎ। ৩। উপেক্ষিত ভাবে; যেমন তেমন করিয়া।

তথ্য (তোথ্‌থো) [তথা+য (ভাবে)] বি, ক্লী, যাথার্থ্য; প্রকৃত অবস্থা; সত্য কথা; প্রকৃত ব্যাপার; আসল কথা। প্র—"রাজা বিক্রমাদিত্য কহিলেন হে বৈতালিক ইহা তথ্য বটে।"—পুরুষপরীক্ষা। ২। গূঢ়সন্ধান; রহস্য। প্র—ধর্ম্ম-সাধন জ্ঞানে সন্তানোৎপাদন কার্য্য সম্পন্ন করিলে, তবে সন্তান ধার্ম্মিক ও বলবীর্য্যশালী হয়, বোধ হয় এ তথ্য হিন্দু-শাস্ত্রকার ভিন্ন আর সকলের অবিদিত এবং বিদিত হইলেও কার্য্যতঃ অনুসৃত নহে।"—সাবিত্রীতত্ত্ব (চন্দ্রনাথ বসু)। ৩। বিণ, সত্য; প্রকৃত; যথার্থ। প্র—"রাজা কহিলেন হে বৈতালিক যে পর্য্যন্ত আমি এই কথা নিরূপণ না করিব তাবৎ তুমি এই নগরে থাক যদি এই সংবাদ তথ্য হয়, তবে আমি তোমাকে বহু রত্ন দিয়া সম্মানিত করিব।"—পুরুষ-পরীক্ষা।

তথ্যভাষী (তোথ্‌থোভাষি) [তথ্য—ভাষিন্ ১মা, ১ব] বিণ, যথার্থবাদী; সত্যবাক্

তথ্যবাদী (তোথ্‌থোবাদি) [তথ্য—বাদিন্ ১মা, ১ব] বিণ, তথ্যভাষী দ্রঃ।

তথ্যানুসন্ধান (তোথ্‌থানুশন্‌ধান্) [তথ্যের অনুসন্ধান, ৬তৎ] বি, ক্লী, তত্ত্বান্বেষণ; সত্যান্বেষণ: প্রকৃত ব্যাপার বা যাথার্থ্য নির্ণয়-প্রয়াস।

তদ্ [তন্ (বিস্তার করা)+অদ্ (কর্ত্তৃ), বাঙ্গালায় স্বতন্ত্র ব্যবহার বিরল] স, সেই; সে; তিনি। ২। ক্লী, ব্রহ্ম [প্র, অ]। ৩। অ, তবে।

তদতিরিক্ত (তদোতিরিক্‌তো) [তদ্—অতি রিক্ত (অধিক)] বিণ, তাহা অপেক্ষা অধিক; তদধিক। ২। তদ্ভিন্ন; তদ্ব্যতি-রিক্ত; তাহা হইতে ভিন্ন।

তদনন্তর (তদনন্‌তর্) [তস্য—অন্তর (পরে) ৬তৎ সমাসে বিভক্তি লোপ হইলে তদ্ শব্দের পূর্ব্বাবস্থা] ক্রি-বিণ, ক্লী, তৎপরে; তাহার পর; অতঃপর।

তদনুরূপ (তদোনুরূপ্) [তস্য—তদ্—অনুরূপ (সদৃশ)—৬তৎ] বিণ, তদ্রূপ; তৎসদৃশ; তাহার ন্যায়; সেইমত। ২। ক্রি-বিণ, তদনুসারে; সেইরূপে।

তদনুসারী (তদোনুশারি) [তস্য=তদ্—অনুসারী—৬তৎ, অনুসারিন্ ১মা, ১ব] বিণ, যে সেই অনুসারে চলে; তদনুকারী। ২। তাহার মতাবলম্বী।

তদনুসারে (তদনুশারে) [তস্য=তদ্—অনুসার—৬তৎ] ক্রি-বিণ, তদ্রূপ প্রণালীতে; সেই অনুসারে; তদনুক্রমে।

তদন্ত (তদোন্‌তো) [তস্য=তদ্—অন্ত, ৬তৎ] বি, ক্লী, তদবসান; তাহার শেষ; তাহার অন্ত। ২। তাহার সীমা। ৩। স্বরূপ নির্ণয়; তত্ত্বাবধারণ। ৪। পরীক্ষা; প্রকৃত পরিচয়। প্র—"সভে বলে পাণ্ডুপুত্র বড় বলবন্ত। এতদিনে পাইলাম তাহার তদন্ত।"—কাশী, মহা। ৫। ক্রি-বিণ, তাহার পরে; তাহা শেষ হইলে; তদনন্তর [প্র, অ]। ৬। অনুসন্ধান।

তদন্তঃপাতী (তদন্‌তপ্‌পাতি) [তস্য=তদ্—অন্তঃপাতী, অন্তঃপাতিন্ ১মা, ১ব] বিণ, তাহাব অন্তর্ব্বর্ত্তী; তাহার মধ্যগত।

তদন্তর্ব্বর্ত্তী (তদনতর্‌বোর্‌তি) [তস্য=তদ্—অন্তর্ব্বর্ত্তী, ৬তৎ, অন্তর্ব্বর্ত্তিন্ ১মা, ১ব,] বিণ, তদন্তর্গত: তাহার মধ্যে নিবিষ্ট: তদন্তর্ভূত: তাহার মধ্যে নিহিত।

তদন্য (তদোন্‌ন) [তস্মাদ্=তদ্—অন্য] বিণ, তাহা হইতে ভিন্ন বা পৃথক্; তদ্ব্যতিরিক্ত।

তদবধি (তদবোধি) [তস্মাৎ=তদ্—অবধি ৫তৎ] বিণ, সেই অবধি; তদাপ্রভৃতি; সেই সময় বা ঘটনা হইতে।

তদবস্থ (তদবস্‌থ) [তদ্ (সেই) অবস্থা (দশা) যাহার, বহু, সমাসে স্থা=স্থ] বিণ, সেই অবস্থা প্রাপ্ত; পূর্ব্বভাবাপন্ন; সেই-ভাবে স্থিত। ২। [পাটীগণিত] মিশ্র পৌনঃপুনিক দশমিকের দশমিকাংশ।

তদবির, তদ্‌বীর (তোদ্‌বির্) [ফা—তদ্‌বীর্] বি, উপায়; প্রতীকার। ২। চেষ্টা। ৩। বিলিব্যবস্থা। প্র—"তাঁহার উকিল মোকদ্দমার তদবির করিবার জন্য কলিকাতায় রহিয়াছেন"।

তদভাব (ব্) [তৎ (তস্য)—অভাব] বি, তাহার অভাব; সেই বিষয় বা বস্তুর অভাব।

তদভিন্ন (তদ্‌ভিন্‌ন) [তস্মাৎ—তদ্—অভিন্ন—৫তৎ] বিণ, তৎস্বরূপ; তাহা হইতে অভিন্ন; তাহার সহিত একাবস্থাপ্রাপ্ত।

তদর্থ (তদর্‌থ) [তস্য—অর্থ (নিমিত্ত)] ক্রি-বিণ, তজ্জন্য; সেই কারণে। ২। বি, সেই অর্থ; তাহার অর্থ।

তদর্পণ (তদর্‌পন্) [তস্য=তদ্——বা তস্মিন্ অর্পণ, ৬ বা ৭ তৎ] বি, ক্লী, তাহার বা তাহাতে ন্যস্ত করণ; প্রত্যর্পণ।

তদা [সংস্কৃত হইতে অবিকল গৃহীত। [হি—ত্‌দি। সং—তদ্ (সেই)+দা (কালার্থে)] অ, ক্রি-বিণ, তখন। ২। তৎকালে।

তদাত্মা (তদাৎতাঁ) [তদ্ (সেই) আত্মা যাহার, বহু—তদাত্মন্ ১মা, ১ব] বিণ, তৎ-স্বরূপ: তাহার সহিত অভিন্ন বা একাত্ম।

তদানীং [সংস্কৃত শব্দ। তদ্+দানীম্ (কালার্থে)] অ, তখন: সেই সময়ে। [ইদানীং দ্রঃ। অধু—বিরল]।

তদানীন্তন (তদানিন্‌তন্) [তদানীং (সেই সময়ে)+তন্ (ভবার্থে, ট্যন্)] বিণ, সেই সময়ে জাত; তৎসময়ের; তৎকালীন।

তদাপ্রভৃতি [সংস্কৃত] তদা (তখন) প্রভৃতি (অবধি)—অব্যয়ী] অ, সেই হইতে: তদবধি; সেই সময় হইতে; তৎকালাবধি।

তদারক (ক্) [আ] বি, তদন্ত; অনু-সন্ধান।

তদীয় (তোদীঅ) [তদ্+ঈয় (তস্যেদমর্থে)] বিণ, তৎসম্বন্ধীয়; তাহার। ২। তদধিকৃত; তাহার অধিকারে স্থিত।

তদুপরি (তদুপোরি) [তদ্—উপরি—৬তৎ] ক্রি-বিণ, তাহার উপর: তাহার উর্দ্ধে।

তদেক [তদ্ (সেই) হইয়াছে এক (অভিন্ন) যাহা হইতে, বহু] বিণ, তাহার সহিত এক ভাবাপন্ন: তৎস্বরূপ; তদ্রূপ।

তদেকাত্মা (তদেকাৎতাঁ) [তদ্ (সেই) হইয়াছে এক (অভিন্ন) আত্মা যাহার, বহু] বিণ, তাহার সহিত অভিন্ন: তৎস্বরূপ; অভিন্নহৃদয়।

তদ্গত [তদ্+গত—৭তৎ, কিম্বা ২তৎ] বিণ, একাগ্র: তন্নিষ্ঠ: অভিনিবিষ্ট। ২। তদাসক্ত।

তদ্গুণ (ন্) [তদ্—গুণ, ৬তৎ] বি, পুং, তাহার গুণ। ২। বিণ, তদীয় গুণের ন্যায় গুণবিশিষ্ট। ৩। [কাব্যালঙ্কারে] আত্মগুণ পরিত্যাগ করিয়া অন্যদীয় উৎকৃষ্ট গুণগ্রহণ।

তদ্দণ্ড (তদ্‌দনড্) [তদ্ (সেই)—দণ্ড] ক্রি-বিণ, সেইক্ষণে: সেই সময়ে। ২। বি, তন্মুহূর্ত্ত। ৩। [তৎ (সেই)—দণ্ড (যষ্টি) কর্ম্মধা] বি, সেই লাঠি।

তদ্দিন (তদ্‌দিন্) [তৎ=সেই—দিন (দিবস)] অ, দিবসের মধ্য। ২। প্রতিদিন। ৩। সেইদিন। ৪। [প্রাদে, 'ততদিন' এর সংক্ষেপ] ততদিন; ততকাল; ততকাল পর্য্যন্ত। ক্রি-বিণ, **তদ্দিনে**—তত দিবসের মধ্যে; ততদিন পর্য্যন্ত। প্র—তদ্দিনে কাহার কি হয় কে বলিতে পারে। তদ্দিন কখনই অপেক্ষা করা যাইতে পারে না।

তদ্ধন (তদ্‌ধন্) বিণ, কৃপণ; ব্যয়কুণ্ঠ।

তদ্ধিত (তোদ্‌ধিত্) [তদ্—সেই+হিত, হিত=উপযুক্ত হয়, ৭তৎ] বিণ, তৎসম্বন্ধে

হিতকর ; তৎপক্ষে মঙ্গলজনক। ২। [ব্যাকরণে] বি, শব্দের উত্তর মৎ, বৎ প্রভৃতি যে সকল প্রত্যয় হয় তাহাকে তদ্ধিত বলে।

তদ্বৎ (তদ্‌বৎ) [তদ্‌+বৎ সাদৃশ্যার্থে] অ, তদ্রূপ ; তত্তুল্য ; তাহার ন্যায়।

তদ্বিধ (তদ্‌বিধ) [তদ্‌ - বিধ (প্রকার)] বিণ তদ্রূপ ; সেইরকম ; তথাবিধ ; সেইপ্রকার।

তদ্বির (তোদ্‌বির্) [আ—তদ্‌বীর্] বি, কার্য্যের ব্যবস্থা ; যোগাড়যন্ত্র। ২। উপায়।

তদ্ব্যতিরিক্ত (তদ্‌বেতিরিক্‌তো) [তদ্‌-ব্যতিরিক্ত (ভিন্ন)—৫তৎ] বিণ, তদন্য ; তদ্ভিন্ন ; তাহা হইতে অন্য ; তাহা হইতে পৃথক। ১। ক্রি-বিণ, তদ্ব্যতিরেকে ; তদ্বিনা; তা ছাড়া।

তদ্ভাব (তদ্‌ভাব্) [তদ্‌ভাব, ৬তৎ] বি, পুং, তাহার ভাব ; তাহার ধর্ম্ম। ২। তদ্বিষয়ক চিন্তা। ৩। সেই অবস্থা।

তদ্ভাবাপন্ন (তদ্‌ভাবাপন্‌ন) [তদ্‌—ভাব+আপন্ন (প্রাপ্ত) ২তৎ] বিণ, সেই ভাবপ্রাপ্ত : তাহার ভাবপ্রাপ্ত। ২। তদবস্থ ; পূর্ব্বাবস্থায় স্থিত।

তদ্ভিন্ন (তদ্‌ভিন্‌নো) [তদ্‌+ভিন্ন—৫তৎ] বিণ, তাহা হইতে স্বতন্ত্র ; তদন্য : তদিতর ; তাহা হইতে পৃথক্। ২। ক্রি-বিণ, তাহা ছাড়া : তদ্ব্যতিরেকে।

তদ্রূপ (তদ্‌দ্রূপ্) [তদ্‌—রূপ, ৬তৎ] বিণ, সেইমত ; তদ্বিধ : সেই প্রকার। ২। ক্রি-বিণ, তদ্রূপে ; সেইরূপে : সেই প্রকারে।

তনকা (ন্) [টঙ্কা, তন্‌খা দ্রঃ] বি, রৌপ্য মুদ্রা ; টাকা ; রূপেয়া।

তনখা (তন্‌খা) [ফা=তন্‌খোআ] বি, বেতন ; তলব। [তঙ্কা দ্রঃ]।

তনয় (য়্) [তন্ (বিস্তার করা) +অয্ (কর্ত্তৃ) যে জন্ম গ্রহণ করিয়া বংশ বিস্তার করে] বি, পুং, পুত্র। প্র—"তনয়ে তার তারিণী।"—রামদত্ত। স্ত্রী, **তনয়া**—কন্যা।

তনাদি [তন্ হইয়াছে আদি প্রথমে যে ধাতুর—বহ্। ব্যাকরণের পরিঃ] বি, পুং, তন্ প্রভৃতি ধাতুর গণ বিশেষ। প্র—তনাদিগণীয় ধাতু।

তনিকা (তোনিকা) [তন্ (বিস্তার করা) +অক (কর্ত্তৃ—ণক) আপ্—স্ত্রী]। যে স্বজাতীয় সমবায় দ্বারা শরীর বিস্তার করে] বি, স্ত্রী, রজ্জু।

তনিমা (তোনিমা) [তনু (কৃশ) +ইমন্ (ভাবে)=তনিমন্ ১মা, ১ব] বি, পুং, কৃশতা ; সূক্ষ্মত্ব। প্র—"জগতের অশ্রুধারে ধৌত তব তনুর তনিমা"—রবি।

তনিষ্ঠ (তোনিশ্‌ঠ) [তনু (অল্প) +ইষ্ঠ (অত্যর্থে)—উ লোপ] বিণ, অতিঅল্প ; অতিকৃশ ; ক্ষীণতর ; অতিক্ষুদ্র।

তনীয়ান্ (তোনিআন্) [তনু (অল্প) +ঈয়স্ (অত্যর্থে)=তনীয়স্ ১মা, ১ব] বিণ, তনিষ্ঠ [প্র, অ]।

তনু, তনূ (তোনু) [সং—তনুস্ (তনুঃ) তন্ (বিস্তার করা) +উ (উ—উ সংজ্ঞার্থে) ১মা, ১ব। যে উৎপন্নাবধি বিস্তার লাভ করে] বি, স্ত্রী, অঙ্গ ; শরীর। প্র—"তরু কোলে তনু রেখে অলিকুলে আকুলি।"—হেম বন্দ্যো। ২। মূর্ত্তি [বিরল]। ৩। বিণ, সূক্ষ্ম ; কৃশ। প্র—"তনু শুক বসনতনু হিয়ে লাগি" "তনু তনু ঝাঁপিতে ঝাপন না যাই।"—বিদ্যাপতি। ৪। [তাহা হইতে হি—তনি, তন্, তনক, তনিক্, তনুক্] অল্প। ৫। কোমল। ৬। ত্বক্। [বাং বিরল] স্ত্রী, **তন্বী**—কৃশাঙ্গী।

তনুচ্ছদ (তোনুছ্ ছদ্) [তনু (শরীর) ছদ (যাহা দ্বারা আচ্ছাদন করে) উপপদ] বি, পুং, দেহাবরণ ; বর্ম্ম : সাঁজোয়া।

তনুচ্ছায় (তনুছ্ ছায়) [তনু (অল্প) হইয়াছে ছায়া যাহার, বহ্] বিণ, অল্পছায়াবিশিষ্ট। ২। বর্ব্বরকবৃক্ষ। স্ত্রী,—**তনুচ্ছায়া**—দেহের ছায়া।

তনুজ, তনূজ (তোনুজ্) [তনু—তনু (শরীর) জন্ (জন্মান) +অ (কর্ত্তৃ, ড) তনু হইতে যে জন্মে] বি, পুং, তনয় ; পুত্র। ২। বিণ, তনু হইতে উৎপন্ন ; শরীরজাত ; অঙ্গজ। স্ত্রী **তনুজা**—কন্যা।

তনুত্র (তোনুৎত্র) [তনু (শরীর)—ত্রৈ (ত্রাণ করা) +অ (কর্ত্তৃ—ড) যে যুদ্ধকালে অস্ত্রাদির আঘাত হইতে শরীর রক্ষা করে] বি, ক্লী অঙ্গরক্ষক ; বর্ম্ম ; সাঁজোয়া।

তনুত্রাণ (তোনুৎত্রান্) [তনু (শরীর) ত্রৈ (ত্রাণ করা) +অন (কর্ত্তৃ—অনট্)] বি, ক্লী, তনুত্র ; সাঁজোয়া ; বর্ম্ম।

তনুবার (তোনুবার্) [তনু (শরীর) বৃ আবরণ করা) +অ (করণে, ঘঞ্) যুদ্ধ সময়ে যাহাদ্বারা শরীর আবৃত করা হয়] বি, পুং, তনুত্রাণ : বর্ম্ম ; সাঁজোয়া।

তনুভৃৎ (তোনুভৃৎ) [তনু (শরীর)—ভৃ (ধারণ করা) +ক্বিপ্ (কর্ত্তৃ) যে শরীর ধারণ করে] বি, পুং, দেহী ; শরীরী ; জীব।

তনুমধ্যা (তোনুমোধ্ ধ্যা) [তনু (কৃশ) হইয়াছে মধ্য (কটিদেশ) যাহার, বহ্] বি, স্ত্রী, ক্ষীণ কটি। ২। সুন্দরী। ৩। ষড়ক্ষর ছন্দোবিশেষ, ইহার ৩য় ও ৪র্থ বর্ণ লঘু।

তনুয়া (তোনুআ) [ব্রজ] বি, দেহ ; অঙ্গ। প্র—"কষিতকাঞ্চন জিনি তোর ও তনুয়াখানি"—অশোকগুচ্ছ।

তনুরুচি (তো) [তনুর (শরীরের) রুচি কান্তি —৬তৎ] বি, পুং, দেহকান্তি ; শরীর শোভা। প্র—"শ্রবণে কুণ্ডল দোলে কপালে বিজুলি খেলে তনুরুচি খণ্ডে অন্ধকার।"—কবিক।

তন্মূল (তোমূল্) [তন্ (বিস্তার করা) +উল (কর্ম্মে—উলচ্)] বিণ, যাহা বিস্তার করা হইয়াছে ; বিস্তৃত [প্র, অ]।

তনূদ্ভব (তোনুদ্‌ভব্) [তনু (শরীর) হইতে উদ্ভব (উৎ—ভূ+অ, ভাবে—অল্) উৎপত্তি হইয়াছে যাহার, বহ্ কিম্বা তনু হইয়াছে উদ্ভব (উৎপত্তি স্থান) যাহার—বহ্] বি, পুং, পুত্র ; অঙ্গজ। ২। বিণ, দেহজাত। স্ত্রী—**তনূদ্ভবা**—কন্যা।

তনূনপাৎ (তোনুনপাৎ) [তনূনপ (ঘৃত) – অদ্ (ভক্ষণ করা) +ক্বিপ্ (কর্ত্তৃ) যে মন্ত্রপূত ঘৃতাদি ভক্ষণ করে] বি, পুং, অগ্নি। প্র—"তৈল তুলা তনূনপাৎ তাম্বূল তপন। করায় সকল লোক শীত নিবারণ।"—কবিকঙ্কণ [বিরল]।

তনূরুহ (তোনুরুহ) [তনু (শরীর)—রুহ্ (উদ্ভিন্ন হওয়া, উদ্‌গত হওয়া) +অ (কর্ত্তৃ—ক) যে শরীর হইতে উদ্‌গত হয়] বি, পুং, ক্লী, লোম। ২। পাখীর পালক। ৩। পুং, শরীরজ ; পুত্র। স্ত্রী, **তনূরুহা**—কন্যা।

তন্তু (তোন্‌তু) [তন্ (বিস্তার করা) +তু (কর্ম্মে—তুন্) যাহা চর্ম্ম কার্পাসাদি হইতে মানুষের ক্রিয়া দ্বারা বিস্তৃত হয়] বি, পুং, সূত্র ; সুতা। ২। চর্ম্মসূত্র ; তাঁত। ৩। অপত্য ; সন্তান [প্র, অ]।

তন্তুকাষ্ঠ (তো) বি, ক্লী, বুরুষ : যাহা দ্বারা তাঁতিরা সুতা পরিষ্কার করে।

তন্তুকীট (তোন্‌তুকীট্) [তন্তুর কীট, ৬তৎ] বি, পুং, গুটিপোকা।

তন্তুনাভ (তোন্‌তুনাভ্) [তন্তু (সূত্র) রহিয়াছে নাভ (নাভিতে) যাহার, বহ্, নাভি—নাভ] বি, পুং, মাকড়্‌সা ; ঊর্ণনাভ।

তন্তুবাপ (তোন্‌তুবাপ্) [তন্তু—বপ্ (বুনা) +অ (কর্ত্তৃ—অণ্)] বি, পুং, যে তন্তু বুনে ; তন্তুবায়। ২। মাকড়সা।

তন্তুবায় (তোন্‌তুবায়) [তন্তু—বে (বুনা) +অ (কর্ত্তৃ—অণ্) সুতা দ্বারা যে বয়ন করে] বি, পুং, তাঁতি ; বস্ত্র বয়নকারী।

তন্তুশালা (তোন্‌তুশালা) [তন্তু (তাঁত) শালা (গৃহ) ৬ তৎ] বি, স্ত্রী, তাঁত ঘর ; যে গৃহে বস্ত্র বয়ন করা হয়।

তন্তুসার (তোন্‌তুশার্) [তন্তু হইয়াছে সার (সারাংশ) যাহার, বহ্] বি, পুং, যে বৃক্ষের সারাংশ তন্তুময় ; সুপারি গাছ। ২। বিণ, তন্তুসর্ব্বস্ব ; অতি কৃশ।

তন্ত্র (তন্‌ত্রো) [তন্ (বিস্তার করা) +ত্র (করণে—ষ্ট্রন্)—যে শাস্ত্রদ্বারা শিব ও শক্তির উপাসনা বিস্তার করা হইয়াছে] বি, ক্লী, শিবশক্তির পূজাবিধায়ক শাস্ত্র ; শিবোক্ত শাস্ত্রবিশেষ ; আগম ; নিগম। [দ্রঃ—সর্ব্বশুদ্ধ ১৯২ খানি তন্ত্র, তন্মধ্যে ৬৪ গৌড়

রাজ্যে (বঙ্গদেশে)। কৃষ্ণানন্দ ঐগুলি সংগ্রহ করিয়া তন্ত্রসার প্রণয়ন করেন। ৬৪ নেপাল, মিথিলা প্রভৃতি দেশে প্রচলিত এবং ৬৪ খানি অন্যত্র প্রচলিত। তন্ত্রের সংখ্যা চতুঃষষ্টি বলিয়া সিদ্ধিসারস্বত তন্ত্রে উক্ত হইয়াছে। ভারতবর্ষে তন্ত্রের লক্ষ শ্লোক মাত্র বর্ত্তমান আছে। মহাতন্ত্র ব্যতীত কতকগুলি উপতন্ত্র ও আছে (তন্ত্রশাস্ত্র)। তন্ত্র—যাহাতে সর্গ, প্রতিসর্গ, মন্ত্রনির্ণয়, দেবতাসংস্থান, তীর্থ-বর্ণন, আশ্রম ধর্ম্ম, বিপ্রসংস্থান, ভূতসংস্থান, যন্ত্রনির্ণয়, দেব ও কল্পতরুগণের উৎপত্তি, জ্যোতিষ-সংস্থান, পুরাণাখ্যান, কোষ-কথন, ব্রতবর্ণন, শৌচাশৌচ বিচার, নরক বর্ণন, হর-চক্র, স্ত্রীপুরুষ লক্ষণ, দানধর্ম্ম, যুগধর্ম্ম, ব্যবহার-শাস্ত্র, অধ্যাত্ম বিজ্ঞান বর্ণিত থাকে। আগম—যাহা কেবল, সৃষ্টিপ্রকরণ প্রলয়, দেবার্চ্চন, সাধন, পুরশ্চরণ, ষট্‌কর্ম্ম সাধন, ধ্যানযোগ এই সপ্ত লক্ষণযুক্ত]। প্র—"বেদ বিদ্যা তন্ত্র মন্ত্র বেণু বীণা আদি যন্ত্র নৃত্য গীতবাদ্যের ঈশ্বরী।"—অ, ম। ২। বেদের শাখাবিশেষ। ৩। মীমাংসা ; সিদ্ধান্ত। ৪। [আয়ুর্ব্বেদে] ঔষধ। ৫। দৃঢ় প্রমাণ। ৬। পরিচ্ছদ। ৭। ঝাড়ন মন্ত্র। ৮। উপায় ; কৌশল ; ফন্দী। প্র—"জানয়ে অনেক তন্ত্র, এড়য়ে বড়শী যন্ত্র, বিনা অপরাধে পশু মারে।"—কবিক। ৯। কার্য্য। ১০। প্রধান। ১২। পরিচ্ছেদ। প্র—"পঞ্চতন্ত্র (গ্রন্থ)। ১৩। রাজ-সমভিব্যাহারী লোক ; সৈন্য। প্র—তন্ত্রিপালক। ১৪। রাজ্য। ১৫। বস্ত্র-বয়ন যন্ত্র ; তাঁত। ১৬। সমূহ : ১৭। রাজ্য-শাসন। ১৮। অধীনতা ; পরনির্ভর। ১৯। চর্ম্মনির্ম্মিত সূক্ষ্ম রজ্জু ; সূত্র। ২০। উদ্দেশ্য ; মত। ২১। কারণ ; হেতু। ২২। সম্প্রদায় ; দল। ২৩। কুল। ২৪। বিণ, শাসিত। প্র—রাজতন্ত্র ; প্রজাতন্ত্র ; সাধারণ তন্ত্র।

তন্ত্রকাষ্ঠ (তনত্রোকাষ্‌ঠো) [তন্ত্র (তাঁত) কাষ্ঠ, ৬ তৎ] বি, স্ত্রী, তাঁত বুনিবার তুরী।

তন্ত্রতা [তন্ত্র+তা (ভাবে)] বি, স্ত্রী, অধীনতা। ২। ষড়যন্ত্র। ৩। কৌশল ; উদ্ভাবনা। ৪। ঘনিষ্ঠতা : সম্বন্ধ ; সান্নিধ্য। ৫। একসঙ্গে বহু কার্য্যের প্রারম্ভকরণ ; এককর্ম্মের পরিবর্ত্তে অন্য কর্ম্ম করা ; "the commencing many actions at a time ; the doing one thing instead of another"—*Haughton.*

তন্ত্রধারক (তনত্রোধারক্) [তন্ত্র (কর্ম্ম-কাণ্ড পদ্ধতি)—ধৃ (ধারণ করা)+অক (কর্ত্তৃ)] বি, পুং, যে কর্ম্ম কাণ্ডের পদ্ধতি ধরিয়া বা অনুসারে কর্ম্মকর্ত্তাকে মন্ত্রপাঠ করায়।

তন্ত্রবাপ, তন্ত্রবায় (প্, য়) বি, তন্তুবাপ।

তন্ত্রাবাপ (তনত্রাবাপ্) [ব্যবহার শাস্ত্রের পরিঃ।] বি· পুং, স্বরাজ্য ও পররাজ্য চিন্তন।

তন্ত্রিপাল (তোনত্রিপাল্) বি, পুং, বিরাট রাজ্যে অজ্ঞাতবাস কালে সহদেব এই নাম ধারণ করিয়াছিলেন।—মহাভারত।

তন্ত্রিপালক (তোনত্রিপালক্) [তন্ত্রি (তন্ত্র সৈন্য)+ই (কর্ত্তৃ) সেনাপালক ; সৈন্যাধ্যক্ষ] বি, পুং, রাজা জয়দ্রথ।

তন্ত্রী (তোনত্রি) [তন্ত্র+ঈ (কর্ত্তৃ)] বি, স্ত্রী, তাঁত। ২। বীণা। প্র—"আনন্দ গদগদ নারদ মাতিল। তন্ত্রী তুলিয়া, তার মার্জ্জিত করিল॥"—দশমহাবিদ্যা (হেম বন্দ্যো)। ৩। বীণা প্রভৃতির তার ; তাঁত। ৪। রজ্জু। ৫। [তন্ত্রিন্ ১মা, ১ব] বিণ, দলভুক্ত ; সম্প্রদায় নিবিষ্ট ; দলাক্রান্ত।

তন্দুরুস্তি (তো) [ফা] বি, স্বাস্থ্য।

তন্দুর (তোনদুর) [ফা—তন্দুর্ শব্দজ] বি, যে কাষ্ঠ ফলকে ঠাসা ময়দা রুটির আকারে গঠিত হয়। ২। পাঁউরুটী সেকা উনুন।

তন্দ্রা (তনদ্রা) [তন্দ্ (অলস হওয়া)+অ (ভাবে)] বি, নিদ্রাবেশ। ২। আলস্য ; জড়তা। ৩। অবসন্নতা। [তন্দ্রি, তন্দ্রিকা এবং তন্দ্রীও হয় কিন্তু ব্যবহার বড় নাই]।

তন্দ্রালু [তন্দ্ (নিদ্রিত হওয়া)+আলু (কর্ত্তৃ, শীলার্থে)] বিণ, নিদ্রালু। ২। অলস।

তন্দ্রিত (তোনদ্রিত) [তন্দ্রা (নিদ্রা)+ইত (যুক্ত)] বিণ, তন্দ্রালু ; নিদ্রালস।

তন্নতন্ন (তননোতননো) [তৎ+ন=তন্ন (তাহা নয়) ব্যাপ্ত্যর্থে বা সাকল্যার্থে দ্বিত্ব] ক্রি-বিণ, খণ্ড খণ্ড : তাহা নয় তাহা নয় করিয়া সূক্ষ্মাতিসূক্ষ্ম বিচার। প্র—"সাংখ্য পাতঞ্জল মীমাংসা ও ন্যায়। তন্ন তন্ন করি যাঁহারে না পায়।"—শ্যামাসঙ্গীত (রাজা শ্রীশচন্দ্র)। "তন্ন তন্ন করিতে গেলে ঐরূপ ধূমবৎ বোধ হয়।"—টেকচাঁদ। ২। পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান বা অন্বেষণ ; পাতি পাতি করিয়া সন্ধান। প্র—"যাও সিন্ধুনীরে ভূধর শিখরে গগনের গ্রহ তন্ন তন্ন ক'রে বায়ু উল্কাপাত বজ্র শিখা ধরে, স্বকার্য্য সাধনে প্রবৃত্ত হও।"—হেম বন্দ্যো।

তন্নিবন্ধন (তননিবনধন্) [তৎ—নিবন্ধন (কারণ) কর্ম্মধা] বি, স্ত্রী সেই কারণ ; সেইজন্য। ২। [তৎ (সেই) হইয়াছে নিবন্ধন যাহার, বহু] বিণ, তজ্জন্য ; সেই কারণ।

তন্মন (তনমন্) [তৎ+মন্—তাহাতেই মন যাহার] বিণ, অনন্যমনা ; তন্ময়। ২। যে কোন বিষয়ে সমস্ত মন অর্পণ করে।

তন্ময় (তনময়) [তদ্+ময় (স্বরূপার্থে)] বিণ, তদাত্মক ; তৎস্বরূপ ; তদগত।

তন্মাত্র (তন্‌মাৎত্র) [তদ্—মাত্রা—পঞ্চ-ভূতান্তর্গত ভূতবিশেষ] বি, স্ত্রী, [সাংখ্যদর্শনে] সূক্ষ্ম অমিশ্র পঞ্চভূত ; ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম। ২। [তদ্ (সেই) মাত্র (কেবল)] ক্রি-বিণ, সেইমাত্র ; কেবল তাহাই ; তাহার কম বা বেশী নয়। ৩। তৎস্বরূপ ; তদাত্মক।

তন্বী (তোনবি) [তনু+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, কৃশাঙ্গী ; ক্ষীণাঙ্গী। ২। নাতি স্থূলা ; নাতি-কৃশা ; সুন্দরী। ৩। শালপর্ণী।

তপ (প্) [তপ্ (দগ্ধ করা, তাপ দেওয়া)+অ (কর্ত্তৃ—অল্)] বি, পুং, তপন ; সূর্য্য। ২। আতপ রৌদ্র। ৩। গ্রীষ্মকাল। ৪। বিণ, তাপদায়ক।

তপঃ, তপ (প্) [তপ্ (তপস্যা করা) + অস্ (করণে)=তপস্ ১মা, ১ব] বি, স্ত্রী, যদ্দ্বারা জ্ঞান-বিজ্ঞানসম্পন্ন ও নিষ্পাপ হওয়া যায় এবং যাহা স্বর্গসাধন সিদ্ধি লাভে সহায়তা করে। তাহার নাম তপঃ।—মরীচি। তপস্যা ; মুনিব্রত। তপঃ ত্রিবিধ :—শারীরিক, বাচনিক, মানসিক। শারীরিক যথা,—পূজ্য ও প্রাজ্ঞজনের পূজা, শৌচ, ঋজুতা, ব্রহ্ম-চর্য্য এবং অহিংসা। বাচনিক যথা,—প্রিয়, হিত, সত্য, অক্লেশদায়ক বাক্য এবং বেদাধ্যয়ন। মানসিক যথা—মনের প্রসন্নতা, সৌম্যত্ব, মৌন, আত্মনিগ্রহ এবং ভাবশুদ্ধি। গুণত্রয় ভেদে তপঃ ত্রিবিধ। প্র—ফলাকাঙ্ক্ষা রহিত তপঃ "সাত্ত্বিক" ; যশঃ মানাদির জন্য দম্ভপূর্ব্বক অনুষ্ঠিত তপঃ "রাজসিক" ; পরের উৎসাদন বা অমঙ্গলার্থ আত্মাকে পীড়িত করিয়া অনুষ্ঠিত তপঃ "তামসিক"।—গীতা। বেদান্তাদি মতে তপঃ ঈশ্বরের বিভূতিবিশেষ। অগ্নির ন্যায় পাপাদি দগ্ধ করে বলিয়া ইহার নাম তপঃ। ২। ধর্ম্মার্থ চান্দ্রায়ণাদি কৃচ্ছ্র ব্রত। ৩। অদৃষ্ট। ৪। ব্রাহ্মণাদির ধর্ম্ম। পুরাণমতে সত্যযুগে তপঃ ; ত্রেতায় জ্ঞান ; দ্বাপরে যজ্ঞ এবং কলিতে দান মুক্তির জন্য প্রশস্ত। ৫। [তপ্+অস্ (ভাবে)] আচরণ। ৬। আলোচন। ৭। সপ্তলোকের অন্যতম তপোলোক। ৮। পুং, মাঘমাস। ৯। শিশির ঋতু।

তপঃকর (তপককর্) [তপস্—কৃ (করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, যে তপস্যা করে ; তপস্বী।

তপঃক্লেশসহ (তপক্‌ক্লেশ্‌শহ) [তপঃক্লেশ (তপস্যার কষ্ট)—সহ (সহ্য করা)+অ (কর্ত্তৃ-অচ্)] বিণ, তপস্যার কষ্ট সহকারী।

তপশ্চরণ, তপশ্চারণ (তপশ্‌চরন্, চারন্) [তপস্—চরণ—চারণ (অনুষ্ঠান) ৬তৎ] বি, স্ত্রী, তপশ্চর্য্যা ; তপস্যার অনুষ্ঠান ; তপঃসাধনা।

তপঃপ্রভাব (তপপ্রোভাব্) [তপস্—প্রভাব—৬তৎ] বি, পুং, তপস্যার প্রভাব ; তপস্যার বল ;

তপঃস্থলী (তপস্‌থোলি) [তপস্—স্থল (স্থান) ৬তৎ—ঈপ] বি, স্ত্রী, তপস্যার স্থান। ২। বারাণসী ; কাশীক্ষেত্র।

তপতী (তপোতি) [তপ্ (তাপের আশ্রয় সূর্য্য) + অৎ (অপত্যার্থে)—ঈপ, স্ত্রী] বি, স্ত্রী, সূর্য্যকন্যা : ছায়া-গর্ভ-সম্ভূতা ; সাবিত্রীর অনুজা। কুরুবংশীয় সম্বরণ রাজার পত্নী। ইনি অতিশয় তপোনুরক্তা ও রূপবতী ছিলেন। ২। সূর্য্য-পত্নী ছায়া। ২। কোঙ্কণ দেশের উত্তরসীমাস্থ নদীবিশেষ। এই নদী দক্ষিণ ভারতে মূলতাই হইতে উৎপন্ন হইয়া পশ্চিম মুখে আরব্য সাগরে পতিত হইতেছে ; R. Tapti [সন্দেশাবলী]।

তপন (তপন্) [তপ্ (উত্তাপ দেওয়া) + অন (কর্ত্তৃ)] বি, পুং, সূর্য্য ; রবি। ২। সূর্য্যকান্তমণি। ৩। গ্রীষ্মকাল। ৪। সন্তাপ জনক নরকবিশেষ। ৫। অগ্নিবিশেষ। ৬। অগ্নির জ্বালাযুক্ত নরক। ৬। আকন্দবৃক্ষ। ৭। [ভাবে—অনট্] তাপ ; উত্তাপ। ৮। বিণ, উত্তাপ জনক। ২। সন্তাপক।

তপনতনয় (তপোন্‌তনয়্) [তপনের—(সূর্য্যের) তনয় (পুত্র) ৬তৎ] বি, পুং, যম। ২। শনি। ৩। কর্ণ। স্ত্রী, তপনতনয়া—যমুনানদী। প্র—"তপন তনয়া তুমি, তেঁই কাদম্বিনী পালে তোমা শৈলনাথ কাঞ্চন ভবনে" —ব্রজাঙ্গনা। ২। শমীবৃক্ষ।

তপনমণি (তপন্‌মোনি) [তপন—মণি (রত্ন) —৬তৎ কিম্বা তপন (তপনপ্রভ) যে মণি কর্ম্মধা] বি, পুং, সূর্য্যকান্তমণি।

তপনাত্মজা (তপনাৎতজা) [তপনের—আত্মজা (কন্যা) ৬তৎ] বি, স্ত্রী, গোদাবরী। ২। যমুনা।

তপনীয় (তপোনিয়) [তপ্ (সন্তাপ দেওয়া) + অনীয় (কর্ম্মে) যাহাকে বহ্নি দ্বারা সন্তপ্ত করা হয়] বি, ক্লী, সুবর্ণ ; কাঞ্চন। ২। কনকধুতুরা। ৩। বিণ, তাপ দিবার উপযুক্ত ; উত্তপ্ত করিবার মত।

তপযুত (জু) [তপ—যুত (যুক্ত)] বিণ, তপোনিষ্ঠ ; তপস্যায় নিযুক্ত : সর্ব্বদা তপে নিরত প্র—"বিধির মানসযুত দক্ষ মুনি তপযুত প্রসূতি তাহার ধর্ম্মজায়া।"—অ, ম।

তপস্য (তপশ্‌শ) [তপস্ + য (ক্য—ভাবে)] বিণ, তপোনিষ্ঠ ; তপস্যারত। ২। বি, তপস্যা।

তপস্যা (ত্‌পোশ্‌শা) [তপস্ + য (ক্যপ্) তপস্য (ধাতু) + অ (ভাবে—অঙ্) স্ত্রী —আপ] বি, স্ত্রী, পুণ্যসঞ্চয় ; শক্তিসঞ্চয় ; অভীষ্ট বস্তুলাভ বা পাপক্ষয় হেতু ক্লেশ-কর সাধনা বা কঠোর সংযম ও নিয়ম অবলম্বন পূর্ব্বক নির্জ্জনে দেবারাধনা ; যোগসাধন। প্রা-বাং-গ্রা—তপসা। প্র—"তপসা করেন বস্তা দেহে দিআ জন্ত্র। বিষ্টু দেব তপ করএ আবাহন মন্ত্র ॥"—শূ, পু।

তপস্বী (তপোশ্‌শি) [প্রা-বাং-গ্রা—তপসী (শূ, পু)। তপস্ + বিন্ (অস্ত্যর্থে=তপস্বিন্ ১মা, ১ব। স্বাধ্যায় অর্থাৎ বেদাদি শাস্ত্রপাঠ, নিয়মাদি পালন, এবং মনের সহিত ইন্দ্রিয়-গণের একাগ্রতা সম্পাদন তপস্বীর লক্ষণ] বি, পুং, সংসারবিরক্ত অরণ্যাশ্রমবাসী ; সংযতেন্দ্রিয়, জ্ঞান ধর্ম্ম ও মোক্ষসাধক ; তাপস ; মুনি। প্র—"তপস্বী কাহারে বল কিবা ধর্ম্ম তার। কি কর্ম্ম করিলে পায় পরলোকে পার ॥"—অ, ম। ২। তপ্‌সেমাছ। ৩। বিণ, তপস্যারত। ৪। ধার্ম্মিক। ৫। ধর্ম্মার্থে ক্লেশ সহিষ্ণু। ৬। ব্রতধারী। ৭। শান্তস্বভাব। ৮] নির্দ্দোষ। ৯। দীন। স্ত্রী, তপস্বিনী —তাপসী ; তপস্যাকারিণী। ২। [আয়ুর্ব্বেদে] জটামাংসী ; কটুকী। ঝিঙা। **বিড়াল-তপস্বী** (বিড়াল্‌তপোশ্‌শি)—বাহিরে তপস্বীর আকার কিন্তু অন্তরে কাম-ক্রোধ লোভাদি রিপুগণ যাহাতে প্রবল ; প্রবঞ্চক।

তপাস (তপাশ্) [তুল—আ—তালাশ্, তফ্‌তীশ্ (অনুসন্ধান)] বি, অন্বেষণ ; অনুসন্ধান ; খোঁজ। প্র—"খুল্লনা চলিল যদি দুখের তপাসে।"—কবিকঙ্কণ। "ঘৃত খণ্ড ক্ষীর দধি ভেট পাই নিরবধি পুনর্ব্বার না করি তপাস।"—কবিক।

তপাসি (তপাশি) [তপাস দ্রঃ] ক্রি, অন্বেষণ করি ; খুঁজি। ২। [তপাসিয়া শব্দের সংক্ষেপ] খুঁজিয়া। প্র—"ইন্দ্রধনু মেঘমালে কত তপাসি" —অশোকগুচ্ছ। "বিকল হইয়া নারী তপা-সিয়া ফিরেন সকল স্থান।"—অ, ম।

তপাসিয়া (তপাশিআ) [তপাসি দ্রঃ] ক্রি, সন্ধান করিয়া ; খুঁজিয়া ; তল্লাস করিয়া। প্র—"নারী তাপসিয়া ফেরেন সকল স্থানে।"—অন্নদামঙ্গল।

তপোধন (ন্) [তপস্ (তপস্যা) মাত্রই হইয়াছে, ধন (সম্পত্তি) যাহার, বহু] বি, পুং, মুনি ; ঋষি। প্র—"ভিক্ষার বিলম্ব দেখি ব্যাস তপোধন। গৃহস্থেরে গালি দিয়া করিলা গমন ॥" অ, ম। ২। [তপঃ (তপস্যা) রূপ যে ধন কর্ম্মধা] তপস্যারূপ ধন। [বিরল]।

তপোনিধি [তপঃ (তপস্যা) হইয়াছে নিধি (রত্নবিশেষ) যাহার, বহু] বি, পুং, তপস্বী।

তপোবন (ন্) [তপঃ (তপস্যার) বন (আশ্রম) ৬তৎ] বি, ক্লী, তাপসগণের আশ্রম ; মুনি ঋষিদিগের তপস্যার স্থান। ২। তীর্থবিশেষ। হৃষীকেশ ও লছমন ঝুলার মধ্যবর্ত্তী স্থানে তপোবন নামক একটি তীর্থ স্থান আছে।

তপোময় (য়) [তপস্ + ময় প্রাচুর্য্যার্থে (ময়ট্)] বিণ, তপঃপ্রধান। ২। বি, পুং, পরমেশ্বর। স্ত্রী, তপোময়ী—তপঃপ্রধানা। ২। ঈশানী।

তপোরতি (তপোরোতি) [তপেতে রতি (অনুরাগ) আছে যাহার—বহু] বিণ, তপঃ-পরায়ণ। ২। বি, পুং, চতুর্থ মন্বন্তরের ঋষি।

তপোলোক (ক্) [তপঃ (তপোনামক) যে লোক, মধ্যপদলোপী কর্ম্মধা] বি, পুং, পুরাণমতে পৃথিবী হইতে কোটি যোজন উর্দ্ধ স্থিত ভুবন ; সপ্তলোকের অন্যতম। [দ্রঃ—পণ্ডিত উমেশচন্দ্র বিদ্যারত্ন প্রণীত "মানবের জন্মভূমি" গ্রন্থ মতে তপোলোক হিরণ্ময়বর্ষের নামান্তর এবং বর্ত্তমান সাইবিরিয়ার অন্তর্গত। মহর্লোক, তপোলোক ও ব্রহ্মলোক লইয়া ত্রিদিব—বর্ত্তমান সমগ্র সাইবিরিয়া। লোক দ্রঃ]।

তপ্ত (তপ্‌ত) [গ্রা—তাতা ; তাতল্ ; তাতাল। তপ্ (উত্তপ্ত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, তাপযুক্ত ; যে উত্তাপ বিশিষ্ট হয় : উষ্ণ। প্র—"ক্ষম দেবি অপরাধ, বিশ্বের জননী ; মোরা সবে দুঃশাসন, দাম্ভিক অজ্ঞান ; সমুচিত প্রায়শ্চিত্ত, তপ্ত রক্তপান। করুক নৈরাশ্য ভীম, করি জয়ধ্বনি ॥"—অশোকগুচ্ছ। ২। পরিতাপ প্রাপ্ত : অনুতপ্ত। ৩। পুটপাক-শোধিত ; পোড় দেওয়া। ৪। দগ্ধ। ৫। গলিত ; গলান। ৬। রুষ্ট : কুপিত। ৭। শোকার্ত্ত ; দুঃখিত।

তপ্তকাঞ্চন (তপ্‌তোকান্‌চোন্) [তপ্ত যে কাঞ্চন (স্বর্ণ)—কর্ম্মধা] বি, ক্লী, অগ্নিসংযোগ দ্বারা শোধিত কাঞ্চন : সমুজ্জ্বল সুবর্ণ।

তপ্তকুম্ভ (তপ্‌তোকুম্‌ভ) [তপ্ত (উষ্ণ) কুম্ভ (কলসী) আছে যেখানে, বহু] বি, পুং, নরকবিশেষ। ২। তপ্ত (উষ্ণ) যে কুম্ভ—কর্ম্মধা] বি, পুং, উষ্ণ কলসী।

তপ্তকৃচ্ছ্র (তপ্‌তোকৃছ্‌ছ্র) [তপ্ত (তাপ-যুক্ত) যে, কৃচ্ছ্র (ব্রত)—কর্ম্মধা] বি, পুং, ব্রতবিশেষ ; এই ব্রতে তিন দিবস উষ্ণ দুগ্ধ, ঘৃত ও জল পান করিয়া থাকিতে হয়।

তপ্তপাষাণকুণ্ড (তপ্‌তোপাষান্‌কুন্‌ড) [তপ্ত যে পাষাণ তন্নির্ম্মিত কুণ্ড (কূপ) হইয়াছে যেখানে, বহু] বি, ক্লী, নরকবিশেষ।

তপ্তবালুক (তপ্‌তোবালুক্) [তপ্ত হইয়াছে বালুকা যেখানে, বহু] বি, পুং, নরককুণ্ডবিশেষ।

তপ্তপোষ (তপ্‌তোপোষ্) [তক্তপোষ দ্রঃ] বি, কাষ্ঠময় শয্যাধারবিশেষ।

তপ্তাপোষ (তপ্‌তাপোষ্) [তক্তপোষ দ্রঃ] বি, কাষ্ঠময় শয্যাধার। প্র—"কোণেতে জড়ানো দেখি তপ্তাপোষের পাটি ॥"—দ্বিজেন্দ্র রায়।

তপ্পন (তপ্‌পোন্)—তর্পণ দ্রঃ।

তফসিল (তোফ্‌শিল্) [আ—তফ্‌সীল্ বিভাগ, বিশ্লেষণ] বি, বিস্তারিত বিবরণ ; কৈফিয়ৎ। ২। বিশ্লেষণ ; বিভাজন। ৩। বন্টন।

তফাৎ [আ—তফাবৎ] বি, দূরত্ব ; ব্যবধান। প্র—"আজি সে দুইটী বুকে এতই তফাৎ। শত বৎসরের পাড়ী শত দিন রাত॥"—ফুলরেণু। প্র—তাহার নিকট হইতে সে অনেক তফাতে দাঁড়াইয়াছিল। ২। প্রভেদ। প্র—উভয়ের মধ্যে কোনই তফাৎ নাই। ৩। ক্রি-বিণ, পৃথক ; ভিন্ন। প্র—তাহাকে তফাৎ করিয়া দিয়াছে। **তফাৎ তফাৎ**—অ, তফাৎ হও ; সরিয়া যাও ; দূরে দূরে অবস্থান কর। ২। দূরে দূরে। **তফাৎ করা**—দূরে সরাইয়া দেওয়া। ২। পৃথক করা। **তফাৎ হওয়া**—দূরে সরিয়া যাওয়া। ২। পৃথক হওয়া।

তফায়েৎ—তফাৎ দ্রঃ।

তব (তবো) [ষষ্ঠীর একবচনান্ত যুষ্মদ্ শব্দ। পদ্যে] স, তোমার। প্র—"হায় তাত, উচিত কি তব এ কাজ"—মেঘনাদ। "দয়াময় তোমা বিনা আর কিছু চাইনে। তব নাম-সুধা বিনা আর কিছু খাইনে।"—ঈশ্বর গুপ্ত। [দ্রঃ—প্রা-বাং, 'তব' অর্থে তয়া (তুয়া দ্রঃ) শব্দের ব্যবহার দৃষ্ট হয়। প্র—"ধরিল কেবল প্রাণ তুয়া গুণ গানে।"—গিরিধর-কৃত গীতগোবিন্দ। বৈষ্ণব কবি গিরিধর, ভারতচন্দ্রের অন্নদামঙ্গল সম্পূর্ণ করিবার ১৬ বৎসর পূর্ব্বে অর্থাৎ ১৬৫৮ শকে, জয়দেবের গীতগোবিন্দ মূলেরই ন্যায় রাগ রাগিণী সমন্বিত, তান লয় যুক্ত পদ্যে অনুবাদিত করেন]। ২। [ব্রজ, হি—তব্] তখন ; তদা। প্র—"মাগয়ে তব পরিরম্ভ"—বিদ্যাপতি। ৩। তবে ; তাহা হইলে। প্র- "জানসি তব কাহে করসি পুছারি"—বিদ্যাপতি।

তবক (তবোক্) [সং—স্তবক শব্দের অপভ্রংশ] বি, স্তর ; থাক ; a layer. ২। তল ; মঞ্জিল ; a story ; floor. ৩। সমূহ ; শ্রেণী। ৪। শৃঙ্খলা ; order. ৫। তাক ; কুলুঙ্গী ; shelf.

তবক (ক্) [ফা—ত্বক্ =পাত, পত্র। তুল—সং—স্তবক। একতোলা সোণা বা রূপার পাত ১৬০ বা ১৪০ অংশে বিভক্ত করিয়া ঐ সংখ্যক থাকযুক্ত ৬″×৪″ আকারের মৃগচর্ম্মনির্ম্মিত একটী ব্যাগের প্রত্যেক খোপে এক এক টুকরা পাত করিয়া তাহা হাতুড়ি দ্বারা পিটিলে ১″×৫″ পরিসরের সোণা-রূপার পাত তৈয়ার হয়। এই পাত স্তবকে স্তবকে সজ্জিত থাকে বলিয়াও সোণা-রূপার তবক বলিতে পারে] বি, সৌখীন মিষ্টান্ন দ্রব্য বা পানের খিলি প্রভৃতির উপর মুড়িবার সোণা-রূপার পাত ; সোণারূপার অতিসূক্ষ্ম পত্র। প্র—"তারি মত ঠোঁট যোড়া সোণার তবক মোড়া।"—কুঙ্কুম।

তবক (তবক্) [তুর্কী—তোপক্, তুপক্। প্রাচীন বাঙ্গালায় (মুসলমান আমলে) ভূরি প্রয়োগ] বি, বন্দুক ; তোমর (আগ্নেয়াস্ত্র)। প্র—মুটকির তেজ যেন তবকের গুলি। এক ঘায়ে বাঘার মাথার ভাঙ্গে খুলি॥"—কবি-কঙ্কণ।

তবক [তব (তোমার) + ক (স্বার্থে)। প্রাচীন বাঙ্গালা পদ্যে (৮০০—১২০০ খ্রীঃ অব্দ)] স, তোমার।

তবকী (তবোকি) [তুর্কী—তোপ্‌চী] বি, বন্দুকধারী। প্র—"তবকী ধানুকী চলে রায় বেঁশে সাল।"—ভারতচন্দ্র।

তবধরি [ব্রজ, তব (তখন) + ধরি (ধরিয়া, হইতে, থেকে)] অ, তদবধি ; তখন থেকে। প্র—"তবধরি দগধে অনঙ্গ"—বিদ্যাপতি।

তবলদার (তবোল্‌দার্) [আ—ত্বব্‌ল্= ঢাক] বি, যাহারা বাশ বা কুড়ালিদ্বারা কাঠ ছেদন করে [রাজসাহী অঞ্চলে প্রচলিত]। ২। তবল্ ; a drum.

তবলা (তব্‌লা) [আ—ত্বব্‌লা] বি, বাদ্য-যন্ত্রবিশেষ ; ইহার সংস্কৃত নাম তল-মৃদঙ্গ। ইহা সভ্য যন্ত্র, ইহা দক্ষিণক ও বামক বা ডাইনে বাঁয়া এই দুই ভাগে বিভক্ত, মৃদঙ্গাদি যন্ত্রের যেমন দক্ষিণ ও বাম দুইদিকে বাদিত হয় ইহা তাহা না হইয়া ঐ দুইটী ভিন্ন ভিন্ন খণ্ডে বাদিত হইতে পারে এবং সেতারায় বা কখন কখন গীতাদিতে সঙ্গতের জন্য ব্যবহৃত হয়। কিন্তু দক্ষিণক তদ্রূপ ব্যবহৃত হইতে পারে না। দক্ষিণক বামকের সহিত প্রযুক্ত হয় [যন্ত্রকোষ]।

তবল্লক (ক্) [আ—তকল্লুফ্ (গভ্র, আড়ম্বর, প্রাচুয্য) হইতে আ—তকল্লুফ্‌কা = উচ্চদরের কারুকার্য্যবিশিষ্ট ; high-wrought ; elegant.] বিণ, উচ্চদরের শিল্পচাতুর্য্যযুক্ত ; বাহারে। প্র—"তবল্লক ছাঁদে বসন পিঁধে সঙ্গে চলয়ে হাঁটি।"—চণ্ডীদাস।

তবহি [হি—ব্রজ] অ, তৎক্ষণাৎ ; তখনই। প্র—"কতক্ষণে প্রভুর কাণে শব্দ প্রবেশিল। হুঙ্কার করিয়া প্রভু তবহি উঠিল।"—চৈতন্য-চরিত।

তবহু, তবহুঁ [হি—ব্রজ] অ, তথাপি ; তবুও ; তখনও। প্র—"তবহুঁ কানু উপশম নাই হোই'—বিদ্যাপতি।

তবিয়ৎ (তোবিঅৎ) [আ—তবীঅৎ] বি, মেজাজ ; প্রকৃতি ; শারীরিক অবস্থা। প্র—"খোসপোসাকে সজ্জা করি বাহাল তবিয়ৎ। স্বর্ণচাঁপা স্মরণ করেন, সভ্যতরিবৎ॥"—হেম বন্দ্যো।

তবিল (তোবিল্) [গ্রা, উচ্চারণভেদে, তহ্‌বিল, আ—তহ্‌বীল্] বি, কোষাগার জমা ; পুঁজি ; খাজানা ; তহবিল। প্র—"বড় গোল লেগেছে খাসমহলে * * * এবার জমায় শূন্য খরচ ভারি, আমার নিকাশ দেওয়া হল ভারি, যখন দেখবে তবিল খালি অমনি শমন দিবে জেলে॥"—বাং—গান।

তবিলদার (তোবিল্‌দার্) [আ—তহ্‌বীল + ফা—দার্] বি, তহবিলরক্ষক ; কোষাধ্যক্ষ।

তবিলদারী (তোবিল্‌দারি) [আ—তবিল-দার দ্রঃ] বি, তহবিল রক্ষা ; কোষাধ্যক্ষের কর্ম্ম। প্র—"আমায় দাও মা তবিলদারী। আমি নিমক্-হারাম নই শঙ্করী॥"—রাম প্রসাদ।

তবু (তোবু) [হি—তবহু শব্দের সংক্ষেপ। প্রা-বাং-গ্রা—**তমু**। প্র—"মনে হইতে তমু সে করিতে নারে ত্যাগ।"—গি, গীতগোবিন্দ। "তমু এই স্থান না ছাড়িব কোনকালে।"—দুর্গামঙ্গল] অ, তথাপি ; তাহা সত্ত্বেও ; তখনও। প্র—"তবু অবহেলা, মূঢ় করিস সতত দেবকুলে!"—মেঘনাদ। "রক্ষোরিপু তুমি, তবু অতিথি হে এবে।"—ঐ। "বাপকে বিনয়বাক্যে বলিলেন তবু।"—শিবায়ন।

তবে [হি—তব্—গ্রা, হি—তববয়্] ক্রি-বিণ, সেইজন্যে। ২। অতঃপর ; তদনন্তর ; তৎপরে। প্র—"তবে মন্ত্রী সারণ (সচিব-শ্রেষ্ঠ বুধ) কৃতাঞ্জলি পুটে উঠি কহিতে লাগিল নতভাবে"—মেঘনাদ। ৩। তখন [পদ্যে]। ৪। তাহা হইলে ; সে ক্ষেত্রে। প্র—"এনগরে বিদিত যদ্যপি, ঘটে যা ভবমণ্ডলে, তবে ও চরণে অবিদিত নহে, কেন আইল এদেশে কিঙ্কর।"—মেঘনাদ। ৫। তবু ; তথাপি। প্র—"তবে যদি একান্ত সমরে ইচ্ছা তব, বৎস, আগে পূজ ইষ্টদেবে,"—মেঘনাদ। **তবে কি না**—কিন্তু কথা এই যে ; প্রতিকূল যুক্তিবোধক। **তবে রে**—শাসনে ভয়প্রদর্শন ; দণ্ড দিবার ভয়প্রদর্শক উক্তি। প্র—তবে রে, কিছু বলিনা বলে এত বেড়ে উঠেছিস্।

তবেই [হি—তবহি শব্দজ] অ, সুতরাং ; কাজেকাজেই ; অতএব। **তবেইত**—অবধারণার্থক অব্যয় ; তাহা হইলে ; নিশ্চয়ই। ২। সন্দেহ, অনিশ্চয়তা প্রভৃতি সূচক অব্যয়। প্র—তবেইত! এখন উপায়?

তম (তমো) [তম্ (গ্লানি) + অ (করণে—অল্) যদ্দ্বারা মানুষের মনে গ্লানি জন্মে] বি, পুং, তমোগুণ। ২। ক্লী, অন্ধকার। ৩। [অল্ (কর্ত্তৃ) যে সূর্য্য ও চন্দ্র গ্রহকে গ্রাস রূপ গ্লানি বা দুঃখ দেয়] রাহু। ৪। বিণ, ক্লান্ত। ৫। অধিক। ৬। অনেক বস্তু বা ব্যক্তির মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষ বুঝাইতে গুণবাচক শব্দের

উত্তর তম প্রত্যয় হয়। প্র—বৃহত্তম, ক্ষুদ্রতম ইত্যাদি। স্ত্রী. তমা, তমী—রাত্রি। ২। তমালবৃক্ষ।

তমঃ (তমো) [বাং-য়, "তম"ও—চলিত। তম্‌- (গ্লানি) + অস্‌ (করণে) = তমস্‌—১ম, ১ব। মানবের অন্তঃকরণে যে গুণের আধিক্য বশতঃ গ্লানি জন্মে] বি, ক্লী. প্রকৃতির তৃতীয় গুণ ; তামসিক ভাব ; মোহ [অন্য দুইগুণ সত্ত্ব ও রজঃ। তমোগুণে লোক কামক্রোধাদি ষড়্‌রিপুর বশবর্ত্তী হয়] প্র—"নিরাকার ব্রহ্ম তিন রূপেতে সাকার, সত্ত্বরজস্তমোগুণ প্রকৃতি তাঁহার। রজোগুণে বিধি তাহে লোভের উদয়, তমোগুণে শিবরূপ অহঙ্কারময়। সত্ত্বগুণে নারায়ণ কেবল চিন্ময়, তমোগুণে অধোগতি অজ্ঞানের পাকে, মধ্যগতি রজোগুণে লোভে বান্ধা থাকে ; সত্ত্বগুণে তত্ত্বজ্ঞান করতলে মুক্তি। * * * তমগুণে অহঙ্কার দোষ কিবা দিবে, অহঙ্কার নহিলে কি ভেদ ব্রহ্ম জীবে। সত্ত্বরজঃপ্রভাব ক্ষণেক বিনা নয়, তমর প্রভাব দেখ চিরকাল রয়। রজোগুণে সৃষ্টি তাহে কেবল উদ্ভব, সত্ত্বগুণে পালন বিবিধ উপদ্রব। তমোগুণে প্রলয় কৈবল্য পরিণাম."—অন্নদামঙ্গল। ২। অজ্ঞান। প্র—"ভাস্করায় নমঃ হর মোর তমঃ দয়া কর দিবাকর।"—অ, ম। ৩। ছায়া ; অন্ধকার। ৪। পাপ। ৫। অহঙ্কার। ৬। নরক। ৭। শোক। ৮। [তমঃকান্তি বলিয়া] পুং, রাহু।

তম্‌তম্‌ [আ—তম্‌ = পূর্ণ হওয়া] অ, জল বা শ্লেষ্মায় পরিপূর্ণ ; সর্দ্দিভারাক্রান্ত ; ভারভার। মুখটা তম্‌তম্‌ করচে। বিণ, তম্‌তমিয়া, তম্‌তমে।

তমস (তমশ্‌) [তম্‌ (গ্লানি) + অস্‌ (করণে)] বি, ক্লী. অন্ধকার। স্ত্রী. তমসা—নদী-বিশেষ ; যমুনার উৎপত্তি স্থানের সন্নিহিত গঢ়বাল দেশের অন্তর্গত নদী ; river Tons. এই নদীর নিকটস্থ বনমধ্যে মহামুনি বাল্মীকির রসনা হইতে বীণা যন্ত্রের লয়যুক্ত ছন্দোবদ্ধ প্রথম শ্লোকের উৎপত্তি হইয়াছিল :—"মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ। যৎ ক্রৌঞ্চ-মিথুনাদেকমবধীঃ কামমোহিতম্‌॥"

তমসুক (তম্‌শুক্‌) [আ—তমস্‌সুক্‌] বি, অধমর্ণ উত্তমর্ণের নিকট হইতে ঋণ গ্রহণ করিবার সময় যে রাজকীয় পত্রে ঋণ-বিষয়ক কথা লিখিয়া দিয়া অর্থ গ্রহণ করে ; খত ; a bond ; a written agreement ; a receipt বন্ধকী-তমসুক—বন্ধকনামা ; বন্ধকী খত ; a mortgage deed.

তমস্বী (তমোশ্‌শি) [তমস্‌ + বিন্‌ (অস্ত্যর্থে) = তমস্বিন্‌—১মা, ১ব] বিণ, তমোযুক্ত। স্ত্রী. তমস্বিনী—অন্ধকারযুক্ত রাত্রি। ২। হরিদ্রা।

তমা [তম দ্রঃ] বি, স্ত্রী. রাত্রি ; যামিনী।

তমাদি, তামাদি, তাঁবাদি [আ। আদাঃ পরিঃ] বাজেআপ্ত ; নির্দ্ধারিত সময় অতিক্রান্ত। প্র—"কত বার বৎসর গেল হল বুঝি তমাদি"—রজনী সেন।

তমাম, তামাম (ম্‌) [আ—ত্‌মাম্‌। আ—তম্‌ = পূর্ণ হওয়া] পরিপূর্ণ ; সর্ব্বাঙ্গবিশিষ্ট। ২। সকল ; সমস্ত ; সমুদয়। প্র—"হর ঘড়ি তামাম মুল্লুক ফিরে"—কবিচন্দ্র।

তমাল (ল্‌) [তম্‌ (ম্লান হওয়া) + আল (কর্ত্তৃ) যে বর্ণ দ্বারা ম্লান হয়। তমালের বন্ধল কৃষ্ণবর্ণ] বি, পুং, নীল তাল ; কাল তাল ; xanthochymus pictorius. ২। চন্দন তিলক। ৩। খড়্গ।

তমালক (ক্‌) [তমাল + ক (সাদৃশ্যার্থে)] বি, ক্লী. তমাল সদৃশ বর্ণ বলিয়া, সুষুনি শাক। ২। তেজপত্র ; তেজপাত। ৩। পুং, ক্লী. তমাল বৃক্ষ।

তমালপত্র (তমালপৎত্রো) [৬তৎ] বি, ক্লী. তমাল বৃক্ষের পাতা। ২। [তমাল (কৃষ্ণবর্ণ) পত্র (পাতা) যাহার, বহু] পুং, তমাল বৃক্ষ। তমাল-শ্যামল—তমালের মত কৃষ্ণবর্ণ। স্ত্রী—তমাল-শ্যামলা। প্র—"দশন কুন্দের আভা তথি দেবী পান শোভা তমাল-শ্যামলা বসুমতী।"

তমালিকা [তমাল (বৃক্ষ) + ইক (সম্বন্ধার্থে) আপ্‌—স্ত্রী] বি, স্ত্রী. তমাল বৃক্ষ-বহুল স্থান : তমলুক। ২। ভুঁই আমলা। ৩। মঞ্জিষ্ঠা।

তমালিনী [তমাল + ইন্‌ (সম্বন্ধার্থে)] বি, স্ত্রী. তমলুক।

তমি, তমী (তোমি) [তম্‌ + ই (করণে)] বি, স্ত্রী. রাত্রি। প্র—"এই যে অষ্টমী পুণ্যদা এ তমী অন্নদার ব্রত তিথি॥"—অন্নদামঙ্গল।

তমিনাথ, তমীনাথ (তোমিনাথ্‌) [তমি (রাত্রি) তাহার নাথ, ৬ তৎ] বি, পুং, চন্দ্র ; রজনীপতি।

তমিস্র (তোমিস্‌স্রো) [তমস্‌ (অন্ধকার) + র (স্বার্থে)—নিপাতনে, ই আগম] বি, পুং, ক্লী, অন্ধকার। ২। ঘন অন্ধকার ; গাঢ় আঁধার। ৩। [লক্ষণা হইতে] অজ্ঞান অন্ধকার। ৪। রোষ ; কোপ ; ক্রোধ। ৫। [অস্ত্যর্থে—র] বিণ, তমোযুক্ত ; অন্ধকার-বিশিষ্ট। স্ত্রী. তমিস্রা—ঘনান্ধকার। ২। ঘোর অন্ধকার রাত্রি।

তমিস্রপক্ষ (তোমিস্‌স্রোপোক্‌খো) [তমিস্র (অন্ধকারযুক্ত) যে পক্ষ—কর্ম্মধা] বি, পুং, কৃষ্ণপক্ষ ; অন্ধকার পক্ষ।

তমু (তোমু) [তবু দ্রঃ। প্রা-বাং। প্রাদে, গ্রা] তবু ; তথাপি। প্র—"তমু নহ মানয়ে ভীত"—জ্ঞানদাস।

তমোগুণ (ন্‌) [তমঃপ্রধান যে গুণ—কর্ম্মধা] বি, পুং, প্রকৃতির তৃতীয় গুণ ; তমোগুণ প্রবল হইলে মনুষ্য কামাদি নীচ প্রবৃত্তির বশতাপন্ন হয়। প্র—"নিরাকার ব্রহ্ম তিন রূপেতে সাকার। সত্ত্ব রজ তমোগুণ প্রকৃতি তাহার॥ রজোগুণে বিধি তাহে লোভের উদয়। তমোগুণে শিবরূপ অহঙ্কারময়॥"—অ, ম।

তমোঘ্ন (তমোঘ্‌ন) [তমস্‌ (অন্ধকার)—ঘ্ন (যে নাশ করে)] বিণ, তমোনাশক : অন্ধকার দূরকারী। ২। সূর্য্য। (২) চন্দ্র। (৩) অগ্নি। (৪) দীপশিখা। ৩। বিষ্ণু। (২) শিব। (৩) বুদ্ধ। ৪। জ্ঞান।

তমোজ্যোতিঃ (তমোজ্‌জোতি) [তমস্‌ (অন্ধকার) তাহাতে জ্যোতিস্‌ (দীপ্তি) যাহার—বহু] বি, পুং, জোনাকিপোকা।

তমোপহ [তমস্‌ (অন্ধকার) অপ—হ (যে নাশ করে)] বি, পুং, অন্ধকার দূরকারী। ২। অজ্ঞাননাশক। ৩। সূর্য্য ও চন্দ্র।

তমোমণি (তমোমোনি) [তমস্‌ (অন্ধকার) তাহাতে যে মণি (রত্ন) ৭তৎ কিম্বা তমসে মণির সদৃশ—উপমিত] বি, জ্যোতিরিঙ্গণ। ২। গোমেদমণি।

তমোময় (য়্‌) [তমস্‌ + ময়] বিণ, অন্ধকার-ময় ; অন্ধকারে আবৃত ; তমসাচ্ছন্ন। প্র—"রবিকর যবে, দেবি পশে বনস্থলে তমোময়, আলো করে বনে সে কিরণ."—মেঘনাদ। "নয়ন মুদিয়া দেখ বিশ্ব তমোময়। ইথে বুঝি ব্রহ্মরূপ তম বিনা নয়॥"—অ, ম। ২। [রূপকার্থে] অহঙ্কারে পূর্ণ বা আচ্ছন্ন। (২) অজ্ঞানাচ্ছন্ন ; অবিদ্যারূপ অন্ধকারে আবৃত। (৩) রোষাচ্ছন্ন। ৩। বি, পুং, রাহু।

তমোহর [তমস্‌ (অন্ধকার) হর (যে হরণ করে)] বিণ, তমোঘ্ন ; অন্ধকারবিনাশক। ২। অজ্ঞাননাশক। ৩। বি, সূর্য্য। (২) চন্দ্র। (৩) অগ্নি। (৪) দীপশিখা।

তমোহা [তমস্‌—হন্‌ (নষ্ট করা) + কিপ্‌ (কর্ত্তৃ) = তমোহন্‌—১মা, ১ব] বিণ, তমোঘ্ন ; অন্ধকারবিনাশক। ২। অজ্ঞাননাশক। ৩। বি, সূর্য্য। (২) চন্দ্র। (৩) অগ্নি।

তম্বি, তম্বী [আ—তম্বীহ্‌। বাং-গ্রা, তুম্বি। তুল—সং—তুম্ব্‌ (পীড়নে)] বি, তাড়না ; শাসন ; জুলুম। ২। জোর তাগাদা।

তম্বু, তাম্বু [আ—তম্বু] বি, পটগৃহ ; বস্ত্রগৃহ ; তাঁবু ; tent.

তম্বুর (র্‌) [আ—তম্বুর্‌] বি, তুর্কী—তত-যন্ত্রবিশেষ ; তানপুরা। ২। ভারতীয় প্রাচীন আনদ্ধ যন্ত্রবিশেষ।

তম্বুরা [আ—তম্বুরা] বি, তুর্কী—ততযন্ত্র-বিশেষ তম্বুর ; a mandoline.

তয়্‌ (য়্‌) [আ—তয়্‌] বি, ভাঁজ ; পাত বা পাট। ২। নিষ্পত্তি ; শেষ। তয়্‌ করা

—কাপড়াদি ভাঁজ করা ; পাট করা। ২। শেষ করা।

তয়তয়, তয়েতয়ে (তএতএ) [সং—তর্ক। তাক দ্রঃ] ক্রি-বিণ, সন্ধানে সন্ধানে। ২। ধীরে ধীরে ; আস্তে আস্তে।

তয়ফা (য়) [আ—তায়্‌ফা] বি, নর্ত্তকীগণ ; ২। পশ্চিমদেশীয় নাচওয়ালীর দল।

তয়ের (তোএর্‌)—তৈয়ার দ্রঃ।

তর (র্‌) [তৃ (পার হওয়া) অ (ভাবে, অল্‌)] বি, পুং, তরণ ; উত্তরণ ; পার হওন। প্র—দুস্তর। ২। সন্তরণ। ৩। পথ। ৪। পারাণি ; পারের কড়ি ; পার হইবার মূল্য। ৫। [ব্যাকরণে] দুয়ের মধ্যে একের উৎকর্ষ বা অপকর্ষের আধিক্যসূচক গুণবাচক শব্দের পর প্রযোজ্য প্রত্যয়। প্র—যোগ্যতর ; ক্ষুদ্রতর ; স্পষ্টতর। ৬। (তরো) [ফা—তর্‌। হি—তরহ] ক্রি-বিণ, ন্যায় ; মত ; প্রকার। প্র—"মধ্যাহ্নকালে বাঙ্গালীতর * * * রাত্রিতে ইংরাজীতর অথবা হিন্দুস্থানী-তর আহার হইত।"—রাজ, বসু (আত্মচরিত)। সে যে কেমনতর লোক তার কিছুই বুঝা গেল না। ২। উদ্ধারলাভ কর ; বাঁচ। প্র—এখন ত তর।

তর (তর্‌) [সং—ত্বরা=শীঘ্র। অর্থ-বৈপরীত্যে বিলম্ব। তুল—নিথালিস, অপলকা] বি, বিলম্ব ; দেরী ; অপেক্ষা। প্র—"তোমার বুঝি আর হাটের দিন পর্য্যন্ত তর সইল না ?"—নীলদর্পণ। ২। বেগ ; velocity ; speed.

তর (র্‌) [ফা—তর্‌=সরস করা] বিণ, জল সিক্ত ; ভিজা ; wet. ৪। নেশায় চুর ; মাতাল ; intoxicated.

তরই, তরুই (তোরুই) [হিঃ] বি, ঝিঙা : acutangula.

তরই [ব্রজ] ক্রি, তরে। **তরইতে**—উত্তীর্ণ হইতে ; তরিতে। প্র—অব পাছু তরইতে চাই।

তরওয়াল (তর্‌ওআল্‌) [তরবারি শব্দজ] বি, খড়্গ ; তরবারি ; অসিবিশেষ [অসি দ্রঃ]।

তরঃ—তরস দ্রঃ।

তরকচ, তরকোচ (তর্‌কোচ্‌) [ফা—তর্‌কশ্‌ (তূণীর) শব্দজ] বি, তূণীর ; বাণের আধার। প্র—"তরকচ পরিপূর্ণ বাণে"—রায়মঙ্গল। "তরকোচে বাণ গুলি তেত্রিশ হাজার॥"—ঘনরাম।

তরকশ (তর্‌কশ্‌)[ফা—তর্‌কশ্‌ (তূণীর)] বি, তূণীর ; বাণাধার ; a quiver.

তরকারী (র্‌) [হি—তর্‌ (তৃপ্তি) কারী হি—তর্‌কারী] বি, ব্যঞ্জনের যোগ্য ফল মূলাদি ; আনাজ ; esculent vegetable ; garden stuff. ২। যাহা সংযুক্ত করিয়া আহার করিলে অন্ন স্বাদু হয় এরূপ ব্যঞ্জন curry.

তরক্ষু, তক্ষুর্ (তরক্‌খু, তোর্‌খু) [সং] বি, পুং, নেকড়িয়া বাঘ ; a hyæna. প্র—"তরক্ষু প্রভৃতি পশু লিখিল বিশাল।"—কবিক

তরঙ্গ (তরংগ) [তৃ (পার হওয়া, বিস্তৃত হওয়া) + অঙ্গ (কর্ত্তৃ) যে উর্দ্ধ বা বক্রভাবে ব্যাপ্ত হয়] বি, পুং, উর্দ্মি ; ঢেউ। প্র—"সাধের তরণী আমার কে দিল তরঙ্গে"—বঙ্কিম। "এ যৌবন-জল-তরঙ্গ রোধিবে কে হরে মুরারে হরে মুরারে।"—বঙ্কিম। ২। চুনাট ; তরঙ্গবৎ কুঞ্চন। ৩। কম্প ; কম্পন। প্র—বায়ু-তরঙ্গ। ৪। অশ্রুধারা। প্র—"পতি শোকে রতি কাঁদে বিনাইয়া নানা ছাঁদে ভাসে চক্ষু জলের তরঙ্গে।"—অ, ম। ৫। অঙ্গভঙ্গী। প্র—"রয়ে রয়ে যান দেবী করিয়া তরঙ্গ। তার পাছে ব্যাধ ধায় যেমন পতঙ্গ॥" —কবিক।

তরঙ্গায়িত (তরংগাইত) [তরঙ্গ + আয় (শীলার্থে) = তরঙ্গায় (তরঙ্গ সদৃশ) + ত (কর্ত্তৃ, ক্ত) অথবা তরঙ্গায় (নাম ধাতু) + ইত (পরিণতার্থে)—তরঙ্গরূপে পরিণত] বিণ, তরঙ্গাত্মক ; তরঙ্গের ন্যায় গতিশীল ; undulatory প্র—"আমরা সাধারণতঃ যে পদার্থের উত্তাপ হ্রাস বৃদ্ধির উল্লেখ করিয়া থাকি, প্রকৃত প্রস্তাবে, তাহা ঐ পদার্থের পরমাণুর গতির বেগের হ্রাস বৃদ্ধি মাত্র। এই মতকে **তরঙ্গায়িত-গতি-মত** (undulatory theory) বলে। অধুনা বিজ্ঞান জগতে এই মতই সর্ব্বাপেক্ষা অধিক প্রচলিত।"—ভৌতিক তত্ত্ব।

তরঙ্গিণী (তরোংগিনি) [তরঙ্গ + ইন্‌ (অস্ত্যর্থে) —তরঙ্গিন্‌ + ঈপ (স্ত্রী)] বি, স্ত্রী, যাহার তরঙ্গ আছে ; নদী। প্র—"অনুমতি দেহ, জলেশ্বরী, তরঙ্গিণী বিমলসলিলা আছে যত ভবতলে কিঙ্করী তোমারি, তা সবার সহ আমি বিহারি সতত,"—মেঘনাদ।

তরঙ্গিত (তরংগিতো) [তরঙ্গ + ইত (যুক্তার্থে)] বিণ, তরঙ্গায়িত ; তরঙ্গযুক্ত। ২। ভঙ্গিবিশিষ্ট। ৩। চঞ্চল।

তরজমা, তর্জ্জমা (তর্‌জমা) [আ—তর্‌জমাঃ (অনুবাদ)] বি, অনুবাদ ; ভাষান্তরিতকরণ।

তরজা (তর্‌জা) [আ—তর্‌জা] বি, গানবিশেষ ; দুইদলে সঙ্গীতে উতোর কাটাকাটি ; কবি গান ও ঝুমুর ইহার সমজাতীয়। পূর্ব্বে তর্জ্জা ও ঝুমুরের খুব আদর ছিল সুতরাং প্রচলন ছিল ; কিন্তু এই সকল গান এমনই অশ্লীলতা-দুষ্ট ছিল যে লোকের রুচির সঙ্গে সঙ্গে তরজা, ঝুমুর প্রভৃতি প্রায় লোপ পাইয়া আসিয়াছে।

তরণ (তরোন্‌) [তৃ (পার হওয়া) + অন (ভাবে, অনট্‌)] বি, ক্লী, পার গমন ; উত্তরন। ২। [করণে—অনট্‌। যাহা দ্বারা পার গমন করা হয়] পুং, ডোঙ্গা। ৩। ভেলা।

তরণি (নি) [বাং-য় তরণী অধিক চলিত। সং—তৃ (পার হওয়া) + অনি (করণে)—যাহা দ্বারা নদ্যাদি পার হওয়া যায়] বি, স্ত্রী, নৌকা। ২। ভেলা ; উড়ুপ। ৩। বিণ, ত্রাণকর্ত্তা ; উদ্ধারক।

তরণী (তরোনি) [তৃ (পার হওয়া) + অনী (করণে) সংজ্ঞার্থে—যাহা দ্বারা নদ্যাদির পারে গমন করা হয় ; তরণি দ্রঃ] বি, স্ত্রী, নৌকা ; ভেলা। প্র—"জানিহে যবে প্রভাত হবে, তোমার কৃপা-তরণী। লইবে মোরে ভবসাগর কিনারে (হে প্রভু)।"—রবি।

"হে দীন-বন্ধো যায় যে প্রাণ।
অকূল সিন্ধুমাঝে ডুবিছে তরণী,
ঘোর দায়ে কর ত্রাণ॥"
—পণ্ডিত শ্যামাচরণ মুখোপাধ্যায়।

২। [আয়ুর্ব্বেদে] ঘৃত কুমারী ; the aloe. ৩। শেউতী গোলাপ ; rosa moschata.

তরণ্ডক (তরনডক্‌) [ত (পার হওয়া ; তরণ করা ; জলে ভাসা)] বি, ফাতা ; ফাৎনা। ২। তীর্থবিশেষ।

তরতফাত (তর্‌তফাৎ) [তর (দ্রঃ)—তফাৎ দ্রঃ] বি, ইতরবিশেষ ; ভেদাভেদ।

তরতম [তর এবং তম (দ্বন্দ্ব)]। প্রা—তারতম্য] বিণ, ন্যূনাধিক ; কম বেশী ; ছোট বড়। ২। [প্রাদে] বি, ছোট বড় ভেদ জ্ঞান। ৩। ইতস্ততঃ ; সংশয়।

তরতর (তরোতরো) [তর দ্রঃ। বহুলার্থে পৃথগার্থ দ্বিত্ব] বিণ, রকম রকম, নানাবিধ ; অনেক প্রকার ; হরেক রকম ; রঙ বেরঙের। প্র—"কাঁধে ঝুলি গলে কত তর তর মালা।" —কবিক। ২। (তর্‌তর্‌) অ, গমনভঙ্গী সূচক ; গতি বা বেগ সূচক। ৩। জলাদি তরল পদার্থের বেগে প্রবাহিত হইবার অব্যক্ত শব্দ। প্র—নদীর জল তর্‌ তর্‌ শব্দে বহিয়া যাইতেছে। ৪। ক্রি-বিণ, শীঘ্র। ক্রি-বিণ, **তরতরিয়া, তরতরি** (পদ্যে)—তরতর শব্দে। ২। শীঘ্র ; তাড়াতাড়ি। প্র—"তরী একখানি মলয় মারুত ভরে কোথায় না জানি চলে গেল তরতরি।"—অরুণ।

তরতিব্‌ (তোরতিব্‌) [আ—তর্‌তীব্‌] বি, নিয়ম ; ক্রম ; কৌশল ; গোছ।

তরপণ্য (তরপোন্‌নো) [তরের (পার গমনের) পণ্য (মূল্য) ৬ তৎ] বি, ক্লী, পারানি ; শস্যাদি পার করিবার পারিশ্রমিক ; খেয়ার পয়সা।

তরপদী (তরপোদি) [তর (যাহা দ্বারা সন্তরণ করে) এরূপ, পদ (পা) হইয়াছে যাহার, বহু] বি. স্ত্রী. হংসাদি লিপ্তপদ জলচর। ২। বিণ, তরণ-যোগ্য লিপ্তপদ।

তরফ (তরফ্) [আ—তরফ্] দিক ; পার্শ্ব। ২। শেষ সীমা ; ধার। ৩। পক্ষ ; party. প্র—"বসিল অনেক মিয়া আপন তরফ লৈয়া কেহ নিকা কেহ করে বিয়া।"—কবিক। ৪। [রাজস্ব] পরগণার অংশবিশেষ অর্থাৎ এক এক গোমস্তার অধীন অংশকে তরফ বলে। (২) কোন ব্যক্তিবিশেষের অধিকৃত বা জমিদারী কিম্বা জমিদারীর অংশ ; মহাল। প্র—মধ্যম তরফ (রঙ্গপুর)।

sion of a pargana, including several villages. In some places it merely designates the lands or estate belonging to an individual which is named after him, as Taraf Joynarayan Ghosal.—Bengal. In Marathi it signifies also a portion of village lands. —*Wilson*, Bombay.]

তরফদার (তরফ্দার্) [আ—তরফ্ + ফা—দার্] বি. উপাধিবিশেষ। ২। পক্ষাবলম্বী ব্যক্তি; পক্ষাশ্রয়ী ; দলের লোক। ৩। বিণ, পক্ষপাতী ; পক্ষানুরাগী ; partial. ৪। তরফের রাজস্ব সংগ্রহকর্ত্তা [তরফ দ্রঃ]। ৫। তরফের অধিকারী ; জমীদার। [দ্রঃ—"An officer of government in charge of Taraf, collecting the revenue and exercising chief revenue and police authority in his District ; the holder of a Taraf, or portion of village lands."—*Wilson*]

তরফদারী (তরোফ্দারি) [তরফদার দ্রঃ] বি. পক্ষাশ্রয় ; পক্ষাবলম্বন। ২। কোন পক্ষের অনুকূল কার্য্য করা। ৩। পক্ষপাত ; partiality.

তরফা (তর্ফা) [তরফ দ্রঃ] অ. একদিককার ; একপক্ষের। প্র—একতরফা শুনে কোন মত দেওয়া যায় না। ২। এক পেশে ; একপার্শ্ববর্ত্তী। ৩। [আইন] বাদী ও প্রতিবাদীর মধ্যে উপস্থিত একপক্ষের জবানবন্দী শুনিয়া (বিচার নিষ্পত্তি)। প্র—একতরফা ডিক্রী।

তরবার, তরবারি (তরোবার্) [তর (আঘাত) বার, বারি (যে বারণ করে)] বি. পুং. খড়্গ ; তরওয়াল ; কৃপাণ ; sword.

তরবুজ্ (তোরবুজ্) [ফা—তর্বুজ] বি. তরমুজ ; water-melon.

তরবেতর (তরোবেতরো) [আ—তরহ্] বিণ. বহুবিধ ; নানাপ্রকার ; রকম রকম।

তরমাণ (তরোমান্) [তৃ + আন (কর্ত্তৃ—শান) ম্ আগম] বিণ. যে নদ্যাদি পার হইতেছে। ২। সন্তরণশীল।

তরমিম (তোরমিম্) [আ—তর্মীম্। আদাঃ পরিঃ] বি. পরিবর্ত্তন ; সংশোধন।

তরমুজ (তোরমুজ্) [সং—তরম্বুজ (কামাখ্যাতন্ত্রে)। তরবুজ দ্রঃ। উৎকলে—তর্ভুজ] বি. প্রসিদ্ধ ফল ; water-melon.

তরল (তরোল্) [তৄ (পার হওয়া, গড়াইয়া যাওয়া) + অল (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বিণ. জলবৎ পাতলা ; দ্রব ; ঢলঢলে ; বাষ্পীয় ; gaseous ; fluid ; liquid. ২। বিগলিত ; গলিত ; আর্দ্র। প্র—"মৃত্যুকথা শুনি রায় দয়ায় তরল।"—ঘনরাম। "আনন্দে তরল বাদ্দিআ মঙ্গল"—শূ. পু। ৩। কম্পমান। প্র—"তরাসে তরল যত নগরের লোক।"— "স্তনভারে মন্থরগামিনী সুবদনা মালবিকা তরল-নয়নী॥" ৫। শিথিল। প্র—"তরলতনু"—ঘনরাম। ৬। তলদারবাঁশ : নরম ফাঁপা সরু বাঁশবিশেষ। প্র—"তরল বাঁশের " " নামে বেড়াজাল। সবার সুলভ বাঁশী রাধার হৈল কাল॥"—চণ্ডীদাস। ৭। ক্ষিপ্র ; শীঘ্র ; লঘু ; দ্রুত। প্র—"হয়ে অতি সাবহিত নারদ গায়েন গীত বীণাগুণে তরল অঙ্গুলী।"—কবিকঙ্কণ। ৮। কামুক [অপ্র]। ৯। উজ্জ্বল [অপ্র]। ১০। বি. বিপদ ; প্রমাদ ; সঙ্কট। প্র—"সেইরূপেই ঘটিল অশেষ অমঙ্গল। শুনিয়া ভূপতি ভয়ে ভাবিল তরল।"—ঘনরাম। ১১। বি. পুং. হারের মধ্যস্থিত মণি ; ধুক্‌ধুকি। ১২। হার। স্ত্রী. তরলা—মদ্য। ২। মৌমাছি। ৩। বিণ. চঞ্চলা।

তরলনয়ন (তরল্নয়ন্) [তরল (চঞ্চল) হইয়াছে নয়ন (চক্ষু) যাহার—বহু] বি. পুং. চঞ্চলচক্ষু ; তরললোচন। স্ত্রী. তরলনয়না, তরলনয়নী—তরলাক্ষী ; চঞ্চললোচনা। প্র—"স্তনভারে মন্থরগামিনী। সুবদনা মালবিকা তরলনয়নী॥"

তরলপদার্থ (তরোল্পদার্থ) [তরল দ্রঃ] বি. জলবৎ পাতলা বা দ্রব পদার্থ ; liquid ; fluid. [দ্রঃ—"যে পদার্থ আপনা হইতেই, যে সে আকার ধারণ করে ও সহজে গড়াইয়া যায় ; যাহার একস্থানে একটু উচু হইলেই গড়াইয়া যায়।"—পদার্থবিদ্যা]

তরলমতি (তরোল্মোতি) [তরল (লঘু, চঞ্চল) + মতি (বুদ্ধি) যাহার—বহু] বিণ. চঞ্চল হৃদয় ; লঘুচিত্ত ; fickle.

তরলিকা [তরল + ঈ—ক + অস্] বিণ. চঞ্চলা। ২। হারবিশেষ। ৩। কাদম্বরীকথায় জনৈক সখী।

তরলিত (তরোলিতো) [তরল + ইত (সঞ্জাতার্থে)] বিণ. কম্পিত ; তরঙ্গায়িত। ২। দ্রবীভূত ; বিগলিত। ৩। বিস্তারিত ; ব্যাপ্ত।

তরলীকৃত (তরলীকৃতো) [তরল + ঈ (অভূততদ্ভাবার্থে (চ্বি)—কৃত ; যাহা তরল নয় তাহাকে তরল করা হইয়াছে] বিণ. ঘন বা কঠিন পদার্থকে তরল বা পাতলা করা। liquefied.

তরললোচন (তরল্লোচন্) [তরল (চঞ্চল) হইয়াছে লোচন (চক্ষু) যাহার—বহু] বি. পুং. চঞ্চলনয়ন ; তরলাক্ষ। স্ত্রী. তরললোচনা—চঞ্চলনয়না ; তরলাক্ষী।

তরস, তরঃ (তরশ্) [তৄ + অস (সংজ্ঞার্থে) কিম্বা তরস্ (বল) + অ (করণে) যাহাদ্বারা বল হয়] বি. ক্লী. মাংস। ২। বেগ ; গতি ; বল ; velocity ; speed ; strength ৩। বিণ. বেগবান্ ; বেগযুক্ত।

তরসি (তরশি) [ব্রজ। তরস (ত্রাস) + ই (যুক্তার্থে)] ক্রি-বিণ. সবেগ ; সত্রাস। প্র—"পরশিতে তরসি করহি কর ঠেলি"—বিদ্যাপতি।

তরস্ত [ত্রস্ত শব্দজ। তরস + ত (যুক্ত)] বিণ. ব্যস্ত ; ত্বরান্বিত। ২। ক্রি-বিণ. শীঘ্র ; ক্ষিপ্রগতিতে ; ব্যস্তসমস্তভাবে ; তাড়াতাড়ি ; in haste.

তরস্থান (তরস্থান্) [তরের (পার গমনের, পরপারে যাইবার) স্থান (ভূমি)—৬তৎ] বি. ক্লী. উত্তরণস্থান ; পারঘাট ; আতর a wharf.

তরস্বান্ (তরশ্শান্) [তরস্ (বেগ) + বৎ (অস্ত্যর্থে, বতু) = তরস্বৎ—১মা. ১ব] বিণ. বেগবান্ ; দ্রুতগামী। ২। বলশালী।

তরস্বী (তরোশ্শি) [তরস্ + বিণ. (অস্ত্যর্থে) = তরস্বিন্ ১মা. ১ব] বিণ. শীঘ্রগামী ; বেগবান্। ২। বলশালী ; বলবান্। ৩। রোগগ্রস্ত। ৪। বি. পুং. বায়ু। ৫। চতুর্থ মনুর পুত্র। ৬। গরুড়। ৭। ডাকহরকরা ; a courier.

তরা [তরণ শব্দজ। উ-পু—তরি। ম-পু—তর। প্র-পু—তরে। অস-ক্রি—তরিতে ; তরিয়া, তরি (পদ্যে), ত'রে (তোরে)। ণিজন্ত—তরান] ক্রি. তরণ করা ; উত্তীর্ণ হওয়া ; পার হওয়া। ২। তরিয়া যাওয়া। প্র—"অন্নপূর্ণা পূজা করি তরিলে সে দায়।"—অন্নদামঙ্গল। "আপনি তরিয়ে জগত তরায়"—চণ্ডীদাস।

তরা [সং—ত্বরা অপভ্রংশে [বি. ত্বরা। তরা করে—শীঘ্র ; সত্বর।

তরাগতি (গো) [ত্বরা—গতি] ক্রি-বিণ. দ্রুতগতি ; শীঘ্র। প্র—"কোটাল চারিজনে আদেশি দেবগণে নারদে আনাহ তরাগতি।"—শূন্য পুরাণ।

তরাজু (ফা—তরাজূ] বি. তুলাদণ্ড ; দাঁড়িপাল্লা ; নিক্তি ; a pair of scales. প্র—"ধনের পাইয়া আশ আসিতে বীরের পাশ ধায় বেগে খিড়কির পথে। মনে বড় কুতূহলী

কাঁখেতে কড়ির থলী হড়পী তরাজু করি হাতে॥"—কবিকঙ্কণ। "কারে দেন গুটীগুটী কারে দেন মুটীমুটী। দরিদ্দকে ধন দেন তরাজু ধরিআ॥"—শূন্য পুরাণ।

তরান (তরানো) ["তরা" শব্দের ণিজন্ত-রূপ। উ-পু—তরাই। ম-পু—তরাও। প্র-পু—তরায়। অস-ক্রি, তরাইতে; তরাইয়া; তরিয়ে] ক্রি, পার করা; উদ্ধার করা; বাঁচানো। প্র—"একবার, এলে যদি পাপী বেঁচে যায়, তবে কেন দেখা দেওনা তায়? তারে নরকের আবর্ত্ত হতে, তুমি বিনা কে তরায়।"—ব্রহ্মসঙ্গীত। "আপনি তরিয়ে জগত তরায়, তাহাকে তরাবে কে"—চণ্ডীদাস। ৩। (তরান্) বি॰ উদ্ধারকরণ; পারকরণ। প্র—তাহাকে এমন তরান তরাবে।

তরাতর, তরাতরি (তরাতর্, তরাতোরি) [ত্বরাত্বরি শব্দজ] ক্রি-বিণ, সত্বর; শীঘ্র: তাড়াতাড়ি। প্র—"পুন আর বার আসি তরাতর রামিণী জগতমাতা।"—চণ্ডীদাস। প্রা-বাং-র —**তরাতুরি**—শীঘ্রশীঘ্র। প্র—"তরাতুরি আইলা তীর্থবারানসীর পানি।"—শূন্য পুরাণ।

তরান্ধু—বি, বৃহদাকার প্রশস্ততল নৌকা-বিশেষ।

তরাবারে [তরান দ্রঃ। তরাইতে এই অর্থে তরাইবার+এ অধিকরণে—সংক্ষেপে তরা-বারে] অস-ক্রি, তরান সম্বন্ধে: তরাইতে। প্র—"ভাব দেখি সে কি তারে তরাবারে পারে॥'—অন্নদামঙ্গল।

তরাস (তরাশ্) [ত্রাস শব্দের অপভ্রংশ] বি, শঙ্কা; ভয়: ত্রাস। প্র—"কথা না সরে দক্ষরাজের তরাসে"—অন্নদামঙ্গল। "তরাসে মরিয়া রই সেধে অপরাধি হই"—কুঙ্কুম। ২। ছত্রবিশেষ। ৩। [ফা] কর্ত্তন। প্র—কলম-তরাস। **তরাস-চামর**—মাছি মারিবার জন্য ব্যবহৃত দণ্ড বা চামরবিশেষ: a fly-flap.

তরাসি (তরাশি) [তরাস দ্রঃ। 'তরাসিয়া' র সংক্ষেপ। পদ্যে] অস, ক্রি, ত্রাসিত করিয়া: ভয় দেখাইয়া। ২। [তরাসিআ (তরাস+ইআ (যুক্তার্থে)। চ—তরাসে] বিণ, আকুল; চকিত; চঞ্চল। ২। ত্রাসিত; ভীত। প্র—ভয়-তরাসে ছেলে। প্র—"তেজি শঙ্কা ভুজপাশে। বান্ধি ধয়ল জনু উড়ব তরাসে॥"—বিদ্যাপতি।

তরি (তোরি) [তৄ (পার গমন করা) + ই— (করণে, সংজ্ঞার্থে) যাহাদ্বারা নদ্যাদির পার গমন করা যায়] বি, স্ত্রী, নৌকা: তরণী [তরী দ্রঃ]। প্র—"যাহারে কাণ্ডারী করি, সাজাইয়া দিনু তরি, সে কভু দিল না পদ তরণীর অঙ্গে॥"—বঙ্কিম। ২। পোষাক রাখিবার পেটিকা; কাপড়ের পেটারি। ৩। বস্ত্রের দশা; দশী। ৪। [পদ্যে] ক্রি, উত্তীর্ণ হই; উদ্ধারলাভ করি; বাঁচি। ৫। ['তরিয়া'র সংক্ষেপ] উত্তীর্ণ হইয়া; বাঁচিয়া। প্র—"ভবসঙ্কটেতে তরি কেমনে ভেবেছ রে মন কি মনে মনে"—দাশরথি।

তরিত (তোরিত) বিণ, পারে নীত; carried-over or across. স্ত্রী—**তরিতা**।

তরিতা (তোরিতা) বি, স্ত্রী, তর্জ্জনী। ২। রশুন। ৩। গাঁজা।

তরিতা—বি, পুং, যাহা পার হয় বা পরপারে যায়। ২। বিণ, পারে নীতা।

তরিত্র (তোরিৎত্র) [তৄ (পার হওয়া) + ত্র (করণে, ষ্ট্রণ্) ই—আগম, যাহাদ্বারা পার হওয়া যায়] বি, ক্লী, নৌকা, ভেলা প্রভৃতি। স্ত্রী, **তরিত্রী**—নৌকা: ভেলা [তরিতা দ্রঃ]।

তরিবৎ (তো) [আ—তরীবৎ] বি, উপদেশ শিক্ষা। ২। [বিদ্রূপার্থে] তালিম প্র—"হদ্দ তরিবৎ পায় মশার কামড়ে'"—হেম বন্দ্যো। ৩। ধারা; রীতি: চালচলন; আদবকায়দা: etiquette. প্র—"খোস পোষাকে সজ্জা করি বহাল তবিয়ৎ। স্বর্ণ-চাঁপা স্মরণ করেন, সভ্য তরিবৎ॥"—হেম বন্দ্যো। ৪। শাসন; তাড়না। ৫। প্রতিপালন।

তরী (তোরি) [তৄ (পার হওয়া) + ঈ (করণে, সংজ্ঞার্থে)—যাহাদ্বারা পার হওয়া যায়] বি, স্ত্রী, তরণী: নৌকা [তরি দ্রঃ] প্র—"আমায় দেও মা চরণ-তরী। আমি অগাধজলে ডুবে মরি॥"—রায় কালীপ্রসন্ন ঘোষ।

তরীক (তোরীক্) [আ—ত্বরীক্] বি, পথ। ২। ধরণ; প্রকৃতি; রকম। ৩। নিয়ম। ৪। অনুষ্ঠান: পদ্ধতি।

তরু (তোরু) [তৄ (পার হওয়া, উৎপন্ন হওয়া) + উ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, দ্রুম; বৃক্ষ; গাছ।

তরুই (তোরুই) [হি—তরই] বি ফল-বিশেষ; ফল: ঝিঙা। ২। ধুন্দুল ফল।

তরুণ (তোরুন্) [তৄ (পার হওয়া) + উন (কর্ত্তৃ) যে জীবনের বাল্যাবস্থা পার হইয়াছে] বি, পুং, নবযুবক। ২। বিণ, অপরিপক্ব। ৩। নবীন; নূতন: অভিনব। স্ত্রী, **তরুণী তরুণা**। বি, তরুণতা: তরুণত্ব।

তরুণজ্বর (তোরুনোজ্‌জর্) [তরুণ (নব) জ্বর—কর্ম্মধা] বি, নবজ্বর: নূতনজ্বর।

তরুণতা, তরুণত্ব (তোরুনোতা, তোরু-নোৎত্তো) [তরুণ দ্রঃ] বি, নবীনত্ব; নূতনত্ব; অভিনবত্ব। ২। কৈশোর; যৌবনোদ্ভব; নবযৌবন।

তরুণদধি (তোরুনদোধি) [তরুণ (নূতন, সদ্যঃ) দধি] বি, সদ্যোজাত দধি; সাজো দৈ। ২। পাঁচদিনের পাতা (বাসি) দৈ।

তরুণবয়স্ক (তোরুনবয়োশ্‌কো) বিণ, কিশোর; অল্পবয়স্ক। স্ত্রী, **তরুণবয়স্কা**।

তরুণা (তোরুনা) বি, স্ত্রী, তরুণী [তরুণ দ্রঃ] নবযুবতী; নবীনা। ২। বিণ, যৌবন-শালিনী; অভিনব সৌন্দর্য্যমণ্ডিতা। প্র—"আবার কবে ধরণী হবে তরুণা? যেদিকে চাব দেখিতে পাব নবীনপ্রাণ, নূতনপ্রীতি আনিবে নীতি কুমারী উষা অরুণা; আবার কবে ধরণী হবে তরুণা।"—মানসী (রবি)।

তরুণাস্থি (তোরুনাস্‌থি) [তরুণ+অস্থি] বি, জীবদেহের উপাস্থিবিশেষ; cartilage.

তরুণিম (তোরুনিম) [ব্রজ। তরুণ শব্দজ] বি, তারুণ্য, তরুণাবস্থা। প্র—"তরুণিম শৈশব চিহ্নই না জান"—বিদ্যাপতি।

তরুণী (তোরুনি) [তরুণ শব্দের স্ত্রীলিঙ্গে] বিণ, স্ত্রী, যুবতী; নবযুবতী; কিশোরী; নবীনা। ২। ১৬ হইতে ৩০ বৎসর পর্য্যন্ত বয়স্কা নারী: প্রৌঢ়ার পূর্ব্বাবস্থা। ৩। [আয়ুর্ব্বেদে] ঘৃতকুমারী। ৪। শেউতীগোলাপ; শ্বেতগোলাপ; the Indian white-rose; rosa moschata. ৫। ক্ষুদ্রদন্তী ক্ষুপ। ৬। স্থূল কৃষ্ণজীরক।

তরুতল (তোরুতল্) [তরুর—তল, ৬তৎ] বি, ক্লী, বৃক্ষের মূল; গাছতলা।

তরুনখ (তোরুনখ্) বি, কণ্টক।

তরুপংক্তি, তরুপঙ্‌ক্তি (তোরুপোংক্তি) বি, বৃক্ষের সার: তরুরাজি: a row of tree; an avenue.

তরুবল্লী (তোরুবোল্‌লি) [তরুতে স্থিত বল্লী —৭তৎ] বি, স্ত্রী, তরুকে বেষ্টন করিয়া যে লতা উত্থিত হয়। ২। জতুকানাম্নী সুগন্ধ-লতা; চক্রবর্ত্তিনী। ৩। [তরু-এবং বল্লী (দ্বন্দ্ব)] বৃক্ষ ও লতা।

তরুবিলাসিনী (তোরুবিলাশিনি) [তরুর —বিলাসিনী, ৬তৎ] বি, স্ত্রী, নবমল্লিকা।

তরুভুক্ (তোরুভুক্) [তরু (বৃক্ষ) ভুজ্ (ভোজন করা) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে তরুর রস ভক্ষণ করিয়া বর্দ্ধিত হয়] বি, পুং, পরগাছা। ২। বিণ, তরুভোজী: herbivorous

তরুমালিনী (তোরুমালিনি) বি, স্ত্রী, ভূম্যামলকী; ভুঁই আমলা।

তরুমূল (তোরুমূল্) [তরুর—মূল] বি, বৃক্ষ-মূল। ২। তরুতল; গাছতলা।

তরুমৃগ (তোরুমৃগো) [তরু (বৃক্ষ) তাহাতে থাকে যে মৃগ (পশু) ৭তৎ] বি, পুং, শাখা-মৃগ; বানর।

তরুরাগ (তোরুরাগ্) বি, পুষ্প। ২। অঙ্কুর।

তরুরাজ (তোরুরাজ্) [তরুর রাজা (প্রধান) —৬তৎ, রাজন্=রাজ] বি, পুং, বট; অশ্বথ। ২। মহাতরু।

তরুরুহ (তোরুরুহ্) [তরু—রুহ্ (আরোহণ করা) + অ(কর্তৃ) সংজ্ঞার্থে (যে আরোহণ করে)] বি. বৃক্ষে আরোহণকারী লতা ; হরিদ্রাভ লতাবিশেষ। ২। পরগাছা ; parasite.

তরুশায়ী (তোরুশাঈ) [তরু (বৃক্ষ) তাহাতে শায়ী (যে শয়ন করে)] বি. পুং. পক্ষী। ২। বিণ. বৃক্ষে শয়নকারী। স্ত্রী. **তরুশায়িনী**।

তরুশিখর (তোরুশিখর্) [তরুর—শিখর (চূড়া)] বি. বৃক্ষের চূড়া ; মগডাল ; গাছের আগা।

তরুস্থ (তোরুস্থ) বিণ. বৃক্ষস্থিত ; বৃক্ষে অবস্থিতিকারী। স্ত্রী. **তরুস্থা**।

তরুট (তোরুট্) বি. পুং. পদ্মের মূল ; গেঁড়।

তরে [প্রাদে] অ. নিমিত্ত ; জন্য। প্র—"গাঁথরে ভক্তির হার, তাঁর তরে।"—কালীপ্রসন্ন ঘোষ। "সন্তান মঙ্গল তরে জননী তাড়না করে"—বাং-গান (রাম দত্ত)। ২। উদ্দেশে—(১) দানার্থ ; অর্পণার্থ। প্র—"* * * এই লও আনিয়াছি তব তরে মৃণাল-বাঁশরি"—গোলাবগুচ্ছ (দেবেন্দ্র সেন)। (২) প্রাপ্ত্যর্থ ; লাভার্থ। প্র—"হে ভবেশ তব তরে পার্ব্বতীসুন্দরী করিলেন মহাধ্যান হিমাদ্রিশিখরে!"—গোলাবগুচ্ছ। ৩। উপলক্ষে। প্র—"একটা বিশেষ কাজ ছিল তারই তরে এখানে আসা। ৪। অবলম্বন ; ভরসায় ; আশায়। ৫। গর্ব্বে ; অহঙ্কারে ইত্যাদি। প্র—"যৌবন জোয়ারের বারি তার তরে তোর গুমর এত"—গান। ৬। অবধি ; পর্য্যন্ত ; মত। প্র—"এখন সে সীতারে, এ জনমের তরে রাবণ-সাগরে বিসর্জ্জন দিলেম॥"—মদন-মাষ্টার। ৭। স্নেহে ; অনুরাগে ; টানে ; মঙ্গলার্থ ; হিতার্থ। প্র—"আমি মরি তোমার তরে, তুমি আছ কি সুসারে, * * * * আমার ওষ্ঠাগত প্রাণ মন যোগাতে"—গোপাল উড়ে। ৮। হেতু ; কারণে ; যুক্তিতে। প্র—"অজ্ঞান অবোধ ছেলে পিতৃ আজ্ঞা অবহেলে পিতে তারে, তার তরে করে কিহে পরিহার।"—বাং—গান।

তরে [তৃ (পার হওয়া) ধাতুজ] ক্রি. উদ্ধার পায় ; ত্রাণ লাভ করে ; বাঁচে। প্র—"তাঁর নামের গুণে পাপী তরে"—বাং-গান। ২। পার হয়। ৩। (তোরে) [তরিয়া শব্দের সংক্ষেপ] অস-ক্রি. তরিয়া ; উদ্ধার লাভ করিয়া। প্র—"ঐ নামে জগাই মাধাই তরে গেল ঐ নাম ক'রে সাধনা।"—বাং-গান। ৪। পার হইয়া। প্র—"হরিবল মন, ভক্তিভরে বিপদসাগর যাবি তরে, ভবের শ্মশান থাকবে দূরে * * * ঘুচে যাবে যম-যাতনা॥"—রাজকৃষ্ণ রায়। ৫। বাঁচিয়া।

তরো (তরো) [আ—তরহ্] অ. প্রকার রকম। প্র—"কতই দিকে তুলছে কত কতই তরো সুর"।—হেম বন্দ্যো। ২। উদ্ধার পাও ; বাঁচ।

তরোবেতরো—অ. রকম রকম ; হরেক রকম ; নানাপ্রকার। প্র—লোকটা গলা থেকে তরোবেতরো সুর বাহির করিতেছে।

তর্ক (তর্‌কো) [তর্ক (বিতর্ক করা) + অ (ভাবে, অল)] বি. পুং. বিতর্ক ; বাদানুবাদ। প্র—"ভক্তিতে মিলয়ে কৃষ্ণ তর্কে বহুদূর।"—প্রবচন। ২। যুক্তি ; বিচার। ৩। ন্যায়-শাস্ত্র। ৪। কারণ ; হেতু। ৫। সন্দেহ ; অনুমান। ৬। উৎপ্রেক্ষা ; প্রস্তুত বিষয়ে অপ্রস্তুত বিষয়ের কল্পনা। ৭। শঙ্কা [বিরল]।

তর্কজাল (তর্‌কোজাল) বি. বহুতর্ক। ২। কুতর্ক ; কূটতর্ক।

তর্কবিতর্ক (তর্‌কোবিতর্‌কো) [তর্ক + বি (বিপরীত) তর্ক] বি. বাদানুবাদ ; অনুকূল ও প্রতিকূল আলোচনা ; বিচার বিতর্ক।

তর্কবিদ্যা (তর্‌কোবিদ্‌দ্যা) [তর্কের বিদ্যা (জ্ঞান) হয় যাহা হইতে, বহু] বি. স্ত্রী. ন্যায়শাস্ত্র।

তর্কমুদ্রা (তর্‌কোমুদ্‌দ্রা) বি. স্ত্রী. তন্ত্রশাস্ত্রোক্ত মুদ্রাবিশেষ।

তর্করত্ন [তর্ক (ন্যায়শাস্ত্রে) রত্ন (শ্রেষ্ঠ)] কৃতবিদ্য নৈয়ায়িকের উপাধি।

তর্কশাস্ত্র (তর্‌কোশাস্‌ত্রো) বি. ন্যায় শাস্ত্র ; যে শাস্ত্রে যুক্তিদ্বারা বিচার করিতে শিক্ষা দেয় ; logic.

তর্কাতর্কি [তর্ক + আ (ব্যাপ্ত্যর্থে) + তর্ক + ই (ভাবে)] শাস্ত্রীয় বাদানুবাদ বা বিচার। প্র—"নিগম আগম মত পুরাণ সংহিতা যত তর্কাতর্কি নানা মত করে।"—অন্নদামঙ্গল।

তর্কাভাস (শ্) [তর্কের আভাস—৬তৎ] বি. পুং. কুতর্ক ; অকিঞ্চিৎকর যুক্তি।

তর্কারী [চলিত "তরকারী"] আনাজ। ২। ব্যঞ্জন। ৩। জয়ন্তী গাছ।

তর্কিত (তোর্‌কিত) [তর্ক্ (বিতর্ক করা) + ত (কর্ম্মে, ক্ত) যে বিষয়ে তর্ক করা হইয়াছে] বিণ. আলোচিত ; বিচারিত। ২। অনুমিত। ৩। উৎপ্রেক্ষিত। স্ত্রী. **তর্কিতা**।

তর্কী (তো) [তর্ক + ইন্ (অস্ত্যর্থে)—তর্কিন্ ১মা, ১ব] বি. পুং. নৈয়ায়িক ; তার্কিক। ২। বিণ. তর্ককারী। স্ত্রী. **তর্কিণী**।

তর্কু (তো) [কৃত্ (ছেদন করা) + উ (করণে) কৃত = তর্ক, নিপাতন] বি. স্ত্রী. সূত্রনির্ম্মাণ যন্ত্র ; টেকো ; a spindle.

তর্কুপিণ্ড (তো) [তর্কুর পিণ্ড, ৬তৎ] বি.পুং. টেকোর নিম্নস্থ মৃৎপিণ্ড ; টেকোর বাঁটুল।

তর্কেতর্কে [অপভ্রংশে,—তক্কে তক্কে, তকে তকে, তয়েতয়ে, টগেটগে (দ্রঃ)] ক্রি-বিণ. মনে মনে বিশেষ বিচার বিতর্ক করিয়া ; সতর্কভাবে ; সাবধানে। ২। সন্ধান। প্র—"লোকটা অনেক দিন হ'তে তর্কে তর্কে থেকে একদিন তাকে হঠাৎ ধরে ফেলেছে।

তর্ক্ষু (তোরখু) বি. পুং. তরক্ষু।

তর্জ্জন (তর্‌জন্) [তর্জ্জ্ (ভর্ৎসনা করা) + অন (ভাবে, অনট্)] বি. ক্লী. ক্রোধে গর্জ্জন ; ক্রোধপ্রকাশ। ২। ভর্ৎসনা ; তিরস্কার। প্র—"তর্জ্জন করেন তারে ত্রিপুরা সুন্দরী"—শিবায়ন। ২। ভয়প্রদর্শন। ৩। আস্ফালন। প্র—"গোধিকা দেখিয়া বীর করয়ে তর্জ্জন। তোমারে পোড়ায়ে আজি করিব ভক্ষণ॥"—কবিক।

তর্জ্জনী (তর্‌জোনি) [তর্জ্জ্ (ভর্ৎসনা করা) + অন (করণে—অনট্) ঈপ্ স্ত্রী. যাহা দ্বারা তর্জ্জন করা হয়] বি. স্ত্রী. প্রদেশিনী ; বৃদ্ধাঙ্গুষ্ঠের পার্শ্বস্থ অঙ্গুলি।

তর্জ্জনীমুদ্রা (তর্‌জোনিমুদ্‌দ্রা) [তর্জ্জনী অঙ্গুলী দ্বারা রচিত যে মুদ্রা, ৩তৎ] বি. স্ত্রী. তন্ত্রশাস্ত্রোক্ত অঙ্গুলীমুদ্রা বিশেষ।

তর্জ্জা [তর্জ্জ্ (ধাতু) তর্জ্জন করা অর্থে—তর্জ্জা। উ-পু—তর্জ্জি। ম-পু—তর্জ্জ। প্র-পু—তর্জ্জে। অস-ক্রি—তর্জ্জিতে ; তর্জ্জিয়া] ক্রি. তর্জ্জন করা ; তিরস্কার করা। প্র—"সর্পের সমান গর্জ্জে গোঁফে তোলা দিয়া তর্জ্জে বড় ক্ষেত্রী ব্যাধের নন্দন।"—কবিকঙ্কণ।

তর্জ্জিত (তোর্‌জিত) [তর্জ্জ্ (ভর্ৎসনা করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. ভর্ৎসিত। ২। তাড়িত। ৩। ভয় প্রদর্শিত।

তর্জ্জিয়া (তোর্‌জিআ) [তর্জ্জন দ্রঃ] অস-ক্রি. তর্জ্জন করিয়া ; ভর্ৎসনা করিয়া ; তিরস্কার করিয়া। প্র—"নিষ্ঠুর বচনে বলে তর্জ্জিয়া কোটাল।"—কবিকঙ্কণ।

তর্ত্তরিয়া, তর্ত্তরে (তর্‌তোরিয়া, তোরে) ত্বর্ (শীঘ্র, বেগ) ধাতুজ ত্বর + ত্বর (অতিশয়ার্থে দ্বিত্ব) + ইআ (বিশিষ্টার্থে)] বিণ. অস্থির ; চঞ্চল ; তত্তরে ; তত্তড়ে। ২। অচিরকারী ; শীঘ্রকারী [দ্রঃ—গ্রাম্য—"তত্তরে সন্নিপাত"—অতিশয় চঞ্চল বা অস্থির ব্যক্তিকে বলা হয়]। ৩। [ফা, তর্ (তাজা, সরস) শব্দজ। তর্ + তর্ + ইআ] স্নিগ্ধ ; সরস ; কচি। প্র—"লাউডগাটী বেশ তর্ত্তরিয়া" [পূর্ব্ববঙ্গে]।

তর্পণ (তর্‌পোন্) [প্রা—তপ্পন। তৃপ্ (তৃপ্ত হওয়া) + ণিচ্ = তর্পি + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. প্রীণন ; তৃপ্তিজনন। ২। [করণে—অনট্] পিতৃযজ্ঞ ; পিতৃ-লোকের প্রীত্যর্থে জলদান। প্র—"তিনি

প্রতিদিন স্নান করিয়া শুদ্ধভাবে দেব, ঋষি ও পিতৃতর্পণ করিবেন, দেবতাদিগের পূজা করিবেন এবং সায়ং প্রাতে সমিধ দ্বারা হোম করিবেন।"—মনুসংহিতা। ৩। [তৃপ্ + অনট্ (ভাবে)] তৃপ্তি।

তর্পিত (তোর্‌পিতো) [তৃপ্ (তৃপ্ত হওয়া) + ণিচ্ = তর্পি + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহাকে তৃপ্ত করা হইয়াছে : তৃপ্তিপ্রাপ্ত : সন্তোষিত।

তর্পী (তোর্‌পি) [তৃপ্ (তৃপ্তি করা) + ণিচ্ = তর্পি + ইন্ (কর্ত্তৃ—ণিন, ই লোপ) = তর্পিন্ ১মা, ১ব] বিণ, তর্পণকারী। ২। তৃপ্তিকারক। স্ত্রী—**তর্পিণী**—পদ্মচারিণী লতা।

তর্ম্ম (তর্‌ম) বি, ক্লী, যূপ কাষ্ঠের অগ্রভাগ।

তর্ষণ (তর্‌ষোন্) তৃষ্ ধাতুজ] বি, তৃষ্ণা। ২। বাসনা ; বিষয় তৃষ্ণা। ৩। আগ্রহ।

তর্ষিত (তোর্‌ষিতো) [তৃষ্ + ণিচ্ = তর্ষি + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, তৃষ্ণাযুক্ত ; পিপাসিত। ২। বাঞ্ছিত। ৩। সাগ্রহ। ৪। বাসনাতুর। [তৃষিত দ্রঃ]।

তর্সা (তর্‌শা) [সং—ত্রি = তৃতীয় + হি—সা (সদৃশ)—দুই বাদ দিয়া] ক্রি-বিণ, তফাৎ ; ফাঁক ফাঁক। ২। অন্তরালে ; দূরে। **তর্সা তর্সা**—ক্রি-বিণ, ফাঁকে ফাঁকে। ২। দূরে দূরে : ঘেঁষাঘেঁষি না করিয়া একটু সরিয়া সরিয়া বা অল্প অল্প স্থান খালি রাখিয়া। প্র—গায়ে গায়ে না বসিয়া একটু তর্সা তর্সা হইয়া বস।

তল (ল্) [তল্ [প্রতিষ্ঠিত হওয়া) ধাতুজ] বি, তলা ; নিম্ন : অধোভাগ। প্র—"চরণতলে দিনু হে শ্যাম পরাণ রতন।"—বঙ্কিম। ২। জলাশয়ের নিম্নস্থল ; জলগর্ভস্থ স্থলভাগ। প্র—"স্নিগ্ধ শান্ত সুগভীর নাহি তল নাহি তীর, মৃত্যুসম নীল নীর স্থির বিরাজে।"—রবি (চয়নিকা)। ২। পাতাল। ৩। মূলদেশ। ৪। পৃষ্ঠস্থান। প্র—ভূতল। ৫। মধ্যদেশ। ৬। তোলা। ৭। টালি। ৮। ক্লী, গর্ত্ত। ৯। জ্যাঘাতবারণ। ১০। গৃহের একতল, দ্বিতল, ত্রিতলাদি পরিচ্ছেদ ; মঞ্জিল। ১১। পুং, খড়্গাদির মুষ্টি। ১২। চপেট ; চাপড়। ১৩। হাততালি। প্র—"মানবগণ তল শব্দ দ্বারা সেই মত্ত মাতঙ্গসম নৃপতি দুর্য্যোধনকে পুনরায় আনন্দিত করিল।"—মহা—শল্য (বর্দ্ধ)।

তলকোর (তল্‌কোর্) বি, ঝরণা ; উনুই ; উৎস।

তলতল (তল্‌তল্) [তল শব্দজ] ক্রি-বিণ, ভয়ভয়। ২। গলিত-প্রায়। **তলতল করা**—ক্রি, অতিশয় কোমল বা নরম হওয়া। যে বস্তুর কোন স্থান টিপিলে সেই স্থান নামিয়া যায়, তাহাকে তলতল করা বলে ; ফল পাকিয়া তলতল করে। তলতল করার অবস্থা অতিক্রম করিলে তাহা **থসথস্** করে। ২। কম্পিত হওয়া (ভয়ে বা ভাবনায়)। বিণ, **তলতলিয়া, তলতলে** (তল্‌তোলিআ, তল্‌তোলে) অতিশয় নরম। ২। কম্পিত (ভয়ে বা ভাবনায়)। বি, **তলতলানি** (তল্) ভীতি ; ভয়। ২। কম্পন। ৩। কোমল অবস্থা। ক্রি, **তলতলান** (ল্, নো)। **পোঁদ তলতলানি**—[প্রাদে, গ্রা] বি, ভয়।

তলত্র (তলৎত্র) [তল—ত্রৈ (ত্রাণ করা) + অ (কর্ত্তৃ—ড)] বি, ক্লী, চর্ম্মনির্ম্মিত দস্তানা। প্র—"হে ভারত! অঙ্গদ কেয়ূরাদি স্বর্ণালঙ্কার-বিভূষিত, চন্দন-চর্চ্চিত, তলত্রযুক্ত বাহুসমুদায়ে রণস্থলী দীপ্তি পাইতেছে।"—মহা—কর্ণ (বর্দ্ধ)।

তলত্রাণ (তলৎত্রান্) [তল—ত্রৈ (ত্রাণ করা) + অন (করণে—অনট্) যাহা দ্বারা করতল রক্ষিত হয়] বি, ক্লী, দস্তানা ; তলত্র।

তলদা, তল্লা (তল্‌দা) বি, নরম সরু ফাঁপা বাঁশবিশেষ ; তরল বাঁশ ; bambusa tulda. [**তলদা-বাঁশ**ও বলে]।

তলন (তলোন্) [প্রাদে,] বি, তলদেশে বা নিম্নতম প্রদেশে গমন ; তলাইয়া যাওয়া।

তলধ্বনি (তলধ্‌ধোনি) [তলের—ধ্বনি (শব্দ) ৬ তৎ] বি, পুং, করতলের শব্দ ; করতালি। ২। মল্লদিগের তাল ঠুকিবার শব্দ : মল্লগণের পরস্পরকে যুদ্ধে আহ্বান সূচক বাহুর উপর করতলের আঘাত শব্দ ; তল শব্দ।

তলনা (তলনা) বি, উনুই ; তলদেশ হইতে উর্দ্ধদেশে জল উঠা। [বঙ্গীয় শব্দকোষ]।

তলপ [তল্প শব্দের পদ্যে ব্যবহৃত কোমল রূপ] বি, শয্যা ; বিছানা। প্র—"তেজি তলপ পরিরম্ভন বেরি"—বিদ্যাপতি।

তলপ (প্) [তলব দ্রঃ] বি, বেতন।

তলপেট (তল্‌পেট্) [তল (নিম্ন)—পেট (উদর)] বি, উদরের নিম্নস্থান ; নাভির অধোভাগ।

তলপ্রহার (তলপ্‌প্রোহার্) [তল (করতল) দ্বারা প্রহার (আঘাত) ৩তৎ] বি, পুং, করতল দ্বারা আঘাত ; চপেটাঘাত ; চড় মারা। ২। তাল ঠোকা।

তলব (ব্) [আ—তলব্] বি, আহ্বান ; আমন্ত্রণ ; ডাক। প্র—"রাজা বলে তোমারে তলব এ কারণে"—ঘনরাম। ২। আদেশ ; আজ্ঞা। প্র—"ত্রিপুরার তলব ত্রিপুরনাথে কয়ো।"—শিবায়ন। ৩। আদালতের সমন ; a summons. ৪। বেতন ; মাহিনা। ৫। এক এক কিস্তির দেয় খাজনা। ৬। উগ্রতা।

তলবচিঠি (তলোব্‌চিঠি) [জমিদারী পরিভাষা] বি, কোন প্রজা খাজানা দিতে বিলম্ব করিলে, জমিদারের নায়েব বা গোমস্তা প্রজাকে অবিলম্বে হাজির হইয়া খাজনা দাখিল করিতে যে আদেশসূচক পত্র দেন।

তলববাকী (ব্) [আ] বি, দেয় খাজনার বাকী কিস্তি।

তলবানা (তলোবানা) [আ। আদাঃ পরিঃ] বি, বাদী প্রতিবাদী বা সাক্ষী দিগকে আদালতে হাজির হইবার আদেশ বা সমন জারি করিবার ব্যয় বা খরচা।

তলবার (তল্‌বার্) [সং—তরবার্। হি—তলবার্। অসি দ্রঃ] বি, অসিবিশেষ ; তলওয়ার ; a sword ; a scymiter. ২। খাপ। ৩। চামাটী।

তলবারণ (ন্) [তলস্থিত যে বারণ (অস্ত্রের অস্ত্রাঘাত নিবারক)] বি, তরবার।

তলভেদ (দ্) [তলের (নিম্নভাগের) ভেদ (ছিদ্র হওয়া)—৬ তৎ] বি, পুং, তলচ্ছেদ ; তলদেশ ছিদ্র হওন : তলাফুট হওন।

তলমৃত্তিকা (মৃৎতিকা) [তলস্থিত যে মৃত্তিকা (মাটী) কর্ম্মধা] বি, বৃক্ষমূলবাহী আলগা স্তরের নিম্নবর্ত্তীতরস্থ মৃত্তিকা।

তলযুদ্ধ (তলজুধ্‌ধ) [তল (করতল) দ্বারা যুদ্ধ (সংপ্রহার) ৩তৎ] বি, ক্লী, মল্লযুদ্ধ ; দ্বন্দ্ব-যুদ্ধ।

তলসারক (তলশারক্) বি, ক্লী, ঘোটকের বক্ষঃস্থল-বন্ধন রজ্জু ; তঙ্। ২। ঘোটকের ভোজনপাত্র ; তোবড়া।

তলা [তল দ্রঃ] বি, নিম্নভাগ। ২। পাদদেশ ; মূলদেশ। প্র—গাছতলা। ৩। পল্লী ; প্রদেশ : স্থল ; স্থান [টোলা দ্রঃ]। প্র—কালীতলা ; শিবতলা ; গাজন তলা। ৪। গৃহতল ; গৃহের পরিচ্ছেদ ; মঞ্জিল। প্র—উপরতলা ; তেতলা : চৌতলা। ৫। বি, স্ত্রী, তীরন্দাজগণের ধনুকের জ্যাঘর্ষণ নিবারণের জন্য বামহস্তের কনুই অবধি মণিবন্ধ (কব্জি) পর্য্যন্ত চর্ম্মাবরণ।

তলাও, তলাব [ফা—তালাব্] বি, জলাশয়বিশেষ ; পুষ্করিণী ; পুকুর।

তলাগুছি [গ্রা। তলা—গুছি (পোষকতা)] বি, সহায়তা ; আনুকূল্য।

তলাচী [প্রাদে] বি, বেতের চেটাই ; দরমা। ২। বস্ত্রাঞ্চলের অধোভাগ। ৩। জলাদি তরল পদার্থের সহিত মিশ্রিত নিম্নে পতিত ময়লা অংশ ; অপরিষ্কৃত জল প্রভৃতি থিতাইলে পাত্রের তলদেশে সঞ্চিত ময়লাদি।

তলাট (ট্) [প্রাদে। তল্লাটে দ্রঃ] বি, প্রদেশ ; ত্রিসীমা ; বহুদূরব্যাপী স্থান। প্র—"চণ্ডীদাস কহে ধন্য সে নারী তলাটে নাহিক আর।"—চণ্ডীদাস।

তলাড়ু [পাশা খেলায়] বি, বাজি নষ্ট হওয়া। প্র—"মন তুমি খেলাও না পাশা * * *— ছকুড়ি পঞ্জড়ি ফেলে পরে বাজি তলাড়ু হয়ে যাবে, আছে আমার ঘরে ছ'জন রিপু কর্ব্বে তারা হাসি হায়া।"—নবীন চক্রবর্ত্তী।

তলাতল (ল্) [তল—তল (আধিক্য অর্থে দ্বিত্ব)] বি, ক্লী, সপ্তপাতালের চতুর্থতল। [পাতাল দ্রঃ] এখানে ময়দানবের বাস। (ভাগবত)। ২। তোলপাড়; হেঁটমাটী উপর; অত্যন্ত উপদ্রব। প্র—ছেলেটা কি দুরন্ত, এক দণ্ডের জন্যে এসে ঘরবাড়ী তলাতল কচ্চে। ৩। অধঃপাত; রসাতল। প্র—যদি আমার কথা না থাকে তা হলে সমস্ত তলাতলে পাঠাব।

তলান (তলানো) [তল (দ্রঃ) + আন (ক্রি, বিভক্তি)]। উ-পু—তলাই। ম-পু —তলাও। প্র-পু—তলায়। অস-ক্রি, তলাইতে; তলাইয়া, তলিয়ে] ক্রি, জলাশয়াদির তলদেশে গমন করা; মজ্জিত হওয়া; ডুবা। ২। তলস্পর্শ। ৩। কোন বিষয়ের গভীরতম প্রদেশে প্রবেশ করা। প্র—কথাটা কি তাহা আগে তলাইয়া বোঝো তার পর যা হয় কর। ৪। বি, নিমজ্জন; ডুবন। প্র—এমন তলানটা তলিয়েছে ইত্যাদি। ৫। তরল পদার্থ থিতাইয়া নিম্নে কাইট জমা হওয়া।

তলানি, তলানী (তলানি) [তল, তলান দ্রঃ] বি, তলদেশে যাহা পতিত ও সঞ্চিত হয়; তরলপদার্থের নিম্নস্থ গাদ; কিট্ট; কাইট। ২। তলার খবর; ভিতরের অবস্থা; ঘরের কথা। প্র—"সে বলে তলানি জানি পুরুষ বড় দাতা। লম্বাকোঁচা পরের কাছে ঘরে ছেঁড়া কাঁথা॥"—হেম বন্দ্যো।

তলাভিঘাত (ত্) [তল (করতল) দ্বারা অভিঘাত (প্রহার) ৩তৎ] বি, ক্লী, করতল প্রহার; চপেটাঘাত।

তলায় (য়) [তল শব্দজ] ক্রি, তলস্পর্শ করে; নিমজ্জিত হইয়া তলদেশে গমন করে; তলাইয়া যায়। ২। পরিপাক হয়; পেটে থাকে; উদ্গীর্ণ হয় না। প্র—তাহার অম্লরোগ এত বাড়িয়াছে যে সে যাহা খায়, কিছুই পেটে তলায় না। ৩। ক্রি-বি, তলাতে; নিম্নে; নীচে; অধোভাগে। প্র—সে স্বর্গকামনায় জগন্নাথদেবের রথের তলায় পড়িয়া প্রাণ ত্যাগ করিয়াছে। ৪। স্থানে; প্রদেশে; ক্ষেত্রে। প্র—রণতলায় বেশ ভিড় হইয়াছে। ৫। তলে; গৃহপরিচ্ছেদে। প্র—সে দোতলায় থাকে।

তলাস, তল্লাস (শ্) [আ—তালাশ্] বি, অনুসন্ধান; অন্বেষণ; খোঁজ।

তলিত (তোলিত) [হি—তল্না (ভর্জ্জন কর) তলাইআ (ভৃষ্ট)] বিণ, ভৃষ্ট; ভর্জ্জিতা। ২। সাতলান। ৩। [তল + ইত] তলযুক্ত।

তলুয়া (তো) [গ্রা—তোলো তল + উয়া (যুক্ত) গভীর বলিয়া] বি, বৃহৎস্থালী; বড়হাঁড়ি; তোলো হাঁড়ী; a large earthen pot.

তল্প (তল্প) [তল্ (বিশ্রাম) প (অধি, সংজ্ঞার্থে) যাহাতে বিশ্রাম করা হয়] বি, পুং, ক্লী, শয্যা বিছানা। প্র—"দিন যায় কল্প কল্প কণ্টক সমান তল্প, তরণী চলায় লঘুগতি॥"—কবিকঙ্কণ। ২। গৃহ; ঘর। ৩। ভার্য্যা।

তল্পক (ক্) [তল্প (শয্যা) + ক (উৎকর্ষার্থে)] বি, পুং, ফরাস; বিছানা। ২। [তল্প—ক—(যে করে এই অর্থে)] যে শয্যা সংস্কার করে।

তল্পকীট (ট্) [তল্প (শয্যা) তাহাতে জন্মে যে কীট (পোকা) কর্ম্মধা। তুল—হি—খাটমল্ —খাটকিড়্যা] বি, পুং, ছারপোকা।

তল্পি, তল্পী (তোল্পি) [সং—তল্প হইতে] বিছানা-পত্রের গাঁটরি; জিনিসপত্রের পুঁটুলি; গাঁট্‌রি। প্র—"আর আমি থাকব নারে তল্পী তোল।"—রজনী সেন।

তল্পিতল্পা (তোল্পিতল্পা) [তল্পি দ্রঃ। সহচর শব্দদ্বয়] বি, শয্যা; বিছানা-পত্র; "শেজ মাজুরী"। ২। দ্রব্য সামগ্রীর ছোট বড় পুঁটুলি; মোট-ঘাট; বুচ্‌কি-বোচ্‌কা; পুটুলি-পোট্‌লা। প্র—"তোমাদের ও কর পদ্মে দেশটা সঁপে শেষে তল্পি তল্পা বেঁধে চলে যায় নিজের দেশে।—দ্বিজেন্দ্র রায়।

তল্পিদার (তোল্পিদার্) [যে তল্পি (শয্যা) বহন করে] বিণ, মোটবাহক; মুটিয়া।

তল্বকার (তলবকার্) বি, পুং, সামবেদের শাখাবিশেষ।

তল্ল [তল্ (গভীরতা) ল (যে গ্রহণ করে)] বি, ক্লী, গহ্বর; গর্ত্ত। ২। পুং, জলাশয়; তলাও।

তল্লাট (তললাট্) [প্রাদে, তলাট দ্রঃ] বি, সীমা। ভূভাগ; প্রদেশ; বহু দূর ব্যাপী স্থান। প্র—"এ তল্লাটে একটী প্রাণীও নাই।"

তল্লাস (তল্লাশ্) [আ—তালাশ্] বি, অন্বেষণ; অনুসন্ধান; তত্ত্ব; খোঁজ; search. "রাজ্য কৈলি ছারখার তল্লাস কে করে তার পাত্র মিত্র গোবর গণেশ।—ভারতচন্দ্র। যাবার কিঞ্চিৎ আগে খাবার তল্লাস লাগে।" —ঈশ্বর গুপ্ত।

তল্লাসি, তল্লাসী [তল্লাস দ্রঃ] বি, খোঁজ-কারী; অনুসন্ধানকারী; searcher.

খানা তল্লাসি—ব্যক্তি বা বস্তু বিশেষকে বাহির করিবার জন্য পুলিশ কর্ত্তৃক ঘর বাড়ীর চতুর্দ্দিক অনুসন্ধান; a police search.

তশলা (তশ্‌লা) [হি—তস্‌লা] বি, হুড়কা; খিল। ২। পিত্তলের রন্ধনপাত্র; বাঁট্‌লই; বোক্‌ন। ৩। গাড়ীর চাকার সংলগ্ন ধনুকাকার স্প্রীং।

তশিল (তোশিল্) [আ—তহ্‌সীল্] বি, কোষাগার; খাজানা। ২। আদায়।

তশিল করা—খাজনা আদায় করা। প্র—"তারা কোন অপরাধে এ দীর্ঘ মেয়াদে সংসার গারদে থাকি বল। মশিল ছয় দূত তশিল করে কত দায়া সুত পায়ের শৃঙ্খল॥" —বাং গান—নীলাম্বর মুখো।

তষ্ট (তষ্‌ট) [তক্ষ্ (চাঁচা) + ত (কর্ম্মে)] বিণ, যাহা চাঁচা গিয়াছে; রঁ্যাদা কর; পাতলা করা।

তষ্টা (তষ্‌টা) [তক্ষ্ (চাঁচা) + তৃ (কর্ত্তৃ তৃন্) = তষ্টৃ ১মা, ১ব] বি, পুং, সূত্রধর; ছুতার; a carpenter. ২। [ঋগ্বেদে বিশ্বকর্ম্মার নাম ত্বষ্টা (দ্রঃ)] বিশ্বকর্ম্মা; দেবশিল্পী। ৩। দ্বাদশ আদিত্যের অন্যতম।

তষ্টি (তোষ্‌টি) [তস্ (উৎপ্রেক্ষণ, দর্শন) + তি (ভাবে তিক্) = টি] বি, সাগ্রহ দৃষ্টি; আগ্রহাতিশয়। ২। ঠেঁটামি; দৃঢ়তা; obstinacy; stiffness. **তষ্টি দেওয়া** —ক্রি, সাগ্রহ দৃষ্টিতে কোন কিছুর অপেক্ষায় থাকা। ২। নিরম্বু উপবাস করিয়া থাকা; ধন্না দেওয়া। প্র—সে সকাল থেকে এখানে তষ্টি দিয়ে বসে আছে।

তষ্টিয়া, তষ্টিদার (তোষ্‌টিআ, তোষ্‌টিদার্) [তষ্টি দ্রঃ] বিণ, ঠেঁটা। একগুঁয়ে; নাছোড়-বান্দা। ২। সাগ্রহ অপেক্ষাকারী। ধন্নাধারী। ৩। যে অর্থ গ্রহণের জন্য বারম্বার বিরক্ত করে।

তস্‌দিক (তোশ্‌দিক্) [আ—তস্‌দীক্] বি, প্রমাণ। ২। বিচারকের নিকট জ্ঞাপন।

তসবী (তোশ্‌বি) [আ—তস্‌বী] বি, মুসলমানদিগের জপমালা। ২। ছবি। প্র—"বাম হস্ত না পাক তসবী জপে তায়। হিন্দুরে নাপাক বলে এত বড় দায়॥"—অ, ম।

তসবীর (তোশ্‌বীর্) [আ—অসবী দ্রঃ] বি, প্রতিমূর্ত্তি; ছবি; আলেখ্য। প্র—"প্রাচীনা কহিল, এ শাহাজাদা বাদসাহের তসবীর।"—রাজসিংহ (বঙ্কিম)।

তসমা (তস্‌মা) [ফা—তস্‌মা] বি, সরু চামড়ার ফালি; পাতলা চামড়ার কোমর বন্ধ বা পেটী; a thong.

তসর (তসর্) [সং—ত্রসরঃ (সূত্রে বেষ্টনম্) শব্দজ] বি, পুং, গুটিপোকার নাল; গুটি সূতা। ২। গুটিসূতানির্ম্মিত মোটা বস্ত্র। [সূক্ষ্মতর এবং উৎকৃষ্টতর সূতার নির্ম্মিত বস্ত্রকে গরদ বলে] প্র—"খুঁয়ে তাঁতি হয়ে দেহ তসরেতে হাত"।—অন্নদামঙ্গল।

তসরা (শ)—বি, ধান্যবিশেষ। প্র—"মসি লোট ঝিঙ্গা সাল বুনেন তসরা॥"—শূন্যপুরাণ।

তসরিফ (তোশ্‌রিফ্) [আ—তশ্‌রীফ্] সম্মান।

তসরুফ (তোসরুফ্) [প্রা—তহরুফ। আ—তসরুফ্] বি. ক্ষতি; অনিষ্ট। ২। আত্মসাৎকরণ; চুরী; embezzlement. **তসরুফ করা**—নষ্ট করা। ২। তহবিল ভাঙ্গা।

তসলা (তশ্‌লা) [তশলা দ্রঃ] বি. হুড়কা; খিল। প্র—"লোহার কপাট দিল তাহার তসলা।"—ঘনরাম। ২। ঢেঁকির আঁক শালা। ৩। রন্ধন পাত্র; হাঁড়ি। প্র—"রন্ধন চাপায়ে যেবা তার নাম করে। স্মর' মাত্রেতে তার তসলা বিদরে॥"—কৌতুক বিলাস।

তসলিম (তোস্‌লিম্) [আ—তস্‌লীম্] বি. নমস্কার। দেহ কুঞ্চিত অবনত করিয়া দক্ষিণ করের উল্টাদিক মৃত্তিকা স্পর্শ করাইতে হয়। পরে ধীরে ধীরে হাত তুলিতে এবং সঙ্গে সঙ্গে দেহ উন্নত করিয়া দাঁড়াইয়া করতল কপালে স্পর্শ করিতে হয়। বাদশাহের সহিত প্রথম সাক্ষাৎ সময় তিনবার তসলিম করিতে হইত।—আইন-ই-আকবরী।

তসীল (তোশিল) [তসলা দ্রঃ] বি. ঢেঁকি প্রভৃতির গোঁজ। ২। [আ—তহসীল্] রাজকর আদায় [তহশীল দ্রঃ]। ৩। [কর আদায় হইতে] নিপীড়ন; যাতনা। ৪। লভ্য; আদায়; অর্থাগম; profit; gain.

তসীলদার (তোশিল্‌দার্) [আ—তহসীল্—ফা—দার্] বি. রাজস্ব বিভাগীয় কর্ম্মচারীবিশেষ; কর সংগ্রহ কর্ত্তা; যে খাজনা আদায় করে; Tehsildar: a revenue collector.

তসীলদারী—বি. তহশীলদারের কর্ম্ম।

তসু (তো) [ব্রজ। হি—তাসু শব্দজ] স. তাহার। প্র—"বিদগধ সেহ তোঁহে তসু তুল"—বিদ্যাপতি। [দ্রঃ—তসু উচ্চারণ বিকারে তছু। প্রাকৃ. স=ছ। তছু দ্রঃ]।

তস্কর (তশ্‌কর্) [তস্ (বস্তুহানি, উপক্ষয়—চুরি। তুল—হি—তস্‌স্) কর (যে করে)] বি. পুং. অপহারক; চোর; দস্যু। ২। [বৈদ্যকে] পিড়িং শাক। (২) মদন বৃক্ষ; ময়না গাছ। (৩) চোরা নামক গন্ধ দ্রব্য। স্ত্রী—**তস্করী**—কোপনা স্ত্রী। বি. **তস্করতা**—চৌর্য্য।

তস্য (তোশ্‌শো) [তদ্ শব্দের ষষ্ঠী ১ বচন] বিণ. তাহার; তৎ সম্বন্ধীয়; তদীয়। [অধুনা বিরল প্রয়োগ। প্রাচীন বাঙ্গালায় ভূরি প্রয়োগ আছে]।

তহকীক (ক্) [আ—তহ্‌কীক্] বি. তদন্ত।

তহ্‌খানা (তহ্‌খানা) [প্রা—তারখানা। ফা—তহ্‌খানা] বি. মাটির নীচের ঘর।

তহবিল (তহ্‌বিল্) [আ—তহ্‌বীল্] বি. মজুত জমা; নগদ টাকা; cash. ২। ন্যাস; জমা; trust.

তহবিলদার (তহ্‌বিল্‌দার্) [আ—তহবীল্—ফা—দার্] বি. নগদ টাকা রক্ষক; নগদ টাকা; টাকাকড়ির হিসাব যে রক্ষা করে cashier; treasurer.

তহমত (ত) [আ—তহ্‌মৎ—অপবাদ] বি. মিথ্যা দোষারোপ; অপবাদ। বিণ. **তহমতী**—অপরাধী; আসামী।

তহরি [আ—তহ্‌রীর্=লেখার জন্য মেহনত আনা] বি. লেখার জন্য পারিশ্রমিক।

তহরির (র্) [তহরি দ্রঃ] বি. লিখিবার পারিশ্রমিক।

তহশীল (তহ্‌শীল্) [আ—তহ্‌সীল: বসুল শব্দজ] বি. সংগৃহীত রাজকর; আদায় করা খাজনা; the revenue collections. ২ রাজস্ব দাখিল আদায়ের দপ্তর। [দ্রঃ—"used firstly to denote revenue receipts, secondly, the office where revenue is paid."—*A glossary of vernacular judicial and revenue terms.*

তহশীলদার (তোহোশিলদার্) [আ—তহসীল+ফা—দার্] বি. জমিদারের কর্ম্মচারী মৌজার খাজনা আদায় ওয়াশীল করে। ২। রাজস্ব আদায়ের কর্ম্মচারী a tehsildar; a revenue collector.

তহশীলদারী—তহশীলদারের কর্ম্ম বা ক্ষমতা।

তহি, তঁহি, তহিঁ (তোহি) [ব্রজ.] অ. তথায়; সেখানে। প্র—"তহি কমলমুখী করত সিনান"—বিদ্যাপতি। "তঁহি বলরাম বঞ্চিত এ কলে সাধুঠামে অপরাধিয়া"—বলরাম দাস। ২। উপরন্তু; অধিকন্তু: তাহে; তাহার উপর; তাহাতে আবার। প্র—"তাহে শরদ চাঁদ উজোর। তহি ডাকে অলিকুল ঘোর।"—শচীনন্দনদাস। ৩। সেইজন্য; তাই। প্র—"তরুণী পাই পরিহাস তহি করই।"—বিদ্যাপতি। ৪। তাহাকে। প্র—"আওল পুন যাহাঁ কিশলয় শেজহি শুতি আছয়ে ধনী রাই। চৌদিগে সহচরীগণ। তহি বেড়িয়া রোয়ত আনন চাই॥"—রাধামোহনদাস। ৫। তন্মধ্যে; তাহার মাঝে। প্র—"যব তুহুঁ বিরাজলি গোকুল মাঝতহিঁ প্রিয়তমা যোই রমণী সমাজ॥"—রাধামোহন দাস। ৬। তখন।

তহু, তহুঁ (তোহু) [ব্রজ] তাহাতে। প্র—"পরাণ হারানু তহু।"—চণ্ডীদাস।

তা [সং—তাপ—সংক্ষেপে] বি. তাপ; উত্তাপ; heat. প্র—খোপের ভিতর পায়রাটী এখনও ডিমে তা দিতেছে। **তা করা**—কামারশালে লোহা আগুনে পুড়াইয়া লাল করা। **তা দেওয়া**—ডিম ফুটিয়া বাচ্চা বাহির হইবে বলিয়া পাখীরা ডিম পাড়িয়া তাহার উপর বসিয়া তাহাতে যে দেহের তাপ দেয়। ২। [যত্নসহকারে ডিমে তা দিবার ভাব হইতে] যত্নে পালন করা; তোয়াজ করা; সৌষ্ঠব সাধন করা; পরিপাটী করা। প্র—"সেইখানেই নিজের ডিমে সদাই দেন তা।"—রবি।

তা [সং—তার শব্দের সংক্ষেপ। তুল—গোঁফে দেয় তার"—কবিক।] বি. তারের পাক; মোচড়; মোড়া; পাক। প্র—রুষিয়া শার্দ্দূল ঘন তা দেয় গোঁফে"—ঘনরাম। **গোঁফে তা দেওয়া**—গোঁফের প্রান্তভাগ পাকাইয়া তারের মত সরু করা; গোঁফের পারিপাট্য সাধন করা। ২। উপেক্ষা করা; কেয়ার না করা।

তা [হি—তাও শব্দজ] বি. কাগজের তক্তা; একখানি কাগজ; a sheet of paper. প্র—চব্বিশ তা কাগজে এক দিস্তা হয়।

তা [সং—তদ্ শব্দজ. "তাহা"র সংক্ষেপ] স. তাহা; সেই; সে। প্র—"তা যদি হ'ত তা হ'লে আর ভাবনা কি ছিল?" তা যেন হ'ল। ২। সে ব্যক্তি। "তা বিনু রাতি দিবস নাহি ভাওই"—বিদ্যাপতি। ৩। সে সমস্ত; সে সকল। প্র—"আর লীলা খেলা যত কত কব তা—"শিবায়ন। ৪। তস্য; তাহার। প্র—"তা পর মেরু সমানে, তা সঞে রভস করহি নাহি হোয়"—বিদ্যাপতি। প্র—"তা সুতকো সুত"—জ্ঞানদাস। **তা হলে**—তাহা হইলে; সে ক্ষেত্রে; তৎস্থলে। প্র—"আমি যদি কিছুই না দিই, তা হ'লে তোমরা কি করতে পার?"—প্রেমলতা। **তা' বলে**—তাহা বলিয়া; সেই কারণে; সেজন্য। **তা ছাড়া**—তদ্ব্যতীত; তাহা ব্যতীত; অধিকন্তু।

তা—অ. কথার মাত্রাস্বরূপ ব্যবহৃত। প্র—"তা হ্যাঁ গা শচীপতি! তুমি চোখ বুজিয়ে র'য়েছ কেন?"—শৈলবালা। ২। কিন্তু; তথাপি: তবু। প্র—"কদিন ডেকে পাঠাচ্চি তা তোর আর বার হয় না।"—নীলদর্পণ। ৩। তদপেক্ষা; তাহার চাহিতে অধিক। "তা বড় তা বড় সূর্য্য আছে পরপর;—দীনবন্ধু মিত্র।

তাই [তাহাই শব্দের সংক্ষেপ] স. তাহাই: তাহা: সেই। প্র—"রাজকুমার, আপনি কি বিস্মৃত হ'চ্ছেন যে, স্বকার্য্য উদ্ধারের জন্য যখন যা আবশ্যক হবে তাই করা কর্ত্তব্য?"—"গোবিন্দপ্রসাদ, তোমরা যা ভাল বিবেচনা কর, তাই কর।"—শৈলবালা। ২। [তা (দ্রঃ)+ই=য়] তাহাকে। প্র—"তুহুঁ পরবোধিবি তাই"—বিদ্যাপতি।

তাই [তুল—হি. তয়] অ. সেইজন্য; তন্নিমিত্ত; তৎকারণ। প্র—"তাই বলি শৈল, রাজকুমারের সঙ্গে এ বিবাহে হৃষ্টচিত্তে সম্মতা হও।"—শৈলবালা। "আর তো ব্রজে যাব না ভাই যেতে প্রাণ নাহি চায়। ব্রজের খেলা ফুরিয়ে গেছে তাই এসেছি মথুরায়॥"—বাং-গান—অতুলকৃষ্ণ মিত্র।

তাই [তালি শব্দজ] বি. করতালি। ২। হাততালি। তাইতাই—শিশুদিগের হাততালি।

তাই [জমীঃ পরিঃ] বি. তাগাদা।

তাইত (তাইতো) [তাহাইত শব্দজ] নিশ্চয়ার্থক অব্যয় ; তাহাই বটে ; ঠিক বা সত্যই তাই।২। বিস্ময়সূচক অব্যয়। প্র— তাইত হঠাৎ এ আবার কি উৎপাত ! ৩। অপ্রত্যাশিত প্রতিকূল ঘটনাজনিত দুশ্চিন্তাসূচক অব্যয়। প্র—তাইত, এযে বিষম বিপদের কথা হল। ৪। অপ্রতিভ হওয়ার ভাববোধক অব্যয়। প্র—সে আগাগোড়া শুনে শেষে তাইত তাইত করতে করতে চলে গেল। ৪। সেইজন্যই ; সেই হেতু ; সেই কারণেই।

তাইতে ["তাহা হইতে" র সংক্ষেপ] অ. সেই কারণে ; তজ্জন্য। প্র—"নানা কি নানা-কেলে রাজ্য পেলে, তাইতে এত জারি। যাহা ইচ্ছা তাহা করে হয়ে স্বেচ্ছাচারী।"—ঈশ্বর গুপ্ত। ২। তাহাতে ; তাহার মধ্যে।

তাইদ (দ্) [আ] বি. সহায় ; সাহায্য। তাইদএজাহার—পৃষ্ঠপোষক বিবরণ।

তাইদগির (দ্, র্) [আ] বি. সহায়ক ; সাহায্যকারী।

তাইদাদ (দাদ্) [আ—তাআদাদ্] বি. সংখ্যা ; হিসাব।

তাইন (ন্) [আ—তাআইন্] বি. একের স্বত্ব অন্যকে দেওন ; নিয়োগ। ২। নিশ্চিত। প্র—"আসামীর নিকট হইতে দুইশত টাকা তাইনে দুইজন জামিন লওয়া হয়।"—নীলদর্পণ।

তাউই [সং—তাতগু (ক্ষুদ্র তাত—শব্দকল্প)] বি. ভ্রাতা বা ভগ্নীর শ্বশুর ; তালুই।

তাউত (তাউত্) [আ—তাঈদ (সাহায্য করা, মদদ্ করা, রোগিচর্য্যা করা) শব্দজ] বি. রোগীচর্য্যা ; সেবা ; শুশ্রূষা, nursing. ২। চিকিৎসা। ৩। প্রতীকার চেষ্টা।

তাএন (ন্) [আ] বি. নিশ্চয়রূপে অবধারণ।

তাও [ফা—তাব্ অথবা তাও (উত্তাপ, বল, শক্তি, তেজ)] বি. উষ্ণতা ; তাপ। ২। গরম মেজাজ ; কোপ ; ক্রোধ। ৩। কাগজ বা কাপড়াদির ভাঁজ ; a plait or fold. ৪। কাগজের তা বা তক্তা ; a sheet-of paper. ৫। ["তাহাও" শব্দের সংক্ষেপ] তাহাও। প্র—"তাও কি আবার বলে দিতে হবে"। তাও দেওয়া—আগুনে বাতাস দেওয়া ; কামারশালে যাঁতা এবং স্বর্ণকারের নলদ্বারা আগুনে বাতাস দেওয়া।

তাওয়া [তাও দ্রঃ] বি. ভস্ত্রা ; হাপরে হাওয়া দিবার চর্ম্মময় যন্ত্র ; যাঁতা। ২। পিত্তল লৌহাদি-নির্ম্মিত পাকপাত্রবিশেষ ; চাটু। ৩। আগুন তুলিয়া রাখিবার মৃন্ময় পাত্রবিশেষ। ৪। তামাক খাইবার জন্য ব্যবহৃত গোলাকার ধাতুখণ্ড বা খর্পরখণ্ড। ইহা কলিকায় তামাকের উপর এবং আগুনের নীচে রাখা হয়।

তাওয়াতাই [তাওয়া শব্দ দ্রঃ] বি. ঝগড়াঝগড়ি ; গরমাগরমি ; বকাবকি। প্র—আঁঠু পাড়ি কড়াকড়ি করে দুই ভাই। হুড়াহুড়ি হৈতে হৈতে হৈল তাওয়াতাই॥"—শিবায়ন।

তাওয়ান (নো) [তাও (দ্রঃ) + আন (ক্রি, বিভক্তি)] ক্রি. তাতান ; গরম করা ; উত্তাপ জন্মান। ২। হাপরে পুড়াইয়া লাল করা। ৩। রাগান। বি. তাওন।

তাংড়ান [প্রাদে-গ্রা] বি. ধরণ ; সঞ্চয়। ২। (তাংড়ানো) ক্রি. আঁটা ; ধরা ; পাত্রগত হওয়া। ৩। সঞ্চয় করা ; তাংড়ে রাখা। ক্রি-বিণ. তাংড়ে—সঞ্চয় করিয়া। ২। আঁটিয়া, ধরিয়া। প্র—এক সের জিনিষ এ পাত্রে বেশ তাংড়ে যাবে।

তাঁইত (তাঁইত্) [তন্ত্র শব্দজ] বি. বস্ত্রবয়ন যন্ত্র ; তাঁত। ২। নানা বিষয়ের আয়োজন। ৩। [তন্ত্র শব্দজ] চর্ম্মরজ্জু ; চামড়ার দড়ি। ৪। বীণাদির তার।

তাঁইশ, তাঁইস (শ্) [আ—তঈশ্ = রোষ] বি. রোষ ; ক্রোধ ; রাগ। ২। তর্জ্জন ; তাড়না ; নিগ্রহ ; ভর্ৎসনা ; তিরস্কার। প্র—"সে ভালমানুষ, তাহার উপরেই তার যত তাঁইশ। ৩। জোর তাগাদায় ব্যতিব্যস্তকরণ ; উস্কান বা উত্তেজনা দান। প্র—তাহাকে ক্রমাগত তাঁইস করে করে জিনিষটা বাহির করা গেল।

তাঁত (তাঁত্) [তন্ত্র শব্দজ] বি. বস্ত্রবয়ন যন্ত্র ; weaver's hand-loom. [দ্রঃ—বয়নশিল্পে পারিভাষিক শব্দ,—তানা—সূতা। বানা—সরু খিল। সানা—যে ছিদ্রমধ্য দিয়া সূতা প্রবেশ করে। লরদ—যে গোলাল দণ্ডাকৃতি কাষ্ঠখণ্ডে সূতা জড়ান হয়। ঝাঁপ—যাহার উপর পা দিয়া চাপ দেওয়া হয়। ফুলকী—বয়নের পর যে সূতা উদ্বৃত্ত হয়। দপ্তি—সানার উপর ও নীচের কাঠ। লাটা, লাটাই, নাটাই—যাহাতে সূতা জড়ান থাকে। মশরা-জড়া—ছিন্ন সূতাকে জোড় দেওয়া। তাঁত বোনা—তাঁতযন্ত্রে কাপড় বোনা। তাঁত-কাটা—তাঁতে টাট্‌কা বোনা ; তাঁত থেকে নামান কোরা কাপড় ; পাট-ভাঙ্গা নয়। ২। গোঁয়ার ; চাষাড়ে। তাঁতঘর, তাঁতশালা—তন্তুবায়ের কর্ম্মশালা বা কাপড় বুনিবার গৃহ।

তাঁত (তাঁত্) [তন্তু শব্দজ] বি. চর্ম্মরজ্জু ; চর্ম্মসূত্র ; catgut. ২। বীণাদি-বাদ্যের তন্ত্রী (তত-যন্ত্র দ্রঃ)।

তাঁতগর্ত্ত, তাঁতগাড় (তাঁত্‌গর্‌ত্, তাঁত্‌-গাড্) [তন্তুগর্ত্ত শব্দজ] বি. তন্তুবায় যেখানে তাঁত বুনে সেখানে যন্ত্রের নিম্নদেশে পা দুটী ঝুলাইয়া বসিবার জন্য যে গর্ত্ত খোঁড়া থাকে। প্র—"ঘোর ঘুমে তাঁতগড়ে তাঁতি পড়ে ঢ়ুলে" —ঘনরাম।

তাঁতি, তাঁতী [তাঁত (তন্ত্র) শব্দজ] বি. জাতিবিশেষ। ২। তাঁত যন্ত্রে বস্ত্রবয়নকারী ; a weaver. স্ত্রী. তাঁতিনী। তাঁতি-কুলও গেল বৈষ্ণব-কুলও গেল—[প্রবচন] একজন লোক সব দিক বজায় রাখিতে পারে না, একদিকে মন দিলে অন্যদিক রক্ষা হয় না তাই এই উক্তি ; উভয়দিক নষ্ট হওয়ার ভাব।

তাঁবা, তাঁমা [তাম্র শব্দজ] বি. ধাতুবিশেষ ; তাম্র ; তামা ; copper. তাঁবা তুলসী—শপথ করিবার কালে যাহা (তাম্রধাতু ও তুলসীপত্র) স্পর্শ করিতে হয় এবং যাহা স্পর্শ করিলে হিন্দুর শপথ গ্রাহ্য হয়। প্র—সে আদালতে গিয়ে তাঁবা তুলসী ছুঁয়ে শপথ করে।

তাঁবে [আ—তাবে] বিণ. অধীন।

তাঁবেদার (র্) [আ—তাঁবে (দ্রঃ) + ফা—দার] বি. অধীন। ২। বি. অধীন ব্যক্তি। ৩। ভৃত্য। তাঁবেদারী—বি. চাকরী ; কাহার অধীনে কাজ করা; অধীনতা।

তাঁহা, তাঁহি [হি। ব্রজ] অ. তথায়। প্র—"যাঁহা যাঁহা পদযুগ ধরই। তাঁহি তাঁহি সরোরুহ ভরই॥ যাঁহা যাঁহা ঝলকত অঙ্গ। তাঁহা তাঁহা বিজুরি তরঙ্গ॥"—বিদ্যাপতি।

ত্যাঁদড় (ত্যাঁদোড়) [দুর্দ্দান্ত হইতে ?] বিণ. নির্লজ্জ ; বেহায়া। প্র—"ঢ্যামন নয় ঢোসন নয় ত্যাঁদড় এক জাত"—প্রবচন। ২। দুষ্ট নষ্ট। বি. ত্যাঁদড়ামি, তাঁদড়ামো—দুষ্টামি ; নষ্টামি। ২। নির্লজ্জতা।

তাক্ [তর্ক শব্দজ] বি. তীক্ষ্নদৃষ্টি ; স্থিরদৃষ্টি ; স্থিরলক্ষ্য। ২। নজর। [তুক দ্রঃ] প্র—"লাগে তাক্ না লাগে তুক্"—প্রবচন। ৩। [দৃষ্টি স্থির হওয়ার ভাব হইতে] আশ্চর্য্য ; বিস্ময় ; অবাক। প্র—'অবাক লেগে গেল তাক্।"—দ্বিজেন্দ্র রায়। ৪। অনুমান ; আন্দাজ ; আটকাল। প্র—অন্ধকারে তাক করে করে দেখ।

তাক (তাক্) [আ—তাক্ a cupola ; a shelf] বি. ভিত্তিতে গোলাকার বা 'খিলান করা

আছে তাহাই তাক বা কুলুঙ্গী ; ভিত্তি প্রভৃতির উপরিস্থিত পুস্তকাদির আধার। প্র—"তাকে তাকে রাখে রাজদীপ সারি সারি"—শিবায়ন। ২। কাষ্ঠফলকবিশেষ। ৩। লক্ষ্য ; নজর। প্র—"পক্ষ পসারিতে পাখ লুহিশ্চন্দ্র করে তাক বাঁটুলে বিদরে তার বুক।"—ধর্ম্মমঙ্গল।

তাক (তাকো) [তাহাক সংক্ষেপ। প্রা-বাং] স, তাহাকে। প্র—"কি করব হাম তাক পরবোধে"—বিদ্যাপতি। "খায় না কেন বনের বাঘ তাক নাই ডর।"—মাণিক-চাঁদের গান। "জনম হইল বসুমতী হও গো চিরাই। আহ্মি জাক জনমাইব তাক দিও ঠাই॥"—শূন্য পুরাণ। ' ঝিআরি বলিআ তাক করিল সম্ভাসন।"—ঐ। ২। [ব্রজ—তাকর দ্রঃ] তাহার। প্র—"ঐছে নহ তাক বিলাস" —বিদ্যাপতি।

তাক করা (তাক্ করা) [গ্রা—তাগ। তাক দ্রঃ] ক্রি, লক্ষ্য স্থির করা ; টিপ করা। ২। নজর করা ; দেখা। প্র—"সঙ্কেত বুঝিয়া নয়ান ফিরিয়া তাক করে এক দিঠে।"—চণ্ডীদাস।

তাকৎ (তাকোৎ) [আ—তাক়ৎ] বি, শক্তি ; সামর্থ্য : বল।

তাকর [ব্রজ। হি—তাকর সংক্ষেপে তাক] স, তাহার। প্র—"যো পুরুখ দেখত তাকর ভাগি"—বিদ্যাপতি।

তাকা [রূপান্তর—তাগা, টাকা, টাকা। তাক +আ (বাং-ক্রি-বিভক্তি)। উ-পু—তাকি। ম-পু—তাক। প্র-পু—তাকে। অস-ক্রি—তাকিতে। তাকিয়া ; তেকে। ণিজন্ত—তাকান। তাক দ্রঃ] ক্রি, তর্ক করা। ২। লক্ষ্য করা। ৩। অপেক্ষা করা ; তেগে থাকা ; ওত করা। ৪। অনুমান করা। ৫। মনে মনে চিন্তা করা ; বাঞ্ছা করা। প্র—"সতিনী মরণ তাকে কেবল তোমার পাকে খুল্লনার এত অপমান।"—কবিক।

তাকান (তাকানো) [তাক (দ্রঃ)]+আন (ক্রি, বিভক্তি)। উ-পু তাকাই। ম-পু—তাকাও ; তাকান ; তাকা। প্র-পু—তাকায়। অস-ক্রি—তাকাইতে ; তাকাইয়া, তাকিয়ে] ক্রি, দৃষ্টিপাত করা ; চাওয়া। ২। একদৃষ্টে চাওয়া ; স্থিরলক্ষ্য করা। বি, তাকানি।

তাকানি [তাকান দ্রঃ] বি, দৃষ্টি ; দর্শন। প্র—"হেরি সেই নন্দিনীর আকুল তাকানি" —অশোকগুচ্ছ।

তাকাবি, তাকাবী [আ—তকাবী—প্রজাকে টাকা আগাম দিয়া সাহায্য। তগাবী দ্রঃ] বি, অগ্রিমদত্ত মুদ্রা ; দাদন ; তাগাবী।

তাকিদ (দ্) [আ—তাকীদ্] বি, স্মারক ; reminder. ২। নির্ব্বন্ধ।

*তাকিয়া [ফা—তকীআ] বি, বালিশ ; উপাধান। ২। বড় বালিশ : গির্দ্দা। প্র—"সে তাকিয়া গল্পগীতি সাহিত্যচর্চ্চার স্মৃতি। কত হাসি কত প্রীতি কত তুলো ভরা॥"—রবি। ৫। [তাকান দ্রঃ] ক্রি-অস, চাহিয়া।

তাকুত (ত্) [আ—তক়ায়ুদ্] বি, তত্ত্বাবধান। ২। হেপাজত ; তদারক ; শুশ্রূষা। প্র—"তাকুত করাতে সে আরাম হইয়াছে"—টেকচাঁদ।

তাকে (ত্া) [তাহাকে শব্দের তুচ্ছার্থক সংক্ষেপ। সম্ভ্রমে—তাঁকে] স, তাহাকে।

তাকে [তর্ক—এ (সপ্তমী বিভক্তি) অপভ্রংশে] অ, তর্কে ; সতর্কতার সহিত ; সাবধানে। ২। সন্ধানে। ৩। অপেক্ষায়। তাকে তাকে—তর্কে তর্কে ; সাবধানে। ২। সন্ধানে সন্ধানে। তাকেপাকে—বিশেষ কৌশল সহকারে ; বিশেষ সতর্কতার সহিত। প্র—"তাকে পাকে ঘোটনায় আরম্ভিল পাক।" —অন্নদামঙ্গল। ২। বুদ্ধি করিয়া ; বুঝিয়া সুঝিয়া। তাগেবাগে—কৌশলে ; ঘাঁত ঘোঁত বুঝিয়া।

তাগা [হি—তাগা ; প্রাকৃ—তগ্গ (সূত্র)] বি, সূত্র ; হস্তবন্ধন-সূত্রবিশেষ। ২। রক্ত চলাচল বন্ধ করিবার জন্য সূত্রাদির বন্ধনী। প্র—"শিরে কৈলে সর্পাঘাত কোথা বাঁধ্‌বি তাগা"—কৃত্তিবাস। ৩। [প্রাদে] উপর হস্তের অলঙ্কারবিশেষ ; "অনন্ত"। ৪। মন্ত্রপূত তাবিজ বা মাদুলী যাহা বাহুতে বাঁধিয়া রাখিতে হয়। ৫। তাগা নামক ভারতীয় জাতিবিশেষ।

তাগাড় (ড়্) [তুর্কী—তগার্] মাটীতে জল দিয়া যে কাদা প্রস্তুত করা হয়। ২। চাষের জমি রোয়া ও বীজতলা হইতে বীজ ধান তুলিবার কালে ক্ষেত্রে লাঙ্গল জুড়িয়া চষা মাটিতে সেক করিয়া যে কাদা প্রস্তুত করা হয়। ২। রাজমজুরেরা ইষ্টকাদি গাঁথিবার জন্য চুণের সহিত সুরকি জলে মিলাইয়া যে মসলা তৈয়ার করে। ৩। চূণ সুরকি বা কাদা গুলিয়া যে থানায় ইষ্টকাদির দেওয়াল প্রভৃতি গাঁথিবার গোলা প্রস্তুত করে। তাগাড় মাখা—ইট গাঁথিবার মসলা গোলা। ২। [ঐ ভাব হইতে] অন্নব্যঞ্জনাদি সমস্ত একত্র মিলাইয়া লওয়া।

তাগাদা [আ—তাকাজা (চাহা)] বি, খাতকের নিকট পাওনা টাকার জন্য পীড়ন। ২। জরুরী কাজ ; অতি প্রয়োজন। ৩। কাহাকে কোন কার্য্য সম্পাদন করিবার জন্য জেদ।

তাগাবী [তাকাবি দ্রঃ] বি, ক্ষেত্রবিহীন প্রজাকে ঋণ বা অগ্রিম টাকা দিয়া সাহায্য।

তাগিদ (দ্) [পা—তাকীদ্] বি, পীড়াপীড়ি ; তাগাদা। ২। স্মরণ ; মন। ৩। স্মারক পত্র ; জরুরী চিঠি ; reminder.

তাগিদ (দ্) বি, তাকিদ দ্রঃ।

তাচ্ছল্য (তাছছোল্‌লো) [সং—তুচ্ছ+তাচ্ছীল্য (তৎশীলতা—তৎস্বভাবতা)—তুচ্ছ এবং তৎসদৃশ করানর ভাব] বি, অবহেলা ; অবজ্ঞা ; অশ্রদ্ধা ; উপেক্ষা। তাচ্ছল্য করা —তুচ্ছ করা ; অবজ্ঞা করা ; উপেক্ষা করা। তুচ্ছ তাচ্ছল্য করা—নিতান্ত অশ্রদ্ধা বা উপেক্ষা করা।

তাচ্ছীল্য (ল্ল) [তৎ (সেই) শীল (স্বভাব) +য (ভাবে)] বি, ক্লী, তচ্ছীলতা ; তৎ-স্বভাবতা [এতদর্থে বাঙ্গালায় প্রয়োগ নাই। প্রাদে, তুচ্ছ শব্দের সহিত যুক্ত হইয়া তৎসদৃশ অর্থে ব্যবহারে তাচ্ছিল্য]। ২। অবজ্ঞা ; অবহেলা। ৩। অশ্রদ্ধা।

তাজ (জ্) [ফা—তাজ্] বি, মস্তকের আবরণবিশেষ ; মুকুট ; crown. প্র—"ত্বরা করে' তবে নিয়ে এস সাজ ! হেমকুণ্ডল মণিময় তাজ, কেয়ূর, কনকহার !"—রবি।

তাজ (জ্) [সং—তর্জ্জন হইতে] বি, তর্জ্জন।

তাজমহল (তাজ্‌মোহোল্)—মোগল সম্রাট সাহ্‌জাহান কর্ত্তৃক আগ্রায় নির্ম্মায়িত স্বনামপ্রসিদ্ধ মর্ম্মরপ্রাসাদ।

তাজগী (তাজ্‌গি) [ফা—তাজ্‌গী] বি, নূতনত্ব ; সরসভাব।

তাজনি, তাজনী (তাজোনি) [তর্জ্জন শব্দজ] বি, তর্জ্জন ; আস্ফালন ; চোকরাঙ্গানী প্র—"কাঁপয়ে শরীর দেখি আঁখির তাজনী।" —চণ্ডীদাস।

তাজা [তাজ (তর্জ্জন)+আ (ক্রি-বিভক্তি)। উ-পু—তাজি। প্র-পু—তাজে। অস-ক্রি, তাজিতে ; তাজিয়া ; তাজি] ক্রি, তর্জ্জন করা ; আস্ফালন করা। প্র—"কাট্ কাট্ বলি তাজে"—কবিকঙ্কণ। "শাশুড়ী সঘনে মোরে আঁখি ঠারে তাজে।"—কবিশেখর।

তাজা [ফা—তাজ়া] বিণ, টাট্‌কা। প্র—"তাজা তাজা ভাজা পুলি ভেজে ভেজে তোলে।" —ঈশ্বর গুপ্ত। ২। রসাল। ৩। নূতন। প্র—"দেখে কত তাজা তাজি তুরকী তুরঙ্গ"—ঘনরাম। "তিন লক্ষ তাজাতাজি তুরকী তুরঙ্গ"—ঘনরাম। ৪। উৎসাহপূর্ণ ; প্রফুল্ল। প্র—বুক তাজা থাকা। তাহার মনটা এখনও বেশ তাজা আছে।

তাজি [ফা—তাজ়ী (আরবী)—করীম-উল্-লোগাত] বি, আরবী ঘোড়া। প্র—"আইসে চড়িয়া তাজি সৈয়দ মোগল কাজি। খয়রাতে বীর দেয় বাড়ী॥"—কবিক। "শার্দ্দূল শিকারে সাজে আইসে সত্বর তাজি বাজি তুরকী টাঙ্গনে করে ভর।"—ঘনরাম। ২। জাতি-

বিশেষ। ৩। এক জাতীয় শিকারী কুকুর ৪। বিণ, তেজীয়ান। ৫। অশ্বারোহী প্র—"রহিল পশ্চিম দ্বারে সৈয়দ ওমর গাজী। যাহার ভিড়নে রহে ষোল শত তাজী॥"—কবিক।

তাজিয়া [ফ়—তাজ়িআ] বি, গম্বুজ (গুম্বজ দ্রঃ)। ২। মহরমের সময় পরলোকগত হোসেন হাসেনের কবরের অনুকরণে নির্ম্মিত নকল কবর ; গোঁয়ারা। ৩। [তাজা দ্রঃ] অস-ক্রি, তর্জ্জন করিয়া।

তাজী [ফা—তাজ়ী] বি, আরবী ঘোড়া ; উৎকৃষ্ট অশ্ব। ২। ছিপ্‌ছিপে দেহ লোমহীন লম্বামুখ শিকারী কুকুর ; ডালকুত্তা।

তাজ্জব, তাজ্জুব (ব্) [আ—তাআজ্জুব্] বিণ, অদ্ভুত ; আশ্চর্য্য। **তাজ্জব-ব্যাপার**—বিস্ময়কর ঘটনা।

তাঞ্জাম (ম্) [হি—তাম্‌ঝাম্—a tonjon] ধাতুময় সুসজ্জিত প্রশস্ত পাল্কী। প্র—"নবাব মীরকাসেম আলি খাঁ তাঞ্জাম হইতে অবতরণ-পূর্ব্বক এই গৃহমধ্যে প্রবেশ করিলেন।"—বঙ্কিম (চন্দ্রশেখর)।

তাড় (তাড়্) [তড়্ (দুঃখ দেওয়া, আঘাত করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, তাড়ন। ২। আঘাত। ৩। শব্দ। ৪। পর্ব্বত। ৫। [ড়=ল, হি—তাড়] তালবৃক্ষ। ৬। [আয়ুর্ব্বেদে] তমালবৃক্ষ ; হিন্তাল ; হেঁতাল। ৭। [প্রাদে] করভূষণবিশেষ। প্র—"ভুজে বিরাজিত তাড় ভুবন উজর। কটিতে কিঙ্কিণী ধ্বনি শুনি মনোহর॥"—ঘনরাম।

তাড়ক (ক্) [তাড়ি (আঘাত করা)+অক (কর্ত্তৃ)] বিণ, যে তাড়না করে।

তাড়কা (ড়ো) [তাড়ি (তাড়না করা—আক্রমণ করা)+অক (কর্ত্তৃ) আপ্, স্ত্রী—যে তাড়িয়া (তেড়ে) আক্রমণ করিয়া মনুষ্যাদি খায়] বি, স্ত্রী, রক্ষঃ সুকেতুর কন্যা ; সুন্দের পত্নী : মারীচের জননী। অগস্তের শাপে তাড়কা রাক্ষসীত্ব ও মারীচ রাক্ষসত্ব প্রাপ্ত হয়। মিথিলা গমনকালে রাম তাড়কাকে বিনাশ করিয়াছিলেন। প্র—"সেই পথে রাক্ষসী তাড়কা নামে রয়। তাড়িয়া ধরিয়া খায় যত মুনিগণে।"—কৃত্তিবাস।

তাড়কারি (ড়ো) [তাড়কার অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, রামচন্দ্র।

তাড়কেয় (তাড়োকেঅ) [তাডকা+এয় অপত্যার্থে (ঢক্ষ)] বি, পুং, তাড়কার পুত্র ; মারীচ।

তাড়ঙ্ক (তাড়োংকো) [তট্ (দীপ্তি পাওয়া) =তড+অঙ্কন্ (কর্ত্তৃ) যে শরীরে ধৃত হইলে দীপ্তি (শোভা) পায়] বি, পুং, কর্ণ-ভূষণবিশেষ ; কাণতড়্‌কা ; কাণবালা। ২। প্রাচীন করভূষণবিশেষ ; তাড়।

তাড়ন (ন্) [তড়্+ণিচ=তাড়ি (আঘাত করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আঘাত ; প্রহার। ২। দণ্ড ; শাসন। ৩ ভৎর্সন ; তর্জ্জন। স্ত্রী, **তাড়নী** [অনট্ করণে] যাহাদ্বারা তাড়ন করা যায় ; কশা চাবুক। ২। কোড়া ; তাড়ন দণ্ড।

তাড়না (তাড়োনা) [তাড়ি+অন (ভাবে অনট্)—স্ত্রী, আপ্] বি, স্ত্রী, ২। প্রহার। ৩। শাসন। প্র—যমের তাড়না। ৪। ভৎর্সনা ; তিরস্কার।

তাড়পত্র (তাড়্‌পৎত্রো) [তাড় দ্রঃ] বি, ক্লী, তাল গাছের পাতা ; তালপাতা। ২। কর্ণভূষণবিশেষ।

তাড়স (তাড়োশ্) [তাড় দ্রঃ। উচ্চারণ ভেদে টাড়স] বি, বেদনা ; ব্যথা। প্র—ফোড়ার তাড়সে তাহার জ্বর হইয়াছে। **তাড়সের জ্বর**—ফোড়া, চোট বা অন্য কোন কিছুর ব্যথা বা যন্ত্রণার আধিক্য বশতঃ জ্বর ; তাড়স জনিত জ্বর।

তাড়া [ত্বরা শব্দের অপভ্রংশ] বি, ত্বরা ; শীঘ্রতা ; দ্রুততা। তাড়াতাড়ির কাজ [তাড়াতাড়ি দ্রঃ]। ২। ব্যস্ততা। প্র—তাহার তাড়া দেখে আমি আর বিলম্ব করিতে পারিলাম না। ৩। [তড়্ (দুঃখ দেওয়া, আঘাত করা) ধাতুজ] বি, তাড়না। ৪। ভৎর্সনা। ৫। নিগ্রহ ; পীড়ন। ৬। । ৭। ধমক। প্র—"মার কাছে পুত্র যায় বাপে দিলে তাড়া"—ভারতচন্দ্র ৮। আক্রমণার্থ পশ্চাদ্ধাবন। ৯। ভয়। প্র—মাছ গুলা তাড়া পেয়ে ডুবে গেল। ১০। [সং—তড়্ (বন্ধন করা) ধাতুজ] হুড়কা ; খিল ; তসুলা। প্র—অনেক রাত হয়েছে দেখে সে দোরতাড়া দিয়ে শুতে গেল। ১১। [সং তাড় (মুষ্টি পরিমাণ তৃণাদি) শব্দজ। হি—তড়্‌পা] সমষ্টি ; গুচ্ছ ; গোছা : আটি ; তড়্‌পা। ১২। একত্র সম্বদ্ধ কাগজ পত্র ; কাগজের বাণ্ডিল। **জলতাড়া**—জলের ঝাপটা ; জলের আঘাত। প্র—ক্রমাগত জলতাড়া পাইলে পুকুরের মাছ শীঘ্র বড় হয়। **মুখতাড়া**—মুখের তাড়না ; ভৎর্সনা। **তাড়া খাওয়া** বা **তাড়া পাওয়া**—তাড়নাপ্রাপ্ত হওয়া : তাড়িত হওয়া। প্র—সে তাড়া খাইয়া অন্যত্র গিয়াছে ; তাড়া পাইয়া কুমীরটা জলে ডুবিয়াছে। **তাড়া দেওয়া**—ত্বরা করিবার জন্য অনুরোধ বা ব্যস্ত করা ; কোন কার্য্য শীঘ্র সম্পাদন করিতে বলা। ২। শীঘ্র করণ জন্য পীড়াপীড়ি করা। ৩। এমন তাড়না করা যাহাতে ছুটিয়া পলায়।

তাড়া [তাড়ি (তাড়না করা) ধাতু। উ-পু—তাড়ি। ম-পু—তাড়। প্র-পু—তাড়ে। অস-ক্রি, তাড়িতে : তাড়িয়া, তাড়িয়ে। ণিজন্ত—তাড়াণ। ব্যবহারে—তাড়া অর্থে তাড়ান] ক্রি, তাড়া করা। ২। তিরস্কার করা। ৩। দণ্ড দেওয়া ; প্রহার করা।

তাড়াতাড়ি [ত্বরাত্বরি শব্দের অপভ্রংশ ত্বরা (শীঘ্র)+ত্বরি (শীঘ্র)=অতিশীঘ্র] বিণ, শীঘ্র শীঘ্র ; অতিশীঘ্র ; অবিলম্বে [তাড়া দ্রঃ]। প্র—"বালক কুক্কুর লয়ে করে তাড়াতাড়ি। ব্যাস দেব গেলা অন্য গৃহস্থের বাড়ী॥"—অন্নদামঙ্গল। ২। [তড়াতাড়িয়া] ক্রি, বিণ, তাড়াইয়া ; তাড়াতুড়ি দিয়া। প্র—"বাঘ পৃষ্ঠে মারে বাড়ি লয়ে যায় তাড়াতাড়ি ভল্লুক প্রবেশে গিয়া গাড়ে।"—কবিক। ২। দৌড়া দৌড়ী। প্র—"এইরূপে ব্যাসদেব যান যার বাড়ী। ভিক্ষা নাহি পান আর লাভ তাড়াতাড়ি।"
—অন্নদামঙ্গল।

তাড়ান (তাড়ানো) [তাড়ি (তাড়না করা, আঘাত করা—ইত্যাদি) ধাতুজ। উ-পু—তাড়াই। ম-পু—তাড়াও ; তাড়ান্ ; তাড়া। প্র-পু—তাড়ায় : তাড়ান্। অস-ক্রি, তাড়াইতে ; তাড়াইয়া, তাড়িয়ে] ক্রি, তাড়াইয়া দেওয়া ; দূর করিয়া দেওয়া। ২। দূরীভূত করিবার জন্য উড়াইয়া দেওয়া। প্র—মাছি তাড়ান ; কাক তাড়ান ৩। অবমানিত করিয়া দূরী-করণ : বহিষ্কৃত করা ; দূর দূর শব্দে স্থানত্যাগ করিতে বাধ্য করা। প্র—"তাড়াইব তারে আমি ছাড়াইব দেশ"—ঈশ্বর গুপ্ত। ৪। একস্থান হইতে অন্যস্থানে হাঁকাইয়া বা তাড়াইয়া লইয়া যাওয়া ; চরান ; রাখালী করা। প্র—মাঠে মাঠে গরু তাড়ান।

তাড়ি, তাড়ী [হি—তাড় তালগাছ ; বাং—ড়=ল] বি, তালরস। ২। তালরস জাত মদ্যবিশেষ। [তুল—হি—তাড়, তাল ; উৎ—তাড় ; গুর্জ্জ—তড় ; ল্যা—corypha taliera.] ৩। তেরেট গাছ ; তাড়িয়াত গাছ।

তাড়ি [তাড়না দ্রঃ পদ্যে] ক্রি, তাড়না করিয়া। প্র—"জঘন পর তাড়ি"—বিদ্যাপতি।

তাড়িত [তাড়ি (তাড়ন করা)+ত (কর্ম্মে ক্ত) যাহাকে তাড়ন করা হইয়াছে] বিণ, । ২। দণ্ডিত। ৩। দূরীকৃত। ৪। তিরস্কৃত। ৫। আহত। ৬। বিদ্ধ।

তাড়িত (ত্) [তাড়্ (বেগে গমন করা) ধাতুজ] বি, ক্লী, পদার্থবিশেষের ঘর্ষণ দ্বারা যে আকর্ষণী বা বিয়োজনী শক্তি উদ্ভূত হয়। electricity. ইহা উত্তাপ ও আলোকের ন্যায় শক্তিবিশেষ। বিদ্যুত। ২। বিণ, বৈদ্যুতিক ; ; বিদ্যুন্ময়। [দ্রঃ—তাড়িৎ এবং বিদ্যুৎ যে একই পদার্থ, বেঞ্জামিন্ ফ্রাঙ্কলিন্ তাহা প্রমাণিত করেন]।

তাড়িনু [তাড়া দ্রঃ] ক্রি, উ-পু, ভৎর্সিনু ; তিরস্কার করিলাম। প্র—"কারাগারে

অবতরি তার বন্ধন দূর করি স্বপনে তাড়িনু নৃপবরে।"—কবিক।

তাড়িপত্র (তাড়িপৎত্রো) [তাল=তাড়, তাড়ি+পত্র (পাতা) ৬ তৎ] বি, স্ত্রী, তাল পাতা। ২। তালপত্রাকৃতি খড়্গবিশেষ ; তাল পত্র নামক খাঁড়া। প্র—"সঘনে লোফয়ে দানা তাড়ি পত্র খাঁড়া"—কবিকঙ্কণ। "তাড়িপত্র খাণ্ডা উভারিল বীরবর"—কবিক।

তাড়িত, তাড়িত-পদার্থ [তাড়িত রূপ যে পদার্থ (দ্রব্য) কর্ম্মধা] বি, পুং, তাড়িতের গুণ বা ধর্ম্মযুক্ত পদার্থবিশেষ electricity.

তাড়িত-পরিচালক (তাড়িৎপোরিচালোক্) [তাড়িতের (বিদ্যুতের) পরিচালক (স্থানান্তর গমন নিয়ামক) ৬ তৎ] বিণ, যে সকল বস্তু দ্বারা তাড়িত পদার্থ এক স্থান হইতে স্থানান্তরে পরিচালিত হয় ; তাড়িত সঞ্চালক conductor of electricity.

তাড়িত-বার্ত্তাবহ (তাড়িৎবার্‌তাবহ) [তাড়িত (বিদ্যুৎ) রূপ বার্ত্তাবহ (সংবাদ জ্ঞাপক) কর্ম্মধা] বি, পুং, যে বৈদ্যুতিক যন্ত্র দ্বারা বিদ্যুতের শীঘ্র সংবাদ আইসে। electric telegraph.

তাড়িতমান-যন্ত্র (তাড়িৎমান্‌জন্‌ত্রো) বি, তাড়িতের সঞ্চালন, সঞ্চয় প্রভৃতির পরীক্ষার জন্য ব্যবহৃত যন্ত্রবিশেষ ; ইলেক্‌ট্রোস্কোপ। electroscope.

তাড়িত-সঞ্চালক (তাড়িৎশন্‌চালক্) বিণ, তাড়িত পরিচালক ; conductor of electricity.

তাড়ীখানা (তাড়িখানা) [তাড়ী—ফা—খানা (আড্ডা)] বি, তাড়ীর দোকান। তাড়ীপায়ী নেশাখোরদিগের আড্ডা। ২। তাড়িখানার নেশাখোরগণ যেমন উচ্ছৃঙ্খল ইতর আমোদে মত্ত হয় ও বিরাট চীৎকার ও বিকৃত কণ্ঠস্বরে গান করে সেইরূপ কোন স্থানে দশজন মিলিত হইয়া ইতর গীতাদি ও মাতামাতি করিলে সেইস্থান "তাড়িখানা করিয়া তুলা" বলে।

তাড়ু [তাড়ি (তাড়না করা) ধাতুজ। প্রাদে] বি, ময়রার ভিয়ান করিবার হাতাবিশেষ ; ঘোঁটন দণ্ড। প্র—"মন যদি মোর ভিয়ান করিস ওরে কালীনাম কালীর চিনি বদন খোলাতে ঢালিস। বর্ণমালা উর্ড়কি করে ক্রমে ক্রমে তাতে রাখিস আর আলস্য ত্যজিয়া সদা রসনা তাড়ুতে নাড়িস।"—রামপ্রসাদ

তাড্যমান (তাড়্‌ডোমান্) [তাড়ি (তাড়না করা)+আন (কর্ম্মে) য, ম্ আগম] বি, পুং, যাহাকে তাড়ন করিলে মনের উৎসাহ-জনক শব্দ করে ; যন্ত্র ; ঢকাদি। ২। বিণ, বাদ্যমান ; আহন্যমান ; পীড্যমান। ৩। যাহাকে প্রহার, দণ্ড বা শাসন করা হইতেছে।

তাণ্ডব (তান্‌ডব্) [তণ্ডু (মুনিবিশেষ)+ (রচনার্থে—ষ্ণ)—তণ্ডুমুনি নৃত্যপ্রণালীর স্রষ্টা] বি, পুং, ক্লী, নৃত্য ; নাচ। প্র—"নৃত্য করে অপ্সরা * * * তাণ্ডব দেখেন হর্ষে যতেক দেবতা।"—ঘনরাম। "তাণ্ডবে তুষিয়া দেবে খণ্ডাইবে পাপ।"—ঐ। ২ শিবের নৃত্য। ৩। পুরুষের নৃত্য। [স্ত্রী নৃত্যের নাম লাস্য] ৪। উদ্ধত নৃত্য ; উদ্দ নৃত্য। ৫। তৃণবিশেষ। ক্রি, তাণ্ডবি—তাণ্ডব নৃত্য করিয়া ; নৃত্য করিয়া। প্র—"তাণ্ডবি উল্লাসে"—মাইকেল।

তাণ্ডবপ্রিয় (তান্‌ডব্‌প্রিয়) [তাণ্ডব (নৃত্য হইয়াছে প্রিয় যাহার, বহু] বি, পুং, শিব ২। বিণ, নৃত্য-প্রিয়।

তাত [তায় (পালন করা)+ত (কর্ত্তৃ ক্ত য় লোপ, যিনি সন্তান উৎপাদন ও পালন করেন] বি, পুং, পিতা। ২। পিতৃব্য ৩। পূজ্য ব্যক্তি ; মান্য ব্যক্তি। ৪। পুত্রস্নেহের পাত্র। ৬। পুত্রের প্রতি স্নেহসূচক সম্বোধন। প্র—"মাতা বলে তাত আজি কার দোষ খণ্ড।"—কাশী—মহা।

তাত (তাত্ [তন্ (বিস্তার করা) ধাতুজ—যাহা পদার্থকে বিস্তার করায় (তাপ পেলেই কঠিন পদার্থ বিস্তৃত হয়) কিম্বা তপ্ (সন্তাপ দেওয়া ক্ত প্রত্যয় যোগে তপ্ত অপভ্রংশে তাপ, তাত বি, উত্তাপ ; তাপ ; আঁচ। প্র—"তাত সয় ত বাত সয় না"—প্রবচন। ২। ক্রোধ ঝাঁজ ; মেজাজের উষ্ণতা বা গরমী [তুল, —আ—তাব্]।

তাতন (ন্) [তাতা দ্রঃ] বি, উত্তাপন ; তপ্ত হওন ; তাতিয়া উঠন। ২। ক্রুদ্ধ হওন।

তাতা [তাত দ্রঃ। উ-পু—তাতি। ম-পু—তাত। প্র-পু—তাতে। অস-ক্রি, তাতিতে ; তাতিয়া, তেতে। ণিজন্ত—তাতান] ক্রি, তপ্ত হওয়া ; তাতিয়া উঠা। ২। ক্রুদ্ধ হওয়া ; গরম হয়ে উঠা। ৩। [প্রা-বাং] বিণ, তপ্ত। প্র—তাতা করিয়া নন্দি মহাডাক ছাড়িল। সুনার কাস্তাখানি গঠিয়া জুগাল॥"—শূন্যপুরাণ।

তা-তা ["তাহা তাহা"র সংক্ষেপ] স, তাহা তাহা ; সেই সেই বস্তু বা বিষয়। প্র—যা যা আনতে বলেছিলুম তা তা আনা হয়েছে কি ?

তাতা-থৈ, তাতা থই, তাতাথেই থেই—[প্রাদে] বাদ্য ও তাণ্ডব নৃত্যের তালে তালে পদতল ও করতল বাদ্য ; শিবানুচরগণের বোল। প্র—"তাধিয়া তাধিয়া বাজয়ে তাল তাঁ তা থেই থেই বলে বেতাল॥" —অ, ম।

তাতরস, তাতরসি (তাত্‌রশ্, রোশি) [তাত (তপ্ত)—রস (ইক্ষুরস)] বি, ইক্ষুরস তাতাইয়া বা জ্বালাইয়া যে তরল গুড় হয় তাহাকে তাতরস বলে।

তাতল (তাতোলো) [তাত+ল (হি—বাংলা =আল, যুক্তার্থে)—তাতযুক্ত। ব্রজ] বিণ, তাতাল ; উত্তপ্ত ; উষ্ণ। প্র—"তাতল সৈকতে বারি বিন্দুসম সুতমিত রমণী সমাজে,তোহে বিসরি মন তাহে সমর্পিনু, অব মঝু হব কোন কাজে, মাধব হাম পরিণাম নিরাশা।"—বিদ্যাপতি। "তাতল উপল কোলে সলিল কণা, ঝরিতে পরশিতে দেখা গেলনা।"—ক্ষীরোদ বিদ্যাবিনোদ।

তাতান (তাতানো) [তাত (তপ্ত)—আন। উ-পু—তাতাই। ম-পু—তাতাও। প্র-পু—তাতায়। অস-ক্রি, তাতাইতে ; তাতাইয়া, তাতিয়ে] ক্রি, উষ্ণ করা ; তপ্ত করা ; তাপ দেওয়া। ২। জ্বাল দেওয়া ; গরম করা। প্র—"লোহা তাতান"। ২। বিণ, উত্তপ্ত। প্র—তাতান লোহ ; তাতান বালি ইত্যাদি।

তাতাল, তাতালিয়া (তাতালো) [তাত, তাতল দ্রঃ। তাত+আল (যুক্তার্থে)—তাত-যুক্ত] বিণ, উত্তপ্ত ; উষ্ণ। ২। ক্রোধী ; রগচটা। ৩। বি-পুং, রোগ ; পীড়া। ৪। যাহারা টিনের কাজ করে, তাহাদের রাংঝাল দিবার লৌহনির্ম্মিত যষ্টিবিশেষ যাহা আগুনে তাতাইয়া ব্যবহার করিতে হয়।

তাতারা [তিতির দ্রঃ] বি, তিত্তিরী জাতীয় পক্ষী। প্র—"তাতারা তিতির তোতা তাতেলে বিহগ।"—ঘনরাম।

তাতে (তাতে) [তাহাতে শব্দের সংক্ষেপ] তাহাতে ; তাহার মধ্যে। ২। তাহার জন্য ; তজ্জন্য ; তাহা বলিয়া। প্র—"কেন পিতঃ! আমাদের অধিক অর্থ নাই, রাজার ন্যায় বিভব নাই, তাতে আমরা কিসে অসুখী ?"—শৈলবালা। ৩। [তাত শব্দজ] ক্রি, তপ্ত হয় ; গরম হয়। (২) মেজাজ গরম হয় ; চটে।

তাতেলে বি, পক্ষিবিশেষ। প্র—"তাতারা তিতির তোতা তাতেলে বিহগ"—ঘনরাম।

তাৎকালিক (ক্) [তৎকাল (সেই সময়) +ইক (উৎপন্নার্থে—ষ্ণিক)] বিণ, তৎ-কালোৎপন্ন ; তৎকালভব ; তৎকালীন। সেই সময়ের। ২। সমসাময়িক।

তাৎপর্য্য (তাৎপোর্‌জো) [তৎপর (সচেষ্ট) +য (ভাবে ষ্ণ্য) [বি, ক্লী, বক্তার ইচ্ছা ; অভিপ্রায়। ২। মর্ম্ম ; উদ্দেশ্য। ৩। তৎ-পরতা।

তাতে, তাথে (তাতে, তাথে)—তাহাতে দ্রঃ।

তাথই, তাথৈ, তাথৈয়া (তাথৈ, তাথৈ আ) [শব্দাত্মক পদ। পুনঃ পুনঃ শব্দ হওয়ার অর্থে দ্বিত্ব] বি, খোল প্রভৃতি বাদ্য যন্ত্র হইতে উত্থিত শব্দ ; নৃত্য-শব্দ। প্র—"মুখে গায় মিষ্ট বোল খদির কাষ্ঠের খোল তাথই তাথই ঘন বায়"।—ক্ষেমানন্দ ও কেতকাদাস।

"তাথৈ তাথৈয়া, বাজে পাখোয়াজ মুখর কঙ্কণ কিঙ্কিণী।"—গোবিন্দদাস। ২। আনন্দে বা হর্ষভরে উদ্দণ্ড নৃত্য। প্র—"ইংলিশম্যান তাথৈ তাথৈ নাচিতেছেন"—বঙ্গবাসী ১৩১৮, ২০মাঘ।

তাদবস্থ্য (তাদোবোস্‌থ [তদবস্থ+য (ভাবে—ষ্যঞ)] বি, ক্লী, সেই অবস্থায় অবস্থিতি [বাং বিরল]।

তাদর্থ্য (তাদোর্‌থ) [তদর্থ (তন্নিমিত্ত)+য (ভাবে ষ্যঞ)] বি, ক্লী, তৎকারণতা; তৎহেতুত্ব।

তাদাত্ম্য (তাদাৎর্ত) [তৎ (সেই) হইয়াছে আত্মা (স্বরূপ) যাহার=তদাত্ম—তৎস্বরূপ)+য (ভাবে ষ্যঞ)] বি, ক্লী, একাত্ম ভাব: তৎস্বরূপতা।

তাদৃক্ [তদ্ (সেই)—দৃশ্ (দর্শন করা)+ক্বিপ্ (কর্ম্মে) যাহা সেইরূপ দৃষ্ট হয়] বিণ, তাদৃশ; তদ্রূপ।

তাদৃশ [তদ্ (সেই)—দৃশ্ (দর্শন করা)। অ (কর্ম্মে=টক্) যাহা সেইরূপ দৃষ্ট হয়] বিণ, তদ্রূপ; তদ্বিধ। স্ত্রী, **তাদৃশী**। প্র—"ঈদৃশী তাদৃশী নহ ঈশান ঈহিণী"—অন্নদামঙ্গল।

তাধিয়া (তাধিআ) [শব্দাত্মক। ধিন্‌তা; তাধিন্‌তা তাধিয়া ইত্যাদি নৃত্যের তান ও বোল হইতে] বি, তাণ্ডব নৃত্য; শিবানুচরদিগের নৃত্য। প্র—"ডিমি ডিমি ডিমি ডমরু বাজিছে। তাধিয়া তাধিয়া পিশাচ নাচিছে॥"—অন্নদামঙ্গল। ২। তাণ্ডব নৃত্যের ও বাদ্যের শব্দ। প্র—"তাধিয়া তাধিয়া বাজয়ে তাল। তাতা থেই থেই বলে বেতাল॥"—অন্নদামঙ্গল।

তান (তান্) [তন্ (বিস্তীর্ণ হওয়া)+অ (কর্ম্মে ঘঞ্ সংজ্ঞার্থে)—যাহা গায়ক কর্ত্তৃক বিস্তীর্ণ হয়] বি, পুং, গানের অঙ্গবিশেষ, অনুলোম বিলোম গতিতে গমক মূর্চ্ছনাদির দ্বারা রাগাদির বিস্তার। ২। রাগ। প্র—"রাগরাগিণী যত জাগ্রত হইল। রূপ প্রকাশিয়া ত্রিভুবন রাজিল॥ * * * * সুরলোক মোহিত মোহন কুহকে। স্তম্ভিত বীণাপাণি সুর তান পুলকে॥"—দশমহাবিদ্যা। "আন্ তবে বীণা, সপ্তমসুরে বাঁধ তবে তান্।"—স্বপ্নময়ী নাটক। ২। সুর। প্র—"এক তানে সমীরণ সনে গাইছে তটিনী কুলকুল স্বনে"—বাংগান। ৩। [হি—তান] ধ্বনি। ডাক (তানে দ্রঃ)। ৪। স্বরবিন্যাসের অন্যতর নাম; গানের মধ্যের তান; গানের রাগিণীর আলাপমাত্র। প্র—"তান মান বাদ্যতাল নৃত্য গীত ক্রিয়াকাল তোমা হৈতে সকল নির্ণয়।"—অ, ম,। **তান ছাড়া**—ক্রি, মুক্তকণ্ঠে গান করা। প্র—"মনেরি বাসনা যদি গাবি গান, যদি থাকে বোধ উত্তব সময়ের স্থান, তবে ত্রাণ কর মা বলে একবার তারা নামে ছাড় তান।"—গোবিন্দ ব্রহ্মচারী। **তান তোলা**—ক্রি, গানের সুর তোলা; ক্রমে উচ্চ হইতে উচ্চতর গ্রামের সুর চড়ান। প্র—"থাকিয়া থাকিয়া বিজনে পাপিয়া কানন ছাপিয়া তুলিছে তান।"—রবি। "দিবানিশি নাহি আন সপ্তমে তুলি তান; নারদ মনোমত ধ্বনি, বীণা বাজা রে॥"—হেমচন্দ্র। **তান ধরা**—ক্রি, কোন বিশেষ সুর ধরা; কোন সুরে গমক মূর্চ্ছনাদিসহ গান করা। ২। গান আরম্ভ করা। প্র—"এইবার তান ধর আর বিলম্ব করো না। [তুল—হি—তান ইং—tone, tune; গ্রী—tonos; ল্যা—tonus a stretching straining raising of the voice); ইতা—tonus; স্পে, প্র, ফ্রে, জর্ম্ম, সুই—ton; ডে—tone; ডচ্—toon] ৪। সঙ্কল্প; লক্ষ্য। প্র—এক তান মন। ৫। চাল; ধরণ; gait; air.

তান (তান্) [প্রাদে পুংবঙ্গে। গ্রা-বাং—"তাহান" শব্দের সংক্ষেপ, সম্ভ্রমার্থে। তুচ্ছার্থে তার] স, তাঁহার (এই অর্থে গ্রা, তেনার শব্দেরও ব্যবহার আছে)। প্র—"তাঁহার তনয়া মহামায়া নাম তান। সালঙ্কারের সুপাত্রে কন্যা কৈল দান॥"—সরদামঙ্গল (শিবচন্দ্র)।

তানপূরা (তান্‌পুরা) [তান (স্বর) পূরা (যাহা দ্বারা পূর্ণ হয়) যাহার শব্দ দ্বারা গায়কের স্বর পূর্ণ হয়] বি, পুং, বীণার আকৃতি বাদ্যযন্ত্রবিশেষ; তম্বুরা বা তাম্বুরা।

তানব (ব্) [তনু (কৃশ)+অ (ভাবে, ষ্ণ)] বি, ক্লী, কৃশতা; কার্শ্য; তনুতা। [বিরল]।

তানা [হি—তানা the warp] বুনানের লম্বা সুতা; টানা সুতা; পড়েনের বিপরীত চওড়া দিকের বুননের সুতা। [হি—তানা] **তানাপড়েন**—টানাপড়েন, the warp and the woof. ২। কৌশল; ছলনা। প্র—"জবাফুলে মোর পদ পূজেছে সাক্ষাতে। তায় যে তোমায় পাবে এত তানা তাতে॥"—ঘনরাম। "সেন বলে ত্যজ তানা তনু দেখি ক্ষীণ। শ্রীধর্ম্মদাসের দাস আমি অতি দীন॥"—ঘনরাম। ৩। দমবাজী; ধোঁকা। ৪। ভাংচী; কুমন্ত্রণা।

তানাজা [আ—ত্‌নাজা (ঝগড়া)] বি, বিবাদ; কলহ; ঝগড়া। ২। ওজোর।

তানা-না-না [শব্দাত্মক বোলের অনুকার শব্দ] বি, সঙ্গীত আলাপের প্রারম্ভিক স্বর ভাঁজিবার বোল। প্র—তুম তানা নানা ইত্যাদি। ২। [গান করিবার পূর্ব্বে বা সেতারাদি বাদ্য বাজাইবার পূর্ব্বে স্বর সাধিবার সময় তানা নানা করিতে প্রকৃত সঙ্গীতারম্ভে বিলম্ব হওয়ার ভাব হইতে] বাজে কাজে সময় নষ্ট করা; মূল কার্য্যে প্রবৃত্ত হইবার পূর্ব্বে তাহার আয়োজনে সময়ক্ষেপ। প্র—তোমার তানা নানা করতেই সময় গেল তুমি ষ্টেশনে যাবে কখন? ৩। গোলমাল; গণ্ডগোল; গোলযোগ।

তানে, তাহানে [তাঁহাকে শব্দের প্রাদে রূপান্তর। প্রা, গ্রা-বাং; সম্ভ্রমার্থে। তুচ্ছার্থে তারে] স, তাঁহাকে। প্র—"অতএব বৈষ্ণব না ছাড়ে কভু তানে।"—কবিক। ২। তাঁহার প্রতি।

তানে [তান দ্রঃ] ক্রি, তান দেয়; ডাকে; শব্দ বা রব করে [অপ্র]। প্র—"ঘোরনাদে ঘুঘু যেন ঘন ঘন তানে।"—ঘনরাম।

তান্তব (তান্‌তব্) [তন্তু+অ (নির্ম্মাণ বা বিকার অর্থে ষ্ণ)] বিণ, তন্তুনির্ম্মিত। ২। বয়ন। ৩। বিণ, যাহা পিটিয়া অত্যন্ত সূক্ষ্মতার প্রস্তুত করা বা বাড়ান যায়; ductile.

তান্তবতা (তান্‌তোবোতা) [তান্তব+তা ভাবে] বি, যে গুণ থাকিলে বস্তুকে টানিলে বা টিপিলে বিস্তৃত হয়। "অনেক ধাতু পদার্থকে টানিয়া সূক্ষ্মতন্তু অর্থাৎ তার হয়; এই ধর্ম্মকে তান্তবতা বলে।"—পদার্থবিদ্যা (রামেন্দ্রসুন্দর ত্রিবেদী)।

তান্ত্রিক (তান্‌ত্রিক্) [তন্ত্র+ইক (কর্ত্তৃ)] বিণ, তন্ত্রশাস্ত্রবেত্তা বা তন্ত্রাবলম্বী। ২। তন্ত্রশাস্ত্রসম্বন্ধীয়। ৩। তন্ত্রশাস্ত্রবিহিত। ৪। সিদ্ধান্তজ্ঞ। ৫। তন্তু বা তাঁতসংক্রান্ত। ৬। সাম্প্রাদায়িক বা বিশেষ মত সম্বন্ধীয়। ৭। কলা বা বিদ্যাবিশেষের পারিভাষিক; technical [দ্বিজেন্দ্র ঠাকুর]।

তাপ (তাপ্) [তপ্ (উত্তপ্ত করা, গরম করা)+অ (ভাবে ঘঞ্)] বি, পুং, উষ্ণতা। ২। [জড়বিজ্ঞানে] উত্তাপ; শক্তির প্রকারভেদ মাত্র; এই শক্তি জড় পদার্থের অণুতে নিহিত থাকে। "কঠিন; তরল; বায়বীয় সকল পদার্থের অণু গতিশীল ও শক্তিযুক্ত হইলেই ঐ সকল পদার্থ তপ্ত হয়।"—পদার্থবিদ্যা (রা, সু, ত্রিবেদী)। উত্তাপোৎপাদক শক্তি। "ইহা ভৌতিক জগতের একটি প্রধান বল। মতান্তরে ইহা পদার্থের পরমাণুর গতির কার্য্যফল মাত্র।"—ভৌতিকতত্ত্ব। [দ্রঃ—"তাপ আর উষ্ণতা এক নহে তবে দুইএর কোন ঘনিষ্ঠ সম্বন্ধ আছে। তাপযোগে উষ্ণতা বাড়ে, আর তাপ বাহির হইয়া গেলে উষ্ণতা কমে। * * * পদার্থ মাত্রেই তাপ অল্প বা অধিক পরিমাণে আছে, বরফ এমন শীতল তাহাতেও তাপ আছে।" স্পর্শেন্দ্রিয় যাহার খবর দেয় তাহা **তাপ** নহে, তাহা **উষ্ণতা**।"—পদার্থবিদ্যা (রা, সু, ত্রিবেদী)।

৩। ক্রোধ ; কোপ। প্র—"তাপে অবে ত্বরিত কর্পূর ধরে চুলে।"—ঘনরাম। ৪। জ্বর ; fever. ৫। বায়না ; আবদার। প্র—"সে বাছা তুলেছে তাপ ফলার কারণ। আপনি গড়িয়া দেহ দিব যত ধন।"—ঘনরাম। ৬। মনঃকষ্ট ; মনস্তাপ ; শোক। প্র—"বসুন্ধর বসুন্ধরা অন্নদার শাপে। সমাধিতে দিয়া মন তনু ত্যজে তাপে।"—অ. ম। ৭। আধ্যাত্মিক, আধিদৈবিক, আধিভৌতিক এই ত্রিবিধ দুঃখ। প্র—"ত্রিবিধ তাপেতে তারা নিশিদিন হতেছি সারা।"—রাম দত্ত (বাং-গান)। প্র—"বিষ-কণ্ঠ মোর স্বামী সহিতে না পারি আমি তনু শুকাইল সেই তাপে।"—কবিক।

তাপক (ক্) [তপ্ (উত্তপ্ত করা) + অক (কর্ত্তৃ—ণক)] বিণ, যে উত্তপ্ত করে ; তাপজনক। ২। সন্তাপক ; মনস্তাপকারী। ৩। বি, পুং, জ্বর।

তাপ তুলা [প্রাদে, গ্রা, তাপ দ্রঃ] ক্রি, শোক করা ; দুঃখ করা ; আবদার ধরা ; বায়না ধরা।

তাপত্রয় (তাপোৎত্রয়) [তাপের ত্রয় (ত্রিবিধ) —৬তৎ] বি, ক্লী, ত্রিবিধ তাপ ; আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক নামক দুঃখ।

তাপন (ন্) [তপ্ + ণিচ্ = তাপি (উত্তপ্ত করান) + অন (কর্ত্তৃ)] বি, পুং, সূর্য্য। ২। কিরণ। ৩। সূর্য্যকান্তমণি। ৪। মদনের পঞ্চবাণের মধ্যে একটী। ৫। [ভাবে—অনট্] তাপজনন। ৬। বিণ, তাপজনক।

তাপনম্য (তাপ্‌নোম্‌মো) [তাপ—নম্য (নমনীয়)] বিণ, যাহা তাপ স্পর্শে এরূপ নরম হয় যে তাহাকে ইচ্ছামত বক্র করা যায় ; যাহা তাতাইয়া নোয়ান যায়, যেমন শৃঙ্গ।—বস্তুবিচার।

তাপনীয় (তাপোনিও) বিণ, তাপ্য ; তাপজননের যোগ্য। ২। তপ্ত করিবার উপযোগী।

তাপমানযন্ত্র (তাপ্‌মানজন্‌ত্রো) [তাপ + মান (পরিমাণ) যন্ত্র] বি, উত্তাপ-নিরূপণ যন্ত্র ; যে যন্ত্রে উত্তাপের পরিমাণ জানা যায় ; thermometer.

তাপর [তা (দ্রঃ) পর (উপর)। ব্রজ। হি—তিস্‌পর] ক্রি-বিণ, তাহার উপর ; তদুপরি। প্র—"তাপর দেখহ বিধু সে অরুণ তাপর ময়ুর অহি।"—জ্ঞানদাস। ২। অধিকন্তু।

তাপস (শ্) [তপস্ (তপস্যা) + অ (ষ্ণ)] বিণ, তপস্যাকারী। ২। বি, তপস্বী ; মুনি। প্র—"একি তাপসের মন অচল অটল"—নবীন তপস্বিনী। ৩। [বৈদ্যকে] বি, ক্লী, তেজপাত।

তাপসতরু (তাপশ্‌তোরু) [তাপসের ব্যবহার্য্য যে তরু (বৃক্ষ)—কর্ম্মধা] বি, পুং ইঙ্গুদী বৃক্ষ ; তাপসদ্রুম। এই বৃক্ষের ফল হইতে তৈল নিঃসৃত করিয়া মুনিরা ব্যবহার করিতেন।

তাপসপ্রিয় (তাপশ্‌প্রিও) [তাপসের প্রিয় ৬তৎ] বিণ, তাপসদিগের প্রিয় বস্তু বা পাত্র। ২। বি, পুং, পিয়ালবৃক্ষ। স্ত্রী, **তাপসপ্রিয়া**—দ্রাক্ষালতা।

তাপস্য (তাপশ্‌শ) [তপস্ + য (ষ্ণ্য)] বি, ক্লী, তপস্বীর ধর্ম্ম।

তাপহরণ (প্, ন) [তাপ—হরণ (যিনি হরণ করেন)] বিণ, যিনি ত্রিতাপ হরণ করেন। প্র—"তুমি বন্ধু তুমি নাথ, নিশিদিন তুমি আমার। তাপহরণ তোমার চরণ অসীম শরণ দীন জনার॥"—রবি।

তাপা [তাপ + আ (ক্রি-বিভক্তি)। উ-পু—তাপি। ম-পু—তাপ। প্র-পু—তাপে। অসক্রি—তাপিতে ; তাপিয়া, তাপি (পদ্যে)। ণিজন্ত—তাপান] ক্রি, তাপ লওয়া ; আগুন বা রৌদ্র পোয়ান। ২। তপ্ত হওয়া ; গরম হওয়া। ৩। রাগ করা ; রুষ্ট হওয়া।

তাপান (নো) [তাপ + আন] ক্রি-বিণ, উত্তপ্ত করা ; তাতান। ২। দুঃখ দেওয়া ; সন্তাপিত করা। ৩। রাগান [বিরল]। ব্রজ—**তাপায়ল, তাপায়লু**—তাপিত করিল। প্র—"হিম হিমকর তাপে তাপায়লু।"—বিদ্যাপতি।

তাপিত (তো) [তপ্ + ণিচ্ = তাপি (উত্তপ্ত করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, তপ্ত ; তাপযুক্ত ; তাপপ্রাপ্ত। ২। দুঃখিত ; সন্তাপিত। প্র—"হে হরি সুন্দর ; তৃষিত তাপিত মম প্রাণ শীতল কর"—ব্রহ্মসংগীত।

তাপী (পি) [তাপ + ইন্ (অস্ত্যর্থে) = তাপিন্—১ম, ১ব] বিণ, উত্তপ্ত ; তাপপ্রাপ্ত ; তাপযুক্ত। ২। সন্তপ্ত ; দুঃখপ্রাপ্ত ; ত্রিতাপে তাপিত। ৩। [তপ্ + ণিচ্ = তাপি + ইন্ (কর্ত্তৃ—ণিন্)] বিণ, তাপজনক। স্ত্রী—**তাপিনী**—তাপযুক্তা ; সন্তপ্তা ; দুঃখিনী। প্র—"বিনানিয়া বিনোদিয়া বেণীর শোভায়। সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়॥"—ভারতচন্দ্র। "সহজহি বিরহিণী জগমাহা তাপিনী বৈর মদন-শরধারা।"—বিদ্যাপতি।

তাফাল (ল্) [ফা—তফ্ = তাপ। তফ্‌ৎ = তাপ ; উত্তাপ] বি, খেজুরের বা আখের গুড় তৈয়ারি করার উনুন।

তাব (ব্) [তুল—ফা—তাব-জ্বলা। আ—তুবায় = দেবতরু। (২) মধুর] বি, ধুনা।

তাবকী [তবক দ্রঃ। তুর্কী—তবক্‌চী] বিণ, তবকধারী ; বন্দুকধারী। প্র—"তাবকী ধানুকী ঢালী রায় বেঁশে মাল। দফাদার জমাদার চলে সদীয়াল॥"—অন্নদামঙ্গল।

তাবৎ [তদ্ (সেই) + আ বৎ (সাকল্যার্থে, পরিমাণার্থে (ডাবতু)] বিণ, তৎসংখ্যক। ২। তৎপরিমাণ ; তত। প্র—"এইরূপে মঞ্জুষার সপ্তাহ যাবৎ। যোগাইলা যত দ্রব্য কি কব তাবৎ।"—অন্নদামঙ্গল। ৩। তৎসমুদয় ; সেই সমস্ত। ৪। সকল লোক। প্র—"অবন্তীপুরের তাবতের মুখে এই কথা"—বিমলা (দামোদর)। ৫। ক্রি-বিণ, তৎকালে। ৬। ততক্ষণ ; সেকাল পর্য্যন্ত ; তদবধি।

তাবিজ (জ্) [আ—তবীজ্] বি, বাহুভূষণ বিশেষ। ২। [হি—তাবীজ] কবচ ; মাদুলী। প্র—"মিশ্রা দিল লিখিয়া তাবিজ বোঝা বোঝা"—অন্নদামঙ্গল।

তাবিন (ন্) বি, মুসলমান চিকিৎসক।

তাবুত (ত্) বি, পতাকা ; নিশানা। ২। [প্রাদে, পূ-বঙ্গ] চেতনা ; হুঁস।

তামর [সং—তাম্র হইতে তামর অথবা তামা + র—তামার প্রা-বাং-য়—তাম—তামর—তাম্বর] বিণ, তাম্র নির্ম্মিত। প্র—"হোম যজ্ঞ করি দিল তামর অঙ্গুরী"—শূন্যপুরাণ। "তাম্বর রঞ্জিত ঘাট"—ঐ।

তামরস (শ্) [সং—তামর (জল) + স (সদ্ ধাতু অর্থে বাস করা)—যে জলে থাকে। কিন্তু ইহা ম্লেচ্ছ প্রসিদ্ধ শব্দ বলিয়া উক্ত হইয়াছে। "জৈমিনির মীমাংসা দর্শনে "ম্লেচ্ছপ্রসিদ্ধাধিকরণ নামক অধ্যায়ে আছে, ঐ শব্দটী 'ম্লেচ্ছপ্রসিদ্ধ'—আর্য্যপ্রসিদ্ধ নহে।"—কালীবর বেদান্তবাগীশ] বি, ক্লী, পদ্ম ; সরোজ ; সরসীরুহ। প্র—"ফুটি যেন স্মৃতি জলে, মানসে মা, যথা ফলে মধুময় তামরস কি বসন্ত কি শরদে।"—মাইকেল মধুসূদন। ২। তাম্র। ৩। সুবর্ণ। ৪। সারস পক্ষী। ৫। ধুস্তুর। ৬। দ্বাদশ অক্ষর ছন্দোবিশেষ ; স্ত্রী, **তামরসী**—পদ্মিনী।

তামলী (তাম্‌লি) [তাম্বুলী শব্দজ] বি, নবশায়কের অন্তর্গত জাতিবিশেষ।

তামস (শ্) [তমস্ + অ (ষ্ণ)] বিণ, তমোগুণান্বিত ; তামসিক। ২। নিন্দিত ; গর্হিত। ৩। প্রবল তমোগুণ দ্বারা যাহা অনুষ্ঠিত হয়। ৪। গাঢ় অন্ধকারে আচ্ছন্ন ; অন্ধকারময়। ৫। খল। ৬। পেচক। ৭। সর্প। স্ত্রী, **তামসী**—অন্ধকার রাত্রি। ২। কালী। ৩। মায়াবিদ্যাবিশেষ। এই বিদ্যাবলে অদৃশ্য হওয়া যায়।

তামস (শ্) বি, চতুর্থ মনু। ২। তামস মুনিগণ —(১) কর্ণাদ (২) গৌতম (৩) শক্তি (৪) উপমন্যু (৫) জৈমিনি (৬) দুর্ব্বাসা (৭) মৃকণ্ডু (৮) বৃহস্পতি (৯) শুক্রাচার্য্য (১০) জমদগ্নি। ৩। তামস পুরাণ—মৎস্য,

কূর্ম্ম, লিঙ্গ, শিব, স্কন্দ, অগ্নি। ৪। তামস স্মৃতি—গৌতম, বার্হস্পত্য, সামুদ্র, যম, শাণ্ড্য, ঔশনস।

তামস-ধ্যান (তামোশ্‌ ধ্যান্) বি, ক্লী, বটু ভৈরবের ধ্যেয় রূপবিশেষ।

তামস-যজ্ঞ (তামশ্‌জোগ্‌গোঁ) বি, বিধিহীন দান; দক্ষিণা শূন্য এবং শ্রদ্ধাহীন যজ্ঞ।

তামস-সন্ন্যাসী (তামশ্‌শোনস্নাশি) বি, পুং, গার্হস্থ্য সুখাস্বাদনে নিরপেক্ষ থাকিয়া মোক্ষ বাসনায় অভিমান বশতঃ বনে বিচর পূর্ব্বক তপস্যাকারী।

তামসিক (তামোশিক্) [তমস্+ইক (ষ্ণিক)] বিণ, তমোগুণান্বিত।

তামসী (তামোশি) [তামস দ্রঃ] বি, স্ত্রী, ঘোর অন্ধকার রাত্রি; রাত্রি। প্র-"নিমেষ নির্ণয় পল দণ্ড যাম দিবা। সৃজিলা তামসী সন্ধ্যা পক্ষ মাস কিবা।"—ঘনরাম। ২। কালী। ৩। বিণ, তমোগুণান্বিত। ৪। ঘোর; অন্ধকারযুক্ত। প্র—"ঐ পোহাল তামসী নিশি"—গান।

তামা [তাম্র শব্দজ] বি, তাম্র নামক ধাতু বিশেষ: copper. **তামার শলা**—তামার শলার ন্যায় মোটা ও তাম্রবর্ণ। প্র—"উমার কেশ চামর ছটা তামার শলা বুড়ার জটা।"—অ, ম।

তামাক, তামাকু (ক্) [স্পে—tobaco; ইতা—tabacco; ফ্রে—tabac. "tabaco, a province of Yucatan, where it was said to be first found by the Spaniards. Others derive from the island of tobago, one of the Caribbees" *Webster*. সার ওয়ালটার রালে (Sir Walter Raleigh) ইহাকে এমেরিকায় "টোব্যাকো" বলিতেন। উর্দ্দু ভাষায় তাম্বাকু; সংস্কৃতে ইহাকে তাম্রকূট করা হইয়াছে (কুলার্ণব তন্ত্র)] বি, কলঞ্জ; তাম্রকূট; ধূম্রপর্ণী; nicotisma tabacum ২। তামাক গাছ; tobacco plant. **দোক্তা তামাক**—তামাক গাছের শুষ্ক পাতা। ইহাতে চুরুট হয়। **গুড়ুক তামাক**—দোক্তা তামাক, গুড় ওনানা মশলায় মিশ্রিত। এদেশে কলিকায় সাজিয়া ইহার ধূমপান অধিক প্রচলিত। **সুরতি তামাক**—দোক্তা চূর্ণ বিবিধ সুগন্ধ মশলা মিশ্রিত; ইহা পানের সহিত ব্যবহৃত হয়। **তামাক খাওয়া**—তামাকের ধূমপান করা: **তামাক টানা**—তামাকের ধোঁয়া হুঁকা বা গুড়গুড়ির নলের ভিতর দিয়া টানিয়া পান করা।

তামাক [প্রা-বাং তাম্র বা তাম্রকুণ্ড হইতে] বি, তাম্রনির্ম্মিত পুষ্প পাত্র: তামার টাট। প্র—"পুরবে ঘাটে জত তামাক বিরাজিত বিবিধ নানা ফুলে।"—শূন্যপুরাণ।

তামাকর (র্) [প্রা বাং। গ্রা—হি—তাক—সম্মুখে, ডাঁকর—তানা-কর—তামা-কর] স, তাঁহার। প্র—"তামাকর পাটে বেসাতি বৈসএ হাট। ভেটিব জে স্বরূপ নারান ঘুচাহ কপাট॥"—শূন্যপুরাণ।

তামাতুলসী (—তুলশি) [তামা (ধাতু বিশেষ) ও তুলসী (তুলসী পত্র) দ্বন্দ্ব] বি, তাম্র ও তুলসী-পত্র যাহা স্পর্শ করিয়া হিন্দুকে শপথ বা দিব্য করিতে হয়। **তামা তুলসী করা**—নির্দ্দোষ প্রমাণ করিবার জন্য তামা তুলসী লইয়া দিব্য করা।

তামাদি [তমাদি দ্রঃ] বি, নির্দ্দিষ্ট কালের অতিক্রমণ। **তামাদি হওয়া**—অবধারিত সময় ব্যতিক্রমে অগ্রাহ্য হওয়া।

তামাম (তামাম্) [আ—তমাম্] বিণ, সকল সমুদয়; সমগ্র; সমস্ত। ২। সম্পূর্ণ; শেষ।

তামাসা (তামাশা) [আ—তমাশা] বি, ক্রীড়া; বাজী; খেলা। প্র—সে কেবল নাচ তামাসা দেখে বেড়াচ্চে। ২ [হিঃ] দৃশ্য; প্রদর্শনী [বিরল]। ৩ ঠাট্টা। প্র—ও কি তোমার আমার তামাসার যোগ্য। ৪। রহস্য; মজা; আমোদ কৌতুক। প্র—"একি রে তামাসা! সকলে অবাক্! কারো মুখে নাহি ভাষা!"—অশোকগুচ্ছ। "এ মধ্যাহ্নকালে তারা বিস্তি, গ্রাবু, পাশা, খেলিতে আসিয়াছিল! হেরিতে তামাসা ছুটিল সকলে"—অশোক গুচ্ছ।

তামিল (ল্) [আ—তা'আমীল্ (আমলে আনা, কাজ করা)] বি, পালন; রক্ষা; মান্য। প্র—"কল্যে সে পাহারা শীঘ্র হুকুম তামিল রাজার"—দ্বিজেন্দ্র রায়। ২। প্রাচীন কালের ঘটিকাযন্ত্রবিশেষ; জলঘড়ি। ৩। দক্ষিণ ভারতের ভাষাবিশেষ; দ্রাবিড় ভাষার একটী প্রধান শাখা।

তামিস্র (তামিস্স্রো) [তমিস্রা (রাত্রি)+অ (বিচরণ করা অর্থে, ষ্ণ)] বি, রাত্রিচর; নিশাচর। ২। অবিদ্যাবিশেষ; ভোগেচ্ছার ব্যাঘাতে যে ক্রোধ জন্মে। ৩। ক্লী, বঞ্চনাকারীর ভোগার্থ অন্ধকার পূর্ণ নরকবিশেষ [ভাগবত]।

তামী [সং—তাম্র—তামা—তাম+ঈ] বি, তাম্রনির্ম্মিত পাত্র; তাম্রকুণ্ড কোশাকুশী প্রভৃতি। প্র—"ধ্যান ভঙ্গ হৈল মুনি চতুর্দ্দিকে চায়। তিল তুলসী তামা তামী কেবা লয়ে যায়॥"—কবিক।

তামুক (তামুক্) [তামাকু শব্দের উচ্চারণ বিপর্য্যয়] বি, তামাক। প্র—"ছেলেরা ধরিল খেলা বৃদ্ধেরা তামুক।"—রবি।

তাম্বর—তামর দ্রঃ।

তাম্বু (তাম্বু) [আ—তম্বু] বি, পটবাস; বস্ত্রগৃহ; শিবির; কানাৎ; তাঁবু।

তাম্বুরা [আ—তম্বুরা] বি, বৃহৎ তততন্ত্র-বিশেষ; তানপুরা।

তাম্বুল (তাম্‌বুল্) [সং—তাম্বূলবল্লী বা তাম্বূলী শব্দজ (পান লতা)—অমর কোষ] বি, পর্ণ: পাণ। প্র—"কোন বধূ তাম্বূলটি সাজিয়া যতনে আনিতেছিলেন হর্ষে, দিতে সখী জনে।"—অশোকগুচ্ছ। **তাম্বুল সাঁপুড়া**—বি, তাম্বূলকরঙ্ক; পানের ডিবা। প্র—"নানা আভরণ পরি ডানি করে নিল ঝারি, বাম করে তাম্বূল সাঁপুড়া।"—কবিক।

তাম্বুলকরঙ্ক (তাম্‌বুলকরংক) [তাম্বূল (পান)—করঙ্ক (নারিকেলের খোল, তাহা হইতে, পাত্র)] বি, তাম্বূলপাত্র; পানের বাটা।

তাম্বুলকরঙ্কবাহিনী [তাম্বূলকরঙ্ক—বাহিনী (যে স্ত্রী বহন করে)] বি, স্ত্রী, অন্তঃপুর-পরিচারিকাবিশেষ; সহচরী; সেবিকা (পান সাজা পানের বাটা রাখা কার্য্যই ইহাদের কার্য্যের মধ্যে প্রধান বলিয়া এই নাম)। প্র—"এমন সময়ে কৈলাস নামক কঞ্চুকী স্বর্ণালঙ্কার ভূষিতা এক সুন্দরী কুমারীকে সঙ্গে করিয়া তথায় উপস্থিত হইল, বিনীত বচনে কহিল কুমারী দেবী আদেশ করিলেন, এই কন্যাকে আপনার তাম্বূলকরঙ্কবাহিনী করুন। ইনি কুলুতদেশীয় রাজার দুহিতা, নাম পত্রলেখা। মহারাজ কুলুত রাজধানী জয় করিয়া এই কন্যাকে বন্দী করিয়া আনেন ও অন্তঃপুর-চারিকার মধ্যে নিয়োজিত করেন। * * * ইঁহাকে সামান্য পরিচারিকার ন্যায় জ্ঞান করিবেন না। সখী ও শিষ্যার ন্যায় বিশ্বাস করিবেন।"—কাদম্বরী।

তাম্বুলপেটীকা (ল্)—পানের বটুয়া বা থলি; পানের ডিবা।

তাম্বুলরস (তাম্‌বুলরশ্) [তাম্বূল (তার) রস, ৬ তৎ] বি, পানের ছোপ; পানের পিক বা পিচ্। প্র—"তামাকে তাম্বূলরস রাঙ্গা রাঙ্গা ঠোঁট"—ইন্দ্রনাথ বন্দ্যো।

তাম্বুলরাগ (তাম্‌বুলরাগ্) [তাম্বূলের মত রাগ (রক্তবর্ণ) যাহার, বহু] বি, পুং, তাম্বূল চর্ব্বণজনিত রক্তিমা; পানের দাগ। ২। মসুরি কড়াই।

তাম্বুলাধার—বি, পানের বাটা। ২। পানের বটুয়া।

তাম্বুলিয়া (তাম্‌বুলিআ) [তাম্বূল শব্দজ] বি, নবশায়কের অন্তর্গত জাতিবিশেষ। ২। তাম্বূলব্যবসায়ী: তাম্বূলজীবী।

তাম্বুলীক, তাম্বুলী (তাম্‌বুলিক্) [তাম্বূল (পাণ)+ইন্ (অস্ত্যর্থে) তাম্বূলিন ১মা, ১ব] বিণ, তাম্বূলব্যবসায়ী; তাম্বুলি। ২। তামলি জাতি।

তাম্র (তাম্‌ম্র) [সং] বি, স্ত্রী, তামা ধাতু। ২। পুং, কুষ্ঠরোগবিশেষ। ৩। বিণ, অরুণ বর্ণ। প্র—তাম্রকেশ। প্রা-বাং তাম।

তাম্রক (তাম্‌ম্রক্) [তাম্র+ক (স্বার্থে)] বি, স্ত্রী, তাম্র; তামা।

তাম্রকর্ণী (তাম্‌ম্রকোর্‌নি) [তাম্র (রক্তবর্ণ) হইয়াছে কর্ণ যাহার, বং] বি, স্ত্রী, পশ্চিম দিকের হস্তিনী।

তাম্রকার (তাম্‌ম্রোকার্) [তাম্র (তামা) কার (যে করে) যাহারা তামা দ্বারা নানাবিধ দ্রব্য প্রস্তুত করে] বি, পুং, কাঁসারি। ২। তামা প্রস্তুতকারী; তামার বাসন প্রস্তুতকারী।

তাম্রকুট্টক, তাম্রকূট্টক (তাম্‌ম্রকুট্‌টক্) বি, পুং, তামাক।

তাম্রকুণ্ড (তাম্‌ম্রোকুন্‌ড) [তাম্রের কুণ্ড (পাত্র)—৬ তৎ] বি, পূজাদি কার্য্যে ব্যবহৃত তাম্রের পাত্রবিশেষ।

তাম্রকূট (তাম্‌ম্রোকুট্) [তামাক, তামাকু দ্রঃ] বি, তামাক। প্র—"সে মধ্যাহ্নকালে অন্তঃপুরে, নিজকক্ষে, আল্‌বোলা গালে পুরি, ছিলেন আরামে। তাম্রকূট-ধূম আনিত, মুহূর্ত্ত-পরে, আনন্দের ঘুম।"—অশোকগুচ্ছ।

তাম্রগর্ভ (তাম্‌ম্রোগরভ) [তাম্র (তামা) হইয়াছে গর্ভ (উৎপত্তি স্থান) যাহার, বং] বি, স্ত্রী, তুঁতিয়া; sulphate of copper.

তাম্রপট্ট (তাম্‌ম্রোপট্‌টো) [তাম্র নির্ম্মিত যে পট্ট (পাটা) কর্ম্মধা] বি, স্ত্রী, তাম্রনির্ম্মিত লেখ্য; তাম্রফলক; copper plate.

তাম্রপর্ণী (তাম্‌ম্রোপোর্‌নি) বি, স্ত্রী, তৃণ বল্লী প্রদেশে অবস্থিত পশ্চিম ঘাট পর্ব্বত হইতে নির্গত কর্ণাটের অন্তর্গত নদীবিশেষ। ২। [তাম্রপর্ণ (পদ্ম) আছে যাহাতে] দীর্ঘিকা; সরোবর। ৩। [আয়ুর্ব্বেদে] স্ত্রী, গন্ধভাদুলিয়া। ২। মঞ্জিষ্ঠা।

তাম্রপত্র (তাম্‌ম্রোপৎত্রো) [তাম্রের পত্র (পাত)—৬ তৎ] বি, পুং, তামার পাত। —৬ তৎ] বি, পুং, তামার পাত। ২। তাম্রপট্ট। ৩। [আয়ুর্ব্বেদে] জীব শাক। ৪। [তাম্রবর্ণ পত্র হইয়াছে যাহার, বং] রক্তবর্ণ পাতাযুক্ত বৃক্ষ। ৫। [তাম্রবর্ণ যে পত্র—কর্ম্মধা] নবপল্লব।

তাম্রপাত্র (তাম্‌ম্রোপাৎত্রো) [তাম্র নির্ম্মিত যে পাত্র—কর্ম্মধা] বি, স্ত্রী, তাম্রময় পাত্র; তামার টাট।

তাম্রপুষ্প (তাম্‌ম্রোপুষ্‌পো) [তাম্র (রক্তবর্ণ) হইয়াছে, পুষ্প (কুসুম) যাহার, বং] বি, পুং, রক্তকাঞ্চন বৃক্ষ। ২। ভূমি চম্পক। ৩। অশোক বৃক্ষ।

তাম্রপুষ্পিকা (তাম্‌ম্রোপুষ্‌পিকা) বি, স্ত্রী, লাল তেউড়ি।

তাম্রপুষ্পী (তাম্‌ম্রোপুষ্‌পি) বি, স্ত্রী, পারুল গাছ; পাটলাবৃক্ষ; ধাতকী বৃক্ষ।

তাম্রফল (তাম্‌ম্রোফল্) [তাম্রবর্ণ ফল হইয়াছে যাহার, বং] বি, পুং, অঙ্কোট বৃক্ষ। আঁকোড় গাছ। ২। [তাম্রবর্ণযুক্ত যে ফল; কর্ম্মধা] বি, স্ত্রী, রক্তবর্ণ ফল।

তাম্রবল্লী (তাম্‌ম্রোবোল্‌লি) [তাম্রবর্ণ যে বল্লী (লতা)—কর্ম্মধা] বি, স্ত্রী, মঞ্জিষ্ঠা লতা।

তাম্রবৃক্ষ (তাম্‌ম্রোবৃক্‌খো) বি, রক্তচন্দনের গাছ [এই অর্থে তাম্রসার, তাম্রসারক, তাম্রসারিক শব্দেরও প্রয়োগ আছে]।

তাম্রলিপ্ত, তাম্রলিপ্তি (তাম্‌ম্রোলিপ্‌ত, তি) [প্রাক্—তামলিট্টি] বি, স্ত্রী, কলিকাতার ৩৫ ক্রোশ দক্ষিণ-পশ্চিমে সমুদ্রোপকূলস্থিত বঙ্গ দেশের অতি প্রাচীন প্রসিদ্ধ বাণিজ্য স্থান; তমলুক বা তমোলুক।

তাম্রাক্ষ (তাম্‌ম্রাক্‌খ) [তাম্রবর্ণ হইয়াছে অক্ষি (চক্ষু) যাহার, বং। অক্ষি=অক্ষ] বি, পুং, কোকিল। ২। [তাম্রবর্ণ যে অক্ষি=অক্ষ (চক্ষু) কর্ম্মধা] রক্তবর্ণ চক্ষু। ৩। বিণ, রক্তবর্ণ চক্ষুবিশিষ্ট।

তাম্রাভ (তাম্‌ম্রাভো) [তাম্রবর্ণ আভা (দীপ্তি) যাহার, বং] বি, স্ত্রী, রক্তচন্দন। ২। বিণ, তাম্রের আভাযুক্ত।

তাম্রাশ্ম (তাম্‌ম্রাশ্‌শ) [তাম্রবর্ণ যে অশ্মন্=অশ্ম (প্রস্তর মণি)] বি, পুং, পদ্মরাগ মণি।

তাম্রিকা, তাম্রী (তাম্‌ম্রিকা, তাম্‌ম্রি) বি, স্ত্রী, সূক্ষ্ম ছিদ্রময় তাম্রপাত্র; যাহা জলে ভাসাইলে ছিদ্র দিয়া ক্রমে ক্রমে জল উঠিয়া সময় নিরূপণ করে; ভারতের প্রাচীন ঘটিকা যন্ত্র [মৃন্ময়ী]। ২। তাম্র সম্বন্ধীয়। ৩। এক পণ কড়ি। ৪। গুঞ্জা। ৫। বাদ্যবিশেষ।

তায় (তায়্) [তাহাতে দ্রঃ] তাহাতে। প্র—"যদি ধন নাশ হয়, তায় কিবা আসে যায়"—চরিত্র-গঠন।

তায়দাদ (য়্, দ্) [আ—তাদাদ] পরিমাণ; সংখ্যা। ২। সীমা। ৩। জমীর চৌহদ্দীর বিবরণ সম্বলিত দলিল।

তায়ব (তায়ব্) [ব্রজ] তথাপি। প্র—"তায়ব কাম হৃদয়ে অনুমান"—বিদ্যাপতি।

তায়ি (তাঈ) [ব্রজ,] তাহারই। প্র—পসারল তায়ি মধ্যত পাঁচবাণ"—বিদ্যাপতি।

তায়ুস, তাউস, তায়ূশ (শ, শ্) [আ—তাউস্ (ময়ূর)] বি, এস্‌রারের মত তত-যন্ত্র। ইহার খর্পর মূলে একটী ময়ূরের সগ্রীব মুখ যোজিত থাকায় ইহার নাম তায়ুস; সংস্কৃতে মায়ূরী। ২। ময়ূর। তখ্‌ত-তায়ুশ—দিল্লীর প্রসিদ্ধ ময়ূর-সিংহাসন। প্র—"সাহ্‌জঁহা বাহাদুরী তখ্‌ত-তায়ুশেতে চড়ি। একবার ভাবিলে না কি হইবে পরে। ময়ূরে কার্ত্তিক বিনা কে চড়িতে পারে।"—পদ্যপাঠ ৩য়ভাগ।

তার (র্) [তৃ (পার হওয়া)+অ (ঘঞ্—ভাবে)] বি, উত্তরণ।

তার (র্) [তৃ (পার হওয়া)+অ (ঘঞ্)] বি, তন্ত্র; ধাতুনির্ম্মিত রজ্জু; wire. ২। রৌপ্য। ৩। পাক; তা (দ্রঃ)। প্র—"কাননে প্রবেশে বীর, করে শোভে তিন তীর ঘন ঘন গোঁপে দেয় তার"—কবিক। তার করা—বৈদ্যুতিক তার সংযোগে সংবাদ প্রেরণ। তার জড়ান—ধাতুনির্ম্মিত রজ্জুদ্বারা বেষ্টন করা।

তার (র্) [তৃ পার হওয়া, বিস্তৃত হওয়া)+অ (সংজ্ঞার্থে, ঘঞ্)] বি, পুং, উত্তরণ।

তার (র্) ধাতুনির্ম্মিত রজ্জু; স্বর্ণসূত্র; লৌহ-সূত্র; পিত্তল-সূত্র; তাম্র-সূত্র; তন্ত্র; wire. ২। রৌপ্য। ৩। বৈদ্যুতিক সংবাদ প্রেরণ করিবার ধাতুময় সূত্র; টেলিগ্রাফের তার; telegraph wire ৪। বৈদ্যুতিক তার যোগে প্রেরিত সংবাদ। প্র—বিলাতে তার করা বা তার পাঠান হইয়াছে। ৫। বাদ্যযন্ত্রের তন্ত্র; string. প্র—"আনন্দ গদগদ নারদ মাতিল। তন্ত্রী তুলিয়া তার মার্জ্জিত করিল॥"—দশমহাবিদ্যা। "আনন্দে হৃদয় ভরি দেবঋষি বীণা ধরি তারে তারে মিলাইয়া ঝঙ্কার তুলিল।"—দশমহাবিদ্যা। ৬। উচ্চস্বর। ৭। প্রণব; ওঁকার।

তার (র্)—মুক্তার বিশুদ্ধি, লাবণ্য, সৌন্দর্য্য উজ্জ্বলতা। ২। হারমধ্যমণি। ৩। [প্রা-বাং, তারা দ্রঃ] নক্ষত্র। ৪। বানর সেনা-পতিবিশেষ (রামায়ণ)। ৫। দানববিশেষ (হরিবংশ)। ৬। কূর্চ্চবীজ। ৭। বৃক্ষ-বিশেষ; alpinia allhugas *(Haughton.)*

তার (র্) বিণ, উত্তম। ২। উজ্জ্বল; ভাস্বর; দীপ্তিশালী। ৩। পরিষ্কৃত। ৪। স্থূল। ৫। উচ্চ; তীব্র। প্র—তার স্বরে। ৬। বিস্তৃত।

তার (র্) [প্রাদে,] বি, আস্বাদ। প্র—'সংসার রাঙ্গাফলে ভুলিব না আর, খাইয়ে দেখেছি তাহে কিছুই নাহি স্বতার, সে যে পূরিত গরলে, খাইলে কুফল ফলে,"—রামদত্ত (বাং-গান)। "একবার রসনায় যে পেয়েছে তার। আর কিছু মুখে জল নাহি লাগে তার॥'—ঈশ্বর গুপ্ত।

তার (র্) [তাহার শব্দের সংক্ষেপ। সম্ভ্রমার্থে তাঁর (=তাঁহার); প্রাদে, গ্রা, বাং তানার, তেনার। প্র—"যার পানে চাই তানারই মুখ তোলো হাঁড়ি।"—নীল-দর্পণ] স, তাহার। প্র—"যার মা আনন্দময়ী তার কিবা নিরানন্দ তবে মা ম, ক'রে রোগে শোকে পাপে তাপে কেন কাঁদ।"—ব্রহ্মসঙ্গীত।

তারক (তারোক্) [তারা দ্রঃ। তৃ+ণিচ্=তারি (পার করান)+অক (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি, পুং, কর্ণধার। ২। ভেলা ; নক্ষত্র। প্র—"নীল আকাশে তারক ভাসে যমুনা গাওত গান।"—রবি। ৩। নেত্রতারা। ৪। তারকাসুর। ৫। পুং ক্লী, ছন্দোবিশেষ। ৬। বানরবিশেষ। ৭। বিণ, রক্ষাকর্ত্তা ; রক্ষক। ৮। উদ্ধারক ; ত্রাণকারী। প্র—তারকব্রহ্ম নাম। "কাশীতে মরিলে তাহে পাপ ভোগ আছে। তারক মন্ত্রেতে শিব মোক্ষ দেন পাছে॥"—অন্নদামঙ্গল। স্ত্রী, তারকা।

তারকজিৎ (ত্) [তারক (তারকাসুর) জিৎ (যেজয় করে)] বি, পুং, কার্ত্তিকেয়।

তারকব্রহ্ম (তারোক্ব্রোম্হো) [তারক (ত্রাণ কারক) যে ব্রহ্ম, কর্ম্মধা] বি, ক্লী, রামনামযুক্ত ষড়ক্ষর মন্ত্রবিশেষ।

তারকষ (তারকষ্) [তার (অলঙ্কারবিশেষ) কষ (যে কষণ করে—নির্ম্মাণকারক)] বিণ, অলঙ্কারনির্ম্মাতা ; যে স্বর্ণাদি তারে অলঙ্কারাদি নির্ম্মাণ করে ; যে তারের কাজ করে।

তারকহা [তারক (তারকাসুর)—হন্ (বধ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, কার্ত্তিকেয়।

তারকাক্ষ (তারোকাক্খো) [তারকার—অক্ষ অক্ষি=অক্ষ (চক্ষু) যে তারকাসুরের চক্ষুর ন্যায় প্রিয়] বি, পুং, তারকাসুরের পুত্র।

তারকারি [তারকের (তারক নামক অসুরের) অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, কার্ত্তিকেয়।

তারকিত [তারক্ (নক্ষত্র)+ইত—যুক্তার্থে] বিণ, নক্ষত্রযুক্ত ; তারকান্বিত।

তারকী [তারক (নক্ষত্র)+ইন (অস্ত্যর্থে) =তারকিন্ ১মা, ১ব,] নক্ষত্রযুক্ত। স্ত্রী, তারকিনী—রাত্রি।

তারণ (তারোন্) [তারি (পার করান) +অন (কর্ত্তৃ)] বিণ, ত্রাণকর্ত্তা। প্র—"তার হে দীনবন্ধু দয়াল তাপিত জন তারণ"—রায় কালীপ্রসন্ন ঘোষ। "অধম তারণ"। ২। বি, পুং, ভেলা ; মাড়। ৩। [ভাবে—অনট্] ক্লী, ত্রাণ ; মুক্তি। ২। বিপদ হইতে রক্ষাকরণ ; ত্রাণ করণ ; উদ্ধারণ। প্র—"আদি অনাদিক নাথ কহায়সি অব তারণ ভার তোহারা॥"—বিদ্যাপতি।

তারণি (তারোনি) [তারি (পার করান) +অনি (করণে) সংজ্ঞার্থে যাহাদ্বারা পার হওয়া যায়] বি, স্ত্রী, নৌকা।

তারতম্য (তারতোম্মো) [তরতম+য (ভাবে, ষ্ণ্য)] বি, ক্লী, ইতরবিশেষ। ২। ন্যূনাধিক্য।

তারপলিন (র্, ন্) [ইং—tarpaulin] বি, জল আটকাইবার জন্য আলকাতরা মাখান মোটা কাপড় ; চটবিশেষ।

তারমাক্ষিক (মাক্খিক্) বি, ক্লী, রজত তুল্য ও রজতের অংশ মিশ্রিত উপধাতু-বিশেষ ; রৌপ্যমাক্ষিক ; iron pyrites.

তারল (ল্) [তরল+অ (স্বার্থে—ষ্ণ্য)] বিণ, লম্পট ; কামুক।

তারল্য (তারোল্লো) [তরল+য (ভাবে, ষ্ণ্য)] বি, ক্লী, চঞ্চলতা ; তরলতা ; ঢলঢলে ভাব।

তারা [ত্রৈ—ত্রাণ করা ধাতুজ। উ-পু—তারি। ম-পু—তার ; প্র-পু—তারে। অস-ক্রি—তারিতে ; তারিয়া ; তারি (পদ্যে)] ক্রি, পরিত্রাণ করা ; উদ্ধার করা। প্র—"তনয়ে তার তারিণি।"—রাম দত্ত (গান)। "ভুবন তারিতে ভক্তরূপী ভগবান্।"—শিবায়ন।

তারা [তারি (পার করান—তরান)+অ কর্ত্তৃ, সংজ্ঞার্থে—ঘঞ্] বি, স্ত্রী, যিনি দুস্তর ভব সাগর পার করেন ; নিস্তারিণী ; দুর্গার মূর্ত্তি-ভেদ ; দশ মহাবিদ্যার মধ্যে দ্বিতীয়া বিদ্যা। তারার রূপ বর্ণনা যথা—"নীলবর্ণা লোল জিহ্বা করালবদনা। সর্পবান্ধা ঊর্দ্ধ এক জটা বিভূষণা। অর্দ্ধচন্দ্র পাঁচখানি শোভিত কপাল। ত্রিনয়না লম্বোদরা পরা বাঘ ছাল॥ নীলপদ্ম খড়্গ কাতি সমুণ্ড খর্পরে। চারি হাতে শোভে আরোহণ শিবোপরে॥"—অ, ম। ৩। বালী-নামক বানররাজের স্ত্রী, সুষেণ বানরের কন্যা, যিনি বালীর মৃত্যুর পর সুগ্রীবের পত্নী হন। ৪। বৃহস্পতির পত্নী। ৫। বৌদ্ধ দেবীবিশেষ। ৬। অক্ষিগোলক ; চোখের তারা ; নয়নতারা। প্র—"এমন দিন কি হবে তারা, যবে তারা তারা তারা বলে, তারা বয়ে পড়্‌বে ধারা॥"—রামপ্রসাদ। ৭। [সঙ্গীতে] সপ্তক বিশেষ ; ইহা উচ্চ সপ্তক, উচ্চারণ স্থান মূর্দ্ধা। The tr : part in music. ৮। বিশুদ্ধ মুক্তা।

তারা [সং—স্তৃ শব্দের ১মা বহু ব, স্তারঃ (নক্ষত্র সমূহ) শব্দজ] তুল—হি—তারা ; ফা—সিতারা ; জেন্দ—stare ; গ্রী astor ; ল্যা—stella, sterla, astrum ; ডচ্—ster ; অন্যান্য য়ুরোপীয় ভাষায়—stearne, stedora, stero, sterno, stern ইত্যাদি] বি, তারক, তারকা ; নক্ষত্র। প্র-"উঠল তারা আকাশ ভরা করছে ঝিকি-মিকি। আঁধার হ'ল দীপের আলো জলছে ধিকি ধিকি॥"—পদ্যপাঠ। [প্রা বাং—তার। প্র—"তাথে পরাইয়া মতি কৈল তার সম দ্যুতি, নখ চিহ্ন সুধাংশু যেমন।"—গি, গীতগোবিন্দ ১৬৫৮ শক]।

তারা [তাহারা শব্দের সংক্ষেপ। সম্ভ্রমার্থে তাঁরা। প্রাদে, গ্রাম্য—তেনারা (সম্ভ্রমার্থে)] স, তাহারা। প্র—"যাদের চাহিয়ে তোমারে ভুলেছি তারা ত চাহে না আমারে।—রবি।"

তারা [প্রা, ফা—তরহ্। তর দ্রঃ] ক্রি-বিণ, প্রকার ; রকম ; রূপ ; ধারা। প্র—"কে জানে এ কেমন তারা এ নহে সে বালীর তারা নয় বৃহস্পতির তারা, যারে আরাধে সর্ব্বদা দেবতারা।"—বাং-গান।

তারাচক্র (তারাচক্‌ক্রো) [তারা (নক্ষত্র) দ্বারা যে চক্র, ৩তৎ] বি, ক্লী, দীক্ষা-মন্ত্রের শুভাশুভনিরূপক চক্রবিশেষ।

তারাজু [ফা—তরাজু (তৌল)] বি, তৌল ; নিক্তি। প্র—"মনে বড় কুতূহলী কান্ধেতে কড়ির থলি সাঁপড়ি তারাজু লয়্যা হাথে॥"—কবিক।

তারাধিপ [তারার (নক্ষত্রের) অধিপ (অধি-নায়ক) ৬ তৎ] বি, পুং, নক্ষত্রাধিপতি ; চন্দ্র।

তারানাথ [তারা—নাথ, ৬ষ্ঠী তৎ] চন্দ্র। প্র—"তারানাথ ! তারানাথ নাম কে তোমারে দিল"—বীরাঙ্গনা। ২। সংস্কৃত অভিধান প্রণেতা একজন প্রসিদ্ধ বাঙ্গালী পণ্ডিত। তাঁহার উপাধি ছিল তর্কবাচস্পতি।

তারাপতি (পো) [তারা (নক্ষত্র)+পতি (স্বামী) ৬ তৎ] বি, পু, চন্দ্র। ২। শিব। ৩। বৃহস্পতি। ৪। বালী। ৫। সুগ্রীব।

তারাপথ (প্) [তারার (নক্ষত্রের) পথ (মার্গ)] বি, পুং, আকাশ ; নভোমণ্ডল।

তারাপীড় [তারা (নক্ষত্র) হইয়াছে আপীড় (শিরোভূষণ যাহার, বহু] বি, পুং, চন্দ্র। ২। নৃপতিবিশেষ [কাদম্বরী]।

তারাভ্র (তারাভ্‌ভ্র) [তার (নির্ম্মল) অভ্র (মেঘ) নির্ম্মল মেঘের তুল্য বলিয়া] বি, পুং, কর্পূর।

তারামণ্ডল (মোন্ডল্) বি, ক্লী, নক্ষত্রমণ্ডল। ২। প্রকাণ্ড দেবমন্দির।

তারামৃগ (তারাম্রিগ) [তারা-চিহ্নযুক্ত যে মৃগ, কর্ম্মধা] বি, পুং, মায়ামৃগ। ২। মৃগ-শিরা নক্ষত্র।

তারিকা [তাল+ক, ল=র, আপ্ স্ত্রী, ই আগম] বি, স্ত্রী, তালের রস ; তাড়ী। ২। ত্রাণকর্ত্রী ; মহেশ্বরী।

তারিখ (খ্) [আ—তারীখ্] দিনসংখ্যা ; দিন ; কাল। প্র—"তারিখ লিখিয়া তায় করিল কুলুপ।"—ঘনরাম।

তারিণী (তারিনি) [তৃ=তারি (পার করান, তরান)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, শক্তির রূপভেদ। তারা ও তারিণী অভিন্ন কল্পিত হয়। প্র—"তনয়ে তার তারিণি ! ত্রিবিধ তাপেতে তারা নিশিদিন হতেছি সারা * * * অধম সন্তানের দুঃখ নাশ ওমা দুখ নাশিনি॥"—রামদত্ত (বাং-গান)। "আমি আছি গো তারিণি ঋণী তব পায়"—দাশরথি। ২। ত্রাণকর্ত্রী ; উদ্ধারকারিণী।

তারিপ, তারিফ (প্, ফ্) [আ—তারীফ্ (পরিচয়) শব্দজ] বি, পরিচয়। ২। ব্যাখ্যা ৩। প্রশংসা; বাহাদুরী। প্র—"বাঙ্গালার কল্পনীয় যত অবতার। বলিহারি বঙ্গবাসী তারিফ তোমার॥"—হেম বন্দ্যো।

তারী [তার দ্রঃ] বিণ, তারযুক্ত; তারনির্ম্মিত।

তারুণ (তারুন) [ব্রজ—তরুণ শব্দজ] বি, যৌবন। প্র—"বালা শৈশব তারুণ ভেট" —বিদ্যাপতি।

তারুণ্য (তারুন্ন্) [তরুণ (যুবা)+য (ভাবে—ষ্ণ্য)] বি, ক্লী, তরুণের বা নবীনের ভাব; যৌবনাবস্থা।

তার্কিক (ক্) [তর্ক+ইক (ব্যুৎপন্নার্থে—ষ্ণিক)] বি, পুং, তর্কশাস্ত্রে অভিজ্ঞ। ২। তর্কশাস্ত্র-অধ্যয়নকারী। ৩। তর্কপটু; তর্কপ্রিয়।

তার্ণ (তার্ন) [তৃণ+অ (ইদমর্থে—ষ্ণ)] বিণ, তৃণজাত। ২। তৃণসম্বন্ধীয়। ৩। বি, তৃণের আগুন।

তার্পিণ, ন (ন্) [ইং—turpentine] বি, পাইন বা চিড় বা সরল নামক বৃক্ষের নির্য্যাস; তার্পিণ তৈল।

তার্য্য (তারুজ্জ) [তৃ (পার হওয়া)+য (কর্ম্মে, ঘ্যণ্)] বিণ, তরণীয়। ২। পারানি; নদ্যাদি পার হইবার শুল্ক।

তাল (ল্) [তল্ (প্রতিষ্ঠিত হওয়া)+অ (অধি, ঘঞ্)—যাহাতে গীতবাদ্য ও নৃত্য প্রতিষ্ঠিত হয়। "মতান্তরে পুং-নৃত্য তাণ্ডবের তা ও স্ত্রী-নৃত্য লাস্যের ল যোগে তাল শব্দ গঠিত।"—সঙ্গীতার্ণব] বি, পুং, গীতবাদ্য নৃত্য বিষয়ে কাল ক্রিয়ার পরিমাণ বিশেষ। প্র—"ভভম্ ভবম্ ববম্ ভাল ঘন বাজে শিঙ্গা ডমরু গাল, রুদ্র তালে তাল দেয় বেতাল ভৃঙ্গী নাচে অঙ্গ ভঙ্গিয়া।"—অন্নদামঙ্গল। [সুরের কাল পরিমাণ ঠিক রাখিতে ও ছন্দ সুস্পষ্ট করিতে তালের প্রয়োজন। সুরের ছন্দ ভঙ্গ বা কাল ভঙ্গ হইলেই গানের তাল ভঙ্গ হয়, তাল ৪ ভাগে বিভক্ত; যথা সম (বাদ্যের আরম্ভ ও গীত বাদ্যের বিশ্রাম স্থল) (২) বিষম (অতীত) (৩) অনাগত (৪) অনাঘাত; মতান্তরে ত্রিবিধ,—সম—অতীত—অনাগত] গানের সুরে যেখানে যেখানে প্রধান ঝোঁক পড়ে তাহাকে তাল বলে। ২। দক্ষিণ করতল দ্বারা বাম বাহুতে অথবা বাম করতল দ্বারা দক্ষিণ বাহুতে আঘাত; বাহ্বাস্ফোট। ৩। করতলে করতলে আঘাত; হাততালী; করতালী। ৪। অঙ্গুষ্ঠ ও মধ্যমার টিপযোগে শব্দ; তুড়ি; চুট্‌কি। ৫। তালগাছ; the fan plam; palmyra. ৬। তালফল। ৭। খড়্গমুষ্টি। ৮। ক্লী, হরিতাল। ৯। লেখ্যপত্র; তালপাতা। ১০। দুর্গার সিংহাসন। ১১। ঝোঁক; বেগ। [এই অর্থে **টাল** ও বলে] প্র—তাল সামলান ১২। বিণ, বিস্তৃত। (২) রাশীকৃত বৃহৎ [অল্পতাবাচক—তিল]। ১৩। বি, পুং, ভূতযোনি বিশেষ; শিবানুচর। (তালের সহচর বেতাল)। প্র—"তাল বলে আজি ঘরে মাতা উপস্থিত। মেনকা মেলানীভার দিয়াছে কিঞ্চিত॥"—অন্নদামঙ্গল। **তাল করা**—তালের ন্যায় গোল করা; পাকাইয়া পিণ্ডাকার করা। **তিলকে তাল করা**—যাহা তিলের মত ক্ষুদ্র বা সামান্য তাহাকে তালের মত বড় করিয়া তোলা; অতি রঞ্জিত করা। **তাল লাগান**—পাকাইয়া বর্ত্তুল করা। ২। গণ্ডগোল করা; জটিল করা। ৩। জটলা করা। **তালকাটা**—সুরের ছন্দ বা কাল ভঙ্গ হওয়া। ২। [তাল—কাটা] বিণ, যে তালগাছে উঠিয়া তাল পাড়ে এবং তালের মুখ কাটিয়া তাল শাঁস বাহির করিয়া বিক্রয় করে। প্র—তালকাটা হাড়ী। **তাল ঠোকা**—কুস্তির আখড়ায় বা দ্বন্দ্বযুদ্ধক্ষেত্রে একজন অপরকে যুদ্ধে আহ্বান বা আক্রমণ করিবার উপক্রমকালে বাহুতে যে করতল আঘাত করে: বাহুর আস্ফোটন। **তাল দেওয়া**—ক্রি, গানের সুরের ছন্দ বা কাল অনুযায়ী করতালি দেওয়া বা গানের তালে তালে কোন শব্দ করা। **তাল পড়া**—তালফলের পতন হওয়া। ২। [উচ্চস্থান হইতে তাল ফল নিম্নে যখন পতিত হয় তখন যেমন জোরে পড়ে তেমনি খুব শব্দ হয়। এই ভাব হইতে ব্যঙ্গোক্তিতে] পৃষ্ঠদেশে খুব জোরে মুষ্ট্যাঘাত; পিঠে কিল পড়া। প্র—"কার পিঠে তাল পড়ল।" **তাল তাল**—রাশি রাশি। **তাল-সামলান**—ঝোঁক বা বেগ সম্বরণ করা; পতন হইতে বাঁচা। ২। আসন্ন মৃত্যু হইতে রক্ষা পাওয়া। **তাল রাখা**—সঙ্গীতের সুরের সঙ্গে সঙ্গে সময় ঠিক রাখা। বেগ বা ঝোঁক রাখা। **তালফাঁক, ফাঁকতাল**—ফাঁক দ্রঃ। **জলদতাল**—দ্রুত তাল। **তাল দুন**—দ্বিগুণ দ্রুত তাল। **ঢিমা তাল**—মধ্যম তাল; বিলম্বিত তাল। **ঠায় তাল, ঠা**—ধীরে ধীরে যে তাল দেওয়া হয়। **ফের তাল**—তালের পুনরাবৃত্তি। **তালশাঁস**—তাল ফলের শস্য; তালের কচি আঁটি।

তালক (ক্) বি, ক্লী, দ্বাররোধক যন্ত্র; তালা। ২। হরিতাল।

তালকন্দ (তাল্‌কন্দ) বি, ক্লী, তালমূলী।

তালকানা (তালকানা) [তালের মত কানা দর্শনেন্দ্রিয়হীন। প্রবাদ নারিকেলের যেমন চোখ আছে তালের তেমন নাই সেই জন্য সে তাল মানুষের মাথায় পড়ে। এই ভাব হইতে] বিণ, দর্শনেন্দ্রিয়হীন; অন্ধ। ২। সঙ্গীতের ছন্দ বা কাল সম্বন্ধে অজ্ঞ; যাহার তাল মান বোধ নাই। প্র—"আছে এমনি তালকানা যে শুনতে তা পীলে চমকাচ্ছে" —দ্বিজেন্দ্র রায়।

তালক্ষীর (তাল্‌খীর্) [তালের ক্ষীর (সারাংশ) ৬তৎ] বি, শর্করাবিশেষ; তালের চিনি।

তালগর্ভ (তাল্‌গর্‌ভো) [তালের (তাল বৃক্ষের) গর্ভ (অভ্যন্তরস্থিত) ৬তৎ] বি, পুং, তালের মেথি।

তালঙ্ক (তালোংকো) বি, পুং, ভূষণবিশেষ; তাড়ঙ্ক।

তালচটা [তাল—চটক=চটা] বি, দণ্ডচারী বর্গের পক্ষিবিশেষ; তালগাছে বাসা করে বলিয়া এই নাম।

তালচোঁচ (ল্, চ্) [সং—তালচঞ্চু] বি, চটক জাতীয় পক্ষিবিশেষ। ২। বাবুইপাখী।

তালজঙ্ঘ (তাল্‌জংঘ) [তালের (তাল বৃক্ষের মত জঙ্ঘা যাহার, বহু)] বিণ, তালগাছের মত দীর্ঘ জঙ্ঘাযুক্ত। ২। যদুবংশীয় জনৈক রাজা। ৩। দেশবিশেষ। ৪। রাক্ষসবিশেষ। স্ত্রী, **তালজঙ্ঘা**—রাক্ষসীবিশেষ।

তালজটা (ল্) [তালের জটা, ৬তৎ] বি, স্ত্রী, তাল বৃক্ষের জটা। ২। তাল জটার ন্যায় পদার্থ।

তালধ্বজ (তালধ্‌ধজ) [তালের মত বৃহৎ হইয়াছে ধ্বজ যাহার, বহু] বি, পুং, বলরাম; বলদেব। স্ত্রী, **তালধ্বজা**—তালগাছের পাতা। ২। নগরীবিশেষ।

তালনবমী (ল্) বি, স্ত্রী, ভাদ্র মাসের শুক্লা-নবমী (এই তিথিতে বিষ্ণুকে তাল ফল দান ঘটিত ব্রত করিবার বিধি আছে)।

তালপত্র (তাল্‌পৎত্রো) [তালের পত্র] বি, ক্লী, তালগাছের পাতা। ২। [তালপত্রের আকৃতি পত্র হইয়াছে যাহার—বহু] কর্ণভূষণবিশেষ। ৩। খড়্গবিশেষ; তালপত্রাকৃতি অসি।

তালবন (তাল্‌বন্) [তালের বন—৬তৎ] বি, ক্লী, বৃন্দাবনস্থ বনবিশেষ; মধুবনের পার্শ্বস্থ বন, যথায় বলরাম কর্ত্তৃক; ধেনুকাসুরে নিহত হয়। ২। তাল গাছের বন। ব্রজ—**তালবনি**। প্র—"তপন নন্দিনী তীরে তালবনি ভুবন মোহন লাবণী।"—গোবিন্দদাস।

তালবৃন্ত, তালবৃন্তক—(তাল্‌বৃনত, ক্) [তালের বৃন্ত (বোঁটা, সবৃন্ত পত্র) ৬তৎ] বি, পুং, তাল গাছের সবৃন্ত পত্র। ২। তালপত্র ব্যজন; তালপাতার পাখা।

তালবেতাল (তাল্‌বেতাল্) [তাল এবং বেতাল, দ্বন্দ্ব] বি, পুং, উপদেবতাদ্বয়;

ভূতদ্বয় ; শিবানুচরবিশেষ। তালবেতাল সিদ্ধ হইয়া রাজা বিক্রমাদিত্য তাহাদিগকে আজ্ঞাবহ করিয়াছিলেন বলিয়া প্রসিদ্ধি আছে।

তালব্য (তালোব্‌বো) [তালু+য (ভবার্থে —ষ্ণ্য)] বিণ, তালু হইতে উচ্চারিত। ২। তালুসম্বন্ধীয়। **তালব্যবর্ণ**—ই, ঈ, চবর্গ, য, শ।

তালভঙ্গ (তাল্‌ভংগ) বি, তাল কাটা ; বেতালা হওয়া ; নৃত-গীত বাদ্যের তাল কাটা। প্র—"দেব-সভা মাঝে নাচ করিবি সম্প্রতি। তায় হবে তালভঙ্গ তবে যাবি ক্ষিতি॥"—ঘনরাম।

তালমর্দ্দল (তাল্‌মর্‌দল্) বি, পুং, বাদ্য-বিশেষ : তালমাদল।

তালযন্ত্র (তাল্‌জন্‌ত্রো) বি, ক্লী, শল্যো-দ্ধারণার্থ যন্ত্রবিশেষ।

তালশাঁস (তাল্‌সাঁশ্) তাল দ্রঃ।

তালসাঁড়া (তাল্‌শাঁড়া) বি, তৃণবিশেষ। ২। তালপত্রের বৃন্তভাগ যাহা বৃক্ষকাণ্ডে সংলগ্ন থাকে।

তালা [হি—তালা=দ্বারবন্ধ করিবার যন্ত্র] বি, কুলুপ। ২। অট্টালিকার থাক। ৩। কর্ণ-বিবরে জল প্রবেশ, তীব্রশব্দ কিম্বা দুর্ব্বলতা প্রভৃতি জনিত শ্রবণ শক্তির অভাব ; শব্দগ্রহণে অক্ষমতা। প্র—"দারুণ প্রহার তায় উদরের জ্বালা। ঘন শ্বাস বহে তার কাণে লাগে তালা॥" —কবিক।

তালাক, তাল্লাক (তালাক্) [আ— ত্‌লাক্] বি, শপথ : দিব্য। প্র—"বীর বলে তোকে তালাক ভেড়ের ভেড়ে।"— ঘনরাম। ২। ত্যাগপত্র : মুসলমান সমাজে স্ত্রী বা স্বামীর সহিত সকল সম্বন্ধ বিচ্ছিন্ন করিয়া তাহাকে ঈশ্বরের নামে শপথ করিবার কালে যে পরিত্যাগ পত্র দেওয়া হয়। প্র— "তালাক দেওয়া স্ত্রীকে অন্যে বিবাহ করিয়া তালাক দিলে, আবার তাহার পূর্ব্ব পতি তাঁহাকে বিবাহ করিতে পারিতেন।"— উ, বি। "আমি অনেকদিন হইল উহাকে তাল্লাক দিয়া পরিত্যাগ করিয়াছি।"

তালাস, সি (শ্) [তুর্কী—ত্‌লাশ্] বি, অন্বেষণ ; অনুসন্ধান ; খোঁজ। প্র—"মন করোনা দ্বেষাদ্বেষি * * * আমি বেদ আগম পুরাণে করিলাম কত খোঁজ তালাসি।"— রামপ্রসাদ।

তালি [তাল, তালা দ্রঃ] তালবৃক্ষ ; the fan-palm or palmyra. ২। তালবৃক্ষের প্রকারভেদ ; corypha taliera. ৩। বৃক্ষবিশেষ ; flacourtia cataphracta. ৪। ছোট তালা বা পিন্। ৫। [হি—তালী] চাবি। ৬। সুগন্ধি মৃত্তিকাবিশেষ। ৭। তাড়ীর উচ্চারণ ভেদ ; তালের রস। toddy. ৮। আঘাত। প্র—"ভীষণ গর্জ্জনে সভার কর্ণে লাগে তালি।"—কাশী-মহা। ৯ হাতে তাল দেওয়া। প্র—"পুনঃ পুনঃ তালি মারে হাসে খল খল।"—কাশী, মহা। ১০ [ছিদ্র বন্ধ করণার্থে] জোড় ; পটি। প্র— ছেঁড়া কাপড়ে তালি লাগান।

তালিক (ক্) [তাল (করতল)+ইক (সম্বন্ধার্থে ষ্ণিক)] বি, পুং, করতালি। ২। হাতের তেলো। ৩। চপেট। ৪। বন্ধন। ৫ মোহর করা। স্ত্রী, **তালিকা**।

তালিকা [আ—তালিক্ (পারসীকদিগের লেখাবিশেষ)] বি, স্ত্রী, নির্ঘণ্ট ; ফর্দ্দ list ; a shedule ; an inventory.

তালিম (ম্) [আ—তাআলীম্। আ— ইল্‌ম্ (বিদ্যা) শব্দজ] বি, প্রাথমিক শিক্ষা উপদেশ। ২। তরিবত ; training.

তালিমী [আ—তাআলীম্ (দ্রঃ)। ইয়াফ্‌তন্ (প্রাপ্ত হওয়া) শব্দের ই=ঈ] বিণ, তালিম-প্রাপ্ত ; শিক্ষিত। প্র—"যদ্যপি তাহার তালিমী শিক্ষা হইত, তবে সেই সোয়ালেই পড়িত।"—নীলদর্পণ।

তালী [তাল+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, তালগাছ ২। তাড়ী। ৩। তালা। (২) চাবি (হি— তালী)। ৪। ভুঁই আমলা। ৫। তাল-মূলী। ৬। তুবরিকা। ৭। [তাল+ ইন্ (অস্ত্যর্থে)=তালিন্ ১মা, ১ব] যে বাদ্য সময়ে তাল প্রদান করে। ২। তাল জ্ঞানবিশিষ্ট। ৯। তাল গাছের ন্যায় আকৃতি দীর্ঘ বৃক্ষ।

তালু [তৃ (গমন করা)+উ (করণে, উণ্) যাহা দ্বারা শব্দ নির্গমন করে] বি, ক্লী, তেলুয়া : টাক্‌রা।

তালুই [তাউই দ্রঃ] ভ্রাতা বা ভগ্নীর শ্বশুর।

তালুক (ক্) [আ—তাআল্লুক্] বি, ভূসম্পত্তি : ভূম্যধিকার ; জমিদারী। গবর্ণমেণ্ট বা কোন জমিদারের নিকট হইতে যে ভূসম্পত্তির বন্দোবস্ত করিয়া লওয়া যায় তৎসমুদায়ের সাধারণ নাম তালুক। খারিজা বা হুজুরী, সিকিমী বা মজকুরী ও পত্তনী ভেদে তালুক তিন শ্রেণীতে বিভক্ত।

তালুকদার (তালুক্‌দার্) [আ (তালুক)+ ফা—দার] বি, জমিদার ; ভূম্যধিকারী।

তালুকদারী (তালুক্‌দারি) [ফা] বি, ভূম্যধিকারীর অধিকার বা স্বত্ব ; জমিদারী। ২। তালুক ভোগ।

তালুজিহ্ব (তালুজ্‌জিভ্) [তালু হইয়াছে জিহ্বা যাহার বহু, ইহার তালু দ্বারা জিহ্বার কার্য্য হয় বলিয়া] বি, পুং, কুম্ভীর। ২। ।

তালেবর (র্) [আ—তালাবর্] বিণ, ভাগ্যবান্ ; আঢ্য ; ধনাধিপতি ; ধনী। ২। মান্য।

তাস (তাশ্) [হি—তাস] বি, খেলিবার জন্য চিত্রিত ক্ষুদ্র ক্ষুদ্র চতুষ্কোণ কাগজ ; পায়া (পূর্ব্ববঙ্গ) ; গঞ্জীফা (পারস্য); playing-cards. ২। স্বর্ণখচিত বস্ত্র [হি— মানসকোষ]। ৩। সূতার তাস ; সূত্রজড়িত কাগজখণ্ড ; তাসের মত কাগজখণ্ডে জড়ান থাকে বলিয়া তাস বলে।

তাসখেলা (.তাশ্ খ্যালা) বি, ৩২ খণ্ড চিত্রিত কাগজ লইয়া খেলা। এক একরূপ চিত্রিত এক এক খণ্ড তাসের স্বতন্ত্র নাম আছে যথা—হরতন বা হরিতন, রুহিতন, ইস্কাপন, চিড়িতন, ইত্যাদি। তাসের নানা প্রণালীর খেলার ভিন্ন ভিন্ন নাম আছে, যথা—গ্রাবু, বিন্তি, ইত্যাদি।

তাসপিটা, পেটা [তাস খেলিবার সময় তাসের কাগজ জোরে আঘাত করিবার মত করিয়া ফেলা হয় বলিয়া পেটা] ক্রি, তাস খেলা।

তাসন (তাশন্) [সং—ত্রসর (সূত্রবেষ্টন— হেমচন্দ্র] বি, জোলাদিগের দ্বারা কাপড় তৈয়ার করিবার সূতা মাজা। প্র—"রোজা নমাজ করি কেহ হৈল গোলা। তাসন করিয়া নাম বলাইল জোলা॥"—কবিক। ২। মার্জ্জন ; ঝাড়ন।

তাস্কর্য্য (তাশ্‌ক্োর্‌জো) তস্কর (চোর)+ য (ভাবে)] বি, ক্লী, চৌর্য্য ; তস্করতা।

তাসা (তাশা) [আ—ত্বাসাহ্] বি, আনদ্ধ যন্ত্রবিশেষ ; ধাতুময় ভাণ্ডের মুখে চর্ম্ম দেওয়া বাদ্যবিশেষ ; a drum. ২। [হি—তাস। তাসের মত কাগজখণ্ড জড়ান ছবি থাকে বলিয়া] সূত্রজড়িত কাগজখণ্ড : সূতার তাস। প্র—গুলিসূতার চেয়ে তাসার সূতা মোটা।

তাসান (তাশানো [তাস শব্দজ] ক্রি, তাস নাড়া চাড়া করা। ২। খেলিতে বসিয়া তাসের ভাঁজ করা বা সমস্ত তাস সংগ্রহ করিয়া পূর্ব্বক্রম ভঙ্গ করিয়া দেওয়া।

তাহ, তাহি [ব্রজ, তাহা দ্রঃ] স, তাহা : সে কথা ; সে বিষয় বা বস্তু। প্র—"কা সঞে বিলসব কো কব তাহ"—বিদ্যাপতি।

তাহা (তা) [তদ্ শব্দজ। ব্রজ, **তাহ**, **তাহি**। বহু বচনে, **তাহারা**। সম্বন্ধে, **তাহার**। করণে, অধিকরণে, **তাহাতে**। কর্ম্মবাচ্যে ; **তাহাকে** ; **তাহারে** (পদ্য)। সংক্ষেপে **তা**] স, সেই ; তা ; সে কথা ; সে বিষয় বা বস্তু।

তাহাকে (তা) [তাহা দ্রঃ] সংক্ষেপে **তাকে** ; পদ্যে—**তাহারে** (সংক্ষেপে— **তারে**) **তাহায়** (সংক্ষেপে **তায়**) বহু বচনে—**তাহাদিগকে** (সংক্ষেপে— **তাদিগে**) মধ্য বাং **তাহারদিগকে** (অষ্টাদশ শতাব্দীর শেষ—উনবিংশ শতাব্দীর

মধ্য) 'সম্ভ্রমার্থে, তাঁহাকে, সংক্ষেপে, তাঁকে, প্রাদে, ভেদে—তানাকে তেনাকে] স, সে বিষয় বা বস্তুকে ; সে ব্যক্তিকে। যাহার উল্লেখ করা হইয়াছে তাহাকে।

তাহাতে (তা) [তাহা দ্রঃ] অ, তাহা শব্দের সপ্তম্যন্ত রূপ। তাহার মধ্যে ; তন্মধ্যে। ২। হেতু বা নিমিত্তার্থক। প্র—সে যদি চলিয়াই যায় তাহাতে কি আসিয়া যাইবে। ৩। তাহার পর ; তথাপি ; তাহা সত্তে। প্র—তাহাতে সে বলিল। ৪। সাহচর্য্য এবং কর্ত্তৃত্ব জ্ঞাপক অব্যয়। প্র—তাহাতে আমাতে তপায় যাইয়া সমস্ত অবধারণ করিয়া আসিব। [দ্রঃ—ইহার সঙ্কুচিত আকার তাতে। (প্রাদে উচ্চারণ ভেদে) তাথে, তথি। প্র—"প্রধান সেবক জয়দেব কবি তাথে"—গি, গীতগোবিন্দ ১৬৫৮ শক। "উৎপন্ন করিয়া তাথে করিয়া ঘোষণ" —দুর্গামঙ্গল। পদ্যে—তাহে, তায়]।

তাহার (র্) [তাহা (দ্রঃ)। সং—তব ; প্রাকৃ—তুহ। তাহা হইতে তুহর ; হি—তোহার ; ব্রজ—তাহর ; প্র—"তাহর কাজ সিদ্ধ হইল ধর্ম্ম দরসনে।"—শূন্যপুরাণ। ব্রজ—তেহক তাহক, তাক, তাকর। প্রা, বাং— তান, তাহান, তানার। প্র—"কি কর্ম্ম করেন কিবা স্বভাব তাহান"—দুর্গামঙ্গল। বহু বচনে—তাহাদিগের, তাহাদের, তাদের। মধ্য-বাং—তাহারদিগের, তাহারদের, তাদিগের প্রাদে, বাং-গ্রা, তানাদের, তানাগোর, তেনাদের। প্রা, বাং—তথির। প্র—"যদুবংশ ক্ষয় হএ তথির লাগিঞা"—চৈতন্যমঙ্গল।

তাহে [তাহাতে দ্রঃ। ব্রজ, হি। দ্রুত উচ্চারণ, তায়। পদ্যে তাহাতে স্থলে ব্যবহৃত] ক্রি-বিণ, তন্মধ্যে ; তদুপরি ; উপরন্তু ; অধিকন্তু। প্র— "নবীন মেঘের নিবিড় আড়া, তাহে বিজুরী ঘোই।"—লোচন দাস। "সোই লুব্ধমতি তাহে করু ঝাঁপ"—বিদ্যাপতি। ২। তাহাকে। প্র—"তাহে হৃদয় দরশি পোরি"—বিদ্যাপতি।

তাহুত (ত্) [জমীঃ পরিঃ] বি, দেয় খাজনা।

তি—বাঙ্গালা ব্যাকরণে প্রত্যয় বিশেষ। প্র— উঠ্‌তি, বসতি। ২। [প্রা-বাং] তিন (দ্রঃ)। প্র—তিসংখ, তিধার। ৩। [প্রা-বাং। সং— তিপ্] ক্রিয়া বিভক্তি। প্র—"রোদতি রাধা শ্যাম করি কোর"—বৈ, সা। ৪। [তে দ্রঃ] - ৪র্থী বিভক্তি ; জন্য।

তিউড়ী, তিওড়ি (তিউড়ি) [প্রাদে] প্রা, বাং] বি, উনান ; আখা। প্র— "উজ্জ্বল চন্দন কাষ্ঠে জ্বালিল তিউড়ী আঁচলে লোচন মুছে চড়াইয়া হাঁড়ী।—ঘনরাম। "তিন নারিকেল দিয়া সাজায় তিওড়ি।"— ক্ষেমানন্দ (মনসার ভাসান)।

তিঁহ (তিঁহো) [তেঁহ দ্রঃ। প্রা, বাং। বৈ, সা, ভূরি প্রয়োগ] স, তিনি ; সে। প্র— সৎ কথা শ্রবণে মতি হয় যার যার। তিঁহ হন স্বয়ং বিষ্ণু তাঁকে নমস্কার॥"—শিবায়ন।

তিঁহি (তিঁহি) [প্রা, বাং, বৈ, সা, ভূরি প্রয়োগ] স, সে ; তিনি। (তিঁহ, তিঁহো দ্রঃ)। প্র—"শ্রীপরমানন্দ পুরী গোসাঞি মহাশয়ে। সংক্ষেপে করিল তিঁহি গোবিন্দ বিজয়ে॥" * * * "সংক্ষেপে করিলেন তিঁহি পরমানন্দ গুপ্ত। গৌরাঙ্গ বিজয় গীত শুনিতে অদ্ভুত॥"—জয়ানন্দ (চৈতন্য মঙ্গল)।

তিঁহো, তিহোঁ (তিঁ হোঁ) [প্রা-বাং, বৈ, সা, তিঁহ শব্দের উচ্চারণ ভেদ] স, তিনি ; সে। প্র—"তারক অস্তের বধ্য নয়। শিব বিভা হৈলে তথি গৌরী পুত্র সেনাপতি তিঁহো তারে বধিবে নিশ্চয়॥"—শিবায়ন। "তিহোঁ ধন্য তার পুণ্য আমি কব কত॥"—ঐ।

তিক্, তিক্‌তিক্ [সং—তিক্ (গতি অর্থে) ধাতু] অ, গরু চালাইবার সঙ্কেত শব্দ ; চল্ চল্ এই অর্থে। ২। হাঁস, পেরু প্রভৃতিকে ডাকিবার শব্দ ; চলে আয়, চলে আয় এই অর্থে।

তিক্‌খী (তিক্‌খি) [তীক্ষ্ণ শব্দের অপভ্রংশ। গ্রাম্য, কথ্য] বিণ, উগ্র। ২। ক্রোধী।

তিক্ত (তিক্‌ত) [তিজ্ (তীক্ষ্ণ করা) + ত (কর্ম্মে, ক্ত) যে ক্ষুধা তীক্ষ্ণ (বৃদ্ধি) করে] বি, পুং, তিক্তরস। ২। বিণ, তিক্তরসযুক্ত।

তিক্ততুম্বী (তিক্‌ততুম্‌বি) [তিক্ত যে তুম্বী কর্ম্মধা] বি, স্ত্রী, তিতলাউ।

তিক্তসার (তিক্‌তশার্), [তিক্ত হইয়াছে সার (সারাংশ) যাহার, বহু] বি, পু, খদির।

তিখনি, তিখিনী, তীখনি (তিখোনি) [ব্রজ প্রা, বাং। তীক্ষ্ণ শব্দের প্রকৃতরূপ তিখন, স্ত্রীলিঙ্গে—তখনি, তিখিনী] বিণ, তীক্ষ্ণ। প্র —"নয়ান- চাহনি, বিভঙ্গী সে ধনি, তিখিনী তিখিনী শর।"—চণ্ডীদাস। "মৃগী তেজই তীখনি শ্বাস"—বিদ্যাপতি। তিখনি দেওয়া—প্রতিমাদির রং স্থায়ী ও উজ্জ্বল করিবার জন্য এরোরুট জ্বাল দিয়া বা আতপ চাউল জলে মর্দ্দন করিয়া তাহা হইতে যে শ্বেতসার বাহির হয় তাহা গরম করিয়া প্রতিমার অঙ্গে লেপন করা।

তিগ্ম (তিগ্‌ম) [তিজ (তীক্ষ্ণ করা) + ম (ভাবে, মক্) বাং-য় স্বতন্ত্র ব্যবহার বড় নাই] বি, ক্লী, তীক্ষ্ণতা। ২। উষ্ণতা। ৩। [কর্ত্তৃ —মক্] বিণ, উষ্ণ। ৪। তীক্ষ্ণ। ৫। কটু। ৬। উদ্ধত।

তিগ্মকর (তিগমকর্) [তিগ্ম (তীক্ষ্ণ) হইয়াছে কর (কিরণ) যাহার, বহু] বি, পুং, সূর্য্য। ২। [তিগ্ম যে কর, (কিরণ) কর্ম্মধা] প্রচণ্ড কিরণ। ৩। গুরুতর রাজস্ব। ৪। [তিগ্ম কর (রাজস্ব)] উচ্চ করগ্রাহী রাজা।

তিগ্মরশ্মি (তিগ্‌মোরোশ্‌শি) [তিগ্ম (তীক্ষ্ণ) হইয়াছে রশ্মি (কিরণ) যাহার, বহু] বি, পুং, তিগ্মাংশু ; সূর্য্য। ২। খর কিরণ।

তিজারৎ (তেজারৎ) [আ—তিজারৎ (কার-কারবার, ব্যবসায়)] বি, বাণিজ্য ; ব্যবসায়।

তিজেল (ল্) [পর্ত্তু—tigela. তুল—সং-তিতিল] বি, ক্ষুদ্র স্থালী-বিশেষ। ব্যঞ্জন পাকের হাঁড়িবিশেষ ; পাতিল (পু, বঙ্গ)।

তিত (তিত্, তিতো) [পালি—তিত্ত ; সং— তিক্ত ; চ—তেতো] বিণ, তিক্তরস ; কটু। প্র—তিত লাউ। "হাম না বুঝিয়ে রস তিত কি মিঠা"—বিদ্যাপতি। "কেবল আসার আসা, ভবে আশা, আসা মাত্র হলো * * * ওমা! মিঠার লোভে তিত মুখে সারা দিনটা গেলো॥"—রামপ্রসাদ। ২। বিরস ; অপ্রীতিকর।

তিতউ [প্রাদে] বি, পুং, সচ্ছিদ্র-বংশ-নির্ম্মিত পাত্রবিশেষ ; চালনী।

তিতন, তিতান (তিতোনো, ভিতানো) [সিক্ত হইতে] বি, আর্দ্র করা ; ভিজান ; সিক্ত করা।

তিতল [ব্রজ। তিতিল দ্রঃ] ক্রি, সিক্ত হইল। ২। বিণ, ভিজা ; সিক্ত ; আর্দ্র। প্র—"অলকহি তিতল তহি অতি শোভা" —বিদ্যাপতি।

তিতা [পালি—তিত্ত ; সং—তিক্ত] বিণ, তিক্তরস ; তিক্তাস্বাদযুক্ত। প্র—"মধুর বলিয়া, ছানিয়া খাইনু তিতায় তিতিল দে।"—চণ্ডীদাস। "থুথু করে ফেলে রাণী সব লাগে তিতা"—ধর্ম্মমঙ্গল। ২। [বিশেষার্থে] দগ্ধ। প্র—"তিতা কৈল দেহ মোর ননদী বচনে" —চণ্ডীদাস। ৩। [সিক্ত শব্দজ] বিণ, সিক্ত ; আর্দ্র। প্র—"স্নানান্তে তিতা বস্ত্র এড়িলেন শ্রীশচীনন্দন"—চৈ-ভাঃ।

তিতা [সিক্ত হইতে অথবা সং—তিপ্ (ক্ষরণ) ধাতু হইতে। উ-পু—তিতি। ম-পু—তিত। প্র-পু—তিতে। অস-ক্রি, তিতিতে, তিতিয়া ; তিতি (পদ্যে)। ণিজন্ত—তিতান] ক্রি, ভিজা ; সিক্ত হওয়া ; আর্দ্র হওয়া। প্র— "তিতি অশ্রুনীরে"—মেঘনাদ। "সর্ব্ব অঙ্গ তিতে পদ্মনয়নের জলে।"—চৈ-ভা। ২। তিক্ত হওয়া। প্র—"মধুর বলিয়া ছানিয়া খাইনু তিতায় তিতিল দে।"—পদাবলী।

তিতিক্ষা (তিতিক্‌খা) [তিজ্ (সহ্য করা) +স (ক্ষমার্থে সন্ দ্বিত্ব)=তিতিক্ষ+অ (ভাবে) আপ্ স্ত্রী] বি, স্ত্রী, সহিষ্ণুতা ; ক্ষমা। ২। শীতোষ্ণাদি দ্বন্দ্ব সহিষ্ণুতা।

তিতিক্ষিত (তিতিক্‌খিতো) [তিতিক্ষ+ত কর্মে—ক্ত] বিণ. যাহা সহ্য করা গিয়াছে। ২। তিতিক্ষাযুক্ত।

তিতিক্ষু (তিতিক্‌খু) [তিজ্‌+সন্‌ ণিচ্‌=তিতিক্ষ+উ কর্তৃ] বিণ. তিতিক্ষাকারী; ক্ষমাশীল: সহিষ্ণু।

তিতিল (ল্) [সং—তিতিল (নাদা)। পূ-বঙ্গে. পাতিল; হি—পতীলি] বি. মৃন্ময় পাত্রবিশেষ; নাদা। ২। তৈতিলকরণ। ৩। তিলপিষ্টক; তিলকুটা।

তিতীর্ষু (তিতীর্‌ষু) [তৃ (পার হওয়া)+স ইচ্ছার্থে—সন.=তিতীর্ষ+উ (কর্তৃ)] বিণ. তরণেচ্ছু: পারগমনেচ্ছুক।

তিত্তির, তিত্তিরা, তিত্তিরি, তিত্তিরী (র্) বি. পুং পক্ষিবিশেষ; তিতিরপাখী। ২। যজুর্বেদ শাখাধ্যায়ী মুনিবিশেষ। বিণ. তৈত্তিরীয়।

তিথি (তি) [অত্‌ (সতত গমন করা)+ইথি (কর্তৃ, ডিথি) যে সর্বদাই অপসরণ করে] বি. পুং. চন্দ্রকলার হ্রাস বৃদ্ধি দ্বারা সীমাবদ্ধকাল; চান্দ্র মাসের ত্রিশ ভাগের এক এক ভাগ; চান্দ্রদিন; প্রতিপদাদি পূর্ণিমান্ত। ২। সময়; দিনকাল; ক্ষণ। প্র—"ছিল তিথি অনুকূল শুধু নিমিষের ভুল. চিরদিন তৃষাকুল পরাণ জ্বলে। এখন ফিরাবে তারে কিসের ছলে!"—রবি।

তিথিকৃত্য (তিথিকৃৎতো) [তিথিতে কৃত্য (কার্য্য) ৭তৎ] বি. স্ত্রী. তিথিতে করণীয় কার্য্য। নির্দ্দিষ্ট তিথিতে কর্ত্তব্য বিবাহাদি মাঙ্গলিক বা বিহিত কার্য্য।

তিথিক্ষয় (তিথিক্‌খয়্) [তিথির (তিথ্যুপলক্ষিত চন্দ্রকলার) ক্ষয় (নাশ) হয় যাহাতে —বহ্] বি. পুং. অমাবস্যা। ২। ত্র্যহস্পর্শ: একদিনে দুই তিথির ক্ষয় হইয়া তৃতীয় তিথির সংযোগ হইলেই এই দিনকে তিথিক্ষয় বলে।

তিথিসন্ধি (তিথিশোন্‌ধি) [তিথির (তিথি ক্ষয়ের) সন্ধি (মিলন) ৬তৎ] বি. পুং. দুই তিথির মিলন।

তিথ্যমৃতযোগ (তিথ্‌থমৃতজোগ্) [তিথি ঘটিত যে অমৃত যোগ) ম. প. লো. কর্মধা] বি. পুং. যোগবিশেষ. রবি ও সোমবারে পূর্ণা অর্থাৎ পঞ্চমী. দশমী. অমাবস্যা ও পূর্ণিমা। মঙ্গলে. ভদ্রা অর্থাৎ দ্বিতীয়া. সপ্তমী ও দ্বাদশী। বুধ ও শনিবারে নন্দা—প্রতিপদ. ষষ্ঠী ও একাদশী। বৃহস্পতিবারে. জয়া—তৃতীয়া. অষ্টমী ও ত্রয়োদশী। শুক্রবারে. রিক্তা—চতুর্থী. নবমী ও চতুর্দ্দশী প্রভৃতি তিথি যোগে তিথ্যমৃত নামক যোগ বলে।

তিধার (র্) [প্রা-বাং। ত্রিধার দ্রঃ।] বিণ. ত্রিধার; তিন দিকে ধার। প্র—"তিধার খণ্ডা"—শূন্যপুরাণ।

তিন (ন্) [সং—ত্রি হইতে প্রাকৃ—তিণ্ণ শব্দজ] বিণ. ৩ সংখ্যা। প্রা-বাং—তিসংখ—তিন সংখ্যা। প্র—"সুন্ন তি সংখ সোভা অতি মনোহর। ঝলমল করএ তথি তিসংখ উপর॥"—শূন্য পুরাণ।

তিনকাল (তিন্‌কাল্) [তিনটী কাল. কর্মধা] বি. মানব জীবনের তিন অবস্থা; বাল্য. যৌবন ও প্রৌঢ়। প্র—"তিন কাল গিয়ে এককালে ঠেকেছে।" "তিন কাল গিয়া মোর এক কাল আছে। পতি পুত্র ভাই বাপ কেহ নাহি কাছে॥"—অন্নদামঙ্গল। ২। সত্য. ত্রেতা ও দ্বাপর। ৩। অতীত. বর্ত্তমান. ভবিষ্যৎ।

তিনকুল (ন্. ল্) [তিন-কুল. কর্মধা] বি. তিন বংশ; পিতৃকুল. মাতৃকুল. শ্বশুরকুল। ২। তিন আশ্রয়।

তিনগুণ (তিন্‌গুন্) [তিনটী গুণ] বি. সত্ত্ব. রজঃ ও তম।

তিনতের (তিন্‌ত্যারো) বিণ. ঊনচল্লিশ; ৩৯। প্র—"কপালে প্রত্যহ ঝাঁটা এজলাসে এজলাসে। তিনতেরটা লাথি খেয়ে ঘরে ফিরে আসে॥" —হেম বন্দ্যো।

তিনলাফে (তিন্‌লাফে) [প্রাদে—তিনলম্ফে শব্দজ] ক্রি-বিণ. উপর্য্যুপরি তিনবার লাফ দিয়া। ২। অতি দ্রুতপদে; অবিলম্বে; দেখিতে দেখিতে।

তিনশক্র (তিন্‌শোৎক্র) [প্রাদে] বি. তিন সংখ্যক দ্রব্য শত্রুকে দেওয়া হয় এরূপ প্রবাদ হইতে ইহার উৎপত্তি। প্র—ওকি তোমার শত্রু যে উহার পাতে তিনটা সন্দেশ দিলে? পাতে আরও একটা সন্দেশ ফেলে দাও. তিনশক্র দিতে নাই।

তিনশান্নি, তেশান্নি (তিন্‌শোনন্নি. তেশোনন্নি) [প্রাদে] বি. শূন্যমার্গ; অবলম্বনরহিত ঊর্দ্ধদেশ।

তিনি (তি) [সং—তদ্ হইতে প্রাকৃ—তিন্নি শব্দজ। বহুবচনে তাঁহারা; পূ-বঙ্গ প্রাদে—তাইন: তেনি (সং—তানি শব্দজ)] স. পরোক্ষমান্য ব্যক্তি বুঝাইতে তিনি শব্দের প্রয়োগ: সম্ভ্রান্ত লোক: সেই ব্যক্তি; অসম্ভ্রমার্থে সে।

তিন্তিড় (ড়্) বি. পুং. তেঁতুলগাছ। ২। তেঁতুলফল।

তিন্তিড়িকা [তিন্তিড়+ক (স্বার্থে) আপ্. স্ত্রী—ই আগম। তিন্তিলিকাও হয়] বি. স্ত্রী. তিন্তিড়ী; তেঁতুলগাছ।

তিন্তিড়িকাম্ল [রাসা পরিঃ] বি. চিঞ্চাম্ল; tartaric acid.

তিন্তিলী [তিন্তিড়. ড়=ল; ঈপ্. স্ত্রী] বি. স্ত্রী. তেঁতুল গাছ।

তিন্দু, তিন্দুক (ক্) বি. পুং. গাব গাছ।

তিব্বৎ—বি. হিমালয়ের উত্তরস্থ সিন্ধুনদের উৎপত্তিস্থল হইতে চীন সীমা এবং হিমালয় হইতে গোবীপ্রান্তর পর্য্যন্ত বিস্তৃত পার্বত্য দেশ। ইহার রাজধানী "লাহ্ সা" পৃথিবীর মধ্যে সর্বোচ্চ নগর। প্রসিদ্ধ মানস সরোবর।

তিমি বি. পুং. মৎস্যাকৃতি মহাকায় ও মহাবল সামুদ্রিক জন্তুবিশেষ; whale. প্র—"বহু তিমি তিমিঙ্গিল আছে প্রাণী প্রতিস্থল তনু যার শতেক যোজন।"—কবিক।

তিমিঙ্গিল (ল্) [তিমিং (তিমিকে) গিল (যে গেলে)] বি. পুং. তিমিকে গিলিতে পারে এত বড় জলজন্তুবিশেষ। প্র—"বহু তিমি তিমিঙ্গিল আছে প্রাণী প্রতিস্থল তনু যার শতেক যোজন।"—কবিক।

তিমিঙ্গিলগিল (তিমিংগিল্ গিল) [তিমিঙ্গিলকে—গিল (যে গেলে)] বি. পুং. অতিকায় তিমিঙ্গিল।

তিমিত [তিম্ (আর্দ্র হওয়া)+ত (কর্তৃ+ক্ত) ই—আগম] বিণ. নিশ্চল; নিঃস্পন্দ; স্তিমিত। ২। ক্লিন্ন; আর্দ্র; ভিজা।

তিমির (র্) [তিম্ (আর্দ্র হওয়া)+ইর (করণে. সংজ্ঞার্থে—কির)] বি. ক্লী. অন্ধকার; তামস। প্র—"তিমিরে ধীরে ধীরে ডুবে গেল দিনমণি"—গান। "জ্বলে দীপমালা নগরে নগরে তুমি যে তিমিরে তুমি সে তিমিরে॥" —গোবিন্দচন্দ্র রায়। ২। ঘোর কৃষ্ণবর্ণ: মিশ কাল। ৩। চক্ষুরোগবিশেষ। ৪। বিণ. অন্ধকারময়।

তিমিরারি [তিমিরের—অরি (শত্রু)—৬ তৎ] বি. পুং. তিমিররিপু: সূর্য্য। ২। অন্ধকার নাশকারী। প্র—"মুখচন্দ্র অনুপাম বিন্দু বিন্দু শোভে ঘাম সিন্দূর তিলক তিমিরারি।"—কবিক।

তিয়র, তীয়র (তিঅর্) [সং—তীবর শব্দজ] বি. বর্ণ সঙ্কর জাতিবিশেষ; মৎস্যজীবী জাতিবিশেষ। স্ত্রী. তিয়রী, তিয়রণী।

তিয়া (তিআ) [প্রাদে. গ্রা] বিণ. তিন. ৩।

তিয়াত্তর (তিআৎতোর্) [প্রাকৃ—তেহত্তইড় (ত্রিসপ্ততি) শব্দজ] বি. সংখ্যাবিশেষ; ৭৩।

তিয়াস, তিয়াসা (তিআশ্) [ব্রজ। সং—তৃষ্ণা শব্দজ] বি. পিপাসা; জলপানের ইচ্ছা; তৃষ্ণা। প্র—"সে সুখ সায়র দৈবে শুকায়ল তিয়াসে পরাণ যায়।"—চণ্ডীদাস। "না পুরে অলপ ধনে দারিদ তিয়াস"—বিদ্যাপতি। প্র—"এত প্রেম আশা প্রাণের তিয়াসা কেমনে আছে সে পাশরি।"—রবি। ক্রি. তিয়াসল—তৃষ্ণা বা পিপাসাযুক্ত হইল। প্র—"চাতক চাহি তিয়াসল অম্বুদ।"—বিদ্যাপতি।

তিরছা (র্) [পালি—তিরচ্ছো, "তিরচ্ছো (ছু) তিরচ্ছানো (তিরচ্ছানগতে সিবা)" —অভিধানপ্রদীপিকা ; হি—তীর্চ্ছা । সং—তির্য্যচ্ । তেরছ দ্রঃ] বিণ, তির্য্যক্ ; বক্র বাঁকা ; বঙ্কিম : তেড়া ।

তিরপিত (তিরোপিতো) [তৃপ্ত শব্দের প্রাকৃত উচ্চারণ । পদাবলী সাহিত্যে] বিণ, পরিতৃপ্ত । প্র—"জনম অবধি হাম রূপ নেহারনু নয়ন না তিরপিত ভেল ।"—বিদ্যাপতি ।

তিরবিরে (তির্বিরে) [তীব্র শব্দজ] তীব্র স্বভাব : অস্থির ; ছটফটে । প্র—"হারাণী সুভাষিণীর খাস ঝি । হাসি মুখে ধরে না, সকল তাতেই হাসি । একটু তিরবিরে ।"—ইন্দিরা (বঙ্কিম) ।

তিরশ্চী [তিরস্ (বক্র)—অঞ্চ্ (গমনে) + ক্বিপ্ (কর্তৃ)=তির্য্যক্ স্থলে তিরশ্চ আদেশ, ঈপ্—স্ত্রী,—যাহা বক্রভাবে গমন করে] বি, স্ত্রী, স্ত্রীজাতীয় পশু পক্ষী ।

তিরস্করণী, তিরস্করিণী, তিরস্কারিণী (তিরশ্ করনি,—করিনি,—কারিনি) [তিরস্ (অপ্রকাশ্য) করণী, করিণী, কারিণী (যে করে)] বি, স্ত্রী, বস্ত্রাদির আড়াল : পর্দ্দা : screen. প্র—"স্যন্দনের আকার গৃহতুল্য । তাহাতে উর্ণাসূত্র রচিতা তিরস্করিণী বিলম্বিত ।" —ভারতী, ৩৬শ বর্ষ । ২ । যে বিদ্যাবলে অন্যের অদৃশ্য হওয়া যায় ।

তিরস্কার (তিরশ্ কার্) [তিরস্ (অবজ্ঞা) কার (করণে)] বি, পুং, ভর্ৎসনা । ২ । অনাদর ; অবহেলা ; অবজ্ঞা । ৩ । [তিরস্ (অন্তরালে)—কার] অপবাদ কথন ; নিন্দা । ৪ । আচ্ছাদন ; আবরণ ।

তিরস্কৃত (তিরশ্ কৃত) [তিরস্—কৃত] বিণ, যাহাকে তিরস্কার করা হইয়াছে : নিন্দিত ; অপবাদিত । ২ । ভর্ৎসিত । ৩ । অবজ্ঞাত ; তুচ্ছীকৃত । ৪ । দূষিত । ৫ । আবৃত ; আচ্ছাদিত । ৬ । বি, পুং, তন্ত্রসারোক্ত মন্ত্র-বিশেষ ।

তিরানই, তিরানব্বুই (তিরানোই, তিরানোব্ বুই) [ত্রিনবতি শব্দজ] বি, সংখ্যাবিশেষ · ৯৩ ।

তিরাশি (তি) [ত্রি অশীতি=ত্র্যশীতি শব্দজ । ত্রি স্থলে তির] বি, সংখ্যাবিশেষ ; ৮৩ ।

তিরি, তিরী [সং—স্ত্রী, শব্দের প্রাকৃত উচ্চারণ, বৈ, পদাবলীতে] বি, স্ত্রী, নারী । প্র—"তিরিবধ পাতক লাগয়ে তোয়"—বিদ্যাপতি ।

তিরিক্খি, তিরিক্ষি [টেকর দ্রঃ । অথবা তীব্র ও রুক্ষ শব্দদ্বয়ের উচ্চারণ ও ভাব মিশ্রণে] বিণ, উগ্র ; যে অল্পে রাগিয়া উঠে ; রগচটা ।

তিরিষা [সং—তৃষা । প্রাকৃ, উচ্চারণ । প্রা, বৈ, পদাবলী] বি, পিপাসা । প্র—"ভুখে ভাত না খায় পিয়া তিরিষায় পানী" ।—বলরাম দাস ।

তিরী [তিরি দ্রঃ] বি, স্ত্রী, তিন বিন্দুযুক্ত তাস । ২ । [প্রা-বাং] স্ত্রী, তিরি দ্রঃ ।

তিরোধান (ন্) [তিরস্ (অপ্রকাশ্য) ধান (ধারণ)] বি, ক্লী, অদর্শন ; অন্তর্ধান : ২ । আচ্ছাদন ; আবরণ । ৩ । ব্যবধান ।

তিরোভাব (ব্) [তিরস্ (অপ্রকাশ্য) ভূ (হওয়া) + অ (ভাবে—ঘঞ্] বি, পুং, অদর্শন ; অন্তর্দ্ধান ; তিরোধান ।

তিরোভূত (ত) [তিরস্ (অপ্রকাশ্য) ভূ (হওয়া) + ত (কর্তৃ, ক্ত)] বিণ, যে অন্তর্হিত হইয়াছে ; অদৃষ্ট ।

তিরোহিত [তিরস্ (অপ্রকাশ্য) ধা (ধারণ করা) + ত (কর্তৃ ক্ত) ধা=হি] বিণ, অন্তর্হিত ।

তির্য্যক্ (তির্জক্) [তিরস্ + অন্চ্ (গমন করা) + ক্বিপ্ (কর্তৃ) – তির্য্যচ্ ১মা, ১ব] বিণ, অ, কুটিল ; বক্র : অসরল । ২ । পার্শ্ব ; আড় : কাত । ৩ । নীচ ; মানবেতর । প্র—তির্য্যক্ যোনি । ৪ । বক্রগামী ।

তির্য্যক্‌গতি (তির্জক্‌গোতি) [তির্য্যক্ (কুটিল) যে গতি (গমন) কর্ম্মধা] বি, স্ত্রী, বক্র গমন ।

তির্য্যক্‌জাতি (তির্জক্‌জাতি) [তির্য্যক্ (মানবেতর)—জাতি] বি, পশুপক্ষী প্রভৃতি ; জীবজন্তু ।

তির্য্যক্‌পাতন (তির্জক্‌পাতোন্) [তির্য্যক্ (বক্র) পাতন (প্রসারণ)] বিণ, তির্য্যক-পাতী : কুটিল বৃত্তিযুক্ত । ২ । বি, বক্রপ্রসারণ ।

তির্য্যগ্-যোনি (তির্জগ্ জোনি) [তির্য্যক্ (পশু পক্ষী) হইয়াছে যোনি (উৎপত্তি স্থান) যাহাদের, বহু] বি, স্ত্রী, পশু পক্ষ্যাদি জাতি । ২ । [৬ তৎ] পশুপক্ষিগণের জননেন্দ্রিয় ।

তিল (ল্) [তিল্ (স্নেহযুক্ত হওয়া) + অ (কর্তৃ, ক)] বি, পুং, তৈলপ্রদ অতিক্ষুদ্র শস্য বিশেষ : sesamum indicum. ২ । তিলের মত শরীরস্থিত চিহ্ন । ৩ । সূক্ষ্ম কাল । প্র—এক তিল সময় নষ্ট করিতে নাই । ৪ । অত্যল্প ; সামান্য । প্র—তিলকে তাল করা । ৫ । এক কড়ার ৮০ অংশের একাংশ ।

তিলক (ক্) [তিল + ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, ললাট আদি দ্বাদশ অঙ্গে ধারণীয় চন্দনাদি চিহ্ন ; ফোঁটা । [দ্রঃ—মস্তক, ললাট, কর্ণদ্বয়, কণ্ঠ, বাহুদ্বয়, বক্ষ, পার্শ্বদ্বয়, পৃষ্ঠ ও নাভি এই অষ্ট অঙ্গে তিলক ধারণ বিধি] ২ । অঙ্গের তিল । ৩ । গন্ধতুলসী ; মরুবক । ৪ । সঙ্গীতের তালবিশেষ । ৫ । মূত্রাশয় ; kidney. ৬ । বিণ, প্রধান ; শ্রেষ্ঠ । প্র—বংশের তিলক ; রঘুকুলতিলক । **তিলক কাটা**—অঙ্গে তিলক চিহ্ন করা । **তিলক পরা**—অঙ্গে তিলক ধারণ করা । **অলকাতিলক**—অলকা দ্রঃ ।

তিলকট (তিল্‌কট্) [তিল + কুটা দ্রঃ] বি, পুং, তিলের গুঁড়া ।

তিলকপানী (ক্) [তিলক—পানি (জল)] বি, জলের তিলক । প্র—"যেমন তিলক-পানী তেমনি অসত্য বাণী সত্য বাণী তিলক চন্দনে ।" —কবিক ।

তিলকমাটি (ক্) [তিলকের মাটি (মৃত্তিকা)] বি, যে মৃত্তিকায় তিলক করা হয় : গঙ্গা মৃত্তিকা, বৃন্দাবন, পুরী প্রভৃতি স্থানের শ্বেত, পীতাদি বর্ণের চিক্কণ মৃত্তিকা ।

তিলকল্ক (তিলকল্‌ক) [তিলের-কল্ক (খলি) —৬তৎ] বি, পুং, তিলের খলি ।

তিলকসেবা (তিলক্‌শেবা) বি, তিলক ধারণ ; অষ্টাঙ্গে তিলকমাটির দ্বারা রচিত চিহ্ন, হরিনাম প্রভৃতি রচনা । মাটি বা কাঠের ছাঁচে উক্ত-চিহ্নাদির ছাপ দেওয়ার প্রথা হইতে "তিলক ছাপা ; তিলকছাবা শব্দের গ্রা, প্রয়োগ আছে ।

তিলকা [তিল + ক (সংজ্ঞার্থে) আপ স্ত্রী] বি, স্ত্রী, হারবিশেষ । ২ । চন্দনাদি দ্বারা শরীরে অঙ্কিত তিল পুষ্পাকার চিহ্ন । প্র—অলকা তিলকা ।

তিলকাঞ্চন (ন্) [তিল ও কাঞ্চন] বি, তিল ও কাঞ্চন দ্বারা পিতৃমাতৃ শ্রাদ্ধ ।

তিলকালক (ক্) [তিলবৎ কালক (কৃষ্ণ-বর্ণ)] বি, পুং, গাত্রস্থ তিল । ২ । তিলযুক্ত ব্যক্তি । ৩ । [তিলক হইয়াছে অলকে (চূর্ণ কুন্তলে যাহার, বহু] বিণ, যাহার অলকে তিলক আছে । ৪ । [তিলক ও অলক—দ্বন্দ্ব] তিলক এবং চূর্ণ কুন্তল ।

তিলকাশ্রয় (তিলকাস্‌স্রয়) [তিলকের আশ্রয় (আধার)—৬তৎ] বি, পুং, তিলকাধার, ললাট দেশ ।

তিলকিট্ট (তিলকিট্‌ট) [তিলের কিট্ট (কাইট) ৬ তৎ] বি, ক্লী, তিলের খলি । ২ । তিল তৈলের কাইট ।

তিলকী [তিলক + ইন্ (অস্ত্যর্থে) = তিলকিন্ ১মা, ১ব] বিণ, তিলকধারী ।

তিলকূটা (তিলকুটা) [তিল—কূটা (কুট্টিত)] বি, তিলচূর্ণ ; তিলের গুঁড়া । ২ । তিলচূর্ণ মিশ্রিত মিষ্টান্ন বিশেষ ; তিলের ছাক্রি ।

তিলতুলসী (তিল্‌তুল্‌শি) [তিল ও তুলসী (দ্বন্দ্ব) বি, স্ত্রী, তিল ও তুলসী পত্র : দান বিশুদ্ধ করণের উপকরণ । প্র—"শ্যাম অনু-রাগে এতনু বেচিনু তিল তুলসী দিয়া ।" —চণ্ডীদাস ।

তিলতৈল (তিলতৈল্) [তিলের-তৈল (স্নেহ)—৬তৎ] বি, ক্লী, তিল জাত তৈল ; তিল হইতে নিষ্কাশিত তৈল।

তিলপর্ণ (তিলপর্ন) [তিলের পর্ণ (পাতা) —৬ তৎ] বি, ক্লী, তিল গাছের পাতা। ২। [তিলের পর্ণের (পত্রের) ন্যায় পর্ণ যাহার, বহু] চন্দনবৃক্ষ। ৩। পুং, তার্পিণ তৈল।

তিলপর্ণিকা, তিলপর্ণী (পোর্নি) বি, স্ত্রী, রক্তচন্দন।

তিলসাগরী (তিলশাগোরি) বি, এক জাতীয় ধান্যের নাম। প্র—"পিপীড়াবাঁক তিলসাগরী কৈল তার পর॥"—শিবায়ন। "হাটিআ হুটিআ কআ তিলসাগরি আর। জার মুক্তাত্র ধন্য হৈল আগুসার॥"—শূন্যপুরাণ।

তিলাখাজা [গ্রা—তিলেখাজা] বি, তিলযুক্ত খাজা নামক মিষ্টান্ন : তিলের ছাক্তি দ্বারা
।

তিলাঞ্জলি (তিলান্জোলি) বি, প্রেত সংস্রব সম্পূর্ণ ত্যাগ হেতু প্রেততর্পণার্থ তিল ও জল অঞ্জলি করিয়া দান : জলাঞ্জলি দ্রঃ। প্র—"মনেতে করেছি কুলে দিব তিলাঞ্জলি।" —চণ্ডীদাস।

তিলার্দ্ধ [তিল (সূক্ষ্মকাল) তাহার অর্দ্ধ—৬তৎ] বিণ, অতি সূক্ষ্মকাল। প্র—আর তিলার্দ্ধ সময়ও নষ্ট করা হইবে না। ২। অতি অল্প স্থান। ৩। অতি সূক্ষ্মাংশ।

তিলিয়া—বিণ, তিলযুক্ত।

তিলেক (ক্) [একতিল] ক্রি-বিণ, একতিল পরিমাণ : যৎসামান্য। ২। অল্পক্ষণ ; ক্ষণমাত্র ; মুহূর্ত্ত। প্র—"তিষ্ঠেনি তিলেক কেহ করেছে প্রস্থান"—ফুলরেণু। ব্রজ—তিলেকৈ [হি—তিলেকহি]—একতিলের জন্য ; তিলমাত্র। প্র—"এহেন সম্পদ বনে পাঠাইতে তিলেকৈ না করে বাধা।"—চণ্ডীদাস।

তিলেতাল (—ল্) [তিলকে তাল] বি, অল্পবিষয়ে বহু সাধন ; অল্পবিষয়ে গুরুতর আড়ম্বর।

তিলোত্তমা [তিল—উত্তমা। ব্রহ্মাকর্তৃক সুন্দ ও উপসুন্দ নামক অসুরদ্বয়ের বধার্থে সমুদায় রত্নের তিল তিল সৌন্দর্য্য লইয়া নির্ম্মিত হওয়ায় তিলোত্তমা ইহার নাম হইয়াছে] বি, স্ত্রী, স্বর্গীয় বেশ্যাবিশেষ।

তিলোদক (ক্) [তিল (তিলমিশ্রিত যে উদক (জল)—কর্ম্মধা] বি, ক্লী, তিলমিশ্রিত জল।

তিলোদন (ন্) [তিলমিশ্রিত যে ওদন (অন্ন)—কর্ম্মধা] বি, ক্লী, তিলমিশ্রিত অন্ন।

তিষ্ঠন (তিষ্‌ঠোনো) [স্থা ধাতুজ। স্থা = তিষ্ঠ। গ্রা—তিষ্ঠুনো, তিষ্‌ঠোনো।] বিণ, অবস্থান করা। প্র—"তিষ্ঠেনি তিলেক কেহ করেছে প্রস্থান"—ফুলরেণু।

তিষ্ঠান (তিষ্‌ঠানো) ণিজন্ত ক্রি, অবস্থিতি করান ; বাস করান ; বসান ; টিকান।

তিষ্ঠিতে, তিষ্ঠুতে (তি্) ক্রি, অস, থাকিতে ; টিকিতে। প্র—শৈলেন দেনার জ্বালায় অস্থির হয়েছে, পাওনাদাররা তিষ্ঠুতে দিচ্ছে না"—গৃহলক্ষ্মী (গিরিশচন্দ্র)।

তিষ্য (তিষ্‌ষ) বি, পুং, পুষ্যানক্ষত্র। ২। [যে মাসে পুষ্যানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী হয়] পৌষমাস। স্ত্রী, তিষ্যা—ধাত্রীবৃক্ষ।

তিহড়ি (তিহোড়ি) [তিউড়ি দ্রঃ] বি, চুলী। প্র—"নির্ম্মাণ বালির চুলা চাপাইয়া হাঁড়ি। দেবীর দোহাই দিয়া জ্বালিলা তিহড়ি॥"—ঘনরাম। [অ, প্র]

তীক্ষ্ণ (তিখ্‌ন) [সং—তিজ্ (তীক্ষ্ণ করা) ধাতু হইতে] বিণ, উষ্ণ। ২। শাণিত ; ধারাল ; sharp. প্র—তীক্ষ্ণবুদ্ধি ; তীক্ষ্ণধার অস্ত্র। ৩। খর ; উগ্র। ৪। ক্ষিপ্রকারী। ৫। বি, ক্লী, বিষ। ৬। ইস্পাত। ৭। অস্ত্র। ৮। পুং, যবক্ষার। ৯। সামুদ্রিক লবণ। ১০। শলকীবৃক্ষ। ১১। শ্বেতশিম্বী ; শ্বেত মরুবক। ১২। স্ত্রী, অত্যম্লপর্ণী। ১৩। সর্পকঙ্কালিকা লতা। ১৪। বচা (বচ)। ১৫। চবিকা : চৈ। ১৬। মহাজ্যোতিষ্মতী

তীক্ষ্ণকণ্টক (তীখ্‌নকনটক্) [তীক্ষ্ণ—(ধারাল) যে কণ্টক (কাঁটা) কর্ম্মধা] বি, ক্লী, ধারাল কাঁটা। ২। [তীক্ষ্ণ কণ্টক আছে যাহার, বহু] বি, পুং, তীক্ষ্ণকণ্টকবৃক্ষ। ধুতুরা গাছ। ৩। বিণ, তীক্ষ্ণকণ্টকযুক্ত বৃক্ষ।

তীক্ষ্ণকর্ম্মা (তীখ্‌নকরমা) [তীক্ষ্ণ হইয়াছে কর্ম্ম যাহার, বহু = তীক্ষ্ণ কর্ম্মন্ ১মা, ১বা] বিণ, কর্ম্মকুশল। ২। উগ্রকর্ম্মা ; ভীমকর্ম্মা ; দুষ্কর কার্য্য সাধক।

তীক্ষ্ণকান্তা (তীখ্‌নকান্তা) [তীক্ষ্ণের (শিবের) কান্তা (প্রিয়া) ৬তৎ ; কিম্বা তীক্ষ্ণা (উগ্রা) অথচ কান্তা (কমনীয়া) কর্ম্মধা] বি, স্ত্রী, দশমহাবিদ্যান্তর্গত দ্বিতীয়া মহাবিদ্যার রূপভেদ ; উগ্রতারা দেবী।

তীক্ষ্ণগণ (তীখ্‌নগন্) [তীক্ষ্ণ (উগ্র) যে গণ (সমূহ) কর্ম্মধা] বি, পুং, অশ্লেষা, অর্দ্রা, জ্যেষ্ঠা ও মূলা নক্ষত্রের এই নাম। ২। [তীক্ষ্ণের (শিবের) গণ (অনুচর) ৬তৎ] উগ্রানুচর ; শিবগণ।

তীক্ষ্ণগন্ধা (তীখ্‌নগন্ধা) [তীক্ষ্ণ (উগ্র) গন্ধ যাহার আপ্ স্ত্রী। বহু] বি, স্ত্রী, বচা। ২। রাজিকা। ৩। জীবন্তী। ৪। শ্বেতবচা। ৫। সূক্ষ্মএলা।

তীক্ষ্ণদংষ্ট্র (তীখ্‌নদংষ্‌ট্র) [তীক্ষ্ণ (ধারাল) দংষ্ট্রা (দন্ত) হইয়াছে যাহার, বহু] বিণ, ধারাল দন্তবিশিষ্ট।

তীক্ষ্ণধার (তীখ্‌নধার্) [তীক্ষ্ণ (উগ্র) হইয়াছে ধার (কিনারা—প্রান্ত) যাহার, বহু] বিণ,—অতি ধারাল। ২। বি, তরবারি ; অসি।

তীক্ষ্ণরস (তীখ্‌নরশ্) [তীক্ষ্ণ (তীব্র) হইয়াছে রস (স্বাদ) যাহার, বহু] বি, পুং, যবক্ষার। ২। [তীক্ষ্ণ যে রস, কর্ম্মধা] তীব্ররস। ৩। বিণ, তীব্র রসযুক্ত।

তীক্ষ্ণায়স (তীখ্‌নায়শ্) [তীক্ষ্ণ—যে অয়স্ (লৌহ) কর্ম্মধা] বি, ক্লী, ইস্পাত।

তীত [সং—তিক্ত হইতে—তিত, তিতা, ব্রজ—ছন্দের অনুরোধে, তীত] বিণ, তিক্ত। প্র—"হাম না বুঝিয়ে রস তীত কি মীঠ।"—বিদ্যাপতি।

তীবর (র্) বি, পুং, তীয়রজাতি। ২। মৎস্যজীবী। ৩। ব্যাধ। স্ত্রী, তীবরী।

তীব্র (তীব্‌ব্র) [তীব্ (স্থূল হওয়া) + র (কর্ত্তৃ, রক্)] বিণ, অধিক। ২। মহৎ। ৩। তীক্ষ্ণ। ৪। দুঃসহ। ৫। কটু ; কড়া। ৬। উষ্ণ। ৭। বি, তীব্রতা অর্থে [বিরল]।

তীর (র্) [তীর্ (সীমা পাওয়া : উচ্চতা পাওয়া) + অ (কর্ত্তৃ, অচ্)] বি, ক্লী, কূল : তট। প্র—"যদি মরণ লভিতে চাও, এস তবে ঝাঁপ দাও সলিল মাঝে! স্নিগ্ধ, শান্ত সুগভীর, নাহি তল, নাহি তীর, মৃত্যুসম নীল নীর স্থির বিরাজে!"—হৃদয়যমুনা (রবি)। ২। শর ; বাণ। প্র—"কুম্ভ ছিল রাণার ভৃত্য হারাবংশী বীর, হরিণ মেরে আসছে ফিরে স্কন্ধে ধনুতীর।"—চয়নিকা। "ভূপতির তীরের ওস্তাদ নিরুপম। মুজঃফর হুসেন মোগল কর্ণসম॥"—অ, ম। ৩। টিনধাতু।

তীরকাটা (র্) বিণ, কোন বস্তুর গাত্রে তীরের আকৃতি খুদিয়া তোলা ; তীরআকৃতির নক্সা করা। প্র—তীরকাটা চুড়ী। তীরঘর—পূজাদি অনুষ্ঠানে, যে চতুষ্কোণ ভূমির চারিকোণে চারিটি তীর বা কাণ্ড প্রোথিত করিয়া সূত্রের বেষ্টনীদ্বারা বদ্ধ করা হয়।

তীরন্দাজ (জ্) [ফা—তীর + আন্দাজ্ (আন্দাখ্‌তন্ = নিক্ষেপ করা] বিণ, তীরনিক্ষেপকারী ; বাণক্ষেপক ; ধানুকি।

তীর্ণ (তীর্‌ন) [তৄ (পার হওয়া) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, পার গত ; উত্তীর্ণ। ৩। । ৪। আপ্লুত।

তীর্থ (তীর্‌থো) [সং—তৄ (গমন করা) + থ (কর্ম্মে, থক্) পারলৌকিক কর্ম্মের জন্য বা পাপ মোচনের নিমিত্ত লোকে যে স্থানে গমন করে। পালি—তিত্থ (?), বাং প্রাকৃ—তিত্থ, তিত্থি। প্র—"মন বুঝে না তিত্থি করি, মিছে কর্ম্মে ঘুরে মরি।"] বি, পুং-ক্লী, পুণ্যস্থান ; দেবতাস্থান ; পাপমোচন ক্ষেত্র। প্র—"তীর্থ

তিন কোটি সাড়ে, এক ক্ষণ নাহি ছাড়ে, সকল দেবের অধিষ্ঠান ॥"—অ, ম। [দ্রঃ তীর্থ ত্রিবিধ ;—জঙ্গম, মানস ও স্থাবর। অযোধ্যা, মথুরা, মায়া, কাশী, কাঞ্চী, অবন্তী, পুরী, দ্বারাবতী, এই সাতটি প্রধান তীর্থ]। ২। ঋষিসেবিত জল। ৩। তরণস্থান : জলাবতরণিকা : ঘাট। ৪। [অধি—থক্] উপায়। ৫। পাত্র। ৬। উৎপত্তিস্থান। ৭। সৎপাত্র। ৮। [করণ—থক্] রাজ-মন্ত্রী। ৯। শিক্ষক ; গুরু ; উপাধ্যায়। ১০। স্ত্রীরজঃ। ১১। যজ্ঞ। ১২। শ্রেষ্ঠকর্ম্ম ; "বিদ্যাভ্যাস, সুবিচার, ঈশ্বরোপাসনা, ধর্ম্মানুষ্ঠান, সত্যাশ্রয়, ব্রহ্মচর্য্য, জিতেন্দ্রিয়াদি যাবতীয় উত্তম কর্ম্ম দ্বারা জীবদুঃখসাগর হইতে উত্তীর্ণ হন, সেই সমস্ত কর্ম্মকে তীর্থ বলে।"—দয়ানন্দ সরস্বতী। ১৩। শাস্ত্র। ১৪। আগম। ১৫। নিদান। ১৬। দর্শন-শাস্ত্র। ১৭। বহ্নি। প্রা-বাং—তীর্থ— তীর্থ। প্র—"বার বরত নহি ছিল রিসি জে তপসী। তীথ থল নহি ছিল গঙ্গা বারানসী ॥" —শূন্যপুরাণ। জঙ্গমতীর্থ—ব্রাহ্মণগণ। মানসতীর্থ—সত্য, ক্ষমা, ইন্দ্রিয়নিগ্রহ, দয়া, ঋজুতা, দান, দম, সন্তোষ, ব্রহ্মচর্য্য, প্রিয়বাদিতা, জ্ঞান, ধৃতি, পুণ্যকর্ম্ম, মনঃশুদ্ধি। স্থাবরতীর্থ—গঙ্গা, গোদাবরী, নর্ম্মদাদি ; কুরুক্ষেত্র, দ্বারাবতী, পুষ্করাদি ; ঋষভ, দেবকূট রৈবতকাদি। দৈবতীর্থ—অঙ্গুলির অগ্র-ভাগ। কায়তীর্থ—কনিষ্ঠা ও অনামিকার মূলভাগ। পৈত্রতীর্থ—অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যভাগ। ব্রহ্মতীর্থ—অঙ্গুষ্ঠের মূলভাগ।

তীর্থকাক (তীর্‌থোকাক্) [তীর্থের কাক, ৬তৎ ; কিম্বা তীর্থে অবস্থিত কাক, ৭তৎ; কিম্বা তীর্থস্থিত যে কাক, কর্ম্মধা] বি, পুং, লোলুপ বা লোভী ব্যক্তি। ২। তীর্থস্থিত কাক। ৩। বিণ, সাগ্রহপ্রতীক্ষাকারী। প্র—"সে তীর্থকাকের মত হাঁ করিয়া বসিয়া আছে"॥

তীর্থঙ্কর (তীর্‌থংকর্) [তীর্থং (শাস্ত্র) কর (যে করে)] বি, পুং, শাস্ত্রপ্রণেতা : শাস্ত্র-কার। ২। বৌদ্ধমত প্রবর্ত্তক মুনি ; জৈন-ধর্ম্মবীর। ইঁহারা সংখ্যায় চতুর্ব্বিংশ। পার্শ্বনাথ (পরেশনাথ) তাঁহাদের অন্যতম। ৩। বিষ্ণু।

তীর্থযাত্রা (তীর্‌থোজাৎত্রা) [তীর্থোদ্দেশে যাত্রা (গমন) ৪তৎ কিম্বা তীর্থেতে যাত্রা, ৭তৎ] বি, স্ত্রী, তীর্থের উদ্দেশে যাত্রা।

তীর্থরাজ (জ্) [তীর্থের—রাজা (শ্রেষ্ঠ) —৬তৎ] বি, পুং, প্রয়াগ, গয়া, বারাণসী।

তীর্থসেবী (—শেবি) [তীর্থ—সেবী (যে সেবা করে)=তীর্থসেবিন্ ১মা, ১ব] বিণ, তীর্থবাসী। ২। বি, পুং, স্ত্রী, বকপক্ষী।

তু [সং—তু] অ, পাদপূরণ। ২। কুকুর, বিড়াল প্রভৃতি জন্তুকে ডাকিবার শব্দ।

তু [সং—ত্বম্ প্রা-বাং ; হি—তুম্ (তুমি) র তুচ্ছার্থক তুই ; হি—তু উচ্চারণ ভেদে তো] স, তুই ; তুমি। [তুই দ্রঃ] প্র—"তু তোর সোহাগের মাগ সে তোর ভাতার।"—ঘনরাম। "তুঁহুঁ মম তাপ ঘুচাও, মরণ তু আওরে আও।"—রবি। "রাম হে তু বড় কঠিন দেহ"—বিদ্যাপতি।

তুঅ [ব্রজ। প্রা-বাং—তুয়া দ্রঃ] স, তব ; তোমার : তোর। প্র—"সকল কুসুম তুঅ সিরজল"—বিদ্যাপতি।

তুই [যুষ্মদ্ শব্দের ১মা, ১ব রূপ ত্বম্ ; প্রাকৃ হি—তোম, তুম, তুমহি : বাং—তুমি : তুচ্ছার্থে সঙ্কুচিত তুই ; সমানার্থে তুমি, সম্ভ্রমার্থে আপনি] স, তুমি শব্দের তুচ্ছার্থক সংক্ষিপ্ত রূপ। সম্বন্ধে—তোর : কর্ম্মে—তোকে, তোরে। বহুবচনে—তোরা। তুইতোকারি —তোতোকার দ্রঃ।

তুঁ, তুঁহুঁ [হি ; ব্রজ। প্রা-বাং] তুমি ; তুই। প্র—"লাউসেনে লয়ে তুঁ পলায়ে প্রাণ রাখ"—ঘনরাম। "তুহুঁ জগত-তারণ, দীন-দয়াময়, অতএ তোহারি বিশোয়াসা ॥"—বিদ্যাপতি। "মরণ রে তুঁহুঁ মম শ্যাম সমান।" —রবি।

তুক (তুক্) [তুজ্ (পালন করা)+ক্বিপ্ (কর্ম্মে) যাহাকে পালন করা হয়] বি, পুং, সন্তান ; অপত্য ; তোক [প্র-অ]। ২। [প্রাদে] বশীকরণ অনুষ্ঠানবিশেষ ; অভিচার কর্ম্মের ন্যায় প্রকরণবিশেষ ; গুণ। তুক-করা—বশীকরণ ; রোগমুক্তি প্রভৃতির জন্য বিশেষ প্রক্রিয়ার অনুষ্ঠান করা। ২। গুণ করা। তুকতাক, তুকগুণ—ছিটে ফোঁটা : তন্ত্রমন্ত্র প্রভৃতি। প্র—"তুকতাক তন্ত্রমন্ত্র কতরূপ খ্যাত।"—ঈশ্বর গুপ্ত। ৩। [সঙ্গীত শাস্ত্রে] কতকগুলি মাত্রার ছন্দে যোজনা।

তুক্ক (তুক্‌ক) বি, বক্রাগ্রভাগ বা ফলহীন বাণ বা শর (ইহা বাণ শিক্ষার জন্য ব্যবহৃত হয়)। ২। [অলঙ্কারে] শ্লোকের শেষভাগ ; শ্লোকের শেষ চরণ ; a line or the fourth part of a stanza.—*Carey.* প্র—"যাইতে যাইতে মনোহরসাহী একটা তুক্ক তাঁহার স্মরণ হইল"—টেকচাঁদ। লাগে তাক না লাগে তুক্ক—[তাক্=লক্ষ্য ; টিপ] যদি লক্ষ্যস্থল বিদ্ধ করে তাহা হইলে স্থির লক্ষ্য বা টিপ হইল সুতরাং বাহাদুরী হইল, না লাগে তাহা হইলে তুক্ক হইল অর্থাৎ অভ্যাস মাত্র বা শুদ্ধ আমোদ হইল। ফল সম্বন্ধে অনিশ্চিত হইয়া কাজ করিলে বা কপাল ঠুকিয়া কোন কাজে হাত দিয়া যে কর্ম্মকর্ত্তা সফল হইলে বাহাদুরী লয়, না হইলেও অপ্রস্তুত হইতে চাহে না ও বলে আমোদ করিয়া একটা দেখা গেল। তাহারই পক্ষে উক্ত প্রবাদ প্রযুক্ত হয়। কপাল ঠুকিয়া কোন ব্যাপারে হস্তক্ষেপ করিবার পূর্ব্বোক্তি।

তুখড় (ড়) [গ্রা—তোখোড়] বিণ, দক্ষ : নিপুণ : পারগ : কুশল। ২। বলবান্।

তুঙ্গ (তুংগ) [তুন্‌জ্ (বলবৎ হওয়া)+অ (কর্ত্তৃ—ঘঞ্) জ=গ] বিণ, উচ্চ ; উন্নত। ২। শ্রেষ্ঠ। ৩। উগ্র। ৪। বি, পুং, পর্ব্বত। ৫। মেষাদি রাশিবিশেষ। ৬। যোগবিশেষ। ৭। অত্রির পুত্র। ৮। গণ্ডক। ৯। পুন্নাগবৃক্ষ। ১০। নারিকেল বৃক্ষ। স্ত্রী, তুঙ্গী। ২। রাত্রি।

তুঙ্গক (ক্) [তুঙ্গ+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, পুন্নাগবৃক্ষ।

তুঙ্গভদ্র (—ভদ্‌দ্র) বি, পুং, মত্তহস্তী। স্ত্রী, তুঙ্গভদ্রা—মহীসুরের অন্তর্গত নদীবিশেষ। ইহা তুঙ্গা ও ভদ্রা নামক নদীদ্বয়ের মিলনে উৎপন্ন। তুঙ্গা বেদ্‌নোরের পশ্চিমস্থিত পর্ব্বত হইতে এবং ভদ্রা মাঙ্গালোরের সম্মুখস্থিত বাবাবদ্দীন পর্ব্বত হইতে উৎপন্ন হইয়া কুরলী নামক স্থানে উভয়ে মিলিত হইয়াছে অবশেষে কৃষ্ণা নদীতে পতিত হইয়াছে। ইহার চলিত নাম তুংভদ্রা [সন্দেশাবলী]।

তুঙ্গাদ্রি (তুংগাদ্‌দ্র্) [তুঙ্গ (উচ্চ) অদ্রি (পর্ব্বত)] বি, অত্যুচ্চ পর্ব্বত।

তুঙ্গশেখর (তুংগশেখর্) [তুঙ্গ (উচ্চ) হইয়াছে শেখর (চূড়া) যাহার, বহু] বি, পুং, পর্ব্বত। ২। বিণ, উচ্চ শেখরযুক্ত।

তুঙ্গিমা (তুংগিমা) [তুঙ্গ+ইমন্ (ভাবে) =তুঙ্গিমন্ ১ম, ১ব] বি, স্ত্রী, উচ্চতা : উন্নতত্ব : ঔন্নত্য। প্র—"হইতে সোঁসর শম্ভু হৈলা হর, দেখিয়া পয়োধর তুঙ্গিমা।"—অ, ম।

তুঙ্গী (তুংগি) [তুঙ্গ+ইন্ (স্থিতি-অর্থে)= তুঙ্গিন্ ১ম, ১ব] বি, পুং, উচ্চস্থান গত গ্রহ। ২। বিণ, উচ্চস্থান স্থিত। ৩। [তুঙ্গ+ঈপ্ স্ত্রী,] বি, স্ত্রী, হরিদ্রা। ২। রাত্রি। ৩। মহাশতাবরী। ৪। বর্ব্বরা।

তুচ্ছ (তুচ্‌ছ) [তুল্ (ওজন করা, গণনা করা) +ছ (কর্ম্মে) যাহাকে অকিঞ্চিৎকর রূপে গণনা করা হয়] বিণ, অল্প ; সামান্য। ২। হেয় ; অবজ্ঞাত ; ঘৃণ্য। ৩। অসার। ৪। হীন। ৫। বর্জ্জিত। ৬। বি, ক্লী, তুষ ; ভুষি।

তুচ্ছতাচ্ছল্য (ল্ল)—তুচ্ছ-তাচ্ছীল্য দ্রঃ

তুচ্ছতাচ্ছীল্য [সং—তুচ্ছ+তাচ্ছীল্য=তৎ-শীলত্ব, তৎস্বভাব ফলাপেক্ষা না করিয়া কার্য্যে যে প্রবৃত্তি (কলাপ)—তাহা হইতে ; তুচ্ছকরণে প্রবৃত্তি] বি, তুচ্ছজ্ঞান ; হেয়জ্ঞান : অবজ্ঞা। আধু-বাং-য় তুচ্ছতাচ্ছল্য, তুচ্ছতাচ্ছিল্য শব্দের অপপ্রয়োগ আছে।

তুজুক (ক্) [প্রাদে। তুল—তুর্কী—তুজুক্ =সরঞ্জাম; আড়ম্বর] বি, তর্জ্জন; তেজ প্রকাশ: দর্প; আস্ফালন। প্র—"দৈববল আছে কিছু ইহার সম্মুখ। নতুবা সভার মাঝে এতেক তুজুক॥"—ঘনরাম।

তুঝ [ব্রজ। হি—তুঝ (তোর) তুঝে (তোকে)] স, তোর। প্র—"তুঝ মুখ চাহয়ি শতযুগ ভর দুখ নিমিখে ভেল অবসান। লেশ হাসি তুঝ দুর করল রে সকল মান অভিমান।"—রবি।

তুড়কী (তুড়্‌কি) [তড়াক্ দ্রঃ] বি, লম্ফ ঝম্প। ২। অনাচার। ৩। বিণ, তুখড় দক্ষ: কুশল: পারগ।

তুড়ন, তোড়ন (ন্) [তুড্‌ড্ (অনাদর করা) ধাতুজ, সং—তুড়ডন শব্দের অপভ্রংশ বি, তিরস্কার: ভৎর্সনা। ২। খণ্ডন তুড়ে দেওয়া—খুব শক্ত শক্ত কথা শুনাইয়া দেওয়া: তিরস্কার বা ভৎর্সনা করা

তুড়ি, ড়ী [ধ্বন্যাত্মক শব্দ] বি, অঙ্গুলির ধ্বনি; মধ্যমা ও অঙ্গুষ্ঠাঙ্গুলি হইতে উৎপন্ন শব্দ। প্র—"কড়িতে কি যোটে মান বড়িতে পিচুড়ি, গুড়েতে কি খাজা হয়, এক আঙে তুড়ি।"—হেম বন্দ্যো। তুড়ি দেওয়া—অঙ্গুলিধ্বনি করা। তুড়ি মারা—অঙ্গুলিধ্বনি করত উপেক্ষার ভাব জানান। ২। চালাকি বা বাহাদুরী প্রকাশ করা: ফাজলামি করা প্র—"পড়েনিক উচ্চ পাঠ, অল্পে মারে তুড়ী।"—ঈশ্বর গুপ্ত।

তুড়িতে [তুড়ি দ্রঃ] ক্রি-বিণ, অঙ্গুলি শব্দে। ২। অবলীলাক্রমে; অনায়াসে; তুড়ি দিতে যতটুকু সময় লাগে তাহার মধ্যে। ৩। মুহূর্ত্তে অবিলম্বে; দেখিতে দেখিতে। ৪। ভৎর্সনা করিতে; তুড়ে দিতে।

তুড্ডক (তুড্‌ডক্) [তুড্ড (অনাদর করা) +অক (কর্ত্তৃ)] বিণ, ভৎর্সনাকারী; তাড়নাকারী। বি, তুড্ডন।

তুণ্ড (তুন্‌ড) [তুণ্ড (বধ করা, পীড়ন করা, ভেদ করা, পেষণ করা)+অ (কর্ত্তৃ অচ্) যে খাদ্য দ্রব্য পেষণ করে] বি, পুং, মুখ। "প্র—ঝলকে ঝলকে রক্ত নিকলয়ে তুণ্ডে।"—কবিকঙ্কণ। হাস্ততুণ্ড যজ্ঞকুণ্ড পুরি পুরি মুতিছে। পাদ ঘায় ঠায় ঠায় অশ্ব হস্তী পুতিছে।"—অ, ম। ২। ওষ্ঠাধর। ৩। চঞ্চু। ৪। রাক্ষসবিশেষ। ৫। শিব।

তুণ্ডকেরী—বি, তেলাকুচা।

তুণ্ডি [তুণ্ড্ [তুণ্ড দেখ]+ই (কর্ত্তৃ সংজ্ঞার্থে)] বি, পুং, মুখ; আস্য। ২। চঞ্চু। ৩। স্ত্রী, নাভি।

তুণ্ডিল, তুন্দিল (ল্) [তুণ্ডি (নাভি)+ল (প্রশস্তার্থে)। তুল—হি। তোঁদল] বিণ, বৃহৎ নাভিযুক্ত; স্থূলোদর; ভুঁড়ো।

তুৎ, তুঁত (তুঁত্) [তুত্র শব্দজ] বি, বৃক্ষ বিশেষ। ২। তুঁৎগাছ।

তুতন, তুতান (তুতনো, তানো) [সং-স্তুতি: পালি—থুতি, "বন্দী তু থুতি পাঠকো"—অভিধানপ্রদীপিকা: বাং-প্রাকৃ—তুতি] ক্রি, স্তব করা; প্রশংসা করা; তুষ্ট বা রাজি করিবার জন্য অনুনয় করা: সাধ্যসাধন করা। ২। চুপে চুপে মন্ত্রণা দান করা ফুস্‌লান; ভুলান। ৩। (ন্) বি, স্তব স্তুতি; স্তোত্র। তুতন পাতান, তুতান পাতান (নো) অনুনয় বিনয় করা। প্র—তাহাকে তুতইয়ে পাতইয়ে বল, তা'হলেই সে শুনবে।

তুতপোকা (ত্) [প্রাদে। তুৎ দ্রঃ। তুঁৎগাছের পাতা খায় বলিয়া] বি, রেশম পোকা; গুটীপোকা।

তুতিয়া [তুত্থক শব্দজ] বি, তাম্রের মল: তুঁতে।

তুতু করা [প্রাদে। অনুকার শব্দ] তুতু শব্দ করিয়া ডাকা, ঐরূপে কুকুরকে ডাকা হয়। ২। অবজ্ঞাসূচক আহ্বান। প্র—তু করিতে মেলে হাত'—কস্তুরী।

তুতুরী [শব্দাত্মক] বি, শৃঙ্গ যন্ত্রবিশেষ।

তুত্থ, তুত্থক (তুৎথ, তুৎথক্) [সং] বি, ক্লী, তুঁতিয়া; sulphate of copper. ২। পুং, অগ্নি। স্ত্রী, তুত্থা—নীলগাছ। ৩। এলালতা।

তুত্থাঞ্জন (তুৎথান্‌জন্) [তুত্থের অঞ্জন—৬ তৎ] বি, ক্লী, তুঁতিয়া নির্ম্মিত কাজল। ২। ময়ূরকণ্ঠ।

তুন (ন্) [হি] বি, শাল জাতীয় পার্ব্বত্য বৃক্ষবিশেষ।

তুন্দ (তুন্‌দ) [তুদ্ (পীড়া দেওয়া) +অ (কর্ত্তৃক) ন্ আগম। তুল—হি—তোঁদ) ডাগর পেট; ভুঁড়ি] বি, ক্লী, উদর; জঠর; পেট। স্ত্রী, তুন্দী—নাভি।

তুন্দি [তুন্দ (দ্রঃ)+ই (কর্ত্তৃ)] বি, ক্লী, উদর; ভুঁড়ি। ২। স্ত্রী, নাভি।

তুন্দিল (ল্) [তুন্দ (উদর) + ইল (প্রশস্তার্থে)] বিণ, স্থূলোদর; ভুঁড়ো। [তুল—হি—তোঁদল্]।

তুন্নবায় (য়্) [তুন্ন (ছিন্নবস্ত্রাদি) বায় (যে বয়ন করে, সেলাই করে] বি, পুং, দরজী।

তুফান (তুফান্) [আ, ফা—তুফান] বি, ঝটিকা; জোর বাতাস; ঝড়। ২। ঝড় বৃষ্টি; বন্যা। প্র—"তুফানে পতিত কিন্তু ছাড়িবনা হাল।"—দীনবন্ধু মিত্র। ৩। ঝড়ের তরঙ্গ। ৪। তুমুল ঝগড়া। [তুল:—হি—তুফান। চীনা tai fung (a great wind); গ্রী—typhon; প্রা-ইং—typhon. আধু, *typhoon* a whirl wind; a violent hurricane which occurs in the chinees seas —*Webster.*]

তুবড়ন (তুব্‌ড়ন্) বি, শুষ্ক হওন; কোঁকড়ন

তুবড়ন (তুবড়োনো) ক্রি, তোবড়ান দ্রঃ।

তুবড়ি (তুব্‌ড়ি) বি, বংশীবিশেষ; হিন্দু-দিগের প্রাচীন স্বিনল যন্ত্র: সাপুড়েরা ইহা ব্যবহার করে। এই খণ্ডের নিম্নদেশে সচ্ছিদ্র দুইটী নল পরস্পর সমসূত্রপাতে সংযুক্ত এবং উপরিভাগে একটী তিক্ত অলাবুকোষ সংযোজিত থাকে, তাহা বায়ুকোষ। তাহার উপরিভাগে নলাকার ঈষৎ বক্র। তাহাতে একটী ছিদ্র আছে। ওই রন্ধ্রে ফুঁ দিতে হয়। পৃথিবীর প্রায় সমস্ত প্রাচীন দেশে এই যন্ত্রের ব্যবহার ছিল। তিতলাউ নির্ম্মিত বলিয়া ইহার অন্যনাম তিক্তিরী। ইহা কখন নাক দিয়া বাজান হয় এজন্য ইহাকে নাসাবংশী বলে। প্রাচীন কালে ঋষিগণ তিক্ত অলাবুর স্থানে কখন কখন মৃগ চর্ম্মের দ্বারা ইহার বায়ুকোষ নির্ম্মাণ করিতেন। তখন ইহা য়ুরোপীয় ব্যাগ পাইপ (bag pipe) এর মত ছিল। ইহা সাইবিরিয়ার তিত্তি (titty), পারস্যের নিঅম্বানা (nei-ambana), মিসরের প্রাচীন জুক্কারা এবং আধুনিক আর্গুল (argool) ও জুম্মারা (zummarah) বাইবেলের সামফোনিয়া হিব্রু ম্যাগ্রেসা এবং ইতালীয় জাম্‌পোনা (zampogna) র তুল্য]। ২। [তুবড়ী-নামক বাদ্যযন্ত্রের অনুকরণে নির্ম্মিত বলিয়া] অগ্নিক্রীড়া-সাধক মৃন্ময় পাত্রবিশেষ মাটির খোল। উহা বারুদপূর্ণ করিয়া অগ্নি-সংযোগ করিলে অভ্যন্তরস্থ বারুদ অগ্নিময় পুষ্প-বৃক্ষের আকারে বেগে নির্গত হইয়া শোভা ও আনন্দ উৎপাদন করে; হিন্দিতে আনার বলে।

তুবর (র্) বি, পুং, কষায় রস। ২। বিণ, কষা। স্ত্রী, তুবরী—আঢ়কী। সৌরাষ্ট্র দেশের মৃত্তিকা; ফট্‌কিরি। ৩। ধান্যবিশেষ।

তুমড়ী (তুম্‌ড়ি) বি, সাপুড়ের বাঁশী; তুবড়ী।

তুমার (র্) [ফা—তুমার্] বি, রাশি; স্তূপ; স্তূপাকার। ২। হিসাবের খাতা; দেনা পাওনার তালিকা। ৩। [জমীঃ পরিঃ] দেনা সাব্যস্ত। ৪। প্রজার সমক্ষে মহালের আয় সম্বন্ধে তদন্ত। তুমার জমী—স্থানীয় তদন্তের পর রাজস্ব নিরূপণ।

তুমার (তু্মার্) [হি—তুম্হারা শব্দজ প্রা-বাং—"তুম্হার" শব্দের সরলোচ্চারণ] স, তোমার [গ্রাম্য—তোহার। তুম্হার দ্রঃ]।

তুমি (তুমি) [সং—ত্বম্, প্রা·বাং—তুহ্মি, (ব্রজ) ; তুহ্মা, তুহুঁ ; (প্রা, বৈ, সা,) উক্তি ; হি—তুমহি, তুম্, তোম্] স, দ্বিতীয় পুরুষ। তুচ্ছার্থে, তুই ; (প্রা·বাং) তুঅ, তু সম্বন্ধপদে তোমার (প্রা·বাং—তোহ্ম, তুহ্ম, তোহ্মার, তোঁহর, তয়্, তোহার, তোর) পদ্যে তব। বহুবচনে তোমারদের, তোমারদিগের (মধ্য বাং)। তোমাদিগের, তোমাদের (আধু·বাং)। কর্ম্মপদে তোমাকে (প্রা·বাং—তোহ্মারে, তোহ্মা, তোত, তোহারে, তোহে ; ব্রজ—তোরে)। বহুবচনে তোমারদিগকে (মধ্য বাং), তোমাদিগকে (আধু) সম্ভ্রমার্থে আপনি। প্রা, বাং—**তুমাকে**—তোমাকে। প্র—"ছিস্‌টি কর ছিস্‌টি কর্ত্তা বলি গো তুমাকে'—শূন্যপুরাণ।

তুমুল, তুমূল (ল্) [সং—তুমুল—"ব্যাকুলোরণঃ" ; "রণ সঙ্কুলম্"] বি, পুং, ক্লী, ভয়ানক কলহ ; ঝমাঝম ঝগড়া ; মারামারি ; হুড়াহুড়ি। ২। বিণ, ঘোরতর ; অতিশয়। প্র—"বাজিল তুমুল যুদ্ধ গগনে সুন্দরি ! কাঁপিলা বসুধা, দেশ পূরিল আরবে।"—মেঘনাদ। ৫। উৎকট। ৬। ভয়ানক ; ভীষণ।

তুম্ব, তুম্বক (ক্) [সং] বি, পুং, অলাবু। ২। বীণা। প্র—"তুম্ব বাজাইয়া করিল গান'—দশমহাবিদ্যা (হেম বন্দ্যো)।

তুম্বি, তুম্বী [সং—] বি, স্ত্রী, অলাবু : লাউ। ২। শুকনা লাউয়ের খোল। প্র—"কমণ্ডলু তুম্বী ফল করঙ্গ পীবারে জল· হাতে আশা হিঙ্গুল বরণ।"—অ, ম।

তুম্বুকী—বি, ঢক্কা সদৃশ আনদ্ধ যন্ত্রবিশেষ।

তুম্বুরু—বি, পুং, গন্ধর্ব্ববিশেষ। সঙ্গীত বিদ্যায় ইনি সুনিপুণ ছিলেন। ২। ঋষিবিশেষ। ৩। বৃক্ষবিশেষ।

তুয়া (তুআ) [ব্রজ। প্রা·বাং—তুঅঃ। প্রা, বাং বানান—ত্ত্বয়া (তু=ত্ত যেমন স্তুতি) প্র—"ধরিল কেবল প্রাণ ত্ত্বয়া গুণ গানে" গিরিধর (গীতগোবিন্দ, ১৬৫৮ শক)] তুমি। প্র—"নিপট কপট তুয়া শ্যাম"—অমর, দত্ত (বাং গান)। ২। তোমাকে। প্র—"জনমে মরণে তুয়া পাব।"—চণ্ডীদাস। ৩। তোমার ; তব। প্র—"যে কিছু সকল তুমি, সকলের জন্মভূমি পুরুষ প্রকাশ তুয়া গুণে।" —শিবায়ন।

তুরকী (তুর্‌কি) [ফা—তুরকি turk.] বি, তুরস্ক দেশীয় মুসলমান জাতি। প্র—"আরব্য মিশর পারস্য তুরকী তাতার তিব্বত অন্য কব কি।"—হেম বন্দ্যো।

তুরগ (গ্) [তুর্ (শীঘ্র) গ (যে গমন করে)] বি, পুং, অশ্ব। প্র—"কাঁপিল দেশ, তুরগ গজ ভারে, ভারত স্বাধীন যে দিন ও।" —যমুনা লহরী (গোবিন্দ রায়)।

তুরগদানব (তুরগ্‌দানব্) [তুরগ (অশ্ব) আকৃতি যে দানব (দৈত্য) কর্ম্মধা] বি, পুং, অশ্বাকার দৈত্য ; কেশি নামক দানব।

তুরগানন [তুরগের মত আনন (মুখ) যাহার, বহু] বি, পুং, কিম্পুরুষ ; কিন্নর। ২। বিণ, ঘোড়ামুখ।

তুরগী, তুরঙ্গী [তুরগ—তুরঙ্গ (অশ্ব) + ইন্ (অস্ত্যর্থে) = তুরগিন্ তুরঙ্গিন্ ১মা, ১ব] বি, পুং, অশ্বারোহী ; অশ্বসাদী ; ঘোড়সওয়ার।

তুরঙ্গ (তুরংগ) [তুর (শীঘ্র) গম্ (গমন করা) + অ (কর্ত্তৃ—ড) ং আগম] বি, পুং, অশ্ব।

তুরঙ্গবদন (তুরোংগোবদন) [তুরঙ্গের (অশ্বের) বদনের (মুখের) ন্যায় বদন যাহার, বহু] বি, পুং, কিন্নর ; স্বর্গগায়ক।

তুরঙ্গম (তুরংগম্) [তুর—গম্ + অ (কর্ত্তৃ খ) যে বেগে গমন করে] বি, পুং, অশ্ব।

তুরঙ্গী (রো) বি, স্ত্রী, অশ্বগন্ধা। ২। ঘোটকী : অশ্বী ; ঘুড়ী ; a mare.

তুরন্ত (তুরোন্‌তো) [হি—তুরন্ত্] বিণ, ত্বরা ; শীঘ্র : সত্বর ; দ্রুত। প্র—"সভামাঝে কর যত্নে আমার ভাগিনা রত্নে মল্ল বিদ্যা শিখাবে তুরন্ত।"—ঘনরাম।

তুরপাণ, পান (তুর্‌পানো) [তুরপুণ দ্রঃ] ক্রি, তুরপুণ দ্বারা ছিদ্র করা।

তুরপুণ, ন (তুর্‌পুন্) [প্রাদে] বি, কাষ্ঠাদি ছিদ্র করণার্থ অস্ত্র : বর্ম্মি ; বেধনি : ভ্রমরী। ক্রি, তুরপাণ।

তুরস্ক—তুরুস্ক দ্রঃ।

তুরা, তুর (র্) [তুর্ (শীঘ্র গতিতে) ধাতু] বি, বেগ। ২। ক্রি·বিণ, দ্রুত ; শীঘ্র।

তুরি, তুরী—বি, স্ত্রী, তাঁত বুনিবার যন্ত্র ; মাকু। ২। প্রাচীন হিন্দুদিগের পিত্তল-নির্ম্মিত রণবাদ্য।

তুরিত, তুরিতে [ব্রজ। ত্বরিত শব্দের প্রাকৃত উচ্চারণ] ক্রি·বিণ, ত্বরায় ; শীঘ্র। প্র—"তুরিতে আইলা ভানুর বাড়ী।"—চণ্ডীদাস। "তুরিতে ঘুচায়বু নীবিক কাচ" —বিদ্যাপতি। "ইহার বিহিত যে হয় তুরিত" —হরুঠাকুর (গান)। "দুআর মুক্ত করিব তুরিতে।"—শূন্য পুরাণ।

তুরীয় (তুরিঅ) [চতুর্ (চার) + ঈয়, (পূরণার্থে) চতুর্ = তুর্] বিণ, চতুর্থ। ২। ত্বরান্বিত ; শীঘ্রগতি। ৩। ক্লী, চতুর্থাংশের পূরণ। ৪। সমাধির অবস্থাবিশেষ। ৫। পরব্রহ্ম। ৬। [বেদান্ত দর্শনে] মায়ার অতীত চতুর্থতত্ত্ব। প্র—"এই তিন জলশায়ী সর্ব্ব অন্তর্যামী, ব্রহ্মাণ্ড বৃন্দের আত্মা, পুরুষনামী। ক্ষীরোদকশায়ী এসবার দরশনে আছে মায়াগন্ধ ; তুরীয় কৃষ্ণেতে নাহি মায়ার সম্বন্ধ।"—চৈ·চরিত।

তুরুকজবাব (তুরুক্‌জবাব্) [প্রা, ত্বরিত হইতে তড়াক্—তুরুক] বি, স্পষ্ট ও ত্বরিত উত্তর। প্র—"দাতার চেয়ে বখিল ভাল তুরুক জবাব দেয়।"—প্রবচন।

তুরুকশওয়ার, তুরুকসোয়ার, তুরুপসওয়ার (ক, প, শওয়ার, শোয়ার) বি, তুরুস্ক অশ্বারোহী সৈন্য। ২। [ইং—troop হইতে তুরুপ] অশ্বারোহী সৈন্য।

তুরুপ, তুরুফ (প, ফ্) [ইং—troop শব্দজ। তুরুক দ্রঃ] বি, সৈন্যদল। ২। তাস খেলায় বেরঙ্গের তাস পড়িতে থাকিলে তাহাতে রঙ্গের (যে রঙ্গে তাস কাটান হইয়াছে সেই রঙ্গের) তাস দিয়া পিঠ লওয়াকে তুরুপ করা বলে। ঐ রঙ্গের তাসের নাম তুরুপ। প্র—"এখন তুরুফের জোর নাইক হাতে তাতে আবার ফেরাই কৈ।"—দাশরথি।

"কেমনে তাস খেলাতে বল হবি জয়ী, হাতে রং থাকতে দশের পিঠে তুরুপ করলি কই।" —বাং·গান (রসিকচক্রবর্ত্তী)।

তুরুম (ম্) [তুড়ুম তোড়ং ও বলে। ইং—trunk হইতে] বি, অপরাধী ব্যক্তিকে দণ্ড দিবার জন্য তাহার হাত পা ছিদ্র মধ্যে প্রবেশ করাইয়া রাখিবার মত কাঠের তোড়ং বা আধারবিশেষ। **তুরুম ঠোকা**—তুরুমে হাত পা পুরিয়া বন্ধ করা। (ফরাস ডাঙ্গায় এরূপ দণ্ড প্রচলিত ছিল)।

তুরুস্ক, তুরস্ক—বি, পুং, তুরকি স্থান ; Turkey.

তুর্ব্বসু (তুর্বোশু) বি, পুং, দেবযানীর গর্ভসম্ভূত রাজা যযাতির পুত্র।

তুর্য্য (তুর্‌জ) [চতুর্ + য (পূরণার্থে, ষ্যঃ) চতুর্ = তুর্ নিপাতনে] বিণ, চতুর্থ। ২। [বেদান্তে] তুরীয় অবস্থা ; সমাধির অবস্থা ; [তূর্য্য দ্রঃ]।

তুল (ল্) [তুলা শব্দজ] বি, পরিমাণ দণ্ড ; তরাজু ; দাঁড়ীপাল্লা। ২। তৌলকরণ। ৩। সদৃশ : সমতুল্য। প্র—"কুসুমে মধুপ কহি, সেহ নহে তুল।"—চণ্ডীদাস। ৪। (তুলো) কার্পাস। ৫। [হি—তুমুল, তুল্] গোলমাল ; গণ্ডগোল। প্র—"না পেলে ফুল বাধাবে তুল সে রাজনন্দিনী।"—বাং·গান (গোপাল উড়ে)। ৬। বৃহৎ ব্যাপার ; বিষমকাণ্ড। **তুল করা**—গণ্ডগোল করা ; তুমুল কাণ্ড করা।

তুলকালাম (ল, ম্) [আ—তুল্‌কলাম্] বিসম্বাদ ; তুমুল ঝগড়া।

তুলৎ, তুলট (তুলোট্) [তুলা—ধট] বি, মহাদানবিশেষ ; যাহাতে আপনার ভারের

সমান স্বর্ণাদি দান করিতে হয়। ২। প্রাচীন প্রথায় নির্ম্মিত হরিতালাদি দ্বারা মাজা হরিদ্রা-বর্ণ কাগজ।

তুলন (তুলন্) [তুল্ (সাদৃশ্য হওয়া) + অন (ভাবে)] বি, ক্লী, পরিমাণ করণ। ২। সদৃশ করণ। ৩। [তুলা দ্রঃ] উত্তোলন; উত্থাপন।

তুলন (ন্) [প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"তুলন ধান বুনেন বিরিঞ্চি দুদুরাজ" —শূন্যপুরাণ।

তুলনা (তুলোনা) [তুলন দ্রঃ] বি, স্ত্রী, উপমা; সাদৃশ্য। প্র—"কলিকালে তাহার তুলনা নাহি আর॥"—শিবায়ন। "কেবা করে করী করে, সে উরু তুলনা।"—বাসবদত্তা। ২। দৃষ্টান্ত। ৩। পরিমাণ।

তুলনা (তুলোনা) [তুলা দ্রঃ] ক্রি, তুলিও না।

তুলসারিণী (তুলশারিনি) বি, স্ত্রী, বাণাধার; তূণ।

তুলসী (তুলশি) [বিশ্বে যাঁহার নিকট তুলা (সাদৃশ্য) অস্ (নিরস্ত হইয়াছে) অর্থাৎ যাহার তুলনা নাই] বি, স্ত্রী, স্বনাম-প্রসিদ্ধ বৃক্ষ। প্র—"তুলসীর কণ্ঠী গলে লম্বি মালা করতলে হাতে কাণে থরে থরে মালা।" —অন্নদামঙ্গল। [তুলসীর পৌরাণিক উৎপত্তি সম্বন্ধে বিভিন্ন মত দৃষ্ট হয়। ব্রহ্মপুরাণ মতে—পূর্ব্বে ইনি রাধিকার সখী ছিলেন। রাধার শাপে ধর্ম্মধ্বজ রাজার কন্যা হইয়া মাধবীর গর্ভে জন্মগ্রহণ করেন এবং তুলসী নামে অভিহিতা হন। পরে ইনি শঙ্খচূড় নামক দৈত্যের পত্নী হন। শঙ্খচূড় কৃষ্ণ কর্ত্তৃক নিহত হইলে ইনি সহমৃতা হন এবং কৃষ্ণের বরে ইঁহার কেশে তুলসীবৃক্ষের জন্ম হয়। পদ্মপুরাণ মতে—জলন্ধর নামক অসুরের পত্নী ছিলেন, কালনেমি-দৈত্যকন্যা বৃন্দা। জলন্ধর ইন্দ্রকে পরাস্ত করিয়া অমরাবতী দখল করিলে, ইন্দ্র শিবের শরণাপন্ন হন। শিব জলন্ধরের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলে পতিপরায়ণা বৃন্দা পতির প্রাণ রক্ষার্থ বিষ্ণুপূজা আরম্ভ করেন, কিন্তু বিষ্ণু জলন্ধররূপে বৃন্দার সমীপে আগমন করিলে, পতিকে অক্ষত শরীরে আসিতে দেখিয়া, অসমাপ্ত পূজা ত্যাগ করেন। তাহাতে জলন্ধরের মৃত্যু হয়। বৃন্দা ব্যাপার বুঝিতে পারিয়া বিষ্ণুকে অভিশাপ দিতে উদ্যত হন। সতীর শাপ অকাট্য জানিয়া বিষ্ণু ভীত হইলেন এবং সান্ত্বনা বাক্যে বলিলেন, তুমি সহমৃতা হও, তোমার ভস্মে তুলসী, ধাত্রী, পলাশ ও অশ্বত্থ এই চারি প্রকার বৃক্ষ উৎপন্ন হইবে। বিষ্ণু-পুরাণে—এই বৃন্দাই বৃন্দানামে অভিহিতা। তাহা হইতে তুলসীর জন্ম। **তুলসীপূজা করা**—তুলসী-বৃক্ষরূপিণী তুলসীদেবীর পূজা করা। **তুলসী দেওয়া**—নারায়ণের চরণে একটি একটি করিয়া তুলসী পত্র অর্পণ করিয়া নারায়ণের প্রসন্নতা লাভ করা এবং তাহাতে বিঘ্নবিনাশ ও অভীষ্ট লাভ হওয়া প্র—"যে কয়েক দিন পাঠশালে গিয়াছিল তার দোষ কাটাবার জন্য ঠাকুরের কাছে তুলসী দেওয়াবো।"—টেকচাঁদ।

তুলা, তোলা [সং—তুল্ (উত্থানম্); উদ্—তুল্ (উর্দ্ধনয়নম্) ধাতু হইতে। উ-পু—তুলি। ম-পু—তুল, তোল; তুলুন, তোল। প্র-পু—তুলে, তোলে। অস-ক্রি—তুলিতে; তুলতে; তুলিয়া, তুলি (পদ্যে), তুলে। ণিজন্ত—তুলান, তোলান] ক্রি, উত্তোলন করা; উর্দ্ধে উঠান; উন্নত করা। ২। উত্থাপন করা; প্রসঙ্গ করা। ৩। স্মরণে আনা স্মরণ করান; মনে তোলা বা মনে করা। প্র—"কদলী তুলনা তায় মনেও তুলনা॥"—বাসবদত্তা। ৪। শয্যা হইতে উঠান; ঘুম ভাঙ্গান; জাগান। প্র—সে খুব ঘুমাইতেছে তাহাকে এখন তুলিও না। ৫। উত্তেজিত করা। ৬। নবীভূত করা; সম্বর্দ্ধিত করা। প্র—"তুল না ত্রিগুণ তুমি তাপিনীর তাপ।" —ঘনরাম। **তুলিয়া ফেলা**—উৎপাটন করা। **তুলিয়া দেওয়া**—উঠাইয়া দেওয়া। ২। মুছিয়া দেওয়া; লোপ করা। ৩। প্রাচীরাদি গাঁথিয়া দেওয়া; নির্ম্মাণ করিয়া দেওয়া। প্র—"নানা ধনে তুলে দিল ধর্ম্মের মন্দির"—ঘনরাম। **তুলে ধরা**—উচ্চে ধারণ করা; উঁচু করিয়া ধরা; উন্নত করা। **তুলে আছাড় দেওয়া**—উর্দ্ধে উঠাইয়া সবলে নিম্নে পাতিত করা। **তুলে লওয়া**—কুড়াইয়া লওয়া; যাহা নিম্নে পতিত হইয়াছে তাহা উঠাইয়া লওয়া। (২) চয়ন করা। প্র—ফুল তুলে লওয়া। **শোক তোলা**—বিলাপ করা; ডুকরিয়া কাঁদা; ডাক ছাড়িয়া কাঁদা; আর্ত্তনাদ করা। প্র—"নগরে যতেক লোক শোক তুলি কান্দে। বিষাদে ব্যাকুল বড় বুক নহি বান্ধে॥"—ঘনরাম।

তুলা [তুল্ (ওজন করা) + অ (ভাবে)] আপ্—স্ত্রী] বি, স্ত্রী, দেহ-পরিমাণ ধাতুর দান। ২। স্বর্ণ রৌপ্যের পরিমাপক পল বা ১৪৫ আউন্স ওজন। প্র—"ভোজরাজ ঐ কবিতা শুনিয়া অতি সন্তুষ্ট হইয়া ঐ কবিকে তুলা-পরিমিত মুক্তা দান করিলেন।"—পুরুষ-পরীক্ষা। ৪। [করণে—অ] যাহা দ্বারা পরিমাণ করে; পরিমাণ দণ্ড। ৫। সপ্তম রাশি; ইহা চিত্রানক্ষত্রের শেষ দুই পাদ ও স্বাতী নক্ষত্র এবং বিশাখার প্রথম পাদ যোগে উৎপন্ন হয়। তুলাধারী পুরুষ ইহার অধিদেবতা। ৬। তরাজু; দাঁড়ীপাল্লা; নিক্তী। ৭। [ভাবে—অ] সাদৃশ্য; উপমা; তুলনা। প্র—"কে বলে শারদ শশী সে মুখের তুলা। পদনখে পড়ে তার আছে কত গুলা॥"—ভারতচন্দ্র। ৮। সাম্য। ৯। কার্পাস।

তুলাকূট (ট্) বি, কূট তৌলকারী, যে ওজনে ঠকায়।

তুলাকোটি, টী—বি, স্ত্রী, পাদালঙ্কার-বিশেষ; নূপুর [তুলাকোটি দ্রঃ]। ২। তুলাদণ্ডের অগ্রভাগ। ৩। অর্ব্বুদ সংখ্যা। ৪। পরিমাণ-বিশেষ।

তুলাদণ্ড (—দন্‌ডো) [তুলার (পরিমাণের) দণ্ড, ৬ তৎ] বি, পুং, পরিমাণ-দণ্ড; নিক্তী; দাঁড়ী।

তুলাদান (ন্) বি, ক্লী, স্বীয় দেহের পরিমাণানুসারে স্বর্ণদান রূপ ব্রতবিশেষ।

তুলাধট (ট্) [তুলা—ধট (দণ্ড)] বি, পুং, তুলাদণ্ড।

তুলাধার (র্) [তুলা + ধার (যে ধারণ করে)] বিণ, বাণিজ্যকারী। ২। [তুল + আধার (যে আশ্রয় করে)] বি, পুং, তুলারাশি। ৩। তুলাদণ্ড।

তুলাধারী (রি) [তুলা—ধারিন্ (যে ধারণ করে) ১মা, ১ব] বিণ, যে ব্যক্তি তুলাদণ্ড ধারণ করে বা ওজন করে।

তুলাপুরুষ (ষ্) বি, পুং, মহাদানবিশেষ; যে দানে আপন দেহের ওজন পরিমাণ স্বর্ণাদি দান করে।

তুলামান (ন্) [তুলা (তুলা দণ্ড) দ্বারা মান (পরিমাণ) ৩ তৎ] বি, ক্লী, তুলাদণ্ড দ্বারা পরিমাণ। **চন্দ্রের তুলামান**, চন্দ্র মণ্ডলের প্রান্তবর্ত্তী অংশ বিশেষের পর্য্যায়-ক্রমে আবির্ভাব ও তিরোভাব।

তুলাযন্ত্র (তুলাজন্‌ত্রো) বি, ক্লী, পরিমাণ দণ্ড।

তুলাসালি (—শালি)—বি, ধান্যবিশেষ। প্র—"তুলাসালি বুনেন পরভু তুলা জার গাত্র।" —শূন্যপুরাণ।

তুলি, তুলী [তুল্ (ওজন করা—সদৃশ করা) + ই (সংজ্ঞার্থে) চিত্রকার্য্যে সামঞ্জস্য, পরিমাণ, তুলনা প্রভৃতির কার্য্যই অধিক। আদর্শের অনুরূপতা, অঙ্গ প্রত্যঙ্গ অবয়বের সামঞ্জস্য ও পরিমাণ, পরিমিত রেখাপাত, বর্ণের গাঢ়তা বা তারল্যের ওজন ঠিক রাখাই চিত্রকরের প্রধান কার্য্য যে যন্ত্র দ্বারা চিত্রকর তাহা সাধন করেন তাহার নাম তুলি] বি, চিত্রকরের লেখনী। ২। তন্তুবায়ের তুরী। **তুলি দিয়া আঁকা** [প্রাদে] অতি সুন্দর; নিখুঁত। প্র—মেয়েটির মুখখানি যেন তুলি দিয়ে আঁকা।

তুলিকা—বি, তুলিকা দ্রঃ।

তুলিত [তুল্ (ওজন করা, সদৃশ করা) + ত (কর্ম্মে ক্ত) ই আগম)] বিণ, পরিমিত।

২। তুলনাকৃত; উপমিত। ৩। উৎক্ষিপ্ত। ৪। চালিত।

তুলিবাক [প্রা-বাং। তুলি—বাক্ স্থান বিশেষে "বাকু"। আধু-বাং—বার। তুলা দ্রঃ] অস-ক্রি, তুলিবার নিমিত্ত; তুলিতে। প্র—"হুনার জে সাজি হাথে হুনার আকুড়ি। পুষ্প তুলিবাক পচ্চিম গেলা মালুঞ্চার বাড়ি॥"—শূন্যপুরাণ।

তুল্য (ল্ল) [তুলা+য (তুলা দ্বারা সম্যক্ পরিমিতার্থে] বিণ, অনুরূপ: সদৃশ; সম: সমান। প্র—বিশ্বতুল্য; অমৃততুল্য। ২। যোগ্য।

তুল্যকোণিক (তুল্লোকোণিক্) [তুল্য (সম) কোণ+ইক (বিশিষ্টার্থে)] বিণ, সমকোণযুক্ত।

তুল্যমূল্য (তুল্লোমূল্লো) [তুল্য—মূল্য। মূল্যে কোন বস্তু বা বিষয়ের সমান] বিণ, সমানদরের। ২। সদৃশ। ৩। প্রায়; কাছাকাছি; অনেকটা সমকক্ষ। ৪। যোগ্য; উপযুক্ত।

তুল্যযোগিতা (তুল্লোজোগিতা) [তুল্য—যোগিন্+তা (ভাবে)] বি, স্ত্রী, কাব্যালঙ্কারবিশেষ; যে স্থলে প্রস্তাবিত কিম্বা অপ্রস্তাবিত পদার্থ সমূহের কোন এক ধর্ম্মের (গুণ ক্রিয়াদির) সহিত সম্বন্ধ হয় তথায় এই অলঙ্কার হয়। প্র—"যে জন না দেখিয়াছে বিদ্যার চলন, সেই বলে ভাল চলে মরাল বারণ॥"—ভারতচন্দ্র। ২। সাম্য। প্র—ইহার সহিত উহার কোন বিষয়ে তুল্যযোগিতা নাই।

তুল্যরূপ (তুল্লোরূপ্) বিণ, সদৃশ: সমানাকৃতি।

তুল্যশোধন (ল্ল, ন্) [গতিঃ পরিঃ] বি, বীজগণিতে সমীকরণের (equation) সরলতাপাদন (simplification)।

তুল্যাকৃতি (তুল্ল্যাক্‌কৃতি) [তুল্য যে আকৃতি, কর্ম্মধা] বি, একরূপ গঠন; সমান আকার। ২। [তুল্য হইয়াছে আকৃতি যাহার, বহু] বিণ, তুল্যরূপ; সদৃশ আকার; সমান।

তুষ্, স, তুঁষ (তুষ) [সং—তুষ] বি, পুং, ধান্যাদির ত্বক্ বা খোসা; তুঁষ। প্র—"একটী ধানে দুটী তুঁষ"—ছড়া। তুষতুষালি—[প্রাদে] পৌষমাস ব্যাপী ব্রত; তুষ ও গোময় দ্বারা এক একটী পিণ্ড করিয়া তাহার পূজা।

তুষণ (ন্) [তুষ্ (তুষ্ট হওয়া) ধাতুজ] বি, সন্তুষ্টকরণ। ক্রি, তোষা। তুষিতে—ক্রি, সন্তুষ্ট করিতে; তুষ্ট করিতে। তুষিল—ক্রি, তুষ্ট করিল; সন্তোষ দান করিল। তুষিবে—সন্তুষ্ট করিবে।

তুষানল (ল্) [তুষের অনল (অগ্নি)—৬তৎ] বি, পুং, তুষাগ্নি। ২। তুষাগ্নিতে শরীর দাহ রূপ প্রায়শ্চিত্তবিশেষ। ৩। তুষের আগুন শীঘ্র নির্ব্বাপিত হয় না, সেই জন্য যে শোক বা ক্রোধ বা হিংসা রূপ অনল সহজে এবং অল্পকালে নির্ব্বাপিত হয় না, যাহা অবিরত চাপা থাকিয়া ধীরে ধীরে দগ্ধ করিতে থাকে তাহাকে তুষানলের সহিত তুলনা করা হয়: চির পোষিত হিংসা শোক বা ক্রোধ। প্র—"তাহার বুকে তুঁষের আগুন জ্বেলে দিয়েছে"। "খলের পিরীতি তুষের আনল ধিকি ধিকি যেন বয়।"—চণ্ডীদাস।

তুষার (র্) বি, পুং, হিম; নীহার; হিমানী। ২। জলের কণা; গুঁড়নি বৃষ্টি। ৩। বরফ। ৪। বিণ, অতিশয়; শীতল; বরফের মত ঠাণ্ডা। তুষার গিরি (র্) হিমালয় পর্ব্বত। তুষার পর্ব্বত—যে পর্ব্বত তুষারে মণ্ডিত থাকে। তুষার শিখর—হিমালয়। তুষার শিখরী—যাহার তুষারমণ্ডিত শিখর আছে: হিমালয়। প্র—"তুষার শিখরী ভাগ্য নিবেদিব কি। ভুবন জননী হৈলা হিমালয়ের ঝি॥"—কবিক।

তুষারাদ্রি (তুষারাদ্‌দ্রি) [তুষার আশ্রিত যে অদ্রি (পর্ব্বত) কর্ম্মধা] বি, পুং, হিমালয়পর্ব্বত।

তুষ্ট (তুষ্‌ট) [তুষ্ (তুষ্ট হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, তৃপ্ত। ২। আহ্লাদিত।

তুষ্টি [তুষ্ (তুষ্ট হওয়া)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, তৃপ্তি; সন্তোষ। প্র—"অনিত্য বিষয় কর সর্ব্বদা চিন্তন * * *ক্ষণে হাস্য ক্ষণে খেদ, তুষ্টি রুষ্টি প্রতিক্ষণ।"—বাং-গান (রাম মোহন রায়)। ২। হস। ৩। ষোড়শ মাতৃকার অন্যতমা।

তুষ্টিমান (ন্) [তুষ্টি+মৎ (অস্ত্যর্থে মতুপ) =তুষ্টিমৎ ১মা, ১ব] বিণ, সন্তোষযুক্ত। ২। বি, পুং, কংসের ভ্রাতা; উগ্রসেনের পুত্র।

তুষ্টু—বি, পুং, কর্ণস্থ মণি।

তুহ [ব্রজ। তুহঁ দ্রঃ] স, তুমি। প্র—"হৃদয়-পুতলি তুহ সে শূন কলেবর"—বিদ্যাপতি। ২। [তুত দ্রঃ] তোমার। প্র—"বাঁশরি ধ্বনি তুহ অমিয় গরল রে হৃদয় বিদারয়ি হৃদয় হরল রে"—রবি।

তুহার (র্) [ব্রজ; হি—তুহার, তোহার। প্রা-বাং—তুহ্মার] স, তোমার। প্র—"থাকুক তুহার কোরে।"—অশোকগুচ্ছ।

তুহিন (ন্) [তুহ (পীড়া দেওয়া)+ইন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে শৈত্য বশতঃ শরীরের পীড়া করে] বি, ক্লী, হিম। প্র—"এই সেই শীতকাল পড়িছে তুহিন"—প্রেম ও ফুল। ২। জ্যোৎস্না। ৩। বিণ, তুষারবৎ শীতল।

তুহিনকর (তুহিনকর্) [তুহিন (শীতল) হইয়াছে কর (কিরণ) যাহার, বহু] বি, পুং, চন্দ্র। ২। কর্পূর।

তুহিনাংশু [তুহিন (শীতল) হইয়াছে অংশু (কিরণ) যাহার, বহু] বি, পুং, চন্দ্র। ২। কর্পূর।

তুহিনাদ্রি (তুহিনাদ্‌দ্রি) [তুহিন (হিম) আশ্রিত যে অদ্রি (পর্ব্বত) কর্ম্মধা] বি, পুং, হিমালয় পর্ব্বত। ২। তুষার পর্ব্বত।

তুহু, তুহুঁ, তুঁহুঁ (তু) [ব্রজ। তুহ দ্রঃ] স, তুমি। প্র—"বিদ্যাপতি কহ তুহুঁ অগেয়ানী"—বিদ্যাপতি। "কো তুঁহুঁ কো তুঁহুঁ সব জন পুছয়ি, অনুদিন সঘন নয়ন-জল মুছয়ি"—ভানুসিংহ ঠাকুরের পদাবলী (রবি)।

তুহ্মা (তুম্‌হা) [হি—তুহ্ম (=তুম, আপ—মানসকোশ) শব্দজ। প্রা-বাং—তুহ্মা: (মধ্য ও আধু-বাং—তোমা) তুহ্মি] স, তোমা: তুমি। প্র—"নর লোকের জনম হেতু তুহ্মি দেহ মন। তুহ্মা হইতে হঅ জেন ছিস্টির পত্তন॥"—শূন্যপুরাণ। "তুহ্মা ছাড়া এক তিল না রহিব কভু।"—ঐ। সম্বন্ধপদে তুহ্মার (তুম্‌হার) [হি—তুহ্মারা, চ—তুহ্মার [যাহা হইতে গ্রাম্য হিন্দী তুহার, তোহার (ম বর্জ্জন করিয়া) এবং প্রাদে, প্রা-বাং—তুমার ও আধু-বাং—তোমার (হ বর্জ্জন করিয়া) উৎপন্ন হইয়াছে] প্র—"তুহ্মার চরণ বিনু আন নাহি জানি॥" "লিখিতে নারিল আহ্মি তুহ্মার মহিমা।"—শূন্যপুরাণ। দ্বিতীয়ায়, তুহ্মারে, তুহ্মাক (তুম্‌হাকো) তাহা হইতে তুমাকে তোমাকে। প্র—"তুহ্মারে না দেখিএ আদ্যা কামে জনমাইল। তপিস্যার ভঙ্গ হেতু কামেক পাঠাইল॥"—শূন্য পুরাণ। "দূত নাহি ডরাই তুহ্মাক দেখিআ॥"—ঐ। "ছিস্টি কর ছিস্টি কর্ত্তা বোলিগো তুমাকে।"—ঐ।

তুহ্মি (তুম্‌হি) [প্রা-বাং। তুহ্মা দ্রঃ। তুল—হি—তুম্‌হি। তুহ্মা দ্রঃ। ১মা, ১ব, আহ্মি] স, তুমি। প্র—"জীবর জীবন তুহ্মি গুণর গরিমা॥" "রজ সত্ত তম তুহ্মি সর্ব্ব গুণময়॥"—শূন্যপুরাণ।

তূতক (তুতক) [তুত্থক হইতে] বি, ক্লী, তুঁতিয়া; তুঁতে; blue vitriol.

তূণ (ন্) [তূণ্ (পূর্ণ হওয়া)+অ (কর্ম্মে—ক) যাহা বাণে পূর্ণ হয়] বি, বাণ রাখিবার আধার। প্র—"গড়িল পারুল ফুল তূণ মনোহর। বোঁটা সহ রঙ্গণে পূরিয়া দিল শর॥"—ভারতচন্দ্র। ২। [প্রাদে, সুন্দরবন অঞ্চলে] জোয়ার। ৩। [হি। ব্রজ] তুঁতে। প্র—"তূণ কি করইতে চাহে কে দেহা"—বিদ্যাপতি। [তুঁতের মত নীলবর্ণ] স্ত্রী, তূণী

তূণক (তুণক) [সং] বি, স্ত্রী, ১৫ অক্ষর ছন্দোবিশেষ ; এই ছন্দে পর্য্যায়ক্রমে অযুগ্মবর্ণ সমুদায় গুরু অর্থাৎ ১।৩।৫।৭।৯।১১।১৩।১৫ বর্ণ গুরু এবং যুগ্ম অর্থাৎ ২।৪।৬।৮।১০।১২।১৪ বর্ণ লঘু। প্র—"মৌনতুণ্ড হেঁটমুণ্ড দক্ষ মৃত্যু জানিছে। কেহ ধায় মুষ্টি ঘায়, মুণ্ড ছিণ্ডি আনিছে॥ * * * * * * ভারতের তূণকের ছন্দবন্ধ বাড়িছে॥"—ভারতচন্দ্র।

তূণীর (তুনীর্) [তূণ দ্রঃ] বি, পুং, বাণ রাখিবার আধার ; তূণ। প্র—"জপ তপ আর যোগ আরাধনা, পূজা হোম যাগ প্রতিমা অর্চ্চনা। এ সকলে এবে কিছুই হবে না তূণীর কৃপাণে করয়ে পূজা॥"—হেম বন্দ্যো।

তূর (র্) [তূর্য্য শব্দের প্রাকৃত রূপ। ব্রজ] বি, তূর্য্য ; তূরী ; ভেরী। প্র—"ঘরে ঘরে নগরে রাজার জয়তূর"—বিদ্যাপতি।

তূরী (তুরী) [তুর্ (শীঘ্র গমন করা) + ঈ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, প্রাচীন কালের পিত্তল নির্ম্মিত রণবাদ্যবিশেষ।

তূর্ণ (তুর্‌ন) [ত্বর্ (সত্বর হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] ক্রি-বিণ, ক্লী, সত্বর ; ত্বরায় ; শীঘ্র। প্র—"বিলম্ব না কর সখা যাহ তুমি তূর্ণ।"—কাশী—মহা। ২। বিণ, দ্রুত। প্র—"হাহা করি সবে উচ্ছল রবে চঞ্চল কলকলিয়া। চৌদিক হ'তে উন্মাদ স্রোতে আসিবে তূর্ণ চলিয়া।"—বিশ্বনৃত্য (রবি)।

তূর্ণি (তুর্‌নি) [ত্বর্ (ত্বরা) + তি (ভাবে—ক্তি) ত = ন] বি, পুং, বেগ ; ত্বরা।

তূর্য্য (তুর্‌জ) [তূরীয় দ্রঃ] বাদ্য (শব্দকল্পদ্রুমঃ) ; বাদ্যবিশেষ (ধাতু বিবেক—রামকমল) ; বিবিধ বাদ্য (প্রকৃতিবাদ)। ২। চতুর্থাংশ। ৩। যোগের চতুর্থ অবস্থা : তুরীয় অবস্থা। ৪। বিণ, চতুর্থ।

তূর্য্যখণ্ড (তুর্জখন্‌ড) বি, পুং, দগড় বাদ্য।

তূর্য্যাচার্য্য (তুর্‌জাচার্‌জ) [তূর্য্যের (তূর্য্য বাদনের) আচার্য্য (শিক্ষক) ৬তৎ] বি, পুং, বাদ্য-শিক্ষক ; music master ; bandmaster.

তূর্য্যাজীব (তুর্‌জাজীব্) [তূর্য্য (বাদ্য) হইয়াছে আজীব (জীবিকা) যাহার, বহু] বি, পুং, বাদ্য-ব্যবসায়ী : বাদ্যকর।

তূল (তুলো) [সং] বি, পুং-ক্লী, কার্পাস। ২। শিমুলের তূল। তূল ধোনা—ক্রি, ধুনুরির যেনা যন্ত্র দ্বারা কার্পাসগুটিকা বিধুনিত করণ এবং তাহার আঁইষগুলি বিচ্ছিন্ন করিয়া শীতবস্ত্রাদি প্রস্তুত করণোপযোগী করণ। ২। অতিশয় প্রহারে ক্ষতবিক্ষত এবং অস্থি চূর্ণ করিয়া দেওয়া। প্র—তাহাকে মেরে তূল ধুনে দিয়েছে। তূল পেঁজা—কার্পাস গুটিকা ছিঁড়িয়া ছিঁড়িয়া ধুনিবার মত অপেক্ষাকৃত অসংলগ্ন ও শিথিল করা।

তূলক (ক্) বি, ক্লী, কার্পাস।

তূলকার্ম্মুক (তুলোকারমুক্) [তূলের কার্ম্মুক (ধনুঃ) ৬তৎ] বি, ক্লী, যে যন্ত্রে তুলা ধোনা হয় ; তূল ফোড়া ধনুক : ধুনখারা।

তূলনালী, তূলনালিকা (তুলোনালি) বি, স্ত্রী, তুলার পাঁইজ।

তূলসেচন (তুলোশেচন্) বি, ক্লী, কাট্‌না-কাটা।

তূলাকোটি—টী (তু) [তুলাকোটি দ্রঃ] বি, প্রাচীনকালের অলঙ্কারবিশেষ ; শব্দশূন্য পাদভূষণ (শব্দকারী পাদভূষণের নাম মঞ্জীর বা নূপুর)। প্র—"রজত পাসলি ছুটি পরে দিব্য তূলাকোটি বাহুবিভূষণ ঝলমলি।"—কবিক।

তূলি, তূলিকা, তূলী (তুলি) [তুলি দ্রঃ] বি, স্ত্রী, বর্ত্তিকা ; চিত্রসাধনী। ২। তুরী। ৩। তুলময়ী শয্যা ; তোষক ; গদি। প্র—"খট্টায় পড়িয়া তূলী টাঙ্গায় মশারি জালি শয়ন করিল শশিকলা।"—কবিক।

তূবরিকা (তুবোরিকা) বি, স্ত্রী, ফট্‌কিরি।

তূষ্ণীম্ (তুষ্‌টিঁম্) [সং—অব্যয় শব্দ। তুষ্ (তৃপ্ত হওয়া) + নীম্ (কর্ত্তৃ) তৃপ্ত হইলে অনুযোগের বা বলিবার কিছু থাকে না এই ভাব হইতে মৌন] বিণ, নীরব ; মৌন। [বাঙ্গালায় ইহার স্বতন্ত্র ব্যবহার নাই ; যেমন তূষ্ণীম্ভাব) অবলম্বন করা]।

তূষ্ণীম্ভাব (তুষ্‌টিঁম্‌ভাব্) [তূষ্ণীম্ (নীরব) + ভাব] বি, পুং, মৌনাবস্থা ; নীরবতা ; মৌনভাব।

তূষ্ণীম্ভূত (তুষ্‌টিঁম্‌ভুত) [তূষ্ণীম্ (নীরব) ভূত (হইয়াছে] বিণ, নির্ব্বাক ; মৌনী ; নীরব।

তৃণ (ন) [তৃণ্ (ভক্ষণ করা) + অ (কর্ম্মে, ক) যাহাকে গো প্রভৃতি জন্তু ভক্ষণ করে, বা তৃহ্ (আঘাত করা) + ণ (কর্ম্মে) হ্ লোপ, যে চরণদ্বারা মর্দ্দিত বা পশুদ্বারা আহত বা বিনষ্ট হয়, বা তৃহ্ (বৃদ্ধি পাওয়া) + (কর্ত্তৃ, ণ) যে অযত্নে বৃদ্ধি প্রাপ্ত হয়] বি, ক্লী, ঘাস, খড়, গন্ধতৃণ, বংশ, কুশ, নল, শরগাছ, মুতাতৃণ, মুঞ্জ, দর্ভ, মেথী, চণকাদিগণ। ২। তুচ্ছ। তৃণজ্ঞান করা—অবজ্ঞা করা ; হেয় জ্ঞান করা। প্র—"যে দিল জ্ঞান, তাঁয় তৃণ জ্ঞান, এমন অজ্ঞান কোথায় মিলে।"—রায় কালীপ্রসন্ন ঘোষ। তৃণতুল্য জ্ঞান বা বোধ করা—অতি তুচ্ছ বা হীন মনে করা।

তৃণকুঙ্কুম (ন, ম্) বি, ক্লী, কাশ্মীরদেশীয় কুঙ্কুমঘাস।

তৃণকুটী (তৃনোকুটি) [তৃণনির্ম্মিত যে কুটী (ক্ষুদ্র গৃহ)—কর্ম্মধা] বি, স্ত্রী, তৃণনির্ম্মিত গৃহ ; তৃণাচ্ছাদিত গৃহ ; খড়োঘর।

তৃণজীবী (তৃনোজিবি) [তৃণ—দ্বারা—জীবী (যে বাঁচিয়া থাকে) = তৃণজীবিন্ ১মা, ১ব] বিণ, তৃণাদ ; graminivorus. ২। বি, তৃণভোজী পশু ; অশ্বগবাদি।

তৃণতা (তৃনোতা) [তৃণ + তা (ভাবে)] বি, স্ত্রী, তৃণত্ব।

তৃণত্ব (তৃনোত্‌তো) [তৃণ + ত্ব (ভাবে)] বি, তৃণের ভাব ; তৃণতা। ২। লঘুত্ব। ৩। হীনতা ; দৈন্য।

তৃণদ্রুম (তৃনোদ্রুম্) [তৃণ (তৃণের মত শাখাবিহীন) যে দ্রুম (বৃক্ষ)—কর্ম্মধা] বি, পুং, বংশ, তাল, নারিকেল ; গুবাক, খর্জ্জুর, হিন্তাল, কেতকী প্রভৃতি বৃক্ষ।

তৃণধান্য (তৃনোধানো) [তৃণ হইতে উৎপন্ন যে ধান্য—কর্ম্মধা] বি, ক্লী, নীবার ; উড়িধান ; শ্যামক ; চীনক ; কোদো প্রভৃতি।

তৃণধ্বজ (তৃণোধ্‌ধজ) [তৃণের মধ্যে ধ্বজ (শ্রেষ্ঠ)—৬তৎ] বি, পুং, বংশ ; বাঁশ।

তৃণবৎ (তৃনোবৎ) [তৃণ + বৎ (তুল্যার্থে—বতু) অ, তৃণতুল্য ; তৃণের ন্যায়। ২। তুচ্ছ ; অকিঞ্চিৎকর ; নগণ্য।

তৃণবিন্দু (তৃনোবিন্দু) বি, পুং, একজন মুনির নাম।

তৃণমণি (তৃনোমোনি) বি, পুং, তৃণগ্রাহক মণিবিশেষ।

তৃণময় (তৃনময়) [তৃণ + ময় (ব্যাপ্তি, অবয়ব ও নির্ম্মিতার্থে ময়ট্] বিণ, তৃণপূর্ণ ; তৃণবহুল। ২। তৃণরচিত।

তৃণরাজ (তৃনরাজ্) [তৃণের রাজা (প্রধান) —৬তৎ, রাজা = রাজ] বি, পুং, তালগাছ। ২। নারিকেল গাছ। ৩। [উদ্ভিদ্ বিজ্ঞানে] বংশ, তাল, নারিকেল খর্জ্জুরাদি তৃণজাতীয় বৃক্ষ ; তৃণদ্রুম দ্রঃ।

তৃণশূন্য (তৃনোশুনো) [তৃণদ্বারা শূন্য (রহিত)—৩তৎ] বিণ, তৃণরহিত ; ঘাসহীন।

তৃণস (তৃনশ্) [তৃণ + স (বহুলার্থে)] বিণ, তৃণবহুল ; ঘাসে পূর্ণ ; বেসো।

তৃণাগ্নি (তৃনাগ্‌নি) [তৃণদ্বারা প্রজ্বালিত যে অগ্নি, কর্ম্মধা] বি, পুং, খড়ের আগুন ; ঘাসের আগুন।

তৃণাবর্ত্ত (তৃনাবর্‌ত) [তৃণের আবর্ত্ত (ঘূর্ণি) হয় যদ্দ্বারা, বহু] বি, পুং, কংসের অনুচর দৈত্যবিশেষ ; কংসের আদেশে তৃণ ও ধূলার ঘূর্ণী বাতাস তুলিয়া কৃষ্ণকে বধ করিতে আসিয়া স্বয়ং কৃষ্ণহস্তে নিহত হয়। ২। ঘূর্ণিবায়ু ; চক্রবাত।

তৃণাসন (তৃণাশন্) [তৃণনির্ম্মিত যে আসন —কর্ম্মধা] বি, ক্লী, কুশাসন। ২। মাদুর। ৩। দরমা, চ্যাটাই প্রভৃতি।

তৃণোদ্ভব (নো) [তৃণ হইয়াছে উদ্ভব (উৎপত্তি স্থান) যাহার, বহু] বি, পুং,

নীবার ; উড়িধান। ২। তৃণজাত অগ্নি ৩। বিণ, তৃণজাত ; তৃণ হইতে উৎপন্ন।

তৃণোল্কা (নো) [তৃণজাত যে উল্কা (অগ্নি —কর্ম্মধা] বি, স্ত্রী, ঘাসের উল্কা ; তৃণপ্রজ্বলিত বহ্নি।

তৃতীয় (তৃতিঅ) [ত্রি+তীয় (পূরণার্থে) ত্রি =তৃ] বিণ, তিনের পূরক। স্ত্রী, তৃতীয়া

তৃতীয়ক (ক্) বি, পুং, তিনদিন অন্তর পালাজ্বর।

তৃতীয়প্রকৃতি (তৃতীয়প্রোকৃতি) [তৃতীয় হইয়াছে প্রকৃতি লক্ষণ, চিহ্ন যাহার, বহু] বি, স্ত্রী, ক্লীব।

তৃতীয়া (তৃতিআ) [তৃতীয়+আপ্, স্ত্রী] বি, চন্দ্রের তিন কলার হ্রাস বা বৃদ্ধি ঘটিত তিথি পূর্ণিমা বা অমাবস্যার পরবর্ত্তী তৃতীয় দিবস।

তৃপ্ত [তৃপ্ (তৃপ্ত হওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত) বিণ, পরিতুষ্ট ; পরিতৃপ্ত ; সন্তুষ্ট। ২ আহ্লাদিত ; হৃষ্ট। বি, তৃপ্তি। স্ত্রী, তৃপ্তা

তৃপ্তি (তৃপ্তি) [তৃপ্ (তুষ্ট হওয়া) +তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, হর্ষ ; সন্তোষ আনন্দ। ২। তৃষ্ণানিবৃত্তি। ৩। ক্ষুন্নিবৃত্তি বিণ, তৃপ্ত।

তৃপ্তিপূর্ব্বক (তৃপ্তিপুর্ব্বক্) [তৃপ্তি হইয়াছে পূর্ব্বে যাহার, বহু] ক্রি-বিণ, তুষ্টি সহকারে ; তৃপ্তির সহিত।

তৃষা (তৃ) [তৃষ্ (তৃষ্ণার্ত্ত হওয়া) +অ (ভাবে—অঙ্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, পিপাসা ; তৃষ্ণা ; জলপান করিবার ইচ্ছা। প্র— "তোমায় দিতে পেরেছিলেম একটু তৃষার জল" —খেয়া (রবি) ২। ইচ্ছা : আকাঙ্ক্ষা। ৩। লোভ। ৪। লাঙ্গলিকী বৃক্ষ। প্রা-বাং —তৃসা। প্র—"খুধায় তৃসায় পঞ্জর দহেন্ত কলেবর"—শূন্যপুরাণ।

তৃষিত [তৃষ্ +ত (কর্ত্তৃ)] বিণ, তৃষ্ণাযুক্ত ; পিপাসু। প্র—"তৃষিত যে জন ফিরে, তব সুধা সাগর তীরে, জুড়াও তাহারে স্নেহ নীরে, সুধা করাও হে পান।"—রবি। ২। ইচ্ছুক। ৩। লুব্ধ।

তৃষ্ণা (তৃষ্টা) [তৃষ্ (তৃষ্ণার্ত্ত হওয়া) +ন (ভাবে) আপ্, স্ত্রী]। প্রা, তেষ্টা] বি, স্ত্রী, পিপাসা। ২। লোভ ; প্রাপ্তির প্রবল ইচ্ছা। প্র—ধনতৃষ্ণা। ৩। আগ্রহ।

তৃষ্ণাক্ষয় (তৃষ্টাক্খয়) [তৃষ্ণার(পিপাসার) ক্ষয় (নাশ)—৬তৎ] বি, পুং, পিপাসা নিবৃত্তি ; তৃপ্তি। ২। বাসনাক্ষয় ; বৈরাগ্য। ৩। শান্তি ; ৪। [তৃষ্ণার ক্ষয় হইয়াছে যাহার, বহু] বিতৃষ্ণ ; নিষ্কাম।

তৃষ্ণারি (তৃষ্টারি) [তৃষ্ণার—অরি (শত্রু) —৬তৎ] বি, পুং, তৃষ্ণানিবারক দ্রব্য ; পিপাসানিবারক ঔষধ।

তৃষ্ণালু (তৃষ্টালু) [তৃষ্ণা+আলু (যুক্ত অর্থে)] বিণ, তৃষ্ণাযুক্ত ; পিপাসার্ত্ত।

তৃষ্য (তৃষ্‌শো) [তৃষ্ (লোভযুক্ত হওয়া) +য (কর্ম্মে, ক্যপ্)] বিণ, লোভনীয়। ২। বাঞ্ছনীয়। ৩। [ভাবে, ক্যপ্] বি, ক্লী, লোভ।

তে [তদ্ শব্দজ] স, সে ; সেই। প্র— "যেন যুক্তি দিয়া ধর্ম্ম করাইলে নীচকর্ম্ম নীচ-পুজ্য হবে তেকারণে।"—শিবায়ন।

তে [ত্রি শব্দজ। তুল—ফা—সে=তিন] বিণ, ৩ সংখ্যক। তিন। প্র—তেমাথা : তেপথ : তেমুখো।

তে [সং—তু শব্দজ] অ, দিয়া : দ্বারা ; হইতে ; মধ্যে। ২। [ব্যাকরণে] কারকের বিভক্তি-বিশেষ ; কর্ত্তৃত্বজ্ঞাপক বিভক্তি। প্র— যদুতে মধুতে মিলিয়া ওকাজ করিয়াছে। ৩। অপাদানে ক্রিয়াপদের বিভক্তি। যথা,— হইতে : চাইতে (চেয়ে) ; নিমিত্ত বা হেতু অর্থে ; সঙ্গে। প্র—তাহারা থাকিতে সে কখনই বাহিরে যাইবে না। তাহার বলাতে তবে কাজটা হ'ল। ৪। করণে—দ্বারা, দিয়া, কর্ত্তৃক অর্থে। প্র—ছুরিতে হাত কাটা : টাকাতে কি না পাওয়া যায় ? যাতে হয় তাহাই কর। ৫। অধিকরণে—মধ্যে : ভিতরে : উপরে, স্থলে ইত্যাদি অর্থে। প্র—তিনি বাড়ীতে নাই ; নদীতে জল নাই। ৬। গ্রাম্যতা অর্থে এ বিভক্তি যুক্ত শব্দের উত্তর তে হয়। যথা,—ঘরেতে, লোকেতে। ৭। [প্রা-বাং] [দ্রঃ—উচ্চারণের সুবিধার্থে তে স্থলে এতে হয়। এতে দ্রঃ] ৮। পাদপূরণে বা কথার মাত্রা স্বরূপ ব্যবহৃত হয়। কর্ত্তৃক অর্থে। প্র—"মুনিতে পূজিত হৈয়া সুরথ নৃপতি"—দুর্গামঙ্গল।

তেআঠিয়া, তেআঁটিয়া [চ—তেঁএঁটে। তে (তিন) +আঁঠি (পালি—অট্‌ঠি ; সং—অষ্টি) +আ (যুক্তার্থে)] বিণ, তেএঁটে : তিন আঁটি-যুক্ত। প্র—"ছোট গ্রাস তোলে যেন তেআঁঠিয়া তাল।"—কবিক। ২। তিনটী আঁঠির মত ; মস্তকের তিনদিকের ঝিঁকের মত উচ্চ। প্র— "তেএঁটে মাথা।

তেইশ (শ্) [সং—ত্রয়োবিংশ। পালি—তেবীসতি] বি, ২৩ এই সংখ্যা। ২। ২৩ সংখ্যক।

তেউটী—[ত্রিপুট শব্দজ] বি, তেওড়া দ্রঃ।

তেউটে [ত্রিপুটাদি হইতে, প্রাদে-গ্রা] বি, ত্রিপুটাদির নানাবিধ কলায়ের মিশ্রণ। প্র— তেউটের ডাল।

তেউড়, তেড় (ড়) [সং—তির্য্যক্ হইতে] অঙ্কুর ; কলাগাছের প্রথমাবস্থা। ২। চারা গাছ। প্র—"কলাগাছের তেড়।"

তেউড়ী (ড়ি) [সং—ত্রিবৃৎ ; পালি, তিবুতা, তিপুটা ; হি—তরবট্ ; মঃ—তিম্বড় ; কর্ণাটী—তিগড়ে। Ipomœa turpenthum : convolulus turpenthum. Turpeth root] বি, স্ত্রী, লতাবিশেষ ; ত্রিবৃহৎ শ্যামালতা। দ্র.—তেউড়ীর মূল সাদা, কাল ও রক্তবর্ণ-ভেদে তিন প্রকার।

তেওড় (ত্যাওড্) [তির্য্যক্ হইতে] বিণ, বাঁকা ; তেওড়া দ্রঃ। প্র—তেওড়বাঁকা।

তেওড়া (ত্যাওড়া) [তীব্র শব্দজ] বি, সাতমাত্রাবিশিষ্ট তাল বিশেষ ; তীব্রতাল।

তেওড়া (ত্যাওড়া) [পালি—তিপুটা। সং—ত্রিপুট : lathyrus sativus] কলায় জাতীয় শস্যবিশেষ ; খেঁসারি কলাই। ২। [তীর্য্যক্ শব্দজ] বিণ, বাঁকা।

তেওড়ান (ত্যাওড়ানো) [সং—তীর্য্যক্ হইতে তেওড়া (বাঁকা) +আন (ক্রি-বিভক্তি)] ক্রি, বাঁকান ; বক্র করা। ২। বাঁকা হওয়া ; বাঁকিয়া যাওয়া। বি, তেওড়ন।

তেঁই, তেঞি (তেঁই) [হি—তৈঁ। প্রা-বাং। আধু-বাং—তাই, তাইতে] অ, তাহাতে : তজ্জন্য : সেই হেতু। প্র—"তেঁই নাহি কমল শুকায়"—বিদ্যাপতি। 'তেঁই উদাসল কুচজোরা"—ঐ। "তেঁই মোরে করুণা নহিল" —নরোত্তম দাস। "তুমি তরাইতে পার তেঁই সে তারিণী"—রামপ্রসাদ। [তৈঁ দ্রঃ]।

তেঁতুল (ল্) [তিন্তিড়ী শব্দজ] বি, বৃক্ষাম্ল : প্রসিদ্ধ অম্লফল : tamarind. তেঁতুলবীজ —কাঁইবিচি।

তেঁহ (তেঁহো) [তিঁহ দ্রঃ। প্রা-বাং] তিনি। প্র—"তেঁহ নিত্য চৈতন্য। তাঁহাকে জানিবে কেমনে। তেঁহ আপনাকে আপনি জানে। * * * * তেঁহ প্রথম পুরুষ।"— নরোত্তম দাস। (প্রায় ৩ শত বর্ষ পূর্ব্বের লেখা—সা, প, প, ১৩০১)। "তেঁহ কৈলা তারক নিধন"—শিবায়ন।

তেকাটা [ত্রিকাষ্ঠ শব্দজ] বি, ত্রিভুজাকৃতি তিনটী কাষ্ঠবন্ধন। ২। [ত্রিকণ্টক শব্দজ। তেকাঁটাও বলে] ত্রিশির বিশিষ্ট কণ্টকী বৃক্ষ-বিশেষ। প্র—"স্বামী আমার সোনার মাছি বেড়ায় ফুলে ফুলে তেকাটাতে এলে সখা বুঝি পথ ভুলে"—চন্দ্রশেখর।

তেকারণ, তেকারণে (তেকারোন্) [তৎ-কারণ শব্দের অপভ্রংশ। প্রা-বাং—তেঁঞি] অ, তজ্জন্য : সেই হেতু ; তাই। প্র—"যেন যুক্তি দিয়া ধর্ম্ম করাইলে নীচ কর্ম্ম নীচ পুজ্য হবে তে কারণে।"—শিবায়ন। "সেই মহামন্ত্র বলে, পূর্ব্ব আরাধন ফলে, কবিতা নিঃসরে তেকারণে।"—মনসার ভাসান।

তেকোণা (তেকোনা) [ত্রিকোণ শব্দজ] বিণ, তিনকোণযুক্ত। ২। [হি—তিকোণা] বি, সিঙ্গাড়া নামক মিঠাই।

তেগু, তেগুক (ক্) [ত্যাগ শব্দজ। গ্রা. প্রা-বাং] ক্রি. ত্যাগ করুক; ছাড়ুক; তেজুক। প্র—"যে হউ সেহউ মোরে তেগু মহারাজ।" —কাশী. মহা।

তেচক্ষা, তেচখুয়া, তেচোখো [গ্রা। সং—ত্রিচক্ষু] বিণ. তিন চক্ষুবিশিষ্ট।

তেজ, তেজঃ [তিজ্ (তীক্ষ্ণ করা) + অস্ (ভাবে)] বি. ক্লী. দীপ্তি; আলোক; জ্যোতি। ২। তীক্ষ্ণতা। ৩। প্রতাপ; প্রভাব। প্র—"প্রকৃতিতে তেজ প্রভু করিল আধান! রূপবান হৈল তাতে তনয় মহান্॥" —কবিক। ৪। শক্তি; বিক্রম। ৫। পৌরুষ। ৬। দর্প; অহঙ্কার। ৭। [অস্—কর্ত্তৃ] রেতঃ; শুক্র। ৮। মজ্জা। ৯। ঘৃত। ১০। সুবর্ণাদি ধাতু। ১১। ব্রহ্ম। ১২। পুং. সূর্য্যাদি তেজস্কর পদার্থ। ১৩। উত্তাপ।

তেজই (জো) [ব্রজ। ত্যজন দ্রঃ] ক্রি. ত্যাগ করে। প্র—"আশা-পাশ না তেজই অঙ্গ"—বিদ্যাপতি। **তেজব**—ত্যাগ করিব। **তেজবি**—ত্যাগ করিবে। প্র—"অবহি ছোড়বি মোর তেজবি লেহা"—বিদ্যাপতি। **তেজয়ে**—ত্যাগ করে। প্র—"সুপুরুখ কবহুঁ না তেজয়ে লেহ."—বিদ্যাপতি। **তেজল, তেজলি**—ত্যাগ করিল; ছাড়িল। প্র—"তেজলি আপন সুখে"—চণ্ডীদাস। **তেজলু, তেজলুঁ**—ত্যাগ করিলাম। **তেজসি**—ত্যাগ করিতেছে। **তেজহ**—ত্যাগ কর।

তেজপত্র (তেজ্‌পত্ত্রো) [তেজ (তীব্রগন্ধ বা আস্বাদযুক্ত) যে পত্র (পাতা)—কর্ম্মধা] বি. ক্লী. তেজপাত; cinnamomum tamala.

তেজবর (জ্, র্) [গ্রা. হি—তিজ্-বর] বি. তৃতীয় পক্ষে বিবাহকারী বর। বিণ. **তেজবরিয়া, তেজবোরে**—তৃতীয়বার বিবাহকারী। প্র—"বিবাহ কৌতুকে যথা তেজবরে বরে। করে সুসজ্জিত যত স্নিগ্ধ জনতরে॥"—অশোকগুচ্ছ।

তেজস্কর (তেজোশ্‌কর্) [তেজস্ (উদ্দীপনা, দীপ্তি) কর (যে করে)] বিণ. তীব্র; তেজাল। ২। উদ্দীপক। ৩। দীপ্তিশালী। প্র—নিষ্কোষিয়া তেজস্কর অসি কহিলা বীরকেশরী——"—মেঘনাদ। ৪। শক্তিকারক।

তেজস্বান (তেজোশ্‌শান্) [তেজস্+বৎ (অস্ত্যর্থে—বতু) = তেজস্বৎ—১মা, ১ব] বিণ. দীপ্তিমান; তেজোবিশিষ্ট। ২। প্রভাবশালী। ৩। বলবান। স্ত্রী. **তেজস্বতী**—কথা-সরিৎ-সাগরোক্ত গুণবর্ম্মার কন্যা। ২। চই; গজপিপ্পলী।

তেজস্বী (তেজোশ্‌শি) [তেজস্+বিণ্ (অস্ত্যর্থে) = তেজস্বিন—১মা, ১ব] বিণ. তেজোবিশিষ্ট; দীপ্তিশালী। ২। বলবান; শক্তিশালী। ৩। পরাক্রান্ত। স্ত্রী. **তেজস্বিনী**—মহা-জ্যোতিষ্মতী লতা। ২। তেজোবিশিষ্টা স্ত্রী।

তেজা [সং—ত্যজ্ (ত্যাগ করা) ধাতু হইতে। উ-পু—তেজি। ম-পু—তেজ। প্র-পু—তেজে। ব্রজ—তেজয়ে। অস-ক্রি—তেজিতে, তেজিয়া, তেজি (পদ্যে)] ক্রি. ত্যাগ করা। এই ধাতুর ব্যবহার বাঙ্গালা বৈষ্ণব পদাবলীতে প্রচুর দেখিতে পাওয়া যায়। তেজই দ্রঃ। প্র—"ভাঙ্গবো বাঁশী তেজবো প্রাণ। এই বেলা তোর ভাঙ্গুক মান॥"—বঙ্কিম।

তেজারত (ত্) [আ—তেজারৎ] বি. বাণিজ্য; ব্যবসায়; বিষয় কর্ম্ম।

তেজারতি (তেজারোতি) [আ—তেজারৎ শব্দজ] বিণ. বাণিজ্য সম্বন্ধীয়; বৈষয়িক। ২। [প্রাদে] বি. টাকাকড়ির লেন দেন; নগদ টাকা সুদে বা অন্য বিষয়কর্ম্মে খাটাইবার ব্যবসায়।

তেজাল, তেজালো (তেজালো) [তেজ—আল (যুক্তার্থে)] বিণ. তেজস্কর; তীব্র।

তেজি [ত্যজন, ত্যজই দ্রঃ। ব্রজ] বি. ত্যাগ করণ; বর্জ্জন। প্র—"যাচিত তেজি না হোয় সমুচিত"—বিদ্যাপতি। ২। ত্যাগ করে। প্র—"তেজি তল্প পরিরম্ভণ বেরি"—বিদ্যাপতি। ৩। [বাং—তেজিয়া'র সংক্ষেপ। পদ্যে] ত্যাগ করিয়া। (২) ত্যাগ করি। ৪। [ব্রজ] পশ্চাতে ফেলিয়া; পিছে রাখিয়া। প্র—"সব জন তেজিয়া আগুসরি ফুকরই"—বিদ্যাপতি।

তেজিষ্ঠ (তেজিষ্ঠ) [তেজস্+ইষ্ঠ (অত্যর্থে)] বিণ. অতিশয় তেজস্বী।

তেজীয়ান (ন্) [তেজস্+ঈয়সু (অত্যর্থে) = তেজীয়স্ ১মা, ১ব] বিণ. মহাতেজস্বী। প্র—"মধুপুরে কুব্জারে করিলা পরিতোষ। তেজীয়ান্ পুরুষে পরশে নাই দোষ॥"—শিবায়ন।

তেজোবান (ন্) [তেজস্+বতু (অস্ত্যর্থে)] বিণ. তেজস্কর।

তেজোময় (য়্) [তেজস্+ময় (বহুলার্থে, ময়ট্)] বিণ. তেজোরাশি; তেজঃপূর্ণ; জ্যোতির্ম্ময়; দীপ্তিশীল। প্র—"চারিবেদে কয়, ব্রহ্ম তেজোময়, তুমি দেব পরাৎপর।" —অন্নদামঙ্গল।

তেজোমূর্ত্তি (তেজোমুর্তি) [তেজঃ (তেজোবিশিষ্ট) মূর্ত্তি হইয়াছে যাহার, বহু] বি. পুং. জ্যোতির্ম্ময় মূর্ত্তি। ২। সূর্য্য। ৩। বিণ. তেজস্বী।

তেজোরূপ (প্) [তেজঃ (দীপ্তি) হইয়াছে রূপ (মূর্ত্তি) যাহার, বহু] বি. ক্লী. তেজোমূর্ত্তি। ২। বিণ; জ্যোতিঃস্বরূপ।

তেঞি, তেঞী (তেঁই) [প্রা-বাং] তাই; সেজন্য; তজ্জন্য; তৎকারণ। "তেঞি শঙ্কা ভুজ পাশে। বান্ধি ধরল জনু ওড়ব তরাসে॥" —বিদ্যাপতি।। "তুমি যে আমার প্রাণের অধিক তেঞিসে তোমারে কহি।"—চণ্ডীদাস। "গুরু-পিতৃনৃপস্থানে যেতে পারি অনাহ্বানে তেঞী যাব জনকের যাগে।"—শিবায়ন। ২। সেই। **তেঞিত**—সেইত। প্র—"ভাল মন্দ নাহি জানে পরমুখে যেবা শুনে তেঞিত অনলে পুড়ে মরে।"—চণ্ডীদাস।

তেড় (ড়্) [গ্রা] বি. তেউড় (দ্রঃ); কদলী বৃক্ষের গোড়ার চারা গাছ; ডেঁপ।

তেড়ছ, তেড়ছা, তেরছ, তেরছা (তেড়ছ, ত্যাড়্‌ছা, তেরছ, ত্যারছা) [তির্য্যচ্ শব্দজ। তেরছ দ্রঃ] বিণ. তীর্য্যক্; বক্র; বাঁকা। প্র—"রাই বিনোদিনী তেড়ছ চাহনি হানল বন্ধুর চিতে।"—চণ্ডীদাস। "চিকণ কালা গলায় মালা বাজন নূপুর পায়। চূড়ার ফুলে ভ্রমর বুলে তেরছ নয়নে চায়॥"—গোবিন্দদাস।

তেড়া, তেড়চা, তেড়ছা (ত্যাড়া, ত্যাড়্‌চা) [তেড়চ দ্রঃ] বিণ. তির্য্যক্; বক্র। ২। টেরা। ৩। কুটিল।

তেড়ী, তেড়ি (তেড়ি) [প্রাদে। তীর্য্যক্ ত্যাড়া শব্দের স্ত্রীলিঙ্গে] বি. কেশবিন্যাসবিশেষ; টেরি; সীথে। **তেড়ি কাটা**—মাথায় সিঁথি করিয়া চুল ফেরান। **এড়িবেড়ি তেড়ি**—আঁকা বাঁকা; তেড়া; তেড়াবাঁকা। প্র—"মন খেলাওবে দাণ্ডাগুলি, আমি তোমা বিনা নাহি খেলি॥ এড়ি বেড়ি তেড়ি চাইল, চাম্পাকলি ধুলা ধুলি।"—রামপ্রসাদ।

তেড়েফুড়ে [তেড়ে (তাড়া করিয়া)—ফুড়ে (ফুড়িয়া, ফুটিয়া)—ভিতর হইতে তাড়া করিয়া বাহিরে আসার ভাব] ক্রি-বিণ. প্রকাশ্যভাবে তর্জ্জন করিতে করিতে তাড়া করিয়া। প্র—সে যে বড় তেড়ে ফুড়ে এল? ২। সাহসের সহিত মুখ ফুটিয়া প্র—তেড়ে ফুড়ে দুকথা বলা। ৩। বেগে অগ্রবর্ত্তী হইয়া। প্র—অত লোকের মধ্য হইতে সেই তেড়ে ফুড়ে উঠে প'ড়ল।

তেতাম্বা [ফা। জমীঃ পরিঃ] অবশিষ্ট। ২। চুম্বক।

তেতালা [ত্রিতলশব্দজ] বি. তিন তালা ঘর। প্র—"তেতালার ঘরে গিয়া চুপি দিয়া রই।" —চন্দন (গোবিন্দ)। ২। বাদ্যের তাল-বিশেষ। [দ্রঃ—তেতালা বিবিধপ্রকার, যথা—**জলদতেতালা; ঢিমেতেতালা** ইত্যাদি]।

তেতাল্লিশ (শ্) [ত্রিচত্বারিংশৎ শব্দজ] বিণ. ৪৩ সংখ্যক। ২। বি. ৪৩ সংখ্যা।

তেতাস (শ্) বি. তিনখানি তাসের খেলা।

তেতেরিজ্জা [জমীঃ পরিঃ] বি, কোন বক্র ভূমি বিভিন্ন অংশে বিভাগ পূর্ব্বক জরীপ করিয়া তাহার ক্ষেত্রফল স্থির করাকে দোতেরিজ্জা বা তেতেরিজ্জা কহে।

তেতো [সং—তিক্ত। গ্রা] তিতা ; তিক্ত। **গা তেতো করা**—[প্রাদে-গ্রা] ক্রি, জ্বর হওয়া। প্র—"মোর কোলের ছেলেডার গা তেতো তেতো করেগো"—নীলদর্পণ।

তেত্রিশ (তেৎতৃশ্) [সং—ত্রয়স্ত্রিংশৎ ; পালি—তেত্তিংসতি ; হি—তৈঁতিশ ; প্রা-বাং—**তেত্তিস**। প্র—"তেত্তিস কোটী দেব, বসিলেন সব, গন্ধর্ব্ব কিন্নর॥"—শূন্যপুরাণ] বিণ, ৩৩ সংখ্যক। ২। বি, ৩৩ সংখ্যা।

তেথর (র্) [সং—ত্রিস্তর ; পালি—তিথর] বি, তিন থাক ; তিন স্তবক ; তিন সার। ক্রি, **তেথরি, রী**—তিন স্তর বা সার করিয়া। প্র—"তেথরি বেষ্টিত তায় বান্ধে বনমালা"—ঘনরাম। "চারিভিতে বেষ্টিত ফিরে বনচারী। সারি সারি তেথরী বেশরী হরি করি॥"—ঘনরাম।

তেন [তদ্ (সেই) + তৃতীয়া ১ বচন স্থানে এন] তাদৃশ ; তেমন। প্র—"যেন রূপ তেন গুণ"—কবিক। ২। তৎহেতু ; তাই। [তেন আধু-বাং-য় কেবল। "যেন তেন প্রকারেণ" বা শুদ্ধ "যেন তেন" এই শব্দে ব্যবহৃত হয়। প্রা-বাং-য়—ইহার বহুল ব্যবহার ছিল]। ৩। সেই। ৪। সঙ্গীতের অঙ্গবিশেষ।

তেনা (ত্যানা) [গ্রা। টেনা, টেন্‌কি দ্রঃ] বি, জীর্ণবস্ত্র খণ্ড : নেকড়া। প্র—"বনে থাক সাপ ধর তেনা পরিধান কর সদাই বেড়াও নদী-তটে।"—চণ্ডীদাস। প্র—"দিলে না একটু তেনা লাজ লজ্জা রাখিলে না শরমে মারিবে আর কত অবলায়।"—চন্দন।

তেপান্তর (তেপান্‌তর্) [ত্রপান্তর শব্দজ] বি, প্রান্তর : বিস্তীর্ণ ক্ষেত্র ; জনশূন্য বিস্তীর্ণ মাঠ। প্র—তেপান্তরের মাঠ।

তেপায়া [সং—ত্রিপদ। হি—তিপায়া। ইং—tripod] বিণ, তিন পা (পায়া, পদ) বিশিষ্ট।

তেপালিতা, তেপাল্‌তে—বি, বৃক্ষবিশেষ ; erythrine indica [*Carey.*]

তেফড়কা, তেফড়েঙ্গা (তেফড়্‌কা) [ত্রি-ফলক শব্দজ] বিণ, তিনটী ফলকবিশিষ্ট ; three forked.

তেফল (ল্) বি, মান্দার ফল।

তেম (ম্) [রূপান্তর—তাম, তুম্] বাঙ্গালা প্রত্যয়বিশেষ : উত্তম পুরুষ বুঝাইতে এই প্রত্যয় হয়, যথা—দেখিতেম, শুনিতেম, করিতেম, ইত্যাদি। প্র—"জানিতেম তপন হেরি বিকসে কমল।"—নিধু বাবু।

তেমত, তেমতি, তেমন (তেমত্, ত্যামোত্, তেমোতি, ত্যামোন্) [সং—তস্মিন্ = তহ্‌মিন্ = তেমিন্ = তেমন বা প্রা-বাং—তেমন্ত (প্রাকৃ, মৎ = মন্ত) হইতে তেমৎ, তেমন] বিণ, সেইমত ; সেই প্রকার। প্র—"হৃদি সীদতি আমার যেমতি তেমতি পড়ুক সে।"—চণ্ডীদাস।

তেমতি (তেমোতি) [তে (সং—ত্রি : প্রাকৃ-তে ; প্রা—সে) তিন + মতি (হি—মোতি = মুক্তা)]—তিনটী মুক্তাযুক্ত। ২। তেনর ; তিন সারি : তিন হালি। প্র—"গজমতি হার পুঁতি দোমতি তেমতি।"—ধর্ম্মমঙ্গল।

তেমনি, তেম্নি [তেমতি দ্রঃ] ক্রি-বিণ, প্র—"তেম্নি মেয়ে কিনা আমি ! খুব দশ কথা শুনিয়ে দিলেম।"—অমৃত বসু। "তোমার পিতা মাতা যেম্নি দাতা তেম্নি দাতা আমায় হলে।"—রামপ্রসাদ।

তেমা (তেমা) [প্রাদে] বি, নিসিন্দা বৃক্ষ।

তেয়াগ (তেআগ্) [ব্রজ। ত্যাগ শব্দের প্রাকৃত উচ্চারণ] বি, ত্যাগ। ক্রি, **তেয়াগি**—ত্যাগ করি : (২) ত্যাগ করিয়া। **তেয়াগিব**—ত্যাগ করিব। প্র—"বিরহ আনল মাহ তনু তেয়াগিব।"—বিদ্যাপতি। "লাজ ভয় তেয়াগিব, এ সাধ মোর পুরাইব সাগর ছেঁচে রতন নিব, কণ্ঠে রাখব নিশি-দিবে।"—বঙ্কিম।

তেয়্যা [গ্রা। ত্যেয়া দ্রঃ। তৈয়ার করিয়া—সংক্ষেপে] অস-ক্রি, তৈয়ার করিয়া। প্র—"বন্দ করি বাঘ ছালে জাঁতা দিল ত্যেয়া। পাবকে ফেলিছে প্রেত চিতাঙ্গার বয়্যা॥"—শিবায়ন।

তের (ত্যারো) [সং—ত্রয়োদশ, প্রাকৃ 'তেড়' শব্দজ] বিণ, ১৩ সংখ্যক। ২। বি, ১৩ এই সংখ্যা।

তেরছ (তেরছ) [পালি—তিরচ্ছো (তির্ছা দ্রঃ)। হি—তীর্ছা—প্রাকৃ—তেরচ্। সং—তির্য্যচ্। উচ্চারণ ভেদে—তির্ছা, তের্চা, তের্ছা : ত্যার্চা, ছা : ত্যাড়্‌চা] বিণ, বক্র ; বঙ্কিম : বাঁকা : তেড়ী। প্র—"চিকণ কালা, গলায় মালা, বাজন নূপুর পায়, চূড়ার ফুলে, ভ্রমর বুলে তেরছ নয়ানে চায়॥"—গোবিন্দদাস।

তেরিজ (জ্) [আ] বি, বৃদ্ধি : যোগ ; addition. ২। সঙ্কলন। ৩। সমষ্টি অঙ্ক।

তেরিমেরি [হি—তেরী (তোর) মেরী (মোর)] অ, স্বার্থ লইয়া গণ্ডগোল বা বকা-বকি। ২। কড়া কথা বা কর্কশ বাক্য প্রয়োগ ; তুই মুই। প্র—"মোগলে রহিল ঘেরি সদা করে তেরিমেরি রাঙ্গা আঁখি দেখি ভয় পাই।"—অন্নদামঙ্গল।

তেরিয়া [সং—তড়্ (তাড়না করা) ধাতুজ। তেড়ি = তেরি—য়া (অত্যর্থে)। তুল—ল্যা—terrere = to frighten] বিণ, মারমুখী ; প্রহারোদ্যত ; উগ্রমূর্ত্তি।

তেরিয়ান (ন্) [তেরিয়া দ্রঃ] বিণ, উগ্র-স্বভাব ; রগচটা ; ক্রুদ্ধ। ২। মারমুখী ; উদ্ধত। ৩। [ব্যঙ্গোক্তি] মর্দ্দ। প্র—"টম্‌‌য়া গেয়ে তেরিয়ান উঠিলেন ফুলে।"—হেম বন্দ্যো। ৪। তেজস্বী ; তেজী।

তেল (ল্) [তৈল শব্দজ] বি, তিলসর্ষপাদির নির্য্যাস। ২। [ব্যঙ্গার্থে] তোষামোদ ; চাটু ব্যবহার। প্র—দিন রাত তার পায়ে তেল দিয়ে দিয়ে নিজের কাজ হাসিল কল্লে। (২) রস ; চর্ব্বী ; মোটাই : দর্প : গর্ব্ব ; বৃদ্ধি বা বাড। প্র—লোকটার এখন তেল হয়েছে। **তেল হওয়া**—ক্রি, বেড়ে ওঠা : দর্প হওয়া ; তিলইয়ে ওঠা। **তেল পড়া** [জল পড়া দ্রঃ] মন্ত্রপূত তৈল। **তেলকুচ্‌কুচে, তেলচুক্‌চুকে**—তৈল দ্বারা মসৃণ ও উজ্জ্বল। **তেল মাখা**—অঙ্গে তৈল মর্দ্দন করা। **তেল মাখান** (নো) অন্যের অঙ্গে তেল মাখাইয়া দেওয়া।

তেলচাটা (ল্) বি, তেলাপোকা। **আপনার চরকায় তেল দেওয়া**—নিজের কাজ করা, পরের কথায় না থাকা। **তেলে বেগুনে** [ফুটন্ত তৈলে জল পড়িলে চড়বড় চড়বড় শব্দে জ্বলিয়া উঠে ; বেগুন ফেলিয়া দিলেও তাহার জলভাগের জন্য ঐরূপ হয়] উত্তেজিত ; ক্রোধে অগ্নিশর্ম্মা। প্র—"কেহ কেহ তেলে বেগুনে জ্বলে উঠে"—টেকচাঁদ। "পত্রমর্ম্ম অবগত হইয়া 'নিরক্ষর' জয়কালী তেলে বেগুনে জ্বলিয়া উঠিলেন"—কলিকাল (শৈলেশ মজুমদার)।

তেলা—বিণ, তৈলাক্ত। ২। মসৃণ ; পিচ্ছিল। ৩। চিক্কণ। ৪। [শ্লেষার্থে] সম্পন্ন : প্রাচুর্য্য ; বিশিষ্ট। **তেলা মাথায় তেল দেওয়া**—যাহার আছে তাহাকে আরও দেওয়া। ২। তোষামোদ করা। প্র—"তেলা মাথায় তেল দেওয়া মনুষ্য জাতির রোগ।"—কমলাকান্তের দপ্তর।

তেলাকুচা (ত্যালাকুচা) [প্রাদে] বি, বিম্ব-ফল।

তেলাঙ্গা, তেলেঙ্গা [ত্রৈলঙ্গ শব্দজ] বিণ, ত্রৈলঙ্গ দেশবাসী : মান্দ্রাজী। ২। [পদ্মপুরাণ (বিজয় গুপ্ত)] হৃষ্টপুষ্ট। ৩। পিপীলিকা-বিশেষ। ৪। ক্ষুদ্র জাতীয় বিষাক্ত সর্পবিশেষ।

তেলাপোকা (ত্যালাপোকা) বি, পতঙ্গ-বিশেষ ; আর্সুলা।

তেলি, তেলী [তৈলিক শব্দজ] বি, তিলি জাতি। নবশায়ক জাতির অন্তর্গত একটী জাতি। ২। তৈল ব্যবসায়ী। প্র—"কমঠ লইয়া পথে ধীবর চলি যায়। তৈল লবে তৈল লবে তেলিরা বোলয়॥"—কবিক। স্ত্রী, **তেলিনী**।

তেলেনা [সঙ্গীতশাস্ত্রে] বি. তে, রে, নে, তুম, তানা, নানা ইত্যাদি কতকগুলি আলাপের বোল লইয়া যে গান করা যায় তাহার নাম তেলেনা।

তেলো [তালু শব্দজ] বি. করতল ; পদতল ; ব্রহ্মতালু। প্র—"আমার পার তেলো মাথার তেলো জ্বলেযাচ্ছে"—লীলাবতী।

তেশিরা [ত্রিশিরা শব্দজ] বিণ. তিনটি শিরবিশিষ্ট ; তিনপল তোলা। ২। মনসা-গাছের প্রকারভেদ। **তেশিরা হওয়া**—পাশা খেলায়, ঘুঁটি পাকিয়া উঠিয়া গেলে তাহাকে তেশিরা হওয়া বলে।

তেষট্টি (তেষোট্‌টি) [ত্রিষষ্টি শব্দজ] বি. ৬৩ এই সংখ্যা। ২। বিণ. ৬৩ সংখ্যক।

তেসনি, নী (তেশোনি) [ত্রিসন শব্দজ] বিণ. ত্রৈবার্ষিক : তিন বৎসরের। প্র—"তেসনি ইনাম পাব গুজরাটপুর।"—কবিক। "রাজকর লোকের তেসনি নিল বাড়া অতেব সকল প্রজা হল দেশছাড়া॥"—ঘনরাম।

তেসরা (তেশ্‌রা) [হি—তীসরা (ত্রিবাসরার সংক্ষেপ)] বি. মাসের তৃতীয় দিবস।

তেসূতী (তেশুতি) বিণ. তিন খাই সুতায় বোনা কাপড়।

তেহাই [হি—তিহাই] বি. তিনভাগের এক-ভাগ : একতৃতীয়াংশ। প্র—"প্রথম মাসেতে চাহি একতেহাই কড়ি।" "অর্দ্ধেক পঙ্কেতে তার তেহাই সলিলে।"—কবিক। ২। বাদ্য-ভেদ। ৩। তিনখাই : তেহারা ; তিনপাক।

তেহাতি—বিণ. তিনহাত প্রমাণ।

তেহাত্তর (তেহাৎতোর্‌) [সং—ত্রিসপ্ততি, প্রাকৃ—তেহত্তইড় শব্দজ। প্রাদে-গ্রা, তিয়াত্তর] বি. ৭৩ এই সংখ্যা। ২। বিণ. ৭৩ সংখ্যক।

তেহারা—বিণ. তিনপাট ; তিনপাণ্টা ; তিন গুণ : তিন খাই বা পাক। ২। খুব মোটা।

তৈ, তৈঁ [তেঁই দ্রঃ। হি—তাহে, তহি, সংক্ষেপে তৈ] তাই : তাহাতে : তজ্জন্য : সেইহেতু। প্র—"তৈ ভেল বেকত পয়োধর শোভা"—"তৈঁ ধনী রাখত পরাণে।"—বিদ্যাপতি।

তৈক্ষ্ণ্য (তৈখ্‌খ) [তীক্ষ্ণ+য (ভাবে, ষ্ণ্য)] বি, ক্লী. তীক্ষ্ণতা : ক্ষুরধার। ২। উষ্ণতা।

তৈখন [তৎক্ষণ শব্দজ। ব্রজ] অ. তৎক্ষণাৎ। প্র—তৈখনে বিগলিত তনু মন লাজে"—বিদ্যাপতি। ২। সেইসময়। প্র—তৈখনে ক্ষীণ ভেল শাসা"—বি, প।

তৈছন (ন্‌) [হি—তৈসন্‌। স=ছ] ক্রি-বিণ. তদ্রূপ : সেইরূপে। ২। [ব্রজ। তৈ =সেই+ছন=ক্ষণ. ক্ষ=দ] তৎক্ষণাৎ ; সেই মুহূর্ত্তে। প্র—"যৈছে বিরহ-জ্বরে লুঠল রাই। তৈছনে অমিয়া সাগরে অবগাই॥"—নরোত্তম দাস।

তৈছে [হি—তৈসে] তেমন। প্র—"যৈছে প্রেম দুঁহু তৈছে বিহার"—বিদ্যাপতি। "তৈছে সাধকের সেই সন্ধানের কার্য্য"—চণ্ডীদাস।

তৈজস (শ্‌) [তেজস্‌ (দীপ্তি)+অ (ইদমর্থে—ষ্ণ)] বিণ. তেজোবিকার। ২। পিত্তলাদি ধাতুনির্ম্মিত। ৩। রজোগুণোৎপন্ন। ৪। বি. ধাতুদ্রব্য ; পিত্তলাদি ধাতুনির্ম্মিত পাত্রাদি। ৫। ঘৃত। ৬। বি. বেদান্ত দর্শন মতে ভিন্ন ভিন্ন সূক্ষ্ম শরীরে উপস্থিত চৈতন্য। মানসিক জগতের কার্য্যকলাপ এই চৈতন্য-প্রভাবে প্রত্যক্ষীভূত হয়। **তৈজসপাত্র** [গ্রা—তৈজসপত্র] বি. ধাতুনির্ম্মিত বাসন-কোসন।

তৈতিক্ষ [তিতিক্ষা+অ (শীলার্থে—ষ্ণ)] বি. সহিষ্ণু ; তিতিক্ষাশীল।

তৈতিল (ল্‌) [তিতিল+অ (ষ্ণ)] বি, পুং, গণ্ডার। ২। [পঞ্জিকায়] ক্লী. বব বালব প্রভৃতি করণের মধ্যে চতুর্থ করণ।

তৈত্তির (র্‌) [তিত্তিরি+অ (সমূহার্থে—ষ্ণ)] বি. ক্লী. তিত্তিরিপক্ষিসমূহ। ২। পুং. তিত্তিরিপক্ষী।

তৈত্তিরীয় [তিত্তিরি+ঈয় (সম্বন্ধার্থে) বিণ. তিত্তিরি সম্বন্ধীয়। ২। তিত্তিরিপ্রোক্ত যজুর্ব্বেদ শাখাধ্যায়ী। ৩। যজুর্ব্বেদের শাখা-বিশেষ।

তৈত্তিরীয়ক (ক্‌) বি, পুং. তৈত্তিরীয় শাখাধ্যায়ী।

তৈনাত, তৈনাতি (ত্‌) [আ—তাআই-নাৎ (নিয়োগ)] নিয়োগ : বাহাল। প্র—"সাড়া শুনি শীঘ্র সবে সমরে তৈনাত"—ঘনরাম। "তৈনাত হইল সেনা বারক্রোশ বাট।"—ঐ। ২। গোমস্তার প্রার্থনা মত সদর কাছারী হইতে যে কর্ম্মচারী মফঃস্বলে প্রেরিত হন।

তৈনিতি [গ্রা। আ—তাআইনাতি] বি, রক্ষী, পেয়াদা প্রভৃতি কর্ম্মচারী।

তৈম [তিমি+অ (সদৃশার্থে—ষ্ণ)] বি, পুং, তিমিসদৃশ জীব।

তৈয়ার (তোইআর্‌) [গ্রা—তয়ের্‌। ফা—তইয়ার্‌] বিণ. প্রস্তুত। প্র—অন্নব্যঞ্জন সমস্ত তৈয়ার আছে, খাইতে বসিলেই হয়। ২। উপযুক্ত ; শিক্ষাপ্রাপ্ত ; লায়েক। [শ্লেষার্থে] দক্ষ ; চালাক ; জ্যাটা ; পরিপক্ব। **তৈয়ার করা**—ক্রি, গড়া।

তৈয়ারী [গ্রা, তোইরি] বি, প্রস্তুতকরণ। ২। গঠন ; make. ৩। বিণ, প্রস্তুত ; আশু-ব্যবহারোপযোগী। **তৈয়ারী করা**—ক্রি, গঠন করা।

তৈর্থিক (ক্‌) [তীর্থ (দর্শন শাস্ত্র+ইক (কৃতার্থে—ষ্ণিক্‌)] বি, কপিল কণাদ প্রভৃতি দর্শন শাস্ত্রকার।

তৈল (ল্‌) [তিল+অ (বিকারার্থে—ষ্ণ)] বি, ক্লী. তিল সর্ষপাদি নিঃসৃত স্নেহপদার্থ ; তেল।

তৈলকল্ক—বি. খইল।

তৈলকল্কজ—বি. তেলের কাইট।

তৈলকার (র্‌) [তৈল—কার (যে করে)] বি, পুং, তৈল প্রস্তুতকারী ; কলু।

তৈলকিট্ট [তৈলের—কিট্ট (কাইট)] বি, ক্লী, তেলের কাইট। ২। খইল ; খোল।

তৈলঙ্গ—বি, কর্ণাটের পূর্ব্ব ও দ্রাবিড়ের পূর্ব্বোত্তরস্থিত দেশ ; কার্ণাটিক। ২। পুং, তত্রস্থ অধিবাসী ; তেলেঙ্গা।

তৈলচোরিকা, তৈলচৌরিকা—বি, স্ত্রী, তেলাপোকা ; আর্সুলা।

তৈলদ্রোণী (তৈলদ্‌দ্রোনি) [তৈল (তৈল-পূর্ণ) যে দ্রোণী (কাঠের পাত্র) কর্ম্মধা] বি, স্ত্রী. মজ্জনার্থ কণ্ঠ পর্য্যন্ত তৈলপূর্ণ কাষ্ঠ-নির্ম্মিত পাত্র।

তৈলপক (ক্‌) বি, পুং, তৈলপায়ী ; তেলা-পোকা ; আর্সুলা।

তৈলপক্ক [তৈলে—পক্ক (যাহা পাক করা হয়) ৭তৎ] বিণ, তৈলে পাক করা ; তেলেভাজা।

তৈলপা, তৈলপায়িকা—বি, স্ত্রী, তেলা-পোকা ; আর্সুলা।

তৈলযন্ত্র (তৈলজন্‌ত্রো) [তৈল বহিষ্কারক যে যন্ত্র, কর্ম্মধা] বি, পুং, কলুর ঘানি।

তৈলশালা [তৈলের শালা (গৃহ) ৬তৎ] বি, স্ত্রী, তেল প্রস্তুত করিবার গৃহ : ঘানিঘর।

তৈলসাধন (তৈলশাধোন্‌) [তৈলের সাধন (গন্ধাদিদ্বারা শুদ্ধি) হয় যদ্দারা, বহু] বি, পুং, গন্ধদ্রব্যবিশেষ।

তৈলসেক (তৈলোশেক্‌) [তৈলদ্বারা সেক (আর্দ্র করা) ৩তৎ] বি, পুং, তৈলমর্দ্দন ; তৈলদান। ২। (শ্লেষার্থে) তোষামোদ ; পায়ে তেল দেওয়া।

তৈলিক (ক্‌) [তিল+ইক (পণ্যার্থে—ষ্ণিক)] বি, পুং, নবশায়ক সম্প্রদায়ের অন্তর্গত জাতিবিশেষ ; তিলি। ২। তৈল-সম্বন্ধীয়। ৩। তৈলকার ; কলু।

তৈলী [তৈল+ইন্‌ (অস্ত্যর্থে) =তৈলিন্‌ ১মা, ১ব] বি, পুং, [তৈলিক দ্রঃ] স্ত্রী, **তৈলিনী**।

তো [হি—তও, তব ; বাং-য়—তবে হইতে] অ, তাহা হইলে ; তবে। প্র—"ফের যদি এমন কথা কবি তো ঠাস্‌ করে চড় মার্‌বো।"—টেকচাঁদ।

তো [ফা—তঃ ; হি—তহ্‌] বি, বস্ত্রাদির ভাঁজ ; গুটান। ২। কার্য্যের শেষ। প্র—"অতিশয় সাধ করি এই তো হইল।"—নিধুবাবু। ৩। প্রাদেশিক ব্যবহারে 'ত'র

স্থানে তো। ত দ্রঃ। ৪। [ব্রজ। হি—তোম সম্বন্ধে তোর] তুমি ; তোমা। প্র—"তো বিনে উনমত কান"—বিদ্যাপতি। (২) তোর ; তোমার। প্র—"তো সেবা নাহি জানি"—চণ্ডীদাস। **তো করা**—ক্রি, কাপড় ভাজ করা ; পাট করিয়া রাখা। ২। কাজ শেষ করা। **তো-সবা**—তোরা সব। **তো-সবার**—তোদের।

তোই [ব্রজ। হি—তহি তো দ্রঃ] তুমি ; তুই। ২। তোমাকে। [তোয় দ্রঃ] প্র—"মাধব কত পরবোধব তোই"—বি, প।

তোঁহে [ব্রজ। তুঁহ দ্রঃ] তুমি। প্র—"বিদগধ সেহ তোঁহে তনু তুল"—বিদ্যাপতি।

তোক (ক্) [তু (বৃদ্ধি পাওয়া) + ক (কর্তৃ) যে কালক্রমে বৃদ্ধি পায়। বৈদিক সাহিত্যে, অপত্য অর্থে, "তোক, তুক" দুই শব্দেরই ব্যবহার আছে] বি, ক্লী, অপত্য ; শিশু ; ছেলে বা মেয়ে ; বালক ; পুত্র সন্তান। প্র—"ইন্দ্রের সাধিতে মান কৃপাসিন্ধু ভগবান কাশ্যপ মুনির হইল তোক।"—কবিক। ২। কয়েকটী মৌজার সমষ্টি

তোক (ক্) [আ—ত্বক্ শব্দজ] বি, অপরাধীর হস্তবন্ধন শৃঙ্খলবিশেষ ; হাতকড়ি। প্র—"লুঠি নিল নারী গারী দিল বেড়ী তোক।"—ভারতচন্দ্র।

তোকমারি (ক) [ফা—তুখ্‌ম্ বীজ তুপ্‌মলঙ্গা] বি, (ইসবগুলের মত) এক প্রকার বীজ ; the seed of the hoolyhook.

তোকানিমোকানি [প্রাদে-গ্রা—তোকা (তোর) + নি—মোকা (মোর) + নি—তোমার আমার অর্থাৎ জনসাধারণের] বি, জনরব ; জনশ্রুতি। প্র—"তোকানিমোকানি কথা শুনি জগন্নাথ পিতা আচম্বিতে হরিল চেতন।"—চৈতন্যমঙ্গল। ২। [তোকানি (তুই কথন, তুই করণ) + মোকানি (মো = মুই কথন বা করণ)] তুই মুই ; তুই তোকারি। ৩। তুচ্ছ তাচ্ছীল্য। ৪। ইতর ভাষার প্রয়োগ।

তোকে [হি, গ্রাম্য—তুহ্‌কা, তুজকে। ব্রজ—তুহ্‌ক] তুল্যার্থে—তোমাকে ; সম্ভ্রমার্থে—আপনাকে। পদ্যে, **তোরে**। প্র—"ওরে তোরে দেখিতে নয়ন পাগল কেন"—নিধুবাবু।

তোজনা [গ্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"কোটা মেটা রাঅগড় তোজনা আর বোর। কোঙর-ভোগ জলা-রাঙ্গি আর কনকচুর॥"—শূন্য-পুরাণ।

তোটক (ক্) বি, পুং, ১২ অক্ষর ছন্দোবিশেষ ইহার প্রত্যেক চরণের অক্ষরগুলি চারি অংশে বিভক্ত করিলে প্রতি অংশের প্রথম দুই অক্ষর লঘু এবং তৃতীয় অক্ষর গুরু হয়। প্র—কতকাল পরে বল ভারত রে। দুখ সাগর সাঁতরি পার হবে॥ পর দীপ-শিখা নগরে নগরে। তুমি যে তিমিরে তুমি সে তিমিরে॥"—গোবিন্দ চন্দ্র রায়।

তোড় (ড্) [তুড্ (আঘাত করা) ধাতুজ] বি, জলের বেগ। প্র—"নদীর তোড়ের মুখে পড়ে ছেলেটী ভাসিয়া গেল।" ২। [জলের প্রবাহের ভাব হইতে] কলহের স্রোত ; বাক্যের স্রোত ; অনর্গল বাক্যবর্ষণ। প্র—এখনো রয়েছে তাই কোন্দলের তোড়।"—ঈশ্বর গুপ্ত। "তাহার কথার তোড়ের সামনে ও ছেলেমানুষ কি দাঁড়াতে পারে ওকে একালে নির্বাক করে দিলে।"

তোড়ই [তোড়া দ্রঃ] ক্রি, উৎপাটন করে ; ছেঁড়ে ; ভাঙ্গে। প্র—"দূর সঞে সো নাগর হেরি। তোড়ই কুসুম নেহারই ফেরি॥"—বিদ্যাপতি।

তোড়ং (তোড়োং) [ইং—trunk] বি, টিনের পেটিকা বা বাক্সবিশেষ।

তোড়ক (ক্) [ত্রোটক শব্দজ। ত্রুট্ (খণ্ডখণ্ড করা) + অক (কর্তৃ) ত্রোটক] বিণ, ভঙ্গকারী।

তোড়জোড় (তোড জোড্) [যন্ত্রতন্ত্র গঁতর ওঁতর--জোড়তোড়] বি, সাজ সরঞ্জাম ; উপকরণ ; যন্ত্রতন্ত্র ; যন্ত্রাদির ভিন্ন ভিন্ন অংশ।

তোড়ন (ন্) [ত্রোটন শব্দজ অথবা—তুড্ + অনট্—ভাবে] বি, ক্লী, ভঞ্জন ; ভাঙ্গিয়া ফেলা।

তোড়ল [ব্রজ। তোড়া দ্রঃ] ক্রি, ভাঙ্গিল। ২। খুলিল ; খসাইল। প্র—"তোড়ল যব নীবি বন্ধ।"—বিদ্যাপতি।

তোড়া [হি। আ—তুর্রাহ্] বি, থলিয়া ; বগ্নী। প্র—টাকার তোড়া। ২। বিস্তর তিরস্কার করা। ৩। গুচ্ছ ; স্তবক। প্র—"পুষ্পিত ললাটে ভুরু বঙ্কিম উজ্জ্বল। ভুজঙ্গ বেষ্টিত যেন কুসুমের তোড়া॥"—ফুলরেণু। ৪। কটিদেশের অলঙ্কারবিশেষ। ৫। মৎস্যবিশেষ।

তোড়া [সং—তড্ ধাতুজ, তোড় দ্রঃ] ক্রি, তুড়িয়া দেওয়া ; বিলক্ষণ তিরস্কার করা। ২। [ত্রুট্ (ভঙ্গ করা, খণ্ডখণ্ড করা) ধাতুজ ত্রোটন (ত্রোটা) শব্দজ] ভঙ্গ করা। হি—তোড়না = ভঙ্গ করা। বাঙ্গালায় বিরল। বাং—শিজন্তরূপ তোড়ান দ্রঃ। ব্রজ—**তোড়ই**—ভাঙ্গে। **তোড়ত**—ভঙ্গ করে ; ভিন্ন করে। **তোড়ল**—ভাঙ্গিল ; খুলিল। প্র—"তোড়ই কুসুম নেহারই ফেরি" "তোড়ত গজমতি হার রে" "নীবি বন্ধ তোড়ল কখন কে জানে"—বিদ্যাপতি।

তোড়ানি, নী (নি) [ফা—তুর্শি (অম্ল) পানি (জল) তুল—ওড়ি, তোয়ানি] বি, কাঁজি ; আমানি। প্র—"পথশ্রম হবে মন্দা কিনহ তোড়ানি জোল্দা মরিচ সমান যার তার।"—কবিক।

তোতলা, তোৎলা (তোৎলা) [হি—তোতরাহ] বিণ, অস্পষ্টবাক্ ; অস্ফুট কথক। ক্রি, **তোত্‌লানো**—জিহ্বার জড়তা বশতঃ আটকাইয়া বা তো তো শব্দে চেষ্টা করিতে করিতে কথা বলা।

তোতা [হি—তোতা] বি, টিয়াপাখী।

তোতোকার (র্) [প্রাদে। ২৪ পরগণায় **তুইতোকারি**। তো (তুই) + তো (তুই) কার--করা, করণ) তুই তুই করা] বি, তুই বলিয়া সম্বোধন। তুই তোর প্রভৃতি অসম্মান সূচক সম্বোধন ; ২। তুচ্ছতাচ্ছিল্য করা। প্র—"কত মেরেছি কাঁদে করেছি চড়েছি আপনি খেয়ে খাওয়ায়েছি তোতোকার করেছি সবাই॥"—স্বপ্নবিলাস (কৃষ্ণকমল)।

তোপ (প্) [তুর্কী—তোপ্] বি, আগ্নেয় অস্ত্র ; বন্দুক ; কামান। প্র—"কোমরেত তোপ দিল পাএত ডাড়্‌কা।"—শূন্যপুরাণ। ২। কামানের শব্দ।

তোপ-দাগী (প্) বি, শত্রুর জাহাজ আসিলে যে তোপ ফাটিয়া জাহাজকে চূর্ণ করিয়া দেয়, ইহা জলের তলায় প্রোথিত থাকে ; "টর্পেডো মাইন।"

তোফা [আ— তোফা] বিণ, উপাদেয় ; সুন্দর ; খুব ভাল। প্র—"আমার সময়টী যায় তোফা ঘোড়ার মত ছুটে।"—দ্বিজেন্দ্র রায়। "অতি তোফা ! বলিহারি যাইরে"—রজনী সেন।

তোবড়া (তোব্‌ড়া) বি, ঘোড়ার মুখে লাগাইয়া দানা খাওইয়াবার থলি ; a horse's mouth bag. ডাকহরকরার চামড়ার থলি ; a post-man's bag. ২। বিণ, শুকাইয়া কুঁকড়াইয়া যাওয়া ; বসা ; টোলখাওয়া। প্র—"বদনে তোব্‌ড়া গাল কপাল লোলিত॥"—ঘনরাম।

তোবড়ানো (তো্‌বড়ানো) বিণ, বক্র ; বাঁকা ; দুমড়ানো, মধ্যে মধ্যে বসান বা টোলখাওয়ান। ২। [তুবড়ান দ্রঃ] ক্রি, বাঁকাইয়া দেওয়া ; দুমড়াইয়া দেওয়া।

তোবা [আ—তোবা] বি, পশ্চাত্তাপ ; অনুতাপ ; খেদ। ২। ভবিষ্যতে পাপ না করার জন্য প্রতিজ্ঞা [এই শব্দটী হি—"রাম রাম" এবং বাং—"মহাভারত", "শ্রী হরি", "শ্রীবিষ্ণু" প্রভৃতি উক্তির সমান] প্র—"বড় বড় বীর পড়ে খেয়ে আবা খাবা। হিন্দু ভাবে শ্রীহরি যবন ভাবে তোবা॥"—ঘনরাম।

তোমর (র্) বি, অস্ত্রবিশেষ ; লৌহ শাবল। ইহার দণ্ড আছে এবং কেবল লৌহময় এই দুই প্রকার। ইহার মধ্যে পাঁচ হাত প্রমাণ উত্তম,

৪।॰ হাত মধ্যম ও ৪ হাত অধম বলিয়া কথিত আছে। এইরূপ ৬ আঙ্গুল তোমর উত্তম ৫।॰ আঙ্গুল মধ্যম ও ৫ আঙ্গুল অধম বলিয়া গণ্য হয়। ২। হস্তক্ষেপ্য দণ্ডবিশেষ; রায়বাঁশ। প্র—"কেহ মারে শেল সাঙ্গী ডাবুশ পটিশ টাঙ্গি পরশ্বধ কুঠার তোমর।"—শিবায়ন।

তোমরধর (র্) বিণ্, তোমরাস্ত্রধারী। ২। অগ্নি।

তোমরা (তোম্‌রা) ["তুমি" র বহুবচন। সম্ভ্রমার্থে আপনারা; অনাদরার্থে "তোরা"] স, মধ্যম পুরুষের বহুবচনের রূপ।

তোমরা (তোম্‌রা) বি, তোমড়া; তোবড়া দ্রঃ।

তোমা [তুষ্মা দ্রঃ। পদ্যে। সম্বন্ধে তোমার] স, তুমি। প্র—"দয়াময় তোমা বিনা আর কিছু চাইনে। তব নাম সুধা বিনা আর কিছু খাইনে॥"—ঈশ্বর গুপ্ত। ২। [তোমার শব্দের সংক্ষেপ। তুল—তোমার-দিগর হইতে তোমাগর, তোমারদের হইতে তোমাদের] তব; তোমার। প্র—"তোমা পানে চাই সকলি সুন্দর"—ব্রহ্মসঙ্গীত। ৩। তোমাকে প্র—"অজ্ঞান বুঝিতে নারে, তোমা আনাদর করে।"—শিবায়ন।

তোমার (তোমার্) [তোমা দ্রঃ] ভবদীয়; তব। ২। সম্বন্ধে নৈকট্য বা ঘনিষ্ঠতা ব্যঞ্জক; একান্ত আপনার; নিজস্ব; পরমাত্মীয়। ৩ একান্ত অনুগত অর্থে। প্র—"সম্বন্ধে কে হও তুমি, জনক কিম্বা জননী, যে হও সে হও তুমি, তুমি আমার আমি তোমার।"—ব্রহ্মসঙ্গীত।

তোয় [তু (পূর্ণ করা)+য (কর্ত্তৃ, ঘঞ) যে জগৎ পূর্ণ করিয়া (ব্যাপিয়া) রহিয়াছে] বি, ক্লী, জল। ২। পূর্ব্বাষাঢ়ানক্ষত্র। ৩। তোমায়; তোকে।

তোয়কৃচ্ছ্র [তোয় (জল) পান দ্বারা কৃচ্ছ্র (ক্লেশকর ব্রত) ৩তৎ] বি, ক্লী, জলমাত্র আহার রূপ ব্রত।

তোয়দ [তোয় (জল) দ (যে দান করে)] বি, পুং, জলদ; মেঘ। ২। মুস্তক; মুতা। ৩। ঘৃত। ৪। বিণ, জলদানকারী; জলদাতা।

তোয়দাগম (ম্) [তোয়দের (মেঘের) আগম (আগমন) হয় যে সময়ে, বহু] বি, পুং, বর্ষাকাল।

তোয়ধর (র্) [তোয় (জল) ধর (যে ধারণ করে)] বি, পুং, জলধর; মেঘ।

তোয়ধি [তোয় (জল) ধি (যে ধারণ করে)] বি, পুং, সমুদ্র।

তোয়নিধি [তোয়ের নিধি (আশ্রয়) ৬ তৎ] বি, পুং, সমুদ্র।

তোয়বিম্ব [তোয়ের (জলের) বিম্ব (বুদ্‌বুদ) ৬ তৎ, কিম্বা তোয় হইতে উত্থিত যে বিম্ব, কর্ম্মধা] বি, ক্লী, জলবিম্ব।

তোয়াক্কা (তোআক্‌কা) [সংক্ষেপে তক্কা (দ্রঃ)। আ—তবক্‌কা] বি, অধীনতা; বশ্যতা। ২। সংস্রব। ৩। ভয়। প্র—"কার তোয়াক্কা রাখি আর। বাপ মরেছে বালাই গেছে, কোন শালার বা ধারি ধার॥"—গিরিশ ঘোষ।

তোয়াজ (তোআজ্) [আ—তবাজ্‌জাহ্] বি, শুশ্রূষা; সেবা; পরিচর্য্যা।

তোয়াধার (র্) [তোয়ের (জলের) আধার (আশ্রয়) ৬ তৎ] বি, ক্লী, জলাশয়।

তোয়ান (তোআনো) [প্রাদে। তোয়াজ দ্রঃ] ক্রি, মর্দ্দনাদি করা; হাতবুলান। প্র—"আছাড় খাইয়া পড়ে মুখে নাহি রা। কাছে বসাইল রাজা তোয়াইল গা॥"—ঘনরাম। ২। তোয়াজ করা।

তোয়ালে (তোআলে) [ইং—towel শব্দজ] বি, স্থূল ও কোমল বস্ত্রের গাত্র মার্জ্জনী।

তোয়েশ (শ্) [তোয়ের (জলের) ঈশ (অধিপতি) ৬ তৎ] বি, পুং, বরুণ। ২। ক্লী, শতভিষানক্ষত্র। ৩। পূর্ব্বাষাঢ়ানক্ষত্র।

তোর (র্) [হি—তোহরা, তেরা। তো (তো দ্রঃ)+র (সম্বন্ধে)] স, তুই দ্রঃ।

তোর [প্রাদে—ময়মনসিংহে মাহুতের ভাষায়] অ, হাতীকে কাত হইতে অর্থাৎ মাটিতে বসিয়া পাশ ফিরিতে বলিবার সঙ্কেত। তুল—বৎ (হাতীকে থামিবার ইঙ্গিত করণ)।

তোরঙ্গ (তোরংগ) [তোড়োং দ্রঃ] বি, টিনের পেটিকাবিশেষ; প্যাঁট্রা। প্র—'বাক্‌স তোরঙ্গ প্রভৃতিকে স্বামী বলা যায় না, কেন না যদিও সে সকল অস্থাবর সম্পত্তি বটে, তথাপি সচল নহে।"—লোকরহস্য (বঙ্কিম)।

তোরণ (ন্) [তরণ=তোরণ, তরণ দ্রঃ] বি, পুং, ক্লী, বহির্দ্বার; ফটক; গেট। ২। চৌকাঠ। ৩। দ্বারদেশের অগ্রে নিখাত স্তম্ভদ্বয়োপরি নানারত্নময় ধনুরাকৃতি কাষ্ঠখণ্ড। ৪। বারাণ্ডা; চাঁদনী। ৫। ক্লী, কন্ধরা।

তোরতরিবৎ (তোর্‌তোরিবৎ) [আ—তৌর (ঢঙ, ধরণ)+তরবীয়ৎ (তালিম, শিক্ষা)] বি, শিক্ষাদীক্ষা; ধরন ধারণ; সভ্যতা।

তোরা [ফা—তুর্‌রা] বি, পুষ্পের গুচ্ছ; ফুলের তোড়া; গুচ্ছ। ২। [আ—তুর্‌র] উষ্ণীষের ভূষণ। প্র—"মাণিক কলসী তোরা চকমকে হীরা"—ভারতচন্দ্র। ৩। তেজ; জোর; শক্তি। প্র—"অধিকার এদেশে করিতে নারে জোরা। কত তেজ ওরে কানু তোর এত তোরা॥"—ঘনরাম। ৪। [আ—তোর্‌আ] বিচার।

তোরা [ম-পু—বহু বচন; ১ম, তুই] স, তোমরা শব্দের তুচ্ছার্থে বা অতি পরিচয়ার্থে, অথবা স্নেহার্থে ব্যবহৃত রূপ। সম্ভ্রমার্থে আপনারা। প্র—"ওগো আজ তোরা যাসনে গো তোরা যাসনে ঘরের বাহিরে।"—কণিকা (রবি)।

তোরা [ব্রজ; হি—তুম্হারা, তোহরা, তোরা, তেরা] স, তোর; তোমার। প্র—"পন্থ নেহারই তোরা।"—বিদ্যাপতি।

তোরে [হি—তোহরে। গ্রা, 'তোমারে'র অসম্ভ্রমার্থে, স্নেহার্থে বা অতিপরিচয়ার্থে ব্যবহার] স, তোকে। তুই দ্রঃ। প্র—"বঁধু কি আর বলিব তোরে"—চণ্ডীদাস। "ওরে তোরে দেখিতে নয়ন পাগল কেন। এই বোধ হয় মোর, জান কি গুণ॥"—নিধু বাবু।

তোল (তোলো) [উত্তোলন শব্দজ। তোলা দ্রঃ।] ক্রি, উত্তোলন কর; উঠাও। প্র—"তল্পী তোল"। ২। উত্থাপন কর। প্র—ওকথা আর মিছে কেন তোল। ৩। (তোল্) [তুল্ (ওজন করা)+অ (করণে, ঘঞ্) যাহা দ্বারা স্বর্ণাদির ওজন করা হয়] বি, পুং, ক্লী, ১৬ মাষা; ১ ভরি (তোলা দ্রঃ)।

তোলক (ক্) [তোল+ক] বি, পুং, ক্লী, দাঁড়িপাল্লা; নিক্তি। ২। বাটখারা। ৩। বিণ, যে ওজন করে; পরিমাপক। ৪। উত্থাপক। ৫। উত্তোলনকারী।

তোলন (তোলোন্) [তৌল শব্দজ] বি, পুং, তৌলকরণ; ওজন] ২। [উত্তোলন শব্দের সংক্ষেপ] উঠান; তুলিয়া ফেলন। ৩। উত্থাপন; প্রসঙ্গকরণ।

তোলপাড় (তোল্‌পাড়্) [তোল (উত্তোলন)+পাড় (পাড়ন, পাতন)—উঠান নামান] ক্রি-বিণ, উলট পালট; আলোড়িত; মথিত। প্র—"অর্দ্ধ ভূমণ্ডল করি তোলপাড় ভারত-ভুবনে পড়িল সাড়া।"—হেম বন্দ্যো। ২। বিণ, উত্তাল তরঙ্গময়; মহোর্ম্মিসঙ্কুল; তরঙ্গান্বিত। প্র—নদীর জল তোলপাড় করিয়া ষ্টীমার চলিয়া গেল। ঝড় হইলে সমুদ্রের জল তোলপাড় হইতে থাকে। ৩। বি, তুমুল ঝগড়া। [গ্রা, বিরল] ৪। উপদ্রুত; দৌরাত্ম্যপীড়িত; উত্ত্যক্ত। প্র—"এই আশ্চর্য্য জীবের দৌরাত্ম্যে অবন্তীপুর তোলপাড়, তথাকার লোক সমস্ত অস্থির ও জ্বালাতন।"—বিমলা (দামোদর)।

তোলা [সং—তুল্ (পরিমাণ করা) ধাতুজ] তোল দ্রঃ] বি, স্ত্রী, ৮০ রতি পরিমাণ; ১ ভরি; ১ তোলা। প্র—"নাইক কমি বেশি তোলা মাষা।"—গোপাল উড়ে। ২। [তুল্ (উত্থান, উত্তোলন অর্থে) ধাতুজ] হাট বাজারের বিক্রেতাদিগের নিকট হইতে হাটের অধিকারী যে দ্রব্যাংশ গ্রহণ করিয়া থাকে।

প্র—"পরম্পরা আছে মোর মণ্ডলিয়া তোলা" —কবিকঙ্কণ। ৩। বিণ, উত্তোলিত ; যাহা তুলিয়া আনা হইয়াছে। প্র—তোলা জলে স্নান করা। ৪। নির্ম্মিত ; উঠান ; বনেদ থেকে তোলা। প্র—"ইনাম বাড়ি তোলা ঘরে তুমি কর ঘর। ঋণ বাড়ি নাহি দেহ নাহি দেহ কর ॥"—কবিক। ৫। (তো) [তুলিয়া রাখার ভাব হইতে] রক্ষিত ; সঞ্চিত। প্র—তাহার খাবার সিকের তোলা আছে। ৬। [ভবিষ্যতে প্রতিশোধ দিবার জন্য] মনের ভাণ্ডারে সঞ্চিত ; স্মৃতিগত ; স্মরণে রাখা। প্র—"সে যাহা যাহা বলিয়াছে যেরূপ ব্যবহার করিয়াছে সে সমস্তই এখন তোলা রহিল। ৭। পোষাকি (ইহার বিপরীত আটপৌরে) প্র—এখানা তাহার তোলা কাপড় ওখানা আটপৌরে।

তোলা, তুলা [তুল ধাতু হইতে। তুলা দ্রঃ] ক্রি, উত্তোলন করা ; উপরে উঠান। ২। উত্থাপন করা ; প্রসঙ্গ করা ; স্মৃতিপথে আনা। প্র—"প্রেমের কথা আর বলো না, আর বলো না, আর তুলো না ক্ষম গো সখা, ছেড়েছি সব বাসনা ॥"—জ্যোতি-ঠাকুর। ৩। পতিতকে উদ্ধার করা ; নিম্ন অবস্থা হইতে উন্নত করা। ৪। উঠাইয়া লওয়া ; কুড়ান ; খুঁটিয়া লওয়া। ৫। যে শয়ন বা উপবেশন করিয়া আছে তাহাকে ধরিয়া উঠান। ৬। জাগান ; ঘুম ভাঙ্গান। ৭। উৎপাটন করা ; উপড়ান। প্র—দাঁত তোলা ; বেগুন তোলা ; শাক তোলা। ৮। উঠাইয়া ফেলা ; বাহির করিয়া ফেলা। প্র—গায়ের মলা তোলা। ৯। বৃন্তচ্যুত করা ; চয়ন করা ; সংগ্রহ করা। প্র—ফুল তোলা। ১০। তীব্রতর করা ; উচ্চ করা ; চড়ান। প্র—সুর তোলা। "থাকিয়া থাকিয়া বিজনে পাপিয়া কানন ছাপিয়া তুলিছে তান"—রবি। ১১। প্রচার করা ; রটনা করা ; জারি করা। প্র—রব তোলা ; আপা তোলা। ১২। টানিয়া তোলা ; টানিয়া বাহির করা। অষুধ তোলা—অষুধ দ্রঃ। আগ তোলা—আগ দ্রঃ। আপা তোলা [আ—আফ্‌ওআ শব্দজ] জনরব করা ; রব তোলা। কাপড় তোলা—আর্দ্রবস্ত্র শুষ্ক হইলে যথাস্থানে উঠাইয়া রাখা। গা তোলা—উঠা ; দাঁড়ান। ২। নিমন্ত্রণস্থলে আহারার্থে আহ্বানসূচক শব্দ। ঘর তোলা—ঘর গাঁথিয়া তোলা বা নির্ম্মাণ করা। ধরে তোলা—ধোরে তোলা [ধরিয়া—সংক্ষেপে—ধরে]—যে অভিমানে ধরায় শয়ন করিয়া আছে তাহার হাতে ধরিয়া উঠান, এখানে ধরা আদরার্থে। সে আপন ইচ্ছায় উঠিবে না বলিয়া ধরিবার প্রয়োজন। ২। যে জলে ডুবিতেছে তাহাকে উঠান। যে ডুবিতেছে তাহার নিজের উঠিবার শক্তি আর নাই বলিয়া ধরিবার প্রয়োজন। প্র—"রাইকে ধরে তোলো ওগো শ্যাম-সাগরে কালো নীরে কিশোরী ডুবিল॥"—রাম বসু। ঘাড় তোলা—হেঁট মাথা উঁচু করা। ঘোড়-তোলা—[গোড়তোলার উচ্চারণ ভেদ] ঘোড়=গোড় (গুল্ফ গোড়ালি)] যে জুতার গোড়ালি উচ্চ (ইহার বিপরীত চটি)। টোপ তোলা—অলঙ্কারাদিতে কড়ায়ের মত উঁচু উঁচু করা ; ডায়মন কাটা, কড়াই তোলা। তান তোলা—গলা ছাড়িয়া গাওয়া। দাদ তোলা—পূর্ব্বে শত্রুতার প্রতিশোধ লওয়া। দুধ তোলা—দুগ্ধপোষ্য শিশু কর্ত্তৃক দুগ্ধ বমন করা। বি, দুধ তোলানি। নাক তোলা—গর্ব্ব প্রকাশ করা ; গর্ব্বিত ভাব ধারণ করা। ২। ঘৃণা প্রকাশ করা। পল তোলা—ধাতু বা কাষ্ঠাদির গায়ে যন্ত্রাদি দ্বারা খুদিয়া শির উঠান। পাল তোলা—নৌকা বা জাহাজে পাইল খাটাইয়া দেওয়া। ২। পালের জোরে নৌকাদি চালান। পিঠের চামড়া তোলা—অত্যন্ত প্রহার করা। ফুল তোলা—বোঁটা থেকে ফুল ছিঁড়িয়া ছিঁড়িয়া সংগ্রহ করা ; পুষ্পচয়ন করা। মন তোলা, মুখ তুলে চাওয়া—অনুগ্রহ করা ; অনুকূল হওয়া ; কৃপা করা ; প্রসন্ন হওয়া। মাথা তোলা—উন্নতি করা। ২। বিদ্রোহী হওয়া। সুর তোলা—চাপা গলায় না গাহিয়া গলার স্বর চড়ান। (২) নিম্ন হইতে ক্রমে উচ্চ গ্রামের সুর ধরা। হাত তোলা—বি, অধীনতা। ২। ক্রি, প্রহার করা। প্র—স্ত্রীলোকের গায়ে হাত তোলা কাপুরুষের কাজ। হাই তোলা—হাই ছাড়া। হেঁসেল তোলা—রন্ধন ভোজন সমাপ্ত করিয়া উচ্ছিষ্টাদি পরিষ্কার করত পাত্রাদি যথাস্থানে উঠাইয়া রাখা।

তোলা জল (ল) [তোলা (উত্তোলিত) যে জল ; স্রোতের, খাতের বা কোন জলাশয়ের জলে নামিয়া নহে এই ভাব] বি, উত্তোলিত জল ; উঠান জল ; জলাশয় হইতে তুলিয়া আনা বা কলের জল কলসাদিতে ভরিয়া আনা জল। প্র—"তোলা জলে শ্রীমন্তেরে সিনান করায়।"—কবিকঙ্কণ।

তোলা পাড়া [তোলা (উত্তোলন)+পাড়া (পাতন)—মনের মধ্যে কোন বিষয় তুলিয়া মুখ্যভাবে দেখা আবার তাহাকে পাড়িয়া গৌণ ভাবে বিচার করা, তাহাকে উল্টাইয়া পাল্টাইয়া উঠাইয়া নামাইয়া, তাহার উজ্জ্বল ও মলিন, ভাল ও মন্দ সকল দিক দেখা এবং তাহাতে একবার আশা ও উৎসাহে হৃদয়টাকে উচ্চে তোলা আবার নৈরাশ্য ও অবসাদে পাতালে পাড়া] বি, পুনঃপুনঃ অনুশীলন ; আন্দোলন। প্র—"তোলাপাড়া করেন শ্রীরাম কত মনে।" —কৃত্তিবাস। "চেড়ীগণে মারি বলি মনে তোলে পাড়ে"—ঐ। ২। চিত্তবিকার ; উদ্বেগ।

তোলো [হি—তওলা বা তোলা] বি, বৃহৎ মৃৎপাত্র ; তোলো হাঁড়ি। প্র—"যার পানে চাই তানারি মুখ তোলো হাঁড়ি।"—নীলদর্পণ। তোলোহাঁড়ি—ভাত রাঁধিবার বড় হাঁড়ি। ২। তোলো হাঁড়ির মত গম্ভীর ও স্ফীত ; (মুখ) ভার। প্র—মুখ যেন সে তোলোহাঁড়ি করিয়া বসিয়া আছে।

তোল্য (তোল্‌ল্) [তুলি (পরিমাণ করা)+য (কর্ম্মে)] বিণ, তুলনীয় ; তুলনার যোগ্য।

তোশক, তোষক (তোশোক্) [ফা—তোশক্] বি, তুলানির্ম্মিত বিছানা ; ছোট গদি।

তোশা, তোষা [ফা—তোশা=খাদ্য-সামগ্রী] বি, খাদ্যদ্রব্য। তোশাখানা, তোষাখানা—ভাণ্ডার। ২। যে আগারে আসবাবপত্র রক্ষিত হয়।

তোষ, তোষণ [তুষ্ (তুষ্ট হওয়া)+অ—অন (ভাবে—অল্, অনট্)] বি, তৃপ্তি ; সন্তোষ। ২। হর্ষ ; আহ্লাদ। ৩। সন্তুষ্টকরণ ; সন্তোষ উৎপাদন। ৪। [করণে, অনট্] সন্তোষ সাধন বস্তু। স্ত্রী, তোষিণী—সন্তোষকারিণী। প্র—"গণ তোষিণি! ঘন ঘোষিণি! হঠ দোষিণি! শঠ রোষিণি! গৃহ পোষিণি! গো।"—অন্নদামঙ্গল।

তোষদান (তোষ্‌দান্) [ফা—তোশ্‌দান্] বি, গুলি বারুদাদি রাখিবার আধার। a cartridge-pouch.

তোষল (ল) বি, অস্ত্রবিশেষ ; মুষল।

তোষাখানা [তোষা দ্রঃ। ফা—তোষাখানা] বি, ধনাগার ; আসবাবপত্র রাখিবার গৃহ ; গৃহোপকরণ, সাজ সরঞ্জাম প্রভৃতির আগার ; ধনভাণ্ডার।

তোষামোদ (দ) [ফা—খোসামোদ দ্রঃ] বি, খোসামোদ ; মন যোগান ; অন্যের মনস্তুষ্টি-সাধন ; চাটুবৃত্তি।

তোষিত (তো) [তুষ্+ণিচ্=তোষি (তুষ্ট করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সন্তোষিত ; তর্পিত ; তুষ্ট।

তোহর, তোহার, তোঁহার, তোহারা, তোহারি, তুহারি, তুঁহারি [হি—তোহারহী, তুহারী, তোহার, তোহারা, তোহর। ব্রজ] স, তোমার ; তোমারি ; তব ;

তোর। প্র—"মুদি গেল কুমুদিনী তইও তোহর ধনি মুদল মুখ-অরবিন্দা।"—বিদ্যাপতি। "এত চাটপনা জানে কোন জনা বুঝিনু তোহারি রীতি।"—চণ্ডীদাস। "অব তারণ-ভার তোহারা"—বিদ্যাপতি। "বলি যে তুঁহারি ঠাঁই"—চণ্ডীদাস। "তোঁহার লাগয় প্রেমক লাগয় সব কছু সহবে জ্বালা"—রবি।

তোহে [ব্রজ। হি—তোহি (তোমাকে)—মানস-কোশ] স, তোমাকে। প্র—"বিহি বিহি তোহে দেল"—বিদ্যাপতি।

তৌজী [আ—তৌজী। জমিঃ পরিঃ] সেনা রক্ষার জন্য জায়গীর বন্দোবস্ত, জায়গীর জমিদারীর আয়ের হিসাব ও জায়গীরদার, জমিদার ও তালুকদারগণের নামের তালিকা। কে কত সেনারক্ষা করেন ইত্যাদি যে পুস্তকে লিখিত থাকে। তৌজিনবিস—যে তৌজি লেখে; তৌজীলেখক কর্ম্মচারী। তৌজি-মহাল—যে মহাল কালেক্টরের রক্ষিত বিবরণপত্রের অন্তর্গত।

তৌর্য্য (তোর্জ) [তুর্য্য+অ (সম্বন্ধার্থে—ষ্ণ)] বি, ক্লী, তুর্য্যবাদ্য; মৃদঙ্গাদির ধ্বনি।

তৌর্য্যত্রিক (তৌর্জৎতৃক্)। তৌর্য্য—ত্রি (তিন)+ক] বি, ক্লী, গীত, বাদ্য ও নৃত্য। [ব্রজ—তুরিয়তিক। প্র—"সুকাম নটনে তুরিয়তিক ৎ"—বিদ্যাপতি]।

তৌল (ল্) [তুল্ (পরিমাণ করা)+অ (ইদমর্থে)] বি, পরিমাণক্রিয়া; মাপ; ওজন। ২। তুলাযন্ত্র; তরাজু।

তৌলন (ন্) [তুলন+অ] বি, ওজন।

তৌলন (নো) [তৌল+আন। ক্রি-বিভক্তি। উ-পু—তৌলি। ম পু—তৌল। প্র-পু—তৌলে। অস-ক্রি—তৌলিতে; তৌলিয়া। ণিজন্ত—তৌলান (নো)] ক্রি, মাপা; ওজন করা। প্র—"মহেশ মধ্যস্থ তবু মানে নাহি মুনি। তুলে করে ত্বরায় তৌলিলা শূলপাণি॥"—শিবায়ন। "তৌলিয়া গণিয়া রাজা লেউক যত ধন।"—কবিক।

তৌলিক (ক্) [তুলিকা+অ (ষ্ণ)] বি, পুং, চিত্রকর; পটুয়া। ২। [তুলা+ইক (ষ্ণিক)] যে ওজন করে; পরিমাণকারী; কয়াল।

তৌলিয়া [ইং—towel শব্দজ] বি, তোয়ালিয়া; গাত্রমার্জ্জনী।

ত্যক্ত (ত্বক্‌ত) [ত্যজ্ (ত্যাগ করা)+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহা পরিত্যাগ করা হইয়াছে; বর্জ্জিত। ২। বিসৃষ্ট। ৩। ক্ষিপ্ত। ৪। দত্ত। ৫। [গ্রা—ত্যাক্‌তো] বিরক্ত। সংসার ত্যক্ত সন্ন্যাসীর মত ইত্যাদি। ত্যক্ত-বিরক্ত [গ্রা—তিতিবিরক্ত]—উত্ত্যক্ত এবং বিরক্ত। ২। [সহচর শব্দ] বিরক্ত।

ত্যজন (ত্বজন্, ত্যাজোন্) [ত্যজ্+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পরিত্যাগ; বিসর্জ্জন। ২। বর্জ্জন। ৩। দান। ৪। [করণে, অনট্। যাহাদ্বারা গৃহাদি ভোগসাধন ত্যক্ত হয়] বৈরাগ্য [বিরল ব্যবহার] ক্রি, ত্যজা (পদ্যে)—ত্যাগ করা। ব্রজ—ত্যজই—ত্যাগ করে; ত্যজে।

ত্যজ্যমান (তেজ্‌জোমান্) [ত্যজ্+আন (কর্ম্মে—শান) য, ম্ আগম] বিণ, যাহা ত্যাগ করা যাইতেছে।

ত্যাঁদড় (ত্যাদোড়) [তেঁদড় দ্রঃ] বিণ, দুরন্ত; দুষ্ট; নির্লজ্জ; বেহায়া।

ত্যাগ (গ্) [ত্যজ্ (ত্যাগ করা)+অ (ভাবে, ঘঞ্)] বি, বর্জ্জন; পরিত্যাগ। ২। বিসর্জ্জন; নিক্ষেপ। ৩। ছাড়। ৪। দান। ৫। বৈরাগ্য।

ত্যাগী (গি) [ত্যজ্+ইন্ (কর্ত্তৃ—ঘিণন্)= ত্যাগিন ১মা, ১ব] বিণ, যে ত্যাগ করে। ২। দাতা। ৩। বৈরাগী। ৪। নির্লোভ।

ত্যাজ্য (ত্যাজ্‌জো, তেজ্‌জো) [ত্যজ্+য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, বর্জ্জনীয়; ত্যাগের যোগ্য।

ত্যাজ্যপুত্র (তেজ্‌জোপুৎত্রো) [চ, গ্রা—উচ্চারণ, তেজ্জিপুত্তুর্] বি, পৈতৃক বিষয় হইতে বঞ্চিত সন্তান।

ত্যাড়া [সং—তির্য্যচ্, হি—টেড়া] বিণ, বক্র, বাঁকা। প্র—"শিরে ত্যাড়া টুপী।"—হেম বন্দ্যো। ২। আড়; হেলান।

ত্যোয়া [তেয়্যা দ্রঃ। প্রা-বাং, প্রাদে] অস-ক্রি, তৈয়ার করিয়া। প্র—"বসিবার বাঘছালে জাঁতা দিউক ত্যেয়া। পাবকে ফেলুক প্রেতচিতাঙ্গার বয়্যা।"—শিবায়ন।

ত্রপমাণ (ন্) [ত্রপ্+আন (কর্ত্তৃ—শান)] বিণ, যে লজ্জা পাইতেছে; লজ্জাশীল।

ত্রপা [ত্রপ্ (লজ্জিত হওয়া)+অ (ভাবে—অঙ্)] বি, স্ত্রী, লজ্জা। ২। বিনয়। ৩। যশঃ; কীর্ত্তি। ৪। বংশ; কুল। ৫। কুলটা; বেশ্যা [সংস্কৃতের অনুবাদ গ্রন্থ ব্যতীত ইহার স্বতন্ত্র ব্যবহার নাই]।

ত্রপান্তর, তৃপান্তর (র্) [গ্রা—তেপান্তর। ত্রি—প্রান্তর] বি, প্রান্তর; বহুদূর বিস্তৃত মাঠ।

ত্রপিত (ত্রো) [ত্রপ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, লজ্জিত; ত্রপাযুক্ত।

ত্রপিষ্ঠ (ত্রোপিষ্ঠ) [ত্রপা (লজ্জা)+ইষ্ঠ ঈয়সু (অত্যর্থে)=ত্রপীয়স্ ১মা, ১ব] বিণ, অতিশয় লজ্জিত; অত্যন্ত লজ্জাশীল।

ত্রপু (ত্রো) বি, সীসক; সীসা। ২। রাঙ্। ৩। দস্তা। ৪। টিন।

ত্রপুষ (ত্রোপুষ্) বি, ক্লী, কর্কটীবৃক্ষ; শাল্মলী বৃক্ষ। ২। টিন। স্ত্রী, ত্রপুষা—শশাগাছ।

ত্রয় (য়) [ত্রি (তিন)+অয় (সংজ্ঞার্থে—অয়ট্)] বি, ক্লী, ৩ সংখ্যা। ২। ব্রহ্মা, বিষ্ণু ও শিব এই ত্রিমূর্ত্তি। ৩। সোমরাজবৃক্ষ। ৪। বিণ, ত্রিত্বসংখ্যাবিশিষ্ট। স্ত্রী, ত্রয়ী ["স্ত্রিয়ামৃক্ সামযজুষী ইতি বেদাস্ত্রয়স্ত্রয়ী"—অমর] ঋক্, সাম ও যজুর্ব্বেদ। ২। ত্রিবর্গ-বতী স্ত্রী। ৩। গৃহিণী। ৪। দুর্গা। প্র—"ত্রৈলোক্যতারিণী ত্রয়ী বিষ্ণুমায়া বর্ণময়ী কবি মুখে অষ্টাদশ ভাষা।"—কবিক। ৫। বিণ, ত্রিসংখ্যক। ৬। ত্রিশক্তিযুক্ত। ত্রয়ীধর্ম্ম [ত্রয়ী (বেদত্রয়) উক্ত যে ধর্ম্ম—কর্ম্মধা] বি, পুং, ঋক্ যজুঃ ও সামবেদোক্ত কর্ম্মকাণ্ড; বৈদিক ধর্ম্ম। ত্রয়ীবিদ্যা—ত্রিবেদাত্মিকা। প্র—"তুমি রমা তুমি বাণী যোগনিদ্রা নারায়ণী ত্রয়ীবিদ্যা অনাদি বাসনা।"—কবিক।

ত্রয়ঃপঞ্চাশৎ—বি, স্ত্রী, ৫৩; তিপ্পান্ন।

ত্রয়স্ত্রিংশ—বিণ, ৩৩ সংখ্যার পূরক।

ত্রয়োদশ (শ্) [ত্রি (তিন) দশন্=দশ] বিণ, তের সংখ্যার পূরক। ২। তের সংখ্যা; ১৩। স্ত্রী, ত্রয়োদশী—তিথিবিশেষ; চন্দ্রের ত্রয়োদশ কলার হ্রাস বা বৃদ্ধি জনিত ফল।

ত্রসন (ত্রশন্) [ত্রস্ (ভয় করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ভয়; ত্রাস। ২। উদ্বেগ। ৩। বিণ, ত্রাসযুক্ত; উদ্বিগ্ন।

ত্রসর (ত্রশর্) [ত্রস্ (গমন করা)+অর (সংজ্ঞার্থে)] বি, পুং, তন্তুবায়ের তুরী; মাকু।

ত্রসরেণু (ত্রোশোরেনু) [ত্রস (গমনশীল) যে রেণু—কর্ম্মধা] বি, পুং, স্ত্রী, ছয় পরমাণু বা তিন দ্ব্যণুক। রন্ধ্রপথ দিয়া গৃহমধ্যে যে সূর্য্যালোক প্রবেশ করে তাহাতে যে সূক্ষ্ম পদার্থ উড়িতে দৃষ্ট হয়।

ত্রস্ত [ত্রস্ (ভীত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, ত্রাসযুক্ত। ২। চকিত; সসব্যস্ত। ৩। ভীত। ৪। কম্পিত; বিচলিত।

ত্রাণ (ন্) [ত্রৈ (রক্ষা করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, রক্ষা। ২। বিপদ হইতে উদ্ধার। ৩। বিণ, রক্ষক; ত্রাতা; এই অর্থে অন্য শব্দের পর যুক্ত হয়। ৪। বিণ, ত্রাত; রক্ষিত।

ত্রাতা [ত্রৈ+তৃ (কর্ত্তৃ—তৃচ্)] বিণ, রক্ষা-কর্ত্তা; উদ্ধারক।

ত্রায়মাণ (ন্) [ত্রৈ+আন (কর্ম্মে—শান)] বিণ, যাহাকে উদ্ধার করা যাইতেছে; যে পরিত্রাণ পাইতেছে। ২। [কর্ত্তৃ—শান] যে ত্রাণ করিতেছে। স্ত্রী, ত্রায়মাণা।

ত্রাস (শ্) [ত্রস্ (ভয় পাওয়া) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, ভীতি ; ভয়। প্র—"গহন কুসুম-কুঞ্জ মাঝে মৃদুল মধুর বংশী বাজে, বিসরি ত্রাস লোক লাজ, সজনি আও আওলো।"—রবি। "অবনী টলমল কম্পিত কুলাচল, ত্রাসে তরল ত্রিদিবেশ॥"—ঘনরাম। ২। মণির কলঙ্ক। ৩। [প্রাদে] খর বা তীক্ষ্ণ দৃষ্টি ; রাসভারি চাহনি। প্র—তাহার চখের ত্রাস খুব।

ত্রাসিত (ত্রাশিতো) [ত্রাসি (ভীত হওয়ান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বিভীষিত ; ভয়প্রাপ্ত ; ভয়চকিত।

ত্রাহি [ত্রৈ (রক্ষা করা) + হি (অনুজ্ঞার্থে)] ক্রি, ত্রাণ কর ; রক্ষা কর ; বাঁচাও। [এই সংস্কৃত শব্দটী অবিকৃত ভাবে বাঙ্গালাভাষায় ব্যবহৃত হইতেছে]। **ত্রাহি ত্রাহি ডাক ছাড়া, পরিত্রাহি ডাক ছাড়া**—বিপদ হইতে রক্ষা পাইবার জন্য প্রাণপণে চীৎকার করা : অত্যন্ত ভয় পাইয়া যতদূর শক্তি চেঁচান।

ত্রি (তৃ) [সং—] বিণ, তিন সংখ্যা ; ৩। [তুল—গেলিক্—tri ; গ্রী—treis ; ল্যা—tres ; জর্ম্ম—drei, trei ; গথ—threis ; ইং—three ; হি—তীন্ ; ফা—সী]।

ত্রিংশ (তৃং) [সং—ত্রিংশৎ] বিণ, ত্রিশ সংখ্যাব পূরক। ২। ত্রিশ সংখ্যা ; ৩০।

ত্রিংশৎক (তৃং) [ত্রিংশৎ + ক (পূরণার্থে)] বি, পুং, ত্রিংশৎ সংখ্যার পূরক।

ত্রিংশত্তম (তৃংশোৎতম) [ত্রিংশৎ + তম (পূরণার্থে তমট্)] বিণ, ত্রিংশৎ সংখ্যার পূরক।

ত্রিক (ক্) বি, ক্লী, মেরুদণ্ডের নিম্নপ্রদেশ। ২। কটী। ৩। ৩ সংখ্যা। ৪। তেমাথা পথ। ৫। ত্রিফলা। ৬। ত্রিকটু। স্ত্রী—**ত্রিকা**—তেকাঠা। ২। কূপের মুখে বসান ত্রিভুজ দণ্ড, যাহার উপর দিয়া দড়ি ফেলিয়া জল তোলা যায়, জলোত্তোলনীবিশেষ।

ত্রিকচ্ছ (তৃকচ্‌ছো) [ত্রি (তিন) + কচ্ছ (কাছা)] বি, তিনটী কাছা। প্রাচীন-কালের বস্ত্র পরিধানের প্রকারভেদ। ২। তিনটী কাছাযুক্ত ; তিনদিকে বন্ধনী দেওয়া : প্র—"কিবা সে অদ্ভুত শোভে ত্রিকচ্ছ বসন।" —চৈতন্যভাগবত।

ত্রিকটু (তৃকোটু) [ত্রি (তিন) যে কটু (তীব্র ঝাল)—দ্বিগু, কর্ম্মধা] বি, পুং, শুঁঠ, পিপুল ও মরিচ।

ত্রিকণ্ট [ত্রি (তিন) কণ্ট (কণ্টক, কাঁটা) যাহার, বহু] বি, পুং, গোক্ষুর। ২। তেকাটা সিজের গাছ। ৩। টেঙ্গরামাছ।

ত্রিকর্ম্মা [ত্রি (তিন) কর্ম্মন্ = কর্ম্ম হইয়াছে যাহার, বহু] বি, পুং, ত্রিবিধ কার্য্যানুষ্ঠাতা ; (জীবিকার্থে যাজন, প্রতিগ্রহ ও অধ্যাপন এই ত্রিবিধ এবং ধর্ম্মার্থে যজন, দান ও বেদাধ্যয়ন এই ত্রিবিধ কার্য্যকারী ব্রাহ্মণ।

ত্রিকাল (ল্) [ত্রি (তিন) যে কাল (সময়)—দ্বিগু, কর্ম্মধা] বি, ক্লী, ভূত, ভবিষ্যৎ, বর্ত্তমান। প্র—"ত্রিকাল মোহিনী যোগিনী সোহিনী মুক্তিযোগ রঙ্গিণী।"—গিরিশ। ২। প্রাত-র্মধ্যাহ্ন সায়াহ্ন। ৩। বিণ, কালত্রয়বর্ত্তী।

ত্রিকালজ্ঞ (তৃকালোগ্‌গঁ) [ত্রিকাল—জ্ঞ (জ্ঞাতা, যে জানে)] বিণ, যে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান এই তিনকালের বার্ত্তা জানে। ২। বি, পুং, শিব। (২) ঋষি। (৩) বুদ্ধ।

ত্রিকালদর্শী (তৃকালদোর্শি) [ত্রিকাল—দর্শিন্ = দর্শী (যে দেখে)] বিণ, ত্রিকালজ্ঞ। যে ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান দর্শন করে। ২। বি, পুং, ঋষি ; মুনি।

ত্রিকুল (ল্) বি, বংশত্রয় : পিতৃকুল, মাতৃকুল ও শ্বশুরকুল। [গ্রা—তিনকুল। প্র—সে সকলকে খেয়ে বসে আছে, তিনকুলে তার কেউ নাই]।

ত্রিকূট (ট্) [ত্রি (তিন) হইয়াছে কূট (শিখর) যাহার, বহু] বি, পুং, ত্রিশৃঙ্গবিশিষ্ট পর্ব্বতবিশেষ ; ইহার উপর লঙ্কা অবস্থিত। ইহার নামান্তর সুবেল পর্ব্বত। এই পর্ব্বত লবণসমুদ্রে অবস্থিত [হেমচন্দ্র]। ২। ক্ষীরোদ সমুদ্রস্থ পর্ব্বত যাহাব স্বর্ণ রৌপ্য ও লৌহময় তিনটী শৃঙ্গ আছে [পুরাণ]। ৩। সামুদ্র-লবণ। স্ত্রী, **ত্রিকূটা**—ভৈরবীবিশেষ।

ত্রিকোণ (ন্) [ত্রি (তিন) কোণ – সরল বক্ররেখাত্রয়ের সংযোগজাত ক্ষেত্র (কোণ দ্রঃ)। ইং—cone, গ্রী—konos] বি, ক্লী, তিন কোণ। ২। স্ত্রীচিহ্ন · যোনি। ৩। [জ্যোতিষে] লগ্নের পঞ্চম ও নবম স্থান। ৪। [গণিতে] ত্রিভুজ ক্ষেত্রবিশেষ। ৫। কামরূপ তীর্থবিশেষ। ৬। বিণ, ত্রিকোণ-বিশিষ্ট।

ত্রিকোণমণ্ডল ভূমি—নদীর মোহনাস্থিত মাত্রাশূন্য বকারের ন্যায় দ্বীপ : 'ব' দ্বীপ।

ত্রিকোণমিতি [ইং—trigonometry] বি, রেখা ও কোণ সম্বন্ধীয় গণিতশাস্ত্রবিশেষ।

ত্রিগঙ্গ [ত্রি (তিনটী) গঙ্গা (নদী)র মিলন হইয়াছে যেখানে, বহু] বি, ক্লী, তীর্থবিশেষ। ২। তিনটী নদীর সঙ্গমস্থল। ৩। প্রয়াগ।

ত্রিগণ (ন্) [ত্রি (৩টী) গণ (সমূহ)] বি, পুং, ত্রিবর্গ : ধর্ম্ম অর্থ ও কাম।

ত্রিগর্ত্ত (তৃগরৃত) [ত্রি (তিনটী) গর্ত্ত (নিম্ন-ভূমি—প্রবাহিনী ; গঙ্গা, ব্রহ্মপুত্র, সিন্ধুনদী) মিলিত হইয়াছে যেখানে, বহু] বি, পুং, পঞ্জাবের অন্তর্গত জেলাবিশেষ ; লাহোরাখ্য দেশের একভাগ ; জালন্ধর [হেমচন্দ্র]। ২। গণিতবিশেষ। ৩। বিণ, ত্রিগর্ত্ত দেশ-বাসী। স্ত্রী, **ত্রিগর্ত্তা**—ঘুঘুরিকা। ২। ভোগাভিলাষিণী স্ত্রী।

ত্রিগুণ (ন্) [ত্রি (তিন) যে গুণ—দ্বিগু, কর্ম্মধা] বি, ক্লী, সত্ত্ব, রজঃ ও তমঃ। প্র—"কি পুণ্য করেছি উদরে ধরেছি ত্রিগুণধারিণী কন্যা।"—রামপ্রসাদ। ২। সুখ, দুঃখ ও মোহ। ৩। [সাঙ্খ্যমতে] সাম্যাবস্থাপন্ন গুণত্রয়াত্মক প্রধান। ৪। বিণ, সুখ, দুঃখ ও মোহ এই গুণত্রয়যুক্ত। (২) সত্ত্বাদি গুণত্রয়-বিশিষ্ট। প্র—"চন্দ্র সূর্য্য হুতাসন সুশোভিত ত্রিনয়ন ত্রিগুণ ত্রিশূলী ত্রিপুরারি।"—অন্নদা-মঙ্গল। স্ত্রী—**ত্রিগুণা**—দুর্গা।

ত্রিগুণাত্মক (তৃগুণাৎতক্) [ত্রিগুণ—আত্মন্ = আত্মা + ক] বিণ, গুণত্রয়বিশিষ্ট ; যাহার তিনগুণ আছে। ২। [সাঙ্খ্যে] সত্ত্ব-রজস্তমোগুণপ্রধান। ৩। [বেদান্তে] অজ্ঞান। স্ত্রী—**ত্রিগুণাত্মিকা**—আদ্যাশক্তি। প্র—"ত্রিগুণাত্মিকা তারা ত্রৈলোক্য জননী। ত্রিশক্তিরূপিণী তুমি তরঙ্গ নাশিনী॥"—কবিক।

ত্রিগুণিত (তৃগুনিতো) [ত্রিগুণ + ইত (যুক্তার্থে)] বিণ, তিনবার গুণিত।

ত্রিচক্র (তৃচক্‌ক্র) [ত্রি (তিন) চক্র (চাকা) হইয়াছে যাহার, বহু] বি, পুং, অশ্বিনীকুমার-দ্বয়ের রথ। ২। বিণ, তিনচাকাবিশিষ্ট। **ত্রি-চক্রযান** (তৃচক্‌ক্রজান্) বি, তিনচাকার গাড়ি ; tricycle.

ত্রিচক্ষু (তৃচোক্‌খু) [ত্রি (তিন) চক্ষুস্ = চক্ষু (নেত্র) যাহার, বহু] বি, পুং, ত্রিনেত্র ; শিব। ২। বিণ, তিনচক্ষুবিশিষ্ট ; তেচোকো।

ত্রিজগৎ [ত্রি (তিন) যে জগৎ—দ্বিগু, কর্ম্মধা] বি, ক্লী, ত্রিভুবন ; স্বর্গ মর্ত্ত্য পাতাল।

ত্রিজটা [ত্রি (তিন) জটা (জট—বেণীবিশিষ্টা)] বি, স্ত্রী, রাবণের কিঙ্করী রাক্ষসীবিশেষ ; এই রাক্ষসী জানকীর পক্ষপাতিনী ছিল। ২। পুং, শিব। (২) বিল্ববৃক্ষ।

ত্রিণ (ন) [তৃণ (দ্রঃ) ঋ = রি] বি, ক্লী, তৃণ ; ঘাস [বিরল]।

ত্রিত—বি, গৌতমের তৃতীয় পুত্র ; প্রথম পুত্রের নাম একত, দ্বিতীয়ের নাম দ্বিত (মহা—শল্য ৩৭-অঃ)। ২। ব্রহ্মার মানস-পুত্র ঋষি-বিশেষ। ৩। পুরাণোল্লিখিত দেশবিশেষ।

ত্রি-তত্ত্ব (তৃতত্‌ত্ত) [রামায়ণে] বি, যে তত্ত্বে তিনের সমাহার আছে। **ত্রিবর্গ**—ধর্ম্ম, অর্থ, কাম। **ত্রিগুণ**—সত্ত্ব, রজঃ, তম। **ত্রিলোক**—স্বর্গ, মর্ত্ত্য, পাতাল। **ত্রিমন্ত্র**—প্রভু, মন্ত্র, উৎসাহ। **ত্রিব্যাধি**—বাত, পিত্ত, কফজ। **ত্রিঋণ**—দৈব, পৈত্র্য, মানুষ। **ত্রিযুগ্মগুণ**—যশবীর্য্য, শ্রীঐশ্বর্য্য,

জ্ঞান বৈরাগ্য। **ত্রিকর্ম্মপাতক**—কায়িক, বাচিক, মানসিক। **ত্রিঅগ্নি**—আহবনীয়, গার্হপত্য, দক্ষিণ। **ত্রিমদ**—বিষয়মদ, ধনমদ, আভিজাত্য মদ, এই ত্রিবিধ মত্ততা।

ত্রিতন্ত্রী (তৃতোনত্রি) [ত্রি (তিন) তন্ত্র (তার) + ইন্ (অস্ত্যর্থে) = ত্রিতন্ত্রিন্ ১মা, ১ব] বি, বীণাবিশেষ। (কচ্ছপী বীণার ন্যায় ইহার আকার—যন্ত্রকোষ)। ২। সেতার। [ফা—'সে' = তিন + তার = তন্ত্র। তিন তারবিশিষ্ট ততযন্ত্র তাই আমীর খসরু কর্ত্তৃক 'সেতার' নামে অভিহিত হইয়াছে]।

ত্রিতল (তৃতল্) [ত্রি—তল] বিণ, তেতালা।

ত্রিতাপ (তৃতাপ্) [ত্রি (তিন) যে তাপ (দুঃখ) সমাহার দ্বিগু] বি, ক্লী, আধ্যাত্মিক, আধিদৈবিক ও আধিভৌতিক এই ত্রিবিধ সন্তাপ। প্র—"ত্রিতাপ দিবানিশি, দহিছে শ্রীপদে দেহ আশ্রয়।"—গিরিশ ঘোষ। "ত্রিবিধ তাপেতে তারা, নিশিদিন হ'তেছি সারা।"—রাম দত্ত।

ত্রিদণ্ড (তৃদন্ড) [ত্রি (তিন) দণ্ড (যষ্টি, শাস্তি) সমাহার দ্বিগু] বি, ক্লী, দণ্ডত্রয়। ২। বাগ্‌দণ্ড (বাক্‌সংযম) মনোদণ্ড (মনঃসংযম) কায়দণ্ড (দেহনিগ্রহ)। মনু ১২।১০। ৩। সন্ন্যাসাশ্রম।

ত্রিদণ্ডী (তৃদোন্‌ডি) [ত্রিদণ্ড + ইন্ (অস্ত্যর্থে) = ত্রিদণ্ডিন্ ১মা, ১ব] বিণ, ত্রিদণ্ডবিশিষ্ট। ২। সন্ন্যাসিবিশেষ।

ত্রিদশ (তৃদশ্) [ত্রি (তাপত্রয়)—দশ্ (নাশ করা) + অ (কর্ত্তৃ—ক) যাঁহারা জীবের আধ্যাত্মিক আধিদৈবিক ও আধিভৌতিক তাপত্রয় নষ্ট করেন। কিম্বা ত্রি (তৃতীয়া) দশা (অবস্থা) যাঁহাদের অর্থাৎ যাঁহাদের যৌবনাবস্থা পর্য্যন্ত আছে কিন্তু বার্দ্ধক্যাবস্থা নাই] বি, পুং, দেবতা ; অমর। প্র—"এই মত লীলা করে ত্রিদশের রায়।"—চৈতন্য-ভাগবত। "ত্রিদশগণের নাথ, কেমন আছেন তাত, কহ সুরপুরের বারতা।"—কবিক। ২। [ত্রি (তিন অধিক ত্রিরাবৃত্ত) দশ (দশন্ শব্দজ) ৩৩ সংখ্যাবিশিষ্ট ; আদিত্য ১২, রুদ্র ১১, বসু ৮, বিশ্বদেব ২। প্রা-বাং—**তিদস**—ত্রিদশ। প্র—"উঠিলেন গোসাঞি দেব চক্রপানি। ত্রিভুবন করহ মুক্ত তিদসর মনি॥"—শূন্যপুরাণ।

ত্রিদশপতি (তৃদশ্‌পোতি) [ত্রিদশ (দেবতা) পতি (রাজা) ৬তৎ] বি, পুং, দেবরাজ ; ।।

ত্রিদশবধূ, ত্রিদশবনিতা (তৃদশ্‌বোধু, —বোনিতা) বি, স্ত্রী, অপ্সরা।

ত্রিদশাঙ্কুশ (তৃদশাংকুশ্) [ত্রিদশ—অঙ্কুশ, ৬তৎ] বি, পুং, ক্লী, বজ্র।

ত্রিদশাচার্য্য (তৃদশাচার্জ) [ত্রিদশ (দেবতা) আচার্য্য (গুরু) ৬তৎ] বি, পুং, দেবগুরু ; বৃহস্পতি।

ত্রিদশাধিপ, ত্রিদশাধিপতি (তৃদশাধিপ্, —পোতি) [ত্রিদশ (দেবতা) অধিপ—অধিপতি (রাজা) ৬তৎ] বি, পুং, দেবরাজ ; ।।

ত্রিদশাধ্যক্ষ (তৃদশাধ্‌ধোক্‌খ) [ত্রিদশ (দেবতা) অধ্যক্ষ (অধিপতি) ৬তৎ] বি, পুং, ইন্দ্র। ২। বিষ্ণু।

ত্রিদশায়ুধ (তৃদশায়ুধ্) [ত্রিদশ (দেবতা) আয়ুধ (অস্ত্র) ৬তৎ] বি, ক্লী, বজ্র ; অশনি। ২। ইন্দ্রধনু। ৩। দেবাস্ত্র।

ত্রিদশারি (তৃ) [ত্রিদশের অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, দৈত্য ; অসুর ; দানব।

ত্রিদশালয় (তৃদশালয়্) [ত্রিদশ (দেবতা) আলয় (বাসস্থান) ৬তৎ] বি, পুং, স্বর্গ। ২। সুমেরু পর্ব্বত।

ত্রিদশেশ্বর (তৃদশেশ্‌শর্) [ত্রিদশের ঈশ্বর (প্রভু) ৬তৎ] বি, পুং, ইন্দ্র। ২। শিব। ৩। বিষ্ণু। স্ত্রী, **ত্রিদশেশ্বরী**—ইন্দ্রাণী। ২। ভবানী ; দুর্গা। ৩। বৈষ্ণবী ; লক্ষ্মী

ত্রিদিব (তৃদিব্) [ত্রি (তিন ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর) দিব্ (ক্রীড়া করা) + অ (অধি, সংজ্ঞার্থে)] বি, পুং-ক্লী, স্বর্গ। প্র—"কে তুমি ত্রিদিব দেবী বিরাজ হৃদি কমলে। নধর নগনা লতা মগনা কমলদলে॥"—সারদামঙ্গল। "ত্রিদিবে প্রধান দেব দেব-দেব শিব। শিব হৈলা শক্তিহীন কেবা কি করিব॥"—অন্নদা-মঙ্গল। ২। আকাশ। ৩। সুখ [প্র, অ]। প্রা-বাং—**তিদেব**—ত্রিদিব ; স্বর্গ। প্র—"তিদেব মহারাজা ঢেঁকীর করিলা পূজা সুগন্ধি পুষ্পর মালা দিআ।"—শূন্যপুরাণ।

ত্রিদিবেশ (তৃদিবেশ্) [ত্রিদিব (স্বর্গ) ঈশ (প্রভু) ৬তৎ] বি, পুং, দেবতা।

ত্রিদেব (তৃদেব্) [ত্রি (তিন) যে দেব—দ্বিগু, কর্ম্মধা] বি, পুং, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর।

ত্রিদোষ (তৃদোষ্) [ত্রি (তিন) দোষ—৬তৎ] বি, পুং, বাত পিত্ত ও কফ এই তিনের দোষ বা প্রকোপ।

ত্রিদোষঘ্ন (তৃদোষোঘ্‌ন) [ত্রিদোষ—ঘ্ন (যে নাশ করে)] বিণ, বায়ু পিত্ত কফের দোষ বা প্রকোপ নাশক।

ত্রিদোষজ (তৃ) [ত্রিদোষ—জ (জাত)] বিণ, বাত পিত্ত কফ হইতে উৎপন্ন।

ত্রিধা (তৃ) [ত্রি + ধা (প্রকারার্থে ধাচ্)] ক্রি-বিণ, ত্রিবিধ ; তিন প্রকারে। ২। তিনবার ; তিনবারে। ৩। তিন অংশে ; তিনভাগ করিয়া। ৪। তিনদিকে।

ত্রিধামা [ত্রি (তিন) ধামন্ = ধাম (বাসস্থান) যাহার, বহু] বি, পুং, বিষ্ণু ; শিব ; অগ্নি। ২। বিণ, যাহার তিনটী ধাম বা বাসস্থান আছে। ৩। অগ্নি। ৪। তিন সংখ্যাযুক্ত।

ত্রিধার (তৃধার্) [ত্রি (তিন) ধারা (প্রবাহ) যাহার, বহু] বিণ, ধারাত্রয়বিশিষ্ট। প্রা-বাং—**তিধার**—তিন ধারবিশিষ্ট। প্র—"বামদিগে কাচন্তি পরভুর তিধার খন্ডা॥"—শূন্যপুরাণ। স্ত্রী—**ত্রিধারা**—গঙ্গা (কারণ গঙ্গার প্রথম ধারা স্বর্গে, দ্বিতীয় ধারা মর্ত্ত্যে ও তৃতীয় ধারা পাতালে গমন করিয়াছে। স্বর্গে প্রবাহিতা ধারার নাম মন্দাকিনী, মর্ত্ত্যে ভাগীরথী এবং পাতালে ভোগবতী)। ২। সুহীবৃক্ষ।

ত্রিনয়ন, ত্রিনেত্র, ত্রিলোচন (তৃনয়ন্, তৃনেৎত্র, তৃলোচন্) [ত্রি (তিন) হইয়াছে নয়ন, নেত্র, লোচন (চক্ষু) যাহার, বহু, স্বাভাবিক দুইনেত্র বাহ্যেন্দ্রিয় ও বাহ্য বস্তু প্রকাশক। ললাটস্থ তৃতীয় নেত্র অন্তরেন্দ্রিয় ও প্রত্যক্ষের অগোচর বস্তু এবং অধ্যাত্মতত্ত্ব-প্রকাশক জ্ঞান-নেত্র] বি, পুং, শিব। প্র—"ওহে ত্রিনয়ন ত্রিতাপহারি! ত্রিপুরান্তক! ত্রিশূলধারি!" —দাশরথি রায়। স্ত্রী, **ত্রিনয়না, ত্রিনেত্রা, ত্রিলোচনা**—দুর্গা ; কালী। প্র—"ভাবি নরমালী কালী অসি করে হেরি বনমালী বাঁশরী অধরে ত্রিনয়না ধ্যানে বঙ্কিম নয়নে হেরি হই সই বিমনা—"—গিরিশ ঘোষ। বাঙ্গালায়—**ত্রিনয়নী** শব্দেরও ব্যবহার আছে। প্র—"ত্রাণ কর তারা ত্রিনয়নি! হে ভবানি! ভবরাণি ভবভয় বারিণি!"—দাশরথি রায়।

ত্রিনবতি [ত্রি + নবতি] বি, স্ত্রী, তিরনব্বই ; ৯৩।

ত্রিপক্ষ—(তৃপোক্‌খো) [ত্রি (তৃতীয়) যে পক্ষ] বি, পুং, তৃতীয়পক্ষ। ২। বিণ, তিনপক্ষ।

ত্রিপঞ্চ (তৃ) [ত্রি (ত্রিগুণিত) পঞ্চ (পাঁচ) হইয়াছে যাহাতে, বহু] বিণ, ১৫ [৩ × ৫] ; পঞ্চদশ সংখ্যাযুক্ত।

ত্রিপঞ্চাশৎ (তৃ) [ত্রি (৩) পঞ্চাশৎ (৫০)] বি, স্ত্রী, তিপ্পান্ন ; ৫৩।

ত্রিপণ্ড (তৃপন্‌ড) [ত্রি (ধর্ম্ম, অর্থ, মোক্ষ) + পণ্ড। যে তিনই পণ্ড করে] বিণ, দুরাত্মা ; দুর্বৃত্ত। ২। শঠ ; খল ; দুষ্ট। প্র—"বালকটী অতিশয় ত্রিপণ্ড"—টেকচাঁদ।

ত্রিপতাক (তৃপতাক্) [ত্রি (তিন) পতাকা (ধ্বজ-চিহ্ন) পতাকার মত চিহ্ন ত্রয় যাহাতে, বহু] বিণ, পতাকাত্রয়বিশিষ্ট ; তিনটী পতাকাযুক্ত। ২। বি, তিনটী পতাকাবৎ রেখাঙ্কিত ললাট। ৩। মধ্যমা এবং অনামিকা ব্যতীত অঙ্গুলিত্রয় যুক্ত হস্ত।

ত্রিপত্র (তৃপৎত্র) [ত্রি (তিনটী) করিয়া পত্র (পাতা) আছে যাহার, বহু] বি, ক্লী, বিল্বপত্র ; বেলপাতা। প্র—জঠরে যাতনা পেয়ে বলিলাম, এবার ভজিতে তোমায় আমি

ভবে চলিলাম ; সুপুত্র হব রব স্বপদে, ত্রিপত্র দিব তব শ্রীপদে ; ধরায় পতিত হয়ে, রয়েছি পতিত হয়ে পতিতপাবনি ! ভুলে মা ! তোমায় ॥"—দাশরথি। ২। পুং, ত্রিপত্রযুক্ত বৃক্ষ ; বেলগাছ। ৩। দৈব ও পৈত্র্য কার্য্যে আবশ্যক কুশপত্র ত্রয়ে নির্ম্মিত দ্রব্য-বিশেষ। ৪। বিণ. তিনটী পাতাযুক্ত।

ত্রিপথ (তৃপথ্) [ত্রি (তিন) পথ (রাস্তা) তাহার সমাহার—সমাহার দ্বিগু] বি, ক্লী, তেমাথা পথ। ২। তিনটী পথ।

ত্রিপথগা (তৃ) [ত্রিপথ (স্বর্গ, মর্ত্ত্য, পাতাল) +গ (যে গমন করে) আ—স্ত্রীলিঙ্গে। স্বর্গ-গামিনী মন্দাকিনী, মর্ত্ত্যে প্রবাহিণী গঙ্গা এবং পাতালগামিনী ভোগবতী] বি, ত্রিপথ-গামিনী গঙ্গা।

ত্রিপদিকা, ত্রিপদী (তৃপোদিকা, তৃপোদি) [ত্রি (তিন) পদ (চরণ) আছে যাহার, বহু। ত্রিপদ+ক—আপ্ স্ত্রী, ই আগম : ত্রিপদী (ত্রিপদ+ঈপ্)] বি, স্ত্রী, তেপায়া ; টিপাই ; tripod. ২। বাং—ছন্দোবিশেষ। এই ছন্দের প্রথমার্দ্ধে তিন চরণ থাকে ও ৩ স্থানেই যতি পতিত হয়। প্র—"করিলেন ছল, বুঝিতে সকল দেবী হরমনোহরা।"—কৃত্তিবাস। এই ছন্দের লঘু, দীর্ঘ, তরল, ভঙ্গ-লঘু, দীর্ঘভঙ্গ প্রভৃতি ভেদ আছে। ইংরেজিতে এরূপ ছন্দকে trochæ বলে। ৩। হস্তীর পদ-বন্ধন রজ্জু : শৃঙ্খলাদি।

ত্রিপর্ণ (তৃপর্ন) [ত্রি (তিনটী) হইয়াছে পর্ণ (পাতা) যাহার, বহু] বিণ, যাহার তিনটী পত্র আছে। ২। বি, পুং, পলাশ-বৃক্ষ।

ত্রিপাদ (দ্) [ত্রি (তিনখানি) পাদ (চরণ) যাহার, বহু] বি, পুং, বিষ্ণু [ইনি বামনরূপ ধারণ করিয়া এক পদে পৃথিবী অন্যপদে স্বর্গ আক্রমণ করত নাভিদেশোত্থিত তৃতীয় পদ বলির মস্তকে অর্পণ করিয়া তাহাকে পাতালতলে প্রেরণ করিয়াছিলেন]। ২। জ্বর। ৩। বিণ, ত্রেতাযুগধর্ম্মরূপ বৃষ। ৪। বিণ, ত্রিপাদবিশিষ্ট।

ত্রিপান্তর (তৃপান্তর্) [ত্রি—প্রান্তর] বি, বহুদূরবিস্তৃত মাঠ। প্র—"শুখানের মৎস্য আর নারীর যৌবন। ত্রিপান্তরে পায় যদি রজত কাঞ্চন॥"—কবিক।

ত্রিপিটক (ক্) [ত্রি (তিন) পিটক (বৌদ্ধধর্ম্মগ্রন্থ)—দ্বিগু কর্ম্মধা] বি, ক্লী, বৌদ্ধধর্ম্ম প্রকিপাদক গ্রন্থ ; ইহা সূত্র, ধর্ম্ম ও বিনয় এই তিন ভাগে বিভক্ত বলিয়া এই নাম।

ত্রিপিষ্টপ (প্) [ত্রি (তৃতীয়) যে পিষ্টপ (ভুবন) দ্বিগু, কর্ম্মধা] বি, ক্লী, স্বর্গ। ২। [ত্রি (তিন)] ত্রিভুবন।

ত্রিপুট (তৃপুট্) [ত্রি (তিন) পুট (আচ্ছা-দন) যাহার, বহু] বি, পুং, খেঁসারি কলাই। ২। শর ; তীর। স্ত্রী—ত্রিপুটা—তন্ত্রোক্ত দেবীবিশেষ। ২। মল্লিকা। ৩। ছোট-এলাচি। (২) ত্রিপুটী—এরণ্ডবৃক্ষ।

ত্রিপুণ্ড্র, ত্রিপুণ্ড্রক (তৃপুনড্,—ক্) [ত্রি (তিন) পুণ্ড্রের—পুণ্ড্রকের (তিলকের) সমাহার, সমাহার দ্বিগু] বি, ক্লী, ভস্মাদি দ্বারা ললাটে রচিত রেখাত্রয় : তিলক ; ফোঁটা।

ত্রিপুর (র্) ত্রি (তিন) পুর (নগর) যাহার, বহু] বি, ত্রিপুরাসুর। ২। তারকাসুর। ৩। [ত্রি (তিন) যে পুর—কর্ম্মধা] বি, ক্লী, তারকাসুরের তিন পুত্রাধিকৃত, ময়দানব-নির্ম্মিত স্বর্ণ, রৌপ্য ও লৌহময় তিন পুরী। স্ত্রী, ত্রিপুরা।

ত্রিপুরঘ্ন [ত্রিপুর—হন্ (বধ করা) +অ (কর্ত্তৃ —টক্) বি, পুং, ত্রিপুরারি শিব।

ত্রিপুরদহন, ত্রিপুরারি, ত্রিপুরান্তক (তৃপুর্ দহন্,—ক্) বি, পুং, শিব। প্র—"বিপদ কাণ্ডারী, প্রভু ত্রিপুরারি।"—দাশরথি রায়।

ত্রিপুরভৈরবী—বি, স্ত্রী, দেবী-বিশেষ।

ত্রিপুরমর্দ্দন (তৃপুর মর্দন্) [ত্রিপুর (অসুর) মর্দ্দন (বিনাশক)] বি, শিব। প্র—"দুই হাতে ঘোটনা দুপায়ে কুঁড়া ধরি, ত্রিপুরমর্দ্দন নাম মনে মনে স্মরি॥"—অন্নদা-মঙ্গল।

ত্রিপুরা (তৃপুরা) [ত্রিপুর দ্রঃ] বি, স্ত্রী, ২। দেবীবিশেষ। ২। দুর্গা। প্র—"ত্রিপুরা ত্রিলোকতারা ধরাধরনন্দিনী। হাস্যযুতা পূর্ণেন্দুবদনী হরমোহিনী॥"—দেওয়ান রঘু-নাথ রায়। ৩। প্রাচীন চেদীরাজ্য [হেমচন্দ্র] : আধুনিক টিপারা : Tipperrah.

ত্রিপুরী (তৃ) বি, স্ত্রী, ত্রিপুরাদেশ ; প্রাচীন চেদীরাজ্য [হেমচন্দ্র]।

ত্রিপুরুষ (তৃপুরুষ্) [ত্রি (তিন) যে পুরুষ, দ্বিগু কর্ম্মধা] বি, পুং পিত্রাদি পুরুষত্রয়। [দ্রঃ—স্বয়ং, পিতা, পিতামহ বা স্বয়ং, পুত্র, পৌত্র অথবা পিতা, স্বয়ং ও পুত্র ইত্যাদি]। ২। বিণ, পুরুষত্রয় পরিমিত : তিন পুরুষের জীবিতকাল পরিমিত।

ত্রিপুরেশ (তৃপুরেশ্) [ত্রিপুরের—ঈশ (প্রধান)] বি, ক্লী, তীর্থবিশেষ [পদ্মপুরাণ]।

ত্রিপুষ্কর (তৃ, র্) [ত্রি—পুষ্কর] বি, ক্লী, তীর্থবিশেষ। ২। পুষ্কর তিথি পুষ্কর নক্ষত্র ও পুষ্কর বারঘটিত মৃত্যু যোগবিশেষ। পুষ্কর তিথি—দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশী। পুষ্কর নক্ষত্র—পুনর্ব্বসু, উত্তরাষাঢ়া, কৃত্তিকা, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ ও বিশাখা। পুষ্কর বার—রবি, শনি ও মঙ্গল। এই পুষ্কর বার বা তিথি বা নক্ষত্রে মৃত্যু হইলে এক পাদ পুষ্কর দোষ হয়, দুটি যোগ ঘটিলে দ্বিপাদ দোষ ! যাহার মৃত্যু সময়ে উক্ত বার তিথি নক্ষত্র এই তিনের যোগ হয় সে ত্রিপুষ্কর দোষ পায় তাহার ফল বাস্তু ও বৃক্ষাদি জীবিত থাকে না (ফলিত জ্যোতিষ)।

ত্রিফলা (তৃ) [ত্রি+ফল+আ] বি, স্ত্রী, হরীতকী, বিভীতকী (বয়ড়া) ও আমলকী এই তিন ফলের সংযোগ।

ত্রিবর্গ (তৃবর্গ) [ত্রি (তিন) বর্গের (শ্রেণী বা সমূহের) সমাহার, সমাহার দ্বিগু] বি, পুং, সৃষ্টি, স্থিতি, লয়। ২। ধর্ম্ম, অর্থ, কাম। ৩। সত্ত্ব, রজঃ, তম। ৪। আয়, ব্যয়, স্থিতি। ৫। হরীতকী, বিভীতকী, আমলকী। ৬। শুঁঠ, মরিচ, পিঁপুল।

ত্রিবর্ণ (তৃবর্ণ) [ত্রি (তিন) যে বর্ণ—দ্বিগু, কর্ম্মধা] বি, পুং, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য। ২। বিণ, তিনবর্ণবিশিষ্ট : তিন রঙ্গা।

ত্রিবর্ণক (ক্) [ত্রিবর্ণ+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য। ২। হরীতকী, বিভীতকী, আমলকী। ৩। শুঁঠ, মরিচ, পিঁপুল।

ত্রিবর্ত্মা (তৃবর্‌ত্মা [ত্রি (তিন) বর্ত্মন্ (পথ) হইয়াছে যাহার, বহু] বি, পুং, দেবযান, পিতৃ-যান ও দক্ষিণযান রূপ মার্গত্রয়বিশিষ্ট জীব। ২। [ত্রি (ত্রিভুবনের) বর্ত্মন্, ৬ তৎ] স্বর্গ, মর্ত্ত্য পাতালস্থ মার্গ। ৩। স্ত্রী, ত্রিপথগা : গঙ্গা।

ত্রিবর্ষিকা (তৃবোর্‌ষিকা) [ত্রি (তিন) বর্ষ (বয়ঃক্রম) হইয়াছে যাহার, বহুব্রীহি সমাসে ক যোগ, আপ্—স্ত্রী, ই—আগম] বি, স্ত্রী, তিন বৎসরের গাই।

ত্রিবর্ষীয় (তৃবোর্‌ষিয়) [ত্রিবর্ষ+ঈয় (ভবার্থে —ছীয়)] বিণ, ত্রিবর্ষজাত।

ত্রিবর্ষ্য [ত্রি (তিন) বর্ষ (বয়ঃক্রম) যাহার, বহু] বিণ, তিন বৎসর বয়স্ক। ২। [দ্বিগু, কর্ম্মধা] বি, তিন বৎসর।

ত্রিবলি, লী (তৃবোলি) [ত্রি (তিন) বলির (শ্লথ চর্ম্মের) সমাহার, সমাহার দ্বিগু] বি, স্ত্রী, উদর কিম্বা কণ্ঠদেশ প্রভৃতি স্থানে মাংস সঙ্কোচজনিত রেখাত্রয়। প্র—"বুক শোভে ব্যাঘ্রনখে, অঙ্গে রাঙ্গা ধূলি মাখে, কটিতটে শোভয়ে ত্রিবলি।"—কবিক। "মণি করি কর, উরু মনোহর নিতম্বে রত্নকিঙ্কিণী। ত্রিবলির ভঙ্গে, অনঙ্গের অঙ্গে, বান্ধি রাখে মাজা ক্ষীণী॥"—অ, ম। ২। মানুষের ঠিক বুকের সন্ধিস্থল হইতে যে অল্প অল্প লোমের একটি ঈষৎ কৃষ্ণবর্ণ রেখা নাভিমূল পর্য্যন্ত লম্বিত হয় উহার নাম ত্রিবলি।

ত্রিবিক্রম (ম্) [ত্রি (পাদত্রয়) দ্বারা বিক্রম (আক্রমণ বা অধিকার) হইয়াছে যৎ কর্ত্তৃক বহু। যিনি ত্রিপদ দ্বারা ত্রিলোক আক্রমণ বা অধিকার করিয়াছেন] বি, পুং, বামনরূপী বিষ্ণু। প্র—"ত্রিপাদ ধরণী লয়ে ত্রিবিক্রম রূপ হয়ে একপদে স্বর্গ আচ্ছাদিলা।"—অন্নদা মঙ্গল।

ত্রিবিদ্যা (তৃবিদ্দ্যা) [ত্রি (ত্রিবিধ) যে বিদ্যা, দ্বিগু কর্ম্মধা] বি, স্ত্রী, ঋক্, সাম ও যজুঃ এই তিন বেদ ; ত্রয়ী।

ত্রিবিধ (তৃ) [ত্রি + বিধ] বিণ, তিন প্রকার প্র—"ত্রিবিধ তাপেতে তারা নিশিদিন হতেছি সারা।"—রাম দত্ত।

ত্রিবিষ্টপ (তৃ, প্) [ত্রি (তৃতীয়) বিষ্টপ (ভুবন) দ্বিগু—কর্ম্মধা] বি, ক্লী, স্বর্গ। ২ [ত্রি (তিন) যে বিষ্টপ (ভুবন)] ত্রিভুবন

ত্রিবৃৎ (তৃ) বি, স্ত্রী, তেউড়ী লতা।

ত্রিবৃৎকরণ (তৃ, ন্) বি, ক্লী, ক্ষিতি, অপ্, তেজ এই ভূতত্রয়ের প্রত্যেককে দুইভাগে বিভক্ত করিয়া প্রত্যেকের এক এক অর্দ্ধকে পুনর্ব্বার দুইভাগে বিভক্ত করিয়া স্বীয় অর্দ্ধ ব্যতীত অন্য দুই অর্দ্ধের এক এক ভাগের যোজনা।

যথা—

ক্ষিতি অপ্ তেজ

ক্ষি-১/২ ক্ষি-১/২ অ-১/২ অ-১/২ তে-১/২ তে-১/২

ক্ষি-১/৪ ক্ষি-১/৪ অ-১/৪ অ-১/৪ তে-১/৪ তে-১/৪

(১) ক্ষি-১/৪ + অ-১/২ + তে-১/২

(২) অ-১/৪ + ক্ষি-১/২ + তে-১/২

(৩) তে-১/৪ + ক্ষি-১/২ + অ-১/২

ত্রিবৃত্ত (তৃ) [ত্রি (তিন) হইয়াছে বৃত্ত (গুণিত) যাহার, বহু] বিণ, ত্রিগুণিত। স্ত্রী, ত্রিবৃত্তা।

ত্রিবেণী (তৃবেনি) [ত্রি (তিন) বেণী (প্রবাহ) মিলিত হইয়াছে যেখানে, বহু, কিম্বা ত্রি (তিন) বেণীর সমাহার, সমাহার দ্বিগু] বি, স্ত্রী, গঙ্গা। ২। গঙ্গা যমুনা ও সরস্বতীর সংযোগ ও বিয়োগস্থল। [দ্রঃ—যুক্তবেণী (প্রয়াগে), মুক্তবেণী (বঙ্গে)]।

ত্রিবেদী (তৃবেদি) [ত্রিবেদ + ইন্ (অধ্যয়নার্থে) = ত্রিবেদিন্ ১মা, ১ব] বি, পুং, যে ঋক্ যজুঃ সাম এই তিন বেদ অধ্যয়ন করে যে বংশে বেদত্রয় অধীত হইত ; তেওয়ারী।

ত্রিভঙ্গ (তৃভংগ) [ত্রি (তিন)—ভঙ্গ (বক্র)] বিণ, ত্রিবঙ্ক ; অঙ্গের ত্রিবঙ্কিম ভাব যুক্ত। প্র—ত্রিভঙ্গ মূর্ত্তি। ২। বি, শ্রীকৃষ্ণ। প্র—"বাঁকা ত্রিভঙ্গ বিহনে শ্রীঅঙ্গ শ্রীহীনে রাই, তারে কি হবে মধুরধ্বনি শুনালে।"—রাম বসু। গ্রা—তেঠেঙ্গা—ত্রিভঙ্গ। প্র—"তেঠেঙ্গা হইয়া জাঅ ভেকর সঙ্গীত গাঅ উড়িল দেব বিদ্দমানে।"—শূন্যপুরাণ।

ত্রিভঙ্গিম (তৃভোংগিম্) [ত্রিভঙ্গ (দ্রঃ) + ইম (সাদৃশ্যে)] বিণ, ত্রিবঙ্ক। প্র—"ত্রিভঙ্গিমঠাম পড়ে সখি মনে"—গিরিশ।

ত্রিভাগ (তৃভাগ্) [ত্রি (তৃতীয়) যে ভাগ (খণ্ড) দ্বিগু, কর্ম্মধা] বি, পুং, তৃতীয়ভাগ। ২। বিণ, তিনভাগ। তিনখণ্ড।

ত্রিভুজ (তৃভুজ্) [ত্রি (তিন) হইয়াছে ভুজ (বাহু) যাহার, বহু) বি, পুং, যাহার তিনটী বাহু আছে। ২। [জ্যামিতিতে তিনটী সরলরেখাবদ্ধ ক্ষেত্র। বিষমবাহু ত্রিভুজ—যে ত্রিভুজের তিনটী বাহুই পরস্পর অসমান। সমকোণী ত্রিভুজ—যে ত্রিভুজের একটী কোণ সমকোণ। সমদ্বিবাহু ত্রিভুজ—যে ত্রিভুজের দুই বাহু পরস্পর সমান। সমবাহু ত্রিভুজ—যে ত্রিভুজের বাহু তিনটী পরস্পর সমান। সূক্ষ্মকোণী ত্রিভুজ—যে ত্রিভুজের তিনটী কোণই সূক্ষ্মকোণ। স্থূলকোণী ত্রিভুজ—যে ত্রিভুজের একটী কোণ স্থূলকোণ।

ত্রিভুবন (তৃভুবন্) [ত্রি (তিন) ভুবনের (জগতের) সমাহার—সমাহার দ্বিগু] বি, ক্লী, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল ; ত্রিজগৎ।

ত্রিমধু (তৃমোধু) [ত্রি (তিন) + মধু—মধুর সমাহার, সমাহার দ্বিগু] বি, ক্লী, ঘৃত, মধু, চিনি।

ত্রিমার্গী (তৃমার্গি) [ত্রি (তিন) মার্গের (পথের) সমাহার, সমাহার দ্বিগু] বি, স্ত্রী, ত্রিমার্গ দ্রঃ।

ত্রিমূর্ত্তি (তৃমূর্ত্তি) [ত্রি (তিন) মূর্ত্তির সমাহার, সমাহার দ্বিগু] বি, পুং, ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর। ২। বৌদ্ধদেবীবিশেষ।

ত্রিযামা (তৃজামা) [ত্রি (তিন) যাম (প্রহর) হইয়াছে যাহাতে, বা যাহার, বহু] বি, স্ত্রী, রাত্রি ; রজনী [দ্রঃ—রাত্রির আদি ও অন্তের যামার্দ্ধদ্বয় সন্ধ্যা (সন্ধি) মধ্যে গৃহীত হয়]। ২। যমুনানদী। ৩। হরিদ্রা।

ত্রিযুগ (তৃজুগ্) ত্রি (তিন) যুগের আবির্ভাব হইয়াছে যে সময়ে, বহু] বি, পুং কালত্রয় ; বসন্ত, বর্ষা ও শরৎ।

ত্রিরাত্র (তৃরাৎত্রো) [ত্রি (তিন) রাত্রির সমাহার, সমাহার দ্বিগু] বি, ক্লী, ত্রিযামা দ্রঃ। ২। রাত্রিত্রয়।

ত্রিরেখ (তৃরেখ্) [ত্রি (তিনটী) রেখা আছে যাহাতে, বহু] বিণ, রেখাত্রয়বিশিষ্ট। ২। [তিন রেখার সমাহার, সমাহার দ্বিগু] বি, ক্লী, রেখাত্রয়। ৩। শঙ্খ।

ত্রিলিঙ্গ (তৃলিংগ) [ত্রি (তিন) হইয়াছে লিঙ্গ (পুংস্ত্বাদিরূপ চিহ্ন) যাহার, বহু] বিণ, পুং, স্ত্রী ও ক্লীব এই লিঙ্গত্রয়বিশিষ্ট।

ত্রিলোক (তৃলোক্ [ত্রি (তিন) যে লোক —দ্বিগু কর্ম্মধা] বি, ক্লী, ত্রিভুবন ; স্বর্গ, মর্ত্ত্য, পাতাল। স্ত্রী, ত্রিলোকী।

ত্রিলোকনাথ (তৃলোক্নাথ্) [ত্রিলোক (স্বর্গ-মর্ত্ত্য-পাতাল) তাহার নাথ (প্রভু) ৬ তৎ] বি, পুং, বিশ্বনাথ ; পরমেশ্বর।

ত্রিলোকী [ত্রি (তিন) লোকের (ভুবনের) সমাহার, সমাহার দ্বিগু। ত্রিলোক + ঈপ্] বি, স্ত্রী, স্বর্গ, মর্ত্ত, পাতাল। ত্রিলোকীকান্ত— ত্রিজগৎপতি ; বিষ্ণু। প্র—"এই ত সময় ত্রিলোকীকান্ত কলির তাপে সকলি ভ্রান্ত" —গোবিন্দ ব্রহ্মচারী।

ত্রিলোকেশ (তৃলোকেশ্) [ত্রিলোকের— ঈশ, ৬ তৎ] বি, পুং, ত্রিলোকের ঈশ্বর ; ত্রিজগৎ নাথ। ২। বিশ্বেশ্বর ; শিব। ৩। বিষ্ণু।

ত্রিলোচন (তৃলোচন্) [ত্রি (তিনটী) লোচন (চক্ষুঃ) হইয়াছে যাহার, বহু] বি, পুং শিব। ২। বিণ, তিনচক্ষু বিশিষ্ট। স্ত্রী, ত্রিলোচনী, ত্রিলোচনা—দুর্গা ; কালী। ২। ত্রিনেত্রা ; ত্রিনয়না।

ত্রিলৌহক (তৃলৌহক্) [ত্রি (তিন) লৌহক (ধাতু)—দ্বিগু, কর্ম্মধা] বি, ক্লী, স্বর্ণ, রৌপ্য ও তাম্র।

ত্রিশক্তি (তৃশোক্তি) [ত্রি (তিন) শক্তি, কর্ম্মধা] বি, স্ত্রী, দুর্গার ত্রিমূর্ত্তি (কালী, তারা, ত্রিপুরা)।

ত্রিশঙ্কু (তৃশোংকু) [ত্রি—শঙ্কু] বি, পুং, স্বনামপ্রসিদ্ধ নৃপতি। রাজা হরিশ্চন্দ্রের পিতা। [বশিষ্ঠ ও তৎপুত্রগণ ইঁহার সশরীরে স্বর্গগমনের পথ রুদ্ধ করিলে বিশ্বামিত্র স্বীয় তপোবলে স্বর্গ ও মর্ত্ত্যের অন্তরালে নূতন নক্ষত্র-লোক সৃষ্টি করিয়া তাহাতে ইঁহাকে স্থাপিত করিয়াছিলেন ; ইহাই রাজার ত্রিশঙ্কু নামের কারণ]।

ত্রিশত [ত্রি (তিন ৩) গুণিত যে শত (১০০)—দ্বিগু কর্ম্মধা] বি, ৩০০ ; তিনশত।

ত্রিশিখ (তৃশিখ্) [ত্রি (তিনটী শিখা যাহার —বহু] বি, ক্লী, ত্রিশূল। ২। কিরীট। ৩। রাক্ষসবিশেষ (রাবণের পুত্র)। ৪। বিণ, তিনটী শিখাযুক্ত ; তিনটী শিখাবিশিষ্ট।

ত্রিশিরা (তৃশিরা) [ত্রিণ (তিনটী) শিরঃ (মস্তক) যাহার (বহু) ; ত্রিশিরস্ ১মা ১ব] বি, পুং, কুবের। ২। জ্বরপুরুষ। [বাণাসুর যুদ্ধে ইহার উৎপত্তি] ৩। রাক্ষস-বিশেষ ; খরের সেনাপতি।

ত্রিশীর্ষক (ক্) [ত্রি (তিনটী) শীর্ষ (মস্তক, অগ্রভাগ) যাহার, বহু—সমাসে ক] বিণ, তিনটী মাথাবিশিষ্ট ; ত্রিমুণ্ড। ২। ত্রিফলক-যুক্ত অস্ত্র ; ত্রিশূল।

ত্রিশূল (তৃশুল্) [ত্রি—শূল যাহার, বহু] বি, ক্লী, ত্রিফলকযুক্ত অস্ত্র ; শিবের প্রধান অস্ত্র।

ত্রিশূলী (তৃশুলি) [ত্রিশূল+ইন্ (অস্ত্যর্থে) =ত্রিশূলিন্ ১মা ১ব] বি, শিব। প্র—"চন্দ্র সূর্য্য হুতাশন সুশোভিত ত্রিনয়ন ত্রিগুণ ত্রিশূলী ত্রিপুরারি।"—অন্নদামঙ্গল। ২। বিণ, ত্রিশূলধারী ; যে ত্রিশূল ধারণ করিয়াছে। স্ত্রী, **ত্রিশূলিনী**—ত্রিশূলধারিণী। ২। দুর্গা।

ত্রিশৃঙ্গী (তৃশৃংগি) [ত্রিশৃঙ্গ–ইন্=ত্রিশৃঙ্গিন্ ১মা, ১ব] বি, পুং, রুইমাছ। ২। শিবের অনুচরবিশেষ। প্র—"চলে ভৈরবা ভৈরবী নন্দী ভৃঙ্গী। মহাকাল বেতাল তাল ত্রিশৃঙ্গী॥" —অন্নদামঙ্গল।

ত্রিষষ্টি (তৃষোশ্‌টি) [ত্রি (তিন) অধিক যে ষষ্টি (৬০)—কর্ম্মধা] বি, স্ত্রী, তেষট্টি ; ৬৩।

ত্রিষ্টুভ্ (তৃ) বি, স্ত্রী, একাদশ-অক্ষর ছন্দোবিশেষ।

ত্রিসন্ধ্য (তৃশোন্ধ) [ত্রি (তিন) সন্ধ্যার (মিলনকালের) সমাহার—সমাহার দ্বিগু] বি, ক্লী, প্রাতঃকাল, মধ্যাহ্নকাল, অপরাহ্ণ কাল।

ত্রিসপ্ত (তৃশপ্‌ত) [ত্রি (ত্রিগুণিত) সপ্ত —কর্ম্মধা] বি, ক্লী, একবিংশতি সংখ্যা ; —২১ (৩×৭)। ২। বিণ, ২১ সংখ্যক।

ত্রিসপ্ততি (তৃশপ্‌তোতি) [ত্রি (তিন ৩) সপ্ততি (৭০)] বি, স্ত্রী, তিন অধিক সপ্ততি ; ৭৩।

ত্রিসবন (তৃশবন্) [ত্রি (তিন)+সবন (স্নান)] বি, ক্লী, ত্রৈকালিক স্নান ; তিনসন্ধ্যা স্নান।

ত্রিসর (তৃশর্) বি, পুং, তিলমিশ্রিত অন্ন।

ত্রিসাহস্র (তৃশাহোস্‌স্রো) [ত্রি (তিন) সাহস্র (হাজার পরিমিত)] বিণ, তিন হাজার।

ত্রিসীমা (তৃশিমা) বি, সন্নিধি ; সমীপ ; নিকট।

ত্রিস্পর্শা (তৃশ্‌পর্‌শা) [ত্রি (তিন্) স্পৃশ্ (স্পর্শ করা)+অ (কর্ত্তৃ) স্ত্রী—আপ্] বি, স্ত্রী, যে একাদশীতে একাদশীর ক্ষয় হইয়া পরে দ্বাদশী ও রাত্রিশেষে ত্রয়োদশীর সংযোগ হয়। ত্র্যহস্পর্শ দ্রঃ।

ত্রিস্রোতাঃ, ত্রিস্রোতা (তৃস্‌স্রোতা)] ত্রিস্রোতস্ ১মা, ১ব] বি, স্ত্রী, তিনলোকে যাহার স্রোত প্রবাহিত হইয়াছে : গঙ্গা ; ত্রিপথগা দ্রঃ। ২। বিণ, তিন দিকে স্রোতবিশিষ্টা।

ত্রিহল্য (তৃহোল্ল) [ত্রি (তিন) হল্য (হল-কর্ষিত) বিণ, যে জমিতে তিনবার লাঙ্গল দেওয়া হইয়াছে ; তিনবার চষা জমী।

ত্রিহায়ণ (তৃহায়ন্) [ত্রি (তিন) হায়ন বৎসর যাহার, বহু] বিণ, তিন বৎসরের।

ত্রিহায়ণী (তৃহায়নি) [ত্রি (তিন) হায়নী (বর্ষীয়া)] বি, স্ত্রী, ৩ বৎসরের গাই। ২। [হায়ন—কাল বা যুগ অর্থে। সত্যযুগে বেদবতী, ত্রেতায় জানকী, দ্বাপরে দ্রৌপদী] দ্রৌপদী।

ত্রুটি, টী [ত্রুট্ (ছিন্ন হওয়া, কমা)+ই (কর্ম্মে —কি) [বি, স্ত্রী, টুকরা : অংশ ; খণ্ড। ২। ন্যূনতা ; অল্পতা ; অভাব। ৩। ক্ষতি : হানি। ৪। দোষ ; অপরাধ। ৫। স্খলন। ৬। পঞ্চক্ষণ পরিমিত কাল। ৭। ছোট এলাচ।

ত্রুটিক [ত্রুট্+ক (কর্ম্মে—ক্ত) তুল—হিং, টুটা ; টোটা : টুট] বিণ, ভগ্ন ; ছিন্ন। ২। স্খলিত।

ত্রেতা—বি, স্ত্রী, সত্য ও দ্বাপরের মধ্যবর্ত্তী তৃতীয় যুগ। মতান্তরে কলিকে প্রথম যুগ ধরিয়া কলি, সত্য ও ত্রেতা (তৃতীয় যুগ)। ২। অগ্নিত্রয়, দক্ষিণ, গার্হপত্য, আহবনীয়। ৩। পাশাখেলার দানবিশেষ, পাশার তিনটী চিহ্নযুক্ত পার্শ্বে চিৎ হইয়া পড়া। ৪। কড়ি খেলার তিনটী কড়ি একচালে চিৎ হওয়া।

ত্রেধা, ত্রৈধ [ত্রিধা দ্রঃ। ত্রি+ধা (প্রকারার্থে)] অ, তিন প্রকার। ২। তিনবার।

ত্রৈকালিক (ক্) [ত্রিকাল+ইক (সম্বন্ধার্থে —ষ্ণিক)] বিণ, ত্রিকাল (প্রাতঃ, মধ্যাহ্ন, পরাহ্ণ বা ভূত ভবিষ্যৎ বর্ত্তমান) সম্বন্ধীয়।

ত্রৈগুণিক (ণিক্) [ত্রিগুণ+ইক (ষ্ণিক)] বিণ, তিনগুণ গ্রহণকারী ; তিনগুণ সুদখোর। ২। তিনগুণা।

ত্রৈগুণ্য (ত্রৈগুণ্‌নো) [ত্রিগুণ+য (স্বার্থে —ষ্ণ্য)] বি, ক্লী, সত্ত্ব, রজঃ, তম এই তিন গুণের সমষ্টি। ২। তিন গুণের ভাব।

ত্রৈপুর (র্) [ত্রিপুর+অ (স্বার্থে—ষ্ণ্য)] বি, পুং, ত্রিপুর দেশ। ২। [ভবার্থে] ত্রিপুর দেশের অধিপতি। ৩। ত্রিপুর দেশের অধিবাসী।

ত্রৈপুরুষ (ষ্) [ত্রিপুরুষ+অ (ব্যাপ্ত্যর্থে —ষ্ণ্য)] বিণ, তিন পুরুষ-ব্যাপী ; তিন পুরুষ স্থায়ী। ২। তিন পুরুষ সম্বন্ধীয়।

ত্রৈবর্গিক, ত্রৈবর্গ্য (ত্রৈবোর্গিক্, ত্রৈবর্গ) [ত্রিবর্গ+ইক—য (ষ্ণিক, ষ্ণ্য)] বিণ, ধর্ম্ম, অর্থ ও কামসাধক। ২। ত্রিবর্গসম্বন্ধীয়।

ত্রৈবর্ণিক (ত্রৈবোর্‌ণিক্) [ত্রিবর্ণ+ইক (জাত বা সম্বন্ধার্থে)] বিণ, ত্রিবর্ণ জাত। ২। তিন বর্ণ সংক্রান্ত।

ত্রৈবার্ষিক (ক্) [ত্রিবর্ষ+ইক (জাত অর্থে—ষ্ণিক) ত্রিবার্ষিক ব্যাকরণ শুদ্ধ হইলেও ত্রৈবার্ষিক শব্দের ভূরি প্রয়োগ আছে] বিণ, প্রতি তিন বৎসরে উৎপন্ন। ২। তিন বৎসর-ব্যাপী।

ত্রৈবিক্রম (ম্) [ত্রিবিক্রম+অ (সম্বন্ধ অর্থে—ষ্ণ)] বিণ, ত্রিবিক্রম সম্বন্ধীয়।

ত্রৈবিদ্য (ত্রৈবিদ্‌দো) [ত্রিবিদ্যা+অ (জাত অর্থে—ষ্ণ)] বি, পুং, ত্রিবেদ-বেত্তা ; ত্রিবেদী।

ত্রৈবিধ্য (ত্রৈবিধ্‌ধো) [ত্রিবিধ+য (স্বার্থে—ষ্ণ্য) বি, ক্লী, তিন প্রকার : ত্রিবিধত্ব।

ত্রৈমাসিক (ত্রৈমাসিক্) [ত্রিমাস+ইক (জাত অর্থে—ষ্ণিক)] বিণ, তিন মাসে যাহা জন্মে : তিন মাস অন্তর যাহার উৎপত্তি হয়। ২। তিন মাস অন্তর অর্থাৎ বৎসরে ৪ বার প্রকাশিত পত্রিকা : পুস্তক বা পুস্তিকা।

ত্রৈরাশিক (ক্) [ত্রিরাশি (পরিমাণ) +ক (সম্বন্ধার্থে—কণ্)] বি, ক্লী, তিনটী রাশির পরস্পর সম্বন্ধঘটিত অঙ্ক-প্রণালী ; rule of three.

ত্রৈলোক্য (ত্রৈলোক্‌ক) [ত্রিলোক+য (স্বার্থে—ষ্ণ্য)] বি, ক্লী, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল।

ত্রৈলোক্যবিজয়া (ত্রৈলোক্‌কবিজয়া) [ত্রৈলোক্যের বিজয়া : মাদকতা গুণে যে ত্রিভুবনের সকলকে আচ্ছন্ন বা বশীভূত (সুতরাং জয়) করে] বি, স্ত্রী, ভাঙ্ ; সিদ্ধি ; সম্বিদা। পুং, **ত্রৈলোক্যবিজয়**।

ত্রৈলোক্যমোহন (ক, ন্) [৬তৎ] বি, ক্লী, ত্রিলোকের মোহকারক। ২। পরম সুন্দর। স্ত্রী, **ত্রৈলোক্যমোহিনী**।

ত্রোটক (ক্) [ত্রুট্ (ছেদ করা)+অক (করণে—ণক)] বিণ, ছেদক। ২। [কর্ত্তৃ —অক] বি, ক্লী, দৃশ্যকাব্যের প্রকার ভেদ ; ইহাতে ৫ হইতে ৯ অঙ্কও থাকিতে পারে। স্বর্গীয় ও পার্থিব বিষয়ব্যাপার ইহার প্রধান বর্ণনীয়। যথা—বিক্রমোর্ব্বশী।

ত্রোটকী—বি, স্ত্রী, রাগিণীবিশেষ।

ত্রোটি, টী [ত্রুট্ (ছেদন করা)+ই (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, পাখীর ঠোঁট : চঞ্চু। ২। টুঁটী ; নরকণ্ঠের চঞ্চুবৎ উন্নত অস্থি। ৩। পক্ষিবিশেষ। ৪। মৎস্যবিশেষ।

ত্র্যংশ (ত্রোংশ) [ত্রি (তৃতীয়) যে অংশ—কর্ম্মধা] বি, পুং, তৃতীয় অংশ।

ত্র্যক্ষ (ত্রোক্‌খ) [ত্রি (তিন) অক্ষিন্=অক্ষ (চক্ষু) যাহার, বহু] বি, পুং, ত্রিনয়ন ; শিব। ২। বিণ, তিন চক্ষুবিশিষ্ট। স্ত্রী, **ত্র্যক্ষা**।

ত্র্যক্ষর (ত্রোক্খর) ত্রি (তিন) অক্ষর (বর্ণ) আছে যাহাতে, বহু] বি, ক্লী, যাহাতে অ, উ, ম এই তিন অক্ষর আছে ; ওম্। ২। ছন্দো-বিশেষ। ৩। ত্রিবর্ণাত্মক মন্ত্র ; ওঙ্কার মন্ত্র। ৪। বিণ, তিনবর্ণবিশিষ্ট। স্ত্রী, ত্র্যক্ষরা—পরমাবিদ্যা ; বেদমাতা।

ত্র্যঙ্গুল (ত্রোংগুল্) [ত্রি (তিন) অঙ্গুলি= অঙ্গুল] বিণ, তিন অঙ্গুলি পরিমিত।

ত্র্যম্বক (ত্রোম্বক্) [ত্রি (তিন) অম্বক (চক্ষুঃ) যাহার, বহু, অথবা ত্রির (তিন লোকের) অম্বক পিতা, ৬তৎ, যিনি ত্রিলোকের পিতা] বি, পুং, ত্রিলোচন ; শিব। ২। [ত্রি (তিন) অম্বা (মাতা) যাহার, বহু সমাসে +ক] বিণ, ত্রৈমাতুর : পৌষ্যরাজপুত্র। [পুরাণে আছে—পুত্র-কামনায় পৌষ্যরাজ শিবের আরাধনা করিলে শিব একটী ফলে স্বীয় তেজ নিহিত করিয়া রাজাকে দেন এবং উহা তিনভাগ করত তাঁহার তিন রাণীকে এক এক খণ্ড খাইতে দিতে বলেন ও তাহাতে যথাসময়ে প্রসূত তিন খণ্ড শিবনাম লইয়া যোগ করিলে যে পুত্র জন্মিবে তাহার 'চন্দ্রশেখর' নাম রাখিতে বলেন। এই চন্দ্রশেখর তিন মাতার গর্ভে জন্মিয়াছিলেন বলিয়া পরে ত্র্যম্বক নামে অভিহিত হন] স্ত্রী, ত্র্যম্বকা—দুর্গা।

ত্র্যম্বকসখ (ত্রোম্বক্শখ) [ত্র্যম্বক (শিব) সখা (বন্ধু) যাঁহার, বহু] বি, পুং, কুবের।

ত্র্যশীতি (ত্রো) [ত্রি (৩) অশীতি (৮০)] বি, স্ত্রী, তিরাশি ; ৮৩।

ত্র্যষ্ট (ত্রষ্‌ট) [ত্রি (ত্রিগুণিত) অষ্টন্= অষ্ট] বি, ক্লী, ২৪ (৩×৮) চব্বিশ।

ত্র্যস্র (ত্রোস্স্র) [ত্রি—অস্র (কোণ)] বিণ, ত্রিকোণ।

ত্র্যহস্পর্শ (ত্রোহোশ্‌পর্শ) [ত্রি (তিন) অহন্=অহ (তিথি) তাহার স্পর্শ, ৬তৎ] বি, পুং, একদিনে তিন তিথির স্পশ বা যোগ ; ২। তিন দিনে এক তিথির স্পর্শ। [ত্র্যহ স্পর্শ দানাদি কার্য্যে প্রশস্ত কিন্তু যাত্রাদি কার্য্যে অশুভ]।

ত্র্যহস্পৃক্ (ত্রোহোশ্‌পৃক্) [ত্র্যহ (তিনদিন) স্পৃশ্ (যে স্পর্শ করে)] বি, পুং, স্ত্রী, দিন-ত্রয়স্পর্শী (তিথি)।

ত্র্যাহিক [ত্রি—অহন্=অহ+ইক (জাত অর্থে—ষ্ণিক)=আহিক] বিণ, তৃতীয় দিবসে যাহা জন্মে। ২। তৃতীয় দিবসসম্বন্ধীয়।

ত্বক্ (তক্) [ত্বচ্ (আবরণ করা)+কিপ্ (কর্ত্তৃ) চ্=ক্] বি, স্ত্রী, গায়ের চামড়া : ছাল। ২। স্পর্শেন্দ্রিয়। ৩। বল্কল ; গাছের ছাল। ৪। বিণ, ত্বাচ।

ত্বক্পত্র (তক্পৎত্র), বি, ক্লী, তেজপাত। ২। দারুচিনি। স্ত্রী, ত্বক্পত্রী—হিঙ্গুপত্রী।

ত্বক্সার (তক্শার্) [ত্বক্ হইয়াছে সার যাহার, বহু] বি, পুং, ত্বক্সর্ব্বস্ব : ত্বকই যাহার সব ; ফোঁপরা ; ফাঁপা। ২। বি, পুং, বংশবৃক্ষ : বাঁশ। ৩। দারুচিনি। স্ত্রী—ত্বক্সারা—বংশলোচন।

ত্বগঙ্কুর (তগঙ্কুর) [ত্বকের (চর্ম্মের) অঙ্কুর (কাঁটা) ৬তৎ] বি, পুং, রোমাঞ্চ।

ত্বগ্‌দোষ (ত্তগ্‌দোষ) [ত্বকের দোষ হয় যাহাতে, বহু] বি, পুং, চর্ম্মরোগ। ২। কুষ্ঠ-রোগ।

ত্বঞ্চ (ত্তন্‌চ) [তঞ্চক দ্রঃ] বি, প্রবঞ্চনা, প্রতারণা।

ত্বদীয় (ত্তোদীয়) [ত্বদ্+ঈয় (ইদমর্থে)] বিণ, ত্বদ্‌সম্বন্ধীয় ; তোমার [আধু-বাং-য় বিরল]।

ত্বদ্বিধ (ত্তদ্‌বিধ) [ত্বদ্+বিধ (প্রকার) অর্থে)] বিণ, তোমার মত [আধু-বাং-য় বিরল]।

ত্বরমাণ (ত্তরমান্) [ত্বর্ (বেগে গমন করা) +আন (কর্ত্তৃ) ম আগম] বিণ, সত্বর ; শীঘ্রকারী, অচিরকারী।

ত্বরা (ত্তরা) [ত্বর্ (বেগে গমন করা)+অ (ভাবে অঙ্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, বেগ ; দ্রুততা ; শীঘ্রতা। প্র—"হৃদে বিষ মুখে মধু জিজ্ঞাসে ফুল্লরা। দূর হৈল ক্ষুধা তৃষ্ণা রন্ধনের ত্বরা॥" —কবিক। বিণ, ত্বরিত।

ত্বরাত্বরি (ত্তরাত্তোরি) [গ্রা—তাড়াতাড়ি (দ্রঃ)] অতিশীঘ্র ; তাড়াতাড়ি। প্র—"মন তুমি খেলাও না পাশা। এম্নি ত্বরাত্বরি ফেলবি পাশা, যেন ঘুচে যায় যমের আশা।" —বাং-গান—নবীন চক্রবর্ত্তী।

ত্বরাপর (ত্তরাপর্) [ত্বরা (শীঘ্রতা) পর (যুক্ত)] বিণ, ত্বরান্বিত, সত্বর। প্র— কটকে হইয়া ত্বরাপর"—অন্নদা-মঙ্গল। ২। ব্যস্ত ; ব্যগ্র।

ত্বরায় (ত্তরায়) [ত্বরা দ্রঃ] ক্রি-বিণ, শীঘ্র ; সত্বর। অবিলম্বে।

ত্বরিত (ত্তোরিত) [ত্বরা+ইত (যুক্তার্থে)] বিণ, সত্বর ; শীঘ্র ; তাড়াতাড়ি। স্ত্রী, ত্বরিতা —দেবীবিশেষ।

ত্বরিতগতি (ত্তোরিতগোতি) [ত্বরিত (শীঘ্র) গতি (গমন) যাহার, বহু] বিণ, শীঘ্রগামী। ২। বি, স্ত্রী, ৫ম ও ১০ম বর্ণ গুরু দশাক্ষর-যুক্ত ছন্দ।

ত্বাচ (ত্তাচ্) [ত্বক্ দ্রঃ] বিণ, ত্বগিন্দ্রিয়গ্রাহ্য। ২। ত্বক্ সম্বন্ধীয়।

ত্বষ্টা (ত্তষ্‌টা) [ত্বষ্টৃ শব্দ—১মা, ১ব] বি, পুং, বিশ্বকর্ম্মা। প্র—"বৃত্রাসুর নাম ত্বষ্টা মুনির নন্দন। পরাক্রমে জিনিলেক সকল ভুবন।" —মহা, কাশী। ২। [ত্বক্ষ্ (কাষ্ঠাদি চাঁচা)+তৃ (কর্ত্তৃ)] সূত্রধর। ৩। দ্বাদশ-আদিত্যের মধ্যে আদিত্যবিশেষ। ৪। বিণ, তক্ষণকর্ত্তা।

ত্বাদৃক্, ত্বাদৃশ (ত্তাদৃশ্) [ত্বদ্—দৃশ্ (দর্শন করা)+ক্বিপ্—অ (টক্, কর্ম্মে)] বিণ, তোমার তুল্য ; তোমার সদৃশ।

ত্বাষ্ট্র (ত্তাষ্‌ট্র) [ত্বষ্টা (সূর্য্য)+অ (অপত্যার্থে—ষ্ণ)] বি, পুং, বৃত্রাসুর। স্ত্রী, ত্বাষ্ট্রী—চিত্রানক্ষত্র। ২। সূর্য্যপত্নী সংজ্ঞা। ৩। [ত্বষ্টা (সূত্রধর) +অ (সম্বন্ধার্থে ষ্ণ)] ক্ষুদ্র গাড়ি বা রথ। ৪। বিণ, ত্বষ্টৃ সম্বন্ধীয়।

ত্বিষাম্পতি (ত্তিষাম্‌পোতি) ত্বিষাং (দীপ্তি-সমূহের) পতি (স্বামী) ৬তৎ, অলুক সমাস। বি, পুং, সূর্য্য। প্র—"কিম্বা ত্বিষাম্পতি সহ ইন্দু সুধানিধি।"—মেঘনাদ। "নমে ত্বিষাম্পতি-দূতী উষার চরণে,"—ঐ।

থ

থ—ব্যঞ্জন বর্ণমালার সপ্তদশ ও ত বর্গের দ্বিতীয়, মহাপ্রাণ, অঘোষবান বর্ণ। উচ্চারণ স্থান দন্ত বলিয়া দন্ত্যবর্ণ।

থ [স্থিতিবাচক। ভিন্ন ভিন্ন বর্ণ যোগে ইহা স্থিতিরই বিভিন্ন অবস্থা, শব্দ ও ভাব প্রকাশ করে। প্র —থক্, থপ্, থম্, থর্, থল্, থস্। ত সম্পূর্ণ তরলতা জ্ঞাপক। থ সেই তারল্যে ঘনত্ব ও গুরুত্ব সম্পাদক (দ্রঃ—তক্তক্, তল্তল—থক্থক্, থলথল্)] বি, থ এই বর্ণ ; থকার। ২। নিশ্চেষ্টতাবাচক ; স্থির ভাব। ৩। পাষাণ ; পর্ব্বত ; অচল। প্র—"থকারে পাথর তুমি থকারের মেয়ে, থির কর থরথর কাঁপি ভয় পেয়ে।"—অন্নদামঙ্গল। ৪। ভয়।

থ'—বিণ, অভিভূত ; কিংকর্ত্তব্যবিমূঢ়। ২। অপ্রতিভ। ৩। স্থির ; নিশ্চল। থ-হওয়া —ভয়ে অভিভূত হওয়া ; ভয় বিস্ময়াদিতে কিংকর্ত্তব্য বিমূঢ় হওয়া ; ভয়ে বা বিস্ময়ে নির্ব্বাক ও স্পন্দহীন হওয়া বা লজ্জিত হওয়া। প্র—আমি একেবারে থ হ'য়ে গেলাম ; থ করা—ভয়ে অভিভূত করা। ২। অপ্রতিভ বা লজ্জিত করা। ৩। উত্তরদানে

করা। প্র—এটুকু মেয়ে কথায় সকলকে থ করে দিলে। **থ খেয়ে যাওয়া, থ মেরে যাওয়া**—থতিয়ে যাওয়া দ্রঃ। প্র—বল কি দেখে শুনে থ-খেয়ে বা থ-মেরে গেলুম। **থ-দেওয়া**—স্থল দেওয়া ; অবসর দেওয়া ; থামা। **থ-পাওয়া**—স্থল পাওয়া ; সীমা প্রাপ্ত হওয়া ; তল পাওয়া। প্র—কাজের থ পাওয়া যায় না। অগাধ জলে থ পেলে না।

থই (থোই) [সং—স্থল। প্রায়ই "থৈ" লিখিত হয় ও সাধাঃ—"থাই" বলা হয়] বি, স্থল : থাই ; তলস্পর্শ ; গভীরতা ; depth. প্র—সমুদ্রের এই স্থানে থই পাওয়া যাইতেছে না। অগাধ অথই সাগর। ২। পরিপূর্ণতা : পরিব্যাপ্তি। এই অর্থে থইথই। প্র—ওখানটা জলে থইথই করচে। ৩। গৃহ : আশ্রয় : ঠাঁই। ৪। থামিবার স্থান বা ঠিকানা বা সীমা। প্র—কাজের থই পাইতেছি না। ৫। [প্রাদে] গৃহাদি নির্ম্মাণকর্ত্তা ; রাজ। **তাথই তাথই, তাতাথই**—উদ্দণ্ড নৃত্যের শব্দ। প্র—"তাথই তাথই হো হো হই হই ভৈরব ভৈরবী নাচে।'—ভারতচন্দ্র।

থইকর (থোইকর্) [থৈকর দ্রঃ] বি, গৃহাদি নির্ম্মাতা ; রাজমিস্ত্রী।

থইকল (থোইকল্) বি, স্বনামখ্যাত ক্ষুপ ; অম্লবেতস ; আমলতাস (হি) ; country-sorrel.

থইগরি,—গিরি (থোইগোরি) [প্রাদে] বি, রাজমিস্ত্রীর কর্ম্ম।

থইথই (থোইথোই) [থই দ্রঃ। পরিব্যাপ্তি অর্থে দ্বিত্ব। স্থল স্থল, থলথল বা ঠাঁই ঠাঁই, সর্ব্বঠাঁই স্থিতি করার ভাব। থৈ থৈ দ্রঃ] বিণ, দ্রব বা তরল পদার্থে পরিপূর্ণ ; জলময় ; জলপূর্ণ। প্র—"অচলে নিঝর নাচে জল থই-থই।"—চন্দন। ২। বিস্তৃত ; ছড়ান। **থইথই করা**—বিশৃঙ্খল বা অগোছাল ভাবে স্থিতি করা। প্র—চারিদিকে জিনিষপত্র থই-থই করিতেছে। ৩। জনতাময় ; লোকে পরিপূর্ণ। প্র—"বৈঠকখানা লোকে থইথই করিতেছে"—টেকচাঁদ।

থইপনা (থোই) থইগরি দ্রঃ।

থউকা (থোউকা) [থাউকা, থোক দ্রঃ] বিণ, আন্দাজী ; মাপ জোখ না করিয়া। ২। রাশি ; থোক হিসাবে। প্র—থাউকা দরে জিনিস কেনা।

থক্ [শব্দাত্মক। "তক্" লঘু ও তরল "থক্" গুরু ও গাঢ় বা ঘন। থ দ্রঃ। থুতু বা পানের পিক্ ফেলিলে থুক্ করিয়া পড়ে কিন্তু গয়ার থক্ করিয়া পড়ে। তুল—ইং—thick] অ, কাতের ন্যায় ঘন রস বা আটাল বস্তুর পতন শব্দ। প্র—একখুরি দই তাহার পাতে থক্ করে ফেলে দিলে।

থক্-থক্ [থক্ দ্রঃ। হি—থক্কা। ব্যাপ্তি অর্থে দ্বিত্ব] অ, অনুকার শব্দ। ক্রি, **থক্থকান** (নো) থক্থক্ করা। বি, **থক্থকানি**—বিণ, **থক্থকিয়া, থক্থকে** (থক্থোকে) [থক্+থক্+ইআ (বিশিষ্টার্থে)] খুব তরলও নহে কঠিনও নহে, গাঢ় ও কোমল। প্র—দই বেশ থক্থকে হয়ে বসে গেছে। **থক্থক্ করা**—পঙ্কাদির ন্যায় ঘন বা গাঢ় থকথকে বস্তু আন্দোলিত হওয়া। [দ্রঃ—থক্থক্ অপেক্ষা লঘু আন্দোলনে কিন্তু অসংখ্য কীট বা কীটাণুর বিচরণ জাত আন্দোলনে থিক্-থিক্—তাহা হইতেও লঘু আন্দোলন কিন্তু কীটাণুর সংখ্যাধিক্যে থুক্থুক্]।

থকা (থকা) [হি—থক্না। এই শব্দ হিন্দীতেই অধিক প্রচলিত] ক্রি, ক্লান্ত হওয়া ; অবসন্ন হওয়া। প্র—এত খাটে কিন্তু থকে না। ২। স্থির হওয়া।

থকার (র্) বি, থ্ এই বর্ণ।

থকিত (থোকিত্) [সং—স্থগিত। গ্রা] ক্রি-বিণ, বদ্ধ। প্র—"সবে এক দেখিয়া করিয়ে পরতীত। কালা নাম শুনিয়া থকিত হয় চিত॥"—জ্ঞানদাস। ওটা থকিত রেখে আগে এই কাজটা শেষ কর।

থতমত (থতোমতো) [সং—স্তম্ভিত হইতে, থামের মত নিশ্চল ভাব] বিণ, স্তম্ভিত ; কিংকর্ত্তব্যবিমূঢ়। প্র—"অবশেষে বলিলেন থতমত খেয়ে"—ঈশ্বর গুপ্ত। ২। ভীত-চকিত। প্র—"ভয়ে ভয়ে কথা কই খেয়ে থতমত।"—বাং-গান (গোপাল উড়ে)। ৩। অপ্রতিভ। ৪। ইতস্ততঃ ; আগুপিছু করার ভাব।

থতা, থতান (থতা, থতানো) [থত (স্থিত) +আন (ক্রি, বিভক্তি) থিতান (দ্রঃ) ধরাতল আশ্রয় করা : বসিয়া পড়ার ভাব] ক্রি, থতমত খাওয়া : ভড়কান। ২। স্থির হওয়া ; (তাহা হইতে) চক্ষু স্থির হওয়া ; চমকিত হওয়া। বি, **থতানি**। বিণ, **থতানে, থতিয়া যাওয়া**—থতমত খাওয়া ; ভড়কে যাওয়া। প্র—তার রকম দেখে থতিয়ে গেলুম।

থপ্ [শব্দাত্মক। লঘু অর্থে থপ্। ব্যাপ্তি ও শব্দাধিক্যে থপাস্। স্থাপন—থাপন—থপন—থপ] অ, অনুকার শব্দ : স্থূল কোমল বস্তু স্থাপনের শব্দ। প্র—মোটা লোক থপ্ করিয়া বসিয়া পড়ে। গোদা পায়ে থপ্থপ্ করিয়া চলে। **থপ্থপ্** [শব্দের বারাধিক্য বা গতি অর্থাৎ এক স্থানে বদ্ধ নহে এই অর্থে দ্বিত্ব] অ, ক্রমান্বয়ে থপ্ এই শব্দ। ক্রি, **থপ্থপান** (নো)। বি, **থপ্থপানি**। বিণ, **থপ্থপিয়া, থপ্থপে** (থপ্-থোপে)। [লঘু শব্দে ও আদরার্থে—থুপ্-থুপ্। অনাদরে—থ্যাপ্থ্যাপ্। শব্দাধিক্য ও বস্তুর ভার ও পরিসরাধিক্য অর্থে থপাস্-থপাস্]।

থমক (ক্) [স্তম্ভ ("স্থূণা জড়ীভাবৌ"—অমর)। হি—থমক্না] বি, থামার ভাব ; থমকানি। ২। পদক্ষেপের পর এবং পুনরায় পদোত্তোলনের পূর্ব্বে যে স্থিতি। প্র—"থমকে থমকে থিব গতি কি সুন্দর"—হেম বন্দ্যো। ৩। ঠমক দ্রঃ। ৪। জড়তা। ৫। বিস্ময়। ক্রি, **থমকান** (নো)।

থমকান (থমকানো) [থমক দ্রঃ] ক্রি, চলিতে চলিতে হঠাৎ দাঁড়ানো ; গতিক্রিয়াকালে হঠাৎ স্থিতি। ২। ভয়ে বা বিস্ময়ে ক্রীয়মান কার্য্য হইতে হঠাৎ বিরতি বা অগ্রসর না হওয়া। বি, **থমকানি**। **জল থমকান**—জল থিতান।

থম্থম্ [সং—স্তম্ভ, জড়তা, আচ্ছন্নতা। ব্যাপ্তি অর্থে দ্বিত্ব। এই অর্থে তমতম ও বলে] অ, সমাচ্ছন্ন : ঘোর। ২। জলভারাক্রান্ত। ৩। মেদাধিক্যবশতঃ জড়তাযুক্ত ; অবুথবু। ৪। শ্লেষ্মাধিক্য বশতঃ ভার বোধ। প্র—সর্দ্দিতে শরীর থম্থম্ করিতেছে, জ্বর হইলেও হইতে পারে। ক্রি, **থম্থমান** (নো)। বিণ, **থম্থমিয়া, থম্থমে** (থম্থোমিয়া,—থোমে) ঘোর : আচ্ছন্ন। ২। জলভারাক্রান্ত। প্র—"শ্রাবণের অন্ধকার রাত্রি, থমথমে মেঘ করিয়া আছে, আকাশে একটি তারা দেখা যায় না।"—গল্পগুচ্ছ (রবি)। **জল থমথম করা**—বৃহৎ পুষ্করিণীতে জলের ব্যাপ্তি ও গভীরতা হেতু ভারি ভারি বোধ ও ঘন নীলবর্ণে ঘোরাল হওয়া।

থর (র্) [সং—স্তর] বি, স্তর : থাক : স্তবক ; শ্রেণী। ২। লোল মাংস। প্র—মেদবৃদ্ধি বশতঃ তাহার কটীতে থর নামিয়াছে। ৩। [থ (স্থিতি স্থান বাচক)—র (ব্যাপ্তি, অর্থে)] বিস্তার ; বিথার। **থরকাটা**—স্তর সাজান। ২। স্তর অঙ্কিত করা। **থর গাঁথা**—পুষ্প স্তবকের মালা গাঁথা ; গ'ড়ে গাঁথা। **থর-নামা**—শরীরে মেদ বৃদ্ধি হেতু উদরে কটীতে বলি অঙ্কিত হওয়া। **থরে থরে**—স্তরে স্তরে ; স্তরের উপর স্তর এই ভাবে। ২। স্তবকে স্তবকে ; গুচ্ছে গুচ্ছে। ৩। সারি সারি ; শ্রেণীবদ্ধ ভাবে। ক্রি-বিণ, স্তবকে স্তবকে ; থাকে থাকে। প্র—"উত্তর ঘাটে জত ফটিকে বিরাজিত পরাণ মুকুতা থরে থর।"—শূন্য পুরাণ। প্র—"মেঘ খণ্ড থরে থরে উদাস বাতাস ভরে নানা ঠাঁই ঘুরে মরে হতাশ সমান।"—চয়নিকা। "ফুটে আছে থরে

থরে"—বিহারী চক্রবর্ত্তী। থরে বিথরে [থর (স্তবক) বিথর (বিস্তর—বঽস্তর—বঽতর)] বঽস্তরে ; থরে থরে। প্র—"এতকাল নদীকূলে, যাহা লয়ে ছিনু ভুলে, সকলি দিলাম তুলে থরে বিথরে।"—সোনার তরী।

থর্‌থর্ (থর্ থর্) [শব্দাত্মক ও দৃশ্যাত্মক। বায়ু হিল্লোলে পত্র পল্লবের কম্পন সাদৃশ্য হইতে] বি, অত্যন্ত দুর্ব্বলতা ও বার্দ্ধক্য সুলভ কম্প। ২। বিণ, কম্পিত ; কম্পান্বিত। ৩। ক্রি-বিণ, থরথর করিয়া। প্র—"এত কহি বিনোদ নাগর চলি যায় ঘর। চণ্ডীদাস কহে রাই কাঁপে থরথর॥"—চণ্ডীদাস। ক্রি, থরথরান (থর্‌থরানো)। বি, থরথরানি—কম্প। ২। ভয়। বিণ, থরথরিয়া, থরথরে (থর্‌থোরে) [দ্রঃ—থরথর অপেক্ষা লঘু কম্পে থির্‌থির্, লঘুতর থুর্‌থুর্, লঘুতম থুরুথুরু (তুল—গুরুগুরু, দুরুদুরু)। আধিক্য এবং ব্যাপ্তি অর্থে—থর্‌থরাথর্—সর্ব্বাঙ্গ ব্যাপিয়া কম্পন। ২। ক্রি-বিণ, ক্রমাগত থরথর করিয়া।

থরথরান (থর্‌থরানো) [হি—থরানা। থর্‌থর্ (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)] ক্রি, থরথর করিয়া কাঁপা। ২। অতিশয় ভীত হওয়া। অস-ক্রি, থরথরিতে। থরথরিয়া, থরথরি—থরথর করিয়া। প্র—"* * * এখনও কাঁপে হিয়া মম থরথরি, স্মরিলে সে ভৈরব হুঙ্কার।"—মেঘনাদ। "——যার নাম শুনি থরথরি রক্ষোনাথ কাঁপে সিংহাসনে।" —ঐ। বি, থরথরানি, থরথরি—থরথর করিয়া কম্পন ; কাঁপুনি। প্র—"চারিদিকে তরঙ্গ জলের তরতরী। থরথরী স্থাবর বজ্রের কড়মড়ী॥"—অন্নদামঙ্গল।

থরসা (থর্‌শা) [প্রাদে। তুল—ক্ষীরসা] বিণ, অল্প ভাজিয়া রসে ফেলা।

থরহর, থরহরি (থরহর্‌ থরোহোরি) [প্রাকৃ—থরহরিঅ। থরথরি শব্দের উচ্চারণ ভেদ] ক্রি-বিণ, ভয়ে থরথর করিয়া। প্র—"দেখি ধম্মর আমিনি সাত পাঁচ মনে মানি ডরএ জম কাঁপএ থরহর।"—শূন্যপুরাণ। "সঙ্গে ননদিনী ছিল সকল দেখিয়া গেল অঙ্গ কাঁপে থরহরি।"—জ্ঞানদাস।

থল (ল্) [সং—স্থল। হি—থল] স্থল ; স্থান। প্র—"উরজ উদয় থল নালিম দেল"—বিদ্যাপতি। "তীর্থ থল নাহি ছিল গঙ্গা বরানসী।" —শূন্যপুরাণ। থলকুড়ী—থুলকুড়ী দ্রঃ। থলকুল—স্থলকুল ; আশ্রয়স্থান। থলচর —স্থলচর দ্রঃ (হি—থল্‌চর্)। থলপদ্ম—স্থলপদ্ম দ্রঃ।

থলথল (ল) [প্রাকৃ—থুল্লং। অ (স্থিতিবাচক) + ল (তারল্য, শৈথিল্যবোধক)—শিথিল ভাবে অবস্থিতি] অ, শৈথিল্যবাচক। ২। বি, শিথিল মাংস ; মেদ। বিণ, থলথলিয়া, থলথলে—শিথিল বা লোল। (মাংসের কম্পন বা আন্দোলন সূচক)। ৩। স্থূল ; মাংসল। অল্পার্থে ও আদরার্থে থুলথুলে। ক্রি, থল্‌থলান (নো) থলথল করা।

থলি, থলী, থলিয়া (থোলি, থোলিয়া) [সং—স্থলী হইতে হি—থৈলী ; গুর্জ্জ—থৈলী, কোথলী] বি, ছোট ঝুলী ; বটুয়া ; বগ্‌লী। প্র—"কহে চণ্ডীদাস যাও চলি যথা ধরমের থলী আছে।"—চণ্ডীদাস। ২। ছোট ছালা বা থলে। ৩। হুঁকার বড় খোল ; থালি দ্রঃ।

থলুয়া, থলো (থোলুআ, থোলো) [গ্রা, উচ্চারণ ভেদে থেলো। সং—স্তুর—থর—থল—থলুআ] বি, গুচ্ছ ; স্তবক ; থোকা ; থোপা। ২। [গ্রা—থেলো, থলি, থালি, দ্রঃ] হুঁকার বড় খোল। ৩। বিণ, বড় খোলযুক্ত ; ডাবা। প্র—থলো বা থেলো হুঁকা। থলো থলো—থোলো থোলো দ্রঃ।

থলে (থোলে) [হি—থৈলা] বি, বড় স্থালী ; গুণ ; ছালা ; বস্তা ; বোরা।

থস (থশ্) [থ (স্থিতি অর্থে)—স (বায়ুর সংঘর্ষ জনিত শব্দ ও লঘুতা বাচক ; অল্প শুষ্কতার ভাব মিশ্রিত। থক্, থল্, অপেক্ষা কম ভারবোধক। জলমিশ্রিত ময়দার মত কোমল বস্তু খসিবার শব্দ] অ, শুষ্কপ্রায় গলিতদ্রব্যের পতন শব্দ ; ময়দা প্রভৃতি খসিবার শব্দ। ২। আর্দ্রতাবোধক। থস্‌থস্—ক্রমাগত থস্ করিয়া পতন ; গলন। ২। ঘর্ম্মার্দ্রতা। ক্রি, থসথসান (থশ্‌থশানো)—থস থস করা। বিণ, থসথসানি (থশ্‌থশানি) বিণ, থসথসে (থশ্‌থোশে)।

থস্‌থসিয়া, থসথসে (থশ্‌থোশিআ) [থস্ দ্রঃ। থস্‌থস্ + ইআ (বিশিষ্টার্থে)] বিণ, যাহা তরল পদার্থযোগে শিথিল হইয়াছে ; চূর্ণ দ্রব্য জল বা অন্য তরল পদার্থের সহিত মিশাইয়া উত্তমরূপে মর্দ্দিত বা থাসা। ২। আর্দ্র এবং কর্দ্দমবৎ কোমল ভাবাপন্ন ; প্র—ঘামে থসথসে।

থা [সং—স্থান। হি—থাহ, তাহা হইতে থা] বি, স্থান ; স্থল। ২। গভীরতা ; জলের নিম্নস্থ ভূমি। ৩। স্থিতি ; আন্দাজ ; ঠাউকো। ৪। বিণ, স্থির, নিশ্চিত। থা পাতা—স্থিতি জমান ; অতলস্পর্শ জনিত পা রাখা ; দাঁড়ান। ২। স্থায়ী হওয়া ; বাস করা। ণিজন্ত—থা পাতান—স্থায়ী করান ; বাস বাঁধান। প্র—সংসারে কোন জিনিস থা পাতাতে পারা যায় না।

থাই (থাই) [থই দ্রঃ। প্রাদে] বি, স্থল। ২। তলস্পর্শ। ৩। নদীগর্ভ। ৪। গভীরতা। প্র—জলের থাই মাপা। ৫। [প্রাদে—শ্রেণী। (২) পক্ষ। (৩) মঞ্চ। সর্ব্বত্র ব্যবহার নাই]। ৬। বিণ, স্থায়ী। চিরথাই—চিরস্থায়ী। প্র—"এ বড় মনের দুঃখ রহ চির-থাই"—বিদ্যাপতি। থাই পাতা [তুল—'ঘরে বাস বাঁধা'] স্থায়ী হওয়া ; থাকা। প্র—ছেলেদের জ্বালায় কোন জিনিস ঘরে থাই পাততে পায় না।

থাউকা [হি—থাক্ (রাশি, সমষ্টি) + উ আ, (সম্বন্ধার্থে)—হি, উচ্চারণে "থাকৌআ"—বর্ণবিপর্য্যয়ে বাং-রূ—থাউকা] ক্রি-বিণ, থোক হিসাবে ; সংখ্যা গণনা না করিয়া রাশি বা ভাগা হিসাবে। ২। [থোক হিসাব হইতে] বিণ, আন্দাজী।

থাক (ক্) [সং—স্তবক ; হি—থাক্] বি, ছেদ। ২। পংক্তি ; শ্রেণী ; সারি। প্র—"গলে দিল গুঞ্জমালা বেড়ি তিন থাক।"—শিবায়ন। ৩। স্তর ; স্তবক। ৪। প্রাচীরগাত্র সংলগ্ন দ্রব্যাদি রাখিবার আধার ; তাক (দ্রঃ)। (২) কাঠাধারের এক এক স্তর বা আধার। ৫। [বংশজ শ্রেণী বিভাগ ; হিন্দুর জাতি-বিভাগ সম্বন্ধীয় পরিভাষা] মেল। ৬। [হি—থাক্] সীমাসূচক পাকা থাম। ৭। — খুঁটি। ৮। ঠেক্‌না ; বজায় রাখিবার জন্য অবলম্বন ; ঠেক। ৯। বন্ধনী ; তাগা। প্র "শিরে এখন সর্পাঘাত থাক্ দিব কোথা॥" —বাং-গান। থাক করা, থাক কাটা —স্তর প্রস্তুত করা ; গুচ্ছাকারে স্বতন্ত্র করিয়া দেওয়া। ২। শ্রেণী বিভাগ করা।

থাক (ক্) [থাকা দ্রঃ] অ, থাকুক ; থাকিতে দাও ; তাহাতে কোন প্রয়োজন নাই ; অগ্রাহ্যভাবে পড়িয়া থাকুক। প্র—"তুমি যদি সুরার পরিবর্ত্তে অডিকলোঁ খাওয়াইয়া সেই রূপ মত্ততা উৎপন্ন করিতে পার, তবে থাক সুরা আসুক অডিকলোঁ, তাহাতে আপত্তি কি"—ভারতী, ৩৬শ বর্ষ।

থাকথাক [থাক (স্তবক)—থাক (স্তবক) —স্তবকের উপর স্তবক] ক্রি বিণ, স্তরে স্তরে ; সারি সারি। ২। বিণ, স্তর-ক্রমানুযায়ী ; শ্রেণীবদ্ধ। থাকে থাকে—ক্রি-বিণ, স্তবকে স্তবকে ; থরে থরে।

থাকন (থাকোন্) [থাকা দ্রঃ] বি, অবস্থান ; স্থিতি। ২। বাস করণ। ৩। জীবন ধারণ। ৪। উপস্থিত বা বিদ্যমান হওন।

থাকনা (থাক্‌না) [থাক (থাকুক, বাস করুক) না (সম্মতিসূচক)] ক্রি, অবস্থান করুক না কেন ; বাস করিলেই বা। প্র—"ও সে থাকনা কেনে পাবনা জেলায় আর আমি হাজিপুরে"—দীনেন্দ্র রায়। ২। অ, বিরক্তি বা অপ্রীতির বোধে স্থগিত করা অর্থে। প্র—আঃ থাক না, ঢের হয়েছে।

৩। (থাকোনা) [থাক (অবস্থিতি কর) +না (আপত্তি অভাবে, অনুরোধার্থে)] ক্রি, বাধা না থাকিলে থাকা সম্বন্ধে সম্মতি বা অনুবোধ জ্ঞাপক ; থাকিলেও হয়। প্র—আজ এথানে থাকনা। ৪। [না প্রশ্নে] সম্মতি বা অসম্মতিসূচক উত্তর অপেক্ষায় উক্ত ; থাকনা কেন ? প্র—আজ এথানে থাক না, তাহাতে আপত্তি কি ?

থাকবস্ত (থাক্‌বস্‌তো) [হি—থোক্ + ফা—বস্ত্] বি, সীমা নির্দ্দেশক স্থায়ী স্তম্ভ বা পাকা থাম ; জমিদারীর চৌহদ্দী ; জমির সীমা বন্ধন। ২। জমির লাটে লাটে ভাগ। ৩। থাকবস্তি দ্রঃ। ৪। [জমিদারী পরিভাষায়] জমির সীমা-নির্দ্ধারক কাগজ।

থাকবস্তি (থাক্‌বোস্‌তি) [হি—থোক্‌বস্ত্। থাকবস্ত দ্রঃ] বি, জমির সীমা-নির্দ্ধারণ ; জরীপ চিঠা ; cadastral-survey.

থাকয়ে [থাকে—পদ্যে, থাকয়ে। তুল—দেখে—দেখয়ে ; করে—করয়ে] ক্রি, থাকে। থাকা দ্রঃ। প্র—"মনে মনে মান,
হে প্রাণ, প্রকাশ বদনে * * * মান কি কখন প্রাণ থাকয়ে গোপনে॥"—বাং-গান—নিধুবাবু।

থাকা [স্থা—থা (স্থিতি অর্থে) ক (স্বার্থে) আ (ক্রি-বিভক্তি), থাক (থাকন, অবস্থান) আ (করা অর্থে) হি—থাক্‌না। উ-পু—থাকি। ম-পু—থাক ; থাকুন্ ; থাক্। প্র-পু—থাকে ; থাকেন। অস-ক্রি—থাকিতে ; থাকিয়া, থাকি (পদ্যে), থেকে (গ্রা)। ণিজন্ত—থাকান। অতীতকালে উ-পু—প্রাদে উচ্চারণ ভেদে—থাকিতাম, থাকতেম। প্র—"মনের হরিষে থাকিতেম"—হরুঠাকুর। থাকতাম ; থাকতুম। প্র-পু—থাকিত, থাক্‌ত, থাক্‌তো ["দুজনাতে সুখে থাক্‌তো"—দ্বিজ রায়] ক্রি, বসবাস করা। প্র—তাঁহারা বিদেশেই থাকেন। ২। অধিক দিনবাস করা ; স্থায়িভাবে থাকা। প্র—থাকতে থাকতে সব পরিচিত হয়ে যাবে। ৩। [গমনের বিপরীত] অবস্থিতি করা। প্র—থাকবে না যাবে ; সেই বুঝে আহারের যোগাড় করিতে বল। ৪। নির্দ্দিষ্ট সময়ের জন্য নিত্য অবস্থিতি করা। প্র—তিনি দিনের বেলা এথানেই থাকেন। ৫। উপস্থিত বা বিদ্যমান থাকা। প্র—"তুমি কোথায় থাক কেন এসে আমি কাঁদলে কর কোলে।"—ব্রহ্মসঙ্গীত। কোথায় কখন থাক খুঁজে পাওয়া যায় না। তুমি তখন সেখানে থাকবে ত ? "সে যদি থাকিত হ'ত আজি দুশো মজা" —রবি। ৬। জিনিস পত্র ভাণ্ডারে বা গৃহে মজুত থাকা। প্র—খাবার দাবার কেন ছেলেদের জন্য কোন কিছু ঘরে থাকে না। ৭। টিকিয়া থাকা ; টেঁকা। প্র—ঘরে থাকতেই দেয় না। দেহে প্রাণ আর থাকে না। ঘরে থাকা এখন ভার হয়ে উঠল। ৮। বজায় থাকা। প্র—তাহার কর্ম্ম থাকবে বলে বোধ হচ্ছে। ৯। বাঁচা। প্র—"থাকত যদি দিত দেখা সর্ব্বনাশী বেঁচে নাই"—রামপ্রসাদ। রোগী থাকবে না যাবে ? তাহার থাকিলেই কি আর মরিলেই কি। ১০। রক্ষিত হওয়া ; রক্ষা পাওয়া। প্র—মনে থাকা ; সম্ভ্রম থাকা। ১১। পশ্চাতে পড়িয়া থাকা। প্র—সকলেই যাবে কেহই থাকবে না। ১২। ভোগের জন্য পড়িয়া থাকা ; উত্তরাধিকার সূত্রে বিষয়াদি পড়িয়া থাকা। প্র—যাহা কিছু সব ওদেরই থাকবে। ১৩। খরচ খরচার পর অবশিষ্ট থাকা, বাকী থাকা। প্র—সকলকে দিয়া হাতে কত থাকে দেখ। যাহা কিছু থাকিবে তাহা হইতে ঐ খরচটা করিও। ১৪। খালি থাকা। প্র—ঠিকা কাজ কখন্ থাকে কখন্ না থাকে তার ঠিক নাই। ১৫। [অবস্থিতির কাল বৃদ্ধি অর্থে] বিলম্ব করা ; অপেক্ষা করা। প্র—ওখানে যাবে যেন বেশীক্ষণ থেকো না। ১৬। স্থির থাকা ; ধৈর্য্য ধরা। প্র—সে আর থাকছে না, ভারি কান্নাকাটি করছে। একটু থাক এখনই ভাল হয়ে যাবে। ১৭। বিরত হওয়া ; নিবৃত্ত বা নিরস্ত হওয়া ; থামা। প্র—আচ্ছা থাক আর বল্‌তে হবে না। ১৮। অনাবশ্যক বোধে উপেক্ষা করা। প্র—থাক আর ও সব কথায় কাজ নাই। ১৯। সংস্রব রাখা ; দখল দেওয়া। প্র—ওদের কথায় থেকো না। ২০। অব্যাহত থাকা ; নিগৃহীত হইবার সম্ভাবনা হইতে দূরে থাকা ; মুক্ত থাকা। প্র—আচ্ছা ও এখন থাক পরে দেখা যাবে। সে আর থাকবে কোথা, সেই আমার হাতে এসে পড়তেই হবে। ২১। অভ্যস্ত হওয়া ; অভ্যাস রাখা। প্র—তিনি প্রত্যহ সকাল সন্ধ্যা বেড়াইয়া থাকেন। সে প্রায় সকল নেশা করিয়া থাকে। ২২। সহবাস করা। (আছে দ্রঃ)। বি, থাকন, থাকান (ন্)। প্র—এমন থাকান থাকাবে। থাকয়ে—থাকে (পদ্যে)। অন্ধকারে থাকা—অজ্ঞানে থাকা ; অজ্ঞ থাকা ; জানিতে না পারা। প্র—এখনও সে অন্ধকারে আছে, একবার জানিতে পারিলে আর রক্ষা রাখিবে না। আঁচে থাকা—আগুনের অল্প তেজে গরম করিবার জন্য উনানে বসান থাকা। ২। আন্দাজ করিয়া থাকা। ৩। অপেক্ষায় থাকা ; টেঁকে থাকা। থাক গিয়া, থাক গে—অ, ছাড়িয়া দেওয়া ; উপেক্ষার ভাববোধক ; অনাবশ্যক বোধে বর্জ্জনের ভাব। থাকতে দেওয়া—সংস্রবশূন্য রাখা। কথা থাকা—প্রতিজ্ঞা পালিত হওয়া ; সত্য রক্ষা হওয়া। কথায় থাকা—সংস্রবে থাকা ; কোন বিষয়ে লিপ্ত হওয়া। কুলে থাকা—বংশের সম্ভ্রম রক্ষা করিয়া থাকা ; সামাজিক পালন করিয়া ঘরে থাকা। খুসী থাকা—সন্তুষ্ট থাকা ; প্রীত থাকা। ঘরে থাকা—গৃহে উপস্থিত থাকা। ২। পুরুষের পক্ষে সহধর্ম্মিণীকে লইয়া সংসার ধর্ম্ম পালন করা ; পরস্ত্রীর কাছে না থাকা। স্ত্রীপক্ষে, কুলে থাকা। ঘুমিয়ে থাকা—নিদ্রিত অবস্থায় থাকা। ২। কোন দিক না দেখা ; অজ্ঞ থাকা। জেগে থাকা—চক্ষু চাহিয়া বা জাগ্রত অবস্থায় থাকা। ২। সতর্ক বা সজাগ থাকা ; সাবধান থাকা। টেঁকে থাকা—বজায় থাকা ; ঠিকানায় দৃঢ়ভাবে অবস্থান করা। ডুবে থাকা—জলমগ্ন থাকা। ২। আত্মবিস্মৃত হইয়া থাকা ; আত্মসমর্পণ করিয়া থাকা। ৩। ঋণ ভারে ভারাক্রান্ত হইয়া থাকা। তগে থাকা, তাকে থাকা, তক্কে থাকা—ওত করিয়া থাকা ; আগ্রহের সহিত অপেক্ষা করিয়া থাকা। ২। সন্ধানে থাকা। থেমে থাকা—স্থির থাকা। ২। নীরব থাকা। ৩। নিরস্ত থাকা। দাঁতে থাকা—চর্ব্বিত হওয়া। (লক্ষণায়) সর্ব্বদা তিরস্কৃত হইতে থাকা। প্র—সে তাহাকে চব্বিশ ঘণ্টা দাঁতেই রেখেছে। তার দাঁতে থেকে থেকে ছেলেটা রোগা হয়ে গেছে। দাঁড়িয়ে থাকা—দণ্ডায়মান থাকা। ২। অপেক্ষা করা। দেবে থাকা—মুষড়িয়া থাকা ; পিষ্ট হইতে থাকা। ২। ভয়ে ভয়ে চুপ করিয়া থাকা ; উদ্ধত না হওয়া। দোষে থাকা—দোষের মধ্যে থাকা ; দোষের ভাগী হওয়া ; দোষী হওয়া। ধোঁকায় থাকা, ধোঁকার মধ্যে থাকা—সত্য মিথ্যা বা হয় নয় এই সন্দেহযুক্ত থাকা। ২। অন্ধ বিশ্বাসে বা ভুল বিশ্বাসে নিশ্চিন্ত থাকা। পোড়ে থাকা—পতিত থাকা। ২। না ঘুমাইয়া শুইয়া থাকা। ৩। উন্নতি করিতে না পারিয়া বা উন্নত যুগের উপযোগী হইতে না পারিয়া পশ্চাতে থাকা। প্র—"পড়ে থাকা পিছে মরে থাকা মিছে"—সবুজ পত্র (রবি)। পেটে থাকা—গর্ভে অবস্থান করা। ২। অপ্রকাশিত থাকা ; মনে মনে থাকা। প্রাণ থাকা—জীবন রক্ষা হওয়া ; বাঁচা। মরে থাকা—মৃতপ্রায় হইয়া থাকা ; মুষড়ে থাকা ; ম্রিয়মাণ হইয়া থাকা ; মরিয়া পড়িয়া থাকা। মান থাকা—সম্মান বজায় থাকা ; সম্ভ্রম রক্ষা পাওয়া ; ভদ্রতা বজায় থাকা। মনে থাকা—স্মরণ থাকা। মাথা থাকা—মাথা কাটা না যাওয়া ; প্রাণরক্ষা হওয়া। প্র—তার কথা না শুনলে কি আর মাথা

থাকবে। মাথায় থাকা—মাথার উপর শিক্যা প্রভৃতিতে তোলা থাকা। ২। [লক্ষণায়] পড়িয়া থাকা; উপেক্ষিত থাকা: বাকী থাকা। মুখ থাকা—সম্ভ্রমসহ বা ভদ্রভাবে দেখাইবার মত অথবা অম্লান মুখে দেখা করিবার মত মুখ বা উপায় থাকা: সত্যরক্ষা দ্বারা মান থাকা। রেগে থাকা—আন্তরিক ক্রোধ বা আক্রোশ পোষণ করিয়া থাকা। সুখে থাকা—মনের সুখে বাস করা। ২। ঐশ্বর্য্য সুখ ভোগ করা। ৩। ঐশ্বর্য্য, শারীরিক ও মানসিক সুখ ভোগ করা। হড়েপড়ে থাকা—দুঃখকষ্ট সহ্য করিয়া টিকিয়া থাকা: কোন মতে না ছাড়া। হাতে থাকা—আয়ত্ত মধ্যে থাকা: দখলে থাকা: ক্ষমতাধীন থাকা। হাত থাকা—আয়ত্ত থাকা: দখল বা স্বত্ব থাকা; ক্ষমতা থাকা।

থাকা [থাক (অবস্থিতি)+আ (স্বার্থে)] বি, অবস্থিতি: অবস্থান। ২। ঠাকুর বিসর্জ্জন করিবার সময় যে উন্মুক্ত চতুর্দ্দোলের আকারে গঠিত কৃত্রিম উদ্যানাদিতে সুসজ্জিত আধারে প্রতিমা বহন করা হয়। থাকা না থাকা—অস্তি-নাস্তি; বাঁচা মরা। তুল—হি, "ছতং অছত"।

থাকাথাকি [থাকা—থাকাই (ই—সম্বন্ধে, সন্দেহে দ্বিরুক্ত)] বি, থাকা এবং না থাকা। ২। থাকার বিষয়।

থাকান (নো) [থাকা'র ণিজন্ত রূপ] ক্রি, থাকিতে বাধ্য করা। থাকা দ্রঃ। ২। (ন্) থাকা কর্ম্ম; অবস্থান। প্র—তাকে এমন থাকান থাকাবে যে সে কখন ভুলবে না। ৩। (থাকান্) যাহা দ্বারা থাকান হয়; অবলম্বন: ঠেক্না: টেক: ঠেকো।

থাকিয়া [থাকা দ্রঃ। স্থা-ধাতুজ স্থিত্বা=থাকিয়া] অস্-ক্রি, অবস্থান করিয়া: থাকা দ্রঃ। ২। ক্রি-বিণ, কোন নির্দ্দিষ্ট স্থিত বা স্থান হইতে: থেকে দ্রঃ।

থাকিয়া থাকিয়া [থাকা দ্রঃ। গ্রা—থেকে থেকে] ক্রি-বিণ, মধ্যে মধ্যে বাস করিয়া; সময়ে সময়ে অবস্থান করিয়া। ২। মধ্যে মধ্যে; মাঝে মাঝে। প্র—"অদ্যাপি কাঁপিয়া উঠে থাকিয়া থাকিয়া।"—ভারতচন্দ্র। "থাকিয়া থাকিয়া বিজনে পাপিয়া কানন ছাপিয়া তুলিছে তান"—রবি।

থাকুড়থুকুড় (ড়্, ড়্) [থক্ (দ্রঃ) কোমলার্থে ড় কঠিনতার্থে] অ, কোমল অস্থির সহিত মেদল মাংস জড়িত থাকার ভাববোধক।

থাড় (ড়্) [হিঃ—ঠাঢ় হইতে, ব্রজ—থাড়, থাড়ী, প্রা-বৈ,সা] বিণ, দণ্ডায়মান। পুং, থাড়া, স্ত্রী, থাড়ি, থাড়ী [হি—ঠাড়ী] দণ্ডায়মানা। প্র—"বহরি বেরি কাহে থাড়ি" —বিদ্যাপতি।

থাড়ান (থাড়ানো) [থাড় দ্রঃ] ক্রি, দাঁড় করান, সোজা ভাবে দাঁড় করাইয়া বা ঠেসাইয়া রাখা।

থাড়ী, ঠাড়ী [থাড় দ্রঃ] বিণ, বহুদিনপ্রসূতা। ২। দণ্ডায়মানা; থাড়ী। ৩। বি, মধ্য বয়স্কা স্ত্রী; প্রৌঢ়া।

থাতান (থাতানো) [স্থিত হইতে, তুল—স্থির হইতে থিরান] ক্রি, সুস্থিরকরণ: থিতান। ২। শান্ত করা।

থাতামুথা, তা [গ্রা। থাতা (পাতা বা লতা) —মুথা (তৃণ, ঘাস) সহচর শব্দদ্বয়। তুল—ঘাসপাতা, কাটি মুটি] বিণ, তৃণমুষ্টি, ঘাসপাতা, ক্ষীণ বা অকিঞ্চিৎকর প্রতিবিধান: ঠেকনো। ২। যাহা তাহা বলিয়া আশ্বাস: অসার আশ্বাস। প্র—থাতামুথা দিয়া রাখিলেই কি থাকবে? ৩। সংক্ষেপ।

থান (ন্) [হি—থান (অখণ্ড, এক) স্থানে বিস্তৃত বস্তুর অখণ্ডতাবোধক] বি, অখণ্ড; পূর্ণ বা সমগ্রবস্তু; গোটা। প্র—থান ইট মাথায় মারিয়াছে। ২। অখণ্ডিত বা পূর্ণ পরিমাপের বস্ত্র। প্র—পুরা থান হইতে একখানা ধুতির মত কাপড় কাটিয়া ফেল। ৩। [বিশেষার্থে] রঙ্গীনধারীহীন বা কিনারাশূন্য পরিধেয় বস্ত্র। প্র—বঙ্গদেশে বিধবারা থান এবং সধবারা পাড়ওয়ালা সাড়ী পরিধান করে। থানধুতি—থান কাপড়। থান ফাড়া—পুরা হইতে কাটা।

থান (ন্) [সং—স্থান। হি—আস্থান—থান] বি, স্থল: ঠাঁই। ২। নিকট। প্র —"ধর্ম্ম থানে পাইব মুকতি।"—শূন্যপুরাণ। "সোপল তাকর থানে"—কবিশেখর। ৩। অশ্ব থাকিবার স্থান; আস্তাবলের যেখানে ঘোড়ার পা বাঁধা থাকে। ৪। ঘোড়ার উৎপত্তি: জন্ম: বংশ: জাতি: pedigree; breed. ৫। স্থান বা জমির খণ্ড; লাট। থানছাড়া—বিণ, স্থানভ্রষ্ট। থানে অথানে ['স্থানে অস্থানে'র অপভ্রংশ]—যথাস্থানে এবং অযথাস্থানে: (তাহা হইতে) অস্থানে; বেকায়দায়; মর্ম্মস্থানে। প্র—ঢিল ছুড়োনা, কোথায় কার থানে অথানে লেগে যাবে।

থান্‌কুনি (ন্) বি, আগাছাবিশেষ; hydrocotyle asiatica. [থুলকুড়ি দ্রঃ]।

থানা [সং—স্থান; হি—থানা। তুল—ফা—আস্তানা=দ্বার; পীঠস্থান] বি, স্থান। ২। আড্ডা। প্র—"না যাইও যমুনার জলে, তরুয়া কদম্বমূলে চিকণ কালা করিয়াছে থানা।"—চণ্ডীদাস। "সেইখানে বটে জম রাজার বসিবার থানা।"—শূন্যপুরাণ। ৩। সৈন্যসমাবেশ; শিবির; ছাউনী। প্র—"থানা দিয়া পূর্ব্বদ্বারে, দুর্ব্বার সংগ্রামে বসিয়াছে বীর নীল——"—মেঘনাদ। ৪। দল: সেনাদল; চমূ। প্র—"লক্ষ্মণের বাণে পড়ে রাক্ষসের থানা।"—কৃত্তিবাস। ৫। চৌকি: পাহারা। প্র—"পেয়াদা সবার কাছে প্রজারা পলায় পাছে দুয়ার চাপিয়া দেয় থানা।"—কবিকঙ্কণ। ৬। শান্তিরক্ষকগণের আড্ডা ও দপ্তর; পুলিশ ষ্টেশন। ৭। একজন পুলিশ ইন্‌স্পেক্টর বা কোতোয়ালের অধীন এলাকা বা গ্রামসমূহ। থানা দেওয়া—প্রহরীর আড্ডা বসান। ২। সৈন্য সমাবেশ করা। প্র—"থানা দিয়া পূর্ব্বদ্বারে বসিয়াছে নীল বীর।" —মেঘনাদ। "কামরূপ ওপারে এপারে দিল থানা।"—ঘনরাম। থানাপুলিশ করা—নালিশ করিয়া পুলিশে ও আদালতে যাতায়াত করা: মকদ্দমা বাধান। থানা করা—[কৃষকের ভাষায়] বিশেষ বিশেষ বীজ বুনিবার বিশেষ বিশেষ স্থান ও মাটি তৈয়ার করা।

থানাদার (র্) [হি—থানা—ফা—দার্] বি, থানার প্রধান কর্ম্মচারী; station officer.

থানাদারি, রী [থানাদার—ই (বৃত্তি অর্থে)] বি, থানাদারের কর্ম্ম। ২। থানাদারের পদ।

থানী (থানি) [স্থান (জমি)+ই সম্বন্ধীয়] বি, ওড়িষ্যা বিভাগের প্রজাবিশেষ; বঙ্গের খোদকস্তা প্রজাস্বত্বে স্বত্ববান্।

থাপ (প্) [সং—স্থাপ (করতল) হি—থাপ্—করতলের চাপ] বি, করতলের চাপ: চাপড়; থাবড়া।

থাপয়ে [স্থাপন। পদ্যে। বৈ, সা] ক্রি, স্থাপন করে। প্র—"শুনিতে রসের কথা থাপয়ে চিত"—বিদ্যাপতি।

থাপড়, থাপড়া, থাপ্পড় (থাপোড়, প্, থাপ্‌পোড়) [থাপ দ্রঃ] বি, চাপড়; চড়; থাবা, করতল প্রহার। ক্রি, থাপড়ান।

থাপন (ন্) [সং—স্থাপন+প্রা-বাং—গ্রা] বি, স্থাপন। প্র—"তিন কোন পৃথিবীর জল করিলা থাপন।"—শূন্যপুরাণ। ২। ভূমিতে করতলের ভর দিয়া উপবেশন; থাবড়ি খাইয়া বসা। প্র—থাপন জুড়িয়া বসা।

থাপি, থাপী [হি—থাপি, কুম্ভকারদিগের ভাষায়] বি, যে পিটনা দ্বারা কাদা পেটা ও কাঁচা হাঁড়ী, কলসী পেটা হয়। ২। [হিন্দীতে, উত্তর বঙ্গে চলিত] ছাত পিটিবার পিট্‌না।

থাবড়া (ব্) [থাপ (দ্রঃ)—ড়া (কাঠিন্য এবং অনাদর অর্থে)] বি, করতলের আঘাত; চাপড়; চড়। ক্রি, থাবড়ান (নো)।

থাবড়ান, থাপড়ান (থাব্‌ড়ানো) [থাবড়, থুবড়ান দ্রঃ] ক্রি, থাবড়া মারা; চপেটাঘাত করা; চাপড় মারা। ২। শাসন করা,

দাবড়ি দেওয়া। বি. থাবড়ানি। থাবড়া খাওয়া—চপেটাঘাত প্রাপ্ত হওয়া। ২। শাসিত হওয়া। থাবড়া ধরান, বসান, কসান, জমান, লাগান—চড় মারা। থাবড়িয়া, থাবড়াইয়া বা থাবড়ে দেওয়া—চড় বসাইয়া দেওয়া : চড়ের উপর চড় মারা।

থাবড়ি (ব্) [থাবড়া দ্রঃ। উচ্চারণভেদে "থুবড়ি"] বি. স্ত্রী. থাবা বা করতল পাতন। পুং. থাবড়া। থাবড়ি বা থুবড়ি খাইয়া বসা—ধরায় থাবা পাতিয়া বা ভূমিতে করতলের ভর দিয়া উপবেশন করা।

থাবর (র্) [হি—থাবর ; সং—স্থাবর অপভ্রংশে. প্রা-বাং-গ্রা] বি স্থাবর। প্র—"পাহাড় পর্ব্বত নহি নহিক থাবর জঙ্গম।"—শূন্যপুরাণ।

থাবা [স্থাপ—থাপ—থাব+আ (অবজ্ঞায়, ইতর প্রাণীর থাপ অর্থে)] বি. জীবজন্তুর করতল : পাঞ্জা। ২। [অনাদরে] বিস্তৃত মুষ্টি ; এক গ্রাসের উপযোগী মুষ্টি। ক্রি. থাবান। থাবা মারা—পাঞ্জার আঘাত করা। থাবা বাঁধা—মুষ্টি বদ্ধ করা। থাবা তোলা—গ্রাসের জন্য বিস্তৃত মুষ্টিতে আহার্য্য উঠান।

থাবা-থাবা—চাপড়ের উপর চাপড়। প্র—"থাবায় থাবায় মশাল নিবায় আন্ধারে শোভিল ভাল."—অন্নদামঙ্গল। ২। মুঠা মুঠা ; থাবলা থাবলা। প্র—"দুই হাতে পেট ভরে থাবা থাবা থাবা।"—ঈশ্বর গুপ্ত। আবা-থাবা—থাবা বা করতল দিয়া মুখ চাপা :—যেমন তেমন করিয়া মুখ বন্ধ। থাবা থুবি—করতলের আচ্ছাদন ; চাপা-চুপি। ২। পৃষ্ঠে ধীরে ধীরে করতল স্পর্শ। থাবা-থুবি দিয়ে রাখা—পিঠ চাপড়ে ভুলিয়ে ভালিয়ে রাখা।

থাবান (থাবানো) [থাবা দ্রঃ] ক্রি. থাবার ব্যবহার করা। ২। থাবার আঘাত করা : থাবড়া মারা। প্র—"চোট খেয়ে লাফায়ে থাবাইয়া ধরে উরু। কি করিতে পারে যার হনুমন্ত গুরু॥"—ঘনরাম।

থাম (ম্) [সং—স্তম্ভ ; প্রাকৃ—থম্ব] বি. স্তম্ভ ; খুঁটি। ২। অবলম্বন। থামে বেঁধে মারা—স্তম্ভ বা খুঁটিতে বাঁধিয়া অপরাধীকে প্রহার করা যাহাতে সে মার খাইতে খাইতে পলায়ন না করে ; পলায়নের পথ না রাখিয়া প্রহার করা।

থামন (থামোন্) [থামা দ্রঃ] বি. থাকন ; নিবৃত্ত হওন। ২। [হি—রোক—থাম=ক্ষণিক প্রতিকার] সাময়িক উপশম ; শান্ত হওন।

থামা [সং—স্তন্ভ্ (ক্রিয়ানিরোধে, রুদ্ধীকরণে) হইতে। হি—থাম্না] —কোন কার্য্যের গতি বা বেগ রোধ করা। উ-পু—থামি। ম-পু—থাম ; থামুন ; থাম্। প্র-পু—থামে : থামেন। অস-ক্রি—থামিতে ; থামিয়া : থেমে। ণিজন্ত—থামান। চেতনপক্ষে] ক্রি. গতি বা গমন-বেগ সম্বরণ করা ; অগ্রসর না হওয়া। প্র—থাম আর যাইতে হইবে না। ২। [জড় পক্ষে] বেগ বন্ধ করা বা সম্বরণ করা। প্র—চাকা একবার ঘুরাইলে আর থামে না। ৩। চুপ করা। প্র—"খোলা হ'তে নামে লুচি টগ্‌বগ্ তাজা. জিবে গজা. পানতুয়া. ছানাবড়া. খাজা. রাঙ্গাদিদি হাসিছেন বদনে অঞ্চল ; কহিছেন, থাম কথি, মুখে আসে জল।"—অশোকগুচ্ছ। ৪। নিরস্ত হওয়া : বিরত হওয়া। প্র—কাজে অত দূর অগ্রসর হয়ে মাঝখানে এসে থামা আর ভাল দেখায় না। ৫। অপেক্ষা করা। প্র—একটু থাম একবার চট্‌করে বাড়ী থেকে হয়ে আসি। ৬। আপত্তি না করা ; বিহিত না করিয়া নিশ্চেষ্ট থাকা। প্র—ও কথা শুনলে পাওনাদারেরা কি আর থাম্‌বে। ৭। স্থির হওয়া ; ব্যস্ত, উৎকণ্ঠিত বা ব্যাকুল না হওয়া। প্র—ছেলে থাম্‌চে না। ৮। বৃষ্টি পতন বন্ধ হওয়া ; বৃষ্টি ধরা। প্র—এখন বৃষ্টি একটু থেমেছে এই বেলা যাও। ৯। উপশমিত হওয়া : শান্ত হওয়া। প্র—তার রাগ এখন থেমেছে। ১০। [হিন্দীতে ধরা অর্থে—বাং—সর্ব্বত্র প্রচলিত নাই] ধরা : গ্রহণ করা। বি. থামন। থাম থাম [বিদ্রূপ. ক্রোধ. বিরক্তি অর্থে দ্বিত্ব] ক্রি. চুপকর ; নির্ব্বাক হও। বেশী কথা বলিও না। প্র—থাম থাম যথেষ্ট হয়েছে আর কেন ? থাম থাম তোমার আর বক বক করতে হবে না। ২। [ভয় প্রদর্শনে বা শাসান অর্থে] অপেক্ষা কর ; দাঁড়াও ; রহ রহ। থামাথামি—পরস্পর থামা। নোলা থামা—আহারে লোভ বা লালসা রহিত হওয়া। সর্ব্বদা খাই খাই প্রবৃত্তি আর না থাকা। মুখ থামা—নোলা থামা দ্রঃ। ২। বকুনি বন্ধ হওয়া ; একক্রমে গালি বর্ষণ করিতে বিরত হওয়া। মুখ থামান—অন্যের আপত্তি করিবার উপায় বন্ধ করা। ২। আহার যোগাইয়া খাই খাই চীৎকার বন্ধ করা। ৩। চর্ব্বণ-হেতু মুখ নাড়া বন্ধ করা ; না খাওয়া। ৪। বকুনি বা কথা বলা বন্ধ করা। রক্ত থামা—রক্তপাত বন্ধ হওয়া। রক্ত থামান—ঔষধাদিদ্বারা রক্তস্রাব রহিত করা। রাগ থামান—রাগের হেতু দূর করা ; শান্ত করা।

থামা [থাম—আ (স্বার্থে)] বি. থামানি ; উপশম। ২। ছিয়ানি। প্র—বৃষ্টি একবার থামা দিলে হয়।

থামান (থামানো) [থামা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। উ-পু—থামাই। ম-পু—থামাও ; থামান্ ; থামা। প্র-পু—থামায় ; থামান্। অস-ক্রি—থামাইতে থামাইয়া থামিয়ে] ক্রি. থামিতে বাধ্য করা ; গতিরোধ করা : বেগ বন্ধ করা। ২। চুপ করান। ৩। ধরান ; গ্রহণ করান। বি. থামানি।

থারমমিটার, থার্মামিটার (থার্মো-মিটার্, থার্মামিটার্) [ইং thermometer] বি. তাপমানযন্ত্র ; শরীরের উত্তাপ নির্ণয়ের বৈজ্ঞানিক উপায়ে নির্ম্মিত কাচযন্ত্র।

থারি [সং—স্থালী. হি—থালী। হি—থারিয়া : গুর্জ্জ—থালী] বি. থালি : ছোট থালা। প্র—"ডাহিন হাতে বহে ফাগের থারি।"—কথা (রবি)।

থাল, থালা (ল্) [সং—স্থালী. গুর্জ্জর—থালী। থারি দ্রঃ] বি. ধাতু নির্ম্মিত ভোজনের পাত্র। প্র—"পাঠান পতির ললাটে সহসা মারেন রাণী কাঁসার থালা খানা"—কথা (রবি)। ২। যন্ত্র-কোমোক্ত ঘন-যন্ত্র-বিশেষ। প্র থালা বাজান। ৩। [স্থল—থল। উচ্চারণ বিকারে. থাল] প্র—গগনের থালে রবিচন্দ্র-দীপক জ্বলে।"—বাং-গান (রবি)।

থালি, থালী [সং—স্থালী] বি. হাঁড়ি ; পাক পাত্র। ২। ছোট থালা ; প্র—"থালি খুরি ডাবরে পুরিয়া লহি চন্দন।"—শূন্যপুরাণ। "অর্ঘ্য ভরিয়া আনি, ধর গো পূজার থালি"—চয়নিকা। ৩। তৈলাধার ; তৈল রাখিবার ছোট পাত্রবিশেষ। ৪। হুঁকার বড় খোল। থলুয়া দ্রঃ।

থাসা (থাশা) [হি—ঠাস্না : গাদা : মাড়া] ক্রি. গোধুমচূর্ণ জলের সহিত যেরূপ মর্দ্দন করে সেইরূপ মর্দ্দন করা : মাড়া। প্র—ময়দা থাসা। ২। মাড়ামাড়ি করা : ধামসান। প্র—বিছানা বালিস থেসে মেড়ে ছেলেগুলো জ্বালাতন করে। ৩। গাদা : ঠাসা। ণিজন্ত—থাসান। থাসা মাড়া—করতল ও মুষ্টিদ্বারা দলন এবং পদদ্বারা মর্দ্দন।

থিক্ (থিক্) [থক্ (দ্রঃ) অপেক্ষা লঘু কিন্তু অধিক তরল] অ. অনুকার শব্দ। থিক্ থিক্ [ব্যাপ্তি. স্বচ্ছতা ও তরলতাধিক্য অর্থে দ্বিত্ব] অ. জলের ক্ষুদ্রতম তরঙ্গ হিল্লোল দৃশ্যসহ শব্দের মিশ্রণ অর্থে। প্র—পুকুরের জল থিক্ থিক্ করিতেছে। ২। ঘন তরল পদার্থে বহুসংখ্যক কীটাদির বিদ্যমানতাবোধক ; বিজবিজ। প্র—পচা জলে পোকা থিক্‌থিক্ করিতেছে। ৩। ক্রি. থিক থিকান (নো) বি. থিক্‌থিকিনি। বিণ থিকথিকে।

থিক, থিকা (ক্) থেকে দ্রঃ।

থিকান (নো) [ব্রজ। অস্ ধাতুজ অস্তি—অছি—ছিক—থিক, তুল—আসীৎ, আছিল—ছিল—থিল (ওড়ি) ব্রজ, থিক] ক্রি, হওয়ান। বিদ্যাপতিতে—**থিকহু**—হই **থিকাহ**—হও। **থিকাহু**—আছি।

থিত, থিতু (ত্) [সং—স্থিতি—থিতি—থিত, থিতু] বি, স্থিতি। ২। বিণ, স্থিত। **থিত করা**—স্থিতি করা ; রাখা ; সঞ্চিত করা **থিত করান, থিতু করান**—বাস করান ; স্থায়ীরূপে থাকিতে সাহায্য করা।

থিতন (থিতোন্) [স্থির ; স্থিরন। হি—থিরান] বি, তরলপদার্থ মিশ্রিত অদ্রাবক বস্তুর ক্রমে ক্রমে নিম্নে পতন ; precipitation

থিতন, থিতান (নো) [স্থিরান। হি—থিরানা। অথবা স্থিত—থিত+আন (ক্রি-বিভক্তি)। উ-পু—থিতাই। ম-পু—থিতাও। প্র-পু—থিতায়। অস-ক্রি—থিতাইতে, থিতুতে থিতাইয়া, থিতিয়ে] ক্রি, স্থিতি করান ; শিট ভাগ জলের নিম্নে জমা ; precipitate. প্র—"জল থিতাইয়া তলায় পাঁক জমেছে।" ২। জল স্থির ও নির্ম্মল করা।

থিতি (ত্) [প্রা-বাং, গ্রা। সং—স্থিতি হি—থিতি (রামচরিতমানস)] বি, স্থিতি প্র—"কিছু সংহারিল - কিছু সৃন্যে হইল থিতি।"—শূন্যপুরাণ। বিন, **থিত**—স্থিত স্থায়ী। প্র—"দআর সাগর পরভু হএ গেল থিত।"—শূ, পু।

থিয়েটার (থিএটার্) [ইং—theatre] বি, অভিনয়। ২। নাট্যাভিনয়স্থান : অভিনয়-গৃহ। **থিয়েটার-ওয়ালা**—যাহারা থিয়েটার করে ; অভিনেতা।

থির (র্) [স্থির শব্দজ। হি—থির, থীরা (রামচরিতমানস)] বিণ, স্থির ; অচঞ্চল ; অকম্পিত। প্র—"থির নয়ান অথির কিছু ভেল"—বিদ্যাপতি। প্র—"থির বিজুরি বদন গৌরী পেখলু ঘাটের কূলে"—চণ্ডীদাস। ২। [বাস অর্থে] স্থায়ী। প্র—"চপলা লক্ষ্মী মোরে অচপল ভারতী না থাকে থির একপল এত করি তাঁর সেবা।"—চয়নিকা। ৩। [ধৈর্য্য অর্থে] অব্যাকুল ; ধীর। "চিত থির নাহি হোয়"—বিদ্যাপতি। ৪। বি, ধৈর্য্য। প্র—"কিশলয় শয়নে, থির নাহি বান্ধই চন্দন পবনে মুরছাই।"—গোবিন্দদাস। **থির করা** (র্) শান্ত করা ; প্রশমিত করা। ২। স্থির করা : সিদ্ধান্ত করা ; নির্দ্ধারণ করা। **থির হওয়া**—স্থির হওয়া ; শান্ত হওয়া ; ধৈর্য্যধারণ করা।

থির [সং—স্থিরো ভব। হি—ঠায়্রো] ক্রি, স্থির হও। আগ্রহ, ব্যস্ততা অর্থে—**থির থির** প্র—"পদ্মহস্ত দিআ পরভু বোলে থির থির।" শূন্যপুরাণ।

থিরাএ, থিরায় [স্থির—আয় (ক্রিয়া বিভক্তি)] ক্রি, স্থিতি করে : স্থিতি হয় থিতায়।

থুঅন, থোওন (ন্) [সং—স্থাপন প্রা বাং। আধু-গ্রা] বি, স্থাপন ; রক্ষা রাখন।

থুআ [প্রা-বাং-গ্রা। সং—স্থা (থাকা) ণিজন্ত-রূপে – স্থাপি (থাকান)—থাপি—থাই—থুই ক্রি, রাখা। উ-পু—**থুই**—রাখি। **থুইলাম, থুইনু**—রাখিলাম। প্র—"শিশুরে এখানে তবে থুই"—ঘনরাম। "হৃদয়পিঞ্জরে, পিরীতি থুইব"—চণ্ডীদাস। ম-পু—**থুইও**—রাখিও প্র—"মোরে মাত্র ভাল করে বান্ধি থুইও গাছে।"—ঘনরাম। (সমানঅর্থে) **থুইলে, থুলে**—রাখিলে। প্র—"কেটে কুটে মাংস তুমি থালে থুলে আজি।"—ঘনরাম। (সম্ভ্রমার্থে) **থুইলেন**—রাখিলেন। প্র—"দণ্ড থুইলেন প্রভু গঙ্গায়ে আপনি"—চৈতন্য ভাগবত। (অবজ্ঞায়) **থুইলি**—রাখিলি। **থোও**—রাখ। (অবজ্ঞায়) **থো**—রাখ্। (সম্ভ্রমে) **থুউন্**। প্র-পু—**থোয়**—রাখে। **থুইল, থুইলা**—রাখিল। অনন্তরামায়ণে—**থৈলা** [অপ্র] প্র—"খুল্লনা থুইল নাম পরিপূর্ণ মাসে"—কবিক। "সেই কোন বিধি আনি সুধানিধি থুইল রাধিকা নামে।"—চণ্ডীদাস। অস-ক্রি, **থুইতে, থুতে**—রাখিতে। প্র—"পাইয়া রতন থুইতে ঠাঞি না পায়"—বিদ্যাপতি। "বন্দী করি থুতে আজ্ঞা দিল কারাগারে"—কবিক। "হিয়ার ভিতরে থুইতে নহে পরতীত।"—বলরামদাস। ক্রি-বিণ, **থুইয়া, থুয়ে**—রাখিয়া। বি, **থুঅন**—স্থাপন।

থুঃ [শব্দাত্মক। থুঃ থুঃ শব্দে নিষ্ঠীবন ত্যাগ হইতে। সং—থুৎথু। হি—থুক্] থ, নিষ্ঠীবন ত্যাগানুকার শব্দ। ২। ঘৃণায়। তুল—হাক্ থুঃ। ৩। লজ্জাদানে ; ছিঃ ; কদাচরণ দর্শনে অবজ্ঞায় ; ধিক্। প্র—থুঃথুঃ। **থু করা**—থুথু ফেলা। ২। অবজ্ঞা করা : ঘৃণা করা।

থুঁৎনি, থুঁথ্নি, থুঁতি—থুথি দ্রঃ।

থুক (ক্) [থক, থিক্ দ্রঃ। থক্ অপেক্ষা লঘু ও আয়তনে অল্প থিক্। তদপেক্ষা কম পরিসর এবং লঘু শব্দ থুক্] অ, অনুকার শব্দ। **থুক্থুক্**—অসংখ্য কীট বা জীবাণুর একত্র সমাবেশ। প্র—
থুক্ করিতেছে। ক্রি, **থুক্থুকান** (নো)—থুক্থুক্ করা। **থুক্থুকানি, থুক-থুকুনি**। বিণ, **থুক্থুকে**।

থুক (ক্) [হি—থুক্] বি, থুথু : নিষ্ঠীবন। প্র—"জাতি লেঁউ খেলায়কে থুক।"—অন্নদামঙ্গল।

থুড় (ড্) [দন্তহীন মুখে জিহ্বার সহিত মাঢ়ির স্পর্শজাত শব্দের অনুকরণে] অ, গলিত দন্ত বৃদ্ধের কথন শব্দ। **থুড়থুড়**—দন্তহীন বৃদ্ধের কথন শব্দ। তাহা হইতে, অতি বৃদ্ধত্ব বাচক। ক্রি, **থুড়থুড়ান** (নো)—থুড়-থুড় করা। বি, **থুড়থুড়ানি**। বিণ, **থুড়্-থুড়ে, থুত্থুড়ে**—থুড়্থুড়ে বা থুত্থুড়ে বুড়ো।

থুড়ন, থুরণ (থুড়ন্, থুরন্) [থুরা দ্রঃ] গ্রা—**থোড়োন**] বি, কোপানি ; পুনঃ পুনঃ অস্ত্রাঘাত। ২। কুঁচি কুঁচি করিয়া কর্ত্তন।

থুড়া [গ্রা থোড়া। থুরা দ্রঃ] ক্রি, কোপ দেওয়া ; উপর্য্যুপরি অস্ত্রাঘাত করা। ২। কুঁচিকুঁচি করিয়া কাটা : কুঁচান। ৩। প্রহারে জখম করা ; নির্দ্দয়ভাবে প্রহার করা। প্র—সে বলেছে তাকে পেলে থুড়্বে। ণিজন্ত—**থুড়ান** (নো)। বি, **থুড়ানি**। অস-ক্রি, **থুড়িতে ; থুড়িলে**। **থুড়াথুড়ি**—পরস্পর জখম করণ। **থুড়ে দেওয়া**—সাজ্যাতিক প্রহার করা।

থুড়ি, থুড়ী (থুড়ি) [প্রাকৃ—থড়ি, মুহথড়ি =মুখজাত পবন] বি, থুতকুড়ীর সংক্ষেপ। **থুড়ি বলা** বা **থুড়ি দেওয়া**—থুথু দিয়া বা উচ্ছিষ্ট করিয়া ভ্রষ্ট করা ; ব্যবহার বন্ধ করা : খেলা বা কোন কাজ বন্ধ রাখা ; যাহাতে ব্যাপৃত থাকা হইয়াছে তাহা থামাইয়া দিবার সঙ্কেত উচ্চারণ করা। প্র—"তুড়ি মেরে থুড়ী বলে সে বসিবে কেঁচে"—ঈশ্বর গুপ্ত। **থুড়ি লাফ দেওয়া** বা **খাওয়া**—তুড়ি লাফ খাওয়া ; তড়াক্ করিয়া লাফ দেওয়া ; হঠাৎ লাফান।

থুতকার, থুৎকার (র্) [থুঃ থুঃ অথবা থুৎ, থুত্ (অনুকরণ শব্দ) কার (করা), যে ক্রিয়াতে থুৎ এইরূপ শব্দ হয় ; থুথুকার। হি—থুৎকার্না] বি, নিষ্ঠীবন ত্যাগ : থুথু-করণ। ক্রি, **থুৎকার করা ; থুৎকারা** (বিরল) থুথু ফেলা। বিণ, **থুৎকারিয়া, থুৎকারী, থুৎকেরে**। স্ত্রী, **থুৎ-কারিণী**।

থুতকুড়ি, থুৎকুড়ি, ড়ী (৫) [থুৎকার—থুৎকারী—থুৎকুরি, ড়ি] বি, থুথুকরণ ; নিষ্ঠীবন। **থুৎকুড়ি দেওয়া**—থুৎ থুৎ করিয়া থুথুর ছিটা দেওয়া। উচ্ছিষ্ট করিয়া দেওয়া। **থুৎকুড়ি দিয়া ছাতু গোলা** বা **মলা**—ছাতুতে বিলক্ষণ জল না দিয়া থুৎকুড়ি মত জলের ছিটা দিলে গোলা বা

মলা যায় না। তাহা হইতে প্রয়োজনের অনেক অল্প ব্যয় করিলে ভাল জিনিষও মিলে না ক্রিয়া কাণ্ডও সমাধা হয় না। ; কৃপণতা করা। প্র—"একি থুৎকুড়ি দিয়া ছাতু গোলা।"—টেকচাঁদ।

থুতনি, থুথনি, থুৎনি (৫,থ্) [থুথি দ্রঃ। হি—থুৎনি। আদরার্থে ই যোগ। অবজ্ঞার্থে আ-যোগে—থুথ্না। গ্রা—থোতনা] বি, অধর বা নীচের ঠোঁটের নিম্নভাগ; চিবুক; ইং—chin. প্র—"এত বলি বিদায় হইলা থুতি ধরি।" ২। উট, ঘোড়া প্রভৃতির নিম্নমুখ।

থুতু—থুৎকার দ্রঃ। থুতু ফেলা—থুৎ করা; নিষ্ঠীবন ত্যাগ করা; পিক ফেলা। থুতু গেলা—থুথু মুখ হইতে বাহির করিয়া না দিয়া অর্থাৎ না ফেলিয়া গলাধঃকরণ করা। থুতুমুখ—থুথু পূর্ণ মুখ; এক মুখ থুথু। থুতু বাহির হওয়া—[ফোগ্‌লা লোকে কথা কহিলে] কথা কহিতে দাঁতের ফাঁক দিয়া থুতু বাহির হওয়া। থুথু খেকো—উচ্ছিষ্টভোজী। ২। তোষামোদকারী।

থুথি, থুঁতি [থুৎনি দ্রঃ। সং—ত্রোটি, অপভ্রংশে—থোতি, থোথি—থুথি। ক্ষুদ্র ও আদরার্থে ই যোগ। বৃহৎ ও অবজ্ঞার্থে আ যোগে—থোতা] বি, চিবুক। প্র—"এত বলি বিদায় হইলা থুথি ধরি।"—ভারতচন্দ্র। থুতিথুতি—চিবুক পর্য্যন্ত।

থুথু [থুতু, থুৎকার দ্রঃ। তুল—হি—থুঁক, গুর্জ্জ—থুক,—থুঁকী] বি, নিষ্ঠীবন। প্র—"থাক্‌ তার কাছে গেলে, দূরে থেকে থুথু ফেলে"—কুসুম। থুথু ফেলা—থুতু ফেলা দ্রঃ।

থুপ (প্) [সং—স্তূপ; পালি—থূপো] বি, স্তূপ; রাশি। ২। গুচ্ছ। থোপা দ্রঃ। [দ্রঃ—থুপ অপেক্ষা বৃহৎ বা স্থূল হইলে থুপা, থোপা; এবং ছোট হইলে, থুপি-থুপী]। থপ্‌থপ্—কোমল পদার্থের গুচ্ছ দ্বারা বারংবার স্পর্শ; হাল্কা বা কোমল আঘাত। প্র—কাবলী বেরাল থুপ্ থুপ্ করিয়া চলে বা লাফায়।

থুপি, থুপী (থুপি) [পালি—থূপো—সং—স্তূপ] বি, ক্ষুদ্র গুচ্ছ। ৩। [পালি—থবক; সং—স্তবক] ক্ষুদ্র স্তবক। প্র—"ছোট বড় থোপ দিল থুপি ঝিঙ্গার জালি।"—শিবায়ন।

থুব (ব্) [স্তবক-থাবা—ক্ষুদ্রার্থে থুব্] বি, ক্ষুদ্র গুচ্ছ। ২। থাক। প্র—"সপুরট পাট থোপা থুব তিন তায়। রতন রঞ্জিত জীন পীঠে শোভা পায়॥"—ঘনরাম।

থুবড়ন (থুব্‌ড়োন্) [থুবড়োন দ্রঃ] ক্রি-বি, অধোমুখে পতন। ক্রি, থুবড়ন (থুব্‌ড়োনো), থুবড়ান (নো), থোবড়ান (নো)—থুবড়িয়া দেওয়া। বি, থুব্‌ড়ানি, থোবড়ানি। বিণ, থুবড়া, থোবড়া।

থুবড়া, থুব্‌ড় (ব, থুব্‌ড়ো) [সং—অব্যূঢ় (অবিবাহিত) অপভ্রংশে, ইহার সহিত স্থবিরের ভাব জড়িত] বিণ, বয়স্ক; অবিবাহিত। স্ত্রী, থুবড়ী—বয়স্কা, অবিবাহিতা। প্র—থুবড়া ছেলে থুবড়ী মেয়ে। মেয়েটা থুবড়ী হয়ে রইল।

থুবড়া, থুবড় (ব্, থুব্‌ড়ো) [সং—স্থবির] বিণ, অতিবৃদ্ধ। ২। অঙ্গহীন; হাত পা ভগ্ন। প্র—থুবড় করে দিয়েছে। ৩। নিম্নমুখ।

থুবড়ান (থুব্‌ড়ানো) [থাবড় দ্রঃ। থাবড়ান বিকারে, থুবড়ান। উপবেশনে বা দেহ স্থাপনার প্রকার ভেদ। উবু হইয়া বসা অর্থে পদতলে ভর দিয়া উঁচু হইয়া বসা, অন্য অঙ্গ ধরা বা স্পর্শ না করা। ইহাতে থ বা স্থলের সম্বন্ধ বড় নাই। থাবড়িয়া বসা অর্থে থাবা পাতিয়া করতলে ভর দিয়া পা মুড়িয়া ধরা চাপিয়া বসা। থুবড়িয়া বসা অর্থে থাবড়িয়া অথচ অধোমুখ হইয়া অর্থাৎ হুমড়ি খাইয়া বসা। (তাহা হইতে) থুবড়িয়া—চাপিয়া। তুল—জুবড়িয়া] ক্রি, থুব্‌ড়িয়া যাওয়া; চাপিয়া পড়া। মুখ থুবড়িয়া পড়া—মুখ চাপিয়া হুমড়ি খাইয়া পড়া।

থুবা [থোবা দ্রঃ পা—থবক (সং—স্তবক) হইতে] বি, গুচ্ছ, স্তবক; tuft. প্র—"পতাকা থুবায় বান্ধা উপরে বান্ধিয়া চান্দা ধূপে আমোদিত কৈল স্থলে"—কবিক।

থুবী (থুবি) [থুপি ও থাবা দ্রঃ। অল্প আঘাতে] বি, থাবড়া; চপেটাঘাত; চাপড়। প্র—"কোপে কোতোয়াল কহে মুখে লাগে থুবী।"—ভারতচন্দ্র। ২। আঘাত। প্র—তাহার থুতিতে থুবী লাগিয়াছে। [প্রাদে, খুলনা] ৩। সর্প চিকিৎসকের চিকিৎসাবিশেষ।

থুম (থুম্) [সং—স্তম্ভ, পালি—থম্ভ, বাং—থাম] বিণ, ঝুম; মূক; চুপ; নিঝুম; নির্ব্বাক ও নিশ্চল। প্র—"ছেলেটা কেঁদে কেঁদে খুন হয় আর তুই থুম বসে থাকিস" ছেলেদের সঙ্গে মুখ নেড়ে দুটা কথা না কইলে কি হয়?"—বসুমতী। বিণ, থুমা, থুমো।

থুয়া [থুআ দ্রঃ। থোয়াও হয়] ক্রি, রাখা। প্র—"মাথায় দেমা মোহন চূড়া চরণে চরণ থুয়ে।"—বাং-গান।

থুর (র্) [থর্ দ্রঃ।] অ, কম্পন বাচক। থুর্-থুর্—থর থর অপেক্ষা লঘু কম্পন; বার্দ্ধক্য-জনিত কম্পন (থর থর রোগের বা ভয়ের কম্পন কিন্তু, থুরথুর দুর্ব্বলতার)। বিণ, থুর-থুরিয়া, থুরথুরে; সংক্ষেপে—থুথ্‌থুরে স্ত্রী, থুরথুরী; থুথ্‌থুরী; থুড়থুড়ী; থুথ্‌থুড়ী। থুরথুরে বুড়ো—অতিশয় বৃদ্ধ; যে বৃদ্ধ দুর্ব্বলতা বশতঃ সর্ব্বদা কাঁপে। ক্রি, থুরথুরান। বি, থুর-থুরানি।

থুরা [সং—থর্ব্ব (হননে)। থুড়া দ্রঃ। (হি—থুর্‌না (চূর্ণ করা)] ক্রি, কুঁচি কুঁচি করিয়া কাটা; কুটা। (২) চূর্ণ করা (অস্থি)। ২। উপর্য্যুপরি কোপ বসান; চোপান। ৩। সাঙ্ঘাতিক প্রহার করা; মেরে কুটে ফেলা: হাড় গুঁড়া করিয়া দেওয়া। ণিজন্ত—থুরান (নো)। বি, থুরানি। ক্রি-বিণ, থুরিয়া; থুরে। থুরে দেওয়া, থুরে ফেলা—মেরে কুটে ফেলা; ধুনে দেওয়া।

থুলকুড়ী (থুলকুড়ি) [প্রাদে। হি—থুলখুড়ি] বি, আগাছাবিশেষ; মণ্ডূকপর্ণী; থানকুনি। hydrocotyle-asiatica.

থুলি, থুলথুলি, থুলিলাফ (মাঃ গাঙ্গুলী, ধ, ম)—তুড়ি লাফ।

থূর্ত্ত [থর্ব্ব (বধ করা)+ত (কর্ম্মে ক্ত) ব স্থানে উ, উ স্থানে উর্=থূর্+ত=থূর্ত্ত] বিণ, বিনাশিত।

থেই থেই [শব্দানুকার। থৈ থৈ দ্রঃ] অ, নৃত্যকালে পদক্ষেপনের শব্দ। ২। তালে তালে করতালির শব্দ। প্র—"সুতানে নাপানে গানে তালে মানে মেলি। তাতা নাতা থেই থেই দেয় করতালি॥"—ঘনরাম। ৩। উদ্দণ্ড নৃত্য; থেই থেই। তা থেই থেই—নৃত্যের সঙ্গে বাদ্যের বোল। প্র—তা থেই থেই বাদ্য বাজে"—ছড়া।

থেও [প্রাদে। স্থিত—অপভ্রংশে] বিণ, স্থিত; পূর্ব্ব সঞ্চিত। প্র—থেও কড়ি খরচ হয়ে গেল। ২। সরল ভাবে দণ্ডায়মান; খাড়া।

থেঁত, থেঁতুআ (থেঁতো) [হি—সান্না (সিক্ত-চূর্ণ মর্দ্দন, শক্ত মর্দ্দন)—ছানন—ছেঁচন—থেঁতন] বিণ, পিষ্ট; কুট্টিত। মুখ থেঁত করা,—করিয়া দেওয়া—আঘাতে মুখ ছেঁচা। ২। লজ্জা দিয়া বা অপ্রস্তুত করিয়া বাক্‌রোধ করা। তুল—মুখ চূণ করিয়া দেওয়া।

থেঁতন, থেতুনো, থেঁতান (থেঁতোনো)] থেঁত (দ্রঃ) + নো (ক্রি, বিভক্তি)। উ-পু—থেঁতাই, থেঁতুই। ম-পু—থেঁতাও; থেঁতোও; থেঁতান্; থেঁতোন; থেঁতুন্। প্র-পু—থেঁতা; থেঁতো? অস-ক্রি—থেঁতাইতে; থেঁতুতে; থেঁতোতে; থেঁতাইয়া, থেঁতিয়া, থেঁতে] ক্রি, থেঁত করা; প্রস্তরাদি কঠিন বস্তুর আঘাতে ছেঁচিয়া দেওয়া। ২। পীড়ন করা। ৩। কুট্টিত; ছেঁচা। বি, থেঁতন (থেঁতোন্, থ্যাতোন্), থেঁতনি, থেঁতুনি।

থেঁতলন, থেঁতলুন (থেঁৎলানো, থেঁৎলুনো) [থেঁত দ্রঃ। থেঁতন (থেঁতো করা)—ল যোগ—দলন দ্বারা শিথিল বা লোল করণার্থে] ক্রি, ক্রমাগত আঘাত ও দলন করা। ২। পদতলে দলন করা। ৩। নিপীড়ন করা। ণিজন্ত—থেঁতলান (থ্যাঁৎলানো)। অস-ক্রি, থেঁতলিতে: থেঁতলিয়া। গ্রা, থেতলে, থেঁতালে। প্র—"থেঁতালে আছাড়ে,সব ভেঙ্গে চুরে ফেলা"—ফুলরেণু (দেবেন্দ্র সেন)। বি, থেঁতলন (থেঁৎলোন্)।

থেঁতলান, থেঁৎলান (থ্যাঁৎলানো) "থেঁতলন" শব্দের ণিজন্ত রূপ। দলন অর্থে ল যোগ। থেঁত (দ্রঃ)। থেঁতান (থেঁত করা)। উ-পু—থেঁতলাই। ম-পু—থেঁৎলাও: থেঁৎলান্; থেঁৎলা! প্র-পু—থেঁৎলায়: থেঁৎলান্। অস-ক্রি—থেঁৎলাইতে: থেঁৎলাইয়া: থেঁৎলিয়া: থেঁৎলে] ক্রি, আঘাতিত স্থান শিথিল বা লোল করা: ক্রমাগত ছেঁচিতে থাকা বা মর্দ্দন করা। ২। পদ দ্বারা ক্রমাগত দলন করা। বি, থেঁতলানি।

থেকান (ন্) [থাকান দ্রঃ] বি, যাহা দ্বারা থাকান বা আটকান হয়; ঠেক্‌না; ঠেক।

থেকে [থাকিয়া দ্রঃ। পূ-বঙ্গে—থিকা, সংক্ষেপে—থিক] ক্রি-বিণ, বাঙ্গালা কারকের পঞ্চমী বিভক্তি। ২। হইতে। প্র—কোথা থেকে এল। থেকে থেকে—অ, থামিয়া থামিয়া মাঝে মাঝে। প্র—"চোরা কটাক্ষে চাহে থেকে থেকে"—রবি। ২। সময়ে সময়ে; কিছু কাল চাপা থাকিয়া হঠাৎ এক এক বার।

থেকো (খ্) [থাকা (দ্রঃ)। উ-পু, গ্রা-রূপ] ক্রি, থাকিও; অবস্থান করিও। প্র—"দাঁড়িয়ে তুমি থেকো একটী কোণে।"—রবি।

থেকো [ঠেকো দ্রঃ] বি, অবলম্বন; ঠেক্‌নো; আটক; ঠেক।

থেলো [সং—স্থালী: হি—থৈলা। থলুয়া দ্রঃ] বি, হুঁকার বড় খোল। ২। বিণ, বড় খোলবিশিষ্ট; ডাবা। প্র—থেলো হুঁকা।

থেবড়া (থ্যাব্‌ড়া) [থাবড়া দ্রঃ] বিণ, থাবড়ের মত বা থাবার মত বিস্তৃত: চেপ্‌টা; বসা। প্র—থেবড়া নাক।

থেবড়ান (থ্যাব্‌ড়ানো) [থাবড় (থাবা, করতল)+আন (ক্রি, বিভক্তি)] ক্রি, কোমল পদার্থকে থাবার আঘাত বা চাপ দিয়া বসাইয়া দেওয়া, চেপ্টা করা। অস-ক্রি, থেব্‌ড়িতে, থেবড়াইতে, থেবড়িয়া, থেবড়াইয়া, থেবড়ে। বি, থাবড়ানি; থেবড়ানি। বিণ, থেবড়া (থ্যাবড়া)। থেবড়িয়া বা থেবড়ে বসা—থাবা বা করতল পাতিয়া ও পা মুড়িয়া চাপিয়া বসা।

থেহ, থেহা [সং—স্থৈর্য্য। ব্রজ। প্রা, বৈ, সা] বি, স্থৈর্য্য; স্থিরতা। প্র—"সে শব্দ শুনিয়া কেনে হৈলা তুমি বিমোহনে রহ নিজ চিত ধরি থেহ।"—চণ্ডীদাস। "বিদ্যাপতি কহে বান্ধহ থেহ"—বিদ্যাপতি"। "ডগমগ দেহ থেহ নাহি বান্ধহ দুহুঁ দিঠি মেহ সঘনে বরি খনিয়া।"—বলরামদাস। ২। স্থিতি। বিণ, স্থির। প্র—"চাঁদ নিঙ্গাড়ি কৈল থেহা' —চণ্ডীদাস। ৩। স্থল; দাঁড়াইবার স্থান বাঁচিবার স্থল। প্র—"জীবইতে জীবনে, থেহ নাহি পায়লু ডুবলু গঙ্গা অগাধে"—পদাবলী।

থৈ [থই দ্রঃ] বি, স্থল। ২। জলাশয়ের তলদেশ; অন্ত। প্র—"দুঃখের বারিধির আমার কোন মতেই পাইনে থৈ"—দ্বিজেন্দ্র রায়। ব্যাপ্তি অর্থে—থৈথৈ। থৈ পাতা—স্থল পাতা; বাস স্থাপন; অবস্থিতি করা।

থৈকর (র্) [থইকর দ্রঃ] বি, রাজমিস্ত্রী ২। মাটী। ৩। পাথর। প্র—মহাতরু রাখিল জন বিশ্রাম। "মূল বান্ধিবারে আনিল থৈকর॥"—কবিক।

থৈকোল (ল্)—বি, ফলবিশেষ, (উত্তরবঙ্গ) garcinia peduneulata [Carey]

থৈথৈ [থই থই দ্রঃ। ব্যাপ্তি অর্থে দ্বিত্ব। তুল—টইটই: টইটুম্বুর] বিণ, টলমলায়মান: টইটুম্বুর। প্র—"জল থৈথৈ করিতেছে।" ২। মৃদঙ্গাদি বাদ্যের অনুকার শব্দ। প্র—"থৈ থৈ নাদয়ে মৃদঙ্গ।"—হেম বন্দ্যো।

থৈলা [প্রাদে-উচ্চারণভেদ] ক্রি, থুইলা; রাখিল। থুআ দ্রঃ।

থোঁতা, থোতা (ঁ া) [ত্রোটি হইতে থুতি (দ্রঃ)। বৃহৎ ও অবজ্ঞার্থে আ যোগ। হি—থুথ্‌ড়া] বি, স্থূল চিবুক। ২। বিণ, স্থূলতাবিশিষ্ট। (তাহা হইতে) বড়, ও ভারি (মুখ)। ক্রমে অর্থ সম্প্রসারণে, যে বড়মুখ নাড়িয়া বা বড়মুখ করিয়া উপদেশ বা নীরব ভর্ৎসনা করে তাহার মুখের ভাববোধক। থোঁতামুখ ভোঁতা হওয়া—বড় মুখ ছোট হওয়া: মুখরের বা মুখরার "মুখের ধার" না থাকা অর্থাৎ মুখ বন্ধ হওয়া। প্র—"সূর্য্যমুখীর থোঁতামুখ ভোঁতা হবে"—বিষবৃক্ষ। [দ্রঃ—হিন্দীতে "থোথা" অর্থে ফোগলা: দন্তহীন। এবং "ভোতা" (blunt)]

থো [থুতু হইতে—তদ্ভব] বি, ছাতা; ছাৎলা। থো পড়া—ছাতা ধরা।

থো [থোওয়া দ্রঃ] ক্রি, রাখ। ২। বিরত হও। থো করা—থুয়া করা; স্থাপন করা; রাখা।

থোওয়া, থোয়া [থুআ দ্রঃ গ্রাঃ। উ-পু—থুই, থোই। ম-পু—থোও; থোউন, থুউন্; থো। প্র-পু—থোয়; থোয়েন্। অস-ক্রি—থুইতে, থোইতে; থুইয়া, থোইয়া, থুয়ে। ণিজন্ত—থুয়ান, থোয়ান (নো)] ক্রি, রাখা; রেখে দেওয়া। প্র—"কোতোয়াল কহে মাসি মিছা কথা থো"—ভারতচন্দ্র। ব্রজ, থোই—রাখিয়া। প্র—"সখীগণ কন্দরে থোই কলেবর"—বিদ্যাপতি। বি, থোওন (ন)—থুঅন্ দ্রঃ। রেখে থোওয়া,—থোয়া—রেখে দেওয়া; রেখে বসা। দেওয়া থোওয়া,—থোয়া—দান ও স্থাপন করা; দান করা ও রাখা; দানধ্যান করা। প্র—লোকটার খুব দেওয়া থোওয়ার হাত আছে। থোওয়া থুই—রাখারাখি।

থোক (ক্) [সং—স্তোক (অল্প)—ইহা "স্তবক" অর্থাৎ থোকা, থাক হইতে] অল্প বা ক্ষুদ্র। পরে অর্থসম্প্রসারণে ক্ষুদ্রগুচ্ছ হইতে বড় থোকা: পরে 'বহু' অর্থ গ্রহণ করিয়াছে। থোক হইতে থোকা তাহা হইতে বড় "থোক্‌ড়া"] বি, গুচ্ছ; রাশি। ২। [রাশির সংঘাত অর্থে] মোট; একুন। প্র—থোক কত টাকা হবে? ৩। [স্তোক শব্দের মূল অর্থে] খণ্ড; ভাগ; কেতা। ৪। (তাহা হইতে) ক্ষেপ; বার। প্র—থোকে থোকে টাকা দেওয়া: তিন থোক চার থোক ইত্যাদি। ৫। কড়চা; বাকী জায়; প্রতি প্রজার বাকী হিসাবের পৃথক্ পৃথক্ ফর্দ্দ। এই অর্থে থোকা। প্র—"থোকা জমা ওয়াশীলবাকী রহিল বাকীর তলে"—বাং-গান। থোক থোক—মোটা মোটা; স্থূল স্থূল। ২। গুচ্ছ গুচ্ছ; রাশি রাশি।

থোকড়া (ক্)—থোক দ্রঃ।

থোকা [থোক দ্রঃ] বি, থোলো; কাঁদি; বড় গুচ্ছ বা গোছা। ২। কাথের মত ঘন দ্রব্যের কিয়দংশ বা খাব্‌লা; খোবা; থোবা। ৩। জমিদারী হিসাবের কড়চাবিশেষ। থোক দ্রঃ। প্র—থোকা জমি। থোকা-থোকা—খোবা খোবা; থোবা থোবা। প্র—থোকা থোকা গয়ের ফেলেছে। ২। গোছা গোছা। প্র—থোকা থোকা ফুল; থোকা থোকা চুল।

থোড় (ড়্) [থোর দ্রঃ। যাহা সহজে থুরিবার মত ও গরু বাছুরকে খাওয়াইবার জন্য থুরা বা থোরা হয়] বি, ফলবতী কদলীবৃক্ষের গর্ভ; কলাগাছের মধ্যের সারাংশ; মজ্জা: মাইজ। প্র—কত কষ্টে মিলে এঁটে নাহি মিলে থোড়।"—অন্নদামঙ্গল। ২। [কৃষি-ভাষায়] ধান্যের গর্ভসঞ্চার। বিণ, থোড়াল (লো) থোড় থোড়—থোড়ের মত; বিস্বাদ। থোড়মুখী—শীষ হইবার অবস্থাযুক্ত ধানগাছ। গর্ভথোড় গর্ভথোড়া—কদলীবৃক্ষের গর্ভজাত কিন্তু তখনও অপ্রকাশিত থোড়। ৩। ধানগাছের গর্ভশস্য বা থোড়; শীষ বাহির হইবার পূর্ব্বাবস্থা।

থোড়ন (থোড়োন্) [থোড়া দ্রঃ। হি—থূর্না—চূর্ণ করা] বি, খণ্ড খণ্ড করিয়া কর্তন। ২। [ওঢ়ন বা খোপন (হি—আচ্ছাদন অর্থে) শব্দের অপভ্রংশে] ঢাকন। ক্রি, থোড়া।

থোড়া [সং—খর্ব্ব হইতে থোরা—থোড়া। হি—থূর্না (চূর্ণ করা) থুরা দ্রঃ] ক্রি, চূর্ণ করা। ২। চোপান; কুঁচি কুঁচি করিয়া কাটা। ৩। প্রহারে অস্থি চূর্ণ করা; হাতুড়ী-পেটা করা। ণিজন্ত, **থোড়ান** (নো)। বি, **থোড়ানি**।

থোড়া [সং—স্তোক। হি-থোড়, থোড়া। অল্প, থোর (মানসকোশ)] বিণ, অল্প; কিঞ্চিৎ। হিন্দীতে "থোড়াই" নঞ্ অর্থে ব্যবহার। বাং—বিরল কিন্তু উত্তরবঙ্গে চলিত। প্র—"করবে থোড়াই; "থোড়াই যাবে" অর্থাৎ "করবে না", "যাবে না"। **থোড়া থোড়া**—অল্প অল্প।

থোড়াল (থোড়ালো) [থোড় (দ্রঃ)+আল (হি—বালা—বিশিষ্টার্থে)] বিণ, থোড়যুক্ত। ২। থোড়যুক্ত কদলীর ন্যায় স্থূল; মোটা। ৩। [থোড় হইলেই মোচা বাহির হইবার সময় হয়, তাহা হইতে] বিকাশোন্মুখ।

থোতনা, থোথনা (ৎ, থ্) [হি—থোথ্না] বি, থুতনা দ্রঃ।

থোতা—থোঁথা দ্রঃ।

থোপ (প্) [থুপ দ্রঃ] বি, গুচ্ছ; থোপা। প্র—"ছোট বড় থোপ দিল থুপি ঝিঙ্গার জালি।"—শিবায়ন। ২। [হি—থোপ—গোল উঁচু টুপী] টুপীর মাথায় সুতা, জরি প্রভৃতির গুচ্ছ।

থোপনা, থোবনা (প্, ব্) [থোপ দ্রঃ] বি, গুচ্ছ; স্তবক। প্র—"দুপাশে পুরট পথ পাটের থোপনা"—ধর্ম্মমঙ্গল (ঘনরাম)।

থোবনা, থোপ্না (ব, প্) [হি—থোথ্না হইতে] বি, থুতনা দ্রঃ। ভারী চিবুক (অনাদরে) **থোবনা নাড়া**—অপ্রীতি-কর মুখ নাড়া; উত্তর প্রত্যুত্তর করা; প্রগল্ভ বা ধৃষ্ট উক্তি করা।

থোপনি [গ্রা-থুপ্নি, থুব্নি] বি, থুপি; সূত্রাদির গুচ্ছ; tuft. প্র—"অঙ্গদ বলয়ামণি নীলপাটের থোপনি মণিবন্ধ বাহুতে বিরাজে।" —চণ্ডীদাস।

থোপা, থোবা (থো) [থুপ দ্রঃ। থবক, পালি—"থবকো (তুচ) গোচ্ছকো"। সং—স্তবক] বি, গুচ্ছ; স্তবক: কাঁদি। প্র—"মল্লিকা মালতী যাতী থোপা থোপা দোলে" —মানকুমারী। "আঁচলে চাবির থোবা ঝোলে গলা বেড়ে।"—হেম বন্দ্যো।

থোবা [গ্রা। সং—স্থা, বা প্রাকৃ—থোআ=থোবা] ক্রি, স্থাপন করা; থাকান। ২। থুইবে: রাখিবে। প্র—"ধর্ম্মাধর্ম্ম দুটো অজা, তুচ্ছ খোঁটায় বেঁধে থোবা ওরে, জ্ঞান-খড়্গে বলিদান, করিলে কৈবল্য পাবা॥"—রামপ্রসাদ।

থোব [ব্রজ। স্থাপ—থাপ—থাব (থাবা)] বি, থাবড়; করতলস্পর্শ; চোবল দ্রঃ। প্র—"সাপিনীরে দেয় থোব সাপিনী বাড়য়ে কোব দন্ত করি উঠি ধরে ফণা।"—চণ্ডীদাস।

থোয়া [গ্রা—থুআ দ্রঃ। স্থাপনা হইতে] বি, স্থাপন; রাখন। ২। ক্রি, স্থাপন করা: রাখা। থইয়া=থুয়ে=রাখিয়া। প্র—"গোলাপেতে প্রেম থুয়ে ঢাকিয়া দিত সে থুয়ে।"—কুঙ্কুম। উ-পু—থোই, থোয়ব (গ্রা-বৈ-সা), **থোব**—রাখিব। ম-পু—**থোও**। প্র-পু—**থোয়্**—রাখে। প্র—"প্রণাম করিয়া দ্রব্য থোয় চারিভিতে।"—কবিক। ণিজন্ত—**থোয়ান**। **থোবে**—রাখিবে। প্র—"তুমি গেলে আমারে না থোবে একদণ্ড"—কবিক।

থোর, থোরি (র্) [হি—থোর, থোরী, থোরে (মানসকোশ) ব্রজ। গ্রা-বৈ-সা] বিণ, অল্প। প্র—"সই! চাহনি মোহনী থোর"—চণ্ডীদাস। 'কাহে আওলি কানন ওর থোর কহত কাহিনী গলিত ললিত কবরীবন্ধ।"—গোবিন্দদাস। "থোরি দরশনে আশা না পূরল"—বিদ্যাপতি। **থোরে**—ক্রি-বিণ, আস্তে: ধীরে। প্র—থোরে সহাবি ফুলধনু" —বিদ্যাপতি। **থোরথোর**—অল্প অল্প; অল্পে অল্পে: ধীরে ধীরে। প্র—"হৃদয়জ মুকুলি হেরি থোর থোর"—বিদ্যাপতি।

থোলো [থলুয়া দ্রঃ। স্তর বা স্তবক হইতে] বি, বৃহৎ গুচ্ছ। প্র—"করবী থোলো থোলো রয়েছে ফুটি"—রবি। "থোলো থোলো ফুল গাঁথা"—সারদামঙ্গল।

থ্যাৎলানো—থেৎলান দ্রঃ।

দ

দ—ব্যঞ্জনবর্ণ-মালার অষ্টাদশ, তবর্গের তৃতীয়, স্বল্প প্রাণ, ঘোষবান্ বর্ণ। দন্ত ইহার উচ্চারণ-স্থান বলিয়া ইহা দন্ত্য বর্ণ। তবর্গের সাধারণ কোমল ভাবের সহিত—গ, প, ব, ম, র ও ল বর্ণ যোগে গাঢ়তা, স্থূলতা, বেগ, গম্ভীরতা ও গুরুত্ব প্রকাশ করে। [দ্রঃ—তরল কর্দ্দম তল্ তল্ করে, কিন্তু পঙ্ক গাঢ় হইলে দলদলে হইয়া যায়। জলের লঘু বা তরল প্রবাহবোধক শব্দ তর্ তর্, ঘন প্রবাহ দরদর, লঘু শব্দ তম্ তম্, থম্ থম্ কিন্তু গুরু শব্দে দম্ দম্, দুম দাম। গম্ভীর ও গাঢ় ধ্বনি গদ্গদ্ [তুল—গদ্গদনাদী গোদাবরী (ঐরূপ অগ্নিশিখার স্থূলোজ্জ্বল আলোক দপ্ দপ্ করে)]।

দ [দা (দানে)+অ (কর্তৃ, ড)] বিণ, যে দান করে; দাতা। দ্রঃ—দেয় বস্তু বা বিষয়-বোধক শব্দের সহিত যুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে। প্র—ধনদ, মানদ, সুখদ ইত্যাদি। স্ত্রী, **দা**—দাত্রী। প্র—ধনদা, মানদা, সুখদা ইত্যাদি। ২। [দর অর্থে, দহ (দ্রঃ) শব্দের সংক্ষেপ] বি, দহ; গর্ত; গহ্বর। নদ্যাদিজলাশয় গর্ভ মধ্যস্থ বৃহৎ গর্ত বা বিস্তীর্ণ ফাটল। প্র—দয়ে মজান। ৩। সমতল ভূমির যে অংশ নামিয়া বা বসিয়া বিস্তীর্ণ গর্তবৎ হয়। প্র—ক্রমাগত জল বসিয়া স্থানটায় দ পড়ে গেছে। "মরি ক্ষুধার চোটে পেটে পড়ল দ"—দ্বিজেন্দ্র রায়। ৪। [দো (ছেদনে)+অ (ভাবে—ড)] ছেদ; বিভাগ। ৫। [দগ্ধ অর্থে দহ শব্দের সংক্ষেপ। গ্রা-ব্যবহারে—দ=ড] দাহ; জ্বালা; জ্বলন। প্র—জ্বরে তাহার গা দয়ে (গ্রা—ডয়ে) যাচ্ছে। **দ-পড়া**—জমী নামিয়া গর্ত হওয়া। **দয়ে মজান**—নদীগর্ভের গভীর গর্তে মগ্ন করা। ২। সর্ব্বনাশ করা: সর্ব্বস্বান্ত করা। **হাড়গোড়ভাঙ্গা দ**—দ অক্ষরের উর্দ্ধ রেখা হাত (গোড় শব্দের সহিত উচ্চারণে)= হাড়, নিম্নরেখা পদ=(হিন্দী) গোড়, এবং মধ্য রেখা ঐ দুই রেখার ক্রম ভঙ্গ করিয়াছে বলিয়া হাত পা ভাঙ্গা দ বর্ণ। ২। দ বর্ণের আকৃতি অনুকরণে যে অবস্থান করে।

দই (দোই) [সং—দধি: প্রাকৃ—দহী—দই। বাং-তে দৈ ও লেখে] বি, দুগ্ধবিকারবিশেষ; দধি। প্র—"কি বলবো আর পরিত্যাগ এখন একেবারে চিঁড়ে দই"—দ্বিজেন্দ্র রায়। **চিনি-পাতা দই**—চিনি মিশ্রিত দুধে যে দই পাতা হয়। চিনি দ্রঃ। **দই পাতা**—দই জমাইবার জন্য গরম দুধে দম্বল পাত বা ক্ষেপণ করিয়া রাখা। **সাজ দই**—সদ্য পাতা বা টাটকা দই। **বাসী দই**—পূর্ব্বদিনে পাতা দই। **টোকো দই**-যে দই অধিক ক্ষণ থাকিয়া অত্যন্ত অম্লাস্বাদ হইয়াছে।

পান্তভাতে টোকো দই—একে জলে ভিজিয়া বাসী ভাত ঠাণ্ডা তাহাতে বাসী টোকো দই আরও ঠাণ্ডা : প্রায় অখাদ্য। **হাতে দই পাতে দই তবু বলে কই কই**—প্রাচুর্য্যের প্রমাণ সত্ত্বেও প্রয়োজন বা অভাব জানান। **যার ধন তার ধন নয় নেপো (নৃপ) মারে দই**—শ্রমলব্ধ বা উত্তরাধিকার সূত্রে প্রাপ্ত ধনের প্রকৃত অধিকারীকে বঞ্চিত করিয়া অপরে তাহার ধন ভোগ করা।

দইয়াল (দোইয়াল্)—দয়েল দ্রঃ।

দউ, দ্বউ [সং—দ্বৌ, দ্বয়। রূপান্তর—দ্বন্দ্ব, প্রা—দুই। হি—দু, দুই, দো। তুল—ল্যা duo, দুই দ্রঃ] বিণ, উভয় ; দুই : দুটী ; দ্বয় ; যুগল ; যুগ্ম। প্রঃ—"নয়ন নলিনী দউ অঞ্জনে রঞ্জই"—বিদ্যাপতি।

দংশ [দন্‌শ্ (দংশন করা) + অ (কর্ত্তৃ—বি, পুং, ডাঁশ। ২। [করণে—ঘঞ্] দন্ত। ৩। সাঁড়াশী। ৪। [ভাবে—ঘঞ্] দোষ [বিরল]। ৫। দংশন। ৬। খণ্ডন। স্ত্রী, দংশী—ক্ষুদ্র ডাঁস : মশা।

দংশক (ক্) [দন্‌শ্ + অক (কর্ত্তৃ)] বি, পুং, ডাঁশ ; মশা। ২। বিণ, দংশনকারী।

দংশন (ন্) [দন্‌শ্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, দংষ্ট্রাঘাত ; দন্তক্ষত ; কামড়।

দংশা [দংশ (দ্রঃ) + আ (ক্রিয়া বিভক্তি)]। উ-পু—দংশি। ম-পু—দংশ ; দংশুন ; দংশা। প্র-পু—দংশে : দংশেন্। অস, ক্রি, দংশিতে ; দংশিয়া, দংশি (পদ্যে), দংশে (দোং)। [ণিজন্তরূপ "দংশান" কিন্তু দংশ অর্থে চলিত] ক্রি, দংশন করা ; দাঁত বসান। প্র—"মাটি কাটি দংশে সর্প আয়ুহীন জনে"—মেঘনাদ। ২। আঘাত করা ; অনিষ্ট করা।

দংশান (নো) [দংশ (দ্রঃ) + আন (ক্রিয়া বিভক্তি)]। উ-পু—দংশাই। ম-পু—দংশায়। অস-ক্রি—দংশাইতে ; দংশাইয়া, দংশে (দো)] ক্রি, দংশন করা ; দংশা (দ্রঃ)। প্রঃ—"মদনলতা জম্বু দংশল হাতী"—বিদ্যাপতি।

দংশিত (দোংশিত) [দন্‌শ্ + ণিচ = দংশি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, দন্ত দ্বারা ক্ষত ; কৃত দংশন ; দষ্ট।

দংষ্ট্র [দন্‌শ্ (কামড়ান) + ত্র (করণে ষ্ট্রন্) বি, পুং, যাহার দ্বারা দংশন করা যায় ; দন্ত ; দাঁত। স্ত্রী, দংষ্ট্রা—বড় দাঁত ; দাঢ়া।

দংষ্ট্রাল (ল্) [দংষ্ট্রা + ল (অস্ত্যর্থে)] বিণ, যাহার দংষ্ট্রা আছে : বৃহৎ দন্তযুক্ত ; দাঁতাল।

দংষ্ট্রী (দোংষ্ট্রি) [দংষ্ট্রা + ইন্ (অস্ত্যর্থে) = দংষ্ট্রিন—১মা, ১ব] বি, পুং, বৃহৎ দন্তহেতু বরাহ। ২। [দংশনে প্রসিদ্ধ বলিয়া] সর্প। ৩। বিণ, যাহার বৃহৎ দন্ত আছে ; দংষ্ট্রাল ; দাঁতাল।

দঁক (দঁক্) [দক দ্রঃ। সং—উদকং, সংক্ষেপে দকং বর্ণ বিপর্য্যয়ে—দকঁ, পরে—দঁক] বি, কর্দ্দম ; কাদা। প্র—"দঁকে পড়িয়া আমাদিগের কর্ত্তার যে বেশ হইয়াছিল।"—টেকচাঁদ।

দক (ক্) [সং—উদক = দক—সংক্ষেপে] বি, ক্লী, জল [বিরল]। ২। কর্দ্দমযুক্ত জল : জলকাদা ; পাঁক। প্র—"দক ভেঙে উঠে গিয়া চরে"—ঈশ্বর গুপ্ত।

দফ্তি, দফ্তী (দোফ্‌তি) [ফা—তখ্‌তি = পাটা। তুল—আ—দফ্‌তী = বই বাঁধার শক্ত কাগজ বা পাত্‌লা তখ্‌তা ; a paste-board.] বি, তাঁতের অঙ্গবিশেষ : তাল কাঠের পটি যাহার উপর দিয়া মাকু চালান হয় এবং যদ্দ্বারা সূতার ঘা দিয়া বোনা হয়।

দক্ষ (দোক্‌খ) [দক্ষ্ (বৃদ্ধি—বেগ অর্থে) + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, নিপুণ ; কুশল ; পটু : সমর্থ। ২। বি, পুং, ব্রহ্মার দক্ষিণ অঙ্গুষ্ঠ হইতে জাত প্রজাপতিবিশেষ। ৩। শিবের বাহন বৃষ। ৪। বৃক্ষবিশেষ। স্ত্রী, দক্ষা।

দক্ষজা (দোক্‌খোজা) [দক্ষ—জা (জাতা)] বি, স্ত্রী, দক্ষকন্যা ; সতী ; দুর্গা এবং অশ্বিনী ভরণী আদি। ২। নক্ষত্র।

দক্ষতা (দোক্‌খোতা) [দক্ষ + তা (ভাবে)] বি, স্ত্রী, ক্ষমতা : নৈপুণ্য ; পটুতা। ২। বিচক্ষণতা।

দক্ষসাবর্ণি (দোক্‌খোশাবোর্নি) বি, পুং, নবম মনু।

দক্ষিণ (দোক্‌খিন্) [দক্ষ্ (বর্দ্ধিত হওয়া) + ইন (কর্ত্তৃ)] বিণ, দাক্ষিণ্যযুক্ত ; বদান্য। ২। অনুকূল। ৩। মহানুভাব ; উদার। ৪। সরল। ৫। দক্ষ ; নিপুণ। ৬। সূর্য্যের দিকে ফিরিলে ডান হাত যে দিকে থাকে ; বামেতর ; ডাইন। দক্ষিণস্থ দেশ [ভারতবর্ষ পক্ষে বিন্ধ্যাচলের পাদদেশ হইতে ভারত সমুদ্রের উপকূলস্থ ভূ-ভাগ পর্য্যন্ত]। ৮। দক্ষিণ দিক ; পূর্ব্বে সূর্য্যদেব যজ্ঞের দক্ষিণাস্বরূপ এই দিক গুরু কাশ্যপকে দান করায় এই দিক দক্ষিণ নামে খ্যাত হয় (পুরাণ)। ৯। [দক্ষিণ দিকে যমালয় বলিয়া] যম ; মৃত্যু। প্র—"গেলে দক্ষিণের মুখে দেখা নাই আর"—রবি। ১০। বি, পুং, নায়কবিশেষ ; যে নায়কের বহু নায়িকা অথচ সকল নায়িকাতে তুল্য অনুরাগ থাকে। প্র—"অনুকূল পতি যদি হয় প্রতিকূল। ধৃষ্ট শঠ দক্ষিণ না হয় তার তুল।"—অন্নদামঙ্গল। ১১। দক্ষিণা। **দক্ষিণকেন্দ্র, দক্ষিণমেরু**—পৃথিবীর দক্ষিণ প্রান্ত ; southpole. **দক্ষিণ পূর্ব্ব, পূর্ব্ব দক্ষিণ**—দক্ষিণ ও পূর্ব্বদিকের অন্তরাল ; দক্ষিণ পূর্ব্ব কোণ। **দক্ষিণ পশ্চিম**—দক্ষিণাংশের পশ্চিম দিক ; দক্ষিণ হইতে পশ্চিমের অন্তরাল। **পশ্চিম দক্ষিণ**—পশ্চিম ও দক্ষিণের অন্তরাল। ২। পশ্চিমাংশের দক্ষিণদিক। **দক্ষিণ-মানস**—গয়াস্থ তীর্থবিশেষ। **দক্ষিণ সমুদ্র**—লবণ সমুদ্র। ২। দক্ষিণদিকে অবস্থিত সমুদ্র।

দক্ষিণতঃ (দোক্‌খিনতঃ) [দক্ষিণতস্] অ, দক্ষিণ সম্বন্ধে : দক্ষিণ হিসাবে।

দক্ষিণ-পশ্চিমা (দোক্‌খিন্‌পোশ্‌চিমা) বি, দক্ষিণ-পশ্চিম কোণ।

দক্ষিণ-পূর্ব্বা (দোক্‌খিন্‌পুর্বা) বি, পূর্ব্ব দক্ষিণ কোণ।

দক্ষিণস্থ (দোক্‌খিনোস্‌থ) [দক্ষিণ—স্থ (যে থাকে)] বি, সারথি। ২। বিণ, দক্ষিণেস্থিত।

দক্ষিণহস্ত (দোক্‌খিন্‌হস্‌ত) [দক্ষিণ (দক্ষিণ পার্শ্বস্থ) যে হস্ত (হাত) কর্ম্মধা] বি, পুং, ডান হাত। ২। প্রধান সহায় ; অবলম্বন। **দক্ষিণহস্তের ব্যাপার**—বি, ভোজন। [বাঙ্গালীরা আহারের সময় কেবল দক্ষিণ হস্তই ব্যবহার করেন। বোধ হয় জগতে আর কোন জাতি এরূপ করেন না। অন্যান্য দেশবাসীর অনুকরণে অধুনা কোন কোন বাঙ্গালীকে ভোজনকালে উভয় হস্তের ব্যবহার করিতে দেখা যায়]।

দক্ষিণা (দোক্‌খিনা) [দক্ষিণ + আপ্, স্ত্রী] বি, স্ত্রী, আচার্য্য, পুরোহিত ; মন্ত্রগুরু ; যজ্ঞকর্ত্তা প্রভৃতির বৈধ প্রাপ্য অর্থ। ২। পুরস্কার। ৩। দেবীবিশেষ ; দক্ষিণাকালী। ৪। দক্ষিণস্থ দেশ। ৫। বিণ, দক্ষিণ দিগ্‌ভব ; দক্ষিণদিকে বা দেশে উৎপন্ন ; দক্ষিণ সম্বন্ধীয়।

দক্ষিণাগ্নি (দোক্‌খিনাগ্নি) [দক্ষিণ নামক অগ্নি—কর্ম্মধা—দক্ষিণদিকে স্থাপিত হয় বলিয়া এই অগ্নির নাম দক্ষিণ] বি, পুং, যজ্ঞের অগ্নি।

দক্ষিণাগ্র (দোক্‌খিনাগ্‌গ্র) [দক্ষিণদিগ্‌বর্ত্তী হইয়াছে অগ্র যাহার, বহু] বি, পুং, কুশাদি। ২। দক্ষিণ মুখ ; যাহার অগ্রভাগ দক্ষিণদিকে অবস্থিত।

দক্ষিণাচল (দোক্‌খিনাচল্) [দক্ষিণের (দক্ষিণদিকের) অচল (গিরি) ৬তৎ] বি, পুং, মলয়গিরি ; মলয়াচল।

দক্ষিণাচার (দোক্‌খিনাচার্) বি, দক্ষিণনামক তান্ত্রিক আচারবিশেষ। ২। বিণ, দক্ষিণ দেশে প্রচলিত আচার।

দক্ষিণানিল (দোক্‌খিনানিল্) [দক্ষিণদিক্ হইতে প্রবাহিত যে অনিল (বায়ু) কর্ম্মধা] বি, পুং, মলয়ানিল ; মলয় বাতাস। ২। দক্ষিণদিক হইতে প্রবাহিত বায়ু।

দক্ষিণান্ত [প্রাদে। দক্ষিণা দ্বারা কর্ম্মের অন্ত। প্রা-বাং—দক্ষিণান্ত] বি, দক্ষিণা দান করিয়া বিহিত কর্ম্মের সমাধা। **দক্ষিণান্ত করা**—পুরোহিতাদিকে দক্ষিণা দিয়া কর্ম্মশেষ করা।

দক্ষিণাপথ (দোক্‌খিনাপথ) [দক্ষিণা (দক্ষিণদিগ্‌বর্ত্তী) যে (পথিন্=পথ)] বি, পুং, দক্ষিণ দেশ ; বিন্ধ্যপাদমূল হইতে দক্ষিণ সমুদ্র পর্য্যন্ত বিস্তৃত ভূ-ভাগ [এই অর্থে বঙ্গভাষায় "দাক্ষিণাত্য" (দ্রঃ) শব্দ প্রচরদ্রূপ]।

দক্ষিণাপ্রবণ (দোক্‌খিনাপ্রোবন্) [দক্ষিণা (দক্ষিণদিকে) প্রবণ (নিম্ন) ৭৩৭] বিণ, উত্তরাপেক্ষা দক্ষিণদিকে নিম্ন ; যাহা উত্তর হইতে দক্ষিণে ক্রমে ঢালু হইয়াছে।

দক্ষিণাবর্ত্ত (দোক্‌খিনাবরত্ত) [দক্ষিণে (ডাইনে) আবর্ত্ত (পাক) যাহার, বহু] বি, পুং, শঙ্খবিশেষ। ২। বিন্ধ্যগিরির দক্ষিণস্থ ভূ-ভাগ : দক্ষিণাপথ। ৩। বিণ, দক্ষিণদিকে বা ডানদিকে আবর্ত্তবিশিষ্ট।

দক্ষিণাবহ (দোক্‌খিনাবহ) [দক্ষিণ—আ—বহ্ (প্রবাহিত হওয়া)+অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, দক্ষিণদিক্ হইতে প্রবাহিত বায়ু। মলয় বাতাস।

দক্ষিণামুখ (দোক্‌খিনামুখ্) [দক্ষিণা (দক্ষিণদিকে) মুখ (বদন) হইয়াছে যাহার, বহু] বিণ, দক্ষিণাস্য : দক্ষিণ মুখো।

দক্ষিণায়ন (দোক্‌খিনায়ন) [দক্ষিণ (দক্ষিণ দিকে) অয়ন (সূর্য্যের গমন) হয় যে কালে—বহু] বি, ক্লী, শ্রাবণ হইতে পৌষ পর্য্যন্ত বৎসরার্দ্ধ। ২। পৃথিবীর ঠিক মধ্যস্থ বিষুব রেখা হইতে সূর্য্যের দক্ষিণে গমন।

দক্ষিণায়নান্তবৃত্ত (দোক্‌খিনায়নান্তোবৃত্ত) বিষুবরেখা বা নিরক্ষবৃত্তের ২৩৷৷ অংশ দক্ষিণস্থ রেখা ; সূর্য্যের দক্ষিণ গতির সীমা নিরূপক রেখা।

দক্ষিণারণ্য (দোক্‌খিনারোন্নো) [দক্ষিণা (দক্ষিণদিগ্‌বর্ত্তী) যে অরণ্য (বন)—কর্ম্মধা] বি, ক্লী, দক্ষিণ দেশস্থ বন। ২। দণ্ডকারণ্য।

দক্ষিণীয় [দক্ষিণ+ঈয় (যোগ্যার্থে)] বি, দক্ষিণার উপযুক্ত ; দক্ষিণার্হ।

দক্ষিণ্য (দোক্‌খিন্ন) [দক্ষিণা+য (অর্হার্থে—ণ্য)] বিণ, দক্ষিণীয়। ২। দয়া ; আনুকূল্য। ৩। দক্ষতা। ৪। উদারতা।

দখল [আ—দখ্‌ল্] বি, আয়ত্তি ; অধিকার। ২। আত্মসাৎ। ৩। ব্যুৎপত্তি ; অভ্যাস। **দখল দেওয়া**—অধিকার দান করা ; ভোগ করিতে ছাড়িয়া দেওয়া। ২। প্রবেশ করিতে দেওয়া। ৩। হস্তক্ষেপ করা ; to interfere. **দখল পাওয়া**—অধিকার লাভ করা ; প্রবেশ লাভ করিয়া ব্যবহার করা। **দখল করা**—প্রবেশ করা। ২। অধিকার করা। ৩। অনধিকার প্রবেশ করা বা অন্যায় অধিকার করা। **দখল-নামা**—যে আদেশ পত্রে আইনানুসারে অধিকার মঞ্জুর করা হয় ; স্বত্বাধিকারপ্রদায়ক দলিল। **দখলি, দখলীস্বত্ব**—ভোগাধিকার। **ভোগ দখল করা**—সম্পত্তি অধিকারে রাখিয়া ভোগ করা। **বে-দখল হওয়া**—অধিকারচ্যুত হওয়া ; যাহা দখলে ছিল তাহাতে বঞ্চিত হওয়া।

দখলকার, দখলিকার (ল্, র্) [আ—দাখ়ীল্‌কার্] বিণ, যে দখল করিয়া আছে : অধিকারী ; an occupant. বি, **দখলিকারী ; দাখিলকারী**—দখল করিয়া থাকা ; অধিকারকরণ ; occupancy.

দখলদেহানি (ল্) [আ—দখ্‌ল—হি—দিহানী (দান)] বি, অধিকার দান ; দখল দেওয়া।

দখলাতি (খ্) [হি। আ—দখ্‌লইয়াবী] বি, দখলকরণ। ২। বিণ, দখলী।

দখিণ (দোখিন্) [সং—দক্ষিণ হইতে। প্রা-বাং—দখিণ] বি, দক্ষিণ ; ডাইন। প্র—"দখিণ পবন বহে"—বিদ্যাপতি। "দখিণ মুখেত উপনীত হইলেন খেতে।"—শূন্যপুরাণ। বিণ, **দখিণা, দখিণে**—দক্ষিণ দিকস্থ বা দিগ্‌ভব : দক্ষিণ দিক হইতে আগত। প্র—দখিণা বাতাস।

দখিণান্ত (দোখিনান্ত) [প্রা-বাং] বি, দক্ষিণান্ত (দ্রঃ)। প্র—"লইলা ধুনার চুর দখিণান্ত হএ।"—শূন্যপুরাণ।

দখিণাবায় (দোখিনাবায়্) [দক্ষিণা-বায়ু হইতে] বি, মলয় বাতাস। প্র—"প্রাতে পড়েছে শিশির কণা ; সাঁঝে বহিছে দখিণা বায়॥"—রবি।

দখিন্যা (দোখিন্ন্যা) [সং—দক্ষিণা। প্রা-বাং, গ্রা] বি, দক্ষিণা। প্র—"দখিন্যা মাগিতে জাঅ জার ঘরে নাহি পাঅ সাঁপ দিআ পুড়াঅ ভুবন।"—শূন্যপুরাণ।

দগড় (ড়্) [সং—দ্রগড়] বি, আনদ্ধ যন্ত্রবিশেষ, রণবাদ্যবিশেষ ; দামামা। প্র—"মার মার বলিয়া দগড়ে দিল কাটি।"—কৃত্তিবাস। "ঘন রোল দামামা দগড়ে পড়ে ঘা।"—ধর্ম্মমঙ্গল। "ঢাক ঢোল কাঁসর দগড় বীণা বেণী।"—শিবায়ন।

দগড়া (গ্) [হি—দগড়া—দড়ার দাগ] বি, মোটা দড়ির মত রেখা-চিহ্ন। ২। মাঠের উপর দিয়া গরুর গাড়ির চাকার দাগ। ৩। চাবুকাদি প্রহারের লম্বা লম্বা দাগ। **দগড়া দগড়া হয়ে যাওয়া**—দড়ার মত লম্বা লম্বা দাগ পড়া।

দগদগ্ (দগদগ্) [দগ্ধ বা জ্বলনার্থক ধক্‌ধক্ (দ্রঃ) হইতে] অ, ধক্‌ধক্ ; জ্বলিতে থাকার ভাব।

দগদগান, দগদগান (দগ্‌দগানো) [দগদগ (দ্রঃ)+আন (ক্রিয়া-বিভক্তি)] ক্রি, দগ্ধান ; পোড়ান। ২। দগদগ করা : পুড়িবার কালে যেরূপ লাল হয়, ক্ষত স্থান সেইরূপ লালবর্ণ হওয়া : যেন দগদগ করিয়া জ্বলিতে থাকা। বি, **দগদগানি**।

দগদগি (দগ্‌দোগি) [আ—দগ্‌দগা=শঙ্কা (২) ব্যাকুলতা] বি, জ্বালা : দগ্ধীভাব। প্র—"হিয়া দগদগি পরাণ পোড়ানি কি দিলে হইবে ভাল।"—চণ্ডীদাস। "হিয়ে দগদগি অন্তরে ভোক্ মুখে নাহি চলে এ বড় শোক।"—কবিক।

দগধ [দগ্ধ শব্দের কোমলরূপ। পদ্যে] বিণ, দগ্ধ দ্রঃ।

দগধান (গ্, নো) [দগধ—আন (ক্রিয়া বিভক্তি) উ-পু—দগ্‌ধাই। ম-পু—দগ্‌ধাও। প্র-পু—দগধে, দগ্‌ধায়। অস-ক্রি—দগ্‌ধিতে : দগ্‌ধাইতে : দগ্‌ধিয়া, দগ্‌ধাইয়া : দগধি (পদ্যে) দগ্‌ধে] ক্রি, দগ্ধ করা : পোড়ান ; জ্বালান। [ব্রজ] **দগধই**—দগ্ধ করে। প্র—"দুহু দিশ দারু দহনে যৈছে দগধই।"—বিদ্যাপতি। **দগধিলে**—দগ্ধ করিলে। প্র—"কেন দগধিলে বিরহ বেদনা দিয়ে।"—চণ্ডীদাস। **দগধে**—দগ্ধ করে। প্র—"তব ধরি দগধে অনঙ্গ।"—বিদ্যাপতি। বি, **দগ্‌ধানি**।

দগ্ধ [দহ্ (দহন করা)+ত (কর্ম্মে—ক্ত) পদ্যে কোমলরূপ দগধ] বিণ, যাহাকে দহন করা হইয়াছে : ভস্মীকৃত ; পোড়া। ২। ভর্জ্জিত ; ঝলসিত। ২। [কর্ত্তৃ—ক্ত] তাপিত : সন্তপ্ত। স্ত্রী, **দগ্ধা**।

দগ্ধপত্রন্যায় (দগ্‌ধপৎত্রোন্যায়্) পত্র সকল দগ্ধ হইলে তাহাতে পত্রের সমুদয় অবয়ব থাকিলেও যেমন সেগুলি পত্র বলিয়া গ্রাহ্য হয় না তদ্বৎ।—বেদান্তভাষ্য টীকা।

দগ্ধব্য (দগ্‌ধোব্‌বো) [দহ্ (দগ্ধ করা)+তব্য (কর্ম্মে)] বিণ, দগ্ধ করিবার উপযুক্ত ; দাহ্য।

দগ্ধা [দগ্ধ (দ্রঃ)+আপ—স্ত্রী] বি, জ্যোতিষে অমঙ্গলময় তিথি। **দিনদগ্ধা**—সোমবারে একাদশী, মঙ্গলে দশমী, বুধে তৃতীয়া, বৃহস্পতিবারে ষষ্ঠী, শুক্রবারে দ্বিতীয়া, শনিবারে সপ্তমী ও রবিবারে দ্বাদশী হইলে দিনদগ্ধা বলে। **মাসদগ্ধা**—সৌর বৈশাখ মাসের শুক্লাষষ্ঠী, জ্যৈষ্ঠমাসের কৃষ্ণাচতুর্থী, আষাঢ় মাসের শুক্লাষ্টমী, শ্রাবণের কৃষ্ণাষষ্ঠী, ভাদ্রের শুক্লাদশমী, আশ্বিনের কৃষ্ণাষ্টমী, কার্ত্তিকী শুক্লাদ্বাদশী, অগ্রহায়ণের কৃষ্ণাদশমী,

পৌষের শুক্লাদ্বিতীয়া, মাঘী কৃষ্ণাদ্বাদশী, ফাল্গুনমাসের শুক্লাচতুর্থী ও চৈত্রের কৃষ্ণা-দ্বিতীয়াকে মাসদগ্ধা বলে। **চন্দ্রদগ্ধা**—মেষাদি রাশিতে চন্দ্র থাকিলে উক্ত তিথি সমুদয় চন্দ্রদগ্ধা বলিয়া কথিত হয়।

দগ্ধিকা (দোগ্‌ধিকা) [সং] বি, স্ত্রী, দগ্ধান্ন ; পোড়াভাত।

দগ্ধেষ্টকা [দগ্ধ—ইষ্টকা (ইট)—কর্ম্মধা] বি, স্ত্রী, পোড়া ইট ; ঝামা।

দঙ্গল (দংগল্) [হি—দঙ্গল্=ভিড়। (২) মল্লভূমি। (৩) মল্লযুদ্ধ] বি, দল · পাল ; সমূহ। প্র—এক দঙ্গল লোক। ২। ভিড় ; লোকারণ্য। প্র—ও দঙ্গলের ভিতর প্রবেশ করা ভার। ৩। [হি-তে প্রচলিত, বাং-য় তাহার অনুকরণ] মল্লযুদ্ধ ; কুস্তি। প্র—তাহারা দঙ্গল দেখিতে গিয়াছে। **দঙ্গল বাঁধা**—ভিড় করা ; জোট বাঁধা ; দল বাঁধা।

দছিন (দো) [ব্রজ ; সং—দক্ষিণ শব্দের হিন্দী-প্রাকৃ-রূপ] বিণ, দক্ষিণ। প্র—"দছিন পবন বহ ধীরে"—বিদ্যাপতি।

দজ্জাল (ল্) [আ—দজ্জাল্=জালিয়াৎ, মিথ্যাবাদী ; এক-চোখো ; দুষ্ট। বাং-য়—অর্থান্তর] বিণ, প্রবঞ্চক। ২। দুর্দ্দান্ত দসি [দ্র: —হজরতের বিরোধী, ঈশ্বরোপাসনার বিরোধী। তালমুদ গ্রন্থে ইহার বর্ণনা আছে। এইরূপ ভবিষ্যদ্বাণী আছে যে, দজ্জাল (আ) অর্থাৎ টাইগ্রীস নদীর নিকটে দজ্জাজেলা (দজ্জাল) উৎপন্ন হইবে, বড় প্রকাণ্ড হইবে, বড় উচ্চ আওয়াজ হইবে, চল্লিশ দিনে পৃথিবী ফিরিবে ও ঈশ্বর উপাসনা বন্ধ করিয়া দিবে। দজ্জাল-বড় দুর্দ্দান্ত লোক]।

দড় (দড়ো) [সং—দৃঢ়, প্রা—দঢ় শব্দজ—হেমচন্দ্র] বিণ, শক্ত ; কঠিন। ২। দৃঢ়। প্র—"সেন বলে শুন, যদি মন হয় দড়। নারীর লাবণ্য জন্য ভয় নাই বড় ॥"—ঘনরাম। ৩। নিশ্চিত ; স্থির। প্র—"দড় বিসআসে"—রসমঞ্জরী। "বাঙ্গালায় জানিলাম তুমি বন্ধু দড়"—ভারতচন্দ্র। "আজি জানিলাম দড় পুরুষ নির্লজ্জ বড়॥"—ভারতচন্দ্র। ৪। পরিপক্ব ; পাকা ; পটু ; মজবুত। প্র—"কোন গুণ নাই যেথা সেথা ঠাঁই সিদ্ধিতে নিপুণ দড়।"—অন্নদামঙ্গল। ৫। বিচক্ষণ ; দক্ষ। প্র—"বণিক-সম্প্রদায় হিসাবে দড়।"—বসুমতী। ৬। [আধিক্যার্থে] দূর। প্র—"রগড় এত দড়"—হেম বন্দ্যো।

দড়কা (ড়্) বি, তড়্কা দ্র:। **দড়কাঁচা, দড়কচা** (ড়্) দরকচা দ্র:।

দড়দড় (ড়্, ড়্) [শব্দাত্মক। দ হইতে মাংসভাগের শব্দ এবং ড় হইতে হাড়ের শব্দের আভাস। দ্রুত পদক্ষেপ শব্দ ; দৌড়নের উচ্চ শব্দ ; মৃদু শব্দে দুড়্ দুড়্] বি, দড় দড় এইরূপ অনুকার শব্দে পদক্ষেপ করিতে করিতে গমন ; দড়্ দড়্ শব্দে পলায়ন। ২। হৃদ্‌পিণ্ডের স্পন্দনের উচ্চ শব্দ ; ধড় ধড় দ্র: [মৃদু শব্দে দুড়্ দুড়্ ; মৃদুতর অর্থে, দুরু দুরু দ্র:]

দড়বড়, দড়বড়ি (দড়্ বড়্, দড়্বোড়ি) [শব্দাত্মক, দড়দড় দ্র:। অশ্বের দ্রুত পদক্ষেপ শব্দ ; লঘু শব্দে তড় বড়] ক্রি-বিণ, ঘোড়ার বড় বড় লাফ বা লম্বা পদক্ষেপ কালে টাপের যে শব্দ হয়। ২। তাড়াতাড়ি। তাড়াতাড়ি গমন কালে পোষাকের দড়বড় করিয়াই শব্দ হয়। প্র—"দেখিয়া মেনকা রাণী পলায় দড়বড়ি"—কবিক। ৩। বিণ, ধাবনোৎসুক্য ও সর্ব্বাঙ্গের আক্ষেপবিশিষ্ট (অশ্ব)। প্র—"অতসী কুসুম শ্যামা স্মরিয়া কৌতুক। দড়বড়ি চড়ি ঘোড়া অমনি চাবুক।"—ভারতচন্দ্র। ৪। বি, সাহসের সহিত ফড় ফড় করিয়া কড়া কড়া বলা। প্র—"হনূমান হইতে অঙ্গদ বীর বড়। তাহারে পাঠাও যে বলিবে দড়বড়॥"—কৃত্তিবাস। ৫। পদশব্দবিশেষ। প্র—"দড়বড় দড়বড়, অশ্বচালনায় দড়, ছোট বড় জানা নাহি যায়।"—রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়।

দড়বড়ান (দড়বড়ানো) [দড়বড় (দ্র:) +আন (ক্রিয়া বিভক্তি) উ-পু—দড়বড়াই। ম-পু—দড়বড়াও। প্র-পু—দড়বড়ায়। অস-ক্রি—দড়বড়াইতে ; দড়বড়াইয়া, দড়বড়ি (পদ্যে), দড়বড়িয়ে] ক্রি, দড়বড় শব্দে গমন করা। প্র—"দড়বড়ি ঘোড়া চড়ি কোথা তুমি যাও হে"—বঙ্কিম। ২। তাড়া হুড়া করা ; তাড়াতাড়ি করা ; তড়বড়ান, প্র—"দেখিয়া মেনকা রাণী পলায় দড়বড়ি"—কবিক।

দড়া [অর্ব্বাচীন সং—দোরক, ডোরক, হি—ডোর, ডোরা, সরু হইলে দড়ি, দড়ী, দোড়ী, ডোর দ্র:] বি, মোটা রজ্জু ; কাছি। প্র—"নগর করিয়া শোভা বসিল অনেক ধোবা দড়ায় শুকায় নানা বাস।"—কবিক। "মন কেন মার চরণ ছাড়া। ও মন ভাব শক্তি পাবে মুক্তি, বাঁধ দিয়া ভক্তি-দড়া।।"—রামপ্রসাদ।

দড়াদড়ি (দোড়ি) [দড়া (দ্র:) +দড়ি] বি, মোটা ও সরু রজ্জু ; রজ্জু ও তদ্বৎ বন্ধনোপযোগী সামগ্রী ; cordage. প্র—"কানুর পিরীতি কুহকের রীতি সকলি মিছাই রঙ্গ, দড়াদড়ি লৈঞা গ্রামেতে চড়িয়া ফিরয়ে করিয়া সঙ্গ।।"—চণ্ডীদাস।

দড়ানো [দড়া (দ্র:)+আন (ক্রিয়া-বিভক্তি)] ক্রি, দড়ি দিয়া বেষ্টন করা ; দড়ি জড়ানো ; দড়ি বাঁধা। প্র—"দড়ায়ে পায়ে উঠহে তাহে থাকি থাকি দেই ঝোঁকে।"—চণ্ডীদাস।

দড়াম্ [দণ্ডা—ডাঁড়া+ম্ (শব্দাত্মক পদের প্রত্যয় : তুল—ঝপাৎ, সড়াৎ শব্দের ৎ, ধপাস্ শব্দের স্। কড়াং, পটাং শব্দের ং। অধিক ভারী "ধড়" পড়িবার শব্দ, ধড়াম] অ, দণ্ডের মত দাঁড়াইয়া পতনের শব্দ ও ভঙ্গী ; আছাড় খাইবার শব্দ। প্র—সে পা পিছলাইয়া দড়াম্ করিয়া আছাড় খাইল। তাহাকে দড়াম্ করিয়া ফেলিয়া দিল।

দড়ি, দড়ী (দোড়ি) [দড়া দ্র। সং—দোরকঃ] বি, বন্ধনরজ্জু ; সুতা অপেক্ষা স্থূল এবং দড়া অপেক্ষা সূক্ষ্ম রজ্জু ; গুণ। প্র—"দড়ি ছিঁড়ে দিলে ঘুরে পড়ে যায় গিরা।"—শিবায়ন। "ডাবর দুলিতে চাই দুগাছি সলি দড়ি।"—শূন্যপুরাণ। **দড়ি কলসী**—ডুবিয়া মরিবার উপায়সাধক কলসী ও নিজের গলায় দড়ি বাঁধিয়া কলসী জলপূর্ণ করত জলাশয়ে ডুবিয়া মরিবার দড়ি ও কলসী। প্র—"না মিলিল দড়ী না মিলিল কড়ি কলসী কিনিতে তোরে"—ভারতচন্দ্র। **গলায় দড়ী**—অপমান, লজ্জা প্রভৃতি কারণে আর লোকসমাজে মুখ দেখাইতে না হয় এজন্য গলায় দড়ি দিয়া মরণ। ২। অ, ধিক্কার। **ছাঁদন-দড়ি**—দুধ দুহিবার সময় গরু পা ছুঁড়িতে না পারে এজন্য তাহার পা বেষ্টন করিয়া যে দড়ি দিয়া বাঁধা হয়। ২। দৃঢ় বেষ্টনী। ৩। [ব্যঙ্গোক্তিতে] বাহু বেষ্টন ; দৃঢ় আলিঙ্গন। প্র—"ছাঁদন দড়ী বাহুলতা"—হেম বন্দ্যো। **দড়ি পাকান**—সরু সরু সুতার গুচ্ছ পাক দিয়া একটি দড়ি প্রস্তুত করা। **দড়ি ছিঁড়ে পালান** [অশ্ব গবাদির সহিত তুলনায়, বিদ্রূপোক্তিতে] মায়ার বন্ধন ছিন্ন করিয়া যাওয়া।

দঢ় (দঢ়ো) [দৃঢ় শব্দজ] বিণ, পারদর্শী ; অভিজ্ঞ ; পণ্ডিত। প্র—"আমার ভক্তের পূজা আমা হইতে বড়। সেই প্রভু বেদে ভাগবতে দঢ়।"—চৈতন্যভাগবত। ২। দক্ষ ; কর্ম্মঠ। প্র—"নিদয়ার সুখ বড় গৃহধর্ম্মে বধূ দঢ় কুল ধর্ম্ম রক্ষণের হেতু।"—কবিকঙ্কণ। ৩। দৃঢ়। প্র—"কুলবতী সতী হইয়া দুকুলে দিনু দুখ। জ্ঞানদাস কহে দঢ় করি থাক বুক।।"—জ্ঞানদাস।

দঢ়ান (ন্) [দৃঢ় করণ হইতে] বি, দৃঢ়তা [অপ্র]। প্র—"তোরে আমি বলি সাধু করিয়া দঢ়ান। চণ্ডী না পূজিলে তোর না হবে ছাড়ান॥"—কবিকঙ্কণ।

দণ্ড (দনড) [দণ্ড্ (দমন করা)+অ (অল্)] বি, পুং ক্লী, যষ্টি ; লাঠি। ২। আঁকষি। প্র—"সাজি দণ্ড হাতে করি কাননে কাননে ফিরি অনুদিন যেন মালাকার।"—কবিক। ৩। সামদানাদি রাজনীতির অন্যতম নীতি ; যুদ্ধ।

৪। শিক্ষা। শাস্তি ; সাজা। ৫। শাসন দমন। ৬। জ্রমধ্য হইতে ললাটের উপর স্ফীত ঋজু উর্দ্ধরেখা ; রাজদণ্ড। ৭। সৈন্য। প্র—দণ্ডনায়ক। ৮। ষষ্টি (৬০) পল-পরিমিত সময়। প্র—"মোলে দণ্ড দু'চার কান্নাকাটী শেষে দিবে গোবর-ছড়া।"—রামপ্রসাদ। ৯। ঋজুভাবে দণ্ডায়ন। ১০। অশ্ববিশেষ। ১১। ভারতবর্ষের রাজাবিশেষ শুক্রাচার্য্যের শিষ্য ; ইঁহারই রাজ্য গুরুশাপে অরণ্যে পরিণত হইয়া দণ্ডকারণ্য নামে প্রসিদ্ধ হয়। ইঁহার নামান্তর দণ্ডক। ১২। যম। **প্রাণদণ্ড**—মৃত্যুদণ্ড : যে দণ্ডে প্রাণ যায়। **দণ্ডগ্রহণ**—দণ্ড স্বীকার করিয়া লওয়া ; দণ্ড ভোগ করা। ২। সন্ন্যাসীর দণ্ড ধারণ ; সন্ন্যাসাশ্রম অবলম্বন। **দণ্ডদান**—শাস্তিদান ; শাসন। ২। দাঁড় দেওয়া : ক্ষতি পূরণ করা।

দণ্ডক (ক্)—দণ্ড দ্রঃ। দণ্ডকারণ্য।

দণ্ডকা [দণ্ডক দ্রঃ] বি, স্ত্রী, দণ্ডকারণ্য ; জনস্থান।

দণ্ডকাক (ক্) [সং] বি, পুং, দাঁড়কাক।

দণ্ডকারণ্য (দ)—দণ্ডক (দ্রঃ) রাজার অরণ্যে পরিণত রাজ্য ; জনস্থান ও পরিঃ দ্রঃ।

দণ্ডগৌরী—বি, স্ত্রী, অপ্সরাবিশেষ।

দণ্ডগ্রাহ (দন্‌ডোগ্‌গ্রাহ্) [দণ্ড (যষ্টি) গ্রাহ গ্রহণকারী] বিণ, যে দণ্ড গ্রহণ করে।

দণ্ডচক্রাদিন্যায় (—চক্‌ক্রাদিন্‌ন্যায়) বি, এক ঘট নির্ম্মাণে যেমন দণ্ড, চক্র, সূত্র, সলিল বহু কারণ আবশ্যক তদ্রূপ একটি কার্য্যের বহু কারণ স্বীকার স্থলে দণ্ডচক্রাদিন্যায় বলা হয়।

দণ্ডধর, দণ্ডধার (র্) [দণ্ড (শাসন) ধর—(ধার) যেধারণ করে—বহু] বি, পুং, যিনি প্রজা শাসন জন্য দণ্ড ধারণ করেন ; নৃপতি ; রাজা। ২। যিনি পাপীর শাসন জন্য দণ্ড ধারণ করেন ; ধর্ম্মরাজ : যম। ৩। [চক্র ঘুরাইবার দণ্ড ধারক বলিয়া] কুম্ভকার। ৪। বিণ, দণ্ডধারী ; যষ্টিধারী ; যষ্টিহস্ত। ৫। অপরাধীকে দণ্ডবিধানের যাহার ক্ষমতা আছে।

দণ্ডধারী] দণ্ড (শাসনদণ্ড) ধারী (ধারণকারী)] বিণ, দণ্ডধর। ২। দণ্ডী। প্র—"কখন বৈরাগী যোগী দণ্ডধারী। কখন গৃহস্থ কখন ভিখারী॥" —অন্নদামঙ্গল।

দণ্ডন (ন্) [দণ্ড+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, দণ্ডদান ; শাসন।

দণ্ডনায়ক (ক্) [দণ্ড (সৈন্য) নায়ক (চালক) ৬ তৎ] বি, পুং, সেনাপতি, ২। দণ্ডদাতা। ৩। রাজা।

দণ্ডনীতি [দণ্ডের—নীতি (নিয়ম) আছে যাহাতে, বহু] বি, পুং, রাজনীতিশাস্ত্রবিশেষ ; রাজ্যশাসনসম্বন্ধীয় যাবতীয় নিয়ম সম্বলিত নীতিশাস্ত্র।

দণ্ডনীয় [দণ্ড+অনীয় (কর্ম্মে)] বিণ, দণ্ড্য : দণ্ড পাইবার উপযুক্ত : দণ্ডার্হ।

দণ্ডপাণি [দণ্ড হইয়াছে পাণিতে (হস্তে) যাহার, বহু] বিণ, দণ্ডধর। ২। বি, যম। ৩। শিবানুচর ; বীরভদ্র।

দণ্ডপাদ (দ্) [দণ্ডের মত লম্বমান হইয়াছে পাদ (চরণ) যাহার, বহু] বিণ, যে উর্দ্ধপদে আছে।

দণ্ডপারুষ্য (—পারুষ্‌ষ) [দণ্ড (শাস্তি) তন্মধ্যে পারুষ্য (কাঠিন্য)—৬তৎ] বি, ক্লী, কঠিন শাসন : শারীরিক ক্লেশ দান দ্বারা শাসন ; গুরুতর প্রহার।

দণ্ডপাল, দণ্ডপালক (ল্, ক্) [দণ্ড (যষ্টি) পাল—পালক (রক্ষক—ধারক)] বি, পুং, দৌবারিক ; দ্বারবান্।

দণ্ডবৎ [দণ্ড+বৎ (সাদৃশ্যার্থে)] অ, দণ্ডের ন্যায় পতন। ২। [দণ্ড+বৎ (অস্ত্যর্থে বতু)] বি, দণ্ডী। ৩। ত্যাগার্থক বিরাগ : তুল—নাকেখৎ। প্র—"অতঃপর বিষয়ে আমার দণ্ডবৎ।"—ধর্ম্মমঙ্গল। "হলো চক্ষু কর্ণেতে যেন ছয় মাসের পথ। কাণে শুনে প্রাণ জুড়াব দেখায় দণ্ডবৎ॥"—রামবসু। ৪। প্রণাম করিবার জন্য দণ্ডের মতন ভূমিতে পতিত : প্রণত। প্র—"মঙ্গল সম্ভব গান আরম্ভি শম্ভুর গুণ হেরম্বে হইয়া দণ্ডবৎ।"—শিবায়ন। "দণ্ডবৎ প্রণাম বুড়ীরে করে আসি।"—অন্নদামঙ্গল।

দণ্ডবিধি [দণ্ডের (শাসনের) বিধি (নিয়ম) ৬তৎ] বি, পুং, রাজার শাসনবিধি : কোন অপরাধকারীর কি দণ্ড হইবে যাহাতে তাহার বিধান আছে ; ফৌজদারী আইন : penal code.

দণ্ডব্যূহ (দন্‌ডোব্‌বুহ) [দণ্ড (দণ্ডাকারে সজ্জিত ব্যূহ] বি, পুং, অগ্রে প্রধান সেনাপতি, মধ্যে রাজা, পশ্চাৎ সেনাপতি, দুই পার্শ্বে হস্তী ও ঘোটক এবং তৎপশ্চাৎ পদাতিগণ এই নিয়মে রচিত ব্যূহ।

দণ্ডভৃৎ [দণ্ড—ভৃৎ (যে ধারণ করে)] বিণ, দণ্ডপাণি ; দণ্ডধর।

দণ্ডযাত্রা (—জাৎত্রা) [দণ্ডের জন্য যাত্রা (গমন) ৪র্থীতৎ] বি, স্ত্রী, যুদ্ধযাত্রা : দিগ্বিজয়ে যাত্রা। ২। বরের অনুগমন। ৩। মিছিল।

দণ্ডরায় [দণ্ড—রায় (রাজা)] বি, দণ্ডধর ; রাজা। প্র—"পরিবার সহ রাজা, করিয়া নৌকার পূজা, আরোহণ কৈল দণ্ডরায়।"—কবিক।

দণ্ডসংহিতা (—শংহিতা) [দণ্ডবিধায়ক সংহিতা (শাস্ত্র) কর্ম্মধা] বি, স্ত্রী, দণ্ডবিধি ; ফৌজদারি আইন।

দণ্ডসহায় (—শহায়্) [দণ্ডে (শাসন বিষয়ে) সহায় (সহকারী) ৭তৎ] বি, পুং, অপরাধীর দণ্ডবিধানে বা দুষ্টের দমনে যে রাজার সহায়তা করে।

দণ্ডস্থান (দণ্ডস্‌থান্) [দণ্ডের (দণ্ডপ্রদানের) স্থান—৬তৎ] বি, ক্লী, যে স্থানে অপরাধী দণ্ড প্রাপ্ত হয়।

দণ্ডা [দণ্ড+আ (অনাদরে ও বৃহদর্থে) প্রা-বাং। হি—ডণ্ডা। বাং ডাণ্ডা] বি, দণ্ড ; মোটা লাঠি। **দণ্ডা করা**—[আধু] ডাণ্ডা করা ; দণ্ড প্রয়োগ করা ; প্রহার করা। ২। শরীরে দণ্ড প্রবেশ করান। প্র—"নিবেদন করে গণ্ডা কার নাহি করি দণ্ডা বনমাঝে করিগো নিবাস।"—কবিক।

দণ্ডা [দণ্ড+আ (ক্রিয়াবিভক্তি)। উ-পু—দণ্ডি। ম-পু—দণ্ড। প্র-পু—দণ্ডে। অস-ক্রি, দণ্ডিতে : দণ্ডিয়া, দণ্ডি (পদ্যে)—প্রা-বাং, দণ্ডী] ক্রি, দণ্ডদান করা ; শাসন করা। প্র—"সন্তোষে বসায় পাটে দোষ দেখি নাক কাটে দণ্ডে রাজা বনিতার পতি।"—কবিক। "বিধাতা আমারে দণ্ডী"—কবিক।

দণ্ডাদণ্ডি (দনডাদোন্‌ডি) [দণ্ড+আ (পরস্পরার্থে)—দণ্ড+ই (প্রয়োগের ভাব অর্থে)] বি, দণ্ডযুদ্ধ ; লাঠালাঠি।

দণ্ডাপূপন্যায় (প্, য়্) [দণ্ড+অপূপ (পিষ্টক)—ন্যায়] বি, কোন ব্যক্তি একদা দণ্ডে পিষ্টক বিদ্ধ করিয়া গৃহের একস্থানে রাখিয়া দেয়, এক মূষিক সেই পিষ্টক ভক্ষণ করিয়া দণ্ডের পিষ্টকসংলগ্ন স্থানেরও কিয়দংশ ভক্ষণ করে। গৃহস্থ পরে পিষ্টক না দেখিয়া এবং দণ্ডের কিয়দংশ ভক্ষিত হইতে দেখিয়া ভাবিল মূষিক যখন কঠিন দণ্ডাংশ পর্য্যন্ত ভক্ষণ করিয়াছে তখন পিষ্টকও যে খাইয়াছে তাহাতে সন্দেহই নাই। ইহা হইতে কোন দুষ্কর কার্য্যের সিদ্ধি দেখিয়া কোন সুসাধ্য কার্য্যের সিদ্ধি অনুভব করাকেই লোকে "দণ্ডাপূপন্যায় কহিয়া থাকে"—বিবিধার্থসংগ্রহ, ১৭৮০ শক।

দণ্ডায়মান (ন্) [দণ্ডায় (নামধাতু ((দণ্ড-তুল্য আচরণ করা)+আন (কর্ত্তৃ) ম্ আগম] বিণ, যে দণ্ডবৎ হইয়া আছে ; যে খাড়া আছে : যে দাঁড়াইয়া আছে।

দণ্ডার্ত্ত [দণ্ড+আর্ত্ত। দণ্ডদ্বারা আর্ত্ত, ৩তৎ] বিণ, দণ্ডাঘাতে পীড়িত : দণ্ডপ্রহারে জর্জ্জরিত।

দণ্ডাহত [দণ্ডদ্বারা আহত (মথিত) ৩তৎ] বিণ, দণ্ডদ্বারা তাড়িত ; যষ্টিদ্বারা প্রহৃত। ২। ঘোল।

দণ্ডিক (দোন্‌ডিক্) [দণ্ড+ইক (অস্ত্যর্থে ষ্ণিক)] বি, পুং, দণ্ডধর ; আশাসোঁটাধারী। ২। ডানিকণা মাছ। স্ত্রী, **দণ্ডিকা**—দড়ি। ৩। হার।

দণ্ডিত (দোন্‌ডিত) [দণ্ড্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে দণ্ড দেওয়া হইয়াছে ; শাসিত।

দণ্ডী (দোন্‌ডি) [দণ্ড+ইন্ (অস্ত্যর্থে) = দণ্ডিন্ ১মা, ১ব] বি, পুং, দণ্ডদাতা ; যম। ২। জনৈক রাজার নাম। ইনিই উর্ব্বশীকে ঘোটকীরূপে প্রাপ্ত হইয়াছিলেন। ৩। দ্বার-পাল। ৪। যে দণ্ড ধারণ করিয়াছে: চতুর্থাশ্রমী সন্ন্যাসী। ৫। কাব্যাদর্শগ্রন্থ রচয়িতা। ৬। ধৃতরাষ্ট্রের শতপুত্রের একজন। ৭। মহাদেব। ৮। সূর্য্যের পার্শ্বচরবিশেষ। ৯। বৌদ্ধবিশেষ : ১০। দমনকবৃক্ষ। ১১। [প্রাদে] দণ্ডদাতা। শাসনকর্ত্তা ; ক্লেশদাতা : নিগ্রহকারী। প্র—"গড়ে গেল গোয়ালা ছাড়িয়া সিংহনাদ। দেবতা সকলে হেথা গণিল প্রমাদ॥ ইছায়ে বাঁচায়ে যদি দেবী দিলা বর। গড়ে হইল গোয়ালা দ্বিতীয় লঙ্কেশ্বর॥ * * * * * কর্ম্মফলে হ'ল হত দেবতার দণ্ডী। অতেব ইছাই বধে ক্ষমা দিবে চণ্ডি॥"—ঘনরাম। ১২। বিণ, দণ্ডধারী।

দণ্ডোপবেশী—বিণ, দণ্ডে উপবেশনকারী। ২। বি, দণ্ডচারী পক্ষী।

দণ্ড্য (দোন্‌ড) [দণ্ড (শাসন)+য (যোগ্যার্থে)] বিণ, দণ্ডার্হ ; দণ্ড পাইবার উপযুক্ত ; দণ্ডের পাত্র। প্র—"অতি পাপী হলে হ আমার দণ্ড্য নয়"—শিবায়ন।

দৎ [কামারশালে ব্যবহৃত পারিভাষিক শব্দ] বি, কর্ম্মকারের যন্ত্রবিশেষ : হাম্বরের প্রকার-ভেদ। হাম্বর দ্রঃ।

দত্ত [দা (দান করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ, কৃতদান। ২। ন্যস্ত : অর্পিত। ৩। উৎসর্গিত : উৎসৃষ্ট। ৪। ত্যক্ত। ৫। বি, দত্তকপুত্র। ৬। ব্রাহ্মণেতর হিন্দুর জাতীয় উপাধিবিশেষ। ৭। [ভাবে ক্ত] দান। স্ত্রী, **দত্তা**। যে বালিকাকে সম্প্রদান করা হইয়াছে ; বিবাহিতা। **বাগ্‌দত্তা**—পূর্ব্ব হইতে যে কন্যা পাত্রস্থ করিবার জন্য প্রতিশ্রুতি দান করা হইয়াছে। বি, **দত্তি**—দান।

দত্তকপুত্র (ক্) [দত্তক পুত্র (কর্ম্মধা)] বি, পুং, পিতৃস্বত্বসহ যাহাকে জনকের নিকট হইতে পুত্ররূপে গ্রহণ করা হয় : পোষ্যপুত্র।

দত্তহারী [দত্ত (যাহা দান করা হইয়াছে) হারী (হরণকারী, পুনর্গ্রহণকারী)] বিণ, যাহাকে স্বত্ব ছাড়িয়া দেওয়া হইয়াছে তাহার পুনর্গ্রহণকারী। প্র—"আগে মন করে দান ফিরে যদি লই। লোকে দত্তহারী কবে সই॥" —বাং-গান।

দত্তাত্মা (দৎতাৎত্তা) [দত্ত হইয়াছে আত্মন্ = আত্মা—যৎ কর্ত্তৃক—বহু] বি, পুং, স্বয়ং আসিয়া অন্যের পুত্রত্ব স্বীকারকারী : দত্তক পুত্রবিশেষ। ২। বিণ, আত্মদানকারী।

দত্তাত্রেয় (দত্তাৎত্রেয়) [দত্ত (নামক) আত্রেয় (অত্রিপুত্র)—কর্ম্মধা] বি, পুং, অত্রিমুনির পুত্ররূপে বিষ্ণুর অবতার।

দত্তাপহারী [দত্ত—অপহারিন্ ১মা, ১ব (যে ফিরিয়া লয়)] বিণ, কোন বস্তু দান করিয়া যে পুনরায় তাহা গ্রহণ করে।

দত্তাবধান (ন্) [দত্ত (অর্পিত) হইয়াছে অবধান (মনোযোগ) যৎকর্ত্তৃক—বহু] বিণ, যে মনঃসংযোগ করিয়াছে ; অর্পিতচিত্ত ; মনোযোগী।

দদ্রু, দদ্রূ (দোদ্‌দ্রু) [দরিদ্রা (দুর্গতি করা, ক্লেশ দেওয়া)+উ—ঊ, নিপাতনে] বি, পুং, চর্ম্মরোগবিশেষ ; দাদ্ ; ringworm.

দদ্রুঘ্ন (দোদ্‌দ্রুঘ্‌ন) [দদ্রু (দাদ্) ঘ্ন (নাশক)] বিণ, দদ্রুরোগ নাশক। ২। বি, চাকুলে গাছ।

দদ্রুণ, দদ্রূণ (দোঁদ্‌দ্রুন) [দদ্রু—ন (অস্ত্যর্থে)] বিণ, যাহার দাদ হইয়াছে ; দদ্রুরোগাক্রান্ত : দেদো।

দধি (দোধি) [ধা (ধারণ করা)+ই (কর্ত্তৃ—কি) হি—দহী] । বি, ক্লী, অম্লযোগে দুগ্ধ জমান : দৈ। **দধিমঙ্গল**—নন্দোৎসবে দধিতে কর্দ্দম করিয়া আনন্দোৎসব। **দধিকাদা**—নন্দোৎসবে দধিমিশ্রিত কর্দ্দম। ২। উক্ত আনন্দোৎসবে সমবয়স্কা নারীদ্বয়ের পাতান সম্বন্ধ।

দধিকর্ম্ম (দো) [দধি (ঘটিত) কর্ম্ম] বি, পুং, দধিসংস্কারঘটিত বৈদিক ক্রিয়া।

দধিচার (দো, র্) বি, পুং, দধি মন্থন করিবার দণ্ড : ঘোলমৌনী।

দধিজ (দো) [দধি--হইতে—জ (জাত)] বি, ক্লী, ননী। ২। ছানা।

দধিপুষ্পিকা (দো) বি, স্ত্রী, শ্বেত-অপরাজিতা।

দধিপূপ (দো, প্) [দধিতে সিক্ত পূপ (পিষ্টক), কর্ম্মধা] বি, পুং, দৈ-বড়া।

দধিমণ্ড (দোধিমোন্‌ড) [দধির—মণ্ড (মাৎ) ৬তৎ] বি, পুং, দধির জল বা জলীয়াংশ।

দধিমুখ (দোধিমুখ্) [দধি (দধিবৎ শ্বেত) মুখ] বি, পুং, শ্বেতমুখ বানরবিশেষ। ২। রামচন্দ্রের বানর সেনাপতিবিশেষ। ৩। নাগবিশেষ।

দধিসার (দোধিশার্) [দধির—সার (সার-ভাগ—৬তৎ] বি, পুং, নবনীত ; মাখন।

দধীচি (দো) [দধ্ (দান করা)+ইচি (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, অথর্ব্বমুনির ঔরসে কর্দ্দমপ্রজাপতির কন্যা শান্তির গর্ভে জাত প্রসিদ্ধ মুনি। ইঁহারই অস্থিতে ইন্দ্রের বজ্র নির্ম্মিত হইয়াছিল।

দধীচ্যস্থি (দোধিচ্‌চোস্‌থি) [দধীচি+অস্থি—৬তৎ] বি, ক্লী, দধীচিমুনির হাড় (যাহাতে বজ্র নির্ম্মিত হইয়াছিল)। ২। বজ্র। ৩। হীরক ; diamond.

দধ্যন্ন (দোদ্‌ধন্ন) [দধি+অন্ন] বি, ক্লী, দৈ মাথা ভাত।

দধ্যম্ল (দোদ্‌ধম্‌ল) [দধি+অম্ল] বি, দম্বল।

দন, দনা (ন্) [ধান্যের পরিমাণ] বি, পাঁচসের।

দনা, দোনা [সং—দমনক] বি, দমনকবৃক্ষ : artimisia indica. ২। পুষ্পবিশেষ। প্র—"অপূর্ব্ব দনার গন্ধ পায় সর্ব্বজনে।"—চৈ-ভা। "সুগন্ধি মল্লিকা দনা কিনয়ে সকল জনা তুলসী কাষ্ঠের কণ্ঠমালা॥"—কবিক। **দনার ছাট** (র্, ট্) বি, দমনক গাছের ছড়ি। প্র—"দনার ছাট খুঞাবাস রাখ বাস ঘরে" —কবিক।

দনাই [জনার্দ্দন—গ্রা—দনাদ্দন—সংক্ষেপে দনাই] বি, জনার্দ্দন। প্র—"সম্বন্ধে দনাই ওঝা আমার নন্দাই"—কবিক।

দনু (দোনু) বি, স্ত্রী, দক্ষপ্রজাপতির কন্যা, কশ্যপভার্য্যা ; দানবগণ ইঁহারই গর্ভজ।

দনুজ (দোনুজ্) [দনু (হইতে) জ (জাত)] বি, পুং, দানব ; অসুর ; দৈত্য। প্র—"দেবতা গন্ধর্ব্ব যক্ষ দনুজ মনুজ রক্ষ সবে যার করয়ে মাননা"—অন্নদামঙ্গল।

দন্ত [দম্ (দমন করা)+ত (করণে)] বি, পুং, দাঁত ; দংষ্ট্র। ২। ৩২ সংখ্যা। **দন্ত-কিড়িমিড়ি**—দন্তঘর্ষণের শব্দ ; দাঁত কিড়মিড়। **দন্ত বাহির করা**—দাঁত-খিচান ; দাঁত দেখান। **দন্তবিকাশ**—দাঁতপ্রদর্শন। **দন্তমঞ্জন**—দাঁত মাজা : মঞ্জনদ্বারা দন্ত পরিষ্কার করণ।

দন্তক (ক্) [দন্ত+ক (সাদৃশ্যার্থে)] বি, পুং, দন্ত। ২। নাগদন্ত। ৩। গিরিগাত্র হইতে নির্গত সূক্ষ্মমুখ প্রস্তরখণ্ড।

দন্তকাষ্ঠ [দন্তের (দন্তধাবনের) কাষ্ঠ (কাঠি) ৬তৎ] বি, ক্লী, দন্তধাবনের কাঠি ; দাঁতনকাঠি।

দন্তচ্ছদ [দন্তের—ছদ (আচ্ছাদন)—৬তৎ] বি, পুং, যাহাদ্বারা দাঁত ঢাকা যায় ; ওষ্ঠ ; ঠোঁট।

দন্তদর্শন (ন্) [দন্তের দর্শন, ৬তৎ] বি, ক্লী, দন্তপ্রদর্শন : দাঁত দেখান : দাঁত খিচান। দন্ত-বিকাশ ; দাঁতখামাটি। ২। দন্তাবলোকন। ৩। দন্ত পরীক্ষা ; দাঁত দেখিয়া বয়স নিরূপণ।

দন্তধাবন (ন্) [দন্তের—ধাবন, ধাব্ (পরিষ্কার করা)+অন (করণে) যাহা দ্বারা দন্ত পরিষ্কৃত হয়] বি, ক্লী, দন্তমার্জ্জনী ; দাঁতনকাঠি। ২। [বৈদ্যকে] খদিরবৃক্ষ। (২) করঞ্জগাছ। (৩) বকুলবৃক্ষ। ৩। [ভাবে —অনট্] ক্লী, দন্তমার্জ্জন ; দাঁতমাজা।

দন্তপঙক্তি (পোংক্‌তি) [দন্ত—পঙ্‌ক্তি (শ্রেণী) ৬তৎ] বি, দন্তের শ্রেণী ; দন্তপাতি ; দাঁতের পাটি।

দন্তপত্র (—পৎত্র) বি, কর্ণভূষণবিশেষ।

দন্তপাটি, দন্তপাতি—দন্তপঙ্‌ক্তি দ্রঃ।

দন্তপুষ্প [দন্ত (দন্তবৎ শুভ্র)—কর্ম্মধা] বি, ক্লী, কুন্দপুষ্প ; কুঁদফুল।

দন্তবক্ত্র—বি, পুং, কৃষ্ণের বিরোধী : শিশুপালের ভ্রাতা।

দন্তমাংস (শ্) [দন্তলগ্ন যে মাংস—কর্ম্মধা] বি, ক্লী, মাঢ়ি।

দন্তমূলীয় [দন্তমূল+ঈয় (ভবার্থে)] বি, পুং, যে সকল বর্ণ দন্তমূল হইতে উচ্চার্য্য : ত, থ, দ, ধ, ন, ঌ, ল, স।

দন্তশূল (ল্) [দন্তের শূল, ৬তৎ] বি, ক্লী, দাঁতের বেদনা : দাঁত কন্‌কনানি।

দন্তস্ফুট (দন্তশ্‌ফুট্) [দন্ত—স্ফুট, ৬ তৎ] বি, দাঁত বসান : কামড়। ২। কঠিন বিষয়ে প্রবেশ লাভ। প্র—বিষয়টি এমনই দুরূহ যে সহজে দন্তস্ফুট করা যায় না।

দন্তহীন (ন) [দন্ত দ্বারা হীন, ৩তৎ] বি, অদন্ত জীব। ২। বিণ, ফোগলা।

দন্তাদন্তি (—দোন্তি) অ, পরস্পর দন্তাঘাত : দাঁতাদাঁতি : কামড়াকামড়ি।

দন্তাল (ল্) [দন্ত+আল (বিশিষ্টার্থে)] বিণ, যাহ'র দংষ্ট্রা আছে : দন্তযুক্ত : দাঁতাল।

দন্তালিকা, দন্তালী—বি, স্ত্রী, অশ্ব প্রভৃতির মুখরজ্জু : লাগাম।

দন্তী (দোন্‌তি) [দন্ত+ইন্ (অস্ত্যর্থে) দন্তিন্ ১মা, ১ব] বি, পুং, হস্তী : দ্বিরদ। প্র—"কিন্তু দন্তী কবে, দেবি, আঁটে মৃগরাজে ;" —মেঘনাদ। ৩। প্রসিদ্ধ বৃক্ষ। ৪। বিণ, দন্তবিশিষ্ট।

দন্তুর (দোনতুর্) [দন্ত+উর (অস্ত্যর্থে)] বিণ, দংষ্ট্রাল : বৃহৎ দন্তবিশিষ্ট : দাঁতাল। ২। ক্রূর। ৩। দাঁতাল জীবজন্তু : rodentata. স্ত্রী, **দন্তুরা**—বৃহৎ দন্তবিশিষ্টা। প্র—"মুক্ত-কেশী মহামেঘবরণা দন্তুরা। শবারূঢ়া করকাঞ্চী শবকর্ণ পুরা ॥" – অন্নদামঙ্গল।

দন্ত্য (দনত্ত) [দন্ত+য (ভবার্থে)] বিণ, দন্তযোগে উচ্চারিত। ২। দন্ত সম্বন্ধীয়। ৩। দন্তের উপকারজনক। **দন্ত্যবর্ণ**—যে সকল বর্ণ দন্ত সাহায্যে উচ্চারিত হয় : ত বর্গীয় বর্ণ ও ঌ, ল, স।

দপ্ [সং—দৃপ্ (সন্দীপনে)। শব্দাত্মক ও দীপ্ত্যর্থক।—হঠাৎ আগুন জ্বলিয়া উঠিবার সময় দপ্ করিয়া শব্দ হয় এবং সঙ্গে সঙ্গে দীপ্তি দান করে] অ, অগ্নিপ্রদীপ্ত হইবার অনুকার শব্দ। প্র—"দপ্ করে জ্বলে উঠে আগুন যেমন। থপ্ করে হয়ে পড়ে ক্রোধও তেমন ॥"—মনোমোহন বসু। গোল পাতায় আগুন দিতেই দপ্ করিয়া জ্বলিয়া উঠিল।

দপট, দাপট (ট্) [সং—দর্প-দরপ্—দপড় —দপট। হি—ডপট্=তিরস্কার ; তর্জ্জন, লম্ফদিয়া গমন] বি, তর্জ্জন ; ধমক ; দাব-ড়ানি। ২। প্রতাপ। ৩। গমনাগমনে মাড়ামাড়ি ; রপট। ৪। লম্ফ। প্র— 'ব'লে আঁচল খুলে একদাপটে পগার হলো পার।"—হেম বন্দ্যো।

দপদপ (দপ্‌দপ্) [দপ্ দ্রঃ। ব্যাপ্ত এবং অবিরামতা অর্থে দ্বিত্ব] বি, আগুনের জ্বলন শব্দ। ২। দীপ্তি বাচক। প্র—ঘৃতের প্রদীপটা মন্দিরে দপ্ দপ্ করিয়া জ্বলিতে লাগিল। ৩। [সং—দৃপ্ (পীড়নে)] এক-স্থানে বেদনাবোধক : ফোড়ার যাতনা। ৪। শিরঃ পীড়াবিশেষ। মাথা ব্যাথা কপা-লের প্রান্তদ্বয়ে যেন কিছুর আঘাত করার মত শব্দবোধক। ৫। [সং—দৃপ্ (দর্পে)] জোরে পা ফেলিয়া যেন দর্পভরে চলিবার শব্দ। ঐরূপে গোড়ালির ভর দিয়া চলিলে গট্ গট্। ক্রি, **দপ্‌দপান** (নো)। বি, **দপ্‌দপানি**।

দপ্তর (দপ্‌তোর্) [আ—দফ্‌তর্] বি, খাতা : খণ্ডাকারে বাঁধা কাগজ পত্র। বহি। ২। হিসাবের খাতা মহাজনী কেতাব। ৩। কাছারির কাগজ পত্র। প্র—"অধিকার রাজার চৌরাশী পরগণা। খাড়ি জুড়ী আদি করি দপ্তরে গণনা ॥"—অন্নদামঙ্গল। ৪। কর্ম্ম-স্থান : আফিস, office.

দপ্তরখানা (দপ্‌তোর্‌খানা) [আ—দফ্তর্-খানা] বি, কাজ কর্ম্ম পরিচালনের ও হিসাব পত্র সংরক্ষার স্থান : আফিস : office ২। পুরাতন হিসাব ও কাগজ পত্র রাখিবার আগার : records-room.

দপ্তরী (দোপ্‌তোরি) [ফা—দফ্‌তরী] বি, যে দপ্তরের কালী কলম কাগজাদি যোগায়, খাতা পত্র বাঁধে এবং লেখনোপযোগী উপকরণ প্রস্তুত করে ও পুস্তকাদি যথাস্থানে সাজাইয়া রাখে। ৩। যে পুস্তক বাঁধাইয়ের কাজ করে ; a book-binder.

দফরা (ফ্) [আ—দফ্‌আ, দফাইয়া=তাড়না : ধমক] বি, তাড়না ; তাড়া ; ধমকি : দাব্‌ড়ি। প্র—"দফরা খেয়ে নফরা যত করে বসে কি একখানা।"—ঈশ্বর গুপ্ত।

দফা (দ্) [আ—দফাহ্=বার, বিভাগ] বি, পালা ; বার ; ক্ষেপ ; কিস্তি। ৩। প্রকরণ ; পরিচ্ছেদ। ৪। [বার হইতে] এ যাত্রা। প্র—দফা রফা। **দফা সারা**—এযাত্রা বা এবারের জীবন যাত্রার অবসান করা ; নিকাশ করা। প্র—"যাদু অসাধ্য সাধনা * * * মহারাজা হবে খাপা, সারবে দফা হব রফা, এই দুইজনা।"—**দফা করা**—নিষ্পত্তি করা ; কিনারা করা ; শেষ করা। **দফা নিকাশ** —দফাশেষ ; সর্ব্বনাশ। **দফা-শেষ**—দফা নিকাশ দ্রঃ। প্র—"হাটের দফা শেষ করেছি।"—গান।

দফা দফা, দফায় দফায় (য়্) [আ—দফাহ্ দফা+দফা, দফায়+দফায়—পুনঃপুনঃ বা প্রতি অর্থে দ্বিত্ব] অ, প্রতি দফা : প্রতিবার ; প্রত্যেক ক্ষেপে। ২। বারংবার।

দফাদার (র্) [আ—দফাহ্‌দার্, দফাদার্] বি, অশ্বারোহী দলের উপরিতন কর্ম্মচারী-বিশেষ। ২। মজুরদিগের মেট : জমাদার। ৩। চৌকিদারদিগের সর্দার। প্র—"দফাদার জমাদার চলে সদীয়াল"—অন্নদামঙ্গল।

দফারফা [দফা (দ্রঃ)+রফা (আ—রফ্‌আ= নিষ্পত্তি] বি, কোন কিছুর নিষ্পত্তি বা নিকাশ। ২। সকল বিষয়ের শেষ : শান্তি : সমাপ্তি। প্র—"ও ভাই, তারা মোলেই দফা রফা এককালে সব ফুরিয়ে যাবে।"— ঈশ্বর গুপ্ত। ৩। কর্ম্ম-শক্তির শেষ : কর্ম্মাক্ষমতা। প্র—এমন প্রহার দিয়াছে যে তাহার দফারফা করিয়া দিয়াছে।

দফে (দ্ফে) [আ—দফা্আ—উচ্চারণ ভেদ] অ, দফা : বার : কিস্তি। ২। পুনরায় : পুনশ্চ। **দফেদফে** [দফা দফা দ্রঃ] কিস্তিতে কিস্তিতে : ক্ষেপে ক্ষেপে। ২। প্রতিবার।

দবকান (দব্‌কানো) [হি—দব্‌কানা=লুকান। বাং-য়—আস্তর] ক্রি, ঢাকা দেওয়া ; লুকান। ২। আতঙ্কিত করা। ৩। দমিত করা ; দাবান। বি, **দবকন**।

দবড়ি [দপট দ্রঃ] বি, দৌড়। প্র—"দাসী দেখে বীর দড় দিলেক দবড়ি।"—ঘনরাম।

দবদব (দব্‌দব্) [দপ্‌দপ্ দ্রঃ। প স্থানে ব উচ্চারিত হয়] অ, দীপ্তি। ২। জ্বলনের অনুকার শব্দ। ৩। শিরঃপীড়া। কপাল দবদব করা।

দবদবা (দব্‌দবা) [আ—দব্‌দবাহ্=প্রকাশ] বি, প্রতাপ। ২। জোর শাসন।

দবদহন (ন্) [দব (বন) দহন (অগ্নি) ৬তৎ] বি, পুং, বনাগ্নি ; দাবানল।

দবন (ন্) [হি—দাব (চাপ) দব্‌না—চাপা, মাড়ান] বি, মর্দ্দন : দলন। ২। দমন।

দম (ম্) [দম্ (শাসনে)+অ (ভাবে—অল্)] বি, পুং, দমন দ্রঃ। ২। ইন্দ্রিয়নিগ্রহ। ৩। চিত্তনিবৃত্তি ; মনের উপর অধিকার ; বিকারের কারণ সত্ত্বেও মনের স্থিরতা। ৪। ধৈর্য্য। ৫। বিদর্ভরাজ ভীমের জ্যেষ্ঠ পুত্র : দময়ন্তীর ভ্রাতা। ৬। শিশুপালের পিতা চেদি-রাজ ; দমঘোষ।

দম (দম্) [ফা—দম্] বি, নিশ্বাস ; breath. প্র —দম বন্ধ হওয়া। ২। বল ; জোর। প্র—"আর তাহাতে দম নাই একেবারে হাঁফাইয়া পড়িয়াছে। ৩। প্রাণ ; জীবনীশক্তি। প্র—দম বাহির হইয়া যাওয়া। ৪। মুহূর্ত্ত ;

ক্ষণ। প্র—একদমে পৌছান। ৫। কপটতা প্রতারণা; বঞ্চনা: শঠতা। প্র—তাহা কথা বিশ্বাস কর কেন ও সব তার দম ৬। বোকা ভুলান। প্র—তাহাকে দম দিয়া সেখানে লইয়া গেল। ৭। ঘটিকাদি যন্ত্রের পরিচালক স্থিতিস্থাপক তারের কুণ্ডলী spring. ৮। ধিমা আঁচ; অল্প উত্তাপ প্র—"ছোট বাবুর ময়দা টয়দা সব ঠিক করে রাখে, তাঁর আসবার সময় হ'লো। আর সব যেন দমে রেখে দেয়। ছোট বউর উপর ভার দিয়ে যেন তিনি শুতে না চলে যান"—গৃহলক্ষ্মী (গিরিশ)। ৯। গরম মসলা যোগে সিদ্ধ ব্যঞ্জন। প্র—আলুর দম। ১০। অস্ত্রাদি সূচীবৎ প্রান্ত: ছোরা, কিরিচ, বল্লম প্রভৃতি সূক্ষ্মমুখ। ১১। [সঙ্গীতে] এক নিশ্বাসে সুরের দীর্ঘ কাল স্থায়ী বা বিলম্বিত লয় প্রদর্শন। **দম রাখা**—শ্বাস রোধ করিয়া অধিক্ষণ থাকা। **দম দেওয়া**—যন্ত্রাদির পরিচালক স্প্রীং অর্থাৎ স্থিতিস্থাপক তারে পাক দেওয়া। ২। ধোঁকা দেওয়া ভুলান। **দম লওয়া**—বিশ্রাম করা জিরান। **বেদম্**—বে দ্রঃ। রুদ্ধশ্বাস প্রহারে মৃতপ্রায়। **দম ফাটা**—শ্বাস বাহির হইতে না পারিয়া যেন বুক ফাটিয়া বাহির হওয়া: হিংসায় মরিয়া যাওয়া। **দম টানা**—শ্বাস টানা; এক নিশ্বাসে হুঁকায় ধোঁয়া টানা। **দম বাহির হওয়া**—প্রাণ বাহির হওয়া। **নাকে দম হওয়া**—তুল—হি—দম নাকমে আনা। খাবি খাওয়া: প্রাণ ওষ্ঠাগত হওয়া। **দম ফুলা**—রুদ্ধশ্বাসে বক্ষোদর স্ফীত হওয়া; হাঁপ ধরা। **দমসম হওয়া**—শ্বাস পূর্ণ হওয়ায় দম ফুলা। **পেট দমসম হওয়া**—পেট ফুলিয়া বুকে পেটে এক হইয়া শ্বাস রোধ হওয়া।

দমক (ক্) [দম্ (দমন করা) + অক (কর্ত্তৃ)] বিণ, যে দমন করে; শাসক। ২। চাপ; ভারের বেগ; দাব। **দমক দেওয়া**—ধাক্কা দেওয়া; হঠাৎ বেগে চাপ দেওয়া।

দমকল (দম্‌কল্) [ফা—দম্ + হি—কল] বি, দম টানিবার অনুকরণে জল টানা যন্ত্র: water-pump, **দমকল বসা**—নদী, পুষ্করিণী প্রভৃতি জলাশয়ের মধ্যে বা ধারে জল টানা কল পুঁতিয়া তাহা দ্বারা জল তুলিয়া ফেলা। প্র—তাহাদের পুকুরে দমকল বসেছে।

দমকা (ম্) [ফা—দমীদা, হঠাৎ বেগবান্ (বাতাস পক্ষে) ঝটকাদার] বি, বাতাসের ঝটকা; ধাক্কা। ২। ঝটিকা; বাত্যা। ৩। বিণ, হঠাৎ বেগবান; ঝটকাদার। ৪। হঠাৎ; খামকা। **দমকা হাওয়া**—বাতাসের অকস্মাৎ বেগ; বায়ুর ঝটকা। **দমকা খরচ**—বৃথা ব্যয়াধিক্য; হঠাৎ ব্যয়। প্র—মাঝে মাঝে অমন দমকা খরচ হয়।

দমকান (ম্, নো) [দমক দ্রঃ] বি, চাপ দেওয়া; দাবান। ২। বল পূর্ব্বক আক্রমণ। ৩। দম শব্দ পতন। বি, **দমকানি**।

দমদম (দম্‌দম্) [শব্দাত্মক। ব্যাপ্তি ও আধিক্য অর্থে "দমাদম"। অল্পার্থে "দুমাদুম"; মৃদু অর্থে "দুমদুম"] অ, অনুকার শব্দ। ২। দামামাদি আনদ্ধ যন্ত্র ধ্বনি। প্র—"ঘন ভোরঙ্গ ভমভম দামামা দমদম। গমগম তোপ আবাজে।"—ভারতচন্দ্র। ৩। প্রহার শব্দ। ৪। মাংসল গোড়ালি ঠুকিয়া চলিবার শব্দ। ৫। শ্লেষ্মায় পূর্ণ মাথায় আঘাত করিলে দম্‌দম্ শব্দ অনুভূত হয়। ৬। তোপের ধ্বনি।

দমদমা (ম্) [আ—দম্‌দমাহ্] বি, চাঁদমারীর জন্য উচ্চ মৃৎস্তূপ: উচ্চ ভূমির উপর কামান সজ্জা।

দমন (ন্) [দম্ + অনট্ (ভাবে)] বি, ক্লী, শাসন। প্র—"নিজগণ করিলা গমন করিতে দক্ষ দমন।"—অন্নদামঙ্গল। "করিলেন কালিয় দমন।"—ঐ। ২। বশকরণ। ৩। বিনীতকরণ। ৪। ধৈর্য্যধারণ। ৫। ইন্দ্রিয়নিগ্রহ। ৬। [কর্ত্তৃ—অন] পুং, যতিবিশেষ; দমন মুনি। ৭। বীর। ৮। দমনপুষ্প। ৯। [করণে—অনট্] দণ্ড।

দমনক (ক্) [দমন + ক (স্বার্থে)] বি, পুং, প্রসিদ্ধ সুগন্ধ বৃক্ষ: দনা গাছ; artimisa-indica. ২। সংস্কৃত ছন্দোবিশেষ।

দমনীয় [দম্ (দমন করা) + অনীয় (কর্ম্মে)] বিণ, দমন করিবার যোগ্য; শাসনীয়।

দমবাজ (দম্‌বাজ্) [ফা—দম্‌বাজ্ = বঞ্চক] যে দম দেয়; প্রতারক; বঞ্চক। দম দ্রঃ। বি, **দমবাজী**—প্রতারণা; ধোঁকা।

দময়ন্তী (দময়োন্‌তি) [দম্ + ণিচ্ = দমি (ক্লেশ সহ্য করা) + অৎ (কর্ত্তৃ—শতৃ) স্ত্রী—ঈপ। দমন ঋষির বরে জন্ম বলিয়া এই নাম] বি, স্ত্রী, নলরাজার পত্নী ও বিদর্ভ রাজকন্যা।

দময়িতা [দমি (দমন করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = দময়িতৃ ১মা, ১ব] বিণ, যে দমন করে; দণ্ডদাতা; শাসক।

দমসম (দম্‌শম্) [দম দ্রঃ] অ, দম ফুলিয়া বুকে পেটে এক হওয়ার ভাব; শ্বাসরোধ।

দমসানো (দমশানো) [শব্দাত্মক] ক্রি, ধামসান দ্রঃ। ২। দমসম হওয়া।

দমা (দ্) [দম (দ্রঃ) + আ (ক্রিয়া বিভক্তি) উ-পু—দমি। ম-পু—দম। প্র-পু—দমে। অস-ক্রি—দমিতে (দো); দমিয়া, দমি (পদ্যে), দমে (দো)। ণিজন্ত—দমান] ক্রি, দমিত হওয়া; হতাশ হওয়া; নিরুৎসাহ হওয়া। ২। বসিয়া যাওয়া। প্র—ভূমিকম্পে ঘরের ছাদ দমিয়া গিয়াছে। জল বসিয়া দেওয়াল দমিয়া গিয়াছে।

দমা (দ্) [ফা—দমাহ্] বি, হাঁপানি: asthma. ২। দম আটকানি; শ্বাসরোধ। ৩। হি—দাম্ = দড়া; ডোর] কণ্ঠভূষণবিশেষ; দমাহার।

দমাদম (ম্) দমদম দ্রঃ।

দমান (নো) [দমা দ্রঃ। উ-পু—দমাই। ম-পু—দমাও। প্র-পু—দমায়। অস-ক্রি—দমাইতে; দমাইয়া; দমিয়ে] ক্রি, উৎসাহভঙ্গ করা; নিরুৎসাহ করা; হতাশ করা। ২। অবনত করা। ৩। নাবাল করা; নামাইয়া দেওয়া; বসাইয়া দেওয়া।

দমিত (দোমিত) [দম্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, দণ্ডিত: বশীকৃত; বিনীত; শাসিত। ২। নিরুৎসাহিত; কৃতভগ্নোদ্যম।

দমী (দোমি) [দম + ইন (কর্ত্তৃ—শীলার্থে) = দমিন, ১মা, ১ব] বিণ, যে দমন করে। প্র—রিপুদমী। ২। সংযমী: জিতেন্দ্রিয়।

দম্প (দম্‌পো) [দম্ভ—অপভ্রংশে। গ্রা] বি, দর্প: দম্ভ: অহঙ্কার।

দম্পতি (দম্‌পোতি) [জায়া এবং পতি, দ্বন্দ্ব। জায়া = দম্] বি, পুং, পতিপত্নী; স্ত্রীপুরুষ।

দম্ফ (দম্‌ফ) [দম্ভ শব্দজ] বি, দম্ভ; গর্ব্ব; অহঙ্কার। প্র—"বিরাট দম্ভে ধরণী কম্পে।"—প্রেম ও ফুল।

দম্বল (ল্) [দম্—বল] বিণ, ধাউড়িয়া; নকীব। প্র—"রথ বলে সাজে রথী বীর বলে সেনাপতি রথ আগে ধাইল দম্বল।"—কবিক। ২। দধ্যম্ল; দুগ্ধের বিকার সম্পাদক অম্ল বস্তু।

দম্ভ [দম্ভ (দম্ভ করা) + অ (ভাবে, ঘঞ)] বি, পুং, দর্প; অহঙ্কার। ২। আত্মম্ভরিতা; ৩। কপট ধার্ম্মিক।

দম্ভক (ক্) [দম্ভ + ক (কর্ত্তৃ)] বি, পুং, দম্ভকারী। ২। অহঙ্কৃত। ৩। বঞ্চক।

দম্ভন (ন্) [দন্‌ভ + অনট্ (ভাবে)] বি, ক্লী, মুগ্ধকরণ; মূর্চ্ছন: মোহজনন।

দম্ভী (দোম্‌ভি) [দম্ভ + ইন্ (অস্ত্যর্থে) = দম্ভিন্ ১মা, ১ব] বিণ, গর্ব্বকারী; অহঙ্কারী। ২। দর্পী। প্র—"নিকুম্ভিলা যজ্ঞাগারে প্রগল্ভে পশিল দম্ভী; আজ্ঞা কর দাসে শাস্তি নরাধমে"—মেঘনাদ। ২। শঠ। ৩। প্রবঞ্চক।

দম্ভোল (ল্) [দম্ভ দ্রঃ। গ্রা—দম্ভজ্জি। পাঠান্তরে "দফাল"] বি, দাপট। ২। হুঙ্কার। প্র—"অগ্নির দম্ভোল যেন আষাঢ়া গর্জ্জন"—কবিক।

দম্ভোলি [দম্ভ্ (অহঙ্কারে) উলি বা ওলি (যে লয় করে) যদ্দ্বারা দম্ভ দৈত্য লয় পাইয়াছিল] বি, পুং, অশনি বজ্র। প্র—"দম্ভোলি নির্ঘোষ আমি শুনি সুবদনে; মেঘের ঘর্ঘর ঘোর; দেখি ইরম্মদে।"—মেঘনাদ।

দম্য (দোম্‌ম) [দম্ + য (কর্ম্মে)] বিণ, দমন যোগ্য। ২। শিশু ষণ্ড; ছোট ষাঁড়।

দয় (য়্) [দয়্ (দয়া—দান—গমন—রক্ষা—গ্রহণ ও হিংসা করা) + অ (ভাবে—অঙ্) উপসর্গ যোগে প্রযুক্ত হয়, স্বতন্ত্র ব্যবহার নাই] বি, পুং, দয়া : কৃপা। প্র—"সদয় ; নিদয়। ২। দান।

দয় (য়্) [দহ (দ্রঃ) দহ্ম, দয়া। গ্রা] বি, দহ ; গর্ত্ত। প্র—কালীদয়। ২। [দহা দ্রঃ] ক্রি, দগ্ধ করে ; দগ্ধ হয়। প্র—"যে ঘরে সতিনী রয় হিংসানলে প্রাণ দ'য় যেমন লাগয়ে বিষজ্বালা।"—কবিক। দয়ে যাওয়া—দগ্ধ হওয়া ; উত্তাপে পুড়িয়া যাওয়া। দয়ে মজান—নদ্যাদি গর্ত্তের গভীর গর্ত্তে ডুবান। ২। সর্ব্বনাশ করা।

দয়া [দয়্ (অনুগ্রহ করা) + অ (ভাবে—অঙ্) আপ্ স্ত্রী। প্রা-বাং—দআ (শৃঃ পুঃ)] বি, স্ত্রী, পরদুঃখকাতরতা ; অনুকম্পা ; কৃপা। ২। অনুগ্রহ ; আনুকুল্য। ৩। দানশীলতা ; বদান্যতা ; দাক্ষিণ্য। [দ্রঃ—"দয়া" পরের সুখ নিমিত্ত। "মায়া" আত্ম-সুখ নিমিত্ত, মায়া আবিল, দয়া নির্ম্মল। মায়ায় বদ্ধ হয়, দয়ায় আপ্লুত, সিক্ত হয়। মায়ার ঘোর, দয়ার বারি, প্রেমের আলোক। প্রেম, স্নেহ ও দয়ায় বিগলিত হয়, মায়ায় বদ্ধ বা মুগ্ধ হয়। মায়া পার্থিব, দয়া স্নেহ প্রেম স্বর্গীয়। শ্রেষ্ঠকে ও সমতুল্যকে প্রেম করে, সন্তান স্থানীয়কে স্নেহ করে, ক কৃপা করে, দরিদ্র বা আর্ত্তকে দয়া করে, স্থাবর অস্থাবর সাংসারিক ভোগ্য মাত্রকেই মায়া করে। ভগবান প্রেমের পাত্র, পাপী কৃপার পাত্র, পুত্র স্নেহের পাত্র, ভিখারী দয়ার পাত্র, ঐশ্বর্য্য সম্পদ আত্মীয় স্বজন মায়ার পাত্র]। দয়ার লেশ না থাকা—এক চুল দয়া না থাকা : সম্পূর্ণ নির্দ্দয় হওয়া। দয়াধর্ম্ম—দয়া ও ধর্ম্ম। দয়ামায়া—দয়া ও মায়া। দয়া দাক্ষিণ্য—একার্থক সহচর শব্দদ্বয়। দয়া করা—অনুগ্রহ করা ; সহানুভূতি করা। ২। দান করা। দয়া হওয়া—দয়ার উদ্রেক হওয়া। ২। দান করিবার ইচ্ছা।

দয়াকর (র্) [দয়ার—আকর, ৬তৎ] বি, দয়ার আধার ; দয়ার নিধান। প্র—"আমারে শঙ্কর দয়া কর হে। শরণ লয়েছি শুনি দয়াকর হে॥"—অন্নদামঙ্গল।

দয়াবান্ [দয়া + বৎ (অস্ত্যর্থে—বতু)] বিণ, কৃপালু ; দয়াল।

দয়াবীর (র্) [দয়ায় বীর] বি, পুং, অত্যন্ত দয়ালু ; পরদুঃখে দয়ার্দ্র হইয়া যে নায়ক আত্মবিসর্জ্জন করিতে কুণ্ঠিত নহেন।

দয়াময় (য়্) [দয়া + ময় (বিদ্যমানার্থে—ময়ট্)] বিণ, কৃপাশীল : কৃপালু : দয়ালু। প্র—"তুমি দীন দয়াময় আমি দীন অতিশয় তবে কেন দয়া নয় দেখিয়া কাতর হে।"—অন্নদামঙ্গল।

দয়াল (ল্) [সং—দয়ালু। বাং-র—সংক্ষেপে দয়াল] বিণ, কৃপালু ; সদয় ; দয়ার্দ্র।

দয়ালু [দয়া + আলু (বিশিষ্টার্থে)] বিণ, দয়াবান্ ; কারুণিক। ২। অনুগ্রহকর্ত্তা। ৩। স্নেহশীল।

দয়িত (দোইত) [দয়্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ভালবাসার পাত্র ; প্রিয় ; স্নেহপাত্র। প্র—"প্রভু বলে তুমি সব কৃষ্ণের দয়িত।"— । ২। বি, পুং, বল্লভ ; পতি। স্ত্রী, দয়িতা—প্রিয়া ; প্রণয়িনী ; স্ত্রী।

দয়েল (দোএল্) [দহিয়াল শব্দজ] বি, দণ্ডচারী প্রসিদ্ধ পক্ষী ; পক্ষাদি কৃষ্ণবর্ণ নিম্ন ভাগ শ্বেতবর্ণ ; দয়েলের সীস প্রসিদ্ধ।

দর (র্) [দৄ (বিদীর্ণ হওয়া) + অ (করণে—অল) তুল—ফা—দর্ (দরীদন্ = ফাড়া) = বিদরণ করা] বি, পুং-ক্লী, গহ্বর ; ফাটল : খানা। ২। গর্ত্ত। প্র—"মাতঙ্গ পড়িলে দরে পতঙ্গ প্রহার করে এ দুঃখ পরাণে নাহি সহে।"—অন্নদামঙ্গল।

দর (র্) [হি—দর্ = দাম] বি, মূল্য ; দাম। প্র—"শুনে জিনিষের দর গায়ে আসে জ্বর"—ঈশ্বর গুপ্ত। দরদস্তুর—দেয় মূল্য ও প্রাপ্য শুল্ক ; দেনা পাওনা। ২। দরদাম। দর-দাম—একার্থক সহচর শব্দ ; কষামাজা করিয়া মূল্য নির্দ্ধারণ।

দর (র্) [সং—দরঃ (ঈষৎ)—মেদিনী] বি, ঈষৎ ; অল্প। প্র—"দর হাসি মুখে যেন প্রফুল্ল বাঁধুলী"—কাঞ্চীকাবেরী। "মৃদু মৃদু হাসে দর পরকাশে"—ঐ। ২। লঘু ; হাল্কা। প্র—"দর কর হিয়া"—কবিক। ৩। [সং—দরঃ (ভয়) অমর] ভয় ; ডর।

দর-ইজারদার (দর্ইজারদার্) [ফা] বি, ইজারদারের অধীন ; ইজারা গ্রহণকারী ; কটকিনাদার।

দরওয়াজা (র্) [ফা—দর্বাজহ্] বি, দ্বারের কবাট ; দরজা।

দরওয়ান [ফা—দর্বান্। তুল—সং—দ্বারবান্] বি, দ্বার রক্ষক ; a door keeper.

দরক (ক্) [দর (ভয়) + ক (অস্ত্যর্থে) তুল—হি—ডর্পোক্] বিণ, যাহার ভয় হয় ; যে ভয় করে ; ভীরু।

দরকচা (দরকোচা) [দর (দৃঢ়)—কচা—কাচ্চা—কাঁচা—কোমলে কঠিনে মিলিত—কোমলের মধ্যে কঠিন স্থান] পক্কের মধ্যে কঠিনত্ব হেতু অপক্কস্থান ; সিদ্ধের মধ্যে অসিদ্ধাংশ। ২। জামুড়া। দরকচা পড়া, —মারা—জামুড়া পড়া ; কিণচিহ্ন হওয়া ; ঘাটা পড়া। ২। সিদ্ধ ফলের মধ্যে অংশবিশেষ কাঁচা বা অসিদ্ধ থাকিয়া যাওয়া।

দরকার (র্, র্) [ফা—দর = মাঝখান, কার = কাজ অর্থাৎ কাজের মাঝখান] বি, আবশ্যক ; প্রয়োজন। বিণ, দরকারি, দরকারী—আবশ্যকীয়। প্র—"যত পেটের দরকারী মাছ তরকারি।"—ঈশ্বর গুপ্ত। ২। জরুরী। প্র—দরকারী চিঠি ; দরকারী কথা।

দরকোচ (র্, চ্) [প্রাদে] বিণ, পক্কফলের অংশবিশেষের অপরিপক্কাবস্থা।

দরখাস্ত (র্) [ফা—দরখোয়াস্ত্] বি, আবেদন পত্র ; আবেদন। দরখাস্তকারী—যে দরখাস্ত করে ; আবেদনকারী।

দরখি [ব্রজ। সং—দৃশ ধাতু হইতে দরশি দ্রঃ। শ—ষ = খ] অস-ক্রি, দেখিয়া। প্র—"বিনি যে পরখি রূপ যে দরখি ভুলিনু পরের বোলে।"—চণ্ডীদাস।

দরগা, দর্গা (র্) [ফা—দর্গাহ] বি, মুসলমানদিগের ধর্ম্মমন্দির ; মস্জিদ। ২। সমাধি মন্দির ; কবরস্থান। ৩। পীরের আস্তানা।

দরজা [ফা—দর্বাজহ্] বি, দ্বার দ্রঃ। ২। কবাট।

দরজী (দোর্জি) [ফা—দর্জী] বি, যাহারা ছুঁচের কাজ করিয়া জীবিকা নির্ব্বাহ করে ; খলিফা, সূচীজীবী। প্র—"কাটিয়া কাপড় জোড়ে দরজির ঘটা।"—কবিক।

দরণ, দরনি (ন্) [দর দ্রঃ] বি, ধস ভঙ্গ হওন ; ধসিয়া পড়ন ; গলন। ক্রি, দরা। দরে পড়া—নদ্যাদির ধস ভাঙ্গিয়া পড়া। ২। মাংস পচিয়া গলিয়া পড়া। প্র—সে খোস পাঁচড়ায় দরে পড়েছে।

দরদ (দ্) [দৄ (বিদীর্ণ হওয়া) + অদ্ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, পর্ব্বতের উচ্চতম স্থান। ২। পর্ব্বত। ৩। প্রপাত। ৪। ম্লেচ্ছ জাতিবিশেষ। ৫। [কর্ম্মে—অদ] হৃদয়। ৬। নদ্যাদির উপকূল ; তীর। ৭। পুং, কাশ্মীর সন্নিহিত ম্লেচ্ছদেশবিশেষ ; বর্ত্তমান দর্দ্দিস্থান। ৮। ভয়। ৯। বিণ, ভয়প্রদ। স্ত্রী, দরদা—ভয়দা। প্র—"ও কেরে মন মোহিনী। বামা সমরে বরদা অসুর দরদা নিকটে প্রমোদা প্রমাদ গণি॥"—রামপ্রসাদ।

দরদ (দ্) [ফা—দর্দ্] বি, হৃদয়বেদনা ; ব্যথা ; দুঃখ। প্র—"বিরহ বেদন না জানে আপন দরদের দরদী নয়।"—চণ্ডীদাস। ২। মায়া ; মমতা। প্র—"তাঁদের কি আপনার প্রাণে দরদ নাই না আমাদের প্রাণে দরদ নাই।"—সীতারাম (বঙ্কিম)।

দরদর (র্, র্) [দর্ (দ্রঃ) + দর্ (প্রবাহ অর্থে দ্বিত্ব)] বি, প্রবাহ ; ক্ষরণ ; স্রাব। ২। টপ্ টপ্ করিয়া পড়া। বিণ, দরদরিত—অজস্র। প্র—'মালতীর চক্ষু দিয়া দরদরিত ধারায় অশ্রু প্রবাহিত হইতে লাগিল।"—বিমলা (দামোদর)।

দরদালান (র্‌, ন্‌) [ফা—দর্‌=অন্দর, ভিতর —দালান্‌ ফা—দালান্‌—দর্‌-দালান্‌] বি, জোড়া দালান : ঘর ও বাহিরের দালানের মধ্যস্থ দালান অর্থাৎ গৃহ সংযুক্ত ঘেরা দালান বা লম্বা গৃহ।

দরদী (দোর্‌দি) [ফা—দর্‌দ্‌—অনুকম্পা] বিণ, ব্যথার ব্যথিক : হৃদয়বান্‌ : মর্ম্মী। প্র—"বিরহ বেদন না জানে আপন দরদের দরদী নয়।"—চণ্ডীদাস।

দরপণ (ন্‌) [সং—দর্পণ—পদ্যে কোমলরূপ —দরপণ ; ব্রজ, দরপাণি] বি, দর্পণ : আর্‌সি। প্র—"মরকত দরপণ হেরইতে হাম।"—বিদ্যাপতি।

দরপত্তনী (দর্‌পত্তোনি) [ফা] বি, পত্তনী-দারের অধীন পত্তনী।

দরপরদা (দর্‌পর্দা) [ফা—দর্‌=ভিতর+পর্‌দা (আবরণ)] অ, অন্তরালে : গোপনে : লুকাইয়া।

দরপাট্টা (র্‌) [ফা। আদা: পরি:] বিণ, পাট্টাদারের নিকট হইতে পাট্টা গ্রহণকারী।

দরপেশ (র্‌, শ্‌) [ফা—দর্‌পেশ্‌] বিণ, যাহা আদালতে দাখিল করা হইয়াছে : বিচারাধীন।

দরব [সং—দ্রব্য, বা দ্রব হইতে ব্রজবুলিতে—দরব] বি, দ্রব্য। ২। দ্রব। ক্রি, দরবা —দ্রব হওয়া। দরবে—দ্রব হয়। দরবয়ে —দ্রব হয় : গলিয়া যায়। প্র—"পর সঙ্গে নাম শুনি দরবয়ে হিয়া।"—চণ্ডীদাস। "শুনইতে কানুক দরবয়ে চিত।"—বলরামদাস। "পাষাণ দরবে"—ধর্ম্মমঙ্গল। "এ তিন ভুবনে হেন কোন জনে শুনি না দরবে চিত।"—চণ্ডীদাস।

দরবস্তহকুক (দর্‌বস্তহোকুক্‌) [ফা—দরবস্ত —হক্‌ক্‌ (হকীক্‌—হক্‌=স্বত্ব)] বি, সমগ্র স্বত্বাধিকার।

দরবার (র্‌, র্‌) [ফা] বি, সভা। প্র—"অপরূপ দেখিনু বিদ্যার দরবার।"—ভারতচন্দ্র। ২। আদালত : বিচারস্থান ; কাছারী : রাজসভা। প্র—"ঠক ভরা দরবার ছলে লয় ঘর দ্বার।"—ভারতচন্দ্র।

দরবেশ (র্‌, শ্‌) [ফা—দর=দ্বার+আবেশ্‌—জ্‌ (দরবেজা=ভিক্ষাবৃত্তি)=ঝুলান—যাহার জন্য দ্বার হইতে কিছু ঝুলান হয় (গৃহস্থ কর্ত্তৃক ভিখারীদের জন্য গৃহ দ্বারে ভিক্ষাদ্রব্য ঝুলাইয়া রাখার প্রথা হইতে) অথবা যাহারা দ্বারে আসিয়া ঝোলে=প্রার্থনা করে (তুল—ইং—hangers-on : তুল—গলগ্রহ] বি, ভিক্ষুক : ফকীর।

দরমা (র্‌) [তুল—হি—দর্‌মা ; দর্‌=দৃঢ়= কড়া বলিয়া ?] বি, নলকাঠির আসন ; চাঁচ।

দরমাহা (র্‌) [ফা—দর্‌মহ্‌] বি, মাসিক বৃত্তি : মাহিআনা। দর্‌মাহাদার্‌—মাসিক বেতনভোগী।

দরশ (শ্‌) [সং—দৃশ—দর্শ—দরশ। ব্রজ—দরশ] বি, দর্শন। প্র—"শ্যাম দরশ ধনী কেল"—বিদ্যাপতি। "দরশ বাঢ়ায়া পরশ মাগে।"—চণ্ডীদাস।

দরশন (ন্‌) [দরশ দ্রঃ। দর্শন শব্দের পদ্যে কোমলরূপ] বি, দর্শন। প্র—"দুহুঁ দোঁহা দরশনে রসহুঁ পসারল"—বিদ্যাপতি।

দরশলু [ব্রজ। দর্শান দ্রঃ] ক্রি, দর্শন করাইল ; দর্শাইল ; দেখাইল। প্র—"তেজি দরশলু কুচ যোরা"—বিদ্যাপতি।

দরশান (নো) [ব্রজ। দরশ (দ্রঃ)+আন (ক্রি-বিভক্তি)]। উ-পু—দরশাই। ম-পু—দরশাও। প্র-পু—দরশায়। অস-ক্রি—দরশাইতে ; দরশায়ি ; দরশি] ক্রি, দর্শন করান : দর্শান : দেখান। প্র—"আদর গেও দরশাই।"—বিদ্যাপতি। "থোর থোর দরশায়—বিদ্যাপতি। "তাহে হৃদয় দরশি থোরি"—ঐ।

দরশায়নু [ব্রজ। দরশান দ্রঃ] ক্রি, দেখাইলাম। প্র—"নয়নে বারি দরশয়ানু রোই"—বিদ্যাপতি।

দরশায়বি [ব্রজ। দরশান দ্রঃ] বি, দেখাইবি। প্র—"ঝাঁপবি কুচ দরশায়বি কন্দ" —বিদ্যাপতি।

দরহাম, দারহাম (র্‌ম্‌) [আ—দর্‌হম্‌—ফা—দরম্‌ হইতে] বি, রৌপ্যমুদ্রাবিশেষ।

দরা—বিণ, জীর্ণ : গলিত।

দরা [দরা (দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি)] ক্রি, গলা : ধসা : জীর্ণ হওয়া। ণিজন্ত—দরান (নো) গলান : বিগলিত করা। ২। দয়ার্দ্র করা। প্র—"সর্ব্বকাল দেবী পূজে ভূপতির বালা। দরাতে না পারে কারে দিব বরমালা॥"—ধর্ম্মমঙ্গল।

দরাজ (জ্‌) [ফা—দরাড়্‌] বিণ, লম্বা : বিস্তৃত। ২। উদার। ৩। মুক্ত ; খরচিয়া : খরচে। প্র—"নীরে সামলে সুমলে টেনে রাখ্‌তে চায়, আর ঠাকুরপোর দরাজ হাত।" —গৃহলক্ষ্মী।

দরাণি [দরণ দ্রঃ] বি, গলন। ২। গলিত বস্তুর ধারা পতন : ঝরাণি। ৩। অশ্রুপ্রবাহ।

দরি (দোরি) [দরী দ্রঃ। দর+ই—স্ত্রী] বি, স্ত্রী, গিরিগুহা : পর্ব্বত-কন্দর। প্র—"সিংহ মুখ যেন দরী, নখর প্রখর ছুরী, গোঁফ-ছুটা লেগেছে শ্রবণে॥"—কবিকঙ্কণ।

দরিদ্র (দোরিদ্দ্রো) [দরিদ্রা (নির্ধন হওয়া)+অ (কর্ত্তৃ—ক)] বিণ, দীন : ধনহীন : কাঙ্গাল। ২। বিহীন [বিরল] [দ্রঃ—প্রা, দরিদ্দ, দরিদ্দির, দলিদ্দির। তুল—হি দলিদ্দর্‌, প্রাকৃ—দলিদ্দ। প্র—"দরিদ্দকে ধন দেন তরাজু ধরিঞা।"—শূন্যপুরাণ]।

দরিদ্রিত (দো) [দরিদ্রা (নির্ধন হওয়া) +ত(কর্ত্তৃ—ক্ত)] বিণ, নির্ধনীকৃত।

দরিয়া (দো) [ফা—দর্‌ইয়া] বি, সাগর ; সমুদ্র। প্র—"নৌকাতে চড়াঞা দরিয়াতে লৈঞা ছাড়য়ে অগাধ জলে।"—চণ্ডীদাস। প্র—"দিনে দিনে দ্বিগুণ দরিয়া ভাঙ্গে আড়া"—ঘনরাম। ২। নদী। প্র—"বরিষার ছত্র পিয়া দরিয়ার না"—বিদ্যাপতি।

দরিয়াপ্ত (দো) [ফা—দরিআফ্‌ৎ] বি, অনুসন্ধান। ২। প্রশ্ন। ৩। বিবেচনা।

দরী (দোরি) [দর+ঈ (স্ত্রী)। দরি দ্রঃ] বি, গিরিগুহা। প্র—"সিংহ মুখ যেন দরী নখ যেন তীক্ষ্ণ ছুরী, ছুটা গোঁপ লাগিল শ্রবণে।" —কবিকঙ্কণ। ২। কুৎসিতা স্ত্রী। ৩। [হি—দরী] পাতিয়া বসিবার, মোটা সুতার বিচিত্র বস্ত্র : শতরঞ্চি।

দরুণ (দোরুন্‌) [ফা—দরুন্‌= সম্বন্ধিত] অ, কারণ : নিমিত্ত : হেতু : বাবদ।

দরোবস্ত [ফা—দর্‌—ও—বস্ত্‌] বিণ, মোট ; সমগ্র। ২। ক্রি-বিণ, সম্পূর্ণরূপে।

দরোয়ান (ন্‌) [দরওয়ান্‌ দ্রঃ] বি, দ্বাররক্ষক। প্র—"সম্পদ শেঠের গৃহে চৌবে দরোয়ান"—অশোকগুচ্ছ।

দর্জ্জী (দো) [ফা] দরজী দ্রঃ।

দর্দ্দুর (দোর্দ্দুর্‌) [দৃ (ভীত হওয়া)+উর (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) পদ্যে দাদুর] বি, পুং, মণ্ডূক ; ভেক। ২। [দর্দ্দ্‌ (অনুকরণ শব্দ)+র (অস্ত্যর্থে)] মেঘ [বিরল]। ৩। আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ। ৪। দক্ষিণা-পথের পর্ব্বতবিশেষ। ৫। রাক্ষসবিশেষ। স্ত্রী, দর্দ্দুরা—চণ্ডিকা : দুর্গা।

দর্দ্রু, দর্দ্রূ (দো) বি, পুং, দদ্রু দ্রঃ।

দর্প [দৃপ্‌ (অহঙ্কৃত হওয়া)+অ (ভাবে—অল্‌)] বি, পুং, দম্ভ ; অহঙ্কার। ২। তাপ : দাপ।

দর্পক (ক্‌) [দৃপ্‌+ণিচ্‌=দর্পি (দীপ্তকরান) +অক (কর্ত্তৃ)] বি, পুং, মদন : কামদেব। ২। বিণ, উদ্দীপক ; উত্তেজক।

দর্পণ (ন্‌) [দৃপ্‌ (দীপ্ত করা)+অন (কর্ত্তৃ —সংজ্ঞার্থে) পদ্যে কোমলরূপ, দরপণ। প্রা —দপ্পণ] বি, পুং, মুকুর ; আর্শি। ২। ক্লী, চক্ষুঃ।

দর্পহা [দর্প (গর্ব্ব) হা (যে নাশ করে)] বিণ, দর্পহারী ; গর্ব্বনাশক। ২। বি, বিষ্ণু।

দর্পহারী [দর্প—হারী (যে হরণ করে, নাশ করে)—উপপদ] ভগবান্‌ ; বিষ্ণু। প্র—দর্পহারী মধুসূদন। "আছেন হরি দর্পহারী কাহারও দর্প রাখেন না।"—দাশরথি।

দর্পী (দোর্পি) [দর্প+ইন্ (অস্ত্যর্থে)= দর্পিন্ ১মা, ১ব] বিণ, দাম্ভিক ; গর্ব্বী ; অহঙ্কৃত। প্র—"অতি দর্পী ঝটিকায় পরাস্ত মেনেছে রায়, হেন বৃক্ষশাখা কত ভাঙ্গিয়াছ তুমি।"—পদ্যপাঠ (৩য় ভাগ)।

দর্ব্বি, দর্ব্বী (দোর্বি) [দৃ (বিদীর্ণ হওয়া) +বি (করণে—সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, সর্পের ফণা। ২। কাঠের হাতা ; তাড়ু। ৩। হাতা ; বৃহৎ চামচা।

দর্ব্বিকা (দোর্বিকা) [দর্ব্বি+ক (স্বার্থে) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, হাতা। প্র—"করস্থ রত্ন-দর্ব্বিকা সুপান পাত্র শর্ম্মদে।"—অন্নদামঙ্গল।

দর্ভ [দৃন্‌ভ (গ্রন্থন করা) +অ (কর্ত্তৃ—ঘঞ্)] বি, পুং, তৃণ ; কুশ (কাশ, তীক্ষ্ণ, রোমশ, মৌঞ্জ, বল্বজ ও শাদ্বল এই ছয় প্রকার)। প্র—"পাইয়া ধরণী গর্ভ তাহাতে হইল দর্ভ মথ-বিঘ্ন নাশে সেই কুশে।"—কবিক।

দর্ভময় (য়) [দর্ভ+ময় (ময়ট্)] বিণ, কুশ নির্ম্মিত। ২। কুশব্যাপ্ত।

দর্শ [দৃশ্ (দর্শন করা) +অ (অধি—অল্)] বি, পুং, অমাবস্যা। ২। যাগবিশেষ। ৩। [ভাবে—অল্] দর্শন। ৪। বিণ, দ্রষ্টা।

দর্শক (ক্) [দৃশ্ (দেখা) +অক (কর্ত্তৃ) বিণ, যে দর্শন করে : দৃষ্টিকর্ত্তা ; দর্শনকারী। ২। [দর্শি (দেখান) +অক (কর্ত্তৃ)] যে দেখায় : প্রদর্শনকারী। ৩। তত্ত্বাবধায়ক।

দর্শন (ন্) [দৃশ্ (দেখা) +অন (অনট্—ভাবে)] বি, দৃষ্টি। ২। জ্ঞান। প্র—বঙ্গদর্শন। ৩। [করণে—অনট্] চক্ষু। ৪। দর্পণ। ৫। মনস্তত্ত্ব বিদ্যা : ষড়দর্শন ; (সাঙ্খ্য, পাতঞ্জল, ন্যায়, বৈশেষিক, মীমাংসা ও বেদান্ত) : philosophy. ৬। [কর্ম্মে —অনট্] আকৃতি। ৭। স্বপ্ন। ৮। ধর্ম্ম। ৯। কুণ্ডল ভেদ : যোগীরা যাহা কাণে পরে। প্র—"ইহারা যোগী, এইজন্য কন্‌ফট্ যোগীদের মত কর্ণযুগলে এইরূপ দর্শন অর্থাৎ কুণ্ডল পরিয়া থাকে।"—অক্ষয় দত্ত, উ, স। **বহু দর্শন, ভূয়োদর্শন**—অভিজ্ঞতা।

দর্শনপ্রতিভূ (ন্, প্রো) [দর্শনের জন্য প্রতিভূ (জামিন) ৪তৎ] বি, পুং, হাজির জামিন (জামিন দ্রঃ)।

দর্শনী (দর্শোনি) [গ্রা—দর্শ্‌নি। দর্শন+ঈ] বি, দেবাদি দর্শন করিবার জন্য দেয় অর্থ ; প্রণামী। ২। চিকিৎসক প্রভৃতিকে নাড়ি দেখাইবার বা রোগ দেখাইবার বেতন : ভিজিট। ৩। পারিশ্রমিক ; বেতন।

দর্শনীয় [দৃশ্ +অনীয় (কর্ম্মে] বিণ, দেখিবার উপযুক্ত ; যাহা দেখা আবশ্যক ; দর্শনযোগ্য। ২। সুদৃশ্য ; সুন্দর। ৩। দৃষ্টিগোচর ; যাহা দেখিতে পাওয়া যায়।

দর্শয়িতা [দৃশ্ +ণিচ্ =দর্শি (দেখান) +তৃ (কর্ত্তৃ—তৃচ্) =দর্শয়িতৃ ১মা, ১ব] বিণ, প্রকাশক। ২। প্রদর্শক।

দর্শা [দরশা দ্রঃ। দৃশ—দর্শ+আ (ক্রি-বিভক্তি)। উ-পু—দর্শি। ম-পু—দর্শ। প্র-পু—দর্শে। অস-ক্রি—দর্শিতে ; দর্শিয়া ; দর্শি (পদ্যে), দর্শে। ণিজন্ত—দর্শান] ক্রি, দেখা ; দর্শন করা।

দর্শান (নো) [দর্শা দ্রঃ। উ-পু—দর্শাই। ম-পু—দর্শাও। প্র-পু—দর্শায়। অস-ক্রি—দর্শাইতে ; দর্শাইয়া] ক্রি, দর্শন করান ; দেখান। ২। [প্রাদে] বর ও কন্যাকে আশীর্ব্বাদ করিয়া বিবাহের কথা পাকা করা।

দর্শিত (দো) [দৃশ্ +ণিচ্ =দর্শি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা দেখান হইয়াছে। ২। প্রকাশিত।

দর্শী (দো) [দৃশ্ +ইন্ (কর্ত্তৃ—ণিন্)= দর্শিন্ ১মা, ১ব] বিণ, যে দর্শন করে ; দ্রষ্টা : যাহার দেখিবার শক্তি আছে। [ইহার স্বতন্ত্র ব্যবহার বড় নাই ; অন্য শব্দের পর প্রযুক্ত হয়। যথা—বহুদর্শী : তত্ত্বদর্শী : দূর-দর্শী প্রভৃতি]।

দল (ল্) [দল্ (ভেদ, বিকাশ পাওয়া) +অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, ক্লী, পত্র ; পাতা। ২। পাইন দিবার জন্য দস্তার পাত। ৩। ফুলের পাপ্‌ড়ি। প্র—"দেখলো কমল-দলে ভ্রমরা বসিল ওই॥"—গিরিশ। ৪। [অল্—করণে] অস্ত্রাদির কিনারা বা স্পন্দিক ; অস্ত্রফলক। ৫। সমূহ : পাল ঝাঁক। ৬। সম্প্রদায়। প্র—ডাকাতের দল। ৭। জোট। প্র—তাহারা সকলে দলবাঁধিয়া গিয়াছে। ৮। [ভাবে—অল্] দখল। ৯। বেধ। প্র—তক্তাখানা যেন দলে পুরু হয়। ১০। একপ্রকার জলজ তৃণ। (২) ঝাঁজি। **দল বাঁধা**—জোট বাঁধা ; দলবদ্ধ হওয়া। **দল ছাড়া**—শ্রেণী হইতে পৃথক ; বৈলক্ষণ্যযুক্ত। **দল পাকান**—দলবাঁধা দ্রঃ। **দলবল**—গোষ্ঠীবর্গ। ২। স্বসৈন্যদল ; অনুচরবর্গ। **দলদলে**—বহু দলে ; পৃথক পৃথক শ্রেণীবদ্ধ ভাবে ; ঝাঁকে ঝাঁকে : পালে পালে।

দলক (ক্) [হি—দল্‌দল্ =জলকাদা] বি, অবিরত বৃষ্টিপাত। প্র—"তিনদলকে জ্যৈষ্ঠ-কামাই"—প্রবাদ। ২। বিণ, পঙ্কিল ; কাদাযুক্ত। ৩। ডেলা : গোলা। প্র—"এ ক্ষীর মোদক চিনীক দলক কে তোর আঁচরে দেল।"—জ্ঞানদাস। ৪। [ঝলক অর্থে দলক] ঝলক : চমক।

দলকচু (ল্, কো) বি, কচুবিশেষ। ২। ধান্য-বিশেষ ; জল না হইলেও ইহার বিশেষ ক্ষতি হয় না। প্র—"দলকচু ওড়কচু ঘিকলা পাতরা।"—অন্নদামঙ্গল।

দলকান (ল্, নো) [দলক দ্রঃ। ঝলক=দলক +আন (ক্রি-বিভক্তি)] ক্রি, ঝলকিত হওয়া ; চম্‌কান ; ঝল্‌পান। প্র—"পলকে পলকে দামিনী দলকে চমকে যুবক প্রাণ।"—কাঞ্চীকাবেরী।

দলদলে (দল্‌দোলে) [হি—দল্‌দল্] বিণ, পঙ্কিল : পাতলা কাদাযুক্ত। ২। [বড় বস্তু-পক্ষে, ক্ষুদ্রপক্ষে তলতলে] কাদার মত কোমল। ৩। [ভারি দেহ পক্ষে। অল্পার্থে ঢুলঢুলে] দোলায়িত ; ঈষৎ আন্দোলনযুক্ত।

দলন (ন্) [দল্+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মলন ; মর্দ্দন। ২। শাসন। ৩। পিষ্ট-করণ ; নিষ্পীড়ন। স্ত্রী, **দলনী**—বি, লোষ্ট্র ; ঢিল : ডেলা। ২। বিণ, দলনকারিণী মর্দ্দিনী। প্র—দানবদলনী। **দলন-মলন**—অশ্বের অঙ্গডলন ও মর্দ্দন।

দলপিপী (ল্) [শব্দাত্মক, কণ্ঠরব হইতে, দলবদ্ধ হইয়া পিঁ পিঁ করে] বি, জলচর পক্ষী-বিশেষ ; জলপিপী.

দলমল (ল্, ল) [দলন ও মলনের ভাব সহ আন্দোলন। টল্‌মল্ দ্রঃ] বিণ, দোলায়মান : টলমল ; টলমলায়মান। প্র—"ধবল অস্থির মালা গলে দলমল।"—প্রেম ও ফুল।

দলম্মল [দল্‌মল্ দ্রঃ] বিণ, দোদুল্যমান। প্র—'দলম্মল দলম্মল গলে মুণ্ডমালা।"—অন্নদামঙ্গল।

দলা [দল্ (মর্দ্দনে)] উ-পু—দলি। ম-পু—দল : দলুন (দো) ; দল্। প্র-পু—দলে ; দলেন। অস-ক্রি—দলিতে ; দলিয়া, দলি (পদ্যে), দলে (দো)। ণিজন্ত—দলান] ক্রি, দলন করা ; মর্দ্দন করা ; মাড়ামাড়ি করা ; পদদলিত করা। প্র—"দেবদল দলে গগনতল"—মেঘনাদ।

দলাগুড়ি [প্রাদে] বি, ধান্যভেদ। প্র—"পর্ব্বত-জিরা গন্ধতুলসী আর দলাগুড়ি।"—শূন্যপুরাণ।

দলাদল, দলাদলি (দল্—দোলি) [দল দ্রঃ] বি, পরস্পর দল বাঁধিয়া বিপক্ষতাচরণ ; বিরোধ ; দ্বন্দ্ব : ভেদ। ২। পৃথক্‌ভাব।

দলান (নো) [দলা দ্রঃ] বি, দলন করান ; মর্দ্দন করান।

দলি (দোলি) [দল্ (হলাদিদ্বারা ভেদ করা) +ই (কর্ম্মে—সংজ্ঞার্থে)] বি, পুং, স্ত্রী, ঢিল ; ছোট ডেলা। প্র—"দৃঢ় করি ঢেলে জলে দিতে হৈল দলি।"—শিবায়ন।

দলিজ, দলুজ (জ্) [ফা—দহ্‌লীজ্] বি, বৈঠকখানা। ২। বারাণ্ডা ; ঘরের দাওয়া। প্র— "দলুজে বসিয়া দুঃখ ভাবে মহামদ। কোন যুদ্ধে ভাগিনা বধিব দুরাসদ॥"—ঘনরাম।

৩। চণ্ডীমণ্ডপের ন্যায় মণ্ডপ। ৪। বাটীর সদর দরজার পার্শ্বস্থ বসিবার স্থান। ৫। দরবার। প্র—"দলুজে বসিছে মাত্র"—ধর্ম্মমঙ্গল।

দলিত (দো) [দল্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহাকে দলন করা হইয়াছে; মর্দ্দিত; নিষ্পীড়িত। ২। পিষ্ট; চূর্ণিত। ৩। বিভক্ত (তুল—দাইল)। ৪। শাসিত; উৎপীড়িত। ৫। উদ্ঘাটিত। ৬। [কর্ত্তৃ—ক্ত] বিণ. বিকশিত; প্রস্ফুটিত।

দলিল, দলীল (দোলিল্) [আ—দলীল্] বি. কোন বিষয়ের লিখিত প্রমাণ; document. ২। তর্ক। **দলীলদস্তাবেজ**—লিখিত প্রমাণস্বরূপ কাগজপত্র। **দলীল-দাতা**—যে প্রমাণ প্রদর্শন করে। **দলীল পেশ করা**—আপত্তি উত্থাপন করা। **দলীল বন্ধ করা**—আপত্তি রহিত করা; জেরা বন্ধ করা। **দলীলী প্রমাণ**—লিখিত কাগজপত্রের প্রমাণ।

দলুজ (দোলুজ্) [দলিজ দ্রঃ] বি. দরবার গৃহ। প্র—প্রাণনাথে দেখ যেয়ে নয়ন ভরিয়া। দলুজ দুয়ারে রাজা আছে দাঁড়াইয়া॥"—ধর্ম্মমঙ্গল।

দলুয়া, দ'লো (দো) [দল+উয়া] বি. লালাভ চিনি; কাঁচা গুড় শৈবাল দিয়া শুকাইয়া যে চিনি করা হয়; শর্করা।

দশ (শ্) [দন্শ্ (দীপ্তি—প্রকাশ পাওয়া) +অন্ (কন্)=দশন্ ১মা, বহু-ব, ন্—লোপ] বিণ. ১০; দশ সংখ্যা। ২। বহু। প্র—দশ জনে যাহা বলে। ৩। লোকসমূহ; জনসাধারণ। প্র—"আমি দশের চোখে ধূলো দিয়ে কি না ভাবি আর কি না করি"—রজনী সেন। **দশবিশ**—দশ ও বিশ সংখ্যার মধ্যে। ২। অল্প বিস্তর। প্র—দশবিশজন লোক থাকিবে। **দশচক্র**—চক্র দ্রঃ। **দশ-পঁচিশ**—কড়িখেলাবিশেষ। প্র—"খেলে দশপঁচিশ ছকড়া লয়ে কড়ি।"—শিবায়ন। **দশশালাবন্দোবস্ত**—লর্ড কর্ণওয়ালিস জমিদারগণের সহিত যে দশ বৎসরের মেয়াদে জমির বন্দোবস্ত করিয়া দিয়াছিলেন; permanent settlement of Bengal. প্রা-বাং-য় দশ স্থানে দস। প্র—"করহ ইহা হরিচন্দ্র মানুস পাঠাও জন দস।"—শূন্যপুরাণ। **দসবিস**—দশবিশ। প্র—"বলিষ্ঠ হইলে বড় দসবিস হয়্যা জড় সদ্ধর্ম্মিরে করএ বিনাশ।"—শূন্যপুরাণ।

দশক (ক্) [দশন্+ক (পরিমাণার্থে)] বি. ক্লী. দশ সংখ্যা; ১০। ২। একাধিক অঙ্কের দক্ষিণদিক্ হইতে বামের দ্বিতীয় অঙ্ক।

দশকণ্ঠ, দশকন্ধর [দশন্=দশ হইয়াছে কণ্ঠ—কন্ধর যাহার, বহু] বি. পুং. দশস্কন্ধ; দশগ্রীব; দশানন; রাবণ

দশকর্ম্ম [দশন্=দশ-যে কর্ম্মন্=কর্ম্ম—কর্ম্মধা] বি. ক্লী. আর্য্যদিগের অনুষ্ঠেয় গর্ভাধানাদি দশ প্রকার সংস্কার।

দশকর্ম্মান্বিত [দশকর্ম্ম+অন্বিত] বিণ. যিনি দশবিধ সংস্কার ক্রিয়ায় সিদ্ধ বা অভিজ্ঞ।

দশকিয়া [দশক (দ্রঃ)+ইয়া] বি. যে গণিতে দশকের হিসাব আছে; দশক ঘটিত গণিত।

দশকুশী, দশকোশী (শ্) [দশ—ক্রোশ +ঈ (অস্ত্যর্থে)—যাহাতে দশ ক্রোশ আছে অর্থাৎ দশ ক্রোশ পরিমাণ] বি. দশ ক্রোশের পথ। প্র—ঘুড়ি ঘোড়া দৌড় কুচে, দিনেতে দশকুশী মারে।"—রামপ্রসাদ।

দশগ্রামী (শ্) [দশগ্রাম+ইন্ (অস্ত্যর্থে) =দশগ্রামিন্ ১মা, ১ব] বি. পুং. যে দশখানি গ্রামের অধিকারী।

দশচক্র (—চক্‌ক্র) [চক্র দ্রঃ। দশ জনের চক্র —ভেদ] বি. ষড়যন্ত্র। প্র—"দশচক্রে ভগবান্ ভূত"—প্রবচন।

দশদশা (দশ্-) [দশ+দশা] বি. দশবিধ অবস্থা। দশা দ্রঃ।

দশদিক্—বি. উত্তর, দক্ষিণ, পূর্ব্ব, পশ্চিম, ঈশানকোণ, অগ্নিকোণ, বায়ুকোণ, নৈর্ঋত কোণ, উর্দ্ধদিক, অধোদিক।

দশদিশ (শ্, শ্) [দশ- দিশ] বি. দশদিক্। প্র—"চকিত নয়নে ঘন দশ দিশ চাই।"—কবিশেখর। "বাসনার বশে মন অবিরত ধায় দশদিকে পাগলের মত"—রবীন্দ্র।

দশধা [দশ+ধা (প্রকারার্থে)] অ. দশ প্রকার। ২। দশবার।

দশন (ন্) [দন্শ্ (দংশন করা)+অনট্ (করণে) যাহাদ্বারা দংশন করে] বি. পুং. দন্ত। প্র—"ক্ষণে ক্ষণে দশন ছটাছট হাস। ক্ষণে ক্ষণে অধর আগে করু বাস॥"—বিদ্যাপতি। "দশনে রসনা কাটি গুড়ি গুড়ি যায়। আই আই কি লাজ কি লাজ হায় হায়॥"—অন্নদামঙ্গল। ২। পর্ব্বতের অগ্রভাগ। ৩। [ভাবে—অনট্] দংশন। ৪। পল পরিমাণ। প্র—"দশন পোনের তৈল লাগে"—ঘনরাম।

দশনবাস (ন্, শ্) [প্রা-বাং। অপ্র] বি. দশনের আচ্ছাদন; ওষ্ঠ; ঠোঁট। প্র—অরুণ বরণ দশন বাস। বাঁধুলি ফুলের গরব নাশ॥"—চণ্ডীদাস। **দশবল** (ল্) বি. তথাগত; বুদ্ধ। প্র—"হিংসাধর্ম্মে ঘোর বৈর, হেথায় ভূপতি ঐর রাজ্য করে বল দশ-বল"—কাঞ্চীকাবেরী।

দশবাইচণ্ডী (দশ্‌বাইচোন্ডী) [দশ+বাই (বাহু) চণ্ডী (দুর্গা—কোপনা—উগ্রা নারী)] বি. স্ত্রী. মহিষমর্দ্দিনী; দশভুজা দুর্গা। ২। অতি কোপনা মারমুখী নারী; রণচণ্ডী।

দশবার্ষিক (ক্) [দশবর্ষ+ইক (ভবার্থে—ষ্ণিক)] বিণ. দশবর্ষে নিষ্পাদ্য; প্রতি দশ-বর্ষান্তর প্রকাশ্য।

দশবিধ [দশ—বিধা (প্রকার) যাহার, বহু] বিণ. দশপ্রকার।

দশভুজা [দশ সংখ্যক ভুজ যাহার, বহু] বি. স্ত্রী. দুর্গাদেবী। **কোন কালে নাই ষষ্ঠীপূজা একেবারে দশভুজা**—ষষ্ঠী-পূজার ন্যায় সাধারণ ও সামান্য ব্যয়সাধ্য পূজা যে করে নাই তাহার পক্ষে সর্ব্ব পূজার শ্রেষ্ঠ দুর্গাপূজা বিসদৃশ, বিস্ময়কর ও অসম্ভব; কৃপণের বৃহৎ ক্রিয়াকর্ম্ম।

দশম (ম্) [দশন্+মট্ (পূরণার্থে)] বিণ. দশের পূরক।

দশমন্যায় (য়্) বি. দশজন লোক একত্র হইয়া দেশান্তরে যাইতে ছিল এমন সময় একটী নদী পার হইয়া তাহারা আপনাদিগকে গণনা করিয়া দেখিল যে দশজন আছে কি না, কিন্তু, যিনিই গণনা করেন তিনিই নিজেকে না ধরিয়া নয়জন গণনা করেন এই ব্যাপার দেখিয়া একজন আপ্তদর্শী উঁহাদিগকে বিশেষ করিয়া বুঝাইয়া দিলেন যে, ইঁহার মধ্যে দশম ব্যক্তিও আছে। তদ্রূপ বিশ্বাত্মা পরমেশ্বর সর্ব্বঘটে বিরাজ করিলেও তাঁহাকে লোকে বিস্মৃত হয় কিন্তু আত্মদর্শী বেদান্তবাক্যোপদেশ দ্বারা বিশ্বাত্মার সাক্ষাৎকার করেন।

দশমহাবিদ্যা—বি. স্ত্রী. মহাশক্তির দশমূর্ত্তি। কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা বা রাজরাজেশ্বরী।

দশমাবতার (র্) [দশম (দশসংখ্যাপূরক যে অবতার—কর্ম্মধা] বি. পুং. কল্কী অবতার।

দশমিক (ক্) [দশম+ইক্)] বিণ. অখণ্ড রাশির দশাংশের এক অংশ; দশগুণোত্তর গণিত; decimal. **দশমিক ভগ্নাংশ**—decimal fraction.

দশমী [দশম+ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. চন্দ্রের দশম কলার হ্রাসবৃদ্ধিজনিত তিথি। ২। জীবনের শেষ দশা। **দশমী দশা**—মৃত্যু। প্র—"কেবল দশমী দশা বিধি সিরজিল"—বিদ্যাপতি।

দশমীস্থ [দশমী (শেষ দশা) স্থ (যে থাকে)] বিণ. বৃদ্ধ।

দশরথ (থ্) [দশ (দশদিকে) রথ যায় যাহার, বহু] বি. পুং. শ্রীরামের পিতা।

দশরূপক (ক্) বি. ক্লী. অলঙ্কার গ্রন্থ-বিশেষ।

দশশত (শ্) [দশ (দশ গুণিত) যে শত, কর্ম্মধা] বি. ক্লী. এক সহস্র।

দশসনা (দশ্‌শনা) [দশ—সন (বর্ষ) বয়স যাহার, বহু] বিণ. দশসমা দ্রঃ।

দশসমা (দশ্‌সমা) [দশ (দশসংখ্যা পরিমিত) সম (বর্ষ) বয়ঃ যাহার—বহু] বিণ, দশবর্ষবয়স্কা। প্র—"না বুঝাল কেহ তোমা সুতা হৈল দশসমা তথাচ না কৈলে কন্যাদান।"—কবিক।

দশহরা [প্রা—দশরা। দশন্‌=দশ (দশবিধ পাপ) হৃ (হরণ করা) + অ (কর্ত্তৃ—অচ্‌) আপ্‌—স্ত্রী] বি, স্ত্রী, গঙ্গার পূজাপার্ব্বণ : জ্যৈষ্ঠমাসীয় শুক্লদশমী ; গঙ্গার মর্ত্ত্যে আগমন দিন। [দশবিধ পাপ—যথা, পরদারগমন, অদত্ত বস্তুর গ্রহণ, অবৈধ হিংসা (ত্রিবিধ কায়িক), নিষ্ঠুর ব্যবহার, মিথ্যাকথন, ক্রূরতা, অসংবদ্ধ প্রলাপ (চতুর্ব্বিধ বাচনিক), অন্যের বস্তু গ্রহণে ইচ্ছা, পরের অনিষ্ট চিন্তা, মিথ্যা-বিষয়ে অভিনিবেশ (ত্রিবিধ মানসিক)।

দশা [সং] বি, স্ত্রী, বস্ত্রপ্রান্ত ; দশী। ২। শলিতা। ৩। ভাব ; অবস্থা। ৪। দশবিধ কামজ দশা (অভিলাষ, চিন্তা, স্মৃতি, গুণ-কথন, উদ্বেগ, প্রলাপ, উন্মাদ, ব্যাধি, জড়তা ও মরণ)। ৫। অদৃষ্ট ; ভাগ্য। প্র—"হা দশা!" "পোড়া দশা!" ৬। দশবিধ শরীরজ দশা (গর্ভবাস, জন্ম, বাল্য, কৌমার, পৌগণ্ড, যৌবন, স্থাবির্য্য, জরা, প্রাণরোধ ও বিনাশ)। **দশার শেষ, শেষ দশা**—জীবনের দশম অবস্থা। প্র—"যখন ধন উপার্জ্জন করেছিলাম দেশ বিদেশে। তখন ভাই বন্ধু দারা সুত সবাই ছিল আপন বশে॥ এখন ধন উপার্জ্জন না হইল দশার শেষে। সেই ভাই বন্ধু দারা সুত নির্ধন বলে সবাই রোষে॥"—রামপ্রসাদ। ৭। [জ্যোতিষে] জন্মকালীন রাশিনক্ষত্রের অবস্থান জন্য গ্রহদশা। যেমন রবির দশা, চন্দ্রের দশা প্রভৃতি। ৮। মৃতাহ হইতে দশমদিনের কৃত্য কার্য্য। ৯। [ভক্তি শাস্ত্রে] নবধা ভক্তি ও আত্মভাব ; শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, অর্চ্চনা, বন্দন, পদসেবন, দাস্য, সৌখ্য, নিবেদন, স্বীয়ভাব। ১০। ভক্তিভাবাবেশ ; সমাধি ; ভাবাবেশে বাহ্যজ্ঞানরাহিত্য।

দশাংশিক (ক্‌) [দশাংশ+ইক (যুক্তার্থে—ষ্ণিক)] বিণ, দশমিক ; decimal.

দশাকর্ষ [সং] বি, বস্ত্রাঞ্চল। ২। দীপ।

দশাঙ্গুল (ল্‌) বিন, দশাঙ্গুলি পরিমিত।

দশাবতার (র্‌) [দশ হইয়াছে অবতার যাহার, বহু] বি, পুং, বিষ্ণু। ২। মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ, বামন, পরশুরাম, রামচন্দ্র, বলরাম, বুদ্ধ ও কল্কী বিষ্ণুর এই দশ অবতার।

দশাবিপর্য্যয় (—বিপোর্জয়) [দশার বিপর্য্যয়—৬তৎ] বি, দুরবস্থা ; অবস্থাবৈগুণ্য।

দশার্ণ [দশ—ঋণ=দশার্ণ] বি, পুং, বিন্ধ্য-গিরির পূর্ব্বদক্ষিণে স্থিত দেশবিশেষ।

দশাশ্বমেধ (ধ্‌) [দশ হইয়াছে অশ্বমেধ (যজ্ঞ) যেখানে, বহু] বি, পুং, কাশী ; গঙ্গাতীরস্থ তীর্থবিশেষ। এখানে ব্রহ্মা দশটি অশ্বমেধ যজ্ঞ করিয়াছিলেন।

দশাসই (দশাশোই) [দশ—আশা (দিক) ই (ব্যাপ্ত্যর্থে)—দশদিকে বিস্তৃত] বিণ, দীর্ঘায়তনবিশিষ্ট দেহ : দীর্ঘদেহবিশিষ্ট : লম্বা চওড়া ; ছড়াল। প্র—দশাসই মানুষ।

দশাহ [দশ যে অহন্‌=অহ (দিন) দ্বিগু] বি, পুং, দশ দিবস। ২। বিণ, দশ দিবসব্যাপী।

দশী (দোশি) [দশ+ইন্‌ (অস্ত্যর্থে) = দশিন্‌ ১মা, ১ব] বিণ, দশ সংখ্যাযুক্ত। ২। অঞ্চল-যুক্ত। ৩। বস্ত্রাঞ্চল। প্র—"পট্টকাপড়ের দশী" —কৃত্তিবাস।

দষ্ট [দন্‌শ্‌ (দংশন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, দংশিত। ২। বি, প্রাপ্তদংশন ব্যক্তি ; দংশিত ব্যক্তি। প্র—"বৃশ্চিকদষ্টের ন্যায় তাঁহারা ছট্‌ফট্‌ করিয়া বেড়ান।"—চন্দ্রনাথ বসু।

দস্তক (ক্‌) [ফা—দস্তক্‌] বি, পরোয়ানা : সমন ; summons ; warrant.

দস্তখত [ফা—দস্ত্‌খৎ] বি, স্বহস্তে নামসহি ; স্বাক্ষর ; signature.

দস্তবদস্ত (দস্ত্‌বদস্ত্‌) [ফা] বি, হাতেহাতে।

দস্তবরদারী (দস্ত্‌বর্‌দারি) [ফা] ত্যাগ ; পরিহার।

দস্তবস্ত [ফা—দস্ত্‌বস্তহ্‌] বি, কৃতাঞ্জলি ; বদ্ধাঞ্জলি ; জোড়হাত। প্র—"শুনি জাহাঙ্গীর বড় দিলগির হয়ে। মশানে চলিলা ভয়ে দস্তবস্ত হয়ে॥"—অন্নদামঙ্গল।

দস্তর (র্‌) [ফা] বি, পাগড়ী।

দস্তরখান (র্‌, ল্‌) [ফা—দস্তর্‌খোয়ান্‌] বি, টেবিলে পাতিবার কাপড় ; table cloth.

দস্তা [হি—জস্তা] বি, রঙ্গধাতু।

দস্তানা [ফা] বি, হাতমোজা ; gloves.

দস্তাবিজ, দস্তাবেজ (জ্‌) [ফা—দস্ত্‌—আবেজ্‌] বি, দলীল ; document. প্র—"জানাইব কেমন ছেলে, মোকদ্দমায় দাঁড়াইলে যখন গুরুদত্ত দস্তাবিজ, গুজরাইব মিছিল কালে॥"—রামপ্রসাদ।

দস্তীদার (দোস্‌তিদার্‌) [ফা—দস্তী (হাত বাতি ; মশাল)—ফা—দার্‌ (কর্ত্তৃ)] বি, মশালচী।

দস্তুর (দোস্‌তুর্‌) [ফা—দস্তুর্‌] বি, নিয়ম ; প্রথা : কায়দা। **দস্তুর মত,—মাফিক** —যথারীতি।

দস্তুরি, দস্তুরী (দোস্‌তুরি) [ফা] বি, খরিদা দ্রব্যের মূল্যদান কালে বিক্রেতা যে মূল্যাংশ ছাড় দেয় ; দালালি।

দস্যু (দোশ্‌শু) [দস্‌ (উৎক্ষেপণ, ক্ষয় করা) +যু (কর্ত্তৃ)] বি, পুং, উৎপীড়ক ; লুণ্ঠক। ২। মহাসাহসিক ; ডাকাত। ৩। [প্রাচীন সং—সাহিত্যে] ব্রাহ্মণাদি চারি বর্ণ ভিন্ন অন্ত্যজ জাতি [অপ্র]।

দহ [হি—দহ (অতলস্পর্শ)] বি, অতি গভীর জল ; অগাধ জল। ২। আবর্ত্তবিশিষ্ট নদ্যাদির অতলস্পর্শ স্থান। প্র—কালীদহ। "হরিহোড় কান্দি কহে বুড়ী মজাইল দহে আজি বড় দেখি অনুপায়।"—অন্নদামঙ্গল।

দহই [ব্রজ] ক্রি, দহ্‌ দ্রঃ।

দহন (ন্‌) [দহ্‌ (দগ্ধ করা) + অন (কর্ত্তৃ)] বি, পুং, অগ্নি। প্র—"যেহান বিকাল যায় দহন সেবনে।"—কবিক। "ঘষিয়া আনিয়া হিয়ায় লইতে দহন দ্বিগুণ হয়।"—চণ্ডীদাস। "ধক্‌ ধক্‌ ধক্‌ দহন সাজ বিমল চপল গঙ্গিয়া।"—অন্নদামঙ্গল। ২। কার্য্য দ্বারা বা বচন জ্বালাতন যাহারা জ্বালাতন বা সন্তপ্ত করে ; দুর্জ্জন। ৩। চিতাগাছ। ৪। বিণ, দাহক। ৫। [ভাবে—অন] ক্লী, দাহ।

দহনীয় [দহ্‌+অনীয় (কর্ম্মে)] বিণ, দহনের উপযুক্ত ; দাহ্য ; জ্বলনীয়।

দহনোপল (ল্‌) [দহনকারী যে উপল—কর্ম্মধা, কিম্বা দহনের জন্য উপল, ৪তৎ] বি, পুং, সূর্য্যকান্তমণি। ২। আতসী কাচ।

দহরম (ম্‌) [ফা—দর্হম্‌ (গোল পাকাইয়া যাওয়া : মিলেজুলে যাওয়া)] বি, মিলেমিশে একপ্রাণ হওয়ার ভাব : গলায় গলায় বন্ধুত্ব। **দহরম মহরম**—[ফা—দর্হম্‌-বর্হম্‌] অতিশয় ঘনিষ্ঠতা : মাখামাখি বন্ধুত্ব।

দহলা—বি, দশ ফোঁটাচিহ্নিত তাস। **নহলা-দহলা করা**—তাস খেলিতে বসিয়া একবার নহলা একবার দহলায় হাত দেওয়া, কোন্‌খানা ফেলিবে তাহা ঠিক করিতে না পারা। তাহা হইতে ইতস্ততঃ করা।

দহসি [ব্রজ। দহ্‌ দ্রঃ] ক্রি, দহন করিতেছে। প্র—"কতিহুঁ মদন তনু দহসি হমারি" —বিদ্যাপতি।

দহ্‌ [দহ্‌ (দগ্ধ হওয়া) ধাতুজ। উ-পু—দহি (দো)। ম-পু—দহ। প্র-পু—দহে। অস-ক্রি, দহিতে : দহিয়া, দহি (পদ্যে), দহে (দো)] ক্রি, দগ্ধ করে ; পোড়ায়। প্র—"একের কপালে রহে আরের কপাল দহে আগুণের কপালে আগুণ।"—অন্নদামঙ্গল। [ব্রজ] **দহই**—দগ্ধ করে। প্র—"দহই সব অঙ্গ মোর"—বিদ্যাপতি।

দহিয়াল (দো-ল্‌) [দয়েল দ্রঃ] বি, দয়েলপক্ষী।

দহ্যমান (দোজ্‌ঝোমান্‌) [দহ্‌+আন (কর্ম্মে, শান) য—ম্‌ আগম] বিণ, জ্বলনশীল ; যাহা জ্বলিতেছে ; যাহা দগ্ধ হইতেছে।

দা [দা (দান করা) + ক্বিপ (ভাবে)] বি, স্ত্রী, দান। ২। [পালনার্থক দে ধাতুজ] রক্ষণ। পালন। ৪। [শোধনার্থ দৈ ধাতুজ]

শোধন। ৫। [ছেদনার্থ দো ধাতুজ] ছেদ। [দ্রঃ—দা শব্দের স্বতন্ত্র ব্যবহার নাই। অন্ত শব্দসহ যুক্ত হইয়া উক্ত অর্থসমূহ প্রকাশ করে]

দা [দাত্র শব্দজ] বি. কাদ্দা ; কাটারি। ২। [প্রা-বাং] কাস্তে ; ধান্যকর্ত্তরী। প্র—"শাল পাতি শূল ভাঙ্গি সজ্জা কর বসি। জোয়ালি কোদাল ফাল দা উগুন পাশী॥"—শিবায়ন।

দাআ [প্রা-বাং। দা (দ্রঃ) + আ (ক্রি—বিভক্তি)। উ-পু—দাই। ম-পু—দাও। প্র-পু—দাঅ। অস-ক্রি—দাইতে ; দাইআ। ণিজন্ত—দাআন] ক্রি. ছেদন করা ; কর্ত্তন করা ; দা দ্বারা কর্ত্তন করা। প্র—"পরম ইচ্ছাএ ধান্ন আনিব দাইআ।"—শূন্যপুরাণ। "জত ধান ছিল পরভু সকলি দাইল"—শূন্যপুরাণ। "ভীম খেত্তী ধান দাইলেন আড়াই হালি।"—শূন্যপুরাণ।

দাই [সং—ধাত্রী ; প্রাকৃ—ধাই হইতে দাই] বি. উপমাতা ; ধাই। প্র—"দাই যেন ভাণ্ডস্থ ঘৃত ; মদন আগুন যত শীতল হইতেছে, দেহখানি ততই জমাট বাঁধিতেছে।"—দুর্গেশনন্দিনী। ২। [প্রা-বাং] দাআ দ্রঃ।

দাইদ (দ্) [হি—দাদ। সং দদ্রু। প্রাদে—পু. বঙ্গে—দাউদ] বি. চর্ম্মরোগবিশেষ ; দাদ ; ring worm.

দাইল (ল্) [সং—দালি] বি. ডাইল। দাল দ্রঃ।

দাউ [দপ্ (দ্রঃ)—দব্ = দাউ অথবা ধূ (দ্রঃ)—ধাউ তুল—ধূধূ = ধাউধাউ—দাউদাউ] অ. দপ্ করিয়া জ্বলিয়া উঠার শব্দ ও রূপ। প্র—"আগুণে ধূনার গুঁড়া দিতেই দাউ করিয়া জ্বলিয়া উঠিল। দাউদাউ—অগ্নি ব্যাপক ভাবে মোটা শিখায় জ্বলিবার রূপ।

দাউজী [দাদা—দাদু—দাউ (আদরার্থে) = ; জ্যেষ্ঠ সহোদর + জী (মহাশয়)] বি. হিন্দুস্থানে বলরামের নামান্তর (শ্রীকৃষ্ণের অগ্রজ বলিয়া এইনাম)।

দাউদ (দ্) [দাইদ দ্রঃ। আ—দায়ূদ্] বাইবেলোক্ত যিহুদার ঈশ্বরানুগৃহীত স্বনাম খ্যাত রাজা এবং স্বনাম প্রসিদ্ধ রাজা সলোমনের পিতা ; the prophet David. বিণ. দাউদী—দাউদ সম্বন্ধনীয়। ২। চন্দ্রমল্লিকা ; (ফা) গুল্ দাউদী।

দাউলিয়া, দাওয়ালিয়া [প্রা—বাং। দাআ দ্রঃ] বি. যে দাত্র দ্বারা শস্য কর্ত্তন করে ; শস্যচ্ছেদক।

দাও [দা দ্রঃ] বি. কর্ত্তরী। ২। দাঁও দ্রঃ। ৩। ক্রি. দান কর।

দাওন (ন্) [দা আ দ্রঃ। প্রা—বাং] বি. শস্যচ্ছেদন ; শস্য কর্ত্তন। প্র—"প্রণমিয়া বিশ্বনাথে বৃকোদর নাম্বে ক্ষেতে হাতে লয়ে দশমোণের দাত্র। নিহড়ি চলিল খেয়ে দুদণ্ডে নিলেক দায়ে হইল আড়াই হালা মাত্র।"—শিবায়ন।

দাওনা [দাও + না (অনুনয় অর্থে)। দেআ (দ্রঃ) ধাতুর ম-পু. অনুজ্ঞা] ক্রি. দাও।

দাওয়া [আ—দাবা (দাবায়)] বি. স্বত্ব ; প্রাপ্য ; পাওনা ; দাবী। প্র—"মামলাতে চলেনা দাওয়া ওয়ারিস সূত্রে যায়না পাওয়া॥"—রজনী সেন। ২। অভিযোগ ; নালিস ; a law-suit. দাবী দাওয়া—দাবী দ্রঃ।

দাওয়া [সং দার্ব্বটং = চিন্তাবেশ্ম (শব্দকল্পে)] বি. বাটীর ঘরের দালান ; অলিন্দ ; বারান্দা ; রক। ৩। তাল তরু সম উচ্চ করিল প্রাচীর। পাষাণের দাওয়া দিল হনুমান বীর॥"—কবিক।

দাওয়া—দাআ দ্রঃ।

দাওয়া, দাওয়াই [আ—দবা = ঔষধ] বি. ঔষধ। ২। প্রতিবিধান। দাওয়াখানা, দাওয়াই খানা—ঔষধালয় ; ডাক্তার খানা। দাওয়াই করা—ঔষধ প্রয়োগ করা ; চিকিৎসা করান। ২। বিহিত করা ; প্রতিবিধান করা।

দাওয়াদার (র্) [আ—দাবা + ফা—দার্] বিণ. যে দাওয়া করে ; স্বত্ব প্রার্থনাকারী। বি. দাওয়াদারী।

দাওয়ান (ন্) [ফা—দীবান্] বি. রাজস্বসচিব ; revenue minister. ২। জমিদারী কার্য্য পরিচালক প্রধান কর্ম্মচারী।

দাওয়ান (ন্) [সং—দামনী] বি. দামনী ; পশুবন্ধন রজ্জু। ২। শস্য মর্দ্দন করিবার জন্য যে দড়িতে গরুদিগকে বাঁধা হয় ; দৌকা ; মাড়ান দড়ি।

দাওয়ান (নো) ক্রি. দাআ দ্রঃ। ২। শস্য মাড়ন।

দাওয়াল (ল) [দা. দাও (দ্রঃ) + [বাল (বালা)] বি. দাত্র বা কাস্তিয়া দ্বারা যাহারা শস্য কর্ত্তন করে ; ধান্যচ্ছেদক। ২। বিণ. যাহার দা অস্ত্র আছে ; দাও ধারী।

দাওলী [সং—দাত্র—দাও—লী (ক্ষুদ্রার্থে)] বি. ছোট দা ; কাস্তিয়া।

দাঁ—বি. জাতীয় উপাধিবিশেষ। ২। [ফা—(যে জানে)] বিণ. যে জানে ; শিক্ষিত ; অভিজ্ঞ ; নবিশ। প্র—ইংরেজী দাঁ।

দাঁও [সং—দান। হি—দাঁব, দাঁও, দাও] বি. তাস খেলায় জিতের পীঠ। তাহা হইতে সুযোগ ; সুবিধা। দাঁও মারা—সুযোগ গ্রহণ করা ; সুবিধা বাগাইয়া লওয়া ; পড়তা পাওয়া। ২। লাভ করা।

দাঁড় (ড্) [দণ্ড শব্দজ] বি. ক্ষেপনী, নৌকাদণ্ড ; বেটে। প্র—"কঠিনা কাঠের তরী নদী বক্ষ ভেদ করি প্রতি দাঁড় বিক্ষেপণে ছুটিয়া পলায়।"—কুন্তুম। ২। চারি হাত লম্বা বংশাদি দণ্ড। ৩। দণ্ডধারী পক্ষীর দণ্ড ; ডাঁড়। প্র—"পাখীর মত দাঁড়ে বসিয়া ধান।"—কমলা কান্তের দপ্তর। ৪। [হি—দাঁড়] বি.অর্থদণ্ড; ক্ষতি পূরণ। ৫। [দণ্ডাকারে অবস্থান সাদৃশ্য হইতে] দাঁড়ান ভাব ; পদতলের উপর ভর রাখিয়া ঋজুভাবে অবস্থিতি। দাঁড় করান—দাঁড়াইতে বাধ্য করা ; খাড়া করা। ২। অপেক্ষায় থাকিতে দেওয়া ; বিলম্ব করান। ৩। কোন কিছু গড়িয়া তোলা। ৪। প্রতিষ্ঠিত করা।

দাঁড়কাক (ড্, ক্) [সং—দণ্ড কাক] বি. কৃষ্ণবর্ণের বৃহৎ কাক। প্র—"হায় বিধি পাকাআম দাঁড়কাকে খায়"—ভারতচন্দ্র।

দাঁড়া [সং—দণ্ড ; হি—ডাণ্ডা = আইল—হি—ডার = সারি = আইল] বি.মেরুদণ্ড ;শিরদাঁড়া। ২। ক্ষেত্রে সারি সারি জুলি কাটিয়া তাহার মধ্যবর্ত্তী স্থানে আলির আকারে জমান মাটি ; "ভেলি" ; দাঁড়া।

দাঁড়া [ধারা হইতে] বি. ধারা ; রীতি ; প্রথা। ২। দস্তুর ; রেওয়াজ। উল্টা দাঁড়া—বিপরীত রীতি ; বিপরীত প্রথা।

দাঁড়া [দাঁড়ান দ্রঃ] বিণ. দণ্ডায়মান ; খাড়া। দাঁড়া গোপান [দাঁড়া (দণ্ডায়মান) গোপান (গুয়া = গুপারী ও পান)] দণ্ডায়মান বড় বধূর মঙ্গলার্থে হস্তে পান গুপারী দান রূপ অনুষ্ঠান বা স্ত্রীআচার। প্র—"অন্যান্য স্ত্রীলোকেরা দাঁড়া গোপান দিয়া মঙ্গলাচরণ করিতে লাগিল"—টেকচাঁদ। দাঁড়া-গোপাল—দণ্ডায়মান গোপালের দুই হাতে লাড়ু দিবার অনুকরণে অপরাধী ছাত্রের দুই হাতে ভারী ইট দিয়া দুই পা ফাঁক করিয়া দাঁড়াইয়া থাকিতে বাধ্য করা রূপ পাঠশালের দণ্ডবিশেষ।

দাঁড়ান (নো) [সং—দণ্ডায়মান। দাণ্ডান দ্রঃ] বিণ. দণ্ডায়মান ; খাড়া।

দাঁড়ান (নো) [দণ্ড + আন (ক্রি-বিভক্তি) —দণ্ডবৎ অবস্থান করা। উ-পু—দাঁড়াই। ম-পু—দাড়াও ; দাঁড়ান ; দাঁড়া। প্র-পু—দাঁড়ায় ; দাঁড়ান। অস-ক্রি—দাঁড়াইতে ; দাঁড়াইয়া, দাঁড়িয়ে। প্রা-বাং—দাড়এগা ; দাড়াএগা] ক্রি. দণ্ডায়মান হওয়া ; পদতলে ভর দিয়া ঋজুভাবে থাকা। প্র—"——আহা, হর কোপানলে কাম যেন রে না পুড়ি দাঁড়ান সে সভাতলে ছত্রধর রূপে।"—মেঘনাদ। "আমার লাগিয়া শ্রীদাম দাড়াএগা রাজপথে।"—বলরাম দাস। ২। অপেক্ষা করা। প্র—এক মিনিট দাঁড়াও। ৩। তিষ্ঠান ; আর অগ্রসর না হইয়া গমনবেগ রহিত করা। প্র—"দাঁড়াও পথিকবর জন্ম যদি তব বঙ্গে! তিষ্ঠ ক্ষণকাল!—"—মাইকেল। ৪। এক

স্থানে বদ্ধ হওয়া ; জমা ; স্থির হওয়া। প্র—"হরিদ্বার মথুরা গোকুল বৃন্দাবন। কোন তীর্থ নহে দূর দাঁড়াইলে মন॥"—ধর্ম্মমঙ্গল। ৫। সঞ্চিত হওয়া। প্র—নাবাল জমিতে জল দাঁড়ায়।

দাঁড়াশ, দাঁড়োশ (শ্) [দণ্ড হইতে। লেজের উপর ভর দিয়া দাঁড়াইয়া উঠে বলিয়া] বি, সর্পবিশেষ।

দাঁড়ি [দণ্ড—দাঁড়+ই। দাঁড়ী দ্রঃ] বি, যে দাঁড় ফেলিতে ফেলিতে নৌকা চালায় ; নৌকা-বাহক ; পোতচালক। প্র—"সাজিয়ে নিয়ে জাহাজখানি বসিয়ে হাজার দাঁড়ি"—রবি।

দাঁড়ি [হি—ডাণ্ডী=দণ্ড হইতে। ধাড়া দ্রঃ] বি, তুলাদণ্ড ; দাঁড়িপাল্লা। **দাঁড়িবাট-খাড়া**—ওজনদণ্ড ও মাপ। প্র—"বাণিজ্য বিষয়ে ছোট কি আমরা, ধরি সদা হাতে দাঁড়ি-বাটখাড়া। আমাদের কর্ম্ম বেচা-কেনা করা॥"—বাং-গান।

দাঁড়ী—বি, নৌকাবাহক ; যে নৌকায় দাঁড় টানে। ২। তুলাদণ্ড। ৩। পূর্ণচ্ছেদ চিহ্ন : । এই চিহ্ন ; ইহা ইংরেজী . fullstop চিহ্নের তুল্য। প্রা-বাং-য় এই চিহ্ন ছিল না। ৪। টানা রেখা ; কসি।

দাঁড়িপাল্লা [হি] বি, তৌলদাড়ী ; পরিমাণদণ্ড।

দাঁত (ত্) [দন্ত শব্দজ] বি, দন্ত ; দশন। ক্রি, দাঁতান। বিণ, দাঁতাল ; দেঁতো। **দাঁতকন্‌কন্**—দাঁতের বেদনা ; দাঁতশূল রোগ। **দাঁতকড়া**—দাঁতের মূলের যন্ত্রণা-দায়ক কঠিন মাংস। **দাঁত তোলা**—যন্ত্রণা-দায়ক দাঁত উপড়াইয়া ফেলা। **দাঁত বাঁধান**—দাঁত পড়িয়া গেলে কৃত্রিম দাঁত বসান। **দাঁত দেখান**—দাঁত খিচান ; ভেঙ্গান। **দাঁত বাহির করা**—দাঁত খিচান। **দাঁতখিচানা**—দাঁত বাহির করা। **দাঁতের গোড়া**—দন্তমূল। **দাঁত ভাঙ্গা**—দাঁত তুলিয়া ফেলা। ২। সাপের বিষ দাঁত ভাঙ্গার ভাব হইতে, দর্পচূর্ণ করা। **দাঁত ভেঙ্গে দেওয়া**—দাঁত ভাঙ্গা দ্রঃ। **দাঁত ফোটান**—কামড় দেওয়া ; দন্ত প্রবেশ করান। ২। কোন বিষয়ে প্রবেশলাভ করা। **দাঁত পড়ে যাওয়া**—দুধে দাঁত পড়া। ২। বৃদ্ধ হওয়া ; ফোগলা হওয়া। **দাঁতে-দাঁতে লাগা**—নীচের পাটির সহিত উপর পাটির দাঁত বদ্ধ হওয়া। **দাঁতকপাটী**—চোয়ালের খিল আটকাইয়া যাওয়া ; দাঁতেদাঁতে লাগা। **দাঁত থাকতে দাঁতের মর্য্যাদা না জানা**—দাঁত থাকিতে চর্ব্বণ-যোগ্যবস্তু না পাইলে বার্দ্ধক্যে যখন দাঁত থাকে না তখন খাইতে ইচ্ছা হইলেও খাওয়া অসম্ভব সুতরাং সময়ে প্রাপ্যবস্তুর সদ্ব্যবহার বিধেয়। প্র—"সঞ্চিত মুক্ত হস্তে ব্যয় করিয়া রিক্ত-হস্ত হইলে পর 'দাঁত থাকিতে দাঁতের মর্য্যাদা জানে না' এই প্রবাদ কথাটির মর্ম্ম বুঝিতে পারেন কিন্তু তখন বুঝা আর না বুঝা তুল্য কথা।"—বিজ্ঞান-নীতিপ্রসূন। **দুধে দাঁত**—দুগ্ধপোষ্য শিশুর প্রথম উঠা দাঁত ; milk teeth. **চিরণ-দাঁত**—চিরুণীর মত চেরা বা ফাঁক ফাঁক দাঁত। **গজদাঁত**—দাঁতের পাশ দিয়া অতিরিক্ত যে দাঁত বাহির হয়। **আক্কেল দাঁত**—কসের যে দাঁত সর্ব্বশেষে বাহির হয় ; wisdom teeth. **দাঁতে কুটো করা**—দাঁতে তৃণ করা ; খাইট মানা ; অতি বিনীত হওয়া। **দাঁতে কুটো কাটা**—অতিশয় বিনীত হওয়া। **দাঁতছোলা**—দাঁত মাজা। ২। ছোল ধরা অর্থাৎ মিশির রঙ্গ ধরা ; মিশি দেওয়া। প্র—"দাঁতছোলা মাজা দোলা হাস্য অবিরাম।"—অন্নদামঙ্গল। **দাঁতখামাটী**—নীচের ঠোঁট উপরের দাঁত পাটি দিয়া কামড়ান।

দাঁতন (দাঁতোন্) [সং—দন্তধাবন] বি, দন্তধাবন ; দন্তমার্জ্জন। ২। দন্তকাঠ ; দাঁতন কাঠী।

দাঁতান (নো) [দাঁত+আন (ক্রি-বিভক্তি)] ক্রি, দাঁত বসান ; দন্তাঘাত করা। ২। দাঁত উঠা ; দন্তোদ্গম হওয়া।

দাঁতাল (লো) [দন্তাল শব্দজ] বিণ, দংষ্ট্রাল ; বৃহৎদন্ত যুক্ত।

দাঁত্যা [প্রা-বাং—দাওয়া দ্রঃ] বি, দাওয়া ; রক। প্র—"তালতরু সম উচ্চ করিল প্রাচীর। পাথরের দাঁত্যা দিল হনুমান বীর॥"—কবিক।

দাঁদুড়িয়া, দাঁদুড়ে, দাদুড়ে [দুর্দ্দান্ত হইতে] বিণ, দুরন্ত ; দুর্দ্দমনীয় ; দুঁদে। প্র—"কেবা দাঁদুড়ে আহ্লাদে"—টেকচাঁদ। ২। দৌড়াদৌড়ি; দাপাদাপি। প্র—"চতুর্দ্দিকে দাঁদুড়ে বেড়াইতে লাগিল।"—টেকচাঁদ।

দাকাবুকা—বিণ, ডাকাবুকা দ্রঃ।

দাক্ষায়ণী, নী (দাক্‌খায়নি) [দক্ষ (প্রজাপতি) + আয়ন (অপত্যার্থে, ফায়ন) স্ত্রী-ঈপ্] বি, স্ত্রী, দক্ষকন্যা ; সতী।

দাক্ষিণাত্য (দাক্‌খিনাৎত) [দক্ষিণা+ত্যণ্ (তত্র জাত অর্থে)] বিণ, দক্ষিণদিগ্‌ভব ; দক্ষিণ দিক্ জাত। ২। দক্ষিণদিকে অবস্থিত দেশজাত। ৩। [স্বার্থে—ত্যণ্] বি, দক্ষিণ রাজ্য ; ভারতবর্ষের দক্ষিণে স্থিত দেশ ; দক্ষিণাপথ ; দক্ষিণ ; the Deccan. এই অর্থ অর্ব্বাচীন। প্রামাণিক প্রাচীন সং-অভি-ধানে এই অর্থের অসদ্ভাব। কিন্তু আধুনিক বহু প্রসিদ্ধ সংস্কৃতজ্ঞ পণ্ডিত দক্ষিণাপথ অর্থে দাক্ষিণাত্য ব্যবহার করিয়াছেন। প্র—"দাক্ষিণাত্যে (৪) মহারাষ্ট্রীয় কানারী (৫) তেলগু (৬) তামিল মালা-য়ালম।"—ভূদেব মুখোপাধ্যায়। ৪। দাক্ষিণাত্যবাসী ; দক্ষিণী। প্র—"গরজে সুগ্রীব সহ দাক্ষিণাত্য যত।"—মেঘনাদ। "—বাঁধহে আজি কৃতজ্ঞতা-পাশে রঘুবংশে, দাক্ষিণাত্য, দাক্ষিণ্য প্রকাশি।"—ঐ।

দাক্ষিণ্য (দাক্‌খিন্‌ন) [দক্ষিণ+য (ভাবে —ষ্ণ্য)] বি, ক্লী, দয়া ; আনুকূল্য। প্র—"বাঁধ হে আজি কৃতজ্ঞতা-পাশে রঘুবংশে, দাক্ষিণাত্য, দাক্ষিণ্য প্রকাশি।"—মেঘনাদ। ২। ঔদার্য্য ; সরলতা। ৩। সৌজন্য। ৪। [দক্ষিণা+য (যোগ্যার্থে—ষ্ণ)] বিণ, দক্ষিণার্হ ; দক্ষিণার উপযুক্ত।

দাক্ষ্য (দাক্‌খ) [দক্ষ+য (ভাবে, ষ্ণ্য)] বি, ক্লী, নৈপুণ্য ; দক্ষতা ; সামর্থ্য।

দাখিল (ল্) [আ—দাখিল্। দখল্ (অধিকার করা) হইতে দাখিল=অধিকৃত হওয়া] বিণ, অধিকৃত। প্র—"পবন গমনে চোর হইল দাখিল"—ধর্ম্মমঙ্গল। ২। উপস্থিত ; প্রাপ্ত ; উপনীত। প্র—"ঘোড়ার গমন যেন প্রলয় অনিল দড়বড়ি দুইদণ্ডে দরবার দাখিল॥"—ঘনরাম। "দাখিল অনিলগতি ময়না নগরে।"—ঘনরাম। ৩। পেশ ; যথাস্থানে ও যথাপাত্রে অর্পণ। প্র—খাজানা দাখিল করা। ৪। সামিল ; সমান ; মত ; প্রায়। প্র—সে মরবার দাখিলে পড়েছে। ৫। [প্রাদে] যমালয় ; মৃত্যুর গ্রাসে। প্র—দাখিলে যাওয়া। বিণ, **দাখিলী**—যাহা দাখিল করা হইয়াছে। **দাখিল করা**—পেশ করা। **দাখিল হওয়া**—উপস্থিত হওয়া ; পৌছান। **দাখিলে যাওয়া**—মরা। **দাখিলখারিজ**—কালেক্টরী বহিতে পুরাতন অধিকারীর নাম কাটিয়া নূতন অধিকারীর নাম দরজ। যাহা খাতায় দাখিল করা ছিল তাহার খারিজ।

দাখিলা [আ] বি, যে খাজানা দাখিল করা হইয়াছে তাহার প্রাপ্তি-স্বীকার-পত্র ; রাজস্ব আদায়ের রসিদ ; কবচ।

দাগ (গ্) [ফা—দাগ্=চিহ্ন] বি, চিহ্ন ; অঙ্ক ; আঁকা। প্র—"এই যে এখনো তার দাগ দেখা যায়।"—প্রেম ও ফুল। ২। অপযশঃ ; বদনাম ; কলঙ্ক। প্র—"ভট্ট হো অব ভণ্ড ভয়া কবিতাই ভটাই মে দাগ চঢ়ায়া।"—অন্নদামঙ্গল। বিণ, দাগী। **দাগ করা**—চিহ্ন দেওয়া। ২। আঁচড় কাটা। **দাগ দেওয়া, দাগ লাগান**—কলঙ্ক অর্পণ করা ; বদনাম করা ; দোষ দেওয়া। **দাগ মোছা**—কলঙ্ক ঘুচান। **দাগ কাটা**—চিহ্ন করা ; রেখাঙ্কন করা। **দাগ তোলা**—চিহ্ন অপসারিত করা ; দাগ মুছিয়া ফেলা। **দাগ ছুটান**—দাগ তোলা।

দাগ (গ্) [সং—দাহ—প্রাকৃ—দাহো—দাহ: চিহ্ন] বি. দাহ ; চিহ্ন ; লৌহ শলাকাদি দগ্ধ করিয়া গরু মহিষ, অশ্ব প্রভৃতি জন্তুর গায়ে ছেঁকা দিয়া যে চিহ্ন করা হয়। **দাগ দেওয়া**—ছেঁকা দিয়া চিহ্নিত করা।

দাগ [ফা—দাগ্=চিহ্ন—রেখা] বি. রেখা আঁক। ২। অঙ্কপাত চিহ্ন। ৩। লিখনের উপর লিখন ; রেখার উপর রেখার টান। দাগা দ্রঃ। প্র—দাগ বুলান।

দাগবিলি (গ্) [জমিঃ মহাঃ পরিঃ] বি. জমি ও প্রজার বিবরণী। **দাগবিলি খতিয়ান**—প্রজা, জমি ও জমার বিবরণী বহি খোকা।

দাগরাজি (গ্) [ফা] বি. পাকা গাঁথুনির জোড়ের মুখে প্রলেপ ; ফাটা স্থান জোড় দেওয়ার কাজ ; জীর্ণ সংস্কার।

দাগা [ফা—দাগ্না। উ-পু—দাগি। ম-পু—দাগ ; দাগুন ; দাগ্। প্র-পু—দাগে। অস-ক্রি—দাগিতে ; দাগিয়া, দেগে। ণিজন্ত—দাগান (নো)—ফা—দাগানা] ক্রি. দাগ করা চিহ্ন দেওয়া। প্র—"ভীমের উপরে আগে উঙানির দণ্ড। কামড়ায়ে কলেবর করে খণ্ড খণ্ড ॥ * * * সিকি আনি দুআনি দাগিল অঙ্গময়"—শিবায়ন। ২। আদর্শ লেখার উপর দাগ টানিয়া অভ্যাস করা। **দাগা বুলান**—আদর্শ লিপির রেখার উপর পুনরায় রেখা টানা।

দাগা [ফা—দাগ্না=বন্দুক কামানাদির গোলা গুলি ছোঁড়া] ক্রি. যন্ত্রযোগে প্রহরণ নিক্ষেপ করা। প্র—তীর দাগা ; কামান দাগা। ২। উত্তীর্ণ হইল ; পার হইল [অপ্র]। প্র—"পিছে রাখে বর্দ্ধমান সরাই সহর। দিগ দণ্ড দিবায় দাগিল দামোদর ॥"—ঘনরাম।

দাগা [ফা—দগা=বিশ্বাসঘাতকতা ; প্রবঞ্চনা] বি. বিশ্বাসঘাতকতা ; প্রতারণা ; বঞ্চনা। প্র—"খাইয়া তোমার ধন না পালায় যেন জন অবশেষে নাহি পাবে দাগা।"—কবিক। ২। আঘাত ; পীড়ন ; ক্লেশ ; কষ্ট। প্র—"নারীহীন পুরুষ পেয়েছে বড় দাগা।"—ঘনরাম। "বড় দাগা পেয়ে কামনা ভুলেছি।"—বাং-গান।

দাগাদার (র্) [ফা—দগাদার্] বিণ. বঞ্চক ; বিশ্বাসঘাতক। ২। দুষ্ট ; অনিষ্টকারী। বি. **দাগাদারী**—বিশ্বাসঘাতকতা ; প্রবঞ্চনা। **দাগা দেওয়া**—বঞ্চনা করা ; ঠকান।

দাগাবাজ (জ্) [ফা—দগাবাজ্] বিণ. বিশ্বাসঘাতক ; প্রতারক। প্র—"দাগাবাজ বাখা সব বসে বসে শুনে। চাক পারা চক্ষু করি চায় বিষ পানে ॥"—শিবায়ন। বি. **দাগাবাজী**—প্রতারণা ; বিশ্বাসঘাতকতা।

দাগী (দাগ দ্রঃ) বিণ. চিহ্নযুক্ত ; চিহ্নিত। ২। কলঙ্কিত। ৩। দণ্ডপ্রাপ্ত অপরাধী। **দাগীচোর**—যে চোর ইতিপূর্ব্বে রাজদণ্ডে দণ্ডিত হইয়াছে।

দাগুড়া [প্রাদে। দগড়া দ্রঃ] বিণ. কাঁচা রাস্তার উপর গরুর গাড়ির চাকার উঁচা নীচা দাগ যুক্ত ; আবুড়া খাবুড়া।

দাঙ্গা [সং—দ্বন্দ্ব হইতে হি—দাঙ্গা অথবা ফা—জঙ্গ্ হইতে দঙ্গ্—হি—দাঙ্গা] বি. দ্বন্দ্বযুদ্ধ। ২। মারামারি ; লাঠালাঠি ; ঝগড়া। **দাঙ্গাবাজ**—যে প্রায় মারামারি করে ; লড়াই করিতে মজবুত। **দাঙ্গা ফ্যাঁসাদ**—মারপিটের হাঙ্গামা ; মার-পিট ও নালিশ মকদ্দমা। **দাঙ্গা হাঙ্গামা**—দাঙ্গা ফ্যাসাদ দ্রঃ। ফৌজদারী। **দাঙ্গা করা**—মার-পিট করা।

দাড় (ড়্) [সং—দ্রংষ্ট্র] বি. দন্ত ; দাঁত। ২। ধার ; কাঁটার মুখ। প্র—"দন্তগুলা যেন মূলা অতিতীক্ষ্ণ দাড়। কড়মড় মড় মড়, চিবাইছে হাড় ॥"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

দাড়ক (ক্) [দড় (বিদারণ করা)+অক (কর্ত্তৃ)] বি, পুং, দংষ্ট্রী ; দাড়া।

দাড়এগা, দাড়াএগা [প্রা, বাং। দাড়ান দ্রঃ] অস-ক্রি, দাঁড়াইয়া। প্র—"স্বপনে বন্ধুর সনে মনের কথাটি কই ননদী দাড়এগা তাহা শুনে।"—লোচনদাস। "শ্রীদাম দাড়াএগা রাজপথে"—বলরামদাস।

দাড়া, দাঢ়া (দ্) [সং—দংষ্ট্রা—দাঢ়া—দাড়া] বি, দংষ্ট্রা ; বৃহদ্দন্ত। প্র—"পায়্যা বেরুনিয়া সাড়া মেলিয়া বিকট দাড়া বেরুনিয়া জলে খাইতে ধায়।"—কবিক। "বাকসনা পুষ্প হেন দাড়া"—ঐ। ২। হুল। ৩। চঞ্চু।

দাড়ি, দাঢ়ি [সং—দাঢ়িকা] বি, অধরের নিম্নভাগ ; চিবুক। ২। শ্মশ্রু। প্র—"ভার্গবের সৌষ্ঠবের দাড়ি গোঁফ ছিগুিল।"—অন্নদামঙ্গল। বিণ. দাড়িয়া, দেড়ে ; দাড়িয়াল, দেড়েল। **দাড়ি কামান, দাড়ি ফেলা**—দাড়ি মুণ্ডন করা। **গোঁফ দাড়ি**—শ্মশ্রু ও গুম্ফ। **চাঁপ দাড়ি**—জমা অর্থাৎ ঘন দাড়ি। **ছাগল দাড়ি**—চিবুকে মাত্র শ্মশ্রু। **বুকে বসে দাড়ি উপড়ান**—আশ্রয় দাতার আশ্রয়ে থাকিয়াই তাহার অনিষ্ট সাধন।

দাড়িম (ম্) [দাড়িম্ব শব্দজ। ডালিম দ্রঃ। মঃ—প্রাকৃ, ডালিম্ব ; দালিম ও দাড়িম্ব] বি, দাড়িম্ব গাছ ও ফল ; pomegranate. **দাড়িম্ব**—দাড়িম দ্রঃ।

দাড়ুকা [দণ্ড হইতে] বি, লৌহদণ্ড ; ডাড়ুকা (দ্রঃ)। প্র—"কাঁচাকুম্ভ কেবল কুমার চাকে লবে। তাড়াতাড়ি গমনে দাড়ুকা পায়ে দেবে ॥"—ঘনরাম

দাঢ়িকা [দাড়ি দ্রঃ] বি, স্ত্রী, দাড়ি।

দাণ্ডা [সং—দণ্ড ; হি—ডাণ্ডা] বি, শাঙ্গা ; বংশদণ্ড। ২। লাঠি।

দাণ্ডাখাণ্ডা [রণ্ডা—খণ্ডা ?] বিণ. নিঃসন্তান নারী ; বাঁজা। ২। পতিপুত্রহীনা ; (প্রাদে, ভাষায়) ষাঁড়।

দাণ্ডান [দাড়ান দ্রঃ] উ-পু—দাণ্ডাই। ম-পু—দাণ্ডাও। প্র-পু—দাণ্ডায়। অস-ক্রি—দাণ্ডাইতে ; দাণ্ডাইয়া] ক্রি, দণ্ডায়মান হওয়া। প্র—"সকল দেবতা গিয়া দাণ্ডাইল কূলে।"—কৃত্তিবাস।

দাণ্ডি [দণ্ড হইতে] বি, তুলাদণ্ড ; দাঁড়িপাল্লা ; তরাজু। ২। নরবাহিত পার্ব্বত্য যানবিশেষ।

দাতব্য (দাতোব্বো) [দা (দান করা)+তব্য (কর্ম্মে)] বিণ. দেয় ; দানযোগ্য ; যাহা দান করা উচিত বা আবশ্যক।

দাতা [দা (দান করা)+তৃ কর্ত্তৃ (তৃচ্) =দাতৃ ১মা, ১ব] বিণ. যে দান করে ; দানশীল ; বদান্য। ২। [স্মৃতিতে] পরহিত কারী। "যিনি ভূতহিতে রত তিনিই প্রকৃত দাতা"—দানতত্ত্ব।

দাতৃত্ব (দাতৃৎত) [দাতৃ+ত্ব (ভাবে)] বি, ক্লী, দানশীলতা ; বদান্যতা।

দাত্যূহ (দাৎতুহ) [সং] বি, পুং, ডাকপাখী। ২। চাতক পক্ষী।

দাত্র (দাৎত্র) [দো (ছেদন করা)+ত্র (করণে—ষ্ট্রণ)] বি, ক্লী, ছেদকাস্ত্র ; দা ; কাটারী। ২। কাস্তিয়া ; কাস্তে। প্র—"প্রণমিয়া বিশ্বনাথে বৃকোদর নাথে ক্ষেতে হাতে লয়ে দশমণের দাত্র ॥"—শিবায়ন।

দাদ (দ্) [ফা] বি, প্রতিশোধ ; revenge. প্র—"বাগদিনী বেশে যত দুঃখ দিল উমা। তার দাদ দিতে পার তবে মোর মামা ॥"—শিবায়ন। ২। বিচার প্রার্থনা [বাং-য় বিরল]। **দাদতোলা**—প্রতিশোধ লওয়া ; পুরাতন শত্রুতার প্রতি বৈরতা করা ; দোষ করিলে দণ্ড দেওয়া। প্র—"কেহ দোষ করিলে দণ্ড না দেওয়া বা দাদ না তোলা * * * মানবের অবশ্য করণীয় নিত্যকর্ম্ম।"—সনাতনী। **দাদফরিয়াদ** [ফা] ন্যায় বিচারের জন্য আবেদন বা কান্নাকাটি। ২। শুনানি ; হিসাব পত্র ; হিসাব নিকাশ। প্র—"ভাণ্ডারের জিনিষ যাকে ইচ্ছা তাহাকে এমন ভাবে দান করিতেছে যে তাহার আর দাদফরিয়াদ নাই। ৩। দায় অদায়।

দাদ (দ্) [সং—দদ্রু] বি, চর্ম্মরোগবিশেষ ; ringworm.

দাদখানি (দ্) [দাউদ খান্ নামক কোন ব্যক্তির নাম হইতে এই নাম প্রাপ্তি সম্ভব] বি, তণ্ডুলবিশেষ ; দিনাজপুর অঞ্চলে প্রসিদ্ধ উৎকৃষ্ট লঘু চাউল।

দাদন (দাদোন্) [ফা়] বি. অগ্রিম দান; দ্রব্যাদির অগ্রিম মূল্য দান বা গ্রহণ। প্র—"নীলের দাদন ঠেঙ্গার গাদন বাঁধন চমৎকার।"—ঈশ্বর গুপ্ত। বিণ. দাদনী। **দাদনদার**—যে দাদন দিয়া কার্য্য লয়।

দাদনি, দাদনী (দাদোনি) [দাদন দ্রঃ] বিণ. যে কাজ বা জিনিসের জন্য দাদন দেওয়া আছে। ২। বি. অগ্রিম প্রদত্ত অর্থাদি। প্র—"দাদনি না দেয় এবে মহাজন সবে। টুটিল সূতার কড়ি উপায় কি হবে॥"—কবিক।

দাদফরিয়াদ (দাদফোরিয়াদ্)—দাদ দ্রঃ।

দাদলান (দ. নো) [হি—দদকারনা (তাড়াইয়া দেওয়া, তাড়ানা করা)। সং—"দর্দ্দর ঈষদ্ভগ্ন ভাজনে"—মেদিনী। থ্যাৎলান দ্রঃ] ক্রি. দুর্দ্দান্তপনা করা। ২। থ্যাৎলান; মাড়ামাড়ি করা।

দাদলি,—লিয়া [দাদলান দ্রঃ] অস-ক্রি. তাড়না করিয়া; হাঁকাইয়া; প্রহার করিয়া। প্র—"দাদলি দুহাতে সেনা সব সাথে জুঝে যেন যম কাল।"—ঘনরাম।

দাদা [তুল—সং—দায়াদ। হি—দাউ] বি. জ্যেষ্ঠ ভ্রাতা। ২। [হি—দাদা। সং—তাত-তাত—তাত্তা—দাদ্দা] ঠাকুরদাদা; পিতামহ। ৩। মাতামহ। স্ত্রী. দাদী—পিতামহী; মাতামহী. **দিদি**—জ্যেষ্ঠা ভগিনী। **বৌদিদি**—জ্যেষ্ঠ ভাইজ। **ঠাকুরদাদা**—পিতার পিতা বা পিতৃব্য। **দাদামহাশয়**—মাতার পিতা বা পিতৃব্য। দাদামহাশয়। **দাদাঠাকুর**—গ্রাম সম্পর্কে শূদ্রের দাদা কোন ব্রাহ্মণ। **দাদাশ্বশুর**—শ্বশুরের পিতা বা পিতৃব্য **দাদার দাদা**—(বিদ্রুপে) বড়র বড়। ২। চতুরের চতুর।

দাদাল (ল্) [দাদলান দ্রঃ] বি. তাড়া; চড়চাপড়। প্র—"কালুর নন্দনে দেখে দিলেক দাদাল।"—ঘনরাম। "এইরূপে উটে বাধা দিলেক দাদাল। ভূপাল পালাল পিছে ফেলাইয়া ঢাল॥"—ঘনরাম।

দাদালিয়া [দাদলি দ্রঃ] অস-ক্রি. তাড়াইয়া; দুদ্দাড় করিয়া প্রহার সহ হাঁকাইয়া। প্র—"দাদালিয়া দাবড়ে চাটি চড় চাপড়ে কামড়ে পাড়ে হাতী ঘোড়া।"—ধর্ম্মমঙ্গল।

দাদালিয়া, দাদালে (দ) [দাদাল দ্রঃ] বি. দাদাল; চড় চাপড়; পাঞ্জার আঘাত; থাবার আঘাত। প্র—"দুহাতে দাদালে হানে যার লাগি পায়॥"—ধর্ম্মমঙ্গল।

দাদী [ফা়। দাদ দ্রঃ] বি. বাদী; ফরিয়াদি। ২। পিতামহী। ৩। মাতামহী। **দাদীফরিয়াদী**—বিচারার্থী; বাদী complainant.

দাদু [দদ্রু শব্দজ] বি. চর্ম্মরোগ; দাদ।

দাদুপন্থী [দাদু—পন্থী] বি. ষোড়শ খৃষ্টাব্দে প্রাদুর্ভূত বৈষ্ণব-ধর্ম্ম-সম্প্রদায়বিশেষের প্রবর্ত্তক দাদুর মতাবলম্বী।

দাদুর (র্) [দর্দ্দুর শব্দজ] বি. মণ্ডূক; ভেক; বেঙ। প্র—"নব জল মদে মত্ত ডাকয়ে দাদুর।"—কবিকঙ্কণ। স্ত্রী. দাদুরি, রী।

দাদুরি,—রী [দর্দ্দুর শব্দজ] বি. স্ত্রী. ভেকী। প্র—"ডাকিছে দাদুরী তমাল কুঞ্জ তিমিরে"—রবি। "মত্ত দাদুরী ডাকে ডাহুকী"—বিদ্যাপতি।

দাদ্রা, দাদ্‌রা, দাদ্‌ড়া (দাদ্‌রা) বি. তিন মাত্রার তালবিশেষ।

দাধিক (ক্) [দধি+ইক (যুক্তার্থে—ষ্ণিক)] বিণ. দধিসম্বন্ধীয়। ২। দধিযুক্ত।

দান (ন্) [দা (দান করা)+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. অর্পণ; সম্প্রদান। ২। বিতরণ; উৎসর্গ; ত্যাগ; দেওয়া। ৩। পাশাখেলায় ছক গড়াইয়া দেওয়ার নাম দান; অক্ষক্ষেপণ। (২) তাহা হইতে ভাগ্যক্রমে যাহা ঘটে যাহাতে বিচার বুদ্ধি কৌশল নাই। প্র—"ইহা কি বিশ্ববিধাতার দ্যূতক্রীড়াঘরে পাশাখেলার দান পড়া?"—রবি (তত্ত্ববোধিনী পত্রিকা ১৩১৯)। ৪। পড়তা; সুবিধা। "মন তুমি খেলাও না পাশা। * * * * * সতেরো আঠার দান মেরে ভেঙ্গে দেও যমের বাসা।"—বাংগান। ৫। তোলা; হাট বাজার হইতে বিনামূল্যে দ্রব্য গ্রহণ। প্র—"কানাই কদম্বমূলে ছলে দান সাধে। বদনে বিনোদবংশী বলে রাধে রাধে।"—ঘনরাম। ৬। [কর্ম্মে—অনট্] হস্তীর মদজল। ৭। [দে (পালন করা)+অনট্—ভাবে] রক্ষা; পালন। ৮। [দো (ছেদন করা)+অনট্—ভাবে] ছেদন; কর্ত্তন। ৯। [দৈ (শুদ্ধ করা)+অনট্] বি. শোধন। ১০। কর; রাজস্ব। প্র—"বিকিকিনির দান গোরস মানি যে বেশর দান নাহি শুনি॥ * * যদি দানের এগতি তুমি ত গোলোকপতি দান সাধিহ ঘরে ঘরে॥"—জ্ঞানদাস। **প্রতিগ্রহদান**—পূর্ণিমায় ভোজ্যদান, গ্রহণে দান, তীর্থে দান, শ্রাদ্ধে দান প্রভৃতি। ইহার পাত্র সুব্রাহ্মণ।—দানতত্ত্ব। **ভরণ-দান**—বর্ণনির্ব্বিশেষে গরীব দুঃখীকে দান।—দানতত্ত্ব।

দান (ন্) [ফা়—প্রত্যয়বিশেষ] অ. পাত্র; আধার। প্র—কলমদান; পানদান; পিকদান।

দানকুণা, দানকুণী (ন্) বি. ক্ষুদ্রাকৃতি শকলী মৎস্যবিশেষ; ডানকোণা দ্রঃ।

দানপতি (দানপোতি) [দান দ্বারা পতি (শ্রেষ্ঠ)—৬তৎ] বি. পুং. যে ব্যক্তি সতত দান করে; অতিশয় দাতা। প্র—"দেখ ধন দানপতি সুপ্রসন্ন বারমতি। ধন বংস মঙ্গল করএ জুগপতি।"—শূন্যপুরাণ। ২। অক্রূর।

দানপত্র (দান্‌পৎত্র) [দানবিষয়ক যে পত্র—কর্ম্মধা] বি. ক্লী. কোন বস্তুর উপর স্বীয় অধিকার ও স্বত্ব ত্যাগ করত অন্যকে তাহা দান করিবার নিদর্শন পত্র; অমুক বিষয় বা সম্পত্তি অমুক ব্যক্তিকে দান করিলাম এবং অতঃপর সেই বিষয়ে বা সম্পত্তিতে সেই ব্যক্তি সম্পূর্ণ স্বত্ববান্ হইলেন এবং আমার স্বত্ব ও অধিকার রহিত হইল এই মর্ম্মে লিখিতপত্র; a deed of gift.

দানব [দনু (কশ্যপভার্য্যা)+অ (অপত্যার্থে—ষ্ণ)] বি. পুং. অসুর; দনুজ; সুরারি।

দানবজ্র—বি. পুং. বৈশ্য।

দানবাড়ী (ন্) [দান—বাড়ী] বি. যে বাড়ীতে শ্রাদ্ধাদি উপলক্ষে দান করা হয়

দানবারি [দানবের অরি—৬তৎ] বি. পুং. দেবতা। ২। বিষ্ণু। ৩। [দান যে বারি (জল)] ক্লী. হস্তীর মদজল।

দানবীর (দান্‌বীর্) [দান বিষয়ে বীর (শূর)—৭তৎ] বিণ. দানই যাঁহার জীবনের প্রধান ব্রত; যিনি যাচকের বাসনাসিদ্ধির জন্য সর্ব্বস্ব ত্যাগে প্রস্তুত। ২। [অলঙ্কারশাস্ত্রে] দানশৌণ্ড নায়কবিশেষ।

দানশীল (দান্‌শিল্) [দান হইয়াছে শীল (স্বভাব) যাহার, বহু] বিণ. স্বভাবতঃ দাতা; বদান্য; যিনি দান করিতে কুণ্ঠিত হন না। স্ত্রী. **দানশীলা**।

দানশৌণ্ড (ন্) [দানে—শৌণ্ড (অতিশয় আসক্ত)—৭তৎ] বিণ. দানবীর; অতিশয় দাতা; দানশীল।

দানসজ্জা (দান্‌শজ্জা) [দান—সজ্জা (সাজ-উপকরণ)] বি. দানের উপকরণ; দানসামগ্রী। প্র—"বসিয়াছে দানসজ্জা বামদিকে লয়ে।"—অন্নদামঙ্গল।

দানসাগর (দান্‌শাগর্) [দান—সাগর, ৬তৎ। উপকরণাধিক্যে দানের সাগরবৎ] বি. পুং. শ্রাদ্ধোপলক্ষে দান; ষোলটী ষোড়শদান; ষোড়শদানের প্রত্যেক বস্তুর ষোলটী দানকে দানসাগর বলে। বঙ্গে ভূম্যাসনাদি ষোড়শ দানমাত্র দানসাগর-পদবাচ্য।

দানসামগ্রী (দান্‌শামগ্‌গ্রি) [দান—সামগ্রী] বি. দানের উপকরণসমূহ; দান করিবার মত জিনিষপত্র।

দানা [দানব শব্দজ] বি. দৈত্য। ২। ভূত। **দৈত্যদানা**—একার্থক সহচর শব্দ; দানবাদি।

দানা [ফা—শস্যের বীজ] বি. ছোলা ; চণক ; মটর ; কলাই। প্র—"এখন কেমন করে চড়বে গাড়ী জোটে নাক ঘোড়ার দানা।"—ঈশ্বর গুপ্ত। ২। বীজ। "প্রেয়সীর মুখখানা পাকা দাড়িমের দানা।"—কুঙ্কুম। ৩। আহার : ভোজ্যদ্রব্য। প্র—দানাপানি। ৪। মটরাদির ন্যায় গোল পদার্থ ; গুটিকা। প্র—দানাদার ঘী ; দানাবাঁধা। ৫। [গোল বীজাকার বলিয়া] স্বর্ণনির্ম্মিত কণ্ঠাভরণ : মালা। প্র—"গলাতে নির্ম্মিত মণিমাণিক্যের দানা"—কৃত্তিবাস।

দানাপানি, নী [ফা] বি. আহার ও পানীয়।

দানিশবন্দ (শ্) [ফা—দানিশ্‌মন্দ্] পুণ্যবান্ ; ধর্ম্মশীল। প্র—"বড়ই দানিশবন্দ কারো নাহি করে ছন্দ প্রাণ গেলে রোজা নাহি ছাড়ি॥"—কবিক।

দানী [দান (দ্রঃ)—ঈ (কারী অর্থে)] বি. যে দান সাধে ; হাটে, বাজারে, নদীতীর প্রভৃতি স্থানে রাজকর শুল্ক সংগ্রহকারী। প্র—"কথোদূরে গেল মাত্র দানী দুরাচার"—চৈতন্য-ভাগবত। ২। দাতা। প্র—"তুমি ধনী আমি দানী ইথে কিবা লজ্জা"।

দানীয় [দা+অনীয় (কর্ম্মে)] বিণ. যাহা দান করিতে হইবে ; দানযোগ্য। ২। [সম্প্রদানে অনীয়] বি. দানের পাত্র। ৩। দানের বস্তু।

দানু, দানুয়া, দেনো [দান+উয়া] বিণ. বিবাহ, শ্রাদ্ধ প্রভৃতি কর্ম্মোপলক্ষে দানস্বরূপ দত্ত ; নিবেদিত ; উৎসৃষ্ট। ২। দানকারী ; দাতা। দেনো জিনিস—তত ভাল জিনিস নয় ; অনুত্তম দ্রব্য।

দানো [সং—দানব—দানও=দানো] বি. দানা দ্রঃ।

দান্ত [দম্ (শাসন করা—উপশম করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যিনি স্বীয় রিপুগণকে দমন করিয়াছেন ; যাঁহার বাহ্যেন্দ্রিয়গণ বশীভূত হইয়াছে ; জিতেন্দ্রিয়। ২। [কর্ত্তৃ—ক্ত] তপঃক্লেশ সহিষ্ণু। ৩। দমিত ; বশীকৃত। ৪। দণ্ডিত ; শাসিত। ৫। সংযত ; শান্ত।

দান্ত [দন্ত+অ (ভবার্থে, ষ্ণ)] বিণ. দন্ত-সম্বন্ধীয় ; দন্তনির্ম্মিত। ২। [বৈদ্যকে] দমনক বৃক্ষ।

দান্তি [দম্+তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. দান্তের ভাব ; দম। ২। ইন্দ্রিয়-সংযম ; ৩। প্রশান্তি।

দাপ (প্) [দর্প শব্দজ] বি. দর্প ; গর্ব্ব ; অহঙ্কার। ২। পীড়ন ; অত্যাচার। ৩। প্রতাপ ; পরাক্রম ; তেজ। প্র—"বাপ্ বাপ্ বাপ্ একি গুমোটের দাপ"—ঈশ্বর গুপ্ত। ৪। চাপ ; চাপন ; দাপট (দ্রঃ)।

দাপক (ক্) [দপ্+ণিচ্=দাপি দান করান +অক (কর্ত্তৃ)] বিণ. দাপয়িতা ; যে দান করায়।

দাপট (ট্) [দাপ দ্রঃ। হি—ডপট্=মুখতাড়া ; ধমকি] বি. প্রতাপ ; প্রভাব। প্র—"দাপটে করিবি ধরা পুনঃ কম্পমান।"—কস্তুরী। ২। [হি—ডপট্—অশ্বাদির লম্ফ-গতির পদক্ষেপ বা টাপ] চাপন ; ভার। ৩। মাড়ামাড়ি ; মর্দ্দন ; দলন।

দাপদুপ, দুপদাপ (প্, প্) [শব্দাত্মক] বি. পদশব্দ ; গোড়ালি ঠুকিয়া চলিবার শব্দ। প্র—"দাপদুপ করে কোনখানে নাহি কেহ। কোন স্থানে আকাশ পাতাল যুড়ি দেহ॥"—শিবায়ন।

দাপন (ন্)] দাপি (দান করান)+অন (ভাবে, অনট্)] বি. ক্লী. দান করান। [বিরল] ২। [দাপ দ্রঃ] চাপন ; পদভার ; মর্দ্দন ; দলন। বিণ. দাপিত।

দাপনা [দাবনা দ্রঃ] বি. উরুদ্বয়ের যে অংশ সাম্‌নাসাম্‌নি থাকে এবং স্থূল হইলে পরস্পর সংলগ্ন হয়। ২। উরুর উপরিভাগের মধ্যস্থল। প্র—"অঙ্গুলী যুড়িয়া যায় সাপিনী ফিরিয়া চায় ছুঁয়ে যায় বাদিয়ার দাপনা।"—কবিক।

দাপনি, দাপুনি [সং—দর্পণ হইতে দপ্পণ—দাপন—কোমলার্থে দাপনি, দাপুনি তুল—দরপণি (চণ্ডীদাসে)] বি. দর্পণ ; আর্শি। প্র—"বিনোদপাটের থোপ রসের দাপনি"—কবিক। "প্রতি অঙ্গে ঝলকে দাপুনি"—জ্ঞানদাস।

দাপনি, দাপুনি [দাপন দ্রঃ] বি. চাপুনি ; ছাপ। ২। দাপাদাপি ; দুর্দ্দান্তপনা।

দাপাদাপি (দাপনি) [দাপ দ্রঃ] বি. দাপট ; মাড়ামাড়ি।

দাপান (নো) [দর্প—হইতে] ক্রি, হস্ত-পদাদির আস্ফালন বা সঞ্চালন। ২। দাপাদাপি করা।

দাপুনি [দাপন দ্রঃ] বি. প্রতাপ ; তেজ। ২। গর্ব্বপ্রকাশ। ৩। দাপনি দ্রঃ।

দাপ্য (দাপ্‌প) [দাপি+য (কর্ম্মে)] বিণ. দম্য ; দণ্ডনীয়। ২। দাতব্য ; দাপনীয়।

দাব (ব্) [দু (উপতাপে, উপতপ্তীকরণে) +অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, তাপ। ২। প্রতাপ ; তেজ। ৩। তাড়না ; ভর্ৎসনা। প্র—"অন্ন যদি পাত্র হতো পেত খুব দাব। কলিকালে নারীর কুটুম্বে বড় ভাব॥"—ধর্ম্ম-মঙ্গল। ৪। [কর্ত্তৃ—অ] বন। প্র—দাবদাহ ; দাবাগ্নি। ৫। অনল ; অগ্নি [বিরল]।

দাব (ব্) [হি—দাব=চাপ] বি. চাপ ; pressure. ২। শাসন ; দমন। প্র—তাহাকে খুব দাবে রেখেছে।

দাবড়, দাবড়া (দাব্‌ড়, দাব্‌ড়া) [দাপট দ্রঃ] বি. দাপট ; মাড়ামাড়ি ; চাপন। প্র—"বীরের দাবড়ে পড়ে নৃপতির দল। গজের চাপনে যেন ভাঙ্গে বন-নল॥"—কবিক। ২। ভয়প্রদর্শন ; তর্জ্জন ; ধমকি ; দাবড়ি দ্রঃ। ৩। ধাওয়া ; তাড়া। প্র—"বিশাল বিক্রমে বাঘে দিলেন দাবড়।"—ঘনরাম। ৪। তিরস্কার।

দাবড়ান (দাব্‌ড়ানো) [দাবড় (দ্রঃ)+আন (ক্রি, বিভক্তি) । উ-পু—দাবড়াই। ম-পু—দাবড়াও। প্র-পু—দাবড়ায়। অস-ক্রি—দাবড়াইতে ; দাবড়াইয়া ; দাবড়ি (পদ্যে) ; দাবড়িয়া ; দাবড়ে] ক্রি. দাবড়ি দেওয়া ; ধমকান। ২। তাড়া করা। ৩। দাপটান ; দাপাদাপি করা। বি. দাবড়ানি।

দাবড়ি [দাবড়া দ্রঃ] বি. ধমকি ; ভর্ৎসনা ; তাড়না ; তর্জ্জন। ২। দাবড়ান দ্রঃ।

দাবন (ন্) [হি—দাব্‌না। চাপা ; মর্দ্দন করা] বি. চাপন ; মর্দ্দন।

দাবলো (বো) [হি—দবঙ্গ্। দাব (দ্রঃ)+বাল] বিণ. দুর্দ্দান্ত। ২। বড় ও ভারী। ৩। [ফা—দবীজ্] মজবুত ; ভারসহ।

দাবা—বি. সতরঞ্চ খেলার মন্ত্রী ; ইং—the queen. ২। দ্বার ; প্রকোষ্ঠ ; দাওয়া। দাবাখেলা—সতরঞ্চ খেলা ; chess দুই রাজার মধ্যে যুদ্ধের অনুকরণে এই খেলার উৎপত্তি। দাবাবোড়ে—সতরঞ্চ খেলার উপকরণ ; বোড়ে দ্রঃ।

দাবা [হি—দব্‌না। তুল—ইং—dap ; জর্ম্ম—dappen ; প্রাচীন ডচ্—dabben to strike ; to strike gently with the hand ; ইং—dab=a sudden blow or hit. তুল—দাবড়ি। উ-পু—দাবি। ম-পু—দাব ; দাবুন ; দাব্। প্র-পু—দাবে। অস-ক্রি—দাবিতে ; দাবিয়া। ব্রজ—দাবাই। ণিজন্ত—দাবান] ক্রি, চাপা। প্র—"পাঁচনি বেত্র বামকক্ষে দাবই"—জ্ঞানদাস। ২। দমন করা। ৩। মর্দ্দন করা ; মাড়ান। ৪। টিপিয়া দেওয়া ; টেপা। বগল দাবা করিয়া—বগলে চাপিয়া।

দাবাগ্নি, দাবানল (ল্) [দাবের (বনের) অগ্নি (অনল) ৬তৎ] বি. পুং, বনাগ্নি ; কাষ্ঠে কাষ্ঠে ঘর্ষণ দ্বারা উৎপন্ন অনল ; বন দহনকারী অগ্নি। প্র—"ব্রজ পোড়ে দাবানলে পান করিলেন ছলে করিলেন কালিয় দমন।"—অন্নদামঙ্গল।

দাবান (নো) [দাবা দ্রঃ। উ-পু—দাবাই। ম-পু—দাবাও ; দাবান ; দাবা। প্র-পু—দাবে। অস-ক্রি—দাবাইতে ; দাবাইয়া, দাবিয়ে] ক্রি, চাপা ; চাপিয়া ধরা। ২। দমন করা ; শাসন করা।

দাবী [আ—দাআবী] বি. দাওয়া ; স্বত্বাধিকার ; আইনমতে প্রাপ্তিস্বত্ব ; claim. ২। নালিস ; অভিযোগ ; charge ; plaint. ৩। প্রার্থনা। **দাবীদাওয়া**—প্রাপ্তিস্বত্ব ; স্বত্বপ্রার্থনা। ২। অভিযোগ ; নালিস।

দাবীদার (র্) [আ—দাআবী+ফা—দার তুল—সং—দায়াদ] বিণ. যে দাবী করে ; স্বত্বপ্রার্থী ; ওয়ারিস।

দাবুড়ি [দাবড়ি দ্রঃ] বি. তিরস্কার। প্র—"সেচেন দাবুড়ি খেয়ে হইয়া নীরব"—শিবায়ন। "দেবী দিয়া দাবুড়ি রাখিল সেই খানে—" ঐ।

দাম (ম্) [দো (ছেদন করা) + মন্ (কর্ম্মে) = দামন্ ১ম, ১ব] বি, ক্লী. রজ্জু ; সূত্র। ২। শস্যমর্দ্দনার্থ যে দড়িতে গো-সকল বদ্ধ করা হয় ; দোঁকা ; মড়োদড়ি। ৩। মাল্য ; মালা। ৪। গুচ্ছ। প্র—কেশদাম। ৫। শৈবাল ; জলজ তৃণ। প্র—"নিরানন্দে নৈশ নীরে নলিনী সুন্দরী। বিষাদিত ছিল দামে বদন আবরি॥"—দীনবন্ধু মিত্র। ৬। [ফা] জাল। স্ত্রী. **দাম্নী, দামনী**—পশুবন্ধনরজ্জু।

দাম্ভিক (ক্) [দম্ভ+ইক (বিদ্যমানার্থে)] বিণ. দম্ভকারী ; অহঙ্কৃত ; দর্পী। ২। বঞ্চক ; কপটাচারী। ৩। কপটধর্ম্মী।

দায় (য়) [দা (দান করা) + অ (কর্ম্মে—ঘঞ্) য্ আগম] বি, পুং, পৈতৃক সম্পত্তি ; উত্তরাধিকার সূত্রে যাহাতে অধিকার জন্মে ; পূর্ব্বস্বামীর স্বত্ব-নাশের পর যাহাতে সম্বন্ধাধীন ব্যক্তির স্বত্ব প্রতিষ্ঠিত হয়। ২। সম্পত্তি ; ধন। ৩। ক্ষতি। প্র—"হায় কি হবে, হায় রে কি দায়। গাঙ্গে উঠেছে তুফান তায় নাহি জ্ঞান গুমানের গান তবু উড়ায় ॥"—বাং-গান, কালীপ্রসন্ন ঘোষ। ৪। সঙ্কট ; বিপদ ; উপদ্রব ; উৎপাত। প্র—"করিয়া অনেক ন্যায়, ঘুচাইনু সব দায় ভয় কিছু না করিও মনে।"—কবিক। "যে চরণে শরণ লয়ে দেবতা বাঁচে দায়ে।"—রামপ্রসাদ। ৫। জ্বালা ; মনস্তাপ ; ক্ষোভ। প্র—"বাম হস্ত নাপাক তসবী জপে তায়। হিন্দুরে নাপাক বলে এত বড় দায়॥"—অন্নদামঙ্গল। ৬। সংস্রব ; সম্বন্ধ। প্র—"তোমার সংহতি মম নাহি কোন দায়"—কাশী, মহা, বন। ৭। প্রয়োজন ; গরজ। ৮। [প্রা-বাং] দোহাই ; নাম। প্র—যেন মতে কলাই বেচি রাজাকে দেখিল। ঘরর শ্যামক আইল বাপ দায় দিয়া।"—মাণিক চাঁদের গান। [শ্যামক=স্বামীকে। বাপ দায় দিয়া=বাপ বলিয়া] ৯। কথা ; জিজ্ঞাস্য। প্র—"যবনেও বলে হরি অন্যের কি দায়।"—চৈতন্য ভাগবত। ১০। ক্রিয়া-কর্ম্ম ; বিবাহ, শ্রাদ্ধাদি বৃহৎ বা গুরুতর কর্ম্মভার। প্র—পিতৃদায় ; মাতৃদায় ; কন্যাদায়। বিণ. দায়ী। **দায় পড়েছে**—দায় পড়ে নাই ; গরজ নাই। প্র—তাকে বল্বার জন্য আমার দায় পড়েছে। **দায়ে পড়া**—বাধ্য হওয়া। ২। বিপদে পড়া। **দায়ে ঠেকা**—বিপদে পড়া। **পেটের দায়**—ক্ষুধার তাড়না। ২। অন্নাভাব ; অন্নচিন্তা।

দায়ক (ক্) [দা (দান করা) + অক (কর্ত্তৃ) য্ আগম] বিণ. দানকারী ; দাতা। ২। যে দেয় ; যে দণ্ড দেয় ; ক্ষতি পূরণকারী। ৩। যে মাথায় দায় চাপাইয়া দেয় ; দোষদায়ক। ৪। [দায় (ধন) + ক (বিদ্যমানার্থে)] বি, পুং, দায়াদ ; জ্ঞাতি। স্ত্রী. দায়িকা।

দায়গ্রস্ত (দায়্‌গ্রোস্‌তো) [দায়—গ্রস্ত (প্রাপ্ত)] বিণ. দায়ে পতিত ; দায় পীড়িত ; কর্ত্তব্যভারাক্রান্ত।

দায়ভাগ (য়্, গ্) [দায়ের (পৈত্রিক ধনের) ভাগ (অংশ) ৬তৎ] বি, পুং, পৈত্রিক ধন-বিভাগ। ২। জীমূতবাহন-কৃত পৈত্রিক ধন-বিভাগবিষয়ক গ্রন্থ।

দায়রা (য়্) [ফা] বি. সামরিক ফৌজদারি বিচার ; বৈঠক ; sessions court. ২। ফৌজদারী উচ্চ আদালত বসিবার কাল।

দায়াদ (দ্) [দায় (পৈত্রিক ধন) আদ (যে গ্রহণ করে)] বি, পুং, পুত্র। ২। ধন সম্পত্তির ন্যায্য অধিকারী ; উত্তরাধিকারী ; ধনভাগী। ৩। সগোত্র ; জ্ঞাতি ; সপিণ্ড।

দাম (ম্) [হি—দাম=মূল্য] বি. মূল্য ; পণ্য-শুল্ক ; বিনিময় বস্তু। প্র—"ভাল দেখে কিনে লয় দিয়ে ভাল দাম।"—ঈশ্বর গুপ্ত। ২। [হি—দাম] পয়সার ২৪ অংশের একাংশ। ২। আনার কুড়ি অংশের এক অংশ।

দামড়া (ম্) [সং—দম্য—অনড্বান্ ; বাছুর] বি, ছিন্নাণ্ড শিশু বৃষ ; মুষ্কহীন ষণ্ড।

দামড়ি (ম্) [হি—দমড়ী=অর্দ্ধ সিকি পয়সা] বি, পয়সার অষ্টমাংশ। ২। পাঁচ গণ্ডা ; ৫। হি—দামড়ি, হি—দাম—সিকি পয়সা।

দামরা (ম্) [শব্দাত্মক। দামা দ্রঃ] বি, ঢোল (মাণিক চাঁদের গানে)।

দামলিপ্ত (ম্) বি. ক্লী. তাম্রলিপ্তির নামান্তর।

দামা [দামামা (দ্রঃ)—সংক্ষেপে দামা] বি, আনন্দ বাদ্যযন্ত্রবিশেষ। প্র—"অশনির শব্দ যেন দামায় নিশান"—শিবায়ন। "রঙ্গিণী রণ জই দুন্দুভি বাজই ধন ঘোর বাজাইয়া দামা।"—ধর্ম্মমঙ্গল। ২। উদ্দাম হইতে। [প্রাদে] বিণ. উধুমিয়া ; গোঁয়ার ; দামাল।

দামামা (শব্দাত্মক) [সং—দম=দণ্ড। দণ্ডাঘাতে দম দম শব্দ হয় বলিয়া। ধামামাও বলে] বি, আনন্দ বাদ্যযন্ত্রবিশেষ ; বৃহৎ ঢক্কা ; রণবাদ্য ; drum. প্র—ধুধু ধুধুধু নৌবত বাজে। ঘন ভোরঙ্গ ভমভম দামামা দমদম ঝনন্ন ঝম ঝম ঝাঁজে।"—অন্নদামঙ্গল।

দামাল, দাম্বাল, ডামাল (ল) [দুর্দ্দম্য হইতে অথবা দর্প—দপ্প—দাপ+আল—দাপাল —যাহার দাপট আছে] বিণ, দুর্দ্দম্য ; দুর্দ্দান্ত ; দুরন্ত ; অশান্ত (শিশুপক্ষে)। প্র—"চলন বলন ঠাটে রইল দামাল। সঙ্গে সহচর সব সহর হাওয়াল॥"—ঘনরাম। প্র—"দামাল ছাবাল দুটি অন্ন চাহে ভুমে লুটি কথায় ভুলায়ে কেবা রাখিবে।"—অন্নদামঙ্গল।

দামিনী [দামন্+ঈপ্ (অস্ত্যর্থে) দাম অর্থাৎ পর্ব্বত বা পর্ব্বততুল্য মেঘ যাহার একদেশে বিদ্যমান আছে] বি, স্ত্রী. সৌদামিনী ; বিদ্যুৎ। প্র—"পবন তরল বসন মেলি। দামিনী বেড়লি চাঁদনি বেলি॥"—জ্ঞানদাস। "দামিনী তক তক, জামকী ধক ধক, ঝক মক চক মক থর তরবারা।"—অন্নদামঙ্গল।

দামুদর,—র্ [সং—দামোদর শব্দের গ্রা. রূপ] বি, বঙ্গদেশের প্রসিদ্ধ নদ। প্র—"কশী জোড়া পশ্চাৎ পবন গতি ধায়। দামুদর সম্মুখে দাখিল হৈল রায়॥"—ঘনরাম। ২। দামোদর দ্রঃ।

দামোদর (র্) [দামন্=দাম (রজ্জু) দ্বারা বন্ধনীকৃত হইয়াছে উদর (পেট) যাহার, বহু ; শিশু কৃষ্ণ অতি দুরন্ত ছিলেন বলিয়া যশোদা তাহার কোমরে দড়ি বাঁধিয়া রাখিতেন অথবা যিনি যশোদা কর্ত্তৃক বদ্ধ হইয়া রজ্জু উদরসাৎ করিয়া ছিলেন বলিয়া। মতান্তরে —"তিনি অতিশয় দান্ত ও ইন্দ্রিয়গণের মধ্যে সপ্রকাশ বলিয়া তাঁহার নাম দামোদর"—মহা (সিংহ)] বি, পুং, কৃষ্ণ ; মাধব। ২। বঙ্গদেশের প্রসিদ্ধ নদবিশেষ।

দাম্পত্য [দম্পতি+য (সম্বন্ধার্থে) বিণ. পতি পত্নী সম্বন্ধীয়। **দাম্পত্য-প্রণয়,—প্রেম**—পতি পত্নীর পরস্পর ভালবাসা ; দম্পতির মধ্যে অবিভক্ত অনুরাগ।

দায়িক (ক্) [দায়—ইক] বিণ, দায়ী ; বাধ্য।

দায়ী [দা (দান করা) + ইন্ (কর্ত্তৃ ণিম্) = দায়িন ১মা, ১ব] বিণ. দানকারী ; দায়ক (স্বতন্ত্র প্রয়োগাভাব ; অন্য শব্দের পরে প্রযুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে)। প্র—"ধনদায়ী ; কষ্টদায়ী। ২। [দায় দ্রঃ] যে দায়ে ঠেকিয়াছে ; দায়গ্রস্ত। ৩। দণ্ডদাতা। ৪। জবাবদিহি ; responsible. ৫। দোষী।

দায়ের (র্) [ফা] বিণ, বিচারাধীন।

দার (র্) [দৃ (বিদারণ করা, গ্রহণ করা) +অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, ঘঞ্)—যে স্বামীকে এরূপে গ্রহণ করে যাহাতে তাহার অঙ্গের প্রতি স্নেহ বিভক্ত হইয়া যায়। সং-তে নিত্য বহুবচনান্ত পুংলিঙ্গ শব্দ। আ—দার=গৃহ ; তুল—সং, "গৃহিণী গৃহমুচ্যতে"] বি, দারা ; ভার্য্যা ; পত্নী ; স্ত্রী। ২। [ভাবে—ঘঞ্] বিদার বিদারণ।

দার (র্) [ফা—দার্ (দাশুন হইতে)] অ, অন্ত্যার্থক : বিশিষ্টার্থক প্রত্যয়। প্র—"চুড়ীদার পাজামা ; বুটিদার শাল : দানাদার ঘী। ২। অধিকরণার্থক : ধারণার্থক প্রত্যয়। প্র—"জমিদার ; চাকলাদার। ৩। বৃত্তি, ব্যবসায় কর্ম্ম অর্থক প্রত্যয়। প্র—"বেলদার ; চৌকীদার ; দোকানদার। ৪। জনক, কারক বা উৎপাদকার্থক প্রত্যয়। প্র—"মজাদার ; বাজনদার ; গড়নদার। বি, দারি (দ্রঃ)।

দারক (ক্) [দৃ (বিদারণ করা) + অক (কর্তৃ—সংজ্ঞার্থে) যে মাতৃ কুক্ষি বিদারণ করিয়া ভূমিষ্ট হয়] বি, পুং, পুত্র। ২। বালক। ৩। দারুক দ্রঃ। ৩। বিদারক। স্ত্রী, দারিকা—কন্যা। প্র—"ভর্ত্তৃদারিকা।

দারকর্ম্ম [দার গ্রহণ রূপ যে কর্ম্ম (ক্রিয়া) —কর্ম্মধা] বি, ক্লী, দার পরিগ্রহ কর্ম্ম ; বিবাহ।

দারগা, দারোগা [আ—দারোগা] বি, পুলিশ বিভাগীয় কর্ম্মচারী ; থানার অধ্যক্ষ।

দারগ্রহণ (দার্গ্রোহোন্) [দারের (পত্নীর) গ্রহণ, ৬তৎ] বি, ক্লী, বিবাহ করণ।

দারণ (ন্) [দৃ + নিচ্ = দারি (বিদারণ করা + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ভেদন ; বিদীর্ণ করণ : বিদারণ। ২। [করণে, অনট্] বিদারক অস্ত্র। ৩। [কর্তৃ—অন] বিণ, বিদারক।

দারদ (দ্) [দরদ (দেশবিশেষ) + অ (অত্র ভবার্থে)] বিণ, দরদসম্বন্ধীয়। ২। দর্দ্দীস্থান বাসী।

দারপরিগ্রহ (দার্পোরিগ্রোহো) [দারের (পত্নীর) পরিগ্রহ (গ্রহণ) ৬তৎ] বি, পুং, পরিণয় ; উদ্বাহ।

দারব (ব্) [দারু + অ (নির্ম্মিতার্থে—ষ্ণ)] বিণ, দারুনির্ম্মিত ; কাষ্ঠময়।

দারহাম—দরহাম দ্রঃ।

দারা [দার দ্রঃ] বি, স্ত্রী, ভার্য্যা ; পত্নী ; স্ত্রী। প্র—"ইচ্ছায় না হলো যদি ভূপতির দারা। এখনি করিব তারে দ্রৌপদীর পারা॥"—ঘনরাম।

দারি [দার (দ্রঃ) + ই (ভাবে)—ফা প্রত্যয়] অ, বৃত্তিবাচক প্রত্যয়। প্র—খবরদারী ; তহবিলদারী। ২। সম্বন্ধার্থে। প্র—"গড়নদারী কাজ ; জমিদারী কাগজ পত্র।

দারিত [দৃ নিচ = দারি + ত(কর্ম্মে—ক্ত)] বিণ, বিদীর্ণ ; বিদারিত।

দারিদ [ব্রজ। সং—দারিদ্র্য ; প্রাকৃ—দালিদ্দ—দারিদ। প্রা-বাং] বি, দারিদ্র্য। প্র—না পুরে অলপ ধনে দারিদ তিয়াসা"—বিদ্যাপতি।

দারিদ্র, দারিদ্র্য (দারিদ্রো) [দরিদ্র + অ—য (ভাবে, ষ্ণ—ষ্ণ্য)] বি, ক্লী, দরিদ্রের ভাব ; নির্ধনত্ব ; অকিঞ্চনত্ব। প্র—"দারিদ্র্য দুর্গতি কর চূর্ণ।"—অন্নদামঙ্গল।

দারী [সং—দারা (স্ত্রী)—ক্রমে কদর্থে উপস্ত্রী] বি, স্ত্রী, গণিকা ; বেশ্যা। প্র—"জনক জননী অন্ধ জায়া ধর্ম্মশীলা। ঘর ত্যজি দারী সঙ্গে মন মজাইলা॥"—ঘনরাম। "নটী দারী নহে সব গৃহস্থের মেয়ে"—ধর্ম্মমঙ্গল।

দারু [দৃ (বিদীর্ণ হওয়া) + উ (কর্ম্মে) তুল—ফা—দার্ = কাষ্ঠ] বি, পুং, ক্লী, কাষ্ঠ ; ইন্ধন। ২। ক্লী, দেবদারু বৃক্ষ। ৩। [রাসাঃ পরিঃ] পিত্তল। [দ্রঃ—সং-তে—বিদারক, ছেদক, দাতা, কাষ্ঠ প্রভৃতি অর্থে প্রয়োগ আছে কিন্তু বাং-য় অপ্র]।

দারুক (ক্) বি, পুং, কৃষ্ণের সারথি। ২। দেবদারু গাছ। ৩। ক্লী, দারু ; কাষ্ঠ। স্ত্রী, দারুকা—কাষ্ঠ নির্ম্মিত পুত্তলি ; কাঠের পুতুল।

দারুচিনি—বি, বৃক্ষবিশেষের মধুরাস্বাদ ত্বক গুড়ত্বক ; ডালচিনি ...omum ...cylan

দারুজ [দারু (কাষ্ঠ) জ (জাত)] বিণ, দারুময় ; কাষ্ঠনির্ম্মিত। ২। বি, পুং, মাদল।

দারুণ (ন্) [দৃ + ণিচ্ = দারি + উন (কর্তৃ)] বিণ, অত্যন্ত ; অতিশয়। প্র—"দেখিল দারুণ বুড়া পড়ে মৃতপ্রায়"—শিবায়ন। ২। ভীষণ ; ভয়ঙ্কর ; ভয়ানক। প্র—দারুণমূর্ত্তি। ৩। উগ্র ; তীব্র। প্র—দারুণ শীত। ৪। অসহ্য ; দুঃসহ। প্র—দারুণ কষ্ট ভোগ। ৫। উৎকট ; কঠোর। প্র—দারুণ প্রতিজ্ঞা। ৬। ক্রূর ; নিষ্ঠুর ; নৃশংস। প্র—দারুণ স্বভাব। ৭। নিদারুণ ; মর্ম্মন্তুদ ; অতি কর্কশ ; মর্ম্মভেদী। প্র—দারুণ বাক্য। স্ত্রী, দারুণা—অক্ষয় তৃতীয়া। ২। দেবীবিশেষ।

দারুদহন (ন্) [দবদহন দ্রঃ] বি, দাবানল। প্র—"দুহুদিশ দারুদহনে যৈছে দগধই"—বিদ্যাপতি।

দারুপাত্র (—পাৎত্র) [দারুময় পাত্র—কর্ম্মধা] বি, ক্লী, কাষ্ঠনির্ম্মিত আধার।

দারুপিপীলিকা [দারু (কাঠ) পিপীলিকা] কাঠপিঁপড়ে। প্র—"কুসুম ভিতরে মাতা পাতিলেন মায়া। পলাশে রহিলা দারু পিপীলিকা হৈয়া॥"—কবিক।

দারুপুত্রিকা (—পুৎত্রিকা) [দারুনির্ম্মিত যে পুত্রিকা, কর্ম্মধা] বি, স্ত্রী, কাঠের পুতুল।

দারুময় (য়) [দারু + ময়] বিণ, কাষ্ঠময় ; কাঠে প্রস্তুত।

দারুব্রহ্ম (দারুব্রোম্হো) [দারু (দারুনির্ম্মিত) ব্রহ্ম (বিষ্ণু, নারায়ণ)] বি, জগন্নাথদেব। প্র—"দারুব্রহ্ম সর্ব্বাদৃত বিষ্ণুপঞ্জরেতে কৃত ইন্দ্রদ্যুম্ন স্থাপিত সম্পন্ন।"—অন্নদামঙ্গল।

দারুব্রহ্মা (দারুব্রোম্হা) বি, বিশ্বকর্ম্মা।

দারুসার (—শার্) [দারুর মধ্যে শ্রেষ্ঠ—৭তৎ] বি, ক্লী, চন্দন। ২। [দারুর সার, ৬তৎ] কাঠের মধ্যে শ্রেষ্ঠাংশ ; কাঠের সারভাগ।

দার্ঢ্য (দার্ঢো) [দৃঢ় + য (ভাবে—ষ্ণ্য)] বি, ক্লী, দৃঢ়তা ; স্থিরতা ; স্থৈর্য্য। কঠোরতা ; কাঠিন্য।

দার্ব্বট (ট্) [দারু—অট] বি, ক্লী, চিন্তা-বেশ্ম ; গৃহের যে স্থানে বসিয়া লোকে চিন্তা করিত (পল্লীগ্রামে দাওয়ায় বসিয়া গালে হাত দিয়া ভাবিবার কথা প্রায়ই শুনা যায়) তাহা হইতে—দাওয়া ; রক। ২। মন্ত্রণাগৃহ।

দার্ব্বী—বি, স্ত্রী, পার্ব্বত্যক্ষুপবিশেষ ; দারুহরিদ্রা ; berberis aristata. ২। দেবদারু গাছ।

দার্শনিক (ক্) [দর্শন (শাস্ত্র) + ইক (ষ্ণিক)] বিণ, মনস্তত্ত্ববিদ্যায় পারদর্শী ; তত্ত্ববিদ্যায় পণ্ডিত ; দর্শনশাস্ত্রজ্ঞ ; philosopher. ২। দর্শনশাস্ত্রসংক্রান্ত।

দার্ষ্টান্তিক (ক্) [দৃষ্টান্ত + ইক (ষ্ণিক)] বিণ, দৃষ্টান্তঘটিত ; দৃষ্টান্তসম্বন্ধীয়। ২। উপমেয় ; দৃষ্টান্তবিশিষ্ট।

দাল (ল্) [দ্বিদল শব্দজ] বি, দাইল ; ডাল ; কলায় জাতীয় শস্যের অর্দ্ধভাগ করা বীজ।

দালনা (ল্) [ডাল্‌নাও বলে। প্রাদে] বি, মসলা যোগে সিদ্ধ ব্যঞ্জনবিশেষ।

দালপুরী, ডালপুরী (ল্) [দাল—দালের পুর দেওয়া পুরী] বি, ময়দার গুটিকার মধ্যে ডাইল বাটা দিয়া প্রস্তুত রোটিকা।

দালভ্য (দাল্‌ভ) বি, পুং, দলভ মুনির পুত্র-বিশেষ। ২। তীর্থবিশেষ।

দালান (ন্) [ফা—দালান্] বি, কোঠাঘর ; পাকাঘর। ২। প্রকোষ্ঠ ও বাহিরের অনাবৃত বারান্দার মধ্যবর্ত্তী ছাদবিশিষ্ট লম্বা গৃহ ; a hall. দরদালান (দ্রঃ)।

দালাল (ল্) [আ—দাল্লাল্] বি, মধ্যস্থ। ২। ক্রয় বিক্রয়ের সংঘটক গ্রাহক বা মাল-পত্র সংগ্রহ-কর্ত্তা। ৩। ঘটক। বি, দালালি—দালালের কার্য্য। ফোপল-দালাল—ফোঁপরা অন্তঃসারশূন্য দালাল ; নামে দালাল কিন্তু অকর্ম্মণ্য। তুল—হি—ফক্কড় দল্লাল। বি, ফোপল-দালালি—অনর্থক বা মিথ্যা মধ্যস্থতা।

দাশ (শ্) [দাশ্ (বধ করা) + অ (কর্তৃ, সংজ্ঞার্থে—অল্)] বি, পুং, ধীবর। ২। [দাশ্ (দান করা) + অ (অল্—সম্প্রদানে)] দানপাত্র [প্র, অ]।

দাশরথ, দাশরথি (থ্, রো) [দশরথ+অ, ই (অপত্যার্থে—ষ্ণ, ষ্ণি)] বি, পুং, অযোধ্যাপতি দশরথের পুত্র রামচন্দ্র। ২। [সম্বন্ধার্থে—অ, ই] বিণ, দশরথ সম্বন্ধীয়।

দাশরাত্রিক (—রাৎত্রিক্ [দশরাত্র+ইক (ষ্ণিক)] বিণ, দশরাত্রিব্যাপী। ২। দশরাত্রসাধ্য। ৩। দশরাত্র-সংক্রান্ত।

দাশার্হ [দশার্হ (যদুবংশ বা দেশবিশেষ) +অ (ষ্ণ)] বিণ, দশার্হদেশ-সংক্রান্ত। ২। যদুবংশীয়। ৩। বি, কৃষ্ণ।

দাস (শ্) [দাস্ (দান করা)+অ (সম্প্রদানে—অল্) যাহাকে পারিশ্রমিক দান করা হয়] বি, পুং, ভৃত্য ; পরিচারক। ২। কৃতদাস। (২) ক্রীতদাস। ৩। ধীবর। ৪। শূদ্রের উপাধি। ৫। অনুগত জন। ৬। [প্রা, সং, সাহিত্যে] দস্যু ; কৃষ্ণবর্ণ অনার্য্য জাতি। স্ত্রী, দাসী। **অবস্থার দাস**—অবস্থার সম্পূর্ণ বশবর্ত্তী : যখন যেমন দশা ঘটে তখন যে তাহার অনুযায়ী চলে। [দ্রঃ—ওড়ি—দাস শব্দের অকারান্ত উচ্চারণ। বাং-য় অকারান্ত প্রায় ওকারান্ত হইয়া যায় ক্রমে উচ্চারণানুযায়ী বানানে "দাসো"—অর্থ ওড়িয়া ভৃত্য। প্র—"দাসো জলের কলসী স্কন্ধে"—টেকচাঁদ]।

দাসখত (দাশ্খত্) বি, দাসত্ব-স্বীকার-পত্র : দাস হইলাম বলিয়া যে পত্র স্বাক্ষর করিয়া দেওয়া হয়।

দাসত্ব (দাসৎত) [দাস+ত্ব (ভাবে)] বি, ক্লী, দাসের কর্ত্তব্য : দাস্যবৃত্তি ; নির্দ্দিষ্ট বেতনে পরসেবা কর্ম্ম ; চাকরি। **দাসত্ব শৃঙ্খল**—দাসত্বের বন্ধন ; পরাধীনতারূপ বেড়ী। প্র—"স্বাধীনতা-হীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায় ! দাসত্ব শৃঙ্খল বল কে পরিবে পায় হে, কে পরিবে পায় ॥"—পদ্মিনী উপাখ্যান।

দাসনন্দিনী (দাশ্নোন্দিনি) [দাসের (ধীবরের) নন্দিনী (কন্যা) ৬তৎ] বি, স্ত্রী, ধীবরী। ২। মৎস্যগন্ধা ; ব্যাসজননী : সত্যবতী।

দাসী (দাশি) [দাস (দ্রঃ)+ঈ (স্ত্রী)] বি, স্ত্রী, পরিচারিকা : ঝি। ২। শূদ্রার উপাধি। ৩। ধীবরী। ৪। বিণ, অনুগতা।

দাসুসাহি (দাশুশাহি) [প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"দাসুসাহি বাঁশফুল ছিলাট করুচি।"—অন্নদামঙ্গল।

দাসেয় (দাশেঅ) [দাস+এয় (অপত্যার্থে ঢেয়)] বি, পুং, ধীবর। ২। [দাসী+এয়] দাসীপুত্র। ৩। বিণ, দাসজ। স্ত্রী, **দাসেয়ী**—সত্যবতী ; মৎস্যগন্ধা।

দাসো (দাশো)—দাস দ্রঃ।

দাস্ত [ফা—দস্ত্=ভেদ] বি, মলভেদ।

দাস্য (দাশ্শ) [দাস+য (ভাবে, ষ্ণ্য)] বি, ক্লী, দাসের বৃত্তি ; দাসত্ব। ২। [বৈষ্ণব ভক্তিশাস্ত্রে] উপাস্যের সহিত উপাসকের সেব্য সেবকের সম্বন্ধ ও ভাব। স্ত্রী, **দাস্যা**।

দাস্যবৃত্তি—চাকরি।

দাহ [দহ্ (দগ্ধ করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, দহন ; জ্বলন। ২। জ্বালা। ৩। সন্তাপ : আন্তরিক যাতনা ; মনস্তাপ। ৪। দেহের উত্তাপ ; জ্বর। ৫। মৃতসৎকার ; শবদাহ।

দাহক (ক্) [দহ্+অক (কর্ত্তৃ)] বিণ, দহনকারী। ২। দাহ-জনক : জ্বালাকর। ৩। বি, পুং, চিত্রক বৃক্ষ ; রাঙ চিতার গাছ।

দাহঘ্ন [দাহ (দহন) ঘ্ন (নাশক)] বিণ, দাহবিনাশকারী। ২। শরীরের দাহনাশক ; জ্বর নাশক।

দাহজ্বর (দাহজ্জর্) [দাহ প্রধান যে জ্বর—কর্ম্মধা] বি, পুং, গাত্রদাহকর জ্বর।

দাহন (ন) [দহ+ণিচ=দাহি—(দগ্ধ করান)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, দগ্ধকরণ। ২। প্রজ্বালন। ৩। সন্তাপন। ৪। বিণ, দাহক ; দহনকারী। প্র—"কিন্তু হারে জেনে শুনে দুরিত দুঃখ-দাহনে আপনি আপনা তুমি করিলে অর্পণ।"—কালীপ্রসন্ন ঘোষ।

দাহময় (য়্) [দাহ+ময় (অতিশয়ার্থে—ময়ট্] বিণ, প্রদাহযুক্ত।

দাহিত [দাহি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, দগ্ধীকৃত ; ভস্মীকৃত।

দাহিতে [দহা দ্রঃ। দহিতে শব্দের ণিজন্তরূপ] ক্রি, দহন করাইতে : পোড়াইতে। প্র—"দাহিতে কনক দ্বিগুণ হোয় মূল"—বিদ্যাপতি।

দাহী [দহ্ (দগ্ধ করা)+ইন্ (কর্ত্তৃ, ণিন্) =দাহিন্ ১মা, ১ব] বিণ, দগ্ধকারী ; দাহোৎপাদক ; দাহজনক।

দাহ্য (দাজ্ঝ) [দহ্+ণিচ=দাহি+য (কর্ম্মে, ঘ্যণ্)] বিণ, দহনযোগ্য ; যাহাকে দাহ করা উচিত। ২। যাহা সহজে প্রজ্বলিত হয় ; বিস্ফোরক। প্র—"দাহ্য পদার্থ।

দি [সং—দা ধাতু। "দিই" ও হয়। প্রা] ক্রি, দেই ; দান করি। প্র—"নগর চত্বর আর যে মাগ তা দি"—শিবায়ন।

দিও [দেআ (দ্রঃ) ধাতু। ম পু—অনুজ্ঞা, ভবিষ্যৎকাল বাচক] ক্রি, দান করিও।

দিও না [দিও দ্রঃ। দিও+না (নিষেধার্থে)] ক্রি, দান করিও না। ২। [অনুনয় বা অনুরোধার্থে, কোমল কণ্ঠস্বরে উচ্চারিত] দিও ; দান করিও।

দিক্ [সং—দিক্। দিশ্ (দান করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) যে অবকাশ দান করে] বি, স্ত্রী, অভিমুখ ; উত্তর, পূর্ব্ব, দক্ষিণ, পশ্চিমাদি দশদিক্। প্র—"দিগ্ভ্রম হইলে কোন্টা উত্তর কোন্টা দক্ষিণ কিছুই ঠিক করা যায় না।" ২। অংশ। প্র—"কোন দিক্ রামের ভাগে আর কোন দিক্ শ্যামের ভাগে পড়িল। ৩। প্রদেশ : অঞ্চল। প্র—"তাহারা দক্ষিণ দিক্ হইতে আসিয়া এদেশে বাস করিতেছে। ৪। সীমা। প্র—"ভারতবর্ষের উত্তরদিক্ যেমন অভ্রভেদী পর্ব্বত-মণ্ডিত ইহার দক্ষিণ দিক্ তেমনি অতলস্পর্শ সমুদ্র-বেষ্টিত"। ৫। পক্ষ। প্র—"এ মামলায় সে কাহার দিকে থাকিবে? সে কোন দিকেই থাকিতে চাহে না"। ৬। দিক্ ভ্রম : দিশা। ৭। [হি—দিক্] বিণ, বিরক্ত : উত্ত্যক্ত। **দিক করা**—ব্যস্ত করা ; উত্ত্যক্ত করা।

দিকাদিক (ক্) [দিক্+অদিক] বি, দিগ্বিদিক। প্র—"দিকাদিক ভেদ নাই টলমল সর্ব্ব ঠাঁই ঘোর অন্ধকার ঘোর তপে।"—অন্নদামঙ্গল।

দিক্করী [দিক্—করী (গজ)] বি, দিক্হস্তী ; ঐরাবতাদি দিগ্গজ। প্র—"সে অসুর মহাবলে মহেশ পূজার ফলে দিক্করী তুলিয়া আছাড়ে।"—কবিক।

দিক্দার (দিক্দার্) [হি—দিক+ফা—দার্] বিণ, বিরক্তকারী ; উত্ত্যক্তকারী। ২। ক্লেশদায়ী। বি, **দিকদারী, দেক্দারী**—বিরক্তি।

দিক্পতি, দিক্পাল (দিক্পোতি, পাল্) [দিশ্=দিক্—পতি (অধিপতি, প্রভু) পাল (যে রক্ষা করে—রক্ষক)—৬তৎ] বি, পুং, উত্তর পূর্ব্বাদি দশদিকের দশ অধিপতি বা রক্ষক। প্র—"দেবতা অসুর রক্ষ অপ্সর কিন্নর যক্ষ সবে ভোগ করে নানা রস। গন্ধর্ব্ব ভুজঙ্গ নর সিদ্ধ সাধ্য বিদ্যাধর নবগ্রহ দিক্পাল দশ॥"—অন্নদামঙ্গল। ইন্দ্র, বহ্নি, যম, নৈর্ঋত, বরুণ, বায়ু, কুবের, ঈশান, ব্রহ্মা ও অনন্ত পূর্ব্বাদিক্রমে দশদিক্ রক্ষা করেন। ২। যাহার দিক্পাল সদৃশ ঐশ্বর্য্য ও ক্ষমতা আছে, প্রবল প্রতাপান্বিত ব্যক্তি ; প্রধান ব্যক্তি।

দিক্শূল (ক্, ল্) বি, ক্লী, গ্রহনক্ষত্রাদির অশুভজনক অবস্থিতি হেতু দিগ্বিশেষে যাত্রা-নিষিদ্ধ দিন।

দিগ্—দিক্ দ্রঃ।

দিগন্ত [দিক্+অন্ত (শেষ)] বি, দিকের সীমা বা শেষ ; অনন্ত ব্যবধান ; **দিগন্তপ্রসারী, দিগন্তব্যাপী**—যাহা অনন্ত স্থান পরিব্যাপ্ত হইয়াছে।

দিগন্তর (র্) [দিক্+অন্তর] বি, দিকের দূরত্ব বা অবকাশ। ২। অন্য দিক।

দিগম্বর (র্) [দিক হইয়াছে অম্বর (বস্ত্র) যাহার, বহু] বি, পুং, শিব (নিরাবরণ

বলিয়া)। প্র—"বিরূপাক্ষ দিগম্বর ত্র্যম্বক গিরিশ হর রুদ্র পুরহর স্মরহর।"—অন্নদামঙ্গল। ২। বৌদ্ধবিশেষ। ৩। ক্লী, অন্ধকার। ৪। বিণ, বস্ত্রবিহীন; উলঙ্গ; বিবস্ত্র। প্র—"বিয়ার বেলা এয়োর মাঝে হৈল দিগম্বর লো।"—অন্নদামঙ্গল। "কি জানি তপের ফলে পাইয়াছি হর। সই সাঙ্গাতি নাহি থাকে দেখি দিগম্বর॥"—কবিক। স্ত্রী, **দিগম্বরী**—দিগ্‌বসনা। ২। কালী। প্র—"এ কার রমণী নাচে রণমাঝে মুক্তকেশী দিগম্বরী"—বাং-গান।

দিগর, দিগের (র্) [ফা—দিগর্; সং—গণ। মধ্য-বাং-য়] স, বাঙ্গালা কর্ম্মের, সম্বন্ধের ও অধিকরণের বিভক্তি। প্র—"আমারদিগরকে", "আমারদিগরের", তোমারদিগের, তাহারদিগের।

দিগারী [প্রাদে] বি, চুরি ডাকাইতি প্রভৃতি জন্য ক্ষতিপূরণের দায়িত্ব গ্রহণহেতু প্রাপ্য অর্থ। প্র—"মোর শিরে দায় যদি হয় ডাকা চুরি। পঞ্চাশ কাহন চাহি আমার দিগারী॥"—কবিকঙ্কণ।

দিগীশ্বর (দিগীশ্‌শর্) [দিকের ঈশ্বর, ৬তৎ] বি, পুং, দিকপাল।

দিগ্‌গজ (জ্) [দিক্‌রক্ষক যে গজ—কর্ম্মধা] বি, পুং, দিকহস্তী; ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত, সার্ব্বভৌম, ও সুপ্রতীক নামক অষ্ট দিগ্‌গজ, পূর্ব্বাদি অষ্ট দিক্ রক্ষক হস্তী। প্র—"রত্ন গজ আদি গজ দিগ্‌গজ সংখ্যায়। উচ্চৈঃশ্রবা উচ্চৈঃশ্রবা অশ্বের লেখায়॥"—অন্নদামঙ্গল। ২। মহাকায়: বৃহদাকার: প্রকাণ্ড। প্র— [ত্রি]। ৩। [ব্যঙ্গার্থে] মহামূর্খ; হস্তীমূর্খ। প্র—তিনি একটী দিগ্‌গজ। **দিগগজ পণ্ডিত**—[দিগ্‌গজ উপমার্থে] মহা-পণ্ডিত: সর্ব্বশাস্ত্রবিশারদ।

দিগ্‌জ্ঞান (দিগ্‌গ্যান্) [দিক্—জ্ঞান] বি, ক্লী, দিগ্‌নির্ণয় জ্ঞান। দিক্ সমূহের জ্ঞান। ২। অগভীর জ্ঞান; সামান্য জ্ঞান।

দিগদর্শন (দিগ্‌দশন্) [দিক্—দর্শন] বি, ক্লী, দিক্ নির্ণায়ক যন্ত্র। ২। বহুদর্শন।

দিগ্‌দিগন্ত [দিক্—দিগন্ত (দ্রঃ) = দিক হইতে দিগন্ত পর্য্যন্ত] বি, দিক্ হইতে দিক্-সীমা পর্য্যন্ত; দিগ্‌বিদিক্; সমস্ত দিক্; দিকের অনন্ত বিস্তার।

দিগ্‌দিগন্তর (র্) [দিক্+দিগন্তর (দিক্+অন্তর—দিকের অন্তর = বিদিক)] ক্রি-বিণ, দিগ্বিদিক্; সকল দিক্; দিকে দিকে। ২। এক দিক্ হইতে অন্য দিক্।

দিগ্ধ [দিহ্ (লেপন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, লিপ্ত; মিশ্রিত। প্র—বিষদিগ্ধ বাণ।

দিগ্‌ধাউড়ি [দিক্+ধাউড় (দ্রঃ)+ইয়া রূপান্তর, দিগ্‌ধাবাড়ি, দিগ্‌ধাব্‌ড়ে।] বিণ, যে দিকে দিকে ধাওয়া করে; চতুর্দ্দিকে বিস্তৃত। প্র—"অধিক বয়সে বিয়ে দিলে একটা মস্ত দিগ্‌ধাব্‌ড়ে জামাই আসবে।"—টেকচাঁদ।

দিগধেড়েঙ্গা [দিগ্‌ধাউড়িয়া—অঙ্গ—আ (অসুন্দরার্থে)] বিণ, বে-মানানসই লম্বা; দীর্ঘাঙ্গ। তুল—ঢেঙ্গা হট্‌কা।

দিগ্বসন (দিগ্‌বশন্) [দিক্ হইয়াছে বসন (বস্ত্র) যাহার, বহু] বি, পুং, দিগম্বর। স্ত্রী, —**দিগ্বসনা**—দিগম্বরী; কালী। প্র—"দিবানিশি ভাবরে মন, অন্তরে করালবদনা। নীল কাদম্বিনী রূপ মায়ের, এলোকেশী দিগ্বসনা॥"—রামপ্রসাদ। "হর-উরোপরে কে বিহরে ললনা তিমির-বরণা দিগ্‌বসনা।"—বাং-গান (রঘুনাথ রায়)।

দিগ্বস্ত্র [দিক্ হইয়াছে বস্ত্র (অম্বর, আবরণ) যাহার, বহু] বি, পুং, শিব; দিগম্বর দ্রঃ।

দিগ্‌বাজী (দিগ্‌বাজি) [দিক্—বাজী। "ডিগ্‌বাজী" ও বলে। হি—কলাবাজী] বি, মাথা হেঁট করিয়া বিপরীত দিকে উল্টাইয়া পড়া। ক্রি, **দিগবাজী খাওয়া**।

দিগ্বিজয় (য়্) [দিক্—বিজয়, ৬তৎ] বি, পুং, সংগ্রামে সকল দিক্ অধিকার। ২। বিদ্যার বিচারে সকল দিকের পণ্ডিতমণ্ডলীকে পরাস্ত করিয়া সকলের উপর আধিপত্য স্থাপন।

দিগ্বিজয়ী (জো) [দিক্—বিজয়+ইন্ (অস্ত্যর্থে) = বিজয়িন্ ১মা, ১ব] দিগ্বিজয়কারী।

দিগ্‌বিদিক, দিগ্বিদিক (ক্) [দিক্ (পূর্ব্বাদি চার দিক্) বিদিক্ (ঈশানাদি চার কোণ)] বি, অষ্টদিক্; দশদিক্; সকল দিক্। ২। অনুকূল ও প্রতিকূল দিক্; গন্তব্য দিক্ ও বিপরীত দিক্। প্র—"কৃষ্ণ ক্রীড়া-রসে দিগ্‌বিদিগ্ নাহি মানে।"—জ্ঞানদাস। "সম্মুখে শয়ান সিন্ধু দিগ্বিদিক্ হারাইয়া।"—রবি। ৩। সু-কু; ভাল-মন্দ; ন্যায়-অন্যায় গুরু-লঘু। প্র—তাহার দিগ্বিদিক্ জ্ঞান নাই বলিয়াই যাহাকে যাহা ইচ্ছা বলিয়া থাকে।

দিঙ্‌নাগ (গ্) [দিক্‌স্থিত যে নাগ (হস্তী)—কর্ম্মধা] বি, পুং, দিগ্‌গজ।

দিঙ্‌মণ্ডল (মো, ল্) [দিক্—মণ্ডল] বি, ক্লী, দিক্‌চক্রবাল।

দিঙ্‌মাত্র (—মাৎত্র) [দিক্—মাত্র] বি, ক্লী, একদেশ। ২। অংশমাত্র: একাংশ।

দিঙ্‌মূঢ় [দিক্—মূঢ় (ভ্রান্ত)—৭তৎ] বিণ, দিগ্‌ভ্রান্ত।

দিঠ, দিঠি (ঠ্) [দৃষ্টি শব্দজ] বি, দৃষ্টি; চক্ষু। প্র—এক দিঠ করি ময়ূর ময়ূরী কণ্ঠ করে নিরীক্ষণে।"—চণ্ডীদাস। "তরল তব সজল দিঠি মেঘের চেয়ে কালো।"—রবি। "অলখিতে দিঠি কব হৃদয়ে পসারলি।"—বিদ্যাপতি। ক্রি-বিণ, **দিঠে**—দৃষ্টিতে। ২। দিকে। প্র—"আইস বাছা পরমহংস থাক মোর দিঠে।—শূন্যপুরাণ।

দিঢ় [গ্রা—দৃঢ় অপভ্রংশে] বিণ, দৃঢ়; শক্ত। প্র—"সেতাই পণ্ডিত হৈল উপনীত দিঢ় করি নিল মুঠি।"—শূন্যপুরাণ।

দিতি [সং। "দিতির্দৈত্যজননম্যা"—মেদিনী] বি, স্ত্রী, কশ্যপমুনির ভার্য্যা; দৈত্যজননী; অদিতির ভগিনী।

দিতিজ [দিতি হইতেজ (জাত)] বি, পুং, দিতির গর্ভজ; দৈত্য; দানব।

দিৎসা (শা) [দা (দান করা)+স (ইচ্ছার্থে, সন্—দ্বিত্ব) = দিৎস্+অ (ভাবে—অঙ্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, দানের ইচ্ছা; দানাভিলাষ।

দিৎসু (শু) [দা+স (ইচ্ছার্থে, সন্) = দিৎস+উ—কর্ত্তৃ] বিণ, দান করিতে ইচ্ছুক।

দিদি [দাদা দ্রঃ] বি, জ্যেষ্ঠাভগিনী: অগ্রজা।

দিদৃক্ষমাণ (ন্) [দৃশ্ (দেখা)+স (ইচ্ছার্থে, সন্) = দিদৃক্ষ+আন (কর্ত্তৃ—আনশ্)] বিণ, দর্শনাভিলাষী।

দিদৃক্ষা [দৃশ্ (দেখা)+স (ইচ্ছার্থে, সন্) = দিদৃক্ষ+অ (ভাবে—অঙ্)—আপ্—স্ত্রী] বি, স্ত্রী, দর্শনাভিলাষ।

দিদৃক্ষু [দৃশ্+স (ইচ্ছার্থে—সন্) = দিদৃক্ষ+উ (কর্ত্তৃ)] বিণ, দর্শনেচ্ছু।

দিন (ন্) [দো (ছেদন করা)+ইন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে অন্ধকার দূর করে] বি, পুং, ক্লী, সূর্য্যোদয় ও সূর্য্যাস্তের মধ্যবর্ত্তী কাল; দিবস: দিবা। প্র—হেরি অন্ধকার, হে উদ্ধব, ব্রজের ধব মাধব বিনে। অক্রূর হরে লয় যে দিন দীনবন্ধুকে, দিন গেছে সে দিন, নিশিদিন হয়েছে আজি দীনে॥"—দাশরথি। ২। সূর্য্যের উদয় অবধি পুনরুদয় পর্য্যন্ত ২৪ ঘণ্টা কাল: দিবস; অহোরাত্র। ৩। প্রতিপদ হইতে অমাবস্যার পর পূর্ণিমা পর্য্যন্ত তিথি নিরূপিত কালকে চান্দ্রমাস বলে—ঐ চান্দ্রমাসে এক তিথিতেই দিন শব্দ ব্যবহৃত হয়। **দিন করা**—দ্বিরাগমন করা; নববধূর প্রথম শ্বশুরালয়ে আগমন করা। **দিন কেনা**—সুযোগমত কার্য্য উদ্ধার করা; নিজের কাজ গুছাইয়া লওয়া। **দিনদিন**—প্রতিদিন; প্রত্যহ।

দিনকর (র্) [দিন—কর (যে করে)] বি, পুং, অন্ধকার-হরণকারী; দিবাকর; সূর্য্য। ২। অর্কবৃক্ষ।

দিনক্ষয় (য়্) [দিনের (তিথির) ক্ষয় (অবসান) ৬তৎ)] বি, পুং, তিথিক্ষয়। ২। একসাবন দিনে তিন তিথির ক্ষয়।

দিনপতি (—পোতি) [দিনের পতি (প্রভু, প্রবর্ত্তক)—৬তৎ] বি, পুং, সূর্য্য।

দিনপাত (ত্) [দিনের পাত (গমন করান) ৬তৎ] বি, পুং, দিন অতিবাহন ; কালযাপন ; দিনকাটান,: সংসারযাত্রা নির্ব্বাহ। ৩। চান্দ্রতিথির ক্ষয়।

দিনবন্ধু (—বোন্ধু) [দিনের বন্ধু—৬তৎ] বি, পুং, সূর্য্য।

দিনমান (ন্) [দিনের মান (পরিমাণ)—৬তৎ] বি, ক্লী, সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্তকাল পর্য্যন্ত : যতক্ষণ সূর্য্যালোক থাকে। ২। সারাদিন।

দিনমুখ (খ্) [দিনের মুখ (অগ্রভাগ) ৬তৎ] বি, ক্লী, প্রভাত : প্রত্যূষ। ২। দিনের মুখ বা প্রকাশক ; সূর্য্যের দ্বারা দিন উৎপন্ন হয় বলিয়া—সূর্য্য। প্র—"দিনমুখ রবি কোকনদ ছবি অতুল পদ দুখানি।"—অন্নদামঙ্গল।

দিনযামিনী (—জামিনি) [দিন ও যামিনী (রাত্রি)—দ্বন্দ্ব] বি, স্ত্রী, দিবানিশি : নিশিদিন।

দিনহি [ব্রজ। দিন—হি=মাহি—মধ্যে] ক্রি-বিণ, দিনে ; দিবসমধ্যে। প্র—দন্দ দিনহি দীনহীনা সো পুন পালটি ক্ষণে ক্ষণে ক্ষীণা।" —বিদ্যাপতি।

দিনান্ত [দিনের অন্ত (অবসান) ৬তৎ] বি, পুং, দিবসের শেষ। প্র—"চাইনা চন্দ্রমা রবি নন্দন কানন। দিনান্তে বারেক যদি পাই দরশন॥"—দীনবন্ধু মিত্র। ২। সায়ংকাল : সন্ধ্যা।

দিনেমার (র্) [ইং—Denmark হইতে] বি, ডেনমার্কের অধিবাসী। প্র—"দিনেমার এলেমান করে গোলন্দাজী"—অন্নদামঙ্গল।

দিনেশ (শ্) [দিনের ঈশ (ঈশ্বর)—৬তৎ] বি, পুং, দিনপতি : সূর্য্য। ২। অর্কবৃক্ষ।

দিনেশাত্মজ (—শাৎতঁজ) [দিনেশের (সূর্য্যের) আত্মজ (পুত্র)—৬তৎ] বি, পুং, সূর্য্যপুত্র—শনিগ্রহ, যম, সুগ্রীব, ও কর্ণ। ২। [দিনেশ হইয়াছে আত্মজ যাহার, বহু] কশ্যপমুনি। স্ত্রী, **দিনেশাত্মজা**—যমুনা।

দিব [দিব্য হইতে] বি, শপথ। প্র—"আপন দিব তব যদুবন্ধু জান"—বিদ্যাপতি। "তব ধনী দিব দেই নিজ মাথে"—জ্ঞানদাস।

দিবস (শ্) [দিব্ (দীপ্তি পাওয়া) + অস (অধি)—যেকালে দীপ্তি পায়। তুল—ল্যা, dies ; গথ—dags ; আইরিশ্—dia ; ওয়েলেশ্—dydd, dya ; ইং—day.] বি, দিন। ২। সূর্য্যোদয় হইতে পুনঃ সূর্য্যোদয় পর্য্যন্ত কাল।

দিবস্পতি (দিবশ্পোতি) [দিবস্=দিবঃ—(স্বর্গ)—পতি (স্বামী)—৬তৎ] বি, পুং, দেবরাজ ইন্দ্র। ২। দিনপতি সূর্য্য।

দিবা [দিব্ (ক্রীড়া করা) + আ (অধি—সংজ্ঞার্থে, ডা)] অ, দিবসে। প্র—দিবা দ্বিপ্রহরের সময়। ২। দিন।

দিবাকর (র্) [দিবা—কৃ (করা) + অ (কর্ত্তৃ—অচ্) কিম্বা দিবা (দিনের বেলা) কর (কিরণ) যাহার, বহু] বি, পুং, সূর্য্য। প্র—"ভাস্করায় নমঃ হর মোর তমঃ দয়া কর দিবাকর।"—অন্নদামঙ্গল।

দিবাচর (র্) [দিবা (দিবসে) চর্ (গমন করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, দিনের বেলায় যে চরে। (বিপরীত—নিশাচর)।

দিবানিশ [দিবা এবং নিশা (রাত্রি) দ্বন্দ্ব] ক্রি-বিণ, অহোরাত্র : নিশিদিন।

দিবানিশি [দিবা—নিশি] ক্রি-বিণ, নিশিদিন : দিনরাত। প্র—"দিবানিশি অন্নপূর্ণা জপ।" —অন্নদামঙ্গল।

দিবান্ধ [দিবা (দিনমানে) অন্ধ (দৃষ্টিহীন) ৭তৎ] বি, পুং, পেচক। ২। বিণ, দিবসে যে দেখিতে পায় না। (বিপরীত—রাত্র্যন্ধ)।

দিবামধ্য (—মোধ্ধ) [দিবার (দিবসের) মধ্য (মধ্যস্থান)—৬তৎ] বি, ক্লী, দিনদুপুর।

দিবারাত্র (—রাৎত্র) [দিবা এবং রাত্রি (দ্বন্দ্ব) রাত্রি=রাত্র] ক্রি-বিণ, ক্লী, নিশিদিন : অহোরাত্র ; সদাসর্ব্বদা। [দ্রঃ—সংস্কৃতে—দিবারাত্রি, বাং-য় দিবারাত্র এই অশুদ্ধ পদ চলিত হইয়াছে]।

দিবোদাস (শ্) [দিবস=দিবঃ—দাস] বি, পুং, কাশীস্থিত রাজাবিশেষ। [পুরাণে আছে যে বিশ্বেশ্বর বহু কৌশলে ইঁহার নিকট হইতে কাশীধাম গ্রহণ করেন]।

দিবব [দ্রব্য শব্দের প্রা-বাং, প্রা-রূপ] বি, দ্রব্য। প্র—"নানা দিব্ব উপহার মঙ্গল রচিআ" শূন্যপুরাণ।

দিব্বি [দিব্য শব্দজ] বি, দিব্য : শপথ। ২। বিণ, সুন্দর : উৎকৃষ্ট। প্র—"হ্যাঁ এইবার দিব্বি হয়েছে"—নীলদর্পণ। **দিব্বি করা, দিব্বি গালা**—শপথ করা। **দিব্বি দেওয়া**—অন্যের উপর শপথ চাপাইয়া দেওয়া।

দিব্য (দিব্ব) [দিব্ (স্বর্গ) + য (ভবার্থে—ষ্য)] বিণ, স্বর্গীয়। ২। আকাশীয়। ৩। [দিব্ (দীপ্তি পাওয়া) + ক্য। প্রা—দিব্বি] মনোহর ; সুন্দর। প্র—দিব্য শ্রী। দিব্বি চেহারা। ৪। উৎকৃষ্ট। ৫। বি, ক্লী, শপথ ; কোন প্রতিশ্রুতি রক্ষা বা উক্তির সত্যতা দৃঢ় করিবার জন্য ঈশ্বর, দেবতা বা ধর্ম্মকে সাক্ষ্য করণ। প্র—"বিদায় করহ বল্যা পার্ব্বতী প্রণতি হৈল্যা না কান্দ মাথার দিব্য দি।"—শিবায়ন। ৬। [বৈদ্যকে] লবঙ্গ। (২) হরিচন্দন। (৩) যব। (৪) গুগ্‌গুল। স্ত্রী, **দিব্যা**—নায়িকাবিশেষ ; উপদেবী-বিশেষ।

দিব্যকায় (দিব্‌বকায়) [দিব্য (সুন্দর) কায় (দেহ)] বিণ, সুশ্রী ; সুদেহ। প্র—"বস্ত্র অলঙ্কারে বিশ্বহোড় দিব্যকায়। কুটীর হইল কোটা দেবীর কৃপায়॥"—অন্নদামঙ্গল।

দিব্যগন্ধ (দিব্‌বগন্ধ) [দিব্য যে গন্ধ (ঘ্রাণ) —কর্ম্মধা] বি, স্বর্গীয় সৌরভ। ২। লবঙ্গ। ৩। গন্ধক।

দিব্যগায়ন (দিব্‌বগায়ন্) [দিব্য (স্বর্গীয়) যে গায়ন (গায়ক)—কর্ম্মধা] বি, পুং, গন্ধর্ব্ব।

দিব্যচক্ষুঃ (দিব্ব্‌চোক্‌খু) [দিব্য হইয়াছে চক্ষুস্=চক্ষুঃ (নেত্র) যাহার, বহু] বিণ, অতীন্দ্রিয় ; চর্ম্মচক্ষে বা বহিরিন্দ্রিয়ের অতীত বিষয় দর্শন করিবার মত চক্ষু। ২। সুনয়ন। ৩। নারায়ণ ; কৃষ্ণ। ৪। চশমা।

দিব্যদর্শী (দিব্‌বদোর্শি) [দিব্য—দৃশ্ + ইন্ (কর্ত্তৃ—ণিন্)=দর্শিন্ ১মা, ১ব] বিণ, অপার্থিব বিষয় দর্শনকারী।

দিব্যনদী (দিব্‌বনোদি) [দিব্য (স্বর্গীয়) যে নদী (গঙ্গা) কর্ম্মধা] বি, স্ত্রী, সুরনদী : মন্দাকিনী।

দিব্যনারী (দিব্‌বনারি) [দিব্য—যে নারী —কর্ম্মধা] বি, স্ত্রী, স্বর্গবেশ্যা।

দিব্যপ্রশ্ন (দিব্‌বপ্রোশ্‌ন) [দিব্য যে প্রশ্ন —কর্ম্মধা] বি, পুং, ভাবী বিষয়াত্মক প্রশ্ন।

দিব্যবস্ত্র (দিব্‌ববস্‌ত্র) [দিব্য—বস্ত্র : কর্ম্মধা] বি, ক্লী, উৎকৃষ্ট বস্ত্র। প্র—"দিব্য-বস্ত্র অলঙ্কার সুশোভিত কায়।"—অন্নদামঙ্গল। ২। [দিব্য হইয়াছে বস্ত্র যাহার, বহু] বিণ, দিব্যবস্ত্রধারী।

দিব্যরত্ন (দিব্‌বরৎন) [দিব্য যে রত্ন—কর্ম্মধা] বি, ক্লী, অভীষ্টদায়ক রত্ন ; চিন্তামণি।

দিব্যরথ (দিব্‌বরথ্) [দিব্য—রথ, কর্ম্মধা] বি, আকাশগামী রথ : ব্যোমযান : বিমান : বেলুন।

দিব্যরস (দিব্‌বরশ্) [দিব্য—রস, কর্ম্মধা] বি, পুং, পারদ।

দিব্যি [দিব্য শব্দের প্রা—রূপ] বি, দিব্য : সুন্দর। প্র—"যে মূর্ত্তি নয়নে জাগে সবই আমার ভাল লাগে, কেউবা দিব্যি গৌরবরণ কেউবা দিব্যি কালো।"—রবি।

দিব্যোদক (দিব্‌বোদক্) [দিব্য (আকাশ পতিত যে উদক (জল)—কর্ম্মধা] বি, ক্লী, মেঘজল : বৃষ্টি। ২। শিশির।

দিয়ড়ি [দীপাবলী—দিপালী—দিআলী হইতে] বি, দীপাবলী ; দেউটী। ২। মশাল। প্র—চৌদিগে দিয়ড়ি জ্বলে হাস্য কথা কুতূহলে যায় সবে এড়ি নানা বন।"—কবিকঙ্কণ।

দিয়া [সং—দীপ হইতে হি—দিয়া] বি. দীপ; প্রদীপ। দিয়া কাঠি—দীপ কাঠি বা শলাকা। দিয়া বাতি—দীপবর্ত্তিকা।

দিয়া [দ্বারা হইতে] অ. উপায়ার্থক; সাহায্যে; অবলম্বনে।

দিয়া [দেওয়া দ্রঃ] অস-ক্রি. দান করিয়া। ২। অর্পণ করিয়া। দিয়া দেওয়া—স্বার্থ ত্যাগ সহ দান করা। দিয়াইয়া দেওয়া, দিইয়ে দেওয়া—দান করান অন্যের দ্বারা দান করা। দিয়ে বসা, দিয়ে ফেলা—স্বত্বত্যাগ করিয়া দান করা। সমর্পণ করা। প্র—"এখনো তারে চোখে দেখিনি শুধু বাঁশী শুনেছি, মন প্রাণ যাহা ছিল দিয়ে ফেলেচি।"—রবি।

দিয়ালা—বি. শিশুর নিদ্রিত অবস্থায় হাসি কান্না: শিশুর স্বপ্ন। প্র—'নিদ্রায় দিয়ালা করে ঘন ঘন শ্বাস।"—কবিক।

দিয়াশলাই [সং—দীপশলাকা: হি—দিয়া-সলাই। বাং-চ—দেশলাই] বি. আগুন জ্বালিবার বারুদ-মিশ্রিত-মস্তক স্বনামপ্রসিদ্ধ সরু সরু কাঠি; matches. প্র—"বর্ষাকালের দিয়াশলাই বহু চেষ্টাতেও জ্বলিল না।"—গল্প-গুচ্ছ (রবি)। [দ্রঃ—৫০ বৎসর পূর্ব্বে (যখন জাপান বা ইয়ুরোপ হইতে এদেশে দেশলাইয়ের বাক্স আসে নাই) বাঙ্গালায় পাঁকাঠির (পাট কাঠি) মুখে গন্ধক দিয়া দেশলাই করা হইত, উহা অগ্নিস্পর্শে জ্বলিত]।

দিল (ল্) [ফা] বি. মন; হৃদয়: আত্মা। ২। সম্মতি। ৩। মনোযোগ।

দিলগির (ল্, র্) [ফা] বিণ. ভগ্নহৃদয়; বিমর্ষ: বিষণ্ণ: ম্রিয়মাণ। প্র—"শুনি জাহাঙ্গীর বড় দিলগির হয়ে। মশানে চলিলা ভয়ে দন্তবস্ত হয়ে॥'—অন্নদামঙ্গল।

দিলদরিয়া (ল্, দো) [দিল (মন) + দরিয়া (সাগর)] বিণ. বদান্য; মুক্তহস্ত। ২। মুক্তপ্রাণ; উদারহৃদয়।

দিলীপ (প্) [দিলী—হস্তিনাপুর (দিল্লী) প (যে পালন করে)] বি, পুং, রঘুরাজের পিতা।

দিশ (শ্) বি, দিন। ২। দিক্। [দিশা দ্রঃ] প্র—"কাননে কাতর কুলবতী রাই। চকিত নয়নে ঘন দশদিশ চাই॥"—কবি-শেখর। "অরুণ পুরব দিশ'—বিদ্যাপতি।

দিশপাশ (শ্) [দিশ (দিক্) + পাশ (পার্শ্ব)] প্রা-বাং—দিসপাস] বি. সীমা; নির্দ্ধারণ; নির্ণয়। ২। কূলকিনারা। ৩। শৃঙ্খলা ও সমাপ্তি; বিলি ও শেষ। প্র—"মালদহে লাগে কর না চিনে আপন পর জালের নাফ্রিক দিসপাস।"—শূন্যপুরাণ। কাজের দিশপাশ নাই—কাজের বিলিও নাই কামাইও নাই। জ্বরের দিশপাশ নাই—এলোমেলো জ্বর; এলো-ধাবাড়ি জ্বর।

দিশা [দিশ্ + অ (স্—ভাবে) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, উত্তর পূর্ব্বাদি দিক্। ২। সন্ধান। প্র—"না পায় দিশা"—খনার বচন। ৩। রীতি; প্রণালী; পদ্ধতি। প্র—"দিশা দেখাইয়া প্রভু হাতে তালি দিয়া। আপনে কীর্ত্তন করে শিষ্যগণ লৈয়া॥"—চৈতন্যভাগবত। ৪। [দিক্ দ্রঃ] দিক্‌ভ্রম। ৫। ঝাপ্‌সা। প্র—"ঘর যেতে দিন নাই ঘোরতর নিশা। খেতে নাই সম্বল দেখিতে লাগে দিশা॥"—ধর্ম্মমঙ্গল। দিশাগজ—দিগ্‌গজ। দিশা-পাল—দিক্‌পাল।

দিশা [হি] বি, মলত্যাগের বেগ: বাহের চেষ্টা। প্র—"যাইতে দৈবের দোষে দিশা তার পায়। ঠাকুর বান্ধিয়া পৃষ্ঠে বসিল তথায়॥"—কৌতুকবিলাস।

দিশাহারা [দিশা (দিক্) হারা (যে হারাইয়াছে)] বিণ, দিগ্‌ভ্রান্ত; যাহার দিগ্‌ভ্রম হইয়াছে। প্র—"দাসী ব'লে দোষ পাইনু দিশাহারা হ'য়ে।"—শিবায়ন।

দিশি [দিবস অর্থে দিশি, নিশির সহিত মিল রক্ষার্থে। পদ্যে, প্রা-বাং—দিসি] বি, দিন। প্র—"নিশিদিশি কাঁদি কিন্তু হাসি লোক লাজে।"—চণ্ডীদাস। ২। দেশ দিশিদিশি—দেশে দেশে। নিশিদিশি, নিশিদিসি—নিশিদিন; দিবানিশি।

দিষ্ট [দিশ্ (দেওয়া, বলা) + ত (কর্ম্মে—ক্ত)] বি, অদৃষ্ট; ভাগ্য। ২। উপদিষ্ট আদিষ্ট; নিদ্দিষ্ট।

দিষ্টি [দৃষ্টি হইতে। গ্রা] বি, দৃষ্টি; চাহনি ২। নজর: অশুভদৃষ্টি। দিষ্টি দেওয়া—অশুভদৃষ্টি করা: ডাইনে খাওয়া।

দিস [দিশ্ = দিক = প্রকার] বি, বিধ প্রকার; রকম। প্র—"ইছিয়া তোমার যশ দিপুঁ তারে পণ দশ দক্ষিণা আছিলা বহু দিস।"—কবিক।

দিসি—দিশি দ্রঃ।

দিস্তা [ফা—দস্তা] বি, ২৪তা কাগজ; a quire of paper. ২। ২৪টি শরের তাড়া। ৩। হামামদিস্তার ডাঁটি। ৪। [দস্তা—সূতার ইস্কিন; skin of thread] কাপড়ের সূতা সরিয়া একস্থানে জড় হওয়ায় আশপাশের জমি পাত্‌লা হওয়া। প্র—কাপড়ে দিস্তা পড়া।

দিহ [দেওয়া দ্রঃ। হি—দেইহো] ক্রি, দিও। প্র—"আভরণে দিহ পিয়া ঠাম"—বিদ্যাপতি।

দী, দীয়া, দীহি [ফা—দীহ্ = গ্রাম] বি, গ্রাম। ২। [দ্বীপ হইতে] দ্বীপ।

দীক্ষক (ক্) [দীক্ষ্ (উপদেশ করা) + অক (কর্ত্তৃ)] বিণ. দীক্ষাদাতা; দীক্ষাগুরু। ২। শিক্ষক।

দীক্ষণীয় (দিক্‌খনিঅ) [দীক্ষ্ + অনীয় (কর্ম্মে)] বিণ, দীক্ষাদানের পাত্র।

দীক্ষা (দীক্‌খা) [দীক্ষ্ (উপদেশ করা) + অ (ভাবে—অঙ্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, যাহা ক্রিয়াজ্ঞান দান করে ও পাপক্ষয় করে—রঘু-নন্দনকৃত প্রয়োগসার। ২। তন্ত্রোক্ত মন্ত্রোপদেশ। ৩। সংস্কার। ৪। উপদেশ; শিক্ষা। ৫। নিয়োগ। ৬। প্রবর্ত্তনা; প্রবৃত্ত করণ।

দীক্ষাগুরু [দীক্ষার গুরু, ৬তৎ] বি, পুং, মন্ত্রোপদেষ্টা; তন্ত্রোক্ত মন্ত্রোপদেশকারী।

দীক্ষিত (দীক্‌খিত) [দীক্ষ্ + অ (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রাপ্ত-দীক্ষা; যাহার মন্ত্র হইয়াছে। ২। প্রাপ্তোপদেশ। ৩। প্রবর্ত্তিত। ৪। কৃত-সংস্কার। ৫। পশ্চিমা ব্রাহ্মণের উপাধিবিশেষ। স্ত্রী, দীক্ষিতা।

দীগী, দীঘি, দাঘী [দীর্ঘিকা শব্দজ] বি, দীর্ঘ পরিসর জলাশয়; দীর্ঘিকা। প্র—"দীঘির জলে ঝলক ঝলে"—রবি।

দীঘ (ঘ্) [গ্রা—দীর্ঘ দ্রঃ] দীর্ঘ। প্র—"নারীর দীঘ নিশ্বাস পড়ুক"—বিদ্যাপতি।

দীঘল (দিঘল্) [দীর্ঘল শব্দজ] বিণ, দীর্ঘাকার; দীর্ঘ। প্র—"গোটা দশ বার হাত লেঞ্জটা দীঘল"—ঘনরাম। "অরুণ নয়ান-লোরে তিতল কলেবর বিলোলিত দীঘল-কেশা।"—বিদ্যাপতি। দীঘল তরঙ্গ—মহোর্ম্মি। ২। লম্বা লম্বা আঁকাবাঁকা লাফ। প্র—"রহিয়া রহিয়া যান দীঘল তরঙ্গ। তার পাছে ধায় ব্যাধ যেমন পতঙ্গ॥"—কবিক।

দীঠ, দীঠি, দীঠিয়া (ঠ্) [দৃষ্টি হইতে] দৃষ্টি; চাহনি। প্র—"অবহি মদন বাঢ়ায়ল দীঠ"—বিদ্যাপতি। "করে কর করব কুটিল আধ দীঠিয়া"—ঐ।

দীদী, দিদি [দাদা দ্রঃ] বি, জ্যেষ্ঠাভগিনী।

দীধিতি [দীধি (দীপ্তি পাওয়া) + তি (করণে—ক্তি) যাহা দ্বারা দীপ্তি হয়] বি, স্ত্রী, রশ্মি; আলোক। ২। ন্যায়গ্রন্থবিশেষ।

দীন (ন্) [দী (ক্ষয় পাওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত) ক্ত = ন] বিণ, অর্থহীন; দরিদ্র; অত্যন্ত গরীব। ২। বিনীত; অতিশয় নম্র। ৩। কাতর। প্র—"অমন দীন নয়নে তুমি চেও না।"—রবি। ৪। সন্তপ্ত। ৫। ক্ষুব্ধ; দুঃখিত। ৬। তগরকুসুম; তগর ফুল। স্ত্রী—দীনা।

দীন (ন্) [আ—দীন্] বি, ধর্ম্ম; ধর্ম্মবিশ্বাস। দীন দুনিয়ার মালিক—ধর্ম্ম ও জগতের প্রভু; ঈশ্বর। বেদীন—ধর্ম্মহীন; অধার্ম্মিক।

দীনতা [দীন+তা (ভাবে)] বি, স্ত্রী, দীনের ভাব ; দারিদ্র্য ; দৈন্য। ২। সন্তাপ ; দুঃখ ; ক্ষোভ। ৩। কাতরতা। ৪। অত্যন্ত বিনয়।

দীননাথ (থ্) [দীনের নাথ—৬তৎ] বি, পুং, ভগবান ; অনাথশরণ ; দীনের আশ্রয়।

দীনভাবাপন্ন (ন্) [দীনভাবকে আপন্ন, ২তৎ] বিণ, অতি কাতর ; সন্তপ্ত। প্র—"লক্ষ্মণ নিতান্ত দীনভাবাপন্ন মনে অযোধ্যায় প্রবেশ করিলেন।"—বিদ্যাসাগর।

দীনার (র্) [আ—দীনার্] বি, আড়াই সিক্কা টাকা মূল্যের মুদ্রা [করীম-উল্-লোগাত্] ; আরবদেশীয় স্বর্ণমুদ্রা (ওজন ৬৫ গ্রেণ) [Webster] ; নিষ্ক পরিমাণ (১০৮ সুবর্ণ) মুদ্রা [অমরকোষ] ; ৩২ রতি ওজনের স্বর্ণমুদ্রা [ভরত মল্লিক]। ২ কর্ষ পরিমাণ মুদ্রা [সার সুন্দরী]। ২। প্রাচীনকালের স্বর্ণহারবিশেষ ; উরোভূষণ।—অমরকোষ। তুল—ল্যা—dinarius.

দীপ (প্) [দীপ্ (দীপ্তি পাওয়া)+অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, যাহা দীপ্তি পায় ; প্রদীপ ; আলোকাধার। ৩। বর্ত্তিস্থিত জ্বলন্ত অগ্নিশিখা ; প্রকাশক ; অন্ধকারনাশক। ৪। যাহা উজ্জ্বল করে। প্র—কেবল আছিল অন্ধকার ঘরে দীপ মৈথিলী"—মেঘনাদবধ।

দীপক (ক্) [দীপ্+ণিচ্=দীপি (দীপ্তি করান)+অক (কর্ত্তৃ)] বিণ, ঔজ্জ্বল্যকারক ; দীপ্তিকর। ২। দাহক। ৩। শোভাজনক। ৪। প্রকাশক। ৫। উত্তেজক ; উদ্দীপক। ৬। বি, স্ত্রী, কুঙ্কুম। ৭। প্রদীপ। প্র—"কুটুম্ব বান্ধব জত সভে রহে চারিভিত দীপক ধরিল কেহ হাতে।"—শূন্যপুরাণ। ৮। [কাব্যালঙ্কারে] প্রস্তুত ও অপ্রস্তুত বিষয়ের এক ধর্ম্মসম্বন্ধ বর্ণিত হইলে, অথবা অনেক ক্রিয়াপদের সহিত একমাত্র কর্ত্তৃপদের সম্বন্ধ থাকিলে দীপকালঙ্কার হয়। "আমি চিনিনা, জানিনা, বুঝিনা তাঁহারে॥—ব্রহ্মসঙ্গীত। ৯। রাগবিশেষ। রাগশাস্ত্রপ্রণেতা হনুমানের মতে দীপক দ্বিতীয় রাগ। ইহা সূর্য্য নেত্রাগ্নি হইতে উৎপন্ন, গ্রীষ্ম ঋতুর মধ্যাহ্নকালে এই রাগের আলাপ করিবে। জনশ্রুতি আছে বিখ্যাত গায়ক তান্সেন্ এই দীপকরাগের আলাপ করিয়া অন্তর্দ্দগ্ধ হইয়া দেহ ত্যাগ করিয়াছেন। ১০। যমানী। ১১। বাজপাখী।

দীপগাছ, দীপঝাড় (প্, ছ্, ড়্) বি, বেলোয়ারি ঝাড়। ২। দীপবৃক্ষ ; দীপাধার।

দীপতি [দীপ্তি শব্দের কোমল রূপ, পদ্যে] বি, দীপ্তি। প্র—"দেহ দীপতি গেল"—বিদ্যাপতি।

দীপন (ন্) [দীপ্+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, দীপ্তিকরণ। ২। শোভন। ৩। উদ্দীপন ; উত্তেজন। ৪। [কর্ত্তৃ—অন] বিণ, দীপক। ৫। দীপ্তিকর ; জ্বলন কারক। ৬। উত্তেজক। ৭। পুং, ময়ূরের শিখা। ৮। [বৈদ্যকে] কুঙ্কুম। (২) পলাণ্ডু। (৩) তগর মূল (৪) কাসমর্দ্দ।

দীপনীয় [দীপ্+অনীয় (কর্ম্মে)] বিণ, দীপনোপযোগী ; দীপ্য, দীপনযোগ্য।

দীপপাদপ (প্) বি, পুং, দীপাধার

দীপপুঞ্জ (প্) [দীপ—পুঞ্জ (শ্রেণী) ৬তৎ] বি, দীপাবলী।

দীপবৃক্ষ (দীপ্‌বৃক্‌খ) [গ্রা—দের্‌কো। দীপের আধার যে বৃক্ষ—কর্ম্মধা] বি, পুং, দীপাধার ; দীপপাদপ ; পিলসুজ।

দীপমালা (—প্) [দীপের মালা—৬তৎ] বি, স্ত্রী, দীপাবলী ; দীপরাজি। ২। দশাক্ষর ছন্দ, ইহার ২।৩।৭।৯ বর্ণ লঘু অপর বর্ণ গুরু।

দীপশলাকা (প্) বি, পুং, দীয়াকাঠি ; দীয়াশলাই।

দীপশিখা (প্) [দীপের শিখা (অগ্রভাগ) —৬তৎ] বি, স্ত্রী, প্রদীপের শীষ। ২। কাজল।

দীপা [দীপ (ত্রঃ)+আ (ক্রি-বিভক্তি) প্র-পূ—দীপে, দীপয়ে। অস-ক্রি—দীপেতে ; দীপিয়া] ক্রি, জ্বলে। **দীপিছে**—জ্বলিতেছে। প্র—"দেখিলা দেউলে বলী দীপিছে প্রদীপ।"—মেঘনাদ।

দীপান্বিতা (দীপান্নিতা) [দীপ দ্বারা অন্বিতা (শোভিতা) যে রাত্রি—বহু] বি, স্ত্রী, কার্ত্তিকী অমাবস্যার রাত্রে দীপদান উৎসব ; দীপালী ; দেওয়ালী। বঙ্গদেশে ঐ দিন দিবাভাগে পিতৃগণের তর্পণ ও শ্রাদ্ধ এবং রাত্রে কালী পূজা হয়।

দীপালি, দীপালী [দীপের আলি (শ্রেণী—৬তৎ] বি, স্ত্রী, দীপাবলী ; দেওয়ালী ; দীপালি [জৈন গুরু মহাবীরের ৫২৭পূঃ পূর্ব্বাব্দে কার্ত্তিক মাসে স্বাতিনক্ষত্রে অমাবস্যার রাত্রি-শেষে নির্ব্বাণ প্রাপ্তি হইলে, তাঁহার নির্ব্বাণস্থান পাবানগরীতে দীপদানোৎসব হইয়াছিল।—হরিবংশ]।

দীপিকা [দীপক+আপ্, স্ত্রী—ই আগম] বি, স্ত্রী, শ্রীনিবাস কৃত গ্রন্থবিশেষ ; গ্রন্থের টীকা। ২। জ্যোৎস্না। ৩। রাগিণীবিশেষ ; হিন্দোল রাগের পত্নী।

দীপিত [দীপ্ (দীপ্তি পাওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, জ্বলিত। ২। প্রকাশিত। ৩। উদ্দীপিত ; উত্তেজিত।

দীপ্ত [দীপ্ (দীপ্তি করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, জ্বলিত। ২। দীপ্তিযুক্ত ; উজ্জ্বল ; আলোকিত। ৩। প্রকাশিত। ৪। বি, পুং, সিংহ। ৫। [বৈদ্যকে] স্বর্ণ। (২) হিঙ্গুল।

দীপ্তকীর্ত্তি [দীপ্ত হইয়াছে কীর্ত্তি যাহার, বহু] বিণ, উজ্জ্বলকীর্ত্তি ; যাহার কীর্ত্তি লোকে প্রকাশিত।

দীপ্তদেহ [দীপ্ত হইয়াছে দেহ যাহার—বহু] বিণ, উজ্জ্বলদেহ ; তেজঃপুঞ্জ শরীর। প্র—"ঋষভ গিরির পরে পৃথিবীর শেষ। দীপ্তদেহ পুণ্যবান্‌গণের সে দেশ॥"—রামায়ণ (রাজ)।

দীপ্তমূর্ত্তি [দীপ্ত মূর্ত্তি যাহার—বহু] বিণ, তেজোময় মূর্ত্তি ; উজ্জ্বলমূর্ত্তি ; দীপ্তদেহ। ২। বি, বিষ্ণু।

দীপ্তলোচন (ন্) [দীপ্ত (দীপ্তি যুক্ত হইয়াছে) লোচন (চক্ষু) যাহার, বহু] বি, পুং, বিড়ালজাতীয় শ্বাপদ যাহাদের চক্ষু অন্ধকারে জ্বলিতে থাকে। ২। রক্তলোচন ; রোষকষায়িত নয়ন। ৩। [দীপ্ত যে লোচন] ক্লী, উজ্জ্বল চক্ষু।

দীপ্তলোহ—বি, ক্লী, কাংস্য ; কাঁসা।

দীপ্তাক্ষ [দীপ্ত-অক্ষ (অক্ষি) যাহার—বহু] বি, পুং, বিড়ালজাতীয় শ্বাপদ যাহাদের চক্ষু অন্ধকারে উজ্জ্বল হয়। ২। রোষরক্তিম নয়ন। ৩। বিণ, দীপ্ত-নয়ন ; যাহার জ্বলজ্বলে চোখ ; উজ্জ্বল চক্ষুবিশিষ্ট।

দীপ্তাগ্নি [দীপ্ত (উত্তেজিত) হইয়াছে অগ্নি (জঠরানল) যাহার—বহু] বিণ, যাহার জঠরানল প্রজ্বলিত হইয়াছে ; অত্যন্ত ক্ষুধার্ত্ত। ২। বি, অগস্ত্য ঋষি। ৩। [দীপ্ত যে অগ্নি—কর্ম্মধা] বি, প্রজ্বলিত বহ্নি।

দীপ্তাঙ্গ [দীপ্ত হইয়াছে অঙ্গ (অবয়ব) যাহার —বহু] বিণ, তেজোময় দেহযুক্ত ; উজ্জ্বল দেহবিশিষ্ট। ২। ময়ূর। ৩। [দীপ্ত যে অঙ্গ, কর্ম্মধা] বি, ক্লী, উজ্জ্বল-দেহ ; শোভনাঙ্গ।

দীপ্তি [দীপ্ (দীপ্তি পাওয়া)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, আলোক। ২। তেজঃ ; প্রভা ; জ্যোতি। ৩। দ্যুতি ; কান্তি। ৪। শোভা।

দীপ্তিমান্ [দীপ্তি+মতু (অস্ত্যর্থে)—দীপ্তিমৎ—১মা, ১ব] বিণ, উজ্জ্বল ; জ্যোতিষ্মান ; দ্যুতিশীল। ২। শোভান্বিত ; শোভমান।

দীপ্য (দীপ্‌প) [দীপ্ (দীপ্তি করা)+য (কর্ম্মে)] বিণ, দীপনযোগ্য। ২। প্রকাশ্য। ৩। [বৈদ্যকে] বি, পুং, যমানী। (২) জীরক। (৩) ময়ূরের শিখা।

দীপ্যমান (দীপ্‌পোমান্) [দীপ্ (দীপ্তি পাওয়া)+আন (কর্ত্তৃ—শান) ম্ আগম] বিণ, জ্যোতিমান্ ; দীপ্তিশীল। ২। শোভমান। ৩। প্রকাশমান।

দীয়মান (ন্) [দা (দান করা)+আন (কর্ম্মে—শান) য্ ম্ আগম] বিণ, যাহা দান করা হইতেছে।

দীয়া [দীপ—দীঅ, পরে—দীয়া] বি, প্রদীপ।

দীয়াদান (ন্) [দীয়া (দ্রঃ) + ফা—দান (আধার)] বি, দীপাধার।

দীয়াশলাই, দীয়াসলাই [হি—দীয়াসলাই সং—দীপশলাকা] বি, দীপশলাকা ; গন্ধক কাঠি : দেকাটি। **দীয়াশলাইয়ের বাক্স**—দীপশলাকা পূর্ণ ক্ষুদ্র আধার ; a mach-box.

দীর্ঘ [দ্রাঘ্ (দীর্ঘীকরণে) + অ (কর্ত্তৃ) দ্রাঘ= দীর্ঘ, কিম্বা দৃ (বিদীর্ণ হওয়া) + ঘ (কর্ত্তৃ)] বিণ, লম্বা ; ঢেঙ্গা। প্র—দীর্ঘ যষ্টি। ২। অধিক। প্র—দীর্ঘ কাল। ৩। সুদূরবিস্তৃত। প্র—দীর্ঘপথ। ৪। বহুকালব্যাপী। প্র—দীর্ঘজীবন। ৫। বৃহৎ। প্র—দীর্ঘ আকৃতি। ৬। আয়ত : প্রস্থের বিপরীত। ৭। [ব্যাকরণে] দ্বিমাত্র স্বর। যথা—অ, বর্ণের দীর্ঘ আ, ই র ঈ, ইত্যাদি। ৮। [সঙ্গীতে] দ্বিমাত্রার নাম দীর্ঘ। ৯। দূরভবিষ্যৎ : পরিণাম। প্র—দীর্ঘদৃষ্টি বা দশন। ১০। [জ্যোতিষে] দীর্ঘ-রাশি : কন্যা, তুলা ও বৃশ্চিক।

দীর্ঘকাণ্ড [দীর্ঘ হইয়াছে কাণ্ড যাহার—বহু] বিণ, যে বৃক্ষের কাণ্ড বৃহৎ বা দীর্ঘ। ২। বি, গুণ্ডতৃণ। ৩। [দীর্ঘ যে কাণ্ড (ব্যাপার) —কর্ম্মধা] বৃহৎ ব্যাপার ; বিস্তর কাহিনী।

দীর্ঘকেশ (শ্) [দীর্ঘ হইয়াছে কেশ (চুল) যাহার—বহু] বি, পুং, ভল্লুক ; ভালুক। ২। বিণ, লম্বকেশ। স্ত্রী, **দীর্ঘকেশী**।

দীর্ঘজঙ্ঘা [দীর্ঘ হইয়াছে জঙ্ঘা যাহার, বহু] বি, পুং, উষ্ট্র। ২। বক। ৩। বিণ, দীর্ঘ-জঙ্ঘাযুক্ত।

দীর্ঘজীবী [দীর্ঘজীবিন্—১মা, ১ব] বিণ, দীর্ঘ-জীবনবিশিষ্ট ; যে দীর্ঘকাল বাঁচে ; দীর্ঘায়ু।

দীর্ঘতনু [দীর্ঘ হইয়াছে তনু (শরীর) যাহার, বহু] বিণ, দীর্ঘাকৃতি : প্রশস্ত শরীর। ২। বি, তালগাছ।

দীর্ঘতমা—বি, ধন্বন্তরির পিতা ও কাশীরাজের পুত্র। ২। বৃহস্পতির জ্যেষ্ঠ ভ্রাতা ; জন্মান্ধ বলিয়া এই নাম।

দীর্ঘদণ্ড [দীর্ঘ—দণ্ড] বি, লম্বা লাঠি। ২। ভেরেণ্ডাগাছ। ৩। দীর্ঘকালব্যাপী রাজ-দণ্ড। ৪। বিণ, দীর্ঘকালের জন্য দণ্ডিত।

দীর্ঘদর্শী (—দোর্শি) [দীর্ঘদর্শিন্—১মা, ১ব] বিণ, দূরদর্শী ; পরিণামদর্শী। ২। প্রাজ্ঞ : পণ্ডিত। ৩। [যাহাদের দৃষ্টি বহুদূর পর্য্যন্ত যায়] শকুনি।

দীর্ঘনাস (শ্) [দীর্ঘ (উন্নত) হইয়াছে নাসা (নাসিকা)—যাহার, বহু, নাসা=নাস] বিণ, উন্নত-নাসিক ; লম্বনাক।

দীর্ঘনিদ্রা (—নিদ্‌দ্রা) [দীর্ঘকালব্যাপী যে নিদ্রা—কর্ম্মধা] বি, স্ত্রী, মহানিদ্রা : মৃত্যু। ২। বহুক্ষণস্থায়ী ঘুম।

দীর্ঘপাদ (দ্) [দীর্ঘ পাদ (চরণ) যাহার, বহু] বিণ, দীর্ঘজঙ্ঘা : লম্বপদ।

দীর্ঘমাত্রা (—মাৎত্রা) বি, স্ত্রী, বন্ধনী : ব্রাকেট্ চিহ্ন, "[ ]" " { } " এই চিহ্ন।

দীর্ঘরোমা [দীর্ঘ (লম্বা) হইয়াছে রোমন্ (লোম) যাহার, বহু=দীর্ঘরোমন্—১মা, ১ব] বি, পুং, ঋক্ষ : ভালুক। ২। শিবের অনুচরবিশেষ। ৩। ধৃতরাষ্ট্রের শতপুত্রের অন্যতম। ৪। বিণ, দীর্ঘরোমযুক্ত : অতিশয় রোমশ।

দীর্ঘল (ল্) [প্রা—দীঘল। দীর্ঘ + ল (অস্ত্যর্থে)] বিণ, দৈর্ঘ্যযুক্ত ; দীর্ঘল। প্র—"অত্যন্ত দীর্ঘল নহে নহে অতিখর্ব্ব। রূপদেখি অনুভব করিল গন্ধর্ব্ব॥"—ঘনরাম।

দীর্ঘসত্র (—সৎত্র) [দীর্ঘকালব্যাপী যে সত্র (যজ্ঞ) কর্ম্মধা] বি, ক্লী, যে যজ্ঞ বহুদিনে সম্পন্ন হয়। ২। বিণ, দীর্ঘকালসাধ্য যজ্ঞকারী।

দীর্ঘসূত্র (—শুৎত্র) [দীর্ঘ—সূত্র] বিণ, যে কার্য্য সম্পাদনে বহু বিলম্ব করে ; চিরক্রিয় : দীর্ঘসূত্রী। ২। দীর্ঘতন্তুবিশিষ্ট।

দীর্ঘসূত্রতা, দীর্ঘসূত্রিতা (শুৎত্রোতা, শুৎতৃতা) [দীর্ঘসূত্র, সূত্রি + তা (ভাবে)] বি, স্ত্রী, কার্য্য সম্পাদনে বিলম্বকরণ ; চিরক্রিয়তা।

দীর্ঘায়ু [দীর্ঘ—আয়ুস্ (জীবন) যাহার, বহু] বিণ, যে বহুকাল জীবিত থাকে : দীর্ঘজীবী ; চিরায়ু।

দীর্ঘায়ুরস্তু [দীর্ঘায়ুঃ + অস্তু (হউক) তুল—ইং, "may he live long"] অ, পরমায়ু দীর্ঘ হউক বলিয়া আশীর্ব্বাদ ; তোমার জীবন দীর্ঘ হউক। প্র—অষ্টাবক্র দীর্ঘায়ুরস্তু বলিয়া, হস্ত তুলিয়া আশীর্ব্বাদ করিলেন।"—বিদ্যা-সাগর।

দীর্ঘিকা [দীর্ঘ + ক (স্বার্থে)—আপ্—স্ত্রী, ই আগম] বি, স্ত্রী, ত্রিশত ধনু অর্থাৎ ১২০০ শত হস্ত পরিমিত জলাশয় ; দিঘী।

দীর্ণ (দীর্‌ন্) [দৃ (বিদারণ করা, ভয় পাওয়া) + ত (ক্ত—কর্ম্মে)] বিণ, বিদারিত ; বিদীর্ণ। ২। [কর্ত্তৃ—ক্ত] ভগ্ন।

দু, দুই, দো [সং—দ্বয়, দ্বি, দ্বৌ। প্রাকৃ—দুঅ। হি—দো, দুই। বাং—দুই। সংক্ষেপে দু। তুল—ল্যা—duo ; জর্ম্ম—dyo ; গেলিক—da, do ; গথ—twai ; ইং—two ফা-দো, দু। সমাসে দুই=দু বা দো] বিণ, এক অধিক এক ; যুগ্ম। প্র—দু একজন ; দুই এক পা ; দু দশ কথা ; দুইহাত ; দুপুর ; দো কাঠি ; দোশালা ; দোধার।

দুঅ—দুয়ো দ্রঃ।

দুঅন (ন্) [সং—দোহন হইতে] বি, দোহন ; দুগ্ধনিষ্কাশন। ২। শোষন।

দুআখা [রূপান্তর—দুপাখা, দুপাকা, দোপাখা, দোপাকা, দুচোখা। দুই-আখা (উনান)] বি, যে উনানের দুইদিকে দুটি হাঁড়ি বসাইয়া পাক করা যায় কিন্তু উনানে জ্বাল দিবার একই মুখ থাকে।

দুআধারী [আধু-বাং—দুধারী দু (দুই—দুআ—উভয়) + ধার (পার্শ্ব)— বিদ্যমানার্থে] বিণ, দুই পার্শ্বস্থিত : যাহারা দুইপার্শ্বে আছে। প্র—"দুর্ব্বলা হাটেরে যায় দু আধারী লোক চায়। হের আইসে সাধু ঘরের ধাই।"—কবিকঙ্কণ।

দুআনি—দোয়ানি দ্রঃ।

দুআর (র্) [দ্বার—দবার্—দুআর—দোয়ার—দোর] বি, দ্বার : দরজা। প্র—"পুনর্বার হনুমান ঘুচাঅ কপাট খান দুআর মুক্ত করিব তুরিত।"—শূন্যপুরাণ। বিণ, **দুআরী**—দ্বারী। **দুআরপাল**—দ্বারপাল। প্র—"সন্ন্যাসী গতি জাইত গাএন বাএন দুআরি দুআরপাল ভাণ্ডারী ভাণ্ডারপাল"—শূন্যপুরাণ। **দুআপর**—দ্বাপর। প্র—"দুআপরেত সাঁজা দিলা গঙ্গা আমনি।"—শূন্যপুরাণ।

দুই—দু দ্রঃ।

দুএক [দু—এক] বিণ, দুই বা এক। দুটার বেশী নয় কিন্তু অন্ততঃ এক। ২। কতিপয় : অল্প।

দুঃখ [দুঃখ্ (কষ্ট পাওয়া + অ (ভাবে—অল্)] বি, ক্লী, অসুখ ; ক্লেশ ; কষ্ট। ২। সন্তাপ : ক্ষোভ ; মনস্তাপ। প্র—"দুঃখেতে স্মরিয়া হরি নাম দিলা হরি।"—অন্নদামঙ্গল। ৩। দুর্দ্দশা : দুর্গতি। ৪। জ্বালা ; যন্ত্রণা। ৫। বিপদ ; সঙ্কট ; আপদ্। ৬। [দর্শনে] সুখের অভাব ; আত্মার বিশেষ গুণ। ৭। আক্ষেপ ; আত্মগ্লানি। ৮। সংসার। [দ্রঃ—শারীরিক ও মানসিক ভেদে দুঃখের বিভিন্ন সংজ্ঞা আছে। শ্রমজাত দুঃখ—অবসাদ : শ্রান্তি ; ক্লান্তি। আঘাত বা রোগজাত যন্ত্রণা—জ্বালা ; কাতরতা ; কোঁতান ; কন্‌কনানি ; দপ্‌দপানি ; কামড়ানি ইত্যাদি। মানসিক দুঃখের-অবস্থাভেদ—অনুতাপ ; আক্ষেপ ; অপমান-বোধ ; আত্মগ্লানি ; ক্ষোভ ইত্যাদি]।

দুঃখচাটা, দুঃখচাটিয়া, দুঃখচেটে [সংক্ষেপে দুখ্‌চেটে। দুঃখ—চাটিয়া (ভোগ-কারী)] বিণ, দুঃখ ভোগ করিয়া অভ্যস্ত ; জন্মদুঃখী। প্র—"নানা তীর্থ পর্য্যটনে শ্রমমাত্র পথ হেঁটে ; পাবে ঘরে বসে চারিফল, বুঝনা রে দুঃখচেটে।"—রামপ্রসাদ।

দুঃখত্রয় (দুক্‌খোৎত্রয়) [দুঃখ—ত্রয়] বি, আধ্যাত্মিক আধিদৈবিক এবং আধিভৌতিক এই ত্রিবিধ তাপ।

দুঃখহর (দুক্‌খহর্) [দুঃখ—হৃ (হরণ করা) + অ (কর্ত্তৃ, অচ্) দুঃখ (কষ্ট) হর (যিনি হরণ

করেন)] বিণ. যিনি জীবের দুঃখ নাশ করেন ; পরমেশ্বর ; শিব। ২। দুঃখনাশক। স্ত্রী. দুঃখহরা—দুর্গা। প্র—"বার বার যে দুঃখ দিয়েছ দিতেছ তারা। সে কেবল দয়া তব জেনেছি গো দুঃখহরা ॥"—বাং-গান। ২। বিণ. কষ্টহারিণী।

দুঃখার্ত্ত (দুক্খারত্) [দুঃখ দ্বারা আর্ত্ত (কাতর)—৩ তৎ] বিণ. দুঃখে অভিভূত ; দুঃখকাতর। স্ত্রী. দুঃখার্ত্তা।

দুঃখিত (দুক্খিত) [দুঃখ্ (কষ্ট দেওয়া) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. দুঃখপ্রাপ্ত ; সন্তাপিত। ২। ক্ষুব্ধ। স্ত্রী. দুঃখিতা।

দুঃখী (দুক্খি) [দুঃখ+ইন্ (অস্ত্যর্থে)= দুঃখিন্ ১মা, ১ব] বিণ. দুঃখিত। ২। দারিদ্র্য-পীড়িত ; গরিব। প্র—"জয়ারে কহিলা দেবী হাসিয়া হাসিয়া। এগ্রামে কে বড় দুঃখী দেখহ ভাবিয়া ॥"—অন্নদামঙ্গল। ৩। যে দুঃখ ভোগ করে। ৪। বি. দরিদ্র ; দীনহীন ব্যক্তি। প্র—"দুঃখীর দুহিতা নহ দোষ দিব কি। ভিখারীর ভার্য্যা হৈলে ভূপতির ঝি ॥"—শিবায়ন। স্ত্রী. দুঃখিনী।

দুঃশল (ল্) বি. পুং. ধৃতরাষ্ট্রের জনৈক পুত্র। স্ত্রী. দুঃশলা—দুঃশলের ভগিনী ও জয়দ্রথের পত্নী।

দুঃশাস (শ্) [দুর্—শাস্ (শাসন করা)+অ (কর্ম্মে—অল্)] বিণ. দুঃখে বা কষ্টে শাসন করিবার মত ; দুর্দ্দম্য।

দুঃশাসন (দুশ্শাশন্) [দুর্ (দুঃখজনক) হইয়াছে শাসন যাহার, বহু] বি. পুং. দুর্য্যোধনের মধ্যম ভ্রাতা। ২। বিণ. দুর্দ্দম্য। ৩। [দুঃ (দুঃখজনক) যে শাসন, কর্ম্মধা] স্ত্রী. কষ্টের শাসন ; কষ্টকর শাসন।

দুঃশীল (দুশ্শীল্) [দুর্ (দুষ্ট) শীল (স্বভাব) যাহার, বহু] বিণ. সুশীলের বিপরীত ; দুষ্ট-স্বভাব ; দুশ্চরিত্র।

দুঃশ্রব (দুস্স্রব্) [দুর্—শ্রু (শুনা)+অ (কর্ম্মে—অল্)] বিণ. যাহা শ্রবণ করিলে দুঃখ হয় ; অশ্রাব্য। ২ যাহা কষ্টে শ্রবণগোচর হয়।

দুঃসময় (দুশ্শোময়্) [দুর্ (দুঃখপ্রদ) যে সময় (কাল) কর্ম্মধা] বি. পুং. দুঃখের কাল ; মন্দ সময় ; দুর্দ্দিন। ২। অকাল ; দুর্ভিক্ষ।

দুঃসহ (দুশ্শহ) [দুর্—সহ্ (সহ্য করা)+অ (কর্ম্মে—অল্)] বিণ. যাহা দুঃখে সহ্য করা যায় ; অসহনীয় ; অতিক্লেশদায়ক ; অসহ্য।

দুঃসাধ্য (দুশ্শাধ্ধ) [দুঃখ দ্বারা সাধ্য (নিষ্পাদ্য)—৩ তৎ] বিণ. যাহা অতিকষ্টে সাধন করা যায় ; কষ্টসাধ্য ; ক্লেশকর। ২। যাহা সাধন করিতে পারা যায় না ; অসাধ্য। প্র—দুঃসাধ্য কর্ম্ম। ৩। যাহার কোনরূপ প্রতীকার করা যায় না ; অপ্রতিবিধেয় ; অপ্রতিকার্য্য। ৪। যাহা চিকিৎসা দ্বারা আরোগ্য করা যায় না ; অচিকিৎস্য। প্র—দুঃসাধ্য রোগ। [দ্রঃ—দুঃসাধ্য—বহুকষ্টে সাধ্য হইলেও তাহা মানুষের সাধ্য। অসাধ্য—যাহা সাধানার্থ কষ্ট করিলেও সাধ্য নহে]।

দুঃসাহস (দুশ্শাহশ্) [দুর্ (অতিশয়) সাহস হইয়াছে যাহার, বহু] বিণ. যাহার অতিশয় সাহস আছে ; নির্ভীক। ২। [দুর্ (মন্দ) যে সাহস, কর্ম্মধা] বি. পুং. নিন্দিত সাহস ; অনুচিত সাহস ; অসঙ্গত সাহস।

দুঃসাহসিক (দুশ্শাহশিক্) [দুঃসাহস+ইক (বিশিষ্টার্থে)] বিণ. অনুচিত সাহসকারী ; অসমসাহসযুক্ত। ২। যাহাতে দুঃসাহসের প্রয়োজন।

দুঃস্থ, দুস্থ (দুস্থ) [দুর্ (দুঃখ) স্থ (যে থাকে)] বিণ. যে দুঃখ পাইতেছে ; যে কষ্টে কাল কাটাইতেছে ; দরিদ্র। ২। দুর্দ্দশাগ্রস্ত ; দুরবস্থাপন্ন। ৩। দুঃখিত।

দুঃস্থিত (দুস্থিত) [দুর্ (দুঃখে) স্থিত (যে আছে) ৭তৎ] বিণ. দুঃখে স্থিত ; কষ্টেপতিত। বি. দুঃস্থিতি।

দুঃস্পর্শ (দুশ্পশ) [দুর্ (দুঃখ)—স্পৃশ্ (স্পর্শ করা)+অ (কর্ম্মে)] বিণ. যাহাকে অতিকষ্টে স্পর্শ করা যায় ; দুঃখে স্পর্শযোগ্য ; কষ্টস্পর্শ।

দুঃস্বপ্ন (দুশ্শপ্ন) [দুঃ (দুঃখজনক) যে স্বপ্ন—কর্ম্মধা] বি. পুং. অশুভ স্বপ্ন ; কুস্বপ্ন।

দুঁদিয়া, দুঁদে, দুন্দিয়া [দু (দুঃখ)—দান্ত বা দম্য (দম্ ধাতু) হইতে দান্তিয়া বা দমিয়া, যাহাকে দুঃখে দমন করা যায়] বিণ. দুর্দ্দান্ত ; দামাল ; অশান্ত ; উৎপাতকারী ; দুরন্ত ; যাহাকে সহজে আঁটা যায় না। ২। [দ্বন্দ্ব হইতে—দ্বন্দিলা, সংক্ষেপে দ্বন্দে—দুঁদে] দ্বন্দ্বকারী ; মামলাবাজ।

দুঁহা, দোহা [ব্রজ—দুঁহু, দুহু। সং—দ্বয়, দ্বৌ] স. উভয় ; দুই। **দুঁহাকার**—দুজনের ; উভয়ের। **দুঁহেদোঁহা**—পরস্পর ; উভয় উভয়কে।

দুঁহু—দুহু দ্রঃ।

দুকথা [দু—কথা] বি. দুটি কথা। ২। কথাবার্ত্তা ; কথোপকথন। প্র—দুকথা না হলে বুঝবে কিরূপে। ৩। শক্তশক্ত কথা ; তিরস্কার। প্র—দুকথা শুনিয়ে দেওয়া। ৪। বচসা। প্র—"তাহার সহিত অনর্থক দুকথা হয়ে গেল। **দুএক কথা**—অল্প কথা। **দুচার কথা**—কতকগুলা কথা। ২। কথোপকথন। ৩। বচসা। ৪। শক্তশক্ত কথা ; কড়া কথা। ঐরূপ—**দুদশ কথা**।

দুকাঠি—দোকাঠি দ্রঃ।

দুকান, দোকান (ন্) [ফা] বি. পণ্যশালা ; ক্রয়-বিক্রয়-স্থান।

দুকুল (ল্) [দুই—কুল (বংশ)] বি. পিতৃকুল ও মাতৃকুল। ২। দুকূল অর্থে গ্রা-প্রয়োগ।

দুকূল (ল্) [দু (উষ্ণ করা)+উল, কৃ আগম—জৈব অর্থাৎ কীটজ বলিয়া উত্তাপ জনক] বি. ক্লী. রেসমী কাপড় ; ক্ষৌমবস্ত্র। প্র—"বহিয়া দুকূল চরণের ফুল জলদ শোভিত ধার।"—চণ্ডীদাস। (২) চীনাংশুক ; সূক্ষ্মবস্ত্র। (৩) শুভ্রবসন। (৪) উত্তরীয়বস্ত্র। ২। [দুই—কূল (তীর)] উভয় তট ; এপার ওপার ; ইহকাল পরকাল ; সকল আশ্রয়। প্র—"তার এককূল ওকূল দুকূল গেল পাথারে পড়িল সে।"—চণ্ডীদাস। "আমার এককূল ওকূল দুকূল গেল। সুধা না পেলে চকোর গো।"—রামপ্রসাদ। ৩। [কুল অর্থে গ্রা-প্রয়োগ] পিতৃকুল ও শ্বশুর কুল।

দুখ (খ্) [গ্রা। দুঃখ দ্রঃ। পদ্যে] বি. দুঃখ।

দুখচেটে (খ্) দুঃখচাটা দ্রঃ।

দুখপাসরা (দুখ্পাশোরা) [গ্রা—দুখ (দুঃখ) পাসরা (যে পাসরণ করায়)] বিণ. যে সকল দুঃখ ভুলাইয়া দেয় ; দুঃখহরণ। প্র—"দুঃখহরা দুখ পাসরা"—ছড়া।

দুখান, না (ন্) [দুই—খান, খানা (খণ্ড)] বি. দুইখণ্ড। ২। বিণ. দুই সংখ্যক ; দুটা। ৩। দুই খণ্ডে বিভক্ত।

দুখান (নো) [দুঃখ হইতে দুখ+আন (ক্রি.)। প্র-পু—দুখায়। অস্-ক্রি—দুখাইতে ; দুখাইয়া। হি—দুখ্‌না, ব্যথা করা] ক্রি. বেদনা প্রাপ্ত হওয়া ; ব্যথিত হওয়া ; ব্যথা করা। প্র—"নন্দাইকে ভাত দিতে কাঁকাল দুখায়"—ছড়া (সাওতাল পরগণা)।

দুখানি [দুই—খানি (খণ্ড—খান+ই, আদরে) তুল—খান+আ, (অনাদরে)=খানা] বিণ. দুই সংখ্যক ; দুটি। খান দ্রঃ।

দুখী (দুখি) [গ্রা। দুঃখী দ্রঃ] বিণ. দুঃখী। স্ত্রী. দুখিনী।

দুচোখ (খ্) [দু—চোখ] বি. নেত্রদ্বয়। দু-**চোখের ব্রতকরা**—সর্ব্বদা দুই চক্ষের ব্যবহার। ২। দুইচক্ষে যাহা পড়ে তাহাই গ্রহণ, ভোজন বা আত্মসাৎ করা। **দুচোখের বিষ**—চক্ষুশূল ; অত্যন্ত অপ্রিয়। প্র—"রুদ্রকান্ত কিন্তু মালতীকে দুইচক্ষুর বিষ দেখিতেন"—দামোদর মুখো (বিমলা)।

দুগ্ধ [দুহ্ (দোহন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বি. ক্লী. ক্ষীর ; দুধ ; স্তন্য। প্র—"গোদুগ্ধ ; ছাগীদুগ্ধ। ২। বিণ. কৃত দোহন ; যাহা দোহন করা হইয়াছে [বিরল]।

দুগ্ধকূপিকা [দুগ্ধ (দুগ্ধ ঘটিত) কূপিকা (পিষ্টক)] বি. স্ত্রী. দুধপুলি।

দুগ্ধপাচন (ন্) [দুগ্ধ—পচ্ (পাক করা) +অন (অধি—অনট্)] বি, ক্লী, দুগ্ধপাক পাত্র ; দুধের কড়া।

দুগ্ধপোষ্য (—পোষ্‌য) [দুগ্ধদ্বারা পোষ্য—৩তৎ] বিণ, দুগ্ধমাত্র পান করাইয়া পালিত] ২। বি, পুং, শিশু ; দুধের ছেলে।

দুঘড়ি (দুঘোড়ি) [দুই—ঘড়ি (প্রহর)] বি, দ্বিপ্রহর ; মধ্যাহ্ন বা মধ্যরাত্রি।

দুজা [হি। দুই ভাব হইতে জাত—সন্দেহ] বি, দ্বিভাব ; দ্বিধা ; সন্দেহ। প্র—"মনে মোর নহে যেন দুজা"—প্রেমভক্তি চন্দ্রিকা।

দুটা [দুই+টা (দ্রঃ)—দুইগোটা] বি, দুই সংখ্যা। ২। বিণ, দুই সংখ্যক। ৩। কিছু ; গোটাকতক। প্র—"কিসে কড়ি আসে দুটো"—রবি।

দুটানা, দোটানা [দুই (সমাসে—দু, দো)—টান (আকর্ষণ)+আ (স্বার্থে)] বি, দুই দিকের আকর্ষণ ; দুইজনের প্রতিটান অর্থাৎ স্নেহ, প্রীতি, ভালবাসা। প্র—দুটানার মধ্যে পড়ে প্রাণ ওষ্ঠাগত হয়েছে। ২। দুই বিপরীত অভিমুখে গতি। প্র—দুটান করিতে করিতে পায়ের সূতা ছিঁড়িল।

দুড়্দুড়্ [দ্রুত উচ্চারণে—দুদ্দুড়্। শব্দাত্মক। মৃদুশব্দে দুরুদুরু ; আধিক্যার্থে দুড়দাড় : দ্রুত উচ্চারণে দুদ্দাড়] অ, পদশব্দসহ দ্রুত পলায়নের ভাব। প্র—"তাহারা ছাদের উপর দিয়া দুড়্দুড় করিয়া পলায়ন করিল"। ২। হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ। প্র—"বুক দুড়দুড় করা"। ৩। মেঘগর্জ্জনশব্দ ভেদ। এতদর্থে প্রায়ই "হড়হড় শব্দ সহ ব্যবহৃত হয়। ৪। কিল বা লাঠিপ্রহার শব্দ। প্রহারের আধিক্য অর্থে দুদ্দাড়।

দুড়ুম (ম্) [শব্দাত্মক। মৃদু পতন শব্দ। শব্দাধিক্যে—দড়াম (দ্রঃ)] অ, দাঁড়াইয়া পতিত হইবার শব্দ ভেদ। ২। গোলাগুলি নিক্ষেপ-শব্দ : কামানের গর্জ্জন। কবি নবীন চন্দ্র পলাশীর যুদ্ধকাব্যে "দ্রুম্" শব্দ ব্যবহার করিয়াছেন। প্র—"দিশাহারা দিবসে, হত কত হুতাশে, গোলা গাজে দুড়ুম দুড়ুম।"—ধর্ম্মমঙ্গল।

দুণ, দুণা (দুনো, দুনা) [দ্বিগুণ হইতে প্রাকৃ—দুণা। বাং-প্রাকৃ—দুনা (দ্রঃ)] বিণ, দ্বিগুণ। প্র—"মহল দাখিল হৈতে দুঃখ উঠে দুণ।"—ঘনরাম।

দুণ্ডুক (ক্) বিণ, দুষ্ট ; খল। ২। চক্রী।

দুণ্ডুভ (দুন্‌ডুভ্) বি, পুং, ঢোঁড়াসাপ।

দুৎ [দূর হইতে। হি—ধৎ] অ, বিতাড়ন ব্যঞ্জক : দূর হ। ২। অসম্মতিসূচক অব্যয়। ৩। নিষেধার্থক ; বলিও না অর্থে। ৪। লজ্জায়। ৫। বিরক্তিতে। **দুৎদুৎ**—দূর্ দূর্।

দুতীয়া [প্রা] দ্বিতীয়া দ্রঃ।

দুত্তোর (র্) [দূর—দুৎ, ধুৎ, হি—ধৎতেরি, বাং—ধুৎতোর—অর্থাৎ তোর সংস্রবজনিত ঝঞ্ঝাট দূর হউক] অ, বিরক্তিব্যঞ্জক শব্দ। প্র—"হঠাৎ একদিন দুত্তোর বলে কোথা বুড়া গেল চলে।"—দ্বিজেন্দ্র রায়।

দুদুল (ল্) [দুল্ (দোলা) দুল্ (দোলা)—পুনঃপুনঃ দোলনার্থে দুলদুল্ সংক্ষেপে দুদুল, দোদুল্—পুনঃপুনঃ ও ক্রমাগত অর্থে দুদুল দুদুল] অ, দোদুল্যমান। প্র—"দেখিয়াছি খেলাইতে এক পায়ে লাফাইতে দলমল থল থল দুদুল দুদুল।"—চন্দন।

দুদ্দাড় (ড়্) [দুড়্দুড়্ (দ্রঃ)—দ্রুত উচ্চারণে দুদ্দুড়্, শব্দ ও বেগাধিক্য অর্থে দুদ্দাড়] অ, প্রহারের শব্দ ও বেগবাচক। প্র—তাহাকে দুদ্দাড় করিয়া ঠেঙ্গাইল।

দুধ (ধ্) [প্রা—দুদ্দ ; সং—দুগ্ধ (দ্রঃ) —প্রাকৃ—দুদ্ধ] বি, স্তনক্ষীর ; দুগ্ধ : স্তন্য। প্র—"কনক কলস পর দুধক ধার।"—বিদ্যাপতি। ২। দুগ্ধবৎ শ্বেত বৃক্ষাদির রস ; বৃক্ষক্ষীর। **দুধভাত** (ধ্, ত্) [প্রা—দুদ্দিভাত্তি] দুগ্ধে মিশ্রিত ভাত : উত্তমান্ন। **দুধে ভাতে থাকা**—ভোগে : ঐশ্বর্য্য সুখে। প্র—প্রণমিয়া পাটুনী "কহিছে যোড়হাতে। আমার সন্তান যেন থাকে দুধভাতে॥"—ভারতচন্দ্র। **দুধে জলে মেশা**—ক্রি, বেমালুম মিশিয়া যাওয়া ; অভিন্ন ভাব হওয়া ; একাত্ম হওয়া। **দুধ তোলা**—শিশুর দুগ্ধ বমন। **দুধের ছেলে**—দুগ্ধপোষ্য শিশু ; অতিশিশু। **দুধ খাওয়ান**—শিশু সন্তানকে গোদুগ্ধ ঝিনুকের দ্বারা পান করান। ২। মাই খাওয়ান। **দুধে আলতা**—দুধের সহিত আলতার রস মিশিয়া যে রঙ্গ হয়। **কুলায় শুইয়া তুলায় করিয়া দুধ খাওয়া**—পল্লীগ্রামে নবজাত শিশুকে কুলায় শুয়াইয়া রৌদ্রে রাখা ও তুলার পলিতার একপ্রান্ত দুধের বাটিতে অপর প্রান্ত মুখে দিয়া দুধ খাওয়ানর প্রথা হইতে ব্যঞ্জনায়—অতিশিশু যে কিছুই জানে না। বিদ্রূপে—অতি সরল ও অজ্ঞ অর্থাৎ যতদূর সরলতা এবং অজ্ঞতার প্রকাশ তাহার কিছুই নয় ; কপট সারল্য প্রকাশ করা। **দুধ দোয়া**—দুগ্ধ দোহন করা। **দুধ জ্বাল দেওয়া**—দুধ আগুনে গরম করা। **দুধের সর**—গরম দুধের উপরিভাগ যে স্নেহযুক্ত পদার্থে আবৃত করে। **দুধের রঙ্গ, দুধবর্ণ**—শ্বেতবর্ণ। **শাদা দুধ**—দুধের মত শ্বেত। **দুধ ছেঁড়া**—অম্লযোগে দুধের বিকার হওয়া। **দুধের বলক**—জ্বাল দিবার কালে দুধের উথলন বা স্ফীতি। **দুধ নামা**—বি, স্তনে দুগ্ধ সঞ্চার হওয়া। ২। দুধ জ্বাল দিয়া উনান হইতে নামান। **দুধ ভর করা**—বি, দুগ্ধের সঞ্চার হওয়া।

দুধকমল (ধ্, ল্) বি, ধান্যবিশেষ। ২। দুধকমল ধানের চাউল। প্র—"সুধা দুধকমলা খড়িকামুটি রান্ধে।"—অন্নদামঙ্গল।

দুধকম্বল (ধ্, ল্) বি, গর্ভবতী গাভীর প্রসবের পূর্ব্বে দুগ্ধাবির্ভাব জ্ঞাপক যে গোল মাংসপিণ্ড নাভিদেশে প্রকাশ পায়।

দুধকমলা (ধ্, ম্) বি, হৈমন্তিক ধান্য ভেদ। ২। দুধ ও কমলা লেবুর পায়স।

দুধকুসুম্ভা (দুধ্‌কুসুম্‌ভা) বি, দুধে গোলা সিদ্ধিবাটা। প্র—"দুগ্ধ দিয়া ঘন করি ঘুরাও ঘোটনা। দুধকুসুম্ভায় আজি হয়েছে বাসনা।"—অন্নদামঙ্গল।

দুধক্ষীর (দুধ্‌খীর্) বি, দুধ এবং দুধ আওটাইয়া গাঢ় করা দুধ। ২। ধান্যের গর্ভাবস্থা।

দুধফেনি (ধ্) বি, দুগ্ধে পাক করা পিষ্টকবিশেষ।

দুধারী, দোধারী [দুই—ধার (পার্শ্ব) +ঈ (তত্রস্থিত অর্থে)] বিণ, দুই পার্শ্বস্থ।

দুধাল [দুধ+আল (বালা)] বিণ, দুধযুক্ত ; দুধিয়া। ২। দুগ্ধবতী ; যে গরুর খুব দুধ হয়।

দুন [দ্বিগুণ হইতে] বি, বাদ্যের দ্রুততালবিশেষ; দুই মাত্রার বোল এক মাত্রায় বাদন।

দুনা [দ্বিগুণ হইতে প্রাকৃ—দুণা শব্দজ] বিণ, দ্বিগুণ ; ডবল। প্র—"উনো ভাতে দুনো বল"। দুনা দাম দিয়ে এ বস্তুটী লইয়াছি। "দর করে এক মূলে জুখে লয় দুনা।"—ভারতচন্দ্র।

দুনি, দুনী [দ্রোণী শব্দজ] বি, দ্রোণী ; কাষ্ঠনির্ম্মিত জলসেচনী ; ডোঙ্গা। ২। শস্য ক্ষেপণ যন্ত্রবিশেষ।

দুনিয়া [ফা] বি, পৃথিবী ; জগৎ ; বিশ্ব।

দুনু, দুনো [দুনা দ্রঃ] বিণ, ডবল ; দ্বিগুণ। প্র—"না শুনে কাহার বোল দুনু হয় ক্রোধ।"—কাশীরাম দাসের মহাভারত।

দুন্দুভি [দুন্দু (অনুকরণ শব্দ)—ভা (উচ্চারণ করা)+ই (কর্ত্তৃ—ডি)] বি, পুং, ঢক্কা ; ঢাক ; নাগরা। প্র—"পরম সন্তোষে দুন্দুভি নির্ঘোষে ইন্দ্র হৈলা আগুয়ান।"—অন্নদামঙ্গল। "ভেরী তুরী বাজে ভাল কাংস্য বাদ্য করতাল পটহ দুন্দুভি বাজে বীণে।"—কবিকঙ্কণ। ২। দৈত্যবিশেষ। ৩। রাক্ষসবিশেষ।

দুন্দুমার (র্) বিণ, ঘোরতর ; বিষম।

দুপদাপ (প্, প্) [শব্দাত্মক] অ, পদশব্দ ; গোড়ালি ঠুকিয়া চলিবার শব্দ। ২। লম্ফ ঝম্প। প্র—"কি ভীষণ দুপ দাপ কুদে কুদে মারে লাফ।"—চন্দন। "হুপ্ হাপ্ দুপ্ দাপ্ আশ পাশ ঝাঁকিছে।"—অন্নদামঙ্গল।

দুপর, দুপুর, দুপূর (র্) [দ্বিপ্রহর শব্দজ] বি, দ্বিপ্রহর ; বেলা ১২ টা। প্র—"শ্যামের বাঁশিটী দুপুরে ডাকাতি সরবস হরি নৈল।"—চণ্ডীদাস। "গড়ান দুপুর বেলা তৃষ্ণায় শুকাল গলা। শুন ভাই মোর নিবেদন।"—কবিকঙ্কণ।

দুপাক, দোপাক (ক্) [দুই—পাক] বি, দুই ফের ; দুই বেষ্টন। প্র—দুপাক দেওয়া দড়ি। ২। ঘূর্ণন ; চক্র। প্র—দুপাক ঘুরে আসি। ৩। [দুই পাক (পক্ব) দুইবার পক্ব বা সিদ্ধ।

দুপাখা [দুই—পাখা (পক্ষ)] বি, দুই পক্ষযুক্ত উনান ; দুআখা দ্রঃ।

দুপাটী [দুই—পাটী। প্রা-বাং—গ্রা—দুইবটী ; দুপুটী] বি, পুষ্পবৃক্ষবিশেষ। প্র—"চামলী গন্ধলি তুলিলা শ্রীফল দুইবটী।"—শূন্যপুরাণ। ২। [পাটী—পট্টি—পত্তি—পঙ্‌ক্তি (সং)] দুই থাক ; দুই শ্রেণী।

দুপুরিআ,—য়া, দুপুরে [দ্বিপ্রহর+ইয়া] বি, দ্বিপ্রহর সংক্রান্ত : দুপুর বেলার ; দ্বিপ্রহরে জাত।

দুফাল, দোফাল (ল্) [দুই—ফাল (ফাড়—বিদারণ, ফালি দ্রঃ)] বি, দুই টুকরা ; দুই খণ্ড ; দুই চির।

দুবটী [প্রা-বাং—দুপাটী দ্রঃ] বি, দোপাটীপুষ্প। প্র—"অসোক কিংশুক জাতি দুবটী কুরুবক।"—শূন্যপুরাণ।

দুবরী [ব্রজ। হি—গ্রা—দুবল্ : দুবর্ : স্ত্রী, দুবরি ; দুবরী। সং—দুর্ব্বল হইতে] বিণ, স্ত্রী, দুর্ব্বলা : ক্ষীণা : কৃশা। প্র—"তুয়া গুণে সুন্দরী অতি ভেল দুবরি গুণি গুণি প্রেম তোহারি।"—বিদ্যাপতি।

দুব্ব, দুব্বা, দুব্বো [সং—দূর্ব্বা। গ্রা—দুব্ব। হি—দূব] বি, দূর্ব্বা ; তৃণবিশেষ।

দুভাষী, দোভাষী [গ্রা—দোবাষ্। দুই—ভাষী] বিণ, দুই ভাষাভিজ্ঞ। প্র—"বক্তা ও শ্রোতা পরস্পরের ভাষা বিভিন্ন হইলে একজন উভয় ভাষাভিজ্ঞ ব্যক্তিকে মধ্যস্থ রাখিতে হয় তাহা হইলে সেই দোভাষী একজনের বক্তব্য অপরকে বুঝাইয়া দেয়।"

দুমচী (ম্) [তুর্কী] বি, ঘোড়ার সাজবিশেষ ; যে চর্ম্মরজ্জু অশ্বপুচ্ছের নিম্নদিয়া বেষ্টন করত জিন কষিয়া রাখে।

দুমড়ন (ম্, ন্) [দুমড়ান দ্রঃ] বি, কুঞ্চন ; সঙ্কোচন ; মোড়ন ; ভাঁজ করণ।

দুমড়া (ম্) [দুমড়ান দ্রঃ] বিণ, কুঞ্চিত ; বক্র।

দুমড়ান (দুমড়োনো) [সং—ত্রাঞ্চ্ (কুটিলীকরণে) উ-পু—দুমড়াই। ম-পু—দুমড়াও। প্র-পু—দুমড়ায়। অস-ক্রি—দুমড়াইতে, দুমড়াইয়া, দুমড়ে] ক্রি, কুঞ্চিত করা ; ভাঁজ করা ; মোচড়ান ; বক্র করা। বি, **দুমড়ানি**।

দুমদাম্ [শব্দাত্মক] অ, গোড়ালি ঠুকিয়া চলিবার শব্দ ; জোরে পা ফেলিয়া চলার শব্দ। ২। প্রহার শব্দ। প্র—"দশ হাতে দুমদাম দিবে অতঃপর।"—শিবায়ন।

দুমনা (মো) [দুইমন+আ (বিশিষ্টার্থে)] বিণ, দুই মনবিশিষ্ট ; যাহার মন দুইদিকে যায় ; অস্থির মন : সন্দিহ্যমানস।

দুমালা—দোমালা দ্রঃ।

দুমুখা, দুমুখো [দুই—মুখ+আ (যুক্তার্থে)] বিণ, দুই মুখবিশিষ্ট। ২। যাহার দুই প্রান্তে মুখ আছে। প্র-দুমুখো সাপ। ৩। যাহার মুখ দিয়া দুইরূপ বা বিপরীত কথা বাহির হয়।

দুম্বা [ফা—দুম্বা (দুম্=পুচ্ছ। দুম্বন্=স্ফীতি : মাংসপিণ্ড), বৈদ্যকে দুম্বক] বি, স্থূল মেদল পুচ্ছযুক্তমেষবিশেষ।

দুয়া [দুর্ভগা শব্দজ] বিণ, ভাগ্যহীনা ; যে স্ত্রীলোককে স্বামী ভালবাসে না বা দেখিতে পারে না। প্র—"যুবা সুয়া বুড়া দুয়া সবে জানিগো"—অন্নদামঙ্গল। ২। দুর্ব্বলা শব্দের সংক্ষেপ। প্র—"কহ দুয়া জীবন উপায়। কানে তোর দিব হেম চিন্তহ আমার ক্ষেম যেমতে সম্বন্ধ ভাঙ্গা যায়।"—কবিকঙ্কণ।

দুয়ার (র্) [সং—দ্বার। প্রাকৃ—দুয়ার] বি, দ্বার। প্র—"বাহিরে তাহার একটি দুয়ার ভিতরে তিনটি আছে।"—চণ্ডীদাস।

দুয়ারে কাঁটা দেওয়া—প্রবেশ পথ বা দ্বারে বিঘ্নস্থাপন করা ; প্রবেশ পথ বন্ধ করা। প্র—"রাঙ্গি বাড়ি দেও বলে কত দেও খোঁটা। তব ঘরে আসিলে দুয়ারে দিও কাঁটা॥"—কবিকঙ্কণ।

দুয়ারী [দ্বারী শব্দজ] বি, দ্বাররক্ষক : দ্বারী। প্র—"আপনি ঈশ্বরী যার আছিলা দুয়ারী। তবে কেন সবংশে মজিল লঙ্কাপুরী॥"—ঘনরাম। "দ্বিরদ নির্ম্মিত দ্বারে দুয়ারী দ্বিরদ।"—মেঘনাদবধ। ২। দ্বারিকা শব্দের সংক্ষেপ।

দুয়েম-জমী, দোয়েম-জমী [ফা—দুয়ম (দ্বিতীয়) হি—দোয়েম] বি, দ্বিতীয় শ্রেণীর জমী, আওয়ল্ জমি হইতে নিরেশ : যে জমিতে বারআনা রকমের শস্য জন্মে।

দুয়ো [দুয়া দ্রঃ] বিণ, দুর্ভগা প্র—"ধ্রুবের জননী হৈলা স্বামীতে দুর্ভাগা।"—চৈতন্যমঙ্গল। ২। দুর্ভাগ্য ; দুরদৃষ্ট। ৩। লজ্জা : লজ্জাদান অর্থে পশ্চাতে দুয়ো বলিয়া চীৎকার ও তালি বাদ্য। প্র—"আগে দেব দুয়োতালি"—রবি।

দুর্, দুস্ [দো (ছেদন করা)+ডুর্—ডুস্ (কর্ত্তৃ) যে সুখের অবসান করে] অ, মন্দ, নিন্দিত, নিষিদ্ধ, দুঃখ প্রভৃতি বোধক উপসর্গ। প্র—দুরদৃষ্ট ; দুষ্প্রবৃত্তি ; দুর্দ্দশা ; দুশ্চিন্তা।

দুরক্ষ (দুরোক্‌খো) [দুর্ (নিন্দিত) যে অক্ষ (পাশা) কর্ম্মধা] বিণ, যে অক্ষক্রীড়ায় কপটতাবলম্বন করে। ২। [দুর্—অক্ষি—যাহার, বহু] কুদর্শন ; দুষ্টচক্ষু।

দুরক্ষর (দুরোক্‌খর্) [দুর্ (নিন্দিত) অক্ষর (বর্ণ) আছে যে বাক্যে, বহু] বিণ, মন্দ ; কঠোর : অপ্রিয়। প্র—"ভালমন্দ বলিয়াছি দুরক্ষর বাণী। মনে কিছু না করিহ, দেহ গো মেলানি॥"—কৃত্তিবাস। ২। অতি জটিল হস্তাক্ষর : যে লেখা সহজে পড়া যায় না।

দুরতিক্রম (দুরোতিক্‌ক্রোম্) [দুর্—অতিক্রম (লঙ্ঘন)] বিণ, যাহা দুঃখে অতিক্রম করা যায় ; দুর্লঙ্ঘ্য।

দুরতিক্রমণ (দুরোতিক্‌ক্রোমোন্) [দুর্ (দুঃখে) অতিক্রমণ (লঙ্ঘন)] বি, অতিকষ্টে উত্তরণ। বিণ, **দুরতিক্রমণীয়, দুরতিক্রম্য**। স্ত্রী, **দুরতিক্রমণীয়া**—দুরতিক্রম্যা।

দুরত্যয় (দুরোৎ তয়) [দুর্ (দুঃখে)—অত্যয় (অতিক্রম) করা যায় যাহার, বহু] বিণ, দুর্লঙ্ঘ্য ; দুরতিক্রম ; দুস্তর। ২। [দুর্ (দুঃখে) হয়—অত্যয় (বিনাশ) যাহার—বহু] দুর্বধ্য ; দুর্বিনাশ্য।

দুরদৃষ্ট [দুর্ (দুষ্ট) যে অদৃষ্ট (ভাগ্য)—কর্ম্মধা] বি, ক্লী, মন্দভাগ্য ; দগ্ধভাগ্য : পোড়াকপাল। ২। পাপ। ৩। [দুর্ (দুষ্ট) হইয়াছে অদৃষ্ট যাহার, বহু] বিণ, ভাগ্যহীন ; হতভাগ্য।

দুরধিগম (দুরোধিগম্) [দুর্ (দুঃখে) অধিগম (প্রাপ্তি) হয় যাহার, বহু] বিণ, দুষ্প্রাপ্য ; যাহা অতি কষ্টে প্রাপ্ত হওয়া যায় : দুর্লভ। ২। দুষ্প্রবেশ ; দুর্গম। ৩। দুর্জ্ঞেয়।

দুরধিগম্য (দুরোধিগোম্‌ম) [দুরধিগম (দ্রঃ) +য] বিণ, দুষ্প্রবেশ্য। স্ত্রী, **দুরধিগম্যা**।

দুরধ্যায় [দুর্ (দুঃখে) হয় অধ্যায় (অধ্যয়ন) যাহার, বহু] বিণ, দুষ্পাঠ্য।

দুরন্ত (দুরোন্তো) [দুর্ (দুঃখজনক) হইয়াছে অন্ত (অবসান) যাহার, বহু] বিণ, দুর্দ্দান্ত : অশান্ত : দুর্দ্দমনীয়। প্র—"ধাইল কুঞ্জর বল বড়ই দুরন্ত।"—কবিকঙ্কণ। ২। দুষ্ট : দুর্বৃত্ত। প্র—"কৃতান্ত আমিয়ে তোর দুরন্ত রাবণি"—মেঘনাদ। ৩। দুর্গম ; দুরতিক্রমণীয় ; দুর্লঙ্ঘ্য [বিরল]। ৪। অবাধ্য।

দুরন্তপনা (দুরোন্তপোনা) [দুরন্ত (দ্রঃ) —পনা (বৃত্তি, শীলার্থে)] বি, দুর্দ্দান্তপনা ; দুষ্টামি ; দৌরাত্ম্য। প্র—"বাতাস করিছে দুরন্তপনা ঘরেতে ঢুকি"—রবি।

দুরন্তর [দুরন্ত (দ্রঃ) + তর (আধিক্যে)] বি. অপেক্ষাকৃত অধিক দুরন্ত ; অতিশয় দুরন্ত। প্র—"পাইয়া শিবের বর দৈত্য হৈল দুরন্তর। কোনদিন পাড়ে গণ্ডগোল ।"—কবিকঙ্কণ।

দুরপনেয় [দুর্—অপ—নী (পাওয়া) + (য কর্ম্মে—যৎ)] বিণ. যাহা অতিকষ্টে অপনয়ন বা অপসারণ করা যায় ; দুর্ম্মোচনীয়। প্র—"নিরপরাধা জানকীরে বিসর্জ্জন দিয়া দুরপনেয় পাপপঙ্কে লিপ্ত হইতে হইত না ।" —বিদ্যাসাগর।

দুরভিগ্রহ (দুরোভিগ্‌গ্রোহো) [দুর্—(দুঃখে) হয় অভিগ্রহ (সম্যক্ গ্রহণ বা জ্ঞান) যাহার. বহু] বিণ. দুর্গ্রহণীয় ; বহু ক্লেশ-গ্রাহ্য। ২। দুর্জ্ঞেয় ; কষ্টবোধ্য।

দুরবগম (ম্) [দুর্ (দুঃখে) হয় অবগম (জ্ঞান) যাহার. বহু] বিণ. দুরধিগম্য ; দুর্জ্ঞেয় ; দুর্বোধ্য।

দুরবগ্রহ (দুরবগ্‌গ্রোহো) [দুর্ (দুঃখে) হয় অবগ্রহ (অপসারণ) যাহার. বহু] বিণ. যাহাকে কষ্টে অপসারিত করা যায় ; দুরপনেয়।

দুরবগাহ [দুর্ (দুঃখকর) হইয়াছে অবগাহ (স্নানার্থ প্রবেশ) যাহাতে—বহু] বিণ. দুরধিগম্য ; দুর্গম। ২। যাহা সহজে বোধগম্য হয় না : জটিল : দুর্ব্বোধ : যে বিষয়ের মধ্যে সহজে প্রবেশ করা যায় না : দুষ্প্রবেশ।

দুরবস্থ (—বস্‌থ) [দুর্ (মন্দ) অবস্থা (দশা) যাহার. বহু] বিণ. দুর্দ্দশাপন্ন : দুঃস্থ ; দুর্গত ; যাহার আর্থিক বা শারীরিক অবস্থা ভাল নয়। ২। দরিদ্র ; অভাবক্লিষ্ট।

দুরবস্থা (—বস্‌থা) [দুর্ (দুঃখজনক) যে অবস্থা—কর্ম্মধা] বি. স্ত্রী. দৈন্য ; দুর্দ্দশা ; ক্লেশকর দশা : শোচনীয় অবস্থা।

দুরমুশ্ (র্) [হি—দুর্‌মট্] বি. মুষলের ন্যায় ধরিয়া পিটিবার দণ্ডযুক্ত গুরুভার পিটনা ; a rammer.

দুরস্ত, দোরস্ত [ফা—দুরস্ত্] বিণ. যথাযথ ; ঠিক : নির্ভুল। ২। সোজা : ঋজু। ৩। সংশোধন : সংস্কার। ৪। সজ্জিত ; গোছাল ; সংযত। প্র—"এখন সভামধ্যে যাইতে হইবে, একটু কাপড় চোপড় দুরস্ত করিয়া নাও"—সীতারাম (বঙ্কিম)।

দুরাকাঙ্ক্ষ (—কাংখ) [দুর্ (দুষ্ট) হইয়াছে আকাঙ্ক্ষা (ইচ্ছা) যাহার. বহু] বিণ. যাহার আকাঙ্ক্ষার নিবৃত্তি নাই : দুরভিলাষী।

দুরাকাঙ্ক্ষা (—কাংখা) [দুর্ (নিন্দিত —অনুচিত) যে আকাঙ্ক্ষা (বাসনা) কর্ম্মধা] বি. স্ত্রী. দুষ্ট বা নিন্দিত বাসনা ; যে আকাঙ্ক্ষার কিছুতেই নিবৃত্তি হয় না। ২। দুর্লভ বিষয় বা বস্তুর প্রত্যাশা।

দুরাকাঙ্ক্ষী [দুরাকাঙ্ক্ষা দ্রঃ] বিণ. যে দুরাকাঙ্ক্ষা করে ; দুর্লভ বিষয় বা বস্তু প্রত্যাশী। স্ত্রী. **দুরাকাঙ্ক্ষিণী**।

দুরাক্রম্য (দুরাক্‌ক্রোম্‌মো) [দুর্—আক্রম্য] বিণ. যাহা আক্রমণ করা সহজ নয়।

দুরাগ্রহ (দুরাগ্‌গ্রোহো) দুর্ (দুষ্ট) যে আগ্রহ (যত্ন) কর্ম্মধা] বি. পুং. দুষ্ট বিষয়ের আগ্রহ। ২। [দুষ্ট হইয়াছে আগ্রহ যাহার. বহু] বিণ. মন্দবিষয়ে আগ্রহযুক্ত।

দুরাচর (র্) [দুর্ (দুঃখে) আ—চর (আ—চর্ = গমন করা—অনুষ্ঠান করা) + অ (কর্ম্মে—অল্) যাহা ক্লেশে অনুষ্ঠান করা যায়] বিণ. কষ্টকর আচার বা অনুষ্ঠান ঘটিত। ২। কৃচ্ছ্রসাধ্য।

দুরাচার (র্) [দুর্ (নিন্দিত) যে আচার (ব্যবহার)] বি. পুং. মন্দ আচরণ : কুৎসিত ব্যবহার। প্র—"বিশেষ ক্ষত্রিয়গণ কৈল দুরাচার। দুষ্টে শাস্তি না করিলে মজিবে সংসার॥"—কাশী—মহা—আদি। "অন্নপূর্ণা ক্রোধমনে শাপ দিলা দুইজনে যেমন করিলি দুরাচার ।"—অন্নদামঙ্গল। ২। [দুর্ (দুষ্ট) হইয়াছে আচার যাহার. বহু] বিণ. কুব্যবহারী : কদাচারী। ৩। দুর্বৃত্ত : নৃশংস : দুঃশীল। প্র—"তুমি এমন দুরাচারের. এমন নরাধমের. এমন হতভাগ্যের হস্তে পড়িয়াছিলে যে. কিঞ্চিৎকালের নিমিত্তেও তোমার ভাগ্যে সুখভোগ ঘটিয়া উঠিল না ।" —বিদ্যাসাগর।

দুরাত্মা (দুরাৎত্তা) [দুর্ (নিন্দিত) হইয়াছে আত্মন্—আত্মা যাহার. বহু] বিণ. পাপাত্মা : নির্দ্দয়। ২। দুর্বৃত্ত ; অত্যাচারী ; উৎপীড়ক ; দুষ্ট স্বভাব।

দুরাধর্ষ [দুর—আ—ধৃষ্ + ণিচ্ = ধর্ষি (প্রগল্‌ভ হওয়ান) + অ (কর্ম্মে—খল্)] বিণ. যাহাকে ধর্ষণ করা কঠিন বা ক্লেশকর ; দুর্দ্ধর্ষণীয় ; দুর্দ্দমনীয় ; অক্ষোভ্য ; দুর্দ্দম্য।

দুরাপ [দুর্ (দুঃখে)—আপ্ (প্রাপ্ত হওয়া) + অ (কর্ম্মে—খল্)] বিণ. যাহা সহজে প্রাপ্য হয় না ; দুর্লভ ; দুষ্প্রাপ্য।

দুরারোহ [দুর্—আ—রুহ্ (আরোহণ করা) + অ (কর্ম্মে—খস্)] বিণ. যাহা দুঃখে বা কষ্টে আরোহণ করা যায় ; দুর্গম। প্র—দুরারোহ পর্ব্বতশিখর। ২। [ভাবে—অ] বি. কষ্টে আরোহ।

দুরালভ (ভ্) [দুর্ (দুঃখ) আ—লভ্ (লাভ করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ. দুর্লভ। স্ত্রী. **দুরালভা**—কণ্টক বৃক্ষবিশেষ।

দুরালাপ (প্) [দুর্ (দুষ্ট. নিন্দিত) যে আলাপ (কথোপকথন)—কর্ম্মধা] বি. পুং. দুষ্টালাপ ; কদর্য্য আলাপ। ২। [দুর্ (দুঃখজনক) আলাপ যাহার—বহু] বিণ. কটুভাষী।

দুরাশয় (য়) [দুর্—আশয় (অভিপ্রায়—ইচ্ছা) যাহার—বহু] বিণ. দুরাকাঙ্ক্ষ। ২। [কর্ম্মধা] বি. ক্লী. মন্দ অভিপ্রায় ; অসদিচ্ছা : দুষ্টাভিসন্ধি।

দুরাশা [দুর্ (দুষ্ট) যে আশা—কর্ম্মধা] বি. স্ত্রী. দুষ্টাভিলাষ ; দুরাকাঙ্ক্ষা। প্র—"তিনি যে তেমন অবস্থায়, প্রাণধারণে সমর্থ হইয়া নির্ব্বিঘ্নে সন্তান প্রসব করিতে পারিয়াছেন, এরূপ আশা করা নিতান্ত দুরাশা মাত্র।" —বিদ্যাসাগর। ২। অপ্রাপ্য বিষয়ে আশা।

দুরাসদ (দুরাশদ্) [দুর্ (দুঃখে) আ—সদ্ (গমন করা, প্রাপ্ত হওয়া, সহ্য করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ. দুর্দ্ধর্ষ ; দুষ্ট। প্র— "পশ্চাৎ পার্ব্বতী হাতে মৈল দুরাসদ"— ধনরাম। ২। দুঃসহ। ৩। দুর্লভ।

দুরি, দুরী [দুই] বি. দুইবিন্দুঅঙ্কিত তাস।

দুরিত [দুর্ (নিন্দা)—ই (গমন করা, প্রাপ্ত হওয়া) + ত (ভাবে—ক্ত)] বি. ক্লী. পাপ ; দুষ্কৃত। প্র—"দুর্জ্জয় দক্ষিণা কালী দুরিত-নাশিনী ।"—কবিকঙ্কণ। "কৃপাবলোকন কর ভক্তের দুরিত হর দারিদ্র্য দুর্গতি কর চূর্ণ ।" —অন্নদামঙ্গল। ২। অমঙ্গল। ৩। [কর্ত্তৃ—ক্ত] বিণ. পাপিষ্ঠ। ৪। বিতাড়িত ; দূরীকৃত ; অপসারিত। প্র—"কর দুরিত ভারত লজ্জা" —অতুল সেন। **দুরিত দমনী**—দুষ্কৃত দমন-কারিণী : পাপনাশিনী। **দুরিত হারিণী**—পাপ হরণ-কারিণী। প্র—"নানা অবতারে তুমি বিষ্ণুসহায়িনী। দুরিত-হারিণী মাতা দুর্গতি-নাশিনী॥"—কবিকঙ্কণ।

দুরুক্ত [দুর্ (দুষ্ট) যে উক্ত—বাক্য— কর্ম্মধা] বি. ক্লী. দুর্ব্বচন : কটূক্তি ; গালি।

দুরুক্তি [দুর্ (দুষ্ট) উক্তি (বাক্য)] বি, দুর্ব্বচন ; দুর্ব্বাক্য : কটুবাক্য।

দুরুচ্চার (র্) [দুর্ (অতিকষ্টে)—উচ্চার (উচ্চারণ) হয় যাহার. বহু] বিণ. যাহা উচ্চারণ করিতে কষ্ট হয় ; যাহা উচ্চারণ করা দুরূহ। ২। যাহা মুখে আনা যায় না ; অশ্লীল।

দুরুচ্ছেদ (দ্) [দুর (দুঃখে) উচ্ছেদ (উন্মূলন) হয় যাহার. বহু] বিণ. যাহা উন্মূলিত করা কষ্টসাধ্য ; দুরপনেয়।

দুরুত্তর (র্) [দুর্ (দুঃখজনক) যে উত্তর (প্রতিবাক্য)—কর্ম্মধা] বি. ক্লী. অনুচিত উত্তর : অসদুত্তর ; অসাধু উত্তর : কটূত্তর। ২। [উদ্—তৃ (পার হওয়া) + অ (কর্ম্মে— খল্) = উত্তর (উত্তরণ)] বিণ. উত্তরণ-দুঃসাধ্য ; দুস্তর ; দুর্লঙ্ঘ্য।

দুরুপসদ (—শদ্) [দুর্—উপ—সদ্ (গমন করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ. দুর্লভ। ২। দুর্গম। ৩। দুঃসহ।

দুরূহ [দুর্—উহ্ (তর্ক করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ, যাহা অতি কষ্টে তর্ক দ্বারা মীমাংসিত হয় ; দুস্তর্ক্য। ২। দুষ্প্রবেশ : দুরধিগম্য : দুর্বোধ : দুর্জ্ঞেয়। ৩। কঠোর : কষ্টসাধ্য : কঠিন : শক্ত।

দুর্গ [দুর্ (দুঃখে) গম্ (গমন করা) + অ (কর্ম্মে—ড)] বি, পুং, যুদ্ধ সময়ে শত্রু আক্রমণ হইতে নিরাপদে অবস্থানের আশ্রয় : গড় : কেল্লা। [দুর্গ ৬ প্রকার (১) ধন্বদুর্গ। (২) মহীদুর্গ। (৩) গিরিদুর্গ। (৪) মনুষ্য-দুর্গ। (৫) বনদুর্গ]। ২। অগম্য : দুর্গম। ৩। বিপদ : সঙ্কট। প্র—"দুর্গ পার হয়ে এলে কি প্রকারে।"—কাশীরামদাসের মহাভারত। ৪। দুর্গ নামক অসুর। প্র—"মহিষ মর্দ্দিনি, দুর্গ বিঘাতিনি। রক্তবীজ নিকৃন্তিনি॥"—অন্নদামঙ্গল। ৫। ভববন্ধ : কুকর্ম্ম : শোক : দুঃখ : নরক : যমদণ্ড : জন্ম · মহাভয় : অভিযোগ। ৬। বিঘ্ন। দুর্গ টুনটুনি—ক্ষুদ্র পক্ষীবিশেষ। প্র—"এই গোলে গুরুমহাশয়ের গুরুত্ব একেবারে লঘু হইয়া গেল তিনি পূর্ব্বে বৃহৎ পক্ষী ছিলেন, এক্ষণে দুর্গ টুনটুনি হইয়া পড়িলেন।"—আলাল।

দুর্গতি (দুর্গোতি) [দুর্ (দুঃখজনক) যে গতি (গমন)—কর্ম্মধা] বি, স্ত্রী, দুর্দ্দশা : নিগ্রহ। ২। কষ্ট : ক্লেশ। ৩। নরক। বিণ, দুর্গত—দরিদ্র : দুরবস্থাগ্রস্ত : বিপদ্‌-গ্রস্ত। ২। দুঃখী।

দুর্গন্ধ (দুর্ (অপ্রিয়, নিন্দিত) যে গন্ধ—কর্ম্মধা] বি, পুং, অপ্রিয় গন্ধ : পীড়াজনক বা কষ্টদায়ক গন্ধ। ২। [দুর্ (নিন্দিত) হইয়াছে গন্ধ যাহার, বহু] বিণ, দুর্গন্ধযুক্ত।

দুর্গন্ধী (দুর্গোন্ধি) [দুর্গন্ধ + ইন্ (অস্ত্যর্থে) প্রা-বাং—দুর্গন্ধি, দুর্গন্ধিত] বিণ, দুর্গন্ধ-ময় : পূতিগন্ধযুক্ত। প্র—"দুর্গন্ধি রুধির বহি বহে সেই পাণি॥"—শূন্যপুরাণ। "দুর্গন্ধিত সব লএ সিব নাচিতে লাগিল।"—ঐ

দুর্গপতি (পো) [দুর্গের পতি, ৬তৎ] বি, পুং, দুর্গরক্ষক : দুর্গাধ্যক্ষ।

দুর্গম (ম্) [দুর্ (দুঃখে) গম্ (গমন করা, পাওয়া, জ্ঞাত হওয়া) + অ (কর্ম্মে—খল্)] বিণ, দুষ্প্রবেশ : যথায় গমন কষ্টসাধ্য। ২। দুরধিগম্য : দুর্বোধ্য : দুর্জ্ঞেয়। ৩। দুর্লভ [বিরল]। ৪। জনৈক অসুরবিশেষ।

দুর্গা [দুর্ (দুঃখ) গম্ (গমন করা, জানা) + অ (কর্ম্মে, ড) = দুর্গ + আপ্, স্ত্রী—যাঁহাকে দুঃখে জানা যায়। কিম্বা যিনি দুর্গ অর্থাৎ সঙ্কট হইতে ত্রাণ করেন। তন্ত্রে—দ্ (দৈত্য নাশ-সূচক) + উ (বিঘ্ননাশ-সূচক) + র্ (রোগঘ্নবাচক) + গ্ (পাপঘ্নবাচক) + আ (ভয় ও শত্রুনাশবাচক) পুরাণে—দুর্গ (অসুরবিশেষ) + আ—বধকর্ত্রী অর্থে, (যিনি দুর্গ নামক অসুর বিনাশ করিয়াছেন)] বি, স্ত্রী, পরমাপ্রকৃতি : বিশ্বের আদিকারণ : শিব-পত্নী। রাজা সুরথ ইহাঁর পূজা ধরাধামে প্রচার করেন। রামচন্দ্র অকালে বোধন করিয়া রাবণ বধের জন্য পূজা করিয়াছিলেন।

দুর্গাধ্যক্ষ (দুর্গাদধোক্‌খো) [দুর্গের অধ্যক্ষ—৬তৎ] বি, পুং, দুর্গপতি।

দুর্গানবমী—বি, স্ত্রী, কার্ত্তিক মাসের শুক্লনবমী : জগদ্ধাত্রীপূজার দিন।

দুর্গাধীশ (শ্) [দুর্গার অধীশ (প্রভু) ৬তৎ] বি, পুং, দুর্গাপতি : শিব। ২। [দুর্গের অধ্যক্ষ] দুর্গাধ্যক্ষ।

দুর্গাভোগ [গ্রা—দুগ্‌গাভোগ] বি, ধান্য-ভেদ। প্র—"সনা খড়কি দুগ্‌গাভোগ আস আঙ্গ কত।"—শূন্যপুরাণ।

দুর্গোৎসব (—শব্) [দুর্গার উৎসব—৬তৎ] বি, পুং, ক্লী, দুর্গা পূজা উপলক্ষে উৎ-সব। ২। দুর্গাপূজা।

দুর্গ্রহ (দুর্‌গ্রোহো) [দুর্ (দুঃখে) গ্রহ (গ্রহণ করা) অ (কর্ম্মে—খল্)] বিণ, কষ্টগ্রাহ্য। ২। দুরধিগম্য : দুর্জ্ঞেয়। ৩। বি, কুগ্রহ।

দুর্গ্রাহ্য (দুর্‌গ্রাজ্‌ঝ) [দুর্—গ্রহ্ (গ্রহণ করা) + য (কর্ম্মে—ঘ্যণ্] বিণ, যাহা কষ্টে গ্রহণ করা যায় ; দুর্গ্রহণীয়।

দুর্ঘট (ট্) [দুর্ (দুঃখে) ঘট্ (সংঘটিত হওয়া) + অ (কর্ম্মে—খল্)] বিণ, যাহা সহজে ঘটে না : যাহা ঘটা শক্ত।

দুর্ঘটনা [দুর্—ঘট্ (সংঘটিত হওয়া) + অন (ভাবে) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, অমঙ্গল ঘটনা : অশুভ ঘটনা। ২। বিপদ। ৩। বিঘ্ন।

দুর্ঘোষ (ষ্) [দুর্ (কর্কশ) হইয়াছে ঘোষ (রব, আরাব) যাহার—বহু] বি, পুং, ভল্লুক ; ভালুক। ২। [দুর্ (নিন্দিত) যে ঘোষ—কর্ম্মধা] কর্কশ কণ্ঠ। ৩। বিণ, কুৎসিত নিনাদযুক্ত।

দুর্জ্জন (ন্) [দুর্ (নিন্দিত) যে জন—কর্ম্মধা] বিণ, দুষ্টলোক : খল : কুলোক। ২। নৃশংস নিষ্ঠুর : নির্দ্দয়। পদ্যে কোমলরূপ—দুরজন। প্র—"গুরু দুরজন যত বঁধুর বিদ্বেষ করে।"—চণ্ডীদাস।

দুর্জ্জয় (য়) [দুর্ (দুঃখে)—জি (জয় করা) + অ (কর্ম্মে—অল্)] অজেয় ; যাহাকে জয় করা দুষ্কর বা অসাধ্য। ২। কঠিন : যাহা ভাঙ্গে না : দৃঢ়। প্র—দুর্জ্জয় মান।

দুর্জ্জাতি [দুর্ (নিন্দিত) হইয়াছে জাতি যাহার —বহু] বিণ, দুষ্টকুলে জাত ; নীচবংশ সম্ভূত।

দুর্জ্ঞেয় (দুর্গোঁয়) [দুর্—জ্ঞা (জানা) + য (কর্ম্মে)] বিণ, যাহা অতি দুঃখে জ্ঞান-গম্য হয় ; দুর্বোধ্য ; দুরধিগম্য।

দুর্ণয়, দুর্নয় (য়) [দুর্ (দুষ্ট) যে নয় (নীতি)—কর্ম্মধা। সংস্কৃতে ন কারের ব্যবহার আছে] বি, পুং, কুনীতি। ২। [দুষ্ট নয় যাহার—বহু] বিণ, দুনীত।

দুর্দ্দম (ম্) [দুর্ (দুঃখে) দম্ (দমন করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ, দুর্দ্দমনীয় : দুর্দ্দান্ত।

দুর্দ্দম্য (দুর্‌দোম্ম) [দুর্—দম্ (দমন করা) + য (কর্ম্মে)] বিণ, দুর্দ্দমনীয় : দুর্দ্দান্ত : অশান্ত : দুরন্ত।

দুর্দ্দশা [দুর্ (দুঃখের) দশা—৬তৎ কিম্বা দুঃখজনক যে দশা—কর্ম্মধা] বি, স্ত্রী, দুর্ভাগ্য : দুরবস্থা। প্র—"আপন দুর্দ্দশা আর শিবেরে নিন্দিয়া। বিস্তর কহিলা ব্যাস কান্দিয়া কান্দিয়া॥"—অন্নদামঙ্গল।

দুর্দ্দর্শ [দুর্—দৃশ্ (দর্শন করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ, দুর্নিরীক্ষ্য : দর্শন করা দুঃসাধ্য।

দুর্দ্দান্ত [দুর্ (দুঃখে)—দম (দমন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, দুর্দ্দম্য : অশান্ত : দুর্দ্দমনীয় : দুরন্ত।

দুর্দ্দিন (ন্) [দুর্ (নিন্দিত) যে দিন (দিবস) —কর্ম্মধা] বি, ক্লী, ঝড় বৃষ্টিযুক্ত দিন : দুর্যোগ : মেঘাচ্ছন্ন দিবস। ২। বিপৎকাল ; দুঃসময় : অসময়।

দুর্দ্দৈব [দুর্ (মন্দ) যে দৈব (ভাগ্য) নিত্য] বি, ক্লী, দুরদৃষ্ট : মন্দভাগ্য : দুর্ভাগ্য। ২। দুর্গতি। প্র—"দেখ দেখ অহে নন্দি ব্যাসের দুর্দ্দৈব। ছিল গোঁড়া বৈষ্ণব হইল গোঁড়া শৈব॥"—অন্নদামঙ্গল। ২। দুর্ঘটনা। ৩। পাপ।

দুর্দ্ধর (র্) [দুর্—ধৃ (ধারণ করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ, দুর্দ্ধর্ষ : দুর্দ্দান্ত। ২। দুরধিগম্য। ৩। যাহাকে ধরিয়া রাখা দুঃসাধ্য। ৪। দৈত্যবিশেষ

দুর্দ্ধর্ষ [দুর্—ধৃষ্ (পরাজয়) + অ (কর্ম্মে—খল্) কিম্বা দুর্ (নাই) ধর্ষ (পরাজয়) যাহার, বহু] বিণ, যাহাকে কোনরূপে পরাজয়াদি করা যায় না : যাহার তেজ বীর্য্যাদি সহ্য করা যায় না : প্রবল পরাক্রান্ত ; অধর্ষণীয়।

দুর্দ্ধী (দুর্‌ধী) [দুর্ (দুষ্ট) হইয়াছে ধী (বুদ্ধি) যাহার, বহু] বিণ, দুর্ব্বুদ্ধি ; অপণ্ডিত। তুল—বিপরীতে "সুধী"।

দুর্নাম (ম্) [দুর্ (নিন্দিত) (নাম) নিত্য] অপযশ : নিন্দা : অখ্যাতি ; কলঙ্ক। প্র—"আমি অন্নপূর্ণা আছি কাশীতে বসিয়া। আমার দুর্নাম হবে না দেখ ভাবিয়া॥"—অন্নদামঙ্গল। স্ত্রী, দুর্নামা।

দুর্নিবার (র্) [দুর্ (দুঃখ দ্বারা) নিবার (নিবারিত)—৩ তৎ] বিণ, যাহা দুঃখ ক্রমে নিবারণ করা যায় : কষ্টে নিবার্য্য।

২। [দুর্—নি—বৃ (বারণ করা) +ণিচ্ = বারি (বারণ করা)+অ (কর্ম্মে—খল্) অনিবার্য্য।

দুর্নিমিত্ত [দুর্ (দুষ্ট) যে নিমিত্ত, নিত্য] বি, কুলক্ষণ ; অশুভ লক্ষণ ; অমঙ্গলের চিহ্ন।

দুর্নিরীক্ষ্য (দুর্‌নিরীক্‌খ) [দুর্—নির্—ঈক্ষ্ (দর্শন করা)+য (কর্ম্মে)] বিণ, যাহাকে অতিকষ্টে নিরীক্ষণ করা যায় ; দুর্দ্দর্শ।

দুর্নীত [দুর—নী (লওয়া—পাওয়া)+ত (ক্ত)] বিণ, দুঃশীল ; উচ্ছৃঙ্খল ; অশিষ্ট ; বেচাল ; বদচলন। ২। অবিনীত। ৩। [ভাবে—ক্ত] বি, কুনীতি।

দুর্নীতি [দুর্ (নিন্দিত) যে নীতি (নিয়ম) নিত্য] বি, স্ত্রী, কুনীতি ; কুরীতি ; অসদাচরণ।

দুর্ব্বল (ল্) [দুর্ (হীন) বল (সামর্থ্য) যাহার—বহু] বিণ, হীনবল ; শক্তিহীন ; বলশূন্য। ২। অসমর্থ ; অশক্ত। ৩। [তুল —হি—দুব্‌লা, দুবল্] কৃশ ; ক্ষীণ ; জীর্ণ ; রোগা ; পাত্‌লা।

দুর্ব্বহ [দুর্ (দুঃখে) বহ্ (বহন করা)+অ (কর্ম্মে—খল্)] বিণ, যাহা দুঃখে বহন করা যায় ; বহন করা দুঃসাধ্য ; দুর্ব্বাহ্য ; গুরুভার। ২। ভারপীড়িত ; ভারাক্রান্ত। ৩। দুঃসহ ; অসহ্য।

দুর্ব্বাক্ [দুর্ (কুৎসিত) হইয়াছে বাক্ (বাক্য) যাহার, বহু] বিণ, কর্ক্কশভাষী ; যে কটু কথা বলে।

দুর্ব্বাক্য (দুর্ব্বাক্‌ক) [দুর্—বাক্য যাহার —বহু] বিণ, দুর্ব্বচন ; কটুবাক্য ; কুকথা ; কর্ক্কশভাষা। ২। গালি।

দুর্ব্বাচ্য (দুর্‌বাচ্‌চ) [দুর্ (নিন্দিত) যে বাচ্য—কর্ম্মধা] বি, ক্লী, অকীর্ত্তি ; অপবাদ ; নিন্দা। ২। দুর্ব্বচনীয়।

দুর্ব্বার (র্) [দুর্ (দুঃখ) বৃ+ণিচ্ = বারি (বারণ করা)+অ (কর্ম্মে—খল্)] বিণ, যাহা নিবারণ করা দুঃসাধ্য ; অনিবার্য্য। ২। দুর্দ্দান্ত। প্র—"শিয়রে কলিঙ্গ রাজা বড়ই দুর্ব্বার।"—কবিকঙ্কণ।

দুর্ব্বারণ (ন্) [দুর্—বৃ+ণিচ্ =বারি (নিবারণ করা)+অন (কর্ম্মে—অনট্)] বিণ, দুর্নির্ব্বার ; অনিবার্য্য।

দুর্ব্বার্ত্তা (দুর্বার্ত্তা) [দুর্ (দুঃখ জনক) যে বার্ত্তা (সংবাদ) কর্ম্মধা] বি, স্ত্রী, দুঃসংবাদ।

দুর্ব্বাসনা (দুর্বাশনা) [দুর্ (দুষ্ট) যে বাসনা (ইচ্ছা) কর্ম্মধা] বি, স্ত্রী, দুষ্টাভিলাষ ; দুরভিসন্ধি ; কুবাসনা।

দুর্ব্বাসা (শা) [দুর্ (কুৎসিত) হইয়াছে বাসস্ (বস্ত্র) যাহার, বহু] বি, পুং, কুৎসিত বেশধারী। ২। স্বনামপ্রসিদ্ধ অতি ক্রোধী মুনি। ইনি অত্রির ঔরসে শঙ্করের অংশে জন্মগ্রহণ করেন।

দুর্ব্বিগাহ [দুর্ (দুঃখে) বি—গাহ্ (অবগাহন করা)+অ (ভাবে, অল্)] বিণ, যাহাতে অবগাহন করা দুঃসাধ্য ; দুরবগাহ দুষ্প্রবেশ্য।

দুর্ব্বিনীত [দুর্ (দূরীকৃত) হইয়াছে বিনীত (বিনয়) যাহার বা যৎ কর্ত্তৃক, বহু] বিণ, যাহাকে বিনীত করা দুঃসাধ্য ; উদ্ধত ; হঠকারী অবিনীত ; impertinent. ২। দুর্দ্দান্ত দুর্দ্দম্য ; দুরন্ত। ৩। অভদ্র ; অশিষ্ট গোঁয়ার।

দুর্ব্বিনেয় [দুর্—বি—নী (প্রাপ্ত হওয়া)+য (কর্ম্মে)] বিণ, দুর্দ্দম্য ; অবিনেয়। ২। বিনয়ের অযোগ্য।

দুর্ব্বিপাক (ক্) [দুর্ (মন্দ) যে বিপাক (পরিণাম) কর্ম্মধা] বি, পুং, কুফল ; দুঃখময় পরিণাম। ২। দুর্য্যোগ ; দুর্ঘটনা। ৩ বিণ, কুফলপ্রসূ। প্র—"তুমি চন্দনতরুবোধে দুর্ব্বিপাক বিষবৃক্ষের আশ্রয় গ্রহণ করিয়াছিলে।'—বিদ্যাসাগর।

দুর্ব্বিমোচন (ন্) [দুর্ (দুঃখ জনক) হইয়াছে বিমোচন (মুক্তি) যাহার, বহু] বিণ, যাহাকে মুক্তি দেওয়া সহজ সাধ্য নহে ; যাহার উদ্ধার হওয়া দুঃসাধ্য।

দুর্ব্বিষহ [দুর্ (দুঃখ) বি—সহ্ (সহ্য করা)+অ (কর্ম্মে—খল্)] বিণ, অসহনীয় ; যাহা সহ্য করা দুঃসাধ্য ; দুর্ব্বহ ; অসহ্য। প্র—"এই বলিয়া, দুর্ব্বিষহ শোকদহনে দগ্ধহৃদয় হইয়া রাম গৃহ হইতে বহির্গত হইলেন"—সীতার বনবাস।

দুর্ব্বুদ্ধি [দুর্ (কুৎসিত) যে বুদ্ধি (মতি) নিত্য] বি, স্ত্রী, দুর্ম্মতি ; মন্দমতি ; দুষ্টবুদ্ধি। ২। [দুর্ (দুষ্ট) বুদ্ধি যাহার, বহু] বিণ, দুর্ম্মতি ; কুবুদ্ধিশালী।

দুর্ব্বুদ্ধিচ্ছন্ন [দুর্ব্বুদ্ধি+ছন্ন (আচ্ছন্ন) ৩ তৎ] বিণ, দুর্ব্বুদ্ধিতে আচ্ছন্ন ; কুবুদ্ধিযুক্ত ; মতিচ্ছন্ন ; নষ্টবুদ্ধি। প্র—"রুষ্ট হয়ে কহিল দুর্ব্বুদ্ধিচ্ছন্ন তবে ওরে মূঢ় অচিরাৎ হতদর্প হবে॥"—শিবায়ন।

দুর্ব্বৃত্ত (দুর্‌বৃৎত) [দুর্ (নিন্দিত) হইয়াছে বৃত্ত (চরিত্র) যাহার, বহু] বিণ, দুশ্চরিত্র ; দুর্জ্জন ; দুষ্টস্বভাব ; দুরন্ত। প্র—"কি নিমিত্তই বা দুর্ব্বৃত্ত দশানন * * * নির্ম্মল রঘুকুল অভূতপূর্ব্ব অপবাদে দূষিত করিয়াছিলেন?"—সীতার বনবাস। ২। দুরাত্মা ; নৃশংস। ৩। দুর্ব্বিনীত ; উদ্ধত।

দুর্ব্বেদ (দ্) [দুর্—বিদ্ (জানা)+অ (কর্ম্মে—খল)] বিণ, যাহা দুঃখে জানা যায় ; দুর্জ্ঞেয় ; দুর্ব্বোধ্য। ২। বেদবিহীন।

দুর্ব্বোধ (ধ্) [দুর্ (দূরীভূত) হইয়াছে বোধ (জ্ঞান) যাহার, বহু। দুর্—বুধ্ (বুঝা)+অ (কর্ম্মে—খল্)] বিণ, যাহা বুঝা দুঃসাধ্য ; যাহা বোধগম্য হওয়া কঠিন ; দুর্জ্ঞেয়। ২। বোধহীন ; জ্ঞানশূন্য ; অজ্ঞান। প্র—"তথাপি শিবের সঙ্গে করিয়া বিরোধ। কাশী করিবারে চাহ এ বড় দুর্ব্বোধ॥"—অন্নদামঙ্গল।

দুর্ভক্ষ, দুর্ভক্ষ্য (দুর্ভোক্‌খ) [দুর্ (অভাব) ভক্ষ—ভক্ষ্য (ভক্ষ্—ভোজন করা)+অ (কর্ম্মে—খল্, য)=ভক্ষ্যদ্রব্য—অব্যয়ী] ক্লী, দুর্ভিক্ষ। ২। [দুর্ (দুঃখে) ভক্ষ—ভক্ষ্য (ভক্ষণীয়)] বিণ, কষ্টে ভক্ষণীয়।

দুর্ভগ (গ্) [দুর্ (মন্দ বা অল্প) হইয়াছে ভগ (ভাগ্য) যাহার, বহু] বিণ, মন্দভাগ্য ; ভাগ্যহীন ; দুরদৃষ্ট। ২। অপ্রিয়। স্ত্রী, দুর্ভগা—যে স্ত্রীকে স্বামী ভালবাসে না বা দেখিতে পারে না ; দুয়া।

দুর্ভর (র্) [দুর্—ভৃ (ধারণ করা)+অ (কর্ম্মে—খল্)] বিণ, দুর্ব্বহ ; যাহা বহন করা দুঃসাধ্য ; গুরু ; ভারী। ২। দুঃসহ।

দুর্ভাগ্য (দুর্ভাগ্‌গ) [দুর্ (মন্দ) যে ভাগ্য—নিত্য] বি, ক্লী, মন্দভাগ্য ; দুরদৃষ্ট। ২। [দুর্ (মন্দ) হইয়াছে ভাগ্য যাহার, বহু] বিণ, ভাগ্যহীন ; হতভাগা।

দুর্ভাবনা [দুর্ (দুষ্ট) যে ভাবনা (চিন্তা) নিত্য] বি, স্ত্রী, দুশ্চিন্তা ; উৎকণ্ঠা ; উদ্বেগ।

দুর্ভিক্ষ (দুর্ভিক্‌খ) [দুর্ (অভাব) ভিক্ষ, অব্যয়ী] ক্লী, ভিক্ষার অভাব ; দেশে খাদ্যদ্রব্যের অভাব। ২। অন্নকষ্ট ; আকাল [বিপরীত সুভিক্ষ]। প্র—"দুর্ভিক্ষ দেশত্যাগ করিয়া চিরবিদায় গ্রহণ করিল সুভিক্ষ দেশে প্রতিষ্ঠিত হইল"—গৃহস্থ, ১৩২০।

দুর্ভেদ্য (দুর্ভেদ্দ) [দুর্ (দুঃখে) ভেদ্য—ভিদ্ (বিদীর্ণ করা)+য (কর্ম্মে)] বিণ, যাহা ভেদ করা অসাধ্য ; অতিকষ্টে ভেদনীয় ; অভেদ্য ; অতিকঠিন। ২। দুরভিগম্য ; দুর্জ্ঞেয়। ৩। দুষ্প্রবেশ্য।

দুর্ম্মতি (দুর্‌মোতি) [দুর্ (দুষ্টা) যে মতি (বুদ্ধি)—নিত্য] বি, স্ত্রী, দুর্ব্বুদ্ধি ; মন্দবুদ্ধি। ২। [দুর্ (দুষ্ট) মতি যাহার, বহু] বি, কুবুদ্ধিশালী।

দুর্ম্মদ (দ্) [দুর্—মদ্ (মত্ত হওয়া)+অল্ (কর্ত্তৃ)] বিণ, উন্মত্ত। ২। দুর্দ্ধর্ষ।

দুর্ম্মনা [দুর্ (দুঃখিত) হইয়াছে মনস্ (মনঃ) যাহার, বহু=দুর্ম্মনস্ ১মা, ১ব] বিণ, যাহার দুর্ভাবনা হইয়াছে ; বিমনা ; উদ্বিগ্নচিত্ত ; ভাবনাযুক্ত ; চিন্তিত। ২। দুঃখিত।

দুর্ম্মনায়মান (র্মো, ন্) [দুর্-মন+ক্যঙ্ =দুর্ম্মনায়+আন (কর্ত্তৃ-শান)] বিণ,

দুর্ভাবনাযুক্ত ; উদ্বিগ্নমনা । স্ত্রী. দুর্ম্মনায়মানা । প্র—"রাম বলিলেন, বৎস ! দেবী দুর্ম্মনায়মানা হইলে, কিরূপে তাঁহার চিত্ত বিনোদন করিতে হয়, তাহা তুমিই বিলক্ষণ জান ।"—সীতার বনবাস ।

দুর্ম্মন্ত্রী (দুর্মে ন্ত্রি) [দুর্ (দুষ্ট) যে মন্ত্রী—কর্ম্মধা] বি. পুং. কুমন্ত্রী । ২ । বিণ. যাহার কুমন্ত্রী আছে ।

দুর্ম্মা [প্রাদে] বি. নেয়াপাতি ও ঝুনা এই দুইয়ের মধ্যবর্ত্তী নারিকেল; দোমালা নারিকেল । ২ । তরকারীবিশেষ ।

দুর্ম্মিত্র (দুর্মিৎত্র) [দুর্ (অসৎ, দুষ্ট) যে মিত্র (বন্ধু) কর্ম্মধা] বি. স্ত্রী. অসৎ মিত্র ; দুর্বন্ধু । ২ । [দুর্ (দুষ্ট) মিত্র যাহার, বহু] বিণ. যাহার দুর্ম্মিত্র আছে ।

দুর্ম্মুখ (খ্) [দুর্ (অপ্রিয়) মুখ (বদন—বাক্য) যাহার, বহু] বিণ. সত্য কিন্তু অপ্রিয়বাদী । ২ । দুর্ব্বাক্য প্রয়োগকারী : কটুভাষী । ৩ । কুৎসিত বদন যাহার । ৪ । বি. পুং. অশিক্ষিত ঘোটক । ৫ । অসুরবিশেষ । ৬ । অযোধ্যাপতি রামচন্দ্রের গুপ্তচর । প্র—"দুর্ম্মুখমুখে সীতাসংক্রান্ত অপবাদবৃত্তান্ত শ্রবণ গোচর করিয়া"—বিদ্যাসাগর । ৭ । বানরবিশেষ । ৮ । নাগবিশেষ ।

দুর্ম্মূল্য (দুর্মুল্ল) [দুর্ (অধিক) মূল্য (পণ) যাহার, বহু] বিণ. এত অধিক মূল্য যে সকলে তাহা দিতে পারে না : মহার্ঘ : অক্রেয় ।

দুর্ম্মেধাঃ [দুর্ (নিন্দিত) মেধা = মেধস্ (বুদ্ধি, স্মরণশক্তি) যাহার, বহু = দুর্ম্মেধস্ ১মা, ১ব । বহু—সমাসে মেধা = মেধস্] বিণ. যাহার স্মরণশক্তি ভাল নয় ; যাহার বুদ্ধি খারাব : দুর্ব্বুদ্ধি ।

দুর্যোগ (দুর্জোগ) [দুর্ (অশুভ) যে যোগ] দুঃসময় । ২ । দুর্দ্দিন ; বৃষ্টি বাদলের দিন : যে দিন ঝড় বৃষ্টি বজ্রপাত হইতে থাকে ।

দুর্যোধ (দুর্জোধ্) [দুর্—যুধ্ (যুদ্ধ করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ. যাহার সহিত যুদ্ধ করা দুঃসাধ্য ।

দুর্য্যোধন (দুর্জোধন্) [দুর্ (দুঃখজনক, নিন্দিত) হইয়াছে যোধন (যুদ্ধ) যাহার, বহু] বিণ. যে যুদ্ধে পলায়ন করে.; পলাতক যোদ্ধা । ২ । যাহার সহিত যুদ্ধে বহু ক্লেশ পাইতে হয় । ৩ । ধৃতরাষ্ট্রের জ্যেষ্ঠ পুত্র ।

দুর্যোনি (দুর্জোনি) [দুর্ (নিন্দিত) হইয়াছে যোনি (উৎপত্তি, জন্ম) যাহার—বহু] বিণ. নীচোদ্ভব ।

দুর্লক্ষ্য (দুর্লোক্খ) [দুর্ (দুঃখে) লক্ষ্য (দৃশ্য—দর্শনযোগ্য)] বিণ. যাহা সহজে লক্ষ্য হয় না ; অদৃশ্য ।

দুর্লঙ্ঘ, দুর্লঙ্ঘ্য (দুর্লোংঘ) [দুর্ (দুঃখে) লঙ্ঘ—লঙ্ঘ্য, লঙ্ঘ্ (লঙ্ঘন করা) + অ, য (কর্ম্মে—খল্, ঘ্যণ্)] বিণ. যাহা লঙ্ঘন করা সহজ নয় ; কষ্টে অতিক্রমণীয় ; অলঙ্ঘ্য ।

দুর্লভ, দুর্লভ্য (ভ্, লোভ্ভ) [দুর্ (দুঃখে) লভ (পাওয়া) + অ, য (কর্ম্মে—খল্, ঘ্যণ্)] বিণ. অতিকষ্টে প্রাপ্তব্য ; দুষ্প্রাপ্য । ২ । দুর্ম্মূল্য ; অধিক মূল্য ; বহু মূল্য । ৩ । অল্পদৃষ্ট ; বিরল ; যাহা সর্ব্বদা দেখিতে পাওয়া যায় না । স্ত্রী. দুর্লভা, দুর্লভ্যা—যাঁহাকে লাভ করা যায় না ; যাঁহার কৃপালাভ সহজে হয় না । প্র—"করিয়া প্রণতি স্তুতি বন্দি মাতা সরস্বতী বিশ্বগতি বিষ্ণুর দুর্লভা ।"—ঘনরাম ।

দুর্লেখ্য (দুর্লেক্খ) [দুর্ (দুষ্ট) যে লেখ্য —কর্ম্মধা] বি, স্ত্রী. নিন্দিত পত্র : গর্হিত লেখ্য । ২ । জাল দলিল । ৩ । দুরক্ষর । অস্পষ্ট লেখ্য ; দুর্ব্বোধ লেখ্য ।

দুর্হৃদ (দ্) [দুর্ (কু) হইয়াছে হৃদ্ (অন্তঃকরণ) যাহার, বহু] বি, পুং. সুহৃদের বিপরীত : শত্রু । ২ । বিণ. যাহার হৃদয় সদ্ভাববর্জ্জিত ; দুষ্টান্তঃকরণ ।

দুর্হৃদয় (য্) [দুর্ (দুষ্ট) হইয়াছে হৃদয় যাহার, বহু] বিণ. দুষ্টান্তঃকরণ ।

দুল (ল্) [দুল্ (বিচলিত হওয়া—দোলা) যাহা কালে দুলিতে থাকে] বি. কর্ণাভরণবিশেষ । প্র—"দুইকাণে দুটি ক্ষুদ্র দুল"—অশোকগুচ্ছ । ২ । [দেউল হইতে] আলবাল ; বাঁধ ; an embankment. প্র—"রোপিলা কুসুমরাজ সত্যভামা দ্বারে । নানা-রঙ্গে দুল বান্ধিলেন তরুবরে ॥"—মহাভারত (বঙ্গবাসী) ।

দুলকি (ল্) [হি] বি. অশ্বের চালবিশেষ ; যে চালে সওয়ারীর সর্ব্বাঙ্গ আন্দোলিত হইতে থাকে ; trot.

দুলদুল (ল্) [দুল ত্রঃ । ক্রমাগত দোলন অর্থে দ্বিত্ব] অ. দুলিতে থাকার ভাব । ২ । বি. যে অশ্ব মহম্মদ তাঁহার জামাতা আলীকে দান করিয়াছিলেন । প্র—মহরমের সময় দুলদুল বাহির হয় ।

দুলন (ল্) [দুলা ত্রঃ] বি. আন্দোলন । ২ । ঝুলন ।

দুলহ [দুর্লভ শব্দজ । ব্রজ] বিণ. দুর্লভ ; দুষ্প্রাপ্য । প্র—"গোবিন্দদাস দুলহ রসগান"—রসমঞ্জরী । "জগত দুলহ লেহ ।"—বিদ্যাপতি । ২ । প্রিয় ; বল্লভ ।

দুলা, দোলা [দুল্ (বিচলিত হওয়া) । উ-পু—দুলি । ম-পু—দুল ; দোল ; দুলন ; দোল্ । প্র-পু—দুলে, দোলে । অস-ক্রি—দুলিতে ; দুলিয়া, দুলি (পদ্যে), দুলে । পিজন্ত—দুলান ; দোলান] ক্রি. আন্দোলিত হওয়া ; বিচলিত হওয়া । ২ । দোল খাওয়া ; ঝুলা । বি. দুলন, দোলন ।

দুলারি [হি—ব্রজ—দুলার্—স্ত্রী. দুলারি, রী । বাং—দুলাল, দুলালী] বিণ. স্ত্রী : দুলালী ; প্রিয়া ; বল্লভা ; আদরিণী । প্র—"রাধিকা দুলারী দেখিতে চলারি কহয়ে শেখর রায় ।"—কবিশেখর ।

দুলাল (ল্) [হি—দুলার] বি. স্নেহ ; আদর । ২ । প্রেম ; অনুরাগ । ৩ । পুত্র । প্র—"দুলালে দুলাল কোলে চুম্ব দেন মুখে ।"—ঘনরাম । ৪ । বিণ. অতিরিক্ত স্নেহভাজন : প্রিয়পাত্র ; আদুরে । প্র—"বাপের দুলাল বেটা বীর মেঘনাদ ।"—কৃত্তিবাস । ৫ । মনোজ্ঞ ; সুন্দর । ৬ । দুলদুলে ; দোলায়িত । প্র—"তরল তাল, গতি দুলাল নাচে নটিনী নটন শূর"—জ্ঞানদাস । দুলালটগর—তগর পুষ্পবিশেষ । প্র—"কুন্দ কুড়চি ফুল তুলিল দুলাল টগর ।"—শূন্যপুরাণ । দুলালচাঁপা—চম্পক ভেদ। আলালের ঘরের দুলাল—টেকচাঁদ ঠাকুর প্রণীত প্রসিদ্ধ উপন্যাসের নায়ক । ২ । ধনীর ঘরের আদুরে ছেলে ।

দুলালি, লিয়া,—লী [হি—দুলারী—লীয়া । দুলার শব্দের স্ত্রীলিঙ্গে] বিণ. প্রিয়তমা ; আদুরী : আদরিণী । প্র—"বাপের দুলালি ছিলি তাহে জলাঞ্জলি দিলি ।"—ভারতচন্দ্র । "বাছা কোথা আমার আমার দুলালিয়া"—ঘনরাম । "উলালী দুলালী সোহাগ আগুলি কহিয়া সাজায় রাণী ।"—কবিশেখর ।

দুলি, লী [দুল্ (আলোড়নে)—ই (কর্ত্তৃ, কি) —যে জল বা কর্দ্দম আলোড়িত করে] বি, স্ত্রী. কচ্ছপী ।

দুলিচা—বি. আসনবিশেষ ; ছোট গালিচা । প্র—"সেবকে যোগান পান, বেগুনী বীজয়ে আন, বৈসে বীর দুলিচা উপর ।"—কবিকঙ্কণ ।

দুলিয়া (দোলী বা ডোলী + ইয়া] বি. ডুলিবাহক জাতিবিশেষ ; দুলে ; বেহারা । স্ত্রী. দুলিয়ানী, দুলেনী ।

দুল্লিল, দুল্লীল (ল্) [হি—দুলার = আদর । বাং—দুলাল হইতে দুলালের ভাব অর্থে দুল্লীল । প্রাদে] বি, আদর ; অতিরিক্ত স্নেহ । প্র—"যথা তথা যাই সে দুল্লীল করে মোরে । দুল্লীল লাগিয়া কেহ পড়াইতে নারে ।"—চৈতন্যমঙ্গল ।

দুশমন (ন্) [ফা—দুষ্ মন্ । প্রা—দুশ্ মুন্] বিণ. বৈরী ; শত্রু ; বিপক্ষ ; প্রতিকূল । ২ । দুষ্ট । ৩ । [প্রাদে] ভীমাকৃতি ।

দুশ্চর (র্) [দুর্ (দুঃখ) চর্ (চরা, আচরণ করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ. যে স্থানে

অতিকষ্টে বিচরণ করা যায় ; দুর্গম। ২। যাহার অনুষ্ঠান করা দুঃসাধ্য ; কৃচ্ছ্রসাধ্য। প্র—দুশ্চর তপস্যা।

দুশ্চরিত, দুশ্চরিত্র (দুশ্‌চোরিত্‌, দুশ্‌চোরিৎত্র) [দুর্ (নিন্দিত) হইয়াছে চরিত, (স্বভাব) যাহার, বহু] বিণ, নিন্দিত প্রকৃতি ; মন্দ স্বভাবশালী। ২। [দুর্ (নিন্দিত) যে চরিত—চরিত্র (স্বভাব)—কর্ম্মধা] বি, ক্লী, দুষ্ট প্রকৃতি ; কুস্বভাব।

দুশ্চেষ্টিত [দুর্ (নিন্দিত) যে চেষ্টিত (চেষ্টা)—কর্ম্মধা] বি, ক্লী, দুশ্চেষ্টা। ২। কদাচরণ। ৩। বিণ, কদাচরিত।

দুষ্‌ক,—খ [গ্রা। সং—দুঃখ অপভ্রংশে দুষ্‌ক, দুষ্‌খ, দুক্ষু] বি, দুঃখ।

দুষ্কর (র্) দুর্ (দুঃখে) কৃ (করা) + অ (কর্ম্মে—খল্)। প্রা-বাং—দুস্কর] বিণ, দুশ্চর : অতিকষ্টসাধ্য। প্র—"দুষ্কর সাহসে তবু লস্কর রাজার রিষ বাক্সি রুষি বলে হাঁকে মারমার।—ঘনরাম। ২। দুরন্ত। প্র—"সঙ্কটে তারিব মোরে সমন দুস্করে।"—শূন্যপুরাণ।

দুষ্কর্ম্ম [দুর্ (মন্দ) যে কর্ম্মন্ = কর্ম্ম—কর্ম্মধা] বি, ক্লী, নিন্দিত কার্য্য : অকার্য্য : অপকর্ম্ম। ২। পাপ : দুরিত : দুষ্কৃত।

দুষ্কর্ম্মা [দুর্ (নিন্দিত) কর্ম্মন্ যাহার, বহু = দুষ্কর্ম্মন্ ১মা, ১ব] বিণ, দুষ্ক্রিয় : কুকর্ম্মান্বিত : পাপাত্মা : নিন্দিত কর্ম্মকারী : অপকর্ম্মকারী।

দুষ্কাল (ল্) [দুর্ (দুষ্ট) যে কাল (সময়) কর্ম্মধা] বি, নিন্দিত কাল : অকাল।

দুষ্কুল (ল) [দুর্ (নিন্দিত—নীচ) যে কুল (বংশ)—কর্ম্মধা] বি, ক্লী, অসৎ কুল ; নীচ কুল। ২। বিণ, নীচকুলজাত : হীনবংশোদ্ভব। স্ত্রী, দুষ্কুলা। বিণ, দুষ্কুলীন

দুষ্কৃত [দুর্—কৃ (করা) + ত (কর্ম্মে—ক্ত)] বি, ক্লী, দুষ্কার্য্য : নিন্দিত কর্ম্ম : পাপ। ২। বিণ, অসদুপায়ে অনুষ্ঠিত। ৩। পাপিষ্ঠ। স্ত্রী, দুষ্কৃতা। বি, দুষ্কৃতি।

দুষ্কৃতি [দুর্ (নিন্দিত) যে কৃতি (কার্য্য)—কর্ম্মধা] বি, স্ত্রী, কলুষ : পাপ। ২। কুক্রিয়া : অসৎ ক্রিয়া : দুষ্কর্ম্ম। ৩। দুরদৃষ্ট।

দুষ্কৃতী [দুষ্কৃত + ইন্ (অস্ত্যর্থে) = দুষ্কৃতিন্ ১মা, ১ব] বিণ, পাপাচারী ; কুকর্ম্মী। ২। পাপী।

দুষ্ক্রীত [দুর্ (দুঃখে—গর্হিত মূল্যে) যাহা ক্রীত—ক্রী(ক্রয় করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কষ্টে মূল্য দিয়া যাহা ক্রীত : যাহা অত্যধিক মূল্যে ক্রয় করা হইয়াছে : গর্হিত মূল্যে প্রাপ্ত।

দুষ্ট [দুষ্ (বিকৃত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, দূষিত, দোষবিশিষ্ট। ২। অশুচি ; অপবিত্র। ৩। দুর্জ্জন ; খল। ৪। দুর্দ্দান্ত। ৫। দুঃশীল ; কুচরিত্র ; ভ্রষ্ট ; নষ্ট। স্ত্রী, দুষ্টা—নষ্টা ; ব্যভিচারিণী ; ভ্রষ্টা।

দুষ্টকর্ম্মা [দুষ্ট (দোষযুক্ত)—কর্ম্মন্ যাহার, বহু = দুষ্টকর্ম্মন ১মা, ১ব] বিণ, দুষ্কর্ম্মা ; পাপিষ্ঠ : দুরাচার। প্র—"যমদূত আমরা যমের আজ্ঞাকারী দুষ্টকর্ম্মা দুজনে দেখাব যমপুরী॥"—শিবায়ন।

দুষ্টচারী [দুষ্ট—চর্ (গমন করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = চারিন্ ১মা, ১ব] বিণ, দুষ্কর্ম্মা।

দুষ্টযোগ (জোগ্) [দুষ্ট—যোগ] বি, অশুভ লগ্ন : মৃত্যু যোগ : ব্যতীপাত যোগ।

দুষ্টু [গ্রা। দুষ্ট শব্দজ] বি, দুষ্ট : দুরন্ত : যে ভাল মানুষ নয় : মন্দ। প্র—"না ভাই! তুমি বড় দুষ্টু আঁচল টেনে আকুল কর।"—কস্তুরী।

দুষ্পরাজয় (য়্) [দুর্—পরা—জি (জয় করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ, অপরাভবনীয় : অজেয় : যাহাকে পরাজয় করা অসাধ্য।

দুষ্পরিহর, দুষ্পরিহার্য্য (দুষ্‌পোরিহর্—হার্জ) [দুর্—পরি—হৃ (হরণ করা, ত্যাগ করা) + অ—য (কর্ম্মে—খল্—ঘ্যণ্)] বিণ, যাহা পরিহার করা দুঃসাধ্য : অপরিত্যাজ্য। ২। যাহা অপসারিত করা শক্ত : দুরপনেয়। প্র—"সেই চির পবিত্র ত্রিলোক-বিখ্যাত বংশকে দুষ্পরিহর কলঙ্কপঙ্কে লিপ্ত করিয়াছি।"—বিদ্যাসাগর।

দুষ্পর্শ [দুর্—স্পৃশ্ (স্পর্শ করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ, যাহার স্পর্শ কষ্টজনক। ২। কঠোর স্পর্শ ; তীক্ষ্নস্পর্শ ; কর্কশ বা কণ্টকিত গাত্র।

দুষ্পাচ্য [দুষ্—পাচ্য] বিণ, দুষ্পচ : যাহা সহজে পরিপাক হয় না : বিলম্বে যাহা জীর্ণ হয়। বি, দুষ্পাচ্যতা—অজীর্ণরোগ : dyspepsia.

দুষ্প্রধর্ষ, ষ্য (দুষ্‌প্রোধর্ষ) [দুর্—প্র—ধৃষ্ (ধর্ষণ করা) + অ, য (কর্ম্মে—খল্, ঘ্যণ্] বিণ, অশাসনীয় : দুর্দ্দম্য : অপ্রধর্ষণীয় : অপরাজেয়।

দুষ্প্রবৃত্তি (দুষ্‌প্রোবৃত্তি) [দুর্ (অসৎ, কু) যে প্রবৃত্তি—কর্ম্মধা] বি, স্ত্রী, অসদভিলাষ ; দূষিত বা নিন্দিত বিষয়ে ইচ্ছা : কুপ্রবৃত্তি।

দুষ্প্রবেশ (দুষ্‌প্রোবেশ্) [দুর্—প্র—বিশ্ (প্রবেশ করা) + অ (কর্ম্মে—অল্)] বিণ, যথায় সহজে প্রবেশ করা যায় না : দুর্গম। ২। দুরধিগম্য।

দুষ্প্রমেয় (দুষ্‌প্রোমেঅ) [দুর্ (দুঃখে) প্রমেয় (পরিমাণ যোগ্য)] বিণ, যাহা পরিমাণ করা দুঃসাধ্য ; অমেয় ; অমিত ; অপরিমেয়।

দুষ্প্রসহ (দুষ্‌প্রোশহ) [দুর্—প্র—সহ্ (সহ্য করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ, অসহনীয় : অসহ্য : অতিশয় দুঃসহ।

দুষ্প্রাপ্য (দুষ্‌প্রাপ্‌প) [দুর্ (দুঃখ) দ্বারা—প্রাপ্য (লভ্য)—৩তৎ] বিণ, দুর্লভ : যাহা সহজপ্রাপ্য নহে ; প্রায় অপ্রাপ্য।

দুষ্মন্ত (দুষ্‌মন্‌ত) বি, পুরুবংশীয় প্রসিদ্ধ রাজা : শকুন্তলার স্বামী ; ইঁহাদের পুত্র ভরত হইতে ভারতবর্ষ এই নাম।

দুসরা—দোসরা দ্রঃ।

দুসূতী, দোসূতী (শু) [হি—দো—সূতী—দোহরা সূতাবিশিষ্ট] বি, ডবল সূতায় বোনা কাপড় : স্থূল বস্ত্র : মোটা কাপড়॥

দুস্তর (র্) [দুর্ (দুঃখে)—তৄ (পার গমন করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ, দুরতিক্রমণীয় : বহুদুঃখে যাহা পার হওয়া যায় ; অপার। প্র—"চৌদিকে দুস্তর সুধার সাগর কল্পতরু সারি সারি।"—অন্নদামঙ্গল

দুহাকার (র্) [দুঁহা দ্রঃ] স, দুজনের ; উভয়ের।

দুহাত [দু—হাত] বি, দুই হাত। ২। দুই হাত পরিমাণ : একগজ। ৩। বিণ, দুইটি মাত্র হস্তবিশিষ্ট : একাকী। দুহাতে এক—বিবাহ : হাতে হাত : পাণিগ্রহণ। প্র—"কোন ক্রমে দুহাতে এক হাত হলে বাঁচি।"—বাসবদত্তা।

দুহাতিয়া [দুই—হাত + ইয়া। হি—দুহাত্তা, দোহাত্তা] বিণ, দুই হাতওয়ালা। ২। দুই হাতে ধৃত : উভয় হস্তে গৃহীত। প্র—"মারে দুহাতিয়া বাড়ি"—ঘনরাম।

দুহি [প্রা-বাং। হি—দুহু, দোহি] বি, দুই : যুগল। প্র—"চক্ষুদান দেহ তুহ্মি ভাই দুহিজনে।"—শূন্যপুরাণ।

দুহিতা [দুহ্ (দোহন করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = দুহিতৃ ১মা, ১ব। পূর্ব্বকালে গাভী দোহনের ভার কন্যার হস্তে ন্যস্ত থাকিবার প্রথা হইতে। তুল—ফা—দুখ্‌তর্ ; এংগ্লোস্যাক্সন্—dohtor, স্কচ্—dochter, জর্ম্ম—tochter, গ্রী—thygater. ইং—daughter. সং—দুহিতৃ—দুহিতরং] বি, স্ত্রী, কন্যা : নন্দিনী।

দুহু, দুঁহু [ব্রজ। সং—দ্বৌ] স, দুই : উভয় ; দুইজনা। প্র—"শৈশব যৌবন দুহু মিলি গেল।"—বিদ্যাপতি। "দুহু দল বলে ধনি দ্বন্দ্ব পড়ি গেল।'—ঐ। সম্বন্ধে—দুহুঁক—দুজনের। প্র—"পুরল দুহুঁক কাম"—বিদ্যাপতি।

দুহ্য (দুজ্‌ঝ) [দুহ্ (দোহন করা) + য (কর্ম্মে—ক্যপ্)] বিণ, দোহনীয়।

দুহ্যমান (দুজ্‌ঝমান্) [দুহ্ (দোহন করা) + আন (কর্ম্মে—শান) ম্, য্ আগম] বিণ, যাহাকে দোহন করা যাইতেছে।

দূত (ত্) [দু (গমন করা) + ত (কর্তৃ—ক্ত) উ=ঊ] বি, পুং, সংবাদবাহক ; বার্ত্তাবহ। প্র—"এদূতের মুখে শুনি সুতের নিধন।"—মেঘনাদ। ২। যে মন্ত্রী এক রাজার নিকট হইতে অন্য রাজার নিকট রাজনৈতিক প্রস্তাব লইয়া গমন করেন ; ambassader. ৩। চর ; অনুচর। প্র—"প্রজার বচন শুনি রোষযুক্ত বীরমণি দূত দিল ভাঁড়ুরে ধরিতে।"—কবিকঙ্কণ।

দূতি, দূতিকা—দূতী দ্রঃ।

দূতী [দু (গমন করা) + তী (সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, সংবাদবাহিকা। ২। কুট্টনী। [ব্রজ] **দোতি**। প্র—"দোতি মিলায়ল কামুক সঙ্গ" —বিদ্যাপতি। **দোতিক**—দূতির। প্র—"ভনয়ে বিদ্যাপতি দোতিক বচনে। বিকশল অঙ্গ না যাওত ধরণে॥"—বিদ্যাপতি।

দূত্য (দুৎত) [দূত কিম্বা দূতী শব্দের উত্তর —য (ভাবে)] বি, স্ত্রী, দূতের কর্ম্ম বা ধর্ম্ম ; দৌত্য।

দূর (র্) [সং—দুর্ (দুঃখ) + ই (গমনে) + র (কর্তৃ—রক্) —নিপাতনে। তুল—ফা—দুর্] বি, তফাৎ ; অন্তর ; ব্যবধান। ২। দূর দেশ। ৩। বিণ, অন্তরে অবস্থিত। ৪। ব্যবহিত। ৫। পৃথক। **দূর হওয়া**—বিতাড়িত হওয়া। **দূর হউক**—বিরক্তি প্রকাশে। **দূর করা**—তফাৎ করা ; বর্জ্জন করা। ২। পৃথক করা ; স্বতন্ত্র করা। ৩। বিতাড়িত করা। **দূর দূর্**। প্র—"কেহ গালি দেয়, কেহ করে দূর দূর"—রামেশ্বর। **দূর ছাই করা**—দূর দূর এবং ছি ছি করা ; অবজ্ঞা করা ; তুচ্ছ করা। **দূর দূর করা** —দূর হ দূর হ বলিয়া তাড়াইয়া দেওয়া।

দূরগ, দূরগামী [দূর—গম্ (গমন করা) + অ, ই (কর্তৃ—ড, ণিন্)] বিণ, যে দূরে গিয়াছে। দূরে গমনকারী ; দূরযায়ী। স্ত্রী, **দূরগামিনী**।

দূরদর্শন (ন্) [দূর—দৃশ্ (দর্শন করা) + অন (কর্তৃ) কিম্বা দূরে দর্শন (দৃষ্টি) যাহার, বহু] বি, পুং, দূরদর্শী ; পরিণামদর্শী ; বিজ্ঞ। ২। শকুনি ; গৃধ্র। ৩। [করণে—অনট্] দূরবীক্ষণ যন্ত্র। ৪। [ভাবে—অনট্] বিণ, দূর হইতে দর্শন।

দূরদর্শী (র্শী) [দূর—দৃশ্ (দর্শন করা) + ইন (কর্তৃ—ণিন্) = দর্শিন্ ১মা, ১ব] বি, পুং, দীর্ঘদর্শী ; বহুদর্শী ; পণ্ডিত।

দূরদৃষ্টি [দূরে দৃষ্টি (দর্শন) যাহার, বহু] বিণ, যে অনেক দূর পর্য্যন্ত দেখিতে পায় ; দীর্ঘদর্শী। ২। [দূরবর্ত্তী যে দৃষ্টি—কর্ম্মধা] বি, স্ত্রী, বহু দূর ব্যাপী দৃষ্টি।

দূরবর্ত্তী (র্ত্তী) [দূর্—বৃত্ (অবস্থান করা) + ইন্ (কর্তৃ—ণিন্) = দূরবর্ত্তিন ১মা, ১ব] বিণ, দূরস্থিত ; যে দূরে বিদ্যমান থাকে ; যাহা দূরে আছে।

দূরবীক্ষণ (ন্) [দূর (দূরস্থিত বস্তু) বি (বিশেষ রূপে) ঈক্ষ্ (দর্শন করা) + অন (করণে—অনট্)] বি, ক্লী, দূরবীণ ; যে যন্ত্রে বহুদূরের বস্তু দৃষ্টিগোচর হয় ; যে যন্ত্র দ্বারা দূরের বস্তু নিকটে বলিয়া প্রতীয়মান হয়।

দূরবেধী [দূর—বিধ্ (বিদ্ধ করা) + ইন্ (কর্তৃ —ণিন্) = দূরবেধিন্ ১মা, ১ব] বি, দূর হইতে বা দূরস্থিত কোন বস্তুকে বিদ্ধকারী ; দূর ভেদী।

দূরযায়ী (য়াঈ) [দূর—যা (গমন করা) + ইন্ (কর্তৃ—ণিন্) = যায়িন্ ১মা, ১ব] বিণ, দূরগামী।

দূরস্থ (দূরস্থ) [দূর—স্থা (থাকা) + অ (কর্তৃ—ড)] বিণ, দূরে অবস্থিত ; দূরস্থিত ; দূরবর্ত্তী।

দূরহি [ব্রজ] অ, দূরে। প্র—"তুয়া ডরে ইহ সব দূরহি পলায়ল তুঁহু পুন কাহে ডরাসি।" —বিদ্যাপতি।

দূরীকরণ (ন্) [দূর—করণ, মধ্যে ঈ (চ্বি) আগম, অভূত তদ্ভাবার্থে] বি, ক্লী, বিতাড়ন ; অপসারণ ; বহিষ্করণ। ২। বিসর্জ্জন ; বর্জ্জন।

দূরীকৃত [দূর—কৃত, মধ্যে ঈ (চ্বি) আগম] বিণ, বিতাড়িত ; বহিষ্কৃত। ২। অপসারিত।

দূরীক্রিয়মাণ (ন্) [দূর—ক্রিয়মাণ মধ্যে ঈ (চ্বি) আগম] বিণ, যাহা দূর করা হইতেছে

দূরীভূত [দূর—ভূত, মধ্যে ঈ অভূততদ্ভাবে (চ্বি) আগম] বিণ, যাহা বহিষ্কৃত হইয়াছে ; যাহা বিতাড়িত হইয়াছে। ২। অপসারিত ; পৃথককৃত।

দূর্ব্বা [দূর্ব্ব (হিংসা করা) + অ (কর্ম্মে—অল্) আপ, স্ত্রী—যাহা পশু কর্ত্তৃক হিংসিত হয়] বি, স্ত্রী, সাধারণ তৃণ, দূর্ব্বা ঘাস। প্র—"জাহ্নবী জলগর্ভা অষ্ট তণ্ডুল দূর্ব্বা কাঞ্চনে বিরচিত ঝারি।"—কবিক। গ্রা—**দুব্বর, দুব্বা**—দূর্ব্বা ঘাস। প্র—"দধ্মন রূপা সনা কজ্জল গোরচনা দুব্বা ধন্যান্ন তত্তপরে॥"—শূন্যপুরাণ।

দূর্ব্বাষ্টমী—ভাদ্রমাসীয় শুক্লাষ্টমী। ঐ দিনে দূর্ব্বাদ্বারা ব্রতের বিধান আছে (ভবিষ্য পুরাণ)।

দূষক (ক্) [দুষ্ + ণিচ্ = দূষি (বিকৃত হওয়া) + অক (কর্তৃ)] বিণ, দোষোৎপাদক। ২। যে দোষ ধরে ; দোষ-দর্শক। ৩। অপবাদকারী ; নিন্দক।

দূষণ (ন্) [দুষ্ + ণিচ্ = দূষি (দোষ দেওয়া) + অন (কর্তৃ)] বি, পুং, রামায়ণোক্ত রাক্ষস-বিশেষ ; খরের ভ্রাতা। ২। [ভাবে—অনট্] ক্লী, দোষ। প্র—"বাজিল দূতের কথা বাপ পাইল বড় ব্যথা দুহিতার শুনিয়া দূষণ।"—শিবায়ন। ৩। দোষারোপ। ৪। অপবিত্র বা অশুচি করণ। ৫। ধর্ষণ। ৬। বিণ, দূষক।

দূষয়িতা [দুষ্ + ণিচ্ = দূষি + তৃ (কর্তৃ—তৃচ্) = দূষয়িতৃ ১মা, ১ব] বিণ, দোষদাতা ; দূষক।

দূষি, দূষী [দুষ্ + ণিচ্ = দূষি (বিকৃত হওয়া) + ই (সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, নেত্রমল। ২। [দোষী শব্দের গ্রা-রূপ] বিণ, দোষী।

দূষিত [দুষ্ + ণিচ্ = দূষি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, দোষ প্রাপ্ত ; দুষ্ট। ২। অপবিত্রীকৃত ৩। গর্হিত। ৪। অপবাদগ্রস্ত ; কলঙ্কাপবাদগ্রস্ত।

দূষী [দোষ শব্দের গ্রা-রূপ] বিণ, দোষী ; দোষযুক্ত। ২। অপরাধী। প্র—"সাধতে গেল আমার প্রাণ। কোন দূষী নই, তবু সকল স ই, প্রেম সম্বন্ধে মান্যমান॥"—রামবসু।

দূষ্য (দুষ্য) [দুষ্ + ণিচ্ = দূষি + য (কর্ম্মে)] বিণ, দূষণীয় ; নিন্দনীয়।

দৃক্ [দৃশ্ (দেখা) + ক্বিপ্ (করণে) যাহা দ্বারা দেখা যায়] বি, স্ত্রী, দর্শনেন্দ্রিয় ; চক্ষু। ২। [ভাবে—ক্বিপ্] জ্ঞান। ৩। কর্ত্ত—ক্বিপ] দর্শক ; সাক্ষ্য। দ্রঃ—এই শব্দ অন্য শব্দসহ যুক্ত হইয়া অর্থ প্রকাশ করে, স্বতন্ত্র ব্যবহার নাই।

দৃক্পাত (ত্) [দৃক্ (দৃষ্টি) পাত (পতন) ৬তৎ] বি, পুং, নেত্রপাত ; দর্শন।

দৃঢ় [দৃহ্ (বৃদ্ধি পাওয়া) + ত (কর্তৃ—ক্ত), হ—লোপ, ত=ঢ] বিণ, শক্ত ; কঠিন ; মজবুত। ২। অচল ; স্থির ; যাহা বিচলিত হয় না। ৩। জমাট। ৪। সমর্থ। ৫। সুস্থ ; নীরোগ। প্র="লতা পাতা নিয়া যোগী দৃঢ় কর।"—চৈতন্যভাগবত। ৬। বি, ক্লী, লৌহ।

দৃঢ়তা [দৃঢ় + তা (ভাবে)] বি, স্ত্রী, দার্ঢ্য ; কাঠিন্য। ২। স্থিরতা।

দৃঢ়নিশ্চয় (য়) [দৃঢ় (স্থির) হইয়াছে নিশ্চয় যাহার, বহু] বিণ, অচল বুদ্ধি ; যাহার কোনরূপ তর্কাদি দ্বারা বুদ্ধির ভেদ হয় না। ২। স্থির সিদ্ধান্ত।

দৃঢ়প্রতিজ্ঞ (প্রো) [দৃঢ় (স্থির) হইয়াছে প্রতিজ্ঞা যাহার, বহু] বিণ, স্থির-প্রতিজ্ঞ ; যাহার বাক্যের অন্যথা হয় না।

দৃঢ়বন্ধনী (নি) [দৃঢ়বন্ধন + ইন্ (অস্ত্যর্থে) = দৃঢ়বন্ধনিন্ ১মা, ১ব] বি, শক্তবাঁধন ; মজবুত বাঁধুনি। ২। [দৃঢ় (কঠিন) বন্ধন হইয়াছে যাহার, বহু = দৃঢ়বন্ধন + ঈপ্-স্ত্রী] বি, স্ত্রী, শ্যামালতা।

দৃঢ়বর্ম্মা [দৃঢ় হইয়াছে বর্ম্মন্ (বর্ম্ম) যাহার, বহু] বিণ, দুর্ভেদ্য কবচধারী।

দৃঢ়বর্ম্মী—দৃঢ় আবরণযুক্ত প্রাণী ; crustacean.

দৃঢ়বীজ (জ) [দৃঢ় (কঠিন) বীজ (আঁঠি) যাহার, বহু] বি, পুং, কুলগাছ। ২। চাকুন্দা গাছ। ৩। কাল তুলসী। ৪। বিণ, কঠিন বীজযুক্ত।

দৃঢ়ব্রত (দৃঢ়ঃব্রোতো) [দৃঢ় হইয়াছে ব্রত যাহার, বহু] বিণ, অধ্যবসায়বিশিষ্ট ; ফলোদয় পর্য্যন্ত কার্য্যকারী : যে যত্ন দ্বারা অবধারিত কার্য্য সমাধা করে।

দৃঢ়ভূমি [দৃঢ় (কঠিন) যে ভূমি (মৃত্তিকা) —কর্ম্মধা] বি, স্ত্রী, কঠিন জমি : শক্তমাটী।

দৃঢ়মুষ্টি [দৃঢ় (কঠিন) হইয়াছে মুষ্টি যাহার, বহু] বিণ, যাহার মুষ্টি অতি শক্ত। ২। বদ্ধ মুষ্টি ; ব্যয়কুণ্ঠ ; কৃপণ।

দৃঢ়লোমা [দৃঢ় (কঠিন) হইয়াছে লোমন্ (লোম) যাহার, বহু] বি, পুং, স্ত্রী, শূকর। ২। বিণ, যাহার গায়ে শক্ত বা কর্কশ লোম আছে।

দৃঢ়সন্ধ (—শন্ধ) [দৃঢ় হইয়াছে সন্ধা (সন্ধান) যাহার, বহু] বিণ, স্থির সন্ধান : অব্যর্থ-সন্ধান ২। স্থির-প্রতিজ্ঞ।

দৃঢ়সন্ধি (—শোন্ধি) [দৃঢ় (কঠিন) হইয়াছে সন্ধি (মিলন, গ্রন্থিস্থান) যাহার, বহু] বিণ, দৃঢ়গ্রন্থি যুক্ত। ২। দৃঢ়ভাবে সংযুক্ত।

দৃঢ়াঙ্গ [দৃঢ় অঙ্গ (অবয়ব) যাহার, বহু] বিণ, কঠিনাঙ্গ ; দৃঢ়কায়। ২। বজ্র ; হীরক।

দৃঢ়ায়ুধ (ধ্) [দৃঢ় হইয়াছে আয়ুধ (অস্ত্র) যাহার, বহু] বিণ, পুং, দৃঢ়াস্ত্র ; যাহার আয়ুধ অতিশয় দৃঢ়। ২। শূলপাণি ; পিনাকী।

দৃঢ়াস্থিক (ক্) [দৃঢ় অস্থি (হাড়) যাহার, বহু-সমাসে ক যোগ] বি, যে সকল জীবের অস্থি দৃঢ়। ২। বিণ, দৃঢ় অস্থিযুক্ত।

দৃপ্ত [দৃপ্ (অহঙ্কার করা) + ত (কর্ত্তৃ-ক্ত)] বিণ, দর্পযুক্ত, অহঙ্কৃত ; গর্ব্বিত। ২। উগ্র ; উদ্ধত। ৩। প্রজ্বলিত।

দৃশদ্বতী (দৃশদবোতি) [দৃশদ্ + বতু (অস্ত্যর্থে) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, আর্য্যাবর্ত্তের পূর্ব্বসীমাস্থিত নদীবিশেষ। ২। দুর্গা।

দৃশ্য (দৃশ্শ) [দৃশ্ (দেখা) + য (কর্ম্মে)] বিণ, যাহা দেখিবার যোগ্য ; দর্শনীয়। ২। মনোজ্ঞ ; সুরূপ। ৩। প্রকাশ্য। ৪। বি, ক্লী, দর্শনীয় স্থান বা বস্তু ; scenery.

দৃশ্যকাব্য (দৃশ্শকাব্ব) [দৃশ্য (দর্শনীয়) যে কাব্য—কর্ম্মধা] বি, ক্লী, রঙ্গালয়ে নায়ক নায়িকা দ্বারা অভিনীত কাব্য-বিশেষ, ইহা রূপক ও উপরূপক ভেদে বহুবিধ। তন্মধ্যে নাটক একপ্রকার দৃশ্যকাব্য।

দৃশ্যসঙ্গীত (দৃশ্শশোংগিত্) [দৃশ্য যে সঙ্গীত —কর্ম্মধা] বি, ক্লী, নৃত্য।

দৃশ্যাদৃশ্য (দৃশ্শাদৃশ্শ) [দৃশ্য এবং অদৃশ্য —দ্বন্দ্ব] বিণ, দর্শনীয় ও অদর্শনীয়।

দৃষ্ট [দৃশ্ (দেখা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহা দেখা হইয়াছে : আলোকিত ; ঈক্ষিত। ২। জ্ঞাত ; পরীক্ষিত। ৩। প্রকাশিত ; ব্যক্ত।

দৃষ্টরজাঃ [দৃষ্ট হইয়াছে রজস্ (স্ত্রীকুসুম) যাহার, বহু] বি, স্ত্রী বয়ঃপ্রাপ্তা : নব যুবতী।

দৃষ্টান্ত [সং] বি, উল্লেখ ; প্রমাণ ; উদাহরণ ; নিদর্শন। ২। উপমান। ৩। [কাব্যালঙ্কারে] পরস্পর-তুল্যধর্ম্মাবলম্বী বস্তুদ্বয়ের সাদৃশ্য নির্দ্দেশ।

দৃষ্টি [দৃশ্ দেখা) + তি (করণে—ক্তি) যাহা দ্বারা দেখা যায়—বহু] বি, স্ত্রী, চক্ষুঃ। ২। [ভাবে—ক্তি] দর্শন ; অবলোকন। ৩। জ্ঞান।

দৃষ্টিগোচর (র্) [দৃষ্টির গোচর, ৬তৎ] বিণ, নেত্রগোচর ; চক্ষুর বিষয়।

দৃষ্টিবিক্ষেপ (প্) [দৃষ্টির (চক্ষুর) বিক্ষেপ ৬তৎ] বি, পুং, বক্রদৃষ্টি ; কটাক্ষপাত।

দৃষ্টিবিজ্ঞান (বিগ্গ্যান্) [দৃষ্টিবিষয়ক যে বিজ্ঞান, কর্ম্মধা] বি, ক্লী, আলোক ও বিদ্যা ; আলোক বিজ্ঞান ; optic

দৃষ্টিবিষ (ষ্) [দৃষ্টি (দর্শন) হইয়াছে বিষ (বিষপূর্ণ) যাহার, বহু] বি, পুং, সর্পবিশেষ। ২। বিণ, বিষদর্শন।

দৃষ্টে [দৃষ্টি দ্রঃ] ক্রি-বিণ, দৃষ্টিমাত্র। প্র—"দৃষ্টে দিবা দুহিতা দক্ষের হল ঘরে'—শিবায়ন। ২। সম্মুখে। প্র—"আইস আইস ওরে বাছা উলুক থাক মোর দৃষ্টে।"—শূন্যপুরাণ।

দে [দেহ শব্দের সংক্ষেপ] বি, শরীর। প্র—"যে জন জানয়ে সে যদি না কহে কেমনে ধরিবে দে।"—চণ্ডীদাস। "সে শিবকে সমর্পিবে সোনাপারা দে।"—শিবায়ন। ২। উপাধি-বিশেষ। ৩। [দেওয়া দ্রঃ] ক্রি, দান কর্। ৪। দ্বারা ; দিয়া। প্র—"কেহ কহে মাই ওখানে ঝাড়াই রাইয়েরে পেয়েছে ভূতা।"—চণ্ডীদাস।

দেঅর (র্) [সং—দেবর। গ্রা, উচ্চারণে দ্যাওর্] বি, দেবর ; স্বামীর কনিষ্ঠ ভ্রাতা।

দেআ [দেব হইতে] বি, দেবতা। ২। মেঘ। ৩। আকাশ। প্র—"কেমন কেমন করে দেআ মাঝদরিয়ায় ভাসবে খেয়া"—কবিরঞ্জন।

দেআড় (ড়) বি, নদীতীরস্থ চর ভূমি।

দেই [দেওয়া দ্রঃ। দিয়া—দিয়ে=দেই] ক্রি, দিয়া। প্র—"হৃদয়ে শেল দেই গেল।"—বিদ্যাপতি।

দেইজী [দায়াদ শব্দজ] বি, সগোত্র ; জ্ঞাতি।

দেউটী [দীপপাত্র হইতে হি—দিয়ট্, ডিয়ট্] বি, প্রদীপ। প্র—"আহামরি, সুবর্ণ দেউটী তুলসীর মূলে যেন জ্বলিল, উজলি দশ দিশ।"—মেঘনাদ। "আকাশে দেউটী যেন দুই চক্ষু জ্বলে"—কৃত্তিবাস। "দেউটী ধরে দানাগণ"—কবিক।

দেউড়ী [হি—দেউড়ী] বি, প্রধান প্রবেশদ্বার ; দৌবারিক স্থান ; বহির্দ্বার ; সদর দরজা ; ফটক ; তোরণ। প্র—"দেউড়ী জানিয়া কেহ প্রবেশে বিবরে।"—রামপ্রসাদ। "দুই দলে ঠেলাঠেলি চুলাচুলি গালাগালি বরাতি দেউড়ি নাহি ছাড়ে।"—কবিক। ২। আলোক ; মশাল ; দিয়ড়ী। প্র—"বরযাত্র কন্যাযাত্র করে তাড়াতাড়ি। কোন্দল করিয়া পথে নিভায় দেউড়ী॥"—ক্ষেমানন্দ ও কেতকাদাস।

দেউল (ল্) [সং—দেবকুল। সংক্ষেপে **দেলু** (গ্রা)] বি, মন্দির ; মঠ ; চৈত্য ; দেবালয়। প্র—"পূজিনু চামুণ্ডে প্রভু সুবর্ণ দেউলে।"—মেঘনাদ। "মুহূর্ত্তে তথায় পুনঃ হইল নির্ম্মাণ। সুবর্ণ দেউল এক বীর রমণীর॥"—ফুলরেণু। "দেউল কৈলা নির্ম্মাণ।"—অন্নদা-মঙ্গল। জগন্নাথের দেলু রহি সিংহাসন মাঝে"—চৈতন্যভাগবত।

দেউলিয়া [হি—দিবালিয়া। রূপান্তর—দিওয়ালা ; দেউল, দেউলী, দেউলে, দেওয়ালা (দ্রঃ)] বিণ, নির্ধন ; নিঃস্ব ; গতসর্ব্বস্ব।

দেউলী, দেওয়ালী [দীপালী শব্দজ] বি, দীপাবলী ; দীপদান পর্ব্ববিশেষ।

দেউল্যা [সং—দেবল। দেউল + ইয়া। প্রা-বাং] বি, পূজাকারক ; দেবল। প্র—"গুরু পণ্ডিত দেউল্যা দানপতি।"—শূন্যপুরাণ।

দেওন (ন্) [দান শব্দজ] বি, অর্পণ ; বিতরণ ; দান।

দেওয়া [দা ধাতুজ। উ-পু—দি, দেই। ম-পু—দাও, দেও, দেহ, প্রা-বাং—দেহ্ ; দিন, দেন, দিউন্, দেউন ; দে। প্র-পু—দেয়, দেন। অস-ক্রি—দিতে ; দিয়া, দিয়ে। ণিজন্ত—দেওয়ান] ক্রি, দান করা ; হস্তান্তর করা। ২। সংযুক্ত করা। প্র—"নাম দেওয়া। ৩। বিসর্জ্জন করা। প্র—পান দেওয়া। ৪। যোগান। প্র—আহার দেওয়া ; ভাত কাপড় দেওয়া। ৫। ন্যস্ত করা। প্র—ভার দেওয়া। ৬। প্রতিশ্রুতি দান করা। প্র—কথা দেওয়া। ৭। প্রতিষ্ঠা করা। প্র—অন্নসত্র দেওয়া ; দেউল দেওয়া। ৮। গাথিয়া তোলা ; গ্রথিত করা ; নির্ম্মাণ করা। প্র—পাঁচিল দেওয়া ; বেড়া দেওয়া। ৯। আহ্বান ; জন্মান। প্র—গাছ পালা দেওয়া। ১০। প্রয়োগ করা।

প্র—ঔষধ দেওয়া। দৃষ্টান্ত দেওয়া। ১১। লাগান; স্পর্শ করা। প্র—হাত দেওয়া; পা দেওয়া; মুখ দেওয়া। ১২। করা। প্র—প্রহার দেওয়া; আঘাত দেওয়া। ১৩। রাখা। প্র—ঠেস দেওয়া; ভর দেওয়া। ১৪। লেখা। প্র—চিঠিতে ঠিকানা দেওয়া; তারিখ দেওয়া। ১৫। পরিধান করা। প্র—টুপি মাথায় দেওয়া; জামা গায় দেওয়া। বালা হাতে দেওয়া; গলায় দেওয়া। ১৬। উপরে ধারণ করা। প্র—মাথায় ছাতা দেওয়া। ১৭। ফেলা; নিক্ষেপ করা। প্র—জলে দেওয়া; গঙ্গায় দেওয়া। ১৮। প্রবেশ করান। প্র—গলায় আঙুল দেওয়া। ১৯। সম্প্রদান করা। প্র—মেয়ে দেওয়া। ২০। কার্য্য সম্পাদন করা। প্র—বিবাহ দেওয়া; পূজা দেওয়া। ২১। নিযুক্ত করা; ভর্ত্তি করা। প্র—কাজে দেওয়া; অফিসে দেওয়া; স্কুলে দেওয়া। ২২। নিবেদন করা; উৎসর্গ করা। প্র—বলি দেওয়া। ২৩। ছাড়া; প্র—ডাক দেওয়া; লম্ফ দেওয়া। ২৪। স্থাপন করা। প্র—পথে কাঁটা দেওয়া। রৌদ্রে দেওয়া। ২৫। অঙ্কিত করা; দাগ কাটা। প্র—গণ্ডি দেওয়া; আঁচড় দেওয়া। ২৬। ক্রিয়ার সমাপ্তি করা। প্র—বলিয়া দেওয়া; চালাইয়া দেওয়া। ২৭। মিলিত করা; মিলান। প্র—সুর দেওয়া। ২৮। বন্ধ করা; আটকান। প্র—খিল দেওয়া; শিকল দেওয়া। ২৯। সেচন করা। প্র—গাছে জল দেওয়া। ৩০। ঘর্ষণ করা; লাগান। প্র—ঝাড়ু দেওয়া। ৩১। ছাড়া। প্র—ফাঁক দেওয়া। ৩২। সন্নিবিষ্ট করা। প্র—দাঁড়ী দেওয়া; কমা দেওয়া। ৩৩। উৎপাদন করা। প্র—ধূঁয়া দেওয়া। ৩৪। জ্বালা। প্র—উনানে আগুন দেওয়া। ধূনা দেওয়া। ৩৫। ঘটান। প্র—বাধা দেওয়া। ৩৬। ফুটান; ফলান। প্র—ছবিতে রং দেওয়া। ৩৭। মারা। প্র—থাবড়া দেওয়া; ঘুসো দেওয়া। [ব্রজ]

দেওবি—দিবে। প্র—"অপরে পরাণ বাঁটিয়া দেওবি বাহিরে চাহিবি পর।"—চণ্ডীদাস।

দেয়ব—দিব। প্র—"তুয়াগুণে দেয়ব আনি"—বিদ্যাপতি। **দেয়ল, দেয়লহি**—দিল। প্র—"নিবাসে বাসে পুন দেওল সোই।"—বিদ্যাপতি। "দেয়লহি আলিঙ্গন ভুজযুগ চাপি"—**দেয়লুঁ**—দিলাম। প্র—"দেব যার বশ, মিছা অপযশ, না বুঝি দেয়লুঁ তারে।"—কবিশেখর। **দেয়সি**—দিতেছ; দাও। প্র—"আসিয়া বসন্তকালে বসিয়া তমাল ডালে প্রতিদিন দেয়সী যন্ত্রণা।"—কবিকঙ্কণ। **দেল, দেলা**—দিল। প্র—"রভসে আপন জীউ পর হাতে দেলা।"—বিদ্যাপতি। **ভাত দেওয়া**—অন্নপ্রাসন সংস্কার উপলক্ষ্যে শিশুর মুখে প্রথম অন্ন স্পর্শ করান। **ভাত কাপড় দেওয়া**—অশন বসন দ্বারা পালন করা; ভরণ পোষণ করা। **মাথা দেওয়া**—মাথা কাটিতে দেওয়া; আত্মবিসর্জ্জন করা; প্রাণ দেওয়া। **চোখ দেওয়া**—দৃষ্টি দেওয়া; খর নজর লাগান। ২। হিংসা দৃষ্টি দেওয়া। **নাক দেওয়া**—আঘ্রাণ করা। **ফাঁক দেওয়া**—মাঝে মাঝে ব্যবধান রাখা; লঙ্ঘন করা। **ফাঁকি দেওয়া**—বঞ্চিত করা। **ফুঁকে দেওয়া**—উড়াইয়া দেওয়া; নষ্ট করা। **ছাড় দেওয়া**—উপেক্ষা করা। **ছেড়ে দেওয়া**—মুক্তিদান করা। ২। সংস্রব ত্যাগ করা। ৩। অভ্যাস বর্জ্জন করা। ৪। হস্তচ্যুত করা। **হাত পা ছেড়ে দেওয়া**—হস্তপদ শিথিল করা; অবসন্ন হওয়া; নিশ্চেষ্ট হওয়া। ২। হতাশ হওয়া। **হাঁটু দেওয়া** (বুকে) পীড়ন করা। **পা দেওয়া**—পদার্পণ করা; পা রাখা। **পায়ের ধূলা দেওয়া**—পদধূলি সহ আশীর্ব্বাদ করা। **লাথি দেওয়া**—পদাঘাত করা। **হাত দেওয়া**—স্পর্শ করা। ২। কোন কার্য্যে যোগ দেওয়া বা হস্তক্ষেপ করা। **ধ্যান দেওয়া**—অবধান করা। **বুক দেওয়া, বুক দিয়া পড়া**—সহৃদয়তা করা। ২। সর্ব্বান্তকরণে সাহায্য করা। **হৃদয় দেওয়া**—ভালবাসা। **কোল দেওয়া**—আলিঙ্গন করা। **কাঁধ দেওয়া**—শবদেহ কাঁদে করা; শবদেহ বহনে সাহায্য করা। ২। সহযোগিতা করা। **কান দেওয়া**—শুনা; মনোযোগ দেওয়া। **কামড় দেওয়া**—দন্তাঘাত করা। ২। পাওনার দাবি করা। **কোদাল দেওয়া**—কোদাল পাড়া; কোদালে মাটি কোপান। **ধুনে দেওয়া**—তুলাধুনার মত করা। প্রহারে অঙ্গের প্রত্যেক অংশ আলাদা করিয়া ফেলা; অত্যন্ত প্রহার করা। **জ্বাল দেওয়া**—আগুনে সিদ্ধ করা। ২। উনানে ইন্ধন দিয়া আঁচ বাড়ান। **মন দেওয়া**—মনঃসংযোগ করা; চিত্তনিবেশ করা। **মুখ দেওয়া**—উচ্ছিষ্ট করা; এঁটো করা। **মুখে দেওয়া**—খাওয়া। **মুখে জল দেওয়া**—জল গ্রহণ করা। ২। মুমূর্ষুর মুখে গঙ্গাজল দেওয়া। **জিবে দেওয়া**—আস্বাদন করা। **দাঁত দেওয়া**—দাঁত বসান; কামড়ান। **দাঁতে দেওয়া**—চর্ব্বন করা; খাওয়া। **দাঁতে দড়ি দেওয়া**—নির্জ্জলা উপবাস করা। **দাঁতের বাড়ি দেওয়া**—গালাগালি দেওয়া; দন্তে দন্ত ঘর্ষণ করতঃ অভিশাপ দেওয়া। **চোখে ধূলি দেওয়া**—প্রবঞ্চনা করা; ঠকান। **চোখে ঠুলি দেওয়া**—চোখ বন্ধ করা। **পেটে দেওয়া**—ভোজন করা। **পিঠ দেওয়া**—পিঠ পাতা; পিঠ পাতিয়া প্রহার সহ্য করা। ২। পলায়ন করা। **বেড়া দেওয়া**—ঘেরা। **বেড়ী দেওয়া**—চোরের পায়ে শৃঙ্খল পরান। **পরীক্ষা দেওয়া**—জিজ্ঞাসিত প্রশ্নের উত্তর দান করিয়া শিক্ষা ও জ্ঞানের পরিচয় দেওয়া।

দেওয়ান (ন্) [ফা—দাবান্=রাজসভা; মন্ত্রিসভা] বি. জমিদারী বা রাজ্য সংক্রান্ত প্রধান কর্ম্মচারী। ২। রাজস্ব-বিভাগীয় মন্ত্রী। দ্রঃ—দেওয়ান শব্দের সম্মান-সূচক উল্লেখ অর্থে—**দেওয়ানজী** (দেওয়ান মহাশয়)। বি. **দেওয়ানী**—দেওয়ানের পদ। দেওয়ানের কর্ম্ম। **দেওয়ানী আদালত**—যে বিচারালয়ে বিষয়াধিকার ও অর্থের আদান-প্রদান-ঘটিত অপরাধের বিচার হয়। **দেওয়ানী আম**—রাজসভা; যে সভায় রাজার সম্মুখে বিচারপ্রার্থী হইবার সাধারণের অধিকার আছে। **দেওয়ানী খাস**—মন্ত্রিগণের সহিত রাজার বিশেষ পরামর্শ সভা; the Privy Council.

দেওয়ান (নো) [দেওয়া দ্রঃ। উ-পু—দেওয়াই, দেয়াই। ম-পু—দেওয়াও, দেয়াও। প্র-পু—দেওয়ায়, দেয়ায়। অস-ক্রি—দেওয়াইতে, দেয়াইতে; দেওয়াইয়া, দেয়াইয়া, দিইয়ে] ক্রি. দান করান।

দেওয়ার (র্) [ফা—দিবার্ বা দেবাল্] বি. প্রাচীর।

দেওয়াল (ল্) [ফা-দিবার্। দেবালও হয়] বি. প্রাচীর।

দেওর, দ্যাওর (র্) [দেবর শব্দজ] বি. দেবর; স্বামীর কনিষ্ঠ ভ্রাতা।

দেঁড়ো [দাঁড়া—উচ্চারণ বিকারে] বি. মাটি কাটিবার দাঁড়া কোদাল।

দেঁতো [দাঁত+উয়া=দাঁতুয়া—সংক্ষেপে দেঁতো] বিণ. দাঁতাল। ২। দাঁতের।

দেঁতোর হাসি (র্, শি) [দন্ত—বিণে. দেঁতো—র অতিরিক্ত] বি. দাঁতের হাসি; যে হাসি অন্তরের সহিত নহে; লোক দেখান; কপট হাস্য। প্র—"লোক দেখান দেঁতোর হাসি কেবল চাতুরী—"—বাং-গান। প্র—"প্রসাদ বলে ব্রহ্ম নিরূপণের কথা দেঁতোর হাসি।"—রামপ্রসাদ। ২। বিণ. আন্তরিকতা-শূন্য; বাহ্যিক।

দেক, দেকসেক (ক্) [ফা—দিক (দ্রঃ)] বিণ, বিরক্ত। প্র—"ছুত্তোর্ বড় দেক্সেক্ লাগে"—রজনী সেন। ২। উত্যক্ত।

দেক্দারি, দেকদারী [দিক্ (দ্রঃ) = দেক +দারী। বি, কিন্তু বাং-র বিণ] বিণ, বিরক্ত; । প্র—"কর দণ্ডে দণ্ডে দেক্দারি" —বাং-গান (গোপাল উড়ে)। প্র—"দেখে শুনে চণ্ডীচরণ হয়ে শেষে দেকদারী ফেল্লেন জোরে একটা দীর্ঘনিঃশ্বাস ভারি"—দ্বিজেন্দ্র রায়।

দেখতা (দ্যাখ্তা) [হি—দেখৎ—দেখ্তে হুয়ে = দেখিবার কালে অর্থাৎ পুরাতন নহে তাহারই আভাস, কেহ অগ্রে আসিলে সে পরবর্ত্তী আগমনকারীকে আসিতে দেখে তাহার ভাব হইতে] অ, সমক্ষে; সম্মুখে; সমসময়ে এবং গোচরে; পশ্চাদ্বর্ত্তী। প্র—তাহার যতকিছু উন্নতি সমস্তই আমার দেখতা।

দেখন (দ্যাখোন্) [দেখা দ্রঃ] বি, দর্শন।

দেখনহাসি (দ্যাখোন্হাশি) [দেখন—হাসি] বিণ, দৃষ্টিহাসি; চোখো-চোখি হইলেই যে হাসে। ২। যাহাকে দেখিলেই মুখে প্রীতির হাসি ফুটিয়া উঠে। ৩। বি, সখী।

দেখসিয়া, দেখসে (দ্যাখশিয়া, দ্যাখশে, দেখ্শে) [গ্রা। দেখ+আসিয়া, ক্রি-পদে সন্ধির বিরল দৃষ্টান্ত। তুচ্ছার্থে, দেখ্সে] ক্রি, ম-পু, আসিয়া দেখ; এসে দেখ্। প্র—"পরিহরি কুলব্রীড়া, অহর্নিশি করে ক্রীড়া দেখসিয়া আপন নয়নে।"—শিবায়ন।

দেখা (দ্যাখা) [সং—দৃশ্ = দৃক্পাত করা। হি—দেখ্না, দিখনা = দর্শন করা। উ-পু—দেখি। ম-পু—দেখ; দেখো; দেখিও; দেখুন; দেখ্। প্র-পু—দেখে; দেখেন। অস-ক্রি—দেখিতে, দেখতে; দেখিয়া, দেখি (পদ্যে), দেখে। ণিজন্ত—দেখান] ক্রি, দৃষ্টি-গোচর করা; দর্শন করা। প্র—ছবি দেখা। ২। দৃক্পাত করা; চাওয়া। প্র—সূর্য্যের দিকে দেখা যায় না। ৩। সাক্ষাৎ করা। ৪। বোধ করা; জ্ঞান করা। ৫। বিবেচনা করা; বিচার করা; চিন্তা করা; ভাবা। প্র—এখনও দেখ, এখনও সময় আছে। ৬। পরীক্ষা করা। প্র—দেখই না শেষে কি দাঁড়ায়। "মা ব'লে তো ডাকব না আর লাগে কিনা দেখব তোমার।"—গিরিশ ঘোষ। ৭। চেষ্টা করা। প্র—আমি যথেষ্ট দেখলুম কিছু হ'ল না তুমি একবার দেখ যদি কিছু করতে পার। ৮। মনসংযোগ করা; শোনা। প্র—"দেখ কাল তোমাকে যাহা বলিয়াছিলাম তাহার কি হইল। ৯। সাবধান হওয়া। প্র—দেখ যেন পড়ে যেও না। দেখ ভাল চাহ ত ওরূপ আর যেন হয় না। ১০। শাসন; ভয়প্রদর্শক উক্তি; জব্দ করা। প্র—"আমি দেখব তারে দেখব তারে দেখব।"—ম্যাকবেথ। তুই পালাবি কোথা, এইবার তোকে দেখব। ১১। তত্ত্ব-লওয়া; খোঁজ খবর লওয়া। প্র—মাঝে মাঝে তাকে দেখবে, তোমরা না দেখলে তাকে কে দেখবে? ১২। সেবা করা; শুশ্রূষা করা। প্র—অসময়ে না দেখলে আর কবে দেখবে। ১৩। চিকিৎসা করা। প্র—তাহাকে আগে ডাক্তার দেখিতেছিলেন, এখন কবিরাজ দেখিতে-ছেন। ১৪। অন্বেষণ করা। প্র—একজন লোক দেখ; দেখ দেখি যদি কোন গাড়ি পাও। ১৫। কৃপা দৃষ্টি করা। [ব্রজ] **দেখই**—দেখে। **দেখত**—দেখে। **দেখলি**—দেখিলে। **দেখলু, লুঁ**—দেখিলাম। **দেখব**—দেখিব; দেখিবে। **দেখবি**—দেখিবে; দেখিবি। **দেখায়লি**—দেখা-ইলে। প্র—"হসইতে কব তুহুঁ দশন দেখায়লি।"—বিদ্যাপতি। **দেখায়সি**—দেখাও। **দেখিয়ে**—দেখি। **দেখিলুঁ** [বৈষ্ণব সাহিত্যে দেখিলুঁ, দেখিলাঞ] দেখিলাম। প্র—"শ্যামেরে দেখিলুঁ যাইয়া।"—গীতগোবিন্দ।

দেখা (দ্যাখা) [দ্রুত উচ্চারণে দ্যাকা। হি—দেখা] বি, দর্শন; দৃষ্টিপাত। ২। সাক্ষাৎ। প্র—তাহার সহিত দেখা হওয়াই ভার। **দেখা-দেখি**—বি, পরস্পর সাক্ষাৎ। ক্রি-বিণ, দৃষ্টান্ত দর্শনে; অনুকরণে। প্র—বড়র দেখা-দেখি ছোট ভাইও সেই দিকে গেল। ৩। পর-স্পর পরস্পরকে বা পরস্পরের কার্য্য দর্শন। প্র—তোমরা পৃথক পৃথক লেখ দেখাদেখি করিও না। **চোখের দেখা**—বাহ্য দর্শন মাত্র। **চোখের দেখা দেখা**—শুদ্ধ দর্শন সুখ লাভ করা; রূপ দেখা মাত্র আলাপ বা সঙ্গ সুখ লাভ করা নহে। **দেখা শুনা**—দেখা ও সংবাদ রাখা; তত্ত্ব লওয়া। **দেখা সাক্ষাৎ**—সমার্থক সহচর শব্দদ্বয়। সাক্ষাৎ করিয়া জিজ্ঞাসাবাদ করা।

দেখান (দ্যাখানো) [দেখা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। উ-পু—দেখাই। ম-পু—দেখাও; দেখান্; দেখা। প্র-পু—দেখায়; দেখান। অস-ক্রি—দেখাইতে; দেখাইয়া, দেখিয়ে] ক্রি, প্রদর্শন করা; দেখিতে দেওয়া। ২। বি, প্রদর্শন। ৩। দোহাই দান; উল্লেখ দ্বারা দিব্য দেওয়া বা ভয় প্রদর্শন। প্র—"ওঃ—আবার ভগবান্ দেখান আছে; বলি, ধর্ম্মজ্ঞান আছে না কি?"—গিরিশ।

দেখারু [গ্রা—হি'র অনুকরণে] বিণ, যে দর্শন করায়; যে দেখায়; প্রদর্শক।

দেখি (দেখা দ্রঃ) ক্রি, উ-পু—দর্শন করি। এই ধাতু অন্যধাতুর প্রত্যয় স্বরূপ যুক্ত হইয়া শাসন বা ভয় প্রদর্শনের এবং প্রতিবন্ধকতাভাব প্রকাশ করে যথা—"যাও দেখি" (যাও দেখি কেমন যেতে পার?) অর্থাৎ যাওয়া হবে না। "দেখি" স্থানবিশেষে "ত" প্রত্যয়ের অনুরূপ অনুরোধ অর্থ বুঝায়, যথা—যাও দেখি (যাও ত) [দেখির প্রাদেশিক ব্যবহার—দেখিনি]।

দেখিনি [দেখি নাই সংক্ষেপে] ক্রি, দর্শন করি নাই। ২। [আদরার্থে "দেখিত মণি"? সংক্ষেপে—দেখিনি—অনুরোধে] দেখি। প্র—"আয় দেখিনি নীলমণি তোর কেমন ঘুঙুর বাজে;"—ছড়া।

দেখিল [প্রা-বাং। হিন্দীর অনুকরণে] ক্রি, উ-পু—দেখিলাম। প্র—"বড়ই সাহস এই দেখিল তোমার।"—দুর্গামঙ্গল। ২। প্র-পু, দর্শন করিল; দেখা দ্রঃ।

দেড়, দেড়া (ড়) [হি—ডেঢ়, ডেওঢ়া; ডেঢ়া। সং—সার্দ্ধ—সার্দ্ধেক—আদ্ধেড়—দেড়] বিণ, এক ও অর্দ্ধ। ২। দেড়গুণ।

দেড়ি [দেড় দ্রঃ] বিণ, এক ও অর্দ্ধ। ২। দেড়গুণ। প্র—"এক ঘড়া অবশেষ দেখি মহাবীর। নিতে নারি দেড়ি ভার হইল অস্থির"। —কবিকঙ্কণ। ৩। সওয়ায়; উদ্বর্ত্ত; বাড়তি। প্র—"যেদিন যতেক পায় সেই দিন তাই খায় না রহে সম্বল দেড়ি ঘরে।"—কবিক।

দেদার (র্) [ফা—দিলদরীয়া] বিণ, প্রচুর; অশেষ; অসংখ্য। প্র—"দিচে দেদার গালি" —অমৃত বসু।

দেদীপ্যমান (দেদীপ্পোমান্) [দীপ্ (দীপ্তি পাওয়া)+যঙ্ (অতিশয়ার্থে) দ্বিত্ব—দেদীপ্য+আন (কর্ত্তৃ—শান) ম্ আগম] বিণ, প্রদীপ্ত; জাজ্বল্যমান; জ্বলনশীল।

দেধান (ন) [সং—দেবধান্য] বি, সরু আক অথবা মক্কা গাছের মত গাছ ও তাহার শস্য; broom corn. বঙ্গে যেমন গবাদিকে খড় খাইতে দেওয়া হয় পশ্চিমে তদ্রূপ এই গাছ কুঁচাইয়া খাইতে দেওয়া হয়। দেধানগাছের কুঁচিকে তথায় করুই বা ক'রবি বলে।

দেন (ন্) [দেনা দ্রঃ] বি, প্রদান। ২। দেনা; কর্জ্জ। প্র—দেনদার। **লেন দেন**—আদান প্রদান; অর্থের ব্যবহার।

দেনদার, দেনাদার (ন্, র্) [আ—দেনা+ফা—দার = গ্রহণকারী; যে অর্থ ফিরা-ইয়া দিতে হইবে তাহা যে লয়] বি, ঋণী; খাতক।

দেনমোহর (ন্, র্) [ফা] বি, মুসলমান দিগের বিবাহ সময়ে স্বামী স্ত্রীকে যে যৌতুক দেয়।

দেনা [আ—দয়েন, দেন। ফেরত দিবার মত অর্থ] বি, ঋণ; ধার; কর্জ্জ। প্র—"আমিত চুকিয়ে দিয়েছি নিয়েছি সকল পাওনা দেনা।"—রবি। ২। যাহা দিতে হইবে; দেয় বস্তু।

দেমুয়া [দান+উয়া=দানুয়া—দেমুয়া—দেনো] বিণ, দত্ত ; দানধ্যানে যাহা দেওয়া হইয়াছে। ২। দান সম্বন্ধীয়।

দেব (ব্) [দেবতা দ্রঃ। দিব্ (ক্রীড়া করা) +অ (কর্ত্তৃ—অচ্) যে সর্ব্বত্র ক্রীড়া করে] বি, পুং, ঈশ্বর। ২। দেবতা ; সুর। ৩। ব্রাহ্মণ। ৪। ব্রাহ্মণের উপাধি। ৫। ভক্তি ও সম্মানসূচক শব্দ। প্র—গুরুদেব ; পিতৃদেব। ৬। প্রভু ; স্বামী। ৭। রাজা। ৮। প্রধান ; শ্রেষ্ঠ। এই অর্থে অন্য শব্দের পর যুক্ত হয়। প্র—নরদেব ; ভূদেব। ৯। পর্জ্জন্যদেব ; মেঘ। ১০। দীপ্তি। ১১। পারদ। ১২। দেবর। স্ত্রী, দেবী।

দেবক (ক্) বি, পুং, কৃষ্ণজননী দেবকীর পিতা। ২। বিণ, ক্রীড়ক ; অক্ষক্রীড়াকারী।

দেবকর্দ্দম (ব্, ম্) বি, পুং, চন্দন, অগুরু, কর্পূর ও কুঙ্কুম মিশ্রিত সুগন্ধদ্রব্য।

দেবকরী (ব্, কো) বি, রাগিণীবিশেষ।

দেবকার্য্য (দেব্‌কার্জ) [দেবের কার্য্য—৬তৎ] বি, ক্লী, দেবকৃত কর্ম্ম। ২। দেবতার প্রীত্যর্থে কৃত কর্ম্ম ; যজ্ঞ ; যাগ ; পূজা ; উপাসনাদি।

দেবকাষ্ঠ (ব্) বি, দেবদারু।

দেবকিরী (ব্) বি, স্ত্রী, মেঘরাগের ভার্য্যা রূপে কল্পিত রাগিণীবিশেষ।

দেবকী, দৈবকী [দেবক (দ্রঃ)+অ (অপত্যার্থে—ষ্ণ)+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, দেবকের কন্যা ও কৃষ্ণের জননী।

দেবকীনন্দন, দৈবকীনন্দন—বি, পুং, ।

দেবকুল (ল্) [দেবের (দেবতার) কুল (আলয়)—৬তৎ] বি, ক্লী, দেবালয় ; মঠ ; পূজার স্থান ; দেউল। ২। দেবতার গোষ্ঠী। ৩। দেবতাসমূহ ; দেবগণ।

দেবকুলপ্রিয় (দেব্‌কুলপ্‌প্রিয়) [দেবকুলের প্রিয়—৬তৎ। তুল—"favoured of the gods —Iliad] বিণ, দেবগণের অনুগৃহীত। প্র—"দেবকুলপ্রিয় তুমি রঘুকুলমণি, সুপ্রসন্ন তব প্রতি আপনি অভয়া।"—মেঘনাদ।

দেবকুল্যা (দেবকুল্‌ল্যা) [দেবের—কুল্যা] বি, স্ত্রী, দেবনদী ; গঙ্গা।

দেবকুসুম (দেব্‌কুশুম্) [দেবের কুসুম (ফুল) —৬তৎ] বি, দেবোপভোগ্য পুষ্প ; লবঙ্গ।

দেবখাত (ব্, ত্) [দেব (দেবতা) কর্ত্তৃক বা দ্বারা খাত (খনিত)—৩তৎ (যাহা মনুষ্যের মধ্যে কেহ খনন করে নাই)] বি, ক্লী, স্বভাবোৎপন্ন জলাশয় ; হ্রদ ; অকৃত্রিম জলাশয়।

দেবগণিকা (দেব্‌গোনিকা) বি, স্ত্রী, অপ্সরা।

দেবগান্ধারী (ব্) বি, স্ত্রী, রাগিণীবিশেষ।

দেবগায়ন (ব্, ন্) [দেবের গায়ন (গায়ক) গানার্থক গৈ+অন (কর্ত্তৃ)] বি, পুং, গন্ধর্ব্ব।

দেবগিরি (ব্) [দেব—গিরি—এই পর্ব্বতে বহু দেব মূর্ত্তির সমাবেশ হেতু এই নাম] বি, পুং, পাহাড়বিশেষ ; নামান্তর দেওগির্ ; দেওগর ; ইলোরা।

দেবগুরু (ব) [দেবের গুরু (আচার্য্য) ৬তৎ] বি, পুং, সুরাচার্য্য ; বৃহস্পতি।

দেবগৃহ (ব্) [দেবের গৃহ (নিলয়) ৬তৎ] বি, ক্লী, দেবালয় ; দেবমন্দির ; দেবস্থান। ২। সূর্য্যমণ্ডল চন্দ্রমণ্ডল প্রভৃতি গ্রহমণ্ডল। ৩। বর্ত্তমান দেওঘর ; বৈদ্যনাথ ধাম।

দেবচর্য্যা (দেবচোর্য্যা) [দেবের চর্য্যা (সেবা) —৬তৎ] বি, স্ত্রী, দেবসেবা। ২। দেবপূজা।

দেবচিকিৎসক (ব্, শক্) [দেবের চিকিৎসক (বৈদ্য) ৬তৎ] বি, পুং, স্বর্গবৈদ্য ; অশ্বিনীকুমারদ্বয়।

দেবচ্ছন্দ (ব্) বি, পুং, একশত-লহর হার।

দেবতরু (ব্, তো) বি, পুং, মন্দার, পারিজাত, সন্তান, কল্পবৃক্ষ, হরিচন্দন—এই পাঁচ স্বর্গস্থবৃক্ষ।

দেবতা (দেব্‌তা) [দেব+তা (স্বার্থে) মতান্তরে, দেব্ (ক্রীড়া—কান্তি—দীপ্তি—যএক্ত দিব্ ধাতুর অর্থ)—তন্ (বিস্তার করা)+অ (কর্ত্তৃ—ড) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, যাঁহারা আপন ক্রীড়া বা দীপ্তিদ্বারা বিশ্ব ব্যাপ্ত করেন ; দেব ; অমর ; সুর। [তুল—সং, দেবতা : ফ্রে—deite ; প্রুশিয়—deitat ; স্পে—deidad ; ইতা—deita ; ল্যা—deitas (devas—god) লিথু—devas ; ইং—deity. জর্ম্ম—deidade. ফা—দাবর্=ঈশ্বর। ঋগ্বেদে —অদিতি, অগ্নি, ইন্দ্র, বায়ু, বরুণ, মরুৎ, প্রজাপতি, বিষ্ণু, সবিতাদি ৩৩ দেবতার নাম আছে। চারি বেদেই প্রায় একরূপ দেবতার নাম আছে। অথর্ব্ববেদে কেবল যম মৃত্যু, কাল, প্রভৃতি কতিপয় দেবতার নাম আছে। বৈদিক দেবতা প্রধানত—দুই শ্রেণীতে বিভক্ত, যাঁহাদের মহিমা বর্ণন করিয়া স্তোত্র পাঠ হইয়া থাকে তাঁহারা "স্তোত্রাঙ্গ দেবতা" এবং যাঁহাদের উদ্দেশে ঘৃতাদি আহুতি প্রদান করা হয় তাঁহারা "যাগাঙ্গ দেবতা"। জৈমিনিমুনির মতে দেবতাগণ শরীরী জীব নহেন, মন্ত্রই দেবতা। দেবতা শরীরী হইলে স্তুতিকারীর প্রত্যক্ষীভূত হইতেন। তাঁহাদের অপ্রত্যক্ষ অবস্থান কল্পনা করিলেও একই সময়ে নানাস্থানে তাঁহাদের উপস্থিতি অসম্ভব, কিন্তু মন্ত্রই যদি দেবতা হন তবে একই সময়ে সর্ব্বত্রই কার্য্য সিদ্ধি সম্ভবপর। পুরাণে দেবতার সংখ্যা ৩৩ কোটী বলিয়া প্রসিদ্ধ। ইন্দ্র দেবতাদিগের অধীশ্বর]।

দেবত্ব (দেবৎত) [দেব+ত্ব (ভাবে)] বি, ক্লী, দেবভাব। ২। দেবতার ধর্ম্ম। ৩। দেবতার পদ বা ঐশ্বর্য্য।

দেবত্র (দেবৎত্র) [দেব—ত্রৈ (পোষণ করা)+অ (কর্ত্তৃ—ড)] বিণ, দেব সেবার্থ উৎসর্গীকৃত সম্পত্তি ; দেবোত্তর।

দেবদত্ত (ব্) [দেবতাকে দত্ত—৪তৎ] বিণ, দেবোদ্দেশে প্রদত্ত। ২। [দেব কর্ত্তৃক দত্ত —৩তৎ] দেবতা কর্ত্তৃক দত্ত। ৩। [দৃষ্টান্তে] কোন ব্যক্তি। বাং-য় বিরল। তুল —বাং-য় রাম, শ্যাম।

দেবদর্শন (ব্, ন্) [দেব—দৃশ্ (দেখা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, দেবতার মূর্ত্তি দর্শন।

দেবদারু (ব্) [দেব (দেবতা) তৎপ্রিয় যে দারু (কাষ্ঠ)—কর্ম্মধা] বি, পুং, প্রসিদ্ধ বৃক্ষ ; the cedar. হি—দেওদার।

দেবদুর্ল্লভ (ব্, ভ্) [দেবের দুর্ল্লভ—৬তৎ] বিণ, দেবগণেরও দুষ্প্রাপ্য। প্র—"জয় গোপবল্লভ ভক্ত সল্লভ দেবদুর্ল্লভ বন্দন।" —অন্নদামঙ্গল।

দেবদেব (ব্, ব্) [দেবের দেব—৬তৎ] বি, পুং, দেবশ্রেষ্ঠ ; মহাদেব। প্র—"ত্রিদিবে প্রধান দেব দেবদেব শিব।"—অন্নদামঙ্গল। ২। বিষ্ণু। ৩। ব্রহ্মা। [বিরল]।

দেব-দোল (ব্, ল্) [দেবের দ্রষ্টব্য দোল] বি, পুং, দেবতা মণ্ডলীর দ্রষ্টব্য প্রাতঃ সময়ে অনুষ্ঠেয় দোলোৎসব।

দেবধান্য (দেব্‌ধান্ন) বি, স্ত্রী, দেধান দ্রঃ।

দেবধূপ (ব্, প্) [দেব প্রীত্যর্থে ব্যবহৃত ধূপ] বি, পুং, গুগ্‌গুল।

দেবন (ন্) [দিব্ (ক্রীড়া—জিগীষা—দীপ্তি —স্তুতি—ব্যবহার—কান্তি এবং গমন করা প্রভৃতি)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ক্রীড়া ; পাশকাদি খেলা। প্র—"বিশেষে দেবন দোষ ধর্ম্মশাস্ত্রে কয়।"—কাশী-মহা-বন। ২। স্তুতি ; স্তোত্র। ৩। দুঃখ ; ক্লেশ। ৪। [অধি-অনট্] লীলাস্থল ; প্রমোদ-উদ্যান। ৫। [করণে—অনট্] পুং, পাশক : পাশা। স্ত্রী, **দেবনা**—ক্রীড়া। ২। সেবা। ৩। আত্মগ্লানি ; আক্ষেপ।

দেবনদী (ব্, নো) [দেবের নদী, ৬তৎ] বি, স্ত্রী, গঙ্গা ; যমুনা ; সরস্বতী ; দৃষদ্বতী।

দেবপতি (পো) [দেবের পতি, ৬তৎ] বি, পুং, ইন্দ্র ; দেবরাজ।

দেবপথ (ব্, থ্) [দেবের পথ—৬তৎ পথিন্ =পথ] বি, পুং, স্বর্গপথ ; আকাশ।

দেবপশু (দেব্‌পোশু) [দেবোদ্দেশে উৎসর্গীকৃত যে পশু—কর্ম্মধা] বি, পুং, দেবোদ্দেশে উৎসৃষ্ট পশু ; বলির পশু।

দেবপুরী (ব্) [দেবের পুরী (নগরী) ৬তৎ] বি, স্ত্রী, অমরাবতী।

দেবপূজ্য (দেব্পুজ্জ) [দেবের পূজ্য—৬তৎ] বি, পুং, দেবতার বরণীয়। ২। দেবগুরু বৃহস্পতি।

দেবপ্রিয় (ব্) বি, পুং, ক্লী, পীতভৃঙ্গরাজ। ২। বকবৃক্ষ। ৩। বিণ, দেবতার প্রিয়; দেবের অনুগৃহীত।

দেববক্ত্র (ব্) [দেবের (দেবতার) বক্ত্র (মুখ) ৬তৎ] বি, পুং, অগ্নি [প্রসিদ্ধি এইরূপ যে দেবগণ অগ্নিমুখে ভোজন করেন]। ২। দেবতার মুখ।

দেববর্ত্ম (দেব্বর্ত্ত) [দেবের বর্ত্মন্= বর্ত্ম (পথ) ৬তৎ] বি, ক্লী, আকাশ।

দেববাণী (ব্) [দেবের বাণী—৬তৎ] বি, স্ত্রী, সংস্কৃত ভাষা। ২। দৈববাণী; আকাশ-বাণী; দেবতার প্রত্যাদেশ।

দেববৃক্ষ (ব্) [দেবের প্রিয় যে বৃক্ষ—কর্ম্মধা] বি, পুং, দেবতরু; মন্দার বৃক্ষ।

দেবব্রত (দেবব্রোত) বি, পুং, গাঙ্গেয়; ভীষ্ম। ২। দেবগণের ব্রত। বিণ, দেবব্রতী।

দেবব্রাহ্মণ (দেব্ব্রাম্হোন্) [দেবপূজক যে ব্রাহ্মণ—কর্ম্মধা] বি, পুং, দেবল। ২। [দেব ব্রাহ্মণ—দ্বন্দ্ব] দেবতা ও ব্রাহ্মণ।

দেবভবন (ব্, ন্) [দেবের ভবন (আলয়) ৬তৎ] বি, ক্লী, অমরাপুরী; স্বর্গ। ২। দেবমন্দির; দেবালয়।

দেবভাষিত (ব্) [দেবের ভাষিত (বাক্য) ৬তৎ] বি, ক্লী, দৈববাণী।

দেবভূমি (ব্) [দেবের ভূমি (বাসস্থান) ৬তৎ] বি, স্ত্রী, দেবস্থান; স্বর্গ। ২। হিমালয়।

দেবমাতা [দেব+মাতৃ=দেবমাতৃ ১মা, ১ব, ৬তৎ] বি, স্ত্রী, দেবগণের মাতা; কশ্যপপত্নী: অদিতি।

দেবমাতৃক (ক্) [দেব (পর্জ্জন্য, দেব) মাতা (মাতার ন্যায় পালক) হইয়াছে যাহার, বহু, সমাসে ক যোগ] বিণ, যে দেশে বৃষ্টিজল দ্বারা শস্য উৎপন্ন হয়।

দেবমান (ন্) [দেবের মান (কাল পরিমাণ) ৬তৎ] বি, ক্লী, দেবতাদিগের কালপরিমাণ; দেবতার গণনা। প্র—"দেবমানে পরিপূর্ণ শতেক বৎসর।"—ঘনরাম। "দেবমানে ভ্রম ক্রমে যাবে চারি মাস। আমার করাহ গিয়া ব্রতের প্রকাশ॥"—কবিক।

দেবমায়া (ব্) [দেবের মায়া (অবিদ্যা) ৬তৎ] বি, স্ত্রী, সংসার-বন্ধনের হেতুভূত অবিদ্যা; অজ্ঞান। ২। দেবতার মায়া, কৌশল বা কুহক। প্র—"দেবমায়া বুঝিতে না পারি"—মেঘনাদ।

দেবমাস (ব্, শ্) [দেব (দেব সম্বন্ধীয়) যে মাস—কর্ম্মধা। অষ্টম মাসে গর্ভস্থ শিশু চেতনা প্রাপ্ত হয়, চেতনা আত্মধর্ম্ম, আত্মাই দেব] বি, পুং, গর্ভাবধি অষ্টম মাস। ২। সৌর ত্রিশবৎসর (বাচস্পত্য)।

দেবযজি (দেব্জোজি) [দেব—যজ্ (পূজা করা)+ই (কর্তৃ) যে পূজা করে] বি, পুং, দেবপূজক।

দেবযাজি, দেবযাজী (দেব্জাজি) [দেব-যজি দ্রঃ] বিণ, দেবতাপূজাকারী; যাজক। ২। বি, দেবল ব্রাহ্মণ।

দেবযাত্রা (দেব্জাৎত্রা) [দেব দর্শনের নিমিত্ত যাত্রা (গমন)] বি, স্ত্রী, দেব দর্শনে গমন; তীর্থযাত্রা।

দেবযান (দেব্জান্) [দেব—যান (রথাদি) ৬তৎ] বি, ক্লী, দেবরথ; ব্যোমযান।

দেবযানী (দেব্জানি) [দেবযান+ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, শুক্রাচার্য্যের কন্যা; রাজা যযাতির ভার্য্যা। (সুরাচার্য্যের পুত্র কচের অভিশাপে ইনি ক্ষত্রিয় ভার্য্যা হন)।

দেবযুগ (দেব্জুগ্) [দেবপ্রিয় যে যুগ—কর্ম্মধা] বি, পুং, সত্যযুগ।

দেবযোনি (দেব্জোনি) [দেব হইয়াছে যোনি (উৎপত্তিস্থান) যাহার, বহু] বি, পুং, উপদেবতা; দেবতা ও মানুষের মধ্যবর্ত্তী প্রাণী।

দেবর (র্) [হি—দেবর্; গ্রী—deor; ল্যা —daber; প্রা-বাং—দেওর] বি, পুং, স্বামীর অনুজ; স্বামীর ভ্রাতা।

দেবরক্ষিত (দেব্রোক্খিত) [দেব দ্বারা রক্ষিত, ৩তৎ] বিণ, দেব কর্ত্তৃক রক্ষিত।

দেবরথ (ব্, থ্) [দেবের রথ (যান) ৬তৎ] বি, পুং, দেবযান; ব্যোমযান। ২। সূর্য্যের রথ।

দেবরাজ (ব্, জ্) [দেবের (দেবগণের) রাজা—৬তৎ] বি, পুং, ইন্দ্র। প্রা-বাং— দেবরাঅ। প্র—"চন্দনর গন্ধেত মোহিত দেবরাঅ"—শূন্যপুরাণ।

দেবর্ষি [দেবের (দেবগণের) ঋষি (মন্ত্রোপদেষ্টা) ৬তৎ, কিম্বা দেব অথচ যে ঋষি—কর্ম্মধা] বি, পুং, নারদাদি মুনি।

দেবল (ল্) [দেব—লা (গ্রহণ করা—অবলম্বন করা)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, যে জীবিকার নিমিত্ত দেবতা গ্রহণ করে; যে অনেক সাধারণ দেবতার পূজা করিয়া জীবিকা নির্ব্বাহ করে; পূজারি ব্রাহ্মণ; নিত্যসেবা-কারী। ২। অসিত মুনির পুত্র; ইঁহার অপর নাম অষ্টাবক্র।

দেবলা [দেবালয় শব্দজ] বি, দেবালয়; দেবগৃহ; দেউল।

দেবলোক (ব্, ক্) [দেবের লোক—৬তৎ] বি, পুং, অমরধাম; স্বর্গ।

দেবশত্রু (দেবশোৎত্রু) [দেবের শত্রু—৬তৎ] বি, পুং, অসুর; দানব। ২। দেবতার অরি; দেবদ্বেষী।

দেবশর্ম্মা (ব্) [দেবের (দেবগণের) শর্ম্মন্ (সুখ) হয় যৎকর্ত্তৃক, বহু] বি, পুং, ব্রাহ্মণ। ২। ব্রাহ্মণের উপাধি।

দেবশিল্পী (ব্) [শিল্প+ইন্ (অস্ত্যর্থে) শিল্পিন্ ১মা, ১ব] বি, পুং, দেবগণের শিল্পকর্ম্ম-কারী; বিশ্বকর্ম্মা।

দেবসত্তম (দেবশত্তম, ম্) [দেব (দেবগণের) মধ্যে সত্তম (শ্রেষ্ঠ) ৭তৎ] বিণ, দেবশ্রেষ্ঠ।

দেবসভা (দেব্শভা) [দেবের সভা—৬তৎ] বি, স্ত্রী, দেবরাজ ইন্দ্রের সভা; দেবগণের সভা; সুধর্ম্মা। ২। রাজসভা।

দেবসাযুজ্য (দেব্শাজুজ্জ) [দেব সহ যুজ্ (যোগ করা)+য (ভাবে)] বি, ক্লী, দেবতার সাদৃশ্য; দেব-সাহচর্য্য। ২। দেবত্ব।

দেবসেনা (দেব্শেনা) [দেবের (দেবগণের) সেনা (সৈন্য) ৬তৎ] বি, স্ত্রী, দেবসৈন্য। ২। ব্রহ্মার তনয়া; কার্ত্তিকের পত্নী।

দেবাদেশ (শ্) [দেবের আদেশ—৬তৎ] বি, দেবতার আজ্ঞা; প্রত্যাদেশ। প্র— "দেবাদেশে রণে আমি আহ্বানি রে তোরে"— মেঘনাদ।

দেবাশ্রিত (দেবাস্সৃত) [দেব কর্ত্তৃক আশ্রিত, ৩তৎ] বিণ, দেবানুগৃহীত; দেবতার শরণাপন্ন। প্র—"——দেবাশ্রিত সদা, এ দাস, দেবতাকুল রক্ষিবে দাসেরে!"— মেঘনাদ।

দেবসেনাপতি (দেব্শেনাপোতি) [দেব-গণের সেনাপতি (সৈন্যাধ্যক্ষ) ৬তৎ] বি, পুং, কার্ত্তিকেয়।

দেবস্ব (দেবশ্শ) [দেবের (দেবগণের) স্ব (ধন) ৬তৎ] বি, ক্লী, দেবসেবার নিমিত্ত প্রদত্ত ধন বা সম্পত্তি।

দেবহূতি (ব্) বি, স্ত্রী, স্বায়ম্ভুব মনুর কন্যা।

দেবা [দিব্ (ক্রীড়া)+ঋ (সংজ্ঞার্থে)= দেবৃ ১মা, ১ব] বি, পুং, পতির ভ্রাতা; দেবর; দেওর। ৩। [দেব শব্দের বহু বচনা-নুরূপ] দেবতা। প্র—"সেব অন্য দেবী দেবা।" —ঘনরাম। ৩। [বিদ্রূপার্থে দেব শব্দের পরে —আ যোগ] পুরুষ। প্র—"যেমন দেবা তেমনি দেবী।"—নবীনতপস্বিনী।

দেবাত্মা (দেবাৎতাঁ) [দেব হইয়াছে আত্মা —আত্মন্ (স্বরূপ) যাহার—বহু] বিণ, দেবতাস্বরূপ। ২। দেবতার আত্মার ন্যায় আত্মা যাহার; দেবহৃদয়।

দেবানুচর (র্) [দেবের অনুচর—৬তৎ]

বি, পুং, বিদ্যাধর, গন্ধর্ব্ব, যক্ষ প্রভৃতি ; উপদেবতা । ২ । বিণ, দেবতার অনুসরণকারী ॥

দেবান্তক (ক্) [দেব+অন্তক। তুল—নরান্তক] বিণ, দেবঘাতী। ২। দৈত্য ও রাক্ষসবিশেষ।

দেবায়তন (ন্) [দেবের আয়তন (আলয়) —৬তৎ] বি, ক্লী, দেবমন্দির ; দেবালয় ; দেবস্থান।

দেবালয় (য়্) [দেবের আলয়—৬তৎ] বি, পুং, দেবমন্দির ; দেবগৃহ ; ঠাকুরবাড়ী। ২। দেবগণের বাসস্থান ; অমরালয় ; স্বর্গ।

দেবী [দেব (দ্রঃ)+ঈ (স্ত্রী)] বি, স্ত্রী, দেবকন্যা ; স্ত্রীদেবতা। ২। দুর্গা ; অম্বিকা ; কালিকা। প্র—দেবীপুরাণ ; দেবীপূজা। ৩। ব্রাহ্মণ কন্যার উপাধি। ৪। রাণী। ৫। স্ত্রীলোকের প্রতি ভক্তি ও সম্মান সূচক শব্দ। প্র—মাতৃদেবী। ৬। মহাশক্তি ; পরমাত্মস্বরূপা। প্র—"যা দেবী সর্ব্বভূতেষু" ইত্যাদি।

দেবীপুরাণ (ন্) বি, ক্লী, দেবীমাহাত্ম্য প্রতিপাদক উপপুরাণ।

দেবীভাগবত (গ্, ত্) বি, ক্লী, দেবীর মাহাত্ম্যবর্ণনাত্মক পুরাণবিশেষ।

দেবীমাহাত্ম্য (—মাহাৎত্ম) বি, ক্লী,মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবীর মাহাত্ম্য প্রতিপাদক প্রসিদ্ধ গ্রন্থ ; চণ্ডী।

দেবেশ (শ্) [দেবের (দেবগণের—ঈশ (প্রভু)—৬তৎ] বি, পুং, দেবদেব মহাদেব। স্ত্রী, দেবেশী—দুর্গা।

দেবোত্তর (র্) বি, দেবত্র দ্রঃ।

দেমাক, দেমাগ (গ্) [আ—দিমাগ্= মস্তিষ্ক। (২) অহঙ্কার] বি, অহঙ্কার ; গর্ব্ব। প্র—"কালিয়ে কাবাব রেঁধে দেমাকে অজ্ঞান" —হেম বন্দ্যো।

দেয় [দা (দান করা)+য (কর্ম্মে)] বিণ, দানীয় ; দানযোগ্য ; দানের উপযুক্ত ; যাহা দান করা আবশ্যক ; যাহা দিতে হইবে।

দেয়া [হি—দেয়া, দয়ু। সং—দেবতা] বি, দেবতা। ২। আকাশ। প্র—"কেমন কেমন করছে দেয়া। মাঝ দরিয়ায় ভাসে খেয়া।"—রামপ্রসাদ। ৩। মেঘ। প্র—"রজনী শাওন, ঘন ঘন দেয়া গরজন রিমি ঝিমি শবদে বরিষে।"—জ্ঞানদাস। ৪। ক্রি, দেওয়া দ্রঃ।

দেয়াড়, দেয়াড়া (ড়্) বি, নদ্যাদির তটভূমি। যাহাতে জোয়ারের জলে ও বন্যায় পলি পড়িয়া শস্য উৎপাদনের উপযুক্ত হয়। ঐ জমিতে বীজ ছড়াইয়া দিলেই গাছ জন্মে।

দেয়ান (ন্) [ফা—দীবান্=রাজসভা] বি, ধর্ম্মাধিকরণ ; আদালত। প্র—"আজি আমি শুনিনু দেয়ানে সব কথা। রাজার আজ্ঞায় দুই নৌকা আইসে হেথা॥"—চৈতন্যভাগবত। "চক্রবর্ত্তী গোপাল দেয়ান সহবতি।"—অন্নদামঙ্গল। ২। দরবার। প্র—"দুধে ভাতে ভাল ছিল হেন বুদ্ধি কেবা দিল পাতশার দেয়ানে আসিতে।"—অন্নদামঙ্গল।

দেয়াল (ল্) [দেওয়াল দ্রঃ। ফা—দিবার। হি—দিওয়ার। ফা—দাও (রক্ষা)+আর (তুল্য) যাহা বাহিরের আক্রমণ হইতে রক্ষা করে ; দাওয়ার=দিওয়ার=দেওয়াল=দেআল] বি, প্রাচীন। দেয়াল দেওয়া—প্রাচীর গাঁথিয়া তোলা। ২। প্রাচীর দ্বারা বেষ্টিত করা।

দেয়ালা, দেহালা [দেআলা দ্রঃ] বি, শিশুর স্বপ্নে হাসি কান্না। প্র—"জননীর কোলে নিন্দে ক্ষণে হাসে ক্ষণে কান্দে সাধুসুত করয়ে দেয়ালা।"—কবিকঙ্কণ।

দেয়াশিনী [হি] বি, স্ত্রী, যে নারী তন্ত্রমন্ত্র জানে। প্র—"দেয়াশিনী বেশে মহলে প্রবেশ, রাধিকা দেখিবার তরে।"—চণ্ডীদাস। ২। পূজারিণী। প্র—"গোকুলে দেব দেয়াসিনি আওল।"—বিদ্যাপতি।

দেয়াশী [হি] বি, পুং, মনসা, শীতলা, ধর্ম্মরাজ প্রভৃতি দেবতার পূজক বা পাণ্ডা।

দেরকো (র্) [গ্রা—দীপরক্ষক শব্দের অপভ্রংশ] বি, দীপাধার ; দীপরক্ষক ; দীপ রাখা ; উঁচু কাঠের পিলসুজ।

দেরাজ (জ্) [ইং—drawers. ফা—দরাজ] বি, কাঠাধারবিশেষ ; আলমারীর ভিতরের বাক্স যাহা টানিয়া খোলা ও ভিতরে ঠেলিয়া বন্ধ করা যায়।

দেরী [ফা—দের্, হি—দের্—দেরী] ক্রি-বিণ, বিলম্ব।

দেল (ল্) [ফা—দিল] বি, হৃদয় ; অন্তঃকরণ ; মনঃ। প্র—"থির্ নয়ান অথির কছু ভেল। উরজ উদয় থল নালিম দেল।" —বিদ্যাপতি।

দেলকো (ল্) বি, দেরকো দ্রঃ।

দেলখোস (ল্, স্) [ফা—দিলখুশ্] বিণ, হৃদয় প্রফুল্লকর ; হৃদয়ানন্দ।

দেলদরিয়া (দেলদোরিয়া) [ফা—দিলদরিয়া] বিণ, মুক্তহস্ত। ২। প্রচুর। ৩। উদারহৃদয় ; সরলপ্রাণ।

দেলা (দ্যালা) [গ্রা। ধূলা অপভ্রংশ] বি, খেলার সহচর শব্দ ; ধুলা। প্র—"জান কত খেলা দেলা গুণের সাগর"—অন্নদামঙ্গল।

দেশ (শ্) [দিশ্ (দান—আজ্ঞা—বলা প্রভৃতি)+অ(কর্ম্মে—অল্)] বি, পুং, পৃথিবীর অংশবিশেষ ; রাজ্য ; একজাতীয় এবং এক ভাষা, আচারানুষ্ঠানকারী লোকের বাসস্থান। ২। ভাগ ; অংশ। প্র—একদেশ ; শীর্ষদেশ। ৩। দিক। প্র—উহার দক্ষিণ দেশে অবস্থিত।

দেশকালজ্ঞ (দেশ্-কালোগর্গ) [দেশ এবং কাল—জ্ঞ (যে জানে)] বিণ, যে দেশ এবং কাল জানে ; যে দেশ বুঝিয়া চলিতে পারে।

দেশধর্ম্ম (শ্) [দেশের ধর্ম্ম—৬তৎ] বি, ক্লী, দেশ-প্রচলিত আচারানুষ্ঠান।

দেশবিধান (শ্, ন্) [দেশের বিধান—৬তৎ] বি, ক্লী, দেশীয় বিধিব্যবস্থা। দেশপ্রচলিত লৌকিক ব্যবহার।

দেশমুখ (শ্, খ্) [দেশের মুখ (প্রধান)—৬তৎ] বিণ, দেশের মুখ্য বা প্রধান ; রাজা। প্র—"পরি, ভূপণের কাছা ভানিত আমার ভাচা সেই বেটা হবে দেশমুখ।"—কবিকঙ্কণ। ২। দেশের অভিমুখ ; দেশগামী। ৩। বৈশ্যদিগের উপাধিবিশেষ।

দেশাচার (র্) [দেশের আচার (ব্যবহার)—৬তৎ] বি, পুং, দেশ-ব্যবহার ; দেশের রীতি; দেশে প্রচলিত লৌকিক আচার অনুষ্ঠান।

দেশাধিপ (প্) [দেশের অধিপ (অধিপতি) —৬তৎ] বি, পুং, দেশের শাসক ; রাজা।

দেশান্তর (র্) [দেশের (স্বদেশের) অন্তর অন্য, ৬তৎ কিম্বা—অন্তর (অন্য) যে দেশ —কর্ম্মধা] বি, ক্লী, বিদেশ ; ভিন্নদেশ। ২। দূরদেশ।

দেশান্তরি (স্তো) [প্রাদে। দেশান্তরিত, দেশান্তর দ্রঃ] বিণ, বিদেশবাসী ; দেশান্তরিত। প্র—"না হয় এদেশ ছেড়ে হতাম দেশান্তরি।" —ঘনরাম।

দেশান্তরীয় [দেশান্তর+ঈয় (ভবার্থে)] বিণ, বিদেশী ; অন্যদেশ সংক্রান্ত।

দেশিক (ক্) [দেশ+ইক (গত্যর্থে, ফিক)] বি, পুং, পান্থ ; পথিক। ২। সত্যপথ বা মুক্তিপথ নির্দ্দেশক ; গুরু।

দেশিনী (নি) বি, স্ত্রী, তর্জ্জনী অঙ্গুলি।

দেশী (শি) [দেশ+ইন্ (সম্বন্ধার্থে)= দেশিন্ ১মা, ১ব] বিণ, দেশজ ; দেশোৎপন্ন। ২। রাগিণীবিশেষ।

দেশীয় [দেশ+ঈয় (ভবার্থে)] বিণ, দেশজ ; দেশোৎপন্ন। ২। দেশস্থ। ৩। দেশ সংক্রান্ত।

দেষ্ঠ [দাতৃ+ইষ্ঠ (অতিশয়ার্থে) তৃ—লোপ] বিণ, বদান্য ; অতিশয় দাতা ; যিনি অকাতরে দান করেন।

দেহ [দিহ্ (লেপন করা, বৃদ্ধি পাওয়া) +অ (কর্ম্মে—ঘঞ্) যে কালে বর্দ্ধিত হয়] বি, পুং, ক্লী, অঙ্গ ; শরীর ; কলেবর। [দেহ ত্রিবিধ—জরায়ুজ, অণ্ডজ এবং অযোনিজ অর্থাৎ উদ্ভিজ্জ ও স্বেদজ। তৈজস ও জলীয় দেহও অযোনিজ ; তৈজস দেহ সূর্য্যালোকে, জলীয়

দেহ বরুণলোকে এতদ্ভিন্ন বৃদ্ধাঙ্গুষ্ঠ-প্রমাণ সূক্ষ্মদেহ আছে উহাই জীবের কর্ম্মফল ভোগ-দেহ।—ন্যায়দর্শন]। ২। [দেওয়া দ্রঃ। সং—দেহি] ক্রি, দান কর ; দাও। প্র—"অধম সন্তানে মাগো দেহ পদ-ছায়া।"—গান।

দেহকোষ (ষ্) [দেহের কোষ (আবরণ) ৬তৎ] বি, পুং, দেহের আবরণ ; চর্ম্ম।

দেহক্ষয় (দেহক্খয়্) [দেহের ক্ষয় (নাশ) —৬তৎ] বি, স্ত্রী, দেহনাশ ; শরীরের বিনাশ। ২। [দেহ ক্ষয় হয় যাহাতে—বহু] ব্যাধি।

দেহজ [দেহ—জ, জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ—ড) যে দেহ হইতে জন্মে)] বি, পুং, অঙ্গজ ; পুত্র। ২। বিণ, দেহ হইতে উৎপন্ন। স্ত্রী, **দেহজা**—কন্যা।

দেহতত্ত্ব (—তত্ত) বি, ক্লী, শারীর-স্থান বিদ্যা ; physiology.

দেহত্যাগ (গ্) [দেহের ত্যাগ—৬তৎ] বি, পুং, আত্মাকর্ত্তৃক শরীর পরিত্যাগ ; মৃত্যু।

দেহদ (দ্) [দেহ—দ (যে দান করে)] বিণ, শরীরদাতা। ২। বি, পারদ।

দেহধারক (ক্) [দেহ (শরীর) ধারক (যে ধারণ করে)] বিণ, আকারধারী ; মূর্ত্তি ধারণকারী ; দেহী। ২। বি, অস্থি।

দেহভুক্ [দেহ (শরীর) ভুজ্ (ভোগ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, দেহের মধ্যে থাকিয়া কর্ম্মফল ভোগকারী ; দেহাভিমানী ; জীব।

দেহভৃৎ [দেহ—ভৃৎ (যে ধারণ করে)] বি, পুং, দেহধারী ; দেহী ; প্রাণী। ২। আত্মা।

দেহযাত্রা (—জাৎত্রা) [দেহ (শরীর) যাত্রা, যা (গমন করা) + ত্র (করণে - ষ্ট্রণ) যাহাদ্বারা শরীর ধারণ করা হয়] বি, স্ত্রী, জীবন যাপন। ২। দেহপাত ; মৃত্যু।

দেহরক্ষা (দেহ-রোক্খা) [দেহের রক্ষা—৬তৎ] বি, শরীর ধারণ ; দেহ সুস্থ রাখা। ২। দেহত্যাগ ; মৃত্যু। প্র—"আউলচাঁদ দেহ রক্ষা করিলে, শোকাকুল শিষ্যমণ্ডলী তাঁহার মৃতদেহ স্কন্ধে করিয়া পরারিগ্রামে লইয়া গিয়া সমাধি দেন।"—জীবকোষ।

দেহরা—দেহারা দ্রঃ।

দেহরাখা [দেহরক্ষা দ্রঃ] বি, দেহত্যাগ ; মৃত্যু। প্র—"স্বর্গে যান দেহ রাখি"—অন্নদামঙ্গল।

দেহলি, দেহলী [প্রাদে] বি, স্ত্রী, দ্বারের পুরোভাগস্থ বেদীর ন্যায় স্থান ; দাওয়া ; রক। ২। চৌকাঠ ; চৌকাঠের উপর বা নিম্নের কাষ্ঠফলক।

দেহা [ব্রজ। সং—দেহ] বি, দেহ ; শরীর। প্র—"সুধা ছানিয়া কেবা ও সুধা ঢেলেছে গো তেমতি শ্যামের চিকণ দেহা।"—চণ্ডীদাস। ২। [দীপ শব্দজ। হি—দিয়া, প্রাদে-বাং—দেয়া র উচ্চারণ ভেদ, মালদহ] প্রদীপ ; দীপ।

দেহাতীত [দেহ + অতীত] বিণ, দেহের অতীত বা অতিক্রান্ত। ২। দেহাভিমান বর্জ্জিত।

দেহাত্মবাদী [দেহ + আত্মন্ বদ্ + ইন্ = বাদিন্ ১মা, ১ব] বি, পুং, যাহারা দেহ ব্যতীত আত্মা বলিয়া কিছু মানে না ; যাহাদের মতে দেহই আত্মা ; চার্ব্বাক। ২। বিণ, চার্ব্বাক-মতাবলম্বী।

দেহাত্মপ্রত্যয় (দেহাৎতঁপ্রোৎতয়্) [দেহ—আত্ম—প্রত্যয়] দেহে এবং আত্মায় অভেদ জ্ঞান। ২। [দেহাত্ম-প্রত্যয় যাহার হইয়াছে] চার্ব্বাক। ৩। বিণ, দেহাত্মদর্শী।

দেহান্তর (র্) [দেহ—অন্তর (অন্য)—কর্ম্মধা] বি, ক্লী, এক দেহ হইতে অন্য দেহ ; অন্যদেহ।

দেহাবন্দী (বো) [ফা] বি, একাধিক গ্রামের পরে পরে নামোল্লেখ ; গ্রামওয়ারী।

দেহারা, দেহেরা [সং—দেবগৃহ বা দেবালয়—অপভ্রংশে (দেউল)] বি, দেবালয় ; মন্দির ; মঠ। প্র—"হাড়িকে ভূষণে তুষি ভূপতির দারা। আপনি মার্জ্জনা করে ধর্ম্মের দেহারা॥"—ঘনরাম "নহি ছিল ছিষ্টি আর ন ছিল চলাচল। দেহারা দেউল নহি পরবত সকল॥"—শূন্যপুরাণ। "দ্বাপর যুগের শেষে কলিঙ্গ রাজার দেশে বিশ্বকর্ম্মা-রচিত দেহারা।"—কবিক।

দেহালা [দেয়ালা দ্রঃ] বি, শিশুর স্বপ্নাবস্থায় হাসি কান্না। প্র—"শুয়ে নিদ্রা যায় বালা করয়ে দেহালা ক্ষণে হাসে ক্ষণে কান্দে খেলে ব্যাধবালা।"—কবিক। (পাঠান্তর) "দীর্ঘ নিদ্রা যায় শিশু করয়ে দেহালা।"

দেহি [সং—দেহি। দা (দান করা) + হি (লোট—হি) আধু বাং-য়, পদ্যে বিরল। ক্রমে অপ্র হইতেছে] ক্রি, দান কর ; দাও। প্র—"দেহি হৃদয়ে সদা শক্তি রস প্রভু হে"—ব্রহ্ম-সঙ্গীত। "সাঁঝা জাল গতি ভাই সাঁঝাত্র দেহি মন সাঁঝার বেলে সাঁঝা দিলে তুষ্ট নিরঞ্জন॥—শূন্যপুরাণ। **দেহি দেহি রব**—কেবল দাও দাও এই চীৎকার ; তীব্র আকাঙ্ক্ষা ও লোভ সূচক উক্তি।

দেহী [দেহ + ইন্ (অস্ত্যর্থে) = দেহিন্ ১মা, ১ব] বিণ, দেহধারী ; শরীরী। প্র—"মর-দেহী অমর প্রণয় নিরমল"—আলো ও ছায়া। ২। বি, পুং, দেহের অধিষ্ঠাতা ; জীব। ৩। আত্মা।

দেহু [প্রা-বাং। দেওয়া দ্রঃ] ক্রি, দেহ। প্র—"চন্দন খুরিতে দেহজ অঙ্গ অকার।"—শূন্য-পুরাণ।

দেহুড়ী [হি। বাং প্রা—দেউড়ী] বি, সদর দরজা ; ফাটক। প্র—"দেহুড়ীর কাছে থাক হয়ে দানী গো"—ধর্ম্মমঙ্গল।

দৈ (দোই) [দধি শব্দজ] বি, দুগ্ধ বিকার-বিশেষ ; দই।

দৈত্য (দৈৎত) [দিতি + এয়—য (অপত্যার্থে—ঢেয়, ঢ্য) দৈতেয়ও হয় কিন্তু বাং—অপ্র] বি, পুং, দিতির সুত ; দানব ; অসুর। স্ত্রী, **দৈত্যা**—দৈত্যপত্নী। ২। মদ্য।

দৈত্যগুরু (দৈৎত—) [দৈত্যের গুরু—৬তৎ] বি, পুং, শুক্রাচার্য্য।

দৈত্যপতি (দৈৎত্যপোতি) [দৈত্যের পতি—৬তৎ] বি, পুং, হিরণ্যকশিপু। ২। বিণ, দৈত্যপ্রধান ; দৈত্যরাজ।

দৈত্যমাতা (দৈৎত—) [দৈত্যের মাতা—৬তৎ] বি, স্ত্রী, দিতি।

দৈত্যারি (দৈৎত্যারি) [দৈত্যের অরি (শত্রু) —৬তৎ] বি, পুং, দানবারি। ২। বিষ্ণু ; কৃষ্ণ। ৩। অসুরারি ; দেবতা।

দৈন [দীন + অ (ভাবে, ষ্ণ)] বি, ক্লী, দৈন্য। ২। [দিন + অ (ভবার্থে, ষ্ণ)] বিণ, দৈনন্দিন ; দৈনিক। [বিরল]

দৈনন্দিন (ন্) [দিন—দিন + অ (ভবার্থে, ষ্ণ)] বিণ, দিনের পর দিন ; যাহা দৈনিক হয় ; প্রতিদিবসীয় ; প্রাত্যহিক।

দৈনিক (ক্) [দিন + ইক (ভবার্থে—ষ্ণিক)] বিণ, দিন সংক্রান্ত। ২। দিবাভাগে সম্পাদ্য বা সংঘটিত। ৩। এক দিনের সম্পাদ্য। ৪। প্রত্যহ যাহা হয় ; প্রাত্যহিক। স্ত্রী, **দৈনিকা**—দিনমজুরী ; একদিনের বেতন।

দৈন্য (দৈনন্) [দীন + য (ভাবে)] বি, ক্লী, দীনতা ; দারিদ্র্য ; অভাব। ২। দীনের ভাব ; কার্পণ্য। ৩। সন্তাপ ; কাতরতা ; ক্ষোভ। ৪। অতিশয় বিনম্রভাব।

দৈব [দেব + অ (ইদমর্থে—ষ্ণ)] বি, ক্লী, অদৃষ্ট ; ভাগ্য ; পূর্ব্বজন্মকৃত কর্ম্ম। প্র—"দৈবে করে কি দোষ তোমার"—অন্নদামঙ্গল। ২। পুং, বিবাহবিশেষ। ৩। বিণ, অদৃষ্ট হইতে প্রাপ্ত ; ভাগ্যোৎপন্ন। ৪। অলৌকিক ; অমানুষিক। ৫। দেবকৃত ; দেবসম্বন্ধীয়। ৬। [স্বার্থে, ষ্ণ] দেবতা।

দৈবকর্ম্ম [দৈব (দেব সম্বন্ধীয়) যে কর্ম্ম (কার্য্য)—কর্ম্মধা] বি, ক্লী, দেবোদ্দিষ্ট কর্ম্ম ; দেবতার প্রীত্যর্থে অনুষ্ঠিত যজ্ঞাদি।

দৈবকী—দেবকী দ্রঃ। **দৈবকীনন্দন**—বি, পুং, কৃষ্ণ।

দৈবগতি [দৈবের গতি, ৬তৎ] বি, স্ত্রী, দৈব ঘটনা ; দৈবযোগ। ২। ক্রি-বিণ, দৈবযোগে।

দৈবগতিকে [দৈব—গতিক + এ (বিভক্তি

চিহ্ন) ক্রি-বিণ, দৈবযোগে ; দৈবাৎ ; এই অর্থে দৈবগত্যা (তুল—অগত্যা)।

দৈবঘটনা [দৈব কর্তৃক যে ঘটনা—৩তৎ] বি, স্ত্রী, অলৌকিক ব্যাপার। ২। দৈবযোগ আকস্মিক ঘটনা।

দৈবচিন্তক (ক্) [দৈবের (শুভাশুভপ্রশ্নের চিন্তক (চিন্তাকারী) ৬তৎ] বি, পুং, লগ্নাচার্য্য দৈবজ্ঞ।

দৈবজ্ঞ (দৈবগ্‌গঁ) [দৈব (জন্মান্তর কৃত শুভাশুভ কর্ম্ম) জ্ঞ (যে জানে)] বিণ, ভাগ্যগণনাকারী ; যে গণনাদ্বারা মনুষ্যগণের ত্রিকাল বিষয়ক শুভাশুভ জানে ; গণক। ২। বি, পুং, ব্রাহ্মণ-বিশেষ।

দৈবতীর্থ [দৈব (দেব সম্বন্ধীয় যে তীর্থ (ক্ষেত্র) কর্ম্মধা] বি, স্ত্রী, আঙ্গুলের অগ্রভাগ : উহাদ্বারা দেবগণের তর্পণ করিতে হয় বলিয়া এই নাম।

দৈবদুর্ব্বিপাক (ক্) [দৈবের দুর্ব্বিপাক (বিপরিণাম)—৬তৎ] বি, পুং, দৈবের দুর্ঘটনা ; দৈবের প্রতিকূলতাচরণ ; অদৃষ্ট-বিপর্য্যয়।

দৈবদোষ (ষ্ [দৈবের দোষ—৬তৎ] বি, অদৃষ্ট-দোষ ; ভাগ্যবিপর্য্যয় ; দেবতার প্রতিকূলতা ; বিধিবিড়ম্বনা। প্র—"দৈব-দোষে ব্যাসদেবে উপজিল ক্রোধ।"—অন্নদামঙ্গল।

দৈববশে [দৈবের বশে—৬তৎ] ক্রি-বিণ, হঠাৎ ; দৈবাৎ। প্র—"একদিন দৈববশে শিষ্যসহ শাস্ত্র রসে নৈমিষ কাননে উত্তরিলা।" —অন্নদামঙ্গল।

দৈববাণী (নি) [দৈব (দেব সম্বন্ধীয় যে বাণী (বাক্য) কর্ম্মধা] বি, স্ত্রী, আকাশবাণী ; অশরীরীবাক্ ; দেবগণ অলক্ষিত থাকিয়া যে আদেশ করেন। ২। দেবভাষা ; সংস্কৃত-ভাষা।

দৈববিড়ম্বনা [দৈব কর্তৃক বিড়ম্বনা (ছলনা) ৩তৎ] বি, স্ত্রী, দৈব ছলনা : বিধিপ্রতিকূলতা।

দৈবযুগ (—জুগ্) [দৈব (দেবতার) যে যুগ—কর্ম্মধা] বি, স্ত্রী, দেব মানে ১২০০০ বর্ষ।

দৈবযোগ (—জোগ্) [দৈবের যোগ—৬তৎ] বি, পুং, দৈবঘটনা। ২। ক্রি-বিণ, দৈববশতঃ ; দৈবগতি ; হঠাৎ। এই অর্থে দৈবযোগে।

দৈবলেখক (ক্) [দৈবের লেখক—৬তৎ] বি, পুং, শুভাশুভ নিরূপক ; গণক।

দৈবাৎ [সং] অ, সহসা ; হঠাৎ ; অকস্মাৎ ; অতর্কিতভাবে। ২। মানুষের ইচ্ছায় নয় দেবতার ইচ্ছায়।

দৈবাদেশ (শ্) [দৈবের আদেশ—৬তৎ] বি, পুং, দেবাদেশ ; প্রত্যাদেশ।

দৈবাধীন [দৈব (দেবতার) অধীন—৬তৎ] বিণ, দৈবায়ত্ত ; দেবতার বশবর্ত্তী ; দৈব ইচ্ছায় নিয়ন্ত্রিত। প্র—"বল বুদ্ধি বিক্রম বুঝিতে দৈবাধীন। আরোপিলা রাধাচক্র আড়ে তার মীন।"—ধর্ম্মমঙ্গল।

দৈবায়ত্ত [দৈবের আয়ত্ত (অধীন) ৬তৎ] বিণ, দৈবাধীন। ২। বিণ, দৈবক্রমে।

দৈবাহোরাত্র [দৈব (দেবতার পরিমাণ) অহোরাত্র (দিনরাত)—কর্ম্মধা] বি, পুং, মনুষ্য পরিমাণে এক বৎসরকাল।

দৈবিক (ক্) [দেব+ইক (সম্বন্ধার্থে ষ্ণিক)] বিণ, দেবসম্বন্ধীয়। ২। [ভবার্থে—ষ্ণিক] দৈবঘটিত ; দৈবাৎ।

দৈবী [দেব+অ (সম্বন্ধার্থে—ষ্ণ)—ঈপ্ স্ত্রী] বিণ, দেবসম্বন্ধীয়া ; দেবতার। প্র—দৈবী মায়া। ২। ক্রি-বিণ, দৈবাৎ।

দৈবোপহত [দৈব হইয়াছে উপহত (আহত) বিরুদ্ধভাবাপন্ন যাহার—বহু] বিণ, দুর্ভাগ্য ভাগ্যহীন ; দেবতা যাহার প্রতিকূল।

দৈব্য (দৈব্‌ব) [দেব+য (সম্বন্ধার্থে—ষ্ণ্য)] বিণ, দেবসম্বন্ধীয়। ২। বি, অদৃষ্ট।

দৈর্ঘ্য (দৈর্‌ঘ) [দীর্ঘ+য (ভাবে)] বি, ক্লী, লম্বাই ; অপ্রশস্ত দীর্ঘদিকের পরিমাণ ; প্রস্থের বিপরীত।

দৈশিক (ক্) [দেশ+ইক (সম্বন্ধার্থে—ষ্ণিক)] বিণ, দেশসম্বন্ধীয়। ২। দেশোৎপন্ন ; দেশজাত। ২। আংশিক ; একদেশ সংক্রান্ত।

দৈহিক (ক্) [দেহ+ইক (সম্বন্ধার্থে—ষ্ণিক)] বিণ, দেহসম্বন্ধীয় ; শারীরিক। ২। দেহবিষয়ক।

দো [দুই। হি—দোই, দো। বাং-য়—দো সমাসে হিন্দীর অনুকরণে] স, দুই। প্র—দোটানা ; দোশালা ; দোপেয়ে।

দোআঁসলা (দোআঁশ্‌লা) [দো—আঁশ (অংশ)+লা (তুচ্ছার্থে)] বিণ, দুইয়ের অংশজাত ; জারজ ; ভিন্ন ভিন্ন জাতীয় পিতা মাতার সংযোগে উৎপন্ন সন্তান। ২। এঁটেল ও বেলেমাটির মিশ্রণজাত মৃত্তিকা।

দোঁহা [হি] বি, হিন্দীভাষায় ব্যবহৃত ছন্দো-বিশেষ।

দোঁহে [দোঁহা দ্রঃ] স, দুইজনে ; উভয়ে। প্র—"কুতূহলে দোঁহে মিলে করে বিভুগান।" —হেম বন্দ্যো।

দোকর (র্) [দুই—কর (করণ)—যাহা দুইবার করা হইয়াছে] বিণ, দ্বিগুণ ; ডবল। প্র—"বলে, মুসলমানের রাজ্য হইলে দিব। এখন দিয়া কি দোকর দিব?"—বঙ্কিম (সীতা রাম)। ২। পুনঃকৃত ; পুনর্ব্বার।

দোকা [দো—একা। হি—দোকা] বিণ, দুই জন একত্র ; দুইজনে মিলিত। প্র—"মিলে মিশে দুই সন্ধ্যা হ'য়ে রব দোকা।"—অশোক গুচ্ছ। ২। দুইজন। প্র—একা দোকার কাজ নয়।

দোকাঠি [দুই—কাঠি] বি, কাঠিদ্বয়। ২। কাঠিতে কাঠিতে আঘাত। প্র—"ঢক ঢক করি ঢেঁকি উঠাইল বাগ। দোকাঠি বাজায়ে চলে বলে লাগ লাগ।"—শিবায়ন।

দোকান (ন্) [ফা—দুকান্] বি, ক্রয় বিক্রয় স্থান ; পণ্যশালা। প্র—"খোলে যবে প্রজাপতি রূপের দোকান।"—অশোকগুচ্ছ। "রূপের ডালি খুলে বসি পেতেছে দোকান।" —হেম বন্দ্যো। দোকান করা—দোকান চালান। ২। খরিদ পত্র করা ; দোকান হইতে দ্রব্যাদি ক্রয় করা। দোকান খোলা —দোকান প্রতিষ্ঠা করা। ২। দ্রব্যাদি বিক্রয় আরম্ভ করা ; দোকানের দ্বার খোলা। দোকান ঘর—পণ্যদ্রব্য যে গৃহে রাখিয়া বিক্রয় করা হয়। দোকান তোলা—দোকানের জিনিষ পত্র উঠাইয়া রাখা। ২। দোকানের কাজ বন্ধ করা। দোকান পাট—দোকান পত্র ; ক্রয় বিক্রয়। দোকান হাট—দোকান এবং বাজার ; কেনা-বেচার ছোট বড় স্থান। দোকান দেখা—দোকানের কাজ চালান।

দোকানদার (ন্, র্) [ফা—দুকান্দার্] বি, দোকানী। ২। বিণ, সকল বিষয়ে লাভ লোকসান গণনা করিয়া কাজ করে, তাহা হইতে। (২) স্বার্থপর। (৩) খরিদ্দার ভুলাইতে দক্ষ। প্র—লোকটা ভারি দোকান-দার। বি, দোকানদারী। দোকান দারী করা—দোকানদারের মত কাজ করা বা ব্যবহার করা।

দোকানী [দোকান দ্রঃ] বি, দোকানদার ; যাহার দোকান আছে। প্র—"সুমধুর বাণী বলে সে দোকানী"—চণ্ডীদাস। দোকানী পসারী—একার্থক সহচর শব্দদ্বয় ; দোকানী।

দোক্তা, দোকতা—বি, তামাকের শুষ্কপত্র।

দোগ্ধা [দুহ্ (দোহন করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=দোগ্ধ্ ১মা, ১ব] বি, পুং, বৎস ; বাছুর। [প্র-অ] ২। গোপাল ; গোয়ালা। ৩। বিণ, দোহনকারী। স্ত্রী, দোগ্ধ্রী—দুগ্ধবতী।

দোছটি, দোছুটি [দুই—ছুট (দ্রঃ)] বি, ধুতী উড়ানি ; পরিধেয় এবং গাত্রাবরণ। প্র—"দোছটি (পাঠান্তরে দোছুটি) করিয়া পরে বারহাত সাড়ী।"—কবিকঙ্কণ।

দোছতরি (দোছোত্‌রি) [দুই—ছতরি (ছাদ)] বি, বড় ছাদের নিম্নে ঘরের অন্তর্ভুক্ত হইয়াছে যে ক্ষুদ্র ছাদ।

দোছোট [দো (দুই, এখানে দ্বিতীয়) ছোট] বি, উত্তরীয় বস্ত্র।

দোজবরে, দোজবেরে [প্রাকৃ—দোজো হি—দুজা, দুইজ—বর+ইয়া] বিণ, দ্বিতীয় বার পরিণীত ; দুইবার বিবাহিত। প্র—"গণক কহিল মোরে দিবে দোজবরে বরে বিচারিয়া বিধবা লক্ষণ।"—কবিকঙ্কণ।

দোজমি (জো) [দো—জমি—দুই রকম জমি] বি, দোআঁশলা জমি। ২। যে জমীতে এক বৎসরে দুইবার ফসল উৎপন্ন হয়।

দোটানা [দো—টানা (আকর্ষণ)] বি, দুইদিকে মনের টান বা আকর্ষণ। প্র—দোটানার মধ্যে পড়ে প্রাণ যেন গেল।

দোত, দোয়াত (ত্) [আ—দবাৎ] বি, মস্যাধার।

দোতরফা (ব্) [দো—দুই+তরফ্ (দ্রঃ) +আ (সম্বন্ধার্থে)] বিণ, উভয় পক্ষীয়।

দোতলা, দোতালা [দো—দুই—তল+ আ (অস্ত্যর্থে বা বিশিষ্টার্থে)] বি, যে বাড়ীর প্রথমস্তরের উপর দ্বিতীয় স্তর গৃহাবলী আছে ; দুইতলবিশিষ্ট অট্টালিকা। ২। এক তলের ছাদের উপরের গৃহ। ৩। বিণ, দুই তলবিশিষ্ট।

দোতারা [দো (দুই) তার+আ (যুক্তার্থে)] বি, দুই তারযুক্ত যন্ত্র। প্র—"বাজে রবাব মৃদঙ্গ দোতারা।"—অন্নদামঙ্গল। ২। বিণ, দুই তারবিশিষ্ট।

দোতেরিজা [জমীঃ পরিঃ] বি, বক্র ভূমিকে ভিন্ন ভিন্ন অংশে বিভাগ করিয়া জরিপ।

দোথরি [দো (দুই) থর (স্তর)+ই যুক্তার্থে)] বিণ, দুই স্তরযুক্ত : দুই থাক : দুহালি। প্র—"দোথরি মুকুতা হার কোন সহচরী আর গেঁথে দিল উমার কপালে।"—কালীকীর্ত্তন।

দোদুল্যমান (দোদুল্‌লোমান্) [দুল্+যঙ্ (পুনঃ পুনঃ অর্থে)=দোদুল্য+আন (কর্ত্তৃ—শান) যাহা ক্রমাগত দুলিতেছে] বিণ, অনবরত দোলায়মান ; ক্রমাগত যাহা দোলায়িত হইতেছে।

দোধারি [দো=দুই—ধার+ই (তত্রভব অর্থে)] বিণ, দুই পার্শ্বস্থ।

দোন [প্রা-বাং। হি—দোনো] বিণ, দুই।

দোন (ন্) [সং—দ্রোণ, অপভ্রংশে। দ্রোণী দ্রঃ] বি, জল ছেঁচিয়া ফেলিবার কাঠ বা পত্রাদি নির্ম্মিত পাত্র।

দোনা [হি। সং—দ্রোণ হইতে] বি, পান রাখিবার ঠুলি বা ঠোঙ্গা। প্র—"বাটা ভ'রে দিব পানের দোনা"—বিষবৃক্ষ। ২। দমনক বৃক্ষ : দনাগাছ।

দোপড়া [প্রাদে] বিণ, পুনর্ভূ। ২। এক স্থানে বিবাহের স্থির হইয়া গাত্র হরিদ্রাদি হইবার পর যে কন্যা অন্য পাত্রস্থাপ্য হয়। প্র—দোপড়া মেয়ে।

দোপাটা [হি—দোপাটা—দুই পট্ট] বি, উত্তরীয় বস্ত্র ; উড়ানী। প্র—"পুরাণ দোপাটা গায় দিতে টানাটানি"—কবিকঙ্কণ।

দোপাটী [সং—দ্বিপুটী রূপান্তর, দোমাটি, দুমুটী, দুইবটী, দোবটী (প্রা-বাং)] বি, বর্ষাকালের দুইরঙ্গা ফুলবিশেষ ; balsaen.

দোপাট্টা [হি] বি, উত্তরীয় বস্ত্র।

দোপেয়ে [সং—দ্বিপদ। হি—দোপইয়া। গ্রা] বি, দ্বিপদ ; মনুষ্য। ২। বিণ, দুইপদযুক্ত।

দোপেয়াজা [ফা—দোপিয়াজা] বি, দ্বিগুণ পরিমাণ পেয়াজ দেওয়া সুরুয়াহীন মাংস খাদ্য।

দোফরকা, দোফাঁকড়া [দোফক্‌কা, ফাঁকড়া (দ্রঃ)। তুল—ইং—bifurcated ; two forked] বিণ, দুই সূচীবৎ ; দুইশলাকা-যুক্ত। ২। দুই শাখায় বিভক্ত।

দোফলা [দো=দুইবার—ফল+আ—দুইবার ফলে যে] বিণ, যে গাছে বৎসরে দুইবার ফল হয়।

দোবজা (ব্) [তুল—হি—ধুপছাঁ=ময়ূরকণ্ঠী বর্ণের রেশমী বস্ত্রবিশেষ] বি, রেশমী বস্ত্রের উত্তরীয়।

দোবরা [দো (দুইবার) পরিষ্কার করা হয় বলিয়া] বি, দানাদার পরিষ্কৃত চিনিবিশেষ।

দোভাপা [দো (দুইবার) ভাপা (ভাপান)] বিণ, দুইবার সিদ্ধ।

দোভাষী [দো=দুই, ভাষী (ভাষা+ইন্—জ্ঞাতার্থে)] বি, যে দুইটি ভাষা জানে ; দুভাষী দ্রঃ। প্র—"গীত গোবিন্দের সঙ্গে দিল রে গাঁথিয়ে রঙ্গে উড়িয়া ভাষার ছন্দ কোন দোভাষী॥"—অশোকগুচ্ছ। ২। আদালতের যে কর্ম্মচারী বিচারকারী ও বিচারপ্রার্থীর মধ্যে উভয়ের ভাষা তরজমা করিয়া পরস্পরকে বুঝাইয়া দেন ; interpreter. ৩। জারজ ; দোআসলা।

দোমড়ান (নো) দুমড়ান দ্রঃ।

দোমতি (মো) [দো (দুইটী) মতি (হি—মোতি, মুক্তা)] বিণ, দুইটী মুক্তাযুক্ত। ২। দোহালি। প্র—"গজমতিহার পুঁতি দোমতি তেমতি"—ঘনরাম।

দোমালা [দুমালা দ্রঃ] বি, অর্দ্ধপক নারিকেল ফল।

দোমেটে [দো (দুইবার) মেটে=মাটিয়া (মাটি+আ—যুক্তার্থে) দুইবার মাটি দেওয়া] বিণ, প্রতিমাদি গঠনকালে কুম্ভকার খড়ে প্রথম যখন মাটি ধরায় তখন একমেটে বলে ; প্রথমবারের লাগান মাটির উপর দ্বিতীয়বার মাটি দিয়া প্রতিমার দেহ পুষ্ট করিলে তাহাকে দোমেটে বলে। প্র—ঠাকুর এখনও গড়া হয় নাই। একমেটে হয়েছে। দোমেটে হ'লেই রং দেবে। ২। স্থূল ও সূক্ষ্মের মধ্যবর্ত্তী ; দোহারা।

দোয়জ (জ্) [হি—দুজা, দুইজ্। বিণ, দ্বিতীয়। প্র—"প্রথম মাসের গর্ভ জানি বা না জানি। দোয়জ মাসের বেলা লোকে কাণা-কাণি॥"—কবিকঙ্কণ। "দেখিনু কানু দোয়জ পহরে"—চণ্ডীদাস।

দোয়া [আ—দোআ ; দুআ] বি, আশীর্ব্বাদ। প্র—"মোল্লা পড়ায় নিকা দান পায় সিকা সিকা দোয়া করে কল্‌মা পড়িয়া।"—কবিক।

দোয়া [দোহা দ্রঃ] ক্রি, গবাদির দুগ্ধ দোহন করা। প্র—"চরে থেকো দোয়া গরু এমন কোথাও পাবেনাক।"—ঈশ্বর গুপ্ত।

দোয়াজ (জ্) (দোয়জ দ্রঃ] বিণ, দ্বিতীয়। প্র—"দোয়াজ বনিতা তার হবে সুলক্ষণা॥"—কবিকঙ্কণ।

দোয়াড় (ড়্) [দো (দুই)—আড়] বি, দোফরকা ; দুই সূচী। প্র—"দোয়াড় চিয়াড় বাণ করবাল খরশাণ ভূষণ্ডী ডাঙ্গস খরশাণ।"—কবিকঙ্কণ।

দোয়াত (ত) [আ—দবাআৎ সংক্ষেপে দোত] বি, মস্যাধার।

দোয়ার, দোহার, দোহারি [দো (দুই)—প্রধান গায়কের উক্তি যাহারা দোহরা বা পুনরায় গায়। অথবা ধুয়াধারী—ধুয়া ধরিয়া গায় অথবা দুইজন করিয়া জুড়ি বাঁধিয়া গায় বলিয়া] বি, জুড়িদার গায়ক : সঙ্গী গায়ক : সহযোগী গায়ক ; ধুয়াধারী গায়ক।

দোয়ারি [দ্বারী হইতে] বি, দ্বারী ; দৌবারিক। প্র—"আবেশে অবশ শিব নাচিতে নাচিতে। রাজার দোয়ারিগণে লাগিল কহিতে॥"—ঘনরাম।

দোয়েম (ম) [ফা—দুয়ম্] বিণ, দ্বিতীয়। ২। দ্বিতীয় শ্রেণীস্থ। ৩। জমী সম্বন্ধে আওয়ল হইতে নিরেশ।

দোরস্ত [দুরস্ত দ্রঃ] বিণ, চৌরস ; সমতল ; সমান।

দোরকা—বি, যে বস্ত্রের দুই দিকেরই বুনানি সমান। ২। কাপড়ের পাড়ের দুপিট দুই রংয়ের।

দোরসা (শা) [দো—রসা] বিণ, সারে মাতে। ২। টাটকা ও পচার মাঝামাঝি। প্র—দোরসা মাছ। ৩। কড়া ও সরসের মাঝামাঝি। প্র—দোরসা তামাক। ৪। এঁটেল ও বেলে মাটিতে মিশ্রিত। প্র—দোরসা জমি।

দোর্দ্দণ্ড [দোস্ (বাহু) রূপ দণ্ড (ষষ্টি) কর্ম্মধা] বি, পুং, বাহু রূপ দণ্ড ; ভুজদণ্ড। ২। [অর্থ সম্প্রসারণে] বিণ, প্রবল।

দোল (ল্) [দোলি (ঝোলা)+অ (কর্তৃ)] বি, দোলা। ২। ডুলি। ৩। ঝুলি। ৪। [ভাবে—ঘঞ্] শ্রীকৃষ্ণের ঝুলন উৎসব। ৫। দোলন; ঝুলন ক্রীড়া। প্র—"বিগলিত কাঞ্চন সন্নিভ শশধর জলমাঝে খেলে মৃদু দোল।"—রজনী সেন। স্ত্রী, দোলা। **দোল দুর্গোৎসব**—প্রধান প্রধান ও ব্যয়সাধ্য উৎসব সমারোহ। **সাজ করিতে দোল ফুরান**—দোল উৎসব দেখিতে যাইবার জন্য সাজসজ্জা করিতে সময়ক্ষেপ করিলে নির্দ্দিষ্ট সময়ে সম্পাদ্য উৎসব সমাধা হইয়া যাওয়া। [লক্ষণায়]—বৃথা আড়ম্বরে কাজ হারান।

দোলক (ক্) [দোলি (ঝোলা)+অক (কর্তৃ)] বি, পুং, দোলন দণ্ড; ঘটিকাদি যন্ত্র নিয়ামক সূক্ষ্ম তার বা সূত্রে লম্বিত দোলায়মান ভার; pendulum.

দোলন (ন্) [দোলি (ঝোলা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ঝুলন। ২। কম্পন। ৩। একস্থানে অবস্থিতি করিয়া একবার একদিক একবার তাহার বিপরীত দিকে গমনাগমন বা সঞ্চালন; আন্দোলন। [ব্রজ] **দোলনী**।

দোলনা (ল্) [দোলন্+আ (সাধনার্থে) দোলন সাধন] বি, দুলিবার রজ্জু ও তৎসংলগ্ন আসন; ঝোলনা। ২। শিশুকে শয়ন করাইয়া দোলাইয়া ঘুম পাড়াইবার দোলা বা ঝোলা।

দোলপিঁড়ি (ল্) [দোল—পিঁড়ি (পীঠিকা)] বি, যে কাষ্ঠাসনে বসিয়া দুলিতে হয়; দোল চৌকি।

দোলমঞ্চ (দোল্মোন্চ) [দোল—মঞ্চ] বি, ঝুলনের জন্য নির্ম্মিত উচ্চ বেদী।

দোলযাত্রা (দোলজ্জাৎত্রা) [দোল—যাত্রা] বি, শ্রীকৃষ্ণের ঝুলন উৎসব।

দোলা [দোল ক্রঃ] বি, স্ত্রী, শিবিকাবিশেষ; ঝোলা। ২। চতুর্দ্দোল। প্র—"বর কন্যা চলে দিব্য দোলা আরোহণে॥"—ঘনরাম। ৩। মাচান; শবাধার; খাটুলি। প্র—"বাঁশের দোলায় চড়ে কেহে বট যাচ্ছ চলে শ্মশান ঘাটে"—গান।

দোলা [হি—দুলাই। বাং, দোলাই—সংক্ষেপে] বি, গায়ের কাপড়; পীত বস্ত্র; দোলাই। প্র—"ছাড়িয়া পাটের দোলা সবে করে পাথীর খেলা পড়ে খসি ভূষণ অম্বর।"—কবিকঙ্কণ।

দোলা [সং—দুল্ (দোলনে)। উ-পু—দুলি। ম-পু—দোল; দুলুন; দোল্। প্র-পু—দোলে; দোলেন্। অস-ক্রি—দুলিতে; দুলিয়া, দুলি (পদ্যে), দুলে। ণিজন্ত—দোলান] ক্রি, দোল খাওয়া; ঝুলিতে ও সেই সঙ্গে সঞ্চালিত হইতে থাকা। ২। আন্দোলিত হওয়া; সন্দেহে চিত্ত এক বিষয়ে স্থির করিতে না পারা। প্র—"আমার সংশয়ে প্রাণ সদাই দোলে"—গিরিশ।

দোলাই [হি—দুলাই। প্রা-বাং—সংক্ষেপে, "দোলা"] বি, শীতবস্ত্রবিশেষ।

দোলান (নো) [দোলা (ক্রঃ)—ণিজন্ত রূপ। উ-পু—দোলাই। ম-পু—দোলাও; দোলান্; দোলা। প্র-পু—দোলায়; দোলান্। অস-ক্রি—দোলাইতে; দোলাইয়া] ক্রি, দুলিতে বাধ্য করা: দোল দেওয়া; ঝুলান। ২। নাড়া; সঞ্চালিত করা।

দোলায়মান (ন্) [দোলি (ঝোলা)+ক্যঙ =দোলায়+আন (কর্তৃ)] বিণ, দোলনশীল; দুলিতেছে এমন। ২। সংশয়ে আন্দোলিত; সন্দেহচঞ্চল।

দোলায়িত [দোলি+ক্যঙ=দোলায়+ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, দোলন। ২। বিণ, যাহাকে দোলান হইয়াছে: দোলায়মান।

দোলিকা [দোলা+ক (ক্ষুদ্রার্থে)] বি, স্ত্রী, ডুলি: ছোট দোলা।

দোশালা [দো=দুই—শাল+আ (অস্ত্যর্থে) যাহাতে দুইফর্দ্দা শাল আছে] বি, শালের জোড়া। **শাল দোশালা**—একালে শাল এবং শালের জোড়া। ২। ভাল ভাল গাত্রবস্ত্র; মূল্যবান পরিচ্ছদ।

দোষ (ষ্) [দুষ্ (দূষণে, বিকারে)+অ (ভাবে—ঘঞ্) প্রা-বাং—দোস (শূন্যপুরাণ)] বি, পুং, কলুষ; পাপ। ২। অপরাধ। ৩। কুকর্ম্ম; অপকর্ম্ম। ৪। অহিত: অপকার; অনিষ্ট; অত্যাচার। ৫। ন্যূনতা; ত্রুটি। প্র—"দক্ষের এদোষ কেন বেদের এদোষ।"—অন্নদামঙ্গল। ৬। ক্ষতি; হানি। ৭। [কাব্যালঙ্কারে] কাব্যের অপকর্ষসাধক ধর্ম্ম। ৮। [ন্যায়শাস্ত্রে] রাগ, দ্বেষ, মোহ। ৯। [আয়ুর্ব্বেদে] বাত, পিত্ত, কফ। ১০। কলঙ্ক; নিন্দা: অপবাদ। ১১। ব্যাধি। **দোষ করা**—ক্রি, অপরাধ করা। **দোষ ধরা**—ক্রি, অপরাধ লওয়া; ত্রুটি প্রদর্শন করা। **দোষ-দেওয়া**—ক্রি, কলঙ্ক অর্পণ করা; নিন্দা-করা। **দোষী করা, দুষী করা**—ক্রি, অপরাধী প্রমাণ করা।

দোষগ্রাহী (দোষগ্‌গ্রাহি) [দোষ—গ্রহ্ (গ্রহণ করা)+ইন্ (কর্তৃ—ণিন্)=গ্রাহিন্ ১মা, ১ব] বিণ, দোষ গ্রহণকারী; দোষানু-কারী: দুষ্ট। ২। দোষদর্শী; যে পরের গুণগ্রাহী না হইয়া কেবল দোষই খুঁজিয়া পায়।

দোষজ্ঞ (দোষগ্‌গঁ) [দোষ (ত্রুটি, পাপাদি) জ্ঞ (যে জানে)] বি, পুং, জ্ঞানী; পণ্ডিত। ২। বায়ু পিত্ত কফাদি ঘটিত দোষ যিনি জানেন; রোগজ্ঞ; চিকিৎসক। ৩। বিণ, দোষসম্বন্ধে অভিজ্ঞ।

দোষণ (ন্) [দোষা ক্রঃ] বি, দোষার্পণ; দোষপ্রদর্শন; দোষদান।

দোষত্রয় (দোষৎত্রয়্) [দোষের ত্রয়—৬তৎ] বি, ক্লী, বায়ু পিত্ত কফ দেহস্থ এই ত্রিদোষ। ২। তিনটি অপরাধ।

দোষল [দোষ+ল (অস্ত্যর্থে)] বিণ, দোষদুষ্ট; দোষবিশিষ্ট; সদোষ।

দোষা, দূষা [দোষ (ক্রঃ)+আ (ক্রি, বিভক্তি) উ-পু—দোষি। ম-পু—দোষ। প্র-পু—দোষে। অস-ক্রি—দোষিতে; দোষিয়া, দুষিয়া, দুষে। ণিজন্ত—দোষান] ক্রি, দোষ দেওয়া; দোষারোপ করা। প্র—"মনেরে বুঝায়ে বল নয়নেরে দোষ কেন?—নিধুবাবু।" বি, দোষণ।

দোষাকর [দোষের আকর—৬তৎ] বিণ, মহাদোষী। ২। সমূহ দোষের নিদান; দোষের সমুদ্র।

দোষাদোষ (ষ্) [দোষ+অদোষ] বি, ভালমন্দ: গুণ এবং অগুণ: দোষগুণ।

দোষান (নো) [দোষা ক্রঃ। ণিজন্ত রূপ] ক্রি, দোষ দেওয়ান। ২। বি, দোষ প্রদর্শন; দোষ দেখান।

দোষাবহ [দোষের আবহ (যে বহন করে)—৬তৎ] বিণ, দোষাকর; দোষজনক; দোষোৎ-পাদক।

দোষী [দোষ+ইন্ (অস্ত্যর্থে)=দোষিন্ ১মা, ১ব] বিণ, দোষল; দোষযুক্ত; অপরাধী। স্ত্রী, **দোষিণী**—অপরাধিনী। ২। নাশিনী। প্র—"গণতোষিণি! ঘনঘোষিণি! হঠ-দোষিণি! শঠরোষিণি! গৃহপোষিণি! গো।"—অন্নদামঙ্গল।

দোষৈকদর্শী (—দোর্শি) [দোষ—এক (কেবল) দর্শী (যে দর্শন করে)] বিণ, একমাত্র দোষদ্রষ্টা; যে গুণগ্রাহী নহে।

দোষৈকদৃক্ [দোষে এক (কেবল) দৃক্ (চক্ষু) যাহার, বহু] বিণ, দোষৈকদর্শী।

দোসর, দোশর (দোশর্) [হি—দুস্‌রা—প্রা-হি—দোসর্। ফা—দ্বিতীয়] বিণ, সঙ্গী; সহচর। প্র—দোসর নাই সাতে—ভারতচন্দ্র। "দোসর ভেল তাহে কাল বসন্ত।"—ঘনশ্যামদাস। ২। দ্বিতীয়। প্র—"হাম অভা-গিনী দোসর নাই ভেলা"—(পাঠান্তরে) "হাম সনি অভাগিনী দোসর ন ভেল"—বৈষ্ণবপদা-বলী। ৩। সহায়। প্র—"প্রভুর দোসর নাহি উপায় কে করে।"—কবিকঙ্কণ। ৪। ভাগী; অংশীদার। প্র—"এমন দুখের দোসর কোই মেলে না।"—রামবসু।

দোসরা (দোশ্‌রা) [হি—দুস্‌রা] বিণ,

দ্বিতীয়। ২। পুনরায়। ৩। অন্য অপর। ৪। মাসের দ্বিতীয় দিবস।

দোসরী [ব্রজ। হি—দুস্‌রী] বিণ. দ্বিতীয় ২। অন্য; অপর। প্র—"আয় দোসরী বনে গিয়ে হেরি, সেই বংশীধারী"—ঝাং-গান (হরুঠাকুর)। ৩। মাসের দ্বিতীয় দিন।

দোসারি (দোশারি) [দো=দুই—সারি (শ্রেণী)] বি. দুই থাক; দুইশ্রেণী।

দোসীমানা (শি) [দো—সীমানা (সীমা) বি. পাশাপাশি দুই জমীর সীমা; দুই পৃথক্ জমীর এক সীমা রেখা।

দোসুতি, দোসূতি (দোশুতি) [দো= দুই (ডবল) সুতি, সূতী (সূত্র)— দুইখাই সূতার বুনানিযুক্ত] বি. মোটা বস্ত্র-বিশেষ।

দোস্ত (দোস্‌ত্, দোসতো) [ফা—দোস্‌ত্] বন্ধু প্র—"দরিয়া বলিল রাগ কেন কর দোস্ত"— রাজসিংহ। ২। [সং—জ্যোৎস্না হইতে গ্রা —জোস্না, দোস্তা] জ্যোৎস্না: চন্দ্রালোক প্র—"দেখে বলে কেলে সোনা হের দেখ দোস্ত"—ঘনরাম।

দোহক (ক্) [দুহ্ (দোহন করা)+অ (কর্ত্তৃ)] বিণ. যে দুধ দোয়। ২। দোহন-কারী; শোষক।

দোহদ (দ্) [দোহ—দ (যে দান করে) বি. স্ত্রী. গর্ভ। ২। গর্ভিণীর নানাবিধ ভোজ্যের স্পৃহা; সাধ। বিণ. দোহদী। গর্ভিণীকে দোহদদান—তাহার স্পৃহণীয় অন্নব অলঙ্কারাদি দান রূপ সংস্কার; সাধ দেওয়া দোহদলক্ষণ—গর্ভলক্ষণ।

দোহদবতী (বোতি) [দোহদ+বৎ (অস্ত্যর্থে—বতু) ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. যে গর্ভবতীর কোন দ্রব্য খাইতে ইচ্ছা হয়; বস্তু-বিশেষে স্পৃহাবতী গর্ভিণী।

দোহদিনী [দোহদ+ইন্ (অস্ত্যর্থে)= দোহদিন্, ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. গর্ভবতী; স্পৃহাবতী গর্ভিণী।

দোহন (ন্) [দোহ+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. দুগ্ধ আকর্ষণ; দুধ দোয়া। ২। শোষণ। ৩। ছাঁকন; ছানন। প্র—"ভাও দোহানিয়া" —জ্ঞানদাস। স্ত্রী. দোহনী—দুগ্ধদোহন পাত্র।

দোহা [সং—দুহ্ (দোহন করা) দোহ+আ (ক্রি-বিভক্তি) উ-পু—দুই (দোহি)। ম-পু —দোও (দোহ)। প্র-পু—দোয় (দোহে)। অস-ক্রি—দুহিতে, দুইতে (দোহিতে); দুহিয়া, দুইয়া (দোহিয়া)। ণিজন্ত—দুহান, দোহান)] ক্রি. দোহন করা।

দোহাই [হি—দুহাই] বি. শপথ; দিব্য প্র—"শুন শুন মাধব তোহারি দোহাই, বড় অপরূপ আজু পেখনু রাই॥"—বিদ্যাপতি "আর যদি কাড় রা মদনের মাথা খা বসন্তের শতেক দোহাই॥"—কবিকঙ্কণ। ২ দুঃখ জানাইয়া সুবিচার প্রার্থনা। প্র— দোহাই ধর্ম্মাবতার। ৩। "পরিত্রাহি"ডাক "রক্ষা কর রক্ষা কর" এই উক্তি। প্র— "দোহাই দোহাই প্রভু করুণানিধান। মান রাখ প্রাণ যায় কর পরিত্রাণ॥"—কাঞ্চী-কাবেরী। ৪। দায়; দায়িত্ব। প্র—অন্যে দোহাই দিয়া কাজ আদায় করা।

দোহাতিয়া, দোহাথিয়া [দুহাতিয়া দ্রঃ ক্রি-বিণ. দুই হস্তে; দুই হাত চালাইয়া। প্র— "দোহাতিয়া বাড়ি মারে হনুমানের বুকে।"— কৃত্তিবাস। "দোহাথিয়া ঠেঙ্গা পড়ে গৃহের উপরে।"—চৈতন্যভাগবত।

দোহার (র্) [দোয়ার দ্রঃ] বি. সহকারী গায়ক; ধুয়াধারী। প্র—"দেবগণ দোহা-গণেশ গান মূল। নারদ তম্বুর তাতে হৈ অনুকূল॥"—শিবায়ন।

দোহারা [হি—দোহ্‌রা] বিণ. দুইবার দোবারা; পুনর্ব্বার। ২। দুইথাইযুক্ত দুইহালি। ৩। দুইভাঁজ; দ্বিগুণ; ডবল ৪। পুষ্টাঙ্গ; স্থূল ও কৃশের মধ্যবর্ত্তী। প্র— "দোহারা চেহারা খাসা চোগা বুটিদার। —হেম বন্দ্যো।

দোহারা [দ্বার হইতে হি—দোয়ারা—দোহার তুল—ঠাকুর দোয়ারা] বি. ঠাকুরবাড়ী; বিষ্ণু মন্দির। প্র—"কত ঠাঁই দেউল দোহার দেবালয়।"—ঘনরাম। "ধৌতপদ করাম্বুজ রাজার নন্দিনী। দোহারা প্রবেশ করি পূজে নারায়ণী॥"—শিবায়ন।

দোহাল (ল্) [দোহ (দোহন)+আল (বালা)—দোহনকারী] বি. যে দুগ্ধ দোহন করে; যাহারা গাই দোয়।

দোহ্য (দোজ্‌ঝ) [দুহ্ (দোহন করা)+ য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ. দোহনীয়; দোহন যোগ্য।

দৌড় (ড়্) [দ্রু (পলায়নে) হি—দৌড়] বি. দ্রুতগমন; ধাবন; পলায়ন। দৌড়-ধুপ, দৌড়ধাপ—দৌড় ও ধাবন; একার্থক সহচর শব্দদ্বয়; দৌড়াদৌড়ি। দৌড়ঝাঁপ—দৌড়ধাপ দ্রঃ। দৌড়-কুচ [দৌড় (দ্রুত) কুচ (যাত্রা, প্রয়াণ)] দ্রুতযাত্রা। প্র—"ঘুড়ি ঘোড়া দৌড়কুচে দিনেতে দশকুশী মারে।"—রামপ্রসাদ।

দৌড়ন (ন্) [দৌড়ন দ্রঃ] বি. দ্রুতগমন; বেগে চলন; ধাবন। ২। বিস্তৃতি; পরিসর।

দৌড়া, দৌড়ন (দৌড়নো) [দৌড় (দ্রঃ)+ আ, অন (ক্রি-বিভক্তি)। উ-পু—দৌড়ি; দৌড়ই। ম-পু—দৌড়; দৌড়ও; দৌড়্‌ন, দৌড়্‌ন; দৌড়ো। প্র-পু—দৌড়ে, দৌড়য় অস-ক্রি—দৌড়িতে; দৌড়িয়া, দৌড়ে। ণিজন্ত —দৌড়ান] ক্রি. দ্রুত গমন করা; বেগে যাওয়া ধাবন করা; ছোটা।

দৌড়ান (নো) [দৌড়া দ্রঃ। ণিজন্তরূপ— উ-পু—দৌড়াই। ম-পু—দৌড়াও। প্র-পু— দৌড়ায়। অস-ক্রি—দৌড়াইতে; দৌড়াইয়া, দৌড়ে] ক্রি. দৌড় করান; ছুটান।

দৌত্য (দোৎত) [দূত+য (ভাবে)] বি. ক্লী. দূতের বৃত্তি; দূতকর্ম্ম; দূতগিরি। ২। ঘটকালি।

দৌত্যকার্য্য (দোৎতকার্জ) বি. ক্লী. দূতবৃত্তি; দূতের কর্ত্তব্য কার্য্য।

দৌবারিক (ক্) [দ্বার+ইক (নিযুক্তার্থে —ষ্ণিক) ঔ আগম, ব বিশ্লেষ] বি. পুং. দ্বারী; দ্বারপাল। প্র—"ফেরে দ্বারে দৌবারিক, ভীষণ-মূরতি"—মেঘনাদ। স্ত্রী. দৌবারিকা —দ্বারপালিকা।

দৌরাত্ম্য (দোরাৎত) [দুরাত্মন্+অ (ভাবে —ষ্ণ্য)] বি. ক্লী. উৎপীড়ন; অত্যাচার। ২। দুরন্তপনা; উপদ্রব। ৩। নৃশংসতা; নিষ্ঠুরতা; দুরাত্মার ভাব।

দৌর্গ [দুর্গ+অ (সম্বন্ধার্থে—ষ্ণ)] বিণ. দুর্গ সংক্রান্ত। ২। দুর্গাসম্বন্ধীয়।

দৌর্গত্য (দোর্‌গোৎত) [দুর্গতি+য (ভাবে —ষ্ণ্য)] বি. ক্লী. দুর্গতির ভাব; দুরবস্থা; দারিদ্র্য; ধনহীনতা। ২। মলিনতা; মালিন্য।

দৌর্গন্ধ্য (দোর্‌গন্ধ) [দুর্গন্ধ+অ (ভাবে)] বি. ক্লী. দুর্গন্ধযুক্ততা।

দৌর্জ্জন্য (দোর্‌জোন্‌ন) [দুর্জ্জন+য (ভাবে)] বি. ক্লী. দুর্জ্জনের আচরণ; দুর্ব্যবহার।

দৌর্ব্বল্য (দোর্‌বোল্‌ল) [দুর্ব্বল+য (ভাবে)] বি. ক্লী. দুর্ব্বলের ভাব, শক্তিহীনতা; দুর্ব্ব-লতা। ২। কৃশতা।

দৌর্ভাগিনেয় [দুর্ভগা+এয় (অপত্যার্থে —ঢেয়) মধ্যে ইন্ আগম] বি. পুং. স্ত্রী. ভাগ্যহীনার পুত্র বা কন্যা; অভাগীর সন্তান।

দৌর্ভাগ্য (দোর্‌ভাগ্‌গ) [দুর্ভগা+য (ভাবে)] বি. ক্লী. দুরদৃষ্ট।

দৌলত (ত্) [আ—দওলৎ] বি. সম্পত্তি; ঐশ্বর্য্য; সম্পদ। প্র—"ধন দৌলত বাড়েনাক" —রবি। ২। অনুগ্রহ; সহায়তা; প্রভাব। প্র—তাহারই ধন দৌলতে ত সে আজ মানুষের মত হয়ে উঠ্‌ল। ধন দৌলত—ধন সম্পদ দৌলতখানা—ধনীর আলয়; প্রাসাদ।

দৌলতদার, দৌলতমন্ত (ত্) [ফা—দৌলত্‌মন্দ] বিণ, সম্পন্ন ; ঐশ্বর্য্যশালী।

দৌষ্কুলেয় [দুষ্কুল (কুবংশ) + এয় (অপত্যার্থে —ঢেয়)] বিণ, দূষিত কুলজাত।

দৌষ্মন্ত্য (দৌষ্‌ষঁন্ত) [দুষ্মন্ত + য (সম্বন্ধার্থে)] বিণ, দুষ্মন্তসম্বন্ধীয়।

দৌহিত্র (দৌহিৎত্র) [দুহিতৃ + অ (অপত্যার্থে —ষ্ণ)] বি, পুং, দুহিতার পুত্র। স্ত্রী, **দৌহিত্রী**—দুহিতার কন্যা।

দ্যাবাপৃথিবী, দ্যাবাভূমি [দো = দ্যাবা (আকাশ) এবং পৃথিবী] বি, স্ত্রী, পৃথিবী ও অন্তরীক্ষের মধ্যবর্ত্তী শূন্যস্থান। ২। স্বর্গ ও মর্ত্ত্য।

দ্যুতি (দ্দ্‌তি) [দ্যুত্ (দীপ্তি পাওয়া) + ই (ভাবে—কি)] বি, স্ত্রী, দীপ্তি। ২। তেজঃ ; কিরণ। ৩। কান্তি ; শোভা।

দ্যুতিকর (দ্দ্‌, র্) [দ্যুতি (দীপ্তি) কর (যে করে)] বিণ, দীপ্তিকারক ; তেজস্কর। ২। শোভাজনক।

দ্যুতিমান (দ্দ্‌তি) [দ্যুতি + মৎ (অস্ত্যর্থে —মতু) = দ্যুতিমৎ ১মা, ১ব] বিণ, দীপ্তিশীল। ২। শোভমান ; কান্তিযুক্ত। ৩। বি, পুং, ক্রৌঞ্চ দ্বীপাধিপতি প্রিয়ব্রতের পুত্র।

দ্যুমণি (দ্দ্‌মোনি) [দিব্ (স্বর্গ, আকাশ) মণি—৬তৎ, দিব্ = দ্যু] বি, পুং, দিনমণি ; সূর্য্য।

দ্যুমৎসেন (--শেন্) বি, পুং, সাবিত্রীপতি সত্যবানের পিতা।

দ্যুলোক (ক্) [দ্যু (স্বর্গ) যে লোক—কর্ম্মধা] বি, পুং, স্বর্গলোক। প্র—"ভূলোক হবে দ্যুলোক পারা প্রেমের মহিমায়"—গান।

দ্যূত (ত্) [দিব্ (ক্রীড়া করা) + ত (ভাবে, ক্ত)] বি, পুং, ক্লী, অক্ষক্রীড়া ; পাশা খেলা।

দ্যূতকর, দ্যূতকার (র্)[দ্যূত—কর, কার (যে করে)] বি, পুং, অক্ষক্রীড়ক ; জুয়াড়ী।

দ্যূতবৃত্তি [দ্যূত (পাশাদি ক্রীড়া হইয়াছে বৃত্তি (জীবিকা) যাহার, বহ্] বি, পুং, জুয়া খেলায় জীবিকার্জ্জনকারী ; জুয়াড়ী।

দ্যোতক (দ্দোতক্) দ্যুত্ (প্রকাশ করা) + অক (কর্ত্তৃ)] বিণ, প্রকাশক ; ব্যঞ্জক ; সূচক। ২। উদ্বোধক।

দ্যোতন (দ্দোতন্) [দ্যুত্ (প্রকাশ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রকাশ। ২। দীপন। ৩। উদ্বোধন।

দ্যোতি (দ্দোতি) [দ্যুত্ (দীপ্তি পাওয়া) + ই (ভাবে, কি)] বি, স্ত্রী, জ্যোতিঃ ; দীপ্তি। ২। কান্তি। বিণ, দ্যোতিত।

দ্রগড় (ড়্) বি, পুং, দগড় বাদ্য।

দ্রঢ়িমা [দৃঢ় + ইমন্ (ভাবে) = দ্রঢ়িমন্ ১মা, ১ব] বি, পুং, দার্ঢ্য ; দৃঢ়তা। ২। স্থিরতা।

দ্রঢ়িষ্ঠ (দ্রো) [দৃঢ় + ইষ্ঠ (অত্যর্থে)] বিণ, অতি দৃঢ়।

দ্রব (দ্রো) [দ্রু (গমন করা, চলিত হওয়া) + অ (ভাবে, অল্)] বি, পুং, দ্রবণ ; গলন ; তরলীভবন। ২। [কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্] রস। ৩। বিণ, জলবৎ তরল। ৪। গলিত। ৫। সরস।

দ্রবণ (দ্রোবন্) [দ্রু (গমন করা, গলিত হওয়া) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, গলন ; তরলীভবন। ২। অনুতাপ।

দ্রবত্ব (দ্রোবত্ত) [দ্রব + ত্ব (ভাবে)] বি, ক্লী, তারল্য ; তরলতা গুণ।

দ্রবা (দ্রোবা) [দ্রব (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। প্র-পু—দ্রবে ; দ্রবয়ে। প্রা-বাং —দর্বএ। অস-ক্রি—দ্রবিতে ; দ্রবিয়া] ক্রি, দ্রব হওয়া ; গলা ; তরল হওয়া। প্র—"জার ডরে দর্বএ পাসান।"—শূন্যপুরাণ।

দ্রবিড় (দ্রোবিড়্) [দ্রু (গমন করা) + ইড় (অধি—সংজ্ঞার্থে)] বি, পুং, দক্ষিণ ভারতে কলিঙ্গের দক্ষিণে পূর্ব্বাঞ্চল হইতে কন্যা কুমারী পর্য্যন্ত দেশ। ২। বিণ, দ্রবিড় দেশজাত।

দ্রবিণ (দ্রোবিন্) [দ্রু (গমন করা, ক্ষয় পাওয়া) + ইন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যাহার ব্যয় করিলে ক্ষয় হয়] বি, ক্লী, বিত্ত। ২। কাঞ্চন ; সুবর্ণ [বিরল]। প্র—"যথা দুঃখী দেখি দ্রবিণ প্রবীণচিত হয়। যথা হরষিত তৃষিত সুশীত পেয়ে পয়॥"—বাসবদত্তা।

দ্রবীকরণ (দ্রো) [দ্রব + করণ, মধ্যে ঈ (চ্বি অভূততদ্ভাবার্থে)] বি, ক্লী, কঠিন বস্তু তরল করণ ; গলান।

দ্রবীকৃত (দ্রোবীকৃত) [দ্রব—কৃত ঈ (চ্বি)] বিণ, তরলায়িত ; গলান।

দ্রবীভাব (দ্রোবীভাব) [দ্রব—ভাব ঈ (চ্বি)] বি, পুং, দ্রবত্ব।

দ্রবীভূত (দ্রো) [দ্রব—ভূত—ঈ (চ্বি)] বিণ, গলিত ; তরলায়িত। ২। বিগলিত ; মুগ্ধ।

দ্রব্য (দোব্‌ব) [দ্রু (বৃক্ষাদি) + য (কর্ম্মে)] বি, ক্লী, পদার্থ ; সামগ্রী, বস্তু ; জিনিস। ২। [ন্যায় দর্শনে] ক্ষিতি, জল, তেজঃ, বায়ু, আকাশ, কাল, দিক, আত্মা ও মন। ৩। চিত্ত। ৪। মদ্য। ৫। উপকরণ।

দ্রব্যগুণ (দ্রোব্‌বগুন্) [দ্রব্যের গুণ—৬তৎ] বি, পুং, রূপ, রস, গন্ধ, স্পর্শ প্রভৃতি ২৪টী ধর্ম্ম (গুণ দ্রঃ)। ২। দ্রব্যের গুণ অর্থাৎ শরীরের উপর দ্রব্যের ক্রিয়া বিজ্ঞাপক গ্রন্থ ; বৈদ্যক।

দ্রব্যময় (দ্রোব্‌বোময়) [দ্রব্য + ময় (প্রাচুর্য্যার্থে, ময়ট্)] বিণ, প্রচুর সামগ্রী-বিশিষ্ট ; পদার্থবহুল।

দ্রষ্টব্য (দ্রোষ্‌টোব্‌ব) [দৃশ্ (দেখা) + তব্য (কর্ম্মে) দৃ = দ্র] বিণ, দৃষ্টি করিবার উপযুক্ত ; দর্শনযোগ্য ; দর্শনীয় ; দেখিবার মত। ২। যাহা দেখিতে হইবে ; যাহা পাঠ করিবার জন্য নির্দ্দিষ্ট।

দ্রষ্টা (দ্রোষ্টা) [দৃশ্ (দেখা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = দ্রষ্টৃ ১মা, ১ব] বিণ, দৃষ্টিকর্ত্তা ; যে দর্শন করে ; দর্শনকারী ; দর্শক। ২। বিচার কর্ত্তা ; বিচারক। ৩। সাক্ষী ; সাক্ষাৎকারী।

দ্রাক্ষা (দ্রাক্‌খা) বি, স্ত্রী, আঙ্গুর। **দ্রাক্ষালতা**—আঙ্গুর গাছ। **দ্রাক্ষাফল**—আঙ্গুর। **দ্রাক্ষারস**—মদ্য।

দ্রাঘিমা [দীর্ঘ + ইমন্ (ভাবে) = দ্রাঘিমন্ ১মা, ১ব] বি, পুং, দীর্ঘতা ; দৈর্ঘ্য। ২। মণ্ডলাকৃতি কল্পিত রেখা সমূহ—যাহা উভয় মেরু ভেদ করিয়া নিরক্ষের উপর দিয়া গোলকের চতুর্দ্দিক বেষ্টন করিয়া আছে।

দ্রাঘিমান্তর (র্) বি, দ্রাঘিমা হইতে দ্রাঘিমার দূরত্ব বা ব্যবধান।

দ্রাব (ব্) [দ্রু (পরিস্রবণ) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, পরিসরণ ; ক্ষরণ ; গলন।

দ্রাবক (ক্) [দ্রু (দ্রাব দ্রঃ) + অক (কর্ত্তৃ)] বিণ, যে দ্রব করে ; যে গলায় ; তরলতা-সম্পাদক। ২। বি, দ্রব পদার্থ। ৩। চন্দ্রকান্তমণি। ৪। মোম। ৫। রসবিশেষ। প্র—"কেশর যাবক কস্তূরী দ্রাবক আনিল বেণার জড়।"—চণ্ডীদাস।

দ্রাবণ (ন্) [দ্রু + ণিচ্ = দ্রাবি (গমন করান প্রভৃতি) + অন (ভাবে—অনট্)] বি, দ্রবীকরণ ; গলান।

দ্রাবিড় (ড়্) [দ্রবিড় + অ (ভবার্থে)] বি, পুং, দক্ষিণ ভারতের দক্ষিণ পূর্ব্বাংশ ; দ্রবিড় দ্রঃ। ২। দ্রাবিড় দেশজাত ব্যক্তি। ৩। বিণ, তদ্দেশোৎপন্ন ; এই অর্থে দ্রাবিড়ীও চলিত আছে।

দ্রাবিত [দ্রাবি (গমন করান, গলান প্রভৃতি) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, দ্রবীকৃত ; গলায়িত।

দ্রুঘণ (ন্) [দ্রু (বৃক্ষ) হন্ (বধ করা) + অ (করণে, অল্) হন্ = ঘন্] বি, পুং, লৌহ-মুদ্গার। ২। রণকুঠার।

দ্রুত [দ্রু (গমন করা) + ত (কর্ত্তৃ)] বিণ, বেগযুক্ত ; ধাবিত ; পলায়িত। ২। পরিস্রুত। ৩। দ্রবীভূত। ৪। ত্বরান্বিত। প্র—"দ্রুত হয়ে বসুন্ধর ধরে বসুন্ধরা।"—অন্নদামঙ্গল। শীঘ্র ; অবিলম্বে। বি, দ্রুতি

দ্রুতচারী [দ্রুত—চর্ (গমন করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=চারিন্ ১মা, ১ব] বিণ, দ্রুতপদে বিচরণকারী।

দ্রুতপদ (দ্) [দ্রুত—পদ্ (গমন করা)+অ (ভাবে, অল্)] বি, ক্লী, শীঘ্র পদক্ষেপ ; ক্ষিপ্রগতি। ২। বিণ, শীঘ্রগামী।

দ্রুতমধ্যা (—মোধ্ধ্যা) বি, স্ত্রী, অর্দ্ধ সমজাতীয় ছন্দোবিশেষ।

দ্রুতবিলম্বিত (লো) বি, ক্লী, চতুর্থ, সপ্তম, দশম ও দ্বাদশ বর্ণ গুরু, দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ।

দ্রুপদ (দ্) বি, পঞ্চালদেশের রাজা ; দ্রৌপদীর পিতা।

দ্রুপদাত্মজ (দ্রুপদাৎতঁজ) [দ্রুপদের আত্মজ (পুত্র)—৬তৎ] বি, পুং, ধৃষ্টদ্যুম্ন। ২। শিখণ্ডী। স্ত্রী, **দ্রুপদাত্মজা**—দ্রৌপদী।

দ্রুম [দ্রু (গত্যর্থে)+ম (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, পাদপ ; বৃক্ষ ; বড় বড় গাছ।

দ্রুমবান্ [দ্রুম+বৎ (অস্ত্যর্থে—বতু) ১মা, ১ব] বিণ, দ্রুমযুক্ত ; পাদপবহুল।

দ্রুমোৎপল (ল্) [দ্রুমের মধ্যে উৎপলের ন্যায় হইয়াছে পুষ্প যাহার—বহু] বি, পুং, কর্ণিকার বৃক্ষ।

দ্রুহ [দ্রুহ্ (বধ করা)+ক্বিপ (কর্ত্তৃ)] বিণ, বিদ্রোহী।

দ্রুহ্য (দ্রুজ্ঝ) [দ্রুহ্ (অনিষ্ট করা)+য (কর্ত্তৃ, ক্যপ্)] বিণ, দ্রোহকারী ; অনিষ্টসাধক।

দ্রুহ্যু (দ্রুজ্ঝু) বি, পুং, যযাতিরাজার পত্নী শর্ম্মিষ্ঠার গর্ভজ পুত্র।

দ্রোণ (ন) [দ্রোণীমধ্য হইতে জন্ম বলিয়া এই নাম] বি, পুং, ভরদ্বাজ মুনির পুত্র দ্রোণাচায্য ; কুরুবংশের অস্ত্রগুরু। ২। দ্রোণকাক ; দাঁড়কাক। ৩। মেঘবিশেষ। ৪। বৃহৎ জলাশয়। ৫। পর্ব্বতবিশেষ। ৬। দ্রোণপুষ্প : ঘলঘসিয়া ফুল। ৭। শস্যপরিমাপ ; আঢ়ক ; ৩২ সের পরিমাণ। (২) পাঁচ সের ; পশুরি। (৩) শস্য পরিমাপক পাত্র। ২। জলসেচনী। ৩। মৃন্ময় জলপাত্রবিশেষ ; কলস। ৪। জাবপাত্র। ৫। গিরিসঙ্কট ; দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী স্থান।

দ্রোণকলস (দ্রোণকলশ্) বি, পুং, কাষ্ঠনির্ম্মিত যজ্ঞপাত্রবিশেষ।

দ্রোণকাক (দ্রোনকাক্) বি, পুং, স্ত্রী, দাঁড়কাক। প্র"—শিবা পুচ্ছে বসা ভুচ্ছে গৃধিনীর সঙ্গে। ঝাঁকে ঝাঁকে দ্রোণকাক পিয়ে রক্ত রঙ্গে॥"—কাঞ্চীকাবেরী।

দ্রোণাচার্য্য (দ্রোনাচার্জ) [দ্রোণনামক যে আচায্য—কর্ম্মধা] বি, পুং, দ্রোণ দ্রঃ ; ভরদ্বাজ মুনির পুত্র, অশ্বত্থামার পিতা এবং ধৃতরাষ্ট্রপুত্র ও পাণ্ডুপুত্রদিগের অস্ত্রগুরু।

দ্রোণি, দ্রোণী (নি) [দ্রু (গমন করা)+নি—নী (কর্ত্তৃ)] বি, স্ত্রী, ডোঙ্গা ; ডিঙ্গী।

দ্রোহ [দ্রুহ্ (হিংসা করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, শত্রুতা ; অনিষ্টকারিতা ; অনিষ্টচিন্তা। ২। হিংসাবৃত্তি।

দ্রোহী [দ্রুহ্ (হিংসা করা)+ইন্ (কর্ত্তৃ, ণিন্)=দ্রোহিন্ ১মা, ১ব, কিম্বা দ্রোহ্+ইন্ (অস্ত্যর্থে)] বিণ, বিরুদ্ধাচারী ; অনিষ্টকারী ; অনিষ্টচিন্তক। ২। শত্রু ; বিপক্ষ। ৩। পরাজয়কারী।

দ্রৌণি (নি) [দ্রোণ+ই (অপত্যার্থে—ষ্ণি)] বি, পুং, অশ্বত্থামা।

দ্রৌণিক (ক্) [দ্রোণ+ইক (পরিমাণার্থে, ষ্ণিক)] বিণ, যে ক্ষেত্রে দ্রোণ-পরিমাণ বীজ বপন করা যাইতে পারে।

দ্রৌপদ (দ্) [দ্রুপদ+অ (অপত্যার্থে—ষ্ণ)] বি, পুং, দ্রুপদরাজার পুত্র ; ধৃষ্টদ্যুম্ন ; শিখণ্ডী।

দ্রৌপদী (পো) [দ্রুপদ+অ (অপত্যার্থে, ষ্ণ)+ঈপ্—স্ত্রী] দ্রুপদরাজপুত্রী ; পাঞ্চালী।

দ্রৌপদেয় [দ্রৌপদী+এয় (অপত্যার্থে, ষ্ণেয়)] বি, পুং, দ্রৌপদীর গর্ভজাত পঞ্চপাণ্ডবের পঞ্চ পুত্র। প্রতিবিন্ধ্য, শ্রুতসোম, শ্রুতকর্ম্মা, শতানীক ও শ্রুতসেন।

দ্রৌহিক (ক্) [দ্রোহ+ইক (ষ্ণিক)] বিণ, দ্রোহসম্বন্ধীয়। ২। দ্রোহের উপযোগী।

দ্বন্দ্ব (দন্দ) [দ্বি (দুই) দ্বিত্ব-নিপাতনসিদ্ধ] বি, ক্লী, স্ত্রীপুরুষ ; মিথুন ; জোড়া। ২। বিবাদ। প্র—"কেবল আমার সঙ্গে দ্বন্দ্ব অহর্নিশ"—অন্নদামঙ্গল। "শৈশব যৌবন দরশন ভেল। দুহুঁ দলবলে ধনি দ্বন্দ্ব পড়ি গেল॥"—বিদ্যাপতি। ৩। ভালমন্দ, সুখদুঃখ, দীর্ঘহ্রস্ব, আলোকঅন্ধকার, রাগবিরাগ, পাপপুণ্য ইত্যাদি পরস্পর—বিরুদ্ধদ্বয় : relative terms. ৪। বিবাদ ; কলহ। ৫। যুদ্ধ। ৬। [ব্যাকরণে] সমাসবিশেষ ; যে সমাসের প্রত্যেক পদের প্রাধান্য থাকে।

দ্বন্দ্বচর, দ্বন্দ্বচারী (র্) [দ্বন্দ্ব (মিথুন) চর—চারী (যে চরণ করে) যাহারা স্ত্রী পুরুষ একত্র বিচরণ করে] বি, পুং, চক্রবাক্-মিথুন।

দ্বন্দ্বজ (দন্দজ) [দ্বন্দ্ব—জ (জাত)] বিণ, দ্বন্দ্ব হইতে উৎপন্ন। ২। বি, স্ত্রী ও পুরুষ উভয়ের দোষ হইতে জাত ব্যাধি ; বায়ু ও শ্লেষ্মা এবং পিত্ত ও শ্লেষ্মা প্রকুপিত হইয়া যে ব্যাধি উৎপন্ন হয়। ৩। (দন্দজ্) [গ্রা। সং—দ্বন্দ্ব এবং আথজ (দ্রঃ) শব্দের জ মিলিত হইয়া ইহার উৎপত্তি হইয়াছে] আথচাআথচি ; বিবাদ ; আড়াআড়ি ভাব।

দ্বন্দ্বযুদ্ধ (দন্দজুদ্ধ) [দ্বন্দ্বের (দুজনার যুদ্ধ] বি, ক্লী, দুইজনে যুদ্ধ ; মল্ল যুদ্ধ।

দ্বন্দ্বী (দোন্দি) [দ্বন্দ্ব (বিবাদ)+ইন্ (অস্ত্যর্থে)=দ্বন্দ্বিন্ ১মা, ১ব] বিণ, প্রতিদ্বন্দ্বী ; দ্বন্দ্বকারী ; বিবাদী।

দ্বয় (দয়্) [দ্বি+অয় (অবয়বার্থে—অয়ট্) ব্রজ—দউ] স, ক্লী, দুই। ২। দ্বিতীয়।

দ্বাচত্বারিংশৎ (দা) [দ্বি (দুই) অধিক যে চত্বারিংশৎ (চল্লিশ) কর্ম্মধা] বিণ, স্ত্রী, দ্বি চত্বারিংশৎ ; বিয়াল্লিশ ; ৪২।

দ্বাত্রিংশৎ (দাৎত্রিংশৎ) [দ্বি (দুই) অধিক যে ত্রিংশৎ (ত্রিশ) কর্ম্মধা] বি, স্ত্রী, বত্রিশ ; ৩২।

দ্বাদশ (দাদশ্) [দ্বি (দুই) অধিক যে দশন্=দশ (১০)—কর্ম্মধা] বিণ, দুই অধিক দশ ; বার ; ১২। প্র—"থালা হৈতে চালুগুলি ভরিয়া রাখেন ঝুলি দ্বাদশ লম্বিত গলে দোলে।"—কবিকঙ্কণ। ২। বার সংখ্যার পূরণ। স্ত্রী, **দ্বাদশী**—চন্দ্রের দ্বাদশ কলার হ্রাস-বৃদ্ধি-ঘটিত কাল ; একাদশীর পরবর্ত্তী তিথি। **দ্বাদশ বন**—শ্রীকৃষ্ণের দ্বাদশ-প্রধান লীলা-কানন। মধুবন, তালবন, কুমুদবন, বহুলা, কাম্য, খদির, বৃন্দাবন, ভদ্র, বিল্ব, লৌহ, ভাণ্ডীর, মহাবন। **দ্বাদশ যাত্রা**—বৎসরের প্রতিমাসে বিষ্ণুর এক এক উৎসব। বৈশাখে—চন্দনযাত্রা ; জ্যৈষ্ঠে—স্নানযাত্রা ; আষাঢ়ে—রথযাত্রা ; শ্রাবণে—শয়ন যাত্রা ; ভাদ্রে—দক্ষিণ পার্শ্বপরিবর্ত্তন যাত্রা ; আশ্বিনে—বামপার্শ্ব পরিবর্ত্তন যাত্রা ; কার্ত্তিকে—উত্থান যাত্রা ; অগ্রহায়ণে—ছাদন যাত্রা ; পৌষে—পুণ্যাভিষেক যাত্রা ; মাঘে—শাল্যোদনী যাত্রা ; ফাল্গুনে—দোল যাত্রা ; চৈত্রে—মদনভঞ্জিকা যাত্রা। **দ্বাদশ মল**—বসা, শুক্র, অসৃক, মজ্জা, মূত্র, বিষ্ঠা ; কর্ণমল, নখ, শ্লেষ্মা, অশ্রু, নেত্রমল ও স্বেদ। **দ্বাদশ মদ্য**—পানস, দ্রাক্ষ, মাধুক, খার্জ্জুর, তাল, ঐক্ষব, মাধ্বীক, টঙ্কমাধ্বীক, মৈরেয়, নারিকেলজমদ্য, ও সুরা।

দ্বাদশাক্ষর (দাদশাক্খর্) [দ্বাদশ+অক্ষর আছে যাহাতে বহু] বি, দ্বাদশ অক্ষরযুক্ত বিষ্ণুমন্ত্রবিশেষ।

দ্বাদশাঙ্গুল (ল্) [দ্বাদশ—অঙ্গুল (অঙ্গুলি পরিমিত)] বি, বিতস্তি ; বিঘৎ।

দ্বাপর (দাপর্) [দ্বি (দুই) পর অর্থাৎ যে যুগ দুই যুগের পর] বি, পুং, তৃতীয় যুগ। ইহার পরিমাণ ৮৬৪০০০ বৎসর কাল।

দ্বাবিংশ [দ্বাবিংশতি+অ (পূরণার্থে—ডট্)] বি, বাইশ এই সংখ্যা ; ২২। ২। বিণ, বাইশ সংখ্যক।

দ্বাবিংশতি (শো) [দ্বি (দুই) অধিক যে বিংশতি, কর্ম্মধা] বিণ, বাইশ ; ২২।

দ্বার (দ্দার্) [দ্বৃ (আচ্ছাদনে) + ণিচ্ = দ্বারি (আচ্ছাদন বা রোধ করা) + অ (অন্—কর্ত্তৃ) যাহা প্রবেশ বা বহির্গম পথ আচ্ছাদন বা রোধ করে] বি, দরজা ; দুয়ার। প্র—"দ্বারে হস্তী বিনাশিয়া চাণূরাদি নিপাতিয়া কংসাসুরে করিলা নিধন।"—অন্নদামঙ্গল। ২। কপাট। ৩। সম্মুখ। ৪। উপায়। ৫। পথ। [দ্রঃ—দ্বারের ভিন্ন ভিন্ন অংশের নাম—চৌকাঠ—দ্বারের চতুর্দ্দিকের কাঠ বা বেষ্টনী। কপালী—চৌকাঠের মাথার কাঠ। গবরাট—চৌকাঠের নীচের কাঠ। বাজু, বাহু—চৌকাঠের দুই পাশের কাঠ। ঝনকাঠ—কপালীর উপরের তক্তা। ডাঁশা বা নাগদন্ত—ঝনকাঠের দুই প্রান্তস্থ দণ্ড। কপাট—দ্বারের দুইদিকে বিভক্ত অথবা অখণ্ড পাল্লা বা বাইল যাহা কব্জায় ঝুলিতে থাকে। বাইল—কপাটের একদিকের পাল্লা। খিল, হুড়কা—দ্বার বন্ধ রাখিবার দণ্ড। সুর্সা—দ্বারের মাথায় শিকল আটকাইবার লোহা। হাঁসকল—যে লোহার পাত বা কল অবলম্বন করিয়া কপাট ঝুলিতে থাকে]।

দ্বারকা, দ্বারিকা—বি, স্ত্রী, গুজরাট প্রদেশে প্রায়দ্বীপের দক্ষিণ পশ্চিমে অবস্থিত শ্রীকৃষ্ণ কর্ত্তৃক প্রতিষ্ঠিত নগর। ইহা সপ্তমোক্ষদায়িকা পুরীর অন্যতম।

দ্বারকেশ (শ্) [দ্বারকার ঈশ (প্রভু) —৬তৎ] বি, পুং, দ্বারকাপতি ; শ্রীকৃষ্ণ।

দ্বারপাল (র্, ল্) [দ্বার—পা + ণিচ্ = পালি + অন (কর্ত্তৃ)] বি, পুং, দ্বারী।

দ্বারপিণ্ডী (র্) বি, স্ত্রী, দেহলী ; চৌকাঠের উপরিস্থিত ফলক।

দ্বারবতী, দ্বারাবতী (দ্দার্বোতি) [দ্বার—দ্বারা (মুক্তির পথ) + বতু (অস্ত্যর্থে) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, গুজরাট দেশস্থ সমুদ্রতীর-বর্ত্তী দ্বারিকাধাম তীর্থ ; দ্বারকা।

দ্বারবান্ (র্) [দ্বার + বতু (অস্ত্যর্থে) = দ্বারবৎ ১মা, ১ব] বি, পুং, দ্বারী ; দ্বারপাল

দ্বারমোচন (দ্দার্মোচন্) [দ্বার—মোচন (মুক্তকরণ)] বি, দ্বারোদ্ঘাটন ; দ্বার মুক্ত-করণ।

দ্বারস্থ (দ্দারস্থ) [দ্বার—স্থা (থাকা) + অ (কর্ত্তৃ—ড) যে দ্বারদেশে অবস্থান করে] বিণ, দ্বারস্থিত ; দ্বারদেশে অবস্থিত। ২। ভিক্ষার্থী ; শরণাগত।

দ্বারা (দ্দারা) [সং, দ্বার্ শব্দের ৩য়া বিভক্তি যুক্ত রূপ] অ, কর্ত্তৃক ; সহায়তায় ; সাহায্যে।

দ্বারাধ্যক্ষ (দ্দারাধ্ধোক্খ) [দ্বারের অধ্যক্ষ—৬তৎ] বি, পুং, দ্বারী ; দ্বারপাল ; দ্বাররক্ষক।

দ্বারিক (ক্) [দ্বার + ইক (রক্ষার্থে—ঠিক)] বি, পুং, দ্বারী ; দ্বারপাল।

দ্বারী [দ্বার + ইন্ (অস্ত্যর্থে) = দ্বারিন্ ১মা, ১ব] বি, পুং, দ্বারপাল। ২। দ্বারবিশিষ্ট।

দ্বারে দ্বারে [দ্বারে + দ্বারে (বীপ্সার্থে দ্বিত্ব)] ক্রি-বিণ, প্রতি দ্বারে ; দরজায় দরজায় ; বাড়ী বাড়ী। প্র—"আমি দ্বারে দ্বারে যাব ভিক্ষা মাঙ্গি খাব মা মলে কি তার সন্তান বাঁচে না।"—রামপ্রসাদ।

দ্বাষষ্টি (দ্দাষোষ্টি) [দ্বি (দুই) অধিক যে ষষ্টি (ষাট্) কর্ম্মধা] বিণ, বাষট্টি ; ৬২।

দ্বাসপ্ততি (দ্দাশপ্তোতি) [দ্বি (দুই) অধিক যে সপ্ততি (সত্তর ৭০)—কর্ম্মধা] বিণ, স্ত্রী, বায়াত্তর ; ৭২।

দ্বি (দ্দি) [সং—দ্বি, ফা—দো, লাটিন—দুয়ো] বিণ, দুই সংখ্যা ; ২। ২। [সং—দ্বিঃ] দুই বার। (২) দুই প্রকার ; দ্বিবিধ।

দ্বিকর (র্) [দ্বি (দুই) যে কর (হস্ত) দ্বিগু] বি, পুং, দুই হাত। ২। [দ্বি (দুই) হইয়াছে কর (হস্ত) যাহার, বহু] বিণ, দ্বিভুজ ; দুই হাতযুক্ত।

দ্বিগর্ভ [দ্বি (দুই) গর্ভ (গর্ভাধার) যাহার, বহু] বি, পুং, কাঙ্গারু আদি যে সকল প্রাণীর প্রসূত শাবকদিগকে ধারণ করিবার মত উদরের নিম্নে চর্ম্মময়দ্বিতীয় কোষ থাকে ; marsupiata. ২। বিণ, দুইটী গর্ভযুক্ত। **দ্বিগর্ভ পশু,—প্রাণী**—যে সকল প্রাণী দ্বিগর্ভ ; marsupial animal.

দ্বিগু (দ্দিগু) বি, সংখ্যাপূর্ব্বক কর্ম্মধারয় সমাস।

দ্বিগুণ (দ্বিগুন্) [দ্বি (দুই) দ্বারা গুণ—গুণিত (গুণীকৃত) ৩তৎ] বিণ, দুই সংখ্যা দ্বারা গুণিত ; দ্বিগুণিত। ২। যে পরিমাণ ছিল তাহাতে তত পরিমাণ পুনরায় যুক্ত। ৩। সম্বর্দ্ধিত ; অতিশয় বৃদ্ধিপ্রাপ্ত। প্র—"দ্বিগুণ আগুন জ্বলে লো মনে।" ব্রজাঙ্গনা কাব্য।

দ্বিগুণিত (দিগুণিত)—দ্বিগুণ দ্রঃ।

দ্বিগুণীকৃত (দিগুনীক্কৃত) [দ্বিগুণ—(দুইবার) কৃত ; মধ্যে ঈ, চ্বি প্রত্যয়] বিণ, যাহা দ্বিগুণ করা হইয়াছে ; দুইবার গুণিত।

দ্বিজ (দিজ) [দ্বি (দুইবার) জ (যে জন্মে) জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, জন্মের পর যাহাদের উপবীত গ্রহণরূপ সংস্কার হয় ; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য। "দ্বিজ রামপ্রসাদের নতি চরণতলে রেখ রে।"—রামপ্রসাদ। ২। অণ্ডজ ; পক্ষী। প্র—"বধিয়া অনেক দ্বিজ সঞ্চয়িলে পাপবীজ কত কড়ি পাও পক্ষি-মাংসে।"—কবিকঙ্কণ। ৩। সর্প। ৪। দন্ত [অপ্র]। প্র—"কুন্দকোরক জিনিয়া দ্বিজ। কি ছার তাহাতে করক বীজ।"—চণ্ডীদাস। স্ত্রী, দ্বিজা।

দ্বিজন্মা [দ্বি—জন্মন্—যাহার—বহু] বি, দ্বিজাতি ; দ্বিজ দ্রঃ।

দ্বিজপতি (পো) [দ্বিজের পতি (প্রভু) ৬তৎ] বি, পুং, দ্বিজরাজ দ্রঃ।

দ্বিজবন্ধু (বো) বি, পুং, দৈবজ্ঞ ; ভাট প্রভৃতি নিকৃষ্ট দ্বিজ।

দ্বিজবর (র্) [দ্বিজের মধ্যে বর (প্রধান—শ্রেষ্ঠ) ৭তৎ] বি, পুং, ব্রাহ্মণ।

দ্বিজরাজ (দিজোরাজ্) [দ্বিজের রাজা = রাজ (প্রধান) ৬তৎ] বি, পুং, চন্দ্র। প্র—"খর্ব্ব হয়ে ধরিবারে চাহ দ্বিজরাজ।"—কবিক। ২। ব্রাহ্মণ। প্র—"দ্বিজরাজ করিলে দয়া বামনে ধরে দ্বিজরাজ।"—দাশরথি।

দ্বিজসত্তম (—শৎতম) দ্বিজের মধ্যে সত্তম (অত্যুত্তম)—৭তৎ] বি, পুং, শ্রেষ্ঠদ্বিজ ; ব্রাহ্মণ।

দ্বিজাতি (দ্দিজাতি) [দ্বি (দুইবার)—জন (জন্মান) + তি (ভাবে—ক্তি) = জাতি (জন্ম) যাহার, বহু] বি, পুং, ব্রাহ্মণ। ২। ক্ষত্রিয়। ৩। বৈশ্য। [দ্রঃ—দ্বিজ শব্দ ব্রাহ্মণ, ক্ষত্রিয় ও বৈশ্য এই তিন জাতিরই সাধারণ উপাধি হইলেও উহা প্রায়ই ব্রাহ্মণবাচী "—(মহেন্দ্রনাথ বিদ্যানিধি। —সাহিত্য-পরিষদ পত্রিকা, ১৩০২)]। ৪। [যাহাদের অণ্ড ও শাবক এই দুই প্রকারে জন্ম হয়] সর্প ও পক্ষী প্রভৃতি। ৫। দন্ত [ইহাদের দুইবার উৎপত্তি হয়] ৬। বিণ, দুইবার জাত।

দ্বিজিহ্ব (দ্দিজিভ্) [দ্বি (দুইটী) জিহ্বা যাহার, বহু] বি, পুং, সর্প। [ইহাদের জিহ্বা কুশ পত্রের আঘাতে দ্বিখণ্ড হইয়াছিল বলিয়া পুরাণ-প্রসিদ্ধি আছে]। ২। যাহারা একই বিষয় একজনের নিকট একরূপ অন্যের নিকট অন্যরূপ বলে ; যাহারা সম্মুখে একরূপ বলে পশ্চাতে অন্যরূপ বলে ; খল ; কপট। ৩। মিথ্যা কথন হেতু চোর।

দ্বিজেন্দ্র [দ্বিজের মধ্যে ইন্দ্র (শ্রেষ্ঠ)—৭তৎ] বি, পুং, দ্বিজশ্রেষ্ঠ ; ব্রাহ্মণ। ২। চন্দ্র।

দ্বিজোত্তম [দ্বিজের মধ্যে উত্তম—৭তৎ] বিণ, দ্বিজসত্তম দ্রঃ।

দ্বিতল (দিতল্) [দ্বি—দুই—তল] বিণ, দুই তলযুক্ত ; দোতলা। ২। বি, দ্বিতীয় তলস্থ গৃহ ; ভূমির উপর যে প্রথম তল গৃহ তাহার ছাদের উপর নির্ম্মিত গৃহ।

দ্বিতীয় [দ্বি + তীয় (পূরণার্থে)] বিণ, দুয়ের

পূরক। স্ত্রী. দ্বিতীয়া—চন্দ্রের দ্বিতীয় কলার হ্রাসবৃদ্ধিঘটিত কাল : প্রতিপদের পরবর্তী তিথি। ২। ভার্য্যা ; পত্নী। ভ্রাতৃদ্বিতীয়া—ভগিনীর ভ্রাতৃপূজা। গ্রা—ভাই দুতীয়ে। সং—দ্বিতীয়া। পালি, অপভ্রংশে—দুতীয় (বৌদ্ধ জাতক)।

দ্বিতীয়াশ্রম (দিতিয়াস্‌স্রম্) [দ্বিতীয় যে আশ্রম (দ্বিগু)] বি, পুং, গার্হস্থ্যাশ্রম।

দ্বিত্ব (দিত্ত) [দ্বি+ত্ব (ভাবে)] বি. ক্লী. দ্বিগুণত্ব। ২। পুনরুক্তি।

দ্বিদল (ল্) দ্বি (দুই) দল যাহার, বহু] বিণ. দুই পাপড়ি বা পত্র যুক্ত। প্র—দ্বিদল পুষ্প। তুল—শতদল পদ্ম। ২। [দুইদলে বিভক্ত] বি, পুং, দাইল।

দ্বিদশ (শ্) [দ্বি (দুই) অধিক যে দশ (দ্বিগু)। কিম্বা দুই অধিক দশ সংখ্যা যাহার, বহু] বিণ, দ্বাদশ সংখ্যক।

দ্বিদ্বাদশ (দিদাদশ্) [দ্বি (দ্বিতীয়) ও দ্বাদশ (জন্ম। জ্যোতিঃ পরিঃ)] বি, পুং, বিবাহে নিষিদ্ধ-রাশি-সংযোগবিশেষ ; কন্যার দ্বাদশ রাশি যদি ভর্তার হয় কিম্বা ভর্তার দ্বিতীয় রাশি যদি কন্যার হয় তবেই দ্বিদ্বাদশ যোগ হয়, ইহা বিবাহে নিষিদ্ধ।

দ্বিধা (দিধা) [দ্বি+ধা (প্রকারার্থে—ধাচ্] ক্রি-বিণ, দুই প্রকারে ; দুই রকমে। ২। দুই দিকে ; দুই অভিমুখে। ৩। দুই ভাগে ; দুই খণ্ডে। প্র—দ্বিধা বিভক্ত করণ। ৪। বি, মনের দ্বিভাব ; সংশয় ; সন্দেহ ; খুঁত। প্র—"প্রবেশ নন্দনবনে দ্বিধা ঘুচাইয়া মনে মোর বাক্য নাহি কর আন।"—কবিকঙ্কণ।

দ্বিধাকরণ (ন্) বি, ক্লী, দুই ভাগ করণ ; বিভজন। বিণ, দ্বিধাকৃত—দুইভাগে বিভক্ত ; দ্বিখণ্ডিত।

দ্বিধাগতি (গো) [দ্বিধা (দুই স্থানে) গতি (গমন) যাহার, বহু] বি, পুং, উভচর। ২। বিণ, দ্বিবিধ গতিবিশিষ্ট।

দ্বিনবতি (নবোতি) [দ্বি (দুই) অধিক যে নবতি (নব্বই ৯০) কর্ম্মধা] বি, স্ত্রী, ৯২। ২। বিণ, বিরনব্বই সংখ্যাবিশিষ্ট।

দ্বিপ [দ্বি (দুই বার) প (যে পান করে) (পা+অ, কর্ত্তৃ—ড) যে শুণ্ড ও মুখদ্বারা পান করে] বি, পুং, হস্তী। ২। নাগকেশর বৃক্ষ

দ্বিপঞ্চাশৎ [দ্বি (দুই) অধিক যে পঞ্চাশৎ (পঞ্চাশ ৫০)—কর্ম্মধা] বি, স্ত্রী, বায়ান্ন ; ৫২।

দ্বিপদ (দ্) [দ্বি (দুই) পদ (পা) যাহার, বহু] বিণ, দুইপাদযুক্ত : দোপেয়ে। ২। দুই চরণযুক্ত জীব ; মনুষ্য ; পক্ষী। ৩। [জ্যোতিষে] মিথুন, তুলা, কুম্ভ, কন্যা ও ধনুর পূর্ব্বার্দ্ধ : দ্বিপদরাশি। স্ত্রী. দ্বিপদী—দুই চরণযুক্ত ছন্দঃ।

দ্বিপাদ্, দ্বিপাদ (দ্) [দ্বি (দুই) পাদ যাহার, বহু] বিণ, দুই পদযুক্ত ; দ্বিপদ।

দ্বিবক্ত্র (দিবক্‌ত্র) [দ্বি (দুই) বক্ত্র (মুখ) যাহার, বহু] বি, পুং, রাজসর্প। ২। দানববিশেষ। ৩। বিণ, দ্বিমুখ ; দুই মুখবিশিষ্ট।

দ্বিবচন (ন্) [দ্বি (দুই)—বচ্ (বলা)+অন (করণে—অনট্)] বি, ক্লী, ব্যাকরণে দ্বিত্ব-বোধক বিভক্তি ; যে বিভক্তিতে দুইজন বা দুইটী বুঝায়। [বাঙ্গালায় শব্দের একবচন ও বহুবচনমাত্র আছে ; দ্বিবচনের প্রয়োজন হইলে শব্দের সহিত দুয়, যুগল, দুটী প্রভৃতি শব্দ যোগ করিতে হয়]।

দ্বিবার্ষিক (ক্) [দ্বি (দুই) বর্ষ (বৎসর)+ইক (কালার্থে)] বিণ, দুই বৎসর বয়স্ক ; দুইবৎসরোৎপন্ন (ধান্যাদি)। ২। দুই বৎসর সম্বন্ধীয়।

দ্বিবিধ [দ্বি+বিধা (প্রকার) যাহার, বহু, সমাসে বিধা=বিধ] বিণ, দুইপ্রকার ; ।

দ্বিভাব (ব্) [দ্বি (দুই) ভাব যাহার, বহু] বিণ, অন্তরে একভাব এবং বাহিরে অন্য ভাব যুক্ত ; কপট। ২। দুই ভাববিশিষ্ট ; দুই প্রকার অর্থযুক্ত।

দ্বিভুজ (জ্) [দ্বি (দুই) যে ভুজ (বাহু) কর্ম্মধা] বি, পুং, দুই হাত। ২। [দ্বি—ভুজ যাহার, বহু] বিণ, ভুজদ্বয়বিশিষ্ট। স্ত্রী. দ্বিভুজা।

দ্বিমুখ (খ্) [দ্বি (দুই) মুখ যাহার, বহু] বি, পুং, রাজসর্প। ২। বিণ, মুখদ্বয়বিশিষ্ট ; দুইদিকে যাহার মুখ আছে।

দ্বিরদ [দ্বি (দুই) রদ (দন্ত) যাহার, বহু] বি, পুং, হস্তী।

দ্বিরদরদ [দ্বিরদের রদ (দন্ত) ৬তৎ] বি, পুং, হস্তিদন্ত ; ivory. প্র—"দ্বিরদরদ-নির্ম্মিত গৃহদ্বার দিয়া"—মেঘনাদ বধ।

দ্বিরশন (ন্) [দ্বিঃ (দুই বার) যে অশন (ভোজন) কর্ম্মধা] বি, ক্লী, দুই বার ভোজন। ২। বিণ, যে প্রত্যহ দুইবার ভোজন করে।

দ্বিরাগমন (ন্) [দ্বিঃ (দ্বিতীয় বার) যে আগমন—কর্ম্মধা] বি, ক্লী, বিবাহের পর কন্যার পিতৃগৃহ হইতে পতিগৃহে দ্বিতীয়বার আগমনরূপ সংস্কার।

দ্বিরাশী [দ্বিঃ (দুই বার) অশ্ (ভোজন করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)] বিণ, দ্বিরশন।

দ্বিরুক্ত [দ্বিঃ (দুইবার) উক্ত (কথিত) কথন হইয়াছে যাহার, বহু] বিণ, পুনরুক্ত ; দুইবার কথিত। ২। [ব্যাকরণে] যাহার দ্বিত্ব হয়।

দ্বিরুক্তি [দ্বিঃ (দুই বার) যে উক্তি (কথন)—কর্ম্মধা] বি, স্ত্রী, পুনরুক্তি ; বারম্বার কথন ; পুনর্ব্বার উল্লেখ।

দ্বিরূপ (প্) [দ্বি (দুই) যে রূপ (আকৃতি)—কর্ম্মধা] বি, পুং, দ্বিবিধ আকৃতি ; দুই প্রকার। ২। বিণ, দুইরূপবিশিষ্ট ; যুগলরূপ।

দ্বিরেফ (ফ্) [দ্বি (দুই) রেফ (রেফাকৃতি চিহ্ন) যাহার, বহু] বি, পুং, যাহার মস্তকের উপর রেফাকৃতি ˝ দুইটী আছে ; ভ্রমর। প্র—"দ্বিরেফ নলিনীগত"—মানসকাননকাব্য।

দ্বিশত [দ্বি (দুই) যে শত—কর্ম্মধা] বি, ক্লী, দুইশত ; ২০০। ২। বিণ, দুইশত সংখ্যক।

দ্বিশফ (ফ্) [দ্বি (দুই ভাগে বিভক্ত) শফ (খুর) যাহার, বহু] বি, পুং, গো মহিষাদি পশু ; যাহাদের খুর বিভক্ত।

দ্বিশ্বাসী (দিশ্‌শাশি) বি, যে সকল জীব কর্ণ-কূপ ও ফুসফুস্ দ্বারা শ্বাসক্রিয়া নিষ্পন্ন করে

দ্বিষৎ (দিষৎ) [দ্বিষ্ (দ্বেষ করা)+অৎ (কর্ত্তৃ—শতৃ)] বি, অরি ; শত্রু ; বৈরী। প্র—"দানবকুলের বিধি বধিতে সমরে, দ্বিষৎ-শোণিত-নদে নতুবা ডুবিতে!"—মেঘনাদ। ২। বিণ, দ্বেষকারী ; দ্বেষ্টা।

দ্বিষ্ট [দ্বিষ্ (হিংসা করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে হিংসা করা হইয়াছে ; যাহার প্রতি শত্রুতাচরণ করা হইয়াছে। ২। বি, ক্লী, তাম্র ; তাঁবা।

দ্বিষ্ঠ [দ্বি (দুই) স্থ (যে থাকে)] বিণ, যে দুয়েতে থাকে ; উভয়ত্র অবস্থিত।

দ্বিসপ্ততি (দিশপ্‌তোতি) [দ্বি (দুই) অধিক যে সপ্ততি (সত্তর)—কর্ম্মধা] বি, স্ত্রী, দুই অধিক সত্তর ; বায়াত্তর ; ৭২।

দ্বিহল্য (দিহোল্‌ল) [দ্বি (দুইবার) হল্য (হলদ্বারা আকৃষ্ট)] বিণ, দুই বার লাঙ্গল দেওয়া (জমী) ; দুইবার কর্ষিত (ক্ষেত্র) ; দোচষা।

দ্বিহায়নী (দিহায়োনি) [দ্বি (দুই) হায়ন (বৎসর—বয়স) যাহার, বহু] বি, স্ত্রী, দুই বৎসরের গাই।

দ্বীপ (দীপ্) [দ্বি (দুই পার্শ্বে—চতুর্দ্দিকে) অপ্ (জল)+অ যাহার চারিদিকে জল থাকে—বহু, অ=ঈ,] বি, পুং, ক্লী, জলদ্বারা সম্পূর্ণরূপে বেষ্টিত ভূভাগ ; island. বিণ, দ্বৈপ।

দ্বীপবান্ [দ্বীপ+বৎ (অস্ত্যর্থে—বতু)=দ্বীপবৎ ১মা, ১ব] বি, পুং, সমুদ্র। ২। বিণ, দ্বীপবিশিষ্ট। স্ত্রী. দ্বীপবতী—নদী।

দ্বীপান্তর (র্) [দ্বীপ—অন্তর] বি, দেশান্তরে নির্ব্বাসন ; নির্ব্বাসনদণ্ড ; transportation.

[দ্বীপ+ইন্ (অস্ত্যর্থে)=দ্বীপিন্ ১মা, ১ব] বি, পুং, ব্যাঘ্র। ২। [দ্বীপবান্ বলিয়া] সমুদ্র।

দ্বেষ (দ্দেষ্) [দ্বিষ্ (হিংসা, ক্রোধ করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, শত্রুতা। ২। অসূয়া; ঈর্ষা; হিংসা। ৩। বিরাগ। ৪। রোষ; রাগ; ক্রোধ।

দ্বেষণ (ন্) [দ্বিষ্ (দ্বেষ করা)+অন (কর্ত্তৃ)] বি, পুং, বৈরাচার; শত্রুতা। ২। হিংসা; ঈর্ষা করণ। ৩। শত্রু। ৪। [ভাবে—অনট্] ক্লী, দ্বেষ।

দ্বেষী (দ্দেষী) [দ্বিষ্+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=দ্বেষিন্, ১মা, ১ব] বিণ, দ্বেষকারী; ঈর্ষা-যুক্ত; বিদ্বেষপূর্ণ। ২। বিরুদ্ধ।

দ্বেষ্য (দেষ্‌ষ) [দ্বিষ্+য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, দ্বেষ করিবার উপযুক্ত; ঈর্ষার পাত্র; বিদ্বেষভাজন। ২। বৈরী; শত্রু।

দ্বেষ্টা [দ্বিষ্ (দ্বেষ করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=দ্বেষ্টৃ ১মা, ১ব] বি, যে দ্বেষ করে; দ্বেষকারী।

দ্বৈত [দ্বি+ইত=দ্বীত+অ (ভাবে—ষ্ণ)] বি, ক্লী, দুইয়ের সত্তা। ২। দুই দুই ভাব। ৩। দ্বিরূপত্ব; দ্বিবিধত্ব। ৪। মহাভারতোক্ত সরস্বতী নদীতীরস্থ বনবিশেষ; দ্বৈতবন। ৫। বন। ৬। বিণ, দ্বৈতবাদ স্বীকার-কারী; দ্বৈতবাদী দ্রঃ।

দ্বৈতবাদী [দ্বৈত—বদ্ (বলা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=বাদিন্—১মা, ১ব] বিণ, যাঁহারা জীবাত্মা ও পরমাত্মার মধ্যে ভেদ স্বীকার করেন; জীব ও ব্রহ্ম ভিন্ন; অদ্বৈতবাদী দ্রঃ।

দ্বৈতাদ্বৈত (দৈতাদ্দৈত) [দ্বৈত ও অদ্বৈত, দ্বন্দ্ব] বি, ক্লী, জীব ও ব্রহ্মে ভেদাভেদ।

দ্বৈধ [দ্বিধা+অ (স্বার্থে—ষ্ণ)] বি, ক্লী, দ্বিধা; দুই প্রকার। ২। মত-পার্থক্য; মতভেদ। ৩। সংশয়; সন্দেহ; দ্বিধা।

দ্বৈধীভাব (ব্) [দ্বৈধ+ভাব; মধ্যে ঈ (চি্)] বি, ক্লী, মুখে এক পেটে এক; অন্তরের ভাব গোপন রাখিয়া মুখে অন্যরূপ প্রকাশ।

দ্বৈপায়ন (ন্) [দ্বীপ হইয়াছে অয়ন (আশ্রয়, জন্মস্থান) যাহার, বহু,=দ্বিপায়ন+অ (স্বার্থে—ষ্ণ) "যমুনা দ্বীপে জন্মহেতু দ্বৈপায়ন" —মহাভারত] বি, পুং, ব্যাসদেব।

দ্বৈবিধ্য (দৈবিধ্‌ধ) [দ্বিবিধ+য (ভাবে-ষ্ণ্য)] বি, ক্লী, দ্বিবিধত্ব; দ্বিরূপত্ব।

দ্বৈমাতুর [দ্বিমাতৃ+উর (অপত্যার্থে, ডুরন্)] বি, পুং, গণেশ। ২। জরাসন্ধ। ৩। বিণ, দুই মাতার সন্তান।

দ্বৈমাতৃক (ক্) [দ্বি মাতৃক+অ (সম্বন্ধার্থে—ষ্ণ)] বি, পুং, যে দেশের লোক নদীজল এবং বৃষ্টিজলে সিক্ত ক্ষেত্রজাত শস্যে পালিত।

দ্বৈরথ (থ্) [দ্বিরথ+অ (সম্বন্ধার্থে—ষ্ণ)] বি, ক্লী, যে যুদ্ধে দুইখানি মাত্র রথ আছে। প্র—দ্বৈরথ যুদ্ধ।

দ্বৈরাত্রিক (দৈরাৎত্‌রিক্) [দ্বিরাত্র+ইক (ভবার্থে, ষ্ণিক)] বিণ, দুইরাত্রি জাত। ২। দুইরাত্রি সম্বন্ধীয়।

দ্ব্যক্ষর (দক্‌খর) [দ্বি (দুই) অক্ষর (বর্ণ) যাহার, বহু] বিণ, দুই অক্ষরবিশিষ্ট; দুই বর্ণাত্মক। ২। বি, দুই অক্ষরাত্মক মন্ত্রবিশেষ।

দ্ব্যঙ্গুল (দোংগুল্) [দ্বি (দুই) অঙ্গুলি দ্বিগু)] বি, দুই অঙ্গুলি। ২। বিণ, দুই অঙ্গুলি পরিমিত।

দ্ব্যণুক (দ্দোণুক্) [দ্বি—অণু+ক] বিণ, দুই পরমাণুর সমষ্টি।

দ্ব্যর্থ (দ্বৃথ) [দ্বি (দুইপ্রকার) অর্থ (জ্ঞান) হয় যাহাতে, বহু] বিণ, অর্থদ্বয়বিশিষ্ট; বাচ্যার্থ ও ব্যঙ্গার্থ যুক্ত; দুই ভাব যুক্ত; দোভাষা। প্র—"কুকথায় পঞ্চমুখ কণ্ঠ-ভরা বিষ। কেবল আমার সনে দ্বন্দ্ব অহর্নিশ।"—ভারতচন্দ্র।

দ্ব্যশীতি (দ্দশীতি) [দ্বি (দুই) অধিক যে অশীতি (৮০) কর্ম্মধা] বি, স্ত্রী, দুই অধিক আশী; বিরাশী; ৮২।

দ্ব্যহ (দ্দহ) [দ্বি (দুই) অহন্ (দিন) দ্বিগু] বি, পুং, দিবসদ্বয়; দুই দিবস।

দ্ব্যাত্মবাদী (দ্যাৎত্‌বাদী) [দ্বি (দুই) আত্মা—বদ্ (বলা)+ইন্ (কর্ত্তৃ, ণিন্)=দ্ব্যাত্ম-বাদিন্ ১মা, ১ব] বিণ, জীবাত্মা ও পরমাত্মা এই দুই আত্মার অস্তিত্ব স্বীকারকারী।

দ্ব্যাহিক (দ্দ্যাহিক্) [দ্বি—অহন্+ইক (উৎ-পন্নার্থে—ষ্ণিক)] বিণ, দুই দিনে উৎপন্ন। ২। দুই দিন ভোগ্য। ৩। দ্বিতীয় দিবসাগত জ্বর; পালাজ্বর।

ধ

ধ—ব্যঞ্জন বর্ণমালার উনবিংশ, তবর্গের চতুর্থ; মহাপ্রাণ, ঘোষবান বর্ণ। দন্ত ইহার উচ্চারণ স্থান বলিয়া দন্ত্য বর্ণ। সাধারণতঃ অকঠিন, অশুষ্ক, গুরুভার ও স্থূল বস্তুর সহিত ইহার সম্পর্ক। তুল—ধপ্, ধম্, ধস্, ধপাস্, ধমাস্, ধক্ ইত্যাদি।

ধ [অনুকার শব্দ। সং—ধ্ম] অ, আগুন জ্বলিবার শব্দ। প্র—ধক্ ধক্; ধগ্‌ধগ্; ধু ধু। ২। [অত্যন্ত বেগ বশতঃ বায়ুর সহিত সংঘর্ষণ শব্দের অনুকরণ] বেগ; দ্রুতগতি। প্র—ধাঁ; ধাঁই; ধাওয়া। তুল—"ধকে ধাওল" (অর্থাৎ বেগে ধাবিত হইল)—বিদ্যাপতি। ৩। [ধা (ধারণ করা)+কিপ্ (কর্ত্তৃ) —যিনি ধারণ করেন] বি, ধাতা; ব্রহ্মা। ৪। ধর্ম্ম। ৫। কুবের। ৬। [যাহা সমাজকে ধারণ করে] ধন। ৭। [সঙ্গীতে] ধৈবত অর্থাৎ সপ্তস্বরের মধ্যে ৬ষ্ঠ স্বরের সঙ্কেত। যথা—স, ঋ, গ, ম, প, ধ, ন। ৮। [সীমা-বাচক] প্র—অবধি, পরিধি। ৯। আধারা-র্থক। প্র—বারিধি। ১০। বিণ, ধারক।

ধক্ [অনুকার শব্দ। দক্ অপেক্ষা গুরু ও ঢক্ অপেক্ষা লঘু এবং কোমল] বি, ধক্ এই শব্দ; উদরের শূন্যতা বা অপূর্ত্তি বোধক (তুল —পেট ধক্‌ধক্ বা ঢক্ ঢক্ করা)। ২। [সং—ধুক্ষ্, ধিক্ষ্ (সন্দীপনে)] অ, অগ্নি জ্বলনের শব্দ ও জ্যোতি। প্র—ধক্ ধক্ দ্রঃ। ৩। [ধ (ভারবোধক। ধ দ্রঃ) ক (স্বার্থে)] বি, ভার; পরিমাপক বস্তু; বাটখারা।

ধক ধক, ধক্ ধক্ ধক্ [ধক্ (সন্দীপনে, জ্বলনে)+ধক্ (বারংবার এবং আধিক্য অর্থে পুনরুক্ত) দ্বি—দহক্না (জ্বলনে)] অ, আগুন জ্বলিবার শব্দ এবং আগুনের শিখার তেজঃ বা জ্যোতি। প্র—ধক্ ধক্ ধক্ দহন সাজ বিমল চপল গর্জ্জিয়া।"—অন্নদামঙ্গল। "লোল জিহ্বা লক্ লক্, জ্বালে অগ্নি ধক্ ধক্ কড়মড় বিকট দশন।"—ঐ। [দ্রঃ—"দপ্ দপ্" অপেক্ষা—অধিক উজ্জ্বল এবং স্থূল ধক্ ধক্। প্র—"* * * দপ্ দপ্ দপ্ দীপয়ে মণি॥ ধক্ ধক্ ধক্ জ্বালে অনল। তর্ তর্ তর্ চাঁদ মণ্ডল"—অন্নদা-মঙ্গল] আলোক অর্থে—ধক্ ধক্ অপেক্ষা ক্ষীণ ধিক্ ধিক্, এবং স্তিমিতপ্রায় হইলে ধিকি ধিকি। শব্দ অর্থে—ধক্ ধক্ অপেক্ষা লঘু ধিক্‌ধিক্ এবং তদপেক্ষা লঘু ধুক্‌ধুক্]। ২। [ধিক্ষ্, ধুক্ষ্ (জীবনে)

হি—ধক্ ধকানা] হৃদ্‌পিণ্ডের স্পন্দন ; palpitation (এই অর্থে ধড়্‌ধড়্ শব্দের অধিক প্রয়োগ) ধুকধুকি দ্রঃ। ৩। [ধুক্ষ্ (সন্দীপনে)] স্ফোটক অথবা ক্ষতস্থানের ভিতর জ্বলনের অনুভূতির প্রকারভেদ। ৪। [ধুক্ষ্ (ক্লেশনে)] অনুতাপ ; শোক প্রভৃতি দুঃখানুভূতির প্রকারভেদ। প্র—প্রাণের ভিতর ধক্ ধক্ করা। ক্রি, **ধক্‌ধকা**—ধক্ ধক্ করা। বি, **ধকধকি**। বিণ, **ধক্‌ধকিয়া, ধক্‌ধকে** (—ধোকিয়া, ধোকে)। ণিজন্ত—**ধক্‌ধকান** (নো)। বি, **ধক্‌ধকানি**। বিণ, **ধক্‌ধকানিয়া, ধক্‌ধকানে**।

ধকধকান (ক্, নো) [ধকধক + আন (ক্রিয়া-বিভক্তি)। হি—ধধক্‌না, ধক্‌ধকানা] ক্রি, ধক্‌ধক করা ; ধক্ ধক করিয়া জ্বলা। ২। ধক ধক শব্দে স্পন্দিত হওয়া।

ধকধ্বক্ (ধকধ্‌ধক্) [ধক্ (দ্রঃ) + ধ্বক (উত্তরোত্তর বেগাধিক্য অর্থে)] অ, অগ্নি জ্বলনের শব্দ ও জ্যোতির উত্তরোত্তর বৃদ্ধি-বোধক। প্র—"ধকধ্বক্ ধকধ্বক্ জ্বলে বহ্নি ভালে। ববম্বম্ ববম্বম্ মহাশব্দ গালে।"—অন্নদামঙ্গল। [দ্রঃ—ছন্দের অনুরোধে মদনমোহন তর্কালঙ্কার মহাশয় এই শব্দ **ধক্রধক** (ধকক-ধক) আকারে প্রয়োগ করিয়াছেন। প্র—"ধক ধক ফেরুমুখ-মধ্য শিখি-জ্বালিনী"— বাসবদত্তা]।

ধকল (ধ্কোল্) [হি—ধকেল। সং—ধক্ক (নাশনম্)—ধাক্কা + ল (দানে) ; ধাক্কাল দ্রঃ] বি, ধাক্কা ; খেসে মেডে ব্যবহার ; ধামসানি ; ভার সহন ও টানা-টানি। প্র—অত ফিন্ ফিনে কাপড় ধকল সহিবে না। ২। উপদ্রব ; দৌরাত্ম্য। প্র—ছেলেদের ধকল সহিতে পার ত থাক।

ধট (ট্) [সং। "পরীক্ষার্থে তুলায়াং চ ধটঃ" —বিশ্ব। "ধটো দিব্যতুলায়াং"—মেদিনী] বি, পুং, বৃহৎ তুলাদণ্ড ; তরাজু ; কাঁটা ; ধারা (দ্রঃ)। ২। ৪২ রতি পরিমাণ। ৩। তুলারাশি।

ধট (ট্) [সং—ধব ; ওড়ি—ধ ; মঃ—ধামোডা] বি, পুং, ধাওয়াগাছ ; ধবল ; anogeissus latifolia

ধট (ট্) [সং—"ধটী চীরে চ বাসসঃ"—মেদিনী] বি, চীর-বস্ত্র ; কৌপীন ; ধড়া (দ্রঃ) স্ত্রী, ধটী।

ধটক (ক্) [ধট (দ্রঃ) + ক (সংজ্ঞার্থে)] বি, তরাজু ; নিক্তি। ২। ৪২ রতি পরিমাণ।

ধটি (ধোটি) [সং—ধটী (দ্রঃ) হইতে] বি, স্ত্রী, ধটী ; ধড়া ; কটি-বসন। প্র—"কেহ পীত ধটি কেহ লয়ে লাঠি গর্জ্জন শব্দে ধায়।" —চণ্ডীদাস।

ধটিকা (ধোটিকা) [ধট (দ্রঃ) + ক (স্বার্থে) আপ্—স্ত্রী, ই আগম] বি, স্ত্রী, ধাড়া। ২। ৫ সের পরিমাণ। ২। ধড়া ; কৌপীন।

ধটী (ধোটি) [ধট (দ্রঃ) + ইন্ (অস্ত্যর্থে) = ধটিন্ ১মা, ১ব] বিণ, তুলাধারক। ২। তুলারাশি। ৩। শিব।

ধটী (ধোটি) [সং—"ধটী চীরে চ বাসসঃ"—মেদিনী] বি, স্ত্রী, ধড়া ; কটি বসন ; পরিধানের বস্ত্র ; বাস। প্র—"বীর ধটী সাপটি সবার কটি আঁটা"—ঘনরাম। ২। কৌপীন।

ধড় (ড্) [প্রাদে। রূপান্তরে ধর ; উচ্চারণ ভেদে র = ড়। যাহা মস্তক ধরিয়া থাকে বা প্রাণকে ধারণ করে। মুণ্ডহীন দেহ ধটাকার অর্থাৎ তুলাদণ্ডের আকৃতি বলিয়া ধট হইতে ধড় হওয়াও সম্ভব] বি, স্কন্ধ হইতে কটিদেশ পর্য্যন্ত অংশ। ২। মস্তকহীন দেহ। প্র—"ধড়ে মুণ্ড নাহি দক্ষ দেখিতে না পায়" —অন্নদামঙ্গল। "ডাকিয়া চেতন হরে পরাণ না রহে ধড়ে, তন্ত্র মন্ত্র কিছুই না মানে।"— । ৩। শরীর ; দেহ। প্র—"বিটকাল বদন দেখি ধড়ে প্রাণ উড়ে"—ঘনরাম। "প্রাণ দহে, কত সহে, নাহি রহে ধড়ে॥"

ধড়ধড় (ধড়্‌ধড়্) [অনুকার শব্দ। হি—ধড়্‌ধড়্ ; ধড়ক্‌না] অ, হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ। ক্রি, **ধড়্‌ধড়ান** (নো) ধড় ধড় করা। বি, **ধড়ধড়ানি**—বুকের ভিতর ঢিব্ ঢিব্ করা ; হৃদ্‌পিণ্ডের স্পন্দন ; palpitation. বিণ, **ধড়ধড়িয়া, ধড়ধড়ে** (—ধোড়িয়া, ধড়্‌ধোড়ে)। (দ্রঃ—মৃদু বা লঘু শব্দে **ধুড়্‌ধুড়্**। শব্দাধিক্য ও ব্যাপ্তি অর্থে, **ধড়াস্ ধড়াস্**।

ধড়ফড়, ধড়পড় (ধড়্‌ফড়্, পড়্) [অনুকার শব্দ। আহত-পক্ষীর ডানার ঝটপট্ বা ফড়্‌ফড়্ শব্দের অনুকরণ ; মুণ্ডচ্ছেদ করিলে ধড় (প্রধানতঃ হাত পা) যেরূপ ভূমিতে আছড়াইয়া পটাপট্ বা পড়াপড়্ শব্দ করে] অ, অনুকার শব্দ ; ছট্‌ফট্। প্র—"অল্পজলে মৎস্য বুলে করে ধড়্‌ফড়"—শিবায়ন। ২। অস্থিরতা-ব্যঞ্জক। প্র—ঘরে ফিরে যাবার জন্য সে ধড়ফড় করে বেড়াচ্চে। ক্রী, **ধড়্‌ফড়ান** (নো)—ধড়্‌ফড় করা ; হাত পা আছড়ান ; ছটফট্ করা। ২। ব্যাকুল হওয়া ; অস্থির হওয়া। বি, **ধড়্‌ফড়ানি**—ছটফটানি। ২। অস্থিরতা, ব্যাকুলতা। বিণ, **ধড়ফড়িয়া, ধড়্‌ফড়ে** (ধড়্‌ফোড়িয়া, ধড়্‌ফোড়ে)—ছটফটে। ২। অস্থির ; অধীর ; ব্যস্তবাগীশ। প্র—ধড়ফড়ে লোক। **বুক ধড়ফড়**—মানসিক অস্থিরতা বা ভাবনায় হৃদ্‌পিণ্ডের স্পন্দন ; বুক ধড়ফড়ানি। ২। হৃদ্‌পিণ্ডের স্পন্দন রূপ ব্যাধি ; plpitation of the heart. **মন ধড়ফড় করা**—মন ব্যাকুল হওয়া। **ধড়ফড়ে ব্যথা** —যে বেদনায় অবিলম্বে প্রসব করায় (তুল—জীয়ান ব্যথা)। **ধড় ফড়ে কাজ**—তাড়াহুড়া লাগান কাজ ; যে কাজ তাড়াতাড়ি করা হয়।

ধড়া [সং—ধটী। হি—ধর্রা] বি, চীর-বস্ত্র ; নেকড়া ; কৌপীন। ২। কটি-বসন ; বস্ত্র পরিধানের প্রকারভেদ ; মল্লকচ্ছ ; মালকোঁচা। প্র—"প্রভাতে পরিয়া ধড়া শরাসনে দিয়া চড়া পরশুর কাছে তিন বাণ॥"—কবিকঙ্কণ। ৩। পরিধেয় বস্ত্র ; বসন। প্র—"তড়িত লুটায় পায়, ধড়ার আঁচলে।"—ভারতচন্দ্র। **ধড়া চূড়া**—শ্রীকৃষ্ণের পরিধেয় বসন এবং চূড়া। এই চূড়ার বস্ত্র চূড়াবন্ধনের পর পৃষ্ঠদেশ ঢাকিয়া ঝুলিতে থাকিত এবং উত্তরীয়ের স্থান পূর্ণ করিত। ২। সাজসজ্জা ; পোষাক (অধুনা এই অর্থই চলিত)। **পীতধড়া**—হরিদ্রাবর্ণে রঞ্জিত বাস ; শ্রীকৃষ্ণের পীতবসন। প্র—"পীতবসন বনমালী! "কোথায় তোমার পীত ধড়া, কোথায় তব মোহন চূড়া"—গান।

ধড়াম, ধড়াঙ্গ, ধড়াং (ম্, ং) [ধড় + আম্, আঙ (সাদৃশ্যার্থে), মুণ্ডচ্ছেদ হইলে ধড় যেরূপ শব্দে পতিত হয়। হি—ধড়াম্] বি, ধড় পতন শব্দবৎ ; বাতাহত কদলীর ন্যায় সটান পতন ; দড়াম্ (দ্রঃ)। প্র—সে কাদায় পা পিছলাইয়া ধড়াম করিয়া পড়িয়া গেল।

ধড়াস,—শ (ধ্ড়াশ্) [ধড়্‌ধড়্ (দ্রঃ) + আস (ব্যাপ্তি এবং শব্দের আধিক্য অর্থে)] অ, পতন শব্দ। ২। হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ। বেগাধিক্যে দ্বিত্ব। প্র—বুক ধড়াস্ ধড়াস্ করে, বুকের ভিতর ঢিপ্‌ঢিপ্ করে, প্রাণের ভিতর ধড়াস্ ধড়াস্ করে।

ধড়ীবাজ (ধোড়িবাজ্) [সং—ধূর্ত্ত হইতে অথবা ধূলি—হি—ধুরি, ধুর + ফা—বাজ্ ; তুল—হি—ধুরীয়ানা (ধূলা দেওয়া]—যে লোকের চোখে ধূলা দেয়] বিণ, ধূর্ত্ত ; প্রবঞ্চক ; শঠ। প্র—"পিঙ্গলা গ্রামে লালবুঝকর নামে একজন ধড়িবাজ লোক ছিলেন।"—টেকচাঁদ। ২। দক্ষ ; অতি চতুর। প্র—"মামলা মকদ্দমায় বড় ধড়িবাজ"—টেকচাঁদ।

ধৎ, ধথ্ [দূর হ অর্থে—দুর, দুৎ, ধুৎ, দৎ, ধৎ] অ, দূরীকরণ ; তিরস্কার ; বিরক্তি প্রভৃতি ব্যঞ্জক। ২। [প্রাদে—ময়মনসিংহ—মাহুতের ভাষায়] হাতীকে থামিতে বলিবার ইঙ্গিত।

[ধ]ত্তে (ধোৎতে) [গ্রা। ধরিতে—ধর্‌তে—ধত্তে] অস-ক্রি, ধরিতে। প্র—"ধত্তে গিয়ে ধরাধরি হল দুজনে"—গান। ২। স্বীকার করা। "তা হ'লে লুকিয়ে পালিয়ে আসা ধত্তে হয়।"—যোগেশ্বরী। **ধত্তে ছুঁতে নেই**—নির্লিপ্ত ভাব ; নিরপেক্ষ ; কোন দায়ে জড়িত নয়।

[ধ]ন (ন্) [ধন্ (ধান্যোৎপাদন)—তাহা হইতে উৎপাদন) + অ (কর্ত্তৃ—অন্)—যাহা উৎপন্ন হয়। "ধনং তু গোধনে বিত্তে"—মেদিনী] বি, বিত্ত ; অর্থ ; টাকা-কড়ি। ২। সম্পত্তি (দ্রঃ) : ভোগের বস্তু ; ঐশ্বর্য্য ; সম্পদ ; wealth. প্র—"ধন নাহি স্থির রয়, দারা আপনার নয় সেই ধর্ম্ম পরলোকে সার।"—অন্নদামঙ্গল। ৩। স্বর্ণ, রৌপ্য, মণি মাণিক্যাদি মূল্যবান্ পদার্থ। ৪। গোধন ; গোসমূহ (পূর্ব্বকালে গোসমূহ বিত্তের ন্যায় প্রধান ধন ছিল। তুল—দুর্য্যোধন কর্ত্তৃক বিরাট-রাজের গোধন হরণ বৃত্তান্ত)। প্র—"কিরীটী বিরাট পুত্রে সহ, উদ্ধারিতে গোধন, সাজিলা শূর শমীবৃক্ষমূলে।"—মেঘনাদ। ৫। [জ্যোতিষে] ধনিষ্ঠা নক্ষত্র। ৬। [গণিতে] যোগচিহ্ন : + এই চিহ্ন ; the plus sign. ইহার বিপরীত ঋণ চিহ্ন (–) the minus sign. ৭। ["ধনম্ স্নেহপাত্রম্" শব্দ-রত্নাবলী] স্নেহসূচক উক্তি। (২) স্নেহপাত্র। স্ত্রী, ধনী (দ্রঃ)। ৮। শ্রেষ্ঠ ও মহার্ঘ বস্তু ; কামনার বস্তু। প্র—"হরিনাম বিনে আর কি ধন আছে সংসারে"—গান। **যাদুধন, যাদুবাছাধন**—যাদু (দ্রঃ)—বাছা (বৎস) —ধন] সন্তানের প্রতি অসীম স্নেহ-ব্যঞ্জক উক্তি। **ধন-সম্পত্তি**—ধন এবং সম্পত্তি ; ধন এবং তাহা ভোগ ও হস্তান্তরের অধিকার বা স্বত্ব। প্র—ধন সম্পত্তি বৃদ্ধি করা। **ধন-ধান্য**—ধন ও ধান্য ; জীবন ধারণ ও সুখভোগের সামগ্রী ; ঐশ্বর্য্য সম্পদ। **ধন-মান**—ঐশ্বর্য্য সম্মান ; অর্থ ও যশ। **জীবনধন, প্রাণ-ধন**—প্রাণরূপ ধন ; জীবনস্বরূপ প্রিয়পাত্র, অতিশয় স্নেহের পাত্র। **বাপধন**—পুত্রের প্রতি স্নেহোক্তি ; পুত্রধন ; পুত্ররত্ন। [দ্রঃ—**ধন** যাবতীয় বিনিময় সাধ্য ও প্রয়োজনীয় সামগ্রী। **অর্থ** বিনিময়ের উপায় বা সাধক মাত্র সুতরাং ধনের অন্তর্গত (অর্থ দ্রঃ) **সম্পত্তি** ধন ব্যবহারের ও হস্তান্তরের স্বত্ব]।

ধনকষ্ট [ধন (হইতে—অভাবে) কষ্ট, ৫মী তৎ] বি, বিত্তাভাব জনিত ক্লেশ ; দারিদ্র্য দুঃখ।

ধনগর্ব্ব [ধন—গর্ব্ব, ৬তৎ] বি, অধিক ধন-জনিত তমঃ ; ঐশ্বর্য্যের অহঙ্কার। বিণ, **ধন-গর্ব্বী, ধনগর্ব্বিত**। স্ত্রী, **ধনগর্ব্বিতা**।

ধনগৌরব (ব্) [ধন—গৌরব, ৬ষ্ঠীতৎ বি, ধনের মাহাত্ম্য। ২। ধনগর্ব্ব। প্র—তিনি ধনগৌরবে মত্ত হইয়া তৎপ্রতি দৃক্‌পাত করিলেন না।

ধনক্ষয় (ধনক্‌খয়) [ধন—ক্ষয়, বি, ধনের অপচয় ; বিত্তনাশ ; অপব্যয়। বিণ, **ধনক্ষয়কর, ধনক্ষয়কারী**—যে ধন ক্ষয় করে ; যাহা হইতে বিত্তনাশ হয় ; অপচয়-কারক।

ধনঞ্জয় (ধনোন্‌জয়) [ধন—জি (জয় করা) + অ (কর্ত্তৃ—খ)—যে ধন জয় করিয়াছে] বি, পুং, অর্জ্জুন। প্র—"অর্জ্জুন কহিলেন, আমি নিখিল জনপদ জয় করিয়া ধন সংগ্রহ পূর্ব্বক তন্মধ্যে অবস্থিতি করি এই নিমিত্ত আমার নাম ধনঞ্জয় হইয়াছে।"—মহাভারত। ২। পক্ষি-বিশেষ। পূর্ব্ববঙ্গে সুসঙ্গের পাহাড়, ভাওয়াল মধুপুরের জঙ্গল প্রভৃতিতে ইহা দেখা যায়। ৩। সর্পবিশেষ। ৪। শরীরস্থ পঞ্চবায়ুর অন্যতম। ৫। অগ্নি। প্র—"না হেরি এমন সৃষ্টি চাঁদ হৈতে বিষবৃষ্টি চন্দন প্রসবে ধনঞ্জয়।"—কবিকঙ্কণ। ৬। ককুভবৃক্ষ। ৭। [প্রাদে। "প্রহারেণ ধনঞ্জয়ঃ" (পরিঃ দ্রঃ) এই প্রবচন ঘটিত বৃত্তান্ত হইতে] বিলক্ষণ প্রহার। প্র—তাহাকে এবার ধনঞ্জয় না দিলে আর সরিবে না।

ধনতৃষা [ধন—তৃষা (তৃষ্ণা) ৬তৎ] বি, ধন-তৃষ্ণা ; ধনলোভ।

ধনতৃষ্ণা (ধনোতৃষ্‌টা) [ধন—তৃষ্ণা, ৬তৎ] বি, ধনের পিপাসা ; অর্থলালসা ; ধনলোভ।

ধনদ [ধন—দৈ (রক্ষা করা) + অ (কর্ত্তৃ—ড) যে ধন রক্ষা করে] বি, পুং, কুবের। ২। [ধন—দা (দান করা) + অ (কর্ত্তৃ—ড)] বিণ, ধনদাতা। ৩। ধন উৎপাদনকারী। ৪। হিজ্জলবৃক্ষ। স্ত্রী, **ধনদা**—লক্ষ্মী।

ধনদণ্ড [ধন (দ্বারা) দণ্ড, ৩তৎ] বি, ক্লী, অর্থদণ্ড ; জরিমানা ; fine.

ধনদর্প [ধন—দর্প, ৬ষ্ঠীতৎ] বি, অর্থের অহঙ্কার ; বহু ধন থাকায় গর্ব্ব। বিণ, **ধনদৃপ্ত**—ধন গর্ব্বিত।

ধনদাতা [ধনদ দ্রঃ] বিণ, যিনি ধন দান করেন। স্ত্রী, **ধনদাত্রী**।

ধনদানুচর (দা, র্) [ধনদ (কুবের) তাঁহার অনুচর (অনুগামী) ৬তৎ] বি, পুং, কুবেরানুচর ; যক্ষ।

ধনদানুজ (দা, জ্) [ধনদের (কুবেরের) অনুজ (কনিষ্ঠ) ৬তৎ] বি, পুং, রাবণ।

ধনদায়ক (ক্) [ধন—দায়ক (দাতা)] বিণ, যে ধন দান করে ; ধনদানকারী। ২। ধনোৎপাদক। স্ত্রী, **ধনদায়িকা**।

ধনদায়ী [ধন—দা (দান করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = ধনদায়িন্ ১মা, ১ব] বিণ, পুং, ধনদ ; ধনদাতা। ২। ধনোৎপাদক। ৩। বি, অগ্নি। স্ত্রী, **ধনদায়িনী**।

ধনদাস (ধনোদাশ্) [ধন—দাস (অধীন, উপাসক) ৬ষ্ঠীতৎ] বি, যাহারা ধন প্রাপ্তির জন্য স্বাধীনতা বিসর্জ্জন করে ; ধনোপাসক ; ধনকুবের হইয়াও যাহারা অর্থের মমতা হেতু সদ্ব্যয় করিতে কুণ্ঠাবোধ করে ; অতিশয় কৃপণ। ২। ধনের বিনিময়ে ক্রীতদাস। স্ত্রী, **ধনদাসী**।

ধনদেব, ধনদেবতা (ব্) [ধনদেব, দেবতা, ৬ষ্ঠীতৎ] বি, ধনপতি ; কুবের ; mammon. স্ত্রী, **ধনদেবী, ধনদেবতা**।

ধননাশ (ধনোনাশ্) [ধন—নাশ, ৬ষ্ঠীতৎ] বি, ধনক্ষয় ; অর্থের অপব্যয়।

ধননিয়োগ (ধনোনিওগ্) [ধন—নিয়োগ, ৬তৎ] বি, ধনের প্রয়োগ ; ধন ব্যবহার ; টাকা খাটান ; investment.

ধনন্দদা—বি, স্ত্রী, বুদ্ধশক্তিবিশেষ।

ধনপতি (ধনোপোতি) [ধনের পতি, ৬তৎ] বি, পুং, কুবের। ২। ধনাধিকারী ; ধনস্বামী ; অতিশয় ধনী। ৩। উজানি গ্রামবাসী জনৈক বণিক। শ্রীমন্ত সওদাগরের পিতা। ইনি রাজা বিক্রমকেশরী কর্ত্তৃক সিংহলে প্রেরিত হইয়াছিলেন। এই পিতা-পুত্রের সিংহল যাত্রার কাহিনী অবলম্বনে মুকুন্দরাম কবি-কঙ্কণের চণ্ডী-কাব্য রচিত।

ধনপত্র (ধনপৎত্র) [ধন—পত্র (তালিকা পত্র অর্থে। (২) সদৃশ অপরাপর বস্তু বা ইত্যাদি অর্থে)] বি, ধনাদি ; টাকাকড়ি ; বিষয় আশয় ; ধনসম্পত্তি। প্র—ধনপত্র কোথায় কি কি আছে তাহার খবর কর। ২। ধন সম্বন্ধীয় লেখ ; বিষয়াশয়ের বিবরণী পত্র ; ধনসম্পত্তির তালিকা ; an inventory of property.

ধনপিপাসা (শা) [ধন—পিপাসা (লালসা) ৬তৎ] বি, ধনলাভের জন্য তীব্র আকাঙ্ক্ষা ; ধনতৃষ্ণা (দ্রঃ) ; ধনলোভ।

ধনপিশাচ (চ্) [ধন—পিশাচ, ৬তৎ] বিণ, পুং, কৃপণ ; ব্যয়কুণ্ঠ ; the demon of wealth. স্ত্রী, ধনপিশাচী।

ধনপিশাচিকা, ধনপিশাচী [ধনপিশাচ দ্রঃ] বি, স্ত্রী, কৃপণা স্ত্রী। ২। ধনলালসা ; ধনতৃষ্ণা।

ধনপ্রয়োগ (ধনপ্‌প্রোয়োগ্) [ধন—প্রয়োগ ৬তৎ] বি, পুং, ধননিয়োগ ; অর্থ ব্যবহার ; টাকাখাটান ; investment.

ধনপ্রিয় (ধনপ্‌পৃও) [ধন প্রিয় যাহার, বহু]

বিণ, যে ধনকে প্রিয় বস্তু মনে করে ; যে ধন ভালবাসে ; অর্থপ্রিয়। স্ত্রী, **ধনপ্রিয়া**—যে নারী অর্থ ভালবাসে। ২। কাকজম্বু বনজাম।

ধনবতী (ধনবোতি) [ধন+বৎ (অস্ত্যর্থে—বতু)=ধনবৎ ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, ধনিষ্ঠা নক্ষত্র। ২। বিণ, স্ত্রী, ধনশালিনী। পুং ধনবান্।

ধনবত্তা (ধনবৎতা) [ধনবৎ+তা (ভাবে) আপ্—স্ত্রী] বি, ধনশালিতা ; বিভবশালিতা।

ধনবান্ (নো) [ধন+বৎ (অস্ত্যর্থে—বতু) =ধনবৎ ১মা, ১ব] বিণ, যাহার বিপুল ধন আছে ; ধনী ; ঐশ্বর্য্যশালী। ২। বি, পুং, মহাজন ; যাহারা ব্যবসায় বাণিজ্য ও কৃষিকার্য্যে ধনপ্রয়োগ করে ; যাহারা টাকা খাটাইয়া ধন বৃদ্ধি করে। স্ত্রী, ধনবতী।

ধনবিজ্ঞান (ধনোবিগ্‌গ্যান্) [ধন—বিজ্ঞান ৬তৎ] বি, সামাজিক শ্রীবৃদ্ধি বা ঋদ্ধির নিদান ; ঋদ্ধিলাভের নিয়ম ও তাহা বৃদ্ধি করিবার উপায় নিরূপক শাস্ত্র ; সম্পত্তি-শাস্ত্র ; political economy. বিণ, **ধন-বৈজ্ঞানিক**—ধনবিজ্ঞান বিষয়ে ব্যুৎপন্ন ; বিজ্ঞানবিদ্। [দ্রঃ—**অর্থনীতি** ধনবিজ্ঞানের অন্তর্গত কিন্তু ধনবিজ্ঞান নহে। কারণ অর্থ ধনের অন্তর্গত বটে কিন্তু ধন কেবল অর্থই নহে (অর্থ দ্রঃ) এবং বিজ্ঞান ও নীতিতেও প্রভেদ আছে। কারণ নীতি—অভাব এবং আবশ্যক দেশ, কাল ও পাত্র দ্বারা বিশেষিত হয় কিন্তু বিজ্ঞান নিত্য এবং অবিশেষ্য অর্থাৎ সর্ব্বকালে ও সর্ব্বত্রই প্রযোজ্য। অবস্থানুযায়ী পরিবর্ত্তন ও পার্থক্য দ্বারা বিশেষণীয় অর্থাৎ দেশ কাল পাত্রের উপযোগী বা নীতিসঙ্গত অর্থ ব্যবহার সম্বন্ধীয় যে শাস্ত্র তাহাই অর্থনীতি। সম্পত্তি শাস্ত্রও অর্থনীতি হইতে স্বতন্ত্র। হিন্দী ভাষায় "সম্পত্তি-শাস্ত্র" নামক গ্রন্থ-প্রণেতা পণ্ডিত মহাবীর-প্রসাদ দ্বিবেদী মহাশয় ধনবিজ্ঞানকেই **সম্পতিশাস্ত্র** ও **সম্পত্তিবিজ্ঞান** বলিয়াছেন। বঙ্গভাষায় "ধনবিজ্ঞান" প্রণেতা অধ্যাপক গিরীন্দ্রকুমার সেন মহাশয়ের মতে সম্পত্তিশাস্ত্র প্রয়োজনীয় সামগ্রার ব্যবহার ও হস্তান্তর করিবার স্বত্ব সম্বন্ধীয় শাস্ত্র। ধন-বিজ্ঞানে সম্পত্তির বিষয় আলোচিত হয় না, উহা বৈষয়িক কথা বলিয়া বাণিজ্যে আলোচিত হয়"—ধনবিজ্ঞান]।

ধনবিভাগ (গ্) [ধন—বিভাগ, ৬তৎ] বি, ধনের বণ্টন বা বাঁটওয়ারা। ২। উত্তরাধিকার সূত্রে যাহার যেরূপ প্রাপ্য তাহার নির্দ্ধারণ।

ধনবৃদ্ধি (ধনবৃদ্‌ধি) [ধনের বৃদ্ধি—৬ষ্ঠীতৎ] বি, বিত্তাধিক্য ; ধনসম্পত্তির উন্নতি বা বিস্তার ; ধনোন্নতি।

ধনলাভ (ভ্) [ধন—লাভ, ৬ষ্ঠীতৎ] বি, ধন-প্রাপ্তি ; অর্থলাভ।

ধনলুব্ধ [ধন দ্বারা লুব্ধ, ৩ তৎ] বি, ধন লোভে অন্ধ ; ধনমুগ্ধ ; অর্থলোভাভিভূত। স্ত্রী, **ধনলুব্ধা**।

ধনলোভ (ভ্) [ধন—লোভ (প্রাপ্তির উৎকট ইচ্ছা) ৬তৎ] বি, ধনতৃষ্ণা ; ধনপিপাসা। বিণ, ধনলোভী।

ধনসম্পত্তি (ধ্নশম্‌পোৎতি) [ধন এবং সম্পত্তি—দ্বন্দ্ব] বি, ধন এবং সম্পত্তি ; ধন এবং ধনভোগাধিকার ; ঐশ্বর্য্য-সম্পদ।

ধনসম্পদ (ধ্নশম্‌পদ্) [ধন ও সম্পদ—দ্বন্দ্ব] বি, ধন এবং ঐশ্বর্য্য।

ধনস্বামী (ধনশ্‌শামি) [ধনের স্বামী (প্রভু) —৬তৎ] বি, পুং, ধনপতি ; বহুধনশালী।

ধনহর (র্) [ধন—হর (যে হরণ করে)] বি, পুং, বিত্তাপহারক ; চোর ; যে পর ধন হরণ করে। স্ত্রী, **ধনহরা**—ধনহরণকারিণী। প্র—"টাকা পেয়ে মুটাভরা, হীরা পরধনহরা"—ভারতচন্দ্র। (২)। **ধনহরী** (ধনহোরি)—বি, চোর নামক গন্ধদ্রব্য।

ধনহারক (ক্) [ধন—হারক, বহু] বিণ, যে ধন অপহরণ করে ; চোর। স্ত্রী, **ধনহারিকা**।

ধনহারী (ধ্, রি) [ধনহারিন্ শব্দ—১মা, ১ব। —বহু] বিণ, ধনাপহারক : চোর। স্ত্রী, **ধনহারিণী**।

ধনহীন (ধনোহিন) [ধন—হীন—৩তৎ] বিণ, নির্ধন ; দরিদ্র। স্ত্রী, **ধনহীনা**।

ধনাগম (ম্) [ধন—আগমন (আগমণ) ৬তৎ] বি, পুং, অর্থের আগম ; উপার্জ্জন আয়

ধনাগমতৃষা,—তৃষ্ণা (তৃষ্‌টা) [ধনাগম (দ্রঃ)—তৃষা, তৃষ্ণা—৬ষ্ঠীতৎ] বি, ধনার্জ্জনস্পৃহা ; অর্থোপার্জ্জন লালসা ; ধন-পিপাসা।

ধনাগার (র্) [ধন—আগার—৬তৎ] বি, যে গৃহে ধন সঞ্চিত থাকে ; ধনভাণ্ডার ; কোষা-গার ; টেজারি ; treasure-house treasury.

ধনাঢ্য (ধনাঢ্‌ঢো) [ধন—আঢ্য, ধনের দ্বারা আঢ্য—৩তৎ] বিণ, ধনী ; ধনশালী। স্ত্রী, **ধনাঢ্যা**।

ধনাত্মক (ধনাৎতঁক্) বিণ, সত্তাত্মক। প্র—"এইজন্য কাচ ধনাত্মক (positive) ও ফ্লানেল ঋণাত্মক (negative) তড়িতে পূর্ণ হইয়া পড়ে "—জগদানন্দ রায়। ২। [গণিতে] যোগ চিহ্ন যুক্ত (রাশি)।

ধনাধার (র্) [ধন—আধার (পাত্র) ৬তৎ] বি, ধন রাখিবার পাত্র ; লোহার সিন্দুক প্রভৃতি ; কোষাগার ; a treasure chest.

ধনাধিকার (র্) [ধন—অধিকার—৭তৎ] বি, ধনপ্রাপ্তি। ২। ধন ব্যবহার বা ভোগ করিবার স্বত্ব বা ক্ষমতা ; উত্তরাধিকার সূত্রে ধনপ্রাপ্তি। বিণ, **ধনাধিকারী**। স্ত্রী, **ধনাধিকারিণী**

ধনাধিকৃত [ধন—অধিকৃত, যৎকর্ত্তৃক (বহু)] বিণ, ধনরক্ষার অধিকার বা ভার প্রাপ্ত। ২। বি, ধনাধ্যক্ষ ; treasurer. স্ত্রী, **ধনাধিকৃতা**।

ধনাধিপ (প্) [ধন—অধিপ—৬তৎ] বি, ধনের অধিপতি ; কুবের। ২। ধনপতি ; ধনকুবের ; মহাধনী। স্ত্রী, **ধনাধিপা**।

ধনাধ্যক্ষ (ধনাদ্ধোক্‌খো) [ধন—অধ্যক্ষ (তত্ত্বাবধায়ক)—৬তৎ] বি, পুং, কুবের। ২। ধনাগারের ভারপ্রাপ্ত প্রধান কর্ম্মচারী ; কোষাধ্যক্ষ : treasurer, ৩। ধনের হিসাব রক্ষার ভারপ্রাপ্ত কর্ম্মচারী ; খাজাঞ্চী ; casheer.

ধনাপহরণ (ন্) [ধন—অপহরণ, ৬তৎ] বি, ধন চুরি। বিণ, পুং, **ধনাপহারী**। স্ত্রী, **ধনাপহারিণী**।

ধনাপহারক (ক্) [ধন—অপহারক (অপহরণ কর্ত্তা) ৬তৎ] বিণ, চোর। স্ত্রী, **ধনাপহারিকা**।

ধনার্চ্চিত [ধন—অর্চ্চিত (ধন দ্বারা পূজিত) ৩তৎ] বিণ, ধন আছে বলিয়া লোকে যাহাকে মান্য করে ; ধনশালী ; ধনাঢ্য। স্ত্রী, **ধনার্চ্চিতা**।

ধনার্জ্জন (ন্) [ধন—অর্জ্জন, ৬তৎ] বি, ধনসঞ্চয় ; ধনোপার্জ্জন ; ধনাগম।

ধনার্জ্জনস্পৃহা (ধনার্‌জনস্‌পৃহা) [ধন—অর্জ্জন—স্পৃহা—৬তৎ] বি, ধনাগমতৃষ্ণা ; ধন উপার্জ্জন করিবার লোভ ; আয় করিবার ঝোঁক।

ধনার্জ্জনানুরাগ (গ্) [ধন—অর্জ্জন—অনুরাগ—৬তৎ] বি, ধনাগমতৃষ্ণা। বিণ, পুং, **ধনার্জ্জনানুরাগী**, **ধনার্জ্জনানুরক্ত**। স্ত্রী, **ধনার্জ্জনানুরাগিণী**, **ধনার্জ্জনানুরক্তা**।

ধনার্থী (ধনার্‌থি) [ধন—অর্থ্ (প্রার্থনা করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=ধনার্থিন্ ১মা, ১ব] বিণ, যে ধন প্রার্থনা করে ; ধনাকাঙ্ক্ষী ; ধনপ্রার্থী।

ধনাশা [ধন—আশা—৬তৎ] বি, ধনাকাঙ্ক্ষা ; ধনাগমের অপেক্ষা।

ধনাশ্রী (ধনাস্‌স্রি) বি, স্ত্রী, ধানসী নামক রাগিণীবিশেষ ; এই রাগিণী বীররসে প্রযুজ্য

ধনি (ধোনি) [সং—ধন্ত ; স্ত্রী, ধন্তা । ব্রজ, প্রা-বৈ-সা—ধনি] বিণ, ধন্তা । ২ । অ, ধন্ত সাধুবাদ ; বাহবা ; সাবাস । এই অর্থে দ্বিরুক্ত হয় । প্র—"ধনি ধনি রমণি জনম ধনি তোর ।" —বিদ্যাপতি । ৩ । ["ধনম্ স্নেহপাত্রম্"—শব্দরত্নাবলী । ধন দ্রঃ । স্ত্রী, ধনী ; বাং-ধনি ; ধনী] বি, স্ত্রী, স্নেহপাত্রী [বিরল] । ৪ । [ধনিকা (দ্রঃ) সংক্ষেপে] বি, স্ত্রী, ধনিকা ; যৌবনধনে ধনশালিনী ; সৌন্দর্য্য ধনে ধনবতী ; যুবতী ; সুন্দরী । প্র—"ধন্ত লো ধনি"—গান ।

ধনিক (ধোনিক্) [ধনিন্+ক (স্বার্থে)] বিণ, পুং, ধনস্বামী । ২ । ধনশালী ; ধনী ধনাঢ্য । ৩ । যে ঋণ স্বরূপ ধন দান করে ঋণদাতা ; মহাজন । ৪ । [মহাজন হইতে বণিক অর্থে সাধু ; তাহা হইতে ক্রমে সাধুর আধুনিক অর্থে] সাধু : ধার্ম্মিক । ৫ । স্বামী । প্র—"ইহার ধনিক বণিক কই । কহনা আমারে যতেক সই ॥" স্ত্রী, ধনিকা ।

ধনিকা [ধনিক (দ্রঃ) + আপ্—স্ত্রী] বি, ধনিক বধূ । ২ । সাধ্বী স্ত্রী । ৩ । যুবতী । ৪ । সুন্দরী । প্র—"ফেলি দিল পথে বণিক ধনিকা মুঠি মুঠি তুলি রতন কণিকা ।"—চয়নিকা ।

ধনিচা, ধঞ্চে (ধোনিচা, ধোন্‌চে) [সং—বৈজয়ন্তিকা । হি—জৈৎ] বি, ক্ষুপবিশেষ ; জন্তিগাছ ; ইহার কাণ্ড জ্বালানি কাঠের কার্য্যে আসে ; sesbania cannabina.

ধনিয়া (ধোনিয়া) বি, ধনে ; coriandrum sativum.

ধনিষ্ঠা (ধোনিষ্‌ঠা) [ধনবৎ + ইষ্ঠ (বৎ-লোপ) —আপ্—স্ত্রী] বি, স্ত্রী, অশ্বিনী প্রভৃতি ২৭ সাতাশ নক্ষত্রের মধ্যে ২৩ ত্রয়োবিংশ নক্ষত্র ।

ধনী (ধোনি) [ধন + ইন্ (অস্ত্যর্থে) = ধনিন্ ১মা, ১ব] বিণ, পুং, ধনবান্ ; ধনাঢ্য । প্র—"কে বড় কে ছোট কে দীন কে ধনী কেবা আগে কেবা পিছে,"—রবি । স্ত্রী, **ধনিনী**—ধনশালিনী । ২ । ধনিক ; স্বামী । ৩ । [সং—ধন্বী হইতে] পণ্ডিত ; দক্ষ । প্র—কাজের ধনী অর্থাৎ কাজের কাজী ; কর্ম্ম-স্বামী ; কার্য্যদক্ষ ।

ধনী (ধোনি) [ধন + অ (অস্ত্যর্থে) ঈপ্—স্ত্রী = ধনী] বিণ, স্ত্রী, ধনবতী ; ধনিনী । [দ্রঃ—এই অর্থে স্ত্রীলিঙ্গে বিরল] । ২ । যৌবন ধনে ধনী ; যুবতী । প্র—"ধরণী মণ্ডলে ধনী সূর্য্যকে ধেয়ান"—ঘনরাম । ৩ । সৌন্দর্য্য ধনে ধনী ; সুন্দরী । প্র—"একে কুলবতী ধনী তাহে সে অবলা"—চণ্ডীদাস । * * *" পশিয়া ধনী অরিদল মাঝে নির্ভয়ে চলিলা যথা গরুস্বতী তরী ;"—মেঘনাদ । ৪ । [প্রাদে] চতুরা স্ত্রী । (২) কর্ম্মিষ্ঠা । প্র—কাজের ধনী ।

ধনীকা—ধনিক দ্রঃ ।

ধনীয়ক (ক্) বি, ধনিয়া ।

ধনু (ধো্নু) [ধনুস্—ধনুঃ । ধন্ (শব্দ করা) + উ-উস্ (করণে)—যে বাণ নিক্ষেপ কালে শব্দ অর্থাৎ টংকার করে] বি, পুং, ধনুক ; কাণ্ড । ২ । [জ্যোতিষে] মেষাদি দ্বাদশ রাশির মধ্যে নবম রাশি । ইহার পূর্ব্বার্দ্ধ মনুষ্যাকার, শেষার্দ্ধ অশ্বাকার, পুরুষ ধনুর্দ্ধারী, ইহা মূলা, পূর্ব্বাষাঢ়া এবং উত্তরাষাঢ়ার প্রথম পাদ সংযোগে উৎপন্ন । ৩ । চারিহস্ত পরিমাণ বা দুই গজ । প্র—"তিনি বল পূর্ব্বক ঐ বিস্ফুরিত বাহু নিগৃহীত করিয়া সিংহ যেমন ক্ষুদ্র মৃগকে আকর্ষণ করে, তাহার ন্যায় তাহাকে আকর্ষণ পূর্ব্বক সেইস্থান হইতে অষ্টধনু অর্থাৎ দ্বাত্রিংশৎ হস্ত পরিমিত দূরে লইয়া গেলেন ।"—মহা, আদি (বর্দ্ধমান) । ৪ । পিয়াল বৃক্ষ । **ইন্দ্রধনু, রামধনু, শক্রধনু, মেঘধনু**—বৃষ্টিপাত কালে সূর্য্য কিম্বা চন্দ্রের বিপরীত দিকে আকাশ মার্গে যে বিচিত্র বর্ণ ধনুকাকৃতি চিহ্ন দৃষ্ট হয় ।

ধনুঃপট (ধোনুপ্‌পট্) বি, পিয়াল বৃক্ষ ।

ধনুঃশর (ধোনুশ্‌শর্) [ধনুঃ—শর—৫তৎ বা ৬তৎ] বি, ধনুকের শর : ধনু হইতে বাণ । প্র—"আকর্ণ পুরিয়া বীর ছাড়ে ধনুঃশর ।"—কবিকঙ্কণ ।

ধনুঃশাখা (ধোনুশ্‌শাখা) [ধনুর অবয়বের ন্যায় শাখা যাহার, বহু] বি, স্ত্রী, পিয়ালগাছ । ২ । মূর্ব্বা ।

ধনুঃশ্রেণী (ধোনুস্‌স্রেনি) বি, স্ত্রী, মূর্ব্বা । ২ । মহেন্দ্রবারুণী ।

ধনুক (ধো্নুক্) [ধনুস্ শব্দ] বি, ধনু দ্রঃ—বাণ নিক্ষেপক অস্ত্র—কাণ্ড । ধনুকের দণ্ড—কাঁড় । ধনুকের তন্ত্র বা জ্যা—ছিলা, গুণ । ধনুকের অগ্রভাগ—কোটি ; হুল । ধনুকের বাণ নিক্ষেপ শব্দ—টঙ্কার । ধনুকের নিক্ষেপ্য—বাণ, শর, বাঁটুল । ২ । চারিক্রোশ পরিমাণ । প্র—"একটানে লয় অষ্ট ধনুক অন্তরে"—কাশী, মহা । **তীরধনুক**—তীর ও ধনুক ; প্রসিদ্ধ মারণাস্ত্র । **ধনুক ভাঙ্গা পণ**—সীতার বিবাহের হরধনু ভঙ্গরূপ অতি কঠিন এবং প্রায় অসাধ্য পণ । ২ । অতি কঠিন পণ ।

ধনুকধারী (ধোনুক্‌ধারি) [ধনুক—ধারিণ্ ১মা, ১ব] বিণ, যে ধনু ধারণ করে ; ধানুকী ; যে তীর ধনুক লইয়া যুদ্ধ করে । ২ । ধনু-র্বিদ্যায় পারদর্শী ; ধনুর্দ্ধর । ৩ । রামচন্দ্র ।

ধনুকাকার, ধনুকাকৃতি (ধোনুকাকার্, ধোনুকাক্‌কৃতি) [ধনুক—আকার, আকৃতি—বহু] বিণ, যাহার আকার ধনুকের ন্যায় ; ধনুকের মত । ২ । বক্রপৃষ্ঠ ।

ধনুখরা (ধোনুখরা) [গ্রা—ধুন্‌খোরা । ধনু (ধনুকাকৃতি বলিয়া) খরা] বি, তুলা পরিষ্কার করিবার ধনুকাকৃতি যন্ত্রবিশেষ ।

ধনুর্গুণ (ধোনুর্‌গুন্) [ধনুঃ + গুণ (ছিলা) —৬তৎ] বি, পুং, ধনুকের দুই কোটিতে যুক্ত করিবার তন্ত্র ; ধনুকের ছিলা ; জ্যা ।

ধনুর্দ্রুম (ধোনুর্ দ্রুম) [ধনুস্—দ্রুম (যে দ্রুম দ্বারা ধনু তৈয়ার করা হয়] বি, পুং, বংশ ; বাঁশ ।

ধনুর্দ্ধর (ধোনুর্‌ধর্) [ধনুস্—ধর (যে ধারণ করে) দ্রুত উচ্চারণে "ধনুদ্ধর"] বি, পুং, যে ধনুঃ ধারণ করে ; যোদ্ধা ; তীরন্দাজ ; ধানুকী । ২ । বিণ, দক্ষ : নিপুণ ।

ধনুর্দ্ধারী (ধোনুর্‌ধারি) [ধনুস্ = ধনুঃ (ধনুক) ধারী (যে ধারণ করে)] বি, পুং, যে তীর ধনুক লইয়া যুদ্ধ করে ; তীরন্দাজ ।

ধনুর্বিদ্যা (ধোনুর্‌বিদ্‌দ্যা) [ধনুঃ—বিদ্যা, ৬তৎ] বি, ধনুর্ব্বেদে উপদিষ্ট তীর ধনুকের ব্যবহার জ্ঞান বিষয়ক শাস্ত্র : শস্ত্র ব্যবহার বা যুদ্ধবিদ্যা ।

ধনুর্ব্বেদ (ধোনুর্‌বেদ্) [ধনুস্—বেদ] বি, পুং, বিশ্বামিত্র প্রণীত যজুর্ব্বেদের উপবেদ স্বরূপ ধনুর্ব্বিদ্যা বোধক শাস্ত্র ।

ধনুষ্কর (ধোনুষ্‌কর্) [ধনুঃ (ধনুক) করে (হস্তে) যাহার—বহু] বি, পুং, ধনুর্দ্ধর ; ধনুষ্পাণি ।

ধনুষ্কোটি (ধোনুষ্‌কোটি) [ধনুঃ—কোটি —৬তৎ] বি, স্ত্রী, ধনুর অগ্রভাগ ; ধনুকের হুল ।

ধনুষ্টঙ্কার (ধোনুষ্‌টংকার্) [ধনুঃ—টঙ্কার—৬তৎ] বি, স্ত্রী, ধনুকের ছিলার শব্দ : জ্যা আকর্ষণ শব্দ । ২ । পুং, বায়ুরোগবিশেষ ; যে রোগে শরীর ধনুর মত বক্র হয় ; titanus "দেহের পেশী সকলে, সচারাচর নিম্ন হনুর পেশী সকলে আরম্ভ হইয়া, পরে ক্রমশঃ গ্রীবা দেহকাণ্ড ও শাখাদ্বয়ের বেদনাযুক্ত স্থায়ী বলকর সঙ্কোচন বিশিষ্ট বিশেষ পীড়াকে ধনুষ্টঙ্কার বলে ; ইহাতে ক্ষণে ক্ষণে সমস্ত শরীরের প্রবল দ্রুতাক্ষেপ উপস্থিত হয়" [ডাঃ কর] ।

ধনুষ্পাণি (ধোনুষ্‌পানি) [ধনুস্—পাণিতে (হস্তে) যাহার—বহু] বিণ, ধনুর্দ্ধর ; ধনুকধারী ।

ধনুষ্মান্ (ধোনুষ্‌মান্) [ধনুস্+মৎ (অস্ত্যর্থে —মতু)=ধনুষ্মৎ ১মা, ১ব] বি, পুং, ধনুর্দ্ধারী।

ধনেশ (শ্) [ধনের ঈশ (প্রভু)—৬তৎ] বি, পুং, কুবের। ২। বিণ, মহাধনী ; ধন-কুবের। প্র—"আপনি ডাকাতি করি, প্রজার সর্ব্বস্ব হরি হয়েছিস দ্বিতীয় ধনেশ ॥"—অন্নদা-মঙ্গল।

ধনেশ (শ্) বি, ধনেশপাখী ; কঠিন বৃহৎ বক্রচঞ্চু দীর্ঘাকার দণ্ডচারী পক্ষিবিশেষ ; hornbill.

ধনেশ্বর (ধনেশ্‌শর্) [ধনের ঈশ্বর (প্রভু) —৬তৎ] বি, পুং, কুবের। ২। বিণ, ধনস্বামী।

ধন্দ (ধ্‌ন্‌দ) [হি—ধুন্দ (ঝাপ্‌সা, অস্পষ্টতা) সং—সন্দেহ। গ্রা-উচ্চারণে সন্দ অথবা দ্বন্দ্ব হইতে] বি, সন্দেহ ; ধোঁকা। প্র—"অনেক পুণ্যের ফলে তোমাতে ভকতি হ'লে ভদ্র দেখে ভেঙ্গে দেহ ধন্দ।"—শিবায়ন। ২। ধাঁধা। প্র—"তরু লতাগণ ফুলে সুশোভন জগতে লাগিল ধন্দ।"—অন্নদামঙ্গল। "কিয়ে গিরিবর কনয়া কটোর তাদেখি লাগয়ে ধন্দ।"—বিদ্যাপতি। ৩। ভ্রম ; প্রমাদ ; গোল ; ফের ; সমস্যা। প্র—"এ বড় বিষম ধন্দ যত করি ছন্দবন্ধ ভাল ভাবি হয় মন্দ পড়িনু প্রমাদে।"—অন্নদামঙ্গল।

ধন্দ, ধন্ধ (ধ্) [হি—ধান্দা, ধান্ধা (কাজ কর্ম্ম)] বি, কাজকর্ম্ম। ২। সাংসারিক ভাবনা চিন্তা। ৩। গোলোক ধাঁধা ; যে বেষ্টনীর ভিতর প্রবেশ করিলে দিক বা পথ ভ্রমে এপথ ওপথ করিয়া ঘুরিয়া বেড়াইতে হয়, বাহির হইবার আর পথ পাওয়া যায় না। প্র—"ঘুরিয়া ফিরিয়া ভবের ধন্দে।" —নারায়ণ, ১৩২১। ৪। বিস্ময়কর ব্যাপার প্র—"নিকুঞ্জ মন্দিরে আজু কি হোয়ল ধন্দ।" —বিদ্যাপতি। ৫। বিণ, বিস্মিত। প্র— "নাসা পরশি রহল হাম ধন্দ"—বিদ্যাপতি।

ধন্দা [ব্রজ। ধন্দ দ্রঃ] বি, বুঝিবার অক্ষমতা ; ধাঁধা ; সন্দেহ। প্র—"তরুলতিকা অবলম্বন-কারী মঝু মনে লাগল ধন্দা।"—বিদ্যাপতি।

ধন্ধ (ধন্‌ধ) [ধন্দ দ্রঃ] বি, দৃষ্টিভ্রম ; ধাঁধা। প্র—"দু-সতিনে প্রেমবন্ধ দেখিয়া লাগয়ে ধন্ধ। সুবর্ণে জড়িত যেন হীরা।"—কবিকঙ্কণ। বিণ, **ধন্ধিত** (ধোন্‌ধিতো) যাহার ধাঁধা লাগিয়াছে ; যাহার দৃষ্টিভ্রম হইয়াছে। ২। সন্দেহযুক্ত।

ধন্না, ধরণা (ধর্‌না) [ধারণ হইতে] বি, ধারণ ; অবলম্বন ; ধরা ; আশ্রয়করণ। ২। চালের অবলম্বন বা চালধরণের কাষ্ঠ। ৩। ঢেঁকিতে পাদ দিবার সময় পাদ-দিউনিরা যাহাতে ভর দেয়। **ধন্না দেওয়া, ধন্না পাতা, ধন্না ধরিয়া বসিয়া থাকা**—দেবতার অনুগ্রহ লাভের জন্য মন্দিরদ্বারে অনাহারে পতিত থাকা ; অভীষ্ট লাভের জন্য অভীষ্টদাতার গৃহদ্বারে আহার নিদ্রা ত্যাগ করিয়া বসিয়া থাকা। **ধন্নাসেঠ**—মহাধনী ; ধনকুবের ; ধনী ; মহাজন। হিন্দী ভাষায় প্রচরদ্রূপ।

ধন্য (ধোন্‌নো) [ধন+য (যোগ্যার্থে)] বিণ, সৌভাগ্যবান। প্র—"ধন্য রাজার পুণ্যদেশ যদি বর্ষে মাঘের শেষ।"—প্রবচন। ২। সাধু। ৩। প্রশংসনীয় ; শ্লাঘ্য। ৪। কৃতার্থ। ৫। ধন্যবাদ ; কৃতজ্ঞতাজ্ঞাপন ; প্রশংসাবাদ। প্র—"ধন্য তোমারে হে রাজমন্ত্রী চরণপদ্মে নমস্কার।"—চয়নিকা।

ধন্যবাদ (ধোন্‌নোবাদ্) [ধন্য (শ্লাঘ্য) বাদ (বলা)] বি, তুমি ধন্য অর্থাৎ প্রশংসনীয় এইরূপ বলা ; সাধুবাদ। ২। কৃতজ্ঞতা স্বীকার সূচক উক্তি ; thanks.

ধন্যা (ধোন্‌ন্যা) [ধন্য+আপ্—স্ত্রী] বিণ, স্ত্রী, ধন্যবাদার্হা ; প্রশংসনীয়া। ২। সাধ্বী। পুং, ধন্য। ৩। [ধন্যাক দ্রঃ] বি, ধনিয়া ; ধনে।

ধন্ব (ধন্‌ন) [ধন্ব্ (গতি অর্থে)] বি, ক্লী, ধনুক। ২। পুং, মরুভূমি।

ধন্বদুর্গ (ধনন্‌দুর্গ) [ধন্ব (মরুভূমি-রূপ) দুর্গ] বি, ক্লী, জনশূন্য ভূমি ; মরুস্থলী।

ধন্বন্তরি (ধনন্‌নন্‌তোরি) বি, পুং, দেব-চিকিৎসক। ইনি সমুদ্র মন্থনকালে সমুদ্র হইতে উত্থিত হইয়াছিলেন। ২। রাজা বিক্রমাদিত্যের নবরত্নের মধ্যে এক রত্ন। ৩। কাশীর রাজা দিবোদাসের নামান্তর।

ধন্বা (ধন্‌না) [ধন্ (ক্ষেপণ করা)+বন্ (করণে—ক্বনিপ্)=ধন্বন্ ১মা, ১ব] বি, ক্লী, ধনুক। ২। পুং, মরুভূমি।

ধন্বী (ধোন্‌নি) [ধনু+ইন্ (অস্ত্যর্থে)= ধন্বিন্ ১মা, ১ব] বিণ, ধনুর্দ্ধারী। ২। পণ্ডিত ; বিশারদ ; ধনী দ্রঃ। ৩। বি, পুং, অর্জ্জুন। ৪। অর্জ্জুন বৃক্ষ। ৫। বকুল। ৬। দুরালভা।

ধপ্ (প্) [শব্দাত্মক] অ, ভারি বস্তু পতনের শব্দ। [দ্রঃ—শুষ্ক, জমাট, অনতি-কঠিন ও ভারি বস্তু পতন বা আঘাতের শব্দ **ধপ্** ; জমাট না হইলে **ধস্** (কঠিন কিন্তু ফাঁপা বস্তু হইলে ঢপ্ ; নিরেট হইলে ঢিপ্); ধপ্ অপেক্ষা লঘু কিন্তু নিরেট শব্দ **ধুপ্** ; এবং ধপ্ শব্দের বিস্তার অর্থে, **ধাপ্** ; উভয় ব্যাপ্তি ও আধিক্য অর্থে, **ধপাস্**। পাশ ফিরিয়া সটান পতনের শব্দ ধপাস্ এবং চিৎ হইয়া সটান পতন অর্থাৎ চিৎপাত হইয়া সোজা পড়িয়া যাওয়ার শব্দ **ধপাৎ**। কিন্তু ব্যবহারে এদুয়ের মধ্যে প্রভেদ রক্ষিত হয় না। প্র—"আমি অমনি ধপাস্ করিয়া চিৎপাত হইয়া পড়িয়া যাইব।"—লোকরহস্য (বঙ্কিম)]।

ধপধপ (প্ প্) [ধাব্—মার্জ্জনে। আধিক্যার্থে দ্বিত্ব] অ, ক্রি-বিণ, অতিশয় শুভ্র বা শুক্ল ভাব। প্র—কাপড় চাদর ধপধপ করছে। ২। বিণ, পরিষ্কার ; পরিচ্ছন্ন। ৩। উজ্জ্বল। বিণ, **ধপধপে** (ধপ্ ধোপে)—শুভ্রোজ্জ্বল। ক্রি, **ধপধপান** (নো)—শুভ্র বর্ণে শোভা পাওয়া ; শ্বেতবর্ণে প্রকাশ পাওয়া।

ধপাৎ, ধপাস্—ধপ দ্রঃ।

ধব [সং। "পতিশাখিনরা ধবাঃ"—অমর] বি, পুং, পতি ; স্বামী। প্র—"ধৈরয না ধরে রাণী ধরণী লোটায় ধরিয়া ধবের গলা গড়াগড়ি যায় ॥"—শিবায়ন। "ওহে ভব-ধব কি করিব স্তব মানস-তিমির হর।"—ঈশ্বর গুপ্ত। "হেরি অন্ধকার হে উদ্ধব ব্রজের ধব মাধব বিনে।"—দাশরথি। ২। মনুষ্য। (২) প্রবঞ্চক ব্যক্তি ; ধূর্ত্তব্যক্তি। ৩। বৃক্ষবিশেষ। ৪। [ধু, ধূ (ধূননে, কম্পনে) ভাবে—অল্] বি, ক্লী, কম্প।

ধবধব (ব্ ব্) [ধবা (মার্জ্জনে)] অ, ধপ্ ধপ্ দ্রঃ। ক্রি, **ধবধবান** (নো)। বিণ, **ধবধবে** (ধব্‌ধোবে)।

ধবল (ল্) [ধাব্ (শুদ্ধ করা)+অল (সংজ্ঞার্থে—কলচ্) ; ধাব্=ধব্, কিম্বা ধু +অল্ (সংজ্ঞার্থে) প্রা-বাং—ধওল] বি, পুং, শ্বেতবর্ণ ; শুক্লবর্ণ ; সাদা রং। ২। শ্বেতকুষ্ঠ ; white leprosey. ৩। কর্পূর-বিশেষ। ৪। ক্লী, রাগবিশেষ। ৫। শ্বেতমরিচ ; সাদা মরিচ। ৬। পুং, বৃষশ্রেষ্ঠ। ৭। বিণ, শুক্লবর্ণবিশিষ্ট ; শুভ্র। ৮। সুন্দর। **ধবলগিরি, ধবলাগিরি**—হিমালয়। ২। শ্বেতপর্ব্বত। **ধবল মৃত্তিকা**—চকখড়ী ; সাদাখড়ী মাটি।

ধবলপক্ষ—শুক্লপক্ষ। ২। [পক্ষ (ডানা) ধবল বলিয়া] হংস।

ধবলা [ধবল (শ্বেত) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, শুক্লবর্ণা ধেনু ; ধবলী (দ্রঃ)। ২। বৃন্দাবনস্থ পাহাড়বিশেষ। পুং, ধবল।

ধবলিত (ধবোলিতো) [ধবল+ইত (যুক্তার্থে)] বিণ, পুং, শুক্লীভূত ; শুভ্রীভূত ; যাহার সাদা রং করা হইয়াছে।

ধবলিমা (বো) [ধবল+ইমন্ (ভাবে)= ধবলিমন্ ১মা, ১ব] বি, পুং, শুভ্রত্ব ; শুক্লতা ; শ্বেতত্ব। ২। রক্তহীনতা-জনিত শুক্লীভাব ; পাংশুবর্ণ ; ফ্যাকাসেবর্ণ ; paleness.

ধবলী (ধবোলি) [ধবল+ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. শ্বেতবর্ণা ধেনু। ২। শ্রীকৃষ্ণের আদরের ধেনু। প্র—"কাঁহা মেরি ধবলী শ্যামলী কাঁহা মেরি মোহন মুরলি।"—বাং-গান।

ধবলীকৃত [ধবল+কৃত (অভূততদ্ভাবার্থে) মধ্যে ঈ (চ্বি)] বিণ. যাহা ধবল করা হইয়াছে; শুক্লীকৃত; ধবলিত।

ধবলীভূত [ধবল+ভূত (অভূততদ্ভাবার্থে) মধ্যে ঈ (চ্বি)] বিণ. শুভ্রীভূত; শুক্লীভূত; ধবলিত।

ধবলোৎপল (ল্) [ধবল (শুক্লবর্ণ (যে উৎপল (পদ্ম) কর্ম্মধা] বি. ক্লী. কুমুদ; সুঁদি।

ধবিত্র (ধোবিৎত্র) [ধূ (কম্পিত হওয়া)+ইত্র (করণে—ইত্রন্)] বি. ক্লী. মৃগচর্ম্মের পাখা। ২। [কর্ত্তৃ—ইত্রন্] বিণ. অপনয়নকারক।

ধম (ম্) [শব্দাত্মক। ধপ্ (দ্রঃ) অপেক্ষা গুরুতর বস্তুর বহু উচ্চস্থান হইতে পতনের গম্ভীর শব্দ] অ. অনুকরণ শব্দ। ২। বাদ্যধ্বনি। [দ্রঃ—ধম্ অপেক্ষা লঘু, **ধুম্**; অত্যন্ত মৃদু, **ধিম্**। শব্দের বিস্তার অর্থে, **ধমাস্**]।

ধম [ধম্—ধ্মা (অগ্নি সংযোগে)] বি. পুং. ধমনকারী; ভস্ত্রাচালক। ২। অগ্নিসংযোগকর্ত্তা। ৩। শব্দকারক।

ধমক (ক্) [ধ্মা (শব্দ করা)+অক (কর্ত্তৃ) ধ্মা=ধম] বি. পুং. কর্ম্মকার। ২। [হি—ধমক, ধমকি] তিরস্কার; ভয়প্রদর্শন; দাবড়ি; হুঙ্কার। প্র—"ধমকে ধরাধর কম্পে"—ঘনরাম। "না দিলে ধমক দেয় দুই চক্ষু রেঙ্গে"—ঈশ্বরগুপ্ত। ৩। ঘোর; তাড়স। প্র—জ্বরের ধমকে সে ক্রমাগত ভুল বকিতেছে। ৪। বল; জোর। প্র—ধমক সামলানা। ৫। ধম ধম শব্দ। প্র—"দামামা ধমকে যেন নব জলধর।"—দুর্গাপঞ্চরাত্র। ৬। প্রতাপ। ক্রি. **ধমকা** (ম্)—ধমক দেওয়া। প্র—তাহাকে ধমকেছে। বি. **ধমকি**। **ধমক দেওয়া, ধমকি দেওয়া**—ধমকান; দাবড়ি দেওয়া; তিরস্কার করা। ২। ভয় দেখাইয়া সাবধান করা।

ধমকান (ধম্‌কানো) [ধমক+আন (ক্রি-বিভক্তি)] ক্রি. তিরস্কার করা; ভয় দেখান; কটু বা রূঢ়বাক্যে সতর্ক করা। প্র—"আমরা ধম্‌কাই যত সাক্ষী। বলি নানাবিধ কটু বাক্যি॥"—রজনী সেন। বি. **ধমকানি**।

ধমন (ন্) [ধ্মা (শব্দ করা)+অন (করণে)] বি. পুং. নল; চোঙ্গা। ২। বিণ. কর্ম্মকারের যাঁতাচালক।

ধমনি, ধমনী (ধমোনি) [ধ্মা (শব্দ করা)+(অনি—কর্ত্তৃ)] বি. স্ত্রী. নাড়ী; শিরা। ২। গলা। ৩। হট্টবিলাসিনী; বেশ্যা চেমনি। ৪। হরিদ্রা।

ধমনীজাল (ধ্—ল্) [ধমনীর জাল (সমূহ) ৬তৎ] বি. দেহাভ্যন্তরস্থ শিরাসমূহ।

ধম্বল (ধোম্‌বোল্) ঢ্যাঁড়া পিটিয়া জানান; বিজ্ঞাপন প্রচার। প্র—"পারেন কেবল পাড়ায় পাড়ায় পিটিতে ধম্বল"—হেম। **ধম্বল দেওয়া, ধম্বলপেটা**—ঢ্যাঁড়া পিটিয়া জানান্ দেওয়া; ঢাক বাজাইয়া প্রচার করা। ২। টো টো করিয়া বন্ধুদের ডাক দিয়ে দিয়ে বৃথা ঘুরিয়া বেড়ান। প্র—কেবল ধম্বল দিয়ে বেড়ালে ত কিছু হয় না। "পাড়ায় পাড়ায় ফেরে পিটিয়া ধম্বল"—হেম বন্দ্যো।

ধম্ম (ধম্‌মো) [ধর্ম্ম। প্রাকৃ—ধম্ম] বি. ধর্ম্ম।

ধম্মিল্ল (ধোম্‌মিল্‌লো) [সং—"সংযতাঃ কচাঃ"—অমর] বি. পুং. সংযত বা বদ্ধ কেশ; খোঁপা। প্র—"ধম্মিল্ল লোল ঝুট করি বন্ধ"—বিদ্যাপতি।

ধর (র্) [ধড় দ্রঃ। ধৃ (ধারণ করা)+অ (কর্ত্তৃ—অচ্)—যে মস্তক ধরিয়া থাকে বা যে প্রাণকে ধারণ করিয়া থাকে] বি. দেহ; শরীর। প্র—"সখি! বংশী দংশিল মোর কাণে, ডাকিয়া চেতন হরে, পরাণ না রহে ধরে"—চণ্ডীদাস। ২। স্কন্ধ হইতে কটিদেশ পর্য্যন্ত দেহাংশ। ৩। মুণ্ডহীন সমস্ত শরীরাংশ। ৪। কূর্ম্মরাজ। ৫। অষ্টবসুর অন্যতম। ৬। কার্পাসতূলা। তুল—হি—রুই। ৭। বিণ. ধারণকর্ত্তা।

ধরণ (ধরোন্) [ধৃ (ধারণ করা)+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. ধারণ। ২। পদ্ধতি; রীতি; প্রথা। প্র—"রাম কালীপদ হরিচরণ নাম এসব সেকেলে ধরণ"—দ্বিজেন্দ্র রায়। ৩। আকার; আকৃতি; রকম; ইঙ্গিত। প্র—তার ধরণ ধারণ দেখে ভাল বোধ হচ্ছে না। ৪। [করণে—অনট্] পরিমাণবিশেষ। ৫। সংস্কৃত সাহিত্যে সূর্য্য, হিমালয়, সেতু, ধান্য ও স্তন প্রভৃতি অর্থে প্রয়োগ আছে বাঙ্গালায় প্রচলিত নাই। **ধরণধারণ**—আকার ধারণ; রূপ ধারণ; প্রকৃতি ধারণ; আকার প্রকার; রীতিপদ্ধতি। ২। চালচলন। প্র—"ধরণ ধারণ এর সবি উচ্ছৃঙ্খল"—অশোকগুচ্ছ।

ধরণি, ধরণী (ধরোনি) [ধৃ (ধারণ করা)+অনি—অনী (কর্ত্তৃ) যাহা সকলকে ধারণ করিয়া আছে] বি. স্ত্রী. পৃথিবী। প্র—"ব্রাহ্মণ ধরণীপতি রঘুনাথ নরপতি জয়দুর্গা তাঁরে কর দয়া।"—কবিক।

ধরণিতল (ধরনিতল্) [ধরণির তল—৬তৎ] বি. ক্লী. ভূতল; ভূপৃষ্ঠ।

ধরণিধর, ধরণীধর (ধরনিধর্) [ধরণি, —ণী (পৃথিবী)—ধর (যে ধারণ করে)] বি. পুং. বিষ্ণু; শিব; ভূধর; পর্ব্বত; কূর্ম্মরাজ; বাসুকি। ২। বিণ. ধরা ধারণকারী।

ধরণীশ্বর (ধরনিশ্‌শর্) [ধরণীর ঈশ্বর (প্রভু) ৬তৎ] বি. পুং. শিব। ২। বিষ্ণু। ৩। ভূপতি; রাজা; সম্রাট্। তুল—"দিল্লীশ্বরো বা জগদীশ্বরো বা"।

ধরণীসুত (ধরনীশুত) [ধরণী—সুত (পুত্র) —৬তৎ। জ্যোতির্ব্বিদ্‌গণের সিদ্ধান্তে ঘূর্ণ্যমান ধরা হইতে কিয়দংশ বহির্গত হইয়া মঙ্গলগ্রহে পরিণত হইয়াছে; চন্দ্রও এইরূপে হইয়াছিল] বি. পুং. মঙ্গলগ্রহ। প্র—"মকরে ধরণীসুত বৃষে চাঁদ গুরুযুত মেষে লিখে প্রচণ্ড কিরণে।"—কবিক। ২। নরকাসুর। স্ত্রী. **ধরণীসুতা**—সীতা।

ধরতি (ধোরতি) [ধর—তি। হি—ধরতি] বি. কম হইলে যাহা ধরিয়া দেওয়া হয়; পূরণ; ক্ষতিপূরণ; অভাবের পূর্ত্তি।

ধরন্তি [প্রা-বাং] ক্রি. ধারণ করে; ধরা দ্রঃ। প্র—"লোহ মোহ কাম ক্রোধ ধরন্তি জিউ"—শূন্যপুরাণ।

ধরব (ধোরবো) [ব্রজ—হি—ধ্‌রব; ধরব্] ক্রি. ধরিব। ধরা দ্রঃ। প্র—"আমরা কি করব? কি বেশ ধরব?"—রবি।

ধরম [ধর্ম্ম। পদ্যে। ব্রজ] বি. ধর্ম্ম। **ধরমকরম**—ধর্ম্মকর্ম্ম; ধর্ম্মানুষ্ঠান; ধর্ম্মসাধনা। প্র—"ধরম করম সকলি গেল লো শ্যামাপূজা মোর হল না"—গিরিশ।

ধরা [ধৃ (ধারণ করা)+অ (কর্ত্তৃ—অচ্) আপ্—স্ত্রী, "ধরা ধরিত্রী ধরণী"—অমর] বি. স্ত্রী. যে চরাচর সকলই ধারণ করে; পৃথিবী। প্র—"তুমি ধরাধর অতি ভাগ্যধর পুণ্য ধরে না ধরায়।"—বাং-গান। ২। জরায়ু; গর্ভাশয়; placenta. ৩। নাড়ী [বিরল]। ৪। স্পর্শ; ছুঁয়া। ৫। সংস্রব; সম্পর্ক। ৬। দায়িত্ব; কর্ত্তৃত্ব; দখল। প্র—"যদি দিলি মা সংসারের ভার। তোর হুকুমে কাজ করব যেন ধরা ছোঁয়া রয় না আর॥"—বাং-গান। ৭। ধারণ; গ্রহণ। ৮। গণনা। ৯। বিণ. ধৃত। প্র—ধরা পড়া। ১০। নির্দ্ধারিত। প্র—ধরা দাম। ১১। সর্ব্ববাদিসম্মত; জানা; স্বীকৃত। প্র—ধরা কথা।

ধরা [ধৃ—ধারণ করা] ক্রি. হস্তে ধারণ করা; গ্রহণ করা। ২। অঙ্গে ধারণ করা; পরিধান করা। প্র—"ধর ধর রমণীর বেশ"—রূপচাঁদ। "কি রঙ্গে অঙ্গনা বেশ ধরিলি দুর্ম্মতি"—মেঘনাদ। (২) সাজ করা; সাজা। প্র—"আজ আসবে শ্যাম গোকুলে ফিরে। * * আমরা কি করব? কি বেশ

ধরব ?"—রবি। ৩। জিহ্বায় ধারণ করা ; উচ্চারণ করা ; উল্লেখ করা। প্র—"নাম ধরে আর ডাকিস্‌নে ভাই যেতে হবে ত্বরা করে।"—রবি। ৪। আশ্রয় করা ; বশবর্ত্তী হওয়া। প্র—"ক্ষ্যাপা তুই আছিস আপন খেয়াল ধরে"—রবি। ৫। অবলম্বন করা ; ভর করা। প্র—সে লাঠি ধরিয়া চলিতেছে। ৬। অবলম্বন দান করা ; পতন রোধ করা। প্র—"সখি আমায় ধর ধর উরু-নিতম্ব-হৃদি-পয়োধর-ভারে ভূমিতে ঢলিয়া পড়ি।"—শ্রীধর কথক। ৭। অবলম্বন বা সাহায্য প্রার্থনা করা ; আশ্রয় করা ; দেবানুগ্রহ লাভার্থে ধন্না দেওয়া। প্র—কত ঠাকুরের দোর ধরে তার রোগ ভাল হয়েছে। একজন বড় গোছ কাপ্তেন না ধরিলে একাজ হবে না। এখন বড় সাহেবকে ধর তাহা হইলেই কাজ হইবে। ৮। পরিত্যাগ না করা ; না ছাড়া। প্র—গোঁ-ধরা ; আবদার ধরা ; জেদ ধরা। ৯। দৃঢ় করা। প্র—কৃপণ প্রাণ ধরিয়া একটি পয়সা খরচ করিতে পারে না। ১০। টানিয়া রাখা ; বজায় রাখা। প্র—"কোন মতে আছে পরাণ ধরিয়া কামিনী শিথিল সাজে।"—রবি। ১১। রুদ্ধ বা বদ্ধ হওয়া। (২) বসিয়া যাওয়া। প্র—চীৎকার করিয়া গলা ধরিয়া গিয়াছে, দধি খাইয়া গলা ধরিয়াছে, গানের সুর উঠিবে না। ১২। গজান ; জন্মান ; হওয়া। প্র—গাছে ফল ধরা, ফুলে কুঁড়ি ধরা, দেওয়ালে লোণা ধরা। কালি বা কলঙ্কের দাগ ধরা। পুস্তকের মলাটে ছাতা ধরিয়াছে আমে পোকা ধরিয়াছে। ১৩। ফুটিয়া উঠা ; প্রকাশ পাওয়া ; ফলা (যেমন রং)। প্র—ফল পাকিলে রং ধরিবে। কাঠে রঙ্ ভাল ধরে নাই। ১৪। কার্য্যকর হওয়া ; ফলোপধায়ক হওয়া। প্র—ঔষধ ধরিয়াছে। ১৫। যে বস্তুর যে গুণ তাহা প্রকাশ পাওয়া বা তাহার কার্য্য করা। প্র—মুখে ওল ধরিয়াছে (কুট্ কুট্ করিতেছে)। পান খাইতে সুপারি ধরিয়াছে। ১৬। প্রশমিত হওয়া ; বদ্ধ হওয়া ; থামিয়া যাওয়া। প্র—বৃষ্টি ধরিলে যাইব। ঔষধ খাইবার পর তাহার পেট ধরিয়াছে। ১৭। বলা বা উল্লেখ করা ; নির্দ্ধারণ করা। প্র—কোন জিনিষের মূল্য বা দর ধরা। তুমিই ইহার একটা দর ধর দেখি। ১৮। আক্রমণ করা। প্র—বাঘে ধরা ; রোগে ধরা ; ভূতে ধরা ; তাহার ঘাড় ধরিয়া লইয়া গেল ; ঐ ধরলে। ১৯। পীড়িত হওয়া ; অসাড় হওয়া ; ব্যথা বা বেদনা করা। প্র—অধিক রৌদ্রে ঘুরিলে মাথা ধরিতে পারে। বসিয়া বসিয়া পা ধরিয়া গিয়াছে। ২০। প্রদর্শন করা ; দেখান। প্র—ভুল ধরা ; ছল ধরা। ২১। তুলনা করা ; গণনা করা ; গণ্য করা। প্র—পাঁচ জনের সহিত তাহাকে ধরা যায়। "হের-ইতে কোই না ধর নিজ দেহা।"—বিদ্যাপতি। ২২। মনে করা ; বিবেচনা করা। প্র—ধর যদি তাই হয়। ২৩। উদ্রেক হওয়া ; প্রাপ্ত হওয়া ; পাওয়া। প্র—শীত ধরা ; কম্প ধরা। তাহার ভয় ধরিয়াছে। ২৪। লাগা বা লগ্ন হওয়া ; স্পর্শ করা। প্র—ঘরে আগুন ধরেচে ; কাপড়ে আগুন ধরেচে। ২৫। অঙ্গ স্পর্শ করা ; ছোঁয়া। প্র—বুড়ী ধরা ; কে ধর্‌তে পারে (খেলায়)। ২৬। ধৃত করা ; আবদ্ধ করা ; আয়ত্ত করা ; বশে আনা। প্র—হাতী ধরা ; মাছ ধরা ; ছেলে ধরা। ২৭। অপরাধী ধৃত করা ; আটক করা ; গ্রেপ্তার করা ; arrest. প্র—চোর ধরা। ২৮। তাংড়ান ; আধার অতিক্রম না করা। প্র—এ পাত্রে একসের দুধ ধরে। সেখানে একশত লোক বেশ ধরিবে। তাহার আনন্দ আর ধরে না। "দেখিতে দেখিতে কবির অধরে হাসিরাশি আর কিছুতে না ধরে"—রবি। ২৯। নিবৃত্ত করা ; গতিরোধ করা ; যাইতে না দেওয়া। প্র—"আমার যাবার সময় হল আমায় কেন রাখিস্ ধরে।"—রবি। ৩০। আরম্ভ হওয়া ; করা ; সূত্রপাত করা। প্র—চুলে পাক ধরিয়াছে ; গান ধরা ; তাল ধরা। সকাল থেকে সুর ধরেচেন। যে কাজটী ধরেছ আগে সেটী শেষ কর। ৩১। প্রজ্বলিত হওয়া ; পোড়া। প্র—উনন ধরিতে বিলম্ব আছে ; টিকে ধরিয়াছে ; ভিজে কাঠ শীঘ্র ধরে না। ৩২। ঈষৎ দগ্ধ হওয়া ; আঁকিয়া যাওয়া। প্র—হাঁড়ীর তলায় ভাত একটু ধরে গেছে। ৩৩। থামা ; স্থিতি করা ; আটকান ; লাগা। প্র—ডাকগাড়ী এত ছোট ষ্টেশনে ধরে না ; নৌকাখানা ঘাটে ধরবে কি ? ৩৪। এক সময় হইতে অন্য সময় পর্য্যন্ত ; যাবৎকাল। প্র—"নিশি দিন ধরে একি ছেলেখেলা।" "এই মতে দুই প্রহর ধরিয়া বেশ ভূষা সব সমাধা করিয়া।"—রবি। ৩৫। মধ্য দিয়া যাওয়া ; পথ ধরা। প্র—"যেয়ো মনোমত পথ ধরিয়া"—রবি। ৩৬। পরিমাণ বা মূল্য অনুযায়ী বিনিময় করা ; একের অভাব পরিবর্ত্তে পূরণ করা। প্র—মূল্য ধরিয়া দেওয়া। ৩৭। পৌঁছ পাওয়া ; লাগাল পাওয়া ; মিলিত হওয়া ; সমান হওয়া। প্র—তুমি আগে যাও আমি তোমাকে পথে ধরিব। যদু যে আস্তে চলে, তাহাতে এক ঘণ্টা আগে গেলেও রাম তাহাকে অর্দ্ধ পথেই ধরিয়া ফেলিবে। ৩৮। অভ্যাসের (সাধাঃ কু-অভ্যাসের) বশবর্ত্তী হওয়া। প্র—সে এখন মদ ধরিয়াছে। ৩৯। অনুসন্ধানের দ্বারা আবিষ্কার করা ; তথ্য বাহির করা ; ঠাওরান ; নির্ণয় করা। প্র—ইহার মধ্যে কি কি মিশান হইয়াছে ঠিক ধর দেখি। তাহার উদ্দেশ্য যে কি তাহা ধরা শক্ত। ডাক্তার রোগ ধরিতে না পারায় ঔষধে কিছু হইল না। ৪০। সনির্ব্বন্ধ অনুরোধ করা। প্র—ছেলেরা সঙ্গে বেড়াইতে যাইবার জন্য ধরিয়াছে অত করিয়া ধরিলে এড়ান যায় না। [উ-পু—ধরি। ম-পু—ধর ; ধরুন্ ; ধর্। প্র-পু—ধরে ; ধরেন্। অস-ক্রি—ধরিতে ; ধরিয়া, ধরে। প্রা—ধত্তে। ণিজন্ত—ধরান (নো)। ব্রজ—ধর, ধরু—ধরে ; গণ্য করে। প্র—"হেরইতে কেহ না ধর নিজ দেহ"—বিদ্যাপতি। ধরই, ধরইতে—ধরিতে। প্র—"ধরই না পারই কেহ"—বিদ্যাপতি।" "করে ধরইতে কত করুণা কোটি"—বিদ্যাপতি। ধরব, ধরবে—ধরিবে। প্র—"ঐছন করব ধরব যব হাত"—বিদ্যাপতি। ধরব—ধরিব। ধরল, ধয়ল—ধরিল। প্র—"কুন্দবল্লী তরু ধরল নিশান।"—পদাবলী। "রঙ্গ পয়োধর অতি ভেল গোর। মাজি ধরল জনু কনয়া কটোর॥"—বিদ্যাপতি। ধরসি—ধরিতেছে। ধরু—ধরে। প্র—"কাঞ্চন কুসুম ছত্র ধরু মাথ।"—পদাবলী]। কলঙ্ক-ধরা—ক্রি, পিত্তলাদি ধাতুর পাত্রে ধাতুর মল ধরা ; দাগ লাগা। কলম ধরা—ক্রি, লেখনী ধারণ করা। ২। কাহার বিরুদ্ধে লেখা। ৩। লিখনারম্ভ করা। কান ধরা—ক্রি, কৃত অপরাধের জন্য অপমান রূপ শাস্তির জন্য কর্ণস্পর্শ করা। ২। অনুতাপ স্বরূপ বা কোন কর্ম্মে পুনরায় হস্তক্ষেপ না করিবার প্রতিজ্ঞা স্বরূপ কর্ণ স্পর্শ করা। ৩। কানে ধরিয়া বলা। খোতো ধরা—চোখে খোতো রোগ হওয়া। এই রোগে চোখের পাতার রোঁয়া খসিয়া যায় চোখ কুটকুট করে। ২। ছাতা পড়া ; খো পড়া। গলা-ধরা—ক্রি, কণ্ঠালিঙ্গন করা। ২। গ্রীবা ধারণ করা। ৩। স্বরবদ্ধ হওয়া। গান ধরা—ক্রি, গান আরম্ভ করা। গাল ধরা—ক্রি, অতিরিক্ত চুণ দিয়া সাজা পান খাইয়া মুখের অভ্যন্তর ভাগ (জিহ্বাদি) ক্ষত হওয়া ; হাজিয়া যাওয়া। ঘাড় ধরা—ক্রি, গলাধাক্কা দেওয়া। ঘুণ-ধরা—ঘুণকীটদষ্ট। ঘুম ধরা—ক্রি, নিদ্রাবেশ হওয়া। চাল ধরা—ক্রি, আচার অবলম্বন করা। ২। অবস্থার অতিরিক্ত আচরণ করা। চুন ধরা—ক্রি, চুণ লাগা, পান খাইতে চুণ লাগিয়া জিহ্বা বা গাল হাজিয়া যাওয়া। চুন ধরান—ক্রি, চুণকাম

করা ; কলি ফিরান। **চূয়াল ধরা**—ক্রি, চোয়ালের খিল আটকাইয়া যাওয়া ; চোয়াল বদ্ধ হওয়া। **ছল ধরা**—ক্রি, ত্রুটি বা দোষ গ্রহণ করা বা প্রদর্শন করা। **ছুতা ধরা**—ক্রি, সূত্র ধারণ করা ; দোষের সূত্র বাহির করা ; ত্রুটি লওয়া। **ছাতা ধরা**—ক্রি, মস্তক রক্ষা করা ; সাহায্য করা ; অভাবমোচন করা। প্র—"যেখানে জল পড়ে সেইখানে ছাতা ধরে।" **ছেঁকে ধরা**—বহুসংখ্যক একত্র হইয়া ঘিরিয়া ফেলা। **ছেলে ধরা**—বিণ, শিশুচোর ; শিশুদিগের ভীতিজনক কাল্পনিক মূর্ত্তির জুজু (দুরন্ত শিশুদিগকে ভয় দেখাইয়া বশ করিবার জন্য প্রযুক্ত হয়)। **ছেঁদে ধরা**—দুই বাহু দিয়া জড়াইয়া ধরা। ২। বেষ্টন করা। প্র—সাপে পা ছেঁদে ধরে। **জন ধরান**—ক্রি, লোক লাগান। **জল ধরা**—বৃষ্টি ধরা ২। জল পাত্রস্থ করা বা পাত্রে তুলিয়া রাখা। **জমি ধরা**—চাষের জন্য জমি লওয়া। ২। হল চালাইয়া চষিয়া ফেলা। **টান ধরা**—অভাব হওয়া। **টোল ধরা**—ক্রি, টোল পড়া। (২) বিণ, যাহাতে টোল পড়িয়াছে ; আঘাত প্রাপ্ত। **ট্রেণ বা ট্রাম ধরা**—ঠিক সময়ে পৌছিয়া রেলগাড়ী বা ট্রামগাড়ীতে আরোহণ করিতে পারা। **ঠেল্ ধরা**—এমন ভীড় হওয়া যাহাতে ঠেলাঠেলি হয়। **ঠেলমারা, ঠেসে ধরা**—প্রাচীরাদি বা কোন ব্যক্তির গায়ে চাপিয়া ধরা। **তান ধরা**—গানের সুর ভাঁজা। **তাল ধরা**—গানের তাল অনুযায়ী তাল দেওয়া। ২। দায়িত্ব গ্রহণ করা। **দাম বা দর ধরা**—মূল্য নির্দ্ধারণ করা। **দশায় ধরা**—দশ দশার শেষ দশায় আক্রমণ করা। ২। দুর্দ্দশাগ্রস্ত হওয়া। **দোর ধরা**—ধন্না ধরা দ্রঃ। ২। বিণ, দেবতার দ্বারে ধন্না দিয়া মাতা যে শিশুর প্রাণ ভিক্ষা করিয়া লইয়াছে। **ধামা ধরা**—বিণ, তোষামোদকারী ; খোসামুদে। ২। নিজের কোন মতামত নাই, যা বলাও তাই বলে, যা করাও তাই করে। প্র—"আপন ব্যবসায়ে ধামাধরা গোচ"—টেকচাঁদ। **ধন্না ধরা**—ধরণা ধরা ; অভীষ্টলাভের জন্য অভীষ্টদেবতার দ্বারে প্রতীক্ষা করিয়া বসিয়া থাকা। **ধূলো মুঠো ধরলে কড়ি মুঠো হওয়া**—ভাগ্য সুপ্রসন্ন হইলে অলাভের বস্তু দ্বারা লাভবান্ হওয়া। **ধরাকাট**—নিয়ম পালন ; বাঁধাবাঁধি (উচ্ছৃঙ্খলতার বিপরীত)। **ধরা দেওয়া**—স্বেচ্ছায় অন্যের অধীন হওয়া বা তাহার আয়ত্তের মধ্যে যাওয়া : আত্মসমর্পণ করা। প্র—"ধরা নাহি দিলে ধরিব দুপায়।"—রবি। "ধরা ত দেয় না হাওয়া ফুলে ফুলে চলে যায়।"—গিরিশ। "নারীর দুর্ব্বল হৃদয় আবার সে কুহকে ধরা দিয়েছে।"—ভারতী। ২। সংস্রব রাখা ; ছোঁ দেওয়া ; দখল দেওয়া। প্র—"লাজ টুটে শেষে মরি লাজে, মিছে কাজে ধরা দিবে না যে।"—রবি। **ধরা পড়া**—অধিকৃত হওয়া। প্র—পলাতক এখন ধরা পড়িয়াছে। ২। আবিষ্কৃত হওয়া : জ্ঞান গোচর হওয়া। ৩। গুপ্ত বিষয় প্রকাশ পাওয়া ; হওয়া। প্র—"দখিন বাতাস বলে গেল তারে সকলি পড়েছে ধরা।" "হাতে হাতে আর কিছুই পড়ে না ধরা।"—রবি। **ধরে পড়া**—ধরা ও পড়া ; ধরিয়া ঝুঁকিয়া বা ঝুলিয়া থাকার ভাব ; সনির্ব্বন্ধ অনুরোধ করা। প্র—"যে সকল সাহেবের কর্ম্ম কাজ করিয়াছিলাম এক্ষণে তাহারা কেহ নাই, থাকিলে ধরে পড়ে অমনি ভর্ত্তি করিতে পারিতাম।"—আলাল। **ধর পাকড়, ধরা পাকড়া করা**—ধরা ও পাকড়ান—সহচর শব্দ ; টানা হেঁচড়া করিয়া ধরা। প্র—"কিছুকাল পরে সন্ধান সুলুক করা ও ধরা পাকড়ার কর্ম্ম ত্যাগ করিয়া তিনি কেবল বিচার করিতেন।"—টেকচাঁদ। **ধরে বসা**—ক্রি, সনির্ব্বন্ধ অনুরোধ করা। **ধরে ভদ্র ঘটান**—কাহার অনিচ্ছা সত্ত্বেও তাহাকে কোন কার্য্যে নিয়োজিত করা। কাহারও প্রবৃত্তির বিরুদ্ধে জেদাজিদি করিয়া বা নানা প্রকারে সম্মত করিয়া কোন অনুষ্ঠানে প্রবৃত্ত করান। **ধরা-বাঁধা**—কড়া নিয়ম : ধরাকাট। **নাম ধরা**—নাম উচ্চারণ বা উল্লেখ করিয়া ডাকা ; নাম মুখে আনা : নাম করা। **নোনা বা লোণা ধরা**—দেয়াল, জমী প্রভৃতির গায়ে লবণের গুঁড়ার মত ফুটিয়া উঠা। **পচ ধরা**—পচিতে আরম্ভ হওয়া। **পাক ধরা**—পাকিতে আরম্ভ হওয়া ; কাঁচার পর ডাঁসা, তাহার পর পাকার অবস্থায় পৌছান। **পায়ে ধরা**—ক্রি, চরণ ধারণ করা বা স্পর্শ করা। ২। অনুনয় বিনয় করা ; খোসামোদ করা। ৩। বিনীত ও অনুতপ্ত হৃদয়ে আত্মদোষ স্বীকার করা ও ক্ষমা প্রার্থনা করা। **ফল ধরা**—ফুলের পরে কড়েয়া হয় ; কড়েয়া ঝরিয়া না পড়িয়া একটু বড় হইলে ফল ধরা বলে। ফল জন্মান ; বোঁটায় ফল লেগে থাকা। **বল ধরা**—শক্তিধারণ করা। প্র—"হাজার হাতীর বল ধরে।" **ভাত ধরান**—শিশুকে প্রথমে ভাত খাইতে আরম্ভ করান ; ভাত খাইতে অভ্যাস করান। ২। হাঁড়ীতে ভাত রাঁধিবার সময় তলায় ভাত চুঁয়াইয়া ফেলা। **মনে ধরা**—ক্রি, মনে লাগা ; মনের মত হওয়া ; পসন্দ হওয়া। প্র—"আঁখি ত অনেকে হেরে, বল কারে মনে ধরে, তবে তারে মনে ধরে যে হয় মনোরঞ্জন।"—নিধুবাবু। **মাথা-ধরা**—বিণ, মুরুব্বি ; সহায় ; রক্ষক ; লায়েক। প্র—তাঁহার ছেলে এখন বেশ মাথা-ধরা হয়ে উঠেছে। ২। ক্রি, শিরঃপীড়া ; মাথা ব্যথা করা। **মুখ ধরা**—মুখ লাগা (দ্রঃ)। ২। মুখর হওয়া : রূঢ় ভাবে উত্তর প্রত্যুত্তর করা। ৩। গালি দেওয়া। ৪। তিরস্কার করা : ভৎর্সনা করা। **যমে ধরা**—সাক্ষাৎ মৃত্যুস্বরূপ রোগ দ্বারা আক্রান্ত হওয়া। ২। বলবান ও নিষ্ঠুর আততায়ীর দ্বারা সবলে গৃহীত হওয়া। **লাঙ্গল ধরা**—চাষ অবলম্বন করা ; ক্ষেত্রকর্ষণ করা। **লেজ ধরা**—ক্রি, অনুকরণ করা। ২। বিণ, অনুগৃহীত। ৩। যাহার স্বাধীন মত নাই ; যে স্বাধীনভাবে কিছু করিতে পারে না : যে পরের বুদ্ধিতে চালিত হয়। **হাত-ধরা**—বিণ, বাধ্য ; বশীভূত : যাহাকে হাতের যন্ত্রস্বরূপ যথেচ্ছ চালিত করা যায়। **হাতে ধরা**—ক্রি, সনির্ব্বন্ধ অনুরোধ করা। ২। প্রত্যক্ষ ভাবে সাহায্য করা। **হাতে ধরিয়া**—যত্ন ও আয়াস স্বীকার করিয়া। প্র—"তাহাকে হাতে ধরিয়া কাজ শিখাইয়াছি। **হাল ধরা**—ক্রি [নৌকা প্রভৃতির হাল ধরিয়াই নৌকা চালনা বা তাহাকে রক্ষা করা সম্ভব বলিয়া] কোন অনুষ্ঠানের ভার গ্রহণ করা। সর্ব্বেসর্ব্বা হইয়া কার্য্য পরিচালন করা। **হ্যাঁপা ধরা**—ঝুঁকি লওয়া ; ঝঞ্ঝাট পোহান ; উপদ্রব সহ্য করা।

ধরাট, ধরাটি (ট্) বি, পণদানের বৃদ্ধি-বিশেষ। ২। ক্রয় বিক্রয়ে যে বাটা বা ছাড় ধরা বা নির্দ্ধারিত আছে ; বাটা। ৩। নৌকার মঞ্চভেদ। ৪। ধরাকাট ; সংযম ; বাঁধাবাঁধি নিয়ম।

ধরাতল (ল্) [ধরা—তল] বি, পৃথিবীর উপরিতল ; ভূপৃষ্ঠ ; ভূতল। ২। পৃথিবী ; অবনী ; ধরাধাম। প্র—"ধরাতলে নরাধম খল আছে যত।"—পদ্যপাঠ। ৩। [গণিতে] যে ক্ষেত্রের দৈর্ঘ্য ও বিস্তার আছে কিন্তু বেধ নাই।

ধরাত্মজ (ধরাৎতজ) [ধরার (পৃথিবীর) আত্মজ (পুত্র)—৬তৎ] বি, পুং, মঙ্গলগ্রহ ; ভৌম ; ধরাসুত দ্রঃ। ২। নরকাসুর। স্ত্রী, **ধরাত্মজা**—সীতা।

ধরাধর (র্) [ধরা (পৃথিবী) ধর (যে ধারণ করে)] বি, পুং, ধরণীধর দ্রঃ। ২।

পর্ব্বত। প্র—"গিরি নাহি জান আপনায়। তুমি ধরাধর অতি ভাগ্যধর পুণ্য ধরে না ধরায়।"—বাংগান।

ধরাধরি (ধো) [ধরা—ধরি] বি, পরস্পর পরস্পরকে ধারণ। প্র—দুই বন্ধুতে গলা ধরাধরি করিয়া যাইতেছে। ২। একাধিক বা বহুলোক কর্ত্তৃক ধারণ। প্র—সে পড়িয়া গেলে তাহাকে সকলে ধরাধরি করিয়া ঘরে আনিল। ক্রি, **ধরাধরি করা।**

ধরান (নো) [ধরা (দ্রঃ) র ণিজন্তরূপ] ক্রি, ধরিতে বাধ্য করা। ২। লগ্ন করা; লাগান; জমান। প্র—বালি ধরান; মাটি ধরান। ৩। [লাগান (হি—জমানা) অর্থ হইতে] আঘাত করা; মারা। প্র—চড় ধরান। ৪। যুক্ত করা; দেওয়া। প্র—নাম ধরান। ৫। গ্রহণ করান; তাংড়ান; স্থাপন করা। প্র—ছোট পাত্রে অনেক জিনিষ ধরান। ৬। জ্বালান। প্র—টিকে ধরান। ৭। ধরাইয়া দেওয়া; ধৃত করান। প্র—চোর ধরান। ৮। অভ্যাস (সাধারণতঃ কদভ্যাস) করান; প্র—তামাক ধরান: মদ ধরান।

ধরাবন্ধ (ধরাবন্ধ) বি, পুং, ত্যাগ।

ধরাবাড়ি [প্রাদে। কৃষিভাষায়] বি, ক্ষেতে বিদেকাট চালাইবার বাঁশের আঁকৃষি।

ধরামর (র্) [ধরার (পৃথিবীর) অমর (দেবতা)—৬তৎ বা ৭তৎ] বি, পুং, ভূদেবতা। ২। ব্রাহ্মণ।

ধরিত্রী (ধোরিৎত্রি) [ধৃ (ধারণ করা)+ইত্র (কর্ত্তৃ) ঈপ্, স্ত্রী—যে চরাচর ধারণ করে] বি, স্ত্রী, ধরা: পৃথিবী: বসুধা।

ধরু (ধোরু) [ব্রজ। ধরা দ্রঃ] ক্রি, ধরে; ধারণ করে। ২। আলিঙ্গন করে। প্র—"বাহু পসারিয়া দোঁহে দোঁহা ধরু। দুহুঁ অধরামৃতে দুহুঁ মুখ ভরু॥"—বিদ্যাপতি।

ধর্ত্তব্য (ধোর্‌তোব্‌বো) [ধৃ (ধরা)+তব্য (কর্ম্মে)] বিণ, ধারণযোগ্য। ২। বিবেচ্য; মনোযোগের বিষয়। ২। গণ্য; গ্রাহ্য। **ধর্ত্তব্যের মধ্যে নয়**—অগ্রাহ্য; তুচ্ছ।

ধর্ত্তা [ধৃ (ধরা)+তৃ (কর্ত্তৃ, তৃচ্)=ধর্ত্তৃ ১মা, ১ব] বিণ, ধারণকর্ত্তা। ২। বহনকর্ত্তা।

ধর্ম্ম [ধৃ (ধারণ করা, পোষণ করা)+ম (কর্ত্তৃ মন্)—যে সকলকে ধারণ বা পোষণ করে] বি, পুং, প্রত্যেক জীব, বস্তু বা বিষয়ের নিজস্ব গুণ, যাহার অভাবে সেই সেই জীব, বস্তু বা বিষয়ের অস্তিত্ব থাকে না। যথা, অগ্নির ধর্ম্ম উত্তাপ এবং ঔজ্জ্বল্য; জলের তারল্য এবং শৈত্য (তু—মানবধর্ম্ম—মনুষ্যত্ব,—পশুধর্ম্ম, পশুত্ব ইত্যাদি)। [শাস্ত্রে] ঈশ্বরাজ্ঞা যথাবৎ পালন, অপক্ষপাত বিচার ও সকলের হিতকরণ, যাহা প্রত্যক্ষাদি প্রমাণদ্বারা সুপরীক্ষিত, বেদবিহিত, ও সকল মনুষ্যের একমাত্র মানিবার যোগ্য। "অহিংসাই ধর্ম্ম এবং এই কথা সর্ব্বদেশে সকল ধর্ম্মশাস্ত্রই বলে।"—মহাভারত। প্র—"ধর্ম্মে মতি হউক সবার"—অন্নদামঙ্গল। "সেই ধর্ম্ম পরলোকে সার।"—ঐ। [সাম্প্রদায়িক] দেশ ভেদে জাতি বিশেষের পরকাল প্রভৃতির অলৌকিক পদার্থ বিষয়ক বিশ্বাস এবং উপাসনা প্রণালী; religion. প্র—হিন্দুধর্ম্ম, বৌদ্ধধর্ম্ম, খৃষ্টধর্ম্ম, মুসলমান-ধর্ম্ম প্রভৃতি। [বৌদ্ধশাস্ত্রমতে] কর্ম্ম। (২) সংস্কার; কার্য্যকারণভাব। প্র—"কেহ বলেন 'বেদনা, সংজ্ঞা ও সংস্কার' এই তিন স্কন্ধই ধর্ম্মশব্দের অন্তর্ভূত, অন্যেরা বলেন, 'ধর্ম্ম' শব্দের অর্থ 'কার্য্য কারণ ভাব।' * * * সহস্রমত সত্ত্বেও পাশ্চাত্য পণ্ডিতগণ একবাক্যে বলিয়াছেন, "কার্য্যকারণ ভাবই ধর্ম্মশব্দের প্রকৃত তাৎপর্য্যার্থ"—ধর্ম্মপদ। ২। ন্যায়ান্যায়ের বিচারক: ঈশ্বর। ৩। আত্মা; জীব। ৪। দণ্ড পুরস্কারের কর্ত্তা; যম। প্র—ধর্ম্ম জানেন তিনিই এর বিচার করবেন। ৫। যে কর্ম্মের অনুষ্ঠান না করিলে, দুঃখ, অযশ ও পাপ আছে; পুণ্য; সুকৃত; সদনুষ্ঠান। ৬। অবশ্য কর্ত্তব্য। প্র—ইহা তুমি ধর্ম্মভেবেই করবে। ৭। গুণ; শক্তি। প্র—ঔষধের ধর্ম্ম। ৮। স্বভাব। প্র—খলের ধর্ম্ম; সর্পের ধর্ম্ম; সাধুর ধর্ম্ম; তোমার ধর্ম্ম তোমার থাক। ৯। অহিংসা। প্র—"অহিংসা পরমোধর্ম্মঃ"। ১০। শাস্ত্রবিহিত আচার। ১১। রীতি। প্র—কালের ধর্ম্ম। ১২। শিবের বৃষ (তুল—ধর্ম্মের ষাঁড়)। ১৩। স্বাভাবিক অবস্থা। প্র—উত্তাপ এবং দীপ্তি আগুনের, তারল্য এবং শৈত্য জলের ধর্ম্ম। ১৪। ভাব। ১৫। সোমপায়ী ব্রাহ্মণ। ১৬। ধনুক। ১৭। [জ্যোতিষে] লগ্নের নবম স্থান। ১৮। বৌদ্ধধর্ম্ম; সদ্ধর্ম্ম; বৌদ্ধদিগের উপাস্য বুদ্ধ, সঙ্ঘ ও ধর্ম্ম এই তিনের অন্যতম। ১৯। ধর্ম্ম-ঠাকুর; নিরঞ্জনদেব। প্র—"বন্দি পরাৎপর ব্রহ্ম, অনাদি অনন্ত ধর্ম্ম, বিশ্বরাজ অখিল-আধান। সূক্ষ্ম শূন্য সনাতন, নির্ব্বিকার নিরঞ্জন, নিত্যানন্দ নির্গুণ নিধনে॥"—ধর্ম্মমঙ্গল (ঘনরাম)। দ্রঃ—নিম্নশ্রেণীর হিন্দুদিগের মধ্যে প্রচ্ছন্ন বৌদ্ধধর্ম্মের নিদর্শনস্বরূপ ধর্ম্মের পরিবর্ত্তে ধর্ম্মঠাকুরের পূজা প্রচলিত হইয়াছে এবং স্থায়ী বৌদ্ধ সন্ন্যাসীর দল "সঙ্ঘ" স্থলে সাময়িক গাজনের সন্ন্যাসীর সৃষ্টি হইয়াছে। **ধর্ম্মকর্ম্ম,—কার্য্য,—ক্রিয়া**—ধর্ম্মানুষ্ঠান; ধর্ম্মানুমোদিত ক্রিয়াকর্ম্ম। **কালের ধর্ম্ম**—যুগোচিত ধর্ম্ম; বর্ত্তমান অর্থাৎ কলিকালের ধর্ম্ম। ২। এখনকার কালের যেরূপ বিপরীত ধারা দাঁড়াইয়াছে সেইরূপ; অধর্ম্ম। **ধর্ম্ম অর্থ কাম মোক্ষ**—মানবজীবনের সাধনাচতুষ্টয়: ধর্ম্মসাধন, ধনার্জ্জন, ভোগবাসনা এবং উচ্চাভিলাষ, বাসনাক্ষয় বা সমুন্নতি বা মুক্তি। **ধর্ম্মে স'ওয়া**—ধর্ম্মরাজের সূক্ষ্ম অপক্ষপাত বিচারে টেঁকা। প্র—"আমি জন্মে জানিনে প্রেম যাতনা মনে পড়ে না। সই তুমি মজালে, তোমার ধর্ম্মে সবে না॥"—রামবসু। **ধর্ম্মপুত্র, ধম্মছেলে, ধরমবেটা**—ধর্ম্মরক্ষার্থ যে পুত্ররূপে গৃহীত হইয়াছে; ভিক্ষাপুত্র। **ধর্ম্মকন্যা, ধম্মমেয়ে, ধরমবেটী**—ধর্ম্মার্থ যে কন্যাস্বরূপ গৃহীতা; ভিক্ষাকন্যা। **ধর্ম্মভ্রাতা, ধম্মভাই, ধরমভাই**—যে একগুরুর নিকট একধর্ম্মে দীক্ষিত; গুরু-ভাই। **ধর্ম্মবন্ধু**—সমধর্ম্মে দীক্ষাসূত্রে যে বন্ধু হয়। **ধর্ম্মমা, ধম্মমা, ধরম মা**—যে নারী (সাধাঃ বন্ধ্যা) পুন্নাম নরক হইতে পরিত্রাণ মানসে অথবা অন্যকারণে মাতৃধর্ম্ম রক্ষার্থ মাতৃস্থানীয়া হন: ধর্ম্মসাক্ষ্য যিনি মা হন। **ধর্ম্মপিতা, ধম্মবাপ, ধরমবাপ**—যিনি পিতৃধর্ম্ম রক্ষার্থ পিতার স্থানীয় হন: ধর্ম্মসাক্ষ্য যিনি বাপ হন। **ধর্ম্মপত্নী**—ধর্ম্মার্থ পত্নী; বিবাহিতা পত্নী। **ধর্ম্মপণ্ডিত**—ধর্ম্মঠাকুরের পূজক। **ধর্ম্মঠাকুর**—অনাদ্য বা নিরঞ্জন দেব। বৌদ্ধধর্ম্মের অবসানে ধর্ম্ম-ঠাকুরের উদ্ভব। শূন্যপুরাণ, ধর্ম্মমঙ্গলনামক গ্রন্থাদিতে ধর্ম্মঠাকুরের কাহিনী বিবৃত হইয়াছে। শূন্যমূর্ত্তি: অধিকাংশ জল অনাচরণীয় হিন্দু-দিগের উপাস্য। নানা স্থানে নানা নামে অভিহিত, যথা—দক্ষিণরাঢ়ে (বেড়ালে) "ক্ষুদিরায়," মেমারিতে "অচলরায়," ঘেঁটুগাছিতে "ধর্ম্মরাজ," নদীয়ার নিকট জামালপুরে "বুড়োরাজ," পাণ্ডু-গ্রামে "বুড়াধর্ম্ম," গোপালপুরে "কাঁকড়াবিছা," পশ্চিমপাড়ায় "যাত্রাসিদ্ধি," গুড়ুড়াগ্রামে "শীতলনারাণ," বড়জাগ্রামে "মোহনরায়," জাড়াগ্রামে "কালুরায়," জাজপুরে "দেহার," উত্তররাঢ়ে—কলিকাতার ধর্ম্মতলায়—"ধর্ম্ম-ঠাকুর"। ধর্ম্মঠাকুরের তলা=ধর্ম্মতলা। অধিকাংশ স্থলে ডোম, দুলে বাগ্দী প্রভৃতি জাতীয় পণ্ডিতগণ ধর্ম্মঠাকুরের পূজা করিয়া থাকে। **ধর্ম্মের ঘর**—যে সংসারে অধর্ম্মাচরণ হয় না। ২। ধর্ম্মঠাকুরের পূজা যে ঘরে হয়। ৩। আঁতুড় ঘর।

ধর্ম্মকাম (ম্) [ধর্ম্মে (ধর্ম্মানুষ্ঠানে) কাম (কামনা) যাহার, বহু] বিণ, ফলাকাঙ্ক্ষী; ধর্ম্মানুষ্ঠাতা। ২। ধর্ম্মসাধনেচ্ছু।

ধর্ম্মকীল (ল) [সং—স্মৃতির পরিভাষা] বি. পুং. রাজশাসন।

ধর্ম্মকুণ্ড—বি. ঢ়ী. কাম্যবনস্থিত তীর্থবিশেষ।

ধর্ম্মকৃৎ (ধর্‌মোকৃৎ) [ধর্ম্ম—কৃ (করা) + কিপ্ (কর্ত্তৃ) ৎ—আগম] বিণ. যে ধর্ম্মানুষ্ঠান করে। ২। বি. বিষ্ণু।

ধর্ম্মকৃত্য (ধরমোকৃত্ত) [ধর্ম্ম (ধর্ম্মজনক) কৃত্য (কার্য্য)—কর্ম্মধা] বি. পুং. ধর্ম্মানুমোদিত ক্রিয়াকর্ম্ম ; ধর্ম্মসাধকের কর্ত্তব্যকার্য্য।

ধর্ম্মকেতু [ধর্ম্ম—কেতু (ধ্বজচিহ্ন) যাহার, বহু] বি. পুং. বুদ্ধদেব।

ধর্ম্মক্ষেত্র (ধরমখেৎত্র) [ধর্ম্মজনক যে ক্ষেত্র (স্থান ; ভূমি) কর্ম্মধা। "ধর্ম্মক্ষেত্রং কুরুক্ষেত্রং" —হেমচন্দ্র] বি. স্ত্রী. কুরুক্ষেত্রের নামান্তর ; কুরুক্ষেত্র দ্রঃ। ২। পুণ্যভূমি। প্র—"ধর্ম্মক্ষেত্রে কুরুক্ষেত্রে একত্র হইয়া"—গীতা (কুমার নাথ)।

ধর্ম্মগ্রন্থ (ধর্‌মো গ্রোন্‌থো) [ধর্ম্ম—গ্রন্থ] বি. সাম্প্রদায়িক ধর্ম্ম মত প্রতিষ্ঠাপক বা মতবাদ সম্বন্ধীয় পুস্তক। হিন্দুর ধর্ম্মগ্রন্থ—**বেদ** ; খৃষ্টানের ধর্ম্মগ্রন্থ—**বাইবেল** ; মুসলমানের ধর্ম্মগ্রন্থ = **কোরাণ** ; বৌদ্ধ ধর্ম্মগ্রন্থ—**ত্রিপিটক** ; পারসীক ধর্ম্মগ্রন্থ—**আবেস্তা** ; শিখ ধর্ম্মগ্রন্থ —**গ্রন্থসাহেব** ; জৈনধর্ম্মগ্রন্থ—**কল্পসূত্র**।

ধর্ম্মঘট (ধরমোঘট্) [ধর্ম্ম—ঘট] বি. পুং. ধর্ম্মার্থে ঘট বা কলসদান ব্রত ; বৈশাখ মাসের প্রতিদিন সভোজ্য সুগন্ধ জলপূর্ণ দাতব্য কলস। ২। ধর্ম্মরক্ষার্থ ঘট। ৩। কোন সম্প্রদায়ভুক্ত ব্যক্তিগণের সকলে সমবেত হইয়া কোন কার্য্য করা না করা সম্বন্ধে যে প্রতিজ্ঞা করে। ৪। [বাণিজ্যে] শ্রমিকদিগের মধ্যে ব্যবসাদার বা মহাজনের অধীনে কোন কার্য্য করা বা না করা সম্বন্ধে ধর্ম্মসাক্ষ্য করিয়া প্রতিজ্ঞা বন্ধন ; বেতন বৃদ্ধির জন্য ঘটস্থাপনা পূর্ব্বক ধর্ম্মবন্ধনে বদ্ধ শ্রমিকগণের কাজ বন্ধ ; strike. **ধর্ম্মঘটব্রত**—বি. জলপূর্ণ ঘট দান ঘটিত বধ-চতুষ্টয় নিষ্পাদ্য ব্রতবিশেষ।

ধর্ম্মচক্র—বি. বুদ্ধদেবের চারিটী উপদেশ। — ১। সংসার নিরবচ্ছিন্ন দুঃখময়। ২। বিষয় তৃষ্ণাই দুঃখের মূল কারণ। ৩। বিষয় তৃষ্ণা সমূলে উৎপাটন করাতেই দুঃখনিবৃত্তি। ৪। দুঃখ নিবৃত্তির অষ্টাঙ্গিক পথ আছে সেই পথ আশ্রয় করিয়া চলিলেই বাঞ্ছিত ফল লাভ হয়. (১) সম্যক দৃষ্টি, (২) সম্যক্ সংকল্প (সংকল্প ঠিক রাখা), (৩) সম্যক্ বাক্য (সত্য সরল প্রিয় বাক্য), (৪) সম্যক্ কর্ম্মান্ত (সদাচরণ), (৫) সম্যক্ আজীব (সর্ব্বভূত অহিংসাপূর্ণ সাধু জীবিকা অবলম্বন), (৬) সম্যক্ ব্যায়াম (আত্ম সংযম প্রভৃতি উপায়ে আত্মোৎকর্ষ সাধন), (৭) সম্যক্ স্মৃতি (ধারণা ঠিক রাখা), (৮) সম্যক্ সমাধি (জীবনের সুগভীর তত্ত্ব সকলের ধ্যান, মনন, নিদিধ্যাসন)।

ধর্ম্মচর্য্যা (ধর্‌মোচোর্‌জ্জা) [ধর্ম্ম—চর্য্যা (আচরণ)] বি. ধর্ম্মাচরণ ; ধর্ম্মানুষ্ঠান।

ধর্ম্মচারী (ধর্‌মো চারি) [ধর্ম্ম (কর্ত্তব্য কর্ম্ম) চর্ (গমন করা, আচরণ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = ধর্ম্মচারিন্ ১মা, ১ব] বিণ. যে ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান করে ; যে ধর্ম্মপথে চলে ; যে ধর্ম্মানুমোদিত জীবন যাপন করে ; ধার্ম্মিক। স্ত্রী. **ধর্ম্মচারিণী**—সহধর্ম্মিণী। ২। ধর্ম্মশীলা ; সুচরিতা ; সাধ্বী।

ধর্ম্মচিন্তা (ধর্‌মোচিন্‌তা) [ধর্ম্ম—চিন্তা] বি. ধর্ম্মবিষয়ক চিন্তা। ২। সুচিন্তা ; সাধুচিন্তা।

ধর্ম্মজ [ধর্ম্ম—জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ—ড) যে জন্মে] বি. পুং. ঔরস পুত্র ; ধর্ম্মপত্নীর গর্ভজাত পুত্র।

ধর্ম্মজায়া (ধর্‌মোজায়া) [ধর্ম্ম—জায়া (পত্নী)] বি. স্ত্রী. ধর্ম্মপত্নী। প্র—"বিধির মানস সুত দক্ষমুনি তপযুত প্রভৃতি তাহার ধর্ম্মজায়া।"—অন্নদামঙ্গল।

ধর্ম্মজীবন [ধর্ম্ম—জীবন] বি. ধার্ম্মিক জীবন ; সাধু জীবন ; religious life. **ধর্ম্মজীবন যাপন করা**—ধর্ম্ম সাধনায় জীবন অতিবাহিত করা ; সাধু ও ধর্ম্ম সঙ্গত কর্ম্মে দিন কাটান ; ধার্ম্মিকের আদর্শে কাল যাপন করা।

ধর্ম্মজ্ঞ (ধর্‌মোগ্‌গোঁ) [ধর্ম্ম—জ্ঞা (জানা) + অ (কর্ত্তৃ—ড)—যে ধর্ম্ম জানে] বিণ. যে ধর্ম্মের মর্ম্ম জানে ; ধর্ম্মবিৎ ; ধর্ম্মোপদেশক।

ধর্ম্মজ্ঞান (ধর্‌মোগ্‌গ্যান্) [ধর্ম্ম—জ্ঞান—৬তৎ] বি. ক্লী. ধর্ম্মের মর্ম্মবোধ ; ধর্ম্মতত্ত্ব-বিষয়ক জ্ঞান। ২। ন্যায়বোধ ; ধর্ম্ম রক্ষা করা যে কর্ত্তব্য তাহার জ্ঞান বা বোধ। প্র —তাহার ধর্ম্মজ্ঞান থাকলে কখনই এরূপ করিত না। ৩। [ধর্ম্মের জ্ঞান আছে যাহার, বহু] বিণ. ধর্ম্মজ্ঞানবিশিষ্ট ; যাহার ধর্ম্মজ্ঞান আছে [বিরল]।

ধর্ম্মণ (ন) বি. পুং. বৃক্ষবিশেষ। ২। ঢেমনা সাপ।

ধর্ম্মতঃ (ধর্‌মোতো) [ধর্ম্ম + তস্] অ. ধর্ম্মানুসারে ; ধর্ম্মপ্রমাণ ; ধর্ম্মসাক্ষী করিয়া ; ন্যায়ত। প্র—ধর্ম্মতঃ শপথ করিয়া বল। ২। ধর্ম্মের নিকটে ; ধর্ম্মদ্বারে। সে একাজ করিলে ধর্ম্মতঃ পতিত হইবে। **লোকতঃ ধর্ম্মতঃ**—মানুষ ও ঈশ্বরের দৃষ্টিতে ; সামাজিকভাবে ও ধর্ম্মানুসারে।

ধর্ম্মতত্ত্ব (ধর্‌মোতৎত) [ধর্ম্ম—তত্ত্ব—৬তৎ] বি. ক্লী. ধর্ম্মের গূঢ় মর্ম্ম ; ধর্ম্মবিজ্ঞান।

ধর্ম্মদ্রোহ (ধর্‌মোদ্রোহো) [ধর্ম্ম—দ্রুহ্ (বিরুদ্ধাচরণ করা) + অ (ভাবে, অল্) = দ্রোহ] বি. ধর্ম্মের প্রতিকূলতাচরণ ; ন্যায়ের বিরুদ্ধাচরণ ; অধর্ম্মাচরণ। ২। ধর্ম্মবিদ্বেষ। বিণ. ধর্ম্মদ্রোহী।

ধর্ম্মদ্রোহী (ধর্‌মদ্‌দ্রোহি) [ধর্ম্ম—দ্রুহ্ (বিনাশ করা) + ইন্ (কর্ত্তৃ – ণিন্) = ধর্ম্মদ্রোহিন্ ১মা, ১ব] বিণ. ধর্ম্ম কর্ম্ম বিনষ্টকারী ; ধর্ম্মদ্বেষী। ২। অধর্ম্মাচারী। ৩। পুং. রাক্ষস।

ধর্ম্মধ্বজ (ধর্‌মোধ্‌ধজ) [ধর্ম্ম—ধ্বজ আছে যাহার, বহু] বিণ. ধর্ম্মের চিহ্নধারক। ২। বি. পুং. মিথিলার জনকবংশীয় জনৈক রাজা ; পরিঃ দ্রঃ।

ধর্ম্মধ্বজা—বি. ধর্ম্মধ্বজ দ্রঃ ; ধর্ম্মভাণকারী ; লোক দেখানে ধার্ম্মিক। প্র—"কোথা গেল ভাই ভজা, হিন্দু ধর্ম্মধ্বজা।"—রবি।

ধর্ম্মধ্বজী (ধর্‌মোধ্‌ধোজি) [ধর্ম্মের ধ্বজ (চিহ্ন) + ইন্ (অস্ত্যর্থে) = ধর্ম্মধ্বজিন্ ১মা, ১ব] বিণ. ধর্ম্মের বাহ্য-চিহ্ন-ধারক ; ধর্ম্মভাণকারী ; ছল-ধার্ম্মিক। প্র—"সেই ধর্ম্মধ্বজী যারা ইথে নাহি রতি"—চৈতন্যভাগবত।

ধর্ম্মনাশ (শ্) [ধর্ম্ম—নাশ, ৬তৎ, (২) ধর্ম্ম নাশ হয় যাহাতে, বহু] বি. পুং. ধর্ম্মহানি। ২। সতীত্বনাশ।

ধর্ম্মনিষ্ঠ [ধর্ম্মে নিষ্ঠা যাহার, বহু] বিণ. যাহার ধর্ম্মে নিষ্ঠা বা একাগ্রতা আছে ; ধর্ম্মপরায়ণ ; ধার্ম্মিক। বি. **ধর্ম্মনিষ্ঠা**—ধর্ম্মে একাগ্রতা, ধর্ম্মে আস্থা ; ধর্ম্ম বিষয়ে আন্তরিক শ্রদ্ধা। বিণ. **ধর্ম্মনৈষ্ঠিক**। স্ত্রী. **ধর্ম্মনিষ্ঠা**।

ধর্ম্মনীতি [ধর্ম্ম—নীতি] বি. স্ত্রী. যে শাস্ত্রে ধর্ম্ম সম্বন্ধীয় কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে।

ধর্ম্মপতি (পো) বি. পুং. বরুণ। ২। যম। ৩। উপপতি।

ধর্ম্মপত্নী (ধর্‌মোপোৎনি) [ধর্ম্ম (ধর্ম্ম হেতু) পত্নী, ৪তৎ] বি. স্ত্রী. সহধর্ম্মিণী ; ভার্য্যা ; প্রথম-পরিণীতা।

ধর্ম্মপর (র্) [ধর্ম্ম—পর (প্রধান) যাহার, বহু] বিণ. ধর্ম্মানুরাগী ; ধর্ম্মপরায়ণ।

ধর্ম্মপরায়ণ (ধর্‌মোপরায়ন্) [ধর্ম্ম—পর (প্রধান) অয়ন (আশ্রয়) যাহার, বহু] বি. পুং. যে ধর্ম্মকে প্রধান বলিয়া আশ্রয় করে ; যে ধর্ম্মপথে চলে ; ধর্ম্মনিষ্ঠ ; ধর্ম্মশীল ; ধর্ম্মাত্মা।

ধর্ম্মপাল (ধর্‌মোপাল্) [ধর্ম্ম—পাল (পালক)] বিণ. যিনি ধর্ম্মকে রক্ষা করেন। ২। বঙ্গের পালবংশীয় স্বনামখ্যাত রাজা।

ধর্ম্মপুত্র (ধর্‌মোপুৎত্রো) [ধর্ম্ম (যমের) পুত্র, ৬তৎ] বি. পুং. যুধিষ্ঠির। ২। ঔরসজাত

পুত্র। ৩। [ধর্ম্ম (ধার্ম্মিক) যে পুত্র, কর্ম্মধা] বিণ, ধার্ম্মিক পুত্র।

ধর্ম্মপুস্তক (ধরমোপুসতক্) ধর্ম্মগ্রন্থ দ্রঃ।

ধর্ম্মপ্রবক্তা (ধরমপ্রোবকতা) [ধর্ম্ম (ধর্ম্মের) প্রবক্তা (কথক) ৬তৎ] বি, পুং, ধর্ম্মোপদেশক ; ধর্ম্ম-নিরূপক পুরুষ। ২। ধর্ম্ম-ব্যাখ্যাতা ; যে রাজপুরুষ ধর্ম্মের কূট তত্ত্ব ব্যাখ্যা করেন।

ধর্ম্মপ্রবৃত্তি (ধরমোপ্রোবৃৎতি) [ধর্ম্ম—প্রবৃত্তি] বি, ধর্ম্মানুরাগ ; ধর্ম্মসাধন করিবার ইচ্ছা।

ধর্ম্মপ্রমাণ (ধরমপ্রোমান্) [ধর্ম্ম প্রমাণ যাহার, বহু] বিণ, ধর্ম্ম যাহার সাক্ষী ; ধর্ম্ম-সাক্ষী করিয়া উক্ত বা অনুষ্ঠিত। ২। ক্রি-বিণ, ধর্ম্মসাক্ষী করিয়া ; ধর্ম্মতঃ ;

ধর্ম্মবড়াই [ধর্ম্মের বড়াই করে যে, বহু] বিণ, ধর্ম্মধ্বজী ; ধার্ম্মিক বলিয়া আত্মপ্রচারকারী। প্র—"ওরে আমার ধর্ম্মবড়াই"—দীনবন্ধু মিত্র।

ধর্ম্মবাসর (ধরমবাশর্) [ধর্ম্ম (ধর্ম্মের) বাসর (দিন) ৬তৎ। যে দিন ধর্ম্মানুষ্ঠানের জন্য প্রশস্ত] বি, পূর্ণিমা তিথি।

ধর্ম্মবাহন (ধরমবাহোন্) [ধর্ম্ম (বৃষ) বাহন (যান) যাহার, বহু] বি, পুং, শিব।

ধর্ম্মবিদ্ [ধর্ম্ম—বিদ্ (জানা) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে জানে] বিণ, ধর্ম্মজ্ঞ ; ধার্ম্মিক।

ধর্ম্মবিদ্যা (ধরমোবিদ্দা) [ধর্ম্ম—বিদ্যা] বি, স্ত্রী, যে বিদ্যা ধর্ম্ম বিচার শিক্ষা দেয় ; মীমাংসাদি বিদ্যা।

ধর্ম্মবিপ্লব (ধরমবিপ্‌প্লব্) [ধর্ম্ম—বিপ্লব (পরিবর্ত্তন, বিনাশ) ৬তৎ] বি, পুং, ক্লী, ধর্ম্মবিভ্রাট।

ধর্ম্মবুদ্ধি (ধরমবুদ্‌ধি) [ধর্ম্মের বুদ্ধি—৬তৎ] বি, স্ত্রী, ধর্ম্মজ্ঞান ; ধর্ম্ম কি বস্তু তাহার বোধ।

ধর্ম্মবৃদ্ধ (ধরমবৃদ্‌ধ) [ধর্ম্ম (দ্বারা) বৃদ্ধ (প্রবীণ)—৩তৎ] বিণ, ধর্ম্মানুষ্ঠানে, ধর্ম্মজ্ঞানে প্রবীণ ধার্ম্মিকপ্রবর।

ধর্ম্মব্রত (ধরমোব্রোতো) [ধর্ম্ম—ব্রত, ৬তৎ] বি, ক্লী, ধর্ম্মানুষ্ঠান। ২। [ধর্ম্ম হইয়াছে ব্রত যাহার, বহু] বিণ, ধর্ম্মে রতিবিশিষ্ট।

ধর্ম্মভয় (ধরমোভয়) [ধর্ম্মবিষয়ক যে ভয়, কর্ম্মধা ; অথবা—ধর্ম্মের ভয়, ৬তৎ] বি, ক্লী, পাছে ধর্ম্ম রক্ষা না হয় এই ভয় ; অধর্ম্ম করিলে বা ধর্ম্মের মর্য্যাদা রক্ষা না করিলে পাছে পরলোকে ধর্ম্মের (যমের) বিচারে দণ্ড পাইতে হয় এই ভয়।

ধর্ম্মভাই [ধর্ম্ম—ভাই। তুল—গুরুভাই] বি, ধর্ম্মসাক্ষ্যে স্বীকৃত ভাই ; যাহাকে ধর্ম্মসাক্ষ্য করিয়া ভাই বলিয়া গ্রহণ করা হইয়াছে। ধর্ম্মভ্রাতা দ্রঃ। ২। সহাধ্যায়ী ; সমধর্ম্মী।

ধর্ম্মভাণক (—ভাণক্) [ধর্ম্ম—ভণ্ (শব্দ করা) + অক (কর্ত্তৃ)] বি, পুং, যে ব্যক্তি মুখে ধর্ম্ম ধর্ম্ম করে ; ধর্ম্মের ভাণকারী ; ভণ্ড-ধার্ম্মিক ; ধর্ম্মধ্বজী। ২। পুরাণাদি ধর্ম্মগ্রন্থ-পাঠক ; বৈতালিক।

ধর্ম্মভিক্ষুক (ধরমভিক্‌খুক) [ধর্ম্ম (ধর্ম্মকে রক্ষা করিবার জন্য) ভিক্ষুক—৪তৎ] বি, পুং, ধর্ম্মরক্ষা করিবার জন্য যে সাহায্যভিক্ষা করে ; ধর্ম্মার্থ ভিক্ষাকারী।

ধর্ম্মভীত, ধর্ম্মভীরু [ধর্ম্ম (হইতে) ভীত —ভীরু (ভয়শীল) —৫তৎ] বিণ, ধর্ম্মরক্ষা না করিলে পাছে পরলোকে ধর্ম্মের দ্বারে দণ্ড পাইতে হয় এই ভয়ে যে অভিভূত। ২। ধার্ম্মিক।

ধর্ম্মভীরু—বিণ, ধর্ম্মভীত দ্রঃ।

ধর্ম্মভৃৎ [ধর্ম্ম—ভৃ (ধারণ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, ধর্ম্মপাল ; ধর্ম্মশীল ; ধার্ম্মিক।

ধর্ম্মভ্রাতা (ধরমব্রাতা) [ধর্ম্মের—ভ্রাতৃ (ভাই) ১মা, ১ব] বি, পুং, সহাধ্যায়ী। ২। ধর্ম্মসাক্ষ্য রাখিয়া যাহাকে ভাই বলিয়া স্বীকার করা হইয়াছে। ধর্ম্মভাই দ্রঃ। ৩। সমধর্ম্মী।

ধর্ম্মময় (য়) [ধর্ম্ম + ময় (প্রাচুর্য্যার্থে—ময়ট্)] বিণ, যথায় ধর্ম্ম ব্যতীত আর কিছু নাই ; অধর্ম্মশূন্য। ২। ধর্ম্মে পরিপূর্ণ ; সাক্ষাৎ ধর্ম্ম।

ধর্ম্মমূল (ল্) [ধর্ম্ম (ধর্ম্মের) মূল (নিদান, প্রমাণ)—৬তৎ] বি, ক্লী, ধর্ম্মের হেতু। ২। ধর্ম্মের প্রমাণ।

ধর্ম্মযুগ (ধরমজুগ্) [ধর্ম্ম (ধর্ম্ম প্রধান) যুগ —কর্ম্মধা] বি, ক্লী, সত্যযুগ ; কৃতযুগ। ২। ধর্ম্মপ্রধান যুগ। যে যুগে বহু ধার্ম্মিকের জন্ম ও ধর্ম্মালোচনা হইয়াছে।

ধর্ম্মরক্ষা (ধরমোরোক্‌খা) [ধর্ম্ম (ধর্ম্মের) রক্ষা (৬তৎ)] বি, ধর্ম্মপালন। ২। স্ত্রী-ধর্ম্মের রক্ষা ; সতীত্ব রক্ষা। ৩। [মেয়েলী ভাষায়] ধর্ম্ম রক্ষা করিয়াছেন, ঈশ্বর রক্ষা করিয়াছেন এই ভাব-সূচক অব্যয়। তুল—"ভাগ্যি," "সব্ব রক্ষে!" ইত্যাদি।

ধর্ম্মরাজ (জ্) [ধর্ম্ম—রাজ্ (দীপ্তি পাওয়া, বিরাজমান হওয়া) + অ (কর্ত্তৃ—অচ্) যিনি সাক্ষাৎ ধর্ম্মস্বরূপ বিরাজ করেন] বি, পুং, । ২। বুদ্ধ। ৩। [ধর্ম্মের রাজা, ৬তৎ] যম। ৪। ধর্ম্ম।

ধর্ম্মলক্ষণ (ধরমলোক্‌খোন্) [ধর্ম্ম (ধর্ম্মের) লক্ষণ (চিহ্ন)—৬তৎ] বি, ক্লী, ধৃতি, ক্ষমা, দম (selfcontrol), অস্তেয় (honesty), শৌচ, ইন্দ্রিয়নিগ্রহ, ধী, বিদ্যা, সত্য, অক্রোধ এই দশবিধ।

ধর্ম্মলোপ (প্) [ধর্ম্ম—লোপ (নাশ)—৬তৎ] বি, ধর্ম্মের অস্তিত্ব বিলোপ ; ধর্ম্ম-শূন্যতা। ধর্ম্মলোপ করা—ধর্ম্মের কোন চিহ্ন না রাখা ; ধর্ম্মানুষ্ঠান এককালে রহিত করা।

ধর্ম্মশালা [ধর্ম্মের (বিচারের) শালা (গৃহ)—৬তৎ] বি, স্ত্রী, বিচারালয় ; ধর্ম্মাধিকরণের কর্ম্মস্থান। ২। [হি—ধরমশালা] ধর্ম্মার্থে নিরন্নকে অন্নবিতরণ ও আশ্রয়হীনকে আশ্রয় দানের জন্য প্রতিষ্ঠিত গৃহ বা আলয়।

ধর্ম্মশাসন (—শাশোন্) [ধর্ম্ম (ধর্ম্মের) শাসন—৬তৎ] বি, ক্লী, ধর্ম্মের অনুশাসন। ২। ধর্ম্মশাস্ত্র।

ধর্ম্মশাস্ত্র (ধর্ম্মশাসত্রো) [ধর্ম্ম (ধর্ম্ম প্রকাশক) শাস্ত্র—কর্ম্মধা] বি, ক্লী, ধর্ম্ম-বিজ্ঞাপক শাস্ত্র ; যে শাস্ত্রে ধর্ম্ম নিরূপিত হইয়াছে ; মনু, অত্রি, বিষ্ণু, হারীত, যাজ্ঞবল্ক্য, উশনা, অঙ্গিরা, যম, আপস্তম্ব, সম্বর্ত্ত, কাত্যায়ন, বৃহস্পতি, পরাশর, ব্যাস, শঙ্খ, লিখিত, দক্ষ, গৌতম, শাতাতপ, বশিষ্ঠ ও নারদ এই সকল মুনি-প্রণীত শাস্ত্র ; সামাজিক অনুশাসনবিষয়ক শাস্ত্র।

ধর্ম্মশিক্ষা (ধরমোশিক্‌খা) [ধর্ম্ম—শিক্ষা] বি, ধর্ম্মবিষয়ক শিক্ষা ; যাহাতে ধর্ম্মজ্ঞান হয় এরূপ শিক্ষা।

ধর্ম্মশীল (ল্) [ধর্ম্ম হইয়াছে শীল (স্বভাব) যাহার—বহু] বিণ, ধার্ম্মিক ; ধর্ম্মপরায়ণ।

ধর্ম্মসংহিতা (—শংহিতা) বি, স্ত্রী, ধর্ম্মরক্ষার্থ সঙ্কলিত শাস্ত্র ; মনু, অত্রি প্রভৃতি প্রণীত সামাজিক অনুশাসন সম্বলিত শাস্ত্র।

ধর্ম্মসঙ্কর (—শংকর্) বি, পুং, পরস্পর বিরুদ্ধ ধর্ম্মের সংমিশ্রণ।

ধর্ম্মসভা (—শভা) [ধর্ম্ম (রক্ষার্থ) সভা] বি, স্ত্রী, ধর্ম্মালোচনার জন্য প্রতিষ্ঠিত সভা। ২। ধর্ম্ম রক্ষার জন্য সভা ; ধর্ম্মবিরুদ্ধ মত-বাদিগণের দণ্ডবিধায়ক সমাজ।

ধর্ম্মসাধন (—শাধন্) [ধর্ম্ম—সাধন—৬তৎ] বি, ধর্ম্মাচরণ ; আচার অনুষ্ঠান দ্বারা ধর্ম্মার্জ্জন ; ধর্ম্মজীবন যাপন।

ধর্ম্মসাবর্ণি (—শাবোর্‌নি) বি, পুং, একাদশ মনু।

ধর্ম্মসূত্র (—শুৎত্র) বি, ক্লী, জৈমিনি মুনি-প্রণীত ধর্ম্মনির্ণায়ক গ্রন্থবিশেষ।

ধর্ম্মহানি (ধরমোহানি) [ধর্ম্মের হানি, ৬তৎ] বি, ধর্ম্মের হানি ; ধর্ম্মলোপ।

ধর্ম্মহীন (ন্) [ধর্ম্ম (দ্বারা) হীন—৩তৎ] বিণ, ধর্ম্মবিচ্যুত ; অধার্ম্মিক।

ধর্ম্মাচরণ (ন্) [ধর্ম্ম—আচরণ] বি, ধর্ম্মানুষ্ঠান ; ধর্ম্মসাধন ; ধর্ম্মচর্য্যা।

ধর্ম্মাচার্য্য (—চারজো) [ধর্ম্ম (ধর্ম্মের)

আচার্য্য—৬তৎ] বি, পুং, ধর্ম্মতত্ত্ব বা ধর্ম্মবিজ্ঞানের অধ্যাপক : ধর্ম্মোপদেশক। ২। ঋগ্বেদীয় তর্পণীয় পুরুষবিশেষ।

ধর্ম্মাত্মা (ধর্মাৎতা) [ধর্ম্ম—আত্মা যাহার, বহু] বিণ, ধর্ম্মশীল ; ধর্ম্মপ্রাণ।

ধর্ম্মাধর্ম্ম (ম্মা) [ধর্ম্ম এবং অধর্ম্ম—দ্বন্দ্ব] বি, পুং, ধর্ম্ম ও অধর্ম্ম : পাপ ও পুণ্য : ন্যায় এবং অন্যায় : সদসৎকর্ম্ম। প্র—"সম ধর্ম্মাধর্ম্ম সম কর্ম্মাকর্ম্ম" —ভারতচন্দ্র।

ধর্ম্মাধিকরণ (ধর্‌মাধিকরন্) [ধর্ম্মের অধিকরণ (আধার) ৬তৎ] বি, ক্লী, যে স্থানে ধর্ম্মাধর্ম্মের বা ন্যায় অন্যায়ের বিচার হয় ; ধর্ম্মস্থান : বিচারালয়। ২। বিচারক ; জজ্ ; judge

ধর্ম্মাধিকার (মা-র্) [ধর্ম্ম—অধিকার, ৬তৎ] বি, পুং, ন্যায় অন্যায় বিচারের অধিকার ; বিচারপতির কর্ম্ম বা পদ।

ধর্ম্মাধিকারিণী (র্ম্মা) [ধর্ম্মাধিকারিন্+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, ন্যায়ান্যায় বিচারকারিণী। প্র—"রাজা বলে সাক্ষী হৈও ধর্ম্মাধিকারিণী। আপন সাক্ষীতে বেটা হারিল আপনি॥"—কবিক।

ধর্ম্মাধিকারী (—মা—রি) [ধর্ম্মাধিকার+ইন্ (অস্ত্যর্থে) = ধর্ম্মাধিকারিন্ ১মা, ১ব] বি, পুং, ধর্ম্মাধর্ম্ম-বিচারক : বিচারপতি। স্ত্রী, ধর্ম্মাধিকারিণী।

ধর্ম্মাধ্যক্ষ (ধর্‌মাধ্‌ধোক্‌খো) [ধর্ম্ম (ধর্ম্মের) অধ্যক্ষ, ৬তৎ] বি, পুং, ধর্ম্মতত্ত্বাবধায়ক : ধর্ম্ম সংক্রান্ত উপদেশ বা তত্ত্বাবধানের ভারপ্রাপ্ত সর্ব্বপ্রধান রাজপুরুষ : প্রাড্‌বিবাক : প্রধান বিচারপতি। ২। বিষ্ণু।

ধর্ম্মানুগত (মা) [ধর্ম্ম (ধর্ম্ম নিয়মের) অনুগত (অনুবর্ত্তী) ৬তৎ] বিণ, ধর্ম্মসঙ্গত ; ধর্ম্মানুযায়ী। ২। ধর্ম্মপথাবলম্বী।

ধর্ম্মানুযায়ী (ধর্‌মানুজাঈ) [ধর্ম্ম—অনুযায়ী (অনুগামী)—৬তৎ] বিণ, ধর্ম্মানুমত : ধর্ম্মসঙ্গত।

ধর্ম্মানুষ্ঠান (র্ম্মান্) [ধর্ম্ম—অনুষ্ঠান (আচরণ) —৬তৎ] বি, ধর্ম্মাচরণ : ধর্ম্ম কর্ম্মের অনুষ্ঠান।

ধর্ম্মাবতার (ধর্‌মাবতার্) [ধর্ম্ম—অবতার (৬তৎ)] বি, পুং, মূর্ত্তিমান ধর্ম্ম : সাক্ষাৎ ধর্ম্ম। ২। সম্ভ্রমসূচক উক্তি : রাজা, বিচারক, প্রভু ও মান্য ব্যক্তির প্রতি সম্বোধনবাক্য।

ধর্ম্মাভাস (ধর্‌মাভাশ্) [ধর্ম্ম—আভাস (৬তৎ)] বি, পুং, গৌণধর্ম্ম : শ্রুতি এবং স্মৃতি ভিন্ন ধর্ম্মশাস্ত্র : অপ্রশস্ত ধর্ম্ম। ২। ধর্ম্মের আভাস : যাহা প্রকৃত ধর্ম্ম নয় কিন্তু তাহার ছায়া বা সদৃশ মাত্র।

ধর্ম্মারণ্য (ধর্‌মারোন্নো) [ধর্ম্ম কর্ত্তৃক প্রবিষ্ট যে অরণ্য (বন) মধ্যপদলোপি কর্ম্মধা কিম্বা ধর্ম্মের অরণ্য—৬তৎ] বি, ক্লী, পুণ্যস্থান-বিশেষ। [বরাহপুরাণে চন্দ্র গুরুপত্নী তারাকে হরণ করার পর ধর্ম্ম অত্যন্ত প্রপীড়িত হইয়া বনগমন করেন, ব্রহ্মা ধর্ম্মকে বলিলেন, হে ধর্ম্ম! তুমি যে বনে প্রবেশ করিয়াছ ইহার নাম ধর্ম্মারণ্য হইবে (পরিঃ দ্রঃ)]।

ধর্ম্মার্থ [ধর্ম্ম+অর্থ (হেতু)] ক্রি-বিণ, ধর্ম্মের নিমিত্ত। ২। বি, ধর্ম্ম এবং অর্থ : চতুর্ব্বর্গের অন্তর্গত প্রথম দুই বর্গ : ধর্ম্মসাধন ও ধনোপার্জ্জন জীবনের এই দুই সাধন।

ধর্ম্মাসন (ধর্ম্মাশন্) [ধর্ম্ম—আসন (৬তৎ)] বি, ক্লী, বিচারপতির আসন : বিচারাসন। ২। বিচার পতির পদ বা অধিকার।

ধর্ম্মিষ্ঠ (ধোর্‌মিশ্‌ঠ) [ধর্ম্মিন্—ইষ্ঠ (আধিক্যার্থে) ইন্ লোপ] বিণ, ধর্ম্মে যাহার নিষ্ঠা আছে ; যে একান্ত মনে ধর্ম্মের অনুগামী হয় ; ধার্ম্মিক। ২। বি, পুং, বিষ্ণু।

ধর্ম্মী (ধোর্‌মি) [ধর্ম্ম+ইন্ (অস্ত্যর্থে) = ধর্ম্মিন্ ১মা, ১ব] বিণ, ধার্ম্মিক। ২। ধর্ম্মযুক্ত।

ধর্ম্মীয়ান (ধোর্‌মিআন্) [ধর্ম্মিন্+ঈয়সু (অত্যর্থে) = ধর্ম্মীয়স্ ১মা, ১ব] বিণ, ধর্ম্মিষ্ঠ দ্রঃ।

ধর্ম্মেন্দ্র (ধর্‌মেন্দ্র) [ধর্ম্ম (ধর্ম্মেতে) ইন্দ্র (শ্রেষ্ঠ)—৭তৎ] বি, পুং, যম। ২। বিণ, ধার্ম্মিকশ্রেষ্ঠ।

ধর্ম্মোত্তর (ধর্‌মোৎতর্) [ধর্ম্ম (হইযাছে) উত্তর (প্রধান) যাহার, বহু] বিণ, ধার্ম্মিক-শ্রেষ্ঠ।

ধর্ম্মোপদেশক (ক্) [ধর্ম্ম (ধর্ম্মের) উপদেশক (উপদেষ্টা)—৬তৎ] বি, পুং, ধর্ম্মসম্বন্ধীয় উপদেশদাতা : গুরু ; ধর্ম্মোপদেষ্টা। স্ত্রী, ধর্ম্মোপদেশিকা।

ধর্ম্মোপেত (ধর্‌মোপেত) [ধর্ম্ম (দ্বারা) উপেত (যুক্ত) ৩তৎ] বিণ, ধর্ম্মযুক্ত : ধর্ম্মসঙ্গত : ন্যায়সঙ্গত।

ধর্ম্ম্য (ধোর্‌ম্) [ধর্ম্ম+য (অবিচ্ছেদার্থে—ষ্ণ্য)] বিণ, যাহা ধর্ম্ম হইতে অবিচ্ছিন্ন : ধর্ম্মযুক্ত : ধর্ম্মের অবিরুদ্ধ : ধর্ম্মসঙ্গত। ২। ধর্ম্মলব্ধ।

ধর্ষ [ধৃষ্ (হিংসা বা ক্রোধ করা, প্রগল্‌ভতা করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, ধর্ষণ দ্রঃ।

ধর্ষণ (ধর্‌ষন্) [ধৃষ্ (হিংসা, ক্রোধ, প্রগল্‌ভতা করা)+অন (ট—ভাবে)] বি, ক্লী, দলন ; পীড়ন। প্র—প্রজাধর্ষণ। ২। পরাভব-করণ। ৩। বলপূর্ব্বক গ্রহণ ; বলাৎকার। ৪। প্রগল্‌ভতা : ঔদ্ধত্য। ৫। অমর্ষ : অহঙ্কার। স্ত্রী, ধর্ষণী, ধর্ষিণী—অসতী নারী : পুংশ্চলী।

ধর্ষক (ক্) [ধৃষ্ (প্রগল্‌ভতা করা) +অক (কর্ত্তৃ)] বি, পুং, নৃত্যকারক ; নট। ২। বিণ, ধর্ষণকারী। ধর্ষণ দ্রঃ।

ধর্ষকারিণী (ধ, কা) [ধর্ষ—কৃ (করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) = কারিন্—স্ত্রী—ঈপ্] বি, স্ত্রী, দূষিতা কন্যা : পুংশ্চলী।

ধর্ষিত (ধোর্‌ষিত) [ধৃষ্+ণিচ্ = ধর্ষি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পরিভূত : পরাজিত। ২। তিরস্কৃত। ৩। অপমানিত। ৪। [ভাবে (ক্ত)] বি, ক্লী, ধর্ষণ। ৫। অসহন। ৬। রমণ : মৈথুন। ৭। পরাজয়। স্ত্রী, ধর্ষিতা—বলাৎকৃতা। ২। কুলটা।

ধল, ধলা [সং—ধবলা : প্রা-বাং—ধওলা] বিণ, শ্বেতবর্ণ : শুভ্র। প্র—"কাল ধল কেহ রাঙ্গা নাচয়ে সকল রঙ্গা কাড়া পড়া বাজয়ে বাজন।"—কবিকঙ্কণ। "কাল ধল যুগল ছাগল দিল বলি।"—ধর্ম্মমঙ্গল। স্ত্রী, ধলী—শুভ্রা। প্র—"কেহ কালী কেহ গৌরী কোন চেড়ী ধলী।"—কৃত্তিবাস। কালধল, কালাধলা—শ্বেতকৃষ্ণ মিশ্রবর্ণ।

ধলি (ধো) [প্রাদে। মালদহে "ধুলিয়া"] বি, ধান্যভেদ।

ধস (ধশ্) [হি—ধস্‌না। (ধসে যাওয়া ; ভেঙ্গে পড়া) সং—ধ্বস্ (বিনাশে) নষ্ট হওয়া (মূল অর্থ) পরে (সং—স্খল্ পতিত হওয়া, খুলিয়া পড়া হইতে) খসা—হি—খস্‌না অর্থাৎ "খসে পড়া" অর্থে প্রযুক্ত হইতে থাকে] অ, বালি বা মাটীর চাপ খসিয়া পড়িবার শব্দ। ধপ্ দ্রঃ। ২। [ধ্বস্—ধ্বংস নাশ অর্থে] বি, ধ্বংস [বিরল]। ৩। [ধ্বংস্—পতনে] মৃৎস্তূপের পতন, স্খলন বা স্থানচ্যুতি প্র—ধস ভেঙ্গে পড়া। ৪। মৃত্তিকা স্তূপ ; মাটি বা বালির চাপ। ৫। নাবাল ; দহ : খানা। ধস ভাঙ্গা—মাটীর চাপ খসিয়া পড়া। ২। পুষ্করিণী নদী প্রভৃতির পাড় খসিয়া জলে পড়া।

ধসধস (ধশ্‌ধশ্ : ধশ ধশ) [ধস দ্রঃ] অ, ভাঙ্গিয়া পড়িবার মত ; অঙ্গ খসিয়া পড়িবার মত। প্র—"দুই এক হইয়া পোড়াইল হিয়া পাঁজর ধসিয়া গেল।"—চণ্ডীদাস। ২। গদগদ ভাব।

ধসা (ধশা) [ধস দ্রঃ] বি, গলিত কুষ্ঠ।

ধসা (ধশা) [হি—ধস্‌না। সং—ধ্বস্ (ধ্বংস পাওয়া)। ধস দ্রঃ] ক্রি, ধ্বংস প্রাপ্ত হওয়া ; নাশ হওয়া। ২। বালি বা মাটির চাপ খসিয়া পড়া ; ধস ভাঙ্গা। ৩। বসিয়া যাওয়া : নাবিয়া যাওয়া ; নাবাল হওয়া। ৪। অঙ্গ খসিয়া পড়িবার মত হওয়া : গা ঢিস্ ঢিস্ করা। ৫। গদগদ ভাব হওয়া (ধস ধস দ্রঃ)। ৬। গলা ; গলিয়া পড়া ; খসে যাওয়া। প্র—কুষ্ঠেতে তাহার গা ধসে

যাচ্ছে। বি. ধসন (ধশোন্)। বিণ. ধসা (ধশা) যাহা ধসিয়া গিয়াছে। ণিজন্ত—ধসানো (ধশানো)—খসাইয়া দেওয়া; ভাঙ্গিয়া ফেলা। বিণ. ধসানিয়া, ধসানে। বি. ধসানি। ধসা-পশ্চিমে—যে ক্ষত রোগে অঙ্গ গলিয়া গলিয়া পড়ে; gangrene.

ধস্কা (ধশ্কা) [ধসা দ্রঃ। হি—ধসক্না; ধস্কানা] ক্রি. ধসিবার মত হওয়া। ২। ভগ্নদেহ হওয়া; ভাঙ্গিয়া পড়া; শরীরের শক্তি নাশ হওয়ায় শিথিল হইয়া পড়া। প্র—তাহার আর আগেকার মত জোর নাই, শরীরের সে বাঁধুনি নাই, একেবারে ধস্কে গেছে। ৩। ভাঙ্গিয়া ফেলা। ৪। অবস্থার পতন হওয়া; ভগ্নদশা হওয়া, ধস্কে দেওয়া দ্রঃ। অস-ক্রি. ধস্কিয়া, ধস্কে (ধোশ্কিয়া, ধোশ্কে)। ধস্কিতে। ণিজন্ত. ধস্কান (নো)। অস-ক্রি. ধস্কাইতে। বি. ধস্কানি। বিণ. ধস্কানে। ধস্কে দেওয়া—ধস ভাঙ্গিয়া দেওয়া; ভাঙ্গিয়া ফেলা। ২। ধরিয়া আছাড় দেওয়া; পরাভূত করা। ৩। ভগ্নদশা করা। প্র—"লোকের যখন শ্রীবৃদ্ধি হয়, তখন নানাপ্রকারেই প্রাপ্তি হইয়া থাকে, একবার ভাঙ্গিতে আরম্ভ করিলে নদীর স্রোতের ন্যায় অচিরাৎ সব ধস্কে দেয়।"—টেকচাঁদ।

ধস্তা—অস-ক্রি. ধস্তিয়া, ধস্তে (ধোস্তিয়া, ধোস্তে)। ণিজন্ত. ধস্তান (নো)। বি. ধস্তানি।

ধস্তাধস্তি (ধস্তাধোস্তি) বি. উভয়ের বিক্রম প্রকাশ; উভয়ের ঠেলাঠেলি; উভয়ে উভয়কে ধরিয়া ঠেলিয়া ফেলিবার বা আছাড় দিবার জন্য টানাটানি ও ঠেলাঠেলি।

ধা [ধা (ধারণ করা) + ক্বিপ্ (কর্তৃ)] বি. পুং. ধারণ কর্তা। ২। ধাতা; বিধাতা; ব্রহ্মা। ৩। বৃহস্পতি।

ধা [ব্যাকরণে] বি. তদ্ধিত প্রত্যয়বিশেষ; প্রকার-বাচক বা গুণবাচক প্রত্যয়। প্র—দ্বিধা; ত্রিধা; বহুধা।

ধাই [সং-ধাব্—ধাব, ধাবা (ধাও, ধাওয়া) হি—ধৌড়] বি. ধাবন; দৌড়; রড; চম্পট। প্র—"বকেয়া বিস্তর বাকি বেবাক না পাই। চাহিতে উচিত কর উঠে দিল ধাই॥"—ঘনরাম। "সমরে কাটায়ে ঘোড়া সবে দিল ধাই।"—ঐ। ধাইধাই—দৌড়াদৌড়ি; রড়ারড়ি। ২। অতি ত্বরা-বোধক। এই অর্থে, ধাঁ ধাঁ। প্র—কেবল ধাই ধাই করে ফেরা, নাবার খাবার পর্যন্ত সময় নাই।

ধাই [সং—ধাতকী। হি—ধাবই] বি. ধাই নামক পুষ্প; ধাইফুল; woodfordia floribunda. ২। ধাই ফুলের গাছ। ৩। আমলকী।

ধাই [সং—ধাত্রী। প্রাকৃ—ধাই] বি. স্ত্রী. মাতার ন্যায় লালন-পালনকারিণী; উপমাতা; ধাইমা। ২। যে স্ত্রী সন্তান প্রসব করায় এবং আঁতুড় ঘরে প্রসূতি ও নবজাত শিশুর শুশ্রূষা করে; দাই। ৩। পরিচারিকা; চাকরাণী; ঝী। ধাইমা—ধাত্রী। ধাইতেলা—দাই যেরূপ নবজাত শিশুকে তৈলাক্ত করিয়া রৌদ্রের তাপ লওয়ায়। ২। প্রচুর তৈল মর্দ্দিত। ধাইমা কুয়ায় পড়েছে, ধাইমা ডুবেছে—প্রাচীনা গৃহিণীদিগের তুকবিশেষ; সন্তানের সর্দ্দি কাশী ভাল হইবে এই বিশ্বাসে ইহা বারবার উচ্চারিত হয়।

ধাউড় (ড়্) [সং—ধাবক। হি—ধওড] বিণ. ধাবক; সংবাদবাহক (পূর্ব্বে সংবাদ-বাহকেরা এক আড্ডা হইতে অন্য আড্ডায় দৌড়িয়া সংবাদ পৌছিয়া দিত)। ২। বি. দৌড়; ধাবন। বিণ. ধাউড়া, ধাউর্ড়া—ধাবক। ২। দ্রুতগামী। ৩। যাহার দৌড় বহুদূর সুবিস্তৃত। দিক ধাউড়ী—দিকে দিকে বিস্তৃত। ২। খুব লম্বা চওড়া। প্র—দিক ধাউড়ী চাল বা ছাদ। দিক ধাউড়ী চেহারা। তুল—হি—দিগ্ধড়ঙ্গা. ধাউড়িয়া—ধাউড় দ্রঃ। ২। দ্রুতগামী।

ধাউস (ষ) [হি—ধাউজ্] বি. বড়ঘুড়ী; ঢাউস ঘুড়ী।

ধাওড়া [ধাউড় দ্রঃ] বিণ. অতিশয় লম্বা; অতিবৃহৎ। স্ত্রী. ধাওড়ী; ধাউড়ী।

ধাওন (ন্) [সং—ধাবন] বি. দ্রুতগমন; দৌড়ন।

ধাওয়া [সং—ধাব্ (ধাবন করা) আধু-বাং পদ্যে ও গ্রা ব্যবহারে। উ-পু—ধাই। ম-পু—ধাও। প্র-পু—ধায়। অস-ক্রি—ধাইতে; ধাইয়া, ধাই, ধেয়ে। ণিজন্ত—ধাওয়ান] ক্রি, দ্রুতগমন করা; দৌড়ান। প্র—"ধৈরয ধরি ধনি ধাইয়ে চলিল গো"—নরোত্তম দাস। ২। বি. মুসলমানধর্ম্মী জাতিবিশেষ। ধাওয়াধাই, ধাওয়াধায়ি—বিণ. দৌড়াদৌড়ি; ছুটা-ছুটি; শীঘ্র; তাড়াতাড়ি। প্র—"ধাওয়া ধাই আসি বাসে শিরে হাত হানে"—ধর্ম্মমঙ্গল। "পর্ব্বতের পুরীতে পড়িল ধাওয়া ধাই"—শিবায়ন। "শিবের কিঙ্কর সবে পলায় তরাসে। ধাওয়া ধায়ি উপস্থিত হইল কৈলাসে॥"—কবিকঙ্কণ।

ধাঁ [সং—ধ্মা (জ্বলনে; অগ্নি সংযোগে) ধ্মাঁ, ধা দ্রঃ] বি. অগ্নি জ্বলন শব্দ। ২। অনুকার শব্দ। ৩। ক্রি-বিণ. হঠাৎ অগ্র পশ্চাৎ না ভাবিয়া। প্র—ধাঁ করিয়া একটা কথা বলা। ৪। ত্বরা; শীঘ্র। প্র—ধাঁ করে চলে যাও। ধাঁ করে কাজটা সেরে লও। ৫। বেগে চড় মারিবার শব্দ। প্র—সে কাহাকে ধাঁ করিয়া এক চড় ধরাইয়া দিল। ধাঁই—ধাঁ দ্রঃ। উপর্য্যুপরি অর্থে ধাঁই ধাঁই-প্রা-বাং—ধাঙ ধাঙ; ধাঞ ধাঞ (তুল—হি—ধাঁয় ধাঁয়। ধ্মাত দ্রঃ)। প্র—"চোর আসি প্রবেশিল গৌড়ের সহর। ধাঁঙ ধাঁঙ শব্দে সঘনে ধর ধর॥"—ঘনরাম। ধাঁ-ধাঁ—উপর্য্যুপরি ধাঁ শব্দ। ২। চড়ের উপর চড় ধরাইবার শব্দ। ৩। শীঘ্র শীঘ্র।

ধাঁচা [হি—ঢাঁচ। সাঁচা হইতে] বি. অবয়ব; আদল। ২। ছাঁচ; সাঁচা। ৩। ঢঙ্গ; ধারা; রীতি।

ধাঁজ (জ্) [ধাঁচা দ্রঃ] বি. ধরণ; প্রকার; রকম। প্র—"এখন ভদ্র লোকটীর স্বভাব একটু রসিক ধাঁজের"—দ্বিজেন্দ্ররায়।

ধাঁধা [সং—ধন্ধ (দ্রঃ) হইতে] বি. দৃষ্টিভ্রম। প্র—"নয়নে লাগিল ধাঁধা অন্ধকার হেরিলাম"—অশোকগুচ্ছ। ২। সন্দেহ; ধোঁকা। প্র—"কি করিব এখন, লাগিল বড় ধাঁধা।"—কাঞ্চীকাবেরী।

ধাকড়া, ধাগড়া (ক্, গ্) [হি—ধাগড়া =লম্পট। বাং—অর্থ সম্প্রসারণে—বলবান (হি—ধোকড়্) তগ্ড়া (হৃষ্টপুষ্ট) ধিঙ্গ্রা দ্রঃ] বিণ. হৃষ্টপুষ্ট; বলিষ্ঠ। ২। [ধোকড়া দ্রঃ] ছেঁড়া; কুটিকুটি। ধূল-ধকড়া—শতছিন্ন বস্ত্র; ধূলধুলে ন্যাকড়া। ২। থলিয়া; আধার। ধন্-ধাক্ড়া—রত্নাধার; শিশুর আদরার্থে উক্ত।

ধাক্কা (ধাক্‌কা) [সং—ধক্ক (নাশনে) প্রহারার্থক ধক্ক ধাতুজ] বি. প্রহার; আঘাত; ঠেলা। ধাক্কা মারা—হঠাৎ বেগে ঠেলিয়া দেওয়া। প্র—"ধাক্কা মেরে বার করে দিতে বল বরে"। ধাক্কা সামলান—উপদ্রব বা বেগ সহ্য করা। প্র—"তাহার উপর আবার কোন বৎসর দুর্ভিক্ষ উপস্থিত হইলে পাঁচ বৎসরেও তাহার ধাক্কা সামলাইয়া উঠিতে পারে না। গলা ধাক্কা দেওয়া—গলায় হাত দিয়া তাড়াইয়া দেওয়া।

ধাঙ (ধাং) [ধাঁ দ্রঃ] বি. ধাঁই ধাঁই শব্দ। ২। ধাঙসা ধামক আনদ্ধ বাদ্য যন্ত্রের ধ্বনি। প্র—"ধাঙ ধাঙ ধাঙসা বাজে ডিগ ডিগ দগড়ি। চৌদিকে চঞ্চল সৈন্য সাজে তড়-বড়ি॥"—ঘনরাম।

ধাঙসা (ধাংসা) [ধামসা দ্রঃ] বি. প্রাচীন আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ; দামামা; রণবাদ্য।

প্র—"ধাঙ ধাঙ ধাঙসা বাজে ডিগ ডিগ দগড়ি।"—ঘনরাম।

ধাঙ্গড় (ধাংগড়্, ধাঙড়্) বি, হাজারীবাগ প্রভৃতি অঞ্চলের একজাতীয় লোক। ২। অসভ্য ; বর্ব্বর।

ধাটী (ধ্াটি) [হি—ধারট্] বি, স্ত্রী, শত্রুর অভিমুখে ধাবন।

ধাড়া [ধট দ্রঃ] বি, বড় তৌলদণ্ড ; কাঁটা। ২। দুই দিকের পাল্লার ভার সমান করা। ৩। [প্রাদে] পাঁচ সের পরিমাণ। হি—পসেরী (পাঁচসেরী)। ৪। হিন্দুর জাতীয় পদবীবিশেষ। ৫। [প্রাদে-গ্রা] বেড়া-বাঁশের দর্‌মা (রঙ্গপুরে)।

ধাড়ি, ধাড়ী (ধ্াড়ি) [প্রাদে। সং—গর্ভ-ধারিণী কিম্বা ধাত্রীর অপভ্রংশে ! ব্যবহারে —পুং, স্ত্রী, উভয় লিঙ্গ] বি, স্ত্রী, জীব-জন্তুর মধ্যে যে মাদীজন্তুর অনেক বাচ্চা হইয়াছে ; অনেক বাচ্চা বিয়ানী। ২। [জন্তুর ধাড়ী হইতে কদর্থে বা অবজ্ঞার্থে বড়] বিণ, প্রধান ; "পালের গোদা" ; অগ্রগণ্য ; সর্দ্দার। প্র— চোরের ধাড়ী : মিথ্যাবাদীর ধাড়ী : "তোমারি তুলনা তুমি চাঁদ অকর্ম্মের ধাড়ি"—দ্বিজেন্দ্র রায়। ৩। [জন্তুর ধাড়ী হইতে সদর্থে বড় : প্রধান ; পথ প্রদর্শক। ৪। [খেলায়] বুড়ী : সর্দ্দার খেলওয়াড়। ৫। [বিশেষার্থে] প্রধান গায়ক। তুল—দোহার : দোয়ারি। **বুড়া ধাড়ী**—ধাড়ীর মত বুড়া ; বুড়ো জন্তু অর্থাৎ বয়সে বড় অথচ বুদ্ধি শুদ্ধিতে জন্তু। **বুড়াবয়সে ধেড়ে রোগ**—বৃদ্ধ বয়সে লোকের সহবাস প্রবৃত্তির হ্রাস হওয়া স্বাভাবিক ; স্বভাবকে অতিক্রম করিলেই তাহা রোগ-পদ-বাচ্য হয়। এবয়সে ধাড়ীর মত সন্তানোৎপাদনের প্রবৃত্তি নিন্দনীয়। ২। বুড়াবয়সে সখ বা সৌখীনতা। [তুল—হি-তে "ধাড়ী" অর্থে মিশি দেওয়া ঠোঁটের কাল রেখা]।

ধাড়িয়া [ধেড়ে দ্রঃ] বিণ, বয়স্ক ; বড়। ২। বি, উদ্র ; উদ্‌বিড়াল।

ধাঢ়ী [ধাড়ী দ্রঃ] বি, উচ্চদরের গায়ক। প্র—"ধাঢ়ী গায় কড়খা ভাঁড়াই করে ভাঁড়।"—অন্নদামঙ্গল।

ধাত (ত্) [সং—ধাতু। হি—ধাত] বি, ধাতু ; metal. প্র—অষ্ট ধাতের অঙ্গুরী। ২। [মানসিক] স্বভাব ; প্রকৃতি : মেজাজ। প্র—এত দিন তাহার সহিত বাস করেও তাহার ধাত বুঝলে না। ৩। নাড়ী। প্র—ধাত ছাড়িয়া যাওয়া। ৪। শুক্রশোণিত ; রেত। প্র—ধাতের ব্যায়রাম। ৫। [শারীরিক] আভ্যন্তরীণ্ প্রকৃতি ; বায়ু পিত্ত কফ ঘটিত দৈহিক প্রকৃতি। প্র—তাহার শ্লেষ্মার ধাত বা বাতিকের ধাত ইত্যাদি।

ধাতকান (ধ্াৎকানো) [হি—ধৎকনা, ধকধকানা] ক্রি, ধক্ ধক্ করা। **ধাতকিয়া উঠা, ধাতকে উঠা**—ধক্ ধক্ করিয়া উঠা।

ধাতকী (ধাতোকি) [সং] বি, স্ত্রী, ধাই ফুলের গাছ। ২। ধাইফুল। প্র—"কেতকী ধাতকী ফুটে চম্পক কাঞ্চন।"—কবিকঙ্কণ।

ধাতব (ব্)] ধাতু শব্দ+ষ্ণ (ইদমর্থে)] বিণ, ধাতু সম্বন্ধীয় ; ধাতুময় ; metallic.

ধাতা [ধা (ধারণ করা, পোষণ করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=ধাতৃ ১মা, ১ব] বি, পুং, বিধাতা ; বিধি ; ব্রহ্মা। ২। পালনকর্ত্তা ; পাতা ; বিষ্ণু। ৩। আদিত্যবিশেষ। ৪। পিতা। ৫। আত্মা। ৬। বিণ, স্রষ্টা। ৭। ধারণ কর্ত্তা। ৮। প্রতিপালক।

ধাতু [ধা (ধারণ করা)+তু (কর্ত্তৃ—তুন্) —যিনি নিখিল ব্রহ্মাণ্ড ধারণ করেন, দেহ বা জীবনকে ধারণ করে] বি, পুং, ঈশ্বর। ২। দেহ ধারক ধর্ম্ম ; বায়ু, পিত্ত, কফ ; রস, রক্ত, মাংস, মেদ, মজ্জা, শুক্র এবং অস্থি। (২) শুক্র ; ধাত (দ্রঃ)। ৩। জীবনী শক্তি। প্র—"ধাতু গেলে তার পর শিলে করি স্নান।"—চৈতন্যভাগবত। ৪। নাড়ী। ৫। পঞ্চভূত ; ক্ষিতি, অপ, তেজ, মরুৎ, ব্যোম অর্থাৎ মাটি, জল, আগুন, বায়ু ও আকাশ। ৬। উপাদান ; উপকরণ। ৭। জ্ঞানেন্দ্রিয়। ৮। চৈতন্য ; জ্ঞান ; চেতনা। প্র—"বড় ভুজ দেখিয়া মূর্চ্ছা পাইল নিতাই। পড়িলা পৃথিবীতলে ধাতু মাত্র নাই॥"—চৈতন্যভাগবত। ৯। খনিজ পদার্থ ; স্বর্ণ, রৌপ্য, কাংস্য, তাম্র, পিত্তল, সীসক, লৌহ, বঙ্গ বা রঙ্গ নামক তৈজস্ পদার্থ। (২) মনঃ-শিলা : মনছাল। (৩) পারদ। (৪) অভ্রক। (৫) হরিতাল। (৬) হিঙ্গুল। (৭) গন্ধক। (৮) গৈরিক ; গিরিমাটি। ১০। অবস্থা। ১১। স্বভাব : প্রকৃতি। ১২। [ব্যাকরণে] ক্রিয়াবাচক প্রকৃতি : শব্দমূল। যথা—করা, কাটা, জাগা (সং—কৃ, কৃৎ, জাগৃ)। ১৩। [সঙ্গীতে] স, রি, গ, ম প্রভৃতি এক একটী গ্রাম। ১৪। [বৌদ্ধশাস্ত্রে] স্মৃতি পরিচায়ক কোন দ্রব্যাদির নাম।

ধাতু চলা—ধাতুক্ষরিত হওয়া ; মেহরোগ হওয়া। **ধাতু নরম হওয়া**—শ্লেষ্মাধিক্য হওয়া। **ধাতু-পাঠ**—ব্যাকরণে সংস্কৃতধাতু সমূহের অর্থ-বোধক পুস্তকবিশেষ। **ধাতুপোষক**—শরীরের পুষ্টি সাধনকারী রস, রক্ত, মেদ, মজ্জা, অস্থি, মাংসাদিবর্দ্ধক।

ধাতুকুশল (ল্) [ধাতু প্রয়োগে কুশল—৭তৎ] বিণ, ধাতু বিদ্যায় পারদর্শী ; ধাতুজ্ঞ ; ধাতুক্রিয়াবিষয়ে নিপুণ।

ধাতুক্ষয় (ধাতুক্‌খয়্) [ধাতু (র) ক্ষয় (নাশ) হয় যাহাতে, বহু] বি, পুং, কাশরোগ-বিশেষ। ২। [ধাতুর ক্ষয়—৬তৎ] শরীরস্থ ধাতুর অপচয় ; শুক্রক্ষয়।

ধাতুগর্ভ [ধাতু—গর্ভ। ধাতু যাহার গর্ভে আছে—বহু] বিণ, ধাতু যে মৃত্তিকাস্তরের মধ্যে পাওয়া যায় : যাহার ভিতর ধাতু আছে : যাহার অভ্যন্তরে ধাতু উৎপন্ন হয় ; metalliferous.

ধাতুঘটিত (ঘো) [ধাতু—ঘটিত (যুক্ত, সংক্রান্ত)] বিণ, যাহাতে ধাতু যুক্ত বা মিশ্রিত করা হইয়াছে। ২। ধাতুসংক্রান্ত।

ধাতুঘ্ন (ধাতুঘ্‌ন) [ধাতু (বাতপিত্তাদি) ঘ্ন (যে নাশ করে)] বিণ, ধাতুনাশক। ২। বি, ক্লী, কাঁজি।

ধাতুদ্রাবক (ধাতুদ্‌দ্রাবক্) [ধাতু (স্বর্ণাদি) দ্রাবক (যে দ্রব করায়) দ্রু+ণিচ্ =দ্রাবি (দ্রব করান)+অক (কর্ত্তৃ)] বিণ, ধাতু দ্রবকারী : যাহা ধাতুকে গলায়। ২। বি, পুং, সোহাগা।

ধাতুনাশন (ন্) [ধাতু (বাত, পিত্ত, কফাদি) নাশন (যে নাশ করে)] বি, ক্লী, ধাতুঘ্ন (দ্রঃ)। ২। বিণ, কুপিত ধাতু-নাশকারী।

ধাতুপুষ্পিকা, ধাতুপুষ্পী—বি, স্ত্রী, ধাতকী : ধাইফুল।

ধাতুবাদ (দ্) ধাতুবিদ্যা দ্রঃ।

ধাতুবাদী—ধাতুবিদ্ দ্রঃ।

ধাতুবিজ্ঞান (ন্) ধাতুবিদ্যা দ্রঃ।

ধাতুবিদ্ [রাসায়নিক পরিভাষায়] বি, ধাতুর গুণজ্ঞ ও তাহা পরিষ্কারকরণ বিদ্যায় পারদর্শী : ধাতুবাদী ; metallurgist.

ধাতুবিদ্যা (—বিদ্‌দ্যা) [ধাতু সম্বন্ধীয় যে বিদ্যা (জ্ঞান)—কর্ম্মধা] বি, স্ত্রী, যে বিদ্যা-বলে স্বর্ণ-লৌহাদি-বিষয়ক জ্ঞান জন্মে ধাতুবাদ ; ধাতুপরিষ্কারক বিদ্যা ; metallurgy.

ধাতুবৈরী (রি) [ধাতুর বৈরী—৬তৎ] বি, পুং, ক্লী, গন্ধক।

ধাতুভৃৎ [ধাতু (স্বর্ণাদি) ভৃৎ (যে ধারণ করে)] বি, পুং, পর্ব্বত। ২। বিণ, ধাতু-পোষক।

ধাতুময় (য়্) [ধাতু+ময় (নির্ম্মিতার্থে, ময়ট্)] বিণ. ধাতুনির্ম্মিত, ধাতুদ্বারা গঠিত। ২। ধাতুতে পূর্ণ।

ধাতুমল (ল্) [ধাতুর মল (ময়লা) ৬তৎ] বি, পুং, ক্লী, ধাতুর কিট্ট : মরিচা rust. ২। লোহমল ; লোহকিট্ট : মন্দুর : rust.

ধাতুমাক্ষিক (ধাতুমাক্‌খিক্) ধাতুর ন্যায় আভাযুক্ত পদার্থবিশেষ : মাক্ষী দ্রঃ। মধু-ধাতুক : pyrites. [মাক্ষিক বিবিধ প্রকার : বিমল (copper pyrites) : স্বর্ণমাক্ষিক ; হেমমাক্ষিক (golden pyrites) রৌপ্য-মাক্ষিক (silver pyrites)]।

ধাতূপল (ল্) [ধাতু+উপল] বি, পুং, চাখড়ী : খটী।

ধাতৃপুত্র (ধাৎতৃপুৎত্র) [ধাতার পুত্র—৬তৎ] বি, পুং, সনৎকুমার। ২। ব্রহ্মার পুত্র।

ধাত্রিকা (ধাৎতৃকা) [ধাত্রী+ক (সংজ্ঞার্থে) +আ, স্ত্রী] বি, স্ত্রী, আমলকী।

ধাত্রী (ধাৎতৃ) [ধা (ধারণ, পোষণ করা) +তৃ (কর্ত্তৃ—তৃচ্)=ধাতৃ+ঈপ্—স্ত্রী, যিনি গর্ভে ধারণ করেন] বি, স্ত্রী, গর্ভধারিণী : জননী। ২। মাতার মত স্তন্যদানে যে পোষণ করে ; মাতৃসমা : পালনকর্ত্রী। ৩। যে নারী সন্তান প্রসব করায় ও সদ্যোজাত শিশু ও প্রসূতির শুশ্রূষা করে : ধাই ; দাই। ৪। ধরিত্রী ; পৃথিবী। ৫। ধাত্রীফল : আমলকী।

ধাত্রীপুত্র—উপমাতার পুত্র। ২। নট।

ধাত্রীফল—আমলকী।

ধাত্রেয়ী (ধাৎত্রেঈ) [ধাত্রী (উপমাতা+এয় (স্বার্থে—ঢেয়)—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, ধাই।

ধাধস (ধাধোশ্) বি, ধাঁধা : ভ্রম। প্র—"নিদের আলসে বঁধুর ধাধসে তাহারে করিনু কোরে।"—চণ্ডীদাস। ২। [ধাতসা (হি)। গ্রা—ধাদোস] শারীরিক ধাতু : গায়ের জল।

ধান (ধান্) [সং—ধান্য] বি, সতুষ তণ্ডুল : ধান্য দ্রঃ। প্র—ধান মাপা : ধান সিদ্ধ করা। ২। ধানগাছ। প্র—ধান কাটা। ৩। এক ধান পরিমাণ ভার : রতির চতুর্থাংশ : grain. ৪। চার তিল পরিমাণ। বিণ, ধেনো। ধান গাছের বিভিন্ন অংশের নাম :—**আগড়া**—মঞ্জরীর যে অংশে ধান অপুষ্ট ও শস্যশূন্য থাকে : আগায় থাকে বলিয়া আগড়া। **খড়**—কাটা পাকা ধান গাছ : **গর্ভথোড়**—যে গাছের থোড় হইয়াছে তাহার মধ্যস্থলের সারাংশ। **তুষ**—ধানের খোসা বা চালের আবরণ। **থোড়**—শীষ বা মঞ্জরী হইবার পূর্ব্বে জাত গাছের ভিতরের স্থূল সারাংশ। **নাড়া**—কাটা গাছের গোড়া যাহা ক্ষেতে খোঁচা খোঁচা হইয়া থাকে। **পালা**—খড়ের পাতা। **পল, পোয়াল**—খামারে মাড়া ধান গাছের পাতা। **শীর্ষ, শীষ**—ধান্যমঞ্জরী। **শূক**—ধানের শুঁয়া বা শুণ্ডা। **আমন-ধান**—শালি ধান্য : যে ধান হেমন্তকালে হয়। **আউস ধান**—বর্ষাকালীন ধান : আশু ধান্য : ব্রীহি ধান্য। **ষাট বা ষেটে ধান**—গ্রীষ্মকালীন ধান ; বোরো ধান। বঙ্গদেশ ধান ও চাউলের জন্য প্রসিদ্ধ। বৌদ্ধ যুগের বাঙ্গালা সাহিত্যে বহু প্রকার ধানের নাম উল্লিখিত হইয়াছে। শূন্যপুরাণে উক্ত ধানের উল্লেখ ;—আজান, আন্ধারকুলি, আম-পাবন, আমলো, আলাচিত, আসতিব, আস-অঙ্গ, উড়াসালী, ককচি, কনকচুর, কাঙদ, কামদ, কালাকাত্তিক, কালাখুগর, কুসুমমালী, কোটা, খীরকম্বা, খেজুরছড়ি, খেমরাজ, গঅাবালি, গন্ধতুলসী, গন্ধমালতী, গুজুরা, গোতমপলাল, গোপালভোগ, চন্দনসাল, ছিছরা, জলারাঙ্গি, জেঠ, জোলি, ঝিঙ্গাসাল, ঢাঙ্গন, তসরা, তিলসাগরি, তুলানধান, তুলসালি, তোজনা, দলাগুড়ি, দাড, দুধরাজ, নাগরজুগান, পলাল, পর্ব্বতজিরা, পাঙ্গুসিয়া, পাতল, পাখরা, ফেফেরি, বককড়ি, বঙ্কি, বালি, বিন্ধসালী, বুখি, বুড়ামাত্তা, ভজনা, ভাদোলী, ভাদ্দমুখি, মই-পাল (মহীপাল), মাধবলতা, মুক্তাহার, মুলা-মুক্তাহার, মৌকলস, রক্তসাল, রাঅগড়, রাজ-দল, লতামৌ, লাউসলী, লালকামিনি, বাঁকই, বাঁকচুর, বাঁকসাল, বাগনবিচি, বাঁসকটা, বাঁজ-গজা, বাঁসমতী, বোআলি, সনাখড়কি, সালছাটী সীতাসালী, সোলপনা, হরি, হরিকালি, হাতি-পাঞ্জর, হকুলি। সপ্তদশ শতাব্দীর বাঙ্গালা গ্রন্থে ধানের উল্লেখ :—হরিশঙ্কর, হাতিপঞ্জর, হুড়া, হরকুলি, হাতিপাদ, হিঙ্কি, হলুদগুঁড়া, কেলেকানু, কেলেজিরা, কালিয়া, কাত্তিকা, কয়াকচ্চা, কাশীফুল, কপোতকণ্ঠিকা, কালিন্দী, কটকী, কুসুমশলী, কনকচুব, দুধরাজ, দুর্গা-ভোগ, পর্দ্দেশী, ধুস্তুর, কৃষ্ণশালী, কোঙরভোগ, কোঙরপূর্ণিমা, কল্মিলতা, কনকলতা, কামোদ, খেজুরথুপী, খয়েরশালী, ক্ষেম, গঙ্গাজল, গয়া-বলি, গোপালভোগ, গৌরীকাজল, গন্ধমালতী, গুয়াথুপী, গুণাকর, চামরঢালি, বন্দনশালী, ছত্রশালি, জটাশালি, জগন্নাথভোগ, জামাই-লাড, জলারাঙ্গী, ছিঙ্গাশালী, বলাইভোগ, ধুল্যা, নিমুই, নন্দনশালি, রূপনারায়ণ, পাতসা-ভোগ, পায়রারস: পিপীড়াবাঁক, তিলসাগরী, বাঁক্‌শালি, বাকোই, বুয়ালি, দাড়বঙ্গী, বাঁকচুর, বুড়ামাত্রা, রামশালি, রাঙ্গী, রাঙ্গামেট্যা, রাম-গড়, রঙ্গয়করি, পুণ্যবতী, নছীপ্রিয়, লাউশালি, লক্ষ্মীকাজল, ভোজনা, ভবানীভোগ, সীতাশালি, শঙ্করশালি, শঙ্করজটা—শিবায়ন। **ধান-কাটা**—ধান পাকিলে গাছ কাটিয়া আটি বাঁধিয়া রাখা। **ধান কাঁড়া**—ধানকে ঢেঁকিতে কুটিয়া নিস্তুষ করা। **ধান কাড়ান**—ধান ক্ষেতের আগাছা নষ্ট করিবার জন্য ক্ষেত চষা। **ধান কোটা**—ধান কাঁড়া ; ঢেঁকিতে ধান ভানা। **ধান ঝাড়া**—খামারে আনিয়া ধান গাছের আটি পাটায় আছড়াইয়া ধান ঝরান। **ধান বোনা**—সীতা রেখায় ধান ছড়াইয়া বপন করা। **ধান নাড়িয়া দেওয়া**—বীজ ধান হইতে চারা গজাইলে স্থানান্তরে পুঁতিয়া দেওয়া। **ধান ভানা**—ধান কুটিয়া চাউল বাহির করা ; ধান কাঁড়া। **ধান ভানিতে শিবের গীত**—অপ্রাসঙ্গিক কথার অবতারণা। **ধান দিয়ে লেখা পড়া শেখা**—খরচ পত্র না করিয়া সামান্য ব্যয়ে অল্প স্বল্প বিদ্যালাভ করা। **ধান মাড়া**—শীষ হইতে ধান পৃথক করিবার জন্য গরুর পায়ে ধানের মঞ্জরী মাড়ামাড়ি করিতে দেওয়া। **ধান শুকান**—ভিজা বা সিদ্ধ ধান রৌদ্রে ছড়াইয়া শুষ্ক করা। **উড়াধান, ঝরা বা ঝড়া ধান** [ক্ষেতে ধান পাকিয়া বাতাসে উড়িয়া পড়ে এবং তাহা হইতে ধান গাছ জন্মে বলিয়া উড়ী বা ঝড়া] বি, উঞ্ছ। ২। নীবার। **বীজ ধান**—যে ধান বপন করিয়া গাছ করিবার জন্য রাখা হয়। **কত ধানে কত চাল তার খবর ত রাখ না**—প্রত্যেক ধান হইতেই চাল পাওয়া যায় না। অনেক ধানে গাছই জন্মে না, অনেক ক্ষেতে, খামারে, ঢেঁকিশালে নষ্ট হয়, অনেক আগড়ায় যায়। এইরূপে ধানের পরিমাণ অনুসারে যে অনেক কম চাউল হয় তাহার তত্ত্ব। তাহা হইতে সংসারের আয় ব্যয়ের, ধান চালের খরচের খবর (নিরপেক্ষ এবং দায়িত্ব বোধহীন ব্যক্তিরা এ সকল খবর রাখে না বলিয়া তাহাদের প্রতি এই কথা ব্যঙ্গোক্তিতে প্রযুক্ত হয়। **ধান দূর্ব্বা**—ধান্য ও দূর্ব্বা ঘাস : মাঙ্গল্য দ্রব্যদ্বয়। **ধান দূর্ব্বা দিয়া আশীর্ব্বাদ**—স্বর্ণ রৌপ্যাদি বহুমূল্য দ্রব্য দান সহ আশীর্ব্বাদ না করিয়া অযত্ন সুলভ ধান দূর্ব্বা মস্তকে স্পর্শ করাইয়া আশীর্ব্বাদ। **ধানবাড়ি**—ঋণস্বরূপ প্রদত্ত ধান : বৃদ্ধিহেতু আগাম দেওয়া ধান।

ধানক (ক্) বি, ক্লী, ধন্যাক ; ধনিয়া।

ধানসী [সং—ধনাশ্রী] বি, রাগিণীবিশেষ ; ইহা বীররসে প্রযুজ্য বলিয়া উক্ত হইয়াছে।

ধানা [ধান+আ (জাতার্থে)] বি, স্ত্রী, চিঁড়ে। ২। যবভাজা। ৩। খই। ৪। ধনিয়া।

ধানাচূর্ণ—সক্তু : ছাতু।

ধানী [ধান+ঈ (যুক্তার্থে, সাদৃশ্যার্থে)] বিণ. কাঁচা ধানের বর্ণ। ২। হালকা সবুজ। প্র—ধানী রঙ্গের কাপড়। ৩। ধানযুক্ত।

ধানী (নি) [ধান+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, আধার : স্থান ; যাহাতে ধারণ করে। ২। আস্পদ।

ধানালঙ্কা [ধানের মত ছোট বলিয়া] অতিক্ষুদ্র-জাতীয় লঙ্কা : small capsicum.

ধানুক (ক্) বি, পশ্চিমের নিম্নশ্রেণীস্থ হিন্দু জাতিবিশেষ।

ধানুকা (ধ্‌ানুকি) [সং—ধানুষ্ক] বিণ, ধনুর্দ্ধারী। প্র—"তবকী ধানুকী রায়বেঁশে মাল। দফাদার জমাদার চলে সদীয়াল ॥"—অন্নদামঙ্গল।

ধানুষ্ক (ধানুস্‌ক) [ধনুষ্ক+অ (স্বার্থে—ষ্ণ)] বি, পুং, ধানুকী : ধন্বী।

ধান্দা [ধন্ধ দ্রঃ] বি, ধাঁধা : ধোঁকা : সন্দেহ। প্র—"তুমি না ভাঙ্গিলে ধান্দা কর্ম্মপাশে থাকে বান্ধা লোচন থাকিতে হয় অন্ধ।"—শিবায়ন।

ধান্ধা [হি—ধান্ধা] বি, স্ত্রী; কাজকর্ম্ম ; ব্যাপার। ২। উপায় : ফিকির। ৩ চিন্তা।

ধান্য (ধান্‌ন) [ধন+য (ণ্য)—প্রা-বাং বানানে, 'ধান্ন' (শূন্যপুরাণ)] বি, ধানগাছ : oriza sativa. শালি, ষষ্টিক ও ব্রীহি ভেদে ধান্য ত্রিবিধ। ২। ধান (দ্রঃ) : paddy. ৩। ধানজাতীয় শস্য :—যব, গম, মুগ, মাষ, মসুর কলাই, ছোলা প্রভৃতি। **কঙ্গু ধান্য**—কাঙ্গনীধান : শ্যামা, চীনা, কট ও কোদো ভেদে চারি প্রকার। **শালিধান্য**—হৈমন্তিক ধান্য : আমন ধান। **ষষ্টিক ধান্য**—গ্রীষ্ম কালে জন্মে যে ধান্য : ষাট ধান : ষেটে ধান ; রোরো ধান। **ব্রীহিধান্য**—বর্ষাকালে জন্মে যে ধান্য ; আউস ধান : আশু ধান্য। **শূকধান্য**—শুঙা যুক্ত ব্রীহি প্রভৃতি ধান্য : শিম্বীধান্য। **কাঙ্গনীধান্য**—শ্যামা, চীনা, কট ও কোদো ভেদে ৪ প্রকার। **ধান্যঘর**—গোলা-ঘর : মরাই। প্র—"ফুল্লরার কথা শুনি হিতাহিত মনে গণি লুকাইল বীর ধান্য-ঘরে।"—কবিকঙ্কণ।

ধান্যক (ধান্‌নক্) [ধান্য+ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, ধন্যা : ধনিয়া।

ধান্যত্বক (ধান্‌নৎতক্) [ধান্যের ত্বক্—৬তৎ] বি, স্ত্রী, তুষ।

ধান্যপঞ্চক (ধান্‌নপন্‌চক্) [ধান্য—পঞ্চ+ক (সংখ্যা নির্দ্দেশে)] বি, ক্লী, পঞ্চধান্য ; শালি, ব্রীহি, শূক, শিম্বি, ও ক্ষুদ্র।

ধান্যবর্দ্ধন (ধান্‌নবর্‌ধন্) বি, ক্লী, ধানের বাড়ি ; ঋণ স্বরূপ ধান দান।

ধান্যশীর্ষক (ধান্‌নশীর্‌ষক) [ধান্যের শীর্ষক (অগ্রভাগ)—৬তৎ] বি, ক্লী, ধানের শীষ ; ধান্যমঞ্জরী।

ধান্যশূক (ধান্‌নশুক্) [ধান্যের শূক্—৬তৎ] বি, ক্লী, ধানের শুঁয়া।

ধান্যাক (ধান্‌ন্যাক্) [ধন্যাক+অ (স্বার্থে, ষ্ণ)] বি, ক্লী, ধনিয়া

ধান্যাম্ল (ধান্‌ন্যাম্‌ল) [ধান্য জাত যে অম্ল কর্ম্মধা] বি, ক্লী, আমানি : কাঁজি।

ধান্যাস্থি (ধান্‌ন্যাস্‌থি) [ধান্যের অস্থি, ৬তৎ] বি, ক্লী, তুঁষ।

ধান্যেশ্বরী (ধান্‌নেশ্‌শোরি) বি, ধেনো মদ ; দেশী মদ্য : ধাঁটি। প্র—"কিম্বা ব্রাণ্ডী, হুইস্কি, বিয়ার কিম্বা তাড়ী, ধান্যেশ্বরী ॥"—দ্বিজেন্দ্রলাল রায়।

ধান্যোত্তম (ধানেনাৎতম) [ধান্যের মধ্যে উত্তম, ৭তৎ] বি, পুং, শালিধান্য।

ধাপ (প্) [প্রাদে] বি, সোপানের প্রত্যেক পদ নিক্ষেপের স্থান : step.

ধাপড়া (প্) ধাবড়া দ্রঃ।

ধাপুস্ (শ্) [ধপ্, ধুপ্ দ্রঃ। ধাপ্+উস্ (অল্পার্থে)] বি, অনুকার শব্দ ; মৃদু পতন শব্দ।

ধাপ্পা [হি—ধাপ্‌পা] বি, মিথ্যা আশ্বাস ; ফাঁকি ; প্রতারণা ; ধোঁকা।

ধাপ্পাবাজি [হি—ধাপ্পা—ফা—বাজী] বি, ধোঁকাবাজী : মিথ্যা আশ্বাস দান। প্র—"করি যদি ধাপ্পাবাজি মিথ্যে মোকদ্দমা, সয়ে যাবে গীতার পুণ্যে আছে অনেক জমা।"—দ্বিজেন্দ্রলাল রায়। বিণ, ধাপ্পাবাজ (জ্) মিথ্যা আশ্বাসদাতা। ২। প্রতারক।

ধাবক (ক্) [ধাব্ (বেগে গমন করা) + অক (কর্ত্তৃ)] বিণ, শীঘ্রগামী। ২। পত্রবাহক; দৌড়িয়া দৌড়িয়া যে এক স্থানের পত্র বা সংবাদ লইয়া অন্যস্থানে পৌছাইয়া দেয় : দ্রুতগামী বার্ত্তাবহ। ৩। সম্মার্জ্জক : পরিষ্কারক ; ক্ষালক। ৪। বি, পুং, রজক ; ধোপা। ৫। জনৈক প্রাচীন কবি।

ধাবকা (ব্) [হি] বি, অভ্যাস। প্র—ধাবকা পড়ে যাওয়া। ২। রীতি : ধারা। ৩। ধকল : হেঁপা। প্র—"মকদ্দমা করা কেতাবী লোকের কাম নয়—তেনারা একটা ধাবকাতেই পালিয়ে যায়।"—টেকচাঁদ।

ধাবড়া (ব্) [হি—ধব্বা = বিস্তৃত মলিনদাগ] বি, কালীর বিস্তৃত দাগ ; যে ময়লা চিহ্ন অনেকটা স্থান জুড়িয়া থাকে। ২। থাবলা ; খানিকটা।

ধাবন (ন্) [ধাব্ (দ্রুতগমন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, শীঘ্র গমন : দৌড়ন। ২। ধৌতকরণ : প্রক্ষালন। প্র—**দন্তধাবন**—দাঁত মাজা। **বস্ত্রধাবন**—কাপড় কাচা। **হস্তধাবন**—হাত ধোয়া।

ধাবমান (বো, ন্) [ধাব্ (দ্রুতগমন করা) + আন (কর্ত্তৃ—শান), ম আগম] বিণ, দ্রুত-গমনশীল : যে দৌড়িতেছে।

ধাবাড় (ড) [ধাব্ (ধাবন) + আড (স্বার্থে) —দ্রুত গমন] বি, ধাবন : দ্রুতগমন। বিণ, ধাবাড়িয়া।

ধাবাড়িয়া, ধাবাড়ে [ধাব্ (ধাবন) + আড (স্বার্থে) + ইয়া (যুক্তার্থে) সংক্ষেপে ধাবাড়ে] বিণ, দ্রুতগতিশীল। ২। তাড়াহুড়া-কারী : শীঘ্রকারী। ৩। দ্রুতগতি : শীঘ্র। প্র—"ধাবাড়ে পাখীর বাড়"—কবিকঙ্কণ।

ধাবাধাবি [ধাওয়াধাই দ্রঃ] বি, দৌড়াদৌড়ি ; ছুটাছুটি।

ধাবিত [ধাব্ (বেগে গমন) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, যে দৌড়িয়াছে। প্র—পশ্চাদ্ধাবিত। ২। কৃতানুসরণ। ৩। [কর্ম্মে—ক্ত] ধৌত : পরিষ্কৃত।

ধাববা [হি] বি, দাগ : বিস্তৃত কাল চিহ্ন। ২। কলঙ্ক : অপবাদ।

ধাম (ম্) [ধামন শব্দ, ১মা, ১ব] বি, ক্লী, গৃহ। ২। স্থান। ৩। ঠিকানা ; বাস নির্দ্দেশ। ৪। আস্পদ ; আধার। ৫। দেহ। ৬। জন্ম। ৭। প্রভাব। ৮। পদ। ৯। তেজঃ। **নাম-ধাম**—নাম ও বাসস্থান। ২। পরিচয়। **গুণধাম**—গুণের আধার ; যিনি সকল বা বহুগুণে গুণান্বিত ; গুণধর। **পুণ্যধাম**—পবিত্রস্থান : তীর্থ।

ধামক (ক্) [ধামন্ + ক (সংজ্ঞার্থে)] বি, পুং, একমাষা পরিমাণ ; আটরতি ; একতোলার দ্বাদশ ভাগের একভাগ ; ১৫ গ্রেণ।

ধামগুজারি (ম্) [হি—ধম্, ধমা + ফা—গুজারি। তুল—হি—ধমাচৌকড়ি] বি, ধুমধাম ; দাপাদাপি : দৌরাত্ম্য

ধামন (ন্) [হি ধামিন্] বি, গোধা ; গোসাপ। ২। ঢেমনা সাপ। ৩। এক-জাতীয় বাঁশ।

ধামনিক (ক্) [ধমনী + ইক (সম্বন্ধার্থে—ষ্ণিক)] বিণ,ধমনী সম্বন্ধীয় ; নাড়ীসংক্রান্ত।

ধামনিধি (ম্) [ধাম (তেজঃ) তাহার নিধি (আশ্রয়)—৬তৎ] বি, পুং, সূর্য্য। ২। তেজস্বী।

ধামনী (ধামনি) [ধমনী + অ (স্বার্থে—ষ্ণ) ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, ধমনী ; নাড়ী।

ধামসা (ধাম্‌শা) [ধাঙসা দ্রঃ। অনুকার শব্দ হইতে] বি, আনদ্ধ বাদ্যযন্ত্র-বিশেষ ; টিকারা।

ধামসান (ধাম্‌শানো) [ধাঙসা দ্রঃ। ধামসা + আন (ক্রিয়ায়)—ধামসার মত শব্দ করা] ক্রি, ধামসা বাজান বা তাহার শব্দ করা। ২। মর্দ্দন করা ; দলন করা। ৩।

মুষ্টি, চপেটাঘাত, প্রভৃতি দ্বারা বিলক্ষণ প্রহার করা।

ধামা [হি—ধামা। ধাম (বংশবিশেষ)+আ (জাত্যর্থে)] বি, বংশ বা বেত্র নির্ম্মিত পাত্রবিশেষ (ক্ষুদ্রার্থে ধামি)। ২। [ধামক পরিমাণ হইতে] বহু ধামক-পরিমাণ বা ধামা ধামা জিনিষ। ৩। বিণ, ধামা নামক পাত্র পূর্ণ। প্র—ধামা ধামা চাউল। এক ধামা ধনে। **ধামা-ধরা**—বিণ, তোষামোদকারী : খোসামুদিয়া। প্র—"ধামা-ধরা কাজে মানবসমাজে কারে কি আমরা দখল দি।" —বাং-গান।

ধামার (র্) বি, প্রহরণবিশেষ। ২। রাগিণী-বিশেষ।

ধামাল (ল্) বি, রাগিণী-বিশেষ : ধামার। ২। [ধাম (তেজঃ)+আল (স্বার্থে)] বীর্য্য ; তেজ : প্রভাব। ৩। বিণ, অশান্ত: দুর্দ্দান্ত। প্র—"আমার ছাওয়াল বড়ই ধামাল এ দোষ ক্ষমিবে আপনি।"—চৈতন্য-মঙ্গল।

ধামালী [ধায়ালী—ধাঁয়ালী—(ধাব—ধাবন) +আলী (করণার্থে) প্রাদে—অনুনাসিক উচ্চারণে ব স্থলে ম] বি, ধামালী (দ্রঃ)। দৌড় ; দ্রুত পদক্ষেপ। ২। [ঢঙ্গ—ঢমালী (চতুরালী): তুল—ঢাঙ্গাতি (লম্পটতা)] বি, ঢঙ্গ ; রঙ্গ। (২) শঠতা ; চতুরালী।

ধায় (য়্) [হি—ধাবে (সং—ধাব হইতে)। পদ্যে। ধাওয়া দ্রঃ] ক্রি, ধাবন করে : দৌড়ে। ২। গমন করে ; যায়। ব্রজ—**ধায়ন**। প্রা-বাং—**ধায়ন্তি**—ধাবমান হয় : দৌড়ে। ২। যায় : গমন করে। প্র—"ধর্ম্মের সিনানকালে জতেক তিপি মিলে ধায়ন্তি সভে লঘুগতি।"—শূন্যপুরাণ।

ধায়লী, ধায়ালী [ব্রজ। ধাব্ ধাতু হইতে] বি, দ্রুতগতি ; ত্বরিতগতি : সত্বর গমন : ধাবাড়। প্র—"না এর ধায়লী যদি পাইল কোঙর।"—কবিকঙ্কণ। "কালীঘাটা উত্তরিল দোলার ধায়ালী।"—কবিকঙ্কণ।

ধার (র্) [ধৃ (ধারণ করা)+অ (কর্ম্মে—ঘঞ্)] বিণ, পুং, ধারী : ধারণকারী। প্র—কর্ণধার। ২। বি, ঋণ। প্র—"পিতা তুমি পালন করেছ পুত্র প্রায়। এবার তোমার ধার কিছু শুধিবায়॥"—ঘনরাম। ৩। প্রান্তভাগ ; কিনারা ; শেষ সীমা। প্র—"লয়ে ভব কর্ণধারে, ক্রমে যমুনার ধারে"—দাশরথি। ৪। অস্ত্রের তীক্ষ্ণাংশ : তীক্ষ্ণতা। প্র—"পড়িলে ভেড়ার শৃঙ্গে ভাঙ্গে হীরার ধার।"—ভারতচন্দ্র। কাতারির ধার পড়িয়া গিয়াছে। ৫। বুদ্ধির তীক্ষ্ণতা ; প্রাখর্য্য। প্র—ধার থাকিলে নিশ্চয়ই এত দিনে শিখিয়া লইত। ৬। [ধারা হইতে] ধারা। প্র—"কণ্ঠ হইতে রুধির উঠিছে তিনধার"—ভারতচন্দ্র। ৭। সংস্রব ; সম্পর্ক। প্র—সে ও-বিষয়ের কোন ধারই ধারে না। **ধার করা**—ঋণ গ্রহণ করা ; কর্জ্জ করা। ২। অস্ত্রাদি শাণিত করা ; অস্ত্রে শাণ দেওয়া। **ধারধোর করা** [ধোর ধারের সহচর] দেনাপত্র করা : ধার-কর্জ্জ করা। **ধার চুকান**—ঋণ শোধ করা। **ধার ধারা**—সংস্রব রাখা ; সম্বন্ধ রাখা। ২। অপেক্ষা রাখা। **ধার না ধারা**—সম্পর্ক না রাখা, উপেক্ষা করা।

ধারক (ক্) [ধৃ (ধারণ করা)+অক (কর্ত্তৃ)] বিণ, যে ধারণ করে : ধারণকর্ত্তা। ২। যে পুরাণ পাঠকের ভুল ধরে অর্থাৎ পাঠে অশুদ্ধি সংশোধন করে। (২) যে মন্ত্র পাঠ করায়। প্র—তন্ত্রধারক। ৩। ঋণগ্রাহী; অধমর্ণ : ধেরো। ৪। [পুরাণ মতে, বিশ্বকর্ম্মা অমৃত ধারণের জন্য দেবগণের অংশে কলা কলা গ্রহণ করিয়া যে পাত্র নির্ম্মাণ করেন তাহাকে কলস বলে ; ইহা অমৃত ধারণের জন্য নির্ম্মিত বলিয়া ধারক] বি, পুং, কলস। ৫। যে ঔষধ সেবনে মলভাণ্ডে মলধারণের শক্তি হয় ; যাহাতে "পেট ধরে" ; অভেদী ঔষধ।

ধারণ (ন্) [ধৃ (ধরা)+ণিচ্=ধারি+অন (ট্, ভাবে)] বি, ক্লী, গ্রহণ। ২। হস্তে ধারণ ; হস্ত দ্বারা গ্রহণ : অবলম্বন। প্র—তাঁহার হস্ত ধারণ করিয়া উপরে উঠিলেন। ৩। অঙ্গে গ্রহণ : পরিধান। প্র—বেশ ধারণ ; বস্ত্র ধারণ। ৪। উদরে গ্রহণ অর্থাৎ উদরস্থকরণ ; সেবন। প্র—এক্ষণে তিনি একটী কবিরাজী ঔষধ ধারণ করিতেছেন। ৫। কণ্ঠে, বাহুতে বা কটিদেশাদিতে গ্রহণ ; রক্ষণ। প্র—তিনি বাতের জন্য একটী মাদুলী ধারণ করিয়াছেন। ৬। স্মৃতিতে গ্রহণ ; মনন। প্র—তাহার চঞ্চল মতির জন্য কোন বিষয়ই ধারণ করিতে পারে না। (ধারণা দ্রঃ)। ৭। সংবরণ : সংযমন। প্র—প্রস্রাবের বেগ ধারণ করিতে নাই। ৮। পাত্রে গ্রহণ : পাত্র অনতিক্রমণ। প্র—এই পাত্রটি কত জল ধারণ করিতে পারে? ৯। বহন। প্র—ভার বা মোট ধারণ। ১০। বিণ, গ্রাহক। ১১। রক্ষক। [এই দুই অর্থে প্রায়ই অন্য শব্দের সহিত যুক্ত হইয়া পদ্যে ব্যবহৃত হয়। বাং—গদ্যে ও স্বতন্ত্রভাবে বিরল]।

ধারণা (ধারোনা) [ধৃ+ণিচ্=ধারি+অন (ভাবে) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, স্থিতি ; স্থাপনা। ২। নির্দ্ধারণ ; নিশ্চয়। ৩। স্মরণশক্তি ; a retentive memory. ৪। বুদ্ধি। ৫। আত্মাতে মনের অভিনিবেশ ; ব্রহ্মতত্ত্বে মগ্ন হওন। ৬। [যোগ শাস্ত্রে] চিত্তবৃত্তিকে বিষয়ান্তর হইতে নিবৃত্ত করিয়া নাসিকাগ্রে বা নাভিচক্রে স্থিরীকরণ ; চিত্তস্থৈর্য্য ; চিত্তের একাগ্রতা। ৭। সংস্কার : বিশ্বাস ; ধারণা ; an impression. ৮। সিদ্ধান্ত ; conclusion. স্ত্রী, **ধারণী**—নাড়ী। ২। শ্রেণী। ৩। মন্ত্রবিশেষ। ৪। স্থৈর্য্য ; একাধিক্রমে স্থিতি ; tenacity. **ধরণধারণ**—প্রকৃতি ধারণ ; স্বভাব প্রকৃতি ; আকার প্রকার। ২। পদ্ধতি ; প্রণালী।

ধারণাবান্ (না) ধারণা+বৎ (অস্ত্যর্থে—বতু)=ধারণাবৎ ১মা, ১ব] বিণ, যাহার ধারণাশক্তি আছে ; মেধাবী।

ধারণীয় (ধাবনিও) [ধৃ (ধারণ করা)+ণিচ্=ধারি+অনীয় (কর্ম্মে)] বিণ, ধারণ করিবার উপযুক্ত। **ধারণীয়যন্ত্র**—বি, ক্লী, দেববিশেষের ধারণযোগ্য যন্ত্রবিশেষ।

ধারয়িতা [ধৃ+ণিচ্=ধারি+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=ধারয়িতৃ ১মা, ১ব] বিণ, যে ধরে ; ধারণকর্ত্তা : ধারক। স্ত্রী, **ধারয়িত্রী**—পৃথিবী : ধরণী। ২। ধারণকর্ত্রী।

ধারয়িষ্ণু (ধারইষ্‌টু) [ধৃ+ণিচ্=ধারি+ইষ্ণু (কর্ত্তৃ, শীলার্থে)] বিণ, যে ধারণ করিয়া আছে ; ধারণশীল।

ধারা [ধৃ+ণিচ্=ধারি+অ (ভাবে) আপ্, স্ত্রী। "ধারোৎকর্ষে খড়্গাদগ্রে সৈন্যাগ্রে বাজিনাং গতৌ। জলাদিপাতে সন্তত্যাম্"—হেমচন্দ্র] বি, জলাদির পতন ; দ্রববস্তুর ক্রমাগত নিঃসরণ বা অবিচ্ছেদে ক্ষরণ : অবিরল জলস্রাব ; প্রবাহ। প্র—"কিছুতেই থামে না যে মা, পোড়া এ নয়নের ধারা"—রবি। ২। বৃষ্টি। ৩। রশ্মি বা সূত্রের আকারে সংমিলিত জলবিন্দুর পতন। ৪। প্রস্রবণ ; নির্ঝর ; ঝরণা। ৫। [পঞ্চ অশ্বানাং গতিবিশেষা ধারাশব্দবাচ্যাঃ। "আস্কন্দিতং সমানা স্যাদশ্বানাং গতিরগ্রতঃ। চক্ষুঃপাতস্তু চাতুর্য্যাদ্‌গতিস্তু ধৌরিতং ভবেৎ। মণ্ডলীগমনং যৎ তু রেচিতং তৎ প্রচক্ষতে। বেগ বিক্ষেপ গমনং বল্গিতং সংপ্রচক্ষতে। লম্ফেন ত্বরয়া যা তু গতিঃস্যাৎ সা প্লুতং ভবেৎ ইতি শালিহোত্রঃ"—অমরার্থ কল্পদ্রুম] অশ্বের গতি পঞ্চক। আস্কন্দিত গতি, ধৌরিতক গতি, রেচিত গতি, বল্গিত গতি, প্লুত গতি। ৬। শৃঙ্খলা ; ক্রম। ৭। পদ্ধতি : ব্যবস্থা : নিয়ম। প্র—"মাগো ওমা, মা বাপের কি এমনি ধারা"—রাম বসু। "বংশাবলির ধারা।" ৮। আইনের পদ্ধতি। ৯। পরিচ্ছেদ। (২) অনুচ্ছেদ। ১০। প্রকরণ। ১১। সেনাদলের অগ্রভাগ ; সৈন্যস্কন্ধ। ১২। সমূহের অবিচ্ছেদ ; শ্রেণী ; সারি। ১৩। অস্ত্রের

ধার বা তীক্ষপ্রান্ত। ১৪। উৎকর্ষ; প্রাখর্য্য; ধার। ১৫। প্রকৃতি; স্বভাব; রীতি; চাল-চলন। প্র—"যদি তোমার বাপের ধারা ধর"—রামপ্রসাদ। ১৬। ঘটাদির ছিদ্র; বহুধারাযুক্ত পাত্রকে "ঝাঁঝরা" বলে। ১৭। ধারানগরী। পরিঃ দ্রঃ। ১৮। ধরণ; প্রকার; সাদৃশ্য। ১৯। ক্রি-বিণ. ধরণের; মত; তর (তুল—হি—তরহ্; তওর্)। প্র—"সারা বরষ দেখিনে মা, মা তুই আমার কেমন ধারা"। **শ্রাবণের ধারা** [শ্রাবণ মাসে নিরন্তর বারি পতন হেতু] অজস্র ধারা। **ধারার শ্রাবণ**—অশ্রান্ত বা অবিরল বারি পতন হেতু যেন শ্রাবণ মাসের মত। প্র—"এত নিন্দা কথা যদি কহিল ব্রাহ্মণ। শ্রীমন্তের চক্ষু হইল ধারার শ্রাবণ॥"—কবিকঙ্কণ।

ধারাকদম্ব [সং—ঈষৎ নীলবর্ণ বলিয়া ইহার আর এক নাম "মেঘাভ" ইহা ভ্রমরপ্রিয় বলিয়া ভৃঙ্গবল্লভ] বি. নীপ; কেলিকদম্ব; adine cordifolia.

ধারাগৃহ—বি. ক্লী. যে গৃহে জলের ধারা অর্থাৎ কৃত্রিম প্রস্রবণ আছে; ফোয়ারা; জলযন্ত্র মন্দির (ঋতুসংহার)।

ধারাঙ্কুর (র্) [ধারার অঙ্কুর (কণা) ৬তৎ] বি. পুং. জলকণা; শীকর। ২। বর্ষোপল; শিল; করকা। ৩। সংগ্রামে অগ্রবর্ত্তী সৈন্য।

ধারাট (ট্) [ধারা (বারিপাত)—অট্ (গমন করা)+অ (কর্ত্তৃ) যে বৃষ্টি ধারার প্রতি গমন করে] বি. পুং. চাতকপক্ষী। ২। [যে জলকণা ধারণ করিয়া গমন করে] মেঘ। ৩। [যে আস্কন্দিত ধৌরিতকাদি ধারায় গমন করে] অশ্ব। ৪। [যে ধারা বা মেঘের ন্যায় গমন করে] মত্তহস্তী।

ধারাধর [ধারা (জলধারা) ধর (যে ধারণ করে)] বি. পুং. মেঘ; জলধর। ২। [ধারা (অস্ত্রের প্রান্তভাগ) ধর (যে ধরে)] খড়্গাদি অস্ত্র।

ধারাপাত (ত্) [ধারার পাত (পতন) ৬তৎ] বি. পুং. জলধারা ক্ষরণ। ২। বাঙ্গালা অঙ্কশিক্ষার প্রথম পুস্তকবিশেষ।

ধারাবর্ষ—বি. পুং. ধারা-ক্রমে বর্ষণ।

ধারাবাহিক (ক্) [ধারা—বাহিক (ক্রমিক)] বিণ. যাহা ক্রমাগত চলিয়াছে; অবিরত স্থিতি-শীল; পূর্ব্বাপর অনুগামী; অবিচ্ছিন্ন। বি. **ধারাবাহিকতা**—একাদিক্রম।

ধারাবিষ (ষ্) [ধারা (শাণিতপ্রান্ত) হইয়াছে বিষ (বিষযুক্ত) যাহার—বহু] বি. বিষমিশ্রিত. বিষাক্ত—ধার; সর্পাকৃতি খড়্গা-বিশেষ; বিষাক্ত ছোরা; poison dagger. [পূর্ব্বে সর্পের ন্যায় তরঙ্গায়িত ফলকের এক প্রকার খড়্গা নির্ম্মিত হইত—যাহার ইস্পাত ঢালাইয়ের সময় তীব্র বিষ মিশ্রিত করা হইত। এই খড়্গা প্রায় একহস্তের অধিক লম্বা হইত না। শরীরে উহা বিদ্ধ হইবামাত্র আঘাতিত ব্যক্তির রক্তের সহিত বিষ মিশ্রিত হইয়া তৎ-ক্ষণাৎ তাহার প্রাণ নষ্ট করিত]।

ধারাযন্ত্র (—জন্‌ত্র) [ধারার (জলপ্রবাহের) যন্ত্র (কল) ৬তৎ] বি. ক্লী. জলযন্ত্র; ফোয়ারা। ২। পিচকারী।

ধারাল (লো) [ধার (অস্ত্রের শাণিতপ্রান্ত)+আল (যুক্তার্থে)] বি. ধারযুক্ত; তীক্ষ্ণধার; শাণিত; যাহা স্পর্শমাত্র কাটে।

ধারাসম্পাত (—শম্‌পাৎ) [ধারার (জল-প্রবাহের) সম্পাত (সম্যক্‌রূপে পতন) ৬তৎ] বি. পুং. বেগে বৃষ্টিপাত; মুষলের ধারে বৃষ্টিপতন।

ধারাসার (—শার্) বি. মুষলের ধারে বৃষ্টিপাত।

ধারাস্নুহি (ধারাস্‌নুহি) বি. স্ত্রী. তেকাটা সিজের গাছ।

ধারি, ধারী [ধার+ই, ঈ (অস্ত্যর্থে)] বি. মেটেঘরের সরু দালান। ২। কিনারা। ৩। পাড়।

ধারিণী (নি) [ধৃ (ধারণ করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=ধারিন্—ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. ধরিত্রী; পৃথিবী। ২। শাল্মলিবৃক্ষ। ৩। চতুর্দ্দশ দেবযোষিদ্গণ। ৪। কালিদাসের মালবিকাগ্নিমিত্র নাটকোক্ত রাজা অগ্নিমিত্রের পাটরাণী।

ধারী [ধৃ (ধারণ করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) =ধারিন্ ১মা, ১ব] বিণ. ধারণকর্ত্তা। এই শব্দটী অন্যশব্দে যুক্ত হইয়া ব্যবহৃত হয়। প্র—বৃত্তিধারী; উপাধিধারী। ২। ধারযুক্ত; ধারাল। ৩। পুং. পীলুবৃক্ষ।

ধার্ত্তরাষ্ট্র [ধৃতরাষ্ট্র+অ (অপত্যার্থে—ষ্ণ)] বি. পুং. রাজা ধৃতরাষ্ট্রের পুত্র। ২। কৃষ্ণবর্ণ-চঞ্চুচরণযুক্ত হংস; গেঁড়িহাঁস। ৩। কদ্রুপুত্র ধৃতরাষ্ট্রনাগের পুত্র নাগবিশেষ।

ধার্ম্মিক (ক্) [ধর্ম্ম+ইক (শীলার্থে—ষ্ণিক)] বিণ. ধর্ম্মশীল; ধর্ম্মিষ্ঠ; ধর্ম্মজ্ঞানী; পুণ্যাত্মা; ধর্ম্মাচরণকারী; সত্যব্রত ও ন্যায়কারী।

ধার্য্য (ধারজ) [ধা (ধারণ করা)+য (কর্ত্তৃ—ঘ্যণ্) নিপাতন সিদ্ধ] বি. পুং. পুরোহিত; ঋত্বিক্। স্ত্রী. **ধার্য্যা**—অগ্নিপ্রজ্বালন মন্ত্র।

ধার্য্য (ধারজ) [ধৃ (ধারণ করা)+য (কর্ম্মে, ঘ্যণ্)] বিণ. ধারণযোগ্য; ধারণীয়। ২। অবধারিত; নির্দ্ধারিত; অবধারণীয়; স্থিরীকৃত।

ধার্য্যমাণ (ধারজোমান্) [ধৃ+ণিচ্=ধারি+আন (কর্ম্মে, শান) য—ম আগম] বিণ. যাহা ধৃত বা গৃহীত হইয়াছে।

ধার্ষ্ট্য (ধারশ্‌ট) [ধৃষ্ট+য (ভাবে, ষ্যঞ্)] বি, ক্লী. ধৃষ্টতা; প্রাগল্‌ভ্য; ঔদ্ধত্য।

ধাষ্টম, ধাষ্টাম, ধাষ্টামি (ধাষ্‌টোমো) [ধার্ষ্ট্য, ধৃষ্ট+আম, আমি (গর্হিত আচরণার্থে) =ধৃষ্টাম, ধৃষ্টামি প্রাকৃ-ব্যবহারে ধাষ্টাম,—মি। গ্রা—ধারসম, ধাস্‌সোমো] বি. ধৃষ্টতাপ্রকাশ; ধৃষ্টব্যবহার; প্রাগল্‌ভ্য আচরণ। ২। ঔদ্ধত্য। ৩। নিন্দা; অপযশ।

ধিক (ক্) [পা—ধি; "নিন্দায়াং তু ধি কথ্যতে" —অভিধানপ্রদীপিকা] অ. নিন্দাব্যঞ্জক; ছিঃ। ২। লজ্জাপ্রদানে। প্র—"ধিক রহুঁ মাধব তোহারি সোহাগ। ধিক রহুঁ যো ধনী তোহে অনুরাগ॥"—বলরাম দাস। "ধিক্ ধিক্ নাহি লাজ হে ভারত! হা সমাজ।"—কুঙ্কুম। ৩। ভর্ৎসনা বা তিরস্কারে। ৪। । ৫। অধিক। প্র—"দুর্য্যোধন হৈতে মোর ধিক যুধিষ্ঠির"—কাশী-মহা-আদি। "তুমিহ পুত্রের ধিক করিতে গৌরব।"—কাশী-মহা-আদি। **ধিক্ থাক** [সং—ধিক্ তান: তান্ (তাহাদিগকে) ধিক্ গ্রা—বিকারে তান্ হইতে থাক] অ. ধিৎকার; ধিক্কার প্রদত্ত হউক। তুল—ধিক রহু (ব্রজ। "অহো ধিক্" বিকারে)। প্র—"জ্ঞানদাস কহ, ধিক রহু জীবনে, যে করে পর পিরীতি আশ॥"—জ্ঞানদাস। **ধিক-জীবন**—নিন্দিত বা কলঙ্কিত জীবন; যে জীবন ঘৃণায়, লজ্জায় ধিক্ ধিক্ করিবার মত। প্র—"যারে বল্লে ছি তার ধিক জীবনে রৈল কি।" —গান। **হা ধিক**—[সং—অহো ধিক্] আত্মগ্লানিতে।

ধিকিধিকি [ধকধক দ্রঃ। ঈষৎ থামিয়া থামিয়া বা চঞ্চল অর্থে ধিকিধিকি নতুবা ধিক-ধিক। মৃদু অর্থে ধক্ স্থলে ধিক] ক্রি-বিণ. ক্রমশঃ; মৃদুগতিতে; আস্তে আস্তে। প্র—"ঘলের পিরিতি তুষের অনল ধিকিধিকি যেন বয়।"—চণ্ডীদাস। **ধিকি ধিকি ধিকি**—নিরন্তর অর্থে পুনঃ পুনঃ উক্ত। প্র—"ধিকি ধিকি ধিকি জ্বলিছে অনল, কেন এজ্বালা মরমে চাপি।"—গিরিশ-ঘোষ।

ধিক্কার (র্) [ধিক্ (নিন্দা) কার (করা)] বি. পুং. ধিক্‌করণ; ধিক্‌শব্দ প্রয়োগ; ভর্ৎসনাবাক্য; নিন্দোক্তিপ্রয়োগ; লজ্জাদান। ২। নিন্দা, অপমান, লজ্জা ও ঘৃণার কর্ম্মে মনে যে বিরাগ জন্মে; আত্মগ্লানি। ৩। অবজ্ঞা।

ধিক্‌কৃত [ধিক্ (নিন্দা) কৃত (করা) কৃ+ত (ভাবে—ক্ত)] বি. ক্লী. ধিক্কার; র্ভৎসনা।

২। [কর্ম্মে, ক্ত] বিণ, যাহার প্রতি ধিক্ শব্দ প্রয়োগ করা হইয়াছে : ভৎর্সিত : নিন্দিত। ৩। ঘৃণিত : অবজ্ঞাত।

ধিক্ক্রিয়া—বি, ধিক্কার।

ধিঙ্গি, ধিঙ্গী [হি—ধিঙ্গ্ (বলিষ্ঠ), (২) নাগর (a gallant) (৩) উপপতি। তুল—ধিঙ্গাধিঙ্গী—ধস্তাধস্তি। ধিঙ্গামুষ্টি—মুখোমুখি : যুদ্ধ। ধিঙ্গ্ড়া—উপপতি] বিণ, হৃষ্টপুষ্ট : বলিষ্ঠ। ২। প্রধান : দস্যু দলপতি। প্র—যেন ধিঙ্গির পদ পেয়েছে। ৩। পুং, স্ত্রী, দুর্দ্দান্ত : দস্যি (গ্রা) : অনর্থঘটক। প্র—"এই সহচরীগণ, এক ধিঙ্গী একজন উদ্দেশেতে করি নমস্কার।"—অন্নদামঙ্গল। ৪। কুচরিত্রা ; স্বাধীনা।

ধিৎকার (র্) [হি] বি, ধিক্কার।

ধিন্, ধিন্ ধিন্ [ধিন্ব্ (প্রীণনে, গতি অর্থে)] অ, নৃত্য শব্দ। ২। বাদ্যের বোল। ধিনাধিন্ ধিন্তাধিন্ : ধিন্তাধিনা ধিন ধিনা ধিন : তাক্ ধিনাধিন্ ইত্যাদি বাদ্যের তালবোধক বোল। **ধিনিকেস্ট**—ধিন্ ধিন্ করিয়া নৃত্যকারী কৃষ্ণ।

ধিমা, ঢিমা [সং—মধ্যম। হি—মধ্যম। তাহা হইতে ধিম পরে ঝিম্ দ্রঃ] বিণ, মৃদু : ক্ষীণ : ঝিম। প্র—ধিমা আঁচে সিদ্ধ করা। ২। উৎসাহরহিত : গেঁতো : কার্য্যে অতৎপর। ৩। বিলম্বিত। প্র—ধিমাচালে চলা।

ধিয়া [অনুকার শব্দ। ধা, ধা (শব্দে) + ইআ (অস্ত্যর্থে)—ধাইয়া, ধেইয়া, ধেয়ে (তুল—ধেয়ে নাচনী) যাহাতে (যে বাদ্যে) ধা ধা শব্দ আছে বা হয়। তুল—"ধা ধা গুড় গুড় নৌবত বাজে।" (২) যে দ্রুতপদবিন্যাস-ঘটিত নৃত্যে ধেই ধেই বা ধিয়া ধিয়া শব্দ হয়। পুনঃপুনঃ অর্থে—**ধিয়া ধিয়া, ধিয়া তা ধিয়া**] বি, বাদ্যধ্বনিবিশেষ। ২। উদ্দণ্ড নৃত্যকালে পদক্ষেপের শব্দ। প্র—"ধিয়া তা ধিয়া ভূত নাচে।"—অন্নদামঙ্গল। ৩। ধেই ধেই নৃত্যের তালে তালে তুড়ির বা করতালির বোল। প্র—"ধিয়া তা ধিয়া বনমালী।"—গিরিশ ঘোষ।

ধিরকালি [প্রাদে] বি, বাদ্যবিশেষ। প্র—"দুন্দুভি বাজনা বাজাএ ঘনে ঘনা বরঙ্গ ভোর ধিরকালি।"—শূন্যপুরাণ।

ধিষণ, ধিষণা ["ধিষণা বুদ্ধি"—অমর। প্রা-বাং "ধীষণা" বানানও দেখা যায়] বি, স্ত্রী, বুদ্ধি : জ্ঞান : মনীষা। প্র—"ধীষণা ধারণাবতী ধেয়ান ধারিণী।"—কবিকঙ্কণ।

ধী [ধ্যৈ (চিন্তা করা) + ক্বিপ্ (করণে)—ধ্যৈ=ধী] বি, স্ত্রী, বুদ্ধি : মতি : জ্ঞান।

ধীগুণ (ন্) [ধী (বুদ্ধির) গুণ—৬তৎ] বি, পুং, ধীশক্তি বুদ্ধির অষ্টবিধ উপায়। শুশ্রূষা (curiosity) শ্রবণ (hearing) গ্রহণ (acquisition) ধারণ (retention, memory) উহ (তর্ক, doubt) অপোহ (সন্দেহচ্ছেদ) অর্থবিজ্ঞান (comprehension) তত্ত্বজ্ঞান।

ধীন্দ্রিয় [ধী (জ্ঞান রূপ) ইন্দ্রিয়—কর্ম্মধা] বি, ক্লী, জ্ঞানেন্দ্রিয় : মনঃ।

ধীবর (র্) [সং] বি, পুং, মৎস্যজীবী ; জালিক : জেলে। স্ত্রী, **ধীবরী**।

ধীমান্ [ধী + মৎ (বিদ্যমানার্থে—মতু) = ধীমৎ ১মা, ১ব] বিণ, জ্ঞানবান্ : বুদ্ধিমান্ : জ্ঞানী। ২। বি, পুং, বৃহস্পতি। স্ত্রী, **ধীমতী**—বুদ্ধিমতী।

ধীর (র্) [ধী (বুদ্ধি) রা (দান করা) + অ (কর্ত্তৃ—ড) যে অন্যকে বুদ্ধি দান করে] বিণ, স্থিরবুদ্ধি : অচঞ্চলচিত্ত। ২। পণ্ডিত ; জ্ঞানী। প্র—"পরস্পর শাস্ত্রকথা কহে ধীরগণ।"—অন্নদামঙ্গল। ৩। ধৈর্য্যশালী। ৪। গম্ভীর। ৫। বিনীত : শান্ত : নম্র : অনুদ্ধত। ৬। বিবেচক ; যে অগ্রপশ্চাৎ ভাবিয়া কার্য্য করে। ৭। মন্থর। প্র—ধীর পদবিক্ষেপ। ৮। বি, পুং, বলিরাজ। ৯। ক্লী, কুঙ্কুম। স্ত্রী, **ধীরা**—যে নায়িকার কোপপ্রকাশ সাধারণের বোধগম্য হয় না। বি, ধীরতা।

ধীরতা [ধীর + তা (ভাবে)] বি, স্ত্রী, ধৈর্য্য। ২। সহিষ্ণুতা। ৩। চিত্তের স্থিরতা। ৪। গাম্ভীর্য্য। ৫। বিনয় ; অনৌদ্ধত্য। ৬। পাণ্ডিত্য।

ধীরত্ব (ধীরোৎতো) [ধীর + ত্ব (ভাবে)] বি, ক্লী, ধীরতা (দ্রঃ)।

ধীরপ্রশান্ত (ন্, প্রো) [ধীর (স্থিরচিত্ত অথচ) প্রশান্ত (শান্ত, শমতাপ্রাপ্ত) কর্ম্মধা] বি, পুং, বহুবিধ সামান্য গুণবিশিষ্ট নায়ক। প্র—"যিনি অনেকাংশে নায়ক-সামান্যগুণে বিভূষিত তাঁহার নাম ধীরপ্রশান্ত। যথা—মালতীমাধবাদিতে মাধবাদি।—কাব্যদর্পণ।

ধীরললিত (ধীর্‌লোলিত্) [ধীর—ললিত (ক্রীড়াসক্ত) কর্ম্মধা] বি, পুং, মৃদু-প্রকৃতি, নিশ্চিন্ত, এবং নিরন্তর নৃত্য-গীতাদিতে আসক্ত নায়ক। রত্নাবলী নাটকের বৎসরাজাদি। স্ত্রী, **ধীরললিতা**—ষোড়শাক্ষর ছন্দোবিশেষ।

ধীরা—ধীর দ্রঃ।

ধীরাধীরা [ধীরা (অথচ) অধীরা—কর্ম্মধা] বি, স্ত্রী, যে নায়িকার রোষ কোন সময়ে বুঝা যায় না এবং কোন সময়ে কথঞ্চিৎ প্রকাশ পায়।

ধীরি ধীরি—ধীরে ধীরে দ্রঃ। মৃদু মৃদু : মৃদুল। প্র—ধীরি ধীরি বয় মলয় বায়।"—রাজকৃষ্ণ রায়।

ধীরে [ধীর দ্রঃ] ক্রি-বিণ, মন্দ মন্দ : মৃদু মৃদু ভাবে। প্র—"ধীরে যায় রাই গরবিনী শ্যাম প্রেম সোহাগিনী।"—পদাবলী। **ধীরে ধীরে**—ক্রি-বিণ, মৃদু মন্দ গতিতে : আস্তে আস্তে। ২। অনুচ্চস্বরে : চুপিসাড়ে।

ধীরোদাত্ত [ধীর (শান্ত) উদাত্ত (উদার) —কর্ম্মধা] বি, পুং, আত্মশ্লাঘা-শূন্য সুখ দুঃখে সমভাব, প্রতিপালক ও বিনয়ী নায়ক।

ধীরোদ্ধত [ধীর (অথচ) উদ্ধত (ধৃষ্ট)—কর্ম্মধা] বি, পুং, স্থিরচিত্ত কিন্তু সময়ে সময়ে উদ্ধত, অহঙ্কৃত, আত্মশ্লাঘাকারী ও নানা কৌশলী নায়ক।

ধীশক্তি (ধীশোক্‌তি) [ধী (বুদ্ধির) শক্তি (সামর্থ্য) ৬তৎ] বি, স্ত্রী, বুদ্ধিবল : intellect.

ধু [ধু (কাঁপা) + ক্বিপ (ভাবে)] বি, স্ত্রী, ধূনন : কম্পন।

ধুআ [সং—ধাব্ হইতে] ক্রি, ধৌত করা ; জলদ্বারা প্রক্ষালন করা। ২। ধুয়া দ্রঃ।

ধুআঁ [সং—ধূম হইতে পূ-বঙ্গে—ধুমা : ওড়ি—ধূমা : গ্রা—দোঁ] বি, ধূম : ধুঁয়া দ্রঃ।

ধুওন (ন্) [সং—ধাবন] বি, ধৌতকরণ : প্রক্ষালন।

ধুঁকন (ন্) [ধুক দ্রঃ] বি, ধোঁকন : ঘন ঘন শ্বাস ত্যাগ। ২। শ্রান্তি প্রকাশ।

ধুঁকনি, ধুঁকুনি [ধোঁকা দ্রঃ] বি, শ্বাস প্রশ্বাসের ঘন ঘন উত্থান পতন ; হাঁপানি ; বুক উঠাপড়া। ২। ভস্ত্রা : যাঁতা।

ধুঁকা—ধোঁকা দ্রঃ।

ধুঁধুল (ল্) [সং—ধামার্গব : হি—নেনুয়া] বি, ঝিঙা জাতীয় শাক ও ফল।

ধুক, ধুঁক (ক্) [অনুকার শব্দ] অ, হাপরে যাঁতার বাতাস দিবার শব্দ। ২। হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ। **ধুক ধুক**—উপর্য্যুপরি ধুক্ এই শব্দ : হৃদ্‌পিণ্ডের স্পন্দন শব্দ ; ধক ধক অপেক্ষা ক্ষীণ শব্দ। **ধুক ধুক করা**—ভয়ে বুকের ভিতর বেগে স্পন্দন হওয়া। বি, **ধুকধুকুনি**—ভয়। ২। সন্দেহ। ক্রি, **ধুকধুকান** (নো) ধুক ধুক করা।

ধুকধুকী [বুকের ভিতর যেখানে ধুক ধুক করে তাহারই নিকট ঝুলিতে থাকে বলিয়া অথবা ঘড়ির দোলকের মত দুলিতে বা ঝুলিতে থাকে বলিয়া] বি, সাতনর, নেকলেস প্রভৃতি কণ্ঠহারে সংলগ্ন দোলক ; a pendant from a necklace ; locket. প্র—"গলে দোলে ধুকধুকী

করে ধক্‌ধক।"—অন্নদামঙ্গল। ২। মনের অশান্তি ; সন্দেহ ; দুর্ভাবনা।

ধুকড়ি, ধুকুড়ি, ধুকুড়ী [হি—ধুকড়ী] বি, স্ত্রী, বড় থলী ; ঝলী। প্র—ধুকড়ী ঝেড়ে দিয়েছে। ২। [হি—ধুকড়ী ; গুধড়ী। স্থূলতর ও বৃহদর্থে—ধোকড়া, গোধড়া] ছিন্নকন্থা ; অতিস্থূল এবং ছিন্ন মলিন বস্ত্র। প্র—"তৈল বিবর্জ্জিত তার গায়ে উড়ে খড়ি। সদাগর আচ্ছাদন না ছাড়ে ধুকড়ি॥"—কবিকঙ্কণ। ৩। [ধোকড় (দ্রঃ) হইতে] দড় ; পটু ; মজবুত। প্র—"রাখিয়া বাহন ঢেঁকি কোন্দল ধুকুড়ী।"—ঘনরাম। "দেবী বলে দূর বেটা কোন্দল ধুকুড়ি।"—ঐ।

ধুকপুক, ধুকুরপুকুর (ক্, ক্, র্, র্) [হি—ধুকরপুকর] অ, অস্থির ; তোলাপাড়া ; অশান্ত। প্র—"সে কথাটা শুনে অবধি মনটা ধুক্‌পুক্ করছে।"—টেকচাঁদ।

ধুকা, ধুঁকা [ধুক দ্রঃ] ক্রি, ঘন ঘন শ্বাস ফেলা ও গ্রহণ করা ; অতিশয় পরিশ্রম বা দৌড় ধূপ করিয়া নিজ্জীব হইয়া পড়া। প্র—"মরেন ঘুরে পথে পথে রোদে ধুঁকে ধুঁকে—হেম বন্দ্যো।

ধুচনী, ধুচুনি (নি) [ধাব্ ধাতু হইতে ধুবনী। ধাবনী—ধুবনী=ধুউনী—যে ধোয়—চাল ধুউনী,—ধু+চুবনী=চুউনী, ধু+চুউনী =ধুচুনী। ধুচুনীর পরিবর্ত্তে চাল ধুউনীর ব্যবহার ২৪ পরগণাতেই আছে] বি, বংশ-শলাকা-নির্ম্মিত তণ্ডুল ধৌত করিবার পাত্র-বিশেষ। প্র—"চাল ধুইবার জন্য ধুচুনি হাতে করিয়া মাতা গালে হাত দিল।"—কৃষ্ণকান্তের উইল।

ধুৎ [ধৎ দ্রঃ। সং—ধূত (ভর্ৎসিত, পরিত্যক্ত)] অ, বিতাড়নে। ২। উপেক্ষায় ; অবজ্ঞায়। ৩। বিরক্তি প্রকাশে। ৪। ভর্ৎসনায়। **ধুৎধুৎ**—দূর দূর ; দূর হ।

ধুত, ধৃত [ধু (কাঁপা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কম্পিত ; আন্দোলিত। বি, ধুতি—ধূনন ; কম্পন।

ধুতরিয়া, ধুতুরিয়া, ধুতলিয়া [ধুস্তু-রিয়া—র=ল] বিণ, ধুতুরা বিষ প্রয়োগে অচেতন করিয়া বা হত্যা করিয়া লুণ্ঠন করা যাহাদের ব্যবসায় ; 'ধুতুরিয়া' শব্দ হিন্দীতে প্রচরদ্রূপ ; আধুনিক-বাংলায় অপ্র। প্রা-বাংলায় দৃষ্ট হয়।

ধুতি, ধুতী—বি, পরিধেয় বস্ত্র। ধুতী শব্দেও ঐরূপ বস্ত্র। প্র—"খুঙ্গী পুথি ধুতী ধরে তারা।"—ভারতচন্দ্র। "সুনার কলস তথি উড়এ নেতর ধুতি।"—শূন্যপুরাণ।

ধুতুরা, ধুতূরা [সং—ধুস্তূ (স্তু) র শব্দজ—প্রাকৃ—ধত্তূর, ধুত্তূর] বি, ধুঁতুরা গাছ ও ফল।

ধুধু, ধূধূ [শব্দাত্মক। ধধ দ্রঃ] অ, আগুন জ্বলিবার শব্দ। ২। গাছপালা বাড়ী ঘর প্রভৃতি শূন্য চতুর্দ্দিকে বহুদূর বিস্তৃত ও প্রখর কিরণে উত্তপ্ত মাঠের দৃশ্য।

ধুন (নো)—ধুনা দ্রঃ।

ধুনচি, ধুনাচি, ধুনুচি [ধুন—তুকী—চী=চি (আধারার্থে), তুল—চিলমচী] বি, ধুনা পোড়াইবার আধার বা পাত্র। ২। [ধুন—তুকী—চী=যন্ত্র (agent. কারক অর্থে)—যাহা ধুনে] তুলা ধুনিবার যন্ত্র ; তুলা-পরিষ্কারক।

ধুনন, ধূনন [ধু, ধূ (কাঁপা)+অন (ভাবে)] বি, ক্লী, আন্দোলন ; কম্পন। ২। চালন।

ধুনা [ধু (কাঁপা) ধাতু হইতে। উ-পু—ধুনি। ম-পু—ধুন ; ধুনুন ; ধুন ; ধোন। প্র-পু—ধুনে ; ধোনে ; ধুনেন। অস-ক্রি—ধুনিতে ; ধুনিয়া ; ধুনে। ণিজন্ত—ধুনান (নো)] ক্রি, কম্পিত করা। ২। তুলা পরিষ্কার করা। ৩। বিলক্ষণ প্রহার করা। বি, **ধুনানি**।

ধুনি, ধুনী ["নদী সরিৎ তরঙ্গিণী শৈবলিনী তটিনী হ্রদিনী ধুনী"—অমর। তরঙ্গ আছে বলিয়া ধুনী, ধু (কম্পনে)] বি, স্ত্রী, নদী ; তরঙ্গিণী। প্র—সুরধুনী। ২। সন্ন্যাসীদিগের অগ্নিকুণ্ড। প্র—একটী সন্ন্যাসী গাছতলায় ধুনী জ্বালাইয়া বসিয়া আছে। ৩। [প্রা-বাং—ধ্বনির অপভ্রংশে] ধ্বনি। প্র—"জয় সংখর ধুনি দিলএ তুষ্ট্যা নিরঞ্জন।"—শূন্যপুরাণ।

ধুনুরী (রি) [হি] বি, যাহারা ধুনাচি দ্বারা তুলা ধোনে ; যাহারা তুলা ধুনিয়া পরিষ্কার করিয়া লেপ তোষকাদি তৈয়ার করে।

ধুন্দুল (ল্) ধুঁধুল দ্রঃ।

ধুন্ধুকার [প্রা-বাং—"ধূমান্ধকার" অপভ্রংশে] বিণ, ধূমাকার ; ধূমান্ধকার ; nebulous. [অপ্র] প্র—"সরগ মরত সহি ছিল সভি ধুন্ধু-কার।"—শূন্যপুরাণ।

ধুন্ধুমার (র্) [সং] বি, পুং, কুবলয়াশ্ব রাজা। ২। ইন্দ্রগোপ নামক রক্তবর্ণ কীট-বিশেষ ; মখমলী। ৩। রন্ধনগৃহাদিস্থিত ধূম ; ঝুল। ৪। [তুল—হি—আধাধুন্ধ্] কোলাহল ; বিষম গণ্ডগোল।

ধুপ (প্) [হি] বি, রৌদ্র ; তপনের তাপ। ২। গন্ধদ্রব্যবিশেষ ; ধূপ দ্রঃ।

ধুপছায়া (প্) [ধুপ—ছায়া। হি—ধূপছাহিঁ] বি, রৌদ্র ও ছায়ার মিশ্রণ ; ময়ূর-কণ্ঠ বর্ণ ; লাল সূতার টানা ও কাল, নীল বা বেগুনি সূতার পড়েন দিয়া বোনা কাপড়।

ধুপি [স্তূপ—স্তূপীকৃত—অপভ্রংশে] বি, ক্ষুদ্র স্তূপ ; রাশি ; ঢের ; ঢিপি। ২। চূর্ণ বস্তুর রাশি।

ধুপী [হি—ধোবী হইতে] বি, রজক ; ধোপা।

ধুবকা (ব্) [প্রাদে] বি, স্ত্রী, গানের ধুয়া।

ধুবন (ন্) [ধু (কাঁপান)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, কম্পন। ২। [কর্ত্তৃ—অনট্] বি, পুং, অগ্নি।

ধুবিত্র (ধুবিৎত্র) [ধু (কম্পন)+ইত্র (করণে—ইত্রণ্)] বি, ক্লী, ইহা কেবল যজ্ঞাগ্নি প্রজ্বলনের জন্য ব্যবহৃত মৃগচর্ম্মনির্ম্মিত ব্যজন।

ধুম [শব্দাত্মক। আধিক্যে ধম্ (দ্রঃ)] অ, ভারি বস্তু পতনের শব্দ ; পৃষ্ঠে কীল পতনের শব্দ। **ধুমধুম**—উপর্য্যুপরি মুষ্টিপ্রহার ক্রি, **ধুমধুমান** (নো) ধুমধুমিয়া দেওয়া ; উপর্য্যুপরি কীল প্রহার করা ; বিলক্ষণ প্রহার করা। **ধুমধাম**—ধূমধাম দ্রঃ। **ধুমধড়াক্কা**—ধূমধড়াক্কা দ্রঃ।

ধুমড়ী, ধুমুড়া (ম্) [ধিঙ্গী দ্রঃ। সং—ধমনী] বি, ঢেমনী ; বয়স্থা চরিত্রহীনা নারী ; লম্পটী। ২। [প্রাদে] বৈষ্ণবী।

ধুমড়ামারা [—প্রা—অশিষ্ট] বি, লম্পট।

ধুমসা, ধুমসো (ধুমশা, শো) [হি—ধূমসা,—সা=ধূমবৎ] বিণ, ধূমাকার ; কৃষ্ণবর্ণস্থূলকায়, বয়স্ক স্থূলদেহ (পুরুষ) ; ধুম্ব ; ধুমসা দ্রঃ। স্ত্রী, **ধুমসী**—ধুম্বী।

ধুমসান (ধুমশানো) [পৃষ্ঠে জোরে মুষ্ট্যাঘাত করিলে যে ধুম্ শব্দ হয়—তাহা হইতে। ধাম্-সান দ্রঃ] ক্রি, ধুম্‌ধুম্ করিয়া কিল মারা ; বিলক্ষণ প্রহার করা। প্র—তাহাকে খুব ধুমসে দিয়েছে।

ধুম্ব (ধুম্বো) [ধূম্রবৎ বা তুম্ব হইতে অথবা দুইয়ের মিশ্রভাবজাত] বিণ, ধূমের ন্যায় কৃষ্ণবর্ণ এবং তুম্বের ন্যায় স্থূলোদর ; কুৎসিত মোটা ; গোদা। প্র—ধুম্ব মিনসে। স্ত্রী, **ধুম্বী**। প্র—ধুম্বীমাগী।

ধুম্বল, ধুম্বুল, ধুমুল (ল্) [শব্দাত্মক] বি, মৃদঙ্গের শব্দ ; খোলবাজান ; সঙ্গীতের প্রথম সময়ের বাজনা। প্র—"হরিহর দিল আসি আদোর ধুমুল। গাজনে সন্ন্যাসী সব উড়াইছে ধুল॥"—ধর্ম্মমঙ্গল (ঘনরাম)। **ধুম্বল দেওয়া, পেটা**—ঢাক বাদ্য করা ; ঢাক বাদ্য দ্বারা প্রচার করা।

ধুর, ধুরা (র্) [সং] বি, স্ত্রী, যানমুখ ; রথাগ্রভাগ ; শকটের যে অংশের ভার অশ্বাদি বহন করে ; বাহনের স্কন্ধে সংলগ্ন দণ্ডদ্বয় বা যুগ। প্র—"স্বর্ণময় নেমি, স্বর্ণময় যুগন্ধর। স্বর্ণময় ধুরা স্বর্ণময় অপস্কর ॥"—কাশী-কাবেরী। ২। অগ্রভাগ ; সম্মুখ ; প্রথম। ৩। অক্ষদণ্ড। ৪। ভার।

ধুরন্ধর (ধুরন্ধর্) [ধুর (ভার) ধর (যে ধারণ করে) মধ্যে ম আগম] বিণ, ভারবহন-কারী ; ভারবাহক। ২। যে কোন বিষয়ের ভারপ্রাপ্ত হইলে অনায়াসে তাহা সমাধা করিতে পারে ; কার্য্যকুশল ; দক্ষ। ৩। অগ্রণী।

ধুরীণ (ন্) [সং] বিণ, কার্য্যকুশল ; দক্ষ। ২। অগ্রণী।

ধুরীয় [ধুর্ + ঈয় (যোগ্যার্থে] বিণ, ভারবহন-যোগ্য। ২। কর্ম্মকুশল ; কার্য্যদক্ষ। ৩। বি, পুং, বৃষ।

ধুর্য্য (ধুর্য্‌জ) [ধুর্ + য (স্বার্থে—ষ্য)] বিণ, কর্ম্মনির্ব্বাহক। ২। ভারবাহক। ৩। নায়ক ; অগ্রণী ; প্রধান। ৪। বি, পুং, ভারবহনশীল বৃষাদি। ৫। বিষ্ণু।

ধুস্তর, ধুস্তূর, ধূস্তর, ধূস্তূর (র্) [ধুস্, ধুস্ (অলঙ্কৃত করা) + কিপ্ (কর্ত্তৃ) = ধুস্ + তুর্ (হিংসা করা) + অ (ক—কর্ত্তৃ) যে ফল দেখিতে সুন্দর অথচ প্রাণনাশক] বি, পুং, ধুতুরাগাছ ও ফল।

ধুকড়ি (ক্) [ধুকড়ি দ্রঃ] বি, ছিন্নকন্থা। ২। বিণ, আধার। প্র—"কুন্দলের ধুকড়ি ঢেঁকির পিঠে জিন। কসনি কুশের দড়ি লাগাম বিহীন ॥"—শিবায়ন।

ধুঞী [ধুনী দ্রঃ। নী—ঞী] বি, ধুনী ; সন্ন্যাসীর অগ্নিকুণ্ড। প্র—"ধুঞী জাগাইয়াছিল ফুঁক দিল তায়। দেখিল দারুণ বুড়া পড়ে মৃত প্রায় ॥"—শিবায়ন।

ধূত [ধূ (কাঁপা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, কম্পিত। ২। ত্যক্ত ; বর্জ্জিত। প্র—"উঠে বিন্দুছটাধূত ভুবন করয়ে পূত শিরোরুহ তপঃ সত্যজন।"—কবিক। **ধূত-পাপ**—পাপবর্জ্জিত ; নিষ্পাপ।

ধূতি [ধুতি দ্রঃ] বি, পরিধেয় বস্ত্র। প্র—"ধবল কমলাসনা ধৌত ধূতি পরিধানা"—ঘনরাম।

ধূধূ [ধূ দ্রঃ। ধূ (কাঁপা) হইতে। অগ্নিজ্বলনের শব্দসহ শিখার কম্পনের সাদৃশ্য হইতে] অ, বৃক্ষলতাদি শূন্য চতুর্দ্দিকে, বহুদূর বিস্তীর্ণ মাঠে, অসীম বালুকারাশিপূর্ণ মরুভূমিতে, সিন্ধুবারির বিশালবক্ষে অথবা শূন্যের অনন্ত বিস্তারে মধ্যাহ্নসূর্য্যের অনলবর্ষী কিরণজাল অগ্নিশিখারই ন্যায় ধূধূ করিতে থাকে। প্র—"—ধূধূ করে মরু ভয়ঙ্কর"—প্রেম ও ; "ওগো তোরা কে যাবি পারে, এ পারেতে ধূধূ মরু বারি বিথারে"—রবি।

ধূনক (ক্) [অর্ব্বাচীন সং] বি, পুং ধূনা দ্রঃ।

ধূনা [গ্রা—ধুনো। সং—ধূপন—ধূনক] বি, স্ত্রী, সর্জ্জরস ; শালবৃক্ষনির্য্যাস ; যক্ষধূপ rubicaulis n. **ধূনা পোড়ান**—দেবতার নিকট কাহারও মানসিক বা মানৎ থাকিলে অর্থাৎ অভীষ্টসিদ্ধির মানস করিয়া, পূজা উপলক্ষে হস্তে ও মস্তকে অগ্নিপাত্র রাখিয়া তাহাতে ধূনাচূর্ণ জ্বালান। **ধূনা দেওয়া**—ধূনা পোড়াইয়া তাহার ধূম দান করা ; গৃহের বায়ু বিশুদ্ধ করিবার জন্য এই সুগন্ধচূর্ণ পোড়াইয়া তাহার ধোঁয়া করা। **ধূনামড়া** [প্রা-বাং-গ্রা] দগ্ধশব ; পোড়া মড়া। প্র—"ধর ধর করিয়া ধাইল ধূনামড়া। চপ চপ চিবায়ে চলিল হাতী ঘোড়া ॥"—শিবায়ন।

ধূনাচুর (র্) [ধুনচি দ্রঃ। প্রা-বাং] বি, ধূনাচূর্ণ যে পাত্রে পোড়ান হয় ; ধুনাচি। প্র—"গঙ্গাজল দিয়া শুদ্ধ কৈল ধূনাচুর"—শূন্যপুরাণ। "দপ্ দপ্ সম্মুখে জ্বলিছে ধূনাচুর"—ধর্ম্মমঙ্গল (মাণিক)।

ধূপ (প্) [ধূপ্ (সন্তপ্ত করা) + অ (কর্ত্তৃ—ক)] বি, পুং, ধুপ (দ্রঃ) ; গন্ধদ্রব্যনির্ম্মিত বর্ত্তিকা ও তদুত্থিত সুগন্ধ ধূম। ইহা নির্য্যাস (ধূনাদি), পরাগ (জাতিকোষাদি চূর্ণ), কাষ্ঠ (অগুরু আদি), গন্ধ (কস্তুরিকাদি) এবং কৃত্রিম (নানাবিধ গন্ধদ্রব্যদ্বারা প্রস্তুত বর্ত্তিকাদি) ভেদে পঞ্চপ্রকার। কৃত্রিম ধূপ, পঞ্চাঙ্গ, ষড়ঙ্গ, অষ্টাঙ্গ, দশাঙ্গ, দ্বাদশাঙ্গ ও ষোড়শাঙ্গ ভেদে দেবার্চ্চনায় প্রশস্ত। **পঞ্চাঙ্গ ধূপ**—চন্দন, কুঙ্কুম, কর্পূর, গুগ্‌গুলু এবং অগুরু ঘৃতসংযুক্ত করিয়া নির্ম্মিত হয়। **ষড়ঙ্গ-ধূপে**—কুঙ্কুম, কর্পূর থাকে না তৎস্থলে উশীর, শর্করা ও মধু থাকে। **অষ্টাঙ্গ ধূপে**—তেজপত্র, সুগন্ধবালা, কুড় এবং পঞ্চাঙ্গধূপের সমস্ত উপকরণ থাকে। **দশাঙ্গধূপে**—মধু, মুস্তক, ঘৃত, গন্ধক, গুগ্‌গুলু, অগুরু, শৈলজ, সরল (বিড়) ; সিহ্লক (শিলারস) এবং শ্বেতসরিষা থাকে। **দ্বাদশাঙ্গধূপে**—গুগ্‌গুলু, চন্দন, তেজপত্র, কুড়, অগুরু, কুঙ্কুম, জাতীকোষ (জায়ফল), কর্পূর, জটামাংসী, সুগন্ধবালা, দারুচিনি এবং উশীর থাকে। **ষোড়শাঙ্গ ধূপে**—মুস্তক, দেবদারু, এলা ও মুরামাংসী এবং দ্বাদশাঙ্গধূপের সমস্ত উপকরণ মিশ্রিত ও ঘৃতাক্ত করিয়া প্রস্তুত হয়। **ধূপ-দীপ, ধূপ-ধূনা**—ধূপ ও ঘৃত, দীপ এবং ধূপ ও ধূনা ; একজাতীয় পূজোপকরণ। [দ্রঃ—ধূপ পূজার একটী প্রধান অঙ্গ বলিয়া জগন্নাথদেবের পূজা ও ভোগকেই ধূপ বলে। তাহা হইতে উৎকলে ক্রমে ধূপ অর্থে পূজা]।

ধূপন (ন্) [ধূপ্ + অন (অনট্—ভাবে)] বি, স্ত্রী, ধূপের ধূমে সুগন্ধীকরণ। ২। সন্তাপন। ৩। পুং, ধূনা।

ধূপযন্ত্র (ধূপ্‌জন্ত্র) [রাসাঃ পরিঃ] বি, ধূমপ্রদান যন্ত্র ; ধোঁয়া দিয়া বিশুদ্ধ বা নির্দ্দোষ করিবার যন্ত্র ; fumigating apparatus.

ধূপাঙ্গ—বি, পুং, তার্পিনতৈল।

ধূপমুদ্রা (ধূপ্‌মুদ্‌দ্রা) [ধূপদানার্থ মুদ্রা—৪তৎ] বি, স্ত্রী, পূজায় ধূপদানের জন্য মধ্যমা, অনামা, অঙ্গুষ্ঠ এই অঙ্গুলিত্রয়ে রচিত মুদ্রা ; ধূপদানার্থ অঙ্গুলিমুদ্রাবিশেষ।

ধূপায়িত [ধূপ্ + আয় (স্বার্থে) = ধূপায় + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ধূপের ধূমে সুগন্ধী-কৃত। ২। তাপিত।

ধূপিত [ধূপ্ + ত (কর্ম্মে—ক্ত) ই আগম] বিণ, ধূপের ধূমদ্বারা সুগন্ধীকৃত।

ধূম (ম্) [ধূ + ম (সংজ্ঞার্থে)] বি, পুং, ধূঁয়া। ২। [যজ্ঞাদি কার্য্যে হোমের ধূম এবং সামাজিক উৎসবে ও বাদ্যাদির ধম্ ধম্, ধুম্ ধুম্ ইত্যাদি শব্দ হইতে লক্ষণায় ভোজনাদিহেতু রন্ধনশালার ধূম] সমারোহ ; ঘটা ; আড়ম্বর। প্র—"বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম। আসিয়া ভুবনেশ্বরে করিলেক ধূম ॥"—অন্নদামঙ্গল।

ধূমকেতন (ন্, ন্) [ধূম হইয়াছে কেতন (ধ্বজ) যাহার, বহু] বি, পুং, অগ্নি। ২। ধূমকেতুনামক জ্যোতিঃপদার্থ। ৩। কেতুগ্রহ। ৪। কুশাশ্বের পুত্র।

ধূমকেতু (ম্) [ধূম হইয়াছে কেতু (ধ্বজ, চিহ্ন) যাহার, বহু] বি, পুং, উপগ্রহবিশেষ ; কিরণছটায় ঝাড়ুর মত আকৃতি জ্যোতিঃপদার্থ; comet. ২। উৎপাত। ৩। কুগ্রহ ; কুলক্ষণ। ৪। কুলাঙ্গার ; কুলক্ষয়কর।

ধূমড়ী (ম্) বি, ধূমড়ী দ্রঃ

ধূমদর্শী (ধুম্‌দোর্‌শি) [ধূম—দৃশ্ (দর্শন করা) + ইন্ (কর্ত্তৃ, ণিন্)] বিণ, যে ধোঁয়া দেখে ; যাহার দৃষ্টি ঝাপ্‌সা হইয়াছে।

ধূমধাম (ধুম্‌ধাম্) [ধূম + ধাম (ব্যাপ্তি অর্থে)] বি, মহাসমারোহ ; খুব ঘটা ; আড়ম্বর। প্র—"এইরূপ ধূমধাম প্রতি ঘরে ঘরে"—ঈশ্বর গুপ্ত। ক্রি, **ধূমধাম করা**। **ধূমধড়াক্কা**—ধূমধাম ; লাফালাফি ; মাতামাতি ; মহাসমারোহ ; খুব ঘটা।

ধূমধ্বজ (ধুমধ্‌ধজ) [ধূম হইয়াছে ধ্বজ (চিহ্ন) যাহার, বহু] বি, পুং, অগ্নি ; ধূমকেতু।

ধূমপ (প্) [ধূম—প (যে পান করে)]

বিণ, যিনি ধূমমাত্র পান করিয়া তপস্যা করেন। ২। তামাকের ধূমপানকারী ; তামাকখোর।

ধূমপত্র,-পত্রা (ধূম্‌পৎত্র—পৎত্রা) [ধূম—পত্র—যে পাতায় পান কবিবার উপযুক্ত ধূম উৎপন্ন হয়] বি, মাদকতাজনক স্বনামখ্যাত ক্ষুপ ; তামাকগাছ। তুল—ওড়ি, ধূঁয়াপত্তরা। তামাক দ্রঃ।

ধূমপথ (ম্‌, থ্‌) [ধূম—পথ, ৬তৎ] বি, পুং, ধূম নির্গমনের পথ ; গবাক্ষ ; চিমনী।

ধূমপান (ম্‌,ন্‌) [ধূম—পান,২তৎ] বি, তামাকের ধূম সেবন : তামাক খাওয়া ; চুরুট খাওয়া।

ধূমপায়ী (য়্‌) [ধূম—পায়ী (যে পান করে)] বিণ, যে ধূমপান করে ; তামাকখোর।

ধূমপ্রভা (ম্‌, প্রো) [ধূমের ন্যায় প্রভা] বি, স্ত্রী, ধূমময় নরক।

ধূমযোনি (ম্‌, জো) [ধূম হইয়াছে যোনি (উৎপত্তি স্থান) যাহার, বহু] বিণ, ধূমগর্ভ। ২। বি, মেঘ। ৩। অগ্নি। ৪। আগ্নেয়াস্ত্র।

ধূমল (ল্‌) [ধূম—লা (দান করা) + অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, কৃষ্ণলোহিতবর্ণ ; ধূমবর্ণ। ২। বিণ, ধূমবর্ণবিশিষ্ট।

ধূমসী (ধূম্‌শি) [ধূমসা দ্রঃ। সং—ধূম + হি —সী (সাদৃশ্যার্থে) ধূমবৎ। স্ত্রী, ধূমবতী—ধূমাবতী। ধূমাবতীর ন্যায় "তামসী শক্তিরূপিণী, বিবর্ণা চঞ্চলা দুষ্টা দীর্ঘা * * * ভয়দা কলহাস্পদা"] বি, স্ত্রী, স্থূলাঙ্গী, কৃষ্ণবর্ণা, দুষ্টা এবং কলহকারিণী নারী। প্র—ধূমসী মাগী। ২। স্থূলাঙ্গী। ৩। [প্রাদে] দাইলের রোটী : পাঁপড়। পুং, **ধূমসা, ধূমসো**—কৃষ্ণবর্ণ স্থূলাঙ্গ। প্র—ধূমসো মিন্‌ষে। ২। বিণ, স্থূল। প্র—ধূমসো গতর।

ধূমা [ধূম + আ (সাদৃশ্যার্থে)] বিণ, ধূমবৎ : ধূম্রবর্ণ। ২। [গ্রা—উচ্চারণে ধূমো] ধূম্রাকার ; ধূমবিশিষ্ট। ৩। ধূমবর্ণ ও স্থূল। ৪। [সং—ধূম্যা ; ধূমসমূহ] বি, প্রচুর ধূম।

ধূমাকার (র্‌) [ধূমের ন্যায় আকার যাহার, বহু] বিণ, যাহার আকৃতি ধূমের মত ; ঝাপ্‌সা ; অন্ধকার। ২। ধূমপূর্ণ।

ধূমাঙ্গ [ধূমের ন্যায় অঙ্গ যাহার, বহু] বি, শিংশপা বৃক্ষ।

ধূমাভ [ধূমের ন্যায় আভা যাহার, বহু] বিণ, ধূমের ন্যায় বর্ণবিশিষ্ট ; ঈষৎ ধূম্র। ২। ধূম্রবর্ণ।

ধূমাবতী (বো) [ধূমা (ধূম + আপ্‌—স্ত্রী) + বৎ (অস্ত্যর্থে—বতু) ঈপ্‌—স্ত্রী] বি, স্ত্রী, দশমহাবিদ্যার মধ্যে একটী বিদ্যা। ইনি বিবর্ণা (ধূম্রবর্ণা) চঞ্চলা, দুষ্টা, দীর্ঘা, মলিনাম্বরা, বিমুক্তকুন্তলা, রুক্ষা, বিধবা, বিরলদ্বিজা (বিরলদন্তা), কাকধ্বজ রথারূঢ়া, বিলম্বিত পয়োধরা, সূর্পহস্তা, অতিরুক্ষাক্ষা (রক্তনয়না) ধৃতহস্তা বরান্বিতা, প্রবৃদ্ধঘোণা (লম্বনাসিকা) অতি কুটিলা, কুটিলেক্ষণা, ক্ষুৎপিপাসার্দিতা, নিত্যভয়দা, ও কলহপ্রিয়া ; তামসীশক্তিস্বরূপিণী।

ধূমিকা [ধূম + ইক (তুল্যার্থে—ষ্ণিক) আপ্‌—স্ত্রী] বি, স্ত্রী, কুজ্‌ঝটিকা।

ধূমিত [ধূম + ইত (যুক্তার্থে, ইতচ্‌)] বিণ, ধূমবিশিষ্ট ; ধূমাবৃত। ২। অন্তরস্থিত, অপ্রকাশিত ক্রোধপূর্ণ।

ধূমী [ধূম + ইন্‌ (বাহুল্যার্থে) = ধূমিন্‌ ১মা, ১ব] বিণ, অতিশয় ধূমিত ; ধূমবহুল।

ধূমোদ্গার (র্‌) [ধূম + উদ্গার—৬তৎ] বি, ধূমবহির্গম ; ধূমনির্গম। প্র—এঞ্জিন হইতে মুহুর্মুহু ধূমোদ্গার হইতে লাগিল।

ধূম্র (ধুম্‌ম্র) [সং] বি, পুং, ধূমল দ্রঃ।

ধূম্রবর্ণ (ধুম্‌ম্রবর্‌ন) বিণ, ধূমল।

ধূম্রবর্ণা (ধুম্‌ম্রবর্‌না) [ধূম্র হইয়াছে বর্ণ যাহার, বহু] বি, স্ত্রী, অগ্নিজিহ্বা : আগুনের সাতটী শিখার একটী।

ধূম্রলোচন (ন্‌) [ধূম্রবর্ণ লোচন যাহার, বহু] বি, পুং, শুম্ভ ও নিশুম্ভ দৈত্যের সেনাপতি। ২। কপোত : পায়রা। ৩। [প্রাদে] বিণ, ধূমসা, বিবর্ণস্থূলাঙ্গ ; কুৎসিত মোটা।

ধূম্রাক্ষ (ধুম্‌ম্রাক্‌খ) [ধূম্র অক্ষি যাহার, বহু] বিণ, যাহার চক্ষু ধূম্রবর্ণ। ২। রাবণের জনৈক সৈন্য।

ধূয়মান (ন্‌) [ধূ (কাঁপা) + আন (কর্ম্মে—শান) য, ম আগম] বিণ, কম্পমান।

ধূয়া (ধুআ) [ধ্রুবা—ধ্রুবক, অপভ্রংশে। গ্রা—ধুয়ো ; ধুও। ইহার সাঙ্কেতিক চিহ্ন—ধ্রু, ধ্রুং, ধ্রুবং] বি, প্রা-বাং-য—প্রত্যেক অধ্যায় বা সর্গারম্ভের পূর্ব্বে একটী গীত বা সুর তালে গেয় কবিতা যুক্ত থাকিত। তাহারই নাম ধ্রুবক, ধ্রুবা বা ধূয়া। উক্ত সাঙ্কেতিক চিহ্ন অথবা ধূয়া এই শব্দ তাহার বিজ্ঞাপক স্বরূপ লিখিত হইত। ২। গানের যে পদ বা পদাংশ গাহিয়া দোহারগণ সুর রক্ষা করে। ৩। দৃঢ়ভাবে পোষিত বা রক্ষিত বাক্য বা প্রার্থনা। ৪। সূত্র। ৫। ছল। **ধূয়া ধরা**—কোন বাক্য বা প্রার্থনা দৃঢ়ভাবে ধরিয়া থাকা। ২। কোন নূতন মতবাদ প্রচারের জন্য তাহা চতুর্দ্দিকে কহিয়া বেড়ান। প্র—সে আজকাল এক ধূয়া ধরেছে। ৩। যে সুরে গান হইবে সেই সুর আরম্ভ করা।

ধূয়াঁ [সং—ধূমা ; ধুআঁ ; ধুএঁা ; ধোঁয়া ; ধোঁ] বি, ধূম। ২। ধূমরাশি। ৩। বিণ, ধূমপূর্ণ ; ধূমাবৃত। প্র—ঘর ধূঁয়ায় ধূঁয়া হয়েছে। **ধূয়াঁঘর**—ধূম বাহির হইয়া যাইবার পথ ; চিমনী। **ধূয়াঁ দেওয়া**—ঘুঁটে কাঠ প্রভৃতি জ্বালাইয়া ধূম উৎপাদন করিয়া মশকাদি তাড়ান। ২। ধূয়াঁ লাগাইয়া বিশুদ্ধ করা। **ধূয়াঁপথ**—ধূয়াঁ বাহির হইয়া যাইবার পথ ; চিমনী।

ধূর, ধুরা (র্‌) [ধুর দ্রঃ] বি, যানাদির চক্রের অবলম্বনদণ্ড ; অক্ষদণ্ড।

ধূর্জ্জটি [ধূর্‌ (ভারভূত—বিশ্বভার) জটি (জটা) আছে যাঁহার—বহু, কিম্বা মহাভারত মতে ধূম্রবর্ণ জটাধারী বলিয়া ধূর্জ্জটি] বি, পুং, শিব। প্র—"ধূর্জ্জটি করিয়া ধ্যান দশ শতবাহু বাণ বাঁধিলেক বাসুদেবের নাতি।"—শিবায়ন।

ধূর্ত্ত [ধূর্ব্ব্‌ (হিংসা করা) + ত (কর্ত্তৃ—ক্ত) প্রাকৃ—ধুত্ত (মৃচ্ছকটিক), বাং—গ্রা—ধুত্ত] বিণ, শঠ ; বঞ্চক। ২। সুচতুর ; ধড়িবাজ ; shrewd. ৩। [বিশেষার্থে। বাং—প্র-অ] বুদ্ধিমান : তীক্ষ্ণবুদ্ধি। প্র—ধূর্ত্তজন্তু। ৪। বি, পুং, দ্যূতকর ; জুয়াড়ী। ৫। ধুস্তূর ; ধুতুরাগাছ ; **ধূর্ত্ত জন্তু**—বি, পুং, শৃগাল। ২। মানুষ।

ধূর্ত্তক (ক্‌) [ধূর্ত্ত + ক (সংজ্ঞার্থে)] বি, পুং, ধূর্ত্ত। ২। শৃগাল।

ধূর্দ্ধর, ধূর্ব্বহ (র্‌) [ধূর্‌ (ভার) ধর ; বহ (যে ধারণ করে, বহন করে)] বিণ, ভারবাহী।

ধূর্ব্বী—বি, স্ত্রী, ধুর।

ধূল (ধুলো) [সং—ধূলি। হি—ধুর, ধূল, ধুরি, ধুরী] বি, ধূলা (দ্রঃ) ; রজঃ ; রেণু ; মৃত্তিকা চূর্ণ ; পাংশু।

ধূল, ধুল (ল্‌) [সং—ধূলি হইতে] বি, কড়ার ভগ্নাংশ। ২। [এক মুষ্টি ধূলা যতদূর নিক্ষেপ করা যায় সেই পরিসর ভূমি] বি, ক্ষেত্র-পরিমাণ ; এককাঠার ২০ ভাগের এক ভাগ। প্র—"কাঠায় কাঠায় ধুল পরিমাণ।"—শুভঙ্করীর আর্য্যা।

ধূলট (ধুলোট্‌) বি, সংকীর্ত্তনের পর ধূলিখেলা অর্থাৎ ধূলা মাখামাখি।

ধূলধাপড়, ধাপড়া, ধাপড়ি, ধাপাড়ি (ধুল্‌ধাপোড়, ধাপ্‌ড়া, ধাপ্‌ড়ি) [ধূল (ধূলি)—ধাপড় উচ্চারণ ভেদে, প স্থলে ব ও হয়। হি—ঢাব্‌রা = ময়লা, কাদা। ধূল ধাব্‌ড়া = ধূলা কাদা] বি, ধূলা কাদা ; ময়লা মাটি। **ধূল ধাপড়া উড়ান, উড়াইয়া দেওয়া**—এমন প্রহার করা যে অঙ্গে ধূলা ময়লা থাকিতে না দেওয়া ; প্রহারে সর্ব্বাঙ্গ মলিনতা-শূন্য বা লাল করিয়া

দেওয়া। ২। এত ছিন্নভিন্ন করা যে রেণুবৎ হইয়া যায়। **ধূলধাপড়া উড়া**—এমন ছিন্ন হওয়া যে রেণু রেণু হইয়া উড়িয়া যাওয়া।

ধূলা, ধুলা (ধুলা) [সং—ধূলী—ধুলা। বাং—ধুলা ও হয়] রজঃ: মাটির গুঁড়া: পাংশু; রেণু; ধূল দ্রঃ। ২। ধরা: ভূমি: মাটি। প্র—"ধুলায় লুটায় সোণার কিশোরী।"—গিরিশ। **ধূলাওড়া**—রজঃকণা ভূমি হইতে শূন্যে উঠিয়া মেঘের ন্যায় চতুর্দিক আচ্ছন্ন করা। **ধূলাকাদা, কাদাধূলা**—শুষ্ক ও আর্দ্র মাটি। **ধূলাখেলা**—ধুলা লইয়া খেলা শিশু-সুলভ খেলা। **খেলাধূলা** [খেলার সহচর শব্দ ধুলা] খেলা এবং খেলার মত কিছু: শিশু-সুলভ আমোদ আহ্লাদ। **ধূলাগুঁড়া**—ধুলো বা গুঁড়া অথবা ধুলার গুঁড়া: রজঃকণা: রেণুমাত্র। প্র—সমস্ত পেয়েছে, ধুলা-গুঁড়া রাখে নাই। **ধূলিগুঁড়ি**—ধুলা বা গুঁড়া অপেক্ষা ক্ষুদ্রাংশ। **ধূলাঘর**—ধুলাখেলা করিবার ঘর: খেলাঘর। প্র—"সখী মেলি খেলিনু বাহির বাড়ী গিয়া। ধুলাঘরে দিতেছিনু পুতুলের বিয়া॥"—অন্নদা-মঙ্গল। **ধূলা উড়ান**—ঝাড়ু দিবার সময় ধুলা বিক্ষেপ করা। **ধূলা ঝাড়া**—ঝাড়নের ঝাপটা দিয়া কোন বস্তুর অঙ্গ হইতে ধুলা পরিষ্কার করা। **গায়ের ধূলা ঝাড়া**—ধুলায় ধূসরিত অঙ্গ মার্জ্জন করা। ২। [লক্ষণায়] অপমান বা লজ্জা বিস্মৃত হওয়া। চাপা দেওয়া বা উপেক্ষা করা। **ধূলামুঠা ধরিলে সোনা মুঠা**—ভাগ্য সুপ্রসন্ন হইলে অকিঞ্চিৎকর বস্তু হইতেও সম্পদ; যাহাতে হাত দেওয়া যায় তাহাতেই সফলতা লাভ। **ধূলা-পা**—বিবাহের পর অষ্টাহের মধ্যে কোন শুভদিনে বরবধূর বধূর পিত্রালয়ে গমন ও সেই দিবসই প্রত্যাগমন রূপ সংস্কার: দ্বিরাগমনের বিঘ্ন খণ্ডন করিয়া রাখাই ইহার উদ্দেশ্য। ২। [প্রাদে, মালদহে] বিবাহের কথাবার্ত্তা স্থির হইবার পর মাছ, বাতাসা প্রভৃতি বিতরণরূপ উৎসব। ৩। খালিপায়ে চলায় ধুলাপূর্ণ পা। **ধূলাপায়ে দিন করা**—দ্বিরাগমনের বিঘ্ন খণ্ডন করিয়া রাখিবার জন্য কন্যাকে অষ্টাহের মধ্যে শ্বশুরালয়ে পাঠান। **পায়ের ধূলা লওয়া**—ভক্তিভাজন পূজ্যব্যক্তির চরণ স্পর্শ করিয়া প্রণাম করা: চরণধূলি লইয়া মস্তকে রাখা। **গায়ে ধূলা দেওয়া**—হেয় জ্ঞান করা; অবজ্ঞা করা। ২। লজ্জা দেওয়া। **চক্ষে ধূলা দেওয়া**—সত্য দর্শন না করিবার মত দৃষ্টি আচ্ছন্ন করা: ধোঁকা দেওয়া; প্রবঞ্চনা করা। **ধূলাবালি**—ধুলা ও বালি; মাটি ও কাঁকর। ২। অকিঞ্চিৎকর পদার্থ। **ধূলায় ধূসর**—ধুলা মাখিয়া ধূসর বা পাংশুবর্ণ।

ধূলি, ধূলী (ধুলি) [ধূ (কাঁপা)+লি (সংজ্ঞার্থে)—ঈপ—স্ত্রী—বায়ুর তাড়নায় যাহা আন্দোলিত, বিক্ষিপ্ত হয়] বি, রজঃ: রেণু: পাংশু: ধুলা (দ্রঃ)। **পদধূলি (লী) দেওয়া**—মস্তকে পদ বা পদধূলি স্পর্শ করাইয়া আশীর্ব্বাদ করা। **পদধূলী (লী) লওয়া**—ভক্তিভাবে পদ স্পর্শ করিয়া প্রণাম করা। **চক্ষে ধূলি দেওয়া**—ধুলা দ্রঃ। **ধূলি পটল**—আকাশ আচ্ছন্নকারী মেঘাকার ধূলিরাশি। **ধূলি ঝাড়া**—ধুলা দ্রঃ। **গোধূলি**—গো দ্রঃ। সন্ধ্যার প্রাক্কাল: যে সময় রাখাল গোচারণের মাঠ হইতে গৃহে গমন করে এবং গোক্ষুরোত্থিত ধূলি আকাশ আচ্ছন্ন করে।

ধূলিকা—বি, স্ত্রী, কুজ্ঝটিকা।

ধূলিকুট্টিম (ম্) [ধূলি (র্) কুট্টিম] বি, স্ত্রী, কর্ষিত ক্ষেত্র।

ধূলিধূসরিত (ধুলোরিত) [ধূলি (দ্বারা) ধূসরিত—৩তৎ] বিণ, ধুলায় ধূসর বর্ণ: ধুলায় আচ্ছন্ন ও পাংশুবর্ণ।

ধূলিময় (য়্) [ধূলি+ময় (ময়ট্)] বিণ, ধুলাচ্ছন্ন: ধুলাপূর্ণ।

ধূলিমুষ্টি—বি, মুষ্টিপূর্ণ ধূলি। ২। অকিঞ্চিৎকর পদার্থ। গ্রা—**ধূলিমুটি**। প্র—ধূলিমুটি ধরিলে কড়ি মুটি হয়। ধুলা দ্রঃ।

ধূলীকদম্ব—বি, পুং, কদম্ববৃক্ষবিশেষ: ধারাকদম্বসদৃশ বৃক্ষ।

ধূসর (ধুশর্) [সং। "ঈষৎ পাণ্ডুস্তু ধূসরঃ"—অমর] বি, পুং, ঈষৎ পাণ্ডুবর্ণ: পাংশুবর্ণ: ছাই রং। ২। বিণ, পাংশুবর্ণ; পাঁশুটে। [সং-তে (১) উষ্ট্র (২) গর্দ্দভ (৩) কপোত (৪) তৈলকার অর্থেও ব্যবহার আছে]।

ধূসরিত (ধুশোরিত) [ধূসর+ইত (যুক্তার্থে)] বিণ, ধূসরবর্ণ-রঞ্জিত: ঈষৎ পাণ্ডুর।

ধূসরিমা (ধুশরিমা) [ধূসর+ইমন্ (ভাবে) =ধূসরিমন্ ১মা, ১ব] বি, পুং, ধূসরত্ব; পাণ্ডুরতা।

ধুস্তূর (র্) বি, পুং, ধুতুরা।

ধৃত [ধৃ (ধারণ করা)+ত (কর্ম্মে, ক্ত) ধরা দ্রঃ] বিণ, যাহা হস্ত দ্বারা গ্রহণ করা হইয়াছে; গৃহীত। ২। অঙ্গে যাহা ধারণ করা হইয়াছে; পরিহিত। ৩। অবলম্বিত; আশ্রিত। ৪। ব্যবহৃত। ৫। আয়ত্তীকৃত। ৬। কৃতাবরোধ; আবদ্ধ। ৭। বি, পুং, ত্রয়োদশ মনুর পুত্রবিশেষ।

ধৃতবর্ম্মা [ধৃত (হইয়াছে) বর্ম্মন্ (অঙ্গাবরক) যৎ কর্ত্তৃক—বহু] বিণ, বর্ম্মধারী। ২। নৃপতিবিশেষ।

ধৃতব্রত (ধৃতব্‌ব্রোতো) [ধৃত (গৃহীত হইয়াছে) ব্রত (যৎ কর্ত্তৃক) বহু] বিণ, ব্রত ধারণকারী: গৃহীত-ব্রত।

ধৃতরাষ্ট্র [ধৃত (গৃহীত) (হইয়াছে) রাষ্ট্র (রাজ্য) যৎ কর্ত্তৃক—বহু] বি, পুং, বিচিত্রবীর্য্যের পুত্র। অম্বিকার গর্ভে ব্যাসদেবের ঔরসে ইঁহার জন্ম, ইনি জন্মান্ধ। ২। নাগবিশেষ। ৩। চঞ্চু ও পদ কৃষ্ণবর্ণ হংসবিশেষ। স্ত্রী, **ধৃতরাষ্ট্রী**—হংসী। ২। কশ্যপের কন্যা।

ধৃতাত্মা (ধৃতাৎতা) [ধৃত—আত্মা যৎ কর্ত্তৃক, বহু] বি, পুং, বিষ্ণু। ২। বিণ, আত্মজ্ঞানী। ৩। সংযত চিত্ত।

ধৃতি [ধৃ (ধরা)+তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, ধারণা। ২। ধৈর্য্য। ৩। স্থৈর্য্য। ৪। ইচ্ছা। ৫। সন্তোষ। ৬। সুখ। ৭। উৎসাহ। ৮। সর্ব্বত্র প্রীতি। ৯। যাগ। ১০। [করণে—ক্তি] ষোড়শ মাতৃকার মধ্যে ত্রয়োদশ মাতৃকা। প্র—"ধৃতি বৃদ্ধি ঈশী বশী শিবা আর অণিমা। একভাবে ছয় নারী ভজিবেক তোমা॥"—কবিকঙ্কণ। ১১। যোগবিশেষ। ১২। অষ্টাদশ-অক্ষর ছন্দোবিশেষ।

ধৃতিমতী (ধৃতিমোতি) [ধৃতি+মৎ (অস্ত্যর্থে, মতু) ঈপ—স্ত্রী] বিণ, স্ত্রী, ধৈর্য্যশালিনী। পুং, ধৃতিমান।

ধৃতিমান (ন্) [ধৃতি+মৎ (অস্ত্যর্থে, মতু) =ধৃতিমৎ ১মা, ১ব] বিণ, ধৈর্য্যশালী। ২। ধীর। ৩। পুং, নৃপবিশেষ। ৪। অগ্নিবিশেষ। ৫। কুশদ্বীপস্থ বর্ষবিশেষ।

ধৃতিহোম (ম্) [সং] বি, পুং, বিবাহের অঙ্গভূত হোমবিশেষ।

ধৃষ্ট [ধৃষ্ (প্রগল্ভ হওয়া)+ত (কর্তৃ, ক্ত)] বিণ, নির্লজ্জ। ২। উদ্ধত: প্রগল্ভ। ৩। লম্পট। ৪। বি, পুং, নায়কবিশেষ: যে নায়ক অপরাধ করিয়াও শঙ্কা বিহীন, তিরস্কৃত হইলেও নির্লজ্জ, এবং নিজ দোষ মিথ্যা বাক্য দ্বারা গোপন করে। প্র—"অনুকূল

পতি যদি হয় প্রতিকূল। ধৃষ্ট শঠ দক্ষিণ না হয় তার তুল ॥"—বিদ্যাসুন্দর। স্ত্রী. **ধৃষ্টা**—অসতী।

ধৃষ্টতা [ধৃষ্ট+তা (ভাবে)] বি, স্ত্রী, লজ্জাহীনতা। ২। ঔদ্ধত্য ; প্রগল্‌ভতা। ৩। হঠকারিতা।

ধৃষ্টদ্যুম্ন—বি, পুং, দ্রুপদ রাজার পুত্র ; দ্রৌপদীর সহোদর।

ধৃষ্টামি [ধার্ষ্টামি দ্রঃ] বি, ধৃষ্ট ব্যবহার ; প্রগল্‌ভতা।

ধৃষ্ণু [ধৃষ্‌ (ধৃষ্ট হওয়া) +ণু (কর্ত্তৃ—শীলার্থে, ক্ন)] বিণ, ধর্ষণ-শীল। ২। প্রগল্‌ভ।

ধৃষ্য (ধৃষ্‌ষ) [ধৃষ্‌ (ধর্ষণ করা) +য (কর্ম্মে)] বিণ, ধর্ষণীয় ; যাহাকে ধর্ষণ বা দলন করা যাইতে পারে। ২। জেয় [দ্রঃ—বিপরীতার্থক অধৃষ্য শব্দেরই প্রচলন আছে]।

ধেআ—ধেইয়া দ্রঃ।

ধেআন (ন) [ধেয়ান দ্রঃ। সং—ধ্যান। হি—উচ্চারণ অনুযায়ী বানান] বি, ধ্যান। প্র—"পাত্রর বচনে পরভুর ধেআন জে ভাঙ্গিল।" —শূন্যপুরাণ। ক্রি, **ধেআন** (নো) ধ্যান করা। ২। চিন্তা করা। **ধেআনেত** [প্রা-বাং] ক্রি-বিণ, ধ্যানেতে ; ধ্যানে। প্র—"ধেআনেত শুনিল পক্ষ পরভুর বচন।"—শূন্যপুরাণ।

ধেই [শব্দাত্মক। ধাবন—ধাব—ধাও—ধাই ; তুল—ধাইনাচন] অ, নৃত্যভেদ : তাণ্ডব ; ধাবনসহ নৃত্য। এই অর্থে **ধেই ধেই**। ২। বাদ্যের বোল : নৃত্যের তালে তালে বাদ্যধ্বনি। প্র—"তা ধেই ধেই বাদ্যবাজে"—ছড়া। বিণ, ধেইয়া।

ধেইয়া—ধেয়্যা দ্রঃ।

ধেঁড়স (ধ্যাঁড়োশ) বি, ফলশাকবিশেষ ; ডিণ্ডিশ ; ঢেঁড়শ দ্রঃ।

ধেঁড়ি—বি, ঢেঁড়ি ; স্ত্রীলোকদিগের কর্ণালঙ্কারবিশেষ। প্র—ঝুমকা ঢেঁড়ি। ২। ঢেঁড়ি ; ঢেঁটরা।

ধেঞা [ধাবন হইতে প্রা-বাং—ধাইঞা (দ্রুত) ধেঞা] অস-ক্রি, ধাইয়া। প্র—"হেন মনে লয় যদি লোক ভয় নয় কোলে করি যেয়ে ধেঞা ॥"—চণ্ডীদাস।

ধেড়ান (ধ্যাড়ানো) [শব্দাত্মক] ক্রি, তরল মল ত্যাগ করা ; উদরাময় রোগ হেতু মল ধারণে অসমর্থ হইয়া পরিধেয় বস্ত্রাদিতে মলত্যাগ করা। ২। [লক্ষণায়] কর্ম্মে অসামর্থ্য প্রকাশ করা ; কাজ খারাপ করা ; অপরিচ্ছিন্ন ভুলভ্রান্তিপূর্ণ কাজ করা। বিণ, **ধেড়ানিয়া**।

ধেড়িয়া, ধেড়ে [ধাড়ী দ্রঃ] বি, উদ্বিড়াল ; জলমার্জ্জার। ২। বিণ বয়স্ক : মস্ত। ৩। ধাড়ীর স্বভাববিশিষ্ট।

ধেনু [ধে (পান করান) +নু (কর্ত্তৃ, সংজ্ঞার্থে) যে বৎসদিগকে পান করায়] বি, স্ত্রী, সবৎসা গো : নবপ্রসূতা গাভী। প্র—"ধেনু বৎস একস্থানে বৃষ খুরে ক্ষিতি টানে দক্ষিণেতে ব্রাহ্মণ অনল।"—অন্নদামঙ্গল।

ধেনুক (ক্) [ধেনু+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, অসুরবিশেষ। ২। তীর্থবিশেষ। স্ত্রী. **ধেনুকা**—ধেনু। ২। হস্তিনী।

ধেনুমক্ষিকা (ধেনুমোক্‌খিকা) বি, ডাঁশ : গবাদি পশুর রক্তশোষক দংশমক্ষিকা ; ইহারা পশুর ত্বক ভেদ করিয়া তন্মধ্যে ডিম্বপ্রসব করে ; a gadfly.

ধেনুমূল্য (—মুল্‌ল) [ধেনুর মূল্য—৬তৎ] বি, ক্লী, প্রায়শ্চিত্তবিশেষ ; ধেনুদানের নিষ্ক্রয় স্বরূপ মূল্যবিশেষ।

ধেনো [ধান্য—ধান+উয়া =ধানুয়া, সংক্ষেপে ধেনো] বি, ধেনোমদ : ধান্যেশ্বরী দ্রঃ। প্র—"আঃ রাম হেন দেশী এবং ধেনো ছাড়ি" —দ্বিজেন্দ্র রায়।

ধেয় [ধা (ধারণ করা)+য (কর্ম্মে)] বিণ, ধারণযোগ্য : গ্রাহ্য। ২। জ্ঞেয় : জ্ঞানগম্য। ৩। ধারী : গ্রাহী। ৪। সূচিত : চিহ্নিত। **নামধেয়**—নামধারী : আখ্যাত। **ভাগধেয়**—ভাগ্যবান ; ভাগ্যধর। ২। ভাগী।

ধেয়্যা, ধেয়ে [ধেই (দ্রঃ) +য়া (প্রকারার্থে)] বিণ, যাহাতে ধেই ধেই ব্যাপার আছে ; ধাবন বা ধাওয়া যুক্ত : ধাবনশীল। ২। উদ্দণ্ড। **ধেয়ে নাচনী**—যে নারী ধেই ধেই করিয়া নাচে। ২। যে নারী একস্থানে স্থির হইয়া থাকিতে পারে না : নানা স্থানে ধাওয়া করে অর্থাৎ এখানে ওখানে ধাই ধাই করিয়া বেড়ায়।

ধেয়ান (ন) [সং—ধ্যান অপভ্রংশে। প্রা-বাং পদ্যে] বি, ধ্যান : স্মরণ। প্র—"বিশ্বকর্ম্মা ভগবতী করিল ধেয়ান।"—কবিকঙ্কণ। "ধেয়ানে দেখিনু মোহন মূরতি"।—ভারতচন্দ্র। ২। চিন্তা : ভাবনা। প্র—"দিবানিশি থাকি আমি তোমার ধেয়ানে।"—নিধুবাবু। ক্রি, **ধেয়ান** (নো) ধ্যান করা : স্মরণ করা। ২। চিন্তা-করা। উ-পু—**ধেয়াই**। ম-পু—**ধেয়াও**। প্র-পু—**ধেয়ায়, ধ্যায়ায়**। অস-ক্রি,—**ধেয়াইতে, ধেয়াইয়া**। বিণ, ধেয়ানী।

ধেয়ানী [ধেয়ান দ্রঃ] বিণ, ধ্যানী : ধ্যানস্থ ; মৌনী। প্র—"ফুল-সেজ বিছাইয়া রহয়ে ধেয়ানী হৈয়া উজর চাঁদনি রাতি।"—চণ্ডীদাস।

ধৈবত (ত্) [ধাবৎ+অ (সম্বন্ধার্থে, ক্ম) "গত্বা নাভেরধোভাগং বস্তিং প্রাপ্যোর্দ্ধগঃ পুনঃ। ধাবন্নিব চ যো যাতি কণ্ঠদেশং স ধৈবতঃ ॥"—সঙ্গীত দামোদর। অশ্বের হ্রেষা হইতে অনুকৃত (নারদ)। মতান্তরে, ভেক রবের অনুকার ধ্বনি (তানসেন) ললাট ইহার উচ্চারণ স্থান] বি, পুং, সঙ্গীতের স, ঋ, গ, মাদি সপ্ত স্বরের ষষ্ঠ স্বর ; ইহার সঙ্কেত "ধ"।

ধৈরজ, ধৈরয (জ, জ্) [পদ্যে। সং—ধৈর্য্য হইতে] বি, ধৈর্য্য। প্র—"ভারত দেখিয়া যারে ধৈরজ ধরিতে নারে।"—অন্নদামঙ্গল। "জ্ঞানদাস কহ, ধৈরজ ধরি রহ"—জ্ঞানদাস।

ধৈর্য্য (ধৈর্‌জ) [ধীর+য (ভাবে, ষ্যঞ)] বি, ক্লী, ধীরতা : সহিষ্ণুতা। ২। চিত্তের স্থিরতা ; অচঞ্চলতা। বিণ, ধীর।

ধৈর্য্যধারণ (ধৈর্‌জধারোন্)[ধৈর্য্য—ধারণ (অবলম্বন) ৬তৎ] বি, ক্লী, ধৈর্য্যাবলম্বন ; সহিষ্ণুতা অবলম্বন। ২। অপেক্ষা বা প্রতীক্ষা করিয়া অবস্থান।

ধৈর্য্যবান (ধৈর্‌জবান্) [ধৈর্য্য +বতু (অস্ত্যর্থে) =ধৈর্য্যবৎ ১মা, ১ব] বিণ, ধৈর্য্যসম্পন্ন : ধীর।

ধৈর্য্যশালী (ধৈর্‌জশালি) [ধৈর্য্য শালিন্ ১মা, ১ব] বিণ, ধৈর্য্যগুণবিশিষ্ট ; ধীর। স্ত্রী, **ধৈর্য্যশালিনী**।

ধৈর্য্যশীল (ধৈর্‌জশিল্) [ধৈর্য্য—শীল —যাহার, বহু] ধৈর্য্যশালী : ধীর ; সহিষ্ণু। স্ত্রী, **ধৈর্য্যশীলা**।

ধৈর্য্যাবলম্বন (ধৈর্‌জ্যাবলম্‌বন্) [ধৈর্য্য—অবলম্বন, ৬ষ্ঠীতৎ] বি, ক্লী, ধৈর্য্যধারণ ; চাঞ্চল্যসংবরণ।

ধোআ, ধোওয়া, ধোয়া [ধাব্ (মার্জ্জনে, প্রক্ষালনে) ধাব—ধাও+আ (কর্ম্ম—অর্থে) ধোয়া দ্রঃ] বি, ধৌতকরণ ; প্রক্ষালন। ২। ক্রি, ধৌত করা ; মার্জ্জন করা ; প্রক্ষালন করা। ণিজন্ত, **ধোআন, ধোওয়ান** (নো)। বি, **ধোআনি, ধোওয়ানি**। ৩। বিণ, ধৌত : মার্জ্জিত।

ধোঁকন (ন্) [ধুঁকন দ্রঃ] বি, শ্রান্তি হেতু ঘনঘন শ্বাস ত্যাগ। ২। [প্রা। ধোঁকা দ্রঃ] সন্দেহ : সংশয়। ৩। প্রতারণা : ধোঁকা।

ধোঁকা (ধোঁকা) [হি—ধোখা। ধ্বাঙ্ক্ষ্ (কুটিলী করণে) তাহা হইতে বক্রতা, সঙ্কোচ—অর্থ সম্প্রসারণে—সন্দেহ] বি, সংশয় ; সন্দেহ। প্র—"ধোঁকায় ভুলিয়া গেনু ধোঁকালেক মোকে। এমন আঁটুন্যা আর নাহি তিন লোকে ॥"—শিবায়ন। ২। ভ্রম : ভুল। প্র—"হয় নাই পাছে বলি হয়ে ছিল ধোঁকা। ঠিক হৈল যেন কেহ লয়ে ছিল জোঁখা ॥"—শিবায়ন। ক্রি, ধোঁকান (নো)। বিণ, **ধোঁকানিয়া**

ধোঁকা খাওয়া—সন্দেহযুক্ত হওয়া। ২। প্রতারিত হওয়া। ধোঁকায় পড়া—সংশয়ে পতিত হওয়া ; সন্দেহযুক্ত হওয়া। ২। প্রতারিত হওয়া। ধোঁকা দেওয়া—প্রবঞ্চনা করা।

ধোঁকা [সং—ধুক্ষ্ (ক্লেশনে)] ক্রি, শ্রান্তি হেতু ঘনঘন শ্বাস ত্যাগ ; হাঁপাইতে থাকা ; বুক উঠা পড়া। প্র—"তোমা হয়ে আমি ধুঁকি করি হাঁই ফাঁই।"—শিবায়ন। ণিজন্ত, ধোঁকান (নো)।

ধোঁকা—বি, মসলাদি যোগে প্রস্তুত বাটা ছোলার দাইলের ব্যঞ্জনবিশেষ।

ধোঁকান (নো) [ধোঁকা দ্রঃ] ক্রি, ধোঁকা দেওয়া ; সংশয়ে ফেলা। ২। প্রবঞ্চিত করা। ৩। ভ্রমে পতিত করা।

ধোঁয়া [ধূম হইতে। গ্রা—ধোঁ] বি, ধূম। প্র—"ধূপের ধোঁয়ায় ধূসর বাসর গেহ।"—রবি। ধোঁয়া করা,—দেওয়া—ধূম উৎপন্ন করা।

ধোকড় (ড়) [হি—ধোকড় = বলিষ্ঠ ; কুস্তিবাজ ; তাহা হইতে শক্ত, টন্‌কো, মজবুত] বিণ, বলিষ্ঠ ; বলবান্। ২। মজবুত : দক্ষ ; বিশারদ। প্র—কথার ধোকড়।

ধোকড়, ধোকড়া, ধোকড়ি (ধোকড়্, ধোক্ড়া) [ধুকড়ি দ্রঃ। হি—ধোকড়া। সং—ধৌত কট] বি, ধড়ায় পরিণত বস্ত্র : শতছিন্ন বস্ত্র। ২। মোটা কাপড় ; coarse cloth. প্র—"সদাগর আচ্ছাদন না ছাড়ে ধোকড়ি।"—কবিকঙ্কণ। ৩। থলিয়া ; বোরা ; ব্যাগ। কাঁথা ধোকড়া—কন্থা ও তৎসদৃশ বস্ত্র ; কাঁথা ও ঝোলাঝুলি। মাকড় মারলে ধোকড় হয় [ব্যঙ্গোক্তি] মাকড়সা মারিলে ব্রাহ্মণেতর জাতির জীবহত্যা পাপের প্রায়শ্চিত্ত করিতে হয় কিন্তু শাস্ত্রকার ব্রাহ্মণের কিছুই করিতে হয় না বরং মাকড়সার জালবোনার গুণ থাকায় তাহার ফলে বস্ত্র লাভ হয়। (এদেশে মেয়েলী সংস্কার এরূপ আছে যে গায়ে মাকড়সা উঠিলে বস্ত্রলাভ হয়)। তাহা হইতে, আপনার বেলায় দোষ হয় না।

ধোকড়িয়া [ধোকড় (দ্রঃ) + ইয়া (অস্ত্যর্থে)] বিণ, বলবান। প্র—"উড়িয়া পড়িয়া মৎস্য ধরে মৎস্যরাঙ্গা। ভুজঙ্গ ধরিয়া খায় ধোকড়িয়া কাঙ্গা।"—কবিকঙ্কণ।

ধোকা—ধোঁকা দ্রঃ।

ধোকাবাজ, ধোঁকবাজ (জ্) [হি—ধোকা + ফা—বাজ্] বিণ, ধোঁকাদাতা : প্রবঞ্চক ; ঠগ। বি, ধোকাবাজী।

ধোচনা (চ্) [ধুবনী হইতে ধুচনী—বৃহদর্থে, ধুচ্‌না, পরে ধোচ্‌না] বি, বড় ধুচুনি। ২। মাছ ধরিবার খাঁচা।

ধোড় (ড়) [গ্রা। সং—ডুণ্ডুভ হইতে] বি, পুং, ডুণ্ডুভ ; ঢোঁড়াসাপ।

ধোপ (প্) [ধূপ্ (দীপ্তি অর্থে। হি—ধূপ = রৌদ্র—তদ্বৎ উজ্জ্বল ও শুক্ল। তাহা হইতে, রৌদ্রবৎ উজ্জ্বলতা : শুক্লীভাব। অথবা ধূপ (সন্তাপে)—বস্ত্র ইস্ত্রী করিবার কালে তাপ দেওয়া হইতে : ধূপন অর্থে] বি, শুক্লীকরণ। ২। রঞ্জন ; শুভ্রত্ব বা শুক্লবর্ণ সম্পাদন ; ধবলীকরণ। ধোপ দেওয়া [হি—ধূপ্‌না —আলকাতরা প্রভৃতি দ্বারা রঞ্জিত করা] কাচিয়া কলপাদি দ্বারা শুভ্র করা বা ফর্সা করা ; শুক্লত্ব সম্পাদন। ধোপপড়া—ধোলাই হওয়া ; প্রক্ষালন সহ ফর্সা করিবার মশলা পড়া। ধোপধরা, ধোপ লাগা—শুক্লবর্ণ বা ফর্সা রং ধরা (তুল—ছাপ ধরা) ; ধূপ বা রৌদ্রের ন্যায় ধপ্‌ধপে সাদা রং ধরা। প্র—"কালীদহের কূলে চল। সেজলে ধোপ ধর্‌বে ভাল।"—রামপ্রসাদ।

ধোপা [ধোবা দ্রঃ। ধোপ + আ (কারকার্থে)] বি, যে ধোপ দেয় বা কাপড় কাচে ; রজক (দ্রঃ)। প্র—"ধাঙ্গলি ধোপা-ঝি ধরিল ডানকণা।"—শিবায়ন। স্ত্রী, ধোপানী—রজকস্ত্রী ; রজকী। ২। এক প্রকার মাছি। প্র—"বাশুলী আদেশে কহে চণ্ডীদাসে ধোপানী চরণ সার।"—চণ্ডীদাস। ধোপার বাড়ী দেওয়া—ধোপাকে কাপড় কাচিতে দেওয়া। ধোপার পাট [হি—ধোবীপাড়] ধোপা যে পাটায় কাপড় আছাড় দিয়া কাচে। ধোপা নাপিত বন্ধ করা—সামাজিক দণ্ড দেওয়া ; ধোপার অভাবে মলিন বেশ ও নাপিত অভাবে শ্রীহীন ও অশুচি হইয়া থাকিতে বাধ্য করা ; ভদ্র সমাজে মিশিবার পথ না রাখা ; এক ঘরিয়া করা।

ধোব (ব্) [হি—ধোব (ধুলাই—প্রক্ষালন) a wash. সং—ধাব্ (শুদ্ধীকরণ, মার্জ্জন—প্রক্ষালন করা) ধোব্। তুল—হি—ধোব্ পড়্‌না = বাং—ধোপপড়া ধোপ দ্রঃ] বি, প্রক্ষালন ; কাচন ; ধবলীকরণ ; শুভ্রকরণ।

ধোবা [ধোব (দ্রঃ) + আ (কারকার্থে) হি—ধোবী। বাং—ধুবী স্ত্রীলিঙ্গে] বি, রজক ; বস্ত্রধাবক। স্ত্রী, ধোবানী [হি—ধোবন্] ধোবিন্।

ধোয়া [সং—ধাব্ হইতে হি—ধোব (কাচন ধাবন) + আ (করণে) ধোআ (দ্রঃ)] ক্রি, ধৌত করা : প্রক্ষালন করা : কাচা ; পরিষ্কার করা। ২। বিণ, ধৌত : মার্জ্জিত : প্রক্ষালিত। প্র—ধোয়া কাপড়। ণিজন্ত—ধোয়ান (নো) বি, ধোয়ানি [ধোয়া পানি]। ২। ধোয়া জল ; ধোয়াট। প্র—চাল ধোয়ানি। নর্দ্দমা দিয়া ঘর ধোয়ানি জল পড়িতেছে।

ধোয়াট (ট্) [বাং—ধোয়া + সং—আবর্ত্ত—হি—আবট্ (তুল—আমবট্ = আমাবর্ত্ত) আবর্ত্ত = জল ভ্রমি, কিন্তু ধোয়া যোগের অর্থ—যে জল আবর্ত্তিত হইতে হইতে ভূমিভাগ ধুইয়া প্রবাহিত হয়। সমুদ্রের তরঙ্গ এই ভাবে তটভাগ ধৌত করে, এই জন্য ইংরেজিতে rolling waves বলে] বি, জলের আবর্ত্তিত প্রবাহ। প্র—নদীর মুখে যে গর্ত্তটা ছিল এখন তাহা ভরাট হইয়া গিয়াছে। ভরাটের মাটী জলের ধোয়াটে আসিয়া পড়িয়াছিল। ২। আবর্ত্তে ধোয়া মাটি : জল প্রবাহের বেগ-তাড়িত মাটি : ধুইয়া ধুইয়া যে রজঃ বা মৃত্তিকা সঞ্চিত হইয়াছে। প্র—এখানে অনেকটা ধোয়াট পড়েছে।

ধোয়ান (নো) [ধোয়া দ্রঃ। ণিজন্তরূপ] ক্রি, প্রক্ষালন করান ; কাচান। ২। বিণ, যাহা ধৌত করান হইয়াছে ; প্রক্ষালিত ; প্র—ধোয়ান ধুতি। ৩। (ন্) বি, ধোলাই ; ধোপ। প্র—এমন ধোয়ান ধুয়েছে যে কাপড় খানা খণ্ড খণ্ড হয়ে গেছে।

ধোয়ানি [ধোয়া + আনি (পানি হইতে)] বি, কোন বস্তু ধৌতকরা জল ; সমল জল।

ধোরণ (ন্) [ধোর্ (গমন করা) + অন (ট্, করণে—সংজ্ঞার্থে] বি, ক্লী, অশ্ব রথাদি বাহন। ২। [ভাবে—অনট্] অশ্বের দ্রুত-গতিভেদ ; ধৌরিতক।

ধোরিত [ধোর্ (গমনে পটু হওয়া) + ত (ভাবে, ক্ত)] বি, ক্লী, ধোরণ (দ্রঃ)। ২। ধৌরিতক ; অশ্বগতিভেদ।

ধোলাই [হি—ধুলাই, ধুয়াই] বি, প্রক্ষালন বা ধোয়াইয়ের কাজ ; ধাবন। ২। ধৌত করিবার পারিশ্রমিক। ৩। বিণ, ধৌত ; মার্জ্জিত। প্র—"কর মনকে ধোলাই আপদ বালাই মনের ময়লা ফেল কাটি।"—রামপ্রসাদ। ধোলাই করা—ধৌত করা ; পরিষ্কৃত।

ধোসা (ধোশা) [হি—ধুস্‌সা] বি, শীত-বস্ত্রবিশেষ।

ধৌত [ধাব্ (শুদ্ধ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রক্ষালিত ; মার্জ্জিত ; পরিষ্কৃত। ৩। শুক্লীকৃত। ৪। কলঙ্করহিত। ৫। নিষ্পাপ ; কলুষবর্জ্জিত। ৬। শোধিত ; কৃতশোধন।

ধৌতকট (ট্) [সং] বি, পুং, মোটাসূতার থলিয়া ; ব্যাগ ; ধোকড় (দ্রঃ)।

ধৌতকৌষেয় [ধৌত যে কৌষেয় (কৃমিকোষ-জাত বস্ত্র)—কর্ম্মধা] বি, ক্লী, পট্টবস্ত্র।

ধৌতশীলা [ধৌত (পরিষ্কৃত) যে শীলা (প্রস্তর) —কর্ম্মধা] বি, ক্লী, স্ফাটিক ; স্ফটিকমণি।

ধৌতি [ধৌত—ই। যাহা ধৌত করা হয়] ধুতি ; পরিধেয় বস্ত্র। প্র—"কেমন বরন আপুনি কেমন পরিছ ধৌতি।"—শূন্যপুরাণ। "মন কৈল পাবন পাবন কৈল ধৌতি।"—ঐ।

ধৌম—বি, পুং, পাণ্ডবগণের পুরোহিত।

ধৌমক (ক্) [ধূম+অ (সম্বন্ধার্থে, ষ্ণ)= ধৌম+ক (সংজ্ঞার্থে)] বিণ, ধূম হইতে উৎপন্ন। ২। ধূমবহুল স্থানে জাত।

ধৌম্র (ধৌম্‌ম্র) [ধূম্র+অ (স্বার্থে—ষ্ণ)] বি, পুং, ঋষিবিশেষ। ২। [ভাবে—ষ্ণ] ক্লী, ধূম্রবর্ণত্ব। ৩। বিণ, ধূম।

ধৌরিতক, ধোরিতক (ক্) [ধোর+ত (ভাবে—ক্ত)+অ (স্বার্থে)+ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, অশ্বের গতিভেদ ; a trot.

ধৌরেয় [ধুব (ভার)+এয় (বহনার্থে—ঢেয়)] বিণ, ভারবাহী। ২। অগ্রস্থিত ; অগ্রবর্ত্তী। ৩। বি, পুং, বৃষ মহিষাদি ভারবাহী পশু।

ধৌর্য্য (ধৌরূজ্ঞ) বি, ক্লী, ধৌরিতক দ্রঃ। কদম চাল ; a trot.

(ধাংখ) [ধ্মান্‌ক্ষ (ক্রাং, ক্রাঙ্ক, ধ্মাঙ্ক ইত্যাদি অনুকরণ শব্দ করা)+অ (কর্ত্তৃ —অচ্)] বি, পুং, কাক। ২। মৎস্য ভক্ষক পক্ষিবিশেষ।

ধ্মাত (ধাঁত) [ধ্মা (অগ্নিসংযোগ করা, শব্দ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অগ্নিসংযুক্ত ; দগ্ধ। ২। সন্দীপিত। ৩। নিনাদিত ; শব্দিত।

ধ্মাপিত (ধাঁপিত) [রাসাঃ পরিঃ] বিণ, উত্তাপে তরলীকৃত ; তাপ দ্বারা দ্রবীভূত বা গলান ; fused.

ধ্যাত [ধ্যৈ (চিন্তা করা)+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহাকে ধ্যান করা হইয়াছে : কৃতধ্যান। ২। চিন্তিত : ভাবিত। ৩। যাহাকে স্মরণ করা হইয়াছে ; স্মৃত।

ধ্যাতব্য (ধ্যাতোব্‌বো) [ধ্যৈ (চিন্তা করা) +তব্য (কর্ম্মে)] বিণ, ধ্যানের যোগ্য। ২। স্মরণীয় : স্মর্ত্তব্য। ৩। চিন্তনীয় : ভাব্য। ৪। অনুশীলনীয় ; আলোচ্য।

ধ্যান (ন্) [ধ্যৈ (চিন্তা করা)+অন] বি, ক্লী, মনন। ২। [গরুড় পুরাণ মতে] রূপ-চিন্তন। ৩। গাঢ় চিন্তা ; গভীর অভিনিবেশ। ৪। স্মরণ। ৫। আলোচনা। ৬। [প্রাদে। ভাণ স্থলে ধ্যান শব্দের গ্রাম্য প্রয়োগ] ন্যাকামি। প্র—"শালা কিছু জানেন না ? ধ্যান কচ্চেন।"—লীলাবতী। ক্রি, **ধ্যান করা**। বিণ, ধ্যানী। **ধ্যান ধারণা**—ধ্যান ও ধারণা : মনন ও স্মরণ : স্মৃতি ও ধৃতি। **ধ্যানভঙ্গ**—ধ্যানে বিঘ্ন : ধ্যানের অবসান।

ধ্যানগম্য (ধ্যান্ গোম্‌মো) [ধ্যান (দ্বাবা) গম্য—৩তৎ] বিণ, ধ্যান দ্বাবা প্রাপ্য : ধ্যান দ্বারা জ্ঞেয়।

ধ্যানিক (ক্) [ধ্যান+ইক (ষ্ণিক)] বিণ, ধ্যানসাধ্য।

ধ্যেয় (ধেয়) [ধ্যৈ (চিন্তা করা)+য (কর্ম্মে)] বিণ, ধ্যানের বিষয়ীভূত : ধ্যান-গম্য। ২। চিন্তনীয়। ৩। স্মর্ত্তব্য ; স্মবণীয়।

ধ্যেয়ায়, ধ্যায়ায় (য়্) ["ধেয়ায়" ও হয়। ধেয়ান দ্রঃ] ক্রি, ধ্যান করে। প্র—"জানি এই যোগী যাঁরে ধ্যেয়ায় হৃদয়ে, সরলা বালিকা পূজে পুষ্প অর্ঘ্য দিয়া। সেই বিশ্বপতি দেবে সায়াহ্ন সময়ে, সুখী হই ভক্তিভাবে হৃদে আরাধিয়া।"—যদুগোপাল (পদ্যপাঠ)। "শয়নে স্বপনে মনে যে যারে ধ্যায়ায়। সে জন তাহারে ফিরে নাহি চায়।"—বাং-গান (হরুঠাকুর)।

ধ্রিয়মাণ (ধৃ, ন্) [ধৃ (ধারণ করা) +আন (কর্ম্মে, শান) য়্, য আগম] বিণ, যাহা ধরা যাইতেছে।

ধ্রু, ধ্রুং, ধ্রুবং—ধূয়া দ্রঃ।

ধ্রুপদ (দ্) [সং—ধ্রুবপদ, ধ্রুবক] বি, উচ্চশ্রেণীর সঙ্গীতাঙ্গ। "সাধারণতঃ অস্থায়ী, অন্তরা, সঞ্চারী, আভোগ এই চারটী তুক্ সম্বলিত সঙ্গীত। যে গীত দ্বারা দেবতাদিগের লীলা, রাজাদিগের যশঃ, অথবা যুদ্ধাদির বিবরণ, বর্ণিত হয়। যাহাতে স্বর তাল রাগরাগিণীর প্রগাঢ়তা, গদ্য পদ্যময় অংশ ও রচনাগাম্ভীর্য্য সম্যক ভাবে বিদ্যমান থাকে, সেই সমুদায় গীতকে সঙ্গীতশাস্ত্র-প্রণেতাগণ ধ্রুপদ বলিয়া নির্দ্দেশ করিয়াছেন।" কণ্ঠকৌমুদী। বিস্তৃত স্বর পুং-গায়ক দ্বারা সঙ্গীত বিজ্ঞানের অনুযায়ী বিশুদ্ধ ভাবে গীত হয়, সুতরাং ইহা নারীকণ্ঠের উপযোগী নহে।

ধ্রুব [ধ্রু (স্থির হওয়া)+অ (কর্ত্তৃ, ক) ধ্রু= ধ্রুব্] বি, পুং, স্থিরতারা : যে স্থিরতারা দেখিয়া নাবিকেরা দিক্ ও গন্তব্য পথ নির্ণয় করে ; fixed star. ২। উত্তর কেন্দ্রস্থ নক্ষত্রবিশেষ ; the Pole Star. ৩। উত্তর কেন্দ্র ; North Pole. ৪। বিষুব রেখার প্রান্ত। ৫। ব্রহ্মা। ৬। বিষ্ণু। ৭। শিব। ৮। যোগবিশেষ : ধ্রুবযোগ। ৯। ললাটস্থ আবর্ত্তবিশেষ। ১০। নাসার অগ্রভাগ (যোগস্থ হইয়া যৎপ্রতি দৃষ্টিস্থির করিতে হয়)। ১১। স্থাণু : খুঁটী। ১২। শঙ্কু। ১৩। কাণ্ডহীন গাছ। ১৪। [ধ্রুবযোগে জন্ম হওয়ায়] উত্তান-পাদ রাজার পুত্র। ১৫। বসুবিশেষ। ১৬। [ধ্রুবা, ধ্রুবক হইতে] গানেব ধূয়া (দ্রঃ)। স্ত্রী, **ধ্রুবা**—ধূয়া। **ধ্রুব-বিশ্বাস**—স্থির বিশ্বাস, অটল বিশ্বাস। **ধ্রুবতারা, ধ্রুব নক্ষত্র**—উত্তর কেন্দ্রস্থ স্থিব তারা ; the Pole star. ২। [ধ্রুবতারাব ন্যায়] স্থির নিশ্চল উদ্দেশ্য ; আদর্শ বা সাধনার বস্তু : অনন্য লক্ষ্য। প্র—"তোমাবেই করিয়াছি জীবনের ধ্রুবতারা। এসমুদ্রে আর কভু হব নাক পথহারা"—রবি। **ধ্রুবগণ**—উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, উত্তরভাদ্রপদ ও রোহিণী এই নক্ষত্রচতুষ্টয়। **ধ্রুব প্রহ্লাদ**—পুরাণবিশ্রুত পরম বিষ্ণুভক্ত রাজপুত্রদ্বয়। **ধ্রুবচরিত্র**—ধ্রুব বালকেব অলৌকিক সাধনা ও চরিত্র অবলম্বনে লিখিত কাব্য ও নাটক অভিনয়। **ধ্রুবলোক**—বিষ্ণু কর্ত্তৃক স্বীয় ভক্ত ধ্রুবের জন্য নির্ম্মিত বিষ্ণুলোকের উপরিস্থ সত্য লোকান্তর্গত ধাম। ২। অক্ষয় অনন্ত লোক : নিত্যধাম।

ধ্রুব [ধ্রুবতারা হইতে] বিণ, স্থির : নিশ্চল। ২। নিত্য ; অক্ষয়। ৩। দৃঢ় : অবিচলিত। প্র—"কিন্তু তাঁহারা অনায়াসেই তাঁহাকে স্বীকার করিয়া ন্যায়পথে ধ্রুব হইয়া আছেন।"—চারিত্রপূজা। ৪। নিশ্চিত : সংশয়হীন। প্র—ধ্রুব বিশ্বাস। ৫। ক্রি-বিণ, অবশ্য। বি, ধ্রুবতা।

ধ্রুবক (ক্) বি, গীতাঙ্গবিশেষ ; ধ্রুপদ। স্ত্রী, **ধ্রুবকা**—গানের ধূয়া।

ধ্রুবতা [ধ্রুব (দ্রঃ)+তা (ভাবে)] বি, নিশ্চয়তা : স্থিবতা : নিত্যতা : অক্ষয়তা : স্থায়িত্ব। প্র—"কারণ তাহা অকৃত্রিমতা এবং ধ্রুবতা চাহে, উন্মত্ততায় তাহা আপনাকে নিঃশেষিত করিতে চাহে না।"—চারিত্রপূজা।

ধ্রুবরত্না—বি, স্ত্রী, কুমারানুচর : মাতৃকাবিশেষ।

ধ্রুবরেখা [ধ্রুব দ্রঃ] বি, স্ত্রী, বিষুবরেখা : equator.

ধ্রুবাবর্ত্ত—বি, পুং, অশ্বের রোম সংস্থানবিশেষ।

ধ্বংস (ধংশ) [ধ্বন্‌স্ (বিনষ্ট হওয়া)+অ (ভাবে—অল্)] বি, পুং বিনাশ : নাশ : সর্ব্বনাশ। ২। বধ। প্র—"কিরূপে করিবে ধ্বংস দুর্জ্জয় অসুরে।"—বৃত্রসংহার। ৩। নষ্ট : ক্ষয়। ৪। অপচয়। ৫। [ধ্বন্‌স্ (অবস্রংসনে, অধঃপতনে)] পতন ; অধঃ-

পতন ; খসিয়া পড়া ; ধস ভাঙ্গিয়া পড়া। **ধ্বংস করা**—নষ্ট করা ; নাশ করা। **ধ্বংসকাল**—প্রলয়। **ধ্বংস পড়ান**—কার্য্যে বিঘ্ন ঘটান ; কার্য্য নষ্ট করা। **ধ্বংস পড়ানিয়া**—যে বিঘ্ন ঘটায় ; বিঘ্নকারী। **অন্ন ধ্বংস করা, অন্ন ধ্বংসান**—অকর্ম্মণ্য বা বেকার ব্যক্তির বসিয়া বসিয়া আহারীয় দ্রব্য নিঃশেষিত করা। **ধ্বংস হওয়া**—সর্ব্বনাশ প্রাপ্ত হওয়া।

ধ্বংসক (ধংশক) [ধ্বন্‌স্ + অক (যে করে)] বিণ, ধ্বংসকারী।

ধ্বংসনীয় [ধ্বন্‌স্ + অনীয়] বিণ, ধ্বংস-যোগ্য।

ধ্বংসপথ (ধংশপথ্) [ধ্বংস—পথ, ৬তৎ] বি, পুং, বিনাশের পথ, সর্ব্বনাশের উপায়।

ধ্বংসমুখ (ধংশমুখ্) [ধ্বংস—মুখ—৬তৎ] বি, ক্লী, বিনাশের মূল ; বিনাশের সূত্রপাত।

ধ্বংসাবশেষ (ধংশাবশেষ্) [ধ্বংস—অবশেষ—৬তৎ] বি, নষ্টাবশেষ ; ভগ্নাবশিষ্ট ; ভস্মাবশেষ ; ruins.

ধ্বংসিত (ধ্বংশিত) [ধ্বন্‌স্ (বিনষ্ট হওয়া) + ত (কর্ম্মে—ক্ত)]বিণ, ধ্বংসপ্রাপ্ত ; বিনষ্ট। ২। অধঃপতিত।

ধ্বংসী (ধোংশি) [ধ্বংস (বিনাশ) + ইন্ (অস্ত্যর্থে) = ধংসিন্ ১মা, ১ব] বিণ, যাহার ধ্বংস হয় ; ধ্বংসপ্রবণ ; নাশশীল ; নশ্বর। ২। [ধ্বন্‌স্ (বিনষ্ট হওয়া) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = ধ্বংসিন্] ধ্বংসক ; নাশকারী।

ধ্বক্‌ধ্বক্ (ধক্‌ধক্) [ধক্‌ধক্ দ্রঃ] অ, অগ্নিজ্বলনের শব্দ ও জ্যোতিঃ। প্র—"ধ্বক্ ধ্বক্ জ্বলে বহ্নি গগনের গায়।"—কুঙ্কুম।

ধ্বজ (ধজ) [ধ্বজ (গমন করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, ক্লী, বৈজয়ন্তী ; পতাকা ; কেতন ; নিশান। ২। সেনাচিহ্নবিশেষ। ৩। চিহ্ন ; লক্ষণ। ৪। মেঢ্র। ৫। গৌরব ; গর্ব্ব।

ধ্বজচিহ্ন—বি, জাতি, সম্প্রদায় বা রাষ্ট্রশক্তি-নির্দ্দেশক লক্ষণ ; পতাকা চিহ্ন ; রাজচিহ্ন-বিশেষ ; ensign.

ধ্বজদণ্ড [ধ্বজের দণ্ড—৬তৎ] বি, পুং, পাতাকা দণ্ড ; রাজচিহ্নবিশেষ।

ধ্বজপট (ট্) বি, ধ্বজদণ্ডের মস্তকে সংলগ্ন বস্ত্রখণ্ড।

ধ্বজপতাকা [ধ্বজ—পতাকা (সহচর শব্দ বাহুল্যার্থে] বি, একাধিক পতাকা ; পতাকা এবং তাহার আনুসঙ্গিক বস্ত্রনিচয়।

ধ্বজবজ্রাঙ্কুশ (ধজবজ্রাংকুশ্) [ধ্বজ, বজ্র এবং অঙ্কুশ—দ্বন্দ্ব] বি,পুং, ধ্বজ, বজ্র এবং অঙ্কুশ চিহ্ন ; রাজচিহ্ন। ২। বিষ্ণুর চরণ-চিহ্নত্রয়।

ধ্বজবান্ [ধ্বজ + বৎ (অস্ত্যর্থে—বতু) = ধ্বজ-বৎ ১মা, ১ব] বিণ, ধ্বজদণ্ডধারী ; পতাকাধারী।

ধ্বজভঙ্গ [ধ্বজ (মেঢ্র) ভঙ্গ (দৌর্ব্বল্য) —৬তৎ] বি, পুং, জননেন্দ্রিয়ের শক্তিলোপ ; পুরুষত্বহীনতা রোগ ; impotency.

ধ্বজস্তম্ভ—বি, ধ্বজদণ্ড ; flagstaff.

ধ্বজা [সং—ধ্বজ] বি, পতাকা। ২। গৌরব ; গর্ব্ব ; অহঙ্কার। প্র—"কোথা গেল ভাই ভজা, হিন্দুধর্ম্ম ধ্বজা ॥"—রবি (মানসী)। ৩। শিখা ; চূড়া। ৪। টিকী। **ধ্বজাধারী**—শিখাধারী ; টিকীযুক্ত। প্র—"ধ্বজাধারী আক ফলা যার দিকে চাই।"—কস্তুরী। ২। পতাকাবাহক।

ধ্বজারোপণ (ন্) [ধ্বজ (ধ্বজের) আরোপণ (রোপণ)] বি, ক্লী, দেবমন্দির ও তীর্থাদিতে মন্ত্রপূত ধ্বজ স্থাপন।

ধ্বজি—ধ্বজী দ্রঃ।

ধ্বজী (ধোজি) [ধ্বজ + ইন্ (অস্ত্যর্থে) = ধ্বজিন্ ১মা, ১ব] বি, পুং, রাজা [পতাকাহেতু]। ২। [শিখর হেতু] পর্ব্বত। ৩। [চূড়া ও পতাকা-হেতু] রথ। ৪। [পুচ্ছ হেতু] শিখী ; ময়ূর। ৫। [ফণাহেতু] সর্প। ৬। [মস্তকের শিখাহেতু] ব্রাহ্মণ। ৭। [শিখাহেতু] অগ্নি। ৮। [মাথায় ও ঘাড়ে চামর আছে বলিয়া] অশ্ব। ৯। [প্রাদে] নৌকা চালন-দণ্ড ; লগি। এই অর্থে বাং-য় "ধ্বজির"ও ব্যবহার আছে। ১০। বিণ, ধ্বজগ্রহণকারী ; ধ্বজধারী। ২। চিহ্নমাত্র-ধারণকারী ; কপট ; ভণ্ড। প্র—ধর্ম্মধ্বজী। স্ত্রী, **ধ্বজিনী**—সেনানী ; সেনা। **ধ্বজী-মারা, ধ্বজিমারা**—অল্পজলে দাঁড় ফেলার সুবিধা না থাকিলে বংশদণ্ড বা লগি জলের তলায় রাখিয়া তাহাতে ভর করিয়া নৌকা চালান। প্র—"চলে তরী শ্রম ভরে ঠেকে যায় ডুবো চরে ধ্বজি মেরে যায় মাজামাজি।"—ঈশ্বরগুপ্ত।

ধ্বনন [ধ্বন্ (শব্দ করা) + অন (ট্, ভাবে)] বি, ক্লী, অনুকার। ২। [অলঙ্কার শাস্ত্রে] কাব্যান্তর্গত ধ্বনির দ্যোতন।

ধ্বনি (ধোনি) [ধ্বন্ (শব্দ করা) + ই (ভাবে)] বি, পুং, শব্দ ; নিনাদ। ২। রব ; স্বর। প্র—কণ্ঠধ্বনি। ৩। মৃদঙ্গ প্রভৃতি বাদ্যযন্ত্রের শব্দ ; সুর। প্র—বাদ্যধ্বনি। ৪। [অলঙ্কারে] ব্যঙ্গার্থ ; a hint or implied meaning. ৪। উত্তম-কাব্য ; ধ্বনিকাব্য।

ধ্বনিকাব্য (ধোনিকাব্‌বো) [ধ্বনি (অপ-রার্থ প্রকাশ) হয় যে কাব্যদ্বারা] বি, ক্লী, উৎকৃষ্ট কাব্য। [দ্রঃ—বাচ্যার্থ হইতে ব্যঙ্গার্থ অধিক চমৎকারজনক হইলে ধ্বনি কাব্য হয়, ব্যঙ্গার্থ হইতে বাচ্যার্থের চমৎকারিতা থাকিলে গুণীভূত ব্যঙ্গ কাব্য হয়, ধ্বনিকাব্য হয় না]।

ধ্বনিত (ধোনিত) [ধ্বন্ (শব্দ করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, শব্দিত ; নিনাদিত। ২। ঝংকৃত। ৩। [অলঙ্কারে] দ্যোতিত। ধ্বনি দ্বারা প্রতিপন্ন ; ব্যঙ্গার্থ দ্বারা বিজ্ঞাপিত।

ধ্বনিয়া (ধো) অস-ক্রি, ধ্বনি করিয়া ; শব্দিত করিয়া ; ধ্বনিত করিয়া। প্র—"ধ্বনিয়া তুলিছে মত্ত মদির বাতাসে"—রবি।

ধ্বস (ধশ্) [ধ্বংস্—ধ্বন্‌স্ (অধঃপতনে, অবস্রংসনে)] বি, যাহা ধসিয়া বা খসিয়া পড়ে ; বৃহৎ স্তূপ হইতে যে খণ্ড বিচ্যুত হয় ; ধস দ্রঃ। ক্রি, **ধ্বসা**—ধসিয়া পড়া ; খসা। **ধ্বসে যাওয়া, ধ্বসে পড়া**—খণ্ড খসিয়া মূল স্তূপ হইতে পতিত হওয়া। ২। দমিয়া যাওয়া ; নামিয়া যাওয়া। ণিজন্ত, ধ্বসান (নো)।

ধ্বসন (ধশন্) [ধ্বস দ্রঃ] বি, ধ্বস ভাঙ্গিয়া পতন। ২। [লক্ষণায়] অবসাদ।

ধ্বস্ত (ধস্‌ত) [ধ্বন্‌স্ (নাশ হওয়া) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, বিনাশিত ; বিনষ্ট। ২। [ধ্বন্‌স্ (অধঃপাতিত হওয়া)] অধঃপতিত ; স্খলিত। ৩। দমিত।

ধ্বস্তাধ্বস্তি (ধস্‌তাধোস্‌তি) [ধ্বস্ত + আ (ব্যাপ্ত্যর্থে) + ধ্বস্ত + ই (ব্যাপারবোধক) । বাং-য় "ধস্তাধস্তি" ও লিখিত হয়] বি, পরস্পর পরস্পরকে ধরিয়া আয়ত্ত, পাতিত, দলিত করিবার চেষ্টায় বল প্রয়োগ।

ধ্বাঙ্ক্ষ (ধাংখ)—ধাঙ্ক্ষ দ্রঃ। **ধ্বাঙ্ক্ষপুষ্ট**—বি, পুং, কাকের দ্বারা পালিত। ২। কোকিল।

ধ্বান (ধান্) [ধ্বন্ (শব্দ করা) + অ (ভাবে, ঘঞ্) । বাং—গদ্যে বিরল] বি, পুং, শব্দ ; নিনাদ ; ধ্বনি।

ধ্বান্ত (ধান্‌ত) [ধ্বন্ (শব্দ করা + ত (অধি, ক্ত) নিপাতনে সিদ্ধ] বি, ক্লী, অন্ধকার।

ধ্বান্তারি [ধ্বান্ত (তম ; অন্ধকার—তাহার) —অরি (শত্রু)—৬তৎ] বি, পুং, সূর্য্য। ২। যে তমো নাশ করে ; যে অন্ধকার দূর করে ; তিমিরনাশী। [এই অর্থে, চন্দ্র ও অগ্নি বুঝায়, কিন্তু, বাং-য় অপ্রশস্ত]।

ন

ন—ব্যঞ্জন-বর্ণ-মালার বিংশ এবং ত বর্গের পঞ্চম বর্ণ। ইহা অনুনাসিক এবং দন্ত সাহায্যে উচ্চারিত হয় বলিয়া দন্ত্য বর্ণ। সাধারণতঃ ন চ-বর্গীয়, ত-বর্গীয় ও অনুনাসিক বর্ণ-যোগে কোমল শিথিল ভাব এবং কবর্গীয় ও টবর্গীয় বর্ণ-যোগে তীব্রতা ব্যঞ্জনা করে। প্র—ন্যাংচা, ছানা, ঝিন্‌ঝিনি, নুদি, ন্যাতা : কনকন্, থনথন্, টনটন্ ইত্যাদি। করণ বাচ্যের প্রত্যয় : যদ্দ্বারা কিছু করা যায় এই অর্থে। প্র—বেলুন (যাহা দ্বারা বেলা যায়)। সমাসে স্বরবর্ণের পূর্ব্বে যুক্ত হইলে ন অন্ হয়। যথা—ন+অন্ত =অনন্ত। কিন্তু ব্যঞ্জন বর্ণের পূর্ব্বে সমাস যুক্ত হইলে—অ হয়। যথা—ন+ভেদ=অভেদ। বাঙ্গালা গ্রাম্য ব্যবহারে ন স্থানে ল হয়। প্র—নেবু স্থলে লেবু ; নোট স্থলে লোট ; না স্থানে লা। ল স্থলেও ন হয়, ল দ্রঃ। [সং—নব। হি—নও। বাং—ন] বিণ, নূতন। প্র—ন বৌ : নছেলে। ২। নয় সংখ্যক্। প্র—ন মন। "ন গাঁ মাগিলেও যা ছ গাঁ মাগিলেও তা।"—প্রবচন। ৩। বি, নয় সংখ্যা : ৯। ৪। নঞ্ অর্থক : অভাব : নাই। ৫। নিষেধ বাচক : না। প্র—নহিলে (না হইলে)। ৬। বৃথা : ব্যর্থ। প্র—ন দেবায় ন ধর্ম্মায় (পরিঃ দ্রঃ)। "পরমায়ু পরম ধন, অনর্থ হইল ব্যয়। ন দেবায় ন ধর্ম্মায় গেল অরণ্য কুসুমপ্রায়॥"—বাং-গান।

নই (নোই) [নব—নবী (নূতন)] বি, স্ত্রী, গাভীর স্ত্রী বৎস : বকনা বাছুর। ২। ৯০ : নব্বই সংখ্যা। ৩। বিণ, নূতন : নব্য।

নই (নোই) [হি—নহী। বাং—"না হই" সংক্ষেপে] ক্রি, নহি : না হই। প্র—"আমি নই পলানে পাতক। তব ধন লয়ে হব পলাতক॥"—বাং-গান।

নইচে, নলচে (নোইচে) [হি—ফা—নইচা।] বি, হুঁকার কলিকা ধারণ দণ্ড ; ডাট। ২। [প্রাদে] বিণ, নোয়াচে দ্রঃ ; খুব ছোট ছোট।

নওবৎ [আ—নওবৎ=সুযোগ, কাল। তাহা হইতে, যাহা প্রত্যহ সকাল ও সন্ধ্যাকালে নির্দ্দিষ্ট তাহার নাম হয় নওবৎ] বি, নহবৎ ; শানাই।

নওয়াখালি—পূর্ব্ববঙ্গের জেলাবিশেষ।

নওয়ালি [গ্রা—নয়লি দ্রঃ] বি, নূতন রবি-শস্য। ২। বিণ, নয়লি ; নূতন।

নওল [ব্রজ। সং—নবীন] বিণ, নূতন ; নবীন : নব। প্র—"বিহরই নওল কিশোর।"—বিদ্যাপতি।

নওলাখি (খী) [নও (নব) লাখ (লক্ষ) +ঈ—যাহারা সংখ্যায় নব লক্ষ। মতান্তরে, নও—লক্ষ্য+ই, ঈ (অস্ত্যর্থে)—শিক্ষা, দীক্ষা, উপেক্ষা, প্রেক্ষা, পরীক্ষা, রক্ষা ঈক্ষা, তিতিক্ষা, মুমুক্ষা—এই ৯টী বিষয়ে যাহারা লক্ষ্য রাখে] বি, উপাসক সম্প্রদায়-বিশেষ। ইহার প্রবর্ত্তক ছান্দুলাল, ওরফে, রামচরণ ইঁহার পিতা কিষণগোবিন্দ, মাতা লছমনপিয়ারী।

নং—নম্বর দ্রঃ।

নকড়া [ন (নব, ৯) কড়া] বি, ন য়টি কড়া বা কড়ি। ২। তুচ্ছ। **নকড়া ছকড়া**—তুচ্ছ : অবজ্ঞাত : সামান্য কড়া কড়ির তুল্য। **নকড়া ছকড়া করা**—তুচ্ছ করা : অবজ্ঞা করা ; অপমানিত করা।

নকর (নকোর) [ফা—নওকর্] বি, পুং, চাকর ; নফর।

নকরি (নোক্‌রি, নকরি) [হি—নওকর্ হইতে নোক্‌রী ; ফা] বি, বেতনের বিনিময়ে কর্ম্ম : চাকরি। প্র—"যদিও কেউ ছাড়লে নাক ব্যবসা কি নকরি।"—দ্বিজেন্দ্র রায়। ২। দাস্যবৃত্তি : ভৃত্যগিরি।

নকল (ল্) [আ—নক্‌ল্] বি, অনুকরণ। ২। প্রতিলিপি ; আদর্শ ; অনুরূপ। ৩। কৃত্রিম ; অযথার্থ। ৪। কৌতুক ; মস্করামি ; ভাঁড়ামি। ৫। আমোদ। বিণ, নকুলিয়া, নকুলে—আমোদপ্রিয় : আমুদে : কৌতুকপ্রিয় : ভাঁড়। **পাঁচ নকলে আসল খাস্ত—সাত নকলে আসল ভেস্তা**—সাত নকল অর্থে বহু নকল : ক্রমাগত নকল করিতে করিতে মূল খুঁজিয়া পাওয়া যায় না।

নকলনবিশ,—নবীস (নকল্ নোবিশ্) [নকল (দ্রঃ)+ফা—নবীস্] বি, পুং, অনুলিপি কারক ; প্রতিলেখক : copyist.

নকলনবিসী (নকল নোবিশি) [নকল (দ্রঃ)+ফা—নবীসী] বি, নকলনবিশের কর্ম্ম ; লেখা দেখিয়া লেখার কার্য্য।

নকস, নকসা (নক্‌শো) [আ—নক্‌শ্] বি, রেখাঙ্কন ; রেখাচিত্র। প্র—"তারপর বৌদ্ধ কল্কি করিল নকস। অবতার অসংখ্য লিখিল মাত্র দশ।"—ধর্ম্মমঙ্গল। ২। ডিজাইন্ ; a design. ৩। ফুল লতা পাতা কাটা : চিত্রিত। প্র—"স্ত্রীর শ্রীঅঙ্গে চেলি জরির নানা নকসা আঁকা।"—দ্বিজেন্দ্র রায়। ৪। [আদাঃ পরিঃ] আমীন জমি জরীপ করিয়া তাহার চিহ্ন বা দাগযুক্ত যে চিত্র প্রস্তুত করা হয়।

নকার (র্) বি, ন এই বর্ণ।

নকাশী (ন্) [আ—নক্‌কাশ্ হইতে ফা—নক্‌কাশী] বি, রেখা চিত্রাঙ্কন : ফুল পাতা প্রভৃতি কাটার কাজ : স্বর্ণাদির অলঙ্কারে ডায়মন-কাটা লতাপাতাদি অঙ্কন। ২। ডিজাইন : a design.

নকিঞ্চন (ন্) [ন (নাই) কিঞ্চিৎ যাহার, বহু] বিণ, অকিঞ্চন : নিঃস্ব : দরিদ্র।

নকিব, নকীব (নোকীব) [আ—নকীব্] বি, রাজার নিকট পরিচয়ের সহিত যে পেশ্ করে : পেস্কার। ২। প্রভুর পরিচয়দাতা : প্রভুর যশোঘোষক। প্র—"নকীব সেলাম গাহে সেলাম জানায়।"—ভারতচন্দ্র। ৩। রাজ্যের সন্দেশবহ : পেয়াদা।

নকিবদার (র্) [নকিব দ্রঃ] বি, শান্তিরক্ষক ; নিম্নশ্রেণীর চৌকিদার।

নকুটি—বি, দণ্ডচারিবর্গের পক্ষিবিশেষ।

নকুল (নোকুল্) [ন (নাই) কুল (বংশ) যাহার, বহু] বি, পুং, শিব : মহাদেব। ২। ৪র্থ পাণ্ডব : মাদ্রির জ্যেষ্ঠপুত্র। ৩। নেউল : বেজি। প্র—"নকুল সহিত যান বাম দিকে ফিরে চান শিবারূপে শিবের বনিতা।"—অন্নদামঙ্গল। ৪। বিণ, কুলহীন [প্র-অ]। ৫। [প্রাদে] মাদক দ্রব্য সেবনের পর যে মুখ-রুচিকর খাদ্য ভোজন করে : চাট। প্র—"অসংখ্য মেলানিভার নকুলে উড়িল। সহচরগণ সবে ভাবিতে লাগিল॥"—অন্নদামঙ্গল। "হাসি হাসি উত্তরোল আধ আধ আধ বোল নন্ন নন্দি নন্দি আ আ আন ন্ন নকুল।"—অন্নদামঙ্গল। স্ত্রী, **নকুলী**—কুক্কুটী।

নকুলেশ্বর (নোকুলেশ্‌শর্) বি, পুং, ভৈরব-বিশেষ।

নক্ত [সং—নক্তম্। "দোষা চ নক্তঞ্চ রজনাবিতি"—অমর। নজ্ (লজ্জায়—হিংসায়)+ত (তন্—কর্ত্তৃ)] বি, স্ত্রী, রজনী : রাত্রি। প্র—"নক্তযোগে রক্তভোগে লুপ্ত হবে কত।

বাঁশ বনে বাসা করো, দিবসের মত॥"—শিবায়ন।

নক্তক (ক্) ["নক্তককর্পটৌ"—অমর। "নক্তকাদ্যষ্টকং বস্ত্রমাত্রে ইতি কেচিৎ"—অমরটীকা। পাঠান্তরে লক্তক] বি, পুং, বস্ত্রমাত্র [অপ্র]। ২। ছিন্ন বা কৰ্ত্তিত বস্ত্র : নেকড়া : কানি।

নক্তচর (র্) [নক্ত (রাত্রিতে) চর (যে বিচরণ করে)] বি, পুং, রাক্ষস : নিশাচর। ২। তস্কর। ৩। সিংহ ব্যাঘ্রাদি শিকারি জন্তু। ৪। বাদুড়। ৫। পেচক। ৬। বিণ, রাত্রিচর : যাহারা রাত্রিকালে গমনাগমন করে।

নক্তচারী [নক্ত—নক্তং (রাত্রিতে) চারী—চারিন্ (বিচরণকারী)] বিণ, নিশাচর। ২। রাক্ষস। ৩। শ্বাপদ।

নক্তঞ্চর (র্) [নক্তং (রাত্রিতে) চর (যে বিচরণ করে)] বি, পুং, নক্তচর দ্রঃ। স্ত্রী, **নক্তঞ্চরী**—নিশাচরী। ২। রাক্ষসী।

নক্তঞ্চর্য্যা (নক্তন্চোজ্যা) [নক্তং (রাত্রিতে) চর্য্যা (বিচরণ)] বি, স্ত্রী, নিশাভ্রমণ।

নক্তঞ্জাত [নক্তং (রাত্রিতে) জাত (যে জন্মে)] বিণ, নিশাকালে উৎপন্ন।

নক্তন্দিব (নক্তন্দিব) [নক্তং (রাত্রি) ও দিবা (দিন) দ্বন্দ্ব : নিপাতনে আ লোপ] বি, ক্লী, রাত্রিদিন : অহোরাত্র।

নক্তব্রত (নক্তব্রোত) [নক্ত—ব্রত] বি, ক্লী, নিশাব্রত : এই ব্রতধারীর সমস্ত দিন উপবাসের পর রাত্রে ভোজন বিধি।

নক্তভোজী [নক্ত (রাত্রিতে) ভোজী (ভোজনকারী] বিণ, দিবসে উপবাসী থাকিয়া যে রাত্রে ভোজন করে : নক্তব্রত অবলম্বনকারী। ২। বি, বাদুড় : পেচক।

নক্র (নক্র) [ন—ক্রম্ (গমনে) + অ (কর্ত্তৃ)—যে একস্থানে পড়িয়া থাকিতে ভালবাসে এবং স্বস্থানে থাকিয়া শিকার আক্রমণ করে] বি, পুং, জলজন্তুবিশেষ : কুম্ভীর। ২। নক্র মুখাকৃতি প্রান্তভাগ হইতে এই নাম] ক্লী, ঝনকাটি। স্ত্রী, **নক্রা**।

নক্ররাজ (জ্) [নক্র—রাজ (শ্রেষ্ঠার্থে)] বি, পুং, হাঙ্গর।

নক্ষত্র (নোক্খোৎত্র) [ন (নাই) ক্ষি (ক্ষয়) + ত্র (কর্ত্তৃ—ষ্ট্রণ্) যে ক্ষয়প্রাপ্ত বা পতিত হয় না। তুল—fixed star. কিম্বা নক্ষ্ (গমন করা) + অত্র (কর্তৃ—অত্রন্) যে পতিত হয়, অথবা ভ্রাম্যমাণ বলিয়া] বি, ক্লী, তারা : তারকা। ২। অশ্বিনী, কৃত্তিকা, রোহিণী প্রভৃতি ২৭টী নক্ষত্র। ৩। মুক্তা [বিরল]।

নক্ষত্রগতি (নোকখোৎত্রোগোতি) [নক্ষত্র—গতি (পতনবেগ)] ক্রি-বিণ, অতিদ্রুত ; নিমেষে ; পলকপাতে।

নক্ষত্রচক্র (নোক্খোৎত্রো) [নক্ষত্রের চক্র (মণ্ডল)—৬তৎ] বি, ক্লী, রাশিচক্র। ২। তন্ত্রোক্ত দীক্ষা গ্রহণের দিননির্ণায়ক চক্রবিশেষ।

নক্ষত্রদর্শক (নোক্খোৎত্রোদরশক্) [নক্ষত্রের দর্শক (যে দর্শন করে)] বি, পুং, জ্যোতির্ব্বেত্তা : জ্যোতিঃশাস্ত্রজ্ঞ। বি, **নক্ষত্রদর্শন**।

নক্ষত্রদান (নোক্খোৎত্রোদান্) [নক্ষত্র ভেদে যে দান] বি, ক্লী, নক্ষত্রবিশেষে দ্রব্যবিশেষের দান।

নক্ষত্রনাথ (নোক্খোৎত্রনাথ্) বি, পুং, তারাপতি : চন্দ্র।

নক্ষত্রনেমি (নোক্খোৎত্রো) [নক্ষত্র হইয়াছে নেমি যাহার—বহু] বি, পুং, চন্দ্র ; শশী। ২। বিষ্ণু। ৩। ধ্রুবনক্ষত্র। স্ত্রী, রেবতীনক্ষত্র।

নক্ষত্রপাত (নোক্খোৎত্রোপাত্) [নক্ষত্র—পাত (পতন)—৬ তৎ] ক্রি, বি, ভূতলে নক্ষত্রের পতন (এ দেশে উল্কাপাতকে নক্ষত্রপাত বলে)। ২। [কাব্যালঙ্কারে] নক্ষত্রের আকাশ হইতে পতনের ন্যায় উচ্চপদ হইতে মানী ব্যক্তির অধঃপতন : মহাত্মার দেহপাত। প্র—"আজ একটি নক্ষত্র পাত হইল" (কেশব বাবুর মৃত্যুতে সংবাদ পত্রে লিখিত)।

নক্ষত্রবিদ্যা (নোক্খোৎত্রোবিদ্দ্যা) [নক্ষত্র বিষয়ক যে বিদ্যা—কর্ম্মধা] বি, স্ত্রী, মনুষ্যের বর্ত্তমান ও ভবিষ্যৎ শুভাশুভগ্রহনক্ষত্রের গতি ও সঞ্চারপ্রভাবে কিরূপ নিয়ন্ত্রিত হয় তৎসম্বন্ধীয় বিদ্যা ; ফলিত জ্যোতিষ। ইং—astronomy ; astrology.

নক্ষত্রযাজক (নোক্খোৎত্রোজাজক্) [নক্ষত্রের যাজক (যে শান্তি করে)] বি, পুং, গ্রহশান্তিকারক : গ্রহবিপ্র : গ্রহাচার্য্য।

নক্ষত্রযোগ (নোক্খোৎত্রোজোগ্) [নক্ষত্রের যোগ] বি, ক্লী, নক্ষত্রভেদে ক্রূরাদিগ্রহের সংযোগ।

নক্ষত্ররাজ (নোক্খোৎত্ররাজ্) [৬তৎ] বি, পুং, চন্দ্র।

নক্ষত্রলোক (নোক্খোৎত্রলোক্) [৬তৎ] বি, পুং, নক্ষত্রাধিষ্ঠিত লোকবিশেষ।

নক্ষত্রশূল (নোক্খোৎত্রশুল্) বি, পুং, যাত্রাদিকার্য্যেনিষিদ্ধ নক্ষত্রবিশেষ। প্র—"পূর্ব্বদিকে শ্রবণা ও জ্যেষ্ঠা, দক্ষিণে অশ্বিনী ও উত্তরভাদ্রপদ, পশ্চিমে রোহিণী ও পুষ্যা, উত্তরে উত্তরফল্গুনী ও হস্তা। এই সকল নক্ষত্রে ঐ ঐ দিকে গমন করিবে না।"

নক্ষত্রসত্র (নোক্খোৎত্রশৎত্র) বি, ক্লী, নক্ষত্রনিমিত্ত যজ্ঞবিশেষ।

নক্ষত্রসন্ধি (নোক্খোৎত্রশোন্ধি) [নক্ষত্রের সন্ধি, ৬তৎ] বি, পুং, এক নক্ষত্র হইতে অপর নক্ষত্রে চন্দ্রাদিগ্রহের সংক্রমণ।

নক্ষত্রামৃতযোগ (নোক্খোৎত্রামৃতোযোগ) [নক্ষত্রামৃত নামক যোগ] বি, ক্লী, বার বিশেষে নক্ষত্র বিশেষযুক্ত হইলে এইযোগ হয় যথা—রবিবারে উত্তরফল্গুনী, উত্তরাষাঢ়া, পদ, রোহিণী, পুষ্যা, মূলা ও রেবতী নক্ষত্র মিলিত হইলে নক্ষত্রামৃতযোগ হয়। এইরূপ সোমবারে শ্রবণা, ধনিষ্ঠা, রোহিণী, মৃগশিরা, পূর্ব্বফল্গুনী, উত্তরফল্গুনী, পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, হস্তা ও অশ্বিনী ; মঙ্গলবারে পুষ্যা, অশ্লেষা, কৃত্তিকা, স্বাতী, উত্তরভাদ্রপদ ও রেবতী ; বুধবারে কৃত্তিকা, রোহিণী, শতভিষা ও অনুরাধা ; বৃহস্পতিবারে স্বাতী, পুনর্ব্বসু, পুষ্যা ও অনুরাধা ; শুক্রবারে পূর্ব্বভাদ্রপদ, উত্তরভাদ্রপদ, অশ্বিনী, শ্রবণা ও অনুরাধা এবং শনিবারে স্বাতী ও রোহিণীনক্ষত্র হইলে নক্ষত্রামৃত যোগ হয়।

নক্ষত্রেশ (নোক্খোৎত্রেশ্) [নক্ষত্রের ঈশ—৬তৎ] বি, পুং, নক্ষত্রনাথ : তারাপতি ; চন্দ্র।

নক্সা (নক্শা)—নকস দ্রঃ।

নখ (খ্) [নখ্ (গমন করা, বৃদ্ধি পাওয়া) + অ (কর্ত্তৃ—অচ্) যে দৈনন্দিন বৃদ্ধি প্রাপ্ত হয়] বি, পুং, ক্লী, অঙ্গুলির অগ্রভাগস্থ উপাস্থি ; নখর। ২। পুং, খণ্ড ; অংশ। **নখকোণি**—নখের কোনবৃদ্ধি রোগ। **নখছুটব্রত**—চৈত্রমাসে অনুষ্ঠিত ব্রতবিশেষ। **নখবসান**—নখের দাগ বসান : নখাঘাত দ্বারা ক্ষত করা। **নখবিষ**—নখের বিষ। **নখব্রণ**—নখক্ষত। **নখরাখা**—মানত করিয়া দেবতার উদ্দেশে নখ বাড়িতে দেওয়া বা না কাটা। **নখশূল**—আঙ্গুলহাড়া। **নখশূলী**—কাঁচা নখের পশ্চাৎ হইতে অঙ্গুলির পৃষ্ঠে শুঁয়ার মত যে সরু ছাল উঠিয়া থাকে। **নখানি, নোকানি** (গ্রা) নখ ডুবাইয়া জল অশুদ্ধ করা। **নখে কাটা**—নখদ্বারা খণ্ড খণ্ড করা (অত্যন্ত ক্রোধ বা হিংসার লক্ষণ সূচক)।

নখকৃন্তন,—নী [নখ—কৃন্তন্—নী (ছেদক)] বি, নখচ্ছেদক অস্ত্র ; নরুন।

নখতর [সং—নক্ষত্র—প্রা-বাং-পদ্যে (কোমল রূপ] বি, নক্ষত্র : তারা। প্র—"নখতর চাঁদ বেকত রহু অম্বরে যৈছে নহে পরভাত।"—গোবিন্দদাস।

নখতা [সং—নক্ষত্র। প্রা-বাং] বি, নক্ষত্র।

নখদর্পণ (ন্) [নখ—দর্পণ] বি, নখরূপ দর্পণ ; যাহাতে মুখ দেখা যায়। ২। দর্পণে যেরূপ দেখা যায়, তদ্রূপ অভীষ্ট পদার্থ বা মূর্ত্তি নখের উপর প্রতিবিম্বিত হইতে দেখিবার ইচ্ছা। **নখদর্পণে থাকা**—নখদর্পণে যেমন ইচ্ছামত মুখ দেখা যায় বা যাহাকে ইচ্ছা তৎক্ষণাৎ তাহাকে দেখা যায় তদ্রূপ স্মৃতি বা হৃদয়দর্পণে জাগরূক থাকা।

নখর (র্) [সং—নখ+র (তীক্ষ্ণ অর্থে)] বি, পুং, নখ। [দ্রঃ—নখ বিশেষতঃ মানুষের নখ এবং নখ মাত্রকেই বুঝায়। নখর মানবেতর জীবের তীক্ষ্ণধার নখ]।

নখরঞ্জনী (নি) [প্রা-বাং। নখ—রঞ্জনী, ৬তৎ] বি, স্ত্রী, নরুন। প্র—"হাতে দিয়া দরপনী খোলে নখরঞ্জনী"—চণ্ডীদাস। ২। [পাতার রসে নখ রঞ্জিত করে বলিয়া] মেহেদীগাছ।

নখরায়ুধ (ধ্) [নখর হইয়াছে আয়ুধ (অস্ত্র) যাহার, বহু] বি, পুং, কুক্কুট। ২। যে সকল পশুপক্ষীর তীক্ষ্ণ নখ অস্ত্রের কার্য্য করে ; সিংহ ব্যাঘ্রাদি।

নখাঘাত (ত্) [নখদ্বারা আঘাত (প্রহার) —৩তৎ] বি, পুং, নখপ্রহার ; নখের আঁচড়। **নখাঘাতচিহ্ন**—নখক্ষত ; নখব্রণ।

নখানখি (নখানোখি) [নখ+আ—নখ+ই] বি, পরস্পর নখপ্রহার ; নখযুদ্ধ ; আঁচড়া-আঁচড়ি।

নখায়ুধ (ধ্) [নখ (সাধাঃ নখর) হইয়াছে আয়ুধ যাহার, বহু] বি, পুং, নখরায়ুধ ; সিংহাদি পশু ; কুক্কুটাদি পক্ষী। ২। নখরূপ অস্ত্র।

নখী (নোখি) [নখ+ইন্ (অস্ত্যর্থে) = নখিন্ ১মা, ১ব] বিণ, নখরযুক্ত পশুপক্ষী ; নখরায়ুধ। ২। [বৈদ্যকে] নখীনামক গন্ধদ্রব্য। **পঞ্চনখী**—আকৃতিভেদে পঞ্চপ্রকার নখী (অশ্বখুরবৎ ; (২) গজকর্ণবৎ ; (৩) বরাহকর্ণবৎ ; (৪) উৎপলপত্রবৎ এবং বদরীপত্রবৎ)।

নগ [ন (নাই) গ (গতি) যাহার বহু, কিম্বা ন (না) গম্ (গমন করা)+অ (কর্ত্তৃ—ড) যে গমন করে না] বি, পুং, পর্ব্বত ; পাহাড়। ২। বৃক্ষ।

নগণ্য (নগোন্নো) [ন—গণ্য] বিণ, গণনার অযোগ্য ; তুচ্ছ ; সামান্য।

নগদ (নগোদ্) [আ—নক্‌দ্ (cash)] বি, তৎক্ষণাৎ মূল্য দান ; মূল্য দিয়া ক্রয় করা।

নগদা (গ্) বিণ, নগদ মজুরি লইয়া যে কাজ করে। প্র—নগদা মুটে।

নগদান (নগ্‌দান্) বি, যে খাতায় নগদ হিসাব লিখিত হয়। **নগদান খাজানা**—জমি ভোগদখল করিবার জন্য জমীদারকে বর্ষে বর্ষে যে টাকা দেওয়া হয়।

নগদী (নোগ্‌দি) [নগদ (দ্রঃ)+ঈ] বি, পুং, নগদ খাজানা সংগ্রহকারী কর্ম্মচারী ; নগদ খাজানা সাধে যে পাইক। ২। বিণ, নগদমূল্যে ক্রীত বা ক্রেয়।

নগন (ন্) [সং—লগ্ন। গ্রা] বি, লগন ; দ্বিরাগমন ; বিবাহের পর নববধূর দ্বিতীয়বার পতিগৃহে আগমন। প্র—"বিবাহের কালে কেতু আছিল নগনে"—কবিক। ২। লগ্ন ; মেষাদি বৃষ প্রভৃতি এক একটা রাশির উদয়কাল।

নগনদী (নগনোদি) [নগ (পর্ব্বত) হইতে প্রবাহিত যে নদী] বি, স্ত্রী, পার্ব্বত্যনদী। ২। [নগ ও নদী—দ্বন্দ্ব] পর্ব্বত এবং নদী।

নগনন্দিনী (নগনোন্দিনি) [নগের (হিমালয়ের) নন্দিনী (কন্যা)—৬তৎ] বি, স্ত্রী, পর্ব্বততনয়া ; পার্ব্বতী ; গিরিজা ; উমা ; দুর্গা। প্র—"কৌষিকি কালিকে চণ্ডিকে অম্বিকে প্রসীদ নগনন্দিনি!"—অন্নদামঙ্গল। "নগনন্দিনি সুরবন্দিনি রিপু-নিন্দিনি গো"—ঐ।

নগপতি (পো) [নগের (পর্ব্বতের) পতি (প্রধান)—৬তৎ] বি, পুং, নগেন্দ্র গিরিরাজ ; হিমালয়। ২। গিরিশ্রেষ্ঠ। ৩। [নগের (ওষধির) পতি] চন্দ্র [বিরল]।

নগবগ (গ্, গ্)—লগবগ দ্রঃ

নগর (র্) [নগ (পর্ব্বত) র (অস্ত্যর্থে) পর্ব্বততুল্য উচ্চ উচ্চ সৌধ বিরাজ করে বলিয়া] বি, ক্লী, উচ্চ উচ্চ সুদৃশ্য অট্টালিকা ও শিল্প বাণিজ্যাদি সমন্বিত নানাশ্রেণীর বহু প্রজাদ্বারা অধ্যুষিত লোকালয় ; শহর। বিণ, নগরিয়া, নগুরে (গ্রা)। স্ত্রী, নগরী। [দ্রঃ —মুসলমান আগমনের পূর্ব্বে নগর শব্দেরই প্রচলন ছিল পরে ফা—শহর্ শব্দ চলিত হয়]।

নগরকীর্ত্তন (র্, ন্) [নগরে—কীর্ত্তন—৭তৎ। গ্রা—নগরকেত্তন] বি, ক্লী, নগরের পথে পথে প্রকাশ্যভাবে হরিনাম গান।

নগরঘণ্ট [নগর (হি—নগ্‌গর, নিগ্‌গর = সমষ্টি, অনেক জিনিষের তাল)—ঘণ্ট (ব্যঞ্জন-বিশেষ—হাবজাগোবজা দিয়ে একটা তরকারী রন্ধন—hodgepodge.] বি, ছ্যাঁচড়া ; সবজী ও সবজীতরকারির খোলা প্রভৃতির হাবজা-গোবজার একত্র মিশ্রণজাত ব্যঞ্জন।

নগরচত্বর, নগরচাতর (র্) [নগর—চত্বর—চাতর (গ্রা)] বি, ক্লী, শহরের ক্রয় বিক্রয় স্থান ; হাট ; বাজার। প্র—"ফুল্লরা পসরা করে নগরচাতরে হাঁড়িয়া চামর বেচে চারিপণ দরে॥"—কবিক।

নগরপাল (র্, ল্) [নগরের পাল (রক্ষক) ৬তৎ] বিণ, পুং, নগরের শান্তিরক্ষক ; সহর-কোটাল ; নগরাধ্যক্ষ।

নগরপ্রান্ত (র্) [নগরের প্রান্ত, ৬তৎ] বি, নগরের শেষসীমা ; নগরের বহির্দ্দেশ।

নগরবাসী (নগোর্‌বাশি) [নগরবাসিন্ শব্দ —১মা, ১ব] বিণ, নগরের অধিবাসী ; নাগরিক। স্ত্রী, **নগরবাসিনী**।

নগররক্ষক (নগর্‌রোক্‌খোক্) [নগরের রক্ষক —৬তৎ] বি, পুং, শহরকোটাল ; নগরাধ্যক্ষ।

নগররক্ষী (নগর্‌রোক্‌খি) [নগর—রক্ষী, ৬তৎ। রক্ষ্ (রক্ষা করা)+ইন্ (কর্ত্তৃ, ণিন্)=রক্ষিন্ ১মা, ১ব] বিণ, নগরের শান্তিরক্ষক ; নগরপাল।

নগরস্থ (নগরোস্থ) [নগরে স্থ (যে থাকে)] বিণ, নগরমধ্যস্থ ; শহরের অন্তর্গত। ২। নাগরিক ; শহরবাসী।

নগরস্থাপনা (র্) [নগরের স্থাপনা—৬তৎ] বি, সহরপ্রতিষ্ঠা ; নূতন নগর নির্ম্মাণ করিয়া বসান।

নগরাধ্যক্ষ (নগরাদ্‌ধোক্‌খ) [নগরের অধ্যক্ষ (রক্ষক)—৬তৎ] বি, পুং, নগরের শান্তি-রক্ষার্থ রাজার নিযুক্ত প্রধান কর্ম্মচারী।

নগরিয়া [নগর (দ্রঃ)+ইয়া। হি—নগরিয়া। গ্রা—নগুরে (তুল—শহুরে)] বি, নাগরিক ; নগরবাসী ; শহুরে। প্র— "কাজির ভাঙ্গিয়া ঘর সর্ব্ব নাগরিয়া। মহানন্দে হরি বলি যায়েন নাচিয়া॥"—চৈতন্যভাগবত। "নগরিয়া মেলি সবে মার বেড়া বাড়ি॥ যাবৎ না দেয় বেটা তিন সনের কড়ি॥"—কবিক।

নগরীয় [নগর+ঈয় (সম্বন্ধার্থে—ক্ষীয়)] বিণ, নগরসম্বন্ধীয়। ২। নগরজাত ; নগরোৎপন্ন ; নগরসম্ভূত। ৩। নগরমধ্যস্থ। ৪। নগরবাসী ; নাগরিক।

নগরোপান্ত [নগর+উপান্ত। নগরের উপান্ত, ৬তৎ] বি, নগরসন্নিহিত স্থান ; নগরসন্নিধি।

নগাধিপ (প্) [নগের (পর্ব্বতের) অধিপ (প্রধান)—৬তৎ] বি, পুং, গিরিরাজ ; হিমালয় ; নগপতি।

নগাধিরাজ (জ্) [নগের অধিরাজ (শ্রেষ্ঠ) ৬তৎ] বি, পুং, পর্ব্বতরাজ ; হিমগিরি।

নগি, নগী (নোগি) [সং—লগুড় শব্দের আকার ও অর্থবিকারে। হি—লগ্‌গী = সরুদণ্ড ; লাঠি ; লগ্‌গা—লম্বাদাণ্ডা—নৌকাচালনদণ্ড]

বি, নৌকাচালন দণ্ড : ধ্বজী : লগী। ২। আঁকুশী।

নগিচ, নগিজ (নোগিচ্, জ্) [ফা—নজ়দীক্। হি—নগিজ] বিণ, কাছ ; নিকট।

নগুরে (নো) [নগর দ্রঃ। নগর+ইয়া—সংক্ষেপে] বিণ, নাগরিক : নগরবাসী। প্র—"নগুরে ছাওয়াল যত নগরে খেলায়। মড়ামত থাকে পড়ে মিশায়ে ধুলায়॥"—ঘনরাম।

নগ্ন [লস্জ্ (লজ্জা পাওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত) স্ লোপ. জ্=গ্, ত=ন, যে অবস্থায় থাকিলে অন্যের নিকট লজ্জা পায়] বিণ, উলঙ্গ ; বিবস্ত্র ; ন্যাংটা ; অনাবৃত। ২। রক্তাম্বরধারী। ৩। স্বাভাবিক ; অকৃত্রিম। প্র—নগ্ন চক্ষু। ৪। বি, পুং, ক্ষপণক ; বৌদ্ধসন্ন্যাসী।

নগ্নক (ক্) [নগ্ন+ক (স্বার্থে)] বিণ, বিবস্ত্র। স্ত্রী, নগ্নিকা।

নগ্নক্ষপণক (নগ্‌নক্‌খপনক) বি, কালোপাসক সন্ন্যাসিবিশেষ। ২। বৌদ্ধসন্ন্যাসী।

নগ্নিকা (নো) [নগ্নক+আপ্—স্ত্রী] বি, স্ত্রী, শিশুকন্যা। ২। অজাতরজা। ৩। বিণ, বিবস্ত্রা : উলঙ্গিনী।

নগ্নীকরণ (নোগ্নীকরন্) [নগ্ন (উলঙ্গ)—করণ (করা) মধ্যে ঈ (চ্বি) অভূততদ্ভাবার্থে] বি, ক্লী, অনাবৃত করণ : আচ্ছাদন উন্মোচন। ২। বিবস্ত্র করণ · উলঙ্গ করণ।

নঙ্গ [সং। তুল—ফা—নঙ্গ্ (বদনাম)] বি, পুং, উপপতি।

নঙ্গর (নংগোর্) [ফা—লঙ্গর। ল=ন] বি, নৌকা-বন্ধন কীলক : an anchor. ২। লৌহ-শৃঙ্খল। **নঙ্গর করা, নঙ্গর ফেলা**—নৌকা বা জাহাজ বাঁধা বা নৌকাদির গতিরোধ করা। প্র—"একদিন মহানন্দার তীরে আমরা রাত্রে নঙ্গর করিয়া আছি"—রাজবল্লভ (আত্ম-চরিত)। **নঙ্গর তোলা**—জাহাজ প্রভৃতির বন্ধন খুলিয়া দেওয়া এবং যাত্রা করা।

নচ্‌নচ্ [শব্দাত্মক। লচ্‌লচ্ দ্রঃ। হি—লচ্‌লচ্, লচ্‌লচানা=লচ্‌লচ্ করা] বি, সহজনম্য বা নমনীয় পদার্থের সঞ্চালন শব্দ। [দ্রঃ—পাতলা শক্ত জিনিষ কঞ্চি, বেত বা বাঁশের ডগলা প্রভৃতি আন্দোলিত বা সঞ্চালিত হইয়া "নগ্‌বগ" করে। কিন্তু স্থিতি-স্থাপক পদার্থ, রবারের নল, সঞ্চালনে নচ্‌নচ্ করে] ২। [নৃত্য—নচ্চ—নাচ হইতে] নাচের সময় দেহ-লতার নমনীয়তার সঙ্গে চুটকি প্রভৃতি অলঙ্কারে অলঙ্কৃত পদের নিক্ষেপ-শব্দ।

নচিকেতাঃ (নো) বি, পুং, অগ্নির নামান্তর। ২। বেদোক্ত ঋষিবিশেষ।

নচির [ন—চির] বি, ক্লী, অচিরকাল : শীঘ্র [বিরল]।

নচেৎ [ন (না) চেৎ (যদি)] অ, যদি না হয় ; নতুবা ; নহিলে ; ইহা না হইলে। প্র—"নচেৎ শ্যামা যাই যে মারা"—বাং-গান।

নচ্ছার (নচ্‌ছার্) [সং—নঃ—সার] বিণ, সার বিহীন : অপদার্থ ; অসার। ২। [হি—লুচ্চা] অতি নীচ : লম্পট ; গালি-বিশেষ। প্র—"বেলেল্লা নচ্ছার পাজী"

নছিব (নো, ব্) [ফা—নসীব্] বি, অদৃষ্ট : ভাগ্য।

নজর (র্) [আ—নজ়র্] বি, দর্শন : দৃষ্টি। ২। তত্ত্বাবধান। ৩। উপঢৌকন : ভেট : ডালি। **নজর দেওয়া**—তীব্রদৃষ্টি করা : অমঙ্গল দৃষ্টি দেওয়া ; কু-দৃষ্টি দেওয়া। ২। ভেটদেওয়া। **নজর লাগা**—ডাইনের নজরে পতিত হওয়া : কু-দৃষ্টিতে পড়া। **উপরনজর**—উপরদিকে দৃষ্টি। ২। পরস্ত্রীর মুখের দিকে চাহিয়া দেখা। ৩। ভূতাবেশ : ভূত প্রেতাদির দৃষ্টি পতন। **উঁচুনজর**—উপরদিকে দৃষ্টি। ২। উচ্চাভিলাষ। ৩। অবস্থার অতিরিক্ত বাসনা। ৪। অবিনয়। ৫। উদারতা। **কুনজর**—মন্দ দৃষ্টি : অমঙ্গল দৃষ্টি। **ছোট নজর**—সংকীর্ণ দৃষ্টি ; অনুন্নত বা অনুদার দৃষ্টি। **বড়নজর**—বদান্যতা। **সুনজর**—অনুকূল দৃষ্টি। **নজরে পড়া**—সুনজরে পতিত হওয়া : পসন্দমত হওয়া।

নজরবন্দী (নজরবোন্দি) [আ—নজ়র্—বন্দী] বি, দৃষ্টিপথে বন্দী করান : দৃষ্টির বহির্ভূত হইতে না দেওয়া বা চোপে চোপে রাখার ভাব ; কয়েদ : confinement.

নজরবাজী (নজোর্‌বাজি) [আ—নজ়র্‌বাজ্ (যাহারা ভেল্কী দেখায়)] বি, ভেল্কী। ২। প্রণয়িযুগলের কটাক্ষ দ্বারা প্রণয়ের ইঙ্গিত। বিণ, নজরবাজ।

নজরানা [আ—নজর+আনা (ফা)] বি, উপঢৌকন ; উপহার : ভেট : রাজদর্শন কালে প্রজা অথবা অধীনস্থ কর্ম্মচারী প্রদত্ত উপঢৌকন বা দর্শনী প্র—"মহাবদ জঙ্গ তারে ধরে লয়ে যায়। নজরানা বলে বার লক্ষ টাকা চায়॥"—ভারতচন্দ্র।

নজীর (নোজীর্) [আ—নজ়র্ শব্দজ] বি, দৃষ্টান্ত ; উদাহরণ ; উল্লেখ। ২। প্রমাণ।

নট (ট্) [সং—নট্ট] বি, সঙ্গীতে রাগবিশেষ : রাগিণীবিশেষ (রাগমালা মতে)। এই রাগ নয় প্রকার এইজন্য **নবনট** নামে উক্ত ;—বৃহন্নট বা নটনারায়ণ, কেদারনট, কল্যাণনট, কামোদনট, মল্লারনট বা নটমল্লার, ছায়ানট, কদম্বনট, হাম্বীরনট বা নটহাম্বীরা এবং আহীরীনট। **নটবেহাগ**—নট ও বেহাগ জাত মিশ্র রাগ। **নটমল্লারক**—নট ও মল্লার মিশ্রণে জাত রাগ।

নট (ট্) [নট্ (নৃত্য করা)+অ (কর্ত্তৃ)] বি, পুং, নৃত্যব্যবসায়ী ; নর্ত্তক। প্র—"মধুর নটিনী নটরঙ্গ"—বিদ্যাপতি। ২। নাটকের অভিনয়কারী। ৩। দুষ্ট : নষ্ট ; লম্পট। [গ্রা—নোটো] ৪। বর্ণসঙ্কর জাতিবিশেষ। স্ত্রী, নটী, নটিনী (ব্রজ)। বারাঙ্গনা। বিণ, নটুয়া : নটু ; নাটক।

নট (ট্) [সং—নষ্ট, প্রাকৃ—নট্ট শব্দজ] বিণ, নষ্ট : বিকৃত। প্র—"শুন ওহে গুণনিধি নট হোক ছানা দধি"—কবিরঞ্জন। "সব কর্ম্ম হবে নট তুমি ত সুবুদ্ধি বট তবে বল কি হবে আমার।"—অন্নদামঙ্গল। ২। ধ্বংস : অদৃশ্য। প্র—"লজ্জিয়া তোমার ঘটছয় ডিঙ্গা হবে নট বন্দী হবে রাজবন্দী শালে।"—কবিকঙ্কণ।

নটই [ব্রজ। নট+ই (ক্রি-বিভক্তি)] ক্রি, নৃত্য করে। প্র—"রঙ্গিণীগণ সব সঙ্গহি নটই"—বিদ্যাপতি।

নটখট, নটখটি (ট্, ট্—খোটি) [নট (নষ্ট) খট (খটি, খুঁত), তুল—খুঁটিনটি, খুষ্টিনষ্টি] বি, সামান্য সামান্য দোষ : ত্রুটি : খুঁটিনটি। ২। ঝঞ্ঝাট। ৩। [সঙ্গীতে] নটরাগ (মতান্তরে রাগিণী) ও খটরাগ।

নটঘট (ট্, ট্) [নট (নষ্ট)+ঘট (ঘটন)—নষ্টের সহিত ঘটনা] বি, অসৎ সম্বন্ধ ঘটনা।

নটচর্য্যা (নটচোর্জা) [নটের চর্য্যা (অভিনয়)—৬তৎ] বি, স্ত্রী, নটবৃত্তি : অভিনয়।

নটচাঁদ (দ্) [নষ্টচন্দ্র শব্দের অপভ্রংশ] বি, নষ্টচন্দ্র : ভাদ্রমাসের চতুর্থী তিথিতে উদিত চন্দ্র। প্র—"ভাদরে দেখিনু নটচাঁদে। সেই হৈতে উঠে মোর কানু পরিবাদে।"—চণ্ডীদাস।

নটতি (ন্) [সং—নৃত্যতি] ক্রি, নৃত্য করিতেছে : নাচিতেছে। প্র—"নটতি কলাবতী শ্যাম সঙ্গে মাতি।"—বিদ্যাপতি।

নটন (ন) [নট্ (নৃত্য করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নৃত্য : নাচন। প্র—"নূপুর ঘুঙুর মধুর বোল ঝনন ননন নটন লোল।"—বলরামদাস। ২। নাট্য।

নটপট (ট্, ট্)—লটপট দ্রঃ।

নটবর (নটোবর্) [নটের মধ্যে বর (উত্তম)—৭তৎ] বি, পুং, নৃত্যকুশল : নৃত্যবিদ্যায় পারদর্শী ; নৃত্যপটু ; নৃত্যকলাভিজ্ঞ। ২। নটশ্রেষ্ঠ। ৩। ভগবান ; শ্রীকৃষ্ণ। ৪। নয়ন-রঞ্জন ; মনোহর। প্র—"ইহার রূপ দেখি নবীন আকৃতি। নটবর বেশ পাইল কথি।"—চণ্ডীদাস।

নটা [নড় দ্রঃ] বি. নল খাক্‌ড়া।

নটিনী (নোটিনি) [নট দ্রঃ। হি—নট্‌নী] বি. স্ত্রী. নর্ত্তকী ; নাচওয়ালী ; নাচনী। প্র—"মধুর নটিনী নট রঙ্গ।"—বিদ্যাপতি। "তরল তাল গতি দুলাল নাচে নটিনী নটন সুর"—জ্ঞানদাস।

নটিয়া (নোটিয়া) বিণ. নর্ত্তক ; নটুয়া। ২। ভণ্ড : ভাঁড় ; নটুকে : নকুলে। ৩। বি. নটে নামক শাক ; amaranthus.

নটী (নোটি) [নট+ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. নর্ত্তকী ; অভিনেত্রী : নটপত্নী। ২। কুলটা বারাঙ্গনা। প্র—"আমি নটী ছন্দোবন্ধে বিনায়ে বিনায়ে কথার বাগুরাজাল কৌতুকে বিস্তারি। ধরি পুরুষের চিত্ত!—"—অশোকগুচ্ছ।

নটীদারী (নো) [নটী—দার (বৃত্তিক)+ঈ—স্ত্রী। গ্রা] বি. নর্ত্তকী ; বারাঙ্গনা। প্র—"নটীদারী নহে সব গৃহস্থের মেয়ে। লাজ-খেয়ে নগরে নাগরে বুলে চেয়ে॥"—ঘনরাম।

নটেশ্বর (নটেশ্‌শর্) [নটের (নর্ত্তকের) ঈশ্বর (দেবতা)—৬তৎ] বি. পুং. আদিনট ; মহাদেব।

নঠ (ঠ্) [নষ্ট—নট্‌ঠ—নট, নঠ] বিণ. নষ্ট : ক্ষয়। প্র—"তারে করি ক্রোধ, কিবা সাধ শোধ, যৌবন করিলে নঠ।"—শিবায়ন।

নড় (ড্) [নল্ ধাতুজ] বি. পুং. নল নামক তৃণ ; খাগড়া। প্র—"নব নড়-নির্ম্মিত দড়মা শয্যা."—কবিচন্দ্র। ২। চিঙড়ি মাছ। ৩। গতি ; বেগ ; রড় ; দৌড়। প্র—"মায়ে বলে বিশ্বম্ভর যাহ নড় দিয়া। তোমার ভাইরে ঝাট ডাকি আন গিয়া॥"—চৈতন্যমঙ্গল।

নড়চড় (ড্) [নড় (নড়ন) চড় (চড়ন, চলন)] বি. ব্যতিক্রম ; বিপর্য্যয় ; ব্যত্যয় : অন্যথা। প্র—"এমন বড় মানুষ লোক, কথা দিলে কি আর নড়চড় আছে?"—রজনী (বঙ্কিম)। "আপনি ব্যস্ত হচ্চেন কেন? আমার দলিল খানা রেজেষ্ট্রী হ'য়ে থাক, তারপর যা বলেছি, তার নড়চড় হবে না।"— ২। চাঞ্চল্য।

নড়ন (ন্) [নড়া দ্রঃ] বি. স্থানান্তরে চলন। ২। আন্দোলন ; সঞ্চালন। ৩। স্পন্দন। **নড়নচড়ন**—নড়চড় দ্রঃ ; স্পন্দন ও চলন ; সাড়। **নড়ন-চড়ন-রহিত**—অসাড় ; স্থির।

নড়নড় (ড্) [নড়—নড় (বীপ্সার্থে) দ্বিত্ব] অ. মূলের এক অংশ ভাঙ্গিয়া পৃথক না হইয়া সংলগ্ন অবস্থায় ঝুলিতে থাকার ভাব। **নড়নড় করা**—ঝুলিতে থাকা ; সঞ্চালিত হওয়া। বিণ. নড়নড়িয়া, নড়নড়ে—শিথিল ; ঢিলা।

নড়বড় (ড্ ড্) [নড়া দ্রঃ। নড় (নড়ার বা পৃথক হওয়ার ভাব)—বড়=বেড় (সংলগ্ন থাকিবার ভাব)—ভগ্নাবস্থায় লাগিয়া থাকিবার ভাব। জড়িত থাকিয়া নড়ার ভাব] অ. জড়বড় : প্রচুর বস্ত্রাদি জড়াইয়া প্রায় নড়ন রহিত ভাবে। ২। দোদুল্যমান : সামান্য বায়ুতেই যাহা দুলিতে থাকে। প্র—"সে নিশায় আমি ক্ষেত্রতীরে। নড়বড়ে পাতার কুটীরে।"—বঙ্গসুন্দরী। ৩। নড়নড় করা বা আলগা হইয়া নড়ার ভাব। ৪। ঢিলা শিথিল : নিড়বিড় দ্রঃ। বিণ. নড়বড়ে।

নড়া [নড্ (ভ্রংশে) ধাতু হইতে। উ-পু—নড়ি। ম-পু—নড় : নড়ন : নড়। প্র-পু—নড়ে। অস-ক্রি—নড়িতে : নড়িয়া। ণিজন্ত—নড়ান] ক্রি. আন্দোলিত হওয়া : কম্পিত হওয়া। ২। চলা : যাওয়া : গমন করা। প্র—"তোর কোপে যেই পড়ে যম ঘরে সেই নড়ে কেবা ইচ্ছে তোমার এ শেল।"—কবিকঙ্কণ যথাবৎ না থাকা : মিথ্যা হওয়া : অন্যথা হওয়া : স্থানভ্রষ্ট হওয়া : স্থানান্তরিত হওয়া : পরিবর্ত্তিত হওয়া। প্র—"হাকিম নড়িলেও হুকুম নড়ে না।"—প্রবচন। বি. নড়ন।

নড়া [নল—নড়+আ। নলকিনী—জঙ্ঘা] বি. বা২ : হস্ত (অবজ্ঞার্থে)। প্র—"দুই পোতা মাঝি তার ধরি দুই নড়া। শ্রীমন্তের আগে লয়ে ফেলে যেন মড়া॥"—কবিকঙ্কণ। **নড়ানড়ি**—হাতাহাতি ; মল্লযুদ্ধ। ২। দৌড়াদৌড়ি।

নড়ান (নো) [নড়া দ্রঃ। উ-পু—নড়াই। ম-পু—নড়াও। প্র-পু—নড়ায়। অস-ক্রি—নড়াইতে ; নড়াইয়া ; নড়িয়ে] ক্রি. নাড়া দেওয়া : দোলান। ২। সরান : স্থানচ্যুত করা। ৩। অন্যথা করান : ব্যতিক্রম করান।

নড়ি (নোড়ি) বি. জাতিবিশেষ। ২। মজুর : শ্রমিক। প্র—"ডাকিয়া আনিল যত নগরের নড়ি।"—কবিকঙ্কণ। ৩। [সং—লগুড় হইতে] যষ্টি। প্র—"অন্ধক জনার নড়ি দরিদ্রের কড়া।"—কবিকঙ্কণ।

নড়িয়াভোলা, নড়েভোলা [লোল হইতে নোল—নোড়—ইয়া—নড়িয়া+ভোলা (ক্ষ্যাপা পাগলা অর্থে। তুল—ভাঙ্গড় ভোলা)] বিণ. হ্যালা-ক্ষ্যাপা। ২। ঢিলা-ঢালা ; শিথিল। ৩। দুর্ব্বল ; ক্ষীণ-দেহ : দুর্ব্বল-হৃদয় ; ক্ষুদ্র-প্রাণ।

নড়ী, লড়ী (নোড়ি, লোড়ি) [নড় শব্দজ] বি. যষ্টি ; লাঠি। প্র—"হাতে লড়ী কাঁখে ঝুড়ি বসে ব্রহ্মময়ী।"—ধর্ম্মমঙ্গল (ঘনরাম)।

নণ্ড [প্রা-বাং। সং—নপ্তা হইতে] বি. পৌত্র বা দৌহিত্র : নাতি। ২। [হি—লৌণ্ডা] বালক।

নত [নম্ (নমস্কার করা, নত হওয়া)+ত (কর্তৃ, ক্ত) ম্ লোপ] বিণ. প্রণত ; প্রণাম কারী। ২। বিনীত : নম্র। ৩। যাহা নুইয়া পড়িয়াছে : নিম্নমুখ : অনুন্নত।

নত, নথ (ত্, থ্) বি. নাসিকাভরণ-বিশেষ। প্র—"নাসা মূলে নত দোলে মোহে মুখ চাঁদ। মহেশের মনোমৃগ মোহিবারে ফাঁদ॥"—শিবায়ন। "সাধুসেবা কর্ণফুল স্মরণ সুনথ।"—ভক্তমাল।

নতজানু [নত—জানু] বিণ. যে জানুদ্বয়ের উপর ভর রাখিয়া উপবেশন করিয়াছে।

নতনাসিক (ক্) [নত (নিম্ন) হইয়াছে নাসিকা (নাক) যাহার—বহু] বিণ. অনুন্নত-নাসিকাযুক্ত : খাঁদা।

নতা [হি—নাতা=সম্বন্ধ—সম্পর্ক—সূত্র] বি. ওছিলা ; বাব : ছুতা : ছল। প্র—"আসতো মাগী করে নতা কহিত এসব কথা।"—বাং-গান (গোপাল উড়ে)। ২। ওজর : আপত্তি। **নতা করা**—ওছিলা করা : বাব করা : বাহানা করা। **ছুতোনতা**—ছলছুতা : ওছিলা।

নতাঙ্গী [নত (নম্রীভূত) হইয়াছে অঙ্গ (দেহ) যাহার, ব২, স্ত্রী—ঈপ্] বিণ. অবনতাঙ্গী : যে যুবতী স্তনভারে আনতা হইয়াছে। ২। বি. যৌবনভারনতা নারী।

নতানন (নন্) [নত—আনন যাহার, ব২] বিণ. অবনতবদন ; নম্রমুখ। স্ত্রী. **নতাননা**।

নতি (নোতি) [নম্ (নমস্কার করা—নত হওয়া)+তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. প্রণাম ; নমস্কার। প্র—"জুড়িয়া উভয় পাণি বীরে কৈল নতি।"—কবিকঙ্কণ। "সত্য ত্রেতা দ্বাপর কলির পায়ে নতি।"—শিবায়ন। প্র—"অন্তঃপুরে বধূদিগে লইয়া যতনে লাগিলা করাতে নতি গৃহদেবগণে"—রামায়ণ (রাজ)। ২। ঝুকন। ৩। নম্রতা। ৪। আকর্ষণ : আনয়ন ; নয়ন। ৫। কুঞ্চন : নিম্নদিকে বক্র হওন। ৬। পটোল শাক ; পটোল লতার অগ্রভাগ। ৭। প্রার্থনা। প্র—"দ্বিজ রাম-প্রসাদের নতি, চরণতলে রেখরে।"—রাম-প্রসাদ। ৮। অনুনয় : বিনয় ; সাধ্যসাধনা। প্র—"কত করিলাম নতি কত করিলাম নতি। কেশে ধরি লহনা মারিল কিল লাথি।"—কবিকঙ্কণ।

নতিমান (নোতিমান্) [নতিমৎ শব্দ, অস্ত্যর্থে মতু] বিণ. নতশীল ; প্রণত। প্র—"দ্বারী সম্ভাষিয়া গেল রাজ বিদ্যমান। শারীশুক ভেট দিয়া হৈল নতিমান॥"—কবিকঙ্কণ।

নতুন, নতূন (নোতুন্)[সং—নূতন—বর্ণ-বিপর্য্যয়েনতুন। গ্রা].বিণ. নূতন।

নতুবা (নোতুবা) [সং—নতু+বা (অতিরিক্ত)] অ. নচেৎ : না হয় : নহিলে।

নতোন্নত [নত (নীচু) উন্নত (উঁচু)] বিণ. উন্নতাবনত : উচ্চনীচ : উঁচুনীচু।

নত্তা [প্রাদে] বি. প্রসূতির প্রসব দিন হইতে নবম দিবসে সূতিকাগৃহ হইতে বহির্গমনাদি সংস্কার।

নথ (থ্) [তুল—সং—নট্ (দোদুল্যমান হওয়া)—ধাতুজ. ভুল দ্রঃ]বি. নাসিকার আভরণ-বিশেষ। প্র—"সীঁতায় সিন্দুর নয়ানে কাজর মুকুতা শোভিত নথে।"—চণ্ডীদাস।

নথি (থী) (নোথি) [হি—নথ্থি=কাগজ পত্রের তাড়া] বি. বিবরণ-পত্র। ২। দপ্তরের কাগজ পত্রের তাড়া : file of pape

নথিসামিল—নথিযুক্ত : নথিপত্রস্থ।

নদ (নদ্) [সং—নদ্ (শব্দ করা, নিনাদ করা) +অ (কর্ত্তৃ, অচ্)—যে নিরন্তর জল স্রোতের নাদ করে] বি. পুং. পর্ব্বত, হ্রদ প্রভৃতি হইতে উৎপন্ন জলপ্রবাহ। সিন্ধু, ব্রহ্মপুত্র, ভৈরব, দামোদর প্রভৃতি ভারতবর্ষের প্রসিদ্ধ নদ।

নদারৎ [ফা—নদারদ্] অ. অভাব : নাই : শূন্য। **খাতির নদারৎ**—খাতিরদারী নাই : অনুগ্রহাভাব : no favour.

নদী (নোদি) [নদ (দ্রঃ)+ঈ. স্ত্রী] বি. স্ত্রী. অকৃত্রিম জলপ্রবাহ : a river. যে অকৃত্রিম জলপ্রবাহ ৯ মাইল ১৬০ গজ প্রবাহিত হয় নাই তাহা নদী শব্দবাচ্য নহে, তাহা গর্ত্ত শব্দবাচ্য (বাচস্পত্য)। গঙ্গা, গোদাবরী, নর্ম্মদা, কাবেরী, যমুনা, সরস্বতী প্রভৃতি নদী।

নদীকূল (নো, ল্) [নদীর কূল (তীর) ৬তৎ] বি. নদীতীর : নদীর ধার। প্র—"এতদিন নদীকূলে যাহা লয়ে ছিনু ভুলে, সকলি দিলাম তুলে ধরে বিপরে।"—সোণার তরী।

নদীগর্ভ (নো) [নদীর গর্ভ, ৬তৎ] বি. পুং. নদীর উভয়তীরের মধ্যবর্ত্তী জলভাগের অন্তর্গত স্থল। ২। নদীর জলমধ্যভাগ

নদীজ (নোদিজ) [নদী (গঙ্গা প্রভৃতি সরিৎ) হইতে জ (জাত)] বিণ. নদীজাত : নদী হইতে উদ্ভূত। ২। বি. ভীষ্ম। ৩। হিজল গাছ : অজ্জুন গাছ।

নদীতরস্থান [নদীর তর (পার) হওয়ার স্থান] বি. ক্লী. পারঘাট : নদীপার হইবার স্থান ; খেয়াঘাট।

নদীপতি (নোদীপোতি) [নদীর পতি, ৬তৎ] বি. পুং. সমুদ্র। ২। বরুণ।

নদীবঙ্ক (নো) [নদীর বঙ্ক (বাঁক)—৬তৎ] বি. পুং. নদীর বাঁক।

নদীমাতৃক (নোদিমাতৃক্) [নদী হইয়াছে মাতৃ (মাতা স্বরূপ প্রতিপালিকা) যাহার, যে দেশের, বহ্—ক যোগ] বি. নদীজলোৎপন্ন শস্যদ্বারা পালিত দেশ। ২। যে দেশের অধিকাংশ শস্যক্ষেত্র নদীজলে প্লাবিত।

নদের চাঁদ (নোদেরচাঁদ্) [নদের (নদিয়ার) চাঁদ (চন্দ্র)] বি. গৌরাঙ্গ ; চৈতন্যদেব।

নদ্ধ [নহ্ (বন্ধন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. বদ্ধ : বাঁধা। ২। পিনদ্ধ : পরিহিত।

নধর (র্) [ব্রজ—নবধর। তুল—"নবধর অঙ্গ"—পদাবলী। নবজলধর শব্দের সংক্ষেপ] বি. নবজলধর সম সজল। ২। সরস : কমনীয় : কোমল। প্র—"নধর অধরে সুধার ধারা।"—রাজকৃষ্ণ রায়। ৩। সজল ও তেজাল : ফোঁপাল : ঢল ঢল। প্র—লতাটী বেশ নধর নধর ডগা ফেলিয়াছে। ৪। কোমলাঙ্গ : নবজলধর তনু। প্র—"কামিজ আঁটা নধর বাবু নাগর কোন জন"—হেম বন্দ্যো।

ননদ (দ্) [ননন্দৃ—ননন্দা শব্দজ] বি. স্বামীর সহোদরা : পতির ভগিনী। প্র—"দেবর ননদ বর্গে বুকে পুরে করিব যতন।"—অশোকগুচ্ছ। [বাঙ্গলায় ননদী, ননদিনী এরূপ ব্যবহারও আছে] প্র—"গৃহের গৃহিণী আর ননদিনী বোলয়ে বচন যত।"—চণ্ডীদাস। "ননদী উঠিয়া রুষিয়া বলিছে বঁধুয়া পাইলি কারে।"—চণ্ডীদাস।

ননদী, ননদিনী (নোনোদি, নোনোদিনি) [সং—ননন্দা : হি—ব্রজ, ননদিয়া] বি. পতির ভগিনী। প্র—"তিতা কৈল দেহ মোর ননদী বচনে"—চণ্ডীদাস। "সতিনী বাঘিনী শাশুড়ী রাগিণী ননদী নাগিনী বিষের ভরা।"—ভারতচন্দ্র।

নঁনন [শব্দাত্মক] বি. অনুকার শব্দ। প্র—"নূপুর ঘুঙ্গুর মধুর বোল ঝনন ননন নটনলোল"—বলরামদাস।

ননন্দা [ন (নাই) নন্দ্ (আনন্দিত হওয়া) +ঋ (কর্ত্তৃ)=ননন্দৃ ১মা, ১ব। যে ভ্রাতৃ-জায়ার প্রতি আনন্দিতা হয় না)] বি. স্ত্রী. পতির ভগিনী ; শ্বশুরকন্যা ; ননদ।

ননি, ননী (নোনি) [নবনীত শব্দজ] বি. মাখন : ঘোলের তৈলময় অংশ। প্র—"এক দিন খাইল হরি ননি চুরি করি। পলাইতে যশোদা বন্ধন দিল ধরি॥"—শিবায়ন। "ননী ছানা খাওয়াইয়া রসরঙ্গ শিখাইয়া, অঙ্গ ভঙ্গ দেখাইয়া তুমি কৈলা কামী॥"—ভারতচন্দ্র।

নন্দ [নন্দ্ (আনন্দিত হওয়া)+অ (ভাবে—অল্)] বি. পুং. আনন্দ। ২। [সংজ্ঞার্থে, কর্ত্তৃ—অ] কৃষ্ণের পালক ; নন্দগোপ। ৩। চন্দ্রবংশীয় নৃপবিশেষ ; যাঁহার বংশ নন্দ বংশ নামে খ্যাত এবং চাণক্য যাঁহার উচ্ছেদ করিয়াছিলেন। ৪। বসুদেবের ঔরসজাত মদিরার পুত্র। ৫। যজ্ঞেশ্বরের অনুচরবিশেষ। ৬। কুমারের অনুচরবিশেষ। ৭। সর্ব্বানন্দময় পরমেশ্বর। ৮। মৃদঙ্গবিশেষ। ৯। বেণুবিশেষ। ১০। [করণে—অল্] কুবেরের নিধিবিশেষ।

নন্দক (ক্) [নন্দ+ক] বিণ. আনন্দজনক। ২। কুলপালক। ৩। বি. শ্রীকৃষ্ণের খড্গ। ৪। ধৃতরাষ্ট্রের পুত্রবিশেষ। ৫। ভেক।

নন্দদুলাল (ল্) [নন্দের দুলাল—৬তৎ] বি. গোপরাজ নন্দের আদরের ধন শ্রীকৃষ্ণ।

নন্দন (ন্) [নন্দ্+অন (কর্ত্তৃ)—যে আনন্দিত করে] বি. পুং. পুত্র। ২। বিষ্ণু। ৩। মহাদেব। ৪। পর্ব্বতবিশেষ। ৫। ক্লী. ইন্দ্রের উদ্যান। ৬। বিণ. আনন্দজনক ; আনন্দদায়ক। স্ত্রী. **নন্দনা**—নন্দিনী : কন্যা।

নন্দনন্দন [নন্দ (গোপরাজ নন্দ)—তাহার নন্দন—পুত্র, আনন্দ বর্দ্ধক] বি. পুং. নন্দের পুত্র ; শ্রীকৃষ্ণ। ২। বিণ. নন্দের আনন্দজনক। স্ত্রী. **নন্দনন্দিনী**—দুর্গা।

নন্দলাল (ল্) [নন্দের লাল (প্রিয়—পুত্র, দুলাল) ৬তৎ] বি. নন্দদুলাল ; কৃষ্ণ। প্র—"এ ব্রজ মণ্ডলে কেহ কি না বলে আসিবে নন্দলাল।"—চণ্ডীদাস।

নন্দা [নন্দ+আপ্—স্ত্রী] বি. স্ত্রী. জলাধার : নাদা। ২। ["নন্দতে সুরলোকেষু নন্দনে বসতেঽথবা। হিমাচলে মহাপুণ্যে নন্দাদেবী ততঃ স্মৃতা।"—দেবীপুরাণ ৩৭অঃ] দুর্গা। ৩। প্রতিপদ্, ষষ্ঠী, একাদশী এই তিন তিথি। ৪। ননন্দা ; পতির ভগিনী। ৫। নন্দের গাভী।

নন্দাই (নো) [নন্দা—স্বামী—আঁই—আই] বি. ননদের স্বামী। প্র—"সম্বন্ধে দনাই ওঝা আমার নন্দাই।"—কবিকঙ্কণ।

নন্দি (নো) [নন্দ্ (আনন্দ করা)+ই (ভাবে)] বি. পুং. ক্লী. আনন্দ। ২। মহাদেব। ৩। শিবের অনুচর। ৪। বিণ. আনন্দদানকারী।

নন্দিকেশ্বর (নোন্দিকেশ্শর্) বি. পুং. নন্দী ; শিবের অনুচর। ২। মহাপুরাণবিশেষ।

নন্দিত (নো) [নন্দ্ (আনন্দিত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. আনন্দযুক্ত ; হৃষ্ট। ২। [কর্ম্মে—ক্ত] তোষিত।

নন্দিনী (নো) [নন্দিন+ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী.

দুহিতা ; কন্যা। ২। দুর্গা। ৩। গঙ্গা। ৪। বশিষ্ঠমুনির হোমধেনু। ৫। রেণুকানামক গন্ধদ্রব্য। ৬। অযোধ্যা।

নন্দিপুরাণ (নো, ন্) বি, ক্লী, নন্দিবিরচিত উপপুরাণবিশেষ।

নন্দিবর্দ্ধন (নোন্দিবর্‌ধন্) [নন্দি (আনন্দের) বর্দ্ধন] বিণ, আনন্দ বৃদ্ধিকারী ; হৃষবর্দ্ধন। ২।বি, পুত্র। ৩। সদানন্দ : শিব।

নন্দী (নো) [নন্দ্ (আনন্দ) + ইন্ (অস্ত্যর্থে) = নন্দিন্ ১মা, ১ব] বি, পুং, শিবের প্রধান অনুচর। ২। বটবৃক্ষ। ৩। বিণ, আনন্দী : আনন্দিত ; হৃষ্ট। স্ত্রী, **নন্দিনী**।

নন্দী-ভৃঙ্গী [নন্দী এবং ভৃঙ্গী] বি, মহাদেবের প্রধান অনুচরদ্বয়। ২। (তাহা হইতে) অনুচরবর্গ।

নন্দীশ (নো, শ্) [নন্দীর ঈশ (প্রভু)—৬তৎ] বি, পুং, মহাদেব ; নন্দিকেশ্বর। ২। নন্দী।

নন্দীসর (নোন্দিশর্) [নন্দীর (ইন্দ্রের উপবনের) সরঃ (সরোবর)] বি, ক্লী, ইন্দ্রের উপবনস্থিত সরোবর।

নন্দ্য (নন্দ) [নন্দ্ (আনন্দিত হওয়া) + য (কর্ম্মে)] বিণ, আনন্দের যোগ্য।

নন্নড়িয়া, নন্নড়ে (নন্নোড়িয়া, নন্নোড়ে) [নড়নড় দ্রুত উচ্চারণে নন্নড়] বিণ, যাহা এত ঢিলা যে সামান্য আঘাত বা সঞ্চালনে অতিশয় নড়িতে থাকে ; নড়বড়ে। ২। অতি ক্ষীণ ; এত দুর্ব্বল যে মাথা ভার স্বরূপ নড়িতে থাকে ; কম্পিত।

নন্নে (নোন্নে) [হিং—নন্‌হা = ক্ষুদ্র, উচ্চারণ বিকারে নন্হে, তাহা হইতে বাং-য়—নন্নে] বিণ, ক্ষুদ্র ও কৃশ। **নন্নেমারা**—দুর্ব্বল ; রোগা : ক্ষীণজীবী।

নপুংসক (—শক্) [ন স্ত্রী ন পুমান্ = নপুংসক নিপাতনে সিদ্ধ কিম্বা ন (নহে) পুংসক (পুরুষ) অর্থাৎ পুরুষাকৃতি কিন্তু পুরুষত্বহীন] বি, পুং, ক্লী, ক্লীব ; হিজড়ে। ২। ছিন্নমুষ্ক।

নপ্তা [ন (না) পত্ (পতিত হওয়া) + তৃ (করণে—তৃচ্) নিপাতনে নপ্তৃ ১মা, ১ব, যাহা দ্বারা পতন হয় না] বি, পুং, নাতি ; পৌত্র। ২। দৌহিত্র। স্ত্রী, **নপ্ত্রী**—পৌত্রী বা দৌহিত্রী ; নাতিনী। প্র—"সম্প্রতি আমরা সেই সমস্ত প্রিয়বন্ধু ভ্রাতা, পুত্র, নপ্তা প্রভৃতি বিরহিত, সুতরাং শোকবিহ্বল হইয়া নিতান্ত দুঃখিতান্তঃকরণে কালযাপন করিব।"—মহা, শল্য (বর্দ্ধমান)।

নফর (র্) [আ—নফর্] বি, ভৃত্য : চাকর ; পরিচারক। প্র—"অলঙ্ঘ্য সাগর লঙ্ঘে তোমার কিঙ্কর। এনদ লঙ্ঘিতে নারে তোমার নফর॥"—ঘনরাম। "নফর নন্দীকে নাথ পাঠাইলা পিছু।"—শিবায়ন। **চাকর-নফর**—চাকরবাকর ; অনুচরবর্গ।

নব [সং—নব। ফা—নও। ইং—new] বিণ, নবীন ; নূতন। ২। [নবন্ শব্দজ] নয় সংখ্যা।

নবগুণ (ন্) [নব (নয় সংখ্যক) গুণ] বি, নবধা গুণ ; নয় প্রকার লক্ষণ (কুলীন দ্রঃ)। ২। ন গুণ : ন ডবল। ৩। [নব = নূতন গুণ] নূতন লক্ষণ : অভিনবগুণ। ৪। [নব—গুণ (সূত্র, থাই)] উপবীত ; পৈতা। প্র—"দণ্ড ভ্রূকুটী করে নবগুণ তুলি ধরে"—পদ্মাপুরাণ

নবগ্রহ (নবোগ্‌গ্রোহো) [নব (নয়) যে গ্রহ, কর্ম্মধা] বি, পুং, নয়টী প্রসিদ্ধ জ্যোতিষ্ক : সূর্য্য, চন্দ্র, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি, রাহু, কেতু। প্র—"নবগ্রহ দিক্‌পাল দশ।"—অন্নদামঙ্গল। "সাত সমুদ্র অষ্টবসু নয় নবগ্রহ দশদিক।"

নবচত্বারিংশৎ [নব (নয়) অধিক যে চত্বারিংশৎ (চল্লিশ) কর্ম্মধা] বি, স্ত্রী, ঊনপঞ্চাশ ; ৪৯।

নবজ্বর (নবোজ্‌জর্) [নব (নূতন) যে জ্বর রোগ—কর্ম্মধা] বি, পুং, তরুণজ্বর।

নবডঙ্কা, নবডঙ্গা, নবঢঙ্গা [গ্রা—ব্যবহার। নব (অভিনব) ডঙ্কা (তুল—সাপের ফণা) সাপ ফণা ধরিয়া যেমন দোলে তাহার অনুকরণে বৃদ্ধাঙ্গুষ্ঠ নাড়া : তুল—কাঁচকলা, কলাটি, ঢুঢু ইত্যাদি] অ, বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদশন : ফাঁকি ; শূন্য ; রফা। প্র—ক্রিয়া কাণ্ড নাই প্রাপ্তির দফা নবডঙ্গা।"—টেকচাঁদ।.

নবৎ [ফা—নওবৎ] বি, নওবৎ দ্রঃ : নহবত।

নবত (ত্) বি, পুং, কুথ : হস্তীর পৃষ্ঠাবরণ বস্ত্র।

নবতি (বো) [নব (নয়বার) + তি (সংজ্ঞার্থে) নয়বার দশযুক্ত সংখ্যা] বি, স্ত্রী, নব্বই ; ৯০। ২। বিণ, নব্বই সংখ্যক।

নবদণ্ড—বি, ক্লী, রাজচ্ছত্রবিশেষ।

নবদল (ল্) [নব (নূতন) যে দল (পত্র) কর্ম্মধা] বি, ক্লী, নূতনপত্র : কচিপাতা। ২। নূতন পদ্মপত্র।

নবদশ (শ্) [নব (নবাধিক) যে দশ—কর্ম্মধা] বি, পুং, নয় অধিক দশ ; ঊনবিংশ ; উনিশ। ২। বিণ, ঊনবিংশতি সংখ্যক।

নবদুর্গা—বি, স্ত্রী, পার্ব্বতী, (২) ব্রহ্মচারিণী, (৩) চন্দ্রঘণ্টা, (৪) কুষ্মাণ্ডা, (৫) স্কন্দমাতা, (৬) কাত্যায়নী, (৭) কালরাত্রি, (৮) মহাগৌরী, (৯) সিদ্ধিদা—এই নয় দুর্গামূর্ত্তি।

নবদ্বার (নবদ্দার্) [নব (নয়) দ্বার (ইন্দ্রিয়, দেহদ্বার)] বি, ক্লী, চক্ষুর্দ্বয়, কর্ণদ্বয়, নাসাদ্বয়, মুখ, পায়ু ও উপস্থ। প্র—"ভব সংসার ভিতরে ভব ভবানী বিহরে। ভূতময় দেহ নবদ্বার গেহ নর-নারী কলেবরে॥"—অন্নদামঙ্গল।

নবদ্বীপ (নবদ্দীপ্) [নব—দ্বীপ] বি, নূতন দ্বীপ। ২। নদীয়া : বঙ্গের প্রাচীন রাজধানী।

নবধা [নবন্ + ধা (প্রকারার্থে)] ক্রি-বিণ, নয় প্রকার। ২। নয় দিকে। ৩। নয়বার।

নবধাতু [নব (নয় প্রকার) ধাতু] বি, পুং, হেম, তার, অর, নাগ, তাম্র, রঙ্গ, তীক্ষ্ণক, কাংস্য, কান্তলোহ।

নবনবতি [নব অধিক যে নবতি (৯০) কর্ম্মধা] বি, স্ত্রী, নিরনব্বই : ৯৯। ২। বিণ, নিরনব্বই সংখ্যক।

নবনী [নব (নূতন) নী (পাওয়া) + ক্বিপ্ (কর্ম্মে—সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, ননী ; মাখন। প্র—"ঘরে কি নাইক নবনী তুই অমন করে পরের ঘরে চুরি করিস্ নীলমণি"—গান।

নবনীত [নব (নূতন)—নীত (প্রাপ্ত) যাহা মন্থন করিয়া পাওয়া যায়] বি, ক্লী, ননী : মাখন।

নবনীতক (ক্) [নবনীত + ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, ঘৃত।

নবপত্রিকা (—পোৎত্রিকা) [নব (৯) পত্রিকা] বি, স্ত্রী, কদলী, কচু, হরিদ্রা, অশোক, দাড়িমী, বিল্ব, জয়ন্তী, মানকচু, ধান্য। এই নব পত্র দ্বারা নবপত্রিকাবাসিনী দুর্গার একটী মূর্ত্তি নির্ম্মাণ করা হয় এবং ঐ মূর্ত্তি সপ্তমী পূজা দিনে প্রবেশ করাইয়া পূজা করা হয়।

নবপ্রাশন (নবপ্‌প্রাশন্) [নব (নূতন) যে প্রাশন (ভোজন) কর্ম্মধা] বি, ক্লী, অন্নপ্রাশন ; ছেলেমেয়ের প্রথম অন্নদান উৎসব ; ভাত। ২। [নবের (নবান্নের) প্রাশন (ভোজন)—৬তৎ] বি, ক্লী, নবান্ন ভোজন।

নববধূ (নববোধূ) [নব—বধূ] বি, স্ত্রী, নূতন বৌ ; নবোঢ়া।

নববর্ষ [নব—বর্ষ] বি, নূতন বৎসর।

নববিংশতি (শো) [নব (নয়) অধিক যে বিংশতি, কর্ম্মধা] বি, স্ত্রী, নয় অধিক বিশ ; ঊনত্রিংশৎ ; ২৯ সংখ্যা।

নবম (ম্) [নবন্ + ম (পূরণার্থে)] বিণ, নয় সংখ্যার পূরক। স্ত্রী, **নবমী**।

নবমালিকা [নব (অভিনব) মালিকা (মল্লিকা ফুল) কর্ম্মধা। প্রাকৃ—ণোমালিআ বাং-গ্রা—নেয়ালি ; নোয়ালি "সুমনা মালতিঃ জাতিঃ সপ্তলা নবমালিকা"—অমর] বি, স্ত্রী,

সাত পাপড়িযুক্ত মালতি ফুল ; নেয়ালি ফুল ; jasminum arborescens.

নবমী [নবম+ঈ (স্ত্রী) প্রা—নউমী] বি, স্ত্রী, তিথিবিশেষ ; চন্দ্রের নবম কলার হ্রাস, বৃদ্ধি-ঘটিত তিথি ; অমাবস্যা বা পূর্ণিমার পর নবম দিবস।

নবমীদশা [নবমী (রতিশাস্ত্রোক্ত দশদশার মধ্যে নবম) দশা (অবস্থা)] বি, মোহ : মূর্চ্ছা। প্র—"নবমী দশা গেলি"—বিদ্যাপতি।

নবযৌবন (—জৌবন্) [নব (নবীন, প্রথম) যৌবন] বি, প্রথম যৌবন : যৌবনোদ্ভেদ ; কৈশোর।

নবযৌবনা (—নবজৌবনা) [নব (নূতন) হইয়াছে যৌবন যাহার, বহ্] বি, স্ত্রী, কিশোরী : নবীনা : তরুণী : নবযুবতী। প্র—"ধন গৌরবে নবযৌবনা বরষা।"—রবি।

নবরঙ্গ [ফা। নারাঙ্গি দ্রঃ] বি, নারাঙ্গা লেবু। প্র—"পহিল বদরী সম পুন নবরঙ্গ। দিনে দিনে অনঙ্গ আগোরল অঙ্গ॥"—বিদ্যাপতি।

নবরঙ্গ [নব (নবধা) রঙ্গ] হিন্দুদিগের মধ্যে কুলীনের নয় প্রকার কন্যা আদান প্রদানরূপ কুলকরণ।

নবরত্ন [নব (ন্) নয় যে রত্ন (মণি) দ্বিগু] বি, ক্লী, মুক্তা, মাণিক্য, বৈদূর্য্য, গোমেদ, বজ্র, বিদ্রুম, পদ্মরাগ, মরকত ও নীলকান্ত। ২। রাজা বিক্রমাদিত্যের পণ্ডিত-সভা ; নবরত্ন সভা : ধন্বন্তরী, ক্ষপণক, অমরসিংহ, শঙ্কু, বেতালভট্ট, ঘটকর্পর, কালিদাস, বরাহ-মিহির ও বররুচি—এই নয় রত্নের সভা।

নবরস (শ্) [কাব্যালঙ্কারে] বি, পুং, শৃঙ্গার, হাস্য, করুণ, রৌদ্র, বীর, ভয়ানক, বীভৎস, অদ্ভুত ও শান্ত এই নয় প্রকার রস অলঙ্কার শাস্ত্রোক্ত।

নবরাত্র (নবরাৎত্র) [পুরাণে, তন্ত্রে] বি, ক্লী, আশ্বিনমাসের শুক্লা প্রতিপদ অবধি শুক্লা নবমী পর্য্যন্ত নয়দিনে কর্ত্তব্য দুর্গার ব্রতবিশেষ।

নবরাষ্ট্র [নব (নূতন) যে রাষ্ট্র (রাজ্য)—কর্ম্মধা] বি, ক্লী, নূতন রাজ্য। ২। উশীনর দেশাধিপতির রাজ্য।

নবলক্ষণ (লোক্খন্) [নব—লক্ষণ] বি, ক্লী, আচার, বিনয়, বিদ্যা, প্রতিষ্ঠা, তীর্থদর্শন, নিষ্ঠা, বৃত্তি, তপ ও দান ব্রাহ্মণের এই নয় কুললক্ষণ।

নবশাখ (খ্) [নব (নয়) শাখ (শাখা)] বি, হিন্দুর জাতিবৃক্ষের নয়টী শাখা স্বরূপ এক শ্রেণীভুক্ত নয়টী শিল্পী ও ব্যবসায়ী জাতি। তিলি, মালাকার, তামুলি, সদ্গোপ, নাপিত, বারুই, কামার, কুমার, গন্ধবণিক ইহার অন্তর্গত। যথা—তিলি মালী তামুলী, গোপ নাপিত গোছালী কামার কুমার পুঁটলি—এই নবশাখাবলি—সম্বন্ধনির্ণয়। [দ্রঃ—মতান্তরে সদ্গোপ ও গন্ধবণিক স্থলে তন্ত্রী (তাঁতী) ও মোদক (ময়রা)]।

নবাংশ [নব (নয়) যে অংশ (ভাগ) কর্ম্মধা] বি, পুং, মেষাদি দ্বাদশ লগ্নের প্রত্যেকের নবম ভাগের এক এক ভাগ।

নবাত (ত্) [ফা—নবাত্=চিনি] বি, চিনি পাক করা মিষ্টান্নবিশেষ। প্র—"বিশাদরে ছেনা কিনি কিনিল নবাত চিনি গণে পণমূলে পান নিলে।"—কবিকঙ্কণ।

নবান্ন [নব (নূতন) যে অন্ন—কর্ম্মধা] বি, ক্লী, নূতন অন্ন। ২। নূতন অন্নে পিতৃগণের শ্রাদ্ধ করিয়া উহার প্রসাদ গ্রহণ।

নবাব (ব্) [আ—নব্বাব্] বি, রাজপ্রতিনিধি ; শাসনকর্ত্তা। ২। রাজন্য : মুসলমান সামন্ত রাজা। ৩। ধনী ও সম্ভ্রান্তবংশীয় ব্যক্তি। বিণ, **নবাবী**—নবাবের যোগ্য ; নবাবের মত : বড়মানুষী। প্র—নবাবী চাল। ২। নবাবের দ্বারা শাসিত। প্র—নবাবী আমল। **নবাব-নাজিম**—একাধারে প্রদেশ-শাসক ও বিচারক। **নবাব-সরকার**—নবাবের গবর্ণমেণ্ট।

নবাম্বিকা—বি, স্ত্রী, নয় সংখ্যক অম্বিকামূর্ত্তি ; নয় প্রকার শক্তিমূর্ত্তি। ব্রহ্মাণী, মাহেশী, কৌমারী, বৈষ্ণবী, বারাহী, নারসিংহী, মাহেন্দ্রী, চণ্ডিকা এবং মহালক্ষ্মী।

নবাহ [নব (ন্) (নয়) যে অহ্(ন্) (দিন) কর্ম্মধা] বি, পুং, নয় দিন ; নয় দিবসব্যাপী কাল। ২। নয় দিনে সমাপ্য যজ্ঞাদি। ৩। বৎসরাদির প্রথম দিবস।

নবিশ, নবিস (নোবিশ্) [ফা—নবীস্= লেখক, লিখন] বি, লেখক। **নকল নবীস**—যে কর্ম্মচারী অনুলিপি প্রস্তুত করে : নকল-কার ; copyist.

নবিশি, সি (নোবিশি) [নবিশ দ্রঃ] বি, নবীস বা লেখকের কর্ম্ম ; কেরাণীগিরী।

নবিসিন্দা, নবীসিন্দা (নোবিশিন্দা) [ফা —নবীসিন্দাহ্] বি, লেখক ; কেরাণী ; a scribe. ২। যে কর্ম্মচারী পত্রব্যবহার করে ; a correspondent. ৩। হিসাব লেখক।

নবী (নোবি) [আ—নবীহ্] বি, ঈশ্বরের প্রেরিত দূত : পয়গম্বর। ২। সুসংবাদ-প্রচারক। ৩। ভবিষ্যদ্বক্তা।

নবীকরণ (নো, ন্) [নব (নূতন) করণ মধ্যে—ঈ (চ্বি) অভূততদ্ভাবার্থে] বি, ক্লী, জীর্ণ সংস্কার ; পুনর্গঠন।

নবীকৃত (নো) [নব (নূতন) কৃত (যাহা করা হইয়াছে) মধ্যে—ঈ (চ্বি) অভূত-তদ্ভাবার্থে] বিণ, সংস্কৃত ; পুনর্গঠিত।

নবীন (ন্নোবীন্) [নব—ঈন] বিণ, নব্য ; নব ; নূতন। প্র—"যে দিকে চাব দেখিতে পাব নবীন প্রাণ।"—রবি। ২। তরুণ।

নবীভাব (নোবীভাব্) [নব (নূতন) ভাব, মধ্যে ঈ (চ্বি) অভূততদ্ভাবার্থে] বি, পুং, নবীনের ভাব ; সংস্কার বা সংশোধন। ২। নবোদ্দীপনা। ৩। নূতন স্মৃতির আবির্ভাব।

নবীভূত (নো) [নব (নূতন) ভূত, মধ্যে—ঈ (চ্বি) অভূততদ্ভাবার্থে] বিণ, নূতনত্ব প্রাপ্ত : পুনর্গঠিত।

নবে [না হবে—সংক্ষেপে। তুল—না পারিবে স্থলে নারিবে। প্রা] ক্রি, না হইবে [অপ্র]। প্র—"যে কিছু করিবে আজ্ঞা নবে অসম্মত।" —ঘনরাম।

নবোঢ়া [নব (নূতন) ঊঢ়া (বিবাহিতা)—কর্ম্মধা] বি, স্ত্রী, নূতন বিবাহিতা স্ত্রী : নব-পরিণীতা। প্র—' বুড়া আধবুড়া যুবা নবোঢ়া গর্ভিণী। ঘন বাজে ঘুণু ঘুণু কঙ্কণ কিঙ্কিণী॥" —অন্নদামঙ্গল।

নবোদক (ক্) [নব (নূতন) উদক (জল) —কর্ম্মধা] বি, ক্লী, নূতন বৃষ্টির জল। ২। নূতন জল।

নবোদ্ধৃত [নব (নূতন) যে (উত্তোলিত)—কর্ম্মধা] বি, ক্লী, নবনীত। ২। বিণ, সম্প্রতি উদ্ধারপ্রাপ্ত। ৩। নূতন সমাহৃত।

নব্বই [প্রা—নব্বই। নবতি শব্দজ] বি, ৯০ সংখ্যা।

নব্য (নোব্ব) [নব+য (স্বার্থে)] বিণ, নবীন ; নূতন। ২। অপ্রবীণ ; অল্পবয়স্ক ; যুবা। ৩। আধুনিক ; অধুনাতন ; ইদানীন্তন ; এখনকার।

নভ [নভ্ (নষ্ট হওয়া) +অ (কর্ত্তৃ—অচ্)] বি, ক্লী, আকাশ ; শূন্য ; গগন। প্র—"নিশীথনভে শুনিব কবে গভীর গান।"—রবি। ২। পুং, শ্রাবণ মাস। ৩। চাক্ষুস মন্বন্তরীয় সপ্তর্ষির মধ্যে ঋষিবিশেষ। ৪। স্বারোচিষ মনুর পুত্রবিশেষ।

নভঃ [নভ্ (নষ্ট হওয়া) +অস্ (কর্ত্তৃ) =নভস্ ১মা, ১ব] বি, ক্লী, আকাশ।

নভঃস্থল (ল্) [নভস্‌রূপ যে স্থল (প্রদেশ) কর্ম্মধা] বি, আকাশ।

নভঃস্থিত [নভস্ (আকাশে) স্থিত (যে থাকে) ৭তৎ] বিণ, আকাশস্থ ; শূন্যে অবস্থিত। ২। বি, পুং, নরকবিশেষ।

নভগ [নভ (আকাশে) গ (যে গমন করে)] বিণ, আকাশগামী ; বিমানচারী। ২। [ন (নাই) ভগ (ঐশ্বর্য্য) যাহার, বহু] ধনহীন ; ভাগ্যহীন ; নির্ধন। ৩। বৈবস্বত মনুবংশীয় নৃপতিবিশেষ।

নভশ্চক্ষুঃ (নভশ্‌চোক্‌খু) [নভস্‌ (আকাশে) রহিয়াছে চক্ষু (নেত্র) যাহার, বহু] বি, পুং, সূর্য্য।

নভশ্চর (র্‌) [নভস্‌ (আকাশে) চর (যে বিচরণ করে) ৭তৎ] বি, পুং, পক্ষী। ২। গন্ধর্ব্ব ও বিদ্যাধর প্রভৃতি। ৩। গ্রহ নক্ষত্রাদি। ৪। বায়ু। ৫। মেঘ। ৬। বিণ, গগনচারী ; আকাশগামী।

নভস্তল (ল্‌) [নভস্‌ (আকাশ) তল (নিম্ন) —৬তৎ] বি, ক্লী, গগনতল।

নভস্পৃক্‌ [নভস্‌ (আকাশ) স্পৃক্‌ (যে স্পর্শ করে)] বিণ, আকাশস্পর্শী।

নভেম্বর (র্‌) [ইং—november] বি, ইংরেজী বৎসরের একাদশ মাস ; কার্ত্তিকের শেষার্দ্ধ হইতে অগ্রহায়ণের প্রথমার্দ্ধ পর্য্যন্ত।

নভেল, নবেল (ল্‌) [ইং—novel] বি, শ্রব্যকাব্য ভেদ ; উপন্যাস (দ্রঃ)।

নভোমণি (নি) [নভস্‌ (আকাশের) মণি (রত্ন স্বরূপ উজ্জ্বল) ৬তৎ] বি, পুং, সূর্য্য।

নভোমণ্ডল (—মোন্‌ডল্‌) [নভস্‌ (আকাশ) রূপ যে মণ্ডল—কর্ম্মধা] বি, ক্লী, আকাশ-মণ্ডল। প্র—"ভো নভোমণ্ডল! বল স্বরূপ কে দিল তোমায় এরূপ রূপ"—পদ্যপাঠ, ২য় ভাগ।

নমঃ, নম (নোমো) [নম্‌ (নমস্কার করা) + অস্‌ (কর্ত্তৃ) = নমস্‌ ১মা, ১ব] বি, নমস্কার ; প্রণাম। **নমঃ করা**—নমস্কার করা ; গড় করা। **নম-নম করে সারা**—যথারীতি বা বিধি অনুসারে কার্য্য না করিয়া সংক্ষেপে সমাধা করা।

নমন (ন্‌) [নম্‌ (নত হওয়া) + অন (ভাবে —অনট্‌)] বি, ক্লী, নতি। ২। প্রণত হওন ; মস্তক নত করণ ; নমস্করণ।

নমনীয় [নম্‌ (নত হওয়া) + (অনীয়—কর্ম্মে)] বিণ, নমনশীল ; যাহাকে নোয়ান যায় ; flexible. ২। যাহাকে নত বা নম্র করা আবশ্যক ; যাহাকে বিনীত করিতে হইবে।

নমশূদ্র, নমঃশূদ্র (নোমোশুদ্‌দ্রো) বি, হিন্দুজাতিবি[illegible]

নমস্কর্ত্তা (নোমোশ্‌কর্ত্তা) [নমস্‌—কৃ (করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্‌) = নমস্কর্ত্তৃ ১মা, ১ব] বিণ, নমস্কারকারী ; যে প্রণাম করে।

নমস্কার (নোমোশ্‌কার্‌) [নমস্‌ (নমস্কার) কৃ (করা) + অ (ভাবে—ঘঞ্‌) = কার (করা)] বি, পুং, নতি ; নমঃ ; প্রণাম ; কপালে যুক্তকর স্পর্শ পূর্ব্বক দেহ সম্মুখে নত করণ। [দ্রঃ—হস্তপদাদি বিস্তার করিয়া দণ্ডবৎ ভূমিতে পতিত হইয়া ললাট দ্বারা ভূমিস্পর্শ করণের নাম দণ্ডবৎ প্রণাম—নমস্কারের মধ্যে ইহা উত্তম পদবাচ্য। উভয় জানুর উপর ভর দিয়া নত হইয়া ভূমিতে ললাট স্পর্শ মধ্যম এবং যুক্তকর ললাটে স্পর্শ করিলে অধম কায়িক নমস্কার হয়।—গ্রাম্য ভাষায় ইহার নাম "কুড়ুলে নমস্কার"। স্বরচিত সভক্তি স্তুতি-বাদকে উত্তম বাচিক নমস্কার বলে ; বেদাদি হইতে স্তোত্র পাঠের নাম মধ্যম এবং প্রার্থিত বিষয়ের উল্লেখ সহ যে নমস্কার তাহা অধম বাচিক পদবাচ্য। মর্ম্মবেদনা মনে মনে জ্ঞাপন ও নিবেদনাদি মানসিক নমস্কার। বাং-য় সাধাঃ নমস্কার—সমানে সমানে অভিবাদন বা নিকৃষ্টের প্রতি প্রত্যভিবাদন। প্রণাম—ভক্তিভাজন ও শ্রেষ্ঠকে অভিবাদন। (প্রণাম দ্রঃ)]।

নমস্কারী (নোমোশ্‌কারি) বি, স্ত্রী, বিবাহাদি উপলক্ষে বর বধূ নমস্যগণকে যে বস্ত্রাদি দিয়া নমস্কার করা হয়। ২। লজ্জালুবৃক্ষ।

নমস্কার্য্য (নোমোশ্‌কার্জো) [নমস্‌—কৃ (করা) + য (কর্ম্মে)] বিণ, নমস্কার করণো-পযোগী। ২। নমস্য।

নমস্কৃত (নোমোশ্‌কৃত) [নমস্‌—কৃ (করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কৃত নমস্কার ; যাহাকে নমস্কার করা হইয়াছে।

নমস্য (নোমোশ্‌শ) [নমস্য + য (কর্ম্মে বা যোগ্যার্থে) য লোপ] বিণ, বন্দ্য ; প্রণম্য ; নমস্কারের যোগ্য। ২। পূজ্য ; ভক্তিভাজন। স্ত্রী, **নমস্যা**—বন্দনীয়া। ২। [নমস্য + য (ভাবে)] নমস্কার। ৩। অর্চ্চনা।

নমহুঁ [ব্রজ] ক্রি, নমস্কার করি ; প্রণাম করি। প্র—"নমহুঁ নমহুঁ বাণী প্রণমহুঁ নারায়ণী অধিষ্ঠান হও পূজাবটে।"—কবিক।

নমাজ (জ্‌) [আ—নমাজ্‌] বি, কোরাণ নির্দ্দিষ্ট উপাসনা। প্র—"শূন্য ঘরে নমাজ কি কাজ তাহে আছে"—অন্নদামঙ্গল।

নমাস (নমাশ) বি, নয় মাস। **নমাসে ছমাসে,—নমাস ছমাস অন্তর**—বহু-দিন অন্তর ; কচিৎ কখন ; কখন কখন ; বহু বিলম্ব করিয়া।

নমিত (নোমিত) [নম্‌ (নম্র হওয়া) + ণিচ্‌ = নমি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নমস্কৃত ; প্রণমিত। ২। যাহাকে নত করা হইয়াছে ; বিনীত ; বক্রীকৃত।

নমুচি [ন—মুচ্‌ (মোচন করা) + ই (কর্ত্তৃ, কি) যে কাহাকেও ছাড়ে না] বি, পুং, কন্দর্প। ২। দনু নামক অসুরের পুত্র।

নমুচিসূদন—নমুচি অসুরনাশক ইন্দ্র। ২। মদনান্তক শিব।

নমুনা (না) [ফা—নমূনা] বি, আদর্শ ; নিদর্শন ; sample.

নমেরু—বি, পুং, রুদ্রাক্ষ। ২। সুরপুন্নাগ বৃক্ষ।

নম্বর (র্‌) [ইং—number] বি, সংখ্যা। প্র—বাড়ীর নম্বর কত। ২। বিণ, সংখ্যক। প্র—কত নম্বর বাড়ী। ৩। সংখ্যা ; চিহ্ন ; আঁক। প্র—নম্বর মারা বস্তা ; কাগজ, কাপড় ইত্যাদিতে নম্বর ফেলা বা দেওয়া। **নম্বর খারিজ**—নম্বর কাটিয়া দেওয়া।

নম্বরী (নম্বোরি) [নম্বর + ঈ (যুক্তার্থে)] বিণ, নম্বর যুক্ত ; সংখ্যা চিহ্নিত ; আঁক দেওয়া। প্র—নম্বরী মাল চালান দেওয়া ; নম্বরী মকদ্দমা।

নম্য (নোম্‌মো) [নম্‌ (নম্র হওয়া) + য (কর্ম্মে)] বিণ, যাহা নোয়ান যায় ; নমনীয় ; নমন-যোগ্য।

নম্র (নম্‌ম্রো) [নম্‌ (নম্রীভাবে) + র (কর্ত্তৃ)] বিণ, যে নুয়িয়া পড়িয়াছে ; বিনীত ; নত। ২। নিরহঙ্কার ; গর্ব্বশূন্য ; অনুদ্ধত। ৩। শান্ত ; শিষ্ট ; বিনয়ী। ৪। অকঠিন ; কোমল ; নরম। বি, নম্রতা। স্ত্রী, নম্রা।

নম্রক (ক্‌) [নম্র + ক (সংজ্ঞার্থে)] বি, পুং, বেতস বৃক্ষ। ২। বিণ, যে নম্র করে।

নম্রতা (নম্‌মতা) [নম্র + তা (ভাবে)] বি, স্ত্রী, নমনীয়তা ; নমনশীলতা ; আনত ভাব ; flexibility. ২। বিনয় ; শিষ্টতা। ৩। কোমলতা।

নম্রমুখ (নম্‌ম্রমুখ্‌) [নম্র (নত) হইয়াছে মুখ (বদন) যাহার, বহু] বিণ, নত আনন ; নত বদন ; হেঁট মুখ। ২। কোমল মুখ ; রুচি মুখ। স্ত্রী, **নম্রমুখী**।

নয় (য়্‌) [নী (পাওয়া) + অ (ভাবে—অল্‌] বি, পুং, যাহা গুরুর মুখে পাওয়া যায় ; উপদেশ। ২। নীতি। প্র—"বিনাশ উপস্থিত হইলে নয়ের ন্যায় প্রতীয়মান অনয় হৃদয় হইতে অপগত হয় না।"—মহা—বন (বর্দ্ধ)। ৩। [করণে—অল্‌] নীতি শাস্ত্র। ৪। দ্যূত ক্রীড়াবিশেষ। ৫। [কর্ম্মে—অল্‌] বিণ, উপযুক্ত ; ন্যায্য।

নয় (য়্‌) [নহে। হি—নহি] বি, মিথ্যা ; অপ্রকৃত। প্র—"ধনে দুর্ব্বলের বল হয় ধনে হয়কে করে নয়"—বাং-গান। ২। না হয় ; অন্যথা। প্র—হয় এটা নয় ওটা।

নয় (য়্‌) [সং—নব—নও—নয়] বিণ, নব-সংখ্যক ; নয়টি।

নয় ছয় (য়্‌, য়্‌) [নয় (অপচয়)—ছয়

(ক্ষয়) এখানে নয় ওখানে ছয়—ছড়াছড়ির ভাব] বি, অপচয় ; নষ্ট ; ক্ষতি। ২। অপব্যয়।

নয়ন (নয়োন) [নী (পাওয়া) + অন (করণে —অনট্) যাহাদ্বারা রূপ দেখিতে পাওয়া যায়] বি, ক্লী, চক্ষু। ২। [ভাবে—অনট্] আনয়ন ; প্রাপন। ৩। ক্ষেপন ; অতিবাহন। স্ত্রী, নয়নী—নয়নতারা : নয়নমণি।

নয়নঠার (নয়ন্ঠার্) বি, আড়দৃষ্টি ; ইঙ্গিত ; ইশারা।

নয়ননীর (নয়ন্নীর্) [নয়নের (চক্ষুর) নীর (জল)—৬তৎ] বি, ক্লী, নেত্রজল ; অশ্রু। প্র—"নয়ননীরেতে ভাসি ভাবি তারে দিবানিশি।"—বাং-গান।

নয়নসুখ,—ক (নয়ন্সুখ্, ক্) [হি—নয়্নসুখ্] বি, সূক্ষ্ম সূতী বস্ত্রবিশেষ ; কেমরিক কাপড় ; cambric.

নয়না [ব্রজ। হি—নয়্না] বি, নয়ন।

নয়নাভিরাম (ম্) [নয়নের অভিরাম (প্রীতিপ্রদ) ৬তৎ] বিণ, নয়নানন্দ : চক্ষুর প্রীতিকর : প্রিয়দর্শন। ২। বি, চন্দ্র।

নয়নী [নয়না শব্দের কোমলতর রূপ] বিণ, স্ত্রী, নয়নবিশিষ্টা ; নেত্রবতী ; নেত্রা (দ্রঃ)। প্র—"স্তনভারে মন্থরগামিনী সুবদনা মালবিকা তরল-নয়নী"—মালবিকাগ্নিমিত্র।

নয়নোপান্ত [নয়নের উপান্ত (প্রান্ত)—৬তৎ] বি, পুং, ক্লী নেত্রপ্রান্ত : অপাঙ্গ।

নয়বর্ত্ম (—বর্ত্ত) [নয়ের (নীতির) বর্ত্ম (পথ)—৬তৎ] বি, ক্লী, নীতিপথ ; নীতিমার্গ।

নয়বিদ্ [নয় (নীতি) বিদ্ (যে জানে)] বি, পুং, নীতিশাস্ত্রবেত্তা ; নীতিজ্ঞ।

নয়বিশারদ (দ্) [নয়ে (নীতিশাস্ত্রে) বিশারদ (দক্ষ) ৭তৎ] বি, পুং, নীতিশাস্ত্রে পারদর্শী ; নীতিবিদ্।

নয়লি, লী (ন্) [সং—নব—নবীন। হি—নবল (তুল—নবলকিশোর)—নিয়ল (বর্ণ বিপর্যয়ে) নয়লি] বিণ, নূতন ; নবীন। প্র—"একে কাল হৈল মোর নয়লি যৌবন। আর কাল হৈল মোর বাস বৃন্দাবন॥"—চণ্ডীদাস।

নয়া [সং—নব। হি—নয়া] বিণ, নূতন ; নব্য ; অভিনব। **নয়া-আবাদী**—নূতন আবাদী।

নয়া [নয় (নয়ন) + আ (ক্রি-বিভক্তি)] ক্রি, লইয়া যাওয়া ; আনয়ন করা।

নয়ান (নয়ান্) [হি—নয়না (দ্রঃ)—বর্ণবিপর্য্যয়ে নয়ান অথবা নয়ন উচ্চারণ-বিকারে "নয়ান" । প্রা-বাং] বি, নেত্র ; নয়ন ; চক্ষু। প্র—"ভাঙ ধনু ভঙ্গী ঠাম, নয়ান কোণে পূরে বাণ হাসিতে খসয়ে সুধারাশি।"—চণ্ডীদাস। "ছল ছল দুনয়ান"—রবি। "মুখশশী সজল নয়ান"—বিদ্যাপতি। **নয়ানস্বরূপ**—প্রত্যক্ষ ; চাক্ষুষ। প্র—"দেখলু নয়ানস্বরূপে" —বিদ্যাপতি।

নয়ানজুলি (নয়ান্—) [নয়ান (নয়ন—নীতকরণ) জুলি (জল—ই)—জল নীতকরণী] বি, পথিপার্শ্বস্থ জলনির্গমনের জন্য সঙ্কীর্ণ খাত বা নালি।

নয়ানী [ব্রজ। নয়না (দ্রঃ) শব্দের কোমলরূপ। পদ্যে। প্রা-বাং] বিণ, নয়নবিশিষ্টা ; নয়না ; নেত্রা। প্র—"করে কর বারই তরল নয়ানী"—গোবিন্দদাস।

নয়ো [প্রা-বাং। না হইও—না হয়ো—সংক্ষেপে] ক্রি, না হও ; হইও না [অপ্র]। প্র—"নিদারুণ নয়ো নাথ নিকেতনে চল। মোর মাথা খাও যদি আর কিছু বল॥"—ঘনরাম।

নর (র্) [নৃ (পাওয়া) + অ (কর্ত্তৃ—অচ্) যে ক্রমে বৃদ্ধি (আত্মার উৎকর্ষ) পায়] বি, পুং, মনুষ্য ; মানব। প্র—নরবানরের সহিত যুদ্ধে নিহত হওয়া রাবণের অদৃষ্টে ছিল। ২। অর্জ্জুন। ৩। ঋষিবিশেষ। ৪। বিষ্ণুর অবতারবিশেষ। (২) বিষ্ণু। ৫। [মানবেতর জীবপক্ষে] পুরুষ ; পুং ; মদ্দা। প্র—নর ও মাদা। স্ত্রী, নারী (মানবপক্ষে), নরী (মানবেতর জীবপক্ষে)।

নর (র্) [সং—লহরী—হি—লহ্‌র—নহর—নর] বি, তরঙ্গ ; পঙ্‌ক্তি ; হালি ; থাই। প্র—একনর, দুনর। বিণ, নরী—পঙ্‌ক্তিবিশিষ্ট ; হালি। প্র—একনরী, পাঁচনরী। **পাঁচনরী**—পাঁচহালি হারবিশেষ। **সাতনরী**—সাতহালি কণ্ঠী বা হার।

নরক (ক্) [সং] বি, পুং, ক্লী, নিরয় ; দুঃখভোগের স্থান ; জীবের বিশেষ দুঃখ ও দুঃখসামগ্রী প্রাপ্তির নাম। প্র—"তমোগুণের উদ্রেকের নাম নরক"—টেকচাঁদ। ২। পুং, দৈত্যবিশেষ ; নরকাসুর। ৩। বিষ্ঠাস্থান।

নরককুণ্ড (ক্) [নরক (বিষ্ঠা) কুণ্ড] বি, ক্লী, নরকস্থ বিষ্ঠাকুণ্ড। ২। অত্যন্ত অপরিষ্কার ও জঘন্য স্থান।

নরকজিৎ (ক্) [নরক (নরকাসুর) জিৎ (যে জয় করে)] বি, পুং, বিষ্ণু।

নরকপাল (ল্) [নরের কপাল—৬তৎ] বি, পুং, ক্লী, খর্পর ; মড়ার মাথা

নরকস্থ [নরকে স্থ (যে থাকে)] বিণ, নরকপ্রাপ্ত ; পাপভোগের স্থানগত। ২। নরকে অবস্থিত। স্ত্রী, **নরকস্থা**—বি, বৈতরণী নদী।

নরকান্তক (ক্) [নরকের (নরকাসুরের) অন্তক (বিনাশকারী)—৬তৎ] বি, পুং, বিষ্ণু।

নরকেশরী [নরের মধ্যে কেশরী (সিংহতুল্য)—৭তৎ] বি, পুং, পুরুষপ্রধান ; মনুষ্যশ্রেষ্ঠ ; নরসিংহ। ২। নৃসিংহদেব ; নরসিংহ দ্রঃ।

নরদেব (ব্) [নরের মধ্যে দেব (দেবতার ন্যায় পূজ্য)—৭তৎ] বি, পুং, নৃপতি ; রাজা। ২। ব্রাহ্মণ। ৩। নরের মধ্যে দেবতাসদৃশ।

নরনারায়ণ (—নারায়ন্) [নর রূপ যে নারায়ণ (বিষ্ণু)—কর্ম্মধা] বি, পুং, বদরিকাশ্রমবাসী নর এবং নারায়ণ নামক ঋষিদ্বয়।

নরপতি (—পো) [নরের পতি (প্রভু)—৬তৎ] বি, পুং, নৃপ ; নরপাল ; রাজা।

নরপশু (পো) নরের মধ্যে পশু (পশুতুল্য স্বভাববিশিষ্ট)—৭তৎ] বি, পুং, নরাকৃতি কিন্তু পশুহৃদয় ; নরাধম ; পশুবৃত্তি-প্রধান ব্যক্তি।

নরপুঙ্গব (ব্) [নরের মধ্যে পুঙ্গব (প্রধান) —৭তৎ] বি, পুং, নরশ্রেষ্ঠ ; মনুষ্যপ্রধান।

নরবাহন (ন্) [নর (মনুষ্য) হইয়াছে বাহন (বাহক) যাহার, বহু] বি, পুং, কুবের। ২। বিণ, মনুষ্যবাহ্য যান।

নরম (ম্) [ফা—নরম্=কোমল। তুল—সং—নম্র—নমর—নরম। হি—নরম্। মুসলমান যুগের পূর্ব্বে ব্যবহার ছিলনা] বিণ, অকঠিন ; কোমল। প্র—নরম দেহ। ২। মৃদু ; মিহি। প্র—নরম সুর। ৩। কচি। ৪। আর্দ্র ; ভিজে ; জোলো। প্র—নরম হাওয়া। ৫। অনুদ্ধত ; শান্ত। প্র—নরম মেজাজ। ৬। শিথিল ; আলগা ; ঢিলা। ৭। দোরসা ; প্রায় পচা। ৮। অবনত ; নোয়া ; নত। ৯। কড়ার বিপরীত ; ঠাণ্ডা ; মিয়ান। প্র —কড়াই বা মুড়ি গরম গরম খেতে হয় নরম হয়ে গেলে চিবোন যায় না। ১০। নিরেশ। প্র —সে এ বিষয়ে তাহার অপেক্ষা একটু নরম। ১১। কম জোর ; কম মজবুত। প্র—তাহাকে নরম পেয়ে সকলেই তার বাড়ীতে উপদ্রব করে। ১২। দয়ার্দ্র ; করুণার্দ্র। প্র—হৃদয় নরম হওয়া। ১৩। কম ; হ্রাস। প্র—বাজার দর একটু নরম হয়েছে। ক্রি, নরমান। বি, নরমী। **নরম মাটি**—কোমল মৃত্তিকা ; কাদা। ২। [লক্ষণায়] কমজোর ব্যক্তি ; দুর্ব্বল। **নরম মাটিতে বেরালে আঁচড়ায়**—দুর্ব্বলের উপর হিংস্রক ব্যক্তি অত্যাচার করে।

নরমান (নরমানো) [নরম + আন (ক্রি-বিভক্তি)]। উ-পু—নরমাই। ম-পু—নরমাও।

প্র-পু—নরমায়। অস-ক্রি—নরমাইতে ; নরমাইয়া] ক্রি, নরম হওয়া।

নরমালা [নরের (নরমুণ্ডের) মালা—৬তৎ] বি, স্ত্রী, নরমুণ্ডের হার ; কালী দেবীর কণ্ঠভূষণ। বিণ, নরমালী—নরমুণ্ডমালী।

নরমেধ (ধ্) [নর—মেধ (যজ্ঞ)] বি, পুং, যজ্ঞবিশেষ ; যে যজ্ঞে নরবলি দিয়া সেই বলির মাংসদ্বারা আহুতি প্রদানের বিধি আছে।

নরযন্ত্র—বি, ক্লী, ছায়ার দ্বারা সময় নিরূপণার্থ দ্বাদশাঙ্গুলি প্রমাণ কীলকযুক্ত যন্ত্র : ছায়া-ঘড়ী।

নরযান (—জান্) [নর কর্ত্তৃক নীত যে যান—কর্ম্মধা] বি, ক্লী, মানুষবাহী যান ; ডুলি, পাল্কী, চতুর্দ্দোল প্রভৃতি।

নরলোক (ক্) [নরদিগের লোক (বসতি স্থান)—৬তৎ] বি, পুং, মনুষ্যলোক ; মর্ত্ত্য।

নরসিংহ,—হরি (শিংহ, হোরি) [নর—হরি (সিংহ)] বি, পুং, কটিদেশ পর্য্যন্ত নরাকৃতি ও অবশিষ্ট সিংহাকৃতি, বিষ্ণুর অবতার। ২। বিণ, নরশ্রেষ্ঠ।

নরসুন্দর (শুন্দর্) [অপ্রাচীন শব্দ। নাপিতজাতীয় "নরসুন্দর শর্ম্মা"র নাম হইতে ক্রমে নাপিতার্থে প্রচলিত (সম্বন্ধ-নির্ণয়, লালমোহন বিদ্যানিধি)। প্র—"নরসুন্দর নাম তার শর্ম্মা পদ্ধতি"—বারেন্দ্রঠাকুর] বি, নাপিত।

নরাজ, নড়াজ (জ্) [জড়ান—নড়াজ। প্রাদে] বি, তাঁতের যন্ত্রবিশেষ : যে কাষ্ঠ দণ্ডে টানার সূতা জড়ান হয় : বেম।

নরাধম (ম্) [নরের মধ্যে অধম (নিকৃষ্ট)—৭তৎ] বি, পুং, মনুষ্যের মধ্যে অপকৃষ্ট : মনুষ্যাধম ; অতিশয় কুচরিত্র মানব।

নরাধিপ (প্) [নরের অধিপ (স্বামী)] বি, পুং, নরপতি : রাজা।

নরান্তক (ক্) [নরের অন্তক (বিনাশকারী) ৬তৎ] বি, পুং, অন্তক : যম : কাল। ২। রাক্ষসরাজ রাবণের পুত্রবিশেষ। ৩। নরখাদক রাক্ষস। ৪। বিণ, নরঘাতী ; নরখাদক।

নরুণ (নোরুন্) [নখরঞ্জনী হইতে। প্রা-বাং—নরু] বি, নখচ্ছেদকাস্ত্রবিশেষ

নরেন্দ্র [নরের ইন্দ্র (শ্রেষ্ঠ)—৬তৎ] বি, পুং, নরপতি, রাজা। ২। শ্রেষ্ঠ নর ; নরপ্রধান।

নরেশ (শ্) [নরের ঈশ (স্বামী) ৬তৎ] বি, পুং, নরেশ্বর : রাজা।

নরোত্তম (ম্) [নরের মধ্যে উত্তম—৭তৎ] বি, পুং, পুরুষোত্তম : বিষ্ণু। ২। রাজা। ৩। [বৈষ্ণবতন্ত্রে] ভক্ত বৈষ্ণব।

নর্ত্তক (ক্) [নৃত্ (নৃত্য করা)+অক (কর্ত্তৃ)] বি, পুং, নৃত্যজীবী ; নৃত্যব্যবসায়ী জাতি ; নট। ২। ময়ূর। ৩। হস্তী। ৪। বিণ, নৃত্যকারক। স্ত্রী, **নর্ত্তকী**—নটী। ২। ময়ূরী। ৩। হস্তিনী।

নর্ত্তন (নর্তন্) [নৃত্ (নৃত্য করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নৃত্যকরণ ; নাচন। ২। নাচ।

নর্ত্তনপ্রিয় (নর্তন্প্রিও) [নর্ত্তন (নৃত্য) হইয়াছে প্রিয় যাহার, বহু] বিণ, নৃত্যপ্রিয় ; যে নৃত্য দর্শন করিতে ভালবাসে ; যে নৃত্য করিতে ভালবাসে। ২। বি, শিব।

নর্ত্তনশালা (নর্তন্—) [নর্ত্তনের শালা (গৃহ)] বি, স্ত্রী, নর্ত্তনাগার ; নাচঘর নাট্যমন্দির।

নর্ত্তিত (নো) [নর্ত্তি (নৃত্য করা)+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, নর্ত্তনশীল। ২। যাহাকে নৃত্যকরান হইয়াছে ; নাচান হইয়াছে এমন। ৩। আন্দোলিত।

নর্দ্দমা, নর্দ্দামা [সং—নর্দ্দ্ (শব্দে, গত্যর্থে) ধাতু হইতে সম্ভব] বি, পয়ঃপ্রণালী ; জলনির্গমন পাত। প্র—"বহিছে মদের নদী তব নর্দ্দমায়।"—চন্দন।

নর্দ্দিত (নো) [নর্দ্দ্ (শব্দ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিনাদিত ; শব্দিত

নর্ম্ম [নৃ (লওয়া) + মন্ (করণে)] বি, ক্লী, বিলাস ; লীলা : ক্রীড়া। ২। রসিকতা ; পরিহাস ; কৌতুক। ৩। বিহার। ৪। প্রিয়। **নর্ম্মসখী**—খেলুনী। ২। নর্ম্মসহচরী। **নর্ম্মসহচরী**—ক্রীড়াসঙ্গিনী। ৩। সহধর্ম্মিণী।

নর্ম্মঠ [নর্ম্মন্ (ক্রীড়া)+ঠ (ড প্রত্যয়ান্ত স্থা ধাতু)] বিণ, কেলিনিরত : ক্রীড়াশীল। ২। লম্পট। ৩। বি, পুং, স্তনাগ্র : চূচুক।

নর্ম্মদ [নর্ম্মন্ (ক্রীড়া) দ (যে দান করে)] বি, পুং, ক্রীড়াসঙ্গী : লীলাসহচর। ২। বিণ, বিদূষক ; পরিহাসক। স্ত্রী, **নর্ম্মদা**—বিন্ধ্য পর্ব্বত হইতে (বায়ু পুরাণ মতে ঋক্ষ পর্ব্বতজাতা) নির্গতা নদীবিশেষ ; রেবা নদী।

নর্ম্মসচিব (শোচিব্) [নর্ম্মন্ (বিহারাদি) সচিব (মন্ত্রী)—৬তৎ] বি, পুং, ক্রীড়াসহচর; পারিষদ। ২। পরিহাসক ; ভাঁড়।

নল (ল্) [নল্ (বন্ধন করা)+অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—অচ্)] বি, পুং, খাক্ড়া ; শরগাছ ২। শূন্যগর্ভ দণ্ড ; যে লম্বমান দণ্ডের ভিতর শূন্য বা ফাঁপা থাকে ; চোঙ্গা। ৩। ডাঁটা। ৪। নিষধাধিপতি প্রসিদ্ধ নলরাজা। ৫। রামচন্দ্রের অনুচর বানরদলপতি নল ; নল, নীল, গয়, গবাক্ষ প্রভৃতির অন্যতম। ৬। পদ্মনাল। ৭। লোহার চোঙ্গ ; বন্দুকের নল। ৮। বাঁশের দৈর্ঘ্য দ্বারা পরিমিত স্থান ; নল্ব। স্ত্রী, নলী।

নলচালন—মন্ত্রপূত নলের গুপ্ত বস্তুর নিকট গতি। **নলপড়া**—চোর ধরিবার বা চুরির মাল বাহির করিবার জন্য নল বা কঞ্চি মন্ত্রপূত করা। **সাতনলা**—সপ্তনল প্রহরণ ; যাহাদ্বারা পাখী মারা হয়। প্র—"যেমন সাতনলাতে পাখী মারে"—গান।

নলক (ক্) [নল+ক (সাদৃশ্যার্থে)] বি, ক্লী, নলী ; ডাঁটা। ২। নলাকার শূন্যগর্ভ অস্থি। ৩। পর্ব্ব ; পাব। ৪। নোলক দ্রঃ।

নলকূবর (র্) [নলের (নলরাজের) ন্যায় কূবর (শরীর) যাহার, বহু] বি, পুং, কুবেরপুত্র।

নলপট্টিকা (পো) [নল—পট্ট (বস্ত্র)+ক (সাদৃশ্যার্থে) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, নল কাঠির দরমা বা চাটাই ; চাঁচ।

নলপত [হি—লপ্লোপত্তো] বি, মিষ্টবাক্যে ভুলান ; ভোগা দেওন ; ফুসলান ; coaxing. প্র—"হাতে পায়ে ধরি নলপত করি তারে। মেনকাদি মেয়ে সব মহাজনি করে॥"—শিবায়ন। ২। দীর্ঘসূত্রতা ; বিলম্ব।

নলমীন (ন্) [নল (নলের আশ্রিত) যে মীন (মৎস্য) কর্ম্মধা। নলবনের মধ্যে থাকে বলিয়া] বি, চিঙ্গড়ী মাছ।

নলান (নো) [নল+আন (ক্রি-বিভক্তি)। উ-পু—নলাই। ম-পু—নলাও। প্র-পু-নলায়। অস-ক্রি—নলিতে ; নলিয়া ; নলি (পদ্যে), নলে (নো)] ক্রি, নল পড়া ; নল চালান ; চোর ধরিবার জন্য মন্ত্রপূত করিয়া নল কাঠি বা কঞ্চি কাহার হাতে দেওয়া যাহাতে আকর্ষণ শক্তি বলে নলধৃত ব্যক্তিকে টানিয়া চোরের নিকট বা চোরাই মাল যেখানে লুকান আছে তথায় লইয়া যায়। প্র—"কারো নাহি লই রাজকর একপণ। নলিয়া গণিয়া লহ যত আছে ধন॥"—কবিকঙ্কণ। ২। খেজুর গাছ হইতে রস গ্রহণ জন্য গাছে নল সংযুক্ত করা।

নলি, নলী (নো) [নল দ্রঃ] বি, সরুনল। ২। হাত পায়ের নলাকার অস্থি। ৩। সরু পয়ঃনালী। ৪। কাপড় বুনিবার সূতার নল ; পাকি। ৫। বিণ, হালি ; থাই ; । প্র—সাতনলী। ৬। নলযুক্ত ; নলা।

নলিকা (নো) [নল দ্রঃ] বি, স্ত্রী, সরু নল ; চুঙ্গি। ২। নাড়িকা ; সরুনাড়ী। ৩। ডাঁটা ; খাড়া।

নলিচা (নো) [গ্রা—নোল্চে। নল—নলি দ্রঃ। ফা—নায়্চা = সরু নলকাঠি ; হুঁকার দণ্ড। হি—নৈচা] বি, হুঁকার কলিকা যে

দণ্ডের উপর বসান হয় : হুঁকার অগ্ন্যাধার ও জলাধার সংযোজক দণ্ড ; জাট।

নলিত (নোলিত্) [সং] বি, নাল্তে নামক তিক্ত শাক।

নলিন (নোলিন) [নল—নাল—মৃণাল আছে বলিয়া নলিন্। "পদ্মং নলিনমরবিন্দং" ইত্যাদি—অমর] বি, ক্লী, পদ্ম ; কমল। প্র—"যত ফুটিছে নলিন, কত ছুটিছে অলিন। মধু লুঠিছে বলিন, পরে উঠিছে পুলিন ॥"—বাসবদত্তা। ২। শৈবাল : শেয়ালা।

নলিনী (নোলিনি) [নলিন দ্রঃ। "নলিন্যাস্তু বিসিনী পদ্মিনী"—অমর। "কুমুদিন্যামপি নলিনী"—অমরটীকা] বি, স্ত্রী, পদ্মিনী। প্র—"দ্বিরেফ নলিনীগত"—মানসকানন কাব্য। ২। কুমুদিনী। ৩। সংস্কৃত ছন্দোবিশেষ ; পঞ্চদশাক্ষরাবৃত্তি। **নলিনীরুহ্**—পদ্মনাল ; মৃণাল

নলিয়া (নো) [গ্রা—নোলে। যে নলি চালায় বা যাহার নলিযন্ত্র আছে] বি, ব্যাধ : পাখীমারা। ২। [নলান দ্রঃ] নল পড়িয়া ; নল চালাইয়া।

নলী (নোলি) [নলি দ্রঃ] বি, স্ত্রী, নল অপেক্ষা সরু শূন্যগর্ভ দণ্ড। ২। নলবৎ অস্থি। প্র—হাত পায়ের নলী। ৩। নাড়ী। ৪। সুগন্ধিদ্রব্যবিশেষ।

নলেন (নোলেন্) [নূতন হইতে হি—ব্রজ নবল, নওল] বিণ, নূতন ; নব। **নলেন গুড়**—নূতন খেজুরে গুড়। প্র—"সাধে রাঁধে পরমান্ন নলেনের গুড়ে"—ঈশ্বরগুপ্ত।

নলো, নোলো (নো) [নল+উয়া—নলুয়া—সংক্ষেপে নলো] বিণ, নলজীবী। ২। বি, নল দ্বারা দর্ম্মা প্রভৃতি নির্ম্মাণকারী জাতি (প্রায় মুসলমান)-বিশেষ।

নল্ব (নল্ল) [নল+ব] বি, পুং, নলদ্বারা পরিমিত ক্ষেত্র ; চারিশত হাত পরিমিত জমি।

নশ্বর (নশ্‌শর্) [নশ্ (বিনষ্ট হওয়া) +বর (কর্ত্তৃ)] বিণ, অস্থায়ী ; ক্ষয়শীল ; অনিত্য ; ভঙ্গুর। প্র—নশ্বর দেহ।

নষ্ট [নশ্ (বিনষ্ট হওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, ক্ষয় প্রাপ্ত ; বিনাশ প্রাপ্ত। ২। বিকৃত : খারাব ; অব্যবহার্য্য। ৩। যাহা হারাইয়া গিয়াছে ; অনুদ্দিষ্ট : যাহার উদ্দেশ পাওয়া যায় না। ৪। দোষাশ্রিত : দুষ্ট। ৫। কুচরিত্র : ভ্রষ্ট। ৬। দুর্বৃত্ত : অসাধু ; খল। ৭। অকর্ম্মণ্য।

নষ্টচন্দ্র [নষ্ট (কলঙ্কিত,—বৃহস্পতির পত্নী তারাকে হরণ করা হেতু) যে চন্দ্র—কর্ম্মধা] বি, পুং, সুরগুরু (১) ভাদ্রমাসের কৃষ্ণপক্ষীয় চতুর্থী তিথি : (২) ভাদ্র মাসের শুক্লচতুর্থী : হরিতালিকা।

নষ্টচেতন (ন্) [নষ্ট (হৃত) হইয়াছে চেতনা (জ্ঞান) যাহার, বহু] বিণ, গতচেতন ; অচৈতন্য : সংজ্ঞাহীন।

নষ্টচেষ্ট [নষ্ট (হৃত) হইয়াছে চেষ্টা (যত্ন) যাহার, বহু] বিণ, জড় : নিস্পন্দ। ২। যাহার সকল চেষ্টা রহিত হইয়াছে : নিশ্চেষ্ট। ৩। মূর্চ্ছিত। বি, নষ্টচেষ্টতা।

নষ্টমতি (মো) [নষ্ট (দুষ্ট, ভ্রষ্ট) হইয়াছে মতি (বুদ্ধি) যাহার, বহু] বিণ, দুষ্টবুদ্ধি ; দুর্ব্বুদ্ধি। ২। ভ্রষ্টবুদ্ধি।

নষ্টবীজ (জ্) [নষ্ট (হৃত) হইয়াছে বীজ যাহার, বহু] বিণ, যাহার বীজ বিকৃত বা খারাব হইয়া গিয়াছে। ২। নিষ্ফল।

নষ্টা [নষ্ট+আপ্—স্ত্রী] বি, স্ত্রী, দুশ্চরিত্রা : ভ্রষ্টা ; কুলটা।

নষ্টাগ্নি [নষ্ট (নির্ব্বাপিত) হইয়াছে অগ্নি যাহার, বহু] বি, পুং, যে অগ্নিহোত্রীর যজ্ঞাগ্নি নষ্ট বা নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছে

নষ্টাম, মি [নষ্ট+আম—আমি (শীলার্থে) পনা দ্রঃ] বি, নষ্টের আচরণ ; খলতা ; দুষ্টামি। ২। কুকর্ম্ম।

নসীব (ব্) [আ—নসীব্] বি, অদৃষ্ট ; কপাল ; ভাগ্য। বিণ, নসীবী।

নস্কর (নশ্‌কর্) [ফা—লশ্‌কর্ (সৈন্যদল ; ছাউনী) হইতে] বি, রাজকর্ম্মচারিবিশেষ ; প্র—"মুক্রি সে নস্কর এথাকার মোর ভার।" —চৈতন্যভাগবত। ২। লস্কর (দ্রঃ)। নাবিক ; নৌকর্ম্মচারী।

নস্তিত, নস্তোত (নোস্তিত্, নস্তোৎ) [সং—নস্ত (নাসিকা)] বি, নাকফোঁড়া বলদাদি ; ভারবাহী ও যানবাহী পশু।

নস্য (নোশ্‌শ) [নস (নাসা) +য] বিণ, নাসা সম্বন্ধীয়। ২। নাসিকার হিতকর ; নাসিকার ব্যবহার্য্য। ৩। [গ্রা-নস্যি] বি, নাস ; snuff. ৪। নাকফোঁড়া পশুর নাকের দড়ী।

নস্য, নস্যি (নোশ্‌শি)[সং—নাশ হইতে গ্রা-রূপ] বি, নাশ ;বিনাশ। প্র—"আজি বুঝিবা বিশ্ব করবে নস্য এমনি যে আকার।" —"সেটা ত পুষ্যি এঁড়ে, সেটাত পুষ্যি এঁড়ে দস্যি ভেড়ে নস্যি কর তারে। উঠে ধানে পথ্যি যেন না করিতে পারে ॥"—ঈশ্বরগুপ্ত।

নস্যদানী, ধানী (নোশ্‌শ) [নস্যের—ধানী (আধার) ৬তৎ] বি, স্ত্রী, নস্যাধার ; নস্যপাত্র।

নস্যোত (নশ্‌শোৎ [নস্তিত দ্রঃ] বি, পুং, নাকফোঁড়া পশু।

নহ [ব্রজ। নথ অপভ্রংশে] বি, নথ। ২। [নহা দ্রঃ] ক্রি, না হও ; নও।

নহলা [নব=নহ ল+হি—নহ্‌লা] বি, তাস খেলার নয়ফোঁটা-যুক্ত তাস।

নহলা [নয়লি (দ্রঃ)—উচ্চারণ বিকারে নহলী] বিণ, নবীন : নূতন। প্র—"হ্যাদেলো কঁচলী বামা গৌরী ভাল জানে আমা কিবা যুবা নহলী যৌবন।"—কবিকঙ্কণ।

নহা [না হওয়া—সংক্ষেপে। হি—নহোনা। উ-পু—নহি ; নহিলাম। ম-পু—নহ : নও ; নহিও। প্র-পু—নহে ; নহিল (দ্রঃ)। অস-ক্রি—নহিতে ; নহিয়া ; নহিলে] ক্রি, না হওয়া। প্র—"মালতী মাল্ শিরে নহ গঙ্গ।"—বিদ্যাপতি। "তথাপি নহিল তিন বাঞ্ছিত পূরণ।"—চৈতন্যচরিত।

নহি (নো) [হি—নহী। ব্রজ। ন (না) হি (নিশ্চয়)] অ, কখনই না ; নিষেধ ; নাহি ; না। প্র—"নহি ছিল জল থল নহি ছিল আকাশ।"—শূন্যপুরাণ। "হঠ পরিরম্ভণে নহি নহি বোল।"—বিদ্যাপতি। "এহন জগৎ নহি আনে।"ঐ।

নহিল (নো) [নহা দ্রঃ। ন—না হইল—সংক্ষেপে] ক্রি, না হইল। প্র—"জর জর হিয়া রহিল পড়িয়া চেতন নহিল মোর।"—চণ্ডীদাস।

নহিলে (নো) [নহা দ্রঃ। না হইলে—সংক্ষেপে—না হলে—নহিলে] অস-ক্রি, না হইলে ; যদি না হয় ; অন্যথা।

নহু, নহুঁ [ব্রজ। না=ন+হুঁ (হওয়া ধাতুর উ-পুরুষের বিভক্তি। প্রাদে গ্রা—বাং —হইমু ; হমুঁ)] ক্রি, না হই ; নহি। প্র—"হাম নহু শঙ্কর হউ বর নারী।"—বিদ্যাপতি।

নহুষ (নোহুষ্) [বৈদিক সাহিত্যে নহুষ অর্থে মানুষ] বি, পুং, রাজা যযাতির পিতা। পুণ্যবলে ইনি ইন্দ্রত্ব লাভ করেন কিন্তু চরিত্র নষ্ট হওয়ায় স্বর্গ হইতে পতিত হইয়া সর্পযোনি প্রাপ্ত হন।

না [সং—ন] অ, বৈপরীত্য-বাচক। অভাবাত্মক ; 'হাঁ'র বিপরীত। প্র—না-মরদ ; নাচার। ২। অসম্মতি ; অমত। প্র—"এ বিষয়ে না করিও না।"—না কে হাঁ করা শক্ত। ৩। সংকল্পের দৃঢ়তা বা জেদ প্রকাশক। প্র—না যাব না। ৪। অনুরোধ। প্র—একটী গল্প "বলনা" অর্থাৎ বল। ৫। অনুজ্ঞা-জ্ঞাপক। প্র—"দাও না," অর্থাৎ দাও। ৬। সংশয় : অনিশ্চয় ; কি ; কিম্বা ; অথবা। প্র—যাবে কি ? না যাবে না? বলিবে ? না বলিবে না ? এটা না ওটা ? ৭। অভিমান ; বিরক্তি প্রকাশার্থে।

এতদর্থে 'না' ক্রিয়ার পূর্ব্বেই বসে এবং বাক্যের অধিকতর দৃঢ়তা জ্ঞাপনার্থে 'না'র সহিত 'ই' ও ব্যবহৃত হয় [ই দ্রঃ] প্র—না হয় নাই হবে। ৮। না স্থলে হাঁ এই ব্যঞ্জনা-বোধক। প্র—যেওনা! "না যাব"। ৯। প্রশ্নোত্তরের সংযোগকারক অব্যয়। কোন প্রশ্নের অব্যবহিত পরে উত্তর থাকিলে বাক্যদ্বয়ের সংযোগসাধক অব্যয়স্বরূপ ব্যবহৃত হয়। প্র—মনুষ্য কে? না যে হৃদয়বান্। ১০। নিষেধার্থে। প্র—করিও না; যাইও না। ১১। ব্যতীত; without. প্র—না জানিয়া। নঞর্থে বল প্রদানে এই অর্থ ক্রিয়াপদের পূর্ব্বে যুক্ত হয়। প্র—না যদি জানিতাম। না জানি ভজন না জানি পূজন। ১৩। [মৈ] পাদপূরণে; অথবা উক্তি বলবৎ করণার্থে। প্র—"সুন্দরি চললিহু পহু ঘর না। চহু দিশ সখি সব কর ধর না।"—বিদ্যাপতি।

না [সং—নৌ, নাব; হি—নাও—সংক্ষেপে না, বিকারে—লা] বি, নৌকা। প্র—"বরিষার ছত্র পিয়া দরিয়ার না।"—বিদ্যাপতি।

নাই [সং—নাস্তি—নাহি—সংক্ষেপে নাই। বৈ-সা—নাঞি। প্র—"জ্বালা নাঞি পাব।"—গীতগোবিন্দ (গিরিধর)] অ, অভাবাত্মক। প্র—"ঠাঁই নাই ঠাঁই নাই ছোট সে তরী।"—রবি। ২। নিষেধবাচক। প্র—নাই বা গেলে। না হয় নাই বলে। ৩। প্রশ্রয়; অত্যধিক আদর; আস্কারা। প্র—"বোধ হয় বালককালাবধি বিশেষ নাই পাইয়া থাকিবে।"—টেকচাঁদ। ৪। বি, নাভি। ৫। চক্রের মধ্য-কীলক। ৬। কুলুপের মধ্যস্থ কীলক। ৭। বিণ, অনুপস্থিত। প্র—তিনি বাড়ী নাই ৮। [আর যোগে] মৃত; গত। প্র- তিনি আর নাই।

নাই [সং—নাভি হইতে] বি, নাভি। ২। নাপিত। ৩ [হি—নহী না আছে "সংক্ষেপে"] ত্রি আছের বিপরীত; অভাব আছে। ৪। অনুপস্থিত আছে। ৫। [নাওয়া দ্রঃ] স্নান করি।

নাই-আঁকড়া (ক্) [নাই (নাভি যন্ত্রের মধ্যকীলক—খুঁটি) আঁকড়া (আঁকড়িয়া যে ধরিয়া থাকে) অথবা যে অসম্মতি-সূচক না অর্থাৎ 'না করিব না', "না যাব না" ইত্যাদির ভাব ধরিয়া বসিয়া থাকে] বি, যে যাহা ধরে তাহা ছাড়ে না: না-ছোড়-বান্দা; এক গুঁইয়া।

নাইয়া, নেয়ে [নাবিক শব্দজ] বি, নৌজীবী: নাবিক; নৌকাচালক; দাঁড়ি। প্র—"নাইয়া পাইটের কলকলি ঘন বাজে শিঙ্গা।"—কবিকঙ্কণ।

নাউ [অলাবু—লাউ—নাউ (ল=ন) গ্রা] বি, লাউ: অলাবু। **নাউঘণ্ট**—লাউর ব্যঞ্জনবিশেষ। **নাউচেঁচ্‌কি**—লাউ খণ্ড খণ্ড করিয়া সরিষা ফোড়ন যোগে সিদ্ধ নিরামিষ ব্যঞ্জনবিশেষ। **নাউচিংড়ি, নাউকাঁকড়া**—লাউয়ের সহিত চিংড়িমাছ বা কাঁকড়ামিশ্রিত ব্যঞ্জনবিশেষ। **নাউমাচা**—লাউ লতার আধার স্বরূপ মঞ্চ।

নাউড়িয়া, নাউড়ে [নাব—হি—নাও+ইয়া স্থলে তুচ্ছার্থে—ড়িয়া। তুল, হাউড়ে হাউ হাউ কারী অর্থে হাউ+ইয়া=ড়িয়া] বি, নৌকাবাহী নাবিক; নৌকার মাঝি। প্র—"ওরে নাউড়ে জলেত রচিলা স্থান।"—শূন্যপুরাণ।

নাএব—নায়েব দ্রঃ।

নাও [সং—নৌ। হি, মৈ—নাব (বি, প)] বি নৌকা। প্র—"রাজার আজ্ঞায় দুই নাও আইল হেথা।"—চৈতন্যভাগবত। "ঐহিকের সুখ হল না বলে কি, ঢেউ দেখে নাও ডুবাবে"—রামপ্রসাদ।

নাওন (ন্) [নাওয়া দ্রঃ] ক্রি, স্নান করা।

নাওয়া [সং—স্নান। ব্রজ—সিনান, নান সংক্ষেপে না+আ (হি—বা, ক্রি-বিভক্তি)—নাআ নাবা—নাওয়া। উ-পু—নাই। ম-পু—নাও। প্র-পু—নায়। অস ক্রি—নাইতে: নাইয়া; নাইলে। ণিজন্ত নাওয়ান] ক্রি, স্নান করা; অবগাহন করা। প্র—"দেশশুদ্ধ লোকের মাঝে গঙ্গাঘাটে নাওয়া।"—হেম বন্দ্যোপাধ্যায়। ২। বি, নাওন: স্নানব্যাপার; স্নানকার্য্য।

নাওয়ারা [হি—নাও+ফা—বারা (ওয়ার) +আ যোগ] বি, মোগল রাজত্ব সময়ের এক প্রকার ভূমিস্বত্ব। মগ জলদস্যুর অত্যাচার নিবারণ হেতু বাঙ্গালার ভিন্ন ভিন্ন স্থান হইতে যে নাও অর্থাৎ নৌকা ও নৌসৈন্য সরবরাহ করা হইত তাহা পোষণের জন্য রাজদত্ত ভূমির ন্যায় নাওয়ারা মহাল। ১৮৩৫ খ্রীষ্টাব্দে মুর্শিদাবাদের নবাবের মৃত্যুর পর নাওয়ারা মহাল খাস মহালের অন্তর্ভুক্ত হয়।

নাং [নাঙ্গ দ্রঃ। গ্রা। অশিষ্ট] বি, পুং, উপপতি: ঢেমন। স্ত্রী, **নাংনী**—ভ্রষ্টা। **নাংচোর, নাংচুর্ণী, নাংচোরনী**—গোপনে উপপতি কারিণী: ব্যভিচারিণী। **নাং করা**—উপপতি করা; পর পুরুষের সহিত ব্যভিচার করা।

নাঃ [না (আর কিছুনা ইহাই নিশ্চয়) + : (শব্দ ও অর্থে বল প্রয়োগে ও দৃঢ়তাজ্ঞাপনার্থে)] অ, সংশয় এবং পূর্ব্ব প্রতিজ্ঞা বা মত পরিত্যাগ করিয়া স্থির নিশ্চয় বা সিদ্ধান্তজ্ঞাপক। প্র—নাঃ যেতেই হবে।

নাক (ক্) [ন (নাই) অক (অসুখ) যেখানে, বহু] বি, পুং, স্বর্গ। বাংলায় এই শব্দের ব্যবহার নাই। যে দুই একটী বিরল ব্যবহার আছে তাহা কাব্যালঙ্কারে অপ্রযুক্ততা অর্থাৎ অপ্রচলিত শব্দের প্রয়োগ-নামক দোষ বলিয়া পরিগণিত হইয়াছে। যথা—"নাকেতে নিজরগণ করে হাহাকার।"

নাক (ক্) [নাসিকা হইতে] বি, ঘ্রাণেন্দ্রিয়: নাসিকা। বিণ, নাকা; নাকী; নাকুয়া। **নাকের গোড়া**—নাসিকার মূল। ২। নাকের কাছে। **নাকের ডগা**—নাসিকাগ্র। **নাকের ডাঁটি**—নাকের দাঁড়া বা দণ্ডবৎ অস্থি। **নাকের ছেঁদা, বিঁদ**—নাকের ছিদ্র। **নাকের পাতা**—নাকের দুই পাশের পাতলা চর্ম্ম। **কাটারি নাক**—শুকনাসা। **নাকের পোঁটা**—সিক্‌নি। **খেঁদা নাক**—নিম্ননাসা: নৌকার মত নাক: অসুন্নত নাক। **টিকল নাক**—উন্নতনাসা। **বোঁচা নাক**—ভোঁতা বা ডগাহীন নাক: স্থুলাগ্র বা অগ্রহীন নাক। **থ্যাবড়া নাক**—চেপ্‌টা নাক; বিস্তৃত বা বসা নাক। **নাকখৎ, নাকখত্তা**—নাকেখৎ দ্রঃ। **নাকবিঁধান**—নথ, নলক নাকছাবি প্রভৃতি অলঙ্কার ধারণ জন্য নাকের পাতার ছিদ্র করা। **নাককড়াই**—নাকে পরিবার মটরাকৃতি ক্ষুদ্র স্বর্ণালঙ্কার। **নাকছাবি, নাকচাবি**—নাককড়াইয়ের মত পরিবার ফুল বা পানের আকৃতি ক্ষুদ্র স্বর্ণালঙ্কার। **নাককাটা**—কর্ত্তিত নাসিকা। ২। নির্লজ্জ। ৩। লজ্জা দেওয়া; অপমানিত করা। **নাকঝাড়া**—নাসিকা হইতে শ্লেষ্মা বাহির করিয়া ফেলা; সিক্‌নি ঝাড়িয়া ফেলা। **নাকখোঁটা**—নাকের ছিদ্র মধ্যে নখ আঁচড়ান; প্র—তাহার নাকখোঁটা রোগ আছে, নাক খুঁটিতে খুঁটিতে রক্তপাত করা, ঘা করা ইত্যাদি। **নাক ঝাঁঝান**—অত্যন্ত তীব্র গন্ধে ঘ্রাণেন্দ্রিয়ের যন্ত্রণা উৎপাদন করা। **নাক চাপা পড়া**—নাকের উপর কোন আচ্ছাদন দ্বারা নিঃশ্বাস বন্ধ হওয়া। **নাকে মুখে গুঁজে খাওয়া**—এত তাড়াতাড়ি খাওয়া যে হাত মুখে তুলিতে নাকে লাগা; কোন প্রকারে গলাধঃকরণ করা। **নিজের নাক কেটে পরের যাত্রাভঙ্গ**—আপনার ক্ষতি করিয়া পরকে জব্দ করা: নির্ব্বোধের মত কাজ করা। **নাক ঝামটা**—মুখ ঝামটা দ্রঃ; তিরস্কার। **নাকে খত**—নাকের দ্বারা খত; অপরাধ সংশোধনার্থ বা ভবিষ্যতে না করিবার প্রতিজ্ঞা স্বরূপ ভূমিতে

নাকে খষিয়া লিখন। প্র—"পোড়ে লাজে বাল্য শিক্ষা ফেলিলাম ছিঁড়ি নাকে খত হেন গুরুমহাশয়গিরি।"—ফুলরেণু। নাক মলা [কান মলার মত] অপরাধের দণ্ডগ্রহণ সহ ভবিষ্যতে সাবধান হওয়া। নাক তোলা—অবজ্ঞা প্রকাশ : ঘৃণা প্রকাশ। নাক-পঁচাশি—একলক্ষ পঁচিশ : লাখ পঁচিশ ; জাঁক ; অহঙ্কার ; বড় মানুষি। নাক ফোঁড়া—দড়ী পরাইবার জন্য নাকে ছিদ্র করা। ২। গাজনের সন্ন্যাসীদিগের শলাকা দ্বারা নাক বিদ্ধ করা। নাকের জলে চোখের জলে হওয়া—অতিশয় ক্রন্দনে চক্ষের জলের সঙ্গে নাকেও জল পড়ে তাহা হইতে সেইরূপ অবস্থা হওয়া ; অত্যন্ত কষ্ট পাওয়া। নাক সেটকান—ঘৃণা প্রকাশ করা। তুচ্ছ করা ; অবজ্ঞা করা। নাক বাঁকান—নাক সিটকান ; ঘৃণা বা অবজ্ঞা প্রকাশ করা। নাকে কান্না—নাসিকা যোগে ক্রন্দন করা: খোনা স্বরে কাঁদা। ২। আন্তরিক নয়, কান্নার ভাণ। প্র—"আঃ তোমার নাকেকান্না শুনিতে আসি নাই, জ্বালাতন করিস্ না।"—বিমলা (দামোদর)। নাক চোনা—নাকের স্বর্ণালঙ্কারবিশেষ ; নাকছাবি। প্র—"অঞ্জন রঞ্জন আঁখি গঞ্জন খঞ্জন পাখী সুললিত নাকে নাকচোনা।"—শিবায়ন।

নাকচ (চ্) [আ—নাকিস্। ফা—নাকস্] বিণ, রদ : রহিত। ২। অব্যবহার্য্য : ৩। তুচ্ছ।

নাকড়া (ক্) [হি—নাক্‌টা] বিণ, কর্ত্তিত নাসা ; নাক কাটা। ২। চড়ক সংক্রান্তিতে গাজনের সন্ন্যাসীদিগের কাঁটাপেলা। ৩। নাকের রোগবিশেষ।

নাকরা [নেকরা দ্রঃ] বি কৌতুক।

নাকসাট (নাক্‌শাট্) [নাক সাট (সাড়া)] বি, নাসিকার শব্দ : নাকের সাড : নাসিকা-গর্জ্জন। প্র—"বলিতে বলিতে বাধা দাগা দিল গিয়া। লেজঠা নাচায়ে লম্ফে নাক্‌সাট দিয়া॥"—ঘনরাম।

নাকা [নাক + আ (সম্বন্ধে)] বিণ, নাসিকা-জাত : নাকী। প্র—"আমি তাহার হিমাঙ্গ স্পর্শে ও নাকা নাকা স্বর শ্রবণে ভীত হইলাম"—সুপ্রভাত ১৩২০।

নাকানিচোপানি, চুবানি [নাকে পানি ও চুবানি = চুবন পানি] বি, জলমগ্ন হইলে যেমন নাকে মুখে জল প্রবেশ করিয়া শ্বাসরোধ হয়। ২। অতিরিক্ত কাজের ভিড়ের মধ্যে ডুবিয়া নিশ্বাস ফেলিবার অবকাশ না পাওয়ার ভাব।

নাকারা [আ—নক্‌কারা। হি—নাগাড়া, নাগারা] বি, আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ : নাগরা। প্র—"উটের উপরে বাজে দামামা টিকারা। ঘোড়ার উপরে বাজে যুগল নাকারা॥"—কাঞ্চিকাবেরী। বিণ, নাকারী নাকারা বাদক।

নাকারা [না—কার (কাজ) + আ। ফা—নকারা] বিণ, যাহা কোন কাজের নয় : অকেজো : কাজের বাহির।

নাকাল (ল্) [আ—নকাল্—আদর্শ দণ্ড : বিলক্ষণ শাস্তি। বাং-য়—অর্থান্তর] বিণ, ক্লান্ত শ্রান্ত। ২। ধকল : নাকানিচুবানি : কষ্টাধিক্য। প্র—"কর্ত্তার বের নাকালটা বিস্তারিত করিয়া বল দেখি"—টেকচাঁদ। ৩। জব্দ।

নাকি, কী [নাক + ই, ঈ] বিণ নাসিকা দ্বারা উচ্চারিত।

নাকি [কি না (সং—কিংনু) = নাকি প্রশ্নে শব্দ বিপর্য্যয়] অ, তাহাই কি : সত্য কি : বটে (প্রশ্নে)। ২। সন্দেহার্থে ; সংশয়ে। প্র—"সেই দিন হৈতে সেইত পথেতে করে নাকি আনা গোনা।"—চণ্ডীদাস। ৩। অসম্ভবার্থে : কভু কি। প্র—"মরি মরি ঠেকিনু কি দায়, জিনিলে উঁহারে নাকি কন্যা দেওয়া যায়।"—বাং-গান। ৪। যেন, ঠিক, প্রায় ইত্যাদি অর্থে। প্র—"কেরলীর কেশপাশ, নাকি অতনুর বাস, চমরী চমর গর্ব্ব হরে।"—কাঞ্চিকাবেরী।

নাকুয়া [নাক + উয়া] বিণ, উন্নতনাসিক।

নাক্ষত্র, নাক্ষত্রিক (নাক্‌খোত্র, নাক্‌খোৎ-তৃক্) [নক্ষত্র + অ—ইক (সম্বন্ধার্থে, ষ্ণ—ষ্ণিক)] বিণ, নক্ষত্র সংক্রান্ত ; নক্ষত্রসম্বন্ধীয়। ২। নক্ষত্রদ্বারা পরিমিত। নাক্ষত্র অহোরাত্র—এক স্থান হইতে ভ্রমণ করিতে করিতে পুনরায় নক্ষত্রের সেই স্থানে আগমনকাল। নাক্ষত্রকাল—নক্ষত্র দ্বারা পরিমিত সময়। নাক্ষত্রমাস—নাক্ষত্র অহোরাত্র গণনায় যে মাস। এইরূপ নাক্ষত্র বৎসর।

নাখুশ (শ্) নাখোশ দ্রঃ।

নাখেরাজ (জ্) [লাখিরাজ দ্রঃ] বি, নিষ্কর ভূমিবিশেষ।

নাখোদা [ফা। জাহাজ দ্রঃ] বি, জাহাজের অধ্যক্ষ। ২। জাহাজের মাল সরবরাহকারী।

নাখোশ, নাখুশ (শ্) [ফা—নাখুশ্ দ্রঃ] বিণ, অসন্তুষ্ট। প্র—"তোমরা যে প্রকারে পার রূপনগরীকে লইয়া আসিলে বাদশাহ যদি তাহাতে নাখোশ হন তবে আমি আছি।"—রাজসিংহ (বঙ্কিম)।

নাগ (গ্) [নগ (পর্ব্বত, বৃক্ষ) + অ (ভবার্থে, ষ্ণ)] বি, যাহারা পর্ব্বতে বা বৃক্ষের কোটরে বাস করে ; সর্প। প্র—"লম্ফ ঝম্প ভূমিকম্পে নাগকূর্ম্ম নাড়িছে।"—অন্নদামঙ্গল। ২। হস্তী। ৩। মেঘ। ৪। মেরুর উত্তরস্থ পর্ব্বতবিশেষ। ৫। রঙ্গধাতু। ৬। সীসক। ৭। সিন্দুর ; মেটে সিঁদুর। ৮। নাগকেশর বৃক্ষ। ৯। পুন্নাগ বৃক্ষ। ১০। অশ্লেষা নক্ষত্র। ১১। [জ্যোতিষ] করণবিশেষ। স্ত্রী, নাগী, নাগিনী।

নাগকর্ণ (গ্) [নাগের (হস্তীর) কর্ণের ন্যায়—পত্র যাহার, বহু] বি, পুং, হস্তিকর্ণ : হাতিকান। ২। ভেরেণ্ডা গাছ।

নাগকেশর (গ্, র্) [নাগ (নাগবৎ) কেশর যাহার—বহু] বি, পুং, নাগকেশর পুষ্প : নাকেশী ফুল। ২। নাগেশ্বর বৃক্ষ।

নাগগর্ভ (নাগ্‌গর্ভ) [নাগ (সীসক) হই-য়াছে গর্ভ (উৎপত্তিস্থান) যাহার, বহু] বি, পুং, সিন্দুর : মেটে সিঁদুর।

নাগছত্রা (নাগ্‌ছত্রা) বি, স্ত্রী, নাগদন্তী : এই গাছের পাতায় সাপের ফণার মত সূত্রজাল আছে।

নাগদন্ত (গ্) [নাগের (হস্তীর) দন্ত (দাঁত) —৬তৎ] বি, পুং হস্তিদন্ত। ২। বস্ত্রাদি ঝুলাইয়া রাখিবার জন্য গৃহভিত্তি বা প্রাচীর গাত্রে সংলগ্ন গোঁজ : খুঁটি। স্ত্রী, নাগদন্তা—বেশ্যা। ২। হাতি শুঁড়ার গাছ।

নাগদন্তিকা (গ্, দো,) বি, স্ত্রী, বিছুটী গাছ।

নাগদমন (গ্, ন্) [নাগ—দমন করে যে, বহু] বি, সর্পবশকারী ; সাপুড়ে। ২। কালীয়নাগ দমনকারী : কালীয়দমন : কৃষ্ণ। প্র—"থাকি বনের ভিতরে নাগদমন বলে মোরে।"—চণ্ডীদাস।

নাগদানা [গ] বি, সাধারণ ক্ষুদ্র ক্ষুপবিশেষ : রক্তপুষ্পা।

নাগপঞ্চমী (গ্) [নাগের পূজা-বিধায়ক যে পঞ্চমী। গ্রা—নাগ্‌পোঞ্চমি] বি, স্ত্রী, শ্রাবণ মাসের শুক্লা-পঞ্চমী, মতান্তরে আষাঢ় মাসের কৃষ্ণা-পঞ্চমী তিথি যাহাতে মনসা ও নাগপূজার বিধি আছে (দেবীপুরাণ)।

নাগপতি (গ্, পো) [নাগের পতি (স্বামী) —৬তৎ] বি, পুং, অনন্তাদি অষ্ট নাগ। ২। ঐরাবত হস্তী।

নাগপাশ (গ্, শ্) বি, পুং, বরুণের অস্ত্র : বন্ধন করিবার অস্ত্র। ২। আড়াই পেঁচের গ্রন্থি। ৩। সর্পরূপ পাশ।

নাগপুর (গ্ র্) বি, ভারতের মধ্যপ্রদেশের

বিভাগবিশেষ : অগ্নিপুরাণোক্ত প্রাচীন রাজধানীবিশেষ। গণ্ডওয়ানা প্রদেশে মহারাষ্ট্রীয় রাজ্যমধ্যে নাগপুর নামে এক বৃহৎ রাজধানী আছে, ঐ রাজধানীর দক্ষিণ দিয়া নাগ নামক নদ গমন করিয়াছে বলিয়া এই নগর নাগপুর নামে খ্যাত।

নাগপুষ্প (গ্) [নাগের (হস্তীর) মদ গন্ধ-যুক্ত পুষ্প যাহার, বহু] বি, পুং, নাগকেশর বৃক্ষ। ২। পুন্নাগ বৃক্ষ।

নাগফণা, ফণী (নাগ্‌ফনা, নাগ্‌ফোনি) [নাগ (সর্প)—ফণা, ফণী (—সর্পফণাকৃতি বলিয়া] বি, ফণী মনসার গাছ।

নাগবল্লরী, নাগবল্লী (গ্, বো) [নাগের (সর্পের) মত বক্রাকৃতি যে বল্লী, বল্লরী (লতা) কর্ম্মধা] বি, স্ত্রী, নাগলতা ; পান।

নাগবীথী (গ্) [নাগ (নাগবৎ চক্রাকার) বীথী (পথ)] বি, স্ত্রী, অশ্বিনী, ভরণী ও কৃত্তিকা এই নক্ষত্রত্রয় ঘটিত গ্রহপথের কিয়দংশ।

নাগবৃক্ষ (গ্) বি, পুং, নাগকেশর বৃক্ষ।

নাগভগিনী (নাগ্‌ভোগিনি) [নাগের (বাসুকির) ভগিনী—৬তৎ] বি, স্ত্রী, জরৎ-কারু ; মনসা।

নাগভূষণ (গ্, ন্) [নাগ (সর্প) হইয়াছে ভূষণ (অলঙ্কার) যাহার, বহু] বি, পুং, মহাদেব। ২। বিণ, নাগভূষিত।

নাগমল্ল (গ্) বি, পুং, ঐরাবত হস্তী।

নাগমাতা (গ্) [নাগের মাতা, ৬তৎ] বি, স্ত্রী, কদ্রু। ২। মনসা দেবী। ৩। [বৈদ্যকে] মনঃশিলা।

নাগযষ্টি (নাগজোশ্‌টি) [নাগের (সর্পের) আকৃতি যে যষ্টি (লাঠি) কর্ম্মধা] বি, স্ত্রী, পুষ্করিণীর মধ্যে প্রোথিত দণ্ড ; রই কাঠ।

নাগর (র্) [নগর+অ (ভবার্থে—ষ্ণ)] বিণ, নগরজাত ; নগরসম্বন্ধীয়। ২। নগর-বাসী। ৩। রসিক ; যাহার রসজ্ঞান আছে ; প্রণয়ী। প্র—"ঐছন মন্দিরে শয়ন করে যে সে মেনে নাগর কে।"—চণ্ডীদাস। "সব সখী ডারত নাগর অঙ্গে"—জ্ঞানদাস। ৪। বি, দেবর [বিরল]। ৪। দেবনাগর অক্ষর ; নাগরী। ৫। [বৈদ্যকে] নাগর মুথা। (২)। শুঁঠ। (৩) নাগকেশর পুষ্প। স্ত্রী, নাগরী।

নাগরঙ্গ (গ্) [নাগ (সীসক, সিন্দুর) রঙ্গ (বর্ণ) যাহার, বহু] বি, পুং, নারাঙ্গা নেবু।

নাগরদোলা (র্) বি, উপর নিম্নে চক্রাকারে ঘুরিবার মত বৃহৎ দোলাবিশেষ ; a seasaw

নাগরভূপ (র্, প্) [নাগরের—ভূপ (রাজা), ৬তৎ] বি, নাগরচূড়ামণি ; নাগরপ্রধান। প্র—"কোন পথ দিয়া কেমন করিয়া আইল নাগরভূপ।"—অন্নদামঙ্গল।

নাগরা, নাগারা (গ্) [আ—নক্‌কারা] বি, মৃত্তিকা বা ধাতু নির্ম্মিত বৃহৎ আনদ্ধ যন্ত্র-বিশেষ। প্র—"ধাঁ ধাঁ গুড় গুড় বাজে নাগারা"—অন্নদামঙ্গল। "ঘোড়া উঠ হাতি পিঠে নাগারা নিশান।"—ঐ। ২। হিন্দুস্থানে ব্যবহৃত জুতাবিশেষ ; গোরগাবী।

নাগরাজ (গ্, জ্) [নাগের (সর্পের) রাজা (প্রধান) ৬তৎ] বি, পুং, সর্পরাজ ; অনন্ত ; বাসুকি। ২। [নাগের (হস্তীর) রাজা (প্রধান)—৬তৎ] ঐরাবত।

নাগরালি,—লী [নাগর+আলি, আলী (শীলার্থে)] বি, নাগরের ভাব ; চতুরালী ; চতুরতা ; চাতুরী। প্র—"কে তুহারে শিখাইল এই নাগরালী"—অশোকগুচ্ছ। ২। লম্পটতা। "বুঝহ চতুর সব কিএ চতুরালী। কুটিনীরে ফাঁকি দিয়া করে নাগরালী॥"—ভারতচন্দ্র।

নাগরিক (ক্) [নগর+ইক (সম্বন্ধে, নিবাসার্থে, ষ্ণিক)] বিণ, নগরবাসী। ২। নগর সম্বন্ধীয়।

নাগরী (নাগোরি) [নাগর দ্রঃ] বি, স্ত্রী, সিজে গাছ। ২। রসিকা নারী। ৩। প্রণয়িনী। প্র—"নব নাগরী"—গোবিন্দদাস। ৪। নগর-বাসিনী। প্র—"হেনকালে নগরিয়া অনেক নাগরী। স্নান করিবারে আইলা সঙ্গে সহচরী॥"—অন্নদামঙ্গল। ৫। দেবনাগর অক্ষর। ৬। (নাগ্‌রি) মৃৎপাত্রবিশেষ ; মৃন্ময় কলস। প্র—গুড়ের নাগরী।

নাগরীট (ট্) [নাগরী (যে স্ত্রী গোপনে প্রেমাসক্ত হয়)+ইট (যে গমন করে) যে নাগরীর প্রেমাসক্ত হইয়া তাহার নিকট গমন করে] বি, উপপতি। ২। লম্পট।

নাগরোথা [নাগর—উৎ—স্থা] বি, স্ত্রী, নাগরমুথা।

নাগর্য্য (নাগোর্‌জো) [নাগর+য (ভাবার্থে—ষ্ণ্য)] বি, ক্লী, নাগরের ভাব ; নাগরালি।

নাগলতা (গ্) বি, স্ত্রী, নাগবল্লরী ; তাম্বূল-লতা ; পানগাছ।

নাগলোক (ক্) [নাগের (সর্পের) লোক (বাসস্থান) ৬তৎ] বি, পুং, রসাতল ; পাতাল।

নাগসিন্দূর (নাগ্‌সিন্দুর) [নাগ দ্রঃ] বি, মেটে সিঁদুর ; সীসকজাত সিঁদুর।

নাগা [সং—নগ্ন ; হি—নঙ্গা ; বাং—নাগা] বি, উলঙ্গ-সন্ন্যাসী। ২। নাগা-পর্ব্বতবাসী অসভ্য জাতি। ৩। আটক। প্র—"যখন পাকিবে খন্দ, পাতিবে বিষম ছন্দ দরিদ্রের ধানে দিবে নাগা।"—কবিকঙ্কণ। ৪। লঙ্ঘন।

নাগাইদ (দ্) [আ—লাগায়েৎ] হইতে ; অবধি।

নাগাড় (ড়্) [লাগ=নাগ+আড়] বি, ক্রম।

নাগাধিপ, নাগাধিপতি (প্—পোতি) [নাগের (সর্পের বা (হস্তীর) অধিপ, অধি-পতি (প্রধান) ৬তৎ] বি, পুং, নাগরাজ। ২। ঐরাবত হস্তী।

নাগান্তক (ক্) [নাগের (সর্পের) অন্তক (বিনাশক) ৬তৎ] বি, পুং, সর্পভুক্ ; গরুড়। ২। ময়ূর। ৩। [নাগের (হস্তীর) অন্তক (ঘাতক) ৬তৎ] বি, পুং, সিংহ।

নাগাল (ল্) [লাগ হইতে লাগল্] বি, লগ্নতা; সমীপবর্ত্তিতা ; স্পর্শ ; পৌঁছ। **নাগাল ধরা**—পৌঁছ পাওয়া ; নিকটে উপস্থিত হওয়া।

নাগালি [লাগাইল (দ্রঃ) লাগ হইতে] বি, নৈকট্য ; সাক্ষাৎ। প্র—"এত দিনে তোমার নাগালি নাহি পাই।"—চৈতন্যভাগবত।

নাগেন্দ্র [নাগের (সর্পের বা হস্তীর) ইন্দ্র (প্রধান) ৬তৎ] বি, পুং; অনন্ত ; বাসুকি। ২। ঐরাবত।

নাগেশ (শ্) [নাগের ঈশ—৬তৎ] বি, পুং, অনন্ত। ২। ঐরাবত হস্তী।

নাঙল (ল্) [লাঙ্গল শব্দজ] বি, লাঙ্গল, হল।

নাঙ্গ (নাং) [নগ্ন হইতে] বি, উপপতি। প্র—"বাগদিনী বলে সয়া এইত মন ভাঙ্গে। কথা যদি কাট তো কি কাজ বুড়া নাঙ্গে॥"—শিবায়ন।

নাচ (চ্) [সং—নৃত্য। প্রাকৃ—নচ্চ—নাচ] বি, নর্ত্তন (দ্রঃ) ; নৃত্য। ২। অঙ্গভঙ্গি। ৩। কম্পন।

নাচ (চ্) নাছ দ্রঃ।

নাচত [ব্রজ। নাচা দ্রঃ] বি, নাচে। প্র—"শিখিকুল নাচত।"—বিদ্যাপতি।

নাচন (ন্) [নাচা দ্রঃ] বি, নৃত্যকরণ ; অঙ্গ-ভঙ্গীকরণ। প্র—"বৌ ঢাকন খোল নাচন দেখ"—উপকথা। ২। স্পন্দন।

নাচনী, নাচানী, নাচুনী [নাচ (দ্রঃ)+নী। হি—নাচনেবালী] বি, স্ত্রী, নর্ত্তকী। প্র—"গজেন্দ্র গামিনী রামা রূপে যেন তিলোত্তমা বেহুলা নাচনী তার নাম।"—ক্ষেমানন্দ ও কেতকা দাস। ২। নাচিবার পারিশ্রমিক ; নর্ত্তকের বেতন। ৩। নৃত্য। প্র—"কিবা

দুটী ভুরুর নাচনী।"—বলরামদাস। ৪। বাখারি দ্বারা তৈয়ারি তাঁতের যন্ত্রবিশেষ।

নাচা [নাচ + আ (ক্রি-বিভক্তি)। উ-পু—নাচি। ম-পু—নাচ ; নাচুন ; নাচ্। প্র-পু—নাচে ; নাচেন। অস-ক্রি—নাচিতে ; নাচিয়া ; নেচে। ণিজন্ত—নাচান] ক্রি, নৃত্য করা। ২। স্পন্দিত হওয়া। প্র—"সুলক্ষণ চিহ্ন নাচিছে বামাঙ্গ স্পন্দিত হ'তেছে আনন্দে অপাঙ্গ।"—বাং-গান।

নাচাড়ী [গ্রা—লাচাড়ী। নাচ—বালী—বাড়ী] বিণ, নাচের ছন্দ ; নাচনী ছন্দে বাঁধা সংগীত।

নাচার (র্) [ফা—ন—চারহ্—চার (উপায়)] বি, নিরুপায় ; অসহায়। প্র—"দিয়াছ তারা ছটা ইয়ার তারা আমায় কল্লে নাচার।"—রামপ্রসাদ।

নাচি, ছি—বি, ছিদ্র ; বিঁধ। ২। লোহার কাঁটার পেটা মুখ ; rivet.

নাছ, নাচ (ছ, চ্) [হি—নাহ্জ্ = সদর রাস্তা, তাহা হইতে সদর] বি, সদর রাস্তা ; রাজপথ ; পথ। প্র—"নিমেষেকে কর ইন্দ্রে নাছের ভিখারী।"—কাশী-মহা-আদি। "কেহ লক্ষপতি কেহ নাছের ভিক্ষুক।"—ঘনরাম। ২। সদর ; সদর দ্বার ; গৃহ-প্রবেশের প্রধান দ্বার ; গৃহ-প্রবেশের প্রকাশ্য দ্বার। প্র—"দেখিয়া কাঙ্গালি সবে দিবে গালি রহিতে না দিবে নাছে।"—অন্নদামঙ্গল। "পেয়াদা সভার নাছে প্রজারা পলায় পাছে দুয়ার চাপিয়া দেয় থানা।"—কবিকঙ্কণ। ৩। [পাছ হইতে নাছ ভ্রমে] গৃহের পশ্চাদ্দ্বার খিড়কী। নাচ-দুয়ার—সদর দ্বার। প্র—"এমন কত মণি পড়ে আছে চিন্তামণির নাচ দুয়ারে"—কমলাকান্ত।

নাছবাট (ছ্, ট্) [নাছ (সদর) বাট (পথ)] বি, সদর রাস্তা ; প্রকাশ্যপথ। প্র—"চারি চৌরী চতুঃশালা মাঝে পিঁড়ে কাঁচ ঢালা পাখাথে রচিল নাছবাট"—কবিকঙ্কণ।

নাছোড় (ড়্) [হি—নছোড়] বিণ, যে ছাড়ে না ; নাইআঁকড়া। প্র—"গড়াগড়ি পায়ে ধরি নাছোড় বিবিজান।"—হেমবন্দ্যো। নাছোড়বান্দা—ছাড়িয়া দিবার পাত্র নয় ; একগুঁইয়া ; নাইআঁকড়া।

নাজানি [সং—ও হি—ন জানে] অ, কি জানি ; জানি না ; প্রায় আমার অজ্ঞাত সারে এই অর্থে] প্র—"না জানি সজনি আমায় কে কি করেছে"—বাং-গান।

নাজিনা [সং—শো + ভঞ্জন হইতে শজিনা] বি, যে শজিনা গাছে বারমাস ফুল ফল হয়। প্রায়ই নাজিনা শজিনা অপেক্ষা তিক্ত হয়।

নাজিম (ম্) [আ—নাজীম্] বি, মুসলমান গবর্ণর ; শাসনকর্তা।

নাজির, নাজীর (র্) [আ—নাজীর] বি, আদালতের কর্ম্মচারী-বিশেষ ; পরিদর্শক। প্র—"নাজিরে কহিলা বন্দী কররে বামণে।"—ভারতচন্দ্র।

নাজেহাল (ল্) [ফা] বিণ, সঙ্কটাপন্ন ; ওষ্ঠাগত প্রাণ। নাজেহাল পেশেমান [ফা—পেশেমান্ = লজ্জাযুক্ত নাজ্কহাল্ = delicate situation] নাস্তানাবুদ ; হায়রাণ ও পারেশান।

নাট (ট্) [নট্ (নৃত্য করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, নর্ত্তন ; নৃত্য ; নাচ। প্র—"বিশ্রাম দিবস আট শুন গীত দেখ নাট আসরে করহ অধিষ্ঠান।"—কবিকঙ্কণ। ২। অভিনয়। প্র—"নবীন তরঙ্গ তুলে করুচ কত নাট।"—হেমবন্দ্যো। "আনন্দে প্রতাপ রুদ্র ছাড়ি রাজ্যপাট। মিশ্রের ভবনে আসি নিত্য দেখে নাট॥"—গোবিন্দদাসের করচা। ৩। রঙ্গ ; কৌতুক। প্র—"এরূপে করিয়া হাট ঘরে গিয়া আর নাট। বাঁকা মুখে কথা কহে চোখা।"—অন্নদামঙ্গল। "প্রতিজ্ঞার কথা লয়ে গিয়ে ছিল ভাট পত্র পাঠ শুনিয়া দেখিতে আইনু নাট॥"—ঐ। বিণ, নাটুয়া।

নাট (ট্) [নষ্ট শব্দজ] বিণ, লাট ; পাটভাঙ্গা ; অগোছাল।

নাট (ট্) [গ্রা-বাং] বি, অবস্থিতি ; আড্ডা। প্র—"নর্ত্তক, বাদক, ভাট, নবদ্বীপ যার নাট, আসি সবে নাচে পাঞা প্রীত।"—চৈতন্যচরিতামৃত।

নাটক (ক্) [নট্ (নৃত্য করা) + অক (কর্ত্তৃ)] বি, ক্লী, দৃশ্য কাব্যের রূপক ভাগের প্রকারবিশেষ ; দৃশ্যকাব্য ; রঙ্গভূমিতে অভিনয়-করণোপযোগী গ্রন্থ ; drama. ২। বিণ, নর্ত্তক। প্র—"নাচিছে নাটক গায়িছে গায়ক।"—ভারতচন্দ্র।

নাটকীয় [নাটক + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, নাটক সম্বন্ধীয়। ২। নাটকে বর্ণিত। প্র—নাটকীয় চরিত্র।

নাটমন্দির (নাটমোন্দির্) [নাট—মন্দির] বি, ক্লী, দেব মন্দিরের সম্মুখস্থ গৃহ বা মণ্ডপ যথায় দেবতার প্রীত্যর্থে নৃত্য গীতাদি হয়। ২। নাচ ঘর।

নাটা—বি, বর্ত্তুলাকার ফলবিশেষ ; নাটাকরঞ্জা ; লাটা ফল। প্র—"দুই চক্ষু জিনি নাটা ঘুরে যেন কড়ি ভাঁটা কাণে শোভে ফটিক কুণ্ডল।"—কবিকঙ্কণ।

নাটা—বি, তাঁত বুনিবার সুতা জড়াইবার শলাকা।

নাটা [সং—নত। হি—নাটা] বিণ বেঁটে ; খাট।

নাটাই [সং—নর্ত্তকী হইতে] বি, তাঁত বুনিবার সুত্র জড়াইবার শলাকা। ২। ঘুড়ি উড়াইবার সুতা যেযন্ত্রে জড়ান হয়। প্র—"বুকে বাণ বাজিয়া নাটাই হেন ঘুরে।"—কৃত্তিবাস।

নাটাই-মঙ্গল-চণ্ডী (মোংগলচোণ্ডী) বি, স্ত্রী, চণ্ডী দেবীর মূর্ত্তিভেদ। অগ্রহায়ণ মাসে প্রতি রবিবারে এই ব্রত হয়, ব্রতের ফল চণ্ডীর অনুগ্রহ লাভ। ব্রতকথা কবিকঙ্কণ মুকুন্দরামের চণ্ডীতে আছে।

নাটাকরঞ্জ—বি, অম্লফলবিশেষ।

নাটান (নো) [নাটা দ্রঃ। উ-পু—নাটাই। ম-পু—নাটাও। প্র-পু—নাটায়] ক্রি, নাটাতে বা লাটাইতে সুতা জড়ান। ২। নাটাইয়ের মত ঘূরপাক খাওয়া। ৩। [লতান হইতে] লতাইয়া পড়া ; নাট খাইয়া পড়া ; ক্লান্ত হওয়া।

নাটাপাটা [লতাপাতা হইতে। লতাপাতা যেমন ভূমিতে গড়াগড়ি যায়। তুল—হি—লৌট-পৌট] বিণ, গড়াগড়ি। ২। অবসন্ন ; হিমসিম। ৩। তলাইয়া পড়ার অবস্থাপন্ন।

নাটিকা [নাটক + আপ্-স্ত্রী, ই আগম] বি, স্ত্রী, ক্ষুদ্রাকার নাটকবিশেষ ; ইহাতে চারিটী মাত্র অঙ্ক থাকে। ২। নাটকারিণী ; নর্ত্তকী।

নাটিত [নট্ (নৃত্য করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, কৃতাভিনয় ; অভিনীত। ২। [নট্ + ণিচ্ = নাটি (নাচান) + ত (ভাবে, ক্ত)] বি, ক্লী, নাচান।

নাটিনী [ব্রজ। নাট দ্রঃ] বি, স্ত্রী, নটী ; নর্ত্তকী। প্র—"নিরুপম নটিনী সমাজ"—গোবিন্দদাস।

নাটিম (ম্) [গ্রা। হি—লাট্টু, লাটিম দ্রঃ] বি, লাটিম।

নাটুয়া [নাট + উয়া] বিণ, নট ; নৃত্যকারী ; নর্ত্তক। ২। অভিনয়কারী ; অভিনেতা। প্র—"নাটুয়ার মত সঙ্গে আছে কত সাজ"—ভারতচন্দ্র। "স্নান করি নীলাম্বর ধরে পুর্ব্বকলেবর নাটুয়া ফিরায় যেন বেশ।"—কবিকঙ্কণ।

নাট্য (নাট্টো) [নট + য (সম্বন্ধার্থে)] বি, ক্লী, ভরতমুনি প্রবর্ত্তিত নৃত্যগীতবাদ্য এই তিনের সমবায় ; তৌর্য্যত্রিক। ২। নৃত্যগীত বাদ্য ; কলা বিদ্যা।

নাট্যশালা (নাট্ট—) [নাট্যের শালা (গৃহ) ৬তৎ] বি, স্ত্রী, নাটমন্দির ; রঙ্গভূমি। প্র—"কাব্য উপন্যাস নহে এ মম জীবন। নাট্যশালা নহে—ইহা প্রকৃত ভবন॥—সেখ সাআদি।

গ্রা·বাং—নাটসাল। প্র—"আবকর খেড় মন্দির আবকর নাটসাল।"—শূন্যপুরাণ।

নাট্যাচার্য্য (নাট্‌ট্যাচার্জ) [নাট্যের আচার্য্য (গুরু) ৬তৎ] বি, পুং, তৌর্য্যত্রিকের শিক্ষাগুরু। ২। অভিনয় সম্বন্ধে শিক্ষাদাতা ; রঙ্গভূমির অধ্যক্ষ।

নাড়ন (ন্) [নাড়া দ্রঃ] বি, একস্থান হইতে অন্যত্র লইয়া যাওন ; স্থানান্তরিত করণ। ২। কম্পন। ৩। চালন।

নাড়া [প্রাদে] বি, কর্ত্তিত ধান্য গাছের ভূমিলগ্ন অংশ ; ধান কাটার পর ক্ষেত্রে ধান গাছের গোড়ার যে অংশ অবশিষ্ট থাকে। প্র—"গজমুখী ঘর সে ছাউনী সব নাড়া"—কৃত্তিবাস। ২। আন্দোলন। প্র"—হাত নাড়া ঘন ডাক"—অন্নদামঙ্গল। **নাড়াবুনে**—নাড়া বনের লোক ; চাষা। প্র—"যত ছিল নাড়াবুনে সব হল কীর্ত্তনে।"

নাড়া [সং—নাড়ি (চালনে)। উ-পু—নাড়ি। ম-পু—নাড় ; নাড়ূন্ ; নাড়্। প্র-পু—নাড়ে। অস-ক্রি—নাড়িতে ; নাড়িয়া। ণিজন্ত—নাড়ান] ক্রি, স্থানান্তরিত করা। ২। সঞ্চালিত করা ; আন্দোলিত করা। ৩। ঘাঁটা। **নাড়াচাড়া,—নাড়ি**—স্থানচ্যুতি। ২। ঘাঁটাঘাঁটি। ৩। আন্দোলন।

নাড়ি, নাড়িকা, নাড়ী [নড়্+ণিচ্=নাড়ি (বন্ধন করা) +ই (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, ধমনী ; রক্ত সঞ্চালক শিরা। ২। দেহে বাত পিত্ত কফের অবস্থা জ্ঞাপক শিরাবিশেষ ; যাহা স্পর্শ করিয়া চিকিৎসকগণ রোগ নির্ণয় করেন। ৩। একদণ্ড সময় ; ২৪ মিনিট। ৪। নালী ঘা। ৫। জলবাহ সূর্য্যরশ্মি।

নাড়ীক, নাড়ীচ (ক্, চ্) বি, পুং, নালিতা পাতা ; তিক্ত পাট শাক।

নাড়ীচক্র (— চক্‌ক্র) [তন্ত্রে] বি, ক্লী, নাভিস্থ নাড়ীমূল। ইড়া, পিঙ্গলা, সুষুম্না, পরমা, গান্ধারী, হস্তিজিহ্বা, পুষা, সুযশা, অলম্বুষা, কুহু, শঙ্খিনী, লোলজিহ্বা, বিজয়া, কামদা, অমৃতা, বহুলা এই ১৬টি নাড়ী।

নাড়ীটেপা [নাড়ী—টেপা (যে টেপে)] বি, বৈদ্য ; চিকিৎসক ; ডাক্তার। প্র—নাড়ীটেপা ফেরায় সাহেব বার্টেল নায়েব"—হেমবন্দ্যো।

নাড়ীনক্ষত্র (—নোক্‌খোৎত্র) বি, ক্লী, জন্মনক্ষত্র। ২। গোড়াথেকে সমস্ত বিষয় ; জন্মাবধি সকল সংবাদ।

নাড়ীমণ্ডল (—মোনডল্) [জ্যোতিঃ পরিঃ] বি, বিষুব রেখা।

নাড়ীমরা [নাড়ী (অন্নবাহা নাড়ী) মরা (সঙ্কুচিত হওয়া)] ক্রি, ক্ষুধা নষ্ট হওয়া। ২। বিণ, অল্পাহারী। ৩। পেটরোগা। ৪। বি, অক্ষুধা।

নাড়ীবলয় (য়্) [জ্যোতিঃ পরিঃ] বি, লগ্নজ্ঞাপক নাড়ীর ন্যায় বলয়াকৃতি কালবোধক যন্ত্র বা চক্র।

নাড়ীব্রণ, নালীব্রণ (—ব্রোনো) [নাড়ী =নালী] বি, পুং, শোষযুক্ত ক্ষত ; নালী ঘা : sinus.

নাড়ু [লড্ডুক শব্দজ] বি, গোলাকার মিষ্টান্নবিশেষ ; লাড়ু ; মোদক। প্র—"মোদক প্রধান রাণা করে চিনি কারখানা খণ্ডনাড়ু করয়ে নির্ম্মাণ।"—কবিকঙ্কণ।

নানক (ক্) বি, পুং, শিখধর্ম্ম সম্প্রদায়ের প্রবর্ত্তক পঞ্জাববাসী মহাপুরুষ নানক সাহ।

নানকপন্থী—সাহী (ক্, পো, শাহি) বি, নানক সাহের প্রবর্ত্তিত ধর্ম্মসম্প্রদায় ; শিখজাতি।

নাতান, নাতোন (ন্) [নাতোয়ান দ্রঃ] বিণ, দরিদ্র ; নির্ধন। প্র—"মহেশ্বরী আমার রাজা, আমি খাস্ তালুকের প্রজা, আমি কখন নাতান, কখন সাতান কখন বাকীর দায়ে না ঠেকিরে"—রামপ্রসাদ। **নাতন কাচ কাচা**—দরিদ্রতার ভাণ করা ; সামর্থ্য থাকিতে অসমর্থ বলিয়া জাহির করা।

নাতি [নপ্তৃ শব্দজ] বি, পুত্রের পুত্র ; পৌত্র। ২। কন্যার পুত্র ; দৌহিত্র। স্ত্রী, **নাতিনী**—পুত্র বা কন্যার কন্যা।

নাতিশীতোষ্ণ (—শীতোষ্‌ণ্‌) [ন (না) অতি (অধিক) শীত এবং উষ্ণ] বিণ, অতি শীতলও নয়, অতি উষ্ণও নয় ; বসন্ত কালের মত পরিমিত শীতোষ্ণ জলবায়ু।

নাতোয়ান (ন্) [ফা—নাতুয়ান্=অসমর্থ] বি, অপারকতা ; অসামর্থ্য ; অক্ষমতা। ২। জমীদারের খাজনা দিতে অপারক ব্যক্তি। বিণ, **নাতোয়ানী**। প্র—"নাতোয়ানী কাচ কাচো মা, অঙ্গে ভস্মভূষণ পরি।"—রামপ্রসাদ। **নাতোয়ানের দুনো ব্যয়**—অভাবগ্রস্ত লোক প্রয়োজন কালে ব্যয়ে অপারক হয় কিন্তু পরে তাহার সেই কার্য্যেই দ্বিগুণ ব্যয় হয়। [তুল—"নূন দিয়ে রাঁধিত ভালই হয় আলুনি রাঁধতে তিন গুণ যায়।"] **নাতোয়ানের দুনো মালগুজারি**—নাতোয়ান অর্থাৎ অক্ষম প্রজা অর্থাভাব বশত যথাসময়ে জমিদারকে খাজনা দিতে না পারায় পরে তাহাকে সুদে ও আসলে খাজনার দ্বিগুণ টাকা দিয়া অব্যাহতি লাভ করিতে হয়।

নাথ (থ্) [নাথ্ (প্রভু হওয়া) +অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি, পুং, কর্ত্তা, প্রভু ; অধিপতি। ২। স্বামী ; পতি। ৩। হিন্দুর (বিশেষতঃ যোগী জাতির) জাতীয় উপাধিবিশেষ।

নাথ (থ্) [নস্ত=নাক হইতে] বি, নাকফোড়া রজ্জু।

নাথবান্ (থ্) [নাথ+বৎ (অস্ত্যর্থে—বতু) =নাথবৎ ১মা, ১ব] বিণ, সনাথ। ২। অস্বাধীন ; পরাধীন। স্ত্রী, **নাথবতী**—সধবা ; যে নারীর স্বামী বিদ্যমান ; সভর্ত্তৃকা। প্র—"কৃষ্ণা অসামান্য নাথবতী হইলেও দুরাত্মা দুঃশাসন সেই অতি কাতরা দীর্ঘকেশীকে যেন অনাথার ন্যায় বলপূর্ব্বক সভাসমীপে আনয়ন করিয়া * * আকমণ করিতে লাগিল।"—মহা—সভা (বর্দ্ধ)।

নাথানোথা [গ্রা। নাথা (লাথি) নোথা (লাথি সদৃশ প্রহার অর্থে সহচর শব্দ)] বি, লাথি কীল প্রভৃতি। প্র—"প্রাণ ভয়ে দ্বিজগণ দেখায় পইতা পরাণে না মারে দানা মারে নাথানোথা।"—কবিকঙ্কণ।

নাথি, নাথী [লাথি দ্রঃ] বি, পদাঘাত। প্র—"নারায়ণ কৈল মোরে নারদের হাতী। কুটে ধান গেল প্রাণ খেয়ে মেয়ের নাথি॥"—শিবায়ন।

নাদ (দ্) [নদ্ (শব্দ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, নিনাদ ; শব্দ ; ধ্বনি। প্র—বজ্রনাদ। ২। গর্জ্জন। প্র—সিংহনাদ। ৩। বৃহৎ পশ্বাদির পুরীষ। প্র—হাতীর নাদ।

নাদ (দ্) [সং—নন্দা, নান্দীপট] বি, অলিঞ্জর ; পেটমোটা বড় পুরু ও ফাঁদাল মুখ কলস। **গুড়ের নাদ**—গুড় রাখিবার নাদ। নাদে সাধাঃ গুড় রাখাই হয়। **নাদপচা**—নাদে পচা চাউলের গন্ধ ; নাদ গন্ধযুক্ত।

নাদন (ন্) [নাদা দ্রঃ] বি, গবাদি পশুর মলত্যাগ করণ। ২। মোটা খুঁটি ; স্থূল যষ্টি ; বৃক্ষকাণ্ড। প্র—"বিচিত্র ভাণ্ডার ঘর ভাণ্ডার পানের গুম্ব লাগে চন্দনর নাদন"—শূন্যপুরাণ।

নাদনা (দ্) বি, মুদ্গরবিশেষ ; দুর্ম্মুষ। ২। বৃহৎ যষ্টি ; মোটা লাঠি। প্র—নাদনা ঘাড়ে করিয়া। ৩। স্তূপ ; ঢিপি। প্র—"সোনায় শরীর করি উএর নাদনা"—কবিবল্লভ। ৪। সর্দ্দল ; খিলানের পুরু কাষ্ঠ। প্র—"মণ্ডপে ফটিকের থাম লাগে চন্দন নাদন"—শূন্যপুরাণ।

নাদনাবাড়ি (দ্) বি, মোটালাঠি ; কোঁৎকা (গ্রা)।

নাদনী [হি—লাদনা, লাদনী—যাহাতে বোঝাই করা হয়] বি, ভারবাহী নৌকাবিশেষ।

নাদবিন্দু (দ্) বি, পুং, চন্দ্রবিন্দু ; ঁ। ২। উপনিষদবিশেষ।

নাদা [নাদ (দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি)। প্র-পূ—নাদে; নাদিল; নাদিয়াছিল; নাদিত; নাদিবে] ক্রি, বৃহৎ পশুর পুরীষ ত্যাগ করা। ২। গর্জ্জন করা; হুঙ্কার করা। প্র—"নাদিল দানববালা হুহুঙ্কার রবে"—মেঘনাদ। ৩। বি, বৃহৎ মৃৎপাত্রবিশেষ; নাদ (দ্রঃ); পেটমোটা ফাঁদাল মুখ পুরু কলস। নাদাপেটা—নাদের মত মোটা পেটযুক্ত; কুৎসিত স্থূলোদর। নাদাপেটা হাঁদারাম—নাদ যেমন স্থূল বুদ্ধিও তদ্রূপ স্থূল; স্থূলোদর স্থূলবুদ্ধি; রূপগুণ বর্জ্জিত; কিম্ভূত কিমাকার।

নাদিত [নদ্+ণিচ্=নাদি (শব্দ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ধ্বনিত; নিনাদিত; শব্দিত।

নাদী [নদ্ (শব্দ করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) =নাদিন্ ১মা, ১ব] বিণ, নাদকারী; শব্দায়মান। প্র—"গদগদনাদী গোদাবরী।" ২। গুটিকাকৃতি পুরীষ। প্র—ছাগল নাদী।

নাদুস নুদুস (নাদুশ্ নুদুশ্) [নাদ সদৃশ স্থূল অর্থে নাদুস এবং তুন্দিল বা ভুঁদিবিশিষ্ট বলিয়া আদরার্থে নুদুস] বিণ, স্থূলোদর এবং স্থূল কোমলদেহ; থুলথুলে।

নাদেয় [নদ বা নদী+এয় (ভবার্থে)] বিণ, নদীজাত। ২। নদী সংক্রান্ত; নদীসম্বন্ধীয়। ৩। বি, নদীর জল। ৪। [বৈদ্যকে] স্ত্রী, সৈন্ধব লবণ। (২) সৌবীরাঞ্জন।

নাদোষমাছ—বি, ছোট মাছবিশেষ; perca nebulosa.

নাদ্য [নদ+য (ভবার্থে, ষ্ণ্য)] বিণ, নদীজাত; নাদেয়।

নানকর (র্) [ফা—নান্‌কার্] জমীদার প্রভৃতিকে ভরণপোষণার্থ দত্ত অর্থ বা ভূসম্পত্তি; চাকরাণ।

নানবাই (ন্) [ফা—নান (রুটী) বাই (ব্যবসায়ী, যে গড়ে)] বি, মুসলমান রুটী-ওয়ালা।

নানা [সং] বিণ, অনেক প্রকার; বহুবিধ; various. ২। বিবিধ; ভিন্ন; different. ৩। বহু; অনেক; many.

নানা [হি—নানা। ওড়ি—নানা। সং—তাতা। প্রা-বাং ও আধু মুসলমানী বাং-য়] বি, মাতার পিতা; মাতামহ। স্ত্রী, নানী—মাতামহী। প্র—"এঁদে দেয় ঘুঘু নানী কদুই ডেলের পানি।"—ঈশ্বর গুপ্ত

নানাকেলে [নানা (বহুবিধ)+কেলে (কালিক)] বিণ, বিভিন্ন কালজাত বা সম্বন্ধীয়। ২। নানা [পিতামহ, দাদা] বিণ, ঠাকুরদাদার আমলের; পিতৃপিতামহের। প্র—"নানা কি নানাকেলে রাজ্যপেলে তাইতে এত জারি। যাহা ইচ্ছা তাহা করে হয়ে স্বেচ্ছাচারী॥"—ঈশ্বর গুপ্ত।

নানান্ [নানা (দ্রঃ)+ন্ (বলপ্রয়োগার্থে)] বিণ, বহু; অনেক; মেলা। প্র—"নানা কথার ছলে নানান্ মুনি বলে সংশয়ে তাই দুলিহে।"—রবি। "নানান দেশের নানান্ ভাষা। বিনে স্বদেশী ভাষা পুরে কি আশা॥"—নিধুবাবু।

নানাবিধ [নানা+বিধ (প্রকার)] বিণ, বহুবিধ; বহুপ্রকার; বিবিধ।

নানাবিধি [নানা—বিধ হইতে বিধি] বিণ, বিবিধ; অনেক রকম; বহু প্রকার। প্র—"খণ্ড মধু দধি, প্রচুর নানাবিধি, নৈবেদ্য দিল ভারে ভারে।"—কবিকঙ্কণ।

নানামত [নানা—মত (প্রকার)] বিণ, নানা প্রকার; বহুবিধ। প্র—"নানামত মন্ত্রণা করিয়া দেবসব, মহামায়া উদ্দেশে বিস্তর কৈল স্তব॥"—অন্নদামঙ্গল।

নানারূপ (প্) [নানা—রূপ] বিণ, বহু প্রকার; বিবিধ। ক্রি-বিণ, নানারূপে—বিবিধ প্রকারে। প্র—"তুমি গো তারিণী তারা অসার সংসারসারা নানারূপে চরাচরে চর গো।"—অন্নদামঙ্গল।

নানার্থ [নানা (নানাবিধ) যে অর্থ, কর্ম্মধা] বি, বিবিধার্থ; বিভিন্নার্থ। ২। [নানা হইয়াছে অর্থ যাহার, বহু] বিণ, অনেকার্থযুক্ত; যে শব্দের অনেক অর্থ আছে।

নান্দী [নন্দ্+ণিচ্ =নান্দি (আনন্দিত হওয়া)+ই (কর্ত্তৃ) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, কাব্য নাটকাদির প্রারম্ভে দেবতার সন্তোষার্থ স্তব স্তুতি; আরব্ধ কার্য্য নির্ব্বিঘ্নে পরিসমাপ্তির জন্য বন্দনা; মঙ্গলাচরণ। ২। অভ্যুদয়।

নান্দীকর (র্) [নান্দী (স্তুতি) কর (যে করে)] বি, পুং, নান্দীপাঠক; স্তুতি বা বন্দনাকারী; বন্দী। ২। মাঙ্গলিক অনুষ্ঠান-কারী।

নান্দীবাদী [নান্দী (স্তুতি) বাদী (যে বলে)] বি, পুং, নান্দীকর।

নান্দীমুখ (খ্) [নান্দী (শুভ) মুখ (প্রারম্ভ—আরম্ভিক অনুষ্ঠান)। প্রা—নান্নীমুখ] বি, শুভকর্ম্মাদির প্রারম্ভিক অনুষ্ঠান; আভ্যুদয়িক শ্রাদ্ধ। প্র—"বসুরে পূজা করি বসিল হিমগিরি করিল নান্দীমুখ বিধান।"—কবিকঙ্কণ। "নান্দীমুখ করে দোঁহে বিশেষ হরষে"—কৃত্তিবাস। [দ্রঃ—জাতকর্ম্মাদি দশবিধসংস্কারে, নূতন গৃহ প্রবেশে, দেবতা, বট ও অশ্বত্থাদি বৃক্ষ এবং জলাশয় প্রতিষ্ঠায়, তীর্থ যাত্রাতে, বৃষোৎসর্গে আভ্যুদয়িক শ্রাদ্ধ করিবে (কূর্ম্মপুরাণ)। নান্দীমুখ পিতৃগণ—পিতা, পিতামহ, প্রপিতামহ, মাতামহ, প্রমাতামহ, বৃদ্ধপ্রমাতামহ। নান্দীমুখীমাতৃগণ—মাতা, পিতামহী, প্রপিতামহী, মাতামহী, প্রমাতামহী, বৃদ্ধ প্রমাতামহী [মতান্তরে এই দ্বাদশ জনের শ্রাদ্ধে বিধি আছে]। ২। পিতৃগণ। ৩। কূপাচ্ছাদনী; কূপের মুখের ঢাকনি।

নান্দীমুখী—মাতৃগণ। ২। অবন্তীনগর-বাসিনী মুনিকন্যা। ৩। সংস্কৃত ছন্দোবিশেষ।

নাপসন্দ (—শন্দ) [ফা—নাপসন্দ্] বি, অপসন্দ; গরপসন্দ; অমনোনীত।

নাপাক (ক্) [ফা] বিণ, অশুচি; অপবিত্র; অশুদ্ধ। প্র—"যত কাম করে হিন্দু সকলি নাপাক।"—ভারতচন্দ্র।

নাপাজ্জিমানে [ন—না—পার্য্যমান হইতে, গ্রা] বি, অপারকতাক্ষেত্রে; অগত্যা।

নাপান, নাফান (ন্) [গ্রা। সং—লম্ফন অপভ্রংশে] বিলাস; হাব-ভাব; ভঙ্গি। প্র—"গায়ে দিল চর্চ্চিত চন্দন চারু চুয়া। বলিয়া নাপান করি খান পান গুয়া॥"—ঘনরাম। "পরি পড়া গন্ধ চুয়া মুখে পড়া পান গুয়া হাস বেশ ঝাঁপান নাপান।"—অন্নদামঙ্গল। ২। সৌন্দর্য্য; শোভা। প্র—"কর্ণপূর কিরণে কবরী কান্তি করে। বেড়েছে নাপান বড় নাসার বেসরে॥"—ঘনরাম। ৩। (নাপানো) ক্রি, লাফান দ্রঃ। বি, নাপানি।

নাপান-তান—বিলাসভাব; হাব-ভাব। প্র—"নাবীর নাপান-তান সদাই নূতন।"—ঘনরাম।

নাপানি [নাপান দ্রঃ] বি, লম্ফ; লাফ; লম্ফঝম্প। ২। স্পর্দ্ধা; আস্ফালন।

নাপানী [গ্রা। নাফানী দ্রঃ] বিণ, স্ত্রী, বিলাসিনী; হাবভাবকারিণী। প্র—"সে বলে নাপানী আলো না জান আপনা। চাঁদে দেখি দেখিয়াছি তোর সতীপনা।—অন্নদা-মঙ্গল। "কত মন্ত্র তন্ত্র জানে সে নাপানী গো"—ঐ।

নাপালি [প্রা-বাং] বি, বন্যগাছবিশেষ। প্র—"প্রথমেত কোঙর বক নাপালি সিঙ্গলি। কালা কাসন্দর ইন্দীবর ফুল লইল তুলি॥"—শূন্যপুরাণ।

নাপিত (ত্) [প্রা। সং—"নপাত" শব্দ হইতে পরবর্ত্তী সং-তে (জাতিভেদ রহস্য)। নবশাখ দ্রঃ] বি, পুং, নবশাখের অন্তর্গত জাতিবিশেষ। ২। ক্ষৌরকার। স্ত্রী, নাপিতানী, নাপিতিনী।

নাফরা (ফ্) [লাবড়া দ্রঃ] বি, কুষ্মাণ্ড অলাবু প্রভৃতি আনাজ দ্বারা প্রস্তুত ব্যঞ্জন-বিশেষ; জগন্নাথ দেবের ভোগের ব্যঞ্জনবিশেষ।

প্র—"প্রভু বলে বিস্তর নাফরা মোরে দেহ। পীঠাপানী ছানাবড়া তোমরা সে লহ॥" —চৈতন্য ভাগবত। "নাফরা ব্যঞ্জন রাজা ঘৃতে পলাকড়ি ভাজা মধুকচি ব্যঞ্জন রসাল। —কবিক।

নাফা [আ—নফ্‌আ] বি, লাভ; লভ্য। ২। উপকার।

নাফানী [লক্ষন হইতে] বি, স্ত্রী, নাপানী দ্রঃ। যৌবনগর্ব্বিতা; দজ্জালনী। প্র—"সে বলে নাফানী আলো না জান আপনা। চাঁদে দেখি দেখিয়াছি তোর সতীপনা॥"—অন্নদামঙ্গল।

নাবড় (ড্‌) [সং—লম্পট—নিপট—নিবড় —নাবড়] বিণ, লম্পট। প্র—"লক্ষ্মীছাড়া হইলে কত কুবুদ্ধি সম্ভবটে। ঠক, ঠেঁটা, নাবড়, ছেবড় লোকে রটে॥"—ঘনরাম। ২। দুষ্ট; খল। প্র—"বীরের ধনের বাদ বড় ছিল পরমাদ নাবড়ে কহিল রাজস্থানে।"—কবিক। বি, নাবড়ি, নাবুড়ি। ৩। [না—পড়—তুল— হি—অন্‌পঢ়্‌=মূর্খ] বিণ, মূর্খ; নির্বোধ; গোঁয়ার।

নাবড়ি [ঘনরামে—"নাবড়ি" "নাবুড়ি" দুই আছে] নাবুড়ি দ্রঃ।

নাবল (ল্‌) [নাবাল দ্রঃ] বিণ, নাবাল; ঢালু।

নাবল [নাবিল। ব্রজ রূপ] ক্রি, নামিল; উত্তরণ করিল।

নাবা [নামা (দ্রঃ) ম=ব। নাম্ব দ্রঃ। উ-পু —নাবি। ম-পু—নাব; নাবুন; নাব্‌। প্র-পু —নাবে। অস-ক্রি—নাবিতে; নাবিয়া, নাবি (পদ্যে), নেবে। ণিজন্ত—নাবান] ক্রি, অবতরণ করা; নিম্নে গমন করা।

নাবান (নো) [নাবা দ্রঃ] উ-পু—নাবাই। ম-পু—নাবাও; নাবান্‌; নাবা। প্র-পু— নাবায়। অস-ক্রি—নাবাইতে; নাবাইয়া] ক্রি, নিম্নে গমন করান; অবতরণ করিতে সাহায্য করা। ২। ভূমিতে রাখা: ভূমিতে রাখিতে সাহায্য করা।

নাবাল (ল্‌) [নামাল=নাবাল, নাবা দ্রঃ। নাম=নাব (নিম্নতা) + বাল (যুক্তার্থে)] বিণ, অধঃস্থ; নীচু; নিম্ন। ২। নিম্নগামী: ঢালু। ৩। বি, নিম্নভূমি।

নাবালক, নাবালগ (ল, গ্‌) [ফা— নবালিগ্‌] বিণ, বয়স্ক নহে: অপ্রাপ্তবয়স্ক; নাগরিকের অধিকার প্রাপ্তির উপযুক্ত বয়স যাহার এখনও হয় নাই।

নাবালিগ (গ্‌) নাবালক দ্রঃ।

নাবি, নাবী (না) [প্রাদে। নামা (অবতরণ করা) হইতে] বিণ, যথাকালের পর; বিলম্বে: সকলের শেষে যাহা জন্মে। ২। বি, নৌকার সারি; জাহাজাদির বহর

নাবিক (ক্‌) [নৌ (নৌকা) + ইক (জীবত্যর্থে, ফিক)] বি, পুং, নৌজীবী। ২। নৌ-চালক; মাঝী। ৩। বিণ, নৌবিষয়ক; নৌকা সংক্রান্ত।

নাবুড়ি [নাবড় (দ্রঃ) + ই (ভাবে, শীলার্থে)] বি, নাবড়ের স্বভাব বা ভাব। ২। দুষ্টামি: নষ্টামি। ৩। কুচিন্তা; কুমন্ত্রণা; কুপরামর্শ। প্র—"রাজধানে বসে মনে ভাবিছে নাবুড়ি। কতদিনে রঞ্জাকে করিব আঁটকুড়ী॥"— ঘনরাম। "আঁখিঠারে দুরাচার পাত্র হেন কালে। সঙ্কেত নাবুড়ি কিছু বলিছে কোটালে॥"—ঘনরাম।

নাবো [নাম্ব দ্রঃ] বিণ, নিম্ন; নাবাল; নীচু। ২। ক্রি-বিণ, নিম্নে; অধোভাগে। ৩। ক্রি, অবতরণ কর।

নাব্য (নাব্‌ব) [নৌ + য (উত্তরণার্থে, ষ্য)] বিণ, নৌবাহন-যোগ্য; navigable. ২। নবত্ব; নূতনত্ব [প্র, অ]।

নাভি [নহ্‌ (বন্ধন করা) + ই (অধি— সংজ্ঞার্থে) হ=ভ, যাহাতে সমস্ত নাড়ীর বন্ধন আছে] বি, পুং, স্ত্রী, উদরের মধ্য ভাগে নাড়ী কাটার আবর্ত্ত; নাইকুণ্ডল। ২। পুং, চক্রের মধ্যস্থ পিণ্ডিকা: চাকার হাঁড়ী। ৩। [সংতে ক্ষত্রিয়, সম্রাট ও শীর্ষস্থানীয় বা প্রধান অর্থে প্রয়োগ আছে বাং-য়—বিরল]। ৪। স্ত্রী, যজ্ঞগৃহ।

নাভিগোলক (ক্‌) বি, পুং, গোঁড়।

নাভিবর্দ্ধন (ন্‌) [নাভি (নাভিস্থিত নাড়ী) বর্দ্ধন (কর্ত্তন) ৬তৎ] বি, ক্লী, সদ্যোজাত শিশুর নাড়ীকর্ত্তন।

নাভিল (ল্‌) [নাভি + ল (অস্ত্যর্থে)] বিণ, দীর্ঘনাভিযুক্ত; নাভির গভীরতা: এইঅর্থে নাভীলও হয়।

নাভিস্থল (ল্‌) বি, ক্লী, নাভিদেশ; নাভিকুণ্ডল। ২। মধ্যস্থল।

নাম (ম্‌) [সং—নাম (নামন শব্দ), ফা— নাম] বি, আখ্যা; অভিধা। প্র—ইহার নাম কি? ২। খ্যাতি; প্রসিদ্ধি; যশঃ। প্র—একাজে তাহার খুব নাম হয়েছে। উল্লেখ। প্র—একটা ফুলের নাম কর। তালিকার মধ্যে তাহারও নাম ছিল। ৪। স্মরণ। প্র—সে কি তাহার নাম করে: কেউ নাম কচ্চে। ৫। দোহাই। প্র— কাহার নাম দিয়ে বা নাম করে উদ্ধার পাওয়া। ৬। [ব্যাকরণে] বিভক্তিহীন শব্দ। বিশেষ ব্যক্তি, বস্তু বা বিষয় নির্দ্দেশক শব্দ; সংজ্ঞা। ৭। শব্দ বা ধ্বনি; বাক্যে কাজে নহে। প্র—ও কেবল নাম মাত্র কাজে কিছুই নয়। ৮। ঈষৎ; ছিটা; আভাস; সামান্য রেখা বা চিহ্নমাত্র। তুল —ফা—বরাই নাম=বাং—নাম মাত্র। প্র— নাম মাত্র কালীর দাগ লেগেছে। ৯। ইষ্টদেবের নাম জপ; হরিনাম, কালীনাম, রামনাম ইত্যাদি। প্র—তিনি এখন বসে বসে একটু নাম কচ্চেন। ১০। [ম্না (অভ্যাস করা) + মন্‌ (কর্ম্মে) কিম্বা নম্‌ (শব্দ করা) + মন্‌=নামন্‌ ১মা, ১ব] বি, ক্লী, বিভক্তিহীন শব্দ: বিশেষ ব্যক্তি বা বস্তুনির্দ্দেশক শব্দ; বাচক শব্দ। **নাম করা**—উল্লেখ করা; উদাহরণ দেওয়া। ২। স্মরণ করা। ৩। হরিনাম করা। ৪। জপ করা। **নাম কাটা**—কাগজ পত্র হইতে নাম খারিজ করা। ২। তাড়ান; বহিষ্কৃত করা। ৩। বিণ, যাহার নাম কাটা গিয়াছে। প্র—নামকাটা সিপাহী। **নাম গন্ধ**—কোন চিহ্ন; নিদর্শন মাত্র; উল্লেখ ও ইঙ্গিত বা আভাস। **নাম জপা**—ইষ্টদেবের নাম আবৃত্তি করা। **নামডাক**—যশের আন্দোলন: প্রখ্যাতি। প্র—"নাম ডাক ছিল যত সকল হইল হত"—অ, ম। **নাম ডাকা**—উচ্চৈঃস্বরে নাম উচ্চারণ করিয়া আহ্বান করা; আদালতে সাক্ষীর নাম ডাকা। **নামডুবান**—সুনাম বা যশঃ নষ্ট করা। **নাম ধরে ডাকা**—নাম লইয়া বা নাম উল্লেখ করিয়া আহ্বান করা। প্র— "নাম ধরে আর ডাকিসনে ভাই যেতে হবে ত্বরা করে।"—রবি। **নাম ধরা**—নাম উচ্চারণ করা। প্র—"জানহ স্বামীর নাম নাহি ধরে নারী" —ভারতচন্দ্র। **নামধাম**—নাম ও বাসস্থান; ঠিকানা। **নাম নিশানা**—নাম ধাম এবং পরিচায়ক চিহ্ন। ২। নামগন্ধ। **নাম মাত্র**—উল্লেখ মাত্র: কেবল নাম। ২। নামগন্ধ; কিঞ্চিন্মাত্র; আভাস মাত্র। **নাম রটান**—সুনাম বা দুর্নাম প্রচার করা। **নাম রাখা**—শিশুকে তাহার পরিচায়ক নাম দেওয়া। **নাম লওয়া**—নাম গ্রহণ করা; নামের শরণ লওয়া। স্মরণ করা। ৩। নামের দোহাই দেওয়া; **নাম শোনান**—হরিনাম কীর্ত্তন করিয়া শুনান। **নাম হওয়া**—হরিনাম কীর্ত্তিত হওয়া; সংকীর্ত্তন হওয়া। **বদ্‌নাম**—অপযশ। **সুনাম**—যশ: প্রশংসা। **নামে গোয়ালা কাঁজি ভক্ষণ**—গোয়ালা নামে মাত্র আচরণে নহে: কাজে নয় নামে মাত্র সার।

নামকরণ (ম্‌, ন্‌) [নামের করণ (করা)] বি, ক্লী, সন্তানের প্রথম নাম রাখারূপ সংস্কার।

নামগ্রহ (নাম্‌গ্রোহো) [নামের—গ্রহ

(গ্রহণ)] বি, পুং, নাম গ্রহণ ; নাম ধরিয়া ডাক বা আহ্বান।

নামগ্রাহ (ম্) [নাম-গ্রহ্ (গ্রহণ করা) +অ (কর্তৃ)] বিণ, যে নাম গ্রহণ করে ; যে নাম ধরিয়া ডাকে। ২। [ভাবে, ঘঞ্] বি, পুং, নাম গ্রহণ।

নামজাদা (ম্) [ফা—নাম্‌জদ্] বিণ, যশস্বী : খ্যাত্যাপন্ন : প্রখ্যাত : সুপ্রসিদ্ধ।

নামঞ্জুর (নামোন্‌জুর্) [আদাঃ পরিঃ। ফা—নামনজ়ুর্] বিণ, অস্বীকৃত ; যাহাতে সম্মতি দেওয়া হয় নাই। ২। যাহা গৃহীত হয় নাই ; পরিত্যক্ত। বি, নামঞ্জুরী।

নামতা (ম্) [নাম পত্র—নাম পাতা—নামতা] বি, গুণনের অঙ্কপত্র ; multiplication table.

নামদ্বাদশী (নাম্‌দাদোশি) বি, স্ত্রী, ব্রত-বিশেষ। যে ব্রতে গৌরী, কালী, উমা, ভদ্রা, দুর্গা, কান্তি, সরস্বতী, মঙ্গলা, বৈষ্ণবী, লক্ষ্মী, শিবা এবং নারায়ণী এই দ্বাদশ দেবীর পূজা করিতে হয়।

নামধর (র্) [নাম—ধর (যে ধারণ করে)] বিণ, অভিধেয় ; আখ্যাধারী। ২। খ্যাতনামা।

নামধাতু (ম্) [ব্যাকরণের পরিঃ] বি, পুং, প্রত্যয় যোগে ধাতু বা ক্রিয়াতে পরিণত হয় এবং নাম বা সংজ্ঞা বা শব্দ। যথা, প্রভাতয়ে (প্রভাত হইতে) নিঃশঙ্কিল (নিঃশঙ্ক হইতে) নির্বীরিবে (বীর হইতে)—মেঘনাদ। কলানো (কল হইতে, অঙ্কুরিত হওয়া অর্থে)। তুল—সং—অঙ্কুরায়তে (অঙ্কুর হইতে) গর্দ্দভায়তে (গর্দ্দভ হইতে ; গর্দ্দভের ন্যায় আচরণ করিতেছে বা করে এই অর্থে)।

নামধারক (ম্, ক্) [নাম (নাম মাত্র) ধারক (যে ধারণ করে)] বিণ, নাম মাত্র ধারক কিন্তু নামের উপযোগী ক্রিয়া বা আচারানুষ্ঠানবর্জ্জিত। ২। নামধারী ; অভিধেয়।

নামধেয় (ম্) [নাম—ধেয় (ধা (ধারণ করা) +য] বিণ, বাচক ; নামে জ্ঞেয় ; অভিধেয় ; নামধারী। ২। [নাম+ধেয় (স্বার্থে)] বি, অভিধান ; আখ্যা।

নামন, নাবন (ন্) [নাম্ব দ্রঃ] বি, অব-রোহণ : নিম্নে গমন।

নামমাত্র—নাম দ্রঃ।

নামশেষ (ম্, ষ্) [নাম মাত্র শেষ (অবশিষ্ট) যাহার, বহু] বিণ, গতায়ু ; মৃত।

নামা [নাম্বা দ্রঃ। উ-পু—নামি। ম-পু—নাম ; নামুন্ ; নাম্। প্র-পু—নামে। অস-ক্রি—নামিতে ; নামিয়া। ণিজন্ত—নামান] ক্রি, নাবা ; অবতরণ করা। ২। উপর হইতে যাহা পতিত হয় তাহার প্রারম্ভ হওয়া। প্র-বর্ষা নামা ; শীত নামা। ৩। অদৃশ্য হওয়া। প্র—রোদ নামিয়াছে অর্থাৎ রৌদ্র আর নাই সূর্য্য অস্তগমনোন্মুখ হইয়াছে। ৪। অবনত হওয়া : বসিয়া যাওয়া ; গর্ত্ত হওয়া। ৫। চরিত্রে অনুন্নত হওয়া ; নিম্নগতি লাভ করা ; হীন হওয়া। ৬। কমা ; হ্রাস পাওয়া। প্র—জ্বর নামা। জিনিসের দর নামা। **নামা উঠা**—তোলা পাড়া। ২। ওলাউঠা ; ভেদবমি। **উঠা নামা**—উত্থান পতন ; আরোহণ অবরোহণ।

নামা [নামন্ ১মা, ১ব] বি, নামধেয় ; সংজ্ঞা। ২। [ফা—নামা=চিঠি] লিখন। প্র—ওকালত নামা ; রাজিনামা ; বয়নামা।

নামাঙ্ক [নাম—অঙ্ক] বি, নামচিহ্ন।

নামাঙ্কিত [নাম—অঙ্কিত] বিণ, যাহাতে নাম অঙ্কিত হইয়াছে ; স্বাক্ষরিত। ২। নামযুক্ত।

নামান (নো) [নামা দ্রঃ। উ-পু—নামাই। ম-পু—নামাও। প্র-পু—নামায়। অস-ক্রি—নামাইতে ; নামাইয়া] ক্রি, নিম্নে গমন করিতে সাহায্য করা ; অবতারণ ; নামিতে সাহায্য করা। ২। ভেদ হওয়া ; ওলান। **তোলান নামান**—ভেদ বমি হওয়া।

নামানুশাসন (—শাশন্) [নামের অনু-শাসন—৬তৎ] বি, ক্লী, শব্দার্থবাচক অভিধান।

নামাবলি (বো) [নামের আবলি (শ্রেণী) যাহাতে, বহু] বি, ক্লী, হরিনামাঙ্কিত উত্তরীয়-বস্ত্র ; দেবতার নামের ছাপ দেওয়া চাদর। প্র—"একটি একটি নামাবলি সবারই বিরাজে" —দ্বিজেন্দ্ররায়। ২। [নামের আবলি (শ্রেণী) ৬তৎ] বি, স্ত্রী, নামের তালিকা ; নামমালা।

নাম্ব [নাম্বা দ্রঃ] বি, নিম্ন ; অধোদেশ ; তল। প্র—"হাথিয়াদহের কিছু শুনহ কাহিনী। যাহার নাম্বয় আছে দশ যোজন পানী।"—কবিকঙ্কণ।

নাম্বা [সং—নম্ব্ (গতি—অর্থসম্প্রসারণে—নিম্নগতি অর্থে) ধাতু হইতে ওড়ি—নাম্ব। বাং-র নামা, নাবা। উ-পু—নাম্বি। ম-পু—নাম্ব। প্র-পু—নাম্বে ; নাম্বয় ; নাম্বয়ে (পদ্যে)। অস-ক্রি—নাম্বিতে ; নাম্বিয়া। ণিজন্ত—নাম্বান] ক্রি, নামা ; নাবা ; অবতরণ করা। প্র—"প্রণমিয়া বিশ্বনাথে বৃকোদর নাম্বে ক্ষেতে"—শিবায়ন। "সিনান করেন্ত দেব নিরঞ্জন নাম্বিআ আগমর জলে।"—শূন্যপুরাণ। বি, নাম্ব ; নাম্বন।

নায় (য়্) [নৌ, নাব হইতে] বি, নৌকা ; তরণী। প্র—"শীঘ্র আসি নায়ে চড়"—ভারত-চন্দ্র। "রাজার বচনে আনিনু মশানে বান্ধিয়া নায়ের পাশে।"—কবিকঙ্কণ।

নায়ক (ক্) [নী (লওয়া)+অক (কর্তৃ)] বি, পুং, নাটকাদির প্রধান পুরুষ। কাব্যা-লঙ্কারে—ধীরোদাত্ত, ধীরপ্রশান্ত, ধীরললিত এবং ধীরোদ্ধত এই চারি প্রকার নায়কের ভেদ প্রদর্শিত হইয়াছে। ২। প্রণয়ী পুরুষ ; প্রেমাসক্ত ব্যক্তি। ৩। যিনি সঙ্গীত শাস্ত্রের বিশেষ মর্ম্ম অবগত আছেন ; যিনি মার্গ এবং দেশী এই দুইমতের সঙ্গীত করিতে পারেন যিনি গান, বাদ্য, নৃত্য উত্তমরূপে শিক্ষা দিতে পারেন ; যিনি রস ও অলঙ্কার জানেন ; যিনি সকল গুণ ও দোষের পরীক্ষক ; যিনি পরের অভিপ্রায় বুঝিতে পারেন : যিনি ক্ষমাশীল, যশোভিলাষী, দাতা এবং পবিত্রাত্মা ও সর্ব্বগুণালঙ্কৃত ব্যক্তিই নায়ক শব্দ বাচ্য। প্র—"আপনি আসরে উর নায়কের আশা পূর নিবে-দিনু বন্দনা বিশেষে।"—অন্নদামঙ্গল। ৪। [নায়েক দ্রঃ] গৃহস্বামী ; বাটীর কর্ত্তা। ৫। বিণ, পরিচালক ; নেতা। ৬। অধ্যক্ষ। ৭। সেনাপতি ; সেনানায়ক। ৮। প্রধান ; শ্রেষ্ঠ। ৯। মঙ্গল গীত-গায়ক। স্ত্রী, নায়িকা।

নায়কী—বি, বীণার প্রধান তার।

নায়কীয় [নায়ক+ঈয় (সম্বন্ধে)] বিণ, নায়ক সম্বন্ধীয়।

নায়র (র্) [সং—নাগর] বি, প্রণয়ী ; নায়ক। প্র—"দিন দুই দেখা শুনা নায়রের সাথে। কথনীর নয় কত প্রীতি হয় তাতে।"—শিবায়ন। ২। [হি—নৈহর্] পিত্রালয় ; বাপের বাড়ী। প্র—"খুল্লনা লইয়া সাধু সুখে ঘর কর। বিদায় হইয়া আমি যাইব নায়র।"—কবিকঙ্কণ। "অনাদরে না যেয়ো নায়রে।" —শিবায়ন। স্ত্রী, নায়রী।

নায়িকা [নায়ক দ্রঃ] বি, স্ত্রী, নাটকাদি গ্রন্থের প্রধানা স্ত্রী। ২। প্রণয়িনী। ৩। ভগবতীর অষ্ট শক্তি। যথা—উগ্রচণ্ডা, প্রচণ্ডা, চণ্ডোগ্রা, চণ্ডনায়িকা, অতিচণ্ডা, চামুণ্ডা, চণ্ডা ও চণ্ডবতী।

নায়েক (ক্) [নায়ক দ্রঃ] বি, গৃহস্বামী ; গৃহকর্ত্তা। প্র—"নগেন্দ্র নন্দিনী মা নায়েকে কর দয়া।"—ঘনরাম।

নায়েব (ব্) [আ—নায়ব্] বি, প্রধান কর্ম্মচারীর অধস্তন কর্ম্মচারী ; প্রতিনিধি। প্র—"কাজী নাহি মানে পেগম্বরের নায়েব।" —অন্নদামঙ্গল। ২। জমীদারী কাছারির উচ্চ কর্ম্মচারিবিশেষ ; মফস্বল মহলের সর্ব্বোচ্চ কর্ম্মচারী। বিণ, **নায়েবী**—নায়েব সম্বন্ধীয় ; নায়েবের উপযোগী।

নায়েবি [নায়েব দ্রঃ] বি, নায়েবের বৃত্তি। ২। নায়েবের পদ।

নায়ের (র্) [হি—নৈহর উচ্চারণ বিকারে নায়ের (যশোহর অঞ্চলে) ; "লাইহোর" (মালদহে)] বি, পিতৃগৃহ ; বধূর বাপের বাড়ী। প্র—"তোমার সঙ্গে করিয়ে প্রেম নায়ের হ'ল্য মানা।"—সা-প-প।

নারকী [নারক (নরক) + ইন (অস্ত্যর্থে) = নারকিন্ ১মা, ১ব] বিণ, নরকস্থ : নরকভোগী। ২। পাতকী ; পাপিষ্ঠ ; পরিণামে যাহার নরক।

নারঙ্গ—বি, পুং, বিট। ২। নারাঙ্গা নেবুর গাছ।

নারাঙ্গি [ফ্া। উক্ত হইয়াছে যে স্পেন দেশে মুসলমান রাজত্বকালে এই শব্দ ব্যবহৃত হইতে থাকে। তথা হইতে ইংলণ্ডে "a narange." বলিতে বলিতে ও লিখিতে লিখিতে কালক্রমে an arange পরে an orange শেষে orange এ পরিণত হয়] বি, কমলানেবু ; an orange.

নারদ (দ্) [নার (নর সমূহকে) দ (যিনি দান করেন) অর্থাৎ যিনি ব্রহ্মজ্ঞান দান করেন] বি, পুং, ব্রহ্মার মানস পুত্র ; প্রসিদ্ধ দেবর্ষি। ২। ক্লী, উপপুরাণবিশেষ। **নারদপঞ্চরাত্র**—নারদ প্রণীত তন্ত্রবিশেষ। **নারদ পুরাণ**—অষ্টাদশ মহাপুরাণের অন্যতম।

নারদীয় [নারদ + ঈয় (অস্ত্যর্থে)] বি, ক্লী, উপপুরাণবিশেষ।

নারসিংহ (শিংহ) বি, ক্লী, নরসিংহ দেবের চরিত্র বর্ণিত উপপুরাণবিশেষ। ২। বিণ, নরসিংহ সম্বন্ধীয়।

নারসিংহী [নরসিংহ + অ (সম্বন্ধার্থে, ষ্ণ) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, অর্দ্ধ নারী অর্দ্ধ সিংহরূপা শক্তি। ২। নৃমুণ্ডমালিনী দুর্গা।

নারাচ (চ্) [নার (নর সমূহ) আ (সম্যক্) চম্ (ভোজন করা) + অ (কর্তৃ—ড) যে নর সমূহ খায় বা গ্রাস করে] বি, পুং, লৌহময় বাণবিশেষ। ২। অষ্টাদশ অক্ষর ছন্দোবিশেষ। স্ত্রী, **নারাচী**—বি, নারাচের আকৃতি লৌহময় তুলাযন্ত্র ; নিক্তি।

নারাজ (জ্) [আ—নরাজ্] বিণ, যে রাজি নয় ; অসম্মত ; গররাজি ; অস্বীকৃত। ২। অসন্তুষ্ট। প্র—"আজ যদি সে নারাজ হয়ে রয়।"—রজনী সেন।

নারাজী [আ—নারাজগী। নারাজ দ্রঃ] বি, অসম্মতি। ২। অসন্তোষ।

নারা [না পারা—সংক্ষেপে। উ-পু—নারি। ম-পু—নার। প্র-পু—নারে। অস-ক্রি—নারিতে ; নারিয়া] ক্রি, না পারা ; অসমর্থ হওয়া ; অক্ষম হওয়া। প্র—"যারে দেখতে নারি তার চলন বাঁকা।"—প্রবচন। প্র—"এড়াইতে নারিয়া অসুরে দিনু বর।"—শিবায়ন।

নারায়ণ (ন্) [নার (জল) অয়ন (আশ্রয়) যাঁহার। যিনি ক্ষীরোদ সমুদ্রে শয়ান কিম্বা যিনি পূর্ব্বে কারণ-বারিতে ভাসিতে ছিলেন। অথবা যিনি নরনারীর আশ্রয়—বহু] বি, বিষ্ণু : কৃষ্ণ। প্র—"রাধা এক তিল ভজ মোরে। আমি নারায়ণ শরণ লইনু তোর॥"—গিরিধর (গীত গোবিন্দ)। ২। [(নারীদিগের সমূহ) নার + অয়ন (তাহাদিগের আশ্রয়)। অপ্র] বহু নারীর আশ্রয় (বালবোধিনী)। ৩। পুরুষ। প্র—"পুরুষ নারায়ণ।"—প্রবচন। স্ত্রী, নারায়ণী। **নারায়ণ তৈল**—সুগন্ধ তৈল। প্র—"নারায়ণ তৈলে জ্বলে পুরী মাঝে বাতি।"—কৃত্তিবাস। ২। কবিরাজী তৈলবিশেষ।

নারায়ণী [নারায়ণ দ্রঃ] বি, স্ত্রী, নারায়ণ-তেজঃ সম্ভবা শক্তি (যখন নারায়ণ কারণজলে ভাসমান ছিলেন তখন তাঁহার কপাল হইতে অতীব তেজোরাশি নির্গত হয়, ঐ তেজই পরে মহাশক্তি রূপ ধারণ করেন) মহাদেবী : দুর্গা। প্র—"অপার সংসার পারে তুমি নারায়ণী।"—অন্নদামঙ্গল। ২। লক্ষ্মী। ৩। গঙ্গা। ৪। মুদ্গল মুনির ভার্য্যা। ৫। শতমূলী

নারিকেল, নারীকেল (ল্) [রূপান্তর—নারকেল, নারকল, নারকোল। হি—নারিয়েল্ নারিয়ল্ (বাং-গ্রা—নেরেল)। ওড়ি—নড়িয়া। প্রা-বাং—নারিকল (প্র- "গুবাক নারিকল অমৃত সম ফল।"—শূন্য পুরাণ)। নার (জল) + ইক = নারিক + ঈড়্ (গমনে, সঞ্চারে) + অ—যাহার মধ্যে জলের সঞ্চার হয়] বি, প্রসিদ্ধ ফল ও বৃক্ষ coconut. বিণ, **নারিকেলী, নারকুলিয়া, নারকুলে।** নারিকেল গাছের বিভিন্ন অংশ—বাইল—পত্রদণ্ড। ছড়—চামরের মত শীষঝাড় যাহাতে নারিকেলের ফুল ও ফল ধরে। চুমরী—ফুল ও ফলের নৌকাকৃতি আবরণ। ন্যাকড়া—গাছের যে স্থানে ফল ধরে সেই স্থানের জালি কাপড়ের মত ত্বক্। **নারিকেলী কুল, নারকুলে কুল**—নারিকেলাকৃতি বদরি। **নারিকেলী বা নারকুলে কপি**—নারিকেল আকৃতি বাঁধা কপি। **নারিকেল সন্দেশ**—নারিকেল-কোরা ও চিনি দ্বারা প্রস্তুত মিষ্টান্ন। **নারিকেল-ছাপা**—সন্দেশ আকৃতি করিয়া তাহাতে কাঠের বা পোড়া মাটির নানাচিত্রাদির ছাপ দেওয়া রসকরা সন্দেশ। **নারিকেল লাড়ু**—গুড়ে পাক করা নারিকেল-কোরার লাড়ু। **নারিকেল কাঠি**—নারিকেল পাতার মধ্যবর্ত্তী শলাকা। **নারিকেল ছোবড়া**—নারিকেল ফলের আবরণ-ত্বক বা খোসা। **নারিকেল ফুল**—নারিকেল পুষ্প। ২। নারিকেল পুষ্পবৎ স্বর্ণফুল ; বাহুভূষণবিশেষ। **নারিকেল জল**—নারিকেলের বা ডাবের ভিতরের জল। **নারিকেলের ফোফল, ফোপল**—নারিকেলের ভিতর জাত অঙ্কুর। **নারিকেল কুরি**—নারিকেলের শাঁস (শস্য) আঁচড়াইয়া যে চূর্ণ পাওয়া যায়। **নারিকেলের ছাঁই**—নারিকেল কুরি গুড় মিশ্রিত করিয়া ঈষৎ ভাজা। **নারিকেলের মালা**—নারিকেলের ছোবড়া ও শস্যের মধ্যবর্ত্তী কঠিন আবরণ। ২। ঐ আবরণের অর্দ্ধাংশ। **নারিকেলের চোখ**—নারিকেলের মালার গায়ে গোল চক্ষুর মত চিহ্ন। **নারিকেলের খোলা**—নারিকেল মালার খণ্ড। **নারিকেল খণ্ড**—নারিকেল ঘটিত কবিরাজী ঔষধবিশেষ। **নারিকেল ভস্ম**—রসায়নযোগে ও বৈদ্য [illegible] ভস্মীভূত নারিকেল ; কবিরাজী ঔষধবিশেষ। **নারিকেল তৈল**—নারিকেলের শস্য হইতে নিষ্কাশিত তৈল। **নারিকেলের ঘী**—নারিকেলের শস্যরস বা দুধ হইতে উৎপন্ন ঘৃত। **নারিকেল মুড়ি**—নারিকেল কাঠির অগ্রপ্রান্ত-অগ্র সম্মার্জনী বা ঝাঁটা : মুখঘসা খেংরা। ২। মুড়ি ও ঝুনা নারিকেল। **ঝুনানারিকেল**—শুষ্ক কঠিনাবরণ, পুষ্টশস্য নারিকেল ; পাকা নারিকেল। **ডাব নারিকেল** (ডাব দ্রঃ)—কচি ও জল-বহুল অজাতশস্য বা কোমল শস্যগর্ভ নারিকেল।

নারিল [না—পারিল—সংক্ষেপে। নারা দ্রঃ] ক্রি, পারিল না। "লিখিতে নারিল ওই ওই করি কান্দে"—বিদ্যাপতি।

নারী [নর + অ (সম্বন্ধার্থে—ষ্ণ) = নার + ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, স্ত্রীলোক ; রমণী ; স্ত্রী (দ্রঃ)। ২। ভার্য্যা ; পত্নী। প্র—"বিচারে যদি হারাতে পারি। ঘোঁটাব সিদ্ধি করিব নারী।"—বাং-গান। ২। ২৩ অক্ষর-যুক্ত ছন্দোবিশেষ। **পরনারী, পরের নারী**—পরস্ত্রী : অন্যের পত্নী। **নরনারী**—মানব জাতি।

নারীদূষণ (ন্) [নারীর দূষণ (দোষ) ৬তৎ] বি, ক্লী, মদ্যপান, পতিত্যাগ, দুর্জ্জন-সঙ্গ,

ইতস্ততোভ্রমণ, পরগৃহে বাস ও শয়ন এই ছয়টী নারী জাতির দোষ।

নারীদেশ (শ্) [নারী (নারীপূর্ণ) যে দেশ—কর্ম্মধা] বি, পুং, পুরুষহীন দেশ। প্র—"উতরিল নারীদেশে"—মেঘনাদ।

নাল (ল্) [নল্ (বন্ধন করা) + অ (করণে —ঘঞ্)] বি, স্ত্রী, নল; খাগ্‌ড়া। ২। মৃণাল; ফাঁপা ডাঁটা প্রভৃতি। ৩। শিরা।

নাল (ল্) [আ] বি, ঘোড়ার খুরে লাগাইবার অর্দ্ধচন্দ্রাকৃতি লৌহ খণ্ড horseshoe.

নাল (ল্) [সং—লালা হইতে] বি, লালা; শ্লেষ্মা; ফেনা। প্র—"মোহর মুখে দেও পরভু বদনের নাল। পিঠে করি বহিব পরভু জীব কত কাল।"—শূন্যপুরাণ।

নালকী (ল্) বি, বৃক্ষবিশেষ। ২। পালকী-বিশেষ।

নালবংশ (ল) বি, পুং, নল; খাগ্‌ড়া।

নালম্বী (লো) বি, স্ত্রী, শিবের বীণা।

নালা (ন্া) [প্রণালী শব্দজ] বি, জল নির্গম-পথ; পয়নালা। প্র—"দক্ষিণ মোহান হৈল জল যেতে নালা"—শিবায়ন। ২। খানা; খাত।

নালায়েক (ক্) [ফা—না-লায়ক্] বিণ, যে লায়েক নহে; অনুপযুক্ত; অযোগ্য।

নালি [নালা দ্রঃ] বি, পচা; শোষযুক্ত ঘা; sinus. ২। দেহস্থ শিরা। ৩। জল যাইবার খানা; পয়নালা। ৪। বাড়ীর ছাদ প্রভৃতির জল নির্গমনের মাটির চোঙ্গ বা নলাকার টালি। ৫। ফেন; লালা। প্র—"জর্জ্জর ইন্দ্রের অশ্ব মুখে ভাঙ্গে নালি"—কৃত্তিবাস।

নালিক, নালীক (ক্) [নাল—ইক, ঈক (যুক্তার্থে) বা নালি—লী—ক (স্বার্থে)] বি, নল বিশিষ্ট আগ্নেয়াস্ত্র। আকার ও ব্যবহার ভেদে ইহা দ্বিবিধ—লঘুনালিক ও বৃহন্নালিক; আধুনিক বন্দুক ও কামান বা তোপ। [দ্রঃ—"২। হস্ত লম্বা লৌহ নল, তাহার মূলে তির্য্যক দিকে (আড় ভাবে) একটী ছিদ্র মূল হইতে উর্দ্ধ পর্য্যন্ত অন্তঃসুষির (গর্ত্ত) মূলে ও অগ্রভাগে লক্ষ্য ঠিক করিবার উপযুক্ত তিল বিন্দু (মাছি)—যন্ত্রের আঘাত পাইবামাত্র অগ্নি নির্গত হয় এরূপ প্রস্তর খণ্ডযুক্ত, সেই স্থানে অগ্নিচূর্ণের (বারুদের) আধার স্বরূপ একটী কর্ণ—উত্তম কাষ্ঠের উপাঙ্গ ও বুধ্ন অর্থাৎ ধরিবার মুঠ, এতদ্রূপ নালাস্ত্রের মধ্য গর্ত্তের পরিমাণ মধ্যমাঙ্গুলিটী প্রবেশ করিতে পারে এরূপ গর্ত্ত—তাহার ক্রোড়ে অগ্নিচূর্ণ প্রোথিত করণের দৃঢ় শলাকা এইরূপ নালাস্ত্রের নাম লঘুনালিক। এই লঘুনালিক পদাতি ও অশ্বারোহী সৈন্যরাই ব্যবহার করিবে। উক্ত নালিকাস্ত্রের ত্বক্ যত কঠিন হইবে, উহার আয়তন যত বড় হইবে, তাহার গর্ত্ত যত স্থূল হইবে তাহার গোলা যত বড় হইবে, সে ততই দূর-ভেদী হইবে। তাহার মূলদেশে কীলক এবং কাষ্ঠবুধ্ন অর্থাৎ কাষ্ঠ নির্ম্মিত ধরিবার মুঠ নাই। বহুভার হেতু শকট ও উষ্ট্র প্রভৃতি পশু দ্বারা বাহিত হয়। ইহা উপযুক্তরূপে স্থাপিত হইলে যুদ্ধে জয়প্রদ হয়। ইহার নাম বৃহন্নালিক"—শুক্রনীতি। ৪অ। (উমেশ বিদ্যারত্ন)।

নালিক (ক্) বি, পুং, পদ্ম। স্ত্রী, **নালিকা** —ডাঁটা। ২। নালিতা শাক।

নালিতা [সং—নলিত] বি, স্ত্রী, পাটশাক। প্র—"ঘৃতে নালিতার শাক তৈলে বাস্তুক পাক"—কবিক।

নালিম [ব্রজ। লালিমা হইতে] আভা; লালিমা। প্র—"উরজ উদয় থল নালিম দেল"—বিদ্যাপতি।

নালিশ, নালিস (শ্) [ফা—নালিশ্] বি, অভিযোগ। ২। আবেদন; বেদনা-জ্ঞাপন।

নালী [নালা দ্রঃ। ক্ষুদ্রার্থে নালী] বি, ক্ষুদ্র বা সংকীর্ণ প্রণালী। ২। ছোট নর্দ্দমা। ৩। চুঙ্গী। ৪। নাড়ী; শিরা। ৫। রন্ধ্রযুক্ত ক্ষত; নালীঘা;

নালীক (ক্) [নালী—ক] বি, পুং, শল্যাস্ত্র; বাণ; শর। ২। পদ্মের বোঁটা।

নালীব্রণ (—ব্রোনো) বি, পুং, নালি ঘা; sinus.

নাশ (শ্) [নশ্ (বিনষ্ট হওয়া) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, বিনাশ; ধ্বংস। ২। ক্ষয়। ৩। মৃত্যু। ৪। বিণ, নষ্ট। প্রা-বাং—**নাস**। —প্র—"ভক্ত গনর বিঘ্নি কর নাস।"—শূন্য-পুরাণ। বিণ, নাশী। স্ত্রী, নাশা।

নাশই [ব্রজ। নাশা দ্রঃ] ক্রি, নাশ করে। প্র—"ঐছন একগুণ বহু দোষ নাশই"—বিদ্যাপতি।

নাশক (ক্) [নশ্ + ণিচ্ = নাশি (বিনষ্ট করা) + অক্ (কর্ত্তৃ)] বিণ, যে বিনাশ করে; ধ্বংসকারী।

নাশন (ন্) [নশ্ + অন (ভাবে)] বি, ক্লী, বিনাশ করণ; ধ্বংসন; উচ্ছেদন। ২। [কর্ত্তৃ—অনট্] নাশক; ধ্বংসক।

নাশিত [নশ্ + ণিচ্ = নাশি + ত (কর্ম্মে)] বিণ, বিনষ্ট; ২। নিহত।

নাশা [সং—নশ্ (বিনাশ করা) ধাতু হইতে। উ-পু—নাশি। ম-পু—নাশ; নাশুন্। প্রপু—নাশে। অস-ক্রি—নাশিতে; নাশিয়া; নাশি (পদ্যে)] ক্রি, বিনাশ করা; ধ্বংস করা। প্র—কর্ম্মনাশা। ২। বিণ, নাশকারী। বি, নাশন।

নাশী [নাশ্ + ইন্ (অস্ত্যর্থে) = নাশিন্ ১মা, ১ব] বিণ, বিনাশশীল; ধ্বংসশীল। ২। নাশ-কারী। স্ত্রী, **নাশিনী**—নাশকারিণী। প্র—"মৃদুহাসিনী মধুরভাষিণি খলনাশিনি।"—অন্নদামঙ্গল।

নাষ্টিক (ক্) [নষ্ট + ইক (ষ্ণিক)] বিণ, নষ্ট দ্রব্যাধিকারী।

নাস (শ্) [সং—লাস্য হইতে লাস—নাস] বি, বিলাস। ২। লাস্য; নৃত্য। **নাস-বেশ**—নর্ত্তনোপযোগী বেশভূষা; নাচের পোষাক। প্র—"অশেষ বিশেষ করি নাস-বেশ, নাচিতে চলিলা নটী।"—ঘনরাম।

নাস (শ্) [নস্য হইতে] বি, তামাক পাতার গুঁড়া; নস্য; snuff. ২। নাসিকা দ্বারা আকর্ষণ। **জলের নাস**—নাক দিয়া জল পান। **ধোঁয়ার নাস**—নাক দিয়া টানিয়া ধূমপান।

নাসদান,—দানি (নাশ্‌দান্) [সং—নস্য-ধানী। ফা—দান, দানী = আধার] বি, নস্যের ডিবা।

নাসপাতি (শ্) [ফা—নাশ্‌পাতী] বি, আপেল জাতীয় পার্ব্বত্য ফলবিশেষ; pear.

নাসা (শা) [সং—নাস্ (শব্দে) + অ (অন্)] বি, স্ত্রী, নাসিকা; নিঃশ্বাস প্রশ্বাসের পথ; ঘ্রাণেন্দ্রিয়; নাক। প্র—"নাসার বেশর পরশ করিয়া ঈষৎ মধুর হাসে"—চণ্ডীদাস। ২। নাসিকার অভ্যন্তরে জাত দুষ্ট ব্রণবিশেষ; নাকের ভিতরের যন্ত্রণাদায়ক স্ফীতি; polypus of the nose. ৩। নাগদন্ত; ঝন্‌কাঠ; চৌকাঠের উপর স্থিত কাঠ। **নাসা জ্বর**—নাসার তাড়সে যে জ্বর হয়। **নাসা ভাঙ্গা**—নাকের ভিতর অস্ত্র প্রয়োগ দ্বারা নাসায় সঞ্চিত রক্ত বাহির করিয়া দেওয়া।

নাসাদারু (শা) [নাসা (দ্রঃ) দারু (কাঠ)] বি, ক্লী, নাসা; কপালি; ঝনকাঠ; নাগদন্ত।

নাসারন্ধ্র (নাশারন্ধ্র) [নাসার রন্ধ্র (ছিদ্র) ৬তৎ] বি, ক্লী, নাসিকার ছিদ্র; শ্বাস প্রশ্বাসের পথ।

নাসিক (ক্) [নাসা দ্রঃ] বিণ, নাসিকাযুক্ত বা বিশিষ্ট। প্র—"উন্নত-নাসিক"; নত-নাসিক। ২। পৌরাণিক পঞ্চবটীর আধুনিক নাম।

নাসিকন্ধম (নাশিকন্ধম্) [নাসিকা—ধ্মা (শব্দ করা) + অ (কর্ত্তৃ, খশ্)] বিণ,

নাসিকার শব্দকারী ; ঘুমাইলে যাহার নাক ডাকে।

নাসিকন্ধয় (নাসিকন্‌ধয়্) [নাসিকা—ধে (পান করা) + অ (কর্ত্তৃ—খশ্)] বিণ, যে নাস লয় বা নাক দিয়া পান করে।

নাসিকা (নাশিকা) ["নাসা চ নাসিকা"—অমর] বি, স্ত্রী, নাসা ; নাক। **নাসিকা-মল**—শিকনি।

নাস্তাখাস্তা [নাস্তানাবুদ দ্রঃ] বি, অতিশয় দুরবস্থা ; ছিন্ন ভিন্ন ; বিধ্বস্ত ; নাস্তানাবুদ। প্র—"যাদুমণি গোপনে এ ঘটনা কভু ভাব নয়। * * * নানাবস্থা নাস্তাখাস্তা শেষাবস্থায় হয়॥"—বাং-গান।

নাস্তানাবুদ (দ্‌) [ফা—নেস্ত্‌নাবুদ্। (নেস্ত—নাশ, অস্তিত্বলোপ, anihilation) + নাবুদ্ (ন—বুদ্=অস্তিত্ব, existence)—সহচর শব্দদ্বয়] বি, অস্তিত্ব লোপ। ২। সর্ব্বনাশ। ৩। বিণ, বিধ্বস্ত। ৪। অবসন্ন।

নাস্তি [ন (না)—অস্ (হওয়া) + তি = নাস্তি] অ, নাই।

নাস্তিক (ক্) [নাস্তি (ঈশ্বর নাই) + ক (সংজ্ঞার্থে)] বিণ, যে বেদ মানে না যে বেদকে আপ্তবাক্য বলিয়া স্বীকার করে না। ২। যে ঈশ্বরের অস্তিত্ব ও পরকাল স্বীকার করে না। ৩। [প্রাদে] দেশাচার যে মানে না ; আচারবিরোধী। নাস্তিক শ্রেণীভেদে ছয় প্রকার উক্ত হইয়াছে যথা—মাধ্যমিক, যোগাচার, সৌত্রান্তিক, বৈভাষিক, চার্ব্বাক ও দিগম্বর।

নাস্তিকতা, নাস্তিক্য (নাস্তিকোতা, নাস্তিক্ক) [নাস্তিক + তা, য (ভাবে)] বি, স্ত্রী, ক্লী, বেদ, পরলোক ও ঈশ্বরের অস্তিত্ব অস্বীকারকরণ ; নাস্তিকের ভাব বা আচরণ। ২। বেদনিন্দা।

নাহ [নহ্ (বন্ধন করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, বন্ধন। ২। রজ্জু।

নাহ [সং—নাথ ; প্রাকৃ—ণাহ। ব্রজ, প্রা-বাং—নাহ] বি, প্রভু ; নাথ ; স্বামী। প্র—"হঠ করি নাহ করল যত কাজ। সো কি কহব ইহ সঙ্গিনী সমাজ॥" -বিদ্যাপতি।

নাহই [ব্রজ। সং—স্নান ; হি—নাহান—নাহা (স্নান করা)] ক্রি, স্নান করিতে। ২। স্নান করিয়া। প্র—"যাইতে পেখলু নাহই গোরী"—বিদ্যাপতি। "নাহই উঠনু হাম কালিন্দী তীর।"—ঐ।

নাহক (ক্) [ফা—না + আ—হক্] ক্রি-বিণ, অনর্থক ; বৃথা ; মিছামিছি ; অকারণ। প্র—"এইত গেল নিরপরাধী বেচারীদের নাহক কয়েদ।"—সীতারাম। "হালাল না করি করে নাহক হালাক"—অন্নদামঙ্গল।

নাহয় (য়) [না—হয় (উচিত হয়)—উচিত হয় না] ক্রি, অনুচিত হয় ; উচিত নয়। প্র—"বারণে অজ্ঞানে ভেদ না হয় কখনে। অঙ্কুশে উচিত হয় সূচিত সুজনে।"—বাং-গান। ২। হয় না অপেক্ষা বলবৎ (emphatic) অর্থে। প্র—"এ দোষেরও সংস্কার যে না হয় তাহা নহে।"—চন্দ্রনাথ বসু। ৩। তৎপরিবর্ত্তে ; আরও ভাল ; তুল—ইং—better. প্র—না হয় তুমিই যাও। ৪। যদি না ঘটে ; ঘটা সম্বন্ধে সন্দেহ স্থলে। প্র—আমাদের যাওয়া না হয় তখন বলিতে পার। না হয় না হবে। ৫। অন্যথা। প্র—হয় যাও না হয় থাক।

নাহা [সং—স্নান হইতে হি—নাহানা। নাওয়া দ্রঃ। উ-পু—নাহি ; নাহাই। ম-পু—নাহ। প্র-পু—নাহায় ; নাহে। অস-ক্রি—নাহিতে ; নাহিয়া ; নাহি (পদ্যে) । পিজন্ত—নাহান (হি—নাহ্‌লানা)] ক্রি, স্নান করা। প্র—"নাহি উঠিল তীরে রাই কমলমুখী"—বিদ্যাপতি। "গোরোচনা-গৌরী নবীন কিশোরী নাহিতে দেখিনু ঘাটে।"—চণ্ডীদাস।

নাহা [নাথ শব্দজ, ব্রজ, প্রা-বাং। নাহ দ্রঃ] বি, নাথ। প্র—"হাহা রামরমণ মোহর নিজ নাহা।"—অনন্ত রামায়ণ।

নাহি [সং—নাস্তি হইতে হি—নহী। নাই দ্রঃ] অ, নাই ; বিদ্যমান নাই ; বাঁচিয়া নাই। প্র—"নাহি কি কেহ"—কুরুক্ষেত্র (নবীন)। ২। না। প্র—"নাহি মারি অস্ত্র মোরা তোর সম জনে, ইচ্ছায়"—মেঘনাদ। ৩। অতীত-বাচক ; ছিল না, ছিলাম না, ছিলে না, অর্থে। প্র—দেখি নাই ; যায় নাই। ৪। [ব্রজ] নহে ; নয়। প্র—"কনক কমল নাহি কাহে মনোলোভা।"—বিদ্যাপতি। ৫। না হয় দ্রঃ ; উচিত হয় না। প্র—বলিতে নাই ; যাইতে নাই।

নাহুষ (ষ্) [নহুষ + অ (ষ্ণ)] বি, পুং, নহুষ রাজার পুত্র ; রাজা যযাতি। ২। বিণ, নহুষ সম্বন্ধীয়।

নি [সং—উপসর্গ] অ, সমীপ। প্র—নিকট। ২। সম্যক। প্র—নিক্ষেপ ; নিপাত ; নিযুক্ত। ৩। অতিশয়। প্র—নিদারুণ। ৪। কৌশল। প্র—নিপুণ। ৫। অভাব। প্র—নিখুঁত ; নিদয়। ৬। নিষেধ। প্র—যাস নি ; বলিস নি। ৭। সদৃশ। প্র—নিভ। ৮। অন্তর ; ভিতর। প্র—নিমগ্ন ; নিমজ্জন ; নিধান। ৯। নিশ্চয়। প্র—নির্দিষ্ট ; নিদান। ১০। নিয়ত। প্র—নিদাঘ ; নিত্য। ১১। নিবেশ ; বিন্যাস। প্র—সন্নিবেশ ; উপনিবেশ ; নিম্ন। ১২। কুৎসিত। প্র—নিগ্রহ। ১৩। বিরতি। প্র—নিবৃত্তি।

নি [নেওয়া দ্রঃ] ক্রি, উ-পু—গ্রহণকরি ; লই।

নি [হি—নহি, নাহি। বাং—নাই সংক্ষেপে, নি] অ, ক্রিয়ার অতীত বোধক। প্র—দেখিনি = দেখিয়াছিলাম না। দেখনি (প্রশ্নে) = দেখ নাই = দেখিয়া ছিলে না ? ২। সামান্য ভূতকাল। প্র—"ওদের কাছে বলিব নাকো আজিও যাহা বলিনি"—রবি। ৩। নিষেধে ক্রিয়ার সহিত যুক্ত হইয়া না স্থলে, প্রাদে ব্যবহারে নি। প্র—দিওনি ; যেওনি।

নি [সংগীতে। সং—নিষাদ বা নিখাদ শব্দের সংক্ষেপে। নিষাদ—মাতঙ্গের বৃংহিত হইতে। সুর দ্রঃ] বি, সপ্তম সুর বা ধ্বনি। প্র—সা, ঋ, গা, মা, পা, ধা, নি।

নিঅড় [সং—নিকট। প্রাকৃ—নিঅড়] বিণ, নিকট। ক্রি-বিণ, **নিঅড়ে**—নিকটে ; সমীপে। প্র—"পরভুর নিঅড়ে গিআ দিলাক তার সর।"—শূন্যপুরাণ।

নিঅম [নিয়ম—প্রা-বাং—য় স্থলে অ] বি, নিয়ম। প্র—"দেবীর ঘটবারি জগতে জানি। নিঅম ঘটবারি নেহ পুষ্পপানি॥"—শূন্যপুরাণ। "সনিবারে নিঅ এহি নিঅমর ফোঁটা।"—শূন্যপুরাণ।

নিঅলি—বি, নিরলী নামক পুষ্প। প্র—"বেল্যা গোঁৎচি ভোচা আকড়া নিঅলি।"—শূন্যপুরাণ।

নিআড় (ড়) [নি—আড় (অন্তরাল)] বি, নিভৃত স্থান ; নিনাড় (দ্রঃ)।

নিউমোনিয়া [ইং—pneumonia] বি, শ্বাসযন্ত্র বা ফুস্ফুসের প্রদাহ।

নিং—নিঃ দ্রঃ।

নিংড়ন, নিঙ্গড়ন (ন্) বি, নিঙ্গড়ান দ্রঃ।

নিঃ—নিবেদক শব্দের সংক্ষেপ। এই অর্থে "নিং"ও হয় কিন্তু বিরল।

নিঃক্ষত্র, নিঃক্ষত্রিয় (নিক্‌খত্‌ত্র, নিক্‌খোৎত্রিয়) [নির্ (অভাব) ক্ষত্র (ক্ষত্রিয়)] বিণ, অক্ষত্রিয় ; ক্ষত্রিয় রহিত ; ক্ষত্রিয়শূন্য। প্র—"নিঃক্ষত্রিয় করি একবিংশতি বার"—প্রেম ও ফুল।

নিঃক্ষোভ (নিক্‌খোভ্) [নিঃ—ক্ষোভ] বিণ, ক্ষোভহীন ; অক্ষুব্ধ।

নিঃশঙ্ক (নিশ্‌শংক) [নির্ (নাই) শঙ্কা (ভীতি) যাহার, বহু] বিণ, নির্ভয় ; শঙ্কাশূন্য। **নিঃশঙ্কচিত্তে, হৃদয়ে**—নির্ভয়ে

নিঃশব্দ (নিশ্‌শব্‌দ) [নির্ (নাই) শব্দ (ধ্বনি) যেখানে, বহু] বিণ, নীরব ; শব্দরহিত ; নির্ব্বাক।

নিঃশস্ত্রপ্রতিরোধ (প্রোতিরোধ্) [ইং—passive resistance এর ভাবানুবাদ] বি, আইনের যুক্তি ইত্যাদি বৈধ উপায়ে প্রতিবিধান ; বিনা অস্ত্রযুদ্ধে বাধা প্রদান। প্র—"তাহাতেও ক্রমাগত আন্দোলন করিতে থাকে। তাহারা

ধর্ম্মঘট আদি নিঃশস্ত্র প্রতিরোধ (passive resistance) দ্বারা প্রতিকারের চেষ্টা করে" —প্রবাসী১৩২০।

নিঃশেষ (নিশ্‌শেষ্) [নির্ (নাই) শেষ (অবশিষ্ট) যাহার, বহু] বিণ, শেষরহিত : সম্পূর্ণ।

নিঃশেষিত (নিশ্‌শেষিত) [নিঃশেষ + ইত (প্রাপ্ত্যর্থে)] বিণ, সমাপ্ত : নিঃশেষ-প্রাপ্ত ; যাহা ফুরাইয়া গিয়াছে।

নিঃশোধ্য (নিশ্‌শোদ্ধ) [নির্ (সম্যক) শোধ্য (শোধনীয়)] বিণ্, শোধনীয়। ২। শোধিত ; নির্ম্মল।

নিঃশ্রয়ণী (নিশ্‌স্রয়নি) [নির্ (বাহির)—শ্রি (গমন করা) + অন (করণে—অনট্) —ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, সিঁড়ি : সোপান : আরোহণী।

নিঃশ্রেণী (নিশ্‌শ্রেণি) নিঃশ্রয়ণী দ্রঃ।

নিঃশ্রেয়স (নিস্‌স্রেয়শ্) [নির্ (নিত্য) যে শ্রেয়স্ (মঙ্গল)] বি, ক্লী, মুক্তি : জন্মান্তর না হওয়া। ২। মঙ্গল : কুশল। ৩। ভক্তি। ৪। জ্ঞান। ৫। সুখ। ৬। বিশ্বাস : প্রত্যয়।

নিঃশ্বসন (নিশ্‌শশন্) [নির্—শ্বস্ (শ্বাস গ্রহণ ও ত্যাগ)] বি, ক্লী, নিঃশ্বাস প্রশ্বাস।

নিঃশ্বাস (নিশ্‌শাশ) [নির্ (বাহিরে) শ্বস্ (প্রাণবায়ু) —শ্বাস দ্রঃ ; নিঃ = in : নিঃশ্বাস (ভিতরে) লওয়া = inhaling ; নিঃশ্বাস (বাহিরে) ফেলা বা ত্যাগ করা = exhaling : প্রশ্বাস দ্রঃ] বি, প্রাণবায়ুর বহির্নিঃসরণ : শ্বাস গ্রহণ ও ত্যাগ : breath.

নিঃসংজ্ঞ (নিশ্‌শোংগ) [নির্ (নাই) সংজ্ঞা (জ্ঞান) যাহার, বহু] বিণ, অচেতন : অজ্ঞান।

নিঃসঙ্গ (নিশ্‌শংগ) [নির্ (না) সঙ্গ (সংসর্গ)] বিণ, সংস্রব রহিত : সম্পর্কশূন্য : সম্বন্ধহীন। ২। বিষয়ানুরাগহীন। ৩। নির্জ্জন : একাকী।

নিঃসত্ত্ব (নিশ্‌শৎত) [নির্ (নাই) সত্ত্ব (প্রাণী—সার পদার্থ প্রভৃতি) যাহাতে, বহু] বিণ, প্রাণিশূন্য। ২। গত-প্রাণ। ৩। অসার : সত্ত্ববিহীন। ৪। বলহীন : বীর্য্যহীন।

নিঃসন্তান (নিশ্‌শনতান্) [নির্ (নাই) সন্তান যাহার, বহু] বিণ, সন্তানহীন ; যাহার সন্তান নাই।

নিঃসন্দেহ (নিস্‌শনদেহ) [নির্ (নাই) সন্দেহ যাহাতে বা যাহার] বিণ, সংশয়হীন : নিশ্চয়।

নিঃসন্ধি (নিশ্‌শোনধি) [নির্ (নাই) সন্ধি (মিলন, সংযোগ) যাহার, বহু] বিণ, সন্ধিরহিত ; বিজোড় : যুক্ত নহে।

নিঃসপত্ন (নিশ্‌শপত্‌ন) [নির্ (নাই) সপত্ন (শত্রু) যাহার, বহু] বিণ, শত্রুরহিত ; বিপক্ষরহিত।

নিঃসম্পাত (নিশ্‌শম্‌পাত) [নির্ (নাই) সম্—পাত (গমনাগমন) যে সময়ে] বি, পুং, নিশীথ। ২। বিণ, গমনাগমনশূন্য।

নিঃসম্বল (নিশ্‌শম্‌বল্) [নির্ (নাই) সম্বল (সঙ্গতি) যাহার, বহু] বিণ, সম্বলহীন সঙ্গতিবিহীন।

নিঃসরণ (নিশ্‌শরন্) [নির্ (বাহির) সৃ (গমন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বহির্গমন ; নির্গমন।

নিঃসর্ত্ত (নিঃশর্‌ত) [নির্ (নাই)—অ্যা—সর্ত্ত (কারণ, হেতু, যুক্তি) যাহাতে] বিণ, অহেতুক ; যুক্তিহীন।

নিঃসর্ত্তক্ষমা (নিঃশর্‌তখমা) [নিঃসর্ত্ত (সর্ত্তহীন) ক্ষমা] বি, অহৈতুকী ক্ষমা : unconditional pardon. প্র—"বালকের পিতার নিকট নিঃসর্ত্তক্ষমা প্রার্থনা করিয়াছেন।"—বঙ্গবাসী, ১৩১৮।

নিঃসহ (নিশ্‌শহ) বিণ, অসহনীয়।

নিঃসার (নিশ্‌শার্) [নির্ (নাই) সার (স্থিরাংশ) যাহার, বহু] বিণ, সারবিহীন ; সারাংশশূন্য ; অসার। ২। নিস্তেজ। ৩। [নির্—সার, সৃ (গমন করা) + অ (করণে—ঘঞ্] বি, পুং, নির্গমন-পথ।

নিঃসারণ (নিশ্‌শারণ্) [নির্ (বাহির) সৃ + ণিচ্ = সারি (গমন করান) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বহিষ্করণ : নির্ব্বাসন। ২। নিষ্কাসন ; নিংড়ন। ৩। [করণে—অনট্] দ্বার।

নিঃসারিত (নিশ্‌শারিত) [নির্ (বাহিরে) সৃ + ণিচ্ = সারি (গমন করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিষ্কাসিত : বহিষ্কৃত : নির্ব্বাসিত।

নিঃসীম (নিশ্‌শিম) [নির্ (নির্গত) হইয়াছে সীমা যাহা হইতে, বহু] বিণ, সীমারহিত : অসীম : সীমাহীন ; অনন্ত।

নিঃসৃত (নিস্‌সৃত) [নির্ (বাহিরে) সৃ (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বহির্গত : নির্গত।

নিঃস্নেহ (নিস্‌স্নেহ) [নির্ (নাই) স্নেহ (প্রীতি) যাহার, বহু] বিণ, স্নেহবিহীন : স্নেহবর্জ্জিত। ২। [নির্ (নাই) স্নেহ (তৈল) যাহাতে, বহু] তৈলবিহীন : স্নেহ-পদার্থশূন্য। স্ত্রী, **নিঃস্নেহা**—অসতী স্ত্রী।

নিস্পৃহ (নিস্‌পৃহ) [নির্ (নাই) স্পৃহা (বাসনা) যাহার, বহু] বিণ, স্পৃহাহীন ; বাসনাবিহীন : কামনাশূন্য ; নিষ্কাম।

নিঃস্রব (নিস্‌স্রব্) [নির্ (বাহিরে) স্রু (ক্ষরিত হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, তরল দ্রব্যের নির্গমন : ক্ষরণ। ২। [কর্ম্মে—অল্—যে ক্ষরিত হয়] অন্নের মণ্ড ; ভাতের ফেন।

নিঃস্ব (নিশ্‌শ) [নির্ (নাই) স্ব (ধন) যাহার, বহু] বিণ, ধনহীন ; দরিদ্র ; নিঃসম্বল। ২। [স্ব (জ্ঞাতি)] স্বজনবিহীন।

নিঃস্বন (নিশ্‌শন্) [নির্—স্বন্ (শব্দ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, নিনাদ ; রব : ধ্বনি : শব্দ। ২। বেগ। প্র—"সহিবারে নারে যদি জলের নিঃস্বন। নিশ্চয় বলিহ তারে দিব আলিঙ্গন॥"—কবিকঙ্কণ।

নিঃস্বভাব (নিশ্‌শভাব্) [নিঃস্বের (দরিদ্রের) ভাব (দশা) ৬তৎ] বি, পুং, দরিদ্রতা : নির্ধনতা : ধনহীন দশা। ২। [নির্ (নির্গত) হইয়াছে (স্বভাব) সচ্চরিত্র (যাহা হইতে] বিণ, চরিত্রহীন।

নিক (ক্) [হি— লীক্] বি, মাটিতে গাড়ীর চাকার যে রেখা পাত হয়।

নিকট (ট্) [নি (সমীপ) কট (গমন করা) কিম্বা নি (না) কট (গমন করা) অর্থাৎ যেথানে গমন করার আবশ্যক হয় না] বিণ, সমীপ ; অদূর ; অব্যবধান ; কাছে।

নিকটবর্ত্তী (ট্‌বো) [নিকট (সমীপে) বর্ত্তিন্ ১মা, ১ব = বর্ত্তী (যে থাকে)] বিণ, সন্নিহিত ; সমীপবর্ত্তী।

নিকটা-নিকটি (ক্) [তুল, হি—নগ্‌চা-নগচি] বিণ, কাছাকাছি।

নিকড়িয়া, নিকড়্যে (কো) [নি (নয়) কড়িয়া (কড়ি + ইয়া—যুক্তার্থে) যে কড়ি (টাকা—ধন) যুক্ত নহে] বিণ, নির্ধন : কড়িহীন : অর্থশূন্য : দরিদ্র। প্র—"দুঃখিনী দেখিতে নারি নিকড়্যে নাগর। কি দিবে তা দেও আগে হাঁতের উপর॥"—শিবায়ন।

নিকতি, নিখতি (ক্, খ্) [হি— নিক্‌তি] বি, সূক্ষ্ম তৌলদণ্ড। প্র—"সদসৎ নিখ্‌তির মাপে সদাই মাপিতে গেলে এজীবন ফুরাবে বিলাপে॥"—আলো ও ছায়া।

নিকন (ন্) [নিকান দ্রঃ] বি, মৃত্তিকা গোময়াদি লেপন ; লেপন। ২। জল দ্বারা ধৌত করণ।

নিকন্দিয়া (নিকন্‌দিআ) [নি—কন্দ (স্কন্ধ) + ইয়া (যুক্তার্থে)] বিণ, কবন্ধ ; স্কন্ধহীন।

নিকম্মা [হি-তে "অকম্মা" স্থানে ইহার ব্যবহার। নিষ্কর্ম্মার অর্থ হইতে স্বতন্ত্র] বিণ, অকম্মা ; অনিপুণ ; যে কাজে হাত দিলেই খারাব করিয়া ফেলে। ২। যাহা কোন কাজে আসে না ; যাহা কোন কর্ম্মের নয় :

অপদার্থ ; অকেজো । ৩। [প্রাদে। নি (নয় অর্থে)—কর্ম্মা (কর্ম্মযুক্ত)] কর্ম্মহীন ; নিষ্কর্ম্মা ।

নিকর (র্) [নি—কৃ (বিক্ষেপ)+অ (কর্ম্মে—অল্)] বি, পুং, রাশি ; সমূহ। প্র—"তাহার ভিতর শিকড় নিকর যতন করিয়া বাঁধে ।"—চণ্ডীদাস।

নিকরবাকী (র্) [জমীঃ পরিঃ] বি, বাকীপড়া করের সমষ্টি ।

নিকরুণ (নিকোরুন্) [নি (নয়)—করুণ] বিণ, নির্দ্দয় ; অকরুণ ; করুণাহীন। প্র—"বিদ্যাপতি ভণ মাধব নিকরুণ"—বিদ্যাপতি। "নিকরুণ কান কোন সমুঝায়ব"—গোবিন্দদাস।

নিকর্ষণ (ন্) [নি (না) কর্ষণ (হল দ্বারা ভূমি কর্ষণ)] বি, ক্লী, নগরস্থ বা নগর সন্নিহিত অকর্ষিত ভূমি। ২। নগর সন্নিহিত ক্রীড়াভূমি।

নিকলন (ন্) [হি—নিকলনা হইতে] বি, নির্গত হওন ; বাহির হওন। প্র—"শূলহাতে রহে বীর শিবের সম্মুখে। নয়নে নিকলে অগ্নি ঝলকে ঝলকে ॥"—কবিকঙ্কণ।

নিকলয়ে [হি—নিকল+আবে—নিকলায়ে] ক্রি, বাহির হয়। প্র—"ঝলকে ঝলকে রক্ত নিকলয়ে তুণ্ডে"—কবিকঙ্কণ। ণিজন্ত রূপ, নিকালয়ে—বাহির করায়।

নিকশত [ব্রজ। হি—নিক্সানা] ক্রি, বাহির হয়। ২। স্খলিত হয়। প্র—"নিরখিতে নিয়ড়ে নিতম্বিনী নিচোল নিকশত নীবি নীবিবন্ধ ।"—বিদ্যাপতি।

নিকষ,—স (শ্) [নি—কষ্—কস্ (কষণ করা) + অ (অধি—অল্) যাহাতে স্বর্ণাদি ধাতু কষণ করে] বি, পুং, কষ্টিপাথর ; শান। ২। কষ্টিপাথরে স্বর্ণাদি ঘষণ-চিহ্ন। ৩। পিধান ; অসিকোষ। প্র—"নিকষে যথা অসি, আবরিব মায়াজালে আমি দোঁহে ।"—মেঘনাদ। [দ্রঃ —মাইকেল কোষ অর্থে নিকষ শব্দের প্রয়োগ করিয়া গিয়াছেন। ইহা তাঁহারই উদ্ভাবিত। নি (নিহিত) কষ (কোষ)—কোষ নিহিত এবং নিকষে যথা অসি=কোষনিহিত অসিবৎ এইরূপ ভাব হইতে এই শব্দের উৎপত্তি সম্ভব]।

নিকষণ (ন্) [নি (সম্যক্) কষণ (কর্ষণ)] বি, ক্লী, কষ্টিপাথরে কষণ ; ঘর্ষণ। ২। খনন ; বিলেখন।

নিকষা—বি, স্ত্রী, সুমালি রাক্ষস দুহিতা ; বিশ্রবামুনি-পত্নী ; রাবণ, কুম্ভকর্ণ বিভীষণ, সূর্পনখার জননী।

নিকষাত্মজ (নিকষাৎতঁজ) [নিকষার আত্মজ (পুত্র)] বি, পুং, নিকষানন্দন ; রাবণাদি। স্ত্রী, **নিকষাত্মজা**—সূর্পনখা।

নিকষোপল (ল্) [নিকষ+উপল (প্রস্তর)] বি, পুং, কষ্টিপাথর ; শান।

নিকসান (নিক্শানো) [হি—নিক্সানা। ব্রজ] ক্রি, বাহির হওয়া। প্র—"বচন না নিকসয়ে চমকিত চিত।"—বিদ্যাপতি। **নিকসউ**—ক্রি, নির্গত হউক ; বাহির হউক। প্র—"শুনইতে নিকসউ কঠিন পরাণ।"—বিদ্যাপতি। **নিকসব**—বাহির হইবে। প্র—"জীব নিকসব যব রাখব কোই।"—বিদ্যাপতি। **নিকসয়, নিকসয়ে**—বহির্গত হয়। প্র—"বচন না নিকসয়ে চমকিত চিত।"—বিদ্যাপতি। **নিকসল**—বাহির হইল। প্র—"পুন দুহুঁ জন মন্দির সঞে নিকসল জটিলা সনে কহে ভাখী।"—বিদ্যাপতি।

নিকা [আ—নিকাহ্। গ্রা—নিকে] বি, মুসলমানজাতীয় বিবাহ-পদ্ধতিবিশেষ ; মুসলমান শাস্ত্রমতে বিধবা বিবাহ। প্র—"বলিল অনেক মিয়া আপন তরফ গিয়া কেহ নিকা কেহ করে বিয়া।"—কবিকঙ্কণ। "আর দেখ নারীর খসম মরি যায়। নিকা নাহি দিয়া রাঁড় করি রাখে তায় ॥"—অন্নদামঙ্গল।

নিকান (নো) [রূপান্তরে—নিকন, নিকুন। সং—নিজ্ (নির্ম্মলীকরণে) ধাতু হইতে। উ-পু—নিকাই। ম-পু—নিকাও। প্র-পু—নিকায়। অস-ক্রি—নিকাইতে ; নিকাইয়া ; নিকাইয়ে] ক্রি, ভূমি বা প্রাচীরাদি মৃত্তিকা গোময়াদি দ্বারা লেপন করা।

নিকাম (ম্) [নি (নাই) কাম (কাজ)] বিণ, কর্ম্মহীন ; নিষ্কম্মা। ২। অকর্ম্মণ্য।

নিকার (র্) [সং] বি, তিরস্কার। ২। অনিষ্ট। ৩। অবমাননা। ৪। খোয়ার ; লাঞ্ছনা। ৫। শস্যোৎক্ষেপণ [বিরল]।

নিকারী, নিকিরী [কাবারি দ্রঃ] বি, মুসলমানের শ্রেণীভেদ ; মুসলমান মৎস্য-ব্যবসায়ী ; কাবারি।

নিকাশ (শ্) [নি—কশ্ (দীপ্তি) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, প্রকাশ। ২। বিনাশ ; বধ। প্র—"দিলীর খাঁকে পথিমধ্যে নিকাশ করিতে হইবে।"—রাজসিংহ (বঙ্কিম)। ৩। পরিশোধ। ৪। হিসাব পত্র বুঝাইয়া দেওয়া। প্র—"নিকাশ তাহার গোঁজা।"—ভারতচন্দ্র। "এবার জমায় শূন্য খরচ ভারি। আমার নিকাশ দেওয়া হল ভারি ॥"—বাং-গান। ৫। নির্দ্ধারণ। ৬। শেষ। প্র—ক্রমাগতই চলেছে তাহার আর নিকাশ নাই। ৭। আর দাঁড়াইতে নাপারে এমন অবস্থায় ফেলা ; অকর্ম্মণ্য করিয়া ফেলা। ৮। [নিষ্কাশ হইতে] বি, নিষ্কাশন ; নির্গম।

নিকাশি [নিকাশ দ্রঃ] বি, নিকাশ ; চুক্তি। প্র—"হার মেনে গেছি আমি ক'রে নিকাশি।"—অশোকগুচ্ছ। ২। বহির্গমন ; নির্গম। ৩। বিণ, নির্দ্ধারণ। ৪। বিণ, যাহার নিকাশ করা হইয়াছে।

নিকাশিপোতা—বি, জমীদারী সেরেস্তার কর্ম্মচারীরা হিসাব নিকাস্ দিবার সময়ে যাহা দেন।

নিকাস (শ্) নিকাশ দ্রঃ।

নিকী, নিখী [মিক্ষা শব্দজ] বি, উকুণ-জাতীয় কেশকীটবিশেষ।

নিকুঞ্চক (ক্) বি, পুং, পরিমাণবিশেষ ; কুডব পরিমাণের চতুর্থাংশ। ২। জল-বেতস্।

নিকুঞ্জ [সং] বি, পুং, ক্লী, লতাগৃহ ; উদ্যানস্থ-লতামণ্ডিত স্থান।

নিকুন (নো) [নিকান দ্রঃ] ক্রি, পরিষ্কার করা।

নিকুম্ভ—বি, পুং, কুম্ভকর্ণের পুত্র। ২। শিবানুচরবিশেষ। ৩। দন্তিকা বৃক্ষ। স্ত্রী, **নিকুম্ভী**—কুম্ভকর্ণের কন্যা।

নিকুম্ভিলা—বি, স্ত্রী, লঙ্কার উপবন ; সহস্র যূপ বা যজ্ঞীয় পশুবন্ধন কাষ্ঠ শোভিত লঙ্কার যজ্ঞক্ষেত্র ও দেবালয়। প্র—"আগে পূজ ইষ্টদেবে নিকুম্ভিলা যজ্ঞ সাঙ্গ কর বীরমণি।"—মেঘনাদবধ। ২। দেবীবিশেষ। ইনি রাক্ষসদিগের কুলদেবতা। প্র—"সুরা-মাংস খেয়ে আজ হয়ে তুষ্ট মন দেবী নিকুম্ভিলা পাশে করিব নর্ত্তন ॥"—বাং-রামায়ণ (রাজ)।

নিকৃত [নিকার দ্রঃ। নি—কৃ+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, তিরস্কৃত ; অবমানিত। ২। নিগৃহীত। ৩। পরাজিত। ৪। প্রকাশিত। ৫। অপকৃত। ৬। বঞ্চক ; নীচ। বি, নিকৃতি।

নিকৃত্ত [নি—কৃত্ (ছেদন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কর্ত্তিত ; ছিন্ন ; ছেদিত। ২। খণ্ডিত।

নিকৃন্তন (ন্) [সং—নিকৃত্ত] বিণ, ছিন্নকারী। ২। বি, খণ্ডন। স্ত্রী, **নিকৃন্তিনী**। প্র—"মহিষমর্দ্দিনি ; দুর্গ বিঘাতিনি রক্তবীজ নিকৃন্তিনি।"—অন্নদামঙ্গল।

নিকৃষ্ট [নি—কৃষ্ (কর্ষণ করা—অবজ্ঞা করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, জঘন্য ; নীচ ; অপকৃষ্ট। ২। অকৃষ্ট ; যাহা কর্ষণ করা হয় নাই [প্র, অ]। **নিকৃষ্টপ্রবৃত্তি**—লিপ্সা, জিঘাংসা, বুভুক্ষা, কাম, অপত্যস্নেহ প্রভৃতি কেবল আত্মরক্ষার জন্য এবং পরিজন পোষণের বৃত্তি সমূহ। ২। নীচ বৃত্তি।

নিকেতন (ন্) বি, ক্লী, স্থান ; গৃহ ; আলয়। প্র—"ধন জন যৌবন নগর নিকেতন। পদাতি বারণ বাজী রত্ন সিংহাসন ॥"—কবিকঙ্কণ।

নিকোচন (ন্) বি, ক্লী, সঙ্কোচন।

নিক্কণ (ন্) [নি—ক্বণ্ (ক্বণ ক্বণ শব্দ করা। তুল—"বীণা বাদয়ে অতি ললিত ক্বণ্ ক্বণ্ ক্বণ্ ক্বণ্ নিনাদে।"—হেমবন্দ্যো।) +অ (অল্—ভাবে)। ভাবে ঘঞ্ করিয়া নিক্বাণ শব্দ নিষ্পন্ন হয় কিন্তু বাং-য় বিরল] বি, বীণাধ্বনি; তন্ত্রীর ঝঙ্কার। প্র—"ক্বণ্ ক্বণ্ নিক্বণ কোমলে মিলিয়া। ক্রমে গুরুগর্জ্জন সপ্তমে ছুটিয়া।"—দশমহাবিদ্যা (হেমবন্দ্যো)। ২। নিনাদ: ধ্বনি।

নিক্তি [নিকতি দ্রঃ] বি, সূক্ষ্ম তুলাদণ্ডবিশেষ; ক্ষুদ্রাকৃতি পরিমাণ যন্ত্র।

নিক্ষিপ্ত (নিক্খিপ্ত) [নি (নিম্নে) ক্ষিপ্ (ক্ষেপণ করা) +ত (কর্ম্মে—ক্ত) যাহা ক্ষেপণ করা হইয়াছে] বিণ, অধঃক্ষিপ্ত; যাহা নিম্নে ফেলিয়া দেওয়া হইয়াছে। ২। পরিত্যক্ত; যাহাকে পরিহার করা হইয়াছে। ৩। যাঁহা দূরে ফেলিয়া দেওয়া হইয়াছে; যাহাকে ছুঁড়িয়া ফেলা হইয়াছে। ৪। গচ্ছিত: ন্যস্ত। ৫। অর্পিত। ৬। বিন্যস্ত।

নিক্ষেপ (নিক্খেপ্) [নি—ক্ষিপ্ (ক্ষেপণ করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, স্থাপন। ২। ত্যাগ; ফেলিয়া দেওয়া: ক্ষেপণ। ৩। গচ্ছিত করণ; ন্যাস। ৪। সংস্কারার্থ শিল্পীর নিকট দ্রব্যের অর্পণ। ৫। [কর্ম্মে—অল্] গচ্ছিত বস্তু।

নিক্ষেপক (নিক্খেপক্) [নি—ক্ষিপ্+অক (কর্ত্তৃ)] বিণ, নিক্ষেপকারী: ক্ষেপক।

নিখরচা (র্) [নি—খরচা] ক্রি-বিণ, বিনামূল্যে; বিনাব্যয়ে।

নিখর্ব্ব [নি (অতিশয়) খর্ব্ব (হ্রস্ব)] বিণ, খর্ব্বাকৃতি; বামন। [বিরল] ২। দশসহস্র কোটি সংখ্যা: ১০০০০০০০০০০০।

নিখাটু [নি—খাটু (হি—খাটু—খাটনা হইতে)] বি, যে খাটে না: শ্রমবিমুখ। ২। অলস: কুঁড়ে।

নিখাত (ত্) [নি—খন (খাত করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা খনন করা হইয়াছে; খনিত। ২। নিবেশিত: স্থাপিত। ৩। প্রোথিত।

নিখাদ (দ) [নিষাদ হইতে। হি-তে "ষ" র প্রা—উচ্চারণ, খ। তুল—বিভীষণ স্থলে বিভীখণ] বি, সঙ্গীতের সপ্ত মূল সুরের সপ্তমসুর (হস্তীর বৃংহিত হইতে)।

নিখিল (ল্) [নি—খিল (দ্রঃ)] বি, সকল বস্তু। প্র—"আছে আছে প্রেম ধূলায় ধূলায় আনন্দ আছে নিখিলে।"—রবি। ২। বিশ্বব্রহ্মাণ্ড: সমুদয় জগৎ। প্র—"জীবনে মরণে ভয়ে ভয়ে তবে প্রবাসী ফিরিবে নিখিলে।"—রবি। ৩। বিণ, সমস্ত; সমুদয়; সমগ্র। প্র—"তোমার চরণ করেছে বরণ নিখিল জন।"—বাং-গান (রবি)। ৪। অখণ্ড; সম্পূর্ণ; অনন্ত।

নিখুঁত (ত্) [নি—খুঁত, সং—ত্রুটি। হি—খোঁটা] বিণ, যাহাতে কোন ত্রুটি নাই; দোষবিহীন; নির্দ্দোষ। ২। বিশেষ; সূক্ষ্ম। প্র—নিখুঁত করে দেখা।

নিখুঁতি [নি—খুঁত্+ই (অস্ত্যর্থে)] বি, যে মিষ্টান্নে কোন খুঁত নাই: সন্দেশ; মণ্ডা।

নিগড় (ড়্) [নি—গড়্ (বন্ধন করা) +অ (করণে—অচ্)] বি, পুং, লোহার শিকল; লৌহময় বন্ধনী। প্র—"বসুদেব দৈবকীরে নতি কৈলা নতশিরে দূর করি নিগড় বন্ধন।"—অন্নদামঙ্গল। ২। পায়ের বেড়ী: শিকলের পাদবন্ধনী। প্র—"—কহ, এ নিগড় তবে পর তুমি কোন্ পাপে?—"—মেঘনাদ। ৩। সূত্র। প্র—"সাধুবর খুল্লনার নিগড় বন্ধনে"—কবিকঙ্কণ।

নিগড়িত (গো) [নিগড় (শৃঙ্খল)+ইত (যুক্তার্থে)] বিণ, শৃঙ্খলবদ্ধ; শৃঙ্খলিত।

২

নিগদ [নি (নিশ্চয়) গদ্ (কথন) +অ (ভাবে—অল্)] বি, পুং, কথন; ভাষণ। বিণ, নিগদিত।

নিগদিত (গো) [নি—গদ্ (বলা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ভাষিত; উক্ত। ২। বি, বচন।

নিগম (ম্) [নি—গম্ (গমন করা) +অ (অধি—অল্) মনুষ্যগণ যে স্থানে গমন করে] বি, পুং, সরণি: পথ। ২। লোকালয়; নগর। ৩। বাণিজ্যস্থান: বাজার: হাট। ৪। বেদ। প্র—"নিগম আগমে তুমি নিরুপম কায়া"—অন্নদামঙ্গল। ৫। ন্যায়শাস্ত্র। ৬। নির্ণয়; সন্ধান: নিশ্চয়। ৭। নিগমন: নির্গমন: বহির্গমন। **আগম নিগম, নিগম আগম**—বেদ ও তন্ত্র। ২। আগমন বা প্রবেশ ও বহির্গমন।

নিগমন (ন্) [নি—গম্+অন] বি, ক্লী, ন্যায়াঙ্গ। ২। নির্গমন: বহির্গমন। বিপরীতে আগমন।

নিগর, নিগার (র্) [নি—গৄ (ভোজন করা) +অ (ভাবে—অল্, ঘঞ্)] বি, পুং, ভোজন; ভক্ষণ।

নিগরণ (ন্) [প্রা—নিগলন। হি—নিগলনা। নি—গৄ (ভোজন করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, গলাধঃকরণ; ভোজন; ভক্ষণ; গিলন। ২। [করণে—অনট্] পুং, গলা।

নিগাবানি [ফা—নিগাহ্ (দৃষ্টি) নিগাহ্বানি। হি—নিগ্বানি] বি, তত্ত্বাবধান; দেখা-শুনা; !।

নিগাল (ল্) [নি—গল্ (ভোজন করা) +অ (করণে—ঘঞ্)] বি, পুং, অশ্বের গলদেশ।

নিগালি [নিগাল দ্রঃ] বি, অশ্বগলরজ্জু।

নিগীর্ণ [নি—গৄ (ভোজন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, গলাধঃকৃত; গিলিত। (বিপরীতে—উদ্গীর্ণ)।

নিগূঢ় [নি (সম্যক্) গুহ্ (আচ্ছাদন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সম্যক্ আচ্ছাদিত; সংবৃত। ২। আবৃত। ৩। অপ্রকাশ্য; গোপন। প্র—"অতএব কহি কিছু করিয়া নিগূঢ়, বুঝিবে রসিক ভক্ত না বুঝিবে মূঢ়"—চৈতন্যচরিতামৃত। ৪। গভীর। ৫। গুপ্ত। ৬। রহস্যময়। ৭। দুর্জ্ঞেয়। ৮। আলিঙ্গিত। [বিরল] বি, ক্লী, মর্ম্ম; সার। ৯। [বৈদ্যকে] পুং, বনমুদ্গ; বনমুগ।

নিগৃহীত (নিগ্গৃহিত) [নি (নিন্দিত, কুৎসিত ভাবে) গ্রহ্ (গ্রহণ করা) +ত (কর্ম্মে—ক্ত) গ্রহ=গৃহ, ঈ—আগম] বিণ, কঠোর ভাবে গৃহীত; ধৃত: আয়ত্ত। ২। পীড়িত; ক্লেশিত। ৩। শাসিত; দণ্ডিত। ৪। যাহাকে শাস্ত বা বশ করা হইয়াছে; বশীকৃত; সংযত। ৫। যাহাকে অসৎ কার্য্য হইতে নিবৃত্ত করা হইয়াছে; নিবর্ত্তিত।

নিগ্রহ (নিগ্গ্রোহ) [নি—গ্রহ্ (গ্রহণ করা) +অ (ভাবে—অল্) বিপরীতে—অনুগ্রহ] বি, পুং, দণ্ড; শাসন। ২। বন্ধন; অবরোধ। ৩। প্রহার; তাড়না। ৪। তিরস্কার; ভর্ৎসনা। ৫। অপমান; খোয়ার। ৬। বিড়ম্বনা। প্র—"নিগ্রহ করিতে পুনঃ বিলম্ব না সহে।"—অন্নদামঙ্গল। ৭। যাতনা: কষ্ট। ৮। নিবর্ত্তন। ৯। বশীকরণ। ১০। সংযম। **নিগ্রহপুলিশ**—দুরন্ত প্রজাবর্গের শাসনস্বরূপ তাহাদের ব্যয়ে রক্ষিত পুলিশ। **নিগ্রহ স্থান** (নিগ্গ্রোহোস্থান্) বি, ক্লী, যুক্তিতে হার; failure in argument. ২। কোণ ঠাসা হওয়ার অবস্থা।

নিগ্রাহক (ক্) [নি—গ্রহ্ (গ্রহণ করা) + অক (কর্ত্তৃ)] বিণ, নিগ্রহকারী।

নিঘণ্টু (ঘো) [সং] বি, পুং, নির্ঘণ্ট; সূচী; index. ২। নিরুক্ত; বৈদিক অভিধানবিশেষ।

নিঘিন্নে [প্রা। নির্ঘৃণ হইতে। নি—ঘিন্নিয়া (ঘৃণা—ঘিন্না—ঘেন্না] বিণ, ঘৃণাশূন্য। প্র—"আমার মত আরো নিঘিন্নে মানুষ আছে"—নবীন তপস্বিনী।

নিঘ্ন [সং] বিণ, আশ্রিত। ২। অনুগত; বশ: আয়ত্ত। প্র—"প্রণত জনের নিঘ্ন দূর কর মম বিঘ্ন তব পদে করিলুঁ বন্দন"—কবিক।

নিঙাড়, নিঙাড়ন (ড়্, ন্) [নিঙ্গড়ান দ্রঃ] বি, নিষ্কাশন; নিষ্পীড়ন; জল নিঃসারণ।

নিঙাড়া [নিঙ্গড়ান দ্রঃ। প্রা-বাং—পদ্যে। উ-পু—নিঙাড়ি। ম-পু—নিঙাড়। প্র-পু—নিঙাড়ে। অস-ক্রি—নিঙাড়িতে; নিঙাড়িয়া;

নিঙাড়ি (পদ্যে) নিঙ্ড়ে] ক্রি, নিঙ্গড়ান ; আর্দ্র বস্ত্রাদি হইতে জল নিষ্কাশন করা। প্র— "চাঁদ নিঙাড়িয়া কেবা ও সুধা ঢালিল রে"— পদাবলী।

নিঙারণ (ন্) [নিঙ্গড়ান দ্রঃ] বি, নিষ্কাশন। ২। ঝাড়ন [বঙ্গভাষা ও সাহিত্য]।

নিঙ্গড়ান, নিংড়ান (নিংড়ানো) [সং— গুঢ় হইতে—গুড়ান=সঙ্কোচন, গুটান। নি= সম্যক+গুড়ান=নিগুড়ান—নিগ্ড়ান (প্রাদে ব্যবহার আছে)। তুল—হি—নিচোড়না। (নিকুঞ্চন হইতে) উ-পু—নিঙ্গড়াই। ম-পু— নিঙ্গড়াও। প্র-পু—নিঙ্গড়ায়। অস-ক্রি— নিঙ্গড়াইতে ; নিঙ্গড়াইয়া ; নিঙ্গাড়ি (পদ্যে), নিঙ্গড়ে ; নিংড়ে] ক্রি, সজল দ্রব্য নিষ্পীড়ন করিয়া জল নিষ্কাশন ; আর্দ্র বস্ত্র গুড়াইয়া জল বাহির করিয়া দেওয়া ; নির্গালন। প্র— "অঞ্জন গঞ্জিয়া কেবা খঞ্জন আনিল রে চাঁদ নিঙ্গাড়ি কৈল থেহা।"—চণ্ডীদাস। "কেশ নিঙ্গাড়িতে বহে জল ধারা"—বিদ্যাপতি।

নিঙ্গলন (ন্) [প্রা—নিগরণ দ্রঃ। হি— নিগল্না] বি, গিলন ; গ্রাস করা।

নিচয় (য়) [নি—চি (চয়ন করা, একত্র করা) + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, সমুদয় ; সমূহ ; রাশি। ২। [ভাবে—অল্] বৃদ্ধি ; উপচয় [প্র, অ]।

নিচয় (য়) [নিশ্চয় শব্দের পদ্যে কোমল রূপ। ব্রজ] বি, নিশ্চয়। প্র—"নিচয় মরিব আমি সে কানু উদেশ"—বিদ্যাপতি (বঙ্গবাসী)। "নিচয় কহনু মর্ তোয়"—রবি।

নিচু—লিচু দ্রঃ।

নিচুল (ল্) [সং] বি, পুং, বেতস। ২। অধর। ৩। মহাকবি কালিদাসের সমসাময়িক কবিবিশেষ।

নিচুলক (ক্) বি, ক্লী, বর্ম্ম ; সাঁজোয়া।

নিচোড় (ড়) [হি—নিচোড়] বি, নিঙ্গড়ন।

নিচোড়া [হি—নিচোড়্না] ক্রি, আর্দ্র বস্ত্রাদি পাকাইয়া বা জোরে চাপ দিয়া জল বাহির করা ; নিঙ্গড়ান ; কোন কিছু মুঠায় চাপিয়া বা পিষিয়া রস বাহির করা। প্র—"মুঠে নিচোড়িয়া তাহে দিলা আদারস।"—কবিকঙ্কণ।

নিচোল (ল্) [নি—চোল (দ্রঃ)] বি, ক্লী, চাদর ; চুনরী ; পাছুড়ী। প্র— "মাথ আধ পর রহল নিচোল।"—জ্ঞানদাস। ২। আস্তরণ ; প্রচ্ছদপট। ৩। ঘাঘরা। ৪। অঙ্গত্রাণ ; সাঁজোয়া।

নিচোলক (ক্) বি, পুং, কঞ্চুক ; কাঁচুলি। ২। বর্ম্ম ; সাঁজোয়া।

নিচ্ছবি [লিচ্ছবি দ্রঃ] বি, ভারতীয় জাতি-বিশেষ।

নিচ্ছিদ্র (নিচ্ছিদ্র) [নি (নাই) ছিদ্র (রন্ধ্র) যাহাতে, বহু] বিণ, ছিদ্রহীন। ২। ত্রুটিহীন; নির্দ্দোষ।

নিছনি নিছোনি) [সং—নির্মঞ্ছন হইতে— হি—নিছাবর্ ; নেওছাবর্ ; ব্রজ—নেক্রোছন] বি, আরাধনা ; পূজা। প্র—"নয়নক নেক্রোছন নব অরবিন্দা।"—বিদ্যাপতি। প্র —"এমত যাহার হয় ত্রিভুবনে তাহার নিছনি।" —জ্ঞানদাস। ২। রূপ ; লাবণ্য। প্র— "অমিয়ার সাচে যদি করএ পুতলি রসের সায়রে যদি করায়ে সিনান॥ তভুত না হয় তোমার নিছনি সমান॥"—পদাবলী (সাধনা ২য় বর্ষ, ২য় ভাগ)। ৩। উপহার। প্র— "মূলে বিকালাও আর কি দিব নিছনি।"— বসন্তরায় (পদাবলী)। ৪। আরাধনার অর্ঘ্যোপহার ; নৈবেদ্য। প্র—"নিরমল কুলশীল বিদিত ভুবন, নিছনি করিনু তোর ছুঁইয়া চরণ।"—পদাবলী। ৫। বালাই ; অমঙ্গল ; অশুভ। প্র—"গৌরাঙ্গের নিছনি লইয়া মরি।"—গোবিন্দদাস। "নিছনি লইয়া মরিরে।"—ভারতচন্দ্র। "কার ঘরের শিশু তোমার যাইতে নিছনি।"—পদাবলী। ৬। ঝাড়ন। প্র—"সতেক হাপ নেতে কৈল খোড়ার নিছনি।"—শূন্যপুরাণ। ৭। বেশ-বিন্যাস ; কেশ-রচনাদি। "নিছনি করিতে গেনু লয়ে তৈল কুড়।"—ভারতচন্দ্র। "বসনে পদ মুছি নিছনি করিল শচী বসন অমূল্য রতন।" —কবিকঙ্কণ। ৮। তুলনা ; উপমা। প্র— —কনকবরণ, কিয়ে দরশন নিছনি দিয়ে যে তার।"—চণ্ডীদাস। "অদ্ভুত যাঁহার কর্ম্ম কি দিব নিছনি।"—মহা—কাশী। ৯। ডালি। প্র—"রূপের নিছনি।"—গোবিন্দদাস্। ১০। বরণ ; স্ত্রী-আচারবিশেষ। প্র—নিছনি ডালা। ১১। যাহা মুছিয়া ফেলা হয় ; নির্মঞ্ছন করিবায় দ্রব্য। কাহারও মঙ্গলোদ্দেশে কিম্বা অশুভ দূর করিবার মানসে নারীদিগের মধ্যে স্ব স্ব অবস্থানুযায়ী স্বর্ণ রৌপ্য মণিরত্নাদি নিছনি করিয়া এবং মান্য ব্যক্তিগণের দক্ষিণ উরু ও স্বামীর বাম উরুতে এবং স্নেহপাত্রগণের ললাটে ঐ দ্রব্য স্পর্শ করাইয়া গ্রহবিপ্রকে দান করিবার প্রথা এখনও অনেক স্থানে দৃষ্ট হয়। ১২। বিণ, নিবেদিত ; নিবেদী। প্র— "চরণের নিছনি ফুল, চরণের রজ। দুর্লভ মানিয়া বীর আশা করে অজ॥"—কবিকঙ্কণ। ১৩। অস-ক্রি, নিছিয়া ; মুছিয়া। প্র— "অমিয়া নিছনি বাজিছে সঘনে মধুর মুরলী গীত।"—চণ্ডীদাস।

নিছক (ক্) [হি—নিছকা ; নিছক ; ছকা অর্থে নিছকা। তুল—খালিস্ অর্থে নিখালিস্] বিণ, ছাঁকা ; বিশুদ্ধ ; অমিশ্র ; খাঁটি। প্র—"শত্রু যদি করে গোল ধরিব বৃষভ বোল উচ্চতানে শুনাইব নিছক খেউড়।"—হেমবন্দ্যো। ২। মাত্র ; কেবল।

নিছল (ল্) [নি (অভাব) ছল] বিণ, ছলনাহীন ; সরল।

নিছান (নো) [নির্মঞ্ছন (দ্রঃ)। ব্রজ— নিয়ছান। তুল—"দোঁহে দোঁহে তনু নিরছাই।" উ-পু—নিছাই, নিছিনু, নিছিলুঁ, নিছিলাম। ম-পু—নিছাও। প্র-পু—নিছায়। অস-ক্রি— নিছিতে ; নিছিয়া ; নিছি] ক্রি, নির্মঞ্ছন করা আরাধনা করা ; বরণ করা। প্র—"মো পুনি ইছিয়া নিছিয়া লইমু অনাদি জনম ফলে"— পদাবলী। "পণ্ডিতে বেদ গান নিছিআ পেলেন পান"—শূন্যপুরাণ। ২। মুছা। প্র—"বদন নিছাই"—গোবিন্দদাস। ৩। আত্মহারা হওয়া ; ভোলা ; বিস্মৃত হওয়া। প্র—"দেখিয়া মোহন রূপ আপনে নিছিনু।"—গোবিন্দদাস। ৪। উপহার দেওয়া ; সমর্পণ করা। প্র— "তনু ধন জন যৌবন নিছিনু কালার পিরীতে"— চণ্ডীদাস। "পরাণ নিছিয়া দিই চরণে তোমার" —গোবিন্দদাস। ৫। স্ত্রী-আচারবিশেষ ; তুক করা ; অমঙ্গল বা বালাই অঙ্গ হইতে মুছিয়া দূর করিয়া ফেলিয়া মঙ্গলাচার করা। প্র— "নিছিয়া ফেলিল পান উভকর তুলি। বরেরে ফেলিয়া মারে সগুড় চাউলি॥"—ঘনরাম। "শিব প্রদক্ষিণ গৌরী কৈল সাতবার। নিছিয়া ফেলিল পান কৈল নমস্কার।"—কবিকঙ্কণ। ৬। বর বধূকে বরণ করা ; বরণ করা। প্র— "পুত্রবধূ নিছিয়া লইয়া চল ঘর।"—কবিকঙ্কণ। ৭। ছাঁকিয়া ; নিঙ্গড়াইয়া ; (তুল—হি— নিচোড়না)। প্র—"এমন পিয়ার কথা কি পুছসি রে সখি পরাণ নিছিয়া তারে দিয়ে।"— বিদ্যাপতি।

নিছি [নিছনি দ্রঃ] বি, নিছনি ; উপহার ; ডালি। প্র—"বন্ধুর পিরীতি আপনা বেচিনু নিছি দিনু জাতিকুল।"—চণ্ডীদাস।

নিছিবি [লিচ্ছবি দ্রঃ] বি, ভারতীয় জাতি-বিশেষ।

নিছু [প্রা। নিছক (দ্রঃ) সংক্ষেপে] বিণ, শুদ্ধ ; কেবল। ২। নিরবচ্ছিন্ন।

নিছুনি [প্রা—উচ্চারণ বিকার] বি, নিছনি (দ্রঃ) ; বালাই। প্র—"কাহার বাছুনি রে নিছুনি লয়ে মরি॥"—ভারতচন্দ্র।

নিজ [নি (নিয়ত) জন্+অ (কর্ত্তৃ—ড)] স্বাভাবিক ; স্বভাবত যাহা জন্মে। ২। অক্ষয় ; নিত্য ; চিরন্তন। ৩। আপন ; স্বকীয় ; স্বীয়। প্র—"নিজগণ লয়ে বরযাত্রী হয়ে চলিল যত অমর।"—অন্নদামঙ্গল। ৪। অ, স্বয়ং ; নিজে।

নিজজোত (জ্, ত্) বি, প্রজা নিজে যে জমিতে চাষ করে। যে জমির স্বত্বাধিকারী স্বয়ং চাষ করে বা নিজ ভৃত্য দ্বারা চাষ করায়।

নিজস্ব (নিজশ্‌শ) [নিজ (আপন)—স্ব (স্বত্ব)] বিণ. যাহাতে অন্যের কোনরূপ অধিকার নাই।

নিজাম (ম্) [আ—নিজাম্] বি. শাসনকর্তা ; গবর্ণর ; রাজ-প্রতিনিধি।

নিজামৎ, নিজামতি [নিজাম দ্রঃ] বি. নিজামের পদবী ; নিজামের শাসন। বিণ. নিজামতী—নিজাম সংক্রান্ত।

নিজ্জস, শ (শ্) [গ্রা। সং—নির্য্যাস—গ্রাম্য বিকারে নিজ্জস—অর্থসম্প্রসারণে সার (extract) হইতে নিশ্চয়] বি. সার ; সত্য খাঁটি ; নিশ্চয়।

নিঝর (র্) [সং—নির্ঝর হইতে পদ্যে কোমল রূপ] বি. নির্ঝর ; উৎস। ২। অশ্রুধারা। ক্রি. নিঝরে—ধারা বহে। প্র—"নিঝরে নয়নে, সব সখীগণে, খোজত বহে নিশ্বাস।"—গোবিন্দদাস।

নিঝুম, নিঝ্‌ঝুম (ম্) [নি—ঝুম (দ্রঃ)] বিণ. নিদ্রিত। প্র—"নীরব নিঝুম এই উপবনময়"—কস্তুরী। ২। নিঃশব্দ। প্র—"নগরে নিছুটী নিশা হয়েছে নিঝুম"—ঘনরাম। ২। নির্বাত ; নিস্পন্দ। প্র—"নিঝুম নীরব সব গিরি তরুলতা।"—সারদামঙ্গল।

নিট্ (ট্) [নিঠ্=নিশ্চয় জ্ঞান, স্থিরত্ব (সং—নিষ্ঠা)] বিণ. নিশ্চয় ; খাঁটী ; সত্য ; ন্যায্য। প্র—"আমি যারে যাহা খুশী হয়ে দেই তাই তার নিট্ প্রাপ্য"—রজনীসেন। "নীলাম্বর নিট্ জেনেছে মনকে আমার বলা মিছে"—রামপ্রসাদ। ২। খরচ খরচা বাদ ; nett.

নিটনকাত (ন্, ত্) [জমীঃ পরিঃ] বি. প্রজার দখলী জমীতে পরিমাণ মত জমা ধার্য্যকরণ।

নিটনকাত জমা (ন্, ত্) বি. যে ভূমি প্রজার দখলে আছে, পরিমাণ অনুযায়ী তাহাতে জমা নির্দ্ধারণ করার নাম নিটনকাত জমা।

নিট্‌পিটে [তুল—নলপত। হি—লল্লোপত্তো। লিপ্ত হইতে হি—লিপ্‌টা, লিপ্‌টিয়া—যে লাগিয়া থাকে, যে শীঘ্র কর্ম্ম হইতে মুক্ত হয় না] বিণ. যে তাড়াতাড়ি কিছু করিতে পারে না ; নিড়বিড়ে ; গ্রা—নেতাজোবড়া। ২। দীর্ঘসূত্রী। ৩। নেটি পেটি দ্রঃ।

নিটল (ল্) নিটোল দ্রঃ।

নিটিস-নিটিস (শ্, শ্) [টঙ্গস টঙ্গস (দ্রঃ)—মৃদু অর্থে টিঙ্গিস টিঙ্গিস—লঘু অর্থে টিনিস টিনিস—বর্ণ বিপর্য্যয়ে নিটিস নিটিস] অ. লঘু পদবিক্ষেপে ; ধীরে ধীরে।

নিটুট (ট্) [নি—টুট (সং—ত্রুটি—ত্রুটি হীন)] বিণ. অখণ্ড ; অভগ্ন ; অটুট ; পূর্ণ। ২। অক্ষুণ্ণ ; অক্ষুব্ধ। ৩। নির্দ্দোষ।

নিটোল, নিটল (ল্) [সং—নিস্তল ; পালি—নিত্তলং=বর্ত্তুল (মেদিনী)। (২) তল (হেমচন্দ্র)] বি. সুগোল ; বর্ত্তুল। ২। যাহার কোনস্থানে টোল পড়ে নাই ; পূর্ণ। ৩। তল ; স্থল ; প্রদেশ। প্র—"নিদাঘের রৌদ্র আসি বিলসিল ললাট-নিটোলে"—অশোকগুচ্ছ। ৪। কপোল।

নিঠাকাঠা [গ্রা। সং—নিষ্ঠা হইতে নিঠা ও কাষ্ঠা অর্থাৎ পরাকাষ্ঠা হইতে কাঠা—নিষ্ঠার পরাকাষ্ঠা বা একশেষ অথবা কষ্ট হইতে কাঠা] একনিষ্ঠা ও তপঃক্লেশ ; ব্রতনিষ্ঠা ও উপবাসাদি জনিত শারীরিক ক্লেশ। ২। ভক্তি ; শ্রদ্ধা।

নিঠুর (র্) [সং—নিষ্ঠুর। পদ্যে কোমলরূপ] বিণ. নিষ্ঠুর ; নির্দ্দয়। প্র—"সে হেন কালিয়া নিঠুর হইল কি শেল লাগিল যেন।"—চণ্ডীদাস। "কানু নিঠুর ভৈ গেল"—বিদ্যাপতি। বি. নিঠুরতা।

নিঠুরাই [ব্রজ। নিঠুর দ্রঃ] বি. নিষ্ঠুরতা।

নিড়ন, নিড়ান (ন্) [হি—নিরানা=শস্যচ্ছেদন করা। বাংলা—নিস্তৃণকরণ] বি. শস্যক্ষেত্রের তৃণোৎপাটন ; ধান্যাদির ক্ষেত্র পরিষ্কার করণ। প্র—"হাঁটু পাতি যখন নিড়াতে নারে জলে॥"—শিবায়ন। ২। তৃণোৎপাটনের অস্ত্র।

নিড়বিড় (ড়্, ড়্) [নিটপিট দ্রঃ] বি. দীর্ঘসূত্রতা ; বিলম্বকারিতা। বিণ. নিড়বিড়ে।

নিড়ান (নো) [নিড়ন দ্রঃ। গ্রা—নিড়োনো] ক্রি. নিড়ান দ্বারা শস্য কর্ত্তন করা।

নিড়ানী [নিড়ান দ্রঃ] বি. তৃণ উৎপাটন করিবার লৌহ অস্ত্র ; নিড়নাস্ত্র ; ফোড়।

নিত [নিতি দ্রঃ] বিণ. নিত্য

নিত (ত্) [প্রা-বাং। গ্রা। নৃত্য হইতে বি. নৃত্য [অপ্র]। প্র—"সেতাই পণ্ডিত কর এ নিত গীত, পসন্ন হইল বল্লুকা।"—শূন্যপুরাণ।

নিতই [নিত (নিত্য)+ই। গ্রা—বিকারে, নিতুই] বিণ. নিত্যই। প্র—নিতই নূতন ; নিতুই নব।

নিতকিত (ত্, ত্) [নিত্যকৃত্য হইতে অথবা নিয়ম হইতে নিত—কিত (কৃত্য)] বি. চির প্রচলিত ক্রিয়া কর্ম্ম ; দেশাচার ; আচার-পদ্ধতি। ২। স্ত্রী-আচার।

নিতম্ব [নি—তন্‌ব্ (গমনে)] বি. পুং. স্ত্রী-কটির পশ্চাৎভাগ ; জঘনের বিপরীত দিক ; পাছা। ২। কটি। ৩। পর্ব্বতসানু ; শৈলপার্শ্ব। স্ত্রী. নিতম্বা।

নিতম্বিনী (তো) [নিতম্ব+ইন্ (অস্ত্যর্থে) =নিতম্বিন্ ১মা, ১ব "বিশেষাত্বঙ্গনা ভীরু * * ললনা চ নিতম্বিনী"—অমর] বি. স্ত্রী. নিতম্বশালিনী নারী ; স্থূল বা প্রশস্ত নিতম্ববতী স্ত্রী। প্র—"উচ্চস্বরে নিতম্বিনী কহিলা সম্ভাষি সখীবৃন্দে"—মেঘনাদ। "নিরখিতে নিয়ড়ে নিতম্বিনী"—গোবিন্দদাস।

নিতম্বী (তো) [নিতম্ব+ইন্ (অস্ত্যর্থে)=নিতম্বিন্ ১মা, ১ব] বিণ. যাহার স্থূল বা প্রশস্ত নিতম্ব আছে। স্ত্রী. নিতম্বিনী।

নিতল (ল্) [নি—তল] বি. পুং. পাতাল-বিশেষ।

নিতাই—নিত্যানন্দ দ্রঃ। প্র—নিতাই চৈতন্য। "নিতাই কি ভেল্কি জানে"—গান।

নিতান্ত [গ্রা—নিতান্ত, নিত্তেন্তো। নি—তম্+ত] ক্রি-বিণ. একান্ত। প্র—"নিতান্ত না থাকতে পেরে"—গান। ২। অবশ্য। প্র—"নিতান্ত যাবে দিন, এদিন যাবে, কেবল ঘোষণা রবে গো।"—রামপ্রসাদ। ৩। বিণ. অধিক ; অতিশয়। প্র—"সাধ্য সাধকতা জ্ঞান আছে যতদিন। দুই জ্ঞানে সুখ দুখ হয় হে নিতান্ত যেন।"—নিধুবাবু। নিতান্ত পক্ষে—অন্ততঃ।

নিতি [সং—নিত্য। গ্রা—নিত, নিত্যি বা নিত্তি ; পদ্যে নিতি] বিণ. নিত্য ; প্রত্যহ ; নিয়ত ; সর্ব্বদা। প্র—"কুল না ছাড়িবে কলঙ্কে ভাসিবে নিতি।"—চণ্ডীদাস। "নিতি নব বিলাস করাব নিজ ধনে।"—ঘনরাম।

নিতিনিতি [নিতি—নিতি (আধিক্যার্থে—দ্বিত্ব)] বিণ. প্রত্যহ ; রোজ রোজ। প্র—"নিতিনিতি লই এই যমুনার জল সখি। জলমধ্যে কি আজ একি দেখ দেখি॥"—বাং-গান। "নিতিনিতি যায় রাই যমুনা সিনানে।"—জ্ঞানদাস।

নিতে [নেওয়া দ্রঃ] অস-ক্রি. লইয়া যাইতে। প্র—"অধমে কৃপাদানে তার হে ভবার্ণবে। * * * * আমায় পারে নিতে হবে॥"—বাং-গান। ২। লইতে ; গ্রহণ করিতে।

নিতে [সং—ঋতে শব্দের অপভ্রংশ। প্রা-বাং—মাণিকচাঁদের গানে] অ. বর্জ্জনে ; বিনা।

নিত্ত [গ্রা। সং—নিত্য] ক্রি-বিণ. নিত্য ; প্রতিদিন। প্র—"ঢাক ঢোল বাদ্য আনন্দিত নিত্ত সঙ্খ ঘণ্টাধ্বনি বাজে।"—শূন্যপুরাণ।

নিত্য (নিৎত) [নি (নিয়ত) ত্য (ভবার্থে)] ক্রি-বিণ. ক্লী. সতত ; অহরহঃ ; সর্ব্বদা। প্র—"নন্দ যশোদাদি যত সবে নিত্য অনুগত কপিলাদি যতেক গোধন।"—অন্নদামঙ্গল। ২। প্রাত্যহিক ; দৈনিক ; প্রত্যহ। ৩। বিণ. অনাদি ও অনন্ত ; অক্ষয়। প্র—নিত্য নিরঞ্জন। ৪। কালাতীত। প্র—"জয় শান্ত কালিয় রাধিকাপ্রিয় নিত্য নিষ্ক্রিয় মোচন।"—অন্নদামঙ্গল। ৫। অবিরাম ; নিরবচ্ছিন্ন ;

ধারাবাহিক। ৬। নিশ্চয় ; ধ্রুব। প্র—"দেহ যোগ নহে সত্য কেবল মরণ নিত্য সর্ব্বলোক এই কথা জানে।"—কবিকঙ্কণ। ৭। অনুল্লঙ্ঘ্য ; অনতিক্রমণীয়। ৮। ক্রি-বিণ, সর্ব্বদা। স্ত্রী, **নিত্যা**—পার্ব্বতী। ২। শক্তিবিশেষ।

নিত্যকর্ম্ম (নিৎতকর্ম) [নিত্য (প্রত্যহ) কর্ম্ম (কর্ত্তব্য)] বি, দৈনন্দিন ব্যাপার ; প্রাত্যহিক কর্ত্তব্য বা করণীয়।

নিত্যগতি (নিৎতগোতি) [নিত্য (সর্ব্বদা) হইয়াছে গতি (গমন) যাহার, বহু] বি, পুং, বায়ু।

নিত্যনৈমিত্তিক (নিৎতনৈমিৎতিক্) [নিত্য—নৈমিত্তিক (দ্রঃ)] বিণ, নিত্য ও প্রয়োজনার্থক। ২। বি, নির্দ্দিষ্ট কালোচিত কিন্তু নিয়ত অনুষ্ঠেয় ক্রিয়াকর্ম্ম।

নিত্যপ্রলয় (নিৎতপ্রোলয়্) [নিত্য—প্রলয়] বি, পুং, সুষুপ্তি।

নিত্যমুক্ত (নিৎতমুক্ত) [নিত্য—মুক্ত] বিণ, নিয়ত নির্লিপ্ত : কালাতীত ভাবে বন্ধন-শূন্য। ২। বি, পরমাত্মা।

নিত্যসঙ্গী, নিত্যসহচর (নিৎতশোংগি, শহচর্) বি, যে সদা সর্ব্বদা সঙ্গে থাকে।

নিত্যসেবক (নিৎতশেবক্) বিণ, অহরহঃ সেবাকারী। বি, ২৪ ঘণ্টার চাকর ; an all-time servant.

নিত্যসেবা (নিৎতশেবা) বি, প্রাত্যহিক পূজা।

নিত্যসমাস (নিৎতশমাশ্) বি, যে সমাসে সমাসবদ্ধ পদ ব্যতীত অন্য পদের সাহায্যে, সমস্ত পদের অর্থ নির্ণীত হয়। যথা—গত্যন্তর (অন্যগতি)

নিত্যানন্দ (নিৎত্যানন্দ) [নিত্য (সর্ব্বদা) আনন্দ যাহার, বহু] বিণ, সদানন্দ। ২। বি, পুং, একচক্রাগ্রামবাসী হাড়াই পণ্ডিত ও পদ্মাবতীর পুত্র চৈতন্য দেবের সহিত মিলিত হইয়া হরিনাম প্রচার ও বহু নরনারীকে বৈষ্ণবধর্ম্মে দীক্ষিত করেন ; নিতাই। চৈতন্য দেবের পরামর্শ ক্রমে ইনি সন্ন্যাসধর্ম্ম ত্যাগ করিয়া গৃহী হইয়াছিলেন।

নিথর (র্) [নি (সম্যক্)—থর (স্থির—স্থির)] বিণ, স্থির ; নিশ্চল। প্র—"ছবিতে নিথর"—অবসর। ২। আলোড়নবিহীন। প্র—"নিথর নিঃশব্দ সেই জনশূন্য বন"—করচা—গোবিন্দদাস। ৩। নিস্তব্ধ ; নিঃশব্দ।

নিঁদ (দ্) [হি—প্রা-নিন্দ্ (দ্রঃ) হইতে] বি, নিদ্রা। প্র—"পদাতি কেহ কান্দে আছিনু কাঁচা নিঁদে কে মোর নিল শরাসন।"—কবিকঙ্কণ।

নিদ, নীদ (দ্) [সং—নিদ্রা। হি—নিদ] বি, নিদ্রা ; ঘুম। প্র—"যার ঘরে সিঁদ, সেকি যায় নিদ।" "নিদের আলসে বঁধুর ধাধসে তাহারে করিনু কোরে।"—চণ্ডীদাস। "মোহে জাগায়ল ওঁহি নিদ গেল।"—বিদ্যাপতি।

নিদয় (য়্) [নি (নাই) দয়া যাহার, বহু] বিণ, দয়াহীন ; নির্দ্দয় ; কঠিন হৃদয় ; নিষ্ঠুর। প্র—"তার আশা পুরাইতে নিদয় কেন হে এত।"—বাং-গান।

নিদর্শন (ন্) [নি—দৃশ্ (দেখা) + অন (অধি—অনট্)] বি, ক্লী, দৃষ্টান্ত ; উদাহরণ : উল্লেখ। ২। প্রমাণ। ৩। চিহ্ন। প্র—"নিজ ঘণ্টা দিবে নিদর্শন।"—কবিকঙ্কণ।

নিদর্শনা [নিদর্শন দ্রঃ] বি, স্ত্রী, কাব্যালঙ্কার-বিশেষ ; প্রস্তুত বিষয়ে অপ্রস্তুত ধর্ম্মের আক্ষেপ ; বাচ্যার্থের সাদৃশ্য হেতু কাহার উপর অবাস্তব গুণেরবা কার্য্যের আরোপ।

নিদাঘ (ঘ্) [নি (নিয়ত) দহ্ (সন্তপ্ত করা) + অ (অধি—ঘঞ্)] বি, পুং, গ্রীষ্মকাল। প্র—"নিদাঘ-পীড়িত নর শৈত্য অভিলাষী"—অন্নদামঙ্গল। "নিদাঘের তীব্র রৌদ্রে দাবদগ্ধ প্রাণ।"—দেবেন্দ্র সেন। ২। ঘর্ম্ম। ৩। উষ্মা।

নিদাঘকর (ঘ্, র্) [নিদাঘ (উষ্ণ) কর (কিরণ) যাহার, বহু] বি, পুং, রবি ; সূর্য্য।

নিদাঘকাল (ঘ্, ল্) [নিদাঘ (গ্রীষ্ম) যে কাল (সময়) কর্ম্মধা] বি, পুং, গ্রীষ্মকাল।

নিদাঘার্ত্ত [নিদাঘ দ্বারা আর্ত্ত, ৩ তৎ] বিণ, । প্র—"নিদাঘার্ত্ত আঁখি মোর গেল জুড়াইয়া"—দেবেন্দ্র সেন।

নিদাটী [নিদুটী দ্রঃ] বি, নিদ্রায় অচেতন করিবার মন্ত্রপূত মাটি। প্র—"লাগ লাগ নিদাটী নগর জুড়ে লাগ। যেখানে যেরূপে যেবা জাগে বীর ভাগ।"—ঘনরাম।

নিদান (ন্) [প্রা—নিদেন। নি (নিশ্চয় রূপে) দা (দান করা) + অন (করণে—অনট্)] বি, ক্লী, মূল কারণ। প্র—"তুমি সত্যগুণ ধাম কিঙ্করে হইলা বাম মোরে দৈব ইহাতে নিদান।"—কবিকঙ্কণ। ২। হেতু : কারণ। প্র—"শুনে মাত্র জ্বলে গাত্র বলে মহামায়া। নিদান এমন বিধান খানি করবে তুমি সয়া।"—শিবায়ন। "এসখি রঙ্গিনী কহ নিদান"—বিদ্যাপতি। ৩। যে কবিরাজীচিকিৎসা-গ্রন্থে রোগের হেতু বা মূলানুসন্ধান বিষয়বর্ণিত আছে। ৪। [ভাবে—অনট্] শেষ ; অন্ত। প্র—"বুঝনু আপন নিদান"—বিদ্যাপতি। ৫। নিবৃত্তি : বিরাম। ৬। বিণ, মৃতপ্রায় ; আসন্নমৃত্যু। প্র—"বিরহ কাতরা বিনোদিনী রাই পরাণে বাঁচে না বাঁচে। নিদান দেখিয়া আসিনু হেথায় কহিনু তোহারি কাছে।"—চণ্ডীদাস। ৭। প্রতিকার। প্র—"করুণা ত্যজিয়া বিন্ধিয়া বাণ। ব্যাধিভয়ে প্রিয়ে তুমি নিদান।"—কবিকঙ্কণ। ৮। অ, অন্তত (তুল—হি—"নিদান ভিখ্")। প্র—"নিদান রাখিল রাজা"—কবিবল্লভ। **নিদানপক্ষে**—একান্ত পক্ষে। **নিদানকাল**—অন্তিমকাল ; মৃত্যুসময়। প্র—"মনরে ভাই বন্ধু দারা সুত তারা কেউ যাবেনা নিদান কালে।"—গান।

নিদারুণ (ন্) [নি (অতিশয়) দারুণ] বিণ, অতিদারুণ ; ভীষণ। ২। নির্দ্দয় ; নিষ্ঠুর। প্র—"পেয়ে কংস রাজায় সৈরিন্ধ্রী হলেন ব্রজাঙ্গনায় নিদারুণ।"—বাং-গান। ৩। দুঃসহ ; অসহ্য। ৪। অতি কঠোর। প্র—"নিদারুণ নিদাঘের নিয়াপাতি ডাব।"

নিদালী [প্রা—নিদিলী] বি, নিদ্রাকর্ষক মন্ত্র : নিদুটী দ্রঃ।

নিদিধ্যাস (নিদিদ্ধ্যাশ্) [নি—ধ্যৈ (চিন্তা করা) + স (ন্) = নিদিধ্যাস + অ (ভাবে)] বি, পুং, ঐকান্তিক চিন্তা।

নিদিধ্যাসন (নিদিদ্ধ্যাশন্) [নি—ধ্যৈ (চিন্তাকরা) + সন্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অনন্য-চিত্ত হইয়া প্রগাঢ় ধ্যান ; ঐকান্তিক মনে ধারাবাহিক চিন্তা।

নিদিলি [নিদালি ও নিদুটী দ্রঃ] বি, নিদ্রা-কর্ষক মন্ত্র। প্র—"চোরেরো চরিত্র সখি না জানি এমন। নয়নে নিদিলি মোরো দিলে গো কেমন॥"—বাং-গান।

নিদিষ্ট [নি—দিশ্ (বলা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে নিদেশ করা হইয়াছে ; আদিষ্ট। ২। উপদিষ্ট।

নিদুটী [নিদ্রা—নিদ-মাটি হইতে] বি, গাঢ় নিদ্রাজনক মন্ত্র ; নিদ্রার মন্ত্রপূত মাটি বা ধূলা ; ঘুমন্ত গৃহস্থের চক্ষে নিদুটী পড়িয়া দিয়া চোর নির্বিঘ্নে চুরি করে গৃহস্থের ঘুম আর ভাঙ্গে না। প্র—"নগরে না হবে বিঘ্ন লাগিবে নিদুটী। কেহ যেন না জাগে নির্ভয়ে সিঁদ কাটি।"—ঘনরাম। "আগম ডাকিনী তন্ত্রে মন্ত্রে পড়ে মাটি। কালিকা দেবীর আজ্ঞা লাগ্‌রে নিদুটী॥"—ঐ। নয়নে নিদুটী লেগে নিদ্রায় কাতর।"—ঐ।

নিদেন (ন্) [প্রাদে। উচ্চারণ ভেদে নিজেন] বি, লাঙ্গলের মুড়ার (ফালসংযুক্ত-কাষ্ঠ) উপরের ধরিবার কাষ্ঠ দণ্ড। ২। [নিদান দ্রঃ] ক্রি-বিণ, অন্ততঃ। প্র—"নিদেন কাঁদি মাসেক থানেক।"—রবি।

নিদেশ (শ্) [নি—দিশ্ (আজ্ঞা করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, আদেশ ; অনুমতি ; আজ্ঞা। ২। নির্দ্দেশ। ৩। উক্তি। ৪। সমীপ ; নিকট। ৫। [ব্রজ] সংবাদ। প্র—"এতহুঁ নিদেশ কহলু তোহে সুন্দরী"—বিদ্যাপতি।

নিদেশবর্ত্তী (শ্‌, বো) [নিদেশ—বৃত্‌ (থাকা) +ইন্‌ (কর্ত্তৃ—ণিন্‌)=বর্ত্তিন্‌ ১মা, ১ব] বিণ, আদেশ অনুসরণকারী ; আজ্ঞাধীন ; আজ্ঞাবহ। ২। উপদেশপালক। ৩। ভৃত্য।

নিদেষ্টা [নি—দিশ্‌+তৃ (কর্ত্তৃ—তৃচ্‌)= নিদেষ্টৃ ১মা, ১ব] বিণ, নিদেশকারী ; আদেষ্টা।

নিদ্রা (নিদ্‌দ্রা) [নি—দ্রা (নিদ্রিত হওয়া) +অ (অঙ্‌—ভাবে)] বি, স্ত্রী, জীব স্বভাবত যে অবস্থায় বাহ্যক্রিয়াহীন এবং অচেতন হইয়া ও চক্ষু মুদিত করিয়া শয়ান থাকে : ঘুম। ২। আচ্ছন্নতা। ৩। আলস্য। [দ্রঃ—স্বল্প ও অর্দ্ধ ঘুমন্ত অবস্থাকে তন্দ্রা বলে : তন্দ্রার ঘোর সহজেই কাটে। নিদ্রার গাঢ় অবস্থা। নিদ্রায় বাহ্য চৈতন্য সম্পূর্ণ বিলুপ্ত হয়]। **নিদ্রাকর্ষণ**—নিদ্রাবেশ : তন্দ্রাঘোর : তন্দ্রাবেশ। **নিদ্রাগত**—নিদ্রিত ; ঘুমন্ত। **নিদ্রাজনক**—নিদ্রা উৎপাদক : যাহাতে ঘুম পাড়ায়। **নিদ্রাতুর**—ঘুমে কাতর। **নিদ্রাপ্রিয়**—যে ঘুমাইতে ভালবাসে। **নিদ্রা বিরহিত,—বিহীন**—তন্দ্রাশূন্য : সজাগ। **নিদ্রাবিষ্ট**—তন্দ্রাচ্ছন্ন : নিদ্রিত। **নিদ্রাবেশ**—ঘুমের ঘোর। ২। নিদ্রাকর্ষণ। **নিদ্রাভঙ্গ**—ঘুম ভাঙ্গা ; জাগরণ। **নিদ্রাভিভূত**—নিদ্রাবিষ্ট। **নিদ্রাভোল**—নিদ্রার ঘোর। প্র—"কুসুম শয্যায় সাধু ছিল নিদ্রা ভোলে। নিদ্রা ত্যজি উঠে সাধু কোকিলের বোলে॥"—কবিকঙ্কণ। **নিদ্রায়মাণ**—যে ঘুমাইতেছে। স্ত্রী, নিদ্রায়মাণা। **নিদ্রা-রহিত**—বিনিদ্র।

নিদ্রালস (নিদ্‌দ্রালশ) [নিদ্রা—অলস, ৩তৎ] বিণ, নিদ্রার আবেশে অবসন্ন ; তন্দ্রালস। স্ত্রী, **নিদ্রালসা**। বি, **নিদ্রালসতা**।

নিদ্রালু (নিদ্‌দ্রালু) [নি—দ্রা (ঘুমান) + আলু (শীলার্থে—কর্ত্তৃ)] বিণ, নিদ্রাবিষ্ট ; নিদ্রালস ; যাহার ঘুম আসিয়াছে। ২। তন্দ্রাযুক্ত।

নিদ্রিত (নিদ্‌দৃত) [নিদ্রা+ইত (যুক্তার্থে)] বিণ, নিদ্রাবিষ্ট ; নিদ্রাগত ; ঘুমন্ত। ২। [লক্ষণায়] সম্পূর্ণ অমনোযোগী ; সংবাদ বা জ্ঞানরহিত।

নিধন (ন্‌) [নি—ধন্‌ (নষ্ট হওয়া) +অ (ভাবে—অল্‌)] বি, পুং, ক্লী, মৃত্যু। প্র—"যার ধন নাই তার নিধন ভাল এই ধনের সংসারে।"—বাং-গান। ২। বিনাশ। প্র—"এ দূতের মুখে শুনি সুতের নিধন হায় শোকাকুল আজি রাজ-কুলমণি নৈকষেয়—।"—মেঘনাদবধ। ৩। [জ্যোতিষে] জন্ম হইতে সপ্তম তারা ; বধতারা। (২) লগ্নের অষ্টমস্থান। ৪। বিণ, ধনহীন ; দরিদ্র। প্র—"কি ধন দিয়ে যশোদারে বুঝাইব তারিণি গো তার নিধন প্রাণী॥"—বাং-গান। বি, **নিধনতা, নিধনত্ব**। **অনাদি-নিধন**—অনন্ত।

নিধান (ন্‌) [নি (নিম্নে বা অন্তরে) ধা (ধরে)+অন (কর্ম্মে) ভূমি যাহাকে নিম্নে বা গর্ভে ধারণ করে] বি, ক্লী, ভূগর্ভস্থ রত্নাদি ; নিধি। ২। [অধি—অনট্‌] আগার ; ভাণ্ডার ; আধার। প্র—"করুণা অতুল তব ওহে করুণানিধান।"—বাং-গান। (কালীপ্রসন্ন ঘোষ)। "পাত্র তাঁর হরিহর জনার্দ্দন দ্বিজবর। পুরোহিত বিদ্যার নিধান।"—কবিকঙ্কণ। ৩। আস্বাদ। প্র—"তুহুঁ রসনানন্দ গুণক নিধান"—বিদ্যাপতি। ৪। নিবেশ ; স্থাপন ; অর্পণ [বিরল]।

নিধান (ন্‌) [নি—ধান (ধান্য)] বিণ, ধান্যবর্জ্জিত ; ধান্যশূন্য। প্র—"নিধান করিয়া খই তাহাতে মহিষা দই আমড়া সংযোগে রাঙ্গা শাক।"—কবিকঙ্কণ।

নিধানী [নিধান দ্রঃ] বিণ, ধান্যশূন্য। প্র—"নিধানী করিয়া খই, তাহাতে মহিষা দই, কুলকরঞ্জা প্রাণ হেন বাসি।"—কবিকঙ্কণ।

নিধার (র্‌) [নি (নাই) ধার (ঋণ)] বিণ, অঋণী। গ্রা—**নিধেরো**। ২। [নি —ধার (তীক্ষ্ণতা)] বিণ, অতীক্ষ্ণ ; ভোঁতা।

নিধার্য্য (নিধার্জ) [সং—নির্দ্ধার্য্য—অপভ্রংশে] বিণ, নির্দ্ধারিত। ২। সিদ্ধান্ত। প্র—"নিবেদন শুন রাজা নিগূঢ় নিধার্য্য"—ধর্ম্মমঙ্গল (মাণিক)।

নিধি [ব্রজ—নিহি। নি—ধা (পোষণ করা)+ই (কর্ম্মে—কি)—যাহাকে নিয়ত পোষণ করা হয়] বি, পুং, কুবেরের ধনবিশেষ ; পদ্ম, মহাপদ্ম, শঙ্খ, মকর, কচ্ছপ, মুকুন্দ, কুন্দ, নীল ও খর্ব্ব। ২। [স্মৃতিতে] অস্বামিক ধন। ৩। ন্যাসস্বরূপ রক্ষিত সম্পত্তি ; গচ্ছিত ধন। ৪। আধার। প্র—"জগাই মাধাই আদি অশেষ পাপের নিধি হরিপদে দৃঢ় কৈল মন।"—কবিকঙ্কণ। জলনিধি ; গুণনিধি।

নিধিনাথ (থ্‌) [নিধির নাথ (প্রভু) ৬তৎ] বি, পুং, কুবের।

নিধীশ (শ্‌) [নিধির ঈশ (প্রভু) ৬তৎ] বি, পুং, নিধীশ্বর ; কুবের।

নিধুবন (ন) [নি (সম্যক্‌) ধুবন (অঙ্গ সঞ্চালন) হয় যে ব্যাপারে, বহু] বি, ক্লী, রতিক্রিয়া ; মৈথুন ; কামকেলি। প্র—"নিধুবনে রমণীরসরঙ্গে মাতনু তোহে ভজব কোন্‌ বেলা"—বিদ্যাপতি। ২। আমোদ-প্রমোদ।

নিধেয় (য়্‌) [নি—ধা (ধারণ করা)+য (কর্ম্মে)] বিণ, গচ্ছিত রাখিবার উপযুক্ত।

নিন (ন্‌) [প্রাদে] বি, কাষ্ঠ-ছেদক অস্ত্রবিশেষ ; বাঁটালি ; chisel.

নিনাড় (ড়্‌) বিণ, একান্ত ; নিভৃত। ২। গুপ্ত ; অপ্রকাশ্য।

নিনাদ (দ্‌) [নি—নদ্‌ (শব্দ করা)+অ (ভাবে —ঘঞ্‌)] বি, পুং, নাদ ; শব্দ ; ধ্বনি। প্র—"কত নিশান ফরফর নিনাদ ধরধর কামান গরগর গাজে।"—অন্নদামঙ্গল। ২। গর্জ্জন।

নিনাদিত [নি—নদ্‌+ণিচ্‌ =নাদি+ত (কর্ম্মে —ক্ত)] বিণ, শব্দিত ; ধ্বনিত। ২। নাদপূর্ণ। ৩। বাদিত ; ঝঙ্কৃত।

নিনু [সং—নীচু বা নিম্ন হইতে] বিণ, বিনয়াবনত। প্র—"গায় নিনুর হাপ চাপকান"—সধবার একাদশী। ২। নম্র। ৩। [নেওয়া দ্রঃ] ক্রি, লইলাম। প্র—"বঁধুয়ার ভরমে ননদী কোরে নিনু।"—চণ্ডীদাস।

নিন্দ (ন্দ্‌) [হি—গ্রা। প্রা-বাং। সং—নিদ্রা] বি, নিদ্রা। প্র—"আধ জনম হাম নিন্দে গোঁয়ায়নু"—বিদ্যাপতি। "জননীর কোলে নিন্দে ক্ষণে হাসে ক্ষণে কান্দে সাধুসুত করয়ে দেয়ালা।"—কবিকঙ্কণ। "তখন আসিবে নিন্দ চোরে দিবে সিঁদ হ'য়ে লবে সব রতন।" —রামপ্রসাদ। "নয়নক নিন্দ গেও বয়ানক হাস"—বিদ্যাপতি।

নিন্দ [সং—নিন্দ্‌ (কুৎসা বা নিন্দা করা) ধাতুজ ম-পু, ১ব] ক্রি, নিন্দা কর। প্র—"নিন্দ বিধাতায় ধনি, নিন্দ বিধাতায়"।

নিন্দক (ক্‌) [বাং-য়—নিন্দুক শব্দ অধিক প্রচলিত। নিন্দ্‌ (কুৎসা করা)+অক (কর্ত্তৃ)] বিণ, কুৎসাকারী ; নিন্দাকারী। প্র—"নিন্দক দুর্মতি, পাইবে দুর্গতি, সরোদ্ধার মাত্র এই"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

নিন্দনীয় [নিন্দ্‌ (নিন্দা করা)+অনীয় (কর্ম্মে)] বিণ, নিন্দার যোগ্য ; অযশস্কর। ২। গর্হিত ; দূষণীয়।

নিন্দা [নিন্দ্‌ (নিন্দা করা)+অ (ভাবে)] বি, স্ত্রী, অপবাদ ; কুৎসা। ২। বিণ, তুলনায়—অপ্রশংসিত ; নিন্দাবিধায়ক। প্র—"কোমল কমল নিন্দা ও বরাঙ্গ তব।"—বীরাঙ্গনা।

নিন্দাবাদ (দ্‌) [নিন্দা—বাদ, ৬তৎ] বি, নিন্দন ; কুৎসা।

নিন্দাযোগ্য (জোগ্‌গ) [নিন্দা—যোগ্য, ৬তৎ] বিণ, নিন্দনীয় ; নিন্দার্হ। বি, **নিন্দাযোগ্যতা**। স্ত্রী, **নিন্দাযোগ্যা**।

নিন্দান (নো) [নিন্দ (দ্রঃ)+আন (ক্রিবিভক্তি)] ক্রি, নিদ্রা যাওয়া ; ঘুমান। প্র—"দিবসে রজনী ভাবে নিন্দাইল সবে। তখনি প্রভাত কৈল কাক মত রবে॥"—শিবায়ন।

নিন্দার্থবাদ (দ্) বি, পুং, মীমাংসাদর্শনোক্ত অর্থবাদবিশেষ।

নিন্দার্হ [নিন্দা + অর্হ, ৬তৎ] বিণ, নিন্দনীয়। স্ত্রী, নিন্দার্হা।

নিন্দাসূচক (শুচক্) [নিন্দার সূচক, ৬তৎ] বিণ, যাহা দ্বারা নিন্দা প্রকাশ পায় ; কুৎসাজনক।

নিন্দিত [নিন্দ্ (নিন্দা করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহার নিন্দা করা হইয়াছে ; অপ্রশংসিত। ২। দূষিত। ৩। গর্হিত ; অনুচিত। ৪। নীচ। ৫। তুলনায়—নিন্দা-বিধায়ক। প্র—"কমল নিন্দিত", "মৃণাল নিন্দিত বাহু"।

নিন্দিনী—বিণ, নিগ্রহকারিণী। প্র—"নগনন্দিনি! সুরবন্দিনি! রিপুনিন্দিনি! গো।"—অন্নদামঙ্গল।

নিন্দুক (ক্) [গ্রা। সং—নিন্দক (দ্রঃ)] বিণ, নিন্দাকারী ; কুৎসাকারী।

নিন্দ্য (নিন্দ) [নিন্দ্ (নিন্দা করা) + য (কর্ম্মে)] বিণ, নিন্দার যোগ্য ; গর্হণীয় ; অপ্রশংস্য। প্র"—আমি নিন্দ্য মন্দমতি না জানি ভকতি স্তুতি।"—ঘনরাম। ২। দূষণীয়।

নিপ (প্) [নি (নিয়ত) প (পানপাত্র)] বি, ক্লী, কলস ; ঘট [বিরল]। ২। পুং, কদম্ববৃক্ষ ; নীপ দ্রঃ।

নিপট (ট্) [হি—নিপট = নিতান্ত ; নিরেট। (তুল, হি—"নিপট মূর্খ"—বালোপদেশ) সং—নিবিড় (গাঢ়, ঘন, দৃঢ়, বহুল—হেমচন্দ্রে)—নিবড়, নিবট, নিপট] বিণ, অত্যন্ত : অতিশয় ; ঘনঘন। প্র—"সদা ছটফট ঘুরণি নিপট, লটপট তার বেশ।"—চণ্ডীদাস। ২। [তুল—নির্দ্দট = নির্দ্দয়, তীব্র, মত্ত—শব্দরত্নাবলী] নির্দ্দয় ; নিষ্ঠুর। ৩। সম্যক্ প্রকার। ৪। যথার্থ ; নিট ; খাঁটি।

নিপট [সং—লম্পট হইতে] বিণ, লম্পট ; নাবড়।

নিপটান (নো) [হি—নিপটনা—সমাপ্ত করা। সং—নিষ্পাদন হইতে] ক্রি, কার্য্য সমাধা করা ; শেষ করা।

নিপঠ, নিপাঠ (ঠ্) [নি (সম্যক্) পঠ্ (পড়া) + অ (ভাবে—অল্—ঘঞ্)] বি, পুং, পাঠ ; অধ্যয়ন।

নিপতন (ন্) [নি (নিম্নে) পত্ (পতন হওয়া) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অধঃপতন। ২। সম্যক-পতন ; আপতন।

নিপতিত (পো) [নি—পত্ (পতিত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, আপতিত। ২। অধঃপতিত ; ভূপতিত।

নিপাক (ক্) [নি—পচ্ (পাক করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, পরিপাক।

নিপাত (ত্) [নি—পত্ (পড়া) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং অধঃপতন ; অধঃপাত। ২। পতন। ৩। নাশ ; নিধন ; মরণ ; বিনাশ। ৪। বিণ, উৎসন্ন। প্র—নিপাত যাওয়া। ৫। [ব্যাকরণে] নিপাতন ; চ, বা, হ এবং প্র, পরা প্রভৃতি অব্যয় শব্দ।

নিপাতন (ন্) [নি—পত্ + ণিচ্ = পাতি (পড়ান) + অন (ভাবে—অনট্)] বি, বিনাশ। ২। উন্মূলন। ৩। অধঃপাতন ; প্রক্ষেপণ। ৪। [ব্যাকরণে] সূত্রোক্ত নিয়মে যে সকল পদ সিদ্ধ হয় না, অতিরিক্ত বর্ণাগমাদি যোগে তাহাদের সাধন।

নিপাতিত [নি—পত্ + ণিচ্ = পাতি + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, পাতিত ; নিক্ষিপ্ত। ২। বিনাশিত ; নিহত।

নিপান (ন্) [নি (নিয়ত) পা (পান করা) + অন (অধি—অনট্) যেখানে পশু-পক্ষী সকল জলপান করে] বি, ক্লী, জলাশয়ের নিকটস্থিত খাত ; কৃত্রিম জলাশয় ; চৌবাচ্চা। ২। দুগ্ধদোহন পাত্র ; দুধের কেঁড়ে।

নিপিত্তে [গ্রা। নি—পিত্ত (শরীরস্থ পিত্ত, ঘৃণা বিরাগাদি উৎপাদক) + ইয়া = নিপিত্তিয়া সংক্ষেপে] বিণ, নির্ঘৃণ ; নিঘিন্নে ; ঘৃণাশূন্য। **নিঘিন্নে নিপিত্তে** [একার্থক সহচর শব্দদ্বয়। তুল—হায়াপিত্ত = লজ্জা ও ঘৃণা] ঘৃণাশূন্য।

নিপীড়ক (ক্) [নি—পীড্ (ক্লেশ দেওয়া) + অক (কর্ত্তৃ)] বিণ, পীড়নকারী ; ক্লেশদায়ক ; উৎপীড়ক। ২। নিষ্পীড়ক ; যে আর্দ্রবস্ত্রাদির জল নিঙ্গড়ায়।

নিপীড়ন (ন্) [নি—পীড্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উৎপীড়ন ; অত্যাচার। ২। পীড়াপীড়ি। ৩। দলন ; মর্দ্দন। ৪। নিষ্পীড়ন ; আর্দ্রবস্ত্রাদি নিঙ্গড়ন।

নিপীত [নি (সম্যক্) পীত (পা = পান করা + ত)] বিণ, কৃতপান ; নিঃশেষে পীত।

নিপুণ (ন্) [নি—পুণ্ (সৎকর্ম্ম করা) + অ (কর্ত্তৃ)] বিণ, কুশল ; পটু ; দক্ষ : সমর্থ ; কার্য্যক্ষম। বি, **নিপুণতা**—নৈপুণ্য। স্ত্রী, **নিপুণা**।

নিফলা [নি (নাই) ফল যাহার, বহু] বি, স্ত্রী, জ্যোতিষ্মতী লতা।

নিব (ব্) [ইং—nib] বি, ধাতুময় লেখনীমুখ ; কলমের মোচ।

নিব [নেওয়া দ্রঃ] ক্রি, লইব। প্র—"নিব নিব মনে কিন্তু নিতে নাহি পারে"—দীনবন্ধু। ২। [নিবা দ্রঃ] ক্রি, নির্ব্বাপিত করা।

নিবড়, নিবড়ন (ড়্, ন্) [নিবড়া দ্রঃ] বি, সম্পূরণ ; নিষ্পাদন ; সমাপন। ২। নিপট।

নিবড়া, নিবড়ান (ক্, নো) [সং—নির্ব্বাহ হইতে, হি—নিবেড়া ; নিভাও ; নিবাহ্। (শেষ ; সমাপ্তি)—ক্রি, নিবেড়্না, নিবাহ্না। উ-পু—নিবড়ি ; নিবড়াই। ম-পু—নিবড় ; নিবড়াও। প্র-পু—নিবড়ে ; নিবড়িল ; নিবড়ায়। অস-ক্রি—নিবড়িতে ; নিবড়াইতে ; নিবড়িয়া ; নিবড়াইয়া] ক্রি, সকর্ম্মক, অকর্ম্মক, শেষ করা ; সম্পূর্ণ করা ; শেষ হওয়া ; পূর্ণ হওয়া। প্র—"নিবড়িল যদি তার অষ্টম রজনী"—কবিকঙ্কণ। "এগার নিবড়ে যখন বারতে প্রবেশ। হেন কালে পড়িতে গেলাম উত্তর দেশ॥"—কৃত্তিবাস। ২। কার্য্য সমাধা করা ; সম্পাদন করা। প্র—"শাস্ত্রমত যত ছিল একে একে নিবড়িল পশ্চাৎ করিল নান্দীমুখ।"—কবিকঙ্কণ। ৩। অতীত হওয়া ; অতিবাহিত হওয়া। প্র—"বহু দিন গেল নিবড়িয়া"—ঘনরাম।

নিবণ, নিবন (ন্) [গ্রা। সং—নির্ব্বাণ শব্দজ] বি, নির্ব্বাণ। ২। নির্ব্বাপণ। ৩। (নিবোনো) [নিবান দ্রঃ] ক্রি, নির্ব্বাপন করা। ৪। বিণ, নির্ব্বাপিত।

নিবদ্ধ (নিবধ্ধ) [নি—বন্ধ্ (বন্ধন করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, সম্বদ্ধ ; যাহা বাঁধা হইয়াছে। ২। বদ্ধ ; পরিহিত। ৩। নিবেশিত ; বিন্যস্ত। ৪। রচিত। ৫। গ্রথিত ; জড়িত ; খচিত। ৬। একস্থানে বদ্ধ : স্থির ; fixed. প্র—নিবদ্ধ দৃষ্টি। ৭। নিয়মিত।

নিবনিব [গ্রা—নিবুনিবু। নিবা দ্রঃ] ক্রি-বিণ, নির্ব্বাণপ্রায়

নিবন্ধ [নি—বন্ধ্ + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, প্রবন্ধ ; রচনা ; গ্রন্থ। ২। প্রস্তাব। ৩। যথাকালে দেয় অর্থাদি ; বৃত্তি ; বার্ষিক ; মাসিক বৃত্তি। ৪। কৌশল ; উপায়। ৫। নিয়ম। ৬। নির্দ্ধারণ : স্থিরীকরণ। কড়ার। প্র—"তোমাসনে নিবন্ধ করিনু দুইদণ্ড।"—কবিকঙ্কণ। ৭। ক্লী, গীত ; গান।

নিবন্ধন (ন) [নি—বন্ধন (বাধ্য বাধকতা সূচক)] বি, ক্লী, নিমিত্ত ; জন্য ; হেতু কারণ। ২। নিয়ম। ৩। রচনা। ৪। কড়ার : নিবন্ধ। [দ্রঃ—পারিতোষিক, দান, বন্ধন, বীণাতন্ত্র প্রভৃতি অর্থ সংস্কৃত ভাষায় প্রচলিত। বাং-য়—প্র, অ]।

নিবন্ধা [নি—বন্ধ্ + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = নিবন্ধ্ ১মা, ১ব] বিণ, নিবন্ধকার ; গ্রন্থকর্ত্তা ; রচয়িতা।

নিবন্ধিত (বো) [নি—বন্ধ্ + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, নিবন্ধাকারে গ্রথিত ; রচিত। ২। সম্বদ্ধ।

নিবপন (ন্) [নি—বপ্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী. পিতৃলোকের উদ্দেশে দান।

নিবরা [নি (নাই) বর (স্বামী) যাহার, বহু] বি, স্ত্রী. কুমারী ; অনূঢ়া।

নিবর্ত্ত [নি—বৃত্ + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, ক্ষান্ত ; বিরত। ২। প্রত্যাবৃত্ত। ৩। নিষেধ।

নিবর্ত্তন (ন্) [নি—বৃত্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ক্ষান্তি ; বিরতি ; নিবৃত্তি। ২। প্রত্যাগমন ; প্রত্যাবর্ত্তন। ৩। নিষেধ ; নিবারণ। ৪। [অধি—অনট্] ২০ বাঁশ পরিমাণ জমী বা ক্ষেত্র।

নিবর্ত্তিত (বো) [নি—বৃত্ + ণিচ্ = বর্ত্তি + ত (কর্ম্মে, ক্ত)] বিণ. ক্ষান্ত ; বিরত। ২। নিবারিত। ৩। প্রত্যাগত ; প্রত্যাবৃত্ত।

নিবর্হণ (ন) [নি—বর্হ্ (বধ করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. বিনাশ সাধন ; হনন। ২। উৎসাদন। বিণ. **নিবর্হিত**।

নিবসই [ব্রজ। নিবসা দ্রঃ] ক্রি. নিবাস করে ; বাস করে। প্র—"রাধামাধব রতনহি মন্দিরে নিবসই শয়নক সুখে।"—বিদ্যাপতি।

নিবসতি (শো) [নি—বস্ (বাস করা) + অতি (অধি, অতিচ্)] বি, স্ত্রী, গৃহ ; আবাসস্থান ; আগার ; নিলয়। প্র—"সতী নিবসতি এল গেল অন্ধকার।"—অন্নদামঙ্গল। ২। [ভাবে] অবস্থিতি ; বসতি। প্র—"একরাত্রি একত্রে করিব নিবসতি।"

নিবসথ (থ) [নি—বস্ + অথ (অধি—অথচ্)] বি, পুং, অবসথ ; গ্রাম ; জনপদ।

নিবসন (নিবশন্) [নি—বস্ (বাসে, আচ্ছাদনে) + অন (অনট্)] বি, ক্লী, অবস্থান ; নিবাস। ২। [অধি—অনট্] গৃহ ; অবসথ। ৩। বসন ; বস্ত্র।

নিবসা (নিবশা) [নিবসন হইতে। উ-পু—নিবসি। ম-পু—নিবস। প্র-পু—নিবসে। অস-ক্রি—নিবসিতে ; নিবসিয়া। ণিজন্ত—নিবসান] ক্রি, নিবাস করা ; বাস করা। প্র—"সঙ্গেতে অলিনী নিবস নলিনী না জান বিরহ-ব্যথা।"—কবিকঙ্কণ।

নিবস্ত্র (নিবসত্র) [নি (নাই) বস্ত্র (পরিধেয়) যাহার, বহু] বিণ, বিবস্ত্র ; উলঙ্গ।

নিবহ [নি—বহ্ + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, নিকর ; সমূহ ; সকল। ২। [অচ্—কর্ত্তৃ] আবহ, সম্বর্ত্ত, পুষ্কর, নিবহাদি সপ্তবায়ুর অন্তর্গত বায়ুবিশেষ।

নিবা [নিবান দ্রঃ] উ-পু—নিবি। ম-পু—নিব ; নিবুন ; নেব। প্র-পু—নিবে ; নেবে। অস-ক্রি—নিবিয়া ; নিবিতে। ণিজন্ত—নিবান] ক্রি, নির্ব্বাণ প্রাপ্ত হওয়া ; নির্ব্বাপিত হওয়া।

নিবাত (ত্) [নি (নাই) বাত (বায়ু) যেখানে, বহু] বিণ, বায়ুহীন ; বাতশূন্য। প্র—"নিবাত দীপের মত স্তম্ভিত হেরি জগত, জানি না দুঃখ দুর্ভাগ্য গিয়াছে কোথায়।"—বাং-গান। ২। অভেদ্য কবচ ; দৃঢ় বর্ম্ম।

নিবাতকবচ (ত্, চ্) [নিবাত (দৃঢ়) কবচ যে ধারণ করে] বি, পুং, মহাপরাক্রান্ত ও দুর্দ্দম্য অসুর। ইহারা সংখ্যায় তিনকোটী।

নিবান (নো) [সং—নির্ব্বাপন হইতে। উ-পু—নিবাই। ম-পু—নিবাও ; নিবান ; নিবা। প্র পু—নিবায়। অস-ক্রি—নিবাইতে নিবাইয়া ; নিবিয়ে] ক্রি, নির্ব্বাণ করা ; আগুন বা আলোক নিবাইয়া দেওয়া। প্র—"নিবায় অনলকুণ্ড রোদন ত্যজিয়া।"—অন্নদামঙ্গল। "বিষম অনল নিবাইল নহে হিয়ায় রহিল শেল।"—চণ্ডীদাস।

নিবারণ (ন্) [নি—বারি (নিষেধ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বারণ ; নিষেধ। ২। নিবৃত্তি। ৩। বিণ, যে বারণ মানে না ; দুর্ব্বার।

নিবারণীয় [নি—বারি + অনীয় (কর্ম্মে)] বিণ, নিষেধযোগ্য ; নিবার্য্য।

নিবারা [নিবার (নি—বৃ + বারণ করা + ঘঞ্) —আ (বাং-ক্রি, বিভক্তি)। উ-পু—নিবারি। ম-পু—নিবার ; নিবারুন ; নিবারু। প্র-পু—নিবারে। অস্-ক্রি—নিবারিতে ; নিবারিয়া ; নিবারি (পদ্যে)] ক্রি, নিবারণ করা ; বারণ করা ; নিষেধ করা। প্র—"হাসিয়া কহিলা শূলী বীরভদ্র শূরে !—নিবার লঙ্কেশে, বীর।"—মেঘনাদ। —যা লো তুই সৌদামিনী গতি, নিবার কুমারে, সই।"—ঐ। ২। দূরকরা ; অপসৃত করা। প্র—"আশু নিবারিব শোক তব, প্রেরি তোমা পুত্রবর যথা।"—মেঘনাদ। ৩। বন্ধ করা ; রোধ করা। "নয়নের বারি কেমনে নিবারি" —গান।

নিবারিত [নি—বারি + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহাকে নিষেধ করা হইয়াছে ; যাহা বারণ করা গিয়াছে।

নিবার্য্য (নিবার্জ) [নি—বারি + য (কর্ম্মে)] বিণ, নিবারণযোগ্য ; নিবারণীয়।

নিবাস (শ) [নি—বস্ (বাস করা) + অ (ভাবে—ঘঞ্] বি, পুং, বাসা ; বসতি ; অবস্থান। ২। [অধি—ঘঞ্] আগার ; আবাস ; গৃহ ; আশ্রম। প্র—"ভবানন্দ মজুন্দার নিবাসে রহিব।"—অন্নদামঙ্গল। ৩। [নি—বাস (বস্ত্র)] বিবস্ত্র স্থান। প্র—"নিবাসে বাস পুন দেয়ল সোই"—বিদ্যাপতি।

নিবাসী (শি) [নিবাস + ইন্ (অস্ত্যর্থে) নিবাসিন্ ১মা, ১ব] বিণ, বসবাসী বাসকারী ; বাসিন্দা।

নিবিড় (ড়) [নি (না) বিল (ছিদ্র) ল = ড়] বিণ, নীরন্ধ্র ; গাঢ় ; ঘন ; সান্দ্র। প্র—"নিবিড় ধূমান্ধ ঘোর পুরী সে পাতাল, নিবিড় মেঘডম্বরে যথা অমানিশি।"—বৃত্রসংহার। ২। দৃঢ়। প্র—"নিবিড় নীবিবন্ধ কঠিন কঞ্চুক"—বিদ্যাপতি। ৩। গভীর ; গহন। ৪। স্থূল। ৫। পুরু ; অধিক বেধযুক্ত। বি, **নিবিড়তা**।

নিবিষ্ট [নি—বিশ্ (প্রবেশ করা) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, নিবেশযুক্ত ; আবিষ্ট। ২। মনোযোগী। ৩। প্রবিষ্ট। স্ত্রী. **নিবিষ্টা**।

নিবীত [নি—ব্যে (আচ্ছাদন করা) + ত (করণে, ক্ত)] বি, উত্তরীয় বস্ত্র ; উড়ানি ; আচ্ছাদন বস্ত্র। ২। কণ্ঠে লম্বিত পৈতা ; মালাকারে ধৃত যজ্ঞসূত্র। ৩। বিণ, আবৃত ; আচ্ছাদিত।

নিবৃত [নি—বৃ (আবরণ করা) + ত (করণে, ক্ত)] বিণ, ক্লী, নিবীত ; উড়ানি। ২। [কর্ম্মে—ক্ত] বিণ, আবৃত। ৩। বেষ্টিত।

নিবৃত্ত [নি—বৃৎ (ক্ষান্তহওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, ক্ষান্ত ; বিরত। ২। প্রত্যাবৃত্ত। ৩। বি, নিবৃত্তি।

নিবৃত্তাত্মা (নিবৃৎতাৎতা) [নিবৃত্ত (আত্মা) যাহার, বহু] বিণ, যাহার হৃদয়ে বৈরাগ্যের উদয় হইয়াছে ; বিষয়বিরত আত্মা।

নিবৃত্তি [নি—বৃত্ (ক্ষান্ত হওয়া) + তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, বিরাম ; ক্ষান্তি ; বিরতি। ২। অপ্রবৃত্তি ; বিরাগ। ৩। [ন্যায় দর্শনে] যত্নবিশেষ।

নিবেদন (ন্) [নি—বেদি (জানান) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, জ্ঞাপন ; জানান। ২। বিনীত আবেদন। ৩। সমর্পণ। ৪। বক্তব্য। বিণ, **নিবেদিত**, **নিবেদনীয়**, নিবেদ্য।

নিবেদা [নিবেদন (দ্রঃ) হইতে। উ-পু—নিবেদি। ম-পু—নিবেদ। প্র-পু—নিবেদে। অস-ক্রি—নিবেদিতে ; নিবেদিয়া ; নিবেদি (পদ্যে)] ক্রি, নিবেদন করা। প্র—"নিবেদি চরণে তব।"—ব্রহ্মসঙ্গীত।

নিবেদ্য (নিবেদ্দ) [নি—বেদি (জানান) + য (কর্ম্মে)] বিণ, বিজ্ঞাপ্য ; নিবেদনীয়। ২। আবেদনের উপযুক্ত ; যাহার জন্য আবেদন করিতে হইবে। ৩। সমর্পণীয়।

নিবেশ (শ্) [নি—বিশ্ (প্রবেশ করা) + অ (অধি—অল্)] বি, পুং, আলয়। ২। স্থান। ৩। শিবির। ৪। সংস্থাপন ; সন্নিবেশ। ৫। উপবেশন। ৬। প্রবেশ।

নিবেশন (ন্) [নি—বিশ্ (প্রবেশ করা) + অন (অধি—অনট্)] বি, ক্লী, নিবেশ। ২। নগর। ৩। সংক্রমণ।

নিবেশিত [নি—বেশি (প্রবেশ করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিবিষ্ট। ২। বিন্যস্ত। ৩। সংস্থাপিত। ৪। প্রবিষ্ট।

নিভ [নি—ভা (দীপ্তি পাওয়া) + অ (কর্ত্তৃ, ড)] বিণ, সম ; সদৃশ ; তুল্য (এই অর্থে অন্য শব্দের পর প্রযুক্ত হয়)। ২। [করণে —ড] বি, ভাণ ; কপট প্রকাশ।

নিভন্ত [নিভা দ্রঃ। নিভ + অন্ত (প্রত্যয়)] বিণ, নির্ব্বাণপ্রায়। প্র—"আশার নিভন্ত আলো মাখা ও বয়ানে"—মানকুমারী। ২। নির্ব্বাপিত।

নিভা—নিবা দ্রঃ।

নিভাঁজ (জ্) [নি—ভাঁজ (ভেজাল দ্রঃ)] বিণ, যাহাতে ভেজাল নাই ; বিশুদ্ধ ; খাঁটি। ২। যাহা পাট করা বা মোড়া নয় ; ভাঁজ করা নয়।

নিভৃত [নি—ভৃ (পোষণ করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, নির্জ্জন। ২। অপ্রকাশিত ; গুপ্ত ; লুক্কায়িত। ২। নিশ্চল।

নিম (ম্) [সং—নিম্ব শব্দজ। হি—লিম] বি, নিম্ববৃক্ষ ; নিমগাছ ; melia azadirachta. ২। নিম্বফল। ৩। নিমের তিক্তরস। প্র—"নিমে সুধা দিয়া একত্র করিয়া ঐছন কানুর লেহ।" —চণ্ডীদাস। বিণ, **নিমিয়া, নিমে**—নিমের আস্বাদযুক্ত ; অতিশয় তিক্ত। **নিম-ঘি**—ঘৃতে নিমপাতা খর ভাজিয়া প্রস্তুত ঘৃত। **নিম-জল**—নিমপাতা-সিদ্ধ জল। **নিম-ঝোল**—নিমপাতার ফোড়ন দেওয়া সজল ব্যঞ্জন ; সুক্ত। **নিম-তেল**—নিম ফলের তৈল। **নিমপাতা**—নিম গাছের পাতা। ২। তিক্ত। **নিম-ফল**—নিম গাছের ফল। ২। শিশুর কটিভূষণ ; নিমফলের ন্যায় দানা গাঁথা বলিয়া এই নাম। **নিম-ফুল**—নিম্বপুষ্প। ২। স্ত্রীলোকের নিমফুলাকৃতি কর্ণালঙ্কারবিশেষ। **নিমভাজা**—বেগুন, সীম প্রভৃতির সহিত নিমপাতা ভাজা ব্যঞ্জন।

নিম (ম্) [ফা—নীম্ = অর্দ্ধ। তুল—সং—নেম] বিণ, অর্দ্ধ। ২। প্রায়। প্র—নিমরাজী। ৩। ঈষৎ ; অল্প। প্র—নিমরাজি, নিমহাকিম।

নিমক (ক্) [ফা—নমক্] বি, লবণ ; নুন। প্র—"যেমন নিমক খালি, হালাল করিলি ভালি মাথা কাটি তবে ছুখ যায়।"—অন্নদামঙ্গল।

নিমকহারাম (ক্, ম্) [গ্রা—নেমোখারাম্, ফা—নমক্ + আ—হারাম্ (অধর্ম্মী ; অবৈধ) নিমক খাইয়াও যে হারামি করে] বিণ, অকৃতজ্ঞ ; কৃতঘ্ন। প্র—"নিমক হারাম বেটা আজি বাঁচাইবে কেটা"—ভারতচন্দ্র। "আমি নিমক হারাম নই শঙ্করী"—রামপ্রসাদ। বি, **নিমকহারামি** (গ্রা—নেমোখারামি)। বিপরীতার্থে—**নিমকহালাল**। বি, **নিমকহালালি** (বাং-য় বিরল)।

নিমকি (ম্) [ফা—নম্‌কীন্ হইতে] বি, লবণ ঘটিত ও ঘৃতপক্ব খাদ্যবিশেষ। [মিঠার পরিবর্ত্তে লবণ মিশ্রিত যে কোন খাদ্যকেই হি-তে—নম্‌কীন্ বলে]।

নিমখুন (ম্, ন্) [ফা—নাম খূন্] বি, খুন বা হত্যা অপরাধে অর্দ্ধেক দায়িত্ব ; প্রায় খুন ; a grievous hurt.

নিমগ্ন [নি—মস্‌জ্ (ডুবা) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, যে জলে ডুবিয়া গিয়াছে ; নিমজ্জিত। ২। একাগ্র ; আসক্ত ; আবিষ্ট ; অনন্যমনে কোন বিষয়ে নিবিষ্ট। পদ্যে—**নিমগন**। প্র—"সখীগণ আনন্দে নিমগন ভেল"—বিদ্যাপতি।

নিমচা (ম্) বি, ক্ষুদ্র অসি ; খঞ্জর ; a scimitar.

নিমজ্জন (ন্) [নি—মস্‌জ্ (মগ্ন হওয়া) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নিমগন ; ডুবন। ২। অবগাহন ; স্নান। ৩। [নি—মস্‌জ্ + ণিচ্ = মস্‌জি (ডুবান) + অন (ভাবে—অনট্)] জলমগ্ন করণ ; ডুবান।

নিমন্ত্রণ (নিমোন্‌ত্রোন্) [নি—মন্ত্র্ (মন্ত্রণা করা, আহ্বান করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ভোজনে আহ্বান। ২। নির্দ্ধারিত সময়ে নির্দ্ধারিত স্থানে উপস্থিতির জন্য আহ্বান। [সম—আগমনের জন্য আহ্বান—আমন্ত্রণ। ভোজনে আহ্বান—নিমন্ত্রণ]।

নিমন্ত্রিত (মো) [নি—মন্ত্র্ + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহাকে নিমন্ত্রণ করা হইয়াছে ; যাহাকে আহ্বান করা হইয়াছে। স্ত্রী, **নিমন্ত্রিতা**।

নিমরাজি (ম্) [ফা—নীম্ + রাজী] বিণ, প্রায় রাজী ; অর্দ্ধসম্মত।

নিমাই [নিমময় হইতে। নিমের মত তিক্ত সুতরাং কেহ তাহাকে নজর দিবে না, যমে গ্রহণ করিবে না এই বিশ্বাসে যে জননীর সন্তান হইয়া বাঁচে না বা গৃহবাসী হয় না তিনি পুত্রের এইরূপ নাম রাখেন। অতি পরিচয়ার্থে বা তুচ্ছার্থে—**নিমে**। স্ত্রী, **নিমী** (নিমময়ী)] বি, চৈতন্যদেবের জননীদত্ত নাম।

নিমালি [ব্রজ। নির্ম্মাল্য হইতে] বি, নির্ম্মাল্য। প্র—"ভেলি নিমালিক মালা"—বিদ্যাপতি।

নিমাস্তিন (ন্) [ফা—নিম—আস্তীন্] বিণ, হাতকাটা। ২। বি, হাতকাটা জামা।

নিমি—বি, পুং, প্রাচীন ভারতের জনৈক প্রসিদ্ধ রাজা।

নিমিখ (খ্) [সং—নিমিষ। ষ = খ] বি, চক্ষু-নিমীলন ; পলক। প্র—"নিমিখে আঁখির আড়ে মহাবীর হইল তিরোধান"—ঘনরাম। "নয়ন চকোর মোর পিতে করে উতরোল নিমিখে নিমিখ নাহি সয়।"—চণ্ডীদাস।

নিমিত্ত [নি—মিদ্ + ত (করণে, ক্ত)] বি, হেতু ; কারণ। ২। উপলক্ষ। ৩। উদ্দেশ্য ; প্রয়োজন। ৪। শুভাশুভ চিহ্ন। ৫। ক্রি-বিণ, জন্যে ; নিমিত্তে। **নিমিত্ত-কারণ**—সমবায়ি এবং অসমবায়ি ব্যতীত অন্য কারণ ; তৃতীয় কারণ। যথা—নির্ম্মাণ কার্য্যে নির্ম্মাতা ও নির্ম্মিত পদার্থ ব্যতীত যন্ত্রাদি উপকরণ—নিমিত্ত কারণ। **নিমিত্তকাল**—নির্দ্ধারিত সময়। **নিমিত্তের ভাগী**—উদ্যোক্তা বা প্রবর্ত্তক না হইয়া ঘটনাচক্রে কোন কর্ম্ম বা পরিণামের জন্য দায়ী।

নিমিত্তবিদ্ [নিমিত্ত (শুভাশুভ) বিদ্ (যে জানে)] বি, পুং, দৈবজ্ঞ ; গণক।

নিমিষ, নিমেষ (ষ্) [নি—মিষ্ (চক্ষুর পলক ফেলা) + অ (ভাবে—অল্—ঘঞ্)] বি, পুং, চক্ষুর পাতার স্পন্দন ; পলক ; পক্ষ্মপাত। প্র—"নয়ন নিমিষ ভেল বচন জিহ্বায়"—প্রেম ও ফুল। ২। পলকপাতে যে সময় লাগে ; পক্ষ্ম স্পন্দনকাল ; সূক্ষ্মকাল। প্র—"নিমিষের তরে সরমে বাধিল মরমের কথা হোল না"—রবি।

নিমীলন (ন্) [নি—মীল্ (চক্ষু বোজা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, চক্ষু মুদ্রিত করণ। ২। মুদ্রণ ; মুদিতকরণ ; সঙ্কোচন।

নিমীলিকা [নি—মীল্ + অক —ইক + আপ্] বি, স্ত্রী, নিমীলন। ২। ছল ; ব্যাজ।

নিমীলিত [নি—মীল্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, মুদিত ; সঙ্কুচিত ; মুদ্রিত। ২। আচ্ছাদিত ; আবৃত। ৩। নিদ্রিত। ৪। মৃত।

নিমুড়িয়া [গ্রা। নি—মুড় (মাথা) + ইয়া] বিণ, যাহার অভিভাবক নাই ; অনাথ।

নিমেষ (ষ্) [নিমিষ দ্রঃ] বি, নিমিষ ; পলক।

নিমেষরহিত, নিমেষশূন্য, নিমেষহীন (নিমেষ্‌রোহিত্ —শুন্‌ন,—হীন্) বিণ, অপলক।

নিম্ন [সং] বিণ, অধঃ ; নীচু। ২। গভীর। ৩। নিকৃষ্ট। ৪। অনুন্নত। বি, **নিম্নতা**।

নিম্নগ [নিম্নে—গ (যে গমন করে)] বিণ, অধোদিকে গমনকারী। ২। কুপথগামী। স্ত্রী, **নিম্নগা**—নদী।

নিম্নপ্রবণ (প্রো,ন্) [নিম্ন—প্রবণ (অভিমুখ)] বিণ, নীচের দিকে যাইবার প্রবৃত্তিযুক্ত ; নিম্নাভিমুখ।

নিম্নপ্রাথমিক (ক্) [নিম্ন (নিম্ন শ্রেণীর)—প্রাথমিক (প্রথম পাঠ্য সম্বন্ধীয়)] বিণ, নিম্ন-শ্রেণীর প্রারম্ভিক পাঠ্য ; নিম্ন বিদ্যালয়ের প্রথমমান ; নিম্নপ্রাইমেরী ; lower primary

নিম্নোন্নত [নিম্ন + উন্নত (উচ্চ)] বিণ, উঁচু-নীচু ; বন্ধুর ; আবুড়া-খাবুড়া। ২। উচ্চ-নীচ ; শ্রেষ্ঠ-নিকৃষ্ট।

নিম্ব [সং] বি, পুং, তিক্তরস প্রসিদ্ধবৃক্ষ ; নিম্‌-গাছ ; melia azadirachta ; the margo

নিম্বাদিত্য—বি, পুং, নিম্বার্ক নামক প্রসিদ্ধ বিষ্ণুভক্ত ও বৈষ্ণবধর্ম্ম প্রবর্ত্তক।

নিম্বার্ক—বি, পুং, নিম্বাদিত্যের নামান্তর। বৈষ্ণব ধর্ম্মসম্প্রদায়বিশেষের প্রবর্ত্তক। ইঁহারা ব্রহ্মবৈবর্ত্তপুরাণানুমত কৃষ্ণরাধিকার যুগলমূর্ত্তির উপাসক। ইঁহারা কেশমূল হইতে ভ্রূমূল পর্য্যন্ত দুইটি সমান্তর গোপীচন্দন রেখা সাম্প্রদায়িক চিহ্নস্বরূপ ব্যবহার করেন। জয়দেব গোস্বামী এই সম্প্রদায় ভুক্ত ছিলেন।

নিম্বূক (ক্) [সং] বি, নিম্বু।

নিম্বুপানক (ক্) [নিম্বু (নিম্বুরস ঘটিত) পানক। তুল—lemonade] বি, বৈদ্যক মতে ৬ভাগ চিনির সরবতে ১ভাগ লেবুর রস ও অল্প মরিচ ও লবঙ্গ চূর্ণ মিশ্রিত পানীয়।

নিয়ড় (ড্) [সং—নিকট—নিঅট—নিঅড়—নিয়ড়। প্রা-বাং] বি, নিকট ; সমীপ। প্র—"দেব দৈত্য না আইসে লঙ্কা নিয়ড়ে"—কৃত্তিবাস। "কোদালি খনতা মাতা না পাব নিয়ড়ে। তুমি আজ্ঞা দিলে ধন খুঁড়িব চিয়াড়ে॥"—কবিকঙ্কণ। ২। ক্রি-বিণ, নিকটে। ৩। নিবৃত্ত ; প্রত্যাবৃত্ত। প্র—"বধূগণ বিকল হইল রূপ দেখি। রূপ দেখি নারী না নিয়ড় করে আঁখি॥"—চৈতন্যভাগবত। ৪। আগুয়ান্ : সম্মুখীন। প্র—"বীর বড় ভাগ্যবান যথা লক্ষ্মী অধিষ্ঠান চারিদিকে পাথরের গড়। দ্বারে বান্ধা মত্তহাতী থাকে তার দিবারাতি কেবা তার হইবে নিয়ড়॥"—কবিকঙ্কণ।

নিয়ত [নি—যম্ (নিয়ম করা, নিবৃত্ত করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, নিয়মিত : নিয়ন্ত্রিত। ২। সংযত ; বশীকৃত। ৩। নিবৃত্ত। ৪। নিরন্তর ; ক্রমাগত : অবিশ্রান্ত। ৫। নিত্য : সতত। ৬। নিশ্চিত।

নিয়ত (নিওৎ) [নিয়তি—অপভ্রংশে] বি, নিয়তি ; বিধিনির্ব্বন্ধ।

নিয়তাচার (র্) নিয়ত (নিশ্চিত) আচার যাহার, বহু] বিণ, নিয়মিত-অনুষ্ঠান ; অপরিবর্ত্তনীয় আচার।

নিয়তাত্মা (নিয়তাৎতাঁ) [নিয়ত (সংযত) হইয়াছে আত্মা যাহার, বহু] বিণ, সংযত-হৃদয় ; বশীকৃত চিত্ত।

নিয়তাশন (ন্) [নিয়ত (নিয়মিত হইয়াছে —অশন (ভোজন) যাহার, বহু] বিণ, যাহার ভোজনের কাল নির্দ্ধারিত আছে ; যে নিয়মিত আহার করে ; পরিমিতভোজী ; যে অতিরিক্তভোজী নহে। ২। [নিয়ত যে অশন--কর্ম্মধা] বি, নিয়মিত ভোজন ; regular diet

নিয়তাহার (র্) [নিয়ত (নিয়মিত) হইয়াছে আহার যাহার, বহু] বিণ, নিয়তাশন দ্রঃ।

নিয়তি (নিওতি) [নি—যম্ (বিরত হওয়া) + তি (করণে—ক্তি)] বি, স্ত্রী, বিধির বিধান। ২। কর্ম্মফল। ৩। অনিবার্য্য ঘটনা ; অপরিহার্য্য ঘটনা। ৪। অদৃষ্ট ; বিধি-নির্ব্বন্ধ ; দৈব ; ভাগ্য। ৫। আকস্মিক ঘটনা। ৬। মৃত্যু। ৭। বি, স্ত্রী, বিধাতার পত্নী।

নিয়তেন্দ্রিয় [নিয়ত (সংযত) ইন্দ্রিয় যৎকর্ত্তৃক, বহু] বিণ, যাহার ইন্দ্রিয় সকল বশীভূত থাকে ; সংযতেন্দ্রিয় ; যে ইন্দ্রিয়গণকে বশীভূত করিয়াছে : জিতেন্দ্রিয়।

নিয়ন্তা [নি—যম্ (বিরত হওয়া) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = নিয়ন্তৃ ১মা, ১ব] বিণ, বিধান-কর্ত্তা ; নিয়ামক। ২। শাস্তা। ৩। পরিচালক। ৪। বি, সারথি ; রথচালক।

নিয়ন্ত্রিত (নিওনত্রিত) [নি (নিশ্চয়) যন্ত্র্ (সংকুচিত করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, নিয়মিত। ২। সংযত। ৩। দমিত। ৪। শৃঙ্খলিত ; বদ্ধ। ৫। নিবারিত। ৬। পরিচালিত।

নিয়ম (ম্) [নি—যম্ (নিবৃত্তিতে, শাসনে) + অ(ভাবে—অল্)] বি, পুং, নির্দ্ধারণ : অবধারণ। প্র—"পণের নিয়ম কৈল দ্বাদশ কাহন। ঘটকালী তাতে ওঝা পাবে বার পণ॥"—কবিকঙ্কণ। ২। প্রথা ; প্রণালী ; রীতি ; ধারা। ৩। ব্যবস্থা : বিধান। ৪। ইন্দ্রিয়দমন : নিবৃত্তি ; সংযম। ৫। ধর্ম্মাচরণ ; ব্রত। ৬। [স্মৃতিতে] অক্রোধ, গুরুসেবা, শুচি, অল্পাহার, এবং ভগবানে চিত্তনিবেশ। ৭। শৃঙ্খলা। ৮। বাঁধাবাঁধি ; বন্ধন। ১০। সূত্র ; rule. ১১। অঙ্গীকার ; প্রতিশ্রুতি। ১২। [পুরাণে] বি, ধর্ম্মের পুত্র।

নিয়মতন্ত্র (ম্) বিণ, নিয়মের বশবর্ত্তী।

নিয়মবিরুদ্ধ (ম্) [নিয়মের বিরুদ্ধ] বিণ, বিধিবিরুদ্ধ ; অবৈধ ; নিয়মের প্রতিকূল।

নিয়মভঙ্গ (নিয়ম্‌ভংগ) [নিয়ম—ভঙ্গ] বি, নিয়মের অপালন। ২। প্রতিশ্রুতি অরক্ষণ ; breach of contract. ৩। ব্রতাদি অনুষ্ঠানে বিঘ্নহেতু লঙ্ঘন। **নিয়মভঙ্গ করা**—ব্রত উদ্‌যাপনের পর বিধি বন্ধন হইতে মুক্ত হওয়া ; শ্রাদ্ধাদির পর ব্রহ্মচর্য্যাদির কাল পূর্ণ হইলে নিয়মে বদ্ধ না থাকা। **নিয়ম করা**—বিধান করা ; ব্যবস্থা করা ; নিয়ম নির্দ্ধারণ করা। **নিয়ম-পত্র**—কড়ার পত্র covenant an agreement. **নিয়মপূর্ব্বক**—ব্যবস্থা-মত ; বিধানানুযায়ী ; বিধিমত। শৃঙ্খলার সহিত। **নিয়মনিষ্ঠ**—যথাবিধি অনুষ্ঠানকারী : যে নিয়মে বদ্ধ থাকে। ২। ব্রত-পরায়ণ। **নিয়ম পালন করা**—নিয়মানুযায়ী কাজ করা ; নিয়ম রক্ষা করা। **নিয়মলঙ্ঘন**—নিয়ম অতিক্রম ; নিয়মের অপালন ; অনিয়ম।

নিয়মানুযায়ী (—জায়ী) [নিয়মের অনুযায়ী, ৬তৎ] বিণ, নিয়মপূর্ব্বক ; নিয়মানু-গত ; নিয়মের অনুবর্ত্তী ; যথাবিধি।

নিয়মিত [নিয়ম + ইত (যুক্ত)] বিণ, সংযত। ২। নির্দ্ধারিত ; নির্দ্দিষ্ট। ৩। নিয়মবদ্ধ ; বিধিবদ্ধ। ৪। নিয়ন্ত্রিত ; ব্যবস্থাপিত। ৫। নিবারিত।

নিয়মী [নিয়ম + ইন্ (অস্ত্যর্থে) = নিয়মিন্ ১মা, ১ব] বিণ, সংযমী। ২। নিয়মপালক ; নিয়মরক্ষক।

নিয়ম্য (নিওম্‌ম) [নি—যম্ + য (কর্ম্মে)] বিণ, নিয়মের উপযোগী। ২। দম্য। ৩। সংযম্য।

নিয়র (র্) [নিকট—নিয়ড় (দ্রঃ)—নিয়র। তুল —ইং—near] ক্রি-বিণ, নিকটে ; কাছে। প্র—"নিতি নিতি নিয়র আও বিনু কাজ।"—বিদ্যাপতি। "নিয়র পোখরি দূরে যায় পথিক দেখিয়ে আউড়ে চায়।"—ডাকের বচন।

নিয়লি [ব্রজ] বি, নিয়ালি দ্রঃ।

নিয়াম (ম্) [নি—যম্ (বিরত হওয়া) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, নিয়ম।

নিয়ামক (ক্) [নি—যম্ + অক (কর্ত্তৃ)] বিণ, নিয়মকর্ত্তা ; নিয়ন্তা ; ব্যবস্থাপক। ২। নির্দ্দেশক ; নিরূপক। ৩। বি, পুং, নৌচালক : নাবিক।

নিয়ালি, নিয়ালী [ব্রজ। সং—নব-মালিকা : প্রাকৃ—নোমালিআ] বি, নব-মালিকা ফুল : নবমল্লিকা। প্র—"আইল নিদাঘকাল, ফুটিল নিয়ালীজাল, মধুমাসে মধুর উৎসবে।"—কাঞ্চীকাবেরী।

নিযুক্ত (নিজুক্‌ত) [নি—যুজ্ (যোজনে, প্রবর্ত্তনে) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, নিয়োজিত ; নিয়মিত কর্ম্মসম্পাদনের ভারপ্রাপ্ত। ২। ব্যাপৃত। ৩। আদেশপ্রাপ্ত। ৪। প্রবৃত্ত। ৫। ব্যবহৃত ; প্রযুক্ত।

নিযুত (নিজুত্) [সং] বি, পুং, ক্লী, দশলক্ষ সংখ্যা ; ১০০০০০০। ২। বিণ, দশলক্ষ সংখ্যক।

নিযুদ্ধ (নিজুদ্ধ) [সং] বি, হাতাহাতি যুদ্ধ।

নিযোক্তা (নিজোক্‌তা) [নি—যুজ্ (যোগ করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = নিযোক্তৃ ১মা, ১ব] বিণ, নিযোজক ; নিয়োগকারী। যে কর্ম্মে ভর্ত্তি করে ; মনিব। ২। কর্ম্মের ভারদাতা। ৩। আদেষ্টা। ৪। প্রবর্ত্তক।

নিয়োগ (গ্) [নি—যুজ্ (যোগ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, কার্য্যের ভারার্পণ। ২। নির্দ্দেশ ; আদেশ। ৩। বিধান

ব্যবস্থা। ৪। নিবেশ ; মনোযোগ। ৫। প্রবৃত্তি। ৬। অধিকার ; authority. ৬। ব্যবহার ; use. **নিয়োগপত্র**—কার্য্যে নিযুক্ত করণ বিষয়ে আদেশ বা কার্য্যভার গ্রহণ সম্বন্ধে সম্মতিজ্ঞাপক পত্র ; appointment letter.

নিয়োগী [নিয়োগ+ইন্ (অস্ত্যর্থে)= নিয়োগিন্ ১মা, ১ব] বিণ, নিযুক্ত। ২। ব্যাপৃত। ৩। আদিষ্ট। ৪। জাতীয় উপাধি-বিশেষ। গ্রা—নেউগী।

নিয়োগ্য (নিয়োগ্‌গ) [নি—যুজ্ (যোগ করা)+য (কর্ত্তৃ, ঘ্যণ্)] বি, পুং, নিয়োজক ; নিয়োগকর্ত্তা স্ত্রী, **নিয়োগ্যা**—নিয়োগকর্ত্রী।

নিয়োজক (ক্) [নি—যুজ্ (যোগ করা) +অক (কর্ত্তৃ)] বিণ, নিয়োগকর্ত্তা। ২। প্রবর্ত্তক। ৩। প্রেরক। ৪। আদেষ্টা।

নিয়োজন (ন্) [নি—যুজ্ (যোগ করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নিয়োগ করণ ; কর্ম্মে প্রতিষ্ঠাপন। ২। প্রবর্ত্তন। ৩। প্রেরণ। ৪। আজ্ঞাকরণ।

নিয়োজয়িতা [নি—যুজ্+ণিচ্=যোজি+তৃ (কর্ত্তৃ—তৃচ)=নিয়োজয়িতৃ ১মা, ১ব] বিণ, নিযোক্তা। ২। প্রবর্ত্তক।

নিয়োজিত [নি—যুজ্ (যোগ করা)+ণিচ্ =যোজি+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, নিযুক্ত। ২। প্রবৃত্ত। প্র—"কুসুম-রচিত ঘরে পার্ব্বতী শঙ্করে কুসুম-শয়নে নিয়োজিত।"—কবিকঙ্কণ। ৩। প্রেরিত। ৪। আদিষ্ট। ৫। [প্রা, বাং—য-জ] যুক্ত ; প্রযুক্ত। প্র—"ধর্ম্মাচরণে শ্রীমহাভক্তি নিজোজিত।"—শূন্য-পুরাণ। ৬। ব্যবহৃত।

নিয়োজ্য (নিয়োজ্জ, নিজোজ্জ) [নি—যুজ্ (যোগ করা)+য (কর্ম্মে, ঘ্যণ্)] বিণ, যাহাকে কোন কর্ম্মে নিয়োগ করা যায় ; ভৃত্য। ২। প্রযোজ্য।

নির্ [সং—উপসর্গবিশেষ। সন্ধি স্থলে নিঃ] অ, না। প্র—নিঃশঙ্ক (নির্=নাই) শঙ্কা যাহার। ২। নিশ্চয়। প্র—নিরুক্তি : নির্ণয়। ৩। নির্গমন। প্র—নির্জ্জিগমিষু। ৪। বাহির। প্র—নিরসন ; নির্ম্মোক। ৫। অতিশয়। প্র—নিরাকুল। ৬। নিঃশেষ। প্র—নির্ম্মুক্ত। ৭। উপর। প্র—নির্লেপ।

নিরংশ [নির্ (না) অংশ (ভাগ)] বিণ, অংশাভাব। ২। [নির্ (নাই) অংশ যাহার, বহু] যাহারা শাস্ত্রানুসারে পৈতৃক বিত্তের অংশ পায় না। [দ্রঃ—পতিত, ক্লীব, পঙ্গু, উন্মত্ত, কার্য্যাক্ষম, অন্ধ কিম্বা দুশ্চিকিৎস্য রোগাক্রান্ত পুত্র পিতৃধনের অংশভাগী নয়। —যাজ্ঞবল্ক্য]। ২। বি, পুং, রাশির ভোগ কালের প্রথম ও শেষদিন। বিণ, **নিরংশী**। প্র—"রামপ্রসাদ বলে কুপুত্র বলে, আমায় নিরংশী করেছে।"—রামপ্রসাদ

নিরংশু (নিরোংশু) [নির্ (নাই) অংশু (কিরণ) যাহার, বহু] বিণ, জ্যোতিঃহীন নিষ্প্রভ।

নিরক্ষ [জ্যোতিঃ পরিঃ] বি, বিষুব রেখা equator. **নিরক্ষ দেশ**—পৃথিবী যে কাল্পনিক রেখাদ্বারা উত্তর ও দক্ষিণার্দ্ধে বিভক্ত তাহার উপরিস্থ অংশ। **নিরক্ষবৃত্ত**—পৃথিবী যে কাল্পনিক রেখাদ্বারা উত্তরার্দ্ধ ও দক্ষিণার্দ্ধে বিভক্ত ; নাড়ীমণ্ডল। **নিরক্ষরেখা**—নিরক্ষবৃত্ত ; নাড়ীমণ্ডল।

নিরক্ষর (নিরোক্‌খর্) [নির্ (নাই) অক্ষর (অক্ষর পরিচয়) যাহার, বহু] বিণ, বর্ণজ্ঞানহীন : মূর্খ। প্র—"পত্রমর্ম্ম অবগত হইয়া নিরক্ষর জয়কালী তেলে-বেগুনে জ্বলিয়া উঠিলেন"—কলিকাল (শৈলেশ মজুমদার)।

নিরক্ষান্তর (র্) [নিরক্ষ—অন্তর] বি, নিরক্ষ বা বিষুবরেখা হইতে পৃথিবীর কোন নির্দ্দিষ্ট স্থানের অন্তর বা দূরত্ব। **উত্তর নিরক্ষান্তর**—বিষুব রেখা হইতে উত্তরদিকের দূরত্ব পরিমাণ। **দক্ষিণ নিরক্ষান্তর**—বিষুব রেখা হইতে দক্ষিণদিকের দূরত্ব পরিমাণ।

নিরখা [সং—নিরীক্ষণ হইতে নামধাতু (পদ্যে)। উ-পু—নিরখি। ম-পু—নিরখ। প্র-পু—নিরখে, নিরখয়ে। অস-ক্রি—নিরখিতে ; নিরখিয়া ; নিরখি] ক্রি, বিশেষ করিয়া দেখা ; নিরীক্ষণ করা : প্র—"সত্যং শিবসুন্দরং রূপ ভাতি হৃদি মন্দিরে। নিরখি নিরখি অনুদিন মোরা ডুবিব রূপসাগরে"—ব্রহ্মসঙ্গীত। ২। দর্শন করা ; দেখা। প্র—"সপত্নী সহিত দ্বন্দ্ব ; নিরখিয়ে সদানন্দ ভাসিছেন সদানন্দ সাগরে"—দাশরথি। "হাসিমুখ নিরখয়ে চৌট মাধাই।" —বিদ্যাপতি।

নিরগ্নি (নিরোগ্‌নি) [নির্ (নাই) অগ্নি অগ্নি-সাধক কার্য্য যাহার, বহু] বিণ, বেদবিহিত যজ্ঞাদি ক্রিয়াবর্জ্জিত ; সাগ্নিকের বিপরীত। ২। নিস্তেজ।

নিরঙ্কুশ (নিরোংকুশ্) [নির্ (নাই) অঙ্কুশ (হস্তিতাড়ন দণ্ড, নিবারক) যাহার, বহু] বিণ, অনিবার্য্য। ২। নিয়মের অবাধ্য ; বাধা-রহিত ; নির্ব্বিঘ্ন। ৩। স্বাধীন ; মুক্ত।

নিরঙ্গ (নিরংগ) [নির্ (নাই) অঙ্গ (হস্ত-পদাদি অবয়ব) যাহার, বহু] বিণ, অঙ্গহীন।

নিরঙ্গুল (নিরংগুল্) [নির্ (নাই) অঙ্গুলি যাহার, বহু, অঙ্গুলি=অঙ্গুল] বিণ, অঙ্গুলি-হীন। ২। অঙ্গুলি হইতে নির্গত।

নিরজন (ন্) [সং—নির্জ্জন শব্দের কোমলরূপ পদ্যে] বিণ, নির্জ্জন ; জনহীন ; একাকী ; নিঃসঙ্গ। প্র—"নিরজন জানি কান তহি উপনীত সহচর সুবল সাঙ্গাত।"—জ্ঞানদাস। ২। নিভৃত।

নিরঞ্জন (ন্) [নির্ (নাই) অঞ্জন (কজ্জল—সাদৃশ্যে মল) যাহার, বহু] বিণ, অঞ্জন রহিত। প্র—"নীরে নিরঞ্জন লোচন রাতা। সিন্দুরে মণ্ডিত যেন পঙ্কজপাতা।"—বিদ্যাপতি। ২। অকলঙ্ক ; শুদ্ধ ; নির্ম্মল। প্র—"আত্মা * * শুদ্ধ অর্থাৎ নিরঞ্জন"—টেকচাঁদ। ৩। অবিদ্যা-দোষহীন। ৩। বি, ক্লী, পরমাত্মা : পরব্রহ্ম। প্র—"আদিদেব নিরঞ্জন যাঁর সৃষ্টি ত্রিভুবন পরম পুরুষ পুরাতন।"—কবিকঙ্কণ। "আদ্য বিভু নিরঞ্জন"—অন্নদামঙ্গল। স্ত্রী, **নিরঞ্জনা**—পূর্ণিমা তিথি।

নিরত [নি—রত] বিণ, অনুরক্ত ; তৎপর ; আসক্ত। ২। নিযুক্ত ; ব্যাপৃত।

নিরতি (নিরোতি) [নি (অতিশয়) রতি] বি, স্ত্রী, অত্যানুরক্তি।

নিরতিশয় (নিরোতিশয়) [নির্ (নাই) অতিশয় যাহা হইতে, বহু] বিণ, অত্যধিক ; অত্যন্ত ; অতিরিক্ত।

নিরত্যয় (নিরৎতয়) [নির্ (নাই) অত্যয় (দোষ বা বিনাশ) যাহার, বহু] বিণ, নির্দ্দোষ। ২। অক্ষয় ; নাশরহিত।

নিরধিকার (র্) [নির্ (নাই) অধিকার যাহার, বহু] বিণ, অনধিকার ; বেদখল। ২। সংস্রবহীন।

নিরনুনাসিক (নিরোনুনাশিক্) [নির্ (নাই) অনুনাসিক যাহার, বহু] বিণ, অনুনাসিকত্ব-বিহীন।

নিরনুরোধ (নিরোনুরোধ্) [নির্ (নাই) অনুরোধ যাহার, বহু] বিণ, যে অনুরোধের অপেক্ষা রাখে না।

নিরন্তর (র্) [নির্ (নাই) অন্তর (অবকাশ) যাহাতে, বহু] বিণ, নিরবকাশ। ২। রন্ধ্রহীন ; নিশ্ছিদ্র। ৩। ঘন ; নিবিড়। ৪। ক্রি-বিণ, নিয়ত ; নিরবচ্ছিন্ন ; নিত্য ; সর্ব্বদা।

নিরন্তরাল (ল্) [নির্ (নাই) অন্তরাল (অবকাশ) যাহাতে, বহু] বিণ, নিরবকাশ ; অপ্রশস্ত ; সঙ্কীর্ণ। ২। অন্তরালশূন্য।

নিরন্ন [নির্ (নাই) অন্ন (খাদ্য) যাহার, বহু] বিণ, দরিদ্র ; অন্নসংস্থানহীন।

নিরন্বয় (নিরনন্নয়) [নির্ (নাই) অন্বয় (বংশ, সম্বন্ধ) যাহার, বহু] বিণ, নিঃসন্তান ; নিরপত্য। ২। বংশহীন ; নির্ব্বংশ। ৩। সম্বন্ধবিহীন ; নিঃসম্পর্ক।

নিরপত্য (নিরপোত্‌ত) [নির্ (নাই) অপত্য (সন্তান) যাহার, বহু] বিণ, নিঃসন্তান।

নিরপত্রপ (নিরপৎত্রপ্) [নির্ (নাই) অপত্রপা (লজ্জা) যাহার, বহু] বিণ, ব্রীড়াহীন ;

লজ্জাশূন্য ; নির্লজ্জ। স্ত্রী. **নিরপত্রপা**—লজ্জাহীনা।

নিরপরাধ (ধ্) [নির্ (নাই) অপরাধ যাহার, বহু] বিণ. অপরাধশূন্য ; অকৃতাপরাধ ; নির্দ্দোষ : এই অর্থে বাং-য়—নিরপরাধী চলিত। ২। ক্রি-বিণ. নিরপরাধে। স্ত্রী. **নিরপরাধা**। বাং-য়—**নিরপরাধিনী** শব্দও চলিত।

নিরপেক্ষ (—পেক্খ) [নির্ (নাই) অপেক্ষা যাহার, বহু] বিণ. স্বাধীন ; অপেক্ষা-রহিত ; স্বতন্ত্র। ২। নিরনুরোধ। ৩। পক্ষপাতশূন্য ; অপক্ষপাত। ক্রি-বিণ. **নিরপেক্ষে**—অপেক্ষা না করিয়া ; নিরপেক্ষভাবে। প্র—"নিরপেক্ষে একদণ্ডে ফেলিল অনলকুণ্ডে মাতা হয়ে হেলে অভাজন।"—কবিকঙ্কণ।

নিরপেক্ষগতি (—পেক্খগোতি) বি. স্বতন্ত্রগতি।

নিরব (ব্) [নি (নাই) রব (শব্দ) যাহার, বহু] বিণ. নিঃশব্দ ; নিস্তব্ধ। ২। বাক্যহীন ; মৌনী ; নির্ব্বাক্।

নিরবকাশ (শ্) নির্ (নাই) অবকাশ (অন্তর) যাহাতে, বহু] বিণ. নিরন্তর ; অবসরহীন। স্ত্রী. **নিরবকাশা**।

নিরবগ্রহ (নিরবগ্গোহ) [নির্ (নাই) অবগ্রহ (প্রতিবন্ধক) যাহার, বহু] বিণ. প্রতিবন্ধকবিহীন ; বিঘ্নরহিত ; অব্যাহত। ৩। স্বতন্ত্র।

নিরবচ্ছিন্ন [নির্ (না) অবচ্ছিন্ন] বিণ. নিরন্তর ; অনবচ্ছিন্ন। ২। কেবল। বিশুদ্ধ। বি. **নিরবচ্ছিন্নতা**।

নিরবদ্য (নিরবোদ্দ) [নির্ (না) অবদ্য (অকথ্য, নিন্দনীয়)] বিণ. বিশুদ্ধ ; নির্ম্মল। ২। অনিন্দ্য। স্ত্রী. **নিরবদ্যা**। বি. **নিরবদ্যতা**।

নিরবধি (—বোধি) [নির্ (নাই) অবধি (সীমা) যাহার, বহু] বিণ. যাহার অবধি নাই ; অনন্ত। ২। নিরবচ্ছিন্ন ; নিরন্তর ; সর্ব্বক্ষণ। প্র—"অসীম, উত্তপ্ত বায়ু বহি নিরবধি"—মেঘনাদ।

নিরবয়ব (নিরবয়ব্) [নির্ (নাই) অবয়ব (অঙ্গপ্রত্যঙ্গ) যাহার, বহু] বিণ. নিরাকার ; অবয়বশূন্য। ২। বি, পুং, পরমাণু। ৩। পরব্রহ্ম।

নিরবলম্ব [নির্ (নাই) অবলম্ব (অবলম্বন) যাহার, বহু] বিণ. অবলম্বনবিহীন ; আশ্রয়হীন ; নিঃসহায় ; নিরুপায়।

নিরবলম্বন (ন্) [নির্ (নাই) অবলম্বন (আশ্রয়) যাহার, বহু] বিণ. নিরুপায় ; নিরাশ্রয় ; অবলম্বনশূন্য ; নিঃসহায়।

নিরবশেষ (ষ্) [নির্—অবশেষ] বিণ. সম্পূর্ণ ; নিঃশেষ ; সমগ্র।

নিরবশেষিত [নিরবশেষ+ইত (সম্বন্ধার্থে)] বিণ. যাহার শেষ রাখা হয় নাই ; নিঃশেষিত।

নিরবসাদ (শাদ্) [নির্—অবসাদ] বিণ. অবসাদ রহিত ; অনবসন্ন।

নিরভ্র (নিরব্‌ভ্র) বিণ. অভ্রহীন ; মেঘশূন্য।

নিরমান (র়্, নো) [সং—নির্ম্মাণ শব্দের পদ্যরূপ। নির্ম্মাণ করা অর্থে নামধাতু। উ-পু- নিরমাই। ম-পু—নিরমাও। প্র-পু—নিরমায়। অস-ক্রি—নিরমাইতে ; নিরমিতে ; নিরমিয়া ; নিরমি (পদ্যে)] ক্রি. নির্ম্মাণ করা। প্র—"অন্নদা মুরতি নিরুপম অতি নিরমায় সাবধান।"—অন্নদামঙ্গল।

নিরমিলু [নিরমান দ্রঃ। ব্রজ] ক্রি. নির্ম্মাণ করিলাম। প্র—"কংস নদীর তীরে ইচ্ছিয়া কুসুমনীরে নিরমিলু দেহারা আপনি।"—কবিকঙ্কণ।

নিরম্বু (নিরোম্‌বু) [নির্ (নাই) অম্বু (জল) যাহাতে] বিণ. জলবর্জ্জিত ; নির্জ্জল। প্র—নিরম্বু উপবাস।

নিরয় (য়্) [নির্ (নিকৃষ্ট) অয় (গতি, স্থান)] বি, পুং, নরক ; পাপের ফলভোগ স্থান ; পরলোকে দণ্ড ভোগ স্থান। প্র—"নিরয়ে বসতি হবে পাপে দিলে মন।"—দীনবন্ধু।

নিরয়গামী [নিরয় (নরক) গামী (যে গমন করে)] বিণ. নরক গমনকারী। ২। পাপী।

নিরর্গল (ল্) [নির্ (নাই) অর্গল (হুড়কা) যাহার, বহু] বিণ. অর্গলহীন ; অপ্রতিবন্ধ ; নির্বিঘ্ন। ২। অবাধ ; মুক্ত ; উদ্দাম। ৩। ক্রি-বিণ. অনর্গল ; অবাধে।

নিরর্থক [নির্ (নাই) অর্থ (প্রয়োজন) যাহাতে, বহু] বিণ. অনর্থক ; নিষ্প্রয়োজন। ২। অর্থহীন ; যাহার মানে নাই। ৩। ক্রি-বিণ. নিষ্ফল ; বৃথা।

নিরলঙ্কার (র়্) [নির্—অলঙ্কার] বিণ. আভরণহীন। স্ত্রী. **নিরলঙ্কারা**।

নিরলস (শ্) [নির্ (না) অলস (শ্রম বিমুখ) অব্যয়ী] বিণ. অনলস ; শ্রমশীল। স্ত্রী. **নিরলসা**।

নিরশন (ন্) [নির্ (না) অশন (আহার)] বি, ক্লী, অনশনাবস্থা ; যাহার আহার হয় নাই। ২। [নির্ (নাই) অশন (ভোজন) যাহার, বহু] বিণ. ভোজনহীন ; যে ভোজন করে না।

নিরস (শ্) [নি (নাই) রস যাহাতে, বহু] বিণ. রসশূন্য ; শুষ্ক। ২। অরসিক। ৩। অপ্রীতিকর। ৪। কঠোর। ৫। রসকষহীন ; বিস্বাদ।

নিরসন (শ ন্) [নির্ (বাহিরে) অস্ (ক্ষেপণ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নিরাকরণ ; দূরীকরণ ; প্রত্যাখ্যান। ২। নিক্ষেপ। ৩। প্রতিবাদ। ৪। বিনাশন ; হনন। বিণ. **নিরসনীয়**

নিরস্ত (নিরস্‌ত) [নির্—অস্ (নিক্ষেপ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. ক্ষান্ত, বিরত। ২। পরিত্যক্ত ; প্রত্যাখ্যাত। ৩। বহিষ্কৃত ; নিরাকৃত ; দূরীকৃত ; নিষ্কাশিত। ৪। নিবারিত ; নিবর্ত্তিত। ৫। মীমাংসিত। ৬। হত। **নিরস্তপাদপ**—বৃক্ষহীন।

নিরস্ত্র [নির্ (নাই) অস্ত্র যাহার, বহু] বিণ. অস্ত্রবিহীন ; অস্ত্রশূন্য। **নিরস্ত্র করা**—অস্ত্র কাড়িয়া লওয়া ; আক্রমণ বা আত্মরক্ষার উপায় হইতে বঞ্চিত করা ; disarm.

নিরস্থি (নিরোস্‌থি) [নির্ (নির্গত) হইয়াছে অস্থি যাহা হইতে, বহু] বিণ. অস্থিরহিত। ২। বি, যাহার শরীরে অস্থি নাই ; অস্থিহীন জীব।

নিরহ [গ্রা। কথ্য। নিরীহ শব্দজ] বিণ. শান্ত ; অবিবাদী ; নিরীহ।

নিরহঙ্কার (নিরহংকার্) [নির্ (নাই) অহঙ্কার যাহার, বহু] বিণ. অহঙ্কারশূন্য ; নিরভিমান। স্ত্রী. **নিরহঙ্কারা**। বি. **নিরহঙ্কারতা**।

নিরহঙ্কারী [নিরহঙ্কারিন্ শব্দ] বিণ. নিরহঙ্কার দ্রঃ।

নিরাই [প্রাদে। সং—নির্ব্বাত অপভ্রংশে] বিণ. নির্ব্বাত। ২। [নির্—আয়ু—আই] অল্পায়ু। তুল—চিরাই। ৩। [নীর (জল) হইতে গ্রা—নির+আই=ইয়া (সম্বন্ধার্থে)] জলময়। ৪। জলের। প্র—নিরাই শিকার।

নিরাই করা [প্রাদে, পূ-বঙ্গ] বর্ষাকালে জলাশয়, ক্ষেত্র, পথঘাট জলে প্লাবিত হইলে সেই জলে রোহিতাদি বড় বড় মাছ ভাসিয়া যায় ও গ্রামবাসীরা কোঁচা, বর্শা প্রভৃতি অস্ত্র দ্বারা বিঁধিয়া সেই সকল শিকার করিয়া থাকে তাহাকে নিরাই করা বলে। প্র—"যখন দিনে নিরাই করে শিকারি সব রয়না ঘরে"—রামপ্রসাদ ব্রহ্মচারী (বঙ্গীয় শব্দসিন্ধু)।

নিরাকরণ (ন্) [সং] বি, ক্লী, অবধারণ ; নির্দ্ধারণ ; নির্ণয়। ২। খণ্ডন। ৩। নিষ্কাশন ; দূরীকরণ। ৪। নিবারণ। ৫। সিদ্ধান্ত ; মীমাংসা।

নিরাকাঙ্ক্ষ (নিরাকাংখ) [নির্ (নাই) আকাঙ্ক্ষা (স্পৃহা) যাহার, বহু] বিণ. নিষ্কাম ; নিস্পৃহ। ২। নির্লোভ। বি. **নিরাকাঙ্ক্ষতা**।

নিরাকাঙ্ক্ষা [নিরাকাঙ্ক্ষ (দ্রঃ) শব্দের স্ত্রীলিঙ্গে] বিণ. আকাঙ্ক্ষারহিতা। ২। বি. সন্তোষ ; আকাঙ্ক্ষা বা লোভহীনতা।

নিরাকার (র়্) [নির্ (নাই) আকার (অবয়ব) যাহার, বহু] বি, পুং, পরব্রহ্ম।

২। আকাশ। ৩। বিণ, নিরবয়ব ; আকার-বিহীন। প্র—"নিরাকার নির্গুণ নিঃসীম নিরুপম।"—অন্নদামঙ্গল। স্ত্রী, **নিরাকারা**—আকারহীনা। প্র—"ওরে শত শত সত্য বেদ তারা আমার নিরাকারা"—বাং-গান।

নিরাকুল (ল্) [নির্ (অতিশয়) আকুল, কর্ম্মধা] বিণ, অতিশয় উদ্বিগ্ন। ২। আকুলতা-শূন্য ; নিশ্চিন্ত। প্র—"ত্রিভুবনে এক ধন্যা কারে সমর্পিব কন্যা কবে আমি হব নিরাকুল।"—কবিকঙ্কণ। ৩। ভারাক্রান্ত ; সমাকুল ; পরিপূর্ণ। প্র—"নিরাকুল ফুলভারে বকুল বাগান"—রবি। বি, **নিরাকুলতা**।

নিরাকৃত [সং] বিণ, অবধারিত : নির্ণীত। ২। খণ্ডিত। ৩। নিবারিত : নিরস্ত। ৪। দূরীকৃত ; নিষ্কাশিত ; প্রত্যাখ্যাত। ৫। মীমাংসিত ; কৃতসিদ্ধান্ত।

নিরাকৃতি [সং] বি, স্ত্রী, নিরাকরণ। ২। নিষ্কাশন। ৩। নিবারণ ; খণ্ডন। ৪। বিণ, আকৃতিহীন ; নিরবয়ব।

নিরাতঙ্ক (নিরাতংক) [নির্ (নাই) আতঙ্ক (ভয়) যাহার, বহু] বিণ, নিঃশঙ্ক ; নির্ভয়। ২। যাহা হইতে কোন শঙ্কা নাই।

নিরাতপ (প্) [নির্ (নাই) আতপ (সূর্য্যকিরণ) যে সময়ে বা যেখানে, বহু] বিণ, আতপশূন্য ; রৌদ্রহীন। স্ত্রী, **নিরাতপা**—বি, রাত্রি।

নিরাধার (র্) [নির্ (নাই) আধার (অবলম্বন, আশ্রয়)] বিণ, আধারহীন ; অবলম্বনশূন্য ; অনাশ্রয়।

নিরাধি [নির্ (নাই) আধি (মনঃপীড়া) যাহার, বহু] বিণ, মানসিক উদ্বেগশূন্য ; সুখী। ২। নির্ব্যাধি ; অরোগ।

নিরানন্দ [নির্ (নাই) আনন্দ (আহ্লাদ) যাহার, বহু] বিণ, দুঃখিত : অনাহ্লাদিত ; । ২। শোকাকুল। ৩। বি, আনন্দের অভাব ; দুঃখ। প্র—"যাঁ'র মা আনন্দময়ী তাঁ'র কিবা নিরানন্দ।"—ব্রহ্মসঙ্গীত।

নিরানন্দী (নো) [নিরানন্দ+ইন্ (অস্ত্যর্থে) =নিরানন্দিন্ ১মা, ১ব] বিণ, অপ্রফুল্ল ; নিরানন্দ ; বিমর্ষ। প্র—"দ্বাদশ বৎসর বন্দী, করি তোমা নিরানন্দী, এবেগণি হৃদয়ে বিষাদ।"—কবিকঙ্কণ।

নিরানব্বই [সংক্ষেপে—নিরানই। সং—নবনবতি] বি, ৯৯ ; ৯ অধিক নবতি সংখ্যা। ২। বিণ, ৯৯ সংখ্যক।

নিরাপদ (দ্) [নির্ (নাই) আপদ্ (বিপদ) যাহার, বহু] বিণ, যে আপদ হইতে উদ্ধার পাইয়াছে। ২। বিপন্মুক্ত ; নিরুপদ্রব। ৩। ক্রি-বিণ, নিরুপদ্রবে ; অবাধে : নির্ব্বিঘ্নে।

নিরাভরণ (ন্) [নির্—আভরন] বিণ, নিরালঙ্কার। স্ত্রী, **নিরাভরণা**।

নিরাময় (য়্) [নির্ (নাই) আময় (রোগ) যাহার, বহু] বিণ, রোগহীন ; নীরোগ ; সুস্থ।

নিরামিষ (ষ্) [গ্রা—নিরিমিষ, নিরিমিষ্যি। নির (নাই) আমিষ (মাংসাদি) যাহাতে, বহু] বিণ, আমিষবর্জ্জিত।

নিরামিষভোজী, নিরামিষাশী [নিরামিষ—ভোজিন্, আশিন্] বিণ, যে মৎস্য মাংস ও ডিম্ব প্রভৃতি আহার করে না।

নিরায়ত [নির্—আয়ত (বিস্তৃত)] বিণ, অবিস্তৃত ; সঙ্কুচিত।

নিরায়ুধ (ধ্) [নির্ (নাই) আয়ুধ (অস্ত্র) যাহার, বহু] বিণ, অস্ত্রশূন্য : আয়ুধবিহীন : নিরস্ত্র।

নিরালম্ব [নির (নাই) আলম্ব (অবলম্বন) যাহার] বিণ, অবলম্বনরহিত ; আত্মাবলম্ব।

নিরালস্য (নিরালোশ্‌শ) [নির্ (নাই) আলস্য যাহার, বহু] বিণ, আলস্যহীন : তৎপর ; উদ্যমশীল।

নিরালা [হি—নিরালা—বিরলা (সং—বিরল হইতে)] বিণ, নিভৃত ; নির্জ্জন : বিরল। ক্রি-বিণ, **নিরালায়**—নির্জ্জনে। প্র—"কে সে নীলমণি, যে চুরি করিয়ে, লুকায়ে যশোদা জননী। মাখি হাতে, মাখি অধর যুগলে, নিরালায় খায় এ ননী ?"—অবসর।

নিরালোক (ক্) [নির্ (নাই) আলোক (তেজঃ) যেখানে, বহু] বিণ, আলোকহীন।

নিরাশ (শ্) [নির্ (নাই) আশা যাহার, বহু] বিণ, আশাবিহীন : হতাশ। ২। নিরুদ্যম ; অবসন্ন।

নিরাশা [নির্ (না, অভাব) আশা] বি, নৈরাশ্য। প্র—"চাতকী জলদে ডাকিছে জল দে নিরাশা-পবনে উড়াইল তাহারে।" বাং-গান।

নিরাশ্রয় (নিরাস্‌স্রয়্) [নির্ (নাই) আশ্রয় যাহার, বহু] বিণ, আশ্রয়হীন জন। প্র—"ডাকি তোমায় উভরায়ে দেখা দাও হে নিরাশ্রয়ে।"—বাং-গান। ২। বিণ, অশরণ ; আশ্রয়হীন : অসহায়। ৩। নিরবলম্ব ; নিরাধার। প্র—"যদ্যপিহ অনন্ত ঈশ্বর নিরাশ্রয়। সৃষ্টিস্থিতি প্রলয়ের হেতু জগন্ময়॥"—চৈতন্যভাগবত।

নিরাশ্বাস (নিরাশ্‌শাশ্) [নির্ (নাই) আশ্বাস (ভরসা) যাহার] বিণ, আশা ভরসাহীন।

নিরাস (শ্) [নির্ (বাহিরে) অস্ (ক্ষেপণ করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, ক্ষেপণ ; নিক্ষেপ। ২। বর্জ্জন : ত্যাগ। ৩। ক্ষালন। প্র—"অদ্য আমরা সমস্ত সুসভ্য ব্যাঘ্রমণ্ডলী একত্রিত হইয়া সেই অমূলক নিন্দাবাদের নিরাস করিতে প্রবৃত্ত হইয়াছি।"—লোকরহস্য (বঙ্কিম)। ৪। [কর্ম্মে—ঘঞ্] বঞ্চিত। প্র—"দারুণ দৈবের ফলে বন্দী হৈনু মায়াজালে সুখে বিধি করিল নিরাস।"—কবিকঙ্কণ।

নিরাসন (শন্) বি, নিরসন দ্রঃ।

নিরাহার (র্) [নির্ (নাই) আহার যাহার, বহু] বিণ, অনশন ; আহারশূন্য : উপবাসী। ২। বি, পুং, ভোজনাভাব। ৩। ক্রি-বিণ, বিনা আহারে ; অনশনে।

নিরিখ (খ্) [ফা—নিরখ্] বি, মূল্যের হার : বাজারদর ; দ্রব্যের মূল্য। ২। খাজনার হার। **নিরিখবন্দী**—বাজার দর নির্দ্ধারণ।

নিরিন্দ্রিয় [নির্ (নাই) ইন্দ্রিয় যাহার, বহু] বিণ, চক্ষু কর্ণাদি ইন্দ্রিয়বিহীন।

নিরিবিলি [গ্রা। হি—নিরালা—বিরলা—সংক্ষেপে] বিণ, বিরল : নিরালা : নিভৃত : নিৰ্জ্জন। প্র—স্থানটি বেশ নিরিবিলি। ২। বি, নিভৃতস্থান। প্র—নিরিবিলিতে দুদণ্ড বসে থাকতে ইচ্ছা হয়।

নিরীক্ষক (ক্) [নির্—ঈক্ষ্ (দেখা)+অক (কর্ত্তৃ)] বিণ, দর্শক।

নিরীক্ষণ (ন্) [নির্—ঈক্ষ্ (দেখা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বিশেষভাবে দর্শন।

নিরীক্ষমাণ (ন্) [নির্—ঈক্ষ্+আন (কর্ত্তৃ—শান) ম-আগম] বিণ, যে নিরীক্ষণ করিতেছে। স্ত্রী, **নিরীক্ষমাণা**।

নিরীক্ষিত [নির্—ঈক্ষ্+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, অবলোকিত :

নিরীক্ষ্যমাণ (নিরীক্‌খমান্) [নির্—ঈক্ষ্+আন (কর্ম্মে, শান) য্—ম্ আগম] বিণ, দৃশ্যমান। স্ত্রী, **নিরীক্ষ্যমাণা**।

নিরীশ (শ) [নির্ (নির্গত) ঈশা (লাঙ্গলের দণ্ড) যাহা হইতে, বহু] বি, ক্লী, লাঙ্গলের ফাল।

নিরীশ্বর (নিরীশ্‌শর্) [নির্ (নাই) ঈশ্বর যাহার মতে, (বহু)] বিণ, ঈশ্বরহীন ; ঈশ্বরের অস্তিত্ব অস্বীকারকারী : নাস্তিক। তুল, ইং—Godless. **নিরীশ্বরবাদী**—ঈশ্বরের অস্তিত্ব অস্বীকারকারী।

নিরীহ [নির্ (নাই) ঈহা (চেষ্টা) যাহার, বহু] বিণ, অচেষ্ট ; নিশ্চেষ্ট। ২। যে অন্যের বিষয়ে হস্তক্ষেপ করে না : যে অনধিকার চর্চ্চা করে না ; যে অন্যের অধিকারে দখল দেয় না। ৩। যে কাহারও হিংসা করে না ; নির্বিরোধী : শান্ত। বি, **নিরীহতা**।

নিরুক্ত [নির্ (নিশ্চয়) উক্ত (বেদের ব্যাখ্যা কথিত) হইয়াছে যে গ্রন্থে (বহু)] বি, ক্লী, বেদের অঙ্গীভূত ব্যাখ্যা-গ্রন্থবিশেষ ; বৈদিক অভিধান। ২। বিণ, মীমাংসিত : নির্ণীত। ৩। নিশ্চয়রূপে উক্ত।

নিরুক্তকার (র্) [নিরুক্ত (বেদের ব্যাখ্যা গ্রন্থ) কার (যিনি করিয়াছেন)] বি, পুং, নিরুক্ত-গ্রন্থ-প্রণেতা।

নিরুক্তি [নির্ (নিশ্চয়) উক্তি (কথন) যাহাতে, বহু] বি, স্ত্রী, নিশ্চয়োক্তি। ২। নিঃশেষে উক্তি। ৩। প্রকৃতি প্রত্যয়াদি বিশ্লেষণ দ্বারা প্রাপ্ত অর্থ। ৪। নিরুক্তগ্রন্থ। ৫। নির্ব্বাচন।

নিরুত্তর (র্) [নির্ (নাই) উত্তর যাহার, বহু] বিণ, নির্ব্বাক ; রুদ্ধবাক্ ; মূক। ২। যাহারা উত্তর দেয় না ; মৌন। ৩। যাহার প্রতিবাদ করিবার নাই।

নিরুৎসাহ (শাহ) [নির্ (নাই) উৎসাহ যাহার, বহু] বিণ, উৎসাহহীন। ২। বি, উৎসাহের অভাব।

নিরুদ্দেশ (শ্) [নির্ (নাই) উদ্দেশ (সন্ধান) যাহার, বহু] বিণ, অজ্ঞাত ; যাহার কোন সন্ধান নাই। **নিরুদ্দেশ হওয়া** —পলাতক হওয়া ; অজ্ঞাতবাস করা।

নিরুৎসুক (—শুক্) [নির্ (অতিশয়) উৎসুক] বিণ, নিরতিশয় বা অত্যন্ত আগ্রহযুক্ত। ২। [নির্ (নাই) উৎসুক (ঔৎসুক্য) যাহার, বহু] যাহার ঔৎসুক্য নাই ; আগ্রহহীন।

নিরুদ্ধ [নি—রুধ্ (রোধ করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, আবদ্ধ ; অবরুদ্ধ। ২। বদ্ধ ; রুদ্ধ। প্র—নিরুদ্ধশ্বাস। ৩। নিবারিত ; স্থগিত।

নিরুদ্বিগ্ন (নিরুদ্‌বিগ্‌ন) [নির্ + উদ্বিগ্ন] বিণ, উদ্বেগশূন্য ; শান্ত। নিশ্চিন্ত।

নিরুদ্বেগ (নিরুদ্‌বেগ্) [নির্—উদ্বেগ] বিণ, উদ্বেগহীন ; শান্ত ; স্থির ; অচঞ্চল। ২। বি, শান্তি। ক্রি-বিণ, **নিরুদ্বেগে**।

নিরুদ্যোগ (নিরুদ্‌জোগ্) [নির্ (নাই) উদ্যোগ যাহার, বহু] বিণ, উদ্যমশূন্য ; নিশ্চেষ্ট। ২। অপ্রস্তুত।

নিরুপদ্রব (নিরুপোদ্‌দ্রোব্) [নির্— উপদ্রব] বিণ, উপদ্রবহীন ; অত্যাচারশূন্য। ২। নিরাপদ।

নিরুপম (ম্) [নির্ (নাই) উপমা যাহার, বহু] বিণ, যাহার উপমা দিবার মত কিছু নাই, অতুলনীয় ; অনুপম। প্র—"নিরুপম লাবণ্য সন্দর্শন করিয়া"—কাদম্বরী।

নিরুপাখ্য (—পাখ্‌খ) [নির্—উপ— আখ্যা] বিণ, অনির্বার্য্য ; অব্যক্ত। ২। অসম্ভাবিত বিষয় বা বস্তুর কল্পনা ; আকাশ-কুসুম ; যাহার অস্তিত্ব নাই তাহার প্রস্তাবনা। ৩। বি, ক্লী, পরব্রহ্ম।

নিরুপাধি [নির্ (নাই) উপাধি যাহাতে, বহু] বিণ, উপাধিবর্জ্জিত ; নির্গুণ ; অমায়িক। ২। পরিশুদ্ধ ; উদ্দেশ্যহীন ; ছলশূন্য। ৩। অকারণ ; অহৈতুকী। প্র—"নিরুপাধি প্রেম যাঁহা তাঁহা এই রীতি ; প্রীতি বিষয় সুখে আশ্রয়ের প্রীতি।"—চৈতন্যচরিতামৃত।

নিরুপায় (য়) [নির্ (নাই) উপায় যাহার, বহু] বিণ, উপায়রহিত ; অনন্যোপায়। ২। বি, পুং, অনুপায় ; উপায়ের অভাব।

নিরূঢ় [নি—রূঢ় কিম্বা নির্ (না) ঊঢ় (বিবাহিত)] বিণ, অবিবাহিত। ২। পশু-যজ্ঞবিশেষ। ৩। বি, পুং, রূঢ়ি লক্ষণাদ্বারা অর্থপ্রতিপাদক শব্দ।

নিরূপ (প্) [নি (অভাব) —রূপ] বিণ, অরূপ ; রূপবর্জ্জিত ; নিরাকার। প্র— নিরূপ যে ভাবে স্বরূপ প্রভাবে বুঝি কিছু বুঝে সে বা।"—অন্নদামঙ্গল।

নিরূপক (ক্) [নিরূপণ দ্রঃ] বিণ, নিরূপণ-কারী ; নির্ণায়ক ; নির্দ্ধারক। স্ত্রী, **নিরূপিকা**।

নিরূপণ (ন্) [নি—রূপ + নিচ্ = রূপি + অনট্ (ভাবে)] বি, ক্লী, নির্দ্ধারণ ; নির্ণয় ; অবধারণ। ২। নিয়োগ। ৩। বিবরণ। ৪। অবগতি। ৫। দর্শন। বিণ, **নিরূপণীয়**।

নিরূপিত [নি—রূপি + নিচ্ = রূপিত (কর্ম্মে, ক্ত)] বিণ, নির্দ্ধারিত ; নিশ্চিত ; স্থিরীকৃত ; অবধারিত। ২। নিযুক্ত। ৩। দৃষ্ট। ৪। বিচারিত।

নিরেট (ট্) [সং—নির্দট = দৃঢ়] বিণ, কঠিন ; দৃঢ়। প্র—"নিরেট পাষাণময় যাঁহার হৃদয়। নয়নের জলে সে কি দ্রবিবে কখন॥" —নবীন সেন। ২। বন্ধুহীন ; নিশ্ছিদ্র।

নিরেস (শ্) [সং—নিরস। তুল—আ— নাকিস্—খারাব অসম্পূর্ণ ; খাঁটি বা বিশুদ্ধ নয়। বিপরীত—সরেস (সরস)] বিণ, নিকৃষ্ট ; মন্দ ; খারাব।

নিরোগা [গ্রা। সং—নীরোগ হইতে] বিণ, রোগহীন ; সুস্থ।

নিরোধ (ধ্) [নি = রুধ্ (আবরণ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, অবরোধ ; আটক। ২। প্রতিরোধ ; প্রতিবন্ধ। ৩। কারাবন্ধন। ৪। নিগ্রহ। ৫। নিবারণ।

নিরোধক (ক্) [নিরোধ দ্রঃ] বিণ, প্রতিরোধক ; নিবারক।

নিরোধন (ন্) [নি—রুধ্ + অন (ভাবে— অনট্)] বি, ক্লী, নিরোধ করণ।

নির্ঋতি (নির্‌রিতি) [নির্ (বিপরীত) ঋতি (শুভ)] বি, স্ত্রী, লক্ষ্মীর জ্যেষ্ঠা অলক্ষ্মী। ২। নৈঋর্ত কোণের অধিষ্ঠাত্রী দেবী। ৩। পুং, নৈঋর্ত কোণের অধিপতি। ৪। উপদ্রব।

নির্গত [নির্—গম্ + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বহির্গত। ২। প্রবাহিত।

নির্গন্ধ [নির্ (নাই) গন্ধ যাহার, বহু] বিণ, গন্ধরহিত।

নির্গম (ম্) [নির্—গম্ + অ (ভাবে— অল্)] বি, পুং, বহির্গমন ; অপগম। ২। দ্বার।

নির্গমন (ন্) [নির্—গম্ + অন (ভাবে— অনট্)] বি, ক্লী, নিঃসরণ ; বহির্গমন। ২। [করণে—অনট্] দ্বার ; পথ।

নির্গলিত (গো) [অশুদ্ধ কিন্তু চলিত। নির্গত ও বিগলিত শব্দ সাদৃশ্য হইতে] বিণ, বিগলিত। প্র—"তুমি না বুঝিলে এই প্রাণের বেদন। কে বুঝিবে নয়নের নির্গলিত কথা॥"—ফুলরেণু।

নির্গুণ (ন্) [নির্ (নাই) গুণ যাহার, বহু] বিণ, গুণহীন। ২। [অপ্র অর্থে] অপাত্র ; অযোগ্য ; অক্ষম। প্র—"গুণের সাগর হে তুমি গুণনিধি তোমার যতেক গুণ কহিতে আমি নির্গুণ।"—বাং-গান। ৩। বি, পুং, গুণাতীত ; সত্ত্বাদি গুণত্রয়-বর্জ্জিত পরমাত্মা ; ঈশ্বর। স্ত্রী, **নির্গুণা**। প্র—"সগুণা নির্গুণা স্থূলা"—রামপ্রসাদ।

নির্গুণ্ডী (নির্‌গুন্‌ডি) [নির্ (বাহির) গুণ্ড্ (বেষ্টন করা) + অ (কর্ত্তৃ) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, নিসিন্দাগাছ। ২। নীল শেফালিকা গাছ।

নির্গূঢ় [নির্ (ভিতর) গুহ (আচ্ছাদন— গোপন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সমাচ্ছাদিত ; সংবৃত। ২। অতিশয় গূঢ়।

নির্গ্রন্থ (নির্‌গ্রোন্‌থ) [নির্ (নাই) গ্রন্থ (গ্রন্থি—গাঁইট) যাহাতে, বহু] বিণ, গ্রন্থিশূন্য। ২। পরিধেয় বাসগ্রন্থিহীন ; দিগম্বর। ৩। সংসারে বন্ধনহীন ; অনাসক্ত।

নির্ঘণ্ট [নির্—ঘণ্ট্ (চেষ্টা করা) + অ (করণে —অল্) চেষ্টা দ্বারা নিরূপণ] বি, পুং, বিশেষ ভাবে নির্দ্ধারণ ; সূক্ষ্মভাবে অন্বেষণ। ২। সিদ্ধান্ত। ৩। সূচীপত্র।

নির্ঘাত (ত্) [নির্—হন্ (বধ করা, আঘাত করা, শব্দ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, বায়ুর পরস্পর সংঘাত ; বায়ুর সহিত বায়ুর ঘাত প্রতিঘাত শব্দ। ২। বজ্র। ৩। আঘাত ; প্রহার। প্র—"হানিয়া মায়ের বুকে অশনি নির্ঘাত"—কুঙ্কুম। ৪। বিণ, বিষম ; প্রবল ; প্রচণ্ড। প্র—"সমুদ্র উথলে বহে নির্ঘাত পবন।"—কৃত্তিবাস। ৫। ভীষণ ; ভয়ানক। ৬। নিষ্ঠুর ; কঠোর। প্র—"মুনির নির্ঘাত বাক্য শুনিয়া সুন্দরী"— কাশী, মহা-আদি। ৭। [প্রাদে] অব্যর্থ।

নির্ঘাতন (ন্) [নির্—হন্ + ণিচ্ = ঘাতি (হনন করান) + অন (ভাবে—অনট্) বি, ক্লী, আঘাত করণ। ২। আয়ুর্ব্বেদীয় যন্ত্র-ক্রিয়া-বিশেষ।

নির্ঘৃণ (নিরঘৃন) [গ্রা—নিঘিন্নে। নির্ (নাই) ঘৃণা যাহার, বহ্] বিণ, যাহার ঘৃণা নাই ; যাহার ঘৃণার উদয় হয় না। প্র—"নির্ঘৃণ ত্রিনয়ন আহ্লাদে সেইক্ষণ শব'পরি আসন মেলে"—হেম বন্দ্যো।

নির্ঘোষ (ষ্) [নির্—ঘুষ্ (শব্দ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, ভীষণ শব্দ ; উৎকট ধ্বনি ; গভীর নিনাদ। প্র—"পরম সন্তোষে দুন্দুভি নির্ঘোষে ইন্দ্র হৈলা আগুয়ান।" —অন্নদামঙ্গল। বজ্রনির্ঘোষ।

নির্জ্জন (ন্) [নির্ (নাই) জন (লোক) যেখানে, বহ্] বিণ, জনহীন ; নিভৃত। প্র—নির্জ্জন প্রদেশ। ২। যথায় লোকের গতিবিধি নাই। প্র—নির্জ্জন পথ। ৩। নিঃসঙ্গ ; একাকী। ৪। বি, নিভৃত স্থান। প্র—সে নির্জ্জনে বসিয়া আছে।

নির্জ্জর (র্) [নির্ (নাই) জরা (বৃদ্ধত্ব) যাহার] বি, পুং, দেবতা। প্র—"মহাবিঘ্ন হবে যাগে নির্জ্জর বর্জ্জিত ভাগে যক্ষ রাক্ষসের অধিকার।"—শিবায়ন। ২। স্ত্রী, অমৃত। ৩। বিণ, জরাবর্জ্জিত।

নির্জ্জল (ল্) [গ্রা—নির্জলা, নিজ্জলা। নির্ (নাই) জল যেখানে, বহ্] বিণ, জলরহিত ; জলশূন্য ; শুষ্ক। ২। জলমিশ্রিত নয়। ৩। খাঁটি ; বিশুদ্ধ। ৪। জলপর্য্যন্ত পানরহিত ; নিরম্বু। প্র—নির্জ্জল উপবাস। **নির্জ্জলা একাদশী**—জ্যৈষ্ঠমাসের শুক্লা একাদশী।

নির্জ্জিত [নির্ (নিশ্চয়) জি (জয় করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, পরাজিত ; পরাভূত।

নির্জীব (ব্) [নির্ (নাই) জীব (জীবন) যাহার, বহ্] বিণ, জীবনহীন। ২। অতিশয় দুর্ব্বল ; নিবীর্য্য।

নির্ঝর (র্) [নির্—ঝৄ (জীর্ণ হওয়া) + অ (কর্ত্তৃ—অল্)] বি, পুং, উৎস ; ঝরণা। প্র—"নির্ঝর ঝরিত বারিরাশি"—মেঘনাদ। স্ত্রী, **নির্ঝরিণী**—নদী।

নির্ণয় (য়্) [নির্—নী + অল্। প্রা-বাং গ্রা—নিল্লঅ। প্র—ধবল বরণ ঘোড়া নিল্লঅ না জানি।"—শূন্যপুরাণ] বি, পুং, সত্য-নিষ্কাশন ; অবধারণ ; সিদ্ধান্ত ; নিষ্পত্তি। প্র—"বিচার পূর্ব্বক পক্ষ এবং প্রতিপক্ষের মধ্য হইতে প্রকৃত সিদ্ধান্ত টানিয়া বাহির করার নাম নির্ণয়। ২। ফয়শালা ; ডিক্রী। ৩। নিশ্চয় ; নির্দ্ধারণ। **নির্ণয়পাদ**—নির্ণয়াত্মক ব্যবহারশাস্ত্র।

নির্ণায়ক (ক্) [নির্—নী + ণিচ্ = নায়ি + অক (কর্ত্তৃ)] বিণ, নিশ্চয়কারক ; নিরূপক ; নির্দ্ধারক। ২। নিষ্পাদক। ৩। মীমাংসক।

নির্ণীত [নির্—নী + ত (ভাবে, ক্ত)] বিণ, নির্দ্ধারিত ; অবধারিত ; নিশ্চিত। ২। কৃত-সিদ্ধান্ত।

নির্ণেজক (ক্) [সং] বিণ, প্রক্ষালক ; পরিষ্কারক। ২। বি, রজক।

নির্ণেজন (ন্) বি, প্রক্ষালন। ২। শুদ্ধি।

নির্ণেতা [নির—নী + তৃ = নির্ণেতৃ ১মা, ১ব] বিণ, নির্দ্ধারক ; নির্ণায়ক ; নির্ণয়কারী। ২ নায়ক॥ স্ত্রী, **নির্ণেত্রী**।

নির্ণেয় [নির্—নী + য় (কর্ম্মে)] বিণ, নির্ণয় করিবার যোগ্য ; নির্দ্ধার্য্য।

নির্দ্দম (ম্) [নির্ (নাই)—দম (শ্বাস) যাহাদ্বারা দম থাকে না] বিণ, শ্বাসরোধক ; বেদম। প্র—"দশজন মেয়েমানুষকে নির্দ্দম করিয়া রামকান্ত পেটা করিতেপারি।"—নীলদর্পণ।

নির্দ্দয় (য়্) [নির্ (নাই) দয়া যাহার, বহ্] বিণ, দয়ারহিত ; অকরুণ ; নিষ্ঠুর। ২। কঠোর। ৩। ক্রূর ; হিংস্র। বি, **নির্দ্দয়তা**।

নির্দ্দহন (ন্) [নির্ (নাই) দহন (বহ্নি) যেখানে, বহ্] বিণ, দাহরহিত। ২। বহ্নিহীন। ৩। [ভাবে—অনট্] স্ত্রী, নিরতিশয় দহন।

নির্দ্দাবী [নির্ (নাই)—দাবী] বিণ, যাহাতে দাবী দাওয়া নাই ; যাহার অধিকারী নাই ; unclaimed. প্র—"নির্দ্দাবী এমালে দিব পুলিশেরই হাতে"—দ্বিজেন্দ্র রায়।

নির্দ্দিশ্যমান (নির্দিশ্শমান্) [নির্ (দিশ্ (নির্দ্দেশ করা) + আন (কর্ম্মে—শান)] বিণ, যাহাকে নির্দ্দেশ করা হইতেছে ; যাহার উল্লেখ করা হইতেছে। ২। আদিশ্যমান।

নির্দ্দিষ্ট [নির্—দিশ্ + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, নির্ণীত, নির্দ্ধারিত ; নিরূপিত ; নিশ্চিত। ২। কৃত-নির্দ্দেশ ; অঙ্গুলি, কটাক্ষ ইত্যাদি দ্বারা প্রদর্শিত। ৩। উল্লিখিত। ৪। উপদিষ্ট। ৫। আদিষ্ট।

নির্দ্দেশ (শ্) [নির্—দিশ্ + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, অবধারণ ; নির্দ্ধারণ ; নিরূপণ। ২। ইঙ্গিতদ্বারা প্রদর্শন। ৩। উল্লেখ। ৪। বর্ণন ; বিবৃতি। ৫। নির্ণয় ; উদ্দেশ। ৬। আজ্ঞা ; আদেশ। ৭। [করণে —ঘঞ্] নির্দ্দেশক সংজ্ঞা ; নাম।

নির্দ্দেশক (ক্) [নির্—দিশ্ + অক (কর্ত্তৃ)] বিণ, নির্ণায়ক ; নির্দ্ধারক। ২। প্রদর্শক ; যে নির্দ্দেশ করিয়া দেয়। ৩। উল্লেখকারী। ৪। আজ্ঞাকারক ; আদেশক।

নির্দ্দেষ্টা [নির্—দিশ্ + তৃ (কর্ত্তৃ, তৃচ্) = নির্দ্দেষ্টৃ—১মা, ১ব] বিণ, নির্দ্দেশক।

নির্দ্দোষ (ষ্) [নির্ (নাই) দোষ (অপরাধ) যাহার, বহ্। গ্রা—নির্দ্দুষী, নিদ্দুষী] বিণ, ত্রুটিহীন ; দোষবর্জ্জিত। ২। নিরপরাধ। ৩। কলঙ্করহিত ; দাগহীন ; বেদাগ। ৪। ক্রি-বিণ, সম্পূর্ণরূপে। প্র—সে বহুদিন রোগে ভুগিয়া এখন নির্দ্দোষ আরোগ্যলাভ করিয়াছে।

নির্দ্ধন, নির্ধন (ন্) [নির্ (নাই) ধন (সম্পত্তি) যাহার, বহ্] বিণ, ধনহীন ; ধনশূন্য ; বিত্তবিহীন ; দরিদ্র। বি, **নির্দ্ধনতা, নির্ধনতা, নির্দ্ধনত্ব, নির্ধনত্ব**।

নির্দ্ধার [নির্—ধৃ + অ (ভাবে—ঘঞ্)] বি, স্ত্রী, নির্দ্ধারণ।

নির্দ্ধারণ (ন্) [নির্—ধৃ (ধারণ করা) + অন (ভাবে—অনট্) অনেকের মধ্যে একের অবধারণ] বি, পুং, নিরূপণ ; নির্ণয়। ২। স্থির করণ ; নিশ্চয় করণ। ৩। সিদ্ধান্ত।

নির্দ্ধারক (ক্) [নির্—ধারি (ধারণ করা) + অক (—কর্ত্তৃ)] বিণ, নির্দ্ধারণকারী ; নিরূপক। ২। মীমাংসক।

নির্দ্ধারিত [নির্—ধারি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, স্থিরীকৃত ; নির্দ্দিষ্ট ; নির্ণীত ; নিশ্চিত। ২। মীমাংসিত ; কৃতসিদ্ধান্ত।

নির্দ্ধার্য্য (নির্‌ধার্জ) [নির্—ধারি + য (কর্ম্মে)] বিণ, অবধার্য্য ; নির্ণেয় ; নিরূপণীয়।

নির্দ্ধূত (নির্‌ধুত) [নির্—ধূ (কম্পিত হওয়া) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, বিধুনিত ; বিকম্পিত। ২। পরিবর্জ্জিত ; ত্যক্ত। ৩। বিদূরিত।

নির্দ্ধৌত [নির্ (নিশ্চয়) ধৌত (পরিষ্কৃত)] বিণ, প্রক্ষালিত। ২। পরিমার্জ্জিত।

নির্দ্বন্দ্ব (নিরদন্দ) [নির্ (নাই) দ্বন্দ্ব (পরস্পরবিরোধী দুইটী) যেখানে, বহ্] বিণ, সুখদুঃখ বা শীতোষ্ণাদি দ্বন্দ্বরহিত। ২। দ্বিত্বরহিত। ৩। নির্ব্বিবাদ।

নির্ধন—নির্দ্ধন দ্রঃ।

নির্নিমিত্ত [নির্ (নাই) নিমিত্ত (কারণ) যাহার, বহ্] বিণ, নিমিত্তশূন্য ; অকারণ। ২। নিষ্প্রয়োজন ; নিরর্থক। ৩। আকস্মিক।

নির্নিমেষ (ষ্) [নির্ (নাই) নিমেষ যাহার, বহ্] বিণ, অপলক। **নির্নিমেষ আঁখি, —চক্ষু, —নয়ন, — নেত্র—লোচন**—পলকবিহীন চক্ষু। ২। বিণ, পলকহীন নেত্রবিশিষ্ট। ৩। ক্রি-বিণ, পলকবিহীন নয়নে বা দৃষ্টিতে। (পদ্যে)। ৪। বি, পুং, দেবতা।

নির্ব্বচন (ন্) [নির্ (নিশ্চয়) বচন (বাক্য) বি, স্ত্রী, নিশ্চয় বাক্য বা কথন ; নিরুক্তি। ২। নিরূপণ। ৩। বিণ, বচনশূন্য ; মৌন ; নির্ব্বাক।

নির্ব্বর্ত্তক (ক্) [নির্—বৃত্ +অক (কর্ত্তৃ)] বিণ, নির্ব্বাহক ; সম্পাদনকর্ত্তা।

নির্ব্বর্ত্তন (ন্) [নির্—বৃত্ +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সম্পাদন ; নিষ্পাদন।

নির্ব্বর্ত্তিত, নির্বর্ত্তিত (নির্বোর্‌তিত) [নির্—বৃত্ +ণিচ্—নির্ব্বর্ত্তি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সম্পাদিত ; নিষ্পাদিত।

নির্ব্বন্ধ, নির্বন্ধ [নির্—বন্ধ্ +অ (ভাবে—অল্)] বি, পুং, নিয়ম ; নির্দ্দেশ : ব্যবস্থা ; বিধান। প্র—"দৈবের নির্ব্বন্ধ আছে না হয় খণ্ডন।"—কৃত্তিবাস। ২। অভিনিবেশ। ৩। সবিশেষ যত্ন : আগ্রহ : অতি ব্যগ্রতা। ৪। অতিশয় অনুরোধ ; পীড়াপীড়ি : জেদ। ৫। ঘটনা : যোগাযোগ। ৬। নিশ্চয় : স্থির। প্র—"তথায় নির্ব্বন্ধ কর শয্যা করিবারে"—কাশী মহা-বিরাট। "শিবের সম্বন্ধ করিয়া নির্ব্বন্ধ আইলা নারদ মুনি।"—অন্নদামঙ্গল।

নির্ব্বন্ধিত, নির্বন্ধিত (নির্বোন্‌ধিত) [নির্ব্বন্ধ+ইত] বিণ, নির্ব্বন্ধযুক্ত ; সনির্ব্বন্ধ। ২। নিশ্চিত : নিয়মিত ; স্থির। প্র—"আজি হৈতে নির্ব্বন্ধিত করহ সকল। নিশায় করিব সঙ্গে কীর্ত্তন মঙ্গল।"—চৈতন্যভাগবত। প্রা-বাং—**নিবন্ধিত**। প্র—"জেমন আছিল পূর্ব্বে দেব নিবন্ধিত।"—শূন্যপুরাণ।

নির্ব্বর্ষপ্রদেশ, নির্বর্ষ—(প্রোদেশ্) [নির্ (না)—বর্ষ (বর্ষা) যে প্রদেশে] বিণ, বর্ষাহীন প্রদেশ ; যথায় বৃষ্টি পড়ে না।

নির্ব্বল, নির্বল (নির্‌বল্) [নির্ (নাই) বল (শক্তি) যাহার, বহু] বিণ, দুর্ব্বল ; বলশূন্য ; শক্তি-বিহীন ; নিস্তেজ ; ক্ষীণ।

নির্ব্বাচন, নির্বাচন (ন্) [নির্—বাচি (বলান) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, স্থিরীকরণ : নির্দ্ধারণ। ২। অনেকের মধ্য হইতে বাছিয়া বাহির করণ : চুনন। বিণ, নির্ব্বাচিত।

নির্ব্বাচা, নির্বাচা [নির্ব্বাচন হইতে—নির্ব্বাচনা—নির্ব্বাচা (পদ্যে)। গদ্যে—নির্ব্বাচন করা, সংক্ষেপে "বাচা"। অস-ক্রি—নির্ব্বাচিতে ; নির্ব্বাচিয়া ; নির্ব্বাচিলে] ক্রি, নির্ব্বাচন করা ; বাছিয়া লওয়া। ২। নির্দ্ধারণ করা। প্র—"হায় হায় হায় হেদে হাভাতীর ঝি। নিরঞ্জনে নিন্দ ভাল নির্ব্বাচিলে কি॥"—শিবায়ন। ৩। নিরুত্তর। প্র—"এই শ্লোকের অর্থে তুমি হৈলা নির্ব্বাচন। আর এক শুন ভাগবতের বচন।"—চৈতন্যচরিতামৃত।

নির্ব্বাচ্য, নির্বাচ্য (নির্বাচ্‌চ) [নির্—বাচ্য] বিণ, কথ্য ; কথনযোগ্য। ২। নির্দ্ধারণ ; নিরূপণীয়। ৩। মীমাংসার যোগ্য ; মীমাংসনীয়। ৪। নির্ব্বাচন যোগ্য। ৫। নির্দ্দোষ : অনিন্দ্য। স্ত্রী, নির্ব্বাচ্যা।

নির্ব্বাণ, নির্বাণ (ন্) [নির্—বা (প্রবাহিত হওয়া) +ত (ভাবে—ক্ত) "মুক্তিঃ কৈবল্য-নির্ব্বাণং শ্রেয়ো নিঃশ্রেয়সামৃতম্" "মোক্ষো-ঽপবর্গঃ"—অমর। "নির্ব্বাণো মুনিবহ্ন্যাদৌ" —অমর] বি, ক্লী, ভবযন্ত্রণা হইতে নিষ্কৃতি লাভ ; মোক্ষ ; জীবন্মুক্তি। প্র—"সাকারে সাযুজ্য হবে নির্ব্বাণে কি গুণ বল না।" —রামপ্রসাদ। দ্রঃ—পা ও প্রা-বাং-য়—**নিববাণ**। বৌদ্ধধর্ম্মমতে—"নির্ব্বাণং পরমং সুখম্"। তাঁহারা বলেন অজ্ঞ জনের মতে দীপ নির্ব্বাণের মত আত্মার নির্ব্বাণ, কিন্তু তাহা নহে—জীবনের সমাপ্তিও নহে। প্রকৃত অর্থ—দুঃখের নির্ব্বাণ, অশান্তির নাশ, পূর্ণ সুখোদয়; দুঃখের চির-সমাধি। বুদ্ধ সারি-পুত্তকে বলিয়াছিলেন—"লোভের নাশ, ঘৃণার নাশ, মায়ার নাশ,—ইহাই হে বন্ধু, নির্ব্বাণ। ২। শান্তি। ৩। ["নির্ব্বাণং অস্ত্যগমনম্" —মেদিনী] অস্তগমন। ৪। সমাপ্তি। ৫। জ্বলনের অবসান। ৬। বিরাম। ৭। হস্তীর স্নান। ৮। বিণ, মুক্ত ; জীবন্মুক্ত। ৯। জ্বলন-রহিত ; নিবন্ত : নির্ব্বাপিত। প্র—"নির্ব্বাণ মন-অনল আর কেন জ্বালাতে এলে।"—বাং-গান। ১০। বিশ্রান্ত। ১১। নিবৃত্ত। ১২। বাণশূন্য ; যাহার আর বাণ নাই। **নির্ব্বাণমণ্ডপ**—কাশীস্থিত মুক্তিমণ্ডপ তীর্থ। **নির্ব্বাণ করা**—নির্ব্বাপিত করা ; আগুন নিবান।

নির্ব্বাণী, নির্বাণী [নির্ (নাই) বাণী (বাক্য) যাহার, বহু] বিণ, মৌন ; বাক্য-হীন।

নির্ব্বাত, নির্বাত (ত্) [নির্ (নাই) বাত (বায়ু) যেখানে, বহু] বিণ, বায়ুহীন। ২। অচঞ্চল ; স্থির।

নির্ব্বাদ, নির্বাদ (দ্) [নির্ (নিন্দিত) বাদ (কথন) কর্ম্মধা] বি, পুং, পরিবাদ ; নিন্দা ; অপযশ। ২। অনাদর ; অবমাননা। ৩। বিবাদ ; কলহ। ৪। জনশ্রুতি। ৫। নির্ব্বিবাদ ; অবিরোধ।

নির্ব্বাধ, নির্বাধ (ধ্) [নির্ (নাই) বাধা যাহার, বহু] বিণ, বাধাহীন ; প্রতিবন্ধ-রহিত ; অবাধ।

নির্ব্বাপক, নির্বাপক (ক্) [নির্—বাপি (গমন করান) +অক (কর্ত্তৃ)] বিণ, নির্ব্বাণ-কারী ; যদ্দারা নির্ব্বাপিত হয়। ২। নাশক ; হননকারক ; হন্তা [বিরল]।

নির্ব্বাপণ, নির্বাপণ (ন্) [নির্—বাপি (গমন করান) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অবসান করান ; বিনাশ [প্র-অ]। ২। দান। ৩। নিবাইয়া দেওন।

নির্ব্বাপিত, নির্বাপিত [নির্—বাপি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা নির্ব্বাণ করা হইয়াছে। ২। যাহার নাশ হইয়াছে ; নষ্ট ; বিনাশ প্রাপ্ত। ৩। যাহা দান করা হইয়াছে : দত্ত ; অর্পিত [প্র-অ]।

নির্ব্বাসক, নির্বাসক (ক্) [নির্—বাসি (বাস করান) +অক (কর্ত্তৃ)] বিণ, যে নির্ব্বাসন করে ; নির্ব্বাসনকারী ; নির্ব্বাসন-কর্ত্তা।

নির্ব্বাসন, নির্বাসন (ন্) [নির্—বাসি (বাস করান) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, কোন গুরুতর অপরাধের দণ্ড স্বরূপ দেশ হইতে বহিষ্করণ। ২। হনন [বিরল]।

নির্ব্বাসিত, নির্বাসিত (—শিত) [নির্—বাসি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, স্বদেশ হইতে বহিষ্কৃত ; নির্ব্বাসনদণ্ডপ্রাপ্ত ; বিবাসিত। ২। হত।

নির্ব্বাহ, নির্বাহ [নির্—বহ্ (বহন করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, নিষ্পাদন ; সমাপন। ২। নিষ্পত্তি। ৩। সমাপ্তি : শেষ।

নির্ব্বাহক, নির্বাহক (ক্) [নির্—বহ্ +অক (কর্ত্তৃ)] বিণ, নির্ব্বাহকারক ; সম্পাদক, নিষ্পন্নকারক।

নির্ব্বাহিত, নির্বাহিত [নির্—বহ্ +ণিচ্ =বাহি (বহন করান—সম্পাদন করান) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সম্পাদিত ; নিষ্পাদিত।

নির্ব্বিকল্প, নির্বিকল্প [নির্ (নাই) বিকল্প যাহাতে] বিণ, সংশয়হীন ; অভ্রান্ত। ২। জ্ঞাতৃজ্ঞেয়ত্বভেদরহিত। ৩। বিশেষ্য-বিশেষণতা-সম্বন্ধরহিত। ৪। বি, ক্লী, অখণ্ডজ্ঞান। **নির্ব্বিকল্প সমাধি**—জ্ঞাতৃ-জ্ঞানাদিভেদরহিত হইয়া অদ্বিতীয় পরব্রহ্মে চিত্তসমাধান।

নির্ব্বিকল্পক, নির্বিকল্পক (ক্) [নির্ব্বিকল্প+ক (সংজ্ঞার্থে)] বিণ, সন্দেহ বিহীন ; সংশয়শূন্য। ২। বি, ক্লী, অতীন্দ্রিয় জ্ঞানবিশেষ।

নির্ব্বিকার, নির্বিকার (র্) [নির্ (নাই) বিকার (প্রকৃতির বৈপরীত্য) যাহার, বহু] বিণ, বিকারবিহীন ; অবিকৃত। ২। বি, পুং, বিকারবিহীন ; পরব্রহ্ম।

নির্ব্বিঘ্ন, নির্বিঘ্ন [নির্ (নাই) বিঘ্ন (বাধা) যাহার, বহু] বিণ, বিঘ্নশূন্য ; বাধাবিরহিত। ২। বিপদহীন ; নিরাপদ। ৩। [নির্ (না) বিঘ্ন (বাধা)] বি, ক্লী, বিঘ্নাভাব।

নির্ব্বিচার, নির্বিচার (র্) [নির্ (নাই) বিচার যাহাতে, বহু] বিণ, বিচারবিহীন। ২। বিবেচনাশূন্য।

নির্ব্বিন্ধ্যা, নির্বিন্ধ্যা [নির্ (নির্গত) বিন্ধ্য (বিন্ধ্য পর্ব্বত হইতে)—আ (প্, স্ত্রী)] বি, স্ত্রী, বিন্ধ্যপর্ব্বত হইতে বহির্গত নদী।

নির্ব্বিন্ন, নির্বিন্ন [নির্—বিদ্ (জানা—খেদ করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, দুঃখিত ; খিন্ন। ২। নিকৃত ; অনুতপ্ত। ৩। শোকাদি দ্বারা অভিভূত।

নির্ব্বিবেক, নির্বিবেক (ক্) [নির্ (নাই) বিবেক (বিবেচনা) যাহার, বহু] বিণ, যাহার বিবেক নাই : বিবেকহীন : অবিবেকী : বিচার বিরহিত।

নির্ব্বিভেদ, নির্বিভেদ (দ্) [নির্ (নাই) বিভেদ (ভেদ জ্ঞান) যাহার, বহু] বিণ, ভেদজ্ঞানহীন। ২। অভেদ ; অভিন্ন।

নির্ব্বিশঙ্ক, নির্বিশঙ্ক (নির্‌বিশংক) [নির্ (নাই) বিশঙ্কা (ভীতি) যাহার, বহু] বিণ, নিঃশঙ্ক : নির্ভীক ; নির্ভয়।

নির্ব্বিশেষ, নির্বিশেষ (ষ্) [নির্ (নাই) বিশেষ (ভেদ) যাহার, বহু] বিণ, ভেদরহিত ; অবিশেষ : অভিন্ন। ক্রি-বিণ, **নির্বিশেষে**—ইতর বিশেষ না করিয়া। প্র—"অপত্য-নির্ব্বিশেষে প্রজাপালন করিতে লাগিলেন"—সীতার বনবাস (বিদ্যাসাগর)।

নির্ব্বিষ, নির্বিষ (ষ্) [নির্ (নাই) বিষ যাহার, বহু] বিণ, বিষরহিত ; বিষশূন্য। স্ত্রী, **নির্ব্বিষা**—নির্ব্বিষী নামক তৃণ।

নির্ব্বিষয়, নির্বিষয় (য়্) [নির্ (না) বিষয় (গোচর)] বিণ, যাহা গোচর নয় ; যাহা ইন্দ্রিয়গ্রাহ্য নয় ; অগোচর।

নির্ব্বিষ্ট, নির্বিষ্ট [নির্—বিশ্ (প্রবেশ করা, উপভোগ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অনুভূত। ২। প্রাপ্ত : লব্ধ। ৩। পুষ্ট। ৪। কৃতবিবাহ : বিবাহিত।

নির্ব্বীজ, নির্বীজ (জ্) [নির্ (নাই) বীজ যাহার, বহু] বিণ, বীজহীন : বীজরহিত। ২। কারণবিহীন। ৩। পুরুষত্বশূন্য। ৪। বি, পুং, সমাধিবিশেষ। স্ত্রী, **নির্ব্বীজা**—কাকলীদ্রাক্ষা : কিসমিস্।

নির্ব্বীর, নির্বীর (র্) [নির্ (নাই) বীর (যোদ্ধা) যেখানে, বহু] বিণ, বীরশূন্য : বীর-রহিত। দ্রঃ—কবিবর মাইকেল মধুসূদন দত্ত এই বিশেষণ পদ হইতে ক্রিয়াপদ নিষ্পন্ন করিয়া গিয়াছেন। "বীরগণে পূর্ণ করিবে" এই অর্থে "বীরিবে" শব্দের ব্যবহার নাই। কিন্তু "বীরশূন্য করিবে" এই অর্থে কবিবর "নির্বীরিবে" শব্দের ব্যবহার করিয়াছেন। প্র—"নির্বীরিবে লঙ্কা আজি সৌমিত্রি কেশরী"—মেঘনাদ। সাধাঃ ইংরেজীতে যেমন de, dis, un প্রভৃতি উপসর্গ যোগে অভাবাত্মক, বিপরীতার্থ-প্রতিপাদক এবং অসত্তা-প্রমাপক পদ নিষ্পন্ন হয়, যথা—depopulated, disclose, unnerve ইত্যাদি, বাঙ্গালায় তেমনি —নি, নির্, অন্ প্রভৃতি যোগে সেই সকল পদ সিদ্ধ হয়, যথা—নিখুঁত, নিটোল, নির্জ্জীব ইত্যাদি। ষোড়শ ও সপ্তদশ শতাব্দীতে এই-রূপ বহুশব্দ ইংরেজী ভাষায় যদৃচ্ছা-সংগঠিত হইয়াছিল ; তন্মধ্যে dislike, distaste, dispraise প্রভৃতি কতকগুলির ব্যবহার এখনও বিলক্ষণ থাকিলেও অধিকাংশই অপ্রচলিত হইয়া গিয়াছে। বৈয়াকরণ ব্র্যাড্‌লি বলেন, health, charity ইত্যাদি হইতে dishealth, discharity প্রভৃতি বিশেষ্যপদ এবং god, love ও hero হইতে disgod, dislove ও dishero প্রভৃতি ক্রিয়াপদ ঊনবিংশ শতাব্দীর ইংরেজ লেখকের উদ্ভাবনী শক্তির ফল। মধুসূদন সম্ভবতঃ তাঁহার "নির্বীরিবে" শব্দ নিষ্পাদনের আদর্শ dishero বা disheroed শব্দ হইতে পাইয়াছিলেন। স্ত্রী, **নির্ব্বীরা**—অবীরা ; পতিপুত্রহীনা স্ত্রী।

নির্ব্বীর্য্য (নির্বিজ) [নির্ (নাই) বীর্য্য (তেজ) যাহার, বহু] বিণ, নিস্তেজ : বীর্য্য-হীন ; দুর্ব্বল।

নির্ব্বুদ্ধি, নির্বুদ্ধি [নির্ (নাই) বুদ্ধি (বোধ) যাহার, বহু] বিণ, যাহার বিশেষ জ্ঞান নাই : বুদ্ধিহীন : মূর্খ।

নির্ব্বৃতি, নির্বৃতি [নির্—বৃ+তি (ক্তি—ভাবে)] বি, স্ত্রী, মুক্তি। ২। সুখ। ৩। সন্তোষ। ৪। শান্তি। ৫। সিদ্ধি। ৬। অক্ষয়। ৭। অভয়। ৮। মৃত্যু। ৯। অস্ত গমন। ১০। বারাঙ্গনা। বিণ, **নির্ব্বৃত**।

নির্ব্বৃত্ত, নির্বৃত্ত [নির্—বৃত্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সম্পন্ন : সুসিদ্ধ। ২। [কর্ত্তৃ—ক্ত] বিণ, জাত : উৎপন্ন।

নির্ব্বৃত্তি, নির্বৃত্তি [নির্—বৃত্+তি (ভাবে)] বি, স্ত্রী, সমাপ্তি। ২। [নির্ (নাই) বৃত্তি (জীবিকা) যাহার, বহু] বিণ, বৃত্তিহীন : জীবিকাশূন্য।

নির্ব্বেদ, নির্বেদ (দ্) [নির্—বিদ্+অ (ভাবে—অল্)] বি, পুং, আত্মগ্লানি। ২। ঔদাসীন্য। ৩। বৈরাগ্য। ৪। অনুতাপ : পশ্চাত্তাপ। ৫। বিণ, বেদবহির্ভূত।

নির্ব্বেদন, নির্বেদন (ন্) [নির্ (নাই) বেদনা যাহার, বহু] বিণ, বেদনাবিহীন ; ব্যথাশূন্য। ২। ভোগ। ৩। বিবাহ। ৪। লাভ। ৫। মূর্চ্ছা।

নির্ব্বেষ্টন, নির্বেষ্টন (ন্) [নির্ (নাই) বেষ্টন যাহার, বহু] বিণ, বেষ্টনবিহীন : আবরণরহিত।

নির্ব্বোধ, নির্বোধ (ধ্) [নির্ (নাই) বোধ (জ্ঞান) যাহার, বহু] বিণ, বোধশূন্য : জ্ঞানহীন : অজ্ঞান : কর্ত্তব্যাকর্ত্তব্য বিচার-রহিত : মূর্খ।

নির্ব্যথন (ন্) [নির্—ব্যথন] বিণ, ব্যথাহীন : বেদনাশূন্য। ২। অত্যন্ত পীড়ন। ৩। দুঃখ।

নির্ব্যাজ (জ্) [নির্ (নাই) ব্যাজ (ছল) যাহার, বহু] বিণ, ব্যাজহীন : ছলরহিত : অকপট : অব্যাজ।

নির্ব্যূঢ় [নির্—বি—ঊঢ়—বহ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বিনিশ্চিত : প্রমাণ দ্বারা নির্ণীত। ২। সমাপ্ত। ৩। সম্যক্।

নির্ভয় (য়্) [নির্ (নাই) ভয় (ভীতি, আশঙ্কা) যাহার, বহু] বিণ, যে ভয় পায় না : যাহার শঙ্কা নাই : নির্ভীক : নিঃশঙ্ক : ভয়শূন্য : অভয়। প্র—"নির্ভয় হৃদয়ে কহ" —মেঘনাদ। ২। বি, পুং, শ্রেষ্ঠ অশ্ব। ক্রি-বিণ, **নির্ভয়ে**।

নির্ভর (র্) [নির্—ভৃ (ভরণে, পূরণে)+অ (কর্ম্মে—অল্)] বিণ, পরিপূর্ণ। ২। অধিক : অতিরিক্ত। ৩। বি, আশ্রয় : ভর : অবলম্বন। ৪। ["নির্ভরঃ নির্ভরে সারে"—মেদিনী] সারভাগ। **নির্ভর করা**—আস্থা স্থাপন করা : to depend. ২। ভার রাখা।

নির্ভর্ৎসন (—শন্) [নির্—ভর্ৎস্ (নিন্দা করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ভর্ৎসনা : তিরস্কার। ২। নিন্দা।

নির্ভাগ্য (নির্ভাগ্গ) [নির্ (নাই) ভাগ্য (অদৃষ্ট) যাহার, বহু] বিণ, দুর্ভাগ্য।

নির্ভিন্ন [নির্ (না) ভিন্ন (ভেদপ্রাপ্ত)] বিণ, অভিন্ন ; যুক্ত। ২। [নির্ (নিশ্চয়, সম্যক) ভিন্ন] পৃথক্‌কৃত : খণ্ডিত। ৩। প্রস্ফুটিত।

নির্ভীক (ক্) [নির (নাই) ভী (ভয়) যাহার, বহু সমাসে ক যোগ] বিণ, ভীতিহীন : ভয়শূন্য : শঙ্কারহিত। ২। সাহসী।

নির্ভুল (ল্) [নির্ (নাই) ভুল (দ্রঃ) যাহার বা যাহাতে, বহু] বিণ, ভ্রান্তিরহিত। ২ নির্দোষ : ত্রুটিহীন। ৩। বিশুদ্ধ।

নির্ভৃতি [নির্ (না) ভৃতি (কর্ম্মমূল্য) যাহার, বহু] বিণ, বিনা বেতন : বেগার।

নির্ভেদ (দ্) [নির্—ভেদ] বি, পুং, পৃথক্ করণ ; বিদারণ।

নির্ম্মক্ষিক (নির্মোক্‌খিক্) [নির্ (না) মক্ষিকা—অব্যয়ীভাব] বি, ক্লী, মক্ষিকার অভাব। ২। [নির্ (নাই) মক্ষিকা যেখানে, বহু] বিণ, মক্ষিকাশূন্য। ৩। [এমন স্থান যেখানে মনুষ্য কি মক্ষিকা পর্য্যন্ত নাই। লক্ষণায়] নির্জ্জন।

নির্ম্মঞ্ছন (নিরমোন্‌ছন্) [নির্—মন্‌ছ্ (আরতি করা) + অন (ট্—করণে)] বি, যাহা দ্বারা দেবারাধনা করা হয় : আরাত্রিক : নীরাজনা : আরতি : আরাত্রিক দীপমালা, সজলপদ্ম, ধৌতবস্ত্র, বিল্বদল, সাষ্টাঙ্গ প্রণাম এই পঞ্চ দ্বারা আরাধনা ; শান্তিকর্ম্মবিশেষ। ২। আরাধনার অর্ঘ্যোপহার। ৩। সেবা। ৪। মুঞ্চন : মোচন।

নির্ম্মঞ্ছান (নো) [নির্ম্মঞ্ছন দ্রঃ। ব্রজ, কোমলরূপ—নিরমঞ্ছন। উ-পু—নির্ম্মঞ্ছাই ; নির্ম্মঞ্ছব। ম-পু—নিরমঞ্ছ : নিরমঞ্ছাও। প্র-পু—নির্ম্মঞ্ছায় : নিরমঞ্ছত ; নিরমঞ্ছল] ক্রি, নির্ম্মঞ্ছন করা। প্র—"বরু হাম জীবন তোহে নিরমঞ্ছব তবহু না সোঁপব অঙ্গ।"—গোবিন্দ-দাস। "কুণ্ডল পিঞ্ছে চরণ নিরমঞ্ছল অব কিয়ে সাধসি মান।"—পদাবলী।

নির্ম্মৎসর (—শর্) [নির্ (নাই) মৎসর (গর্ব্ব) যাহার, বহু] বিণ, যাহার মৎসরতা নাই ; গর্ব্বরহিত : মাৎসর্য্যশূন্য : নিরহঙ্কার।

নির্ম্মদ (দ্) [নির্ (নাই)—মদ (মদজল, মত্ততা) যাহার,—বহু] বি, মদজলক্ষরণ-রহিত হস্তী। ২। বিণ, মত্ততাশূন্য।

নির্ম্মনুষ্য (নির্মোনুশ্‌শ) [নির্ (নাই) মনুষ্য (মানুষ) যেখানে, বহু] বিণ, মনুষ্যের বাসহীন : মানুষের সমাগমহীন। ২। যেস্থানের নরনারী মরিয়া গিয়াছে। প্র—ম্যালেরিয়ায় গ্রামটি প্রায় নির্ম্মনুষ্য হইয়া গিয়াছে। ৩। [প্রাদে] যে মানুষের মধ্যেই নয়। (২) অকর্ম্মণ্য।

নির্ম্মন্থ (নির্মোন্‌থ) [নির্ (নিশ্চয়) মন্থ্ (মন্থন করা) + অ (ভাবে - অল্)] বি, পুং, নির্ম্মন্থন।

নির্ম্মন্থন (নির্মোন্‌থন্) [নির—মন্থ্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সম্যক্ প্রকারে মন্থন। ২। নিষ্পীড়ন : নিষ্পেষণ।

নির্ম্মন্থ্য (নির্মোন্‌থ) [নির্—মন্থ্ + য (কর্ম্মে – ক্যপ্)] বি, ক্লী, অগ্নি উৎপাদনার্থ মথ্যমাণ মন্থনকাষ্ঠ।

নির্ম্মম (নির্মোমো) [নির্ (নাই) মম (আমার এই বুদ্ধি—মমতা) যাহার, বহু] বিণ, মমতা-শূন্য : আমার বলিয়া জ্ঞানশূন্য। ২। নিষ্ঠুর : হৃদয়হীন : নির্দ্দয়।

নির্ম্মল (ল) [নির্ (নাই) মল (ময়লা) যাহাতে, বহু] বিণ, স্বচ্ছ ; মলিনতা-শূন্য ; অনাবিল। প্র—নির্ম্মল জল। ২। শুভ্র। প্র—নির্ম্মল কান্তি। ৩। পরিষ্কৃত। প্র—নির্ম্মল আকাশ। ৪। অকপট ; সরল। প্র—নির্ম্মল অন্তঃকরণ। ৫। অকলঙ্ক ; নির্দ্দোষ। প্র—নির্ম্মল চরিত্র। ৬। পবিত্র ; পূত। প্র—নির্ম্মল হৃদয়। ৭। অভ্রক। ৮। নির্ম্মাল্য।

নির্ম্মলা [সং] বি, কতক বৃক্ষ ও তাহার ফল। ইহার বীজ দ্বারা জল নির্ম্মল করা হয় বলিয়া এই নাম ; the cleaning nut.

নির্ম্মলী (নির্মোলি) [সং—নির্ম্মলা] বি, জল পরিষ্কারক ফল ; নির্ম্মলা দ্রঃ : কতক ফল। ২। কতক বৃক্ষ : strychnos potalorum.

নির্ম্মাংস (শ) [নির্ (নাই) মাংস যাহার, বহু] বিণ, মাংস বিহীন।

নির্ম্মাণ (ন্) [নির্—মা (পরিমাপে) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, গঠন : প্রস্তুত করণ। ২। রচনা। ৩। গ্রন্থন।

নির্ম্মাতা [নির্—মা + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = নির্ম্মাতৃ ১মা, ১ব] বিণ, গঠনকারী : নির্ম্মাণ-কারক ; যে প্রস্তুত করে। ২। রচয়িতা। ৩। স্রষ্টা।

নির্ম্মাল্য (নির্মাললো) [নির্—মাল্য] যে মাল্য দেবতাকে নিবেদন করিয়া দেওয়া হইয়াছে : নিবেদিত পুষ্পমাল্য বা পুষ্পাদি। .. উপভুক্ত ফুলের ভূষণ। ৩। দেবতার প্রসাদ। ৪। [নির্—মল্ + য (স্বার্থে—ষ্যঞ্)] বিণ, নির্ম্মল। স্ত্রী, **নির্ম্মাল্যা**—নির্ম্মলী নামক জল পরিষ্কারক ফলবিশেষ।

নির্ম্মিত [নির্—মা + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, গঠিত : রচিত।

নির্ম্মিতি [নির্-মা + তি (কর্ম্মে—ক্তি)] বি, নির্ম্মাণ : রচনা। প্র—"জিজ্ঞাসিলা শূল-পাণি, কহ জয়া সত্য বাণী, শালভঞ্জী কাহার নির্ম্মিতি।"—কবিক'

নির্ম্মিৎসা (শা) [নির্—মা + স (ন) ইচ্ছার্থে = নির্ম্মিৎস + অ (ভাবে—অঙ্) আপ্ —স্ত্রী] বি, স্ত্রী, নির্ম্মাণেচ্ছা।

নির্ম্মুক্ত [নির্—মুচ্ + ত (কর্ম্মে—ক্ত)] বি, পুং, যে সর্পনির্ম্মোক ত্যাগ করিয়াছে : খোলস-ছাড়া সাপ। ২। নিঃশেষে মুক্ত : বিমুক্ত। ৩। পৃথগ্‌ভূত : বিযুক্ত। ৪। নিঃসঙ্গ : সঙ্গবর্জ্জিত। ৫। বন্ধনমুক্ত : ৬। বহির্গত। ৭। মুক্তিপ্রাপ্ত।

নির্ম্মুট (ট্) [নির্—মুট্ + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে —অল্)] বি, পুং, যে সকল বৃক্ষে ফুল না হইয়া ফল হয় ; বনস্পতি। ২। যে হাটের খাজনা নাই ; নিষ্কর হাট।

নির্ম্মূল (ল্) [নির্ (নাই) মূল যাহার, বহু] বিণ, যাহার মূল ছিন্ন হইয়াছে ; ছিন্নমূল ; মূল হইতে উৎপাটিত। ২। যাহা একেবারে বিনষ্ট হইয়াছে ; বিলুপ্ত ; সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত : উচ্ছেদপ্রাপ্ত। প্র—"সমূলে নির্ম্মূল এর শরে"—মেঘনাদ। ৪। অমূলক ; ভিত্তিহীন।

নির্ম্মূলন (ন) [নির্—মূল + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উন্মূলন ; মূল সহ উৎপাটন। ২। বিনাশ।

নির্ম্মোক (ক্) [নির্—মুচ্ (ত্যাগ করা) + অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, সাপের খোলস। ২। তনুত্রাণ ; সাঁজোয়া। ৩। আকাশ। ৪। [ভাবে—ঘঞ্] মুক্তি।

নির্ম্মোচ্য (নিরমোচ্‌চ) [নির্—মুচ্ (মোচন করা) + য (কর্ম্মে—য)] বিণ, মোচন-যোগ্য।

নির্ম্মোহ [নির্ (নাই) মোহ যাহার, বহু] বিণ, মোহবর্জ্জিত।

নির্যাণ (নির্জান্) [নির্—যা + অন (অনট্)] বি, ক্লী, পশুপৃষ্ঠের আসন : পালান। ২। [করণে—অনট্] পশুর পদবন্ধনরজ্জু। ৩। [ভাবে—অন] নিঃসরণ ; নির্গমন। ৪। প্রাণ-বায়ুর দেহ-পরিত্যাগ। ৫। মুক্তি : মোক্ষ। ৬। হাতীর চখের কোণ।

নির্যাত (নির্জাত) [নির্—যা (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, নির্গত।

নির্যাতক (নির্জাতক্) [নিযাত + ক] বিণ, যে অনিষ্ট করে ; যে শক্রুতার প্রতিশোধ গ্রহণ করে। ২। নির্যাতনকারী ; উৎপীড়ন-কারী : যন্ত্রণাদায়ক।

নির্যাতন (ন) [নির্—যাতি (যাতনা করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রতি-হিংসা : শক্রুতার প্রতিশোধ ২। নিগ্রহ। ৩। প্রহার। ৪। বধ : হনন।

নির্যাস (নির্জাশ্) [নির্—যস্ + অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, রস। ২। ক্বাথ ; আঠা। ৩। সার : নিগূঢ়। ৪। নিশ্চয়। প্র—"ক্ষুধামুখে মহৌষধ আছয়ে নির্য্যাস।"—কৃত্তিবাস।

নির্লক্ষণ (নির্লোক্‌খন্) [নির্ (নাই) লক্ষণ (শুভ চিহ্ন) যাহার, বহু] বিণ, শুভ-লক্ষণ-শূন্য : শুভচিহ্ন-রহিত : অলক্ষণ।

নির্লজ্জ (নির্লোজ্‌জ) [গ্রা—নিলজ্জ : নিলজ্জ : নিলজ্জি ; নিলাজ। নির্ (নাই) লজ্জা যাহার, বহু] বিণ, লজ্জাহীন ; বেহায়া।

নির্লিপ্ত [নির্ (নাই) লিপ্ (লেপন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যে কোন বিষয়ে লিপ্ত নয় ; সম্বন্ধ-বিহীন ; সংস্রব-শূন্য। ২। নির্লেপ ; প্রলেপ-হীন। ৩। মুক্ত ; স্বাধীন।

নিলে´খন (ন্) [নির্—লিখন] বি, ক্লী, আঁচড়ান; চাঁচিয়া পরিষ্কারকরণ। প্র—জিহ্বা নির্লেখন। ২। [করণে—অনট্] আঁচড়াইবার যন্ত্র; জিভছোলা।

নির্লেপ (প্) [নির্ (নাই—লেপ্ যাহার—বহু] বিণ, লেপহীন; লেপন-শূন্য। ২। নির্লিপ্ত। ৩। নিঃসম্পর্ক। ৪। স্বতন্ত্র।

নির্লোম (ম্) [নির্ (নাই) লোম যাহার, বহু] বিণ, লোম-শূন্য।

নির্হরণ (ন্) [নির্ (নিঃশেষ) হরণ] বি, ক্লী, নিঃশেষে হরণ। ২। নিষ্কাসন। ৩। সৎকারার্থ শব বহন; গৃহ হইতে শব বাহিরে আনয়ন। ৪। শব দাহ।

নির্হার (র্) [নির্—হৃ (হরণ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, বহিষ্করণ। ২। শল্যাদির উৎপাটন। ৩। শবাদি বহিষ্করণ। ৪। শবদাহ। ৫। অগ্নিদাহ। ৬। মল মূত্রাদি ত্যাগ। ৭। যথেষ্ট বিনিয়োগ।

নির্হারক (ক্) [নির্—হৃ + অক (কর্তৃ)] বিণ, যে ব্যক্তি শব গৃহ হইতে বাহিরে লইয়া যায়: নির্হরণকারক।

নির্হারী [নির্হার + ইন্] বিণ, নির্হরণকারী। বি, দূরগামী গন্ধ

নির্হ্রাস (শ্) বি, পুং, অতিশয় হ্রাস।

নিল [নেওয়া দ্রঃ] ক্রি, লইয়া গেল। প্র—"পাখালিতে নিল সরোবরে।"—কবিকঙ্কণ। ২। গ্রহণ করিল: লইল। প্র—"যার মন তার কাছে লোকে বলে নিলে নিলে। দেখা হলে জিজ্ঞাসিব, সে নিলে কি আমায় দিলে॥" "হোরে নিল বিধি কি দোষে।"—বাং-গান।

নিলয় (য়্) [নি (মধ্যে) লী (লীন হওয়া) + অ (অধি—অল্] বি, পুং, গৃহ। ২। বাসস্থান; আবাস। ৩। নিঃশেষে লয়: বিলয়। ৪। আধার; আগার; আশ্রয়। প্র—গুণের নিলয়।

নিলয়ন (ন্) [নি—লী + অন্ (অধি—অনট্)] বি, ক্লী, বাসস্থান। ২। [ভাবে—অনট্] লয়প্রাপ্তি; লীন হওয়ার অবস্থা।

নিলাজ (জ্) [নির্লজ্জ শব্দজ] বিণ, লজ্জাহীন; নির্লজ্জ; বেহায়া। প্র—"কে থাকে অমন চেয়ে নিলাজ কামুক"—প্রেম ও ফুল। "নিলাজ পরাণে না বান্ধে থির"—চণ্ডীদাস।

নিলাম, নীলাম (ম্) [হি—নীলাম। পর্ত্ত—leilour] বি, দেনার দায়ে প্রকাশ্যে বিক্রয়: বিণ, **নিলামী**—যাহা নিলাম করা হইবে। ২। নিলামে ক্রীত। **নিলাম খরিদ**—নিলামে ক্রেতাদিগের মধ্যে সর্বাপেক্ষা অধিক মূল্য দিয়া ক্রয়। **নিলামদার**—যে নিলাম করে; an auctioneer. **নিলাম ডাকা**—নিলামে যাহা উঠিয়াছে তাহা খরিদার্থ প্রতিযোগিতায় উত্তরোত্তর দর বাড়ান।

নিলীন (ন্) [নি—লী (লীন হওয়া) + ত (কর্তৃ—ক্ত)] বিণ, বিলীন; সংলগ্ন; মিলিত। ২। নিমগ্ন। ৩। অবস্থিত।

নিশপিশ, নিশ্‌পিশ্ [ইশপিশ, উষিপিষি দ্রঃ] অ, অস্থিরতা প্রকাশক: চাঞ্চল্য জ্ঞাপক; কণ্ডূয়নের ভাব প্রকাশক। **নিশ্‌পিশ্ করা**—চুলকান; চঞ্চল হওয়া; অস্থির হওয়া। প্র—"হাত করে নিশ্‌পিশ্, মাঝে রেখে পোষ্টাপিশ, ছাড় শুধু দশ বিশ শব্দ ভেদী ফাঁকি।"—রবীন্দ্রনাথ।

নিশা [নি—শো + অ (কর্তৃ—ক) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, রজনী; রাত্রি। প্র—"সূর্য্য অস্ত গেল হৈল ভয়প্রদা নিশা"—শিবায়ন। ২। [জ্যোতিষে] মেষাদি রাশি। ৩। [বৈদ্যকে] হরিদ্রা। ৪। [ভাবে—অল্] শেষ; অবসান [বিরল]।

নিশাকর (র্) [নিশা (রাত্রিতে) কর (কিরণ) যাহার, বহু] বি, পুং, রজনীকর: চন্দ্র।

নিশাচর (র্) [নিশা (রাত্রিতে চর (যে বিচরণ করে) ৭তৎ] বি, পুং, রাক্ষস। ২। পিশাচ। ৩। চোর। ৪। পেচক। শ্বাপদ। ৬। বিণ, রাত্রিচর। স্ত্রী, **নিশাচরী**—রাক্ষসী। ২। পিশাচী। ৩। রাত্রিতে বিচরণকারিণী; অভিসারিকা।

নিশাজল (ল্) [নিশা (রাত্রিতে) পতিত হয় যে জল—কর্ম্মধা] বি, ক্লী, হিম: শিশির। ২। রাত্রিতে মুক্তস্থানে মুক্ত আধারে রক্ষিত পানীয় জল। নিশিজল দ্রঃ।

নিশাট (ট্) [নিশা (রাত্রিতে) অট (যে গমনাগমন করে)] বি, পুং, রাত্রিচর; নিশাচর।

নিশাত [নি—শো (তীক্ষ্ণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, তীক্ষ্ণীকৃত: শাণিত।

নিশাত্যয় (নিশাৎযয়্) [নিশার (রাত্রির) অত্যয় (অবসান) ৬তৎ] বি, ক্লী, রাত্রির অবসান: প্রভাত।

নিশাদ (দ্) [নি—শদ্ (পতিত হওয়া) অ (কর্তৃ—ঘঞ্)] বি, পুং, চণ্ডাল নিষাদ। ২। [নিশা (রাত্রিতে) অদ (যে ভোজন করে)] বিণ, নিশাভোজী। **নিশাদী**—চণ্ডালী।

নিশান (ন্) [নি—শো (তীক্ষ্ণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, তীক্ষ্ণীকরণ। ২। [ফা—নিশান্ (চিহ্ন)] ধ্বজা; পতাকা। প্র—"হাল পিছে একতক্কা কারে না করিহ শঙ্কা পটায় নিশান ধর মোর।"—কবিকঙ্কণ। ৩। চিহ্ন; নিদর্শন; নিশানা। প্র—"রাখিনে নিশান কালু দিল চূণ কোঁটা"—ঘনরাম। ৪। [সং—নিস্বান (ধ্বনি) অপভ্রংশে—নিসান, বাং উচ্চারণ হেতু নিশান] বি, ধ্বনি: রব। প্র—"ঘরে সই শুনি যবে বাঁশির নিশান। গৃহ কাজ ভুলি প্রাণ করে আনচান।"—চণ্ডীদাস।

নিশানদিহি (ন্) [ফা] বি, চিহ্নিত করণ; নির্দেশ করণ; চিনাইয়া দেওন; identifica-tio

নিশানা [ফা—নিশানা] বি, দাগ; অঙ্ক: চিহ্ন। প্র—"বিধি দিলে যদি বিরহ যাতনা। * * * হইয়ে বহিয়ে গেছে প্রেম ফুরাইয়েছে রহিল কেবল প্রেমেরি নিশানা।"—বাং-গান।

নিশানি [ফা—নিশানী] বি, চিহ্ন; পরিচয়: অভিজ্ঞান। প্র—"রামকলার গাছ পুঁতে নিশানি থুইল।"—কবিকঙ্কণ।

নিশান্ত [নিশার অন্ত (শেষ)—৬তৎ] বি, পুং, রাত্রিবিশেষ।

নিশাপতি (পো) [নিশার পতি—৬তৎ] বি, পুং, রজনীনাথ: চন্দ্র। ২। কপূর। ৩। কোটাল: কোতোয়াল। প্র—"থানে কোতোয়াল ভাঙ্গে করবাল দুঃখভাবে নিশাপতি।"—কবিকঙ্কণ।

নিশাপুষ্প [নিশা (রাত্রিতে) পুষ্প (বিকসিত হওয়া) + অ (কর্তৃ—অচ্)] বি, ক্লী, কুমুদ। ২। রজনীগন্ধা ফুল।

নিশামণি (মোনি) [নিশার মণি (রত্ন)—৬তৎ] বি, পুং, চন্দ্র। ২। কপুর।

নিশামুখ (খ্) [নিশার মুখ (প্রথম)—৬তৎ] বি, ক্লী, প্রদোষ; সন্ধ্যাকাল।

নিশারণ (ন্) [নি—শৃ + ণিচ্ = শারি (বধ করান) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বধ; মারণ [প্র-অ]।

নিশারণ (ন্) [নিশাতে রণ (যুদ্ধ) ৭তৎ] বি, রাত্রিযুদ্ধ।

নিশারত্ন [নিশার রত্ন (মণি)—৬তৎ] বি, ক্লী, চন্দ্র। ২। কর্পূর।

নিশাবিহার (র্) [নিশাতে বিহার (বিচরণ) যাহার, বহু] বি, পুং, রাক্ষস। ২। রজনীতে বিচরণ; রাত্রিভ্রমণ।

নিশাস (শ্) [নিশ্বাস শব্দের পদ্যে কোমল-রূপ। দ্রঃ] বি, নিঃশ্বাস। প্র—"কি কহব রে সখি ইহ দুখ ওর। বাঁশী নিশাস সরলে তথু ভোর।"—বিদ্যাপতি।

নিশি [সং—নিশা অপভ্রংশে, তুল—দিবস হইতে দিশি—"নিশিদিশি"] বি, রাত্রি; নিশা: রজনী। প্র—"পাতায় পাতায় পড়ে নিশির শিশির"—মদনমোহন তর্কালঙ্কার। ২। ক্রি-বিণ, রাত্রিতে। প্র—"আজি দেখিলাম নিশি ভীষণ স্বপন।"—কবিকঙ্কণ। ৩। বিণ, নৈশ। প্র—"নিশি বিদ্যালয়; night school. **নিশি-দিশি**—[নিশা হইতে নিশি। দিবস হইতে

দিসি—দিশি] বি. দিবারাত্র ; নিশিদিন। প্র—"নিশিদিশি অবিরত জাগিতে"—জ্ঞানদাস। **নিশিদিন**—রাত্রিদিন ; দিবানিশি। প্র—"নিশিদিন ধরে একি ছেলে খেলা"—রবি। **দিবানিশি**—নিশিদিন দ্রঃ।

নিশিজল (ল্) [নিশিতে পতিত যে জল] বি. হিম ; শিশির ; নিশাজল। ২। প্রাতে শৌচাদির পর নাসিকা রন্ধ্র দ্বারা যে জল পান করা হয় ; নাসাপান। ৩। রাত্রিতে মুক্ত স্থানে উন্মুক্ত আধারে রক্ষিত পানীয় জল।

নিশিত [নি—শো (তীক্ষ্ণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. শাণিত ; তীক্ষ্ণীকৃত। প্র—"জয় জয় হর রঙ্গিয়া। করবিলসিত নিশিত পরশু অভয় বর কুরঙ্গিয়া॥"—অন্নদামঙ্গল।

নিশিপালক (ক্) বি. স্ত্রী. পঞ্চদশাক্ষর ছন্দোবিশেষ। ২। পুং. রাত্রিতে যাহারা চৌরাদি হইতে ধনরক্ষা করে ; নগররক্ষক ; প্রহরীবিশেষ ; যাহারা রাত্রিতে পাহারা দেয়।

নিশিপুষ্পা—বি. স্ত্রী. শেফালিকা।

নিশীথ (থ্) [সং] বি. পুং. অর্দ্ধরাত্র। ২। রাত্রি।

নিশীথিনী [নিশীথ + ইন = নিশীথিন্—ঈপ্, স্ত্রী] বি. স্ত্রী. রজনী ; রাত্রি। ২। [নিশীথ অর্থে] অর্দ্ধরাত্রি ; গভীর রাত্রি ; midnight. ৩। বিণ. স্ত্রী. নিশীথযুক্তা ; গভীর, নিস্তব্ধ ও প্রসুপ্ত। প্র—"রজনী নিশিথিনী, তৃতীয় যাম।"—ভারতী. ১৩১৯।

নিশীশ্বর (নিশীশ্‌শর্) [নিশীর ঈশ্বর] বি. পুং. নগরপাল ; কোটাল। প্র—"নিশাকালে নিশীশ্বর দেখেন নগর। পুরের নির্ম্মাণ দেখি চিন্তিত অন্তর॥"—কবিকঙ্কণ।

নিশুতি [সং—নিসুপ্ত অপভ্রংশে—নিসুত—নিশুতি] বিণ. নিদ্রিত। প্র—"রাত ঝাঁ ঝাঁ কচ্ছে, গ্রামের লোক নিশুতি"—জামাই-বারিক।

নিশুম্ভ [সং] বি. পুং. শুম্ভ দৈত্যের কনিষ্ঠ ভ্রাতা। **নিশুম্ভমর্দ্দিনী**—ভগবতী ; দুর্গা।

নিশোয়াস (শ) [সং—নিঃশ্বাস শব্দের কোমলরূপ। ব্রজ] বি. নিঃশ্বাস। প্র—"সমুখে না যায় সঘনে নিশোয়াস। হাস কিরণ ভেল দশন বিকাশ।"—বিদ্যাপতি।

নিশ্চয় (য়) [নির্—চি (একত্র করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. নিঃসন্দেহ জ্ঞান ; অসংশয়। ২। নির্ণয় ; নির্দ্ধারণ। ৩। সিদ্ধান্ত ; মীমাংসা। ৪। বিণ. সংশয়রহিত ; নিঃসন্দেহ। ৫। স্থির। প্র—নিশ্চয় বাক্য।

নিশ্চয়িতে [নিশ্চয় (দ্রঃ) + ইতে (ক্রি. বিভক্তি)] অস-ক্রি. নিশ্চয় করিতে ; নির্ণয় করিতে। প্র—"চন্দ্রের আলোক অতি অপূর্ব্ব দেখিতে দিবানিশি একে কেহ নারে নিশ্চয়িতে।"—চৈতন্যভাগবত।

নিশ্চল (ল্) [নির্ (না) চল (যে চলে)] বিণ. যে চলেনা ; অচল। ২। স্থির। স্ত্রী. **নিশ্চলা**—পৃথিবী। ২। বিণ. স্থিরা।

নিশ্চল (ল্) [নির্ (না) চল—অচল অর্থাৎ অটল—স্থির—ধ্রুব। মতান্তরে—নিশ্চয় শব্দের ধ্বনি সাদৃশ্য এবং অন্ত্যানুপ্রাস হেতু] বিণ. স্থির ; নিশ্চয়। প্র—"চণ্ডালভাণ্ডেতে যদি থাকে গঙ্গাজল। তথাপি পবিত্র বড় জানিয় নিশ্চল।॥" —দুর্গামঙ্গল (রূপ নারায়ণ)।

নিশ্চলাঙ্গ [নিশ্চল (স্পন্দনহীন) হইয়াছে অঙ্গ (অবয়ব) যাহার, বহু] বিণ. যাহার অঙ্গ নিশ্চল হইয়াছে ; নিস্পন্দ। ২। [মৎস্য ধরিবার জন্য নিশ্চলভাবে থাকে বলিয়া] বি. বকপাখী।

নিশ্চায়ক (ক্) [নির্—চি + অক (কর্তৃ)] বিণ. নির্ণায়ক ; নির্দ্ধারক। ২। নিশ্চয়-কারক।

নিশ্চিত [নির্—চি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. নিঃসন্দিগ্ধ ; নির্ণীত। ২। [কর্তৃ—ক্ত] নিশ্চয় বান। ৩। ক্রি-বিণ. নিশ্চয়রূপে।

নিশ্চিন্ত [গ্রা-নিশ্চিন্দি, নিচিন্দি। নির্ (নাই) চিন্তা যাহার, বহু] বিণ. চিন্তারহিত ; ভাবনা-হীন ; নির্ভাবনা। ২। শান্ত।

নিশ্চেষ্ট [নির্ (নাই) চেষ্টা (যত্ন) যাহার, বহু] বিণ. চেষ্টারহিত। ২। গতি শক্তি রহিত। ৩। অবসন্ন। ৪। অলস।

নিশ্চেষ্টতা—বি. জড়ের স্থিতিপ্রবণতা ; যে ধর্ম্ম হেতু জড়পদার্থ স্বয়ং চলিতে পারে না ও চালাইলে স্বয়ং স্থির হইতে পারে না ; inertia.

নিশ্চিন্দি [নিশ্চিন্ত (দ্রঃ) শব্দের গ্রা-রূপ ভেদে "নিচিন্দি"] বিণ. নিশ্চিন্ত।

নিশ্বাস (নিশ্‌শাশ্) [নির্—শ্বস্ + অন—অ (ভাবে—ঘঞ্)] বি. নাসাগত বায়ু। প্র—"আশ্রমে নিশ্বাস ছাড়ি চলিলেন ব্যাস"—অন্নদামঙ্গল।

নিশ্বসিত (নিশ্‌শোশিত) [নি—শ্বস্ + ত (কর্তৃ—ক্ত)] বিণ. যে নিশ্বাস ফেলিয়াছে।

নিষঙ্গ [নি—সন্জ্ (আসক্ত হওয়া) + অ (অধি—ঘঞ্)] বি. পুং. তূণীর ; বাণাধার। প্র—"নিষঙ্গের সঙ্গে পৃষ্ঠে দুলিছে ফলক।"—মেঘনাদ। ২। [ভাবে—ঘঞ্] সঙ্গ ; সংসর্গ।

নিষঙ্গী (নিষোংগি) [নিষঙ্গ + ইন্ (অস্ত্যর্থে) = নিষঙ্গিন্ ১মা, ১ব] বিণ. তূণীরধারী।

নিষঙ্গীন (ন্) [নিষঙ্গ + ঈন (অস্ত্যর্থে)] বিণ. ধনুর্দ্ধারী।

নিষণ্ণ (ন্ন) [নি—সদ্ (অবস্থান করা) + ত (কর্তৃ—ক্ত)] বিণ. উপবিষ্ট। ২। শঙ্কিত। স্ত্রী. **নিষণ্ণা**—উপবিষ্টা।

নিষদ (দ্) [নি—ষদ্ + অ (অধি—অল্)] বি. পুং. নিষাদস্বর ; নিখাদ।

নিষধ (ধ্) [নি—সদ্ + অ (অধি—অল্) দ্ = ধ] বি. পুং. দেশবিশেষ ; সৌবীর রাজ্যের উত্তরস্থ দেশবিশেষ। ২। [কর্তৃ—অল্] ইলাবৃত ও হরিবর্ষের সীমাস্থিত পর্ব্বতবিশেষ। ৩। সূর্য্যবংশীয় রাজা অতিথির পুত্র। ৪। নিষধদেশীয় লোক। ৫। নিষাদস্বর ; নিখাদ।

নিষাদ (দ্) [নি—সদ্ + অ (সংজ্ঞার্থে—ঘঞ্)] বি. পুং. চণ্ডাল। ২। জালিক ; ধীবর ; মৎস্যজীবী। ৩। কিরাত ; ব্যাধ। প্র—"যবে খরতর শরে গহন কাননে ক্রৌঞ্চবধূ সহ ক্রৌঞ্চে নিষাদ বিঁধিল।"—মেঘনাদ। ৪। সঙ্গীতে সপ্ত স্বরের সপ্তমস্বর। হস্তীর বৃংহিত হইতে নিখাদ। স্ত্রী. **নিষাদী**—চণ্ডালী। ২। কিরাতী।

নিষাদী [নি—সদ্ + ইন্ (কর্তৃ—ণিন্) = নিষাদিন্—১মা, ১ব] বি. পুং. হস্তিচালক ; মাহুত। ২। হস্ত্যারোহী ; হাতী সওয়ার।

নিষিক্ত [নি—সিচ্ (জল সেচন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সিক্ত ; সিঞ্চিত। ২। যাহা চুয়াইয়া পড়ে ; ক্ষরিত ; নিঃসৃত।

নিষিদ্ধ [নি—সিধ্ (বারণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. নিবারিত। ২। বাধিত। ৩। পরিহার্য্য।

নিষুপ্ত [নি—স্বপ্ (নিদ্রিত হওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. নিদ্রিত।

নিষূদন, নিসূদন (ন্) [নি—সূদ্ (বধ-করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. বধ ; বিনাশ ; হত্যা। ২। প্রতিষেধ ; নিবারণ। ৩। বিণ. বিনাশক ; ঘাতক। ৪। নিবারক।

নিষেক (ক্) [নি—সিচ্ (জল সেক করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. সেচন ; সিঞ্চন। ২। বর্ষণ। ৩। ক্ষরণ ; নিঃস্রাব। ৪। গর্ভাধান।

নিষেধ (ধ্) [নি—সিধ্ (নিবারণ করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. নিবারণ ; প্রতিষেধ। ২। তিরস্কার [অপ্র]। ৩। বাধা। ৪। বিপরীত আদেশ। ৫। [করণে —অল্] অনিষ্টসাধনতাবোধক বেদাদি বাক্য-বিশেষ।

নিষেধক (ক্) [নি—সিধ + অক (কর্তৃ)] বিণ. যে নিষেধ করে ; নিবারক ; প্রতিষেধ-কর্তা।

নিষেবণ (ন্) [নি—সেব্ (সেবা করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সেবা ; পরিচর্য্যা ; শুশ্রূষা। ২। আরাধন। বিণ, নিষেবিত।

নিষেবিত [নি—সেব্ (সেবা করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সেবিত। ২। আরাধিত ; উপাসিত।

নিষ্ক [সং] বি, পুং, ক্লী, সুবর্ণ। ২। সুবর্ণ অলঙ্কার [প্র-অ]। ৩। সুবর্ণ পরিমাণ ; চারি মাষা। ৪। ১০৮ মাষা সুবর্ণ পরিমাণ। ৫। সুবর্ণমুদ্রা ; মোহর। প্র—"মহাত্মা রন্তিদেব অতি বিস্তীর্ণ সভামধ্যে ব্রাহ্মণগণকে নিষ্ক প্রদান করিতেন। সভামধ্যে তোমাকে শত নিষ্ক প্রদান করা যাইতেছে গ্রহণ কর। এই কথা বলিলে * * *"—মহা-শান্তি (বর্দ্ধ)। ৬। দীনার মুদ্রা ; ৩২ রতি পরিমাণ মুদ্রা।

নিষ্কণ্টক (ক্) [নির্ (নাই) কণ্টক যাহাতে, বহু] বিণ, কণ্টকবিহীন ; কণ্টক-রহিত। ২। বিঘ্নরহিত। ৩। শত্রুশূন্য। ৪। নিরাপদ।

নিষ্কম্প [নির্ (নাই) কম্প যাহার, বহু] বি, ক্লী, কম্পহীন ; অকম্পিত। ২। স্থির ; নিশ্চল।

নিষ্কর (র্) [নির্ (নাই) কর (রাজস্ব) যাহার, বহু] বি, যে জমীর কর নাই ; রাজস্ব-হীন ; লাখরাজ।

নিষ্করুণ (নিশ্‌কোরুন্) [নির্ (নাই) করুণ (দয়া) যাহার, বহু] বিণ, নিষ্ঠুর ; নির্দ্দয় ; অকরুণ। প্র—"কৃষ্ণ কৃষ্ণ করি আমি ডেকে মরি কৃষ্ণ অতি নিষ্করুণ।"—বাং-গান।

নিষ্কর্ম্মা [নির্ (নাই) কর্ম্মন্ (কার্য্য) যাহার, বহু] বিণ, কর্ম্মবিহীন। ২। অলস।

নিষ্কর্ষ [নির্—কৃষ্ (কর্ষণ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, সার। ২। বহি-ষ্করণ ; নিঃসারণ। ৩। নিশ্চয়।

নিষ্কর্ষণ (ন্) [নির্—কৃষ্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নিষ্কাসন ; নিঙ্গড়ন। ২। বহিষ্করণ ; নিঃসারণ। ৩। সার উদ্ধারণ। ৪। উদ্ধারণ। ৫। অপনোদন ; অপনয়ন।

নিষ্কল (ল্) [নির্ (নাই) কলা (অংশ) যাহার, বহু] বিণ, নিরংশ। ২। বন্ধ্য। ৩। বৃদ্ধ। স্ত্রী, **নিষ্কলা, নিষ্কলী**—নিবৃত্তরজস্কা স্ত্রী। ক্লী, পরব্রহ্ম। প্র—"জয় মহিমোজ্জ্বল নিষ্কল নির্ম্মল সকল সুমঙ্গল কল্পতরো।"—বাং-গান।

নিষ্কাম (ম্) [নির্ (নাই) কাম (বাসনা) যাহার, বহু] বিণ, বাসনাবিহীন ; কামনারহিত ; নিস্পৃহ ; বিষয়ভোগেচ্ছাশূন্য।

নিষ্কাশ (শ্) [নির্—কশ্ (গমন করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, নিষ্কাশন। ২। বি, বহির্দ্বারস্থ মণ্ডপ। ৩। বারাণ্ডা।

নিষ্কাশন, নিষ্কাসন (শন্) [নির্—কশ —কস্ + ণিচ্ = কাশি, কাসি (গমন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নিঃসারণ। ২। বহিষ্করণ।

নিষ্কাশিত, নিষ্কাসিত [নির্—কশ্, কস্ + ণিচ্ = কাশি—কাসি (গমন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বহিষ্কৃত ; দূরীকৃত ; বিতাড়িত। ২। নির্বাসিত। ৩। নিঃসারিত।

নিষ্কুট (ট্) [সং] বি, অবরোধ ; অন্তঃপুর। ২। কপাট। ৩। আবাস-সংলগ্ন উদ্যান।

নিষ্কুল (ল্) [নির্ (নাই) কুল (সপিণ্ডাদি) যাহার, বহু] বিণ, কুলরহিত ; সপিণ্ডবিহীন ; নির্বংশ। ২। [কুল = অঙ্গ, প্রত্যঙ্গ] নিরবয়ব।

নিষ্কৃতি [নির্—কৃ (করা) + তি (করণে, ক্তি)] বি, স্ত্রী, মুক্তি ; অব্যাহতি ; পরিত্রাণের উপায় ; নিস্তার। প্র—"দক্ষরাজ পায় লাজ আর নাহি নিষ্কৃতি।"—অন্নদামঙ্গল।

নিষ্কৃষ্ট [নির্—কৃষ্ট] বিণ, যাহাকে বা যাহার নিষ্কর্ষণ করা হইয়াছে।

নিষ্কেশ (শ্) [নির্ (নাই) কেশ যাহার, বহু] বিণ, কেশহীন। প্র—"নিষ্কেশ হইল রাবণের দশমুণ্ড॥"—কৃত্তিবাস।

নিষ্কোষণ (ন্) [নির্—কুষ্ (বাহির করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, কোষমুক্ত করণ। ২। বাহির করণ ; বহির্নিঃসারণ।

নিষ্ক্রম (ম্) [নির—ক্রম্ (গমন করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, নিষ্ক্রমণ ; বহির্গমন। ২। সূতিকাগৃহ হইতে নিষ্ক্রমণ রূপ সংস্কার।

নিষ্ক্রমণ (ন্) [নির্—ক্রম্ (গমন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বহির্গমন। ২। চতুর্থ মাসে কর্ত্তব্য বালকের গৃহ-নির্গমরূপ সংস্কার।

নিষ্ক্রয় (য়) [নির্—ক্রী (ক্রয় করা) + অ (করণে—অল্)] বি, পুং, মূল্য ; যাহা দ্বারা দ্রব্য ক্রয় করা যায়। ২। বিনিময়। ৩। বিক্রয়। ৪। বেতন। ৫। ভাড়া। ৬। নিষ্ক্রমণ ; নির্গমন।

নিষ্ক্রান্ত [নির্—ক্রম্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বহির্গত। প্র—তিনি গৃহ হইতে নিষ্ক্রান্ত হইলেন।

নিষ্ক্রিয় (য়) [নির্ (নাই) ক্রিয়া (কার্য্য) যাহার, বহু] বিণ, ক্রিয়াহীন ; কর্ম্মরহিত। ২। নিষ্কর্ম্মা ; যাহার হাতে কোন কাজ নাই। ৩। ক্রিয়াদি ব্যাপারশূন্য ঈশ্বর। প্র—"জয় শান্তকালিয় রাধিকাপ্রিয় নিত্যনিষ্ক্রিয় মোচন।" —অন্নদামঙ্গল। ৪। জড়।

নিষ্কাথ (থ্) [নির্—কথ্ (পাক দ্বারা কাথ বাহির করা) + অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, মাংসাদির কাথ ; যূষ ; ঝোল।

নিষ্ঠ [নি (নিশ্চিত ভাবে)] স্থা (অবস্থিতি করা) + অ (কর্ত্তৃ—ড)] বিণ, নিষ্ঠাশীল। ২। স্থিত।

নিষ্ঠা [নি—স্থা (থাকা) + অ (ভাবে—অঙ্) আপ্ স্ত্রী, স্থা = ষ্ঠ] বি, স্ত্রী, দৃঢ়স্থিতি। ২। শ্রদ্ধা ; দেব ধর্ম্মে ভক্তি। ৩। ব্যবস্থা। ৪। একাগ্রতা। ৫। ব্রতাদিক্লেশ। ৬। [সংস্কৃত ব্যাকরণে] ক্ত, ক্তবতু প্রত্যয়।

নিষ্ঠিত [নি—স্থা + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিষ্ঠাযুক্ত।

নিষ্ঠীব, নিষ্ঠেব (ব্) [নি—ষ্ঠীব্—ষ্ঠিব্ (থুথু ফেলা) + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, মুখমধ্যস্থ জলাংশ ; থুথু ; ছেপ। [বিরল]

নিষ্ঠীবন, নিষ্ঠেবন (ন্) [নি—ষ্ঠীব্—ষ্ঠিব্ (থুথু ফেলা) + অন (কর্ম্মে—অনট্)] বি, ক্লী, থুথু ; মুখজল। **নিষ্ঠীবনত্যাগ**—থুথু ফেলা ; ছেপ ফলা।

নিষ্ঠুর (র্) [নি—স্থা + উর (কর্ত্তৃ)] বিণ, নির্দ্দয় ; নির্মম। ২। কঠোর ; কঠিন। ৩। ক্রূর ; নৃশংস। ৪। পরুষ। বি, নিষ্ঠুরতা।

নিষ্ঠুরতা (নিষ্‌ঠুরোতা) [নিষ্ঠুর + তা (ভাবে)] বি, নির্দ্দয়তা। ২। কঠোরতা। ৩। নৃশংসতা।

নিষ্ঠুরাচরণ (নি, ন্) [নিষ্ঠুরের আচরণ, ৬তৎ] বি, নির্দ্দয়ব্যবহার ; নৃশংসতা। ২। কঠোর ব্যবহার।

নিষ্ঠ্যূত [নি—ষ্ঠিব্ (থুথু ফেলা) + ত (কর্ম্মে —ক্ত) ব = উ] বিণ, উদ্গীর্ণ। ২। নিক্ষিপ্ত। ৩। মুখ হইতে 'থু' 'থু' করিয়া নিক্ষিপ্ত। বি, **নিষ্ঠ্যূতি**।

নিষ্পক্ব (ক্ক) [নির্—পক্ব] বিণ, অধিক পক্ব।

নিষ্পঙ্ক [নির্—পঙ্ক] বিণ, পঙ্কহীন ; নির্ম্মল।

নিষ্পতন (ন্) [নির্—পত্ (গমন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নির্গমন।

নিষ্পাতিষ্ণু (প্পো) [নির্—পত্ (পতিত হওয়া) + ইষ্ণু (কর্ত্তৃ)] বিণ, নিপতনশীল ; যাহা নিপতিত হইতেছে।

নিষ্পত্তি (প্পো) [নির্—পদ্ + তি (ভাবে)] বি, স্ত্রী, মীমাংসা। ২। সিদ্ধি। ৩। নির্ব্বাহ। ৪। সমাপ্তি। ৫। নিশ্চয় ; অবধারণ। ৬। [গণিত পরিঃ] অনুপাত ; ratio. ৭। চুক্তি।

নিষ্পন্দ—নিস্পন্দ দ্রঃ।

নিষ্পন্ন [নির্—পদ্+ত (কর্ম্মে—ক্ত) বিণ. সম্পন্ন ; সম্পাদিত। ২। সমাপ্ত।

নিষ্পরাক্রম (ম্) [নির্—পরাক্রম] বিণ. প্রতাপশূন্য। ২। অক্ষম ; দুর্ব্বল।

নিষ্পরিগ্রহ (—গ্রোহ) [নির্ (নাই) পরিগ্রহ (পত্নী) যাহার, বহু] বি. পুং. পরমহংস। ২। পরিব্রাজক। ৩। বিণ. অকৃতদার ; পত্নীশূন্য। ৪। নির্লিপ্ত। ৬। মুক্তসঙ্গ।

নিষ্পাদক (ক্) [নির্—পদ্+ণিচ্=পাদি (নিষ্পত্তি করা) + অক (কর্ত্তৃ)] বিণ. সম্পন্নকারক ; নিষ্পত্তিকারী।

নিষ্পাদন (ন্) [নির্—পাদি+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. সম্পাদন ; নিষ্পত্তিকরণ ; সমাপন ; শেষকরণ ; নির্ব্বাহ ; সমাধান। বিণ. **নিষ্পাদ্য, নিষ্পাদনীয়**—নিষ্পাদনের যোগ্য। **নিষ্পাদ্যমান**—যাহা সম্পাদিত হইতেছে।

নিষ্পাদিত [নির্—পাদি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সাধনযোগ্য ; সম্পাদনীয় ; সাধ্য ; নির্ব্বাহযোগ্য।

নিষ্পান (ন্) বি. নিঃশেষে পান।

নিষ্পাপ (প্) [নির্—পাপ] বিণ. পাপশূন্য ; পূত।

নিষ্পাব (ব্) [নির্—পূ (পবিত্র করা) +অ (ভাবে—ঘঞ্)] বি পুং. ধান্যাদি নিস্তুষকরণ। ৩। আগ্‌ড়া। ৪। বরবটী। ৫। [করণে—ঘঞ্] কুলার বাতাস।

নিষ্পি, নিষ্পী [আ—নিস্‌ফ্=অর্দ্ধ, তাহা হইতে নিস্‌ফি] বি. অর্দ্ধেক ; half.

নিষ্পিষ্ট [নির্—পিষ্ (চূর্ণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. বিমর্দ্দিত ; বিদলিত। ২। ঘৃষ্ট। ৩। বিচূর্ণিত।

নিষ্পীড়ন (ন্) [নির্—পীড় (ক্লেশ—দেওয়া) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. নিপীড়ন ; নিষ্পেষণ। ২। চাপ দিয়া জল নিষ্কাষণ ; নিঙড়ন। বিণ. **নিষ্পীড়িত**।

নিষ্পেষক (ক্) বিণ. নিষ্পেষণকারী ; অত্যাচারী। ২। চূর্ণকারী।

নিষ্পেষণ (ন্) [নির্—পিষ্+অন (ভাবে—অনট্)] বি. পুং. নিষ্পীড়ন। ২। বিমর্দ্দন। ৩। ঘর্ষণ। বিণ. **নিষ্পেষিত**।

নিষ্প্রতিভ (নিশ্‌প্রো) [নির্ (নাই) প্রতিভা (দীপ্তি) যাহার, বহু] বিণ. প্রতিভাশূন্য ; যাহার প্রতিভা নাই। ২। দীপ্তিহীন।

নিষ্প্রদীপ (নিশ্‌প্রোদীপ্) [নির—প্রদীপ] বিণ. প্রদীপহীন ; অন্ধকার ; অপ্রদীপ (ভারতচন্দ্রে)।

নিষ্প্রভ (নিশপ্রোভো) [নির্ (নাই) প্রভা (তেজ) যাহার, বহু] বিণ. প্রভাহীন ; দীপ্তিহীন। ২। নিস্তেজ।

নিষ্প্রয়োজন (ন্) [নির্ (নাই) প্রয়োজন যাহার, বহু] বিণ. প্রয়োজনরহিত ; অনাবশ্যক।

নিষ্প্রাণ (ন্) [নির্ (নির্গত হইয়াছে] প্রাণ যাহার, বহু] বিণ. প্রাণবায়ুরহিত ; প্রাণহীন ; বিগত-প্রাণ ; মৃত। বি. **নিষ্প্রাণতা**।

নিষ্ফল (ল্) [নির্ (নাই) ফল যাহার, বহু] বিণ. ফলরহিত। ২। অফলা। ৩। নিরর্থক ; বিফল। ৪। অকৃতকার্য্য। ৫। বি. পুং. [নির্ (নির্গত হইয়াছে ফল যাহা হইতে] নাড়া ; খড়। স্ত্রী. **নিষ্ফলা**—বন্ধ্যা। বি. **নিষ্ফলতা, নিষ্ফলত্ব**।

নিষ্ফেন (ন্) [নির্ (নাই) ফেন যাহার, বহু] বিণ. ফেনরহিত।

নিষ্যন্দ, নিস্যন্দ (নিষ্‌ষন্দ) [নি—স্যন্দ্ (ক্ষরিত হওয়া) + অ (ভাবে—অল্)] বি. পুং. চুয়ন ; ক্ষরণ। ২। পতন। ৩। বর্ষণ। বিণ. নিষ্যন্দিত।

নিষ্যন্দিত, নিস্যন্দিত (নিষ্‌ষোন্দিত) [নিষ্যন্দ দ্রঃ] বিণ. ক্ষরিত ; বর্ষিত। ২। নিষ্যন্দযুক্ত ; ক্ষরণশীল। প্র—' বিদ্যাপতিপদ-যুগল-সরোরুহ নিস্যন্দিত-মকরন্দে।"—গোবিন্দ দাস।

নিষ্যূত (নিষ্‌যুত) [নি—সিব্ (গ্রন্থন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সুগ্রথিত

নিসর্গ (নিশর্গ) [নি (নিশ্চয়) সৃজ্ (সৃষ্টি করা) + অ (কর্ম্মে—অল্)] বি. পুং. স্বভাব ; nature. ২। [ভাবে—অল্] সৃষ্টি ; creation. ৩। স্বাভাবিক অবস্থা। বিণ. নৈসর্গিক

নিসর্গজ [নিসর্গ (স্বভাব) জ (যে জন্মে)] বিণ. স্বভাবজাত ; নৈসর্গিক।

নিসাড় (নিশাড়্) [নিঃসাড় দ্রঃ। নি—সাড় (সার)] বি. সাড়হীন ; সংজ্ঞাহীন। ২। অসার ; জড়। ৩। [নি—সাড় (শব্দ)] নিঃশব্দ।

নিসাড়া (নিশাড়া) [নিসাড় দ্রঃ] বিণ. সাড়াশব্দহীন ; নিঃশব্দ। ক্রি-বিণ. **নিসাড়ায়**—নিঃশব্দে। প্র—''কৌমুদীমলয়ানিল চুমে ধীরে নিসাড়ায়''—অবসর।

নিসান, নিশান (নিশান্) [নিস্বান—শব্দজ] বি. বাদ্য ; ধ্বনি। প্র—"সাঁজে ডালা দেই হাটে পীরের শীরণী বাঁটে সাঁজে বাজে দগড় নিশান।"—কবিকঙ্কণ। ২। শব্দ। প্র—"নিতি নিতি যায় রাই যমুনা নিসানে।"—জ্ঞানদাস। ৩। [ফা—নিশান্ প্রা-বাং] চিহ্ন। **নিসান করা**—চিহ্ন দেওয়া। ২। বন্দুকাদির তাগ বা টিপ করা ; লক্ষ্য করা।

নিসানদিহি—চিহ্নকরণ। ২। সনাক্ত করণ।

নিসানা (নিশানা) [নিশানা দ্রঃ] বি. নিশানা ; চিহ্ন ; নিদর্শন। প্র—"সুরীত কুরীত কার কেমন রীত জানবো কিসে, ও মহারাজ গায় থাকে না নাম নিসানা।" বাংগান।

নিসাস (নিশাশ্) [সং—নিশ্বাস হইতে পদ্যে কোমলরূপ। ব=ওয়া। তাহা হইতে "নিসোয়াস", "নিসোয়াসা" শব্দেরও ব্যবহার প্রা-বাং পদাবলীতেআছে। তুল—বিশ্বাস হইতে বিসোয়াসা] বি. নিশ্বাস। প্র—"খেআনে বসিলেন পরভু ছাড়িআ নিসাস।"—শূন্যপুরাণ। "ছাড়ল দীঘল নিসাস"—রসমঞ্জরী (পীতাম্বর দাস)।

নিসিন্দা (নিশিন্দা) [সং—সিন্দবার] বি. নিমবৎ তিক্ত বৃক্ষবিশেষ ; নির্গুণ্ডী বৃক্ষ ; vitex negundo.

নিসুন্দ (শু) বি. পুং. দৈত্যপতি প্রহ্লাদের ভ্রাতা হ্লাদের পুত্র।

নিসূদক (নিশূদক্) [নি—সূদ্+অক (কর্ত্তৃ)] বিণ. নিসূদনকারী ; বিনাশকারী। ২। হিংসক।

নিসূদন (নিশূদন্) [নি—সূদ্+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. বিনাশন ; হিংসা। ২। [কর্ত্তৃ—অনট্] বিণ. নিসূদক ; বধকারী।

নিসৃষ্ট [নি—সৃজ (ত্যাগ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. অর্পিত ; ন্যস্ত। ২। ৩। প্রেরিত। ৪। মধ্যস্থ।

নিসৃষ্টার্থ [নিসৃষ্ট (প্রেরিত) হয় অর্থ (অভিধেয়) যাহা দ্বারা, বহু] বি. পুং. উত্তম দূত ; যে দূত প্রেরকের আদেশ ব্যতীত সকল প্রশ্নের উত্তর দিতে এবং ক্ষেত্র বুঝিয়া কালোচিত কথা বলিতে সমর্থ। ২। যে ব্যক্তি প্রভুকর্ত্তৃক কুসীদ, কৃষি ও বাণিজ্য কার্য্যে নিযুক্ত হয়। ৩। কার্য্যাধ্যক্ষ ; তত্ত্বাবধায়ক।

নিস্তনী (নিস্তোনি) [নি—স্তন+ঈপ্ ক্ষুদ্রার্থে] বিণ. স্ত্রী. স্তনহীনা। ২। বটিকা।

নিস্তন্দ্র [নির্ (নাই) তন্দ্রা যাহার, বহু] বিণ. অতন্দ্রিত ; তন্দ্রারহিত। ২। অনলস।

নিস্তন্দ্রি (স্তো) [নির্ (নাই) তন্দ্রি (আলস্য) যাহার, বহু] বিণ. নিস্তন্দ্র।

নিস্তরঙ্গ [নির্—তরঙ্গ] বিণ. তরঙ্গহীন। ২। উদ্বেগশূন্য ; নিরুদ্বেগ। স্ত্রী. **নিস্তরঙ্গা**।

নিস্তরণ (ন্) [নির্—তৃ (পার হওয়া) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. উত্তরণ ; পার হওন। ২। উদ্ধার। ৩। মুক্তি। ৪। নির্গমন। ৫। সিদ্ধি। ৬। [করণে—অনট] কার্য্যসিদ্ধি বা উদ্ধারের নিদান ; উপায়।

নিস্তরা [নিস্তরণ দ্রঃ। উ-পু—নিস্তরি। ম-পু—নিস্তর। প্র-পু—নিস্তরে। অস-ক্রি—নিস্তরিতে : নিস্তরিয়া : নিস্তরি। ণিজন্ত—নিস্তরান] ক্রি. মুক্ত হওয়া : নিস্তার পাওয়া। প্র—"শিবামৃত প্রয়োগে সে এ বায় নিস্তরে" —চৈতন্যভাগবত।

নিস্তব্ধ [নি—স্তন্‌ভ্ (স্থির হওয়া) + ত (কর্তৃ—ক্ত)] বিণ. নিস্পন্দ ; নিশ্চল। ২। নীরব : নিঃশব্দ। ৩। স্তম্ভিত।

নিস্তম্ভিত (নিস্‌তোম্‌ভিত) [সং—স্তম্ভিত শব্দের সহিত নিস্তব্ধ শব্দের ভাব ও ধ্বনি সাদৃশ্য হইতে] বিণ. নিস্তব্ধ : নীরব। প্র—"জীবন-তরঙ্গ-রব গাঢ় নিস্তম্ভিত সব জাগ্রত জগত-পুরে মাত্র একজন।"—বাং-গান।

নিস্তল (ল্) [নির্ (নাই) তল্ (প্রতিষ্ঠিত হওয়া) + অ] বিণ. তলশূন্য। ২। বর্তুল। ৩। অকূল। ৪। নিম্ন। স্ত্রী. **নিস্তলী**—বটিকা।

নিস্তার (র্) [নির্—তৃ (পার হওয়া) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. উদ্ধার। ২। মুক্তি। ৩। অব্যাহতি। ৪। নির্গমন। ৫। কার্য্যসিদ্ধি। ৬। [করণে—ঘঞ্] কার্য্যসিদ্ধির উপায়। **নিস্তার করা**—বিপদ হইতে উদ্ধার করা : মুক্তিদান করা। **নিস্তার পাওয়া**—অব্যাহতি লাভ করা। বিণ. **নিস্তীর্ণ**।

নিস্তারক (ক্) [নির্—তৃ (পার হওয়া) + অক (কর্তৃ)] বিণ. নিস্তারকর্ত্তা : উদ্ধারক : ত্রাতা।

নিস্তারা [নিস্তার (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি) উ-পু—নিস্তারি। ম-পু—নিস্তার। প্র-পু—নিস্তারে। অস-ক্রি—নিস্তারিতে ; নিস্তারিয়া ; নিস্তারি] ক্রি. নিস্তার করা ; উদ্ধার করা।

নিস্তুষ (ষ্) [নির্ (নাই) তুষ যাহাতে, বহু] বিণ. তুষরহিত ; তুষশূন্য।

নিস্তুষিত [নির্—তুষ + ইত (যুক্ত)] বিণ. তুষ-রহিত ; খোসাহীন।

নিস্তুষিত [নির্—তুষ্ (তুষ্ট হওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. পরিত্যক্ত ; বিসর্জ্জিত। ২। ছোলা ; চাঁচা ; পাতলা করা।

নিস্তেজ (জ্) [সং—নিস্তেজাঃ শব্দের অপভ্রংশে] বিণ. তেজোহীন। ২। দুর্ব্বল।

নিস্তেজাঃ [নিস্তেজস্ শব্দ। নির্ (নাই) তেজঃ যাহার, বহু] বিণ. জ্যোতিহীন, তেজোহীন ; দীপ্তিশূন্য। ২। ভীরু ; কাপুরুষ। ৩। অবসন্ন ; দুর্ব্বল।

নিস্ত্রিংশ [সং] বি. পুং. খড়্গবিশেষ ; ৩০ অঙ্গুলির দীর্ঘ খড়্গ। প্র—"রাজা যুধিষ্ঠির এই চিত্রকোষ-নিহিত হেমমুষ্টি-শোভিত তীক্ষ্ণধার নিস্ত্রিংশ ব্যবহার করিতেন।"—মহা (সিংহ)। ২। বিণ. নিষ্ঠুর ; নির্দ্দয়। ৩। ক্রূর ; হিংসাপরায়ণ। ৪। ত্রিংশশূন্য।

নিস্ত্রৈগুণ্য (নিস্‌ত্রৈগুন্‌ন) [নির্—ত্রিগুণ + য (ঝ্য—ভাবে)] বিণ. সত্ত্ব, রজঃ, তমঃ এই গুণত্রয়রাহিত্য।

নিস্নেহ [নি (নাই) স্নেহ যাহার—বহু] বিণ. স্নেহহীন : যাহার স্নেহ নাই। ২। তৈল-রহিত। ৩। [তন্ত্রে] বি. পুং. মন্ত্রবিশেষ।

নিস্পন্দ (নিশ্‌পন্দ) [নি (নাই) স্পন্দ্ (কম্পিত হওয়া) + অ (কর্তৃ—অচ্)। "নিঃস্পন্দ", "নিষ্পন্দ" ও হয়] বিণ. অকম্পিত ; স্থির ; স্পন্দন রহিত। ২। স্পন্দহীন ; অসাড়। ৩। নিশ্চেষ্ট। ৪। স্তব্ধ। স্তম্ভিত।

নিস্পৃহ (নিশ্‌পৃহ) [নির্ (নাই) স্পৃহা (বাসনা) যাহার, বহু। "নিঃস্পৃহ", "নিষ্পৃহ" ও হয়] বিণ. আকাঙ্ক্ষা-বিহীন : স্পৃহাহীন ; বাসনা বিহীন। ২। নির্লোভ। ৩। অনাসক্ত। বি. **নিস্পৃহতা**। স্ত্রী. **নিস্পৃহা**।

নিস্রব, নিস্রাব (নিস্‌স্রব্) [নি—স্রু (গলিত হওয়া) + অ (ভাবে—অল্, ঘঞ্)। "নিঃস্রব", "নিঃস্রাব" ও হয়] বি. পুং. স্রাব ক্ষরণ : চুয়ন। ২। নির্গমন। ৩। ভাতের মণ্ড : মাড়।

নিস্বণ, নিস্বান (নিশ্‌শান্) [নি—স্বন্ (শব্দ করা) + অ (ভাবে—অল্, ঘঞ্)] বি. পুং. নিনাদ : ধ্বনি ; রব : শব্দ।

নিহড় (ড্) [প্রা-বাং—পদ্যে। নিয়ড় দ্রঃ] বি. নিকট। ২। কিরণ। ক্রি. নিহড়ান —নিকট হওয়া।

নিহড়া (নি) [নিবর্ত্তন—নিবট্টন—নিবড়ন—নিঅড়ন-নিহড়ন] ক্রি. নিবৃত্ত হওয়া। ২। নেউটান : ফিরিয়া যাওয়া : ফেরা। প্র—"প্রণমিয়া বিশ্বনাথে বৃকোদর নাম্বে ক্ষেতে হাতে লয়ে দশমোণের দাত্র। নিহড়ি চলিল ধেয়ে ক্ষুদণ্ডে নিলেক দায়ে হইল আড়াই হালা মাত্র।" —শিবায়ন।

নিহত [নি (নিশ্চয়) হন্ (বধ করা) + ত (কর্ম্মে)] বিণ. হত ; বিনাশিত।

নিহনন (নন্) [নি—হন্ (বধ করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. হনন।

নিহন্তা [নি—হন্ + তৃ (কর্তৃ—তৃচ্) নিহন্তৃ, ১মা. ১ব] বিণ. হন্তা ; বধকর্ত্তা ; হননকর্ত্তা।

নিহন্যমান (নিহোন্‌নোমান্) [নি—হন্ (বধ করা) + আন (কর্ম্মে—শান) য, ম আগম] বিণ. যাহাকে হনন করা হইতেছে : যাহাকে বধ করা হইতেছে।

নিহাই [নিহানী দ্রঃ] বি. নেহাই ; anvil. নিহাইত—নেহাইত দ্রঃ।

নিহানী [হি—নিহাই] বি. নেহাই ; the anvil. ২। [লোহা—নোহা—নোয়া—নেহা, নেয়া] নেয়ালি ; লোহার বাঁটযুক্ত বাটালী।

নিহারণ (ন্) [সং—নিরীক্ষণ, হি—নিহারনা] বি. দর্শন ; অবলোকন। ২। ঠাওরান।

নিহারা [সং—নির্গার ; হি—নিয়ারা = মল] বি. বিষ্ঠা। প্র—"আমি টলে ক্ষীর হৃদে পড়িলাম অপ্রমাদে তুমি পড় নরকে নিহারা।"—কৌতুকবিলাস।

নিহাল (ল্) [হি—নিহাল] বিণ. সুখী। ২। ধনী ; ঐশ্বর্য্যশালী ; নেহাল।

নিহালয় (য়) [নিহালা দ্রঃ] ক্রি. নিরীক্ষণ করা। ২। অনুসন্ধান করা।

নিহালি, লী [প্রাদে] বি. বহুমূল্য বস্ত্র-বিশেষ। প্র—"বহু ব্যয় করি কড়ি, করিলাম খাট পিঁড়ি সগলাদ নিহালী পামরী।"—কবিকঙ্কণ। ২। [নিহালী দ্রঃ] নেহাই।

নিহালা, নেহালা [হি—নিহারনা (সং—নিরীক্ষণ হইতে)—নিহালনা, র = ল)। —নিহালি। ম-পু—নিহাল। প্র-পু—নিহালে, নিহালয়। অস ক্রি—নিহালিতে : নিহালিয়া : নিহালি। পদ্যে] ক্রি. নিরীক্ষণ করা ; দেখা। প্র—"উকটিয়া ঝোপ ঝাড় নিহালি পর্ব্বত আড় পাইল বাঘের দরশন।"—কবিকঙ্কণ। "চৌদিকে নিহালে শাখী, বাসা আছে নাহি পাখী, সন্তাপে বীরের পোড়ে মন।"—ঐ।

নিহিত [নি—ধা (ধারণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. নিক্ষিপ্ত। ২। ন্যস্ত। ৩। গুপ্ত। ৪। অভিহিত। ৫। স্থাপিত। ৬। অর্পিত।

নিহ্নব (নিন্‌হব্) [সং] বি. সত্যগোপন। ২। সন্দেহ।

নিহ্নববাদী (নিন্‌হব্‌বাদি) [নিহ্নববাদিন্ শব্দ] বিণ. যে প্রতিবাদী বা সাক্ষী সত্য গোপন করে। স্ত্রী. **নিহ্নববাদিনী**

নিহ্রাদ (নির্‌হ্রাদ্) [সং] বি. নিনাদ। ২। বজ্রনির্ঘোষ।

নী [সং—স্থূণা। হি—নিহাই, নেই দ্রঃ] বি. কামার শালে প্রোথিত যে লৌহখণ্ডের উপর তপ্ত লৌহ পেটা হয় ; নেয়াই : নেহাই ; anvil.

নীক (ক্) [নিকি দ্রঃ। সং—লিক্ষা] বি. নিকি। প্র—"ডেঙ্গর উকুন নীক করে ইলি বিলি"—অন্নদামঙ্গল।

নীক (ক্) [হি—লীক] বি. গাড়ির চাকা বসিয়া পথে যে গভীর রেখা পড়ে।

নীক (ক্) [হি—নীক্ (সুন্দর)] বিণ. সুন্দর : ভাল। প্র—"হাস সুধাসম নীক"।

নীচ (চ্) [সং। বাং-য়—নীচা, নীচু, নীচে নীচো নিম্নার্থে প্রযুক্ত হয়। বৈ-পদাবলীতে নীচল (জ্ঞানদাস)] বিণ. নিম্ন : নীচু :

নাবাল। ২। অপকৃষ্ট ; নিকৃষ্ট। প্র—"গতি যার নীচ সহ নীচ সে দুর্ম্মতি"—মেঘনাদ। ৩। খর্ব্ব ; বামন ; বেঁটে। ৪। ক্ষুদ্র। ক্রি-বিণ, নীচে—নিম্নে ; অধোদেশে। **নীচ-কুল**—নিকৃষ্ট জাতি বা বংশ। **নীচ-কুল-জাত**—যে নীচ বংশে জন্মগ্রহণ করিয়াছে। **নীচ-কুলোদ্ভব**—নীচবংশে উৎপন্ন। **নীচ-কুল-জাত**। স্ত্রী. **নীচকুলোদ্ভবা**। প্র—"নীচ কুলোদ্ভবা নহে দাসী"—বীরাঙ্গনা। **নীচ জাতি**—নিম্নশ্রেণী। ২। হীন বংশ। বিণ, **নীচজাত**। স্ত্রী. **নীচজাতা**।

নীচগ (গ্) [নীচ—(নিম্ন) গ (যে গমন করে)] বিণ, নিম্নগামী। ২। অধম ; নীচ। ৩। বি, ক্লী, জল। স্ত্রী. **নীচগা**—বি, নদী। ২। বিণ, অধোগামিনী।

নীচগামী [নীচগামিন্ শব্দ] বিণ, অধোগামী। স্ত্রী. **নীচগামিনী**।

নীচগ্রহ (নীচগ্‌গ্রোহ) বি, ক্লী. উচ্চ স্থান হইতে সপ্তম রাশিস্থ রবি প্রভৃতি গ্রহ।

নীচযোনী (নীচ্‌জোনি) [নীচ—যোনি + ইন্ (অস্ত্যর্থে)-নীচযোনিন্ ১মা, ১ব। বহু সমাসে "নীচযোনি" প্রয়োগ আছে] বিণ, নীচযোনি সম্ভূত ; নিকৃষ্ট যোনিজাত।

নীঝর (র্) [সং—নির্ঝর] বি, পুং, ঝরণা ; বারি প্রবাহ। প্র—"অবিরত নয়নে বারি ঝরু নীঝর জনু ঘন সাঙন মালা।"—বিদ্যাপতি।

নীট (ট্) নিট দ্রঃ।

নীটমুনাফা (ট্) বি, বৎসরে যাহা কিছু খরচ হয়, তাহা ওয়াশীল দিয়া যাহা জমা থাকে।

নীড় (ড়্) [নি—ঈড় (বাস করা) + অ (অধি)] বি, পুং, ক্লী, কুলায় ; পক্ষীর বাসস্থান। ২। বাসা ; স্থান। ৩। আশ্রয়। প্র—"ক্রোড়নীড়ে"—মেঘনাদ।

নীড়ক (ক্) [সং] বি, পুং, পক্ষী ; পাখী।

নীড়জ (জ্) [নীড় (কুলায়) জ (যে জন্মে)] বি, পুং, পক্ষী।

নীত, নীৎ (ৎ) [আ—নিয়ৎ] বি, উদ্দেশ্য ; অভিসন্ধি ; মৎলব। প্র—উহার নীত বড় ভাল দেখিতেছি না।

নীত, নীৎ (ৎ) [সং—নীতি অপভ্রংশ। তুল—রীতি হইতে রীত] বি, নীতি ; পদ্ধতি ; নিয়ম ; রীতি। প্র—"এখানে দোকান কর আগে বুঝি নীত"—ঘনরাম। **রীতনীত**—চাল-চলন।

নীত [নী (লওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা লইয়া যাওয়া হইয়াছে। ২। গৃহীত। ৩। অতিবাহিত।

নীতি [নী (লইয়া যাওয়া) + তি (কর্ম্মে—ক্তি)—যাহা কোন সিদ্ধান্তে লইয়া যায়। যাহা কর্ত্তব্য নির্দ্ধারণের পথে লইয়া যায়] বি, স্ত্রী. বিবেকসম্মত শাস্ত্র ; হিতাহিত বিচার-সিদ্ধ শাস্ত্র যথা,—শুক্রনীতি। ২। যুক্তিপ্রতিপাদিত শাস্ত্র। যথা,—অর্থনীতি ; ধর্ম্মনীতি ; শাসন নীতি। ৩। সাধনোপায় ; সুপ্রণালী। ৪। মতবাদ ; principle. ৫। রীতি। ৬। প্রাপ্তি ; নয়ন ; প্রাপন। **নীতি-কুশল**—নয়দক্ষ। **নীতি-বাক্য**—সুনীতিসম্বন্ধীয় কথা ; হিতোপদেশ। [সম—**নীতি**—কর্ত্তব্যনির্দ্ধারণমূলক। **শাস্ত্র**—শাসন ও উপদেশমূলক। **বিজ্ঞান**—তত্ত্বনির্ণয় মূলক। শাস্ত্র প্রকৃত পক্ষে অনুশাসনের নামান্তর। নীতি প্রকৃতপক্ষে বিবেকের শাস্ত্র ; বিজ্ঞান তত্ত্ব নির্ণয়ের শাস্ত্র]। **রীতি নীতি**—চাল চলন ; আচার ব্যবহার।

নীতিজ্ঞ (নীতিগ্‌গ) [নীতি—জ্ঞা (জানা) + অ (কর্ত্তৃ—ড)] বিণ, নীতিশাস্ত্রবেত্তা ; যাহার নীতিজ্ঞান আছে। বি, **নীতিজ্ঞান**।

নীতিবিরুদ্ধ, নীতিবিরোধী [নীতির বিরুদ্ধ, বিরোধী ; ৬তৎ] বিণ, নীতির বিপরীত ; অনৈতিক। বি, **নীতিবিরুদ্ধতা**।

নীতিমান [নীতি + মৎ (অস্ত্যর্থে—মতু) = নীতিমৎ ১মা, ১ব] বিণ, নীতিসম্পন্ন। স্ত্রী. **নীতিমতী**।

নীতিমার্গ [নীতির—মার্গ (পথ)—৬তৎ] বি, নীতিসম্মত উপায় বা প্রণালী।

নীতিরঞ্জন (ন্) [নীতি (রাজনীতি) রঞ্জন (রন্জ্ + ণিচ্ = রঞ্জি + অন (কর্ত্তৃ—অনট্)—যিনি নীতি দ্বারা প্রজা রঞ্জন করেন] বিণ, পুং, প্রজারঞ্জক (রাজা)। ২। বি, পুং, রাজা বা রাজপ্রতিনিধির উপাধিবিশেষ (নবদ্বীপের পণ্ডিতমণ্ডলী কর্তৃক লোকপ্রিয় বড়লাট হার্ডিঞ্জকে উক্ত উপাধি দ্বারা সম্মানিত করণ সূত্রে সৃষ্ট)।

নীতিশাস্ত্র—বি, যে শাস্ত্রে কর্ত্তব্যাকর্ত্তব্য নির্দ্ধারিত হইয়াছে ; হিতাহিত বিচারজ্ঞাপক শাস্ত্র।

নীতিসঙ্গত (শ) [নীতি—সম্—গম্ + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, নীতির অনুমোদিত ; নীতিসম্মত।

নীতিসম্মত (শ) বিণ, নীতিসম্মত দ্রঃ

নীদ (দ্) [সং—নিদ্রা। হি—নিদ্। ব্রজ—নিন্দ্] বি, নিদ্রা ; ঘুম। প্র—"কেহবা আছিল শয়ন করিয়া নয়নে আছিল নীদ।"—চণ্ডীদাস।

নীধ্র (নিধ্‌ধ্র) [নি—ধৃ + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি, ক্লী, নেমি ; চক্রের ধার। ২। চালের ছাঁইচ।

নীন্ [হি—রুখানী। প্রাদে, ২৪ পরগণা] বি, সূত্রধরের যন্ত্রবিশেষ ; কাঠ কাটিবার ও ছিদ্র করিবার বাটালী।

নীপ (প্) [সং। "হলিপ্রিয়ঃ নীপঃ কদম্বঃ"—হেমচন্দ্র] বি, কদম্ব বৃক্ষ। প্র—"জাগো সহচরী আজিকার নিশি ভুলোনা, নীপ শাখে বাঁধ ঝুলনা।"—চয়নিকা। ২। কদম্বপুষ্প ; কদম্ব ফুল। [দ্রঃ—নানা প্রকার কদম্বের মধ্যে নীপ, কদম্ব (সাধারণ), ধারা-কদম্ব (adina cordifolia) এবং মহাকদম্ব (অল্প প্রসার ও গোলাকার) এই তিন প্রকার প্রায় দেখা যায়]।

নীবার (র্) [নি—বৃ + অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, তৃণ ধান্য ; উড়ি ধান্য)। প্র—"নীবার যে উড়িয়া পড়িছে"—অশোকগুচ্ছ।

নীবি [নি—ব্যে (আচ্ছাদন করা) + ই (করণে)] বি, কটিবন্ধন ; কটি-বস্ত্রের গ্রন্থি। প্র—"দৃঢ় করি বান্ধবি নীবিহুক বন্ধ"—বিদ্যাপতি। "নিকশত নীবি নীবিবন্ধ"—গোবিন্দদাস। **নীবিবন্ধ**—পশ্চিমা স্ত্রীলোকেরা বস্ত্র পরিধান করিয়া নাভিদেশে বস্ত্রের দুই খুঁট দ্বারা যে গ্রন্থি দেয়। প্র—"পহিরণ পুনহি ঝাড়ি নীবিবন্ধ।"—জ্ঞানদাস।

নীবি, নীবী—মূলধন ; পুঁজি ; capital. ২। বাজি ; পণ।

নীবৃৎ [সং] বি, লোকালয় ; গ্রাম নগরাদি।

নীমরাজী (ম্) [ফা—নীম = অর্দ্ধ ; সং—নেম = অর্দ্ধ] বিণ, প্রায় রাজী ; প্রায় সম্মত।

নীয়মান (ন্) [নী (পাওয়া) + আন (কর্ম্মে—শান)—য, ম আগম] বিণ, যাহা লইয়া যাওয়া হইতেছে। স্ত্রী. **নীয়মানা**।

নীর (র্) [নী (পাওয়া) + র (কর্ত্তৃ—রক্) অথবা নির্ (নির্গত হয়) র (বাড়বাগ্নি) যাহা হইতে, বহু] বি, ক্লী, জল ; বারি। প্র—"নীর ভরি কুম্ভে সখীগণ সঙ্গে রাই আইলা গৃহ মাঝে।"—চণ্ডীদাস। ২। রস।

নীরক্ত [নী—রক্ত] বিণ, রক্তহীন। প্র—"নীরক্ত প্রাণের রক্ত দিতে উপহার"—প্রেম ও ফুল।

নীরজ (জ্) [নীর (জলে) জ (যে জন্মে) ৭তৎ] বি, ক্লী, জলজ ; পদ্ম। প্র—"নীরদ নীল নয়ন নীরজ-নিন্দিত।"—গোবিন্দদাস। ২। মুক্তা। ৩। বিণ, জলজাত ; জলে উৎপন্ন। স্ত্রী. নীরজা।

নীরজা [নির্ (নাই) রজস্ (ধূলি, রক্ত) যেথানে, বহু] বিণ, রজোহীন ; ধূলিশূন্য। ২। যে পুষ্পে রজঃ নাই ; পরাগহীন। ৩। রজোগুণ বর্জ্জিত। ৪। বি, পুং, মহাদেব। ৫। স্ত্রী. যে স্ত্রী ঋতুমতী নহে ; যে নারী রজস্বলা হয় নাই বা রজোহীনা হইয়াছে।

নীরজাত (র্) [নীর (জলে) জাত (উৎপন্ন)—৭তৎ] বিণ, জলজাত।

নীরদ (দ্) [নীর (জল) দ (যে দান করে)] বি, জলদ ; মেঘ। প্র—"নীরদ নীল নয়ন নীরজ নিন্দিত।"—গোবিন্দদাস। ২। [নির্ (নাই) রদ (দন্ত) যাহার, বহু] বিণ, দন্ত বিহীন। **নীরদখণ্ড**—মেঘখণ্ড ; একখণ্ড মেঘ।

নীরধর (ধর্) [নীর (জল) ধর (যে ধারণ করে)] বি, জলধর ; মেঘ।

নীরধি [নীর—ধা (ধারণ করা)+ই (কর্ত্তৃ—কি)] বি, পুং, জলধি ; সমুদ্র।

নীরনিধি (র্) [নীর (জল) নিধি (আশ্রয়)] বি, পুং, জলনিধি ; সমুদ্র।

নীরন্ধ্র [নির্ (নাই, নি=নী) রন্ধ্র (ছিদ্র) যাহার, বহু] বিণ, ছিদ্ররহিত : নিশ্ছিদ্র। ২। নিবিড়।

নীরব, নিরব (ব্) [নির (নাই) রব (শব্দ) যাহার, বহু] বিণ, শব্দহীন ; নিঃশব্দ। প্র—"নীরব রবাব বীণা মুরজ মন্দিরা"—মেঘনাদ। ২। নির্ব্বাক্। বি, **নীরবতা**।

নীরময় (য়্) [নীর—ময়ট্ (পূর্ণার্থে)] বিণ, জলপূর্ণ ; জলীয়। স্ত্রী, **নীরময়ী**।

নীরস, নিরস (শ্) [গ্রা—নিরস্যি। নির্ (নাই) রস যাহার, বহু] বিণ, শুষ্ক ; রসহীন। ২। রুক্ষ। ৩। রসবোধহীন। স্ত্রী, **নীরসা**। বি, **নীরসতা, নীরসত্ব**।

নীরাজন, নীরাজনা (ন্) [সং] বি, দীপমালা, সজলপদ্ম, ধৌত বস্ত্র, তুলসী বিল্বদলাদি ও সাষ্টাঙ্গ প্রণাম এই পঞ্চ উপচারে আরাধনা ; আরতি ; আরাত্রিক। ২। শান্তি-কর্ম্মবিশেষ। ৩। [নির্জ্জন শব্দের অপভ্রংশে] বিণ, নিরালা : নির্জ্জন : নিভৃত।

নীরিখ (খ্) [ফা—নির্খ্] নিরিখ দ্রঃ।

নীরুজ (জ্) [সং। নির্ (নাই) রুজা (রোগ) যাহার, বহু। "নীরুজস্য কিমৌষধৈঃ"—মহাভারত] বিণ, নীরোগী : নির্ব্যাধি ; সুস্থ। স্ত্রী, **নীরুজা**।

নীরূপ (প্) [নির্ (নাই) রূপ যাহার, বহু] বিণ, অরূপ ; রূপবর্জ্জিত। ২। কুরূপ।

নীরোগ (গ্) বিণ, নীরুজ দ্রঃ।

নীল (ল্) [নীল্ (রং করা) + অ (করণে — ক)] বি, পুং, বর্ণবিশেষ ; indigo। ২। নীল গাছ। এই গাছের ফল শুঁটীর আকারে হয়। এই গাছ হইতে নীল রঙ্গ উৎপন্ন হয় ; indigo tree. ৩। [কর্ম্মে—ক] নীলাচল। এই পর্ব্বত ইলাবৃত বর্ষের উত্তর হইতে রম্যক পর্ব্বতের সীমা পর্য্যন্ত। (২) উত্তর নীলাচল (আসামে)। (৩) দক্ষিণ নীলাচল (ওড়িষায়)। ৩। নীলমণি। (২) নীল নামক নিধি। ৪। নীল নামক বানর সেনাপতি (রামায়ণ)। স্ত্রী, নীলা ; নীলী।

নীল (ল্) বি, নীলকণ্ঠ ; শিব ; গাজনের শিব। **নীলের উপোষ**—চড়ক-সংক্রান্তির পূর্ব্ব দিবসের উপবাস।

নীলক (ক্) [সং] বি, ভ্রমর। ২। কাচ-লবণ। ৩। জীবক বৃক্ষ। ৪। নীললোহ : বর্ত্তলোহ ; পঞ্চরস লৌহ ; বিদ্রী লোহা।

নীলক (ক্) [গণিত পরিঃ] বীজগণিতে অব্যক্ত রাশিবিশেষের নাম।

নীলকণ্ঠ (নীল্কন্ঠ) [নীলবর্ণযুক্ত হইয়াছে কণ্ঠ যাহার, বহু] বি, পুং, শিব (কালকূট পানে ইঁহার কণ্ঠ নীলবর্ণ হয়)। ২। ময়ূর। ৩। খঞ্জন পক্ষী। প্র—"নীলকণ্ঠ উড়ি ফিরে মণ্ডলী দিতেছে শিরে অন্নপূর্ণা ক্ষেমঙ্করী হয়ে।"—অন্নদামঙ্গল। ৪। ডাক পাখী। ৫। নীলবর্ণ-পক্ষ পক্ষিবিশেষ।

নীলকমল (ল্, ল্) [নীলবর্ণ যে কমল (পদ্ম)—কর্ম্মধা] বি, ক্লী, নীলোৎপল ; নীলপদ্ম।

নীলকর (নিল্কর্) [নীল (দ্রঃ)—কর (যে উৎপন্ন করে বা চাষ করে)] বি, নীলের আবাদকারী : নীলরঙ্গ উৎপাদক ; indigo planter. প্র—"নীলকর বিষধর বিষপোরা মুখ"—নীলদর্পণ।

নীলকান্ত, নীলকান্তমণি (ল্, মোনি) বি, পুং, মণিবিশেষ : ইন্দ্র-নীলমণি, নীলমণি ; নীলবর্ণের প্রস্তরবিশেষ : sapphire. ২। [নীলকান্তমণির সদৃশ বলিয়া] শ্রীকৃষ্ণ। প্র—"যমুনে, ও যমুনে, তুমি কি সেই যমুনা প্রবাহিনী। যার বিশাল তটে রূপের হাটে বিকাত নীলকান্তমণি॥"—বাং-গান।

নীলকুঠী (ল্) [নীলের কুঠী (বাড়ী), ৬তৎ] বি, নীল গাছ হইতে রঙ্গ উৎপাদনের বাড়ী বা কারখানা।

নীলকুন্তলা (ল্) [নীলবর্ণ কুন্তল (কেশ) যাহার, বহু] বি, স্ত্রী, দুর্গার সখীবিশেষ।

নীলগঙ্গা (ল্) বি, স্ত্রী, গঙ্গার ধারাবিশেষ ; হরিদ্বারে চণ্ডীর পাহাড়ের পাদমূল ধৌত করিয়া প্রবাহিতা গঙ্গার ধারাবিশেষ।

নীলগাই (ল্) বি, কৃষ্ণসার জাতীয়, মতান্তরে গবাদিবংশীয় ঘন নীলাভ ধূসরবর্ণ পশুবিশেষ। ইহাদের সম্মুখের পদদ্বয় ঈষৎ লম্বা।

নীলগ্রীব (নীলগ্রিব) বি, পুং, নীলকণ্ঠ ; শিব।

নীল-ডাউন (ল, ন্,) [ইং—kneel down] বি, শিশু পড়ুয়ার দণ্ডস্বরূপ হাঁটুতে ভর দিয়া বসা। ক্রি, নীলডাউন করা।

নীলতন্ত্র (ল্) বি, ক্লী, তন্ত্রবিশেষ।

নীলধ্বজ (নীলধ্ধজ) [নীলবর্ণ ধ্বজ যাহার, বহু] বি, পুং, নৃপতিবিশেষ। ২। [নীলবর্ণ যে ধ্বজ] নীলবর্ণের পতাকা। ৩। তমাল বৃক্ষ।

নীলপটল (ল্, ল্) [নীলবর্ণ যে পটল—কর্ম্মধা] বি, ক্লী, নীলবস্ত্র।

নীলপতাকিনী (ল্) বি, দুর্গা। প্র—"নিশুম্ভনাশিনী জয়া নীলপতাকিনী।"—কবিকঙ্কণ।

নীলপদ্ম (নীল্পদ্দঁ) [নীল বর্ণ যে পদ্ম—কর্ম্মধা] বি, ক্লী, নীলবর্ণ পদ্ম ; নীলকমল।

নীলবড়ি (নিল্বোড়ি) বি, নীল (দ্রঃ)। নীলগাছ হইতে উৎপন্ন বড়ীর আকারে প্রস্তুত নীলরঙ্গ।

নীলবসন, নীলবস্ত্র (নীল্বশন্) [নীল-বর্ণ বস্ত্র যাহার, বহু] বি, পুং, যাহার পরিধেয় বস্ত্র নীলবর্ণ। ২। শনিগ্রহ। ৩। বলরাম। ৪। [নীলবর্ণ যে বস্ত্র, কর্ম্মধা] বি, ক্লী, নীল-রঙ্গের কাপড়।

নীলবৃষ (ল্) বি, পুং, লোহিত বর্ণ মুখ, পাণ্ডুবর্ণ পুচ্ছ ও শ্বেতবর্ণ খুর এবং শৃঙ্গ যুক্ত বৃষ ; সুলক্ষণাক্রান্ত বৃষ।

নীলব্রত (নীলব্রোতো) বি, ক্লী, নীলষষ্ঠী ব্রত

নীলমক্ষিকা (ল্) বি, নীলবর্ণের বড় মাছি

নীলমণি (নীল্মোনি) [নীলবর্ণ মণি, কর্ম্মধা। হি—নীলম্] বি, নীলবর্ণ বহুমূল্য প্রস্তর

নীলমাধব (নীল্মাধব্) [নীলবর্ণ যে মাধব (বিষ্ণু)—কর্ম্মধা] বি, পুং, বিষ্ণু ; কৃষ্ণ।

নীলরাজি [নীলবর্ণের রাজি (সমূহ) বি, পুং, স্ত্রী, অন্ধকারের ব্যাপ্তি। ২। ঘনান্ধকার।

নীললোহিত [নীল—লোহিত যাঁহার (কণ্ঠে নীলবর্ণ এবং কেশে লোহিত বর্ণ), বহু] বি, পুং, শিব। মতান্তরে, শিব কল্পান্তরে নীল-বর্ণ ও অন্য কল্পে লোহিত বর্ণ। প্র—"সেই ক্রোধে ভ্রূভঙ্গি হইল বিধাতার। তাহাতে জন্মিল নীল লোহিত কুমার॥ শিশুভাবে মহাদেব করেন রোদন।"—কবিকঙ্কণ। ২। [নীল অথচ লোহিত—কর্ম্মধা] লাল ও নীল-বর্ণের মিশ্রণজাত বর্ণ ; বেগুণে রঙ্।

নীলশিগ্রু (নীল্শিগ্ গ্রু) বি, পুং, নীলবর্ণ পুষ্পযুক্ত শোভাঞ্জন বৃক্ষ।

নীলসরস্বতী (নীল্শরশ্শোতি) বি, স্ত্রী, দশমহাবিদ্যার মধ্যে দ্বিতীয় ; তারা।

নীলসার (নীল্শার্) বি, পুং, তিন্দুক ; তুঁত গাছ।

নীলা [সং—নীল দ্রঃ] বি, স্ত্রী, রাগিণীবিশেষ। ২। নীলবর্ণ রত্ন ; বহুমূল্য প্রস্তরবিশেষ। প্র—"পাট শণ বদলে ধবল চামর পাব কাচের বদলে নীলা।" ৩। নীলবর্ণ মক্ষিকা।

নীলা, নীলে [গ্রা। সং—লীলা শব্দের অপভ্রংশ] বি, লীলা। প্র—নীলে খেলা।

নীলাঙ্গ [নীল বর্ণ অঙ্গ (দেহ) যাহার, বহু] বি, পুং, সারস পক্ষী। ২। বিণ, নীলবর্ণ অঙ্গ যাহার।

নীলাচল (ল্) [নীল+অচল] বি, পুং, নীলগিরি নামক পার্ব্বত্য প্রদেশের প্রান্তস্থ বলিয়া জগন্নাথক্ষেত্রের নামান্তর। প্র—"চল চল যাই নীলাচলে",—অন্নদামঙ্গল। ২। নীলগিরি-পর্ব্বতমালা (ওড়িষায়)। ইহাকে দক্ষিণ নীলাচল বলে। (২) উত্তর নীলাচল—কামাখ্যার পাহাড়।

নীলাঞ্জন (ন্) [নীল+অঞ্জন] বি, ক্লী, রসাঞ্জন। ২। তুথ। স্ত্রী, নীলাঞ্জনা—বিদ্যুৎ।

নীলাঞ্জসা (শা) বি, স্ত্রী, বিদ্যুৎ। ২। নদী-বিশেষ। ৩। অপ্সরোবিশেষ।

নীলাভ [নীল বর্ণ আভা যাহার, বহু] বিণ, নীলবর্ণ ; নীল আভাযুক্ত।

নীলাম্বর (র্) [নীল অম্বর (বস্ত্র) যাহার, বহু] বি, পুং, বলরাম। ২। শনিগ্রহ। ৩। [নীল যে অম্বর (বস্ত্র, আকাশ)—কর্ম্মধা] বি, ক্লী, নীল বসন। ৪। নীল আকাশ।

নীলাম্বরী (নীলাম্‌বোরি) [নীলাম্বর+ঈ (স্বার্থে)] বি, স্ত্রী, নীলশাড়ী ; বস্ত্রবিশেষ।

নীলাম্বু [নীল হইয়াছে অম্বু (জলরাশি) যাহার, বহু] বি, ক্লী, সমুদ্র।

নীলিকা [সং] বি, স্ত্রী, নীলের গাছ। ২। নেত্রের রোগবিশেষ।

নীলিমা [নীল+ইমন্ (ভাবে)=নীলিমন্, ১মা, ১ব] বি, পুং, নীলবর্ণ ; নীলত্ব।

নীলী [নীল (দ্রঃ)+ইন্ (অস্ত্যর্থে)=নীলিন্, ১মা, ১ব] বিণ, নীলবর্ণবিশিষ্ট। ২। বি, স্ত্রী, নীল গাছ। ৩। নীলরঙ্।

নীলীরাগ (গ্) [নীলী—রাগ] বি, পুং, নায়ক নায়িকার মনোগত পূর্ব্বরাগবিশেষ। ২। দৃঢ় প্রণয়। ৩। নীলবর্ণ।

নীলীরোগ (গ্) বি, পুং, নীলরোগ দ্রঃ ; নেত্ররোগবিশেষ।

নীলোৎপল (ল্) [নীল (নীলবর্ণবিশিষ্ট) যে উৎপল (পদ্ম)—কর্ম্মধা] বি, ক্লী, নীল-পদ্ম ; নীলকমল।

নীহার (র্) [নী—হৃ (হরণ করা)+অ (কর্ম্মে—ঘঞ্) । গ্রা—নীওর] বি, পুং, বরফ ; তুষার ; হিম। ২। কুজ্ঝটিকা।

নীহারস্ফোট (নিহারস্‌ফোট্) বি, বৃহদাকার নীহার পিণ্ড ; বরফের বড় চাঙ্গড়।

নীহারিকা—বি, দূরত্ব বলিয়া নীহার পুঞ্জবৎ প্রতীয়মান হয় যে নক্ষত্র পুঞ্জ ; nebula.

নু [তুল—ব্রজ, নূঁ ; হি—নৌ ; বাং—নুম্ ; "লাম" ; "লেম"এর গ্রা-রূপ। প্র—দিলুম, দেখলুম।—মেয়েলি কথায় "নুম্", সংক্ষেপে "নু"] বি, উ-পুরুষের ক্রিয়ার অতীত বোধক প্রত্যয়। প্র—করেছিনু ; দিনু ; গেনু ইত্যাদি। ২। ভবিষ্যদর্থে। প্র—দিনু আর কি অর্থাৎ দিব না।

নুআ, নুয়া [সং—নম্ ধাতুজ। উ-পু—নুই। ম-পু—নোও। প্র-পু—নোয়। অস-ক্রি—নুইতে ; নুইয়া। ণিজন্ত—নুআন ; নোয়ান] ক্রি, নত হওয়া ; নুইয়া পড়া ; ঝুঁকিয়া পড়া। প্র—"নুইয়ে পড়িছে যেন স্নেহ লাজ ভরে" —কুঙ্কুম। ২। নম্র হওয়া ; বিনয় বশে নত হওয়া ; বিনীত হওয়া। ৩। বাঁকা।

নুইয়া [প্রাদে। লোহ-লোহ=নোহ+ইয়া (যুক্ত)—লৌহ দ্বারা বদ্ধ—নোহইয়া= নুইয়া] বি, পায়ে বেড়ী দেওয়া বলির ছাগাদি ; "নুইয়া" পড়া বলির পশু।

নুকি [লুকন—লুকি দ্রঃ। ল=ন] বিণ, লুক্কায়িত। ২। বি, গোপন। প্র—"ও নুকি করতহি দেহা। অবহি ছোড়বি মোয় তেজবি লেহা।"—বিদ্যাপতি।

নুটী [সং—লোষ্ট্র হইতে ল=ন] বি, আঁটি ; নুড়ী। প্র—তালের নুটী বা নুড়ী। ২। মোট।

নুড়, নুড়া [সং—নড়। "পোটগলস্তু ধমনো নড়ঃ"—হেম। অথবা হি—নেওয়ালা—নওলা —নুলা—নুড়া] বি, নল তৃণ। ২। (তাহা হইতে) তৃণ-গুচ্ছ ; ঘাসের আটি। ৩। গুচ্ছ ; আটি।

নুড়কুৎ (ড্) [প্রাদে] বিণ, যে কর্ম্মে সহায়তা করিতে পারে ; কার্য্যক্ষম। ২। পুত্র ; ছেলে। হাত নুড়কুৎ—কাজ কর্ম্মে সাহায্য করিবার মত ছেলে। প্র—ছেলেটি হাত নুড়কুৎ হয়ে উঠেছে।

নুড়্নুড়ি—নুন্নুড়ি দ্রঃ।

নুড়ি [সং—লোষ্ট্র হইতে নুটী দ্রঃ। প্রাদে] বি, অখণ্ডিত ক্ষুদ্র শিলা ; ক্ষুদ্র প্রস্তর। প্র—"কভু সে রজত সোতে পাথরের নুড়ি পোতে" —কস্তুরী।

নুণ, নুন (ন্) [লবণ শব্দজ] বি, লবণ। প্র—"কাটা ঘায়ে নুন দিয়ে তামাসা তোমার" —কুঙ্কুম। ২। নুণে শাক। নুণ খাওয়া —প্রতিপালিত হওয়া ; অপরের অন্নে পুষ্ট হওয়া ; উপকার পাওয়া। নুণ গোলা —লবণাক্ত ; অতিরিক্ত লবণ-মিশ্রিত।

নুত [নু (স্তব করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পূজিত। ২। প্রশংসিত। ৩। প্রণত।

নুতি [নু (স্তব করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, স্তুতি ; প্রশংসা। ২। প্রণাম। ৩। পূজা।

নুদি [সং—তুন্দ। হি—তোঁদ] বি, স্থূলোদর ; মোটাপেট ; ভুঁড়ি। বিণ, নুদো—তুন্দিল ; ভুঁড়ো। প্র—"নুদো পেটা ভুঁদো দাদা মজবুৎ কথায়"—হেম বন্দ্যো।

নুনি, নুনু [হি—নুনী। হি—নন্নি=ছোট] বি, শিশুর লিঙ্গ।

নুনিয়া—বি, ছোটপাতা ক্ষুদ্র শাকবিশেষ ; নুনে শাক। ২। বিণ, লবণাক্ত।

নুন্নুড়ি [নন্নড় হইতে। ক্ষুদ্রার্থে—উ এবং ই যোগ] বি, ঘণ্টার জিহ্বা ; ঘুণ্টি। ২। উপ-জিহ্বা ; আল্‌জিভ্।

নুয়া, নোয়া [নুআন দ্রঃ] ক্রি, নত হওয়া। ২। বিণ, নত ; নম্রীভূত। প্র—"জলভারে ক্লান্ত হয়ে কাদম্বিনী পড়ে নুয়ে"—অশোক-গুচ্ছ। "দ্বারের পরে নুয়ে পড়ে নিম্ব শাখা" —রবি। ৩। [লৌহ শব্দের অপভ্রংশ] লোহা। ৪। সধবার করভূষণ।

নুয়ান, নোয়ান (নো) [নুআন দ্রঃ] ক্রি, নম্র করা ; নত করা। প্র—"নম্র হয়ে নারদেরে নুয়াইয়া মাথা। জিজ্ঞাসিলা যাদবেন্দ্র যদুচন্দ্র কোথা।"—শিবায়ন।

নুর (র্) [আ—নূর্] বি, জ্যোতিঃ ; আলোক ; তেজঃ।

নুরী [হি] বি, তোতা জাতীয় পক্ষী।

নুলা [হি—লূলা দ্রঃ] বিণ, ক্ষুদ্র হস্তবিশিষ্ট। ২। ছিন্নহস্ত। প্র—"অবনী লুটায় অঙ্গ আগে দুই নুলা"—ঘনরাম। ৩। ব্যাঘ্র বিড়ালাদির থাবা।

নূতন (ন্) [নব+তন (স্বার্থে) নব=নূ] বিণ, নব্য ; অভিনব ; নবীন। বি, নূতনত্ব।

নূতনত্ব (নূতনোৎত) [নূতন দ্রঃ] বি, নবীনত্ব অভিনবত্ব।

নূনখালাসী (নুনখালাশি) [জমীঃ পরিঃ] বি, যে লাখেরাজ জমী ৫০ বিঘার নূন বলিয়া বাজেয়াপ্ত হয় নাই।

নূপুর (র্) [নূ—পুর—পৃ ধাতুজ] বি, ক্লী, পুং, পাদাভরণবিশেষ ; নেপুর।

নূর (র্) [আ—নূর্, জ্যোতিঃ] বি, জ্যোতিঃ ; রূপ। প্র—"গোসাই মর্দ্দের মুখে হাত বুলাইয়া আপনার নূর দিলা দাড়ী গোঁফ দিয়া।" —অন্নদামঙ্গল।

নৃ [নী (লওয়া)+ঋ (কর্ত্তৃ—ড্)] বি, পুং, নর ; পুরুষ। ২। মনুষ্য। ৩। পুংলিঙ্গ-সূচক শব্দ।

নৃকপাল (ল্) [নৃ (নর)—কপাল] বি, ক্লী, নরকপাল ; নরমুণ্ড।

নৃকেশরী (নৃকেশোরি) [নৃ—কেশরী (সিংহ)] বি, পুং, নৃসিংহদেব। ২। নরশ্রেষ্ঠ।

নৃতি [নৃত্+ই] বি, স্ত্রী, নৃত্য।

নৃত্ত [নৃত্‌+ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, অভিনয়। ২। নৃত্য। ৩। [কর্ত্তৃ—ক্ত] বিণ, নৃত্যকারী।

নৃত্য (নৃৎত) [নৃৎ (নৃত্য করা) + য (ক্যপ্‌—ভাবে) গ্রা—নেত্ত] বি, পূর্ব্বকালে ব্রহ্মা ইন্দ্রের প্রার্থনাতে সকল বেদের সার আকষণ করিয়া নাট্যবেদ নামে পঞ্চম বেদ সৃষ্টি করিয়াছিলেন। তিনি ঋক্‌বেদের সার লইয়া গানের সৃষ্টি করেন, সামবেদের সারাকষণ করিয়া শ্লোকের সৃষ্টি করেন, যজুর্ব্বেদের সার গ্রহণ করিয়া হস্ত পদাদি সঞ্চালনের নিয়ম করেন এবং অথর্ব্ববেদের সার লইয়া সকল রসের উৎপত্তি করেন। নাট্যবেদ সুতরাং চতুর্ব্বেদের সারাংশ। নৃত্য দুই প্রকার—স্ত্রীলোকের নৃত্যের নাম "লাস্য" : পুরুষের নৃত্য "তাণ্ডব"। ২। অভিনয়।

নৃত্যৎ (নৃৎতৎ) [নৃত্‌ (নাচা) + অৎ (কর্ত্তৃ—শতৃ)] বিণ, নর্ত্তনশীল ; যে নাচিতেছে।

নৃত্যপর (নৃৎতপর্‌) [নৃত্য—পর] বিণ, পুং, নর্ত্তনশীল। স্ত্রী, **নৃত্যপরা**।

নৃত্যপরায়ণ (নৃৎতপরায়ন্‌) বিণ, নর্ত্তনদক্ষ ; নৃত্যপটু। স্ত্রী **নৃত্যপরায়ণা**।

নৃত্যপ্রিয় (নৃৎতপৃয়) [নৃত্য হইয়াছে প্রিয় যাহার, বহু] বি, পুং, শিব। ২। বিণ, নর্ত্তন প্রিয় : যে নাচিতে বা নাচ দেখিতে ভালবাসে। স্ত্রী, **নৃত্যপ্রিয়া**।

নৃত্যশালা (নৃৎত—) [নৃত্যের শালা (গৃহ) —৬তৎ] বি, স্ত্রী, নাট্যশালা : নৃত্যগৃহ : নাচঘর।

নৃদুর্গ [নৃ (মনুষ্য) তার দুর্গ—৬তৎ] বি, ক্লী, মনুষ্য রথাদি বেষ্টিত নৃপদুর্গবিশেষ : গড়।

নৃদেব (ব্‌) [নৃ (মনুষ্যের) দেব (স্বামী) ৬তৎ] বি, পুং, নরদেব : রাজা।

নৃধর্ম্ম [নৃ—ধর্ম্ম] বি, মানবধর্ম্ম : মনুষ্যের কর্ত্তব্য। বিণ, **নৃধর্ম্মা**।

নৃপ [নৃ (নর) পা (রক্ষা করা) + গ (কর্ত্তৃ—ড)] বি, পুং, রাজা ; নৃপতি : নরেন্দ্র। **নৃপনন্দন**—রাজপুত্র। **নৃপনন্দিনী**—রাজকন্যা। **নৃপকুমারী**—বি, স্ত্রী, রাজকন্যা। **নৃপতনয়া**—বি, স্ত্রী, রাজবালা।

নৃপতি (নৃপোতি) [নৃ (নর)—প—পা = পালন করা + অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, নরনাথ ; নরপতি ; ভূপাল।

নৃপদ্রুম (ম্‌) বি, পুং, আরগ্বধবৃক্ষ : বড় সোঁদালগাছ ; সোণালুগাছ ; বানরলাঠি, বানর নড়ী বা রাখালনড়ী গাছ। হিন্দী—আমলতাস।

নৃপবল্লভ (ভ্‌) বি, পুং, বৈদ্যকশাস্ত্রোক্ত ঔষধবিশেষ। ২। নৃতবিশেষ। ৩। বিণ, রাজপ্রিয়।

নৃপমণি (মোনি) [নৃপ—মণি (শ্রেষ্ঠ)] বি, পুং, নরশ্রেষ্ঠ ; রাজেন্দ্র। প্রা-বাং-গ্রা—**নিপমনি**। প্র—"পাট নেত বস্ত্র আদি দিল নিপমনি।"—শূন্যপুরাণ।

নৃপসুত (শুত) [নৃপের সুত (পুত্র) ৬তৎ] বি, রাজপুত্র।

নৃপসুতা (—শুতা) [নৃপের সুতা (কন্যা) —৬তৎ] বি; স্ত্রী, রাজনন্দিনী ; নৃপতনয়া ; রাজকন্যা। প্র—"নৃপসুতা করপুটে স্তুতি করে দ্রুত উঠে।"—বাসবদত্তা।

নৃপাংশ [নৃপের অংশ – ৬তৎ] বি, ক্লী, নরপতির প্রাপ্য কর। ২। পুং, রাজপুত্র : নৃপতনয়।

নৃপাত্মজ (নৃপাৎত্তজ্‌) [নৃপের আত্মজ—৬তৎ] বি, পুং, নৃপনন্দন : রাজপুত্র : রাজকুমার। স্ত্রী **নৃপাত্মজা**—রাজকুমারী। ২। কটুতুম্বী।

নৃপাল (ল্‌) [নৃ—পা + ণিচ = পালি (পালন করা) + অ (কর্ত্তৃ—অচ্‌)] বি, পুং, নরপালক ; রাজা।

নৃপাসন (—শন্‌) [নৃপের আসন—৬তৎ] বি, ক্লী, সিংহাসন ; মণিনির্ম্মিত আসনবিশেষ। ২। ভদ্রাসন।

নৃবাহন (ন্‌) [নৃ (নর) হইয়াছে বাহন (যান) যাহার, বহু] বি, পুং, কুবের।

নৃমণি (নৃমোনি) [নৃ—মণি—৬তৎ] বিণ, নরশ্রেষ্ঠ : নরের রত্নস্বরূপ।

নৃমুণ্ড—বি, নরমুণ্ড ; মনুষ্যের মাথা ; নর কপাল।

নৃমুণ্ডমালা—বি, মাল্যাকারে গ্রথিত নর কপাল।

নৃমুণ্ডমালী [নৃমুণ্ডমালিন্‌ শব্দ] বিণ নরমুণ্ডের মাল্য ধারণকারী। স্ত্রী, **নৃমুণ্ডমালিনী**—নরকপাল-মাল্যধারিণী। ২। কপালমালিনী কালী।

নৃযজ্ঞ (নৃজোগ্‌গ) [নৃ (মনুষ্য) যজ্ঞ (যাগ) —৬তৎ] বি, পুং, গৃহস্থদিগের প্রত্যহ কর্ত্তব্য পঞ্চ যজ্ঞের অন্তর্গত অতিথি-পূজন-রূপ যজ্ঞ।

নৃলোক (ক্‌) বি, নবলোক ; মনুষ্যলোক ; পৃথিবী ; মর্ত্ত্যলোক।

নৃশংস (শ) [নৃ (নর) শনস্‌ (হিংসা করা) + গ (কর্ত্তৃ—অচ্‌)—যে মানবদিগকে হিংসা করে] বিণ, নির্দ্দয় ; ক্রুর। ২। পরানিষ্টকারী। স্ত্রী, **নৃশংসা**। বি, **নৃশংসতা**।

নৃসিংহ (নৃশিংহ) [নৃ (নর) অথচ সিংহ (কেশরী) কর্ম্মধা] বি, পুং, বিষ্ণুর অবতার : ইঁহার অর্দ্ধাঙ্গ নরাকার এবং অর্দ্ধাঙ্গ সিংহাকার। ২। [নৃ (নর) সিংহ (প্রধান)] মনুষ্যপ্রধান। **নৃসিংহ চতুর্দ্দশী**—বৈশাখমাসের শুক্লা চতুর্দ্দশী, যে তিথিতে নৃসিংহদেব আবির্ভূত হইয়া হিরণ্যকশিপুকে সংহার করিয়াছিলেন। **নৃসিংহ পুরাণ**—বি, ক্লী, নৃসিংহদেবের মাহাত্ম্য বর্ণনাত্মক উপপুরাণবিশেষ।

নৃহরি (নৃহোরি) [নৃ (নর) হরি (সিংহ)] বি, নৃসিংহ।

নে [নেওয়া দ্রঃ। ম-পু—অনুজ্ঞা, তুচ্ছার্থে] ক্রি, ধর্‌ : গ্রহণ কর্‌। প্র—ছেলেকে কোলে নে। ২। লইয়া যা। প্র—"সারথিরে বলে দ্রুত, কৃষ্ণের নিকটে নে ত, দর্প চূর্ণ করিব তাহার॥"—শিবায়ন। ৩। অ, নিষেধার্থক অব্যয়। প্র—"গোলাপ ফুল ফুটে আছে মধুপ হোতা যাস্‌নে। ফুলের মধু লুটিতে গিয়ে কাঁটার ঘা খাস্‌নে।"—রবি। ৪। নঞ্‌ অর্থে, না। প্র—"কেন এলিরে ভালবাসিলি ভালবাসা পেলিনে। কেন সংসারেতে উঁকি মেরে চলে গেলিনে।"—রবি। ৪। থাক্‌ : যা' হয়ে গেছে তা' যাক্‌ ; গত বিষয়ের আলোচনায় আবশ্যক নাই এখন যা কর্ত্তব্য তাই কর এই অর্থে। প্র—নে, আর ঠাট্টায় কাজ নেই। নে, ঢের হয়েছে। নে, এখন ওসব কথা থাক্‌।

নেআ—নেওয়া দ্রঃ।

নেউগী [সং—নিয়োগী] বি, নবাব সরকারে কর্ম্মের পুরস্কার স্বরূপ সম্মানাত্মক উপাধিবিশেষ। প্র—"উই চারা খাই পশু নামেতে ভালুক। নেউগী চৌধুরী নহি না করি তালুক।"—কবিকঙ্কণ।

নেউট (ট্‌) [সং—নিবর্ত্তন শব্দজ] বি, ফিরন। ২। যাতায়াত। **নেউট পাড়া**—ক্রমাগত যাতায়াত করা : পথ ফেলা : যাওয়া আসা দ্বারা ঘনিষ্ঠতা করার চেষ্টা করা।

নেউধপাড়া—যাতায়াত ; যাওয়া আসা। ২। ক্রমাগত গতায়াত।

নেউটা, নেওটা, নেঅটা, ন্যাওটা [সং —স্নেহ = নেহ—নেঅ ; অথবা লিপ্ত। হি—লিপ্‌টা হইতে। নেওট দ্রঃ] বিণ, অনুরক্ত। ২। অনুগত ; বশীভূত। ৩। পোষা।

নেউটা [নেউটন দ্রঃ। অস-ক্রি ; নেউটিতে : নেউটিয়া] ক্রি, প্রত্যাবর্ত্তন করা ; ফেরা ; প্রত্যাবৃত্ত হওয়া। প্র—"নেউটিয়া রণে বীর আইল নিমিষে।"—কৃত্তিবাস। "নেউটিয়া আইসে ধন সুত বন্ধুজন। না নেউটে পুনরপি জীবন যৌবন।"—কবিকঙ্কণ। "শৃগালের শব্দে যেন সিংহ নেউটিল।"—কাশী-মহা-আদি। ২। পাল্টান ; অন্যথা হওয়া ; উল্টান ; নড়চড় হওয়া। প্র—"কহিল বচন আমি আর না নেউটে।"—কাশী-মহা-আদি। বি, **নেউটন**—প্রত্যাবর্ত্তন।

নেউল (ল্) [সং—নকুল শব্দজ] বি, বেঁজী। প্র—"নেউল প্রমাণ বীর হইল মায়াতে।"—কৃত্তিবাস। ২। চরণালঙ্কারবিশেষ।

নেও [হি—নেও, নে (বুনিয়াদ) তুল—"নেও ডালনা, নে খোদনা ইত্যাদি] বি, বুনিয়াদ ; foundation.

নেওট (ন্যাওটো) [নেউটা দ্রঃ] বিণ, অনুরক্ত। প্র—"ভাল যদি চাহ আমা লয়ে যাহ সাথে। বাপ্ নেওট ছেলে আমি নারিব পড়াতে।"—শিবায়ন।

নেওয়া [লেপন—নেপা—নেবা] বি, প্রলেপ (বঙ্গভাষা ও সাহিত্য)।

নেওয়া [লওয়া (দ্রঃ) ধাতুর ল—গ্রা-উচ্চারণে ন। উ-পু—নি। ম-পু—নাও ; নিন্ ; নে। প্র-পু—নেয় ; ন্যায়) ; নেন (ন্যান্)। অস-ক্রি—নিতে, নিয়া, নিয়ে। ণিজন্ত—নেওয়ান] ক্রি, লওয়া ; গ্রহণ করা ; লাভ করা।

নেওর (র্) [নীহার হইতে। গ্রা] বি, পুং, নীহার।

নেওলা [নাবাল (দ্রঃ) হইতে] বিণ, নিম্ন ; নীচু।

নেং (ন্যাং) [সং—লঙ্গ্ (খঞ্জ হওয়া) তাহা হইতে ভগ্নপদ অর্থে লং—নং নেং (বিদ্রূপে) তুল—নুলা (ভগ্নহস্ত) হি—লঙ্গ্‌ড়া ; ফা—লঙ্গ্—খঞ্জ।] বি, ভগ্নপদ। ২। [প্রাদে, ২৪ পরগণা] পদ ; পা। লেং দ্রঃ। হি—ঢাং অর্থে পা। **নেং বাড়ান**—ভাঙ্গা পা বাড়ান (নেংড়ান নেংচান দ্রঃ)। **নেং মারা**—লাফ দেওয়া। ২। ডিঙ্গাইয়া চলা। ৩। লাথি মারা।

নেংচান (ন্যাংচানো) [সং—লঙ্গ্ (খঞ্জ হওয়া) ধাতু হইতে হি—লঙ্গ্‌ড়ানা। বাং—লেংচান। উ-পু—নেংচাই। ম-পু—নেংচাও। প্র-পু—নেংচায়। অস-ক্রি—নেংচাইতে ; নেংচাইয়া ; নেংচিয়া ; নেংচে] ক্রি, খোঁড়ান ; খঞ্জবৎ চলা। প্র—"ঠকচাচা নেংচে নেংচে আসিয়া তাঁহাদিগের সম্মুখে পৌঁছিল।"—টেকচাঁদ।

নেংট (ন্যাংটো) [সং—নগ্ন—নংট। নেংটা দ্রঃ] বিণ, নগ্ন ; বিবস্ত্র ; উলঙ্গ ; উদম।

নেংটা, নেঙ্টা (ন্যাংটা) [সং—নগ্নাট ; অথবা হি—"লম্‌ব্‌টাঙ্গা" (লম্বা পা)—যাহার অনাবৃত লম্বা লম্বা পা দেখা যাইতেছে] বিণ, উলঙ্গ। প্র—"নেঙ্টা হ'য়ে শিঙ্গা বাজায় শাশুড়ীর কাছে। এমন পাগল নাকি ত্রিভুবনে আছে॥" —শিবায়ন। ২। নিঃস্ব ; পরিধানের বস্ত্র পর্য্যন্ত যাহার নাই এমন দরিদ্র। প্র—নেংটাকে নাই বাটপাড়ের ভয়। ৩। নির্লজ্জ ; বেহায়া। প্র—নেংটাপনা।

নেংটি [হি—লঙ্গোট] বি, ছিন্নমলিন বস্ত্র ; টেনা ; কৌপীন। ২। ছোট ইঁদুর।
নেংটিমারা—কৌপীনের মত করিয়া কাপড় পরা। ২। [অবজ্ঞায়] কপি-পরা ; কপিপোঁদা ; যাহার কাপড় মোটে জোটে না এমন দরিদ্র।

নেংড়া (ন্যাংড়া) নেঙ্গড়া দ্রঃ।

নেংড়ান (ন্যাংড়ানো) নেঙ্গড়ান দ্রঃ।

নেকড়া (ন্যাকড়া) [সং—নক্তক] বি, ছিন্ন-বস্ত্র ; কানি।

নেকড়িয়া, নেকড়ে (ক্) [হি—লক্কড়-বাঘ্‌বা, ভেড়িয়া] বি, ব্যাঘ্রবিশেষ ; গোবাঘা।

নেকরা (ন্যাকরা) [ফা—নখ্‌রা] বি, হাবভাব বা ছলা। ২। রঙ্গ ; কৌতুক। ৩। নির্ব্বুদ্ধিতা প্রকাশ ; নেকামি।

নেকা (ন্যাকা) [ফা—নেক (খুব ভাল মানুষ বা সাধু ; তুল—ইং, too good) হইতে] বিণ, নির্ব্বোধ ; হাবাবোকা। ২। অজ্ঞতা ও সাধুতার ভাণ। ৩। অস্পষ্টবাক্ ; যে বাঁকা বাঁকা কথা কয়। স্ত্রী, নেকী।

নেকাচোকা [লেখাজোকা দ্রঃ] বি, লিখিত।

নেকাপনা (ন্যাকাপোনা) [নেকা (দ্রঃ)—পনা। তুল—ফা—নেকী, হি—নেকপন্] বি, নেকামি ; অজ্ঞতার ভাণ।

নেকাম, নেকামি (ন্যাকামি) [নেকা দ্রঃ] বি, ন্যাকার ভাব ; অজ্ঞতার ভাণ ; নেকাপনা (দ্রঃ)। ২। মূর্খতা প্রকাশ।

নেকার, ন্যাকার (ন্যাকার্) [সং—ন্যক্কার শব্দজ] বি, বমন ; উদ্গিরণ ; বমি। প্র—"সে করে আমার নামে "নেকার নেকার"—কুঙ্কুম। "গোদে তেল দিয়া কত তুলিব নেকার"—কবিকঙ্কণ। **নেকার নেকার**—নেকারের উপক্রম ; বমিবমি। **গা নেকার নেকার করা** [তুল—হি—জী মচ্‌লানা] বমনের উপক্রম হেতু শরীর অস্থির হওয়া।

নেগে [হি—লাগে। বাং—গ্রা উচ্চারণভেদে ল=ন, লাগিয়া—লেগে—নেগে] অ, লাগিয়া ; নিমিত্ত ; জন্য। প্র—"তোমার নেগে গড়িয়ে দিব বত্ন সিংহাসন।" "কি নেগে কাঁদিসরে বাছা কি ধন তোর চাই।" ২। লাগিয়া ; ঠেকিয়া ; আঘাতে।

নেঙ (ন্যাং) [নেং দ্রঃ] বি, পদ ; জঙ্ঘা। ২। [হি—ফলঙ্গ্] দীর্ঘ করিয়া পদ ক্ষেপণ ; লম্ফ।

নেঙা, নেঙ্গা, নেটা (ন্যা) [প্রাদে] বিণ, যাহার বামহস্তে বলাধিক্য।

নেঙ্গড়া (ন্যাংড়া) [সং। ফা—লঙ্গ্=খঞ্জ। হি—লঙ্গড়া] বিণ, খঞ্জ ; পাদবিকল ; খোঁড়া। ২। উৎকৃষ্ট জাতীয় আম্রবিশেষ।

নেঙ্গড়ান (নেংড়ানো) [হি—লঙ্গড়ানা। নেঙ্গড়া দ্রঃ] ক্রি, নেংচে চলা ; খোঁড়ান।

নেঙ্গুড় (ড়্) [লাঙ্গুল হইতে। লেজুড় দ্রঃ] বি, পুচ্ছ ; লেজ।

নেজ (ন্যাজ্) [সং—লঞ্জঃ ('কচ্ছ' ইতি হেমচন্দ্র ; 'পুচ্ছ' ইতি জটাধরঃ) হইতে] বি, পুচ্ছ ; লেজ।

নেজনা (জ্) [ফা—নেজা (অস্ত্রের সূক্ষ্ম মুখাংশ ; ফলা) অথবা লেজ হইতে নেজ+না (সাদৃশ্যে) যে অংশ লেজের মত যুক্ত হয়] বি, লাঙ্গলের ফলা। প্র—"জোলুয়ে নেজ্‌না ঘুড়ি মুড়ে রাখে আল। ঈষ ধরে পাশী মেরে পরাইল ফাল॥"—শিবায়ন।

নেজা [ফা—নেজা] সূক্ষ্মমুখ অস্ত্রবিশেষ ; ভল্ল ; বড়সা। ২। বাঁটুল ; বাণ। প্র—"ফোঁটা দিয়া বিন্ধে রেখা ছাড়িতে শিখায়ে নেজা চামের টোপর শোভে শিরে"—কবিকঙ্কণ। ৩। লেজ।

নেজামৎ [ফা—নিজামৎ] বি, নাজীমের দপ্তর। ২। নবাব নাজীরের পদ।

নেজুড় (ড়্) [লেজুড় দ্রঃ। হি—লেঙ্গুড়] বি, কৃত্রিম লেজ ; কাপড়ের লেজ। প্র—"লাঙ্গুলে বেঁধেছ ভালো সভ্যতা নেজুড়"—হেম বন্দ্যো।

নেঞ্জার (ন্যান্জার্) [সং—লঙ্গ (পুচ্ছ)—ওয়াড় বা আড় ; গ্রা-বাং—ল=ন, আড়=আর—লেজুড়বৎ যাহা লাগিয়াই থাকে ও যাহাকে ছাড়ান যায় না তাহা হইতে অর্থ সম্প্রসারণে] বি, লেজুড় ; লটবহর। ২। ঝঞ্ঝাট ; লেঠা। ৩। জড়ীভূতাবস্থা। বিণ, **নেঞ্জারী**—অপোগণ্ড ছেলে পুলে প্রভৃতি লইয়া সংসারে জড়িত ও ক্লিষ্ট।

নেটা (ন্যাটা) [হি—লওটা—উল্টা—বিপরীত। অসমীয়ায় "লেবেরা" (বাম) লহন। তুল—অসমীয়া—"লেবেরাহতীয়া" ইং left handed হি—বাঁয়্‌হাত্তা] বিণ, সব্য ; যাহার বাম হাত বেশি চলে ; বাঁহাত দিয়া যে কাজ করে ; নেঙা।

নেটান (নো) [সং—লতা হইতে—লতান, উচ্চারণ বিকারে নতান পরে নাটান, নেটান] ক্রি, লতাইয়া পড়া ; উত্থানশক্তিহীন হইয়া লতার মত পড়িয়া থাকা। প্র—"নেশার জোরে পা নেটিয়া পড়িল"—টেকচাঁদ।

নেটুয়া, নাটুয়া, নেটো [নট—নাট+উয়া] বিণ, নট ; নর্ত্তক ; নাট্যাভিনয়কারক। ২। ভণ্ড।

নেঠা (ন্যাঠা) [লেঠা দ্রঃ। গ্রা—ন্যাটা] বি, ঝঞ্ঝাট। ২। নতা ; ছুতা। প্র—"পিকদাই প্রবোদে কথার দিয়া নেঠা। এখনি প্রসব হবে চাঁদ পারা বেটা॥"—ধর্ম্মমঙ্গল।

নেড় (ন্যাড়) [সং—লেণ্ড] বি. লম্বাকৃতি আঁটাল মল ; লম্বাকৃতি বিষ্ঠা।

নেড়া, ন্যাড়া [সং—নগ্নাট। নাণ্ডা (প্রা-বাং) হি—মুণ্ডা] বিণ. মুণ্ডিতকেশ। ২। নগ্ন : অনাবৃত : উলঙ্গ। ৩। অলঙ্কারহীন : নিরাভরণ। প্র—"টাকি কাটি নেড়া মাথা এ যুক্তি কেমন"—ভারতচন্দ্র। "রৌদ্র গিয়া পেটে ঢোকে ন্যাড়া মাথা ফুঁড়ে"—ঈশ্বর গুপ্ত। ৩। বি. বৈষ্ণব সম্প্রদায়ভুক্ত মুণ্ডিতমস্তক সাধক। ৪। ভিক্ষুকবিশেষ। স্ত্রী. নেড়ী। **নেড়া-বোঁচা**—আভরণে বঞ্চিত ; সাজসজ্জাহীন। **নেড়ামুড়া**—নগ্নবেশ ও মুণ্ডিতকেশ। ২। ছিন্ন-পত্র-পল্লব ও ভগ্নশাখ।

নেড়াপোড়া [মেড়া হইতে—নেড়া ; কৃষ্ণ কর্তৃক নিহত মেড়া দৈত্যের দেহে অগ্নি সংযোগ রূপ ব্যাপার হইতে] বি. চাঁচর : দোলযাত্রার পূর্ব্ব দিনে অনুষ্ঠেয় অগ্ন্যুৎসব ; মেড়াপোড়া।

নেড়াসিজ (ন্যাড়াশিজ্) বি. কণ্টকবিশেষ তেকাঁটা সিজ।

নেড়ী (নেড়ি) [নেড়া দ্রঃ] বিণ. মুণ্ডিতকেশা। ২। ছদ্মবৈষ্ণবী : গায়িকাবিশেষ। **নেড়ানেড়ী** [নেড়া দ্রঃ] মুণ্ডিতকেশ বৈষ্ণব বৈষ্ণবী। ২। ছদ্ম বৈষ্ণব বৈষ্ণবী। **নেড়ানেড়ীর দল**—বৈষ্ণবদিগের যে সম্প্রদায়ে স্ত্রী পুরুষ কেশ মুণ্ডন করে। ২। ছদ্ম বৈষ্ণব বৈষ্ণবীর আকারে গায়ক গায়িকার দল।

নেড়ীভেড়ী [নড়িয়া ভোলা দ্রঃ] বি. সামান্য লোক ; তুচ্ছলোক ; ইতরলোক ; গরীব-গুরবা।

নেড়ে [নেড়া হইতে। হিন্দু টিকি রাখিত, মুসলমান নেড়া হইতে, তাহা হইতে নেড়া+ইয়া] বি. যবন : ম্লেচ্ছজাতি। **পাতিনেড়ে**—ছোট নেড়ে (তুল—পাতিনেবু, পাতিহাঁস, পাতি দ্রঃ) ; নিম্নশ্রেণীর মুসলমান।

নেত (ত্) [সং—নেত্র—নেত। তুল—ইং—net.] বি. বস্ত্রবিশেষ : অংশুক ; সূক্ষ্মবস্ত্র ; সূক্ষ্মপট্টবাস ; গরদ। প্র—"কেহ নেত কেহ শ্বেত কেহ পাট সাড়ী। কুঙ্কুম চন্দন দূর্ব্বা বাটা করি ভরি।"—কবিকঙ্কণ। "বান্ধিয়া কালীর পুচ্ছ নেতের অঞ্চলে।"—কেতকাদাস। "সদা হুলাহুলি পড়ে নেতের পতাকা উড়ে ধবল আসনে নিরঞ্জন।"—শূন্যপুরাণ।

নেতা [নী (লইয়া যাওয়া)+তৃ (কর্তৃ—তৃচ্) =নেতৃ ১মা, ১ব] বিণ. যে লইয়া যায় ; পরিচালক। ২। পথপ্রদর্শক। ৩। নির্ব্বাহক : সম্পাদনকারী। ৪। নায়ক : অধ্যক্ষ। ৫। স্বামী ; প্রভু। স্ত্রী. **নেত্রী**—পরিচালিকা। ২। নায়িকা।

নেতা (ন্যাতা) [সং—নক্তক। হি—লত্তা] জীর্ণ মলিন বস্ত্রখণ্ড ; কানি : ঘর নিকাইবার ছেঁড়া কাপড়।

নেতাড় (ন্যাতাড়) [সং—লগ্ন+আড় (ক্রমাগত হওয়া বা প্রবাহ অর্থে) হইতে লেগ্নাড় ক্রমে "নেতাড"] বি. একের সহিত অন্য সংলগ্ন হইয়া যাহা ক্রমাগত চলিয়াছে : সংলগ্নতা।

নেতান (নো) [লতান দ্রঃ। গ্রা—"নেতিয়ে পড়া"] ক্রি. লতার মত কৃশ হওয়া। ২। অবসন্ন হওয়া।

নেতুড় (ড়)—নেতাড় দ্রঃ।

নেতৃত্ব (নেৎতৃত্ত) [নেতৃ+ত্ব (ভাবে)] বি. ক্লী. নেতার কার্য্য : পরিচালনা : অধ্যক্ষতা।

নেত্র (নেৎত্র) [নী (নয়নে, প্রাপণে)+ত্র (করণে—ষ্ট্রণ্) যাহা দ্বারা বস্তুর জ্ঞান প্রাপ্তি বা অস্তিত্ব বোধ হয়] বি. নয়ন : অক্ষি : চক্ষু। ২। [শিবের ও শক্তির তিন নেত্র অথবা বেদত্রয়ী জ্ঞানের তিনটী নেত্রস্বরূপ সুতরাং নেত্র বলিতে তিন সংখ্যা বুঝায়। তুল —"একে চন্দ্র, দুএ পক্ষ, তিনে নেত্র"] তিন : ৩ এই সংখ্যা। ৩। নায়ক : পথপ্রদর্শক। [দ্রঃ—সং-তে রথ, পথ, বস্ত্র, রক্ষক প্রভৃতি অর্থে চলিত কিন্তু বাং-য় প্র-অ] স্ত্রী. **নেত্রী**—লক্ষ্মী : নারী ; নদী।

নেত্রকোষ (ষ্) বি. পুং, ক্লী. নেত্রপটল।

নেত্রগোচর (নেৎত্রগোচর্) [নেত্রের গোচর, ৬তৎ] বিণ. দৃষ্টিগ্রাহ্য ; দৃষ্ট। **নেত্রগোচর করা**—দেখা। **নেত্রগোচর হওয়া**—দৃষ্টিপথে পতিত হওয়া।

নেত্রচ্ছদ (নেৎত্রোচ্ছদ্) [নেত্রের ছদ (আচ্ছাদক)] বি. পুং. নেত্রপক্ষ্ম। ২। চোখের পাতা।

নেত্রপল্লব (নেৎত্রপল্লব) [নেত্রের পল্লব, ৬তৎ বি. চোখের পাতা।

নেত্রমল (নেৎত্রোমল্) [নেত্রের মল, ৬তৎ] বি. ক্লী. চোখের পিঁচুটি।

নেত্ররঞ্জন (নেৎত্রোরনজন্) [নেত্রের রঞ্জন (রাগদ্রব্য)—৬তৎ] বি. ক্লী. অঞ্জন : কাজল। ২। সুর্মা। ৩। বিণ. নয়নের প্রীতিকর।

নেত্রান্ত (নেৎত্রান্ত) [নেত্রের অন্ত—৬তৎ] বি. পুং. ক্লী. চক্ষুর প্রান্তভাগ ; অপাঙ্গ।

নেত্রাম্বু (নেৎত্রাম্বু) [নেত্রের অম্বু (জল) —৬তৎ] বি. ক্লী. নয়নজল ; অশ্রু।

নেদান (ন্যাদানো) ক্রি. নেংচিয়া চলা। ২। অতি কোমলতা হেতু যেন ধসিয়া বা গলিয়া পড়া।

নেদি [হি—লীদ—লেদী—নেদী—নেদি] নাদি দ্রঃ ; বিষ্ঠা। ২। গোবর। ৩। গোময়পিষ্টক : ঘুঁটে। **নেদি দেওয়া**—ঘুঁটে প্রস্তুত করা।

নেদিষ্ঠ [সং—অন্তিক=নিকট+ইষ্ঠ (অতিশয়ার্থে) যে অতি নিকট] বিণ. অতি নিকট : ঘনিষ্ঠ। "নেদিষ্ঠ দায়াদ"—মানবের আদি জন্মভূমি।

নেদীয়ান্ (ন্) [সং] বিণ. নিকটতর : নেদিষ্ঠ [বিরল]।

নেপ (প্) [লেপ দ্রঃ] বি. শীত নিবারণের আচ্ছাদনবিশেষ।

নেপটান (ন্যাপ্টানো) [সং—লিপ্ত। হি —লিপটনা, লিপ্টানা] ক্রি. লিপ্ত হওয়া জড়াইয়া থাকা। প্র—"বরং শেষে মাথার রতন। নেপ্টে রইলেন আঠার মতন।" —দ্বিজেন্দ্ররায়।

নেপথ্য (নেপোথ্থ) [নে (নায়ক) পথ্য (যোগ্য, উচিত) যাহা নায়কোচিত] বি. ক্লী. সাজঘর ; অভিনয় স্থলের অন্তরাল। ২। অভিনেতা অভিনেত্রীর সাজসজ্জা। ৩। ভূষণ : অলঙ্কার। **নেপথ্যযোগ**—কলা দ্রঃ।

নেপা (ন্যাপা) [লেপা দ্রঃ] ক্রি. লেপন করা : প্রলেপ লাগান। ২। বি. ছাতা। **নেপা ধরা**—ছাতাপড়া।

নেপাল (ল্) বি. পুং. ভারতবর্ষের উত্তরসীমান্ত হিমালয়পর্ব্বতস্থ দেশবিশেষ। ২। [নৃপাল হইতে] রাজা। (২) বাঙ্গালীর ব্যক্তিগত নাম। প্র—গোপাল নেপাল দুই ভাই।

নেপুর (র্) [প্রাদে। নূপুর শব্দজ] বি. নূপুর দ্রঃ।

নেবা (ন্যাবা) [কমলা-নেবু হইতে নেবুয়া (ইয়া) পরে নেবা] বি. পাণ্ডুরোগ ; কাঁওল রোগ ; যে রোগে সর্ব্বাঙ্গ ও মল মূত্র পর্য্যন্ত কমলা লেবুর মত বা হরিদ্রা বর্ণ হয় jaundice.

নেবাজ (জ্) [ফা—নেবাজ্] বিণ. পৃষ্ঠপোষক : পালক। **গরীব নেবাজ**—দরিদ্রের পৃষ্ঠপোষক : গরীবের সহায় : দরিদ্রপালক। প্র—"সাত দিন ক্ষম মোরে ধরি আনি দিব চোরে প্রাণ রাখ গরীব নেবাজ।" —অন্নদামঙ্গল।

নেবু [সং—নিম্বু। লেবু দ্রঃ] বি. প্রসিদ্ধ অম্ল রস ফল ; নিম্বু ; lemon : lime. আকার ও গুণ ভেদে নেবু বহুবিধ। যথা—পাতি, কাগ্জী, বাতাবী, গোঁড়া, কমলা, গন্ধরাজ, কদম্ব প্রভৃতি। প্র—"কাসন্দ ও কাঁচা লঙ্কা আর নেবু পাতে * * * চম্পক অঙ্গুলে মাখে আম কচালিয়া।" —ফুল্লরেণু। ২। নেবু গাছ ; citrus.

দ্রঃ—প্রকার ভেদে নেবু বহুপ্রকার তন্মধ্যে এদেশে চলিত—**কমলা নেবু**—কমলা দ্রঃ। **কাগজী নেবু**—অম্লাস্বাদ ছোট অণ্ডাকৃতি বা ঈষৎ লম্বা নেবু। **গোঁড়া নেবু**—অত্যন্ত অম্লরস বড় গোল নেবু। **নারাঙ্গি নেবু**—নারাঙ্গি দ্রঃ; citrus aurantium. **পাতি নেবু**—অম্লরস, ছোট গোল নেবু। **বাতাবী নেবু**—যবদ্বীপের প্রধান নগর বাতাবিয়া হইতে আমদানী হয়, খুব বড় বড় অল্প অম্লরস খোলা পুরু নেবু; citrus decumana.

নেম (ম্) [প্রা। সং—নিয়ম—সংক্ষেপে] বি. নিয়ম। ২। ব্রত। **আতুরে নেম নাস্তি**—[সং—আতুরে নিয়মো নাস্তি] রোগীর পক্ষে ব্রত উপবাসাদি নিষিদ্ধ।

নেম (ম্) [সং] কাল। ২। অন্ধ।

নেমকহারাম (ক্) [ফা—নমক্ হারাম্] বিণ. যে, নুন খাইয়া কৃতজ্ঞ হয় না : অকৃতজ্ঞ। বি. **নেমকহারামি, মী**—অকৃতজ্ঞতা।

নেমি, নেমী [নী (পাওয়া)+মি (সংজ্ঞার্থে)] বি. স্ত্রী. চক্রপরিধি : চক্রপ্রান্ত : চাকার বেষ্টন। প্র—"স্বর্ণময় নেমি, স্বর্ণময় যুগন্ধর। স্বর্ণময় ধুরা স্বর্ণময় অপস্কর॥"—কাশীকাবেরী। ২। কূপোপরিস্থ রজ্জুর অবলম্বন-কাষ্ঠ : তেকাঠা। **চক্রনেমী**—চক্রপরিধি

নেয়, নেয়ো (নেও) [নত হইতে—যাহা নুইয়া যায় বা গিয়াছে] বিণ. নরম; রসাল। প্র—নেয় কাঁটাল। ২। [লাউ—ইয়া=লেয়ো=নেও] লাউয়ের মত। **নেয়ো পেটা**—লাউএর মত উদরবিশিষ্ট।

নেয়াই [প্রা-বাং—গ্রা] বি. ন্যায়।

নেয়াড় (ড্) [হি—নেবার] বি. শাদা চওড়া মোটা সূতার ফিতা। **নেয়াড়ের খাট**—নেয়াড় সূতায় বোনা খাট।

নেয়াড়ি, নোয়াড়ি [প্রাদে। সং—লবণী হইতে] বি. নোড় (দ্রঃ)। প্র—"আমড়া নেয়াড়ি পাকা চালতা। আম্‌সি কাসন্দী কুল করপ্পা॥"—কবিকঙ্কণ।

নেয়ার (র্) [হি—নেবার] বি. নেয়াড় দ্রঃ।

নেয়াল (ল্) [নেহার নেয়ার দ্রঃ] বি. সাদা ফিতা। প্র—"নেয়াল বুনিয়া নাম বোলায় বেনটা"—কবিক। ২। [নেহাল দ্রঃ] বিণ. অতুলধনশালী।

নেয়ে [নাবিক শব্দজ] বি. নৌকাচালক; নাবিক; মাঝি। প্র—"আঁখি তুই দেখ্‌না চেয়ে তার প্রাণের নেয়ে বাচ্চে বেয়ে কিসের নেশায়।"—বাং-গান। "এ তনু-তরণী ত্বরা করি চল বেয়ে! ভবের ভাবনা কিবা মনকে কর নেয়ে॥"—রামপ্রসাদ।

নেয়ে [নাওয়া দ্রঃ। নাহিয়া, নাইয়া—সংক্ষেপে নেয়ে] অস-ক্রি, স্নান করিয়া। প্র—"গুঁড়ি কাষ্ঠ নুড়ি শিলা ভক্তি পথে নেয়ে"—হেম বন্দ্যো।

নেল [ব্রজ। নয়ন (আনয়ন, প্রাপণ)—নয়ল—নেল] ক্রি, লইল। ২। প্রাপ্ত হইল; পাইল। প্র—"শ্রবণক পথ দুহুঁ লোচন নেল"—বিদ্যাপতি।

নেল (ল) [নেহাল (দ্রঃ)—নেআল—নেল] বিণ. নেহাল; ধনী; আঢ্য। প্র—নেল করে দেওয়া। **নেল করা**—নেহাল করা: আঢ্য করিয়া দেওয়া। (তুল—হি—নেহাল বা লাল কর্ দিয়া)।

নেলান (স্থালানো) [লেলান দ্রঃ] বি টুয়ান; পেছু লাগান; উসকান।

নেশা [আ—নশা] বি. মাদক দ্রব্য। ২। মত্ততা; মত্ততার ঘোর। ৩। "চোখে কেন লাগচে নাকো নেশা।"—কথা। ৩। প্রবল ঝোঁক; বাতিক।

নেশাখোর (র্) [নেশা (নেশার—দ্রব্য, মাদক দ্রব্য) খোর (যে খায়)] বিণ. মাদকসেবী; যে সর্ব্বদা মত্ততাজনক দ্রব্য খাইয়া থাকে। বি. **নেশাখুরী**।

নেহ [প্রা-বাং। লহ (দ্রঃ) হইতে] ক্রি, লও: গ্রহণ কর। প্র—"হে গোবিন্দ বার ভাই বার আদিত্ত হাথ পাতি নেহ সেবকর অর্ঘ ফুল জল"—শূন্যপুরাণ। ২। [সং—লিহ্ ধাতু (লেহন করা)—লেহন—লেহ—নেহ। ল=ন (দ্রঃ)] অবলেহন: চাটা। প্র—"রসনায় নেহ যেন দরশনে পান। ভুজে যেন আলিঙ্গন নাসিকায়ে ঘ্রাণ॥"—চৈতন্যভাগবত।

নেহ [সং—স্নেহ হইতে ব্রজ—সিনেহ—নেহ] বি, স্নেহ।

নেহাই [হি—নিহাই] বি. স্বর্ণকার যে লোহাধারে রাখিয়া স্বর্ণাদি পিটিয়া পাত প্রস্তুত করে; যে লৌহখণ্ডের উপর রাখিয়া কর্ম্মকার ধাতু পিটে: চৌকী; anvil.

নেহাইত (ত্) [গ্রা—নেহাত। ফা—নিহায়ত] বিণ. নিতান্ত; অতিশয়। ২। অন্ততঃ পক্ষে; একান্ত পক্ষে। প্র—"দেখলাম পরে চাঁদের করে নেহাইত প্রিয়া তৈরি নন"—দ্বিজেন্দ্র রায়।

নেহাত (ত্) [নেহায়ৎ দ্রঃ] অ, নিতান্ত: অতিশয়; যার পর নাই। ২। একান্তই; নিতান্ত পক্ষে। প্র—"শাস্ত্র যদি নেহাৎ পড়তে হবে। গীত-গোবিন্দ খোলা হোক না তবে॥"—রবি।

নেহায়ৎ [আ—নিহি=নহী হোনা (যার পর নাই) হইতে আ—নিহায়ৎ] ক্রি-বিণ, নিতান্ত: অত্যন্ত; অত্যধিক; একশেষ।

নেহার (র্) [প্রাদে। নেয়াল দ্রঃ। হি—নেবার নেবাড়] বি, চওড়া সাদা ফিতা। খটাদি বুনিবার ফিতা।

নেহারন, নেহালন (ন্) [নেহারা, নেহারনা দ্রঃ] বি, দৃষ্টিপাত; দর্শন; নিরীক্ষণ। প্র—"অনিমেষে শ্রীঅঙ্গ নেহারে।"—কালীকীর্ত্তন।

নেহারনি [ব্রজ। নেহারন শব্দের কোমল রূপ] বি, দৃষ্টি; কটাক্ষ। প্র—"চঞ্চল লোচনে বঙ্ক নেহারনি অঞ্জন শোভন তায়।"—বিদ্যাপতি।

নেহারা (নে) [নেহালা দ্রঃ। উ-পু—নেহারি। ম-পু—নেহার; নেহারুন্; নেহার্। প্র-পু—নেহারে। অস-ক্রি—নেহারিতে, নেহারিয়া, নেহারি (পদ্যে)] ক্রি, দর্শন করা; চক্ষু মেলিয়া দেখা; নিরীক্ষণ করা। প্র—"নিকটে সরিয়ে হৃদয় ঢালিয়ে দাঁড়াইল যুবা 'নেহার' বলি। হেরি সে হৃদয়-কুসুম অমনি যুবার হৃদয়ে পড়িল ঢলি"—চিন্তা (ঈশান বন্দ্যো) [ব্রজ] **নেহারই**—চাহি। চাহিয়া। প্র—"পন্থ নেহারই তোরা"—বিদ্যাপতি। "তোড়ই কুসুম নেহারই ফেরি"—ঐ। **নেহারলু**—দেখিলাম। প্র—"জনম অবধি হাম রূপ নেহারলু নয়ন না তিরপিত ভেল।"—বিদ্যাপতি। **নেহারত**—দেখে; দেখিতেছে। **নেহারব**—দেখিব; চাহিয়া দেখিব। প্র—"কৈছে নেহারব কুঞ্জ কুটীর"—বিদ্যাপতি। **নেহারবি**—চাহিবি। প্র—"আধ নেহারবি বঙ্কিম ঠাম"—বিদ্যাপতি।

নেহাল, নেয়াল (ল্) [গ্রা—নেল। হি—নেহাল] বিণ. আঢ্য; ধনশালী। প্র—"নানাধনে ডোমগণে করিল নেহাল।"—ঘনরাম। "গাল বাদ্যে বেল পাতে ভুলাইয়া ভোলানাথে নেহাল হইল কত নর।"—শিবায়ন।

নেহালা [সং—নিভালন (দর্শন—ত্রিকাণ্ড শেষ)=নিহালন—নিহালা—নেহালা—নেহারা (ল=র)। হি—নেহারনা, নেহালনা=দর্শন করা। উ-পু—নেহালি। ম-পু—নেহাল। প্র-পু—নেহালে। অস-ক্রি—নেহালিতে; নেহালিয়া] ক্রি, দৃষ্টিপাত করা: চক্ষু মেলিয়া দেখা। দর্শন করা। প্র—"বৃক্ষেতে উঠিয়া বীর নেহালে কানন"—কৃত্তিবাস। "আড়ালে থাকিয়া রম্ভা জামাতা নেহালে"—কবিক।

নেহালি [নিরলি দ্রঃ] বি, ফুলবিশেষ; নিরলি। প্র—"নেহালি পিরলি দূর্ব্বা, বন করবীর মূর্ব্বা, অতসী শিউলী পারিজাত।"—কবিক।

নৈ (নোই) [সং—নদী—প্রাকৃ—নঈ—নৈ] বি, নদী। প্র—"কটক দেখি স্নান করি মহানৈ কূলে"—চৈতন্য ভাগবত।

নৈ, নৈবাছুর [নই দ্রঃ] বি, স্ত্রী, নব প্রসূতা গোবৎস।

নৈ (নোই) [নহি (না হই) সংক্ষেপে। ম-পূ। তুল—ম-পূ—নও ; নহ। প্র-পূ—নয়, নহে। ক্রি, না হই ; নহি।

নৈঃস্ব [নির্ (নাই) স্ব (ধন)=নিঃস্ব+অ (ভাবার্থে, অন্) নিঃস্বভাব] বি, স্ত্রী, নির্ধনত্ব। স্বম্বলহীনতা ; দারিদ্র্য।

নৈক [ন+এক] বিণ, একভিন্ন ; একাধিক ; অনেক।

নৈকটিক (ক্) [নিকট+ইক (স্থিতার্থে—ষ্ণিক)] বিণ, নিকটবর্ত্তী।

নৈকট্য (নৈকোট্‌ট) [নিকট+য (ভাবে, ষ্ণ্য] বি, স্ত্রী, সামীপ্য ; নিকটত্ব।

নৈকষেয় [নিকষা+এয় (অপত্যার্থে—ষ্ণেয়)] বি, পুং, নিকষার পুত্র ; রাবণ, বিভীষণ।

নৈকষ্য (নৈকোষ্‌ষ) [সং—নিকষ হইতে] বিণ, পরীক্ষিত ; বিশুদ্ধ ; খাঁটি। প্র—নৈকষ্য কুলীনের ঘর।

নৈগম (ম্) [নিগম+অ (স্বার্থে, ষ্ণ)] বি, পুং, নিগমন শাস্ত্র · উপনিষদ্। ২। পন্থা ; মার্গ। ৩। বণিক্।

নৈগমিক (ক্) [নিগম+ইক (ভবার্থে—ষ্ণিক)] বিণ, নিগমাত্মক ; বেদাত্মক। ২। নিগম হইতে উদ্ভূত ; বেদজ। ৩। নিগম সম্বন্ধীয়।

নৈচা, নৈচে [ফা—নৈচা] বি, হুকার নলচে।

নৈত্যিক (ক্) [নিত্য+ইক (ভবার্থে—ষ্ণিক) তুল—নৈমিত্তিক] বিণ, নিত্যানুষ্ঠেয় ; নিত্য কর্ত্তব্য।

নৈদাঘ (ঘ্) [নিদাঘ+অ (সম্বন্ধার্থে—ষ্ণ্য)] বিণ, নিদাঘ সম্বন্ধীয়। প্র—"অল্পকাল মধ্যে মহারবে নৈদাঘ ঝটিকা প্রধাবিত হইল।"—দুর্গেশনন্দিনী।

নৈদান, নৈদানিক (ন্) [নিদান+অ—ইক (সম্বন্ধার্থে, ষ্ণ, ষ্ণিক)] বিণ, নিদান সংক্রান্ত। ২। নিদানশাস্ত্রজ্ঞ।

নৈপালিক (ক্) [নেপাল+ইক (ভবার্থে—ষ্ণিক)] বিণ, নেপাল দেশোৎপন্ন। ২। নেপাল দেশ সম্বন্ধীয়।

নৈপালী [নেপাল+অ (ভবার্থে) ঈপ্ স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী মনঃশিলা। ২। নবমল্লিকা। ৩। শেফালিকা।

নৈপুণ্য [নিপুণ+য (ভাবে—ষ্ণ্য)] বি, স্ত্রী, চাতুর্য্য ; কৌশল ; নিপুণতা ; দক্ষতা। ২। পারিপাট্য।

নৈবচ [সং—নৈব চ=এমন নয়] অ, এরূপ নহে ; এমন নয়। নৈবচ নৈবচ—কখনই তা নয় ; কখন কর্ত্তব্য নয়। প্র—"ভিক্ষা মাগা নৈবচ নৈবচ"—অন্নদামঙ্গল।

নৈবিড়্য (নৈবিড়্‌ড) [নিবিড়+য (ভাবে—ষ্ণ্য)] বি, স্ত্রী, নিবিড়ত্ব ; ঘনত্ব।

নৈবেদ্য (নৈবেদ্দ) [গ্রা·নৈবিদ্দি। প্রা·বাং—নৈবিদ্দ। সং—নিবেদ্+য (যোগ্য অর্থে—ষ্ণ্য)] বিণ, নিবেদনের যোগ্য। ২। বি, দেবতার উদ্দেশে নিবেদনের উপযুক্ত সামগ্রী। ৩। নিবেদিত দ্রব্য। প্র—"বেদের বিধানে পূজি দেবগণে নৈবিদ্দ পুরিঞা থালা।"—শূন্য-পুরাণ।

নৈমিত্তিক (ক্) [নিমিত্ত+ইক (কৃতার্থে, ষ্ণিক)] বিণ, প্রয়োজনার্থক। ২। নিমিত্তা-ভিজ্ঞ ; শকুন শাস্ত্রজ্ঞ। নিত্য নৈমিত্তিক—নিত্য দ্রঃ। ২। প্রাত্যহিক। নৈমিত্তিক প্রলয়—ব্রহ্মার দিনাবসান-নিমিত্তক ব্রহ্মাণ্ডের লয়।

নৈমিষ (ষ্) [নিমিষ+অ (নিষ্পন্নার্থে—ষ্ণ) নিমেষ মধ্যে যজ্ঞবিঘাতক অসুর বিনষ্ট হইয়া তীর্থরূপে উৎপন্ন হওয়ায় এই নাম] বি, স্ত্রী, নৈমিষারণ্য। ২। [নিমেষ (স্বল্প সময়) + অ (ভবার্থে, ষ্ণ)] বিণ, ক্ষণিক ; নিমেষ কাল সম্বন্ধীয়।

নৈমিষকানন (ষ্‌নন্) [নৈমিষ দ্রঃ] বি, নৈমিষারণ্য। প্র—"একদিন দৈব বশে শিষ্যসহ শাস্ত্ররসে নৈমিষকাননে উত্তরিলা।"—অন্নদামঙ্গল।

নৈয়মিক (ক্) [নিয়ম+ইক (ষ্ণিক)] বিণ, নিয়মাগত ; নিয়মানুযায়ী। ২। নিয়ম সম্বন্ধীয়।

নৈয়ায়িক (ক্) [ন্যায়+ইক (জ্ঞাতার্থে—ষ্ণিক) ঐ আগম, য বিশ্লেষ] বি, পুং, ন্যায়-শাস্ত্রবিদ্ ; ন্যায়দর্শনাধ্যায়ী। ২। তার্কিক।

নৈরপেক্ষ্য (—পেক্‌খ) [নিরপেক্ষ+য (ভাবে, ষ্ণ্য)] বি, স্ত্রী, নিরপেক্ষ ভাব ; নিরপেক্ষতা।

নৈরয়িক (ক্) [নিরয়+ইক (নিবাসার্থে—(ষ্ণিক)] বিণ, নিরয়বাসী ; পাতকী। ২। নিরয়সম্বন্ধীয়।

নৈরাকার, নৈরেকার (র্)] গ্রা। সং—নিরাকার] বিণ, আকার-হীন ; একাকার। প্র—"এ ভব সংসার সকলি অসার হবে নৈরাকার জলে জলময়।"—বাং-গান। "মুদিলে নয়ন সব নৈরাকার"—ঐ।

নৈরাশ্য (নৈরাশ্‌শ) [নিরাশ+য (ভাবে—ষ্ণ্য) [বি, স্ত্রী, আশাহীনতা ; ভরসাহীনতা।

নৈরুক্ত [নিরুক্ত+অ (ভবার্থে—ষ্ণ্য)] বিণ, নিরুক্ত গ্রন্থান্তর্গত। ২। নিরুক্ত সংক্রান্ত।

নৈরে [না হই রে সংক্ষেপে নহিরে, অতি সংক্ষেপে নৈরে। 'রে' সম্বোধনে] হই না রে। প্র—"কেহ নয় আমার আমি নৈরে কার, কর সেবা কার ঘরে কেবা কার।"—বাং-গান। "আমি মানে তুমি বই আর কিছু নই রে"—ইন্দুভূষণ রায়।

নৈর্ঋত (ত্) [নির্ঋতি (অধর্ম)+অ (অপত্যার্থে—ষ্ণ)] বি, পুং, রাক্ষস। ২। [জ্যোতিষে। নির্ঋতি (দক্ষিণপশ্চিমকোণ) +অ (অধিকারার্থে)] দক্ষিণপশ্চিম কোণাধিপতি ; রাহু। স্ত্রী, নৈর্ঋতী—নৈর্ঋতকোণ।

নৈর্গুণ্য (নৈর্গুন্ন) [নির্গুণ+য (ভাবার্থে—ষ্ণ্য)] বি, স্ত্রী, গুণরাহিত্য ; নির্গুণতা।

নৈর্ম্মল্য (নৈর্মোল্ল) [নির্ম্মল+য (ভাবে—ষ্ণ্য)] বি, স্ত্রী, স্বচ্ছতা ; নির্ম্মলতা।

নৈল [না হৈল। গ্রা] ক্রি, হইল না। প্র—"এদেশে বসতি নৈল যাব কোন দেশে। যার লাগি প্রাণ কাঁদে তারে পাব কিসে।"—চণ্ডীদাস।

নৈলে ["না হইলে"=নহিলে, সংক্ষেপে] অস-ক্রি, না হইলে। প্র—"(একবার) দাওহে দেখা দীনসখা, নৈলে প্রাণ যায়।"—বাং-গান।

নৈশ [নিশা (রাত্রি)+অ (ভবার্থে—ষ্ণ)] বিণ, নিশাকালীন। প্র—নৈশ বিদ্যালয়। ২। নিশা সম্বন্ধীয়।

নৈশিক (ক্) [নিশা+ইক (ভবার্থে ষ্ণিক)] বিণ, নৈশ ; নিশাকালীন। ২। রাত্রিব্যাপী। স্ত্রী, নৈশিকী—নিশাব্যাপিনী ; নিশা-সম্বন্ধিনী।

নৈশীথ (থ্) [নিশীথ+অ (সম্বন্ধার্থে—ষ্ণ)] বিণ, নিশীথ সম্বন্ধীয়। ২। নিশীথকালীন। প্র—"লুকান বিষাদ মানব হৃদয়ে গম্ভীর নৈশীথ শান্তির প্রায়।"—আলো ও ছায়া।

নৈশ্চিত্য (নৈশ্চিত্ত) [নিশ্চিত+য (ভাবে—ষ্ণ্য)] বি, স্ত্রী, নিশ্চয়তা।

নৈষধ (ধ্) [নিষধ+অ (ষ্ণ)] বিণ, নিষধ সম্বন্ধীয়। ২। নিষধদেশীয় ; নিষধদেশের অধিবাসী। ৩। বি, নিষধরাজ ; নলরাজা। ৪। মহাকবি শ্রীহর্ষ কৃত নিষধরাজ নল ও তৎপত্নী দময়ন্তীর চরিত্রবর্ণনাত্মক সংস্কৃত কাব্য।

নৈষধীয় [নিষধ+ঈয় (সম্বন্ধার্থে—ষ্ণীয়)] বিণ, নৈষধ বা নলরাজা সম্বন্ধীয়।

নৈষাদ (দ্) [নিষাদ+অ (অপত্যার্থে—ষ্ণ)] বি, পুং, ব্যাধের পুত্র।

নৈষাদি [নিষাদ+ই (অপত্যার্থে—ষ্ণি)] বি, পুং, নিষাদনন্দন।

নৈষ্কর্ম্ম [নিষ্কর্ম্মন্ + য (ভাবে—ষ্ণ)] বি, স্ত্রী, সর্ব্বকর্ম্ম পরিত্যাগ। ২। আলস্য। ৩। মুক্তি।

নৈষ্কিক (ক্) [নিষ্ক (মোহর) + ইক (ষ্ণিক)] বি, পুং, টাকশালের অধ্যক্ষ। ২। কোষাধ্যক্ষ। ৩। নিষ্কমূল্যেক্রীত।

নৈষ্ক্রমণ (নৈষ্ক্রোমন্) [নিষ্ক্রমণ + অ (প্রদানার্থে—ষ্ণ)] বিণ, শিশুর গৃহ-নিষ্ক্রমণ সংস্কারকালে দীয়মান (দ্রব্য)।

নৈষ্ঠিক (ক্) [নিষ্ঠা (দৃঢ়তা) + ইক (অস্ত্যর্থে বা যুক্তার্থে—ষ্ণিক)] বি, পুং, চিরকাল গুরুগৃহে বাস ও ব্রহ্মচর্য্য অবলম্বন পূর্ব্বক অধ্যায়ী দ্বিজ। ২। চরমকালীন : অন্তিম। ৩। মরণকালে বিহিত। ৬। নিষ্ঠাযুক্ত : আচার অনুষ্ঠানের যথাযথ পালনকারী; ব্রতবিশেষে আসক্ত। প্র—"নৈষ্ঠিক হইয়া ভজন করিলে পদ্ধতি সাধক হই।"—চণ্ডীদাস। ৫। স্থিতিশীল।

নৈষ্ঠুর্য্য (নৈষ্ঠূর্জ) [নিষ্ঠুর + য (ভাবে—ষ্ণ্য)] বি, স্ত্রী, নিষ্ঠুরতা।

নৈসর্গিক (নৈশোর্গিক্) [নিসর্গ + ইক (ভবার্থে—ষ্ণিক)] বিণ, নিসর্গজাত : স্বাভাবিক। ২। অন্তর্জাত : জন্মগত : innate : inborn. **নৈসর্গিক বিধান**—স্বাভাবিক ব্যবস্থা। ২। মানবগণের মধ্যে ঐশিক নিয়মানুসারী পরস্পর-ব্যবহার-নিয়ামক শাস্ত্র।

নৈহারিক (ক্) [নীহারিকা দ্রঃ] বিণ, নীহারিকা সম্বন্ধীয়। **নৈহারিক নক্ষত্র**—নীহারিকা সদৃশ নক্ষত্র।

নো [সং—লৌহ—নোহ—নোঅ—নো] বি, নোয়া (দ্রঃ); লৌহ : সধবার চিহ্নস্বরূপ লোহার বালা।

নো [নোতক, লো দ্রঃ] বি, অশ্রু : নেত্রজল। প্র—"নেতের আঁচলে চণ্ডী মুছালেন নো।"—ধর্ম্মমঙ্গল (মাণিক)।

নোংরা [সং—অঙ্কার হইতে] বিণ, ঘৃণ্য। ২। অপরিষ্কার। ৩। অশুদ্ধ : অপবিত্র। বি, **নোংরামি**।

নোকসান (নোক্শান্) [প্রা—লোকসান। আ—নুক্সান্] বি, ক্ষতি। বিণ, **নোকসানী**—ক্ষতিকর : যাহাতে নোকসান দিতে হয় বা হইয়াছে। প্র—নোকসানী মাল।

নোক্তা [আ—নুক্তা] বি, বিন্দু; অক্ষরে যুক্ত বিন্দু। **নোক্তার আঁচড়**—কলমের এক বিন্দুপাত : সামান্যমাত্র লেখা।

নোঙর (র্) [নোঙ্গর দ্রঃ। হি—লঙ্গর্] বি, নঙ্গর। প্র—"আমরা লক্ষ্মী ছাড়ার দল। * * * আমরা নোঙর ছেঁড়া ভাঙ্গাতরী ভেসেছি কেবল।"—বাং-গান (রবি)।

নোঙ্গর (র্) [হি—লঙ্গর] বি, নঙ্গর; যে কাঁটা বা বঁড়শীর আকার লৌহদণ্ডে নৌকা বাঁধা থাকে; নৌকা বন্ধকরণের লৌহনির্ম্মিত যন্ত্র।

নোট (ট্) [ইং—note.] বি, স্মারক লেখ; টীকা; টিপ্পনী। ২। [ইং—currency note, হি—লোট] বি, মুদ্রার মূল্য নির্দ্ধারক পত্র।

নোটিস, শ (শ্) [গ্রা—নুটিশ। ইং—notice.] বি, সংবাদ; বিজ্ঞাপন। ২। মকদ্দমা প্রভৃতির জানান-পত্র।

নোড় (ড্) [সং—লবণী] বি, আমলকীর আকৃতি, ফলগাছ ও ফল। ২। [প্রা-বাং। প্রাদে] বি, হুঙ্কার। প্র—"প্রভু আর না করিল প্রত্যুত্তর, এই মতে নোড় দিয়া ঘুচাইল দ্বার।"—চৈতন্যভাগবত।

নোড়া [সং—লোষ্ট্র হইতে] বি, নুড়ি অপেক্ষা বড় শিলাখণ্ড; পেষণী।

নোতক (ক্) [সংক্ষেপে, নো। সং—লোচ। প্রা-বাং] বি, অশ্রু : নয়নজল। প্র—"দ্বিজেব নোতকপাতে পার্থে হৈল ভয়।"—কাশী-মহা-আদি।

নোদন (ন্) [নুদ্ (প্রেরণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রেরণ। ২। চালন। প্র—"যে স্থলে কুরুপুঙ্গবগণ সন্নিবেশিত ছিলেন, সেদিক হইতে রশ্মি নিবর্ত্তন পূর্ব্বক সুযোধনের গমনপথ লক্ষ্য করিয়াই অশ্বনোদন করিলেন।"—মহা-বিরাট (বর্দ্ধ)। ৩। অপসারণ : অপনোদন। বিণ, **নোদিত**।

নোন (ন্) [গ্রা। সং—লবণ] বি, নুন; লবণ। প্র—"লঙ্ঘিলে নরকগতি নৃপতির নোন।"—ঘনরাম। বিণ, **নোণা**—লবণাক্ত।

নোয়া [সং—লোহা—লোয়া—নোয়া] বি, লোহার চুড়ী; সধবার চিহ্ন।

নোলক (ক্) [গ্রা। সং—লোল হইতে হি—লোলক (নাকের) = দোলক] বি, নথ বা মাকড়ীতে স্থিত স্বর্ণ মুক্তাদির দুল : নাসিকালঙ্কার বিশেষ। **নোলক মাকড়ী**—নোলক ও যে সোণার গোলাকার তারে নোলক ঝুলান থাকে।

নোলা [সং - লোলা শব্দের গ্রা - উচ্চারণে] বি, লোলা; জিহ্বা। ২। লোভ; বিষয়-তৃষ্ণা। ক্রি, নোলান (নো)—লোভ করা। **নোলা দাগা**—লোভী; লোলুপ। ২। পেটুক।

নৌ [সং—নৌ। তুল—গ্রীক—naus. ল্যা—navis. জর্ম্ম—nacho.] বি, নৌকা : জলযান; তরণী।

নৌকতা [সং—লৌকিকতা—অপভ্রংশে] বি, লৌকিকতা; সামাজিক আদান-প্রদান বা আচার-ব্যবহার। সামাজিক মান। প্র—"নমস্কারি নৌকতা যৌতুক যত ধন। দাসীগণ রাণীকে করিল সমর্পণ।"—ঘনরাম।

নৌকর্ণধার (র্) [নৌ (নৌকার) কর্ণ (হাল) ধার (যে ধারণ করে) ধৃ + অ (কর্ত্তৃ—অন)] বি, পুং, নাবিক; নৌকাচালক।

নৌকর্ম্ম [নৌর (নৌকার) কর্ম্ম—৬তৎ] বি, ক্লী, নৌকা পরিচালন। ২। নৌকা সম্বন্ধীয় কর্ম্ম।

নৌকা [নৌ + ক (স্বার্থে) আপ—স্ত্রী] বি, ... নৌ দ্রঃ : তরণী। প্র—"নৌকাতে চড়াঞা দরিয়াতে লেঞা ছাড়য়ে অগাধজলে।"—চণ্ডীদাস। [দ্রঃ—শ্রীপুরে যে সকল নৌকা নির্ম্মিত হইত তাহাদের কতকগুলির নাম—কোষা, জলবা; দ্রার, পারেন্দা, বজরা, পাতেলা, সলব, জেলে, পালেন, বহর, বালাম, খাটকুড়ি, মহালকুড়ি, পালওয়ার, জঙ্গীখালু, ধাসী, জঙ্গ, সারঙ্গা, কোন্দা, ঢুচা, ভেদী ইত্যাদি। ইহার মধ্যে কোষা, ছিপ ও জেলে—রণতরী, কোষায় আগ্নেয়াস্ত্র ব্যবহৃত হইত]।

নৌকাদণ্ড [নৌকার দণ্ড (দাঁড়), ৬তৎ] বি, পুং, বহিত্র : ক্ষেপণী : দাঁড়।

নৌচর (র্) [নৌ (নৌকাতে) চর (যে বিচরণ করে) ৭তৎ] বিণ, নৌচারী : নৌকাতে যে বিচরণ করে।

নৌজীবিক [নৌ (নৌকা) হইয়াছে জীবিকা (জীবন ধারণের উপায়) যাহার—বহু] বিণ, নৌকাজীবী।

নৌতন [সং - নূতন হইতে] বি, নূতন। প্র—"নৌতন মণ্ডপে ধর্ম্মর সমীপে রাণী মাগে পুত্রবর।"—শূন্যপুরাণ।

নৌতার্য্য (নৌতার্জ) [নৌ (নৌকাদ্বারা) তার্য্য (পার হওয়ার যোগ্য)—৩তৎ] বিণ, নৌকায় উত্তরণ যোগ্য।

নৌতুন (ন্) [সং—নূতন। ব্রজ। প্রা-বাং] বি, নূতন। প্র—"রহিতে সোয়াথ নাহি নৌতুন লেহ।"—বিদ্যাপতি। "নৌতুন তৃণ হেরিয়া যমুনা তট চঞ্চল ধায় গোপাল।"—জ্ঞানদাস। "জ্ঞানদাস কহে কানুর পিরীতি নিতি নৌতুন রঙ্গ।"—ঐ।

নৌবত (ত্) [আ—নওবৎ = নির্দ্দিষ্ট কাল, তাহা হইতে যাহা নির্দ্ধারিত সময়ে বাজে] বি, ঐকতান বাদ্যবিশেষ : নহবৎ। প্র—"ধাঁ ধাঁ গুড় গুড় নৌবত বাজে"—অন্নদামঙ্গল। **নৌবৎখানা**—যে মঞ্চগৃহে নহবৎ বাদ্য হয়।

নৌবল (ল্) [নৌ—বল (সৈন্য)] বি. নৌসেনা ; naval force.

নৌবাহ [নৌ (নৌকা) বাহ (যে বাহন করে—চালায়)] বিণ. বহিত্র ; নৌকাচালক ; নৌকাবাহক ; দাঁড়ি।

নৌবিদ্যা (নৌবিদ্‌দ্যা) [নৌ (নৌকাসম্বন্ধীয়) যে বিদ্যা—কর্ম্মধা, কিম্বা ৬তৎ] বি. স্ত্রী. নৌকা পরিচালন বিদ্যা ; নাবিকের শিক্ষণীয় শাস্ত্র। ২। নৌশিল্প ; নৌকা-গঠন-বিদ্যা।

নৌযায়ী (নৌজাঈ) [নৌ—যা (গমন করা) +ইন্ (কর্ত্তৃ, ণিন্) = নৌযায়িন্ :১মা, ১ব] বিণ. নৌকায় গমনাগমনকারী ; নৌকাযাত্রী।

নৌসেনা, নৌসৈন্য (শে, শৈন্ন) বি. জাহাজী সৈন্য ; জলযুদ্ধকারী সেনা। naval force. প্র—"নৌবলগর্ব্বিত বাঙ্গালী"—রঘুবংশ।

ন্যক্কার (নক্‌কার্) [গ্রা—ন্যাকার। ন্যক্ (ঘৃণার্থক অব্যয় শব্দ) + কার] বি, পুং. বমন। ২। ঘৃণা। ৩। ধিক্কার।

ন্যক্কারজনক (র্, ক্) [ন্যক্কার—জনক (উৎপাদক)] বিণ. বমনোদ্বেগকারক। ২। ঘৃণ্য। ৩। অতিশয় নিন্দনীয় ; ধিক্কার-জনক।

ন্যগ্রোধ (নগ্‌গ্রোধ্) [ন্যক্ (নিম্ন) রোধ (যে আবরণ করে) ঝুরী ও পত্রবাহুল্য হেতু যে নিম্নদেশ রোধ করে] বি, পুং. বটবৃক্ষ। ২। বটের ফল। স্ত্রী. **ন্যগ্রোধী**—ইন্দুরকাণী। ২। থুলকুড়ী গাছ। **ন্যগ্রোধ পাদপ**—বটগাছ।

ন্যগ্রোধপরিমণ্ডল (নগ্‌গ্রোধপোরিমোন্‌ডল্) [ন্যগ্রোধ (দ্রঃ)—পরিমণ্ডল (সং—পারিভাষিক শব্দ)] বি. যে বৃক্ষের বাহু-মূল দ্বারা গুঁড়ি বেষ্টিত হয়। তাহা হইতে স্বহস্তের চারিহস্ত-প্রমাণ পরম সুন্দর পুরুষ। প্র—"দৈর্ঘ্য বিস্তারে, সেই আপনার হাত, চারিহস্ত হয় মহাপুরুষ বিখ্যাত। ন্যগ্রোধ-পরিমণ্ডল হয় তাঁর নাম ; ন্যগ্রোধ-পরিমণ্ডল-তনু চৈতন্য গুণধাম।"—চৈতন্য-চরিতামৃত। স্ত্রী. **ন্যগ্রোধপরিমণ্ডলা**—ঘনপয়োধরা, বিপুলনিতম্বা, ক্ষীণমধ্যা সুন্দরী।

ন্যয় (ন্নয়) [সং] বি. অপচয় ; ক্ষতি ; নাশ।

ন্যস্ত (ন্নস্‌ত) [নি—অস্ (ক্ষেপণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. নিক্ষিপ্ত ; পাতিত। ২। ত্যক্ত। ৩। ন্যাসস্বরূপ রক্ষিত। ৪। স্থাপিত ; সমর্পিত। ৫। বিন্যস্ত। ৬। বিস্তারিত। স্ত্রী. **ন্যস্তা**।

ন্যস্য (ন্নশ্‌শ) [নি—অস্ (ক্ষেপণ করা) + য (কর্ম্মে)] বিণ. ক্ষেপ্য। ২। ন্যাসযোগ্য। ৩। স্থাপনীয়। ৪। বিন্যাসযোগ্য।

ন্যাংট, ন্যাংটা (টো) [নগ্নাটঃ—দিগম্বরঃ (হলায়ুধ) —ন্যাংট + আ (আদরে, অবজ্ঞায়)] বি. উলঙ্গ ; বিবস্ত্র। প্র—"তুইরে ন্যাংটা ছেলে"—অশোকগুচ্ছ। **ন্যাংট করা,—হওয়া**—বিবস্ত্র করা,—হওয়া। স্ত্রী. **নেংটী**।

ন্যাকড়া (ক্) [সং—নক্তক হইতে] বি. কানি ; জীর্ণ বস্ত্র খণ্ড।

ন্যাকড়া (ন্যাক্) [প্রাদে-উচ্চারণ বিকারে ; ফা—নখ্‌রা হইতে] বি. নেকরা ; তুচ্ছ রসিকতা ; তুচ্ছ আমোদ।

ন্যাকড়া (ক্) [নাই আঁকড়া—নেয়ে-আঁকড়া—নেকড়া] বিণ. আকৃষ্ট। **মেয়ে ন্যাকড়া**—যে মেয়েদের কাছে থাকিতে ভালবাসে।

ন্যাকরা (ক্) [ফা—নখ্‌রা, নেকরা দ্রঃ] বি. তুচ্ছ রসিকতা। ২। ন্যাকামি। ৩। বাচালতা। প্র—"যাদের কাছে এইচি তারা কিছু বলচেনা, তোর বাবুর অত ন্যাকরায় কাজ কি ?"—সধবার একাদশী।

ন্যাকা [ফা—নেক্ = ভালমানুষ—অতিশয় ভালমানুষ (too good) অর্থ বিকৃতিতে বোকা (fool)] বি. হাবা বোকা ; নির্ব্বোধ। বি. ন্যাকাম ; ন্যাকামি ; ন্যাকার আচরণ। স্ত্রী. **নেকী**। **নেকা সাজা**—নেকা নয় অথচ নেকা হওয়া ; নেকার অভিনয় করা ; অজ্ঞতার ভাণ করা।

ন্যায় (য়) [নি (নিশ্চয়, সত্য) ই (গমনে) + অ (ঘঞ্—করণে) যে সত্যে লইয়া যায়] বি. যুক্তি ; বিচার বিতর্ক। প্র—"করিয়া অনেক ন্যায়, ঘুচাইনু সব দায়। ভয় কিছু না করিও মনে"—কবিকঙ্কণ। ২। নীতি। ৩। সুবিচার। ৪। যাথার্থ্য ; সত্যনির্দ্ধারণ। ৫। যুক্তিমূলক দৃষ্টান্তবিশেষ (শব্দকল্প)। "ন্যায়শব্দের অর্থ সাদৃশ্য। যখন যে কোন ব্যাপার নির্ব্বাহ হয়, তাহার কোন উপমা প্রদর্শন করিলে, ঐ ব্যাপার তাহার ন্যায় বলা গিয়া থাকে। সংস্কৃত ও বাঙ্গালা ভাষায় যত ন্যায়শব্দ প্রয়োগ করা যায় তৎসমুদায়ই উপমাবোধক রূপে প্রযুক্ত হইয়া থাকে। উপমারূপ অর্থ প্রতিপাদন হেতু মীমাংসা ও আন্বীক্ষিকী শাস্ত্রকে প্রাচীন পণ্ডিতেরা উপমাবাচক "ন্যায়" নাম নির্দ্দেশ করিয়া গিয়াছেন। সংস্কৃতাদি ভাষার মধ্যে কাক-তালীয় প্রভৃতি যে সকল ন্যায়ের উল্লেখ দেখা যায় উপমারূপ অর্থ লইয়া তাহা প্রযুক্ত হইয়া থাকে। বচন রচনা বা বাক্যবিন্যাসকালে কোন ন্যায় প্রয়োগ করিলে ঐ রচনার গাম্ভীর্য্যাদি গুণ প্রকাশ হইতে পারে।" তুল—ইং—moral. ৬। ন্যায়শাস্ত্র ; দর্শনশাস্ত্র-বিশেষ ; তর্কশাস্ত্র ; প্রতিজ্ঞা, হেতু, উদাহরণ, উপনয়, নিগম এই পঞ্চাঙ্গ দর্শন ; logic ৭। ত্রিবিধ স্বর—উদাত্ত, অনুদাত্ত এবং স্বরিৎ। [সম—প্রমাণ দ্বারা পদার্থের পরীক্ষার নাম ন্যায়। প্রত্যক্ষ ও আগম প্রমাণের অনুমোদিত অনুমান ন্যায় পদবাচ্য। প্রত্যক্ষ ও শব্দ প্রমাণ দ্বারা পদার্থ জ্ঞানের পর যে জ্ঞান হয়, তাহা অন্বীক্ষা। এই অন্বীক্ষা অবলম্বনে প্রবর্ত্তিত বলিয়া আন্বীক্ষিকী অর্থে ন্যায়বিদ্যা বা **ন্যায়শাস্ত্র**। উদ্দেশ্য, লক্ষণ ও পরীক্ষা এই তিন প্রণালী হইতে উৎপন্ন জ্ঞানই **ন্যায়দর্শন** বা যথার্থ জ্ঞান। এই দর্শন-ঘটিত যে শাস্ত্র তাহাই ন্যায়শাস্ত্র]।

ন্যায়কর্ত্তা (য়) [ন্যায়—কর্ত্তা] বিণ. ন্যায়কারী। ২। বি. বিচারপতি ; ন্যায়াধীশ। স্ত্রী. **ন্যায়কর্ত্রী**।

ন্যায়তঃ [ন্যায়—তস্] ক্রি-বিণ. সুবিচার-পূর্ব্বক ; ন্যায়পূর্ব্বক ; ন্যায়মতে ; ন্যায়ানুসারে। ২। যুক্তিসঙ্গতরূপে।

ন্যায়নিষ্ঠ (য়) [ন্যায়েতে নিষ্ঠা আছে যাহার, বহু] বিণ. ন্যায়পরায়ণ ; ধার্ম্মিক ; স্ত্রী. **ন্যায়নিষ্ঠা**। বি. **ন্যায়নিষ্ঠতা, ন্যায়-নিষ্ঠত্ব**।

ন্যায়নিষ্ঠা (য়) [ন্যায়ে নিষ্ঠা—৭তৎ] বি. ন্যায়-পরায়ণতা। ২। স্বপক্ষাবলম্বন ; অপক্ষপাত।

ন্যায়পথ (য়, থ) [ন্যায়ের পথ, ৬তৎ] বি. ন্যায্য উপায় ; ধর্ম্মপথ।

ন্যায়পথাবলম্বন (য়, ন্) [ন্যায়পথ—অবলম্বন—৬তৎ] বি. সত্যপথ আশ্রয়করণ ; ন্যায়মার্গে বিচরণ।

ন্যায়পথাবলম্বী (য়, বী) [ন্যায়—পথ—অবলম্বিন্—১মা, ১ব] বিণ. ন্যায়মার্গাশ্রয়ী ; ন্যায়পথে বিচরণকারী ; ন্যায়নিষ্ঠ। স্ত্রী. **ন্যায়পথাবলম্বিনী**।

ন্যায়পথাশ্রয় (ন্যায়্‌পথাসস্রয়) [ন্যায়পথ + আশ্রয়] বি. ন্যায়পথাবলম্বন।

ন্যায়পথাশ্রয়ী (য়, থাস্‌স্রোই) বিণ. ন্যায়পথ আশ্রয়কারী ; ন্যায়মার্গী। স্ত্রী. **ন্যায়পথাশ্রয়িণী**।

ন্যায়পর (য়, র্) [ন্যায়—পর] বিণ. ন্যায়-নিষ্ঠ। স্ত্রী. **ন্যায়পরা**। বি. **ন্যায়পরতা**।

ন্যায়পরায়ণ (য়, ণ) [ন্যায় হইয়াছে পর শ্রেষ্ঠ অয়ন যাহার, বহু] বিণ. ন্যায়নিষ্ঠ। স্ত্রী. **ন্যায়পরায়ণা**। বি. **ন্যায়-পরায়ণতা, ন্যায়পরায়ণত্ব**।

ন্যায়বুদ্ধি (য়) [ন্যায়ের বুদ্ধি—৬তৎ] বি. ন্যায়ান্যায় বোধশক্তি ; বিচারবুদ্ধি ; বিবেক।

ন্যায়বুদ্ধিপরায়ণ (য়, ন্) [ন্যায়বুদ্ধি—পর (শ্রেষ্ঠ) অয়ন (আশ্রয়) যাহার—বহু] বিণ. যে ন্যায়বুদ্ধিদ্বারা পরিচালিত হয় ;

ন্যায়নিষ্ঠ ; যাহার ন্যায়বোধের শক্তি আছে বিচারবুদ্ধিশীল। স্ত্রী, **ন্যায়বুদ্ধিপরায়ণা**

ন্যায়বিরুদ্ধ (য়) [ন্যায়ের বিরুদ্ধ—৬তৎ] বিণ, ন্যায়ের প্রতিকূল ; যাহা ন্যায় সঙ্গত নহে ; অন্যায্য।

ন্যায়মার্গ (য়) [ন্যায়ের মার্গ (পথ) ৬তৎ] বি, ন্যায়পথ। বিণ, **ন্যায়মার্গী**।

ন্যায়মার্গাবলম্বন (য়, ন) [ন্যায়মার্গ অবলম্বন] বি, ন্যায়পথাশ্রয়। বিণ, **ন্যায়মার্গাবলম্বী**—যে ন্যায় পথে বিচরণ করে ; স্ত্রী, **ন্যায়মার্গাবলম্বিনী**।

ন্যায়রত্ন (য়) [ন্যায়শাস্ত্রে পণ্ডিতগণের মধ্যে রত্নবিশেষ] বি, ন্যায় দর্শনে পারদর্শী পণ্ডিতের উপাধিবিশেষ। ২। শ্রেষ্ঠ নৈয়ায়িক।

ন্যায়শাস্ত্র (য়) [ন্যায় যে শাস্ত্র—কর্ম্মধা] বি, ন্যায় দর্শন। ইহা প্রাচীন ও নব্য ন্যায় ভেদে দ্বিবিধ। গৌতমমুনি-কৃত আন্বীক্ষিকী বিদ্যা প্রাচীন ন্যায় এবং গঙ্গেশোপাধ্যায়, রঘুনাথ শিরোমণি প্রভৃতিপ্রবর্ত্তিত ন্যায় দর্শন নব্যন্যায় নামে অভিহিত। ২। তর্কবিদ্যা ; logic.

ন্যায়সঙ্গত (ন্যায়্‌শংগত) [ন্যায় দ্বারা সঙ্গত, ৩তৎ] বিণ, যুক্তিসম্মত ; যুক্তিযুক্ত ; ন্যায়ানুমোদিত ; ন্যায্য। স্ত্রী, **ন্যায়সঙ্গতা**। বি, **ন্যায়সঙ্গতি**।

ন্যায়সম্মত (ন্যায়্‌শম্‌মত) [ন্যায় দ্বারা সম্মত—৩তৎ] বিণ, ন্যায়সঙ্গত ; যুক্তিযুক্ত ; ন্যায়ানুমোদিত। স্ত্রী, **ন্যায়সম্মতা**। বি, **ন্যায়সম্মতি**।

ন্যায়সারিণী (—শারিনি) বি, স্ত্রী, বিচারকর্ত্রী ; ন্যায়বিচারকারিণী স্ত্রী।

ন্যায়সূত্র (ন্যায়্‌শুৎত্র) [ন্যায়ের সূত্র—৬তৎ] বি, ন্যায় দর্শনের সংক্ষিপ্তসার ; সূত্রাকারে রচিত ন্যায়দর্শন। ২। যুক্তিক্রম।

ন্যায়ালঙ্কার (য়) [ন্যায়+অলঙ্কার] বি, ন্যায়শাস্ত্রজ্ঞ পণ্ডিতের উপাধিবিশেষ ; ন্যায়ভূষণ।

ন্যায়ী [ন্যায়+ঈ (কর্ত্তৃ)] বিণ, ন্যায়কারী ; সুবিচারক।

ন্যায়োপেত [ন্যায়+উপেত] বিণ, ন্যায়নিষ্ঠ। স্ত্রী, **ন্যায়োপেতা**।

ন্যায্য (ন্যাজ্‌জ) [ন্যায়+য(ষ্ণ্য)] বিণ, ন্যায়যুক্ত ; যথার্থ ; উচিত। বি, **ন্যায্যতা, ন্যায্যত্ব**।

ন্যাস (শ্) [নি—অস্ (ক্ষেপণে) অ (ঘঞ্, কর্ম্মে)] বি, অর্পণ ; সংরক্ষণ ; গচ্ছিতস্বরূপ রক্ষা। ২। নিক্ষেপ। ৩। শ্বাসপূরণ, ধারণ ও রেচনপূর্ব্বক মন্ত্র জপ। ৪। গচ্ছিত দ্রব্য। ৫। ত্যাগ ; বর্জ্জন।

ন্যাসধারক (ন্যাশ্‌ধারক্) [ন্যাস—ধারক, ৬তৎ] বিণ, ন্যাসরক্ষক। বি, **ন্যাসধারণ**।

ন্যাসরক্ষক (ন্যাশ্‌রোক্‌খোক্) [ন্যাসের রক্ষক, ৬তৎ] বিণ, যে গচ্ছিত ধন বা সম্পত্তি রক্ষা করে ; trustee.

ন্যাসিক (শিক্) [ন্যাস+ইক্] বিণ, যে ন্যাস রক্ষা করে ; গচ্ছিত বস্তু রক্ষাকারী।

ন্যাসী (শি) [ন্যাস+ঈ] বিণ, ন্যাসরক্ষাকারী ; ন্যাসধারক। ২। [ন্যাসিন্ শব্দ] ত্যাগী ; সন্ন্যাসী।

ন্যুব্জ (নুব্‌জ) [নি+উব্জ (ঋজু হওয়া) +অ (ন, কর্ত্তৃ)] বিণ, গোলবস্তুর পৃষ্ঠ ; কুব্জ ; convex. স্ত্রী, **ন্যুব্জা**। **ন্যুব্জখড়গ**—ধনুকাকার বক্র তরবাল। **ন্যুব্জদেহ**—যাহার কোমর হইতে পৃষ্ঠদণ্ড বক্র হইয়া দেহ সম্মুখে ঝুঁকিয়াছে। **ন্যুব্জপৃষ্ঠ**—গোল বস্তুর উপরিভাগের ন্যায় পৃষ্ঠযুক্ত।

ন্যুন (নুন্) [নি+উন্ (অল্প হওয়া) +অ] বিণ, কম। ২। ক্ষুদ্র। ৩। ঘৃণ্য ; নীচ। স্ত্রী, **ন্যূনা**। বি, **ন্যূনতা, ন্যূনত্ব**।

ন্যূনাতিরেক (ক্) [ন্যূন+অতিরেক] বি, ন্যূনাধিক্য ; অল্পাধিক্য ; কমবেশি।

ন্যূনাধিক (ক্) [ন্যূন+অধিক] বিণ, কমবেশি ; অল্পাধিক। বি, **ন্যূনাধিক্য**। **ন্যূনাধিক পরিমাণে**—কমবেশী করিয়া।

প—ব্যঞ্জনবর্ণমালার একবিংশ, প বর্গের প্রথম, অল্পপ্রাণ, ঘোষহীন বর্ণ। কণ্ঠ হইতে উচ্চারিত হয় বলিয়া ইহা কণ্ঠ্যবর্ণ। ওষ্ঠাধর উপর ও নিম্নে আকর্ষণ দ্বারা বিযুক্ত করিলে প ও পবর্গীয় বর্ণগুলি উচ্চারিত হয়। ইহা কবর্গীয় পবর্গীয় এবং শ, ষ, স, হ বর্ণ যোগে বিবিধ পবনক্রিয়ার শব্দ প্রকাশ করে। যথা—কপ্, পক্, শপ্, হপ্। প বর্ণ চ বর্গীয় বর্ণযোগে মৃদু ও কোমল, টবর্গীয় বর্ণযোগে কঠিন ও উৎকট এবং ত বর্গীয় বর্ণ ও ল যোগে তরল ভাব ব্যঞ্জনা করে। যথা—চপ্ চপ্, পচ্ পচ্, ছপ্ ছপ্, পট্‌পট্, পটাস্, পড়াৎ, পত্ পত্, থপ্ থপ্, ফুপ্ ফুপ্, ভপ্ ভপ্, পিল্‌পিল্ ইত্যাদি। ২। [প বর্ণের স্বতন্ত্র ব্যবহার নাই, ইহা শব্দের শেষে যুক্ত হইয়া "কর্ত্তা" এই অর্থ প্রকাশ করে] বিণ, পানকর্ত্তা ; যে পান করে ; পায়ী। প্র—মধুপ ; মদ্যপ ; পাদপ। ৩। পালনকর্ত্তা। প্র—গোপ ; হস্তিপ। ৪। অধিকারকর্ত্তা ; অধিকারী। প্র—ভূমিপ। ৫। শাসনকর্ত্তা। প্র—ভূপ। ৬। বি, প এই বর্ণ।

পই (পোই) [পয়ঃ হইতে। প্রাদে] বি, পয়ঃপ্রণালী ; পগার। ২। খুঁটি। ৩। মই বা কাঠের সিঁড়ির পাখী বা ধাপ।

পইকা (পৈকা) [প্রাদে। পূ-বঙ্গে] বি, ধান্যাদির ওজন পাত্র ; ৮০ তোলা পরিমিত সেরের ১১ সের।

পইচা, পঁইচা (পৈ, পৈঁ) [হি—পৌঁছা (কব্‌জী) হইতে হি—পৌঁচী (বলয়বিশেষ)] বি, স্ত্রী, স্ত্রীলোকদিগের করভূষণবিশেষ ; প্রাচীন সমাজের অলঙ্কার। ইহা সমাজের প্রাচীন অলঙ্কার বাউটী গুটের অন্তর্গত।

পইট, ত (পৈট্, ত্) [গ্রা-প্রাদে। সং—পতিত—পইত] বি, ফাঁক ; সূত্রাদি বুননের মধ্যে ফাঁক।

পইটে, পইঠা, পৈঠা [গ্রা—পৈটে, পৈটে। হি—পয়রী, পইরা (সং—পক্কার=সোপান—মেদিনী)—পইড়া, পৈঠা] বি, সোপান ; ধাপ ; সিঁড়ি। প্র—"গঙ্গাজল বেড়ে বাঁধাঘাটের পাথরের পইটে ভিজে যাচ্ছে।"—লীলাবতী। "বিখ্যাত গায়ক অন্ধ শ্রীনিবাস সন্ধ্যাবেলা ইহার পৈঠার উপর বসিয়া—"—রবি।

পইতা, পৈতা (পৈ) [সং—পবিত্র, পবিত (সূত্র)] বি, উপবীত ; যজ্ঞসূত্র ; যজ্ঞোপবীত। ২। উপনয়ন-সংস্কার। প্র—ছেলেটির এখনও পইতা হয় নাই। **পইতাকাটা**—চরকার তুলা হইতে পইতার সূত্র প্রস্তুত করা বা সূতা কাটা। **পইতাতোলা**—পইতার সূতা কাটা। **পইতাধারী**—যজ্ঞসূত্র-ধারণকারী ; ব্রাহ্মণ ; ক্ষত্রিয় ও বৈশ্য। **পইতা পরা**—গলায় পইতা ধারণ করা। **চেনা বামুনের পইতার দরকার নাই**—পরিচিত না হইলেও পইতা দেখিলে ব্রাহ্মণ বলিয়া

জানিতে পারা যায়, কিন্তু ব্রাহ্মণ বলিয়া যিনি পূর্ব্ব হইতে পরিচিত তাঁহার পইতা বাহিরে না থাকিলেও চলে। এই প্রবচন বঙ্গীয় সমাজেই চলিত কারণ, ব্রাহ্মণ নহেন এবং বঙ্গে শূদ্র বলিয়া গণ্য এমনও অনেক জাতি অন্যত্র যজ্ঞোপবীত ধারণ করেন।

পইপই (পৈ পৈ) [সং—পুনঃ পুনঃ হইতে। পইস দ্রঃ] অ, ক্রি-বিণ, উপর্য্যুপরি সাবধান। প্র—তোমাকে পই পই ক'রে ব'লে দিলাম তবু শুনিলে না।

পইস (পোইশ্) [হি—পোইস্, পোইশ্ = পথ ছাড়িয়া দিবার জন্য শকটচালকগণ কর্ত্তৃক পথিকদিগের প্রতি সতকবাণী : হি—পোঙ্গ। ফা—পয়্যাঁ = অশ্বাদির দৌড়চাল। হি—পোহা গৃহপালিত অশ্বগবাদি বৃহৎ জন্তু] অ, গাড়িঘোড়ার মুখ হইতে সরিয়া যাও; সাবধান ; ঘোড়া বা ঘোড়াগাড়ি যাইতেছে পথ ছাড এইরূপ সতর্কবাণী। প্র—"পইস্ পইস্ চেঁচায় সইস বাতাস লাগে নুরে।"—অমৃত বসু।

ঁউটি (পৌটি) [গ্রা] বি, ধান্যাদির পরিমাণ-বিশেষ ; ৬৪০ মণ শস্য পরিমাণ। প্র—"আর ডিঙ্গা থান তুলে নামে ছোট খুটী। সেই নায়ে ভরা চাল বায়ান্ন পউটি॥"—কবিকঙ্কণ [দ্রঃ—১ পউটি = ১৬ বিশে। ১ বিশে = ২০ আড়ি বা ৪ সলি। ১ সলি = ৫ আড়ি। ১ আড়ি = ৮ কাটি বা ৪ দ্রোণ। ১ কাটি = ২ দ্রোণ। ১ দ্রোণ = ৪ পালি। ১ পালি = ৪ রেক। ১ রেক = ২ খুঁচি। ১ খুঁচি = ১০ ছটাক]।

ওল [ব্রজ। প্রাপণ হইতে। রূপান্তরে —পায়ল, পাইল] ক্রি, প্রাপ্ত হইল ; পাইল। প্র—"ভুলিল চকোর চাঁদ জনু পওল মন্দিরে নাচয়ে ফেরি।"—জ্ঞানদাস।

ইত্রিশ (পৈতৃশ্) [পঞ্চত্রিংশৎ শব্দজ] বিণ, ৩৫ সংখ্যক। ২। বি, ৩৫ এই সংখ্যা।

উঁছি (পৌছি) [পইছি দ্রঃ। উচ্চারণ ভেদ মাত্র] বি, করভূষণ ; পঁইছি। প্র—"আগে সাজে পঁউছি পশ্চাতে বাজুবন্ধ। দিল ঝাঁপা পাট খোপা দেখিতে সুছন্দ॥"—শিবায়ন।

ত্তুর (র্) [পঞ্চসপ্ততি শব্দজ] বিণ, ৭৫ সংখ্যা।

ানব্বই (নোব্বুই) [পঞ্চনবতি শব্দজ] বিণ, ৯৫ সংখ্যা।

াশী [পঞ্চাশীতি শব্দজ] বিণ, ৮৫ সংখ্যা। **াক পঁচাশী**—লক্ষ বা লাখ পঁচাশী, পঁচাশী লক্ষ = তাহা হইতে বাড়াইয়া বলা ; জাঁক।

চিশ (পোঁচিশ্) [পঞ্চবিংশতি শব্দজ] বিণ, াঁচ অধিক বিশ ; ২৫ সংখ্যা। **পঁচিশে** পোঁ) বি, মাসের ২৫ তারিখ।

পঁয়তাল্লিস (য়্, শ্ [পঞ্চচত্বারিংশৎ শব্দজ] বিণ, ৪৫ সংখ্যা।

পঁয়ষট্টি (পোঁইষোট্টি) [পঞ্চষষ্টি শব্দজ] বিণ, ৬৫ সংখ্যা।

পহু, পহুঁ, পঁহু (পো, পোঁ) [প্রভু—পভু—পহু—পঁহু] বি, প্রভু : স্বামী। প্র-"তেঁই বলরামের পহুর মন নহে থির"—বলরাম দাস (সাধনা, ২য় বর্ষ)। "নরোত্তম দাস পঁহু নাগর কান" "রাধা মোহন পঁহু তুয়া পায়ে নিবেদয়ে"। ২। [বন্ধু—বঁধু—পঁহু] বঁধু। প্র—"নেহক বন্ধু সেহো ছুটি গেল। দুহু কর পহুক খেলাওল ভেল॥"—বিদ্যাপতি। ৩। [পুনঃ—পুনু—পহুঁ। এই অর্থে কথার মাত্রা স্বরূপ] ক্রি-বিণ, পুনঃ ; ফের। প্র—"গোবিন্দদাস পহুঁ এই সব গায়।" ৪। [ভনহু—ভহুঁ—পহুঁ] ক্রি, ভণে ; বলেন। প্র—"গোবিন্দদাস পহুঁ দীপ সায়াহ্ন বেলি অবসান ভৈ গেলি।"—পদাবলী।

পহুঁছন (পোঁ, ন্) [পৌছন দ্রঃ] বি, উত্তরণ : আগমন ; উপস্থিত হওন। ২। প্রাপণ ; পাওন। ৩। নাগাল পাওন।

পক্, পক্পক্ [শব্দাত্মক] অ, অনুকার শব্দ।

পকাস (স্) [প্রা-বাং। সং—প্রকাশ শব্দের প্রাকৃ-রূপ] বি, প্রকাশ।

পকাসা [পকাস দ্রঃ। উ-পু—পকাসি। ম-পু—পকাস। প্র-পু—পকাসে। অস-ক্রি—পকাসিতে ; পকাসিয়া ; পকাসি] ক্রি, প্রকাশ করা। ২। প্রকাশিত হওয়া ; আবির্ভূত হওয়া। প্র—"হাম মূঢ়মতি নাঞি ভক্তি স্তুতি পকাসিআ লেহ পূজা।"—শূন্যপুরাণ।

পকেট (ট্) [ইং—pocket] বি, জামার বগলী বা থলী ; জেব। **পকেট মারা**—পকেট হইতে টাকা কড়ি চুরি করা। **পকেট মার**—যে পকেট হইতে টাকা কড়ি চুরি করে ; গাঁট কাটা ; pickpocket. **পকেটে হাত পড়া**—অর্থভাণ্ডারে টান পড়া : স্বার্থে আঘাত পড়া।

পক্কণ (ন্) [পক্ (পাক করা হয়) কণ (তণ্ডুল কণা, খুদ) যেখানে, বহু] বি, পুং, চণ্ডাল গৃহ : ব্যাধ গৃহ ; শবরালয়।

পক্কাণ (ন) বি, পাকান মিঠাইবিশেষ : টানা মিঠাই : লাড়ু বিশেষ।

পক্তা [পচ্ (পাক করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = পক্তৃ ১মা, ১ব] বিণ, যে পাক করে ; পাচক।

পক্তি (পো) [পচ্ (পাক করা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, পাক ; রন্ধন। ২। পাকা।

পক্ক [গ্রা-পাকা (দ্রঃ)। পচ্ (পাক করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, পরিণত ; পাকা। প্র—পক্ক ফল। ২। পাক নিষ্পন্ন ; সিদ্ধ। ৩। দৃঢ় ; মজবুত ; শক্ত। ৪। [কেশ পক্ষে] শুভ্র। প্র—পক্ক কেশ।

পক্কাধান (ন্) [পক্কের আধান (আধার), ৬ তৎ] বি, ক্লী, পাকাশয় ; উদরের যে স্থলে অন্ন পরিপাক হয় : পাকস্থলী।

পক্কান্ন (পক্কানন্) [পক্ক যে অন্ন, কর্ম্মধা] বি, ক্লী, ঘৃত-পক্ক বিবিধ মিষ্ট দ্রব্য। ২। [বিদ্রূপে] বাচাল।

পক্কাশয় (য়্) [পক্ক—আশয় (আধার), ৬তৎ] বি, পুং, পক্কাধার ; পাকস্থলী।

পক্ষ (পোক্খ) [পক্ষ্ + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, শুক্ল ও কৃষ্ণ দুই পক্ষ ; মাসার্দ্ধ : পঞ্চদশ দিবারাত্রি ; প্রতিপদ হইতে পূর্ণিমা পর্য্যন্ত পঞ্চদশ তিথি শুক্ল পক্ষ এবং প্রতিপদ হইতে অমাবস্যা পর্য্যন্ত কৃষ্ণপক্ষ [চন্দ্র দ্রঃ]। ২। দুই সংখ্যাবোধক। ৩। গুচ্ছ ; সমূহ। প্র—কেশ পক্ষ। ৪। পাখীর ডানা ; পাখা। ৫। বাণের পাখা ; পুচ্ছ। ৬। ভিত্তি। ৭। দর দালান : বারান্দা ; aisle. ৮। পার্শ্ব গৃহ। ৯। পার্শ্ব। ১০। গণ ; সম্প্রদায় ; দল। প্র—তিনি কোন পক্ষেই নাই। শত্রু-পক্ষ : স্বপক্ষ : বিপক্ষ। ১১। সহায়। ১২। দিক। ১৩। সৈন্য। ১৪। রাজহস্তী। ১৫। দেহার্দ্ধ। ১৬। উনানের মুখ বা বিবর। ১৭। মত। প্র—আত্মপক্ষ সমর্থন করা। ১৮। প্রশ্ন বা উত্তর। প্র—পূর্ব্বপক্ষ ; ইং পক্ষ। ১৯। বিরোধ। ২০। [ন্যায় দর্শনে] অধিকরণ ; অনুমেয় বস্তুর আধার। যথা—ধূম দর্শনে পর্ব্বতে বহ্নির অনুমান করিলে পর্ব্বত ঐ অনুমেয় বস্তুর আধার বা পক্ষ পদ-বাচ্য হইবে। ২১। বার। প্র—প্রথম পক্ষের সংসার। ২২। দুই বোধক অঙ্ক (তুল—নেত্র)। প্র—একে চন্দ্র দুইয়ে পক্ষ।

পক্ষ (পোক্খ) [রূপান্তর—পক্ষাল, পক্ষালী, পাখী, পাখালী] বি, পক্ষী : পাখী। প্র—"উড়ইতে পক্ষ বৃক্ষদল বিচলিত তুয়া আগমন হেন মানে।"—গীতগোবিন্দ (গিরিধর)। "রাজার বেটা পক্ষ মারে"—ছড়া। "নানা জাতি পক্ষ গাছে করে কোলাহল"—গীত-গোবিন্দ (গিরিধর)। ২। পাখীর ডানা।

পক্ষক (পোক্খক্) [পক্ষ + ক (সহায়ার্থে)] বি, পুং, সহায় ; স্বপক্ষ। ২। পক্ষদ্বার : খিড়কী। ৩। পার্শ্ব।

পক্ষগ্রহণ (পোক্খগ্রোহন্) বি, দুই বিপরীত পক্ষের এক পক্ষকে আশ্রয় করা ; পক্ষাব-লম্বন।

পক্ষচর (পোক্খচর্) [পক্ষ (১৫ দিন) চর (যে চরে বা গমন করে)] বি, পুং, চন্দ্র।

২। অনুচর। ৩। পুং, স্ত্রী, চক্রবাক পক্ষী। ৪। হস্তী।

পক্ষজ (পোক্খোজ) [পক্ষ (অর্দ্ধ মাস) জন্ (জন্মান)+অ (কর্ত্তৃ—ড)=জ, পক্ষে (জন্+মন্)=জন্মন্ ১মা, ১ব] বি, পুং, চন্দ্র। ২। মেঘবিশেষ; পূর্ব্বে ইন্দ্র পর্ব্বতের পক্ষ সমুদয় ছেদন করিয়াছিলেন, সেই পক্ষ হইতেই এই মেঘের জন্ম, এজন্য মেঘ পর্ব্বতলগ্ন দেখিলেই পর্ব্বতের পক্ষ বলিয়া বোধ হয়। ইহা তাহারই রূপক (ভারতকোষ)। ৩। বিণ, পক্ষে জাত; পক্ষজন্মা।

পক্ষদ্বার (পোক্খোদ্দার্) [পক্ষের (পার্শ্বের) দ্বার (দরজা)—৬তৎ] বি, স্ত্রী, পার্শ্বদ্বার; খিড়কী দরজা।

পক্ষধর (পোক্খোধর্) [পক্ষ (অর্দ্ধমাস) ধর (যে ধারণ করে)] বি, পুং, চন্দ্র; কলাধর। ২। [পক্ষ (ডানা) ধর (যে ধরে)] পাখী। ৩। বিণ, পক্ষধারী। ৪। বি, মিথিলার প্রসিদ্ধ নৈয়ায়িক পণ্ডিত পক্ষধর মিশ্র।

পক্ষপাত (পোকখোপাত্) [পক্ষ (পাশ, একদিক)+পাত (পতন) একদিকে পতন, ৭তৎ] বি, পুং, এক পক্ষানুরাগ; একপক্ষে অন্যায় আসক্তি; এক চোখোমি। ২। [পক্ষ (পাখা, ডানা)+পাত (পক্ষের পতন)] পালক ঝরিয়া পড়ন। ৩। পক্ষিদিগের জ্বর-বিশেষ। বিণ, পক্ষপাতী।

পক্ষপাতিতা (পোক্খো—) [পক্ষপাত+ইন্ (অস্ত্যর্থে)=পক্ষপাতিন্+তা (ভাবে)] বি, স্ত্রী, উভয় পক্ষের মধ্যে একপক্ষে অযথা অনুরাগ প্রদর্শন বা সাহায্য করণ; এক চোখোমি। ২। পক্ষদ্বারা পতন।

পক্ষপাতী (পোক্খোপাতি) [পক্ষপাত+ইন্ (অস্ত্যর্থে)=পক্ষপাতিন্ ১মা, ১ব] বিণ, পক্ষপাতকারী। ২। অনুরাগী; আসক্ত; অনুগ্রাহক। ৩। একপক্ষে পতনশীল। ৪। পক্ষদ্বারা গমনশীল।

পক্ষবল (পোক্খোবল্) [পক্ষ—দিক, দল)+বল (শক্তি, সহায়)] বি, স্ত্রী, সহায়। প্র—"দনুজদলনী দুর্গা দেবী পক্ষবল"—ঘনরাম।

পক্ষবান (পোক্খোবান্) [পক্ষ+বতু (অস্ত্যর্থে)=পক্ষবৎ ১মা, ১ব] বিণ, পক্ষ-বিশিষ্ট।

পক্ষসঞ্চালন (পোক্খোশনচালোন) [পক্ষের সঞ্চালন, ৬তৎ] বি, স্ত্রী, পাখার চালনা; পাখা বা ডানা নাড়া; পাখ্‌না ঝাড়া দেওন।

পক্ষসমর্থন (পোক্খশমর্থন্) [পক্ষের সমর্থন—৬তৎ] বি, স্ত্রী, এক পক্ষের সহায়তা; কোন পক্ষীয় মতে মত দান।

পক্ষাঘাত (পোক্খাঘাত্) [পক্ষ+আঘাত] বি, পুং, বাতব্যাধি রোগ; যে রোগে অঙ্গ প্রত্যঙ্গাদি অবশ হইয়া যায়।

পক্ষান্ত (পোক্খান্ত) [পক্ষের অন্ত (শেষ)—৬তৎ] বি, পুং, পূর্ণিমা বা অমাবস্যা। ২। পক্ষশেষ।

পক্ষান্তর (পোক্খান্তর্) [পক্ষের অন্তর (অন্য)—৬ তৎ] বি, স্ত্রী, অন্যপক্ষ।

পক্ষিণী (পোক্খিনি) [পক্ষ+ইন্ (অস্ত্যর্থে)=পক্ষিন্+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, দুই দিবা ও তন্মধ্যস্থ রাত্রি অর্থাৎ একরাত্রি ও দুইদিন। ২। স্ত্রী, পক্ষী। ৩। পৌর্ণমাসী; পূর্ণিমা।

পক্ষিরাজ (পোক্খিরাজ্) [পক্ষির রাজা—৬ তৎ, রাজা=রাজ] বি, পুং, পক্ষীদিগের মধ্যে শ্রেষ্ঠ; পাখীর রাজা; গরুড়। ২। [প্রাদে] কাল্পনিক পক্ষবিশিষ্ট ঘোটক।

পক্ষিশালা (পোক্খিশালা) [পক্ষীর শালা—৬তৎ] বি, স্ত্রী, চিড়িয়াখানা।

পক্ষী (পোক্খি) [পক্ষ+ইন্ (অস্ত্যর্থে)=পক্ষিন্—১মা, ১ব] বি, পুং, বিহঙ্গ; পাখী। ২। পুং, বাণ। [আধু-বাং অপ্র] স্ত্রী, পক্ষিণী।

পক্ষীন্দ্র (পোক্খিন্দ্র) [পক্ষীর ইন্দ্র (শ্রেষ্ঠ)—৬তৎ] বি, পুং, গরুড়।

পক্ষীমার (পোক্খিমার্) [পক্ষী—মারা, তুল—হি—চিড়িমার] বি, পুং, যাহারা পক্ষী মারে; ব্যাধ; পাখমারা। প্র—"চৌদিকে বেড়িয়া আছে যত পক্ষীমার"—মনসার ভাসান।

পক্ষোদ্গম (পোক্খোদ্গম্) [পক্ষের উদ্গম (উদয়)—৬তৎ] বি, পুং, পক্ষের উৎপত্তি; পাখীর অঙ্গে পালকের ও ডানার উদয়; পক্ষোদ্ভেদ।

পক্ষোদ্ভেদ (পোক্খোদ্ভেদ্) [পক্ষের উদ্ভেদ)—৬তৎ] বি, পুং, পক্ষোদ্গম।

পক্ষ্ম (পোক্খোঁ) [পক্ষ্ (লওয়া)+মন (কর্ত্তৃ)=পক্ষ্মন্ ১মা, ১ব] বি, স্ত্রী, নেত্রচ্ছদ-লোম; চক্ষুর পাতার লোম। প্র—"সকলের পক্ষ্ম শোভী অক্ষি কিছু বাঁকা"—রামায়ণ (রাজ)। ২। লোম। ৩। পাখীর পাখা; পালখ। ৪। সূক্ষ্মাংশ। ৫। পুষ্পকেশর। ৬। সূত্রের খাই বা অগ্রাংশ।

পখাণ (ন্) [ব্রজ। সং—পাষাণ হইতে। ষ=খ] বি, পাষাণ। প্র—"হৃদয় পখানে।"—বিদ্যাপতি।

পখাল (ল্) [সং+প্রক্ষালন হইতে] বি, প্রক্ষালন (তুল—হি—"পায় পখাল"=পাদ প্রক্ষালন)। ২। প্রক্ষালিত অন্ন; জল ধৌত অন্ন; ভিজা ভাত। ৩। [পক্ষী দ্রঃ। গ্রা] পাখী।

পখালন (ন্) [প্রক্ষালন শব্দের অপভ্রংশ] বি, প্রক্ষালন; ধৌতকরণ। প্র—"নয়নের বারি পূর্ণ করে ঝারী, দেখ সারি সারি রাখা গিয়েছে। বঁধু সেই বারি দিয়ে চরণ পাখালিয়ে, এস বস আমার হিয়ে পাতা রয়েছে।"—স্বপ্ন-বিলাস।

পগার (র্) [পঙ্কাগার হইতে ব্রজ—পগার, বাং-পগার। তুল—হি—পগা=ফা—পয় (জল)+গার (কাদা)] বি, কর্দ্দমময় পয়োনালা; লম্বা গর্ত্ত; বাগানের চারিদিকে পগার দেওয়া হয়। উহা ২ হাত বা ২॥ হাত প্রস্থ ও গভীর খাত। ২। খানা; ডোবা; পঙ্কিল ক্ষুদ্র জলাশয়। প্র—"ধূলার পগার দিল ধূলার প্রাচীর"—শিবায়ন। "পগার খন্দক খানা উলু কেশে নল বেণা নাহি সাধু করে অব্যাহতি"—কবিকঙ্কণ। **পগার পার হওয়া**—পলাইয়া সীমার বাহির যাওয়া; ধৃত হইবার সম্ভাবনা অতিক্রম করিয়া পলায়ন। প্র—"বলে আঁচল খুলে এক দাপটে পগার হলো পার।"—হেম বন্দ্যো।

পগগ (পগগো) [সং—প্রগ্রহ (প্রকৃষ্ট ভাবে গ্রহণ; দৃঢ়ভাবে ধারণ, বন্ধন হইতে বন্দী, প্রগ্রাহ=অশ্ব বন্ধন রজ্জু) হইতে পগগহ (তুল—প্রতিগ্রহ হইতে পা—পটিগ্গহ) পরে পগগ=পাগ, প্রা-বাং—পরে হি-র অনুকরণে পাগড়ী] বি, শিরস্ত্রাণ; পাগড়ী; পাগ।

পঙার (র্) [ব্রজ। সং—পঙ্কাগার হইতে অথবা প্রণালী—পনার—পঙার] বি, পয়ঃ-প্রণালী; পগার। প্র—"রুধিরে ভরয়ে ফিরে সুরঙ্গ পঙার।"—বিদ্যাপতি। ২। [সং—প্রবাল হইতে ব্রজ—পবার—পঙার] প্রবাল। প্র—"অধর সুরঙ্গ জনু নীরস পঙার।"—বিদ্যাপতি। "হেম মরকতে জনু জড়িত পঙার।"—জ্ঞানদাস। ৩। পিঙ্গল।

পঙ্ক (পংক) [পন্চ্ (বিস্তার করা)+অ (কর্ত্তৃ—ঘঞ্) চ্=ক্] বি, পুং, কর্দ্দম; কাদা; পাঁক। ২। চন্দনাদি কাষ্ঠ ঘষণ দ্বারা প্রস্তুত কর্দ্দমবৎ প্রলেপ। প্র—"হীরা নীলা মতিবালা কলধৌত কণ্ঠমালা কলেবরে মলয়জ পঙ্ক।"—কবিকঙ্কণ। ৩। পাপ। স্ত্রী, পঙ্কা।

পঙ্কগ্রাহ (পংকগ্গ্রাহ) [পঙ্ক (পাঁক) গ্রাহ (জলজন্তুবিশেষ)] বি, পুং, হিংস্র জলজন্তু-বিশেষ; মকর।

পঙ্কজ (পংকজ্) [পঙ্ক হইতে জ (জাত)—৫তৎ] বি, স্ত্রী, পদ্ম। প্র—"সুচারু নিতম্ব সাজে চরণ-পঙ্কজে রাজে মণিময় কঙ্কণ নূপুর।"—কবিকঙ্কণ। ২। বিণ, পঙ্কজাত; পঙ্ক হইতে উদ্ভূত; কর্দ্দমজাত। স্ত্রী **পঙ্কজা**।

পঙ্কজিনী (পংকোজিনী) [পঙ্কজ+ইন্ (অস্ত্যর্থে)=পঙ্কজিন+ঈপ্—স্ত্রী, পদ্মিনী। ২। পুষ্করিণী; পদ্মাকর [প্র-অ]।

পঙ্কপ্রক্ষালনন্যায় (প্রোক্খালন্ ন্যায়) বি, "প্রথমে গাত্রে পঙ্ক লেপন করিয়া পরে প্রক্ষালন করা অপেক্ষা পঙ্ক স্পর্শ না করাই উচিত।

এইরূপ অনিষ্টজনক কার্য্যের অনুষ্ঠান করিয়া পরে তৎপ্রতিকার অনুষ্ঠান করা অপেক্ষা অনিষ্ট জনক কার্য্য না করাই উচিত ইত্যাদি স্থলে এই ন্যায়ের প্রবৃত্তি।"—অন্বয় গ্রন্থে গদাধর টীকা।

পঙ্করুহ, পঙ্কেরুহ [পঙ্কে (কর্দ্দমে) রুহ (যে জন্মে) ৭তৎ ; অলুক] বি, স্ত্রী, পদ্ম।

পঙ্কা (পংকা) [ব্রজ। পঙ্ক+অ (অস্ত্যর্থে—) আপ্—স্ত্রী] বিণ, পঙ্কিল : পঙ্কময় : পাঁকযুক্ত। প্র—"গগন সঘন মহী পঙ্কা"—বিদ্যাপতি।

পঙ্কিল (পোংকিল্) [পঙ্ক+ইল (যুক্তার্থে)] বিণ, কর্দ্দমাক্ত : পঙ্কযুক্ত।

পঙ্ক্তি (পোংক্‌তি) [পনচ্ (বিস্তৃত হওয়া বা রচনা করা)+তি (কর্ম্মে—ক্তি)] বি, স্ত্রী, শ্রেণী : সমূহ : দল। ২। সারি : পাঁতি : লাইন। ৩। পঞ্চাক্ষর-পরিমিত চরণবিশিষ্ট সংস্কৃত ছন্দোবিশেষ। ইহার—২য় ও ৩য় বর্ণ লঘু।

পঙ্ক্তিদূষক (পোংক্‌তিদূষক্) পঙ্‌ক্তির দূষক—৬তৎ] বি, পুং, যে পঙ্‌ক্তির দোষ জন্মায় : যে এক পঙ্‌ক্তিতে বসিয়া ভোজন করিলে পঙ্‌ক্তি সমেত দূষিত হয়।

পঙ্ক্তিপাবন (পোংক্‌তিপাবন্) [পঙ্‌ক্তির পাবন, ৬তৎ। যে পঙ্‌ক্তি পবিত্র করে] বি, পুং, পঙ্‌ক্তি শোভাপ্রদ সর্ব্ববেদজ্ঞ দ্বিজ : পঙ্‌ক্তিশোধক। ২। যাঁহারা অতিদূষিত ব্যক্তিকেও সংসর্গ দ্বারা পবিত্র করেন। ৩। যাঁহারা সমগ্র বেদ এবং সমস্ত বেদাঙ্গে সমধিক ব্যুৎপন্ন এবং দশপুরুষ পর্য্যন্ত যাঁহাদিগের বংশে বেদাধ্যয়নের বিচ্ছেদ হয় নাই এরূপ ব্রাহ্মণ।

পঙ্ক্তিভোজন (পোংক্তিভোজন্) [পংক্তিতে ভোজন, ৭তৎ] বি, স্ত্রী, যে সকল শুদ্ধাচারী ব্রাহ্মণ দূষিত ব্রাহ্মণগণের সহিত এক পঙ্‌ক্তিতে ভোজন করিতেন না তাঁহাদের সকলের এক-গৃহে একত্র বসিয়া ভোজন। ২। সামাজিক ক্রিয়াকর্ম্মে এক পংক্তিতে বসিয়া ভোজন।

পঙ্খী (পোংখি) [সং—পক্ষী হইতে গ্রা। হি—পঙ্খী] বি, পক্ষী। **পঙ্খীর দল**—রূপচাঁদ পক্ষী উপাধিক জনৈক উৎকলবাসীর গায়কের দল। ইঁহার প্রকৃত নাম রূপচাঁদ দাস মহাপাত্র। ইনি কলিকাতায় থাকিতেন ও একজন প্রসিদ্ধ সঙ্গীত রচয়িতা ছিলেন। ইঁহার গানে পক্ষী বা খগরাজ এই ভণিতা থাকিত। যে গাড়ীতে ইনি গমনাগমন করিতেন তাহারও আকৃতি খাঁচার মত ছিল। **ময়ুরপঙ্খী**—ময়ূরাকৃতি নৌকাবিশেষ। ময়ূর দ্রঃ।

পঙ্গ (পংগ) [জীববিদ্যা পরিঃ। সং—পতঙ্গ —পঙ্গ] বি, পঙ্গনামক পতঙ্গ ; locust.

পঙ্গপাল (পংগোপাল্) [পঙ্গ দ্রঃ] বি, শস্য নাশকারী পতঙ্গবিশেষের দল ; ঈতিবিশেষ।

২। [তুলনার্থে] অসংখ্য লোক। (প্রায়ই অবজ্ঞার্থে বা বিরক্তি অর্থে ব্যবহৃত)।

পঙ্গু (পোংগু) [সং] বি, খঞ্জ : খোঁড়া।

পঙ্গুল (পোংগুল্) [হি—পঙ্গুল] বি, পুং, পঙ্গু : খঞ্জ। ২। [সং] শ্বেতবর্ণ অশ্ব।

পচ (চ্) [সং—পচ্ (পাকে, বিনাশোন্মুখী ভাবে) ধাতু হইতে] বি, পচন : বিকৃতি। প্র—"ফল গুলায় পচ ধরিয়াছে।

পচন (ন্) [পচ্ (পাক করা)+অন (করণে) যদ্দ্বারা পাকক্রিয়া হয়] বি, পুং, অগ্নি। (২) পাচক [অ-প্র]। ২। [ভাবে—অনট্] স্ত্রী, পাক : রন্ধন। প্র—"কুলকাঠ, খড় প্রেম যে আধেয়, পচনে পিরীতিমাত্র।"—চণ্ডীদাস। ৩। গলন : বিকৃত হওন : সড়ন।

পচপচ (চ্, চ্) [শব্দাত্মক। প দ্রঃ। কর্দ্দমে পদক্ষেপ করণ শব্দ। ঘৃণার্থে বা অনাদরে প্যাচ্ প্যাচ্] ক্র, জল কাদার উপর দিয়া চলিবার শব্দ। ২। পিচকারী হইতে জল নির্গমন শব্দ। ৩। পিক বা ছেপ ফেলিবার শব্দ। বিণ, **পচপচে**।

পচপচান (পচ্‌পচানো) [পচপচ+আন (ক্রি-বিভক্তি)] ক্রি, পচপচ শব্দ করা। ২। পচপচ্ শব্দে কর্দ্দমাক্ত পথের উপর দিয়া গমন করা। বি, **পচপচানি**।

পচা [পচ্ ধাতুজ উ-পু—পচি। ম-পু—পচ। প্র-পু—পচে। অস-ক্রি—পচিতে : পচিয়া : প'চে। ণিজন্ত—পচান] ক্রি, পচ ধরা ; খারাব হইয়া যাওয়া : নষ্ট হওয়া : গলিয়া যাওয়া। ২। বিণ, গলিত : সড়া : নষ্ট ; বিকৃত। প্র —"ভিতরে পচা কাদার ভড়ভড়ানি"—ঈশ্বর-গুপ্ত। ৩। মন্দ : কুৎসিত : ফেলিয়া দিবার উপযুক্ত ; ব্যবহারের অনুপযুক্ত। প্র—"আমার সুন্দর চেহারা অদ্ভুত পোষাক : অবশেষে পচা ঘড়ি"—জাপান। **পচাগলা**—যাহা পচিয়া শিথিল বা তরল হইয়া গিয়াছে। **পচাপাচ-কুয়া, পচাপাচকো**—পচা এবং—পচারই শ্রেণীভুক্ত : পচা আধ পচা। **পচা-ভাদ্দর**—ভাদ্রমাস (যে সময় অবিশ্রান্ত বর্ষার জলে গাছপালা পচিয়া উঠে)।

পচাদি [পচ্ ধাতু হইয়াছে আদি যে সকলের, বহ্] বি, পুং, ব্যাকরণে পচ-আদি ধাতুগণ।

পচানি [পচা ধোয়া পানি=পচানি অথবা পচা পানি=পচানি। বি, পচা জিনিসের রস। ২। পচা দ্রব্য ধোয়া জল।

পচাপাচ্‌কুয়া—পচা দ্রঃ।

পচাপাতা—বি, সুগন্ধি পত্রবিশেষ : শুষ্ক হইলেও ইহার সৌরভ নষ্ট হয় না। ২। বিণ, গলিত বৃক্ষপত্র।

পচাল (ল্) [প্রাদে। গ্রা। পচ (নষ্ট, বিকৃত, কুৎসিত)—আল] বি, অশ্লীল বাক্য ; অকথ্য এবং অশ্রাব্য কথা। বিণ, **পচালিয়া**। **পচাল পাড়া**—অশ্লীল উক্তি করা : অশ্রাব্য ও অকথ্য গালি দেওয়া।

পচ্চিম (পোচ্‌চিম্) [সং—পশ্চিম অপভ্রংশে] বি, পশ্চিম। প্র—"পচ্চিম দুআরে দানপতি জাঅ। সুনার জাঙ্গালে পথ বাঅ"—শূন্যপুরাণ। ২। উত্তর পশ্চিম ভারত।

পচ্য (পোচ্‌চ) [পচ্ (পাক করা)+য (কর্ম্মে)] বিণ, পাকের যোগ্য : পাকার্হ : যাহা পাক করা যাইতে পারে।

পচ্চিমা (পোচ্‌চিমা) [পশ্চিমা—হইতে] বিণ, পশ্চিম দেশীয় : পশ্চিম দিগস্থ।

পছন্দ [ফা—পসন্দ] বিণ, মনের মত : ইচ্ছানুরূপ : মনোনীত। ২। বি, নির্বাচন। প্র—"কৃষ্ণ তোমার পছন্দটা বেশ"—দ্বিজেন্দ্র রায়।

পজ্ঝটিকা (ঝো) বি, স্ত্রী, মাত্রাবৃত্ত ছন্দো-বিশেষ। ইহার প্রতি পদে—১৬ মাত্রা। হ্রস্ববর্ণ হইলে একমাত্রা গণনা করিতে হয়, দীর্ঘবর্ণ হইলে দুইমাত্রা, ব্যঞ্জনবর্ণ হইলে অর্দ্ধ-মাত্রা এইভাবে ষোড়শ মাত্রাযুক্ত। ইহাতে নবম মাত্রা গুরু থাকা আবশ্যক। যথা—"প্রতি পদ যমকিত ষোড়শ মাত্রা নবম গুরুত্ব বিভূষিত, গাত্রা।" শশিশেখর শিব শস্তু শিবেশ, কমলা-কর কমলাহিত বেশ॥"—বাসবদত্তা।

পঞ্চ (পনচ) [পনচ্ (বিস্তৃত হওয়া)+অন্ (কর্ত্তৃ)=পঞ্চন্, ১মা, বহুবচনে] বিণ, পাঁচ সংখ্যা। ২। পঞ্চত্ব। প্র—"এবার বাজি ভোর হলো শতরঞ্চ প্রধান পঞ্চ আমায় দাগা দিল।"—রামপ্রসাদ। ৩। বিস্তৃত।

পঞ্চক (পনচক্) [পঞ্চন্+ক (ক্রীতার্থে)] বিণ, যাহা পাঁচজনে ক্রয় করিয়াছে। ২। [ক, সম্বন্ধার্থে] পঞ্চ সম্বন্ধীয় : পাঁচ সংক্রান্ত। ৩। [ক, স্বার্থে] পাঁচ সংখ্যা। ৪। [ক, পরিমাণার্থে] পঞ্চপরিমিত। ৫। [ক—সমূহার্থে] পঞ্চসমূহ : পাঁচজনের মিলিত পরামর্শ ও নির্দ্ধারণ ; পঞ্চায়েত। প্র—"আজি তার পঞ্চক হইল মোর ঘরে"—কাশী-মহা-আদি। ৬। পাঁচজনের মিলিত চাঁদা। ৭। পাঁচজনের নিকট হইতে গৃহীত অল্প অল্প কর বা খাজনা। **পঞ্চজমা**—অত্যল্প খাজনা বা কর।

পঞ্চকপাল (পনচকপাল্) [পঞ্চন্ (পাঁচ) কপাল (ঘটের অর্দ্ধাংশ)] বি, পুং, যজ্ঞ-বিশেষ।

পঞ্চকর্ম্ম [পঞ্চন্ (পাঁচ) কর্ম্মন্ (কার্য্য)] বি, স্ত্রী, বমন, বিরেচন, নস্য, নিরূহ এবং অনু-বাসন—বৈদ্যকমতে এই পাঁচ প্রকার শারীরিক ক্রিয়া।

পঞ্চকষায় (পনচোকষায্) [পঞ্চবিধ কষায়] বি, পুং, জম্বু (জাম), শাল্মলি (শিমুল),

বাট্যাল (বেড়েলা), বকুল, বদর (কুল) এই পাঁচ বৃক্ষবঙ্কল রসের নাম পঞ্চকষায়। মতান্তরে —বচ, বাসক, পটোল, প্রিয়ঙ্গু ও নিম্ব এই পঞ্চদ্রব্যের ক্বাথ।

পঞ্চকোণ (ন্) [পঞ্চ (পাঁচ) হইয়াছে কোণ যাহার, বহু] বি, ক্লী, পঞ্চকোণ বিশিষ্ট ক্ষেত্র-বিশেষ ; pentagon. ২। তন্ত্রশাস্ত্রোক্ত যন্ত্রবিশেষ। ৩। [জ্যোতিষে] লগ্ন হইতে নবম ও পঞ্চম স্থান। ৪। বিণ, পাঁচকোণা ; pentagonal.

পঞ্চকোল (পন্‌চোকোল) [বৈদ্যকে—পারিঃ —শব্দ। কোল=পিঁপুল] বি, ক্লী, সম-পরিমাণ পিঁপুল, পিঁপুলের মূল, চই, চিতামূল ও শুঁঠ।

পঞ্চকোষ (পন্‌চোকোষ্) [বেদান্তের পারিঃ শব্দ ; পঞ্চন্ (পাঁচ) কোষ (আবরক)] বি, পুং, আত্মার পঞ্চবিধ আবরণ। (১) অন্নবিকারজ স্থূল শরীর বা অন্নময় কোষ ; (২) পঞ্চইন্দ্রিয়ের সহিত পঞ্চ প্রাণ বা প্রাণময় কোষ ; (৩) মনের আশ্রিত ইন্দ্রিয়গণের সহিত মন বা মনোময় কোষ ; (৪) জ্ঞানের আশ্রিত ইন্দ্রিয়গণ ও জ্ঞান বা জ্ঞানময় কোষ ; এবং (৫) অবিদ্যার আশ্রিত অহঙ্কারাদি বা আনন্দময় কোষ।

পঞ্চক্রোশী [গ্রা—পঞ্চকুশী। পঞ্চ (পাঁচ) ক্রোশ পরিমাণ যাহার, বহু] বিণ, দীর্ঘ ও প্রস্থে পঞ্চক্রোশ ব্যাপী। ২। বি, বারাণসী : পঞ্চক্রোশী কাশী।

পঞ্চগঙ্গা [পঞ্চ—গঙ্গা (নদী)] বি, স্ত্রী, গঙ্গা (ভাগীরথী), গোমতী, কৃষ্ণবেণী, পিনাকিনী, অপণ্ডা, কাবেরী।

পঞ্চগব্য (গোব্‌ব) [পঞ্চন (পাঁচ) যে গব্য (গো হইতে প্রাপ্ত)—কর্ম্মধা] বি, ক্লী, গো হইতে প্রাপ্ত পঞ্চ দ্রব্য যথা—দধি, দুগ্ধ, ঘৃত, গোময়, গোমূত্র।

পঞ্চগুঁড়ি [পঞ্চ (পঞ্চবর্ণ) গুঁড়ি (চাউল চূর্ণ)] বি, পঞ্চবর্ণ দ্রঃ : শ্বেত, কৃষ্ণ, হরিৎ, লোলিত ও পীত এই পঞ্চবর্ণে রঞ্জিত আতপ চাউলের গুঁড়ি।

পঞ্চগুণ (ন্) [পঞ্চ (পাঁচ) যে গুণ, কর্ম্মধা] বি, পুং, পঞ্চ ইন্দ্রিয়গ্রাহ্য গুণ ; রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ।

পঞ্চচামর (পন্‌চোচামর্) বি, ক্লী, ষোড়-শাক্ষর সংস্কৃত ছন্দ। প্র—"প্রসীদ লোক-লোচন, ত্বিষাম্পতে বিরোচন, প্রসীদ লোক-মোচন, প্রভো সুধাংশু-শোচন সুবর্ণবর্ণ-গুঞ্জন দ্যুতি-ত্রিলোক-রঞ্জন স্বভাবতঃ নিরঞ্জন স্বপুত্র-ভীতি-ভঞ্জন।"—কর্ণার্জ্জুন কাব্য।

পঞ্চচূড়া [পঞ্চ হইয়াছে চূড়া (শিরোভূষণ) যাহার, বহু] বি, স্ত্রী, অপ্সরোবিশেষ।

পঞ্চজন (ন্) [পঞ্চ (পাঁচভূত) হইতে জন (জন্মান)+অ (কর্ত্তৃ) যে পঞ্চভূত হইতে জন্মে] বিণ, পঞ্চভূত হইতে জাত। ২। প্রাণী ; জীব। ৩। [পঞ্চ (পাঁচ) যে জন (ব্যক্তি) কর্ম্মধা] পাঁচজন ব্যক্তি : গ্রামের পাঁচজন। ৪। পঞ্চভূত। ৫। হিরণ্য-কশিপুর পৌত্র ও সংহ্রাদের পুত্র, অসুরবিশেষ। এই অসুর সমুদ্রগর্ভে শঙ্খরূপ ধারণ করিয়া বাস করিত। শ্রীকৃষ্ণ ইহাকে বধ করিয়া ইহার অস্থি দ্বারা পাঞ্চজন্য শঙ্খ নির্ম্মাণ করিয়া-ছিলেন।

পঞ্চজনীন (জোনীন্) [পঞ্চজন+ঈন] বিণ, পাঁচ জনের ; পাঁচজন সংক্রান্ত। ২। বি, পঞ্চরং প্রদর্শক ; যাত্রাদির সং।

পঞ্চতত্ত্ব (পন্‌চোতৎত) [পঞ্চ (পাঁচ) যে তত্ত্ব (ক্ষিত্যাদি) কর্ম্মধা] বি, ক্লী, ক্ষিতি, অপ, তেজঃ, মরুৎ ও ব্যোম এই পঞ্চতত্ত্ব [সাংখ্য মতে]। ২। [তন্ত্রে] পঞ্চমকার (মৎস্য, মাংস, মদ্য, মুদ্রা, মৈথুন)। ৩। [বৈষ্ণব শাস্ত্রে] গুরুতত্ত্ব, মনস্তত্ত্ব, দেবতত্ত্ব ও ধ্যানতত্ত্ব।

পঞ্চতন্ত্র [পঞ্চ—তন্ত্র (নীতি)] বি, ক্লী, মিত্রভেদ, মিত্রপ্রাপ্তি, কাকোলূক্য, লব্ধনষ্ট ও অসম্প্রেক্ষকারিতা এই পঞ্চভাগে বিভক্ত প্রাচীন সংস্কৃত নীতি গ্রন্থবিশেষ। মিহিলা-রোপ্য নগরের রাজপুত্রদিগের নীতিশিক্ষার জন্য পণ্ডিত বিষ্ণুশর্ম্মা কর্ত্তৃক ইহা রচিত। পঞ্চতন্ত্রের ন্যায় বহু ভাষায় অনুবাদিত গ্রন্থ জগতে বিরল। খৃঃ ৬ষ্ঠ শতাব্দীতে ইহা সংস্কৃত হইতে পারস্য ভাষায়, নবম শতাব্দীতে পারস্য হইতে আরবীতে ও পরে হিব্রু, গ্রীক্, ল্যাটিন্, সিরীয় প্রভৃতি য়ুরোপীয় সকল ভাষায় অনুবাদিত হইয়া পিল্পের গল্প (Pilpay's Fable) নামে প্রচলিত হয়। "বিষ্ণুশর্ম্মা"কে আরবী ভাষায় "বিদ্‌পাই" তাহা হইতে য়ুরোপীয় ভাষায় "পিল্পে" করা হয় [*Wilson*]।

পঞ্চতন্মাত্র [পঞ্চন্—তন্মাত্র] বি, ক্ষিতি, অপ্, তেজ, মরুৎ ব্যোম এবং তাহাদের গুণ রূপ, রস, গন্ধ, স্পর্শ ও শব্দ।

পঞ্চতপ (প্) [পঞ্চ (পাঁচ) তপ, কর্ম্মধা] বি, পুং, গ্রীষ্মের মধ্যাহ্ন-সূর্য্যের তলে চতুর্দ্দিকে অগ্নি জ্বালিয়া তপঃসাধন। প্র—"। এইরূপে পঞ্চতপ করি। অন্নপূর্ণা ধ্যানে যায় দিবস শর্ব্বরী॥"—অন্নদামঙ্গল।

পঞ্চতপাঃ [পঞ্চ (পাঁচ) তপস্ ১মা, ১ব] বি, পুং, ঊর্দ্ধে সূর্য্য ও চতুর্দ্দিকে অগ্নির মধ্যে তপস্যাকারী।

পঞ্চতা [পঞ্চন্ (পাঁচ)+তা (ভাবে)] বি, স্ত্রী, পঞ্চত্ব।

পঞ্চত্ব (ত্ত) [পঞ্চন্+ত্ব (ভাবে)] বি, ক্লী, পঞ্চভূতে শরীরস্থ পঞ্চভূতের মিশ্রণ ; মরণ ; মৃত্যু। ২। পাঁচের ভাব ; পাঁচ অংশে বিভাগ। প্র—"বেদের পঞ্চত্ব দিয়া ভারত পুরাণ। রচিয়াছে আপনি পরম জ্ঞানবান্।" —ভারতচন্দ্র।

পঞ্চতিক্ত [পঞ্চ (পাঁচ) তিক্ত (তিক্তরসযুক্ত বস্তু) দ্বিগু] বি, ক্লী, নিম ; গুলঞ্চ ; বাসক ; পলতা (পটোল পাতা) ও কণ্টকারী।

পঞ্চতীর্থ [গ্রা—পঞ্চতীথী। পঞ্চ (পাঁচ) যে তীর্থ (কাশীস্থ পুণ্যস্থান) তাহার সমাহার+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, জ্ঞানবাপী ; নন্দিকেশ্বর ; তারকেশ্বর ; মহাকালেশ্বর ও দণ্ডপাণি এই পাঁচটি শিবাধিষ্ঠিত তীর্থ। ২। [বরাহ পুরাণ মতে] বিশ্রান্ত, শৌকর, নৈমিষ, প্রয়াগ, ও পুষ্কর।

পঞ্চদশ (শ্) [পঞ্চন্ (পাঁচ) দশন্ (দশ)] বিণ, পনর সংখ্যক। ২। ১৫ এই সংখ্যা : পাঁচ অধিক দশ সংখ্যা।

পঞ্চদশাহিক (ক্) [পঞ্চ দশন্ (পনর) যে অহঃ (দিন)=পঞ্চদশাহ+ইক (সাধ্যার্থে—ষ্ণিক)] বি, পনরদিন-সাধ্য। ২। পনর দিনব্যাপী।

পঞ্চদশী (—দোশি) [পঞ্চদশ+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, বেদান্ত-প্রতিপাদক প্রসিদ্ধ গ্রন্থ। ২। পূর্ণিমা ও অমাবস্যা [মেদিনী]।

পঞ্চদেবতা [পঞ্চ (পাঁচ) যে দেবতা, কর্ম্মধা] বি, স্ত্রী, আদিত্য, গণেশ, গৌরী, রুদ্র ও কেশব এই পঞ্চ দেব, মতান্তরে—গণেশ, ভাস্কর, কেশব, রুদ্র ও কৌশিকী।

পঞ্চদ্রাবক (পন্‌চদ্‌দ্রাবক্) রসসার সংগ্রহে পারিভাষিক শব্দ] বি, গুগ্গুল, টঙ্গন, মধু, ঘৃত ও গুড়।

পঞ্চধা [পঞ্চন্+ধা (প্রকারার্থে—ধাচ্)] ক্রি-বিণ, অ, পাঁচ প্রকার। ২। পাঁচবার। ৩। পাঁচদিক। ৪। পাঁচ বিষয়।

পঞ্চনখ [পঞ্চন্ (পাঁচ) নখ যাহার, বহু, যাহাদের চারিপায়ের প্রত্যেক পায়ে পাঁচটী করিয়া নখ থাকে] বি, পুং, বিড়াল ব্যাঘ্রাদি শ্বাপদ। (২) কুক্কুর শৃগালাদি। (৩) হস্তী। ২। বিণ, পঞ্চ নখযুক্ত পাচ প্রকার পশু ; শশক, সজারু, গোসাপ, কূর্ম্ম ও গণ্ডার। ইহারা মনুসংহিতা মতে ভক্ষ্য।

পঞ্চনদ (দ্) [পঞ্চ (পাঁচটী) নদ (নদী অর্থে নদ শব্দের প্রয়োগ) যে প্রবাহকালে কলনাদ করে—কর্ম্মধা] বি, পুং, শতদ্রু, বিপাশা, ইরাবতী, চন্দ্রভাগা ও বিতস্তা। ২। [পঞ্চ-নদী+অ=পঞ্চনদ] পাঁচ নদী মিলিত দেশ ; পঞ্জাব।

পঞ্চনিম্ব [পঞ্চ (পাঁচবিধ) যে নিম্ব, কর্ম্মধা] বি, ক্লী, নিম্বের মূল, ত্বক্, পত্র, পুষ্প ও ফল।

পঞ্চনীরাজন (ন্) [পঞ্চ (পাঁচ প্রকার) যে নীরাজন (আরাত্রিক) কিম্বা পঞ্চবিধ

নীরাজন হয় যদ্দারা, বহু] বি, ক্লী, প্রদীপ, পদ্ম, বসন, তাম্র বা তাম্বুল পত্র এই চতুর্ব্বিধ দ্রব্য ও সাষ্টাঙ্গ প্রণিপাত দ্বারা দেবতার নিরাজন।

পঞ্চপক্ষী (—পোক্‌খি) [জ্যোতিষে—পঞ্চ (পাঁচটী) পক্ষী অভিধেয়, গণিত যাহাতে আছে] বি, পুং, অ, ই, উ, এ, ও—এই পঞ্চবর্ণকে শ্যেন, পেচক, বায়স, কুক্কুট ও ময়ূর কল্পনা করিয়া ঐ পঞ্চ স্বরের সাহায্যে বর্ণ, গ্রহ, নক্ষত্র, বার, তিথি, রাশি, দেবতা প্রভৃতি প্রাপ্ত হইয়া বিবিধ প্রশ্ন গণনার উপায়-নির্দ্ধারক গ্রন্থ।

পঞ্চপত্র (—পৎত্র) বি, পুং, ছান্দলাগাছ।

পঞ্চপদী (—পোদি) [পঞ্চ (পাঁচ) পদ (অধ্যায়) যাহার, বহু] বি, স্ত্রী, ঋগ্‌বিশেষ। ২। কুশদ্বীপস্থিত নদীবিশেষ। ৩। বিণ, পঞ্চপদবিশিষ্ট।

পঞ্চপর্ব্ব [পঞ্চ (পাঁচ) যে পর্ব্বন্ (কর্ম্মধা) = পঞ্চ পর্ব্বন্ ১মা, ১ব] বি, ক্লী, অষ্টমী, চতুর্দ্দশী, অমাবস্যা, পূর্ণিমা ও সংক্রান্তি।

পঞ্চপল্লব (ব্) [পঞ্চ (পঞ্চ প্রকার) পল্লব —কর্ম্মধা] বি, ক্লী, বৈদিক কর্ম্মে—আম্র, অশ্বত্থ, বট, প্লক্ষ (পাকুড় গাছ), ও যজ্ঞডুমুর বৃক্ষের পল্লব। (২) তান্ত্রিক কর্ম্মে—কাঁটাল, আম্র, অশ্বত্থ, বট, ও বকুল গাছের পল্লব। (৩) গন্ধ কর্ম্মে—আম, জাম, কপিত্থ (কয়েত বেল) বীজপূর (টাবানেবু) ও বিল্ব পল্লব।

পঞ্চপাত্র (—পাৎত্র) [পঞ্চ (পাঁচটী) পাত্র যে শ্রাদ্ধে, বহু] বি, ক্লী, পঞ্চ পূর্ব্বপুরুষ ; অমাবস্যা বা প্রেত পক্ষে মৃত ব্যক্তির সাম্বৎসরিক সপিণ্ডীকরণে দেবপক্ষদ্বয় ও পিতৃপক্ষত্রয় এই পঞ্চপাত্র শ্রাদ্ধ। ২। পূজায় ব্যবহারার্থে তাম্রাদি ধাতুনির্ম্মিত পাত্র। ৩। পাঁচটী পাত্র।

পঞ্চপিতা [পঞ্চ—পিতা—কর্ম্মধা] বি, পুং, জন্মদাতা, ভয়ত্রাতা, শ্বশুর, দীক্ষাদাতা ও অন্নদাতা।

পঞ্চপিত্ত [বৈদ্যকে] বি, ক্লী, বরাহ, ছাগ, মহিষ, মৎস্য ও ময়ূরের পিত্ত।

পঞ্চপ্রদীপ (প্রোদীপ্) [পঞ্চ (পাঁচটী) প্রদীপ দেওয়া হয় যাহাতে, বহু] বি, পুং, পাঁচ প্রদীপ বিশিষ্ট আরাত্রিক ধাতুপাত্র ; আরতি করিবার জন্য পঞ্চমুখ প্রদীপ।

পঞ্চপ্রাণ (ন্) [পঞ্চ (পাঁচ) যে প্রাণ—দ্বিগু] বি, পুং, শরীর রক্ষক পঞ্চ বায়ু : প্রাণ, অপান, সমান, উদান এবং ব্যান নামক বায়ু : প্রাণবায়ু হৃদয়ে, অপান গুহ্যে, সমান নাভিতে, উদান কণ্ঠে, ব্যান সর্ব্বাঙ্গে ব্যাপ্ত হইয়া আছে। প্রাণে রক্তসঞ্চালন, অপানে আহার্য্য চালন, উদানে বমন, উদ্গার শ্বাস কাশাদি কার্য্য, সমানে পাচন ও ব্যানে সর্ব্বাঙ্গে সামঞ্জস্য রক্ষা হয়।

পঞ্চপ্রেত (ত্) বি, পঞ্চভূত ; ভৌতিক জগৎ। ২। আতিবাহিক দেহধারী পাঁচটী আত্মা —পর্য্যুষিত, সূচীমুখ, শীঘ্রক, রোহক, লেখক। ইহারা আদ্যাশক্তির আসন ধারণ করিয়া আছে। প্র—"পঞ্চপ্রেত নিরমিত বসিবার মঞ্চ"—অন্নদামঙ্গল।

পঞ্চবট (ট্) [পঞ্চ—বট] বি, অশ্বত্থ, বিল্ব, বট, ধাত্রী, অশোক। ২। পাঁচ কড়া কড়ি। প্র—"বেণে বলে দরে বাড়াইলাম পঞ্চবট। আমা সঙ্গে সওদাগর না পাবে কপট॥"—কবিকঙ্কণ।

পঞ্চবক্ত্র [পঞ্চ (পাঁচ) বক্ত্র (মুখ) যাহার, বহু] বি, পুং, পঞ্চানন ; শিব। ২। পঞ্চমুখী রুদ্রাক্ষবীজ।

পঞ্চবটী (—বোটী) [পঞ্চ (পাঁচ) বটের (বৃক্ষের) সমাহার—ঈপ্ স্ত্রী, দ্বিগু] বি, স্ত্রী, অশ্বত্থ, বিল্ব, বট, ধাত্রী (আমলকী) ও অশোক বৃক্ষের বন : পূর্ব্বে অশ্বত্থ, উত্তরে বিল্ব, পশ্চিমে বট, দক্ষিণে ধাত্রী এবং অগ্নিকোণে অশোক স্থাপন করিয়া তন্মধ্যে চারিহাত বেদী প্রতিষ্ঠা করিলে পঞ্চবটী হয়। ২। দণ্ডকারণ্যের অন্তর্গত জনস্থান নামক মনোরম বনভূমিস্থিত নিবিড় বনবিশেষ। গোদাবরী নদীতীরে ইহা অবস্থিত ছিল। এইস্থানে লক্ষ্মণ রাবণের ভগিনী সূর্পনখার নাসিকাচ্ছেদন করিয়াছিলেন। এই স্থান হইতেই রাবণ সীতাদেবীকে হরণ করিয়াছিলেন। দণ্ডককানন আধুনিক নাগপুর প্রদেশস্থ প্রায় সমস্ত ভূভাগ এবং পঞ্চবটী আধুনিক "নাসিক"। প্র—"ছিনু ঘোরবনে, নাম পঞ্চবটী, মর্ত্ত্যে সুরবন সম।"—মেঘনাদ। "পঞ্চবটী বনে মোরা গোদাবরী তটে ছিনু সুখে।"—ঐ

পঞ্চবর্ণ (ন্) [পঞ্চ (পাঁচ প্রকার) বর্ণ যাহার, বহু] বি, ক্লী, পঞ্চগুঁড়ি দ্রঃ।

পঞ্চবর্গ [পঞ্চ (পাঁচ)—বর্গ, দ্বিগু] বি, পুং, ব্যঞ্জন বর্ণমালার মধ্যে ক, চ, ট, ত, প এই পাঁচবর্গ। ২। যাগবিশেষ।

পঞ্চবল্কল (ল্) [পঞ্চ (পাঁচ)—বল্কল (বাকল)—দ্বিগু] বি, ক্লী, বট, অশ্বত্থ, প্লক্ষ (পাকুড় গাছ) ও বেতস এই পাঁচ বৃক্ষের ছাল। কেহ বেতসের পরিবর্ত্তে পলাশ কেহ বা পিপুল, কেহ বা শিরীষ বৃক্ষ গণনা করেন।

পঞ্চবাণ (ন্) [পঞ্চ (পাঁচটী) বাণ (শর) যাহার বহু] বি, পুং, মদন। ২। কন্দর্পের সম্মোহন, উন্মাদন, শোষণ, তাপন ও স্তম্ভন-নামক পাঁচটী বাণ। অরবিন্দ, অশোক, চূত, নবমল্লিকা ও রক্তোৎপল নামধেয় পুষ্পবাণ। প্র—"ফুলময় ধনু নিল ফুল পঞ্চবাণ। মধুকর কোকিল করয়ে কলগান॥" —কবিকঙ্কণ।

পঞ্চবৃত্তি [পঞ্চ (পাঁচ স্থানের বা পাঁচ প্রকার) বৃত্তি(ব্যাপার—প্রাণকার্য্য, শরীর-বৃত্তি) যাহার, বহু] বি, পুং, পঞ্চপ্রাণ দ্রঃ। ২। পাঁচ প্রকার মনোবৃত্তি।

পঞ্চভদ্র (—ভদ্‌দ্র) [পঞ্চ (পাঁচটী) হইয়াছে ভদ্র (শুভ চিহ্ন) যাহার, বহু] বি, পুং, যে অশ্বের মুখে, পৃষ্ঠে, হৃদয়ে ও দুই পার্শ্বে (এই পাঁচ স্থানে) শুভলক্ষণসূচক আবর্ত্ত আছে। ২। বি, ক্লী, পাঁচনবিশেষ।

পঞ্চভুজ (জ্) [পঞ্চ (পাঁচটী) ভুজ (বাহু) যাহার, বহু] বি, পুং, পাঁচটি বাহু বা রেখাবেষ্টিত ক্ষেত্র ; পাঁচ কোণা জমী ; pentagon.

পঞ্চভূত (ত্) [পঞ্চ (পাঁচটি)ভূত—কর্ম্মধা] বি, ক্লী, ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম। ২। পাঁচ ভূত ; শিবের পাঁচ অনুচর। প্র—"তুমি আদি তুমি অন্ত তুমি মধ্য হও। পঞ্চ ভূতময় পঞ্চভূতময় নও॥"—অন্নদামঙ্গল।

পঞ্চম (ম্) [পঞ্চন্+ম (পূরণার্থে) ন্ লোপ] বিণ, পাঁচ সংখ্যার পূরক। ২। বি, সপ্তস্বরের পঞ্চম স্বর : ইহা নাভি হইতে উত্থিত হইয়া বক্ষঃ, হৃদয়, কণ্ঠ ও মস্তক এই পঞ্চ স্থানে বিচরণ করে বলিয়া পঞ্চম স্বর নামে অভিহিত, এই স্বর কোকিলকণ্ঠে শুনা যায়। মতান্তরে শরীরস্থ পঞ্চ বায়ুর সমবায়ে উচ্চারিত হয় বলিয়া পঞ্চম। প্র—"পঞ্চমেতে গায় পিক নাচে অলিগণ—"—কবিক। ৩। ছয় রাগের তৃতীয় রাগ। শিবের তৎপুরুষ নামক মুখ হইতে ইহার উৎপত্তি ; বিভাষা, ভূপালী, কর্ণাটী, বড়হংসিকা, মালবী ও নটমঞ্জরী এই রাগের ছয় সহচরী রাগিণী। ৪। সুন্দর, মনোজ্ঞ ; সুশ্রী। ৫। নারীদিগের চরণে ধারণযোগ্য ঘুঙুর গাঁথা খিলান করা রৌপ্যালঙ্কারবিশেষ। গুঁজরী নামক চরণালঙ্কারের উপর ধারণীয়। **পঞ্চম বেদ**—মহাভারত। প্র—"ভারত পঞ্চম বেদ নানা মত পরিচ্ছেদ। বেদ ভাগে বেদান্ত বাখান।"—অন্নদামঙ্গল। **গুঁজরী পঞ্চম**—এক সঙ্গে ধারণ করিবার চরণালঙ্কার দ্বয়।

পঞ্চমকার (র্) [পঞ্চ (পাঁচ) মকার (ম বর্ণ আদিতে যে শব্দের) বহু] বি, ক্লী, তন্ত্রোক্ত—মদ্য, মাংস, মৎস্য, মুদ্রা, মৈথুন এই পঞ্চ সাধন। আধ্যাত্মিক অর্থে—১। মদ্য—ব্রহ্মরন্ধ্রস্থিত সহস্রদল কমল-নিঃসৃত সুধাধারা পানে সাধকের মত্ততা জন্মে বলিয়া ব্রহ্মানন্দরূপ মদ্য। ২। মাংস—মা (রসনা)

+অংশ—রসনার অংশ বা বাক্যের ভোজন, মৌনাবলম্বনই মাংসভোজন ইহা দ্বারা সাধকের সিদ্ধি হয়। ৩। মৎস্য—চঞ্চল নিশ্বাস প্রশ্বাস রূপ মৎস্য তাহার ভক্ষণ অর্থাৎ নিশ্বাস প্রশ্বাস রোধরূপ কুম্ভক যোগ দ্বারা সিদ্ধি। ৪। মুদ্রা—আশা, তৃষ্ণা, গ্লানি, ভয়, ঘৃণা, মান, লজ্জা ও ক্রোধ এই আটটি হৃদয়স্থিত মুদ্রাকে জ্ঞানাগ্নি দ্বারা সুসিদ্ধ করিয়া ভক্ষণ করা। অর্থাৎ সর্বতোভাবে আয়ত্ত করা বা বশে আনা] ৫। মৈথুন—ব্রহ্মরন্ধ্র স্থিত সহস্রারের বিন্দুরূপ শিবের সহিত কুণ্ডলিনী শক্তির সংমিলন অর্থাৎ জ্ঞানের সহিত ভক্তির সংমিশ্রণ।—পৃথিবীর ইতিহাস ১ম খণ্ড। মহানির্ব্বাণ তন্ত্রমতে—নির্ব্বিকার নিরঞ্জন ব্রহ্মে যোগ দ্বারা যে প্রমোদ জ্ঞান তাহাই মদ্য ; ব্রহ্মে সর্ব্বকর্ম্মফলের সমর্পণই মাংস ; সুখ দুঃখে সমান জ্ঞানরূপ সাত্বিক জ্ঞানই মৎস্য ; অসৎ সঙ্গ ত্যাগ ও সৎসঙ্গই মুদ্রা এবং মূলাধার-স্থিত কুলকুণ্ডলিনী শক্তির সহিত যোগ দ্বারা ষট্‌চক্র ভেদ করত শিরঃস্থ সহস্রদল পদ্ম-কর্ণিকার অন্তর্গত পরম শিবের সংযোগই মৈথুন।

পঞ্চমহাপাতক (মো, ক্) [পঞ্চ—মহা-পাতক—দ্বিগু] বি, ক্লী, ব্রহ্মহত্যা ; সুরাপান, ব্রহ্মস্ব হরণ, গুরুপত্নী গমন এবং এই সকল পাপে লিপ্ত জনের সহবাস।

পঞ্চমহাযজ্ঞ (—জোগ্‌গঁ) [পঞ্চ (পাঁচ) মহাযজ্ঞ (প্রধান যাগ)—দ্বিগু] বি, পুং, গৃহীদিগের অনুষ্ঠেয়—বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, পিতৃতর্পণ, ভূতবলি ও অতিথি-পূজন।

পঞ্চমী [গ্রা—পঞ্চমী। পঞ্চম+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, তিথিবিশেষ ; চতুর্থীর পরবর্ত্তী ও ৬ষ্ঠীর পূর্ব্ববর্ত্তী তিথি। ২। [সঙ্গীতে] রাগিণী-বিশেষ। ৩। [তন্ত্রে] বিদ্যাবিশেষ। ৪। পাশার ছক। ৫। [ব্যাকরণে] বিভক্তি-বিশেষ। ৬। [পুরাণে] ব্রতবিশেষ। শ্রীপঞ্চমীতে আরম্ভ করিয়া ৬ বৎসর ধরিয়া প্রতিমাসে শুক্লা পঞ্চমীতে পালন করণীয় ব্রত।

নাগ পঞ্চমী—হরি শয়নের পরবর্ত্তী কৃষ্ণা পঞ্চমী। এই পঞ্চমীতে মনসা দেবী ও নাগ পূজা হয়। **শ্রীপঞ্চমী**—মাঘী শুক্লা পঞ্চমী। এই পঞ্চমীতে সরস্বতী পূজা, মস্যাধারাদির পূজা ও লক্ষ্মী পূজা হয়।

পঞ্চমুখ (খ্) [পঞ্চ—মুখ—(দ্বিগু)] বিণ, পাঁচমুখো ; পাঁচমুখযুক্ত। ২। মুখর ; বাচাল। প্র—"কুকথায় পঞ্চমুখ কণ্ঠভরা বিষ"—অন্নদামঙ্গল। ৩। পাঁচটি মুখ ; পঞ্চ তুঙ্গ। ৪। পঞ্চানন ; শিব। প্র—"আগম, পুরাণ, বেদ, পঞ্চতন্ত্র কথা পঞ্চমুখে পঞ্চমুখ কহেন উমারে।"—মেঘনাদ [দ্রঃ—শিবের পঞ্চমুখ দেবীপুরাণ মতে—(১) পশ্চিম মুখের নাম সদ্যঃ (শুক্লবর্ণ), (২) উত্তর মুখের নাম কামদেব (পীতবর্ণ), (৩) পূর্ব্ব মুখের নাম তৎপুরুষ (রক্তবর্ণ), (৪) দক্ষিণ মুখের নাম অঘোর (কৃষ্ণবর্ণ) এবং (৫) মধ্যবর্ত্তী ও উপরিস্থিত মুখের নাম ঈশান (সর্ব্ববর্ণ সমন্বিত)]।

পঞ্চমুদ্রা (মুদ্‌দ্রা) [পঞ্চ (পাঁচ) মুদ্রা, দ্বিগু] বি, স্ত্রী, পঞ্চবিধ অঙ্গুলি ন্যাস ; আবাহনী, স্থাপনী, সন্নিধাপনী, সম্বোধনী ও সম্মুখীকরণী।

পঞ্চমূত্র (—মুৎত্র) [পঞ্চ (পাঁচ প্রকার) পশুর মূত্র—মধ্যপদ-লোপী কর্ম্মধা] বি, ক্লী, গোরু, মেষ, মহিষ, গর্দ্দভ ও ছাগলের মূত্র।

পঞ্চমূল (ল্) [পঞ্চ (পাঁচটী) মূল যাহাতে, বহু] বি, ক্লী, পাঁচনবিশেষ। পাঁচটী মূল বিশেষের সমষ্টিকে পঞ্চমূল কহে। আয়ুর্ব্বেদে ৯ প্রকার পঞ্চমূল বর্ণিত আছে। যথা—(১) স্বল্প পঞ্চমূল, (২) বৃহৎ পঞ্চমূল, (৩) তৃণ পঞ্চমূল, (৪) শতাবর্য্যাদি পঞ্চমূল, (৫) জীবকাদি পঞ্চমূল, (৬) বলাদি পঞ্চমূল, (৭) গোক্ষুরাদি পঞ্চমূল, (৮) গুড়ূচ্যাদি বা বল্লী পঞ্চমূল এবং (৯) কণ্টক পঞ্চমূল। স্বল্প পঞ্চমূল—শাল-পানী, চাকুলে, বৃহতি, কণ্টকারী ও গোক্ষুর মূল। বৃহৎ পঞ্চমূল—বেল, শোণা, গাম্ভারী, পারুল ও গণিয়ারি বৃক্ষমূল। তৃণ পঞ্চমূল—কুশ, কাশ, শর, ইক্ষু ও দর্ভ (উলুখড়) অথবা কুশ, কাশ, শর, ইক্ষু ও শালি ধান্য মূল। শতাবর্য্যাদি পঞ্চমূল—শতাবরী, ভূমি কুষ্মাণ্ড, জীবন্তী, ক্ষীরকাকলী ও জীবক বৃক্ষের মূল। জীবকাদি পঞ্চমূল—জীবক, মেদা, মহামেদা, ঋষভক ও জীবন্তী মূল। বলাদি পঞ্চমূল—বেড়েলা, পুনর্নবা, এরণ্ড, মুগানী ও মাষাণী মূল। গোক্ষুরাদি পঞ্চমূল—গোক্ষুর, শেয়াকুল, রাখাল শসা, কাল কাসন্দা ও সর্ষপ মূল। গুড়ূচ্যাদি বা বল্লী পঞ্চমূল—গুলঞ্চ, মেষশৃঙ্গী, অনন্ত মূল, ভূমি কুষ্মাণ্ড ও হরিদ্রা গাছের মূল। কণ্টক পঞ্চমূল—করঞ্জ, গোক্ষুর, ঝাঁটী, শতমূলী, কেলে কড়া এই পাঁচটী গাছের মূল।

পঞ্চযজ্ঞ (—জোগ্‌গঁ) [পঞ্চন্ (পাঁচ) যজ্ঞ (যাগ)—দ্বিগু] বি, পুং ; ব্রহ্মযজ্ঞ, নৃযজ্ঞ, দৈবযজ্ঞ, পিতৃযজ্ঞ, ও ভূতযজ্ঞ।

পঞ্চরঙ্গ বি, দাবা খেলার প্রকারবিশেষ। ইহাতে রাজা ক্রমশঃ হস্তী, পেয়াদা, দাবা, অশ্ব ও নৌকা এই পাঁচ বলের পাঁচ কিস্তিতে মাত হয়। ২। পাঁচ রকম আমোদ প্রমোদ ; রঙ, তামাসা। ৩। পাঁচ রকম বর্ণ। বিণ, **পঞ্চরঙ্গী**—বিচিত্র বর্ণ।

পঞ্চরত্ন [পঞ্চ (পাঁচ) যে রত্ন (মণি)—দ্বিগু] বি, ক্লী, নীলকান্ত, হীরক, পদ্মরাগ, মুক্তা ও প্রবাল। কেহ কেহ সুবর্ণকেও পঞ্চরত্ন মধ্যে গণনা করেন তাঁহাদের মতে হীরক স্থানে সুবর্ণ। প্র—"যদি পিতৃ সনে মোর হয় দরশন। দেউল মণ্ডিয়া দিব এ পঞ্চ রতন॥"—কবিকঙ্কণ।

পঞ্চরাত্র (—রাৎত্র) [পঞ্চ (পাঁচ) রাত্র রাত্রি=রাত্র] বি, ক্লী, পাঁচ রকম জ্ঞানোপদেশ-বিষয়ক গ্রন্থ। নারদ পঞ্চরাত্র, কাপিল পঞ্চ-রাত্র, ব্রাহ্ম পঞ্চরাত্র, গৌতম পঞ্চরাত্র, বাশিষ্ঠ পঞ্চরাত্র, শৈব পঞ্চরাত্র ও কৌমার পঞ্চরাত্র এই সপ্ত গ্রন্থ প্রসিদ্ধ। ২। পঞ্চদিন রাত্রি-ব্যাপী হরিসংকীর্ত্তন।

পঞ্চলবণ (ন্) [পঞ্চ (পাঁচ)—লবণ, দ্বিগু] বি, ক্লী, সৈন্ধব, সৌবর্চ্চল, বিট, উদ্ভিদ্ ও সামুদ্র বৈদ্যোক্ত এই পঞ্চ প্রকার লবণ।

পঞ্চলোকপাল (ক্, ল্) [পঞ্চ লোকপাল, দ্বিগু] বি, পুং, বিনায়ক, দুর্গা, বায়ু, আকাশ, ও অশ্বিনীকুমারদ্বয়।

পঞ্চলৌহ [পঞ্চ (পাঁচ) লোহ (ধাতু)] বি, ক্লী, সুবর্ণ, রজত, তাম্র, রঙ্গ ও সীসক।

পঞ্চশস্য (—শোশ্‌শ) [পঞ্চ প্রকার) যে শস্য, দ্বিগু] বি, ক্লী, ধান্য, মাষ, যব, তিল বা শ্বেত সর্ষপ ও মুগ।

পঞ্চশাখ (খ্) [পঞ্চ (পাঁচ) শাখা (অঙ্গুলী) যাহার, বহু] বি, পুং, কর ; হস্ত। ২। বিণ, পাঁচ শাখাবিশিষ্ট।

পঞ্চশিখ (খ্) [পঞ্চ (বিস্তৃত) হইয়াছে শিখা (চূড়া) বা কেশর) যাহার—বহু] বিণ, পঞ্চশিখাযুক্ত ; পঞ্চচূড়। ২। বি, ধর্ম্মের ঔরসে হিংসার গর্ভে জাত মুনিবিশেষ। বিণ, **পঞ্চশিখী**। **পঞ্চশিখীকরণ**—পাঁচচুলা করণ।

পঞ্চশীর্ষ [পঞ্চ (পাঁচ) শীর্ষ (মস্তক) যাহার, বহু] বি, পুং, সর্পবিশেষ। ২। বিণ, পাঁচ-মাথাযুক্ত।

পঞ্চসুগন্ধিক (পন্‌চশুগোন্‌ধিক্) [পঞ্চ (পাঁচ) সুগন্ধিক (সুগন্ধক)—দ্বিগু] বি, ক্লী, কর্পূর, কক্কোল, লবঙ্গ, গুবাক ও জাতীফল।

পঞ্চস্বরা (পঞ্চশ্‌শরা) [পঞ্চ—স্বর+আ (যুক্ত)] বিণ, পঞ্চস্বরযুক্ত রাগিণী ; ওড়ব। ২। জ্যোতির্গ্রন্থবিশেষ।

পঞ্চস্বরোদয় (পঞ্চশ্‌শরোদয়্) বি, আ, ঈ, উ, ঐ, ঔ এই পঞ্চস্বর ঘটিত গণনা-পদ্ধতি নির্ণায়ক গ্রন্থ ; স্বরোদয় (দ্রঃ)।

পঞ্চাইত, পঞ্চায়েত (ত্) [হি] বি, পঞ্চজনের সমাজ ; পঞ্চক। ২। স্বজাতীয় শ্রেণীর বিচার সভা। বি, পঞ্চাইতি পঞ্চায়েতের বৈঠক ; মিলিত বহু জনের পরামর্শ।

পঞ্চাক্ষর (পন্‌চাক্‌খর্) [পঞ্চ (পাঁচটী) অক্ষর যাহাতে, বহু] বিণ, পাঁচটী অক্ষর সম্বলিত মন্ত্রবিশেষ ; 'নমঃ শিবায়' এই মন্ত্র।

পঞ্চাগ্নি [পঞ্চ (পাঁচ) অগ্নি (আগুন)—কর্ম্মধা] বি, পুং, অন্নাহার্য্য পচন, গার্হপত্য, আহবনীয়, সভ্য, আবসথ্য নামক পাঁচ অগ্নি। "উদরে গার্হপত্য, মধ্যদেশে দক্ষিণ, মুখে আহবনীয়, মস্তকে সভ্য ও পর্ব্বানামক অগ্নি অবস্থান করে"—গরুড়পুরাণ। ২। [পঞ্চ (চতুর্দ্দিকে চারি এবং উর্দ্ধে সূর্য্য এই পাঁচ) অগ্নি যাহার, বহু] পুং, তপস্বিবিশেষ।

পঞ্চাঙ্গ (পন্‌চাংগ) [পঞ্চ (পাঁচ) অঙ্গ (অবয়ব) যাহার, বহু] বি, পুং, [পঞ্চ যে অঙ্গ (অবয়ব)—কর্ম্মধা] ক্লী, পঞ্চ অবয়ব। ২। রাজ্যের পঞ্চাঙ্গ ; সহায়, সাধনোপায়, দেশ কাল বিভাগ, বিপত্তি, প্রতিকার, ও সিদ্ধি। ৩। কচ্ছপ (চারি পদ ও শুণ্ড)। ৪। অশ্ব। ৫। [তন্ত্রে] জপ, হোম, তর্পণ, স্নান, ব্রাহ্মণ ভোজন এই পঞ্চাঙ্গ পুরশ্চরণ। ৬। [বৈদ্যকে] বৃক্ষের মূল, ত্বক্, পত্র, পুষ্প, ও ফল এই পাঁচ বৃক্ষের পঞ্চাঙ্গ। ৭। [স্মৃতিতে] বাহুদ্বয়, জানুদ্বয়, মস্তক, বক্ষঃস্থল ও চক্ষুর্দ্বারা প্রণতি পঞ্চাঙ্গ প্রণাম। ৮। [জ্যোতিষে] তিথি, বার, নক্ষত্র, যোগ ও করণের ফলশ্রুতি পঞ্চাঙ্গ গঙ্গাস্নান। **পঞ্চাঙ্গশুদ্ধি**—ন্যাসবিশেষ ; হৃদয়, শির, শিখা, বাহুমূল, ও নেত্র এই পঞ্চাঙ্গের শুদ্ধি।

পঞ্চাঙ্গী (পন্‌চাংগি) বি, স্ত্রী, হস্তীর কটিবন্ধন-রজ্জু।

পঞ্চাতপা [পঞ্চ (পাঁচ) যে আতপ (উত্তাপ) কর্ম্মধা] বি, স্ত্রী, যোগীর আসনের একহস্ত পরিমিত দূরে চারিদিকে অগ্নি ও উর্দ্ধে সূর্য্য এই পাঁচ আতপ যুক্ত স্থানে তপস্যা।

পঞ্চাত্মক (পন্‌চাত্‌তঁক্) [পঞ্চ (ক্ষিতি, অপ্, তেজঃ, বায়ু ও আকাশ এই পাঁচ) হইয়াছে আত্মা (স্বরূপ) যাহার, বহু ; ক যোগ] বিণ, ক্ষিত্যাদিপঞ্চভূতাত্মক।

পঞ্চানন (পন্‌চানন) [পঞ্চ (পাঁচ) আনন (মুখ) যাহার, বহু] বি, পুং, শিব ; পঞ্চমুখ দ্রঃ। প্র—"নারদ বীণার তানে মোহিত যে গুণগানে পঞ্চমুখে গান পঞ্চানন।"—অন্নদামঙ্গল। ২। [পঞ্চ (বিস্তৃত) আনন (মুখ) যাহার, বহু] সিংহ।

পঞ্চান্ন [পঞ্চপঞ্চাশৎ শব্দজ] বিণ, ৫৫ সংখ্যা।

পঞ্চাপ্সর (পন্‌চাপ্‌সর) বি, ক্লী, দণ্ডকারণ্যস্থ সরোবরবিশেষ। ২। পঞ্চতীর্থ ; দক্ষিণ-সাগর-সন্নিহিত অগস্ত্য তীর্থ, সৌভদ্রতীর্থ, পৌলোমতীর্থ, কারন্ধতীর্থ ও ভারদ্বাজতীর্থ ; পঞ্চ অপ্সরা এইস্থানে বাস করিয়াছিলেন বলিয়া এই নাম ; নারীতীর্থ।

পঞ্চামরা [পঞ্চ (পাঁচ) যে অমরা (দীর্ঘজীবী)—কর্ম্মধা] বি, পুং, দূর্ব্বা, বিজয়া (সিদ্ধি), বিল্ব, নিশুণ্ডী ও কালতুলসী।

পঞ্চামৃত (পন্‌চামৃত) [পঞ্চ (পাঁচ) যে অমৃত—কর্ম্মধা] বি, ক্লী, দধি, দুগ্ধ, ঘৃত, মধু ও চিনি। ইহা গর্ভবতীর গর্ভশোধনার্থ পঞ্চম মাসে সেব্য।

পঞ্চামৃতযূষ (পন্‌চামৃত্তজূষ্) কুলথ (শিম্বি ধান্যবিশেষ, কুত্থিকলায়) মুগ, অরহর, মাষকলায় ও বর্ব্বটী এই পঞ্চকলায় একত্র পাক করিয়া যূষ প্রস্তুত করিলে তাহাকে পঞ্চামৃত যূষ কহে।

পঞ্চামৃতযোগ (পন্‌চামৃত্তজোগ্) [বৈদ্যকে] গুড়ূচী, গোক্ষুর, মুশলী (তালমূলী) মুণ্ডিকা (থুলকুড়ী) ও শতাবরী এই পাঁচের মিলন।

পঞ্চাম্নায় (পন্‌চাম্‌নায়্) [পঞ্চ (পাঁচ) যে আম্নায় (বেদ)—দ্বিগু] বি, পুং, শিবের পঞ্চমুখ হইতে নির্গত তন্ত্রশাস্ত্র (পঞ্চমুখ দ্রঃ)।

পঞ্চাম্র (পন্‌চাম্‌ম্র) [পঞ্চ (পাঁচ) যে আম্র, দ্বিগু] বি, ক্লী, অশ্বত্থ, নিম্ব, চম্পক, বকুল, নারিকেল এই পাঁচ বৃক্ষ। ২। তেইশটী বৃক্ষ (—অশ্বত্থ ১, পিচুমর্দ্দ ১, চম্পক ২, কেশর ৩, তাল ৭, নারিকেল ৯)।

পঞ্চাম্ল (পন্‌চাম্‌ল) [পঞ্চ—অম্ল] বি, ক্লী, কোল (কুল), দাড়িম, বৃক্ষাম্ল, অম্লবেতস, মাতুলুঙ্গ।

পঞ্চাল (ল) [পঞ্চ্ (বিস্তার করা) + আল (সংজ্ঞার্থে)] বি, পুং, পঞ্চাল দেশ। ২। বিণ, পঞ্চাল দেশীয়। [দ্রঃ—পূর্ব্বে পঞ্চাল দুই ভাগে বিভক্ত ছিল উত্তর পঞ্চাল (গঙ্গার উত্তর তটে সাহাবাদ হইতে আরম্ভ করিয়া বেরেলী পর্য্যন্ত) এবং দক্ষিণ পঞ্চাল গঙ্গার দক্ষিণ তট হইতে আরম্ভ করিয়া দক্ষিণে ফরক্কাবাদ, কান্যকুব্জ, এটোয়া এবং দক্ষিণ তট হইতে পশ্চিম দিকে এটোয়া, পরে যমুনার দক্ষিণ তট হইতে পশ্চিমদিকে সিন্ধিয়া ও পূর্ব্বে বুন্দেলখণ্ড প্রদেশ পর্য্যন্ত বিস্তৃত ভূভাগ) দক্ষিণ পঞ্চালে পশ্চিম সীমা চর্ম্মণ্বতী, বর্ত্তমান চম্বল নদী। রাজধানী কাম্পিল্য নগর। উত্তর পঞ্চালের প্রাচীন রাজধানী অহিচ্ছত্র (দ্রোণাচার্য্যের রাজধানী)]।

পঞ্চালী—বি, গীতের প্রণালীবিশেষ ; আধুনিক পাঁচালী।

পঞ্চাশ (শ্) [পঞ্চাশৎ শব্দজ] বিণ, অর্দ্ধশত সংখ্যক। ২। ৫০ এই সংখ্যা।

পঞ্চাশৎ [পঞ্চন্ (পাঁচ) দ্বারা গুণিত যে (দশ)] বি, স্ত্রী, পঞ্চাশ ৫০ সংখ্যা। ২। বিণ, ৫০ সংখ্যক।

পঞ্চাশবার (শ্, র্) বি, ৫০ দফা ; বহুবার ; অনেকবার।

পঞ্চাশীতি [পঞ্চ (পাঁচ) অধিক অশীতি (৮০)] বি, ৮৫ ; পঁচাশী।

পঞ্চী (পোন্‌চি) [পঞ্চন্ + ইন্ (অস্ত্যর্থে) = পঞ্চিন্ ১মা, ১ব] বিণ, পঞ্চ পরিমাণযুক্ত।

পঞ্চীকরণ (পোন্‌চীকরন্) [পঞ্চন্ (পাঁচ) করণ (করা) মধ্যে ঈ (চ্বি) আগম] বি, ক্লী, স্থূল সৃষ্টির জন্য পঞ্চভূতের সূক্ষ্ম অংশকে দুইভাগ করিয়া এক ভাগকে চারিভাগে বিভক্ত করিয়া প্রত্যেকের ঐরূপ এক এক ভাগ যুক্ত করাকে পঞ্চীকরণ কহে।

পঞ্চীকৃত (পোন্‌চীকৃত) [পঞ্চন্ (পাঁচ) কৃত—মধ্যে ঈ (চ্বি) আগম] বিণ, যাহা পঞ্চীকরণ করা হইয়াছে।

পঞ্চেন্দ্রিয় (পন্‌চেন্‌দৃয়) [পঞ্চন্ (পাঁচ) যে ইন্দ্রিয়—কর্ম্মধা] বি, ক্লী, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্ এই পাঁচটী জ্ঞানেন্দ্রিয় ; বাক্, পাণি, পাদ, পায়ু ও উপস্থ এই পাঁচটী কর্ম্মেন্দ্রিয়।

পঞ্জড়ি, পঞ্জুড়ি (পন্‌জোড়ি, পোন্‌জুড়ি) বি, পাশাখেলার দানবিশেষ। প্র—"মন তুমি খেলাও না পাশা * * * ছকুড়ি পঞ্জড়ি ফেলে পরে বাজি ওলাড় হয়ে যাবে, আছে আমার ঘরে ছজন রিপু কর্ব্বে তারা হাসি হাসা"—নবীন চক্রবর্ত্তী।

পঞ্জর (পন্‌জর্) [পিনজ্ (বাস করা)—অর (ন—অধি)—যাহার মধ্যে বাস করে] বি, পুং, ক্লী, পিঞ্জর ; খাঁচা। ২। পাঁজরা : [illegible]। ৩। অস্থি পঞ্জর ; হাড়পাঁজরা। ৪। আত্মার বাসা ; শরীর ; দেহ।

পঞ্জা, পাঞ্জা—বি, অঙ্গুলি সমেত তল ; করতল। ২। প্রাচীন বাদসাহগণ কোন সনন্দ বা হুকুম নামায় নিজের নাম স্বহস্তে লিখিতেন না। নাম ও উপাধি সমস্তই লেখকেরা লিখিত। উঁহারা কেবল হাতে কালি মাখিয়া পাঁচ আঙ্গুলের ছাপ্ হুকুম নামার উপর দিতেন, উহাই পঞ্জা। প্র—"লিখাইয়া পঞ্জা ফরমানের নকল। নানামতে সাবধানে রাখিলা আসল॥"—অন্নদামঙ্গল। ৩। তাস খেলায় পাঁচ-ফোঁটা-যুক্ত তাস। **পঞ্জাধরা**—তাস খেলায় একপক্ষে পাঁচবার জিৎ সূচক পাঁচ ফোঁটার কাগজ রাখা। **ব্যোমপাঞ্জা**—তাস খেলায় জিৎ নিদর্শক চারখানি কাগজের উপর ছক্কা ; একত্র ছক্কা ও পঞ্জার নামান্তর ব্যোমপাঞ্জা। প্র—"আপন দোষে হারাইলি হাতের পাঁচ। ব্যোমপাঞ্জা চেপেছে ঘাড়ে তবু কি তোর নাইরে লাজ।"—বাংগান।

পঞ্জাই—ছক্কাই দ্রঃ।

, **পঞ্জিকা, পঞ্জী** (পোন্‌জি) [সং] বি, স্ত্রী, তিথি নক্ষত্রাদি কালজ্ঞাপক গ্রন্থ ;

পঞ্জি ; গ্রহস্ফুট ও তিথি নক্ষত্রাদি সূক্ষ্ম গণনা এবং ধর্ম্ম কর্ম্মাদির ব্যবস্থা সম্বলিত হিন্দুর পুস্তক, উপনয়ন, বিবাহ এবং জন্ম হইতে মৃত্যু পর্য্যন্ত প্রত্যেক বিষয়ের নির্ণায়ক ধর্ম্ম-গ্রন্থই পঞ্জিকা।

পঞ্জীকর (পোন্‌জিকর্) [পঞ্জী (পাঁজি) কর (যে করে)] বিণ, পুং, পঞ্জিকা প্রণয়নকারী।

পঞ্জুড়ি (পো)—পঞ্জড়ি দ্রঃ।

পট (ট্) [পট্ (বেষ্টন করা) + অ (করণে—অল্) যাহা দ্বারা শরীর, স্থান প্রভৃতি বেষ্টন করে] বি, পুং, ক্লী, বস্ত্র। প্র—"আচ্ছাদিয়া ধৌতপটে জল পুরি নিল ঘটে"—কবিকঙ্কণ। ২। চিত্রপট ; ছবির কাগজ, কাপড় প্রভৃতি। প্র—"বিরলে বসিয়া পটেতে লিখিয়া বিশাখা দেখান আনি।"—চণ্ডীদাস। "থাকুন তিনি পটে আঁকা"—দ্বিজেন্দ্র রায়। ৩। পিয়াল বৃক্ষ। ৪। ক্লী, ছাদ ; চাল। স্ত্রী, পটী।

পটক (ক্) [পট (বেষ্টনে) + অক (কর্ত্তৃ) —যাহা বেষ্টন করে] বি, পুং, তাঁবু ; শিবির।

পটকন (ন্) [পৎ (পতনে) ধাতু হইতে] বি, পরাস্ত হওন। ২। পতিত হওন। ৩। কৃশ ও দুর্ব্বল হওন।

পটকা (ট্) [পৎ (পতনে) ধাতু হইতে] বিণ, দুর্ব্বল। ২। যে সহজে রোগে পড়ে। ৩। যাহাকে সহজে আছাড় দেওয়া যায়। ৪। বি, যে গাভীর দুধ অল্প হইয়া গিয়াছে ; যে গাভী অতি অল্প দুধ দেয়।

পটকা (পটোকা) [শব্দাত্মক। পট্ (অনুকার শব্দে বিদীর্ণ হওয়া) ধাতু হইতে] বি, অগ্নি সংযোগে পট্ শব্দে বিদারণশীল ক্রীড়নক ; বারুদপূর্ণ কাগজাদির নলি। ২। মাছের ফুস্‌ফুস্ ; পটপটি। ৩। রোহিত মৎস্য।

পটকান (পট্‌কানো) [হি—পটক্‌না, পট্‌কানা। সং—পত্ ধাতুজ] ক্রি, পাতিত করা ; আছাড় দেওয়া ; আছড়ান। **পট্‌কে দেওয়া**—আছাড় দেওয়া।

পটকার (র্) [পট (বস্ত্র) কার (যে করে)] বি, পুং, যে পটে ছবি আঁকে ; পটুয়া ; চিত্রকর। ২। বস্ত্রকার ; তন্তুবায়।

পটতাল (ল্) বি, সঙ্গীতের তালবিশেষ।

পটপটী (পট্‌পোটি) [শব্দাত্মক] বি, বালক দিগের বাদ্যযন্ত্রবিশেষ। ২। মৎস্যের শরীরাভ্যন্তরস্থ বায়ুকোষ।

পটমণ্ডপ (পটমোন্‌ডপ্) [পটের মণ্ডপ, ৬তৎ, কিম্বা পটনির্ম্মিত যে মণ্ডপ, কর্ম্মধা] বি, পুং, বস্ত্রগৃহ ; তাঁবু।

পটল (ল্) [পট্ (ছেদন, বিদারণ অর্থে) + অল (করণে)—যাহা বিচ্ছেদ বা পৃথক করে] বি, পরিচ্ছেদ ; অংশ ; বিভাগ। ২। তন্ত্রের পরিচ্ছেদ। প্র—"শাস্ত্র দৃষ্টে পূজা করে পটল বিধানে"—চৈতন্যভাগবত। ৩। বেদাংশ। ৪। [পট্ (বেষ্টনে)] পরিচ্ছদ। ৫। বাক্স, পেটরা প্রভৃতি আধার। ৬। ধান্যাদি রাখিবার আধারবিশেষ। প্র—"বিস্তর দুখেত পরভু জনমাইল ধান। ভীমক চাই বাওন পটল ডাউলর আন॥"—শূন্যপুরাণ। ৭। [পট্ (গমনে)] আচ্ছাদন ; চাল ; চাঁদোয়া ; ছাদ। ৮। সমূহ ; রাশি। প্র—"জলদ পটল বরিখত রসধার"—জ্ঞানদাস। ৯। নেত্রতারা আবরণকারী ঝিল্লি ; ছানি। ১০। পটোল দ্রঃ।

পটলপ্রান্ত [পটল (চাল) প্রান্ত (শেষ) ৬তৎ] বি, পুং, ছাদ বা চালের প্রান্তভাগ ; ছাঁইচ। ২। কোন আচ্ছাদনের প্রান্তভাগ।

পটবাস (শ্) [পটের (বস্ত্রের) বাস (যাহাতে বাস করা যায়—গৃহ)—৬তৎ] বি, পুং, বস্ত্রগৃহ ; তাঁবু। ২। পাটের শাটী ; পট্টবস্ত্র। ৩। পটবাসক ; সুবাসিত চূর্ণবিশেষ ; গন্ধচূর্ণ। ৪। পিটালি।

পটবাসক (পটবাশক্) [পট (বস্ত্র)—বাসক (বাস—সুবাসকারী)] বি, বস্ত্র সুবাসিত করিবার উপযোগী গন্ধচূর্ণ। ২। পটবাস দ্রঃ।

পটবেশ্ম (—বেশ্‌শ) [পট (বস্ত্র) দ্বারা নির্ম্মিত যে বেশ্মন্ (গৃহ)—কর্ম্মধা ; বেশ্মন্—১মা, ১ব] বি, ক্লী, বস্ত্রগৃহ ; পটবাস ; তাঁবু।

পটমঞ্জরী (পটমোন্‌জোরি) বি, রাগিণীবিশেষ ; সঙ্গীতশাস্ত্রে, পঞ্চমরাগের, মতান্তরে বসন্ত রাগের, মতান্তরে হিন্দোল রাগের এবং মতভেদে শ্রীরাগের পত্নী।

পটহ [শব্দাত্মক] বি, পুং, ক্লী, রণবাদ্যবিশেষ ; জয়ঢাক ; নাগরা। ২। শ্রবণেন্দ্রিয়ের অভ্যন্তরস্থ ঝিল্লি ; বাহিরের শব্দ আসিয়া যাহাতে আঘাত করিলে শব্দজ্ঞান হয় ; the eardrum.

পটা [সং—পুট্ মিলনে) ধাতুজ। গ্রা। উ-পু—পটি। ম-পু—পট। প্র-পু—পটে। অস-ক্রি—পটিতে ; পটিয়া। পটি (পদ্যে), পটে (পোটে)। ণিজন্ত—পটান (নো)] ক্রি, বনা ; মনের মিল হওয়া। প্র—এখন তাহাদের সঙ্গে বেশ পটে গেছে। ২। রাজী হওয়া ; সম্মত হওয়া। প্র—ও দামে কি সহজে পটে। ৩। খাপ খাওয়া।

পটান (নো) [পটা (দ্রঃ)—ণিজন্তরূপ। উ-পু—পটাই। ম-পু—পটাও। প্র-পু—পটায়। অস-ক্রি—পটাইতে ; পটাইয়া, পটিয়ে] ক্রি, সম্মত করা ; প্রবর্ত্তিত করা। ২। অনুকূল করা। ৩। বশীভূত করা।

পটাপট (ট্) [শব্দাত্মক] বি, ক্রমাগত পট্‌পট্ শব্দ ; কোন পাতলা জিনিসের দ্বারা পিটিবার বা প্রহার করিবার শব্দ।

পটাম্বর (র্) [পটের অম্বর, ৬তৎ] বি, ক্লী, পট্টবস্ত্র ; রেশমী কাপড়।

পটি, পটিকা, পটী (পো) বি, স্ত্রী, কাপড়-বিশেষ ; ফালি। ২। পল্লী ; পাড়া। ৩। শ্রেণী ; থাক ; মেল। ৪। সমব্যবসায়ীদিগের দোকান শ্রেণী। ৫। রোগাক্রান্তস্থানে ঔষধযুক্ত যে বস্ত্রখণ্ড ব্যবহার করা হয়। **জলপটী** জলসিক্ত বস্ত্রখণ্ড বা কাপড়ের ফালি। কাটা স্থানে বাঁধিবার জন্য ইহা ব্যবহৃত হয়।

পটিদার (পোটিদার্) [হি—পট্টীদার্] বি, গ্রামের অংশবিশেষের অধিকারী।

পটিমা (পো) [পটু + ইমন্ (ভাবে) পটিমন্ ১মা, ১ব] বি, পুং, পটুত্ব ; নিপুণতা ; দক্ষতা।

পটিষ্ঠ, পটীয়ান্ (পো) [পটু + ইষ্ঠ—ঈয়স্ (অতিশয়ার্থে—ঈয়স্) = পটীয়স্ ১মা, ১ব] বিণ, অতিশয় পটু ; সুদক্ষ।

পটী (পোটি) [হি—পট্টী] বি, শ্রেণী। ২। শাখা। ৩। বারেন্দ্র কুলীন ব্রাহ্মণ দিগের মধ্যে সাম্প্রদায়িক শাখা প্রশাখা।

পটু (পো) বিণ, নিপুণ ; দক্ষ। প্র—"ব-দ্বীপের কারিকরগণ পাথরের মূর্ত্তি গড়িতে বিশেষ পটু ছিল।"—বঙ্গভাষা ও সাহিত্য। ২। চতুর। ৩। সুস্থ ; নীরোগ। ৪। সবল ; সমর্থ ; শক্ত। [দ্রঃ—সংস্কৃতে—উজ্জ্বল, প্রস্ফুটিত, উষ্ণ, তীক্ষ্ণ প্রভৃতি অর্থে ব্যবহার আছে]।

পটু (পো) [সং] বি, পটোল। ২। পটোল শাক ; পল্‌তা। ৩। করলা। ৪। পাংশুলবর্ণ। ৫। ছত্রাক ; কোঁড়ক।

পটুক (পো) [সং] বি, পটোল।

পটুকা (পো) বি, কটিবন্ধ ; কোমরবন্ধ ; পেটি। প্র—"শিরে চীরা জামা গায় কটি আঁটি পটুকায় দাদুবাবু সঙ্গে দুইদাস।"—অন্নদামঙ্গল। "পটুকা কোমরবন্দ সরবন্দ শিরে। কনকের কাটা কড়ি সকল নারীরে॥"—ঘনরাম।

পটুয়া (পোটুআ) [পট (দ্রঃ) + উয়া। সংক্ষেপে "পটো"] বিণ, পটকার ; চিত্রকর। ২। পত্রচিত্রকারী।

পটুয়া (পোটুআ) [সং—পট্ট—পাট—পট + উয়া] বি, পাটের সুতা বিক্রয়কারী ; যাহারা সিকা ঘুনসী ও রঙ্গীন সুতা নির্ম্মাণ ও বিক্রয় করে।

পটো (পোটো) বি, পটুয়া দ্রঃ।

পটোল (ল্) [সং—নামান্তর। পটল দ্রঃ। দ্রঃ। তুল—হি—পরবল্, ম—কহিপড়বল,

ও কতুপড়োল। তেলু—কোর্ম্ম্ পোটল, তামিলী—কোম্পুড়লৈ। বি, ক্লী, পলতা লতার ফল। ২। পলতা গাছ। **পটোল তোলা** [গ্রা] মরা।

পট্ট [পট্ (গমন করা) + ত (কর্ত্তৃ)] বি, পুং, পাটা ; রাজকীয় সনন্দ। ২। শিলা বা তাম্রাদি ফলক যাহাতে অনুশাসনাদি খোদিত হয়। ৩। পাটা ; পুরু তক্তা। ৪। রজকের পাটা ; যাহার উপর কাপড় আছড়াইয়া কাচে। ৫। পিঁড়ি। ৬। পাগ্ড়ি ; ফ্যাটা। ৭। চাদর ; উত্তরীয়। প্র—একপট্ট, দোপট্ট। ৮। পাট ; রেশমাদি। প্র—পট্টবস্ত্র। ৯। পটি ; ফালি। ১০। ঢাল। ১১। পেষণ বা চূর্ণ করিবার শিলা। ১২। পাট ; গ্রাম ; নগর ; জনপদ। ১৩। চতুষ্পথ ; চৌমাথা। ১৪। সিংহাসন। ১৫। [সিংহাসন হইতে—যিনি সিংহাসনের অধিকারী] প্রধান। প্র—পট্টমহিষী।

পট্টজ (জ্) বি, পট্ট জাত বস্ত্র ; রেশমী বস্ত্র।

পট্টজাত—বি, রেশমনির্ম্মিত ; রেশমে গাঁথা। প্র—"পৃষ্ঠে দোলে পট্টজাত পুরটের ঝাঁপা।" —ঘনরাম।

পট্টন (ন্) [পট্ (গমন করা) + তন (অধি—তনট্)] বি, ক্লী, পত্তন ; নগর।

পট্টবস্ত্র [পট্ট (নির্ম্মিত) বস্ত্র—কর্ম্মধা] রেশমী বস্ত্র ; পাটের কাপড় ; গরদ, তসর প্রভৃতি। প্র—"পট্টবস্ত্র অলঙ্কার দিয়া করে ব্যবহার কেহ নাহি করয়ে রন্ধন।"—কবিকঙ্কণ।

পট্টমহিষী (—মোহিষি) [পট্ট (সিংহাসন) —মহিষী (রাণী)—সিংহাসনের অধিকারিণী মহিষী] বি, স্ত্রী, পাটরাণী ; প্রধানা মহিষী।

পট্টশাক (ক্) [সং] বি, পাট শাক। ২। নালিতা।

পট্টাবাস (শ্) [পট্টের (বস্ত্রের) আবাস (গৃহ) ৬তৎ] বি, পুং, বস্ত্রাগার ; বস্ত্রগৃহ ; তাঁবু।

পট্টাম্বর (র্) [পট্ট + অম্বর] বি, পট্টবস্ত্র ; পাটের কাপড় ; রেশমী শাড়ী। প্র—"আধ বাঘছাল ভাল বিরাজে আধ পট্টাম্বর সুন্দর সাজে"—অন্নদামঙ্গল।

পট্টিকা (পোট্টিকা) [পট্ট + ক + আপ্—স্ত্রী, ই আগম] বি, স্ত্রী, পাট।

পট্টিকার (র্) বি, পুরাণোক্ত সঙ্কর জাতি-বিশেষ।

পট্টিশ, পট্টিস (পোট্টিশ্) [সং] বি, পুং, তরবারিবিশেষ ; ইহা প্রায় খড়্গাকৃতি, পুরুষ প্রমাণ লম্বা, দুই দিকে ধার, অগ্রভাগ অতি তীক্ষ্ণ এবং মুঠ হস্তত্রাণযুক্ত। প্র—"কেহ মারে শেল শাঙ্গী ডাবুষ পট্টিশ টাঙ্গী, পরশ্বধ কুঠার তোমর।"—শিবায়ন।

পট্টী (পোট্টি) [হি] বি, স্ত্রী, ললাট ভূষা। ২। অশ্বের তলপেটি ; ঘোড়ার উদর বা কটি-বন্ধন-রজ্জু।

পট্টীশ (পোট্টিশ্) [পট্টিশ দ্রঃ] বি, অস্ত্র-বিশেষ। প্র—"ঘন পাক দেই গোঁফে, ফেলিয়া পট্টিশ লোকে, আগুলয়ে সিংহের শরণি।" —কবিকঙ্কণ।

পট্টু (পোট্টু) বি, পশুলোমাদি জাত বস্ত্র-বিশেষ ; কাশ্মীর ও গড়বাল প্রভৃতি স্থানে নির্ম্মিত এক প্রকার গরম কাপড়।

পট্টোলিকা [সং] বি, স্ত্রী, জমীর পাটা ; পাট্টা দ্রঃ।

পঠদ্দশা [পঠ্ (পাঠ করা) + শতৃ (কর্ত্তৃ) =পঠৎ + দশা (অবস্থা) ৬ তৎ] বি, স্ত্রী, ছাত্রাবস্থা ; পাঠ্যাবস্থা ; পড়ার কাল।

পঠন (ন্) [পঠ্ (পড়া) + অন্ (ভাবে—অনট্) [বি, ক্লী, আবৃত্তি ; অধ্যয়ন ; পড়ন।

পঠনপাঠনা (ন্) [পঠন (অধ্যয়ন)—পাঠনা (অধ্যাপন)] বি, অধ্যয়ন অধ্যাপনা ; পড়া ও পড়ান।

পঠনীয় [পঠ্ (পড়া) + অনীয় (কর্ম্মে] বিণ, পাঠ্য ; পাঠোপযোগী।

পঠিত (পো) [পঠ্ (পড়া) + ত (কর্ম্মে)] বিণ, যাহা পাঠ করা হইয়াছে ; অধীত। ২। যাহার আবৃত্তি করা হইয়াছে ; উচ্চারিত। প্র—এইবার মন্ত্র পঠিত হইবে।

পঠিতব্য (পোঠিতোব্ব) বিণ, পাঠযোগ্য। ২। যাহা পাঠ করিতে হইবে।

পঠ্যমান (পোঠ্ঠমান্) [পঠ্ (পড়া) + আন (কর্ম্মে)—ম্, য্—আগম] বিণ, যাহা পাঠ করা যাইতেছে ; পঠনশীল।

পড়তা (ড্) [পড়া দ্রঃ] বি, খেলার দান যাহাতে ক্রমাগত জিৎ হয়। ২। উন্নতির মুখ ; লাভের মুখ ; জয় বা জিতের সময় ; সুযোগ ; সুসময়। ৩। খরচ ; ব্যয় ; মূল্য। ৪। ফর্দ্দ ; তালিকা। **গড় পড়তা**—গড়ে বা গড় হিসাবে যে দাম পড়ে বা লাগে ; মোটা-মুটি ব্যয়।

পড়ন (ন) [পঠ্ (পড়া) ধাতুজ] বি, অধ্যয়ন ; পঠন দ্রঃ। ২। [পৎ ধাতুজ] পতন। ৩। আক্রমণ। ৪। পড়তা ; গড়-মূল্য ; মোট মূল্য ও অন্যান্য ব্যয়।

পড়নপেকে (ন্) [পড়ন—পেকে (পক্ষ + ইয়া = পাকিয়া—পেকে) প্রাদে] বি, যে গরুর পাঁজরের একখানি হাড় নীচু।

পড়পড় (পড়ো-পড়ো) বিণ, পতনোন্মুখ ; প্রায় পতিত হওয়া (প্রায় অর্থে দ্বিত্ব)। প্র—"মাথার উপরে বাড়ি পড় পড় তার খোঁজ রাখ কি ?"—রবি।

পড়সী (পোড়্শি) [প্রতিবাসী শব্দজ] বি, প্রতিবাসী। প্র—"নাহি পাশ পড়সী সীমন্তে সিন্দূর দিতে সখী।"—কবিকঙ্কণ। "আমার ঘরের কাছে আরসী নগর তাতে পর পড়সী বসত করে।"—বাং-গান। "পূর্ব্বাপর পড়সী পরম বন্ধু মোর"—ঘনরাম।

পড়া [সং—পট্—পৎ (গতি অর্থে) ধাতু হইতে। উ-পু—পড়ি। ম-পু—পড় ; পড়্ন ; পড়্। প্র-পু—পড়ে ; পড়েন। অস-ক্রি—পড়িতে ; পড়িয়া; পড়ি (পদ্যে), পড়ে (পো] ক্রি, পতিত হওয়া। প্র—সে ছাদ হইতে লাফাইয়া পড়িল। কাদায় পড়িল। ২। কষ্টে পতিত হওয়া ; দুরবস্থাপন্ন হওয়া। প্র—"তাহার সময় যখন ভাল ছিল সে বেশ উঠিয়াছিল এখন পড়িয়া গিয়াছে।" ৩। অনাকর্ষিত বা অচষিত থাকা। প্র—জমিটী পড়িয়া আছে। ৪। সমাজচ্যুত হওয়া। ৫। অনাদায় থাকা ; বাকি থাকা ; লোকসান হওয়া। ৬। আবদ্ধ হওয়া। প্র—জালে মাছ পড়িয়াছে। ৭। আক্রমণ করা ; শত্রুভাবে পতিত হওয়া। প্র—ডাকাত পড়া। ৮। আরম্ভ হওয়া ; লাগা ; উপস্থিত হওয়া। প্র—মাস পড়া ; দিনকাল পড়া ; শীত পড়া। ৯। আসা ; উদয় হওয়া। প্র—"হাসি পায় হাসি পায় হে সেই পায়ে-ধরা-দিন পড়্লে মনে।"—গান। "তাহারে পড়েছে মনে বকুল তলে।"—রবি। ১০। গত্যর্থক ক্রিয়ার সম্পাদন বা সমাপ্তি বোধক (পতনের ভাব মিশ্রিত)। প্র—"সে যখন গিয়া পড়িল ; সে ঘুমাইয়া পড়িল ; শুইয়া পড়া ; বসিয়া পড়া ; সে দেখিতে দেখিতে আসিয়া পড়িল। ১১। [নিয়োগার্থে] টাকা লাগা ; খরচ হওয়া। প্র—ইহা প্রস্তুত করিতে অনেক টাকা পড়িয়াছে। জাহাজখানি ক্রয় করিতে কত পড়িল। ১২। ধরা ; লাগা। প্র—পোকা পড়া ; মরিচা পড়া। ১৩। হওয়া ; ঘটা ; জন্মা। প্র—"ভাঙ্গিয়া পড়িতে চুড়া চমৎকার পড়ে।" —ঘনরাম। টাক পড়া। ১৪। অনগ্রসর হওয়া ; পশ্চাতে থাকা ; অনুন্নত হওয়া। এই অর্থে ইহা "থাকা" ধাতুর সহিত যুক্ত হয়। প্র—"আগে চল আগে চল ভাই পড়ে থাকা পিছে মরে থাকা মিছে বেঁচে মরে কিবা ফল ভাই।"—রবি। ১৫। বি, পড়ন , পতন। প্র —এমন পড়া পড়েছে যে কিছুদিন আর উঠতে পারবে না। ১৬। বিণ, পতিত। প্র—মেয়েটিকে পড়া ঘরে বিবাহ দিয়াছে। ১৭। আক্রান্ত হওয়া। প্র—রোগে পড়া। বি, পড়ন। **আসন পড়া**—আহারে বসিবার ঠাঁই হওয়া। **কাজল পড়া**—প্রদীপাদির শীষ পতিত হওয়া। ২। কাজলের মত কাল দাগ হওয়া। প্র—চখের কোলে

কাজল পড়েছে। কাল পড়া—সময় আগত বা উপস্থিত হওয়া। কালসিটা পড়া—আঘাতাদি-জনিত অঙ্গে কাল দাগ হওয়া। কিল পড়া—মুষ্ট্যাঘাত হওয়া। গরম পড়া—গ্রীষ্ম হওয়া ; গ্রীষ্ম উপস্থিত হওয়া। ঘর পড়া—ঘর ভাঙ্গিয়া পড়া। চাট পড়া—নেশা জন্মান ; ঝোঁক পড়া ; লোভ হওয়া। ছাই পড়া—পণ্ড হওয়া ; নষ্ট হওয়া। ছাতা পড়া, থো পড়া—ছাতা ধরা। জল পড়া—বৃষ্টি হওয়া। জাল পড়া—মাছ ধরিবার জন্য জলে জাল নিক্ষিপ্ত হওয়া। ২। জালিয়াতির আচরণ পতিত হওয়া। ৩। (চক্ষে) ছানি পড়া। জোট পড়া—জটের মত পাকাইয়া যাওয়া। ঝাড়ু বা ঝাঁট পড়া—সম্মার্জনী বা খেংরা দিয়া পরিস্কৃত হওয়া। টান পড়া—কষা হওয়া ; আকর্ষণ দৃঢ় হওয়া। টোল পড়া—আঘাতাদি জন্য বসিয়া যাওয়া। ডাক পড়া—আহ্বান হওয়া ; প্রয়োজন হওয়া। ঢাকে কাঠি পড়া—চড়কের বাদ্য আরম্ভ হওয়া। তাত পড়া—গরম পড়া। তেল পড়া (গায়ে বা মাথায়)—তৈল মর্দ্দিত হওয়া ; তৈল যুক্ত হওয়া। দাম পড়া—দাম লাগা। দায় পড়া—দায়িত্ব জন্মান। দায় পড়েছে (বিপরীতার্থে ব্যবহার)—দায় পড়ে নাই। দাঁত পড়া—দাঁত খসিয়া যাওয়া। ২। অস্ত্রাদির ধারের সূক্ষ্মাংশ ভাঙ্গিয়া যাওয়া। দেয়াল পড়া—প্রাচীর ভাঙ্গিয়া পড়া। ধার পড়া—ভোঁতা হওয়া। পাতা পড়া—গাছের পাতা বোঁটা হইতে খসিয়া পড়া। ২। ভোজনার্থ অন্নপাত্র স্থাপিত হওয়া। পুঁজ পড়া—পুঁজনির্গত হওয়া। পেট-পড়া—অনাহারে উদর শীর্ণ হওয়া। ফুল পড়া—গাছের ফুল ঝরিয়া পড়া। ২। প্রসবের পর গর্ভস্থ পুষ্প পতিত হওয়া। বেলা পড়া—অপরাহ্ন হওয়া। ভ্রমে-পড়া—ভুল করা। মন পড়া—আসক্তি জন্মান। রক্ত পড়া—রক্তস্রাব হওয়া। রস পড়া—রস নির্গত হওয়া। রাগ-পড়া—ক্রোধের শান্তি হওয়া। রৌদ্র-পড়া—রৌদ্রের তেজ হ্রাস হওয়া। ২। রৌদ্র মিলাইয়া গিয়া ছায়া পতিত হওয়া। লাল পড়া—লালা নির্গত হওয়া ; লাল ঝরা। হাত পড়া—স্পর্শ হওয়া। ২। কর্ত্তৃত্ব আরম্ভ হওয়া। হাতে পড়া—হস্তগত হওয়া ; আয়ত্ত হওয়া।

পড়া [পঠ্ (পাঠ করা) ধাতুজ। উ-পু—পড়ি। ম-পু—পড় ; পড়ন্ ; পড়্। প্র-পু—পড়ে। অস-ক্রি—পড়িতে ; পড়িয়া। —পড়ান] ক্রি, অধ্যয়ন করা ; পাঠ করা। প্র—"সঙ্গী ছজন কুজন তারা পড়ি যেমন পড়ায় পড়া"—বাংগান। মন্ত্র পড়া মন্ত্র আবৃত্তি করা ; মন্ত্রোচ্চারণ করা।

পড়া—বিণ, অধীত ; পঠিত। প্র—ও সকল পড়া পুস্তক। ২। মন্ত্রপূত। প্র—"কাঁথে পরিমাণ আঁকে দিয়া পড়া মাটী।"—ঘনরাম। ৩। বি, আনদ্ধ বাদ্যবিশেষ ; পটহ। চাল-পড়া—মন্ত্রপূত চাউল। জলপড়া—বি, মন্ত্রপূত বারি। পাখীপড়া—অর্থবোধ না করিয়া কেবল অভ্যাস করা। ৪। বি, পাঠ। পড়া করা—পাঠ প্রস্তুত করা। পড়া মুখস্থ করা—পাঠ্যবিষয় আবৃত্তি দ্বারা কণ্ঠস্থ করা।

পড়ান (পড়ানো) [পড়া দ্রঃ। উ-পু—পড়াই। ম-পু—পড়াও ; পড়ান ; পড়া। প্র-পু—পড়ায় ; পড়ান। অস-ক্রি—পড়াইতে ; পড়াইয়া ; পড়িয়ে] ক্রি, অধ্যাপনা করা ; শিক্ষা দান করা। ২। উপদেশ দেওয়া ; মন্ত্রণা দেওয়া। মন্ত্র পড়ান—মন্ত্র বলিয়া দিয়া আবৃত্তিকরান। পাখী পড়ান—পাখীকে পড়ান ; ক্রমাগত শিখাইতে শিখাইতে কণ্ঠস্থ করিয়া দেওয়া।

পড়াহ [পটহ দ্রঃ। শব্দাত্মক। পড় পড় শব্দে বাজে বলিয়া] বি, আনদ্ধবাদ্যযন্ত্রবিশেষ ; পড়া।

পড়িছা [ওড়ি—পড়িজা। সং—পরিচারক] বি, সভাসদ ; পাত্রমিত্র। প্র—"পড়িছাকে পুছে রাজা কি দেখিছ রায়। পড়িছা কহয়ে দেব জগন্নাথ দেখি॥"—চৈতন্যমঙ্গল। ২। [পরীক্ষা শব্দের হি—গ্রা—উচ্চারণ—পরিচ্ছা তাহা হইতে পড়িছা] তত্ত্বাবধায়ক ; জগন্নাথ দেবের মন্দিররক্ষক ছড়িদার। প্র—"পূজা পাণ্ডা পাণ্ডপাল পড়িছা বেহারা।"—চৈতন্য ভাগবত। "দেবে সার্ব্বভৌম তাঁহাকে করে দরশন, পড়িছা মারিতে, তিঁহ কৈল নিবারণ।" —চৈতন্যচরিত।

পড়িয়ান, পড়েন (পোড়িআন্) বি, বস্ত্রের আড় দিকের বুনানির সূতা। ২। [সং—পরিমাণ হইতে] বাটখারা।

পড়িহারী (পোড়িহারি) [সং—প্রতিহারী। অপভ্রংশে] বি, প্রতিহারী ; অন্তঃপুররক্ষক। প্র—"অজ্ঞ পড়িহারী সব উঠিল মারিতে।"—চৈতন্যভাগবত।

পড়ুয়া, পড়ো (পোড়ুয়া, পোড়ো) [হি—পড়উয়া] বি, শিষ্য ; ছাত্র। প্র—"পাস্তেড়ে পড়োর মত অক্ষরের ছাঁদ।"—হেম বন্দ্যো। "নানাদেশ হৈতে আসে, পড়ুয়া বিদ্যার আশে,"—কবিকঙ্কণ। "সবিনয়ে দুয়ারী কয় শুন শুন মহাশয় বুঝিনু পড়ুয়া তুমি বট।" —অন্নদামঙ্গল।

পড়েন (পোড়েন্) [পড়িয়ান দ্রঃ] বি, বাটখারা ; মণ, পাঁচসেরা সেরাদি। প্র—"বীর দিল অঙ্গুরী বেণিয়া প্রণাম করি জোখে বেণে চড়ায়ে পড়েন।"—কবিকঙ্কণ। ২। বস্ত্রবয়ন কালীন যে সূতা দ্বারা কাপড় বুনা যায়।

পড়েনকাঠা (পোড়েন্—) [প্রাদে] বি, যে পাত্রে দোকানদারেরা দাঁড়ি বাটখারা রাখে।

পড়ো (পোড়ো) [পড়+উয়া—পড়ুয়া, সংক্ষেপে—পড়ো। পোড়ো দ্রঃ] বিণ, যাহা পড়িয়া আছে ; যাহা পড়িয়া পড়িয়া নষ্ট হইতেছে। পড়োবাড়ি, পড়োবাড়ী—জনশূন্য বাড়ী ; যে বাড়ী লোক জনের বাস না থাকায় পড়িয়া পড়িয়া ভগ্ন ও নষ্ট হইতেছে। প্র—"শৃগালসভা ডাকে উর্দ্ধরবে পড়োবাড়ির শূন্য আঙিনাতে।"—রবি।

পড়োল, পরল, পরোল (ল্) [প্রাদে] বি, মেটেঘরের দেওয়াল ও চালের মধ্যস্থ ফাঁক। ২। [সং—পটোলিকা] ধুঁধুল লতা ও ফল ; তরুই ; luffa aegytiaca.

পড়্যান (ন্) [পড়িয়ান দ্রঃ। পরিমাণ শব্দজ] বি, যাহা পরিমাণ করা হয় ; সের, অর্দ্ধসের প্রভৃতি বাটখারা ; বরিশাল অঞ্চলে "পোড়ান"। প্র—"বীর দিল অঙ্গুরী বেণিয়া প্রণাম করি জোখে বেণে চড়ায়্যা পড়্যানে।" —কবিকঙ্কণ।

পঢ়া [সং—পঠ্ ধাতুজ। উ-পু—পঢ়ি। ম-পু—পঢ়। প্র-পু—পঢ়ে। অস-ক্রি—পঢ়িতে ; পঢ়িয়া। ণিজন্ত—পঢ়ান] ক্রি, পাঠ করা ; পড়া। ২। [পৎ ধাতুজ। পড়া দ্রঃ] পতিত হওয়া। প্র—"ইছিয়া তোমার যশ তারে দিনু পণ দশ কাণা কড়ি পঢ়িল পণ সাত॥"—কবিকঙ্কণ।

পণ (পন্, পোন্) [পণ্ (ক্রয় বিক্রয় করা) +অ (অল্)] বি, পুং, যাহা ক্রয় করা যায় ; ক্রেয়। ২। বিক্রয় দ্রব্য। ৩। প্রতিজ্ঞা। প্র—"পণে জাতি কেবা চায়, পণে জাতি কেবা চায়, প্রতিজ্ঞায় যেই জিনে সেই লয়ে যায়"—ভারতচন্দ্র। ৪। বাজি ; সর্ত্ত। ৫। দ্যূত। ৬। পরিমাণবিশেষ ; এক তোলা বা ৮০ রতি তাম্র=১৬ পণ রৌপ্য=১৬মাষা স্বর্ণ ; কার্ষাপণ ; কাহন। ৭। সংখ্যাবিশেষ ; কুড়ি গণ্ডা ; ৮০ কড়া। প্র—"কর্ণধারে কড়ি দিয়া তুষ্ট কর মন। ছাবালের ছবুড়ি তোমার তিন পণ॥"—চৈতন্যভাগবত। "উপবাসী বন্দী তথা আছে পণে পণে"—কবিকঙ্কণ। ৮। এক চোথ (অর্থাৎ দশসের) পরিমাণের চতুর্থাংশ ; ইহার সাঙ্কেতিক চিহ্ন ।• এইরূপ। ৯। মূল্য। ১০। বিবাহে পাত্র বা পাত্রীর মূল্য-স্বরূপ গ্রহণের অর্থ। প্র—"বিনা পণে দিব বিয়া।"—এ কোন্ ব্যাভার ? কোথা গেল সেই

শব্দ দশটী হাজার ?"—বিংশ শতাব্দীর বর (দেবেন্দ্র সেন)। ১১। [পণ্ (ব্যবহার করা) +অ (ল—ভাবে)] ব্যবহার : আদান প্রদান। **ধনুক ভাঙ্গা পণ**—ধনুর্ভঙ্গ পণ ; সীতার বিবাহে হরধনু যিনি ভঙ্গ করিতে পারিবেন তিনিই সীতার পাণিগ্রহণ করিতে পারিবেন অন্যথা নহে এইরূপ দৃঢ়প্রতিজ্ঞা যেমন জনক রাজার ছিল তদ্রূপ উৎকট প্রতিজ্ঞা। **কন্যা পণ**—কন্যা পাত্রস্থ করিবার জন্য বর পক্ষের নিকট হইতে কন্যাকর্ত্তার প্রাপ্য শুল্ক ; প্রকৃতপক্ষে কন্যা বিক্রয়ের মূল্য। **বরপণ**—কন্যা গ্রহণ করিবার জন্য কন্যাপক্ষের নিকট হইতে বরকর্ত্তার প্রাপ্য শুল্ক ; প্রকৃতপক্ষে বিবাহে পুত্র বিক্রয়ের মূল্য।

পণন [পণ্+অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, বিনিময় ; বিক্রয়।

পণফর (র্) [জ্যোতিষে] বি, স্ত্রী, লগ্নের দ্বিতীয়, পঞ্চম, অষ্টম ও একাদশ স্থান।

পণফাজিলি (ন্) [পণ—ফা—ফাজিল+ই (ভাবে) আদাঃ পরি] বি, বিক্রয়জাত উদ্বৃত্ত অর্থ।

পণব (নব্) ["বাদ্য প্রভেদা ডমরু মড্ডু-ডিণ্ডিম ঝর্ঝরাঃ। মর্দ্দলঃ পণবোহন্যে চ"—অমর। "পণবঃ পাখাজ ইতি খ্যাত"—অমরার্থচন্দ্রিকা] বি, পুং, আনদ্ধ যন্ত্রবিশেষ ; পাখওয়াজ। ২। সংস্কৃত ভাষায় দশাক্ষর ছন্দোবিশেষ।

পণবন্ধ (ন) [পণ (প্রতিজ্ঞা) দ্বারা বদ্ধ (আবদ্ধ)—৩তৎ] বি, পুং, কৃতপ্রতিজ্ঞ। ২। সন্ধি ; treaty.

পণশ, পণস (শ্) [সং—পলস, ফলস, পানস ও হয়। ওড়ি— পণস] বি, পুং ক্রয় বিক্রয় দ্রব্য। ২। কাঁটাল ; কাঁঠাল ; রসাল।

পণাঙ্গনা (পনা—) [পণ (মূল্য) দ্বারা গৃহীতা—অঙ্গনা (স্ত্রী)—৩তৎ] বি, স্ত্রী, যে কন্যার পিতা বরপক্ষের নিকট হইতে পণ বা মূল্য লইয়া কন্যার বিবাহ দেন। ২। বেশ্যা ; কুলটা।

পণাপণ (পনাপন) বি, দর দাম করণ যাচাই ; মূল্যনির্দ্ধারণ।

পণায়িত, পণিত (পোনিত) [পণ্ ; (ব্যবহার করা, ক্রয় বিক্রয় করা)+আয় (স্বার্থে) = পণায়+ত (কর্ম্মে—ক্ত) বিকল্পে আয় প্রত্যয়, সুতরাং পক্ষান্তরে পণিত] বিণ, ব্যবহৃত। ২। ক্রীত বা বিক্রীত।

পণিতব্য (পোনিতব্‌ব) [পণ্+তব্য (কর্ম্মে) ই—আগম] বিণ, ক্রয় বা বিক্রয়যোগ্য। ২। পণ রাখিবার উপযুক্ত।

পণিতা (পোনিতা) [পণ্ (বিক্রয় করা) +তৃ (কর্ত্তৃ—তৃচ্)] বিণ, ক্রেতা বা বিক্রেতা। ২। স্ত্রী, ক্রীতা বা বিক্রীতা।

পণ্ড (পনড) [পণ্ডোনপুংসকম্] বি, পুং, স্ত্রী, নপুংসক। ২। বিণ, বিফল ; নিষ্ফল।

পণ্ডশ্রম (পনড্‌স্রোম্) [পণ্ড (দ্রঃ)—শ্রম] বি, বিফল পরিশ্রম : বৃথা আয়াস ; বিফলযত্ন।

পণ্ডা [পণ্ড+অ (কর্ত্তৃ) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, তীক্ষ্ণধী। ২। শাস্ত্রজ্ঞান।

পণ্ডিত (পোন্‌ডিত্) [পণ্ডা (জ্ঞান)+ইত (অস্ত্যর্থে) বি, পুং, বিদ্বান : শাস্ত্রজ্ঞ। ২। বিবেকদ্বারা সদসৎজ্ঞাতা, ধর্ম্মাত্মা, সত্যবাদী, সত্যপ্রিয়, বিদ্বান্ এবং সর্ব্বহিতকারী ব্যক্তি। ৩। সংস্কৃত ভাষাভিজ্ঞ। ৪। নিপুণ ; কুশল ; দক্ষ। প্র—রণপণ্ডিত। ৫। যিনি মাত্র সঙ্গীতশাস্ত্র জানেন অথচ নৃত্য ও বাদ্য জানেন না তাঁহাকেও পণ্ডিত বলা যায়।

পণ্ডিতবর, পণ্ডিতপ্রবর (পোন্‌ডিত্‌বর্,—প্রোবর্) [পণ্ডিত—বর, প্রবর (শ্রেষ্ঠ)] বিণ, পণ্ডিত প্রধান ; শ্রেষ্ঠ পণ্ডিত।

পণ্ডিতম্মন্য (পোন্‌ডিতম্‌মোন্‌ন) [পণ্ডিতম্—মন্ (মনে করা)+অ (কর্ত্তৃ, খশ্) ম্ আগম] বিণ, পণ্ডিত না হইয়াও যিনি আপনাকে পণ্ডিত বলিয়া মনে করেন। প্র—' পরবশ পণ্ডিতম্মন্য ব্যক্তিমাত্রেই বেদের নাম করিয়া বিবিধ কুসংস্কার সমাজে প্রচলিত করিলেন।"

পণ্ডিতমানী (পোন্‌ডিত্‌মানি) [পণ্ডিত—মন্ (মনে করা)+ইন্ (কর্ত্তৃ, ণিন্)—পণ্ডিত-মানিন্ ১মা, ১ব] বিণ, পণ্ডিত বলিয়া যে অভিমান করে ; পণ্ডিতম্মন্য। ২। মূর্খ ; অজ্ঞান।

পণ্ডিতমূর্খ (পোন্‌ডিত্‌মুরখ) [পণ্ডিত (শাস্ত্রজ্ঞ) অথচ মূর্খ (বিবেক-বুদ্ধিহীন)—কর্ম্মধা] বি, পুং, যিনি বিদ্বান কিন্তু বুদ্ধিমান নহেন ; শাস্ত্রজ্ঞ হইয়াও যিনি অবিবেচকের মত কার্য্য করেন।

পণ্ডিতায়মান (পোন্‌ডিতায়মান্) [পণ্ডিত +আয় (আচারার্থে—ক্যঙ্) = পণ্ডিতায় (নামধাতু)+শান (কর্ত্তৃ)] বিণ, যে পণ্ডিত ছিল না কিন্তু এখন হইয়াছে বা তদ্বৎ আচরণ করিতেছে।

পণ্ডিতী (পো) বি, পণ্ডিতের কার্য্য। **পণ্ডিতীবাঙ্গালা**—বিদ্যাসাগর, তারা-শঙ্করপ্রমুখ সংস্কৃতজ্ঞ পণ্ডিতগণ-প্রবর্ত্তিত বাঙ্গালা রচনা।

পণ্য (পোন্ন) [পণ্+য (কর্ম্মে)] বিণ, যে দ্রব্য বিক্রয় করা হইবে ; বিক্রেয়। ২। যাহা ব্যবহার করা যায় ; ব্যবহার্য্য। ৩। মূল্য ; মাশুল। প্র—"কহিলা নাবিক—দেও পণ্য, করি পার। কাতরে স্বগত কহিলেন—'পণ্য আমি পাইব কোথায়' দীন হীন ভিক্ষু আমি। দিতে মূল্য আমি অক্ষম একটি ভগ্ন পাত্র মৃত্তিকার।"—অমিতাভ।

পণ্যবীথিকা (পোন্‌ন) [পণ্যের—বীথিকা শ্রেণী—৬তৎ] বি, স্ত্রী, হাট ; বাজার। ২। দোকানশ্রেণী ; শ্রেণীবদ্ধ বিক্রয়শালা। ৩। দোকান।

পণ্যবীথী (পোন্‌নবীথি) [পণ্য—বীথী (শ্রেণী)—৬ষ্ঠীতৎ] বি, স্ত্রী, দোকানশ্রেণী ; পণ্যবীথিকা দ্রঃ।

পণ্যশালা (পোন্‌ন) [পণ্যের (বিক্রয় দ্রব্যের) শালা (গৃহ)—৬তৎ—যেখানে, বহু] বিণ, ক্রয়-বিক্রয়স্থান ; বাজার ; হাট ; দোকান।

পণ্যাঙ্গনা (পোন্‌ন্যাংগনা) [পণ্য—পণ (মূল্য) দ্বারা—গৃহীতা অঙ্গনা (স্ত্রী)—৩তৎ] পণ্যাঙ্গনা ; পণ্যস্ত্রী ; বেশ্যা।

পণ্যাজীব (পোন্‌ন্যাজীব্) [পণ্য (বিক্রেয় দ্রব্য) হইয়াছে আজীব (জীবিকা) যাহার, বহু] বি, পুং, সওদাগর ; ব্যবসায়ী।

পতকা [প্রা-বাং-গ্রা। সং—পতাকা] বি, পতাকা ; নিশান। প্র—"ত্রিসংখ্য হাটক বসাই পুরক পতকা দিলেক তুলিয়া।"—শূন্যপুরাণ।

পতগ (গ) [পত (পক্ষ) দ্বারা গ (যে গমন করে)—৩তৎ] বিণ, পক্ষদ্বারা গতিশীল। ২। বি, পক্ষী। ৩। [পতঙ্গ হইতে। ব্রজ] পতঙ্গ ; শলভ। প্র—"পিরীতি-পাবকে, পৈঠে পতগ কি ভাঁতি"—গোবিন্দদাস।

পতঙ্গ [পত (পক্ষ)—গম্ (গমন করা, গম্ ধাতুর ম্ লোপ)+অ (কর্ত্তৃ—খশ্) মধ্যে ম্ আগম] বি, পুং, ফড়িং ; প্রজাপতি ; শলভ। প্র—"ভূমে হাঁটুপাড়ি দিল বাণ ছাড়ি অনলে পতঙ্গ হয়ে॥"—অন্নদামঙ্গল। ২। বিহঙ্গ ; পক্ষী। ৩। শর ; বাণ। ৪। পতঙ্গাকৃতি চিহ্ন : "+"এইরূপ চিহ্ন। ৫। সূর্য্য। প্র—"প্রতাপে পতঙ্গ যেন সেন মহাশয়"—ধর্ম্ম-মঙ্গল। ৬। অগ্নি। **পতঙ্গচিহ্ন**—পতঙ্গাকৃতি চিহ্ন ; "+" এইরূপ চিহ্ন ; ইহা টীকা টীপ্পনী প্রভৃতিতে ব্যবহৃত হয়।

পতঙ্গম [পত (পক্ষ)—গম্ (গমন করা)+অ (কর্ত্তৃ, খ) মধ্যে ম্ আগম] বি, পুং, পতঙ্গ দ্রঃ।

পতঙ্গবৃত্ত [পতঙ্গের ন্যায় বৃত্ত (ব্যবহার) যাহার, বহু] বিণ, পতঙ্গ-প্রকৃতি ; পতঙ্গ যেমন আলোক দেখিয়া আগুনে ঝাঁপ দেয় তদ্রূপ বিপদ বা মৃত্যু নিশ্চয় জানিয়াও যে আপাত-মনোরম বস্তুতে আকৃষ্ট হয়। বি, **পতঙ্গ-বৃত্তি**।

পতঙ্গিকা [পতঙ্গ+ক (তুল্যার্থ, আপ্—স্ত্রী—ই আগম] বি, স্ত্রী, মধুমক্ষিকাবিশেষ।

পতঞ্জলি (পতন্‌জোলি) [পতন্ (পতিত হন) অঞ্জলি (অঞ্জলিতে, করপুটে) নিপাতনে সিদ্ধ]

বি, পুং, মুনিবিশেষ। পাতঞ্জল দর্শনপ্রণেতা ও পাণিনিভাষ্যকর্ত্তা। [প্রবাদ আছে—স্বর্গ হইতে পাণিনি মুনির অঞ্জলি মধ্যে সর্পাকারে পতিত হওয়ায় ইঁহার নাম পতঞ্জলি হয়]।

পতৎ [পত্ (অধঃ গমন করা) + অৎ (কর্ত্তৃ, শতৃ) বিণ, যে পড়িতেছে ; পতনশীল। ২। বি, পক্ষী [প্র-অ]।

পতত্র, পতত্র্ (পততত্র) [পতৎ (পক্ষী) ত্রৈ (রক্ষা করা + অ (ড, কর্ত্তৃ) —ত্র পক্ষে ৎ লোপ] বি, ক্লী, পক্ষ ; পাখীর ডানা।

পতত্রি, পতত্রী (পতত্‌তৃ) [পতত্র (পক্ষ) + ই—ইন্(যুক্তার্থে)] বি, পুং, পক্ষী।

পতত্রিরাজ (জ্) [পতত্রির (পক্ষীর) রাজা (প্রধান)—৬তৎ] বি, পুং, পক্ষীন্দ্র ; গরুড়।

পতন (ন্) [পত্ (পতন—নিম্নে গমন করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, পাত : অধঃপতন। ২। পতনত্ব। ৩। স্খলন। ৪। ভ্রংশ। ৫। পাপ। ৬। নাশ।

পতনীয় [পত্ (গমন করা) + অনীয় (কর্ম্মে)] বিণ, পতনযোগ্য ; পতনার্হ। ২। [করণে, অনীয়, যাহাদ্বারা পতিত হয়] বি, ক্লী, পাতক ; পাপ।

পতনোন্মুখ (পতনোনমুখ্) বিণ, যে পড়িয়া যাইবার উপক্রম করিতেছে ; পতনোদ্যত : যে এখনি পতিত হইবে। প্র—"প্রদীপ্ত বহ্নিশিখায় পতনোন্মুখ পতঙ্গের ন্যায়"—বঙ্কিম।

পতর (র্) [পত্ (গমন করা) + অর (কর্ত্তৃ)] বি, লৌহ পিত্তলাদি ধাতুর পাত। ২। আগামোড়া পেরেক। পতর, পতরা [প্রা-বাং, গ্রা। প্রত্যয় হইতে] বি, প্রত্যয় ; বিশ্বাস। প্র—"আদ্যাশক্তি মোর মনে না হয় পতরা। শরস্তুস্ত বিদ্যা জান হেন বুঝি পারা॥"—কবিকঙ্কণ।

পতরু [পত্ (গমন করা) + অরু (কর্ত্তৃ)] বিণ, গমনশীল।

পতা [হি—পতাকা (দ্রঃ) সংক্ষেপে] বি, চিহ্ন। ২। ঠিকানা।

পতাকা [পত্ (গমন করা) + অক (কর্ম্মে) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, ধ্বজপট। ২। নিশান ; ধ্বজা। ৩। চিহ্ন। ৪। নাটকের অঙ্গ বিশেষ। ৫। জ্যোতিষিক যন্ত্রবিশেষ।

পতাকিক (ক্) [পতাকা + ইক (যুক্তার্থে)] বিণ, পতাকা সহিত ; ধ্বজযুক্ত।

পতাকী [পতাকা + ইন্(অস্ত্যর্থে) = পতাকিন্ ১মা, ১ব] বিণ, পতাকাধারী ; নিশানধারী। ২। বি, পুং, শুভাশুভবোধক চক্রবিশেষ। ৩। রথ। স্ত্রী, পতাকিনী—পতাকাধারিণী। (২) সেনা। **পতাকীচক্র**—বি, জাতকের রিষ্টাদি নিরূপণার্থ জ্যোতিষিক চক্রবিশেষ।

পতি (পোতি) [পা (রক্ষা করা) + অতি (কর্ত্তৃ, ডতি)] বি, পুং, রক্ষাকর্ত্তা ; রক্ষক ২। ভর্ত্তা ; পালক। প্র—"স্বামী বনিতার পতি স্বামী বনিতার গতি স্বামী বনিতার বিধাতা।"—কবিকঙ্কণ। ৩। প্রভু ; স্বামী প্র—"অনেকের পতি তেঁই পতি মোর বাম" —অন্নদামঙ্গল। ৪। নেতা ; অধ্যক্ষ ; নায়ক।

পতিংবরা (পো) [পতি ; (স্বামীকে) বৃ (বরণ করা) + অ (কর্ত্তৃ—খ) মধ্যে ম্ আগম আপ্—স্ত্রী] বি, স্ত্রী, যে স্বয়ং পতি নির্ব্বাচন করিয়া লয় ; স্বয়ংবরা।

পতিঘাতিনী (পোতিঘাতিনি) বি, স্ত্রী, স্বামীহন্ত্রী : পতিঘ্নী।

পতিঘ্ন [পতি—হন্ (বধ করা) + অ (কর্ত্তৃ—ট) হন্ = ঘ্ন] বিণ, প্রভুহত্যাকারী ; প্রভুহন্তা। স্ত্রী, **পতিঘ্নী**—পতিঘাতিনী; পতিবধকারিণী।

পতিঙ্গা (পোতিংগা) বি, পতঙ্গাকার বর্ত্তিকাশ্রয়।

পতিত (পো) [পত্ (গমন করা, পড়া) + ত (কর্ত্তৃ—ক্ত)—ই আগম] বিণ, নিম্নগত ; অধোগত। ২। চ্যুত ; স্খলিত। ৩। চলিত। ৪। গলিত। ৫। ভ্রষ্ট। ৬। যে বা যাহা পড়িয়া আছে ; অবস্থিত: বিরাজিত। প্র—"ও রসে ভোর ওর নাহি পায়ই পতিত কোরে ধরি ভুবন বিয়াপি।"—বলরামদাস। ৭। উদিত ; আবির্ভূত। প্র—নয়নপথে পতিত। ৮। অকর্ষিত ; অব্যবহৃত (জমি)। **পতিতজমি**—অনাবাদি জমি : যে জমিতে শস্যাদি উৎপন্ন হয় না সুতরাং খাজনা ও দিতে হয় না।

পতিতপাবন (পোতিত্পাবন্) [পতিতের পাবন, ৬তৎ] বিণ, পতিতের উদ্ধারক ; পাপীর ত্রাণকর্ত্তা। স্ত্রী, **পতিতপাবনী**—পতিতোদ্ধারিণী। ২। গঙ্গা।

পতিতোৎপন্ন (পোতিতোৎপনন্) [পতিত (ধর্ম্মভ্রষ্ট) হইতে = উৎপন্ন (জাত), ৫তৎ] বিণ, পতিতা নারীর গর্ভজাত।

পতিপ্রাণা (পোতিপ্প্রানা) [পতি (স্বামী) হইয়াছে প্রাণ (প্রাণতুল্য) যাহার, বহু] বি, স্ত্রী, স্বামীগতজীবনা : পতিপরায়ণা ; সাধ্বী ; সতী ; পতিব্রতা।

পতিবত্নী (পোতিবোত্নি) [পতি (স্বামী) + বতু (অস্ত্যর্থে) ঈপ্—স্ত্রী, ন্ আগম] বি, স্ত্রী, যাহার স্বামী জীবিত আছে ; সধবা।

পতিব্রতা (পোতিব্ব্রোতা) [পতি (স্বামী) হইয়াছে ব্রত যাহার, বহু] বি, স্ত্রী, পতিপরায়ণা ; পতিগতপ্রাণা ; সাধ্বী।

পতিয়াই (পো) [ব্রজ। সং—প্রত্যয় হইতে। গ্রা-বাং—পিত্যয়] বি, প্রত্যয়। প্র—"বিরহ পয়োধি পার কিয়ে পায়ব মঝু মনে নাহি পতিয়াই।"—বিদ্যাপতি।

পতিয়াব, পতিযায়ব (পো) [ব্রজ। সং—প্রত্যয় হইতে। পতিয়াই দ্রঃ] ক্রি, প্রত্যয় করিবে ; বিশ্বাস করিবে। প্র—"অতয়ে করব কেহ অপযশ গাব। বিদ্যাপতি কহে কো পতিয়াব॥"—বিদ্যাপতি। "কি কহব রে সখি কানুক রূপ। কো পতিযায়ব স্বপনস্বরূপ॥"—ঐ।

পত্তন (পত্তন্) [পত্ (গমন করা) + তন (অধি—তনন্) যে স্থানে লোকে ক্রয়-বিক্রয়ার্থ গমন করে] বি, নগর ; সহর। ২। উপনিবেশ। ৩। ভিত্তিভূমি। ৪। বি, সূত্রপাত ; আরম্ভ। প্র—"গ্রাম দীঘি নগর সে করিবে পত্তন"—অন্নদামঙ্গল। ৫। সন্ধান। প্র—পার্ব্বতী পত্তন পেয়ে প্রশ্ন কৈল তাকে। জিজ্ঞাসতো মাণিক অঙ্গুরী দিলা কাকে॥"—শিবায়ন।

পত্তনদার—বি, জমিদারের নিকট ভূমি গ্রহণ করিয়া যাহারা প্রজার নিকট বিলি করে।

পত্তনি [সং—পত্তন দ্রঃ] বি, নির্দ্ধারিত খাজনা করা ভূসম্পত্তি। ২। যে গ্রাম বা নগর রাজাকে নির্দ্ধারিত কর দিবার নিয়মে বসান হইয়াছে। **পত্তনিদার, পত্তনীদার**—পত্তনদার দ্রঃ : রাজার নিকট হইতে যিনি গ্রাম বা নগরাদির পত্তনি লইয়াছেন। **দর পত্তনি**—পত্তনিদারের অধীনস্থ পত্তনি। **দর পত্তনিদার**—যিনি দরপত্তনি লইয়াছেন। ফা—দর্—ভিতর, অন্তর্গত, অধীন। **সেপত্তনি**—দর পত্তনিদারের নিকট হইতে গৃহীত পত্তনি। ফা—সে = তিন = ছে (বাং-গ্রা) = তিন। তাহা হইতে **সেপত্তনিদার, ছেপত্তনিদার**—দর পত্তনিদারের নিকট হইতে যিনি পত্তনি লইয়াছেন।

পত্তি (পোত্তি) [পদ্ (গমন করা) + তি (কর্ত্তৃ) পদব্রজে যাহারা গমন করে] বি, পুং, পদাতিক সৈন্য। প্র—"অশ্বারোহী অশ্বারোহী পত্তি পত্তি যুঝে।"—কাশী-মহা। ২। সেনাদলবিশেষ ; যে সেনাদলে এক হস্তী, একরথ, তিন অশ্ব ও পাঁচ পদাতিক থাকে। ৩। পঞ্চান্ন (৫৫) জন নরসৈন্য। ৪। বীর। ৫। [ভাবে—ক্তি] গমন ; গতি।

পত্তি, পত্যি (পো) [গ্রা। সং—পথ্য অপভ্রংশে] বি, পথ্য ; রোগী বা সদ্যোরোগমুক্ত ব্যক্তির হিতজনক আহার্য্য দ্রব্য। প্র—"সেটা ত পুষ্যি এঁড়ে, দস্যি ভেড়ে নষ্টি কর তারে, উঠে ধানে পত্তি যেন না করিতে পারে।"—ঈশ্বর গুপ্ত।

পত্তুস (পোৎতুশ্) প্রত্যূষ দ্রঃ।

পত্নী (পোতনি) [পতি+ঈপ্ (স্ত্রীলিঙ্গে) ন আগম] বি, স্ত্রী, ভার্য্যা ; জায়া ; সহধর্ম্মিণী।

পত্নীবৎসল (পোত্‌নিবৎশল্) [পত্নী—বৎসল] বিণ, পত্নীপ্রিয় ; পত্নীর প্রতি একান্ত অনুরক্ত।

পত্র [পত্ (গমন করা)+ত্র (কর্ত্তৃ—ষ্ট্রন্)] বি, ক্লী, বৃক্ষপত্র ; গাছের পাতা। ২। পুস্তকের পৃষ্ঠা। ৩। লিপি ; চিঠি। ৪। আদেশ লিপি। ৫। অঙ্গীকার পত্র। ৬। [করণে—ষ্ট্রন্] পক্ষ ; পাখা ; পালক। ৭। স্বর্ণ রৌপ্যাদির পাত। ৮। বাণের পক্ষ। প্র—"বায়ুরসে পত্রভাগে শমন শরের আগে করাল ভৈরবী দুই ভুজে।"—কবিকঙ্কণ। ৯। শরপত্র। ১০। পত্রলতা। ১১। যানাদি ; শকটাদি ; বাহন। ১২। বিবাহের সম্বন্ধ স্থিরকরণোদ্দেশক ব্যবস্থা বা প্রতিজ্ঞা-পত্র। ১৩। সমূহ ; ইত্যাদি ; আদি ; আর আর। প্র—কাগজপত্র ; জিনিসপত্র ; খরচপত্র। **চিঠিপত্র**—চিঠি ও তৎস্থানীয় লেখ। **পত্র করা**—বিবাহের সম্বন্ধ পাকা করা। **পত্রপাঠ**—চিঠি পড়িবামাত্র ; সংবাদ পাইয়া তৎক্ষণাৎ বা অবিলম্বে।

পত্রক (পৎত্রক্) [পত্র+ক (স্বার্থে)] বি, ক্লী, পাতা। ২। [ক—সংজ্ঞার্থে] তেজ-পাত। ৩। পত্রাবলী রচনা।

পত্রকীট (পৎত্রকীট্) বি, পাতার পোকা ; যে কীট সর্ব্বদা পুস্তকের পৃষ্ঠায় থাকে।

পত্রদারক (ক্) [পত্র (পত্র সদৃশ) দারক (বিদারক)] বি, করাত।

পত্রপুট (পৎত্রপুট্) [পত্রের পুট] বি, পত্র দ্বারা রচিত পাত্র ; পাতার ঠোঙ্গা।

পত্রপুষ্প (পৎত্র—) [পত্র (পাতা) হইয়াছে পুষ্প (পুষ্পতুল্য) যাহার, বহু] বি, পুং, রক্ততুলসী। স্ত্রী, **পত্রপুষ্পা**—তুলসী।

পত্রপুষ্পাক (ক্) [পত্রপুষ্প+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, ভূর্জ্জপত্র বৃক্ষ।

পত্রবন্ধ (পৎত্র--) [পত্রের (পাতার) ন্যায় বন্ধ (রচনা) যাহার, বহু] বি, পুং, পত্র-পুষ্পাদি রচনা। ২। [পত্র দ্বারা বন্ধ, ৩তৎ] পাতালতায় সাজসজ্জা। ৩। চিত্র কাব্য-বিশেষ।

পত্রবাহ (পৎত্র—) [পত্র (পক্ষ) বাহ (যে বহন করে)] বি, পুং, বাণ। ২। বিণ, পত্রবাহক ; লিপিবাহী ; ডাকহরকরা।

পত্রবিশেষক (পৎত্র—ক্) [পত্র (পত্রা-কৃতি) যে বিশেষক (তিলক) কর্ম্মধা] বি, ক্লী, অঙ্গে পত্রাঙ্কন ; অলকা তিলকা।

পত্রবেষ্ট (পৎত্র—) [পত্র (পত্রাকৃতি) যে বেষ্ট (বলয়) কর্ম্মধা] বি, পুং, কর্ণালঙ্কার-বিশেষ ; তাড়্।

পত্রভঙ্গ (পৎত্রভংগ) বি, পুং, পত্রবিশেষক দ্রঃ ; শরীরশোভাবর্দ্ধনার্থ স্তনকপোলাদিতে চন্দন কস্তুরি প্রভৃতি দ্বারা পত্র পুষ্পাদি রচনা ; ইহা কলাবিদ্যার অন্তর্গত।

পত্রমঞ্জরী (পৎত্রমোন্‌জোরি) [পত্রের মঞ্জরী (অগ্রভাগ)—৬তৎ] বি, স্ত্রী, পাতার মঞ্জরী ; পাতার অগ্রভাগ। ২। [পত্রের মঞ্জরীর ন্যায় মঞ্জরী যাহার, বহু] বি, স্ত্রী, পত্র মঞ্জরীর ন্যায় আকৃতি তিলক রচনা।

পত্রলেখা (পৎত্র—) [পত্রের (পাতার) লেখা (শ্রেণী)—৬তৎ] বি, স্তন কপোলাদিতে পত্রাদির চিত্ররচনা ; পত্রভঙ্গ ; অলকাতিলক ; পাতাকাটা।

পত্রাখ্য (পত্‌ত্রাক্‌খ) [পত্র (পাতা) আখ্যা নাম) যাহার, বহু] বি, ক্লী, তেজপাত। ২। তালীশপাতা।

পত্রাবলি, পত্রাবলী (পত্‌ত্রাবোলি) [পত্রের —আবলি—লী (শ্রেণী)—৬তৎ] বি, স্ত্রী, পত্র-ভঙ্গ ; অলকা-তিলকা ; স্ত্রীদিগের বক্ষঃকপোল ও করস্থিত চিত্র সমূহ। ২। লিপিসমূহ।

পত্রালী (পৎত্রালি) [পত্র+আলী (শ্রেণী)] বি, পত্রশ্রেণী ; পত্রসমূহ ; পত্রাবলী। ২ লিপি সমূহ ; চিঠিপত্রের সমষ্টি।

পত্রিকা (পোৎত্‌রিকা) [পত্র+ক (স্বার্থে) —আপ্—স্ত্রী, ই আগম] বি, স্ত্রী, লিপি ; পত্র ; চিঠি। ২। সংবাদপত্র ; খবরের কাগজ ; সাময়িক পত্র। **জন্মপত্রিকা**—জন্ম-লগ্নাদির সহিত মিলাইয়া জাতকের শুভাশুভ-নির্ণায়ক জ্যোতির্বিদগণনাপত্র। **মাসিক-পত্রিকা**—প্রতি মাসে প্রকাশ্য এবং নানা লেখকের নিকট হইতে সংগৃহীত বিবিধ বিষয়ক রচনা-সম্বলিত পুস্তক।

পত্রিণী (পোৎত্রিনি) বি, স্ত্রী, কিশলয় ; পল্লব ; নবপত্র।

পত্রী (পোৎত্রি) [পত্র (পক্ষ)+ইন্ (অস্ত্যর্থে) =পত্রিন্ ১মা, ১ব] বি, পুং, পক্ষী। ২। শ্যেন। ৩। [পুরাণমতে পর্ব্বত পূর্ব্বে পক্ষযুক্ত ছিল] শৈল ; পর্ব্বত। ৪। [পক্ষযুক্ত বলিয়া] বাণ ; শর। ৫। রথ। ৬। [পত্র (পাতা) আছে যাহার] বৃক্ষ। ৭। তালগাছ। ৮। বিণ, পত্রবিশিষ্ট। (২) পত্রবহুল। ৯। [পত+ঈপ্ (ক্ষুদ্রার্থে)] বি, স্ত্রী, পত্রিকা ; লিপি ; চিঠি।

পত্রোল্লাস (পত্‌ত্রোল্‌লাশ্) বি, ফুলের কুঁড়ি ; মুকুল।

পথ (থ্) [পথ্ (গমন করা)+অ (করণে—অল্) যাহা দ্বারা গমনাগমন করা যায়] বি, পুং, সরণি ; রাস্তা। ২। রন্ধ্র ; ছিদ্র ; দ্বার। ৩। কৌশল ; উপায়। **পথ করা**—পথ নির্ম্মাণ করা, পথ প্রস্তুত করা। ২। উপায় করা। **পথখরচ**—পথের ব্যয় ; পাথেয়। **পথ চলা**—হাঁটা ; পদব্রজে গমন করা। **পথ চাওয়া**—কোন ব্যক্তির আগমনের প্রতীক্ষা করা। প্র—"সই, হেরি ধারাপথ থাকয়ে যেমত, তৃষিত চাতক জনা। আমি সেই মত হয়ে আছি পথ চেয়ে মানসে করি সেরূপ ভাবনা॥"—বাংগান (হরুঠাকুর)। **পথ পানে চাওয়া**—যে পথ দিয়া বাঞ্ছিত জন আসিবে বা আসিতে পারে সেই পথের প্রতি দৃষ্টিবদ্ধ করিয়া তাহার আগমন প্রতীক্ষা করা। প্র—"পথপানে চেয়ে জীবন গোঁয়ানু" —প্রেমলতা। **পথ চেনা,—জানা**—গন্তব্য পথের পরিচয় দেওয়া। প্র—"পথ চিনে মন পথ ধর অসার অনিত্যে ছাড় মরুভূমে জলের আশে যেও না পড়বে বিপাকে।"—ব্রহ্ম-সঙ্গীত। **চেনা পথ**—অভ্যস্ত পথ। **পথ ছাড়া**—পথ হইতে সরিয়া যাওয়া। ২। কোন পথ ত্যাগ করা অর্থাৎ সে পথ দিয়া গমনাগমন না করা। ৩। অভ্যাস ত্যাগ করা। ৪। উপায় বর্জ্জন করা। **পথ জোড়া**—পথ জুড়িয়া থাকা ; গমনাগমনের পথ না রাখা ; পথ বন্ধ করা। **পথ দেখা** —উপায় উদ্ভাবন করা ; উপায়ান্তর অবলম্বন করা। ২। সরিয়া পড়া। **পথ দেখান** —পথ প্রদর্শন ; উপায় বলিয়া দেওয়া। ২। কোন কার্য্যে প্রবৃত্ত করা। ৩। রাস্তা দেখান। **পথ পাওয়া**—গমনাগমনের রাস্তা পাওয়া। ২। কর্ম্ম বা উদ্দেশ্য সাধনের উপায় অবগত হওয়া। **পথ ফেলা**—ক্রমাগত আসা যাওয়া করা। **পথ ভোলা**—বিপথে যাওয়া ; গন্তব্য পথে না গিয়া ভ্রমবশতঃ অন্যপথে যাওয়া। **পথ হারান** (নো) পথ ভোলা ; যে পথে যাইতে হইবে বা যাওয়া উচিত তাহা না পাওয়া।

পথক (ক্) [পথ+ক (অভিজ্ঞ বা কুশলার্থে)] বিণ, পর্য্যটন-কুশল ; যে পথ চেনে।

পথকর (পথ্‌কর্) বি, রাজা বা জমিদার কর্ত্তৃক পথ নির্ম্মাণের জন্য প্রজার দেয় কর বা শুল্ক।

পথপার্শ্ব (পথপার্‌শ) বি, পথের ধার ; রাস্তার ধার।

পথপ্রদর্শক (পথপ্‌প্রোদর্শক্) [পথ—প্রদর্শক] বিণ, যে রাস্তা দেখাইয়া দেয়। ২। পরিচালক। ৩। উপায় নির্দ্দেশক।

পথপ্রান্ত (পথোপ্‌প্রান্ত) [পথের প্রান্ত, ৬তৎ] বি, পথের ধার ; রাস্তার শেষ সীমা।

পথভ্রষ্ট (পথোভ্‌ভ্রোশ্‌ট) বিণ, বিপথগামী ; পথচ্যুত।

পথভ্রান্ত (পথোভ্‌ভ্রানতো) বিণ্‌, পথহারা। ২। বিপথগামী।

পথরোধ (পথ্‌রোধ্‌) [পথের রোধ (অবরোধ, বাধা)—৬তৎ] বি, পথাবরোধ ; গমন পথের বিঘ্ন বা বাধা ; পথ আগুলান।

পথহারা (পথ্‌হারা) বিণ, যে পথ হারাইয়াছে। ২। বিপথগামী।

পথিক (পোথিক্‌) [পথিন্‌ (পথ) + কন্‌ (গত্যর্থে) ন্‌ লোপ] বিণ, গমনকারী ; পর্য্যটনকারী। ২। বি, পুং, পান্থ।

পথিকশালা (পোথিক্‌) [পথিকের (ভ্রমণকারীর) শালা (বাসগৃহ)—৬তৎ] বি, স্ত্রী, পান্থনিবাস ; পথিকবাসগৃহ ; সরাই।

পথিকার (পো, র্‌) [পথিন্‌ (পথ) কার (যে প্রস্তুত করে)] বিণ, পথনির্ম্মাতা ; যে পথ প্রস্তুত করে।

পথিবাহক (পোথিবাহক্‌) [পথিন্‌ (পথ) বাহক (যে বহন করে)] বি, পুং, ভারবাহক। ২। বেহারা। ৩। শাকুনিক ; ব্যাধ।

পথুয়া (পোথুআ) [গ্রা। পথ—উয়া] বি, পথিক।

পথ্য (পোথ্‌থ) বিণ, উপকারক ; হিত। ২। আরোগ্য। ৩। যোগ্য। ৪। বি, রোগীর যোগ্য আহারীয়। ৫। ঋষিবিশেষ। স্ত্রী, **পথ্যা**—হরীতকী।

পদ (দ্‌) [পদ্‌ (গমন করা) + অ (করণে—অল্‌)] বি, ক্লী, চরণ ; পা। ২। পদচিহ্ন। ৩। বাচক শব্দ ; প্রকৃতি ও প্রত্যয় সাধিত শব্দ। ৪। শ্লোকের চরণ। ৫। ঐশ্বর্য্য ; আধিপত্য। ৬। ব্যবসায়। ৭। স্থান। ৮। লক্ষ্য। ৯। ছল ; কপট। **পদে থাকা**—চরণে সংলগ্ন থাকা। ২। কোন প্রকারে স্বস্থানে থাকা ; পদচ্যুত না হওয়া [তুলনার্থে ব্যবহৃত]।

পদউধ [প্রা-বাং] বি, দোয়েল পাখী। প্র—"পদউধ কাক কোকিলের ডাক জানাইল রজনী শেষ।"—চণ্ডীদাস।

পদক (ক্‌) [পদ + ক (সংজ্ঞার্থে)] বি, পুং, অলঙ্কারবিশেষ ; হার, চেন প্রভৃতি অলঙ্কারের মধ্যস্থ দোলক ; পুরস্কার বা গৌরব প্রাপ্তি নিদর্শন স্বরূপ ধাতুখণ্ড। ২। মেডেল ; medal. প্র—স্বর্ণপদক ; রৌপ্যপদক ইত্যাদি। ৩। বিণ, পদবেত্তা।

পদকার (র্‌) [পদ—কার] বি, পুং, বেদের মন্ত্র পদ বিভাজক গ্রন্থপ্রণেতা। ২। বিণ, পদকর্ত্তা ; গীতি-পদ্যরচয়িতা।

পদক্ষেপ (পদক্‌খেপ্‌) [পদ (চরণ) ক্ষেপ [নিক্ষেপ, ক্ষেপণ] বি, পদার্পণ ; চরণবিন্যাস ; পদবিক্ষেপ ; পা ফেলা।

পদগৌরব (ব্‌) [পদের গৌরব] বি, পুং, পদমর্য্যাদা ; আধিপত্যের সম্মান।

পদগৌরবান্বিত (ন্বি) [পদগৌরব দ্বারা অন্বিত] বি, পদগৌরবমণ্ডিত।

পদচারণ (ন্‌) [পদ—চারণ] বি, পদসঞ্চালন ; পায়চারি ; পদচালনা।

পদচিহ্ন [পদ—চিহ্ন, ৬তৎ] বি, চরণ-চিহ্ন ; পায়ের দাগ ; পদাঙ্ক।

পদচ্যুত (পদচ্‌চুত) [পদ হইতে চ্যুত, ৫ তৎ] বিণ, স্বাধিকারভ্রষ্ট ; অধিকারচ্যুত ; আধিপত্যহীন।

পদছায়া [পদ—ছায়া (সং—পদচ্ছায়া)—৬তৎ] বি, চরণাশ্রয়। প্র—"অজ্ঞান তাহার যায় অনায়াসে জ্ঞান পায় যারে তুমি দেহ পদছায়া।"—অন্নদামঙ্গল। "দীনে দিতে পদছায়া দুষ্টেরে করিতে দয়া দয়াবান্‌ নাই তোমা বই।"—শিবায়ন।

পদত্যাগ (গ্‌) [পদ—ত্যাগ] বি, কর্ম্মত্যাগ ; অধিকারবর্জ্জন।

পদদলিত (পদদোলিত) [পদ—দলিত—৩তৎ] বিণ, চরণমর্দ্দিত ; চরণাহত ; পদপিষ্ট।

পদধূলি [পদ—ধূলি, ৬তৎ] বি, পুং, পদরেণু ; পায়ের ধূলা।

পদন্যাস (নন্‌নাশ্‌) [পদের ন্যাস (অর্পণ), ৬তৎ] বি, পুং, পদক্ষেপ ; পদার্পণ ; পা ফেলা।

পদপল্লব (ব্‌) [পদ—পল্লব, কর্ম্মধা] বি, কিশলয় সদৃশ কোমল চরণ।

পদপাঠ (ঠ্‌) [পদের পাঠ হইয়াছে যাহাতে, বহু] বি, পুং, ক্লী, বেদের পদ-বিভাজক গ্রন্থবিশেষ।

পদপ্রান্ত (পদপ্‌প্রানত) [পদ—প্রান্ত, ৬তৎ] বি, চরণতল ; পদনিম্ন ; পায়ের তলা। ২। চরণের অগ্রভাগ।

পদপ্রার্থী (পদপ্‌প্রার্থি) [পদের প্রার্থী, ৬তৎ] বিণ, প্রাধান্যলাভেচ্ছু ; অধিকারলাভেচ্ছু। ২। চরণাভিলাষী ; চরণপ্রার্থী। স্ত্রী, **পদপ্রার্থিনী**।

পদবি, পদবী [পদ (চরণ) দ্বারা বি (গমন করা) হয় যেখানে, বহু] বি, স্ত্রী, রাস্তা ; পথ। ২। উপনাম। ৩। উপাধি ; [গ্রাম্য] পদ্দী। ৪। পদ্ধতি।

পদবিক্ষেপ (প্‌) [পদের বিক্ষেপ] বি, পুং, পদন্যাস দ্রঃ।

পদবিচ্ছেদ (দ্‌) [পদের বিচ্ছেদ] বি, একপদ হইতে অন্য পদের বিচ্ছেদ ; সংযুক্ত পদের বিয়োগসাধন। ২। পদ ছিন্ন করণ।

পদব্রজ (পদব্‌ব্রোজ) [পদদ্বারা ব্রজ (গমন)—৩ তৎ] বি, হাঁটিয়া গমন ; চলন। ক্রি-বিণ, **পদব্রজে**।

পদভঞ্জন (ন্‌) [পদের ভঞ্জন (বিভাগ) করা হইয়াছে যাহাতে, বহু] বি, ক্লী, দুরূহ শব্দের ব্যাখ্যা ; কঠিন পদ সকলের অর্থনির্ণয়। ২। নিরুক্ত গ্রন্থ।

পদমদমত্ত [পদ—মদ (দ্বারা) মত্ত] বিণ, উচ্চ অধিকার লাভে গর্ব্বিত ; আধিপত্যের অহঙ্কারে অহঙ্কৃত।

পদরজ [পদ—রজঃ, ৬তৎ] বি, চরণধূলি ; পদরেণু ; পায়ের ধূলা।

পদলেহন (ন্‌) [পদ—লেহন, ৬ তৎ] বি, চরণলেহন ; পা চাটা। ২। তোষামোদ।

পদশব্দ (পদোশব্‌দ) [পদ—শব্দ, ৬তৎ] বি, পদধ্বনি ; পায়ের শব্দ।

পদষ্ঠীব (ব্‌) [পদ্‌—অষ্ঠীব (সমাহার দ্বন্দ্ব)] বি, ক্লী, জানু ও চরণদ্বয় একত্র।

পদসেবা (শে) [পদ—সেবা] বি, পদ মর্দ্দনাদি।

পদস্খলন (পদস্‌খলন্‌) [পদের—স্খলন] বি, পদচ্যুতি ; পা পিছলাইয়া পতন। বিণ, **পদস্খলিত**।

পদস্থ (পদস্‌থ) [পদ—স্থ (স্থিত)] বিণ, পদে বিদ্যমান ; অধিকারে অবস্থিত ; পদাধিষ্ঠিত।

পদাঘাত (ত্‌) [পদ + আঘাত] বি, চরণাঘাত ; পদপ্রহার ; লাথি।

পদাঙ্ক (পদাংক) [পদের অঙ্ক (চিহ্ন)—৬তৎ] বি, পুং, চরণচিহ্ন ; পায়ের দাগ। প্র—"পদাঙ্ক অঙ্কিত করি সময়-সৈকতে"—চরিত্র গঠন।

পদাতি, পদাতিক (ক্‌) [পদ (চরণ)—অৎ (গমন করা) + ই (কর্ত্তৃ)] বিণ, পদব্রজে গমনকারী। ২। বি, পুং, পাদচারী সৈনিক ; পদাতিক সেনা। ৩। পিয়াদা ; সংবাদবাহক। ৪। পাইক।

পদান (নো) [পদ + আন (ক্রিয়ায়)] ক্রি, প্রশংসা করা। ২। পদসঙ্কেত করা।

পদানত [পদ + আনত] বিণ, চরণে নিপতিত চরণে পতিত। ২। অধীন।

পদানুবর্ত্তী (পদানুবোর্‌তী) [পদ + অনুবর্ত্তী] বিণ, পদের অনুসরণকারী। স্ত্রী, **পদানুবর্ত্তিনী**।

পদান্বয় (য়্‌) [পদ + অন্বয়] বি, অন্বয় সহিত পদনির্ব্বাচন। ২। পদের অন্বয়।

পদাম্বুজ (জ্‌) [পদ—অম্বুজ, কর্ম্মধা] চরণরূপ পদ্ম ; পাদপদ্ম ; পদারবিন্দ ; চরণোৎপল। প্র—রজঃ প্রভায়ত পদাম্বুজানত সুদীন ভারত শুভঙ্কর"—অন্নদামঙ্গল। "নমি আমি, কবিগুরু, তব পদাম্বুজে"—মেঘনাদ। **পদাম্বুজরজঃ**—চরণপদ্মের ধূলি।

পদাম্ভোজ (পদাম্‌ভোজ্) [পদ+অম্ভোজ পদরূপ যে অম্ভোজ (পদ্ম)—কর্ম্মধা] বি, ক্লী, পদাম্বুজ ; পাদপদ্ম।

পদার (র্) [পদের (চরণের) অর (ধূলি) —৬তৎ] বি, পুং, চরণরেণু ; পদরজঃ। ২। নৌকা।

পদারবিন্দ [পদ (চরণ) রূপ যে অরবিন্দ (পদ্ম)—কর্ম্মধা] বি, ক্লী, চরণপদ্ম ; চরণ-কমল ; পাদপদ্ম। প্র—"শ্যামক পদারবিন্দ ভানুসিংহ বন্দিছে।"—রবি।

পদার্থ [পদ (শব্দ) অর্থ (অভিধেয়)—৬তৎ] বি, পুং, বৈশেষিক দর্শনে—দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, বিশেষ, সমবায় ও অভাব ; শব্দের প্রতিপাদ্য। ২। দ্রব্য ; বস্তু। ৩। সার ; সত্ত্ব ; substance.

পদার্থদর্শন (ন্) বি, পদার্থ সমূহের প্রকৃত তত্ত্ব-নির্ণায়ক শাস্ত্র ; বস্তুবিজ্ঞান ; natural philosophy.

পদার্থবিজ্ঞান (ন্) [পদার্থ সম্বন্ধীয় বিজ্ঞান] বি, প্রাকৃতিক বিজ্ঞান ; পদার্থ সম্বন্ধে বিশেষ জ্ঞানদায়ক শাস্ত্র ; natural science.

পদার্থবিৎ—বিণ, প্রাকৃত তত্ত্বজ্ঞ ; বৈজ্ঞানিক ; দার্শনিক।

পদার্থবিদ্যা (বিদ্‌দ্যা) [পদার্থ সম্বন্ধীয় বিদ্যা, ৬তৎ] বি, স্ত্রী, বস্তুবিজ্ঞান ; যে বিদ্যা দ্বারা চেতনাচেতন উদ্ভিদাদির উৎপত্তি, গুণ ও কর্ম্মাদি সম্বন্ধে জ্ঞানলাভ করা যায়।

পদার্পণ (ন্) [পদ+অর্পণ] বি, চরণ-বিন্যাস ; পদস্থাপন ; পদক্ষেপণ। ২। প্রবেশ।

পদাশ্রয় (পদাস্‌স্রয়) [পদ+আশ্রয়] বি, পুং, চরণাশ্রয় ; পদছায়া। বিণ, **পদাশ্রিত**—চরণাশ্রয় প্রাপ্ত। ২। অধীন ; অনুগত ; পদানত। স্ত্রী, **পদাশ্রিতা**।

পদাসন (—শন্) [পদের আসন—৬তৎ] বি, ক্লী, পাদপীঠ ; পদস্থাপনের স্থান ; চৌকি, পিঁড়া অথবা পা রাখিবার অন্যবিধ আসন।

পদিনা, পুদিনা [ফা] বি, একপ্রকার ছোট ছোট পাতার সুগন্ধি শাক ; কাঁচা আম অথবা তেঁতুল, অল্লাধিক পরিমাণে লবণ, মিষ্ট, লঙ্কা ও মৌরীর সহিত বাটিয়া ইহার চাটনি প্রস্তুত হয়।

পদী (পোদি) [প্রাদে] বি, নৌকার পরিমাণ-বিশেষ।

পদীপ (পোদীপ্) [গ্রাম্য। উচ্চারণভেদে পিদীপ, পদীম, পিদীম] বি, প্রদীপ। ২। দীপাধার ; পিলসুজ ; দেরকো।

পদীম (পোদিম্) [প্রদীপ শব্দজ] বি, প্রদীপ ; আলোকাধার।

পদুমা (পো) [সং—পদ্মা শব্দের প্রাকৃ—উচ্চারণে পদমা পদুমা। তুল—পদ্মিনী] বি, স্ত্রী, পদ্মানদী। প্র—"পদ্মরাগমণিগণ পদুমার ধারা।"—কবিকঙ্কণ।

পদুমিনী (পো) [সং—পদ্মিনী হইতে ব্রজ, প্রা, পদ-সাহিত্যে] বি, স্ত্রী, পদ্মিনী ; শ্রেষ্ঠা-নায়িকা ; কমলনয়ন, কৃশঅঙ্গ, দীর্ঘকেশ মৃদু-বাক্য এবং পদ্মের ন্যায় সৌরভ ইত্যাদি কতিপয় লক্ষণাক্রান্তা রমণী। প্র—"একে ধনি পদুমিনী সহজহি ছোটি।"—বিদ্যাপতি।

পদুয়া (পো) [গ্রা। পদ+উয়া] বিণ, পদজ্ঞ ; পদো ; পদসাধক।

পদেপদে [পদ দ্রঃ] ক্রি-বিণ, প্রতি পদে ; প্রতি বারে ; প্রতি পদক্ষেপে ; প্রতি কার্য্যে। প্র—"আমায় ছ'জনায় মিলে পথ দেখায় বলে-পদে পদে পথ ভুলি হে।"—রবি।

পদোদক (ক্) [পদ+উদক] বি, পাদো-দক ; পাধোয়া জল। প্র—"প্রেমময়ী পার্ব্বতী পাইয়া প্রাণনাথে। পাখালিয়া পদ পাদোদক নিলা মাথে।"—শিবায়ন।

পদোন্নতি [পদ+উন্নতি, ৬তৎ] বি, ক্ষমতার বৃদ্ধি ; পদের উৎকর্ষ।

পদ্দী (পো) [পদ্ধতি হইতে—পদ্ধি—পদ্দী] বি, পদ্ধতি ; প্রথা ; নিয়ম। ২। [পদবী হইতে] পদবী ; উপাধি।

পদ্ধতি, পদ্ধতী (পদ্‌ধোতি) [পদ্ (পা) +হতি (আঘাত) যাহাকে পদ দ্বারা আঘাত করা হয়] বি, স্ত্রী, পথ। প্র—"উড়াইতে উঠে পক্ষী আকাশ পদ্ধতি"—ঘনরাম। "প্রাণ লয়ে পালাতে পদ্ধতি খুঁজে বুলে"—ঐ। ২। [গ্রা—পদ্ধিৎ, পদ্‌ধিৎ] রীতি ; নিয়ম। ৩। প্রণালী। ৪। উপাধি ; পদবী [গ্রাম্য পদ্দী]। ৫। শ্রেণী ; পঙক্তি। ৬। প্রবাহ। ৭। আচার গ্রন্থ। ৮। রেখা।

পদ্ধিৎ (পো) পদ্ধতি দ্রঃ।

পদ্ম (পদ্দঁ) [পদ্ (জলে গমন করা)+ম (কর্ত্তৃ—মন্)] বি, পুং, ক্লী, উৎপল ; পঙ্কজ ; [শ্বেত, রক্ত, নীল বর্ণভেদে পদ্ম নানাপ্রকার হয়]। ২। সর্পবিশেষ ; পদ্মগোখুরা। ৩। সংখ্যাবিশেষ ; ১০০০০০০০০০০০০০। ৪। নিধিবিশেষ। ৫। পুং, রতিবন্ধবিশেষ। ৬। ব্যূহবিশেষ। ৭। তন্ত্রোক্ত দেহাভ্যন্তরীন্ ষট্‌চক্রবিশেষ। ৮। হস্তিশুণ্ড ও হস্তি-মস্তকোপরিস্থ চিহ্নবিশেষ ; শ্বেত, রক্ত, নীল বর্ণভেদে পদ্ম বিভিন্ন প্রকার। **স্থলপদ্ম**—পুষ্পক্ষুপবিশেষ ; ইহার পুষ্প পদ্মের ন্যায় বর্ণ ধারণ করে বলিয়া এই নাম। **পদ্মকাষ্ঠ**—পদ্ম ফুলের গন্ধযুক্ত কাষ্ঠবিশেষ।

পদ্মক (পদ্দঁক্) [পদ্ম+ক (সাদৃশ্যার্থে)] বি, ক্লী, অঙ্গে (বিশেষতঃ হস্তীর অঙ্গে) পদ্মের ন্যায় রক্তবর্ণ চিহ্ন। ২। পদম কাঠ। ৩। ।।

পদ্মকর (র্) [পদ্ম হইয়াছে করে (হস্তে) যাহার, বহু] বি, পুং, কমলধারী সূর্য্যদেব। ২। পদ্মপুষ্পবৎ কর ; করকমল। ৩। পদ্মবৎ রক্তবর্ণ কিরণ। প্র—"ফুল-কুল-সখী উষা যখন খুলিবে পূর্ব্বাশার হৈমদ্বার পদ্মকর দিয়া"—মেঘনাদ। **পদ্মকেশর**—পদ্ম ফুলের সূক্ষ্ম সূত্র—যাহাতে পরাগ থাকে। **পদ্ম পরাগ**—পদ্মের রেণু ; পদ্মরজঃ।

পদ্মকাঁটা (পদ্দঁ—) [সং—পদ্মকণ্টক] বি, চর্ম্মরোগবিশেষ ; ত্বকের উপর মৃণালের কণ্টক-বৎ কাঁটা কাঁটা হইয়া উঠে বলিয়া এই নাম ; lichen papilaris.

পদ্মগন্ধ—বি, পদ্ম ফুলের সৌরভ। ২। বিণ, যাহার পদ্মের ন্যায় গন্ধ আছে। বিণ, **পদ্মগন্ধি** (গো) পদ্মফুলের সৌরভবিশিষ্ট।

পদ্মগর্ভ (পদ্দঁ—) [পদ্মের গর্ভ, ৬তৎ] বি, পদ্ম পুষ্পের অভ্যন্তর। ২। বি, পুং, ব্রহ্মা।

পদ্মগর্ভ [রাসাঃ—পরিঃ] বি, শুক্তিকা ; ster.

পদ্মজ (পদ্দঁজ) [পদ্ম (বিষ্ণুর নাভি কমল) হইতে জ (জাত)] বি, পুং, কমলযোনি ; ব্রহ্মা।

পদ্মতন্তু (—তো) [পদ্মের তন্তু (সূত্র)—৬তৎ] বি, পুং, ক্লী, পদ্মনাল ; মৃণাল।

পদ্মনাভ (পদ্দঁনাভ) [পদ্ম (কমল) হইয়াছে নাভ (নাভি) যাহার, বহু] বি, পুং, বিষ্ণু। ২। [বিষ্ণুর নাভিপদ্মে ব্রহ্মার জন্ম বলিয়া] ব্রহ্মা। প্র—"জগন্নাথ মুরহর পদ্মনাভ গদাধর মুকুন্দ মাধব নারায়ণ।"—অন্নদামঙ্গল। ২। নাগবিশেষ। ৩। ধৃতরাষ্ট্রের শতপুত্রের মধ্যে একজন।

পদ্মনাল (পদ্দঁনাল্) [পদ্মের নাল, ৬তৎ] বি, ক্লী, মৃণাল।

পদ্মনেত্র (পদ্দঁনেত্র) [পদ্মের তুল্য নেত্র যাহার, বহু] বিণ, কমললোচন ; পদ্মতুল্য নয়নবিশিষ্ট। ২। বি, পুং, বুদ্ধবিশেষ।

পদ্মপত্র (পদ্দঁপৎত্র) [পদ্মের পত্র, ৬তৎ] বি, ক্লী, কমলদল ; পদ্মপাতা।

পদ্মপলাশলোচন (পদ্দঁপলাশ্‌লোচন) [পদ্মের পলাশ (পত্র পাপ্‌ড়ি) সদৃশ আয়ত হইয়াছে লোচন যাহার, বহু] বি, পুং, বিষ্ণু ; পদ্মের পাপ্‌ড়ির মত আয়ত নয়নবিশিষ্ট।

পদ্মপাণি (পদ্দঁপানি) [পদ্ম (কমল) হইয়াছে পাণিতে (হস্তে) যাহার, বহু] বি, পুং, পদ্মকর ; সূর্য্য। ২। পদ্মের ন্যায় কোমল হস্ত। ৩। বিষ্ণু। ৪। ব্রহ্মা। ৫। বিণ, পদ্মহস্ত ; যাহার হস্তে পদ্ম আছে।

পদ্মপুরাণ (পদ্দঁপুরান্) বি, ক্লী, মহর্ষি বেদব্যাস কৃত মহাপুরাণবিশেষ।

পদ্মপ্রভ (পদ্দোঁপ্রোভ) [পদ্মের তুল্য প্রভা যাহার, বব্রী] বিণ, পদ্মতুল্য প্রভাবিশিষ্ট।

পদ্মপ্রিয়া (পদ্দঁপ্ প্রিআ) [পদ্ম হইয়াছে প্রিয় (মনোজ্ঞ) যাহার, বব্রী] বি, স্ত্রী, মনসাদেবী।

পদ্মবৎ (পদ্দঁ) [পদ্ম—বৎ (অস্ত্যর্থে—বতু)] বিণ, পদ্মসদৃশ ; কমলতুল্য।

পদ্মবন্ধ (পদ্দঁবন্ধ) [পদ্মের ন্যায় বন্ধ (রচনা প্রণালী) যাহার, বব্রী] বি, পুং, চিত্রকাব্যবিশেষ ; শব্দালঙ্কারবিশেষ।

পদ্মবন্ধু (পদ্দঁবোন্ধু) [পদ্মের বন্ধু (মিত্র)—৬তৎ] বি, পুং, সূর্য্য। ২। মধুকর। সূর্য্যোদয়ের সঙ্গে সঙ্গে কমল প্রস্ফুটিত হয় এবং প্রফুল্ল নলিনীর সহিত মধু আহরণকারী ভ্রমরের বড় ভাব সুতরাং কবি কল্পনায় সূর্য্য ও মধুকর পদ্মের বন্ধু। ৩। আকন্দগাছ।

পদ্মবর্ণ (পদ্দঁবর্ন) [পদ্ম—বর্ণ] বি, পদ্মফুলের মত বর্ণ। ২। বিণ, পদ্মফুলের বর্ণযুক্ত।

পদ্মবাসা (পদ্দঁবাসা) [পদ্ম (কমল) হইয়াছে বাস (বাসস্থান) যাহার, বব্রী, আপ্—স্ত্রী] বি, স্ত্রী, কমলালয়া ; লক্ষ্মী। ২। কমলাসনা ; সরস্বতী।

পদ্মভূ (পদ্দঁভূ) [পদ্ম (কমল) হইয়াছে ভূ (উৎপত্তি স্থান) যাহার, বব্রী] বি, পুং, কমলযোনি ; ব্রহ্মা।

পদ্মমুখ (পদ্দঁমুখ্) [পদ্মের তুল্য মুখ যাহার, বব্রী] বিণ, কমলানন ; কমল সদৃশ মুখ। স্ত্রী, **পদ্মমুখী**—দূর্ব্বালতা। ২। বিণ, কমলাননা ৩। সুন্দরী।

পদ্মমুদ্রা (পদ্দঁমুদ্রা) [পদ্মের ন্যায় যে মুদ্রা —কর্ম্মধা] বি, স্ত্রী, তন্ত্রোক্ত অঙ্গুলি-মুদ্রাবিশেষ।

পদ্মযোনি (পদ্দঁজোনি) [পদ্ম (বিষ্ণুর নাভিপদ্ম) হইয়াছে যোনি (উৎপত্তি স্থান) যাহার —বব্রী] বি, পুং, কমলযোনি ; প্রজাপতি ; ব্রহ্মা।

পদ্মরাগ (পদ্দঁরাগ্) [পদ্মের ন্যায় রাগ (বর্ণ) যাহার, বব্রী] বি, পুং, পদ্মের ন্যায় বর্ণবিশিষ্ট মণি ; পলা। প্র—"পদ্মরাগ মরকত হীরা"—মেঘনাদ।

পদ্মরেখা (পদ্দঁরেখা) [পদ্মাকার যে রেখা —কর্ম্মধা] বি, স্ত্রী, করতলের রেখাবিশেষ ; এই রেখা থাকিলে লোকে বড় ধনশালী হয়।

পদ্মলাঞ্ছন (পদ্দঁলান্ছন্) [পদ্ম হইয়াছে লাঞ্ছন (চিহ্ন) যাহার, বব্রী] বি, পুং, কমলযোনি ; ব্রহ্মা। ২। পদ্মাকৃতি রেখা হইয়াছে লাঞ্ছন (চিহ্ন) যাহার, বব্রী] নৃপতি। ৩। পদ্মপুষ্পবৎ চিহ্ন। ৪। কমলপাণি : সূর্য্য। ৫। কুবের। স্ত্রী, **পদ্মলাঞ্ছনা**—লক্ষ্মী। ২। সরস্বতী। ৩। মনসাদেবী।

পদ্মা (পদ্দাঁ) [পদ্ম (কমল) + অ (অস্ত্যর্থে) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, কমলা। ২। বীণাপাণি ; ভারতী। ৩। জরৎকারুপত্নী মনসাদেবী। ৪। শাখানদীবিশেষ।

পদ্মাকর (র্) [পদ্মের—আকর (উৎপত্তি স্থান)—৬তৎ] বি, পুং, পদ্মপুষ্পবহুল জলাশয় ; যে সরোবরে অনেক পদ্ম জন্মে।

পদ্মাক্ষ (পদ্দাঁক্খ) [পদ্মের অক্ষ (বীজ) —৬তৎ] বি, ক্লী, পদ্মবীজ। ২। [পদ্মের ন্যায় অক্ষি (চক্ষু) যাহার, বব্রী] বিণ, কমললোচন ; পদ্মআঁখি।

পদ্মাবতী (পদ্দাঁবোতি) [পদ্মা + বৎ (অস্ত্যর্থে—বতু) = পদ্মাবৎ—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, মনসাদেবী। ২। জয়দেবের পত্নী। ৩। নিত্যানন্দের জননী। ৪। উজ্জয়িনী নগরের প্রাচীন নাম।

পদ্মালয়া (পদ্দাঁ) [পদ্ম (কমল) হইয়াছে আলয় (বাসস্থান) যাহার, বব্রী] বি, স্ত্রী, কমলবাসিনী ; কমলা। প্র—"পদ্মালয়া পদ্মমুখী সীতারে পাইয়া। রাখিলেন বুঝি পদ্মবনে লুকাইয়া॥"—কৃত্তিবাস।

পদ্মাসন (পদ্দাঁশন্) [পদ্মরূপ আসন—কর্ম্মধা] বি, ক্লী, যোগাসনবিশেষ ; বাম উরুমূলে দক্ষিণপদ ও দক্ষিণ উরুমূলে বাম পদ স্থাপন করিয়া উপবেশনের নাম পদ্মাসন—বাচস্পত্য। বাম উরুর উপর দক্ষিণপদ ও দক্ষিণ উরুর উপর বামপদ ন্যস্ত করিয়া হস্তদ্বয় পৃষ্ঠে সংলগ্ন করিয়া দক্ষিণহস্ত দ্বারা বাম ও বামহস্ত দ্বারা দক্ষিণ অঙ্গুষ্ঠ ধারণ করত হৃদয়ে চিবুক রক্ষা করিয়া উভয় চক্ষুদ্বারা নাসাগ্র দেখিতে হয়।—গোরক্ষসংহিতা (শব্দকল্পদ্রুম। ২। কমলনির্ম্মিত আসন : কমলাসন সুখাসন। প্র—"* * যেমতি, মাতঃ, বসিলা আসিয়া বাল্মীকির রসনায় (পদ্মাসনে যেন)" —মেঘনাদ। ৩। রতিবন্ধবিশেষ। ৪। [পদ্ম হইয়াছে আসন যাহার, বব্রী] বি, পুং, ব্রহ্মা। স্ত্রী, **পদ্মাসনা**—লক্ষ্মী।

পদ্মিনী (পোদ্দিনি) [পদ্ম + ইন্ (অস্ত্যর্থে = পদ্মিন্—ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, কমলিনী। ২। চারি জাতীয় স্ত্রীর মধ্যে শ্রেষ্ঠা এবং সুলক্ষণা স্ত্রী। প্র—"অবিরত ওই চিন্তা অন্য নাহি গণি। রন্ধনের শালে নাশ হইলে পদ্মিনী।"—কবিকঙ্কণ। ৩। [সমূহার্থে—ইন্] পদ্মসমূহ।

পদ্মিনীকান্ত (পোদ্দিনিকান্ত) [পদ্মিনীর কান্ত—৬তৎ] বি, পুং, নলিনীপতি ; সূর্য্য।

পদ্মেশয় (পদ্দেঁশয়) [পদ্মে (পঙ্কজে) শয় (যে শয়ন করে)] বি, পুং, বিষ্ণু। ২। ব্রহ্মা।

পদ্য (পোদ্দো) [পদ (চরণ) + য (যুক্তার্থে)] বি, ক্লী, ছন্দোবদ্ধ রচনা ; ছন্দোযুক্ত বাক্য ; শ্লোক ; verse. [দ্রঃ—বিপরীতে গদ্য (prose), কারণ সংস্কৃত অলঙ্কার শাস্ত্রমতে ছন্দোহীন রচনাকে "গদ্য" বলে। কিন্তু প্রকৃত পক্ষে গদ্যেরও ছন্দ আছে এবং সে ছন্দ মাত্রা বা বর্ণগত না হইলেও শ্বাস পতনানুযায়ী যতিচিহ্ন এবং শব্দের গুরু বা লঘু উচ্চারণাদি দ্বারা নিয়মিত হয়। গদ্যেরও ছন্দ পতন হইলে শ্রুতিকটু হয়] । ২। নিম্নশ্রেণীর লোক। প্র— "করিয়া আসন গাড়িল নিশান সম্মানে বসান পদ্য, স্বধর্ম্মমণ্ডিত বিধর্ম্ম খণ্ডিত ব্রাহ্মণ পণ্ডিত বৈদ্য।"—ঘনরাম। স্ত্রী,—**পদ্যা**—স্তব ; স্তুতি। পথ ; রাস্তা।

পন (ন্) [ইং—pound] বি, প্রায় অর্দ্ধসের ওজন। বিণ, পনী।

পন্‌পন্ [শব্দাত্মক] বি, অব্যক্ত শব্দ ; মশকের শব্দ। প্র—"উমার উম্মায় উপজিল মশাগণ লাখে লাখে ধেয়ে পাগে ডাকে পন্‌পন্।"— শিবায়ন।

পনর (পোনোরো) [সং—পঞ্চদশ, প্রাকৃ— পন্নরহ : হি—পন্‌রহ্] বি, পঞ্চাধিক দশ ; ১৫।

পনরই (পোনোরোই) [পনর (দ্রঃ)—ই] বি, মাসের প্রথম ১৪ দিনের পরদিন।

পনস (শ্) [পণ্ (ব্যবহার)—অস্ (সংজ্ঞার্থে)] বি, পুং, কাঁটাল গাছ। ২। ক্লী, কণ্টকীফল ; কাঁটাল। প্র—"কনক পনস যেন পুলকিত অঙ্গ।"—চৈতন্যভাগবত। "দধি পিঠা খাইল সবে মধুর পায়স। রসাল পনসকোষ রসালের রস।"—কবিকঙ্কণ। ৩। স্ত্রী, বানরবিশেষ।

পনা (পোনা) [পণাও চলিত] অ, ভাবার্থবাচক ; আছে এই অর্থ ; বিশিষ্টার্থবোধক। প্র—গুণপণা। ২। ব্যবহার ; আচরণ। **গিন্নীপনা, গিন্নেপনা**—গৃহিণীর মত আচরণ। **গুণপনা**—গুণবত্তা। **ন্যাকাপনা**—ন্যাকার মত ব্যবহার [ন্যাকা দ্রঃ] ।

পনাম (ম্) [সং—প্রণাম শব্দের প্রা-বাং, প্রাকৃ-রূপ] বি, প্রণাম ; নমস্কার। প্র— "ধর্ম্মের আমিনিপাত্র দূরেত পনাম হএ জম রাজা পড়িল ফাঁপর।"—শূন্যপুরাণ।

পনী (পোনি) [ইং—pound হইতে পন—ঈ (ওজন বা ভার অর্থে)] বিণ, এক পৌণ্ড ওজনের ; পন পরিমিত ভারবিশিষ্ট। ২। এক রিম অর্থাৎ ২০ দিস্তা কাগজের পন হিসাবে ওজন। **বিশপনী কাগজ**— যে কাগজের এক রিম অর্থাৎ ২০ দিস্তার ওজন ২০ পৌণ্ড অর্থাৎ প্রায় দশসের হয়।

পনীর (পোনির্) [ফা—পনীর্] বি, গোবৎসের অন্ত্রজাত অম্লরসে কাটান দুধের ছানা ; লবণাক্ত শুষ্ক ছানা ; cheese.

পন্থ (পন্থ) [সং—পথিন্ শব্দজ] বি, পথ ; রাস্তা। প্র—"একলি কয়ল পয়ান। পন্থ বিপথ নাহি মান।"—বিদ্যাপতি। ২।

কৌশল ; উপায় । ৩ । ধর্ম্মসম্প্রদায় । ৪ । ধর্ম্ম-মত । বিণ, পন্থী ।

পন্থাঃ (পন্থা) [পথিন্ ১মা, ১ব] বি, পুং, পথ । ২ । উপায় । ৩ । স্বভাব । ৪ । মৎলব ; অভিপ্রায় ।

পন্থী (পোন্থি) [পন্থাঃ দ্রঃ] বি, পথিক । ২ । সম্প্রদায়ভুক্ত ; মতাবলম্বী ।

পন্ন [পদ্ (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, পতিত ।

পন্নগ (গ, গ্) [পদ্ (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত) = পন্ন (পতিত) অথবা পদ(পা) ন (নাই) অথচ গ (যে গমন করে)—যে পতিত থাকিয়া অথবা পদ না থাকিলেও গমন করে] বি, পুং, সর্প । ২ । ক্লী, সীসক । স্ত্রী, **পন্নগী**—সর্পী । প্র—"কে মোহিনী ভালে ভাল শশী । * * * * সুরী কিঅসুরী কি পন্নগী কি মানুষী ।"—রামপ্রসাদ । ২ । মনসাদেবী ।

পন্নগকেশর (র্) [পন্নগের (সর্পের) ন্যায় বক্র হইয়াছে কেশর যাহার, বহু] বি, পুং, নাগকেশর পুষ্প ; নাগেশ্বর ফুল ।

পন্নগাশন (ন্) [পন্নগ (সর্প) হইয়াছে অশন (ভোজন দ্রব্য) যাহার, বহু] বি, পুং, সর্পভুক্ ; গরুড় ।

পন্নগারি [পন্নগের (সর্পের) অরি (ভক্ষক বলিয়া শত্রু)—৬তৎ] বি, পুং, গরুড় । ২ । ময়ূর । ৩ । নকুল ; বেঁজী ।

পন্নাম (ম্) [সং—প্রণাম শব্দের প্রা-বাং—প্রাক্-রূপ ; রূপান্তরে পনাম, পেন্নাম] বি, প্রণাম । প্র—"দেব আজ্ঞা লএ পন্নাম করিএ হনু জান লঘুগতি ।"—শূন্যপুরাণ ।

পমেটম (ম্) [ইং—pomatum] বি, কেশ কোমল করিবার জন্য সুগন্ধযুক্ত স্নেহ পদার্থ ।

পম্প [ইং—pump] বি, জলোত্তোলক যন্ত্র ; জল আকর্ষক যন্ত্র ; দমকল ; বোমা । ২ । পম্পজুতা ; পাতলা তলার সুদৃশ্য জুতাবিশেষ ; নৃত্যকারীর ব্যবহারোপযোগী জুতাবিশেষ ।

পম্পা—বি, স্ত্রী, ঋষ্যমূক্ পর্ব্বত হইতে প্রবাহিত হইয়া ওড়্দেশের মধ্য দিয়া তুঙ্গভদ্রায় মিলিতা নদী । এই নদীতীরে মতঙ্গ মুনির আশ্রম ছিল । এই নদী স্থির-জলা বলিয়া সরোবর নামে খ্যাত ।"—ভারতকোষ । ২ । সরোবর-বিশেষ । প্র—"ভারতবর্ষের মধ্যস্থলে বিন্ধ্যা-চলের নিকটে গোদাবরীতীরে ভগবান্ অগস্ত্যের আশ্রম ছিল * * * * * ঐ আশ্রমের অনতি-দূরে পম্পানামক সরোবর আছে"—কাদম্বরী ।

পয় (য়্) [সং—পদ হইতে হি—পও (পোয়া) —পাশার এক চিহ্ন তাহা হইতে "পওবারা" (বাং-য়—পোয়াবার = সুলক্ষণ, সৌভাগ্য)—সংক্ষেপে পয়] বি, শুভচিহ্ন ; সুলক্ষণ ; সৌভাগ্য । ২ । মঙ্গল । বিণ, **পয়া**—(গ্রা)— সুলক্ষণযুক্ত ; ভাগ্যবান্ ।

পয়ঃ, পয়, পয়স [পা (পান করা) + অস্ (কর্ম্মে—সংজ্ঞার্থে) = পয়স্, পয়স—যাহা পান করা যায়] বি, ক্লী, দুগ্ধ । ২ । জল । প্র—"বাঁধ বাঁধি বিধুমুখী সেঁচে ফেলে পয়"—শিবায়ন ।

পয়ঃপ্রণালী (—প্রোনালি) [পয়ঃ (জল) প্রণালী (নির্গম পথ)—৬তৎ] বি, স্ত্রী, জলনালী : জল নির্গমনের পথ ; নর্দ্দামা ।

পয়ঃফেন (ন্) [পয়ঃ (দুগ্ধ) তাহার ফেন, ৬তৎ] দুগ্ধফেন । প্র—"রচিল সুখদ শয্যা যেন পয়ঃফেন ।"—ঘনরাম ।

পয়কারী (য়্) [আদাঃ পরিঃ । ফা] বি, যে প্রজা অন্যের জমী ভাগে চাষ করে অর্থাৎ চাষ করিয়া ফসলের ভাগ লয় ।

পয়কাস্ত (য়্) [ফা, আদাঃ পরিঃ] বি, যে প্রজা যে জমী চাষ করে সে জমীতে বাস করে না অর্থাৎ স্বীয় কর্ষিত জমীতে বাস করে না : nonresident tenant.

পয়গম্বর, পয়গাম্বর (য়্, র্) [ফা—পয়্গম্বর্ । বাং-গ্রা—প্যাগম্বর ; পেগাম্বর বি, ঈশ্বর-প্রেরিত দূত ; প্রেরিত মহাপুরুষ ; সুসমাচার প্রচারক । প্র—"তিনি পেগাম্বরের চিত্র নয়নগোচর করিয়া ওমরকে বলেন"—মহাপুরুষ-চরিত, ২য় ভাগ । বিণ, **পয়গম্বরী, পেগাম্বরী** । প্র—"শ্রীমোহম্মদ গৌরবর্ণ মধ্যমাকার পুরুষ ছিলেন * * * তাঁহার * * * উভয় স্কন্ধের মধ্যস্থলে গ্রীবার নিম্নে পারাবত অণ্ডাকার একখণ্ড মাংসপিণ্ড ছিল । কথিত আছে, তাহাতে "মোহম্মদ রসুলাল্লা" এই তিনকথা অঙ্কিত ছিল । তাহাকে মোসল-মানেরা পেগাম্বরীয় মোহর বলিয়া থাকে ।"—মহাপুরুষচরিত, ২য় ভাগ ।

পয়জার (য়্, র্) [ফা—পয়্জার্] বি, চটীজুতা ; জুতা । প্র—"আমিও এখন তোমার মুখে সাত পয়জার মারিয়া স্বর্গে চলিয়া যাইব ।"—রাজসিংহ (বঙ্কিম) ।

পয়দল, পায়দল [পদ বা পাদ হইতে পয় —দল । পয় দ্রঃ] বি, পদাতি সৈন্য ; infantry regiment. প্র—"পয়দল কলবল ভূতল টলমল সাজল দলবল আটল সোয়ারা ।" —অন্নদামঙ্গল । "হস্তি ঘোঁড়া পয়দল জেন দেখি সিন্ধুজল থাকুক অন্যে কে জোগাব পানি ।"- শূন্যপুরাণ ।

পয়দা (য়্) [ফা] বি, জন্ম ; উৎপত্তি ; উদ্ভব । প্র—"কতকি হল পয়দা কিছুতেই হয়না ফয়দা ।"—রজনী সেন । ২ । প্রকাশ ; আবির্ভাব ।

পয়দাইস (য়্, শ্) [ফা—পয়দাইশ্] বি, জন্ম । ২ । উৎপন্ন দ্রব্য । ৩ । ফসল ।

পয়নালা (য়্) [পয়ঃ প্রণালী শব্দজ] বি, জল-নির্গম পথ ; নর্দ্দামা ; ড্রেন ।

পয়মন্ত (পয়্মোন্ত) [পয় (দ্রঃ)—মন্ত] বিণ, পয়া (দ্রঃ) ; ভাগ্যবান্ ; লক্ষ্মীবন্ত ; সুলক্ষণাক্রান্ত । ২ । শুভদ ।

পয়মাইস, পয়মায়েস (য়্, শ্) [ফা] বি, জমীর মাপ ; জরীপ ।

পয়মাল (য়্, ল্) [ফা—পায়্মাল্] বিণ, নষ্ট ; ধ্বংস ; বরবাদ ।

পয়মাশ (য়্, শ্) [পয়মায়েশ দ্রঃ] বি, ভূম্যাদির মাপ ; জরীপ । বিণ, **পয়মাসী, শী** ।—জরীপ করা । প্র—পয়মাসী জমী ।

পয়লা (য়্) [গ্রা । সং—প্রথম । হি—পহিলা] বি, প্রথম দিন । প্র—আজ মাসের পয়লা । ২ । ক্রি-বিণ, প্রথমে ; অগ্রে ।

পয়সা (পয়্শা) [হি—পৈসা] বি, তাম্রমুদ্রা ; টাকার ৬৪ অংশের এক অংশ এবং আনার চতুর্থাংশ মূল্যের মুদ্রা । **পয়সা কড়ি, টাকা পয়সা**—অর্থ । **পয়সা পয়সা**—এক এক পয়সা মূল্যের । **পয়সা করা**—অর্থ সঞ্চয় করা ।

পয়স্তি, পৈয়স্তি [ফা—পয়বস্ত্] বি, নদীর জল শুকাইয়া চড়া পড়িলে অথবা বন্যার জল শুকাইয়া নদীর উভয় উপকূলে পলি পড়িলে আবাদের উপযোগী যে জমী হয় ।

পয়স্য (শ্‌শ) [পয়স্ + য (বিকারার্থে)] বিণ, দুগ্ধ বিকারজ দধি, ছানা প্রভৃতি দ্রব্য । ২ । বি, পুং, বিড়াল । স্ত্রী, **পয়স্যা**—আমিক্ষা । ২ । স্বর্ণক্ষীরিকা । ৩ । ক্ষীরকাকোলী । ৪ । কুটুম্বিনী ক্ষুপ । ৫ । অর্কপুষ্পিকা ।

পয়স্বল (পয়শ্‌শল্) [পয়স্ + বল (অস্ত্যর্থে —বলচ্)] বিণ, জলবিশিষ্ট ।

পয়স্বান্ (পয়শ্‌শান্) [পয়স + বৎ (অস্ত্যর্থে —বতু) = পয়স্বৎ ১মা, ১ব] বিণ, জলগর্ভ ; জলযুক্ত ; জলীয় ।

পয়স্বিনী (পয়শ্‌শিনী) [পয়স্ (দুগ্ধ, জল) + বিন্ (অস্ত্যর্থে) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, যে গাভীর প্রচুর দুগ্ধ হয় ; দুগ্ধবতী গাভী । ২ । নদী । ৩ । কাকোলী । ৪ । ক্ষীর-কাকোলী । ৫ । জীবন্তী ।

পয়া [পয় দ্রঃ] বিণ, সুলক্ষণযুক্ত ; লক্ষণাক্রান্ত ।

পয়াণ (ন্) [সং—প্রয়াণ হইতে] বি, প্রস্থান । প্র—"হেসে হেসে প্রাণ করিলে পয়াণ হানিয়া নয়ানে ।"—বাং-গান (নিধুবাবু) । "শ্যাম সুনাগর নটবর শেখর কাঁহা সখি করল পয়াণ ।"—চণ্ডীদাস ।

পয়ান (ন্) [সং—প্রয়াণ শব্দজ] বি, গমন ; প্রস্থান ; প্রয়াণ । প্র—"প্রভু এত আদেশিতে

অবিলম্বে অবনীতে মহাবীর করিল পয়ান।"—"করহ পয়ান"—ঘনরাম। "একলি চলল ধনী হয়ে আগুয়ান। উমতি কহই সখি করহ পয়ান।"—বিদ্যাপতি। ২। মহাপ্রস্থান; পরলোক গমন। ৩। গতি। প্র—"মত্তগজ জিনি মত্ত মন্থর পয়ান।"—চৈতন্যচরিত।

পয়ার (র্) বি, চতুর্দ্দশাক্ষর ছন্দঃ।

পয়োদ (দ্, দ) [পয়স্ (জল) দ (যে দান করে)] বি, পুং, মেঘ। প্র—"পর্ব্বত উপরে যেন পয়োদের ধারা।"—শিবায়ন। ২। যদুবংশীয় নৃপপুত্র। স্ত্রী, পয়োদা—কুমারানুচরমাতৃবিশেষ।

পয়োধর (র্) [পয়স্ (দুগ্ধ—জল)—ধর (যে ধরে)] বি, পুং, স্ত্রীলোকের স্তন। ২। জলধর: মেঘ।

পয়োধি, পয়োনিধি [পয়স্ (জল) ধি—নিধি (যে ধারণ করে)—৬তৎ] বি, জলনিধি; জলধি; সমুদ্র। প্র—"চর্ব্য চূষ্য লেহ্য পেয় পাতে পাতে অপ্রমেয় পয়োনিধি পর্ব্বত প্রমাণ।"—অন্নদামঙ্গল। ২। জলধর; মেঘ। প্র—"হয় গজের গরজন সেনার তরজন পয়োধি ভরছন লাজে।"—অন্নদামঙ্গল।

পয়োব্রত (পয়োব্‌ব্রোত) [পয়ঃ (দুগ্ধ) দ্বারা বিষ্ণুকে স্নান এবং দুগ্ধমাত্র পান করিয়া যে ব্রত (নিয়ম)] বি, পুং, দুগ্ধমাত্র পান রূপ ব্রতবিশেষ; ফাল্গুনমাসীয় শুক্লপক্ষে অনুষ্ঠেয় ব্রতবিশেষ।

পয়োমুক্ [পয়স্ (জল)—মুচ্ (ত্যাগ করা) +কিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, মেঘ।

পয়োষ্ণী (পয়োষ্‌টি) বি, স্ত্রী, ঋক্ষ পর্ব্বত হইতে বহির্গত ও বিন্ধ্যাচলের দক্ষিণে প্রবাহিত নদীবিশেষ। আধুনিক নাম "বেণগঙ্গা"।

পর (র্) [প=পর্ (পূর্ণ করা)+অ (ল্—করণে)] বিণ, পরমশ্রেষ্ঠ; প্রধান; চরম। প্র—"তুমি পিতা পরম তোমার পর নাই"—ঘনরাম। ২। সম্যক্। ৩। অধিক। ৪। [ন্যায় দর্শনে] বহুস্থান ব্যাপক; ব্যাপক-সামান্য। ৫। অপর; অন্য; ভিন্ন। ৬। অনাত্মীয়; যাহার সহিত সম্বন্ধ বা ঘনিষ্ঠতা নাই। প্র—"* * * শাস্ত্রে বলে, গুণবান যদি পরজন, গুণহীন স্বজন, তথাপি নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা।"—মেঘনাদ। ৭। দূর; অন্তর। ৮। নিষ্ঠ; পরায়ণ; আসক্ত। ৯। ক্রি-বিণ, অনন্তর; অতঃপর; পরে। ১০। পশ্চাৎ। ১১। কেবল। ১২। বি, শত্রু; অরি। ১৩। মোক্ষ; মুক্তি; নির্ব্বাণ। ১৪। পরব্রহ্ম; পরমাত্মা। ১৫। ব্রহ্মার আয়ুষ্কাল। ১৬। [পুরাণে] অনুবংশোৎপন্ন অঙ্গের পুত্র। (২) পৃথু সেনের পুত্র। (৩) সমরের পুত্র।

পর (র্) [ফা—পর্] বি, পালক। ২। ডানা। বিণ, পরিন্দা—[ফা] পালক-বিশিষ্ট। ২। বি, পক্ষী।

পর (র্) [পদ্যে, উপর শব্দের সংক্ষেপ] অ, উপর।

পর (পোর্) [সং—প্রহর শব্দের সংক্ষেপ। কথ্য—পহর] বি, প্রহর। প্র—আটপর দিন। "চারিপরে সাত ডিঙ্গা করিয়া নির্ম্মাণ"—কবিকঙ্কণ। আটপর—অষ্টপ্রহর। দুপর (উচ্চারণ ভেদে দুপুর)—দ্বিপ্রহর। দেড়পর—দেড়প্রহর। প্র—"প্রভাতে নিড়াতে যায় আসে দেড়পরে"—শিবায়ন।

পরওয়ানা, পরোয়ানা [ফা—পর্‌ৱানা] বি, অনুমতিপত্র; হুকুমনামা। ২। [আদাঃ পরিঃ] প্রতিবাদীর নামে আদালত হইতে জারিকরা হুকুমনামা বা আদেশপত্র; a warrant. ৩। ছাড়পত্র; a permit, a pass. পরওয়ানা-নবীশ—যে কর্ম্ম-চারী পরওয়ানা লেখে।

পরওয়ার, পরয়ার (র্, র্) [ফা—পরৱর্] বিণ, পালক। গরীবপরয়ার [ফা—গরীব্ পর্‌ৱর্] দরিদ্রপালক।

পরওয়ারিস, পরবরিস (র্, শ্) [ফা—পর্‌ৱরিশ্] বি, পোষণ; প্রতিপালন। ২। পৃষ্ঠপোষকতা।

পরক—পরখ দ্রঃ।

পরকলা, পর্কলা (পর্‌কোলা) [ফা—পর্‌কালা] বি, দর্পণ; আর্শী। ২। কাচ খণ্ড। ৩। চাক্তি। ৪। চিকন মাটি।

পরকার (র্) [প্রকার শব্দজ। পদ্যে] বি, প্রকার। প্র—"কত পরকারে বুঝায়নু"—বিদ্যাপতি। ২। উপায়; বিহিত। প্র—"সজনি! কিয়ে করব পরকার।"—বিদ্যাপতি। "হরিবারে দুই চোরে চিন্তে পরকার"—চৈতন্য ভাগবত।

পরকাশ (শ্) [প্রকাশ দ্রঃ। ব্রজ] বি, প্রকাশ। প্র—"ধরণীর চাঁদ করত পরকাশ।"—বিদ্যাপতি।

পরকাশা [প্রকাশ হইতে। পদ্যে কোমল-রূপ পরকাশ+আ (ক্রিয়া-বিভক্তি)। উ-পু—পরকাশি। ম-পু—পরকাশ। প্র-পু—পরকাশে। অস-ক্রি—পরকাশিতে; পর-কাশিয়া; পরকাশি (সংক্ষেপে)] ক্রি, প্রকাশ করা। প্র—"কত রস পরকাশি হাসয়ে ঈষৎ হাসি নিরখি নিরখি অবিরাম।"—চণ্ডীদাস।

পরকিত [সং—প্রকৃত হইতে প্রা-বাং পদ্যে, অপ্র] বিণ, প্রকৃত। প্র—"কুবলয় কর চীর চিকুর চিয়াব। কিয়ে পরকিত কিয়ে ভাব বুঝাব"—জ্ঞানদাস।

পরকীয় [পর (অন্য)+ক=পরক+ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, অন্যের; অপরের; পর-সম্বন্ধীয়; অন্যদীয়। স্ত্রী, পরকীয়া—নায়িকাবিশেষ। প্র—"স্বীয়া পরকীয়া আর সামান্য বনিতা। অগ্রে এই তিন ভেদ পণ্ডিত বর্ণিতা।" "অপ্রকাশে যার মতি পর পতি সনে। পরকীয়া তাহারে বলয়ে কবিগণে।" "অনূঢ়া সেজন যার হয় নাই বিয়া। পিত্রাদি অধীন হেতু সেও পরকীয়া।"—ভারতচন্দ্র।

পরক্ষেত্র (পরক্‌খেত্র) [পরের (অন্যের) ক্ষেত্র (ভূমি, স্ত্রী)—৬তৎ] বি, ক্লী, অন্যের অধিকৃত ভূমি। ২। অপরের ভার্য্যা; পরস্ত্রী। ৩। অপরের দেহ।

পরখ (পরোখ্) [পরীক্ষা শব্দজ] বি, পরীক্ষা। প্র—"পার কি না পার কর পরখ তাহার, একবার না পারিলে দেখ শতবার।"—কোমল কবিতা। ২। বিবেচনা; পর্য্যালোচনা। পরখ করা—পরীক্ষা করা।

পরখা (র্) [সং—পরীক্ষা হইতে—হি—পরখ্‌না=পরীক্ষা করা, বাঙ্গালায় ণিজন্তরূপ

পরখান [হি—পর্‌খানা=পরীক্ষা করান) পরখ্‌না অর্থাৎ পরীক্ষা করা অর্থে ব্যবহৃত হয়। উ-পু—পরখি; পরখাই। ম-পু—পরখ; পরখাও। প্র-পু—পরখে; পরখায়। অস-ক্রি—পরখিতে; পরখিয়া; পরখি (পদ্যে)] ক্রি, পরীক্ষা করা। প্র—"বিনি যে পরখি রূপ যে দরখি ভুলিনু পরের বোলে।"—চণ্ডীদাস।

পরগণা (না) [ফা] বি, প্রদেশের অংশবিশেষ; চাক্‌লা; জেলার অন্তর্গত কয়েকটী মৌজার সমষ্টি। তুল—জেলা ২৪ পরগণা; "a district, a province, a tract of country comprising many villages, but of which several go to constitute a chakla or zila. The actual extent varies but the distinction is permanent."—*Wilson*. পর-গণাইত—পরগণার তত্ত্বাবধায়ক। পর-গণাকর—পরগণা অনুযায়ী; পরগণার শ্রেণী বিভাগক্রমে।

পরগাছা (র্) [পর—গাছা (গাছ)+আ (ক্ষুদ্রার্থে)] বি, তরুরুহ; এক গাছের উপরে যে গাছ জন্মে; বাঁদরা গাছ; বন্দাক; mistel toe. প্র—"সংসার অরণ্যে তুমি বৃক্ষপতি শাল। দীন হীন বৃক্ষরুহা আমি পরগাছা।"—অশোক গুচ্ছ। ২। [শ্লেষে] পোষ্যপুত্র।

পরগ্রন্থি (—গ্রোন্‌থি) [পর (পশ্চাৎ) গ্রন্থি (গাঁইট)] বি, পুং, অঙ্গুলির অস্থি-সন্ধি; অঙ্গুলির পর্ব্ব; আঙুলের পাব।

পরগ্লানি [পরের গ্লানি—৬ তৎ] বি, পরনিন্দা; অপরের দোষকীর্ত্তন; পরকুৎসা।

পরচক্র (চক্ক্র) [পরের (শত্রুর) চক্র (ছল)—৬তৎ] বি, স্ত্রী। শত্রুর চক্রান্ত শত্রুর কূট-কৌশল।

পরচর্চ্চা [পরের চর্চ্চা—৬ তৎ] বি, পরের বিষয়—সাধারণতঃ পর দোষের আলোচনা।

পরচার, পরচারি (চার্) [সং—প্রচার হইতে, প্রা- বাং] বি, প্রচার। প্র—"ইথে যদি কোই করয়ে পরচারি।"—বিদ্যাপতি।

পরচাল, পরচালা (র্, ল্) [পর—চাল বি, ভিন্ন চাল। ২। চালের ছাঁইচ পরছতী।

পরচুর (চুর্) [সং—প্রচুর। পদ্যে কোমল রূপ] বিণ, প্রচুর; অনেক; বহুল। ক্রি-বিণ, বিলক্ষণ করিয়া; উত্তমরূপে। প্র—"বদন মোছল পরচুর। মাজি ধয়ল জনু কনক মুকুর॥"—বিদ্যাপতি।

পরচুল, পরচুলা (ল্) বি, অন্যের চু উপকেশ; শণাদি নির্ম্মিত কৃত্রিম কেশ; periwig. প্র—"পরচুল জটাভার ভস্ম কলেবর।"—ভারতচন্দ্র।

পরচ্ছন্দ [পরের (অন্যের) ছন্দ (অভিপ্রায়)—৬তৎ] বি, পরের অভিলাষ; অন্যের অভিপ্রায়। ২। বিণ, পরবশ; পরাধীন।

পরচ্ছন্দানুবর্ত্তী (বোর্তি) [পরচ্ছন্দের (পরের অভিলাষের) অনুবর্ত্তিন্ ১মা, ১ব,= অনুবর্ত্তী (অনুগামী)] বিণ, পরাধীন। ২। পরানুকারী; ধামাধরা।

পরচ্ছিদ্র (পরচ্ছিদ্দ্রো) [পরের (অন্যের) ছিদ্র (দোষ)—৬তৎ] বি, স্ত্রী, অন্যের দোষ; পরের ত্রুটি; পরদোষ।

পরচ্ছিদ্রান্বেষণ (পরচ্ছিদ্দ্রান্নেষন্) [পর+ছিদ্র+অন্বেষণ] বি, অন্যের দোষ সন্ধান; পরদোষদর্শন। বিণ, **পরচ্ছিদ্রান্বেষী**।

পরছতী (পর্‌ছোতি) [গ্রা—হি—পর্‌ছত্তী] বি, পরচালা; মেটে ঘরের চাল। ২। চালের ছাঁইচ।

পরজ (জ) বি, সঙ্গীতের রাগবিশেষ। প্র—"ছায়ানটের সভায় এসে আদর কেন মালকোষে কর সদা পরজে আপন জ্ঞান;"—গোবিন্দ ব্রহ্মচারী।

পরজিত [পর (শত্রু) কর্ত্তৃক জিত (পরাজিত) —৩তৎ] বিণ, শত্রুকর্ত্তৃক পরাজিত।

পরঞ্জয় (য়্) [পর (অন্য, শত্রু) জি (জয় করা) +অ (খ—কর্তৃ)] বি, রিপুঞ্জয়; অরিন্দম; শত্রুজয়কারী।

পরটা (রো) [হি—পরাঠা, পরেঠা। হি —পরৎ (স্তর, ভাঁজ) হইতে] বি, ঘৃতে ভাজা স্তরে স্তরে পাট বা ভাঁজ করা রুটি।

পরণ (ন্) [গ্রা। সং—পরিধান শব্দজ] বি, পরিধান; অঙ্গে ধারণ। প্র—পরণের শাড়ী।

পরত (ত্) [হি—পরত্, পর্ৎ=ভাঁজ; স্তর] বি, ভাঁজ; থাক; পাট; plait; layer.

পরতন্ত্র [পরের (অন্যের) তন্ত্র (অধীন)—৬তৎ] বিণ, অস্বাধীন; পরাধীন; পরবশ। প্র—"দুইজন কহে তুমি ঈশ্বর স্বতন্ত্র; যে ইচ্ছা সে করিবা নহ পরতন্ত্র।"—চৈতন্যচরিতামৃত।

পরতল, পরতাল (ল্) [পর—তোল] তুলাদণ্ডের এক দিকে তৌল করার পর বিপরীত দিকে অর্থাৎ পাল্লা ফিরাইয়া তৌল; পুনরায় তৌল; মাপ; ওজন। প্র—"এক এক বেটা বাবু আছে এমনি কঞ্জুস, বাজারের পরতাল দেয়।"—সধবার একাদশী। ২। পুনরায় পরীক্ষা; পুনর্ব্বার হিসাব বা খতিয়ান। যাচাই। প্র—"যম তখন খাতা খুলিয়া পরতাল করিয়া দেখিলেন যে, পাপী এ বিষয়ে সত্য কথাই কহিতেছে"—বাঙ্গালী—১৩২২। "খাজানা মুসমা দেও, তা না হয় তো পরতাল করে করে দেখ।"—টেকচাঁদ। **পরতাল জরিপ**—ঠিক হইয়াছে কিনা, পরীক্ষা করিবার জন্য পুনরায় জরিপ।

পরতাপ (—তাপ্) [সং—প্রতাপ; প্রা-বাং—পদ্যে] বি, প্রতাপ; প্রভাব। প্র—"নাম পরতাপে যার ঐ ছন করিল গো অঙ্গের পরশে কিবা হয়।"—চণ্ডীদাস।

পরতীত (ত্) [সং—প্রতীত হইতে পদ্যে কোমলরূপ। প্রা-বাং] বিণ, প্রতীত; বিশ্বাসযুক্ত। প্র—"হামারি বচনে যদি নহ পরতীত। বুঝিয়া করহ শাস্তি যে হয় উচিত॥" —বিদ্যাপতি।

পরতেক (ক্) [সং—প্রত্যেক শব্দের বাং-প্রাকৃ-রূপ। পদ্যে] বিণ, প্রত্যেক; এক একটী।

পরতেক (ক্) [সং—প্রত্যক্ষ হইতে বাং-প্রাকৃ-রূপ পরতক, পরতখ—পরতেক, পরতেখ। অপ্র] বিণ, প্রত্যক্ষ। প্র—"এতকালে ঠাকুর হলেন পরতেক"—ঘনরাম।

পরতেকি [পরতেক (দ্রঃ) +ই (অস-ক্রি-বিভক্তি)] ক্রি, প্রত্যক্ষ করিয়া। প্র—"আজ দেখিনু পরতেকি।"—জ্ঞানদাস।

পরতেখ (খ্) [পরতেক দ্রঃ। সং—প্রত্যক্ষ] বি, প্রত্যক্ষ; সাক্ষাৎ। প্র—"কলিযুগে নারায়ণ মুক্তি পরতেখ।"—চৈতন্য-ভাগবত।

পরত্র (পরৎত্র) [পর (অন্য) + ত্র (সপ্তমী বিভক্তি স্থানে ত্র)] অ, পরকালে।

পরত্রভীরু (পরৎত্র—) [পরত্র (পর-কালে) ভীরু (ভয়শীল)] বিণ, যাহার পরকালের ভয় আছে; ধর্ম্মভীত; ধার্ম্মিক।

পরত্ব (ত্ত) [পর+ত্ব (ভাবে)] বি, স্ত্রী, পরভাব। ২। [দর্শনে] বহুদেশ ও বহু কালগত গুণ।

পরথাই [ব্রজ; সং—প্রস্তাব হইতে। পরথাব দ্রঃ] বি, প্রস্তাব; প্রসঙ্গ; কথানুষ্ঠান। প্র —"আন পরথাই যাই যব পাশে। আন সম্ভাখি আন পরিহাসে॥"—জ্ঞানদাস।

পরথাব (ব্) [সং—প্রস্তাব শব্দজ। ব্রজ। প্রা-বাং] বি, প্রসঙ্গ; প্রস্তাব। প্র—"নানারঙ্গ পরথাব কহিয়া বাড়ায় ভাব।" চৈতন্যমঙ্গল। "তুয়া পরথাব কয়ল কছু থোরি"—জ্ঞানদাস।

পরদা, পর্দ্দা (পর্দা) [ফা—পর্‌দা] বি, যবনিকা; screen. ২। আবরণ; আচ্ছাদন। ৩। অন্তঃপুর; অবরোধ। প্র—"কবি হৈল হতভোম্বা হিঁদুর পর্দ্দা ফাঁক।" —হেম বন্দ্যো। ৪। ব্যবধান; বেড়া। ৫। গোপন। ৬। সম্ভ্রম; ইজ্জৎ। ৭। লজ্জা; ত্রপা। প্র—তাহার চক্ষের পর্দ্দা থাকিলে কি মুখের উপর ওরূপ বলিতে পারিত?

পরদাজ (জ্) [ফা—পর্‌দাজ্ =সম্পাদনকারী] বিণ, নিষ্পাদনকারী; সম্পাদক। প্র—কারপরদাজ।

পরদানশিন, পরদানসীন (পর্‌দা-নোশিন্) [ফা—পর্‌দানিশীন্] বিণ, যাঁহারা পর্দ্দার আড়ালে বাস করেন; অন্তঃপুর-বাসিনী; অবরোধবাসিনী। প্র—"পরদা-নশিন বিবিরাও মুড়ী সুড়ী দিয়া যাইতে সঙ্কোচ করেন নাই।"—বঙ্কিম (রাজসিংহ)।

পরণাম (ম্) [প্রণামদ্রঃ। পদ্যে। প্রা-বাং। হি—পর্‌ণাম্] বি, প্রণাম। প্র—"এ সখি তোহে পরণাম।"—বিদ্যাপতি।

পরদার (দার্) [পর—দার] স্ত্রী বি, অন্যের স্ত্রী; পরপত্নী। ২। [পরদারা গমন অর্থে] পরস্ত্রীগমন। প্র—"পরদার পাপ বলি বাঁদী রাখে নাই। দুঃখভোগ হেতু হিন্দু করেছে গোঁসাই।"—অন্নদামঙ্গল।

পরদারগমন (পরদার্‌গমোন্) [পরদার (পরস্ত্রী) গমন (সংসর্গ) — ৬ তৎ] বি, পরপত্নীর সহিত সংসর্গ। বিণ, **পরদারগামী**।

পরদারিক (ক্) [পরদার (পরের স্ত্রী) +ইক (আসক্ত অর্থে)] বি, পুং, যে পরদারাতে আসক্ত; পরস্ত্রীগামী।

পরদুন (র্, ন্) [সঙ্গীত পরিঃ] বি, চারিমাত্রার বোল একমাত্রায় পরিণত যে বাদ্য।

পরদেশ (র্, শ্) [হি—পরদেস্। ব্রজ] বি, অন্যদেশ ; ভিন্নদেশ ; বিদেশ ; প্রবাস। প্র—"পিয়া পরদেশে হাম সহই না পার।"—বিদ্যাপতি। "পরদেশ যাওব শুনি ভই ক্ষীণা।"—বিদ্যাপতি।

পরদ্বেষী [পর (অন্য) দ্বেষী দ্বেষিন্ ১মা, ১ ব)—যে দ্বেষ করে] বিণ, পরের হিংসাকারী ; পরদূষক ; খল ; পরদ্বেষ্টা।

পরধর্ম্ম (পরের ধর্ম্ম—৬তৎ] বি, পুং, স্মৃতি-শাস্ত্রবিহিত বর্ণাশ্রম ধর্ম্মের অতিরিক্ত ধর্ম্ম ; ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রের প্রত্যেকের নির্দ্দিষ্ট যে ধর্ম্ম তাহা ব্যতীত অর্থাৎ এক বর্ণের পক্ষে অন্য বর্ণের ধর্ম্ম। ২। [যোগধর্ম্মমতে]—ইন্দ্রিয়ের ধর্ম্ম ; ইন্দ্রিয়াসক্তি। [দ্রঃ—"স্বধর্ম্ম= আত্মধর্ম্ম।" যে ধর্ম্ম দ্বারা আপনাকে জানা যায়। "পরধর্ম্ম=ইন্দ্রিয়ের ধর্ম্ম।" জিতেন্দ্রিয় না হইলে আত্মজ্ঞান হয় না। সুতরাং যাবৎ চিত্ত ইন্দ্রিয়াসক্ত থাকে, তাবৎ স্বধর্ম্ম জানা বা তাহাতে থাকা যায় না কেবল পরধর্ম্মেই থাকা হয়।—গীতার টীকা (আর্য্যমিশন)] ৩। স্বীয় জন্মগত সংস্কার ও প্রকৃতিবিরুদ্ধ ধর্ম্ম।

পরনাম (ম্) [সং—প্রণাম শব্দের প্রাকৃ-রূপ। তুল-হি—পর্নাম্। প্রা-বাং] বি, প্রণাম। প্র—"ফিরিআ আইল কূর্ম্ম পরভুর বচনে। পরনাম করিআ কূর্ম্ম ধরিল চরণে॥"—শূন্য-পুরাণ।

পরনারী [পর—নারী (স্ত্রী, পত্নী)] বি, পরস্ত্রী ; পরদার।

পরনিন্দা [পরের নিন্দা, ৬তৎ] বি, অন্যের দোষ কীর্ত্তন ; পরকুৎসা। প্র—"পেটভরা কুঁজড়ো কথা, পরনিন্দা গ্লানি,"—হেম বন্দ্যো।

পরন্তপ (প্) [পরং+তপ। পর (শত্রু) — তপ+ণিচ্=তাপি (তাপ দেওয়া) + অ (কর্ত্তৃ—খ) ম্ আগম, যে পরকে তাপ দেয়] বিণ, পরপীড়ক ; অরিন্দম ; শত্রুতাপন ; শত্রুদমনকারী।

পরন্তু [পরং+তু। এই সং—শব্দটীর ব্যবহার —আধু-বাং-য় অপ্রচলিত হইয়া আসিতেছে। হিন্দীতে ইহার ভূরি প্রচলন আছে] অ, কিন্তু। ২। অধিকন্তু।

পরপতি (পোতি) [পরের পতি, ৬ তৎ] বি, পুং, উপপতি ; উপনায়ক। প্র—"পরপতি সনে বেঁধেছে পরাণে ইহাই দেবতা কয়।"—চণ্ডীদাস। স্ত্রী, **পরপত্নী**—পর স্ত্রী ; পরনারী। প্র—"পরপত্নী হেরে যেই মাতার সমান"—তারাকুমার।

পরপদ (দ্) [পর (শ্রেষ্ঠ) পদ (স্থান) কর্ম্মধা] বি, ক্লী, উৎকৃষ্ট স্থান। ২। শ্রেষ্ঠ। পদ ; মুক্তি ; মোক্ষ।

পরপর (র্, র্) [পর—পর] ক্রি-বিণ, পরে-পরে ; উত্তরোত্তর ; ক্রমে ক্রমে। ২। একের পার্শ্বে অথবা পশ্চাতে অন্য : পরে পরে ; আগু পিছু ; পাশাপাশি।

পরপুরুষ (ষ্) [পর (শ্রেষ্ঠ) যে পুরুষ (মনুষ্য)—কর্ম্মধা] বি, পুং, পরমপুরুষ ; শ্রেষ্ঠপুরুষ ; প্রধানপুরুষ ; পুরুষোত্তম ; বিষ্ণু। ২। ভিন্নব্যক্তি ; অন্যপুরুষ। প্র—"পরপুরুষের পাশে রই ছেলেপুলের পাকে"—শিবায়ন। ৩। উপনায়ক ; উপপতি।

পরপুষ্ট [পর (অন্য) দ্বারা পুষ্ট (পালিত)— ৩তৎ] বি, পুং, কোকিল। ২। বিণ, অন্য কর্ত্তৃক পালিত ; পরভৃৎ। স্ত্রী, **পরপুষ্টা** —বেশ্যা ; গণিকা। ২। অন্যকর্ত্তৃক প্রতি-পালিতা।

পরপূতগাছ, পরপূতবৃক্ষ (ছ্) [পর (অন্য)—পূত (শুষ্ক—শোষক ; শোষণ দ্বারা পুষ্ট) যে গাছ] বি, অন্য গাছের রস শুষিয়া জীবন ধারণকারী গাছ।

পরপ্রপৌত্র (—প্রোপোৎত্র) [পর (পশ্চাদ্গামী) যে প্রপৌত্র (পৌত্রের পুত্র) কিম্বা প্রপৌত্রের পর (পশ্চাৎ পুরুষ)] বি, পুং, প্রপৌত্রের পুত্র।

পরপ্রেষ্য (—প্রেষ্ ষ) [পর কর্ত্তৃক প্রেষ্য (প্রেরণ-যোগ্য)—৩তৎ] বি, পুং, পরাধীন ব্যক্তি ; দাস ; ভৃত্য। ২। বিণ, অন্য কর্ত্তৃক প্রেরণ যোগ্য। স্ত্রী, **পরপ্রেষ্যা**—দাসী।

পরপ্রেষ্যত্ব (পরপ্রেষ্ ষৎত) [পরের প্রেষ্যত্ব (দাসত্ব) ৬তৎ] বি, ক্লী, দাসত্ব। ২। পরাধীনতা ; অস্বাধীনতা।

পরব (ব্)[পর্ব্বন্ শব্দজ] বি, পর্ব্ব ; উৎসব ; ধুমধাম। ২। [প্রাদে—খুলনা] ভেট ; তত্ত্ব।

পরবত [সং—পর্ব্বত। পদ্যে ছন্দের অনুরোধে "পরবত"] বি, পর্ব্বত ; শৈল। প্র—"নহি ছিল ছিষ্টি আর নছিল চলাচল। দেহারা দেউল নহি পরবত সকল।"—শূন্যপুরাণ।

পরবন্ধ [সং—প্রবন্ধ। পদ্যে] বি, প্রবন্ধ, উপায় ; কৌশল ; বিহিত। প্র—"কর নানা পরবন্ধ লেপহ কুসুমগন্ধ নাহি নেউটিবেক যৌবন।"—কবিকঙ্কণ।

পরবশ (শ্) [পরের বশ (অধীন), ৬তৎ] বিণ, অস্বাধীন ; পরের বশীভূত ; অন্যের ইচ্ছাধীন ; অন্যের অধীন। ২। [পর (অন্য) হইয়াছে বশ (বাধ্য) যাহার, বহু] প্রভু [অপ্র]।

পরবাদ (দ্) [পর (অন্য) কর্ত্তৃক প্রদত্ত যে বাদ (অপবাদ)—৩তৎ] বি, পুং, পরদত্তাপবাদ। ২। [পরের অপবাদ—৬তৎ] পরাপবাদ। ৩। [পর (পশ্চাৎবর্ত্তী) যে বাদ (বাক্য)—কর্ম্মধা] উত্তরবাক্য।

পরবাদ (দ্) [সং—প্রবাদ। পদ্যে কোমল রূপ] বি, প্রবাদ।

পরবাদী [পর—বদ্ (বলা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = পরবাদিন্ ১মা, ১ব) বিণ, উত্তরবাদী।

পরবাস (শ্) [সং—প্রবাস। পদ্যে কোমল রূপ] বি, প্রবাস। প্র—"নারী ছাড়ি ধন আশে, যেই থাকে পরবাসে, তারে বড় কেবা আছে দুখী।"—অন্নদামঙ্গল। বিণ, **পরবাসী** —প্রবাসী। প্র—"নিজবাসভূমে পরবাসী হলে।"—গোবিন্দ রায়।

পরবেশ [ব্রজ। সং—প্রবেশ শব্দের কোমল রূপ] বি, প্রবেশ। ২। আরম্ভ। প্র—"বরিষা পরবেশ, পিয়া গেল দূর দেশ।"—বিদ্যাপতি। ক্রি, **পরবেশয়ে, পরবেশে** —প্রবেশ করে। **পরবেশল**—প্রবেশ করিল। প্র—"এত কহি দুহুঁ জন মন্দিরে পরবেশল দুহুঁ জন ভেল একে ঠাম।"—বিদ্যাপতি।

পরবোধ (ধ্) [সং—প্রবোধ। পদ্যে কোমল রূপ। ব্রজ] বি, প্রবোধ। প্র—"না কর না কর সখি মোহে অনুরোধে। কি করিব হাম তাক পরবোধে।"—বিদ্যাপতি। ক্রি, **পরবোধই, পরবোধয়ে**—প্রবোধ দেয় ; সান্ত্বনা দান করে। প্র—"আকুল কত পরবোধই কান।"—বিদ্যাপতি। **পর-বোধব** [ব্রজ]—প্রবোধ দিব ; সান্ত্বনা দান করিব। প্র—"মাধব কত পরবোধব রাধা।"—বিদ্যাপতি।

পরব্রহ্ম (পরব্ ব্রোম্হঁ) [পর—যে ব্রহ্মন্—কর্ম্মধা] বি, ক্লী, পরমপুরুষ ; পরমেশ্বর।

পরভাগ (গ্) [পর (শ্রেষ্ঠ) যে ভাগ—কর্ম্মধা] বি, পুং, উৎকৃষ্ট ভাগ ; শ্রেষ্ঠাংশ। ২। উৎকর্ষ। ৩। [পর=অন্য] পরের ভাগ। ৪। [পর=উত্তর] শেষভাগ ; উত্তরভাগ।

পরভাগ্যোপজীবী [পর—ভাগ্য—উপ—জীব্ (বাঁচা) + ইন্(কর্ত্তৃ—ণিন্) = পরভাগ্যোপ-জীবিন্ ১মা ১ব] বিণ, যে পরের ভাগ্যের উপর নির্ভর করিয়া জীবিকা নির্ব্বাহ করে।

পরভাত (ত্) [ব্রজ] বি, প্রভাত। প্র—"ভেল পরভাত পুছই সবহুঁ"—বিদ্যাপতি।

পরভৃৎ [পর (অন্য) ভৃ (পোষণ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে অন্য অর্থাৎ কোকিলকে পোষণ করে] বি, পুং, বায়স ; কাক। ২। [পরের (কাকের) দ্বারা ভৃৎ (পোষণ) যাহার] কোকিল, পিক। ৩। বিণ, পর-পোষণকারী।

পরভৃত [পর (অন্য) কর্ত্তৃক অর্থাৎ কাক কর্ত্তৃক পালিত হয়] বি, পুং, কোকিল।

২। বিণ. পরপুষ্ট ; অন্যের প্রতিপালিত। স্ত্রী. **পরভৃতা**—কোকিলা।

পরম (ম্) [পর (উত্তম, মা (পরিমাণ করা) +অ (কর্ম্মে—ড) যে সকল হইতে উত্তম পরিমিত হয়] বিণ. প্রথম : আদিস্থিত প্রণব। ২। চরম। ৩। শ্রেষ্ঠ। ৪। মহৎ ; প্রধান। ৫। অত্যন্ত। ৬। প্রকৃত। স্ত্রী. পরমা।

পরমগতি (ম্.গো) [পরম (শ্রেষ্ঠ) যে গতি—কর্ম্মধা] বি. স্ত্রী. উৎকৃষ্টগতি। ২। মুক্তি ; মোক্ষ ; নির্ব্বাণ।

পরমজ্যোতি—বি. পরমেশ্বর। প্র—"বিশ্ব ভুবন-রঞ্জন, ব্রহ্ম পরমজ্যোতি।"—ব্রহ্মসঙ্গীত।

পরমপদ (ম্.দ্) [পরম (শ্রেষ্ঠ) পদ (স্থান)—কর্ম্মধা] বি. পুং. ক্লী. শ্রেষ্ঠ স্থান। ২। মুক্তি ; মোক্ষ।

পরমপদার্থ (ম্) [পরম (প্রধান) যে পদার্থ (বস্তু)—কর্ম্মধা] বি. পুং. শ্রেষ্ঠ বস্তু ; পরমেশ্বর।

পরমপুরুষ (ম্.ষ্) [পরম (প্রধান) যে পুরুষ—কর্ম্মধা] বি. পুং. পরমেশ্বর : পরমব্রহ্ম, যিনি কর্ম্ম, ক্লেশ, বিপাক, বাসনা প্রভৃতি দ্বারা অভিভূত কিম্বা মায়ামুগ্ধ নহেন তিনিই পরম পুরুষ। এই পুরুষ ও প্রকৃতি ইঁহারাই সৃষ্টির আদি এবং নিত্য, অন্য সমস্তই অনিত্য। প্র—"গণেশায় নমোনমঃ আদি ব্রহ্ম নিরুপম পরমপুরুষ পরাৎপর।"—অন্নদামঙ্গল।

পরমব্রহ্ম—বি. পরব্রহ্ম দ্রঃ।

পরমমায়া (পরম (অতিশয়) মায়া যাহার—বহু] বি. পরমেশ্বর। প্র—"যেমন বামনরূপে ছলিলা বলিরে। তেমনি পরমমায়া যান ধীরে ধীরে।"—ঘনরাম।

পরমমুক্তি (ম্) [পরম (প্রধান) যে মুক্তি—কর্ম্মধা] বি. স্ত্রী. জীবন্মুক্তব্যক্তির বিদ্যমান দেহ নাশের পর যে পরব্রহ্ম প্রাপ্তি ; কৈবল্য : ভোগ দ্বারা কর্ম্ম ও বাসনা-ক্ষয়।

পরমর্ষি (মো) [পরম (শ্রেষ্ঠ) যে ঋষি (মুনি) কর্ম্মধা] বি. পুং. বেদব্যাস প্রভৃতি ঋষি।

পরমহংস (ম্.শ) [পরম (প্রধান) হংস (তপস্বী)—কর্ম্মধা] বি. পুং. মহাযোগী ; যিনি সংযত ও শুদ্ধচিত্ত, সমদর্শী, নির্লোভ ও নির্ব্বিকার এবং যিনি পরাৎপর পরমেশ্বরে চিত্ত অর্পণ পূর্ব্বক শুভাশুভ কর্ম্মক্ষয়ার্থ সন্যাস ধর্ম্ম গ্রহণ করেন।

পরমাকৃতি (মাক্‌কৃতি) [পরম যে আকৃতি, কর্ম্মধা] বি. স্ত্রী. সুন্দর গঠন। ২। [পরমা আকৃতি যাহার বহু] বিণ. পুং. সুন্দর পুরুষ। স্ত্রী. সুন্দরী।

পরমাণ [ব্রজ] বি. প্রমাণ ; সাক্ষী। প্র—"লছিমা দেবী পরমাণে"—বিদ্যাপতি।

পরমাণু (ণু) [পরম (অত্যন্ত) যে অণু—কর্ম্মধা] বি. পুং. সূক্ষ্মতম জড়াংশ ; জড় পদার্থের যে সূক্ষ্মতম অংশকে আর বিভাগ করা যায় না : atom : molecule.

পরমাণু (ণু) [রাসাঃ—পরিঃ] বি. অণুকণা : দ্ব্যণুক ; atom. **পরমাণুবাদ**—জাগতিক পদার্থ সমূহের উৎপত্তি মূলে পরমাণুর পরস্পর রাসায়নিক সংযোগ অর্থাৎ প্রাকৃতিক যোগাকর্ষণ-বলে দুইটী পরমাণু সন্নিহিত হইবামাত্রই তাহারা আকৃষ্ট ও সংযুক্ত হয় এই মতবাদ।

পরমাণুসংহতি (—ণুশংহোতি) [পরমাণুর—সংহতি (সমূহ) ৬তৎ] বি. স্ত্রী. পরমাণু-সমষ্টি। ২। পরমাণু সমূহের সংমিলনজাত জড়পদার্থ।

পরমাত্মা (—ৎতা) [পরম যে আত্মন্, কর্ম্মধা] বি. পুং. পরমেশ্বর ; পরব্রহ্ম।

পরমাত্মীয় (পরমাৎতিঁয়) [পরম+আত্মীয়] বিণ. অন্তরঙ্গ ; নিতান্ত আপনার ; অত্যন্ত নিকটসম্বন্ধীয়। স্ত্রী. **পরমাত্মীয়া**।

পরমাদ (দ্) [সং—প্রমাদ। পদ্যে কোমলরূপ] বি. প্রমাদ। প্র—"এত পরমাদে প্রাণ না যায় তবুত আন আর কত কহিব বিশেষ॥" চণ্ডীদাস।

পরমাদর (দর্) [পরম+আদর] বি. অতিশয় আদর ; সমাদর ; অতিশয়যত্ন।

পরমাদ্বৈত (দ্দৈ) [পরম যে অদ্বৈত, কর্ম্মধা] বি. পুং. পরমেশ্বর ; পরব্রহ্ম।

পরমানন্দ [পরম (অতিশয়) আনন্দ যাহার, বহু] বি. পুং. পরমাত্মা ; পরমেশ্বর। ২। [পরম যে আনন্দ, কর্ম্মধা] অখণ্ডানন্দ : নিত্যানন্দ। ৩। অতিশয় আনন্দ। প্র—"কন্দলে পরমানন্দ নারদের ঢেঁকি"—অন্নদা-মঙ্গল।

পরমান্ন [পরম (শ্রেষ্ঠ) যে অন্ন, কর্ম্মধা। দৈব ও পৈত্র্য কার্য্যে ব্যবহৃত হওয়ায় এই নাম বি. ক্লী. পায়সান্ন ; দুগ্ধ ও শর্করা দ্বারা পক্ব যে অন্ন।

পরমাপ্রকৃতি [পরমা (শ্রেষ্ঠা) প্রকৃতি] বি. স্ত্রী. মহামায়া। অন্নপূর্ণা মহামায়া সংসার যাঁহার মায়া পরাৎপরা পরমাপ্রকৃতি।"—অন্নদামঙ্গল।

পরমায়ুঃ, পরমায়ু [পরম যে আয়ুস্ (জীবন)—কর্ম্মধা] বি. ক্লী. জীবিত কাল : আয়ুঃ। প্র—"পরমায়ু পরম ধন অনর্থ হইল ব্যয়। ন দেবায় ন ধর্ম্মায় গেল অরণ্য-কুসুম প্রায়।"—বাং-গান। গ্রা—প্রা. **পরমাই, প্রমাই**। প্র—"সৃষ্টি করহ পুত্র বাড়ুক পরমাই"—কবিকঙ্কণ।

পরমার্থ [পরম যে অর্থ (বস্তু)—কর্ম্মধা] বি. পুং. শ্রেষ্ঠবস্তু। ২। ধর্ম্ম। ৩। যাথার্থ্য। ৪। [পরম (বাঞ্ছিত) যে অর্থ (ধন)]। ঈপ্সিত ধন। **পরমার্থতত্ত্ব**—ব্রহ্মজ্ঞান। **পরমার্থতত্ত্ববিদ্**—ব্রহ্মজ্ঞানী।

পরমার্থবিদ্ [পরমার্থ—বিদ্ (জানা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ. যিনি পরমার্থ জানেন। ঈশ্বরতত্ত্বজ্ঞ।

পরমার্থবিন্দ [পরমার্থ—বিন্দ্ (লাভ করা) +অ (কর্ত্তৃ)] বিণ. পরম তত্ত্বজ্ঞ। ২। প্রচুর ধন লাভকারী।

পরমাসুন্দরী (শুন্‌দোরি) [পরমা (শ্রেষ্ঠা) সুন্দরী] বিণ. পরমরূপলাবণ্যবতী : সাতিশয় সৌন্দর্য্যশালিনী।

পরমুখাপেক্ষা [পর—মুখ—অপেক্ষা] বি. পরনির্ভরতা : অপরের সাহায্য প্রত্যাশা।

পরমুখাপেক্ষিতা [মূল শব্দ পরমুখাপেক্ষিন্ +তা (ভাবে)] বি. পরের সাহায্য প্রতীক্ষা ; পরনির্ভরশীলতা : পরের মুখ চাহিয়া থাকার ভাব।

পরমুখাপেক্ষী [মূল শব্দ পরমুখাপেক্ষিন্ ১মা, ১ব] বিণ. অপরের সাহায্যপ্রত্যাশী : যে পরের মুখ চাহিয়া থাকে। স্ত্রী. **পরমুখাপেক্ষিণী**।

পরমেশ (শ্) [পরম যে ঈশ, কর্ম্মধা] বি. পুং. পরমেশ্বর : জগদীশ্বর। ২। শিব। ৩। বিষ্ণু।

পরমেশ্বর (পরমেশ্‌শর) [পরম যে ঈশ্বর—কর্ম্মধা] বি. পুং. জগদীশ্বর ; পরব্রহ্ম। ২। শিব : মহাদেব। ৩। বিষ্ণু। ৪। সম্রাট্। স্ত্রী. **পরমেশ্বরী**—পার্ব্বতী : দুর্গা।

পরমেষ্ঠী [পরমে (অত্যন্ত উৎকৃষ্ট স্থানে—স্বর্গের উচ্চস্থানে, ষ্ঠিন্ (স্থা (থাকা)+ইন কর্ত্তৃ (ণিন্)=পরমেষ্ঠিন্ ১মা, ১ব] বি. পুং. ব্রহ্মা। ২। শালগ্রামমূর্ত্তি-বিশেষ। (২) বিষ্ণু। (৩) শিব। (৪) ইষ্টমন্ত্রদাতা গুরু।

পরম্পর (পরম্‌পর্) [পর—পর, ম্ আগম্] বিণ. একের পর অন্য : পরপর ; অনুক্রম। ২। প্রপৌত্রের পুত্র। ৩। বংশ। **পরম্পরাগত**—পরপর ক্রমে আগত ; যাহা ধারাবাহিক ভাবে পরে পরে আসে। ক্রি-বিণ. **পরম্পরায়**—ক্রমে ক্রমে ; অন্যান্য দ্বারা।

পরম্পরীণ (পরম্‌পোরিন্) [পরম্পরা+ঈন (অস্ত্যর্থে)] বিণ. পরম্পরায় আগত ; ক্রমাগত ; ধারাবাহিক।

পরল (ল)—পাড়াল, পরোল দ্রঃ।

পরলোক (ক্) [পর (অন্ত) যে লোক (জগৎ)—কর্ম্মধা] বি, পুং, লোকান্তর ; ইহলোকের পর যে লোক ; বর্ত্তমানের পরবর্ত্তী লোক। ২। ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক, সত্যলোক, তপলোক, মহর্লোক, জনলোক, এই সপ্ত দেবলোক। ৩। পরকাল। প্র —"ধন নাহি স্থিব রয় দারা আপনার নয় সেই ধর্ম্ম পরলোকে সার।"—অন্নদামঙ্গল। ৪। মৃত্যু। **পরলোকগমন**—মৃত্যু। **পরলোকপ্রাপ্তি**—মৃত্যু। **পরলোকযাত্রা**—মৃত্যু।

পরশ (শ্) [ব্রজ। স্পর্শ শব্দের কোমলরূপ, পদ্যে] বি, স্পর্শ। প্র —"নীবিবন্ধ পরশে চমকি উঠে গোরী"—বিদ্যাপতি। ক্রি, **পরশই**—স্পর্শ করে। **পরশবি**—স্পর্শ করিবি। **পরশয়ে**—স্পর্শ করে। **পরশিহ**—স্পর্শ করিও।

পরশ (শ্) [স্পর্শমণি সংক্ষেপে স্পর্শ—পরশ] বি, স্ত্রী, স্পর্শমণি ; পরেশ পাথর। ২। স্পর্শ।

পরশ (শ্) [সং—পরিবেষণ। হি—পরস্। ক্রি—পরস্ দেনা—পরস্না] বি, পরিবেশন।

পরশন (ন্) বি, স্পর্শন। প্র—"দরশন পরশন হয় অনিবারে।"

পরশপাথর (শ্, র্) [গ্রা—পরেশপাথর। পরশ (সংস্পর্শ)—পাথর (পা—পথর, সং—প্রস্তর)] বি, স্পর্শমণি ; প্রস্তরবিশেষ ; যাহাকে কোন কিছু স্পর্শ করিলেই স্বর্ণ হইয়া যায়। প্র—"আমার ভাণ্ডারে আছে পরশপাথর।"—কবিকঙ্কণ। "ক্ষ্যাপা খুঁজে খুঁজে ফিরে পরশপাথর"—রবি।

পরশা, পরষা, পরসা (শা) [হি—পরস্না। সং—পরিবেষণ হইতে। পরি—বিষ্ ধাতুজ। প্রা-বাং] ক্রি, পরিবেষণ করা ; ভোজনপাত্রে অন্নাদি দান করা। প্র—"হাসিয়া পরসে অলবণ রান্ধে তথাপি স্বামীর চিত্ত বান্ধে॥"—কবিকঙ্কণ। "পরশে লহনা নারী, গায়ে দেখি ঘর্ম্ম বারি, পাখা ধরি ব্যজয়ে দুর্ব্বলা।"—ঐ।

পরশা, পরসা (শা) [সং—স্পর্শ হইতে] স্পর্শ করা। প্র—"না জানে পিরীতি যারা নাহি পায় তাপ। পরসে পিরীতি আঁধার ঘরে সাপ॥"—চণ্ডীদাস।

পরশিহ [হি—পরশ্না। ব্রজ] ক্রি, স্পর্শ করিও। প্র—"পরবোধি পয়োধর পরশিহ। কুঞ্জর জনু সরোরুহ॥"—বিদ্যাপতি।

পরশু [পর (শত্রু) শৃ (হিংসা করা)+উ (কর্ত্তৃ—ডু)] বি, পুং, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ। ইহা একটী যষ্টির মস্তকে অর্দ্ধচন্দ্রাকার লৌহফলক, তাহার আস্য বিস্তৃত, সম্মুখে চক্‌চকে মুখ, মুঠ সরু এবং মস্তকে শিখা বাহ পরিমিত লম্বা, কার্য্য—পাতন ও ছেদন।

পরশু (পোর্শু) [পরশ্বঃ শব্দজ] বি, গত বা আগামী কল্যের পরদিন। ২। ক্রি-বিণ, পরশু দিনে।

পরশুধর (র্) [পরশু (কুঠার) ধর (যে ধারণ করে)] বি, পুং, পরশুরাম। ২। বিণ, পরশুধারী ; পরশুপাণি।

পরশুরাম (ম্) [পরশু (কুঠার) যুক্ত যে রাম] বি, পুং, জামদগ্ন্য ; জমদগ্নির পুত্র ; ভার্গব ; দশ অবতারের মধ্যে ষষ্ঠ।

পরশ্বঃ, পরশ্ব (শ্শ) [গ্রা—পরশু। পর—শ্বস্ (ভবিষ্যদর্থে)] অ, আগামী দিনের পরদিন।

পরশ্বধ, পরস্বধ (শ্শ) [পর (শত্রু) শ্বন্ ইব (কুক্কুরের ন্যায়) ধ (যে পান করে) ধেট্ (পান করা)+অ (কর্ত্তৃ—ড) যে কুক্কুরের ন্যায় শত্রুর রক্ত পান করে] বি, পরশু। প্র—"প্রক্ষ্বেড়ন ঘন ঘন ক্রন্দন কুঠার। করে বধ পরশ্বধ বিষম প্রহার॥"—কাঞ্চীকাবেরী। "কেহ মারে শেল সাঙ্গী ডাবুষ পট্টিস টাঙ্গি পরশ্বধ কুঠার তোমর।"—শিবায়ন।

পরসঙ্গ (পরসংগ) [ব্রজ] বি, প্রসঙ্গ। প্র—"রস পরসঙ্গে উঠয়ে মধু কাঁপ"—বিদ্যাপতি।

পরসন্ন [সং—প্রসন্ন। পদ্যে—কোমলরূপ] বিণ, প্রসন্ন ; প্রফুল্ল। ২। অনুকূল ; অনুগ্রহালু। প্র—"শুন শুন মাধব তুহুঁ সুচতুর। কিয়ে বিধি পবসন্ন কিয়ে প্রতিকূল॥"—জ্ঞানদাস।

পরসাদ (পরশাদ্) [সং—প্রসাদ হইতে। পদ্যে কোমলরূপ। হি—পর্‌সাদ] বি, দেবতার প্রসাদ। প্র—"সকলে সিদ্ধির শেষ পরসাদ পাও"—অন্নদামঙ্গল। ২। অনুগ্রহ। প্র—"সো সব পূরল পিয়া পরসাদ"—বিদ্যাপতি।

পরস্ত [গ্রা। সং—প্রস্থ শব্দজ] বি, প্রস্থ।

পরস্পর (পরশ্‌পর্) [পর—পর, মধ্যে স্ আগম] বিণ, ইতরেতর ; অন্যোন্য।

পরস্পরধ্বংসী (পরশ্‌পরধ্‌ধোংশি) [পরস্পর—ধ্বন্‌স্+ইন্ (ণিন্—কর্ত্তৃ)] বিণ, পরস্পর পরস্পরকে ধ্বংসকারী ; এক অন্যের সংঘর্ষ দ্বারা বিনাশশীল।

পরস্পরবিরোধী (পরশ্‌পর্) [পরস্পর—বিরোধী] বিণ, এক অন্যের প্রতিকূল ; অন্যোন্য বিরোধকারী।

পরস্মৈপদ (পরশ্‌শৈঁপদ্) [পর শব্দ চতুর্থীর ১ বচনে পরস্মৈ (অন্যের নিমিত্ত) পদ (তি, তস্, অন্তি প্রভৃতি চিহ্ন) হইয়াছে যে বিভক্তির —বহু] বি, স্ত্রী, ধাতুর বিভক্তিবিশেষ ; ধাতুর উত্তর পরোদ্দেশ্যক বিভক্তি।

পরস্ব (পরশ্‌শ) [পরের স্ব (ধন)—৬তৎ] বি, পরধন ; পরবিত্ত ; অন্যের সম্পত্তি।

পরস্বাপহরণ (পরশ্‌শাপহরন্) [পরস্বের অপহরণ, ৬তৎ] বি, পরধনহরণ ; অন্যের ধন চুরি।

পরস্বাপহারী (পরশ্‌শাপহারি) [পরস্ব+অপহারী, ৬তৎ] বিণ, পরের ধন অপহরণকারী ; পরবিত্তাপহারক।

পরহিত [পরের হিত (মঙ্গল)—৬তৎ] বি, পরের মঙ্গল ; পরোপকার।

পরহার (র্) [সং—প্রহার। পদ্য রূপ] বি, প্রহার। প্র—"নথ পরহার"—বিদ্যাপতি।

পরহিতব্রত (—হিতোব্‌ব্রোত) [পরের হিত (৬তৎ) পরহিতরূপ ব্রত—কর্ম্মধা] বি, পরোপকাররূপ ব্রত। ২। [পরের হিত হইয়াছে ব্রত যাহার—বহু] বিণ, পরের মঙ্গলসাধক ; পরোপকারী ; যে পরের হিতসাধনে রত।

পরহিতাকাঙ্ক্ষা [পরহিতের আকাঙ্ক্ষা—৬তৎ] বি, পরোপকারের ইচ্ছা। বিণ, **পরহিতাকাঙ্ক্ষী**।

পরহিতানুষ্ঠান (ন্) [পরহিতের অনুষ্ঠান, ৬তৎ] বি, পরোপকার ; পরের মঙ্গলসাধন। বিণ, **পরহিতানুষ্ঠাতা**

পরহিতৈষণা (না) [পরহিতের এষণা (ইচ্ছা)—৬তৎ] বি, পরোপকারেচ্ছা।

পরহিতৈষী [পর—হিত+ইষ্ (ইচ্ছা)+ণিন্ (কর্ত্তৃ)] বিণ, যে পরের হিতচিন্তা করে ; পরের মঙ্গলাভিলাষী। স্ত্রী, **পরহিতৈষিণী**।

পরা [পৄ (পূরণ করা)+আ, কর্ত্তৃ] অ, উপসর্গ। ২। আতিশয্য ; প্রাধান্য। ৩। অতিক্রম। ৪। আভিমুখ্য। ৫। অন্য। ৬। অহঙ্কার। ৭। তিরস্কার। ৮। বিক্রম। ৯। বর্ধণ। ১০। বধ। ১১। প্রাতিকূল্য। ১২। প্রাতিলোম্য। ১৩। গমন। ১৪। ব্যতিক্রম। প্র—পরাজয়। ১৫। ভঙ্গ। ১৬। । ১৭। অনাদর।

পরা [পর (শ্রেঃ)+আ (প্) স্ত্রী] বিণ, শ্রেষ্ঠা ; প্রধানা ; মুখ্যা। প্র—"দুর্গা দুর্গা পরা তুমি দুর্গতিনাশিনী"—কবিকঙ্কণ। ২। ব্রহ্মজ্ঞানপ্রতিপাদিকা ; উপনিষদাত্মিকা। প্র—পরাবিদ্যা। ৩। বি, স্ত্রী, নাভিমূল হইতে আদিজাত নাদস্বরূপ বর্ণ। ৪। [পরম পুরুষার্থস্বরূপ ব্রহ্মজ্ঞানের হেতু বলিয়া] উপনিষৎ।

পরা (প্‌রা) [সং—পরিধান হইতে—পরিহান—পহিরান বর্ণবিপর্য্যয়ে। হি—পহির্‌না ॥ বাং—পহিরন, পরন (প্র—পরনের কাপড়) তাহা হইতে ক্রিয়ায়—পরা। উ-পু—পরি। ম-পু—পর ; পরুন (পোরুন) ; পর্। প্র-পু—পরে।

অস-ক্রি—পরিতে ; পরিয়া, পরি (পদ্যে), পরে (পোরে) সংক্ষেপে। ণিজন্ত—পরান (নো)] ক্রি, পরিধান করা ; অঙ্গে ধারণ করা। প্র—কাপড় পরা ; পোষাক পরা ; গহনা পরা। "পদ্মাবতী পরাইল পৃষ্ঠে বাঁধি ডুরি। ঝলমল করে মণি মুকুতার ঝুরি॥" —শিবায়ন। "আর এয়োগণ করবি বরণ পরে চরণ চাপ।"—হেম বন্দ্যো। ২। বিণ, কৃতপরিধান ; পরিহিত। প্র—"ত্রিনয়ন লম্বোদর পরা বাঘছাল।"—অন্নদামঙ্গল।

পরাওল [ব্রজ] ক্রি, পরিধান করাইল ; পরাইল। প্র—"যতনে পরাওল কণ্ঠে হামারি"—বিদ্যাপতি।

পরাকরণ (ন্) [পরা (অবহেলা) করণ (করা)] বি, ক্লী, অবজ্ঞা করণ ; অবহেলন।

পরাকাষ্ঠা [পরা (শেষ) কাষ্ঠা (সীমা)] বি, চরমসীমা।

পরাক্রম (পরাক্‌ক্রম্) [পরা (সর্ব্বতোভাবে) ক্রম্ (গমন করা) + অ (করণে—অল্) যদ্দ্বারা গমনাগমন করিতে পারা যায়] বি, পুং, শক্তি ; সামর্থ্য। ২। বিক্রম। ৩। পুরুষকার।

পরাক্রমশালী (পরাক্‌ক্রম্‌শালী) [মূলশব্দ পরাক্রমশালিন্ ১মা, ১ব] বি, ক্ষমতাপন্ন : শক্তিশালী ; বলবান্।

পরাক্রান্ত (পরাক্‌ক্রান্ত) [পরা—ক্রম্ + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, শক্তিসম্পন্ন ; পরাক্রমশালী ; বিক্রান্ত।

পরাগ (গ্) [পরা—গম্ (গমন করা) + অ (কর্ত্তৃ—ড) যে বায়ুর সহিত গমন করে] বি, পুং, পুষ্পরজঃ ; ফুলরেণু। ২। ধূলি ; রজঃ ; রেণু। প্র—"কণক রুচির অঙ্গে লেগেছে পরাগ"—কবিকঙ্কণ। ৩। গন্ধদ্রব্য চূর্ণ। ৪। চন্দন। ৫। চূর্ণ ; গুঁড়া। ৬। উপরাগ। ৭। [ভাবে—ড] প্রতিপত্তি ; খ্যাতি।

পরাগকেশর (গ্, র) বি, যে কেশরে পরাগ জন্মে ; শিরোদেশে রেণুবিশিষ্ট পুষ্পমধ্যস্থ সূক্ষ্ম সূত্র সমূহ ; stamen.

পরাগত (রাগ) [পরা (পশ্চাৎ) আ—গম্ (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, পশ্চাদাগত। ২। বিস্তৃত ; পরিব্যাপ্ত। ৩। [পরা (বিপরীতভাবে) গত] প্রত্যাগত।

পরাঙ্মুখ (পরাংমুখ্) [পরাঙ্ (পশ্চাৎদিকে ফিরান) মুখ (বদন) যাহার, বহু] বিণ, ফিরান মুখ। ২। প্রতিকূল ; বিমুখ। ৩। নিবৃত্ত ; উদাসীন ; ক্ষান্ত। প্র—"কি হবে বিষয় সুখ তাহে পতি পরাঙ্মুখ তারে বলে সবে কাম অরি।"—কবিকঙ্কণ।

পরাচীন (ন্) [পরাচ্ (বিমুখ) + ঈন (কর্ত্তৃ—খীন্) প্র-অ] বিণ, পরাঙ্মুখ। ২। [সং—প্রাচীন হইতে প্রা। মেয়েলি—পেরাচীন] প্রাচীন।

পরাজয় (য়) [পরা (ব্যতিক্রম) জি (জয় করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, পরাভব ; পরিহার। ২। বিণ, পরাভূত। প্র—"দৈত্যরণে দেবরাজ হয়ে পরাজয়। দেবগণ মিলি গেলা ব্রহ্মার আলয়।"—কবিকঙ্কণ।

পরাজাতি [জীবঃ—বিঃ—পরিঃ] বি, কুল ; গোষ্ঠী ; family.

পরাজিত [পরা (জি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পরাস্ত ; বিজিত ; পরাভূত।

পরাণ (ন্) [প্রা—পরাণি। প্রাণশব্দজ। ব্রজ] বি, জীবন ; প্রাণ। প্র—"আকুল করি গেও হামারি পরাণ"—বিদ্যাপতি। **পরাণ বঁধু**—প্রাণবন্ধু ; অন্তরঙ্গ বন্ধু। **পরাণ-প্রিয়** [পদ্যে] প্রাণসম প্রিয়। **পরাণ-পুতলী, পুত্তলি**—হৃদ্‌পিণ্ড ; প্রাণসর্ব্বস্ব। প্র—"এস মা এস মা ও হৃদয়রমা পরাণ-পুতলী গো।"—ব্রহ্মসঙ্গীত। "পরাণ পুত্তলি বিনা পাখির যেমন। তোমা বিনা তারে তুমি জানিবে তেমন॥"—শিবায়ন।

পরাণ, পরান (প্‌রানো) [পরা (দ্রঃ) + আন (ক্রিয়া বিভক্তি—ণিজন্তরূপ) উ-পু—পরাই। ম-পু—পরাও। প্র-পু—পরায়। অস-ক্রি—পরাইতে ; পরাইয়া, পরিয়ে (পো)] ক্রি, পরিধান করান : পোষাকাদিতে সাজান। ২। সংলগ্ন করা : ছিদ্রে প্রবেশ করান। প্র—কলমে নিব্ পরান। ছুঁচে সুতা পরান।

পরাণি (নি) [প্রাণ দ্রঃ] বি, প্রাণ ; জীবন। প্র—"বিদেশে বেশ্যার হাতে হারাই পরাণি !"—ঘনরাম।

পরাত (ত্) [পর্ত্তু—prato, ইং—plate] বি, বড়থালা ; পেলেট।

পরাৎপর (র্) [পরাৎ (পর হইতেও) পর (শ্রেষ্ঠ)] বিণ, শ্রেষ্ঠ হইতেও শ্রেষ্ঠ ; মহতের মহৎ। ২। বি, পুং, পরমেশ্বর। প্র—"পরমপুরুষ পরাৎপর।"—অন্নদামঙ্গল। স্ত্রী, **পরাৎপরা**—পরমেশ্বরী ; ভগবতী। প্র—"তুমি দেবী পরাৎপরা সুখদাত্রী দুঃখহরা অন্নপূর্ণা অন্নে কর পূর্ণ।"—অন্নদামঙ্গল।

পরাত্মা (পরাৎতাঁ) [পর (শ্রেষ্ঠ) যে আত্মা (কর্ম্মধা)] বি, পুং, পরমেশ্বর ; পরমাত্মা।

পরাদান (ন্) [পর (অন্য) উদ্দেশে আদান (সম্যক্‌রূপে দান)—৪তৎ] বি, ক্লী, পরোপকারের নিমিত্তদান ; দরিদ্রের উপকারার্থে দান।

পরাধি [পরের (অন্যের) আধি (পীড়া)—৬তৎ] বি, পুং, অপরের ব্যাধি। ২। [পর (প্রধান) যে আধি = ব্যাধি—কর্ম্মধা] উৎকট

পরাধিকার (র্) [পর (পরের) + অধিকার—৬তৎ] বি, অন্যের আধিপত্য ; পরের দখল।

পরাধীন (ন্) [পরের অধীন (বাধ্য) —৬তৎ] বিণ, পরতন্ত্র ; অন্যের বশীভূত ; অস্বাধীন। বি, **পরাধীনতা, পরাধীনত্ব**।

পরান্তক [পরের (সংসারের) অন্তক (নাশক) —৬তৎ] বি, পুং, প্রলয়কর্ত্তা ; মহাদেব।

পরান্ন [পরের (অন্যের) অন্ন—৬তৎ] বি, ক্লী, পরস্বামিক অন্ন ; স্বোপার্জ্জিত অন্ন নহে। ২। অন্যের পক্ক অন্ন। [দ্রঃ—স্মৃতিতে গুরু, মাতুল, শ্বশুর, পিতা এবং পুত্রের পক্ক অন্ন পরান্ন নহে বলিয়া উক্ত]।

পরান্নজীবী [মূলশব্দ—পরান্নজীবিন্—১মা, ১ব] বিণ, যে পরের অন্নে জীবন ধারণ করে ; পরের অন্নে প্রতিপালিত।

পরান্নপুষ্ট [পরের অন্নে পুষ্ট যে—বহু] বিণ পরান্নে যে প্রতিপালিত হয় ; পরান্নজীবী।

পরান্নভোজী [পরের অন্ন ভোজী (ভোজনকারী)] বিণ, যে পরের অন্নভোজন করে ; অন্যের অন্নভোজনকারী।

পরান্নোপজীবী [মূল শব্দ—পরান্নোপজীবিন্ ১মা, ১ ব] বিণ, পরান্ন যাহার উপজীবিকা হইয়াছে ; পরান্নে জীবনধারণকারী ; পরপিণ্ডভোজী।

পরাপতিত (—পোতিত) [পরা (পশ্চাৎ) আপতিত (যে আগমন করে) আ (অগ্রবর্ত্তী) —পৎ (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রত্যাবৃত্ত ; প্রত্যাগত।

পরাবর্ত্ত [পরা—বৃৎ (বর্ত্তমান থাকা) + অ (ভাবে—অল্)] বি, পুং, বিনিময় ; বদলাবদলি। ২। প্রত্যাবর্ত্তন। **পরাবর্ত্ত-ব্যবহার**—পুনর্বিচারের আবেদন ; আপীল ; appeal.

পরাবর্ত্তন [ধ্বনিজঃ পরিঃ] বি, প্রতিফলন ; reflection.

পরাবর্ত্তমাপক (ক্) [ধ্বনিজঃ পরিঃ] বি, প্রতিফলনপরিমাপক যন্ত্র ; reflectometer.

পরাবর্ত্তিত (বো) [পরা—বৃৎ + ণিচ্ = বর্ত্তি (বিদ্যমান থাকান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে ফেরান গিয়াছে ; যাহাকে প্রত্যাবর্ত্তন করান হইয়াছে ; প্রত্যাবর্ত্তিত।

পরাবহ [পরা (উর্দ্ধে) বহ্ (প্রবাহিত হওয়া) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, উর্দ্ধে প্রবাহিত সপ্তবায়ুর অন্তর্গত বায়ুবিশেষ।

পরাবৃত্ত [পরা (পুনরায়) বৃৎ (বর্ত্তমান থাকা) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, যে ফিরিয়াছে : প্রত্যাবৃত্ত। ২। পরিবর্ত্তিত। ৩। [পর

(দূরে) আ—বৃৎ (বর্ত্তমান থাকা) + ত] পলায়িত।

পরাবৃত্তি [পরা—বৃৎ (বর্ত্তমান থাকা) + তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. প্রত্যাবর্ত্তন। ২। পরিবর্ত্তন। ৩। পলায়ন।

পরাভব (ব্) [পরা (নিন্দিত) ভূ (হওয়া) + অ (ভাবে—অল্)] বি. পুং. তিরস্কার। ২। পরাজয় ; যুদ্ধে হার হওয়া। ৩। বিনাশ। ৪। অতিক্রম। ৫। [ব্রজ] নির্য্যাতন : অবমাননা। প্র—"প্রেমহি কুলবতী পরাভব সহই।"—বিদ্যাপতি।

পরাভূত [পরা—ভূ + ত (কর্ম্মে)] বিণ. অন্যের দ্বারা নিরস্ত : অন্য কর্ত্তৃক পরাজিত ; পরাস্ত। ২। নিন্দিত : তিরস্কৃত। অতিক্রান্ত।

পরামনন (—মোনন্) [পরা (অতিশয় শ্রেষ্ঠ) মনন (চিন্তন)] বি. প্রগাঢ় চিন্তা। ২। ব্রহ্মবিষয় চিন্তন। ৩। অনুতাপ।

পরামর্শ [পরা (বিশেষভাবে) মৃশ্ (বিবেচনা করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. বিশেষ মন্ত্রণা : বিচার। ২। বিবেচনা। ৩। যুক্তি। ৪। [ন্যায়দর্শনে] ব্যাপ্যের বা ব্যাপ্তিবিশিষ্টের পক্ষধর্ম্মত্ব জ্ঞান।

পরামর্ষ [পরা—মৃষ্ (সহ্য করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. সহ্যকরণ ; সহন।

পরামাণিক (—নিক্) [প্রামাণিক শব্দের অপভ্রংশ] বি. প্রধান ; head man. ২। নাপিতের সমাজপতি ; মূর্দ্ধন্য। ৩। নাপিত ৪। [প্রাদে] গ্রামের মধ্যে মান্য ব্যক্তি যিনি জমিদারের নিকট সামান্য ভাতা প্রাপ্ত হইয়া মফঃস্বলের কর্ম্মচারিগণকে আদায় ও জমির সীমা আদি নির্ণয়ে সাহায্য করিয়া থাকেন। । জাতীয় উপাধিবিশেষ।

পরামৃষ্ট [পরা—মৃশ্ (বিবেচনা করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সম্যক্ বিবেচিত। ২। সংসৃষ্ট ; সম্পর্কিত।

পরায়ণ (ন্) [পর (একমাত্র) অয়ন (আসক্তি) যাহার, বহ্] বিণ. অত্যাসক্ত : অত্যনুরক্ত · একনিষ্ঠ। প্র—ধর্ম্মপরায়ণ ; সেবা-পরায়ণ। ২। তৎপর। ৩। [পর (প্রধান) অয়ন (আশ্রয়)—কর্ম্মধা] বি. শ্রেষ্ঠ আশ্রয় : চরম অবলম্বন। প্র—"জয় নারায়ণ পরম পরায়ণ শোক মহার্ণব পার তরে।"—বাং·গান। ৪। [পর (সংসার, জগৎ) অয়ন (আশ্রয়)] জগদবলম্বন : নারায়ণ : বিষ্ণু।

পরায়তি [পরের (অন্যের) আয়তি (অধিকার) যাহাতে, বহ্] বিণ. পরাধীন। ২। [পর (অতিশয়) আয়তি (বিস্তার) যাহার, বহ্] অতিবিস্তৃতাকারবিশিষ্ট। ৩। [পর—আয়তি —কর্ম্মধা] বি. অতি ব্যাপ্তি ; অতিশয় বিস্তার।

পরায়ত্ত [পরের (অন্যের) আয়ত্ত (অধীন)—৬তৎ] বিণ. অন্যের অধিকৃত ; পরবশ ; পরাধীন। বি. **পরায়ত্তি**।

পরার্থ [পরের অর্থ (হেতু, প্রয়োজন)—৬তৎ] বি. অন্যের হেতু ; পরের নিমিত্ত ; অপরের জন্য। ২। [পর (প্রধান) যে অর্থ (প্রয়োজন, অভিধেয়)—কর্ম্মধা] বি. পুং. প্রধান প্রয়োজন। ৩। প্রধান অর্থ ; মুখ্য অভিধেয়। ৪। [পর (অন্য) অর্থ (উদ্দেশ্য) যাহার, বহ্] বিণ. অন্য উদ্দেশ্যবিশিষ্ট ; অন্য অভিপ্রায়যুক্ত।

পরার্দ্ধ [পর (অতিশয়) অর্দ্ধ (প্রবৃদ্ধ) ঋধ্ (বৃদ্ধি হওয়া) + অ (কর্ত্তৃ—অল্)] বি. ক্লী. শত সহস্র লক্ষ কোটি সংখ্যা ; ১,০০,০০,০০,০০,০০০ ; hundred thousand billions. ২। অত্যধিক সংখ্যা। ৩। [পরের (ব্রহ্মার) অর্দ্ধ (আয়ুর অর্দ্ধাংশ)—৬তৎ] ব্রহ্মার আয়ুর দ্বিতীয়ার্দ্ধ : শেষার্দ্ধ।

পরার্দ্ধ্য (পরার্ধ) [পর (অত্যুত্তম) অর্দ্ধ + য (যুক্তার্থে)] বিণ. শ্রেষ্ঠতম। ২। বি. পুং. স্বর্লোক।

পরাশর (র্) বি. পুং. বেদসঙ্কলয়িতা ব্যাসদেবের পিতা ধর্ম্মশাস্ত্রপ্রবর্ত্তক ঋষি। প্র—"পিতা যাঁর পরাশর শুকদেব বংশধর জননী যাঁহার সত্যবতী।"—অন্নদামঙ্গল।

পরাশরসংহিতা—বি. পরাশর মুনিকৃত ধর্ম্মশাস্ত্র বা অনুশাসন।

পরাশ্রয় (পরাস্স্রয়) [পরের আশ্রয়, ৬তৎ] বি. অন্যের আশ্রয় পরাবলম্বন

পরাশ্রয়া (পরস্স্রয়া) [পর (অন্য) আশ্রয় (অবলম্বন) যাহার, বহ্] বি. স্ত্রী. বৃক্ষের উপরে জাত লতা ; পরগাছা। ২। পরাবলম্বিনী।

পরাশ্রিত (পরাস্স্রিত) [পরের আশ্রিত, ৬তৎ] বিণ. অন্যের আশ্রয়ে স্থিত ; অন্যের শরণাগত। স্ত্রী. **পরাশ্রিতা**।

পরাস্ত [পরা (নিন্দিত) অস্ (বিক্ষেপে) + (কর্ম্মে—ক্ত)] বিণ. নিন্দিত ; তিরস্কৃত [বিরল]। ২। পরাহত ; পরাভূত ; পরাজিত। ৩। অতিক্রান্ত।

পরাহ [পর (পশ্চাৎ আগত) যে অহন্ (দিন) —কর্ম্মধা] বি. পুং. পরদিন।

পরাহত [পরা—হন্ (পরাজিত করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. বিজিত ; পরাজিত ; পরাভূত। ২। আক্রান্ত। ৩। আহত। ৪। তিরস্কৃত।

পরাহ্ণ (পরান্হ) [পর—অহন্, ৬তৎ] বি. পুং. অপরাহ্ণ ; afternoon. তুল—পূর্ব্বাহ্ণ : forenoon.

পরি (পো) [পৃ (পূর্ণ করা) + ই (কর্ত্তৃ) যে ধাতুর পূর্ব্বে বসিয়া অর্থ পূরণ করে] অ. উপসর্গ ; সম্পূর্ণভাবে ; সর্ব্বতোভাবে। প্র—পরিচ্ছদ, পরিণত, পরিণয়। ২। চতুর্দ্দিকে। প্র—পরিক্রম, পরিক্ষিপ্ত। ৩। অতিশয়। প্র—পরিম্লান, পরিখ্যাত। ৪। ক্রমশ, বারংবার। প্র—পরিচ্ছেদ। ৫। ভাগ। ৬। শেষ। প্র—পরিপাক। ৭। দোষকীর্ত্তন। প্র—পরিপন্থী, পরিভাষণ, পরিবাদ। ৮। প্রসাধন। প্র—পরিকর্ম্ম। ৯। শোক। ১০। পূজা। প্র—পরিচর্য্যা। ১১। চিহ্ন ; সঙ্কেত। প্র—পরিভাষা। ১২। সম্যক্। প্র—পরিতাপ, পরিপূর্ণ। ১৩। ব্যাপ্তি। প্র—পরিসর। ১৪। সর্ব্বত্র। প্র—পরিপ্লুত। ১৫। বীপ্সা। ১৬। বর্জ্জন। ১৭। আলিঙ্গন। ১৮। নিরসন। ১৯। গাঢ়। ২০। অভিমুখ। প্র—পরিগ্রাম। ২১। ব্যাধি।

পরিকথা (পো) [সং] বি. স্ত্রী. আখ্যায়িকা।

পরিকর (পোরিকর) [পরি—কৃ (করা) + অ (কর্ত্তৃ—অল্)] বি. পুং. সহচর। প্র—"আর যত দেখ সব তাঁর পরিকর।"—চৈতন্যচরিত। "সেই পরিকরগণ সঙ্গে সব ধন্য"—ঐ। ২। পরিবার ; পরিজন। প্র—"প্রভুর আজ্ঞায় আগে সর্ব্বপরিকর। জন্ম লভিলেন সবে মানুষ ভিতর॥"—চৈতন্যভাগবত। ৩। পরিচারক ; অনুচর ; ভৃত্য। প্র—"প্রসাদ করিয়া তারে দিল পিঞ্জরের ভরে যতনে জুখিয়া পরিকর।"—কবিকঙ্কণ। ৪। হস্ত্যশ্বাদি। ৫। [কর্ম্মে—অল্] উপকরণ। ৬। সমূহ। ৭। কটিবন্ধ। প্র— কোন কাজে বদ্ধপরিকর হওয়া। ৮। গাঢ়।

পরিকর্ত্তা (পো) [পরিকর্ত্তৃ, ১মা, ১ব] বি. পুং. জ্যেষ্ঠ অবিবাহিত থাকিতে কনিষ্ঠের বিবাহ-সংস্কারকারী।

পরিকর্ম্ম (পো) [পরি (ভূষণ) কর্ম্ম (কার্য্য) —৬তৎ] বি. ক্লী. প্রসাধন ; কুঙ্কুমাদি অঙ্গরাগ এবং অলঙ্কারাদি দ্বারা অঙ্গসংস্কার। ২। পরিকর ; ভৃত্য।

পরিকর্ম্মী (পোরিকোর্ম্মি) [পরিকর্ম্ম + ইন (অস্ত্যর্থে) = পরিকর্ম্মিন্ ১মা, ১ব] বি. পুং. পরিকর ; ভৃত্য ; পরিচারক। ২। প্রসাধক।

পরিকর্ষ (পো) [পরি (সম্যক্)—কৃষ্ (কর্ষণ করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. সম্যক্ আকর্ষণ ; সমাকর্ষণ।

পরিকল্পন (পো, ন্) [পরি—কৃপ্ (কল্পনা করা) + অন (ভাবে)] বি. ক্লী. কল্পনা। ২। রচনা। স্ত্রী. **পরিকল্পনা**—নক্শা ; design.

পরিকল্পিত (পোরিকোল্পিত) [পরি—কৃপ (সমর্থ হওয়া প্রভৃতি) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ.

যাহার পরিকল্পনা করা হইয়াছে ; designed. ২। স্থিরীকৃত ; নির্দ্ধারিত। ৩। রচিত। ৪। অনুষ্ঠিত।

পরিকাঙ্ক্ষিত (পো) [পরি (নিবৃত্ত) হইয়াছে কাঙ্ক্ষা (অভিলাষ)+ইত (যুক্তার্থে)] বি, যাহার পার্থিব ভোগাভিলাষ নিবৃত্ত হইয়াছে। ২। [পরি (সর্ব্বতোভাবে) কাঙ্ক্ষা+ইত (যুক্তার্থে)] বিণ, সম্পূর্ণ অভিলাষী।

পরিকীর্ণ (পো) [পরি (সর্ব্বতোভাবে) কীর্ণ (বিক্ষিপ্ত)] বিণ, বিক্ষিপ্ত ; বিস্তৃত। ২। সমর্পিত।

পরিকীর্ত্তিত (পো) [পরি (বিশেষভাবে) কীর্ত্তিত (প্রশংসিত)] বিণ, প্রশংসিত ; গীত ; যাহার গুণ বিশেষভাবে কীর্ত্তিত হইয়াছে। ২। প্রকাশিত ; ব্যক্ত ; কথিত। ৩। উচ্চারিত।

পরিকৃশ (পো) [পরি (অতিশয়)—কৃশ (ক্ষীণ)] বিণ, অতিক্ষীণ ; পরিক্ষীণ।

পরিকেশ (পো, শ্) [পরি (উপরিভাগ) কেশ—কেশের উপরি, অব্যয়ীভাব] অ, কেশের উপরিভাগ।

পরিক্রম,—ক্রমা (পোরিক্ক্রোম্) [পরি (চতুর্দ্দিকে) ক্রম্ (গমন করা)+অ (ভাবে—অল্), স্ত্রী, আ] বি, পুং, স্ত্রী, ইতস্ততঃ পাদ-চারণ। ২। প্রদক্ষিণীকরণ। ৩। গমন।

পরিক্রয় (পোরিক্ক্রয়্) [পরি (পুনর্ব্বার) ক্রয়] বি, পুং, যাহা বিক্রয় হইয়াছে পুনরায় তাহার ক্রয়।

পরিক্রিয়া (পোরিক্কৃয়া) [পরি (চারি-দিকে) ক্রিয়া (খাতদ্বারা বেষ্টন করা)] বি, স্ত্রী, চতুর্দ্দিকে পরিখা দ্বারা বেষ্টন। ২। সংস্করণ। ৩। একাহ অর্থাৎ একদিনসাধ্য যাগবিশেষ।

পরিক্লিষ্ট (পো) [পরি (অতিশয়) ক্লিশ্ (ক্লেশ পাওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, অতিশয় ক্লেশপ্রাপ্ত ; অতিক্লিষ্ট। ২। উত্ত্যক্ত।

পরিক্ষত (পো) [পরি (সর্ব্বতোভাবে) ক্ষত (ক্ষয়প্রাপ্ত)] বিণ, ক্ষয়প্রাপ্ত ; বিনাশ-প্রাপ্ত ; বিনষ্ট। ২। আহত ; ক্ষত।

পরিক্ষয় (পোরিক্খয়্) [পরি (সর্ব্বতো-ভাবে) ক্ষয় (ধ্বংস)+অ (ভাবে—অল্)] বি, পুং, বিনাশ ; ধ্বংস ; ক্ষয়।

পরিক্ষিৎ, পরিক্ষিত (পোরিক্খিৎ) [পরীক্ষিৎ দ্রঃ] বি, পুং, অভিমন্যুর পুত্র ; জনমেজয়ের পিতা (কুরুকুল ক্ষয়ের পর জন্মগ্রহণ করিয়াছিলেন বলিয়া কৃষ্ণ ইঁহাকে পরিক্ষিৎ নামে অভিহিত করেন)।

পরিক্ষিপ্ত (পো) [পরি (চতুর্দ্দিকে) ক্ষিপ্ (ক্ষেপণ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, চতুর্দ্দিকে বেষ্টিত ; ঘেরা। ২। বিক্ষিপ্ত। ৩। পরিত্যক্ত। ৪। নিক্ষিপ্ত।

পরিক্ষীণ (পোরিক্খীন্) [পরি (অতিশয়) ক্ষীণ (ক্ষয়প্রাপ্ত)] বিণ, অতিশয় ক্ষয়প্রাপ্ত। ২। অতিকৃশ ; অতিক্ষীণ। ৩। অতিশয় দুর্ব্বল।

পরিক্ষেপ (পোরিক্খেপ) [পরি (চতুর্দ্দিক)—ক্ষিপ্+অ (ভাবে অল্)] বি, পুং, পরিবেষ্টন। ২। বিক্ষেপ। ৩। নিক্ষেপ। বিণ, **পরিক্ষেপক**।

পরিখই [ব্রজ] ক্রি, পরীক্ষা করে। প্র—"কোই সখী পরিখই খাস"—বিদ্যাপতি।

পরিখা (পো) [পরি (চতুর্দ্দিকে) খন্ (খনন করা)+অ (কর্ম্মে—ড) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, দুর্গ প্রাসাদাদি সুরক্ষিত করিবার জন্য খাত বেষ্টন ; গড়খাই। সাধারণতঃ পরিখা শতহস্ত প্রশস্ত ও দশ হস্তগভীর, ইহাদ্বারা শত্রু আক্রমণ হইতে রক্ষা পাওয়া যায়।

পরিখীকৃত (পো) [পরিখা—কৃ (করা)+ত (কর্ম্মে—ক্ত) মধ্যে—ঈ (চ্বি) অভূত-তদ্ভাবার্থে] বিণ, পরীক্ষা দ্বারা কৃতবেষ্টন।

পরিখেদ (পোরিখেদ্) [পরি—খিদ্ (দুঃখ করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, পরিত্যাগ ; দুঃখ ; ক্লেশ। ২। পরিশ্রম।

পরিখ্যাত (পোরিখ্খ্যাত) [পরি—খ্যা (বলা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রখ্যাত ; অতি প্রসিদ্ধ ; বিখ্যাত।

পরিগণন (পোরিগনন্) [পরি—গণ্ (গণনা করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বিশেষ ভাবে গণনা করা।

পরিগণিত (পোরিগোনিত) [পরি (বিশেষ ভাবে) গণিত (সংখ্যাত)] বিণ, যাহা গণনা করা হইয়াছে ; সংখ্যাত। ২। গণনার অন্তর্ভুক্ত।

পরিগত (পো) [পরি (সম্যক্)+গম্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বিশেষ জ্ঞাত ; পরি-জ্ঞাত। ২। প্রাপ্ত।

পরিগদিত (পোরিগোদিত) [পরি (বিশেষ)—গদ্ (বলা)+ত (ভাবে—ক্ত)] বি, সম্যক্ কীর্ত্তন।

পরিগমিত (পোরিগোমিত) [পরি—গম্+ণিচ্=গমি (গমন করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পরিচালিত। ২। অতিবাহিত।

পরিগূঢ় (পো) [পরি—গুহ্ (গোপন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অতিশয় গুপ্ত ; অতি গোপনীয়

পরিগৃহীত (পো) [পরি—গ্রহ+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা গ্রহণ করা হইয়াছে ; অঙ্গীকৃত ; স্বীকৃত। স্ত্রী, **পরিগৃহীতা**। বি, পরিগ্রহ।

পরিগৃহ্য (পোরিগৃজ্‌ঝ) [পরি (সর্ব্বতো-ভাবে) গ্রহ্ (গ্রহণ করা)+য (কর্ম্মে—যণ্)] বিণ, পরিগ্রহের উপযুক্ত ; গ্রহণযোগ্য। ২। স্বীকার্য্য। স্ত্রী, **পরিগৃহ্যা**—নারী।

পরিগ্রহ (পোরিগ্রোহ) [পরি—গ্রহ্ (গ্রহণ করা, স্বীকার করা)+অ (ভাবে—অল্)] বি, স্বীকার ; গ্রহণ। প্র—দার পরিগ্রহ। ২। মিলন ; সংসর্গ। ৩। আয়ত্তীকরণ। ৪। ধারণ ; মূর্ত্তিপরিগ্রহ। ৫। রাহুগ্রস্ত সূর্য্য। ৬। [কর্ম্মে—অল্] পত্নী। ৭। পরিজন। ৮। শপথ। ৯। অভিসম্পাত। ১০। সৈন্যের পশ্চাদ্ভাগ।

পরিগ্রাম (পোরিগ্‌গ্রাম্) [পরি (অভিমুখে) গ্রামের—অব্যয়ী] অ, গ্রামের অভিমুখে ; গ্রামের দিকে [প্র-অ]।

পরিগ্রাহক (পোরিগ্‌গ্রাহক্) [পরিগ্রহ (দ্রঃ)+অক (কর্ত্তৃ)] বি, পুং, পরিগ্রহকারী।

পরিঘ (পো) [পরি (সর্ব্বতোভাবে) হন্ (বধ করা)+অ (করণে—অল্)] বি, পুং, প্রাচীন কালের যুদ্ধাস্ত্রবিশেষ। ইহার আকার মুদ্গরের ন্যায় বর্ত্তুল, ইহা পুরুষ-প্রমাণ লম্বা। পরিঘ বলপূর্ব্বক শত্রুর প্রতি নিক্ষেপ করিতে হয়। ২। অর্গল ; হুড়কা। ৩। [জ্যোতিষে] বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগের মধ্যে যোগবিশেষ। ৪। [ভাবে—অল্] ব্যাঘাত ; প্রতিবন্ধ। ৫। [কর্ম্মে—অল্] তোরণদ্বার।

পরিঘট্টিত (পোরিঘোট্টিত) [পরি—ঘট্টিত (ঘর্ষিত)] বিণ, সংঘট্টিত ; যাহাকে সম্যক্‌রূপে ঘোঁটা হইয়াছে। ২। বিলোড়িত।

পরিঘাতন (পো, ন্) [পরি—হন্ (বধ করা)+ণিচ্=ঘাতি+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, হনন। ২। আঘাত। ৩। [করণে—অনট্] পরিঘ অস্ত্র। ৪। অর্গল। ৫। প্রতি-বন্ধক ; বিঘ্ন। ৬। আঘাত।

পরিঘোষ (পো, ষ্) [পরি (উপরিস্থিত) ঘোষ (শব্দ)] বি, পুং, মেঘের ধ্বনি। ২। আরাব।

পরিচয় (পো, য়্) [পরি—চি+অ (ল্—ভাবে)] বি, পুং, আলাপ ; নামধামাদি জানা। ২। অভিজ্ঞান। ৩। প্রণয় ; ঘনিষ্ঠতা।

পরিচর (পো, র্) [পরি (পশ্চাৎ, সর্ব্বতো-ভাবে) চর্ (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ)] বি, পুং, সহচর ; অনুচর। ২। পরি-চারক ; ভৃত্য। ৩। শরীররক্ষক ; body-guard ৩। সেনানায়কবিশেষ।

পরিচর্য্যা (পোরিচোর্জ্জা) [পরি—চর্ (গমন করা, সেবা করা)+য (ভাবে—ক্যপ্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, সেবা ; শুশ্রূষা। প্র—"আর আর গুরুজনে ভক্তিযুত মনে লাগিলেন পরিচর্য্যা করিতে যতনে"—রামায়ণ (রাজ) ২। পূজা ; উপাসনা।

পরিচারক (পো, ক্) [পরি (চর্ (গমন করা) + অক (কর্ত্তৃ)] বি, পুং, সেবক ; ভৃত্য ; দাস। ২। শুশ্রূষাকারী। স্ত্রী, পরিচারিকা—দাসী।

পরিচালক (পো, ক্) [পরিচালক] বিণ, যে পরিচালনা করে ; যে চালায়। ২। সঞ্চালক ; conductor. ৩। নায়ক ; অধ্যক্ষ। স্ত্রী, পরিচালিকা।

পরিচালকতা (পো) [পরিচালক + তা। বি, পরিচালন কার্য্য ; অধ্যক্ষতা। ২। [জড়বিজ্ঞান পরিঃ] বি, জড় বস্তু সকলের এক পরমাণু হইতে অন্য পরমাণুতে তাপ সঞ্চালন করিবার গুণ বা কর্ম্ম ; conductivity.

পরিচালন, না (পো, ন্) বি, সঞ্চালন। ২। সম্পাদন ; নির্ব্বাহ।

পরিচিত (পো) [পরি—চি + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, আলাপিত ; পরিচয়বিশিষ্ট ; জানিত। ২। অভ্যস্ত। স্ত্রী, পরিচিতা।

পরিচিন্তন (পো, ন্) [পরি—চিন্তন] বি, পরিকল্পনা ; রচনা, design. ২। মনন। বিণ, পরিচিন্তিত।

পরিচেয় (পো, য়) [পরি—চি + য—কর্ম্মে] বিণ, পরিচয়ের যোগ্য।

পরিচ্ছদ (পো, দ্) [পরি (সর্ব্বতোভাবে) ছদ্ (আচ্ছাদন করা) + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, যাহা দ্বারা শরীর আচ্ছাদন করা যায় ; পোষাক। ২। [ভাবে—অল্] আচ্ছাদন। ৩। [বিশেষার্থে] পরিজন। (২) আসবাব পত্র। (৩) যান বাহনাদি।

পরিচ্ছন্দ (পো) [পরি—ছদ্ + অ (করণে, অল্) ন্ আগম] বি, পুং, পরিচ্ছদ ; অঙ্গাবরণ [প্র-অ]।

পরিচ্ছন্ন (পো) [পরি—ছদ্ (আচ্ছাদন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা আচ্ছাদন করা হইয়াছে ; আচ্ছাদিত ; পরিচ্ছদ যুক্ত [বিরল]। ২। পরিষ্কৃত ; পরিমার্জ্জিত। ৩। সজ্জিত।

পরিচ্ছিত্তি (পো) [পরি—ছিদ্ + তি (ভাবে —ক্তি)] বি, স্ত্রী, ব্যবধান ; অন্তরাল ; আড়াল। ২। অবধারণ।

পরিচ্ছিন্ন (পো) [পরি—ছিদ্ + ত (কর্ম্মে —ক্ত)] বিণ, ইয়ত্তা রূপে পরিমিত। ২। নির্ণীত। ৩। সীমাবদ্ধ ; অবধিযুক্ত। ৪। বিভক্ত। প্র—"পরিচ্ছিন্ন নাহি সন্ধ্যা দিবস রজনী"—কবিকঙ্কণ।

পরিচ্ছেদ (পোরিচ্ছেদ্) [পরি—ছেদ—ছিদ্ + অ (করণে, অল্)] বি, অংশ ; ভাগ। প্র —"ভারত পঞ্চম বেদ নানা মত পরিচ্ছেদ বেদভাগে বেদান্ত বাখান।"—অন্নদামঙ্গল। ২। সীমা ; অবধি। ৩। শেষ ; সমাপ্তি ; অবসান। ৪। গ্রন্থের বিষয় বিভাগ ; chapter. ৫। নিশ্চয় ; নির্ণয়। ৬। [ভাবে—অল্] ইয়ত্তারূপে অবধারণ। ৭। ভেদজ্ঞান। প্র—উন্মত্ত হইয়া সাধু করে মহাখেদ। চেতনাচেতন তার নাহি পরিচ্ছেদ।"—কবিকঙ্কণ।

পরিচ্ছেদ্য (পো, দ্দ) [পরি—ছিদ্ + য (কর্ম্মে)] বিণ, ইয়ত্তারূপে নির্ণেয়। ২। বিভাজ্য।

পরিচ্যুত (পোরিচ্‌চুত) [পরি—চ্যু (স্খলিত হওয়া) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, বিচ্যুত ; পতিত ; স্খলিত ; ভ্রষ্ট।

পরিজন (পো, ন্) [পরি (সম্পূর্ণরূপে) জন (আত্ম লোক)] বি, পুং, পরিবার ; পোষ্যবর্গ ; আত্মীয় স্বজন। ২। সেবক ; পরিচারক।

পরিজনতা (পো) [পরিজন + তা (ভাবে)] বি, স্ত্রী, বশ্যতা।

পরিজয্য (পোরিজোজ্জ) [পরি (চতুর্দ্দিকে) জি (জয় করা) + য (শক্য অর্থে)] বিণ, সর্ব্বত্র জয় করিতে সমর্থ।

পরিজম (ম্) [খনিজঃ—পরিঃ] বি, ত্রিপল কাচ খণ্ড ; কাচের কলম ; prism.

পরিজ্ঞান (পোরিগ্‌গ্যান্) [পরি (বিশেষ ভাবে) জ্ঞা (জানা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সম্যক্‌জ্ঞান ; বিশেষ জ্ঞান।

পরিণত (পোরিনত) [পরি—নম্ (নম্র হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিশেষভাবে বা সম্পূর্ণ নত ; বিনত। ২। অবস্থান্তরপ্রাপ্ত। ৩। পরিপক্ব। ৪। চরমে উপনীত। ৫। বৃদ্ধ। স্ত্রী, পরিণতা।

পরিণতি (পোরিনোতি) [পরি—নম্ (নম্র হওয়া) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, বিনতি ; অবনতি। ২। অবস্থান্তর-প্রাপ্তি ; বিকার। ৩। বার্দ্ধক্য। ৪। শেষ ; সমাপ্তি। ৫। পরিপাক। ৬। চরমদশা বা অবস্থা ; পরিণাম।

পরিণদ্ধ (পোরিনদ্ধ) [পরি—নহ্ (বন্ধন করা) + ত (কর্ম্মে—ত)] বিণ, সম্বদ্ধ। ২। সংযুক্ত ; সংমিলিত। ৩। আলিঙ্গিত। ৪। পরিহিত।

পরিণয় (পোরিনয়) [পরি—নী (পাওয়া) + অ (সংজ্ঞার্থে, অল্)] বি, পুং, বিবাহ ; পাণিগ্রহণ ; দারপরিগ্রহ।

পরিণয়ন (পোরিনয়ন্) [পরি—নী + অনট্ (ভাবে)] বি, ক্লী, পরিণয় ; বিবাহ।

পরিণাম (পোরিনাম্) [পরি—নম্ (নম্র হওয়া) + অ (—ভাবে—ঘঞ্)] বি, পুং, অবস্থান্তর-প্রাপ্তি। ২। চরম ; শেষ ; আখের। প্র—"কি করিবে পরিণামে বুঝিতে না পারি। ভাগ পেতে হয় মোরে আমি তার নারী।"—অন্নদামঙ্গল। ৪। পরিণতি ; পরিপক্বতা। ৫। [কাব্যালঙ্কারে] অর্থালঙ্কারবিশেষ। যদি আরোপ্যমাণ পদার্থ আরোপের বিষয়ের সহিত অভিন্নরূপে পরিণত হইয়া প্রকৃতার্থের উপযোগী হয় তবে তাহাকে পরিণাম-অলঙ্কার বলে। বিণ, পরিণামী—পরিণামযুক্ত।

পরিণাম (পোরিণাম্) [রাসাঃ পরিঃ] বি, সৌরজগতের বিবর্ত্তন ; cosmic evolution.

পরিণামদর্শী (পোরিনামদোর্শি) [পরিণাম (ভবিষ্যৎ বিষয়) দর্শিন্ (যে দেখে)] বিণ, শেষ বা চরমদর্শী ; ভবিষ্যৎ দর্শনকারী ; পরে কি হইবে তাহা ভাবিয়া যে কর্ম্ম করে ; কর্ম্মফল কিরূপ ফলিবে পূর্ব্বে তাহা বিবেচনা করিয়া যে কর্ম্ম করে।

পরিণায়, পরীণায় (পোরিণায়) [পরি (চারিদিকে) —নী (পাওয়া) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, পরিণয় ; বিবাহ। ২। পাশা খেলায় ছকের চতুর্দ্দিকে গুটিচালন।

পরিণায়ক (পোরিনায়ক্) [পরি—নী (পাওয়া) + অক (কর্ত্তৃ)] বি, পুং, পরিণয়কারী। ২। প্রভু। ৩। অধিনায়ক। ৪। সেনাপতি।

পরিণাহ, পরীণাহ (পোরিনাহ) [পরি (চতুর্দ্দিকে) — নহ্ (বন্ধন করা) + (করণে—ঘঞ্)] বি, পুং, ব্যাপ্তি ; বিস্তার। ২। ওসার ; চওড়াই। ৩। বিশালতা। বিণ, পরিণাহী।

পরিণীত (পোরি—) [পরি—নী (পাওয়া বিবাহ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে বিবাহ করা হইয়াছে ; বিবাহিত। স্ত্রী, পরিণীতা।

পরিণেতা (পোরিনেতা) [পরি—নী (পাওয়া, গ্রহণ করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) =পরিণেতৃ ১মা, ১ব] বি, পুং, পরিণয়কারী ; দারপরিগ্রাহক ; পতি।

পরিণেয় (পোরিনেয়) [পরি—নী (পাওয়া) + য (কর্ম্মে— ঘ্যণ্)] বিণ, পরিণয়ের যোগ্য ; বিবাহের উপযুক্ত।

পরিতঃ (পোরিতঃ) [সং—পরিতস্ শব্দ] অ, সম্পূর্ণরূপে। ২। চারিদিকে।

পরিতপ্ত (পো—) [পরি—তপ্ (তাপ দেওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সন্তপ্ত ; উত্তপ্ত। ২। মনস্তাপযুক্ত ; পরিতাপযুক্ত।

পরিতাপ (পোরিতাপ্) [পরি—তপ্ (তাপ দেওয়া) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, সন্তাপ ; উত্তাপ। ২। [করণে—ঘঞ্] মনস্তাপ ; শোক ; দুঃখ। প্র—"কহিও মোর বাপে বিষম পরিতাপে আগুনে ফেলিলা খুল্লনা।"—কবিকঙ্কণ।

পরিতুষ্ট (পোরি—) [পরি — (অতিশয়) তুষ্ট (তৃপ্ত)] বিণ, অতিতৃপ্ত ; পরিতৃপ্ত। ২। আনন্দিত ; সন্তুষ্ট।

পরিতেজব (পোরি—) [পরি (সম্পূর্ণ-রূপে) — ত্যজ্ (ত্যাগ করা) ধাতু হইতে পরিত্যাগ দ্রঃ। ব্রজ। পদাবলী সাহিত্যে তেজব, তেজবি, তেজলি প্রভৃতি শব্দের ভূরি ব্যবহার] ক্রি, পরিত্যাগ করিব : বিসর্জ্জন করিব। প্র—"আজি হুঁ কালি পরাণ পরি-তেজব কত সহ বিরহক জ্বালা।"—বিদ্যাপতি।

পরিতোষ (পোরিতোষ্) [পরি—তুষ্ (তুষ্ট হওয়া) + অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, পরিতৃপ্তি। ২। সন্তোষ : আনন্দ। ক্রি, **পরিতোষা**—সন্তুষ্ট করা। প্র—"শিয়রে সুন্দরী বসি, পরিতোষে তায়।"—ঘনরাম।

পরিত্তান (পোরিত্তান্) [সং—পরিত্রাণ শব্দের প্রাকৃত রূপ। প্রা-বাং] বি, পরিত্রাণ ; উদ্ধার। প্র—"মনেত পাইআ মম্ম সভে বোলে রাখ ধম্ম তোমা বিনা কে করে পরিত্তান।"—শূন্য পুরাণ।

পরিত্যক্ত (পোরিত্তক্ত) [পরি—ত্যজ্ (পরিত্যাগ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বর্জ্জিত : ত্যক্ত। ২। যাহার সঙ্গ ত্যাগ করা হইয়াছে। স্ত্রী, **পরিত্যক্তা**।

পরিত্যজন (পোরিত্তজন) [পরি—ত্যজ্ (ত্যাগ করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, পরিত্যাগ করণ : বিসর্জ্জন। ২। সংসর্গ বর্জ্জন।

পরিত্যাগ (পোরিৎত্যাগ্) [পরি— (সর্ব্বতোভাবে) ত্যজ্ (ত্যাগ করা) + অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, বর্জ্জন ; ত্যাগ। ২। সঙ্গ ত্যাগ ;

পরিত্যাজ্য (পোরিৎত্যাজ্জ) [পরি—ত্যজ্ (ত্যাগ করা) + য (কর্ম্মে, ঘ্যণ্)] বিণ, যাহাকে পরিত্যাগ করা যাইতে পারে ; বর্জ্জনীয়।

পরিত্রাণ (পোরিৎত্রান্) [পরি (সম্পূর্ণ-ভাবে) ত্রৈ (রক্ষা করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, পাপ হইতে মুক্তি : উদ্ধার ; ত্রাণ। ২। সঙ্কট বা বিপদ হইতে মুক্তি। ৩। ধ্বংস বা বিনাশ হইতে রক্ষা। প্র—দুষ্কৃতদিগের বিনাশ এবং সাধু-দিগের পরিত্রাণের জন্য ভগবান যুগে যুগে অবতার গ্রহণ করেন।

পরিত্রাতা (পোরিৎত্রাতা) [পরি (সম্পূর্ণ-রূপে) ত্রৈ (রক্ষা করা) + তৃ (—কর্ত্তৃ—তৃচ্) =পরিত্রাতৃ ১মা, ১ব] বিণ, ত্রাণ-কর্ত্তা ; উদ্ধারক ; জীবন্মুক্তিদাতা। ২। রক্ষক ; বিনাশ হইতে রক্ষাকর্ত্তা। ৩। বিপদ আপদ হইতে উদ্ধারকর্ত্তা।

পরিত্রাহি (পোরিৎত্রাহি) [সং—ক্রিয়াপদ। পরি—ত্রৈ (পালন করা) + হি (অনুজ্ঞার্থে লোট মধ্যম পুরুষ এক বচন)] অ, পরিত্রাণ কর : বাঁচাও ; রক্ষা কর। প্র—"পরিত্রাহি বলিয়া সেনের ধরে পায়"—ঘনরাম। "ভবার্ণবে কর্ণধার পার কর কাতরে, সম্বল কিছুই নাই পরিত্রাহি ডাকি তাই, দাও শ্রীচরণ ভেলা হেলায় যাই তরে"—কালীপ্রসন্ন ঘোষ। **পরিত্রাহি ডাক ছাড়া**—প্রাণ ভয়ে রক্ষা কর রক্ষা কর বলিয়া চীৎকার।

পরিদান (পোরিদান্) [পরি(পরিবর্ত্তনরূপে) যে দান] বি, ক্লী, পরিবর্ত্তন : বিনিময় : বদল।

পরিদৃশ্যমান (পোরিদৃশ্‌শোমান্) [পরি—দৃশ্যমান (দ্রঃ)] বিণ, যাহা দেখা যাইতেছে : চতুর্দ্দিকে দৃশ্যমান।

পরিদেবন (পোরিদেবন্) [পরি—দিব্ (প্রলাপ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, খেদোক্তি : বিলাপ। ২। পরিতাপ : অনুতাপ। স্ত্রী, **পরিদেবনা**। বিণ, **পরিদেবী**—পরিদেবনকারী।

পরিধান (পোরিধান্) [পরি—ধা (ধারণ করা) + অন (কর্ম্মে—অনট্) যাহাকে শরীরে আবরক রূপে ধারণ করে] বি, ক্লী, পরিধান-যোগ্য বস্ত্র : পরিধেয় বস্ত্র। ২। [ভাবে—অনট্] পরন ; অঙ্গে বস্ত্রাদি ধারণ। ৩। আচ্ছাদন।

পরিধাপন (পোরিধাপন্) [পরি—ধাপি (ধাবন করান) + অন (কর্ম্মে—অনট্)] বি, ক্লী, পরিধান করিবার বস্ত্র। ২। [ভাবে, অনট্] পরিধান করাইয়া দেওন : কাপড় পরাইয়া দেওন।

পরিধায় (পো—য়) [সং] পরিধান। ২। পরিচ্ছদ।

পরিধারণ (পো, ন্) [সং] বি, প্রতিবন্ধক। স্ত্রী, **পরিধারণা**—পরিগ্রহ ; ধরিয়া রাখন।

পরিধি (পো) [পরি—ধা + ই (কর্ম্মে—কি)] বৃত্তের চতুর্দ্দিকস্থ সীমা রেখা : বেষ্টনী ; বেড ; circumference ২। পরিবেষ্টন। ৩। চন্দ্রমণ্ডল ; সূর্য্যমণ্ডল।

পরিধিস্থ (পো) [পরিধি (রাজার চতু-র্দ্দিকে) স্থ (যে থাকে)] বি, পুং, চতুঃপার্শ্বে অবস্থানকারী। ২। যাহারা সর্ব্বদা ঘিরিয়া থাকে ; মোসাহেব। ৩। রাজপরিচারক। ৪। শরীর রক্ষক ; body-guard. ৫। বিণ, চতুঃপার্শ্বে অবস্থানকারী ; মণ্ডলস্থিত।

পরিধূপিত (পো) [পরি (সর্ব্বতোভাবে) —ধূপিত (ধূপান্বিত ; তাপিত)] বিণ, ধূপ-দ্বারা সুগন্ধীকৃত ; ধূপের সুগন্ধে চতুর্দ্দিক আমোদিত।

পরিধেয় (পো) [পরি—ধা + য (কর্ম্মে)] অঙ্গে ধারণ করিবার উপযুক্ত : পরিধান যোগ্য।

পরিনিষ্ঠা (পো) [সং] বি, পরিশেষ।

পরিন্যাস (পোরিনন্নাশ্) [সং] বি, বিন্যাস।

পরিপক্ব (পোরিপক্ক) [পরি—পচ্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা সম্পূর্ণভাবে পাকিয়াছে ; সুপক্ব। ২। সুসিদ্ধ। ৩। পরিণত। ৪। বহুদর্শী : যাহার বুদ্ধি বিবেচনা পরিণতি প্রাপ্ত হইয়াছে।

পরিপণ (পোরিপন্) [পরি—পণ্ (ব্যবহার করা) + অ (করণে—অল্)] বি, পুং, ক্লী, মূলধন : পুঁজি।

পরিপণিত (পোরিপোণিত) [পরিপণ + ইত (যুক্তার্থে) কিম্বা, পরি—পণ্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, স্বীকৃত।

পরিপন্থক (পরিপনস্থক) [পরি (ব্যাধি, বিঘ্ন) পন্থক (পথিমধ্যে জাত)] বিণ, পরিপন্থী দ্রঃ।

পরিপন্থী (পোরিপোন্‌থি) [পরি (ব্যাধি, বিঘ্ন) পন্থী (পন্থিন্ শব্দ ১মা, ১ব, যে পথে গমন করে, পথে জাত—নিপাতন-সিদ্ধ) পথের বিঘ্ন—বাধা—শত্রু] বিণ, পথরোধক। ২। প্রতিকূল। ৩। প্রতিপক্ষ ; শত্রু ; বিপক্ষ। ৪। বি, বিঘ্ন : ব্যাঘাত।

পরিপাক (পোরিপাক্) [পরীপাকও হয় কিন্তু বিরল। পরি—পচ্ (পাক করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, পরিণাম। ২। হজম।

পরিপাটি, পরিপাটী (পোরিপাটি) [পরি পট্ + ণিচ = পাটি (গমন করা) + ইন্ (ভাবে)] বি, স্ত্রী, পরে পরে বা ক্রমে ক্রমে গমন ; অনুক্রম ; আনুপূর্ব্বিক ধারা। ২। সুশৃঙ্খলা ৩। নৈপুণ্য ; কারিগরি : কৌশল। প্র—"কার সাধ্য বুঝিতে পারে দেবের পরিপাটী."—পদ্মাপুরাণ (বিজয়গুপ্ত)। ৪। বিণ, সুন্দর। ৫। সুবিন্যস্ত। বি, পারিপাট্য।

পরিপাটী (পো) [গণিত পরিঃ] বি, পাটীগণিত ; অঙ্কবিদ্যা ; arithmetic.

পরিপালন (পো, ন্) [পরি (সর্ব্বতোভাবে) পালন] বি, প্রতিপালন ; পরিপোষণ।

পরিপালিত (পোরি) [পরি (সর্ব্বতো-ভাবে) পালিত (রক্ষিত)] বিণ, পরিপোষিত ; প্রতিপালিত।

পরিপূত (পো) [পরি—পূ (পবিত্র করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, পবিত্র ; বিশুদ্ধ। ২। পরিষ্কৃত (ধান্যাদি) ; গোড়া বাচা।

পরিপূরয়ে (পো) [ব্রজ] ক্রি, পরিপূর্ণ করে। প্র—"বিপুল পুলকে পরিপূরয়ে দেহ" —বিদ্যাপতি।

পরিপূর্ণ (পোরিপূর্ন) [পরি (সম্যক্) পূর্ (পরিপূর্ণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা পূর্ণ করা হইয়াছে : সম্পূর্ণ : ভরপুর। ২। পরিতৃপ্ত।

পরিপূর্ণতা (পোরি) [পরি (সম্যক্) পূর্ণ + তা (ভাবে)] বি. স্ত্রী. সম্পূর্ণতা। ২। পরিব্যাপ্তি : আভোগ। ৩। পরিতৃপ্তি।

পরিপ্রেক্ষিত (পো) [পরি—প্র—ঈক্ষ্ (দর্শন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বি. ক্লী. আকৃতি, দূরত্ব, সংস্থান প্রভৃতি হেতু যেরূপ আলেখ্যে দেখিতে পাওয়া যায় তদনুরূপ বিন্যাস করণোপযোগী অঙ্কন বিদ্যা : perspective.

পরিপ্লব, পারিপ্লব (পো. ব্) [পরি (সর্ব্বতোভাবে) প্লু (গমন করা) + অ (ভাবে—অল্)] বিণ. প্লাবন। ২। উপদ্রব। ৩। [কর্ত্তৃ—অল্] বিণ. আকুল; অস্থির।

পরিপ্লুত (পো) [পরি—প্লু + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. আপ্লুত : অভিষিক্ত। ২। প্লাবিত। ৩। আকুল। ৪। কম্পমান। স্ত্রী. পরিপ্লুতা—মদিরা : মদ্য। ২। সঙ্গমক্লিষ্ট যোনি। ৩। বিণ. অভিষিক্তা ; পরিপ্লাবিতা। বি. পরিপ্লুতি।

পরিবৎসর (শর্) [জ্যোতিঃ পরিঃ] বি. যে সময়ের মধ্যে বৃহস্পতি দ্বাদশ রাশি ভোগ করে (সৌর দ্বাদশ বৎসরে বার্হস্পত্য এক বৎসর হয়)। ২। সংবৎসর।

পরিবন্দ, পরিবন্ধ (পো—) [প্রাদে। পরি (বিশেষ, বিবিধ)—বন্দ (বন্ধন—বাঁধুনি)] বি. নানাছন্দ : নানা রকম। প্র—"নানা পরিবন্দ করি বেন্ধেছে কবরী।"—ধর্ম্মমঙ্গল। "আঁচড়িল কেশ তার নানা পরিবন্ধে। গন্ধ তৈল যুত হয়ে পড়ে তার স্কন্ধে॥"—কবিকঙ্কণ।

পরিবর্জ্জন (পোরিবর্জ্জন্) [পরি—বৃজ্ (ত্যাগ করা) + ণিচ্ = বর্জ্জি + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. পরিত্যাগ ; বিসর্জ্জন।

পরিবর্ত্ত (পো) ["পরীবর্ত্ত" (বিরল)। পরি—বৃৎ (বর্ত্তমান থাকা, পরিবর্ত্তন করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. পরিবর্ত্তন ; বিনিময় ; বদল। ২। অবস্থান্তর ; সংস্কার। প্র—যে বিধি কুবিধি তুমি জান, পার, তার পরিবর্ত্ত আন।"—কর্ম্মগীতা (যদুনাথ মজুমদার)। ৩। যুগান্ত। ৪। পার্শ্বপরিবর্ত্তন।

পরিবর্ত্তন (পো. ন্) [পরি—বৃৎ + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. পরিবর্ত্ত (দ্রঃ)। অবস্থান্তর ; বদল। ৩। সংস্কার।

পরিবর্ত্তিত (পোরিবোর্ত্তিত) [পরি—বৃৎ + ণিচ্ = বর্ত্তি (বদল করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহার পরিবর্ত্তন হইয়াছে। ২। অবস্থান্তরিত।

পরিবর্ত্তী (পো) [পরি—বৃৎ (অবস্থান করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = পরিবর্ত্তিন্ ১মা ১ব] বিণ. পরিবর্ত্তনশীল।

পরিবর্দ্ধক (পো. ক্) [পরি—বৃধ্ (বৃদ্ধি পাওয়া) + অক (কর্ত্তৃ)] বিণ. পরিবর্দ্ধনকারী : উৎকর্ষক : বৃদ্ধিকারক। ২। পালক।

পরিবর্দ্ধিত (পোরিবোর্ধিত) [পরি—বৃধ্ + ণিচ = বর্দ্ধি (বৃদ্ধি পাওয়ান) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ. যাহা বাড়ান হইয়াছে : সম্বর্দ্ধিত ; বিস্তারিত।

পরিবর্হ (পো) [পরি (সম্পূর্ণ) বর্হ্ (আচ্ছাদন করা) + অ (কর্ম্মে—অল্)] বি. পরিধেয় ; পোষাক ; পরিচ্ছদ।

পরিবহ (পো) [পরি—বহ্ (বহন করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি. পুং. বায়ুমণ্ডলস্থ সপ্তবায়ুর অন্তর্গত সুবহ বায়ুর উপরিস্থিত বায়ু।

পরিবাদ, পরীবাদ (পো. দ্) [পরি—বদ্ (বলা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. অপবাদ ; নিন্দা। প্র—"একি পরমাদ দেয় পরিবাদ এছার পাড়ার লোকে।"—চণ্ডীদাস। "কোথা বীর পাইল ধন ঘুষিত সকল জন পরিবাদ ছিল লোক মাঝে।"—কবিকঙ্কণ ২। বীণার অঙ্গবিশেষ (পরিবাদিনী দ্রঃ)।

পরিবাদক (পো. ক্) [পরি—বদ্ (বলা) + অক (ণক—কর্ত্তৃ)] বিণ. নিন্দাকারী নিন্দুক : অপবাদকর্ত্তা। ২। তিরস্কারক।

পরিবাদিনী (পো) [পরিবাদী দ্রঃ) বি. স্ত্রী. নিন্দাকারিণী। ২। সপ্ততন্ত্রী বীণা। প্র—"কোকিলনাদিনী গীঃ-পরিবাদিনী স্ত্রী পরিবাদ বিধায়িনী।"—অন্নদামঙ্গল।

পরিবাদী (পো) [পরি—বদ্ (বলা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = বাদিন্ ১মা ১ব] বিণ. নিন্দুক ; অপবাদী। ২। [পরিবাদ (নিন্দা) + ইন্ (অস্ত্যর্থে) = পরিবাদিন্ ১মা ১ব] পরিবাদগ্রস্ত। স্ত্রী—পরিবাদিনী।

পরিবাপ, পরীবাপ (পো. প্) [পরি—বপ্ (মুণ্ডন করা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. আবাপন ; মুণ্ডন। ২। কৃত্রিম ক্ষুদ্র জলাশয়। ৩। বপন।

পরিবাপন, পরীবাপন [পরীবাপন (বিরল) পরি—বাপি (মুণ্ডন করান) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. আবাপন।

পরিবাপিত (পো—) [পরিবাপ (মুণ্ডন) + ইত (যুক্তার্থে)] বিণ. মুণ্ডিত। ২। বপিত। ৩। রোপিত।

পরিবার (পোরিবার্) [পরীবার (মনুষ্য ভিন্ন অর্থে)—বিরল। পরি—বৃ (বরণ করা) + অ (কর্ম্মে—ঘঞ্)] বি. পুং. পরিজন : পোষ্য ; প্রতিপাল্য। ২। [আধু. বাং-য়] স্ত্রী ; পত্নী। ৩। খড়্গাধার ; অসিকোষ।

পরিবাহ, পরীবাহ (পো) [পরি (সম্যক্ রূপে) বহ্ (বহন করা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. জলপ্লাবন : জলোচ্ছ্বাস। ২। [করণে—ঘঞ্, যাহা দ্বারা জল প্রবাহিত হয়] জল নির্গমনের পথ ; মোহানা। ৩। [কর্ম্মে—ঘঞ্, যাহা বহন করিয়া যাওয়া হয়] রাজোচিত উপঢৌকনের দ্রব্য সম্ভার।

পরিবাহন (পোরিবাহন্) [রাসাঃ পরিঃ] বি. তরল পদার্থের বিশেষ প্রক্রিয়া দ্বারা তাপ সঞ্চালন।

পরিবিন্ন, ন্ন (পো) বি. পরিবিত্ত দ্রঃ।

পরিবিত্ত (পো) [স্মৃতি-পরিঃ। পরি—বিদ্ (জানা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বি. পুং. কনিষ্ঠের অগ্ন্যাধান ও বিবাহ স্থলে অনগ্ন্যাধান এবং অবিবাহিত জ্যেষ্ঠ।

পরিবীক্ষণ (পো. ন্) [পরি—বি—ঈক্ষ্ (দর্শন করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. সম্যক্ দর্শন ; অভিনিবেশসহকারে দর্শন।

পরিবীত (পো) [পরি—ব্যে + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. পরিবেষ্টিত। ২। সমাবৃত ; সমাচ্ছাদিত।

পরিবৃত (পো) [পরি—বৃ (আবরণ করা) + ত (কর্ম্মে—ক্ত] বিণ. পরিবেষ্টিত। ২। সমাবৃত ; সমাচ্ছাদিত।

পরিবৃতি (পোরিবৃতি) [পরি—বৃ (আবরণ করা) + তি (ভাবে—তি)] বি. স্ত্রী. বেষ্টন ; পরিধি ; চতুর্দ্দিকের বেড়া। ২। আবরণ।

পরিবৃত্তি (পো) [পরি—বৃৎ + তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. পরিবর্ত্তন ; বিনিময়।

পরিবেত্তা (পো) [পরি—বিদ্ + তৃ (কর্ত্তৃ, তৃন্)] বি. পুং. অবিবাহিত জ্যেষ্ঠ ভ্রাতা বর্ত্তমান থাকিতে বিবাহিত কনিষ্ঠ ভ্রাতা।

পরিবেদন (পো—ন্) [পরি—বিদ্ + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. অনূঢ় জ্যেষ্ঠ বর্ত্তমানে কনিষ্ঠের দারপরিগ্রহ। ২। ক্লেশ ; যন্ত্রণা। ৩। বোধ ; জ্ঞান। ৪। লাভ ; প্রাপ্তি।

পরিবেদনা (পো) [পরি—বেদি (জানা) + অন (ভাবে—অনট্) আপ্ স্ত্রী] বি. স্ত্রী. বুদ্ধি ; বিবেচনা। ২। অতিশয় বেদনা।

পরিবেদিনী (পো) [পরি—বিদ্ + ইন্ (কর্ত্তৃ ণিন্) = পরিবেদিন্ + ঈপ্—স্ত্রী] বি. স্ত্রী. পরিবেত্তার পত্নী।

রিবেশ, ষ (পো, শ্) [পরি—বিশ্—বিষ্ (বেষ্টন করা, ব্যাপ্ত করা) + অ (করণে—অল্) যাহা দ্বারা পরিবেষ্টন করা হয়] বি, পুং, পরিধি; বেষ্টন; মণ্ডল। ২। সূর্য্য ও চন্দ্র মণ্ডল। ৩। পরিবেষণ।

পরিবেষণ (পো, ন্) [হিঃ—পরস্না; পরোসন্। তুল—পূ-বঙ্গে—পারস; বগুড়া অঞ্চলে—পারোস। পরি—বিষ্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পরিবেষ্টন। ২। অন্নবণ্টন; ভোজনকালে অন্ন ব্যঞ্জনাদি প্রয়োজন মত প্রদান। বিণ, পরিবেষক [গ্রা, স্ত্রী,—পরিবেষুনী] যে পরিবেষণ করে।

পরিবেষ্টন (পো, ন্) [পরি—বেষ্ট্ + অন (অনট্, ভাবে)] বি, ক্লী, বেষ্টন; ঘিরণ; আবেষ্টন। ২। ঘেরাউ। ৩। বেষ্টনী; বেড়া।

পরিবেষ্টিত (পো) [পরি—বেষ্ট্ (বেষ্টন করা) + ত (কর্ম্মে—ক্ত) যাহাকে চারিদিকে বেষ্টন করিয়া রাখা হইয়াছে] বিণ, বেষ্টিত; পরিবৃত।

পরিবোধ (পো, ধ্) [পরি—বুধ্ (বুঝা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, জ্ঞান। ২। প্রবোধ; সান্ত্বনা। প্র—"পার্ব্বতীকে পদ্মাবতী পরিবোধ করে। উদ্ধব বুঝান যেন ব্রজবনিতারে॥"—শিবায়ন। "জরাসন্ধ আদি সারা রাজা হয়ে জরা জরা তারা তারে করে পরিবোধ।"—ঐ।

পরিব্রজ্যা (পোরিব্‌ব্রোজ্‌জ্যা) [পরি—ব্রজ্ (গমন করা) + য (কর্ম্মে—ক্যাপ্)] বি, স্ত্রী, তপস্যা; সন্ন্যাসধর্ম্ম। ২। পরিব্রাজন; ধর্ম্মার্থে পরিভ্রমণ।

পরিব্রাজ (পোরিব্‌ব্রাজ্) [পরি—ব্রজ্ (গমন করা) + অ (কর্ত্তৃ—ঘঞ্)] বি, পরিব্রাজক।

পরিব্রাজক (পোরিব্‌ব্রাজক্) [পরি—ব্রজ্ (গমন করা) + অক (কর্ত্তৃ—ণক)] বি, পুং, ভ্রমণকারী; পর্য্যটক। ২। ভিক্ষু: চতুর্থাশ্রমী; সন্ন্যাসী। প্র—"সৌম্য পরিব্রাজকের রূপ গেল ঘুচে। ঘুচিল কাষায় বাস, ফোঁটা গেল মুছে॥"—রামায়ণ (রাজ)। স্ত্রী, পরিব্রাজিকা।

পরিব্রাজন (পোরিব্‌ব্রাজন্) [পরি—ব্রজ্ (ভ্রমণে) ধাতুজ] বি, পরিভ্রমণ; পর্য্যটন।

পরিভব (পোরিভব্) [পরীভবও হয় কিন্তু বিরল। পরি—ভূ + অ (ভাবে—অল্)] বি, পুং, পরাভব; পরাজয়; পরিহার। ২। তিরস্কার; অবমাননা।

পরিভাব, পরীভাব (পোরিভাব্) বি, পরাভব [প্র, অ,]। বিণ, পরিভাবী—পরাভবকারী।

পরিভাষণ [পরি (পরস্পর) ভাষণ (কথা বলা)] বি, ক্লী, বাক্যালাপ; কথোপকথন। ২। নিন্দাবাদ; তিরস্কার। ৩। লক্ষণ; সঙ্কেত।

পরিভাষা (পো) [পরি—ভাষ্ + অ] বি, স্ত্রী, বিশেষার্থ-বোধক সঙ্কেত; সংজ্ঞাবিশেষ। ২। পরিষ্কৃত ভাষণ।

পরিভাষিত (পো) [পরি—ভাষ্ (বলা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পরিভাষা দ্বারা ব্যক্ত বা বিজ্ঞাপিত। ২। কথিত।

পরিভুক্ত (পো) [পরি—ভুজ্ (ভোগ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা ভোগ করা হইয়াছে; উপভুক্ত।

পরিভূত (পো) [পরি—ভূ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পরাজিত; অভিভূত। ২। তিরস্কৃত।

পরিভোগ (পো, গ্) [পরি—ভুজ্ + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, সম্ভোগ।

পরিভ্রম (পোরিব্‌ভ্রোম্) [পরি—ভ্রম্ (ভ্রমণ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, পরিভ্রমণ। ২। ভ্রম।

পরিভ্রমণ (পোরিব্‌ভ্রোমন্) [পরি—ভ্রম্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পর্য্যটন; চতুর্দ্দিক ভ্রমণ।

পরিভ্রষ্ট (পোরিব্‌ভ্রোষ্ট) [পরি—ভ্রন্স্ + ত (কর্ম্মে—ক্ত) = ভ্রষ্ট (পতিত)] বিণ, পতিত। ২। বিচ্যুত। প্র—"দূষণের কর হতে পরিভ্রষ্ট হ'য়ে পড়িল পরিঘপান ভূমে উলটিয়ে"—রামায়ণ (রাজ)। ৩। নষ্ট।

পরিমণ্ডল (পোরিমোণ্ডল্) [পরি (চতুর্দ্দিকে) মণ্ডল (গোলাকার)] বিণ, পরিধি; বর্ত্তুল; গোলাকার।

পরিমর্শ (পো) [পরি—মৃশ্ (স্পর্শ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, সংস্পর্শ; সংঘর্ষ। ২। ঘর্ষণ।

পরিমর্ষ (পো) [পরি—মৃষ্ (সহ্য করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, দ্বেষ; হিংসা; অসূয়া।

পরিমল (পো, ল্) [পরি—মল্ + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, চন্দন কুঙ্কুম প্রভৃতির মর্দ্দনজাত সুগন্ধ। প্র—"কমল কুমুদ দেখি সুখে সাধু মুদে আঁখি কুসুমনিকর পরিমলে।"—কবিকঙ্কণ। ২। সুরভি পুষ্পাদি হইতে উত্থিত মনোহর গন্ধ। প্র—"ফুটিল মালতি ফুল সৌরভ ছুটিল। পরিমল লোভে অলি আসিয়া জুটিল॥"—মদনমোহন তর্কালঙ্কার। ৩। সম্ভোগ।

পরিমাণ (পোরিমান্) [পরি (সম্যক্) মা (পরিমাণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মাপ; দৈর্ঘ্য প্রস্থ, বেধাদির নির্দ্ধারণ; ২। ওজন; গুরুত্ব নির্দ্ধারণ। ৩। সংখ্যানির্দ্ধারণ। পরিমাণফল—ক্ষেত্রফল; ভূমির চতুঃসীমাবস্থিত স্থানের পরিমাণ; area.

পরিমাণাত্মক (পোরিমানাৎতঁক্) [রসাঃ পরিঃ] বি, পরিমাণবিশিষ্ট; পরিমাণসংক্রান্ত। প্র—"প্রাচীন রসায়নের দ্বিতীয় ত্রুটী ছিল যে উহা পরিমাণাত্মক (quantitive) শাস্ত্র ছিল না। এই দ্রব্যের সহিত এই দ্রব্য সংযুক্ত হইলে অমুক দ্রব্যের উৎপত্তি হইয়া থাকে, কিন্তু উহার কত পরিমাণ অপরাপর দ্রব্যের কত অংশের সহিত সংযুক্ত হইয়া কত ওজনের দ্রব্য উৎপন্ন হইয়া থাকে, তাহা লিখিত হইত না।"—পঞ্চানন নিয়োগী।

পরিমিত (পো) [পরি—মা + ত (কর্ম্মে—ক্ত)—মা = মি] বিণ, উপযুক্ত পরিমাণযুক্ত। ২। সংযত। ৩। অল্প। প্র—"দেখিলে কি শতদল অতি পরিমিত জল চড়ে পাছে লাগে ডিঙ্গাখান।"—কবিকঙ্কণ।

পরিমিতি (পো) [পরি—মা + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, ভূমি পরিমাণ; ক্ষেত্রব্যবহার; ক্ষেত্রতত্ত্ব; mensuration.

পরিমুক্তসঙ্গ (পো—শংগ) [পরি—মুক্ত (সম্পূর্ণরূপে পরিত্যক্ত) হইয়াছে সঙ্গ (বিষয় ভোগ) যৎকর্ত্তৃক, বহু] বিণ, বিষয়ভোগ বাসনা শূন্য; সম্পূর্ণ নিস্পৃহ।

পরিমেয় (পো) [পরি (সম্যক্)—মা (মাপ করা) + য (কর্ম্মে)] বিণ, পরিমাণের যোগ্য। ২। পরিমিত; সংযত; যথাপরিমাণ।

পরিমোক্ষ (পো) [পরি—মোক্ষ্ (মুক্ত হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, পরিনির্ব্বাণ; পরিত্রাণ। ২। মলত্যাগ।

পরিম্লান (পোরিম্‌ম্লান্) [পরি—ম্লা (মলিন হওয়া + ত (কর্ত্তৃ—ক্ত) = ন] বিণ, অতিশয় ম্লান। ২। বিশুষ্ক।

পরিযন্ত (পোরিজন্ত) [সং—পর্য্যন্ত হইতে। পদাবলী সাহিত্যে। অপ্র] বি, পর্য্যন্ত; শেষ; অবসান। প্র—"দিনে দিনে ক্ষীণ তনু হিমে কমলিনী জনু না জানি কি ইহ পরিযন্ত।"—বিদ্যাপতি।

পরিরক্ষণ (পোরিরোক্‌খন্) [পরি—রক্ষ্ (রক্ষা করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সংরক্ষা।

পরিরম্ভ (পো) ["পরীরম্ভ"—বিরল। পরি—রভ্ + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, আলিঙ্গন। প্র—"মাগয়ে তব পরিরম্ভ প্রেমভরে সুবদনী তনু জনু গুন্ত।"—বিদ্যাপতি।

পরিরম্ভণ ((পো, ন্) [পরি—রভ্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আলিঙ্গন। "পিয়া পরিরম্ভণে।"—বিদ্যাপতি।

পরিরাটক (পো, ক্) [পরি—রট্ (প্রকাশ করা) + অক (কর্ত্তৃ—শীলার্থে)] বিণ. সর্ব্বত্র রটনাকারী।

পরিরাটী (পো) [পরি—রট্ + ইন্ (কর্ত্তৃ—ণিন = পরিরাটিন্ ১মা ১ব)] বিণ. চতুর্দ্দিকে রটনাশীল।

পরিলেখন (পো, ন্) [পরি—লিখ্ + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. যজ্ঞস্থলের সীমা রেখাকরণ।

পরিশঙ্কনীয় (পো) [পরি—শন্ক (আশঙ্কা করা) + অনীয় (কর্ম্মে)] বিণ. বিশঙ্ক্য বিশেষ শঙ্কার কারণ; ভীতিযোগ্য; ভয়ের বিষয়।

পরিশিষ্ট (পো) [পরি—শিষ্ + ত (কর্ম্মে—ক্ত) = শিষ্ট (অবশিষ্ট)] বিণ. অবশিষ্ট পরিশেষে যাহা যুক্ত হয়। ২। গ্রন্থ সমাপ্তির পর সংযুক্ত অংশ।

পরিশীলন (পো—ন্) [পরি—শীল + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. অনুশীলন। ২। আলিঙ্গন। ৩। অবগাহন।

পরিশুদ্ধ (পো) [পরি—শুধ্ (শুদ্ধ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. বিশুদ্ধ: পবিত্র ২। সংশোধিত। ৩। পরিষ্কৃত। ৪। নিশ্চিত [বিরল]।

পরিশুষ্ক (পো) [পরি—শুষ্ (শুষ্ক হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. বিশুষ্ক; অতিশয় শুষ্ক নীরস। ২। বি. ক্লী. পক্ক মাংসবিশেষ।

পরিশেষ (পো, ষ্) [পরি—শিষ্ + অ (ভাবে—অল্)] বি. পুং. সমাপ্তি; অবসান; অবশেষ। ২। উপসংহার। ৩। [কর্ত্তৃ—অচ্)] বিণ. অবশিষ্ট; বাকী।

পরিশোধ (পো, ধ্) [পরি—শুধ্ + অ (ভাবে—অল্)] বি. পুং. ঋণ শোধ; ধার শোধ। ২। সংশোধন; সংস্কার।

পরিশোষ [পরি—শুষ (শুষ্ক্ হওয়া) + অ ভাবে—অল্] বি. পুং. শুষ্কতা; নীরসতা।

পরিশ্রম (পোরিস্স্রম্) [পরি—শ্রম্ (শ্রম করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. শ্রম; পরিশ্রান্তি; মেহনত; অঙ্গচালনজনিত ক্লেশ; আয়াস।

পরিশ্রমী (পোরিস্স্রোমি) [পরিশ্রম + ইন্ (অস্ত্যর্থে) = পরিশ্রমিন্ ১মা, ১ব] বিণ. শ্রমকারী; যে মেহনত করে; যে খুব কাজ কর্ম্ম করিতে পারে।

পরিশ্রান্ত (পোরিস্স্রান্ত) [পরি—শ্রম্ + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. শারীরিক চেষ্টা জন্য ক্লিষ্ট; শ্রমযুক্ত; ক্লান্ত; অবসন্ন। প্র—"হৃদয়-বেদনা বহিয়া প্রভু এসেছি তব দ্বারে * * * * পরিশ্রান্ত জনে প্রভু লয়ে যাও সংসার-সাগর-পারে।"—রবি।

পরিশ্রুতি (পোরিস্স্রুতি) [পরি—শ্রু (ক্ষরিত হওয়া) + তি (কর্ম্মে—ক্তি)] বি. স্ত্রী. অশ্রুজল [প্র-অ]।

পরিশ্লেষ (পো, ষ্) [পরি—শ্লিষ্ (আলিঙ্গন করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. আলিঙ্গন; আশ্লেষ।

পরিষদ্ (পো) [পরি—সদ্ (গমন করা) + ক্বিপ্ (অধি) যেস্থানে ধর্ম্মবিষয়ক উপদেশ শ্রবণের জন্য বহু লোক গমন করে] বি. স্ত্রী. একবিংশতির অন্যূন সংখ্যক মীমাংসা ন্যায় এবং বেদবেদাঙ্গকুশল পণ্ডিতগণের সভা বা মণ্ডলী। ২। সভা; সমাজ; গোষ্ঠী।

পরিষদ (পো, দ্) [পরি—সদ্ (গমন করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি. পুং. যাঁহারা ধর্ম্মোপদেশ শুনিবার জন্য সভাস্থলে গমন করেন; সভ্য; সভাসদ; সদস্য। ২। অনুচর।

পরিষদ্বল (পো, ল্) [পরিষদ্ + বল (যোগ্যার্থে)] বি. পুং. যাহারা সভার যোগ্য; সভাসদ্। তুল —কৃষীবল।

পরিষ্কার (পোরিষ্‌কার্) [পরি—কৃ + অ (ভাবে ঘঞ্) মধ্যে সুট আগম] বি. পুং. নির্ম্মলতা; স্বচ্ছতা; পরিচ্ছন্নতা। ২। শোভন। ৩। শোধন। ৪। [বাং-য় কর্ম্মে—ঘঞ্] বিণ. নির্ম্মল; পরিচ্ছন্ন। প্র—স্থানটি বেশ পরিষ্কার। ৫। স্বচ্ছ। প্র—পরিষ্কার জল। ৬। সুন্দর। প্র—পরিষ্কার গঠন। পরিষ্কার মুখ। ৭। স্পষ্ট; খোলসা; সাদা। প্র—পরিষ্কার কথা। ৮। উদার; সরল; অন্তর বাহির শূন্য; অকপট। প্র—পরিষ্কার হৃদয় বা মন। ৯। স্বাভাবিক; বিকারহীন। প্র—পরিষ্কার নাড়ী। ১০। মধুর। প্র—তাহার গানের বেশ পরিষ্কার গলা। ১১। প্রতিবন্ধক হীন; বাধা বিঘ্ন শূন্য। প্র—রাস্তা পরিষ্কার আছে। ১২। আবর্জ্জনা শূন্য। প্র—কূপ বা পুষ্করিণী পরিষ্কার করা। ১৩। রোগ-যন্ত্রণাহীন; ব্যাধি-মুক্ত; সুস্থ। প্র—তাহার শরীর বেশ পরিষ্কার হইয়া গিয়াছে। এখনও মাথাটা পরিষ্কার হয় নাই। ১৪। অমলিন; শুভ্র। প্র—সাবানের জলে কাপড় বেশ পরিষ্কার হয়েছে।

পরিষ্কৃত (পো) [পরি—কৃ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সংস্কৃত; মার্জ্জিত। ২। নির্ম্মলীকৃত। ৩। শুদ্ধীকৃত। ৪। অলঙ্কৃত; ভূষিত। ৫। শোভাযুক্ত।

পরিষ্ট, পরীষ্টি (পো) [পর্য্যুসিত শব্দজ] বিণ. পর্য্যুসিত; বাসি। প্র—"বিকালে ব্যঞ্জন দশ পরিষ্টে টাবার রস ভোজন করেন কলাবতী।" ২। ভিজা; পান্ত। **পরীষ্টি-ভাত**—জলে ভিজান ভাত; পান্ত-ভাত।

পরিষ্বঙ্গ (পোরিশ্‌শংগ) [পরি—স্বনজ্ (আলিঙ্গন করা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. আলিঙ্গন; আসঙ্গ।

পরিসংখ্যা (পোরিশংখ্যা) [পরি—সংখ্যা (গণনা)] বি. স্ত্রী. সংখ্যা; গণনা। ২। [স্মৃতি] বিধিবিশেষ; সংখ্যাপূর্ব্বক বিধি (বিধি দ্রঃ)। ৩। কাব্যালঙ্কারবিশেষ।

পরিসভ্য (পোরিশোভ্‌ভ) [পরি—সভ্য] বি. পুং. সভাসদ্।

পরিসর (পোরিশর্) [পরি—সৃ (গমন করা) + অ (অধি—অল্) গমন করা হয় যেখানে] বি. পুং. নগর অথবা নদী পর্ব্বতাদির নিকটস্থ স্থান; পর্য্যন্তভূমি। প্র—"টাঙ্গায়া তাম্বু ঘর বসিলা সদাগর পরিসর নদীর কূলে।"—কবিকঙ্কণ। ২। ব্যাপ্তি; বিস্তার; দ্রব্যাদির প্রস্থ।

পরিসরণ (পোরিশরন্) [পরি—সৃ + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. মৃত্যু; মরণ। ২। পরাজয়; পরাভব।

পরিসরম (পোরিশরম্) [সং—পরিশ্রম শব্দের প্রা-বাং-প্রাকৃ-রূপ] বি. পরিশ্রম। ২। বিণ. পরিশ্রান্ত। প্র—"পৃথিবী ভরমিআ দুহে পরিসরম হইঞা। অর্দ্ধ অঙ্গের ঘাম পরভু ফেলিল মুছিঞা॥"—শূন্য পুরাণ।

পরিসর্য্যা (পোরিশোর্জ্জা) [পরি—সৃ (গমন করা) + য (ভাবে—যণ্) — আপ্ স্ত্রী] বি. স্ত্রী. চতুর্দ্দিকে গমন।

পরিসারক (পোরিশারক্) [পরি—সৃ (গমন করা) + অক (কর্ত্তৃ)] বিণ. সর্ব্বত্র গমনশীল; চতুর্দ্দিকে গতিশীল।

পরিসীমা (পোরিশিমা) [পরি—সীমন্ (সীমা) ১মা, ১ব] বি. স্ত্রী. সীমা; অন্ত; শেষ। ২। পর্য্যন্ত; অবধি; ইয়ত্তা।

পরিস্তোম, পরিষ্টোম (পো, ম্) বি. পুং. হাতীর পিঠের বিচিত্র কম্বল; ঝুল।

পরিস্পন্দ (পোরিশ্‌পন্দ) [পরি—স্পন্দ্ (গমন করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. লড়া চড়া: বিশেষভাবে স্পন্দন। ২। [রাসাঃ পরিঃ] সম্ভাব্য কম্পন; potential vibration.

পরিস্পন্দন (পোরিশ্‌পন্দন্) [পরি—স্পন্দ্ + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. অতিশয় স্পন্দন; সম্যক্ কম্পন; বিকম্পন; আন্দোলন; vibration.

পরিস্রাব (পোরিস্স্রাব্) [রাসাঃ পরিঃ] বি. "ক্ষার জলের সহিত আলোড়িত করিয়া বস্ত্রের দ্বারা ছাঁকিয়া লওয়াকেই 'পরিস্রাব' কহে।"—ডাক্তার প্রফুল্ল রায়।

পরিস্রুত (পোরিস্স্রুত) [পরি—স্রু + ত (কর্ত্তৃ—ক্ত) যাহা ফোঁটা ফোঁটা করিয়া পতিত

হয়] বিণ. নিঃসৃত ; ক্ষরিত ; চোয়ান। স্ত্রী. **পরিস্রুতা**—মদিরা ; মদ্য। **পরিস্রুত জল**— [রাসাঃ পরিঃ] পাতিত বারি ; পরিস্রাব-জাত বারি ; distilled water. পরিস্রাব দ্রঃ।

পরিহর [ব্রজ] ক্রি. ত্যাগ কর ; ছাড়িয়া দাও। প্র—"পরিহর এ সখি তোহে পরণাম।"—বিদ্যাপতি।

পরিহরণ (পো. ন্) [পরি—হৃ+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. হানি। ২। ক্ষীণতা [প্র-অ]। ৩। [পরিহার দ্রঃ] পরিত্যাগ ; বর্জ্জন। ৪। স্খালন।

পরিহরণীয় (পো. নি. অ) [পরি—হৃ+অনীয় (কর্ম্মে)] বিণ. পরিহার-যোগ্য ; পরিত্যাগের উপযুক্ত ; পরিহার্য্য ; ত্যাজ্য। ২। [পরি—হৃ (হরণ—গ্রহণ)] গ্রহণ-যোগ্য ; গ্রাহ্য। স্ত্রী. **পরিহরণীয়া**। বি. **পরিহরণীয়তা**।

পরিহরমাণ (পো. ন্) [পরিহার (দ্রঃ)—মান (কর্তৃ—শানচ্)] বিণ. যে পরিহার করিতেছে ; বর্জ্জনশীল।

পরিহরি (পোরিহোরি) [পরিহার দ্রঃ। পরিহরিয়া পদ্যে পরিহরি] অস-ক্রি. পরিত্যাগ করিয়া ; ছাড়িয়া ; ত্যাগ করিয়া। প্র—"বদন কমল গন্ধে পরিহরি মকরন্দে কত কত শত ধায় অলি।"—কবিকঙ্কণ। ২। পরিহার (দ্রঃ) করিয়া।

পরিহর্ত্তব্য (পোরিহর্তোব্ব) [পরিহার (দ্রঃ)—তব্য (কর্ম্মে)] বিণ. পরিহারের যোগ্য ; পরিহার্য্য।

পরিহসনীয় (পোরিহশনীয়) [পরিহ—স্+অনীয়)] বিণ. পরিহাসের উপযুক্ত পাত্র। ২। উপহাস্য। স্ত্রী. **পরিহসনীয়া**। প্র—"পরম পরিহসনীয়া ভ্রাতৃজায়া ঠাকুরাণী।"—রবি।

পরিহসি (পোরিহোসি) [ব্রজ। সং—পরিধান হইতে] ক্রি. পরিধান করে ; অঙ্গে ধারণ করে ; পরে। প্র—"অসকতি কর কঙ্কণ নহি পরিহসি হৃদয় হার ভেল ভারে।"—বিদ্যাপতি।

পরিহার, পরীহার (পোরিহার্) [পরি—হৃ+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. অবজ্ঞা ; অনাদর ; অসম্মান। ২। মোচন ; ছাড়িয়া দেওয়া ; এড়ান। ৩। পরিত্যাগ ; বর্জ্জন ; ত্যাগ। প্র—"ভরসা তোমার নাথ ভরসা তোমার অজ্ঞান অবোধ ছেলে পিতৃ আজ্ঞা অবহেলে পিতে তারে তার তরে করে কি হে পরিহার।"—বাং-গান। ৪। দোষাপনয়ন ; দোষস্খালন। প্র—"সত্যবাক্য কহিবেক করি পরিহার।"—চৈতন্যভাগবত। ৫। উপেক্ষা। ৬। প্রার্থনা। প্র—"গুরুর চরণে সাধু করে পরিহার।"—কবিকঙ্কণ। ৭। বিদায়। প্র—"পরিহার মাগে ভট্ট ছেড়ে দেরে ভাই।"—ধর্ম্মমঙ্গল। ৮। পরাজয় ; পরাভব ; হার। প্র—"মান তারে পরিহার সাধি আন আর বার গুমানে কি করে আর ভারত দেখিলে।"—অন্নদামঙ্গল। "বিনা রণে পরিহার মাগি তাঁর কাছে"—মেঘনাদ। "পরিহার মানি পরিত্যাগ দিল পিতা।"—শিবায়ন। ৯। সমর্পণ। প্র—"বিহি পায়ে করি পরিহার।"—বিদ্যাপতি।

পরিহারি (পো) [প্রাদে] বি. জগন্নাথ দেবের সেবাইত ব্রাহ্মণবিশেষ।

পরিহার্য্য (পোরিহার্জ) [পরি—হৃ+য (কর্ম্মে)] বিণ. পরিহর্ত্তব্য ; পরিত্যাজ্য ; পরিহরণীয়।

পরিহাস, পরীহাস (পোরিহাশ্) [পরি—হস্ (হাস্য করা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. কৌতুক ; ঠাট্টা তামাসা। **পরিহাসকেশব**—কাশ্মীরে প্রতিষ্ঠিত প্রসিদ্ধ বিষ্ণুমূর্ত্তি।

পরিহিত (পো) [পরি—ধা (ধারণ করা) +ত (কর্ম্মে—ক্ত) ধা = হি] বিণ. যাহা পরিধান করা হইয়াছে ; পিনদ্ধ। ২। আচ্ছাদিত। স্ত্রী. **পরিহিতা**। বি. পরিধান।

পরিহীন (পো. ন্) [পরি—হা (ত্যাগ করা) + ত (কর্ম্মে—ক্ত) হা=হী, ত= ন] বিণ. ক্ষীণ ; পরিক্ষীণ। ২। সম্যক্ বঞ্চিত। ৩। পরিবর্জ্জিত ; ত্যক্ত।

পরিহৃত (পো.) [পরি—হৃ+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. পরিত্যক্ত। ২। বিমুক্ত।

পরী (পোরি) [ফা। তুল—ইং fairy ; সং—অপ্সরা (অপভ্রংশে, অপ্সরী)] বি. পক্ষ-যুক্ত সুশ্রী দেবযোনি-বিশেষ। ২। পরীর ন্যায় সুশ্রী নারী ; পরমা সুন্দরী স্ত্রী। প্র—মেয়েটী পরী। **পরীদেশ, পরীরাজ্য**—কাল্পনিক দেশ বা রাজ্য যথায় পরীরা বাস করে ; fairy land. **ডানা কাটা পরী**—পরমা সুন্দরী নারী ; যেন কোন পরী ডানা কাটা বলিয়া উড়িয়া যায় না। বিদ্রূপচ্ছলেই অধিক ব্যবহৃত। যে (বিদ্রূপে বিপরীতার্থে) অতি কুরূপা।

পরীক্ষক (পো. ক্) [পরি (সম্যক্)—ঈক্ষ্ (দর্শন করা)+অক (কর্তৃ) যে সম্যক্ প্রকার দর্শন করে] বিণ. পরীক্ষা গ্রহণকারী। ২। দোষগুণবিচারক। ৩। বিশ্লেষণকারী। **রাসায়নিক পরীক্ষক**—রসায়ন শাস্ত্রের বিশ্লেষণকারী ; chemical examiner. **ভাগ্যপরীক্ষক**—ভাগ্যান্বেষী ; adventurer. **রত্নপরীক্ষক**—মণিরত্নাদির দোষ-গুণ ও মূল্য নিরূপণকারী।

পরীক্ষণ (পো. ন্) [পরি—ঈক্ষ্ (দর্শন করা) + অন (ভাবে—অনট্)] বি. বিশ্লেষণ ; তর্ক প্রমাণাদি দ্বারা বস্তুর নির্ণয় ; দোষগুণ অবধারণ। ২। গুণ দোষের বিচার।

পরীক্ষণীয় (পো) [পরি—ঈক্ষ্+অনীয় (কর্ম্মে)] বিণ. পরীক্ষার উপযোগী। ২। বিচার্য্য। ৩। অনুসন্ধেয়।

পরীক্ষা (পোরিক্খা) [পরি—ঈক্ষ্+অ (ভাবে—অঙ্)—আপ্ স্ত্রী] বি. স্ত্রী. দোষ গুণের বিচার। ২। বিশ্লেষণাদি দ্বারা পদার্থ নির্ণয়। ৩। অনুসন্ধান।

পরীক্ষিৎ, পরীক্ষিত (পো. ত্) [পরি—ক্ষি (ক্ষয় হওয়া) + ক্বিপ (কর্তৃ) ত্ আগম, অথবা কর্ম্মে ক্ত—মাতৃগর্ভে বিনষ্ট হওয়ায় এই নাম। পরিক্ষিৎ বানানও হয়] বি. পুং. অর্জ্জুন-পুত্র অভিমন্যু ও বিরাটরাজপুত্রী উত্তরার পুত্র এবং জনমেজয়ের পিতা। পাণ্ডবগণ ইঁহাকে শৈশবেই রাজ্যভার দিয়া মহাপ্রস্থান করেন।

পরীক্ষিত (পো) [পরীক্ষা (দ্রঃ) ইত] বিণ. যাহাকে পরীক্ষা করা হইয়াছে ; যাহার দোষগুণ বিবেচিত হইয়াছে। স্ত্রী. **পরীক্ষিতা**। বি. পরীক্ষা।

পরীণায় (পোরিনায্) [পরি—নী+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. পাশাখেলার গুটি-চালন।

পরীণাহ (পোরিনাহ) [পরি—নহ্+অ (ভাবে—ঘঞ্] বি. পুং. বিস্তার ; ব্যাপ্তি ; বিশালত্ব।

পরীত (পো) [পরি (চতুর্দ্দিকে)—ই (গমন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. পরিবৃত ; বেষ্টিত। ২। যুক্ত ; বিশিষ্ট।

পরীষ্টি (পোরিশ্‌টি) [পরি—ইষ্ (ইচ্ছা-করা) +তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. অন্বেষণ ; খোঁজ।

পরুয়া (পো) [গ্রা. পোরো। প্রাদে] বি. পলি ; a purse. ২। মূত্রাশয় ; the bladder.

পরুষ (পোরুষ্) [প+উষ (কর্তৃ—উষন্)] বিণ. কর্কশ ; রূঢ় ; কঠোর। প্র—"হইত পুরুষ বলিত পরুষ পিড়ি ঘায়ে দিত শোধ।"—কবিকঙ্কণ। ২। উদ্ধত ; উগ্র। ৩। নিষ্ঠুর। ৪। বিচিত্র বর্ণ। ৫। [ভাবে—উষ] বি. ক্লী. কঠোরতা ; কাঠিন্য ; কর্কশতা। ৬। বৃক্ষ-বিশেষ ; xylocarpus granatum. স্ত্রী. **পরুষা**। বি. **পরুষত্ব, পরুষতা, পারুষ্য**। **পরুষ কণ্ঠ**—কর্কশ স্বর। **পরুষ বচন, পরুষ বাক্য**—কঠোর উক্তি ; কর্কশ কথা ; উদ্ধত বচন ; কটুবাক্য।

পরুষভাষী—যে পরুষ বাক্য বলে কর্কশবাক্যকথক। ২। যে কটুবাক্য বলে
পরুষস্বর—পরুষ-কণ্ঠ ; কর্কশকণ্ঠ।

পরুষোক্তি (পো) [পরুষ (কর্কশ) উক্তি (কথা)—কর্ম্মধা] বি, কঠোর উক্তি নিষ্ঠুর বাক্য। ২। [পরুষ (কর্কশ) হইয়াছে উক্তি যাহার, বহু] বিণ, কটুভাষী।

পরুষোক্তিক (পো, ক্) [পরুষ—উক্তি—ক(যে করে)] বিণ, কটূক্তিকারী ; পরুষভাষী। ২। পরুষবচনপূর্ণ।

পরে [সং—পর] ক্রি-বিণ, অনন্তর ; পশ্চাতে শেষে। ২। অপরে ; অপর ; অন্যলোক পর। প্র—পরে একথা শুনিবে কেন ? ৩ অন্যত্র ; পরের নিকট ; বাহিরে। প্র—"ম: অভিলাষ যদি মনেতে নিবারিত। * * * * করিতে পরের ধ্যান ওষ্ঠাগত হয় প্রাণ ঘরে পরে অপমান সে সব যন্ত্রণা যেত॥"—বাং-গান
পরে পরে—একের পর এক ; ক্রমান্বয়ে একে একে। ২। বাহিরে বাহিরে। ৩ লোকপরম্পরা ক্রমে।

পরেত [পর (অন্যলোক) ইত (ই=গমন করা+ত, কর্ত্তৃ, ক্ত—গমনকারী) যে ইহলোক ত্যাগ করিয়া অন্যলোকে গমন করে বিণ, পরলোকগত ; মৃত। ২। পুং, প্রেত ভূতযোনি-বিশেষ।

পরেতরাট্ [পরেত (মৃত) রাজ্+ক্বিপ্ (কর্ত্তৃ) জ্=ট্, যে মৃতের উপর আধিপত্য করে] বি, পুং, যম।

পরেশ (শ্) [সং—স্পর্শ হইতে] বি, স্পর্শমণি। ২। পরমেশ্বর।

পরোক্ষ [পরঃ (অতীত) অক্ষ (অক্ষির) (ইন্দ্রিয়ের) অক্ষি=অক্ষ, অব্যয়ী] বিণ, ইন্দ্রিয়াতীত ; অপ্রত্যক্ষ ; অসাক্ষাৎ
পরোক্ষজ্ঞান—ইন্দ্রিয়াতীত জ্ঞান ; অতীন্দ্রিয় জ্ঞান। ২। অপ্রত্যক্ষজ্ঞান ; indirect knowledge. পরোক্ষপ্রমাণ —অপ্রত্যক্ষ বিষয় ব্যাপার এবং যুক্তি প্রমাণ ; circumstantial evidence. পরোক্ষভোগ—প্রকৃত অধিকারীর অনুপস্থিতিতে বা অজ্ঞাতে তাহার সম্পত্তি ভোগ।

পরোখ (খ্) [সং—পরীক্ষা হইতে হি—পরখ্] বি, পরীক্ষা। প্র—"যখন কোন বস্তুর বাহ্য চাকচিক্যে আমরা মুগ্ধ হই তখন তাহাকে যেন আমরা পরোখ করিয়া দেখি"—মার্কাস অরিলিয়স।

পরোঢ়া [পর (অন্য) কর্ত্তৃক ঊঢ়া (বিবাহিতা) ৩ তৎ] বি, স্ত্রী, অন্যের পরিণীতা ; পরস্ত্রী।

পরোপকার (র্) [পরের উপকার—৬ তৎ] বি, পুং, পরহিত সাধন। ২। অন্যের সহায়তা। বিণ, পরোপকারী।

পরোপকারক (ক্) [পর—উপকারক বিণ, পরহিতসাধক।

পরোপকারপরায়ণ (র্, ন্) বিণ, পরহিতব্রত। স্ত্রী, পরোপকারপরায়ণা।

পরোপকারিতা [পর—উপকারিতা] বি, অন্যের হিতানুষ্ঠান ; পরের সহায়তা।

পরোপকারী [পর—উপকারী] বিণ, অন্যের হিতসাধক। স্ত্রী, পরোপকারিণী।

পরোপকৃত [পর—দ্বারা উপকৃত—৩ তৎ] বিণ, অন্যের নিকট উপকারপ্রাপ্ত ; পরানুগৃহীত। স্ত্রী, পরোপকৃতা।

পরোপজীবী [পর—উপজীবিন্ ১ মা, ১ব] বিণ, পুং, পরান্নে পালিত ; অন্যের অর্থাদি সাহায্যে জীবন ধারণকারী। ২। পরমুখাপেক্ষী। স্ত্রী, পরোপজীবিনী।

পরোয়া [ফা] বি, ভয় ; ডর। ২। ভাবনা ; চিন্তা। কুচ পরোয়া নেই ["কুচ পর্‌বা নহী" এই হিন্দীর অনুকরণে] কোন ভয় নাই ; মাভৈঃ। বে পরোয়া—ভয়শূন্য : নির্ভীক। ২। স্বচ্ছন্দ। বে পরোয়াই —নির্ভীকতা ; স্বাধীন ভাব।

পরোয়ানা, পরয়ানা [ফা—পর্‌বানা] বি, আদালতের আজ্ঞাপত্র ; হুকুমনামা ; লিখিত রাজাজ্ঞা। প্র—"রাজার সম্মান লিখন পরয়ানা"—ঘনরাম। "নাগরা নিশান দিল লিখন পরোয়ানা"—ধর্ম্মমঙ্গল।

পরোল (ল্) [সং—দীর্ঘ পটোলিকা] বি, তরুই নামক লতা গাছ ও ফল।

পরোষ্ণী (পরোশ্‌টি) [সং] বি, আরসুলা ; তেলা পোকা।

পরোশা [পরসা দ্রঃ। পরিবেশন হইতে প্রা-বাং] ক্রি, পরিবেষণ করা। প্র—"সুবর্ণের বাটিতে দুর্ব্বলা দিল ঘি। হাসিয়া পরোশে রামা বণিকের ঝি॥"—কবিকঙ্কণ।

পর্কটি, পর্কটী (র্কো) বি, স্ত্রী, পাকুড়গাছ ও ফল।

পর্চে (পোর্চে) [গ্রা। সং—পর্য্যায় অপভ্রংশে] বি, পয্যায় ; পুরুষ পরম্পরাগত সংখ্যা। ২। [সং—পরিচয় শব্দের অপভ্রংশে] পরিচয়।
পর্চে পাড়া—পয্যায়ের আবৃত্তি করা ; বংশাবলীর পরিচয় দেওয়া ; সাত পুরুষের পরিচয় দেওয়া। পর্চেন পাড়া ও বলে।

পর্জ্জন্য (পোর্জোন্) [পৃষ্ (জলসেক করা) +অন্য (কর্ত্তৃ) নিপাতনসিদ্ধ] বি, পুং, শব্দকারী জলবর্ষক মেঘ। ২। ইন্দ্র। পর্জ্জন্যদেব—ইন্দ্র।

পর্ণ [পর্ণ (হরিৎবর্ণ হওয়া) +অ (কর্ত্তৃ—অল্)] বি, ক্লী, পত্র ; পাতা। প্র—"সেথা ছেয়েছিল তার ঘিরি চারিধার ফোটা ফুল কত বর্ণে ; সে যে পরাজি সবার রূপের আভায় ছিল গো মুদিত পর্ণে।"—বিজয় মজুমদার। ২। তাম্বূলপত্র ; পান। ৩। পক্ষ ; পালক। ৪। পুষ্পদল ; ফুলের পাপড়ী। ৫। পুং, পলাশবৃক্ষ।

পর্ণকার (র্) [পর্ণ (পান) কার (যে জন্মায়, যে পানের ব্যবসা করে] বি, পুং, বারুইজাতি। ২। পানবিক্রেতা ; পাস্তি।

পর্ণকুটী, পর্ণকুটীর [পর্ণ (পাতা) দ্বারা নির্ম্মিত যে কুটী—কুটীর (ক্ষুদ্র ঘর)—কর্ম্মধা] বি, স্ত্রী, পত্রদ্বারা আচ্ছাদিত ক্ষুদ্র গৃহ ; পাতার কুঁড়ে।

পর্ণকৃচ্ছ্র [পর্ণ (পাতা) দ্বারা কৃচ্ছ্র (ব্রতবিশেষ)—৩তৎ] বি, ক্লী, পর্ণমাত্র ভোজন করিয়া যে ব্রতানুষ্ঠান করা হয়।

পর্ণখণ্ড [সং] বি, পুং, বনস্পতি।

পর্ণনর (র্) [পর্ণ (পাতা) দ্বারা নির্ম্মিত যে নর (মনুষ্য)—কর্ম্মধা] বি, পুং, পত্র-রচিত মনুষ্যাকৃতি। ২। নরের স্থলাভিষিক্ত পর্ণনির্ম্মিত মূর্ত্তি ; কোন মনুষ্যের মৃত দেহ না পাইলে বন্ধু বান্ধবগণ তাহার উদ্দেশে পলাশ পত্র দ্বারা তাহার এক প্রতিকৃতি নির্ম্মাণ করিয়া উহাকেই তাহার মৃতদেহবৎ দাহ করিয়া অশৌচগ্রহণ এবং অশৌচান্তে শ্রাদ্ধাদির অনুষ্ঠান করেন।

পর্ণবল্লী (বো) বি, স্ত্রী, পলাশী লতা।

পর্ণবীটিকা [পর্ণের বীটিকা (বীড়া)—৬তৎ] বি, স্ত্রী, পানের বীড়া ; পানের খিলি।

পর্ণভোজন (ন্) [পর্ণের ভোজন—৬তৎ] বি, ক্লী, পাতা ভক্ষণ। ২। [পর্ণ—ভোজন (ভোজ্য) যাহার, বহু] পুং, ছাগ।

পর্ণময় (য়্) [পর্ণ+ময় (বিকারার্থে, নির্ম্মিতার্থে—ময়ট্)] বিণ, পত্রনির্ম্মিত। ২। পাতায় পূর্ণ।

পর্ণমৃগ [সং] বি, পুং, শাখামৃগ ; বানর। ২। বৃক্ষ বিড়াল।

পর্ণলতা [পর্ণের (পানের) লতা, ৬তৎ] বি, স্ত্রী, পানগাছ।

পর্ণশয্যা (শোজ্জা) [পর্ণ (পাতা) নির্ম্মিত যে শয্যা (বিছানা)—কর্ম্মধা] বি, স্ত্রী, পত্ররচিত শয্যা।

পর্ণশালা [পর্ণের (পাতার) শালা (গৃহ)—৬তৎ] বি, স্ত্রী, পাতার ঘর ; কুঁড়ে।

পর্ণাদ (দ্) [পর্ণ—অদ্ (ভোজন করা) +অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, ব্রতের জন্য বৃক্ষপত্র মাত্র ভোজনকারী। ২। পর্ণভোজী জীব। ৩। বি, পুং, ঋষিবিশেষ। ৪। বিদর্ভরাজকন্যার জনৈক ব্রাহ্মণ। ইনিই দময়ন্তীকে নলের সংবাদ আনিয়া দিয়াছিলেন।

পর্ণাশন (ন্) [পর্ণ (পত্র) হইয়াছে অশন (ভক্ষ্য) যাহার, বহু] বি, পুং, মেষ ; ছাগ ২। [৬তৎ] ক্লী, পত্রভক্ষণ। ৩। বিণ, পর্ণাদ ; পত্রভোজী ; যাহারা পাতা খায়।

পর্ণাশা—বি, স্ত্রী, মহাভারতোক্ত মহানদী-বিশেষ। পুরাণে বরুণপত্নী বলিয়া উক্ত।

পর্ণাস (শ্) [সং] বি, তুলসীগাছ।

পর্ণাসি (শি) [সং] বি, জলটুঙ্গী।

পর্ণী (পোর্নি) [পর্ণ (পাতা) + ইন্ (অস্ত্যর্থে পর্ণিন্ ১মা, ১ব] বি, পুং, বৃক্ষ। ২। বিণ পত্রযুক্ত।

পর্দ্দন (ন্) [গ্রা—পাদন, পাদ। পর্দ্দ (অপান বায়ু ত্যাগ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বাতকর্ম্ম।

পর্দ্দা [ফা] বি, যবনিকা ; scr ব্যবধান।

পর্পট (ট্) [পর্প্ + অট (সংজ্ঞার্থে)] বি, পুং, ক্ষেতপাপড়া গাছ। ২। খাইবার পাঁপর।

পর্পটিকা,—রস [রাসাঃ—পরিঃ] বি, রসপর্পটী ; রসকজ্জলী ; aethiops mineral.

পর্ব্ব [পৄ (পূরণ করা) + বন্ (কর্ত্তৃ—বনিপ্) = পর্ব্বন্ ১মা, ১ ব] বি, ক্লী, গ্রন্থি। প্র—"দণ্ড দুই দলি শঙ্খ এক গাছি তার। অনেক যতনে তিন পর্ব্ব করে পার।"—শিবায়ন। ২। সন্ধি ; যোড়। ৩। অমাবস্যা ও প্রতিপদের সন্ধি। ৪। পাব। ৫। অঙ্গভঙ্গী ; jesture. ৬। বিষুব। ৭। উৎসব ; পবব। ৮। সংক্রান্তি প্রভৃতি কালবিশেষ। ৯। অধ্যায়। ১০। প্রস্তাব। ১১। সূক্ষ্মকাল ; ক্ষণ। ১২। লক্ষণান্তর। ১৩। অষ্টমী, চতুর্দ্দশী, পূর্ণিমা, অমাবস্যা তিথি এবং রবি সংক্রান্তি এই পঞ্চ পর্ব্ব। প্র—"পণ্ডিত হইয়া পর্ব্ব না মানিয়া করিছ রতি বিহার।"—অন্নদামঙ্গল। ১৪। ব্যাপার। প্র—"বিপ্র সর্ব্ব দেখি পর্ব্ব ভোজ্যবস্ত্র সারিছে"—অন্নদামঙ্গল। "সহরে পড়েছে চর্ব্ব পর্ব্ব আজ ভারি!"—হেম বন্দ্যো।

পর্ব্বকারী [পর্ব্ব—কৃ (করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন) = পর্ব্বকারিন্ ১মা ১ব] বিণ, উপার্জ্জনের লোভে পর্ব্বহীন দিবসে পর্ব্বের সৃষ্টিকারী।

পর্ব্বগামী [পর্ব্ব (পঞ্চপর্ব্ব) গম্ (গমন করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) পর্ব্বগামিন্ ১মা ১ব] বিণ, অষ্টমী চতুর্দ্দশী পূর্ণিমা অমাবস্যা ও সংক্রান্তি এই পঞ্চ নিষিদ্ধ দিনে স্ত্রী-সঙ্গকারী।

পর্ব্বণ (ন্) বি, পুং, রাক্ষসবিশেষ। স্ত্রী, পর্ব্বণী—পৌর্ণমাসী।

পর্ব্বত (ত্) [পর্ব্ব্ (পূরণ করা) + অত (সংজ্ঞার্থে)] বি, পুং, যাহারা পৃথিবীর অনেক স্থান পূর্ণ করিয়া আছে ; শৈল ; গিরি পাহাড়। ২। গন্ধর্ব্ববিশেষ। ৩। দেবর্ষি-বিশেষ। ৪। মৎস্যবিশেষ ; পাবদা। ৫ শাকবিশেষ। ৬। হিমালয় ; গিরিরাজ পার্ব্বতীর পিতা। **পর্ব্বতের ঝি**—হিমালয়-কন্যা ; পার্ব্বতী। প্র—"প্রকাশিলা পূর্ণকলা পর্ব্বতের ঝি"—শিবায়ন।

পর্ব্বতপতি (—পোতি) [পর্ব্বতের—পতি, —৬তৎ] বি, পুং, হিমালয় পর্ব্বত। ২ পার্ব্বতীর পিতা হিমালয়।

পর্ব্বতরাট্, পর্ব্বতরাজ (জ্) [পর্ব্বতের রাট্—রাজা (অধিপতি)—৬তৎ = রাজ্ = রাট্, রাজন্ = রাজ] বি, পুং, পর্ব্বতপ্রধান ২। হিমালয়।

পর্ব্বতবাসী (শি) [পর্ব্বত—বস্ (বাস করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = পর্ব্বতবাসিন্ ১মা, ১ব] বিণ, যে পর্ব্বতে বাস করে ; পাহাড়িয়া ; পার্ব্বত্যজাতি। স্ত্রী, পর্ব্বতবাসিনী।

পর্ব্বতাসন (—শন্) [পর্ব্বত নামক যে আসন—কর্ম্মধা] বি, ক্লী, রুদ্রযামলোক্ত তান্ত্রিক সাধনার উপযোগী আসনবিশেষ।

পর্ব্বতীয় [পর্ব্বত + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, পর্ব্বতসম্বন্ধীয় ; পার্ব্বত্য। ২। পর্ব্বতজাত ; পর্ব্বতোৎপন্ন। ৩। পর্ব্বতবাসী ; পাহাড়িয়া। ৪। পর্ব্বতে প্রচলিত। প্র—পর্ব্বতীয় ভাষা।

পর্ব্বসন্ধি (শোন্ধি) [পর্ব্বন্ = পর্ব্ব (অমাবস্যা ও পূর্ণিমা) সন্ধি (মিলন)—৬তৎ] বি, পুং, পঞ্চদশী ও প্রতিপদের সন্ধিক্ষণ বা মিলনকাল।

পর্ব্বাস্ফোট (পর্ব্বাশ্‌ফোট্) [পর্ব্বন্—আস্ফোট, ৬তৎ] বি, পুং, অঙ্গুলি পর্ব্বের স্ফোটন ; আঙুল মট্‌কান।

পর্ব্বাহ [পর্ব্বন্ = পর্ব্ব (উৎসব) অহন্ = অহঃ (দিন)—৬তৎ] বি, পুং, পর্ব্বদিন ; উৎসবদিন।

পর্ব্বেশ (শ্) [পর্ব্বন্ + ঈশ—৬তৎ] বি, পুং, গ্রহণকালবিশেষের অধিপতিবিশেষ।

পর্য্যঙ্ক (পোর্জংক) [পরি—অন্চ্ (গমন করা) + অ (অধি) যে স্থলে শয়নার্থ গমন করা হয়] বি, পুং, পালঙ্ক ; খাট।

পর্য্যঙ্কবন্ধ [সং] বি, প্রভৃতিদিগের বস্ত্রাদি দ্বারা পৃষ্ঠ ও জানুদ্বয় বন্ধন ; ফাঁড় বাঁধা। ২। বীরাসন।

পর্য্যটক (পোর্জটক্) [সং—পর্য্যাটক হইতে বাং-য় অপপ্রয়োগ] বি, পুং, পর্য্যটনকারী ; ভ্রমণকারী ; পরিব্রাজক।

পর্য্যটন (পোর্জটন) [পরি—অট্ (গমনে, ভ্রমণে) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ভ্রমণ ; পরিভ্রমণ। প্র—"একদা সহস্র হস্তি-বলে ধরা ভুমি। সদর্পেতে পর্য্যটন করিতাম আমি।" —রামায়ণ (রাজ)।

পর্য্যটনশীল (পোর্জটন্‌শিল) বিণ, ভ্রমণ-কারী ; পর্য্যাটক। ২। ভ্রমণপ্রিয়।

পর্য্যন্ত (পোর্জোন্ত) [পরি—অন্ত (শেষ)] পুং, সীমা। ২। প্রান্ত। ৩। অবসান। ৪। পার্শ্ব। ৫। সমীপ ; নিকট। ৬। বিণ, প্রত্যন্ত ; শেষ সীমাস্থিত। ৭। ক্রি-বিণ, তক্।

পর্য্যন্তভূ [পর্য্যন্ত (সমীপ) যে ভূ (স্থান)—কর্ম্মধা] বি, স্ত্রী, প্রত্যন্ত ভূমি ; নদীশৈলাদির সন্নিকটবর্ত্তী ভূ-ভাগ।

পর্য্যবসান (পোর্জবশান্) [পরি—অবসান (শেষ)] বি, ক্লী, সমাপ্তি ; সমাপন ; শেষ ; সমাধা।

পর্য্যবসিত (পোর্জবোশিত) [পরি—অবসিত (সমাপ্ত)] বিণ, পরিণত। ২। নিঃশেষিত। ৩। সমাপ্ত। ৪। পর্য্যালোচনায় নির্দ্ধারিত।

পর্য্যবস্থা, পর্য্যবস্থান (পোর্জ ন,) [পরি—অবস্থা] বি, ব্যাঘাত ; প্রতিরোধ ; বিরোধ। ২। অবরোধ।

পর্য্যবস্থাতা (পোর্জ) [পরি—অব—স্থা (থাকা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = পর্য্যবস্থাতৃ ১মা, ১ব] বিণ, প্রতিকূল। ২। ব্যাঘাত-কারক।

পর্য্যবস্থিত (পোর্জ) [পরি—অব—স্থা (থাকা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বি, পুং, সর্ব্বত্র ব্যাপিয়া অবস্থিত। ২। বিষ্ণু।

পর্য্যবেক্ষক (পোর্জবেক্‌খক্) [পরি—অব —ঈক্ষক] বিণ, যে পর্য্যবেক্ষণ করে ; পরি-দর্শক। ২। গ্রহনক্ষত্রাদি-দর্শক ; তারা-দর্শক ; observator.

পর্য্যবেক্ষণ (পোর্জবেক্‌খন্) [পরি—অব —ঈক্ষ্ (দর্শন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পরিদর্শন ; তত্ত্বাবধান। ২। অভিনিবেশ সহকারে দর্শন ; নিরীক্ষণ। বিণ, পর্য্যবেক্ষিত।

পর্য্যবেক্ষণিকা (পোর্জবেক্‌খনিকা) [পরি —অব—ঈক্ষণ + কণ্—আপ স্ত্রী, ই আগম] বি, স্ত্রী, গ্রহনক্ষত্রাদি-নিরীক্ষণাগার ; মান-মন্দির ; observatory.

পর্য্যয় (পোর্জয়) [পরি—অয় (গমন করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, প্রাতিকূল্য ; বৈপরীত্য। ২। অবৈধ আচার।

পর্য্যয়ণ (পোর্জয়ন্) [সং] বি, পর্য্যাণ দ্রঃ।

পর্য্যশ্রু (পোর্জস্রু) [পরি—অশ্রু] বিণ, অশ্রুপূর্ণ ; ভূরি অশ্রুময়।

পর্য্যসন (পোর্জশন্) [পরি—অস্ (ক্ষেপণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, দূরীকরণ ; অপসারণ।

পর্য্যস্ত (পোর্জস্ত) [পরি—অস্ (ক্ষেপণ করা) + ত] বিণ, বিক্ষিপ্ত। ২। বিস্তারিত; প্রসারিত : ব্যাপ্ত। ৩। অপসারিত; দূরীকৃত। ৪। উদ্বর্ত্তিত ; overturned. ৫। আহত; আঘাতিত। ৬। নিহত। ৭। পতিত।

পর্য্যস্তিকা (পোর্জ—) [সং] বি, শয্যাধার ; পর্য্যঙ্ক ; খাট।

পর্য্যাকুল (পোর্জাকুল্) [পরি—আকুল] বিণ, অতি কাতর ; অতি ব্যাকুল। ২। ব্যতিব্যস্ত।

পর্য্যাণ (পোর্জ্যান্) [পরি—যা + অন (করণে, সংজ্ঞার্থে—অনট্)] বি, ক্লী, পালান্ ; পশু-পৃষ্ঠে বসিবার আসন ; জিন।

পর্য্যাপ্ত (পোর্জ্যাপ্ত) [পরি—আপ্ + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রাপ্ত ; লব্ধ। ২। সমর্থ। ৩। সম্পূর্ণ। ৪। যথেষ্ট ; প্রচুর। ৫। সমস্ত। ৬। পরিমিত। ৭। সম্পন্ন ; furnished ; endowed. ৮। [ভাবে—ক্ত] বি, ক্লী, প্রাচুর্য্য। ৯। শক্তি : সামর্থ্য। ১০। পরিতোষ ; তৃপ্তি। ১১। ক্রি-বিণ : সম্পূর্ণরূপে। ১২। শক্তিসহকারে।

পর্য্যাপ্তবাদী (পোর্জ্যাপ্ত) [পর্য্যাপ্ত (পরিমিত) + বাদী (ভাষী)] বিণ, যে পরিমিত কথা কহে ; মিতভাষী। প্র—"যাহারা পর্য্যাপ্তবাদী বীর * * * ইঙ্গিতজ্ঞ * * * রাজা তাহাদিগকে সতত সকল কার্য্যেই মন্ত্রী করিবেন।"—রত্নমালা।

পর্য্যাপ্তি (পোর্জ্যাপ্তি) [পরি—আপ্ + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সম্প্রাপ্তি। ২। প্রাচুর্য্য। ৩। সামর্থ্য। ৪। অবসান। ৫। পরিচ্ছেদ। ৬। পরিমিততা। ৭। পরিতৃপ্তি। ৮। অপসারণ ; বারণ : প্রতিকার। ৯। পরিপূর্ণতা। ১০। [ন্যায় দর্শনে] প্রাকৃতিক গুণানুসারে স্বরূপসম্বন্ধবিশেষ।

পর্য্যায় (পোর্জ্যায়) [পরি—ই (গমনে) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, ক্রম ; অনুক্রম : পালা। ২। প্রাচুর্য্য। ৩। প্রকার। ৪। সুযোগ। ৫। পদার্থের গুণ বা ধর্ম্ম। ৬। সম্পর্কবিশেষ। ৭। একার্থবাচক শব্দ ; সমনাম ; synonym. প্র—"রজনীপর্য্যায়ে আছে হরিদ্রা আখ্যান। হেন বুঝি রমা মোরে দিল নিশা দান।"—কবিকঙ্কণ। ৮। [জাতিতত্ত্বে] পুরুষ পরম্পরাগত সংখ্যা : বংশ ক্রমানুযায়ী সংখ্যা। পুরুষ পরম্পরা কাহার বংশ কত কাল, প্রাচীন পর্য্যায় দ্বারা জানা যায়, যথা—মনে কর রামলাল বসুর পর্য্যায় ২৬, তাহা হইলে বুঝিতে হইবে এই বসু বংশের ২৫ পুরুষ বিগত হইয়াছে, ইনি ষড়্‌বিংশ পুরুষের লোক। —বিপ্রদাস মুখোপাধ্যায়। ৯। [কাব্যালঙ্কারিক পরিঃ] বি, অর্থালঙ্কারবিশেষ। "এক স্থানে যদি পূর্ব্বকাল ও উত্তরকালক্রমে অনেক বস্তুর বা অনেক স্থানে এক বস্তুর বা বিধান (উপাদান) বর্ণনা করা যায়, তাহা পর্য্যায় অলঙ্কার হয়।"—কাব্যদর্পণ। প্র— (১) একস্থানে অনেকের উৎপত্তি—"যে পুরীতে ভ্রমিয়াছে কামিনীনিচয়, চরণে নূপুর পরি প্রফুল্ল হৃদয়। সিংহ ব্যাঘ্র বায়স শৃগাল আদি কত—জন্তুগণ সে পুরীতে ভ্রমিছে নিয়ত।"—চারুগাথা। (২) এক বস্তুর অনেক স্থানে উৎপত্তি —"চক্ষেতে থাকিয়া ক্ষণ অশ্রুজল, ভাসাইলা পরে কপোলের তল। তথা হ'তে ক্রমে হ'য়ে বিগলিত, পয়োধরে পড়ি হইলা চূর্ণিত। পরে বলি-পথ বাহিয়া বাহিয়া, দাঁড়াইলা নাভি-সরোবরে গিয়া।"—ঐ।

পর্য্যায়ক্রমে (পোর্জ্যায়ক্রোমে) [পর্য্যায়—ক্রমে] ক্রি-বিণ, যথাক্রমে ; ক্রমানুযায়ী ; পর্য্যায় অনুসারে ; যাহার পর যাহা তদনুসারে ; consecutively by turns.

পর্য্যায়শব্দ (পোর্জ্যায়) বি, এক পর্য্যায়ের অন্তর্গত শব্দ ; a synonym.

পর্য্যায়শয়ন (পোর্জ্যায়্‌শয়ন্) [পর্য্যায়—শী [শয়ন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পর্য্যায়ক্রমে নিদ্রা।

পর্য্যায়সম (পোর্জ্যায়্‌শম) [কাব্যালঙ্কারিক পরিঃ] বি, ছন্দোবিশেষ ; যে কবিতার প্রথম চরণের সহিত তৃতীয় চরণের এবং দ্বিতীয় চরণের সহিত চতুর্থ চরণের সমতা থাকে তাহার নাম পর্য্যায়সম ; alternate rhyme. [দ্রঃ—প্রকার ভেদে এই ছন্দ, বিবিধ নামে অভিহিত যথা—পর্য্যায়, সমবৃত্ত, পর্য্যায় ও শেষ সমবৃত্ত, পর্য্যায় বিষম বৃত্ত। পর্য্যায় বিষমবৃত্তের প্রথম ও তৃতীয় চরণ বিষম, দ্বিতীয় ও চতুর্থ চরণ সম। যথা—

"মানস সরসে সখি, ভাসিছে মরাল রে,
কমল কাননে।
কমলিনী কোন ছলে, থাকিবে ডুবিয়া জলে,
বঞ্চিয়া রমণে ?"—ব্রজাঙ্গনা]।

পর্য্যায়ান্ন (পোর্জ্যায়ান্ন) [পর্য্যায় (দ্রঃ) + অন্ন] বি, একের অন্ন অন্যের বলিয়া প্রদত্ত হইলে পর্য্যায়ান্ন বলে (যাজ্ঞবল্ক্য সংহিতা)। [দ্রঃ—বৈশ্যের অন্ন ব্রাহ্মণকে শূদ্রের অন্ন বৈশ্যকে, ক্ষত্রিয়ের অন্ন শূদ্রকে ইত্যাদি পর্য্যায়ান্ন পদ বাচ্য]।

পর্য্যায়োক্ত (পোর্জ্যা—) [পর্য্যায়—উক্ত] বিণ, পর্য্যায়ক্রমে উক্ত ; পরে পরে উল্লিখিত : আনুপূর্ব্বিক কথিত। ২। [কাব্যালঙ্কারিক পরিঃ] বি, অর্থালঙ্কারবিশেষ : প্রকৃত বক্তব্য বা বর্ণনীয় বিষয়টী স্ফুট রূপে উল্লিখিত না হইয়া বাক্যভঙ্গি দ্বারা প্রতীত হইলে পর্য্যায়োক্ত অলঙ্কার হয়। প্র— "লজ্জা যেন আমার হস্ত ধরিয়া তাম্বুল দিতে বারণ করিতেছে। অতএব আমার হইয়া, তুমি রাজকুমারের করে তাম্বুল প্রদান কর। মহাশ্বেতা পরিহাস পূর্ব্বক কহিলেন 'আমি তোমার প্রতিনিধি হইতে পারিব না।'"—কাদম্বরী। [দ্রঃ—এখানে "প্রতিনিধি হইতে পারিব না" ইহা বাচ্যার্থ হইলেও, বাক্যভঙ্গি-দ্বারা ইহা চন্দ্রাপীড়ের সহিত কাদম্বরীর ভাবী গান্ধর্ব্ব বিবাহের প্রতীতি হইতেছে এবং তাহাই এখানে বিবক্ষিত সুতরাং পর্য্যায়োক্ত অলঙ্কার হইল]।

পর্য্যালোচন (পোর্জ্যালোচন) [পরি—আ—লোচি (বিশেষরূপে অভ্যাস করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, সর্ব্বতোভাবে আলোচনা ; পুনঃ পুনঃ অনুশীলন। ২। বিতর্ক। স্ত্রী, **পর্য্যালোচনা**। বিণ, **পর্য্যালোচিত**।

পর্য্যাস (পো, শ্) [পরি—অস্ + অ (ভাবে, ঘঞ্)] বি, পুং ক্রম ভঙ্গ ; উল্টনপাল্টন ; পরিবর্ত্তন। ২। বিনাশ ; বধ। ৩। পতন। ৪। ব্যাপ্তি ; বিস্তার। বিণ, **পর্য্যাসিত**।

পর্য্যাহার (পোর্জ্যাহার্) [পরি—আ—হৃ (গ্রহণ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, একস্থান হইতে স্থানান্তরে নয়ন ; আহরণ স্থান হইতে অন্যত্র বহন।

পর্য্যুৎসুক (পোর্জুৎশুক্) [পরি—উৎসুক] বিণ, উৎকণ্ঠিত ; সমাকুল। ২। সমুৎসুক ; সাগ্রহ। ৩। অনুরক্ত।

পর্য্যুদস্ত (পোর্জুদস্ত) [পরি (সর্ব্বতোভাবে) উৎ (ঔদ্ধত্য) অস্ (নিবারণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পরাজিত ; পরাভূত। ২। হীনবল। ৩। নিবারিত। বি, **পর্য্যুদাস**—পরাজয় ; পরাভব। ২। নিবারণ।

পর্য্যুপ্তি (পোর্জুপ্‌তি) [পরি (চতুর্দ্দিকে)—বপ্ (বপন করা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, চতুর্দ্দিকে বপন।

পর্য্যুষিত (পোর্জুষিত) [পরি—বস্ (বাস করা) + ত (কর্ম্মে—ক্ত, বস্ = উষ্)] বিণ, একরাত্রি অন্তরিত ; বাসি ; বহুদিন ও রাত্রি অন্তরিত। প্র—"তিরস্কার করি অন্ন দিনু পর্য্যুষিত।"—কাশী—মহা—শান্তি। "পর্য্যুসিত অদনীয় বস্তু ঘৃতাদি স্নেহযুক্ত হইয়া বহুদিন থাকিলেও তাহা ভোজ্য। বহুদিনের পর্য্যুসিত গোধূমচূর্ণ—পিষ্টক, * * * স্নেহাক্ত না হইলেও (যদি বিস্বাদ না হয়) ভোজ্য।"—যাজ্ঞবল্ক্য সংহিতা।

পর্য্যুষিতান্ন (পোর্জুষিতান্ন) [পর্য্যুষিত (বাসি) যে অন্ন—কর্ম্মধা] বি, পূর্ব্বদিবসীয় অন্ন ; বাসিভাত।

পর্য্যেষণা (পো) [পরি + এষণা] বি, গবেষণা ; সবিশেষ অনুসন্ধান।

পর্শু (পো) [সং] বি, পুং, পরশু।

পর্শুকা (পো) [পর্শু+ক—আপ্ স্ত্রী] বি, স্ত্রী, পার্শ্বাস্থি ; পঞ্জরাস্থি ; ribs.

পর্শুপাণি (পো, নি) [পর্শু (কুঠার) পাণিতে যাহার, বহু] বি, পুং, পরশুরাম। ২। গণেশ। ৩। বিণ, পরশুধারী।

পর্শুরাম (পো, ম্) বি, পুং, পরশুরাম।

পর্শ্বধ (পর্শধ্) বি, পুং, পরশ্বধ দ্রঃ ; পরশু।

পর্ষদ্ [পৃষ্ (প্রীত করা) + অদ্ (অধি)] বি, স্ত্রী, সমাজ ; সভা।

পর্ষদ্বল (পর্ষদ্বল্) [পর্ষদ্+বল (যোগ্যার্থে)] বি, পুং, সভার সভ্য ; পারিষদ।

পল (ল্) [ফা—পহলু] বি, দ্রব্যাদির শিরাল পার্শ্ব। প্র—ত্রিপল, চৌপল, অষ্টপল ইত্যাদি। **পল তোলা**—দ্রব্যাদির গাত্র কাটিয়া বা খুদিয়া শিরাল পার্শ্ব বাহির করা। বিণ, **পলিয়া, প'লে** (সংক্ষেপে)।

পল (ল্) [পোয়াল দ্রঃ] বি, বিচালি ; শস্যশূন্য তৃণ ; খড়। ২। [সং] মাংস।

পল (ল্) [পল্ (গমন করা) + অল (করণে) সংজ্ঞার্থে] বি, ক্লী, চারিতোলা পরিমাণ। প্র—"একপল দুগ্ধ যদি নরলোকে পায়"—কাশী-মহা-আদি। "পাঁচ পল সোনা দিল গড়িবারে চুড়ি।"—কবিকঙ্কণ। ২। [কর্ত্তৃ—অচ্] পুং, সূক্ষ্মকাল : ৬০ বিপল। প্র—"ত্রৈলোক্য-দুর্ল্লভ ধন তোমার ওই শ্রীচরণ, পল তার নাহি ছাড়ে প্রেমমুগ্ধ যোগিজন"—কালীপ্রসন্ন ঘোষ। "ভারতী না থাকে থির একপল এত করি তাঁর সেবা।"—রবি।

পলক (ক্) [ফা] বি, চক্ষের পাতা পড়িতে যতটুকু সময় ; অতি অল্পকাল : নিমেষ। **পলক-পাত**—চক্ষের পাতার পতন। ২। অতি সূক্ষ্মকাল। **পলক-রহিত**—নির্নিমেষ। **পলকহীন**—নিমেষশূন্য ; অপলক।

পলকা (ল্) [পলকা অর্থে—স্বপল্কা শব্দের গ্রা-ব্যবহার আছে। তুল—ওড়ি—পল্খা ; পল (শস্যশূন্য তৃণ, খড় সুতরাং অসার ভাগ) হইতে অথবা—পল্ (মৃত্যু) ধাতুজ—ভঙ্গুর] বিণ, ক্ষণভঙ্গুর ; অদৃঢ় ; ভঙ্গপ্রবণ। ২। অসার।

পলকে [পল—কে (প্রতি)] প্রতিপলে। প্র—"পলকে জীবন বারদিন।"—খনার বচন।

পলক্ষার (পলক্খার্) [পল (মাংস) ক্ষার (যাহা মাংস হইতে ক্ষরিত হয়)] বি, পুং, শোণিত ; রক্ত।

পলঙ্কষ (পলংকশ্) [পল (মাংস) কষ্ (হিংসা করা) + অ (কর্ত্তৃ—খশ্) যে মাংস ভক্ষণ করে] বি, পুং, রাক্ষস। স্ত্রী, **পলঙ্কষা**—মক্ষিকা। ২। ক্ষুদ্র গোক্ষুর। ৩। কিংশুক। ৪। লাক্ষা। ৫। রাস্না।

পলট (ট্) [সং—পশ্চাৎ। হি—পলট। বাং—পালট (দ্রঃ)] বি, বিপরীত ; উল্টন্ ; পালট।

পলটন (ল্, ন) বি, সৈন্যদল।

পলটি [ব্রজ। হি—পলট্না। পলটিয়া সংক্ষেপে পলটি (পদ্যে)] ক্রি, পশ্চাৎ ফিরিয়া। প্র—"গেলি কামিনি গজহুঁগামিনি বিহসি পলটি নিহারি।"—বিদ্যাপতি।

পলতা (ল্) বি, পটোল পাতা ও লতা।

পলব (ব্) [তল (আমিষ) বা (পাওয়া) + অ (করণে—ড) যাহাদ্বারা মৎস্য ধরিতে পারা যায়] বি, পুং, বংশশলাকা-নির্ম্মিত মৎস্য ধারণের যন্ত্রবিশেষ ; মাছ ধরিবার পলো।

পলল (ল্) [পল্ + অল] (কর্ত্তৃ)] বি, ক্লী, মাংস। ২। পঙ্ক ; পাঁক। ৩। নদী প্রভৃতির পলি। ৪। তিলচূর্ণ ও চিনি দ্বারা প্রস্তুত মিষ্টান্নবিশেষ ; তিলকুটো। [পল (মাংস) লা (গ্রহণ করা) + অ (কর্ত্তৃ—ড) যে আহারার্থে মাংস গ্রহণ করে] পুং, রাক্ষস।

পললাশী [পলল (দ্রঃ) + অশ্ (ভোজন করা) + ণিন্ (কর্ত্তৃ)] বিণ, মাংসাশী ; মাংসভোজী। প্র—"পললাশী বজ্রনখ আশুগতি আসি"—ছুছুন্দরীবধ কাব্য।

পলস্তারা [ইং—plaster শব্দজ] বি, লেপনীয় বস্তু। ২। গৃহভিত্তিতে লেপ। ৩। গৃহাদির ভগ্নস্থান চূণ সুরকি প্রভৃতি দ্বারা পুনঃ সংস্কার।

পলা [প্রবাল শব্দজ] বি, রত্নবিশেষ ; মতান্তরে উপরত্ন। প্র—"গলায় রসের কাটি হিঙ্গুলের পলাদুটি।"—শিবায়ন। ২। প্রবাল কীটের অস্থি। ৩। তৈলাদি উঠাইবার লৌহ চমস। ৪। পরিমাণবিশেষ।

পলাকড়া [সং—পটোল। প্রাদে] বি, পটোল। প্র—"আলু কিনে কচু কুমড়া সের মূলে পলাকড়া পাকা আম্র কিনে ঝুড়ি মূলে।"—কবিকঙ্কণ।

পলাকড়ি [প্রাদে। পলাকড়া দ্রঃ] বি, পটোল ফল। প্র—"চোঁয়া চোঁয়া করিয়া ভাজহ পলাকড়ি ॥"—কবিকঙ্কণ।

পলাকাঁঠি [পলা (সং—প্রবাল হইতে) কাঁঠি (সং—কণ্ঠী হইতে)] বি, করভূষণবিশেষ। ২। সোণালি।

পলাগ্নি [সং] বি, পুং, পিত্ত।

পলাঙ্গ (পলাংগ) [পল (মাংস-প্রধান) হইয়াছে অঙ্গ (অবয়ব) যাহার, বহু] বি, পুং, জলজন্তুবিশেষ ; শিশুমার ; শুশুক।

পলাণ্ডু [সং] বি, পুং, পিঁয়াজ।

পলাতক (ক্) বিণ, প্রস্থিত ; নিরুদ্দিষ্ট ; যে পলায়ন করিয়াছে। প্র—"আমি নই পলানে খাতক। তব ধন লয়ে হব পলাতক॥"—বাং-গান। ২। পলায়িত প্রজা।

পলান (নো) [সং—পলায়ন হইতে। পরা—অয়্ (গমন করা) ধাতু। উ-পু—পলাই। ম-পু—পলাও ; পলান্ ; পলা। প্র-পু—পলায় ; পলান্। অস-ক্রি—পলাইতে ; পলাইয়া, পলাই (পদ্যে)। গ্রা—পালিয়ে] ক্রি, পলায়ন করা ; অন্যের অলক্ষ্যে অথবা অন্যের আয়ত্তবহির্ভূত হইয়া প্রস্থান করা।

পলান্ন [পল (মাংস) মিশ্রিত যে অন্ন (ভাত) ম, প, লো, কর্ম্মধা] বি, ক্লী, মৎস্য মাংস অথবা ডিম্ব সহযোগে ঘৃতপক্ব অন্ন ; পলাও ; পোলাও। প্র—"রত্ন হাতা ডানি হাতে সঘৃত পলান্ন তাতে।"—অন্নদামঙ্গল।

পলায়ন (ন্) [পরা—অয়্ (গমন করা) + অন (ভাবে অনট্) র =ল] বি, ক্লী, ভয়প্রযুক্ত প্রস্থান।

পলায়মান (ন্) [পরা—অয়্ (গমন করা) আন (শ্) কর্ত্তৃ, ম্ আগম] বিণ, পলায়নপর ; যে পলাইতেছে।

পলায়ল [ব্রজ। পলান দ্রঃ] ক্রি, পলায়ন করিল ; পলাইল। প্র—"তুয়া ডরে ইহ সব দূরহি পলায়ল তুহুঁ পুন কাহে ডরাসি।"—বিদ্যাপতি।

পলায়িত [পরা—অয়্ (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত) ই আগম, র = ল] বিণ, নিরুদ্দিষ্ট ; অলক্ষ্যে প্রস্থিত।

পলাল (ল্) [পল + আল্ (সংজ্ঞার্থে)] বি, পুং, ক্লী, শস্যহীন শুষ্ক তৃণ ; পোয়াল খড় ; বিচালি।

পলাশ (শ্) [সং] বি, ক্লী, পত্র। ২। ফুলের পাপড়ি। ৩। [পলাশ (পত্র—বৃহৎ পত্র) + অ (অস্ত্যর্থে)] পুং, কিংশুক বৃক্ষ ও পুষ্প। গ্রা-বাং—**পলাস**। প্র—"কিআলা কেতকী মতি পলাস কাঞ্চন।"—শূন্যপুরাণ। ৪। [পলাশ + অ (সম্বন্ধার্থে) পাতার রঙ্গ ; শ্যামবর্ণ ; হরিদ্বর্ণ। ৫। বিণ, শ্যামবর্ণবিশিষ্ট ; সবুজ।

পলাশ (শ্) [পল (মাংস) অশ্ (ভোজন করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, রাক্ষস। ২। প্রেত। ৩। বিণ, নিষ্ঠুর ; নির্দ্দয়।

পলাশক (ক্) [সং] বি, পুং, পলাশগাছ। ২। শটী।

পলাশী [পলাশ + ইন্ (অস্ত্যর্থে) = পলাশিন্ ১মা, ১ব] বি, পুং, ক্ষীরীবৃক্ষ। ২। [পল (মাংস)—অশ্ (ভোজন করা) + ইন (কর্ত্তৃ—ণিন্) = পলাশিন্ ১মা, ১ব, যে আম মাংস ভোজন করে] বি, পুং, রাক্ষস।

পলাস (প্লাশ্) [পলান দ্রঃ। গ্রা—পালাস] ক্রি, পলায়ন করিস। প্র—"তুই তো পলাস আমায় ফেলে।"—রাম বসু।

পলি (পো) [প্রাদে] বি. বন্যায় আনীত এবং নদীর উভয় তীরে পতিত মৃত্তিকা। ২। উত্তর বঙ্গের অসভ্য জাতিবিশেষ। **পলি-পড়া**—বন্যার জলে আনীত মৃত্তিকা নদীর উপকূলে পতিত হওয়া।

পলিত (পো) [সং] বি. ক্লী. বৃদ্ধাবস্থাহেতু কেশের শুক্লতা। প্র—"কৃতনরমালা পলিত জটিলা, অভিনব জলধর-নাদা।"—কবিকঙ্কণ। হরয়ে পলিত জরা অকাল-মরণ।" —ঐ। ২। কর্দ্দম। ৩। [পল্ (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. বৃদ্ধ।

পলিতা (পো) [ফা—পলীতাহ্। হি—পলিতা] বি. বস্ত্রখণ্ডের স্থূল সলিতা ; কাপড়ের মোটা বাতি।

পলু (পো) [প্রাদে] বি. তুঁত পোকা ; রেশম কীট।

পলো (পো) [প্রাদে] বি. বংশশলাকা-নির্ম্মিত মৎস্য ধরিবার যন্ত্রবিশেষ ; মাছ-ধরা পলো।

পল্কা, পল্কান (ন্) [প্রাদে] বিণ. অসার ; জীর্ণ। ২। ভঙ্গুর।

পল্যঙ্ক (পোল্লংক) [পরি—অঙ্ক। র=ল] বি. পুং. পালঙ্ক ; খট্বা ; শয্যাধারবিশেষ। ২। মঞ্চ।

পল্যয়ন (পোল্লয়ন্) [পরি—অয়্ (গমন করা, উপবেশন করা) + অন (অধি—অনট্)] বি. ক্লী. ঘোড়ার জিন ; পর্য্যাণ ; পালান।

পল্ল (পো) [পল্ (গমন করা) + অ (অধি—অল্)] বি. পুং. শস্যসংরক্ষণ-স্থান ; পালুই।

পল্লব (ব্) [পৎ (পতিত হওয়া) + কিপ্ (কর্ত্তৃ) = পৎ + লব] বি. পুং. ক্লী. নবপত্র ; নূতন পত্র ; কিশলয় ; কচি পাতা। ২। কচি পাতাযুক্ত ছোট ডাল ; ফেঁকড়ি।

পল্লবগ্রাহিতা (ব্) [পল্লব—গ্রাহিতা (গ্রহ্ + ণিন্ = গ্রাহিন্ + তা—ভাবে)] বি. স্ত্রী. সকল বিষয়ের একটু একটু জানার ভাব ; বিবিধ বিষয়ে অগভীর জ্ঞান ; ভাসা ভাসা জ্ঞান।

পল্লবগ্রাহী (ব্) [পল্লব—গ্রাহী = গ্রহ + ইন্ (কর্ত্তৃ—ণিন্) - গ্রাহিন্—১মা, ১ব] বিণ. যে পল্লব চয়নের মত নানা বিষয় হইতে কিছু কিছু জ্ঞান অর্জ্জন করে। স্ত্রী. পল্লবগ্রাহিণী।

পল্লবাধার (র্) [পল্লবের (পাতার) আধার—৬তৎ] বি. পুং. যাহাতে পল্লব জন্মে ; বৃক্ষের শাখা ; ডাল।

পল্লবিত [পল্লব + ইত (যুক্তার্থে)] বিণ. পল্লবযুক্ত ; পল্লবমণ্ডিত। ২। শাখা প্রশাখাযোগে বিস্তৃত ; বহুলীকৃত। ৩। অতি-রঞ্জিত।

পল্লবী [পল্লব + ইন্ (অস্ত্যর্থে) = পল্লবিন ১মা, ১ব.] বি. পুং. বৃক্ষ।

পল্লি, পল্লী (পো) [পল্ল + ই (সংজ্ঞার্থে)] বি. স্ত্রী. পাড়া। প্র—"রচি গাথা শিখাইব পল্লিবালদলে ; করতালি দিয়া তারা গাইবে নাচিয়া,—'পরম অধর্ম্মাচারী রঘুকুলপতি!'" —বীরাঙ্গনা।

পল্বল (পল্লল্) [পল (মহিষাদির গমন) + বল্ (অস্ত্যর্থে)] বি. পুং. ক্লী. ক্ষুদ্র জলাশয় ; বিল ; ডোবা। প্র—"মর্দ্দিত বরাহ পদে বিশুষ্ক পল্বলে হ্রদে"—চন্দন।

পবন (ন্) [পূ (শুদ্ধ করা) + অন (কর্ত্তৃ—অনট্)] বি. পুং. বায়ু। ২। [ভাবে—অনট্] ক্লী. ধান্যাদির তুষ উৎসারণ। ৩। শোধন। ৪। বিণ. পূত ; পবিত্র [বিরল]। **পবনচক্র**—বায়ুর গতিনির্দ্দেশক চক্রযন্ত্র ; weather cock. **পবনগতি**—বায়ুর ন্যায় দ্রুতগতি। অতি শীঘ্র ; ঝড়গতি। **পবননন্দন**—বি. পুং. হনুমান। ২। ভীম। **পবনপথ** আকাশ। ২। বায়ু-সঞ্চরণ-পথ।

পবনাল (ল্) [তুল—হি—পুনেরা] বি. ধান্যবিশেষ ; দেধান ; জনার।

পবনাশ (শ্) [পবন (বায়ু) অশ্ (ভোজন করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি. পুং. সর্প। ২। বিণ. পবনাশন ; বায়ুভক্ষক।

পবনাশন (ন্) [পবন (বায়ু) হইয়াছে অশন (ভোজ্য) যাহার, বহু] বি. পুং. বায়ু-ভক্ষক। ২। সর্প।

পবনাশনাশ [পবনাশন (সর্প) হইয়াছে আশ (ভোজন) যাহার, বহু] বি. পু. গরুড়। ২। ময়ূর। ৩। বিণ. সর্পভুক্।

পবনেশ্বর (পবনেশশর্) [পবনের—ঈশ্বর, ৬তৎ] বি. পুং. কাশীস্থ শিবলিঙ্গবিশেষ।

পবমান (ন্) [পূ (শুদ্ধ করা) + আন (কর্ত্তৃ) ম্ আগম] বি. পুং. পবন ; বায়ু। ২। গার্হপত্য অগ্নি। ৩। সামবেদীয় সূক্ত-বিশেষ। ৪। বিণ. পূতকারক ; পবিত্রকারী।

পবাল (ল্) [সং—প্রবাল অপভ্রংশে। প্রা-বাং] বি. প্রবাল। প্র—"পবাল কাঞ্চন"—শূন্যপুরাণ।

পবি (পো) [পূ (শুদ্ধ করা) + ই (কর্ত্তৃ)] বি. পুং. ইন্দ্রের বজ্র।

পবিত (পো) [পূ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. পবিত্র ; পূত। ২। বি. ক্লী. যজ্ঞসূত্র ; উপবীত। ৩। সূত্র। ৪। মরীচ।

পবিতা (পো) [পূ + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = পবিতৃ ১মা, ১ব.] বিণ. পবিত্রতাজনক ; পবিত্রকারক।

পবিত্র (পোবিৎত্র) [পূ (পবিত্র করা) + ইত্র (কর্ত্তৃ)] বিণ. শুদ্ধ ; পূত ; পরিশুদ্ধ। ২। [করণে—ইত্র ; যাহা দ্বারা পবিত্র করা হয়] বি. কুশ। প্র—"গরুড় পরম পবিত্র অমৃত কুশাসনে রাখিয়াছিলেন এজন্য কুশের নাম পবিত্র।"—মহাভারত। ৩। ক্লী. জল। ৪। যজ্ঞোপবীত ; উপবীত। ৫। বেদমন্ত্র। ৬। অর্ঘ্যপাত্র। ৭। ঘৃত। ৮। মধু। ৯। তাম্র। ১০। পুং. পুত্রঞ্জীব বৃক্ষ। ১১। তিলগাছ। স্ত্রী. **পবিত্রা**—তুলসী। ২। হরিদ্রা। ৩। নদীবিশেষ। **পবিত্র আত্মা**—পূতাত্মা ; বিশুদ্ধচিত্ত ; শুদ্ধাত্মা। **পবিত্র ধান্য**—যব।

পবিত্রক (পোবিৎত্রক্) [পবিত্র + ক (সংজ্ঞার্থে)] বি. ক্লী. ক্ষত্রিয় জাতির যজ্ঞোপবীত। ২। পুং. অশ্বত্থবৃক্ষ। ৩। কুশ। ৪। যজ্ঞডুমুর।

পবিত্রারোপণ, রোহণ (পোবিৎত্রা-রোপন, রোহণ) [পবিত্র (উপবীত) আরোপণ বা আরোহণ (দেবোদ্দেশে দান) করা হয় যাহাতে—বহু] বি. ক্লী. শ্রাবণ শুক্লদ্বাদশী তিথিতে বিষ্ণু প্রভৃতি দেবতার উদ্দেশে উপবীত দানরূপ উৎসব।

পবিত্রিত (পোবিৎতৃত) [পবিত্র + ইত (জাতার্থে) কিম্বা পবিত্র + ণিচ = পবিত্রি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সংশোধিত ; পরিষ্কৃত।

পবেস (স্) [প্রবেশ। প্রা-বাং—প্রাকৃ] বি. প্রবেশ। ক্রি. **পবেসা**—প্রবেশ করা। প্র—"পবেসে কামার ঘরে"—শূন্যপুরাণ। [অপ্র]

পশন (ন্) [প্রবেশন হইতে] বি. প্রবেশ করণ।

পশম (ম্) [ফা] বি. ঊর্ণা ; পশুলোম। বিণ. **পশমী** (পোশ্মি) পশুলোম-নির্ম্মিত ; পশমজাত।

পশমিনা (পোশ্) [ফা] বি. পশমী বস্ত্র-বিশেষ।

পশরা, পসরা (প্শোরা) বি. বিক্রেয় দ্রব্য-সম্ভার ; পণ্যসমূহ। ২। দোকান। প্র—"বৈশাখে অনল সম বসন্তের খরা। তরুতল নাহি মোর করিতে পসরা।"—কবিকঙ্কণ। ৩। পণ্যাধার ; ভার। প্র—"সন্তান-মঙ্গল তরে, জননী তাড়না করে, তাই বহিতেছি সুখে শিরে দুখের পশরা।"—বাং-গান।

পশলা (শ্) [পসলা। তুল—ফা—পাশী= জল ছড়ান, জল তড়তড়া, sprinkling. সং—বর্ষণ] বি. বর্ষণ ; আসার ; shower. প্র—"সন্ধ্যার পরেই এক পশলা ভারি জল হইয়া গিয়া এক্ষণে ছিপ্‌ছিপ করিয়া জল হইতেছে।"—শিবনাথ শাস্ত্রী (মেজ বৌ)।

পশা [সং—প্রবেশ হইতে। উ-পু—পশি। ম-পু—পশ। প্র-পু—পশে। অস-ক্রি—পশিতে ; পশিয়া, পশি (সংক্ষেপে) পদ্যে

ব্যবহার] ক্রি, প্রবেশ করা। প্র—"কাণের ভিতর দিয়া মরমে পশিল গো আকুল করিল মোর প্রাণ।"—চণ্ডীদাস। প্রা-বাং—পসা। প্র—"পসিলাম"—শূন্যপুরাণ।

পশারী [প্রাদে] বি, যাহারা চিনির কাজ করে; ইহারা পাটা শেওলায় গুড়ের ঝুড়ি ঢাকিয়া রাখে।

পশু (পো) [পশ্ (বন্ধন করা) + উ (সংজ্ঞার্থে)] বি, পুং, চতুষ্পদ জন্তু; সলাঙ্গুল লোমশ জন্তু। ২। ছাগ। ৩। পশুবুদ্ধি; মূর্খ। ৪। পশু-প্রকৃতি; জন্তুধর্ম্মী। ৫। মায়াবদ্ধ জীব; অমুক্ত মানব। প্র—পশুপতি মহেশ্বর (পশুরা মহাদেবের কৃপায় মুক্তি পায় বলিয়া তাঁহার নাম পশুপতি)। ৬। [তন্ত্রে] যিনি সুরা দর্শনমাত্র সূর্য্য দর্শন করেন, সুরার আঘ্রাণ পাইলে তিনবার প্রাণায়াম করেন, প্রাণান্তেও মাদক স্পর্শ করেন না বা আমিষ ভক্ষণ করেন না, তিনিই যথার্থ পশু।—কুলার্ণবে। যে শুদ্ধাচার ব্যক্তি পূজার পুষ্প, পত্র, ফল ও জলাদি স্বয়ং আহরণ করেন, যিনি নিরামিষাশী হইয়া পূজা করেন এবং ঋতুকাল ব্যতীত স্বীয় পত্নীতে উপগত হন না তিনিই পশু।—মহানির্ব্বাণ তন্ত্র—কুব্জিকা তন্ত্র।

পশুই (পো) [প্রাদে—বীরভূম] বি, গালা প্রস্তুত কার্য্যে ব্যবহৃত এক হইতে দেড় হাত লম্বা থলিয়া।

পশুকল্প (পো) [পশু—কল্প] বি, পুং, যজ্ঞাঙ্গ পশুর বিধান। ২। বিণ, পশুবৎ।

পশুক্রিয়া (পো) [পশুর—ক্রিয়া—৬তৎ] বি, স্ত্রী, পাশবাচার; মৈথুন; রমণ।

পশুগায়ত্রী (পো) বি, স্ত্রী, যজ্ঞার্থ পশুকে বধ করিবার পূর্ব্বে তাহার কর্ণে যে মন্ত্র দান করা হয়।

পশুচর (পো, র্) [পশু—চর (যেখানে বিচরণ করে)] বি, পুং, পশু চরিবার স্থান।

পশুচর্য্যা (পোশুচোর্জ্জা) [পশুর ন্যায় চর্য্যা (আচরণ)—৬তৎ] বি, স্ত্রী, পশুর ন্যায় ব্যবহার।

পশুধর্ম্ম (পো) [পশুর ধর্ম্ম, ৬ তৎ] বি, পুং, পশুপ্রকৃতি-সুলভ ধর্ম্ম; মৈথুন। ২। পশুর ন্যায় ধর্ম্ম হইয়াছে যাহার, বহু] বিণ, পশুর আচারবিশিষ্ট।

পশুপতি (পোশুপোতি) [পশুর পতি, ৬তৎ] বি, পুং, দেবেশ; শিব। এইমূর্ত্তি শিবের যজমান মূর্ত্তি। প্র—"মগরার জলে আসি বলে ধনপতি। এই স্থানে ছয় ডিঙ্গা নিল পশুপতি॥"—কবিকঙ্কণ।

পশুপাল, পশুপালক (পোশুপাল্, লক্) [পশু—পাল, পালক (যে পশু পালন করে)] বি, পুং, পশুরক্ষক; রাখাল। প্র—"পূজা পাণ্ডা পশুপাল পড়িছা বেহারা।"—চৈতন্য-ভাগবত। ২। [পশুর পাল, ৬ তৎ] বি, পশুর দল।

পশুপাশ (পোশুপাশ্) [পশুর পাশ, ৬তৎ] বি, পুং, পশুর বন্ধন; যে রজ্জুর দ্বারা যজ্ঞীয় পশু বন্ধন করা হয়।

পশুবুদ্ধি (পো) [পশু-সুলভ বুদ্ধি, ম, প, লো কর্ম্মধা অথবা পশুর বুদ্ধি, ৬ তৎ] বি, যুক্তি বিচারাদিহীন বুদ্ধি। ২। বিণ, মূর্খ; অজ্ঞ। প্র—"পশুবুদ্ধি শিশু আমি কিবা জানি মর্ম্ম। বুঝিতে নারিনু কিবা ধর্ম্ম কি অধর্ম্ম॥"—অন্নদামঙ্গল।

পশুভাব (পোশুভাব্) [পশুর ভাব, ৬ তৎ] বি, পুং, তান্ত্রিক আচারবিশেষ; পশ্বাচার। পশুভাবে অহিংসা পরম ধর্ম্ম বলিয়া তন্ত্রে উক্ত হইয়াছে।

পশুযাগ (পোশুজাগ্ [পশুর যাগ, ৬ তৎ] বি, পুং, পশুনামক যজ্ঞ। ২। পশুদ্বারা যজ্ঞ। ৩। পশুপ্রয়োজক যজ্ঞ।

পশুরজ্জু (পোশুরোজ্জু) [পশুর রজ্জু, ৬তৎ] বি, স্ত্রী, পশুর বন্ধন নিমিত্ত রজ্জু; পশু বাঁধিবার দড়ি।

পশুরাজ (পোশুরাজ্) [পশুর রাজা, ৬তৎ। তৎপুরুষ সমাসে রাজন্ শব্দ রাজা – রাজ] বি, পুং, পশুশ্রেষ্ঠ: মৃগেন্দ্র: সিংহ।

পশ্চাৎ [পর + অস্তাৎ—নিপাতনে সিদ্ধ] অ, পরে; পশ্চাতে; পিছে। ২। পশ্চিমে।

পশ্চাত্তাপ (প্) [পশ্চাৎ (পরে) যে তাপ (দুঃখ)—কর্ম্মধা] বি, পুং, অনুতাপ; কার্য্য-শেষে খেদ করা; পস্তান।

পশ্চার্দ্ধ [অপর—অর্দ্ধ, অপর স্থানে পশ্চ আদেশ, অপর যে অর্দ্ধ—কর্ম্মধা] বি, পুং, পা হইতে নাভি পর্য্যন্ত; অপরার্দ্ধ। ২। পিছনের দিকের অর্দ্ধ।

পশ্চিম (পোশ্চিম্) [পশ্চাৎ + ইম (ডিম—ভবার্থে) প্রাতঃ সন্ধ্যা উপাসনা সময়ে এই দিক পশ্চাৎ থাকে বলিয়া পশ্চিম; অথবা, পশ্চ্ (পশ্চাৎ, পরে) ই (গমন করা) + ম (ন্ অধি) সূর্য্যদেব উদিত হইয়া পরে যে দিকে গমন করেন ("ভগবান্ সূর্য্যদেব দিবসের পশ্চাৎ কিরণ সকল এই দিকে বিসর্জ্জন করেন, এই নিমিত্ত ইহা পশ্চিম দিক্ নামে বিখ্যাত"—মহাভারত)] বি, যেদিকে সূর্য্য অস্ত যায়। ২। শেষ; চরম। ৩। অনন্তর। ৪। স্ত্রী, পৃষ্ঠদেশ। **পশ্চিমরাত্র**—বি, পুং, রাত্রির শেষ ভাগ। **পশ্চিমা**—প্রতীচী; সূর্য্যের অস্তগমন দিক্। ২। গবাদির সান্নিপাতিক রোগ। ৩। বিণ, পশ্চিমদেশীয়; পশ্চিম-দেশীয়া। **পশ্চিমাঞ্চল**—পশ্চিমস্থ প্রদেশ।

পশ্চিমোত্তরা (পো) [পশ্চিম ও উত্তর-দিকের যে কোণ, দিক্‌বাচক, বহু] বি, স্ত্রী, পশ্চিম ও উত্তরের মধ্যবর্ত্তী দিক্; বায়ুকোণ।

পশ্বয়ন (পোশ্‌শয়ন্) বি, ক্লী, যাগবিশেষ।

পশ্বাচার (পোশ্‌শাচার্) [পশু (সম্প্রদায়-বিশেষ) আচার (আচরণ)—৬তৎ] বি, পুং, তান্ত্রিক আচারবিশেষ।

পশ্যতোহর (পোশ্‌শতোহর্) [পশ্যতঃ (যে দেখিতেছে তাহার স্বর্ণ বা রৌপ্য) হর (যে হরণ করে) সাক্ষাতে বসাইয়া রাখিয়া যে স্বর্ণাদি হরণ করে] বি, স্বর্ণকার। প্র—"নিবসে পশ্যতোহর পুর মধ্যে যার ঘর নির্ম্মাণ করয়ে আভরণে।"—কবিকঙ্কণ। ২। [স্থলবিশেষে] কর্ম্মকার।

পসন্ন [সং—প্রসন্ন হইতে প্রা-বাং, প্রাকৃ] বিণ, প্রসন্ন [অপ্র]।

পসরা (শ) [পশরা দ্রঃ। সং—প্রসর হইতে] বি, পণ্যভার; বিক্রেয় বস্তুর বোঝা। প্র—"দাঁড়াও যেয়োনা আর নামাও পসরা ভার মোর হাতে দাও তব ডালি।"—রবি। ২। পণ্যদ্রব্য। প্র—"এই কন্যা রূপে গুণে নামেতে ফুল্লরা। কিনিতে বেচিতে ভাল পারয়ে পসরা॥"—কবিকঙ্কণ। ৩। পণ্যাধার; যে পাত্রে পণ্য দ্রব্য রক্ষিত হয়। প্র—"পসারি গোপের নারী বসিয়াছে সারি সারি রসের পসরা গীত নাটে।"—অন্নদামঙ্গল। ৪। ক্ষেপ; খেয়া পার। প্র—"তুমি নুতন নেয়ে যমুনায় কত করে নেবে কড়ি প্রতি পসরায়।"—রাম বসু।

পস্‌লা, পসালা (শ, শা) [পশলা দ্রঃ] বি, বর্ষণ; আসার; বারিপতন। প্র—"দক্ষের সেনাবর ছাড়য়ে শর শর্ যেন মেঘে পানী পসালা।"—কবিকঙ্কণ।

পসার (পশার্) [পণ্যশালা অপভ্রংশে হি-তে পন্‌সার—বাং-য়, পসার] বি, দোকান। প্র—"হীরা নিদয়ার কাছে মাংসের পসার বেচে ফুল্লরা বসেছে সেই খানে।"—কবিকঙ্কণ।

পসার্ (প্‌শার্) [সং—প্রসার, অপভ্রংশে] বি, প্রসার। ২। প্রতিপত্তি; খ্যাতি।

পসারল [ব্রজ। সং—প্রসার হইতে] ক্রি, প্রসারিত করিল; বিস্তার করিল। প্র—"নব ঘন হেরি পিয়াসে চাতকী চঞ্চু পসারল আশে।"—চণ্ডীদাস।

পসারলি [ব্রজ। পসারল দ্রঃ] ক্রি, প্রসারিত করিলে; ব্যাপ্ত করিলে। প্র—"অলখিতে দিঠি তব হৃদয়ে পসারলি পুন হেরি সখি করি কোর।"—বিদ্যাপতি।

পসারি (প্‌শারি) [হি—পন্‌সারী হইতে] বি, পুং, পণ্যসরবরাহকারী; দোকানী; পণ্যবিক্রয়ী। প্র—"পসারি গোপের নারী বসিয়াছে সারি সারি রসের পসরা গীত নাটে।"—অন্নদামঙ্গল। স্ত্রী, **পসারিণী**—পণ্যবিক্রয়কারিণী। প্র—"ওগো পসারিণী; দেখি আয়, কি রয়েছে তব পসরায়!"—রবি।

পসারিয়া [প্রা-বৈ-সা। প্রসার হইতে প্রসারিয়া তাহা হইতে পসারিয়া, সংক্ষেপে পসারি] অস-ক্রি, প্রসারিত করিয়া : পরিব্যাপ্ত করিয়া। প্র—"নব জলধর বিজুরি-রেহা দ্বন্দ্ব পসারিয়া গেলি।"—বিদ্যাপতি।

পসারিল (শা) [প্রসার হইতে পসার + ইল (ক্রিয়া-বিভক্তি)] ক্রি, প্রসারিত করিল। ২। প্রবেশ করিল। প্র—"পসারিল বীর ভদ্র যজ্ঞ নাশিবারে। দক্ষের নিজপুর, ভাঙ্গিয়া করে চুর, কেহ নাহি বারি হতে পারে॥"—কবিকঙ্কণ।

পসারী (প্‌শারি) [পসারি দ্রঃ। হি—পন্‌সারী] বি, দোকানী ; বিক্রয়কারী ; দোকানদার ; মিশ্রি, মসলা প্রভৃতি বিবিধ গাছ গাছড়া, বিক্রেতা। প্র—"হিয়ার মালা যৌবনের ডালা পসারী পসারল যেন।"—চণ্ডীদাস।

পসিদা (পোশিদা) [ফা—পোশিদা] অ, পশ্চাৎ ; পিছনে। ২। গোপনে ; অলক্ষ্যে।

পস্তুরি, পস্তুরী (প্‌োস্তুরি) [প (পঞ্চন্ শব্দজ) সুরী (সের শব্দজ) : হি—পনসেরী সংক্ষেপে] বি, পাঁচসেরের পরিমাণ ; ৫ সের।

পস্তান (নো) [হি—পস্তানা। সং—পশ্চাত্তাপ হইতে] ক্রি, পশ্চাত্তাপ পাওয়া ; অনুশোচনা করা ; আপশোষ করা। বি, **পস্তানি**।

পহরি [প্রা-বাং। প্রহরীর প্রাকৃ-রূপ] বি, প্রহরী ; শাস্ত্রী। প্র—"চন্দ্র পহরি।"—শূন্য পুরাণ। "দখিন দুআরে হনুমন্ত পহরিক হুঁকার পাড়িল।"—ঐ।

পহরিয়া [প্রহরী হইয়া সংক্ষেপে] অস-ক্রি, প্রহরী হইয়া। প্র—"ভারত রহিবে পহরিয়া।"—অন্নদামঙ্গল।

পহিরণ (পোহিরন্) [পরিধান হইতে পরিহান—পরিহন = পহিরণ (বিপর্য্যয়ে)। হি—পহিরান] বি, পরিধান। ২। পোষাক ; পরিধানের বস্ত্র। প্র—"ধরি অনেক প্রহরণ জরীর পহিরণ সিফাইগণ রণ মাঝে।"—অন্নদামঙ্গল। "পহিরণ পুনহি ঝাড়ি নীবিবন্ধ। তব ধরি নয়ানে রহল কিয়ে ধন্দ॥"—জ্ঞানদাস।

পহিল (পো) [হি—পহ্‌লা হইতে ব্রজ] বিণ, প্রথম ; নবীন। প্র—"পহিল বয়স মোর না পূরল সাধে। পরিহরি গেল পিয়া কোন অপরাধে॥"—বিদ্যাপতি।

পহিলহি (পো) [হি। পহিলা + হি (৭মী বিভক্তি চিহ্ন); ব্রজ] অ, প্রথমে ; প্রথমেই। প্র—"পহিলহি অলকা তিলক করি সাজ। বঙ্কিম লোচনে কাজর রাজ॥"—বিদ্যাপতি।

পহিলে (পো) [হি। প্রা-বৈ-সা] অ, প্রথমে ; অগ্রে। প্র—"বন্ধুর পিরীতি শেলের ঘা পহিলে সহিল বুকে।"—চণ্ডীদাস।

পহু, পহুঁ (পো) [ব্রজ। পুনঃ—পুনু—পুঃ পহু] ক্রি-বিণ, পুনঃ ; পুনরায়। প্র—"মৌঃ করবি পহু করইতে বাণী।"—বিদ্যাপতি।

পহু, পহুঁ (পো) [ব্রজ। সং—প্রভু—পহু বি, প্রভু। প্র—"নরোত্তম দাস পহুঁ নাগঃ কান। রসিক কলা-গুরু তুহুঁ সব জান।"—নরোত্তমদাস। "কঞ্চুক যুগইতে পহু ভেঃ ভোর।"—বিদ্যাপতি।

পহুঁছ (পোহুঁছ্) [হি—পহুঁচা (মণিবন্ধ হইতে ক্রি, পহুঁচ্‌না (হাতের কাছে আসা, স্পঃ করা) তাহা হইতে উপনীত হওয়া, লাগাঃ পাওয়া] বি, উপস্থিতি। ২। লাগাইল **পহুঁছ পাওয়া**—লাগাইল পাওয়া।

পহ্লব (পন্‌হব্) বি, ম্লেচ্ছ জাতিবিশেষ।

পাহ্লব (পল্‌হব্) বি, মনুক্ত ম্লেচ্ছজাতি বিশেষ। ২। পহ্লবী ভাষা ; the dialec of the pehlvis.

পা [সং—পা = পান করা] বি, পান। ২ রক্ষা। ৩। পালন। [স্বতন্ত্র ব্যবহার নাই ৪। পাওয়া দ্রঃ।

পা [পাদ শব্দের অপভ্রংশ। ফা—পা] বি উরুসন্ধি হইতে পদতল পর্য্যন্ত : পদ ; চরণ ২। গুল্‌ফ হইতে পদতল পর্য্যন্ত ভাগ। ৩ পদতল। প্র—মাটিতে পায়ের দাগ। **পা চলা**—লাথি মারিবার জন্য পা ওঠা **পা চালান**—পদ সঞ্চালন করা ; পা নাড়া ২। পায়ের জোর দিয়া যন্ত্র, চক্রাদি চালান ৩। লাথিমারা। **পা জড়াইয়া পড়া**—লজ্জা, ভয় সঙ্কোচাদি কারণে সচ্ছন্দে চলিতে না পারা। **পা তোলা**—চলিবার সময় প উঠান। ২। লাথি মারিবার জন্য পা উঠান। **পা ফেলা**—পদক্ষেপ করা ; পা রাখা পদার্পণ করা ; মাড়ান। **পা-পা**—যে শিশু চলিতে শিখিতেছে তাহার এক এক পা ফেলিয়া চলার ভাব। প্র—"চলি চলি পা পা।" **পায়ে পায়ে**—পদে পদে ; প্রতিপদে। ২। অনুপদে ; পশ্চাতে পশ্চাতে ; সঙ্গে সঙ্গে। **পায়ে ধরা**—পা আক্রমণ করা। ২। পদদ্বয় বেষ্টন করিয়া চরণে পতিত হওয়া ; পদ ধারণ করিয়া মিনতি করা বা কাতরে ভিক্ষা করা। ৩। অত্যন্ত তোষামোদ করা। **পায়ে রাখা**—পদাশ্রয় দেওয়া ; কৃপার ভাগী করা। **পায়ে ঠেলা**—ঘৃণা বা অবজ্ঞার সহিত ত্যাগ করা ; নির্দ্দয় ভাবে পরিত্যাগ করা। **পা বাড়ান**—অগ্রসর হইবার জন্য পদ সঞ্চালন। ২। গমন করা। ৩। আগমন করা। প্র—"অন্য হ'লে এখানে বাড়াবে কেন পা"—ঘনরাম। **পা না উঠা**—অগ্রসর হইতে বা গমনে সাহস না হওয়া। **পায়ে পড়া**—চরণে পতিত হওয়া। ২। অতি বিনীতভাবে আত্মসমর্পণ করা ; পদানত হওয়া ; চরণে পতিত হইয়া ক্ষমা প্রার্থনা করা। **পায়ে তেল দেওয়া**—চরণে তৈল মর্দ্দন করা। ২। তোষামোদ করা। **পা ভারী হওয়া**—পায়ে রস নামিয়া ভারী হওয়া (তুল—গা ভারী হওয়া)। **পায়ে হাত দেওয়া**—পদ স্পর্শ করা। **ধূলাপায়ে**—পা না ধুইয়া। ২। উপস্থিতি মাত্র ; আসিতেই। **পা টেপা**—পদ সংবাহন করা। **নিজের পায়ে নিজে কুড়াল মারা**—স্বহস্তে আপনার অনিষ্ট করা। **পা ব্যথা করা**—অধিক ভ্রমণ জন্য পায়ে বেদনা হওয়া। **পায়ের বাঁধন ছেঁড়া**—ক্রমাগত চলাফেরা করিয়া পায়ের স্নায়ু বন্ধন যেন ছিন্ন হইয়া যাওয়া ; অধিক চলিয়া শিথিলপদ হওয়া। **পায়ের সূতা ছেঁড়া**—অতিরিক্ত চলাফেরায় পায়ের স্নায়ুসূত্র ছিন্ন হওয়া। **পা ভাঙ্গা**—পায়ের হাড় ভাঙ্গা। **পা ভাঙ্গিয়া দেওয়া**—পায়ের হাড় ভাঙ্গিয়া খোঁড়া করিয়া দেওয়া।

পা [সঙ্গীতে। পঞ্চম শব্দের সংক্ষেপ—প—উচ্চারণে পা] বি, স্বরগ্রামের পঞ্চম স্বর ; পঞ্চম সুর। প্র—"সা—রি—গা—মা—পা—ধা—নি।"

পাই [সং—পাদ হইতে, হি—পাই। তুল—ত্রিপদ = তেপাই ; চতুষ্পদ = চৌপাই] বি, চতুর্থাংশ। ২। [ইং—pie] এক পয়সার তৃতীয়াংশ ; ৩ পাই = ১ পয়সা ; ১২ পাই = এক আনা। ৩। হিন্দুস্থানে পয়সার অর্দ্ধাংশ ; আধপয়সা। ৪। পাইট দ্রঃ।

পাই [পাওয়া দ্রঃ] ক্রি, পাইয়া। প্র—"তরুণী পাই পরিহাস তহি করই"—বিদ্যাপতি।

পাইক (ক্) [পদাতিক শব্দজ] বি, নগরপাল ; গ্রামরক্ষক। ২। পেয়াদা। ৩। যাহারা তলোয়ার অথবা লাঠি খেলিতে পারে ; খেলোয়াড় ; লাঠিয়াল ; লেঠেল। প্র—"বাগ্‌দী নিবসে পুরে, নানা অস্ত্র ধরি করে, দশ বিশ পাইক করি সঙ্গে।"—কবিকঙ্কণ। "হান হান হাঁকে, খেলে উড়া পাকে, পাইকে পাইকে যুঝে।"—অন্নদামঙ্গল।

পাইকস্তা [ফা—জমিঃ পরিঃ] বি, এক জমিদারের অধীনে বাস করিয়া যে অপর জমিদারের অধীনস্থ গ্রামে চাষ করে বা জমি জমা রাখে তাহাকে পাইকস্তা রাইয়ত বলে।

পাইকার, পাইকের (র্) [ফা] বি, যাহারা থোক হিসাবে দ্রব্যাদি কিনিয়া খুচরা বিক্রয় করে। ২। ফেরিওয়ালা। বিণ, **পাইকিরী, পাইকেরী**—পাইকারদিগের প্রাপ্য। ২। পাইকার সম্বন্ধীয়।

পাইখানা [ফা—পায়্খানা ; পাখানা] বি. মলত্যাগের স্থান।

পাইট (ট্) [গ্রা—পাট। প্রাদে—'পাই' (বাঁকুড়ায় সংক্ষেপে) সং—পাটী=অনুক্রম—তাহা হইতে কর্ম্মানুক্রম অথবা পারিপাট্য হইতে] বি. গৃহমার্জ্জনাদি নিত্যকর্ম্ম ; গৃহের শৃঙ্খলা ও পারিপাট্য সম্পাদক নিত্যকর্ম্ম ; গৃহকার্য্য। প্র—"লহনা খুল্লনা যদি থাকে এক মেলি। পাইট করি মরিব দুজনে দিবে গালি॥"—কবিকঙ্কণ। ২। [প্রাদে—বগুড়া] শ্রমজীবী ; কৃষাণ। ৩। আবাদ ; চাষের উপযোগী করিয়া মাটি প্রস্তুতকরণ। প্র—জমির পাট করা। ৪। যাহারা নৌকার পাইট করে ; নৌকার নিম্নশ্রেণীর মাঝি, যাহারা নৌকার মার্জ্জনাদি কর্ম্ম করে ইহাদের **নাইয়া-পাইট**ও বলে। প্র—"নাইয়া পাইটের কলকলি ঘন বাজে শিঙ্গা।"—কবিকঙ্কণ।

পাইড় (ড্) [সং—পাটক=রোধ] বি. নদ্যাদির উচ্চ রোধ বা আলি ; পাড়। প্র—নদীর পাড় ধরিয়া উঠা ; পাড় ধসিয়া পড়া। ২। কূপাদির চতুষ্পার্শ্বস্থ বলয়াকৃতি ধাপ বা বেষ্টনী। প্র—কূপের পাড় ভাঙ্গিয়া পড়া।

পাইড় (ড্) [পট্ট হইতে পাটা—পাড়া] বি. মেটে ঘরের আড়ার সহিত বদ্ধ থাকে যে কাষ্ঠ-পট্ট।

পাইতুঁ [পাওয়া দ্রঃ। প্রা-বাং—বৈ-সা] ক্রি. পাইতাম। প্র—"দেখিতে পাইতুঁ, শিরোপা করিতুঁ এমতি মন যে করে।"—চণ্ডীদাস।

পাইতক্ত [ফা—পায়্ তখ্ৎ] বি. রাজপ্রাসাদ। ২। রাজধানী। ৩। বিণ. স্বাধিকারগত ; নিকটস্থ।

পাইন (ন্) [সং—পৈ (শোষণ করা) ধাতুজ] বি. অপেক্ষাকৃত অল্প উত্তাপে দ্রব হয় এরূপ নিকৃষ্ট ধাতু যাহা দ্বারা অন্য ধাতুদ্রব্য জোড়া যায় ; ঝাইল ; পান। **পাইন-মরা, পান-মরা**—স্বর্ণাদির সহিত মিলিত নিকৃষ্ট ধাতু ; খাদ। প্র—কোন অলঙ্কার হইতে পাইন-মরা বাদ দেওয়া। পান দ্রঃ।

পাইনু [পাওয়া দ্রঃ। তুল—ব্রজ—পাইনুঁ। প্রা-বাং—পাইনাও ; পাইলাঞ ; অনুনাসিক উচ্চারণ হিন্দীর অনুকরণে] ক্রি. পাইলাম। প্র—"দারকেশ্বর তরি পাইনু মাতুলপুরী গঙ্গাদাস বড় কৈল হিত।"—কবিকঙ্কণ।

পাইরি, পারি [সং—পর্য্যায় শব্দ হইতে] বি. পালা ; কোন কার্য্য করিবার যাহার যে নির্দ্দিষ্ট কাল।

পাইল, পাল (ল্) [সং—পতত্র হইতে (উমেশ বিদ্যারত্ন)। হি—পাল। তুল—ইং—sail] বি. কানাত ; নৌকা বা জাহাজের গতিনিয়ামক বায়ুধারক বস্ত্রবিশেষ। প্র—নৌকার পাইল তুলিয়া দেওয়া। ২। চন্দ্রাতপ ; চাঁদোয়া। প্র—ছাদে পাল টাঙ্গান। ৩। [পাল্য দ্রঃ] সঙ্গীতের দোহার।

পাইল [পাওয়া দ্রঃ] ক্রি. প্রাপ্ত হইল। ২। ঘটিল। প্র—"পাগল পাত্রের বুদ্ধে পাইল এতদূর।"—ঘনরাম। ৩। আক্রমণ করিল।

পাইশাল (ল্) [পশুশালা শব্দের অপভ্রংশে] বি. পশুশালা। ২। অশ্বশালা বা হস্তিশালা। প্র—"রাণীর ক্রন্দনে নদী উথলে সাগর। পাইশালে কান্দে অশ্ব যতেক কুঞ্জর॥"—গীত-গোবিন্দ (গিরিধর)।

পাউ [হি—পাউ—পাউঁ। ব্রজ] ক্রি. প্রাপ্ত হই ; পাই। প্র—"যদি হাম শ্যাম বঁধু লাগি পাউ তবে সে এ দুখ টুটে।"—চণ্ডীদাস।

পাউডার (র্) [ইং—powder] বি. চূর্ণ ; চূর্ণ ঔষধ। ২। সুগন্ধি চূর্ণবিশেষ। প্র—মুখে পাউডার মাখা।

পাউড়ি, ড়ী [সং—পর্ব্ব হইতে। "পাউড়া"ও বলে। পাবড়া দ্রঃ] বি. বাঁশের পর্ব্বের লাঠি ; এক হাত লম্বা ভারী কাঠের লাঠি ; খেঁটে। প্র—"মাথাটা ভাঙ্গিব তোর পাউড়ির বাড়ি"—কবিকঙ্কণ।

পাউড়ি [প্রাদে—নদীয়া অঞ্চল প্রসিদ্ধ। পাড়ি দ্রঃ] বি. দৌড় ; পাড়ি ; চম্পট। ২। নদীর পাড়।

পাউণ্ড [ইং—pound] বি. প্রায় আধসের ওজন। ২। প্রায় আধসের পরিমিত কাগজের ওজন ; পনি। ৩। ইতস্ততঃ ভ্রমণকারী গবাদি পশু আটক রাখিবার স্থান ; খোঁয়াড়।

পাউলি [প্রাদে—পাবনা। হি—পৌয়া—পাও +ওয়ালি (পরিমিত বা পরিসরযুক্ত অর্থে) পৌয়ালি বা পাওলি। তুল—ম—পায়লী (পাঁচ সের পরিমিত) ফা—পিয়ালা (বাটী)] বি. পো-ঘটী ; কানা উঁচা ছোট ঘটী। ২। বড় ঘটী।

পাউশ, পাউস (শ্) [সং—পাংশু হইতে পাঁউশ—পাউশ, সংক্ষেপে পাঁশ] বি. পাংশু ; আঁতুড় ঘরের শয্যাদি। প্র—"পাঁচ-দিনে পাঁচোটে পাউস বিসর্জ্জন। ছয়দিনে ষাটিয়ারা কৈল জাগরণ।"—কবিকঙ্কণ।

পাউস (শ্) [সং—পয়স্ (জল) অপভ্রংশে 'পাউস'] বি. বর্ষার নূতন জলে ডিম ছাড়িবার পূর্ব্বে স্ত্রী-পুং মৎস্যের মিলন এবং ডিম ছাড়িবার কালে পুং মৎস্য কর্ত্তৃক অতি বেগে স্ত্রী-মৎস্যের পশ্চাদ্ধাবন। প্র—"যেমন নবীন পাউসে মীন মরণ না গণে, (তেমনি) শ্যাম অনুগত চিত ধৈরয না মানে লো দারুণ ননদিনী"—নীলকণ্ঠ মুখোপাধ্যায়।

পাওন (ন্) [প্রাপণ শব্দজ] বি. প্রাপ্তি।

পাওনা [সং—প্রাপণ হইতে হি—পাওনা] বি. প্রাপ্তি ; লাভ ; আয় ; উপার্জ্জন। ২। আদায়। ৩। লভ্য ; প্রাপ্তব্য। **পাওনা থোওনা** [থোওনা পাওনা শব্দের সহচর। দান দেওনা হইতে] দান প্রাপ্তি। **দেনা পাওনা**—আদান প্রদান ; প্রাপ্যের প্রাপ্তি এবং দেয় পরিশোধ। ২। হিসাব নিকাশ।

পাওনাদার (র্) [পাওনা+ফা—দার] বি. যে পায় ; যাহার কিছু প্রাপ্য আছে। ২। উত্তমর্ণ।

পাওয়া [সং—প্র—আপ্ (লাভ) ধাতু হইতে। হি—পানা। উ-পু—পাই। ম-পু—পাও ; পান ; পা। প্র-পু—পায় ; পায়েন ; পা'ন (সংক্ষেপে)। অস-ক্রি—পাইতে ; পেতে (গ্রা) ; পাইয়া ; পাই (পদ্যে), পেয়ে (গ্রা)। ণিজন্ত—পাওয়ান] ক্রি. প্রাপ্ত হওয়া ; অর্জ্জন করা ; লাভ করা। ২। হস্তগত করা ; অধিকারে আনা ; বশে আনা। ৩। আক্রমণ করা ; ধরা। প্র—তাহাকে ভূতে পাইয়াছে। ৪। বোধ হওয়া ; অনুভূত হওয়া। প্র—ব্যথা পাওয়া ; শীত পাওয়া। ৫। উদ্রেক হওয়া। প্র—"হাসি পায় হাসি পায় হে সেই পায়ে-ধরা দিন পড়লে মনে"—গান। ৬। বোধ করা ; অনুভব করা। প্র—একাকী সেখানে গিয়া যেন ভয় পাইওনা। ৭। ভোগ করা। প্র—"দুখ পেলে চুপ করে থাকি"—ব্রহ্মসঙ্গীত। ব্রজ—**পাওই**—পাইতে। **পাওত**—পায়। **পাওয়ে**—পায় ; প্রাপ্ত হয়। প্র—"পয়সি প্রয়াগে যুগ-শত যাপই সো পাওয়ে বহুভাগী।"—বিদ্যাপতি। **পাওল**—পাইল। **ক্ষুধা পাওয়া**—ক্ষুধার উদ্রেক হওয়া ; ক্ষুধা বোধ করা। **কান্না পাওয়া**—ক্রন্দনের বেগ আসা ; কাঁদিতে ইচ্ছা হওয়া। প্র—দুর্ভিক্ষে লোকের অবস্থা দেখিলে কান্না পায়। **ঘুম পাওয়া**—নিদ্রাবেশ হওয়া। **কষ্ট পাওয়া**—ক্লেশ ভোগ করা। ২। ক্লেশ বোধ করা। প্র—মনে মনে সে খুবই কষ্ট পাইয়াছে।

পাওয়ান (নো) [পাওয়া দ্রঃ। ণিজন্ত রূপ। উ-পু—পাওয়াই। ম-পু—পাওয়াও। প্র-পু—পাওয়ায়। অস-ক্রি—পাওয়াইতে ; পাওয়াইয়া ; পাইয়ে (সংক্ষেপে)] ক্রি. প্রাপ্তি করান ; প্রাপ্ত হইতে সাহায্য করা। প্র—"সীতা হরি নিল ঘরে ক্রোধ করি তবু তারে অন্তকালে পাওয়াইলে রাম।"—শিবায়ন। ২। [পা (পান করা) হইতে—ণিজন্তে পাওয়ান=পান করান] ভিজান। প্র—ক্ষেতের মাটি পাওয়ান।

পাংক্ত [পংক্তি দ্রঃ] বিণ. সারবন্দী ; শ্রেণীবদ্ধ। পঙ্ক্তিবদ্ধ।

পাংশন (ন্) [পন্‌শ (বিনাশ করা)+অন (ট্—কর্তৃ) নিপাতনে অ=আ, ন্=ং] বিণ. যে নাশ করে, নাশন ; বিনাশকারী। ২। দূষণকারী। কুল-পাংশন—বংশ-নাশন ; কুলাঙ্গার।

পাংশব (ব্) [পাঙ্গা দ্রঃ। পাংশু (ধূলি)+অ (ণ্) সদৃশার্থে] বি. পুং. ধূলির মত লবণ ; পাঙ্গালবণ। ২। [সম্বন্ধার্থে অণ্] বিণ. ধূলি সম্বন্ধীয় ; পাংশু সম্বন্ধীয়।

পাংশু [পন্‌শ+উ (ণ্) করণে, সংজ্ঞার্থে=পাংশু] বি. পুং. ভস্ম ; পাংশ ; ছাই। প্র—"আশুতোষ উমাপতি যদি দিলা ক'য়ে। ষড়হ সাধিল সকৃৎ পাংশু মুষ্টি খেয়ে।"—শিবায়ন। ২। ধূলি ; রজঃ। ৩। সঞ্চিত গোময়। ৪। পাঙ্গা লবণ। ৫। পাপ।

পাংশুকা—বি. সুগন্ধি বৃক্ষবিশেষ। ২। ঋতুমতী স্ত্রী।

পাংশুক্ষার (—খার্) বি. ক্লী. পাঙ্গালবণ।

পাংশুজ [পাংশু—মৃত্তিকা—খনি—জ (জাত)] বি. সৈন্ধব লবণ ; rock salt ; fossile salt.

পাংশুবর্ণ [পাংশু—বর্ণ] বি. ছাই রঙ্ ; ashy grey. ২। বিণ. ছাই-বর্ণবিশিষ্ট ; পাণ্ডুর ; ফেকাসে ; dust-coloured ; ash-coloured স্ত্রী. পাংশুবর্ণা।

পাংশুর—বি. পঙ্গ ; পঙ্গু। ২। ডাঁশ a gad fly.

পাংশুরাষ্ট্র—পাংশু প্রধান দেশ।

পাংশুল (ল্) [পাংশু+ল (অস্ত্যর্থে)] বিণ. ধূসরিত ; ধূলিময়। ২। পাপপূর্ণ ; পাপিষ্ঠ ; দুষ্ট। ৩। বি. কাঁটা করঞ্জ ; caesalpina bonducella. ৪। পুং. শৈব অস্ত্রবিশেষ ; দণ্ডাগ্র—যাহার শীষ নরকপালযুক্ত। স্ত্রী. পাংশুলা।

পাংশুলা [পাংশুল দ্রঃ] বিণ. স্ত্রী. পাংশুযুক্তা ; ধূসরিতা। ২। অসতী। ৩। ঋতুমতী। ৪। বি. পৃথিবী।

পাংসন (পাংশন্) বিণ. পাংশন দ্রঃ।

পাংসু (শু) বি. পাংশু দ্রঃ।

পাঁইজ (জ্) [গ্রা—পাঁজ] বি. পেঁজা তুলার বাতি বা নল।

পাঁইজর (জোর্) [হি-পয় (চরণ)—জেবর্ (ভূষণ)] বি. চরণালঙ্কারবিশেষ।

পাঁইত, পাঁতি (ত্) [পঙ্‌তি—পঙ্‌ক্তি—পাঁতি] বি. পঙ্‌ক্তি ; শ্রেণী ; সারি। ২। ছন্দ ; ছাঁদ। ৩। শাস্ত্রীয় ব্যবস্থা।

পাঁইশ, পাঁশ (শ্) [পাংশু শব্দজ] বি. ভস্ম ; ছাই।

পাঁউরুটি [পর্তু—pao, ফ্রে—pam হইতে পাঁও, পাঁউ] বি. খামিরাধারা স্ফীত আটার রুটি। প্র—"আমি ভাত ছাড়িয়াছি, পাঁউরুটি খাই"—বঙ্কিম (লোকরহস্য)।

পাঁউশ, পাউশ (শ্) [সং—পাংশু শব্দজ, প্রাদে—বগুড়া] বি. পাংশুবহুল মৃত্তিকা ; পাঁশ মিশ্রিত মাটি ; শুক্‌না ঝুরা মাটি ; পাঁউশ-সার—গোবর সার।

পাঁক (ক্) [পঙ্ক শব্দজ] বি. পঙ্ক ; কর্দম ; কাদা ; পুকুরের তলার কাদা ; নর্দ্দমার কাদা। প্র—"হাঁটু পাতি বুড়া এঁড়ে বসে গেল পাঁকে, ঠাঁই জানি ঠেঁটা কাক ঠোকরায় তাকে।"—শিবায়ন।

পাঁকই, পাঁকুই [সং—পঙ্ক হইতে পাঁক+ই বা উয়া=পঙ্কজ ক্ষত] বি. জল অথবা কর্দম লাগিয়া অঙ্গুলির সন্ধিতে উৎপন্ন ক্ষত ; পঙ্কক্ষত ; হাজা। প্র—"ভাদ্র মাসের পাঁকই বড়ই দুরাচার।" "ভাদরে চরায় ছেলি ভিজে সর্ব্ব গা। আঙ্গুলীর সন্ধিতে পাঁকুই হৈল ঘা।"—কবিকঙ্কণ।

পাঁকাটি (প্যাঁ) [গ্রা-উচ্চারণে প্যাঁকাটি। পাটকাঠি সংক্ষেপে] বি. পাটগাছের ডাঁটা।

পাঁকাল (ল্) [সং—পঙ্কাল] বি. মৎস্যবিশেষ। এই মৎস্য পঙ্কের মধ্যে থাকে বলিয়া এই নাম। ২। পান্তাভাত ; জলে ভিজা ভাত। প্র—"সন্তোলন করি কাঁজি উদর পূরিয়া ভুঞ্জি প্রাণ পাই পাইলে পাঁকাল।"—কবিকঙ্কণ।

পাঁগাস, পাঙাস (শ্) [পাঙ্গাশ দ্রঃ] বি. মৎস্যবিশেষ। প্র—"ধরেন পাবদা পুঁঠি পাঁগাস পাঠীন।"—শিবায়ন।

পাঁচ (চ্) [সং—পঞ্চ হইতে] বি. পঞ্চ সংখ্যা ; ৫ এই সংখ্যা। ২। বিণ. পঞ্চসংখ্যক। ৩। বহু ; অনেক ; নানা। প্র—"পাঁচজনে পাঁচ কথা কবে সইব কেমনে।"—বি-সু—গান। পাঁচই—মাসের ৫ তারিখ। পাঁচজন—৫ জন লোক। ২। অনেকে ; জন সাধারণ ; দশজন দ্রঃ। পাঁচটার বাড়ী—যে বাড়ীর পরিবার বৃহৎ এবং যথায় ছেলেপুলে বৌ-ঝি লইয়া অনেকে একত্র বাস করে। পাঁচনর, পাঁচনরী—পাঁচ লহর বা পাঁচহালী হার। পাঁচ পাঁচী—পাঁচ জনের মধ্যে যেমন প্রচলিত তদ্রূপ ; সাধারণ ; সামান্য ; পাঁচটার মধ্যে একটা ; বিশেষত্বহীন ; চলন সই। পাঁচফল—বহেড়া, সুপারি, হরীতকী, আমলা ও জায়ফল। পাঁচ মিশাল, মিশালি (গ্রা—পাঁচ মিশিলি) পাঁচরকম দ্রব্যের মিশ্রজাত ; পাঁচ প্রকার বস্তু মিশ্রিত। প্র—পাঁচমিশালী দাইল। আপনার কথা পাঁচ কাহন—আর সকলের কথা উপেক্ষা করিয়া নিজের কথার পুনঃপুনঃ উক্তি বা স্বীয় বক্তব্যকে প্রাধান্য দান। পাঁচ ফুলে সাজি—পাঁচ রকম ফুল তুলিয়া সাজি পূর্ণ করার ভাব হইতে নানা উপকরণের সমবায়ে কোন কিছুর সজ্জা বা সংগঠন। পাঁচ চুলা করা (চ্) [পঞ্চ চূড়া হইতে] বি. মাথায় পাঁচটি চূড়া রাখিয়া চুল কাটা। প্র—"পাঁচচুলা করে দিল পেঁচ গোটা দশ। মুখ বুক বেয়ে রক্ত পড়ে টস্ টস্।"—ঘনরাম।

পাঁচই, পাঁচুই (চো) [গ্রা] বি. পাঁচ তারিখ ; মাসের পঞ্চম দিন।

পাঁচট, পাঁচুট (ট্) বি. শিশু জন্মের পঞ্চম দিনে কৃত্য জাতকর্ম্মবিশেষ।

পাঁচড়া (চ্) [সং—পিচ্চট হইতে] বি. চর্ম্ম-রোগবিশেষ ; খোস ; কণ্ডূরোগ। খোস পাঁচড়া—খোস দ্রঃ।

পাঁচন (ন্) [সং—পাচন] বি. পাঁচ রকম ওষধি মূলাদির কাথজাত ঔষধবিশেষ।

পাঁচনবাড়ি, ড়ী (চোন্) [পা—পাচনযষ্টি। পাচন (পাচনী দ্রঃ) বাড়ি (দণ্ড)] বি. পাচনী ; গবাদি পশুতাড়ন দণ্ড।

পাঁচনি, নী [সং—প্রাজন শব্দজ। "প্রাজনং তোদনং তোত্রং—অমর] বি. পাঁচনবাড়ি। প্র—"চারিদিকে সব শিশু মধ্যে রামকানু। কাঁচনি পাঁচনি কার হাতে শিঙ্গা বেণু।"—জ্ঞানদাস। "সম্মুখে দাঁড়ায় বীর পরম সন্ধানী। সারথির কেড়ে লয় হাতের পাঁচনী।"—কৃত্তিবাস।

পাঁচফোড়ন (চ্, ন্) বি. রন্ধনের মসলা-বিশেষ ; ব্যঞ্জন সন্তলনের মসলা। ইহাতে মৌরী, মেথি, কালজিরা, জোয়ান ও রাঁধুনী এই পাঁচ প্রকার শস্য থাকে।

পাঁচা [প্রাদে] ক্রি. ভাবা ; চিন্তা করা। ২। পাঁচ জনে মিলিয়া গণ্ডগোল করা।

পাঁচাপাঁচি [পেঁচ শব্দ হইতে] বি. পেঁচ কাটাকাটি। ২। কথা কাটাকাটি ; কথার মার পেঁচ। প্র—"এইরূপ দুজনে কথার পাঁচাপাঁচি। কি করি দুজনে মনে করে আঁচা আঁচি।"—ভারতচন্দ্র। ৩। যুক্তি।

পাঁচালী [পঞ্চালী (দ্রঃ) শব্দজ] বি. তান-লয় যোগে গান করিবার উপযোগী ছন্দোবদ্ধ রচনা। ২। গীতি-কাব্যবিশেষ। ৩। গীতাভিনয়-বিশেষ। পাঁচালীর দল—পাঁচালীছন্দে গীতাভিনয়কারী সম্প্রদায়। তুল—যাত্রার দল। পুরুষ পাঁচালী—যে পাঁচালীর দলের সকলেই পুরুষ। মেয়ে পাঁচালী—কেবল স্ত্রীলোকদিগের দ্বারা পরি-চালিত পাঁচালীর দল।

পাঁচি [পাঁচ (পঞ্চ হইতে)+ই (সম্বন্ধে)] বিণ. পাঁচহাত পরিমিত ; পাঁচহাতি। ২।

ছোট ; খাট। **পাঁচি ধুতি**—পাঁচহাতি ধুতি ; অতিশয় খাট পরিধেয় বস্ত্র।

পাঁচিয়া [পেঁচান দ্রঃ] অস-ক্রি, পেঁচাইয়া ; পেঁচইয়ে ; অস্ত্রদ্বারা অঙ্গ ক্ষত করিয়া। প্র—"শরীর পাঁচিয়া সবে ঔষধ বসায়। যার গন্ধে মাথা গুঁজি বাসুকি পলায়॥"—অন্নদামঙ্গল।

পাঁচিল (ল্) [সং—প্রাচীর হইতে] বি, প্রাচীর ; দেয়াল ; বাঁধ। **পাঁচিল গাঁথা**—ইটের উপর ইট রাখিয়া প্রাচীর নির্ম্মাণ করা। **পাঁচিল তোলা**—ভিত্ হইতে পাঁচিল গাঁথিয়া তোলা। **পাঁচিল দেওয়া**—পাঁচিল গাঁথিয়া আড়াল দেওয়া বা ঘেরা।

পাঁজর (র্) [সং—পঞ্জর শব্দজ] বি, পঞ্জর ; পৃষ্ঠ এবং বক্ষোদরের মধ্যবর্ত্তী অর্থাৎ দুই পার্শ্বের অস্থি ; পার্শ্বাস্থি। প্র—"পাঁজর ঝাঁঝর মোর দাঁড়াই কোথায়"—বিহারী চক্রবর্ত্তী। ২। দেহের বন্ধন স্বরূপ পার্শ্বাস্থি সমূহ ; দেহ বন্ধন। প্র—"হিয়া জর জর খসিল পাঁজর এমতি করিল বটে।"—চণ্ডীদাস।

পাঁজরা (জ্) [পঞ্জর শব্দজ] বি, পঞ্জর ; পাঁজর দ্রঃ।

পাঁজা [ফা—পজাবা হইতে] বি, দগ্ধ করিবার জন্য ইষ্টকের স্তূপ। প্র—"কাষ্ঠ আনি ভার বোঝা কুম্ভার পোড়ায় পাঁজা নানা ইট করয়ে নির্ম্মাণ॥"—কবিকঙ্কণ। ২। [সং—পুঞ্জ হইতে] তৃণপুঞ্জ।

পাঁজা [ফা—পঞ্জহ্] বি, পঞ্চ অঙ্গুলি বিস্তৃত করিলে করতল যেরূপ হয় ; বিস্তৃত করতল। ২। [প্রাদে] এক করতল ঘাড়ের নীচে ও অপর করতল উরুতের পশ্চাতে দিয়া কাহাকেও শূন্যে ধারণ। প্র—"পাঁজা করি চন্দ্রকেতু ধরিল সত্বর।"—কবিকঙ্কণ। **পাঁজাকোলা**—পাঁজা দ্রঃ ; পাঁজা করিয়া ধরিলেই ধৃতব্যক্তি ধারণকারীর ক্রোড়স্থ হয় ; তাহা হইতে পাঁজাকোলা। প্র—"তাঁহাকে পাঁজাকোলা করিয়া ধরিয়া বাটীর ভিতরে লইয়া গেল।"—টেকচাঁদ। **পাঁজাছক্কা**—তাসের খেলায় ছক্কা পাঞ্জা। ২। পাশা খেলায় পাশার দানবিশেষ। প্র—"ভবের আসা খেলব পাশা বড়ই আশা মনে ছিল। * * * শেষে কচ্চেবার পেয়ে মাগো পাঁজা ছক্কায় বদ্ধ হলো॥"—রামপ্রসাদ।

পাঁজালি [গ্রা। পোয়াল জ্বাল হইতে পাজাল] বি, খড়ের নুড়ার আগুন।

পাঁজি, পাঁজী [সং—পঞ্জিকা শব্দজ] বি, শুভাশুভ দিনগণনা, মাস, তিথি, বার প্রভৃতি নির্দ্ধারণার্থ জ্যোতিষশাস্ত্রোক্ত সাংকেতিক গ্রন্থ ; পঞ্জিকা। প্র—"যমের বাড়ী নাই কোনও পাঁজি।"—রজনী সেন। ২। [সং—পঞ্জী] ব্যাকরণের গ্রন্থবিশেষ। ৩। মূলগ্রন্থ। প্র—"অল্পকালে হৈলা পাঁজী টীকাতে প্রবীণ"—চৈতন্যচরিত। **পাঁজিপুথি**—পঞ্জিকা ও শাস্ত্রগ্রন্থ ; পুঁথি পত্র। প্র—"এই বেশে শিষ্যগণ সঙ্গে ফিরে অনুক্ষণ পাঁজিপুথি বোঝাবোঝা লয়ে।"—অন্নদামঙ্গল।

পাঁজুরি [পঞ্জুড়ি দ্রঃ] বি, পাশা খেলার দানবিশেষ ; পঞ্জুড়ি। প্র—"ভবের আসা খেলব পাশা বড়ই আশা মনে ছিল। মিছে আশা ভাঙ্গা দশা প্রথমে পাঁজুরি পলো॥"—রামপ্রসাদ।

পাঁঠা (পাঁ) [প্রাদে] বি, ছাগ। ২। গালিবিশেষ। স্ত্রী, পাঁঠী।

পাঁঠী—বি, স্ত্রী, ছাগী। ২। বিবাহে যে কন্যার জন্য বরপক্ষীয়ের নিকট হইতে পণ গৃহীত হয়। **পাঁঠীবেচা**—কন্যাবিক্রয়। ২। কন্যাবিক্রেতা ; গালিবিশেষ। [দ্রঃ—পূর্ব্বে এদেশে পাঁঠী বেচার ন্যায় পাঁঠা বেচা (পুত্রবিক্রয়) ছিল না, সম্প্রতি পুত্রের বিবাহে বরকর্ত্তারা যেরূপ পণ গ্রহণ আরম্ভ করিয়াছেন, তাহাতে পাঁঠা বেচা শব্দের প্রচারও তাহার অভিধানে স্থিতি শীঘ্রই হইবে] স্ত্রী, **পাঁঠীবেচুনি**—কন্যাবিক্রেত্রী ; গালিবিশেষ। দীনবন্ধু মিত্র এই শব্দ ব্যবহার করিয়াছেন।

পাঁড় (ড়) [পাণ্ডা হইতে তুল—হি—পাঁড়ে] বিণ, প্রধান ; নেতা ; সর্দ্দার।

পাঁড় (ড়) [পিণ্ড হইতে] বিণ, মোটা। ২। বীজ রাখিবার উপযুক্ত পরিপক্ক পূর্ণাবয়ব শশা প্রভৃতি ফল।

পাঁড়ে [হি—পাণ্ডে ; পাঁড়ে। সং—পণ্ডা হইতে] বি, চতুর্ব্বেদ ও মহাভারত যাহা পঞ্চমবেদ নামে অভিহিত তাহাতে পারদর্শী।

পাঁতার, পাঁথার (র্) [সং—পাথার শব্দজ] বি, সাগর ; সমুদ্র। প্র—"রক্তের পাঁতারে ভৈরব সাঁতারে গগনে উঠিছে ফেনা"—অন্নদামঙ্গল। ২। বন্যা। ৩। বহুদূর বিস্তৃত জলময় স্থান।

পাঁতি (পাঁ) [পংক্তি শব্দজ] বি, পংক্তি ; শ্রেণী। প্র—"রজত কুসুম ভাতি নব তারকার পাঁতি দেখি যেন প্রেমময় প্রেমেরি নয়ন।"—প্রেম ও ফুল। ২। তালিকা। ৩। শাস্ত্রীয় বচন-পঙ্ক্তি ; ব্যবস্থাপত্র। প্র—"সেই সময় বিদ্যাভূষণ উপাধিধারী বিক্রমপুরনিবাসী একটি পণ্ডিত তাহাকে গয়াতে পিণ্ড দান করিতে পাঁতি দিলেন।" "ভুলায় তর্কের পাঁতি দন্তপাঁতি তার"—ভারতচন্দ্র। ৪। ছন্দ ; ছাঁদ ; শ্রী। প্র—"সভামাঝে বসিয়া কথার দেখ পাঁতি"—কবিকঙ্কণ। ৫। পত্র ; চিঠি। প্র—"লিখন করিয়া পাঁতি আনি সব বন্ধু জ্ঞাতি দেশে দেশে পাঠায় বার্ত্তন।"—কবিকঙ্কণ। "কি মোক্রে পাঁতি লিখি পাঠাওব তোহে কি কহব সম্বাদ।"—বিদ্যাপতি। ৬। বংশনির্ম্মিত পাত্র। প্র—"শাক বেগুন কচু মূলা এঁটে খোড় কাঁচকলা নানা সজ্জ ভরে আনে পাঁতি।"—কবিকঙ্কণ। ৭। [প্রাদে—নদীয়া] চাঁদা।

পাঁদাড় (ড়) [পক্ষদ্বার শব্দজ অথবা এই দ্বারের দিকে আবর্জ্জনা ছাইপাঁশ ইত্যাদি ফেলিবার অভ্যাস হইতে ইহার পাংশুদ্বার বা "পাঁটকুড়" নাম হয় তাহারই সংক্ষেপে পাঁদাড় শব্দের উৎপত্তি] বি, গৃহের পার্শ্বস্থিত দ্বার ; পশ্চাৎভাগ ; কানাচ। প্র—"পাঁদাড়ে শৃগাল"—ঈশ্বর গুপ্ত।

পাঁপড়, পাঁপর (ড়্, র্) [শব্দাত্মক পদ। সং—পর্পট] বি, মুগ, কলাই বা ছোলা-বাটার সহিত মসলা মিশাইয়া প্রস্তুত পাতলা রুটি। **পাঁপরভাজা**—ঘৃত বা তৈলে ভর্জ্জিত পাঁপড়ের পাত। ২। [আদা পরিঃ] পাপড় দ্রঃ।

পাঁশ (শ্) [পাংশু শব্দজ] বি, গোময় ভস্ম ; ছাই ; ক্ষার ; কাষ্ঠাদি ভস্ম ; ছাইমাটি। ২। অপদার্থ ; অকিঞ্চিৎকর বস্তু। ৩। বিণ, পণ্ড ; ব্যর্থ। প্র—তাঁতে কি হবে ? ছাই হবে, পাঁশ হবে। **ছাইপাঁশ**—অপদার্থ ; ফেলিয়া দিবার বস্তু ; অকিঞ্চিৎকর পদার্থ। ২। যাহা তাহা ; আলাত পালাত। ৩। প্রলাপ। প্র—কি ছাইপাঁশ বকিতেছ ? "মধু মাখা ছাই পাঁশ সুমধুর তারে"—লীলাবতী (দীনবন্ধু)।

পাঁশকুড় (শ্, ড়) [গ্রা—পাঁটকুড়। পাঁশ (পাংশু) কুড (কুল=স্থান) ল=ড়] বি, পাঁশ ফেলিবার স্থান ; পাঁদাড়।

পাঁশুটিয়া [গ্রা—পাঁশুটে, পাঁশুড়ে। পাংশুতা +ইয়া (যুক্তার্থে)] বিণ, পাংশুতাযুক্ত ; পাংশুমিশ্রিত। ২। পাংশুবর্ণবিশিষ্ট ; ছাইবর্ণ ; পাংশুটে ; ash-coloured.

পাক (পাক্) [পচ্ (পাক করা)+অ (ভাবে, ঘঞ্)] অগ্নির উত্তাপে সিদ্ধ করণ ; রন্ধন। প্র—"সতীত্বে সাবিত্রী পাকে দ্রৌপদী সুন্দরী"—দ্বিজেন্দ্র রায়। ২। কবিরাজী তৈলাদির জ্বাল ; ফুট। ৩। [রাসাঃ পরিঃ] আঁচ ; উত্তাপ ; heat. ৪। পরিপাক ; হজম। ৫। পরিণতি ; পরিণাম ; ফল। প্র—কর্ম্মের পাক। তুল—বিপাক। ৬। কেশের শুক্লতা। প্র—তাহার চুলে পাক ধরিয়াছে। ৭। [গ্রা] কারণ ; হেতু ; জন্য ; নিমিত্ত। প্র—"যোগিনী হইবে সেই পাকে।"—চণ্ডীদাস। "তুমি রাধা তুমি সীতা তুমি গঙ্গা কাশী। তেঁই পাকে তোমাকে বিস্তর ভালবাসি।"—শিবায়ন। ৮। ঘটনা-

ক্রম ; ক্রম ; কৌশলে। প্র—"কোন পাক সে পত্রী আইলা প্রভু স্থানে।"—চৈতন্যচরিত।

পাক (ক্) [সং—পরিক্রম শব্দের অপভ্রংশে] বি, বেষ্টন ; বেড়। ২। ঘূর্ণন। ৩। চক্র ; পেঁচ। ৪। ঘূর্ণী ; জলভ্রমি। ৫। কূট ; কৌশল। **পাক করা**—ক্রি, রন্ধন করা। **পাক খাওয়া**—ঘোরা ; ঘূর্ণিত হওয়া। ২। নাকাল হওয়া। **পাক খোলা**—বেষ্টন শিথিল হওয়া ; পেঁচ খোলা। **পাক দেওয়া**—ঘুরান ; পাকান ; পেঁচ দেওয়া। **পাক ধরা**—পরিপক্বতা প্রাপ্ত হওয়া ; পরিণত হওয়া। ২। রঙ্ ধরা। ৩। কেশ শুভ্র হইতে আরম্ভ হওয়া। **পাক পড়া**—পাকাইয়া যাওয়া ; জোট পড়া ; পাক লাগা দ্রঃ। **পাকে পড়া**—বিপদে পড়া ; সঙ্কটে পড়া। **পাক পাওয়া**—পরিপাক পাওয়া। **পাকমোড়া** [পক্ষ হইতে পাক] দুই হাত মুচড়াইয়া পিঠের দিকে বাঁধা ; পিছমোড়া ; রজ্জুতে পাক দিয়া বন্ধন। **পাক লাগা**—পেঁচ লাগা ; ঘুর লাগা ; জোট পড়া ; জড়িত হওয়া। **পাক খাওয়া**—পাকাইয়া যাওয়া ; ঘুরিয়া পড়া। প্র—"আই আই করি এয়ো হেসে পাক খায়। আগুন মেটায়ে দিল মেনকার গায়॥"—শিবায়ন। **পাকশাক** [ইত্যাদি বা আদি অর্থে শাক পাকের সহচর শব্দ] রন্ধনাদি। **পাক পেয়ে যাওয়া**—পাকাইয়া যাওয়া। ২। কৃশ হওয়া। প্র—ছেলেটা দিনদিন পাকপেয়ে যাচ্ছে। **পাক পাওয়া**—পরিপাক বা হজম হওয়া। প্র—রস পাক পাওয়া। **জিলিপীর পাক**—জিলিপী নামক কুণ্ডলীকৃত মিষ্টান্নের পেঁচ বা চক্র। ২। তাহা হইতে কুমন্ত্রণা ; কুচক্র ; দুরভিসন্ধি। প্র—তাহার পেটে এত জিলিপীর পাক ছিল তাহা কিপ্রকারে বুঝিব।

পাক (ক্) [প্রা-বাং—পগ্ গ, পাগ (দ্রঃ) গ = ক। গ্রা] বি, পাগ ; পাগড়ী ; উষ্ণীষ।

পাক (পাক্) [ফা—প্যাক্] বিণ, নির্ম্মল ; শুদ্ধ ; পবিত্র। বিপরীতে—না-পাক। প্র—"বাম হস্ত নাপাক তসবী জপে তায়। হিন্দুরে নাপাক বলে এত বড় দায়॥"—ভারতচন্দ্র।

পাককার্য্য (ক্) বি, রন্ধন ক্রিয়া।

পাকক্রিয়া (ক্) বি, রন্ধনকার্য্য।

পাকচক্র (পাক্‌চক্‌ক্র) [পাক) পেঁচ) চক্র একার্থক সহচর শব্দ দ্বয়] বি, কল-কৌশল ; পেঁচ। ২। শঠতা ; কুমৎলব ; কৌশলজাল। প্র—"ঠকটা পাকচক্র করাইয়া * * * খিট মিট করিবার জন্য * * * প্রকাশ্যিত ভাবে চতুর্দ্দিকে অবসব অনুসন্ধান করিতেছে।"—গল্পগুচ্ছ (রবি)। ৩। জলভ্রমি ; ঘূর্ণীজল। ৩। ৪। জটিলতা ; জটিল রহস্য। প্র—সে পাকচক্র ভেদ করা সহজ নয়। ৫। চক্রের ভিতর চক্র।

পাকজ [পাক—জ (জাত)] বিণ, পাকোদ্ভূত ; পাকোৎপন্ন ; পাক করিয়া প্রাপ্ত। ২। [সূর্য্য-পক্ব বা অগ্নিপক্ব অথবা সমুদ্রাদির জল পাক করিয়া যাহা পাওয়া যায়] বি, পাঙ্গা লবণ ; করকচ লবণ।

পাকজল (ক্, ল্) বি, ঘূর্ণীজল ; জলভ্রমি ; an eddy.

পাকড় (ড়্) [হি—পকড়্ ; সং—প্রগ্রহ (বন্ধন ; বন্দী) পগ্ গড়্—পকড় (পগ্ গ দ্রঃ)] বি, ধারণ ; ধৃত করণ। ২। বন্ধন। **ধর পাকড়**—ধর বান্ধা। **পাকড় পাকড়**—অ ; ধর্ ধর্ ; পাকড়া কর। দ্রঃ—প্রা-বাং-য়—পাখড়। প্র—"দেউল দেহারা ভাঙ্গে কাড়্যা ফিড়্যা খায় রঙ্গে পাখড় পাখড় বোলে বোল।"—শূন্যপুরাণ।

পাকড়ন, (ক্ ন্,) [পাকড়ান দ্রঃ] ক্রি, ধৃতকরণ। ২। ধারণ ; গ্রহণ।

পাকড়া (ক্) [প্রাদে, গ্রা] বি, পাখ্‌না ; পৃষ্ঠাস্থি ফলকদ্বয় ; shoulder blades. ২। পক্ব কাপাস ও শিমুল ফলের বিদারিত এক এক পাখা বা পার্শ্ব। ৩। পাকা ও ফাটা শিমুল ও কাপাস ফল। **পাকড়া করা**—ধৃত করণ। ২। বেষ্টন। ৩। বন্ধন। প্র—"চন্দ্রচূড় ঠাকুর রাজাকে আর একদিন পাকড়া করিয়া বলিলেন, মহারাজ! তীর্থ পর্য্যটনে যাইব ইচ্ছা করিয়াছি।"—সীতারাম (বঙ্কিম)। **ধরা পাকড়া করা**—ধরা ধরি করা ; ধরা বান্ধা।

পাকড়াও (ক্) [হি] বি, ধৃতকরণ ; আয়ত্ত। ২। বন্ধন। প্র—"আমি ভাবিলাম এইবার একটা সম্বন্ধ পাতাইয়া আমাকে পাকড়াও করিবে।"—যোগেন্দ্র চট্টোপাধ্যায়। —প্রবাসী, ১৩১০।

পাকড়ান (পাক্‌ড়ানো) [হি—পকড়্‌না ; পাকড় (দ্রঃ) + আন (ক্রি—বিভক্তি)]। উ-পু—পাকড়াই। ম-পু—পাকড়াও ; পাকড়ান ; পাকড়া। প্র-পু—পাকড়ায় ; পাকড়ান। অস-ক্রি—পাকড়াইতে; পাকড়াইয়া পাকড়ে। ণিজন্ত—পাকড়োয়ানা (হি-র অনুকরণে)] ক্রি, ধৃত করা ; ধরা ২। পলাতককে ধরা বা তাহার গতি রোধ করা।

পাকড়ি (ক) [প্রাদে।] বি, পাবড়ী ; ফুলের পাতা। ২। পর্কটীবৃক্ষ ; পাকুড় গাছ। প্র—"আনিল পাকড়ি ডাল হাঁই আমলাতি।"—কবিকঙ্কণ।

পাকড়ী, (ক্, গ্) [হি—পগ্‌ড়ী গ = ক। পাক দ্রঃ। যাহা মাথায় পাক দিয়া বাঁধা বা বেষ্টন করিয়া পরা হয় অথবা পকড়্ (বন্ধন) + ঈ ; যাহা মস্তক বন্ধন করে] বি, শিরোবন্ধনী ; মস্তকবেষ্টনী ; উষ্ণীষ। **পাগড়ী ওয়ালা**—যাহার মাথায় পাগড়ী বাঁধা আছে ; যাহারা পাগড়ী ব্যবহার করে। তুল—টুপীওয়ালা। **পাগড়ী বাঁধা**—মাথায় পাগড়ী জড়ান।

পাকতঃ—ক্রি-বিণ, পাকে প্রকারে ; কার্য্য-গতিকে।

পাকতেড়ে (ক্) [পাক—তার + ইয়া—যে তারের মত পাকাইয়া গিয়াছে] বিণ, কৃশ; যাহার শরীরের চর্ম্ম মাংসহীন হাড়ের সহিত লগ্ন হইয়া কাঠিতে তার জড়াইবার মত হইয়াছে ; অতিকৃশ ; শীর্ণ।

পাকতৈল (ক্) [গ্রা—পাকতৈল] বি, নানাবিধ ভেষজ সহ পাক করা রোগহর তৈল ; কবিরাজী তৈল।

পাকন (ন্) বি, পাক ধরণ ; কেশাদি শুভ্র হওন ; ফলে রঙ ধরণ। ২। স্ফোট-কাদিতে পুঁজের সঞ্চার হওন। ৩। পরি-পক্ব হওন ; পরিণত হওন।

পাকনা (ক্) [পক্ষ (পক্‌খ) হইতে পাখ্ ও পাক্ + না (ক্ষুদ্রার্থে)] বি, পক্ষ ; পাখা ; ডানা। ২। পৃষ্ঠাস্থিফলকদ্বয় ; shoulder blades. ৩। মাছের পাখা ; মাছের সন্তরণ সহায় স্বরূপ পিঠ, গলার নীচে ও পেটে যে পালকের মত থাকে ; fins. ৩। আবর্ত্ত ; ঘূরনী ; ভ্রমি ; an eddy. ৪। [প্রাদে, রাঢ়ে] চাষীরা বীজ রোপণের সময়, জমিতে জল দিয়া যে কাদা প্রস্তুত করে। জমি পাকনা করা হইলে চাষ ভাল হয় সুতরাং ভাল ফসল হয়। ৫। জলময় ক্ষেত্রে হল চালনের কালে মাটিতে লাঙ্গলের যে রেখা পাত হয়।

পাকনাড়া (ক্) [গ্রা। পাক দ্রঃ] বি, হাত ধরিয়া ঘূরপাক ; করতলে জড়াইয়া ঘুরান। প্র—"ইহা কয়ে সেই কোপে দেই পাকনাড়া। উত্তরীয় বসনে বান্ধিল পিছুমোড়া।"—শিবায়ন। "ফেলিয়া মারিল টাঙ্গি বাঘের দশন ভাঙ্গি লেজে ধরি দেয় পাকনাড়া।"—কবিকঙ্কণ।

পাকপড়া (ক্) [পাক দ্রঃ] বি, তৈলিক কল্। বিণ, কুটিল ; জটিল ; পেঁচাও। ২। খল ; কুচক্রী।

পাকপাড়া (ক্) ক্রি, বিনা কার্য্যে ঘুরিয়া বেড়ান (তুল—ধম্বল পেটা)।

পাকপাত্র (ক্) [পাকের পাত্র—৬ তৎ] বি, যে পাত্রে পাক করা হয় ; রন্ধন-পাত্র ; হাঁড়ি, ডিজেল, চাটু প্রভৃতি।

পাকপুটী—বি, কুমারের পোয়ান ; kiln.

পাকমারা (ক্) [পক্ষী হইতে পাখী—পাখ + মার + আ (কর্ত্তা)] বি, ব্যাধ।

পাকমোড়া (ক্) [পাক দ্রঃ] বি. পাকান দড়ির কুণ্ডলাকার বেষ্টন। ২। কুণ্ডলীকৃত-কবরী। প্র—"সে কিরে চূড়ার ঠাম কেবল যেমন কাম নানা ছাঁদে বাঁধে পাকমোড়া।"—চণ্ডীদাস। ২। [পক্ষ হইতে পাক] পিছ-মোড়া।

পাকযজ্ঞ (পাক্জোগ্গোঁ) বি. পুং. হোমাঙ্গ চরুরন্ধনকার্য্য; বৃষোৎসর্গাদি অনুষ্ঠানঘটিত হোমকর্ম্ম।

পাকযন্ত্র (ক্) বি. রন্ধন করিবার বৈজ্ঞানিক চুলা। ২। যে যন্ত্রে বৈজ্ঞানিক উপায়ে ঔষধাদি পাক করা হয়। ৩। জঠরের যে স্থানে ভুক্ত দ্রব্য পরিপাক হয়; পাকস্থলী; stomach; digestive organ.

পাকযন্ত্রপ্রদাহ (ক্. প্রো) বি. পাকস্থলীতে জ্বালা উৎপাদক রোগবিশেষ; gastritis

পাকরঞ্জন (ক্. ন্) [পাক—রনজ্ (বর্ণান্তরোৎপাদনে—স্বাদুকরণে)+অন (করণে—অনট্)] বি. ক্লী. তেজপত্র।

পাকরাল (ক্) [প্রা] বিণ. পাকিবার মত; পাকল।

পাকল (ল্) [সং] বি. কুড় নামক সুগন্ধি ঔষধ বিশেষ; sansurea auriculata. ২। হস্তীর জ্বর রোগ। ৩। অগ্নি। ৪। বিণ. রক্তবর্ণ; লোহিত; অগ্নিবর্ণ। প্র—"হীরারে জিজ্ঞাসে চক্ষু করিয়া পাকল।"—ভারতচন্দ্র। "কোপেতে লহনা চক্ষু করিল পাকল।"—কবিকঙ্কণ। "পাকল দিঠে চায়।"—ঘনরাম। "অঙ্গদ বলে দেখাস কি পাকল করে আঁখি।"—কৃত্তিবাস। ৫। যাহা পক্ব করে। ৬। (পাক্লো) যাহাতে পাক ধরিয়াছে; পক্ব প্রায়; পাকা পাকা।

পাকলা (ক্) [উচ্চারণ ভেদে "পাক্লো", পাকাল দ্রঃ] বিণ. পাক ধরা; পাকা; ripe.

পাকলান (পাক্লানো) [সং—প্রক্ষালন শব্দজ] ক্রি. প্রক্ষালন করা; পাখলান দ্রঃ। পাকলে খাওয়া। ২। দন্তাভাবে ভক্ষ্যদ্রব্য চর্ব্বণ করিতে না পারিয়া মাড়ির দ্বারা লালার সহিত প্রক্ষালন করিয়া করিয়া খাওয়াকে পাকলাইয়া পাকলাইয়া (গ্রা- পাক্লে পাক্লে) খাওয়া বলে।

পাকলান (পাক্লানো) [পাকল (দ্রঃ)+আন (বাং-ক্রিয়া বিভক্তি)। অস-ক্রি—পাকলিতে, পাকলাইতে; পাকলাইয়া, পাকলিয়া; পাকালি (সংক্ষেপে)] ক্রি. রক্তবর্ণ করা; পাকাল; অগ্নিবর্ণ করা। প্র—"চক্ষু পাকলিয়া বলে রোষে।"—কাশী. মহা. আদি। "হবুচন্দ্র রাজা কহে পাকালিয়া চোখ।"—রবি।

পাকশাট, পাকসাট (পাক্শাট্) [পক্ষ হইতে পাখ=পাক+ঝাপট হইতে ঝাট =ছাট=সাট অথবা সাপট—সাট] বি. পক্ষ ঝাপট; পাখার ঝাপটা; পক্ষ আস্ফোটন; পক্ষ প্রহার। প্র—"শুক পাকসাট দিয়া সারিকারে খেদাইয়া"—ভারতচন্দ্র। ২। পক্ষ সঞ্চালন। প্র—"মহাতেজে উঠিল গগনে মহাবল। পাকসাটে উড়ি গেল পর্ব্বত সকল॥"—কাশী. মহা. আদি। ৩। ঘূরপাক।

পাকশালা (ক্) [পাকের (রন্ধনের) শালা (আলয়)—৬ তৎ] বি. স্ত্রী. পাক করিবার গৃহ: রান্নাঘর।

পাকশাসন (ক্. ন্) [পাক (দৈত্যবিশেষ) তাহার শাসন (শাস্তা)—৬ তৎ] বি. পুং. পাকদমনকারী ইন্দ্র।

পাকশাসনি (ক্) [পাকশাসন (ইন্দ্র + ই (অপত্যার্থে—ঞি)] বি. পুং. পাকশাসনের পুত্র; ইন্দ্রনন্দন; জয়ন্ত।

পাকশুক্লা (ক্) বি. খড়ী; chalk.

পাকসাঁড়াশী (ক্ শাঁ) [সাঁড়াশী দ্রঃ] বি, স্বর্ণকারের যন্ত্রবিশেষ; যে যন্ত্র দ্বারা স্বর্ণকার স্বর্ণ বা রৌপ্যাদির তারে পাক দেয়; a vic a turn-screw.

পাকসাট (পাক্শাট্) বি. পাকশাট দ্রঃ।

পাকস্থলী (পাকোস্থোলি) বি. পরিপাক যন্ত্র; উদরের মধ্যে পরিপাক স্থান।

পাকস্থান (পাকস্থান্) [পাকের (বন্ধনের) স্থান, ৬ তৎ] বি. ক্লী. রন্ধনশালা; রান্নাঘর।

পাকস্থালী (পাকস্থালি) [পাকের স্থালী (পাত্র) — ৬ তৎ] বি. স্ত্রী. পাকপাত্র; রন্ধনপাত্র। ২। [বাং—অপপ্রয়োগ] পাক যন্ত্র: পরিপাকের স্থান; উদরের যে স্থানে ভুক্ত দ্রব্য জীর্ণ হয়; হজমের ঘর।

পাকা [পচ্ ধাতু হইতে প্র-পু—পাকে। অস-ক্রি—পাকিতে, পাকতে (গ্রা); পাকিয়া, পেকে (গ্রা)। ণিজন্ত—পাকান] ক্রি. পক্ব হওয়া; পাক ধরা; পাকিয়া যাওয়া। ২। পরিণত হওয়া। প্র—বুদ্ধি পাকা। ৩। শুভ্র হওয়া। প্র—চুল পাকা। ৪। পুঁজপূর্ণ হওয়া। প্র—ফোড়া পাকা। ৫। বৃদ্ধ হওয়া: প্রবীণ হওয়া। প্র—বয়সে পাকা ৬। বহুদর্শী হওয়া; ঝানু হওয়া। প্র—লোকটা আজন্মকাল দেখে দেখে পেকে গেছে।

পাকা [সং—পক্ব শব্দজ] বিণ. পরিণত; পুষ্ট। ২। পরিপক্ব। প্র—পাকা আম। ৩। বাক্পটু; বাচাল। ৪। চতুর; পরিণামদর্শী। ৫। খাঁটি: যাহা খোঁটা, অচল বা মেকি নয়। প্র—"তোমার কথায় টাকা, লয়ে গেনু জানি পাকা, তামা বলি ফিরে দিল সাটে।"—অন্নদামঙ্গল। ৬। সারবান; কর্ম্মণ্য। প্র—পরীক্ষায় বুঝিলাম বেশ পাকা লোক। ৭। মজবুত; দৃঢ়। ৮। পুড়াইয়া কঠিনীকৃত; পোড় দেওয়া। প্র—পাকা ইট; পাকা ছাদ: পাকা বাড়ী। ৯। অকপট; sound. ১০। পূর্ণ; পূরা; চূড়ান্ত। প্র—পাকা বদমাষ। ১১। সিদ্ধহস্ত; সুদক্ষ। প্র—পাকা রাঁধুনী; পাকা শিল্পী। ১২। স্থায়ী; নির্দ্ধারিত পরিমাণে; নিরিখ মত। প্র—পাকা ওজন। ১৩। স্থায়ী; যাহা লুপ্ত হয় না। প্র—পাকা রঙ্। ১৪। স্থায়ী; অপরিবর্ত্তনীয়; যাহার নড়চড় হয় না। প্র—পাকা কথা। **পাকা আম দাঁড়কাকে খাওয়া**—সুখভোগ্য উত্তম সামগ্রী অযোগ্যের ভোগ হওয়ায় ক্ষোভসূচক উক্তি। প্র—"ময়ূর চকোর শুক চাতকে না পায়। হায় বিধি পাকা আম্র দাঁড়কাকে খায়॥"—ভারতচন্দ্র। **পাকা ইট**—পাঁজায় পোড়ান ইট। **পাকা ওজন** [পাকি দ্রঃ] নির্দ্ধারিত এবং অপরিবর্ত্তনীয় তৌল; স্থায়ী নিরিখ। **পাকা কথা**—যে কথার অন্যথা হয় না; নিশ্চয় বাক্য। ২। সত্য কথা; খাঁটি কথা। ৩। কাজের কথা। **পাকা করা**—দৃঢ় করা; সমর্থন দ্বারা নিশ্চয় করা; to confirm. প্র—কথা পাকা করিয়া লওয়া। ২। ইষ্টক প্রস্তরাদিতে নির্ম্মিত করা। প্র—ছাদ পাকা করিয়া লওয়া। **পাকা কলা পাওয়া**—পাকা কলা যেমন উপস্থিত আহারীয় তদ্বৎ; পাকা কলার মত ভোগ্য বা উপস্থিত অন্নস্বরূপ প্রাপ্ত হওয়া। **পাকা খাতা**—যে খাতায় হিসাবপত্র লেখা হইলে আর বদল করিতে বা কাটাকুটি করিতে হয় না। **পাকা গাঁথনি, গাঁথুনি**—চূণ, সুরকি যোগে প্রভৃতির গাঁথনি; মাটির গাঁথনি নহে। **পাকা ঘর**—ইট পাথরাদিনির্ম্মিত ঘর; কোঠা ঘর: মেটে ঘর নয়। **পাকা-ঘাট**—পুষ্করিণী প্রভৃতির শানবাঁধান ঘাট। **পাকা ঘুঁটি**—ঘুঁটি খেলায় ছকের যে ঘুঁটির উপরের ঘর হইতে নামিবার অর্থাৎ কাঁচিয়া বসিবার সম্ভাবনা নাই। **পাকা চুল**—বার্দ্ধক্যজনিত পক্বকেশ; শাদা চুল; শুভ্র কেশ। **পাকা ছাদ**—কোঠা বাড়ীর ইট, পাথর ও কড়ি বরগা প্রভৃতির দ্বারা নির্ম্মিত ছাদ। **পাকা ঝিঁকুট**—পাকিয়া শুকাইয়া কঠিন; ঝিঁকুট দ্রঃ। ২। অকালপক্ব। **পাকা তাল পড়া** [লক্ষণায়] পৃষ্ঠে কিল পড়া। **পাকা দলীল**—আদালতগ্রাহ্য সাক্ষ্য পত্র বা প্রমাণ পত্র। **পাকা দানা**—পরিপুষ্ট শস্য। **পাকা দালান**—ইট পাথরাদি দ্বারা নির্ম্মিত দালান; শানবাঁধান দালান; রোয়াক। **পাকা দেখা**—উভয় পক্ষ হইতে পাত্র ও পাত্রী দেখিয়া বিবাহের সম্বন্ধ পাকা করা; যে দেখার পর বিবাহের

সম্বন্ধ নড়চড় হয় না। পাকা ধানে মই দেওয়া—ক্ষেতে পাকা ধান কাটিয়া ঘরে আনিবার কথা, কিন্তু এমন সময় যদি কেহ তাহাতে মই দেয় তাহা হইলে ধান নষ্ট হইয়া কৃষকের সকল আশা ভরসা বিনাশ প্রাপ্ত হয়। সেই ভাব হইতে যাহা ভোগের উপযোগী হইয়াছে তাহা হইতে বঞ্চিত করা ; যে উদ্দেশ্য সিদ্ধপ্রায় হইয়াছে তাহা ব্যর্থ করা ; যে কার্য্য সফলপ্রায় হইয়াছে তাহা অচিরাৎ পণ্ড করিয়া দেওয়া। পাকাপনা করা—পাকামি করা : শিশু হইয়া বৃদ্ধের মত আচরণ করা ; জ্যেঠামি করা। পাকা পাকা কথা—প্রবীণোচিত উক্তি। ২। শিশুর মুখে বুড়ার মত কথা। ৩। আঁটুনি বাঁধুনির কথা। পাকাপোক্ত [একার্থক সহচর শব্দদ্বয়] পরিপক্ব ; সর্ব্বতোভাবে পাকা ; স্থায়ী ; কায়েমী। পাকা বয়স—পরিণত বয়স ; বার্দ্ধক্য। পাকা বাড়ী—ইট পাথরের বাড়ী। পাকা বুদ্ধি—স্থিরবুদ্ধি ; পরিপক্ব বুদ্ধি ; প্রজ্ঞা। পাকা মাছ—বড় বা বুড়ো মাছ। পাকা মাটি—কঠিন মাটি ; পোড়ান মাটি ; বিপরীত কাঁচামাটি। পাকা মাথা—বৃদ্ধ বা বৃদ্ধার মস্তক। পাকা মাথায় সিন্দূর পরা—বৃদ্ধাবস্থা পর্য্যন্ত এয়োস্ত্রী থাকা। কারণ, বৃদ্ধাবস্থা পর্য্যন্ত স্বামী জীবিত থাকিলে তবেই বৃদ্ধা সীমন্তে সিন্দূর ধারণ করিতে পারে। পাকা মাল—উপস্থিত ভোগ্য বস্তু ; ভোগের বা ব্যবহারের জন্য যাহা প্রস্তুত। ২। পুষ্টিকর খাদ্য। পাকা রাঁধুনী—দক্ষ সুপকার ; রন্ধনশিল্পে যাহার হাত পাকিয়াছে ; শ্রেষ্ঠ পাচক। পাকা রান্না—উৎকৃষ্ট রন্ধন ; ঘৃত বা তৈলে পক্ব আহার্য্য—যাহা সিদ্ধ করা নহে। পাকা রাস্তা—ইট পাথরাদি দ্বারা বাঁধান পথ ; metalled road. পাকা লেখা—এক ছাঁদের অভ্যস্ত হস্তলিপি। পাকা লোক—দূরদর্শী ব্যক্তি ; চৌকস লোক ; কাজের লোক। পাকা লোহা—বিশেষ প্রক্রিয়া দ্বারা নির্ম্মিত মজবুত লৌহ ; ইস্পাৎ। পাকা সোণা—অমিশ্র স্বর্ণ ; যে সোণায় পান দেওয়া হয় নাই ; খাঁটি সোণা (বিপরীতে—মরা সোণা)। পাকা হাড়—বৃদ্ধের বা বৃদ্ধার শরীর। পাকা হাত—চির অভ্যস্ত হস্ত ; নিপুণ হস্ত। এঁচোড়ে পাকা—অকালপক্ব। কাঁচা পাকা—পক্ব অপক্ব বা অপুষ্ট ও পরিণত উভয় মিশ্রিত। ২। ঠাণ্ডা ও গরম করা। প্র—কাঁচা পাকা জলে স্নান। চুল পাকান—বৃদ্ধ হওয়া ; বুড়িয়ে যাওয়া। ২। বহুদর্শন লাভ করা। পোঁদ পাকা—অকাল-পক্ব ; ডেঁপো ; যে শিশু বয়সের অতিরিক্ত বুদ্ধি দেখায় ও সেই রকম কথা বলে। ফোড়া পাকা—স্ফোটকে পূঁজ হওয়া ; ফোড়া অস্ত্রোপচারের উপযোগী হওয়া।

পাকাটী (প্া) [প্রাদে। পাট—কাটি সংক্ষেপে। উচ্চারণভেদে পাঁকাটি, পেঁকাটি] বি, পাটগাছের ডাঁটা।

পাকাটে [পাক (দ্রঃ) + আটিয়া = আটে (সাদৃশ্যার্থে)] বিণ, পাকানবৎ ; পাকতেড়ে।

পাকান (নো) [পাকা দ্রঃ। উ-পু—পাকাই। ম-পু—পাকাও ; পাকান ; পাকা। প্র-পু—পাকায় ; পাকান। অস-ক্রি—পাকাইতে ; পাকাইয়া ; পাকায়ে] ক্রি, পাক দেওয়া ; দুমড়ান ; মোচড়ান ; পেঁচ দেওয়া ; জড়ান। ২। জটিল করিয়া তোলা। ৩। কুমন্ত্রণা করা ; জটলা করিয়া কোন অভিসন্ধি স্থির করা। ৪। রন্ধন করা। ৫। পরিপাক করা ; হজম করা।

পাকাপাকি—বিণ, পরস্পর কর্ত্তব্যবিষয় নির্দ্ধারণ ; স্থিরকরণ। ২। স্বীকৃত। পাকাপাকি করা, পাকাপাকি করিয়া তোলা—চরম সীমায় আনা। ২। কায়েমী করা।

পাকামি [প্রাদে। পাকা দ্রঃ] বি, বাচালতা ; জ্যেঠামি ; পাকার মত আচরণ।

পাকাল্যা (প্াকাল্লা) [পরাক্রম হইতে গ্রাম্য] বি, পরাক্রম ; বিক্রম ; তেজ। প্র—"বীরের পাকাল্যা দেখি, রাজা বড় হৈলা সুখী" —কবিকঙ্কণ। "বীরের পাকাল্যা দেখি চিন্তিত ঈশ্বরী। যুগে যুগে দৈত্যগণ সঙ্গে যুদ্ধ করি॥"—ঐ।

পাকাশয় (য়) [পাকের (পরিপাকের) আশয় (স্থান)—৬তৎ] বি, পাকস্থলী।

পাকাশয়িক (ক্) [পাকাশয় + ইক] বিণ, পাকাশয় সম্বন্ধীয়।

পাকি, পাকী [হি—পক্কী—পক্কা তৌল। বিপরীত কাঁচি] বি, ৮০ তোলা বা ততোধিক ওজন ; পাকা তৌল।

পাকিমালা [পাকি (পক্বকাঠের) মালা (মাল্য)] বি, ধূম তৈল প্রভৃতি যোগে পাকান অর্থাৎ বহুদিন ব্যবহারোপযোগী দৃঢ় করা কাঠের মালা ; যে মালা সহজে ভগ্ন হয় না ; প্র—"গালভরা গুয়াপান পাকি মালা গলে।" অন্নদামঙ্গল।

পাকী—বিণ, পাককারী

পাকু—বিণ ; পাককারী ; পাচক।

পাকুড় (ড়) [সং—পর্কটী] বি, বট অশ্বত্থাদি-জাতীয় বৃক্ষবিশেষ ; পর্কটী ; ficus infectoria.

পাকে [পাক দ্রঃ] ৭মী, পাক চক্রে। ২। জন্য ; কারণে ; হেতু ; নিমিত্ত। প্র—"এই পাকে সেই কালে কয়েছিলাম আমি। দেখমায়া দেখে মোকে দোষ দিবে তুমি।"—শিবায়ন। "এই পাকে হৈলি তুই ছাগল রাখাল।"—কবিকঙ্কণ। "যত থাকে পাসরি পত্নীর পাকে।"—ঘনরাম।

পাকে পাকে [পাক দ্রঃ] ক্রি-বিণ, ঘুরিয়া ফিরিয়া। ২। এক একবার কৌশল করিয়া ; পাকচক্রে। ৩। চক্রে চক্রে ; পেঁচে পেঁচে।

পাকেপ্রকারে (প্রো) [পাকে (কলে, চক্রে) প্রকারে (কৌশলে, উপায়ে)] ক্রি-বিণ, কলে কৌশলে ; পাকচক্রে। ৩। অনিচ্ছা সত্ত্বে ; বাধ্য হইয়া ; কৌশলে পড়িয়া।

পাক্য (ক্ক) বিণ, পাকোপযোগী। ২। পাংশুলবণ। ৩। যবক্ষার।

পাক্যালা (পাক্ক্যালা) [পাইক + আলা] বি, পাইক গিরি ; পাইকোচিত বাহাদুরি। ২। বীরত্ব ; বিক্রম। প্র—"বীরের পাক্যালা দেখি চিন্তেন ঈশ্বরী"—কবিকঙ্কণ। "মায়া মৃগ হয়ে দেখি বীরের পাক্যালা"—ঐ।

পাক্ষিক (ক্) [পক্ষিন্ (পক্ষী)—ইক] বি, পক্ষী সংক্রান্ত। ২। শাকুনিক ; পাখমারা।

পাক্ষিক (ক্) [পক্ষ + ইক (ভবার্থে—ষ্ণিক)] বিণ, পক্ষকাল সম্বন্ধীয় ; যাহা প্রতিপক্ষে হয়। ২। সংক্রান্ত ; এক পক্ষীয় ; পক্ষপাতী। ৩। বি, সম্প্রদায় বা দলবিশেষ। পাক্ষিক জ্বর—যে জ্বর এক পক্ষ অন্তর হয়। পাক্ষিক পত্র—যে সাময়িক পত্র ১৫ দিন বাদে বা প্রতি পক্ষান্তে বাহির হয়।

পাখ, পাখা (খ্) [পক্ষ শব্দজ] বি, পক্ষী। প্র—পাখ মারা। ২। পক্ষ ; ডানা। প্র—"পাখিক পাখ, মীনক পানি, জীবক জীবন হাম তুঁহু জানি"—বিদ্যাপতি। ৩। পালক। প্র—পাখ উঠা। ৪। [হি—পংখা। পক্ষবৎ বলিয়া] তালবৃন্ত ; ব্যজন।

পাখড়া (খ্) [প্রাদে। গ্রা] বি, পৃষ্ঠাস্থিফলকদ্বয় ; পাখনা।

পাখণ্ড [সং—পাষণ্ড হইতে হিন্দীর অনুকরণে, হি-তে পাখণ্ডীও বলে। ষ = খ] বিণ, পাষণ্ড ; দুর্বৃত্ত।

পাখনা (খ্) [পক্ষ হইতে পাখ + না (ক্ষুদ্রার্থে)] বি, ডানা। ২। পালক। ৩। [পাখড়াও বলে] পৃষ্ঠাস্থিফলকদ্বয়।

পাখরিয়া [পক্ষিরাজ শব্দ হইতে] বিণ, পক্ষিরাজ। ২। পক্ষিরাজের ন্যায় দ্রুতগামী। প্র—"সাজ সাজ বলিয়া পড়িয়া গেল সাড়া। আগুদলে ধায় যত পাখরিয়া ঘোড়া।"—কবিকঙ্কণ।

পাখলান (খ্‌লো) [সং—প্রক্ষালন শব্দজ। উ-পু—পাখলাই। ম-পু—পাখলাও। প্র-পু—পাখলায়। অস-ক্রি—পাখালিতে : পাখালিয়া : পাখালি (পদ্যে)] বি, ধৌতকরণ : প্রক্ষালন করা। প্র—"প্রেমময়ী পার্ব্বতী পাইয়া প্রাণনাথে। পাখালিয়া পদ পাদোদক নিলা মাথে।"—শিবায়ন।

পাখসাট (পাখ্‌শাট্‌) [পাখশাট দ্রঃ] বি, পাখার বা ডানার ঝাপট।

পাখা [পক্ষ হইতে পাখ+আ (স্বার্থে)] বি, পক্ষ : ডানা। ২। পালক। প্র—"এত বলি এক পাখা ঠোঁটে উপাড়িয়া।"—কাশী-মহা। ৩। ব্যজন : তালবৃন্ত।

পাখা উঠা [পাখ উঠাও বলে। পক্ষ হইতে পাখ—পাখা] ক্রি, পক্ষোদ্গম হওয়া ; পালক বাহির হওয়া। ২। [পিপীলিকাদির পালক বাহির হইলে মৃত্যুমুখে পতিত হয়] তাহা হইতে মৃত্যুর পূর্ব্বলক্ষণ দেখা দেওয়া ; বিপন্ন হইবার উপক্রম হওয়া। প্র—"পিপীলিকার পাখা উঠে মরিবার তরে।"—প্রবচন।

পাখালন (ন্‌) [গ্রা। সং—প্রক্ষালন হইতে] বি, ধৌতকরণ।

পাখালা [সং—প্রক্ষালন হইতে পাখালন। হি—পাখাল্‌না। হি-তে—"পায়পখাল=পাদ প্রক্ষালন] ক্রি, প্রক্ষালন করা ; ধৌত করা। প্র—"পা পাখালিয়া বীর জল দিল মুখে। ভোজন করিতে বীর বসিল কৌতুকে।"—কবিকঙ্কণ। "পাদপদ্ম প্রভুর পাখালে নৃপমণি।"—ঘনরাম। পাখালি—প্রক্ষালন করিয়া। প্র—"পাখালি চরণে মুছিলা বসনে বসিল সুনার খাটে।"—শূন্যপুরাণ। পাখালিল—ধৌত করিল। প্র—"পাখালিল মহাবীর পদ পাণি মুখে। ভোজন করিতে বৈসে মনের কৌতুকে।"—কবিকঙ্কণ। পাখালে—ধৌত করে। প্র—চরণ পাখালে তার দুর্ব্বলা কিঙ্করী।"—কবিকঙ্কণ। "পাদ পদ্ম প্রভুর পাখালে নৃপমণি।"—ঘনরাম।

পাখি [প্রাদে। পূ-বঙ্গ : বগুড়া প্রভৃতি] বি, ৩০ কানি পরিমাণ জমি। ২। পাখী ; পক্ষী ৩। চাকার ধুরায় সংলগ্ন কাষ্ঠদণ্ডাবলী। ৪। খড়খড়ী বা ঝিলমিলির এক একখানি কাষ্ঠ খণ্ড। ৬। মইয়ের এক একটি ধাপ।

পাখী [পক্ষি শব্দজ] বি, পক্ষী ; বিহঙ্গম ; বিহগ। পাখী পড়ান, পাখী পড়ার মত পড়ান—ক্রমাগত উপদেশ দিতে দিতে মুখস্থ করাইয়া দেওয়া। প্রাণপাখী—পাখী সদৃশ প্রাণ—যাহা দেহ-পিঞ্জরে থাকে ও মৃত্যু-কালে দেহ-পিঞ্জর হইতে উড়িয়া যায় ; প্রাণবায়ু। পাখীর প্রাণ—ক্ষীণপ্রাণ ; ক্ষীণজীবী।

পাখীমারা—বি, পাখমারা ; ব্যাধ।

পাখুরা, ড়া [প্রাদে] বি, সূত্রধরের ব্যবহার্য্য কাঠ চাঁচা যন্ত্রবিশেষ।

পাখোয়াজ, পাখাজ (জ্‌) [ফা—পখ্‌বাজ্‌] বি, মৃদঙ্গের ফারসী নাম।

পাগ, পাগড়ী (গ্‌) [হি—পগ্‌ড়ী। সং—প্রগ্রহ হইতে প্রাকৃ—পগ্‌গহ প্রা—বাং-রূপগ্‌গ] —বি, পাগ : শিরস্ত্রাণ ; উষ্ণীষ ; শিরোবেষ্টন বস্ত্র। প্র—"শোভিল অপূর্ব্ব পাগ মস্তক মণ্ডলে।"—কৃত্তিবাস। কারো বা মাথায় পাগড়ি লোহিত কারো বা হরিৎ বর্ণ।"—রবি। "পাগখানি বান্ধে ভাঁড়ু নাহি ঢাকে কেশ।"—কবিকঙ্কণ। "ফেলিয়া বন্দুক জামা পাগ তলবার—ভারতচন্দ্র। ২। তাজ ; টুপী প্র—"মাথায় পাগড়ী টেড়ি টেয়া বান্ধ তায়।" —ঘনরাম।

পাগর (র্‌) [পাগল উচ্চারণ ভেদে, প্রা-বাং। ল = র] বি, পাগল ; বাতুল। ২। মত্ত : মাতাল। প্র—"কি দিয়া সুন্দরী মোরে করিল পাগর।"—কবিকঙ্কণ। ৩। অতি মুগ্ধ।

পাগল (পাগোল্‌ [সং] বিণ, বাতুল ; মত্ত ; উন্মাদ ; ক্ষ্যাপা। প্র—"সাধে কি গো শ্মশানবাসিনী, পাগলে করেছে পাগল তাইত ঘরে থাকিনি"—গান (গিরিশ) ২। মাতাল। ৩। বিমুগ্ধ। ৪। অবোধ, বোকা। স্ত্রী, পাগলী (বিরল) পাগ্‌লী (কথ্যভাষায়) পাগলিনী (অশুদ্ধ কিন্তু বাং-সাহিত্যে ভূরি ব্যবহার)। পাগল করা—সহজ জ্ঞান হরণ করা ; ক্ষ্যাপান। ২। মাতাল করা। ৩। মুগ্ধ করা। পাগলখানা—পাগলাগারদ।

পাগল ছাগল [ছাগল, পাগলের সহচর শব্দ সাদৃশ্যার্থে] পাগলেরই প্রায় ; পাগলেরই পর্য্যায়ভুক্ত ; ক্ষ্যাপা পাগল। প্র—আহা পাগল ছাগল মানুষ ওকে আর কিছু বলিও না। পাগলপণা—পাগলামি। পাগলপারা—পাগলের মত ; ক্ষিপ্ত প্রায় ; ক্ষ্যাপার মত। প্র—আঁধারে পাগল পারা ঘুরে বেড়ায় শূন্যময়' —রজনী সেন। ক্ষ্যাপাপাগল—উন্মত্ত প্রায়। ২। এলোমেলো।

পাগলা (গ্‌) [পাগল (দ্রঃ) + আ (অবজ্ঞার্থে)] বি, পাগল : উন্মাদ। ২। আদরার্থে আ যোগ] ক্ষ্যাপা : ছেলেবুদ্ধি ; চঞ্চলমতি। ৩। স্ত্রী, পাগ্‌লী। পাগলা গারদ—পাগলখানা ; বাতুলাগার।

পাগলাই (গ্‌) [হি—পগ্‌লাই (প্রা-বাং] বি, পাগলের ভাব ; বাতুলের মত ব্যবহার ; ক্ষ্যাপার মত আচরণ : পাগলামি। প্র—"পাগলাই না করিহ না ছড়াও ঝুঁট"—চৈতন্যচরিতামৃত।

পাগলাটে—(গ্‌) বিণ, পাগলের মত ; যাহার পাগলের ছিট আছে।

পাগলামি (গ্‌) [তুল—হি, পগলাই। পাগ্‌লা+মি (প্রত্যয়—ভাবে)] বি, পাগলের ব্যবহার : পাগলপনা : ক্ষ্যাপামি।

পাগলী (গ্‌) [পাগল বা পাগলা শব্দের স্ত্রীলিঙ্গে রূপ] বি, স্ত্রী, উন্মত্তা ; বাহ্যজ্ঞান শূন্যা। ২। [আদরার্থে] ক্ষেপী ; চঞ্চলা ; ৩। ইচ্ছাময়ী। প্র—"পাগল বাবা পাগলী আমার মা আমি তাদের পাগলী মেয়ে আমার মায়ের নাম শ্যামা।—গিরিশ।

পাঙাশ, (শ্‌) [পাঙ্গাশ দ্রঃ। সং—পাংশু হইতে] ফ্যাকাসে বর্ণ। ২। পিঙ্গলবর্ণ। ৩। বি, আড়্‌টেংরা জাতীয়ের ন্যায় শল্কহীন রক্তাভ পাণ্ডুরবর্ণ চেপ্‌টা মৎস্য বিশেষ। ৪। বিণ, রক্তহীনতায় পাণ্ডুর ; ফেকাসে। প্র—হাত পা পাঙাশ হয়ে যাওয়া।

পাঙ্‌ক্ত [পঙ্‌ক্তি+অ (ভবার্থে)] বিণ, পঙ্‌ক্তি সম্বন্ধীয় ; পঙ্‌ক্তিজাত।

পাঙ্‌ক্তেয় (পাংক্‌তেয়) [পঙ্‌ক্তি+এয়] (ক্ষেয়) বিণ, এক পঙ্‌ক্তিতে বসিয়া আহারাদি করিবার যোগ্য।

পাঙ্গা [পাংশু হইতে] বি, মৃত্তিকাজাত লবণ: আকরীয় লবণ : সৈন্ধব। ২। সামুদ্র লবণ।

পাঙ্গাশ, পাঙ্গাস (শ্‌) [সং—পিঙ্গলা] বি, নীল-পীত মিশ্র বর্ণ ; নীলাভ পীত। ২। [পাঙাশ দ্রঃ] পাংশুবর্ণ ; পাণ্ডুরবর্ণ ; মেটে-রঙ্‌। ৩। পাঙাশ মাছ। ৪। বিণ, পাঙ্গাশবর্ণ। বিণ, পাঙ্গাশিয়া, পাঙ্গাসে, পাঙাসে।

পাচক (ক্‌) [পচ্‌ (পাক করা) +অচ্‌ (কর্ত্তৃ)—যে পাক করে] বিণ, যে পরিপাক করায় ; জীর্ণকারক ; হজমী। ২। রন্ধনকারী: সূপকার। ৩। বি, বহ্নি। ৪। জঠরাগ্নি ; জঠরস্থ পরিপাককারী রসবিশেষ।

পাচতি, পাচতী [প্রাদে। প্রা-বাং] বি, ধাত্রী : ধাই। প্র—"সাধুর কিঙ্কর ডাকি আনিল পাচতি। শুভক্ষণে হৈল তার কন্যা রূপবতী।"—কবিকঙ্কণ।

পাচন (ন্‌) [পচ্‌-ধাতু-ণিচ্‌ করিয়া পাচি (পাক—পরিপাক করান) + অন (কর্ত্তৃ)—যাহা জীর্ণ করায়। অথবা পক্কন (পাঁচ) হইতে। পাঁচরকম গাছপালার মিশ্রণে প্রস্তুত হয় বলিয়া। তুল—ওড়ি—পাক্কন] বি, বিবিধ ওষধি লতা মূলাদির কাথ। ২। আমপাচক দ্রব্য। ৩। বিণ, জীর্ণকারক।

পাচন (ন্‌) [সং—প্রাজন। "প্রাজনং তোদনং তোত্রং"—অমর। বগুড়া অঞ্চলে "পাঠি" স্থানভেদে পাচনী ; প্রা-বাং—পাচন্‌ বাড়ি, পাঁচনি ; ওড়ি—পাক্কন] বি, গরু তাড়াইবার লাঠি ; গবাদিতাড়নযষ্টি। প্র—"গরু তাড়াতে পাচন হাতে রাখাল গেয়ে যায়।"

পাচনক (ক) [সং] [স্বর্ণাদি ধাতু পাক (জীর্ণ) করায় বলিয়া। পাচন দ্রঃ] বি, সোহাগা।

পাচনবাড়ি (ন্) [পাচন (দ্রঃ) বাড়ি (লাঠি)] বি, গবাদি তাড়নদণ্ড।

পাচনী [পাচন+ঈপ] বি, স্ত্রী, হরীতকী। ২। [পাচন দ্রঃ] পাঁচনবাড়ি ; গবাদি তাড়নদণ্ড।

পাচলা (চ্) [সং—পচ্ (পাক করা) ধাতু হইতে। প্রা-বাং] বি, পাকের দ্রব্য ; রন্ধন-দ্রব্য। প্র—ধুপ দীপ নানাবিধ নৈবেদ্য পাচলা।”—কবিকঙ্কণ।

পাচার (র্) [হি—পছাড় শব্দ হইতে নিক্ষেপ তাহা হইতে কেটে ফেলা শেষ করার ভাব] বি, শেষ ; সাবাড় ; খতম। প্র—‘পাঁঠা হাড়িকাটে ফেলিয়াছি, একবার বাবা পঞ্চানন্দের নাম করিয়া এককোপে পাচার কর।” —কমলাকান্তের দপ্তর।

পাচালি [পাদচালন সংক্ষেপে—পাচালি] বি, পাদচালন ; স্বল্প ভ্রমণ।

পাচালি [সং—পঞ্চালিকা অপভ্রংশে পাঁচালি, পাচালি] বি, পঞ্চালি ; পাঁচালি ছন্দে রচিত গীতিপুস্তক। প্র— সত্যনারায়ণের পাচালি ; শনিঠাকুরের পাচালি। ২। ছন্দোবিশেষ। প্র—পাচালি ছন্দ।

পাচিকা [পচ্ (পাক করা) + অক (কর্ত্তৃ) আপ্-স্ত্রী : ই-আগম] বি, স্ত্রী, পাককারিণী ; রন্ধনকারিণী।

পাচিত [রাসাঃ—পরিঃ] বিণ, অগ্নিপক্ব ; দগ্ধ ; ভর্জ্জিত ; শূল্য ; roasted.

পাচিল, পাঁচিল (ল্) [প্রাচীর শব্দজ] বি, প্রাচীর : দেওয়াল। প্র—“অন্তঃপুরের পুরাতন যে পাচিল গুলো সবই ভাঙ্গলো।”—দ্বিজেন্দ্র রায়।

পাচ্য (পাচ্চ) [পচ্ (পাক করা) + য (কর্ম্মে) বিণ, পাকযোগ্য। ২। পরিপাকযোগ্য ; পচনীয়।

পাছ (ছ্) [পশ্চাৎ শব্দজ] বি, পিছন ; পশ্চাদ্ভাগ। ২। ক্রি-বিণ, পাছু ; পশ্চাৎ ; পরে।

পাছড়া, পাছোড়া (ছ্) [হি—পিছোড়া, পাছুড়িও বলে ; স্কন্ধ হইতে পৃষ্ঠদেশে ঝুলাইবার বস্ত্র] বি, উত্তরীয় বস্ত্র ; উড়ানি। প্র—“পাটের পাছড়া দিল সকল শরীরে।”—কৃত্তিবাস। “রাজা গৌড়েশ্বর দিল পাটের পাছড়া॥”—ঐ। “পাটের পাছড়া পৃষ্ঠে ঘন উড়ে বায়। ধড়াব আঁচল লুটি পাএ পড়ি যায়।”—শ্রীকৃষ্ণবিজয়।

পাছড়ান (পাছ্ড়ানো) [আছড়া হইতে] ক্রি, শস্যাদি হইতে আবর্জ্জনা পৃথক্ করা। (কুলার দ্বারা এই কাৰ্য্য হইয়া থাকে)।

পাছদুয়ার (ছ্, র্) [পশ্চাৎদ্বার শব্দজ ঢাকা—প্রাদে] খিড়কি ; নাছদুয়ার দ্রঃ।

পাছা [সং—পশ্চাৎ : প্রাকৃ, পচ্ছা ; তাহ হইতে বাং-য় পাছা। সং-তে স্ফিচ্ শব্দে অর্থও পাছা] বি, পশ্চাদ্ভাগ ; নিতম্বদেশ।

পাছাড় (ড়) [পশ্চাৎ শব্দজ। হি—পছ্বাড়, বা পিছ্বাড়্—পশ্চাৎ ; হি—পছাড়্‌না (আছাড় দেওয়া)] বি, পশ্চাৎ হইতে ধরিয়া ভূতলে নিক্ষেপ করণ ; পিছন হইতে কোম ধরিয়া আছাড়। প্র—“ভীম তারে ধরিয়া পাছাড় মারিলেক।”—মহা (বিজয়)।

পাছাড়া [পাছাড় (দ্রঃ) + আ (ক্রিয়া বিভক্তি)। উ-পু—পাছাড়ি। ম-পু—পাছাড়। প্র-পু—পাছাড়ে। অস-ক্রি—পাছাড়িতে ; পাছাড়িয়া, পাছাড়ি, পাছ্ড়ে ক্রি, পাছাড় দেওয়া ; পশ্চাৎ হইতে কোমর ধরিয়া আছাড় দেওয়া। প্র—“কে কারে পাছাড়ে কে মানে কাহার বোল॥”—অন্নদামঙ্গল। “পাছাড়িয়া মুচড়িয়া ভাঙ্গে কার ঘাড়। ঘোর শব্দ করি কেহ কহে ছাড় ছাড়॥” —শিবায়ন।

পাছাড়ি [সং—পশ্চাদ্বর্ত্তী হইতে হি—পছ্বাড়ি —পিছবাড়ি—পিছাড়ি, বাং-য় পাছাড়ি] বিণ, পশ্চাদ্বর্ত্তী ; পশ্চাতের ; পিছনের ; পেছ্‌লি। প্র—“আগাড়ি পাছাড়ি দড়ি ছাড়াইয়া রায়। গা খানি মাজিয়া নিল রাজার সভায়॥”—ঘনরাম। ২। বি, ঘোড়ার পিছনের পা বাঁধিবার দড়ী।

পাছান (নো) [পশ্চাৎ হইতে—পাছ + আন (বাং-ক্রি-বিভক্তি)। প্রা-বাং। উ-পু—পাছাই। ম-পু—পাছাও। প্র-পু—পাছায়। অস-ক্রি—পাছাইতে ; পাছাইয়া। আধু-বাং —পিছান (দ্রঃ)] ক্রি। পশ্চাৎপদ হওয়া ; পিছু সরা ; পশ্চাদ্গামী হওয়া। প্র—“পাছাইল পদ্মমুখী পেয়ে মহাভয়। সখী মাঝে শব্দ করি সাপ সাপ্ কয়॥”—শিবায়ন। ২। পিছাইয়া পড়া, অগ্রসর হইতে না পারিয়া পশ্চাতে থাকা।

পাছাপেড়ে [পাছা (দ্রঃ) + পাড + ইয়া। সধবা স্ত্রীদিগের পরিধেয় বস্ত্রের মধ্যে যে বস্ত্রের দুইটি ধারী বা পাড় ব্যতীত অতিরিক্ত একটি পাড় থাকে এবং বস্ত্র পরিধান করিলে যাহা নিতম্ব বেষ্টন করে। ইহাকে তিনপেড়ে সাড়ীও বলে] বিণ, পাছাবেষ্টনকারী পাড়বিশিষ্ট ; তিনপেড়ে।

পাছু [পশ্চাৎ শব্দজ। প্রাদে] ক্রি-বিণ, পিছে ; পশ্চাৎ ; পিছন ; পাছে। প্র—“কত দূরে গিয়া মাতা পাছু পানে চায়॥”—কবি বল্লভ। “ধীরে ধীরে কও কথা হাড়িপা পাছু শুনে”—গোবিন্দচন্দ্রের গীত। “করিল নির্ম্মাণ নানা অনুষ্ঠান বিরচিল পাছু বাট।”—শূন্যপুরাণ। মধুকরকুল পাছু পাছু ছোটে, বুঝি পরিমল লোভে ধায়।”—বঙ্গসুন্দরী।

পাছুড়ি [পাছাড়ি দ্রঃ। প্রাদে] বি, ঘোড়ার পেছ্‌লি পা বাঁধিবার দড়ী। প্র—“আগুড়ি পাছুড়ি দড়ি ঘুঁড়ীর এলায়॥”—ঘনরাম। ২। [পাছড়া দ্রঃ] বি, উত্তরীয় বস্ত্র। প্র—“ব্যস্ত হয়ে কাল চিতা বিছাল পাছুড়ি। লুঠ করি মোট বান্ধে চিড়া লাড়ু মুড়ি॥”—কবিকঙ্কণ।

পাছে [সং—পশ্চাৎ ; হি—পাছু = ভয়ে পশ্চাৎপদ হওয়ার ভাব ; কোন কিছুর পরিণাম ভাবিয়া সঙ্কোচের ভাব] অ, ভয় হয় যদি পরে ; আশঙ্কা হয় ; পশ্চাতে যদি। প্র—পাছে তাহার অনুরোধ রক্ষিত না হয়। পাছে পড়িয়া যায়। “ভাই মোর দায় তোর পাছে চোর ভাগে”—ভারতচন্দ্র। ২। পশ্চাৎভাগে ; পিছনে।

পাজান (নো) [সং—পিজি। পজ্ ধাতু দীপ্তি অর্থে, কামার শালে ব্যবহৃত পারিভাষিক শব্দ] বি, লৌহাস্ত্র আগুনে তাতাইয়া ধার করা ; শাণ দেওয়া। ২। [পিজ্ ধাতু হিংসায়। প্রাদে-ব্যবহার—ময়মনসিংহ] গবাদির রোমন্থন॥

পাজামা [ফা—পায় জামা। পায়ে পরিবার জামা] বি, কোমর হইতে গোড়ালি পর্য্যন্ত ঢাকিবার পরিচ্ছদবিশেষ ; ইজার।

পাজি [সং—পজ্জ (পাদ—জন + ড, কর্ত্তৃ) = পাদজ ; নীচ। অথবা পিজ্ (হিংসায়) ধাতুজ। কিন্তু ফা—পাজী (নীচ) হইতে বাং-য়। কারণ মুসলমান প্রবেশের পূর্ব্বে বাং-সাহিত্যে দৃষ্ট হয় না] বিণ, নীচ ; অধম ; পামর। প্র—“বোল্লেম, ‘রামা পাজি’ এখনি যা”—দ্বিজেন্দ্র রায়। “সদা নীচ সঙ্গে থাক তুমি, রাজা বট রীতি পাজি।”—রামপ্রসাদ।

পাঞজোর (পাঁয়্জোর্) [ফা—পায়্জেব ; হি—পাঁয়্জেব্ ; গ্রা-বাং—পাঁইজর, পাঞ্জোর। সং—পাদমঞ্জীর] বি, চরণের অলঙ্কারবিশেষ ; নূপুর।

পাঞ্চজন্য (জোন্ন) [পঞ্চজন (সমুদ্রস্থিত অসুরবিশেষ) + অ (জাতার্থে)] বি,-পুং, কৃষ্ণের শঙ্খ। হিরণ্যকশিপুর পৌত্র পঞ্চজন অসুর সমুদ্রগর্ভে বাস করিত। শ্রীকৃষ্ণ তাহাকে বধ করিয়া তাহার অস্থিতে এই শঙ্খ নির্ম্মাণ করেন। প্র—“পাঞ্চজন্য শঙ্খ বাজে হৃষীকেশ করে।”—গীতা১।১৫ (কুমারনাথ)। ২। বিষ্ণুর শঙ্খ। প্র—“গদাচক্র তেয়াগিয়া পাঞ্চজন্য বাজাইয়া অন্নদা উদ্দেশে পদ্ম দিয়া। অনশনে যোগ ধরি তপস্যা করেন হরি রমা বাণী সংহতি করিয়া।”—অন্নদামঙ্গল।

পাঞ্চদশ [পঞ্চদশ + অ (সংজাতার্থে)] বিণ, পঞ্চদশ সম্বন্ধীয়। ২। পঞ্চদশী তিথিতে জাত।

পাঞ্চপাদিক (ক্) [পাঞ্চপাদ+ইক (অস্ত্যর্থে)] বিণ, পঞ্চপাদ পরিমিত ; পাঁচফুট লম্বা।

পাঞ্চভৌতিক (ক্) [পঞ্চভূত (ক্ষিত্যাদি) +ইক] বিণ, পঞ্চভূত সম্বন্ধীয়। ২। পঞ্চ- । ৩। পঞ্চভূত হইতে উৎপন্ন। ৪। বি, শরীর ; দেহ।

পাঞ্চলিকা, পাঞ্চালিকা [সং] বি, স্ত্রী, কাপড়ের পুতুল : গুড়িয়া।

পাঞ্চশব্দিক (শো, ক্) [পঞ্চন্ (পাঁচ) শব্দ (ধ্বনি) + ইক (উৎপন্নার্থে—ষ্ণিক)] বিণ, পঞ্চপ্রকার শব্দ সম্বন্ধীয়। ২। বি, দেবায়তনে বাদনীয় অঙ্গজ (করতলগালবাদ্যাদি), চর্ম্মজ (আনদ্ধ বাদ্য মৃদঙ্গাদি), তন্ত্রজ (বীণাদি), কাংস্যজ (কাংস্য-খরতালাদি) এবং ফুৎকৃত (শুষির বাদ্য বংশী প্রভৃতি) এই পঞ্চবিধ বাদ্যধ্বনি।

পাঞ্চাল (ল্) [পঞ্চাল (দেশবিশেষ) +অ] বিণ, পঞ্চালদেশ সম্বন্ধীয়। ২। পঞ্চাল দেশজ। ৩। বি, পঞ্চালদেশ ; যে প্রদেশের দক্ষিণসীমা চর্ম্মণ্বতী নদী এবং যাহার উত্তরাংশ রোহিলখণ্ড পর্য্যন্ত বিস্তৃত ছিল। ইহার পশ্চিম ও পূর্ব্বাংশ গঙ্গার উভয় কূলে বিস্তৃত ছিল। পৌরাণিক রাজা দ্রুপদের রাজ্য। অহিচ্ছত্রা নগরী উত্তর পঞ্চালে অবস্থিত ছিল।

পাঞ্চালী [পঞ্চাল (রাজা) +অ (অপত্যার্থে —ষ্ণ) ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, পাঞ্চাল রাজকুমারী দ্রৌপদী। প্র—"পাঞ্চালী যদিও রজস্বলা, সুতরাং অধোনীবী ও একবস্ত্রা হইয়া রহিয়াছেন, তথাপি রোদন করিতে করিতে শ্বশুরের সম্মুখবর্ত্তিনী হউন।"—মহা-সভা-বর্দ্ধ। ২। কাষ্ঠাদির পুত্তলি।

পাঞ্চাল্য (ল্য) [পঞ্চাল+য (ভবার্থে)] বিণ, পঞ্চাল দেশসম্বন্ধীয়। ২। পাঞ্চাল দেশজাত।

পাঞ্চবার্ষিক (ক্) [পঞ্চবর্ষ+ইক (সম্বন্ধার্থে—ষ্ণিক)] বিণ, পঞ্চবর্ষীয়। ২। প্রতি পাঁচ বৎসর অন্তর যাহা ঘটে বা জন্মে কিম্বা প্রকাশিত হয়।

পাঞ্জর (র্) [সং—পঞ্জর শব্দের অপভ্রংশ] বি, পঞ্জর ; পাঁজর। ২। [পাঁজর হইতে] শরীর ; দেহ। প্র—"যতরূপ তত বেশ ভাবিতে পাঞ্জর শেষ পাপ চিতে নিবারিতে নারি।"—জ্ঞানদাস।

পাট (পাট্) [সং—পট, পট্ট শব্দজ। "ক্ষৌমমিতি পট্ট বস্ত্রে"—অ, টীকা] বি, কৌষেয় ; রেশম ; রেশম পাট। ২। [সং—পট্টশাক। কৌষেয় অংশুবৎ অংশু আছে বলিয়া কোষ্টা] গাছ পাট ; কোষ্টা। ৩। পাট গাছ ; নাড়ীক ; নালিতা ; corchorus capsularis. প্র—"রঙ্গ পাটফুলে কিবা বেণী বিজড়িত"—কাঞ্চী-কাবেরী। ৪। পাটের মোটা সুতায় নির্ম্মিত থলিয়া ; বস্তা ; বোরা। প্র—"লইয়া টাকার পাট চলে বীর গেল হাট পাছে ধায় যতেক কিঙ্কর।"—কবিকঙ্কণ। "পাটে ভরি নিল খই, ঘড়া ভরি ঘৃত দই।"—কবিকঙ্কণ। বিণ, **পাটুয়া, পেটো**। প্র—"পাটুয়া নায়ের ভরা।"—কৃত্তিবাস। **পাট কাটা**—পাটের সূতা প্রস্তুত করা। **পাট বোনা**—ক্ষেত্রে পাটের বীজ বপন করা। **পাটের চাষ**—পাট গাছের চাষ। ২। রেশমের চাষ ; রেশম কীট পালন করিয়া গুটি উৎপাদন করান এবং তাহা হইতে রেশম বাহির করা।

পাট (পাট্) [সং—প—পাটা—পাট। "পট্ট—রাজাদিশাসনান্তর পীঠয়োঃ"—মেদিনী। "পট্টঃ স্যাৎ ফলকে নৃপশাসনে"—ত্রিকাণ্ড-শেষ] বি, অনুশাসন পট্ট ; পাটা ; কাষ্ঠ, ধাতু বা পাষাণাদিফলক যাহাতে নৃপাদেশ লিখিত বা খোদিত হয়। প্র—"সনদ আমার উরস পাটে যেম্নি সনদ তেম্নি টাটে।"—রামপ্রসাদ। ২। তক্তা ; কাষ্ঠফলক ; পাটা। প্র—"রজকের পাট কালো কমল তরঙ্গ। দেখাইয়া বলে ঐ কুম্ভীর ভুজঙ্গ।"—ঘনরাম। "দীঘীর দক্ষিণ ঘাটে দেখিয়া রজক পাটে।"—ঘনরাম। ৩। কাষ্ঠাসন ; পীঁড়ি। প্র—"পাট চড়ি রূপবতী, প্রদক্ষিণ করে পতি, চৌদিক বেড়িয়া কোলাহল॥"—কবিকঙ্কণ। ৪। সিংহাসন ; রাজতক্ত। প্র—"পাটে রাজা থাকিতে কোটাল লয় লুটে।"—ঘনরাম। "রাজপাটে শুয়ে বাণা সুখে নিদ্রা যায়।"—ঐ। ৫। রাজনগরী ; রাজধানী ; যেস্থানে থাকিয়া রাজা রাজ্য শাসন করেন। প্র—"বীরসিংহ তার পাট পাঠাইয়া দিল ভাট, লিখিয়া এসব সমাচার।"—অন্নদামঙ্গল। ৬। পীঠস্থান ; দেবস্থান ; মহাতীর্থ। প্র—"দশাশ্বমেধের ঘাট চৌষট্টি যোগিনী পাট নানাস্থানে নানা মহাস্থান।"—অন্নদামঙ্গল। ৭। গুরুস্থান বা গুরুধাম ; বৈষ্ণবদিগের প্রধান পীঠস্থান ; পরম পবিত্র স্থান। তুল—মক্কা "শরীফ্"। প্র—শ্রীপাট নবদ্বীপ ; কুলের পাট দেখিতে যাওয়া। ৮। বিশ্রাম স্থান বা আসন। বিশেষার্থে, অস্তাচল—যথায় সূর্য্যদেব সমস্তদিনের পর কর্ত্তব্য সমাধান করিয়া বিশ্রাম লাভের জন্য অধিষ্ঠান করেন। প্র—"সূর্য্যদেব বসিল পাটে" বাং-গান। "সূর্য্য পাটে যাবে নেমে"—রবি। ৯। অধিকার ; পদ। প্র—পাট তুলিয়া দেওয়া। ১০। গৃহমার্জ্জন, গোময় লেপন, বাসী কাপড় ধৌতকরণ প্রভৃতি সংসারের প্রাতঃকালীন নিত্য কর্ম্ম ; প্রাতঃ সন্ধ্যায় (সাধারণতঃ প্রাতে) পালনীয় নিত্য নৈমিত্তিক গৃহ কর্ম্ম। প্র—"লাজ পেয়ে মেয়ে যত ধেয়ে করে পাট। এত বেলা বাসি ঘরে নাহি পড়ে ঝাঁট।"—ঘনরাম। ১১। কাজকর্ম্ম ; দাসীবৃত্তি ; চাকরাণীগিরি। প্র—"বিধি যদি কপালে লিখেছে দুঃখ ভার। পাট করি পরের পালিব পরিবার॥" —ঘনরাম। ১২। [নিত্য কর্ম্মের ভাব হইতে] অভ্যাস ; চাষ ; ধারা ; পদ্ধতি। প্র—তাহাদের সে পাটই নাই ; বংশের পাট বজায় থাকা। ১৩। ["পট্টঃ পেষণপাষাণে"—মেদিনী] বাট্না বাটিবার শিল ; পেষণার্থ শিলাপট্ট। ১৪। সম্প্রসারণ ; বিস্তার। ১৬। স্তর ; ভাঁজ ; থাক ; তা। প্র—"ষোল পাট দিয়া কৈল জোয়েব ছাউনী"—কবিকঙ্কণ। কাপড়ের পাটে পাটে দাগ ধরিয়াছে। ১৬। দ্বারের একদিকের বাইল ; কপাটের পাট। ১৭। চ্যাপ্টা জিনিসের জোড়ার একখানা ; যুগ্মের একটি। প্র—"একপাট চটি বিছানায়"—দ্বিজেন্দ্র রায়। ১৮। কূপের পাড় ; কূপ ভিতর হইতে বাঁধাইবার জন্য দগ্ধ মৃন্ময় চক্র। ১৯। বিণ, সিংহাসনের অধিকারী ; প্রধান। প্র—পাটরাণী। ২০। রাজকীয় ; রাজার ব্যবহারের। প্র—পাটহাতী। ২১। চতুষ্পথ [প্র-অ]। ২২। পল্লী ; পাড়া। প্র—"কি জানি তপের ফলে হর পেয়েছি বর। পাট পড়সী নাহি পাসে দেখি দিগম্বর।"—কবিকঙ্কণ। **পাট করা**—গৃহ কর্ম্ম করা। **পাট করণী, পাট করুণী**—যে নারী বেতন লইয়া ঘর করণার কাজ করে ; দাসী ; ঝী। **পাট সারা**—ঘরের কাজ কর্ম্ম সমাধা করা। **পাট কাঠি**—পাকাটী। **পাট ঝাঁট**—ঘরের আবর্জ্জনা পরিষ্কার ও অন্যান্য গৃহ কর্ম্ম। **পাট খোলা, পাট ভাঙ্গা**—যাহা ভাঁজে ভাঁজে বা থাকে থাকে সাজান আছে তাহা বিশৃঙ্খল করা ; কাপড়ের ভাঁজ খোলা। **জোট পাট করা**—যোগাড় যন্ত্র করা ; আয়োজন করা ; জড় করা। **জোট পাট হওয়া**—নানা স্থান হইতে আসিয়া একত্র মিলিত হওয়া। **পাট ধড়া**—পাটের কাপড় ; পাটের ধুতি ; পট্টবস্ত্র। **পাট তোলা, পাট উঠান**—আবাদ উঠাইয়া দেওয়া ; চাষ বাস রহিত করা ; বাস উঠান। **পাট পড়শী, পড়সী**—পাড়াপড়সী ; পল্লীবাসী। **পাটরাণী**—পট্টমহিষী ; প্রধানা রাণী। **পাটের জাদ**—রেশমের খোপ ; জাদ দ্রঃ।

পাটক (ক্) [সং] বি, নদ্যাদির উপকূল ; পাড়। ২। গ্রামার্দ্ধ। ৩। খেলার পাশার দান বা গুটি চালা। ৪। বাদ্যযন্ত্র ; বাদ্যধ্বনি।

পাটকেল, পাটিকাল, পাটিকেল (ট্, ল্) [পাটলবর্ণ ইষ্টকখণ্ড —পাটল ইট খণ্ড হইতে মধ্য-বাং—পাটিখাল, গ্রা—পাট্‌খেল] বি, ঢিল ; ইটের খণ্ড। প্র—"সিন্দুর অভাবে পরে পাটকেল গুঁড়ী।"—ঘনরাম। "লক্ষ লক্ষ শিল্পী আশু নির্ম্মিলা মিলিয়া। স্বর্ণ পাটিকেলে মঠ চিতার উপরে।"—মেঘনাদ।

পাটন (ন্) [পত্তন শব্দজ] বি, জনালয় ; দেশ ; প্রদেশ ; নগর। প্র—"যাইতে না পারি রাজা সিংহল পাটন।"—কবিকঙ্কণ। "আর একজন যাউক গৌড় পাটন। অবধান কর ভুপ মোর নিবেদন॥"—ঐ "গৌড় পাটনে হয় পিপ্পর উৎপত্তি।"—ঐ ২। কবচ। প্র—"কাটিল পাটন কাঁড়ে শরীর বন্ধন।"—কবিকঙ্কণ। ৩। পট্ট ; পাটা ; পাত। প্র—"কর্ণের পাটন"—কৃত্তিবাস। ৪। বাণিজ্য। প্র—"আসিয়া রাক্ষস-দেশে করিলু পাটন। রাক্ষস ভাঁড়িয়া লেই বহুমূল্য ধন॥"—মনসামঙ্গল (বংশীবদন) ১৬শ শতাব্দী।

পাটনা (ট্) বি, বিহার প্রদেশের অন্তর্গত বিভাগ ও নগর।

পাটনাই (ট্) [পাটনা + আই] বিণ, পাটনাজাত।

পাটনী [প্রাদে] বি, নৌব্যবসায়ী জাতিবিশেষ ২। খেয়া ঘাটের মাঝি। প্র—"সেই ঘাটে খেয়া দেয় ঈশ্বরী পাটনী।"—অন্নদামঙ্গল।

পাটনেত (ট্ ত্) [পট (উৎকৃষ্ট বস্ত্র "সুচেলকপটোঽস্ত্রী"—অমর) নেত (সং—নেত্র হইতে : "স্যাজ্জটাংশুকয়োর্নেত্রং"—অমর] বি, অতি সূক্ষ্ম রেশমী বস্ত্র : চীনাংশুক।

পাট ভাঙ্গা (পাট ভাঙা) [প্রাদে] বি, চড়ক পূজার সময় গাজনের সন্ন্যাসীরা লোহার বিদ্ধ পট্ট বা ছুরী বা বঁটি প্রভৃতির উপর যে ঝাঁপ দেয় : বঁটী ঝাঁপ। ২। বস্ত্রাদির ভাঁজ খোলা। পাট দ্রঃ।

পাটল (ল্) [সং] বিণ, পাটকিলা ; ফিকা লাল। ২। [সং—পাটলব্রীহি] বি, আউশ ধান্ত। ৩। পুন্নাগবৃক্ষ। ৪। সেঁউতি ফুল (মতান্তরে) গোলাপ ফুল। ৫। গোলাপী রঙ ("শ্বেতরক্তস্তু পাটলঃ" অমর)। স্ত্রী, পাটলা।

পাটলা [সং] বি, স্ত্রী, পারুল গাছ। ২। পারুল ফুল। ৩। বিহিদানা নামক পিচ্ছিল বীজবিশেষ।

পাটলা [সং] বি, স্ত্রী, দুর্গার নামান্তর ; পাটলাদেবী।

পাটলাবতী (বো) [পাটলা (পাটলবর্ণ) + বতু—অস্ত্যর্থে] বি স্ত্রী, দুর্গা। ২। নদীবিশেষ।

পাটব (ব্) [পটু + অ (ভাবার্থে—ষ্ণ)] বি, স্ত্রী, পটুতা ; নিপুণতা ; দক্ষতা। ২। আরোগ্য। ৩। স্বাস্থ্য। ৪। [স্বার্থে—অ] বিণ, পটু। বিণ, **পাটবিক**।

পাটলি [সং] বি, স্ত্রী, পারুলগাছ ; Bignonia suaveolens. ইহা দুই প্রকার—ঘণ্টা পাটলি (যাহার শ্বেতপুষ্প) ও কাষ্ঠ পাটলি (যাহার পীত পুষ্প)। ২। পারুলফুল।

পাটলিত [পাটল + ইত (যুক্ত)] বিণ, পাটলবর্ণবিশিষ্ট। ২। পাটলবর্ণে রঞ্জিত।

পাটলিপুত্র (পাটোলিপুৎত্র) [কথা সরিৎসাগরের গল্পে আছে, আকর্ষিকানগরীর রাজকন্যা "পাটলি" ও চিঞ্চিনী নগরবাসী ভোজিকের দৌহিত্র "পুত্রক" এর নামানুসারে এই নাম হয়। পুত্রক একদা বিন্ধ্যারণ্যে একটী যষ্টি ও পাদুকা প্রাপ্ত হইয়া পাদুকা ধারণ করতঃ খেচরত্ব লাভ করেন এবং আকর্ষিকা নগরীতে উত্তীর্ণ হইয়া রাজকন্যা পাটলিকে লইয়া গঙ্গাতটে আসিয়া বিশ্বকর্ম্মার শক্তিবিশিষ্ট সেই যষ্টির প্রভাবে এক নগর নির্মাণ করিয়া তাহার নাম 'পাটলিপুত্র' রাখেন] বি, প্রাচীন মগধের রাজধানী আধুনিক পাটনা নগর।

পাটা [সং—পট্টক শব্দজ। হি—পাট্টা] বি, ভূমি সম্বন্ধীয় ক্রয়-পত্র : পাট্টা। প্র—"বাড়ীর পাটা বেচে পেটে পেলে।"—ঈশ্বর গুপ্ত। ২। পট্ট—তক্তা ; কাষ্ঠাদি ফলক। ৩। লক্ষণ : চিহ্ন ; ধরণ। প্র—"হেট মাথা হয়ে কথা না দিবার পাটা, জেলেছে অনল দিয়া জনকের গোঁটা॥"—শিবায়ন। ৪। গাজনের সন্ন্যাসীদিগের উপবীত বা উত্তরীয়। বুকের বিস্তৃতি। প্র—"কবাট বিশাল পাটা গগনে লাগিল ছটা মূলার সমান দন্তগুলা।"—কবিকঙ্কণ। ৬। [বিশাল বক্ষঃ হইতে] সাহস। প্র—"এত বা বুকের পাটা কার।" —ঘনরাম। 'ভুতলে আনিয়ে মাগো কলি আমায় লোহা পেটা। আমি তবুও মা বলে ডাকি এমি আমার বুকের পাটা।"—রামপ্রসাদ। ৭। পেষণ-শিলা ; বাটনা বাটিবার শিল। **পাটাপুতা** [প্রাদে-গ্রা] শিলনোড়া।

পাটাতন (ন্) [পাটা পাতন—সংক্ষেপে] বি, কাষ্ঠবংশাদির মঞ্চ ; তক্তার মেজে। flooring of planks. প্র—নৌকার পাটাতন।

পাটাবুকী [প্রাদে-গ্রা] বিণ, বুকের পাটাযুক্ত ; যাহার বুক প্রশস্ত। ২। সাহসী। প্র—"মোরে দেখি পাটাবুকী না করিল ডর। পর পুরুষে রস বরিষে হারিতে নারে ভর॥"—কবিশেখর।

পাটারি [জমীঃ পরিঃ] বি, জমীদারের নিযুক্ত খাজনা আদায়কারী কর্ম্মচারী ; পাটোয়ারী a bailiff.

পাটালি—বি, নূতন গুড়ের বরফি।

পাটাসেলামি (শে) [আদাঃ পরিঃ] বি, পাটা লইবার কালে খাজনা ব্যতীত জমীদারকে এককালীন দেয় টাকা।

পাটি, পাটী [সং—পঙ্‌ক্তি হইতে পাত্তি—পাটী। ত=ট] বি, পঙ্‌ক্তি ; শ্রেণী ; সারি। প্র—"কাটিয়া ফেলিল কার দন্ত দুই পাটী।"—কাশী-মহা। ২। যুগ্মের একটী। প্র—একপাটি জুতা [প্রাদে]। ৩। পট্টি ; পল্লী ; পাড়া ; পটি। ৪। [গ্রা—পেটো। প্র—পেটো পাড়িয়া চুল বাঁধা] কেশপট্ট। প্র—"ভুসন্ধ্যা চিরুণী ধরি পাড়ে মোহন পাটি।" —কবিকঙ্কণ। ৫। [পাট দ্রঃ] গৃহকর্ম্ম। প্র—কুলে শীলে রূপে গুণে সকলে অখাটি। সারাদিন করি সারা সংসারের পাটি।"—শিবায়ন। ৬। [প্রাদে। পাতিয়া নামক জলজ ক্ষুদ্র অথচ নল অপেক্ষা স্থূল তৃণের বল্কলে নির্ম্মিত বলিয়া এই নাম] মাদুর : শীতল পাটি (শয়নে শীতল বোধ হয় বলিয়া)। প্র—"কোণেতে জড়ানো দেখি তপ্তা পোষের পাটি।"—দ্বিজেন্দ্র রায়। ৭। পাশি ; পাশক ; পক্ষ। প্র—মন তুমি খেলাওনা পাশা। * * * দুর্গা নামে বেঁধে পাটী, চারি পাটীর ঘরে। বসিয়ে দুটি, সতেরো আঠার দান মেরে ভেঙ্গে দাও যমের বাসা।"—বাং-গান। ৮। পাদুকা ; জুতা। প্র—"বাবু সেজে পাটির উপর রাখি পাটি।"—ঈশ্বর গুপ্ত।

পাটিকেল (ল্) বি, পাটকেল দ্রঃ।

পাটিত [সং] বিণ, বিদীর্ণ। ২। ভগ্ন।

পাটিসাপটা (প্‌াটিশাপ্‌টা) [প্রাদে—প-বঙ্গে ; পু-বঙ্গে 'পাটিসাবড়া' : উত্তর বঙ্গে 'পাটিজড়া'] বি, ক্ষীরের পুর দেওয়া পিষ্টকবিশেষ।

পাটী (টি) [পঙ্‌ক্তি হইতে ; হি—পাটি] বি, শ্রেণী। ২। জাতীয় মেলবন্ধনযুক্ত লোকের পল্লী : সাম্প্রদায়িক পাড়া। প্র—"প্রেমের উজান ভাটি চৌদিকে কোঁচের পাটী কোঁচবধূ ভিক্ষা দেয় আনি।"—কবিকঙ্কণ। ৩। পাটি ; মাদুরবিশেষ : শীতলপাটি। প্র—"মেঝে জুড়ে ফেলে সপ দিয়া ফুল ঝাঁটী। ফেলিল পালঙ্গ পায় পাতাইল পাটী॥"—ঘনরাম। ৪। পাটি (পাট দ্রঃ) ; ধান্যাদি রাখিবার পলী।

পাটীগণিত (পাটিগোনিত্) [গণিতিক পরিঃ] বি, স্ত্রী, অঙ্কবিদ্যা ; arithmetic.

পাটুনী [পাটনী দ্রঃ] বি, নৌজীবী জাতিবিশেষ ; মাঝি। প্র—"সেই ঘাটে খেয়া দেয় ঈশ্বরী পাটুনী।"—অন্নদামঙ্গল। ২। খেয়াঘাটের মাঝি।

পাটুয়া [পাট + উয়া (সম্বন্ধে । গ্রা—পেটে] বিণ. লৌহপট্টযুক্ত ; চওড়া ফলাযুক্ত । প্র—"দন্তগুলা মেলে হেন পাটুয়া কোদাল।"—কবিকঙ্কণ। ২। বি. কলাগাছের পেটো ; ছোটা ; কলার বাস্নার সুতা বা দড়ী।

পাটুলি [প্রাদে] বি. মাল বোঝায়ের বড় নৌকা ; বজরা।

পাটেশ্বরী (পাটেশ্‌শোরী) [পাট (সিংহাসন) + ঈশ্বরী ; ৬ তৎ] বি. স্ত্রী. পট্টমহিষী ; পাটরাণী।

পাটোয়ার, রী (র্‌) [পটু —বার—যাহার পটুতা আছে] বি. পটু ; দক্ষ ; নিপুণ। ২। অতিশয় হিসাবী ; কড়া ক্রান্তির পর্য্যন্ত হিসাবকারী ; । ৩। গ্রাম্য কর সংগ্রাহক কর্ম্মচারী ; গোমস্তা। ৪। গুঞ্জী, মালা প্রভৃতি গ্রন্থনশিল্পকর্ম্মজীবী। বিণ. পাটোয়ারী—পাটোয়ার সুলভ প্রকৃতিযুক্ত।

পাট্টা [পাটা দ্রঃ] বি. ভূমি ক্রয় বিক্রয় নিদর্শক আদালতগ্রাহ্য পত্র ; পাটা ; জমীদার প্রদত্ত অধিকারপত্র। প্র—"করে লয়ে মসী-পাত্র কাগুজের বেড়া। দেবদেবে দিলা লিখে দেবত্তর পাট্টা॥"—শিবায়ন। "হাল পিছে এক তঙ্কা না করো কাহার শঙ্কা। পাট্টায় নিশান মোর ধর।"—কবিকঙ্কণ। ২। স্থল। প্র—গাল পাট্টা। পাট্টাগ্রহীতা—পাট্টা-গ্রহণকারী ; ভূমিস্বত্বক্রয়কারী ; যে জোত জমা গ্রহণ করে ; a lessee. পাট্টাদাতা—যে জোত জমা বিলি করে ; a lessor. পাট্টাদার—পাট্টাগ্রাহক ; যে জমিদারের নিকট হইতে জোত জমিজমা লয়। পাট্টাসেলামী—পাটাসেলামী দ্রঃ। পাটা লইবার কালে জমিদারকে প্রদত্ত থোক টাকা বা নজর।

পাঠ (ঠ্‌) [পঠ্‌ (পড়া) + অ (ভাবে—ঘঞ্‌)] বি. পুং. বেদপাঠ ; বেদাধ্যয়ন। ২। অধ্যয়ন। ৩। আবৃত্তি ; অভ্যাস। ৪। [কর্ম্মে—ঘঞ্‌] পাঠ্য ; যাহা পাঠ করিতে হইবে। ক্রি. পঠা—পাঠ করা। ণিজন্ত—পঠান (নো)—পাঠ করান [প্রা-বাং]।

পাঠক (ক্‌) [পঠ্‌ (পড়া) + অক (কর্ত্তৃ)] বি. পুং. যিনি কোন কিছু পাঠ করেন ; অধ্যেতা ; পাঠকর্তা। ২। ছাত্র। ৩। [পঠ্‌ + ণিচ্‌ = পাঠি (পড়ান) + অক (কর্ত্তৃ)] যিনি পড়ান ; অধ্যাপক। ৪। কথক ; যিনি পুরাণাদি পাঠ করেণ। ৫। ধর্ম্মোপদেশক। ৬। ব্রাহ্মণের উপাধিবিশেষ। স্ত্রী. পাঠিকা।

পাঠগৃহ (ঠ্‌) [পাঠের গৃহ, ৬তৎ] বি. পড়িবার ঘর ; অধ্যয়ন গহ।

পাঠগোষ্ঠী (ঠ্‌) [পাঠ—গোষ্ঠী (সভা)] বি. সাহিত্যসভা ; সাহিত্যসমিতি ; পণ্ডিত-সভা ; lite

পাঠন (ন্‌) [পাটন দ্রঃ। উচ্চারণ ভেদে ট = ঠ] বি. পত্তন। ২। দেশ ; নগর। প্র—"বাণিজ্যে চলিল শেষে দক্ষিণ পাঠন"—মনসার ভাসান (ক্ষেমানন্দ)।

পাঠন, পাঠনা (ন্‌) [পঠ্‌ + ণিচ্‌ = পাঠি (পড়ান) + অন (ভাবে. অনট্‌)] বি. ক্লী. স্ত্রী. পাঠ বলিয়া দেওয়া ; পড়ান ; শিক্ষাদান ; অধ্যাপনা। প্র—"পাঠশালে পাঠনার রীতি এই ছিল"—শিবনাথ শাস্ত্রী। পঠন পাঠন—অধ্যয়ন এবং অধ্যাপনা।

পাঠনিবিষ্ট (ঠ্‌) [পাঠে নিবিষ্ট, ৭মী তৎ] বিণ. পাঠমগ্ন ; অধ্যয়নরত।

পাঠমঞ্জরী (ঠ্‌, মো) বি. স্ত্রী. শারি নামক পক্ষিণী।

পাঠমন্দির (পাঠ্‌ মোন্দির্‌) [পাঠের মন্দির—৬তৎ] বি. পাঠশালা ; পাঠগৃহ।

পাঠরত (ঠ্‌) [পাঠে—রত, ৭তৎ] বিণ. পাঠে নিবিষ্ট-চিত্ত ; অধ্যয়নমগ্ন। বি. পাঠরতি।

পাঠশালা (ঠ্‌) [পাঠের (পড়ার) শালা (গৃহ)—৬তৎ। গ্রা—পাঠশাল। প্রা-বাং—বানানে—পাটসাল। প্র—"বস্তা আছে পাটসালে"—শূন্যপুরাণ। ওড়ি—চাটশালি] বি. স্ত্রী. পাঠাগার ; পাঠগৃহ ; বিদ্যালয় ; বিদ্যামন্দির ; চতুষ্পাঠী। ২। [আধু] প্রাথমিক বিদ্যালয়।

পাঠা (পা্‌) বি. স্ত্রী. লতাবিশেষ, আকনাদী ; stephania hermandifolia. ২। [প্রাদে] ছাগ ; স্ত্রী. পাঠী—ছাগলী।

পাঠান (ন্‌) [সং—প্রেরণ] বি. চালান। ২। [উ—পঠান্‌] লাহোরের উত্তরপশ্চিমদেশীয় মুসলমান জাতিবিশেষ ; মুসলমানদিগের প্রধান চারিশ্রেণীর অন্যতম (অবশিষ্ট তিন শ্রেণী—সেখ, সৈয়দ, মোগল)। স্ত্রী. পাঠানী।

পাঠান (পা্‌ঠানো) [প্রেরণ বা প্রস্থাপন হইতে। উ-পু—পাঠাই। ম-পু—পাঠাও ; পাঠান্‌। অস্‌-ক্রি—পাঠাইতে ; পাঠাইয়া. পাঠিয়ে] ক্রি. প্রেরণ করা। ডেকে পাঠান—(কাহার নিকট) লোক পাঠাইয়া ডাকা। বলে পাঠান—কাহার নিকট লোক পাঠাইয়া তাহার দ্বারা কোন কিছু বলা ; লোক মার্ফৎ সংবাদ দেওয়া।

পাঠানুরাগ (গ্‌) [পাঠে অনুরাগ, ৭তৎ] বি. অধ্যয়নে অনুরাগ ; পাঠাসক্তি ; পাঠে মতি। স্ত্রী. পাঠানুরাগিণী।

পাঠান্তর (র্‌) [পাঠ + অন্তর] বি. অন্য পাঠ ; ভিন্ন বা স্বতন্ত্র পাঠ ; another version. ২। অন্যথা ; প্রভেদ। প্র—"ব্রহ্মার সভার তুল্য নাহি পাঠান্তর"—কাশী-মহা-আদি। 'ইন্দ্রের অমরাবতী নাহি পাঠান্তর।" "হাট বাট নাহি পাঠান্তর।"—কাশী-মহা-স্বর্গা-রোহণ। ৩। বিবাদ ; দ্বন্দ্ব। দেবরাজ করে পূজা হেলে মারে বলি রাজা। তাঁর সনে কার পাঠান্তর।"—কৃত্তিবাস।

পাঠাভ্যাস (পাঠাভ্‌ভ্যাশ্‌) [পাঠের অভ্যাস, ৬তৎ] বি. পাঠ প্রস্তুত করণ ; অধ্যয়ন ; পাঠ আবৃত্তি ও হৃদয়ঙ্গম করিবার চেষ্টা ; বিদ্যানুশীলন।

পাঠার্থী [পাঠার্থিন্‌ শব্দ, ১মা, ১ব] বি. ছাত্র ; বিদ্যার্থী. স্ত্রী. পাঠার্থিনী

পাঠিকা [পুং—পাঠক (দ্রঃ)] বি. স্ত্রী. পাঠকারিণী। ২। ছাত্রী। ৩। লতাবিশেষ। পাঠা (দ্রঃ) আকনাদী।

পাঠিত [পঠ্‌ + ণিচ্‌ = পাঠি (পড়ান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. পড়ান ; যে বিষয়ে বা যাহাকে অধ্যাপনা করা হইয়াছে।

পাঠী [পঠ্‌ + ইন্‌ (কর্তৃ—ণিন্‌) = পাঠিন্‌ ১মা, ১ব] বিণ. পাঠকারী ; পাঠক। ২। বি. পুং. চিতের গাছ।

পাঠীন, পাটীন (ন্‌) [সং] বি. বোয়ালমাছ।

পাঠ্য (পাঠ্‌ঠ) [পঠ্‌ (পড়া) + য (কর্ম্মে, ঘ্যণ্‌)] বিণ. যাহা পাঠ করা হয় বা করিতে হইবে ; পাঠযোগ্য ; অবশ্য-পঠনীয়। ২। পঠনীয় গ্রন্থ ; পাঠ্যপুস্তক।

পাড় (ড়্‌) [প্রাদে] বি. তট ; তীর। প্র—"চারি পাড়ে বিশ্বকর্ম্মা নির্ম্মায় উদ্যান"—অন্নদামঙ্গল। ২। আলি বন্ধন। ৩। কূপের ভিতর হইতে বাঁধিয়া দিবার দগ্ধ মৃত্তিকার চক্র বা বলয়। ৪। পীড়ন পাতন। প্র—ঢেঁকির পাড় পাড়া। ৫। মেটে ঘরের আড়ার সহিত সংযুক্ত লম্বা বংশ-দণ্ড। ৬। কাপড়ের ধারি বা কিনারা ; বস্ত্রের প্রান্তভাগ। প্র—লালপাড় ; পাছা-পাড়। বিণ. পাড়িয়া, পেড়ে (সংক্ষেপে)। প্র—সরুপেড়ে কাপড় ; কালা পেড়ে ধুতি।

পাড়ন (ন্‌) [পাতন শব্দজ] বি. পাতন পাতিত করণ ; ফেলা। ২। নিম্নভাগ বা তল দেশের আবরণ (তুল—ওড়ন বা উড়ন = উপরের আচ্ছাদন)। প্র—"তামার উডন তামার পাড়ন তামা করিলাম সায়। তাম্র ধারণ গীত সে রামাই পণ্ডিত গায়॥"—শূন্যপুরাণ। ওড়ন পাড়ন——উপর নিম্নে আবরণ ; সম্পূর্ণ আচ্ছাদন। ২। বাহুল্য।

পাড়া [সং—পল্লী । পট্টি—পাটা—পাড়া] বি. পল্লী : মহল্লা । প্র—"গুণবান্ পুরুষ প্রবেশে সেই পাড়া । বাপে পোয়ে গণ্ডগোল স্ত্রী পুরুষে ছাড়া ॥"—শিবায়ন । "সবে বলে ব্যাস তুমি বড লক্ষ্মীছাড়া । অন্ন উড়ি যায় তুমি যাহ সেই পাড়া ॥"—অন্নদামঙ্গল । **পাড়াবেড়ান**—পাড়ায় পাড়ায় ঘুরিয়া বেড়ান । **পাড়াবেড়ানী**—যে নারী পাড়ায় পাড়ায় বা পাড়ার লোকের বাড়ী বেড়াইয়া বেড়ায় । **পাড়া মাথায় করা**—অত্যন্ত চীৎকার বা গোলমাল করিয়া পাড়ার লোককে মাতাইয়া তোলা । সম্ভবতঃ "মাতন করা" মুখে মুখে ঘুরিতে ঘুরিতে 'মাতায়' পরে 'মাথায়' হইয়া থাকিবে । তুল—মহরমের সময় মত্ত হইয়া পাড়ায় পাড়ায় মাতন করিয়া বেড়ানকে দুপুরে মাতন বলে—লোক মুখে ইহাই "দুপুরে মাতন শুনা যায় । **পাড়া মাত করা**—ঝগড়ায় পাড়া শুদ্ধ সকলকে হারাইয়া দেওয়া ; পাড়া জয় করা । **শুনলে সাড়া ত নিলে পাড়া**—সামান্য আভাস পাইয়া বা অল্পমাত্র কর্ণগোচর হইতে না হইতে পাড়ায় রাষ্ট্র করিয়া দেওয়া ।

পাড়া [সং—পাটি ধাতু হইতে । পাটন—পাতন ; পাটা—পাড়া । উ-পু—পাড়ি । ম-পু—পাড ; পাড়ুন ; পাড় । প্র-পু—পাড়ে । অস-ক্রি—পাড়িতে ; পাড়িয়া । পাড়ি (সংক্ষেপে পদ্যে) । পেড়ে (গ্রা) । ণিজন্ত—পাড়ান] ক্রি. পাতিত করা ; ঊর্দ্ধ হইতে নিম্নে আনয়ন করা । প্র—জিনিষগুলা ছাদ হইতে পাড়িয়া লও । ২ । কাটিয়া ফেলা ; ভূতলে নিক্ষেপ করা । প্র—"ভীষ্ম দ্রোণ কাটিয়া পাড়িনু রথ হইতে"—মহা-কাশী । ৩ । বৃক্ষ হইতে আহরণ করা ; উচ্চস্থান হইতে আহরণ করা । প্র—ডাব পাড়া ; আম পাড়া । ৪ । ভূতলে বিস্তৃত করা : পাড়া । প্র—বিছানা পাড়া : কম্বল খানা ঘরের মেঝেয় পাড় । ৫ । কোন ব্যক্তির অঙ্গে বা প্রতি নিক্ষেপ করা ; ত্যাগ করা ; ছাড়া । প্র—গালি পাড়া ; ডাক পাড়া । হাঁকার পাড়া । "অপবিত্র তাম্রকে পবিত্র কে কৈল । বিসাই বলিয়া গোঁসাই হুঙ্কার পাড়িল ॥"—শূন্যপুরাণ ।

পাড়াকুঁদুলী [পাড়া—কুঁদুলী (কন্দলী) গ্রা] বিণ. স্ত্রী. যে নারী পাড়ার লোকের সঙ্গে কন্দল করে ; যে নারী গৃহের বাহিরে আসিয়া পাড়ার লোকের সহিত ঝগড়া করে বা পাড়ায় পাড়ায় ঝগড়া করিয়া বেড়ায় । পুং. **পাড়াকুঁদুলে** । প্র—"চাইতে গেলুম একটী মুটো পাড়াকুঁদুলী মাগী নাকটা নেড়ে দিলে তেড়ে বল্লে দূর হ মাগী"—ম্যাক্‌বেথ্ (গিরিশ) ।

পাড়াগাঁ [পল্লীগ্রাম শব্দের অপভ্রংশ] বি. পল্লীগ্রাম ; পল্লীবাস ; নগর বা সহরের বাহিরের জনালয় । প্র—"পাড়াগাঁয়ে পড়ি গেল কুন্দলের গুঁড়া । নগরের ভিতরে পড়িয়া গেল হুড়া ।"—শিবায়ন । বিণ. **পাড়াগাঁইয়া, পাড়াগেঁয়ে**—পল্লীগ্রামবাসী যে নাগরিক আদবকায়দায় অভ্যস্ত নহে । ২ । পল্লীগ্রাম সংক্রান্ত ।

পাড়ান (নো) [পাড়া দ্রঃ । উ-পু—পাড়াই । অ-পু— পাড়াও ; পাড়ান ; পাড়া । প্র-পু—পাড়ায় । অস-ক্রি—পাড়াইতে ; পাড়াইয়া, পাড়িয়ে (গ্রা)]ক্রি. অন্যের দ্বারা পাতিত করান । প্র—ছেলে ঘুম পাড়ান । গাছ হইতে ফল পাড়ান ।

পাড়ানিয়া, পাড়ানি [পাড়ানিয়া সংক্ষেপে পাড়ানি] বিণ. যে পাড়ায় । প্র—"ঘুম পাড়ানিয়া মাসি ঘুম দিয়ে যেও ।"—ছড়া ।

পাড়াপড়সী (পোড়্শি) [পাড়া (পল্লী) পড়সী (সং—প্রতিবেশী ; হি—পড়োসী) পল্লীবাসী : বহুবচনার্থে শব্দদ্বয়ের সাহচর্য্য] বি. প্রতিবেশিগণ ; পাড়ার লোকজন । প্র--এ পাড়াপড়সী ডাকিনী সদৃশী এ মত না থায় তারে ।"—চণ্ডীদাস । **যার বিয়ে তার মনে নাই পাড়াপড়সীর ঘুম নাই**—যার দায় বা কর্ম্ম সে নিশ্চিন্ত কিন্তু যাহাদের কোনই দায়িত্ব নাই তাহারা ভাবনায় নিদ্রা যায় নাই অর্থাৎ বাজেলোকের ভাবনা বা চঞ্চলতা বৃথা এবং অনাবশ্যক ।

পাড়ি [সং—পট্টী—পাটি—পাড়ি] বি. পাইড় মেটে ঘরের চাল ধরিয়া রাখিবার খুঁটির মাথার কাঠ বা বাঁশ ।

পাড়ি, পাড়ী [সং—পার—পারি] বি. নদ্যাদির পারে গমন ; এক পার হইতে অপর পারের বিস্তার বা ব্যাপ্তি । প্র—"আজি সে দুইটী বুকে এতই তফাৎ শত বৎসরের পাড়ী শত দিন রাত্ ॥"—ফুলরেণু । **পাড়ি দেওয়া, পাড়িমারা**—পারে গমন করা । ২ । প্রস্থান করা পলায়ন করা ।

পাণ (ন্) [পর্ণ শব্দজ । পান দ্রঃ] বি, তাম্বুল । প্র—"দাঁতে কেটে লাল ঠোঁট পাণ খেয়ে খেয়ে ।"—কুঙ্কুম । **পান দেওয়া**—হস্তে পান দিয়া কোন কিছুর জন্য আদেশ করা । পূর্ব্বে কাহারও উপর কোন কার্য্যের ভার অর্পণ বা আদেশ দান কালে তাহার হস্তে পাণ দিবার প্রথা হইতে । প্র—"দেবগণ মিলি যুক্তি কৈল সুরপতি । কন্দর্পেরে পাণ দিয়া দিলেন আরতি ॥"—কবিকঙ্কণ ।

পাণপত্র (পান্‌পৎত্র) [প্রাদে । পূ-বঙ্গে—পাতিপত্র । পাওনা হইতে] বি. বিবাহে কন্যা বা বরপণের হিসাব পত্র ; দেনা পাওনা সম্বন্ধীয় নির্দ্ধারণ পত্র ।

পাণবাটা (ন্) [পাণের বাটা (পাত্রবিশেষ —বাটী অপেক্ষা বড়)] বি. তাম্বুল রাখিবার পাত্রবিশেষ ; তাম্বুলকরঙ্ক ।

পাণা (না) [সং—পৃশ্নি বা পর্ণী (বারিপর্ণী)] বি, জলের উপর ভাসমান পর্ণ বা পর্ণ বহুল লতা ; জলজশৈবালবিশেষ ; পুষ্করিণী দীর্ঘিকা প্রভৃতির জল আবরণকারী পত্র শাকবিশেষ ; ইদুঁরকানী, গুঁড়ি বা ডিমে পানা, ক্ষুদেপানা, টোকা পানা, ঝুম্‌কাপানা প্রভৃতি ভেদে পাণা বহুপ্রকার ।

পাণান (প্‌ানানো) [হি—পানিয়ানা] ক্রি, পালান দ্রঃ ।

পাণি (নি) [পণ্ (ব্যবহার করা) +ই (সংজ্ঞার্থে)] বি, পুং মণিবন্ধ হইতে অঙ্গুলি পর্য্যন্ত ; হস্তাংশ । প্র—"সবার ধরিনু পদে পাণি ।"—কবিকঙ্কণ ।

পাণি (নি) [পণ্য হইতে] বি. পণ্যালয় ; দোকান ; হাট । ২ । কুলেখাড়ার গাছ ।

পাণিকাক (নি, ক্) [পাণিকোটী—গ্রা, পানকৌড়ী । হি—পানি=জল] বি, ডাহুক : পানকৌড়ী । স্ত্রী. **পানিকাকী** ।

পাণিশঙ্খ (পানিশংখ) [পানি=জল, দেবোদ্দেশে জল প্রদানার্থ শঙ্খরূপ আধার] বি. যে ক্ষুদ্র শঙ্খের জল দেবোদ্দেশে প্রদত্ত হয় ; জলশঙ্খ । ২ । ["হাতে লইয়া বাজাই-বার মত" অর্থে পানি] বাজাইবার শঙ্খ ; শাঁখ । প্র—"পাণিশঙ্খ বাজিলে উঠেন সেইক্ষণ । কপাট খুলিলে জগন্নাথ দরশন ॥" —চৈতন্যভাগবত ।

পাণিগ্রহ (পানিগ্‌গ্রোহো) [পাণি—গ্রহ্ (গ্রহণ করা) + অ (অধি, অল্)] বি. পুং. পাণিগ্রহণ : পরিণয় ।

পাণিগ্রহণ, পাণিপীড়ন (পানিগ্‌গ্রোহোন, পানিপীড়ন্) [পাণি (হস্ত) গ্রহণ (পীড়ন) করা হয় যে সংস্কার-বিশেষে—বহু] বি. ক্লী. বিবাহ ; পরিণয় ।

পাণিতল (নি, ল্) [পাণির তল, ৬ তৎ] বি. ক্লী. করতল ; হাতের তেলো ।

পাণিনি (নিনি) বি. স্বনামপ্রসিদ্ধ ব্যাকরণকার মুনিবিশেষ ।

পাণিনীয় (পানিনিঅ) [পাণিনি+ঈয়] বিণ. পাণিনিসম্বন্ধীয় । ২ । পাণিনি মুনি কথিত ; পাণিনি কর্তৃক আদিষ্ট বা নির্দ্ধারিত । ৩ । পাণিনি মুনি-রচিত । ৪ । পাণিনি মতসম্মত ।

পাণিবন্ধ (নি) [পাণি—বন্ধ (বন্ধন করা) + অ (অল্)—যে সংস্কারে পাণিবন্ধন করা হয়] বি. পুং. পরিণয় ; বিবাহ ।

পাণ্ডব (পান্ডব) [পাণ্ডু+অ (অপত্যার্থে—ষ্ণ)] বি, পুং, পাণ্ডুরাজার পঞ্চ পুত্র ; যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব।

পাণ্ডবীয় (পান্ডবীয়) [পাণ্ডব+ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, পাণ্ডব সম্বন্ধীয়। ২। পাণ্ডব পক্ষীয়।

পাণ্ডবেয় (পান্ডবেয়) [পাণ্ডু+এয় (অপত্যার্থে—ঢ্ক্ষেয়)] বি, পুং, পাণ্ডুরাজার পঞ্চপুত্র ; পাণ্ডব।

পাণ্ডর (পান্ডর্) বি, পাণ্ডুর বর্ণ। ২। বিণ, পাণ্ডুবর্ণবিশিষ্ট।

পাণ্ডরা [প্রা-বাং] বিণ, পাণ্ডু দ্রঃ।

পাণ্ডিত্য (পানডিৎত) [পণ্ডিত দ্রঃ] বি, পণ্ডিতের ভাব ; বিদ্যাবত্তা ; মনীষা।

পাণ্ডু (পান্ডু) [পণ্ড্+উ (সংজ্ঞার্থে)] বিণ, পাংশুবর্ণ ; গৌরবর্ণ ; শুক্লপীতবর্ণ ; শ্বেতবর্ণ। ২। পাণ্ডুরোগ ; নেবা ; jaundice. ৩। দক্ষিণ ভারতীয় দেশবিশেষ। ৪। [পাণ্ডুবর্ণ বলিয়া এই নাম] কুরুবংশীয় নৃপতিবিশেষ ; যুধিষ্ঠিরাদি পঞ্চভ্রাতার পিতা। ৫। নদবিশেষ। ৬। নাগবিশেষ। ৭। শ্বেতহস্তী। ৮। তীর্থবিশেষ। ৯। পটোল ফল।

পাণ্ডুক (ক) [পাণ্ডু+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, পাণ্ডুবর্ণ। ২। পাণ্ডুরোগ। ৩। পাণ্ডু রাজা। ৪। তীর্থবিশেষ।

পাণ্ডুনাগ (গ্) বি, পুং, পুন্নাগ-নামক সুগন্ধি পুষ্পবিশেষ ; রক্ত পুষ্প।

পাণ্ডুফল (ল্) বি, পুং, পটোল। স্ত্রী, **পাণ্ডুফলা**—ফুটী।

পাণ্ডুর (র্) [পণ্ড্+উর (সংজ্ঞার্থে) কিম্বা পাণ্ডু+র। প্রা-বাং, প্রাদে—পাণ্ডরা। প্র—"অধিক পাণ্ডরা যে বা"—মনসামঙ্গল (বংশীবদন। ১৬শ শতাব্দী)] বি, পুং, পাংশুবর্ণ ; শুভ্রবর্ণ ; পীত শুক্ল মিশ্রবর্ণ। ২। নেবা ; পাণ্ডুরোগ। ৩। ধবল রোগ। ৪। গন্ধতুলসী বা মরুয়া ফুলের গাছ। ৫। বিণ, পাণ্ডুবর্ণবিশিষ্ট। ধূসরবর্ণবিশিষ্ট।

পাণ্ডুরঙ্গ (পানডুরংগ) বি, পাটরাঙ্গা নামক লতা ফল।

পাণ্ডুরদ্রুম (পানডুরদদ্রুম্) [পাণ্ডুবর্ণ বলিয়া] বি, পুং, কুড়চীগাছ।

পাণ্ডুলিপি (পানডু) বি, খসড়া ; মুসাবিদা। ২। হাতের লেখা কাগজ বা পুঁথি ; মুদ্রিত পুস্তকাদির আদর্শ ; কাপি ; manuscript.

পাণ্ডুলেখ্য (পানডুলেখ্খ) [পাণ্ডু—লেখ্য] বি, ক্লী, খসড়া লেখা ; মুসাবিদা ; পাণ্ডুলিপি।

পাণ্ড্য (পান্ডড) বি, পুং, দক্ষিণ ভারতীয় পুরাণপ্রসিদ্ধ দেশবিশেষ। ইহাকে পাণ্ড্যমণ্ডলও বলে। ইহা আধুনিক মালাবার, কানাড়া ও কোঙ্কনদেশ। ২। পাণ্ড্য দেশের রাজা। ৩। পাণ্ড্যদেশের অধিবাসী। ৪। পাণ্ড্য সম্বন্ধীয়। ৫। পাণ্ড্যদেশ জাত।

পাত (ত্) [পত্ (পতিত হওয়া) + অ (ভাবে —ঘঞ্)] বি, পুং, পতন। প্র—রক্তপাত ; নক্ষত্রপাত ; বৃষ্টিপাত। ২। নিপাত ; বিনাশ ; ক্ষয়। প্র—শত্রুকে পাত করা ; খাটিয়া খাটিয়া দেহ পাত করা। ৩। নিক্ষেপ। প্র—দৃষ্টিপাত ; নেত্রপাত। ৪। মৃত্যু ; মহাপ্রস্থান। প্র—"সতীর সংবাদ শুনি সমাকুল শূলপাণি রহিলেন হইয়া নীরব। বুঝিয়া সাধ্বীর পাত ভাবিলেন ভূতনাথ কেবল কৈলাস অন্ধকার॥"—শিবায়ন। **অনর্থ পাত**—বিপদের আপতন। **দেহপাত, শরীর পাত**—দেহের ক্ষয় ; দেহনাশ ; মৃত্যু। **রক্ত পাত**—আঘাত জনিত দেহ হইতে রক্তপতন। **রক্ত পাত করা**—কাটা ; কাটাকাটি করা ; খুনোখুনি করা।

পাত (ত্) [সং—পত্র হইতে] বি, পত্র ; পর্ণ ; গাছের পাতা। প্র—কলাপাত। ২। পত্রবৎ পাতলা। প্র—লোহার পাত। ৩। কদলী মান, শাল, পলাশ প্রভৃতির পাতায় অন্নগ্রহণ করিবার প্রথা হইতে, অন্নের আধার। প্র—নিমন্ত্রিত ব্যক্তিগণের জন্য পাত করা। **পাত করা**—আহার করাইবার জন্য অন্নাধার স্থাপন করা ; আহারের স্থান বা ঠাঁই করা। **পাত চাটা**—উচ্ছিষ্টভোজী ; ২। অতিশয় খোসামুদে। **পাত উঠা**—অন্নরহিত হওয়া। **পাত পাড়া**—অনিমন্ত্রিত বা স্বতঃপ্রবৃত্ত হইয়া কাহার বাড়ী আহারের জন্য পাতা পাতিয়া আহার করা ; হীনভাবে পরের বাড়ী অন্ন গ্রহণ করা।

পাতক (ক্) [পত্+ণিচ্=পাতি (পতিত করান) + অক (কর্ত্তৃ)] বিণ, ক্লী, যে পতন ঘটায় ; পতনকারক। ২। বি, পতনের হেতু ; পাপ। প্র—"পূর্ব্বের পাতকে পরিত্যাগ দিল পতি। তাতে হৈল ত্রিগুণ তোমারে মাইনু লাথি॥"—শিবায়ন। **মহাপাতক**—গুরুতর পাপ।

পাতকী [পাতক+ইন্ (অস্ত্যর্থে) = পাতকিন্ ১মা, ১ব] বি, পুং, পাতকের ফলভাগী ; পাপী। প্র—"দরশনে দাগা দিলে হবে পাতকী" —রামবসু।

পাতকুয়া (ত্) [গ্রা—পাত্কো। পাত (পৎ—ধাতুজ) = পাতাল+কুয়া (কূপ)] বি, পাতাল ভেদী কূপ ; গভীর কূপ ; ইন্দারা।

পাতখোলা (ত্) [পত্র হইতে পাত, খর্পর হইতে খোলা। পাতলা খোলা বা খোলার পাত] বি, অল্প পোড়া বা আধপোড়া মাটির পাত। সোঁদাগন্ধ হেতু ইহা গর্ভিণীর মুখরোচক। প্র—"পাঁচ পিঠা প্রচুর পায়েস পাত খোলা"—ঘনরাম।

পাতখ্রি [সতরঞ্চির অনুকরণে] বি, পাতিয়া শয়ন বা উপবেশন করিবার আসন বা আস্তরণ।

পাতঞ্জল (ল্) [পতঞ্জলি+অ (কৃতার্থে—ষ্ণ)] বিণ, পতঞ্জলি মুনিকৃত দর্শন শাস্ত্র ; (১) যোগ পাদ (২) সাধন পাদ (৩) বিভূতি পাদ (৪) কৈবল্য পাদ—এই চারিটি বিষয়-প্রতিপাদক যোগশাস্ত্র।

পাতড়া, পাৎড়া (ত্) [পত্র হইতে পত্তর —পত্তড় (র=ড়) + অ (তুচ্ছার্থে)। অথবা এঁটো ধাওড়া পাতা হইতে পাতড়া] বি, পাতা। ২। পাতের ভুক্তাবশিষ্ট ; উচ্ছিষ্ট পাত ; এঁটো পাতা। প্র—"পাতড়া চেটে"—ঈশ্বর গুপ্ত। ৩। [হি—পত্তল্] পাতা সাজাইয়া যে ভক্ষ্যদ্রব্য বিতরণ করা হয়। প্র—"কত ব্রাহ্মণ পণ্ডিত লুচিমণ্ডার লোভে * * * আসিয়া পাতড়া মারিবে।"—কমলাকান্তের দপ্তর। ৪। [পাত—তাড়া। সংক্ষেপে] পাতার তাড়া ; পাততাড়ী। ৫। পুঁথীর পাতা বা পত্র। ৬। ক্রোড় পত্র ; অতিরিক্ত পত্র। ৭। বংশ-পরিচায়ক পত্র ; কুল।

পাততাড়ী, পাত্তাড়ী (ত্) [সং—পত্র হইতে পাত+তাড়ী (তাড়া অপেক্ষা ক্ষুদ্রার্থে)] বি, পত্রগুচ্ছ। ২। পাঠশালের পড়ুয়াদিগের লিখিবার তাল পাতার আটি। বিণ, **পাতেড়িয়া, পাত্তেড়ে**। পাঠশালের পড়ুয়া যাহাদের পাত্তাড়ী আছে ; প্রাথমিক শিক্ষা-নবীশ। প্র—"পাত্তেড়ে পড়োর মত অক্ষরের ছাঁদ",—হেমবন্দ্যো। **পাততাড়ী গুটান** —পাঠশালার লেখা সমাপ্ত করিয়া তাল পত্রগুলি গুছাইয়া তাড়ী বাঁধা। ২। [তাহা হইতে] দ্রব্য সামগ্রী গুছাইয়া বাঁধা ও তোলা। ৩। কাজকর্ম্ম শেষ করিয়া যাহা যাহা সঙ্গে যাইবে গুছাইয়া লইয়া প্রস্থান করা।

পাতন (ন্) [রাসাঃ—পরিঃ] বি, পরিস্রবণ ; ক্ষরণ ; চুয়ন ; নিঃস্যন্দন ; distillation. ২। নিপাতন ; নিষ্কাষণ ; extraction. **পাতন যন্ত্র**—যে যন্ত্রে চুয়ান যায়।

পাতন (ন্) [পৎ+ণিচ্=পাতি+অন (ভাবে)। ইহারই বিকার পাটন—পাড়ন] বি, পাত করণ ; বিস্তারণ ; অধঃস্থাপন ; পাড়ন। ২। অধঃক্ষেপণ ; নিক্ষেপ। ৩। বিন্যাস। ৪। বিনাশন ; নিপাতকরণ। ৫। কানের পাটা বা পাতা।

পাতনকাঁড় (পাতেন্কাঁড়) বি, কাঁড় দ্রঃ।

পাতনলী (পাত্নোলি) ঘানি গাছের যে স্থান দিয়া তৈল বাহির হয় সেই ছিদ্রের নিম্নে সংলগ্ন টিনের পাত্রবিশেষ।

পাতনা (ত্) [প্রাদে] বি, কুড়া ; কুটা ; তুষ : খড়কুটি : ধান্যাদির অসার ভাগ ; চিটা। প্র—"ধান্যরাশি মাপি যৈছে পাতনা সহিতে। উড়াই পাতনা পাছে সংস্কার করিতে।"—চৈতন্যচরিত। ২। মাটির পাত্র-বিশেষ : নাদা।

পাতনা (ত্) [পাতনামা শব্দের সংক্ষেপ] বি, মুখপাত : সূত্রপাত ; আরম্ভ।

পাতনামা (ত্) [সং—পত্তন, অপভ্রংশে—পাত + ফা—নামা = লিপি পত্র] বি, গোড়া-পত্তন ; মুখপাত ; সূত্রপাত : আরম্ভ।

পাতর, পাথর (পাতোর্) [সং—প্রস্তর : প্রাকৃ—পত্থর] বি, প্রস্তর : পাষাণ : শিলা। বিণ, **পাতুরিয়া, পাথুরিয়া,** গ্রা—**পাতুরে, পাথুরে**—প্রস্তরময় ; প্রস্তর-নির্ম্মিত।

পাতল [পাতর দ্রঃ। হি—পথর বা পথল (র = ল) পদ-সাহিত্যে কোমলরূপ পাতল] বি, পাষাণ : পাথর। প্র—নাহই উঠমু হাম কালিন্দী তীর। অঙ্গহি লাগল পাতল চীর॥"—বিদ্যাপতি। ২। [পত্র—হইতে হি—পাতর = পাতল গ্রা—পৎলা ; বাং গ্রা—পাতলা, পাৎলা। পাত + ল (হি-ব্—সদৃশ অর্থে)—পাতার মত সূক্ষ্ম] বিণ, পাৎলা ; অঘন। ২। সরু। ৩। কৃশ।

পাতলা, পাৎলা (ত্) [পত্র হইতে পাত + লা (সদৃশ অর্থে) পাতসদৃশ] বিণ, অঘন : ফাঁক ফাঁক। ২। সূক্ষ্ম : পুরুর বিপরীত। প্র—পাতলা চুল। ভিড় পাতলা হয়ে যাওয়া। প্র—পাতলা তক্তা। ৩। কৃশ ; শীর্ণ : ক্ষীণ : কাহিল। প্র—পাতলা দেহ। ৪। ছিপ ছিপে : লিকলিকে। প্র—পাতলা বেত। ৫। ফিন্‌ফিনে। প্র—পাতলা কাপড়। ৬। লঘু ; হাল্কা। প্র—পাতলা নেশা। ৭। কমচওড়া : সরু ; সঙ্কীর্ণ। প্র—পাতলা গলি। ৮। তরল ; দ্রব। প্র—পাতলা দুধ : পাতলা দৈ।

পাতশা, পাতসাহ, পাতসা (পাত্‌শা) [ফা—পাত্‌শাহ্] বি, বাদসাহ ; সম্রাট্ ; রাজাধিরাজ। প্র—"তদবধি আলিবর্দ্দি হইলা নবাব। মহাবদজঙ্গ দিলা পাতসা খেতাব॥"—ভারতচন্দ্র।

পাতশাহী, পাতশাহী (পাত্‌সাহি) [পাতশা দ্রঃ] বিণ, বাদশাহী ; পাতশা-সুলভ ; সম্রাটবৎ : সম্রাটযোগ্য : রাজকীয়। প্র—পাতসাহী সরঞ্জাম ভূত দিয়া সব লুঠাইব।"—ভারতচন্দ্র। "পাতশাহী শিরপা"—অন্নদা-মঙ্গল।

পাতা [পা (রক্ষা করা, পান করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = পাতৃ ১মা, ১ব] বিণ, পালন-কর্ত্তা : রক্ষাকর্ত্তা : রক্ষক। ২। পান-কারী : পানকর্ত্তা।

পাতা [সং—পত্র হইতে] বি, গাছের পাতা ; পত্র : পর্ণ। প্র—"পাতায় পাতায় পড়ে নিশির শিশির"—মদনমোহন তর্কালঙ্কার। তাল পাতা ; কলাপাতা। ২। গ্রন্থপত্র : পুস্তকের পাতা। ৩। নেত্রপল্লব : চোখের পাতা। ৪। পদপল্লব ; পায়ের পাতা : পায়ের তলা। **পাতা করা**—অন্ন ধারণোপযোগী পাত্র স্থাপন করা। ২। নিমন্ত্রিত ব্যক্তিদিগের পঙ্‌ক্তি ভোজনের নিমিত্ত ভোজ্য পাত্র (সাধারণতঃ কলাপাত) আসনের সম্মুখে সাজাইয়া দেওয়া। **পাতা কাটা**—ভোজ্য রাখিবার জন্য বা পরিবেশনের জন্য কদলী মান প্রভৃতির পত্রচ্ছেদন করা। ২। পত্রাকারে পাড়িয়া কেশ বিন্যাস করা। **পাতা চাটা**-উচ্ছিষ্ট-লেহন করা। ২। নীচ তোষামোদ করা। **পাতা পাড়া**—ভোজ্য ধারণীয় পাত্র পাতিয়া অন্নের অপেক্ষা করা। ২। অন্যের গৃহে ভোজন করা।

পাতা [হি—পতা (পতাকা হইতে)] বিণ, পতাকা ; নিশান। ২। চিহ্ন : নিদর্শন। ৩। সন্ধান।

পাতা [সং—লিপ্ত হইতে] বিণ, লিপ্ত : পাড়ন : যাহা পাতিলে বা রাখিলে জমীর সহিত লাগিয়া থাকে। **পাতা পা**—যে পা পাতিলে বা রাখিলে জমির সহিত লিপ্ত হইয়া থাকে। ইহার বিপরীত "খড়ম পা"। ২। যে পায়ের আঙ্গুল হাঁসের পায়ের মত পাতলা চামড়ায় জোড়া ; লিপ্তপদ ; webfooted.

পাতা [পৎ ধাতুজ। পাতন দ্রঃ। উ-পু—পাতি ; ম-পু—পাত ; পাতুন : পাত্। প্র-পু—পাতে। অস-ক্রি—পাতিতে : পাতিয়া ; পেতে (গ্রা)। ণিজন্ত—পাতান] ক্রি, নিম্নে স্থাপন করা। ২। বিস্তারিত করা ; বিছান। প্র—"এস এস আমার হিয়া পাতা রয়েছে"—স্বপ্ন-বিলাস। বিছানা পাতা ; মাদুর পাতা। ৩। ঘটা ; বাধা : লাগা। প্র—যখন পাকিবে খন্দ পাতিবা বিষম দ্বন্দ্ব দরিদ্রের ধানে দিবে নাগা।"—কবিকঙ্কণ। **আড়ালি পাতা, আড়ি পাতা**—আড়াল থেকে অর্থাৎ লুকাইয়া অন্যের কথা শুনা। **ওত পাতা**—অপেক্ষা করিয়া থাকা : আক্রমণের জন্য প্রস্তুত হইয়া থাকা। **কাণ পাতা**—কোন কিছু শুনিবার জন্য উৎকর্ণ হইয়া থাকা। ২। শুনা। **চোখ পাতা**—দৃশ্য বস্তুতে দৃষ্টি স্থির রাখা ; দেখা। **ঘাড় পাতা**—সম্মত হওয়া ; রাজী হওয়া। **জাল পাতা**—জাল বিস্তার করিয়া রাখা। **পা পাতা**—পা রাখা ; দাঁড়ান। **পাত পাতা, পাতা পাতা**—আহারার্থ ভোজ্য ধারণীয় পাত্র স্থাপন করা। **পিঠ পাতা**—প্রহার সহ্য করিবার জন্য প্রহারকের অগ্রে পৃষ্ঠ স্থাপন করা। **পিঁড়ে পাতা**—বসিবার বা বসাইবার জন্য কাষ্ঠাসন স্থাপন করা। **বুক পাতা**—কাহার সাহায্যার্থ বা কোন কষ্টসাধ্য কার্য্য নির্ব্বাহার্থ সমস্ত সাহস ও শক্তি নিয়োগ করা। **মাথা পাতা**—কোন কিছুর ভার অথবা গুরুজনের আদেশ অবনত মস্তকে গ্রহণ করা। ২। কোন বিষয় বিনীতভাবে শিরোধার্য্য করিয়া লওয়া। **সংসার পাতা**—বিবাহাদি করিয়া সংসারধর্ম্ম পালনের জন্য গৃহস্থালীর উপযোগী যাবতীয় আয়োজন করা। **হাত পাতা**—গ্রহণের জন্য হস্ত প্রসারণ ও করতল বিস্তার করা। ২। ভিক্ষা করা।

পাতান (নো) [স্থাপনা—থাপনা (বর্ণ বিপর্য্যয়ে) পাতান। উ-পু—পাতাই। ম-পু—পাতাও। প্র-পু—পাতায়] ক্রি, সম্পর্ক স্থাপনা করা। প্র—স্যাঙ্গাত পাতান। ২। পাতিতে বাধ্য করা ; স্থাপন করান ; অন্যের দ্বারা বিছাইয়া লওয়া। ৩। বিণ, স্থাপিত ; অপ্রকৃত : কৃত্রিম। প্র—পাতান সম্পর্ক। "পাতানে মাসী"—সধবার একাদশী (দীনবন্ধু)। "একটা পাতান রকম পিসী আছে সেইটাকে ডাকিয়া বাড়ীতে বসাইয়া আসিব।"—রাজসিংহ (বঙ্কিম)।

পাতান, পাতাম (ন্, ম্) [প্রাদে। পূ-বঙ্গে, পাতাম : স্থান বিশেষে বাতাম ; প-বঙ্গে, বাতান] নৌকা গঠনে তক্তা জুড়িবার পাতলোহার দুমুখা প্রেক।

পাতামল (ল্) [পাতা (পায়ের পাতার উপর ধারণীয়)—মল] বি, চরণালঙ্কার-বিশেষ। প্র—"পায়ে দিল পাতা মল"—শিবায়ন।

পাতাল (ল্) [পত্ (পতনে) + আল (অধি)] বি, অধোভুবন ; মর্ত্তের নিম্নস্থ লোক। পৌরাণিক সৃষ্টি প্রকরণে সপ্ততাল প্রসিদ্ধ—"ভুবন সৃজন করণ বিধি। সপ্তস্বর্গ কৈল ভূলোক আদি। পাতাল সকল সৃজিল হেলে। অতল বিতল সুতল তলে। তলাতল রসাতল পাতাল এ সপ্ত পাতালে হেটেতে জল। কমঠ উপর করিয়া ভর। ধরণী ধরিল ধরণীধর।"—শিবায়ন। ২। নাগলোক। ৩। নরক। ৪। ভূগর্ভ ; গভীর গর্ত্ত। ৫। [জ্যোতিষে] লগ্নের চতুর্থস্থান। **আকাশ পাতাল**—আকাশ দ্রঃ। **পাতালপুরী**—মাটির ভিতর নির্ম্মিত গুপ্তগৃহ ; তায় খানা। সপ্ত ভুবনের অন্যতম। **পাতাল গঙ্গা**—পৌরাণিক নদী ভোগবতী। **পাতাল পারা** বা **পাতালের দিকে মুখ করা**—ক্রোধ বা অভিমানে নির্ব্বাক গম্ভীর এবং অধোমুখ হইয়া থাকা ;

ঘাড় না তুলিয়া ধরার দিকে দৃষ্টি নিবদ্ধ করিয়া থাকা। **পাতাল কত দূরে দেখা**—গভীর জলের তলায় পৌঁছা। ২। (তাহা হইতে) কোন কিছুর চরম বা শেষ কোথায় দেখা। প্র—"ডুবেছি না ডুবতে আছি, পাতাল কত দূরে দেখি"—বাং-গান।

পাতালফোঁড় (ল্.ড়্) বি. যে ছত্রক কাঠাদিতে না জন্মিয়া মাটি ভেদ করিয়া উঠে, উদ্ভিদ জাতীয় ছাতা।

পাতাসী (পাতাশি) [পাতা+সী (সাদৃশ্যার্থে)] বি. ঘাসের পাতার মত ক্ষুদ্র এক জাতীয় মৎস্য।

পাতি [পত্র হইতে] বি. জলজ তৃণবিশেষ; ঝাঁজি। ২। বংশশলাকা; চেঁচাড়ী; বাঁশের সিক বা কাঠি। ৩। পেতে; বাঁশের ছোট ঝুড়ি; চুপড়ি। প্র—"নানা সাজে ভরিলেন পাতি।"—কবিকঙ্কণ। ৪। [প্রা-বাং] ফুলের সাজি। প্র—"কেমন জল ঘট গো তুন্ধার কেমন ফুলর পাতি।"—শূন্যপুরাণ।

পাতি [সং—পত্রী] বি. পত্র; পর্ণ; পাতা। ২। [পত্র হইতে] চিঠি; লেখ্য; পত্র। প্র—"কপটে লিখিয়া পাতি, মজাইলি মোর জাতি যুগে যুগে রাখিলি গঞ্জন।"—কবিকঙ্কণ। "স্বাক্ষর করিয়া পাতি অবশেষে লেখে ইতি।"—ঐ। ৩। [হি—পতা; পাত্তা। পত্র—পতাকা (নিশান) হইতে] নিশানা; নিদর্শন। ৪। সন্ধান; সংবাদ; উদ্দেশ।

পাতি [হি—পাতি (ক্ষুদ্রপত্র), পটি (ক্ষুদ্র অংশ)—তাহা হইতে যাহা কিছু ক্ষুদ্র বা ছোট জাতীয়] বিণ ক্ষুদ্র; ছোট; অশ্রেষ্ঠ, নিম্নশ্রেণীর। **পাতি কাক**—ছোট জাতীয় কাক; দাঁড় কাক নহে। **পাতি নেড়ে**—নিম্নশ্রেণীর মুসলমান; মোগল পাঠানাদি উচ্চ শ্রেণীর নহে। **পাতি লেবু**—একজাতীয় ক্ষুদ্রাকৃতি গোল নেবু; কাগজী, গোঁড়া, বাতাবী প্রভৃতি বড়জাতীয় নহে। **পাতি ভাঁড়**—ছোট মাটির ভাঁড়। **পাতিশিয়াল**—খেঁকশিয়াল; ছোট জাতীয় শিয়াল। **পাতি হাঁস**—ছোট জাতীয় হাঁস; রাজহাঁস নহে। **পাতি মৌড়**—ক্ষুদ্র মুকুট; কাণের সীঁথি মৌড়।

পাতিপাতি [সং—পঙ্‌ক্তি হইতে] বি. পঙ্‌ক্তি পঙক্তি; প্রতি পঙ্‌ক্তি; তন্ন তন্ন করিয়া অনুসন্ধান। প্র—"খোঁজে নিতি পাতি পাতি জননী তাহার"—প্রেম ও ফুল।

পাতিব্রত্য (পাতিব্‌ব্রোৎতো) [পতিব্রতা+য (ভাবে—ষ্য)] বি. স্ত্রী. পতিব্রতার ধর্ম্ম; সতীধর্ম্ম; সতীত্ব। প্র—"নিজ পাতিব্রত্য বলে জানকী সুন্দরী। সুরক্ষিত হতেছেন দিবস শর্ব্বরী।"—রামায়ণ (রাজ)।

পাতিয়ায় (য়্) [প্রত্যয় শব্দজ। পদ-সা—এবং প্রা-বাং-য়। রূপান্তর—"পতিয়ায়] ক্রি. প্রত্যয় করে; বিশ্বাস করে। প্র—"নীচ জাতি ব্যাধকে চণ্ডিকা দিল ধন। এমন কথায় পাতিয়ায় কোন জন॥"—কবিকঙ্কণ।

পাতিয়ায়ব [বৈ-পদ-সা। রূপান্তর—পাতিয়ায়ব। "প্রত্যয় করিব" সংক্ষেপে] ক্রি. প্রত্যয় করিব; বিশ্বাস করিব। প্র—"কো পাতিয়ায়ব ইথে॥"—জ্ঞানদাস।

পাতিল (ল্) [সং—পাতিলী—মৃৎপাত্র-ভেদ—মেদিনী। হি—পতীলি। ফা—পতীলী—চওড়ামুখ ডিজেল] বি. ছোট হাঁড়িবিশেষ; ডিজেল।

পাতিলী [সং] বি. স্ত্রী. পাতিল (দ্রঃ); মৃৎ-পাত্র ভেদ; ফাঁদাল মুখ ডিজেল। ২। ফাঁদ; শিকারীর জাল। ৩। নারী।

পাতিলেবু, পাতিনেবু—পাতি ও নেবু দ্রঃ।

পাতিশিয়াল (ল্) বি. পাতি দ্রঃ।

পাতিহাঁস (শ্) বি. পাতি দ্রঃ।

পাতী [পত্ (পড়া)+ইন (কর্ত্তৃ—শীলার্থে, ণিন্) = পাতিন্ ১মা, ১ব, বাঙ্গালায় স্বতন্ত্র প্রয়োগ নাই। প্রা-বাং-য়—"পেতে"। প্র—অধঃপেতে = অধঃপাতিয়া] বিণ, পতনোন্মুখ; পতনের দিকে অগ্রসর; পতনশীল। প্র—"নীরবিন্দু দূর্ব্বাদলে নিত্য কিরে ঝলমলে, কেবা জানে অদুবিম্ব অম্বুমুখে সদ্যঃপাতী।"—মাইকেল। ২। পতিত; ভুক্ত। প্র—অন্তঃপাতী।

পাতুক (ক্) [পত্ (পতিত হওয়া)+উক (কর্ত্তৃ—শীলার্থে)] বিণ, পতনশীল। ২। বি. ঢালুদেশ; পর্ব্বতসানু।

পাত্তাড়ি [ওড়ি—তাড়িপত্র হইতে তাড়িপাত—শব্দবিপর্য্যয়ে পাততাড়ি পরে তাড়িপাতের তাড়া বা তাড়ি (আটি)] বি. পাঠশালার পড়ুয়ার তালপাতার আটি। ২। পাতার তাড়া; পত্রগুচ্ছ। ৩। জিনিসপত্রের সমষ্টি। **পাত্তাড়ি গুটান**—পাঠশালা হইতে বাড়ী ফিরিবার সময় পড়ুয়া কর্ত্তৃক লিখিত তালপাতাগুলি সংগ্রহ করিয়া তাড়া বাঁধিবার ভাব হইতে—জিনিসপত্র গুটাইয়া লওয়া। ২। প্রস্থানের উদ্যোগ করা।

পাত্তাড়ে-পড়ো (পো) [উচ্চারণ ভেদে পাত্তেড়ে পোড়ো; হি—পড়উয়া, পঢ়ইয়া—বাং—পড়ুয়া, পড়িয়ে (যে পড়ে)] বি. পাঠশালার ছাত্র যাহারা তাল পাতায় লেখে ও তালাপাতায় লেখা পড়ে; প্রাথমিক শিক্ষাকারী বালক। প্র—"পাত্তাড়ে পড়োর মত অক্ষরের ছাঁদ।"—হেম বন্দ্যো।

পাত্যমান (পাৎতমান্) [পত্+ণিচ্ = পাতি +আন (কর্ম্মে) য্, ম্ আগম] বিণ, পতিত করা হইতেছে এরূপ; যাহাকে ফেলিয়া দেওয়া হইতেছে।

পাত্যায়া (পাৎত্যায়া) [প্রত্যয় শব্দজ। গ্রাম্য উচ্চারণভেদে, পিত্যয় (মেয়েলি)] বি. প্রত্যয়; বিশ্বাস।

পাত্যারা (পাৎত্যারা) [সং—প্রত্যয় অপভ্রংশে পিরিত্যাঁ—পেরাত্যয় বর্ণবিপর্য্যয়ে পাত্যারা] বি. প্রত্যয়। প্র—"আদ্যাশক্তি মোর মনে নাহিক পাত্যারা। শরস্তুত বিদ্যা জ্ঞান হেন বুদ্ধি পারা॥"—কবিকঙ্কণ।

পাত্র (পাৎত্র) [পা (পান করা—রক্ষা করা) +ত্র (অধি) বস্তুর আধার] বি, পুং, দ্রব্য রাখিবার আধার; ভাজন। প্র—ভোজন-পাত্র; পানপাত্র; দুগ্ধপাত্র। ২। বিষয়। ৩। মন্ত্রী। প্র—"এ বোল শুনিয়া পাত্র হেট কৈল মাথা। পিঞ্জরের তরে কারিগর নাহি হেথা॥"—কবিকঙ্কণ। ৪। উপযুক্ত ব্যক্তি; যোগ্যজন। প্র—ভক্তির পাত্র; স্নেহপাত্র; কৃপাপাত্র। ৫। নাটকীয় নায়কাদি; নাটকীয় চরিত্র। ৬। বর; বিবাহার্থী। ৭। উপাধিবিশেষ। তুল—মহাপাত্র। ৮। বিণ, উপযুক্ত; যোগ্য। স্ত্রী, পাত্রী। **পাত্র-মিত্র**—রাজ-পরিষদ্‌বর্গ; মন্ত্রিবর্গ ও অন্যান্য সভাসদ্।

পাত্রতা (পাত্রতা) [পাত্র+তা (ভাবে)] বি, স্ত্রী, যোগ্যতা; উপযুক্ততা।

পাত্রপক্ষ (পাৎত্রপোক্‌খ) [পাত্রের—পক্ষ (দল)] বি, বরপক্ষ।

পাত্রভোজ (পাৎত্রভোজ্) বি, নববর্ষের প্রথম দিন; চৈত্র সংক্রান্তির পর অর্থাৎ চড়কের পরদিন বৈশাখের প্রথম দিন গাজনের সন্ন্যাসীদিগের ভোজনোৎসব।

পাত্রসংস্কার (পাৎত্রসংশ্‌কার্) [পাত্রের—সংস্কার—৬তৎ] বি, পুং, পাত্রশুদ্ধি।

পাত্রসাৎ (পাৎত্রশাৎ) [পাত্র+সাৎ (ন্যস্ত অর্পিত অর্থে)] অ, পাত্রগত; পাত্রস্থ; সৎপাত্রে দান। প্র—"পাত্রসাৎ করিয়া সর্ব্বস্ব আপনার।"—চৈতন্যভাগবত।

পাত্রস্থ (পাৎত্রোস্‌থ) [পাত্র (পাত্রে)—স্থ (সমীপস্থ, ন্যস্ত)] বিণ, পাত্রগত; উপযুক্ত পাত্রে ন্যস্ত। ২। বরের হস্তে সমর্পিত; বরের সমীপস্থ।

পাত্রী (পাৎত্রি) [পাত্র+ঈ (ঈপ্—স্ত্রী)] বি, স্ত্রী, আধার; পাত্র। ২। আসন্ন বিবাহযোগ্যা বা বিবাহিতা কন্যা।

পাত্রীয় (পাৎত্রিয়) [পাত্র+ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, পাত্রসম্বন্ধীয়।

পাথর (র্) [সং—প্রস্তর—প্রাকৃ—পত্থর শব্দজ] বি, পাষাণ; শিলা। প্র—"রূপা তামাময় আর, পুরী কৈল দুইবার, শেষে পুরী পাথরের এই।"—অন্নদামঙ্গল। ২। প্রস্তর-নির্ম্মিত

ভোজনপাত্রবিশেষ ; পাথরের থালা ; আবখোরা। প্র—"পাথরে আমানী ভরি, দিল সপ্তয়ের নারী, ফুল্লরা করিয়া কোলে কান্দে।" —কবিকঙ্কণ। ৩। পর্ব্বত। প্র—"উমা বসিয়ে শিয়রে, কহিল কাতরে, কত আর দয়া থাকিবে পাথরে।"—বাং-গান। **পাথর-চাপা কপাল**—যে ভাগ্য কখন প্রসন্ন হয় না ; যে অদৃষ্ট পাথরের ন্যায় কঠিন আবরণ উন্মোচন করিয়া প্রকাশ পায় না ; দুরদৃষ্ট। **পাথরে পাঁচ কিল**—পাথরে কিল মারিলে পাথরের কিছুই হয় না। সেইরূপ যাহার অদৃষ্ট সুপ্রসন্ন তাহার কপাল ভাঙ্গিতে বা অনিষ্ট করিতে চেষ্টা করা বৃথা, কারণ তাহা পাথরের ন্যায় মজবুত। প্র—"আমাদের আজকাল পাথরে পাঁচ কিল বাবা! বুঝেছ, যেখানে ছুঁই না চলে আমরা সেখানে বেটে চালাই।"—দামোদর (বিমলা)।

পাথরকুচী (র্) [সং—পাষাণভেদী। হি—পাথরচুর] বি, গুল্মজাতীয় ক্ষুদ্র বৃক্ষবিশেষ ; coleus aromaticus. ২। প্রস্তরখণ্ড। ৩। যে পাষাণের মত দৃঢ়কায়।

পাথরা [প্রস্তর হইতে হি—পথ্‌রা] বি, পাথর। ২। পাথরের থালা ; পাথরের ভোজনপাত্র। প্র—"সম্ভ্রমে ফুল্লরা পাতে মাটির পাথরা। ব্যঞ্জনের তরে দিল নৌতুন খাপরা॥"—কবিকঙ্কণ।

পাথরী (থ্) [গ্রা—পাথুরি] বি, রোগবিশেষ ; এই রোগে মূত্রাশয়ে প্রস্তরবৎ পদার্থ জন্মে ; stone.

পাথার (র্) [সং—পাথস্ (জল)। তুল—ইং—water. সিংহলী—বাতুরা] বি, সাগর ; সমুদ্র ; সুগভীর ও সুবিশাল জলরাশি। প্র—"তুমি বন্ধু তুমি নাথ নিশিদিন তুমি আমার। তুমি সুখ তুমি শান্তি তুমি হে অমৃত-পাথার॥"—রবি। "খলের কথায় পাথারে সাঁতারি উঠিতে নারিনু ভিতে।"—চণ্ডীদাস। ২। [লক্ষণায়] বিপদ সিন্ধু ; পাপের সাগর ; শোকের সাগর। প্র—"দিবেনা ফেলি বিনাশ ভয় পাথারে।"—রবি। "পাপের পাথারে পড়ে পরকাল যায়।" —ঘনরাম।

পাথালি (পা) [পাদ—হইতে পা—দেশী প্রাকৃ—উথলি হইতে উথালি—সংক্ষেপে—থালি] বি, পদতল উপরদিকে উত্থিত করিয়া ধারণ। ২। [আথালির সহচর শব্দ] পার্শ্বস্থল। **আথালি পাথালি**—আথাল পাথাল দ্রঃ।

পাথাকোলা [পাথালি—কোল—আ] বিণ, পদতল উপরদিকে করিয়া অর্থাৎ দুই বাহুতে স্কন্ধ ও পদদ্বয় বেষ্টন করিয়া ক্রোড়ে উত্তোলন। প্র—"করিয়া পাথালি-কোলা তুলিল লক্ষ্মণে।"—কৃত্তিবাস।

পাথি [সং—পত্র হইতে পাত—পাতি। ত=থ হি—পাত্তি। তুল—বাঁশপাত্তি—বাঁশ চাঁচিয়া পাতলা কাটা] বি, বাঁশ বা কঞ্চি চিরিয়া তাহাতে নির্ম্মিত আধার ; পেতে ; ছোট চুপড়ী। প্র—"পসরা চুপড়ি পাথি নিলেন ফুল্লরা।"—কবিকঙ্কণ।

পাথেয় (পা) [পথিন্+এয় (প্রয়োজনার্থে)] বি, ক্লী, পথ চলিতে যাহার প্রয়োজন হয় ; পথের খরচ ; পথের সম্বল।

পাদ (পাদ্) [পদ্ (গমন করা)+অ (করণে, ঘঞ্) যাহাদ্বারা গমন করে] বি, পুং, পদ ; চরণ ; পা। ২। মূল ; শিকড়। ৩। কিরণ ; রশ্মি ; কর। ৪। শ্লোকের চতুর্থাংশ। ৫। চতুর্থাংশ। ৬। ধাপ ; পৈঠা। ৭। [হিন্দু ব্যবহার বা স্মৃতিশাস্ত্রে] কোন মোকদ্দমার চারিটি অবস্থার একটি। ব্যবহারের চারিটি অবস্থা, যথা—(১) **ভাষাপাদ**—অর্থাৎ অভিযোগ ; নালিশ ; (২) **উত্তর-পাদ**—অর্থাৎ সওয়াল জবাব ; উত্তর প্রত্যুত্তর, বাদ-প্রতিবাদ ; (৩) **ক্রিয়াপাদ**—অর্থাৎ সাক্ষ্য, প্রমাণ ; এবং **সাধ্যসিদ্ধি-পাদ**—অর্থাৎ বিচারফল ; রায়।—*Glossary (Wilson)*. বিণ, **পাদিক**।

পাদ (পাদ্) [সং—পর্দ্দ (অনুকার শব্দ)] বি, পায়ু পথ দিয়া নিঃসৃত বায়ু ; অপান বায়ু ; বাতকর্ম্ম। ক্রি, **পাদা**—অপানবায়ু নিঃসরণ করা ; বাতকর্ম্ম করা। ণিজন্তরূপ—**পাদান**—(নো)—বাতকর্ম্ম করান। ২। যৎপরোনাস্তি মেহনত করাইয়া কাহিল করিয়া ফেলা ; হিমসীম খাওয়ান। বিণ, **পাদুয়া**, গ্রা—**পেদো**—বাতকর্ম্মকারী। **পেদো পোকা**—পাদ গন্ধের ন্যায় দুর্গন্ধময় ষট্‌পদী কীটবিশেষ। প্রায়ই শশা সীম আদি লতাগাছে থাকে।

পাদক (ক্) [সং—পাদোদক হইতে। গ্রা] বি, পা ধোয়া জল।

পাদকজল (পাদোক্‌জল্) [সং—পাদোদক =পাদ+উদক (জল); তাহা হইতে গ্রা—পাদক জল—অর্থাৎ পাদক এই নামে প্রসিদ্ধ যে জল] বি, পাদোদক ; পাদ প্রক্ষালনের জল ; যে জলে পাদ প্রক্ষালিত হইয়াছে।

পাদকটক (দ, ক্) [পাদের (চরণের) কটক (বলয়)—৬তৎ] বি, পুং, চরণালঙ্কারবিশেষ ; নূপুর ; বাঁকমল।

পাদকৃচ্ছ্র [সং] বি, একবার অন্নগ্রহণের পর একদিন উপবাস করণরূপ ব্রত।

পাদগ্রন্থি (গ্রো) [পাদের গ্রন্থি—৬তৎ] বি, পুং, গুল্‌ফ ; গোড়ালি ; পায়ের গাঁট।

পাদগ্রহণ (গ্রোহোন্) [পাদের গ্রহণ, ৬তৎ] বি, ক্লী, পাদধারণ ; পদবন্দন ; চরণস্পর্শ করিয়া অভিবাদন।

পাদচাপল্য (পোল্‌ল) [পাদের—চাপল্য, ৬তৎ] বি, চরণের চঞ্চলতা। ২। পাদসঞ্চারণ।

পাদচার (র্) [পাদ (চরণ) চর্ (গমন করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, পাদচারণ ; পরিক্রমণ ; পাইচারি। প্র—"অনভ্যস্ত পাদচারে এস ধীরে ধীরে।"—আলো ও ছায়া। ২। [জ্যোতিষে] গ্রহাদির আহ্নিক ভোগ।

পাদচারী [পাদ—চর্ (গমন করা)+ইন (কর্ত্তৃ—ণিন্)=পাদচারিন্ ১মা, ১ব] বিণ, পাদচারণকারী। ৩। বি, পুং, পদাতিক।

পাদতল (ল্) [পাদের তল (নিম্নভাগ), ৬তৎ] বি, ক্লী পদতল ; পায়ের তেলো ; চরণতল।

পাদত্রাণ (পাদৎত্রাণ্) [পাদের (চরণের) ত্রাণ (রক্ষা হয় যাহা হইতে)] বি, ক্লী, পদরক্ষণী ; পাদুকা ; জুতা ; খড়ম। ২। মোজা।

পাদদেশ (শ্) বি, পদ ; চরণ। ২। তলদেশ ; নিম্নভাগ।

পাদপ (প্) [পদ (মূল) দ্বারা প (যে রস পান করে)] বি, পুং, বৃক্ষ ; গাছ। স্ত্রী, **পাদপা**—পাদুকা।

পাদপীঠ (ঠ্) [পাদের পীঠ, ৬তৎ] বি, ক্লী, পদ ধারণের আসন ; পা রাখিবার পিঁড়ি বা টুল।

পাদপূরণ (ন্) [পাদের (শ্লোকচতুর্থাংশের) পূরণ, ৬তৎ] বি, ক্লী, বাক্যালঙ্কার ; পাদপূরক শব্দ ; যথা—চ, বা, তু, হি—প্রভৃতি। ২। শ্লোকের এক চরণ জিজ্ঞাসা করিলে অপর তিন চরণ সেই ভাবে রচনাকে পাদপূরণ বলে।

পাদপ্রক্ষালন (পাদপ্রোক্‌খালন্) [পাদের প্রক্ষালন—৬তৎ] বি, ক্লী, পদধৌতকরণ।

পাদপ্রহার (পাদপ্‌প্রোহার্) [পাদ দ্বারা প্রহার—৩তৎ কিম্বা পাদের প্রহার (আঘাত) —৬তৎ] বি, পুং, চরণাঘাত ; পদাঘাত।

পাদমূল (ল্) [পাদের মূল (গোড়া)—৬তৎ] বি, ক্লী, চরণের নিম্নভাগ ; পায়ের গোড়ালি।

পাদরজ্জু (দ, রো) [পদ বন্ধনের রজ্জু] বি, স্ত্রী, পদবন্ধন রজ্জু। ৩। ছাঁদন দড়ি।

পাদরি (দ্) [পর্ত্তু—Padre খ্রীষ্টীয় যাজক] বি, খ্রীষ্টীয় পুরোহিত ; খ্রীষ্টীয় ধর্ম্মযাজক।

পাদবিক (ক্) [পদবী (পথ)+ইক (ষ্ণিক)] বিণ, পথবাহী ; পথিক ; পান্থ ; ভ্রমণকারী।

পাদশৈল [পাদ (পাদস্বরূপ) যে শৈল (পাহাড়)—কর্ম্মধা] বি, পুং, পর্ব্বতের সন্নিহিত ক্ষুদ্র পাহাড় ; পর্ব্বত পাদমূলস্থ গণ্ড-শৈল।

পাদস্ফোট (পাদশ্‌ফোট্) [পাদের ফোট (ফোড়া)—৬তৎ] বি, পুং, পদতলে উৎপন্ন ফোটক, পায়ের তলার ফোড়া।

পাদাঙ্গদ (দ্) [পাদের (চরণের—অঙ্গদ (সৌন্দর্য্যকারী)] বি, স্ত্রী, পাদকটক ; বাঁকমল ; নূপুর।

পাদাতি [পাদ (পাদ দ্বারা)—অৎ (গমন করা) + ই (কর্ত্তৃ) যাহারা পদব্রজে গমন করে] বি, পুং, সামান্য সৈন্য ; পদাতিক : foot soldiers.

পাদাতিক (ক্) [পাদাতি + ক] বি, পুং, পদাতি সৈন্য।

পা-দান (ন্) [ফা। তুল—সং—পাদধান] বি, শকটাদিতে উঠিতে বা তাহা হইতে নামিবার কালে যাহার উপর পা রাখিতে হয়, foot board.

পাদুক (ক্) [পদ্ + ণিচ্ = পাদি + উক (কর্ত্তৃ, শীলার্থে—উকঞ্)] বিণ, পদব্যবহার-পটু : গমনদক্ষ। ২। [প্রাদে] ভূমিষ্ঠ হইবাব কালে যে সন্তানের পদদ্বয় অগ্রে বহির্গত হয়।

পাদুকা [পদ্ + ণিচ্ = পাদি (গমন করান) + উক (করণে, উকঞ্)] বি, স্ত্রী, খড়ম। ২। জুতা।

পাদুকাকার (র্) [পাদুকা (জুতা) কার (যে প্রস্তুত করে)] বি, পুং, পাদুকা-নির্ম্মাতা ; চর্ম্মকার।

পাদ্য (পাদ্‌দ) [পাদ (চরণ) + য (প্রক্ষালনার্থে)] বি, পাদোদক ; পাদ প্রক্ষালনার্থক বারি।

পাদ্রি (পাদ্‌দৃ) বি, পাদরি দ্রঃ।

পান (ন্) [পা (পান করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, জল বা জলীয় পদার্থ গলাধঃকরণ। ২। [বিশেষার্থে] সুরাপান ; মদ্যপান। প্র—লোকটির একটু পান দোষ আছে। **পানপত্র**—বিবাহসম্বন্ধনির্ণায়ক পত্র। **পানপাত্র**—পানীয় জলের আধার ; মদ্যপান করিবার গ্লাস ; চষক। ২। পানীয় দ্রব্যাধার। **জলপান**—পিপাসা নিবারণার্থ বারিপান। ২। লঘু আহার। ৩। মুড়ি মুড়কি। প্র—ছেলেটি কোঁচড়ে করিয়া জল-পান খাইতেছে। ৪। অন্নব্যঞ্জন ব্যতীত আহারীয় ; ঘৃতপক্ক আহার্য্য। প্র—জলপানের নিমন্ত্রণ।

পান [পাণ দ্রঃ। সং—পর্ণ ; প্রাকৃ—পন্ন —পাণ = পান] বি, তাম্বুললতার পত্র। প্র —"আর আপনি সেজে বাটা ভবে দিব পানের দোনা।"—বিষবৃক্ষ। "পান বিনা পদ্মিনীর মুখে উড়ে মাছি।"—অন্নদামঙ্গল। **পাকাপান**—তাম্বুল লতার পক্কপর্ণ। পাকা পাতা সুস্বাদু হয় ও চর্ব্বণে মচ্ মচ্ শব্দ করে। **পান থেকে চূণ খসা**—সামান্য ত্রুটি হওয়া। **পানের বরজ**—কুঞ্জের মত করিয়া পাঁকাটি দিয়া আচ্ছাদিত পান গাছের ক্ষেত্র। **পান সাজা**—পান পাতা চিরিয়া বোঁটা কাটিয়া তাহাতে চূণ খয়ের সুপারী প্রভৃতি মসলা দিয়া খাইবার উপযোগী করা। পানের খিলি করা বা ঠিলি করা—পান সাজিয়া মুড়িয়া রাখা। **পানের দোনা**—সাজা পান রাখিবার কলাপাতাদির মোড়ক বা ঠুলি।

পান (ন্) [পাওয়া দ্রঃ। সং—প্রাপণ হইতে বাং—পায়েন শব্দের সংক্ষেপে] ক্রি, প্রাপ্ত হন। প্র—"দুই পণে এক পণ আনিয়াছি পান। আমি যেই তেঁই পানু অন্যে নাহি পান॥"—অন্নদা মঙ্গল।

পান (ন্) [পাইন দ্রঃ] বি, পাইন ; ঝাল। **পান দেওয়া, ইস্পাতের পান দেওয়া**—ইস্পাত পুড়াইয়া জলে দিলে কড়া হয়, তাহাকেই পান দেওয়া বলে। পান দিলে ইস্পাত সামান্য ঘায়ে ভাঙ্গিয়া যায়। **পান দেওয়া যন্ত্র**—পাকা ধার করা অর্থাৎ ধারে ইস্পাত লাগান যন্ত্র পোড়াইয়া জলে দেওয়া। খড়্গ, কাটারী ইত্যাদি।

পানই, পানাই (পা্) [সং—উপানহ ; হি—পনহী] বি, কাষ্ঠপাদুকা ; খড়ম। ২। জুতা। প্র—"মোজা পানই আর জিন, নিরময়ে অনুদিন, চামার বসিল এক ভিতে।"—কবিকঙ্কণ।

পানগোষ্ঠী (ন্) [পানের জন্য—গোষ্ঠী (সভা) ৪ তৎ—ক প্রত্যয় যোগে **পান-গোষ্ঠিকা**] বি, স্ত্রী, মদ্য পানের আড্ডা ; মদের দোকান ; তাড়ীখানা। ২। চণ্ডুখানা। ৩। ভৈরবী চক্র।

পানফল (ন্, ল্) [পানীফল শব্দজ] বি, ত্রিকোণাকার জলজ ফলবিশেষ ; জলজ লতা-ফলবিশেষ।

পানবণিক (পানবোনিক্) [পান দ্রব্যের বণিক্ (ব্যবসায়ী)] বি, পুং, শৌণ্ডিক : শুঁড়ি।

পানশৌণ্ড (ন্) [পান—শৌণ্ড (মত্ত)—৭ তৎ] বিণ, পানপটু ; মদ্যপ ; পানরত ; প্রচুর মদ্যপানাসক্ত।

পানস (শ্) [পনস (কাঁঠাল) + অ (সম্বন্ধার্থে—ষ্ণ)] বিণ, কাঁটাল সম্বন্ধীয় ; কাঁটালজাত। ২। কাটালের মদ।

পানসিয়া, পানসে (পান্‌শে) বিণ, পান্‌সে দ্রঃ।

পানসী (ন্) [তুল—ইং—pinnace ; ইটা—pinnassa ; চীনা—সামপান্] বি, হালকা সরু নৌকা।

পানা (পা্) [হি—পানি শব্দজ। হি—পানিয়া-জলমিশ্রিত] বি, জলমিশ্রিত চিনি ; সরবৎ। প্র —"রুধিরের পানা পান করি দানা। নাচে কত কুতূহলে।"—কবিকঙ্কণ। ২। জলের উপরে ভাসমান শৈবালবিশেষ। প্র—কলঙ্ক পানায় সদা লাগে গায় ছাঁকিয়া খাইল যদি"—চণ্ডীদাস। "পানা জল ঘাস গাছে কত কি মাধুরী আছে।"—প্রেম ও ফুল। ৩। শিশুর অণ্ডকোষ।

পানা [হি—পন্, পনা (তুল্য আচরণ) তুল—লড়ক্‌পন্ = বালকের তুল্য আচরণ। সদৃশ আচরণ হইতে গ্রা-বাং-য় সদৃশ] অ, সদৃশ ; তুল্য ; মত ; পারা। প্র—চাকা পানা ; লম্বা পানা ; চাঁদ পানা। ২। প্রায় ; কতকটা ; অনেকটা। প্র—কাদা পানা ; লাল পানা ; রোগা পানা ; জল পানা।

পানা [ফা—পনাহ্ = ওসার] বি, ওসার ; বিস্তার। প্র—কাপড়ের পানা মাপ করা।

পানান (পানানো) [হি—পানিয়ানা। পানি আনান] ক্রি, দুধ দোহনের পূর্ব্বে বাছুর গোস্তনে ঢু মারিয়া দুগ্ধ পান করত বাঁটে যে দুধ নামায় তাহাকে পানান বলে। প্র—"বাছুর না পানালে দুধ পেতে কোথা?"—লীলাবতী (দীনবন্ধু)।

পানান [পান দ্রঃ] ক্রি, লোহাব অস্ত্রাদিতে পাইন ধরান ; পান দিয়া কর্ত্তরী খড়্গাদির ধার শক্ত করা। ২। অস্ত্রাদির ধার করিবার বা পান দিবার কালে জল দিয়া ভিজান।

পানি [হি—পানি। সং—পানীয়] বি, জল। প্র—"যদি দুগ্ধ উতলয়ে নাহি দেয় পানি। পাশা খেল সবে মিলি দিবস রজনী॥"—কবিকঙ্কণ। "তরা তুরি আইলা তীর্থ বরানসীর পানি।"—শূন্যপুরাণ।

পানিআমলা (পা্নিআম্‌লা) [সং—পানীয়ামলক। হি—পানি অম্বরা] বি, পানীয়া-মলা দ্রঃ।

পানিতরাস (শ্) বি, প্রশস্ত তলবিশিষ্ট নৌকাবিশেষ। ২। নৌ, জাহাজাদির নিম্ন-স্থিত মুদুম কাষ্ঠ।

পানিবসন্ত (শ) বি, পানবসন্ত ; ক্ষুদ্রবসন্ত ; স্বল্প জ্বরসহযোগে জলবটিনির্গমনকারী সংক্রামক ব্যাধি ; জলবসন্ত : chicken pox.

পানিশঙ্খ (পানিশংখ) [পাণিশঙ্খ দ্রঃ] বি, দেবপূজায় ব্যবহৃত ছিদ্রহীন শঙ্খবিশেষ ; পানশাঁখ।

পানী [হি। পানি দ্রঃ] জল ; পানীয়। প্র—"জোয়ারের পানী নারীর যৌবন গেলে না ফিরিবে আর।"—চণ্ডীদাস।

পানীআমলক (ম্, ক্) বি, পানীয়ামলা দ্রঃ।

পানীকাক (ক্) বি, পুং, পানকৌড়ি নামক জলচর পক্ষী ; জলকাক।

পানীকৌটী, পানীকৌড়ী (প্া) বি, পানীকাক নামক জলচর পক্ষিবিশেষ : পানকৌড়ি।

পানীতোলা [প্রাদে] বি, গাত্রমার্জ্জনী ; গামছা। প্র—"অঙ্গে পানীতোলা পীতপটের সমান।"—চৈতন্যভাগবত।

পানীফল (ল্) [সং—জলফল। পানিতে (জলে) জাত ফল (ম-প-লো, কর্ম্মধা)] জলজ ক্ষুদ্র ফলবিশেষ ; শৃঙ্গাটক ; the water chestnut. প্র—"কুল পানীফল কাঁটা যে সকল সলিল বেড়িয়া আছে।"—চণ্ডীদাস।

পানীবসন্ত—বি, পানিবসন্ত দ্রঃ।

পানীয় [পা (পান করা) + অনীয় (কর্ম্মে)] বিণ, পানোপযোগী ; পানার্থ ; পেয়। ২। বি, জল। ৩। পানযোগ্য দ্রব্যবিশেষ ; সরবৎ ; পানা।

পানীয়নকুল (নোকুল্) [সং] বি, পুং, উদ্বিড়াল ; জলমার্জ্জার ; ধেড়ে।

পানীয়ফল (ল্) বি, স্ত্রী, পানীফল দ্রঃ।

পানীয়শালিকা [পানীয়ের (জলের) শালিকা (শালা + ক—আপ্—স্ত্রী ই আগম = গৃহ)—৬তৎ] বি, স্ত্রী, পানীয় জল রাখিবার গৃহ। ২। জলসত্র।

পানীয়ামলা (য্) [সং—পানীয়ামলক, প্রাচীনামলক] বি, ক্ষুদ্র ক্ষুপবিশেষ ; পানি আমলার গাছ।

পানে [গ্রা। প্রতি হইতে ?] অ, দিকে ; প্রতি। প্র—"নর্ত্তকী চঞ্চল চিত্ত চারি পানে চায়।"—ঘনরাম। "ফিরে ফিরে কেন যোগী মুখের পানে চায়"—গিরিশ।

পান্তা [পানি (জল) + তা (ভাবে) = পানিতা পরে সংক্ষেপে পান্তা] বিণ, জলে ভিজান বাসি ভাত। প্র—"পান্তা আনতে লবণ ফুরায় লবণ আন্তে পান্তা"—দ্বিজেন্দ্র রায়।

পান্থ (পান্থ) [পথিন্ (পথ) + অ (কুশলার্থে—ঞ)] বি, পুং, পথপর্য্যটনকারী ; পথিক ; সর্ব্বদা ভ্রমণকারী।

পান্থনিবাস (শ্) [পান্থের (পথিকের) নিবাস (বাসস্থান)—৬তৎ] বি, পথিকদিগের বিশ্রাম ভবন ; পান্থশালা ; চটি ; আড্ডা।

পান্থশালা [পান্থের (পথিকের) শালা (গৃহ), ৬তৎ] বি, স্ত্রী, পথিকদিগের বিশ্রামের আলয় ; পান্থনিবাস।

পান্না—বি, বহুমূল্য প্রস্তরবিশেষ। ইহার নামান্তর গারুত্মৎ, মরকত, অশ্মগর্ভ এবং হরিন্মণি।

পান্‌শে, পান্‌সে [হি—পানীসা (জলবৎ)] বিণ, জলুয়া ; জলবহুল ; তরল। ২। ফিকা। ৩। অল্প মিষ্টাস্বাদ ; অম্লও নয় মধুরও নয়। প্র—"কতকগুলি আম কাঁচামিটে আছে পাকলে পান্‌শে।"—কমলাকান্তের দপ্তর।

পাপ (পা্) [পা (রক্ষা করা) + প (অপাদানে) যাহা হইতে আত্মাকে রক্ষা করিতে হয়] বি, ক্লী, যে কর্ম্ম মানুষকে পাতিত করে ; অধর্ম্ম ; দুষ্কৃতি। ২। আপদ। ৩। জঞ্জাল। ৪। [পাপ + অ—অস্ত্যর্থে] পাপিষ্ঠ ; মূর্ত্তিমান্ পাপ। প্র—"নন্দী বলে তব নিন্দা করিয়াছে পাপ।"—অন্নদামঙ্গল। ৫। বিণ, পাপজনক। ৬। অত্যন্ত বিরক্তিকর।

পাপকৃৎ (প্) [পাপ (অধর্ম্ম) কৃৎ (যে করে)] বিণ, পাপকর্ম্মী ; পাপিষ্ঠ ; অধর্ম্মকারী।

পাপগ্রহ (পাপগ্‌গ্রোহো) [পাপ (অনিষ্টকারী) যে গ্রহ, কর্ম্মধা] বি, পুং, জ্যোতিষে শনি, রবি, মঙ্গল, রাহু এবং ক্ষীণচন্দ্রকে পাপগ্রহ বলে।

পাপঘ্ন (পাপোঘ্‌ন) [পাপ—হন্ (নাশ করা) + অ (কর্ত্তৃ, টক্) যে পাপনাশ করে, হন্ = ঘ্ন] বিণ, পাপবিদূরক ; পাপনাশক ; পাপহারক। ২। বি, তিল।

পাপতরা (প্) [পাপ—তরা (ত্রাতা)] বি, স্ত্রী, পাপ হইতে ত্রাণকারিণী ; উদ্ধারকর্ত্রী। প্র—"এই নদী মহা পাপতরা।"—ঘনরাম।

পাপপতি (পাপ্‌পোতি) [পাপ (অধর্ম্মকারী) যে পতি (স্বামী) কর্ম্মধা] বি, পুং, উপপতি ; জার।

পাপপুরুষ (প্, ষ্) [পাপ (পাপকারী যে পুরুষ, কর্ম্মধা] বি, পুং, মূর্ত্তিমান্ পাপ। ২। [তন্ত্রে] পাপ নামধারী কল্পিত পুরুষ। ইঁহার সর্ব্বাঙ্গ পাপময়, যথা—ব্রহ্মহত্যারূপ পাপে মস্তক, সুবর্ণহরণরূপ পাপে বাহুদ্বয় ; সুরাপানরূপ পাপে হৃদয়, গুরুতল্পগমনরূপ পাপে কটিদেশ, গুরুতল্প সংসর্গরূপ পাপে পদদ্বয় এবং বিবিধ পাতকদ্বারা অন্যান্য প্রত্যঙ্গ সমূহ গঠিত। যাবতীয় উপপাতক এই পুরুষের রোমরাজী। ইনি কজ্জলবর্ণ, অসিচর্ম্মধারী এবং সতত ক্রুদ্ধমূর্ত্তি।

পাপভাক্ [পাপ—ভজ্ (সেবা করা)] বিণ, পাপের ভাগী ; পাপের ফলগ্রাহী। ২। পাপী।

পাপর (র্) [গ্রা—পাপড়, ইং—pauper হইতে] বি, নিঃসম্বলের মকদ্দমা ; নিঃসম্বল ব্যক্তির পক্ষে গবর্ণমেণ্ট যে মকদ্দমা চালান। **পাপরসূত্রে নালিশ, পাপরে নালিশ**—বাদী নিঃস্ব বলিয়া গবর্ণমেণ্ট কর্ত্তৃক বাদীর পক্ষ হইতে মকদ্দমা।

পাপাত্মা (পাপাৎতা) [পাপ (পাপযুক্ত) হইয়াছে আত্মন্—আত্মা যাহার, বহু] বিণ, পাপকারী ; অধার্ম্মিক ; পাপপুরুষ।

পাপাশয় (য়্) [পাপ (পাপযুক্ত) হইয়াছে আশয় (অভিপ্রায়) যাহার, বহু] বিণ, অধর্ম্মচিন্তক ; পাপচিত্ত ; অধার্ম্মিক ; পাপাত্মা।

পাপিষ্ঠ [পাপ + ইষ্ঠ (অতিশয় অর্থে)] বিণ, অতিশয় পাপকারী ; মহাপাপী।

পাপিয়া [প্রাকৃ—পপ্পিঅ ; হি—পপীহা। পিউপিউ রব হইতে] বি, চাতক পাখী। a species of cuckoo.

পাপীয়ান্ [পাপ + ঈয়স্ (অত্যর্থে) = পাপীয়স্ ১মা, ১ব] বিণ, পাপাত্মা ; পাপিষ্ঠ।

পাপী [পাপ + ইন্ (অস্ত্যর্থে) = পাপিন্ ১মা, ১ব] বিণ, পাপকারী ; অধার্ম্মিক।

পাপোষ (ষ্) [ফা] বি, যে আস্তরণে পদতল ঘর্ষণ করিয়া ধূলা ঝাড়া হয়।

পাব (ব্) [পর্ব্ব শব্দজ] বি, পর্ব্ব ; গ্রন্থি ; গাঁইট।

পাবক (ক্) ["পাবকোঽনলঃ—"অমর। পূ (পবিত্র করা, শুদ্ধ করা) + অক (কর্ত্তৃ)] বি, পুং, অগ্নি ; অনল। ২। বহ্নিমন্থচিত্রক। ৩। বিশুদ্ধাত্মা। ৪। সদাচরণকারী ব্যক্তি। ৫। [বৈদ্যকে] রক্তচিত্রক। (২) কুসুম্ভ। ৬। বিণ, শোধক ; পবিত্রকারক।

পাবড়া (ব্) [সং—পর্ব্ব হইতে। তুল—পত্র হইতে পাতড়া] বি, নারিকেল, তাল, খর্জ্জুরাদি বৃক্ষের পত্র ; বাইল। ২। [সং—পর্ব্ব হইতে প্রাকৃ—পব্বং—পাব, 'বৃহৎ পাব' অর্থে পাবড়া ; গ্রা—পাউড়ী] বি, বাঁশ বা বৃক্ষ শাখার পর্ব্ব ; এক হস্ত পরিমিত স্থূল লাঠি ; গেঁটে।

পাব্‌ড়ি, ড়ী (ব্) বি, ফুলের দল ; পাপড়ী।

পাব্‌দা (ব্) [ওড়ি-পব্‌তা ; হি—পপ্‌টা, সং—পর্ব্বিত মৎস্য ; খুলনা অঞ্চলে পাবা, পাব্‌তা, ঢাকা অঞ্চলে পাবরা] বি, টেংরাজাতীয় শল্কহীন পাংশুবর্ণ মৎস্যবিশেষ ; callichrus pabda. প্র—"ধরেন পাবদা পুঁঠী পাঁগাস পাঠীন।"—শিবায়ন।

পাবন (ন্) [পূ + ণিচ্ = পাবি (শুদ্ধ করান) + অন (কর্ত্তৃ)] বিণ, পবিত্র। ২। পবিত্রকারক ; শোধক। প্র—সপ্তম বৎসরে কন্যা বিয়া দিলে হয় ধন্যা তার পুত্র কুলের পাবন।" —কবিকঙ্কণ। ৩। উদ্ধারকারী ; ত্রাণকর্ত্তা। প্র—পতিতপাবন। ৪। [ভাবে—অনট্] ক্লী, পবিত্রীকরণ। ৫। [করণে—অনট্, যাহা দ্বারা পবিত্র করা হয়] জল। ৬। গোময়। ৭। প্রায়শ্চিত্ত। ৮। রুদ্রাক্ষ। ৯। [কর্ত্তৃ—অনট্] পুং, বিষ্ণু। ১০। অগ্নি। ব্যাসদেব। **পঙ্‌ক্তিপাবন**—পঙ্‌ক্তি দ্রঃ। **পতিতপাবন**—পতিতোদ্ধারক। পাপীর পরিত্রাতা।

পাবনি (বো) [পবন+ই (অপত্যার্থে—ইণ্)] বি, পুং, পবনপুত্র হনুমান। প্র—"প্রবল পবন বলে বলীন্দ্র পাবনি।"—মেঘনাদ।

পাবনী [পাবন (দ্রঃ)—ঈপ, স্ত্রী] বি, স্ত্রী, গঙ্গা নদী। ২। গাভী। ৩। [বৈদ্যকে] তুলসী। (২) হরীতকী। ৪। বিণ, উদ্ধারকারিণী ; ত্রাণকর্ত্রী। প্র—পতিত-পাবনী।

পামর (র্) [সং] বিণ, পাপাত্মা ; পাপিষ্ঠ ; নরাধম ; নীচ। প্র—"যে মুখে পামর নিন্দিলে শঙ্কর যে মুখ হবে ছাগল।"—অন্নদামঙ্গল। ২। মূর্খ।

পামরী (পামোরি) [প্রাদে] বি, মূল্যবান্ বস্ত্রবিশেষ। প্র—"বহু ব্যয় করি কড়ি করিলাম খাট পিঁড়ি সগল্লাদ নিহালী পামরী।"—কবিকঙ্কণ। ২। [পামর (দ্রঃ) + ঈপ্— স্ত্রী] বি, স্ত্রী, পাপিষ্ঠা।

পামা (প্া) [পৈ (শুষ্ক হওয়া) + মন্ (কর্তৃ), পৈ=পা=পামন্ ১মা, ১ব] বি, স্ত্রী, খোস ; পাঁচড়া ; চুলকনা।

পায় (য়) [পাওয়া দ্রঃ] ক্রি, প্রাপ্ত হয় ; লাভ করে। ২। [পাদ শব্দজ। পায়ে দ্রঃ উচ্চারণে। পা দ্রঃ] ক্রি-বিণ, পদে ; চরণে। প্র—"তুমি যারে রাখ পায় সে সকলি পায়।"—বাংগান।

পায়ই [ব্রজ] ক্রি, পাই ; প্রাপ্ত হই। প্র—"ও রসে ভোর ওর নাহি পায়ই পতিত কোরে ধরি ভুবন বিয়াপি।"—বলরামদাস। ২। পায় ; প্রাপ্ত হয়।

পায়খানা (য়) [ফা—পায়্খানা, পাখানা] বি, মলমূত্র ত্যাগের স্থান ; মলত্যাগের গৃহ।

পায়চারী, পাচালী (য়) [পাদচার শব্দজ] বি, পদবিহার ; পদব্রজে ভ্রমণ ; বেড়ান।

পায়জামা (য়) [ফা—পায়্জামা] বি, কটি হইতে গুল্ফ পর্যন্ত আচ্ছাদক বস্ত্র-বিশেষ ; ইজার।

পায়ঠেলা (য়) [পায় (পাদ দ্বারা) ঠেলা ক্রি, পাদ দ্বারা সরাইয়া দেওয়া। ২। বি, অনাদর ; অবজ্ঞা।

পায়দল (য়, ল্) [হি—পয়্দল্] বি, পাদচারী সৈন্য ; পদাতিক। ২। পদব্রজে গমনকারী। ৩। ক্রি-বিণ, হাঁটিয়া ; পায় চলিয়া।

পায়ে-ধরা [পাদ ধারণ হইতে] বিণ, পাদধৃত ; গৃহীতচরণ ; পায়ে ধরিবার। প্র—"হাসি পায় হাসি পায় হে সেই পায়ে-ধরা দিন পড়লে মনে।"—গান। ২। ক্রি, পাদ গ্রহণ করা ; পাদস্পর্শ করা। ৩। অতিশয় বিনয় প্রকাশ করা ; পায়ে পড়া ; পদানত হওয়া।

পায়-পড়া, পায়ে-পড়া (য়) ক্রি, পদানত হওয়া। ২। বিণ, তোষামোদকারী ; খোসা-মুদিয়া। তুল—পায় বা পায়ে পড়া।

পায়পায় (য়, য়) ক্রি-বিণ, পদে পদে ; প্রতি পদে ; প্রত্যেক কার্য্যে ; সর্ব্বদা। প্র—"আমি যেতে চাই তব পথ পানে কত বাধা পায় পায় হে।"—রবি। "যারে না রাখো পায় বিপদ ঘটাও পায় পায়।"—বাংগান।

পায়ব [ব্রজ। পাওয়া দ্রঃ] ক্রি, পাইব। প্র—"কবহুঁ সো পিয়া যদি আসে বৃন্দাবনে। পরাণ পায়ব হাম পিয়া দরশনে॥"—বিদ্যা-পতি।

পায়মাল, পয়মাল (য়, ল্) [ফা—পাএ্মাল্] বিণ, পদদলিত ; পাদপিষ্ট। ২। বিনষ্ট ; ধ্বংস।

পায়রা (য়) [পারাবত শব্দজ] বি, কপোত পক্ষী। প্র—"লয়ে শিশুগণ বেণ্যার নন্দন পায়রা উড়ায়ে যায়।"—কবিকঙ্কণ। পায়রার নানাবিধ নাম আছে, যথা অপরাজিতা, কাল, গলাফুলা, গেরোবাজ, গোলা, চিলে পর্পণ ; (পর পাঁও), জ্যাকবিন, মুখ্খী, লক্কা, ঝোপদাদ্, রেশমী, লোটন, সীরাজু প্রভৃতি।

পায়রাচাঁদা (য়) বি, বৃহৎ চাঁদা মৎস্য ; অনেকটা গোলাকার, গায়ে চন্দ্রকযুক্ত মৎস্য।

পায়স (শ্) [পয়স্ (দুগ্ধ) + অ (উৎপন্নার্থে ষ্ণ)] বি, ক্লী, দুগ্ধ ও শকরা-পক্ব অন্ন ; পরমান্ন। **সুজীর পায়স**—দুগ্ধশর্করাপক্ব সুজী। ২। বিণ, পয়ঃ সম্বন্ধীয়।

পায়া [ফা—পাইয়া] বি, চরণ ; পদ। ২। চৌকির কোণস্থিত লম্বা কাষ্ঠ ; যাহার মাথার উপর বসিবার তক্তা আঁটা থাকে। চৌকির পা। ৩। [প্রাদে] উচ্চপদ। **পায়া-ভারি**—অহঙ্কার ; গুমর।—সা, প, প।

পায়া [বৈ-সাহিত্যে পাওয়া ; পাওয়া দ্রঃ] ক্রি, পাইয়া ; প্রাপ্ত হইয়া। প্র—প্রভুর ইঙ্গিত পায়া আদি দেবী মহামায়া সৃজন করিতে দিল মন।"—কবিকঙ্কণ।

পায়িক (ক্) [সং—পদাতিক হইতে] বি, পুং, পদাতিক সৈন্য।

পায়ু [সং] বি, পুং, মলদ্বার ; গুহ্যদেশ।

পায়েস (শ্) [পায়স দ্রঃ। গ্রা-উচ্চারণে]। বি, পরমান্ন। প্র—"আমরা সদাই মনিব বকুনি খাই, আর তোমরা খাও, গো পায়েস।"—দ্বিজেন্দ্র রায়।

পার (র্) [পর+অ (সম্বন্ধার্থে, ষ্ণ)] বি, ক্লী, বিপরীত কূল। ২। উদ্ধার ; ত্রাণ। ৩। পৃ (পূরণ করা) + অ (কর্তৃ—ঘঞ্)] পুং, ক্লী, প্রান্ত। ৪। পুং, পারদ ; পারা। **পার করা**—পরিত্রাণ করা। ২। নদীর পর পারে লইয়া যাওয়া।

পারই [ব্রজ ; পারা দ্রঃ] ক্রি, পারে ; সমর্থ হয়। প্র—"কাঁপয়ে দুরবল দেহ। রহই না পারই কেহ॥"—বিদ্যাপতি। "হরষ সলিল ভরে হেরই না পারই অনিমেষে রহল ধন্দে।"—চণ্ডীদাস।

পারক (ক্) [পৃ (পূর্ণ করা) + অক (কর্তৃ)] বিণ, পারগ ; নিপুণ ; দক্ষ ; পটু ; সমর্থ। ২। পূর্ত্তিকারক ; পূরক [প্র-অ]। ৩। পালক ; পালনকারক [প্র-অ]।

পারক্য (পারোক্ক) [পর+ক=পরক+য (হিতার্থে)] বি, ক্লী, পরকীয়তা ; পরাধীনত্ব। ২। সামর্থ্য ; পারগতা। ৩। বিণ, পরলোক-সম্বন্ধীয়। ৪। পর সম্বন্ধীয় ; শত্রু সংক্রান্ত।

পারগ (গ্) [পার (নদ্যাদির পর পার) গ যে গমন করে)] বিণ, পারগামী। ২। সমর্থ।

পারগত (র্) [পার (নদ্যাদির অপরতীর) গত (যে গিয়াছে)] বিণ, যে নদ্যাদির অপর পারে গমন করিয়াছে ; পারপ্রাপ্ত। ২। উত্তীর্ণ। ৩। পবিত্র।

পারগ্রামিক (পারগ্‌গ্রামিক্) [পরগ্রাম + ইক (যোগ্যার্থে (ষ্ণিক)] বিণ, পরগ্রাম সম্বন্ধীয়। ২। বৈরকারী ; বৈরী।

পারজায়িক (ক্) [পরজায়া (অন্যস্ত্রী) + ইক (অনুরক্তার্থে)] বি, পুং, পরদাররত ; পারদারিক ; পরস্ত্রীগামী। ২। বিণ, পরজায়াসংক্রান্ত।

পারণ (ন্) [পার+অন (ভাবে অনট্)] বি, ক্লী, উপবাসের পর প্রথম ভোজন ; ভোজন দ্বারা উপবাস ভঙ্গ করণ। প্র—"নৃত্য গীত বাদ্যে করে নিশি জাগরণ। অপর দিবসে আগে ব্রাহ্মণ ভোজন॥ বিপ্রে পূজি পশ্চাৎ পারণ করিয়া। তাহার পুণ্যের কথা শুন মন দিয়া॥"—শিবায়ন। ২। [পৃ + ণিচ্ = পারি + অনট্ (ভাবে)] তৃপ্তি। স্ত্রী, **পারণা**। প্র—"পারণা হেতু ভিক্ষা, দেহ কর প্রাণরক্ষা অচিরেতে হবে পুত্রবতী।"—কবিকঙ্কণ।

পারতন্ত্র্য (পারতনত্র) [পরতন্ত্র + য (ভাবে)] বি, ক্লী, পরাধীনতা ; পরতন্ত্রতা।

পারৎপক্ষে (পোক্খে) ক্রি-বিণ, সামর্থ্য পক্ষে ; সাধ্যমত ; যথাসাধ্য।

পারত্রিক (পারৎত্রিক্) [পরত্র (পরলোক) + ইক (সম্বন্ধার্থে—ষ্ণিক)] বিণ, পরলোক সম্বন্ধীয় ; পারলৌকিক।

পারদ (দ্) [পার (অন্য তীর) দ (যে পার করিয়া দেয়)] বিণ, যে নদ্যাদির অন্য তীরে পার করিয়া দেয় ; পারকারী। ২। [পার (পূর্ণতা) দ (যে দান করে)—যে শরীরের পুষ্টি দান করে] বি, পুং, পারদ নামক ধাতু ; পারা ; mercury.

পারদজারণ [রাসাঃ পরিঃ] বি. পারাশোধন ; পারাভস্মকরণ ; killing of mercury.

পারদর্শী (দোর্শি) [পার (অপরতীর) দৃশ্ (দর্শন করা) + ইন্ (কর্ত্তৃ, ণিন্) = পারদর্শিন্ ১মা, ১ব] বিণ, দূরদর্শী ; বহুদর্শী ; পরিণাম-দর্শী। ২। দক্ষ ; সুপটু। ৩। সর্ব্বশাস্ত্রে সুপণ্ডিত ; বিধিজ্ঞ ; অভিজ্ঞ।

পারদারিক (ক্) [পরদার (অন্যস্ত্রী) + ইক (অনুরক্তার্থে—ষ্ণিক)] বি, পুং, পরদারাসক্ত ; পরস্ত্রীরত ; অন্যস্ত্রীগামী।

পারদার্য্য (দার্জ) [পরদার + য (ভাবে)] বি, পরদারাসক্তি ; পরস্ত্রীগমন।

পারদেশ্য (দেশ্ শ) [পরদেশ (ভিন্নদেশ) + য (নিবাসার্থে)] বি, পুং, প্রবাসী ; ভিন্ন-দেশগত।

পারমাণবাকর্ষণ (ন, ন্) [পরমাণু + অ (স্বার্থে—ষ্ণ) = পারমাণব (পরমাণু সকল) তাহাদের আকর্ষণ, অলুক সমাস] বি, স্ত্রী, পরমাণুর মধ্যে পরস্পর আকর্ষণ ; molecular attraction,

পারমার্থিক (ক্) [পরমার্থ (ধর্ম্ম) + ইক (সম্বন্ধার্থে, ষ্ণিক)] বিণ, ধর্ম্ম সম্বন্ধীয় ; পরমার্থ সংক্রান্ত। ২। পরকালের হিতকর। ৩। পরম মঙ্গলজনক।

পারম্পর্য্য (পারম্পোর্জ) [পর—পর = পরম্পর + য (ভাবার্থে, ষ্ণ্য)] বি, স্ত্রী, পরম্পরাগত ক্রম ; পর পর হইবার ভাব ; অনুক্রম ; ক্রমান্বয়। ২। বংশক্রম ; পুরুষানু-ক্রম।

পারম্পর্য্যোপদেশ (পারম্পোর্জোপদেশ্) [পারম্পর্য্য (পরম্পরাগত) যে উপদেশ (হিতবাক্য)—কর্ম্মধা] বংশানুক্রমাগত উপদেশ ; ঐতিহ্য।

পারলৌকিক (ক্) [পরলোক + ইক (সম্বন্ধার্থে, ষ্ণিক)] বিণ, পরলোক সম্বন্ধীয় ; পরকাল সংক্রান্ত।

পারশব (ব্) [পরশু + অ (সম্বন্ধার্থে—ষ্ণ)] বিণ, পরশু সম্বন্ধীয়। ২। বি, লৌহ-নির্ম্মিত অস্ত্রবিশেষ ; পরশু ; কুঠার। ৩। যাহা দ্বারা পরশু নির্ম্মিত হয় ; অয়স ; লৌহ। ৪। ব্রাহ্মণ-পিতৃক ও শূদ্রা-মাতৃক জাতি-বিশেষ ; নিষাদ জাতি।

পারশীক, পারসিক, পারসীক (শিক্) [পারশ্য—পারস্য (দেশবিশেষ) + ঈক (তত্র জাতার্থে ষ্ণিক)] বি, পুং, পারস্যদেশের অধিবাসী ; পারসী। ২। পারস্যদেশজাত ঘোটক। ৩। পারস্যদেশীয় ; পারস্যদেশ-সম্বন্ধীয়। ৪। পারস্যদেশজাত ; পারস্য-দেশোৎপন্ন।

পারশ্বধ (পারশ্ শধ্) [পরশ্বধ (কুঠার) + অ (প্রহরণার্থে, ষ্ণ)] বি, পুং, পরশুপাণি ; কুঠারাস্ত্রধারী।

পারসী (পার্শি) [পারস্যের ভাষায়—ফার্সী বাং-য়—পারসী, পার্শি, পার্শী] বি, স্ত্রী, পারস্য-ভাষা ; ফারসী। ২। পারস্যদেশীয় লোক। ৩। পারস্যদেশজাত। **পারসী মাকড়ী**—স্বর্ণালঙ্কারবিশেষ ; পারসীক নারীদিগের ইয়ারিং বা কর্ণভূষণবিশেষ। **পারসী সাড়ী**—পারসীক সাটী ; রেশমী বস্ত্রবিশেষ ; পারসী-দিগের মধ্যে ব্যবহৃত সাড়ী।

পারস্ত্রৈণেয় (নে) [পরস্ত্রী + এয় (অপত্যার্থে, ঢক্) ন আগম, পর = পার, স্ত্রী = স্ত্রৈ] বি, পুং, পরস্ত্রীতে উৎপন্ন সন্তান ; ক্ষেত্রজ পুত্র। ২। জারজ সন্তান।

পারা [সং—পারদ হইতে] বি, পারদ ; ...cury. প্র—"দর্পণের পারা টুকু গিয়াছে মুছিয়া।"—অশোকগুচ্ছ।

পারা [হি—পৈর্—পৈরা (পদ) হইতে] বি, পদ ; পদক্ষেপ। প্র—"নৌকা হইতে সূর্য্যাই ঠাকুর কূলে দিল পারা।"—সূর্য্যের গান (১৭শ শতাব্দীর বাং)।

পারা [গ্রাম্য। সং—প্রায় শব্দের অপভ্রংশে] বিণ,-সম ; সদৃশ ; মত ; তুল্য। প্র—"অধীর পাগল পারা।"—বাং-গান। "বিরতি আহারে রাঙ্গা বাস পরে যেমন যোগিনী পারা।"—চণ্ডীদাস। ২। যেন ; বুঝি ; এমন মনে হয়। প্র—"সঘনে গগনে গণিছ তারা দৈব অবঘাত হৈয়াছে পারা"—বিদ্যাপতি। "অন্যদিন গা তুলে গগনে দেখি তারা। আজি কেন এত বেলা মরে ছিনু পারা॥"—ধর্ম্মমঙ্গল। "ইন্দ্রভাবে অমরাতে হানা দিবে পারা॥"—ধর্ম্মমঙ্গল (রামনারায়ণ)।

পারানী [সং—তরপণ্য] বি, খেয়া পার হইবার মূল্য ; পারানি কড়ি ; আতর।

পারাপার (র্) [পার—অপার] বি, পুং, সমুদ্র। ২। স্ত্রী, নদ্যাদির উভয় তীর ; একূল ওকূল। ৩। এফোঁড় ওফোঁড়।

পারাবত (ত্) [সং] বি, পুং, কপোত ; পায়রা। ২। ক্ষুদ্রজাতীয় বানরবিশেষ মর্কট। ৩। গাব গাছ। ৪। পর্ব্বত। স্ত্রী, **পারাবতী**।

পারাবার (র্) [পার—অবার] বি, পুং, সিন্ধু ; সাগর। প্র—"ভবঘোর পারাবার হরি-নাম তরি তার"—ভারতচন্দ্র। "বয়স অশীতি পারাবার পারে বাস।"—কবিকঙ্কণ। "হৃদয় ডুবে যায় হরষপারাবারে।"—রবি। ২। এফোঁড় ওফোঁড় ; পারাপার। প্র—"কোন অস্ত্র ধরে পারাবার করে।"—চণ্ডীদাস।

পারাবারীণ (—রিন্) [পারাবার + ঈন (গমন অর্থে কর্ত্তৃ—খীন)] বিণ, যে পারে গমন করিয়াছে ; পারগামী।

পারায়ণ (ন্) [পার—অয়ন] বি, স্ত্রী, সমাপ্তি ; সম্পূর্ণতা। ২। গ্রন্থের নিয়মিত পাঠ দ্বারা সমাপ্তি। প্র—"সদা বেদ পরায়ণ প্রকাশিলা পারায়ণ। শিষ্যগণ বৈষ্ণব সংহতি।"—ভারতচন্দ্র। ৩। পুরাণ গ্রন্থ পাঠ। প্র—"ইহা শুনে যেই জন কিম্বা করে পারায়ণ ভবমুক্ত হয় সেই কৃতী।"—কৃত্তিবাস।

পারাশর (র্) [পরাশর (মুনিবিশেষ) + অ (অপত্যার্থে—ষ্ণ)] বি, পুং, পরাশর মুনির পুত্র ; বেদব্যাস। ২। [কৃতার্থে বা উক্ত অর্থে—ষ্ণ] বিণ, পরাশরোক্ত ধর্ম্মশাস্ত্র ; পরাশর সংহিতা। ৩। পরাশর সম্বন্ধীয়।

পারাশরি (শো) [পরাশর (মুনি) + ই (অপত্যার্থে—ষ্ণি)] বি, পুং, পরাশরপুত্র ; ব্যাসদেব। ২। পরাশর সম্বন্ধীয়।

পারাশর্য্য (—শোর্জ) [পরাশর (মুনি) + য (অপত্যার্থে, কৃতার্থে, সম্বন্ধার্থে—ষ্ণ) পরাশর = পরাশর্] বি, পুং, পরাশর মুনির পুত্র। ২। পরাশর মুনি কৃত। ৩। পরাশর সম্বন্ধীয়।

পারি [পাড়ি দ্রঃ। পূ-বঙ্গে—পারি = পাড়ি] বি, নদী পার হওয়ার পথ ; নৌকা পথ। প্র—"আমায় দেও মা চরণতরী। * * * সাহস করে আপন জোরে ভবনীরে ধর্লেম পারি।"—কালীপ্রসন্ন ঘোষ।

পারিকাঙ্ক্ষী (কাংখি) [পার + ইন্ = পারিন (ব্রহ্মজ্ঞান)—কাঙক্ষ্ (আকাঙ্ক্ষা করা) + ইন্ = কাঙ্ক্ষিন্ ১মা, ১ব] বি, পুং, পারমার্থিক সুখাভিলাষী তপস্বী ; ব্রহ্মজ্ঞানাকাঙ্ক্ষী।

পারিজাত (ত্) [পার + ইন্ = পারিন্ (সমুদ্র) তাহাতে জাত (যে উৎপন্ন হইয়াছে)] বি, পুং, সমুদ্র মন্থনকালে তাহা হইতে উদ্ভূত স্বর্গের পুষ্পবৃক্ষ ; সুরপাদপ। ২। গন্ধদ্রব্যবিশেষ।

পারিজাতক (ক্) বি, পারিজাত পুষ্পবৃক্ষ ; দেবতরু।

পারিণায্য (পারিনাজ্জ) [পরিণয় (বিবাহ) + য (ষ্ণ)] বিণ, বিবাহের সময় প্রাপ্ত যৌতুক।

পারিতোষিক (ক্) [পরি—তুষ্ + অ (ভাবে—ঘঞ্) = পরিতোষ + ইক (ষ্ণিক) —যাহা পরিতুষ্ট হইয়া দান করা হয় অথবা যাহা দান করিয়া গ্রহীতার পরিতোষ সম্পাদন করা যায়] বি, পুরস্কার ; উপঢৌকন।

পারিন্দ্র, পারীন্দ্র [পরের (অন্য পশুর) ইন্দ্র (প্রভু) পর + অ (সম্বন্ধার্থে—ষ্ণ) = পার, নিপাতনে পার্] বি, পুং, পশুরাজ ; মৃগেন্দ্র ; সিংহ। ২। অজগর সর্প [বিরল]।

পারিপাট্য (পারিপাট্‌টো)[পরিপাটী+ষ্য (স্বার্থে—ষ্ণ্য)] বি. ক্লী. সুশৃঙ্খলা। ২। পরিচ্ছন্নতা।

পারিপাত্র (পারিপাৎত্রো) [পরি (সর্ব্বতো-ভাবে) পা (রক্ষা করা)+ত্র (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে অনেক প্রাণীকে আশ্রয় দান করিয়া রক্ষা করে] বি. পুং. মালব দেশের সীমান্ত পর্ব্বত : ইহার অপর নাম পরিযাত্র ; বিন্ধ্য পর্ব্বতের পশ্চিমে ইহার অবস্থিতি।

পারিপার্শ্বিক (পার্শিক্) [পরি (সর্ব্বতো-ভাবে) পার্শ্ব (পাশে)=পরিপার্শ্ব (কর্ত্তার চারিদিকে)+ইক (চরে অর্থে—ষ্ণিক) যাহারা কর্ত্তার চারিদিকে অবস্থান করে] বি, পুং, পারিষদ। ২। [নাট্যশাস্ত্রে] নটীর পার্শ্বচর। ৩। বৃহৎ গ্রহের চতুর্দ্দিকে ভ্রমণ-শীল ক্ষুদ্রগ্রহ ; উপগ্রহ। ৪। বিণ. পার্শ্ব-চারী ; পার্শ্ববর্ত্তী ; সহচর। ৫। চতুর্দ্দিগ্-বর্ত্তী ; বাহিরের ; surrounding.

পারিপ্লাব (পারিপ্‌প্লাব্) [পরি—প্লু+অ= পরিপ্লাব+অ (স্বার্থে—ষ্ণ)] বিণ. বেপমান ; কম্পমান। ২। অস্থির ; কাতর ; আকুল। ৩। পঞ্চম মন্বন্তরের প্রকৃতিবিশেষ।

পারিভদ্র (ভদ্‌দ্রো) [পরি (সম্পূর্ণরূপে) ভদ্র (সৌভাগ্য) হয় যাহা দ্বারা. বহু=পরিভদ্র+অ (স্বার্থে)] বি, পুং, দেবতরু ; পারিজাত পুষ্প বৃক্ষ।

পারিভদ্রক (ভদ্‌দ্রক্) [পারিভদ্র+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, নিম্ববৃক্ষ ; নিমগাছ। ২। দেবদারু গাছ।

পারিভাষিক (ক্) [পরিভাষা (দ্রঃ)+ইক (সম্বন্ধার্থে—ষ্ণিক)] বিণ, পরিভাষা সম্বন্ধীয়। ২। শিল্প, বিজ্ঞান, দর্শনাদি বিশেষ বিশেষ শাস্ত্রের বিশেষার্থ-বাচক।

পারিমাণ্ডল্য (—মান্‌ডোল্লো) [ন্যায় দর্শনের পারিভাষিক শব্দ] বি, ক্লী, কারণতা-শূন্য পরমাণুপরিমাণ। ২। [বিজ্ঞানে] স্থান-পরিমাপক অণু। ৩। সূর্য্যরশ্মিস্থ বিন্দু বা অণু।

পারিমুখ্য (মুখ্‌খো) [পরিমুখ+য (ভাবে—ঘ্যণ্)] বি, ক্লী, বিদ্যমানতা ; সম্মুখীভাব ; অভিমুখতা। বিণ, **পারিমুখিক**।

পারিযাত্র (জাৎত্রো) [পরি (সর্ব্বতোভাবে) যা (প্রাপ্ত হওয়া)+ত্র (সংজ্ঞার্থে)—পরিযাত্র +ষ্ণ্য। যে অনেক স্থান ব্যাপ্ত করিয়া রহিয়াছে] বি, পুং, সপ্তকুল পর্ব্বতের অন্যতম।

পারিষদ (দ্) [পরিষদ্ (সভা)+অ (বিদ্য-মানার্থে—অণ্)] বি, পুং, সভ্য ; সভাসদ। ২। বিণ, সভাসম্বন্ধীয়। ৩। পার্শ্বচর ; পার্শ্বচারী ; পারিপার্শ্বিক।

পারিহাস্য (পারিহাশ্‌শো) [পরিহাস+ষ্য (ভাবার্থে—ষণ্)] বি, ক্লী, পরিহাসজাত। ২। পরিহাসের ভাব।

পারীক্ষিত (পারিক্‌খিত্) [পরীক্ষিৎ (রাজা) +অ (অপত্যার্থে—অন্)] বি, পুং, পরী-ক্ষিতের পুত্র রাজা জনমেজয়।

পারীণ (ন্) [পার (নদ্যাদির অপর তীর) +ঈন (গমনকারী অর্থে)] বিণ, পারগামী।

পারীশ (শ্) বি, পাশেমাছ।

পারুল (ল) [সং—পাটলী] বি, ফল ও পুষ্পবৃক্ষবিশেষ। ২। একপ্রকার মৎস্য।

পারুষ্য (পারুষ্‌ষো) [পরুষ (কর্কশ)+ষ্য (ভাবার্থে—ষন্)] বি, ক্লী, পরুষতা ; কার্কশ্য ; কঠোরতা ; রূঢ়তা।

পার্থ [পৃথা (কুন্তী)+অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, পৃথানন্দন : যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন। কিন্তু অর্জ্জুনই এই নামে প্রসিদ্ধ। ২। গন্ধর্ব্ববিশেষ।

পার্থক্য (পার্‌থোক্‌কো) [পৃথক্+য (ভাবার্থে —ষন্)] বি, ক্লী, বিভিন্নতা ; পৃথকত্ব।

পার্থব (ব্) [পৃথু (বিশাল)+অ (ভাবার্থে —অণ্)] বি, ক্লী, বিশালত্ব ; স্থূলত্ব। বিণ, পৃথু।

পার্থিব (ব্) [পৃথিবী+অ (অধিপতি অর্থে —অণ্) ঈ—লোপ] বি, পুং, পৃথিবীর অধিপতি : ভূপতি : নৃপ। ২। [সম্বন্ধার্থে (অণ্)] বিণ, পৃথিবী সম্বন্ধীয় ; জাগতিক। ৩। [সংজ্ঞার্থে (অণ্)] ক্লী, তগরপুষ্প। স্ত্রী, **পার্থিবী**—সীতা।

পার্ব্বণ (ন্) [পর্ব্বন্ (অমাবস্যাদি তিথি) +অ (তত্রকৃত বা দত্ত অর্থে—অণ্), অমা-বস্যাদি পর্ব্বদিনে দেব বা পিতৃলোক উদ্দেশ্যে যাহা কৃত বা দত্ত হয়] বি, পুং, অমাবস্যাদি পর্ব্বে কৃত্য শ্রাদ্ধ। প্র—"পুণ্যময় সেই দিন প্রীতির পার্ব্বণে।"—কুঙ্কুম। ২। উৎসব দিবস। প্র—"বিবাহ উৎসব তুই পার্ব্বণের রাজা"—দেবেন্দ্র সেন। ৩। [সম্বন্ধার্থে (অণ্)] বিণ, পর্ব্বসম্বন্ধীয়। ৪। [সংজ্ঞার্থে (অণ্)] বি, মৃগবিশেষ।

পার্ব্বণী [গ্রা—পাব্বুণী] বি, উৎসব দিবসের পারিতোষিক। প্র—"পার্ব্বণী পঞ্চক যত গুয়া লোণ সানাভাত ধানকাটি কলম কস্তুরে।"—কবিকঙ্কণ।

পার্ব্বত (ত্) [পর্ব্বত+অ (সম্বন্ধার্থে—অন্)] বিণ, পর্ব্বত সম্বন্ধীয়। ২। [সংজ্ঞার্থে —অণ্] বি, ঘোড়ানিমের গাছ।

পার্ব্বতী (পার্‌বোতি) [পর্ব্বত (হিমালয়)+অ (অপত্যার্থে—অণ্) ঈপ্, স্ত্রী] পর্ব্বতরাজ হিমালয়ের কন্যা উমা ; নগনন্দিনী ; গিরিজা ; দুর্গা। ২। পর্ব্বত হইতে নিঃসৃতা নদী। ৩। চর্ম্মণ্বতী নদী। ৪। [বৈদ্যকে] পাষাণ-ভেদী। (২) জীবনী। (৩) ধাতকী। (৪) সৌরাষ্ট্র মৃত্তিকা।

পার্ব্বতীনন্দন (—নন্দন্) [পার্ব্বতীর নন্দন (পুত্র) ৬তৎ] বি, পুং, ষড়ানন ; কার্ত্তিকেয়।

পার্ব্বতীয় [পর্ব্বত+ঈয় (উৎপন্নার্থে—ঈয়)] বিণ, পর্ব্বতোৎপন্ন : পর্ব্বতজাত। প্র —"চড়িবারে দিল তাবে পার্ব্বতীয় ঘোড়া" —কবিকঙ্কণ। ২। পর্ব্বতবাসী ; পাহাড়ী। ৩। পর্ব্বতসম্বন্ধীয় ; পার্ব্বত্য।

পার্লামেণ্ট, পার্লেমেণ্ট (মেনট্) [ইং— parliament] বি, রাজ্যশাসন ও পালন সংক্রান্ত প্রজাবর্গের প্রতিনিধি সভা ; আইন সংগঠক মহাসভা।

পার্শব (ব্) [পর্শু (কুঠার)+অ (প্রহর-ণার্থে—অণ্) যে পরশু দ্বারা প্রহার করে] বি, পুং, পরশুপাণি ; কুঠারাস্ত্রধারী।

পার্শে বি, মৎস্যবিশেষ ; পারিশামাছ]

পার্শেল (ল্) [ইং—parcel] বি, পুলিন্দা। ২। যে পুলিন্দা ডাকযোগে একস্থান হইতে অন্যস্থানে প্রেরিত হয়।

পার্শ্ব (পার্শ) [স্পৃশ্ (স্পর্শ করা)+ব (সংজ্ঞার্থে—বন্)] বি, পুং, ক্লী, পাশ ; ধার ; দক্ষিণ অথবা বামদিক। ২। নিকট ; অদূর। ৩। কক্ষের অধোদেশ।

পার্শ্বগ (গ্) [পার্শ্ব (নিকটে) গ (যে গমন করে)] বিণ, পার্শ্ববর্ত্তী ; অনুচর ; পার্শ্বচর।

পার্শ্বচর (র্) [পার্শ্ব (নিকটে) চর (যে বিচরণ করে)] বিণ, পার্শ্ববর্ত্তী অনুচর ; সন্নি-কটস্থ ভৃত্য।

পার্শ্বপরিবর্ত্তন (পোরিবর্ত্তন্) [পার্শ্বের—পরিবর্ত্তন, ৬তৎ] বি, ক্লী, পাশ ফেরা ; পাশ-মোড়া। ২। [পার্শ্বের পরিবর্ত্তন হয় যে দিনে, বহু] বিষ্ণুর পার্শ্বপরিবর্ত্তন রূপ উৎসব ; শয়ন একাদশীর পর ভাদ্রমাসের শুক্ল একাদশীর দিন বিষ্ণুর বামপার্শ্ব হইতে দক্ষিণ পার্শ্বে শয়ন কালে এই উৎসব হয়।

পার্শ্ববর্ত্তী (বো) [পার্শ্ববর্ত্তিন্ শব্দ। বৃৎ =বিদ্যমান থাকা] বিণ, পুং, পার্শ্বস্থিত ; যাহা পার্শ্বে বিদ্যমান আছে। ২। সমীপে অবস্থিত ; সন্নিকটস্থ। স্ত্রী, পার্শ্ববর্ত্তিনী।

পার্শ্বশূল (ল্) [পার্শ্ব—স্থিত শূল (রোগ) কর্ম্মধা] বি, পুং, ক্লী, কক্ষস্থ শূলবেদনা। শূলরোগ ভেদ।

পার্শ্বাস্থি (পারশাশ্‌থি) [পার্শ্বের—অস্থি—৬তৎ] বি, ক্লী, পঞ্জরাস্থি ; পাঁজরা।

পার্ষদ (দ্) [পর্ষদ্ (সভা)+অ (বিদ্যমানার্থে—অণ্) যাহারা সভাতে বিদ্যমান থাকে] বি, পুং, সভাসদ্; পারিষদ; সভ্য। প্র—"যত যত স্থানে সব পার্ষদ জন্মিলা।"—চৈতন্য-ভাগবত।

পার্ষ্ণি (পার্ষ্ণি) [পৃষ্+নি (সংজ্ঞার্থে)] বি, পুং, স্ত্রী, গুল্ফের নিম্নভাগ; গোড়ালি। ২। পৃষ্ঠদেশ; পশ্চাদ্দেশ। ৩। সৈন্যের পশ্চাদ্ভাগ। ৪। পৃষ্ঠশত্রু। ৫। চণ্ডবতী; প্রচণ্ডা নারী।

পাল (ল্) [পল্=পালি (রক্ষা করা)+ণিচ্ (স্বার্থে)+অ (কর্তৃ—অচ্)] বিণ, প্রতিপালক। ২। রক্ষাকারক; রক্ষক। ৩। বি, পুং, কুল; সমূহ; দল। প্র—"ব্রজকুল বালা রাজপথে আইলা লইয়া ধেনুর পাল।"—চণ্ডীদাস। "রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে"—মদনমোহন তর্কালঙ্কার। ৪। উপাধিবিশেষ। ৫। বায়ুভরে নৌকা বেগে চালাইবার জন্য মাস্তলে বদ্ধ বস্ত্রনির্ম্মিত পর্দা-বিশেষ; ৬। স্ত্রী পশুদিগের পুং পশু সংসর্গ। পালধরান—স্ত্রী পশুকে পুং পশু দ্বারা গর্ভিণী করান। পালের গোদা—বানরীর পালের বা দলের বানর সর্দ্দার। ২। [বিদ্রূপে] দলপতি।

পাল (পালো) বি, পালো দ্রঃ।

পাল (ল্) [পাল্লা দ্রঃ। হি—পালা। পাল্লা; পক্ষ; পাখ। ২। আয়ত্ত; অধিকার; করায়ত্তি। ৩। ব্যবহার; পরস্পর বোঝাপড়া; সংস্রব। প্র—"কালি এক বুড়া পড়েছিল মোর পালে। তেমন হইলে তোমা জলে।"—শিবায়ন। ৪। দলে।

পালই, পালুই (লো) [সং—পল্ল, পল্যুল। প্রা-বাং—পালোএ] বি, ধান্য-তৃণস্তূপ, খড়ের গাদা। প্র—"মুড়াগিরি পর্ব্বত জুড়িআ পালই দিআ।"—শূন্যপুরাণ। "পালোএতে আগুন দিআ পলাইল ভীমা"—ঐ।

পালক (ক্) [পা+ণিচ্=পালি (রক্ষা করা)+অক (কর্তৃ) ই লোপ] বিণ, পালনকর্ত্তা; প্রতিপালক। ২। রক্ষক; রক্ষাকর্ত্তা।

পালক, পালখ (পালোক্) [পক্ষ—শব্দজ] বি, পাখা; ডানা ২। পাখার এক একটি কেশ; পর।

পালকপুত্র (পালক্ পুত্‌ত্র) বি, পুং, শৈশবাবধি যাহাকে আত্মজের ন্যায় প্রতিপালন করা হইয়াছে; পালিত সন্তান।

পালকী (ল্) [সং—পাল্যঙ্ক। হি—ওড়ি-পালকি। (ক্ষুদ্রার্থে—ঈ)] বি, শিবিকা; মনুষ্য-বাহিত যানবিশেষ।

পালঙ্ (সং—পালঙ্কী) [হি—পাল্‌কী] প্রা—পালম্] বি, পালঙ শাক; spinach চুকা পালঙ্—টকপালঙ্; পালঙ জাতীয় অম্লশাক। বিট বা বীটপালঙ্—লালবর্ণ শর্করা-বহুল মূলযুক্ত পালঙ্ শাক; the beet. বীট পালঙের চিনি প্রসিদ্ধ।

পালঙ্‌পোষ (ষ্) [পালঙ্ (দ্রঃ)—ফা পোষ (আবরণ বস্ত্র)। হি—পালংপোষ] বি, পালঙ্কের আবরণ বস্ত্র; খাট বিছানা। ২। খট্টা; পালঙ্ক।

পালঙ্ক, পালঙ্গ [সং] বি, স্ত্রী, শয্যাধার; খট্টা; খাট। প্র—"রতন পালঙ্ক পর বৈঠল দুহুঁ জন দুহুঁ মুখ হেরই দুহুঁ আনন্দে।"—চণ্ডীদাস। ২। পালঙ্ শাক।

পালট (ট্) [প্রাকৃ—পলোট্টই] বি, পাতমোড়া। প্র—"রত্নের পালট জিনি চরণের শোভা।"—কবিকঙ্কণ। ২। প্রত্যাবর্ত্তন। ৩। ফের; মোড়। উলট পালট—উল্টাপাল্টা দ্রঃ। নীচে উপর; বিশৃঙ্খল।

পালটা—পাল্টা দ্রঃ।

পালটিয়া [পালট দ্রঃ। হি—পলটনা। সংক্ষেপে পালটি (পদ্যে)। গ্রা—পাল্টে] ক্রি, প্রত্যাবর্ত্তন করিয়া; পিছন করিয়া। প্র—"পদ আধ যায় পিয়া চায় পালটিয়া।"—চণ্ডীদাস। "পালটি নেহারি"—বিদ্যাপতি। ২। উল্টাইয়া।

পালধি (পা) বি, হিন্দুর জাতীয় পদবী-বিশেষ। প্র—"ব্রাহ্মণ পালিতে তারে বুদ্ধি দিল বিধি। এই হেতু কুল শ্রেষ্ঠ হইল পালধি॥"—কবিকঙ্কণ।

পালন (ন্) [পা+ণিচ্=পালি+অন (ভাবে, অনট্)] বি, ক্লী, ভরণ-পোষণ; প্রতিপালন। ২। রক্ষণ; তত্ত্বাবধান। ৩। [প্রাদে] ছেলে ঘুমাইবার গান; ছেলে ভুলান গান। ৪। নব-প্রসূতা গাভীর দুগ্ধ; গাঁজলা দুধ।

পালনকর্ত্তা (ন্) বি, পুং, যিনি ভরণ পোষণ ও রক্ষা করেন; প্রতিপালক। স্ত্রী, পালনকর্ত্রী।

পালয়িতা [পা+ণিচ্=পালি (রক্ষা করা)+তৃ (কর্তৃ—তৃচ্) পালয়িতৃ ১মা, ১ব] বিণ, প্রতিপালনকর্ত্তা। পালনকারী। ২। রক্ষাকর্ত্তা; রক্ষক।

পালা [সং—পল্লব শব্দজ] বি, পুং, প্রশাখা; পল্লব। ২। জলাশয়ে মাছ রক্ষার জন্য জলের মধ্যে যে কাঁটা গাছের ডাল, বাঁশের ডাল প্রভৃতি পুঁতিয়া রাখা হয়। ৩। [হি] শিশির; হিম।

পালা [সং—পর্য্যায় হইতে] হি—পারি—পারা; র=ল] পর্য্যায়; বার; turn. প্র—"এখন এল অন্তঃপুরে অন্য গানের পালা।"—রবি। ৩। দেবালয়ের সেবাইতের পর্য্যায় ক্রমে দেবসেবা ও প্রাপ্য গ্রহণের কাল। ৪। সময় নিরূপণ। গাছপালা—[গাছ—শব্দের সহচর পালা] বৃক্ষাদি। ডাল পালা—শাখা পল্লব; শাখা প্রশাখা। পালা দেওয়া—পুষ্করিণীআদি জলাশয়ে মাছ রক্ষার জন্য জলে গাছের ডাল পালা পুঁতিয়া রাখা যাহাতে কেহ ছিপ বা জাল ফেলিতে না পারে।

পালা [সং—পঞ্চালী হইতে] বি, পঞ্চালি ছন্দে রচিত দেবতার মাহাত্ম্য কথা বা ধর্ম্ম সঙ্গীত; ছন্দে রচিত ধর্ম্ম সম্বন্ধীয় ইতিবৃত্ত। প্র—"দ্বিজ কবিরত্ন গান শ্রীধর্ম্মসঙ্গীত—এত দূরে পালা সাঙ্গ শুন সর্ব্বজন। মুখ ভরি বল হরি পাপবিমোচন॥"—ঘনরাম। "হরিবল পালা হইল সায়।—ভারতচন্দ্র।

পালা [সং—পালিত হইতে। তুল—হি—পাল্] বিণ, পালিত; পোষিত; পোষা।

পালাঙ্গা [প্রাদে] বি, মেটে দেওয়ালের উপর খড়ের বা পাতার চাল।

পালাতক (ক্) পলাতক দ্রঃ।

পালান (নো) [সং—পলায়ন; প্রাকৃ—পলাণ শব্দজ] উ-পু—পালাই। ম-পু—পালাও; পালান্; পালা। প্র-পু—পালায়; পালান। অস-ক্রি—পালাইতে; পালাইয়া, পালিয়ে (গ্রা)] ক্রি, প্রস্থান করা; পলায়ন করা; চম্পট দেওয়া।

পালান (ন্) [সং—পলায়ন] বি, পলায়ন; প্রস্থান। প্র—সে এমন পালান পালাবে যে আর তাহাকে ধরা যাবে না।

পালান (ন্) সং—পল্যয়ন ("পর্য্যাণন্ত পল্যয়নং"—হেমচন্দ্র) শব্দজ। তুল—ফা—পালান] বি, ভারবহনকারী পশুর পৃষ্ঠের গদি; পর্য্যাণ। ২। ঘোড়ার পেটী; পালানবন্ধনী; girth. প্র—"চারি পায়ে বান্ধিল ঘাবর উরমাল। পালান ভিড়িয়া বান্ধে কেঁদো বাঘ ছাল॥"—কবিকঙ্কণ।

পালান (ন্) [ওলান (গ্রা) ও বলে। সং—পালন—"সদ্যঃ প্রসূতায়া গোঃ ক্ষীরম্।"—শব্দকল্পে] বি, গাভীস্তন; মোড়; গাইয়ের বাঁট। প্র—"ধবলে পাটলরেখা বর্ণ ধেনুটীর। বৃহৎ পালান কিম্বা প্রকাণ্ড শরীর॥"—অশোকগুচ্ছ।

পালান (ন্) [পালা (দ্রঃ)+ন (বহু বচনে হি-র অনুকরণে] বি, ক্ষুদ্র ক্ষুদ্র অসার বৃক্ষ। প্র—সে স্থানে গাছ পালান কিছুই নাই।

পালান (ন্) [গ্রা, প্রাদে। সং—প্রাঙ্গণ হইতে] বি, গৃহ-সংলগ্ন ক্ষুদ্র ভূমিখণ্ড।

পালি, পালী [পঙ্‌ক্তি হইতে] বি, স্ত্রী, পঙ্‌ক্তি; শ্রেণী। ২। প্রান্তভাগ; ধার। ৩। খড়্গাদির সূক্ষ্ম ধার। ৪। [পালি (রক্ষা করা)+ই, ঈপ্] প্রদেশ। ৫। ক্রোড়; উৎসঙ্গ। ৬। কোণ। ৭। ছাত্রবৃত্তি

৮। শস্য পরিমাণ। প্র—"আছিল ভিক্ষার শেষ পালি দুই ধান।"—কবিকঙ্কণ। ৯। খোঁয়াড়: খোঁড়। ১০। শ্বশ্রুমতী স্ত্রী। ১১। কেশকীটবিশেষ।

পালি [পালিপ্রকাশ মতে—পঙ্‌ক্তি হইতে পংলি—পল্লি—পালি=বৌদ্ধ শাস্ত্রের পঙ্‌ক্তি বা মূল শাস্ত্রের ভাষা] বি, বৌদ্ধ-মাগধী ভাষা; প্রাকৃত ভাষার শাখাবিশেষ: যে ভাষায় বুদ্ধদেব নিজের ধর্ম্ম প্রচার করিয়াছিলেন। **পালি-লাট** [রাজা অশোকের ধর্ম্মাজ্ঞার ভাষা পালি বলিয়া এই লিপির নাম পালি; "Indian Pali", "South Asoka" এবং "লাট"—ভারতী—১৩১৯] অশোকের শিলা-লিপি: স্তম্ভখোদিত শিলালিপি। পালিলিপি গুপ্তলিপি অপেক্ষাও প্রাচীনতর।

পালিত [পা+ণিচ্‌=পালি+ত (কর্ম্মে ক্ত)] বিণ, পোষিত; পোষা। ২। রক্ষিত। ৩। (পালিত্) পদবীবিশেষ। স্ত্রী, **পালিতা**।

পালিস (শ্) [ইং—polish] বি, উজ্জ্বলতা; চাকচিক্য; উপরে ঘর্ষণ বা স্নেহ পদার্থের প্রলেপজাত মসৃণতা; জেল্লা।

পালুই [সং—পল্ল হইতে] বি, মরাই। ২। খড়ের গাদা।

পালুনি [পালন শব্দের গ্রা-রূপ] বি, দেবতার প্রীত্যর্থে নিয়ম পূর্ব্বক উপবাস জাগরণাদি; রাত জাগিয়া ব্রত নিয়ম পালন। প্র—রাত-পালুনি, দিন পালুনি।

পালো [প্রাদে] বি, ঔষধবিশেষ। ২। ইহা শঠী নামক একরূপ মূল পদার্থ দ্বারা প্রস্তুত। বালক কিম্বা উদরাময় রোগীর পথ্য। ৩। শুষ্ক ফলের সূক্ষ্ম চূর্ণ।

পালোয়ান (ন্) [ফা—পহ্‌ল্‌বান্] বি, বলবান; বীর। ২। যে ক্রীড়া স্বরূপ ব্যায়াম করে; কুস্তিগীর।

পাল্কী—পালকী দ্রঃ। **পাল্কী করা**—পাল্কী নির্ম্মাণ করা। ২। পাল্কী ভাড়া করা।

পাল্টা [পালট দ্রঃ] বি, বিনিময়; বদল। ২। পুনরায়। ৩। বিণ, বিপরীত; উল্টা। **পাল্টাজবাব**—প্রত্যুত্তর; উত্তর গাওয়া।

পাল্টান (পাল্টানো) [দেশী প্রাকৃ—পলোট্টই (প্রত্যাগচ্ছতি); হি—পলট্‌না। উ-পু—পালটাই। ম-পু—পালটাও। প্র-পু—পালটায়। অস-ক্রি—পালটাইতে: পাল-টাইয়া] ক্রি, প্রত্যাবর্ত্তন করা। ২। প্রত্য-র্পণ করা। ৩। পরিবর্ত্তন করা; ফিরান; বদলান। ৪। প্রত্যুত্তর করা; প্রতিজবাব দেওয়া।

পাল্টানালিশ—বি, বাদীপক্ষের নামে প্রতি-বাদী কর্ত্তৃক যে মোকদ্দমা রুজু করে তাহার নামে উল্টা অভিযোগ করিয়া বিচার প্রার্থনা; counter charge.

পাল্‌টী [প্রাদে] বিণ, বিবাহে যাহাদের সহিত আদান প্রদান চলিতে পারে; পরিবর্ত্ত। প্র—পাল্‌টী ঘর।

পাল্লা [হি—পাল্লা—কোন যুগ্ম বস্তুর এক অর্দ্ধ বা একদিক] বি, পক্ষ: পার্শ্ব। ২। তরাজু: তৌল যন্ত্রের একদিকের পাত্র। ২। ব্যবধান দূর: পাড়ি। ৩। একখণ্ড। ৪। [পাল দ্রঃ] আয়ত্ত; অধিকার। ৫। পরস্পর বোঝা পড়া: ব্যবহার; সংস্রব। ৩। তুলনা জোখা; পরীক্ষা; প্রতিযোগিতা। **পাল্লা-দেওয়া**—প্রতিযোগিতা করা; টক্কর দেওয়া।

পাশ (শ্) [পাশি (বন্ধন করা)+অ (করণে, ঘঞ্)] যাহাদ্বারা বন্ধন করা হয় বি, পুং, বন্ধনী; রজ্জু; দড়ি। ২। বন্ধন বাঁধন। ৩। সূত্র। ৪। [কেশ শব্দের পর যুক্ত হইলে] গুচ্ছ। প্র—কেশপাশ। ৫। ফাঁদ: জাল। ৬। অস্ত্রবিশেষ। প্র—"বরুণ আপন পাশ গলায় বান্ধিয়া ফাঁস প্রাণ বলিদান দিতে মন।"—অন্নদামঙ্গল। **কেশ পাশ**—কেশগুচ্ছ; কেশদাম। প্র—"কেতকী-কেশরে কেশপাশ কর সুরভি।"—রবি। **নাগপাশ**—পৌরাণিক সময়ের মন্ত্র-সিদ্ধ অস্ত্র, যাহা নিক্ষেপ করিলে লক্ষিত ব্যক্তির সর্ব্বাঙ্গ সর্পরজ্জু দ্বারা দৃঢ়ভাবে বন্ধন করিয়া ফেলে।

পাশ (শ্) [সং—পার্শ্ব শব্দজ] বিণ, পার্শ্ব; নিকট। প্র—"কে আছে বুঝিয়া সুঝিয়া বসিবে আমার পিয়ার পাশে।"—চণ্ডীদাস। ২। পক্ষ। ৩। পাশক; অক্ষ।

পাশ (শ্) [সং—পার্শ্ব হইতে] বি, চড়ক পূজায় পার্শ্বদেশ বিদ্ধ করিবার পক্ষশীর্ষ অস্ত্র-বিশেষ; বাণভেদ। **পাশমোড়া**—শয়নকালে পার্শ্ব পরিবর্ত্তন করা; পাশ ফিরিয়া শয়ন করা।

পাশ (শ্) [ফা—পাশ হইতে। ফা-তে বিস্তারকারী (বিণ) অর্থে অন্য শব্দের সহিত যুক্ত হইয়া ব্যবহৃত হয়। যথা—গোলাবপাশ। পাশ পাশ (টুকরা টুকরা, ছিৎরা ভেৎরা)। বাং-য় গোলাব পাশ অর্থে স্বতন্ত্র ব্যবহারও দৃষ্ট হয়] বি, সুগন্ধি জল ছিটাইবার পাত্র-বিশেষ: গোলাবপাশ। প্র—"জলের পেয়ে বাস, উঠিয়া দিল পাশ, উশনা জল দিল মাথে।"—কবিকঙ্কণ।

পাশ (শ্) [ইং—pass] বি, সাধারণের প্রবেশনিষিদ্ধ স্থানে প্রবেশের লিখিত আদেশ পত্র। ২। পরীক্ষার ফল; পরীক্ষার সাফল্য। প্র—"পাশ করা নয় বাঙ্গালীদের নাশ করা কেবল। পাশের জ্বালায় পাশ ফেরা দায় এ পাশ ধরায় কে আনলে বল।"—বাং-গান। **পাশ করা**—পরীক্ষায় উত্তীর্ণ হওয়া। ২। অধিকার দান করা।

পাশক (ক্) [সং] বি; পুং, অক্ষ; পাশা।

পাশপাণি (শ্, নি) [পাশ (অস্ত্রবিশেষ) হইয়াছে পাণিতে যাহার, বহু] বি, পুং, জলাধিপ: বরুণ।

পাশব (ব্) [পশু+অ (সমূহার্থে অণ্)] বি, ক্লী, যাবতীয় পশু: পশুসমূহ: পশুকুল; পশু পাল। ২। [অণ্—সম্বন্ধার্থে] বিণ, পশুসম্বন্ধীয়। ৩। পশুসুলভ; অমানুষিক।

পাশভৃৎ (শ্) [পাশ (অস্ত্রবিশেষ) ভৃ (ধারণ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, পাশী; বরুণ।

পাশরণ (ন্) [সং—বিস্মরণ। হি—বিসর্‌না। বাং-পদ সা] বি, পাসরণ দ্রঃ; বিস্মরণ।

পাশলি—পাশুলি দ্রঃ।

পাশা (পা্) [পাশক শব্দজ] বি, অক্ষ; চৌপাড়। ২। কর্ণাভরণবিশেষ।

পাশাড়ী [পার্শ্ববর্ত্তী অপভ্রংশে] বিণ, পার্শ্ববর্ত্তী।

পাশাপাশি [পার্শ্বাপার্শ্বি হইতে] বিণ, পরস্পর পার্শ্বে অবস্থিত; নিকটস্থ; পরে পরে: কাছাকাছি।

পাশী (পা্শি) [পাশ (অস্ত্রবিশেষ, রজ্জু)+ইন্ (অস্ত্যর্থে)=পাশিন্ ১মা, ১ব। বরুণ পাশ-অস্ত্রধারী বলিয়া এই নাম] বি, পুং, জলাধিপ: বারীশ: বরুণ। ২। যম [বিরল]। ৩। পাশ অর্থাৎ ফাঁদে ফেলিয়া যাহারা শিকার করে: ব্যাধ; নিষাদ। ৪। জাতিবিশেষ। ৫। বিণ, পাশঅস্ত্রধারণকারী। ৬। [প্রাদে] বি, লাঙ্গলের মুখে ফলা সংলগ্ন করিবার লৌহ নির্ম্মিত বেষ্টনী। প্র—পাঁচ যোগে পাশী করি আশীযোগে ফাল। দুযোগের দু জলোই অর্দ্ধেকে কোদাল।"—শিবায়ন।

পাশুনি [পিশুন হইতে] বি, পিশুনের ভাব; পাপ। প্র—"জ্ঞানদাস কহ কাহাই পাশুনি কর দূর।"—জ্ঞানদাস।

পাশুপত (ত্) [পশুপতি (শিব)+অ (অণ্)] বি, পুং, শৈব: শিবের উপাসক। ২। বকফুল। ৩। ক্লী, মহাদেবের অমোঘাস্ত্র। ৪। ব্রতবিশেষ; এই ব্রতের নিয়মানুসারে ব্রতীকে দ্বাদশীতে একবারমাত্র, ত্রয়োদশীতে অযাচিতভাবে যে যাহা দেয় তাহাই মাত্র, এবং চতুর্দ্দশীতে সমস্ত দিবসের পর রাত্রে আহার করিয়া তাহার পর দিন উপবাসী থাকিতে হয়। ৫। বিণ, পশুপতি সম্বন্ধীয়।

পাশুপতাস্ত্র [পাশুপত (শিবসম্বন্ধীয়) যে অস্ত্র—কর্ম্মধা] বি, ক্লী, পশুপতির অস্ত্র; ত্রিশূল।

পাশুপাল্য (পাল্ল) [পাশুপাল (পশুর রক্ষক)+য (ভাবে)] বি, স্ত্রী, পশুপালন-বৃত্তি।

পাশুলি, পাশুলী, পাশলি [সং—পাষকঃ। গ্রা—পাশ্‌লা। তুল—"গোদা পায়ে পাশলা"—ছড়া। পাশ—অঙ্গুলি = অঙ্গুলির পাশ (বেষ্টনী) তাহা হইতে পদাঙ্গুলির পাশ। গলায় পাশ অর্থে হাঁশুলি। তুল—"পায়ে পরে পাশুলি, গলায় পরে হাঁশুলি"—ছড়া] বি, পদাঙ্গুলির ভূষণবিশেষ। প্র—"অঙ্গুরী পাশলি কাঁচী * * * পলা হেমহার"—কবিকঙ্কণ। "রতন পাশুলি দুটি পরে দিব্য তুলা কোটি বাহুবিভূষণ ঝলমলি।"—কবিকঙ্কণ। "সুবর্ণে রচিত নিজ অঙ্গুলি পাশুলি"—ঐ। "বাউলি বেসর টার কাঁটি পুঁপিহার। মাদুলি পাশুলি শঙ্খ কঙ্কণ সবার।"—ঘনরাম। "পাঙ্গুলী পাশুলী"—শিবায়ন।

পাশ্চাত্য (পাশ্‌চাৎত) [পশ্চাৎ+য (যণ্‌)] বিণ, পশ্চাৎ সম্বন্ধীয়। ২। পশ্চাৎ-স্থিত। ৩। পশ্চাৎ আগত। ৪। পশ্চিমস্থ। ৫। পশ্চিমদেশীয়। ৬। পশ্চিম-দেশ হইতে আগত। ৭। পশ্চিমদেশজাত। ৮। বি, পুং, যবন।

পাষক (ক্‌) [পাশুলি দ্রঃ] বি, পুং, পাশুলি ; পদাঙ্গুলির অলঙ্কারবিশেষ।

পাষণ্ড (পাষোন্‌ডো) [পাপ—সন্‌ (দান করা)+ড (কর্ত্তৃ—নিপাত)] বি, পুং, বৌদ্ধ ধর্ম্মে অবিশ্বাসী ; পরে ইহা বৈষ্ণবগণ অন্য ধর্ম্মাবলম্বীদিগের প্রতি প্রয়োগ করিতে থাকেন। হিন্দুস্থানে "পাখণ্ড" নাস্তিক অর্থে এখনও ব্যবহৃত হয়। মনুর মতে বিভিন্ন ধর্ম্মাবলম্বী ; অহিন্দু মাত্র। বেদ ও স্মৃতিবর্জ্জিত ধর্ম্মাবলম্বী। রাজা প্রিয়দর্শী বৌদ্ধ ভিন্ন অন্য সম্প্রদায়ের লোককে পাষণ্ড বলিতেন। প্রাচীন পালি-সাহিত্যে ৯৬ প্রকার মতাবলম্বী পাষণ্ড নামে অভিহিত হইয়াছে। ২। বিধর্ম্মী ; বেদ-বিরোধী। ৩। ধর্ম্মবহিষ্কৃত। ৪। নাস্তিক। ৫। বৌদ্ধ সন্ন্যাসী। ৬। সদাচারভ্রষ্ট। ৭। পাপিষ্ঠ, পামর।

পাষণ্ডক (ক্‌) [পাষণ্ড+ক (স্বার্থে)] বি, বিধর্ম্মী। ২। পাপিষ্ঠ। ৩। নাস্তিক। ৪। ধর্ম্মবহির্ভূত।

পাষণ্ডী (পাষোন্‌ডি) [হি—পাখণ্ডী। পাষণ্ড +ইন্‌ (স্বার্থে) = পাষণ্ডিন্‌ ১মা, ১ব] বি, পুং, পাষণ্ড দ্রঃ। প্র—"হায় হায় কি কহিব বিধাতা পাষণ্ডী।"—অন্নদামঙ্গল। ২। [বৌদ্ধ-শাস্ত্রে] বৌদ্ধধর্ম্মবিরোধী ; ম্লেচ্ছ ; কাফের।

পাষাণ (ন) [পিষ্‌ (চূর্ণ করা)+আন (অধি)—পিষ্‌ = পাষ্‌, যাহাতে চূর্ণ করা হয়] বি, পুং, শিলা ; পাথর। ২। হৃদয়হীন ; নির্ম্মম ; নির্দ্দয়। প্র—"না মরে পাষাণ বাপ দিলা হেন বরে।"—অন্নদামঙ্গল। স্ত্রী, **পাষাণী**—ক্ষুদ্র পাষাণ ; বাটখারা।

পাষাণদারক (ক্‌) [পাষাণ (শিলা) দৃ (বিদারণ করা)+অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে] বি, পুং, প্রস্তর ভেদকারী অস্ত্র ; টঙ্ক ; টাঙি।

পাষাণভাঙ্গা (ন্‌) [পাষাণ দ্রঃ। ফা—পাসঙ্গ] বি, তুলাদণ্ডের উভয়দিকের পাল্লা সমান করা। ২। প্রস্তর ভঙ্গ করা।

পাষাণোলুখল (ল্‌) [পাষাণ-নির্ম্মিত উলূখল] বি, পাথরের উখলি। stone mortar.

পাষ্টি [সং—পার্ষ্ণি—জিগীষা] বি, পাটী ; খেলিবার পাশা। প্র—"বান্ধিয়া খুলনা পাশা লয় আরবার।" "বিঘাত হইয়া পাষ্টি পড়িল দুয়া চারি। পাটীর পড়নে বুঝে আপনার হারি।"—কবিকঙ্কণ।

পাসরণ (পাশরন্‌) [সং—বিস্মরণ—অপভ্রংশ। হি—বিসর্‌না, পসর্‌না] বি, স্মৃতিনাশ ; বিস্মরণ ; ভুল। প্র—"চাহিয়া উত্তর দেহ রতিরে সংহতি লেহ পাসরিলে পূরব পীরিতি"—কবিকঙ্কণ।

পাসরা [প্রাদে—পাসোরা। পাসরণ দ্রঃ। উ-পু—পাসরি। ম-পু—পাসর ; প্র-পু—পাসরে। অস-ক্রি—পাসরিতে ; পাসরিয়া ; পাসরি (সংক্ষেপে)] বি, বিস্মৃতি ; ভ্রম ; ভুল। প্র—"পাসরিতে করি মনে পাসরা না যায়"—চণ্ডীদাস। "তোমারে যখন পাই আঁধারে আলোক পাই নিমেষে হৃদয় তাপ সব পাসরি"—ব্রহ্মসঙ্গীত। "সসম্ভ্রমে পাসরে গৌরী পূজার বিধান"—কবিকঙ্কণ। ২। বিণ, যে পাসরণ করায় ; যে বিস্মরণ করায় ; ভুলানিয়া। প্র—"দুঃখ হরা দুখ-পাসরা"—ছড়া।

পাসরাণ (ন্‌) [সং—প্রসারণ শব্দের অপভ্রংশে] বি, পা ছড়ান। ২। পদক্ষেপণ ; চলন।

পাসলি, পাসুলি (শ, শু) [প্রা-বাং—পাশুলি দ্রঃ] বি, পাদাভরণবিশেষ। প্র—"পায় দিল পাতামল পাসুলির পাঁতি। মহামণি মুকুতা মণ্ডিত নানা ভাতি।"—শিবায়ন। "রতন পাসলি দুটি পরে দিব্য তুলা কোটি বাহু বিভূষণ ঝলমলি।"—কবিকঙ্কণ।

পাসান (পাশানো) [তাস খেলায়। গ্রা] ক্রি, পাশ দেওয়া ; যে রঙ্গের খেলা সে রঙ্গের তাস না থাকিলে অন্য রঙ্গের তাস ফেলিয়া খেলা বজায় রাখা।

পাহাড় (ড়্‌) [হি—পহাড়] বি, অনতি উচ্চ পর্ব্বত ; ক্ষুদ্র ক্ষুদ্র পর্ব্বত। ২। উচ্চ এবং বিস্তৃত বৃহৎস্তূপ। ৩। উচ্চ তীরভূমি ; পাড়। প্র—"পোখরি পাহাড়ে তুলিও ঘর।"—ডাক। ৪। বিণ, সুদীর্ঘ ; বিশাল।

পাহাড়তল, পাহাড়তলী (ড়্‌, ল্‌, তোলি) বি, উপত্যকা ; পর্ব্বতপাদমূল ; তরাই ; পর্ব্বতের নিকটস্থ ভূমি ; পর্ব্বত পাদমূলে অবস্থিত প্রদেশ।

পাহাড়িয়া [পাহাড়ী দ্রঃ। পাহাড়+ইয়া] বি, পার্ব্বতীয় ; পার্ব্বত্য। ২। পর্ব্বতজাত। প্র—পাহাড়িয়া পাখী। ৩। পাহাড় সম্বন্ধীয়।

পাহাড়ী [পাহাড়+ঈ] বি, পাহাড়বাসী ; পার্ব্বত্যজাতি। ৩। [লক্ষণায়] সুদীর্ঘ ; বিশালকায়। ৪। বিণ, পাহাড়িয়া।

পাহার (র্‌) [পাহাড় দ্রঃ] বি, পাড়। প্র—"নদীর পাহার লাগি গমন করিল।"—মাণিকচাঁদের গান। ২। পাহাড়।

পাহারা [হি—প্‌হরা। সং—প্রহরী হইতে] বি, শান্তিরক্ষক। ২। শান্তিরক্ষা। **পাহারা দেওয়া**—রাত্রি জাগরণ করিয়া শান্তি রক্ষা করা। **কড়া পাহারা**—রক্ষিকর্ত্তৃক গমনাগমনের পথ এমনভাবে রক্ষা, যাহাতে তাহার অজ্ঞাতসারে কেহ প্রবেশ করিতে না পারে।

পাহারাওয়ালা [হি—পাহারা দ্রঃ] বি, শান্তিরক্ষক ; প্রজা সাধারণের রক্ষা কার্যে সরকারনিযুক্ত প্রহরী ; constable ; sentry.

পাহুড়ি [সং—পর্ব্ব হইতে পাবড়া দ্রঃ। গ্রা—পাউড়ি (দ্রঃ)] বি, একহস্ত পরিমিত মোটা লাঠি। প্র—"যদি না খাইবি বাঁঝি পাহুড়ির বাড়ি।"—কবিকঙ্কণ।

পাহুন (ন্‌) [পাষাণ শব্দজ। মিথিলায়, পাখান, পাহান—পাহুন] বি, পাষাণ। ২। নিষ্ঠুর ; নির্ম্মম। প্র—"পরখি পেখনু পুরুখ পুরুষোত্তম তুঁহু সে পাহুন জাতি।" "পুরুষ পাহুন জাতি"—গোবিন্দদাস। ৩। বিদেশবাসী ; প্রবাসী। প্র—"কান্ত পাহুন কাম দারুণ সঘনে খরশর হন্তিয়া।"—বিদ্যাপতি। ৪। পথিক। ৫। অতিথি। প্র—"সামর পুরুসা মঝু ঘরে পাহুন"—বিদ্যাপতি।

পি—অনুকার শব্দ। ২। সং—"প্র" স্থলে প্রাকৃ-নিয়মে আগত, বাং-গ্রা—"পি"। যথা—প্রতি স্থলে পিতি ; প্রতিষ্ঠা—পিতিষ্ঠে। প্রা-বাং—পিতিঠা (দ্রঃ) ; প্রত্যাশা—পিত্যেশ ; প্রিয়—পিয় ; প্রদীপ—পিদিপ। ৩। সং—"পৃ" স্থলে প্রাকৃ-নিয়মে আগত প্রা-বাং—গ্রা—"পি"। যথা,—পৃথিবী স্থলে পিথিবি। প্র—"মাঘমাসে গোঁসাই পিথিবী মঙ্গলিল"—শূন্যপুরাণ। ৪। [পিআ দ্রঃ] ক্রি, পান করি।

পিআ [হি—পীনা (পান করা) ; সং—পা, পী (পানে)। উ-পু—পি, পিই। ম-পু—পিঅ, পিও, পিয়ো পিউন ; পি। প্র-পু—

পিয়ে। অস-ক্রি—পিইতে, পি'তে ; পিইয়া ; পিয়া, পিয়ে। ণিজন্ত—পিআন ; পিয়ান (নো), তুল—হি, পিলানা। সঙ্গীতে ও পদ্যে। পদ সাহিত্যে প্রচরদ্রূপ। প্রা-বাং—গদ্যে বিরল। প্র—"শোণিত পিয়া"—প্রবোধ চন্দ্রিকা] ক্রি, পান করা। **পিত**—পান করিত। প্র—"ভাণ্ডে পূর্ব্বে পিত বারি"—কবিকঙ্কণ। **পিয়ে**—পান করে। প্র—"এক ফুলে মধু পিয়ে ভ্রমর দম্পতী"—কবিকঙ্কণ। **পিল, পিলে**—পান করিল। প্র—"ধুতুরার ফুলে কত মধু পিলে"—কবিকঙ্কণ। "প্রভু পিল জল"—চৈতন্যচরিত। **পিয়ত** [ব্রজ] পান করে। প্র—"পিয়ত নিয়ত দুহুঁ পিয়াসী"—রাজকৃষ্ণ রায়।

পিআল (ল্) বি, পিয়াল দ্রঃ। প্র—"চন্দন বানাঅ তুলি বেলাল সিকড়। তোআল পিআল সাইল দুহি আকড়।"—শূন্যপুরাণ।

পিউপিউ [অনুকার শব্দ] বি, পাপিয়া পাখীর ডাক। প্র—"ঘুমভারে অলসা বসুন্ধরা দূরে পাপিয়া পিউপিউ রবে ডাকিছে সঘনে।" —বাং-গান।

পিউলী, পিয়লি [প্রাদে। গ্রা—বিকারে পিউড়ি (yellow ochre *Cucy*) সং—পিঙ্গলী হইতে] বি, লঘু পীত বা পীতাভ পুষ্পবিশেষ। প্র—"বান্ধুলী পিউলী মালতী জাতি কুন্দ কৃষ্ণকেলি দনার পাঁতি।" —ভারতচন্দ্র। "নেহালি পিয়লি দূর্ব্বা, বনকরবীর মূর্ব্বা, অতসী শিউলি পারিজাত।" —কবিকঙ্কণ। ২। গোপিত্ত ; গোরোচনা।

পিঁচুটি [সং—পিচ্চট] বি, নেত্রমল ; চক্ষুর ক্লেদ। প্র—"ঐ মাতৃভাষা দীনা হীনা ক্ষীণা মলিনা পিঁচুটি নয়না।"—লীলাবতী।

পিঁজর (র্) [সং—পিঞ্জর] বি, পিঞ্জর ; পিঁজরা। ২। দৃষ্টির সীমাবন্ধন। প্র—"নয়নে নয়নে নয়ন পিঁজরে রাখয়ে আপন কাছে।"—চণ্ডীদাস।

পিঁজরা (জ্) [পিঞ্জর শব্দজ] বি, পিঞ্জর ; খাঁচা। প্র—"প্রতাপ আদিত্য রায়ে পিঁজরা ভরিয়া। চলে রাজা মানসিংহ জয় ডঙ্কা দিয়া।" —অন্নদামঙ্গল।

পিঁজরাপোল (জ্, ল্) [হি-শব্দ] বি, পশ্বাদি-রক্ষণ-স্থান ; যে বেষ্টনীর মধ্যে গবাদি পশু আবদ্ধ করিয়া রাখা হয়।

পিঁজা, পেঁজা [সং—পিঞ্জন = যে যন্ত্রে তুলা ধোনা হয়। শব্দাত্মক। উ-পু—পিঁজি। ম-পু—পিঁজ, পেঁজ। প্র-পু—পেঁজে। অস-ক্রি—পিঁজিতে ; পিঁজিয়া। ণিজন্ত—পিঁজান, পেঁজান (নো)] ক্রি, তুলা ও তদ্বৎ জমাট বস্তু হইতে অংশুগুলি টানিয়া পৃথক্ পৃথক্ করা ; দুই হাতের আঙুল দিয়া ধরিয়া প্রসারিত করা।

পিঁড়া [প্রা-বাং—গৃহপিণ্ডা, পিণ্ডা (সং—দ্বারপিণ্ডী হইতে)] বি, গৃহদ্বারের সম্মুখস্থ ভিত্তি ; মেটে ঘরের রোয়াক ; দাওয়া। প্র—"পিঁড়া বাঁন্ধে দিয়া শিলা"—কবিকঙ্কণ।

পিঁড়ি, পীঁড়ি [পীঠিকা ; গ্রা—পিড়ে] বি, ক্ষুদ্র কাষ্ঠাসন ; বসিবার চতুষ্কোণ কাষ্ঠখণ্ড বা তক্তা। প্র—"উচ্চ পিঁড়া হৈতে বুড়া পড়িবলে রাম"—শিবায়ন। "দাঁড়াইয়া পিঁড়ায় হাসেন পশুপতি"—ভারতচন্দ্র। "চিত্রিকাজে চিত্রিগুপ্ত পাঁড়িতে আলপানা"—হেম বন্দ্যো।

পিঁধন (ন্) [সং—পিনদ্ধ হইতে পিন্ধা বাং—ক্রি-পদ (হি—পিন্হা, পিন্হানা, পহিন্না) তাহা হইতে বাং—বিশেষ্য পদ পিন্ধন—কোমলরূপ পদাবলীতে—পিঁধন] বি, পরিধান। ২। পরিধান বস্ত্র। প্র—"কালিন্দবরণ হিরণ পিঁধন যখন পড়য়ে মনে।"—চণ্ডীদাস।

পিঁধা [পিঁধন দ্রঃ। উ-পু—পিঁধি। ম-পু—পিঁধ। প্র-পু—পিঁধে। অস-ক্রি—পিঁধিতে ; পিঁধিয়া। ণিজন্ত—পিঁধান (নো)] ক্রি, পরিধান করা ; অঙ্গে ধারণ করা। প্র—"পিঁধিয়া বিভূতি সাজল মুরতি রুদ্রাক্ষ জপয়ে করে।"—চণ্ডীদাস।

পিঁপীড়া [সং—পিপীলিকা] বি, প্রসিদ্ধ কীটবিশেষ ; the ant. গ্রাম্য—**পিঁপ্ড়ে**। **কাট পিঁপড়ে**—কাল বড় শক্ত দাড়াযুক্ত পিপড়ে। **ডেয়ে পিঁপড়ে** [ডাগর হইতে ডেয়ে] কাট পিঁপড়ে অপেক্ষা বড় জাতীয় পিঁপড়ে। **চিড়চিড়ে** বা **চর্চ্চা পিঁপ্ড়ে**—লালবর্ণ ছোট পিঁপড়ে ; ইহাদের দংশনে দষ্টস্থান ফুলিয়া উঠে ও জ্বালা করে।

পিঁপুল (ল্) [পিপ্পলীশব্দজ। তুল—হি—পীপ্রা মূল] বি, পিপ্পলী মূল। ২। [পিঁপুল গাছ।

পিঁপুলপাতা (ল্) [প্রাদে] বি, কর্ণভূষণবিশেষ। ২। পিঁপুল গাছের পাতা।

পিক (ক্) [সং] বি, কোকিল। স্ত্রী, **পিকী**—কোকিলা [প্র-অ]। [দ্রঃ—কালীবর বেদান্তবাগীশ মহাশয় মীমাংসাদর্শনোদ্ধৃত "পিক"-"নেম"-"সত"-"তামরসাদি"শব্দা ন কচিদার্য্যাণাং প্রসিদ্ধাঃ। ম্লেচ্ছানান্ত কোকিলাদিষু প্রসিদ্ধাঃ।"—ইত্যাদি প্রমাণে বলেন পিক শব্দ আর্য্য ভাষা-প্রসিদ্ধ নহে কিন্তু ম্লেচ্ছ ভাষায় কোকিল অর্থে প্রসিদ্ধ]।

পিক, পিচ (ক্, চ্) [পীক, পীচ বানান ও কচিৎ দৃষ্ট হয়। হি—পীক। অনুকার শব্দ হইতে পিচ] বি, চর্ব্বিত পানের রস ; ছেপ। প্র—"নয়নে পানের পিক দিল কোন জন"—ভারতচন্দ্র। ২। নিষ্ঠীবন, থুথু। ক্রি, **পিকলান**—(পিক্লানো) পিক ফেলা ; ছেপ ফেলা।

পিকদান (ক্, ন্) [পিক—ফা—দান, দানী] বি, নিষ্ঠীবন ফেলিবার পাত্র ; ছেপ ফেলিবার আধার। [দ্রঃ—"পিক", "নিষ্ঠীবন", "মুখামৃত"—একার্থক। এই হেতু পিকদানের এক নাম "অমৃতী" অর্থাৎ মুখামৃত ফেলিবার পাত্র]।

পিকেক্ষণ (পিকেক্খন্) [পিকের (কোকিলের) ঈক্ষণের (চক্ষুর) ন্যায় ঈক্ষণ যাহার, বহু] বিণ, পিকচক্ষুবৎ রক্তবর্ণ চক্ষুযুক্ত। স্ত্রী, **পিকেক্ষণা**—কোকিলের চক্ষুর ন্যায় রক্তনেত্রা স্ত্রী।

পিঙল (ল্) [পিঙ্গল শব্দজ। পদ সাহিত্যে কোমলরূপ] বি, পিঙ্গল বর্ণ ; নীলপীত মিশ্রিত বর্ণ। প্র—"পিঙল বরণ বসন খানি মুখানি আমার মুছে।"—চণ্ডীদাস।

পিঙ্গ—বি, পিঙ্গল দ্রঃ।

পিঙ্গচক্ষুঃ (চোক্খু) [পিঙ্গ (পিঙ্গলবর্ণ) হইয়াছে চক্ষুঃ যাহার, বহু] বি, পুং, কুম্ভীর।

পিঙ্গজট (ট্) [পিঙ্গ (পিঙ্গলবর্ণ) জটা যাহার, বহু] বি, পুং, শিব।

পিঙ্গল (ল্) [পিঙ্গ (নীলপীত মিশ্রবর্ণ) + ল—স্বার্থে] বি, পুং, পীতবর্ণের আভা-যুক্ত গাঢ়নীল। ২। অগ্নি ; অনল। ৩। [সংজ্ঞার্থে—ল] নাগবিশেষ। ৪। মুনিবিশেষ। ৫। একাদশ রুদ্রের অন্যতম। ৬। মঙ্গলগ্রহ। ৭। সূর্য্যের পারিপার্শ্বিক। ৮। নাগবিশেষ। ৯। বিষবিশেষ। ১০। পিঙ্গলাচার্য্য নামক ছন্দঃশাস্ত্র-প্রণেতা। ১১। পিঙ্গলাচার্য্য কৃত ছন্দোগ্রন্থ। প্র—"আসি পুর গুজরাট নিবাস করয়ে ভাট অবিরত পড়য়ে পিঙ্গল।"—কবিকঙ্কণ। ১২। নেউল। ১৩। বিণ, কপিলবর্ণযুক্ত। স্ত্রী, **পিঙ্গলা**—বামন নামক দক্ষিণ দিগ্‌গজপত্নী। ২। নাড়ীবিশেষ। ৩। শিংশপাবৃক্ষ।

পিঙ্গললৌহ [রাসাঃ পরিঃ] বি, ক্লী, পিত্তল ; পিতল।

পিঙ্গসার (শার্) [রাসাঃ পরিঃ] বি, পুং, হরিতাল।

পিঙ্গাক্ষ (পিংগাক্খ) [পিঙ্গ (পিঙ্গলবর্ণ) অক্ষি (চক্ষু) = অক্ষ যাহার, বহু] বিণ, পিঙ্গলবর্ণ চক্ষুবিশিষ্ট। ২। বি, শিব। স্ত্রী, **পিঙ্গাক্ষী**—কুমারানুচর মাতৃকাবিশেষ।

পিঙ্গাশ (শ্) [পিঙ্গ (পিঙ্গলবর্ণ) অশ্ (ভোজন করা) + অ (কর্ম্মে—ঘঞ্) = আশ (মাংস) যাহার মাংস পিঙ্গলবর্ণ] বি, পুং, পাঙ্গাশ মাছ। স্ত্রী, **পিঙ্গাশী**—নীলিকা।

পিঙ্গাস্ফটিক (পিংগাশ্‌ফোটিক্) বি, পুং, রত্নবিশেষ ; গোমেদ মণি।

পিচ, পীচ (চ্) [ইং— peach. হি—আঁড়ু] বি, উদ্যান-তরুবিশেষ : ইহার ফল রোমশ, হরিদ্রাভ লোহিত ও সবুজমিশ্রিত বর্ণ।

পিচকারি, পিচকারী (চ্) [হি। অনুকার শব্দ হইতে। বাং-প্রা—পিচকিরী] বি, জল দূরে নিক্ষেপ করিবার যন্ত্রবিশেষ ; syringe. প্র—"নীবিবন্ধে ঝুলিছে পিচকারী।" —কথা। "চুয়া চন্দন ভরি পিচকারী। শ্যামনাগর অঙ্গে দেওত ডারি।"—জ্ঞানদাস।

পিচকারী দিয়া পূয বা রক্ত ছোটা —স্ফোটকাদি হইতে পূয বা রক্ত পিচকারীর ধারার ন্যায় বেগে নির্গত হওয়া।

পিচ্‌পা, পিছপা [প্রা। সং—পশ্চাৎপদ হইতে] ক্রি-বিণ, পশ্চাৎপদ ; অনগ্রসর। প্র—"কোন বিষয়েই পিচপা হইতেন না"— টেকচাঁদ।

পিচটি, পিচুটি—পিঁচুটি দ্রঃ।

পিচড়ান, পিঁচড়ান (চ্, নো) [সং-প্রা—উচ্চারণে পেঁচড়ান] ক্রি, পিচটিযুক্ত হওয়া ; নেত্রে মলের সঞ্চার হওয়া।

পিচপিচ (পিচ্‌পিচ্) [নিষ্ঠীবন ও পানের রস ফেলিবার শব্দ হইতে] বি, থুথু ফেলিবার শব্দ ; পানের পিক ফেলিবার শব্দ। অনাদরার্থে বা ঘৃণার্থে "প্যাচ্‌প্যাচ্।"

পিচবোর্ড (পিচ্‌বোর্ড) [ইং—pasteboard হইতে পিস্‌বোর্ড ; পরে—পিচ্‌বোর্ড] বি, আঠায় জমান মোটা কাগজ ; জমান কাগজের পট্ট।

পিচাশ (শ্) [সং—পিশাচ শব্দের প্রা—উচ্চারণ] বি, পিশাচ ; প্রেত।

পিচুমর্দ্দ [সং] বি, নিম্ব : নিমগাছ ও তাহার ফল ; melia azadiracht...

পিচুল (ল্) [সং] বি, ঝাউগাছ। ২। কার্পাস।

পিচ্ছল (ল্) [পিচ্ছ্ + অল] বিণ, পিচ্ছিল ; পেছল ; জল ও কর্দ্দমে পদস্খলনোপযোগী মসৃণ।

পিচ্ছা [পিচ্ছ্ (ভাগ করা) + অ (কর্ম্মে—অল্) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, শ্রেণী ; পঙ্‌ক্তি। ২। ভাতের মণ্ড। ৩। অশ্বের পায়ের ঘা। ৪। সর্পের লাল। ৫। শিশুবৃক্ষ। ৬। পূগবৃক্ষ : সুপারিগাছ। ৭। মোচা। ৮। কোষ।

পিচ্ছিকা [সং] বি, স্ত্রী, চামরবিশেষ।

পিচ্ছিল (ল্) [পিচ্ছা (ভাতের মণ্ড) + ইল (যুক্তার্থে)] বিণ, মণ্ডযুক্ত ভাত ; নেকট ভাত। ২। লালাযুক্ত। ৩। হড়হড়ে ; পিছলা ; অতি মসৃণ। ৪। ঝোল ; দাইল। ৫। হড়হড়ে ; পিছলা। ৬। পুং, শ্লেষ্মাত্মক বৃক্ষ। স্ত্রী, **পিচ্ছিলা**।

পিচ্ছিলা [পিচ্ছিল দ্রঃ। বৈদ্যকে] বি, স্ত্রী, কচুগাছ। ২। পুঁইগাছ। ৩। অতসী। ৪। বৃশ্চিকাক্ষুপ। ৫। শিশুগাছ। ৬। শিমুলগাছ।

পিছটান (ন্) [প্রা। পিছু (পশ্চাৎ) টান (আকর্ষণ—মায়ার টান)] বি, পশ্চাদ্দিকে আকর্ষণ। ২। ত্যাগীর বা মরণের পথে অসগ্রর ব্যক্তির সংসার বা স্নেহভাজনের প্রতি মায়ার টান।

পিছন (ন) [প্রা—উচ্চারণ পেছ। তুল— —সং—পিচ্ছম্ = লাঙ্গুলম্ ; সং—পশ্চাৎ হইতে পচ্ছা—পাছ—পাছন। হি—পিছা] বি, পশ্চাৎ ; পাছে।

পিছন, পিছান, পেছন (পিছোনো) সং—পশ্চাৎ—পাছ + আন পাছান— পিছান। উ-পু—পিছাই (প্রা—পেছুই)। ম-পু—পিছাও : পেছোও : পিছুন ; পেছুন : পিছো ; পেছো। প্র-পু—পিছোয় ; পেছোয়। অস-ক্রি—পিছাইতে : পিছাইয়া : পেছিয়ে] ক্রি, পশ্চাদ্‌গমন করা ; পশ্চাৎবর্ত্তী হওয়া : পিছাইয়া পড়া। ২। নিবৃত্ত হওয়া। ৩। অগ্রসর হইতে সাহস না করা।

পিছাইয়া যাওয়া—পিছু পড়িয়া থাকা ২। অন্যের সহিত সমান হইতে না পারা।

পিছল, পিছলা (ল্, পিছ্‌লা) [সং—পিচ্ছিল শব্দজ। ব্রজ—পিছড়, ড় = ল] বিণ, গড়ানিয়া। ২। জল কর্দ্দমাদিতে পদস্খলনোপযোগী মসৃণ। প্র—"জলদ বিজলি তারা এ উহার কর ধ'রে। চলেছে পিছল পথে পা যেন পড়ে না সরে।"—কাব্যকুসুমাঞ্জলি। ৩। [লক্ষণায়] অধঃপতনের দিকে সুগম।

পিছল খাওয়া—পিছল পথে চলিতে গিয়া পা সরিয়া পড়িয়া যাওয়া।

পিছলানো (ছ্) [পিছল (দ্রঃ) + আন (ক্রিয়া-বিভক্তি)। উ-পু—পিছলাই। ম-পু—পিছলাও। প্র-পু—পিছলায়। অস-ক্রি—পিছলাইতে ; পিছলাইয়া ; পিছ্‌লে] ক্রি, পদস্খলিত হইয়া পড়া। ২। গড়াইয়া পড়া। ৩। ফস্কাইয়া যাওয়া।

পিছার (র্) [পশ্চাৎ। হি—পিছাড়। ব্রজ—পিছার] বি, পশ্চাৎ। প্র—"ঠাঢ়ি রহল রাই নাহি আগুসারে। হেম মূরতি জনি নাচল পিছারে।"—বিদ্যাপতি।

পিছিয়া [হি] বি, পাশুলি। প্র—"পায়ের অঙ্গুলির মধ্যে পিছিয়া পরিল।" —ভাগবত (শঙ্কর দাস)।

পিছিলা [প্রা-বাং। সং—পিচ্ছিল হইতে] বি, বাটিয়া বা পিষিয়া পিচ্ছল করা দ্রব্য। ২। দাইল বাটা ; মাংসের কীমা ; মাংসের কীমা বাটা। প্র—"মাংসের পিছিলা।"—কবিকঙ্কণ।

পিছু, পেছু (ছ্) [সং—পশ্চাৎ অথবা পৃষ্ঠ হইতে। হি—পিছা ; পিছু] বি, পশ্চাদ্দিক। ২। ক্রি-বিণ, পিছনে ; পশ্চাতে। ৩। পরে।

পিছুমোড়া [পিছু দ্রঃ] বিণ, হস্তদ্বয় পৃষ্ঠের উপর রাখিয়া বন্ধন করা ; পিঠমোড়া। প্র—"ইহা কয়ে সেই কোপে দেই পাক নাড়া। উত্তরীয় বসনে বান্ধিল পিছুমোড়া।" —শিবায়ন।

পিছে [পিছু দ্রঃ] ক্রি-বিণ, পশ্চাতে ; পিছনে। প্র—"মদন পলায় পিছে অগ্নি ধায় ত্রিভুবন পরকাশি।"—অন্নদামঙ্গল।

পিঞ্জট (ট্) [পিন্‌জ্ (মিলিত হওয়া) + অট (করণে)] বি, পুং, পিচ্চট ; নেত্রমল ; পিচুটী।

পিঞ্জন (ন্) [পিন্‌জ্ (স্পর্শ করা) + অন (করণে—অনট্) যাহা দ্বারা তুলা পরিষ্কার করিয়া পেঁজা হয়] বি, স্ত্রী, যে যন্ত্রে তুলা ধুনা হয় ; ধুনুখারা। ২। [ভাবে—অনট্] তুলাধোনা।

পিঞ্জর (র্) [পিঞ্জ (বাস করা) + অর (অধি)] বি, স্ত্রী, পিঁজরা ; খাঁচা। প্র— "পিঞ্জরের পাখিমত বেড়ায় ঘুরিয়া"—অন্নদামঙ্গল। "পিঞ্জরের বিহঙ্গিনী সতত চঞ্চল"— ব্রজাঙ্গনা। ২। দেহপিঞ্জর ; হাড়পাঁজরা ; শরীরের অস্থিপুঞ্জ। ৩। [বৈদ্যকে] স্বর্ণ। (২) হরিতাল। ৪। বিণ, পিঙ্গলবর্ণবিশিষ্ট।

পিঞ্জা [সং] বি, স্ত্রী, তুলা।

পিঞ্জান (ন্) [পিন্‌জ্ (দীপ্তি পাওয়া) + আন (কর্ত্তৃ—আনশ্)] বি, স্ত্রী, সুবর্ণ। প্র—"মঞ্জীর পিঞ্জান করিয়া যতন শেখর পরায় পায়।"—কবিশেখর।

পিঞ্জিকা [পিঞ্জি (তুলা) + ক (সংজ্ঞার্থে) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, পাঁইজ।

পিঞ্জুষ (ষ্) [সং] বি, পুং, কর্ণমল ; কাণের খোল।

পিট (ট্) [সং—পিটক] বি, পুং, মঞ্জুষা ; পেটারি। ২। ছোট ঝুড়ী ; চুপড়ী। ৩। ধান্য রাখিবার ডোল। ৪। স্ফোটক ; বিষফোড়া।

পিট (ট্) [প্রা। সং—পৃষ্ঠ হইতে পিঠ— পিট] বি, পৃষ্ঠ। ২। পক্ষ। ৩। [পেটা হইতে পিট] তাস খেলার যে পক্ষে জিৎ ও জিতা তাস।

পিটন (ন্) [পিটা (দ্রঃ) হইতে হি—পিটন্, পিটাই] বি, আঘাত করণ ; প্রহার ; তাড়না। **পিটনচণ্ডী**—চণ্ড প্রহার ; অতিশয় প্রহার।

পিটনা (ট্) [হি—পিটনা] বি, যাহা দ্বারা পেটা যায় ; ছাত মেঝে প্রভৃতি পিটিবার পিট্‌নে।

পিটপিট (ট্, ট্) [শব্দাত্মক] অ, অনুকার শব্দ। ২। তিরস্কার ; খিটখিট। ৩। আঠাল বস্তুর দুই অঙ্গুলির টিপ দ্বারা স্পর্শ বা আঘাত করিবার মৃদু শব্দ। ৪। [তাহা হইতে] পুনঃ পুনঃ পলক পাতের শব্দ : ক্রমে পলক পাত অর্থেই ব্যবহৃত। প্র—চোখ পিটপিট করা। তুল—মিটমিট। ৫। [স্পর্শ হইতে] শুচিবাই জনিত স্পর্শভীতি। ক্রি, **পিটপিটান**। বিণ, **পিটপিটে**। **পিট পিট করিয়া চাওয়া**—নেত্রপল্লব ঘন ঘন পতন জনিত চক্ষু সম্পূর্ণ উন্মীলিত না করিয়া বা অর্দ্ধ নিমীলিতবৎ অবস্থায় দর্শন করা। প্র—সে পিটপিট করিয়া চাহিয়া আছে। [দ্রঃ—নেত্র সম্পূর্ণ উন্মীলন করিয়া দেখা স্থলে "প্যাট প্যাট করিয়া"]। **পিটপিট করা**—স্পর্শভীতি-জনিত সকলকে সর্ব্বদা সাবধান করার ছলে খিটখিট করা : স্পর্শহেতু অশুচি দোষ প্রদর্শনচ্ছলে তিরস্কার করা।

পিটপিটান (পিট্‌পিটানো) [পিটপিট (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)] ক্রি, পিট পিট শব্দ করা। ২। চক্ষু পিট পিট করা : নেত্র পল্লব ঘন ঘন পতনজনিত অর্দ্ধ উন্মীলিত ভাবে দৃষ্টি করা। ৩। শুচি থাকিবার জন্য সর্ব্বদা সতর্ক করা : এটা ছুঁলে ওটা ছুঁলে এই বলিয়া সর্ব্বদা খিটখিট করা।

পিটপিটিয়া, পিটপিটে (ট্) [পিট-পিট (দ্রঃ) + ইয়া] বিণ, যে সর্ব্বদা পিটপিট করে ; শুচিবাইগ্রস্ত।

পিটলী (পি্) [গ্রা-পিটুলি। সং—পিষ্টতণ্ডুল] বি ; জলসহ পিষ্টতণ্ডুল : চাল বাটা। ২। [সং—পিণ্ডার] বি, শ্বেতআঠাযুক্ত পিটুলি গোলার মত শ্বেতরস যুক্ত গোলাকার বস্তু ফলের বৃক্ষ ; trewia nudiflora.

পিটা [সং—পিষ্টক শব্দজ। গ্রা-পিটে] বি, পুপ : পিষ্টক। প্র—"এবার বছরকার দিনেরে ভাই জুটলো নাকো পুলি পিটে। যে মাগ্‌গীর বাজার হাজার হাজার মতে'ছে লোক কপাল পিটে।"—ঈশ্বর গুপ্ত। ২। বিণ, পেটা দ্রঃ। যাহাকে পেটা বা আঘাত করা হইয়াছে ; পিষ্ট : আহত।

পিটার (পিটার্) [ইং—Peter the Great (a rock)] বি, রুষ সাম্রাজ্য প্রতিষ্ঠাতা মহামতি পিটার দি গ্রেট্‌। ২ [Saint Peter] খ্রীষ্টধর্ম্ম প্রচারক স্বনামপ্রসিদ্ধ সাধু পিটর।

পিটালী (পি্) [সং—পিষ্ট তণ্ডুল] বি, ঈষৎ জলযুক্ত পেষিত তণ্ডুল ; চালবাটা। প্র—"পিটালী হরিদ্রা লয়্যা খুল্লনারে বুলি চায়্যা করিতে অঙ্গের মলা দূর।"—কবিকঙ্কণ। ২। [সং—পিণ্ডার ; র—ল] বৃক্ষবিশেষ ; পিটলী দ্রঃ।

পিটিসন (শন্) ইং—petition] বি, আবেদন ; দরখাস্ত।

পিটুলী, পিঠুলি (পি্) [বি, পিটলী, পিটালী দ্রঃ] বি, বস্তুফল বৃক্ষ-বিশেষ ; ২। পিষ্ট তণ্ডুল। ৩। পিষ্ট তণ্ডুলঘটিত পিষ্টক : চাল বাটা গোলা : আস্কে। প্র—"পেলায় পিটুলি দেন হয়ে অতি শুচি।"—ঈশ্বর গুপ্ত।

পিটোনো [পিটন দ্রঃ। হি—পিট্‌বানা, পেট-ওয়ানা। পেটা ধাতুর ণিজন্তরূপ। উ-পু—পিটুই। ম-পু—পিটোও। প্র-পু—পিটোয়। অস-ক্রি—পিটোতে ; পিটিয়ে] ক্রি, পেটান ; অন্যের দ্বারা ঠেঙ্গান : মার খাওয়ান। গুণ্ডা দিয়ে লোকটাকে খুব পিটিয়ে দিয়েছে। ২। আঘাত করান : দুরমুশ করান। প্র—ছাত পিটানো। ৩। পিটিয়া পাত করান। প্র—লোহা পিটোনো।

পিট্টান [সং—প্রস্থান হইতে] বি, প্রস্থান। ২। পলায়ন ; চম্পট। প্র—কপন বা পথিকদিগকে ইট পাটকেল মারিয়া পিট্টান দিতেছে।"—টেকচাঁদ। **পিট্টান দেওয়া**—চম্পট দেওয়া : পলায়ন করা।

পিঠ (ঠ্) [সং—পৃষ্ঠ হইতে] বি, পশ্চাৎ। ২। পৃষ্ঠ। প্র—"পিঠে রাখি নাগরা ধ্বনি উঠে ডিগি ডিগি।"—ঘনরাম। **পিঠ চুলকান**—প্রহৃত হইবার হেতু স্বরূপ পৃষ্ঠ কণ্ডুতি বা অস্থিরতা।

পিঠডাঁড়া (ঠ্) [সং—পৃষ্ঠদণ্ড] বি, পৃষ্ঠদণ্ড ; মেরুদণ্ড ; শির দাঁড়া। প্র—"কুব্জ ভবে পিঠ ডাঁড়া ভূমিতে লুটায়।"—ভারত চন্দ্র।

পিঠর (র্) [পিঠ্ + অর (সংজ্ঞার্থে)] বি, পাত্র : হাঁড়ি : পাতিল। ২। পেটারি। ৩। পুং, মন্থন দণ্ড। স্ত্রী, **পিঠরী**।

পিঠা (পি্) [সং—পিষ্টক শব্দজ। গ্রা—পিটে] বি, পিষ্টক ; পুপ। প্র—"দুগ্ধ দধি ঘৃত মধু ক্ষীর খণ্ড পিঠা।"—শিবায়ন। ২। [পৃষ্ঠ হইতে। গ্রা-বাং] পৃষ্ঠ। প্র—"খে-আলেত শুনিল পক্ষ পরভুর বচন। পিঠা পেতি দিন পক্ষ করিতে আসন।"—শূন্যপুরাণ।

পিঠাপিঠী [পিঠ (দ্রঃ) পিঠ—ঈ] ক্রি-বিণ, পৃষ্ঠে পৃষ্ঠে সংলগ্ন ; পিঠে পিঠযুক্ত করিয়া। ২। পরে পরে।

পিঠারি [পিঠা (দ্রঃ) রি (ব্যবহারার্থে)] বি, পিষ্টকবিক্রেতা। প্র—"পিঠা বেচিয়া কেহ বলায় পিঠারি।"—কবিক।

পিঠালী (পি্) বি, পিটলী ; পিটালী দ্রঃ। প্র—"অঙ্গেতে পিঠালি দিল সখিরা সকলে।"—কৃত্তিবাস।

পিঠি [পিঠা (দ্রঃ) পিঠ + ই (অধি, ৭মী বিভক্তি "তে" স্থলে প্রা-বাং-য়)] ক্রি-বিণ, পৃষ্ঠেতে। "রাখিলেন কূর্ম্মর পিঠি।"—শূন্য পুরাণ।

পিড়ক (ক্) [সং] বি, পুং, ব্রণ ; ফুস্কুড়ি।

পিড়া, পিড়ী [ফা—পুস্ত্—হি—পিঢ়ী = সিংহাসন, আসন] বি, বংশ পরম্পরা ; পুরুষ। ২। [সং—পিঠক] কাষ্ঠাসন : পিঁড়ে। ৩। বেদী।

পিণ্ড (পিন্‌ড) [পিণ্ড্ (রাশি করা) + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, ক্লী, গোলক : গোলাকৃতি বস্তু ; নিরেট গোলা : ডেলা। প্র—"দিয়া হীরা নীলখণ্ড নিরমিল দোল পিণ্ড কদম্ব কানন সন্নিধানে।"—কবিকঙ্কণ। ২। অন্নের ডেলা ; গোল করিয়া পাকান অন্নের গ্রাস। ৩। পিতৃলোক উদ্দেশে প্রদত্ত গোলাকার খাদ্য সামগ্রীর গ্রাস। ৪। শরীর। ৫। মাংস। ৬। গজকুম্ভ। ৭। পুঞ্জ : সমূহ। ৮। সংহত। ৯। সান্দ্র। ১০। [রাসাঃ পরিঃ] স্থূলখণ্ড ; lump.

পিণ্ডখর্জ্জুর (পিন্‌ড্‌খোর্জ্জুর্) [পিণ্ডাকারে রক্ষিত বলিয়া এই নাম] বি, খর্জ্জুর-ভেদ ; পিণ্ডিখেজুর।

পিণ্ডদ [পিণ্ড—দ (যে দান করে)] বি, পুং, পিণ্ডদানকারী : পিণ্ডদাতা। ২। অন্নদাতা।

পিণ্ডপাদ (দ্) [পিণ্ড (পিণ্ডাকৃতি) পাদ—পদ] বি, হস্তী।

পিণ্ডপুষ্প [পিণ্ড (দলপুঞ্জ বা বহু দল বলিয়া পিণ্ডাকৃতি) পুষ্প] বি, ঘন-দল পুষ্প। ২। পদ্ম। ৩। তগর পুষ্প। ৪। অশোক পুষ্প। ৫। জবা পুষ্প।

পিণ্ডায়স (শ্) [পিণ্ড (সংহত) অয়স্ (লৌহ)] বি, ক্লী, পিণ্ডিত লৌহ। ২। ইস্পাৎ ; steel.

পিণ্ডার (র্) বি, পিটলী গাছ ও ফল ; trewia nudiflora. ২। [বৈদ্যকে] লতা-ফলবিশেষ : হি—পিণ্ডারা।

পিণ্ডারী [হি—পিণ্ডারা] বি, পেটারী। ২। পাইট ; হাট। ৩। [ম—পেণ্ডারী] মহারাষ্ট্রীয় অশ্বারোহী দস্যু ; বর্গী।

পিণ্ডালু [সং—পিণ্ডক : ম—পেণ্ডালু] বি. পুং চুবড়ি আলু ; dioscova globosa.

পিণ্ডি, পিণ্ডী [পিণ্ড (সংহত হওয়া) + ই (অধি)] যে স্থানে আসিয়া সংহত বা সংমিলিত হয়] বি. স্ত্রী. চক্রের মধ্যমণ্ডল। ২। হাঁটুর নিম্নে পিণ্ডীকৃত স্থান ; পায়ের ডিমা। ৩। গ্রাস ; অন্নপিণ্ড। ৪। বেদী ; পীঠ। ৫। খর্জ্জুর।

পিণ্ডিকা [পিণ্ডি দ্রঃ] বি. স্ত্রী. চক্রের কেন্দ্র-স্থল ; রথচক্রের মধ্য মণ্ডল। ২। পায়ের ডিমে। ৩। ক্ষুদ্র অন্নপিণ্ড ; অন্নের গ্রাস। ৪। পীঠ ; বেদী। প্র—"নানারত্ন দিয়া বিশাই রচিল পিণ্ডিকা।"—কবিকঙ্কণ।

পিণ্ডিত [পিণ্ড (রাশি করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সংহত। ২। সান্দ্র ; ঘন। ৩। রাশীকৃত। ৪। গুণিত।

পিণ্ডী—পিণ্ডি দ্রঃ।

পিণ্ডীশূর (র্) [পিণ্ডী (দেহলী—গৃহ দ্বার —গৃহ) শূর (বীর)—৭তৎ] বি. পুং আপনার গৃহ দ্বারে যে শূর ; অন্তরে ভীরু কিন্তু মুখে বীরত্ব প্রকাশকারী ; কাপুরুষ। ২। [পিণ্ডী (অন্নপিণ্ড—ভোজনে)—শূর (বীর)—৭তৎ] ভোজনবীর : ভোজনপটু ; পেটুক।

পিত, পিতঃ [সং-তে—পিতৃ শব্দের সম্বোধনে পিতঃ। গ্রা—পিতে (মধ্য-বাং—গানে)] অ. হে জনক। ২। হে গুরুদেব। প্র—"—হে পিতঃ, কেমনে, কবিতারস-সরসে রাজহংসকুল সহ কেলি করি আমি, তুমি না শিখালে ?"—মেঘনাদ।

পিতরাজ (জ্) বি. জ্বালানী তৈলপ্রদ বীজ ফল ও তাহার গাছ ; পিত্তরাজ ; পূ-বঙ্গে—রয়নাগাছ।

পিতল (ল্) [সং—পিত্তল] বি. তামা ও দস্তা মিশ্রণজাত প্রসিদ্ধ উপধাতু ; brass. প্র—"পিতলক কাটারি কামে নাহি আয়ল উপরহি ঝকমকি সার।"—বিদ্যাপতি (বৈষ্ণব-পদ-লহরী)।

পিতা [পা (পালন করা) + তৃ (কর্ত্তৃ—ঊণাদিক তৃ = পিতৃ ১মা, ১ব] বি, পুং, জনক ; বাপ। [দ্রঃ—শাস্ত্রানুসারে পঞ্চ পিতা যথা—(১) জন্মদাতা, (২) অন্নদাতা, (৩) ভয়ত্রাতা, (৪) শ্বশুর, (৫) উপনয়নদাতা (দীক্ষাগুরু) মতান্তরে জ্ঞানদাতা (শিক্ষাগুরু) ও জ্যেষ্ঠ ভ্রাতা লইয়া সপ্ত পিতা।

পিতাপুত্র (পিতাপুৎত্র) [পিতা ও পুত্র] বি. পঞ্চ, মতান্তরে সপ্ত পিতা ও পুত্র এবং পুত্রস্থানীয়। ২। [রামায়ণে] জ্যেষ্ঠ ভ্রাতা, জনক ও অধ্যাপক (পিতা) এবং কনিষ্ঠ ভ্রাতা, সন্তান ও শিষ্য (পুত্র)।

পিতামহ [পিতৃ + আমহ (কর্ত্তৃ—ডামহ, পিতার পিতা অর্থে)] বি, পুং, পিতার পিতা ; ঠাকুরদাদা। ২। সুরজ্যেষ্ঠ ; ব্রহ্মা। প্র—"পিতামহ দিলা মোরে অন্নপূর্ণা নাম।"—অন্নদামঙ্গল। ৩। [মহাভারতে] দক্ষ প্রজাপতি। স্ত্রী, পিতামহী—পিতার মাতা ; ঠাকুরমা।

পিতিঠা [প্রা-বাং। সং—প্রতিষ্ঠা শব্দের বাং-প্রাক্-রূপ। রূপান্তর—পিতিঠে] বি, প্রতিষ্ঠা। প্র—"পুখরী পিতিঠা কৈল বেদ হুঙ্কারিআ। নানা দিব্ব উপহার মঙ্গল রচিআ॥"—শূন্যপুরাণ।

পিতৃ-আজ্ঞা (পিৎতৃআগ্‌গাঁ) বি. পিতার আদেশ। প্র—"পিতৃ-শুশ্রূষা ও পিতৃ-আজ্ঞা পালন অপেক্ষা মহান ধর্ম্ম জগতে আর নাই"—রামায়ণতত্ত্ব।

পিতৃক (পিৎতৃক্) [পিতৃ + ক (আগতার্থে)] বিণ, পিতা হইতে আগত ; পিতৃপুরুষের নিকট প্রাপ্ত। ২। [সম্বন্ধার্থে—ক] পিতৃসম্বন্ধীয়।

পিতৃকল্প (পিৎতৃ) [পিতৃ + কল্প (তুল্যার্থে)] বিণ, পিতৃসম ; পিতৃসদৃশ ; পিতৃতুল্য। ২। [সংজ্ঞার্থে—কল্প] বি, পুং, পিতৃপুরুষদিগের শ্রাদ্ধ তর্পণাদি ক্রিয়া।

পিতৃকানন (পিৎতৃকানন্) [পিতৃ (পিতৃপুরুষগণের) কানন (গৃহ। কানি = দীপ্তি পাওয়া) ৬তৎ] বি, ক্লী, শ্মশান।

পিতৃকার্য্য (পিৎতৃকার্জ) [পিতৃ (পিতৃপুরুষগণের বা পিতার) কার্য্য (ক্রিয়া)] বি, ক্লী, পিতৃপুরুষগণ উদ্দেশে শ্রাদ্ধ তর্পণাদি কার্য্য। ২। পিতার আদিষ্ট কর্ম্ম বা তাঁহার হিতকর কার্য্য।

পিতৃকৃত্য (পিৎতৃকৃৎত) [পিতৃ (পিতৃপুরুষগণের) কৃত্য, ৬তৎ] বি, ক্লী, পিতৃশ্রাদ্ধ। ২। পিতৃপুরুষগণের শ্রাদ্ধ তর্পণাদি ক্রিয়া।

পিতৃক্রিয়া (পিৎতৃক্কৃআ) [পিতৃ (পিতৃপুরুষের)] ক্রিয়া (কার্য্য)—৬তৎ] বি, স্ত্রী, পিতৃকার্য্য দ্রঃ।

পিতৃগণ (পিৎতৃগন্) [পিতৃ (পিতৃপুরুষের) গণ—৬তৎ] বি, পুং, অগ্নিস্বাত্বাদি সপ্ত এবং মরীচি প্রভৃতি অষ্ট মুনি হইতে দেব দানব যক্ষ মানব প্রভৃতির উৎপত্তি হইয়াছে বলিয়া উঁহারা পিতৃগণ ; বিশ্বপাতা, ধাতা, বিশ্ব, বিশ্বভুক্, আরাধ্য, ধর্ম্ম, ধন্য, শুভাসন, ভুমিদ, কল্যাণ, কল্যাতর, অনঘ, সুখদ, ধনদ প্রভৃতি ৩১ জন পিতৃগণ।

পিতৃগৃহ (পিৎতৃগ্‌গৃহ) [পিতার—গৃহ, ৬তৎ] বি, ক্লী, জনকভবন ; পিত্রালয় ; বাপের বাড়ী। ২। পিতৃকানন (দ্রঃ) ; শ্মশান।

পিতৃতর্পণ (পিৎতৃতর্পন) [পিতৃ—তর্পণ, ৬তৎ] বি, ক্লী, পিতৃলোকের তৃপ্তির জন্য জলদান। ২। পিতৃপুরুষের তৃপ্তি।

পিতৃতিথি [পিতৃগণের—তিথি, ৬তৎ] বি, স্ত্রী, পিতৃদিন (ঐদিন পিতৃগণ পঞ্চদশ কলাত্মক চন্দ্রের সুধাপান করেন বলিয়া এই তিথির নাম অমাবস্যা।

পিতৃতীর্থ (পিৎতৃ) [পিতৃপুরুষগণের তীর্থ (পুণ্যক্ষেত্র) ৬তৎ] বি, ক্লী, গয়াধাম। ২। [স্মৃতিতে] দক্ষিণ হস্তের অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যস্থান।

পিতৃদান (পিৎতৃদান্) [পিতৃগণ উদ্দেশে দান, ৪তৎ] বি, ক্লী, মৃত পিতৃগণের উদ্দেশে দান : শ্রাদ্ধ তর্পণাদি সংক্রান্ত দান। প্র—"দশাহ অতীত হইলে ভরত শ্রাদ্ধ করিয়া পরম পবিত্র হইলেন ; এবং দ্বাদশাহে দ্বিতীয় মাসিক প্রভৃতি সপিণ্ডীকরণ পর্য্যন্ত সমস্ত অনুষ্ঠান করিয়া পিতার পারলৌকিক ফলাকাঙ্ক্ষায় ব্রাহ্মণকে ধনরত্ন, প্রচুর ভক্ষ্যভোজ্য, ছাগ, বহুসংখ্য গো, দাস, দাসী বাসভবন ও যান প্রদান করিলেন।"—রামা (সা-প-প)।

পিতৃদিন (পিৎতৃদিন্) বি, পিতৃতিথি (দ্রঃ) ; অমাবস্যা।

পিতৃদৈবত (পিৎতৃদৈবত্) [পিতৃ (পিতৃগণ) হইয়াছেন দেবতা যে নক্ষত্রের, বহু] বি, ক্লী, মঘানক্ষত্র।

পিতৃপক্ষ (পিৎতৃপোক্‌খ) [পিতৃগণের প্রিয় যে পক্ষ, কর্ম্মধা] বি, পুং, প্রেতপক্ষ ; কৃষ্ণপক্ষ ; অপর পক্ষ ; আশ্বিনের শুক্লপক্ষের পূর্ব্ব কৃষ্ণপক্ষ। ২। পিতৃকুল। ৩। বিণ, পিতৃ-

পিতৃপতি (পিৎতৃপোতি) [পিতৃ (পিতৃপুরুষগণের) পতি (অধিপতি), ৬তৎ] বি, পুং, যম।

পিতৃপিতা (পিৎতৃপিতা) [পিতার—পিতা, ৬তৎ] বি, পুং, পিতামহ। ২। পিতৃগণের পিতা ; ব্রহ্মা।

পিতৃপুরুষ (পিৎতৃপুরুষ্) [পিতৃ—পুরুষ] বি, পিতৃপক্ষীয় পূর্ব্বপুরুষ।

পিতৃপৈতামহ (পিৎতৃ) [পিতৃ—পিতামহ + অ (সম্বন্ধে—ষ্ণ)] বি, পিতা পিতামহাদি পূর্ব্বপুরুষ সম্বন্ধীয়। ২। পূর্ব্বপুরুষগণ পরম্পরাগত।

পিতৃপ্রসূ (পিৎতৃপ্‌প্রোশু) [পিতৃ—প্রসূ] বি, স্ত্রী, পিতৃজননী ; পিতামহী। ২। পিতৃলোক বা পিতৃপুরুষগণের প্রেতাত্মার ইতস্ততঃ ভ্রমণ করিবার সময় ; সন্ধ্যা।

পিতৃবংশ (পিৎতৃ) বি, পিতৃকুল।

পিতৃবৎ (পিৎতৃ) বিণ. পিতার তুল্য।

পিতৃবন (পিৎতৃবন্) [সং] বি. পিতৃকানন (দ্রঃ) : শ্মশান।

পিতৃবন্ধু (পিৎতৃবোনধু) [পিতার—বন্ধু, ৬তৎ] বি, পুং, পিতার বন্ধু। ২। [স্মৃতি-শাস্ত্রে] পিতার পিতৃ বা মাতৃকুল সম্বন্ধে যে কোন ভ্রাতা : পিতার পিসী, মাসী বা মাতুলের পুত্র।

পিতৃবান্ধব (পিৎতৃবান্ধব্) বি, পিতৃবন্ধু (দ্রঃ)।

পিতৃব্য (পিৎতৃব্ব) [পিতৃ+ব্য (ভ্রাতা অর্থে)] বি. পিতার সহোদর বা জ্ঞাতি ভ্রাতা ; জ্যেঠা, খুড়া। **পিতৃব্যকন্যা**—জ্যেঠতুতা বা খুড়তুতা ভগিনী। **পিতৃব্যপত্নী**—জ্যেঠাই : খুড়ী। **পিতৃব্যপুত্র**—জ্যেঠতুতা বা খুড়তুতা ভাই।

পিতৃব্রত (পিৎতৃব্রোতো) [পিতৃ—ব্রত] বি. শ্রাদ্ধতর্পণাদি ; পিতৃযজ্ঞ। ২। পিতৃসেবা।

পিতৃভক্ত (পিৎতৃ) [পিতৃ—ভক্ত] বিণ. পিতার প্রতি ভক্তিমান ; পিতার অতিশয় বাধ্য ও অনুরক্ত ; পিতৃসেবারত। বি, পিতৃভক্তি।

পিতৃভক্তি (পিৎতৃভোক্তি) [পিতৃ—ভক্তি] বি, পিতার প্রতি শ্রদ্ধা ও অনুরক্তি ; পিতার প্রতি সন্তানের কর্ত্তব্যশীলতা।

পিতৃমাতৃহীন (পিৎতৃমাৎতৃহীন) বিণ. যাহার জনকজননী জীবিত নাই ; অনাথ ; orphan.

পিতৃমান্ (পিৎতৃ) [পিতৃ (পিতা) + মৎ (অস্ত্যর্থে, মতু) = পিতৃমৎ ১মা, ১ব] বিণ. যাহার পিতা জীবিত : সপিতৃক। স্ত্রী. **পিতৃমতী**।

পিতৃমেধ (পিৎতৃমেধ্) [পিতৃ—মেধ (যজ্ঞ)] বি, পিতৃযজ্ঞ ; শ্রাদ্ধ তর্পণাদি।

পিতৃযজ্ঞ (পিৎতৃজোগ্গঁ) [পিতৃ (পিতৃলোকের) উদ্দেশে অনুষ্ঠিত যজ্ঞ, ৬তৎ। তুল— —"অধ্যাপনং ব্রহ্মযজ্ঞঃ পিতৃযজ্ঞস্তু তর্পণম্। হোমো দৈবো বলির্ভৌতো নৃযজ্ঞোঽতিথি পূজনম্॥"—মনুস্মৃতি] বি, পুং, পিতৃমেধ ; শ্রাদ্ধ তর্পণাদি।

পিতৃযান (পিৎতৃজান্) [পিতৃগণের যান (গমন পথ)—৬তৎ] বি, পুং, পিতৃগণের চন্দ্রলোকে যাইবার পথ।

পিতৃলোক (পিৎতৃলোক্) [পিতৃগণের—লোক (জগৎ)—৬তৎ] বি, পুং, যে লোকে পিতৃগণ বাস করেন। ২। পিতৃপুরুষ ; পূর্ব্বপুরুষ।

পিতৃশুশ্রূষা (পিৎতৃশুসস্রুষা) বি, পিতৃসেবা

পিতৃশোক (পিৎতৃশোক্) বি. পিতার মৃত্যুজনিত শোক : পিতৃবিয়োগদুঃখ।

পিতৃশ্রাদ্ধ (পিৎতৃস্স্রাদ্ধ) [পিতৃ (পিতার) শ্রাদ্ধ, ৬তৎ] বি, মৃত পিতার উদ্দেশে দান তর্পণাদি।

পিতৃস্বসা (পিৎতৃশ্শশা) [পিতৃ (পিতার) স্বসৃ (ভগিনী)—পিতৃস্বসৃ ১মা, ১ব। ৬তৎ] বি, স্ত্রী, পিতার ভগিনী : পিসী।

পিতৃষ্বসেয়, পিতৃস্বস্রেয়, পিতৃস্বসেয় পিতৃস্বস্রেয় (পিৎতৃশ্শশেয়,—শস্স্রেয়) [পিতৃ—স্বসৃ—স্বসা + এয় (অপত্যার্থে, এয়ণ্)] বিণ, পিতার ভগিনীর পুত্র ; পিসতুতা ভাই।

পিতৃষ্বসেয়া, পিতৃস্বসেয়া, পিতৃস্বস্রেয়া [পিতৃষ্বসেয় দ্রঃ] বি, স্ত্রী, পিসীর কন্যা ; পিসতুতা ভগিনী।

পিতৃস্বস্রীয় (পিৎতৃশ্শোস্সৃয়) [পিতৃ—স্বসৃ—ঈয় (অপত্যার্থে, ছীয়)] বি, পিতৃস্বসা বা পিতার ভগিনীর পুত্র : পিসতুতা ভাই।

পিতৃস্বস্রীয়া (পিৎতৃশ্শোস্সৃয়া) [পিতৃস্বস্রীয় দ্রঃ] বি, স্ত্রী, পিসীর কন্যা ; পিসতুতা ভগিনী।

পিতৃসন্নিভ, পিতৃসম (পিৎতৃশন্নিভ,—শম) বিণ, পিতার তুল্য ; পিতৃবৎ। প্র— "পিতৃসম মানি তোমা।"—মেঘনাদ।

পিতৃসম্বন্ধীয়, পিতৃসম্পর্কীয় (পিৎতৃসম্পোর্কিয় সম্বোন্ধিয়) [পিতৃ (পিতার) সম্পর্ক, সম্বন্ধ—ঈয়] বিণ, পিতৃসম্বন্ধীয়। ২। বি, পিতৃপক্ষীয় জ্ঞাতি। স্ত্রী, **পিতৃসম্বন্ধীয়া, পিতৃসম্পর্কীয়া**।

পিতৃসেবা (পিৎতৃশেবা) [পিতৃ (পিতার সেবা (শুশ্রূষা, আদেশপালনাদি)] বি, পিতার প্রীতি ও আরাম বিধানের জন্য সন্তানের কর্ত্তব্য ; পিতৃশুশ্রূষা ; পিতার আদেশ পালন বা আজ্ঞানুবর্ত্তিতা। প্র—"পিতৃসেবার ন্যায় সত্য দান মান ও ভূরিদক্ষিণ যজ্ঞও পরলোকে হিতকর হয় না।"—রামায়ণতত্ত্ব।

পিতৃস্থান (পিৎতৃস্থান্) বি, শ্মশান। ২। পিতৃলোক। ৩। পিতৃতুল্য ব্যক্তি।

পিতৃস্থানীয় (পিৎতৃস্থানিয়) [পিতৃ (পিতার) স্থান—ঈয়] বিণ, পিতৃতুল্য ; পিতার স্থলাভিষিক্ত ; পিতৃবৎমান্য।

পিতৃস্বসা—পিতৃষ্বসা দ্রঃ।

পিতৃহন্তা (পিৎতৃহন্তা) [পিতৃ (পিতার) হন্তা (ঘাতক)] বিণ, পিতৃহন্তৃ শব্দ ১মা, ১ব] বিণ, পিতৃঘাতী ; পিতৃহত্যাকারী। স্ত্রী, **পিতৃহন্ত্রী**।

পিতৃহা (পিৎতৃহা) [পিতৃহন্ শব্দ ১মা, ১ব] বিণ, পিতৃঘাতী : পিতৃহন্তা।

পিতৃহূ (পিৎতৃহু) [স্মৃতিঃ পরিঃ] বি, দক্ষিণ কর্ণ।

পিতে [পি, পি আ দ্রঃ] অস-ক্রি, পান করিতে। প্র—"নয়ন চকোর মোর পিতে করে উতরোল নিমিখে, নিমিখ নাহি হয়।"—চণ্ডীদাস। ২। [পিতা দ্রঃ। গ্রা-সঙ্গীতে] পিতার সম্বোধন।

পিত্ত [সং] বি, ক্লী, শরীরস্থিত ধাতুবিশেষ ; ইহা অতি তিক্তাস্বাদ উষ্ণ, দ্রব, নীলাভ পীতবর্ণ অথবা নীলবর্ণ : the gall.

পিত্তকোষ (ষ্) বি, পিত্তস্থালী ; শরীরের পিত্তসঞ্চয় স্থান ; পিত্তাশয় ; the gall-bladder.

পিত্তঘ্ন (পিৎতঘ্ন) [পিত্ত—হন্ (নষ্ট করা) + অ (কর্ত্তৃ, টক্, যে পিত্তনাশ করে] বিণ, পিত্তবৃদ্ধিজনিত রোগনাশক : পিত্তপ্রশমক। ২। বি, ঘৃত। স্ত্রী, **পিত্তঘ্নী**—গুড়চী।

পিত্তজ্বর (পিৎতোজ্জর্) [পিত্ত নিমিত্তক যে জ্বর—কর্ম্মধা] বি, পুং, পিত্তের প্রকোপজনিত জ্বর ; পৈত্তিক জ্বর।

পিত্তনাশক (পিৎতোনাশক্) [পিত্তের নাশক, ৬ তৎ] বিণ, পিত্তপ্রশমনকারী ; পিত্তঘ্ন।

পিত্তবিকার (পিৎতোবিকার্) [পিত্তের বিকার, ৬তৎ] বি, পিত্ত দূষিত হওয়ার অবস্থা ; পিত্তের দোষ।

পিত্তরক্ত—বি,ক্লী, রক্তপিত্তরোগ ; plethora.

পিত্তল (ল্) [সং] বি, ক্লী, তাম্র-সীস-মিশ্র ধাতুবিশেষ ; পিতল (দ্রঃ)। ২। [পিত্ত—ল (যুক্তার্থে)] বিণ, পিত্তযুক্ত ; bilious.

পিত্তাতিসার (পিৎতাতিশার্) বি, পিত্তের প্রকোপ জনিত উদরাময় রোগ। **রক্তপিত্তাতিসার**—রক্তপিত্ত জনিত অতিসার রোগ।

পিত্তারি [পিত্তের—অরি] ২। বি, পিত্তঘ্ন ঔষধ। ২। ক্ষেতপাপ্ড়া। ৩। বিণ, পিত্তনাশক।

পিত্তাশয় (য়) [পিত্তের আশয়, ৬তৎ] বি, পিত্তকোষ।

পিত্তি [সং—পিত্ত হইতে। হি—পিৎ] বি, পিত্ত। ঘৃণা, বিরক্তি, অরুচি, ক্রোধ, ঘর্ম্ম, মূর্চ্ছা, জ্বালা, অকারণ বাক্য কথন, পিপাসা অথচ জলে অরুচি, মুখে দুর্গন্ধ—এ সকল পিত্তলক্ষণ। ২। [ঘৃণা শব্দের সহচর ; গ্রা—"ঘেন্নাপিত্তি"] অরুচি ; বিরাগ ; বিরক্তি। প্র—"তার নাই স্পর্শবোধ ঘৃণা পিত্তি হর্ষ ক্রোধ শূয়রের চেয়ে চর্ম্ম স্থূল অতিশয়।"—চন্দন। **পিত্তি চটা**—পিত্ত বিকারগ্রস্ত

হওয়া ; ক্রুদ্ধ হওয়া। **পিত্তি চোঁয়া**—আহারে বিলম্ব হওয়ায় পিত্ত পিত্তাশ হইতে বাহির হইয়া আমাশয়ে গিয়া জীর্ণ হইতে থাকা। **পিত্তিনাশ**—পিত্তের প্রশমন। **পিত্তিপড়া**—সময়ে আহার না পাইয়া পিত্তাশয় হইতে পিত্তের আমাশয়ে আসিয়া পতন এবং তজ্জনিত ক্ষুধা নষ্ট হওয়া। **পিত্তিরক্ষা**—পিত্তকে পিত্তাশয়ে রক্ষা করিবার জন্য সময়ে যৎকিঞ্চিৎ আহার ২। যৎসামান্য আহার। তাহা হইতে যৎকিঞ্চিৎ দ্বারা কোন মতে নিয়ম রক্ষা মাত্র **আমপিত্তি**—অম্ল পিত্ত শব্দের গ্রা-ব্যবহার ২। আমাশয়ের আম ও পিত্তাশয়ের পিত্ত **আমপিত্তি বার করা**—প্রহারের দ্বারা সমস্ত রস বা শক্তি বাহির করিয়া দেওয়া অত্যন্ত প্রহার করা। **ঘেন্নাপিত্তি**—ঘৃণা ও অরুচি। প্রায় একার্থক সহচর শব্দ। লজ্জা ও বিরাগ। **হায়াপিত্তি**—একার্থক সহচর শব্দ। তুল—লজ্জাসরম।

পিত্রালয় (পিৎত্রালয়) [পিতৃ—আলয়] বি, পিতৃগৃহ ; বাপের বাড়ী।

পিত্র্য (পিৎত্র) [পিতৃ+য (সম্বন্ধার্থে, যণ্)] বিণ, পিতৃসম্বন্ধীয় ; পৈতৃক। ২। পিতা বা পিতৃপুরুষ হইতে আগত। ৩। [স্মৃতিশাস্ত্রে] বি, পিতৃতীর্থ ; অঙ্গুষ্ঠ এবং তর্জ্জনী অঙ্গুলিদ্বয়ের মধ্যস্থল : পিতৃতীর্থ দ্রঃ। ৪। মধু। ৬। পু, জ্যেষ্ঠ পিতৃব্য।

পিধান (ন্) ["অপিধান-পিধানাচ্ছাদনানি চ"—অমর] বি, ক্লী অপিধান ; আবরণ ; আচ্ছাদন। ২। খড়্গকোষ ; খাপ। প্র—"ঝনঝনিল অসি পিধানে।"—মেঘনাদ। ৩। ঢাক্নি।

পিধানক (ক্) [পিধান—ক (সংজ্ঞার্থে)] বি, খাপ ; খড়্গকোষ। ২। [রাসাঃ পরিঃ] কিঞ্চিদুন্নতমস্তক মুচির ঢাক্নি ; lid of crucible with raised head.

পিন (ন্) [ইং—pin] বি, কাগজ বিঁধিবার ধাতু-নির্ম্মিত সরু ছোট কাঁটা ; আলপিন। প্র—পিন দিয়া আঁটা। ২। কাষ্ঠাদি ছিদ্রে পরাইবার কাঠের সরু কাঁটা ; খিল। প্র—পিন মারা। ৩। খিলান করা গহনার খিল আটকাইবার বা জুড়িবার সোনা রূপার কাঁটা। নারীদিগের স্বর্ণময় করভূষণবিশেষ। প্র—পিনখাড়ু।

পিনদ্ধ [অপি—নহ্ (বন্ধন করা) +ত (কর্ম্মে —ক্ত) যাহা বন্ধন করা হইয়াছে। অপির অ লোপ] বিণ, বদ্ধ। ২। যাহা পরিধান করা হইয়াছে ; পিহিত ; পরিহিত।

পিনহ [সং—পিন্ধন। হি—পিহ্ন ; পিন্হানা ; ব্রজ] ক্রি, ম-পু—অনুজ্ঞা, পরিধান কর। প্র—"পিনহ ঝটিত কুসুমহার পিনহ নীল।"—রবি। ২। বন্ধন কর।

পিনাক (ক্) [পা (রক্ষা করা)+আক (করণে—সংজ্ঞার্থে), প=পিন্ আগম, যাহা দ্বারা জগৎ রক্ষা করা হয়] বি, পুং, ক্লী, শিবের ধনুঃ। প্র—"মহাঘোর আভা পিনাকে ত্রিশূলে।"—অন্নদামঙ্গল। ২। শিবের বাদ্য-যন্ত্র। কোদণ্ডাকৃতি বাদ্যযন্ত্র ইহা মহাদেব যুদ্ধকালে ধনু এবং আনন্দ সময়ে বাদ্যযন্ত্ররূপে ব্যবহার করিতেন। প্র—"বীণ রবাব মুরজ পিনাক, বিবিধ-যন্ত্র লেই করায় বিলাস।"—জ্ঞানদাস। ৩। ত্রিশূল [অপ্রসিদ্ধ]। ৪। ধূলিবৃষ্টি।

পিনাকিনী—বি, স্ত্রী, সপ্ততন্ত্রী ; সপ্তস্বরা যন্ত্র। প্র—"রামা দেয় জয়ধ্বনি সপ্তস্বরা পিনাকিনী বাজে নানা মঙ্গলবাজন।"—কবিকঙ্কণ।

পিনাকী [পিনাক+ইন্ (অস্ত্যর্থে)= পিনাকিন্ ১মা, ১ব] বি, পুং, শিব।

পিনাফোর (র্) [ইং—pinafore] বি, শিশুর বহির্ব্বাস ; শিশুর গলা হইতে বুক ও পিঠের উপর যে বস্ত্রাবরণ থাকে।

পিনালকোড, পেন্যালকোড (ল্, ড্) [ইং—penal code] বি, দণ্ডবিধি।

পিনাস, পিনেস (শ্) [সং—পীনস] বি, নাসিকার রোগবিশেষ ; নাসিকাক্ষত ; atrophic rhinitis.

পিনেস (শ্) [তুল—ইং—pinnace, সামপান দ্রঃ] বি, বড় ভাউলিয়া পোতবিশেষ। প্র—"পিনেসের জোরে বোট কাত হইতে লাগিল।"

পিন্ধন (ন্) [সং] বি, পরিধান। ২। বিণ, পরিহিত ; পিনদ্ধ। প্র—"দুঃশাসন হরিলেক পিন্ধন বসন"—কাশী-মহা-বন।

পিন্ধাওল [ব্রজ] ক্রি, পরিধান করাইল। প্র—"অঙ্গুরী বলয়া ভেল কামে পিন্ধাওল দারুণ তুয়া নব লেহা।"—বিদ্যাপতি।

পিন্ধে [পরিধান=পিধান=পিন্ধা—প্র-পু, পিন্ধে] ক্রি, পরিধান করে। প্র—"দেবযানীর বস্ত্র পিন্ধে হইয়া বিস্মৃতি।"—কাশী-মহা-আদি।

পিপড়া (প্) [সং—পিপীলী] বি, পিপীলিকা।

পিপা [পর্ত্তু—ইং—pipa] বি, নল ; কাটের মৃদঙ্গাকৃতি বড় চোঙ্গা বা খোল।

পিপাসিত (শিত) [পিপাসা+ইত (যুক্তার্থে)] বিণ, তৃষ্ণার্ত্ত ; পানেচ্ছু।

পিপাসু (শু) [পা (পান করা)+স (ইচ্ছার্থে—সন্) দ্বিত্ব=পিপাস+উ (কর্ত্তৃ)] বিণ, পান করিতে ইচ্ছুক ; পানেচ্ছু ; তৃষ্ণার্ত্ত ; সতৃষ্ণ। ২। লোলুপ ; লাভেচ্ছু।

পিপীড়া—পিপীলিকা।

পিপীতক [অপি—পীত+ক সংজ্ঞার্থে] বি, পুং, জনৈক ব্রাহ্মণের নাম। স্ত্রী, **পিপীতকী**—বৈশাখ মাসীয় শুক্ল দ্বাদশী তিথি কৃত্য ব্রত।

পিপুল (ল্) [সং—পিপ্পলিমূল। হি—পীপরা মূল] বি, প্রসিদ্ধ ফলবৃক্ষ ও ফলবিশেষ।

পিপ্পল (ল্) বি, পুং, অশ্বত্থবৃক্ষ।

পিপ্পলাদ (দ্) বি, পুং, মহর্ষি দেবদর্শের শিষ্য জনৈক ঋষি। ইনি অথর্ব্ববেদের এক শাখা প্রস্তুত করেন। ঐ শাখার নাম পৈপ্পলাদি শাখা।

পিপ্পলি, পিপ্পলী (পিপ্‌পোলি) [সং] বি, স্ত্রী, পিঁপুলগাছ ; long pepper. পিপ্পলী, গজপিপ্পলী, বনপিপ্পলী, সিংহপিপ্পলী ইত্যাদি ভেদে পিঁপুল বহুবিধ।

পিয় [সং—প্রিয়। পিয়া দ্রঃ] বিণ, অনুরক্ত ; প্রিয় ; বাঞ্ছিত। ২। ভালবাসার পাত্র ; বল্লভ। স্ত্রী, **পিয়সী**।

পিয়ন (ন্) [ইং—peon] বি, পেয়াদা। ২। ডাকহরকরা ; পত্রবাহক।

পিয়া [সং—প্রিয় হইতে পিয়—পিয়া (হিন্দী অন্ত্য অকারের উচ্চারণানুরূপ)] বি, পুং, প্রিয় ; বল্লভ ; পতি ; ভালবাসার পাত্র। প্র—"আমার পিয়ার কথা কি কহিব সই"—চণ্ডীদাস। "আওব করি মোর পিয়া চলি গেলা।"—বিদ্যাপতি। ২। প্রণয়ী ; বঁধু। ৩। বাঞ্ছিত। ৪। অনুরক্ত। স্ত্রী, **পিয়ারী**। ২। পিয়া [পি, পিআ দ্রঃ] অস-ক্রি, পান করিয়া। প্র—"পিয়া বিদ্যা-নাম-সুধা সুন্দরের গেল ক্ষুধা।"—ভারতচন্দ্র।

পিয়াজ, পিঁয়াজ (জ্) [ফা—পিয়াজ্] বি, তীব্রগন্ধ কন্দবিশেষ ; **পিয়াজকলি**—পিয়াজের দীর্ঘ নলাকার বৃন্তসহ পুষ্পমঞ্জরী। **পিয়াজের রস**—পিয়াজ ছেঁচিয়া বা বাটিয়া তাহা হইতে নিষ্কাশিত রস। **পিয়াজের ডাল্না**—পিয়াজ মিশ্রিত আলু, মাছ প্রভৃতির ডাল্না ব্যঞ্জন। **পিয়াজের বড়া**—পিয়াজ মিশ্রিত ডালের ভাজা বড়া।

পিয়াজী [পিয়াজ+ঈ (বর্ণবিশিষ্ট অর্থে)] বিণ, পিয়াজবর্ণ।

পিয়াদা [ফা—পিয়াদাহ্। তুল—সং—পদাতি ; গ্রা—উচ্চারণে, পেয়াদা, প্যায়দা। হি—পয়দল] বি, পদাতি ; a foot soldier. ২। নিম্নশ্রেণীর রাজানুচর ; সংবাদবাহক ; দূত ; চাপরাসী। ৩। পত্রবাহক ; ডাকহরকরা ; peon.

পিয়ান (নো) [পিআ (দ্রঃ)—ণিজন্তরূপ। উ-পু—পিয়াই। ম-পু—পিয়াও। প্র-পু—পিয়ায়। অস-ক্রি—পিয়াইতে ; পিয়াইয়া] ক্রি, পান করান।

পিয়ানো, পিয়োনা—বি য়ুরোপীয় বৃহৎ বাদ্যযন্ত্র-বিশেষ ; অর্গ্যান ; organ. প্র—"পিয়োনা বাজাতে পারি ইংরেজী প্রথায়"—হেম বন্দ্যো।

পিয়ার, পিয়ারা (র্) [প্রিয় শব্দজ] বিণ. প্রিয় ; বাঞ্ছিত ; প্রণয়ী। ২। বি. প্রিয়-পাত্র ; ভালবাসার পাত্র। ৩। প্রীতি প্রেম ; আদর। স্ত্রী. পিয়ারী।

পিয়ারা [পর্তু—পেরা। অর্বাচীন সং—পারাবত, পারেবত ফল, পরুষফল] বি. প্রসিদ্ধ বিদেশী উদ্যান তরু ও তাহার ফলবিশেষ ; ficus carica.

পিয়ারি, পেয়ারী [সং—প্রিয়া—রী (হি) ; হি—পিয়ার্—ভালবাসা, ভালবাসার পাত্র, স্ত্রী পিয়ারী। কৃষ্ণ রাধাকে আদর্শ ভালবাসিয়াছিলেন তাই রাধা "পিয়ারী" বা "প্যারী"] বিণ. প্রিয়া ; প্রেমিকা। ২। বাঞ্ছিতা। ৩। বি. ভালবাসার পাত্রী ; প্রণয়িনী। ৪। প্যারী ; শ্রীরাধিকা।

পিয়াল (ল্) [সং—পিয়াল, প্রিয়াল] বি, পুং. রাজাদন নামক বৃক্ষ ; bucanania latifolia. ২। পিয়াল ফল। **পিয়াল বীজ**—পিয়াল ফলের বীজ, চিরৌঞ্জী (দ্রঃ)। ৩। পোয়াল ; খড় ; ঘরছাইবার জন্য ব্যবহৃত লম্বা ঘাসবিশেষ।

পিয়ালা, পেয়ালা [ফা—পিয়ালাঃ] বি. পানপাত্র ; cup. প্র—"লালসা বাড়ানো চুনির পিয়ালা"—অবসর। ক্ষুদ্রার্থে—**পিয়ালি**।

পিয়াস, পিয়াসা (শ্, শা) [সং—পিপাসা হইতে] বি. তৃষ্ণা ; পিপাসা ; পানেচ্ছা। প্র—"পিয়াস লাগিয়া জলদ সেবিনু বজর পড়িয়া গেল"—চণ্ডীদাস। "সুধাসিন্ধু ত্যজি ক্ষারে পিয়াস।"—বিদ্যাপতি। "সুখের তিয়াসা রূপের পিয়াসা"—অশোকগুচ্ছ। ২। [লক্ষণায়] লালসা ; তীব্র বাসনা। ৩। আকাঙ্ক্ষা ; প্রয়াস ; প্রত্যাশা।

পিয়াসাল (শাল্ [সং—পীতসালক] বি, বস্তু দ্রুমবিশেষ ; pterocarpus marsupium. ২। জীবক।

পিয়াসী (পি) [পিয়াস (দ্রঃ) + ঈ (যুক্তার্থে)] বিণ. পিপাসাযুক্ত ; পিপাসিত। ২। [লক্ষণায়, প্রয়াসী অথবা প্রত্যাশী হইতে] অত্যন্ত অভিলাষী ; লোলুপ। প্র—"ওগো প্রাণে মনে আমি যে তাহার পরশ পাবার পিয়াসী"—রবি।

পিয়াসু (শু) [সং—পিপাসু হইতে] বিণ. পিপাসু ; তৃষ্ণার্ত। ২। আকাঙ্ক্ষাকারী ; অভিলাষী ; প্রত্যাশী। প্র—"কি সুখে সংসারে আছ রে সুখপিয়াসু মন। ভেবে দেখ কি লইয়ে করিছ দিন যাপন।"—বাং-গান (কালীপ্রসন্ন ঘোষ)।

পিয়ে [পিআ দ্রঃ] ক্রি. পান করে। প্র—"না খায় আহার না পিয়ে নীর।"—চণ্ডীদাস।

পিরাণ, পীরাণ, পিরান (ন্) [ফা—পৈরাহান্। ইহা হইতে বাং-য়—পহিরণ (অন্নদামঙ্গল)] বি. কামিজ ; ঢিলা জামা। প্র—"একমাত্র পীরাণটী খুলি দিব তারে পরায়ে যতনে"—অশোকগুচ্ছ।

পিরামিড্ [ইং pyramid] বি. ইষ্টক বা পাষাণ-স্তূপের ত্রিকোণাকার মন্দির। প্র—মিশরের পিরামিড সমূহ জগতের সপ্ত আশ্চর্য্য-বস্তুর অন্যতম। "এক এক করি ইষ্টক সকল খসায়ে দেখনা পিরামিড কই?"—চন্দন।

পিরালি, পিরালী, পীরালী [ফা—পীর + আ—আলী। গ্রা—পিরিলি] বি. যশোহরের মুসলমান রাজা পীরআলীর অন্নস্পর্শ জনিত, মতান্তরে অন্নের আঘ্রাণ জন্য দোষাশ্রিত ব্রাহ্মণ-শ্রেণীবিশেষ ; পিরালী ব্রাহ্মণ। প্র—"হরেন্দ্র নরেন্দ্র গোষ্ঠী ঠাকুর পিরালি."—হেম বন্দ্যো।

পিরিত, পিরীত (ত্) [সং—প্রীতি হইতে "পীরিতি"। সংক্ষেপে—পিরিত] বি. প্রীতি ; প্রেম ; অনুরাগ। ২। অনুরোধ ; ভালবাসার খাতির। প্র—"ব্রহ্মার বচন রাখ আমার পিরিত। আজ্ঞা কর মুনিগণ যে হয় উচিত।"—কাশী—মহা—আদি। ৩। [লঘুভাবে ও সংকীর্ণার্থে] বন্ধুত্ব ; প্রণয় ; সদ্ভাব। প্র—"রুষ্ট নহে কেহ সত্তে করেন পিরীত।"—চৈতন্য ভাগবত। ৪। স্বস্তি ; শান্তি ; সোয়াস্তি। প্র—"অহর্নিশি তিল এক না পায় পীরিত।"—ভাগবত (মাধবাচার্য্য)। ৫। [সং—প্রীতি (প্রেম) হইতে গ্রা—"পিরীতি" (প্রণয়) তাহা হইতে "পিরীত" (কদর্থে—অবৈধ প্রণয়)] অবৈধ প্রণয় ; গুপ্ত-প্রণয়। ৬। [প্রীত শব্দের বিকারে] বিণ. প্রীত ; তুষ্ট। **পিরীত করা**—অবৈধ প্রণয় সংঘটন করা ; পরনারী বা পরপুরুষের সহিত প্রণয় করা। **পিরীত জমান**—(অশিষ্ট) পিরীত করা দ্রঃ।

পিরীতি, পীরিতি [সং—প্রীতি শব্দজ] বি. প্রেম ; প্রীতি [এই অর্থে আধু বাং-য় বিরল] ২। প্রণয় ; ভালবাসা। প্র—"প্রথমে যে প্রীতি ছিল শেষে তাহা না রহিল পিরীতির এ নহে বিধান"—ভারতচন্দ্র। "নলিনি লো এত নয় পিরীতি বিধান"—নব নাটক। ৩। স্নেহ। প্র—"কহিছেন প্রজাপতি পিরীতি করিয়া"—অন্নদামঙ্গল।

পিল, পীল (ল্) [ফা—পীলহ্ = হস্তী। তুল—সং—পীলু = হস্তী] বি. হস্তী। ২। সতরঞ্চ খেলায় গজ। **পিলখানা**—হাতী-শাল। **পিলবান**—মাহুত ; হস্তিপক। **পিলপা**—হাতীর পা। ২। [গ্রা—পিলপে। লক্ষণায়] স্তম্ভ ; থাম। প্র—এখানে দুটা পিলপা গাঁথা ছিল।

পিল (ল্) [ইং—pill] বি. ঔষধের বড়ী।

পিল [পি, পিআ দ্রঃ। পদ্যে] ক্রি. পান করিল। প্র—"মধ্যখণ্ডে গৌরচন্দ্র রুক্মিণীর বেশে। নাচিলেন শুন পিল যত সব দাসে॥"—চৈতন্য ভাগবত।

পিলপিল (ল, ল্) [সং—পিপীলী হইতে] অ. পিপীলীশ্রেণীবৎ ; পিঁপড়ার সার তুল্য একত্র বহু সংখ্যার্থে। ২। রন্ধ্রপথে তরল পদার্থের বহির্গমনের বোধক। ক্রি-বিণ. **পিলপিলাইয়া, পিল্‌পিলিয়ে**—পিল্‌পিল করিয়া ; অসংখ্য সারবন্দীভাবে। ২। রন্ধ্রপথে বেগে নিঃসৃত হইয়া। প্র—পিল-পিলিয়ে রক্ত পড়া।

পিলসুজ (পিল্‌শুজ্) বি. পীলসুজ দ্রঃ।

পিলা, পীলা [গ্রা—পিলে, পিলুই। সং—প্লীহা শব্দজ] বি. প্লীহারোগ।

পিলুক (ক্) বি. পুং. পীলুগাছ

পিলে (পি্) [প্লীহা শব্দজ] বি. প্লীহা।

পিলে [পোলা (দ্রঃ) হইতে পুলে—পিলে] বি. পুত্র ; ছেলে। **ছেলেপিলে**—সন্তানাদি। ছেলে দ্রঃ।

পিল্লা [পিলপা দ্রঃ। পিল—পা = হাতীর পা ; তদ্বৎ। গ্রা—পিল্লে] বি. অনুচ্চ স্তম্ভ বা থাম ; উচ্চ আলি। **পিল্লা গাঁথা**—সীমা নির্দ্দেশার্থ জমীর মধ্যে মধ্যে ইষ্টক প্রস্তরাদিদ্বারা অনুচ্চ স্তম্ভ নির্ম্মাণ করা ; ক্ষেত্রের সীমাস্বরূপ ইষ্টকাদিতে উচ্চ আলি নির্ম্মাণ করা।

পিল্লিকা [পিল, পীলু দ্রঃ] বি. স্ত্রী. হস্তিনী।

পিবইতে (ব্) [ব্রজ] অস-ক্রি, পান করিতে। প্র—"তছু মধু মানস মাতল মধুকর পিবইতে করু অনুবন্ধে"—গোবিন্দদাস। "রসবতী মালতী পুনঃ পুনঃ দেখি। পিবইতে চাহে মধু জীউ উপেখি॥"—বিদ্যাপতি।

পিবি (বি) [ব্রজ] অস-ক্রি, পান করিতে ; পান করিবার জন্য। **পিবি পিবি**—পান করিতে করিতে ; ক্রমাগত পান করিয়া। প্র—"দুহুঁ দুহুঁ অধর সুধারস পিবিপিবি দুহুঁ ফিরে উনমত ভেলি ;"—জ্ঞানদাস।

পিশাচ (চ্) [সং। পিশিত (মাংস)—আশ (অশনকারী, ভোজী)—পিশিতাশ তাহা হইতে গ্রা-বাং-য়, **পিচাশ**] বি. পুং, মাংসাশী দেবযোনিবিশেষ ; প্রেতযোনিবিশেষ ; ভূতবিশেষ। প্র—"স্তবধ করিল করের তালিতে। পিশাচমণ্ডলী নিকটে ধায়।"—ছায়াময়ী (হেম বন্দ্যো)। ২। [লক্ষণায়] নরাধম ; অতিশয় নিষ্ঠুর, অতি কৃপণ, ঘৃণা লজ্জা হীন

এবং ঘৃণ্য জীবনযাপনকারী ব্যক্তি। স্ত্রী. পিশাচী। প্র—"ধিয়া তা ধিয়া তা ধিয়া ভূত নাচে। উলঙ্গী উলঙ্গে পিশাচী পিশাচে।—ভারতচন্দ্র। পিশাচ-প্রকৃতি—জঘন্য স্বভাব; অতি নীচস্বভাব। ব্রহ্মপিশাচ—ব্রহ্মদৈত্য। প্র—"বিল্ব বিটপে ব্রহ্মপিশাচ, হাসিছে বাজায়ে গালে"—ছায়াময়ী। পিশাচ-মোচন তীর্থ—কাশীর প্রসিদ্ধ তীর্থবিশেষ পিশাচপদ্ধতি—পৈশাচিক রীতি নীতি অতি কদর্য্য ও হীন আচার ব্যবহার বর্ব্বরতা। প্র—"নরদেহ ধরি হব রে বর্ব্বর পিশাচ পদ্ধতি শিখিব যত।"—ছায়াময়ী।

পিশিত (পি্) [সং] বি. ক্লী. মাংস।

পিশিতাশন (পি, ন্) [পিশিত (মাংস) হইয়াছে অশন (ভোজ্য) যাহার, বহু] বিণ মাংসাশী; আমমাংসভোজী। ২। বি. রাক্ষস। ৩। পিশাচ।

পিশিতাশী (শি্) [পিশিত (মাংস)—অশ্ (ভোজন করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = পিশিতাশিন্‌১মা, ১ব] বিণ, আমমাংসভোজী। ২। বি. রাক্ষস। ৩। পিশাচ।

পিশুন (ন্) [পিশ্ (চূর্ণ করা, নষ্ট করা) + উন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে পরের সুখ নষ্ট করে] বিণ, হিংস্রক; খল; ক্রুর। ২। কঠোর; নিষ্ঠুর। প্র—"যো পুন সহচরি হোয়ে মতিমান্। করয়ে পিশুন বচন অবধান।"—বিদ্যাপতি। ২। যে পরস্পরের মধ্যে বিদ্বেষ-ভাব ও ভেদ জন্মায়। ৩। গুপ্তচর। ৪। বায়স।

পিষণ (ন্) [পেষণ শব্দজ] বি. পেষণ; মর্দ্দন; বাটন।

পিষা [সং—পিষ্ (পেষণে)। উ-পু—পিষি, ম-পু—পিষ, পেষ; পিষুন; পিষ্, পেষ্। প্র-পু—পিষে, পেষে। অস-ক্রি—পিষিতে; পিষ্‌তে; পিষিয়া; পিষে। ণিজন্ত—পিষাণ, পেষাণ (নো)] ক্রি. পেষণ করা; শিলাপটে রাখিয়া শিলাখণ্ডাদি দ্বারা ঘর্ষণ করা। ২। দলন করা; মর্দ্দন করা। ৩। চাপ বা ঘন ঘন আঘাত দ্বারা পাত করিয়া ফেলা।

পিষ্ট [পিষ্ (চূর্ণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, চূর্ণিত; কুট্টিত; মর্দ্দিত। তুল—ইং. pressed. ২। পুনঃপুনঃ আঘাতপ্রাপ্ত; পেটা। ৩। ঘৃষ্ট। ৪। দলিত।

পিষ্টক (ক্) [পিষ্ট + ক (সংজ্ঞার্থে) যাহা চূর্ণ করিয়া, পিটিয়া বা বাটিয়া প্রস্তুত করা হয়] বি. পুং, ক্লী. পূপ: পিঠে।

পিষ্টিক (ক্) [পিষ্ট + ক (সংজ্ঞার্থে)] বি. ক্লী. চালবাটা পিটালি। ২। [পিষ্টিকাও বলে। রাসাঃ পরিঃ] রোটিকা; paste.

পিষ্টোদক (ক্) [পিষ্ট (তণ্ডুল চূর্ণ) তন্মিশ্রিত উদক (জল)] বি. ক্লী. চালের গুঁড়ী জলে গোলা; পিটালি গোলা।

পিসশ্বাশুড়ী, পিস্‌শাশুড়ী (পিশ্) [পিসী—শ্বাশুড়ী] বি, স্বামীর বা স্ত্রীর পিসী। প্র—"প্রভাত হ'লে পিস্‌শাশুড়ী ঘোমটা মুখে ছেয়ে"—হেম বন্দ্যো।

পিসা, পিসে (শা, শে) বি, পিতার ভগিনী-পতি। স্ত্রী. পিসী। পিসাত ভগিনী—পিসীর কন্যা; পিসতুতা বোন্। পিসাত ভাই—পিসতুতা ভাই; পিসীর পুত্র।

পিসাস (পিশাশ্) বি. পিস্‌শাশুড়ী।

পিসী (পি্শি) [পিতৃষ্বসৃ শব্দজ] বি, পিতার ভগিনী।

পিসেস, পিসোস (পি্শেশ্, শোশ্) বি. পিসাস দ্রঃ।

পিস্তল (ল্) [পর্ত্তু—pistole. ইতা—pistola] বি. ক্ষুদ্রতম নালিকাস্ত্র; ক্ষুদ্রতম আগ্নেয়াস্ত্রবিশেষ। পিস্তল করা—পিস্তল গুলিবারুদ ভরিয়া তাহা হইতে গুলি নিক্ষেপ করা। পিস্তল ছোড়া—পিস্তল হইতে গুলি নিক্ষেপ করা। পিস্তল মারা—পিস্তলের গুলি দ্বারা আঘাত করা।

পিহিত [অপি—ধা + ত (কর্ম্মে—ক্ত) অপি = পি, ধা = হি] বিণ, আচ্ছাদিত; আবৃত। ২। পিধানে রক্ষিত; কোষগত। ৩। তিরোহিত।

পীঁজর (র্) [পিঞ্জর শব্দজ। পদ সাহিত্যে] বি. পিঞ্জর। প্র—"নয়নে নয়নে নয়ন পীঁজরে রাখয়ে আপন কাছে।"—চণ্ডীদাস।

পীঁড়া (পিঁড়া) [সং—পীঠ, গ্রা—পিঁড়ে] বি, পীড়া দ্রঃ; বসিবার কাষ্ঠ পট্ট। প্র—"ডানি বামে দুই পীঁড়া অতি মনোহর।"—কবিকঙ্কণ। "দৃঢ় বেন্ধন আমি যেই দিন রান্ধি। মারয়ে পীঁড়ার বাড়ি দ্বারে বসে কান্দি।"—ঐ।

পীক (ক্) [পিক দ্রঃ] বি, ছেপ্; চর্ব্বিত পানের রস।

পীও (পিঁঅ) [পিআ দ্রঃ। প্রা-বাং। হি—পীনা ধাতুর উ-পু-রূপ "পীয়ূ"র অনুকরণে] ক্রি. পান করি। প্র—"পাইলে পীয়া পেট ভরে, পীও পীও, তবু করে, না পাইলে তৃষ্ণায় মরি যায়।"—চৈতন্যচরিত।

পীচ (চ্) [ইং—peach] বি, হরিৎ ও পীত রক্তাভ রোমশ অণ্ডাকার ফল ও ফল তরু-বিশেষ। হিন্দীতে আঁড় বলে।

পীচ (চ্) [ইং—pitch] বি, আলকাতরা জ্বাল দিয়া গলান। প্র—পিচ ঢালা মেঝে।

পীড়ি [পীড়া দ্রঃ] বি. ক্ষুদ্রপীড়া।

পীঠ (ঠ্) [সং—পীঠ] বি, বসিবার কাষ্ঠাসন; পীঁড়ি। ২। বেদী। ৩। সতীর মৃতদেহ-খণ্ড-পতন-স্থান; প্রধানতীর্থ স্থান; শাক্তর মঠ। দ্রঃ—দক্ষালয়ে সতী দেহত্যাগ করিলে শিব সতীদেহ স্কন্ধে লইয়া ত্রিভুবন ভ্রমণ করিতে থাকেন। সেই সময় বিষ্ণু চক্র দ্বারা সতীদেহ খণ্ড খণ্ড করিয়া চতুর্দ্দিকে নিক্ষেপ করেন। সেই সকল অংশ পতিত হইয়া ৫১টি মহাপীঠ ও ২৬ উপপীঠ নামে তীর্থে পরিণত হয়। প্রত্যেক পীঠে এক দেবী বা ভৈরবী ও ভৈরবের উদ্ভব হয়; পর পৃষ্ঠায় তাহার তালিকা প্রদত্ত হইল।

পীঠ (ঠ্) [সং—পৃষ্ঠ হইতে পিঠ, পীঠ] বি, পৃষ্ঠ; পিঠ দ্রঃ। ২। প্রস্থান; চম্পট; পিট্টান। প্র—"চমকি দিল পীঠ"—বিদ্যাপতি। পীঠচক্র—গরুর গাড়ী।

পীঠমর্দ্দ (ঠ্) [নাট্যশাস্ত্রে] বি, পুং, নায়ক-সহায়বিশেষ। কুপিতা নায়িকা প্রসাধন ইহাদের কার্য্য।

পীঠস্থান (ন্) [পীঠ দ্রঃ] বি, ক্লী, সতীঅঙ্গ-পতনস্থান। ২। অতি প্রাচীন দেবালয়।

পীড়ন (ন্) [পীড় (ক্লেশ দেওয়া) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অত্যাচার; ক্লেশ-দান। ২। পেষণ; মর্দ্দন। ৩। উৎসাদন; উচ্ছেদ। ৪। দাতার ক্ষমতাতিরিক্ত বস্তু সংগ্রহ-করণ; অত্যধিক আদায়।

পীড়া [পীড় (ক্লেশ পাওয়া) + অ (ভাবে—অঙ্) আপ্ স্ত্রী] বি, স্ত্রী, ক্লেশ; যন্ত্রণা। ২। পীড়ন। ৩। [করণে—অঙ্, যাহা দ্বারা পীড়া জন্মে] রোগ; অসুখ।

পীড়া [পীঁড়া দ্রঃ। সং—পীঠ হইতে] বি, কাষ্ঠাসন; বসিবার কাষ্ঠপট্ট। প্র—"আইলা ভিক্ষা আশে ধর্ম্মকেতুর বাসে নিদয়া দিলেক পীড়াপানী।"—কবিকঙ্কণ।

পীড়ি [সং—পীঠ শব্দজ। পীড়া দ্রঃ] বি, ক্ষুদ্র কাষ্ঠাসন; পীড়া অপেক্ষা ক্ষুদ্র আসন। প্র—"তিন খুরি বিসকর্ম্মা নির্ম্মাইল জে পীড়ি। সোলস আমিনী মেলি এহি চন্দন খুরি।"—শূন্যপুরাণ। ২। [সং—পীঠিকা] বেদী।

পীড়িত [পীড়া + ইত (যুক্তার্থে) কিম্বা পীড় (ক্লেশ পাওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পীড়াগ্রস্ত; রুগ্ন। ২। উৎপীড়িত; উৎসাদিত। ৩। দলিত; মর্দ্দিত; পিষ্ট। ৪। ক্লেশপ্রাপ্ত; ক্লিষ্ট। ৫। ব্যথিত; দুঃখিত।

পীড়িয়া [পীড়া (দ্রঃ) + ইয়া = পীড়াইয়া—পীড়িয়া (সংক্ষেপে)] ক্রি, পীড়ন করিয়া; ক্লেশ দান করিয়া; ব্যথা দিয়া। প্র—"কণ্টকে গড়িল বিধি মৃণাল অধমে। জলে তারে ডুবাইল পীড়িয়া মরমে।"—বঙ্কিম।

৫১ পীঠ ও ২৬ উপপীঠের তালিকা।

কোন কোন উপপীঠ মতান্তরে মহাপীঠ বলিয়া উক্ত হয়। কোন কোন মহাপীঠ মতান্তরে অস্বীকৃত হয়

ফলতঃ এ সম্বন্ধে বিস্তর মতভেদ দৃষ্ট হয়। মঃ = মতান্তরে ; উপ — উপপীঠ।

হাপীঠ ংখ্যা।	পীঠ।	পীঠস্থান।	অধিষ্ঠাত্রী দেবী বা ভৈরবী	ভৈরব
১	ব্রহ্মরন্ধ্র	হিঙ্গুলায় (বেলুচিস্থানে)	কোটরী	ভীমলোচন
	কিরীট (উপ)	কিরীট (কিরীট কোণায়) (বট নগর গঙ্গাতীরে)	ভুবনেশ্বরী (বিমলা)	কিরীটী বা সিদ্ধরূপ (মঃ সম্বর্দ্ধ)
	কেশ (উপ)	কেশজালে (বৃন্দাবনে)	উমা	ভুতেশ
	মুণ্ড (মঃ মহাপীঠের তালিকাভুক্ত)	কালীঘাটে (কাটোয়ার নিকট)	জয়দুর্গা	অভীরুক
২	মনঃ (মঃ ভ্রূমধ্য)	বক্রনাথে	পাপহরা (মহিষমর্দ্দিনী)	বক্রনাথ
৩	ত্রিনেত্র	সর্করে (করবীরপুরে)	মহিষমর্দ্দিনী	ক্রোধীশ
৪	নেত্রাংশ-তারা	তারায়	তারিণী	উন্মত্ত
৫	বাম কর্ণ (মঃ কর্ণদ্বয়)	করতোয়াতটে (বগুড়া—শেরপুর)	অপর্ণা (মঃ জয়দুর্গা)	বামেশ (মঃ বামন)
৬	দক্ষিণ কর্ণ	শ্রীপর্ব্বতে (মঃ কর্ণাটে)	সুন্দরী (সুনন্দা)	সুন্দরানন্দ (মঃ নন্দ) (মঃ অভীরুক)
	কুণ্ডল (উপ)	বারাণসীতে	বিশালাক্ষী বা অন্নপূর্ণা	কাল ভৈরব বা বিশ্বেশ্বর
৭	নাসিকা	সুগন্ধায় (বরিশাল শিকারপুর গ্রামে)	সুনন্দা	ত্র্যম্বক (মঃ বটুকেশ্বর)
৮	বামগণ্ড	গোদাবরীতে	বিশ্বমাতৃকা	বিশ্বেশ (মঃ দণ্ডপাণি)
	বাম গণ্ডাংশ (উপ)	উত্তরায়	উত্তরিণী	উৎসাদন
৯	দক্ষিণ গণ্ড (উপ)	গণ্ডকীতে (নদীতীরে)	গণ্ডকী চণ্ডী	চক্রপাণি
	দক্ষিণ গণ্ডাংশ	নলস্থলে	ভ্রমরী	বিরূপাক্ষ
১০	উর্দ্ধ দন্তপঙ্‌ক্তি	অনলে (মঃ শুচিদেশে)	নারায়ণী	সংক্রূর (মঃ সংহার)
১১	অধোদন্তপঙ্‌ক্তি	পঞ্চসাগরে	বারাহী	মহারুদ্র
১২	জিহ্বা	জ্বালামুখী (পঞ্জাব জলন্ধরে)	অম্বিকা	বটুকেশ্বর বা উন্মত্ত
	উচ্ছিষ্ট (উপ)	নীলাচলে	বিমলা	জগন্নাথ
১৩	ওষ্ঠ (মঃ উর্দ্ধ ওষ্ঠ)	ভৈরব পর্ব্বতে (অবন্তীদেশে উজ্জয়িনীর নিকট)	অবন্তী (মহাদেবী)	নম্রকর্ণ (মঃ লম্বকর্ণ)
	ওষ্ঠাংশ (মঃ অধঃ ওষ্ঠ) (উপ)	অট্টহাসে (কলিকাতা হইতে ৫৬ ক্রোশ দূরে লাভপুরের নিকট)	ফুল্লরা	বিশ্বনাথ
১৪	অধর (মঃ উদর)	প্রভাসে (মথুরামণ্ডলে)	চন্দ্রভাগা	বক্রতুণ্ড
১৫	চিবুক	জনস্থানে (মধ্যপ্রদেশ)	ভ্রামরী	বিকৃতাক্ষ
১৬	কণ্ঠ	কাশ্মীরে (অমরনাথে)	মহামায়া (মঃ ভগবতী)	ত্রিসন্ধ্য (মঃ ত্রিসন্ধ্যেশ্বর)
	কণ্ঠহার (উপ)	অযোধ্যা	অন্নপূর্ণা	হরিহর
	হারাংশ (উপ)	নন্দীপুরে (লুপলাইনে সাঁইথিয়া ষ্টেসনের নিকট)	নন্দিনী	নন্দীশ্বর বা নন্দীকেশ্বর
১৭	গ্রীবা	শ্রীহট্টে	মহালক্ষ্মী	সর্ব্বানন্দ
	গ্রীবাংশ (উপ)	শ্রীশৈলে	সর্ব্বেশ্বরী	চর্চ্চিতানন্দ
	শিরানলি (মঃ নলি) (উপ)	নলহাটীতে	সাফালিকা (মঃ কালিকা)	যোগীশ
১৮	বামস্কন্ধ	মিথিলায় (জনকপুর ষ্টেসনের নিকট)	মহাদেবী	মহোদর
১৯	দক্ষিণ স্কন্ধ	রত্নাবলীতে	শিবা বা কুমারী	শিব বা কুমার
	স্কন্ধাংশ (উপ)	বৃন্দাবনে	কুমারী বা কাত্যায়নী	কুমার
২০	মর্ম্ম	প্রভাসখণ্ডে	সিদ্ধেশ্বরী	সিদ্ধেশ্বর
২১	বাম স্তন	জালন্ধরে (জ্বালামুখী তীর্থ)	ত্রিপুরমালিনী	ভীষণ
২২	দক্ষিণ স্তন (মঃ জঘনাস্থি)	রামগিরিতে (চিত্রকূট পর্ব্বত)	শিবানী	চণ্ড
২৩	হৃদয়	বৈদ্যনাথে	নবদুর্গা বা জয়দুর্গা	বৈদ্যনাথ
	শিরাংশ (উপ)	কালীপীঠে	চণ্ডেশ্বরী	চণ্ডেশ্বর
	বসা চর্ব্বি (উপ)	গৌরীশেখরে	যুগাদ্যা	ভীম

মহাপীঠ সংখ্যা।	পীঠ।	পীঠস্থান।	অধিষ্ঠাত্রী দেবী বা ভৈরবী।	ভৈরব।
২৪	পৃষ্ঠ	বৈবস্বতে (কালিকাশ্রম)	ত্রিপুটা (মঃ সর্ব্বাণী)	শমনকর্ম্মা (মঃ নিমিষ)
২৫	বাম বাহু	বাহুলায় (কাটোয়ার কেতুগ্রাম)	বাহুলা বা বাহুলী	ভীরুক
২৬	দক্ষিণ বাহু	বক্রেশ্বরে	বক্রেশ্বরী	বক্রেশ্বর
২৭	বাম কনুই	উজানিতে (কোগ্রাম)	মঙ্গলচণ্ডী	কপিলাম্বর
২৮	দক্ষিণ কনুই	রণখণ্ডে	বহুলাক্ষী	মহাকাল
২৯	বাম হস্ত (মঃ দক্ষিণ হস্তার্দ্ধ)	মানস সরোবরে (মঃ মানসক্ষেত্র)	দাক্ষায়ণী	হর (মঃ অমর)
৩০	দক্ষিণ হস্তার্দ্ধ	চট্টগ্রামে বা চট্টলে	ভবানী	চন্দ্রশেখর
৩১	বাম মণিবন্ধ	মনিবন্ধে	গায়ত্রী	শঙ্কর বা সর্ব্বাণ (মঃ সর্ব্বানন্দ)
৩২	দক্ষিণ মণিবন্ধ	মণিবেদে	সাবিত্রী	স্থাণু
	করাংশ (উপ)	সতীচলে	সুনন্দা	সুনন্দ
৩৩	দ্বিহস্তাঙ্গুলি	প্রয়াগে	কমলা বা কল্যাণী (মঃ ললিতা)	বেণীমাধব (মঃ ভব)
	পাণিপদ্ম (উপ)	যশোরে (টাকির নিকট)	যশোরেশ্বরী (মঃ যশোরী)	প্রচণ্ড (মঃ চণ্ড)
	দণ্ডাংশ (উপ)	সংহরে	সুরেশী	সুরেশ
	অস্ত্র (উপ)	চণ্ডদ্বীপে	চক্রধারিণী	শূলপাণি
৩৪	নাভি	উৎকলে (পুরী)	বিজয়া (মঃ বিমলা)	জয় (মঃ জগন্নাথ)
৩৫	জঠর	হরিদ্বারে	ভৈরবী	বক্র
৩৬	কক্ষ	কোঁকে	কোঁকেশ্বরী	কোঁকেশ্বর
	কক্ষাংশ (উপ)	সর্ব্বসৈন্থে	বিশ্বমাতা	দণ্ডপাণি
৩৭	কঙ্কাল	কাঞ্চীদেশে (বোলপুর ষ্টেশন হইতে ৫ মাইল দূরে কোপাই নদীর তীরে)	বেদগর্ভা	রুরু
৩৮	বাম নিতম্ব (মঃ দক্ষিণ নিতম্ব)	কালমাধবে (শোণনদে)	কালী (নর্ম্মদা)	অসিতাঙ্গ বা অসিতানন্দ (মঃ ভদ্রসেন)
৩৯	দক্ষিণ নিতম্ব	নর্ম্মদায় (কালমাধবে)	শোণাক্ষী	ভদ্রসেন
	ক্ষিতম্বাংশ (উপ)	শোণে	ভদ্রা	ভদ্রেশ্বর
৪০	মহামুদ্রা (যোনি)	কামরূপে	কামাখ্যাদেবী বা নীলপার্ব্বতী	রাবানন্দ বা উমানন্দ
৪১	বাম জানু (মঃ জানুদ্বয়)	মলবে (মঃ নেপালে)	শুভচণ্ডী (মঃ মহামায়া)	তাম্র (মঃ কাপালি)
৪২	দক্ষিণ জানু	স্রোতায়	চণ্ডিকা	সদানন্দ
৪৩	বাম জঙ্ঘা	জয়ন্তিয়ায় (খাসিয়া শৈলের দক্ষিণে জয়ন্তিয়া পরগণায় বাউরভাগ গ্রামে)	জয়ন্তী	ক্রমদীশ্বর
৪৪	দক্ষিণ জঙ্ঘা	নেপালে (মঃ মগধে)	মহামায়া বা নবদুর্গা (মঃ সর্ব্বানন্দকরী)	কপালী (মঃ ব্যোমকেশ)
৪৫	বাম চরণ	তিরোতা (ত্রিস্রোতা)	অমরী (মঃ ভ্রামরী)	অমর (মঃ ঈশ্বর)
৪৬	দক্ষিণ চরণ	ত্রিপুরায়	ত্রিপুরা	নল (মঃ ত্রিপুরেশ)
	চরণাংশ (উপ)	ত্রিস্রোতা (জলপাইগুড়ির শালবাড়ী গ্রামে তীস্তানদীতীরে)	পার্ব্বতী	ভৈরবেশ্বর
	নূপুর (উপ)	লঙ্কায়	ইন্দ্রাক্ষী	রক্ষেশ্বর বা রাক্ষসেশ্বর
৪৭	দক্ষিণ পদাঙ্গুষ্ঠ	ক্ষীরগ্রামে (বর্দ্ধমান ষ্টেশন হইতে ২০ মাইল উত্তরে)	যোগাদ্যা	ক্ষীরকণ্ঠ
৪৮	বাম পদাঙ্গুলি (মঃ পদাঙ্গুলি)	বিশ্বশেখরে (মঃ বিরাটে)	বিন্ধ্যবাসিনী (মঃ অম্বিকা)	পুণ্যভাজন (মঃ অমৃত)
৪৯	দক্ষিণ চরণের ৪টি অঙ্গুলি	কালীঘাটে	কালিকা	নকুলেশ বা নকুলেশ্বর
৫০	বাম গুল্ফ	বিভাসে বা বিভাসকে (তমলুকে)	ভীমরূপা	কপালী (মঃ সর্ব্বানন্দ)
৫১	দক্ষিণ গুল্ফ	কুরুক্ষেত্রে	সম্বরী বা বিমলা (সাবিত্রী)	সম্বর্ত্ত (মঃ স্থাণু)
	চর্ম্মাংশ (উপ)	কটকে	কটকেশ্বরী বা কাত্যায়নী	বামদেব
	লোম (উপ)	পুণ্ডরে	সর্ব্বাঙ্কীণী	সর্ব্ব
	লোমখণ্ড (উপ)	তৈলঙ্গে	চণ্ডনায়িকা	চণ্ডেশ
	ভগ্নাংশ	শ্বেতবঙ্কে	জয়া	মহাভীম।

পীড্যমান (পিড্‌ডমান্) [পীড়্ (ক্লেশ পাওয়া)+আন (কর্ম্মে—আনশ্) য্ ম্ আগম] বিণ, যে পীড়িত হইতেছে ; ক্লিশ্যমান ; তাড্যমান। ২। যাহার উপর অত্যাচার হইতেছে।

পীত [পা (পান করা)+ত (কর্ম্মে—ক্ত) পা=পী] বিণ, যাহা পান করা হইয়াছে ; কৃতপান। ২। [পি, পিআ দ্রঃ] ক্রি, পান করিত। প্র—"পূর্ব্বে ভাণ্ডে পীত বারি, এবে ভেল হেমঝারী, বাটী ঘটী সব হেমময়।"—কবিকঙ্কণ।

পীত [সং] বি, পুং, হরিদ্রাবর্ণ ; হল্‌দে রঙ্। ২। বিণ, হরিদ্রাবর্ণবিশিষ্ট ; হলুদে। প্র—"শ্বেত, রক্ত, নীল, পীত, শুভ্র, সারি সারি"—মেঘনাদ। **পীতকদলী**—চাঁপা কলা। **পীতকন্দ**—গাজর। **পীতকাষ্ঠ**—পীত চন্দন। **পীতকুষ্মাণ্ড**—বিলাতী কুমড়া। **পীতগন্ধক**—হরিদ্রাবর্ণ গন্ধক ; yellow sulphor. **পীতচম্পক**—স্বর্ণ-চাঁপা। ২। প্রদীপ। **পীততুণ্ড**—কারণ্ডব পক্ষী। **পীততৈলা**—জ্যোতিষ্মতী লতা। **পীতদারু**—দেবদারু। ২। স্বর্ণ-চাঁপার গাছ। **পীতধড়া**—পীতধটী ; হরিদ্রাবর্ণ বস্ত্রখণ্ড ; পীতাম্বর। **পীতপর্ণী**—বিছুটী গাছ। **পীতপুষ্পা**—চাঁপাফুল। ২। হল্‌দে ফুল। ৩। কর্ণিকার বৃক্ষ। **পীতবীজা**—মেথি। **পীতভস্ম**—পীতবর্ণ পারদ। **পীতমুদ্গ**—সোনামুগ। **পীত-মূলক**—গাজর। **পীতমুখী**—স্বর্ণমুখী। **পীতমূলী**—রেউচিনি। **পীতশাল**—অসন বৃক্ষ। **পীতস্ফটিক**—পুষ্পরাগ মণি।

পীতক (ক্) [পীত+ক (স্বার্থে)] বি, ক্লী, হরিদ্রা বৃক্ষ। (২) হরিতাল। (৩) পীত চন্দন। (৪) কুঙ্কুম। (৫) কুসুমফুল। (৬) মাক্ষিক। (৭) পিতল। (৮) পদ্ম কাষ্ঠ। ২। [গণিত পরিঃ] অব্যক্ত রাশি-বিশেষ। ৩। মাক্ষিক।

পীতবাস (শ্) [পীত—বাস (বসন) যাঁহার, বহু] বিণ, পীতবর্ণ পরিচ্ছদধারী। ২। বি, পীতাম্বর। ৩। শ্রীকৃষ্ণ। প্র—"কাজ কি বাসে, কাজ কি বাসে, কাজ কেবল সেই পীত-বাসে"—দাশরথি।

পীতভস্ম (ভশ্‌শ) [বৈদ্যকে] বি, পীতবর্ণ পারদ ভস্ম।

পীতরক্ত [পীত অথচ রক্ত—কর্ম্মধা] বি, ক্লী, পুষ্পরাগমণি।

পীতরাগ (গ্) [পীত যে রাগ (রং)—কর্ম্মধা] বি, পুং, হরিদ্রাবর্ণ।

পীতল (ল্) [পীত+ল (অস্ত্যর্থে)] বিণ, পীতযুক্ত।

পীতলক (ক্) [পীতল+ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, পিতল।

পীতসার (শার্) [পীত (হরিদ্রাবর্ণ) হইয়াছে সার (স্থিরাংশ) যাহার, বহু] বি, ক্লী, পীতচন্দন কাষ্ঠ ; হরিচন্দন। ২। চন্দন। ৩। গোমেদমণি। রাহুর প্রীত্যর্থে এই রত্ন লোকে অঙ্গে ধারণ করিয়া থাকে।

পীতসালক (শালক্) [ইহার কাষ্ঠ পীতবর্ণ বলিয়া এই নাম] বি, পু, পীতবর্ণ সালবৃক্ষ ; পিয়াসাল ; pterocarpus marsupium.

পীতাঙ্গ—বি, পুং, শ্যোনাকবৃক্ষ ; শোঁদাল-গাছ। ২। [পীতবর্ণ হইয়াছে অঙ্গ যাহার, বহু] বিণ, পীতবর্ণ অঙ্গবিশিষ্ট।

পীতাভ্রক (পীতাভ্‌ভ্রক্) [রাসাঃ—পরিঃ পীত+অভ্রক] বি, হরিদ্রাবর্ণ অভ্র : yellow mica.

পীতাম্বর (র্) [পীতবর্ণ হইয়াছে অম্বর (বস্ত্র) যাঁহার, বহু] বিণ, কৃষ্ণ ; বিষ্ণু ; পীতবাস পরিহিত। ২। বি, পীতবাস ; হরিদ্রাবর্ণ বস্ত্র। ৩। বিষ্ণু। ৪। কৃষ্ণ। **পীতাম্বরী সাটী**—সধবার পরিধেয় পীতবর্ণে রঞ্জিত বস্ত্র-বিশেষ ; পীতাম্বরী সাড়ী। প্র—"পীতাম্বরী সাটী"—সীতারাম (বঙ্কিম)।

পীতারুণ (ন্) [পীত এবং অরুণ দ্বন্দ্ব] বি, পুং, পীত ও লোহিতবর্ণ। ২। বিণ, রক্তপীত ; লাল ও হল্‌দে মিশ্রিত।

পীধন (ন্) [সং—অপি—নহ্ (বন্ধন করা) তুল—পিনদ্ধ=পরিহিত] বি, পরিধান। প্র—"শ্রীচরণে চঞ্চল মকর কুণ্ডল পীধন পীয়ল-বাস।"—গোবিন্দদাস।

পীন (ন্) [প্যায়্ (বৃদ্ধি পাওয়া)+ত (কর্ত্তৃ —ক্ত) প্যায়্=পী, ক্ত=ন] বিণ, পীবর ; স্থূল ; মোটা। প্র—নীল নেত্র রক্ত ওষ্ঠ চারু চন্দ্রানন। ও পীন উন্নত বক্ষ কতই বিশাল॥"—ফুলরেণু। "দিনে দিনে পয়োধর ভৈগেল পীন।"—বিদ্যাপতি। ২। প্রসারযুক্ত।

পীনস (শ্) [সং] বি, পুং, নাসিকার ক্ষত রোগ ; পীনাস দ্রঃ। বিণ, **পীনসী**।

পীনোধ্নী [পীন (স্থূল) হইয়াছে উধস্ (গো স্তন, পালান) যে গাভীর, বহু] বি, স্ত্রী, যে গাভীর স্তন স্থূল ও পরিসরযুক্ত।

পীয়নু [পিআ দ্রঃ] ক্রি, পান করিলাম। প্র—"অমৃত ত্যজি কিয়ে হলাহল পীয়নু সম্পদে বিপদহি ভেলি।"—বিদ্যাপতি।

পীয়ল [ব্রজ। সং—পিঙ্গল হইতে 'পিঙল' পরে পিয়ল—পীয়ল] বি, পিঙ্গল ; পীতবর্ণ। ২। পিঙ্গলবর্ণযুক্ত ; পীত। প্র—"পীধন পীয়ল বাস"—গোবিন্দদাস। ২। পান করিল।

পীযূষ (পিজুষ, পিউস্) [পীয্ (তৃপ্ত হওয়া) +উষ (করণে) যাহা দ্বারা দেবগণ পর্য্যন্ত তৃপ্ত হইয়াছেন] বি, ক্লী, সুধা ; অমৃত। প্র—"মধুর পীযূষে মদন সহিতে মাখিলে সে রসময়।"—চণ্ডীদাস। "বিভু পদ কমল পীযূষ রসে মজ রে পিপাসু মন মধুকর"—ব্রহ্মসঙ্গীত।

পীর (র্) [ফা—পীর্] বি, মুসলমানদিগের মধ্যে ঈশ্বরজ্ঞানিত পুরুষ ; মহাপুরুষ ; পুণ্যাত্মা ; মুসলমান সাধু। প্র—"পীরের মোকামে দেয সাঁজ।"—কবিকঙ্কণ। ২। সকলের মান্য : যাহা ইচ্ছা তাহাই করিতে পারে এমন ব্যক্তি। প্র—সে পীর নাকি যে যা মনে করবে তাই করবে। **পীরের দরগা**—পীরের সমাধিস্থান। **পীর-পেগম্বর**—মুসলমান সাধু মহাত্মা। **পাঁচ-পীর**—বদর প্রমুখ পঞ্চজন পীর ; মুসলমান নাবিকদিগের উপাস্য। **পীরের শিন্নি**—পীরের স্থানে নিবেদিত দুধ, কলা, চিনি ময়দা মিশ্রিত ভোগ।

পীরাণ (ন্) বি, পীরোত্তর দ্রঃ।

পীরোত্তর (র্) [পীর—উত্তর (যোগ্য। অথবা পীর—ত্র (ত্রৈ=পালন করা+অ, কর্ত্তৃ) —পীরত্র তাহার অপভ্রংশে পীরোত্তর] বি, কোন মুসলমান কর্ত্তৃক পুণ্য সঞ্চয় মানসে প্রদত্ত পীরের পালন-যোগ্য ভূসম্পত্তি ; পীরের উদ্দেশে দত্ত নিষ্কর ভূমি।

পীল (ন্) [পিল দ্রঃ] বি, হস্তী ; সতরঞ্চ খেলার গজ। প্র—"এবার বাজি ভোর হলো ওরে অতঃপরে কোণের ঘরে পীলের কিস্তে মাত হইল।"—রামপ্রসাদ।

পীলসুজ (পিল্‌শুজ্) [আ—ফতীল্=বাতি +সোজ় (ফা—সোখ্‌তন্=জ্বালান)= যাহাতে বাতি জ্বলে—হি—পিলসোৎ, তাহা হইতে বাং—পীলসুজ, পীলসোজ] বি, ধাতু-নির্ম্মিত দীপাধার ; সামাদান ; a candlestick. ২। দীপবৃক্ষ ; প্রদীপ রাখিবার পিত্তলনির্ম্মিত আধারদণ্ড ; তুল—হি—ডিবট্।

পীলা, পীলিহা (পি্) সং—প্লীহা] বি, প্লীহা-বৃদ্ধি রোগ। প্র—"ফিরে তারা গুজরাটে শোলঙ্গে পীলিহা কাটে ছানি কাটে চক্ষে দিয়া কাঁটা।"—কবিকঙ্কণ।

পীলু (পি্) [সং] বি, পুং, হস্তী ; হাতী। ২। কীটবিশেষ। ৩। পীলুবৃক্ষ ; salvadora persica.

(পি্) [পীলু (গজ)—ড়ি] বি, দাবা-খেলায় পরাজিত রাজাকে লইয়া পীল অর্থাৎ

গজের চতুর্দ্দিকে ঘুরান রূপ কৌতুক। স্থান-বিশেষে ইহাকে পীলের বিবাহ বলে।

পীলুপর্ণী (পোর্নি) [সং] বি, স্ত্রী, মুর্ব্বা লতা।

পীবর (র্) [পৈ (বৃদ্ধি পাওয়া) + বর (কর্তৃ—ঝচ্) পৈ=পী] বিণ, পীন ; স্থূল ; মোটা। প্র—"গিরি সুতা অঙ্গজমু খর্ব্ব পীবরতমু এক-দন্ত কুঞ্জর বদন।"—কবিকঙ্কণ। স্ত্রী, পীবরা, পীবরী—স্থূলাঙ্গী। ২। অশ্বগন্ধা। ৩। শতাবরী। **পীবরস্তনী**—পীনস্তনী ; ঘনকুচ-যুগ্মা। ২। বৃহৎ পালান যুক্তা গাভী।

পুইয (জ্) [সং—পূয় হইতে। গ্রা-পুঁজ] বি, পকব্রণাদি জাত ঘন শুক্লবর্ণ বিকৃত রক্ত ; দূষিত রক্ত।

পুং [সং] বি, পুংলিঙ্গ। ২। [সং—পুনঃ, পুনশ্চ সংক্ষেপে] অ, পুনশ্চ।

পুংপ্রভব (প্রোভব্) [পুমান্ (পুরুষ) প্রভব (উৎপাদক) কর্ম্মধা] বি, পুং, উৎপাদক পুরুষ। পিতার উৎপাদক পুরুষ পিতামহ প্রপিতামহ প্রভৃতি। মাতার উৎপাদক পুরুষ মাতামহ প্রমাতামহ প্রভৃতি।

পুংবৎ [পুম্‌স্ (পুরুষ) + বৎ (তুল্যার্থে) পুম্‌স্= পুং] অ, পুংসদৃশ ; পুরুষতুল্য ; পুরুষের মত। ২। [ব্যাকরণে] পুংলিঙ্গবৎ।

পুংবৎস (শ) [পুমান্ (পুরুষ) বৎস ; কর্ম্মধা] বি, পুং, পুংগোবৎস। স্ত্রী, **পুংবৎসা** [পুমান্ বৎস যাহার—বহু] পুংবৎসযুক্তা গাভী।

পুংবৃষ [পুমান্ (পুরুষ) বৃষ (গো অর্থে)—কর্ম্মধা] বি, পুং ষাঁড়। ২। গন্ধমূষিক ; ছুঁচা [প্র-অ]।

পুংলিঙ্গ [পুংসাং (পুরুষের) লিঙ্গ (চিহ্ন)—৬তৎ] বি, ক্লী, পুরুষ-চিহ্ন ; শিশ্ন। ২। [পুং—লিঙ্গ (বাচক)। ব্যাকরণে] বি, পুরুষবাচক শব্দ ; masculine gender.

পুংশ্চল (ল্) [পুম্‌স্ (পুরুষ) চল্ (গমন করা, চঞ্চল হওয়া) + অ (কর্তৃ—অল্) যে পুরুষ রমণী হেতু চঞ্চলচিত্ত হয়] বি, পুং, ব্যভিচারী ; পরস্ত্রীগামী। স্ত্রী, পুংশ্চলী।

পুংশ্চলী (পুংশ্‌চোলি) [পুম্‌স্ (পুরুষ) চল্ (চলা—চঞ্চল হওয়া) + অ (কর্তৃ)—ঈপ্ স্ত্রী,—যে স্ত্রী পুরুষের প্রতি গমন করে বা পুরুষ হেতু চঞ্চলচিত্ত হয়। প্রাকৃ—ছিন্নালিয়া ; হি—ছিনাল, ছিনার্ ; বাং—ছেনাল] বি, স্ত্রী, অসতী ; ব্যভিচারিণী ; কুলটা ; বেশ্যা।

পুংশ্চিহ্ন [পুংসাং (পুরুষের) চিহ্ন, ৬ তৎ] বি, ক্লী, পুংলিঙ্গ ; শিশ্ন।

পুংসন্ততি (পুংশন্‌তোতি) [পুমান্ (পুরুষ) সন্ততি (সন্তান)—কর্ম্মধা] বি, স্ত্রী, পুত্র-সন্তান ; পুত্র।

পুংসবন (পুংসবন্) [পুমন্ (পুরুষ) সূ (প্রসব করা) + অন (করণে, অনট্) যে সংস্কার দ্বারা পুরুষ-সন্তান প্রসূত হয়] বি, ক্লী, গর্ভের তৃতীয় মাসারম্ভে গর্ভস্থ সন্তানের মঙ্গলোদ্দেশক সংস্কারবিশেষ। ২। স্ত্রীগণের কর্তব্য ব্রতবিশেষ ; ইহা স্বামীর আদেশে অগ্রহায়ণ মাসের শুক্লা প্রতিপদ হইতে আরম্ভ করিতে হয়।

পুংস্কামা (পুংশ্‌কামা) [পুং (পুরুষ) কামা (কামনাকারিণী)] বিণ, পুরুষসঙ্গ কামুকী। ২। বি, স্ত্রী, পুংশ্চলী।

পুংস্কোকিল (পুংশ্‌কোকিল্) [পুং (পুরুষ—পুমস্ শব্দজ) কোকিল, কর্ম্মধা] বি, পুং, কোকিল।

পুংস্ত্ব (পুংসত) [পুম্‌স্ (পুরুষ) + ত্ব (ভাবার্থে)] বি, ক্লী, পুরুষত্ব ; পুরুষাকৃতি ; পুংভাব ; পুরুষাবস্থা। প্র—"মন্ত্রনে মোহিনী হয়ে গোকুলে পুংস্ত্ব পেয়ে মুরলী বাজালে তরু-তলে।"—শিবায়ন। ২। পুংলিঙ্গতা। ৩। বীর্য্য ; শুক্র।

পুঁই, পুই [সং—পূতিকা শব্দজ। হি—পোই (পোতিকা হইতে)] বি, লালাসদৃশ পিচ্ছিল-রস লতাশাক ; পুঁইশাক ; basella alba. **পুঁইমেটুলি**—পুঁইলতার বীজ। **পুঁই-মেটুলি রঙ্গ**—পুঁই বীজের পক্বাবস্থার বর্ণ ; গাঢ় রক্তবর্ণ ; purple. **বনপুঁই**—লাল বর্ণ বা লালাভ সরু ডাঁটাযুক্ত পুঁইলতা।

পুঁইয়া, পুঁয়ে [পুঁই + আ (সাদৃশ্যার্থে)] বিণ, পুঁই গাছের মত লতানিয়া। **পুঁইয়া সাপ**—বনপুঁই ডাটার মত সরু লালবর্ণ ও লতানিয়া সর্পবিশেষ। **পুঁইয়া পাওয়া**—পুঁইয়া সাপের আকার প্রাপ্ত হওয়া ; শিশুরা যে রোগে ক্রমশঃ শুষ্ক ও কৃশ হইয়া যায়।

পুঁচন, পুঁছন (ন্) [পুঁছা, পোঁছা দ্রঃ] বি, মোচন ; মার্জ্জন।

পুঁচকে, পুঁচ্‌কে [পুচ্ছ + ক (ক্ষুদ্রার্থে, + ইয়া = এ] বিণ, ছোট ; বাচ্‌কানি।

পুঁছা [সং—প্রোঞ্ছন—মার্জ্জন (প্র—উঞ্ছ্ ধাতুজ)—পা,পুঞ্ছ =পোঁছা। তুল—মৃঞ্ছ্ মার্জ্জনে ধাতু হইতে মুছা। উ-পু—পুঁছি। ম-পু—পুঁছ। প্র-পু—পুঁছে। অস-ক্রি—পুঁছিতে ; পুঁছিয়া ; পুঁছে। ণিজন্ত—পুঁছান (নো)] ক্রি, মার্জ্জন করা ; মোছা ; বস্ত্রাদি ঘর্ষণে শুষ্ক করা ও পরিষ্কার করা।

প্র—"মুখে ফেলে প্রসাদ মস্তকে পুঁছে হাত।" —শিবায়ন। ২। মুছিয়া ফেলা ; বিলোপ করা ; চিহ্নাদি তুলিয়া ফেলা। প্র—"আমি দাগ দিয়ে পরেছি আর পুঁছ্‌তে কি পারি সাধের ফোঁটা।"—রামপ্রসাদ।

পুঁছা [সং—প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা) ধাতু হইতে পালিতে—পুচ্ছ ; হি—পুঁছ্‌না। ব্রজ, পুছ। প্র—"সখি, কি পুছসি অনুভব মোয়।"—বিদ্যাপতি। উ-পু—পুঁছি। ম-পু—পুঁছ। প্র-পু—পুঁছে। অস-ক্রি—পুঁছিতে ; পুঁছিয়া। ণিজন্ত—পুঁছান (নো)] ক্রি, জিজ্ঞাসা করা ; প্রশ্ন করা। ২। সংবাদ লওয়া ; তত্ত্ব লওয়া। ৩। গ্রাহ্য করা।

পুঁজ (জ্) [পূয শব্দজ] বি, পকব্রণাদি হইতে নির্গত ক্লেদ বা বিকৃত রক্ত ; দূষিত রক্ত।

পুঁজি, জী [পুঞ্জ শব্দজ] বি, পুঞ্জীকৃত ধন ; সঞ্চিত ধন। ২। ব্যবসায়ে খাটাইবার ধন-রাশি ; মূলধন। ৩। পুঞ্জ ; রাশি। প্র—"তোমার কোলে ফুলের পুঁজি।"—রবি। **পুঁজিপাটা**—সঞ্চিত ধন ও বিষয়াদি সম্বন্ধীয় কাগজপত্র। ২। ধনসম্পত্তি। প্র—"নিয়েছে পুঁজি পাটা ভিটেতে ছাকুল কাঁটা।"—ঈশ্বর গুপ্ত।

পুঁটকী (ট্) [প্রাদে। গ্রা। পোঁটা দ্রঃ] বি, মলদ্বার ; পায়ু। ২। নাড়ীভুঁড়ী।

পুঁটকে, পুঁট্‌কে (ট্) [প্রোষ্ঠী হইতে (পুঁচ্‌কে দ্রঃ)] বিণ, ছোট। প্র—পুঁট্‌কে ছেলে।

পুঁটলী (ট্) [হি—পোথলা—তাহা হইতে বাং—পৌটলা—ক্ষুদ্রার্থে পুঁটলী] বি, বস্ত্রাদির ছোট গাঁঠরী।

পুঁটি, পুঁঠি [প্রোষ্ঠী শব্দজ] বি, স্বনাম-প্রসিদ্ধ ক্ষুদ্রজাতীয় মৎস্য। প্র—"ধরেন পাবদা পুঁঠি পাঁগাস পাঠীন।"—শিবায়ন। **সরল পুঁটি**—বড় জাতীয় প্রোষ্ঠী। **সোণা পুটি** ছোট জাতীয় স্বর্ণবর্ণ আঁইষ পুঁঠিমাছ। **পুঁটিমাছের প্রাণ**—স্বল্প জলের স্বল্প প্রাণ মৎস্য। ২। পুঁটি মাছের মত সামান্যশক্তি ও ক্ষুদ্রপ্রাণ ব্যক্তি ; অল্প যোত্রের লোক।

পুঁটিয়া, পুঁটে [পুঁটি (প্রোষ্ঠী) + আ ; সাদৃশ্য অর্থে] বিণ, ক্ষুদ্রপ্রাণ। ২। নীচ ; অধম।

পুঁটিয়া, পুঁটে [পুট (আবরণ) + আ] বি, বলয়াদি অলঙ্কারের সংযোগ প্রান্ত। ২। ঘুন্টি। ৩। চক্রকাঠ বেষ্টনী।

পুঁটী [প্রোষ্ঠী শব্দজ্] বি, প্রসিদ্ধ মৎস্য-বিশেষ ; পোঠী। ২। ক্ষুদ্র অধঃ-ঘূর্ণী। ৩। [পুত্রী হইতে] শিশু বালিকা ; ছোট মেয়ের আদরের নাম ; খুকী।

পুঁড়, পুঁড়ো [পৌণ্ড্র হইতে] বি, কৃষি-ব্যবসায়ী জাতিবিশেষ।

পুঁড়া (পুঁ) [সং—পুট=পাত্র] বি, ধান্যাদি রাখিবার খড়ের বৃহৎ পাত্রবিশেষ। প্র—"বড় বড় বানরের পুঁড়া পারা পেট।"—ঘনরাম। "হাল বলদ দিবে খুড়া দিবে হে বীচের পুঁড়া ভেনে খাইতে ঢেঁকি কুলা দিবে।"—কবি-কঙ্কণ।

পুঁড়ি [পুণ্ড্র দ্রঃ। বি, গ্রা] বি, রসাল স্থূল ইক্ষুবিশেষ।

পুঁতি (পুঁ) [সং—প্রোত হইতে হি—পোতী] বি, মুক্তার অনুকরণে নির্ম্মিত সচ্ছিদ্র ক্ষুদ্র ক্ষুদ্র কাচখণ্ড। প্র—"গলায় রসের কাটি হিঙ্গুলের পলাছুটী পুঁতি বেড়ে সেজেছে সুন্দর।"—শিবায়ন। **পুঁতির মালা**—সূত্রে গাঁথা পুঁতির কণ্ঠভূষণ : পুঁতির হার।

পুঁথি [সং—পুস্তী ; প্রাকৃ—পোথি : হি—পোথী] বি, পুস্তক ; গ্রন্থ। প্র—"রত্ন ভরা পুঙ্গী পুঁথি ঘোড়ার হানায়।—ভারতচন্দ্র। ২। হস্তলিখিত পুস্তক। **পুঁথি পত্র**—লিখিত পুঁথি এবং পুঁথি লিখিবার তাল প্রভৃতির পত্র। **পাঁজিপুঁথি**—পঞ্জিকা প্রভৃতি পুস্তক।

পুঁয়ে—পুঁইয়া দ্রঃ।

পুকন (পুকানো) [পোকা হইতে পোকান পরে পুকন=পোকা হওয়া] ক্রি, কৃমি জন্মান। ২। কীটে পূর্ণ হওয়া।

পুকী [গ্রা। পোকা—ক্ষুদ্রার্থে পুকী] বি, ক্ষুদ্র কৃমি ; সূক্ষ্ম কীট। ২। [প্রথমে কেঁচো বা তদ্বৎ পোকার মত জন্মে বলিয়া] গাছের খুব ছোট চারা ; তেউড় ; মুকী (সাপের মুখের মত হইয়া গজায় বলিয়া)।

পুকুর (র্) [সং—পুষ্করিণী। প্রাকৃ—পোক্খর্। প্রা-বাং—পোখর, পুখুর পোখ্রি। "প্র—পিয়র পোখরি অন্তে যায়।"—খনা] বি, ক্ষুদ্র জলাশয় ; পুষ্করিণী। প্র—"সেই শ্যাম সন্ধ্যাবেলা শ্যামল পুকুর।"—কুঙ্কুম। **পুকুর ঘাট**—পুষ্করিণীর ঘাট। **পুকুর জল**—পুষ্করিণীর জল। **পুকুরপাড়**—পুষ্করিণীর চতুষ্পার্শ্বের উপরিভাগ বা কিনারা ; পুষ্করিণীর তট ভাগ বা ধার। **পুকুর কাটা**—মাটি কাটিয়া পুকুর তৈয়ার করা ; পুষ্করিণী খনন করা। **পুকুর গাবান**—পুকুরের গর্ভ আলোড়িত করিয়া জল ঘোলা করা। **পুকুর ঝালান**—পুকুরের তলার ময়লা জল, পাঁক, উদ্ভিদ প্রভৃতি তুলিয়া ফেলিয়া এবং মাটি কাটিয়া নূতন জলে পুকুর পূর্ণ করা। **পুকুর প্রতিষ্ঠা করা**—পুকুর কাটাইয়া তাহা শাস্ত্র-বিহিত সংস্কার দ্বারা উৎসর্গ করা। প্রা-বাং—**পুখরী পিতিঠা**। প্র—"পুখরী পিতিঠা কৈল বেদ হুঙ্কারিয়া।"—শূন্যপুরাণ।

পুক্কশ, ষ, স (শ্) [পুক্ (কুৎসিত) কশ—ষ-স (গমন করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অচ্] বি, পুং, চণ্ডাল ; চাঁড়াল। ২। বিণ, অধম নীচ। ৩। [অধি—অল্] বি, শবরালয়। স্ত্রী, পুক্কশা। (২) **পুক্কশী**—চণ্ডালপত্নী ; চণ্ডালী। ২। কালিকা। ৩। নীল ; indigo.

পুঙ্খ [পুমস্—খন্ (গমন করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—ড)] বি, পুং, বাণের পক্ষযুক্ত স্থান। ২। সমূহ।

পুঙ্খানুপুঙ্খ [পুঙ্খ (বাণমূল, বাণপত্র ; পক্ষ—তাহা হইতে বাণমূলবৎ সূক্ষ্মমূল) অনুপুঙ্খ (প্রতি সূক্ষ্ম মূল বা সূক্ষ্মাতিসূক্ষ্ম মূল) সংস্কৃতে পুঙ্খ শব্দ আছে তাহার বাং-য় পুঙ্খানুপুঙ্খ। হেমচন্দ্রে "পুঙ্খঃ স্থান্ মঙ্গলাচারে শরাঙ্গশ্যেনয়োরপি"—নানার্থকাণ্ড ; "পক্ষোবাজঃ পত্রিণা তন্ন্যাসঃ পুঙ্খঃ—অভিধানচিন্তামণিঃ। বাঙ্গালা শব্দকোষে—পক্ষানুপক্ষ হইতে এইরূপ অনুমিত হইয়াছে—পক্ষ শব্দে ঙ আগম করিয়া পঙ্ক্ষ—পঙ্খ—পরে পুঙ্খ (তুল—পক্ষী হইতে পঙ্ক্ষী) পঙ্খী—মউর পঙ্খী, রূপচাঁদ পঙ্খী : হি—পংখ (পক্ষ) পংখা (পক্ষ—পাখা)। পক্ষ—অনুপক্ষ—প্রতিপক্ষ বা সকল দিক বিবেচনার ভাব] বিণ, সূক্ষ্মাতিসূক্ষ্ম ; পাতি পাতি ; তন্ন তন্ন। **পুঙ্খানুপুঙ্খরূপে**—অতিসূক্ষ্মভাবে ; পাতি পাতি করিয়া ; সকল দিক্ ভাল করিয়া পরীক্ষা দ্বারা।

পুঙ্গ (পুংগ) [পুং—গ (গম্ + অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, ক্লী, সমূহ ; রাশি।

পুঙ্গব (ব) [পুমান্ (পুরুষ) রূপ যে গো + অ=গব, কর্ম্মধা (সমাসান্তে)] বি, পুং, বৃষ ; ষাঁড়। ২। [অন্য শব্দের পর থাকিলে] শ্রেষ্ঠ। প্র—মুনিপুঙ্গব।

পুঙ্গব কেতু [পুঙ্গব (বৃষ) হইয়াছে কেতু (ধ্বজ, বাহন) যাহার, বহু] বি, পুং, বৃষ-বাহন ; শিব। ২। বৃষভধ্বজ।

পুছন, পুচ্ছন (ন্) [প্রশ্নার্থক "প্রচ্ছ্" হইতে প্রচ্ছনা শব্দজ] বি, প্রশ্নকরণ। ২। [পুঁছা দ্রঃ] পোঁছন ; মার্জ্জন।

পুছনি (ছো) [প্রা-বাং। পুছন দ্রঃ] বি, স্ত্রী, প্রশ্নকারিণী ; দাসী। প্র—"পুছনি বন্দা" —ধ, ম (সীতারাম)।

পুছয়ে—জিজ্ঞাসা করে। প্র—"না পুছয়ে বাত।"—বি, প। **পুছমো**—জিজ্ঞাসা করিব। প্র—"পুছমো এ সখী পুছমো তোয়।" —বি, প।

পুছসি [সং—পৃচ্ছসি। ব্রজ] ক্রি, জিজ্ঞাসা করিতেছ। প্র—"কি কহসি পুছসি শুন প্রিয়সজনি।"—বিদ্যাপতি। ইহার অপভ্রংশে বাং-পদ-সা-ত্যে, **পুছসি**। প্র—"হের দেখসিয়া, নয়ান ভরিয়া কি আর পুছসি আনে।"—লোচনদাস।

পুছা [সং—প্রচ্ছ্ হইতে হি—পুছ্না=জিজ্ঞাসা বা প্রশ্ন করা। ব্রজ বুলিতে এবং প্রা-বাং বৈ-সা-ত্যে ভূরি প্রয়োগ] ক্রি, জিজ্ঞাসা করা ; প্রশ্ন করা। **পুছই**—জিজ্ঞাসা করে। প্র—"সখীরে পুছই কৈছে সুরত বিহার"—বি, প।

পুছারি, পুছেরি [ব্রজ। হি—পুছ্না=প্রশ্নকরা। সং—প্রচ্ছ (জিজ্ঞাসা করা)] বি, প্রশ্ন। প্র—"ঐছন কয়ল পুছেরি"—জ্ঞানদাস। "তোহে কিয়ে কয়ল পুছারি"—ঐ।

পুচ্ছ [পুচ্ছ্ + অ (কর্ত্তৃ—অচ্] বি, পুং, লাঙ্গুল ; লেজ। ২। পশ্চাদ্ভাগ।

পুচ্ছকণ্টক (কণ্টক্) [পুচ্ছে (লেজে, পশ্চাদ্ভাগে) কণ্টক (কাঁটা) যাহার, বহু] বি, পুং, সকণ্টক পুচ্ছযুক্ত জীব ; বৃশ্চিক।

পুচ্ছটি (টী) [পুচ্ছ + টি—টী (সংজ্ঞার্থে)] ক্রি, আঙুল মট্কান ; আঙ্গুল টানিয়া মটমট শব্দ করা। ২। [অল্পার্থে টি—টী] ক্ষুদ্র পুচ্ছ।

পুচ্ছশুক (ক্) বি, পুং, তক্ষকজাতীয় সর্প-বিশেষ (বাচস্পতি)।

পুচ্ছী [পুচ্ছ (লেজ) + ইন্ (অস্ত্যর্থে) = পুচ্ছিন্ ১মা, ১ব] বিণ, লাঙ্গুলযুক্ত ; পুচ্ছ বিশিষ্ট ; সপুচ্ছ।

পুঞ্জ [পুমস্—জন্ + অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, সমূহ ; রাশি ; স্তূপ।

[সং—পুঞ্জ হইতে। গ্রা] বি, পুঁজি (দ্রঃ) ; মূলধন। প্র—"পুঞ্জি আর প্রবঞ্চনা বাণিজ্যের মূল"।—শিবায়ন।

পুঞ্জিত [পুঞ্জ + ইত] বিণ, রাশীকৃত ; পুঞ্জীকৃত, ২। রাশীভূত।

পুট (টু) [পুট্ (সংলগ্ন হওয়া) + অ (কর্ম্মে—ক্ত) যাহা আবরণ করাইয়াছে] বি, আবরণ। ২। কৌটা। ৩। খাপ ; কোষ। ৪। ঔষধ পাকের পাত্রবিশেষ ; মুচি। ৫। পত্র-নির্ম্মিত পাত্র ; ঠোঙ্গা। ৬। অঞ্জলি। ৭। যুগ্ম। ৮। পুং, ক্লী, ঘোটকের খুর ; অশ্বের পদনখর। ৯। পরস্পর আলিঙ্গন। ১০। মুকুট ; শিরোভূষণ। পুট (ট) [ইং—pit. হি—পুট্। দর্জ্জির ভাষায়] বি, শিরদাঁড়া হইতে স্কন্ধের সন্ধি পর্য্যন্ত স্থান। **পুট আস্তীন, পুট হাত**—শিরদাঁড়া হইতে মণিবন্ধ পর্য্যন্ত পুটপাণি—জোড়হাত ; বদ্ধাঞ্জলি।

পুটক (ক্) [পুট+ক (স্বার্থে)] বি, ক্লী, পত্রাদি নির্ম্মিত পাত্র ; ঠোঙ্গা।

পুটকিত—বিণ, আবৃত ; আচ্ছাদিত। ২। বদ্ধ ; সংহত। প্র—"পুটকিত শিরজট বিঘটিত সুবিকট লটপট কমঠ ভুজঙ্গে।"—ভারতচন্দ্র।

পুটকিনী [পুটক (পদ্ম)+ইন্ (অস্ত্যর্থে) =পুটকিন্ ১মা, ১ব] বি, স্ত্রী, পদ্মিনী। ২। পদ্মসমূহ।

পুটকুণ্ড [রাসাঃ—পরিঃ] বি, পুটবদ্ধ ধাতু প্রভৃতি অগ্নিতে দগ্ধ করিবার গর্ত্ত ; roasting pit

পুটগর্ত্ত [রাসাঃ—পরিঃ] বি, পুটকুণ্ড ; roasting pit.

পুটপাক (ক্) [পুটেতে পাক—৭তৎ] বি, পুং, মৃত্তিকা গোময়াদিনির্ম্মিত পুটস্থ ঔষধপাক।

পুটলী (ট্) [পুঁটলি দ্রঃ] বি, বস্ত্রাদির ছোট গাঁঠরী। প্র—"সরলা! কি রাখিয়াছ সুন্দর অধরে, ফুলের পুটলী বেঁধে আদরে এমন।"—কুঙ্কুম।

পুটি [প্রাদে, বগুড়া অঞ্চলে] বি, পরিমাণ-বিশেষ : ১৬ মণ ধান। ২। সংখ্যাবিশেষ : ১০টা গুপারিতে ১গা, ২০ গায় ১ কুড়ি, ১৬ কুড়িতে ১ পুটি।

পুটিং [ইং— putty হইতে] বি, খড়ীচূর্ণের সহিত তিসির তৈল ও ধুনা মিশ্রণে যে ঘন আটা প্রস্তুত হয় : দ্বার জানালা, আলমারী প্রভৃতিতে কাঁচ আঁটিবার সামগ্রী।

পুটিত [পুট+ইত (যুক্তার্থে)] বি, ক্লী, অঞ্জলি ; দুই করতল যুক্ত করিয়া নির্ম্মিত খোড়ল। ২। বিণ, গ্রথিত। ৩। সংবৃত ; আচ্ছাদিত। ৪। [রাসাঃ পরিঃ] অগ্নিতে সিদ্ধ বা পক : roasted.

পুটী [পুট+ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, কৌপীন। ২। পত্রাদি নির্ম্মিত পাত্র ; ঠোঙ্গা। ৩। পানের দোনা।

পুটুলি—বি, পুটলি দ্রঃ। ২। [প্রাদে] দেবোদ্দেশে যাহা মানত করা যায়।

পুটোদক (ক্) [পুটে (পাত্রমধ্যে) উদক (জল) আছে যাহার, বহু] বি, পুং, নারিকেল।

পুঠী [প্রোষ্ঠী হইতে] বি, পুঁটি মাছ ; শফরী। প্র—"পুঠি মৎস্য ভাজা দিল ভাল খোলা কুচি" —শিবায়ন।

পুড়ন, পুড়নি (ন্) [গ্রা—পুড়ুনি। পুড়া দ্রঃ] বি, জ্বলন ; অগ্নিতে দগ্ধ হওন।

পুড়া [সং—পুলা=রাশি হইতে] বি, হালা ; আঁটি। প্র—"ধান্য ঘর বিস্তর দেখিয়া বুড়া বুড়া। বার বুড়ি বাখারে বাঁধিল একপুড়া॥ পর্ব্বত প্রমাণ পুড়া হাত নাড়া দিয়া। বলে হরে চল ঘরে কর্ম্ম দেখি গিয়া॥"—শিবায়ন।

পুড়া, পোড়া [উ-পু—পুড়ি। ম-পু—পুড়, পোড়। প্র-পু—পুড়ে, পোড়ে। অস-ক্রি—পুড়িতে, পুড়িয়া, পুড়ে। ণিজন্ত—পুড়ান, পোড়ান (নো)] ক্রি, দগ্ধ হওয়া ; জ্বলা। ২। বিণ, দগ্ধ।

পুড়ান, পোড়ান (নো) [পুড়া দ্রঃ। উ-পু—পুড়াই, পোড়াই। ম-পু—পুড়াও, পোড়াও। প্র-পু—পুড়ায়, পোড়ায়। অস-ক্রি—পুড়াইতে, পোড়াইতে, পুড়াইয়া, পোড়াইয়া] ক্রি, দগ্ধ করা ; জ্বালান। ২। বিণ, কৃতদগ্ধ ; জ্বালিত।

পুডিং [ইং— pudding] বি, মিষ্টান্নবিশেষ ; ময়দা, দুধ, ডিম, চিনি প্রভৃতিতে প্রস্তুত পিষ্টক-বিশেষ।

পুণ (ন্) [সং—পুণ্য। ব্রজ—পুণ। প্র—"জীউ বলে আজু বড় পুণভাগে"—জ্ঞানদাস] ক্রি-বিণ, পুণ্য। প্র—"ফেরি আওলি বহু পুরবক পুণে।"—বিদ্যাপতি।

পুণ্ড [পুণ্ড্+অ (সংজ্ঞার্থে—অচ্)] বি, পুং, ফোঁটা।

পুণ্ডরীক (ক্) [সং। তুল—মঃ—পাণ্ঢরে-কমল] বি, ক্লী, শ্বেতপদ্ম ; a white lotus. ২। অগ্নিকোণের দিগ্গজ। ৩। নাগবিশেষ। ৪। ব্যাঘ্র। ৫। কুরুবংশীয় নলের পুত্র। ৬। কুরুক্ষেত্রবাসী ব্রাহ্মণপুত্র। ৭। কমণ্ডলু। ৮। দমনক বৃক্ষ। ৯। শুক্লবর্ণ। ১০। কুষ্ঠ রোগবিশেষ। স্ত্রী, পুণ্ডরিকী—বশিষ্ঠকন্যা। ২। অপ্সরাবিশেষ।

পুণ্ডরীকাক্ষ [পুণ্ডরীক (শ্বেতপদ্ম) সদৃশ হইয়াছে অক্ষি (চক্ষু) যাহার, বহু, যাহার চক্ষু শ্বেতপদ্ম দলের মত সুন্দর ও বিস্তৃত] বি, পুং, কৃষ্ণ ; বিষ্ণু।

পুণ্ডরীয়ক (ক্) বি, ক্লী, স্থলপদ্ম।

পুণ্ড্র, পুণ্ড্রক (ক্) [সং। তুল—হি—পৌঁড়া ; মঃ—পুণ্ডাউস্। বাং-গ্রা—পুঁড়ি] বি, ইক্ষুভেদ ; স্থূল রসালজাতীয় ইক্ষুবিশেষ ; পুণ্ড্রেক্ষু। ২। তিলক ; ফোঁটা। ৩। দানববিশেষ। ৪। কৃমি। ৫। ["অতিমুক্তঃ পুণ্ড্রকঃ স্যাদ্বাসন্তী মাধবীলতা"—অমর] মাধবীলতা ; বাসন্তী। ৬। তিলকবৃক্ষ। ৭। চিত্র। ৮। গৌড় প্রভৃতি পূর্ব্বদেশ ও তদ্দেশের অধিবাসী।

পুণ্য (পুন্ন) [গ্রা—পুণ্যি। পুণ্ (সৎ—কর্ম্ম করা)+য (কর্ম্মে) ; গ্রা-বাং—পুন্য। প্র—"পুন্য ফল নহি ছিল নহি গঙ্গাজল"—শূন্যপুরাণ] বি, ক্লী, সুকৃত ; ধর্ম্ম ; বিদ্যাদি গুণগুণের দান এবং সত্যভাবণাদি ও সত্যাচারের অনুষ্ঠান যাহার স্বরূপ ; পরোপ-কার রূপ কর্ম্ম। ২। [কর্ম্মে—উণ্য, যাহাকে পবিত্র করে] বিণ, পুণ্যবান্ ; পবিত্র। প্র—"শুদ্ধচিত্তে বরিষ স্নেহ, ধন্য হোক হৃদয় দেহ, পুণ্য হোক সকল গেহ।"—ব্রাং-গান। ৩। পূত ; ৪। নির্ম্মল। ৫। সুন্দর। স্ত্রী, পুণ্যা—তুলসী।

পুণ্যক (পুন্নক্) [পুণ্য+ক (কর্ত্তৃ)] বি, ক্লী, পুণ্যার্থ উপবাসাদি। ২। পুণ্যক ব্রত।

পুণ্যকর্ম্ম (পুন্নকর্ম্ম) [পুণ্যের কর্ম্ম ; ৬তৎ] বি, যে কর্ম্মে পুণ্যসঞ্চার হয় ; ধর্ম্মানুষ্ঠান।

পুণ্যকব্রত (পুন্নক্ব্রোত) বি, একবৎসর ব্যাপী প্রত্যহ অনুষ্ঠেয় ব্রতবিশেষ। ইহাতে পুত্র-কামা হইয়া নারীগণ কৃষ্ণপূজা করিয়া থাকেন।

পুণ্যকাল (পুন্নকাল) [পুণ্য যে কাল, কর্ম্মধা] বি, পুণ্যকর্ম্ম অনুষ্ঠানের পক্ষে প্রশস্ত সময়।

পুণ্যকর্ম্মা (পুন্ন—) [পুণ্য (পবিত্রতা-জনক)—কর্ম্ম (কার্য্য) যাহার, বহু=পুণ্য-কর্ম্মন্ ১মা, ১ব] বিণ, পুণ্যকর্ম্মকারক ; পুণ্য সঞ্চয়কর অনুষ্ঠানকারী।

পুণ্যকীর্ত্তন (পুন্নকীর্ত্তন্) [পুণ্য (পবিত্র-কারক) কীর্ত্তন (নামোচ্চারণ) যাহার, বহু] বি, পুং, বিষ্ণু। ২। বিণ, পুণ্যজনক কীর্ত্তন-কারী।

পুণ্যকীর্ত্তি (পুন্ন) [পুণ্য (পবিত্র) হইয়াছে কীর্ত্তি যাহার, বহু] বিণ, পুণ্যকীর্ত্তিবিশিষ্ট ; ধার্ম্মিক : পুণ্যবান্। ২। [পুণ্য যে কীর্ত্তি, কর্ম্মধা] বি, স্ত্রী, পবিত্রকীর্ত্তি ; পূতকীর্ত্তি। ৩। বিণ, পুণ্যকর্ম্মদ্বারা যিনি যশস্বী হইয়াছেন ; যাহার সুকীর্ত্তির যশ বিস্তার লাভ করিয়াছে।

পুণ্যকৃৎ (পুন্ন) [পুণ্য (ধর্ম্ম) কৃৎ (যে করে)] বিণ, পুণ্যানুষ্ঠানকারী ; ধর্ম্মাচারী।

পুণ্যক্ষয় (পুন্নক্খয়্) [পুণ্যের ক্ষয়, ৬তৎ] বি, সঞ্চিত পুণ্যের নাশ।

পুণ্যক্ষেত্র (পুন্নক্খেৎত্র) [পুণ্য (পুণ্যজনক) যে ক্ষেত্র (ভূমি)—কর্ম্মধা] বি, ক্লী, পুণ্যভূমি ; আর্য্যাবর্ত্ত : বিন্ধ্য ও হিমালয়ের মধ্যবর্ত্তী স্থান। ২। পবিত্রস্থান ; তীর্থ।

পুণ্যগন্ধ (পুন্ন) [পুণ্য (মনোহর) গন্ধ যাহার, বহু] বি, পুং, চাঁপাফুলের গাছ। ২। মনোহর গন্ধ ; সুগন্ধ।

পুণ্যগন্ধি (পুন্নগোন্ধি) [পুণ্য (মনোহর) গন্ধ (সৌরভ) যাহার, বহু, গন্ধ=গন্ধি] বিণ, সুগন্ধযুক্ত।

পুণ্যজন (পুন্নজন্) [পুণ্য (পবিত্র) যে জন, কর্ম্মধা] বি, পুং, ধার্ম্মিক ; পূতহৃদয় ব্যক্তি। ২। যক্ষ। পুণ্যজনেশ্বর—যক্ষপতি কুবের। ৩। [পুণি (পবিত্রতা)—অজন (অজনক)] রাক্ষস।

পুণ্যতোয়া (পুন্ন—) [পুণ্য (পবিত্র) হইয়াছে তোয় (জল) যাহার—বহু] বিণ, যাহার জল পবিত্র ; যে নদীর জল পুণ্যজনক। ২। গঙ্গা।

পুণ্যদ (পুন্নদ) [পুণ্য—দা+অ (কর্ত্তৃ, ড)] বিণ, পুণ্যদানকারী ; পুণ্যজনক। স্ত্রী, পুণ্যদা—পুণ্যদাত্রী। প্র—"এই যে অষ্টমী পুণ্যদা এ তমী অন্নদার ব্রত তিথি।"—অন্নদামঙ্গল।

পুণ্যদর্শন (পুন্নদর্শন্) [পুণ্য (পূত—পুণ্যজনক) দর্শন যাহার, বহু] বিণ, যাহার দর্শনে পবিত্রতা জন্মে। ২। বি, দেবপ্রতিমাদি। ৩। চাসপক্ষী ; the blue joy.

পুণ্যফল (পুন্নফল্) [পুণ্যের ফল, ৬তৎ] বি, পুণ্যকর্ম্মের পরিণাম ; ধর্ম্মকর্ম্মের পুরস্কার।

পুণ্যবতী (পুন্নবোতি) [পুণ্যবৎ শব্দ—স্ত্রী, ঈপ্। পুং—পুণ্যবান্] বি, স্ত্রী, পুণ্যশীলা ; ধার্ম্মিকা। প্র—"তোর সমা পুণ্যবতী কেটা"—অন্নদামঙ্গল।

পুণ্যবন্ত (পুন্ন) [পুণ্য—বন্ত (শীলার্থে)] বিণ, পুণ্যশীল ; ধার্ম্মিক।

পুণ্যবল (পুন্নবল্) [পুণ্যের বল, ৬তৎ] বি, পুণ্যের জোর ; ধর্ম্মানুষ্ঠানে অর্জ্জিত শক্তি।

পুণ্যবান্ (পুন্ন--) [পুণ্য (ধর্ম্ম)+বৎ (অস্ত্যর্থে—বতু)=পুণ্যবৎ ১মা, ১ব] বিণ, পুণ্যশীল ; ধার্ম্মিক। ২। সৌভাগ্যশালী ; ভাগ্যবান্। স্ত্রী, পুণ্যবতী।

পুণ্যভাক্ (পুন্ন--) [পুণ্যভাজ্ শব্দ। পুণ্য—ভজ্ (ভজন করা)+বিণ্ (কর্ত্তৃ)—বিণ, লোপ] বিণ, পুণ্যশীল ; ধার্ম্মিক।

পুণ্যভূমি (পুন্ন—) [পুণ্য (পবিত্রতাজনক) যে ভূমি, কর্ম্মধা] বি, স্ত্রী, পুণ্যক্ষেত্র ; পবিত্রদেশ ; পবিত্রতীর্থ। প্র—"পুণ্যভূমি বারাণসী বেষ্টিত বরুণা অসি, যাহে গঙ্গা আসিয়া মিলিত।"—অন্নদামঙ্গল। ২। বিন্ধ্যাচল ও হিমালয়ের মধ্যবর্ত্তী ভারত ; আর্য্যাবর্ত্ত ; ভারতবর্ষ। ৩। পুত্রপ্রসবিনী ; পুত্রসন্তানবতী ; পুত্রের জননী।

পুণ্যযোগ (পুন্নজোগ্) বি, বহু পুণ্য ফলের সম্মিলন। ২। শুভ যোগ ; সুযোগ। ৩। পুণ্যকর্ম্মানুষ্ঠানের শুভ লগ্ন।

পুণ্যরাত্র (পুন্নরাৎত্র) [পুণ্য (পবিত্র) যে রাত্রি, কর্ম্মধা, রাত্রি—রাত্র] বি, পুং, পবিত্র রজনী। ২। ধর্ম্মকর্ম্মানুষ্ঠান পক্ষে প্রশস্ত রাত্রি।

পুণ্যলব্ধ (পুন্ন—) [পুণ্য দ্বারা লব্ধ, ৩তৎ] বিণ, পুণ্য দ্বারা অর্জ্জিত ; ধর্ম্মানুষ্ঠান দ্বারা প্রাপ্ত।

পুণ্যলোক (পুন্নলোক্) [পুণ্য (পবিত্র) যে লোক (জগৎ)—কর্ম্মধা] বি, পুং, যে লোকে পাপ নাই ; পবিত্র লোক ; স্বর্গ ; দেবলোক। ২। [পুণ্য (পবিত্র) লোক (ব্যক্তি)] সাধু লোক ; ধার্ম্মিক।

পুণ্যশীল (পুন্নশীল) বিণ, ধার্ম্মিক। স্ত্রী, পুণ্যশীলা।

পুণ্যশ্লোক (পুন্নস্লোক্) [পুণ্য (পবিত্র) হইয়াছে শ্লোক (যশঃ) যাহার, বহু] বি, পুং, জনার্দ্দন ; বিষ্ণু। ২। নল রাজা। ৩। যুধিষ্ঠির। ৪। বিণ, পূতচরিত্র। স্ত্রী—পুণ্যশ্লোকা—সীতা। ২। দ্রৌপদী।

পুণ্যসঞ্চয় (পুন্নশন্চয়্) [পুণ্যের সঞ্চয়, ৬তৎ] বি, বহু ব্রত উপবাস ধর্ম্মানুষ্ঠানাদি জনিত পুণ্যের রাশি। ২। পুণ্য অর্জ্জন।

পুণ্যা (পুনন্না) [প্রাদে। সং—পুণ্যাহ হইতে] বি, শুভদিনে জমীদার কর্ত্তৃক প্রজাবর্গের নিকট হইতে নূতন বৎসরের খাজনা আদায়রূপ উৎসব।

পুণ্যাত্মা (পুন্নাৎতা) [পুণ্য (পবিত্র) হইয়াছে আত্মা যাহার, বহু=পুণ্যাত্মন্ ১মা, ১ব] বিণ, পূতহৃদয় ; ধার্ম্মিক ; পুণ্যশীল।

পুণ্যাহ (পুনন্নাহ) [পুণ্য (পবিত্র)—অহন্ (দিন্)=অহ) কর্ম্মধা] বি, ক্লী, পুণ্যদিন ; পর্ব্ব দিন ; পুণ্য কর্ম্মানুষ্ঠানের পক্ষে প্রশস্ত দিবস। প্র—"আজি সেই শুভ পবিত্র পুণ্যাহ"—প্রেম ও ফুল। ২। পুণ্যা (দ্রঃ) বৎসরের প্রথম দিন।

পুণ্যি (পুন্নি) [সং—পুণ্য হইতে। গ্রা] বি, পুণ্য কর্ম্ম ; ধর্ম্মানুষ্ঠান। পুণ্যি পুকুর—ব্রতবিশেষ ; পুন্নি দ্রঃ। ২। আদর্শ নারীজীবন লাভের বর প্রার্থনা-ঘটিত কুমারীদিগের অনুষ্ঠিত ব্রতবিশেষ।

পুণ্যোদকা (পুনন্নোদকা) [পুণ্য (পবিত্র) হইয়াছে উদক (জল) যে নদীর, বহু] বি, স্ত্রী, গঙ্গা, যমুনা, গোদাবরী, সরস্বতী, নর্ম্মদা, সিন্ধু ও কাবেরী এই সপ্ত নদী। ২। বিণ, পূতোদকা ; পুণ্যতোয়া। পবিত্র জলগর্ভা।

পুণ্যোদয় (পুন্নোদয়্) [পুণ্যের উদয়, ৬তৎ] বি, সৌভাগ্যোদয় ; পুণ্যকর্ম্মের ফল স্বরূপ সৌভাগ্য ; শুভাদৃষ্ট।

পুৎ, পুত (ত্) [পুত্র শব্দজ। গ্রা। প্রাবাং—পুতাই, পুতো] বি, পুত্র। প্র—"কঠোরী কাতর হয়ে কহিল কৃষ্ণেরে। হা পুতিকে পুতের পরাণ দান দেরে॥"—শিবায়ন। পুত খাকী [প্রাদে—চব্বিশ পরগণা] যে নারীর পুত্র বাঁচে না ; ছেলে খাকী ; ডাইনী ; গালিবিশেষ। পুত শোকী [প্রাদে। পূ-বঙ্গে, কলহে প্রযুক্ত] পুত্র শোক প্রাপ্তা স্ত্রী।

পুততী (পুতোতি) [গ্রা। পুত্রবতী শব্দজ] বিণ, পুত্রবতী ; পুত্রযুক্তা স্ত্রী।

পুতন্তী (পুতোন্তি) [গ্রা। পুত্রবতী শব্দজ। পুততী দ্রঃ] বিণ, পুত্রবতী। প্র—"ঐ যুবতী ঐ পুতন্তী উহারি সে বেটা।"—কবিকঙ্কণ।

পুতলি (তো) [পুত্তলি শব্দজ] বি, পুত্তলিকা ; পুতুল। ২। মূর্ত্তি ; প্রতিরূপ ; প্রতিকৃতি। ৩। চোখের তারকা ; নয়ন তারা। ৪। পুত্র ; সন্তান। প্র—"চেয়ে দেখ খাটে শুয়ে সোণার পুতলি"—হেম বন্দ্যো। "এই দুঃখে মরি আমি পরাণ পুতলি তুমি কেমনে ছাড়িয়া যাবে মায়।"—শিবায়ন।

পুতা—পোতা দ্রঃ।

পুতি [পুত্র শব্দজ] বি, পুত্র। নাতি পুতি—পুত্র পৌত্রাদি।

পুতিক (ক্) [রাসাঃ—পরিঃ] বি, সীসক ; lead. ২। টিন ; tin.

পুতু পুতু [গ্রা। পুত্র হইতে পুত+পুত (অনুকরণে বা সাদৃশ্যার্থে দ্বিত্ব)—পুত্রের প্রতি যেমন মমতা হয় তদ্রূপ] অ, অতিশয় মমতা সহকারে ; অতি যত্নে। পুতু পুতু করিয়া রাখা—অতি যত্নে সংরক্ষা করা ; অতি সাবধানে ও সযত্নে তুলিয়া রাখা।

পুতুল (ল্) [সং—পুত্রিকা। প্রাকৃ—পুত্তলিকা] বি, মনুষ্য পশু পক্ষী প্রভৃতির প্রতিমূর্ত্তি ; খেলিবার পুত্তলিকা। প্র—"হৃদয় কি বেদনা কি সে বোঝে না হায়। সে যে গো সকলি দিয়া পুতুল খেলায়॥"—ফুল ও রেণু। ২। চক্ষের তারা ; পুতলী। পুতুল খেলা—পুতুল লইয়া খেলা। পুতুল গড়া—মৃত্তিকা, কাঠ প্রস্তরাদিতে পুত্তলিকা নির্ম্মাণ করা। পুতুল নাচ—মনুষ্য বা জীবজন্তুর প্রতিমূর্ত্তির অঙ্গভঙ্গী বা নৃত্যাভিনয় ; পুৎল নাচ।

পুত্তলক (ক্) [পুত্তল+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, তৃণ পত্রাদি নির্ম্মিত নরাকৃতি ; মৃত ব্যক্তির স্থানীয় কুশপুত্তলী ; পর্ণনর।

পুত্তলি, পুত্তলী (তো) [পুত্তলিকা দ্রঃ] বি, স্ত্রী, পুত্তলিকা ; পুতুল। ২। নেত্রতারা। ৩। মূর্ত্তি। প্র—"সোনার পুত্তলি ছেলে কোলে তোর দিব ফেলে দেখি ভাল লাগে কি না লাগে।"—কপালকুণ্ডলা।

পুত্তলিকা (তো) [সং—পুত্রিকা শব্দের প্রাকৃ—রূপ] বি, স্ত্রী, পুতুল।

পুত্তিকা—বি, স্ত্রী, মৌমাছি। ২। উইপোকা।

পুত্রী (পুৎত্রি) [পুত্র+ইন্ (অস্ত্যর্থে)=পুত্রিন্ ১মা, ১ব] বিণ, পুত্রশালী ; পুত্রবান্ ; পুত্রযুক্ত ; সপুত্র। ২। [পুত্র+ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, কন্যা। স্ত্রী, পুত্রিণী—পুত্রবতী

পুত্রেষ্টি (পুৎত্রেষ্টি) [পুত্রায় (পুত্রের জন্য) ইষ্টি (যাগ) ৪ তৎ] বি, স্ত্রী, পুত্রোৎপাদন

পুত্র, পুত্র্ (পুৎত্র) [পু (পবিত্র করা)+ত্র (কর্ত্তৃ—ত্রন্) ; পুৎ (নরক) ত্রৈ (ত্রাণ করা)+অ (কর্ত্তৃ, ড) যে পিতাকে পবিত্র

করে ; যে পুৎ নামক নরক হইতে পিতাকে উদ্ধার করে] বি. নন্দন ; সুত ; তনয়। এই পুত্র দ্বাদশ বিধ, যথা—(১) নিজের বিবাহিতা পত্নীর গর্ভে স্বয়ং উৎপাদিত সন্তান ; ঔরস পুত্র। (২) ক্ষেত্রজ ; পতির অনুমতি ক্রমে অপর পুরুষ কর্তৃক উৎপাদিত। (৩) দত্তক ; পোষ্য পুত্র ; পিতা মাতার নিকট হইতে বিপৎকালে দানস্বরূপ প্রাপ্ত পুত্র ; দত্তক পুত্র। (৪) অন্যের গুণবন্ত পুত্রকে পুত্ররূপে প্রতিপালন করিয়া পুত্র ব্যবহার করিলে সেই পুত্র নিজকৃত বলিয়া কৃত্রিম পুত্র নামে কথিত। (৫) গূঢ়োৎপন্ন ; ভর্তৃ গৃহে পর পুরুষ সংসর্গে গুপ্তভাবে উৎপন্ন পুত্র। (৬) অপবিদ্ধ ; পিতা মাতা কর্তৃক পরিত্যক্ত পুত্র যদি কেহ পুত্ররূপে গ্রহণ করে তবে সেই পুত্রই অপবিদ্ধ। (৭) কানীন ; অবিবাহিতা কন্যার গর্ভজাত পুত্র। (৮) সহোঢ় ; বিবাহের পূর্ব্বে কন্যার গর্ভ হইলে বিবাহের পর প্রসূত পুত্রকে সহোঢ় বলে। (৯) পিতা মাতার নিকট হইতে মূল্য দিয়া পুত্র লইলে ঐ পুত্র ক্রীতক নামে খ্যাত হয়। (১০) যে নারী পতি কর্তৃক পরিত্যক্ত কিম্বা বিধবা হইয়া দ্বিতীয় পুরুষকে বিবাহ করিয়া পুত্র উৎপাদন করে ঐ পুত্রকে পৌনর্ভব পুত্র বলে। (১১) স্বয়ং দত্ত ; যে বালক পিতৃ মাতৃহীন কিম্বা পিতা মাতা কর্তৃক পরিত্যক্ত হইয়া স্বয়ং অযাচিত ভাবে অন্যকে পুত্ররূপে আত্মসমর্পণ করে। (১২) পারশব ; ব্রাহ্মণ পিতার ঔরসে শূদ্রা মাতার গর্ভে উৎপন্ন পুত্র। ঐ পুত্রকে কেহ শৌদ্র পুত্র বলিয়া থাকে। বর্ত্তমানে কেবল ঔরস পুত্র ও দত্তক পুত্রই পিণ্ডদ এবং ধনাধিকারী হইয়া থাকে।

পুত্রক (পুৎত্রক্) [পুত্র + ক (স্বার্থে)] বি. পুং. পুত্র। ২। স্নেহপাত্র। ৩। বৃক্ষবিশেষ। ৪। পতঙ্গ ; শলভ। স্ত্রী. **পুত্রকা, পুত্রিকা**—কন্যা। ২। পুত্তলিকা। ৩। অলক্তক পত্রিকা।

পুত্রকাম (পুৎত্রোকাম্) [পুত্রের কাম (অভিলাষ) যাহার, বহু] বিণ. পুত্রাভিলাষী। স্ত্রী. **পুত্রকামা**।

পুত্রজীব, পুত্রঞ্জীব (পুৎত্রজীব্, পুৎত্রন্‌জীব্) [সং—আয়ুর্ব্বেদ মতে ইহা "গর্ভরক্ষক" বলিয়া এই নাম। হি—পিতেইজিয়া, জিয়াপুতজ ; মঃ—জীবন পুৎর] বি. পুং. বকুল পত্রের মত পত্রবিশিষ্ট ক্ষুদ্র পুষ্প ও ফলবান্ বৃহৎ জাতীয় পার্ব্বত্য বৃক্ষবিশেষ ; জিয়া পাতার গাছ ; putranjiva roxburghii.

পুত্রিক (পুৎত্রিক্) [পুত্র + ইক (অস্ত্যর্থে)] বিণ. পুত্রবান্ ; পুত্রযুক্ত। স্ত্রী. **পুত্রিকা**, —কন্যা। ২। দত্তাকন্যা। ৩। পুত্তলিকা।

পুত্রিকাপুত্র (পুৎত্রিকাপুৎত্র) [পুত্রিকার পুত্র—৬ তৎ] বি. পুং. এই কন্যাতে যে পুত্র জন্মিবে সে আমার শ্রাদ্ধাধিকারী হইবে এই ব্যবস্থা করিয়া অপুত্রক যে কন্যা প্রদান করেন সেই কন্যার পুত্র। প্র—"পুত্রিকা গ্রহণান্তে যদি কোন ব্যক্তির পুত্র জন্মে তাহা হইলে পুত্র ও পুত্রিকা-পুত্র উভয়ে সমাংশভাগী হইবে ; যেহেতু স্ত্রী জাতির জ্যেষ্ঠত্ব নাই।"—মনু. ৯অ (রত্নমালা)। ২। দত্তা কন্যারূপ পুত্র।

পুত্রিকাভর্ত্তা (পুৎত্রিকাভর্ত্তা) [পুত্রিকার (কন্যার) ভর্ত্তা (স্বামী)—৬ তৎ] বি. পুং. জামাতা ; জামাই।

পুত্রীয় (পুৎত্রীয়) [পুত্র + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ. পুত্র সম্বন্ধীয়। স্ত্রী. **পুত্রীয়া**—পুত্রেষ্টি যাগ।

পুথলি (পো) [পুত্তলি হইতে উচ্চারণ বিকারে] বি. পুতুল। প্র—"কেমন যশোদা মায়ের পরাণ পুথলি ছাড়িয়া দিয়া।"—চণ্ডীদাস।

পুথি, থী [সং—পুস্তী—পুঁথি দ্রঃ] বি. পুস্তী ; পুস্তক ; গ্রন্থ। ২। হস্তলিখিত বা অমুদ্রিত পুস্তক।

পুদিনা [ফা—পোদিনাহ্। সং—পূতনী] সুগন্ধি শাকবিশেষ ; পেরুপাতার গাছ ; পূতনী দ্রঃ।

পুন [সং—পুণ্য শব্দের প্রা-বাং—রূপ] বি. পুণ্য। প্র—"জাগর পুন ফুলে প্রাতহিঁ ভেটলুঁ"—রসমঞ্জরী (পীতাম্বর)।

পুন [সং—পুনর্, পুনঃ। ব্রজ—পুনি] অ. পুনরায় ; দ্বিতীয়বার ; আবার।

পুনঃপুনঃ [দ্বিত] মুহুর্মুহুঃ ; বারংবার ; উপর্য্যুপরি।

পুনরপি (রো) [পুনঃ + অপি] ক্রি-বিণ. পুনরায়।

পুনরাগত [পুনঃ (পুনর্ব্বার) আগত (উপস্থিত)] বিণ. পুনরায় আগত ; প্রত্যাগত ; প্রত্যাবৃত্ত। স্ত্রী. **পুনরাগতা**।

পুনরাগমন (মন্) [পুনঃ + আগমন] বি. স্ত্রী. প্রত্যাগমন ; প্রত্যাবর্ত্তন।

পুনরাধান (—ধান্) [পুনঃ (পুনর্ব্বার) আধান (বহ্নি স্থাপন)] বি. স্ত্রী. শ্রৌত ও স্মার্ত্ত অগ্নির পুনঃস্থাপন।

পুনরাবর্ত্তী (বো) [পুনঃ + আবর্ত্ত (প্রত্যাগত হওয়া) + ইন্ (অস্ত্যর্থে) = পুনরাবর্ত্তিন্ ১মা, ১ব] বিণ. ইহ সংসারে বারংবার আগমনকারী।

পুনরায় (য়্) [সং—পুনর্ব্বার হইতে] অ. দ্বিতীয়বার ; পুনর্ব্বার ; আবার। ২। পক্ষান্তর।

পুনরুক্তজন্মা [পুনঃ (পুনর্ব্বার) উক্ত (কথিত) হয় জন্ম যাহার, বহু = পুনরুক্তজন্মন্] বি. পুং. দ্বিজ ; ব্রাহ্মণ (শব্দকল্পদ্রুম)।

পুনরুক্তবদাভাস (শ্) [পুনঃ (পুনর্ব্বার) উক্তবৎ (কথিতের ন্যায়) আভাস (আপাতত প্রতীতি) হয় যাহাতে, বহু] বি. পুং. কাব্যালঙ্কারবিশেষ ; যেখানে ভিন্নাকার একার্থবোধক দুই বা বহু শব্দ প্রযুক্ত হইলে শ্রোতার আপাতত পুনরুক্তের মত বোধ হয় কিন্তু পরে বিশেষ অনুসন্ধান দ্বারা ভিন্নার্থের বোধ হয় এইরূপ অলঙ্কারকেই পুনরুক্ত বদাভাস বলে।

পুনরুক্তি [পুনঃ (পুনর্ব্বার) উক্তি (কথন)] বি. স্ত্রী. দ্বিরুক্তি ; আবার বলা ; যাহা এক বার বলা হইয়াছে তাহা পুনর্ব্বার বলা।

পুনরুক্তিবদাভাস (শ্) [পুনরুক্তি—বৎ—আভাস,—পুনরুক্তির ন্যায় আভাস] বি. পুনরুক্তবদাভাস-নামক শব্দালঙ্কারবিশেষ। প্র—"পুনরুক্তি বদাভাসে শব্দালঙ্কার ভেদ।"—চৈতন্যচরিত।

পুনরুৎপত্তি (পো) [পুনর্ব্বার উৎপত্তি (জন্ম) যাহার,] বি. স্ত্রী. একবার যাহার উৎপত্তি হইয়াছিল তাহার পুনরুদ্ভব। ২। পুনর্জন্ম।

পুনরুজ্জীবিত [পুনঃ = উৎ—জীব (জীবিত থাকা) + ত (কর্তৃ—ক্ত)] বিণ. পুনর্ব্বার সঞ্জীবতা প্রাপ্ত ; পুনর্ব্বার চৈতন্য প্রাপ্ত ; নবজীবন প্রাপ্ত।

পুনর্জন্ম [পুনঃ + জন্ম] বি. স্ত্রী. মৃত্যুর পর পুনর্ব্বার গৃহীত জন্ম ; সংসারে জীবের পুনরাগমন ; পুনর্ব্বার দেহধারণ।

পুনর্নবা [সং। কাটিয়া ফেলিলে শীঘ্রই নবীভূত হয় বলিয়া এই নাম। বাং-প্রা—পুষ্যা ; পুন্নে ; শূলবিশেষ, সুপুন্নে। তুল—ওড়ি, পুর্ণি, পুরুণি] বি. শাকবিশেষ ; পুন্নেশাক ; সুপুন্নে শাক। bœrhaavia diffusa ; procumbens anderecta, শ্বেত, রক্ত ও নীল বর্ণ পুষ্প ভেদে পুনর্নবা তিন প্রকার। ইহা বহুবিধ রোগের শান্তিকারক।

পুনর্ব্বসু [পুনঃ—বসু। পুনঃ (পুনর্ব্বার) বস্ (বাস করা) + উ (অধি) প্রাণিগণ পুনঃ পুনঃ যাহাতে বাস (আশ্রয়) করে] বি. অশ্বিনী প্রভৃতি ২৭ নক্ষত্রের মধ্যে সপ্তম নক্ষত্র। ২। বিষ্ণু ; শিব। ৩। জনৈক রাজা। ৪। কাত্যায়নমুনির নামান্তর। ৬। তিলক ; ফোঁটা ; টিকা। প্র—"সাধুর কপালে যবে দিব পুনর্ব্বসু। খুল্লনার হবে সাধু নাকবিন্ধা পশু।"—কবিকঙ্কণ।

পুনর্ব্বিয়া [গ্রা। সং—পুনর্ব্বিবাহ শব্দজ] বি, স্ত্রীলোকের দ্বিতীয় বিবাহ ; গর্ভাধানসংস্কার। প্র—"বিয়ামত পুনর্ব্বিয়া সুন্দর করিল।"—ভারতচন্দ্র।

পুনর্ভব [পুনঃ—ভূ (হওয়া) + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, পুনর্ব্বার উৎপন্ন ; পুনর্নবীভূত ; পুনর্ব্বার জাত। ২। [ভাবে—অল্] পুনর্জ্জন্ম। ৩। নখ।

পুনর্ভবী (র্ভো) [পুনঃ + ভূ + ইন্ (কর্ত্তৃ-পিন্) = পুনর্ভবিন্ ১মা, ১ব] বি, পুং, দেহান্তর আশ্রয়কারী ; আত্মা।

পুনর্ভূ [পুনঃ-ভূ (হওয়া) + কিপ (কর্ত্তৃ)] বি, স্ত্রী, বিধবা হইবার পর পুনর্ব্বার বিবাহিতা নারী ; অন্যপূর্ব্বা স্ত্রী। প্র—"অক্ষতা অথবা ক্ষতা পুনর্ভূ নারীর গর্ভে উৎপন্ন পুত্র পৌনর্ভব"—যাজ্ঞবল্ক্যসংহিতা (বঙ্গবাসী)। ২। [পুনঃ (পুনর্ব্বার) ভূ (জন্ম) যাহার, বহু] বিণ, পুনরুদ্ভূত।

পুনর্যাত্রা (পুনর্জ্জাৎত্রা) [পুনঃ + যাত্রা (গমন)] বি, স্ত্রী, প্রত্যাগমন ; প্রত্যাবর্ত্তন। ২। পুনর্ব্বার গমন বা ভ্রমণ। ৩। জগন্নাথদেবের পাণ্টা রথযাত্রা ; উল্টারথ।

পুনশ্চ [পুনঃ + চ] অ, পুনরায় ; পুনর্ব্বার ; দ্বিতীয়বার ; আবার।

পুনি [পুনঃ শব্দজ। প্রা-বাং—পদ্যে। পুনু দ্রঃ] ক্রি-বিণ, পুনর্ব্বার ; আবার। প্র—"রমণীমোহন বিলসিতে মন হইল মরমে পুনি।"—চণ্ডীদাস। "মাগু মরিবে আর না দেখিব পুনি পো।"—কবিকঙ্কণ।

পুনু [সং—পুনঃ। ব্রজ—পুনি। ওড়ি—পুণি। প্রা-বাং পদ্যে] ক্রি-বিণ, পুনর্ব্বার ; পুনরায় ; আবার।

পুনকিয়া, পুনকে [গ্রা] বিণ, ক্ষুদ্র। **পুনকে শত্রু**—ক্ষুদ্র শত্রু। **পুনকে শাক**—বি, নটে জাতীয় ক্ষুদ্র শাকবিশেষ।

পুন্নরক (ক্) [পুৎ + নরক] বি, পুৎনামক নরক ; পুত্র না জন্মিলে যে নরকে যাইতে হয়।

পুন্নাগ (গ্) [পুমস্ = পুম্ (পুরুষ) যে নাগ (হস্তী) কর্ম্মধা] বি, পুং, শ্বেতহস্তী। ২। শ্বেতোৎপল। ৩। [তুল—তামিল—পিন্নয়। তেলু—পোন্ন চেট্টু। ওড়ি—পুনাং] ; নাগকেশরজাতীয় পুষ্পবৃক্ষবিশেষ ; পুনা ; রাজচম্পক ; হিন্দুস্থানে ইহার নাম সুলতান চম্পা ; calophyllum inophyllum ; alexandrian laurel. ৪। পুরুষ প্রধান [প্র-অ]।

পুন্নামা [পুৎ হইয়াছে নাম যাহার, বহু = পুন্নামন্ ১মা, ১ব] বি, পুং, নরকবিশেষ ; পুন্নরক।

পুন্নি [গ্রা। সং—পুণ্য—পুন্নি দ্রঃ] বি, পুণ্য। **পুন্নি করা**—পুণ্য অর্জ্জন করা। ২। পুণ্যের কাজ করা। **পুন্নিপুকুর**—পুণ্যকামনায় পুকুর প্রতিষ্ঠা ও পূজারূপ মেয়েলি ব্রতবিশেষ। ক্রি-বিণ, **পুন্নে**—পুণ্যদ্বারা। প্র—বাপের পুন্নে রক্ষা পাওয়া। ২। পুণ্যাহ।

পুপ্‌ফুস্, ফুপ্‌ফুস্ (পুপ্‌ফুশ্) [ফুসফুস দ্রঃ। হি—ফেফ্‌ড়া] বি, ফুসফুস ; ফুলকা। ২। বীজকোষ ; বিশেষতঃ পদ্মবীজকোষ।

পুমান্ [পা (রক্ষা করা) + উমনস্ (কর্ত্তৃ—ডুমনস্) = পুমনস্ ১মা, ১ব। যে নরধর্ম্ম রক্ষা করে] বি, পুং, পুরুষ মানুষ। ২। পুংলিঙ্গ।

পুয়া [প্রাদে। পোয়া দ্রঃ] বি, চারা গাছ ; পুকী (দ্রঃ)। ২। ঢেঁকীর পোয়া। প্র—"পুয়া হৈল পুরাতন আঁকসলি নড়ে।"—শিবায়ন।

পুর (র্) [পৄ (পূর্ণ করা) + অ (অধি) পৄ = পুর। যেখানে নানাবিধ দ্রব্য পূর্ণ থাকে] বি, ক্লী, আলয় ; ভবন ; গৃহ। প্র—"গভীর নিশীথে কেন জাগিলি রে মন। জীবন তরঙ্গ রব, গাঢ় নিস্তম্ভিত সব, জাগ্রত জগতপুরে মাত্র একজন॥"—বাং-গান। ২। আত্মাশ্রয় ; শরীর। ৩। নগর ; পুরী ; সহর। ৪। বিণ, পূর্ণ। ৫। প্রচুর। ৬। পাট ; পর্দা ; ভাঁজ। প্র—"শুক্ল বস্ত্র দেবী শতপুর করি। আপন নয়নযুগ্ম বান্ধিল সুন্দরী॥"—কাশী-মহা-আদি। ৭। ত্রিপুর নামক অসুর। প্র—পুরঞ্জয় ; পুরজিৎ।

পুরঃসর (শ) [পুরস্ (অগ্রে)—সৃ (গমন করা) + অ (কর্ত্তৃ—অচ্) যে অগ্রে গমন করে] বিণ, অগ্রগামী ; অগ্রসর ; অগ্রবর্ত্তী। ২। ক্রি বিণ, পূর্ব্বক ; অগ্রে করিয়া। প্র—প্রণাম পুরঃসর নিবেদন।

পুরঞ্জন (ন্) [পুর (দেহ) জন্ (যে জন্মে) + অ (কর্ত্তৃ)] বি, আত্মা-পুরুষ।

—য় (য়্) [পুর (নগর) জি (জয় করা) + অ (কর্ত্তৃ, খশ্) এ—আগম] বিণ, নগরবিজয়ী ; পুরজয়কারী ; শত্রু। ২। [ত্রিপুর জয় করায়] বি, শিব। ৩। সৃঞ্জয়ের পুত্র। ৪। সূর্য্যবংশীয় রাজা ককুৎস্থের নামান্তর।

—ৎ [পুর (ত্রিপুর নামক অসুর) জিৎ (যিনি জয় করিয়াছেন)] বি, পুং, ত্রিপুরারি মহাদেব। ২। [পুর (শত্রু নগর) জিৎ (জয়কারী)] স্বনাম প্রসিদ্ধ চন্দ্রবংশীয় রাজা।

পুরজ্যোতিঃ (পুরজ্‌জোতি) [পুর (প্রচুর) হইয়াছে জ্যোতিঃ (কিরণ) যাহার, বহু] বি, পুং, অগ্নি।

পুরট (ট্) বি, ক্লী, সুবর্ণ। প্র—"ঘৃত দধি মধু পূর্ণ পুরটের বাটী।"—ঘনরাম। "কনক কঙ্কণ হার দূর করে অন্ধকার পুরট মুকুট মণিদাম।"—কবিকঙ্কণ।

পুরতঃ [পুর + তস্ (সপ্তম্যর্থে)] অ, সম্মুখে ; অগ্রে [আধু-বাং—অগ্র]।

পুরদ্বার (পুরোদ্দার্) [পুরের (নগরের) দ্বার, ৬তৎ] বি, ক্লী, নগরদ্বার। ২। ভদ্রাসনে প্রবেশের প্রধান দ্বার।

পুরন্ত (পুরোন্তো) [সং—পূর্ণিত হইতে] বিণ, পরিপুষ্ট ; নিটোল। প্র—পুরন্ত মুখ। ২। পূর্ণ ; সম্পূর্ণ। প্র—"কোথা পাবে সে পুরন্ত সুখ ইন্দিরার বরপুত্র কুবেরের সখা।"—অশোকগুচ্ছ।

পুরন্দর (পুরোন্দর্) [পুর (অসুরপুর) দৄ (বিদারণ করা) + অ(কর্ত্তৃ—খশ্)] বি, পুং, ইন্দ্র। প্র—"অমরাবতীতে শিব পুজে পুরন্দর।"—কবিকঙ্কণ। ২। ত্রিপুরারি মহাদেব ; শিব। প্র—"পুরন্দরার্চ্চিত পুরন্দর।"—অন্নদামঙ্গল। ৩। বিষ্ণু। ৪। [পুর (ভবন) বিদারণ করে বলিয়া] চোর ; সিঁদেল চোর। ৫। ক্লী, চই ; চবিকা ; piper chaba. স্ত্রী, **পুরন্দরা**—গঙ্গা।

পুরন্ধ্রি, পুরন্ধ্রী (রো) [পুরং (গৃহকে) ধৃ (ধারণ করা) + অ (কর্ত্তৃ) + ঈপ (স্ত্রী)—গৃহকে যিনি ধারণ করেন। বিজয়চন্দ্র মজুমদার মহাশয়ের মতে—"বৈদিক যুগে পুরং—ধি—যাঁহারা পুরের বা গৃহের কার্য্যই আপনাদের মনের মত করিয়া স্বাধীনভাবে চালাইতেন"] বি, স্ত্রী, গৃহিণী ; ঘরণী। ২। সন্তানবতী ; গৃহস্থিতা স্ত্রী ; কুটুম্বিনী।

পুরপাল (ল্) [পুর (নগর) পাল (রক্ষক) যে নগর রক্ষা করে] বি, পুং, নগররক্ষক ; নগরপাল। ২। [পুর = দেহ + পাল] জীব।

পুরপ্রান্ত [পুরের প্রান্ত—৬তৎ] বি, পুং, নগরপ্রান্ত ; নগরের শেষ সীমা। প্র—"মহানগরীর পথ হল শেষ পুরপ্রান্তে, সাধু করিলা প্রবেশ কাননে।"—কথা (রবি)।

পুরবাসী (শি) [পুর (নগর) বস্ (বাস করা) + ইন্ (কর্ত্তৃ—গিন্) = পুরবাসিন্ ১মা, ১ব] বিণ, যে নগরে বাস করে ; নগরবাসী ; ২। [পুর = ভবন ; গৃহ] গৃহবাসী ; গৃহস্থ। প্র—"গা তোল পুরবাসী, রজনী পোহাইল, দয়াময় নাম কর গান"—ব্রহ্মসঙ্গীত।

পুরবী [সং] বি, রাগিণীবিশেষ।

পুরভিদ্ [পুর (ত্রিপুর) ভিদ্ (বিদারক) যিনি ত্রিপুরাসুরকে বিদারণ করিয়াছেন] বি, পুং ত্রিপুরারি মহাদেব।

পুরমথন [পুর (ত্রিপুর) মথন (মথ = বধ করা + অন (কর্ত্তৃ) যিনি ত্রিপুরাসুরকে বধ করিয়াছেন] বি, পুং, ত্রিপুরারি মহাদেব। প্র—"পুর মথনের পূজা যাবৎ না করে রাজা তাবৎক্ষণ উদর দাহন।"—কবিকঙ্কণ।

পুরমার্গ [পুরের (নগরের) মার্গ (পথ)—৬ তৎ] বি, পুং, নগরের পথ।

পুররক্ষ [পুর (নগর) রক্ষ (রক্ষক)] বি, পুং, নগরপালক। ২। পাহারাওয়ালা; চৌকিদার।

পুরশ্চরণ (ন্) [পুরস্ (বিশেষ ভাবে) চর্ (আচরণ করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, অভীষ্ট সিদ্ধির জন্য মন্ত্র জপ, হোম, তর্পণ, অভিষেক ও ব্রাহ্মণ ভোজন দ্বারা স্বীয় ইষ্ট দেবতার পূজা। প্র—"কৈলা পুরশ্চরণ কতেক কত জপ"—অন্নদামঙ্গল।

পুরস্কার (পুরশ্‌কার্) [পুরস্ (অগ্র, প্রধান) করে (করণ)—প্রধান করণ] বি, প্রাধান্য দান। ২। সমাদর; সম্মান। প্র—"বণিক সমাজে তার করে পুরস্কার॥"—কবিকঙ্কণ। ৩। [কর্ম্মে—অ—ঘঞ্] উপহার; পারিতোষিক। ৪। [ভাবে—ঘঞ্] অভ্যর্থনা। প্র—"গদাধর পণ্ডিত করিলা নমস্কার। বসাইলা আসনে তাঁরে করি পুরস্কার।—"চৈতন্যভাগবত। "বিচার হইবে কি প্রথমে অবিচার। অভ্যাগত অতিথি এলে নাহি পুরস্কার॥"—অন্নদামঙ্গল। বিণ, পুরস্কৃত।

পুরস্কৃত (পুরোশ্‌কৃত) [পুরস্—কৃ (করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহাকে পুরস্কার করা হইয়াছে; যাহাকে উপহার বা পারিতোষিক দান করা হইয়াছে; উপহৃত। ২। সম্মানিত; সমাদৃত। ৩। অগ্রে কৃত; সম্মুখে রক্ষিত। ৪। পূজিত।

পুরস্ক্রিয়া [পুরস্—ক্রিয়া (কার—করণ)] বি, পুরস্কার দান। ২। পূজন।

পুরস্ত্রী (পুরোস্‌ত্রি) [পুরের (নগরের) স্ত্রী (স্ত্রীলোক)—৬তৎ] বি, স্ত্রী, পুরনারী; নগরবাসিনী রমণী। ২। অন্তঃপুরবাসিনী নারী। ৩। পতিব্রতা; কুলনারী।

পুরহর (পুরোহর্) [পুর (ত্রিপুর)—হর (সংহারক)] বি, ত্রিপুরান্তক; ত্রিপুরারি মহাদেব। প্র—"পুরহর নিঠুর ভ্রূকুটি ভীম মুখে। নয়নে নিকলে শিখী ঝলকে ঝলকে॥"—কবিকঙ্কণ। "স্মরহর বর বরপিতা পুরহর। পিতামহ সংহর প্রপিতামহ হর॥"—অন্নদামঙ্গল।

পুরা [সং] অ, পূর্ব্বে; পূর্ব্বকালে। ২। অগ্রে; প্রথমে। ৩। পরে; পশ্চাৎ। ৪। বি, পুরাণ। ৫। পুরাবৃত্ত। **পুরা দ্রব্যাগার,—দ্রব্যালয়**—বি, প্রাচীন কালের বিবিধ অদ্ভুত দ্রব্য সংগ্রহাগার; meuseum.

পুরা, পূরা [সং—পূর্ণ হইতে পুন্ন—পুরা—পূরা] বিণ, সম্পূর্ণ। ২। পরিপূর্ণ। **পুরাপুরি**—[পূর্ণাপূর্ণি] পরিপূর্ণ; ছাপাছাপি।

পুরা [পুরা—ত্রঃ।] ক্রি, পূর্ণ করা প্র—"কেহ কর অধিবাস, কেহ শঙ্খে পুর শ্বাস"—বাঙ্গালীর গান।

পুরাকথা [পুরা (পূর্ব্বের) কথা, ৬তৎ] বি, স্ত্রী, পুরাকালের কথা; প্রাচীন কাহিনী। ২। পুরাবৃত্ত; ইতিহাস।

পুরাকৃত [পুরা (পূর্ব্বকালে) কৃত (যাহা করা হইয়াছে)] বিণ, পূর্ব্বকৃত; পূর্ব্বে অনুষ্ঠিত। ২। পূর্ব্ব জন্মকৃত। প্র—পুরাকৃত পাপ যত হর বিনে কেবা হরে॥"—বাং গান।

পুরাগত [পুরা (পূর্ব্বকালে) আগত] বিণ, পূর্ব্বকাল হইতে আগত। ২। [পুরা—গত] পূর্ব্বকালীন।

পুরাণ (ন্) [পুরা (পূর্ব্বে—প্রাচীন কালে) + ন (সংঘটিত, জাত অর্থে। সং—পুরাতন হইতে প্রাকৃ—পুরাণ] বি, অতি প্রাচীনকালের প্রসিদ্ধ ব্যক্তি ও সমাজ ধর্ম্ম প্রভৃতি অবলম্বনে রচিত আখ্যায়িকা। "বেদের সংহিতা এবং ব্রাহ্মণভাগে অনেক রাজা এবং অপরাপর ব্যক্তিবর্গের নাম ও আখ্যায়িকা দেখিতে পাওয়া যায় ইহাকেই পুরাণ বলে। তদ্ভিন্ন বৈদিক সময়ে স্বতন্ত্র পুরাণ ছিল না।"—ঋগ্বেদ সংহিতার উপক্রমণিকা (রমানাথ সরস্বতী)। কিন্তু সাধারণতঃ "পুরাণ" অর্থে বুঝায় ব্যাসাদি মুনিরচিত শাস্ত্র যাহা সর্গ, প্রতিসর্গ, বংশ, মন্বন্তর ও বংশানুচরিত এই পাঁচটী লক্ষণে বিশেষিত। মুল পুরাণ অষ্টাদশ ভাগে বিভক্ত; যথা—১। ব্রহ্মপুরাণ। ২। পদ্মপুরাণ। ৩। বিষ্ণুপুরাণ। ৪। শিবপুরাণ। ৫। ভাগবত পুরাণ। ৬। নারদপুরাণ। ৭। মার্কণ্ডেয়পুরাণ। ৮। অগ্নিপুরাণ। ৯। ভবিষ্য পুরাণ। ১০। ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ। ১১। লিঙ্গপুরাণ। ১২। বরাহপুরাণ। ১৩। স্কন্দপুরাণ। ১৪। বামনপুরাণ। ১৫। কূর্ম্মপুরাণ। ১৬। মৎস্যপুরাণ। ১৭। গরুড়পুরাণ। ১৮। ব্রহ্মাণ্ডপুরাণ। এই অষ্টাদশ মহা পুরাণ নামে উক্ত। উপপুরাণ ও বহুসংখ্যক আছে। প্র—"ব্যাস নারায়ণ অংশ ঋষিগণ অবতংস যাঁহা হইতে আঠার পুরাণ।"—অন্নদামঙ্গল। ২। সংখ্যাবিশেষ; ষোল পণ বা ১ কাহন। ৩। বিণ, অনাদি। প্র—"কেশবায় নমোনমঃ পুরাণ পুরুষোত্তম চতুর্ভুজ গরুড় বাহন।"—অন্নদামঙ্গল। ৪। [প্রাদেউচ্চারণে পুরাণো। নূতনের বিপরীত] প্রাচীন; পুরাতন।

পুরাণ-পুরুষ (ন্, ষ্) [পুরাণ (অনাদি) যে পুরুষ, কর্ম্মধা] বি, পুং, অনাদি পুরুষ; পরমাত্মা; পরব্রহ্ম। ২। বিষ্ণু। ৩। [পুরাণ (প্রাচীন)] প্রাচীন; বৃদ্ধ।

পুরাণপ্রসিদ্ধি (ন্, প্রোশিদ্ধি) বি, পুরাণে প্রসিদ্ধি; পুরাতন প্রখ্যাতি; প্রাচীনদিগের মধ্যে খ্যাতি। বিণ, **পুরাণপ্রসিদ্ধ**।

পুরাণা (না) [গ্রা। সং—পুরাতন হইতে হি—পুরাণা] বিণ, পুরাতন; প্রাচীন; সেকেলে। প্র—"সেই রবি শশী আছে সেই ফুল ফোটে গাছে পুরাণা সেকেলে সেই অলির গুঞ্জন।"—চন্দন।

পুরাতন (ন্) [পুরা + তন (ভবার্থে)] বিণ, পুরাণ; প্রাচীন। ২। অনাদি। প্র—"জয় সত্য সনাতন পুরুষ পুরাতন মুক্তিনিকেতন কৃষ্ণ হরে।"—বাং-গান।

পুরাধ্যক্ষ (পুরাদ্‌ধোক্‌খ) [পুরের (নগরের) অধ্যক্ষ (তত্ত্বাবধায়ক)—৬তৎ] বি, পুং, নগরাধ্যক্ষ। ২। অন্তঃপুরের রক্ষক; কঞ্চুকী।

পুরাবিৎ [পুরা (প্রাচীন) বিদ্ (জানা) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে প্রাচীন বিষয় জানে] বি, পুং, পুরাতত্ত্বজ্ঞ; প্রত্নতত্ত্ববিৎ; অতীতবেত্তা। ২। প্রাচীন ব্যক্তি; বৃদ্ধ।

পুরাবৃত্ত [পুরা (পূর্ব্বকালে) বৃৎ (বর্ত্তমান থাকা) + ত (কর্ত্তৃ, ক্ত) যাহা পূর্ব্বকালে বর্ত্তমান ছিল; যাহা পূর্ব্বে ঘটিয়াছিল] বি, ক্লী, পুরাকালের কাহিনী। ২। [পুরা (পুরাণ) বৃত্ত (চরিত্র)] প্রাচীনকালের লোকচরিত্র; ইতিবৃত্ত: ইতিহাস।

পুরারি [পুর (ত্রিপুরাসুর) অরি (রিপু)—৬ তৎ] বি, পুং, ত্রিপুরারি; মহাদেব।

পুরিয়া [সং—পুটক (পুড়ক); হি—পুড়িয়া] বি, কাগজের মোড়ক। গুঁড় ঔষধের মোড়ক।

পুরী (রি) [পুর + ঈপ্] বি, স্ত্রী, নগরী। ২। ভবন। ৩। দেহ। ৪। সন্ন্যাসীদিগের উপাধিবিশেষ। ৫। ওড়িষ্যা প্রদেশের সমুদ্রতীরস্থ একটী জেলা; জগন্নাথ দেবের মন্দির ইহার অন্তর্গত। পুরুষোত্তম তীর্থ; পুরীধাম।

পুরীষ (ষ্) [পৄ (পালন করা) + ঈষ্ (কর্ত্তৃ)] বি, ক্লী, বিষ্ঠা।

পুরু [সং—পৄ ধাতু (পূর্ণ করা) হইতে। তুল—পুরুহ = প্রচুর; পৃথু = স্থূল অথবা উপরি উপরি সংক্ষেপে "পুরু"] বিণ, স্থূল; মোটা। প্র—পুরুতক্তা। ২। একের উপর অন্যস্তর; তা বা ভাঁজের সমষ্টি। প্র—"বেনা বনে বার পুরু বিছান বসন।"—ঘনরাম।

পুরু বি, রাজা যযাতির ঔরসে শর্ম্মিষ্ঠা গর্ভে জাত স্বনাম প্রসিদ্ধ রাজা; পাণ্ডবদিগের আদিপুরুষ। ২। দৈত্যবিশেষ। ৩। ইতিহাসপ্রসিদ্ধ রাজা পুরু যিনি একবার এলেকজাণ্ডারের গতিরোধ করিয়া তাঁহার সহিত সমরে প্রবৃত্ত হইয়াছিলেন এবং পরে উভয়ে সখ্যতাসূত্রে বদ্ধ হইয়াছিলেন।

পুরুকুৎস (শ) বি, পুং, রাজা মান্ধাতার পুত্র।

পুরুখ [সং—পুরুষ হইতে। প্রা·হি—ও ব্রজ —ষ=খ] বি, পুরুষ। প্র—"সকল পুরুখনারী নহে গুণবন্ত"—বিদ্যাপতি।

পুরুজিৎ—বি, পুং, মহাভারতোক্ত রাজা-বিশেষ ; যুধিষ্ঠিরাদির মাতুল।

পুরুত (পুরুত্) [প্রা। পুরোহিত শব্দজ] বি, পুরোহিত।

পুরুদ্রুহ (পুরুদ্‌দ্রুহ) [পুরু (দৈত্য) দ্রুহ্ (দ্রোহ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, ইন্দ্র। ২। বিণ, অতিশয় দ্রোহী ; বহু হিংসাকারী।

পুরুমিত্র (পুরুমিৎত্র) বি, পুং, মহারথ নামক নৃপবিশেষ। ২। ধৃতরাষ্ট্রের পুত্র।

পুরুষ (ষ্) [পৃ (পূরণ করা) + উষ (কর্ত্তৃ) পৃ=পুর্, পুর্—যিনি অন্যের অভাব পূরণ করেন। "পূরুষ"ও হয় কিন্তু অপ্র] বি, পুং, মনুষ্য। ২। পুং, জাতি ; নর। ৩। বিষ্ণু ; মহাবিষ্ণু। প্র—"কোটী অংশ, কোটী শক্তি, কোটী অবতার ; এত লঞা সৃজে পুরুষ সকল সংসার।"—চৈতন্যচরিত। ৪। [পুর্ (শরীর) বস্ (বাস করা) + অ (কর্ত্তৃ)] আত্মা ; দেহী। ৫। সৃষ্টির মূল চৈতন্যময় ঈশ্বর। ৬। [ব্যাকরণে] প্রথম পুরুষ, মধ্যম পুরুষ ও উত্তম পুরুষ ; person. ৭। মাটি কাটার মাপবিশেষ (আধুনিক গজ কাঠির অনুরূপ)। প্র—"মাটি খানি কাটি ফেলে একক পুরুষ"—পদ্মাপুরাণ (বিজয়)। "পুরুষ সাতেক মোর হারালো কাসন্দ"—কবিকঙ্কণ। ৮। বংশ ; কুল। ৯। বংশধরের প্রাদুর্ভাব কাল। প্র—কোন পুরুষে এমন কেহ শোনে নাই ; বাপের পুরুষে ইত্যাদি।

পুরুষক (ক্) [পুরুষ + ক (সাদৃশ্যার্থে)] বি, ক্লী, সম্মুখের দুই পা তুলিয়া মানুষের মত অশ্বের দাঁড়াইবার ভঙ্গী।

পুরুষকার (ষ্, র্) [পুরুষ—কৃ (করা) + অ (ভাবে—ঘঞ্) = কার (কৃতি—যত্ন) —৬তৎ] বি, পুং, পুরুষের চেষ্টা বা প্রযত্ন ; পৌরুষ ; কর্ম্মের হেতু ; গমন ভোজন প্রভৃতি সমস্ত কার্য্যই পুরুষকারের ফল। পুরুষকারের ধারাবাহিক স্রোত লইয়াই জীবের জীবন আর কিছুই নহে। প্র—"সুবুদ্ধি পুরুষকারে দৈবে কি লঙ্ঘিতে পারে।"—কবিকঙ্কণ। [দ্রঃ —পুরুষকারের ফল কর্ম্ম। এই কর্ম্মের ফল জীবমাত্রকেই ভোগ করিতে হয়। অদৃষ্ট দ্রঃ]।

পুরুষগ্রহ (পুরুষগ্‌গ্রোহ) [পুরুষাকৃতি—গ্রহ] বি, সূর্য্য ; মঙ্গল ও বৃহস্পতি।

পুরুষত্ব (ত্ত) [পুরুষ + ত্ব (ভাবে)] বি, ক্লী, মনুষ্যত্ব ; পুরুষের ভাব ; পুরুষের ধর্ম্ম। ২। পৌরুষ ; উৎসাহ ; সৎসাহস।

পুরুষধর্ম্ম (ষ্) [পুরুষের ধর্ম্ম—৬তৎ] বি, পুরুষত্ব ; পৌরুষ।

পুরুষনক্ষত্র (ষ্, নোক্‌খোৎত্র) বি, ক্লী, হস্তা ; মূলা, শ্রবণা, পুনর্ব্বসু, মৃগশিরা ও পুষ্যা এই নক্ষত্র পঞ্চক পুরুষ বলিয়া গণ্য।

পুরুষপরম্পরা (ষ্) বি, এক পুরুষের পর অন্য পুরুষ এইরূপ ক্রম ; পুরুষানুক্রম। **পুরুষপরম্পরাগত**—এক পুরুষের পর অন্য পুরুষ এইরূপ ক্রম অনুযায়ী ; পুরুষানুক্রম অনুযায়ী ; পুরুষানুক্রমিক। **পুরুষ পরম্পরায় চলিয়া আসা**—পুরুষানুক্রমে প্রচলিত হওয়া।

পুরুষপাগলী (ষ্, গ্) [পুরুষ—পাগলী] বি, স্ত্রী, যে নারী পুরুষের জন্য পাগল ; কুলটা ; কুচরিত্রা। প্র—"বুঝানু যতেক তায় পাষাণ দরবে। পুরুষপাগলী তবু মতি দিস পাপে॥" —ঘনরাম।

পুরুষপুণ্ডরীক (ষ, ক্) [পুরুষের—পুণ্ডরীক (শ্রেষ্ঠ)—৬তৎ] বি, পুং, উৎকৃষ্ট মনুষ্য —নরশ্রেষ্ঠ। ২। জৈনদিগের সপ্তম বাসুদেব।

পুরুষব্যাঘ্র (ষ্, ব্যাগ্‌ঘ্র) [পুরুষ—ব্যাঘ্র (ব্যাঘ্রের ন্যায় শ্রেষ্ঠ) উপমিত সমাস] বি, পুং, নরশ্রেষ্ঠ ; পুরুষপ্রধান ; নরশার্দ্দূল।

পুরুষরাশি (ষ্) বি, পুং, মেষ ; মিথুন ; সিংহ ; তুলা ; ধনু ও কুম্ভ।

পুরুষসিংহ (ষ্, সিংহ) [পুরুষের মধ্যে সিংহ (সিংহের ন্যায় শ্রেষ্ঠ) উপমিত সমাস] বি, পুং, নরশ্রেষ্ঠ ; নরসিংহ ; পুরুষপ্রধান।

পুরুষসূক্ত (ষ্, শুক্ত) [পুরুষের (আদি পুরুষের) সূক্ত (মন্ত্র)—৬তৎ] বি, ক্লী, বৈদিক ষোড়শমন্ত্র।

পুরুষাদ (দ্) [পুরুষ (মনুষ্য) হইয়াছে অদ (ভক্ষ্য) যাহার, বহু] বি, পুং, নরখাদক ; রাক্ষস।

পুরুষাদ্য (দ্দ) [পুরুষের) আদ্য—৬তৎ] বি, পুং, আদিপুরুষ ; বিষ্ণু। ২। জৈনদিগের অনাদিনাথ নামক জিনবিশেষ।

পুরুষার্থ [পুরুষের—অর্থ (প্রয়োজন)—৬তৎ] বি, পুং, পুরুষের প্রয়োজনসাধক বর্গ-চতুষ্টয় : ধর্ম্ম, অর্থ, কাম ও মোক্ষ ; সর্ব্বদা আলস্য পরিত্যাগপূর্ব্বক মন, শরীর, বাণী এবং ধন দ্বারা উত্তম ব্যবহার সিদ্ধির জন্য অত্যন্ত উদ্যোগ করার নাম পুরুষার্থ। ২। সুখ। ৩। সংসার। ৪। মুক্তি।

পুরুষোত্তম [পুরুষের মধ্যে উত্তম—৭তৎ] বি, পুং, পুরুষের মধ্যে যিনি শ্রেষ্ঠ ; বিষ্ণু। প্র—"কেশবায় নমোনমঃ পুরাণ পুরুষোত্তম চতুর্ভুজ গরুড় বাহন।"—অন্নদামঙ্গল। ২। নীলাচল ; জগন্নাথ-ক্ষেত্র। ৩। বিণ, পুরুষপ্রধান ; নরশ্রেষ্ঠ।

পুরুহূত [পুরু (দৈত্যবিশেষ কর্ত্তৃক) হূত (যুদ্ধার্থে আমন্ত্রিত)] বি, পুং, ইন্দ্র ; পুরন্দর।

পুরূবসু (বোশু) [পুরু (অনেক) বসু (ধন) আছে যাহার, বহু] বিণ, বহুধনশালী ; মহাধনী।

পুরূরবা [পুরূরবস্ ১মা, ১ব। পুরু (দেব লোক) রু (শব্দে) + অল্ (কর্ম্মে) যাঁহার জ্যানির্ঘোষ বা যশঃ দেব-লোকেও বিঘোষিত হয়] বি, পুং, মহাকবি কালিদাসের রচিত বিক্রমোর্ব্বশী নাটকের নায়ক চন্দ্রবংশীয় বুধের পুত্র পুরু নামক জনৈক রাজা।

পুরোগ, পুরোগম [পুরস্ (অগ্রে) গম্ (গমন করা) + অ (কর্ত্তৃ) যে গমন করে] বিণ, অগ্রগামী। ২। শ্রেষ্ঠ ; প্রধান।

পুরোগত [পুরো (অগ্রে) গত (যে গিয়াছে)] বিণ, যে অগ্রে গমন করিয়াছে ; অগ্রগত। ২। প্রধান। বি, **পুরোগতি**।

পুরোচন (ন্) দুর্য্যোধনের যবন মন্ত্রী। যিনি পাণ্ডবগণকে দগ্ধ করিয়া মারিবার উদ্দেশ্যে জতুগৃহ নির্ম্মাণ করিয়া তাহাতে স্বয়ং দগ্ধ হইয়াছিলেন।

পুরোজন্মা [পুরঃ=পুরো (অগ্রে) জন্ম (উৎপত্তি) যাহার, বহু=পুরোজন্মন্ ১মা, ১ব] বি, পুং, অগ্রেজাত ; অগ্রজ ; জ্যেষ্ঠ।

পুরোডাশ (শ্) [পুরঃ=পুরো (অগ্রে) দাশ্ (দান করা) + আ (সংজ্ঞার্থে—অচ্) দা= ডা] বি, পুং, যবের রুটি। ২। পিষ্টক ; মাল পুয়া। ৩। যজ্ঞীয় ঘৃত। ৪। হুত-শেষ। ৫। যজ্ঞে পশু শরীরাবয়ব।

পুরোডাশ্য (—ডাশ্‌শ) [পুরোডাশ + য (সংজ্ঞার্থে—যণ,)] বিণ, পিষ্টকোপযোগী। ২। যজ্ঞে ঘৃতসহ আহুতি দিবার উপযুক্ত।

পুরোধা [পুরস্ (অগ্রে) ধা (ধারণ, স্থাপন করা) + অস্ (কর্ম্মে) যাহাকে অগ্রে স্থাপন করা হয়] বি, পুং, ঋত্বিক্ ; পুরোহিত। প্র—"পুরোধা আমার কেবা হইবে ব্রাহ্মণ।"—কবিকঙ্কণ। ২। পুরবাসী।

পুরোবর্ত্তী (বোর্ত্তি) [পুরো (অগ্রে) বৃৎ (বিদ্যমান থাকা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = পুরোবর্ত্তিন্=১মা, ১ব] বিণ, অগ্রবর্ত্তী ; সম্মুখে স্থিত।

পুরোভাগী (গি) [পুরস্ (প্রথমে) ভজ্ (সেবা করা) + ইন্ (কর্ত্তৃ—ঘিন্) জ=গ= পুরোভাগিন্ ১মা, ১ব] বিণ, কেবল দোষদর্শী ; গুণত্যাগী দোষগ্রাহী। স্ত্রী, **পুরোভাগিনী**

পুরোহিত (ত্) [পুরো (অগ্রে) ধা (ধারণ করা) + ত (কর্ম্মে—ক্ত) ধা-হি, যিনি অগ্রে স্থাপিত হন] বি, পুং, ঋত্বিক্ ;

যজনকর্ত্তা। প্র—"তব পুরোহিত পাবে মম দরশন। লইবে তোমার দান উত্তম ব্রাহ্মণ।" —কবিকঙ্কণ।

পুল (ল্) [ফা] বি, সেতু ; সাঁকো।

পুলক (ক্) [পুল (পুলক) + ক (স্বার্থে)] বি, পুং, রোমাঞ্চ ; রোমোদ্গম ; শরীরে লোম খাড়া হইয়া উঠা। ২। আনন্দ ; হর্ষ। প্র—"সুরগণ কহে জয় মহেশ পুলকে পূরিল সকল দেশ।"—অন্নদামঙ্গল। ৩। মণিদোষবিশেষ। ৪। গন্ধর্ব্ববিশেষ।

পুলকি [পুলকিয়া—পদ্যে] অস-ক্রি, পুলকিত হইয়া ; আনন্দিত হইয়া। ২। হর্ষ কণ্টকিত হইয়া। প্র—"আপনা বুঝাতে নারে পরকে প্রবোধ করে ভয়ে অঙ্গ পুলকি উঠিল।"—কবিকঙ্কণ।

পুলকিত (লো) [পুলক + ইত (যুক্তার্থে)] বিণ, পুলকযুক্ত ; হৃষকণ্টকিত ; রোমাঞ্চিত। ২। আনন্দিত ; হৃষ্ট। প্র—"অপ্সরা নাচিছে কিন্নর গাইছে পুলকিত মহেশ্বর।"—অন্নদামঙ্গল।

পুলকিল [পুলক + ইল (বাং-ক্রিয়া-বিভক্তি)] ক্রি, পুলকিত হইল। ২। রোমাঞ্চিত হইল। প্র—"পুলকিল তনুরুহ প্রণয় অঙ্কুরে।"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

পুলকী (পুলোকি) [পুলক + ইন্ (অস্ত্যর্থে) —পুলকিন্ ১মা, ১ব] বিণ, হর্ষযুক্ত। ২। রোমাঞ্চযুক্ত। ৩। বি, পুং, কদম্ব বৃক্ষ।

পুলস্ত্য (পুলোস্‌ত) [পুল (মহৎ) স্ত্যৈ (একত্র করা) + অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, সপ্তর্ষির মধ্যে একজন।

পুলহ [পুল—হা (ত্যাগ করা) + অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, সপ্তর্ষির মধ্যে অন্যতম।

পুলা [প্রাদে। তুল—হি—পুলা] বি, আটী ; গোছা ; তাড়া।

পুলাক (ক্) [পুল্ + অক (সংজ্ঞার্থে)] বি, পুং, শস্যশূন্য ধান্য ; তুচ্ছ ধান্য ; ধানের চিটা ; আগড়া।

পুলি [পুর—পুরী—পুলি] বি, পিষ্টকবিশেষ ; পুরপিঠা। পুলি পিঠা দ্রঃ। ২। [পোর্ট-ব্লেয়ার (portblair) অপভ্রংশে পুলি] বি, পোর্টব্লেয়ার দ্বীপ। এই দ্বীপে ভারতবর্ষ হইতে নির্ব্বাসন দণ্ডে দণ্ডিত অপরাধীকে পাঠান হয়।

পুলিন (ন্) [পুল (বৃহৎ হওয়া) + ইন (কর্ত্তৃ)] বি, ক্লী, জলাশয়ের তীরভূমি ; তট ; চড়া।

পুলিন্দ বি, ম্লেচ্ছজাতিবিশেষ। প্র—"পুলিন্দ কিরাত কোল হাটেতে বাজায় ঢোল।"—কবিকঙ্কণ। ২। পুলিন্দ দেশ। ৩। চোয়াড়। ৪। তদ্দেশ। স্ত্রী, **পুলিন্দা**—বি, মোট পুঁটুলি ; গাঁঠরি।

পুলিপিঠা, পুলীপিঠা—বি, তণ্ডুলচূর্ণ, ক্ষীর, ছানা, তাল, নারিকেলাদি সহযোগে প্রস্তুত পেট মোটা দুইপ্রান্ত সরু গুলিডাণ্ডার গুলির আকারের পিষ্টকবিশেষ। **ক্ষীরপুলি**—ক্ষীর দ্বারা প্রস্তুত পুলির আকারের মিষ্টান্নবিশেষ। **চন্দ্রপুলি**—মিষ্টান্নবিশেষ ; ক্ষীর, ছানা, চিনি এবং মেওয়াদি সহযোগে পুলির আকারে প্রস্তুত নারিকেলের পিষ্টক। **ভাজাপুলি**—ঘৃত বা তৈলে ভর্জ্জিত পুলি-পিঠা। **সরপুলি**

পুলিপোলাও [পুলি (দ্রঃ) পোলাও (পিনাং নগর) যথায় ভারতীয় নির্ব্বাসন দণ্ডাজ্ঞা প্রাপ্ত অপরাধীকে পাঠান হয়] বি, নির্ব্বাসন দণ্ড। প্র—"পিলো পিনাংকে লোকে প্রায়ই, পুলি ও পোলাওকে দ্বন্দ্ব সমাস করিলে যেরূপ হয়, তাহাই প্রয়োগ করিয়া থাকে।"—স্বর্ণলতা। ২। দ্বীপান্তর। প্র—তাহাকে পুলি পোলাও পাঠাইয়াছে।

পুলিপোস্তা [প্রাদে] বি, জল নির্গমের সরু নালী ; নয়নজুলি ; জুলি।

পুলিস (শ্) [ইং—police] বি, শান্তিরক্ষা, অপরাধী ধৃতকরণ ও অপরাধ নিবারণার্থ নিয়োজিত কর্ম্মচারী বা কর্ম্মবিভাগ। **পুলিস কমিসনার**—রাজধানীস্থ পুলিসের প্রধান কর্ম্মচারী। **পুলিসইন্‌স্‌পেক্টর**—পুলিসের উপরিতন কর্ম্মচারীবিশেষ ; কোতোয়াল ; কোটাল : police inspector. **পুলিস-জমাদার**—পুলিস বিভাগীয় দারোগার অব্যবহিত নিম্নস্থ কর্ম্মচারী ; head constable **পুলিসকনষ্টেবল**—[police constable] পুলিসের নিম্ন কর্ম্মচারী ; সিপাহী ; শান্ত্রী। **পুলিস-ডায়েরী**—পুলিসের রোজনামচা ; ঘটনার দিনলিপি। **পুলিস ষ্টেশন**—কোতওয়ালী থানা ; police station. **পুলিস সুপারিণ্টেণ্ডেণ্ট**—জেলা পুলিসের প্রধান কর্ম্মচারী।

পুলে [পিলে, পোলা দ্রঃ। তেলু—পিল্লা = সন্তান। তুল—মগপিল্লা আড়পিল্লা = ছেলে মেয়ে। তুল—হি—পিল্লা = বাচ্ছা (কুকুর ছানা)। বাং-য়—পুত্র অর্থে "ছেলের" সহচর শব্দরূপে গ্রা—ব্যবহার] বি, পুত্র ; পোলা। প্র—ছেলেপুলে।

পুলোমজা [পুলোমন্ (একটি দানব) হইতে জ (যে জন্মিয়াছে) উপপদ, স্ত্রী আপ্—জা = জাতা] বি, স্ত্রী, ইন্দ্রপত্নী ; শচী। প্র—"শুনি ইন্দ্র আনন্দে বিহ্বল হয়ে ধায়। * * * * পাখালিয়া পাদপদ্ম পাদোদক লয়। পুলোমজা সহ পূজে করে জয় জয়।"—শিবায়ন। "দুঃখমনা পুলোমজা কোলে তার নাহি প্রজা কত তার শুনিব ক্রন্দন।"—কবিকঙ্কণ।

পুলোমা [পুলোমন্ ১মা, ১ব] বি, পুং, ইন্দ্রপত্নী শচীদেবীর পিতা ; দানববিশেষ। ২। স্ত্রী, ভৃগুমুনির পত্নী ও চ্যবনমুনির জননী।

পুল্‌টিস্ (শ্) [ইং—poultice হইতে] বি, তিসী প্রভৃতি বাটিয়া আগুনে ফুটাইয়া তাহার প্রলেপ।

পুষণ (ন্) [পোষণ দ্রঃ] বি, পালন ; পোষণ ; ভরণ। বিণ, **পুষিত**। ক্রি, **পুষা**—পোষা দ্রঃ ; পোষণ করা। উ-পু—পুষি। ম-পু—পুষ ; পুষুন্ ; পোষ। প্র-পু—পুষে ; পোষে। অস-ক্রি—পুষিতে ; পুষিয়া। সংক্ষেপে—পুষে ; পুষি (পদ্যে)।

পুষ্কর—বি, ক্লী, পদ্মবন। প্র—"সূর্য্য যদুকুল পুষ্করে"—গি, গীতগোবিন্দ।

পুষ্কর (র্) [পুষ্কর্ (জল) + অ (অস্ত্যর্থে) যে জলে থাকে] বি, ক্লী, পদ্ম। ২। পদ্মকোষ। ৩। [অ—স্বার্থে] জল। প্র—অন্ন ত্যজি খান মাতা কপিত্থ বদর। কতকাল পান কৈল কেবল পুষ্কর।"—কবিকঙ্কণ। ৪। [জল থাকে যাহাতে] আকাশ। ৫। মেঘ বিশেষ। প্র—"আবর্ত্ত পুষ্কর মেঘ ডাকিতে ডাকিতে"—বৃত্রসংহার। ৬। উত্তর ভারতের প্রসিদ্ধ তীর্থ। ৭। দ্বীপবিশেষ। ৮। পর্ব্বত-বিশেষ। ৯। হস্তীর শুণ্ডাগ্র। ১০। সারস-পক্ষী। ১১। সর্পবিশেষ। ১২। বাণ। ১৩। খড়্গকোষ। ১৪। নলরাজার ভ্রাতা। ১৫। বরুণের পুত্র। ১৬। রোগবিশেষ।

পুষ্করকর্ণিকা (পুষ্‌কর্‌কোর্নিকা) বি, স্থলপদ্মিনী।

পুষ্করমালী (র্) [পুষ্করমালা (পদ্মমালা) + ইন্ (অস্ত্যর্থে) পুষ্করমালিন্ ১মা, ১ব] বিণ, কমলপুষ্পমালাবিশিষ্ট।

পুষ্করমূল (র্, ল্) [হি—পিহোকরমূলী। বৈদ্যকে] বি, পুষ্কর দেশপ্রসিদ্ধ মূলবিশেষ ; কাশ্মীর দেশপ্রসিদ্ধ পাতালপদ্মিনী (ঔষধে ইহার অভাবে কুড় প্রযুক্ত হয়) ; the root of alpotokis auriculata, sansurea lappa.

পুষ্করাক্ষ [পুষ্করের (পদ্মের দলের ন্যায়) অক্ষি = অক্ষ (চক্ষু) যাহার, বহু] বি, পুং, বিষ্ণু ; পুণ্ডরীকাক্ষ ; পদ্মনেত্র।

পুষ্করাবর্ত্তক (ক্) বি, পুং, জলাবর্ত্তক মেঘনায়কবিশেষ।

পুষ্করী (পুষ্‌কোরি) [পুষ্কর (হস্তীর শুণ্ডাগ্রস্থিত জল) + ইন্‌ (অস্ত্যর্থে) = পুষ্করিন্‌ ১মা, ১ব] বি, পুং, হস্তী। স্ত্রী, **পুষ্করিণী**।

পুষ্করিণী (পুষ্‌কোরিনি) [পুষ্করী দ্রঃ] বি, স্ত্রী, কৃত্রিম জলাশয়বিশেষ ; সরোবর ; পুকুর। ২। হস্তিনী। ৩। পদ্মের ঝাড়।

পুষ্কল (ল্‌) [পুষ্‌ (পোষণ করা) + কল (সংজ্ঞার্থে)] বি, ক্লী, প্রচুর ; পর্যাপ্ত। ২। পরিমাণ-পাত্রবিশেষ ; পশুরি ; ৬৪ মুটো। ৩। পুং, ভরতের পুত্র।

পুষ্ট [পুষ্‌ (পোষণ করা) + ত (কর্ম্মে—ক্ত) যাহাকে পোষণ করা হয়] বিণ, প্রতিপালিত ; পোষিত। ২। স্থূল। প্র—"জোলো দুধে পুষ্ট দেহ তেলে জলে নেয়ে"—হেম বন্দ্যো। ৩। পরিপুষ্ট ; পরিণত ; সুপক্ক। ৪। [কর্ত্তৃ—ক্ত] স্থূল বুদ্ধিযুক্ত। **পরপুষ্ট**—অন্যের দ্বারা প্রতিপালিত ; পরভৃত। **কাকপুষ্ট**—কাকের দ্বারা পালিত ; কোকিল। **অন্নপুষ্ট**—অন্নে পালিত

পুষ্টতাড়িত (ত্‌) বি, তাড়িতের বিযোজন-শক্তি; positive electricity.

পুষ্টি [পুষ্‌ (পোষণ করা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, ষোড়শ মাতৃকার অন্যতম। ২। ভরণ ; পোষণ ; পালন। ৩। বৃদ্ধি। প্র—"ইচ্ছিয়া কার্য্য পুষ্টি পুজন করিল ষষ্ঠী চন্দন ধূপ দীপ মালে।"—কবিকঙ্কণ। ৪। স্থূলতা। ৫। চন্দ্রকলাবিশেষ।

পুষ্টিকর (র্‌) [পুষ্টি (পোষণ) কর (যে করে)] বিণ, বৃদ্ধিকারক। ২। স্থূলতা সম্পাদক। ৩। স্বাস্থ্য বর্দ্ধক।

পুষ্টিকা [পুষ্টি + ক (সংজ্ঞার্থে) আপ্‌ স্ত্রী] বি, স্ত্রী, ঝিনুক।

পুষ্প [পুষ্প্‌ (বিকসিত হওয়া) + অ (কর্ত্তৃ) পা, প্রাকৃ—পুপ্‌ফ] বি, ক্লী, ফুল। ২। স্ত্রী-রজঃ। ৩। [ভাবে—অল্‌] প্রকাশ ; বিকাশ। ৪। চক্ষুরোগবিশেষ। ৫। পুষ্পক রথ।

পুষ্পক (ক্‌) [সং] বি, ক্লী, বিমানবিশেষ ; কুবেরের রথ। প্র—"প্রণাম করিয়া দিল পুষ্পক বিমান। দণ্ডমাত্রে গেলা মাতা ইন্দ্র বিদ্যমান॥"—কবিকঙ্কণ। ২। নেত্ররোগ-বিশেষ। ৩। সীসা। ৪। রসাঞ্জন।

পুষ্পকরণ্ডক (ক্‌) [পুষ্পের করণ্ডক (সাজি)—৬তৎ] বি, ক্লী, ফুলের সাজি। ২। উজ্জয়িনী নগরস্থ মহাকালের (পুরাকালীন শিবলিঙ্গের) প্রসিদ্ধ উদ্যান।

পুষ্পকাসীস (—কাশিশ্‌) [রাসাঃ—পরিঃ] বি, লোহ-কাংস্য ; একপ্রকার হীরাকস।

পুষ্পকীট (ট্‌) [পুষ্পের কীট—৬তৎ] বি, পুং, ভ্রমর। ২। পুষ্প ধ্বংসকারী কীট বিশেষ।

পুষ্পকেতন, পুষ্পকেতু (ন্‌) [পুষ্প (ফুল) হইয়াছে কেতন বা কেতু (ধ্বজা বা চিহ্ন) যাহার, বহু] বি, পুং, কুসুমেষু ; কন্দর্প। ২। কালকেতু নামক ব্যাধের পুত্র।

পুষ্পগণ (ন্‌) [পুষ্পের গণ (বর্গ)—৬তৎ] বি, পুষ্পবর্গ। বৈদ্যকে—চারিপ্রকার স্থলপদ্ম, চারিপ্রকার কুরুন্টক, দুইপ্রকার কেতকী, দুইপ্রকার যূথী, সেউতী, গুলদাউদী, নেপালী, গুলাব, দণ্ডিনী, জাতি, রাজবল্লী, চম্পক, নাগচম্পক, বকুল, কদম্ব, কুন্দ, শিবমল্লী, ঝিকুঙ্গ, কিঙ্কিরাত, কর্ণিকার, অশোক, বাণ-পুষ্প, তিলক, মুচুকুন্দ, বন্ধুক, জবা, বসুন্ধরী, অগস্তি, দমন, মারু, পারী, বহুবর্ণিকা, পাটলা ও সূর্য্যমুখী।

পুষ্পগিরি [পুরাণে] বি, পুং, বরুণাধিষ্ঠিত মাল্যবান্‌ পর্ব্বত।

পুষ্পঘাতক (ক্‌) [পুষ্প হইয়াছে ঘাতক (বিনাশকারী) যাহার, বহু] বি, পুং, বংশ ; বাঁশ (বাঁশের ফুল ফুটিলেই বাঁশ মরিয়া যায় বলিয়া এই নাম)।

পুষ্পচয়ন [পুষ্পের চয়ন (শাখা হইতে বৃন্তচ্যুত করণ)—৬ তৎ] বি, ক্লী, ফুলতোলা।

পুষ্পচামর (র্‌) [পুষ্প (ফুল) হইয়াছে চামর (চামরের মত) যাহার, বহু] বি, পুং, দমনকবৃক্ষ।

পুষ্পজ [পুষ্প—হইতে জ (যে জন্মে)] বি, ক্লী, পুষ্পরস ; মধু। ২। বিণ, পুষ্পজাত। স্ত্রী, **পুষ্পজা**।

পুষ্পজীবী [পুষ্প—জীব্‌ + ইন্‌ (কর্ত্তৃ, শীলার্থে —ণিন্‌) = পুষ্প জীবিন্‌ ১মা, ১ব] বি, পুং, পুষ্পব্যবসায়ী ; মালী।

পুষ্পদ [পুষ্প (ফুল) দ (যে দান করে)] বি, পুং, বৃক্ষ। ২। বিণ, পুষ্পদাতা। স্ত্রী, পুষ্পদা।

পুষ্পদন্ত [পুষ্পের ন্যায় দন্ত যাহার—বহু] বি, পুং, বায়ু কোণের হস্তী। ২। মহিম্নঃস্তব-রচয়িতা স্বনামপ্রসিদ্ধ গন্ধর্ব্ব।

পুষ্পদাম (ম্‌) [পুষ্পদামন্‌ ১মা, ১ব] বি, ক্লী, ফুলের মালা।

পুষ্পদ্রব [পুষ্প (ফুল) হইতে দ্রব (যাহা ক্ষরিত হয়)] বি, পুং পুষ্পসার ; মকরন্দ ; ফুলের মধু।

পুষ্পধন্বা (—ধন্না) [পুষ্প (ফুল) হইয়াছে ধনুঃ (বাণ) যাহার, বহু, সমাসে ধনুঃ = ধন্বন্‌ = পুষ্পধন্বন্‌ ১মা, ১ব] বি, পুং, মদন ; ফুলধনু।

পুষ্পনির্য্যাস (—নির্জ্জাশ্‌) [পুষ্পের—নির্য্যাস—৬তৎ] বি, পুং, পুষ্পসার ; মকরন্দ ; পুষ্পরস।

পুষ্পপত্র (—পৎত্র) [পুষ্পের—পত্র, ৬তৎ] বি, ক্লী, ফুলের পাপড়ি।

পুষ্পবৎ [পুষ্প্‌ (বিকসিত হওয়া) + অ (ভাবে—অল্‌) = পুষ্প (বিকাশ) + বৎ (অস্ত্যর্থে, বতু)] বিণ, পুষ্পযুক্ত। স্ত্রী, পুষ্পবতী।

পুষ্পবতী (বোতি) [পুষ্প (স্ত্রী-রজঃ) + বৎ অস্ত্যর্থে (বতু) স্ত্রী, ঈপ্‌] বিণ, রজস্বলা। প্র—"কতদিনে সাধুর বনিতা পুষ্পবতী।"—কবিকঙ্কণ।

পুষ্পবন্ত [সং] বি, পুং, সূর্য্য ও চন্দ্র।

পুষ্পবাটিকা [পুষ্পের বাটিকা (উদ্যান)—৬তৎ] বি, স্ত্রী, ফুলবাগান।

পুষ্পবাটী [পুষ্পের বাটী (উদ্যান)—৬তৎ] বি, স্ত্রী, পুষ্পোদ্যান ; পুষ্পবাটিকা।

পুষ্পবাণ (ন্‌) [পুষ্প (ফুল) হইয়াছে বাণ (শর) যাহার, বহু] বি, পুং, কন্দর্প ; কুসুমেষু। ২। কুসুমশর ; কন্দর্পের পঞ্চ পুষ্পশর।

পুষ্পবিষ (ষ্‌) [বৈদ্যকে] বি, বেত্র, কাদম্ব, বল্লিজ, করম্ভ ও মহাকরম্ভ এই পাঁচপ্রকার বিষাক্ত পুষ্প।

পুষ্পভূষণ (—ন্‌) [পুষ্পের—ভূষণ—৬তৎ] বি, ফুলের ভূষণ ; পুষ্প দ্বারা রচিত অলঙ্কার। বিণ, **পুষ্পভূষিত**—পুষ্প দ্বারা অলঙ্কৃত।

পুষ্পমাস (শ্‌) [পুষ্প প্রধান যে মাস—কর্ম্মধা] বি. পুং, বসন্তকাল ; মধুমাস। ২। চৈত্রমাস।

পুষ্পরজঃ [পুষ্পের—রজ (ধূলি)—৬তৎ] বি, ক্লী, পরাগ ; পুষ্পগর্ভস্থ রেণু সমূহ।

পুষ্পরথ (থ্‌) বি, পুং, পুষ্পরথ ; কুবেরের রথ।

পুষ্পরস (শ্‌) [পুষ্পের (ফুলের) রস—৬তৎ] বি, পুং, মকরন্দ ; পুষ্পসার ; ফুলের মধু।

পুষ্পরাগ (গ্‌) [পুষ্পের (ফুলের) মত রাগ (বর্ণ) যাহার, বহু] বি, পুং, পীতবর্ণ মণি-বিশেষ ; পদ্মরাগমণি ; পোখরাজ।

পুষ্পরেণু (নু) [পুষ্পের (ফুলের) রেণু (ধূলি)—৬তৎ] বি, পুং, পুষ্পরজঃ ; পরাগ।

পুষ্পশকটী [সং] বি, স্ত্রী, আকাশবাণী।

পুষ্পশর (র্‌) [পুষ্প (ফুল) হইয়াছে শর (বাণ) যাহার, বহু] বি, পুং, মদন ; কাম-দেব। প্র—"দেখি পুষ্পশরে ক্রোধ হৈল হরে অটল অচল টলে।"—ভারতচন্দ্র। ২। ফুলবান ; মদনের পঞ্চবাণ।

পুষ্পশরাসন (—শন্) [পুষ্প (ফুল) হইয়াছে শরাসন (ধনু) যাহার, বহ্] বি, পুং, কামদেব ; কুসুমেষু ; মদন। ২। [পুষ্পের শরাসন, ৬তৎ] ফুলধনু। প্র—"ইন্দ্রের আজ্ঞায় রতিপতি ধায় পুষ্প শরাসন হাতে।" —অন্নদামঙ্গল।

পুষ্পশাক (ক্) [বৈদ্যকে] বি, লাউ, কুমড়া প্রভৃতি যে সকল লতার পুষ্পে ব্যঞ্জন প্রস্তুত হয়।

পুষ্পশূন্য (শুন্ন) [পুষ্প (ফুল) দ্বারা শূন্য (রহিত)—৩তৎ] বিণ, অপুষ্পক বৃক্ষ ; যে গাছে ফুল ধরে না ; ডুমুর গাছ।

পুষ্পসত্ব (শৎত) বি, ফুলের মধু। প্র—"গেলাম পুষ্পসত্ব আনিবারে।"—মহা (বিজয়)।

পুষ্পসময় (শময়) [পুষ্পের—সময় (কাল) —৬তৎ] বি, পুং, বসন্তকাল ; মধুমাস।

পুষ্পসার (শার্) [পুষ্পের (ফুলের) সার (স্থিরাংশ)—৬তৎ] বি, পুং, ফুলের মধু। ২। [পুষ্পের—সার (নির্য্যাস)] পুষ্পের নির্য্যাস। ৩। [সার (শ্রেষ্ঠার্থে)] তুলসী।

পুষ্পহীন (ন্) [পুষ্প দ্বারা হীন ৩তৎ] বিণ, ডুমুর বৃক্ষ। ২। ফুলশূন্য। স্ত্রী, **পুষ্পহীনা**—নিবৃত্তরজস্কা নারী। ৩। বন্ধ্যাস্ত্রী।

পুষ্পাজীব (ব্) [পুষ্প (ফুল) হইয়াছে আজীব (জীবিকা) যাহার, বহ্] বি, পুং পুষ্পব্যবসায়ী : মালাকার ; মালী।

পুষ্পাঞ্জলি [পুষ্পের অঞ্জলি) আঁজলা)—৬তৎ] বি, পুং, এক আঁজলা ফুল ; অঞ্জলিপূর্ণ পুষ্প।

পুষ্পাবচায়ী [পুষ্পাবচায়+ইন্ (কর্ত্তৃ—শীলার্থে, ণিন্)=পুষ্পাবচায়িন্ ১মা, ১ব] বি, পুং, পুষ্পাজীব। ২। বিণ, পুষ্পচয়নকারী।

পুষ্পার্ক [পুষ্প+অর্ক] বি, কেয়া ফুলের আরক ; সেঁউতী, গোলাপ, চম্পক, পদ্ম, বাসন্তী, চামেলী, যূথী, বকুল, কদম্বাদি পুষ্প কেতকী পুষ্পে আবৃত করিয়া যে আরক হয়।—বৈদ্যক।

পুষ্পাসব (—শব্) [পুষ্পের (ফুলের) আসব (মদ্য)—৬তৎ] বি, স্ত্রী, পুষ্পমধু ; মকরন্দ।

পুষ্পিত [পুষ্প+ইত (যুক্তার্থে)] বিণ, পুষ্পযুক্ত ; কুসুমিত। ২। [পুষ্প (বিকসিত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিকশিত ; প্রস্ফুটিত। ৩। স্ত্রী—**পুষ্পিতা**—পুষ্পবতী ; ঋতুমতী। প্র—"পুষ্পিতা যাবত নয় তাবত পুরুষে ভয় রহে সয়ে তাবত কামনা।"—কবিকঙ্কণ।

পুষ্পেষু [পুষ্প (ফুল) হইয়াছে ইষু (বাণ) যাহার, বহ্] বি, পুং, কুসুমেষু ; পুষ্পবাণ ; কন্দর্প ; কামদেব।

পুষ্পোৎসব (—শব্) [পুষ্প (স্ত্রীরজঃ) তৎ সম্বন্ধে উৎসব (আনন্দ)—৬ তৎ] বি, পুং, স্ত্রীলোকের প্রথম রজোদর্শন হেতু উৎসবানন্দ ; স্ত্রীআচারবিশেষ ; দ্বিতীয় বিবাহ। ২। কুসুমক্রীড়া।

পুষ্য (পুষ্্ষ) [পুষ্ (পোষণ করা)+য (কর্ত্তৃ—ক্যপ্)] বি, পুং, অশ্বিনী প্রভৃতি ২৭শ নক্ষত্রের মধ্যে ৮ম নক্ষত্র। ২। পৌষমাস। স্ত্রী, **পুষ্যা**—৮ম নক্ষত্র। **পুষ্যস্নান**—পৌষ মাসে চন্দ্র পুষ্যা নক্ষত্রে গমন করিলে যে যোগ হয় তাহাতে স্নান। ২। পুষ্যনক্ষত্র যোগে সিংহাসনে অভিষেক।

পুসিদা [ফা—পোশিদা] বি, গোপন। প্র—"মতিলাল একেবারে ভয়ভাঙ্গা হইল—বাপকে পুসিদা করা ক্রমে ক্রমে ঘুচিয়া গেল"—টেকচাঁদ।

পুস্ত [পুস্ত্ (বন্ধন করা)+অ (কর্ম্মে) যাহা বন্ধন করিয়া রাখা হয় প্রাচীনকালে পুস্তক বন্ধন করিয়া রাখা হইত এই জন্য ইহার অন্য নাম গ্রন্থ ; তুল—জর্ম্ম—band] বি, ক্লী, গ্রন্থ ; পুথি ; বহি ; পুস্তক। স্ত্রী, **পুস্তী**—ক্ষুদ্র পুস্তক।

পুস্তক (ক্) [পুস্ত (দ্রঃ)+ক (স্বার্থে)] গ্রন্থ ; বহি। স্ত্রী, **পুস্তিকা**—ক্ষুদ্র পুস্তক ; চটী ; booklet, pamphlet.

পুস্তকর্ম্ম [পুস্ত (লেপন) কর্ম্মন্=কর্ম্ম (কার্য্য) লেপনরূপ কার্য্য, কর্ম্মধা] বি, ক্লী, লেপন কার্য্য ; চিত্রকর্ম্ম।

পুস্তকর্ম্মা [পুস্ত (শিল্প) হইয়াছে কর্ম্ম (কার্য্য) যাহার, বহ্=পুস্তকর্ম্মন্ ১মা, ১ব] বি, পুং, চিত্রকর্ম্মকারী ; শিল্পী।

পুস্তকাগার (র্) [পুস্তকের আগার (গৃহ) —৬তৎ] বি, ক্লী, গ্রন্থাগার ; পুস্তকালয় ; লাইব্রেরী।

পুস্তা [প্রাদে] বি, ঠেস ; অবলম্বন। ২। পোস্তা ; জাঙ্গাল ; বাঁধ। ৩। [দপ্তরীদের ভাষায়] বই বাঁধিবার সময়ে বয়ের পিঠে আড়ভাবে যে মোটা সূতা যুক্ত করা হয় এবং সেলায়ের সূতা যাহাতে বদ্ধ থাকে।

পুস্তান (ন্) [প্রাদে] বি, পুস্তা ; ঠেস ; অবলম্বন। ২। সহায়। প্র—"ভঞ্জ ভুঁয়া ভুতুক ভবানীচন্দ্র ভান। পশ্চিমে পাঠান আদি যাহার পুস্তান।"—ঘনরাম।

পুহপ [সং—পুষ্প হইতে পা, প্রাকৃ—পুপ্ফ ; ব্রজ—পুহপ] বি, পুষ্প ফুল। প্র—"ধনি অলপ বয়সী বালা। জনু গাঁথনি পুহপ মালা॥" —বিদ্যাপতি।

পুহু—ক্রি-বিণ, পহু দ্রঃ। প্র—"বৈঠল পুহু তব ছোড়ি নিশোয়াস্।"—বিদ্যাপতি।

পূগ (গ্) [পূ (পবিত্র করা)+গ (করণে—গক্)] বি, গুবাক বৃক্ষ। ২। ক্লী, গুবাক ফল ; সুপারী। প্র—"কুচযুগ সম পূগ ঢাকিয়া দুকূলে।"—কাশী-মহা-আদি। ৩। পুঞ্জ ; রাশি ; সমূহ।

পূগকৃত [পূগ (রাশি) কৃত] বিণ, পুঞ্জীকৃত ;

পূগপাত্র (পূগ্পাৎত্র) [পূগ (গুবাক—গুবাকযুক্ত তাম্বুলের রস—ছেপ্) পাত্র] বি, ছেপ ফেলিবার আধার ; পিক্দান।

পূগফল (ল্) [পূগের (গুবাক বৃক্ষের) ফল, ৬তৎ] বি, ক্লী, গুবাক ; সুপারী।

পুঁজ, পূজ (জ্) [সং—পূয। তুল—ইং—pus] বি, ব্রণ-স্ফোটকাদির দূষিত রস ; ক্লেদ।

পূজক (ক্) [পূজি (পূজা করা)+অক (কর্ত্তৃ) যে পূজা করে] বিণ, পূজাকারী ; পূজাকারক ; উপাসক।

পূজন (ন্) [পূজি (পূজা করা)+অন (ভাবে —অনট্)] বি, ক্লী, অর্চ্চনা ; পূজা করা।

পূজনা [প্রাদে। প্রা-বাং] বি, পূজা ; পূজন ; অর্চ্চনা। প্র—"মৃদঙ্গ কাড়া বাজে ফুলর মালা সাজে আনন্দেতে ধর্ম্মর পূজনা।"—শূন্যপুরাণ।

পূজনীয় (পুজোনিও) [পূজ্+ণিচ্ (স্বার্থ) =পূজি+অনীয় (কর্ম্মে)] বিণ, পূজ্য ; আরাধ্য ; পূজার যোগ্য।

পূজয়িতা (জো) [পূজি+তৃ (কর্ত্তৃ—তৃচ্) ই আগম=পূজয়িতৃ ১মা, ১ব] বিণ, পূজাকারী ; পূজক। স্ত্রী, **পূজয়িত্রী**।

পূজরী (পূ্জোরি) [পূজারি দ্রঃ। গ্রা—পূজুরী] বি, দেব মন্দিরের পুরোহিত ; পূজক ব্রাহ্মণ।

পূজা [সং—পূজ্—পূজা করা। উ-পু—পূজি। ম-পু—পূজ ; পূজুন। প্র-পু—পূজে। অস-ক্রি—পূজিতে ; পূজিয়া। পূজে (সংক্ষেপে) ; পূজি (পদ্যে)] ক্রি, পূজা করা।

পূজা [সং—পূজ্=পূজা করা] বি, স্ত্রী, আরাধনা ; অর্চ্চনা ; উপাসনা। ২। সংমাননা ; সংবর্দ্ধনা। ৩। প্রশংসা ; গুণকীর্ত্তন। **পূজা অর্চ্চনা, পূজা অর্চ্চা**—একার্থক সহচর শব্দদ্বয় ; পূজাদি। পূজা—অর্চ্চা= পূজার্চ্চা তাহা হইতে গ্রাম্য—**পূজাচ্ছা, পূজাচ্চা**। **পূজা আহ্নিক**—পারমার্থিক নিত্যকর্ম্ম ; দৈনিক উপাসনা এবং ইষ্ট নাম জপাদি। **পূজা পার্ব্বন্**—পূজা এবং ধর্ম্মসম্বন্ধীয় ও সামাজিক উৎসব। **পূজাবাড়ী**—যে বাড়ীতে উৎসব হয় বা হইতেছে।

পূজারি, পূজারী [পূজা—কারী—সংক্ষেপে পূজাআরী] বি, দেবপূজক ব্রাহ্মণ ; দেবল ব্রাহ্মণ ; গৃহদেবতার নিত্য পূজাকারী ব্রাহ্মণ ; সেবাইত ব্রাহ্মণ।

পূজার্হ [পূজার অর্হ (যোগ্য)—৬তৎ] বিণ, পূজা পাইবার যোগ্য ; পূজ্য। ২। সম্মানিত ; সম্মানভাজন।

পূজিত [পূজ্ +ণিচ্ =পূজি+ত (কর্ম্মে—ক্ত) ই আগম, যাহাকে পূজা করা হইয়াছে] বিণ, অর্চ্চিত ; অর্হিত ; সৎকৃত। ২। সেবিত। ৩। আদরপ্রাপ্ত ; সমাদৃত। ৪। প্রশংসিত।

পূজিতব্য (পূজিতোব্ ব) [পূজি + তব্য (কর্ম্মে) যাহাকে পূজা করা কর্ত্তব্য। ই আগম] বিণ, পূজার যোগ্য ; পূজনীয় ; পূজ্য।

পূজিল, পূজিলা [পূজ দ্রঃ। বাং-পদ্যে] ক্রি, পূজা করিল ; অর্চ্চনা করিল। ২। সম্বর্দ্ধনা করিল।

পূজোৎসব (শব্) [পূজার উৎসব, ৬তৎ অথবা —পূজা রূপ উৎসব, কর্ম্মধা] বি, পূজা পর্ব্ব।

পূজোপহার (র্) [পূজার উপহার, ৬তৎ] বি, পূজার সময় প্রিয়জনকে আনন্দ, স্নেহ, ভক্তি, প্রীতি প্রভৃতির নিদর্শক যে উপহার দেওয়া হয় ; পূজা উপলক্ষে উপঢৌকন।

পূজ্য [পূজি্ +য (কর্ম্মে—ঘ্যণ্) যাহাকে পূজা করিতে হয়] বিণ, আরাধ্য ; পূজনীয়।

পূজ্যপাদ (পুজ্ জোপাদ্) [পূজ্য (পূজনীয়) পাদ (চরণ) যাঁহার—বহু] বিণ, যাঁহার চরণ পূজার্হ ; পূজনীয় ; পরম শ্রদ্ধাস্পদ।

পূজ্যমান (পুজ্জোমান্) [পূজি + আন (শ) (কর্ম্মে) য—ম্ আগম] বিণ, যাহাকে পূজা করা হইতেছে ; সেব্যমান।

পূট (ট্) বিণ, দ্রাবক ; যে পাত্রে স্বর্ণাদিধাতু গলান হয় ; মুছি।

পূড়াসুর (র্) [প্রাদে] বি, গ্রাম্যদেবতা-বিশেষ। প্র—"কোন খানে মনসা শীতলা ষষ্ঠীগণ। পূড়াসুর ঘাঁটু মহাকাল পঞ্চানন।"—অন্নদামঙ্গল।

পূণিম, পূণমি [সং—পূর্ণিমা শব্দের কোমল রূপ। ব্রজ] বি, পূর্ণিমা। প্র—"পূণমিক ইন্দু নিন্দি মুখ সুন্দর সো ভেল অব শশিরেহা।" —বিদ্যাপতি।

পূত [পূ (পবিত্র করা)+ত (কর্ম্মে—ক্ত) যাহাকে পবিত্র করা হইয়াছে] বিণ, পবিত্র। প্র—"উঠে বিন্দু ছটা ধুত ভুবন করয়ে পূত শিরোরুহ তপঃসত্যজন।"—কবি-কঙ্কণ। ২। সত্য। ৩। নির্ম্মল। ৪। [পূয় (দুর্গন্ধযুক্ত হওয়া)+ত (কর্ত্তৃ—যুক্তার্থে)] দুর্গন্ধযুক্ত ; পূতিগন্ধযুক্ত।

পূতকারী [পূত (পবিত্র) কারী (যে করে)] বিণ, যে পবিত্রতা জন্মায় ; পবিত্রকারী।

পূতক্রতু (পূতক্রোতু) [পূত (পবিত্র) হইয়াছে ক্রতু (যজ্ঞ) যাহার, বহু] বি, পুং, দেবরাজ ; ইন্দ্র।

পূতগন্ধ [পূত (পবিত্র) হইয়াছে গন্ধ যাহার—বহু] বি, পুং, বাবুই তুলসী।

পূতধান্য [পূত (পবিত্র) যে ধান্য (শস্য) —কর্ম্মধা] বি, ক্লী, তিল।

পূততৃণ (পুতৎতৃন) [পূত (পবিত্র) যে তৃণ—কর্ম্মধা] বি, ক্লী, শ্বেতকুশ।

পূতনা [পূত+ণিচ+পূতি (পবিত্র করান) +অন (কর্ত্তৃ) আপ্—স্ত্রী]। যে শরীর পবিত্র করায়] বি, স্ত্রী, হরীতকী। ২। বকাসুরের ভগিনী দানবীবিশেষ। প্র—"জয় গোপবালক বৎসপালক পূতনাবকনাশন।"—অন্নদা-মঙ্গল। ৩। শিশুরোগবিশেষ ; যে রোগে শিশু শুকাইয়া বা পাকাইয়া যায় ; পেঁচো পাওয়া রোগ।

পূতনারি [পূতনার (বকাসুর ভগিনীর) অরি (শত্রু)—৬তৎ। যিনি বকাসুর-ভগিনীকে বিনাশ করিয়াছেন] বি, পুং পূতনা-সূদন ; কৃষ্ণ।

পূতনী [সং। বৈদ্যকে] বি, পুং, পুদিনা নামক সুগন্ধযুক্ত ক্ষুদ্র পত্র শাকবিশেষ ; metha arvensis ; mentha viridis ; marshmint.

পূতফল (ল্) [পূত (পবিত্র) হইয়াছে ফল যাহার, বহু] বি, পুং পনস ; কাঁটাল।

পূতা [পূত+আপ্—স্ত্রী] বি, স্ত্রী, দূর্ব্বা। ২। বিণ, শুদ্ধা ; পবিত্রা।

পূতাত্মা (পুতাৎতাঁ) [পূত (পবিত্র) হইয়াছে আত্মা যাহার, বহু=পূতাত্মন্ ১মা, ১ব] বিণ, পুণ্যাত্মা ; পবিত্রাত্মা।

পূতি [পূ (পবিত্র করা) তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, পবিত্রতা। ২। [পূয় (দুর্গন্ধ হওয়া)+ তি (ভাবে—ক্তি) য লোপ] দুর্গন্ধ। ৩। বিণ, পূতিগন্ধযুক্ত ; দুর্গন্ধময়।

পূতিক (ক্) [পূতি (দুর্গন্ধ) + ক (যুক্তার্থে)] বি, ক্লী, বিষ্ঠা ; মল। ২। পুং, পূতিকরঞ্জ বৃক্ষ। (২) পুঁইশাক। ৩। [বৈজ্ঞা পরিঃ] ব্রোমাইন নাম উপধাতু।

পূতিকরঞ্জ [সং। হি—কট্‌করেঞ্জ ; কট্‌-করেঁজা] বি, পুং, নাটাকরঞ্জ গাছ ; guilandina bonduc, cæsalpina bonducella.

পূতিকর্ণ [আয়ুর্ব্বেদে] বি, কর্ণ রোগ-বিশেষ ; কাণে পুঁয হওয়া রোগ ; purulent otorrhoea.

পূতিকর্ণক (ক্) [পূতি (দুর্গন্ধ) হয় কর্ণে (কাণে) যাহা হইতে—বহু, ক যোগ] বি, পুং, কর্ণের পীড়াবিশেষ ; পূতিকর্ণ দ্রঃ।

পূতিকা [পূতি+ক (সংজ্ঞার্থে)—আপ্—স্ত্রী] বি, স্ত্রী, মার্জ্জারী ; বিড়ালী [প্র-অ]। ২। পূতিকরঞ্জ। ৩। পুঁইশাক।

পূতিকীট (ট্) [পূতি (দুর্গন্ধযুক্ত) যে কীট (পোকা)—কর্ম্মধা] বি, পুং, গন্ধযুক্ত কীট ; গঁধোপোকা।

পূতিকেশ্বরতীর্থ (থ্) বি, ক্লী, তীর্থবিশেষ।

পূতিগন্ধ [পূতি (দুষ্ট) যে গন্ধ—কর্ম্মধা] বি, পুং, কুৎসিত গন্ধ। প্র—"পূতিগন্ধ পাইলে মাছি পরিতোষ পেয়ে।"'—শিবায়ন। ২। [পূতি (দুষ্ট) গন্ধ যাহার, বহু] বিণ, দুর্গন্ধ যুক্ত ; কুৎসিত গন্ধবিশিষ্ট। ৩। বি, পুং, দুর্গন্ধ যুক্ত ধাতুবিশেষ ; গন্ধক। ৪। তাপসতরু ; ইঙ্গুদীগাছ। ৫। ক্লী, রঙ্গ।

পূতিনস্য (পুতিনোশ্ শ) [পূতি (দুর্গন্ধ) হয় নস্য (নাসারন্ধ্র) যাহা হইতে, বহু] বি, পুং, নাসিকারোগ ; ইহা হইলে নাসারন্ধ্র দুর্গন্ধ হয় ; ozoena.

পূতিবক্ত্র [পূতি (দুর্গন্ধময়) বক্ত্র (মুখ) যাহার, বহু] বিণ, দুর্গন্ধবিশিষ্ট আনন।

পূতিমাংস (শ) [পূতি (দুর্গন্ধ) মাংস] বি, পচা মাংস ; দুর্গন্ধযুক্ত মাংস ; গলিত মাংস।

পূতীক (ক্) [সং] বি, পুং, নাটাকরঞ্জ।

পূপ (প্) [পূ (পবিত্র করা) + প (সংজ্ঞার্থে)] বি, পুং, পিষ্টক। প্র—"যদি কিছু পাই পূপ আমে মসুরির সুপ আমসিতে প্রাণ পাই যেন।"—কবিকঙ্কণ। ২। রোটীকা।

পূপলা—বি, পাতলারুটী। ২। [পূপ (পিষ্টক) +লা (সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, ঘৃতপক্বপিষ্টক।

পূপাষ্টকা [পূপ দ্বারা যে অষ্টকা (শ্রাদ্ধ-বিশেষ)] বি, স্ত্রী, অগ্রহায়ণ মাসের পূর্ণিমার পর কৃষ্ণাষ্টমী তিথিতে পিষ্টক দ্বারা শ্রাদ্ধ।

পূব (ব্) [পূর্ব্ব শব্দজ। গ্রা] বিণ, পূর্ব্ব-দিকস্থ। প্র—"পূব পাড়া সন্ধ্যাকালে বেড়াইতে যেয়ে।"—কুসুম।

পূবে [পূর্ব্ব—শব্দজ। গ্রা] বি, পূর্ব্বদিকে। প্র—"সেই সুরু থেকে সূর্য্যি ঠাকুর উদয় হন পূবে"—রজনীসেন। ২। বিণ, পূর্ব্বদিকস্থ। প্র—পূবে হাওয়া।

পূয় [পূয় (দুর্গন্ধ হওয়া) + অ (সংজ্ঞার্থে) যে রক্ত দুর্গন্ধ (বিকৃত) করে] বি, ক্লী, পুঁজ ; স্ফোটকাদির ক্লেদ ; বিকৃতরক্ত।

পূয়রক্ত [পূয এবং রক্ত] বি, পুং, নাসারোগ-বিশেষ ; এই পীড়া হইলে নাসিকা হইতে সপুঁজ শোণিত নির্গত হয়। ২। সপুঁজ শোণিত।

পূয়ারি [পূয়ের (পুঁজের) অরি (নাশক)— ৬তৎ] বি, নিম্ববৃক্ষ ; উহার পত্রে পুঁজ নাশ করে।

পূয়োদ (দ্) [পূয (পুঁজ) হইয়াছে উদক (জল) যেখানে, বহু—উদক স্থানে উদ] বি, পুং, নিরয়বিশেষ।

পূর (র্) [পূর্ (পূর্ণ করা) + অ (করণে)] বি, পুং, বারিরাশি। ২। স্রোত ; প্রবাহ। ৩। রাশি ; সমূহ। ৪। ডালপুরী, কচুরী, পুলিপিঠা প্রভৃতির অভ্যন্তর ভাগ পূর্ণ করিবার দ্রব্য। প্র—"উড়ি চেলে গুঁড়ি কুটি সাজাইল পিঠা। ক্ষীরখণ্ড ছানা ননী পুর দিয়া মিঠা।" —ঘনরাম। ৫। [ভাবে—অল্] পরিপূরণ।

পূরক (ক্) [পূর্ (পূর্ণ করা) + অক (কর্ত্তৃ)] বিণ, যাহা দ্বারা গুণ করা যায় ; গুণক। ২। পূর্ণকারক। ৩। বি, পুং, প্রাণায়ামবিশেষ ; বাম নাসিকা দ্বারা প্রাণ বায়ু অন্তরে গ্রহণ।

পূরকপিণ্ড (র্) [স্মৃতিতে] বি, মরণাশৌচ কালে প্রদত্ত দশপিণ্ড।

পূরণ (ন্) [পূর্ (পূর্ণ করা) + অন (ভাবে —অনট্)] বি, ক্লী, পূর্ণ হওন। ২। বৃদ্ধি। ৩। [পূরি (পরিপূর্ণ করা) + অন (ভাবে— অনট্)] গুণন। ৪। পরিপূর্ণ করণ। ৫। [করণে—অনট্] পড়িয়ান। ৬। পুং, সেতু। ৭। সমুদ্র। ৮। বিণ, গুণক। ৯। পূর্ণ-কারক ; পূরক। স্ত্রী, পূরণী—শাল্মলীবৃক্ষ।

পূরয়িতা (পুরোইতা) [পূর্ (পূর্ণ করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) ই আগম=পূরয়িতৃ ১মা, ১ব] বিণ, পরিপূর্ণকারক ; পূরক।

পূরয়, পূরয়ে (য়্) [পূর+য়, য়ে (ক্রি-বিভক্তি—প্র-পু) পদ্যে] ক্রি, পূর্ণ করে। ২। পূর্ণ হয়। প্র—"পুলকে পূরয়ে অঙ্গ।"— চণ্ডীদাস। "হেরিলে পুলকে পূরয়ে কায় ; উথলে প্রেমবারি রে।"—ব্রহ্মসঙ্গীত।

পূরব—বিণ, পূর্ব্ব। প্র—"ফেরি আওলি তুহ পূরবক পুণে।"—বিদ্যাপতি। ২। ক্রি, পূরিবে ; পূর্ণ হইবে। প্র—"কতদিনে মনোরথ পূরব মোর।"—বিদ্যাপতি।

পূরব [সং—পূর্ব্ব শব্দের কোমলরূপ। পদ্যে। ব্রজ] বি, পূর্ব্ব। পূরবক—পূর্ব্বের। প্র— "হামারি আছল কত পূরবক ভাগি।"— বিদ্যাপতি। "পূরবক পুণে"—ঐ।

পূরল—পূর্ণ হইল। প্র—"গোরি দরশনে আশা না পূরল।"

পূরা [হি—পূরা। সং—পূর্ণ] বিণ, পরিপূর্ণ ; সম্পূর্ণ।

পূরা, পোরা [সং—পূ ধাতু (পূর্ণ করা) হইতে পূর্ণ তাহা হইতে পূর্+আ (ক্রি-বিভক্তি)। উ-পু—পূরি। ম-পু—পূর, পোর, পূরন্ ; পূর্ ; পোর্। প্র-পু—পূরে, পোরে ; পূরেন, পোরেন। অস-ক্রি—পূরিতে ; পূরিয়া ; পূরি ; (পদ্যে) ; পূরে (গ্রা)। ণিজন্ত—পূরান, পোরান (নো)] ক্রি, পূর্ণ করা ; ভরা। পরিপূর্ণ করা ; ছাপা ছাপি হওয়া। ২। ভিতরে প্রবেশ করান ; ঢুকান। প্র—অন্ন মুখে পূরা। ৩। কোন কিছুর ভিতর প্রবেশ করাইয়া বদ্ধ বা আটক করিয়া রাখা। প্র—তাহাকে ঘরে পূরিয়া রাখিয়াছে। বিড়ালটাকে থলের ভিতর পূরিয়া লইয়া গিয়াছে। ৪। আশা, আকাঙ্ক্ষা, অভাব, প্রার্থনা প্রভৃতি পূর্ণ হওয়া ; মিটা। প্র— "আশা না পূরিল"—বাং-গান। ৫। সম্পূর্ণ হওয়া। ৬। বায়ুপূর্ণ করা ; শব্দ করা ; বাজান। প্র—'মধুর মুরলী, পূরে বনমালী রাধা রাধা বলি গান।—চণ্ডীদাস। "পাঞ্চজন্য পূরিলেন আপনি শ্রীহরি"—কাশী-মহা-আদি।

পূরাইহ [প্রা-বাং। আধু-বাং—পূরাইও] ক্রি, পূর্ণ করিও। প্র—"জীবন রহিলে পূরাইহ কাম।"

পূরাণ (নো) [পূরা দ্রঃ। ণিজন্তরূপ। উ-পু —পূরাই। ম-পু—পূরাও ; পূরান্। পূরা। প্র-পু—পূরায় ; পূরান্। অস-ক্রি—পূরাইতে, পূরাইয়া, পূরিয়ে (গ্রা)] ক্রি, পূর্ণ করা ; ভরান।

পূরিকা [পূর+ইক (সংজ্ঞার্থে) আপ—স্ত্রী—ই আগম] বি, স্ত্রী, ময়দার ঠোসে মশলাযুক্ত ডাইল বাটা পূরিয়া যে ঘৃতপক্ক আহারীয় প্রস্তুত হয় ; ডালপুরী ; কচুরী ; রাধাবল্লভী লুচী

পূরিত [পূর্ (পূর্ণ করা) + ত (কর্ম্মে—ক্ত) যাহা পূর্ণ করা হইয়াছে] বিণ, পূর্ণিত ; পরিপূর্ণ ; ভরিত। প্র—"সংসার রাঙ্গা ফলে ভুলিব না আর ; সে যে পূরিত গরলে থাইলে কুফল ফলে।"—বাং-গান। ২। গুণিত।

পূরু [পূ (পূর্ণ করা) + উ (কর্ত্তৃ)] বি, পুং, জহ্নুমুনির পুত্র। ২। শর্ম্মিষ্ঠা গর্ভজ যযাতি রাজার পুত্র। ৩। বৈরাজমনুর পুত্র। ৪। রাক্ষসবিশেষ।

পূরুষ (ষ্) [পূর্ (পূর্ণ করা) + উষ (কর্ত্তৃ)] বি, পুং, পুরুষ দ্রঃ।

পূর্ণ [পূর্ (পরিপূর্ণ করা) + ত (কর্ম্মে—ক্ত) ত=ন] বিণ, সম্পূর্ণ ; পরিপূর্ণ। ২। সমাপ্ত। ৩। নিখুঁত ; সর্বাঙ্গ সম্পন্ন। ৪। অভাবহীন। ৫। সফল ; সিদ্ধ। বি, পূর্ণতা

পূর্ণককুদ্ (কোকুদ্) [পূর্ণ হইয়াছে ককুদ্ (ঝুঁটি) যাহার, বহু] বি, পুং, তরুণবয়স্ক বৃষ।

পূর্ণকল (ল্) [পূর্ণ (সম্পূর্ণ) কল (কলা-যুক্ত)] বিণ, কলাবিশিষ্ট ; ষোড়শাংশে পূর্ণিত।

পূর্ণকাম (ম্) [পূর্ণ (সফল) হইয়াছে কাম (বাসনা) যাহার, বহু] বিণ, সিদ্ধ মনোরথ ; সফলকাম। প্র—"হরি পূজি পূর্ণকাম কমলজ রে"—অন্নদামঙ্গল। "শুদ্ধ সত্য হিরণ্ময় মানস-পটে তাঁরে। নিরখিয়ে সচেতনে পূর্ণ-কাম হও রে।"—ব্রহ্মসঙ্গীত। স্ত্রী, পূর্ণ-কামা।

পূর্ণকুম্ভ [পূর্ণ (পূরিত) যে কুম্ভ (কলস)— কর্ম্মধা] বি, পুং, বারিপূর্ণ ঘট ; জলপূর্ণ কলস।

পূর্ণগর্ভা [পূর্ণ—গর্ভ যে স্ত্রীর—বহু] বিণ, স্ত্রী, যাহার গর্ভস্থ সন্তান পূর্ণাঙ্গ প্রাপ্ত হইয়াছে ; যাহার প্রসবকাল সন্নিকট হইয়াছে ; পূর্ণ গর্ভবতী।

পূর্ণচন্দ্র [পূর্ণ—চন্দ্র, কর্ম্মধা] বি, পূর্ণশশী ; পূর্ণিমার পঞ্চদশকলা-বিশিষ্ট চন্দ্র।

পূর্ণচ্ছেদ (দ্) [পূর্ণ—ছেদ, কর্ম্মধা] বি, পূর্ণ যতিপাত চিহ্ন ; দাঁড়ি ; সম্পূর্ণ বাক্যের পর পূর্ণশ্বাস ফেলিবার নির্দ্দেশক চিহ্ন ; full-stop . এই চিহ্ন ইংরেজীতে একটী বিন্দু মাত্র।

পূর্ণপরিবর্ত্তক (পূরনপোরিবরতক্) বি, জন্মাবধি সম্যকরূপে যাহাদের বহুবার দেহের পরিবর্ত্তন ঘটে ; পতঙ্গজাতীয় প্রাণী।

পূর্ণপাত্র (—পাৎত্র) [পূর্ণ (সম্পূর্ণ) যে পাত্র, কর্ম্মধা] বি, ক্লী, বস্তুপূর্ণ পাত্র। ২। হোমান্তে ব্রহ্ম দক্ষিণারূপ দেয় তণ্ডুলপূর্ণ পাত্র। ৪। জলপূর্ণ পাত্র। ৫। পুত্রাদির জন্ম উৎসব সময়ে পারিতোষিক বস্ত্রাদি।

পূর্ণবয়স্ক (বয়শ্ ক) [পূর্ণ—বয়স্ক, বহু] বিণ, যতদূর বৃদ্ধির সম্ভাবনা তাহা যে বয়সে সম্পূর্ণতা প্রাপ্ত হয় ; পূর্ণাঙ্গ ; সোমত্ত। স্ত্রী, পূর্ণবয়স্কা।

পূর্ণবিকাশ (শ্) [পূর্ণ—বিকাশ, কর্ম্মধা] বি, চরমবিকাশ ; চরমস্ফুরণ।

পূর্ণব্রহ্ম (ব্রোম্হ) [পূর্ণ—ব্রহ্ম, কর্ম্মধা] বি, অখণ্ড ব্রহ্ম। প্র—"প্রভু দয়ার অবতার অতুল গুণ নিধান পূর্ণব্রহ্ম অবিনাশী।"—ব্রহ্মসঙ্গীত।

পূর্ণমা [পূর্ণ (সম্পূর্ণ) হয় মা (চন্দ্র) যে তিথিতে, বহু] বি, স্ত্রী, পূর্ণিমাতিথি।

পূর্ণমাত্রা (মাৎত্রা) [পূর্ণ—মাত্রা, কর্ম্মধা] বি, অনংশিত পরিমাণ ; সম্পূর্ণ পরিমাণ।

পূর্ণমাস (শ্) [পূর্ণ (সম্পূর্ণ) হয় মাস (চান্দ্র মাস) যাহা দ্বারা, বহু] বি, পুং, পূর্ণিমা তিথি। ২। পূর্ণিমা তিথিতে অনুষ্ঠেয় যজ্ঞ-বিশেষ। স্ত্রী, পূর্ণমাসী—পূর্ণিমা।

পূর্ণযোগ (জোগ্) বি, পুং, বাহুযুদ্ধবিশেষ।

পূর্ণহোম (ম্) [পূর্ণ (সম্পূর্ণ) হয় হোম (যজ্ঞ) যাহা দ্বারা, বহু] বি, পুং, পূর্ণাহুতি।

পূর্ণা [পূর্ণ+আপ্ স্ত্রী] বি, স্ত্রী, পঞ্চমী, দশমী, অমাবস্যা ও পূর্ণিমা তিথি। ২। পরিপূর্ণা।

পূর্ণানন্দ [পূর্ণ (সম্পূর্ণ) আনন্দ যাহাতে বা যাহার, বহু] বি, পুং, আনন্দময় পরমেশ্বর। ২। পরম প্রীতি ; অত্যধিক হর্ষ। ৩। জনৈক তন্ত্রশাস্ত্র সঙ্কলয়িতা পণ্ডিত।

পূর্ণাবতার (র্) [পূর্ণ (সম্পূর্ণ) যে অবতার, কর্ম্মধা] বি, পুং, নৃসিংহ, রাম, শ্রীকৃষ্ণ এই তিনজন পূর্ণাবতার বলিয়া কথিত ; মত-বিশেষে শ্রীকৃষ্ণই পূর্ণাবতার।

পূর্ণাভিষেক (ক্) [পূর্ণ—অভিষেক, কর্ম্মধা] বি, পুং, তন্ত্রশাস্ত্রোক্ত কৌলিক অভিষেকবিশেষ।

পূর্ণায়ু [পূর্ণ (সম্পূর্ণ) আয়ুস্ (জীবনকাল) যাহার, বহু] বিণ, শতবর্ষজীবী। [প্রাচীন হিন্দুশাস্ত্রে মানবের পরমায়ু সাধারণতঃ শতবর্ষ পর্য্যন্ত বলিয়া উক্ত হইয়াছে]।

পূর্ণাশা [সং] বি, স্ত্রী, নদীবিশেষ। ২। [পূর্ণা—আশা] সফল মনোরথ ; পূর্ণাভিলাষ।

পূর্ণাহুতি [পূর্ণ—আহুতি] বি, পূর্ণহোম দ্রঃ

পূর্ণি [পৃ (পূরণ করা) + তি (ভাবে—ক্তি) পৃ = পূর্। তি = নি] বি, স্ত্রী, পূর্ত্তি ; সম্পূরণ [প্র, অ]।

পূর্ণিমা [পূর্ণি (সম্পূর্ণ) হয়—মা (চন্দ্রের পরিমাণ) যাহাতে, বহু] বি, স্ত্রী, পূর্ণিমা তিথি ; ইহাতে চন্দ্রের পূর্ণকলা হয়।

পূর্ণেন্দু [পূর্ণ (সম্পূর্ণ) যে ইন্দু (চন্দ্র) কর্ম্মধা] বি, পুং, পূর্ণশশী ; পূর্ণিমার চন্দ্র।

পূর্ণোপমা [পূর্ণ (সম্পূর্ণ) উপমা যাহা দ্বারা, বহু] বি, স্ত্রী, কাব্যালঙ্কারবিশেষ ; যে স্থলে উপমান, উপমেয় ও তাহাদের সাধারণ ধর্ম্ম এবং উপমাবাচক ন্যায়, প্রায়, যথা, মত, যেন, রূপ প্রভৃতি শব্দ উল্লিখিত হয় তথায় পূর্ণোপমা অলঙ্কার হয়। প্র—"মহিষী গর্ভোচিত কোমল শয্যায় শয়ন করিয়া আছেন, গর্ভে সন্তানের উদয় হওয়াতে মেঘাবৃত শশিমণ্ডল-শায়িনী রজনীর ন্যায় শোভা পাইতেছেন।"—কাদম্বরী। এখানে মহিষীর সহিত রজনীর গর্ভের সহিত মেঘের, পুত্রের সহিত চন্দ্রের উপমা "ন্যায়" এই উপমা বাচক শব্দ দ্বারা পূর্ণ হইয়াছে।

পূর্ত্ত [পৃ (পূরণ করা) + ত (কর্ম্মে—ক্ত), পৃ = পূর্] বি, ক্লী, জনসাধারণের জন্য বা হিতার্থ পুষ্করিণী, কূপ প্রভৃতি খনন ও পথ নির্ম্মাণাদি কার্য্য ; public works. প্র—"একটি প্রস্রবণের পূর্ত্ত-কৌশলও অনেকেই স্থির করিতে পারেন নাই।"—উপাসনা—পৃঃ ৪৩ ৬ষ্ঠবর্ষ। ২। কূপ, পুষ্করিণী, দীর্ঘিকা প্রভৃতি। ৩। পূরণ। ৪। পালন। ৫। [কর্ম্মে—ক্ত] বিণ, পূরিত। ৬। আচ্ছন্ন ; আচ্ছাদিত।

পূর্ত্তকর্ম্ম [পূর্ত্ত (দ্রঃ)—কর্ম্ম] বি, পূর্ত্ত সম্বন্ধীয় কার্য্য ; সাধারণের হিতার্থে পথ, খাত, কূপাদি নির্ম্মাণের কার্য্য ; public works.

পূর্ত্তবিভাগ (গ্) [পূর্ত্ত—বিভাগ] বি, পূর্ত্ত—সম্বন্ধীয় কর্ম্মবিভাগ ; যে কার্য্য বিভাগে বা দপ্তরের কর্ম্মচারিগণ দ্বারা জনসাধারণের হিতার্থে খাত, কূপ, পুষ্করিণী প্রভৃতি খনন, পথ, সেতু প্রভৃতি নির্ম্মাণ করা হয় ; Public Works Department ; Engineering Department.

পূর্ত্তি [পূর্ (পরিপূর্ণ করা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, পরিপূরণ ; সম্পূরণ ; ভরণ। **উদরপূর্ত্তি**—পেট ভরণ।

পূর্ব্ব [সং] বিণ, প্রাচীন ; পুরাকালীন। ২। আদি ; প্রথম। ৩। জ্যেষ্ঠ। ৪। ইতিবৃত্ত ; অতীত বৃত্তান্ত। ৫। পশ্চাদ্বর্ত্তী। ৬। প্রাচ্যদেশীয়। ৭। বি, পুং, পূর্ব্বপুরুষ। ৮। প্রাচী ; পূর্ব্বদিক।

পূর্ব্বক (ক্) [পূর্ব্ব—ক (ইহার স্বতন্ত্র প্রয়োগ নাই, অন্য পদের সহিত পূর্ব্ব শব্দের বহুব্রীহি সমাসে অন্তে ক যোগ হইয়া পূর্ব্বক পদ হয়, যথা—সম্মানপূর্ব্বক, হাস্যপূর্ব্বক ইত্যাদি)] ক্রি-বিণ, সহিত ; সহকারে। প্র—স্নেহপূর্ব্বক ; অনুগ্রহপূর্ব্বক, কৃপাপূর্ব্বক। ২। দ্বারা। প্র—বলপূর্ব্বক।

পূর্ব্বকথিত (কো) [পূর্ব্ব—কথিত] বিণ, প্রথমোক্ত ; পূর্ব্বোক্ত ; প্রথমে যাহার বিষয় বলা হইয়াছে।

পূর্ব্বকায় (য়) [পূর্ব্ব—কায় (কায়া—শরীর)] বি, মস্তক হইতে নাভি পর্য্যন্ত দেহ ; নাভির ঊর্দ্ধ ভাগ ; উত্তমাঙ্গ। ২। পূর্ব্বে যেরূপ দেহ ছিল : পূর্ব্ব শরীর।

পূর্ব্বকাল (ল্) [পূর্ব্ব—কাল] বি, অতীত কাল ; গত সময় ; প্রাচীন সময় ; পুরাকাল।

পূর্ব্বকালিক (ক্) [পূর্ব্বকাল + ইক (অস্ত্যর্থে)] বিণ, পূর্ব্বকালীন ; প্রাচীন কালের। ২। পূর্ব্বকাল জাত ; প্রাচীনকালে উৎপন্ন। ৩। পূর্ব্বকাল সাধ্য।

পূর্ব্বকালীন (ন্) বিণ, পূর্ব্বকালিক দ্রঃ।

পূর্ব্বকৃত [পূর্ব্ব (প্রথমে) কৃত (যাহা করা হইয়াছে)] বিণ, যাহা প্রথমে করা হইয়াছে ; পূর্ব্বানুষ্ঠিত। ২। পূর্ব্বজন্মে অনুষ্ঠিত। প্র—পূর্ব্বকৃত পাপের ফল ভোগ করা।

পূর্ব্বগামী [পূর্ব্বগামিন্ শব্দ] বিণ, অগ্রে গমনকারী ; অগ্রগামী ; অগ্রবর্ত্তী। ২। পূর্ব্বদিগ্‌গামী। স্ত্রী, **পূর্ব্বগামিনী**। বি, **পূর্ব্বগামিত্ব**

পূর্ব্বজ [পূর্ব্ব (প্রথম) জ (যে জন্মে)] বি, পুং, পিতৃ-পিতামহাদি। ২। অগ্রে যাহার জন্ম হইয়াছে ; অগ্রজ ; জ্যেষ্ঠ ভ্রাতা। ৩। চন্দ্রলোকস্থ পূর্ব্বপুরুষ। স্ত্রী, **পূর্ব্বজা**—জ্যেষ্ঠা ভগিনী।

পূর্ব্বজন্ম [পূর্ব্বে (প্রথমে) জন্ম (উৎপত্তি) যাহার, বহু = পূর্ব্বজন্মন্ ১মা, ১ব] বি, পুং, পূর্ব্বজ। ২। গতজন্ম। স্ত্রী, **পূর্ব্বজন্মা**

পূর্ব্বজন্মলব্ধ [পূর্ব্ব—জন্মে—লব্ধ] বিণ, পূর্ব্বজন্মার্জ্জিত।

পূর্ব্বজন্মার্জ্জিত [পূর্ব্বজন্মে—অর্জ্জিত, ৭তৎ] বিণ, পূর্ব্বজন্মে অনুষ্ঠিত কর্ম্মের ফলস্বরূপ প্রাপ্ত ; পূর্ব্বজন্মলব্ধ।

পূর্ব্বজিন (ন্) [পূর্ব্ব (প্রথম) জিন (জৈন-গুরু) কর্ম্মধা] বি, পুং, পূর্ব্বাবধীয় জৈনধর্ম্ম-প্রবর্ত্তক চতুর্বিংশতি মুনিবিশেষ ; মঞ্জুঘোষ।

পূর্ব্বজীবন (ন্) [পূর্ব্ব—জীবন, কর্ম্মধা] বি, অতীতজীবন ; গতজীবন ; পূর্ব্ববর্ত্তী জীবন-কাল। ২। পূর্ব্বজন্ম।

পূর্ব্বজ্ঞান (পূর্ব্বোগ্‌গ্যান্) [পূর্ব্ব—জ্ঞান, কর্ম্মধা] বি, পূর্ব্বাবগতি। ২। পূর্ব্বজন্মা-

পূর্ব্বতন (ন্) [পূর্ব্ব (পূর্ব্বকাল) + তন (ভবার্থে)] বিণ, পূর্ব্বকালীন ; পূর্ব্বকালের ; আগেকার।

পূর্ব্বদক্ষিণ (—দোক্‌খিন্) বি, পূর্ব্বদিক্ ও দক্ষিণ দিকের মধ্যবর্ত্তী কোণ ; অগ্নিকোণ।

পূর্ব্বদক্ষিণা (দো, না) বি, অগ্নিকোণ।

পূর্ব্বদশা [পূর্ব্ব—দশা, কর্ম্মধা] বি, পূর্ব্বাবস্থা।

পূর্ব্বদিক (ক্) [পূর্ব্ব—দিক— কর্ম্মধা] বি, যে দিকে সূর্য্য উদয় হয় ; প্রাচী ; the East.

পূর্ব্বদিক্‌পতি (দিক্‌পোতি) [পূর্ব্ব—দিশ্ ১মা, ১ব = পূর্ব্বদিক্ তাহার পতি (প্রভু)—৬তৎ] বি, পুং, পূর্ব্বদিগধিপতি ; পূর্ব্বদিক্-পাল ; ইন্দ্র।

পূর্ব্বদৃষ্ট (ষ্টো) [পূর্ব্ব—দৃষ্ট, ৭তৎ] বিণ, প্রথম যাহাকে দেখা হইয়াছে ; অগ্রে লক্ষিত।

পূর্ব্বদৃষ্টি [পূর্ব্ব—দৃষ্টি, কর্ম্মধা] বি, ভবিষ্যদ্‌দৃষ্টি। ২। পূর্ব্বসাবধান।

পূর্ব্বদেব (ব্) [পূর্ব্ব (প্রথম) যে দেব কর্ম্মধা, কিম্বা পূর্ব্বের (পূর্ব্বকালের) দেব—৬তৎ] বি, পুং, দৈত্য ; দানব ; অসুর। [দ্রঃ—দিতির পুত্র দৈত্যগণ অদিতিনন্দন দেবতা-দিগের জ্যেষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতা। তাঁহারাও দেবতা কিন্তু প্রকৃতি ও আচরণ দ্বারা পরে সুরবিরোধী বা অসুর পদবাচ্য হন এইজন্য পূর্ব্বদেব। তুল, বাইবেলোক্ত সয়তান (satan যিনি পূর্ব্বে দেবতা, angel ছিলেন)]।

পূর্ব্বদেশ (শ্) [পূর্ব্ব—দেশ, কর্ম্মধা] বি, পূর্ব্বদিকে অবস্থিত ভূভাগ ; প্রাচ্যদেশ ; যে দিকে সূর্য্যোদয় হয় সেই দিকে অবস্থিত ভূভাগ।

পূর্ব্বদেশীয় [পূর্ব্ব—দেশ—নীয় (ভব, জাত ইত্যাদি অর্থে)] বিণ, পূর্ব্বদেশজাত ; প্রাচ্য-দেশীয়। ২। প্রাচ্য ; পূর্ব্বদেশবাসী। স্ত্রী, **পূর্ব্বদেশীয়া**।

পূর্ব্বদেহ—বি, পূর্ব্বকায় দ্রঃ।

পূর্ব্বধন (ন্) [পূর্ব্ব—ধন] বি, সঞ্চিত ধন ; পূর্ব্বার্জ্জিত ধন।

পূর্ব্বনির্দ্ধারণ (ন্) বি, পূর্ব্ব হইতে নিরূপণ।

পূর্ব্বনিপাত (ত্) [পূর্ব্বে—নিপাত, ব্যাকরণে] বি, সমস্ত পদের প্রথমে ন্যস্ত পদ।

পূর্ব্বনিরূপণ, পূর্ব্বনির্ণয় (ন্) পূর্ব্বনির্দ্ধারণ দ্রঃ।

পূর্ব্বপক্ষ (—পোক্‌খ) [পূর্ব্ব (প্রথম) যে পক্ষ, কর্ম্মধা] বি, পুং, শুক্লপক্ষ। ২। অভিযোগ। ৩। প্রশ্নকারী ব্যক্তি। প্র—"পূর্ব্বপক্ষ কহে তোমার ভাল ত ব্যাখ্যান্।"—চৈতন্যচরিত। ৪। [তর্কশাস্ত্রে] প্রশ্ন। প্র—"পূর্ব্বপক্ষ করে সাধু সভা বিদ্যমানে। আপনি দনাই ওঝা করে সমাধানে॥"—কবিকঙ্কণ।

পূর্ব্বপরিচিত (পো) [পূর্ব্ব—পরিচিত] বিণ, পূর্ব্ব হইতে জানিত ; পুরাতন আলাপী ; পূর্ব্বে যাহার সহিত আলাপ পরিচয় হইয়াছে।

পূর্ব্বপরিত্যক্ত (—পোরিৎতক্‌ত) বিণ, পূর্ব্ব বা প্রথম হইতে যাহা বা যাহাকে পরিত্যাগ করা হইয়াছে।

পূর্ব্বপর্ব্বত (ত্) [পূর্ব্ব (পূর্ব্বদিকে স্থিত) যে পর্ব্বত—কর্ম্মধা] বি, পুং, উদয় পর্ব্বত ; উদয়াচল।

পূর্ব্বপুরুষ (ষ্) [পূর্ব্ব—পুরুষ] বি, পূর্ব্বগামী বংশপ্রবর্ত্তক ; বংশের আদি পুরুষ। বিণ, পূর্ব্বপুরুষীয়।

পূর্ব্বপ্রচলিত (প্রোচো) বিণ, পূর্ব্ব হইতে বা অগ্রে যাহার প্রচলন হইয়াছে ; পূর্ব্বে প্রবর্ত্তিত।

পূর্ব্বফল্গুনী [পূর্ব্ব (প্রথম) ফল্গুনী (নক্ষত্রবিশেষ)] বি, স্ত্রী, সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত খট্টাকৃতি দুইটী তারা বিশিষ্ট একাদশ নক্ষত্র।

পূর্ব্ববঙ্গ—বি, বাঙ্গালা দেশের পূর্ব্বাংশ।

পূর্ব্ববৎ [পূর্ব্ব+বৎ (তুল্যার্থে—বতু)] অ, পূর্ব্বের ন্যায় ; আগেকার মত ; পূর্ব্বে যেরূপ ছিল বা হইত।

পূর্ব্ববয়ঃ (বয়) [পূর্ব্ব (প্রথম)—বয়স্, কর্ম্মধা, বয়স্=বয়ঃ] বি, প্রথম বয়স ; বাল্য।

পূর্ব্ববর্ণিত (—বোর্‌নিত) বিণ, প্রথমে কথিত ; পূর্ব্বে বিবৃত ; পূর্ব্বোল্লিখিত।

পূর্ব্ববর্ত্তী (বোর্‌তি) [পূর্ব্ব—বৃৎ (অবস্থান করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=পূর্ব্ববর্ত্তিন্ ১মা, ১ব] বিণ, অগ্রসর ; পূর্ব্বস্থিত। বি, পূর্ব্ববর্ত্তিতা। স্ত্রী, পূর্ব্ববর্ত্তিনী।

পূর্ব্ববাদ (দ্) [পূর্ব্ব (প্রথম) যে বাদ (কথন) কর্ম্মধা] বি, পুং, প্রথম বাক্য। ২। প্রথম নালিস ; প্রথম অভিযোগ।

পূর্ব্ববাদী [পূর্ব্ব (প্রথম) বদ্ (বলা)+ইন্ (কর্ত্তৃ, ণিন্)=পূর্ব্ববাদিন্ ১মা, ১ব] বি, পুং, প্রথম অভিযোগকারী ; বাদী।

পূর্ব্বভাদ্রপদ (—ভাদ্রোপদ্) [পূর্ব্ব (প্রথম) ভাদ্রপদ (নক্ষত্র)] বি, পুং, সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত পঞ্চদশ নক্ষত্র। স্ত্রী, পূর্ব্বভাদ্রপদা।

'ব (ব্) [পূর্ব্ব—ভাব] বি, পূর্ব্বের প্রকৃতি ; পূর্ব্বাবস্থা।

পূর্ব্বমত (ত্) বি, পূর্ব্বের বা আগেকার অভিমত বা ধারণা।

পূর্ব্বমীমাংসা (শা) বি, জৈমিনি মুনি প্রবর্ত্তিত দর্শনশাস্ত্রবিশেষ।

পূর্ব্বরঙ্গ [পূর্ব্ব—রঙ্গ (নাট্যাদি)] বি, পুং, নাট্যাভিনয়ের উপক্রম ; প্রস্তাবনা। ২। রঙ্গালয়। ৩। শ্রীকৃষ্ণের প্রথম প্রেমানুরাগ। প্র—"কীর্ত্তনিয়াগণ সঙ্গে গান করে নানারঙ্গে বাল্য গোষ্ঠ দান বেশ রাস। পূর্ব্বরঙ্গ রসোদ্গার মাথুর বিরহ আর হরিভক্তি যাহাতে প্রকাশ।"—অন্নদামঙ্গল।

পূর্ব্বরাগ (গ্) [পূর্ব্ব (প্রথম) রাগ (অনুরাগ)] বি, পুং, প্রথমানুরাগ ; নায়ক নায়িকার পরস্পর দর্শন বা শ্রবণাদি দ্বারা প্রথম অনুরাগভাব।

পূর্ব্বরাত্র [পূর্ব্ব (প্রথম) যে রাত্রি, কর্ম্মধা, রাত্রি=রাত্র] বি, পুং, রাত্রির প্রথমভাগ।

পূর্ব্বরাত্রি (রাৎত্রি) বি, গত রজনী।

পূর্ব্বরূপ (প্) [পূর্ব্ব (প্রথম) যে রূপ (গঠন)] বি, ক্লী, পূর্ব্ব আকৃতি। ২। পূর্ব্বের মত ; পূর্ব্বের ন্যায়। ৩। অর্থালঙ্কারবিশেষ। ৪। পূর্ব্বলক্ষণ।

পূর্ব্বলক্ষণ (লোক্‌খন্) [পূর্ব্ব (প্রথম) যে লক্ষণ (চিহ্ন)—কর্ম্মধা] বি, ক্লী, ভাবিবিষয়ের প্রথম চিহ্ন ; প্রথম সূচনা।

পূর্ব্বশৈল [পূর্ব্ব (প্রাচ্য—দেশীয়) যে শৈল (পর্ব্বত)—কর্ম্মধা] বি, পুং, উদয়াচল ; উদয়গিরি।

পূর্ব্বসংস্কার (শংশ্‌কার্) [পূর্ব্বের সংস্কার ৬তৎ অথবা পূর্ব্ব (পূর্ব্বজন্মার্জ্জিত) সংস্কার—ম, প, লো কর্ম্মধা] বি, পূর্ব্বজন্মের স্মৃতি হেতুক মনোবৃত্তি ; পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মজনিত গুণ, প্রবৃত্তি ও ধারণা। ২। পুরাতন ধারণা।

পূর্ব্বসাহস (—শাহশ্) [স্মৃতিতে] বি, পারদারিকের রাজদণ্ডবিশেষ।

পূর্ব্বা [পূর্ব্ব দ্রঃ, স্ত্রী—আপ] বি, স্ত্রী, জ্যেষ্ঠা ; প্রথমা।

পূর্ব্বাচরিত (চো) [পূর্ব্ব+আচরিত] বিণ, পূর্ব্বকৃত ; পূর্ব্বানুষ্ঠিত।

পূর্ব্বাচল (ল্) [পূর্ব্ব+অচল] বি, উদয় গিরি।

পূর্ব্বাদ্রি (পূর্ব্বাদদ্) [পূর্ব্ব (পূর্ব্বদিকে স্থিত) যে অদ্রি (পর্ব্বত)—কর্ম্মধা] বি, উদয় পর্ব্বত ; উদয় গিরি।

পূর্ব্বাধিকার (র্) [পূর্ব্ব+অধিকার] বি, পূর্ব্বায়ত্তি ; প্রথমাধিকার। বি, পূর্ব্বাধিকারী।

পূর্ব্বানুরাগ (গ্) [পূর্ব্ব+অনুরাগ] বি, প্রেমের প্রথম সঞ্চার ; প্রথম ভাববন্ধন। ২। পূর্ব্বের প্রীতি ; পূর্ব্ব সোহাগ ; পুরাতন প্রণয়।

পূর্ব্বাপর (র্) [পূর্ব্ব এবং অপর—দ্বন্দ্ব] বিণ, আনুপূর্ব্বিক ; আগাগোড়া।

পূর্ব্বাপেক্ষা [পূর্ব্ব+অপেক্ষা] অ, পূর্ব্ব হইতে উৎকর্ষাপকর্ষবোধক ; আগেকার চেয়ে।

পূর্ব্বাবধি (—বোধি) [পূর্ব্ব+অবধি] পূর্ব্ব হইতে ; আগে থেকে ; প্রথম হইতে।

পূর্ব্বাবস্থা [পূর্ব্ব+অবস্থা] বি, পূর্ব্বদশা ; প্রথমাবস্থা ; আগেকার দশা।

পূর্ব্বাভ্যাস (পুর্‌বাভ্‌ভ্যাশ্) [পূর্ব্ব+অভ্যাস] বি, আগেকার স্বভাব। ২। পূর্ব্ব প্রথা।

পূর্ব্বার্দ্ধ্য (পুর্বার্ধ) [পূর্ব্বার্দ্ধ+য (জাতার্থে যৎ)] বিণ, প্রথমার্দ্ধে উৎপন্ন। ২। পূর্ব্বার্দ্ধ

পূর্ব্বাশা [পূর্ব্ব (প্রথম) যে আশা (দিক্)—কর্ম্মধা] বি, স্ত্রী, পূর্ব্বদিক ; প্রাচী। প্র—"ফুল-কুল-সখী-ঊষা যখন খুলিবে পূর্ব্বাশার হৈমদ্বার পদ্মকর দিয়া।"—মেঘনাদ।

পূর্ব্বাষাঢ়া [পূর্ব্ব (প্রথম) আষাঢ়া (নক্ষত্র) কর্ম্মধা] বি, স্ত্রী, সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত বিংশা নক্ষত্র।

পূর্ব্বাহ্ণ (পুর্বান্‌হ) [পূর্ব্ব (প্রথম) যে অহন্ (দিন) —কর্ম্মধা কিম্বা অহন্ (দিনের)—পূর্ব্ব (পূর্ব্ব ভাগ) ৬তৎ, অহন্=অহ] বি, পুং, দিবসের প্রথম ভাগ ; ১০ দণ্ড।

পূর্ব্বাহ্ণিক (পুর্বান্‌হিক্) [পূর্ব্বাহ্ণ+ইক সাধনার্থে—ঞিক)] বিণ, পূর্ব্বাহ্ণসাধ্য। ২। পূর্ব্বাহ্ণ সম্বন্ধীয়।

পূর্ব্বোক্ত [পূর্ব্ব (প্রথম) উক্ত (কথিত)—কর্ম্মধা] বিণ, পূর্ব্বকথিত ; প্রথমে যে বিষয় বা যাহার বিষয় বলা হইয়াছে ; পূর্ব্বোল্লিখিত।

পূর্ব্বোত্তর (র্) [পূর্ব্ব+উত্তর] বি, পূর্ব্ব এবং উত্তর দিকের মধ্যবর্ত্তী ; পূর্ব্বোত্তর কোণ।

পূর্ব্বোদ্ধৃত [পূর্ব্ব+উদ্ধৃত] বিণ, পূর্ব্বে উদ্ধৃত ; পূর্ব্বসমাহৃত।

পূল (ল্) [প্রাদে] বি, পুং, রাশি। ২। পুলি পিঠা। ৩। পাত্রবিশেষ।

পূলি, পূলিকা—বি, স্ত্রী, পুলি পিঠা।

পূষা [পুষ্ (পোষণ করা) + অন্ (কর্ত্তৃ) = পূষন্ ১মা, ১ব] বি, পুং, সূর্য্য। প্র—"প্রভাতে প্রসন্ন আশা প্রকাশ পাইলে পূষা"—ঘনরাম। ২। স্ত্রী, পৃথিবী।

পূষাত্মজ [পূষার (আত্মজ)—৬তৎ] বি, পুং, মেঘ। ২। ইন্দ্র।

পৃ—সংস্কৃত প্রাদি শব্দের "প্র" স্থলে গ্রাম্য ব্যবহারে "পৃ"। যথা—প্রয়োজন স্থলে পৃয়োজন। প্র—"আজ্ঞা কর গোসাই কোন পৃয়োজন।"—শূন্যপুরাণ।

পৃক্ত [পৃচ্ (সংলগ্ন হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, যুক্ত; সংলগ্ন; ২। মিশ্রিত। ৩। সম্পর্কবিশিষ্ট; সম্পৃক্ত। বি, **পৃক্তি**।

[প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা) + অ (ভাবে —অঙ্) প্রচ্ছ = পৃচ্ছ—আপ্, স্ত্রী] বি, স্ত্রী, প্রশ্ন; জিজ্ঞাসা।

পৃতনা [পৃ (পূর্ণ করা) + তন (কর্ত্তৃ)—আপ্ স্ত্রী] বি, স্ত্রী, সৈন্যদল; ১২১৫ পদাতি, ৭২৯ অশ্ব, ২৪৩ হস্তী ও ২৪৩ রথে এক পৃতনা হয়।

পৃথক্ [পৃথ্ (ক্ষেপণ করা) + অক্ (কর্ম্মে—কক্)] অ, অন্য; ভিন্ন; আলাদা। ২। স্বতন্ত্র। **পৃথক্ পৃথক্**—স্বতন্ত্র স্বতন্ত্র। ২। ছাড়া ছাড়া; দূরে দূরে। ৩। ভিন্ন ভিন্ন; রকম রকম।

পৃথকীকরণ (ন্) [পৃথক + ঈ (চ্বি) করণ] বি, যাহা যুক্ত বা মিলিত ছিল তাহাকে বিযুক্ত করণ। বিণ, পৃথকীকৃত।

পৃথকীকৃত (পৃথকীক্কৃত) বিণ, বিযুক্ত; বিচ্ছিন্ন।

পৃথক্করণ (ন্) [পৃথক—করণ] বি, স্বতন্ত্রকরণ; মিলিত অবস্থা হইতে বিযুক্তকরণ। বিণ, **পৃথক্কৃত**।

পৃথক্‌ক্ষেত্র (—খেৎত্র) [পৃথক্ (ভিন্ন) হইয়াছে ক্ষেত্র (উৎপত্তি স্থান) যাহার, বহু] বি, পুং, এক-পিতৃক কিন্তু ভিন্ন-মাতৃক সন্তান; এক পিতার ঔরসজাত কিন্তু সহোদর নহে এরূপ সন্তান।

পৃথক্ত্ব (পৃথকত্ত) [পৃথক্ + ত্ব (ভাবে)] বি, ক্লী, স্বাতন্ত্র্য; ভিন্নতা; অন্যত্ব। ২। [বৈশেষিক দর্শন] ভেদবুদ্ধি প্রতিপাদক গুণ নব্যন্যায়ে বিশেষ।

পৃথক্‌পিণ্ড [পৃথক—পিণ্ড] বিণ, যে সপিণ্ড নহে; অসপিণ্ড; মৃতাশৌচ বহন করিতে হয় এরূপ জ্ঞাতি যে নহে।

পৃথগন্ন [পৃথক্ + অন্ন] বিণ, এক বাড়ীতে বা পরিবারের মধ্যে বাস অথচ একান্নবর্ত্তী নহে; যাহার অন্নপাকের বন্দোবস্ত স্বতন্ত্র।

পৃথগাত্মতা (পৃথগাৎতঁতা) [পৃথক্ (ভিন্ন) আত্মন্ (স্বভাব) যাহার, বহু = পৃথগাত্মন্ + তা (ভাবে)] বি, স্ত্রী, স্বাতন্ত্র্যভাব; ইতরবিশেষ বোধ। ২। বিরক্তি; বিরাগ।

পৃথগাত্মা [পৃথক্—আত্মা] বিণ, স্বতন্ত্র প্রকৃতিবিশিষ্ট; ভিন্নস্বভাব।

পৃথগ্‌গুণ (ন্) [পৃথক্—গুণ, কর্ম্মধা] বি, স্বতন্ত্রগুণ; বিভিন্নগুণ। ২। বিশিষ্টগুণ।

পৃথগ্‌জন (ন্) [পৃথক্ (ভিন্ন) যে জন (লোক)—কর্ম্মধা] বি, পুং, ইতরজন: নীচ-ব্যক্তি। ২। মূর্খ। ৩। অন্যলোক; স্বতন্ত্র ব্যক্তি।

পৃথগ্‌ভাব (ব) [পৃথক্—ভাব, কর্ম্মধা] বি, স্বাতন্ত্র্য। ২। বিশেষত্ব।

পৃথগ্বিধ [পৃথক্—বিধা (প্রকার) যাহার, বহু] বিণ, অন্যবিধ; বিভিন্ন প্রকার; বিবিধ।

পৃথা [প্রথ্ (বিখ্যাত হওয়া) + অ (কর্ত্তৃ—অন্ আপ্, স্ত্রী)] বি স্ত্রী, যদুবংশীয় বসুদেবের ভ্রাতুষ্পুত্রী; শূরসেনের কন্যা ও পাণ্ডুরাজপত্নী। শূরসেন, স্বীয় পিতৃষ্বসার পুত্র অনপত্য কুন্তিভোজের নিকট প্রতিজ্ঞা করেন যে, তাঁহার প্রথম সন্তানকে তাঁহাকে প্রদান করিবেন। তদনুসারে শৈশবাবস্থা হইতে পৃথা কুন্তিভোজের দ্বারা পালিতা হন ও তদনুসারে কুন্তি নামে খ্যাত হন। ২। ব্রাহ্মণীবিশেষ। **পৃথানন্দন পৃথাপুত্র, পৃথাসুত**—কুন্তীপুত্র; যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন।

পৃথিবী [প্রথ্ (বিখ্যাত হওয়া) + ইব (কর্ত্তৃ —কিবন্) প্র = পৃ] বি, স্ত্রী, ভূমণ্ডল; অবনী; the earth. ২। ভূমি। ৩। [পৃথু রাজার অধিকৃত রাজ্য বলিয়া] ভারতবর্ষ। [দ্রঃ —"পৃথিবী মধ্য রেখা চ নর্ম্মদা পরিকীর্ত্তিতা।" নর্ম্মদা নদী পৃথিবীর মধ্যরেখা) বলিয়া উক্ত হইয়াছে কারণ ইহা আর্য্যাবর্ত্ত ও দক্ষিণাপথ দুইভাগে বিভক্ত করিয়াছে। পৌরাণিক ভূগোলে পৃথিবী ত্রিকোণাকৃতি বলিয়াও উক্ত। ইহাও পূর্ব্বে ভারতবর্ষকে পৃথিবী বলিত তাহার প্রমাণ]।

—বীতল (ল্) [পৃথিবী—তল, ৬তৎ] বি, ভূতল ধরাপৃষ্ঠ।

পৃথিবীপতি (পো) [পৃথিবীর পতি—৬তৎ] বি, ধরাপতি; ভূপতি; রাজাধিরাজ।

পৃথিবীপাল (ল্) [পৃথিবীর—পাল (পালক)] বি, পৃথিবীর পালনকর্ত্তা; ভূপাল; রাজা।

পৃথিবীমণ্ডল (—মোনডল্) [পৃথিবী—মণ্ডল সদৃশ, উপমিত কর্ম্মধা] বি, সমগ্র পৃথিবী;

পৃথিবীময় (য়) [পৃথিবী—ময়ট্] বিণ, সমস্ত পৃথিবীব্যাপী; ধরাব্যাপী; ভুবনবিস্তারী।

পৃথু [প্রথ্ (বিখ্যাত হওয়া) + উ (কর্ত্তৃ—কু—সংজ্ঞার্থে)] বি, পুং বেণরাজার পুত্র; ইহার দ্বারা পৃথিবীমণ্ডল প্রথিত হইয়াছিল বলিয়া পৃথু নামে খ্যাত। ২। বিণ, স্থূল; মোটা। ৩। বিশাল; বিস্তৃত। ৪। দীর্ঘ; লম্বা।

পৃথুক (ক্) [পৃথু + ক (সংজ্ঞার্থে)] বি, পুং, শিশু; শাবক। ২। ক্লী, চিপিটক; চিঁড়ে।

পৃথুগ্রীব (পৃথুগ্‌গ্রিব) [পৃথু (স্থূল—দীর্ঘ) গ্রীবা যাহার, বহু] বিণ, দীর্ঘ বা স্থূল গ্রীবাযুক্ত।

পৃথুনিতম্ব [পৃথু (স্থূল) নিতম্ব (পাছা) যাহার—বহু] বিণ, যাহার নিতম্বদেশ বা পাছা মাংসল বা বিস্তৃত। স্ত্রী, **পৃথুনিতম্বা; পৃথুনিতম্বিনী**।

পৃথুবক্ত্র [পৃথু (বিস্তৃত) হইয়াছে বক্ত্র (বদন) যাহার, বহু] বিণ, যাহা মুখের আয়তন দীর্ঘ বা বিস্তৃত। স্ত্রী, **পৃথুবক্ত্রা**—মাতৃকাবিশেষ।

পৃথুরোমা [পৃথু (দীর্ঘ) হইয়াছে রোমন্ (লোম—আঁইষ) যাহার, বহু = পৃথুরোমন ১মা, ১ব] বি, দীর্ঘ লোমযুক্ত; লোমশ। ২। মৎস্য।

পৃথুল (ল্) [পৃথু + ল (অস্ত্যর্থে)] বিণ, স্থূল। ২। বিশাল; বিস্তৃত।

পৃথুলাক্ষ [পৃথুল (বিস্তৃত) হইয়াছে অক্ষি (চক্ষু) যাহার, বহু, অক্ষি = অক্ষ] বিণ, বিশাল-নেত্রযুক্ত। ২। বি, পুং, পুরুবংশীয় নৃপতিবিশেষ। স্ত্রী, **পৃথুলাক্ষী**—বিশালাক্ষী।

পৃথুলোচন (ন্) [পৃথু (বিস্তৃত) লোচন] আয়তলোচন। স্ত্রী, **পৃথুলোচনা**—বিশালাক্ষী।

পৃথুশ্রবাঃ (পৃথুস্রোবা) [পৃথু (লম্বা) হইয়াছে শ্রবস্ (কর্ণ) যাহার, বহু = পৃথুশ্রবস্ ১মা, ১ব] বিণ, দীর্ঘ কর্ণযুক্ত; লম্বকর্ণ। ২। বি, পুং, কুমারের অনুচরবিশেষ। ৬। শশবিন্দু রাজার পুত্রবিশেষ।

পৃথুস্কন্ধ (পৃথুশ্‌কন্ধ) [পৃথু (স্থূল) হইয়াছে স্কন্ধ (কাঁধ) যাহার, বহু] বিণ, স্থূলস্কন্ধ। ২। বি, শূকর।

পৃথূদক (ক্) [পৃথু (বিস্তীর্ণ) হইয়াছে উদক (জল) যেখানে, বহু] বি, ক্লী, কপালমোচন তীর্থের নিকটবর্ত্তী তীর্থবিশেষ।

পৃথূদর (র্) [পৃথু (বৃহৎ) হইয়াছে উদর (পেট) যাহার—বহু] বিণ, স্থূলোদর; লম্বোদর। ১। বি, মেষ।

পৃথ্বী [প্রথ্ (বিস্তার করা) + বী (কর্ত্তৃ—(বীক্) প্র = পৃ] বি, স্ত্রী, ধরা; পৃথিবী। প্র—"লোকালোক পর্ব্বত পৃথ্বীর প্রান্তভাগে পলাইতে পথ নাই পরিত্রাণ মাগে।"—শিবায়ন।

পৃথ্বীধর (র্‌) [পৃথ্বী (ধরণী) ধর (যে ধারণ করে)] বি, পুং, পর্ব্বত।

পৃথ্বীপতি (পৃথ্‌থিপোতি) [পৃথ্বী—পতি] বি, ভূপতি ; রাজা ; প্র—"পৃথ্বীপতি পশ্চাতে পূজেন পাত্র বুঝি।"—শিবায়ন।

পৃথ্বীরাজ (জ্‌) [পৃথ্বীর—রাজা—৬তৎ] বি, ধরাপতি। ৩। স্বনামপ্রসিদ্ধ দিল্লীশ্বর। উত্তর ভারতের শেষ স্বাধীন হিন্দু নরপতি। **পৃথ্বীরাজ রায়সা,—রাসৌ**—কবিচাঁদ বার্দাই রচিত দিল্লীশ্বর পৃথ্বীরাজচরিত বর্ণনাত্মক রাজপুত ইতিহাস।

পৃশ্নি [স্পৃশ্‌ (স্পর্শ করা) + নি (কর্ম্মে) যাহাকে অনায়াসে স্পর্শ করা যায়] বিণ, খর্ব্বশরীর ; বামন অপেক্ষা ঈষৎ লম্বকায়। ১। দুর্ব্বল। ৩। সূক্ষ্ম। ৪। বি, কিরণ, ৬। জলের পানা। ৭। পৃথ্বী। ৮। রাজমহিষী সুতপা যিনি পরজন্মে দেবকী হইয়াছিলেন।

পৃশ্নিপর্ণী (পৃশ্‌নিপোর্ণী) বি, চাকুলিয়া নামক লতা।

পৃষৎ [সং] তরল বা দ্রব দ্রব্যের বিন্দু বা কণা। ২। মণ্ডলাকার চিহ্ন ; ফোঁটা। ৩। হরিণ। স্ত্রী, **পৃষতী** হরিণাঙ্গনা।

পৃষৎক [সং] বি, বাণ।

পৃষদশ্ব (পৃষদশ্‌শ) [পৃষৎ (হরিণ) হইয়াছে অশ্ব (ঘোড়া—বাহক) যাহার, বহু] বি, পুং, মৃগবাহন ; বায়ু। ২। রাজা অনরণ্যের পুত্র।

পৃষোদর (র্‌) [পৃষৎ = পৃষ—উদর] বিণ, মণ্ডলাকার চিহ্নাঙ্কিত উদরবিশিষ্ট।

পৃষ্ট [প্রচ্ছ্‌ (জিজ্ঞাসা করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কৃতপ্রশ্ন ; জিজ্ঞাসিত।

পৃষ্টি [প্রচ্ছ্‌ (জিজ্ঞাসা করা) + তি (ভাবে—ক্তি) প্রচ্ছ = পৃষ্‌] বি, স্ত্রী, প্রশ্ন ; জিজ্ঞাসা। ২। [কর্ত্তৃ—ক্তি] বিণ, প্রশ্নকারক।

i [পৃষ্‌ + থ (কর্ম্ম—থক্‌)] বি, ক্লী, পিঠ ; বক্ষঃস্থলের বিপরীত ভাগ। ২। পশ্চাদ্ভাগ। ৩। ক্রোড়ের বিপরীত। ৪। পত্রাদির উল্টা পিঠ অর্থাৎ যে দিক ধরা অভিমুখী। **পৃষ্ঠদান করা**—পিছন ফিরিয়া পলায়ন করা।

পৃষ্ঠগোপ (প্‌) [পৃষ্ঠ—গুপ্‌ (রক্ষা করা) + অ (কর্ত্তৃ—অচ্‌)] বিণ ; পৃষ্ঠরক্ষী

পৃষ্ঠগোপ্তা [পৃষ্ঠ—গুপ্‌ + তৃ (কর্ত্তৃ—তৃচ্‌) = গোপ্তৃ ১মা, ১ব] বিণ, পশ্চাৎ রক্ষক ; পৃষ্ঠরক্ষী।

পৃষ্ঠগ্রন্থি (গ্রো) [পৃষ্ঠের (পশ্চাদ্ভাগের) গ্রন্থি (গাঁইট)—৬তৎ] বি, পুং, কুঁজ।

পৃষ্ঠচর (র্‌) [পৃষ্ঠ (পাছে) চর্‌ (গমন করা) + অ (কর্ত্তৃ—অচ্‌)] বিণ, পশ্চাৎ অনুসরণকারী ; অনুগামী। ২। পশ্চাদ্ভাগে অবস্থানকারী।

জ [পৃষ্ঠ (পশ্চাৎ) জ (যে জন্মে)] বিণ, পশ্চাৎজাত।

পৃষ্ঠতঃ [পৃষ্ঠ + তস্‌] অ, পিঠের দিকে ; পেছনে। ২। পৃষ্ঠে ; পৃষ্ঠদেশে।

পৃষ্ঠদেশ (শ্‌) [পৃষ্ঠ—দেশ (অংশ)] বি, দেহের পশ্চাদ্ভাগ ; স্কন্ধ হইতে নিতম্বের উপর পর্য্যন্ত অংশ।

পৃষ্ঠপোষক (ক্‌) [পৃষ্ঠ—পোষক] বিণ, যে পৃষ্ঠপোষণ করে ; সহায়ক।

পৃষ্ঠপোষণ (ন্‌) [পৃষ্ঠ—পোষণ] বি, পশ্চাতে বা অন্তরালে থাকিয়া সহায়তা দান ; আনুকূল্য। বিণ, **পৃষ্ঠপোষিত**।

পৃষ্ঠপ্রদর্শন (—প্রোদর্শন্‌) [পৃষ্ঠ—প্রদর্শন, ৬তৎ] বি, পৃষ্ঠদান ; পলায়ন। ২। পরাজয় ; রণে ভঙ্গ।

পৃষ্ঠফল (ল্‌) বি, দীর্ঘ প্রস্থের কালি ; পরিমাণ ফল।

পৃষ্ঠবংশ [পৃষ্ঠের বংশ, ৬তৎ] বি, পুং, মেরুদণ্ড ; পৃষ্ঠাস্থি ; পিঠের দাঁড়া।

পৃষ্ঠভঙ্গ—বি, পরাজিত হইয়া প্রস্থান ; রণে ভঙ্গ দিয়া পলায়ন ; পৃষ্ঠপ্রদর্শন ; পিট্টান। প্র—"মহেন্দ্র কণ্টক উৎপাটনের অনেক চেষ্টা করিয়াও কৃতকার্য্য না হইয়া অবশেষে ক্ষত বিক্ষত শরীরে রণে পৃষ্ঠভঙ্গ দিয়াছে।"—করঙ্ক।

পৃষ্ঠশয় (য়্‌) [পৃষ্ঠ—শয় (শী = শয়ন করা) + অ (অচ্‌—কর্ত্তৃ) যে পৃষ্ঠ দ্বারা শয়ন করে] বিণ, যে পিঠে ভর দিয়া ঊর্দ্ধমুখ হইয়া শয়ন করে ; উত্তানশয়।

পৃষ্ঠা (পৃ) [পৃষ্ঠ (দ্রঃ) + আ] বি, পাতা ; গ্রন্থপত্র। ২। পীঠিকা ; পিঁড়া। প্র—"পৃষ্ঠার ক্ষণেক দোলে ক্ষণেক লহনা কোলে ক্ষণে কোলে করয়ে দুর্ব্বলা।"—কবিকঙ্কণ।

পৃষ্ঠাস্থিত [পৃষ্ঠ—অস্থি (হাড়) + ইত (অস্ত্যর্থে)] বিণ, পৃষ্ঠাস্থিযুক্ত ; শিরদাঁড়াযুক্ত জীব।

পৃষ্ঠোদয় (য়্‌) [পৃষ্ঠ + উদয়] বি, পুং, রাশির সংজ্ঞা, মেষ, বৃষ, কর্কট, ধনু, মকর ও মীন রাশি।

পৃষ্ঠোপরি [পৃষ্ঠ + উপরি] ক্রি-বিণ, পিঠের উপর।

্য (পৃষ্‌ঠ্‌) [পৃষ্ঠ + যণ্‌ (ভবার্থে—বহনার্থে)] বিণ, পৃষ্ঠে ভারবহনকারী ; ভারবাহী। ২। পৃষ্ঠসম্বন্ধীয়। ৩। উষ্ট্র, অশ্ব, গর্দ্দভাদি ভারবাহী পশু। ৪। পৃষ্ঠাস্থিমালা।

পৃষ্ণি (পৃষ্‌টি) পৃশ্নি দ্রঃ।

পৃষ্ণিপর্ণী (পৃষ্‌নিপোর্নি) বি, চাকুলে নামক লতা।

পেঁকো [সং—পঙ্ক হইতে পাঁক + উয়া = পাঁকুয়া—সংক্ষেপে—পেঁকো] বিণ, পঙ্কযুক্ত ; পাঁকপাঁক। প্র—"ভিতরে পচা কাদার ভড় ভড়ানি পেঁকো গন্ধ তায়"—ঈশ্বর গুপ্ত।

পেঁচ (প্যাঁচ্‌) [হি—পেঁচ] বি, স্ক্রুপ পাকান প্রেক ; screw. ২। ঘূরণকল। ৩। তুলা পেঁজা ও সুতাকাটা কল। ৪। পাক ; ঘুরণ। ৫। কূট-কৌশল। ৬। জটিল সমস্যা। ৭। ক্লেশ, কষ্ট, বিপদ। প্র—'পড়েছি বিষম পেঁচে"— চন্দন।

পেঁচা (প্যাঁচা) [সং—পেচক শব্দের গ্রা—রূপ] বি, পেচক। **কালপেঁচা**—কর্কশস্বরে আর্ত্তনাদসূচক ডাক ছাড়ে বলিয়া এই নাম ; the hawk owl. **কোটরিয়া বা কুটুরে পেঁচা**—প্রাচীরাদির কোটরে বাস করে বলিয়া এই নাম ; the spotted owl. **লক্ষ্মীপেঁচা**—শ্বেতবর্ণ মুখ অপেক্ষাকৃত দীর্ঘ পেচক ; ইহারা ধানের গোলায় বাসা করে বলিয়া এই নাম ; the barn owl. **হুতুমপেঁচা**—সর্ব্বাপেক্ষা দীর্ঘাকার পাটকিলা বর্ণের এবং অতি গম্ভীর ও ভয়ানক রবকারী পেচক ; the brown fish owl.

পেঁচাও, পেঁচওয়া, পেঁচাল (প্যাঁচাও, প্যাঁচওয়া) [হি] বিণ, পেঁচদার ; জটিল ; ঘূরাণ। ২। কুটিল ; অসরল ; কুচক্রী।

পেঁচাকোণা (প্যাঁচাকোনা) বিণ, যাহা সমকোণযুক্ত নহে ; আঁকাবাঁকা।

পেঁচান (প্যাঁচানো) [পেঁচ (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)] ক্রি, পেঁচ দেওয়া ; পাকান। ২। পেঁচ দিয়া অল্পে অল্পে কাটা। ৩। কুমন্ত্রণা করা। ৪। বিণ, পেঁচদার। ৫। জটিল।

পেঁচো [সং—পিশাচ শব্দের অপভ্রংশে পিচাশ, বিকারে, সংক্ষেপে—পেঁচো] বি, আঁতুড়ে ছেলেদের আক্রমণ করে যে পিশাচ ; আঁতুড়ে শিশুর ধনুষ্টঙ্কার রোগ ; tetanus. যে ছেলেকে পেঁচোয় পায় তাহার শরীর শীর্ণ হইয়া যায়, বর্ণ নীল হয় ও শেষে ধনুষ্টঙ্কার হইয়া মারা যায়।

পেঁজ (প্যাঁজ্‌) [ফা—পিয়াজ্‌ হইতে] বি, পলাণ্ডু ; পেঁয়াজ।

পেঁজা [পিঁজা দ্রঃ। পিঞ্জনরূপ পেঁজান (নো)] ক্রি, তুলা প্রভৃতির আঁইষ পৃথক করা। প্র—তুলা পেঁজা। ২। যে বস্ত্রের সুতা মধ্যে মধ্যে ফাঁকফাঁক হইয়াছে। প্র—পেঁজা কাপড়।

পেঁটপেঁট—প্যাঁটপ্যাঁট দ্রঃ।

পেঁনপেঁন (প্যান্‌প্যান্) [পানি—পানি হইতে] বি, ক্রমাগত অশ্রুপাত। প্র—"নাহিক সকাল সাঁঝ নাহি আর কোন কাজ পেঁপোঁ আর পেঁন্‌পেঁন্ সারাটা দিনই"—চন্দন (গোবিন্দদাস)।

পেঁপে [সং—পারীশ ফল ; হি—পপীতা ; ইং—caricey papaya ; ইহার জন্মস্থান পেপুয়া দ্বীপ হইতে নাম। মালয় দ্বীপে "পপেয়া" ; বগুড়ায় "পেঁপ্যা" ; খুলনায় "ফেপো" বরিশালে "পোম্বা"] বি, স্বনাম-প্রসিদ্ধ ফলতরু ও ফলবিশেষ। ইহা সারক, পাচক ও বহু রোগনাশক। ইহার আঠা প্লীহা ও গুল্মরোগের উপশমকারী এবং মাংস জীর্ণকারী।

পেঁপোঁ (প্যাঁপোঁ) বি, অনুকার শব্দ। ২। টানাসুরে ক্রন্দন। প্র—"নাহিক সকাল সাঁঝ নাহি আর কোন কাজ পেঁপোঁ আর পেঁন পেঁন সারাটা দিনই"—চন্দন। ৩। সানাইয়ের বাঁশীর রব।

পেকম (প্যাকম্) পেখম দ্রঃ।

পেকে [সং—পক্ব হইতে পাকি—পেকে] বি, মইয়ের ধাপ। ২। তালপাতায় নির্ম্মিত টুপীবিশেষ। ইহা টোকার মত বড় ও মাথায় আঁটিয়া থাকিবার জন্য টুপীর মত। ঘরামী ও কৃষকেরা ব্যবহার করে।

পেখন (ন্) [সং—প্রেক্ষণ হইতে] বি, দর্শন ; সাক্ষাৎ। প্র—"সজনি ভাল করি পেখন না ভেল।"—বিদ্যাপতি।

পেখনু [পেখন দ্রঃ। ব্রজ—পদ্যে] ক্রি, উ-পু, হেরিনু ; দেখিলাম। প্র—"থির বিজুরি বদন গৌরী পেখনু ঘাটের কূলে।"—চণ্ডীদাস। "মাধব পেখনু অপরূপ বালা"—বিদ্যাপতি।

পেখম (পেখম্, প্যাখোম্) [সং—পক্ষম্ হইতে পখম্, পকম্, পেখম, পাখম ; পা—পেক্‌খুন ; (ময়ূরের পালক)] বি, পক্ষ ; পাখা ; ময়ূরাদি পক্ষীর পুচ্ছ।

পেখহ [সং—প্রেক্ষণ হইতে] ক্রি, ম-পু, দেখ ; দর্শন কর। প্র—"মাধব যাইঞা পেখহ বালা"—বৈ-পদাবলী।

পেগম্বর (র্, প্যাগম্বর্) [আ—পয়্‌গম্বর্] দুত। ২। ঈশ্বরের দূত ; প্রেরিত মহাপুরুষ ; যিনি ঈশ্বরের বাণী বা আদেশ মনুষ্যলোকে আনয়ন করেন ; ধর্ম্মপ্রবর্ত্তক। প্র—"কাজী নাহি মানে পেগম্বরের নায়েব।"—অন্নদামঙ্গল। "সোলেমানি মালাথরে জপে পীর পেগম্বরে"—কবিকঙ্কণ।

পেচ (প্যাচ্) [ফা—পেচ্] বি, ঘূর্ণিত প্রেক : ইস্ক্রুপ। ২। তুলাপেঁজা কল। ৩। পাক। ৩। বিপাক। ৫। কূট কৌশল ; চাতুরী। ৬। ব্যাঘাত ; বিঘ্ন। ৭। সঙ্কট।

পেচক (ক্) [সং] বি, প্রসহবর্গের স্বনামপ্রসিদ্ধ রাত্রিচর পক্ষী ; উলূক ; পেঁচা ; the owl.

পেছন (ন্) বি, পিছন দ্রঃ।

পেছলী [হি—পিছ্‌লা। সং—পশ্চাৎ হইতে পাছ+লা (ভবার্থে)=পাছ্‌লা, তাহা হইতে] বিণ, পশ্চাদ্বর্ত্তী ; পিছনের।

পেছু [সং—পশ্চাৎ হইতে] অ, পশ্চাৎ। ২। পশ্চাদ্দিকে। ৩। বি, পেছলী ; পশ্চাদ্বর্ত্তী। **পেছু ডাকা**—গমনে বাধা দিয়া পশ্চাৎ হইতে আহ্বান করা। **পেছু পড়া**—অনিষ্ট সাধন বা আক্রমণ করিবার জন্য নিত্য চেষ্টা করা। ২। পশ্চাতে থাকা ; যাত্রিকদলের পশ্চাদ্বর্ত্তী হওয়া। **পেছুপেছু যাওয়া**—পশ্চাতে থাকিয়া সঙ্গে গমন করা। **পেছু লওয়া**—অনিষ্ট সাধন উদ্দেশে অলক্ষ্যে অনুসরণ করা। **পেছু লাগা**—পশ্চাতে থাকিয়া বিরক্ত করা বা উত্ত্যক্ত করিবার জন্য নিযুক্ত থাকা। **পেছু হটা**—পশ্চাতে সরিয়া যাওয়া। **পেছু হাঁটা**—সম্মুখে চাহিয়া পশ্চাদ্দিকে পা ফেলিয়া গমন করা।

পেজ (জ্) [ইং—page] বি, গ্রন্থপত্রপৃষ্ঠা ; কাগজের পৃষ্ঠা। বিণ, **পেজী**—পৃষ্ঠাযুক্ত। প্র—চারপেজী অর্থাৎ যাহার 'চার পৃষ্ঠা আছে ; যে কাগজ ভাঁজ করিলে পৃষ্ঠা সংখ্যা চার পর্য্যন্ত হয়। এইরূপ 'আটপেজী,' 'বারপেজী,' 'ষোলপেজী,' 'বত্রিশপেজী,' ইত্যাদি।

পেজোম, মি (পেজোমো) [ফা—পাজিয়ানা। হি—পাজীপণা] বি, পাজিবৃত্তি ; পাজির আচরণ ; পাজি দ্রঃ।

পেট [পিট (সংহত হওয়া)+অ (ল্—অধি) যাহাতে বস্তু সকল একত্রিত করিয়া রাখা যায়। প্রাকৃ—পট্ট] বি, পেটরা, ঝাঁপি প্রভৃতি। ২। [দেশী প্রাকৃ—পোট্ট=উদর ; মারাঠী—পোট, পোড়] বি, উদর ; জঠর। ৩। গর্ভ। **পেট আঁটা**—কোষ্ঠবদ্ধ হওয়া। **পেট উঠা, ওঠা**—পূর্ণ ভোজনে উদর স্ফীত হওয়া। **পেট উল্টান**—অতি ভোজনে উদর স্ফীত হওয়ায় চিৎ হইয়া থাকা। ২। [লক্ষণায়] মরা। **পেট কনকন করা**—পেটের ভিতর যন্ত্রণা হওয়া। **পেট করা**—অভিগমন দ্বারা গর্ভোৎপাদন করা। **পেট কল কল করা**—অজীর্ণ বা অন্নরোগে পেটের ভিতর কল্‌কল্ শব্দ হওয়া। **পেট কাটা**—উদর বিদীর্ণ করা। ২। কোন কিছুর মধ্যস্থান ছেদন করা। **পেট কামড়ান**—অন্ত্রে দংশনবৎ যন্ত্রণা হওয়া ; বাহ্যের বেগ হওয়া। **পেট খসা**—গর্ভপাত হওয়া। **পেট খুচান**—কণ্টক বিদ্ধকরণবৎ যন্ত্রণা হওয়া। **পেট গড় গড়**—অজীর্ণ রোগে পেটের ভিতর গড় গড় শব্দ। **পেট গুড় গুড়**—গড় গড় অপেক্ষা মৃদু গম্ভীর শব্দ। **পেট চন্ চন্ করা**—অত্যন্ত ক্ষুধার জ্বালা। **পেট চলা**—উদরাময় হেতু ক্রমাগত ভেদ হওয়া। **পেট চিন চিন্**—ক্ষুধাদি হেতু অগ্ন্যাদিতে জ্বালা বোধ। **পেট চুঁই চুঁই**—বহুক্ষণ অভুক্ত থাকায় পিত্ত জীর্ণ হওয়ার যন্ত্রণাদায়ক অনুভূতি। **পেট চেরা**—উদরে অস্ত্রোপচার করা। **পেট টালা**—পরের ব্যয়ে উদর পূরণ করা : যেখানে সেখানে আহার করিয়া বেড়ান। **পেট ঠেঁাস করা**—পেট ফাঁপিয়া নিটোল হওয়া। **পেট ডাকা**—পেটে বায়ুর প্রকোপ হেতু শব্দ হওয়া। **পেট ডাগর**—স্থূলোদর ; ভুঁড়িয়াল। **পেট ঢক ঢক**—খালি পেটের শব্দ। **পেট ধরা**—ভেদ বন্ধ হওয়া। **পেট ধুয়ে বাহির হওয়া**—অধিক পরিমাণে ভেদ হওয়ায় পেট পরিষ্কার হওয়া। **পেট নামান**—উদরাময় হওয়া। **পেট পালা**—উদর পোষণ করা। **পেট পোরা**—গলাধঃকরণ করিয়া উদর পূর্ণ করা। **পেট পোষা**—পেট পালা দ্রঃ। **পেট ফাঁপা**—বায়ুতে পূর্ণ হইয়া পেট ফুলিয়া উঠা। **পেট ফুট্ ফুট্, পেট ফুট্ ফাট্**—বায়ু বা অজীর্ণ রোগে পেটের ভিতর ঐরূপ শব্দ হওয়া। **পেট ফুলা**—উদর স্ফীত হওয়া। ২। কথা বলিতে না পাওয়ায় অস্থির হওয়া। **পেট ফেলা**—গর্ভপাত করা ; পেট খসান। **পেট বসা**—অনাহারে পেট কৃশ হওয়া। **পেট বাঁধা**—প্রসবের পর বস্ত্র দ্বারা উদর বন্ধন করা। **পেট ব্যাগলদার খাওয়া**—ক্ষুধার ব্যাকুলতায় যাহা তাহা খাইয়া উদর পূরাণ। **পেট ভরা**—উদর পূর্ণ করা।

তৃপ্তি পূর্ব্বক আহার করা। পেট ভা᾿—উদর পূরণ মাত্র ; মাহিনা বাবৎ অর্থাদি নয় কেবল পেট ভরাইবার মত অন্ন। পেট মর—ক্ষুধা মন্দ হওয়া। পেট-মোটা—ভোগে নিদর্শক ভুঁড়ি বিশিষ্ট। ২। সঙ্গতিপন্ন। পেট-রোগা—উদরাময় রোগাক্রান্ত। পেট সওয়া—পেটে সহ্য হয় এমন। পেট সর্ব্বস্ব—ঔদরিক ; পেটুক। পেট সাড় করা—পেটের ভিতর শব্দ করা। পেট হওয়া—গর্ভ বা অন্তঃসত্ত্বা হওয়া। পেট হড় হড় করা, পেট হুড় হুড় করা—পেটের ভিতর ঐরূপ শব্দ হওয়া। পেট হাসান—পেট কাটিয়া অন্ত্রাদি বাহির করা। পেটে আসা—জননীর গর্ভে জন্ম লওয়া। পেটে কালীর আঁচড় থাকা—লেখা পড়া জ্ঞান থাকা। পেটে খিদে মুখে লাজ—ক্ষুধা পাইয়াছে একথা প্রকাশ করিয়া বলিতে লজ্জা। পেটে খেলে পিঠে সয়—অন্নদাতার প্রহার সহ্য হয়। (তাহা হইতে) লভ্য হইলে লাভ করিবার ক্লেশ সহ্য করিতে পারা যায়। পেটে ঢোকা—উদরে প্রবেশ করা ; পীত বা ভক্ষিত হওয়া। পেটে তলান—ভক্ষিত দ্রব্য ভেদ বা বমনের সঙ্গে বহির্গত না হইয়া উদরে থাকা। পেটে থাকা—পেটে তলান। ২। গর্ভে বিদ্যমান থাকা ; ভ্রূণাবস্থায় অবস্থিতি করা। ৫। মনে মনে থাকা প্র—"এত সুসংবাদ তোমার পেটে ছিল।"—দীনবন্ধু। পেটে ধরা—পেটে তাংড়ান। ২। জঠরে ধারণ করা। পেটে পোরা—[অবজ্ঞার্থে] ভক্ষণ করা। পেটে বিদ্যা থাকা—বিদ্যা পেটে থাকে এই বিশ্বাস হইতে তুল—ঘটে বুদ্ধি থাকা। পেটে যাওয়া—ভক্ষিত বা পীত হওয়া। পেটে রাখা—প্রকাশ না করা। পেটে সওয়া—হজম হওয়া ; ভক্ষিত দ্রব্য উদরে সহ্য হওয়া ; অজীর্ণাদি রোগ না হওয়া। পেটের কথা মনোগত ভাব ; অন্তরের কথা। পেটের ছেলে—গর্ভজাত সন্তান ; সম্পর্কীয় নহে। ২। গর্ভস্থ সন্তান। পেটের দায়ে—বুভুক্ষার পীড়নে ; ক্ষুধার তাড়নায়। পেটের বাছা—পেটের ছেলে। পেটের বোঝা—গর্ভস্থ সন্তান রূপ ভার। পেটের রোগ—উদরাময়। উপর পেট—উদরের উর্দ্ধাংশ ; নাভির উপরাংশ। কাঁচা পেট—গর্ভের প্রথমাবস্থা। খালি পেট—অনাহার জনিত শূন্য উদর। জালা পেট—জালার আকৃতি পেট স্থূলোদর। তল-পেট—নাভির নিম্নস্থ উদরাংশ। নাদা-পেট, নাদা-পেটা—নাদ বা জালার মত স্ফীত উদর। নেয়ে পেট—লাউয়ের আকৃতি উদর। ভর পেট—আহারে পরিপুষ্ট উদর। মন্দা-পেট, মরা-পেট—পেট মরা দ্রঃ ; অল্প আহার ধারণক্ষম পেট। রাক্ষুসে পেট—বহুভোজ্য ধারণক্ষম পেট। লাউ পেট, লাউ পানা পেট—ঝোলা পেট। শামুক পেট, টা—অল্পাহারী হাঁদা পেট—শ্রমের ব্যাঘাতকারী স্থূলোদর।

পেটপোড়া (প্) [পেট (গর্ভ)—পোড়া] বি. গর্ভনিবারক ঔষধবিশেষ ; যে দ্রব্য উদরস্থ করিলে নারীর গর্ভ হয় না। প্র—"পেটপোড়া কে দেবে তারে বন্ধ করতে ছেলে"—অমৃত বসু।

পেটরা (প্যাট্রা) [সং—পেটক। সাধাঃ—প্যাটরা। হি—পেটরা] বি. বেত্র বংশাদি নির্ম্মিত সিন্দুক ; পেঁড়া ; ঝাঁপি। ২। টিনের বড় বাকস্ বা সিন্দুক ; তোরঙ্গ।

পেটা [পিটা দ্রঃ] ক্রি. আঘাত করা। ২। আঘাত দ্বারা পাত করা। ৩। প্রহার করা। ৪। বিণ. যাহা পুনঃ পুনঃ আঘাতপ্রাপ্ত হইয়াছে ; পিষ্ট ; কুট্টিত। ৫। প্রহৃত। পেটা ঘড়ি—কাংস্য নির্ম্মিত চক্রাকার ফলক—যাহা মুগুরের দ্বারা পিটিয়া বাজাইতে হয় ; ঘণ্টা।

পেটাই, পেটাও [পেটা (দ্রঃ)+আও, আই (তদ্ভাবার্থে)] বি. পিটন ; প্রহার ; পিটিয়া পাত করান ; কুটাই।

পেটাও [মঃ—পেটা (অধীন ; কোন তালুকের অধীন তালুক) ওয়া=আও। জমীঃ পরিঃ] বিণ. অধীন। ২। প্রজাদিগের নিকট হইতে জমি লইয়া যাহারা চাষ করে।

পেটান (নো) [পিটা দ্রঃ। পেটা ধাতুর ণিজন্তরূপ] ক্রি. আঘাত করান। ২। প্রহার করান। ৩। কুটান।

পেটি, পেটী [পেট—ই, ঈ। হি—পেটী] বি. পেট বন্ধনী ; কোমরবন্ধ। ২। [পেট—ই, ঈ ক্ষুদ্রার্থে] মাছের পেট ভাগ।

পেটিকা—বি. মঞ্জুষা ; পেড়া।

পেটুক (ক্) [পেট—উক (ময়, প্রধান বা সর্ব্বস্ব অর্থে)] বিণ. উদরপরায়ণ ; ঔদরিক ; উদর-সর্ব্বস্ব।

পেটে [সং—পত্র হইতে=পাত—পাতি—পাটি। রূপান্তর পেট, পেটো, পাটি (দ্রঃ)] বি. পাটি পাতা। প্র—পেটে পেড়ে চুল বাঁধা। "কেশে পেটে পেড়ে পরিপাটী"—ধর্ম্মমঙ্গল (মাণিক)। ২। [পেট দ্রঃ] ক্রি-বিণ. গর্ভে ; উদরে। পেটেপেটে—অন্তরে অন্তরে ; অপ্রকাশ্যভাবে ; গোপনে। পেটে পেটে সম্বন্ধ—গর্ভস্থ সন্তানের সহিত বিবাহ সম্বন্ধ স্থির করিয়া রাখা অর্থাৎ উভয়ের স্ত্রী গর্ভিণী, একের পুত্র ও অন্যের কন্যা হইলে উভয়ে বিবাহ দিতে প্রতিজ্ঞাবদ্ধ হওয়া।

পেটেণ্ট (পে্টেন্ট্) [ইং patent] বি. রাজদত্ত অধিকার ; বিক্রয়ের একচেটিয়া অধিকার। ২। বিণ. বিক্রয়ের রাজদত্ত অধিকার-বিশিষ্ট।

পেটেল (ল্) [হি] বি. গ্রামের প্রধান বা মণ্ডল। ২। সহায়ক কর্ম্মকারী। ৩। তাঁতের সুতার পাইটকারী।

পেটো [পাট—উয়া—পটুয়া, সংক্ষেপে] বিণ. শণপাট-নির্ম্মিত। ২। পাটের কারবারী। ৩। [পত্র—পাতা—পাটা—পেট] বি. পাতা ; পাত। প্র—পেটো পেড়ে চুল বাঁধা।

পেটোয়া [পেটাও দ্রঃ। জমীঃ পরিঃ] বিণ. অধীন। পেটোয়া তালুকদার—তালুকের অধীন জমাই জমীর অধিকারী বা ইজারাদার ; "the tenant of a holding subordinate to a taluk,"—*Glossary*.

পেড়া (প্যাড়া) [পেড়ি দ্রঃ] বি. বেত্রাদি-নির্ম্মিত পেটিকা। ২। ক্ষীরঘটিত মিষ্টান্ন-বিশেষ। প্র—"পুরী পুয়া খাজা পেড়া সরভাজা রাধিকা করিয়াছিল।"—কবিশেখর।

পেড়ি, পেড়ী [সং—পেড়া—"পিটকঃ পেটকঃ পেড়া মঞ্জুষা"—অমর] বি. বংশ বেত্রাদি নির্ম্মিত ঝাঁপী ; পেটারা ; মঞ্জুষা। প্র—"সারিকা কুন্তল পেড়ি পাছু লয়ে যায় চেড়ী কেহ লয় বিউনি দর্পণ।"—কবিকঙ্কণ। "মালিক ভাণ্ডারে আনে ঔষধের পেড়ী।"—কবিক।

পেণ্টুলুন (পেনটুলুন্) পেন্টুলুন দ্রঃ।

পেতনা, পেৎনা (প্যাত্না) [প্রেত শব্দজ] বি, পুং, প্রেত ; ভূত। স্ত্রী, পেতনী—পেত্নী দ্রঃ।

পেতান (নো) [গ্রা—প্যাতানো। সং—প্রত্যায়ন হইতে। ব্রজ—পতিয়ানা। গ্রা-বাং-য় পেতান। উ-পু—পেতাই। ম-পু—পেতাও। প্র-পু—পেতায়] ক্রি. বিশ্বাস জন্মান। ২। আশ্বাস দেওয়া ; ভরসা দেওয়া ; সান্ত্বনা দান করা। প্র—"দুই পুত্র দিয়ে রঞ্জাবতীরে পেতাও"—ঘনরাম।

পেতান, প্যাতান (ন্) [গ্রা-প্যাতান্। সং—প্রত্যায়ন অপভ্রংশে] বি, বিশ্বাসজনক ; আশ্বাস দান। ২। ভরসা বাক্য ; সান্ত্বনা বাক্য। প্র—"না মানে প্রবোধ রামা বৃদ্ধার প্যাতানে"—ঘনরাম।

পেতি, পেতিনী, পেত্নী [সং—প্রেত শব্দের স্ত্রীলিঙ্গে বাং—প্রেতিনী—পেতিনী—পেতি, পেতিনী] বি, স্ত্রী, স্ত্রীজাতীয় প্রেত-যোনী ; পেত্নী ; পিশাচী। প্র—"ভাগ্য খলে সন্ধ্যাকালে পেতি জ্বালে বাতি। শিশু শশধর ঘর আলো করে রাতি॥"—শিবায়ন। "ওখায় পেতিনী দানা, খাইছে সখের খানা, একখানা পচা ঠ্যাং নিয়া।"—কাব্যনির্ণয়। ২। অতি কুৎসিতা নারী ; কুরূপা। ৩। অতিশয় অপরিচ্ছন্না স্ত্রী ; ঘৃণাহীনা। কদাচার-পরায়ণা নারী।

পেতে [পাতা দ্রঃ। পাতিয়া সংক্ষেপে] অস ক্রি, পাতিয়া ; স্থাপন করিয়া ; বিস্তার করিয়া। প্র—"এত শুনি কূর্ম্মরাজ পিট পেতে দিলা"—শূন্যপুরাণ।

পেতে [সং—পত্র বা পাত হইতে] বি বাঁশের ছাল, তাল পাতা, খেজুরের পাতা প্রভৃতি দ্বারা নির্ম্মিত ছোট পাত্র ; ছোট চুবড়ি।

পেত্নী [পেতি দ্রঃ। প্রেত শব্দের স্ত্রীলিঙ্গে বাং-য়—প্রেতনী—পেতনী দ্রুত উচ্চারণে পেত্নী। তুল—হি—ভুত্নী] বি, স্ত্রী, প্রেতযোনীর স্ত্রী ; পিশাচী। **শেওড়া গাছের পেত্নী**—শেওড়া গাছ ভূতের মত কদাকার কাল এবং ঝোপ যুক্ত। এই জন্য উহা পেত্নীর বাস-স্থান বলিয়া উক্ত। ২।অত্যন্ত কুরূপা স্ত্রী।

পেথে [পেতে দ্রঃ] বি, ছোট ঝুড়ি বা বংশাদি নির্ম্মিত পাত্রবিশেষ। প্র—"মহামায়া মায়া করি মৎস্য মারে ক্ষেতে। পশুপতি পেথে বয়ে ফেরে সাথে সাথে॥"—শিবায়ন।

পেদো [পাদা দ্রঃ। পাদুয়া সংক্ষেপে] বিণ, যে অধিক বাতকর্ম্ম করে। **পেদো পোকা**—পাদবৎ দুর্গন্ধময় পোকা। এই পোকা লতা গাছে প্রায় থাকে ও উড়িবার সময় গুবরে পোকার ন্যায় পক্ষশব্দ করে।

পেন (ন্) [ইং—pen] বি, কলম ; লেখনী। "পরিচ্ছদ ফুল কোঁচা ব্যবসা পেনের খোঁচা।"—কস্তুরী। **কুইল পেন**—হাঁস ময়ূরাদির পালকের কলম ; quill pen. **ষ্টীল পেন, ইষ্টীল পেন**—ইস্পাতের মুখ লেখনী ; steel pen.

পেনা (প্যানা) [ইং—pin ইহতে। পিন—আ (বৃহদর্থে) = পিনা অতি পরিচয়ে পেনা] বি, শলাকা। **পেনা মারা**—কাঠের ছিদ্র-মধ্যে কাঠের শলা আঁটিয়া দেওয়া।

পেনেল (ল্)—প্যানেল দ্রঃ।

পেন্‌টুলুন, পেন্‌টুলান, পেণ্টেলুন (পেন্‌টেলুন্) [ইং—pantaloon] বি, য়ুরোপীয়দিগের পরিধেয় পা-জামা ; ইজার-বিশেষ। প্র—"ইজার চাপ্‌কানে হায় মোক্ষ নাহি পাওয়া যায় শুধু বিড়ম্বনা ভোগ কোট পেণ্টুলান।"—চন্দন।

পেন্নাম (ম্) [সং—প্রণাম শব্দের গ্রা রূপ] বি, প্রণাম দ্রঃ।

পেন্সন, পেন্‌শ্যন্ (পেন্‌শন্, পেন্‌শান্) [ইং—pension] বি, নির্দ্দিষ্ট পরিমাণ কাল সুনামের সহিত কর্ম্ম করায় এবং রোগ বা বয়োধিক্য বশতঃ কর্ম্ম করিতে অশক্ত হওয়ায় অবশিষ্ট জীবনের জন্য মাসে মাসে প্রাপ্য মাসিক বেতনের নির্দ্দিষ্ট পরিমাণ অংশ। **পেন্‌সন্ ইয়াফ্‌তা** [ইং—pension + ফা—য়াফ্‌তা] যাহার পেন্সন হইয়াছে ; যে পেন্‌সন্ পাইতেছে ; পেন্সনপ্রাপ্ত।

পেন্সিল (পেনশিল্) [ইং—pencil] বি, লেখনীবিশেষ ; কাঠের খোলে বদ্ধ সীসক, অঙ্গার প্রস্তরাদির বর্ত্তি। **উট্‌পেন্সিল, উড্‌পেন্সিল**—কাগজে লিখিবার উপযোগী সীসক বা অঙ্গারবর্ত্তি। **শ্লেট পেন্সিল, শেলেট পেন্সিল**—শ্লেট পাথরে লিখিবার পেন্সিল। [দ্রঃ—ইংরেজীতে চিত্রকরের তুলি অর্থে এই শব্দের ব্যবহার আছে]।

পেপারমেণ্ট (পেপার্‌মেন্‌ট্) বি, পিপারমেণ্ট (দ্রঃ) ; peppermint.

পেবলি (বো) [সং] বি, অঙ্গবিক্ষেপ সহকারে নৃত্য।

পেম (ম্) [সং—প্রেম হইতে বাং—প্রাকৃ (পেম)] বি, প্রেম। প্র—"পেম রসে তিলোচন পার্ব্বতীর সাথে॥"—শূন্যপুরাণ।

পেয় [পা (পান করা) + য (কর্ম্মে)] বি, ক্লী, যাহা পান করা যায়, জল, দুগ্ধ প্রভৃতি পান-যোগ্য দ্রব্য। ২। বিণ, পানযোগ্য। পানীয়।

পেয়াজ (জ্)—পিয়াজ দ্রঃ।

পেয়াদা—পিয়াদা দ্রঃ।

পেয়ার (র্) [হি—পিয়ার। সং—প্রিয়] বি, আদর। প্র—"শুধু লুঠিব একটু মজা, শুধু করিব একটু পেয়ার।"—দ্বিজেন্দ্র রায়।

পেয়ারা [পিয়ার দ্রঃ। পেয়ার (প্রিয়)—(পাত্র অর্থে)] বি, ভালবাসার পাত্র প্রিয় পাত্র। ২। বিণ, প্রিয়। স্ত্রী, **পেয়ারী**।

পেয়ারা [পিয়ারা দ্রঃ। উচ্চারণ ভেদে প্যায়্‌রা। সং—পারাবত, পারেবত, অমৃত ফল —অমৃত (হি—অমরুৎ, আমরুদ (আমেরিকার ফল বলিয়া এই নাম) আর এক নাম—"সফরী আম" অর্থাৎ ভ্রমণকারী (বৈদেশিক) আম। পর্ত্ত—পেরা] বি, প্রসিদ্ধ উদ্যানতরু ও তাহার ফল ; guava.

পেয়ালা [ফা—পিআলা] বি, পাত্রবিশেষ ; বাটী। প্র—"ওগো এক পেয়ালা চা"—দ্বিজেন্দ্র রায়।

পেয়ুষ (ষ্) [সং] বি, পীযূষ ; সুধা। নব প্রসূতা গাভীর প্রথম ৭দিনের দুগ্ধ।

পেরজ (জ্)—পেরোজ দ্রঃ।

পেরা [পেড়া দ্রঃ। ড = র] বি, পেড়া। প্র—"কুলা ডালা বুনিতে বাঁশের বান্ধে বেতি। ধুচুনি চুপড়ি ঝুড়ি পেরা ছাতা ছাতি।"—ঘনরাম। ২। বাদ্যবিশেষ।

পেরাণ (ন) [সং—প্রাণ শব্দের গ্রা, রূপ] বি, প্রাণ। ২। [পার + আন (ক্রিয়া বিভক্তি) = পারাণ—গ্রা, পেরাণ (পেরানো)] ক্রি, পার হওয়া ; করা। প্র—"বেগবন্ত ব্রহ্মপুত্র পেরাণ না যায়।"—ঘনরাম।

পেরু [পর্ত্ত—peru] বি, আমেরিকা দেশীয় গৃহপালিত বৃহদাকার কুক্কুট ; a turkey ock. **পেরুপাতা** [প্রাদে]—পুদিনার পাতা ও গাছ।

পেরু—দক্ষিণ আমেরিকার অন্তর্গত দেশ বিশেষ। বিণ, **পেরুভীয়**—পেরুবাসী।

পেরুন (নো) [পারান (দ্রঃ), গ্রা—উচ্চারণে। উ-পু—পেরুই ; পেরুলাম। ম-পু—পেরোও, পেরুলে। প্র-পু—পেরোয় ; পেরুল। অস-ক্রি—পেরুতে] ক্রি, পার হওয়া ; উত্তীর্ণ হওয়া। প্র—"পাঁচ গড় পেরুল তথাপি দেয় তাড়া"—ঘনরাম। "শ্বশুর মরে গেলেন, তার ছ'মাস পেরুলো না, শাশুড়ী ঠাকরুণ আটমাসের ছেলে রেখে চলে গেলেন।"—গৃহলক্ষ্মী।

পেরেক [পর্ত্ত—prago তাহা হইতে বাং-য় প্রেগ—প্রেক, পরে 'পেরেক'] বি, ক্ষুদ্র লোহ কীলক ; ধাতুনির্ম্মিত কাঁটা ; লোহার কাঁটা।

পেরেড—প্যারেড দ্রঃ।

পেরেশান (ন) [ফা—প্‌রেশান্] বিণ, ক্লান্ত ; নাকাল। বি, **পেরেশানি**।

পেরোজ (জ্) [ফা—পিরোজা] বি, উপরত্ন-বিশেষ। পারস্যদেশীয় নীলাভ হরিদ্বর্ণ খনিজ পদার্থবিশেষ ; the turquoise.

পেল (ল্) [সং। গ্রা-বাং—গ্রা—অশিষ্ট ব্যবহার। হি—পেলনা] বি, অণ্ডকোষ ; মুষ্ক। ২। মেঢ্র। ক্রি, **পেলা, পেল দেওয়া**—নিক্ষেপ করা ; ঠেলিয়া দেওয়া।

পেলা (প্যালা) [হি—পেলা (অবলম্বন ; সাহায্য)] বি, যাত্রা পাঁচালী প্রভৃতি স্থলে দর্শক ও শ্রোতা গায়ক বা গায়িকার সঙ্গীতাদিতে প্রীত হইয়া পুরস্কার স্বরূপ যাহা রুমালে বাঁধিয়া তাহাদিগের প্রতি নিক্ষেপ করে।

পেলা (পেলা, প্যালা) [হি—পেলা (অবলম্বন)] বি. অবলম্বন ; ঠেকনা ; ঠেস। প্র—"জোর আড় জোর পেলা জোয়ের কপাট।" —কবিকঙ্কণ। ২। [গ্রা—প্রাদে] ক্রি. পলায়ন কর ; পালা। প্র—"জীয়াইতে থাকে সাধ তথা নিয়া পেলা।"—জ্ঞানদাস।

পেলাস, প্লাস্ (শ্) [ইং—plus] বি. সূত্রধর, স্বর্ণকার প্রভৃতির ব্যবহৃত সাঁড়াসিবিশেষ।

পেলিনে [পাওয়া দ্রঃ। "পাইলি না" সংক্ষেপে—গ্রা-ব্যবহারে] ক্রি. পাইলি না প্রাপ্ত হইলি না। প্র—"কেন এলিরে ভালবাসিলি ভালবাসা পেলিনে। কেন সংসারেতে উঁকি মেরে চলে গেলিনে।"—রবি।

পেলে [পাওয়া দ্রঃ] অস-ক্রি. পাইলে : যখন পাইবে। ২। যদি পায়। ৩। (পেলে) [পাওয়া ধাতুর ম-পু. রূপ] প্র-পু পাইলে : (২) প্রাপ্ত হইল। প্র—"বিশেষ না পেলে ভেদ আগম পুরাণ বেদ তপে জপে যোগে যোগিগণ।"—ঘনরাম।

পেলেগ (গ্) [ইং—plague] বি. গ্রন্থিস্ফীতিসহ বিষমজ্বরবিশেষ। প্র—"করাল সে কালফণী উগারে গরল। কেমনে বাঁচিব মাগো পেলেগ প্রবল।"—বাং-গান। ২। মহামারী ; মড়ক।

পেলেন (ন্) [ইং—plane] বিণ. সমতল ; চৌরস। ২। মসৃণ। ৩। বি. সমতলক্ষেত্র। ৪। কাষ্ঠাদি মসৃণ করিবার যন্ত্র : রেঁদা ; রেঁদার ফলা।

পেল্লায় (য়) [সং—প্রলয় হইতে] বি. প্রকাণ্ড : বিরাট। ২। বিষম : বেজায়।

পেশ (শ্) [ফা—পেশ্] বি. সম্মুখ। ২। সম্মুখে স্থাপন : নজর। প্র—"আমি জানি বেশ কচ্ছি যাহা পেশ আপনাদের কাছে।" —দ্বিজেন্দ্র রায়।

পেশওয়া, পেশওয়ে [ফা—পেশ্‌বা] বি. মহারাষ্ট্র নায়ক।

পেশওয়াজ (শ্, জ্) [ফা—পেশ্‌বাজ] বি. নর্তকীগণের পরিধেয় পাজামাবিশেষ

পেশকবচ, পেশকবজ (শ্, চ্, জ্) [ফা] দুইদিকে ধারযুক্ত অস্ত্র ; যমধার।

পেশকস, পেশকজ (শ্, জ্) [ফা—পেশ্‌কস্] বি. নজর ; সেলামী : উপঢৌকন ; অর্দ্ধচন্দ্রাকৃতি ছোরা ইহা কটিবন্ধে ঝুলান থাকে। ২। কটিবন্ধ।

পেশকার (পেশ্‌কার্) [ফা] বি. যিনি বিচারকের সম্মুখে আদলতের কাগজপত্র গুছাইয়া স্থাপন করেন ও মোকদ্দমার বন্দোবস্ত করেন। ২। অফিসের কর্ত্তা বা প্রধান কর্ম্মচারীর আদেশ গ্রহণ ও জ্ঞাপন এবং তৎসম্বন্ধীয় কাগজপত্র সংরক্ষণকারী। ৩। জমীদারী সেরেস্তায় যে কর্ম্মচারী কাগজপত্র রক্ষা করেন এবং জমীদারের নিকট অনুযোগ আবেদন, আদায় উশুলাদি সম্বন্ধীয় কাগজ পেশ করেন।

পেশকারি [পেস্কারি দ্রঃ] বি. পেশকারের কর্ম্ম।

পেশল, পেষল, পেসল (পেশল্) [পেশ +ল (অস্ত্যর্থে)] বিণ. সুদৃশ্য : মনোহর ; সুন্দর। ২। পেলব ; কোমল : মৃদু। ৩। চতুর : দক্ষ।

পেশবাজ (পেশ্‌বাজ্, পেশোআজ্) [ফা—পেশ্‌বাজ্] বি. মুসলমান স্ত্রীদিগের পরিধেয় পাজামাবিশেষ। প্র—"বিবীরে পাইল ভূতে প্রলয় পড়িল। পেশবাজ ইজার ধমকে ছিঁড়া দিল।"—অন্নদামঙ্গল। ২। নর্তকীদিগের পরিধেয় পাজামা।

পেশা [ফা—পেশা] বি. ব্যবসা ; বৃত্তি ; জীবনোপায়। প্র—"বেশ্যার বেহদ্দ পেশা কথা বেচে খায়"—হেম বন্দ্যো।

পেশাকার (র্) [ফা] বি. নটী ; বেশ্যা।

পেশাদার (র্) [ফা] বিণ. ব্যবসাদার ; ব্যবসায়ী। বি. **পেশাদারি**—ব্যবসায় ; বৃত্তি। ২। ব্যবসাদারি ; দোকানদারি ; পেশাদারের ব্যবহার।

পেশাদারী—বিণ. পেশাদার সংক্রান্ত।

পেশি, পেশী [পিশ্ (অবয়বীভূত হওয়া) + ই (কর্ত্তৃ)] বি. পুং. শরীরের মাংসপিণ্ড ; মাংসপেশি ; muscle. ২। বজ্র। ৩। খড়্গাদির কোষ ; খাপ। ৪। রাক্ষসীবিশেষ। ৫। পিশাচীবিশেষ। ৬। অণ্ড ; ডিম্ব। **পেশীকোষ**—অণ্ডকোষ।

পেষণ (ন্) [পিষ্ (চূর্ণ করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. খুব জোরে চাপদান। ২। মর্দ্দন ; দলন। ৩। চূর্ণন। ৪। পেষণ করিবার পাত্র ; খল ; শিলাপট্ট।

পেষণি, পেষণী (নি) [পিষ্ (চূর্ণ করা) + অনি (করণে)] বি. স্ত্রী. শিলাপট্ট ও পাষাণখণ্ড ; শিলনোড়া। ২। পেষনযন্ত্র ; যাঁতা।

পেষা [পিষা দ্রঃ] ক্রি. পেষণ করা ; ঘর্ষণ করা ; বাটা।

পেস্কারি [পেশকার দ্রঃ] বি. পেশকারের কর্ম্ম বা বৃত্তি। প্র—"শেষে আইন পেশার পেস্কারিতে মানটা গেল ঘেটে"—হেম বন্দ্যো।

পেস্‌গী (পেশ্‌গি) [ফা] বিণ. পূর্ব্বেই দেয় বা দত্ত ; অগ্রিম।

পেস্তা [ফা—পিস্তা] বি. কাবুলদেশীয় ফলবিশেষ।

পৈঁছা, পৈছা [পইছা দ্রঃ] বি. পূর্ব্বকালের নারীগণের করালঙ্কারবিশেষ।

পৈঠব [গ্রা-বাং, বৈ-সা। আধু-বাং-র—পশিবে] ক্রি. প্রবেশ করিবে। প্র—"হৃদয় পৈঠব জানি পহুঁ দিল পানি"—বিদ্যাপতি।

পৈঠয়ে [ব্রজ। পৈসা দ্রঃ] ক্রি. প্রবেশ করে। প্র—"হঠসঞে পৈঠয়ে শ্রবণক মাঝে। তৈখনে বিগলিত তনু মন লাজে।"—বিদ্যাপতি।

পৈঠর (র্) [পিঠর (স্থালী) + অ (ণ্) পক্বার্থে] বিণ. স্থালীপক্ব (মাংসাদি) ; পিঠর বা স্থালী সম্বন্ধীয়।

পৈঠল [ব্রজ] ক্রি. প্রবিষ্ট হইল : প্রবেশ করিল। প্র—"কি হেরিলো অপরূপ গোরি। পৈঠল হিয়া মাহা মোরি।"—বিদ্যাপতি। "মরমে পৈঠল সেহ।"—জ্ঞানদাস।

পৈঠা [ফা। জমীঃ পরিঃ] বি. প্রজার নাম ও দখলী জমীর বিবরণ নম্বরী চিঠার সহিত মিলাইয়া যে কাগজে লিখিত হয়। ২। [গ্রা—পৈঁটে] সোপান : সিঁড়ির ধাপ।

পৈঠা [ব্রজ। উ-পু—পৈঠি। ম-পু—পৈঠ। প্র-পু—পৈঠে। ণিজন্ত—উ-পু—পৈঠাই। ম-পু—পৈঠাও। প্র-পু—পৈঠায়] ক্রি. প্রবেশ করা। প্র—"দুহুঁক মরমে পৈঠে দুহুঁক সোহাগ।"—জ্ঞানদাস।

পৈড়া (পয়্‌ড়া) [সং—প্রবাহ অপভ্রংশে পওরাঢ় পরে পয়াড়, পৈয়াড়—পৈড়া (বর্ণ বিপর্য্যয়ে)। অথবা পয় (জল) ড়া (র = ড়া) জলীয়] বি. স্রোত। ২। বিণ. তরল ; ঝোলা। **পৈড়া** বা **পয়ড়া গুড়**—রস জ্বাল দেওয়া মাতগুড়। পৈরা দ্রঃ।

পৈতা [উপবীত শব্দজ। গ্রা—পৈতা। পইতা দ্রঃ] বি. যজ্ঞসূত্র ; যজ্ঞোপবীত।

পৈতান (ন্) [হি—পৈঠান] বি. পৈঠা ; সোপান ; সিঁড়ি।

পৈতান, পইতান (নো) [প্রত্যয় হইতে গ্রা-বাং—প্রাক্, ক্রি-রূপ—পইতায়, পৈতায়। আধু-গ্রা-বাং, বি.—পিত্যয়, পেত্যয়] ক্রি. প্রত্যয় করা। প্র—"কে কয় এ গুলা কথা কে আর পইতায়।"—মাণিকচাঁদের গান।

পৈতামহ [পিতামহ + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ. পিতামহ সম্বন্ধীয়। ২। পিতামহ হইতে আগত।

পৈতৃক (ক্) [পিতৃ + ক (সম্বন্ধার্থে, অণ্)] বিণ. পিতৃ পিতামহাদি সম্বন্ধীয় ; পৈত্র্য। ২। পিতৃ = পিতামহাদি হইতে প্রাপ্ত।

পৈতৃকভূমি (পৈৎতৃক্) বি. পিতৃভূমি ; বাস্তুভিটা।

পৈতৃকরোগ (পৈৎতৃক্‌রোগ) বি. পুরুষানুক্রমে আগত ব্যাধি।

পৈতৃকসম্পত্তি (পৈৎতৃক্‌শম্‌পোৎতি) বি. পিতৃ পিতামহাদি হইতে প্রাপ্ত সম্পত্তি; পৈতৃক বিষয়।

পৈতৃষ্বস্ত্রীয়, পৈতৃষ্বস্রেয় (পৈতৃশ্‌শোস্‌স্রিয়,—স্রেয়) [পিতৃষ্বসৃ (পিসী) + ঈয়—এয় (অপত্যার্থে—ঈয়ণ্‌—এয়ণ্‌)] বি. পুং. পিতার ভাগিনেয়; পিসতুত ভাই। স্ত্রী. পৈতৃষ্বস্ত্রীয়া, পৈতৃষ্বস্ত্রীয়ী—পিতার ভাগিনেয়ী।

পৈত্ত [পিত্ত + অ (সম্বন্ধার্থে—অণ্‌)] বিণ. পিত্ত সম্বন্ধীয়; পিত্তজন্য রোগ; পৈত্তিক।

পৈত্তিক (ক্‌) [পিত্ত + ইক (সম্বন্ধার্থে—ইকণ্‌)] বিণ. পিত্ত সংক্রান্ত; ২। পিত্তবৃদ্ধি রোগ।

পৈত্র্য (পৈৎত্র) বিণ. পিতৃ-পিতামহাদি সম্বন্ধীয়। ২। পিতৃ-পিতামহাদি হইতে প্রাপ্ত; পৈতৃক।

পৈত্র, পৈত্র্য (পৈৎত্র) [পিতৃ + অ (সম্বন্ধার্থে—অণ্‌)] বিণ. পৈতৃক। ২। [স্মৃতিতে] বি. তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের মধ্যভাগ।

পৈত্রাহোরাত্র (পৈৎত্রাহোরাৎত্র) [পৈত্র (পিতৃ সম্বন্ধীয়) অহন্‌ (দিন) রাত্রি = (দিন রাত)] বি. পুং. পিতৃলোকের একদিন (ইহা মানুষের এক মাস)।

পৈথান (ন্‌) [পৈ (পাদ—পায়) থান (স্থান)। হি—পৈঠান, পৈথান—পৈথানা—পৈতান। "শিথান" (দ্রঃ) এর বিপরীত] বি. শায়িত ব্যক্তির পাদস্থান অর্থাৎ পায়ের দিক; পদস্থান; পাস্তলা। প্র—"নেতের বালিস দিল সিথানে পৈথানে।—রামা (অদ্ভুতাচার্য্য)।

পৈপৈ [পইস দ্রঃ] ক্রি-বিণ. পুনঃ পুনঃ সতর্কীকরণ; প্রতিপদে সাবধান।

পৈরা [পৈড়া দ্রঃ] বি. পয়রা গুড়; ঘন তাতরসি; treacle. প্র—"অম্ল রান্ধে পাকা কলা, আদা লেবু পৈরা মূলা"—মনসা-মঙ্গল (দ্বিজ বংশীবদন)।

পৈল [পেল + অ (অপত্যার্থে—অণ্‌)] বি. পুং. ঋগ্বেদাভিজ্ঞ মুনিবিশেষ।

পৈলব (ব্‌) [পীলু + অ (সম্বন্ধার্থে—অণ্‌)] বিণ. পীলু সম্বন্ধীয়। ২। [পেলব + অ (অণ্‌ ভাবার্থে)] বি. কোমলতা।

পৈলা (পয়লা) [হি—পহলা বা পহিলা] বিণ. প্রথম; আদ্য। ২। [বাং-র] বিণ. মাসের প্রথম দিন।

পৈশা [পশা, পৈঠয়ে, পৈসা দ্রঃ] ক্রি. প্রবেশ করা। প্র—ব্রহ্মাণ্ড পৈশে পুরুষ শরীরে।"—চৈতন্যচরিত।

পৈশাচ (চ্‌) [পিশাচ + অ (সম্বন্ধার্থে—অণ্‌) বি. পুং. বলপূর্ব্বক বিবাহ; ছল, বল বা কৌশল অথবা তিন উপায়েই অবলম্বনে কন্যাগ্রহণ। ২। বিণ. পিশাচসম্বন্ধীয়। ৩। পিশাচ প্রকৃতিসুলভ। ৪। পিশাচচালিত।

পৈশাচিক (ক্‌) [পিশাচ + ইক] বিণ. পৈশাচ দ্রঃ।

পৈশাচপদ্ধতি (চ্‌, দ্ধো) [পিশাচ + অ = পৈশাচ—পদ্ধতি] বি. পিশাচ প্রচলিত ধারা বা রীতি। প্র—"অমানুষী ভাষা—পৈশাচপদ্ধতি নিকটে উহার না যাও কেহ।"—ছায়াময়ী (হেম বন্দ্যো)।

পৈশাচবিবাহ (চ্‌) [পৈশাচ (দ্রঃ)—বিবাহ] বি. অষ্টবিধ বিবাহের অন্যতম; নিদ্রায় অভিভূতা, মদ্যপানে বিহ্বলা অথবা উন্মত্তা কুমারীতে অভিগমন পৈশাচবিবাহ নামে অভিহিত; ব্রাহ্ম, দৈব, আর্ষ, প্রাজাপত্য, আসুর, গান্ধর্ব্ব, রাক্ষস ও পৈশাচ এই ৮ প্রকার বিবাহের মধ্যে ইহাই সর্ব্বাপেক্ষা অধম।

পৈশুন্য (পৈশুনন্‌) [পিশুন (খল) + য (ভাবে—যণ্‌)] বি. ক্লী. পিশুনের আচরণ। ২। খলতা।

পৈষ্টিক (ক্‌) [পিষ্ট + ইক (সম্বন্ধার্থে—ইকণ্‌)] বিণ. পিষ্টসম্বন্ধীয়। ২। বি. ক্লী. পিষ্টকসমূহ। ৪। মদ্যবিশেষ।

পৈষ্টী [পিষ্ট + অ (সম্বন্ধার্থে—অণ্‌) ঈপ্‌-স্ত্রী] বি. স্ত্রী. পৈষ্টিক; ধেনোমদ।

পৈসা [পশা, পৈঠয়ে দ্রঃ। প্রবেশ হইতে। তুল—প্রত্যয় হইতে পৈতায়; সেইরূপ প্রবেশ হইতে ক্রি. প্রবেশয়—পৈসায়] ক্রি. প্রবেশ করা। "শরণে পৈসউক শক্তিহীন জে রাজার ঝি—মহা (শ্রীকর)।

পো [পুত্র শব্দজ, প্রা-বাং—পুতাই, পুতি] বি. সন্তান; পুত্র। প্র—"সকল বিফল দেখি কোলে নাই পো।"—ঘনরাম। "এখন বাপের কোলে বসে আছে পো।"—রামেশ্বর চক্রবর্ত্তী। "চোরের মা যেন পোয়ের লাগিয়া ফুকারি কাঁদিতে নারে।"—চণ্ডীদাস। পো-পৌত্র—পুত্র ও পৌত্র। পো-পোয়াতি—পোয়াতি দ্রঃ। পো-মহাশয়—প্রপিতামহ (অপভ্রংশে পো-মহাশয়); পিতার পিতামহ।

পোআ, পোয়া [পাদ শব্দজ। হি—পৌয়া হইতে] বি. এক সেরের এক চতুর্থাংশ ভাগ। ২। ঢেঁকির দুই পার্শ্বস্থিত হাড়ি কাঠের আকৃতি কাষ্ঠখণ্ডদ্বয় [বাখরগঞ্জে ইহার নাম কাতলা]। ৩। [প্রাদে, বাখরগঞ্জে। গ্রা] পুত্র।

পোআতি, পোয়াতি [প্রসূতি শব্দজ] বি. গর্ভবতী। ২। নব-প্রসূতা স্ত্রী। ৩। প্রসূতি; সন্তানবতী; পুত্রবতী; প্র—"পোয়াতির প্রিয় সখা বালকের অরি।"—হেম বন্দ্যো। পো-পোআতি—প্রসূতি ও সন্তান; মা ও ছা।

পোআন, পোয়ান (ন্‌) [সং—পবন] বি. কুম্ভকারের পাকস্থান; কুমারের মৃৎপাত্রাদি পোড়াইবার চুল্লী। পোয়ানশাল—যেখানে পোয়ান থাকে।

পোআন, পোওয়ানো (নো) [সং—প্রভাত হইতে (তুল—"প্রভাতিল"—মাইকেল-রচিত মেঘনাদবধ কাব্য। প্রা—বাং-র, পোহাইল বা পোআইল—সংক্ষেপে—পোয়াল) পোহাত—পোহা—পোআ + আল (ক্রিয়ায়)। উ-পু—পোআই, পোহাই। ম-পু—পোআও, পোহাও; পোআন্‌, পোহান্‌; পোআ, পোহা। প্র-পু—পোআয়, পোহায়। অস-ক্রি—পোআইতে, পোহাইতে, পোআতে, পোহাতে; পোয়াইয়া, পোহাইয়া। এইরূপ পুআন] ক্রি. প্রভাত হওয়া। ২। অতিবাহিত করা। ৩। রৌদ্রের তাপগ্রহণ করা। ৪। অগ্নির তাপগ্রহণ করা।

পোআল (ল্‌) [পলাল শব্দজ] বি. মর্দ্দিত ধানের তৃণ; খড়।

পোঁ [শব্দাত্মক] বি. পবন ক্রিয়া-বোধক শব্দ। ২। সানাইয়ের সকল সুরের সঙ্গেই যে এক অপরিবর্ত্তনীয় টানা সুর বাজে। ৩। অতিবেগে যষ্টি আদি সঞ্চালনজাত পবনশব্দ; এই অর্থে পোঁ পোঁ; রূপান্তরে পাঁই পাঁই। ৪। অতিবেগে পলায়ন। পোঁ ধরা—অন্যের সুরে সুর মিলান; ধুয়া ধরা; পরের গোড়ে গোড় দেওয়া।

পোঁচ, পোঁছ (চ্‌ ছ্‌) [সং—মোচন হইতে] বি. লেপন। ২। মার্জ্জনা; মোছন। ৩। করতলের দৈর্ঘ্য।

পোঁচড়া, পোঁচলা (চ্‌) [সং—প্রলেপ। হি—পুচড়া; পুচরা] বি. প্রলেপ। ২। বালি চূণ। ৩। রগড়ানি; মোছন।

পোঁচন, পোঁছন (ন্‌) [সং—মোচন হইতে] বি. মুক্তকরণ; পরিষ্কারকরণ। ২। বিলোপ করণ।

পোঁচা [হি—পৌঁচা] বি. হস্তের নিম্নভাগ; হাতের কব্জা।

পোঁচা [হি—পুঁছনা। পিজন্তরূপ—পোঁচানো] ক্রি. জিজ্ঞাসাবাদ করা; সংবাদ রাখা; তত্ত্ব লওয়া। ২। গ্রাহ্য করা। প্র—"কেউ তাকে পোঁচেও না।"

পোঁছা [হি—পোঁছনা, সং—মোচন হইতে] উ-পু—পুঁছি। ম-পু—পোঁছ; পুঁছুন; পোঁছ্‌। প্র-পু—পোঁছে; পোঁছেন। অস-ক্রি—পুঁছিতে; পুঁছিয়া, পুঁছে। পিজন্ত—পোঁছান] ক্রি. মুছিয়া ফেলা; রগড়ান; ঘর্ষণ দ্বারা দাগ বা সংলগ্ন পদার্থ চিহ্ন বিলোপ করা। প্র—"ভুঞ্জিয়া কাপড়ে পোঁছে হাত।"—কবিকঙ্কণ।

পোঁটলা (ট্) [পোটলা দ্রঃ]।

পোঁটা [পিত্ত হইতে] বি. নাড়ী ; অন্ত্র ; আঁত। ২। শ্লেষ্মা ; গাঢ় শিকনি। প্র—নাকের পোঁটা। ৩। মাছের অন্ত্র ; পটপটি পিত্তাদি।

পোঁটা [পোটা দ্রঃ] বি. পুং. শিশু ; খোকা [বিরল]। স্ত্রী. পুঁটী [আদরার্থে] শিশু কন্যা ; খুকি।

পোঁতা [সং—প্রোথিত. অপভ্রংশে] বিণ. প্রোথিত ; ভূগর্ভে নিহিত। ২। [প্রোথ্—ধাতুজ। উ-পু—পুঁতি। ম-পু—পোঁত : পুঁতুন ; পোঁত্। প্র-পু—পোঁতে ; পোঁতেন। অস-ক্রি—পুঁতিতে, পুঁত্তে ; পুঁতিয়া, পুঁতে। ণিজন্ত—পোঁতান (নো)] ক্রি. প্রোথিত করা ; ভূগর্ভস্থ করা। প্র—"ঘাড় ভেঙ্গে রক্ত খাব পুঁতে যাব পাঁকে।"—শিবায়ন।

পোঁতা (পোতা দ্রঃ) বি. যে উচ্চভূমির উপর ঘর তোলা হয় এবং যাহার পৃষ্ঠদেশকে ঘরের মেঝে বলে ; ঘরের মেঝের সমান উচ্চ দাওয়া সমেত মেঝে। প্র—"ইন্দ্রনীল পাষাণে রচিত কৈল পোতা।"—কবিকঙ্কণ। ২। ভিটা : গৃহের পত্তনস্থান।

পোঁদ, পোঙা (দ্) [সং—পায়ু, কটিপ্রোথ —প্রোথ। আধু-বাং-য় অশিষ্ট ব্যবহার] বি. গুহ্যদেশ। ২। পাছা ; নিতম্বের নিম্নভাগ। ৩। হি—পেঁদি, পেঁদা] তলদেশ ; তলা ; খুবা। প্র—কলসাদির পোঁদ। ঘটির পোঁদ। ৪। পশ্চাদ্ভাগ ; পশ্চাদ্দিক। প্র—ছুঁচের পোঁদে সুতা পরান। পোঁদ ঘুরান—নৃত্য করা। পোঁদ ঘুরাইয়া বসা—বিপরীত দিকে মুখ করিয়া বসা ; প্রতিকূল ভাবের চিহ্ন ; পোঁদের গোড়ায়—অতি নিকটে। পোঁদতলতল—অতিশয় ভয় প্রাপ্তির লক্ষণ। পোঁদ তলা—আশ্রয়। পোঁদ ফিরান—বিপরীত দিকে মুখ করা ; প্রতিকূল হওয়া। পোঁদ কাত করিয়া পড়া—অতি ক্লান্ত ও নিঃশক্তি হইয়া পড়া। পোঁদ বসা—কোন স্থানে অবস্থিতি করা। প্র—এক দণ্ডের জন্যও কোথাও তাহার পোঁদ বসে না। পোঁদ-পাকা—অকালপক্ব। পোঁদাপুঁদি—ঘেঁষাঘেঁষি। নেংট পোঁদ —উলঙ্গ।

পোঁদা [পোঁদ + আ (বিশিষ্টার্থে)। প্রা] বিণ. পোঁদবিশিষ্ট। স্ত্রী—পুঁদী। কপ্নী পোঁদা—যাহার বস্ত্র পরিধানের সঙ্গতি নাই. যে কৌপীন মাত্র ধারণ করে ; অতিশয় দরিদ্র। লেঙ্গটী পোঁদা—যে লেঙ্গট মাত্র পরিধান করে ; সঙ্গতিহীন ; নিঃসম্বল ; কৌপীন ধারী। পাকা পোঁদা—পোঁদ পাকা দ্রঃ। ডেও পোঁদা—নিতম্বভাগ যাহার উন্নত। ধুচুনি পোঁদা—বিস্তৃত ও স্থূলনিতম্বযুক্ত। ছিনে পোঁদা—কৃশ ও হ্রস্ব নিতম্বযুক্ত। ন্যাকা পোঁদা—ন্যাকা (দ্রঃ), বিদ্রূপে পোঁদা।

পোক (ক্) [পোকা দ্রঃ। ওড়ি] বি. কীট ; কৃমি।

পোকা [সং—পুত্তিকা. ওড়ি—পোক] বি. কীট পতঙ্গের সাধারণ নাম ; insect. প্র—মাটী খুঁড়িতেই পোকাগুলা বাহির হইয়া পড়িল। পোকাটা উড়িয়া চোখে আসিয়া পড়িল। বিশিষ্টার্থে পোকা পালকহীন কীট। উই-পোকা—শ্বেত পিপীলিকা ; বল্মীককীট। এঁবোপোকা—আম্রের ভিতরে জন্মে যে কীট। কাঁচপোকা—উজ্জ্বল সবুজ রংয়ের পক্ষযুক্ত পতঙ্গ ; এই পোকার দেহ কাটিয়া টিপ করা হয় বলিয়া ইহাকে টিপ পোকা ও বলে। কাপুড়ে পোকা—কাপড় কাটা কীট। কুমরে বা কুমিরকে পোকা—ইহারা নানা আকারের মাটির বাসা নির্ম্মাণ করিয়া তাহার মধ্যে থাকে বলিয়া এই নাম। গাঁধিপোকা—ইহারা দলে দলে ধান্যক্ষেত্রে পড়িয়া ধান নষ্ট করে। গুটিপোকা—রেশমকীট। গুবরেপোকা—পচা গোবরে যে সাদা সাদা কীট জন্মে। ঘুর ঘুরিয়া পোকা, ঘূর্ণীপোকা—প্রায়ই ঘুরিতে থাকে বলিয়া এই নাম ; ইহার কামড়ে ক্ষত শীঘ্র শুষ্ক হয় না ; চুলচুলে বা ধুলা পোকা—গ্রন্থকীট ; বই কাগজ নষ্টকারী কীট। চেলোপোকা—চাল গম প্রভৃতি নাশকারী এক প্রকার সরু কাল রংয়ের ক্ষুদ্র কীট। ছারপোকা—স্বনামপ্রসিদ্ধ রক্ত-জীবী গন্ধকীট ; খাট পালঙ্কের ছিদ্র মধ্যে থাকে বলিয়া ইহার হিন্দী নাম খাটমল বা খাটকীড়া। জলোপোকা—জলে জন্মে ও জলাশয়াদির ধারে থাকে বলিয়া এই নাম। জোনাকি বা জুনী পোকা—সংস্কৃতে জ্যোতিরিঙ্গণ. ইহার পশ্চাৎভাগ অন্ধকার রাত্রে ক্ষীণ নক্ষত্রের ন্যায় টিপ্ টিপ্ করিয়া জ্বলে বা ঝিক্মিক্ করে বলিয়া এই নাম। ঝিঁঝিঁপোকা—রাত্রে ঝিঁ ঝিঁ শব্দ করে বলিয়া এই নাম। টিপ পোকা—কাল রংয়ের কঠিন পক্ষবিশিষ্ট কীট-বিশেষ ; ইহার ডানা কাটিয়া টিপ করা হয় বলিয়া ইহার এই নাম। ইহার অন্য নাম পাথুরে পোকা। তেলাপোকা [সং—তৈল পায়িকা] আরশুলা। পদ্মীপোকা পেদোপোকা—দুর্গন্ধ কীটবিশেষ। পাতরপোকা—কাল রংয়ের পক্ষবিশিষ্ট জলজ কীট। বাদলাপোকা—বর্ষাকালে উৎপন্ন ক্ষুদ্র পক্ষযুক্ত কীট। মক-মলপোকা—মখমলের ন্যায় উজ্জ্বল ও মসৃণ-দেহবিশিষ্ট কীট। শুয়াপোকা—শূক কীট ; সূক্ষ্ম মুখ কণ্টকবৎ লোমাবৃত দেহ বহু পদী কীটবিশেষ। শ্যামাপোকা—সবুজ বর্ণের অতি ক্ষুদ্র পতঙ্গ ; ইহারা ঝাঁকে ঝাঁকে উড়িয়া আলোর উপরে পড়ে। সোনাপোকা—উজ্জ্বল ময়ূর কণ্ঠী রঙ্গের পক্ষযুক্ত কীট। ইহার ডানা কাটিয়া টিপ করা হয়।

পোকান (ন্) [প্রাদে। সং—পুত্রক] বি. পুত্র।

পোক্ত, পোক্তা [ফা] বিণ. দৃঢ় ; কঠিন। ২। পাকা ; মজবুত। প্র—দেখিয়া শিখিয়া একটু পোক্ত হওয়া। ৩। পরিণত ; পরিপক্ব। পাকাপোক্ত—সুদৃঢ়। ২। সুদক্ষ।

পোখরি (খ্) [প্রা-বাং] বি. পুষ্করিণী ; পুখুর। প্র—"নিয়র পোখরি দূরে যায়।"—খনা।

পোখানি [পোকান দ্রঃ প্রা-বাং] বি. পুত্র। প্র—"ভালই ছাওয়াল তুমি নন্দের পোখানি॥"—ভাগবত (মালাধর বসু)।

পোগণ্ড [সং—পৌগণ্ড দ্রঃ] বিণ. বিকলাঙ্গ।

পোট (ট্) [পুট্ (যুক্ত হওয়া) + অ ভাবে—অল্] বি. পুং. স্পর্শ ; যোগ। ২। মনের মিল ; মিলন ; সদ্ভাব। প্র—তাহার সঙ্গে পোট হয়ে গেলে আর বাধা দিবে না। ক্রি. পটান (দ্রঃ)।

পোটগল (ট্. ল্) [সং] বি. পুং. মৎস্য-বিশেষ। ২। কাশ তৃণ। ৩। নল ; পাগড়া।

পোটফোলিও (ট্) [ইং—portfolio] পুস্তকের আকারে কাগজের আধার যাহাতে আবাঁধা ছবি. ছাপা. চিঠিপত্র. আবাঁধা কাগজ প্রভৃতি রাখা হয় ; "a case in the form and of the size of a book, intended for the preservation of loose paper, prints, &c.

পোটম্যাণ্টো (ট্) [ইং—portmanteau] বি. চামড়ার সিন্দুক বা বাক্স।

পোটলা, পোট্‌লা (ট্) [হি—পোট্‌লা] বি. গাঁটরী ; কাপড়ের বস্তা বা মোট। ক্ষুদ্রার্থে পোটলী, পুঁটুলী। পোঠলা

লী—ছোট বড় গাঁটরী ; ছোট বড় মোট ; bags and baggages. প্র—"পোটলা পুঁটুলি বাঁধি স্বদেশে দেন চম্পট"। —দ্বিজেন্দ্র রায়।

পোটলী (ট্) [পোটলা দ্রঃ। প্রা—পুঁটুলী] বি, পোটলা অপেক্ষা ছোট মোট। প্র—'সর্ব্বস্ব পোটলী ভরা বান্ধি নিল কোল সরা সুতা নিল নাটাই সহিত।"—কবিকঙ্কণ।

পোটা [সং] বি, স্ত্রীলক্ষণ স্তন এবং পুংলক্ষণ গোঁপ দাড়িযুক্ত লোক ; পুরুষের লক্ষণাক্রান্ত স্ত্রীলোক এবং স্ত্রীলোকের লক্ষণযুক্ত পুরুষ।

পোটিক (ক্) বি, স্ফোটক ; বিস্ফোটক : ফোড়া।

পোড় (ড়্) [সং—পুট (দীপ্তি অর্থক) অথবা পুড়ি (চূর্ণন অর্থক) ধাতু হইতে] বি, দহন ; দগ্ধীভবন। প্র—"কুমারের পোনে যেন পোড়ে পোড়ে পোড়"।—ঈশ্বর গুপ্ত। ২। অগ্নিতে শোধন। ৩। অগ্নিপরীক্ষা ; পরীক্ষা। পোড় খেকো—পরীক্ষিত। পোড় দেওয়া—পোড়াইয়া লওয়া। পোড়ের ভাত—সাধাঃ—পোরের ভাত—কেবল ঘসির আগুনে সিদ্ধ চাউল ; রোগীর পথ্য।

পোড়দ (দ্) [প্রাদে] বি, পোড : দহন।

পোড়ন (ন্) বি, পোড় : দহন। ২। জ্বলন ; দগ্ধীভবন।

পোড়নি [প্রা-বাং বৈ, পদাবলী] বি, দহন। প্র—"হিয়া দগধনি পরাণ পোড়নি কেনবা এমতি কৈল।"—চণ্ডীদাস।

পোড়া [পোড দ্রঃ। উ-পু—পুড়ি। ম-পু—পোড় : পুড়ন ; পোড়্। প্র-পু—পুড়ে, পোড়ে ; পুড়েন, পোড়েন। অস-ক্রি—পুড়িতে, পুড়তে ; পুড়িয়া, পুড়ে। ণিজন্ত—পোড়ান (নো)] ক্রি, দগ্ধ হওয়া ; জ্বলা। ২। [লক্ষণায়] অনুতপ্ত হওয়া। ৩। শোকে সন্তপ্ত হওয়া। ৪। বাক্যযন্ত্রণা ভোগ করা। ৫। বিণ, যাহা পুড়িয়াছে ; দগ্ধ ; ভস্মীভূত। প্র—"মুখপোড়া। স্ত্রী, পুড়ী। প্র—মুখপুড়ী। ৬। দগ্ধভাগ্য ; হতভাগ্য। প্র—"পোড়া লোক না জানে পিরীতি বোলে কারে"—চণ্ডীদাস। ৭। 'মুখ পোড়া' অর্থে সংক্ষেপে, পোড়া। পোড়া কপাল—দুর্ভাগ্য (কপাল দ্রঃ)। পোড়া কপালিয়া, পোড়া কপালে—যাহার অদৃষ্ট অতিশয় মন্দ (কপাল দ্রঃ)। পোড়া ভাগ্য—মন্দ অদৃষ্ট ; দুর্ভাগ্য। প্র—"ওমা ওমা পোড়া ভাগ্য উকীলের ওঁছা"—হেম বন্দ্যো। পোড়া মুখ—যাহার মুখ পুড়িয়াছে। ২। কালা মুখ : মুখ পোড়া। পোড়ার মুখ—পোড়া অবস্থার মুখ ; দগ্ধ মুখ। পোড়ার মুখো—যাহার মুখ পুড়িয়া গিয়াছে। ২। কালা মুখা (তুল—হি—কালমুঁহা)। [প্রা বাং—পোড়া মুঞা, পোড়া মুএে। পোড়া মুঙে। প্রাদে—পোড়ার মুয়ে]।

পোড়ান (ন্) [পোড়—অন (ভাবে)] বি, পোড় ; পোড়ন ; পোড়ানি : দহন ; জ্বলন। প্র—এমন পোড়ান পুড়েছে যে সে মুখ আর দেখতে পারবে না।

পোড়ান (নো) [পোড়া দ্রঃ। উ-পু—পোড়াই। ম-পু—পোড়াও : পোড়ান্ ; পোড়া। প্র-পু—পোড়ায় ; পোড়ান। অস-ক্রি—পোড়াইতে, পোড়াতে : পোড়াইয়া, পোড়ায়ে, পুড়িয়ে] ক্রি, দগ্ধ করা : জ্বালান : আগুনে ঝলসান। ২। ভস্ম করা। ৩। ক্ষার যোগে ক্ষত করা ; হাজান। কপাল পোড়ান—সর্ব্বনাশ করা। মুখ পোড়ান—মুখে অগ্নি সংযোগ করা। ২। লজ্জা দিয়া মুখ বিবর্ণ করা। ৩। অত্যন্ত গরম দুগ্ধ বা অন্ন খাইবার কালে তাহাতে মুখ স্পর্শ করায় ওষ্ঠ জিহ্বাদি দগ্ধ করা। পা পোড়ান—পুড়িয়া ফোস্কা হয় এমন উত্তপ্ত বালুকা বা ভূমিতে পা রাখিয়া পায়ের তলা দগ্ধ করা। পিঠ পোড়ান—খর রৌদ্রে খোলা পিঠ পাতিয়া বসিয়া পিঠ পোড়ান। হাত পোড়ান—রন্ধনকালে তপ্ত তৈলাদি দগ্ধ কড়াই বা তপ্ত ফেন স্পর্শে হাত পোড়ান ; প্রদীপের শীষে হাত পোড়ান। গাল পোড়ান, জিহ্বা পোড়ান পাণের সহিত অধিক চুণ খাইয়া গাল বা জিহ্বা দগ্ধ করা।

পোড়ানিয়া [হি—পোড়ইয়া। পোড়ান (দ্রঃ)—ইয়া। সংক্ষেপে—পোড়ানে। স্ত্রী, পোড়ানী] বিণ, যে পোড়ায় : দহনকারী। ২। যে জ্বালায় ; জ্বালানিয়া।

পোড়েন (ন্) বি, বস্ত্রের অনুপ্রস্থগামী সূত্র। টানা পোড়েন—বস্ত্রাদির দৈর্ঘ প্রস্থের সূত্র। ২। বস্ত্রাদির বুনানির মত পুনঃ পুনঃ একই কারণে কোন স্থানে যাওয়া আসা।

পোড়ো (পো) [পঠ্ ধাতুজ। হি—পড়উয়া] বি, পড়ুয়া ; ছাত্র।

পোড়ো [পট (বেষ্টনে) ধাতুজ] বি, অণ্ডাকৃতি গর্ভবেষ্টক চর্ম্ম ; ভ্রূণস্থালী।

পোড়ো [পড়ো দ্রঃ। পত ধাতুজ অথবা পড়ি ধাতু (নাশনে) হইতে] বিণ, যাহা পড়িয়া গিয়াছে : যাহা নষ্ট হইয়া গিয়াছে। ৩। যাহা অব্যবহৃত অবস্থায় পড়িয়া আছে : জনশূন্য। পোড়ো বাড়ী—যে বাড়ীতে লোকজনের বাস নাই শূন্য পড়িয়া আছে ; যে বাড়ী পড়িয়া থাকিয়া ভগ্ন ও নষ্ট হইয়া গিয়াছে।

পোণা (না) বি, রোহিত কাতলা প্রভৃতি মাছের বাচ্ছা ; চারা মাছ। প্র—"পোণা মাছ দলে দলে ভাসে এ নূতন জলে"—চন্দন।

পোত (ত্) [সং] বি, পুং, শিশু ; শাবক। ২। দশমবর্ষীয় হস্তী।

পোত (ত্) বি, বহিত্র ; নৌকা। ৩। পাইলযুক্ত জাহাজ। প্র—অর্ণবপোত। ৪। পট ; স্থূল বস্ত্র। প্র—পোতাচ্ছাদন।

পোতকী [সং। হি—পোই] বি, স্ত্রী, পোতিকা ; পুঁই শাক।

পোতন (ন্) [পু (পবিত্র করা) + তন (কর্ত্তৃ)] বিণ, পুতন ; পবিত্রকারী।

পোতন (পোতোন্) [সং—প্রোথ্ ধাতুজ] বি, প্রোথিত করণ ; ভূগর্ভে নিহিত করণ পুঁতিয়া ফেলন।

পোতনায়ক (ক্) [পোতের (নৌকাদি জল যানের) নায়ক (অধ্যক্ষ)—৬ তৎ] বি, পুং, নৌ-পরিচালক ; পোতাধ্যক্ষ ; জাহাজাদির কাপ্তেন।

পোতবণিক (বোনিক্) [পোতে (নৌকাদিতে) বণিক্ (ব্যবসায়ী)—৭ তৎ] বি, পুং, সাংযাত্রিক ; যাহারা নৌকাতে থাকিয়া বাণিজ্য করে, জাহাজে করিয়া সমুদ্রপারে গিয়া যাহারা জলপথে বাণিজ্য করে ; বহির্বাণিজ্যকারী

পোতবাহ (ত্) [পোত (জলযান)—বহ (বহন করা) + অ (কর্ত্তৃ—অণ্)] বি, পুং, নৌপরিচালক ; দাঁড়ি মাঝি : নাবিক।

পোতা [পূ (পবিত্র করা) + তৃ (কর্ত্তৃ তৃচ্) = পোতৃ ১মা, ১ব] বি, পুং, যজ্ঞাদি কার্য্যে নিযুক্ত পুরোহিতবিশেষ। তুল—হোতা। ২। বিষ্ণু।

পোতা—ফোতা দ্রঃ।

পোতা [হি—পোতা। সং—পৌত্র হইতে] বি, পৌত্র ; পুত্রের পুত্র। প্র—"রাম ওঝার পোতার নাম দামোদর। কুলে ওঝা বাঁড়ুরি পদবী রত্নাকর।"—কবিকঙ্কণ। ৩। [পোঁতা দ্রঃ। সং—"পোত গৃহস্থানে চ বাসসি"—মেদিনী"] ঘরের মেজে : ভিত। প্র—"ইন্দ্র নীল পাথাণে রচিত কৈল পোতা"—কবিকঙ্কণ

পোতাচ্ছাদন (ন্) [পোত (বস্ত্র) + আচ্ছাদন] বি, ক্লী, বস্ত্রগৃহ ; পটবাস : বস্ত্রকুটিম ; তাঁবু।

পোতাধ্যক্ষ (পোতাধ্যোক্খ) বি, পুং, পোতনায়ক ; নৌ-পরিচালক ; জাহাজের কাপ্তেন।

পোতামাঝি [পোত + আ (সম্বন্ধে)—মাঝি] বি, পোতের মাঝি, জাহাজের খালাসী। ২। [জাহাজের খালাসী প্রভৃতি স্বভাবতঃ দৃঢ়কায় বলিয়া লক্ষণায়] দৃঢ়কায় ব্যক্তি ; বলবান্

লোক। তুল—জাহাজী গোরা। প্র—"দশ বিশ পোতামাঝি বীরে লয়ে যায়। এক মুণ্ডা ঘরখানে প্রবেশ করায়॥"—কবিকঙ্কণ।

পোতারোহী বিণ. পোতারোহণকারী; নৌকা-যাত্রী; জাহাজের যাত্রী।

পোতাশ্রয় (পোতাস্‌স্রয়্) [পোত—আশ্রয়] বি. নৌকা জাহাজ প্রভৃতি জলযানের আশ্রয়-স্থান, বন্দর; নৌকার আড্ডা।

পোত্র (পোৎত্র) [সং] বি, পুং, শূকরের মুখের অগ্রভাগ বা থুথনি। বিণ. **পোত্রী**—পোত্রযুক্ত। ২। বি, শূকর।

পোথা [হি] বি. বড় পুঁথি; পুস্তক। প্র—"ভারত অমৃতকথা ব্যাস বিরচিত পোথা অবহেলে যেইজন শুনে।"—কাশী-মহা-সভা।

পোদ (দ্) [প্রালে] বি, পুং, জল অনাচরণীয় হিন্দু জাতিবিশেষ।

পোদবৃত্তি (দ্) বি, পোদজাতির অবলম্বিত বৃত্তি। ২। হীন বৃত্তি; নীচজাতিসুলভ জীবিকা। প্র—"বল বিলক্ষণ কিন্তু শুন শৈল সুতা। দেবতার পোদবৃত্তি বড়ই লঘুতা॥"—শিবায়ন।

পোদ্দার (র্) [ফা) বি, মুদ্রাপরীক্ষক; স্বর্ণরৌপ্য রত্নাদির কৃত্রিমতা, মূল্যাদি প্রভৃতি পরীক্ষাকারী। ২। অর্থবণিক; মহাজন; banker

পোদ্দারি [পোদ্দার—ই (ব্যবসায়ার্থে)] বি, পোদ্দারবৃত্তি; পোদ্দারের কর্ম্ম; মহাজনী; banker.

পোনর—বিণ, পাঁচ অধিক দশ; ১৫ এই সংখ্যা।

পোনরই বি, মাসের পনের তারিখ।

পোপান (ন্) [প্রা-বাং। পো (পোলা, পুত্র) পান (আন বহুবচনে, প্রভৃতি অর্থে) হি—র অনুকরণে] বি, সন্তানগণ; ছেলে পুলে। প্র—"যে নারী কাটন নাহি কাটে। রাতি পোহাইলে পোপানকে সাটে॥"—ডাক।

পোয়া [হি—পৌয়া পদ হইতে] বি, ঢেঁকী যে কাষ্ঠ দণ্ডদ্বয়ের উপর ভর দিয়া থাকে। প্র—"কন্দলে পরমানন্দ নারদের ঢেঁকী। আঁক-শলী পোয়া যোনা গড়ে মেকামেকী॥"—অন্নদামঙ্গল। ২। সেরের চতুর্থাংশ। **পোয়াবার**—সর্ব্ববিষয়ে প্রতুল। **চারি পোয়া**—সম্পূর্ণ; পরিপূর্ণ।

পোয়াতী [পোআতি দ্রঃ] বি, প্রসূতি। প্র—"এগিয়ে এস বড় ঠাকরুণ সাত পোয়াতীর মা"—হেম বন্দ্যো।

পোয়ান (ন্) [পোআন দ্রঃ। সংক্ষেপে—"পোন"] বি, কুম্ভকারের ঘটাদি দগ্ধ করিবার স্থান। ২। রৌদ্র সেবন; অগ্নি সেবন। প্র—রোদ পোয়ান, আগুন পোয়ান। অতিবাহন করা; অতিবাহিত হওয়া।

পোয়াল (ল্) [পোয়াল দ্রঃ] বি, বিচালি; খড়। প্র—"ঢেঁকীশালে শয়ন আমার পোয়া-লের খড়।"—কবিকঙ্কণ। **পোয়াল কুড়**—খড়ের স্তূপ। প্র—"পোয়াল কুড় সমান হনুমান তোলে চালা।"—কবিকঙ্কণ।

পোরা [সং—পূর্ণ] বিণ, পূর্ণ; যাহা পূর্ণ করা হইয়াছে। ২। ক্রি, পুরা; পূর্ণ করা। ৩। ফুঁ দ্বারা পূর্ণ করা; ফুঁ দিয়া বাজান। প্র—"আনন্দিত হৈয়া সবে পোরে সিঙ্গা বেণু।"—চণ্ডীদাস। ৪। প্রবেশ করান; ঢুকান।

পোর্টমাণ্ট, পোর্টমাণ্টো (পোট্‌মান্‌টু) [ইং portmanteau] বি. তোরঙ্গ; চামড়ার সিন্দুক। প্র—কালীকান্ত ঘাটে নৌকা লাগাইয়া পদব্রজে যাইতেছিল, সঙ্গে রামা চাকর একটা পোর্টম্যান্টো বহিয়া যাইতেছিল।"—লোকরহস্য (বঙ্কিম)।

পোলা [প্রাদে পূঃ বঙ্গে। পুত্র শব্দজ] বি, পুত্র; ছেলে। ইহা হইতে **পুলে**। স্ত্রী, **পুলী**।

পোলাও [ফা। তুল—সং—পলান্ন] বি, বাদাম পেস্তাদি সহ ঘৃতপক্ব অন্ন; মসলা যোগে মৎস্য, মাংস বা ডিম্ব সহ ঘৃতপক্ব ওদন। **মিঠা পোলাও**—কিসমিস ও চিনি সহ-যোগে ঘৃতপক্ব ওদন।

পোলিকা [প্রাদে] বি, স্ত্রী, পাতলারুটি। ২। পিষ্টকবিশেষ।

পোলিন্দ বি, জাহাজের ডেকের অংশবিশেষ।

পোলো [সং—পলব, পল অপভ্রংশে] বি, মৎস্য ধরিবার বংশ শলাকা নির্ম্মিত একমুখ সরু অন্যমুখ ফাঁদাল লম্বা ঝুড়ির আকৃতি জাল-বিশেষ; সং-তে পঞ্জরাপেট ইহার নামান্তর। ২। অশ্বারোহীদিগের কন্দুক ক্রীড়াবিশেষ; polo

পোশাক (ক্) বি, পরিধান-যোগ্য বস্ত্রাদি; পরিচ্ছদ।

পোশাকী—পোষাকী দ্রঃ।

পোষ (ষ্) [পুষ্ (পালন করা) + অ (ভাবে ঘঞ্)] বি, পুং, পালন। ২। বর্দ্ধন। **পোষ যাওয়া**—পোষাইয়া যাওয়া; সঙ্কুলান হওয়া। ২। পালন হওয়া।

পোষ (ষ্) বি, পৌষ দ্রঃ।

পোষক (ক্) [পুষ্ (পালন করা + (অক—কর্ত্তৃ) যে পোষণ করে] বিণ, পালক। ২। সমর্থক; সহায়ক। ৩। পুষ্টিসাধক।

পোষকতা (পোষোকতা) বি, আনুকূল্য; সহায়তা; সাহায্য।

পোষড়া (ষ্) বি, পৌষপার্ব্বণ। প্র—"প্রবাসী পুরুষ যত পোষড়ার রবে। ছুটি নিয়া ছুটাছুটি বাড়ী এসে সবে॥"—ঈশ্বর গুপ্ত।

পোষণ (ন্) [পুষ্ (পালন করা) + অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, পালন। ২। বর্দ্ধন। ৩। [বিশেষার্থে "স্বভক্তেষু ভগবতঃ অনুগ্রহপালনং বা"] ভক্তদিগের প্রতি ভগবানের অনুগ্রহ।

পোষণীয়—বিণ, প্রতিপালনযোগ্য; পালনীয়। ২। বর্দ্ধনীয়; পুষ্টিকর।

পোষমানা (ষ্) ক্রি, পরের পালন বা পাল-কের বশ্যতা স্বীকার করা; বশ হওয়া।

পোষা [সং—পোষণ—পোষ] বিণ, পোষিত; পালিত। ২। শান্ত ও বাধ্য।

পোষা—ক্রি, পোষণ করা; পালন করা। প্র—"নাহি পোষে বাপ মা প্রভাতে না করি তার নাম।"—কবিকঙ্কণ।

পোষাক (ক্) [ফা] বি, পরিচ্ছদ; বেশ।

পোষাকী (পে্া) [ফা—পোষাক + ঈ (সম্বন্ধে)] বিণ, পোষাক সম্বন্ধীয়। ২। পোষাকের উপযুক্ত; সভ্য সমাজের রীতি ও রুচি অনুযায়ী সুন্দর ও মূল্যবান পরিচ্ছদাদি—যাহা পরিধান করিয়া সভা সমিতি নিমন্ত্রণাদিতে গমন করিতে পারা যায়। ৩। যাহা সর্ব্বদা ব্যবহার করা হয় না সুতরাং যাহা প্রায় তুলিয়াই রাখা হয়; তোলা; আটপৌরের বিপরীত। প্র—"কোনটাকে আট পৌরে করিয়া রাখে নাই"—রবি। **পোষাকীভাষা**—সাধুভাষা। **খোস্‌-পোষাকী**—সৌখীন; সৌখীন পরিচ্ছদ-ধারী।

পোষাণ (নো) [পোষ (দ্রঃ) + আন (ক্রিয়ায়) সকর্ম্মকার্থে ও অকর্ম্মকার্থে। উ-পু—পোষাই। ম-পু—পোষাও। প্র-পু—পোষায়। অস-ক্রি—পোষাইতে; পোষাইয়া; পুষিয়ে] ক্রি, সংকুলান হওয়া বা করা; আঁটা বা আঁটান। ২। প্রতিপালন করান।

পোষানি [পোষ (পোষণ হইতে। তুল—খোরপোষ) + আনি (বৃত্তি অর্থে)] বি, পোষণব্যয়; পুষিবার বা পালনের খরচ।

পোষ্ট (ষ্ট্) [ইং—post] বি, চিঠি, পুস্তক, কাগজের পুলিন্দা বা সংবাদ প্রভৃতি একস্থান হইতে অন্য স্থানে প্রেরনসাধন; পত্রবাহক; ডাক। **পোষ্ট অফিস, আপিস**—পত্রাদি প্রেরণের ও প্রাপ্তির স্থান; ডাকঘর; post office. **পোষ্টকার্ড**—ডাকঘরের চিহ্নাঙ্কিত পত্র লিখিবার নির্দ্দিষ্ট ওজন ও আকারের কাগজখণ্ড; postcard. **পোষ্ট মার্কা**—ডাকের মোহর; postmark. **পোষ্টমাষ্টার**—ডাক-ঘরের প্রধান কর্ম্মচারী; postmaster. **বুকপোষ্ট**—দুমুখখোলা পুস্তকের বা

পত্রিকাদির পুলিন্দা যাহা ডাকে পাঠাইবার খরচ প্রতি দশতোলা ওজনে অর্দ্ধ আনা। বেয়ারিংপোষ্ট—বিনা মাশুল বা ডাকটিকিট ব্যতীত যাহা ডাকে পাঠান হয় এবং প্রাপ্য মাশুল আদায়ের পর ডাকখানার লোক দ্বারা উদ্দিষ্ট ব্যক্তির হস্তে অর্পিত হয়; bearing-post. ভি, পি, পোষ্ট—[ভি. পি. দ্রঃ]।

পোষ্টা [পুষ্ (পালন করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = পোষ্টৃ ১মা, ১ব] বিণ, পরিপোষক; পোষণকর্ত্তা; প্রতিপালক। প্র—"প্রভু বলে কৃষ্ণ পোষ্টা করিবে পোষণ।"—চৈতন্য-ভাগবত।

পোষ্টাই—বি, সজল দুগ্ধ পাক করা সুজি; রোগীর পথ্যবিশেষ। ২। পুষ্টিকর খাদ্য।

পোষ্টাপিস,—ফিস (শ্) [post office] বি, পোষ্ট দ্রঃ।

পোষ্য (পোষ্ষ) [পুষ্ (পালন করা) + য (কর্ম্মে—ঘ্যণ্) যাহাকে পালন করা হয়] বিণ, পোষণীয়; প্রতিপাল্য; পোষণযোগ্য। প্র—"পারে নাহি পোষিতে পোষ্যের হৈল ভার পরিত্যাগ করিয়া মানিল পরিহার।"—শিবায়ন। পিতা, মাতা, গুরু, পত্নী, অপত্য, আশ্রিত, অভ্যাগত, অতিথি এবং অগ্নি এই নয় জন গৃহস্থের পোষ্য। প্র—"তস্য পোষ্য রামেশ্বর তদাশ্রয়ে করি ঘর বিরচিল গণেশ-বন্দন।"—শিবায়ন।

পোষ্যপুত্র (পোষ্ষপুৎত্র) [পোষ্য (পালিত) যে পুত্র, কর্ম্মধা] বি, পুং, নিজ ঔরসজাত পুত্রাভাবে পিণ্ড ও বিষয় রক্ষার জন্য অপুত্রক ব্যক্তি কর্ত্তৃক গৃহীত অন্যের দত্ত পুত্র; দত্তকপুত্র। গ্রা—পুষ্যিপুত্তুর।

পোষ্যবর্গ (পোষ্ষবর্গ) [পোষ্যের বর্গ, ৬তৎ] বি, পুং, যে সকল লোক পরের অন্নে পালিত হয়; সংসারে প্রতিপালিত নরনারী।

পোস্ত [ফা] বি, খসতিল গাছ; আফিম গাছ। ২। খসফল; আফিমগাছের ফল; ঢেঁড়ী। ৩। খসবীজ; পোস্তদানা; আফিম ফলের বীজ, ইহা দেখিতে শ্বেতবর্ণ, আকৃতি ঘুণে কাটা কাঠের গুঁড়ার মত; poppy seed. পোস্তদানা—ঢেঁড়ীর বীজ। পোস্ত-ঢেঁড়ী—আফিম গাছের ফল; পোস্তদানার ফল।

পোস্তা [ফা—পুষ্তাহ] বি, ইট পাথরাদিতে গাঁথা প্রাচীরাদির ঠেকনা; ঠেস; ভগ্নপ্রাচীর প্রভৃতি রক্ষার জন্য যাহা গাঁথিয়া দেওয়া যায়। ২। পাকা সরু রোয়াকের মত বাঁধ। ৩। গঞ্জ; বিক্রয়স্থান। ৪। ঘাট; quary.

পোহান (নো) [পোয়ান দ্রঃ] ক্রি, প্রভাত হওয়া। ২। অতিবাহন করা; যাপন করা। ৩। অগ্নি বা রৌদ্র সেবন।

পোহাবার (র্) [পোহা (পোয়া দ্রঃ) বার (১২) = ১ + ১২] বি, পাশাখেলার দান-বিশেষ। এই দান পড়িলে দুটি ঘুঁটি এক সঙ্গে ১২ ঘর এবং দুটির মধ্যে একটি আর এক ঘর বা অন্য ঘুঁটি এক ঘর যাইতে পারে। ইহাতে যে দান পড়ে তাহা অপেক্ষা অনেক বেশী ঘর ঘুঁটি চালা যায় ও জিতের সুযোগ হয়। এই জন্য এইরূপ সুবিধা হওয়াকে পোহা বার বলে। ২। [পাশার দান হইতে] কপালজোর বা জোরকপাল; ভাগ্যসুপ্রসন্ন; সৌভাগ্যোদয়।

পৌংশ্চলেয় [পুংশ্চলী (অসতী) + ঢেয় (অপত্যার্থে)] বিণ, পুংশ্চলীর পুত্র; বেশ্যা-পুত্র; অসতীতনয়।

পৌংসবন (শবন্) [পুংসবন + অ (স্বার্থে—অণ্)] বি, ক্লী, পুংসবন সংস্কার।

পৌঁছ (ছ্) [হি—পহুঁঞ্চা] বি, লাগাইল; লাগ। প্র—ছুটিয়া তাহার পৌঁছ পাওয়া গেল না।

পৌঁছা [হি—পঁহুছ্না] ক্রি, উপস্থিত হওয়া। ২। লাগাইল পাওয়া। পৌঁছাইয়া দেওয়া, পৌঁছে দেওয়া—সঙ্গে করিয়া গন্তব্যস্থানে লইয়া যাওয়া। গন্তব্যস্থানে কাহার সঙ্গে যাওয়া; ঠিকানায় রাখিয়া আসা।

পৌঁছন (ন্) [পঁহুচন দ্রঃ] বি, উপস্থিত। ২। লাগ প্রাপ্তি।

পৌঁছন (পৌঁছোনো) [পহুঁচ দ্রঃ। উ-পু—পৌঁছি। ম-পু—পৌঁছ। প্র-পু—পৌঁছে। অস-ক্রি—পৌঁছিতে; পৌঁছিয়া, পৌঁছে। ণিজন্ত—পৌঁছান] ক্রি, উপস্থিত হওয়া। ২। লাগ পাওয়া; লাগাইল পাওয়া। প্র—তাহার হাত অতদূর পৌঁছে না।

পৌগণ্ড (পৌগনড্) [পৌগণ্ডং পঞ্চমাব্দান্তং "কৌমারং দশমাবধি"—ভাগবত। প্র—"পূর্ব্বে ব্রজে কৃষ্ণের ত্রিবিধ বয়োধর্ম্ম; কৌমার, পৌগণ্ড, আর কৈশোর অতি মর্ম্ম।"—চৈতন্য-চরিত। অপোগণ্ড = পোগণ্ড + অ (ভাবে) অপ = পো] বি, ক্লী, পোগণ্ড দশা। যাহার ৫ হইতে ১৫ (মতান্তরে, ৫ হইতে ১০) বৎসর বয়ঃক্রম; দশবর্ষীয় বালক। ২। বিকলাঙ্গ। ৩। [মিথিলার ভাষায় পৌ (মৈ হি—পথ, পত্র, পে, পৈ, পৌ অব্যয়ার্থে ব্যবহৃত) + গণ্ড (অশ্বভূষণ)] অশ্বভূষণ। প্র—"দিনকর কিরণ ভেল পোগণ্ড"—বিদ্যাপতি। [দ্রঃ—"দিনকর কিরণ ভেল পোগণ্ড" অর্থাৎ বসন্ত "রাজা সৈন্যসামন্ত লইয়া যুদ্ধ সজ্জায় আসিয়াছিলেন। কিন্তু শীত বিনা যুদ্ধেই পলাইল। বসন্ত রাজা আসন গ্রহণ করিলেন। অশ্বারোহণে তাঁহার আগমন, দিনকর কিরণ অশ্বভূষণ।"—নগেন্দ্র গুপ্ত]।

পৌটী [প্রাদে, বর্দ্ধ] বি, ১৬ বিশ; ১৮ মণ।

পৌটেক (ক্) [এক পউটী, পৌটী] (দ্রঃ) বি, চাউলের পরিমাণ; ১৮ মণ। ২। [পোয়া-টাক—টেক (পরিমাণার্থে)] এক পোয়া। প্র—"পৌ টেক চালের অন্ন করে এক গ্রাস।"—কবিকঙ্কণ।

পৌণ্ড্র [পুণ্ড্র + অ (ন্) সম্বন্ধার্থে] বি, পুং, পুণ্ড্র দেশ ও তদ্দেশের অধিবাসী। ২। [হি—পৌণ্ডা—পৌঁড়া] পৌণ্ড্র ইক্ষু; পুঁড়ি আক। ৩। ভীমের শঙ্খ।

পৌণ্ড্রক (ক্) [পৌণ্ড্র + ক সংজ্ঞার্থে] বি, পুং, করুষ দেশের রাজা। ইনি বাসুদেব নামে আপনাকে প্রসিদ্ধ করেন এবং বাসুদেব শ্রীকৃষ্ণের হস্তে নিহত হন। প্র—"পৌণ্ড্রক বাসুদেব"—মহাভারত। ২। পুঁড়োজাতি। ৩। [পৌণ্ড্র দ্রঃ] পুঁড়ি আক।

পৌণ্ড্রবর্দ্ধন (ন্) বি, পুং, বর্ত্তমান পাবনা বলিয়া অনুমিত।

পৌত্তলিক (পৌত্তোলিক্) [পুত্তলি + ইক বিণ, পুতুলপূজক; দেবদেবীর মূর্ত্তি গঠন করিয়া পূজাকারী।

পৌত্তলিকতা (পৌত্তোলিকোতা) [এই শব্দ রাজা রামমোহন রায় কর্ত্তৃক উদ্ভাবিত] বি, সাকার উপাসনা।

পৌত্র (পৌৎত্র) [পুত্র + অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, পুত্রের পুত্র; নাতি। স্ত্রী, পৌত্রী—পুত্রের কন্যা; নাত্নী।

পৌনঃপুনিক (ক্) [পুনঃপুনঃ + ইক (ভাবে—ইকণ্)] বিণ, যাহা পুনঃ পুনঃ উৎপন্ন হয় বারংবার সংঘটন বা আগমনকারী; পুনরাবর্ত্তক। ২। দশমিক ভগ্নাংশের অঙ্কবিশেষ।

পৌনঃপুন্য (পুন্ন) [পুনঃ পুনঃ + য (ণ্) অনুষ্ঠান বা সংঘটনার্থে ষ্যিত্ব] বি, পৌনঃপুনিকতা বারংবারাবর্ত্তন।

পৌনরুক্ত (নো) [পুনরুক্ত + অ (ণ্)—ভাবে] বি, পুনরুক্তি; পুনঃকথন। ২ [পুনরুক্তি সম্বন্ধ। বিণ, পৌনরুক্তিক।

পৌনর্ভব [পুনর্ভূ + অ (অপত্যার্থে—অণ)] বি, পুং, পুনর্ভূপুত্র; বিধবার পুনর্ব্বিবাহিত স্বামীর ঔরসজাত পুত্র; দ্বাদশবিধ পুত্রের অন্যতম। স্ত্রী, পৌনর্ভবা—বাগ্দত্তা, মনোদত্তা প্রভৃতি কন্যা।

পৌনে বিণ, সিকি কম এক।

পৌর [পুর+অ (ভবার্থে—অণ্)] বিণ, পুরবাসী ; নাগরিক। ২। পুর সম্বন্ধীয়। ৩। পুরস্থিত। প্র—পৌর জন। ৪। স্ত্রী, রামকর্পূর।

পৌরক (ক্) [সং] বি, পুং, ভদ্রাসন-সংলগ্ন উদ্যান।

পৌরকার্য্য (র্জ) [পৌর (পুরবাসীদিগের প্রতি কার্য্য (কর্ত্তব্য)] বি, পুরবাসিগণের প্রতি কর্ত্তব্যানুষ্ঠান ; পুরবাসীদিগের রক্ষা, পালন ও সেবা। প্র—"পিতার আদেশ মতে বাম বিধিমতে, পৌরকার্য্য আলোচনা লাগিলা করিতে।"—রামায়ণ (রাজ)।

পৌরজন (ন্) [পৌর (পুরস্থ) জন (নর-নারী] বি, পুরবাসী ; নাগরিক। প্র—"ওগো পৌরজন কর অবধান"—কথা (রবি)

পৌরন্দর (পৌরন্দর্) [পুরন্দর+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, পুরন্দর সম্বন্ধীয় ; ঐন্দ্র। ২। বি, পুং, জ্যেষ্ঠা নক্ষত্র।

পৌরব (ব্) [পুরু+অ (অপত্যার্থে—অণ্)] পুরুবংশে উৎপন্ন ; পুরুবংশীয় ; কুরু পাণ্ডব-গণ যে কুলে জন্মগ্রহণ করিয়াছিলেন সেই কুলজাত। প্র—"পৌরব সরসে নলিনী!" —বীরাঙ্গনাকাব্য। ২। জনৈক প্রাচীন হিন্দু রাজা যিনি ৩ লক্ষ শ্বেতাশ্ব দান ও অশ্বমেধ যজ্ঞানুষ্ঠান করিয়া স্বর্গে গমন করেন। ২। বি, পুং, দেশবিশেষ।

পৌরবী—বি, স্ত্রী, বসুদেবের এক পত্নী ; ইঁহার প্রকৃত নাম রোহিণী ; কিন্তু পাছে বলরামজননী রোহিণীকে বুঝায় এজন্য ইনি পৌরবী নামে প্রসিদ্ধা হন। ২। দেশ ও মল্লার যোগে উৎপন্ন মিশ্র রাগিণী।

পৌরবীয় [পৌরব+ঈয় (হিতার্থে)] বিণ, পৌরব সংক্রান্ত। ২। পুরুবংশীয়। পৌরব-সম্বন্ধীয়।

পৌরশ্চরণিক (নিক্) [পুরশ্চরণ+ইক (ভবার্থে—ইকণ্)] বিণ, পুরশ্চরণ-জনিত ; পুরশ্চরণ-জাত। ২। বি, পুং, পুরশ্চরণ-প্রতিপাদক গ্রন্থের ব্যাখ্যান পুস্তক।

পৌরস্ত বিণ, পূর্ব্ববর্ত্তী ; পূর্ব্বদিকস্থ।

পৌরস্ত্রী (পৌরসত্রি) বি, স্ত্রী, পুরনারী ; পুরাঙ্গনা।

পৌরাঙ্গনা (পৌরাংগনা) বি, স্ত্রী, পুরনারী ; অন্তঃপুরবাসিনী।

পৌরাণ (ন্) [পুরাণ+অ (সম্বন্ধার্থে, অণ্)] বিণ, পুরাণ সম্বন্ধীয় ; পৌরাণিক।

পৌরাণিক (নিক্) [পুরাণ+ইক (জ্ঞাতার্থে, ইকণ্)] বি, পুং, পুরাতন ; প্রাচীন পুরাণের যুগ সম্বন্ধীয়। ২। বিণ, পুরাণসম্বন্ধীয়। ৩। পুরাণবিৎ ; পুরাণ শাস্ত্রে অভিজ্ঞ। পুরাণপ্রবক্তা। স্ত্রী, **পৌরাণিকী**।

পৌরুষ (ষ্) [পুরুষ+অ (ভাবে কিম্বা কর্ম্মার্থে, অণ্)] বি, ক্লী, পুরুষের ধর্ম্ম ; পুরুষত্ব। ২। পুরুষের স্বকীয় চেষ্টা ; পুরুষকার। ৩। সাহস। ৪। তেজঃ ; বীর্য্য ; পুরুষত্ব ; semen virile. ৫। উদ্যম ; উদ্যোগ। ৬। পরাক্রম। ৭। পুরুষ-প্রমাণ দৈর্ঘ্য ; পুরুষ উর্দ্ধবাহু হইলে পদতল হইতে করাঙ্গুলির শীর্ষ পর্য্যন্ত পরিমাণ দৈর্ঘ্য। ৮। গৌরব ; মাহাত্ম্য ; গরিমা। প্র—"আপনা নিন্দিয়া তার বাড়াল পৌরুষ"—ঘনরাম। ৯। বিণ, পুরুষ সংক্রান্ত। ১০। পুরুষ প্রমাণ ; পুরুষের দৈর্ঘ্য পরিমিত।

পৌরুষতা, পৌরুষত্ব (ষো) [পৌরুষ+তা, ত্ব (ভাবে)] বি, পৌরুষের ভাব। ২। সাহসিকতা। ৩। বীর্য্যবত্তা।

পৌরুষী [পৌরুষ দ্রঃ] বিণ, পুরুষ প্রমাণ দীর্ঘ।

পৌরুষেয় [পুরুষ+এয়] বিণ, পুরুষ কর্তৃক অনুষ্ঠিত বা আচরিত। ২। মনুষ্যকৃত। প্র—বেদ পৌরুষেয় বা অপৌরুষেয় তাহার বিচার। ৩। পুরুষপ্রকৃতিগত। ৪। পুরুষ সম্বন্ধীয়। ৫। মানুষিক। ৬। বি, পুং, পুরুষ সমূহ।

পৌরেয় [পুর—এয়] বিণ, পুর সম্বন্ধীয় ; ২। নাগরিক ; পুরবাসী। স্ত্রী, **পৌরেয়ী**—পুরবাসিনী।

পৌরোভাগ্য (গ্গ) [পুরোভাগ+য (ভাবে, যণ্)] বি, গুণভাগ ত্যাগ করতঃ দোষভাগ মাত্র দর্শন।

পৌরোহিত্য (হিৎত) [পুরোহিত+য (ভাবে বা কর্ম্মার্থে, যণ্)] বি, ক্লী, পুরোহিতের কর্ম্ম ; পুরোহিতবৃত্তি ; যাজন ক্রিয়া।

পৌর্ণমাস (পৌর্নমাশ্) [পৌর্ণমাসী (পূর্ণিমা)+অ (ভবার্থে—অণ্)] বি, পুং, পূর্ণিমায় কৃত্য যাগবিশেষ।

পৌর্ণমাসী (পৌর্নমাশি) [পূর্ণমাস+অ (সম্বন্ধার্থে, অণ্) ঈপ্ স্ত্রী, গ্রা—"পুন্নিমে"] বি, স্ত্রী, যে তিথিতে চন্দ্রের ১৬ কলা পূর্ণ হয় ; পূর্ণিমা তিথি ; এই তিথিতে মুখ্য চান্দ্রমাস পূর্ণ হয় বলিয়াই ইহার নাম পূর্ণিমা। ২। বৃন্দাবনের অধিষ্ঠাত্রী দেবী। প্র—"যোগমায়া পৌর্ণমাসী সাক্ষাতে আসিয়া। লইল হরের শিঙ্গা আপনি মাগিয়া॥"—চণ্ডীদাস।

পৌর্ব্ব [পূর্ব্ব—ধ (ভবার্থে—যণ্)] বিণ, পূর্ব্ব-গত ; পূর্ব্বজাত। ২। পূর্ব্বিক ; পূর্ব্বকাল সম্বন্ধীয় ; বিগত। ৩। পূর্ব্ব দেশ সম্বন্ধীয় ; প্রাচ্য। স্ত্রী, **পৌর্ব্বী**।

পৌর্ব্বদেহিক (ক্) বি, পূর্ব্বদেহ সম্বন্ধীয়। ২। পূর্ব্বজন্ম গত।

পৌর্ব্বপদিক (পৌর্বোপোদিক্) [পূর্ব্ব-পদ—ইক (সম্বন্ধে—ইকণ্)] বিণ, পূর্ব্বপদ-সম্বন্ধীয় ; পূর্ব্বপদ ঘটিত। ২। [ব্যাকরণে] সমস্ত পদ বা সমাসযুক্ত পদের পূর্ব্বপদ।

পৌর্ব্বাপর্য্য (পৌর্বাপোর্জ) [পূর্ব্ব—অপর (পর) য (ভবার্থে, যণ্)] বি, ক্লী, পূর্ব্ব ও পর সম্বন্ধ ; পূর্ব্বত্ব ও অপরত্ব ; আনুপূর্ব্বি-কতা। ২। অনুক্রম। ৩। কার্য্যকারণ ; যুক্তি। ৪। হেতু ; কারণ। ৫। উৎপত্তি ; পরিণাম ; ফল।

পৌর্ব্বার্দ্ধ্য (পৌর্বার্ধ) [পূর্ব্বার্দ্ধ+য (ভবার্থে—যণ্)] বিণ, পূর্ব্বার্দ্ধ-সম্বন্ধীয়। ২। পূর্ব্বার্দ্ধ জাত।

পৌর্ব্বার্দ্ধিক (পৌর্বার্ধিক্) [পূর্ব্বার্দ্ধ+ইক (ভবার্থে—ইকণ্)] বিণ, পূর্ব্বার্দ্ধ-সংক্রান্ত। ২। পূর্ব্বার্দ্ধ ঘটিত ; পৌর্ব্বার্দ্ধ।

পৌর্ব্বাহ্নিক (পৌর্বান্হিক্) [পূর্ব্বাহ্ন (দিবার ৩ ভাগের ১ম ভাগ)+ইক (সম্বন্ধার্থে, ইকণ্)] বিণ, পূর্ব্বাহ্ন-সম্বন্ধীয় ; দ্বিপ্রহরের পূর্ব্বকালীন ; প্রাতঃকালের। স্ত্রী, **পৌর্ব্বাহ্নিকী**।

পৌর্ব্বিক (ক্) [পূর্ব্ব+ইক (ভাবে, সম্বন্ধে বা ভবার্থে—ইকণ্)] বিণ, পূর্ব্বস্থ। ২। পূর্ব্বজাত ; পূর্ব্বোৎপন্ন। ৩। পূর্ব্ব-কালীন। ৪। প্রাথমিক। স্ত্রী, **পৌর্ব্বিকী**।

পৌলস্তী (লো) [পৌলস্ত্য দ্রঃ] বি, স্ত্রী, পুলস্ত্য কন্যা ; শূর্পণখা ; কুম্ভীনসী ; রাবণের ভগিনী।

পৌলস্ত্য (পৌলোস্‌ত) [পুলস্ত্য+অ (অপত্যার্থে, অণ)] বি, পুং, পুলস্ত্য মুনির পুত্র ; কুবের ; রাবণ ; কুম্ভকর্ণ ; বিভীষণ। স্ত্রী, **পৌলস্ত্যী**। পৌলস্তী দ্রঃ।

পৌলি, লী—বি, পিষ্টকবিশেষ।

পৌলোমী [পুলোমন্+অ (অপত্যার্থে, অণ্) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, বিপ্রচিত্তির পুত্র, পুলোমা দৈত্যের কন্যা শচী ; ইন্দ্রপত্নী।

পৌষ (ষ্) [পৌষী (পুষ্যানক্ষত্রযুক্ত পূর্ণিমা) +অ (যুক্তার্থে, অণ্)। পুষ্যানক্ষত্রযুক্ত পূর্ণিমা এই মাসে থাকে বলিয়া ইহার নাম পৌষ হইয়াছে] বি, পৌষমাস ; বৎসরের প্রথম মাস বৈশাখ হইতে গণনা করিলে, নবম মাস ; এই মাস য়ুরোপীয় বৎসরের (Julian year) ডিসেম্বর মাসের শেষার্দ্ধ হইতে জানুয়ারীর প্রথমার্দ্ধ পর্য্যন্ত কাল। স্ত্রী, **পৌষী**—পৌষ পূর্ণিমা।

পৌষালী [পৌষ—আলী (হি—য়ালা—য়ালী) প্রা—পুষুলী, পুষুলি] পৌষমাসে যাহা জন্মে বা প্রস্তুত হয়; পৌষেয়।

পৌষ্টিক (ক্) [পুষ্টি+ক (সাধন বা বর্দ্ধন অর্থে—কণ্)] বিণ. পুষ্টিকর; পুষ্টিসাধক। ২। পুষ্টিসাধন ক্রিয়া। ৩। বি, ক্লী. ক্ষৌরকালে ব্যবহার্য্য গাত্রাবরকবিশেষ (শব্দকল্পদ্রুমঃ); কাবাই।

পৌষ্প [পুষ্প+অ (নির্ম্মিতার্থে—অণ্)] বিণ. পুষ্পময়, পুষ্পরচিত। ২। [সম্বন্ধার্থে—অণ্] পুষ্পসম্বন্ধীয়।

পৌষ্পী—বি, স্ত্রী. পাটলিপুত্র নগরের নামান্তর; পুষ্পনগর; পুষ্পপুর (কথা সরিৎসাগরে)।

প্যাঁচ (চ্) [হি—পেঁচ] বি, পেঁচ দ্রঃ। ২। বিপাক। ৩। প্রতিবন্ধক।

প্যাঁটরা (ট্) [পেটিকা শব্দজ] বি, পেটরা (দ্রঃ); ধনরত্ন, অলঙ্কার, বসন, বিলাস দ্রব্যাদি রক্ষণার্থ ধাতু, কাঠ, চর্ম্মাদি নির্ম্মিত পেটিকা।

প্যাঁদ (দ্) [অশ্লীল] বি, যোনিভ্রংশ; fluor albus.

প্যাতান (ন্) [সং—প্রত্যায়ন] বি, পেতান দ্রঃ।

প্যান প্যান (ন্, ন্) [প্যাঁ প্যাঁ (ক্রন্দন শব্দ) সহ পানিপানি (অশ্রু) র ভাব হইতে উৎপন্ন] বি, নাকে কান্না; নাকি সুরে বিলাপ করিতে করিতে অশ্রুমোচন। ক্রি, **প্যান প্যানানো**। বি, **প্যান প্যানানি**।

প্যানেল (ল্) [ইং—panel] বি, কপাটের মধ্যে অপেক্ষাকৃত পুরু ফ্রেমে বসান তক্তা। ২। স্ত্রীলোকের পরিচ্ছদের অঙ্গীভূত বিচিত্রবর্ণ ও প্রকারের বস্ত্রখণ্ড। ৩। বৃহদাকার ফটো বা আলোকচিত্র। ৪। [আদা: পরি:] জুরী-দিগের নামের ফর্দ্দ।

প্যাণ্ট (ন্ট্) [ইং—pantaloon সংক্ষেপে pant] বি, য়ুরোপীয়দিগের পরিধেয় পাজামা-বিশেষ।

প্যামফ্লেট (ম্,ট্) [ইং—pamphlet.] বি, চটি; পুস্তিকা; a printed work consiting of but one or a few sheets, not exceeding in size five sheets octavo and either stitched together or in a paper cover.

প্যায়দা (য়্) [পিয়াদা, পেয়াদা দ্রঃ] বি, চাপরাশী; পত্রাদিবাহক; peon. প্র—"এক আসামী ছয়টা প্যায়দা বল মা কিসে সামাই করি।"—রামপ্রসাদ।

প্যারী [পেয়ারা দ্রঃ। প্রিয় হইতে হি—পিয়ারা, প্যারা+ঈ, স্ত্রী=প্যারী] বি, স্ত্রী. প্রিয়া। প্র—"যদি দেখিবে তোমার প্যারী।"—চণ্ডীদাস। ৩। কৃষ্ণপ্রিয়া; শ্রীরাধিকা।

প্যাসেঞ্জার (প্যাশেন্‌জার্) [ইং—passenger.] বি, যাত্রী। প্র—রেলের প্যাসেঞ্জার, ষ্টীমারের প্যাসেঞ্জার।

প্র (প্রো) [প্রথ্ (বিখ্যাত হওয়া)+অ (ভাবে—ড) থ্ লোপ] উপ, অ, খ্যাতি। ২। প্রকর্ষ; উৎকর্ষ। ৩। আধিক্য। ৪। সর্ব্বতোভাব। ৫। আরম্ভ। ৬। উদ্ভব; উৎপত্তি। ৭। প্রথমের ভাব; প্রাথম্য। ৮। আচরণ; ব্যবহার। ৯। গতি।

প্রকট (প্রোকট্) [প্র—কট্ (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, ব্যক্ত; প্রকাশিত; প্রকাশ্য। প্র—"অবতীর্ণ হঞা করেন প্রকট বিহার"—চৈতন্যচরিত। ২। স্পষ্ট। ৩। শ্রেষ্ঠ। প্র—"বরমিহ গঙ্গাতীরে শরট করট। ন পুনঃ গঙ্গার দূরে ভূপতি প্রকট।" অন্নদামঙ্গল।

প্রকটন (প্রোকটন্) [প্র—কট্ (গমন করা)+অন (ভাবে, অনট্)] বি, ক্লী, প্রকাশন; ব্যক্তীকরণ।

প্রকটিত (প্রোকোটিতো) [প্র—কট্ (গমন করা, প্রকাশ করা)+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, ব্যক্ত; প্রকাশিত। ২। বিস্তারিত; প্রসারিত। ৩। স্পষ্ট।

প্রকটীকৃত (প্রোকোটীকৃতো) [প্রকট (প্রকাশ)—কৃত (যাহা করা হইয়াছে) মধ্যে চ্বি (ঈ) আগম] বিণ, প্রকাশিত; ব্যক্তীকৃত। ২। বিস্তারিত।

প্রকম্প (প্রো) [প্র (অধিক) কম্প্ (কাঁপা)+অল্ (ভাবে)] বি, ক্লী, বেপথু; অতিশয় কম্প। ২। [কর্ত্তৃ—সংজ্ঞার্থে—অল্] বিণ, কম্পনকারক। ৪। বি, পুং, কম্পমান। ৫। বায়ু। ৬। নরকবিশেষ। ৭। স্থিতিস্থাপক পদার্থ। ৮। রাবণের এক-জন সেনানী।

প্রকম্পন (প্রো; ন) [প্র—কম্প্ (কাঁপা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রকম্প দ্রঃ।

প্রকর (প্রোকর্) [প্র—কৄ (বিক্ষেপ করা)+অ (কর্ম্মে—অল্)] বি, ক্লী, পুষ্পাদির স্তবক। ২। রাশি; সমূহ। ৩। সহায়তা; সাহায্য। ৪। অধিকার। ৫। বিণ, কর্ম্মঠ; কার্য্যদক্ষ। স্ত্রী, **প্রকরী**—নাটকের অঙ্গবিশেষ। ২। চত্বরভূমি; উঠান।

প্রকরণ (প্রোকরন্) [প্র—কৃ (করা)+অন (ভাবে, অনট্)] বি, ক্লী, কার্য্য। ২। ঘটনা। ৩। প্রভেদ; প্রকার। ৪। প্রসঙ্গ। ৫। প্রস্তাব। ৭। নাটকের ভেদ; ইহাতে সামাজিক গল্প কিন্তু প্রেমবিষয়ক হইবে। প্রকরণ শুদ্ধ ও সঙ্কীর্ণ ভেদে দুই প্রকার। শুদ্ধ প্রকরণে নায়ক উচ্চ শ্রেণীর নহে, নায়িকা বেশ্যা। সঙ্কীর্ণ প্রকরণে নায়িকা ভদ্রবংশের পালিতা বা সহচরী; নায়ক মন্ত্রী, ব্রাহ্মণ বা বণিক। মৃচ্ছকটিক, মালতীমাধব প্রভৃতি গ্রন্থ প্রকরণ লক্ষণযুক্ত। ক্ষুদ্রার্থে, "প্রকরণিকা" "প্রকরণী"। ৮। গ্রন্থের পরিচ্ছেদ; অধ্যায়। ৯। [প্রা-বাং। রামেশ্বরী সত্যনারায়ণের পালায়] কাণ্ড; ব্যাপার; কারখানা। ১০। উপায়; কৌশল। প্র—"ব্যূহ ভেদিবারে তুমি জান প্রকরণ"—কাশী-মহা।

প্রকরণিকা—বি, প্রকরণের লক্ষণাক্রান্ত নাটিকাবিশেষ; ক্ষুদ্র প্রকরণ; অষ্টাদশ উপরূপকের অন্যতম।

প্রকরণী (প্রো) [প্রকরণ দ্রঃ] বি, ক্ষুদ্র প্রকরণ; প্রকরণের লক্ষণযুক্ত নাটিকা।

প্রকর্ষ (প্রো) [প্র (অধিক)—কৃষ্ (আকর্ষণ করা)+অ (ভাবে, অল্)] বি, পুং, উন্নতি; উৎকর্ষ; বৃদ্ধি। ২। শ্রেষ্ঠতা।

প্রকর্ষণ (প্রো, ন্) [প্র (সম্যক্) কর্ষণ] বি, বিশেষভাবে কর্ষণ। ২। আকর্ষণ। ৩। উৎকর্ষ; প্রাধান্য। বিণ, **প্রকর্ষিত**।

প্রকল্পিত (প্রোকোল্‌পিত) [প্র—কল্পিত] বিণ, অনুভাবিত। ২। সঙ্কল্পিত। ৩। উদ্ভাবিত।

প্রকাণ্ড (প্রো) [প্র (প্রকৃষ্ট) কাণ্ড (গুঁড়ি)] বি, পুং, ক্লী, বৃক্ষকাণ্ড; গাছের গুঁড়ি। ২। বিণ, বৃহৎ; বিস্তৃত; প্রশস্ত। প্র—"প্রকাণ্ড চারিটি দ্বার চারিদিকে আছে তার আছে তায় যন্ত্র শর পাষাণ সকল"—রামায়ণ (রাজ)।

প্রকাম (প্রো, ম্) [প্র (অধিক) কম্ (ইচ্ছা করা)+অ (—কর্ম্মে, ঘঞ্)] অ, যথেষ্ট। ২। প্রচুর; পর্য্যাপ্ত।

প্রকার (প্রোকার্) [প্র—কৃ (করা)+অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, প্রভেদ। প্র—"তুমি যদি করিতে চাহ বাদের প্রকার। ইঙ্গিতে করিয়া দিবা বাদের সুসার।"—কবিকঙ্কণ। ২। রীতি; রকম; ধারা। ৩। সাদৃশ্য। ৪। জাতি। ৫। কৌশল। প্র—"বশিষ্ঠের শত পুত্র প্রকারে মরিল।"—কাশী, মহা।

প্রকারান্তর (প্রো, র্) [প্রকার হইতে অন্তর (ভিন্ন) ৫তৎ] বি, ক্লী, বিভিন্ন ধারা; অন্য প্রকার।

প্রকাশ (প্রো, শ্) [প্র (অধিক) কাশ্ (দীপ্তি পাওয়া)+অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, আলোক; দীপ্তি। ২। শোভা। ৩। বিকাশ। ৪। বিস্তার; প্রচার। প্র—প্রকাশ এই, যে। ৫। প্রকটন। ৬। প্রস্ফুটন। ৭। বিণ, প্রসিদ্ধ; খ্যাত। ৮। ব্যক্ত। ৯। জাহির।

প্রকাশক (প্রো, ক্) [প্র—কাশ্+অক (কর্ত্তৃ)] বিণ, যে প্রকাশ করে; ব্যক্তকারী। ২। পুস্তকাদি মুদ্রিত করিয়া প্রচারকারী; প্রকাশকর্ত্তা; publisher.

প্রকাশন (প্রো, ন্) [প্র—কাশ্+অন (ভাবে অনট্)] বি, ক্লী, প্রকাশ করণ; ব্যক্তকরণ।

প্রকাশনীয় (প্রো) [প্র—কাশ্+অনীয়] বিণ, প্রকাশযোগ্য; প্রকাশ্য। ২। প্রচার-যোগ্য।

প্রকাশমান (প্রো, ন্) [প্র—কাশ্+আন; (শানচ্—কর্ত্তৃ) ম আগম] বিণ, দীপ্তিমান; ২। স্পষ্ট।

প্রকাশাত্মা (প্রোকাশাৎর্তা) [প্রকাশ (ব্যক্ত) হইয়াছে আত্মা যাহার, বহু] বি, প্রকাশাত্মন্ ১মা, ১ব] পুং, ঈশ্বর। ২। বি, যিনি স্বয়ংদীপ্ত; দিবাকর। ৪। বিণ, ব্যক্ত স্বভাব।

প্রকাশিত (প্রো) [প্র—কাশ্+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, উদ্ভাসিত; দীপ্ত। ২। বিক-সিত; প্রস্ফুটিত। ৩। ব্যক্ত; অভিব্যক্ত। ৪। জ্ঞানগম্য; প্রকট। প্র—"তুমি প্রকাশিত হলে মোহ-আঁধার যায় চলে; তখন হৃদয়-গগন-মণ্ডলে হয় দিব্যজ্ঞানচন্দ্রোদয়"—ব্রহ্মসঙ্গীত। ৫। শোভিত। ৬। প্রচারিত। ৭। আবিষ্কৃত।

প্রকাশিতব্য (প্রোকাশিতোব্ব) [প্র—কাশ্+তব্য (কর্ম্মে) মধ্যে ই আগম] বিণ, প্রকাশযোগ্য; প্রকাশনীয়; প্রকাশ্য।

প্রকাশিনী (প্রো) বিণ, প্রকাশকারিণী; বিকাশিনী। পুং, **প্রকাশী**।

প্রকাশ্য (প্রোকাশ্শ) [প্র—কাশ্+য (কর্ম্মে—ঘ্যণ্)] প্রকাশ করিবার যোগ্য; প্রচার যোগ্য। ২। সর্ব্ব সাধারণের জন্য উন্মুক্ত। প্র—প্রকাশ্য দরবার। প্রকাশ্য-স্থান। ৩। যাহা গোপনীয় নহে। **ক্রমশঃ প্রকাশ্য**—যাহা ক্রমে ক্রমে বা অংশে অংশে প্রকাশ করিবার মত।

প্রকীর্ণ (প্রোকীর্ণ) [প্র—কৄ (বিক্ষেপ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বিকীর্ণ; বিস্তৃত; বিক্ষিপ্ত; ছড়ান। ২। অসম্বদ্ধ। ৩। প্রচারিত। ৪। প্রকাশিত। ৫। উন্মার্গ; উচ্ছৃঙ্খল।

প্রকীর্ণক (প্রো, ক্) [সং] বি, পুং, অশ্ব। ২। ক্লী, চামর। ৩। গ্রন্থাংশ; পুস্তকের পরিচ্ছেদ। ৪। বিস্তার।

প্রকীর্ত্তি (প্রোকীর্ত্তি) [প্র—কীর্ত্তি (কীর্ত্তন)] বি, প্রকাশ; অভিব্যক্তি। ২। প্রসিদ্ধি; যশঃ; খ্যাতি। ৩। প্রচার।

[প্রকীর্ত্তি]ত (প্রো—) [প্র—কৄৎ (কীর্ত্তন করা)+ত (কর্ম্মে—ক্ত) কৄৎ=কীর্ৎ] বিণ, বর্ণিত; পরিকীর্ত্তিত; প্রচারিত; কথিত। ২। প্রখ্যাত; প্রসিদ্ধ।

প্রকুপিত (প্রো) [প্র (অধিক) কুপ্ (রাগ করা)+ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, অতিশয় রাগান্বিত; অতি ক্রুদ্ধ। স্ত্রী, **প্রকুপিতা**

প্রকৃত (প্রো) [প্র—কৃ (করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যথার্থ; স্বারতঃ; বাস্তবিক; সত্য। প্র—প্রকৃত কথা, প্রকৃত ঘটনা।

প্রকৃতত্ব (প্রোকৃতৎত) [প্রকৃত+ত্ব (ভাবে) বি, প্রকৃত অবস্থা। ২। সত্যতা; বাস্তবতা; প্রকৃততা।

প্রকৃতার্থ (প্রো) [প্রকৃত+অর্থ] বি, সত্যার্থ। ২। বিণ, যথার্থ। **প্রকৃতার্থ বাদিনী**—সত্যার্থ-প্রকাশিকা।

প্রকৃতি (প্রো) [প্র—কৃ (করা)+তি (ক্তি, করণে)] বি, যাহা দ্বারা বিশ্বব্রহ্মাণ্ডের যাবতীয় পদার্থ সৃষ্ট হইয়াছে; জগতের নির্ম্মি-তির মূল; চৈতন্যময় পুরুষের বিপরীত অজ্ঞান-ময় জড়। ২। [দর্শনে] সত্ত্ব, রজঃ, তমঃ এই ত্রিগুণাত্মক জগতের আদিকারণ; নিরা-কার, নির্ব্বিকার চৈতন্যস্বরূপ ও জ্ঞানময় পুরুষের সাকার ও জড় রূপে প্রকাশমান ব্রহ্ম। প্র—"নিরাকার ব্রহ্ম তিন রূপেতে সাকার। সত্ত্ব রজ তমোগুণ প্রকৃতি তাঁহার॥" ৩। যাবতীয় সৃষ্টপদার্থ; নিসর্গ; স্বভাব। ৪। আদিকারণ। ৫। আদ্যা; প্রধানা। ৬। শক্তি। প্র—"চিন্তিতে এমন কাজ, এক চিত্তে দেবরাজ, তনু হৈতে নির্গত প্রকৃতি" —কবিকঙ্কণ। ৭। অজ্ঞান। ৮। ক্ষিত্যাদি পঞ্চভূত। ৯। পঞ্চভূতাত্মক দেহ। ১০। পরমাত্মা; বিশ্বাত্মা। ১১। আত্মা; জীবাত্মা। ১২। অবিদ্যা। প্র—"যজ্ঞক্ষয় হেতু দেবী আপনি প্রকৃতি"—কবিকঙ্কণ। ১৩। দেবী। ১৪। জননী। ১৫। দুর্গা, গঙ্গা, বেদমাতা, সাবিত্রী, রাধিকা, ষষ্ঠী, মনসা প্রভৃতি; বৈষ্ণব-তন্ত্রে রাধিকা "প্রধানা প্রকৃতি" বলিয়া উক্ত হইয়াছেন। ১৬। নারী। ১৭। যোনি। ১৮। শিশ্ন। ১৯। সপ্তবিধ রাজ্যাঙ্গ যথা—(১) স্বামী (২) মন্ত্রী (৩) সহায় (৪) সম্পত্তি (৫) দেশ (৬) দুর্গ ও (৭) সৈন্য। ২০। প্রজা। প্র—"ধরম বিপ্লবকারী আর স্বেচ্ছাচারী ভাবি মোরে প্রকৃতিরা, অনুকৃতি তা'রি করিবে, কারণ, যাহা রাজার আচার সেইরূপ হয়ে থাকে সকল প্রজার।"—রামায়ণ (রাজ)। ২১। পুরোহিত, প্রতিনিধি, প্রধান, সচিব, মন্ত্রী, প্রাড্‌বিবাক, পণ্ডিত, সুমন্ত্রক, অমাত্য ও দূত এই দশ প্রকৃতি। ২২। অমাত্য। ২৩। স্বভাব চরিত্র; মতিগতি। প্র—"কে তুমি কাছে বসে থাক সর্ব্বদা আমার; স্বভাব প্রকৃতি রীতি, মিষ্ট অতি, কি নাম বল তোমার?"—ব্রহ্মসঙ্গীত। ২৪। [অলঙ্কার শাস্ত্রে] সংস্কৃত ছন্দোবিশেষ; একাদশাক্ষরা-বৃত্তি। ২৫। [ব্যাকরণে] ধাতু বা শব্দমূল। ২৬। [গণিতে] গুণক; coefficient.

প্রকৃতিগত (প্রো) [প্রকৃতি—গত (নিহিত)] বিণ, স্বভাবসিদ্ধ; স্বভাবসুলভ।

প্রকৃতিজ (প্রো) [প্রকৃতি—জ (জাত)] বিণ, প্রাকৃতিক; স্বভাবজাত।

প্রকৃতিজাত (প্রো) [প্রকৃতি হইতে জাত (উৎপন্ন)] বিণ, স্বভাবজাত; প্রাকৃতিক; নিসর্গ সম্বন্ধীয়।

প্রকৃতিজাত (প্রো) [প্রকৃতি হইতে জাত (উৎপন্ন)—৫তৎ] বিণ, যাহার প্রকৃতি হইতে জন্ম হইয়াছে; স্বাভাবিক; প্রকৃতিগত।

প্রকৃতিদত্ত (প্রোকৃতিদৎত) বিণ, স্বাভাবিক; প্রকৃতিগত।

প্রকৃতিপুঞ্জ (প্রোকৃতিপুনজ) [প্রকৃতি (প্রাণী) পুঞ্জ (সমূহ)] বি, প্রজাসমূহ; প্রাণিসমূহ।

প্রকৃতিপূজা (প্রো) [প্রকৃতির পূজা বা প্রকৃতিকে পূজা] বি, জড়পূজা। ২। লিঙ্গপূজা; phallism.

প্রকৃতিবৎ (প্রো) [প্রকৃতি+বৎ (তুল্যার্থে)] অ, প্রকৃতির মত; স্বভাবতুল্য।

প্রকৃতিবাদ (প্রো, দ্) [প্রকৃতি—বাদ (তত্ত্ব, দর্শন)] বি, প্রকৃতিতত্ত্ব; প্রাকৃতদর্শন; naturalism. ২। ধাতুবাদ; শব্দের মূলনির্ণয় বা প্রকৃতার্থবিচার।

প্রকৃতিবাদী (প্রো) বিণ, প্রকৃতিবাদ অবলম্বী; প্রকৃতিতত্ত্বজ্ঞ; প্রকৃত দর্শনে বিশ্বাসকারী।

প্রকৃতিবিজ্ঞান (প্রোকৃতিবিগ্‌গ্যান্) বি, প্রকৃতিতত্ত্ব; পদার্থবিদ্যা; natural philosophy; physics.

প্রকৃতিবিজ্ঞানবিৎ (প্রো, বিগ্‌গ্যান্) বি, পদার্থতত্ত্বজ্ঞ; পদার্থবিদ্যার পারদর্শী; জড়-বৈজ্ঞানিক; physicist.

প্রকৃতিবিজ্ঞানবেত্তা (প্রোকৃতিবিগ্‌গ্যান্-বেৎতা) বি, পুং, জড়বৈজ্ঞানিক; প্রকৃতি বিজ্ঞানবিশারদ; পদার্থবিজ্ঞানবিৎ; physicist. স্ত্রী, **প্রকৃতিবিজ্ঞানবেত্রী**।

প্রকৃতিবিরুদ্ধ (প্রো) বিণ, স্বভাবের বিপরীত; স্বভাবের প্রতিকূল।

প্রকৃতিমণ্ডল (প্রোকৃতিমোনডল্) প্রকৃতির মণ্ডল—৬তৎ] বি, ক্লী, রাজ্যের অঙ্গ অর্থাৎ স্বামী, মন্ত্রী, সুহৃদ, ধন, দেশ, দুর্গ, সৈন্য এবং প্রজাপুঞ্জ।

প্রকৃতিরঞ্জক (প্রোকৃতিরনজক্) [প্রকৃতির রঞ্জক—৬তৎ] বিণ, প্রজারঞ্জক ; প্রজাবৎসল ; প্রজার প্রীতিবর্দ্ধন ; প্রজাসাধারণকে সন্তুষ্ট রাখিয়া রাজ্যশাসনকারী। বি, **প্রকৃতিরঞ্জন**।

প্রকৃতিস্থ (প্রো) [প্রকৃতি—স্থা (থাকা) + অ (কর্তৃ—ড)] বিণ, স্বাভাবিক অবস্থাপ্রাপ্ত ; স্বীয় ভাবাপন্ন। ২। স্বাভাবিক ; প্রাকৃতিক।

প্রকৃতোত্তর (প্রোকৃতোৎতর্) [প্রকৃত + উত্তর] বি, সদুত্তর ; যথার্থ উত্তর ; ঠিক জবাব।

প্রকৃষ্ট (প্রো) [প্র—কৃষ্ + ত (কর্ম্মে—ক্ত) বিণ, শ্রেষ্ঠ ; উৎকৃষ্ট ; উত্তম। ২। প্রশস্ত। প্রশংসনীয়।

প্রকৃষ্টত্ব (প্রোকৃশ্‌টোৎত) [প্রকৃষ্ট + ত্ব (ভাবে)] বি, শ্রেষ্ঠত্ব ; প্রকৃষ্টতা ; প্রশস্ততা।

প্রকৢপ্ত (প্রোক্‌রিপ্‌ত) [প্র—কৢপ্ (প্রস্তুত করা) + ত (কর্ম্মে—ক্ত), কৢ = কৢ] বিণ, উদ্ভূত ; সম্ভূত ; জাত। ২। গ্রথিত ; রচিত ; কৃত।

প্রকেত (প্রো) [প্র—কিত্ + ণিচ = কেতি (জানান) + অ (কর্তৃ—অচ্) ই লোপ] বিণ, বিশেষরূপে জ্ঞাপক। ২। বি, ক্লী, প্রকৃষ্ট সুখসাধন।

প্রকোপ (প্রোকোপ্) [প্র—কুপ্ (রাগ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, অতি ক্রোধ ; কোপাধিক্য। ২। বেগাধিক্য। প্র—জ্বরের প্রকোপ। ৩। কাঠিন্য ; কঠোরতা ; উৎকটতা। প্র—শীতের প্রকোপ।

প্রকোপন, ণ (প্রো, ন্) [প্র—কুপ্ + ণিচ্ = কোপি + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উত্তেজন। ২। বর্দ্ধন। ৩। অগ্নিপ্রভৃতি উস্কান।

প্রকোপিত (প্রো) [প্রকোপ + ইত (যুক্তার্থে)] বিণ, ক্রুদ্ধ ; রাগান্বিত।

প্রকোষ্ঠ (প্রোকোষ্‌ঠ) [প্র—কুষ্ (সংলগ্ন হওয়া) + ঠ (সংজ্ঞার্থে)] বি, পুং, কনুয়ের নিম্ন হইতে মণিবন্ধ পর্য্যন্ত। ২। কক্ষ ; গৃহ। ৩। দ্বারের অংশবিশেষ। ৪। বহির্দ্বারের পার্শ্বস্থিত গৃহ। ৫। আগার ; মহল।

প্রক্রম (প্রোক্রম্) [প্র (অধিক—প্রথম) ক্রম্ (গমন করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, গমন। ২। পরিভ্রমণ। ৩। অতিক্রম। ৪। প্রথমারম্ভ ; উপক্রম ; সূচনা। ৫। অবকাশ ; অবসর।

প্রক্রান্ত (প্রোক্‌ক্রান্‌ত) [প্র—ক্রম্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অপসারিত ; দূরীকৃত। ২। তিরোহিত ; গত। ৩। কৃত-আরম্ভ। আরব্ধ।

প্রক্রিয়া (প্রোক্‌কৃআ) [প্র—কৃ (করা) + য (ভাবে—ক্যপ্) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, কার্য্যপ্রণালী। ২। গ্রন্থপরিচ্ছেদ ; প্রকরণ। ৩। অনুষ্ঠান।

প্রক্লিন্ন (প্রোক্লিন্‌ন) [প্র (আধিক্য) + ক্লিদ্ (আর্দ্র হওয়া) + ত (কর্তৃ—ক্ত)] বিণ, আর্দ্র ; সিক্ত ; ভিজা। ২। প্রচুর ক্লেদযুক্ত। ৩। পরিতুষ্ট ; সন্তুষ্ট।

প্রক্বণ, প্রক্কণ, প্রক্কাণ (প্রোক্‌কন্) [প্র (প্রধান) ক্বণ্ (শব্দ করা) + অ (ভাবে—অল, ঘঞ্] বি, পুং, ধ্বনি ; শব্দ। ২। বীণাযন্ত্রের বাদ্যধ্বনি।

প্রক্ষালন (প্রোক্‌খালন্) [প্র (সম্পূর্ণরূপে) ক্ষালি (ধৌত করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পরিষ্কারকরণ ; ধৌতকরণ।

প্রক্ষালিত (প্রোক্‌খালিত) [প্র—ক্ষালি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পরিষ্কৃত ; ধৌত ; ধোয়া।

প্রক্ষিপ্ত (প্রোক্‌খিপ্‌ত) [প্র—ক্ষিপ্ (ক্ষেপণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা ক্ষেপণ করা হইয়াছে ; নিক্ষিপ্ত। ২। অন্তর্নিহিত। ৩। রচিত ; বিন্যস্ত।

প্রক্ষেপ (প্রোক্‌খেপ্) [প্র—ক্ষিপ্ + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, নিক্ষেপ ; বিক্ষেপ। ২। রচনা ; বিন্যাস। ৩। [সঙ্গীতে] তত-যন্ত্রে কোন স্বর আলাপ করিবার কালে সেই স্বরের নিম্ন পর্দায় এক বা একাধিক স্বর ব্যবধানের অঙ্গুলি ঘর্ষণ বা সঞ্চালন প্রক্রিয়া-বিশেষ।

প্রক্ষেপক (প্রোক্‌খেপক্) [প্রক্ষেপ দ্রঃ] বিণ, যে প্রক্ষেপ করে ; নিক্ষেপকারী।

প্রক্ষেপণ (প্রোক্‌খেপন্) [প্র—ক্ষিপ্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নিক্ষেপকরণ।

প্রক্ষেপণীয় (প্রোক্‌খেপোনীঅ) [প্র—ক্ষিপ্ + অনীয়] বিণ, প্রক্ষেপের যোগ্য ; নিক্ষিপ্ত হইবার উপযুক্ত ; ফেলিবার যোগ্য।

প্রক্ষ্বেড়ন (প্রোক্‌খেড়ন্) [প্র (সর্ব্বতোভাবে) ক্ষ্বিড়্ (মুক্ত করা) + অন (করণে—অনট্)] বি, ক্লী, লৌহময় বাণ ; নারাচ অস্ত্র। প্র—"প্রক্ষ্বেড়ন ঘন ঘন, ভ্রমণ কুঠার। করে বধ, পরশ্বধ বিষম প্রহার।"—কাঞ্চীকাবেরী (রঙ্গলাল)।

প্রখর (প্রোখর্) [প্র (অধিক) খর (তীক্ষ্ণ) —কর্ম্মধা] বিণ, তীব্র ; তীক্ষ্ণ ; তেজাল। ২। অতিশয় উষ্ণ। ৩। [প্র—খন্ (খনন করা) + রক্ (কর্ম্মে)] বি, পুং, অশ্বতর।

প্রখরতা, প্রখরত্ব (প্রোখরৎত) [প্রখর + তা, ত্ব (ভাবে)] বি, তীক্ষ্ণতা ; তীব্রতা। ২। উষ্ণতা।

প্রখ্যা (প্রোক্‌খা) [প্র—খ্যা (বলা) + অ (ভাবে—অঙ্) আপ্, স্ত্রী] বি, খ্যাতি ; যশ। ২। নাম ; সংজ্ঞা।

প্রখ্যাত (প্রোক্) [প্র—খ্যা (বলা) + ত কর্ম্মে—ক্ত] বিণ, প্রসিদ্ধ ; বিখ্যাত ; প্রকৃষ্ট ; খ্যাতিযুক্ত ; খ্যাতাপন্ন।

প্রগণ্ড (প্রো) [সং] বি, পুং, কনুই হইতে স্কন্ধ পর্য্যন্ত বাহুর অংশ।

প্রগণ্ডী (প্রোগোনডি) [সং] বি, স্ত্রী, সৈন্যসমাবেশ স্থান ; শিবির। ২। বহিঃপ্রাচীর। ৩। দুর্গভিত্তি।

প্রগত (প্রো) [প্র—গম্ (গমন করা) + ত (কর্তৃ—ক্ত)] বিণ, প্রস্থিত। ২। মৃত পরলোকগত। ৩। বিযুক্ত।

প্রগতজানু (প্রো) [প্রগত (বিযুক্ত, পৃথগ্‌ভূত) জানু (হাঁটু) যাহার, বহু] বিণ, বক্রপাদযুক্ত ; গোঁড়া।

প্রগন্ধ (প্রো) [প্র (প্রকৃষ্ট) হইয়াছে গন্ধ যাহার, বহু] বিণ, প্রকৃষ্টগন্ধযুক্ত।

প্রগমন (প্রোগমন্) [প্র—গম্ (গমন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রস্থান ; দূরে গমন।

প্রগল্‌ভ (প্রো) [প্র (অধিক) গল্‌ভ্ (অহঙ্কার করা) + অ (কর্তৃ—অচ্)] বিণ, অহঙ্কারী ; দাম্ভিক। ২। উদ্ধত। ৩। লজ্জাহীন ; নির্লজ্জ। ৪। ধৃষ্ট। ৫। নির্ভীক ; সাহসী। ৬। অবিনীত। ৭। বি, পুং, গর্ব্ব। ৮। অকুণ্ঠিত। স্ত্রী, **প্রগল্‌ভা**—নায়িকাবিশেষ। ২। লজ্জাহীনা।

প্রগল্‌ভতা (প্রোগলভোতা) [প্র—গল্‌ভ + তা (ভাবে)] বি, স্ত্রী, অহঙ্কার ; দম্ভ। ২। ঔদ্ধত্য ; অবিনয়। ৩। নির্ভীকতা ; সাহস। ৪। নির্লজ্জতা। ৫। ধৃষ্টতা।

প্রগাঢ় (প্রো) [প্র—গাঢ়] বিণ, গভীর। ২। অতিশয় ; অত্যন্ত ; অত্যধিক। ৩। কঠিন ; দৃঢ়। ৪। নিবিড়।

প্রগাতা (প্রো) [প্র—গৈ (গান করা) + তৃ (কর্তৃ—তৃচ্) = প্রগাতৃ ১মা, ১ব] বিণ, সঙ্গীতাভিজ্ঞ ; সঙ্গীতনিপুণ।

প্রগুণ (প্রোগুন্) [প্র (প্রকৃষ্ট) গুণ যাহার, বহু] বিণ, প্রকৃষ্টগুণসম্পন্ন। ২। সুনিপুণ ; সুদক্ষ। ৩। অনুকূল ; সদয়। ৪। সরল।

প্রগ্রহ (প্রোগ্‌গ্রোহ) [প্র—গ্রহ্ (গ্রহণ করা) + অ (করণে, অল্)] বি, পুং, রজ্জু। রশি ; দড়ী। ২। অশ্ববন্ধন রজ্জু ; লাগাম। ৩। বন্ধন ; রুদ্ধকরণ ; বাঁধন। ৪। রশ্মি ; কিরণ। ৫। বাহু ; হস্ত। ৬। [কর্ম্মে—অল্] বন্দী ; কয়েদী। ৭। গ্রহণ।

প্রগ্রাহ (প্রোগ্‌গ্রাহ) [প্র—গ্রহ্ (গ্রহণ করা) + অ (করণে, ঘঞ্)] বি, পুং, প্রগ্রহ দ্রঃ।

প্রগ্রীব (প্রোগ্‌গ্রিব্) [প্র (প্রশস্তার্থে) গ্রীব (গ্রীবাযুক্ত)] বিণ, প্রশস্ত গ্রীবাবিশিষ্ট। ২। বি, বৃক্ষাগ্র। তরুশীর্ষ।

প্রঘণ (প্রো) [সং] বি, পুং, প্রকোষ্ঠ ; বহির্দ্বার। ২। কক্ষ ; গৃহ। ৩। গাড়ী-বারাণ্ডা। ৪। গৃহ-সম্মুখস্থ প্রাঙ্গণ ; অলিন্দ। ৫। লৌহময় মুদ্গার।

প্রঘস (প্রোঘশ্) [প্র—অদ্ (ভক্ষণ করা) +অ (ভাবে, অল্) অদ্=ঘস্] বি, পুং, প্রকৃষ্ট ভোজন ; ভূরি ভোজন। ২। [কর্ত্তৃ—অচ্] রাক্ষস। ৩। দানব ; দৈত্য ; অসুর। স্ত্রী, **প্রঘসা**—কুমারানুচর মাতৃকাবিশেষ।

প্রঘাত (প্রঘাত্) [প্র (প্রচণ্ড বেগে) ঘাত (আঘাত) করা হয় যাহাতে, বহু] বি, পুং, রণ ; সংগ্রাম ; যুদ্ধ।

প্রঘোষক (প্রোঘোষক্) [প্র (অধিক) ঘোষ (শব্দ)+ক (স্বার্থে)] বি, পুং, যে ঘোষণা করে ; যাহা দ্বারা ঘোষিত হয় ; শব্দ ; ধ্বনি।

প্রচক্র (প্রোচক্‌ক্র) [সং] বি, ক্লী, গমনশীল সৈন্যদল ; প্রস্থিত সৈন্য।

প্রচণ্ড (প্রোচন্‌ড) [প্র (অধিক) চণ্ড (উগ্র)—কর্ম্মধা] বিণ, প্রখর। ২। অসহনীয় ; দুঃসহ : অসহ্য। ৩। দুর্দ্দমনীয় ; দুর্দ্ধর্ষ। ৪। প্রবল ; প্রতাপান্বিত ; প্রতাপশালী। ৫। অতিরুষ্ট ; অত্যন্ত কোপযুক্ত। ৬। অত্যুষ্ণ ; অতিশয় তাপযুক্ত। ৭। ভীষণ ; ভীতিপ্রদ।

প্রচণ্ডতা (প্রোচন্‌ডতা) [প্রচণ্ড+তা (ভাবে)] বি, প্রচণ্ডত্ব ; প্রখরতা। ২। ভীষণতা। ৩। উগ্রতা। ৪। উষ্ণতা।

প্রচণ্ডধন্বা (প্রো) [প্রচণ্ড—ধন্বন্ শব্দ] বিণ, মহাবীর ; মহাধনুর্দ্ধারী।

প্রচণ্ডমূর্ত্তি (প্রো) [প্রচণ্ড (উগ্র) হইয়াছে মূর্ত্তি যাহার, বহু] বিণ, উগ্রমূর্ত্তি ; ভীষণাবয়ব ; ভয়ঙ্কর-আকৃতি। ২। বি, পুং, বরুণবৃক্ষ।

প্রচণ্ডা (প্রো) [প্রচণ্ড দ্রঃ] বি, স্ত্রী, ভগবতীর সখী উগ্রচণ্ডা। ২। শ্বেতদূর্ব্বা।

প্রচয় (প্রোচয়) [প্র—চি (চয়ন করা)+অ (কর্ম্মে—অল্)] বি, পুং, চয়ন , সংগ্রহ। ২। রাশি : স্তূপ : পুঞ্জ। ৩। জমাট। ৪। উপচয় ; বৃদ্ধি।

প্রচর (প্রোচর্) [প্র—চর্ (গমন করা)+অ (অধি—অল্) যেখানে বিচরণ করা হয] বি, পুং, পথ ; বর্ত্ম ; রাস্তা। ২। [ভাবে, অল্] গতি ; চলন। ৩। প্রসিদ্ধি : বহুল ব্যবহার। ৪। বিস্তার ; ব্যাপ্তি।

প্রচরদ্রূপ (প্রোচরদ্‌দ্রূপ্) [প্রচরৎ+রূপ] বিণ, যাহার ভূরি প্রচলন আছে ; বহুব্যবহৃত ; প্রচারিত ; প্রচলিত।

প্রচল (প্রোচল্) [প্র—চল্ (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, প্রচলিত ; প্রচারিত। ২। চঞ্চল।

প্রচলন (প্রো, ন্) [প্র—চল্ (গমন করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রবর্ত্তন ; প্রচার।

প্রচলিত (প্রোচোলিত, ত্) [প্র—চল্ (গমন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রবর্ত্তিত ; যাহা চলিয়া গিয়াছে ; যাহার চলন হইয়াছে।

প্রচার (প্রোচার্) [প্র—চর্ (গমন করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, গমন ; চলন। ২। প্রচলন। ৩। বিস্তার ; প্রসার। ৪। প্রকাশ। ৫। ঘোষণা। ৬। প্রসিদ্ধি। ৭। অবতার। প্র—"সেই দুই কহে কলিতে সাক্ষাৎ অবতার। তুমি কহ কলিতে নাহি বিষ্ণুর প্রচার॥"—চৈতন্যচরিত।

প্রচারক (প্রো, ক্) [প্র—চর্+অক (কর্ত্তৃ)] বিণ, যে প্রচার করে : যে বিস্তার করে ; যে প্রকাশ করে ; প্রকাশক।

প্রচারণ (প্রো, ন্) [প্র--চর্+ণিচ্=চারি +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রকাশ করণ ; বিস্তার করণ। ২। চলন।

প্রচারিত (প্রো) [প্র—চর্+ণিচ=চারি +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা প্রচার করা হইয়াছে ; প্রকাশিত।

প্রচারা [প্রচার (দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি), পদ্যে। উ-পু—প্রচারি। ম-পু—প্রচার। প্র-পু—প্রচারে। অস-ক্রি—প্রচারিতে ; প্রচারিয়া ; প্রচারি] ক্রি, প্রচার করা ; রটান ; ঘোষণা করা। প্র—"পূরব অরুণ জ্যোতি মহিমা প্রচারে বিহগ যশ গায় তাঁহারি।"—ব্রহ্মসঙ্গীত। ২। গ্রন্থাদি প্রকাশ করা। প্র—"প্রচারে যেমতে কাব্য শুনয়ে যেমন ভব্য করি চিন্তা হর মোর ক্লেশ।"—কবিকঙ্কণ।

প্রচাল (প্রো, ল্) [প্র—চল (গমন করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, বীণার টাঁচা : বীণাযন্ত্রের কাঠাম।

প্রচালিত (প্রো) [প্র--চল্+ণিচ্=চালি (গমন করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহার প্রচলন হইয়াছে ; যাহা চালান হইয়াছে।

প্রচিত (প্রো) [প্র—চি (চয়ন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বি, যাহা চয়ন করা হইয়াছে ; চয়িত : সংগৃহীত।

প্রচীয়মান (প্রো, ন্) [প্র—চি (চয়ন করা)+আন (শ্) কর্ম্ম—কর্ত্তৃ] বিণ, উপচীয়মান ; বর্দ্ধমান ; বৃদ্ধিশীল।

প্রচুর (প্রোচুর্) [প্র—চোরি (চুর ধাতুজ বৃদ্ধি পাওয়া)+অ (কর্ত্তৃ—ক)] বিণ, বহুল ; প্রভূত ; পর্য্যাপ্ত ; অধিক।

প্রচেতাঃ (প্রো) [প্র (উৎকৃষ্ট হইয়াছে চেতস্ (মনঃ) যাহার, বহু=প্রচেতস্ ১মা, ১ব] বি, পুং বারীশ ; বরুণ। ২। মুনিবিশেষ। ৩। বিণ, আহ্লাদিত ; প্রকৃষ্টচিত্ত ; হৃষ্টমনা ; সুখী।

প্রচেতিত (প্রো) [প্র—চিত্ (জানা)+ত (কর্ম্মে—ত)] বিণ, অবগত ; পরিজ্ঞাত।

প্রচেয় (প্রো) [প্র—চি (চয়ন করা)+য (কর্ম্মে)] বিণ, চয়নযোগ্য ; চয়নীয়। ২। গ্রাহ্য ; গ্রহণযোগ্য। ৩। বর্দ্ধনীয়।

প্রচ্যুত (প্রোচ্‌চুত) [প্র—চ্যু (স্খলিত হওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পরিভ্রষ্ট ; পতিত। প্র—"তাঁহাদের ধর্ম্ম হইতে প্রচ্যুত করিয়া * * *"

প্রছন্ন (প্রো) [সং—প্রসন্ন অপভ্রংশে, স=ছ। প্রা-বাং] বিণ, প্রসন্ন। প্র—"যেবে প্রছন্ন ভোতে হইল কুমার।"—গোবিন্দচন্দ্রের গীত।

প্রচ্ছদ (প্রোচ্‌ছদ্) [প্র—ছদ্+ণিচ্=ছাদি (আবরণ করা)+অ (করণে—ঘ)] বি, পুং, আবরণের বস্ত্র ; আচ্ছাদন। ২। আস্তরণ-বস্ত্র। ৩। [ভাবে—অ] আচ্ছাদন।

প্রচ্ছদপট (প্রোচ্‌ছদ্‌পট্) [প্রচ্ছদ (আচ্ছাদন) যে পট (বস্ত্র)—কর্ম্মধা] বি, পুং, আবরণ বস্ত্র : আচ্ছাদন। ২। চাদর কম্বলাদি আস্তরণ বস্ত্র।

প্রচ্ছনা (প্রোচছনা) [প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা)+অন (ভাবে) আপ্ স্ত্রী] বি, স্ত্রী, প্রশ্ন ; জিজ্ঞাসা। ২। আমন্ত্রণা।

প্রচ্ছন্ন (প্রচ্‌ছন্‌ন্) [প্র—ছদ্+ণিচ্=ছাদি (আবরণ করা)+ত (কর্ম্মে—ক্ত) যাহাকে আবরণ করা হইয়াছে] বিণ, আচ্ছন্ন : আবৃত ; গুপ্ত ; ঢাকা। ২। বি, ক্লী, গুপ্তদ্বার।

প্রচ্ছন্নচারী (প্রোচ্‌ছোন্‌নোচারি) [প্রচ্ছন্ন (প্রচ্ছন্ন বা গুপ্তভাবে) চারী (বিচরণকারী)] বিণ, যে গুপ্তভাবে বিচরণ করে ; গুপ্তচর। ২। অলক্ষিত ; অদৃশ্য ; প্র—"তুই রে প্রচ্ছন্নচারী শত্রু ভয়ানক ভস্মাচ্ছন্ন প্রাণঘাতী জ্বলন্ত পাবক"—রামায়ণ (রাজ)।

প্রচ্ছাদন (প্রোচ্‌ছাদন্) [প্র—ছদ্+ণিচ্ =ছাদি (আবরণ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উত্তরীয় ; উড়ানি। ২। [করণে—অনট্] আবরণ বস্ত্র ; আচ্ছাদন। ৩। আস্তরণ বস্ত্র।

প্রচ্ছাদিত (প্রোচ্‌ছাদিত) [প্র—ছদ্+ণিচ্=ছাদি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, আবৃত : আচ্ছাদিত ; ঢাকা।

প্রচ্ছায় (প্রোচ্‌ছায়) [প্র—ছায়া] বি, ক্লী, প্রকৃষ্ট ছায়া।

প্রজ (প্রো) [প্র—জন্ (জন্মান)+অ (কর্তৃ—ড)—যে জায়াতে প্রবেশ করিয়া পুনরায় সন্তানের রূপ ধরিয়া জন্মে] বি, পুং, স্বামী ; পতি।

প্রজঙ্ঘ (প্রোজংঘ) [প্র (প্রকৃষ্ট) হইয়াছে জঙ্ঘা যাহার, বহু] বি, পুং, রাক্ষসবিশেষ।

প্রজন (প্রো, ন্) [প্র—জন+ণিচ=জনি (উৎপন্ন করান)+অ (ভাবে—অল্)] বি, পুং, পশুদিগের প্রথম গর্ভ গ্রহণ সময়। ২। গবাদির গর্ভগ্রহণ।

প্রজনন (প্রোজনন্) [প্র—জন্ (জন্মান)+অন (অধি—অনট্)] বি, ক্লী, যোনি। ২। [ভাবে—অনট্] জন্ম।

প্রজনিকা (প্রোজো) [প্র—জনি (জন্মান)+অক (কর্তৃ)] বি, স্ত্রী, জননী ; মাতা।

প্রজনিষ্ণু (প্রোজোনিষ্‌ণুঁ) [প্র—জন্+ইষ্ণু (কর্তৃ—শীলার্থে)] বিণ, জননশীল (জীব)

প্রজল্পন (প্রোজল্‌পন্) [প্র—জল্প্ (বলা +অন (ভাবে)] বি, কথোপকথন বাক্যালাপ।

প্রজা (প্রো) [প্র—জন্ (উৎপন্ন হওয়া) +অ (কর্তৃ—ড) আপ্ স্ত্রী, ন্ লোপ) প্রা—পেরজা] বি, স্ত্রী, অধিকারস্থ লোক। ২। অপত্য ; সন্তান : পুত্র। প্র—"দুঃখমনা পুলোমজা কোলে তার নাহি প্রজা কত তার শুনিব ক্রন্দন।"—কবিকঙ্কণ] ৩। রাজার শাসনাধীন অধিবাসিবর্গ বা জনসাধারণ। জমীদারকে খাজনা দিয়া যাহারা তাহার জমীতে বাস করে। ৫। জন : নরনারী। ৬। প্রাণিমাত্র।

প্রজাই (প্রো) [প্রজা—ই (ইয়া'র সংক্ষেপ)] বিণ, প্রজা-সম্বন্ধীয়। প্র—প্রজাই স্বত্ব। ২। [প্রজা—ই (ভাবে)] বি, প্রজাত্ব : প্রজার ভাব।

প্রজাগর (প্রোজাগর্) [প্র—জাগৃ (জাগিয়া থাকা)+অ (ভাবে—অল্)] বিণ, জাগরণশীল ; জাগরূক ; সজাগ। ২। বি, জাগরণ। ৩। [কর্তৃ—অচ্] বিষ্ণু।

প্রজাত (প্রো) [প্র—জাত (উৎপন্ন)] বিণ, উদ্ভুত ; উৎপন্ন ; জাত।

প্রজাতন্ত্র (প্রোজাতন্‌ত্র) বি, ক্লী, প্রজাবর্গের সমানাধিকার-বাদ : প্রজাদিগের পরামর্শানুসারে অথবা বিভিন্ন প্রজাবর্গের প্রতিনিধিদিগের ঐকমত্যানুসারে রাজ্যশাসন ; democracy. ২। বিণ, প্রজাদিগের দ্বারা রাজ্যশাসন সম্বন্ধীয়। প্র—প্রজাতন্ত্র রাজ্যশাসন-প্রণালী।
প্রজাতন্ত্ররাজ্য—যে রাজ্যশাসন বা রাজ্যপরিচালন ব্যাপার প্রজাবর্গের হস্তে ন্যস্ত ; a commonwealth.

প্রজাতা (প্রো) [প্র—জন্+ত (কর্তৃ, ক্ত) =প্রজাত—আপ্—স্ত্রী] বি, স্ত্রী, জাতাপত্যা ; প্রসূতা।

প্রজাতি (প্রো) [প্র—জন্+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, পৌত্রের জন্ম।

প্রজাত্ব (প্রো) [প্রজা+ত্ব (ভাবে)] বি, প্রজার ভাব। ২। প্রজার অধিকার বা স্বত্ব। প্রজাই দ্রঃ।

প্রজাদ (প্রো) [প্রজা (সন্তান) দ (প্রদায়ক)] বিণ, অপত্যদাতা ; সন্তানপ্রদ। স্ত্রী, **প্রজাদা**—গর্ভদাত্রীবৃক্ষ।

প্রজাদান (প্রোজাদান্) [সং। প্রজারা করস্বরূপ রাজাকে যাহা দান করে এই অর্থে] বি, ক্লী, রজত ; রৌপ্য ; রূপা।

প্রজানাথ (প্রোজানাথ্) [প্রজার নাথ, ৬তৎ] বি, পুং, নরপতি ; রাজা। ২। ব্রহ্মা।

প্রজান্তক (প্রোজান্তক্) [প্রজার—অন্তক (বিনাশক)—৬তৎ] বি, পুং, কাল ; শমন ; যম।

প্রজাপ (প্রোজাপ্) [প্রজা (অধীন লোক) —পা (রক্ষা করা)+অ (কর্তৃ—ড)—আ-লোপ—যে রক্ষা করে] বি, পুং, যে প্রজা পালন করে ; প্রজাপালক ; প্রজারক্ষক ; রাজা।

প্রজাপতি (প্রোজাপোতি) [প্রজার পতি—৬তৎ] বি, পুং, স্রষ্টা ; ব্রহ্মা। প্র—"প্রজাপতি রূপভেদে উচ্চারিয়া চারিবেদে উর্দ্ধপতি উর্দ্ধমুখে জপে।"—অন্নদামঙ্গল। ২। ব্রহ্মার দশজন মানসপুত্র—মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, দক্ষ, বশিষ্ঠ, ভৃগু, ও নারদ। ৩। বিষ্ণু। ৪। বিশ্বকর্ম্মা। ৫। অগ্নি। ৬। সূর্য্য। ৭। রাজা। ৮। জনক ; পিতা। ৯। জামাতা। **প্রজাপতির নির্ব্বন্ধ** [প্রজাপতি (ব্রহ্মা—বিধি) নির্ব্বন্ধ (বিধান)] বি, পুং, বিধির বিধান ; প্রজাপতির বিধি।

প্রজাপতি (প্রোজাপোতি) সং—পতঙ্গ—পতি (শ্রেষ্ঠ—সৌন্দর্য্যহেতু) হইতে] বি, ষট্‌পদী, বিচিত্রবর্ণ-পক্ষ, পুষ্পপরাগবৎ রেণুময় অঙ্গ, রেফ বা গোঁফযুক্ত পতঙ্গ ; butterfly ; moth.

প্রজাপালক (প্রোজাপালক্) [প্রজার পালক (রক্ষক)—৬তৎ] বি, পুং, প্রজারক্ষক ; রাজা ; প্রজাপতি।

প্রজাপালন (প্রোজাপালন্) [প্রজা—পালন] বি, প্রজাবর্গের রক্ষা। ২। সন্তানপালন।

প্রজাপীড়ক (প্রো, ক্) [প্রজার পীড়ক, ৬তৎ] বিণ, প্রজার পীড়নকারী ; প্রজার উপর অত্যাচারকারী ; a tyrant.

প্রজাবতী (প্রোজাবোতি) [প্রজা (সন্তান) +বৎ (অস্ত্যর্থে, বতু)=প্রজাবৎ ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, সন্তানশালিনী ; সন্তানবতী। প্র—"এই বৃদ্ধ পিতা প্রতি, প্রজাবতী প্রতি কর দয়া"—অমিতাভ।

প্রজাবিলি (প্রো) [প্রজা—বিলি] বি, প্রজার ভোগের জন্য তাহার সহিত নির্দ্দিষ্ট খাজনা সর্ত্তে জমীদার কর্তৃক জমীর বন্দোবস্ত।

প্রজাবৃদ্ধি—বি, লোকজনের সংখ্যাবৃদ্ধি। ২। সন্তানবৃদ্ধি ; বংশবৃদ্ধি।

প্রজায়িনী (প্রো—) [প্র (সম্মুখে) জন্ (উৎপন্ন হওয়া)+ইন্ (কর্তৃ—ণিন্)=প্রজায়িন্—ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, প্রসূতি ; জননী ; মাতা।

প্রজারঞ্জক (প্রোজারন্‌জক্) [প্রকৃতিরঞ্জক দ্রঃ] বি, প্রজার মনোরঞ্জনকারী : প্রজার সুখ, শান্তি ও আনন্দবিধায়ক।

প্রজারঞ্জন (প্রোজারন্‌জন্) [প্রজা—রঞ্জন] বি, রাজ্যের প্রজা সাধারণের সুখ শান্তি ও আনন্দ বিধান ; প্রজার মনোরঞ্জন।

প্রজাহিত (প্রো, ত্) [প্রজার হিত (কল্যাণ) —৬তৎ] বি, প্রজার কল্যাণ ; প্রজাবর্গের উপকার। ২। [প্রজা—হিত (হিতকারী)] বিণ, প্রজার কল্যাণসাধক ; প্রজার মঙ্গলকামী। ৩। [প্রজার হিত (উপকার) হয় যাহাদ্বারা, বহু] বি, ক্লী, জল।

প্রজুষ্ট (প্রো) [প্র—জুষ্ (সেবা করা)+ত (কর্তৃ, ক্ত)] বিণ, অতিশয় অনুরক্ত ; অত্যন্ত আসক্ত।

প্রজেশ (প্রোজেশ্) [প্রজার—ঈশ, ৬তৎ] বি, পুং, নরপতি : রাজা।

প্রজেশ্বর (প্রোজেশ্‌শর্) [প্রজার ঈশ্বর, ৬তৎ] বি, পুং, রাজা ; ভূপতি।

প্রজ্ঞ (প্রোগ্‌গঁ) [প্র—জ্ঞা (জানা)+অ (কর্তৃ, ড) আ-লোপ] বিণ, বিদ্বান ; জ্ঞানবান্ ; পণ্ডিত ; বিচক্ষণ।

প্রজ্ঞপ্তি (প্রোগ্‌গঁপ্‌তি) [প্র—জ্ঞা+ণিচ্ =জ্ঞাপি (জানান)+তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, সম্যক্ জ্ঞাত করণ।

প্রজ্ঞা (প্রোগ্‌গাঁ) [প্র (সংজ্ঞার্থে)—জ্ঞা (জানা)+অ (ভাবে, অঙ্) "জ্ঞান-নেত্রের সম্মুখে সাক্ষাৎ প্রত্যক্ষবৎ অপরোক্ষ তত্ত্বের উপলব্ধি"—দ্বিজেন্দ্র ঠাকুর] বি, স্ত্রী, ধীশক্তি ; জ্ঞান : বুদ্ধি ; "সম্মুখবর্ত্তী জ্ঞাতব্য বিষয়কে আশপাশের সমস্ত ডাল পালা হইতে বিবিক্ত করিয়া উপলব্ধ জ্ঞান" ; "ফল জ্ঞান ; wisdom" "নানা বিজ্ঞান-প্রবাহিণীর সাগরসঙ্গম হইতে সার মন্থন করিয়া মনুষ্যের পরম পুরুষার্থ এবং জগতের চরম উদ্দেশ্য বিষয়ে যথাসম্ভব তত্ত্বনির্দ্ধারণ করা প্রজ্ঞার কার্য্য।"—দ্বিজেন্দ্র-

ঠাকুর। ২। মন্ত্রণা। ৩। সঙ্কেত। ৪। [কর্ত্তৃ—অঙ্] বাগ্দেবী ; সরস্বতী।

প্রজ্ঞাচক্ষু (প্রোগ্গাঁচোক্খু) [প্রজ্ঞা (জ্ঞান) হইয়াছে চক্ষুঃ (নেত্র) যাহার, বহু] যাহার বহিরিন্দ্রিয় চক্ষুঃ নাই [বি, পুং, ধৃতরাষ্ট্র। ২। বিণ, জ্ঞাননেত্রবিশিষ্ট।

প্রজ্ঞাত (প্রোগ্গাঁত) [প্র—জ্ঞা—ত] বিণ, বিশেষভাবে জ্ঞাত ; বিজ্ঞাত ; অধিগত ; বিদিত। ২। প্রখ্যাত।

প্রজ্ঞান (প্রোগ্গ্যান্) [প্র (অধিক) জ্ঞা (জানা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, বিশেষ জ্ঞান ; বোধ ; বুদ্ধি ; ২। [করণে —অনট্] জ্ঞানের হেতু। ৩। চিহ্ন। ৪। সঙ্কেত। ৫। বিণ, জ্ঞানবান্ ; পণ্ডিত।

প্রজ্ঞাবান্ (প্রোগ্গাঁবান্) [প্রজ্ঞা (বুদ্ধি) + বৎ (অস্ত্যর্থে বতু) = প্রজ্ঞাবৎ ১মা, ১ব] জ্ঞানবান ; বুদ্ধিমান ; জ্ঞানী।

প্রজ্ঞী (প্রোগ্গীঁ) [প্রজ্ঞা (জ্ঞান) + ইন্ (অস্ত্যর্থে) = প্রজ্ঞিন্ ১মা, ১ব] বিণ, জ্ঞানবান্ ; বুদ্ধিমান্ ; পণ্ডিত।

প্রজ্বলন (প্রোজ্জলন্) [প্র—জ্বল্ (দীপ্তি পাওয়া) + অন (ভাবে)] বি, অতিশয় দহন। ২। প্রদীপন। বিণ, প্রজ্বলনীয়।

প্রজ্বলিত (প্রোজ্জোলিত) [প্র (অধিক) জ্বল্ (দীপ্তি পাওয়া) + ত (কর্তৃ, ক্ত)] বিণ, দীপ্তিবিশিষ্ট ; জ্বলন্ত। বি, প্রজ্বালন।

প্রজ্বালিত (প্রোজ্জালিত) [প্র (অধিক) জ্বল্ + ণিচ্ = জ্বালি (জ্বালান) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, প্রদীপিত ; আলোকিত ; দীপ্ত।

প্রডীন (প্রোডিন্) [প্র (প্রথম) ডী (উড়ন) + ত (ভাবে, ক্ত) ক্ত = ন] বি, ক্লী, পক্ষিগণের তির্য্যগ্গমন।

প্রণত (প্রো) [প্র—নম্ (নমস্কার করা) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, যে নমস্কার করিয়াছে ; কৃত-প্রণাম। ২। নম্র। ৩। সম্যক্ নত। প্র—"প্রণতে উন্নত কর, উন্নতে প্রণত। কার সাধ্য এই বিধি করে অন্য মত।"—কাঞ্চী-কাবেরী (রঙ্গলাল)। ৪। বক্র।

প্রণতি (প্রোনোতি) [প্র—নম্ + তি (ভাবে, ক্তি) প্রা-বাং—পনতি, প্রনুতি। প্র—"শ্রীধর্ম্ম চরণারবিন্দে করিআ পনতি"—"তীর্থ চূড়ামণি গঙ্গা করন্তি প্রনুতি"—শূন্যপুরাণ] বি, স্ত্রী, প্রণাম ; নমস্কার। প্র—"আনন্দ-সাগরে সবে মগন হইয়া। প্রণতি করিয়া কন বিনতি করিয়া।"—অন্নদামঙ্গল। ২। বিনয়। ৩। নম্রতা।

প্রণব (প্রোনব্) [প্র—নু (স্তব করা) + অ (করণে—অল্) যাহা উচ্চারণ করিয়া স্তব করা হয়] বি, পুং, ওঁ কার ; ঈশ্বর ; ওম্ দ্রঃ। প্র—"ঈশ্বর স্বরূপ প্রণব বিশ্বধাম"—চৈতন্য-চরিত। ২। বিষ্ণু। ৩। বেদের মূল। প্র—"প্রণব সে মহাবাক্য বেদের নিদান।"—চৈতন্যচরিত।

প্রণমা (প্রোনমা) [পদ্যে। গদ্যে "প্রণাম করা"। প্র—নম্ ধাতু হইতে। উ-পু—প্রণমি। ম-পু—প্রণম। প্র-পু—প্রণমে। অস-ক্রি—প্রণমিতে ; প্রণমিয়া, প্রণমি] ক্রি, প্রণাম করা ; নমস্কার করা। প্র—"অখিল ব্রহ্মাণ্ডপতি প্রণমি চরণে তব প্রেম ভক্তি ভরে শরণ লাগি।"—ব্রহ্মসঙ্গীত।

প্রণয় (প্রোণয়্) [প্র—নী (প্রাপ্ত হওয়া) + অ (ভাবে, অল্)] বি, পুং, প্রীতি ; প্রেম ; ভালবাসা। ২। ঘনিষ্ঠতা ; অনুরাগ ; বন্ধুত্ব ; সৌহার্দ্দ্য। ৩। শ্রদ্ধা।

প্রণয়-আলাপ, প্রণয়ালাপ (প্রোনয়্-আলাপ, প্রোনয়ালাপ্) বি, প্রণয় ঘটিত আলাপ ; প্রেম-সম্ভাষণ। ২। স্ত্রী-পুরুষ বা নায়ক-নায়িকার প্রেমালাপ বা পরস্পরের প্রতি অনুরাগাত্মক কথোপকথন।

প্রণয়গর্ভ (প্রোনয়্গরভ) [প্রণয় গর্ভে আছে যাহার] বিণ, যাহার মধ্যে প্রণয় আছে ; প্রেমাত্মক।

প্রণয়গাথা (প্রোনয়্) [প্রণয়ের গাথা (গান)—৬ তৎ] বি, প্রেম সঙ্গীত।

প্রণয়গীত, প্রণয়সঙ্গীত (প্রোনয়্গীত্, শোংগীত্) [প্রণয়ের গীত, সঙ্গীত—৬তৎ] বি, প্রেমগান ; প্রণয়-গাথা।

প্রণয়ঘটিত (প্রোনয়্ঘোটিত) বিণ, প্রণয়াত্মক ; প্রেম সম্বন্ধীয়।

প্রণয়ন (প্রোণয়ন্) [প্র—নী (প্রাপ্ত হওয়া) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, রচনা ; প্রস্তুতকরণ ; নির্ম্মাণ। ২। [করণে—অনট্] যে মন্ত্রাদি দ্বারা অগ্নি প্রজ্বলিত করা হয় ; অগ্নি সমিন্ধন মন্ত্র।

প্রণয়পত্র (প্রোনয়্পৎত্র) [প্রণয়—পত্র] বি, অনুরাগব্যঞ্জক পত্র ; নায়ক নায়িকার প্রেমলিপি।

প্রণয়পত্রিকা (প্রোনয়্পোৎত্রিকা) বি, প্রণয়পত্র দ্রঃ।

প্রণয়পাত্র (প্রোণয়্পাৎত্র) [প্রণয়ের পাত্র] বি, প্রণয়ভাজন ; যাহাকে প্রেম করা যায় ; যাহাকে ভাল বাসা যায় বা যাইতে পারে।

প্রণয়বন্ধন (প্রোনয়্) [প্রণয়ের বন্ধন, ৬তৎ] বি, প্রেমের বাঁধন ; পরস্পরের প্রতি সুদৃঢ় অনুরাগ।

প্রণয়ভঙ্গ (প্রোনয়্ভংগ) বি, প্রণয়ের বিচ্ছেদ ; পূর্ব্ব প্রেম বা প্রীতির বিলোপ।

প্রণয়ভাজন (প্রোনয়্ভাজন্) বি, প্রণয়ের পাত্র ; ভালবাসার পাত্র ; প্রীতিভাজন।

প্রণয়শীল (প্রোনয়্শীল্) বিণ, প্রণয়ী ; অনুরাগী। ২। স্নেহময়।

প্রণয়শালী (প্রোনয়্) [প্রণয়—শালিন্, ১মা, ১ব] বিণ, প্রণয়বান্ ; প্রণয়ী।

প্রণয়সঙ্গীত (প্রোনয়্শোংগীত্) বি, প্রণয়-গীত দ্রঃ।

প্রণয়সঞ্চার (প্রোনয়্শন্চার্) [প্রণয়ের সঞ্চার, ৬ তৎ] বি, প্রেমের উদ্রেক ; অনুরাগের উদ্ভব।

প্রণয়সম্ভাষণ (প্রোনয়্শম্ভাষন্) [প্রণয় —সম্ভাষণ] বি, প্রেমালাপ। ২। নায়ক নায়িকার পরস্পর অনুরাগ ব্যঞ্জক সম্বোধন।

প্রণয়াকাঙ্ক্ষা (প্রোনয়াকাংখা) [প্রণয়ের আকাঙ্ক্ষা, ৬ তৎ] বি, প্রণয়ভাজনকে ভালবাসিবার বা প্রেম করিবার আগ্রহ। ২। প্রেমপাত্রের প্রীতির বা ভালবাসা পাইবার আশা। বিণ, পুং, প্রণয়াকাঙ্ক্ষী। স্ত্রী, প্রণয়াকাঙ্ক্ষিণী।

প্রণয়াদর (প্রোনয়াদর্) [প্রণয় + আদর] বি, প্রণয় ও আদর ; ভালবাসা ও যত্ন ; স্নেহ-প্রীতি। প্র—"তাঁহারি প্রণয়াদরে বাড়িবে গরিমা নব। বিনা সে চরণ-রজঃ ভবে কি বিভব তব।"—শ্রীমতী অম্বুজাসুন্দরী।

প্রণয়ানুরাগ (প্রোনয়ানুরাগ্) [প্রণয় + অনুরাগ] বি, প্রেমপ্রিয়তা ; প্রেমাকর্ষণ ; প্রেমানুরক্তি ; প্রণয়াসক্তি। বিণ, প্রণয়ানুরাগী। স্ত্রী, প্রণয়ানুরাগিণী।

প্রণয়াভিমান (প্রো, ন্) [প্রণয় + অভিমান] বি, প্রণয় ব্যাপার হইতে জাত অভিমান।

প্রণয়াসক্ত (প্রোনয়াশক্ত) [প্রণয় + আসক্ত] বিণ, প্রেমানুরক্ত ; প্রণয়ানুরক্ত। স্ত্রী, প্রণয়াসক্তা। বি, প্রণয়াসক্তি।

প্রণয়াস্পদ (প্রোনয়াশ্পদ্) [প্রণয় + আস্পদ] বি, প্রণয়ভাজন ; প্রেমভাজন।

প্রণয়াহ্বান (প্রোনয়াওভান্) [প্রণয় + আহ্বান] বি, প্রেমসম্বোধন ; প্রণয়-সম্ভাষণ।

প্রণয়িনী (প্রোনোইনি) [প্রণয়ী শব্দের স্ত্রীলিঙ্গে] বিণ, স্ত্রী, প্রণয়কারিণী ; অনুরাগিণী ; প্রণয়বতী ; প্রেমিকা।

প্রণয়ী (প্রোনোয়ী) [প্রণয় + ইন্ (অস্ত্যর্থে) = প্রণয়িন্ ১মা, ১ব] বি, পুং, প্রীতিপাত্র ; প্রণয়াস্পদ ; অনুরক্ত পতি অথবা নায়ক। ২। বিণ, অনুরক্ত ; অনুরাগবিশিষ্ট ; প্রণয়শালী ; প্রণয়াসক্ত ; প্রেমিক। স্ত্রী, প্রণয়িনী।

প্রণস (প্রোনশ্) [প্র (প্রগত) হইয়াছে নাসা (নাসিকা) যাহার, বহু—নাসা = নস] বিণ, যাহার নাসিকা রোগাদিতে নষ্ট হইয়াছে ; নাসাহীন।

প্রণাদ (প্রোনাদ্) [প্র (অধিক) নাদ (শব্দ)] বি, পুং, উচ্চ আনন্দধ্বনি ; হর্ষ-কোলাহল। ২। কর্ণের রোগ ; এই রোগে কাণের মধ্যে নানারূপ শব্দ অনুভূত হয়।

প্রণাম (প্রোনাম্) [প্র—নম্ (নমস্কার করা) + অ (ঘঞ্—ভাবে) গ্রা—পণাম, পন্নাম, পেন্নাম] বি, সম্পূর্ণ নত হইয়া শ্রদ্ধা ও ভক্তি প্রকাশ ; ভক্তি ভরে নমস্কার ; জ্যেষ্ঠ, শ্রেষ্ঠ ও পূজ্যের সম্মুখে মস্তক বা দেহ নত করিয়া যুক্তকর হইয়া অথবা চরণ স্পর্শ করিয়া অভিবাদন ; প্রণাম—কায়িক, বাচনিক ও মানসিক এই তিন প্রকার। নমস্কার দ্রঃ। প্র—প্রণাম করিতে মাথা দিল যে গোঁসাই। সংসারে যে কিছু মূর্ত্তি তাঁহা ছাড়া নাই॥" অন্নদামঙ্গল। দণ্ডবৎ প্রণাম—যষ্টি বা দণ্ডাকারে ভূমিতে পতিত হইয়া প্রণাম। পঞ্চাঙ্গ প্রণাম—মস্তক, বাহুদ্বয়, জানুদ্বয়, নেত্রদ্বয়, ও বাক্য সংযোগে যে নমস্কার। সাষ্টাঙ্গ প্রণাম—অষ্টাঙ্গপ্রণাম : মস্তক, নেত্রদ্বয়, করদ্বয়, বক্ষঃস্থল, জানুদ্বয়, চরণদ্বয় এবং বাক্য ও মন সংযোগে যে নমস্কার। প্রণাম খাটা—অতিকঠোর রূপে ধর্ম্ম ঠাকুরকে প্রণামবিশেষ করা। প্র—"পুলকে প্রণাম খাটে গদ্য বাদ্য গীত নাটে যজ্ঞে জাগিল যামিনী।"—ঘনরাম। ২। দূর হইতে অষ্টাঙ্গ প্রণাম করিতে করিতে উদ্দিষ্ট দেবতার সন্নিহিত হওয়া।

প্রণামী (প্রোনামি) [প্রণাম—ঈ (তৎস্থলে বা কালে দেয় অর্থে] বি, ঠাকুর প্রণাম কালে যাহা দেয়। প্রণামী দেওয়া—প্রণাম করিবার সময় প্রতিমার সম্মুখে অর্থাদি মূল্যবান বস্তু রাখিয়া দেওয়া। প্র—পূজার নিমন্ত্রণ রক্ষা করিতে আসিয়া তাহারা প্রত্যেকেই এক এক টাকা প্রণামী দিয়াছিল।

প্রণাল (প্রোনাল্) [প্র—নল্ (বন্ধন করা) + অ (করণে ঘঞ্] বি, পুং, জল বহির্গমনের রাস্তা ; প্রণালী।

প্রণালী (প্রো) [প্র—নল্ (বন্ধন করা) + অ (করণে—ঘঞ্) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, পয়ঃ-নির্গম পথ ; জলনালী ; ২। অপ্রশস্ত জল-ভাগ যাহা দুই বৃহৎ জল ভাগকে পরস্পর সংযুক্ত করে। ৩। নিয়ম ; ধারা ; রীতি। প্র—"ভারতবর্ষ দ্বিতীয় প্রণালী অবলম্বন করিয়া"—রবি। ৪। সারি ; শ্রেণী।

প্রণাশ (প্রোনাশ্) [প্র—নশ্ (নষ্ট হওয়া) + অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, বিনাশ ; মরণ ; মৃত্যু। ২। নষ্ট ; ধ্বংস। ৩। পলায়ন। বিণ, প্রনষ্ট।

প্রণিধান (প্রোণিধান্) [প্র—নি—ধা (ধারণ করা, মনোযোগ করা) + অন (ভাবে, অনট্)] বি, স্ত্রী, চিত্তের একাগ্রতা ; অভিনিবেশ। ২। অভিনিবেশের সহিত অভিমত বিষয়ের চিন্তা ; ধ্যান। ৩। যোগ ; সমাধি। ৪। প্রযত্ন ; প্রয়াস ; যত্ন।

প্রণিধি (প্রোনি) [প্র—নি—ধা (ধারণ করা) + ই (কর্ত্তৃ—কি) যে গুপ্ত তত্ত্ব ধারণ বা গ্রহণ করে] বি, পুং, রাজদূত ; চর। ২। অনুচর। ৩। [ভাবে—কি] প্রার্থনা। ৪। একাগ্র-চিত্ততা ; মনোনিবেশ। ৫। তৎপরতা ; অবধান। ৬। বৃহস্পতির পুত্র।

প্রণিপাত (প্রোনিপাত্) [প্র—নি—পত্ (পতিত হওয়া) + অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, প্রণাম। প্র—"কায ভাল নয় কিন্তু লাজ খেয়ে কই। যুদ্ধ দেহ জগন্নাথ প্রণিপাত হই॥"—শিবায়ন।

প্রণিহিত (প্রোনি) [প্র—নি—ধা + ত (কর্ম্মে, ক্ত) ধা = হি] বিণ, প্রাপ্ত। ২। সমাহিত ; সমাধিস্থ। ৪। অর্পিত ; প্রদত্ত। ৪। নির্দ্ধারিত ; স্থিরীকৃত। ৫। বিস্তৃত ; প্রসারিত।

প্রণীত (প্রোনি) [প্র—নী (পাওয়া) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, কৃত ; রচিত। ২। নির্ম্মিত ; গঠিত। ৩। বি, পুং, মন্ত্রসংস্কৃত যজ্ঞীয় অগ্নি। স্ত্রী, প্রণীতা—যজ্ঞের অগ্নি। ২। কথিতা। ৩। প্রেরিতা।

প্রণুত (প্রোনু) [প্র—নু (স্তুতি করা) + ত (কর্ম্মে, ক্ত) যাহাকে স্তব করা হইয়াছে] বিণ, প্রশংসিত ; কীর্ত্তিত ; কৃতস্তুতি।

প্রণেতা (প্রোনে) [প্র—নী (পাওয়া) + তৃ (কর্ত্তৃ, তৃচ্) প্রণেতৃ ১মা, ১ব] বিণ, নির্ম্মাণ-কারী ; নির্ম্মাতা। ২। রচয়িতা ; যে রচনা করিয়াছে।

প্রণেয় (প্রোনে) [প্র—নী (পাওয়া) + য (কর্ম্মে) যাহাকে বশ্যরূপে পাওয়া যায়] বিণ, অধীন ; বশীভূত ; বশ্য।

প্রণোদিত (প্রোনো) [প্র—নুদ্ + ণিচ্ = নোদি (প্রেরণ করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, প্রেরিত। ২। প্রবর্ত্তিত ; নিয়োজিত।

প্রততি, তী (প্রোতো) [প্র—তন্ (বিস্তৃত হওয়া) + তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, বিস্তৃতি ; ব্যাপ্তি। ২। বিস্তীর্ণ লতা।

প্রতন (প্রোতন্) [সং] বিণ, পুরাতন ; প্রাচীন।

প্রতনু (প্রোতোনু) [প্র—তন্ + উ] বিণ, পাতলা ; মিহি ; সূক্ষ্ম ; সরু।

প্রতপ্ত (প্রোৎতপ্ত) [প্র—তপ্ (তপ্ত করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উত্তাপবিশিষ্ট ; উষ্ণ ; উত্তপ্ত।

প্রতর্ক (প্রো) [প্র—তর্ক্ (তর্ক করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, সন্দেহ ; সংশয়।

প্রতান (প্রোতান্) [প্র + তন্ (বিস্তৃত হওয়া) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, বিস্তৃতি ; ব্যাপ্তি। ২। [কর্ম্মে—ঘঞ্] লতার তন্তু ; আঁস ; শুঁয়া।

প্রতাপ (প্রোতাপ্) [প্র—তপ্ (তপ্ত করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, তেজ ; প্রভাব ; প্রভুশক্তি। প্র—"ইঁহার পিতা পুত্রকে মোগল সম্রাটের প্রতাপ সচক্ষে প্রত্যক্ষ করাইবার নিমিত্ত দিল্লী ও আগ্রা প্রেরণ করেন।" ২। উত্তাপ ; উষ্ণতা। ৩। রৌদ্র। ৪। মনস্তাপ ; দুঃখ ; সন্তাপ।

প্রতাপন (প্রো, ন) [প্র—তপ্ + ণিচ = তাপি (তপ্ত করান) + অন (কর্ত্তৃ)] বিণ, উত্তাপজনক ; সন্তাপজনক। ২। [ভাবে—অনট্] বি, স্ত্রী, পীড়ন। ৩। [অধি—অনট্] যেখানে পাপীদিগকে উৎপীড়ন করে : কুম্ভীপাক নামক নরক।

প্রতাপবান (প্রোতাপ্‌বান্) বিণ, শক্তিশালী ; প্রতাপান্বিত ; প্রভাববিশিষ্ট।

প্রতাপশালী (প্রোতাপ্‌শালি) বিণ, প্রতাপান্বিত ; প্রভাববিশিষ্ট ; শক্তিশালী। প্র—"তখন প্রতাপশালী লঙ্কেশ রাবণ"—রামায়ণ (রাজ)।

প্রতাপাদিত্য (প্রোতাপাদিৎত) বি, পরিঃ দ্রঃ।

প্রতাপান্বিত (প্রোতাপান্‌নিত) বিণ, প্রভাব-শালী ; তেজঃবিশিষ্ট ; পরাক্রান্ত।

প্রতাপী (প্রো) [প্রতাপ + ইন্ (অস্ত্যর্থে) = প্রতাপিন্ ১মা, ১ব] বিণ, ক্ষমতাশালী ; প্রতাপান্বিত ; পরাক্রমী। ২। তেজস্বী। ৩। সন্তাপী। ৪। সমুজ্জ্বল।

প্রতারক (প্রো, ক্) [প্র—তৃ + অক (কর্ত্তৃ)] বি, পুং, প্রবঞ্চক ; শঠ ; ধূর্ত্ত।

প্রতারণ (প্রো, ন্) [প্র—তৃ + অন (ভাবে—অনট্)] বি, বঞ্চনা ; ছলনা।

প্রতারণশীল (প্রোতারন্‌শীল্) বিণ, যে প্রতারণা করে ; বঞ্চনাকারী। স্ত্রী, প্রতারণ-শীলা। বি, প্রতারণশীলতা।

প্রতারণা (প্রো, না) [সং] বি, স্ত্রী, প্রবঞ্চনা ; ছলনা ; শঠতা।

প্রতারণামূলক (প্রো, ক্) [প্রতারণা—মূলক] বিণ, যাহার মূলে প্রতারণা আছে ; শঠতাপূর্ণ ; প্রবঞ্চনাময় ; ছলযুক্ত।

প্রতারণার্থক (প্রোতারনারথক্) বিণ, প্রবঞ্চনাঘটিত ; শঠতাপূর্ণ।

প্রতারিত (প্রো) [প্রতারণা দ্রঃ] বিণ, প্রবঞ্চিত ; যে ধূর্ত্তের শঠতায় বঞ্চিত হইয়াছে।

প্রতি (প্রো) [সং] উপ, অ, প্রশস্তি ; বিস্তার। ২। পুনঃপুনঃ। প্র—প্রতিগত। ৩। পরিবর্ত্ত ;

বদল। প্র—প্রতিহিংসা; প্রতিদান; প্রতি-নিধি। ৪। পরস্পর। প্র—প্রতিঘাতন। ৫। সমীপ। প্র—প্রতিবাসী; প্রতিকণ্ঠ। ৬। বিপরীত; প্রতিকূল। প্র—প্রতিক্রিয়া; প্রতিবিধান। ৭। অনুরূপ। প্র—প্রতিরূপ; প্রতিমূর্ত্তি; প্রতিকৃতি। ৮। প্রত্যেক। প্র—প্রতিপদ। ৯। উদ্দেশ; লক্ষ। প্র—তাঁহার প্রতি এইরূপ ব্যঙ্গোক্তি করা হইয়াছিল। ১০। উপরি। প্র—তৎপ্রতি শর নিক্ষেপ করিলেন; কাহার প্রতি কৃপা-বর্ষণ। ১১। আভিমুখ্য। প্র—প্রতিমুখ; কাহার প্রতি দৃষ্টিনিক্ষেপ। ১২। চিহ্ন; লক্ষণ। ১৩। ব্যাপ্তি; বীপ্‌সা। প্র—প্রতিদিন। ১৪। পশ্চাৎ। প্র—প্রতীচী। ১৫। বিরোধ। প্র—প্রতিপক্ষ; প্রতিকার প্রতিকূল। ১৬। সমান। প্র—প্রতিযোগিতা। ১৭। ভাগ; অংশ। ১৮। ক্ষুদ্র; অল্পমাত্র। প্র—প্রতিকূপ; প্রতিজিহ্বা। ১৯। প্র—প্রতিম; প্রতিমূর্ত্তি। ২০। নিন্দা। প্র—প্রতিক্ষিপ্ত। ২১। স্বীকার। প্র—প্রতিগ্রহণ। ২২। প্রত্যেক; এক একটি নির্দ্দিষ্ট।

প্রতিআশা (প্রো) [আধু·বাং·য়—অপ্র। "প্রত্যাশা" পদ্যে] বি. প্রত্যাশা; ভরসা। প্র—"দুঃখিনী ফুল্লরা আছে ঘড় প্রতিআশা" —কবিকঙ্কণ।

প্রতিক (প্রোতিক্) [সং] বিণ. যোল পণে ক্রীত।

প্রতিকণ্ঠ (প্রো) [কণ্ঠের—প্রতি, অব্যয়ী] অ. কণ্ঠ সন্নিকটে; গলার কাছে।

প্রতিকরণীয় (প্রো) [প্রতিকার দ্রঃ] বিণ. প্রতিকার্য্য; প্রতিবিধেয়। ২। প্রতিবিধান-যোগ্য। ৩। বি. প্রতিক্রিয়া।

প্রতিকর্ত্তা (প্রো) [প্রতি—কৃ (করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=প্রতিকর্ত্তৃ ১মা, ১ব] বিণ. অনিষ্টকারীর অনিষ্টকারক; প্রতি-বিধায়ক।

প্রতিকর্ম্ম (প্রো) [প্রতি (বিপরীত) কর্ম্ম] বি. ক্লী. প্রতিক্রিয়া; reaction. ২। প্রতি-বিধান; প্রতিকার। ৩। [প্রতি (শরীর)—কর্ম্ম] অঙ্গবিভূষণ; দেহের প্রসাধন।

প্রতিকর্ষ (প্রো) [প্রতি—কর্ষ (কর্ষণ)] বি. আকর্ষণ।

প্রতিকশ (প্রোতিকশ্) [প্রতিকশ্ (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বিণ. সহায়; । ২। দূত; সংবাদ বহনকারী। ৩। বি. পুং. কশাঘাত প্রাপ্ত অশ্ব।

প্রতিকায় (প্রোতিকায়্) [প্রতি (পুনর্ব্বার, সদৃশ) কায় (শরীর, মূর্ত্তি)] বি. পুং. কায়ার প্রতিরূপ; দেহের অনুরূপ দেহ; প্রতিমূর্ত্তি। ২। [প্রতি (বিরুদ্ধ, প্রতিকূল) কায়] বৈরী; অরি; শত্রু।

প্রতিকার, প্রতীকার (প্রোতিকার্) [প্রতি, প্রতী (বিরুদ্ধ) কৃ (করা)+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. প্রতিকূলতাচরণ; শত্রুতাচরণ; বৈরনির্য্যাতন। ২। প্রতিহিংসা। ৩। প্রতিবিধান; প্রতিফল; প্রতিশোধ। ৪। উপায়। প্র—"আমার বচনে মাতা কর প্রতিকার। শিয়রে কলিঙ্গরায় বড় দুরাচার।" —কবিকঙ্কণ। ৫। চিকিৎসা। ৬। প্রতি-ষেধ।

প্রতিকার্য্য (প্রোতিকার্জ) [প্রতি—কৃ+য (কর্ম্মে)] বিণ. প্রতিকারের উপযুক্ত; প্রতিবিধেয়।

প্রতিকাশ, প্রতীকাশ (প্রোতিকাশ্) [প্রতি—কাশ (দীপ্ত)] বিণ. প্রোজ্জ্বল; প্রদীপ্ত। ২। [অন্য শব্দের পরে যুক্ত হইলে] অনুরূপ; তুল্য; সদৃশ।

প্রতিকুঞ্চিত (প্রো) [প্রতি—কুঞ্চ্ (বক্র হওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. বক্রীকৃত; বাঁকান। ২। বক্র।

প্রতিকূপ (প্রোতিকূপ্) [প্রতি (ক্ষুদ্র, সদৃশ) কূপ] বি. পুং. ক্ষুদ্র কূপ। ২। পরিখা।

প্রতিকূল (প্রোতিকূল্) [প্রতি (বিরুদ্ধ) কূল (তীর—পক্ষ)] বিণ. বিপরীত কূল; পরপার [ভিন্ন]। ২। অননুকূল বা বিরুদ্ধ পক্ষ; শত্রু। ৩। বিরোধী; শত্রুভাবাপন্ন; বিরুদ্ধ। ৪। অপ্রসন্ন; বাম। প্র—"শুন শুন মেঘগণ কর ঝড় বরিষণ কলিঙ্গে হইয়া প্রতিকূল।"—কবিকঙ্কণ।

প্রতিকূলতা (প্রো) [প্রতিকূল (বিরুদ্ধ)+তা (ভাবে)] বি. স্ত্রী. বিরুদ্ধতা; বিপক্ষতা।

প্রতিকৃত (প্রো) [প্রতি—কৃ (করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. কৃতপ্রতিবিধান; পরি-শোধিত; প্রতিদত্ত। বি. প্রতিকার।

প্রতিকৃতি (প্রো) [প্রতি (পুনর্ব্বার) কৃ (করা)+তি (করণে) যাহা দ্বারা স্বরূপ নিরূপণ করা যায়। কিম্বা প্রতি (সদৃশ) কৃতি (করা) যাহা বাস্তবের সদৃশ করা হয়] বি. স্ত্রী. প্রতিমূর্ত্তি; প্রতিচ্ছবি; প্রতিচিত্র। ২। প্রতিবিম্ব। ৩। প্রতিনিধি। ৪। প্রতি-বিধান। ৫। [ভাবে—ক্তি] সাদৃশ্য।

প্রতিকৃষ্ট (প্রো) [প্রতি (বিরুদ্ধ) কৃষ্ট (কর্ষিত)] বিণ. হীন, নিকৃষ্ট।

প্রতিক্রিয়া (প্রোতিক্‌ক্রিয়া) বি. স্ত্রী. বিপরীত ক্রিয়া। ২। প্রতিকার; প্রতিবিধান।

প্রতিক্ষণ (প্রোতিক্‌খন্) [প্রতি (বীপ্সার্থে) ক্ষণ অব্যয়ী.] ক্রি-বিণ. প্রতিক্ষণে; প্রতিমুহূর্ত্তে।

প্রতিক্ষিপ্ত (প্রোতিক্‌খিপ্‌ত) বিণ. নিবারিত। ২। ভর্ৎসিত; তিরস্কৃত। ৩। প্রেরিত।

প্রতিক্ষেপ (প্রোতিক্‌খেপ্) [প্রতি—ক্ষিপ্ (ক্ষেপণ করা)+অ (ভাবে—অল্)] বিণ. বি. পুং. পশ্চাতে নিক্ষেপ; ত্যাগ। ২। ভর্ৎসনা; তিরস্কার। ৩। নৈরাশ্য।

প্রতিখ্যাতি (প্রোতিক্‌খ্যাতি) [প্রতি—খ্যা (বলা)+তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. প্রসিদ্ধি; প্রখ্যাতি; যশ।

প্রতিগত (প্রো) বিণ. প্রত্যাগত; প্রত্যাবৃত্ত।

প্রতিগর্জ্জন (প্রোতিগর্‌জন্) বি. গর্জ্জনের প্রতিধ্বনি। বিণ. প্রতিগর্জ্জিত।

প্রতিগিরি (প্রো) [প্রতি (প্রত্যেক) গিরি (পর্ব্বত), অব্যয়ী] বি. ক্লী. প্রত্যেকপর্ব্বতে। ২। [প্রতি (সদৃশ) গিরি (পর্ব্বত)] বি. পুং. পর্ব্বত সদৃশ; পাহাড়ের মত।

প্রতিগৃহীত (প্রেতিগ্‌গৃহিত) [প্রতি (বিশেষ ভাবে) গ্রহ্ (গ্রহণ করা)+ত (কর্ম্মে—ক্ত) যাহা বিশেষভাবে গ্রহণ করা হইয়াছে] বিণ. স্বকীয় বলিয়া গৃহীত; অঙ্গীকৃত। স্ত্রী. প্রতিগৃহীতা।

প্রতিগ্রহ (প্রোতিগ্‌গ্রোহ) [প্রতি (সম্যক্ রূপে) গ্রহ্ (গ্রহণ করা)+অ (ভাবে—অল্)] বি. পুং. দানগ্রহণ। প্র—"রামের প্রদত্ত পূজা পরে মুনিবর। প্রতিগ্রহ করি তবে ফিরিলা সত্বর।"—রামায়ণ (রাজ)। ২। স্বীকার; অঙ্গীকার। ৩। প্রতিকূল গ্রহ। ৪। প্রত্যভিযোগ; নালিশের বিরুদ্ধে নালিশ। ৫। অনুগ্রহ। ৬। সৈন্যপালন। ৭। দানীয় বস্তু; যাহা দান করা হইয়াছে। ৮। [কর্ত্তৃ—অচ্, যে সম্যক্‌রূপে মূপমল গ্রহণ করে] বি. পিক্‌দান।

প্রতিগ্রহদান (প্রোতিগ্‌গ্রোহোদান্) বি. পূর্ণিমায় ভোজ্যদান, গ্রহণে দান, তীর্থে দান, শ্রাদ্ধে দান প্রভৃতি প্রতিগ্রহ দান; ইহার পাত্র সুব্রাহ্মণ।

প্রতিগ্রহণ (প্রোতিগ্‌গ্রোহন্) [প্রতি (সম্যক্) গ্রহ (গ্রহণ করা)+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. দানগ্রহণ।

প্রতিগ্রহণীয় (প্রোতিগ্‌গ্রোহনীও) বিণ. গ্রহণযোগ্য। ২। স্বীকার্য্য।

প্রতিগ্রাহ (প্রোতিগ্‌গ্রাহ্) [প্রতি—গ্রহ্ (গ্রহণ করা)+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. প্রতিগ্রহ দ্রঃ।

প্রতিগ্রাহিত (প্রোতিগ্‌গ্রাহিত) [প্রতি+গ্রহ্+ণিচ্=গ্রাহি (গ্রহণ করান)+ত

(কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা গ্রহণ করান হইয়াছে ; যাহা অন্যকে পাওয়াইয়া দেওয়া হইয়াছে। ২। স্বীকৃত।

প্রতিঘ (প্রো) [প্রতি (বিরুদ্ধে) ঘ (হন্ ধাতু কর্ত্তৃ—ড প্রত্যয়জ) যে হানি করে, বাধা জন্মায়] বি. পুং. প্রতিবন্ধক ; বিঘ্ন ; ব্যাঘাত ; বাধা। ২। রাগ ; ক্রোধ। প্র—"দেখিলা রাক্ষসবল বাহিরিছে দলে অসংখ্য প্রতিঘঅন্ধ, চতুস্কন্ধরূপী॥"—মেঘনাদ। বিণ. প্রতিকূল ; প্রতিপক্ষ।

প্রতিঘাত, প্রতীঘাত (প্রোতিঘাত্) [প্রতি (পশ্চাৎ) ঘাত (হন্ ধাতু ভাবে—ঘঞ্)—আঘাত] বি. পুং. প্রত্যাঘাত ; আঘাত-কারীর প্রতি আঘাতিত বস্তুর আঘাত। ২। ব্যাঘাত ; বিঘ্ন। ৩। বিরোধ ; শত্রুতা। ৪। নিক্ষেপ।

প্রতিঘাতন (প্রো, ন্) [প্রতি (বিশেষরূপে) হন্ (বধ করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. হত্যা ; প্রাণসংহার। ২। অন্তরায় ; প্রতিবন্ধক ; বিঘ্ন।

প্রতিঘাতী (প্রো) বিণ. প্রতিঘাতকারী ; প্রাণসংহারী। স্ত্রী. **প্রতিঘাতিনী**।

প্রতিচ্ছন্দ (প্রোতিচ্ছন্দ) বি. পুং. অভিপ্রায়া-নুরূপ ; ইচ্ছাধীন। ২। প্রতিরোধ ; অনু-রোধ। ৩। ক্লী. প্রতিমূর্ত্তি ; প্রতিরূপ।

প্রতিচ্ছন্ন (প্রোতিচ্ছন্ন্) [প্রতি (সম্যক্) ছদ্ (আবরণ করা) + ণিচ্ = ছাদি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. আবৃত ; আচ্ছন্ন। ২। প্রতিভূ ; প্রতিনিধি।

প্রতিচ্ছায়া (প্রোতিচ্ছায়া) [প্রতি (সদৃশ) ছায়া] বি. স্ত্রী. প্রতিবিম্ব। ২। প্রতিকৃতি ; চিত্র। ৩। অনুরূপ ; প্রতিরূপ ; সাদৃশ্য।

প্রতিচ্ছেদ (প্রোতিচ্ছেদ্) [প্রতি—ছিদ্ (ছেদন করা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. অন্তরায় ; বিঘ্ন।

প্রতিজঙ্ঘা (প্রোতিজংঘা) [প্রতি (অগ্র) জঙ্ঘা] বি. স্ত্রী. জঙ্ঘার অগ্রভাগ।

প্রতিজন্য (প্রোতিজোনেনো) [প্রতি—জন্য] বি. ক্লী. শত্রুপক্ষ।

প্রতিজাগর (প্রোতিজাগর্) বি. পুং. সাব-ধানতা ; সতর্কতা। ২। মনোযোগ ; অভি-নিবেশ। ৩। প্রত্যবেক্ষণ।

প্রতিজিহ্বা (প্রোতিজ্‌জিভা) [প্রতি (ক্ষুদ্র) জিহ্বা] বি. স্ত্রী. অলিজিহ্বা ; আল্‌জিভ

প্রতিজীবন (প্রোতিজীবন্) [প্রতি (পুনঃ) —জীবন] বি. পুনরুজ্জীবন।

প্রতিজ্ঞা (প্রোতিগ্‌গাঁ) [প্রতি—জ্ঞা (জানা)] বি. কোন অনুষ্ঠানের বা উদ্দেশ্যসাধনের দৃঢ় সঙ্কল্প ; অঙ্গীকার। ২। স্বীকার ; প্রতিশ্রুতি বাগ্‌দান। ৩। শপথ ; দিব্য। ৪। গণিতে প্রতিপাদ্য ; সম্পাদ্য বিষয় ; proposition. ৫। জ্যামিতির উপপাদ্য ; যে প্রস্তাব সপ্রমাণ করিতে হইবে ; theorem.

প্রতিজ্ঞাত (প্রোতিগ্‌গাঁত) [প্রতি—জ্ঞা· ত (কর্ম্মে)] বিণ. অবধারিত ; কর্ত্তব্যরূপে নিরূপিত ; অঙ্গীকৃত ; স্বীকৃত। ২ প্রস্তাবিত।

প্রতিজ্ঞাতব্য (প্রোতিগ্‌গাঁতোব্‌ব) [প্রতিজ্ঞা দ্রঃ] বিণ. স্বীকার্য্য ; প্রতিজ্ঞার উপযুক্ত।

প্রতিজ্ঞান (প্রোতিগ্‌গাঁন্) [প্রতি—জ্ঞা + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. সম্মতি স্বীকার। ২। প্রতিজ্ঞা।

প্রতিজ্ঞান্তর (প্রোতিগ্‌গাঁনতর্) [প্রতিজ্ঞা দ্রঃ] বি. পূর্ব্ব প্রতিজ্ঞা পূর্ণ না হওয়ায় পুনঃ প্রতিজ্ঞা।

প্রতিজ্ঞাপত্র (প্রোতিগ্‌গাঁপত্‌ত্র) [প্রতিজ্ঞা সূচক পত্র—ম-প-লো কর্ম্মধা] বি. ক্লী. অঙ্গীকার লিপি। ২। ঘোষণাপত্র।

প্রতিজ্ঞাবদ্ধ (প্রোতিগ্‌গাঁবদ্‌ধ) [প্রতিজ্ঞা দ্বারা বদ্ধ—৩তৎ] বিণ. সত্যবদ্ধ ; অঙ্গীকারে বদ্ধ।

প্রতিজ্ঞাবিবাহিত (প্রোতিগ্‌গাঁ) বিণ. বাগ্‌দত্ত ; পরিণয়ে স্বীকৃত। স্ত্রী. **প্রতিজ্ঞা-বিবাহিতা**—বাগ্‌দত্তা।

প্রতিজ্ঞাবিরোধ (প্রোতিগ্‌গাঁবিরোধ্) বি. ক্লী. [ন্যায়দর্শনে] আধার আধেয়ের বিরোধ। ২। [নাট্যালঙ্কারে] বিগ্রহস্থানবিশেষ।

প্রতিজ্ঞাভঙ্গ (প্রোতিগ্‌গাঁভংগ) বি. অঙ্গী-কারানুযায়ী কর্ম্ম না করণ ; সত্যের অপালন ; সত্যলঙ্ঘন।

প্রতিজ্ঞাভঙ্গকারী (প্রোতিগ্‌গাঁভংগ) বিণ. যে প্রতিজ্ঞালঙ্ঘন করে ; সত্যউল্লঙ্ঘনকারী। স্ত্রী. **প্রতিজ্ঞাভঙ্গকারিণী**।

প্রতিজ্ঞেয় (প্রোতিগ্‌গেঁঅ) [প্রতি (অগ্রে) জ্ঞা (জানা) + য (কর্ম্মে) যাহা জানিবার বিষয়] বিণ. অঙ্গীকারযোগ্য ; অঙ্গীকার্য্য। প্রতিজ্ঞাবিষয়।

প্রতিজ্যোতি (প্রোতিজ্‌জোতি) বি. জ্যোতির প্রতিফলন ; reflection. প্র—"দিবাকর কর পড়ি তব কলেবরে, প্রতিজ্যোতি হয়ে আসে পৃথিবী ভিতরে।"—দীনবন্ধু মিত্র (দ্বাদশ কবিতা—চন্দ্র)।

প্রতিতন্ত্র (প্রো) [প্রতি (বিরোধী)—তন্ত্র (মত, শাস্ত্র)] বি. প্রতিকূলশাস্ত্র ; বিরোধী-মত। বিণ. **প্রতিতন্ত্রী**—বিরুদ্ধমতাবলম্বী।

প্রতিতাল (প্রোতিতাল্) বি. পুং. সঙ্গীতের তালবিশেষ। স্ত্রী. **প্রতিতালী**—চাবিকাঠি ; তালা খুলিবার যন্ত্র।

প্রতিত্তর (প্রোতিৎতর্) [প্রা-বাং। সং—প্রত্যুত্তর শব্দের অপভ্রংশ] বি. প্রত্যুত্তর। প্র—"কোন দেব পূজিব আগে কহ প্রতিত্তর।" —শূন্যপুরাণ।

প্রতিদত্ত (প্রোতিদৎত) বিণ. প্রত্যর্পিত ; ফেরৎ দেওয়া।

প্রতিদান (প্রোতিদান্) [প্রতি (পুনর্ব্বার) দান (দেওয়া)] ক্রি-বি. ক্লী. গৃহীত দ্রব্যের প্রত্যর্পণ ; গচ্ছিত বস্তুর সংন্যাস। ২। বিনিময় ; পরিবর্ত্তন ; বদল।

প্রতিদারণ (প্রোতিদারন্) [প্রতি (পরস্পর) দারণ (বিদারণ)] বি. ক্লী. যুদ্ধ ; রণ : সংগ্রাম।

প্রতিদিন (প্রোতিদিন্) [প্রতি (প্রত্যেক) দিন (দিবস)—অব্যয়ী] ক্রি-বিণ. প্রত্যেক দিন ; দিনদিন ; প্রাত্যহিক। দৈনন্দিন।

প্রতিদিবা (প্রো) [প্রতি (প্রত্যেক) দিবা (দিবস), অব্যয়ী] ক্রি-বিণ. প্রত্যহ ; প্রতিদিন। ২। [সং—প্রতিদিবন্ শব্দজ] বি. পুং দীপ্তি-শীল সূর্য্য।

প্রতিদিশ (প্রোতিদিশ্) [প্রতি—দিশ্ (দিক)—অব্যয়ী] ক্রি-বিণ. প্রত্যেক দিক্ ; দিকে দিকে।

প্রতিদেয় (প্রো) [প্রতি (পুনর্ব্বার) দেয় (দানযোগ্য)] বিণ. প্রত্যর্পণের যোগ্য। ২। প্রত্যানয়ন করা। ৩। পুনঃপ্রদান করা।

প্রতিদ্বন্দ্বিতা (প্রোতিদদোন্‌দিতা) বি. শত্রুতা ; প্রতিপক্ষতা ; বিপক্ষতা। ২। প্রতিযোগিতা ; সমকক্ষতা।

প্রতিদ্বন্দ্বী (প্রোতিদদোন্‌দি) [প্রতি (বিরুদ্ধে) দ্বন্দ্বী (বিবাদকারী) = প্রতিদ্বন্দ্বিন্ ১মা, ১ব] বিণ. বিপক্ষ ; প্রতিপক্ষ ; শত্রু। ২। সম-কক্ষ ; সদৃশ। ৩। বিরুদ্ধবাদী। স্ত্রী. **প্রতিদ্বন্দ্বিনী**—বিরোধিনী।

প্রতিধান (প্রো, ন্) [প্রতি—ধা (ধারণ করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. নিবারণ ; নিরাকরণ।

প্রতিধ্বনি (প্রোতিদ্ধোনি) [প্রতি (পুনর্ব্বার) ধ্বনি (শব্দ)] বি. পুং. প্রতিশব্দ ; কৃত শব্দের পুনঃ শব্দ। বিণ. **প্রতিধ্বনিত**।

প্রতিনন্দন (প্রো, ন্) [প্রতি (অতিশয়) নন্দ্ (আনন্দ করা) + অন (ভাবে, অনট্)] বি. ক্লী. অভিনন্দন ; সন্তোষের সহিত প্রশংসা ; আশীর্ব্বচনাদি দ্বারা হর্ষ প্রকাশ।

প্রতিনপ্তৃ (প্রোতিনপ্‌তা) [প্রতি (পশ্চাৎ) নপ্তৃ ১মা, ১ব, নপ্তা (পৌত্র)] বি, পুং, প্রপৌত্র। স্ত্রী, **প্রতিনপ্ত্রী**।

প্রতিনব (প্রো) [প্রতি—নব (নূতন)] বিণ, নূতন ; অভিনব ; নব্য।

প্রতিনাদ (প্রো, দ্) [প্রতি (পশ্চাৎ) নাদ (শব্দ) বি, পুং, প্রতিশব্দ ; অনুধ্বনি ; প্রতিধ্বনি।

প্রতিনিধি (প্রো) [প্রতি (পরিবর্ত্ত ভাব) নিধি (যে ধারণ করে) যে অন্যের পরিবর্ত্তে সমস্ত কার্য্য ভার ধারণ বা গ্রহণ করে] বি, পুং, প্রতিভূ ; একের পরিবর্ত্তে অন্য ; বদলী। ২। জামিন। ৩। অনুকল্প : প্রতিকৃতি ; তুল্যরূপ।

প্রতিনিধি-সভা (প্রো) বি, বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধি বা মুখপাত্র বা প্রধান ব্যক্তিগণের মণ্ডলী।

প্রতিনিনাদ (প্রো, দ্) [প্রতি (পশ্চাৎ) নিনাদ (শব্দ)] বি, পুং, পুনঃশব্দ ; প্রতিরব ; প্রতিধ্বনি।

প্রতিনিবর্ত্তন (প্রো, ন্) [প্রতি (পশ্চাৎ) নি—বৃত্ (থাকা) + অন (ভাবে, অনট্)] ক্রি, ক্লী, প্রত্যাবর্ত্তন। ২। প্রতি নিবারণ।

প্রতিনিবৃত্তি (প্রো) [প্রতি (পুনর্ব্বার) নিবৃত্তি (যে ফিরিয়া আইসে)] বিণ, যে ফিরিয়া আসিয়াছে ; প্রত্যাগত।

প্রতিনিয়ত (প্রো) ক্রি-বিণ, অহরহঃ ; প্রতিমুহূর্ত্ত ; অনুক্ষণ।

প্রতিনিয়ম (প্রো, ম্) [প্রতি (প্রত্যেক) নিয়ম (রীতি)] বি, পুং, প্রত্যেক বিষয়ের রীতি বা পদ্ধতি।

প্রতিনিশ (প্রো) [প্রতি (প্রত্যেক) নিশা (রাত্রি) অব্যয়ী, নিশা = নিশ] ক্রি-বিণ, প্রতি যামিনীতে ; প্রতি রজনীতে ; প্রত্যেক রাত্রিতে।

প্রতিপ, প্রতীপ (প্রো) [প্রতি (বিশেষ ভাবে) প (যে পালন করে)] বি, পুং, চন্দ্র বংশীয় রাজা ; ভীষ্মদেবের পিতামহ। ২। বিপরীত ; বিরুদ্ধ। প্র—"প্রতীপ গমন"।

প্রতিপক্ষ (প্রোতিপোক্‌খ) [প্রতি (বিরুদ্ধ) যে পক্ষ (বল, সহায়)—কর্ম্মধা] বি, পুং, শত্রুদল ; বিরুদ্ধপক্ষ ; বিপক্ষ। ২। প্রতিবাদী ; বিবাদী ; আসামী। ৩। প্রতিকূল ; বাম। ৪। তুল্যতা ; সাদৃশ্য।

প্রতিপৎ, দ (প্রোতিপদ্) [প্রতি—পদ্ (গমন করা, পাওয়া) + ক্বিপ (অধি) যে দিনে চন্দ্র ক্ষয় বা উদয় পায়] বি, স্ত্রী, চন্দ্রের প্রথম কলার বৃদ্ধি বা ক্ষয়কারক তিথি ; পূর্ণিমার বা অমাবস্তার পর দিনের তিথি ; শুক্ল বা কৃষ্ণপক্ষের প্রথম তিথি।

প্রতিপত্তি (প্রোতিপোৎতি) [প্রতি—পদ্ (গমন করা, পাওয়া) + তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, সম্মান ; গৌরব ; সুখ্যাতি ; সুযশ। ২। পদপ্রাপ্তি। ৩। অভিমান। ৪। নিশ্চয় জ্ঞান ; কর্ত্তব্যবুদ্ধি। ৫। ইচ্ছা ; অভিলাষ। ৬। অঙ্গীকার ; প্রতিশ্রুতি। ৭। অভিযোগ। ৮। প্রমাণ ; সাক্ষ্য। ৯। প্রগল্‌ভতা। ১০। অনুমতি ; আজ্ঞা। ১১। ব্যবস্থা ; রীতি ; নিয়ম। ১২। দান। ১৩। উপায় ; সাধন।

প্রতিপত্তিমান (প্রোতিপোত্‌তিমান্) বিণ, সম্মানযুক্ত ; যশস্বী ; গৌরবান্বিত ; প্রতিপত্তিশালী। স্ত্রী, **প্রতিপত্তিমতী**।

প্রতিপত্তিশালী (প্রোতিপোৎতিশালি) বিণ, সম্মানিত ; গৌরবান্বিত ; সম্ভ্রমশালী। স্ত্রী, **প্রতিপত্তিশালিনী**।

প্রতিপদ (প্রোতিপদ্) [প্রতি (প্রত্যেক)—পদ (চরণ), অব্যয়ী] ক্রি-বিণ, পদে পদে ; প্রত্যেক পদক্ষেপে। ২। প্রতি স্থানে ; নানাস্থানে।

প্রতিপন্ন (প্রো) [প্রতি—পদ্ + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, প্রমাণসিদ্ধ ; যুক্তি ও তর্ক দ্বারা সমর্থিত ; প্রমানিত ; মীমাংসিত। ২। অবধারিত ; স্থিরীকৃত। ৩। বিদিত ; জ্ঞাত। ৪। সম্মানিত ; গৌরবযুক্ত। ৫। অনুমত ; অনুজ্ঞাত। ৬। অঙ্গীকৃত ; প্রতিজ্ঞাত। ৭। অভিযুক্ত। ৮। গৃহীত। ৯। প্রাপ্ত।

প্রতিপাদক (প্রো, ক্) [প্রতি—পদ্ + ণিচ্ = পাদি + অক] বিণ, নিষ্পাদক ; নির্ব্বাহকারক। ২। নির্ণায়ক ; মীমাংসক। ৩। প্রতিপত্তিজনক।

প্রতিপাদন (প্রো, ন্) [প্রতি—পদ্ + ণিচ্ = পাদি (গমন করান) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, সম্পাদন ; নির্ব্বাহ। ২। জ্ঞাপন ; বিদিতকরণ। ৩। দান। ৪। নির্দ্ধারণ ; স্থিরীকরণ। ৫। উৎপাদন। ৬। পতিপত্তি।

প্রতিপাদনীয় (প্রো) বিণ, প্রতিপাদ্য ; প্রতিপাদনযোগ্য ; প্রতিপাদিতব্য।

প্রতিপাদিত (প্রো) [প্রতি—পদ্ + ণিচ্ = পাদি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অবধারিত ; স্থিরীকৃত। ২। নির্ব্বাহিত ; সম্পাদিত। ৩। বিজ্ঞাপিত। ৪। প্রদত্ত।

প্রতিপাদ্য (প্রোতিপাদ্‌দো) [প্রতি—পাদি + য (কর্ম্মে)] বিণ, বর্ণনীয় বিষয়। ২। প্রতিপাদনযোগ্য। ৩। সম্পাদ্য। ৪। জ্ঞাতব্য ; বোধ্য। ৫। অভিধেয়।

প্রতিপালক (প্রো, ক্) [প্রতি—পালি (রক্ষা করা) + অক (কর্ত্তৃ)] বিণ, যে প্রতিপালন করে ; যে রক্ষণ এবং পোষণ করে। স্ত্রী, **প্রতিপালিকা**।

প্রতিপালন (প্রো) [প্রতি—পালি + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, রক্ষণ ; পোষণ। বিণ, **প্রতিপালনীয়**।

প্রতিপালিত (প্রো) [প্রতি—পালি (রক্ষা করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহাকে প্রতিপালন করা হয় ; যাহার ভরণ পোষণ ও রক্ষণাবেক্ষণের ভার লওয়া হয়।

প্রতিপাল্য (প্রোতিপাল্‌ল) [প্রতি—পালি (পালন করা) + য (কর্ম্মে)] বিণ, পোষ্য ; প্রতিপালনীয় ; রক্ষণীয়।

প্রতিপুরুষ (প্রো, ষ্) [প্রতি (সদৃশ) পুরুষ (মনুষ্য)] বি, পুং, যে অন্যের স্থানে কার্য্য করে ; প্রতিনিধি।

প্রতিপূজন (প্রো, ন্) বি, ক্লী, কাহাকে পূজা করিতে দেখিয়া তদনুকরণ।

প্রতিপোষক (প্রো, ক্) [প্রতি—পুষ্ (পোষা + অক (কর্ত্তৃ)] বিণ, সহায়তাকারক ; সাহায্যকারী। ২। যে প্রতিপালন করে ; প্রতিপালক।

প্রতিপ্রদান (প্রো, ন্) [প্রতি—প্র—দা (দান করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, প্রত্যর্পণ ; প্রতিদান।

প্রতিপ্রয়াণ (প্রোতিপ্‌প্রোয়ান্) [প্রতি (পশ্চাৎ) প্র—যা (গমন করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, প্রত্যাবৃত্তি ; ফিরিয়া যাওয়া।

প্রতিপ্রসব (প্রোতিপ্‌প্রোশব্) [প্রতি—প্র—সূ (উৎপাদনে) + অ (ভাবে, অল্)] বি, পুং, নব বিধান দ্বারা নিষিদ্ধ বিধির পুনঃ প্রবর্ত্তন ; নিষিদ্ধের পুনর্ব্বিধি।

প্রতিপ্রস্থাতা (প্রোতিপ্রোশ্‌থাতা) [প্রতি—প্র—স্থা (থাকা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = প্রতি প্রস্থাতৃ ১মা, ১ব] বি, পুং, সোমযাগীয় ঋত্বিক্‌বিশেষ।

প্রতিপ্রস্থান (প্রোতিপ্রোশ্‌থান্) [প্রতি (প্রতিকূল) প্রস্থান] বি, ক্লী, বিপক্ষের আশ্রয় ; শত্রুর আশ্রয়।

প্রতিপ্রহার (প্রোতিপ্‌প্রোহার্) বি, পুং, প্রতিঘাত। ২। পাল্টা প্রহার।

প্রতিপ্রিয় (প্রোতিপ্‌পৃয়) বি, ক্লী, প্রত্যুপকার ; উপকারের প্রতিদান।

প্রতিফল (প্রো, ল্) বি, ক্লী, প্রতিশোধ। ২। উপকারীর উপকার ; প্রত্যুপকার। ৩। প্রতিচ্ছায়া ; প্রতিবিম্ব।

প্রতিফলন (প্রো, ন্) [প্রতি—ফল্ (নিষ্পন্ন হওয়া) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, প্রতিবিম্বপাত ; পরাবর্ত্তন ; অধিক্ষেপ ; reflection. ২। মূর্চ্ছন। বিণ, **প্রতিফলিত**।

প্রতিফলমান-কোণমাপক (প্রো, ন, ন্, ক্) [খনিজঃ—পরিঃ] বি. খনিশিল্প ও স্ফাটিক তত্ত্ববিদের ব্যবহার্য্য কোণপরিমাপক যন্ত্রবিশেষ ; reflecting goniometer.

প্রতিফুল্লক (প্রো, ক্) [প্রতি—ফুল্ল্ (বিকসিত হওয়া) + অক (কর্ত্তৃ)] বিণ, প্রস্ফুটিত ; বিকসিত।

প্রতিবচন (প্রো, ন্) [প্রতি (পশ্চাৎ) (বাক্য)] বি, ক্লী, প্রতিবাক্য ; প্রত্যুত্তর। ২। প্রতিধ্বনি। ৩। প্রতিকূল উক্তি। ৪। তুল্য অর্থবিশিষ্ট বাক্য : সমান অর্থযুক্ত কথা।

প্রতিবধক (প্রো, ক্) [প্রতি—বধ্ (হনন করা) + অক (কর্ত্তৃ)] বি, পুং, বিনাশকারী। ২। বিরোধী ; বিদ্বেষী।

প্রতিবদ্ধ (প্রো) [প্রতি (বিরুদ্ধ) বদ্ধ (বাঁধা)] বিণ, প্রতিষিদ্ধ ; নিবারিত। ২। ব্যাহত।

প্রতিবধ্য (প্রোতিবোধ্‌ধ) [প্রতি—বধ্ (বিনাশ করা) + য (কর্ম্মে)] বিণ, প্রতিবন্ধনীয়।

প্রতিবন্ধ (প্রো) [বিরুদ্ধ) বন্ধ্ (বন্ধন করা) + অ (ভাবে, অল্)] বি, পুং, অন্তরায় : বিঘ্ন ; বাধা।

প্রতিবন্ধক (প্রো, ক্) [প্রতি (বিরুদ্ধ) বন্ধ্ (বন্ধন করা) + অক (কর্ত্তৃ)] বিণ, ব্যাঘাতকারক ; বিঘ্নজনক ; প্রতিরোধক। ২। বি, পুং, শাখা।

প্রতিবন্ধি (প্রোতিবোন্‌ধি) [প্রতি (বিরুদ্ধ) বন্ধ্ (বন্ধন করা) + ই (ভাবে)] বি, পুং, অন্তরায় ; বিঘ্ন। ২। [করণে—ই] অনিষ্টান্তরপ্রসঙ্গক বাক্য।

প্রতিবন্ধী (প্রোতিবোন্‌ধি) [প্রতিবন্ধ + ইন্ (অস্ত্যর্থে) = প্রতিবন্ধিন্ ১মা, ১ব] বিণ, ব্যাঘাতযুক্ত ; বাধাবিশিষ্ট। ২। [প্রতি—বন্ধ্ + ণিচ্ = বন্ধি + ইন্ (কর্ত্তৃ, ণিন্) = প্রতিবন্ধিন্ ১বা, ১ব] বিণ, প্রতিবন্ধক।

প্রতিবল (প্রো, ল্) [প্রতি (তুল্য) বল (সামর্থ্য) যাহার—বহু] বিণ, সমানবলী : তুল্যবলশালী। ২। শক্তি : সামর্থ্য। ৩। বি, ক্লী, শত্রুসেনা।

প্রতিবস্তূপমা (প্রোতিবোস্‌তুপমা) বি, স্ত্রী, কাব্যের অলঙ্কারবিশেষ ; উপমান উপমেয় ভাব শব্দদ্বারা স্পষ্টীকৃত না হইয়া পরস্পর বাক্যার্থগত সাদৃশ্যদ্বারা প্রতীয়মান হইলে, এই অলঙ্কার হয় ; যে স্থলে উপমান উপমেয় ভাব প্রাপ্ত দুইটী বাক্যার্থগত সাদৃশ্যের কোন একটী সাধারণ ধর্ম্ম ভিন্ন পদদ্বারা কথিত হয়। তথায় প্রতিবস্তূপমা বলা যায়।"—কাব্যদর্পণ।

প্রতিবাক্য (প্রোতিবাক্‌ক) [প্রতি (পশ্চাৎ) বাক্য] বি, ক্লী, প্রত্যুত্তর ; প্রতিবচন। ২। সদৃশার্থক বচন। ৩। বিরুদ্ধ বচন ; প্রতিকূল উক্তি। ৪। প্রতিধ্বনি ; প্রতিশব্দ।

প্রতিবাত (প্রো, ত্) [প্রতি (বিরুদ্ধ) বাত (বায়ু)] অ, বায়ুর প্রতিকূলে।

প্রতিবাদ, প্রতীবাদ (প্রোতিবাদ্) [প্রতি (বিরুদ্ধ) বদ্ (বলা) + অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, আপত্তি ; বিতর্ক। ২। বিরুদ্ধবাদ ; প্রতিকূল বচন।

প্রতিবাদী (প্রো) [প্রতি (বিরুদ্ধ) বদ্ (বলা) + ইন্ (কর্ত্তৃ, ণিন্) = প্রতিবাদিন্ ১মা, ১ব] বিণ, বিরুদ্ধবাদী ; প্রতিপক্ষ ; আসামী। ২। প্রত্যর্থী। স্ত্রী, **প্রতিবাদিনী**—প্রত্যর্থিনী।

প্রতিবার্ত্তা (প্রো) বি, পাল্টা সংবাদ ; বার্ত্তার বিনিময়ে গৃহীত বার্ত্তা।

প্রতিবাসর (প্রো, র্) [প্রতি (প্রত্যেক) বাসর (দিন))] বি, ক্লী, প্রত্যহ ; প্রতিদিবস।

প্রতিবাসী (প্রো·) [প্রতি (নিকটে) বস্ (বাস করা) + ইন্ (কর্ত্তৃ, ণিন্) + প্রতিবাসিন্ ১মা, ১ব] বিণ, সমীপস্থ গৃহস্থ ; প্রতিবেশী ; পড়সী। স্ত্রী, **প্রতিবাসিনী**।

প্রতিবিধান (প্রো, ন্) [প্রতি (পশ্চাৎ)—বি—ধা (ধারণ করা) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, প্রতিকার। ২। উপায়। উপশম। ৪। প্রতিশোধ।

প্রতিবিধিৎসা (প্রো) [প্রতি—বি—ধা (ধারণ করা) + স (ইচ্ছার্থে, সন্) = প্রতিবিধিৎস (প্রতিবিধান করিবার ইচ্ছা) + অ (ভাবে, অড্) আপ্ স্ত্রী] বি, প্রতিকারের অভিলাষ ; প্রতিবিধানেচ্ছা। প্র—"দেখি মূর্ত্তি প্রতিবিধিৎসার।"—প্রেম ও ফুল।

প্রতিবিধিৎসিতে (প্রোতিবিধিৎশিতে) [প্রতিবিধিৎসা দ্রঃ। কবি মাইকেল মধুসূদন কর্ত্তৃক উদ্ভাবিত] ক্রি, প্রতিবিধান করিতে ; প্রতিহিংসা চরিতার্থ করিতে ; প্রতিকার করিতে ; প্রতিশোধ লইতে। প্র—"তবে যে বাঁচিছি এখনও, সে কেবল প্রতিবিধিৎসিতে মৃত্যু তার।"—মেঘনাদ।

প্রতিবিন্ধ্য (প্রো) বি, পুং, যুধিষ্ঠিরের ঔরসজাত দ্রৌপদী তনয়।

প্রতিবিম্ব (প্রো) [প্রতি (তুল্য) বিম্ব (মূর্ত্তি)] বি, পুং, ক্লী, তুল্যমূর্ত্তি ; সমান-আকৃতি ; সদৃশ দেহ। ২। প্রতিচ্ছায়া। ৩। বি, পুং, দর্পণ ; আয়না।

প্রতিবিম্বন (প্রোতিবিম্‌বন্) [প্রতি (সমান) বিম্ব (শোভিত হওয়া) + অন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে —অনট্)] বি, ক্লী, প্রতিফলন। ২। [ভাবে —অনট্] দর্পণাদি স্বচ্ছপদার্থে তুল্যরূপ আকৃতি পতন।

প্রতিবিম্ববাদ (প্রো, দ্) বি, পুং, [বেদান্তমতে] জীবের ঈশ্বর-প্রতিবিম্বতা স্থাপনার্থক গ্রন্থবিশেষ।

প্রতিবিম্বিত (প্রো) [প্রতিবিম্ব + ইত (যুক্তার্থে)] বিণ, প্রতিফলিত ; যাহার প্রতিবিম্ব পড়িয়াছে। ২। প্রতিচ্ছায়াবিশিষ্ট।

প্রতিবিহিত (প্রো) [প্রতি—বি—ধা + ত (কর্ম্মে, ক্ত)—ধা = হি] বিণ, প্রতিবিধানীকৃত ; ব্যবস্থিত। ২। শোভিত ; সজ্জিত।

প্রতিবেদক (প্রো, ক্) [সং। পা—পটিবেদক] বি, রাজ্যের সমুদয় সংবাদ ও গুপ্ততথ্য সংগ্রহকারী এবং রাজসমীপে গোপনে নিবেদনকারী।

প্রতিবেশ, প্রতীবেশ (প্রো, শ্) [প্রতি (সম্মুখে) বিশ্ (প্রবেশ করা) + অ (অধি —অল্)] বি, পুং, নিকটবর্ত্তী বাসস্থান : প্রতিবাসিগৃহ।

প্রতিবেশবাসী (প্রোতিবেশ্‌বাশী) [প্রতিবেশ (নিকটবর্ত্তীস্থান) তাহাতে বাসী (যে বাস করে)] বিণ, নিকটস্থিত গৃহস্থ ; প্রতিবেশী।

প্রতিবেশী (প্রো) [প্রতিবেশ (নিকটবর্ত্তীস্থান) + ইন্ (অস্ত্যর্থে) = প্রতিবেশিন্ ১মা, ১ব] বিণ, নিকটবর্ত্তী গৃহস্থ ; প্রতিবাসী। স্ত্রী, **প্রতিবেশিনী**।

প্রতিবোধ (প্রোতিবোধ্) [প্রতি—বুধ্ (জানা) + অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, বিশিষ্ট জ্ঞান। ২। জাগরণ। ৩। স্ফুটন : বিকশন।

প্রতিবোধিত (প্রো) [প্রতি—বোধি (বুঝান) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহাকে বুঝান হইয়াছে ; বোধিত। ২। জাগরিত। ৩। স্ফুটিত ; বিকসিত।

প্রতিবূহ (প্রোতিব্‌বুহ) [প্রতি (সমানাকৃতি) যে ব্যূহ (সেনানিবেশ) কর্ম্মধা] বি, পুং, একাকৃতি সৈন্যব্যূহ ; তুল্যরূপ সৈন্যস্থাপন প্রণালী।

প্রতিভট (প্রো) [প্রতি (বিরুদ্ধ) ভট (যোদ্ধা)] বি, পুং, প্রতিপক্ষের যোদ্ধা ; শত্রুসৈন্য। ২। তুল্য ; অনুরূপ।

প্রতিভা (প্রো) [প্রতি—ভা (দীপ্তি পাওয়া) + অ (ভাবে, অঙ্)] বি, স্ত্রী, অসাধারণ তীক্ষ্ণধী। ২। অসামান্য বুদ্ধিপ্রভাব ; প্রত্যুৎপন্নমতি ; উপস্থিত বুদ্ধি। ৩। নূতন উন্মেষশালিনী প্রজ্ঞা। প্র—"বুদ্ধির নূতন নূতন যে উন্মেষ তাহার নাম প্রতিভা"—পুরুষ পরীক্ষা। ৪। সাদৃশ্য ; তুল্য। ৫। দীপ্তি, ঔজ্জ্বল্য।

প্রতিভাত (প্রো, ত্) [সং] বিণ, প্রতিফলিত। ২। প্রদীপ্ত। ৩। প্রকাশিত। ৪। উদিত ; প্রাদুর্ভূত। ৫। প্রতীত।

প্রতিভান (প্রোতিভান্) [সং] বি, ক্লী, প্রজ্ঞা ; জ্ঞান ; বুদ্ধি।

প্রতিভান্বিত (প্রোতিভান্নিত) [প্রতিভা দ্বারা) অন্বিত (যুক্ত)—৩তৎ] বিণ, অসামান্য তীক্ষ্ণবুদ্ধিবিশিষ্ট। ২। দীপ্তিশালী ; প্রভাবিশিষ্ট।

প্রতিভাবান্ (প্রো) [প্রতিভা+বৎ (অস্ত্যর্থে—বতু)=প্রতিভাবৎ ১মা, ১ব] বিণ, প্রতিভান্বিত।

প্রতিভাশালী (প্রো) [সং—প্রতিভাশালিন্ শব্দ, ১মা, ১ব] বিণ, তীক্ষ্ণধীসম্পন্ন ; প্রতিভাযুক্ত। স্ত্রী, প্রতিভাশালিনী।

প্রতিভাস (প্রো, শ্) [প্রতি—ভাস্ (দীপ্তি পাওয়া) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, প্রকাশ ; বিকাশ। ২। [কর্ত্তৃ—অচ্] বিণ, প্রতিভাতকারী ; প্রকাশকর্ত্তা।

প্রতিভাসম্পন্ন (প্রো, শ) [প্রতিভাদ্বারা সম্পন্ন—৩তৎ] বিণ, প্রতিভাশালী ; প্রতিভান্বিত।

প্রতিভাসিত (প্রোতিভাশিত) [প্রতি—ভাস্ (দীপ্তি পাওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, শোভা এবং প্রভাযুক্ত ; শোভিত ; প্রভাবিশিষ্ট।

প্রতিভূ (প্রো) [প্রতি—ভূ (হওয়া) +ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, প্রতিনিধি। ২। জামিন।

প্রতিম (প্রো) [প্রতি—মা (তুল্য করা) + অ (কর্ম্মে—ড) যাহাকে তুল্য করা হয়। ইহা অন্যশব্দের পরে থাকে] বিণ, সদৃশ ; তুল্য। প্র—সোদরপ্রতিম।

প্রতিমা [প্রতি—মা (তুল্য করা, পরিমাণ করা) +অ (কর্ম্মে—অঙ্)] বি, স্ত্রী, প্রতিমূর্ত্তি ; প্রতিকৃতি। প্র—"মণিবেদীপরে চিন্তামণির প্রতিমা।"—অন্নদামঙ্গল। ২। [কর্ত্তৃ—অঙ্] দেবমূর্ত্তি। প্র—"প্রতিমা প্রভাবে যত দেখ ঋষিগণ। ভূতলে পড়িলা সবে হয়ে অচেতন॥"—অন্নদামঙ্গল। ৩। [ভাবে—অঙ্] সাদৃশ্য। ৪। [করণে—অঙ্] প্রতিবিম্ব।

প্রতিমাগৃহ (প্রো) বি, যে গৃহে প্রাচীন দ্রব্য সম্ভার রক্ষিত হয় ; পুরাদ্রব্যালয় ; museum. প্র—"সমিতির প্রতিমাগৃহটী ইতিমধ্যেই কোন কোন বিষয়ে বিশেষতঃ প্রাচীন পুথি, যুগবিশেষের ভাস্কর্য্য ও প্রাচীন লিপি সম্পদে সমৃদ্ধিমান হইয়াছে।"—বাঙ্গালী (২১ অগ্রহায়ণ ১৩২২)।

প্রতিমাতত্ত্ব (প্রো) [প্রতিমা—তত্ত্ব] বি, মূর্ত্তিবিজ্ঞান ; iconology.

প্রতিমান (প্রো, ন্) [প্রতি—মা (তুল্য করা) +অ (কর্ম্মে—অনট্)] বি, ক্লী, প্রতিমূর্ত্তি ; ছবি। ২। হস্তীর দুই দন্তের মধ্যস্থান। ৩ [করণে—অনট্] প্রতিচ্ছায়া।

প্রতিমাননা (প্রো) [সং] বি, সম্মান ; পূজা ; সম্বর্দ্ধনা।

প্রতিমাবিসর্জ্জন (প্রোতিমাবিশরজন্) বি, পূজাশেষে দেবমূর্ত্তি নদীজলে প্রক্ষেপণ।

প্রতিমায়া (প্রো) বি, স্মৃতিশক্তির পরিচয় প্রদানার্থ পঠিত শ্লোকাবলি।

প্রতিমার্গক (প্রো, ক্) [প্রতি—মার্গ (পথ) যাহার, বহ্] বি, পুং, শূন্যে স্থিত রাজা হরিশ্চন্দ্রের পুরি।

প্রতিমুক্ত (প্রো) [প্রতি—মুচ্ (মোচন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বন্ধনহীন ; বন্ধনমুক্ত। ২। পরিত্যক্ত।

প্রতিমুখ (প্রোতিমুখ্) [প্রতি (অভি) মুখ] বিণ, সম্মুখ ; অভিমুখ।

প্রতিমুখাগত (প্রো) [প্রতিমুখ—আগত] বিণ, অভিমুখীন ; সম্মুখাগত।

প্রতিমূর্ত্তি (প্রো) [প্রতি (সমান) মূর্ত্তি (আকৃতি)] বি, স্ত্রী, তুল্যাকৃতি ; প্রতিকৃতি ; ছবি।

প্রতিমোচন (প্রো, ন্) [প্রতি—মুচ্ (ত্যাগ করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বন্ধনমোচন ; বিমোচন। ২। পরিধান। ৩। নির্যাতন।

প্রতিযত্ন (প্রোতিজৎনো) [প্রতি—যত্ন (চেষ্টা)] বি, পুং, লাভের ইচ্ছা ; লিপ্সা। ২। সম্যক্ যত্ন। ৩। প্রতিগ্রহ। ৪। রচনা। ৫। প্রতিশোধ। ৬। বিণ, যত্নশীল।

প্রতিযাত (প্রো) [প্রতি (পশ্চাৎ) যা (গমন করা) +ত (কর্ত্তৃ) যে ফিরিয়া আসিয়াছে] বিণ, প্রত্যাবৃত্ত ; প্রতিনিবৃত্ত।

প্রতিযাতনা (প্রোতিজাতোনা) [প্রতি (সমান) যত্+ণিচ্=যাতি (যন্ত্রণা দেওয়া) +অন (ভাবে—অনট্) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, সমান যন্ত্রণা ; তুল্যরূপ যাতনা। ২। প্রতিছবি।

প্রতিযুদ্ধ (প্রো) বি, যুদ্ধে প্রতি-আক্রমণ।

প্রতিযুদ্ধকারী (প্রো) বিণ, পাল্টা আক্রমণকারী। স্ত্রী, প্রতিযুদ্ধকারিণী।

প্রতিযোগ (প্রো, জোগ্) [প্রতি—যুজ্ (যোগ করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, শত্রুতা ; প্রতিপক্ষতা ; বিরোধ।

প্রতিযোগিহীন (প্রোতিজোগিহিন্) বিণ, যাহার প্রতিযোগী নাই ; সমকক্ষশূন্য ; প্রতিযোগিবিরহিত। ২। অজাতশত্রু। ৩। অদ্বিতীয়।

প্রতিযোগী (প্রোতিজোগি) [প্রতি—যুজ্+ইন্ (কর্ত্তৃ—শীলার্থে, ণিন্)=প্রতিযোগিন্ ১মা, ১ব] বি, পুং, তুল্য ; সদৃশ। ২। তুল্যবল ; সমকক্ষ। ৩। বিরোধী ; প্রতিদ্বন্দ্বী। ৪। বিরুদ্ধপক্ষ ; প্রতিপক্ষ। ৫। প্রতিকূল। ৬। [ন্যায় দর্শনে] যাহার অভাব আছে সেই প্রতিযোগী। স্ত্রী, প্রতিযোগিনী।

প্রতিযোজয়িতব্য (প্রোতিজোজয়িতোব্ ব) বিণ, যোজনীয় ; যাহা যুক্ত করিতে হইবে।

প্রতিযোধ (প্রোতিজোধ্) [প্রতি (বিরুদ্ধ) যুধ্ (যুদ্ধ করা) +অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, যে বিরুদ্ধে যুদ্ধ করে ; সমকক্ষ যোদ্ধা।

প্রতিরক্ষণ (প্রোতিরোক্খন্) বি, সম্যক্ রক্ষণ।

প্রতিরথ (প্রোতিরথ্) [প্রতি (প্রতিকূলে) রথ যাহার, বহ্] বি, পুং, প্রতিকূল যোদ্ধা ; বিপক্ষ যোদ্ধা।

প্রতিরব (প্রোতিরব্) [প্রতি (পশ্চাৎ) রব (শব্দ)] বি, পুং, প্রতিশব্দ ; পশ্চাৎ ধ্বনি ; প্রতিধ্বনি।

প্রতিরুদ্ধ (প্রো) [প্রতি—রুধ্ (অবরোধ করা) +ত (কর্ম্মে—ক্ত) যাহাকে অবরোধ করা হইয়াছে] বিণ, বন্দীকৃত ; অবরুদ্ধ। ২। নিবারিত ; নিষেধিত।

প্রতিরূপ (প্রো, প্) [প্রতি (তুল্য) রূপ (আকৃতি)] বি, ক্লী, তুল্যতা ; সাদৃশ্য। ২। প্রতিকৃতি ; প্রতিমূর্ত্তি। ৩। প্রতিচ্ছায়া। ৪। বিণ, সদৃশ। ৫। পুং, দানববিশেষ।

প্রতিরূপক (প্রোতিরূপক্) [প্রতিরূপ+ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, প্রতিমূর্ত্তি ; প্রতিবিম্ব। ২। প্রতিনিধি।

প্রতিরোধ (প্রো, ধ্) [প্রতি—রুধ্ (আবরণ করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, ব্যাঘাত ; প্রতিবন্ধক ; বিঘ্ন। ২। নিবারণ ; নিষেধ। ৩। প্রতিকূলতা ; বিপক্ষতা। ৪। অবরোধ ; আটক। ৫। নিন্দা ; ভর্ৎসনা। বিণ, প্রতিরোধিত।

প্রতিরোধক (প্রো, ক্) [প্রতি—রুধ্ (রোধ করা) +অক (কর্ত্তৃ)] বিণ, প্রতিরোধকারী ; প্রতিবন্ধক। ২। ব্যাঘাতক ; বিঘ্নকারী। ৩। নিবারক ; নিষেধকারী।

প্রতিরোধী (প্রো) [প্রতি—রুধ্+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=প্রতিরোধিন্ ১মা, ১ব] বিণ, প্রতিরোধকারী।

প্রতিলম্ভ (প্রো) [প্রতি—লভ্+অ (ভাবে —অল্) লভ্=লম্ভ] বি, পুং, লাভ।

প্রতিলোম (প্রো, ম্) [প্রতি (বিপরীত) লোমন্ (গাত্ররোম) লোমন্=লোম] বিণ, প্রতিকূল ; বাম ; বিরোধী। ২। উল্টা ; ব্যতিক্রমী। **প্রতিলোম বিবাহ**—উচ্চ বর্ণের নারীর সহিত নিম্ন বর্ণের পুরুষের পরিণয়। ইহার বিপরীত—অনুলোম বিবাহ।

প্রতিলোমজ (প্রো, জ্) [প্রতিলোম—জ (জাত)] বিণ, প্রতিলোম সম্বন্ধ হইতে উৎপন্ন। ২। নীচ বর্ণের ঔরসে উচ্চবর্ণের নারীর গর্ভজাত।

প্রতিশঙ্কনীয় (প্রোতিশংকনিঅ) [প্রতি (সর্ব্বদা বা পুনঃপুনঃ)—শঙ্ক্+অনীয়] বিণ, সর্ব্বদা ভয় পাইবার মত ; সদা সন্দেহার্হ।

প্রতিশঙ্কা (প্রোতিশংকা) বি, নিরন্ত ভয়। ২। নিরন্ত সন্দেহ।

প্রতিশব্দ (প্রো) [প্রতি (পশ্চাৎ) শব্দ (ধ্বনি)] বি, পুং, পশ্চাৎ শব্দ ; প্রতিধ্বনি ; শব্দে অনুকার শব্দ।

প্রতিশয় (প্রো, য়) [প্রতি—শী (শয়ন করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, দেবতার প্রত্যাদেশ কামনায় হত্যা দেওয়ার ব্যাপার ; ধন্না।

প্রতিশয়ন (প্রো, ন্) [প্রতি—শী (শয়ন করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, দেবতার প্রত্যাদেশ কামনায় স্নানাহার পরিত্যাগ করিয়া দেব সম্মুখে শয়ন বা ধন্না দেওন।

প্রতিশয়িত (প্রোতিশোয়িত) [প্রতি—শী (শয়ন করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিপৎ প্রতিকারের জন্য দেবতার সম্মুখে যে ধন্না দেয় ; প্রতিশয়নকারী।

প্রতিশোধ (প্রো, ধ্) বি, প্রতিহিংসা। ২। প্রতিবিধান ; প্রতিকার।

প্রতিশ্রব (প্রোতিস্রব্) [প্রতি—শ্রু (শ্রবণ করা, স্বীকার করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, প্রতিশ্রুতি ; অঙ্গীকার।

প্রতিশ্রয় (প্রোতিস্রয়) [সং] বি, আশ্রম। ২। আশ্রয়। ৩। যজ্ঞশালা।

প্রতিশ্রুত (প্রোতিস্রুত) [প্রতি—শ্রু (স্বীকার করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা স্বীকার করা হইয়াছে ; স্বীকৃত ; অঙ্গীকৃত।

প্রতিশ্রুতি (প্রোতিস্রুতি) [প্রতি—শ্রু (স্বীকার করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, প্রতিজ্ঞা ; বাগ্‌দান ; অঙ্গীকার। ২। প্রতিশব্দ ; প্রতিধ্বনি [বিরল]।

প্রতিষিদ্ধ (প্রো) [প্রতি—সিধ্ (নিষেধ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে নিষেধ করা হইয়াছে ; নিষিদ্ধ ; নিবারিত।

প্রতিষেধ (প্রো, ধ্) [প্রতি—সিধ্ (নিষেধ করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, নিষেধ ; নিবারণ। ২। ত্যাগ ; বর্জ্জন। ৩। কাব্যালঙ্কারবিশেষ।

প্রতিষেধক (প্রো, ক্) [প্রতিষেধ ক্রঃ] বি, বিষনাশক ঔষধ। ২। বিণ, নিবারক ; নিষেধকারী। ৩। বর্জ্জনকারী।

প্রতিষেদ্ধা (প্রো) [প্রতি—সিধ্ (নিষেধ করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=প্রতিষেদ্ধৃ ১মা, ১ব] বিণ, নিবারক ; নিষেধকারী।

প্রতিষ্টম্ভ (প্রোতিষ্‌টম্ভ) [প্রতি—স্তন্ভ্ (রোধ করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, অন্তরায় ; ব্যাঘাত ; প্রতিবন্ধ ; বাধা।

প্রতিষ্ঠ (প্রো) [প্রতি—স্থা (থাকা)+অ (কর্ত্তৃ—ড)] বিণ, প্রখ্যাত ; গৌরবান্বিত ; প্রতিষ্ঠাযুক্ত। ২। বি, পুং, জৈনবিশেষ।

প্রতিষ্ঠমান (প্রো, ন্) [প্রতি—স্থা+অন (কর্ত্তৃ—আনশ্) স্থা=ষ্ঠা, ম্ আগম্] বিণ গৌরবান্বিত ; প্রতিষ্ঠাযুক্ত ; সম্মানিত।

প্রতিষ্ঠা (প্রো) [প্রতি—স্থা (থাকা)+অ (ভাবে—অঙ) আপ্ স্ত্রী] বি, স্ত্রী, প্রশংসা ; সুকীর্ত্তি ; গৌরব ; পদমর্য্যাদা ; সম্মান। প্র—"নিষাদ! প্রতিষ্ঠা তুই না পাবি কখন।" —রামায়ণ (রাজ)। ২। ব্রতাদির উদ্‌যাপন। ৩। কূপ ; মঠ ; পুষ্করিণী প্রভৃতি দেব ব্রাহ্মণাদির উদ্দেশে উৎসর্গ। ৪। সংস্থাপন। ৫। সংস্কারবিশেষ। [ভাবে] অবস্থান ; স্থিতি।

প্রতিষ্ঠাতা (প্রো) [প্রতিষ্ঠাতৃ শব্দ ১মা, ১ব] বি, প্রতিষ্ঠাকারী ; যে প্রতিষ্ঠা করে। ২। সংস্থাপক। স্ত্রী, **প্রতিষ্ঠাত্রী**।

প্রতিষ্ঠান (প্রো, ন্) [প্রতি—স্থা+অন (অধি—অনট্)] বি, নগরবিশেষ ; ইহা গোদাবরীতীরে অবস্থিত ; আধুনিক নাম পৈথান। (২) এলাহাবাদের গঙ্গার পরপারবর্ত্তী প্রাচীন নগরী। আধুনিক নাম ঝুঁসী। (৩) এলাহাবাদের প্রাচীন নাম (রামা)। ২। প্রসিদ্ধি। ৩। ব্রত উদ্‌যাপন সম্বন্ধে কর্ত্তব্য।

প্রতিষ্ঠান্বিত (প্রোতিষ্‌ঠান্‌নিত) [প্রতিষ্ঠা দ্বারা অন্বিত—৩তৎ] বিণ, প্রতিষ্ঠাবান ; লব্ধপ্রতিষ্ঠ ; প্রখ্যাত ; লব্ধগৌরব।

প্রতিষ্ঠাপন (প্রোতিষ্‌ঠাপন্) [প্রতি—স্থাপন] বি, সংস্থাপন ; প্রতিষ্ঠাচরণ। ২। উৎসর্গ।

প্রতিষ্ঠাপিত (প্রো) [প্রতি—স্থা+ণিচ্ = স্থাপি (স্থাপন করা)+ত (কর্ম্মে—ক্ত) যাহা স্থাপন করা হইয়াছে] বিণ, অবস্থাপিত। ২। উৎসর্গীকৃত ; উৎসৃষ্ট।

প্রতিষ্ঠাবান্ (প্রো) [প্রতিষ্ঠা—বৎ (অস্ত্যর্থে) ১মা, ১ব] বিণ, প্রতিষ্ঠান্বিত ; যশস্বী ; প্রখ্যাত। স্ত্রী, **প্রতিষ্ঠাবতী**।

প্রতিষ্ঠাভাজন (প্রো, ন্) [প্রতিষ্ঠার ভাজন (পাত্র)] বি, প্রতিষ্ঠার উপযুক্ত পাত্র ; সম্মানাস্পদ।

প্রতিষ্ঠাশালী (প্রো) [প্রতিষ্ঠাশালিন্ শব্দ] বিণ, সম্মানিত ; প্রতিষ্ঠাযুক্ত ; গৌরবান্বিত। স্ত্রী, **প্রতিষ্ঠাশালিনী**।

প্রতিষ্ঠাশী (প্রো) বিণ, যশলিপ্সু ; সম্মানাভিলাষী।

প্রতিষ্ঠিত (প্রো) [প্রতিষ্ঠা+ইত (যুক্তার্থে) কিম্বা প্রতি—স্থা (থাকা)+ত (কর্ত্তৃ—ক্ত) ই আগম, স্থা=ষ্ঠা] বিণ, প্রতিষ্ঠাযুক্ত ; প্রশংসিত ; বিখ্যাত। ২। গৌরবান্বিত ; সম্মানিত ৩। সংস্কৃত। ৪। অবস্থিত। ৫। স্থাপিত

প্রতিসঙ্ক্রম (প্রোতিশংক্রম্) [প্রতি (পশ্চাৎ সং—ক্রম্ (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ্) বি, পুং, যে পশ্চাৎ পশ্চাৎ গমন করে প্রতিচ্ছায়া। ২। [ভাবে—অল্] সঞ্চার ৩। বিণ, প্রতিচ্ছায়াসম্পন্ন।

প্রতিসংবিধান (প্রোতিশংবিধান্) [প্রতি—সং—বি—ধা (ধারণ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রতিকার ; প্রতিবিধান।

প্রতিসংহার (প্রো, শং, র্) [প্রতি—সং—হৃ (নিবারণ করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, সংবরণ। প্র—"ব্রহ্মদণ্ড কর প্রতিসংহার এখন" —রামায়ণ (রাজ)। ২। প্রত্যাকর্ষণ।

প্রতিসংহৃত (প্রোতিশং) [প্রতি—সং—হৃ +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রত্যাহৃত ; সঙ্কুচিত ; প্রত্যাকৃষ্ট ; নিবারিত।

প্রতিসন্ধান (প্রোতিশন্ধান্) [প্রতি—সং—ধা+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অন্বেষণ ; অনুসন্ধান ; অনুচিন্তন।

প্রতিসব্য (প্রোতিশোব্ব) [প্রতি (সম্যক্) সব্য (বাম)] বি, বিপরীত ; প্রতিকূল।

প্রতিসমাধান (প্রো, ন্) [প্রতি—সং—আ—ধা+অন (ভাবে—অনট্)] বি, ক্লী প্রতিবিধান।

প্রতিসমাধেয় (প্রো) [প্রতি—সং—আ—ধা+য (কর্ম্মে)] বিণ, প্রতিবিধানযোগ্য ; প্রতিবিধেয়।

প্রতিসর্গ (প্রোতিশর্‌গ) [প্রতি (পশ্চাৎ) সৃজ (সৃষ্টি করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, ব্রহ্মার সৃষ্টির পর দক্ষ, মরীচি প্রভৃতি প্রজাপতিগণের সৃষ্টি।

প্রতিসর (প্রোতিশর্) [প্রতি—সৃ (গমন করা)+অ (কর্ম্মে—অল্)] বি, পুং, মন্ত্রবিশেষ। ২। সৈন্যপৃষ্ঠ। ৩। প্রাতঃকাল। ৪। হস্তসূত্র। ৫ [বিণ, ভৃত্য ; কিঙ্কর ;

নিযোজ্য। ৬। [ভাবে—অল্] ক্ষত আরোগ্য করা ; ঘা শুকান।

প্রতিসর্য্য (প্রোতিশর্জ) বি, পুং, একাদশ রুদ্রের অন্যতম।

প্রতিসান্ধানিক (প্রোতিশা, ক্) [প্রতি-সন্ধান (স্তুতিপাঠ) + ইক (কর্ত্তৃ—কৃতার্থে—ইকন্)] বি, পুং, যে স্তুতিপাঠ করে ; স্তুতি-পাঠক।

প্রতিসারণ (প্রোতিশারন্) [প্রতি—সৃ + ণিচ্ = সারি(গমন করান) + অন (কর্ত্তৃ—অনট্)] বিণ, নিষ্কাশক ; অপসারক। ২। [ভাবে, অনট্] বি, ক্লী, বহিষ্করণ ; অপসারণ ; দূরীকরণ। ৩। সুশ্রুতকথিত অগ্নিকার্য্য-বিশেষ।

প্রতিসারিত (প্রোতিশারিত) [প্রতি—সৃ + ণিচ্ = সারি (গমন করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অপসারিত ; দূরীকৃত। ২। প্রবর্ত্তিত। ৩। পরিচালিত। ৪। পরি-শোধিত ; মার্জ্জিত।

প্রতিসারী (প্রোতিশারি) [প্রতি—সৃ + ণিচ = সারি (গমন করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = প্রতিসারিন্ ১মা, ১ব] বিণ, প্রতিকূলগামী ; বিরুদ্ধাচারী।

প্রতিসূর্য্য, প্রতিসূর্য্যক (প্রোতিশূর্জক্) [প্রতি সূর্য্য ক প্রত্যয়ে—প্রতিসূর্য্যক] বি, পুং, দ্বিতীয় সূর্য্যের মত অন্তরীক্ষ হইতে উৎপন্ন উৎপাতবিশেষ। ২। সূর্য্যমণ্ডল।

প্রতিস্খলিত (প্রোতিশ্খোলিত) বিণ, প্রতিহত ; নিরস্ত।

প্রতিস্ত্রী (প্রোতিস্ত্রি) [স্ত্রীর—প্রতি, অব্যয়ী] অ, স্ত্রীর দিকে ; স্ত্রীর অভিমুখে। ২। বি, স্ত্রী, পরনারী ; পরস্ত্রী।

প্রতিস্পন্দন (প্রোতিশ্পনদন্) বি, পরিস্পন্দন ; ধড়্ ধড়্ করণ।

প্রতিস্পর্দ্ধা (প্রোতিশ্পর্ধা) বি, প্রতি-যোগিতা ; প্রতিদ্বন্দ্বিতা। বিণ, প্রতিস্পর্দ্ধী।

প্রতিস্পর্দ্ধী (প্রোতিশ্পোর্ধি) বিণ, ঈর্ষা-পরায়ণ ; প্রতিস্পর্দ্ধাকারী। ২। বি, প্রতিযোগী ; প্রতিদ্বন্দ্বী। ৩। বিদ্রোহী। স্ত্রী, **প্রতি-স্পর্দ্ধিনী**।

প্রতিস্বর (প্রোতিশ্শর্) বি, পুং, প্রতিধ্বনি ; প্রতিরব।

প্রতিস্মৃতি (প্রোতিস্সৃঁতি) বি, স্ত্রী, স্মৃতিশাস্ত্র-বিশেষ।

প্রতিস্রোতঃ (প্রোতিস্স্রোত্) [প্রতি (প্রতি কূল) স্রোতস্ (স্রোত)] বি, ক্লী, প্রতিকূল-বাহী স্রোত ; বিপরীত স্রোত ; উল্টাস্রোত।

প্রতিহত (প্রো) [প্রতি—হন্ (বধ করা, আঘাত করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, আহত ; আঘাতপ্রাপ্ত। ২। প্রতিঘাত প্রাপ্ত বাধা প্রাপ্ত ; ব্যাহত। ৩। প্রতিস্খলিত। ৪। রুদ্ধ ; প্রতিবদ্ধ। ৫। নিরস্ত ; নিবৃত্ত।

প্রতিহতি (প্রোতিহোতি) [প্রতি—হন্ + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, প্রতিঘাত। ২। প্রতিবন্ধ ; বাধা। ৩। ক্রোধ ; রোষ। ৪। প্রতিক্ষেপ ; নিরাশ।

প্রতিহনন (প্রো, ন্) বি, হননকারীকে বধ করণ ; হননের প্রতিশোধস্বরূপ হত্যাকারীকে হনন।

প্রতিহন্তা (প্রো) [হন্ + তৃ (কর্ত্তৃ—তৃচ্] = প্রতিহন্তৃ ১মা, ১ব] বিণ, বিনাশকর্ত্তা ; নাশক ; প্রতিহননকারী। ২। নিবারণকারী ; বাধাপ্রদানকারী ; ব্যাঘাতকারী। ৩। ঋত্বিক-বিশেষ।

প্রতিহর্ত্তা (প্রো) [প্রতি—হৃ (হরণ করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) - প্রতিহর্ত্তৃ ১মা, ১ব] বিণ, প্রতিহন্তা দ্রঃ।

প্রতিহস্ত (প্রো) [প্রতি—হস্ত, ক যোগে—প্রতিহস্তক] বি, পুং, প্রতিনিধি ; বদলী ; প্রতিভূ।

প্রতিহস্তী (প্রো, হো) [প্রতিহস্ত + ইন্ (অস্ত্যর্থে) = প্রতিহস্তিন্ ১মা, ১ব] বি, পুং, প্রতিনিধি। ২। খাজনা সংগ্রাহক ; গোমস্তা।

প্রতিহার, প্রতীহার (প্রোতিহার্) [প্রতি —হৃ (হরণ করা) + অ (অধি—ঘঞ্)] বি, পুং, দ্বার ; ফটক ; গেট। ২। দ্বারবান্ ; দ্বাররক্ষক ; দৌবারিক। ৩। [কর্ত্তৃ—ঘঞ্] বাজিকর। ৪। [ভাবে—ঘঞ্] পরিত্যাগ ; পরিহার। ৫। মায়া ; ছল ; কপটতা।

প্রতিহারক (প্রো, ক্) [প্রতিহার দ্রঃ] বি, ঐন্দ্রজালিক ; বাজিকর। ২। ছলনাকারী, প্রতারক।

প্রতিহারণ (প্রো, ন্) [প্রতি—হারি (গ্রহণ করান) + অন (অধি—অনট্)] বি, ক্লী, প্রবেশদ্বার ; ফটক। ২। দ্বারে প্রবেশের অনুমতি।

প্রতিহারী, প্রতীহারী (প্রো) [প্রতি—হৃ + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = হারিন্ ১মা, ১ব কিম্বা প্রতিহার + ইন্ অস্ত্যর্থে] বি, পুং, দ্বারবান্ ; দ্বাররক্ষক। স্ত্রী, **প্রতিহারিণী ; প্রতিহারী**।

প্রতিহার্য্য (প্রোতিহার্জ) [প্রতি—হৃ + ণিচ্ = হারি + য (কর্ম্মে)] বিণ, পরিহরণীয় ; পরিত্যাজ্য।

প্রতিহাস, প্রতীহাস (প্রোতিহাশ্) [প্রতি (পশ্চাৎ)—হস্ (হাস্য করা) + অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, উপহাসকারীর প্রতি হাস্য। ২। করবীগাছ।

প্রতিহিংসা (প্রোতিহিংসা) [প্রতি (পশ্চাৎ) হিংসা] বি, স্ত্রী, বৈরনির্যাতন ; শত্রুতাউদ্ধার। বিণ, **প্রতিহিংসিত**।

প্রতীক (প্রোতিক্) [প্রতি—ইক্ (গমন করা) + অ (ক)] বিণ, বিরুদ্ধ ; প্রতিকূল ; বিপরীত। ২। বি, পুং, প্রত্যঙ্গ।

প্রতীক্ষণ (প্রোতিক্খন্) [প্রতি—ঈক্ষ (দর্শন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অবলোকন। ২। অপেক্ষা। ৩। পরি-পোষণ ; প্রতিপালন। ৪। পূজা।

প্রতীক্ষা (প্রোতিক্খা) [প্রতি—ঈক্ষ্ + অ (ভাবে—অঙ্) আপ, স্ত্রী] বি, স্ত্রী, অপেক্ষা। ২। পরিপোষণ ; পালন। বিণ, **প্রতীক্ষিত**।

প্রতীক্ষ্য (প্রোতিক্খ) [প্রতি—ঈক্ষ + য (কর্ম্মে—ঘ্যণ)] বিণ, অপেক্ষার যোগ্য ; অপেক্ষণীয়। ২। পূজনীয় ; পূজার্হ ; আরাধ্য।

প্রতীক্ষ্যমাণ (প্রোতিক্খমান্) বিণ, যাহাকে দেখা হইয়াছে ; প্রত্যক্ষ। স্ত্রী, **প্রতীক্ষ্য-মাণা**।

প্রতীচী (প্রোতীচি) [প্রতি (পশ্চাৎ) অন্চ (গমন করা) + ক্বিপ (অধি) = প্রত্যচ্—ঈপ্ (স্ত্রী) = প্রতীচী। যেদিকে সূর্য্য অস্ত গমন করে] বি, স্ত্রী পশ্চিমদিক্।

প্রতীচীন (প্রো, ন্) [প্রতীচী (পশ্চিমদিক্) + ঈন (ভাবার্থে—ঈন)] বিণ, পশ্চিমদিকস্থ। ২। পশ্চিমদেশীয় ; পশ্চিমদেশজাত ; পশ্চিম দেশোৎপন্ন।

প্রতীচ্য (প্রোতিচ্চ) [সং] বিণ, পশ্চিম দেশস্থ। ২। প্রাচ্য (দ্রঃ) দেশের পশ্চিমস্থ।

প্রতীত (প্রো) [প্রতি—ই (গমন করা, বোধ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, জ্ঞাত ; অবগত। ২। হর্ষযুক্ত ; প্রীত ; হৃষ্ট ; আনন্দিত। ৩। প্রসিদ্ধ ; প্রখ্যাত। ৪। সম্মানিত ; মানপ্রাপ্ত। ৫। অনুভূত। ৬। [কর্ত্তৃ—ক্ত] জ্ঞানবান। ৭। কৃতবিশ্বাস ; কৃত-প্রত্যয়। প্র—"যার তুমি ধর চুলে সেই এসে মোরে বলে নহিলে নহিতাম পরতীত।"—চণ্ডীদাস।

প্রতীতি (প্রো) [প্রতি—ই + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, জ্ঞান ; বোধ। ২। প্রসিদ্ধি ; খ্যাতি ; যশ। ৩। সম্মান ; সমাদর। ৪। বিশ্বাস। ৫। আনন্দ ; হর্ষ ; আহ্লাদ। ৬। প্রীতি।

প্রতীপ (প্রো, প্) বি, পুং, চন্দ্রবংশীয় নৃপ-বিশেষ ; মহারাজ শান্তনুর পিতা। ২। অর্থালঙ্কারবিশেষ। ৩। বিণ, প্রতিকূল ; বিপরীত ; বিরুদ্ধ। ৪। বিমুখ ; পরাঙ্মুখ।

প্রতীপগামী (প্রো, প্) [প্রতীপগামিন্ শব্দ] বিণ, বিপরীতদিগ্গামী ; প্রতিকূলগামী।

প্রতীপদর্শী (প্রোতিপ্‌দোর্‌শি) [প্রতীপ (বিপরীত) দর্শী (যে দেখে)] বিণ. বিপরীত দর্শী। স্ত্রী. প্রতীপদর্শিনী—বিপরীত-দর্শিনী। ২। নারী; রমণী।

প্রতীবাপ (প্রো. প্‌) [প্রতি—বপ্‌+অ (ভাবে—ঘঞ্‌)] বি. পুং. দ্রবস্বর্ণের সহিত অন্য দ্রব্যের মিশ্রণ। ২। নিক্ষেপ; ন্যাস। ৩। দৌরাত্ম্য; উপদ্রব।

প্রতীমান (প্রো. ন্‌) [প্রতি—মা (পরিমাণ করা)+অন (ভাবে—অনট্‌) ই=ঈ] বি. ক্লী. পরিমাণ। ৩। হস্তীর মস্তকের অংশ-বিশেষ।

প্রতীয়মান (প্রো. ন্‌) [প্রতি—ই+আন (কর্ম্মে—আনশ্‌) য আগম] বিণ. জ্ঞেয়; বোধগম্য: যাহা বোধ হইতেছে।

প্রতীয়মানোৎপ্রেক্ষা (প্রো) বি. অর্থা-লঙ্কারবিশেষ; যে উৎপেক্ষায় যেন, বুঝি প্রভৃতি শব্দের উল্লেখ থাকে না তাহাকে প্রতীয়-মানোৎপ্রেক্ষা বলে। প্র—অপরূপ পেখনু রামা কনকলতা অবলম্বনে উয়ল হরিণীহীন হিম ধামা।"—বিদ্যাপতি। [দ্রঃ—যে উৎপ্রেক্ষায় যেন বুঝি প্রভৃতি শব্দ উক্ত থাকে তাহা বাচ্যোৎপ্রেক্ষা। প্র—"চঞ্চললোচনে বঙ্ক-নেহারলি, অঞ্জন শোভন তায়, জনু ইন্দীবর পবনে ঠেলল, অলিভরে উলটায়॥"—বিদ্যাপতি]।

প্রতীর (প্রো. র্‌) [প্র—তীর] বি. কূল; তট; তীর।

প্রতুল (প্রো. ল্‌) [সং] বি. প্রাচুর্য্য। ২। মঙ্গল। ৩। বাহুল্য; বৃদ্ধি। ৪। সৌভাগ্য। ৫। বিণ. বিষম; ভয়ানক। ৬। প্রচুর; বিলক্ষণ।

প্রতোদ (প্রো. দ্‌) [প্র—তুদ্‌ (পীড়ন করা) +অ (করণে—অল্‌)] বি. পুং. অশ্বাদি-তাড়ন দণ্ড; কশা; চাবুক।

প্রতোলী (প্রো) [প্র—তুল্‌ (পরিমাণ করা, গমন করা)+অ (অধি—অল্‌) ঈপ, স্ত্রী] বি. স্ত্রী. পথ; বর্ত্ম; বড় রাস্তা। ২। অভ্যন্তর পথ।

প্রত্ন (প্রোত্ন) [সং] বিণ. প্রাচীন; পুরাতন;

প্রত্নতত্ত্ব (প্রোত্ন) [প্রত্ন—তত্ত্ব] বি. প্রাচীন ইতিহাস; পুরাতত্ত্ব।

প্রত্নতত্ত্বজ্ঞ (প্রোত্নতৎতগ্‌গ) বি. পুং. প্রাচীন ইতিহাসবেত্তা; পুরাতত্ত্ববিৎ।

প্রত্নতত্ত্ববিৎ (প্রোত্নতৎত) [প্রত্ন (পুরাতন) তত্ত্ব (গূঢ়ার্থ) বিদ্‌ (যে জানে)] বি. পুং. পুরাতত্ত্ববিৎ; প্রাচীন ইতিহাসবেত্তা; পুরা-তত্ত্বজ্ঞ।

প্রত্নতত্ত্ববেত্তা (প্রোত্নতৎবেৎতা) বি. পুং. পুরাতত্ত্ববিৎ। স্ত্রী. প্রত্নতত্ত্ববেত্রী।

প্রত্যক্‌ (প্রোৎতক্‌) [প্রতি—অন্চ্‌ (গমন করা)+কিপ্‌ (কর্ত্তৃ)] অ. পশ্চিমদিক। ২। পশ্চাৎ। ৩। অন্তর্নিহিত; অন্তরস্থ। প্র—প্রত্যক্‌ চৈতন্য। ৪। পশ্চাদ্বর্ত্তী।

প্রত্যক্ষ (প্রোৎতক্‌খ) [প্রতি—অক্ষি (চক্ষুঃ) অব্যয়ী, কিম্বা প্রতি—অক্ষ (ইন্দ্রিয়)] বিণ. ইন্দ্রিয়গ্রাহ্য; দৃশ্য; সাক্ষাৎ। প্র—প্রত্যক্ষ দেবতা। ২। বি. ক্লী. ইন্দ্রিয়জন্যজ্ঞান।

প্রত্যক্ষকারী (প্রোৎতোক্‌খো) বিণ. স্বয়ং স্ত্রী. প্রত্যক্ষকারিণী।

প্রত্যক্ষগোচর (প্রোৎতোক্‌খোগোচর্‌) বিণ. ; নেত্রপথবর্ত্তী; চক্ষুর্গ্রাহ্য।

প্রত্যক্ষতঃ (প্রোৎতক্‌খত) ক্রি-বিণ. স্পষ্ট-ভাবে: চক্ষুর্গ্রাহ্যরূপে; দৃশ্যতঃ।

প্রত্যক্ষদর্শন (প্রোৎতক্‌খোদর্শন্‌) [প্রত্যক্ষ (সাক্ষাৎ) দর্শন] বি. সাক্ষাৎদর্শন। ২। বিণ. সাক্ষাৎদর্শী; সাক্ষী; স্বয়ংদ্রষ্টা।

প্রত্যক্ষদর্শী (প্রোৎতোক্‌খোদোর্‌শি) বিণ. সাক্ষাৎদর্শী; স্বয়ংদ্রষ্টা। স্ত্রী. প্রত্যক্ষ-দর্শিনী।

প্রত্যক্ষপ্রমান (প্রোৎতোক্‌পোপ্রোমান্‌) বি. চাক্ষুস সাক্ষী; দৃষ্টির বিষয়ীভূত প্রমাণ; গোচরপ্রমাণ।

প্রত্যক্ষফল (প্রোৎতোক্‌খোফল্‌) বিণ. সাক্ষাৎপরিণাম।

প্রত্যক্ষবাদ (প্রোৎতক্‌খোবাদ্‌) বি. সমক্ষে বলা। ২। জড়বাদ: প্রকৃতিতত্ত্ব; দেহাত্ম-বাদ।

প্রত্যক্ষবাদী (প্রোৎতোক্‌খো) [প্রত্যক্ষ (সাক্ষাৎ) বাদী (যে বলে) যাহারা প্রত্যক্ষ ভিন্ন অন্য প্রমাণ স্বীকার করে না] বি. পুং. জড়বাদী। ২। বৌদ্ধ। স্ত্রী. প্রত্যক্ষ-বাদিনী।

প্রত্যক্ষভূত (প্রোৎতোক্‌খো) বিণ. যাহা প্রত্যক্ষগোচর হইয়াছে; ইন্দ্রিয়গোচরীভূত।

প্রত্যক্ষভোগ (প্রোৎতক্‌খভোগ্‌) বি.সাক্ষাৎ ভোগ; হাতে হাতে ফল প্রাপ্তি।

প্রত্যক্ষর (প্রোৎতক্‌খর্‌) [প্রতি+অক্ষর] ক্রি-বিণ. অক্ষরে অক্ষরে; প্রতিবর্ণে।

প্রত্যক্ষরূপ (প্রোৎতক্‌খরূপ্‌) [প্রত্যক্ষ হইয়াছে রূপ যাহার—বহু] বি. সাক্ষাৎস্বরূপ। প্র—"প্রভাসে অধর দেবী চন্দ্রভাগা তাহে। বক্রতুণ্ড ভৈরব প্রত্যক্ষরূপ যাহে।"—অন্নদা-মঙ্গল।

প্রত্যক্ষসিদ্ধ (প্রোৎতোক্‌খোশিদ্‌ধ) বিণ. সাক্ষাৎপ্রমাণ।

প্রত্যক্ষী (প্রোৎতক্‌খি) [প্রত্যক্ষ+ইন (অস্ত্যর্থে)=প্রত্যক্ষিন্‌ ১মা, ১ব] বিণ. সাক্ষাৎদর্শী; স্বয়ংদ্রষ্টা; সাক্ষী।

প্রত্যক্ষীকৃত (প্রোৎতোক্‌খিকৃত) [প্রত্যক্ষ (সাক্ষাৎ) কৃত (করা হইয়াছে) মধ্যে ঈ (চ্বি) আগম] বিণ. যাহা সাক্ষাৎ করা হইয়াছে।

প্রত্যক্ষীভূত (প্রোৎতোক্‌খি) বিণ. গোচরী-ভূত; পূর্ব্বে যাহা প্রত্যক্ষ ছিল না এক্ষণে প্রত্যক্ষ হইয়াছে।

প্রত্যগাত্মা (প্রোৎতোগাৎতা) [প্রত্যক্‌ (জীব)+আত্মা (স্বরূপ) যাহার, বহু] বি. পুং. পরমেশ্বর; ব্রহ্মচৈতন্য।

প্রত্যগ্র (প্রোৎতগ্‌গ্র) [প্রতি—অগ্র (প্রথম)] বিণ. নবীন, নূতন। ২। বি. পুং. রাজা বৃহদ্রথের পুত্র।

প্রত্যঙ্গ (প্রোৎতংগ) [প্রতি—অঙ্গ] বি. ক্লী. অঙ্গের অঙ্গ; ক্ষুদ্র ক্ষুদ্র অঙ্গ; অঙ্গাবয়ব। প্র—"কে রণতরঙ্গে উলাঙ্গী ভীমাভঙ্গিনী। * * * প্রত্যঙ্গে রুধির ধারা নর শিরহারিণী।"—বাংগান।

প্রত্যঙ্মুখ (প্রোৎতংমুখ্‌) [প্রত্যক্‌ (পশ্চিম দিকে) মুখ যাহার, বহু] বিণ. পশ্চিমাভিমুখ।

প্রত্যনীক (প্রোৎতনীক্‌) [প্রতি (বিরুদ্ধ) অনীক (সেনা)] বি. পুং. আততায়ী; শক্র-সৈন্য। ২। কাব্যের অলঙ্কারবিশেষ। ৩। অন্তরায়; ব্যাঘাত; বাধা।

প্রত্যনুমান (প্রোৎতোনুমান্‌) [প্রতি (বিরুদ্ধ) অনুমান] বি. ক্লী. কোন অনুমানের বিরুদ্ধ বা বিপরীত অনুমান; প্রতিকূল অনুমান।

প্রত্যন্ত (প্রোৎতনত) [প্রতি—অন্ত] বি. প্রান্তবর্ত্তী; শেষ সীমাবস্থ। ২। সমীপবর্ত্তী; সন্নিহিত। ৩। বি. পুং. ম্লেচ্ছদেশ।

প্রত্যন্তপর্ব্বত (প্রোৎতনতপরবত্‌) বি. পুং. বৃহৎ পর্ব্বত সমীপস্থ ক্ষুদ্র শৈল; উপশৈল।

প্রত্যবমর্শ, প্রত্যবমর্ষ (প্রোৎত) [প্রতি—অব—মৃশ্‌—মৃষ্‌ (ক্ষমা করা)+অ (ভাবে—অল্‌)] বি. পুং. অন্বেষণ। ২। সন্ধান।

প্রত্যবসিত (প্রোৎবশিত) [প্রতি—অব—সো+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. ভুক্ত।

প্রত্যবসান (প্রোৎতবশান্‌) [প্রতি—অব্‌—সো+অন (ভাবে—অনট্‌)] বি. ক্লী. ভক্ষণ; আহার।

প্রত্যবস্কন্দ (প্রোৎতবশ্‌কন্দ) [প্রতি—অব—স্কন্দ্‌ (অ (ভাবে—অল্‌)] বি. পুং. বাদীর কথিত দোষ খণ্ডনের জন্য প্রতিবাদীর যুক্তি-বিশেষ; প্রতিবাদীর বিশেষ হেতুবাদ বা জবাব।

প্রত্যবস্কন্দন (প্রোৎতবস্‌কন্দন্‌) [প্রতি—অব—স্কন্দ্‌+অন (ভাবে—অনট্‌)] বি. ক্লী. প্রত্যবস্কন্দ দ্রঃ।

প্রত্যবস্থাতা (প্রোৎতবস্থাতা) [প্রতি—অব—স্থা+তৃ (কর্তৃ, তৃচ্) = প্রত্যবস্থাতৃ ১মা, ১ব] বিণ, অবরোধকারী। ২। আততায়ী ; প্রতিপক্ষ ; শত্রু।

প্রত্যবস্থান (প্রোৎতবস্থান্) বি, শত্রুতা ; বিপক্ষতা ; বিরোধ ; প্রতিকূলাচরণ। ২। পূর্ব্বস্থানে প্রত্যাবর্ত্তন।

প্রত্যবহার (প্রোৎতবহার্) [প্রতি—অব—হৃ+অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, সংহরণ। ২। সংগ্রামে প্রবৃত্ত যোদ্ধাকে যুদ্ধে ক্ষান্ত করণ।

প্রত্যবায় (প্রোৎতবায়) [প্রতি—অব—ই (গমন করা)+অ (অপা, ঘঞ্)—যাহা হইতে প্রতি নিবৃত্ত হওয়া উচিত] বি, পুং, পাপ। প্র—"পসরা করিতে বাপা নাহি প্রত্যবায়।"—কবিকঙ্কণ। ২। বিরুদ্ধাচরণ ; বিপক্ষতা। ৩। অপকার ; ক্ষতি। ৪। নৈরাশ্য। বিণ, প্রত্যবায়ী।

প্রত্যবেক্ষণ (প্রোৎতবেক্খন্) [প্রতি—অব—ঈক্ষ্ (দেখা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অন্বেষণ ; অনুসন্ধান ; খোঁজ। ২। সতর্কতা। ৩। বিচার ; বিবেচনা।

প্রত্যবেক্ষা (প্রোৎতবেক্খা) [প্রতি—অব—ঈক্ষ্ (দেখা)+অ (ভাবে, অঙ্)] বি, স্ত্রী, পর্য্যবেক্ষণ। ২। তত্ত্বানুসন্ধান। ৩। সতর্কতা। ৪। বিচার।

প্রত্যবেক্ষ্য (প্রোৎতবেক্খ) [প্রতি—অব—ঈক্ষ্ (দেখা)+য (কর্ম্মে)] বিণ, অন্বেষ্য ; অনুসন্ধেয়। ২। বিচারণীয় ; বিচার্য্য। ৩। প্রত্যবেক্ষণযোগ্য।

প্রত্যভিজ্ঞা (প্রোৎতভিগ্‌গাঁ) [প্রতি—অভি—জ্ঞা (জানা)+অ (ভাবে, অঙ্)] বি, স্ত্রী, পুনর্জ্ঞান ; এই সেই এইরূপ অনুভূতি।

প্রত্যভিজ্ঞাত (প্রোৎতভিগ্‌গাঁত) বিণ, পরিজ্ঞাত।

প্রত্যভিজ্ঞান (প্রোৎতভিগ্‌গাঁন্) [প্রতি—অভিজ্ঞান] বি, প্রতিনিদর্শন।

প্রত্যভিযুক্ত (প্রোৎতোভিযুক্ত) [প্রতি অভিযুক্ত] বিণ, অভিযোগকারীর নামে নালিশ ; counter-charged.

প্রত্যভিযোগ (প্রোৎতোভিজোগ্) [প্রতি (পশ্চাৎ) অভিযোগ] বি, পুং, অভিযোগকারীর প্রতি অভিযোগ ; counter-charge.

প্রত্যভিবাদ (প্রোৎতোভিবাদ্) [প্রতি (পশ্চাৎ) অভিবাদ (প্রণাম)] বি, পুং, পশ্চাৎ প্রণাম। ২। পূজ্য ব্যক্তিকে প্রণাম করিলে তৎকৃত আশীর্ব্বাদ।

প্রত্যভিবাদন (প্রোৎতভিবাদন্) [প্রতি—অভিবাদন] বি, ক্লী, প্রতি নমস্কার।

প্রত্যয় (প্রোৎতয়) [প্রতি—ই (জানা)+অ (ভাবে, অল্)] বি, পুং, নিঃসন্দিগ্ধতা ; নিশ্চয়তা। ২। প্রতীতি ; বিশ্বাস। ৩। প্রত্যয় করে ; বিশ্বাস করে। প্র—"যত লোক হাসে মুখে আরোপি বসন। শ্রীমন্তের বোলে না প্রত্যয় কোন জন।"—কবিকঙ্কণ। ৩। রীতি ; আচার ; পদ্ধতি। ৪। প্রখ্যাতি ; যশ ; প্রসিদ্ধি। ৫। কারণ ; হেতু। ৬। অধীন। ৭। [ব্যাকরণে] শব্দ বা ধাতুর উত্তর জায়মান বিভক্তি। ৮। শপথ। ৯। জ্ঞান।

প্রত্যয়জনক (প্রোৎতয়্‌জনক্) বিণ, বিশ্বাসজনক ; প্রতীতিজনক।

প্রত্যয়ভাজন (প্রোৎতয়্‌ভাজন্) বিণ, বিশ্বাসের পাত্র ; বিশ্বস্ত।

প্রত্যয়াতীত (প্রোৎত) বিণ, অনিশ্চিত ; অবিশ্বাস্য।

প্রত্যয়িত (প্রোৎইত) [প্রত্যয়+ইত (যুক্তার্থে)] বিণ, বিশ্বাসভাজন ; বিশ্বস্ত।

প্রত্যয়ী (প্রোৎত) [প্রত্যয়+ইন্ (অস্ত্যর্থে) = প্রত্যয়িন্ ১মা, ১ব] বিণ, যে বিশ্বাস করে ; প্রত্যয়কারী।

প্রত্যরি (প্রোৎতরি) [প্রতি—অরি] বি, পুং, প্রতিপক্ষ ; শত্রু। ২। জন্ম নক্ষত্র হইতে পঞ্চম, চতুর্দ্দশ এবং ত্রয়োবিংশতি নক্ষত্র।

প্রত্যর্থী (প্রোৎতোর্থী) [প্রতি (বিরুদ্ধ) অর্থ (প্রয়োজন)+ইন্ (অস্ত্যর্থে) = প্রত্যর্থিন্ ১মা, ১ব] বি, প্রতিকূল। ২। প্রতিবাদী। ৩। আততায়ী ; বিপক্ষ ; অরি।

প্রত্যর্পণ (প্রোৎতর্পন্) [প্রতি (পশ্চাৎ) অর্পণ (দান)] বি, ক্লী, প্রতিদান ফেরৎ।

প্রত্যর্পিত (প্রোৎত) [প্রতি (পশ্চাৎ) অর্পিত (দত্ত)] বিণ, প্রতিদত্ত ; যাহা প্রত্যর্পণ করা হইয়াছে।

প্রত্যহ (প্রোৎতহ) [প্রতি (প্রত্যেক) অহন্ (দিন)+অ, অব্যয়ী] অ, প্রত্যেক দিন ; প্রতি দিবস। ২। প্রাতঃকাল [অ-প্র]।

প্রত্যাখ্যাত (প্রোৎত্যাক্খাত) [প্রতি—আ—খ্যা+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে প্রত্যাখ্যান করা হইয়াছে ; নিরাকৃত। ২। তুচ্ছীকৃত ; অবজ্ঞাত। ৩। অস্বীকৃত। ৪। পরিত্যক্ত।

প্রত্যাখ্যান (প্রোৎত্যাক্খান্) [প্রতি—আ—খ্যা+অন (ভাবে, অনট)] বি, ক্লী, দূরীকরণ। ২। পরিত্যাগ। ৩। অস্বীকার। প্র—"প্রত্যাখ্যান কৈল যদি বশিষ্ঠ তাপস"—রামায়ণ (রাজ)। ৪। তাচ্ছল্য ; উপেক্ষা। প্র—"তোমার কামনা আমি কৈনু প্রত্যাখ্যান"—রামায়ণ (রাজ)।

প্রত্যাখ্যেয় (প্রোৎত্যাক্খেয়) বি, প্রত্যাখ্যানের উপযুক্ত। ২। যাহাকে প্রত্যাখ্যান করিতে হইবে।

প্রত্যাগত (প্রোৎত্যা) [প্রতি (পুনরায়) আগত] বিণ, প্রত্যাবৃত্ত ; প্রতিনিবৃত্ত।

প্রত্যাগতি (প্রোৎত্যাগোতি) [প্রতি—আ—গম্+তি (ভাবে)] বি, স্ত্রী, প্রত্যাবর্ত্তন।

প্রত্যাগম (প্রোৎত্যাগম্) [প্রতি—আ—গম্+অ (ভাবে—অল্)] বি, পুং, প্রত্যাবর্ত্তন।

প্রত্যাদিষ্ট (প্রোৎত্যাদিশ্‌ট) [প্রতি—আ—দিশ্ (বলা)+ত (কর্ম্মে)] বিণ, দেবাদেশপ্রাপ্ত ; দেবতার আদিষ্ট।

প্রত্যাদেশ (প্রোৎত্যাদেশ্) [প্রতি—আ—দিশ্+অ (ভাবে, অল্)] বি, পুং, দেবতার আদেশ ; দৈববাণী। ২। অন্তরায় ; প্রতিবন্ধ।

প্রত্যাদেষ্টা (প্রোৎত্যাদেশ্‌টা) [প্রতি—আ—দিশ্+তৃ (কর্তৃ, তৃচ্) প্রত্যাদেষ্টৃ ১মা, ১ব] বিণ, প্রত্যাদেশকারী। স্ত্রী, প্রত্যাদেষ্ট্রী।

প্রত্যাধান (প্রোৎত্যাধান্) [প্রতি—আ—ধা+অন (কর্ম্মে—অনট্)] বি, ক্লী, মস্তক।

প্রত্যাধ্মান (প্রোৎত্যদ্‌ধাঁন্) [প্রতি—আধ্মান] বি, পুং, বাতব্যাধিবিশেষ।

প্রত্যানয়ন (প্রোৎত্যানয়ন্) [প্রতি (পুনরায়) আ—নী (লওয়া)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পুনরানয়ন ; পুনরুদ্ধার।

প্রত্যানীত (প্রোৎত্যা) [প্রতি—আনীত] বিণ, পুনরানীত ; যাহা পুনরানয়ন করা হইয়াছে।

প্রত্যাপত্তি (প্রোৎত্যাপোৎতি) [প্রতি—আ—পদ্ (গমন করা)+তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, প্রত্যাসত্তি। ২। বৈরাগ্য।

প্রত্যাবর্ত্তন (প্রোৎত্যাবর্‌তন্) [প্রতি—আ—বৃত্+ণিচ্ = বর্ত্তি (অবস্থান করান)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রত্যাগতি ; প্রতিনিবৃত্তি।

প্রত্যাবৃত্ত (প্রোৎত্যাবৃৎত) [প্রতি—আ—বৃত্+ত (কর্তৃ—ক্ত)] বিণ, পুনরাগত ; প্রতিনিবৃত্ত ; প্রত্যাগত।

প্রত্যায়ক (প্রোৎত্যায়ক্) [প্রতি—ই+অক (কর্তৃ)] বিণ, প্রত্যয়কারী। ২। জ্ঞাপক।

প্রত্যায়ন (প্রোৎত্যায়ন্) [প্রতি—ই+ণিচ্ = আয়ি+অন (ভাবে, অনট্)] বি, ক্লী, বিশ্বাস উৎপাদন। ২। উদ্বোধন।

প্রত্যারম্ভ (প্রোৎত্যারম্ভ) [প্রতি—আরম্ভ] বি, পুং, পুনরারম্ভ।

প্রত্যালীঢ় (প্রোৎত্যা) [প্রতি—আ—লিহ্+ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, শর সন্ধান কালে বামপদ প্রসারিত ও দক্ষিণপদ সঙ্কুচিত করিয়া উপবেশন। ২। [কর্ম্মে—ক্ত] বিণ, ভক্ষিত ; ভুক্ত। ৩। আস্বাদিত।

প্রত্যাশা (প্রোৎত্যাশা) [প্রতি-আশা] বি, স্ত্রী, আশা ; প্রতীক্ষা। ২। ভরসা। ৩। আকাঙ্ক্ষা।

প্রত্যাশাপন্ন (প্রোৎত্যাশাপন্ন) বিণ, ভরসাযুক্ত ; আশান্বিত। ২। আকাঙ্ক্ষাযুক্ত।

প্রত্যাশী (প্রোৎত্যাশি) [প্রত্যাশা+ইন্ (অস্ত্যর্থে) = প্রত্যাশিন্ ১মা, ১ব] বিণ, প্রত্যাশাকারী। ২। প্রতীক্ষাকারী। স্ত্রী, প্রত্যাশিনী—আকাঙ্ক্ষিণী।

প্রত্যাশে (প্রোৎত্যা) ক্রি-বিণ, ভরসায় ; আশায়। প্র—"দুঃখিনী ফুল্লরা আছে আমার প্রত্যাশে।"—কবিকঙ্কণ।

প্রত্যাশ্বাস (প্রোৎত্যাশ্‌শাশ্) [প্রতি—আ শ্বস্+অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, পুনরুজ্জীবন ; নবীভবন। ২। পুনঃপ্রত্যাশা।

প্রত্যাশ্বাসন (প্রোৎত্যাশাশন্) [প্রতি—আ —শ্বস্+অন (ভাবে, অনট্)] বি, ক্লী, সান্ত্বনার জন্য আশ্বাস দান।

প্রত্যাসঙ্কলিত (প্রোৎত্যাশংকোলিত) [প্রতি—আ—সং—কল্ (গণনা করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা গণনা করা পরিসংখ্যাত। ২। সংযুক্ত। ৩। নির্দ্ধারিত ; নিনীত।

প্রত্যাসত্তি (প্রোৎত্যাশোৎতি) [প্রতি—আ—সদ্+তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, প্রত্যক্ষভূত সম্বন্ধ মাত্র (ন্যায় দর্শন মতে)। ২। নৈকট্য।

প্রত্যাসন্ন (প্রোৎত্যাশন্ন) [প্রতি—আ—সদ্ +ত (কর্ত্তৃ—ক্ত) দ্—ত=ন্ন] বিণ, সন্নিহিত ; নিকটবর্ত্তী ; সমীপবর্ত্তী। প্র—"যজ্ঞের সময় যদি হৈল প্রত্যাসন্ন॥"—মহা (শ্রীকর)।

প্রত্যাসর (প্রোৎত্যাশর্) [প্রতি—আ—সৃ +অ (অধি—অল্)] বি, পুং, সৈন্যব্যূহ।

প্রত্যাহত (প্রোৎত্যা) [প্রতি—আ—হন্+ ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ব্যাহত। ২। সঙ্কুচিত।

প্রত্যাহরণ (প্রোৎত্যাহরন্) [প্রতি—আ— হৃ+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পুনর্গ্রহণ।

প্রত্যাহরণীয় (প্রোৎত্যা) [প্রতি—আহরণীয়] বিণ, পুনর্গ্রহণ-যোগ্য।

প্রত্যাহার (প্রোৎত্যাহার্) [প্রতি—আ— হৃ+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, পুনর্গ্রহণ। প্র—"পদাঘাতে করিয়াছে প্রেম প্রত্যাহার।" —ফুলরেণু। ২। চিত্তবৃত্তি নিরোধ করত এক বিষয়ে বিনিবেশ। ৩। সংক্ষেপ।

প্রত্যাহৃত (প্রোৎত্যা) [প্রতি—আ—হৃ (হরণ—আনয়ন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পুনরাকৃষ্ট ; পুনরানীত।

প্রত্যুক্ত (প্রোৎতুকৃত) [প্রতি (পুনর্ব্বার) উক্ত (কথিত)] বিণ, প্রতিভাষিত। বি, প্রত্যুক্তি—প্রত্যুত্তর।

প্রত্যুজ্জীবন (প্রোৎতুজ্‌জীবন্) [প্রতি— উৎ—জীব্ (জীবিত থাকা)+অ (ভাবে— অনট্)] বি, ক্লী, পুনর্জীবন ; নবজীবন।

প্রত্যুত (প্রোৎতু) [প্রতি—উত] অ, বরং ; বস্তুত। ২। উক্ত বচনের বিপরীতার্থক অব্যয়।

প্রত্যুৎক্রম (প্রোতুৎক্রম্) [প্রতি—উৎ—ক্রম্ (গমন করা)+অ (কর্ম্মে—অল্)] বি, পুং, রণোদ্যম ; যুদ্ধোদ্যোগ। ২। প্রধান প্রয়োজনের অনুকূল অপ্রধান কর্ম্মানুষ্ঠান।

প্রত্যুৎক্রমণ (প্রোৎতুৎক্রমন্) [প্রতি—উৎ —ক্রম+অন (কর্ম্মে—অনট্)] বি, ক্লী, প্রত্যুৎক্রম দ্রঃ।

প্রত্যুৎক্রান্তি (প্রোৎতুৎক্রান্তি) [প্রতি— উৎ—ক্রম্+তি (কর্ম্মে—ক্তি)] বি, স্ত্রী, যুদ্ধোদ্যোগ।

প্রত্যুত্তর (প্রোৎতুত্‌তর্) [প্রতি (পুনর্ব্বার) উত্তর (উৎ—তৃ+অ (কর্ম্মে—অল্)] বি, ক্লী, উত্তরের উত্তর।

প্রত্যুত্থান (প্রোৎতুত্‌থান্) [প্রতি—উৎ— স্থা+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মান্য ব্যক্তির অভিবাদনার্থ উঠিয়া দাঁড়ান ; অভ্যুত্থান।

প্রত্যুৎপন্ন (প্রোৎতুত্‌পন্ন) [প্রতি (পুনর্ব্বার) উৎপন্ন (উৎ—পদ্+ত—কর্ত্তৃ, ক্ত) দ্—ত=ন্ন] বিণ, প্রত্যুদ্ভূত ; পুনরুৎপন্ন। ২। উপস্থিত। ৩। সত্বর।

প্রত্যুৎপন্নমতি (প্রোৎতুত্‌পন্নমোতি) [প্রতি—উৎপন্ন (তৎকালে উপস্থিত) হয় মতি (বুদ্ধি) যাহার, বহু] বিণ, উপস্থিত বুদ্ধিবিশিষ্ট। ২। সূক্ষ্মবুদ্ধিবিশিষ্ট। ৩। অসাধারণ প্রতিভাবান্।

প্রত্যুৎপন্নমতিত্ব (প্রোৎপন্নমোতিৎত) [প্রত্যুৎপন্নমতি+ত্ব (ভাবে)] বি, ক্লী, উপস্থিত বুদ্ধি।

প্রত্যুদাহরণ (প্রোৎতুদাহরন্) [প্রতি— উদাহরণ] বি, ক্লী, উদাহরণের বিরুদ্ধ দৃষ্টান্ত।

প্রত্যুদ্গত (প্রোৎতুদ্গত) [প্রতি—উদ্গত] বিণ, যাহাকে উর্দ্ধদিকে গমন করান হইয়াছে। ২। অভ্যর্থনার সহিত বিদায়প্রাপ্ত। প্র— "পৌরবর্গ, পুরবাসি বিপ্রগণ হতে প্রত্যুদ্গত হইলেন সুখে বিধিমতে"—রামায়ণ (রাজ)।

প্রত্যুদ্গম (প্রোৎতুদ্গম্) [প্রতি—উদ্গম] বি, পুং, আগমনকারীকে অভ্যর্থনা করিয়া আনিবার জন্য গমন।

প্রত্যুদ্গমন (প্রোৎতুদ্গমন্) [প্রতি— উদ্গমন] বি, আগমনকারী মান্যবান্ ব্যক্তিকে অভ্যর্থনা করিয়া আনিবার জন্য গমন। ২। মান্য ব্যক্তির বিদায়কালে তাঁহার সম্মানার্থে কিছুদুর তাঁহার সহিত গমন।

প্রত্যুদ্গমনীয় (প্রোৎতুদ্গমোনীয়) [প্রতি —উৎ—গমনীয়] বিণ, প্রত্যুদ্গমনের উপযুক্ত ; সমুপস্থানযোগ্য।

প্রত্যুদ্ধরণ (প্রোৎতুদ্‌ধরন্) [প্রতি—উৎ— হরণ] বি, ক্লী, পুনরুদ্ধারণ।

প্রত্যুদ্ধার (প্রোৎতুদ্‌ধার্) [প্রতি—উৎ— হার] বি, পুং, পুনঃসংস্কার ; পুনরুদ্ধার।

প্রত্যুদ্ধৃত (প্রোৎতুদ্‌ধৃত) [প্রতি—উদ্ধৃত] বিণ, যাহা পুনরায় উদ্ধার করা হইয়াছে ; পুনরুদ্ধৃত।

প্রত্যুন্নমন (প্রোৎতুন্নমন্) [প্রতি—উৎ— নমন] বি, ক্লী, বিপরীতদিকে অবনমন।

প্রত্যুপকর্ত্তা (প্রোৎতুপো) [প্রতি—উপ- কর্ত্তা] বিণ, প্রত্যুপকারী ; যে উপকারী ব্যক্তির উপকার করে। স্ত্রী, প্রত্যুপকর্ত্রী।

প্রত্যুপকার (প্রোৎতুপকার্) [প্রতি—উপ —কার] বি, পুং, উপকারকের উপকার সাধন।

প্রত্যুপকারী (প্রোৎতুপোকারি) [প্রতি— উপকারী] বিণ, যে উপকারীর উপকার করে ; প্রত্যুপকারক। স্ত্রী, প্রত্যুপকারিণী।

প্রত্যুপকৃত (প্রোৎতুপোকৃত) [প্রতি—উপ- কৃত] বিণ, প্রত্যুপকারপ্রাপ্ত।

প্রত্যুপদিষ্ট (প্রোৎতুপোদিষ্‌ট) [প্রতি— উপদিষ্ট] বিণ, কৃতসাবধান। ২। দত্তোপদেশ।

প্রত্যুপদেশ (প্রোৎতুপোদেশ্) [প্রতি— উপদেশ] বিণ, উপদেশানুযায়ী উপদেশ দান ; নির্দ্দিষ্ট বিধানানুযায়ী শিক্ষাদান।

প্রত্যুপদেশক (প্রোৎতুপদেশক্) [প্রতি— উপদেশক] বিণ, প্রত্যুপদেশকারী ; প্রত্যুপ- দেষ্টা। স্ত্রী, প্রত্যুপদেশিকা।

প্রত্যুপদেষ্টা (প্রোৎতুপোদেষ্‌টা) [প্রতি —উপদেষ্টা] বিণ, প্রত্যুপদেশদাতা।

প্রত্যুপবেশন (প্রোৎতুপোবেশন্) [প্রতি —উপবেশন] বি, কোন বিষয় প্রাপ্তির কামনায় স্থিরভাবে উপবেশন। প্র—"প্রিয়া- মুজ! প্রত্যুপবেশন করিলে হে কিসের কারণ?"—রামায়ণ (রাজ)।

প্রত্যুপহার (প্রোৎতুপোহার্) [প্রতি— উপ—হার] বি, পুং, যথাযোগ্য উপহার ; উপঢৌকনের অনুরূপ ; উপঢৌকন।

প্রত্যুপ্ত (প্রোৎতুপ্‌ত) [প্রতি—বপ্‌ (বুনান +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, রোপিত; উপ্ত ২। গ্রথিত।

প্রত্যূষ, প্রত্যুষ (প্রোৎতুষ্‌) [প্রতি—উষ্‌—উষ (উষস্‌, উষস্‌)। প্রা-বাং—পত্তুস প্র—"পত্তুস বিহানে"—শূন্যপুরাণ] বি, অহর্মুখ; প্রভাত।

প্রত্যূহ (প্রোৎতুহ) [প্রতি—উহ্‌ (তর্ক করা)+অ (কর্ম্মে—ক)] বি, পুং, বিরুদ্ধ তর্ক। ২। অন্তরায়; বিঘ্ন · প্রতিবন্ধক

প্রত্যেক (প্রোৎতেক্‌) [প্রতি (বীপ্সা) এক—অব্যয়ী] ক্রি-বিণ, ক্লী, এক এক করিয়া সমুদয়।

প্রত্যেতা (প্রোৎতেতা) [প্রতি—ই+তৃ (কর্ত্তৃ—তৃচ্‌)=প্রত্যেতৃ ১মা, ১ব] বিণ, প্রত্যয়কারী; বিশ্বাসী।

প্রথম (প্রোথম্‌) [প্রথ+অম (কর্ত্তৃ)] বিণ, আদি। ২। শ্রেষ্ঠ; মুখ্য; প্রধান।

প্রথমজ (প্রো) [প্রথম (অগ্রে) জ (যে উৎপন্ন)] বিণ, প্রথমোৎপন্ন: অগ্রে জাত। ২। জ্যেষ্ঠ: অগ্রজ।

প্রথমতঃ (প্রো) [প্রথম+তস্‌ (অস্ত্যর্থে)] অ, প্রধানতঃ। ২। অগ্রে; প্রথমে।

প্রথমসাহস (প্রোথম্‌শাহশ্‌) [প্রথম—সাহস। স্মৃতিঃ পরি:] বি, পুং, কঠিন শাস্তি। প্র—"দিবার জন্য অঙ্গীকৃত বস্তু না দিলে, রাজা তাহা দেওয়াইয়া প্রথম সাহস দণ্ড করিবেন।"—বিষ্ণুসংহিতা (বঙ্গবাসী)।

প্রথমসূত্র (প্রোথম্‌শুত্‌ত্র) বি, উপক্রম; মূলসূত্র।

প্রথমাঙ্গুলি (প্রোথমাংগুলি) [প্রথম—অঙ্গুলি] বি, স্ত্রী, বৃদ্ধাঙ্গুষ্ঠ।

প্রথমাশ্রম (প্রোথোমাস্‌স্রোম্‌) [প্রথম—আশ্রম] বি, ক্লী, শাস্ত্রোক্ত চতুর্ব্বিধ আশ্রমের মধ্যে প্রথম ব্রহ্মচর্য্যাশ্রম।

প্রথা (প্রো) [প্রথ্‌ (বিস্তৃত হওয়া)+অ (ভাবে—অঙ্‌)—আপ্‌, স্ত্রী] বি, স্ত্রী, বিস্তার। ২। নিয়ম; রীতি; পদ্ধতি।

প্রথানুসারে (প্রোথানুশারে) [প্রথা—অনুসারে] ক্রি-বিণ, রীতিমত: নিয়মানুসারে।

প্রথামত (প্রো) ক্রি-বিণ, নিয়মানুক্রমে; দস্তুরমত; পদ্ধতি-অনুযায়ী।

প্রথিত (প্রো) [প্রথ্‌ (বিস্তৃত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিস্তৃত। প্র—প্রথিত যশাঃ। ২। প্রখ্যাত: প্রসিদ্ধ। প্র—"বেণপুত্র পৃথু ভারতের অধীশ্বর হইলে তাহার নাম হইতে ভারতবর্ষই পৃথ্বী বা পৃথিবী নামে প্রথিত হয়।"—উমেশ বিদ্যারত্ন। ৩। বি, পুং, বিষ্ণু। ৪। স্বারোচিষ মনুর পুত্র।

প্রথিতনামা (প্রো) বিণ, প্রখ্যাতনামা যশস্বী; সুপ্রসিদ্ধ।

প্রথিতযশাঃ (প্রো, জ) বিণ, প্রখ্যাত কীর্ত্তিমান।

প্রথিমা (প্রো) [পৃথু (বৃহৎ)+ইমন্‌ (ভাবে)=প্রথিমন্‌ ১মা, ১ব] বি, পুং, বিস্তার। ২। স্থূলত্ব; পৃথুত্ব।

প্রথিষ্ঠ (প্রোথিষ্‌ট) [পৃথু (বৃহৎ)+ইষ্ঠ (অতিশয়ার্থে)—উ—লোপ] বিণ, অতিশয় বৃহৎ; প্রকাণ্ড। ২। অতিস্থূল।

প্রথীয়ান (প্রোথিআন্‌) [পৃথু (বৃহৎ)+ঈয়স্‌ (অতিশয়ার্থে)=প্রথীয়স্‌ ১মা, ১ব বিণ, অতিশয় স্থূল। ২। অত্যন্ত বড়।

প্রদ (প্রো) [প্র—দা (দানকরা)+অ (কর্ত্তৃ—ড)] বিণ, যে দান করে। দাতা।

প্রদক্ষিণ (প্রোদোক্‌খিন্‌) [প্র—দক্ষিণ, অব্যয়ী। বাং-প্রাকৃ—পদখিন। প্র—"সত সত পদখিন করেন্ত রাজা রাণী।"—শূন্যপুরাণ] বি, ক্লী, দেবতা বা পূজ্য ব্যক্তির দক্ষিণদিক্‌ হইতে চতুর্দ্দিকে ভ্রমণ; পরিক্রমণ। ২। উপাসনা; বন্দনা।

প্রদত্ত (প্রোদত্‌ত) [প্র—দা (দান করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা দান করা হইয়াছে; অর্পিত।

প্রদর (প্রোদর্‌) [প্র—দৃ (বিদারণ করা)+অ (ভাবে—অল্‌)] বি, স্ত্রীরোগবিশেষ।

প্রদর্শক (প্রোদর্শক্‌) [প্র—দৃশ্‌ (দর্শন করা) +অ (কর্ত্তৃ)] বিণ, প্রদর্শনকারী। ২। [প্র—দৃশ্‌+ণিচ=প্রদর্শি+অক] যে প্রদর্শন করায়; যে দেখায়। প্র—পথপ্রদর্শক। স্ত্রী, প্রদর্শিকা।

প্রদর্শন (প্রো, ন্‌) [প্র—দৃশ্‌+অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, বিশেষভাবে দর্শন; পর্য্যবেক্ষণ। ২। [প্র—দৃশ্‌+ণিচ=দর্শি+অন (ভাবে—অনট্‌)] দর্শন করান; দেখান; উল্লেখ করা। বিণ, প্রদর্শিত।

প্রদর্শনী (প্রোদর্শোনি) বি, বহুস্থানের বিবিধ বিচিত্র দ্রব্যসামগ্রী যথায় সাধারণের দর্শনার্থ রক্ষিত হয়; মেলা; exhibition.

প্রদা (প্রো) [প্র—দা (দান করা)+অ (ভাবে—অঙ্‌)] বি, স্ত্রী, বিশেষ দান। ২। [কর্ত্তৃ (ড) আপ, স্ত্রী] বি, স্ত্রী, দাত্রী; প্রদায়িনী।

প্রদাতা (প্রো) বিণ, প্রদানকারী; অর্পণকারী। স্ত্রী, প্রদাত্রী।

প্রদান (প্রোদান) [প্র—দা (দান করা)+অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, সম্প্রদান; সমর্পণ। ২। বিতরণ।

প্রদায়ক (প্রো, ক) বিণ, প্রদানকারী; প্রদাতা। স্ত্রী, প্রদায়িকা।

প্রদায়ী (প্রো) [প্র (সম্যক্‌)—দা (দান করা) +ইন্‌ (কর্ত্তৃ—ণিন্‌)=প্রদায়িন্‌ ১মা, ১ব] বিণ, সম্প্রদানকারী; প্রদানকর্ত্তা; অর্পণকারী। স্ত্রী, প্রদায়িনী।

প্রদিক্‌ (প্রো) [প্র—দিশ্‌ (ভেদ করা)+ক্বিপ্‌ (কর্ত্তৃ) যে দুই দিকের ভেদ করে] বি, স্ত্রী, দক্ষিণ পশ্চিম বা উত্তর পূর্ব্ব কোণ; বিদিক্‌।

প্রদিগ্ধ (প্রো) [প্র—দিহ্‌ (লেপন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, লিপ্ত। ২। মিশ্রিত।

প্রদিগ্ধমাংস—উপযুক্ত মসলাসহ ঘৃত এবং দধিতে সিদ্ধ মাংসের ব্যঞ্জনবিশেষ।

প্রদিষ্ট (প্রোদিষ্‌ট (প্র—দিশ্‌ (নির্দ্দেশ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নির্দ্ধারিত; নিরূপিত। ২। প্রদত্ত।

প্রদীপ (প্রোদীপ) [প্র—দীপ্‌ (দীপ্তি পাওয়া) +অ (কর্ত্তৃ—অচ্‌) বাং-প্রাকৃ—পদীপ। প্র—"মহীগন্ধ আদি পাসান জগলাদি, দধি পদীপ সুচারু চামরে।"—শূন্যপুরাণ] বি, পুং, দীপ। ২। দীপ্তি; প্রভা; আলোক। ৩। বিণ, প্রধান; শ্রেষ্ঠ। ৪। প্রকাশক। প্র—"সপ্তদ্বীপ মাঝে ধন্য ধন্য জম্বুদ্বীপ। তাহাতে ভারতবর্ষ ধর্ম্মের প্রদীপ।"—অন্নদামঙ্গল।

প্রদীপক (প্রো, ক্‌) বিণ, আলোকপ্রদ; দীপ্তিজনক; উদ্ভাসক। ২। উদ্দীপক। ৩। প্রকাশক।

প্রদীপন (প্রো, ন্‌) [প্র—দীপ্‌+অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, দীপ্তকরণ; উজ্জ্বলকরণ। ২। প্রকাশকরণ। ৩। অগ্নির ন্যায় উজ্জ্বলবর্ণ স্থাবর বিষবিশেষ।

প্রদীপ্ত (প্রো) [প্র—দীপ্‌+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রভাময়; আলোকবিশিষ্ট। ২। প্রকাশিত।

প্রদীপ্তি (প্রো) বি, ঔজ্জ্বল্য; দ্যুতি। ২। শোভা; শ্রী।

প্রদৃপ্ত (প্রো) বিণ, দৃপ্ত; গর্ব্বিত; অহঙ্কৃত।

প্রদেয় (প্রো) [প্র—দা (দান করা)+য (কর্ম্মে)] বিণ, বিতরণযোগ্য।

প্রদেশ (প্রদেশ্‌) [প্র—দিশ্‌+অ (অধি—ঘঞ্‌)] বি, পুং, দেশের এক অংশ; জিলা। ২। একাংশ; একদেশ। ৩। বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্রভাগ হইতে তর্জ্জনীর অগ্রভাগ পর্য্যন্ত পরিমাণ; প্রাদেশ। ৪। স্থান।

প্রদেশন (প্রো, ন্‌) [প্র—দিশ্‌+অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, দান। ২। [কর্ম্মে—অনট্‌)] উপঢৌকন; ভেট; উপহার। ৩। [করণে—অনট্‌] উপায়। ৪। আজ্ঞা।

প্রদেশনী, প্রদেশিনী (প্রো) [প্র—দিশ্‌ +অন (করণে—অনট্‌)—ঈপ্‌, স্ত্রী] বি, স্ত্রী, তর্জ্জনী অঙ্গুলি।

প্রদেহ (প্রো) [প্র—দিহ্ (লেপন করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, মলম; প্রলেপ।

প্রদোষ (প্রো, ষ) [প্র (আরম্ভ হয়) দোষা (রাত্রি) যে সময়ে—বহু] বি, পুং, সায়ংকাল; সন্ধ্যা; রজনীমুখ।

প্রদোষকাল (প্রোদোষ্‌কাল্) বি, সায়ংকাল; প্রদোষ। প্র—"প্রভাতে প্রদোষকালে, পাখী-কুল দলে দলে, কল কল স্বরচ্ছলে করে যার উপাসনা।"—ব্রহ্মসঙ্গীত।

প্রদ্যোতিত (প্রোদ্যু) বিণ, আলোকিত; উদ্ভাসিত; আভাময়। ২। প্রকাশিত।

প্রদ্যুম্ন (প্রোদ্দুম্‌ন) [প্র (প্রবল) দ্যুম্ন (শক্তি) যাহার, বহু] বি, পুং, রুক্মিণীতনয়; কন্দর্প।

প্রদ্যোত (প্রোদ্দোত্) [প্র (প্রধান) দ্যুত্ (দীপ্তি) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, দীপ্তি; ঔজ্জ্বল্য। ২। আভা; আলোক; কিরণ।

প্রদ্যোতন (প্রোদ্দোতন্) [প্র—দ্যুত্ (দীপ্তি পাওয়া) +অন (কর্ত্তৃ—অনট্)] বিণ, দ্যোতনশীল। ২। সূর্য্য। ৩। [ভাবে—অনট্] বি, পুং, দীপ্তি।

প্রদ্যোতিত (প্রোদ্দো) [প্র—দ্যুত্ +ণিচ্ =দ্যোতি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রদ্যুতিত দ্রঃ।

প্রদ্রব (প্রো) [প্র—দ্রু (গমন করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, স্থানান্তরে গমন। ২। প্রশস্ত গমন; প্রকৃষ্টগতি। ৩। ধাবন; দ্রুতগমন। ৪। পলায়ন; প্রস্থান।

প্রদ্রাব (প্রোদ্রাব্) [প্র—দ্রু (গমন করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, [প্রদ্রব দ্রঃ।

প্রদ্রুত (প্রোদ্‌দ্রুত) [প্র—দ্রু (গমন করা) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রস্থিত। ২। ধাবিত।

প্রদ্বিষ (প্রোদ্‌দিষ্) বিণ, বিদ্বেষকারী; ঈর্ষাপরবশ।

প্রদ্বেষী (প্রোদ্দেষী) বিণ, হিংসাকারী; দ্বেষকারী।

প্রদ্বেষ্টা (প্রোদ্দেষ্‌টা) বিণ, ঈর্ষাপরবশ; হিংসাকারী। ২। হেয়জ্ঞানকারী। স্ত্রী, **প্রদ্বেষ্ট্রী**।

প্রধন (প্রোধন্) বিণ, বহুধনশালী; প্রকৃষ্ট ধনবান্। ২। বি, বধ; হত্যা। ৩। রণ; যুদ্ধ।

প্রধর্ষণা (প্রো) বি, আক্রমণ; ধর্ষণ।

প্রধান (প্রোধান্) [প্র—ধা (ধারণ করা) + অন (কর্ত্তৃ—অনট্)] বি, ক্লী, সাকার জগতের আদি বীজ; পরমেশ্বর; পরমাত্মা। ২। ত্রিগুণস্বরূপা প্রকৃতি। ৩। মন্ত্রী; অমাত্য। ৪। অধিনায়ক; পরিচালক; মণ্ডল। ৫। সেনানায়ক; সৈন্যাধ্যক্ষ। ৬। বুদ্ধি; জ্ঞান। ৭। যুদ্ধ; রণ। ৮। বিণ, শ্রেষ্ঠ।

প্রধানতঃ (প্রো) [প্রধানতস্] ক্রি-বিণ, সর্ব্বোপরি; বিশেষতঃ।

প্রধানতম (প্রোধান) বিণ, সর্ব্বপ্রধান; শ্রেষ্ঠতম।

প্রধানতা (প্রো) বিণ, শ্রেষ্ঠত্ব; প্রাধান্য।

প্রধানধাতু (প্রোধান্) [প্রধান (শ্রেষ্ঠ) যে ধাতু, কর্ম্মধা] বি, পুং, শুক্র; বীর্য্য।

প্রধানাঙ্গ (প্রো) [প্রধান—অঙ্গ] বি, উত্তমাঙ্গ; মস্তক। ২। রাজতন্ত্রের প্রধান পুরুষ। ৩। শ্রেষ্ঠ অবয়ব। ৪। প্রধান উপকরণ।

প্রধি (প্রো) [প্র (প্রকৃষ্ট)—ধা (ধারণ করা) +ই (অধি—কি)] বি, পুং, নেমি; রথচক্রের প্রান্ত।

প্রধী (প্রো) [প্র (প্রধান) ধী (বুদ্ধি) যাহার, বহু] বিণ, প্রখর বুদ্ধিমান্; তীক্ষ্ণধীমান। ২। [কর্ম্মধা] স্ত্রী, তীক্ষ্ণবুদ্ধি।

প্রধূপিত (প্রো) [প্র—ধূপ্ (সন্তপ্ত করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে সন্তপ্ত করা হইয়াছে; সন্তাপপ্রাপ্ত। ২। [কর্ত্তৃ—ক্ত] উজ্জ্বল; প্রদীপ্ত। স্ত্রী, **প্রধূপিতা**—ক্লেশযুক্তা; ক্লিষ্টা; সন্তাপিতা। ২। সূর্য্যের গতিপথ।

প্রধূমিত (প্রো) [প্র (প্রবল) ধূম (ধোঁয়া) +ইত (যুক্তার্থে)] বিণ, ধূমায়িত; জ্বলনোন্মুখ।

প্রধৃষ্ট (প্রো) বিণ, উদ্ধত; দাম্ভিক; অহংকৃত। স্ত্রী, **প্রধৃষ্টা**।

প্রধৃষ্য (প্রো) [প্র—ধৃষ্ (ধর্ষণ করা) +য (কর্ম্মে—ক্যপ্)] বিণ, ধর্ষণযোগ্য; পরাজেয়।

প্রধ্মাত (প্রোদ্‌ধাঁ) [প্র—ধ্মা (শব্দ করা, অগ্নি সংযোগ করা) +(কর্ম্মে—ক্ত)] বিণ, ধ্বনিত; মুখরিত; শব্দায়মান। ২। বায়ুপূরিত; যাহাতে ফুঁ দেওয়া হইয়াছে। ৩। বায়ু-পূরণ জন্য শব্দায়মান; যাহা ফুঁ দিয়া বাজান হইয়াছে। ৪। আলোকিত; প্রজ্বালিত।

প্রধ্মাপিত (প্রোদ্‌ধাঁ) [প্র—ধ্মা +ণিচ্= ধ্মাপি (শব্দ করান) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, শব্দিত; মুখরিত; বাদিত।

প্রধ্বংস (প্রোদ্ধংশ) বি, প্রনষ্ট দ্রঃ।

প্রধ্বংসী (প্রোদ্ধোংশি) বিণ, উচ্ছেদকারী; বিনাশজনক; বিলোপকারী। স্ত্রী, **প্রধ্বংসিনী**।

প্রনর্ত্তিত (প্রোনোর্ত্তিত) বিণ, যাহাকে নাচান হইয়াছে।

প্রনষ্ট (প্রো) [প্র—নশ্ (নষ্ট হওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিনষ্ট; ধ্বংসপ্রাপ্ত। ২। মৃত।

প্রপঞ্চ (প্রোপনচ) [প্র—পন্চ্ (বিস্তৃত হওয়া) +অ (অল্)] বি, পুং, বিস্তার। প্র—"আশু যা ঘটিবে, এ প্রপঞ্চরূপে দেব দেখালে তোমারে।"—মেঘনাদ। ২। রচনার বাগ্‌বাহুল্য। ৩। সমূহ। ৪। মায়া। প্র—"না পারি বুঝিতে কিছু; চঞ্চল হইনু এ প্রপঞ্চ দেখি, সখে কহো না আমারে।" —মেঘনাদ। ৫। সংসার। ৬। ভ্রম; ভুল। প্র—"কত মুখ কত জন বেতাল ভৈরবগণ ভাঙ্গ খেয়ে ভোজনে প্রপঞ্চ।"—অন্নদামঙ্গল। ৭। বঞ্চনা। ৮। অসত্য; মিথ্যা। প্র—"তোমারে না ভুলাইব প্রপঞ্চ বচনে।"—মহা-কালী।

প্রপঞ্চময় (প্রো) বি, ভ্রমপূর্ণ; মায়াময়। ২। শঠতাপূর্ণ; প্রতারণাময়।

প্রপঞ্চিত (প্রোপোন্‌চিত) [প্রপঞ্চ (বিস্তার) +ইত (যুক্তার্থে)] বিণ, বিস্তারযুক্ত; বিস্তীর্ণ। ২। ভ্রান্তিমান; ভ্রমসঙ্কুল। বি, **প্রপঞ্চন**।

প্রপতন (প্রো, ন্) [প্র—পত্ (পতিত হওয়া) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বিশেষভাবে পতন; অধোগমন। ২। বিনাশ; নিধন; মরণ।

প্রপথ (প্রো) [প্র—পথ্ (গমন করা) + অ] বিণ, শ্লথ; শিথিল; ঢিলা।

প্রপদ (প্রোপদ্) [প্র (অগ্র)—পদ (পা)] বি, ক্লী, পদের অগ্রভাগ; পদপ্রান্ত।

প্রপন্ন (প্রোপন্ন) [প্র—পদ্ +ত (কর্ম্মে—ক্ত) দ্—ত=ন্ন] বিণ, শরণাপন্ন; আশ্রয়-প্রার্থী; শরণাগত। ২। যাহা পাওয়া গিয়াছে; লব্ধ; প্রাপ্ত।

প্রপবণ (প্রো, ন্) বি, শোধন; শুচিকরণ; পরিষ্করণ।

প্রপর্ণ (প্রো) বি, পতিত বৃক্ষপত্র।

প্রপা, প্রপান (প্রো, ন্) [প্র—পা (পান করা) +অ (অপাদানে—অঙ্) যাহা হইতে জলপান করা হয়] বি, স্ত্রী, পানীয়শালা; যথায় পানীয় বিতরিত হয়; জলসত্র।

প্রপাঠক (প্রো, ক্) বি, পুং, বেদের অংশ-বিশেষ।

প্রপাত (প্রোপাত্) [প্র—পত্ (পতিত হওয়া) +অ (ঘঞ্)] বি, পুং, পর্ব্বতের উচ্চস্থান; ভৃগুদেশ। ২। পর্ব্বতের ভৃগুদেশ হইতে নির্ঝরের পতন; জলপ্রপাত; waterfall.

প্রপানক (প্রো, ক্) [প্র—পা (পান করা) +অন (কর্ম্মে—অনট্) =পান (পানীয় দ্রব্য) +ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, চিনি,

মরিচ, কর্পূরাদি মিশ্রিত সিদ্ধ কাঁচা আমের পানা বা সরবৎ।

প্রপায়ী (প্রো) [প্র—পা (পান করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) য আগম=প্রপায়িন্ ১মা, ১ব] বিণ, রক্ষক; রক্ষাকারী। ২। পানকারী।

প্রপিতামহ (প্রোপিতামোহ) [প্র (প্রধান) যে পিতামহ (কর্ম্মধা)] বি, পুং, প্রজাপতি; লোকপিতামহ ব্রহ্মা। ২। পিতামহের পিতা। স্ত্রী, **প্রপিতামহী**—পিতামহের জননী।

প্রপূরণ (প্রো, ন্) বি, সম্পূরণ।

প্রপূরিত (প্রো) [প্র—পূর্ (পূর্ণ হওয়া)+ত (কর্ম্মে)] বিণ, পূরিত; পরিপূর্ণ।

প্রপৌত্র (প্রো) [প্র (পশ্চাৎ) পুত্র+অ (অপত্যার্থে) অণ্] বি, পুং, পৌত্রের পুত্র; পুত্রের পৌত্র। স্ত্রী, **প্রপৌত্রী**—পুত্রের পৌত্রী।

প্রফুল্ল (প্রো) [প্র—ফুল্ল (প্রস্ফুটিত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিকসিত; উৎফুল্ল; ফুটন্ত। প্র—"পরিমল প্রচুর প্রফুল্ল পদ্মমালা।"—ঘনরাম। ২। প্রসন্ন। ৩। হাস্যময়; সহাস্য।

প্রফুল্লকর (প্রো, র্) বি, হর্ষজনক; আনন্দপ্রদ।

প্রফুল্লচিত্ত (প্রো) বিণ, প্রসন্নচিত্ত; উৎফুল্লহৃদয়।

প্রফুল্লতা (প্রো) বি, হৃষ্টতা; প্রসন্নতা।

প্রফুল্লবদন (প্রো, ন্) বিণ, প্রসন্নমুখ; সহাস্য-আনন।

প্রফুল্লান্তঃকরণ (প্রোফুল্লান্তক্করন্) বিণ, হৃষ্টচিত্ত; প্রফুল্লহৃদয়।

প্রফেসর (প্রোফেসর্) [ইং—professor] বি, উচ্চবিদ্যালয়ের উপাধ্যায়; কলেজের অধ্যাপক।

প্রবচন (প্রো, ন্) [প্র—বচ্+অন (কর্ম্মে—অনট্)] বি, ক্লী, জনশ্রুতি; প্রবাদ। ২। [প্রকৃষ্ট বচন যে শাস্ত্রে, বহু] বি, ক্লী, বেদাদি শাস্ত্র। বিণ, **প্রবচনীয়**।

প্রবঞ্চক (প্রোবন্চক্) [প্র—বন্চ্+ণিচ=বঞ্চি (বঞ্চনা করা)+অক (কর্ত্তৃ)] বি, পুং, বঞ্চক; ধূর্ত্ত; শঠ; প্রতারক।

প্রবঞ্চন (প্রোবন্চন) [প্র (বিশেষরূপে) বঞ্চন (প্রতারণ)] বি, ক্লী, ছলন; প্রতারণ। স্ত্রী, **প্রবঞ্চনা**—প্রতারণা। বিণ, **প্রবঞ্চিত**।

প্রবণ (প্রোবন্) ["প্রবণং ক্রমনিম্নোর্ব্ব্যাং * * চতুষ্পথে"—অমর] বিণ, নম্র; বিনীত। ২। আসক্ত; রত। ৩। নত। ৪। ক্রম-নিম্ন। ৫। অভিমুখ। ৬। উন্মুখ। ৭। অনুকূল। ৮। ত্বরিত। ৯। দক্ষ; নিপুণ। ১০। সমর্থ। প্র—"সহস্র সবিতা সম অশেষ আপদ তম পাপরাশি নাশিতে প্রবণ।"—ঘনরাম। ১১। মধ্যাহ্ন হইতে সায়ংকাল পর্য্যন্ত সূর্য্যের পথ।

প্রবণতা (প্রো) বি, ঝোঁক। ২। অনুকূলতা। প্র—"ধার্ম্মিকতা, বান্ধবের কার্য্য সাধনেতে। প্রবণতা থাকাই মিত্রতা এ বিশ্বেতে॥"—রামায়ণ (রাজ)।

প্রবন্ধ (প্রো) [প্র—বন্ধ্ (বন্ধন করা)+অ (কর্ম্মে—অল্)] বি, পুং, সন্দর্ভ; রচনা। ২। পরস্পর অন্বয়যুক্ত বাক্যাবলী। ৩। প্রকৃষ্ট বন্ধন। ৪। কৌশল। প্র—"যতেক প্রবন্ধ করে নিশাচরগণে। ব্রহ্মাবরে নিদ্রা যায় কিছু নাহি জানে॥"—কৃত্তিবাস। ৫। যোগাযোগ। ৬। আরম্ভ। প্র—"আজ্ঞা মালা পাঞা মোর হইল আনন্দ। তাঁহাই গ্রন্থের তবে করিল প্রবন্ধ॥"—চৈতন্যচরিত।

প্রবন্ধকার (প্রো, র্) বিণ, প্রবন্ধরচয়িতা; সন্দর্ভলেখক।

প্রবয়াঃ (প্রো) [প্র (গত) হইয়াছে বয়স (জীবিতকাল) যাহার, বহু] বি, পুং, অতিবৃদ্ধ; প্রবীন; স্থবির।

প্রবর (প্রো) [প্র—বৃ (বরণ করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বি, ক্লী, গোত্র প্রবর্ত্তনকারী। ২। সন্ততি। ৩। গোত্র প্রবর্ত্তক মুনি। প্র—"কিবা গোত্র কয় বা প্রবর বর কহ"—অন্নদামঙ্গল ৪। [প্র (উত্তম) বর (শ্রেষ্ঠ)] বিণ, অত্যুত্তম। ৫। ক্লী, অগুরু চন্দন। ৬। ইন্দ্রের সহচরবিশেষ। প্র—"ইন্দ্রের বচনে অনুমতি দিলা হর। অঞ্জলি করিয়া পাণ লইল প্রবর।"—কবিকঙ্কণ। ৭। অত্যুৎকৃষ্টতা; উজ্জ্বল; আভা। প্র—"নির্ম্মল কাঞ্চন জিনি চরণের আভা। রত্নের প্রবর জিনি পালকের শোভা॥"—কবিকঙ্কণ। ৮। সকলের বরণীয় বলিয়া শিব।

প্রবর্ত্তক (প্রো, ক্) [প্র—বৃৎ (থাকা)+ণিচ্=বর্ত্তি+অক (কর্ত্তৃ)] বিণ, প্রবর্ত্তনকারী; প্রবৃত্তিকারক। ২। প্রণেতা। ৩। প্রদর্শক।

প্রবর্ত্তন (প্রো, ন্) [প্র—বৃৎ+ণিচ্=বর্ত্তি+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রবর্ত্তনা; নিয়োজন। ২। [প্র—বৃৎ+অনট্—ভাবে] আরম্ভ; উপক্রম; সূত্রপাত। স্ত্রী, **প্রবর্ত্তনা**—প্রেরণা। ২। উত্তেজনা।

প্রবর্ত্তনশীল (প্রোবরত্‌নশীল্) বিণ, প্রবর্ত্তক।

প্রবর্ত্তমান (প্রো, ন্) [প্র—বৃৎ+আন (কর্ত্তৃ, আনশ্)] বিণ, প্রবর্ত্তনশীল; যে কোন কর্ম্মে প্রবৃত্ত হইতেছে।

প্রবর্ত্তয়িতা (প্রো) [প্র—বৃৎ+ণিচ=প্রবর্ত্তি+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=প্রবর্ত্তয়িতৃ ১মা, ১ব] বিণ, যে কোন কার্য্যের সূত্রপাত করে; কার্য্যারম্ভক; প্রবর্ত্তনকারী।

প্রবর্ত্তিত (প্রো) [প্র—বৃৎ+ণিচ্=প্রবর্ত্তি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, আরব্ধ। ২। উৎপাদিত। ৩। উত্তেজিত। ৪। প্রত্যাবর্ত্তিত; বদল করা। ৫। নিয়োজিত।

প্রবর্ত্তী (প্রো) [প্রবর্ত্ত+ইন্ (অস্ত্যর্থে)=প্রবর্ত্তিন্ ১মা, ১ব] বিণ, প্রবৃত্ত; নিযুক্ত।

প্রবল (প্রো, ল্) [প্র (প্রচুর) বল (সামর্থ্য) যাহার, বহু] বিণ, বিশিষ্ট বলশালী; অতি বলবান্। স্ত্রী, **প্রবলা**—প্রসারিণী। ২। বিণ, অতিবলবতী।

প্রবলতা (প্রো) বি, বলবত্তা; শক্তিমত্তা।

প্রবলপরাক্রম (প্রোবল্‌পরাক্‌ক্রোম্) বিণ, শক্তিশালী; প্রভূত বিক্রমশালী; প্রবলবিক্রম।

প্রবলপরাক্রান্ত (প্রোবল্‌পরাক্‌ক্রানতো) বিণ, মহা ক্ষমতাশালী; বিপুল বিক্রান্ত।

প্রবলপ্রতাপ (প্রোবল্‌প্রোতাপ) বি, বিপুল বিক্রম।

প্রবলপ্রতাপান্বিত (প্রোবল্‌প্রোতাপান্নিত) বিণ, প্রভূতশক্তিশালী; অত্যন্তপ্রভাবান্বিত।

প্রবলবিক্রম (প্রোবলবিক্‌ক্রম্) বি, পুং, বিপুলশক্তি; প্রবলপ্রতাপ।

প্রবলানুরাগ (প্রো, গ্) বি, পুং, অতি প্রীতি; সাতিশয় আনুরক্তি।

প্রবলানুরাগী (প্রো) [প্রবল—অনুরাগিন্ শব্দ] বিণ, অত্যন্ত অনুরক্ত; অতিশয় আসক্ত। স্ত্রী, **প্রবলানুরাগিণী** বি, **প্রবলানুরাগিতা**।

প্রবর্দ্ধন (প্রো) [প্র—বৃধ্ (বৃদ্ধি পাওয়া)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সম্বর্দ্ধন। বিণ, **প্রবর্দ্ধক**।

প্রবহ (প্রো) [প্র—বহ্ (বহন—করা)+অ (ভাবে)] বি, পুং, স্রোতঃ; প্রবাহ। ২। সপ্তবায়ুর অন্তর্গত বায়ুবিশেষ। ৩। গৃহ নগরাদি হইতে বহির্গমন।

প্রবহণ (প্রো, ন্) [প্র+অন (করণে—অনট্)] বি, ক্লী, জলযান। ২। আচ্ছাদনযুক্ত গাড়ী, পাল্কী প্রভৃতি। ৩। [ভাবে—অনট্] স্রোত; প্রবাহ।

প্রবহণশীল (প্রোবহনশীল্) বিণ, যাহা প্রবাহিত হইতেছে।

প্রবর্হ (প্রো) [প্র—বৃহ (বৃদ্ধি পাওয়া)+অ (ভাবে—অল্)] বিণ, প্রবীন। ২। প্রধান।

প্রবহ্লিকা (প্রো) [প্র—বল্হ্ (বলা)=প্রবহ্ল+ক, আপ্—স্ত্রী] বি, স্ত্রী, প্রহেলিকা।

প্রবাক্ (প্রো) [প্র—বচ্ (বলা) + ক্বিপ (কর্ত্তৃ)] বিণ, যাহার উত্তমরূপ বক্তৃতাশক্তি আছে; বাগ্মী।

প্রবাচক (প্রো, ক্) [প্র—বচ্ (বলা) + অক (কর্ত্তৃ)] বিণ, উৎকৃষ্ট বক্তা; সুবক্তা।

প্রবাচ্য (প্রোবাচ্চ) [প্র—বচ্ + য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, সম্যক্ বক্তব্য; বিশেষ কথনীয়।

প্রবাত (প্রোবাত্) [প্র (প্রকৃত) বাত (বায়ু) যেখানে, বহু] বিণ, বিশুদ্ধবায়ু। ২। প্রবল বায়ু।

প্রবাদ (প্রোবাদ্) [প্র (বিশেষ)—বদ্ (বলা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, পরম্পরাগত বাক্য; জনরব; লোককথা; জনশ্রুতি। ৩। নিন্দা; কুৎসা; অপবাদ।

প্রবাদবাক্য (প্রোবাদ্‌বাক্ক) বি, জনশ্রুতি; পরম্পরাগত বাক্য; প্রবাদ বচন।

প্রবারণ (প্রোবারন্) [প্র—বৃ (বরণ করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, অভীষ্টদান, কামাদান। ২। নিবারণ; মানা; নিষেধ।

প্রবাল (প্রোবাল্) [প্র—বল + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে, ঘঞ্)] বি, পুং, ক্লী, বিদ্রুম; সমুদ্রজাত রক্তবর্ণ রত্ন; মতান্তরে, উপরত্ন-বিশেষ; পলা। ২। বীণাদণ্ড। ৩। নবীন পল্লব।

প্রবালকীট (প্রোবাল্‌কীট্) বি, পুং, সামুদ্রিক কীটবিশেষ; ইহার অস্থি রত্ন, মতান্তরে উপরত্ন বলিয়া গণ্য হয়।

প্রবালদ্বীপ (প্রোবাল্‌দীপ্) বি, প্রবালকীটের দেহাবশেষ ক্রমশঃ জমাট বাঁধিয়া যাহা দ্বীপে পরিণত হয়; পলাদ্বীপ; coral island.

প্রবালফল (প্রোবাল্‌ফল্) [প্রবালের মত রক্তবর্ণ ফল যাহার, বহু] বি, ক্লী, রক্তচন্দন।

প্রবাস (প্রোবাশ্) [প্র—বস্ (বাস করা) + অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, ভিন্ন দেশে অবস্থান। ২। [অধি—ঘঞ্] বিদেশ; ভিন্নদেশ।

প্রবাসন (প্রোবাশন্) [প্র—বস্ + ণিচ্ = বাসি (বাস করান) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নির্ব্বাসন। ২। ভিন্ন দেশে প্রেরণ; বিদেশে বাস করান। ৩। হত্যা; বধ।

প্রবাসিত (প্রোবাশিত) [প্র—বস্ + ণিচ্ = প্রবাসি + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, নির্ব্বাসিত। ২। দেশান্তরে প্রেরিত। ২। মৃত; হত।

প্রবাসী (প্রোবাশী) [প্রবাস + ইন্ (অস্ত্যর্থে) কিম্বা প্র (দেশান্তর) বস্ (বাস করা) + ইন্ (কর্ত্তৃ, ণিন্) - প্রবাসিন্ ১মা, ১ব] বিণ, বিদেশবাসী। প্র—"প্রবাসী কুমার কোথা এস বলি ডাকে"—ঘনরাম। স্ত্রী,—প্রবাসিনী।

প্রবাহ (প্রো) [প্র—বহ্ (বহন করা) + (ভাবে—ঘঞ্)] বি, পুং, স্রোতঃ। ২। ক্রমিক চলন; অবিচ্ছেদ গতি। ৩। বিস্তার।

প্রবাহক (প্রোবাহক্) [প্র—বহ্ (বহন করা) + অক (কর্ত্তৃ)] বিণ, বিশেষরূপে বহনকারী।

প্রবাহ-সংঘর্ষ (প্রো) বি, স্রোতের সম্মিলন। প্র—"প্রবাহ-সংঘর্ষ নাদ দুইটী নদীর স্পষ্টরূপে শ্রুতিমূলে আসে ধীর ধীর।"—রামায়ণ (রাজ)।

প্রবাহিকা (প্রো) [প্র—বহ্ + ণিচ্ = প্রবাহি + অক, আপ্—স্ত্রী] বিণ, উদরাময়; গ্রহণী রোগ।

প্রবাহিত (প্রো) [প্রবাহ + ইত (যুক্তার্থে)] বিণ, স্রোতঃ বিশিষ্ট; প্রবাহযুক্ত।

প্রবাহী (প্রো) [প্রবাহ + ইন্ (অস্ত্যর্থে = প্রবাহিন্ ১মা, ১ব] বিণ, প্রবাহযুক্ত; স্রোত-বিশিষ্ট। স্ত্রী, প্রবাহিনী—স্রোতস্বিনী; নদী।

প্রবাহু (প্রো) বি, কনুয়ের নিম্নভাগ।

প্রবিতত (প্রো) [প্র—বি—তন্ (বিস্তার করা) + ত (কর্ম্মে—ক্ত) ন্ লোপ] বিণ, অতি বিস্তৃত।

প্রবিদারণ (প্রো, ন্) [প্র—বি—দৃ + ণিচ্ = দারি (বিদারণ করা) + অন (অধি—অনট্) যেখানে বিদীর্ণ করা হয়] বি, ক্লী, যুদ্ধ; সংগ্রাম; রণস্থল। ২। [ভাবে—অনট্] বিশেষরূপে বিদারণ। ৩। বিস্তার। ৪। প্রস্ফুটিত করণ। ৫। [কর্ত্তৃ—অন] বিণ, অতি বিদারণকারক।

প্রবিলুপ্ত (প্রো) [প্র—বি—লুপ্ (লুপ্ত হওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অদৃশ্য; বিলীন।

প্রবিষ্ট (প্রো) [প্র—বিশ্ (প্রবেশ করা) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, যে প্রবেশ করিয়াছে; যে ভিতরে গিয়াছে। ২। অভিনিবিষ্ট। ৩। অন্তর্গত।

প্রবীণ (প্রো) [বীণা + ণিচ্ = বীণি (বীণা বাজান) + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, দক্ষ; নিপুণ। ২। বহুদর্শী। ৩। বিচক্ষণ; বিজ্ঞ। ৪। বিশেষজ্ঞ। ৫। প্রাচীন। ৬। আনন্দিত। স্ত্রী, প্রবীণা। বি, প্রবীণতা, প্রবীনত্ব, প্রাবীণ্য।

প্রবীর (প্রোবির্) [প্র (বিশেষ)—বীর (শূর)] বি, পুং, সাহসী বীর; শ্রেষ্ঠ যোদ্ধা। ২। নীলধ্বজরাজপুত্র; ইঁহার মাতার নাম জনা। ২। বিণ, শ্রেষ্ঠ; প্রধান।

প্রবুদ্ধ (প্রো) [প্র—বুধ্ (জ্ঞান হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, জ্ঞানবান্; জ্ঞানী। উদ্বুদ্ধ; জাগ্রত।

প্রবৃত্ত (প্রো) [প্র—বৃৎ (থাকা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, নিযুক্ত; রত। ২। যাহা আরম্ভ করা হইয়াছে; আরব্ধ। ৩। উৎপন্ন। ৪। প্রচলিত। ৫। প্রবৃত্তিবিশিষ্ট।

প্রবৃত্তি (প্রো) [প্র—বৃৎ + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, ইচ্ছা। ২। প্রবণতা; ঝোঁক। ৩। গতি। ৪। উৎপত্তি। ৫। ব্যাপার। ৬। প্রবাহ।

প্রবৃত্তিজ্ঞ (প্রোবৃৎতিগ্‌গঁ) [প্রবৃত্তি—জ্ঞ (যে জানে)] বি, পুং, বার্ত্তাবহ; সংবাদ-বাহক; দূত।

প্রবৃত্তিমার্গ (প্রো) বি, সংসারের পথ।

প্রবৃদ্ধ (প্রো) [প্র—বৃধ্ (বর্দ্ধিত হওয়া) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, অতিশয় বৃদ্ধিশীল। ২। প্রাচীনতম; অতি বৃদ্ধ। ৩। বিস্তৃত।

প্রবেণি, ণী (প্রো) বি, স্ত্রী, চুলের বিনন। ২। করী পৃষ্ঠের আস্তরণ।

প্রবেট (প্রোবেট) [ইং—probate] বি, আদালতের মঞ্জুর-করা উইলের নকল।

প্রবেশ (প্রোবেশ্) [প্র—বিশ্ (প্রবেশ করা) + অ (ভাবে, অল্)] বি, পুং, অভ্যন্তরে নিবেশ; মধ্যে যাওয়া। ২। [করণে—অল্] যাহা দ্বারা প্রবেশ করা যায়; পথ।

প্রবেশক (প্রোবেশক্) [প্র—বিশ্ + অক্ (কর্ত্তৃ)] বিণ, প্রবেশকারী; অভ্যন্তরগামী।

প্রবেশন (প্রো) [প্র—বিশ + অন (করণে—অনট্)] বি, ক্লী, প্রধান দ্বার; সিংহদ্বার।

প্রবেশাধিকার (প্রো, র্) [প্রবেশের অধিকার, ৬তৎ] বি, ভিতরে যাইবার স্বত্ব।

প্রবেশানুমতি (প্রো) [প্রবেশের অনুমতি, ৬তৎ] বি, প্রবেশের আজ্ঞা; ভিতরে যাইবার আদেশ।

প্রবেশিকা (প্রো) [প্র—বিশ্ + ণিচ্ + ক, আপ্—স্ত্রী] বি, স্ত্রী, যাহা দর্শন করাইয়া প্রবেশ করা যায়; টিকিট। ২। প্রথম।

প্রবেশিত (প্রো) [প্র—বিশ্ + ণিচ্ = প্রবেশি (মধ্যে যাওয়ান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে প্রবেশ করান হইয়াছে।

প্রবেশ্য (প্রোবেশ্‌শ) [প্র—বিশ্ (প্রবেশ করা) + য (কর্ম্মে ঘ্যণ্)] বিণ, প্রবেশযোগ্য।

প্রবেষ্টা (প্রো) [প্র—বিশ্ (প্রবেশ করা) + তৃ (কর্ত্তৃ, তৃচ্)। তৃ = টৃ = প্রবেষ্টৃ ১মা, ১ব] বিণ, প্রবেশকর্ত্তা; যে প্রবেশ করিয়াছে। প্র—"মন্দিরমধ্যে মনুষ্যই বা কে আছে, দেবই বা কি মূর্ত্তি, প্রবেষ্টা তাহার কিছুই দেখিতে পাইলেন না।"—দুর্গেশনন্দিনী।

প্রবোধ (প্রোবোধ্) [প্র—বুধ্ (বোধ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, সান্ত্বনা। প্র—"রণ করি কারে বল করিলে প্রবোধ।"—কাশী-মহা-মুষল। ২। জ্ঞান। ৩। বিকাশ।

প্রবোধন (প্রো, ন্) [প্র—বুধ্ + ণিচ = বোধি (বোধ করান) + অন (ভাবে—অনট্ ;] বি, ক্লী, জ্ঞাপন। ২। সান্ত্বনা দান। ৩। উত্তেজনা। ৪। জাগ্রতকরণ।

প্রবোধবাড়ি (প্রোবোধ্) [প্রবোধ উৎপাদক বাড়ি (যষ্টি), প্রা-বাং] বি, চাবুক। প্র—"হাতেতে প্রবোধ-বাড়ি"—মহা-কালী-আদি।

প্রবোধা (প্রো [প্রবোধ শব্দ হইতে আ যোগে ক্রিয়া রূপ। উ-পু—প্রবোধি। ম-পু—প্রবোধ। প্র-পু—প্রবোধে। অস-ক্রি—প্রবোধিতে ; প্রবোধিয়া] ক্রি, প্রবোধ দান করা। **প্রবোধিছি**—প্রবোধ দিয়াছি। প্র—"ও পদ দর্শন ফলে প্রবোধিছি মন।"—ঘনরাম। **প্রবোধিল**—প্র—"কুম্ভকর্ণে প্রবোধিল রামবাণে সেই মৈল দশানন করে বহু রণ।"—কবিকঙ্কণ।

প্রবোধিত (প্রো) [প্র—বুধ্ + ণিচ্ (স্বার্থে) = প্রবোধি (জাগান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, জাগরিত। প্র—"জাগিয়া কি হেতু রাজা এখনো শুইয়া প্রবোধিত হইয়াও কিসের কারণ।"—রামায়ণ (রাজ)। ২। যাহাকে সান্ত্বনা দেওয়া হইয়াছে। ৩। উত্তেজিত। ৪। বিকসিত।

প্রব্যক্ত (প্রো) [প্র—বি—অনজ্ (প্রকাশিত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, পরিস্ফুট ; সুস্পষ্ট।

প্রব্রজিত (প্রোব্ব্রোজিত) [প্র—ব্রজ্ (সর্ব্বতোভাবে গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সন্ন্যাসধর্ম্মাবলম্বী ; বৌদ্ধভিক্ষু। স্ত্রী, **প্রব্রজিতা**—তাপসী ; ভিক্ষুণী।

প্রব্রজ্যা (প্রোব্রোজ্জ্যা) বি, সন্ন্যাস। প্র—"প্রব্রজ্যা লইয়া এবে আছি তুষ্টমতি।"—রামায়ণ (রাজ)। ২। প্রবাস : দেশান্তরে বাস।

প্রব্রজ্যাবসিত (প্রোব্রোজ্জ্যাবোশিত) বি, পুং, সন্ন্যাসধর্ম্ম হইতে বিচ্যুত।

প্রব্রাজ (প্রোব্ব্রাজ্) [প্র—ব্রজ্ (গমন করা) + অ (অধি—ঘঞ্)] বি, পুং, অত্যন্ত নিম্ন দেশ। ২। [ভাবে—ঘঞ্] সন্ন্যাস।

প্রব্রাজন (প্রোব্ব্রাজন্) [প্র (সম্মুখে)—ব্রজ্ + ণিচ্ = ব্রাজি (গমন করান) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নির্ব্বাসন।

প্রব্রাজিত (প্রোব্ব্রাজিত) [প্র—ব্রজ্ + ণিচ্ = প্রব্রাজি (গমন করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নির্ব্বাসিত : বনবাসী। প্র—"অকারণ প্রব্রাজিত শ্রীরাম লক্ষ্মণে. নাশিয়া বিজয় লক্ষ্মী অর্পিব রাজনে।"—রামায়ণ (রাজ)।

প্রভঞ্জন (প্রোভনজন্) [প্র—ভনজ্ (ভগ্ন করা) + অন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, যে বৃক্ষাদি ভগ্ন করে ; ঝড়। ২। বায়ু। প্র—"মন্দ মন্দ প্রভঞ্জনে পড়য়ে কুসুম বনে পাতিলেন অঞ্চল খুলনা।"—কবিকঙ্কণ। ২। বিণ, ভঞ্জনকারী।

প্রভব (প্রোভব্) [প্র—ভূ (হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, বিক্রম ; প্রভাব। ২। নিমিত্ত ; কারণ। ৩। জন্ম ; উৎপত্তি ; ৪। [অপা—অল্, উৎপত্তি হয় যাহা হইতে] উৎপত্তি স্থান। ৫। বিণ, উৎপাদনকারী।

প্রভবান (প্রোভবান্) বিণ, প্রভু ; স্বামী। ২। সমর্থ ; শক্ত। স্ত্রী, **প্রভবতী**।

প্রভবিষ্ণু (প্রোভবিষ্‌ণু) [প্র—ভূ (হওয়া) + ইষ্ণু (কর্ত্তৃ—শীলার্থে)] বিণ, শক্তিশালী ; প্রভাবশীল। বি, **প্রভবিষ্ণুতা**।

প্রভা (প্রো) [প্র (অধিক) ভা (দীপ্তি পাওয়া) + অ (ভাবে—অঙ্)] বি, স্ত্রী, ঔজ্জ্বল্য ; কিরণ ; দীপ্তি ; তেজঃ। ২। প্রকাশ।

প্রভাকর (প্রোভাকর) বি, পুং, দিবাকর ; সূর্য্য। ২। চন্দ্র। ৩। অগ্নি। ৪। সাগর। ৫। অর্ক বৃক্ষ। ৬। বিণ, দীপ্তিমান ; উজ্জ্বল।

প্রভাকীট (প্রোভাকীট্) [প্রভা (দীপ্তিযুক্ত) কীট (পোকা)] বি, জ্যোতিরিঙ্গণ ; জোনাকিপোকা।

প্রভাত (প্রোভাত্) [প্র—ভা (দীপ্তি পাওয়া) + ত (অধি—ক্ত)] বি, ক্লী, দিবারম্ভকাল : প্রত্যূষ ; প্রাতঃকাল। ২। রাত্রিশেষের ভাব হইতে] শেষ। প্র—"আমার কার্য্য করিব বরিষা প্রভাতে"—কৃত্তিবাস।

প্রভাততপন (প্রোভাত্‌তপন্) বি, প্রাতঃ-সূর্য্য : প্রভাত রবি।

প্রভাতবায়ু (প্রোভাত্) বি, প্রাতঃসমীরণ।

প্রভাতরাগ (প্রোভাত্‌রাগ্) [প্রভাতের রাগ—৬তৎ] বি, অরুণের আভা ; রক্তিম-বর্ণ।

প্রভাতি, তী (প্রো) [প্রভাত + ই (সম্বন্ধে)] বি, প্রভাতকালে গেয় সঙ্গীত। প্র—"প্রভাতি গাইছে বিপিনে পাখী, প্রভাত প্রমোদে ঢালিয়া প্রাণ।"—কালীপ্রসন্ন ঘোষ। ২। বিণ, প্রভাতকালীন। প্র—"প্রভাতী আরতি তাঁর কর মনোমন্দিরে।"—কালীপ্রসন্ন ঘোষ।

প্রভাপ্রভু (প্রোভাপ্রোভু) [প্রভার (দীপ্তির) প্রভু (অধিপতি)—৬তৎ] বি, পুং, দিবাকর ; প্রভাকর।

প্রভাব (প্রোভাব্) [প্র—ভূ + অ (করণে —ঘঞ্)] বি, পুং, প্রভুশক্তি ; ধনাদিজনিত তেজঃ। ২। প্রতাপ। ৩। উদ্ভব ; উৎপত্তি। ৪। [ভাবে—ঘঞ্] মহিমা। ৫। শক্তি ; সামর্থ্য। প্র—সত্ত্ব রজঃ প্রভাব ক্ষণেক বিনা নয়। তমের প্রভাব দেখ চিরকাল রয়।"—অন্নদামঙ্গল। ৬। সূর্য্যপত্নী প্রভার গর্ভজাত পুত্র। ৭। স্বারোচিষ মনুর পুত্র। ৮। অষ্ট বসুর অন্যতম।

প্রভাবজ (প্রো) [প্রভাব—জ (যে জন্মে)] বি, পুং, প্রভুত্ব ; আধিপত্য ; প্রভুশক্তি।

প্রভাবতী (প্রোভাবোতী) [প্রভা (দীপ্তি) + বৎ (অস্ত্যর্থে)—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, কুমারের অনুচর মাতৃকাবিশেষ। ২। ত্রয়োদশ অক্ষর ছন্দোবিশেষ। ৩। গণদেবতার বীণা। ৪। প্রভা আছে যার ; আভাময়ী।

প্রভাবমণ্ডল (প্রোভব্‌মোন্‌ডোল্) বি, শক্তিপুঞ্জ। ২। চতুষ্পার্শ্বস্থ বা পারিপার্শ্বিক প্রভাব।

প্রভাবান (প্রো) [প্রভা (দীপ্তি) + বৎ (অস্ত্যর্থে) = প্রভাবৎ ১মা, ১ব] বিণ, প্রভা-বিশিষ্ট ; দীপ্তিশালী। স্ত্রী, প্রভাবতী।

প্রভাময় (প্রোভাময়) বিণ, আভাযুক্ত ; জ্যোতির্ম্ময় : দীপ্তিশালী। স্ত্রী, **প্রভাময়ী**।

প্রভাষ (প্রোভাষ্) [প্র (প্রকৃষ্টরূপে) ভাষ্ (কথা বলা) + অ (ভাবে—অল্)] বি, পুং, প্রকৃষ্টরূপে কথন।

প্রভাস (প্রোভাশ্) [প্র—ভাস্ (দীপ্তি পাওয়া) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—অচ্)] বি, পুং, ভারতবর্ষের পশ্চিমস্থিত তীর্থবিশেষ। চন্দ্র যক্ষ্মারোগে আক্রান্ত হইয়া এই তীর্থে স্নান করিয়া পূর্ব্ব মত প্রভাশালী হন বলিয়া এই তীর্থের নাম প্রভাস। ইহার অপর নাম সোম তীর্থ (মহাভারত)। ২। জৈনদিগের অধিপতি। ৩। কুমারের অনুচর। ৪। বসুবিশেষ। ৫। অষ্টম মন্বন্তরের দেবগণ। ৬। বিণ, প্রখর দীপ্তিশালী।

প্রভিন্ন (প্রোভিন্‌ন) [প্র—ভিদ্ + ত (কর্ত্তৃ —ক্ত)] বিণ, প্রকাশিত ; প্রস্ফুটিত। ২। বিশেষ ভেদযুক্ত। ৩। মদস্রাবী। ৪। বি, মত্তমাতঙ্গ।

প্রভু (প্রো) [প্র—ভূ (হওয়া) + উ (কর্ত্তৃ—ডু)] বি, পুং, বিষ্ণু। ২। রাজা। ৩। স্বামী। ৪। অষ্টম মন্বন্তরের দেবগণ। ৫। শব্দ। ৬। পারদ। ৭। বিণ, শক্ত ; সমর্থ। ৮। নিগ্রহ ও অনুগ্রহক্ষম। ৯। প্রধান ; শ্রেষ্ঠ।

প্রভুতা (প্রো) [প্রভু + তা (ভাবে)] বি, স্ত্রী, প্রাধান্য। ২। প্রভুত্ব ; স্বামিত্ব ; কর্ত্তৃত্ব ; আধিপত্য। ৩। প্রভাব। ৪। সামর্থ্য।

প্রভুত্ব (প্রোভুৎত) [প্রভু + ত্ব (ভাবে)] বি, ক্লী, প্রভুতা দ্রঃ।

প্রভুত্বকারী—বিণ, যে প্রভুশক্তির ব্যবহার করে স্ত্রী, **প্রভুত্বকারিণী**।

প্রভুত্বপ্রয়াসী (প্রোভুৎতপ্রোয়াশী) বিণ. কর্তৃত্বাভিলাষী। স্ত্রী. **প্রভুত্বপ্রয়াসিনী**।

প্রভুত্বসূচক (প্রোভুৎতোশুচক্) বিণ. প্রভুত্ব-ব্যঞ্জক ; কর্তৃত্ববোধক।

প্রভুপত্নী (প্রোভুপোৎনী) বি. প্রভুভার্য্যা ; কর্ত্রী ; মনিবের স্ত্রী।

প্রভুভক্ত (প্রো) [প্রভুর (স্বামীর) ভক্ত (অনুরক্ত) ৬তৎ] বিণ. প্রভুর অনুরক্ত ; স্বামি-সেবক।

প্রভুশক্তি (প্রোভুশোক্তি) [প্রভুর শক্তি—৬তৎ] বি. স্ত্রী. আধিপত্য। ২। প্রতাপ ; প্রভাব। ৩। কর্তৃত্ব।

প্রভুহন্তা (প্রো) বিণ. প্রভুহত্যাকারী ; স্বামিঘাতক। স্ত্রী. **প্রভুহন্ত্রী**।

প্রভূত (প্রো) [প্র—ভূ (হওয়া) +ত (কর্তৃ—ক্ত)] বিণ. অত্যন্ত ; অসামান্য। ২। বহুল ; প্রচুর। ৩। উচ্চ ; উন্নত। ৪। যে জন্মিয়াছে ; উৎপন্ন। বি. **প্রভূততা**।

প্রভৃতি (প্রো) [প্র—ভৃ (পোষণ করা) +তি (ভাবে—ক্তি)] বিণ. আদি ; ইত্যাদি [দ্রঃ—অন্য শব্দের পর যুক্ত হইয়া এই অর্থ প্রকাশ করে]। ২। অ. অবধি। প্র—"অতএব অদ্য প্রভৃতি আমার মাতা দাস্য হইতে মুক্ত হউন।"—মহাভারত (সিংহ)।

প্রভেদ (প্রোভেদ্) [প্র—ভিদ্+অ (ভাবে, ঘঞ্)] বি. পুং. বৈলক্ষণ্য ; পার্থক্য ; বিভিন্নতা ; বিশেষ। ২। বিধ ; প্রকার ; রকম। ৩। প্রকাশ।

প্রভেদক (প্রোভেদক্) বিণ. ভেদকারক ; ভিন্নতাকারী ; পার্থক্যসাধক।

প্রভেদনী (প্রো) [প্র—ভিদ্ (বিদারণ করা) +অন (করণে—অনট্) ঈপ—স্ত্রী] বি. স্ত্রী. ভেদকারিণী। ২। বিঁধিবার অস্ত্র ; প্রভেদিকা।

প্রভ্রংশ (প্রোব্‌ভ্রোংশ) [প্র—ভ্রন্‌শ্ (পতিত হওয়া) +অ (ভাবে—অল্)] বি. পুং. পতন ; চ্যুতি। ২। ক্ষয় ; নাশ।

প্রভ্রষ্ট (প্রোভ্রোশ্‌ট) [প্র—ভ্রন্‌স্ (পতিত হওয়া) +ত (কর্তৃ—ক্ত)] বিণ. পতিত। ২। ধ্বংসপ্রাপ্ত ; বিনষ্ট।

প্রমগ্ন (প্রো) বিণ. নিমজ্জিত ; নিমগ্ন।

প্রমনাঃ (প্রো) [প্র (আনন্দিত) হইয়াছে মনস্ (মনঃ) যাহার, বহু=প্রমনস্ ১মা, ১ব] বিণ. সন্তুষ্টমনা ; হৃষ্টচিত্ত।

প্রমতি (প্রো) [প্র—মন্ (জ্ঞান) +তি (সংজ্ঞার্থে)] বিণ. সুবুদ্ধিমান ; উত্তম বুদ্ধি-বিশিষ্ট। ২। চ্যবন মুনির পুত্র এবং রুরু মুনির পিতা। ৩। কশ্যপ বংশীয় জনৈক মুনি।

প্রমত্ত (প্রোমৎত) [প্র—মদ্+ত (কর্তৃ—ক্ত)] বিণ. উন্মত্ত। ২। অসাবধান ; অনবহিত। ৪। অতিমত্ত ; অত্যাসক্ত। ৫। তরুণবয়স্ক ; যুবা। প্র—"তবে বাছা অন্যত্র কাজের চেষ্টা দেখ গিয়া যাও আমি প্রমত্ত লোক রাখি না।"—ইন্দিরা (বঙ্কিম)।

প্রমত্তত্ব (প্রো) [প্রমত্ত+ত্ব (ভাবে)] বি. ক্লী. উন্মত্ততা ; প্রমত্ততা। ২। অসাবধানতা। ৩। মদমত্ততা ; সুরাপানস্পৃহা রোগ। প্র—"তাহার পাশে প্রমত্তত্ব হাসে ঢুলু ঢুলু ঢুলু আঁখি।"—মেঘনাদ।

প্রমথ (প্রো) [প্র—মন্থ্ (শাসন করা, মন্থন করা) +অ (কর্তৃ—অচ্) যাহারা দুষ্ট শাসন করে] বি. পুং. বহুরূপধারী ; নৃত্যগীতাদি-নিপুণ শিবানুচর। প্র—"চলিল দেবরায় প্রমথ পিছে ধায় দেউটি ধরে দানাগণ।"—কবিকঙ্কণ। ২। [ভাবে—অল্] বিলোড়ন প্রমথন। স্ত্রী. **প্রমথা**—হরীতকী।

প্রমথন (প্রো. ন) [প্র—মন্থ্ (মন্থন করা +অন (ভাবে—অনট্)] বি. ক্লী. বধ বিনাশ ; হত্যা ; হনন। ২। মর্দ্দন। ৩ আলোড়ন। ৪। উৎপাটন ; উন্মূলন। ৫ পরিভব।

প্রমথাধিপ (প্রোমোথাধিপ্) [প্রমথেঃ অধিপ (প্রভু)—৬তৎ] বি. পুং. প্রমথেশ্বর মহাদেব।

প্রমথিত (প্রোমো) [প্র—মন্থ্ (শাসন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. ক্লিষ্ট ; ক্লেশপ্রাপ্ত। ২। মর্দ্দিত ; বিধ্বস্ত ; বিদলিত। প্র—"কিন্তু আমি আপনার প্রিয় কার্য্য নিমিত্ত উহাদিগকে প্রমথিত করিয়া অর্জ্জুনের পদবীতে গমন করিব।"—মহা-দ্রোণ (বর্দ্ধ)। ৩। আলোড়িত। ৪। বি. ক্লী. জলশূন্য ঘোল ; নির্জ্জল ঘোল।

প্রমথেশ (প্রোমথেশ্) [প্রমথের ঈশ (প্রভু)—৬তৎ] বি. পুং. ভূতনাথ ; মহাদেব। প্র—"ভব সর্ব্ব ব্যোমকেশ বিশ্বনাথ প্রমথেশ দেব দেব ভীম গঙ্গাধর।"—অন্নদামঙ্গল।

প্রমদ (প্রোমদ) [প্র—মদ্ (মত্ত হওয়া) +অ (কর্তৃ—অচ্)] বিণ. উন্মত্ত ; প্রমত্ত। ২। পুং দানববিশেষ। ৩। ধুতুরা ফল। বি. আমোদ ; হর্ষ। স্ত্রী. প্রমদা।

প্রমদকানন (প্রোমদ্‌কানন্) [প্রমদের (আনন্দের) কানন (বন)—৬তৎ] বি. ক্লী. আনন্দ কানন ; প্রমদ উদ্যান। ২। রাজান্তঃপুর সংলগ্ন উদ্যান।

প্রমদা (প্রোমো) [প্র (উৎকৃষ্ট) মদ (রূপ সৌভাগ্য জন্য গর্ব্ব) যাহার, বহু] বি. স্ত্রী. মনোহারিণী নারী। ২। চতুর্দ্দশাক্ষর ছন্দোবিশেষ।

প্রমদাকানন (প্রোমোদাকানন্) [প্রমদাগণের কানন (বিহারভূমি)—৬তৎ] বি. ক্লী. রাজান্তঃপুরস্থিত উপবন ; রমণীগণের বিহার-যোগ্য উদ্যান।

প্রমদ্বরা (প্রোমোদ্‌বরা) বি. স্ত্রী. গন্ধর্ব্বরাজ বিশ্বাবসুর ঔরসে মেনকা অপ্সরার গর্ভে জাত কন্যা ; স্থূলকেশ মুনি ইহাকে প্রতিপালন করিয়া প্রমতি মুনির পুত্র রুরুকে সম্প্রদান করেন।

প্রমা (প্রো) [প্র—মা (পরিমাণ করা) +অ (করণে—অঙ্) আপ্ স্ত্রী. যাহা দ্বারা সুস্পষ্টরূপে পরিমাণ করা যায়] বি. স্ত্রী. যথার্থ জ্ঞান ; নিশ্চয়-বোধ। ২। [ন্যায় দর্শনে] ভ্রম ভিন্ন জ্ঞান ; সত্য জ্ঞান।

প্রমাই (প্রো) [পরমায়ু শব্দজ] বি. জীবিত-কাল ; পরমায়ু ; জীবন।

প্রমাণ (প্রোমান্) [প্র—মা (পরিমাণ করা) +অন (করণে—অনট্)] বি. ক্লী. সাক্ষী। প্র—"কালকেতু বলে ধর্ম্ম তুমি সে প্রমাণ"—কবিকঙ্কণ। ২। [ন্যায় দর্শনে] প্রত্যক্ষ, অনুমান, উপমান, শব্দ এই চারিপ্রকার প্রমাণ। ৩। [বেদান্ত মতে] অর্থাপত্তি এবং অনুপলব্ধি। ৪। পরিমাণ। ৫। যথার্থ-জ্ঞান ; নিশ্চয়-বোধ। ৬। জ্ঞান-সাধন ইন্দ্রিয়। ৭। শাস্ত্র। ৮। লেখ্য। ৯। [কর্তৃ—অনট্] প্রমাণকর্ত্তা ; প্রমাতা। ১০। নিশ্চয়। ১১। পরিমাণের হেতু ; নিশ্চয়ের কারণ। ১২। বিণ. প্রমাণানুরূপ ; পরিমাণ মত। ১৩। [ভাবে—অনট্] বিশ্বাস ; প্রত্যয়। প্র—"হিন্দুরে সুন্নত দিয়া কর মুসলমান। কাণে ছেঁদা মুদে যদি তবে সে প্রমাণ॥"—কবিকঙ্কণ। ১৪। নিশ্চয়। ১৫। শ্রেষ্ঠ ; প্রধান। ১৬। সীমা। প্র—"মোর কিছু দোষ নাহি হইবে প্রমাণ। জানু ভূমে পাতি বীর ছেড়ে দিল বাণ॥"—কবিকঙ্কণ।

প্রমাণতঃ (প্রো) [প্রমাণতস্ শব্দ] অ. প্রমাণানুযায়ী।

প্রমাণপত্র (প্রোমান্‌পৎত্র) [প্রমাণ সম্বলিত পত্র, ম-প-লো কর্ম্মধা] বি. যে পত্র কোন বিষয়ের সত্যতা নির্দ্ধারণে সহায়তা করে ; দলীল। ২। রসীদ।

প্রমাণপুরুষ (প্রোমান্‌পুরুষ্) [স্মৃতিঃ পরিঃ] বি. সালিস ; মধ্যস্থ।

প্রমাণসই (প্রোমানশোই) [সং—প্রমাণ। হি—সহী] বিণ. পূর্ণ পরিমাণ ; দীর্ঘপ্রস্থে পূর্ণ পরিমাণ অনুযায়ী। প্র—প্রমাণসই কাপড়।

প্রমাণসাপেক্ষ (প্রোমান্‌সাপেক্খ) বিণ. যাহা প্রমাণ দ্বারা সিদ্ধ হয় ; যাহা প্রমাণের অপেক্ষা রাখে।

প্রমাণসিদ্ধ (প্রোমান্‌শিদ্‌ধ) বিণ, প্রমাণের দ্বারা যাহা প্রতিষ্ঠিত।

প্রমাণাভাব (প্রো, ব্‌) [প্রমাণের অভাব, ৬তৎ] বি, প্রমাণরাহিত্য।

প্রমাণিকা (প্রো, নি) বি, স্ত্রী, সংস্কৃত ছন্দো-বিশেষ ; ইহা গুরু-লঘু-ক্রমে অষ্টাক্ষরে গ্রথিত হয়। ইহার ১ম, ৩য়, ৫ম, ৭ম, ৮ম বর্ণ লঘু এবং ২য়, ৪র্থ, ৬ষ্ঠ বর্ণ গুরু। প্র—"নিশুম্ভ শুম্ভ ঘাতিনি, প্রচণ্ড চণ্ড তাপিনি, প্রশান্ত দান্ত পালিনি, প্রসীদ মুণ্ডমালিনী।"—রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়। ২। বিণ, প্রমাণযোগ্য।

প্রমাণীকরণ (প্রো, ন্‌) বি, সাক্ষ্য, নিদর্শন, যুক্তি প্রভৃতি দ্বারা প্রতিষ্ঠা বা সত্যতা নির্দ্ধারণ।

প্রমাণীকৃত (প্রোমানিক্‌কৃত) [প্রমাণ—কৃত মধ্যে—ঈ (অভূত তদ্ভাবার্থে—চ্বি)] বিণ, যাহা প্রমাণ করা হইয়াছে।

প্রমাতা (প্রো) [প্র—মা (পরিমাণ করা) +তৃ (কর্ত্তৃ—তৃচ্‌) =প্রমাতৃ ১মা, ১ব] বি, প্রমাণকারী। ২। [সাঙ্খ্যদর্শনে। প্রমা জ্ঞঃ] শুদ্ধচিত্তবৃত্তি ; বিশুদ্ধ জ্ঞান। ৩। [বেদান্তমতে] প্রতিফলিত মনোবৃত্তি।

প্রমাতামহ (প্রোমাতামোহো) [প্র (অগ্রগামী) মাতামহ] বি, পুং, মাতামহের পিতা। স্ত্রী, প্রমাতামহী—মাতামহের মাতা।

প্রমাথ (প্রো) [প্র—মন্থ্‌ (মন্থন করা, বধ করা) +অ (ভাবে—ঘঞ্‌)] বি, পুং, হত্যা ; হনন। ২। মথন ; বিলোড়ন। ৩। নিপীড়ন। ৪। মর্দ্দন। ৫। কুমারের অনুচর। ৬। প্রমথগণ ; শিবানুচর। ৭। ধৃতরাষ্ট্রতনয়।

প্রমাথী (প্রো) [প্র—মন্থ্‌ (বধ করা) + ইন্‌ (কর্ত্তৃ—ণিন্‌) প্রমাথিন্‌=১মা, ১ব] বিণ, মর্দ্দনকারী ; দলনকারী। প্র—"স্থূলাক্ষ পট্টিশ আর প্রমাথী পরশু লইয়া রামের দিকে ধেয়ে আসে আশু"—রামায়ণ (রাজ)। ৪। দুঃখপ্রদ ; ক্লেশদায়ক। ৩। ধ্বংসকারী। ৫। পীড়নকর্ত্তা। ৫। প্রমথনকারী। ৬। বি, পুং, রাক্ষসবিশেষ। স্ত্রী, প্রমাথিনী—অপ্সরাবিশেষ।

প্রমাদ (প্রোমাদ্‌) [প্র—মদ্‌ (অনবধান, মত্ত হওয়া) +অ (ভাবে—ঘঞ্‌)] বি, পুং, অসাবধানতা ; অনবধানত্ব। ২। বিপদ ; মহা অনিষ্ট। ৩। ভ্রান্তি ; ভ্রম ; ভুল ; বিস্মৃতি। ৪। মানসিক দৌর্ব্বল্য ; আন্তরিক দুর্ব্বলতা।

প্রমাদকৃত (প্রোমাদ্‌) [প্রমাদ দ্বারা কৃত, ৩তৎ] বিণ, অনবধান হেতু অনুষ্ঠিত ; ভ্রান্তি বশতঃ অনুষ্ঠিত।

প্রমাদবান (প্রোমাদ্‌বান্‌) [প্রমাদ (অসাবধানতা) +বৎ (অস্ত্যর্থে, বতু) =প্রমাদ বৎ ১মা, ১ব] বিণ, অনবধানযুক্ত ; অসতর্ক ; প্রমাদবিশিষ্ট।

প্রমাদযুক্ত (প্রোমাদ্‌) [প্রমাদ দ্বারা যুক্ত, ৩তৎ] বিণ, প্রমাদী ; ভ্রান্তিবিশিষ্ট।

প্রমাদশূন্য (প্রোমাদ্‌ শুন্‌ন) [প্রমাদ দ্বারা শূন্য, ৩তৎ] বিণ, অভ্রান্ত ; নির্ভুল ; ভ্রমশূন্য। ২। সাবধান।

প্রমাদহীন (প্রোমাদ্‌হীন্‌) [প্রমাদ দ্বারা হীন, ৩তৎ] বিণ, অভ্রান্ত ; অপ্রমত্ত। ২। সতর্ক।

প্রমাদিকা (প্রো) [প্র—মদ্‌ (অসাবধান হওয়া) +অক (কর্ত্তৃ) আপ্‌, স্ত্রী, ই—আগম] বি, স্ত্রী, দোষযুক্তা কন্যা ; দূষিতা কন্যা ; প্রমাদিনী ; অনবধানবতী।

প্রমাদী (প্রো) [প্রমাদ+ইন্‌ (অস্ত্যর্থে) =প্রমাদিন্‌ ১মা, ১ব] বিণ, প্রমাদবিশিষ্ট ; ভ্রমযুক্ত ; ভ্রান্তিময়। স্ত্রী, প্রমাদিনী।

প্রমায়ু (প্রো) [পরমায়ু শব্দের অপভ্রংশ। গ্রা—পেরমাই, প্রমাই] বি, পরমায়ু। প্র—"গণকে গণিয়া কহিল তারে। তোর হাতে খাইলে প্রমায়ু বাড়ে॥"—কবিশেখর।

প্রমায়ুক (প্রো, ক্‌) [প্র—মী (বিনাশ করা) + উক (কর্ত্তৃ)] বিণ, বিনাশশালী ; মরণশীল।

প্রমারা (প্রো) [পর্ত্তু—primeiro] বি, তাসের জুয়া খেলাবিশেষ ; বাজি রাখিয়া তাস খেলাবিশেষ।

প্রমিত (প্রো) [প্র—মা (পরিমাণ করা, জানা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পরিমিত ; পরিমাণ দ্বারা জ্ঞাত। ২। প্রথম নির্দ্ধারিত ; পূর্ব্বাবধারিত। ৩। নিশ্চিত ; যথার্থ জ্ঞানের বিষয়ীভূত। ৪। জ্ঞাত ; বিদিত। বি, প্রমিতি।

প্রমিতাক্ষরা (প্রো) [প্রমিত (বিশেষরূপে অর্থযুক্ত হইয়াছে অক্ষর, যাহাতে, বহু] বি, স্ত্রী, মুহূর্ত্তচিন্তামণি-নামক টীকা। ২। দ্বাদশ অক্ষর ছন্দোবিশেষ।

প্রমীত (প্রোমিত্‌) [প্র—মী (বধ করা) + ত (কর্ত্তৃ, ক্ত) যে ব্যাধ দ্বারা বধ্য হইয়াছে] বিণ, বিনষ্ট ; মৃত ; নির্জীব ; নিহত। ২। যজ্ঞের নিমত্ত নিহত ; যজ্ঞার্থে হত।

প্রমীলন (প্রো, ন্‌) [প্র—মীল্‌ (চক্ষু মুদ্রিত করা) + অন (ভাবে, অনট্‌)] বি, ক্লী, চক্ষু-নিমীলন ; চক্ষু মুদ্রিতকরণ।

প্রমীলা (প্রো) [প্র—মীল্‌ (চক্ষুমুদ্রিত করা) +অ (করণে, অঙ্‌) যাহাদ্বারা চক্ষু মুদ্রিত করে] বি, স্ত্রী, তন্দ্রা ; নিদ্রাবেশ। ২। [ভাবে—অঙ্‌] নিমীলন ; মুদ্রণ ; চোখ বুজন। ৩। [কর্ত্তৃ, অঙ্‌] ইন্দ্রজিৎ পত্নী ; রাক্ষসরাজ রাবণের পুত্রবধূ।

প্রমুখ (প্রোমুখ্‌) [প্র—মুখ (শ্রেষ্ঠ)] বিণ, শ্রেষ্ঠ ; প্রধান। ২। প্রথম ; আদি। ৩। ইত্যাদি ; প্রভৃতি। ৪। আরম্ভ।—

প্রমুখাৎ (প্রো) [প্র—মুখ+আৎ (সং—৫মী বিভক্তি চিহ্ন)] অ, মুখ হইতে ; জবানি।

প্রমুদিত (প্রো) [প্র—মুদ্‌ (হৃষ্ট হওয়া) +ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, আনন্দিত ; আহ্লাদিত ; প্রহৃষ্ট ; আমোদিত। ২। প্রস্ফুটিত ; বিকসিত ; প্রফুল্ল।

প্রমুদিতবদনা (প্রো) [প্রমুদিত (প্রফুল্ল) হইয়াছে বদন (মুখ) যাহার, বহু] বিণ, স্ত্রী, প্রফুল্লমুখী। ২। দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ।

প্রমৃগ (প্রোম্‌মৃগ) [প্র (প্রচুর) মৃগ—যেখানে, অব্যয়ী] বি, ক্লী, মৃগবহুল বন।

প্রমৃত (প্রো) [প্র (প্রকৃষ্টরূপে, প্রচুর পরিমাণে) মৃত (প্রাণিহিংসিত) হয় যে ক্রিয়াতে, বহু] বি, ক্লী, ভূমি কর্ষণ। ২। কর্ষণরূপ জীবিকা। ভূমিকর্ষণে অনেক প্রাণির বধ হয় বলিয়া ইহাকে মনু প্রমৃত ক্রিয়া বলিয়াছেন।

প্রমৃষ্ট (প্রোমৃষ্‌ট) [প্র—মৃজ্‌ (পরিষ্কার করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, মার্জ্জিত। ২। নিরস্ত।

প্রমেয় (প্রো) [প্র—মা (পরিমাণ করা) + য (কর্ম্মে)] বি, [ন্যায় দর্শনে] শুদ্ধ চৈতন্য ; যথার্থ জ্ঞানের বিষয়। ২। [বেদান্ত মতে] আত্মা এবং জ্ঞানসাধন ইন্দ্রিয়াদি। ৩। বিণ, পরিমাণ-যোগ্য। ৪। পরিমেয়। ৫। অবধার্য্য। ৬। জ্ঞেয়।

প্রমেহ (প্রো) [প্র—মিহ্‌ (সেক করা) +অ (কর্ম্মে—অন্‌)] বি, পুং, প্রস্রাবের পীড়া ; বহুমূত্র রোগ। বিণ, প্রমেহী—প্রমেহ-রোগাক্রান্ত।

প্রমোচন (প্রোমোচন্‌) [প্র—মুচ্‌ (মোচন করা) +অন (ভাবে)] বি, ক্লী, উন্মোচন ; মুক্তকরণ। ২। ত্বক্‌শূন্যকরণ ; বাকল দূর করণ।

প্রমোদ (প্রোমোদ্‌) [প্র—মুদ্‌ (হৃষ্ট হওয়া) +অ (ভাবে, ঘঞ্‌)] বি, পুং, আনন্দ ; হর্ষ ; আমোদ ; আহ্লাদ।

প্রমোদ-উদ্যান (প্রোমোদউদ্‌দ্যান্‌) বি, বিলাস-উদ্যান ; আনন্দকানন ; প্রমোদ-কানন ; উপবন। প্র—"প্রমোদউদ্যানে কাঁদে দানবনন্দিনী প্রমীলা, পতিবিরহে কাতরা যুবতী।"—মেঘনাদ।

প্রমোদন (প্রোমোদন্‌) [প্র—মুদ্‌+ণিচ্‌ = প্রমোদি (হর্ষযুক্ত করান) +অন (কর্ত্তৃ—অনট্‌)] বিণ, প্রীতিকর ; আনন্দদায়ক। ২। বি, পুং, বিষ্ণু। ৩। [ভাবে, অনট্‌] ক্লী, আনন্দ সম্পাদন ; আমোদ দান।

প্রমোদভবন (প্রোমোদ্‌ভবন্‌) বি, আনন্দ-ভবন ; বিলাসগৃহ।

প্রমোদভূমি (প্রোমোদ্) বি. ক্রীড়াভূমি ; রঙ্গভূমি।

প্রমোদমত্ত (প্রোমোদ্) [প্রমোদে মত্ত, ৭মী তৎ] বিণ. আনন্দ-বিহ্বল।

প্রমোদ-মদিরা (প্রোমোদ্মোদিরা) [প্রমোদ রূপ মদিরা, কর্মধা] বি. আনন্দমদিরা ; যে আনন্দে মত্ততা আনয়ন করে।

প্রমোদিত (প্রো) [প্র—মুদ্+ণিচ্ = মোদি +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. হর্ষিত ; প্রীত ; আমোদিত।

প্রমোদী (প্রো) [প্রমোদ+ইন্ (অস্ত্যর্থে) =প্রমোদিন্ :১মা, ১ব] বিণ. আনন্দজনক ; হর্ষবর্দ্ধক ; আমোদকারী। স্ত্রী. প্রমোদিনী—আমোদিনী। ২। ঝিঙ্গিনী বৃক্ষ।

প্রমোহ (প্রো) [প্র (প্রকৃষ্ট) মোহ] বি. সংমোহ।

প্রমোহন (প্রোমোহন্) [প্র—মুহ্ (মুগ্ধ—হওয়া) +অন (করণে—অনট্)] বি. ক্লী. মোহজনক অস্ত্রবিশেষ ; সংমোহন। ২। [কর্তৃ—অন] বিণ. মোহজনক।

প্রম্লোচা (প্রোম্লোচা) বি. স্ত্রী. অপ্সরাবিশেষ ; মহর্ষি কণ্বের পুত্র কণ্ডু মুনি কঠোর তপস্যায় রত হইলে, ইন্দ্র কর্ত্তৃক প্রেরিত এই অপ্সরার-রূপে মুগ্ধ হইয়া তিনি মন্দর পর্ব্বতে বহুকাল প্রম্লোচার সহিত যাপন করেন এবং চৈতন্যোদয় হইলে তিনি প্রম্লোচাকে ত্যাগ করিয়া পুনরায় তপস্যায় রত হন।

প্রযত (প্রো) [প্র—যম্ (বিরত হওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. সংযত ; কৃতসংযম। ২। বিষয়বিরত। ৩। শুচি ; শুদ্ধ ; পবিত্র।

প্রযতাত্মা (প্রোযতাৎতাঁ) [প্রযত (দ্রঃ) আত্মা যাহার, বহু] বিণ. সংযতাত্মা ; শুদ্ধচিত্ত।

প্রযত্ন (প্রো) [প্র (অনেক) যত্ন (চেষ্টা)] বি. পুং. প্রচুর চেষ্টা ; প্রকৃষ্ট যত্ন। ২। [ন্যায়-দর্শনে] প্রবৃত্তি, নিবৃত্তি এবং জীবনকারণ। ৩। প্রয়াস ; যত্ন। ৪। অধ্যবসায় ; অবলম্বিত কর্ম্মসাধনে অবিচলিত উৎসাহ। প্র—"প্রযত্ন সেচনী ধরি বিবেক বৈরাগ্য বারি প্রাণপণে প্রতিক্ষণে করহে সিঞ্চন।"—বাংগান (রামমোহন)।

প্রযস্ত (প্রোজস্ত) [প্র—যস্ (যত্ন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সুসংস্কৃত।

প্রয়াগ (প্রোয়াগ্) [প্র (সম্যক্) যজ্ (দেব পূজা করা) +অ (অধি—ঘঞ্) যেখানে সম্যক্‌রূপে দেব পূজা হইয়াছে] বি. পুং. গঙ্গা যমুনা ও সরস্বতী নদীর সঙ্গমস্থল ; এলাহাবাদ। ২। [প্র—কৃষ্ট—যাগ, কর্ম্মধা] ।।

প্রয়াণ (প্রোয়ান্) [প্র—যা (গমন করা) +অন (ভাবে—অনট্)] বি. ক্লী. যুদ্ধযাত্রা। ২। গমন ; প্রস্থান। প্র—"না জানি চলেন কত তিন দিবসের পথ চারিদণ্ডে করিল প্রয়াণ।"—কবিকঙ্কণ।

প্রয়াণকাল (প্রোয়ান্‌কাল্) [প্রয়াণের কাল, ৬তৎ] বি মহাপ্রস্থানের কাল।

প্রয়াত (প্রোয়াত) [প্র—যা (গমন করা) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. যে গিয়াছে ; প্রস্থিত ; গত। বি. প্রয়াণ।

প্রয়াম (প্রোয়াম্) [প্র—যম্ (নিবৃত্ত করা) +অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. সংযম। ২। দৈর্ঘ্য। ৩। দুষ্প্রাপ্যতা।

প্রয়াস (প্রোয়াশ্) [প্র—যস্ (যত্ন করা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. যত্ন। ২। ইচ্ছা। ৩। শ্রম ; ক্লেশ ; আয়াস।

প্রযুক্ত (প্রো) [প্র—যুজ্ (যোগ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. নিযুক্ত। ২। অনুষ্ঠিত। ৩। উৎপন্ন। ৪। উল্লিখিত। উদাহৃত। ৫। প্রেরিত। ৬। অর্পিত। ৭। উচ্চারিত। ৮। রচিত ; গ্রথিত।

প্রযুক্তি (প্রোজুক্‌তি) [প্র—যুজ্ (যোগ করা) +তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. প্রকৃষ্ট যুক্তি। ২। প্রয়োজন। ৩। প্রয়োগ।

প্রযুজ্যমান (প্রোজুজ্‌জোমান্) [প্র—যুজ্ (যোগ করা) +আন (কর্ম্মে) য আগম] বিণ. যাহা প্রয়োগ করা হইতেছে।

প্রযুঞ্জান (প্রোজুন্‌জান্) [প্র—যুজ্ (যোগ করা) +আন (কর্ত্তৃ)] বিণ. প্রয়োগকারী।

প্রযুত (প্রো) [প্র—যু (যুক্ত করা) +ত (ভাবে—ক্ত)] বি. ক্লী. নিযুত ; দশলক্ষ। ২। [কর্ম্মে—ক্ত] বিণ. সংযুক্ত।

প্রযুদ্ধ (প্রোজুদ্‌ধ) বি. ক্লী. মহাযুদ্ধ ; ঘোর রণ।

প্রযোক্তা (প্রোজোক্‌তা) [প্র—যুজ্ (যোগ করা) +তৃ (কর্ত্তৃ—তৃচ্) =প্রযোক্তৃ ১মা, ১ব] বিণ. অনুষ্ঠানকারী। ২। নিয়োগকারী ; প্রয়োগকর্ত্তা ; প্রবর্ত্তক। ৩। উত্তমর্ণ ; ঋণদাতা।

প্রয়োগ (প্রোয়োগ্) [প্র—যুজ্ (যোগ করা) +অ (ভাবে—ঘঞ্) জ=গ] বি. পুং. নিয়োগ ; নিয়োজন। ২। সম্প্রদান। ৩। দৃষ্টান্ত ; উদাহরণ। ৪। নিদর্শন। ৫। অনুষ্ঠান ; আরম্ভ। ৬। উল্লেখ। বিণ. প্রয়োগী।

প্রয়োগতঃ [প্রয়োগতস্ শব্দ] ক্রি-বিণ. প্রয়োগানুসারে ; প্রয়োগসম্মত।

প্রয়োগদোষ (প্রোয়োগ্‌দোশ্) [প্রয়োগের দোষ—৬তৎ] বি. অযথাপ্রয়োগ।

প্রয়োগযোগ্য (প্রোয়োগ্‌জোগ্‌গ) [প্রয়োগের যোগ্য—৬তৎ] বি. উল্লেখনীয়। ২। উদাহরণীয় ; দৃষ্টান্তের উপযুক্ত। ৩। নিদর্শনযোগ্য। স্ত্রী. প্রয়োগযোগ্যা।

প্রয়োজক (প্রোয়োজক্) [প্র—যুজ্ (যোগ করা) +অক (কর্ত্তৃ)] বিণ. যে সকল বিষয় যোজনা বা সংঘটন করে ; প্রবর্ত্তক ; অনুষ্ঠানকারী। ২। প্রেরক ; ক্রিয়ার প্রবর্ত্তক। ৩। কার্য্যকারী ; কর্ত্তা।

প্রয়োজন (প্রোয়োজন্) [প্র—যুজ্ +অন (ভাবে—অনট্)] বি. ক্লী. আবশ্যক ; দরকার। ২। কার্য্য। ৩। প্রয়োগকরণ। ৪। কারণ ; হেতু ; নিমিত্ত। ৫। ফল।

প্রয়োজনাতিরিক্ত (প্রো) [প্রয়োজনের অতিরিক্ত—৬তৎ] বিণ. আবশ্যকের অপেক্ষা বেশী ; যথেষ্ট।

প্রয়োজনানুরূপ (প্রো, প্) [প্রয়োজনের অনুরূপ—৬তৎ] বিণ. আবশ্যকানুযায়ী ; দরকার মত।

প্রয়োজনীয় (প্রোয়োজনীঅ) [প্র—যুজ্ + অনীয় (কর্ম্মে)] বিণ. আবশ্যকীয় ; দরকারী ; ২। কর্ম্মের উপযুক্ত।

প্রয়োজ্য (প্রো) [প্র—যুজ্ (যোগ করা) + য (কর্ম্মে ঘ্যণ্)] বিণ. প্রয়োগযোগ্য। ২। মূলধন।

প্ররুজ (প্রোরুজ্) [প্র—রুজ্ (রোগযুক্ত হওয়া) +অ (কর্ত্তৃ—ক)] বিণ. উৎকটপীড়াকারক। ৩। রাক্ষসবিশেষ।

প্ররূঢ় (প্রো) [প্র—রুহ্ (উৎপন্ন হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. সম্ভূত ; উৎপন্ন, জাত। ২। [অধি—ক্ত, যেথানে প্রাণী উৎপন্ন হয়] বি. ক্লী. জঠর। ৩। অঙ্কুরিত ; বদ্ধমূল। ৪। প্রবৃদ্ধ। ৫। প্রসিদ্ধ ; খ্যাত।

প্ররোচক (প্রোরোচক্) বিণ. প্রবর্ত্তনাকারী ; উৎসাহদাতা।

প্ররোচন (প্রোরোচন্) [প্র—রুচ্ +ণিচ্ = রোচি (দীপ্তি পাওয়ান, রুচি করান) +অন (ভাবে—অনট্) বি. ক্লী. ইচ্ছাসম্পাদন ; উত্তেজন। ৩। প্রস্তাবনার অঙ্গবিশেষ। স্ত্রী. প্ররোচনা—উত্তেজনা। বিণ. প্ররোচিত।

প্ররোচিত (প্রো) [প্ররোচন দ্রঃ] বিণ. উৎসাহিত ; উত্তেজিত।

প্ররোহ (প্রো) [প্র—রুহ্ (উৎপন্ন হওয়া) +অ (কর্ত্তৃ—অচ্) যে জন্মিয়াছে] বি. পুং. অঙ্কুর। ২। বৃক্ষাদির ঝুরি ; লতাঙ্কুর। ৩। [ভাবে—অল্] উৎপত্তি ; মূল। ৪। আরোহণ।

প্ররোহিত (প্রো) [প্র—রুহ্ +ণিচ=রোহি (উৎপাদন) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. অঙ্কুরিত। ২। উৎপাদিত।

প্ররোহী (প্রো) [প্ররোহ দ্রঃ] বিণ, শাখা-প্রসারী ; প্রতানী। স্ত্রী. প্ররোহিণী।

প্রলপন (প্রো, ন্) [প্র—লপ্ (কথা বলা) +অন (ভাবে, অনট্)] বি, পুং, নিরর্থক বাক্য প্রয়োগ ; প্রলাপভাষণ।

প্রলপিত (প্রো) [প্র—লপ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, জল্পিত। ২। ভাষিত ; কথিত। ৩। [ভাবে—ক্ত] বি, ক্লী, জল্পন ; প্রলপন।

প্রলম্ব (প্রো) [প্র—লম্ব্ (লম্বিত হওয়া) +অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, বৃক্ষশাখা। ২। বৃক্ষের ঝুরি। ৩। লতার শুঁয়া। ৪। উদ্ভিদের অঙ্কুর। ৫। হারবিশেষ। ৬। পয়োধর। ৭। মেঘ। ৮। দৈত্যবিশেষ।

প্রলম্বঘ্ন (প্রো) [প্রলম্ব (অসুর) ঘ্ন (যে বধ করিয়াছে) হন্ (বধ করা) +অ (কর্ত্তৃ—টক্)] বি, পুং, প্রলম্ব দৈত্যের বিনাশকারী কৃষ্ণাগ্রজ বলরাম।

প্রলম্বভিদ্ (প্রো) [প্রলম্ব (অসুর) ভিদ্ (যে বধ করিয়াছে) ভিদ্ (বিদারণ করা) +কিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, প্রলম্বদৈত্যবিনাশী হলায়ুধ।

প্রলম্বিত (প্রোলোম্‌বিত) [প্রলম্ব+ইত (যুক্তার্থে)] বিণ, লম্বমান।

প্রলম্ভ (প্রো) [প্র—লভ্ (লাভ করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, বিশেষরূপ লাভ। ২। প্রবঞ্চনা ; ছলনা।

প্রলয় (প্রোলয়্) [প্র—লী (লীন হওয়া, মিলিয়া যাওয়া) +অ (ভাবে-অল্)] বি, পুং, পৃথিবী জলে, জল অগ্নিতে, অগ্নি বায়ুতে বায়ু আকাশে, আকাশ প্রকৃতিতে এবং প্রকৃতি সূক্ষ্মরূপে ব্রহ্মে লীন হওয়া ; কার্য্য জগৎ কারণরূপে পরিণত হওয়া ; কল্পের অবসান ; ব্রহ্মাণ্ডের লয়। ইহা নিত্য, প্রাকৃত, নৈমিত্তিক এবং আত্যন্তিক এই চারি নামে খ্যাত। প্র—"স্বর্গ পাতাল ভূমি বিশ্বের জনক তুমি সৃষ্টি স্থিতি প্রলয়ের মূল।"—অন্নদামঙ্গল। ২। ক্ষয়। ৩। ধ্বংস। ৪। মোহ ; মূর্চ্ছা। প্র—"কীর্ত্তন করিতে প্রভুর সর্ব্ব ভাবোদয় ; স্তম্ভ, কম্প, পুলকাশ্রু, গদ্গদ প্রলয়।"—চৈতন্যচরিতামৃত।

প্রলয়ঙ্কর (প্রোলয়ংকর্) [প্রলয়ং—কর (যে করে)] বিণ, প্রলয়কারী ; বিধ্বংসী। স্ত্রী. প্রলয়ঙ্করী—সংহারিণী।

প্রলয়পবন (প্রোলয়্‌পবন্) [প্রলয়কালীন পবন, ম-প, লো—কর্ম্মধা] বি, পুং, কল্পান্তকালীন বায়ুর ন্যায় ঝটিকা।

প্রলয়পয়োধি (প্রোলয়্) বি, পুং, কল্পান্তকালীন সমুদ্র ; প্রলয়সিন্ধু।

প্রলয়মেঘ (প্রোলয়্‌মেঘ) [প্রলয়কালীন মেঘ ম, প, লো, কর্ম্মধা] বি, পুং, সৃষ্টিলোপকালের ভীষণ মেঘের মত ভয়ঙ্কর মেঘ।

প্রলয়ান্ধকার (প্রো, র্) বি, পুং, কল্পান্তকালীন অন্ধকার ; ভীষণ আঁধার।

প্রলয়াবশেষ (প্রো, ষ্) বি, পুং, সৃষ্টির ধ্বংসাবশেষ।

প্রলাপ (প্রোলাপ্) [প্র—লপ্ (বলা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, নিরর্থক বাক্য-কথন ; অনর্থক বাক্য ; উন্মত্তের ন্যায় অর্থহীন উক্তি। প্র—"এই মতে মহাপ্রভু কৃষ্ণ প্রেমাবেশে, উন্মাদ প্রলাপ করে রাত্রি দিবসে।"—চৈতন্যচরিতামৃত। ২। রোগের উপসর্গ। ৩। বিলাপ। বিণ, প্রলাপী।

প্রলীন (প্রোলীন্) [প্র—লী (লীন হওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রলয়গত ; লয়প্রাপ্ত। ২। মূর্চ্ছিত। ৩। নিশ্চেষ্ট। বি, প্রলীনতা।

প্রলেপ (প্রোলেপ্) [প্র—লিপ্ (লেপন করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, মার্জ্জন। ২। বিলেপন। ৩। [করণে—অল্] লেপনদ্রব্য।

প্রলেপক (প্রো, ক্) [প্র—লিপ্+অক—কর্ত্তৃ] যে লেপন করে ; প্রলেপকর্ত্তা।

প্রলোভ (প্রোলোভ্) [প্র—লুভ্ (লোভ করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, অতি লোভ। ২। লাভের অভিলাষ। বিণ, প্রলুব্ধ।

প্রলোভন (প্রোলোভন্) [প্র—লুভ্+ণিচ্ =লোভি (লোভ জন্মান) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অতিশয় লোভ উৎপাদন। ২। [লোভি+অন (কর্ত্তৃ—অনট্) যে লোভ জন্মায়] বিণ, লোভজনক ; যে লোভ উৎপাদন করে ; কামিনীকাঞ্চনাদি। প্র—"পাপ প্রলোভন হতে রাখ হে দূরে।"—ব্রহ্মসঙ্গীত।

প্রলোলুপ (প্রো, প্) [প্র—লোলুপ—যঙ্‌লুগন্ত—লুপ্ ধাতুজ (বার বার লোভ করা) +অ (কর্ত্তৃ—অচ্) "সমৌ লোলুপ লোলুভৌ"—অমর] বিণ, অতিশয় লোভী।

প্রলোভিত (প্রো) বিণ, প্রলুব্ধ ; লোভে অতিশয় আকৃষ্ট।

প্রশংসন (প্রোশংশন্) [প্র—শন্স্ (স্তব করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রশংসাবাদ ; গুণানুবাদ ; ধন্যবাদ। ২। স্তুতি।

প্রশংসনীয় (প্রোশোংশনীয়) [প্র—শন্স্+অনীয় (কর্ম্মে)] বিণ, প্রশংসার যোগ্য ; প্রশংসিতব্য। ২। ধন্যবাদার্হ।

প্রশংসন্তি (পোশোংশোন্তি) [প্রশংসা হইতে প্রা-বাং—ক্রিয়ায় 'অস্তি' সম্মানে] ক্রি, প্রশংসা করেন। প্র—"যার বাহুবল প্রশংসন্তি দেবগণ।"—মহা (শ্রীকর)।

প্রশংসা (প্রোশংশা) [প্র—শন্স্+অ (ভাবে—অঙ) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, স্তুতি। ২। গুণকীর্ত্তন।

প্রশংসাবাদ (প্রোশংশাবাদ্) বি, পুং গুণানুকীর্ত্তন ; স্তুতিবাদ।

প্রশংসাভাজন (প্রোশংশাভাজন্) [প্রশংসার ভাজন—৬তৎ] বিণ, প্রশংসার পাত্র। ২। সুখ্যাতিভাজন।

প্রশংসিত (প্রোশংশিত) [প্র—শন্স্ (স্তুতি করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে প্রশংসা করা হইয়াছে। ২। স্তুত।

প্রশম (প্রোশম্) [প্র—শম্ (শান্ত হওয়া) +অ (ভাবে—অল্)] বি, পুং, নির্ব্বাণ। ২। বৈরাগ্য। ৩। অবসাদ। ৪। শান্তি। স্ত্রী. প্রশমা—অপ্সরাবিশেষ।

প্রশমন (প্রোশমন্) [প্র—শম্ (শান্ত হওয়া) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, শান্তি। ২। অনুরঞ্জন। ৩। নিবৃত্তিকরণ ; নিবারণ। ৪। হত্যা ; হনন।

প্রশমিত (প্রোশোমিত) [প্র—শম্+ণিচ্ = শমি (শান্ত হওয়ান) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, শমতাপ্রাপ্ত। ২। নিবৃত্ত ; নিবারিত। ৩। প্রশান্ত।

প্রশস্ত (প্রোশস্‌ত) [প্র—শন্স্ (স্তুতি করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রশংসিত ; প্রশংসনীয়। ২। নিপুণ ; দক্ষ। প্র—"প্রশস্ত গায়ক কুশী লব দুইজন।"—রামায়ণ (রাজ)। ৩। বিস্তৃত ; প্রসারযুক্ত ; চওড়া। প্র—প্রশস্ত স্থান। ৪। যাহা সংকীর্ণ নয় ; উদার। প্র—প্রশস্তমনাঃ।

প্রশস্তাদ্রি (প্রোশস্‌তাদ্রি) [প্রশস্ত+অদ্রি (শৈল)—কর্ম্মধা] বি, পুং, মধ্যদেশস্থ পর্ব্বতবিশেষ।

প্রশস্তি (প্রো) [প্র—শন্স্+তি (ভাবে—ক্তি)] বি, প্রশংসা। ২। পংক্তি।

প্রশস্তিবন্দনা (প্রো) বি, স্ত্রী, দুর্গাপ্রতিমা বিসর্জ্জনের পর পুরোহিত শান্তিকুম্ভোদকদ্বারা যজমানদিগকে অভিষেক পূর্ব্বক মহী, গন্ধ, শিলা, ধান্য প্রভৃতি স্পর্শ করাইয়া স্বস্তি বাক্য বলেন—উহাকেই প্রশস্তি বন্দনা বা শান্তি আশীর্ব্বাদ বলে।

প্রশাখা (প্রো) [প্র (ক্ষুদ্র) শাখা] বি, গৌণ শাখা ; বৃহৎ শাখা হইতে নির্গত ক্ষুদ্র শাখা।

প্রশান্ত (প্রো) [প্র—শম্+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, অবিচলিত। ৩। শমতাপ্রাপ্ত ; শান্তিযুক্ত। ৩। নিবৃত্ত। ৪। অব্যাকুল। ৫। ধীর ; গম্ভীর। ৬। সুস্থির।

প্রশান্তচিত্ত (প্রো) [প্রশান্ত—চিত্ত যাহার, বহু] বিণ, অবিচলিত-চিত্ত ; নিশ্চল-হৃদয়। ২। শান্তচেতাঃ। ৩। [প্রশান্ত যে চিত্ত, কর্ম্মধা] বি, যে হৃদয়ে শান্তি বিরাজিত।

প্রশান্তচেষ্ট (প্রো) [প্রশান্ত হইয়াছে চেষ্টা যাহার, বহু] বিণ, নিশ্চেষ্ট। ২। বাহ্য ব্যাপারবর্জ্জিত। ৩। স্থির ; অবিচল।

প্রশান্তবদন (প্রো, ন্) [প্রশান্ত যে বদন, কর্ম্মধা] বি, শান্তিময় বদন ; অচঞ্চল শান্তিপূর্ণ মুখ। ৩। [প্রশান্ত হইয়াছে বদন যাহার, বহু] বিণ, যাহার মুখমণ্ডল প্রশান্তভাব ধারণ করিয়াছে।

প্রশান্তমূর্ত্তি (প্রো) [প্রশান্ত—মূর্ত্তি যাহার, বহু] বিণ, সৌম্যমূর্ত্তি। ২। [প্রশান্ত যে মূর্ত্তি, কর্ম্মধা] বি, যে মূর্ত্তি শান্তভাব ধারণ করিয়াছে।

প্রশান্তস্বর (প্রো, শর্) [প্রশান্ত হইয়াছে স্বর যাহার, বহু] বিণ, স্থিরকণ্ঠ ; যাহার, কণ্ঠস্বর গম্ভীর। ২। [প্রশান্ত যে স্বর, কর্ম্মধা] বি, গম্ভীর স্বর।

প্রশান্তহৃদয় (প্রো, য়) [প্রশান্ত হইয়াছে হৃদয় যাহার, বহু] বিণ, শান্তচিত্ত ; শান্তিময় অন্তঃকরণবিশিষ্ট ; স্থিরমনা। ২। [প্রশান্ত যে হৃদয়, কর্ম্মধা] অব্যাকুল হৃদয় ; শান্তিপূর্ণ চিত্ত।

প্রশাসন (প্রোশাশন্) [প্র (প্রকৃষ্ট) শাসন] বি, রাজবিধি ; আইন।

প্রশাসিতা, প্রশাস্তা (প্রো) [প্র—শাস্ (শাসন করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) ই আগম পক্ষে = প্রশাসিতৃ—প্রশাস্তৃ ১মা, ১ব] বিণ, শাসনকর্ত্তা। স্ত্রী, প্রশাসিত্রী, প্রশাস্ত্রী —শাসনকর্ত্রী।

প্রশিষ্য (প্রোশিশ্ ষ) [প্র (ক্রমনিম্নার্থে)—শিষ্য] বি, পুং, শিষ্যানুশিষ্য।

প্রশ্ন (প্রোশ্ ন) [প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা) + ন (ভাবে—নঙ্)] বি, পুং, জিজ্ঞাসা। ২। অভিযোগ। ৩। উপনিষদবিশেষ।

প্রশ্নকর্ত্তা (প্রো) [প্রশ্ন—কর্ত্তা (যে করে)] বি, প্রশ্নকারী ; জিজ্ঞাসক। ২। পরীক্ষক ; an examiner.

প্রশ্নদূতী (প্রো) বি, স্ত্রী, প্রহেলিকা।

প্রশ্নপত্র (প্রো) [প্রশ্নের পত্র, ৬তৎ] বি, ক্লী, প্রশ্নের কাগজ ; পরীক্ষার কাগজ ; examination-paper

প্রশ্নবিবাক (প্রোশ্নোবিবাক্) [প্রশ্ন—বি —বচ্ (বলা) + অ (কর্ত্তৃ—ঘঞ্)] বি, পুং, প্রশ্নোত্তরদায়ক জ্যোতির্ব্বিদবিশেষ।

প্রশ্নসমাধান (প্রো, ন্) [প্রশ্নের সমাধান, ৬তৎ] বি, প্রশ্নের নিশ্চিত উত্তর ; সিদ্ধান্ত।

প্রশ্রয় (প্রোস্স্রয়) [প্র—শ্রি (সেবা করা) (ভাবে—অল্)] বি, পুং, আদর ; যত্ন ; স্নেহ। ২। আস্কারা ; আবদার। ৩। স্নেহযুক্ত সম্মান।

প্রশ্রিত (প্রোস্স্) [প্র—শ্রি (সেবা করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, স্নেহপ্রাপ্ত ; ।

প্রশ্লথ (প্রোস্স্লথ) [প্র—শ্লথ্ (মুক্ত হওয়া + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, বিচ্ছিন্ন ; বিশ্লিষ্ট ২। শিথিল ; লোল।

প্রশ্বাস (প্রোশ্ শাশ্) [প্র—শ্বস্ (নিশ্বাস প্রশ্বাস লওয়া) + অ (ভাবে)] বি, পুং, নাসিকাগত বায়ুর নির্গম।

প্রষ্টব্য (প্রোষ্টব্ ব) বিণ, জিজ্ঞাস্য।

প্রষ্টা (প্রো) [প্রচ্ছ্ (জিজ্ঞাসা করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = প্রষ্টৃ ১মা, ১ব] বিণ, জিজ্ঞাসক ; প্রশ্নকর্ত্তা ; প্রশ্নকারক। ২। জিজ্ঞাসু।

প্রসক্ত (প্রোশক্ত) [প্র (বিশেষভাবে) সক্ত (আসক্ত)] বিণ, আসক্ত। ২। অবিরত সতত। ৩। সংলগ্ন। ৪। স্বচ্ছ ; নির্ম্মল

প্রসক্তচিত্ত (প্রোশক্তচিৎত) বিণ, অনুরক্তচিত্ত ; আসক্তহৃদয়। ২। নির্ম্মলান্তঃকরণ ।

প্রসক্তি (প্রোশোক্তি) [প্র—সনজ্ + তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, প্রণয় ; আনুরক্তি আসক্তি। ২। প্রবৃত্তি। ৩। স্বচ্ছতা নির্ম্মলতা। ৪। প্রসন্নতা। ৫। উৎসাহ। ৬। আপত্তি। ৭। ব্যাপ্তি। ৮। প্রসঙ্গ। বিণ, প্রসক্ত।

প্রসংখ্যান (প্রোশংখ্যান্) [প্র—সং—খ্যা (বলা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সম্যক্‌জ্ঞান ; প্রকৃষ্ট বুদ্ধি। ২। ধ্যান ; আত্মানুসন্ধান।

প্রসঙ্গ (প্রোশংগ) [প্র—সনজ্ (আসক্ত হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, প্রস্তাব। প্র—"প্রসঙ্গ করিতে তথা আইলা মারুতি। হাতে পাণ দিয়া চণ্ডী দিলেন আরতি॥"—কবিকঙ্কণ। "কহিছে ভারতচন্দ্র রায় গুণাকর। হরিহোড় প্রসঙ্গ শুনহ ইতঃপর॥"—অন্নদামঙ্গল। ২। ব্যাপ্তি। ৩। প্রসক্তি ; অত্যানুরাগ। ৪। সঙ্গতি। ৫। আপত্তি। ৬। সম্পর্ক ; সম্বন্ধ। ৭। উত্থাপন। প্র—"শ্রীরামের অসিদ্ধ কার্য্যের বিবরণ। প্রসঙ্গ করিয়া কহে বিশ্বাসে তখন॥"—রামায়ণ (রাজ)।

প্রসঙ্গক্রমে (প্রোশংগক্রোমে) ক্রি-বিণ, কোন বিষয়ের উল্লেখ ক্রমে ; সঙ্গতিক্রমে।

প্রসঙ্গতঃ (প্রোশংগত) অ, প্রসঙ্গক্রমে।

প্রসঙ্গান্তর (প্রোশংগান্তর্) বি, ভিন্ন প্রস্তাব ; অন্য বিষয়ের উল্লেখ।

প্রসঞ্জন (প্রোশন্জন্) [প্র—সনজ্ (আসক্ত হওয়া) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অবকাশ দান ; অবসর প্রদান। ২। প্রস্তাব করণ ; প্রসঙ্গকরণ ; উল্লেখন।

প্রসন্ন (প্রোশন্ন) [প্র—সদ্ (গমন করা, তুষ্ট হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রফুল্ল ; হৃষ্ট। প্র—"প্রসন্ন বদন ; প্রসন্ন চিত্ত। ২। । প্র—প্রসন্ন দৃষ্টি।" ৩। তৃপ্ত ; সন্তুষ্ট। ৪। নির্ম্মল ; স্বচ্ছ। প্র—প্রসন্ন সলিল। ৫। উজ্জ্বল। প্র—"তোমারি মধুর রূপে ভরেছে ভুবন * * * * তরুণ অরুণ নবীন ভাতি, পূর্ণিমা প্রসন্ন রাতি, রূপরাশি বিকসিত তনু কুসুম বন।"—রবি। স্ত্রী, প্রসন্না।

প্রসন্নচিত্ত (প্রো) [প্রসন্ন হইয়াছে চিত্ত যাহার, বহু] বিণ, নির্ম্মলান্তঃকরণ। ২। হৃষ্টচিত্ত ; প্রফুল্লমনা।

প্রসন্নতা (প্রোশন্নতা) [প্রসন্ন + তা (ভাবে)] বি, স্ত্রী, প্রফুল্লতা। ২। সন্তোষ ; হর্ষ ; আনন্দ। ৪। নির্ম্মলতা ; স্বচ্ছতা। ৫। প্রসাদ ; অনুগ্রহ। ৬। ঔজ্জ্বল্য।

প্রসন্নসলিল (প্রোশন্নশোলিল্) [প্রসন্ন (নির্ম্মল) সলিল যাহার, বহু] বিণ, নির্ম্মল জলপূর্ণ ; স্বচ্ছবারি। ২। [প্রসন্ন যে সলিল, কর্ম্মধা] বি, নির্ম্মল জল।

প্রসন্না (প্রোশন্না) [প্রসন্ন (দ্রঃ) + আপ্, স্ত্রী] বিণ, প্রসাদগুণযুক্তা। ২। অনুকূলা। ৩। হৃষ্টা। ৫। বি, স্ত্রী, মদিরা।

প্রসন্নাত্মা (প্রোশন্নাৎতা) [প্রসন্ন হইয়াছে আত্মা যাহার, বহু = প্রসন্নাত্মন্ ১মা, ১ব] বিণ, নির্ম্মলান্তঃকরণ ; প্রসন্নচিত্ত ; বিমলহৃদয়। ২। বি, পুং, বিষ্ণু।

প্রসব (প্রোশব্) [প্র—সূ (প্রসব করা) + অ (ভাবে—অল্) গ্রা—পর্স] বি, পুং, সন্তান উৎপাদন। ২। গর্ভমোচন। ৩। জন্ম ; উৎপত্তি। ৪। [কর্ম্মে—অল্] সন্তান। ৫। ফল। ৬। পুষ্প। ৭। নিমিত্ত ; হেতু ; **প্রসব করা**—উৎপন্ন করা। ২। গর্ভ হইতে সন্তান ত্যাগ করা। **প্রসব করান** —সন্তান ভূমিষ্ঠ হইতে সাহায্য করা ; খালাস করান। **প্রসবকাল**—সন্তান প্রসবের সময় ; গর্ভ-মোচন কাল। **প্রসববেদনা**—প্রসব কালে প্রসূতির গর্ভযন্ত্রণা। **প্রসব হওয়া**—প্রসূত হওয়া ; সন্তান প্রসব করা। প্র—"গাভীটি প্রসব হইয়াছে"—বাঙ্গালা রচনা (সা-প-প)।

প্রসববন্ধন (প্রোশব্ বনধোন্) [প্রসব (পুষ্প) তাহার বন্ধন (বৃন্ত)—৬তৎ] বি, ক্লী, পুষ্পের বৃন্ত ; ফুলের বোঁটা।

প্রসবসহায়া (প্রোশব্ শহায়া) বি, স্ত্রী, প্রসব কার্য্যের সহায়তাকারিণী ; ধাত্রী ; a midwife.

প্রসবস্থলী (প্রোশব্ স্থোলী) [প্রসবের (উৎপত্তির) স্থলী (আশ্রয়)—৬তৎ] বি, স্ত্রী, উৎপত্তিস্থান। ২। গর্ভধারিণী ; জননী।

প্রসবিতা (প্রোশবিতা) [প্র—সূ (উৎপাদন করা, প্রসব করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) =

প্রসবিতৃ ১মা, ১ব] বিণ, উৎপন্নকারী ; জনয়িতা ; প্রসবকর্ত্তা। স্ত্রী, **প্রসবিত্রী**—জনয়িত্রী।

প্রসবী (প্রোশবী) [প্র—সূ+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=প্রসবিন্ ১মা, ১ব] বিণ, উৎপাদয়িতা। স্ত্রী, **প্রসবিনী**—প্রসবকারিণী।

প্রসব্য (প্রোশব্ ব) [প্র—সব্য (বাম)] বিণ, প্রতিকূল ; বিরুদ্ধ ; বিপরীত। ২। [প্র—সূ +য (কর্ম্মে)] প্রসবযোগ্য ; প্রসবনীয়।

প্রসভ (প্রোশভ্) ["প্রসভস্তু বলাৎকারো হঠঃ"—অমর] অ, বলাৎকার। ২। সহসা ; হঠাৎ।

প্রসয়ন (প্রোশয়ন্) [প্র—সি (বন্ধন করা) +অন (করণে—অনট্)] বি, ক্লী, বন্ধনের উপকরণ-তন্তু। ২। জাল।

প্রসর (প্রোশর্) [প্র—সৃ (গমন করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, গমন ; চলন। ২। বেগ। ৩। বিস্তার ; ব্যাপ্তি। ৪। স্বার্থপ্রবৃত্তি। ৫। উৎপত্তি। ৬। [কর্ম্মে—অল্] সমূহ। ৭। যুদ্ধ। ৮। প্রণয় ; স্নেহ। ৯। নারাচ নামক অস্ত্র। ১০। [কর্ত্তৃ—অচ্] বিণ, গমনশীল।

প্রসরণ (প্রোশরণ্) [প্র—সৃ (গমন করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ইতস্ততঃ গমন। ২। অরি-সেনাগণের চতুর্দ্দিক বেষ্টন। ৩। ব্যাপ্তি ; বিস্তৃতি। ৪। উৎপত্তি। স্ত্রী, **প্রসরণী**।

প্রসর্পণ (প্রোশর্পন্) [প্র—সৃপ্ (গমন করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ইতস্ততঃ গমন ; চলন। ২। বিস্তার। ৩। প্রসরণ। ৪। সন্তরণ।

প্রসহ (প্রোশহ) [প্র—সহ্ (সহ্য করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, কাক, শকুনি, শ্যেন, পেচক, চিল, চাষ, ভাস, কুরর প্রভৃতি শিকারী পাখী।

প্রসহন (প্রোশহন্) [প্র—সহ্ (সহ্য করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সহিষ্ণুতা ; ক্ষমা। ২। পরাভব ; পরাজয়। ৩। অনাদর ; অবহেলা। ৪। আলিঙ্গন। ৫। [কর্ত্তৃ—অনট্] সিংহাদি শিকারী পশু।

প্রসহ্য (প্রোশোজ্ ঝ) [প্র—সহ্ +য (ভাবে —যপ্)] অ, সহসা ; হঠাৎ। ২। বলপূর্ব্বক।

প্রসহ্যচৌর (প্রোশোজ্ ঝচৌর্) [প্রসহ্য (বলাৎকার) চৌর (চোর) যাহারা বলপূর্ব্বক অপহরণ করে] বি, পুং, লুণ্ঠনকারী ; দস্যু।

প্রসহ্যহরণ (প্রোশোজ্ ঝহরন্) বি, ক্লী, দস্যুতা ; বলপূর্ব্বক অপহরণ ; ডাকাইতি।

প্রসাদ (প্রোশাদ্) [প্র—সদ্ (হৃষ্ট হওয়া) +অ (ভাবে—ঘঞ্) । প্রাদে—**পসাদ**। গ্রা —**পেসাদ**] বি, দেব-নিবেদিত বস্তু অথবা গুরুজনের ভুক্তাবশিষ্ট। প্র—"দেবের দুর্লভ মহাপ্রসাদ পাইয়া আনন্দেতে যায় সাধু তরণী বহিয়া।"—সত্যনারায়ণ কথা। ২। অনুগ্রহ। প্র—"যোগ্যপতি কৃষ্ণ তোমার করুন প্রসাদ"—চৈতন্যভাগবত। "রাজা দিয়াছেন পান তোমারে প্রসাদ"—কবিকঙ্কণ। ৩। প্রসন্নতা। ৪। সৌম্যতা। ৫। নির্ম্মলতা। ৬। প্রসক্তি। ৭। স্বাস্থ্য। ৮। কাব্যের গুণবিশেষ ; রচনার যে গুণ থাকিলে শ্রবণ মাত্রেই অর্থবোধ হয়। প্র—"না রবে প্রসাদ গুণ না হবে রসাল"—অন্নদামঙ্গল।

প্রসাদন (প্রোশাদন্) [প্র—সদ্+ণিচ্ = সাদি (গমন করান)+অন (ভাবে—অনট্) বি, ক্লী, তুষ্টিসাধন ; প্রসন্নতা সম্পাদন। ২। অন্ন। স্ত্রী, **প্রসাদনা**—পরিচর্য্যা।

প্রসাদপ্রার্থনা (প্রোশাদ্) বি, অনুগ্রহভিক্ষা। ২। ভুক্তাবশেষ ভিক্ষা।

প্রসাদপ্রার্থী (প্রোশাদ্প্রার্থি) বিণ, অনুগ্রহাভিলাষী ; প্রসন্নতালাভেচ্ছু। ২। ভোজনাবশেষ প্রার্থী।

প্রসাদভোজী (প্রোশাদ্) বিণ, ভুক্তাবশেষ ভোজনকারী। ২। অনুগৃহীত।

প্রসাদাৎ (প্রোশাদাত্) [সংস্কৃত হইতে এই শব্দ অবিকল গৃহীত] অ, অনুগ্রহে ; কৃপায়। প্র—"যাহা হিতাহিত বোধ হইয়াছে তাহা বদরগঞ্জের বরদা বাবুর প্রসাদাৎ"—টেকচাঁদ। **চরণ-প্রসাদাৎ**—অনুগ্রহে। শ্রীচরণাশীর্ব্বাদে।

প্রসাধক (প্রোশাধক্) [প্র—সাধ্ (সিদ্ধি করা)+(অক—কর্ত্তৃ)] বি, পুং, সম্পাদক ; নির্ব্বাহক। ২। প্রসাধনকারী। ৩। গাত্রসম্বাহক ভৃত্য। স্ত্রী, **প্রসাধিকা**—প্রসাধনকর্ত্রী ; যে বেশভূষা করিয়া দেয় ; অলঙ্কর্ত্রী।

প্রসাধন (প্রোশাধন্) [প্র—সাধ্+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অলঙ্করণ ; সাজান। ২। পরিষ্করণ। ৩। সম্পাদন। ৪। সজ্জাদ্রব্য। ৫। কেশ পরিষ্করণ ; চুল আঁচড়ান ; সুগন্ধি দ্রব্য দ্বারা কেশ সুগন্ধীকরণ। স্ত্রী, **প্রসাধনী**—চিরুণি ; কাঁকুই। প্র—"দুর্ব্বলা মার্জ্জনা করে লয়ে প্রসাধনী।"—কবিকঙ্কণ।

প্রসাধিত (প্রোশা) [প্র—সাধ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সম্পাদিত। ২। পরিষ্কৃত। ৩। সজ্জিত ; অলঙ্কৃত।

প্রসারণ (প্রোশারন্) [প্র—সৃ+ণিচ্=সারি +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বিসারণ ; বিস্তৃতকরণ।

প্রসারিত (প্রোশারিত) [প্র—সৃ+ণিচ্= =সারি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সম্পাদিত। ২। বিস্তৃত ; ব্যাপ্ত।

প্রসারী (প্রোশারী) [প্র—সৃ (গমন করা) +ইন্ (কর্ত্তৃ—ণিন্)] বিণ, প্রসরণশীল ; ব্যাপক। স্ত্রী, **প্রসারিণী**—গন্ধভাদালিয়া লতা ; গাঁদাল।

প্রসিত (প্রোশিত) [প্র (সম্পূর্ণ বা বিশিষ্টভাবে) সিত (শুভ্র)] বিণ, সুশুভ্র। ২। ব্যাপৃত ; নিযুক্ত। ৩। প্রসক্ত।

প্রসিতি (প্রোশিতি) [প্র—সি (বন্ধনে)+তি (করণে—ক্তি)] বি, স্ত্রী, রজ্জু শৃঙ্খলাদি।

প্রসিদ্ধ (প্রোশিদ্ধ) [প্র—সিধ্ (খ্যাত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রখ্যাত ; খ্যাতিযুক্ত। ২। উন্নত। ৩। অলঙ্কৃত ; ভূষিত।

প্রসিদ্ধি (প্রোশিধ্ধি) [প্র—সিধ্+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, প্রতিপত্তি ; প্রখ্যাতি।

প্রসীদ (প্রোশিদ) [সং—ক্রি-পদ। প্র—সদ্ (প্রসন্ন হওয়া)+হি (লোট—ম-পু—১ব) প্রা-ও মধ্য-বাং-য়] ক্রি, প্রসন্ন হও ; তুষ্ট হও। প্র—"কৌষিকি কালিকে চণ্ডিকে অম্বিকে প্রসীদ নগনন্দিনী।"—অন্নদামঙ্গল। "প্রসীদ সিদ্ধ ঈশ্বরি।" "প্রসীদ মুণ্ডমালিনি! শশাঙ্কখণ্ডভালিনি"—শূন্যপুরাণ।

প্রসুপ্ত (প্রোশুপ্ত) [প্র—স্বপ্ (নিদ্রা যাওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, নিদ্রামগ্ন ; তন্দ্রাযুক্ত ; নিদ্রিত।

প্রসূ (প্রোশু) [প্র—সূ (প্রসব করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, স্ত্রী, জননী ; প্রসূতি। ২। কদলী বৃক্ষ ; কলাগাছ। ৩। লতা।

প্রসূত (প্রোশুত) [প্র—সূ+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উৎপন্ন ; সঞ্জাত। স্ত্রী, প্রসূতা।

প্রসূতি (প্রোশুতি) [প্র—সূ+তি (কর্ত্তৃ—ক্তিচ্)] বি, স্ত্রী, জননী। ২। দক্ষপত্নী। প্র—"কোলেতে লইয়া সতী প্রসূতি পুলকবতী কৈল চণ্ডী মায়ের প্রণতি।"—কবিকঙ্কণ। বিধির মানস সুত দক্ষ মুনি তপ যুত প্রসূতি তাহার ধর্ম্মজায়া।"—অন্নদামঙ্গল। ৩। গর্ভ। ৪। উৎপত্তি ; কারণ।

প্রসূতিকা (প্রোশুতিকা) [প্রসূতিক, আপ্] বি, স্ত্রী, নব প্রসূতা ; জাতাপত্যা।

প্রসূন (প্রোশুন্) [প্র—সূ+ত (কর্ম্মে—ক্ত)] বি, ক্লী, কুসুম ; পুষ্প। ২। ফল। ৩। মুকুল। ৪। বিণ, জাত ; উৎপন্ন।

প্রসৃত (প্রোস্সৃত) [প্র—সৃ (গমন করা) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, নিঃসৃত ; নির্গত। ২। প্রবৃদ্ধ। ৩। ব্যাপ্ত। ৪। বিস্তারযুক্ত ;

প্রশস্ত। ৫। বি, পুং, অর্দ্ধাঞ্জলি করকোষ। ৬। স্ত্রী, দুইপল পরিমাণ। স্ত্রী, প্রসৃতা—জঙ্ঘা।

প্রসৃতি (প্রোস্‌সৃতি) [প্র—সৃ+তি (কর্ম্মে—ক্তি)] বি, স্ত্রী, অঞ্জলির অর্দ্ধ; করকোষ। প্র—"প্রাড়্‌বিবাক দুর্গা প্রভৃতি উগ্রদেবতা পূজা করিয়া এই সকল দেবতার স্নানীয় জল লইয়া মন্ত্রপূত করিবে। অনন্তর তাহা হইতে তিন প্রসৃতি জল অভিযুক্তকে পান করাইবে।"—যাজ্ঞবল্ক্যসংহিতা (বঙ্গবাসী)। [দ্রঃ—নিকুঞ্জ (কোঁকড়ান) করতলের নাম প্রসৃতি, দুই প্রসৃতিতে এক অঞ্জলি হয়। "পাণির্নিকুব্জঃ প্রসৃতিস্তৌযুতাবঞ্জলিঃ পুমান্" —অমর]।

প্রসেক (প্রোশেক্) [প্র—সিচ্ (সেচন করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, সেচন; নিষেক। ২। বমণ।

প্রসেদিকা (প্রোশেদিকা) [প্র (অত্যুত্তম) সদ্ (গমন করা)+অক (কর্ত্তৃ—আপ্) ই —আগম] বি, স্ত্রী, ক্ষুদ্র উদ্যান।

প্রসেন (প্রোশেন্) বি, পুং, রাজা সত্রাজিতের ভ্রাতা; যযাতির জ্যেষ্ঠপুত্র যদুর বংশধর। প্র—"মণি হেতু যুঝে যেন কেশরী প্রসেনে। মাংস হেতু যুদ্ধ যেন সৈতানে সৈতানে॥" —কবিকঙ্কণ।

প্রস্কন্ন (প্রোশকন্‌ন) [প্র—স্কন্দ+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, পতিত। ২। গত। ৩। নিঃসৃত; বিগলিত। ৪। শুষ্ক।

প্রস্তর (প্রো) [প্র—স্তৃ (আচ্ছাদনে)+অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, পাষাণ; পাথর। ২। মণি।

প্রস্তরখণ্ড (প্রোস্‌তর্‌খন্‌ডো) বি, ক্লী, পাষাণ-খণ্ড; পাথরের টুকরা।

প্রস্তরতত্ত্ব (প্রোস্‌তর্‌তত্‌ত) বি, প্রস্তরযুগের সৃষ্টিতত্ত্ব; পদার্থের প্রস্তরীভবন, প্রস্তরের উৎপত্তি, পরিণতি প্রভৃতি সম্বন্ধীয় বিজ্ঞান।

প্রস্তরতত্ত্বজ্ঞ (প্রোস্‌তর্‌তত্‌তোগ্‌গ) বিণ, প্রস্তরতত্ত্ববিৎ।

প্রস্তরতত্ত্ববেত্তা (প্রোস্‌তর্‌তত্‌তবেৎতা) বিণ, প্রস্তরতত্ত্বজ্ঞ।

প্রস্তরতত্ত্বসংক্রান্ত (প্রোস্‌তর্‌তত্‌তোশং) বিণ, প্রস্তরতত্ত্বঘটিত; প্রস্তরতত্ত্ব সম্বন্ধীয়।

প্রস্তরনির্ম্মিত (প্রোস্‌তর্) বিণ, পাষাণ-রচিত; পাথরে প্রস্তুত।

প্রস্তরফলক (প্রোস্‌তর্‌ফলক্) বি, ক্লী, স্লেট।

প্রস্তরবেদিকা (প্রোস্‌তর্) বি, স্ত্রী, পাথরের বেদী।

প্রস্তরময় (প্রোস্‌তর্‌ময়্) বিণ, পাষাণময়; প্রস্তরনির্ম্মিত। স্ত্রী, প্রস্তরময়ী।

প্রস্তরমূর্ত্তি (প্রোস্‌তর্) বি, স্ত্রী, পাষাণে নির্ম্মিত প্রতিমা; প্রস্তরগঠিত আকৃতি; statue.

প্রস্তররাশি—বি, পাষাণস্তূপ।

প্রস্তরীকরণ (প্রোস্‌তোরিকরণ্) বি, প্রস্তরে পরিণতকরণ। বিণ, প্রস্তরীকরণীয়।

প্রস্তরীকৃত (প্রোস্‌তোরিক্‌কৃত) বিণ, প্রস্তরে পরিণত।

প্রস্তরীভবন (প্রোস্‌তোরীভবন্) বি, প্রস্তরে পরিণত হওন। বিণ, প্রস্তরীভবনীয়।

প্রস্তরীভূত (প্রোস্‌তোরী) বিণ, প্রস্তরে পরিণত।

প্রস্তাব (প্রোস্‌তাব্) [প্র—স্তু (স্তব করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, প্রসঙ্গ। ২। উল্লেখ। ৩। কথারম্ভ। ৪। প্রকরণ। ৫। সুযোগ। ৬। অবসর। ৭। বেদাঙ্গ-বিশেষ।

প্রস্তাবনা (প্রোস্‌তাবনা) [প্র—স্তু+ণিচ্ = স্তাবি (কথারম্ভ করান)+অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, অভিনয়ের প্রারম্ভিক প্রসঙ্গ। ২। উপক্রম; আরম্ভ।

প্রস্তাবিকা (প্রো) [ইং—prospectus শব্দের অর্থ ও উচ্চারণগত অনুকরণে] বি, কোন অনুষ্ঠানের পূর্ব্বাভাস পত্র; অনুষ্ঠান-পত্র। প্র—"প্রস্তাবিকাতে সভার দুটী প্রধান উদ্দেশ্য এইরূপে বর্ণিত আছে।"—নব্যরসায়নী-বিদ্যা।

প্রস্তাবিত (প্রো) [প্রস্তাব+ইত (কৃতার্থে)] বিণ, কথিত; উল্লিখিত।

প্রস্তার (প্রোস্‌তার্) [প্র—স্তৃ (আস্তরণ করা, বিস্তার করা)+অ (করণে—ঘঞ্)] বি, পুং, ছন্দোগ্রন্থের প্রক্রিয়াবিশেষ। ২। তৃণ-পত্রাদি নির্ম্মিত শয্যা। ৩। ঘাস বন। ৪। [ভাবে—ঘঞ্] ব্যাপ্তি; বিস্তৃতি।

প্রস্তুত (প্রোস্‌তুত্) [সং] বিণ, উপস্থিত; বিদ্যমান। ২। উল্লিখিত। ৩। তৈয়ার; সজ্জিত। প্র—"মুনি কহে দ্রুত সকলি প্রস্তুত বর হয়ে কবে যাবা।"—অন্নদামঙ্গল। ৪। উন্মুখ; উদ্যুক্ত; তৎপর। ৫। সপ্রতিভ। ৬। প্রশংসিত। ৭। প্রকৃষ্ট স্তুতিযুক্ত। ৮। প্রত্যুৎপন্ন। ৯। সুদক্ষ। ১০। প্রাসঙ্গিক। বি, প্রস্তুততা।

প্রস্তৃত [প্র—স্তৃ (আচ্ছাদন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রসারিত।

প্রস্থ (প্রোস্থ) [প্র—স্থা (থাকা)+অ (অধি—ড)] বি, পুং, বিস্তার; পরিসর। ২। শৈলোপরিস্থ সমতল ভূমি; সানুদেশ। ৩। পরিমাণবিশেষ।

প্রস্থদেশ (প্রোস্থদেশ) বি, সানুদেশ। প্র—"সে গিরির প্রস্থ দেশে 'সিংহ' নামধারী, এক রূপ পক্ষী আছে বলবান ভারী।"—রামায়ণ (রাজ)।

প্রস্থান (প্রোস্থান) [প্র—স্থা (থাকা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রয়াণ; যাত্রা। ২। যুদ্ধযাত্রা। বিণ, প্রস্থিত।

প্রস্থানোদ্যত (প্রোস্থানোদ্‌দত) বিণ, প্রস্থাপিত; গমনোদ্যত।

প্রস্থানোদ্যোগ (প্রোস্থানোদ্‌যোগ্) বিণ, গমনোদ্যোগ; যাইবার জন্য তৎপরতা। ২। গমনের জন্য আয়োজন।

প্রস্থানোন্মুখ (প্রোস্থানোন্‌মুখ্) বিণ, গমনে প্রবৃত্ত; গমনোদ্যত।

প্রস্থাপিত (প্রোস্থাপিত) [প্র—স্থা+ণিচ্, =স্থাপি (প্রস্থান করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিযুক্ত। ২। প্রেরিত।

প্রস্থায়ী (প্রোস্থায়ী) [প্র—স্থা (থাকা)+ইন্ (ভবিষ্যদর্থে—ণিন্)=প্রস্থায়িন্ ১মা, ১ব] বিণ, প্রয়াণোন্মুখ; গমনোদ্যত।

প্রস্থিত (প্রোস্থিত) [প্র—স্থা+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, গত।

প্রস্নুষা (প্রোস্নুষা) [সং। প্র—স্নুষা] বি, স্ত্রী, নপ্তৃবধূ; নাতবৌ।

প্রস্নেয় (প্রোস্নেয়) [প্র—স্না (স্নান করা) +য (অর্হার্থে)] বিণ, স্নানের উপযোগী।

প্রস্ফুট (প্রোশ্‌ফুট) [প্র—স্ফুট্ (বিকসিত হওয়া)+অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, প্রফুল্ল; প্রস্ফুটিত। ২। প্রকাশিত।

প্রস্ফুটিত (প্রোশ্‌ফুটিত) [প্র—স্ফুট্ (বিকসিত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিকশিত; ফুটন্ত।

প্রস্ফুরক (প্রোশ্‌ফুরক্) [রাসাঃ পরিঃ] বি, দীপক প্রদার্থবিশেষ; অম্লজানবাষ্পযোগে জ্বলনশীল পদার্থবিশেষ; phosphorus.

প্রস্ফুরকজাত (প্রোশ্‌ফুরক্) বিণ, প্রস্ফুরক হইতে উৎপন্ন; স্নায়বিক উপাদানবিশেষ-সংক্রান্ত; phosphoric.

প্রস্ফুরকীয় (প্রো) বিণ, প্রস্ফুরক সম্বন্ধীয়; প্রস্ফুরকঘটিত।

প্রস্ফুরণ (প্রোশ্‌ফুরন্) বি, ঈষৎস্পন্দন। বিণ, প্রস্ফুরিত।

প্রস্ফুরণশীলতা (প্রো, ন্) বি, কম্পন-শীলতা। বিণ, প্রস্ফুরণশীল।

প্রস্ফুরিতাধর (প্রোশ্‌ফুরিতাধর্) বিণ, কম্পিত অধর। স্ত্রী, প্রস্ফুরিতাধরা।

প্রস্ফোটন (প্রোশ্‌ফোটন্) [প্র—স্ফুট্+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বিদীর্ণ হওন; বিদারণ। ২। বিকাসন। ৩। পক হওন; পাকন।

প্রস্রব (প্রোস্‌স্রব্) [প্র—স্রু (ক্ষরিত হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, ক্ষরণ ; গলন।

প্রস্রবণ (প্রোস্‌স্রোবন্) [প্র—স্রু (ক্ষরিত হওয়া) + (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, জলপ্রবাহ ; নির্ঝর। ২। উৎস। ৩। [অপা—অন] যাহা হইতে ক্ষরিত হয় ; মাল্যবান পর্ব্বত।

প্রস্রাব (প্রোস্‌স্রাব্) [প্র—স্রু (ক্ষরিত হওয়া) + অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, মূত্র ; মুত।

প্রস্রুত (প্রোস্‌স্রুত) [প্র—স্রু (ক্ষরিত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, নিঃসৃত ; বিগলিত।

প্রস্বান (প্রোশ্‌শান্) [প্র (প্রকৃষ্ট) স্বান (রব)] বি, পুং, উচ্চধ্বনি ; উচ্চরব।

প্রস্বাপ (প্রোশ্‌শাপ্) [প্র (প্রকৃষ্ট) স্বাপ (নিদ্রা)] বি, পুং, নিদ্রাজনক অস্ত্র। ২। গাঢ়নিদ্রা।

প্রস্বাপন (প্রোশ্‌শাপন্) [প্র (প্রকৃষ্ট) স্বপ্ (নিদ্রিত হওয়া) + ণিচ্ = স্বাপি অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নিদ্রাকর্ষক অস্ত্রবিশেষ। ২। গাঢ়নিদ্রা। প্র—"গভীর নিশীথ এবে মহা প্রস্বাপনে নিমজ্জিতা মায়াপুরী।"—অমিতাভ।

প্রস্বেদ (প্রো) [প্র (অধিক) স্বেদ (ঘর্ম্ম)] বি, পুং, প্রচুর ঘর্ম্ম ; অত্যন্ত ঘাম।

প্রহত (প্রো) [প্র—হন্ (বধ করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, আঘাতপ্রাপ্ত ; আহত। ২। বিস্তৃত। ৩। ধ্বনিত ; মুখরিত। ৪। গুণিত। ৫। নিকটস্থ। ৬। পরাজিত। ৭। বিতাড়িত।

প্রহর (প্রোহর্) [সং। প্রা—পহর্] বি, পুং, দিবারাত্রের আট ভাগের ভাগ ; যাম। ২। ঘণ্টা ; hour.

প্রহরণ (প্রোহরণ) [প্র (প্রকৃষ্ট ভাবে) হৃ (নাশ করা) + অন (করণে—অনট্)] বি, ক্লী, অস্ত্র। প্র—"পাশাঙ্কুশ ঘণ্টা খেটক শরাসন। বাম পাঁচ করে শোভে পাঁচ প্রহরণ॥"—কবিকঙ্কণ। "ধরি অনেক প্রহরণ জরীর পহিরণ সিফাইগণ রণমাঝে।"—অন্নদামঙ্গল। ২। [ভাবে—অনট্] প্রহার। ৩। [অধি—অনট্] যুদ্ধ। ৪। ডুলি ; পাল্কী ; ঢাকা গাড়ী।

প্রহরী (প্রোহোরি) [প্রহর + ইন্ (অস্ত্যর্থে) = প্রহরিন্ ১মা, ১ব] বি, পুং, চৌকীদার।

প্রহর্ত্তা (প্রো) [প্র (প্রকৃষ্ট ভাবে) হৃ (হনন করা, নাশ করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = প্রহর্ত্তৃ ১মা, ১ব] বিণ, যোদ্ধা ; আঘাতকারী ; প্রহারকর্ত্তা।

প্রহর্ষণ (প্রো, ন্) [প্র—হৃষ্ (হৃষ্ট হওয়া) + অন (কর্ত্তৃ—অনট্)] বিণ, আনন্দপ্রদ ; আহ্লাদজনক ; হর্ষদায়ক। ২। বি, পুং, বুধগ্রহ।

প্রহর্ষণী, প্রহর্ষিণী (প্রো) [প্র—হৃষ্ (হৃষ্টা হওয়া) + অন (করণে—অনট্—ঈপ্, স্ত্রী)] বি, স্ত্রী, ত্রয়োদশ অক্ষর ছন্দোবিশেষ।

প্রহসন (প্রোহশন্) [প্র (প্রধিক) হস্ (হাস্য করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অতিহাস্য। ২। [অধি—অনট্] হাস্যরসপ্রধান নাট্যগ্রন্থবিশেষ। ৩। পরিহাস ; ব্যঙ্গোক্তি।

প্রহস্ত (প্রো) [প্র—হস্ত (হাত)] বি, পুং, রাক্ষসরাজ রাবণের সেনাপতি। ২। চপেটাঘাত।

প্রহার (প্রোহার্) [প্র (প্রকৃষ্ট) হৃ (নাশনে —আঘাত করণে) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, আঘাত ; নিগ্রহ। ২। শাস্তি ; যন্ত্রণা। প্র—"আপনি ত জান স্ত্রীলোকের ব্যবহার। সতিনী লইলে পতি বড়ই প্রহার॥"—অন্নদামঙ্গল। ৩। [অধি—ঘঞ্] যুদ্ধ।

প্রহাস (প্রোহাশ্) [প্র—হস্ (হাস্য করা) + অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে, ঘঞ্)] বি, পুং, নট। ২। উচ্চহাসি। ৩। সোমতীর্থ। ৪। নাগবিশেষ। ৫। সমুজ্জ্বল।

প্রহাসী (প্রো) [প্রহাস + ইন্ (অস্ত্যর্থে) = প্রহাসিন্ ১মা, ১ব] বি, পুং, যে ব্যক্তি অত্যন্ত হাসে বা অপরকে হাসায় ; বিদূষক ; ভাঁড়।

প্রহারী (প্রো) [প্রহার (দ্রঃ) + ইন্ (অস্ত্যর্থে) = প্রহারিন্ ১মা, ১ব] বিণ, প্রহারকারী। ২। বি, পুং, রাক্ষসবিশেষ।

প্রহিত (প্রো) [প্র—ধা (ধারণ করা, ক্ষেপণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রযুক্ত। ২। নিরস্ত ; নিবৃত্ত। ৩। বিক্ষিপ্ত ; প্রক্ষিপ্ত। ৪। নিযুক্ত। ৫। প্রদত্ত। ৬। প্রেরিত।

প্রহীণ (প্রোহীন্) [প্র—হা (ত্যাগে) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বিহীন ; বিচ্যুত। ২। ত্যক্ত।

প্রহৃত (প্রোহৃত) [প্র—হৃ (হরণ করা, আঘাত করা) + ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, আঘাত ; প্রহার। ২। [কর্ম্মে—ক্ত] বিণ, আহত ; আঘাতিত। ৩। নিগৃহীত।

প্রহৃষ্ট (প্রো) [প্র—হৃষ্ + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, অত্যন্ত হর্ষযুক্ত ; অতিশয় আনন্দিত।

প্রহেলিকা (প্রো) [প্র—হিল্ (ভাবকরণে, অভিপ্রায় সূচনে) + অ (করণে—অল্) + কণ্ + আপ্ স্ত্রী] বি, স্ত্রী, যে রচনায় বাহ্যার্থের আবরণে স্বরূপার্থ গূঢ় ভাবে অবস্থিতি করে ; দুর্ব্বিজ্ঞেয়ার্থ প্রশ্ন ; হেঁয়ালী। প্র—"প্রহেলিকা কহে শুক রাজার সমাজে। নৃপতির আদেশে পণ্ডিতগণ বুঝে॥"—কবিকঙ্কণ।

প্রহ্লাদ (প্রোল্‌হাদ্) [প্র—হ্লাদ্ (আনন্দিত হওয়া) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, হর্ষ ; আহ্লাদ। ২। দানবরাজ হিরণ্যকশিপুর পুত্র। ৩। নাগবিশেষ। ৪। আনন্দ ; আহ্লাদ।

প্রহ্লাদন (প্রোল্‌হাদন) [প্র—হ্লাদ্ + ণিচ্ = হ্লাদি + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আনন্দ জনন ; আহ্লাদকরণ। ২। [কর্ত্তৃ—অন] বিণ, হর্ষপ্রদ।

প্রাইজ (জ্) [ইং—prize] বি, পুরস্কার ; উপহার। ২। পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রদিগের মধ্যে সর্ব্বশ্রেষ্ঠ বা সর্ব্বোচ্চস্থানীয়দিগকে দেয় বা দত্ত উপহার। ৩। প্রাইজ বিতরণোৎসব।

প্রাইমারি [ইং—primary] বিণ, প্রাথমিক। ২। প্রাথমিক শিক্ষার উপযোগী পাঠ্য।

প্রাংশু [প্র (প্রকৃষ্ট) অংশু (কিরণ) যাহার, বহু] বি, পুং, বৈবস্বত মনুর পুত্র। ২। বিণ, উন্নত ; উঁচু।

প্রাক্ [প্র—অন্চ্ (গমন করা) + ক্বিপ্ (অধি)] অ, সম্মুখে ; অগ্রে। ২। প্রথমে ; পূর্ব্বে। ৩। পূর্ব্বদেশ।

প্রাকরণিক (ক্) [প্রকরণ + ইক (সম্বন্ধে—ইকণ্)] বিণ, প্রকরণ-সম্বন্ধীয়।

প্রাকাম্য (প্রাকাম্‌ম) [প্রকাম ("কামং প্রকামং পর্য্যাপ্তং, নিকামেষ্টং যথেপ্সিতম্"—অমর) + য (ষ্য—ভাবে)] বি, ক্লী, যথেচ্ছাচারিত্ব ; মহাদেবের অষ্টবিধ ঐশ্বর্য্যের অন্যতম ; স্বচ্ছন্দানুবর্ত্তিতা ; ষট্‌-স্বচ্ছন্দপ্রবৃত্তির অন্যতম।

প্রাকার (র্) [প্র—আ—কৄ (বিক্ষেপ করা, বেষ্টন করা) + অ (করণে—ঘঞ্) উপসর্গের অ স্থানে আ। যাহাদ্বারা বেষ্টন করা হয়] বি, পুং, প্রাচীর ; দেওয়াল ; কাঁথ। বেড়া।

প্রাকৃত [প্র (প্রকৃষ্টরূপে) + অকৃত = যাহা কৃত নহে] বিণ, প্রকৃতিতে জাত বা প্রকৃতি হইতে জাত ; স্বাভাবিক ; নৈসর্গিক। ২। স্বভাবসিদ্ধ ; প্রকৃতি সম্বন্ধীয়। ৩। প্রজাসম্বন্ধীয়। ৪। সামান্য ; সাধারণ। ৫। অশিষ্ট ; নীচ। ৬। বি, ভাষাবিশেষ ; যে ভাষা স্বভাব বা প্রকৃতি হইতে যেরূপ জাত হইয়াছে, অথবা, যে ভাষা যেরূপ আকারে প্রথম অবস্থায় ছিল ঠিক সেইরূপই আছে ; সাধারণ প্রাকৃত লোকেরা যে ভাষা ব্যবহার করিত ; অসংস্কৃত ভাষা ; পালি ভাষা ; মাগধী ভাষা। ৭। কথোপকথনের ভাষা ; চলিত ভাষা।

প্রাকৃতজন (ন্) [প্রাকৃত জন] বি, ইতর সাধারণ ; the vulgar.

প্রাকৃতজ্বর (প্রাকৃতজ্‌জর্) [সং] বি, পুং, ঋতু ভেদে বাতশ্লেষ্মাদি প্রধান জ্বর।

প্রাকৃত তত্ত্ব (প্রাকৃত্‌তৎত) [প্রাকৃত—তত্ত্ব (যাথার্থ্য)] বি, যে শাস্ত্রে সৃষ্ট পদার্থ সম্বন্ধীয় জ্ঞান জন্মে ; natural philosophy.

প্রাকৃততত্ত্বদর্শন (প্রাকৃত্‌তৎতদর্শন) জাগতিক পদার্থ দর্শনে যে পরমাত্মজ্ঞান জন্মে ; natural theology.

প্রাকৃততন্ত্র [প্রাকৃত (জন সাধারণ) তন্ত্র (দ্রঃ)] বি, প্রজাতন্ত্র ; democracy.

প্রাকৃতপ্রলয় (প্রোলয়্‌) বি, ব্রহ্মাণ্ডপতির লয় নিবন্ধন ব্রহ্মাণ্ডের যাবতীয় সৃষ্ট পদার্থের লয় ; সৃষ্টিনাশ।

প্রাকৃত ভূগোল (ল্‌) বি, ভূমণ্ডলস্থ জল স্থল পর্ব্বতাদির অবস্থান, শীত বাতাদির হ্রাস, বৃদ্ধি, পরিণতি এবং নানা দেশোৎপন্ন পদার্থের বৃত্তান্ত যাহাতে জানিতে পারা যায় ; physical geography.

প্রাকৃতসমাজ (জ্‌) বি, ইংলণ্ডীয় রাজসভা-সম্বন্ধীয় সাধারণ প্রজাদিগের সমাজ ; House of Commons.

প্রাকৃতিক (ক্‌) [প্রকৃতি+ইক (সম্বন্ধার্থে ইকণ)] বিণ, প্রকৃতি সংক্রান্ত ; স্বাভাবিক।

প্রাকৃতিক ইতিবৃত্ত—যে শাস্ত্রদ্বারা সৃষ্ট পদার্থের স্বরূপ ও অবস্থার বিষয়বিশেষ জ্ঞাত হওয়া যায়।

প্রাকৃতিক দর্শন (ক্‌, ন্‌) বি, পদার্থবিদ্যা ; natural philosophy.

প্রাকৃতিক বিজ্ঞান—বি, জড়পদার্থ সম্বন্ধীয় তত্ত্বশাস্ত্র ; natural science.

প্রাক্কাল (প্রাক্‌কাল্‌) [প্রাক্‌ (পূর্ব্ব—কাল) বি, পূর্ব্ববর্ত্তী সময় ; প্রারম্ভ কাল। ক্রি-বিণ, **প্রাক্কালে**—পূর্ব্বে। প্র—"সন্ধ্যার প্রাক্কালে মনোরমা হেমচন্দ্রের গৃহে প্রবেশ করিল।" —মৃণালিনী।

প্রাক্কালিক (প্রাক্‌কালিক্‌) [প্রাক্কাল (দ্রঃ) +ইক (ণ্‌)] বিণ, পূর্ব্বকালোৎপন্ন ; পূর্ব্বকালজাত। ২। পূর্ব্বতন ; আদিম। স্ত্রী, **প্রাক্কালিকী**।

প্রাক্কালীন (প্রাক্‌কালীন্‌) [প্রাক্‌—কাল —ঈন (সম্বন্ধে)] বিণ, পূর্ব্বতন ; প্রাচীন ; পূর্ব্বকালীন।

প্রাক্তন (প্রাক্‌তন্‌) [প্রাক্‌ (পূর্ব্ব) +তন (ভবার্থে—তনট্‌)] বিণ, পূর্ব্বকালীন। [দ্রঃ—পূর্ব্ব পূর্ব্ব জন্মে যে পুরুষকার হইয়াছিল তাহার ফলভোগ হইতে হইতে যাহা অবশিষ্ট ছিল, এজন্মে তাহাই প্রাক্তন। প্রাক্তনকে দৈব বা অদৃষ্ট বলে। প্রাক্তন পুরুষকার বর্ত্তমান পুরুষকার দ্বারা জয় করা যায়। সৎশিক্ষা ও আত্মার উন্নতি দ্বারা ইহা সাধন করা যায়। এই সাধনাকেই তপস্যা বলে] । ২। পূর্ব্বজন্মোৎপন্ন ; জন্মান্তরীণ ; পূর্ব্বজন্মার্জ্জিত। প্র—"আছিল প্রাক্তনে পুণ্য তাহার কারণ। কৌশল্যারে দেখা দেন প্রভু নারায়ণ।"— । ৩। অদৃষ্ট। প্র—প্রাক্তন কর্ম্মের বশে চলে লোকচয়, প্রাক্তনে কর্ম্মের কাল সহকারী হয়।"—রামায়ণ (রাজ)। প্র— "প্রাক্তনের গতি হায় কার সাধ্য রোধে।"— মেঘনাদবধ।

প্রাক্তন কর্ম্ম (ন্‌) [প্রাক্তনের (পূর্ব্ব জন্মের) কর্ম্মন্‌ (কার্য্য)—৬তৎ] বি, ক্লী, পূর্ব্ব জন্মার্জ্জিত পাপ পুণ্য। প্র—"প্রাক্তনকর্ম্মের বশে চলে লোকচয়"—রামায়ণ (রাজ)। ২। দৈব। ৩। ভাগ্য।

প্রাখর্য্য (প্রাখর্‌জ) [প্রখর+য (ভাবে, যণ্‌)] বি, ক্লী, তীক্ষ্ণতা ; প্রখরতা।

প্রাগভাব (গ্‌, ব্‌) [প্রাক্‌ (পূর্ব্বে) অভাব] বি, পুং, একান্তভাব। ২। বস্তু উৎপাদনের পূর্ব্ববর্ত্তী অসদ্ভাব ; কোন বস্তু উৎপন্ন হইবার পূর্ব্বে তাহার অনস্তিত্ব। [দ্রঃ—কৃত্রিম বস্তু উৎপন্ন হইবার অব্যবহিত পূর্ব্বকালে তাহার যে অভাব থাকে তাহার নাম প্রাগভাব যেমন কুলালচক্রে ঘটের প্রাগভাব থাকে] ।

প্রাগল্‌ভ্য [প্রগল্‌ভ+য (ভাবে—যণ্‌)] বি, ক্লী, ধৃষ্টতা। ২। ঔদ্ধত্য ; প্রগলভতা। ৩। তেজস্বিতা।

প্রাগুক্ত [প্রাক্‌ (পূর্ব্বে) উক্ত (কথিত)] বিণ, পূর্ব্ব কথিত ; পূর্ব্বে উল্লিখিত ; পূর্ব্বোক্ত।

প্রাগুদীচী [প্রাক্‌ (পূর্ব্বদিক) উদীচী (উত্তরদিক)] বি, স্ত্রী, ঈশান কোণ।

প্রাগৈতিহাসিক (—হাশিক্‌) [প্রাক্‌ (পূর্ব্ব) ইতিহাস ইক। এই শব্দ ইং— prehistoric শব্দের অর্থও উচ্চারণ অনুকরণে পরিভাষিত] বিণ, ইতিহাসপূর্ব্ব যুগ সম্বন্ধীয় ; ঐতিহাসিক কালের পূর্ব্ববর্ত্তী। প্র—"যেখানে ভূতত্ত্ব শেষ হইয়াছে। মানবের ইতিহাস ও প্রত্নতত্ত্ব সেইখানে আরম্ভ হইয়াছে। এই যুগসন্ধিস্থলের কতকগুলি আলোচ্য বিষয় আছে, যাহা ভূতত্ত্ববিদ্‌ ও প্রত্নতত্ত্ববিদ্‌ উভয়েরেই বিষয়ীভূত ইহার নাম প্রাগৈতিহাসিক প্রত্নতত্ত্ব (pre-histotic archaeology)"—ভারতবর্ষ—১৩২১।

প্রাগ্‌জ্যোতিষ (ষ্‌) [প্রাক্‌ (পূর্ব্ব) জ্যোতিষ (দীপ্তি)] বি, পুং, কামরূপ ; কামাখ্যা। ২। তদ্দেশীয় লোক।

প্রাগ্‌জ্যোতিষপুর (ষ্‌, র্‌) বি, আসামের অন্তর্গত কামরূপ।

প্রাগ্‌দৃষ্ট [প্রাক্‌ (পূর্ব্ব) অদৃষ্ট (ভাগ্য)] বি, পূর্ব্বজন্মের সুকৃতির ফল ; পূর্ব্ব ভাগ্য। ২। [প্রাক্‌ (পূর্ব্বে) অদৃষ্ট (অনবলোকিত)] বিণ, ইতি পূর্ব্বে যে দৃষ্টি পথে পতিত হয় নাই। প্র—"প্রাগদৃষ্ট অচ্যুত পুরুষ পেয়ে সঙ্গ"—শিবায়ন।

প্রাগ্র্য (প্রাগ্‌গ্র) [প্র (প্রথম) অগ্র+য (ষ্য, ভাবে)] বিণ, শ্রেষ্ঠ ; প্রধান।

প্রাগ্বংশ (প্রাগ্‌বংশ) [প্রাক্‌ (পূর্ব্ব)—বংশ (কুল)] বি, পুং, পূর্ব্ববংশ। ২। যজ্ঞশালার সম্মুখস্থ গৃহ। ৩। যজ্ঞাগারের কাঠবিশেষ।

প্রাঘুণ, প্রাঘুণিক (ন্‌, ক্‌) [সং] বি, পুং, অভ্যাগত ; অতিথি।

প্রাঙ্‌ [প্র—অনচ্‌ (গমন করা) +(ক্বিপ— কর্ত্তৃ)] বিণ, প্রাচী ; পূর্ব্বদিক্‌। ২। প্রাচীন ; পূর্ব্বকালীন ; পূর্ব্বতন। ৩। প্রাচীনকাল ; পূর্ব্বসময়।

প্রাঙ্গণ (প্রাংগন্‌) [প্র—অনগ্‌ (গমন করা) +অন (অধি—অনট্‌)] বি, ক্লী, অঙ্গন ; উঠান। ২। গৃহভূমি।

প্রাঙ্‌ন্যায় (য়্‌) পূর্ব্ব বিচারিত বিষয়ের পুনর্ব্বিচার।

প্রাঙ্‌ন্যায়োত্তর (র্‌) বি, যে অপরাধের জন্য বিচার হইবে ইতিপূর্ব্বে তাহার নিষ্পত্তি হইয়া গিয়াছে এতদর্থে প্রতিবাদীর আপত্তি।

প্রাঙ্মুখ (প্রাংমুখ্‌) [প্রাক্‌ (পূর্ব্বদিকে) মুখ যাহার, বহু] বিণ, পূর্ব্বমুখ। স্ত্রী, **প্রাঙ্মুখী**।

প্রাচী [প্রাঞ্চ্‌=প্রাচ+ঈপ্‌ স্ত্রী] বি, পূর্ব্বদিক্‌।

প্রাচীন (ন্‌) [প্রাচ্‌ (পূর্ব্ব) +ঈন (ভবার্থে —ণীন)] বিণ, প্রাচ্য ; পূর্ব্বদেশীয়। ২। পূর্ব্বকালীন ; পুরাতন। ৩। প্রাচীন ; বৃদ্ধ।

প্রাচীনাবীত [প্রাচীন (পূর্ব্ব) আবীত (লম্বিত)] বি, পুং, শ্রাদ্ধাদি কার্য্যে বামহস্ত বাহির করিয়া দক্ষিণ স্কন্ধে অর্পিত যজ্ঞোপবীত।

প্রাচীপতি (পো) [প্রাচী (পূর্ব্বদিক্‌) পতি (প্রভু)—৬তৎ] বি, পুং, পূর্ব্বদিক্‌পতি ; ইন্দ্র।

প্রাচীর (র্‌) [প্র—আ—চী (চয়ন করা আবরণ করা) +র (করণে) গ্রা—পাঁচীল] বি, ক্লী, প্রাকার ; ভিত্তি ; দেওয়াল। ২। ইষ্টকাদি রচিত বেষ্টনী।

প্রাচুর্য্য (র্জ) [প্রচুর+য (ভাবে—যণ্‌)] বি, ক্লী, আধিক্য।

প্রাচেতস (স্‌) [প্রচেতস্‌ (বরুণ) +অ (অপত্যার্থে—অণ্‌)] বি, পুং, বরুণতনয়। ২। বাল্মীকি মুনি।

প্রাচ্য (প্রাচ্‌চ) [উদীচ্য দ্রঃ] বি, শরাবতী নদীর দক্ষিণপূর্ব্বভাগে অবস্থিত দেশ ; ইহার নামান্তর প্রাগ্‌দেশ। ২। পাঞ্চাল, বিদেহ,

অঙ্গ, বঙ্গ, ও মগধের অধিবাসী। ৩। য়ুরোপের পূর্ব্বদিকস্থ ভূমণ্ডল। রাশিয়া, সাইবিরিয়া, আর্ম্মিনিয়া বাদে অবশিষ্ট এসিয়া অর্থাৎ ভারত, বহির্ভারত (বঙ্গ শ্যাম, যব বলী দ্বীপাদি) জাপান, কোরিয়া, চীন, মঙ্গোলিয়া, পারস্য, তুরস্ক, আরব প্রভৃতি। ইহাদের পশ্চিমদিগ্‌বর্ত্তী মহাদেশ—প্রধানতঃ য়ুরোপখণ্ড "প্রতীচ্য" বা "পাশ্চাত্য" নামে অভিহিত হয় এবং য়ুরোপীয় প্রভাবে গঠিত ও য়ুরোপীয় জাতিদ্বারা অধিকৃত আমেরিকা ও অষ্ট্রেলিয়াও ইহার অন্তর্ভুক্ত। প্র—"প্রাচ্য ও পাশ্চাত্য সভ্যতার আদর্শ"—রবি। "তিনি যে যুগে বঙ্গদেশে জন্ম গ্রহণ করিয়াছিলেন সে যুগে গ্রামোর প্রভাবের মধ্যে প্রতীচ্যের নবাভ্যুদয়ের যুগ।"—ভারতী, ৩৬শ বর্ষ। ৪। [প্রাচ্ (পূর্ব্ব) +য (ভবার্থে)] বিণ, পূর্ব্বদেশীয়। ৫। পূর্ব্বদিকস্থ।

প্রাচ্যদেশ (প্রাচ্‌চদেশ্) বি, পূর্ব্বদেশ। বিণ, **প্রাচ্যদেশীয়**।

প্রাচ্যদেশবাসী—বি, পূর্ব্বদেশবাসী। স্ত্রী, **প্রাচ্যদেশবাসিনী**।

প্রাচ্যবিদ্যা (প্রাচ্‌চবিদ্‌দ্যা) বি, প্রাচ্য ভাষা-সমূহ, প্রাচীন হিন্দু (ভারত ও বহির্ভারতীয়) মুসলমান ও চীন সভ্যতা; ভারত, চীন প্রভৃতি প্রাচ্যদেশীয় ইতিহাস ও প্রত্নতত্ত্ব, বৌদ্ধধর্ম্ম, কংফসীয় ধর্ম্ম, জাপানীধর্ম্ম, ভারতের বৈদিক ও পৌরাণিক হিন্দুধর্ম্ম, মুসলমানধর্ম্ম ইত্যাদি সম্বন্ধীয় জ্ঞান।

প্রাচ্যভাষা (প্রাচচোভাষা) বি, প্রাচীনভাষা। ২। প্রাচ্য (দ্রঃ) দেশীয় ভাষা,—সংস্কৃত, প্রাকৃত, আধুনিক ভারতীয় ভাষাসমূহ: চীন, জাপানী, তিব্বতী, মঙ্গোলীয়; আরবী, ফারসী, তুর্কী, মালয়, বর্ম্মী, শ্যামী, সিংহলী, কাম্বোজীয় প্রভৃতি।

প্রাচ্যভাষাবিৎ [প্রাচ্যভাষা+বিদ্] বিণ, প্রাচ্যদেশীয় ভাষাভিজ্ঞ। ২। বি, প্রাচ্য-ভাষাভিজ্ঞ পণ্ডিত; an orientalist.

প্রাজক (ক্) [প্র—অজ্+ণিচ্=আজি (গমন করান)+অক (কর্ত্তৃ)] বি, পুং, সারথি। ২। বিণ, নিয়ন্তা; চালক।

প্রাজন (ন্) [প্র—অজ্+ণিচ=প্রাজি+অন (করণে—অনট্)] বি, ক্লী, অশ্বপ্রভৃতি পশু চালন দণ্ড; পাঁচনবাড়ী।

প্রাজাপত্য (পোৎত) [প্রজাপতি+য (সম্বন্ধার্থে—যণ)] বি, পুং, অষ্টবিধ বিবাহের মধ্যে এক প্রকার। ২। প্রজাপতি-প্রেরিত। প্র—"শুনিয়া রাজার বাক্য প্রাজাপত্য নর পুনরায় ভূপতিরে বলে অনন্তর।"—রামায়ণ (রাজ)। ২। প্রয়াণ। ৩। ক্লী, দ্বাদশ দিবসীয় ব্রতবিশেষ। ৪। রোহিণীনক্ষত্র। ৫। বিণ, প্রজাপতি সংক্রান্ত; প্রজাপতি সম্বন্ধীয়। স্ত্রী, **প্রাজাপত্যা**—প্রব্রজ্যা আশ্রম গ্রহণ করিবার পূর্ব্বে সর্ব্বস্ব দানরূপ যজ্ঞবিধি।

প্রাজিতা [প্র—অজ্+ণিচ্=প্রাজি (গমন করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=প্রাজিতৃ ১মা, ১ব] বি, পুং, সারথি। ২। বিণ, চালক।

প্রাজ্ঞ (প্রাগ্‌গঁ) [প্র (সম্যক্) জ্ঞা (জানা) +অ (কর্ত্তৃ—ড)=প্রজ্ঞ (জ্ঞানী)+অ (স্বার্থে—ষ্ণণ্)=প্রাজ্ঞ; অথবা প্রজ্ঞা (তীক্ষ্ণ বুদ্ধি) অ (অস্ত্যর্থে—অণ্)] বিণ, পণ্ডিত; বিজ্ঞ। ২। কারণশরীরে উপস্থিত চৈতন্য। সুষুপ্তি অবস্থায় ইহার সত্তা অনুভূত হয়, অন্যান্য জ্ঞান সম্বন্ধে সম্পূর্ণরূপে অজ্ঞ, কেবল সুখানুভব করিতে সমর্থ। ৩। দক্ষ; নিপুণ। স্ত্রী, **প্রাজ্ঞী**—বুদ্ধিমতী। ২। পণ্ডিতা। বি, **প্রাজ্ঞতা**।

প্রাজ্ঞমান (প্রাগ্‌গঁমান্) বি, প্রবীণ: বিজ্ঞ: জ্ঞানী। ২। পণ্ডিত; প্রজ্ঞাবান্। স্ত্রী, **প্রাজ্ঞমানী**।

প্রাজ্য (প্রাজ্‌জ) [প্র—অন্‌জ্ (গমন করা, প্রবৃদ্ধ হওয়া)। য (কর্ত্তৃ—ক্যপ্)] বিণ, বহুল: প্রচুর; প্রভূত। ২। বি, ক্লী, উত্তম ঘৃত।

প্রাঞ্চ (প্রান্চ) [প্র—অন্চ্ (গমন করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, প্রাচীন।

প্রাঞ্জল (প্রান্‌জল্) [প্র—অন্‌জ্ (গমন করা) +অল্ (কর্ম্মে—অলচ্)] বি, সরল: সহজে যাহা বোধগম্য হয়। ২। সুখসেব্য। ৩। নির্ম্মল। ৪। আভাযুক্ত; উজ্জ্বল।

প্রাঞ্জলি (প্রানজোলি) [প্র (প্রকৃষ্টরূপে কৃত অঞ্জলি (করদ্বয় যোজনা)] বিণ, কৃতাঞ্জলি; বদ্ধাঞ্জলি।

প্রাড়্‌বিবাক, প্রাড়্‌বিবেক (প্রাড়্‌বিবাক্, —বেক্) [সং। "দ্রষ্টরি ব্যবহারাণাং প্রাড়্‌-বিবাকাঃক্ষদর্শকৌ"—অমর। প্রাট্—বিবাক। "বিবাদানুগতং পৃষ্ট্বা পূর্ব্ববাক্যং প্রযত্নতঃ। বিচারয়তি যেনাসৌ প্রাড়্‌বিবাকস্ততঃ স্মৃতঃ"] বি, ন্যায়াধীশ: প্রধান বিচারপতি। প্র—"সভা-মধ্যে অর্থী ও প্রত্যর্থীর সম্মুখে সাক্ষীদিগকে উপস্থিত করাইয়া প্রাড়্‌বিবাক প্রিয়বচনে তাহাদিগকে কহিবেন,—তোমরা বাদী প্রতি-বাদীর বিষয়ে যাহা জান, তাহা সত্য করিয়া বল।"—মনুসংহিতা।

প্রাণ (ন্) [প্র—অন্ (বাঁচা)+অ (করণে—অল্) যাহা দ্বারা বাঁচে। বায়ু এই অর্থে প্রাণ শব্দ গিরিধর কৃত গীতগোবিন্দে ব্যবহৃত হইয়াছে। প্র—"পাঠাইলা সেনাপতি প্রাণের সমান।"—(টীকা (৬) ১ম সর্গ] বি, পুং, বায়ু: হাওয়া; বাতাস। ২। প্রাণ, অপান, সমান, উদান এবং ব্যান নামক দেহস্থ পঞ্চ বায়ু। ৩। জীবন। ৪। ব্রহ্মা। ৫। সামর্থ্য; বল। ৬। হৃদ্‌গত ইচ্ছা। প্র—"আর ত ব্রজে যাব না ভাই যেতে প্রাণ নাহি চায়।"—বাংগান। **অল্পপ্রাণ**—লঘূচ্চার্য্য; যাহা উচ্চারণ করিবার কালে হাওয়া অল্প বাহির হয়। যথা,—ক, চ, ট, ত, প, গ, জ, ড, দ, ব। ২। ক্ষুদ্র প্রাণ; লঘুচেতা। **মহাপ্রাণ**—যাহা উচ্চারণ করিতে অধিক জোর লাগে অর্থাৎ হাওয়া জোরে বাহির হয়। যথা—খ, ছ, ঠ, থ, ফ, ঘ, ঝ, ঢ, ধ, ভ। ২। উদার-চেতা। **প্রাণ ছাড়া**—প্রাণ পরিত্যাগ করা। ২। প্রাণহীন। **প্রাণ টানা**—মন আকর্ষিত হওয়া; আগ্রহ জন্মান। প্র—"প্রেমে যার প্রাণ টানে না ছলনা তার প্রেম কামনা।"—গিরিশ ঘোষ। **প্রাণ জাগা, প্রাণে জাগা**—হৃদয়ে অবস্থান করা; অন্তরে বিরাজিত থাকা। প্র—দিবারাত্রি সে কথা প্রাণে জাগিতেছে। ২। চেতনা পাওয়া। উদ্‌বুদ্ধ হওয়া। প্র—"কেন জাগে-না জাগে-না অবশ পরাণ।"—ব্রহ্ম সঙ্গীত। **প্রাণ থাকা**—মৃত্যু না হওয়া; জীবিত থাকা। ৩। শ্বাস থাকা; মৃত্যু না হওয়া। **প্রাণ পড়িয়া থাকা**—অনন্যচিন্তা; একাগ্র; কাহারও জন্য উদ্‌গ্রীব; মনটা তৎপশ্চাতে নিযুক্ত: কোন কিছুর অপেক্ষায় জীবন রাখা বা বাঁচিয়া থাকা। প্র—"রাণী বলে মহাভাগা এ পুত্র পরম শ্লাঘ্য তবু মোর প্রাণ পড়ে তায়।"—ঘনরাম। **প্রাণ দেওয়া**—স্বেচ্ছায় মৃত্যুকে আলিঙ্গন করা; একজনের পরিবর্ত্তে অন্যের প্রাণ বিসর্জ্জন করা; আত্ম প্রাণ বলি দেওয়া; রাজাদেশ বা বিশেষ কোন কারণে বাধ্য হইয়া জীবন নষ্ট হইতে দেওয়া। ২। আত্ম সমর্পণ করা; প্রিয় জনের প্রীতিতে নিমগ্ন হওয়া। **প্রাণ ধরা**—বাঁচিয়া থাকা। ২। ভরসা করা; সাহসে ভর করা। **প্রাণ বাঁচা**—জীবন রক্ষা হওয়া। ২। উদ্বেগ বা উৎকণ্ঠা দূর হওয়া। **প্রাণ বাঁচান**—জীবন রক্ষা করা। **প্রাণমাতান**—প্রাণোন্মাদকর; মনো-মুগ্ধকর। **প্রাণ মাতান** (নো)—হৃদয়কে মত্ত করা। **প্রাণ মানা**—প্রবোধ মানা, প্রাণ শান্ত হওয়া; মন তৃপ্ত হওয়া। **প্রাণ যাওয়া**—মৃত্যুমুখে পতিত হওয়া; মরণ হওয়া। **প্রাণ লওয়া**—প্রাণ নাশ করা; হত্যা করা; বধ করা। **প্রাণে সহা**—প্রাণে সহ্য হওয়া; সহন-যোগ্য হওয়া। প্র—"এটুকু আর প্রাণে সহিল না"— "সয় বলে কি এতই প্রাণে সয়।"—গিরিশ ঘোষ।

প্রাণক (ক্) বি, পুং, বৃক্ষবিশেষ। ২। প্রাণী। ৩। বস্ত্র।

প্রাণকর (র্) [প্রাণ (বল) কর (যে করে)] বিণ, জীবনদায়ক ; প্রাণপ্রদ। ২ শক্তিজনক ; বলকর।

প্রাণকর্ম্ম—বি, জীবন সংক্রান্ত কর্ম্ম ; জীবন ব্যাপার-সম্বন্ধীয় কার্য্য। ২। প্রাণায়াম যোগাঙ্গবিশেষ।

প্রাণকান্ত (ন্) [প্রাণ—কান্ত, ৬তৎ] বি, পুং, স্বামী ; পতি। ২। ভক্তহৃদয়স্বামী ভক্তজীবনস্বামী ; পরমেশ্বর। প্র—"কবে বসিব একান্তে প্রাণকান্ত তোমায় নিয়ে আমি মধুর নাম গানে ভক্তজনগণ সনে, নিত্যপদ পেয়ে প্রভু, কৃতার্থ হইব আমি।"—ব্রহ্ম-সঙ্গীত।

প্রাণগত (ন্) [প্রাণের গত—গতি (উপায়) —৬তৎ] বি, স্ত্রী, আন্তরিক ; হৃদ্গত। প্র— প্রাণগত অভিলাষ। ২। জীবনধারণোপায় জীবনের অবলম্বন।

প্রাণগতি, প্রাণগতিক (প্রান্গোতিক্) [প্রাণের—গতি, ৬তৎ] বিণ, জীবন সম্বন্ধে।

প্রাণগ্রাহক, প্রাণগ্রাহী (ক্) [প্রাণ— গ্রাহক, গ্রাহী, ৬তৎ] বিণ, প্রাণহন্তা ; জীবননাশকারী।

প্রাণঘাতক (প্রান্ঘাতক্) [প্রাণ—ঘাতক, ৬তৎ] বিণ, প্রাণহন্তা ; প্রাণঘাতী ; জীবন-নাশকারী। স্ত্রী, **প্রাণঘাতিকা**।

প্রাণঘ্ন (প্রানোঘ্নো) [প্রাণ—হন্ (বধ করা) +অ (করণে)] বিণ, প্রাণঘাতক ; জীবন-নাশক।

প্রাণচ্ছিদ্ [প্রাণ—ছিদ্ (ছেদন করা)+ ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, জীবননাশক ; প্রাণঘ্ন।

প্রাণতুল্য [প্রাণ—তুল্য (সদৃশ)] বিণ, প্রাণসম ; প্রাণপ্রিয় ; জীবনের মত প্রিয়। স্ত্রী, **প্রাণতুল্যা**।

প্রাণত্যাগ (গ্) [প্রাণ—ত্যাগ, প্রাণের ত্যাগ, ৬তৎ] বি, পুং, জীবন বিসর্জ্জন।

প্রাণদ [প্রাণ (জীবন) দ (যে দান করে) দা (কর্ত্তৃ—ড)] বি, ক্লী, শোণিত ; রক্ত। ২। জল ; পানীয়। ৩। বিণ, প্রাণপ্রদ ; বলকর। ৪। প্রাণদানকারী ; জীবনদাতা। স্ত্রী, **প্রাণদা**—হরীতকী। ২। বিণ, প্রাণ-দাত্রী ; জীবনদায়িনী।

প্রাণদণ্ড (ন্) [প্রাণের দণ্ড, ৬তৎ কিম্বা প্রাণনাশরূপ দণ্ড, ম-প-লো, কর্ম্মধা] বি, মৃত্যুদণ্ড ; শাস্তিস্বরূপ জীবননাশ।

প্রাণদণ্ডাজ্ঞা (প্রান্দনড়াগ্গাঁ) [প্রাণদণ্ডের আজ্ঞা, ৬তৎ] বি, মৃত্যুদণ্ডের আদেশ ; বধাদেশ।

প্রাণদাতা [প্রাণ—দাতা, ৬তৎ] বিণ, জীবনরক্ষাকারী ; জীবনদাতা। স্ত্রী, **প্রাণদাত্রী**।

প্রাণদান (ম্, ন্) [প্রাণের দান, ৬তৎ] বি, জীবনরক্ষা ; জীবনপ্রদান।

প্রাণধন (প্রান্ধন্) [প্রাণের ধন, ৬তৎ] বিণ, জীবনসর্ব্বস্ব ; প্রাণের ধনস্বরূপ ; জীবনধন। প্র —"প্রাণধন বিদ্যালাভ ব্যাপারের তরে। খেয়াব তনুর তরী প্রবাস-সাগরে।"—ভারতচন্দ্র।

প্রাণন (ন, ন্) [প্র—অন্ (জীবিত থাকা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, জীবন-ধারণ ; প্রাণাতিবাহন। **অনুপ্রাণন**— প্রত্যাদেশ ; inspiration.

প্রাণনাথ (থ্) [প্রাণের—নাথ (প্রভু)- ৬তৎ] বি, পুং, প্রভু ; জীবনস্বামী ; প্রাণপতি। প্র—"কোথা গেলে প্রাণনাথ অভাগী কাঁদে কাননে। ফুরাল কি জীবলীলা কঠোর কালশাসনে।"—বাং-গান। ২। প্রাণের নিয়ন্তা ; ভক্ত-প্রাণপতি ; পরমেশ্বর। প্র —"ব্রহ্মজয় বলে জাগো এবে সকলে, সযতনে কর তাঁর নাম গান। হৃদাসন পাতিয়ে, প্রাণনাথে বসাইয়ে, প্রাণভরে প্রেমসুধা কর পান।"—ব্রহ্মসঙ্গীত।

প্রাণনিগ্রহ (প্রান্নিগ্রোহো) [প্রাণের— নিগ্রহ (সংযম, দমন)—৬তৎ] বি, পুং, প্রাণায়াম।

প্রাণপণ (প্রান্পোন্) [প্রাণকে—পণ, ২তৎ] বি, পুং, প্রাণ পর্য্যন্ত পণ করিয়া কার্য্য সম্পন্ন করিবার সঙ্কল্প ; অনুষ্ঠিত কর্ম্ম সম্পাদনের নিমিত্ত জীবন পণ করা। ক্রি-বিণ, **প্রাণপণে**—প্রাণকে পণ করিয়া ; 'মন্ত্রের সাধন কিম্বা শরীর পতন' এইরূপ সঙ্কল্প করিয়া। **প্রাণপণ যত্নে**—প্রাণপণে ; সমস্ত শক্তি নিয়োগ করিয়া।

প্রাণপতি (প্রান্পোতি) [প্রাণের—পতি, ৬তৎ] বি, প্রাণাপেক্ষা প্রিয় পতি। প্র— "তুমি দেখাইলে পথ যায় চক্রবাকী যথা প্রাণপতি!"—ব্রজাঙ্গনাকাব্য। ২। ভক্ত-জীবন-স্বামী ; ভক্তপ্রাণপতি ; পরমেশ্বর।

প্রাণপাত (প্রান্পাত্) [প্রাণকে—পাত, ২তৎ ; অথবা প্রাণের পাত (পতন)—৬তৎ] বি, ক্লী, জীবনত্যাগ ; প্রাণপতন।

প্রাণপ্রতিম (প্রান্প্রোতিম) [প্রাণের— প্রতিম (তুল্য) ৬তৎ] বিণ, জীবনতুল্য ; প্রাণসম ; প্রাণসদৃশ। স্ত্রী, **প্রাণ-প্রতিমা**।

প্রাণপ্রতিষ্ঠা (প্রান্প্রোতিষ্ঠা) [প্রাণের —প্রতিষ্ঠা, ৬তৎ] বি, স্ত্রী, প্রতিমূর্ত্তিকে জীবন বা শ্বাস দান। প্র—"এই নিমিত্তে পশুর প্রতিমূর্ত্তির প্রাণ প্রতিষ্ঠা করিবার ক্ষমতা তাহাদিগকে দত্ত হইল।"—খ্রীঃ-ধর্ম্ম পুস্তক।

প্রাণপ্রদ (প্রান্প্রোদ) বিণ, জীবনদায়ক। ২। বলকর ; শক্তিপ্রদ। স্ত্রী, **প্রাণপ্রদা** —জীবনদায়িনী।

প্রাণপ্রাণ (প্রানপ্রান) [প্রাণের—প্রাণ, ৬তৎ] বি জীবনের জীবন ; প্রাণের নিয়ামক ; মাহাপ্রাণ ; প্রাণের পরিচালক শক্তি। ২। অতিপ্রিয় ; প্রিয়তম ; প্রাণাপেক্ষা প্রিয়। প্র—"ভকত প্রাণপ্রাণ, ভকত ধনমান, ঘিরি পদ কমলে, ভকত দলে দলে, করে সদা গুণগান।"—ব্রহ্মসঙ্গীত। "প্রভু হৃদিরঞ্জন মনোমোহনকারী। ভগবজ্জন প্রাণ-প্রাণ হৃদয়-বিহারী।"—ঐ।

প্রাণপ্রিয় (ন্) বিণ, জীবনাধিক ; প্রাণসম প্রিয় ; প্রীতিভাজন। ২। বি, স্বামী ; পতি। স্ত্রী, **প্রাণপ্রিয়া**।

প্রাণবঁধু (প্রাণবোঁধু) [প্রাণের—বঁধু (বন্ধু) —৬তৎ] বি, পুং জীবন সখা ; প্রাণের বন্ধু ; প্রণয়ী ; প্রিয়তম।

প্রাণবধ (প্রান্বধ্) [প্রাণ—বধ, ২য়া, বা ৬তৎ] বি, হত্যা ; প্রাণহনন ; জীবননাশ।

প্রাণবায়ু (ন্) [প্রাণ যে বায়ু, কর্ম্মধা, অথবা প্রাণনামক বায়ু, ম, প, লো, কর্ম্মধা] বি, পুং, শরীরস্থ প্রাণ, অপান, সমান, উদান ও ব্যান এই পঞ্চবায়ুর অন্যতম প্রাণ নামক বায়ু।

প্রাণবিনাশ (প্রান্বিনাশ) [প্রাণের বিনাশ —৬তৎ] বি, জীবননাশ ; মৃত্যু ; প্রাণবিয়োগ। বিণ, **প্রাণবিনাশক, প্রাণবিনাশী**।

প্রাণবিয়োগ (প্রান্বিওগ্) [প্রাণের বিয়োগ —৬তৎ] বি, প্রাণাত্যয় ; মৃত্যু ; মরণ।

প্রাণবিসর্জ্জন (প্রান্বিশর্জ্জন্) [প্রাণ— বিসর্জ্জন, ৬তৎ] বি, প্রাণত্যাগ ; জীবনব্যয়।

প্রাণভৃৎ (ন্) [প্রাণ—ভৃ (ধারণ করা) +ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং প্রাণধারী ; জীব। ২। সর্ব্বজীবের প্রাণধারী বিষ্ণু।

প্রাণময় (প্রান্ময়) [প্রাণ—ময় (ময়ট্— অস্ত্যর্থে)] বিণ, জীবন্ত ; প্রাণবিশিষ্ট। ২। হৃদয়বান্ ; উদার ; প্রেমিক। স্ত্রী, **প্রাণময়ী**।

প্রাণময়কোষ (প্রান্ময়্কোষ্) বি, পুং, পঞ্চ প্রাণ ও পঞ্চ কর্ম্মেন্দ্রিয় রূপ আধার ; জীবনময়কোষ ; আত্মার অন্নময়াদি সপ্তকোষের অন্যতম আবরণ।

প্রাণযম (ন্, ম্) [প্রাণ (নিশ্বাস প্রশ্বাস) যম্ (রোধ করা) +অ (করণে—অল্)] বি, পুং, প্রাণসংযম দ্রঃ।

প্রাণযাত্রা (প্রান্জাত্ত্রা) [প্রাণের যাত্রা— ৬তৎ] বি, স্ত্রী, জীবনোপায় ; জীবিকানির্ব্বাহ।

প্রাণরমণ (প্রানরমন্) [প্রাণের—রমণ (রঞ্জন, স্বামী)—৬তৎ] বি, প্রাণারাম হৃদয়-রঞ্জন। প্র—"প্রাণরমণ, হৃদিভূষণ হৃদয়রতন স্বামী"—ব্রহ্মসঙ্গীত।

প্রাণশূন্য (প্রান্শুন্ন) [প্রাণ দ্বারা শূন্য, ৩তৎ] বিণ, প্রাণহীন ; জীবনশূন্য। মৃত।

প্রাণসংযম (প্রান্‌শংজম্) [প্রাণের সংযম—৬তৎ] বি, পুং, আত্মসংযম ; প্রাণবায়ুর নিরোধ ; প্রাণায়াম।

প্রাণসংশয় (প্রান্‌শংশয়্) [প্রাণের সংশয়, ৬তৎ] বিণ, জীবনসঙ্কট।

প্রাণসংহার (প্রান্‌শংহার্) [প্রাণের সংহার—৬তৎ] বি, পুং জীবনবিনাশ ; প্রাণহত্যা। বিণ, **প্রাণসংহারক, প্রাণসংহারী**।

প্রাণসখা (প্রাণশখা, প্রানোশখা) [প্রাণের সখা, ৬তৎ, সখ্যানে অ, সখি=সখা] বি, প্রাণের বন্ধু ; প্রাণসম প্রিয়বন্ধু। ২। ভক্ত-প্রাণবন্ধু ; পরমেশ্বর। প্র—"অমৃত নিলয় তুমি প্রেমের আধার ; তব পদে প্রাণসখা নমি শতবার।"—ব্রহ্মসঙ্গীত। "প্রাণসখা হে আমার হৃদয় মাঝে দাও হে দরশন"—ব্রহ্মসঙ্গীত।

প্রাণসঞ্চার (প্রান্‌শন্‌চার্) [প্রাণের সঞ্চার, ৬তৎ] বি, পুং, জীবনের আবির্ভাব ; জীবনীশক্তির সঞ্চার।

প্রাণসম (প্রান্‌শম) [প্রাণের (জীবনের) সম (তুল্য)] বি, পুং, জীবনতুল্য ; প্রিয়তম। প্র—"প্রাণসম প্রেয়সী অধোবদনে বসি, কেঁদে ধরাতল নয়ন-জলে ভাসাবে"—রাজা রামমোহন রায়। স্ত্রী, **প্রাণসমা**—পত্নী।

প্রাণস্নিগ্ধকর (প্রান্ স্নিগ্‌ধকর্) [প্রাণ—স্নিগ্ধ (শীতল) কর (যে করে)] বিণ, প্রাণ-শীতলকারী ; প্রাণারাম ; যে প্রাণ ঠাণ্ডা করে ; জীবনের শান্তিদায়ক।

প্রাণহর, প্রাণহারক, প্রাণহারী (র্, ক্) [প্রাণ—হর (যে হরণ করে)] বিণ, প্রাণবিঘাতক ; প্রাণবিনাশক ; প্রাণহন্তা।

প্রাণহিংসা (প্রান্‌হিংশা) [প্রাণের হিংসা, ৬তৎ] বি, হত্যা ; প্রাণহনন ; বিনাশন।

প্রাণহীন (প্রান্‌হীন্) [প্রাণ দ্বারা হীন, ৩তৎ] বিণ, জীবনশূন্য ; মৃত। ২। নির্দ্দয় ; নির্ম্মম ; নিষ্ঠুর। ৩। অনুদার ; সঙ্কীর্ণচেতা। স্ত্রী, **প্রাণহীনা**। বি, **প্রাণহীনতা**।

প্রাণাত্যয় (প্রানাৎতয়্) [প্রাণের অত্যয় (নাশ)—৬তৎ] বি, পুং, জীবনাবনাশ। হত্যা। ২। মৃত্যু। ৩। [প্রাণের—অত্যয় (বিনাশ) হয় যে কালে, বহু] বি, পুং, মৃত্যুকাল ; প্রাণবিনাশ কাল।

প্রাণাধিক (ক্) [প্রাণ হইতে অধিক, ৫তৎ] বিণ, জীবনাধিক ; প্রাণাপেক্ষা প্রিয়তম। স্ত্রী, **প্রাণাধিকা**।

প্রাণাধিনাথ (থ্) [প্রাণের অধিনাথ (প্রভু)—৬তৎ] বি, পুং প্রভু ; পতি।

প্রাণান্ত [প্রাণের অন্ত—৬তৎ] বি, পুং, প্রাণাবসান, মরণ। প্র—"প্রাণান্ত করিতে তব, সীতার জনম, তারি তরে উপস্থিত সঙ্কট বিষম"—রামায়ণ (রাজ)।

প্রাণান্তকর (প্রানান্‌তকর্) [প্রাণের—অন্ত—কর (যে করে)] বিণ, হত্যাজনক ; মৃত্যুদায়ক জীবননাশক। ২। [লক্ষণায়] অতি কঠোর ; অসহনীয়। প্র—"প্রাণান্তকর যন্ত্রণা ভোগ করা। ৩। বি, যম।

প্রাণান্তপণ (প্রানান্‌তোপোন্) বি, প্রাণপণ ; জীবনপণ ; প্রাণপাত করিয়াও উদ্দেশ্য সিদ্ধির সঙ্কল্প।

প্রাণান্তপরিচ্ছেদ (প্রানান্‌তোপোরিচ্‌ছেদ্) [প্রাণের অন্ত=প্রাণান্ত, তাহার পরিচ্ছেদ (সীমা, নিশ্চয়)—৬তৎ] বি, মৃত্যুসীমা ; এত দূর যে মৃত্যু পর্য্যন্ত ; নিশ্চয় মৃত্যু ; জীবনান্ত পর্য্যন্ত। ২। কষ্ট বা পরিশ্রমের একশেষ ; অসীম কষ্ট বা দুঃখভোগ। প্র—কয়দিন ক্রমাগত হাঁটাহাঁটি করিতে করিতে তাহার প্রাণান্ত-পরিচ্ছেদ হইল তথাপি কোন ফল হইল না।

প্রাণাপান (না, ন্) [প্রাণ+অপান (দ্বন্দ্ব)] বি, পুং, প্রাণবায়ু এবং অপানবায়ু। ২। অশ্বিনীকুমারদ্বয়।

প্রাণায়াম (প্রানায়াম্) [প্রাণ—আ—যম্ (সংযত করা) + অ (করণে—ঘঞ্)] বি, পুং, প্রাণবায়ুর সংযম ; প্রাণকার্য্য ; যোগাঙ্গ-বিশেষ ; দক্ষিণ নাসাপুট বৃদ্ধাঙ্গুষ্ঠ দ্বারা রুদ্ধ ও বাম নাসা পুট দ্বারা বায়ু আকর্ষণ করিয়া পরে অনামা ও কনিষ্ঠা দ্বারা বাম নাসা অবরোধ এবং দক্ষিণ নাসাস্থিত বৃদ্ধাঙ্গুষ্ঠ মুক্ত করিয়া দক্ষিণ নাসা পুট দ্বারা বায়ু ত্যাগ এইরূপ পূরক কুম্ভক ও রেচকের নাম প্রাণায়াম।

প্রাণারাম (প্রানারাম্) [প্রাণের—আরাম (সুখ)—৬তৎ] বিণ, প্রাণস্নিগ্ধকর ; প্রাণে শান্তিদায়ক ; প্রাণরমণ। ২। বি, যিনি প্রাণের শান্তি ও সুখস্বরূপ। প্র—"ভজ প্রাণারামে ভুবনমোহনে ভব-ভয়-হরণে পতিত-পাবনে, পাবে পরিত্রাণ।"—ব্রহ্মসঙ্গীত।

প্রাণিতত্ত্ব (প্রানিতৎত) [প্রাণিগণের তত্ত্ব (বিজ্ঞান) হয় যাহা দ্বারা] বি, জীবজন্তুর শ্রেণীবিভাগ ; আকৃতি, প্রকৃতি প্রভৃতি সম্বন্ধীয় বিজ্ঞান ; বি, জীববিদ্যা ; zoology.

প্রাণিজগৎ (নি, ত্) [প্রাণি-বিশিষ্ট জগৎ (ম, প, লো, কর্ম্মধা)] বি, জীবজগৎ, প্রাণিরাজ্য ; জড় হইতে পৃথক প্রাণময় সৃষ্টি ; animated nature.

প্রাণিতত্ত্বজ্ঞ, প্রাণিতত্ত্ববিদ্ (প্রানিতৎ-তোবিদ্) বিণ, জীববিদ্যাবেত্তা ; প্রাণিবিদ্যা-বিশারদ। **প্রাণিতত্ত্ববিৎ পণ্ডিত**—যিনি জীববিদ্যায় জ্ঞান লাভ করিয়াছেন ; zoologist.

প্রাণিদ্যূত (প্রানিদ্দূত) [প্রাণী দ্বারা দ্যূত (ক্রীড়া)—৩তৎ] পণ করিয়া কুক্কুট মেষাদির লড়াই ; পশুপক্ষীর যুদ্ধ দ্বারা জুয়াখেলা।

প্রাণিপীড়ন (নি, ন্) বি, জীবগণের প্রতি অত্যাচার ; নিষ্ঠুরতা ; প্রাণিহিংসা ; cruelty to animals. বিণ, **প্রাণিপীড়ক**। **প্রাণিপীড়ন-নিবারিণী আইন**—জীব জন্তুকে প্রহার, অতিরিক্ত ভার বহন করাইয়া পীড়ন বা অনুরূপ যন্ত্রণাদানকারীর দণ্ডবিধি সম্বন্ধীয় রাজাজ্ঞা।

প্রাণিবিদ্যা (প্রানিবিদ্‌দ্যা) [প্রাণিসম্বন্ধীয় বিদ্যা] বি, জীববিদ্যা ; প্রাণিতত্ত্ব ; zoology.

প্রাণিমণ্ডল (প্রানিমোন্‌ডল্) [প্রাণীর মণ্ডল, —৬তৎ] বি, জীবসমূহ ; জীবমণ্ডলী।

প্রাণিহিংসা (নি, শা) [প্রাণীর—হিংসা—৬তৎ] বি, প্রাণিবিদ্বেষ ; জীবহিংসা।

প্রাণী (নি) [প্রাণ + ইন্ (অস্ত্যর্থে) = প্রাণিন্ ১মা, ১ব] বিণ, জীবিত ; প্রাণবিশিষ্ট। ২। জীব জন্তু। প্র—"এই ছিল বিশ্ব নিস্তব্ধ নীরব নিদ্রাগত প্রাণী বিহঙ্গ মানব, জীব-কোলাহল, আহা ঐ শোন উঠিল পুন ভুবনে।"—ব্রহ্মসঙ্গীত। ২। প্রাণ ; জীবন। প্র—"ওই ওই শুন কিবা বাজে তান, কেমনে করিছে প্রাণী।"—চণ্ডীদাস।

প্রাণে-প্রাণে (নে) [প্রাণে (প্রাণধারণ করিয়া) প্রাণে (মাত্র সীমা অর্থে দ্বিত্ব) প্রাণ ধারণ করিয়া] ক্রি-বিণ, প্রাণমাত্র রক্ষা করিয়া ; কোন প্রকারে প্রাণ লইয়া। প্র—প্রাণে প্রাণে বেঁচে আছি। ২। [প্রাণের সহিত প্রাণের মিলন অর্থে দ্বিত্ব] প্রাণের মিলে ; মনের মিলে ; হৃদয়মিলনে। ৩। [বীপ্সার্থে দ্বিত্ব] প্রতিপ্রাণে। প্র—"তোদের প্রাণে প্রাণে শক্তি জেগে উঠুক, দূরে যাক সব পাপ বাসনা"—ব্রহ্মসঙ্গীত।

প্রাণেশ (প্রানেশ্) [প্রাণের—ঈশ—৬তৎ] বি, পুং, ভর্ত্তা ; প্রভু ; প্রাণেশ্বর। ২। পরমেশ্বর ; ভক্তের ভগবান। প্র—"প্রাণ খুলে সবে মিলে ডাকরে তাঁরে, আসিবেন প্রাণেশ প্রাণের মাঝারে।"—ব্রহ্মসঙ্গীত। স্ত্রী, **প্রাণেশা**—পত্নী।

প্রাতঃ [সং—প্রাতর্ শব্দ। প্র (প্রথম, আরম্ভ অৎ (গমনে) + অর্] অ, প্রভাত। প্র—"প্রাতঃ সময়, জাগরে হৃদয় স্মররে ভবতারণে"—ব্রহ্মসঙ্গীত।

প্রাতঃকাল (প্রাতক্‌কাল্) [প্রাতর্—কাল] বি, প্রভাত ; দিবসারম্ভ।

প্রাতঃকৃত্য (প্রাতক্‌কৃৎত) [প্রাতর্=প্রাতঃ কৃত্য (কার্য্য)] বি, ক্লী, প্রাতঃক্রিয়া ; প্রাতঃকালের করণীয় কর্ম্ম ; গৃহকর্ম্ম, পূজা অর্চ্চনাদি।

প্রাতঃপ্রণাম (প্রাতপ্‌প্রোনাম্) বি, প্রাতঃকালীন কর্ত্তব্য প্রণাম ; গুরুজনকে প্রাতঃকালীন অভিবাদন। দ্রঃ—প্রাতঃকাল—যখন

সকলেরই চিত্ত স্বভাবতঃ বিশুদ্ধ থাকে, সেই সময় প্রণাম আশীর্ব্বাদ এমন কি অভিসম্পাতেরও জন্য প্রশস্ত। এইজন্য "প্রাতঃপ্রণাম", "প্রাতর্জ্জয়ন্ত", প্রাতঃবাক্যে, এমন কি "রাত্রের প্রাতঃবাক্যে" (দ্রঃ) প্রভৃতি শব্দের প্রচলন। দিনের মধ্যে যখনই সাক্ষাৎ হউক না কেন, প্রথম সাক্ষাতে ইংরেজীতেও good morning অর্থাৎ সুপ্রভাত বলিয়া অভিবাদনের প্রথা প্রচলিত আছে।

প্রাতঃসন্ধ্যা (প্রাতশ্‌শোন্‌ধ্যা) [প্রাতর্‌—সন্ধ্যা (সন্ধ্যোপাসনা)] বি, স্ত্রী, প্রাতঃকালীন সন্ধ্যোপাসনা। ২। প্রভাত; প্রত্যুষ।

প্রাতঃসমীর, প্রাতঃসমীরণ (প্রাতশ্‌শোমীর্‌, ণ্‌) [প্রাতর্‌—সমীর, সমীরণ (বায়ু)—৬তৎ] বি, পুং, প্রভাত বায়ু; প্রাতঃকালীন বাতাস। প্র—"বহিছে ধীর প্রাতঃসমীর লয়ে নাথের বারতা মধুর"—ব্রহ্মসংগীত।

প্রাতঃসূর্য্য (প্রাতশ্‌শুর্জ) [প্রাতর্‌—সূর্য্য—৬তৎ] বি, বালসূর্য্য; অরুণ; প্রভাতকালীন সূর্য্য; নবোদিত সূর্য্য।

প্রাতঃস্নান (প্রাতস্‌স্তান্‌, নান্‌) [প্রাতর্‌ (প্রাতে) স্নান—৭তৎ] বি, অরুণোদয় কালে স্নান।

প্রাতঃস্মরণীয় (প্রাতশ্‌শঁরনিঅ) [প্রাতর্‌ (প্রাতে)+স্মরণীয়—৭তৎ] বিণ, দিনমুখে স্মরণযোগ্য; প্রভাতে নিদ্রাভঙ্গের পর দৈনিক জীবন ব্যাপারে প্রবৃত্ত হইবার পূর্ব্বে যাঁহাকে লোকে স্মরণ করে বা যাঁহার নাম স্মরণ করা কর্ত্তব্য অথবা যিনি স্মরণের যোগ্য। ২। জনহিতকারী বলিয়া যিনি খ্যাত; যশস্বী; সর্ব্বজনমান্য ও সকলের ভক্তিভাজন। স্ত্রী **প্রাতঃস্মরণীয়া**।

প্রাতর্‌ [প্রাতঃ দ্রঃ] অ, প্রত্যূষ; প্রভাত; দিনমুখ।

প্রাতরাশ (শ) [প্রাতর্‌—অশ্‌ (ভোজন করা)+অ (ভাবে—ঘঞ্‌)] বি, পুং, প্রাতর্ভোজন; প্রভাতকালীন ভোজন; breakfast. বিণ, **প্রাতরাশিত**—যাহার প্রাতরাশ হইয়াছে; কৃত-প্রাতঃভোজন। স্ত্রী, **প্রাতরাশিতা**।

প্রাতরাহ্নিক (ক্‌) [প্রাতর্‌—আহ্নিক] বি, স্ত্রী, প্রাতঃসন্ধ্যা; প্রাতঃকালীন সন্ধ্যাবন্দনা; ত্রিসন্ধ্যার মধ্যে প্রথম সন্ধ্যাকৃত্য।

প্রাতর্গেয় (প্রাতর্‌গেঅ) [প্রাতর্‌ (প্রভাতে) গৈ (গান করা)+য (কর্ম্মে)] বিণ, প্রভাতে গীত হইবার উপযুক্ত। ২। বি, স্তুতিপাঠকারী; বন্দী।

প্রাতর্বাক্য [প্রাতর্‌—বাক্য] বি, দিবসারম্ভের প্রথম কথা। ২। [প্রাদে ব্যবহারে। প্রাতঃকালীন আশীর্ব্বাদ ফলে এই বিশ্বাস হইতে] প্রাতের আশীর্ব্বাদ বা অভিশাপ বাক্য; **রাত্রের প্রাতর্বাক্যে, রাত্রের প্রাতঃ বাক্যে** [রাত্রের আশীর্ব্বাদ ফলে না এই বিশ্বাস হইতে ইহার উৎপত্তি] রাত্রি প্রভাত হইবার কালে গ্রাহ্য বাক্য বা আশীর্বচনে অর্থাৎ রাত্রে আশীর্ব্বাদ করিলেও রাত্রি প্রভাতের উদ্দেশে উক্ত বুঝিতে হইবে (প্রাতঃপ্রণাম দ্রঃ)। প্র—রাত্রের প্রাতর্বাক্যে দীর্ঘজীবী হও।

প্রাতর্ভোজন (ন্‌) [প্রাতর্‌—ভোজন] বি, প্রাতঃকালীন আহার; প্রাতরাশ; breakfast. বিণ, প্রাতর্ভোক্তা—প্রাতঃকালে ভোজনকারী।

প্রাতর্ভোক্তা [প্রাতর্‌—ভুজ্‌ (ভোজন করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্‌)=ভোক্তৃ ১মা, ১ব] বিণ প্রাতঃকালে ভোজনকারী। ২। বি, কাক।

প্রাতিকামী [প্র+অতি—কামিন্‌ ১মা, ১ব] বি, পুং, দুর্য্যোধনের দূতবিশেষ।

প্রাতিকূলিক (ক্‌) [প্রতিকূল+ইক (যুক্তার্থে—ইক্‌ণ)] বিণ, প্রতিকূলবর্ত্তী।

প্রাতিকূল্য (—কুল্‌ল) [প্রতিকূল+য (ভাবে—যণ্‌)] বি, স্ত্রী, প্রতিকূলাচার; বিরুদ্ধাচরণ।

প্রাতিপক্ষ (পোক্‌খ) [প্রতি (বিপরীত) পক্ষ+অ (স্ব—স্বার্থে)] বিণ, বিপরীত পক্ষাবলম্বী। ২। প্রতিকূল; বিরোধী। ৩। বি, শত্রু; প্রতিদ্বন্দ্বী; বিপক্ষ।

প্রাতিপথিক (প্রাতিপোথিক্‌) [প্রতিপথ+ইক (গমনার্থে—ইকণ্‌)] বিণ, বিপরীত পথগামী; প্রতিকূলগামী।

প্রাতিপদ (দ্‌) [প্রতিপদ্‌+অ (জাতার্থে) অণ্‌] বিণ, প্রতিপদোৎপন্ন; প্রতিপদ তিথিতে জাত।

প্রাতিপদিক (—পোদিক্‌) [প্রতিপদ (দ্রঃ)+ইক (ণ্‌—জাত বা সম্বন্ধার্থে)] বিণ, প্রতিপদসংক্রান্ত। ২। প্রতিপদে ঘটিত বা জাত। ৩। [ব্যকরণে] বিভক্তিহীন বিশেষ্য বা বিশেষণবাচক পদ। (২) নাম বা অভিধা; লিঙ্গ।

প্রাতিফলিক (ফোলিক্‌) [প্রতিফল (প্রতিবিম্ব)+ইক (ষ্ণিক—জাতার্থে)] বিণ, প্রতিবিম্বক; প্রতিচ্ছায়ারূপে পরিণত; reflecting.

প্রাতিবেশ্য (প্রাতিবেশ্‌শ) [প্রতিবেশ+য (স্থিত অর্থে—যণ্‌)] বিণ, প্রতিবেশবাসী; সমীপবাসী। ২। [সম্বন্ধে যণ্‌] প্রতিবেশ সম্বন্ধীয়।

প্রাতিভ [প্রতিভা+অ (অস্ত্যর্থে—অণ্‌)] বিণ, প্রতিভাবিশিষ্ট; তীক্ষ্ণবুদ্ধিশালী; প্রতিভাবান্‌। ২। [দর্শনের পরিঃ] যোগসাধনার অন্তরায় বা বিঘ্নকর উপসর্গবিশেষ।

প্রাতিভাব্য (প্রাতিভাব্‌ব) [প্রতিভূ (জামিন)+য (ভাবে—যণ্‌)] বি, স্ত্রী, জামিন। ২। যাহা প্রতিভূস্বরূপ গচ্ছিত করিতে হইবে বা রক্ষণীয়।

প্রাতিলোম্য (প্রাতিলোম্‌ম) [প্রতিলোম+য (ভাবে—যণ্‌)] বি, স্ত্রী, বিপর্য্যয়; বিরুদ্ধতা। ২। প্রতিলোম সংযোগ।

প্রাতিহার (প্রাতিহার্‌) [প্রতিহার (দ্রঃ)+অ (স্বার্থে)] বি, প্রতিহারের বৃত্তি; দৌবারিকের কার্য্য; ২। যাদুকর।

প্রাতিহারক, প্রাতিহারিক (ক্‌) [প্রতিহার+ক, ইক (স্বার্থে)] বি, পুং, যাদুকর; ঐন্দ্রজালিক; বাজিকর।

প্রাতীপ (প্‌) [প্রতীপ+অ (অপত্যার্থে—অণ্‌)] বি, পুং, রাজা প্রতীপের পুত্র; শান্তনু।

প্রাতীপিক (ক্‌) [প্রতীপ+ইক (যুক্তার্থে)] বিণ, বিরুদ্ধাচারী।

প্রাত্যয়িক (প্রাৎতোইক্‌) [প্রত্যয়+ইক (যুক্তার্থে—ইকণ্‌)] বিণ, প্রত্যয়যুক্ত; প্রত্যয়ী; বিশ্বাসী। ২। পুং, জামিন; প্রতিভূ।

প্রাত্যহিক (প্রাৎতোহিক্‌) [প্রত্যহ+ইক (সম্বন্ধে—ভবার্থে)] বিণ, দৈনিক; প্রতিদিবসীয়। স্ত্রী, **প্রাত্যহিকী**।

প্রাথমকল্পিক (প্রাথমকোলপিক্‌) [প্রথম কল্প+ইক] বি, পুং, বেদশিক্ষার্থী; বেদপাঠারম্ভকারী ছাত্র। ২। বিণ, প্রথমকল্প সম্বন্ধীয়। ৩। প্রথমকল্পে উদ্ভূত।

প্রাথমিক (ক্‌) [প্রথম+ইক (ভবার্থে বা সম্বন্ধার্থে—ইকণ্‌)] বিণ, প্রথমকৃত; আদ্য; প্রথমকালীন। ২। প্রারম্ভিক। ৩। প্রথম বেদাধ্যায়ী। বি, **প্রাথমিকতা**।

প্রাথম্য (প্রাথোম্‌ম) [প্রথম+য (ভাবে—যণ্‌)] বি, স্ত্রী, প্রাধান্য; মুখ্যত্ব; শ্রেষ্ঠত্ব। ২। প্রথমতা; প্রধানতা।

প্রাদি [প্র হইয়াছে আদি যাহাদের, বহু] বি, পুং, প্র, পরা প্রভৃতি বিংশতিটী উপসর্গ। **প্রাদিসমাস**—প্র, পরাদি উপসর্গযোগে নিষ্পন্ন সমাস।

প্রাদুর্ভাব (ব্‌) [প্রাদুস্‌=প্রাদুঃ+ভূ (হওয়া)+অ (ভাবে—ঘঞ্‌)] বি, পুং, আবির্ভাব; উদ্ভব। ২। প্রথম প্রকাশ। ৩। প্রাবল্য। বিণ, **প্রাদুর্ভূত**।

প্রাদেশ (শ্‌) [প্র—দিশ্‌ (বলা)+অ (ভাবে—ঘঞ্‌)] বি, পুং, বৃদ্ধাঙ্গুলি হইতে তর্জ্জনীর বিস্তার পরিমাণ। ২। [প্রদেশ+অ (স্বার্থে)] দেশ।

প্রাদেশিক (ক্) [প্রদেশ+ইক (ভবার্থে, সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, প্রদেশজাত প্রদেশোৎপন্ন। ২। প্রদেশ সম্বন্ধীয়। ৩। প্রদেশগত।

প্রাদেশিকতা [প্রাদেশিক দ্রঃ] বি, কথিত ভাষায় প্রদেশভেদজাত বিকার ; কথিত ভাষা একদেশীয় হইয়াও সেই দেশের ভিন্ন ভিন্ন প্রদেশে বা একজাতীয় হইয়াও সেই জাতির বিভিন্ন সমাজে কথনভঙ্গী বা উচ্চারণাদি ভেদে তারতম্যগত এবং ভাষান্তরের সংস্রব হেতু বিকারপ্রাপ্ত হইলে, সেই বিকার বা তারতম্যকে প্রাদেশিকতা (provincialism) বলে। বঙ্গভাষায় প্রাদেশিকতার বহু নিদর্শন আছে তন্মধ্যে ৪টী প্রাদেশিক বোলি বা বুলিই প্রধান। যথা—উত্তর প্রাদেশিক, যাহা পশ্চিম দিকে বিহারী ও মৈথিল এবং পূর্ব্বদিকে অসমীয় ভাষার মিশ্রণে বিকৃত ; দক্ষিণ পূর্ব্ব প্রাদেশিক, যাহা আরাকানি সংস্রবে চট্টলে এবং দক্ষিণ পশ্চিমে মেদিনীপুর অঞ্চলে ওড়িয়া সংস্রবে বিকারপ্রাপ্ত ; পূর্ব্বপ্রাদেশিক, যাহার অপর নাম 'বাঙ্গাল' এবং যাহার কেন্দ্রস্থল 'ঢাকা' ; এবং দক্ষিণপ্রাদেশিক, যাহা বহুলাংশে রাজধানী কলিকাতা ও তদঞ্চলে কথিত ভাষার অনুরূপ। সাহিত্যের ভাষার উপর এই প্রাদেশিক ভাষার প্রভাব অধিক। এই প্রদেশবাসী লেখকের সংখ্যাও সমধিক। বঙ্গের অন্যান্য প্রদেশবাসী লেখকগণ ইহার অধিক অনুসরণ করেন। ইহা ব্যতীত শ্রীহট্টিয়া, রাঢ়ী (যাহা দক্ষিণ বিহারী সংস্রবে বিকারপ্রাপ্ত) প্রভৃতি আরও কয়েকটী প্রাদেশিক বোলি আছে বাঙ্গালা শব্দকোষ প্রণেতা শ্রীযুক্ত যোগেশচন্দ্র বিদ্যানিধি মহাশয় ইহাকেই "ভাখা" নামে অভিহিত করিয়াছেন।

প্রাদোষিক (ক্) [প্রদোষ+ইক (ভবার্থে —ইকণ্)] বিণ, প্রদোষকালোৎপন্ন ; প্রদোষজাত ; সায়ংকালীন।

প্রাধা—বি, স্ত্রী, দক্ষতনয়া ; কশ্যপপত্নীবিশেষ।

প্রাধান্য (প্রাধান্ন) [প্রধান+য (ভাবে—যণ্)] বি, ক্লী, প্রধানতা ; শ্রেষ্ঠতা ; উৎকর্ষতা। ২। প্রভুত্ব। ৩। প্রাবল্য।

প্রান্ত [প্র—অন্ত (শেষ)] বি, পুং, শেষসীমা ; অন্তভাগ।

প্রান্তবর্ত্তী (প্রান্‌তোবোর্ত্তী) [প্রান্তবর্ত্তিন্ শব্দ ১মা, ১ব] বিণ, শেষ সীমাস্থিত ; প্রান্তভাগে অবস্থিত।

প্রান্তভিত্তি [প্রান্ত—ভিত্তি, ৬তৎ] বি, পার্শ্ব-প্রাচীর। প্র—"প্রান্তভিত্তি পরিবৃত হ'ল থরে থরে।" "সেই সব প্রান্তভিত্তি ধূলি-ধূসরিত।"—রামায়ণ (রাজ)।

প্রান্তর (র্) [প্র (প্রকৃষ্ট) অন্তর (ব্যবধান) যেখানে বহু] বি, ক্লী, ছায়া জলাদি শূন্য প্রদেশ ; মাঠ। প্র—"ভ্রমিলা প্রান্তরে কি দোষিব তোরে আমি পতি অভাজন।"—কবিকঙ্কণ। ২। অতি দূর অরণ্য ; বন ; জঙ্গল। ৩। কোটর।

প্রান্তশূন্য—বি, পুং, ছায়াবিহীন পথ।

প্রান্তস্থ (প্রান্‌তস্‌থ) [প্রান্ত—স্থ (স্থিত)] বিণ, শেষ-সীমাস্থিত ; প্রান্তবর্ত্তী।

প্রাপণ (ন্) [প্র—আপ্ (পাওয়া)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রাপ্তি। ২। পাওয়ান। বিণ, **প্রাপক**।

প্রাপিত [প্র—আপ্+ণিচ্=প্রাপি (পাওয়ান) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা পাওয়ান হইয়াছে ; প্রাপ্তি করান।

প্রাপ্ত [প্র—আপ্ (পাওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, লব্ধ ; অধিগত। ২। গৃহীত।

প্রাপ্তকল্যাণ (প্রাপ্‌তকোল্‌ল্যান্) [প্রাপ্ত (লব্ধ) হইয়াছে কল্যাণ (মঙ্গল, সৌভাগ্য) যৎকর্ত্তৃক, বহু] বিণ, লক্ষ্মীমন্ত ; ভাগ্যবান্।

প্রাপ্তকাল (ল্) [প্রাপ্ত (আগত) হইয়াছে কাল (মৃত্যুসময়) যাহার বহু] বিণ, যাহার মরণকাল উপস্থিত হইয়াছে ; আসন্নমৃত্যু। ২। প্রাপ্তাবকাশ।

প্রাপ্তপঞ্চত্ব (—পন্‌চৎতো) [প্রাপ্ত (উপস্থিত, আগত) হইয়াছে পঞ্চত্ব (মৃত্যু) যাহার, বহু] বিণ, মৃত।

প্রাপ্তবয়স্ক (বয়শ্‌ক) [প্রাপ্ত (আগত, উপস্থিত) বয়স (পূর্ণ বয়স, সাবালকত্ব) যাহার, বহু] বিণ, পূর্ণবয়স্ক ; সাবালক।

প্রাপ্তবুদ্ধি [প্রাপ্ত (আগত, উপস্থিত) হইয়াছে বুদ্ধি যাহার, বহু] বিণ, জ্ঞানী ; বুদ্ধিমান। ২। শিক্ষিত।

প্রাপ্তব্য (প্রাপ্‌তোব্‌ব) [প্রাপ্ত (দ্রঃ), তব্য (কর্ম্মে)] বিণ, প্রাপ্তিযোগ্য ; প্রাপ্য ; লব্ধব্য। ২। গন্তব্য ; গম্য।

প্রাপ্তব্যবহার (ব্বাবহার্) [প্রাপ্ত হইয়াছে ব্যবহার যৎ কর্ত্তৃক, বহু] বিণ, প্রাপ্তবয়স্ক ; সাবালক।

প্রাপ্তভার (র্) [প্রাপ্ত—ভার যৎ কর্ত্তৃক, বহু] বি, পুং, ভারবহনক্ষম ; ভার-সহিষ্ণু উষ্ট্র গর্দ্দভাদি। বিণ, ভারগ্রস্ত।

প্রাপ্তযৌবন (ন্) [প্রাপ্ত (আগত, উপস্থিত) যৌবন যাহার, বহু] বিণ, পূর্ণবয়স্ক ; সোমত্ত। স্ত্রী, **প্রাপ্তযৌবনা**।

প্রাপ্তরূপ (প্) [প্রাপ্ত হইয়াছে রূপ (আকৃতি) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, রমণীয় ; সুন্দর ; রম্য। ২। পণ্ডিত।

প্রাপ্তাপরাধ (ধ্) [প্রাপ্ত—অপরাধ (ত্রুটি, দোষ)] বিণ, যাহাকে অপরাধ বা দোষ স্পর্শ করিয়াছে ; অপরাধগ্রস্ত ; যে দোষের ভাগী হইয়াছে। স্ত্রী, **প্রাপ্তাপরাধা**।

প্রাপ্তি [প্র—আপ্+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, প্রাপণ। ২। আয় ; উপার্জ্জন। প্র—"লোকের যখন শ্রীবৃদ্ধি হয়, তখন নানা প্রকারেই প্রাপ্তি হইয়া থাকে।"—টেকচাঁদ। ৩। লভ্য ; লাভ। প্র—"এ ব্যবসায়ে বেশ প্রাপ্তি আছে।" ৪। উন্নতি ; বৃদ্ধি। ৫। উপস্থিতি। ৬। অষ্ট ঐশ্বর্য্যের অন্যতম ; যথেচ্ছ গমনের শক্তি। ৭। কামপত্নীবিশেষ। ৮। কংসপত্নীবিশেষ।

প্রাপ্তিযোগ্য (জোগ্‌গ) [প্রাপ্তির যোগ্য, ৬ তৎ] বিণ, প্রাপ্তব্য।

প্রাপ্তিস্থান (প্রাপ্‌তিস্‌থান্) [প্রাপ্তির স্থান, ৬ তৎ] বি, যে স্থানে পাওয়া যায় ; পাইবার ঠিকানা।

প্রাপ্ত্যাশা [প্রাপ্তির—আশা] বি, স্ত্রী, লাভের ইচ্ছা।

প্রাপ্য [প্র—আপ্+য (কর্ম্মে, য্যণ)] বিণ, লভ্য ; প্রাপণীয় ; প্রাপ্তব্য। ২। গমন-যোগ্য ; গম্য ; গন্তব্য। ৩। [ব্যাকরণে] কর্ম্মবিশেষ।

প্রাবর (র্) [প্র—আ—বৃ (আবরণ করা) +অ (করণে—অল্)] বি, পুং, প্রাকার ; প্রাচীর ; বেড়া।

প্রাবরণ (ন্) [প্র—আ—বৃ (আবরণ করা) +অন (করণে—অনট্)] বি, ক্লী, প্রকৃষ্ট আবরণ। ২। উত্তরীয় বস্ত্র ; আবরণ বস্ত্র ; উড়ানি।

প্রাবল্য [প্রবল+য (ভাবে—যণ্)] বি, ক্লী, প্রভাব ; শক্তি। ২। উৎকটতা ; প্রবলতা।

প্রাবাসিক (শিক্) [প্রবাস+ইক] বিণ, প্রবাস সম্বন্ধীয়। ২। প্রবাসের উপযোগী।

প্রাবীণ্য [প্রবীণ+য (ভাবে)] বি, ক্লী, প্রবীণতা ; কুশলতা ; নৈপুণ্য, পটুতা।

প্রাবৃট [প্র—আ—বৃষ্ (বর্ষণ হওয়া)+ক্বিপ্ (অধি) যে কালে বৃষ্টি হয়] বি, স্ত্রী, বর্ষাকাল। প্র—"প্রাবৃট্ সময়ে গরজে ঘন ঘোর।"—জ্ঞানদাস। প্র—"প্রাবৃট্ প্রবৃত্ত হৈল ইন্দ্র আইল সেজে"—শিবায়ন।

প্রাবৃড়ত্যয় [প্রাবৃট্ (বর্ষা) অত্যয় (অপগম) হয় যে সময়ে, বহু] বি, পুং, শরৎকাল।

প্রাবৃত [প্র—আ—বৃ (আবরণ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা আবরণ করা হইয়াছে ; আচ্ছাদিত ; বেষ্টিত।

প্রাবৃতি [প্র—আ—বৃ (আবরণ করা)+তি (করণে, ক্তি)] বি, স্ত্রী, আবেষ্টন ; বেড়া। ২। [ভাবে—ক্তি] আচ্ছাদন।

প্রাবৃষ (ষ্) [প্র—আ—বৃষ্ (বর্ষণ হওয়া) +ক্বিপ্ (অধি) যে সময়ে বৃষ্টি হয়] বি, স্ত্রী, বর্ষাকাল। বিণ, **প্রাবৃষ্য**—বর্ষাকালীন।

প্রাবৃষিক (ক্) [প্রাবৃষ্ (বর্ষা)+ইক (ভবার্থে—ইকণ্) কিম্বা প্রাবৃষি (বর্ষাকালে) কৈ (রব করা)+অ (কর্ত্তৃ, ড) যাহারা বর্ষাকালে উচ্চ শব্দ করে] বি, পুং, শিখী; ময়ূর। ২। বিণ, বর্ষাকালীন।

প্রাবৃষিজ (জ্) [প্রাবৃষি (বর্ষাকালে) জ (যে জন্মে)] বি, পুং, কদম ফুলের গাছ। ২। বিণ, বর্ষাকালীন।

প্রাবৃষেণ্য (ষেন্ন) [প্রাবৃষ্+এন্য (ভবার্থে)] বিণ, প্রাবৃষিক; বর্ষাকালীন; বর্ষা ঋতুতে জাত।

প্রাবৃষ্য [প্রাবৃষ্ (বর্ষাকাল)+য (ভবার্থে)] বি, ক্লী, বৈদূর্য্য মণি। ২। বিণ, প্রাবৃষিক; বর্ষাকালীন।

প্রাবেশন (ন্) [প্র—আ—বিশ্ (প্রবেশ করা)+অন (প্রধি—অনট্)] বি, ক্লী, কারু-ভবন; শিল্পশালা।

প্রাভঞ্জন (ন্) [প্র—ভঞ্জন+অ] বি, ক্লী, স্বাতি নক্ষত্র।

প্রাভব [প্রভু+অ (ভাবে—অণ্)] বি, ক্লী, প্রাধান্য; শ্রেষ্ঠতা। ২। প্রভুত্ব।

প্রাভাকর (র্) [প্রভাকর+অ (সম্বন্ধার্থে] বিণ, প্রভাকরসম্বন্ধীয়। ২। মীমাংসক-মতজ্ঞ।

প্রাভাতিক (ক্) [প্রভাত+ইক (সম্বন্ধার্থে ইকণ্)] বিণ, প্রভাতসংক্রান্ত। ২। প্রাতঃ-কালীন।

প্রামাণিক (ক্) [প্রমাণ+ইক (ইকণ্)] বিণ, বিশ্বাস্য। ২। পূরা: পাকা। প্র—"প্রামাণিক যোজন গভীর বহে জল। ইহে উপজয়ে ভাই কেমনে কমল॥"—কবিক। ৩। প্রমাণ-সিদ্ধ। প্র—"তাদৃশ অমুক্ত লোকের অনুষ্ঠিত যে কর্ম্ম, লোকে তাহা প্রামাণিক মনে করে না"—মহা—সভা—বর্দ্ধ। ৪। পুং, অধ্যক্ষ। ৫। প্রধান। ৬। বিজ্ঞ। ৭। পরামাণিক দ্রঃ।

প্রায় (য়্) [প্র (প্রকৃষ্ট, প্রচুর)+ই+অ (ভাবে, অল্)=অয়] অ, বাহুল্যবোধক; আধিক্যার্থক। ২। ঘন ঘন। ৩। মধ্যে মধ্যে। ৪। সচরাচর; সাধারণতঃ। ৫। অল্পতা-বোধক; সামান্য: ঈষৎ। ৬। বি, উপবাস; মৃত্যু ইচ্ছা করিয়া অনশন। ৭। মৃত্যু। ৮। পাপ। ৯। বিণ, তুল্য; সম; সদৃশ; মত (এই অর্থে অন্য শব্দের পর প্রযুক্ত হয়)।

প্রায়শঃ [প্রায়+শস্। এই সং-শব্দ বাং-য় অবিকল গৃহীত। আধু বাং-য় বিরল] অ, সদা-সর্ব্বদা; সচরাচর। ২। বাহুল্যরূপে। ৩। অধিকাংশ।

প্রায়শ্চিত্ত, প্রায়শ্চিত্তি ["প্রায়ো নাম তপঃ প্রোক্তং চিত্তং নিশ্চয় উচ্যতে। তপোনিশ্চয়-সংযুক্তং প্রায়শ্চিত্তমিতি স্মৃতম্"—অঙ্গিরাঃ। প্রা—পেরাচিত্তির] বি, ক্লী, চিত্তের বিশুদ্ধতা। ২। পাপক্ষয়-সাধন কর্ম্ম। প্র—"প্রায়শ্চিত্ত ভয় সেথানে কি হয় যেথানে তোমার জল।"—অন্নমঙ্গল। **প্রায়শ্চিত্ত-বিধি**—পাপক্ষয় নিমিত্ত কৃচ্ছ্র সাধনবিধি।

প্রায়াণিক (ক্) [প্রয়াণ (যাত্রা)+ইক (ইকণ্)] বিণ, যাত্রাকালে মাঙ্গলিক শঙ্খ চামরাদি।

প্রায়িক (ক্) [প্রায়+ইক (ভবার্থে, ইকণ্)] বিণ, যাহা বাহুল্য ভাবে হইয়া থাকে।

প্রায়োগিক (ক্) [প্রয়োগ+ইক (ণ্)] বিণ, প্রয়োগযোগ্য।

প্রায়োজ্য (জোজ্জ) [প্র—যুজ+ণিচ=যোজি (যোগ করান)+য (কর্ম্মে)] বিণ, প্রয়োজনযোগ্য: প্রয়োজনার্হ।

প্রায়োদ্বীপ (প্) [প্রায়স্ (বহুল পরিমাণে) দ্বীপ (জল বেষ্টিত ভূমি)] বি, ক্লী, প্রায় চতুর্দ্দিকে জল বেষ্টিত ভূমি: উপদ্বীপ।

প্রায়োপবিষ্ট [প্রায় (মরণের জন্য অনশন) উপবিষ্ট (আসীন)] বিণ, অনশনে মৃত্যুর জন্য আসীন; ইচ্ছাপূর্ব্বক অনশনে মরণার্থ কৃতোপবেশন।

প্রায়োপবেশ, প্রায়োপবেশন (শ্, ন্) [প্রায় (ইচ্ছাপূর্ব্বক অনশন মৃত্যু) উপবেশ (অবস্থান) ৪৩৫] বি, ইচ্ছাপূর্ব্বক অনশনে মরণার্থ অবস্থিতি; সন্ন্যাসগ্রহণপূর্ব্বক অনাহারে মৃত্যুর অপেক্ষায় উপবেশন। প্র—"কপি-সৈন্যদের পরে প্রায়োপবেশন"—রামায়ণ (রাজ)।

প্রায়োপবেশিকা [প্রায়+উপবেশিকা] বি, স্ত্রী, প্রায়োবেশন।

প্রায়োপেত [প্রায়—উপেত (যুক্ত)—৩৩৫] বিণ, মৃত্যুর নিমিত্ত অনশনে উপবিষ্ট।

প্রারব্ধ [প্র—আ—রভ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, আরম্ভিত। ২। পূর্ব্ব জন্মের কারণ ভূত অদৃষ্ট। ২। বি, ক্লী, প্রাক্তন; অদৃষ্ট।

প্রারম্ভ [প্র—আ—রন্ভ্+অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, কর্ম্ম। ২। সূত্রপাত; প্রথমোদ্যোগ: আরম্ভ।

প্রারম্ভসূচক (—শুচক্) [প্র—আরম্ভ—সূচক (যে সূচনা করে)] বি, আরম্ভ-জ্ঞাপক; আরম্ভিক।

প্রার্থন (ন্) [প্র—অর্থ+ণিচ্=অর্থি (প্রার্থনা করা)+অন (ভাবে—অনট্,—আপ্—স্ত্রী)] স্ত্রী, প্রার্থনা দ্রঃ।

প্রার্থনা [প্র—অর্থ+ণিচ=অর্থি (প্রার্থনা করা)+অন (ভাবে—অনট্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, নিবেদন; আবেদন। ২। যাচঞা। ৩। অবরোধ। ৪। আক্রমণ। ৫। বিদ্বেষ। ৬। অভিযান। ৭। গর্ভাঙ্কবিশেষ।

প্রার্থনীয় [প্র—অর্থ+ণিচ=অর্থি+অনীয় (কর্ম্মে)] বিণ, প্রার্থয়িতব্য; যাচিতব্য।

প্রার্থয়িতব্য (প্রার্থয়িতোব্ব) [প্র—অর্থ—ণিচ=প্রার্থি+তব্য (কর্ম্মে)] বিণ, প্রার্থনার যোগ্য।

প্রার্থয়িতা [প্র—অর্থ+ণিচ্=অর্থি+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=প্রার্থয়িতৃ ১মা, ১ব] বিণ, প্রার্থক; যাচক।

প্রার্থিত [প্র—অর্থ্+ণিচ্=প্রার্থি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অভীপ্সিত; অভিলষিত। ২। যাচিত; যাহা যাচ্ঞা করা হইয়াছে; বাঞ্ছিত। ৩। যাহার নিকট প্রার্থনা করা হইয়াছে। ৪। অভিঘাত। ৫। আক্রান্ত। ৬। নিহত।

প্রার্থিতবান (ন্) [প্রার্থিতবৎ শব্দ ১মা, ১ব] বিণ, প্রার্থনাকারী; প্রার্থয়িতা। স্ত্রী, **প্রার্থিতবতী**।

প্রালব্ধ [সং—প্রারব্ধ শব্দের—অপভ্রংশ গ্রা-কথ্য ভাষায়] বি, প্রারব্ধ দ্রঃ।

প্রালম্ব, প্রালম্বক, প্রালম্বিকা (ক্) [প্র—আ—লন্ব (লম্বিত হওয়া) অ+(কর্ত্তৃ—অচ্)] বি, সরল লম্বমান কণ্ঠহার।

প্রালেয় [প্র—আ—লী (লীন হওয়া)+য (কর্ত্তৃ)] বি, ক্লী। তুষার; শিশির: হিম।

প্রার্থী [প্রার্থিন্ শব্দ ১মা, ১ব] বি, আবেদক; নিবেদক। ২। যাচক।

প্রাশন (ন্) [প্র—অশ্ (ভোজন করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আহার; অশন; ভোজন।

প্রাশস্ত্য [প্রশস্ত+য (ভাবে—যণ্] বি, ক্লী, উৎকৃষ্টতা। ২। প্রশস্ততা। ৩। বিস্তৃতি।

প্রাশিত [প্র—অশ্ (ভোজন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা ভোজন করা হইয়াছে; ভুক্ত; ভক্ষিত; গ্রস্ত। ২। [ভাবে—ক্ত] বি, ক্লী, ভক্ষণ। ৩। পিতৃযজ্ঞ; তর্পণ।

প্রাশ্নিক (ক্) [প্রশ্ন+ইক (যে করে)] বিণ, যে প্রশ্ন করে; প্রশ্নকর্ত্তা; প্রশ্নকারী। ২। পরীক্ষক। ৩। প্রশ্ন শ্রবণ করিয়া যে মীমাংসা করে; প্রশ্নমীমাংসক। ৪। বি, পুং, সভ্য।

প্রাস (শ্) [প্র—অস্ (ক্ষেপণ করা)+অ (কর্ম্মে—অল্)] বি, পুং ক্ষেপকাস্ত্রবিশেষ। প্রাসের আকৃতি—সাত হাত লম্বা বংশাদি দণ্ড, তাহার মস্তকে লোহার তীক্ষ্ণ ফলা, মূলে সূক্ষ্ম ও তীক্ষ্ণ লৌহশলাকা, ফলকের নীচে ও মূলে রেশম স্তবকে সুশোভিত, ইহার চারি প্রকার ব্যবহারের নিয়ম—আকর্ষণ, বিকর্ষণ, ধুনন অর্থাৎ ইতস্ততঃ পরিচালন ও পশ্চাৎ বিদ্ধ করণ। প্র—"প্রাস, শরাসন করিয়া ধারণ প্রহরীর কার্য্য করে"—রামায়ণ (রাজ)।

প্রাসক (শক্) [প্রাস+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, প্রাস নামক অস্ত্র ; কুন্ত। ২। অক্ষ পাশক ; পাশা।

প্রাসঙ্গ (প্রাশঙ্গ) [প্র—আ—সনজ্ (আসক্ত হওয়া)+অ (কর্ম্মে, ঘঞ্)] বি, পুং জোয়াল।

প্রাসঙ্গিক (প্রাশোংঙ্গিক্) [প্রসঙ্গ+ইক (ইকণ্)] বিণ, প্রসঙ্গক্রমে উপস্থিত ; প্রসঙ্গোত্থিত। ২। সম্পর্কীয় ; সম্বন্ধীয়। স্ত্রী, প্রাসঙ্গিকী।

প্রাসাদ (শাদ্) [প্র—আ—সদ (গমন করা) +অ (অধি—ঘঞ্) বিশ্রামার্থ গমন করা হয় যেখানে] বি, পুং, রাজভবন ; রাজ অট্টালিকা। ২। সুবৃহৎ ইষ্টকালয়। ৩। ইষ্টকনির্ম্মিত দেবগৃহ ; ইষ্টকরচিত দেবালয়।

প্রাসাদকুক্কুট (প্রাশাদ্কুক্কুট্) (প্রাসাদের (অট্টালিকার) কুক্কুট (কুঁকড়া)] বি, পুং, পায়রা।

প্রাসাদশিখর (প্রাশাদ্শিখর্) [প্রাসাদের শিখর, ৬তৎ] বি, পুং, মন্দিরাদির চূড়া হর্ম্ম্যাদির অগ্রভাগ।

প্রাসিক (শিক্) [প্রাস (কুন্ত)+ইক গ্রহণার্থে (ইকণ্)] বিণ, প্রাস অস্ত্র সম্বন্ধীয়। ২। কুন্তাস্ত্রধারী।

প্রাস্থানিক (ক্) [প্রস্থান+ইক (ইকণ্)] বিণ, বিদায়কালোচিত ; প্রস্থানকালোচিত।

প্রাহরিক (ক্) [প্রহর+ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, প্রহরসংক্রান্ত।

প্রাহ্ণ [প্র (পূর্ব্ব)—অহন্ (দিন)অহন্=অহ্ণ] বি, পুং পূর্ব্বাহ্ণ ; প্রভাত ; প্রাতঃ সময়। প্র—"তাহা লইয়া অদ্য প্রাহ্ণে রাজাকে শ্রবণ করাইয়াছেন এবং মাধবাচার্য্যের অনেক নিন্দা করিয়াছেন।"—মৃণালিনী।

প্রিণ্টার (প্রিন্টার্) [ইং—printer] বি, মুদ্রাকর।

প্রিন্সিপাল (প্রিন্সিপাল্) [ইং—principal] বি, উচ্চ বিদ্যালয়ের অধ্যক্ষ ; কলেজের অধ্যক্ষ।

প্রিয় [প্রী (তুষ্ট হওয়া)+অ (কর্ত্তৃ—ক) প্রী=প্রিয়। প্রাকৃ—পিঅ] বি, পুং, স্বামী ; পতি। প্র—"কর্পূর তাম্বুল গুয়া খপুর পূরিল সই প্রিয় বিনা কার মুখে দিব।"—নরোত্তমদাস। ২। বিণ, প্রীতিভাজন ; প্রিয়পাত্র। ৩। প্রীতিজনক। ৪। রম্য। স্ত্রী, প্রিয়া—পত্নী। ২। প্রীতিপাত্রী। প্রিয় করা—ভালবাসা। প্র—"দুর্দ্দশা ঘটিবে তায় তেঁই প্রিয় করি"—ঘনরাম।

প্রিয়ংবদ (দ্) [প্রিয় (প্রিয়কে) বদ্ (বলা) +অ (কর্ত্তৃ—খ) যে বলে] বি, পুং, গন্ধর্ব্ব-বিশেষ। ২। যে প্রিয়বাক্য বলে। স্ত্রী, প্রিয়ংবদা।

প্রিয়ক (ক্) [প্রিয়+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, মধুকর ; ভ্রমর। ২। চিত্রমৃগ ; উচ্চ মসৃণ কোমল চিত্রিত রোমাচ্ছন্ন মৃগ। ৩। কদম্ব-বৃক্ষ। ৪। প্রিয়ঙ্গু বৃক্ষ। ৫। কুঙ্কুম।

প্রিয়কারী [প্রিয়—কারী (যে করে)] বিণ, হিতকারী ; অনুকূল। স্ত্রী, প্রিয়কারিণী।

প্রিয়কৃত্ [প্রিয়—কৃ (করা)+ক্বিপ্—কর্ত্তৃ (ত্ আগম)] বি, পুং, বিষ্ণু।

প্রিয়ঙ্কর (র্) [প্রিয়—কৃ (করা)+অ (কর্ত্তৃ—খ)] বিণ, যে প্রিয়কার্য্য করে ; হিতকারী।

প্রিয়ঙ্গু (পৃওংগু) [সং] বি, স্ত্রী, সুগন্ধিলতা-বিশেষ ; গন্ধপ্রিয়ঙ্গু ; aglaia Roxburghiana. ২। ধান্যবিশেষ ; কামিনীধান।

প্রিয়চিকীর্ষা [প্রিয়—চিকীর্ষা (দ্রঃ)] বি, হিতেচ্ছা ; মঙ্গলকামনা।

প্রিয়চিকীর্ষু [প্রিয়—চিকীর্ষু (চিকীর্ষাকারী)] বিণ, হিতৈষী ; শুভাকাঙ্ক্ষী ; হিতাভিলাষী।

প্রিয়জন (ন্) [প্রিয়—যে জন (কর্ম্মধা)] বি, পুং আত্মীয়। ২। সুহৃৎ ; প্রিয়পাত্র।

প্রিয়তর, প্রিয়তম [প্রিয়+তর—তম (অতিশয়ার্থে)] বিণ, অতিশয় প্রিয় ; অত্যন্ত প্রণয়ভাজন। স্ত্রী, প্রিয়তরা, প্রিয়তমা।

প্রিয়তা, প্রিয়ত্ব [প্রিয়+তা—ত্ব (ভাবে)] বি, স্ত্রী, স্নেহ ; প্রীতি ; ভালবাসা ; প্রেম ; প্রণয়।

প্রিয়দর্শন (ন্) [প্রিয় (মনোজ্ঞ) হইয়াছে দর্শন যাহার, বহু] বিণ, সুদৃশ্য ; মনোজ্ঞদর্শন ; সুন্দর। ২। বি, পুং, শুকপক্ষী।

প্রিয়পাত্র [প্রিয়—পাত্র] বিণ, স্নেহাস্পদ ; প্রীতিভাজন।

প্রিয়বচন (ন্) [প্রিয়—বচন] বি, মিষ্টকথা ; মধুরবাক্য ; হিতভাষণ।

প্রিয়বয়স্য (পৃয়বয়শ্শ) [প্রিয়—বয়স্য] বি, প্রিয়সুহৃদ ; প্রীতিভাজন বন্ধু।

প্রিয়বাদী [প্রিয়—বাদী (যে বলে)] বিণ, যে প্রিয়বাক্য বলে ; প্রিয়ভাষী।

প্রিয়বাদী [প্রিয়—বদ্ (বলা)+ইন্ (কর্ত্তৃ, শীলার্থে, ণিন্)=প্রিয়বাদিন্ ১মা, ১ব] বিণ, হিতভাষী ; মিষ্টভাষী।

প্রিয়বিয়োগ (গ্) [প্রিয়—বিয়োগ—৬তৎ] বি, প্রীতিপাত্রের মৃত্যু ; প্রিয়জনের বিচ্ছেদ। ২। প্রীতিকর দ্রব্যের নাশ।

প্রিয়বিয়োগবিধুর (গ্, র্) [প্রিয়—বিয়োগ—দ্বারা বিধুর, ৬ তৎ পরে ৩য়া তৎ] বিণ, প্রিয়জনের বিচ্ছেদে কাতর। প্রীতিপাত্রের মৃত্যুতে ব্যথিত। স্ত্রী, প্রিয়বিয়োগ-বিধুরা।

প্রিয়বিয়োগবিধুরতা (গ্) [প্রিয়বিয়োগ, বিধুর (দ্রঃ)+তা (ভাবে)] বি, প্রিয়-বিচ্ছেদ-জনিত ক্লেশ ; প্রীতিপাত্রের বিয়োগ-হেতু বৈকল্য।

প্রিয়বিরহ [প্রিয়ের বিরহ, ৬তৎ] বি, প্রীতিপাত্রের বিচ্ছেদ ; স্নেহাস্পদের মৃত্যু।

প্রিয়ব্রত (পৃয়ব্রোত) [প্রিয় হইয়াছে ব্রত যাহার, বহু] বি, পুং, স্বায়ম্ভুব মনুর প্রথম পুত্র।

প্রিয়ভাষণ (ন্) [প্রিয় (মনোজ্ঞ) হইয়াছে ভাষণ (বাক্য) যাহার, বহু] বিণ, মধুরভাষী। ২। [প্রিয়—যে ভাষণ (বাক্য)—কর্ম্মধা] বি, ক্লী, প্রিয় কথা।

প্রিয়ভাষী [প্রিয়ভাষিন্ শব্দ] বিণ, মিষ্টভাষী ; হিতবাদী ; প্রিয়বাদী। স্ত্রী, প্রিয়ভাষিণী।

প্রিয়মধু (প্রিয়মোধু) [প্রিয় হইয়াছে মধু (মদ্য) যাহার, বহু] বি, পুং, কৃষ্ণাগ্রজ ; বলরাম।

প্রিয়ম্বদ (দ্) [প্রিয়ম্—বদ্ (বলা)+অ (কর্ত্তৃ)] বিণ, প্রিয়ভাষক। প্র—"প্রিয়ম্বদ সখা"—হেমবন্দ্যো। ২। পুং, গন্ধর্ব্ববিশেষ। স্ত্রী, প্রিয়ম্বদা—প্রিয়বাদিনী ; মধুরভাষিণী। ২। কণ্বমুনির পালিতা কন্যা শকুন্তলার সখী। ৩। দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ।

প্রিয়সখ (পৃয়শখ) [প্রিয়—যে সখি (বন্ধু)—কর্ম্মধা)+অন্ ; সখি=সখ] বি, পুং, প্রিয়-সুহৃদ ; পরম বন্ধু। ২। খদির বৃক্ষ ; খয়ের গাছ। স্ত্রী, প্রিয়সখী—প্রিয়সহচরী।

প্রিয়সত্য (প্রিয়শোত্ত) [প্রিয়—সত্য] বি, প্রীতিপ্রদ সত্য ; মনোহর সত্য।

প্রিয়সমাগম (পৃয়শমাগম্) [প্রিয়ের সমাগম (মিলন)—৬ তৎ] বি, প্রিয়জনের সহিত সংমিলন ; স্নেহাস্পদের সহিত মিলন ; প্রিয়-সংযোগ। ২। প্রণয়ী প্রণয়িনী বা নায়ক নায়িকার পরস্পর সাক্ষাৎ।

প্রিয়সম্বন্ধ (পৃঅশম্বন্ধ) বি, প্রীতিকর সম্পর্ক।

প্রিয়সালক (ক্) বি, পিয়াল গাছ।

প্রিয়া [প্রিয় (প্রীতিভাজন)—আপ্—স্ত্রী] বি, পত্নী ; সহধর্ম্মিণী। ২। প্রণয়িনী।

প্রিয়াল (ল্) [সং] বি, পুং, পিয়াল বৃক্ষ। স্ত্রী, প্রিয়ালা—দ্রাক্ষা।

প্রীণ [প্রী (প্রীত হওয়া)—ত (কর্ত্তৃ—ক্ত) ক্ত=ন (নিপাতন সিদ্ধ)] বিণ, প্রীত ; সন্তুষ্ট। ২। প্রাচীন ; পুরাতন।

প্রীণন (নন্) [প্রী+ণিচ্=প্রীণি+অন (ভাবে, অনট্)] বি, ক্লী, তর্পন ; প্রীতকরণ ; সন্তোষ সম্পাদন। বিণ, প্রীণিত।

প্রীত [প্রী (তুষ্ট হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, তৃপ্ত ; তুষ্ট ; আনন্দিত ; আহ্লাদিত। ২। [প্রীতি শব্দের অপভ্রংশে প্রা—বাং-প্রীত] বি, প্রেম ; প্রীতি ; অনুরাগ ; প্র—

"চকোরের প্রীত চাঁদের সহিত শশীও তেমতি তারে তোষে সুধাদানে।"—বাং-গান। "যে যে নারী সনে কৃষ্ণের কভু নাহি প্রীত"—গিরিধর (গীতগোবিন্দ)। "আমিত দুঃখিনী কুলকলঙ্কিনী হইনু করিয়া প্রীত।"—চণ্ডীদাস। ৩। সম্ভাব।

প্রীতি [প্রী (তুষ্ট হওয়া) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, তৃপ্তি। ২। হর্ষ ; আনন্দ। ৩। অনুরাগ ; প্রেম। ৪। যোগবিশেষ। ৫। কন্দর্পের অন্যতমা পত্নী।

প্রীতিউপহার (র্‌) [প্রীতির—উপহার, ৬তৎ] বি, পুং, সানুরাগ দান ; প্রণয়যুক্ত উপঢৌকন।

প্রীতিকর (র্‌) [প্রীতি—কর (যে করে)] বিণ, তৃপ্তিজনক ; আনন্দপ্রদ।

প্রীতিদ [প্রীতি—দ (দান করা) + অ (কর্তৃ, ড)] বি, পুং, মস্করাবাজ ; বিদূষক ; ভাঁড়। ২। বিণ, প্রীতিপ্রদ ; তৃপ্তিদায়ক।

প্রীতিদত্ত [প্রীতি দ্বারা দত্ত, ৬ তৎ] বি, ক্লী, প্রীতিপূর্ব্বক দত্ত বস্তু ; প্রীতিদান।

প্রীতিদান (প্রিতিদান্) [প্রীতির দান, ৬তৎ] বি, ক্লী, ভালবাসার নিদর্শন স্বরূপ দান বা উপহার। প্র—"তখন জানকী অনসূয়ার প্রীতিদান লয়ে সহাস মুখে"—রামায়ণ (রাজ)।

প্রীতিদায়ক (ক্‌) [প্রীতি—দায়ক] বিণ, তৃপ্তিজনক ; হর্ষপ্রদ।

প্রীতিপরায়ণ (ন্‌) [প্রীতি হইয়াছে পর (শ্রেষ্ঠ) অয়ন যাহার, বহু] বিণ, হৃষ্ট ; আনন্দময় ; অত্যন্ত প্রীতিযুক্ত। স্ত্রী, **প্রীতিপরায়ণা**।

প্রীতিপাত্র (পাৎত্র) [প্রীতির পাত্র, ৬তৎ] বি, প্রণয়াস্পদ ; প্রীতিভাজন। ২। আনন্দের সামগ্রী।

প্রীতিপূর্ণ [প্রীতি দ্বারা পূর্ণ, ৩ তৎ] বিণ, হর্ষপরিপূর্ণ ; আনন্দময় ; প্রেমপূর্ণ। ২। ।

প্রীতিপূর্ব্বক (ক্‌) [প্রীতি—পূর্ব্বক] ক্রি-বিণ, প্রণয়পূর্ব্বক ; তৃপ্তির সহিত ; আহ্লাদপূর্ব্বক।

প্রীতিপ্রফুল্ল (প্রো) [প্রীতি—প্রফুল্ল] বিণ, হর্ষোৎফুল্ল ; অনুরাগ-হেতু উৎফুল্ল ; সুখী।

প্রীতিবর্দ্ধন (ন্‌) [প্রীতি—বৃধ্ + ণিচ্ = বর্দ্ধি (বর্দ্ধিত হওয়া) + অন (কর্তৃ—অনট্)] বি, পুং, বিষ্ণু। ২। হর্ষবৃদ্ধি ; প্রীতিবর্দ্ধন। ৩। তৃপ্তিদায়ক ; সন্তোষবর্দ্ধক।

প্রীতিভোজ (জ্‌) [প্রীতি—ভোজ] বি, আনন্দভোজন ; উদ্যানাদিতে প্রীতিপূর্ব্বক ভোজন ; চড়ুইভাতি।

প্রীতিভোজ্য (ভোজ্জ) [প্রীতি—ভোজ্য] বিণ, আনন্দ-ভোজে ভক্ষণীয়।

প্রীতিমান (ন) [প্রীতি + মৎ (অস্ত্যর্থে মতু) [বিণ, প্রীতিশালী ; প্রীতিযুক্ত ; সন্তুষ্ট ; প্রফুল্ল। স্ত্রী, **প্রীতিমতী**।

প্রীতিসম্ভাষণ (ন্‌) [প্রীতি—সম্ভাষণ] বি, প্রণয়জ্ঞাপক সম্ভাষণ ; প্রীতিসূচক কথোপকথন।

প্রীতিসূচক (শুচক্) [প্রীতি—সূচক] বিণ, আনন্দজনক ; তৃপ্তিপ্রদ। ২। সম্মানজনক। ৩। প্রণয়জ্ঞাপক।

প্রীভিকাউন্সিল, প্রীভিকৌন্সিল্ (ন্, শীল্) [ইং—privy council] বি, বিলাতের যে সভায় মোকদ্দমার শেষ নিষ্পত্তি হয় ; খাস দরবার।

প্রীয়মাণ (ন্‌) [প্রী (তুষ্টহওয়া) + আন (কর্ম্মে—আনশ্) ম—আগম] বিণ, সন্তুষ্ট।

প্রুষ্ট [প্রুষ্ (দগ্ধ করা) + (ত কর্ম্মে—ক্ত) যাহা দগ্ধ করা হইয়াছে] বিণ, দগ্ধ ; ঝলসান।

প্রেক (ক্‌) [পর্ত্তু—prego] বি, লৌহ-কীলক।

প্রেক্ষক (ক্‌) [প্র—ঈক্ষ্ (দেখা) + অক (কর্তৃ)] বিণ, পরিদর্শক ; পর্য্যবেক্ষক। স্ত্রী, প্রেক্ষিকা।

প্রেক্ষণ (প্রেক্‌খন্) [প্র—ঈক্ষ (দর্শন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, দর্শন ; দৃষ্টি। ২। [করণে—অনট্] চক্ষু ; নয়ন।

প্রেক্ষণা [প্রেক্ষণ দ্রঃ] বি, পরিদর্শন।

প্রেক্ষণিক (ক্‌) [প্রেক্ষণ + ইক] বিণ, পরিদর্শক ; পর্য্যবেক্ষক।

প্রেক্ষণীয় [প্র—ঈক্ষ্ + অনীয় (কর্ম্মে)] বিণ, পর্য্যবেক্ষণীয় ; সম্যক্ দর্শনীয়।

প্রেক্ষা [প্র—ঈক্ষ্ (দেখা) + অ (ভাবে—অঙ্)] বি, স্ত্রী, দর্শন ; দৃষ্টি। ২। পর্য্যালোচনা। ৩। নৃত্য দর্শন। ৪। তীক্ষ্ণবুদ্ধি ; প্রজ্ঞা।

প্রেক্ষাগার (প্রেক্‌খাগার্) [প্রেক্ষ—আগার] বি, ক্লী, নৃপতিগণের মন্ত্রণাভবন। ২। মানমন্দির ; observatory.

প্রেক্ষাগৃহ [প্রেক্ষা (দর্শন)—গৃহ] বি, ক্লী, অভিনয় নৃত্যাদি দর্শনার্থ দর্শকগণের বসিবার স্তরে স্তরে সজ্জিত আসনবিশিষ্ট গৃহ ; নাচঘর ; রঙ্গালয় ; gallery. ২। দর্শনাগার ; মানমন্দির ; observatory.

প্রেক্ষাবান্ [প্রেক্ষ + বৎ (অস্ত্যর্থে—বতু) = প্রেক্ষাবৎ ১মা, ১ব] বিণ, বুদ্ধিবিশিষ্ট ; বিজ্ঞ ; জ্ঞানী। ২। বিমৃশ্যকারী ; বিবেচক।

প্রেক্ষিত [প্র—ঈক্ষ্ + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অবলোকিত ; দৃষ্ট।

প্রেঙ্খন (প্রেংখন্) [প্র—ইন্‌খ (গমন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, চলন। ২। দোলন।

প্রেঙ্খা (প্রেংখা) [প্র—ইন্‌খ্ (গমন করা) + অ (করণে—অঙ্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, দোলা। ২। [ভাবে—অঙ্] কম্পন ; আন্দোলন। ৩। অশ্ব-গতি-বিশেষ। ৪। পর্য্যটন ; পরিভ্রমণ। ৫। গতি। ৬। চলন।

প্রেঙ্খিত (প্রেংখিত) [প্র—ইন্‌খ্ (গমন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কম্পিত ; আন্দোলিত। ২। চালিত।

প্রেত (ত্‌) [প্র—ই (গমন করা) + ত (কর্তৃ —ক্ত) = ইত] বি, পুং, যথানিয়মে ঊর্দ্ধদেহিক সম্পন্ন না হইলে মৃত ব্যক্তির আত্মা প্রেত নামে কথিত হয়। ২। পিশাচ ; শিবানুচর। প্র—"ডাকিনী যোগিনীগণ প্রেত ভূত অগণন সঙ্গে রঙ্গে নাচিয়া বেড়ায়।"—অন্নদামঙ্গল। ৩। নরকস্থ ব্যক্তি। ৪। বিণ, মৃত। স্ত্রী, **প্রেতা**—মৃতা। ২। বৈতরণী নদী।

প্রেতকর্ম্ম, প্রেতকার্য্য, প্রেতকৃত্য, প্রেতক্রিয়া (ত্‌) বি, ক্লী, অন্ত্যেষ্টিক্রিয়া ; মৃত ব্যক্তির দাহ সপিণ্ডীকরণাদি ঊর্দ্ধদেহিক ক্রিয়া।

প্রেতগৃহ (ত্‌) বি, ক্লী, শবদাহস্থান ; শ্মশান ; শব প্রোথিত করণের স্থান ; গোরস্থান।

প্রেততর্পণ (ন্‌) বি, মৃতের তৃপ্তির নিমিত্ত জলদান।

প্রেতদেহ (ত্‌) [প্রেতের—দেহ, ৬তৎ] বি, পুং-ক্লী, মৃতদেহ। ২। মৃত্যুর পর জীবের সূক্ষ্মদেহ ; প্রেতশরীর।

প্রেতনদী (প্রেত্‌নোদি) [প্রেতের—নদী, ৬তৎ] বি, স্ত্রী, বৈতরণী নদী।

প্রেতপক্ষ (প্রেত্‌পোক্‌খ) [প্রেতের মৃত পিতৃগণের প্রিয় যে পক্ষ, কর্ম্মধা] বি, পুং, গৌণ চান্দ্র আশ্বিন মাসের কৃষ্ণপক্ষ ; এই পক্ষের প্রতিদিন পিতৃগণের তর্পণ এবং পার্ব্বণ তিথিতে শ্রাদ্ধ কর্ত্তব্য বলিয়া উহার নাম প্রেতপক্ষ।

প্রেতপটহ (ত্‌) [প্রেতের—পটহ] বি, পুং, মৃত্যুকালে বাদনীয় বাদ্যবিশেষ।

প্রেতপতি (প্রেত্‌পোতি) [প্রেতের—পতি, ৬তৎ] বি, পুং, প্রেতরাজ ; যম।

প্রেতপিণ্ড (ত্‌) [প্রেত উদ্দিষ্ট পিণ্ড, ম-প-লো কর্ম্মধা] বি, পুং, মরণাবধি সপিণ্ডীকরণ পর্য্যন্ত মৃতের উদ্দেশে যে পিণ্ড দান করা হয়।

প্রেতপুর (ত্‌, র্‌) [প্রেতের—পুর, ৬তৎ] বি, ক্লী, যমালয়। স্ত্রী, **প্রেতপুরী**—যমালয়।

প্রেতবৎ (ত্) বিণ. প্রেত সদৃশ ; পিশাচ তুল্য।

প্রেতবাহিত (প্রেত্—) [প্রেত (পিশাচ) দ্বারা বাহিত (প্রাপিত) চালিত] বিণ. ভূতা বিষ্ট ; ভূতে পাওয়া। ২। প্রেতচালিত।

প্রেতভোগ্য (প্রেত্‌ভোগ্‌গ) [প্রেতের—ভোগ্য, ৬তৎ] বিণ. ভূত প্রেত পিশাচাদির উপভোগ্য ; পিশাচসেব্য। প্র—"এই দিব্য স্থল এ দ্রব্য সকল অন্নদা পূজার যোগ্য। না পূজি তাঁহারে যুবতী-বিহারে কেন কর প্রেত ভোগ্য॥"—অন্নদামঙ্গল।

প্রেতমূর্ত্তি (ত্) [প্রেত সদৃশ মূর্ত্তি, ম-প—লো—কর্ম্মধা অথবা প্রেতের মূর্ত্তি, ৬তৎ] বি, স্ত্রী. পিশাচাকৃতি ; প্রেতের ন্যায় বীভৎস মূর্ত্তি ; পিশাচের ন্যায় আকার।

প্রেতরাজ (ত্ জ্) [প্রেতের—রাজা, ৬তৎ] বি. পুং. প্রেতপতি ; শমন।

প্রেতলোক (ত্, ক্) বি. মৃত্যুর পর জীবগণের অবস্থিতি স্থান ; শমনালয় ; যমপুরী।

প্রেতশীলা (ত্) বি. স্ত্রী. প্রেতগণের পিণ্ডদানের জন্য গয়াতীর্থে স্থিত প্রস্তরবিশেষ।

প্রেতশ্রাদ্ধ (ত্) [প্রেতের—শ্রাদ্ধ, ৬তৎ] বি. ক্লী. প্রেততর্পণ ; মৃতের উদ্দেশে কৃতশ্রাদ্ধ।

প্রেতহার, প্রেতহারক (প্রেত্‌হার্, ক্) বি. শববাহক।

প্রেতিনী [গ্রাম্য—পেত্নী] বি. স্ত্রী. প্রেতবৎ আকৃতিবিশিষ্টা স্ত্রী।

প্রেম (ম্) [প্রিয়+ইমন (ভাবে)=প্রেমন্ ১মা, ১ব] বি. ক্লী. প্রণয় ; অনুরাগ ; প্রীতি। প্র—"ভাবে অঙ্গ ঢল ঢল প্রেমে আঁখি ছল ছল বলে সখি! চল চল যেন চঞ্চল হরিণী।"—বাং-গান। "জননীর স্নেহ সুহৃদের প্রীতি শতধারে প্রেম, মধুর মাধুরী, ডুবায় অমৃত সরসে।"—রবি। ২। সৌজন্য। ৩। স্নেহ ; ভালবাসা। ৪। পরিহাস।

প্রেমতরঙ্গ (প্রেম্‌তরংগ) [প্রেমের—তরঙ্গ, ৬তৎ] বি. পুং. তরঙ্গতুল্য প্রবাহিত প্রণয়। প্র—"শাশুড়ী শ্বশুর অন্ধ দেখে বধুর প্রেমতরঙ্গ দু'হে বুঝি, হন হরষিত।" "প্রেমতরঙ্গে রঙ্গ নানা কখন হাসায় কখন কাঁদায়।"—গিরিশ ঘোষ।

প্রেমবন্ধ (ম্) [প্রেমের—বন্ধ] বি. প্রণয়-গ্রন্থি ; প্রেমবন্ধন ; প্রণয়মিলন। প্র—"প্রেম বন্ধ মুখে মুখে আলিঙ্গন বুকে বুকে যামিনী হৈল অবসান।"—কবিকঙ্কণ।

প্রেমভক্তি (প্রেম্‌ভোক্‌তি) [প্রেম মিশ্রিত যে ভক্তি, ম-প-লো—কর্ম্মধা] বি. স্ত্রী. বিষ্ণু বা কৃষ্ণের প্রতি প্রীতিযুক্ত ভক্তি ; বৈষ্ণবী ভক্তি।

প্রেমমদ, প্রেমমধু (প্রেম্‌মদ্, মোধু) বি. প্রেমরূপ মদিরা। প্র—"কালে পিও প্রেমমধু"—ব্রজাঙ্গনা।

প্র—"উর্দ্ধভুজে উর্দ্ধপদে কেহ নাচে প্রেমমদে কেহ বলে হরি হরি বোল।"—অন্নদামঙ্গল।

প্রেমালিঙ্গন (ন্) [প্রেমের আলিঙ্গন—৬তৎ] বি. ক্লী. স্নেহবশতঃ আলিঙ্গন। ২। নায়ক নায়িকার প্রণয়ঘটিত আলিঙ্গনবিশেষ। প্র—"প্রেম আলিঙ্গন হতে আঁখির মিলন ভাল"—নিধুবাবু।

প্রেমী [প্রেমন্+ইন্ (অস্ত্যর্থে)=প্রেমিন্ ১মা, ১ব] বিণ. অনুরক্ত ; প্রণয়ী।

প্রেয় [সং—প্রেয়স্ শব্দে] বিণ. প্রিয়।

প্রেয়ান্ [প্রিয়+ঈয়স্ (অতিশয়ার্থে—ঈয়সু) =প্রেয়স্ ১মা, ১ব] বিণ. প্রিয়তর ; অতিশয় প্রিয়। স্ত্রী. **প্রেয়সী**—প্রিয়তমা ; ভালবাসার পাত্রীর প্রতি প্রণয়সম্ভাষণ।

প্রেরক (ক্) [প্র—ঈর্ (গমন করা) + ণিচ্ =প্রেরি+অক (কর্ত্তৃ)] বিণ. প্রয়োজক।

প্রেরণ (ন্) [প্র—ঈর্ (প্রেরণ করা) + ণিচ্ = প্রেরি+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. প্রয়োগ করা ; নিয়োগ। ২। আজ্ঞাকরণ ; আদেশকরণ। ৩। পাঠান।

প্রেরিত [প্র—ঈর্+ণিচ=প্রেরি+ত (কর্ম্মে)] বিণ. যাহাকে পাঠান হইয়াছে ; প্রেষিত। ২। নিয়োজিত। ৩। আদিষ্ট। ৪। ঈশ্বর যাঁহাকে স্বীয় দূতস্বরূপ প্রেরণ করিয়াছেন ; পয়গম্বর ; apostle.

প্রেষক (ক্) [প্র—ইষ্ (প্রেরণ করা)—ণিচ্ +অক (ণক—কর্ত্তৃ)] বিণ. প্রেরক। স্ত্রী. **প্রেষিকা**।

প্রেষণ (ন্) [প্র—ইষ্ (ইচ্ছা করা) + ণিচ্ =প্রেষি+অন (অনট্—ভাবে)] বি. প্রেরণ। বিণ. **প্রেষণীয়**।

প্রেষণা (না) [প্র—ণিচ্=প্রেষি+অন (ভাবে)+আ (স্ত্রী)]।

প্রেষিত [প্র—ইষ+ণিচ=প্রেষি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহাকে প্রেরণ করা হইয়াছে ; প্রেরিত। ২। অনুগত ; আশ্রিত। প্র—"দেখ যত দুরবস্থা আমাদের নয়। প্রেষিত জনের হৈলে প্রধানের হয়॥" —শিবায়ন। ৩। নিয়োজিত। ৪। আদিষ্ট। স্ত্রী. **প্রেষিতা**।

প্রেষিতবান (ন্) [প্রেষিতবৎ শব্দ] বিণ. যাহাকে প্রেরণ করা যাইতেছে। স্ত্রী. **প্রেষিতবতী**।

প্রেষিণী [সং—প্রেষ্যা অর্থে। প্রা-বাং। কাশীদাসী মহাভারতে] বি. স্ত্রী. আজ্ঞাধীনা দাসী ; প্রেষ্যা।

প্রেষ্ঠ (প্রেশ্‌ঠো) [প্রিয়+ইষ্ঠ (আধিক্যার্থে)] বিণ. অতিশয় প্রিয় ; প্রিয়তম। স্ত্রী. **প্রেষ্ঠা**।

প্রেষ্য (প্রেশ্‌শ) [প্র—ঈষ্+য (ঘ্যণ—কর্ম্মে)] বিণ. যাহাকে কোন কর্ম্মে প্রেরণ করা হয় ; যাহাকে কর্ম্ম করিতে আদেশ করা হয় ; ভৃত্য ; দাস। স্ত্রী. **প্রেষ্যা**।

প্রেস্ [ইং—press ("machines used in pressing blank sheets of paper or type or plates to which ink has been applied in such a manner that a reverse copy of the face of the type or plate is printed")] বি. মুদ্রাযন্ত্র ; যে যন্ত্রে পুস্তকাদি ছাপা হয়। ২। মুদ্রাযন্ত্রালয় ; ছাপাখানা। ৩। চাপ।

প্রেস্‌কৃপ্‌সন, প্রেস্‌ক্রিপ্‌সন (শান্) [ইং—prescription] বি. চিকিৎসক-প্রদত্ত রোগের ব্যবস্থাপত্র ; রোগীর সেব্য ঔষধের নাম ও মাত্রাদি নির্দ্দেশক পত্র।

প্রোক্ত [প্র (প্রকৃষ্টরূপে) উক্ত (বচ্—বলা) +ত (কর্ম্মে ক্ত) বচ্=উক্)] বিণ. বিশেষ-রূপে উক্ত ; সম্যক্ কথিত। ২। [ভাবে—ক্ত] বি. ক্লী. কথন ; বলা। ৩। [পাণিনি মতে] ব্রাহ্মণ, কল্পসূত্রাদি শাস্ত্র যাহা সাক্ষাৎ ঈশ্বরপ্রণীত নহে বলিয়া উক্ত হইয়াছে। [দ্রঃ—মুনি পাণিনি বৈদিক শাস্ত্রকে দৃষ্ট ও প্রোক্ত এই দুইভাগে বিভক্ত করিয়াছেন। সামবেদাদি শাস্ত্র তাঁহার মতে সাক্ষাৎ ঈশ্বর প্রণীত বলিয়া দৃষ্ট নামে অভিহিত]।

প্রোক্ষণ (প্রোক্‌খন্) [প্র—উক্ষ্ (সেচন করা)+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. বারি সেচন। ২। যজ্ঞীয় পশুবন্ধন। ৩। যজ্ঞে পশুবলি।

প্রোক্ষিত (প্রোক্‌খিত) [প্র—উক্ষ্ (সেচন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. জলসিক্ত ; অভিষিক্ত। ২। যজ্ঞীয়মন্ত্রদ্বারা সংস্কৃত। ৩। যাহাকে যজ্ঞীয় মন্ত্রে সংস্কৃত করিয়া যজ্ঞস্থলে বলি দেওয়া হইয়াছে ; যজ্ঞে নিহত। প্র—প্রোক্ষিতমাংস ভক্ষণ শাস্ত্রে নিষিদ্ধ নহে।

প্রোচ্চ [প্র (প্রকৃষ্ট, অতি)+উচ্চ] বিণ. অত্যুচ্চ। প্র—"দীনেরে উঠায়ে প্রোচ্চ পর্ব্বত উপরে। পাথারে ভাসাও এবে বাঁধি দুই করে।"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

প্রোজ্‌ঝিত [প্র—উদ্‌ঝ্ (ত্যাগ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. পরিবর্জ্জিত ; ত্যক্ত। বি. **প্রোজ্‌ঝন**। স্ত্রী. **প্রোজ্‌ঝিতা**।

প্রোত [প্র—বে (সেলাই করা)+ত (কর্ম্মে—ক্ত) বে=উ—প্র+উ=প্রো] বিণ. গ্রথিত ; । ২। অনুস্যূত ; অন্তর্বিদ্ধ। ৩। জড়িত ; খচিত। ৪। প্রোথিত।

প্রোৎফুল্ল [প্র—উৎ—ফুল্ল্ (বিকসিত হওয়া) +অ (কর্ত্তৃ—অচ্)] বিণ. অতিশয় হৃষ্ট ; । ২। প্রস্ফুটিত। ৩। বিকসিত। স্ত্রী. **প্রোৎফুল্লা**।

প্রোৎসাদন (শাদন্) [প্র—উৎসাদন (দ্রঃ)] বি, বিলোপ। ২। মন্ত্রণা ; চক্র ; কৌশল। বিণ. প্রোৎসাদিত।

প্রোৎসারণ (শারণ্) [প্র—উৎসারণ (দ্রঃ)] বি, বহিষ্করণ ; বিদূরণ। ২। পরিবর্জ্জন ; পরিত্যাগ। বিণ. প্রোৎসারিত।

প্রোৎসাহ (শাহ) [প্র—উৎসাহ] বি, পুং, অতিশয় প্রযত্ন। ২। উত্তেজনা। ৩। উদ্যম ; অধ্যবসায়।

প্রোৎসাহক (শাহক্) [প্র—উৎসাহক] বিণ, প্রোৎসাহদাতা ; উত্তেজক। ২। প্রবর্ত্তক।

প্রোৎসাহন (শাহন) [প্র—উৎসাহ] বি, প্রোৎসাহদান ; উত্তেজন ; প্রবর্ত্তন।

প্রোৎসাহিত (শাহিত) [প্র—উৎ—সহ +ণিচ্ = সাহি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে কোন কার্য্যে উৎসাহ বা সাহস দেওয়া হইয়াছে ; উত্তেজিত। ২। যাহাকে প্রবৃত্তি দান করা হইয়াছে ; প্রবর্ত্তিত। ৩। [প্রোৎসাহ+ইত (যুক্তার্থে)] বিণ, উৎসাহ-যুক্ত। স্ত্রী. প্রোৎসাহিতা।

প্রোথ [সং] বি, ক্লী, শূকরের নাসাগ্র। ২। অশ্বের নাসিকাগ্রভাগ। ৩। পুং, কটিদেশ ; কোমর। ৪। পাছা ; কটিপ্রোথ। ৫। শাড়ীর নীচের পরিধেয় বস্ত্র। ৫। গর্ভস্থ সন্তান ; ভ্রূণ। ৬। ভূমিতে গর্ত্ত ; গাড়া। ৭। বিণ প্রসিদ্ধ।

প্রোথিত (প্রোথ্ (গমন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা পোঁতা হইয়াছে ; ভূমিগর্ভে নিহিত ; নিখাত। **প্রোথিত করা**—পোঁতা।

প্রোদ্‌ঘুষ্ট [প্র—উৎ—ঘুষ্ট (ঘোষিত)] বিণ, বিঘোষিত ; শব্দিত ; নিনাদিত। বি, প্রোদ্‌ঘোষণ।

প্রোদ্ভিন্ন [প্র—উদ্ভিন্ন] বিণ, বিদারিত করিয়া উদ্গত ; সমুদ্ভূত।

প্রোদ্যত (প্রোদ্দত) [প্র—উদ্যত] বিণ, সমুদ্যত ; উদ্যুক্ত ; সর্ব্বতোভাবে প্রস্তুত। ২। অধ্যবসায়সম্পন্ন। ৩। উত্তোলিত। স্ত্রী. প্রোদ্যতা।

প্রোন্নত [প্র+উন্নত] বিণ, বহু উর্দ্ধে উন্নীত। ২। অত্যুচ্চ। ৩। সর্ব্বতোভাবে উৎকর্ষতা প্রাপ্ত ; শারীরিক, মানসিক ও আধ্যাত্মিক বিষয়ে সমুন্নত।

প্রোবেট (ট্) [ইং—probate] বি, আদালত হইতে প্রদত্ত উইল বা ইচ্ছা পত্রের নকল ; উইলের প্রমাণীকৃত নকল।

প্রোষিত [প্র—বস্ (বাস করা) +ত (কর্ত্তৃ—ক্ত) বস্ = উস্, ই আগম, অ+উস্ = প্রোষ্] বিণ, প্রবাসস্থ ; বিদেশস্থিত ; প্রবাসী। ২। অবগত। ৩। নিবৃত্ত। স্ত্রী. প্রোষিতা।

প্রোষিতপত্নীক (পোৎনীক্) [প্রোষিত (বিদেশস্থ) পত্নী যাহার—বহু, ক আগম] বিণ, যাহার স্ত্রী প্রবাস-বাসিনী হইয়াছে ; যাহার স্ত্রী বিদেশে বাস করিতেছে।

প্রোষিতভর্ত্তৃকা (ভো) [প্রোষিত (বিদেশস্থিত) হইয়াছে ভর্ত্তা (স্বামী) যাহার, বহু] বি, স্ত্রী, পতি প্রবাসী বলিয়া যে স্ত্রী কাতরা। প্র—"পরবাসে পতি যার মলিনা বিরহে। প্রোষিতভর্ত্তৃকা তারে কবিগণ কহে॥"—রসমঞ্জরী। "প্রোষিতভর্ত্তৃকা হৈতে বুঝি সাধ যায়। নহে কেন মিছা দোষ দেখাহ আমায়॥"—অন্নদামঙ্গল।

প্রোষিতভার্য্য (ভার্জো) [প্রোষিত (বিদেশস্থিত) ভার্য্যা যাহার, বহু] বিণ, প্রোষিতপত্নীক দ্রঃ।

প্রোষ্ঠপদ (দ্) [প্রোষ্ঠ (গো) পদ (পা) গোর পাদের ন্যায় পাদ যাহার, বহু = প্রোষ্ঠপদ (ভাদ্রপদ নক্ষত্রদ্বয়) +অ (তৎযুক্তপূর্ণিমা অর্থে অণ্)] বি, পুং, ভাদ্রমাস। স্ত্রী **প্রোষ্ঠপদা**—পূর্ব্ব ও উত্তরভাদ্রপদ নক্ষত্র ; প্রোষ্ঠপদী—ভাদ্রমাসের পূর্ণিমা।

প্রোষ্ঠী [প্র—উষ্ (দাহ করা) + ঠ—সংজ্ঞার্থে] বি, পুং, শফরী ; পুঁটিমাছ।

প্রৌঢ় [প্র—বহ (বহন করা) +ত (কর্ত্তৃ—ক্ত) বহ = ঊঢ়—প্র+ঊঢ় = প্রৌঢ়] বিণ, বার্দ্ধক্যের পূর্ব্বাবস্থা। ২। প্রবীণ ; বিজ্ঞ। ৩। প্রচুর। ৪। যথানিয়মে পরিণীত। ৫। প্রগল্‌ভ। ৬। নিপুণ ; দক্ষ। ৭। পরিপুষ্ট। ৮। অধিক সংবর্দ্ধিত। প্র—"প্রৌঢ় করি বিষ্ণু ভক্তি বাখানে সবায়।"—চৈতন্যভাগবত। স্ত্রী. প্রৌঢ়া—৫০ বৎসর-বয়স্কা নারী।

প্রৌঢ়বয়স্ক (বয়শ্ ক) বিণ, প্রৌঢ়দশা-প্রাপ্ত। স্ত্রী. প্রৌঢ়বয়স্কা।

প্রৌঢ়ি [প্র—বহ্ +তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, উদ্যম। ২। উৎসাহ। ৩। সামর্থ্য। ৪। অধ্যবসায়। ৫। ঔৎসুক্য। ৬। তীক্ষ্ণবুদ্ধি ; প্রতিভা।

প্রৌঢ়তা, প্রৌঢ়ত্ব [প্রৌঢ়+তা, ত্ব (ভাবে)] বি, প্রৌঢ়ত্ব ; প্রৌঢ়াবস্থা ; প্রৌঢ়ের ভাব।

প্রৌষ্ঠপদ (দ্) [প্রোষ্ঠপদা+অ (ভাবার্থে)] বি, পুং, ভাদ্রমাস। স্ত্রী. প্রৌষ্ঠপদী—ভাদ্রমাসের পূর্ণিমা।

প্রৌষ্ঠিক (ক্) [প্রোষ্ঠ+ইক—(ইকণ্)] বিণ, উৎকৃষ্ট ওষ্ঠযুক্ত।

প্লক্ষ (প্লোক্খ) [সং] বি, পুং, সপ্তদ্বীপা পৃথিবীর একটী দ্বীপ। ২। পাকুড় গাছ। ৩। অশ্বত্থ গাছ।

প্লক্ষজাতা (প্লোক্খ) বি, স্ত্রী, সরস্বতীনদী।

প্লক্ষতীর্থ (প্লোক্খ) বি, ক্লী, তীর্থবিশেষ।

প্লক্ষদ্বীপ (প্লোক্খদ্দীপ্) বি, সপ্তদ্বীপের অন্যতম।

প্লক্ষপ্রস্রবণ (প্লোক্খপ্রোসস্রোবন্) বি, ক্লী, সরস্বতী নদীর উৎপত্তিস্থান।

প্লব [প্লু (লম্ফ দিয়া গমন করা) +অ (ভাবে—অল্)] বি, পুং, লম্ফন। ২। [কর্ত্তৃ—অচ] যে লম্ফ দিয়া চলে ; বেঙ্গ ; ভেক। ৩। বানর। ৪। হংসাদি জলচর পক্ষী। ৫। সন্তরণ। ৬। [করণে—অল্, যাহা দ্বারা প্লবন করা (পর পারে যাওয়া) যায়] ভেলা। ৭। [অধি—অল্] ক্রম নীচভূমি। প্র—"উচ্চ নীচ চলিয়া সমান কৈল সব। উত্তরাংশ উন্নত দক্ষিণ দিকে প্লব।"—শিবায়ন। ৮। চণ্ডাল। ৯। প্লক্ষবৃক্ষ। ১০। গন্ধতৃণবিশেষ। ১১। মাছ ধরা পলো। ১২। ধ্বনি ; শব্দ।

প্লবক (ক্) [প্লব+ক (সংজ্ঞার্থে)] বিণ, প্লুতগতিশীল। ২। নর্ত্তক।

প্লবগতি (গো) বি, প্লুতগতি ; ভেক শশকাদি জীব।

প্লবঙ্গ (প্লোবংগ) [প্লব (লম্ফ) গম্ (গমন করা) +অ (কর্ত্তৃ—ড) যে লম্ফ দিয়া গমন করে] বি, পুং, অরুণ ; সূর্য্যের সারথি। ২। বানর। প্র—"প্লবঙ্গ বদলে মাতঙ্গ পাব। পায়রা বদলে শুয়া।"—কবিকঙ্কণ। ২। মৃগ। ৩। ভেক, বেঙ্গ। ৪। বিণ, প্লবগতি।

প্লবচর (প্লোবচর্) [প্লব (সন্তরণ) চর (যে চরে)] বি, হংসাদি জলচর পক্ষী।

প্লবন (প্লোবন্) [প্লু (লম্ফ দিয়া যাওয়া) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, লম্ফন। ২। সন্তরণ। ৩। গমন। ৪। প্লাবন।

প্লবমান (প্লোবোমান্) [প্লু (লম্ফ দিয়া যাওয়া) +আন (কর্ত্তৃ, আনশ্)] বিণ, ভাসমান ; নিমজ্জমান। ২। সন্তরণশীল।

প্লাবক (ক্) [প্লাবন (দ্রঃ)—অক (ণক—কর্ত্তৃ) [বিণ, প্লাবনকারী।

প্লাবন (ন্) [প্লু (লম্ফ দিয়া যাওয়া) +ণিচ = প্লাবি+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বন্যা ; জলে পূর্ণ হওয়া। ২। তরল দ্রব্যের স্ফীতি। ৩। অভিষেক।

প্লাবনপীড়ন (ন্, ন্) [প্লাবনের—পীড়ন] বি, ক্লী, বন্যাজনিত উৎপীড়ন ; অত্যধিক জলবৃদ্ধিরূপ উপদ্রব। প্র—"বরিষার কালে সখি, প্লাবন-পীড়নে কাতর প্রবাহ, ঢালে, তীর অতিক্রমি, বারি-রাশি দুই পাশে ;"—মেঘনাদ।

প্লাবনপীড়িত (ন্) [প্লাবন দ্বারা পীড়িত, ৩তৎ] বিণ, যাহা বন্যায় ভাসিয়া গিয়াছে ; বন্যা দ্বারা উপদ্রুত।

প্লাবিত [প্লু (লম্ফ দিয়া যাওয়া)+ণিচ্ = প্লাবি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. পরিপ্লুত; জলমগ্ন; জল দ্বারা ব্যাপ্ত।

প্লাব্য (প্লাব্‌ব) বিণ. প্লাবনযোগ্য। ২। লম্ফনযোগ্য।

প্লিহা, প্লীহ [প্লীহ্ (বৃদ্ধি পাওয়া)+অন্ (কর্ত্তৃ)=প্লীহন্ ১মা. ১ব] যে উদর মধ্যে বৃদ্ধি পায়] বি. পুং উদরস্থ ব্যাধিবিশেষ; spleen.

প্লীডার (র্) [ইং—pleader] বি. পুং. ব্যবহারাজীব; উকীল; বিশ্ববিদ্যালয়ের পরীক্ষোত্তীর্ণ ইংরেজী-অভিজ্ঞ ব্যবহারাজীব।

প্লীডারি, প্লীডারী [প্লীডার (দ্রঃ)+ই, ঈ (ব্যবসায়ার্থে)] বি. ওকালতি; pleadership.

প্লুত [প্লু (লাফাইয়া যাওয়া)+ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, লম্ফ; লাফ। ২। প্লুত-নামক স্বরসংজ্ঞা। ইহা দূর হইতে আহ্বান গান ও রোদনকালে প্রসিদ্ধ। ৩। অশ্বের গতিবিশেষ। ৪। ভেকের গতি।

প্লুতগতি (গো) [প্লুত—গতি] বি. খরগোস ভেক প্রভৃতি জন্তু; যাহারা লম্ফ দিয়া চলে।

প্লুষ্ট [প্লুষ্ (দাহ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহাকে অগ্নিতে দগ্ধ করা বা ঝলসান হয়। ২। [কর্ত্তৃ—ক্ত] প্রস্ট; দগ্ধ।

প্লেগ (গ্) [ইং—plague] বি. জীবাণুবিশেষ-ঘটিত প্রবল জ্বর; লসিকা-গ্রন্থি সমূহের (lymphatic glands) প্রদাহিক স্ফীতি ও রক্তস্রাবযুক্ত ব্যাধিবিশেষ।

প্লেট (ট্) [ইং—plate] বি. য়ুরোপীয়দিগের ব্যবহৃত বাসন; খ্রীষ্টানদিগের ব্যবহৃত চিনা মাটির বা কাচের থালা বা রেকাবী; ডিস্। ২। ধাতুফলক।

প্ল্যাট্‌ফরম্ [ইং—platform] বি. দাঁড়াইবার মঞ্চ; রোয়াক; পাটাতন।

প্লেন (ন্) [গ্রা—পেলেন্। ইং—plane] বি. মসৃণ। ২। সমতল; চৌরস। ৩। শাদা; চিত্রবিচিত্র বা কারু-করা নহে। ৪। রঙ্গীন নহে।

প্ল্যান (ন্) [ইং—plan] বি. নক্সা। প্র—বাড়ীর প্ল্যান তৈয়ার করা।

প্ল্যানচেট্ (ন্) [ইং—planchette] বি. ত্রিকোণ যন্ত্রবিশেষ, যাহা স্পর্শ করিলে স্বতঃই অক্ষরাদি লিখিত হয়।

প্ল্যাস্‌টার [গ্রা—পলস্‌টার, প্যালেস্তারা। ইং—plaster হইতে] বি. প্রলেপ। দেয়ালে লাগাইবার চূর্ণবালি। ২। পটী; মলম।

ফ

ফ—ব্যঞ্জন বর্ণমালার দ্বাবিংশতি, মহাপ্রাণ, অঘোষবান্ বর্ণ। মিলিত ওষ্ঠদ্বয় প্রশ্বাসের জোরে ফাঁক হইলে ফ উচ্চারিত হয় বলিয়া ইহা ওষ্ঠ্যবর্ণ। কিন্তু ফারসী ও ইংরেজী নবীশের মুখে অধুনা ইহার উচ্চারণ সাধারণতঃ দন্ত্যোষ্ঠ; কারণ, অধরে সংলগ্ন দন্তের উপর পঙ্‌ক্তি পৃথক্ করিয়া প্রশ্বাস বহির্গত হইলে ইহা ইং—"f" অথবা ফা—"ফে" বর্ণের ন্যায় উচ্চারিত হয়। ফসল শব্দের বিশুদ্ধ বাং উচ্চারণ ফশল্ (phashal) কিন্তু ইংরেজী শিক্ষিতের মুখে অধিকাংশ স্থলেই ফ়শল্ (fashal) এইরূপ শুনাইবে। শব্দটী আরবী। উক্ত প্রকারে ফেনিল এই সংস্কৃত শব্দ ফেনিল (phenil) এবং ফ়েনিল (fenil) উভয় প্রকারে উচ্চারিত হয়। ফ সাধারণতঃ বিবিধ পবনক্রিয়া ও বায়ুর শব্দ সূচিত করে। ফট্‌ফট্, ফর্‌ফর্, ফিক্‌ফিক্, ফস্‌ফস্, ফোঁস্‌ফোঁস্ ইত্যাদি। ২। [স্ফায় (প্রবল হওয়া)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, ঝঞ্ঝাবাত; ঝটিকা। ৩। যজ্ঞসাধনবিশেষ। ৪। মুখ-মারুত; ফুৎকার। ৫। [ফক্ক্ (বিকল হওয়া)+অ (ভাবে—ত)] রূঢ়বাক্য; রুক্ষ বচন; কটূক্তি। ৬। বৃথা-বাক্য; নিষ্ফল-বচন। ৭। স্ফীতি।

ফইজৎ (ফৈজত্) [আ—ফ়জ়ীহৎ] বি. কলঙ্ক; অপযশ। ২। পাপ। ৩। ঝগড়া; বিবাদ।

ফংফং [শব্দাত্মক। ফঙ্গবানি দ্রঃ] বি. ফংফং এইরূপ শব্দ। ২। বিণ. লঘু ও শূন্যগর্ভ।

ফংফংএ (ফোংএঁ) [ফংফং+ইআ ফংফঙিয়া] বিণ. ফঙ্গবানি; হালকা। ২। দেখিলে যাহা ভারী বলিয়া মনে হয় অথচ ভারী নয় এমন জিনিস। ৩। ফংফং শব্দকারী।

ফকফক (ক্, ক্) [শব্দাত্মক] বি. অনুকার শব্দ। ২। কথা কহিতে ফোগ্‌লার মাড়ির ফাঁক বা বিরল দন্তের ফাঁক দিয়া হাওয়া বাহির হইবার শব্দ।

ফকার (র্) বি. ফ এই বর্ণ।

ফকির, ফকীর (ফোকির্) [আ—ফ়ক্‌র্=অভাবযুক্ত হওয়া] বি. মুসলমান সন্ন্যাসী; ভিক্ষুক; ভিক্ষাজীবী। প্র—"পট্টাম্বর ত্যজি রাজা পরিয়া কৌপীন। ফকির করিল বিধি দশা হৈল হীন॥"—ঘনরাম। ২। ধনহীন; দরিদ্র; নির্ধন; গরীব। স্ত্রী. ফকিরণী। ফকিরফোক্‌রা—সাধু সন্ন্যাসী। ২। ভিখারী-নাগারী। ফকীরে মালা, ফক্‌রেমালা—মুসলমান ফকিরদিগের কণ্ঠ বাহু প্রভৃতি অঙ্গে ধারণযোগ্য কাচখণ্ডের মাল্য।

ফক্কড়, ফক্কর (ড়্ র্) [আ—ফ়িক্‌রাবাজ়্। আ—ফ়িক্‌রহ্ (ধড়ীবাজ; শঠ; ধূর্ত্ত) হইতে হি—ফক্কড়্] বি. প্রবঞ্চক; শঠ। ২। যে নির্ধন ব্যক্তি কেবল ধড়ীবাজী দ্বারা জীবিকা নির্ব্বাহ করে। ৩। যে ফক্কুড়ি অর্থাৎ তামাসা কৌতুক করে; বিদূষক; কৌতুকী। ৪। বিণ. অন্তঃসারশূন্য; অতি বাচাল; প্রগল্‌ভ।

ফক্কা, ফোক্কা [ফাঁক হইতে] বিণ. শূন্য; ফাঁকা; মিথ্যা। প্র—"এ ভব মাঝে সবই ফক্কা"—দ্বিজেন্দ্র রায়। টক্কাফক্কা, টোক্কাফোক্কা—ছেলেদের খেলাবিশেষ; টক্কা অর্থাৎ স্থিতি—থিকা (হাতে কিছু আছে) অথবা ফক্কা—ফাঁকা (হাতে কিছু নাই)।

ফক্কিকা (ফো) [ফক্ক্ (ফাঁকি দেওয়া)+ইক (করণে—ইকন্) আপ্—স্ত্রী] বি. স্ত্রী. ফাঁকি; কূটতর্ক; কূটপ্রশ্ন। ২। তত্ত্ব-নির্দ্ধারণার্থ পূর্ব্বপক্ষ।

ফক্কিকার (ফোক্‌কিকার্) [ফক্ক হইতে ফক্কি কৃতি হইতে কার] বিণ. ফাঁকি; শূন্য। প্র—"ভবের খেলা ফক্কিকার।"—গান।

ফক্কুড়ি, ফুক্কুড়ি (ফোক্‌কুড়ি) [ফক্কড় দ্রঃ+ই (ভাব, ব্যবহার) ফক্কড়ের ন্যায় আচরণ] বি. বাচলতা; ইয়ারকি; লঘু ভাবের হাস্য-পরিহাস।

ফক্কুড়ে (ফো) [ফক্কড়+ইআ—ফক্কড়িয়া—সংক্ষেপে] বিণ. ফক্কুড়িপ্রিয়।

ফঙ্গবানি (ফংগোবানি) [গ্রা। সং—ভঙ্গ-প্রবণ অপভ্রংশে] বিণ. ঠুনকো; যাহা সহজে ভাঙ্গিয়া যায়। ২। হালকা; ফংফঙে; যাহা দেখিলে ভারী বলিয়া মনে হয় অথচ ভারী নয় এমন জিনিস।

ফচকিয়া, ফচকে (চ্) [বাচাল হইতে ফিচাল বিকারে—ফিচকে—ফচ্‌কে] বি, পুং, চটুল ; ফিচেল। প্র—"ফচকে ছুঁড়ি ফুলের কুঁড়ি।"—জামাই বারিক্।

ফচফচ, ফেচফেচ (ফ্যাচ্‌ফ্যাচ্) [শব্দাত্মক] বি, অনুকার শব্দ। ২। ক্রমাগত বিরক্তিকর বকুনি।

ফজর, ফজির (র্) [আ—ফজর্] বি, প্রত্যূষ। প্র—"ফজর সময়ে উঠি"—কবিকঙ্কণ।

ফট্ [শব্দাত্মক] বি, অনুকার শব্দ ; আগুনে কাঠ ফাটিবার শব্দ। ২। পাপ বিঘ্ন প্রভৃতি-নাশক মন্ত্রাংশবিশেষ। ৩। যোগবিশেষ।

ফট (ট্) [সং—স্ফটা] বি, পুং, সর্পের ফণা। প্র—"বুকউঁচা নাগফট চিরণ দাঁত যার।"—মনসামঙ্গল। নাগফট—নাগফণার ন্যায় নাসিকা।

ফটক (ক্) [হি—ফাটক্] বি, বহির্দ্বার। ২। কারাগার ; গারদ। প্র—"ফটকে আর আটক রবনা"—তাজ্জববব্যাপার।

ফটকা (ট্) [হি—ফাট (ফাঁক) হইতে] বিণ, দূর। ২। ছটকা।

ফটকাফটকা (ট্) বিণ, বিরল ; দূরে দূরে : মাঝে মাঝে দুই একটা মাত্র।

ফটকিনাটকি (ফোট্‌কিনাট্‌কি) বি, ঠাট্টা তামাসা ; লঘু হাস্য-কৌতুক ; হাসি তামাসা ; চুট্‌কি আমোদ। প্র—"হয় তো ছেলেদের সঙ্গে ফট্‌কি নাটকি করে"—টেকচাঁদ।

ফটকিরী (ফোট্‌কিরি) [বৈদ্যকে ফটিকারী, হি—ফিট্‌করী] বি, বাণিজ্য দ্রব্যবিশেষ ; alum.

ফট ফট, ফটাফট (ট্, ট্) [শব্দাত্মক] বি, স্ফোটন শব্দ ; ফুটিবার শব্দ।

ফটফটীয়া, ফটফটে (ফট্‌ফোটিয়া, ফট্‌ফোটে) [শব্দাত্মক] বিণ, ফটফট শব্দকারী। ২। স্পষ্ট।

ফটা [সং] বি, ফণা। ২। দম্ভ। ৩। প্রতারণা।

ফটিক (ফোটিক্) [স্ফটিক শব্দজ] বিণ, স্বচ্ছ প্রস্তরবিশেষ। ২। নির্ম্মল ; স্বচ্ছ।

ফটিকচাঁদ (ফোটিক্‌চাঁদ্) [স্ফটিক (শ্বেত) চাঁদ (চন্দ্র)=অকলঙ্ক চন্দ্র] বি, সৌখিন শুভ্র-বেশধারী ; ফুটফুটে বাবু ; ফুলবাবু।

ফটিক্‌জল (ক্, ল্) [সং—স্ফটিক—তদ্বৎ স্বচ্ছ] বি, স্বচ্ছ জল। ২। "ফটিক জল" রবকারী পক্ষী ; চাতক।

ফটোগ্রাফ (ফ্) [ইং—photograph] বি, আলোকচিত্র।

ফটোগ্রাফার (র্) [ইং—photographer] বি, আলোকচিত্রকর।

ফটোগ্রাফি [ইং—photography] বি, আলোকচিত্রকর্ম্ম ; আলোকচিত্র উঠাইবার বিদ্যা।

ফড় (ড্) [পর্ব্ব হইতে হি—ফওড়া] বি, গরুর গাড়ীর পার্শ্বে বাঁধা বাঁশ বা লম্বা কাঠ। ২। কুপন খেলার ছপণ গুঁটি।

ফড়ফড় (ড্, ড্ [স্ফুট্ (ভেদে) ধাতুজ] বি, বেধনাস্ত্র দ্বারা ফুড়িবার বা কাপড় চিরিবার শব্দ। ২। [শব্দাত্মক] বাক্‌স্ফূর্ত্তি-বাচক শব্দ।

ফড়া [ধড় হইতে] বি, ধড় ; হস্ত পদাদি প্রত্যঙ্গহীন দেহ। প্র—"অঙ্গ ছিড়িল, তুরঙ্গ পড়িল। হাতেতে রহিল ফড়া।"—কবিকঙ্কণ। ফড়া ছেঁড়া—হাত পা ছেঁড়া।

ফড়াই, ফড়ুই [ফা—ফতুহী হইতে অথবা ফড়া (দ্রঃ) মাত্র ঢাকে বলিয়া] বি, হাতকাটা ধড়-ঢাকা জামা ; ফতুই।

ফড়িঙ্ (ফো) [পতঙ্গ অপভ্রংশে পটিঙ্—ফড়িঙ্] বি, পতঙ্গ।

ফড়িঙ্গা (ফোড়িংগা) [ফড়িঙ্ দ্রঃ] বি, স্ত্রী, ঝিল্লিকা ; ঝিঁ ঝিঁ পোকা। ২। পতঙ্গ।

ফড়িয়া, ফড়ে (ফো) [প্রাদে। হি—ফড়িয়া] বি, কৃষকগণের নিকট হইতে অল্প দরে ক্রয় করিয়া অপেক্ষাকৃত বেশী দরে যাহারা ফল মূলাদি বিক্রয় করে। ২। ফেরিওয়ালা ; বাড়ী বাড়ী যাহারা সকল দ্রব্য ফেরি করিয়া বিক্রয় করে।

ফণ [ফণ্ (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, বিস্তৃত সর্পশির। স্ত্রী—ফণা।

ফণকর, ফণাকর (ন, র্) [ফণ (সর্পের ফণা (কর) যে করে)] বি, পুং, ভুজঙ্গ ; ফণাধর ; সর্প।

ফণধর (ন, র্) ফণাধর দ্রঃ।

ফণধর-ধর (র্) [ফণধর (সর্প) ধর (যে ধারণ করে (—বহু] বি, সর্পধারী মহাদেব ; ফণিভূষণ।

ফণবান, ফণাবান (ন্) [ফণ (ফণা)+বৎ অস্ত্যর্থে (বতু) - ফণবৎ—ফণাবৎ ১মা, ১ব] বি, পুং, ফণাধর ; ভুজঙ্গ।

ফণভৃৎ, ফণাভৃৎ [ফণ, ফণা—ভৃৎ (ধারক)] বি, পুং, ফণাধর ; সর্প।

ফণমণি (—মোনি) [ফণ (সর্প) তাহার মণি —৬তৎ] বি, সর্পের মস্তকস্থ মণি। প্র—"ফণিরাজ ফণমণি কঙ্কণের কণকণি নানা অলঙ্কার ঝলমল।"—অন্নদামঙ্গল।

ফণাধর (না, র্) [ফণা ধরে যে, বহু] বি, পুং ফণাধারী সর্প। ২। বিণ, ফণাধারণকারী।

ফণিখেল (ফোনিখেল্) বি, পুং, ভারুই পাখী।

ফণিচক্র (ফোনিচক্‌ক্র) [ফণি (সদৃশ) চক্র (কুণ্ডলী)] বি, স্ত্রী, বিবাহাদি কর্ম্মে শুভাশুভ-জ্ঞাপক সপ্তবিংশতি নক্ষত্রঘটিত সর্পাকার ত্রিনাড়ীচক্র। (জ্যোতিষস্থ)।

ফণিজ্ঝা (ফোনিজ্ঝা) [ফণি, (সর্প (জ্ঞা) জ= যে জন্মে, আপ্ স্ত্রী)] বি, স্ত্রী, ফণি মনসার গাছ।

ফণিতল্পগ (ফোনিতল্‌পগ্) [ফণিতল্প (ফণি রূপ শয্যা (গম্) গমন করা)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, যিনি ফণি শয্যায় শয়ান আছেন ; বিষ্ণু।

ফণিপ্রিয় (ফোনিপ্‌প্রিয়) [ফণিন্ (সর্প) প্রিয় (৬তৎ)] বি, পুং, বায়ু।

ফণিভুক্ (ফোনিভুক্) [ফণি—ভুজ্ (ভোজন করা)+ক্বিপ্) কর্ত্তৃ)] বি, পুং, সর্পভক্ষক ; গরুড়।

ফণিভূষণ (ফোনিভূষন্) [ফণী (সর্প) রূপ যে অলঙ্কার (কর্ম্মধা)] বি, স্ত্রী, সর্পরূপ হস্তালঙ্কার ; সর্পবলয়। প্র—"এক হাতে শোভে ফণিভূষণ এক হাতে শোভে মণিকঙ্কণ।"—অন্নদামঙ্গল। ২। [ফণী (সর্প) হইয়াছে ভূষণ যাহার, বহু] বি, পুং, মহাদেব।

ফণিমণ্ডল (ফোনিমোনডল্) [ফণী (সর্প) রূপ যে মণ্ডল (কুণ্ডলাকৃতি)—কর্ম্মধা] বি, স্ত্রী, সর্পাকৃতিকুণ্ডল ; সর্পরূপ কর্ণভূষণ। প্র—এক কাণে শোভে ফণিমণ্ডল এক কাণে শোভে মণিকুণ্ডল"—অন্নদামঙ্গল। ২। [ফণীর মণ্ডল —৬তৎ] সর্পের কুণ্ডলী।

ফণিরাজ (ফোনিরাজ্) [ফণীর (সর্পের) রাজা=রাজ—৬তৎ] বি, পুং, সর্পরাজ ; অনন্ত। প্র—"ফণিরাজ ফণমণি কঙ্কণের কণ কণি নানা অলঙ্কার ঝলমল।"—অন্নদামঙ্গল।

ফণী (ফোনি) [ফণা - ইন্ (অস্ত্যর্থে) = ফণিন্ ১মা, ১ব] বি, পুং, সর্প। প্র—ফণীবালা ফণীহার ফণীময় অলঙ্কার শিরে ফণী ফণী উপবীত।"—অন্নদামঙ্গল। স্ত্রী, ফণিনী—সর্পী।

ফণীন্দ্র (ফোনিন্দ্র) [ফণিন (সর্প (ইন্দ্র (শ্রেষ্ঠ)—৬তৎ] বি, পুং, নাগরাজ ; বাসুকি ; অনন্ত।

ফণীশ্বর (ফোনিশ্‌শর) [ফণিন্—ঈশ্বর (স্বামী) —৬তৎ] বি, পুং, নাগরাজ ; বাসুকি।

ফণ্ড (ফন্ড) [সং] বি, পুং, জঠর ; উদর। বাং-র ব্যবহার নাই কিন্তু ইহার গ্রাম্য রূপ "ফাঁড়" বাং-কথ্য ভাষায় প্রচরদ্রূপ।

ফণ্ড (ফন্ড্) [ইং—fund] বি, তহবিল ; কোষ। ২। পুঁজি।

ফণ্ণ (ফন্‌ন্) [সং—ফণ শব্দ, ছন্দঃ হেতু ফণ্ণ] বি, ফণা ; সর্পের বিস্তৃত মস্তক। প্র—"ফণা-ফণ ফণাফণ্ ফণীফণ্ণ গাজে।"—অন্নদামঙ্গল।

ফৎনা—ফাতনা দ্রঃ।

ফতা—ফতে দ্রঃ।

ফতুই, ফতুয়া (ফো) [আ—ফ়তুহী] বি, হাতকাটা ছোট জামা।

ফতুয়া [আ—ফ়ৎবা। ফতোয়া দ্রঃ] বি, কাজীর রায়। ২। [আ—ফ়তুহী] ফতুই দ্রঃ।

ফতুর (ফোতুর্) [আ—ফ়তুর্=অসামর্থ্য)] বিণ, নিঃস্ব ; দরিদ্র।

ফতে [আ—ফ়তহ্] বি, জয়। প্র—"রামজীর কুদরতে মহিম হইল ফতে কেবল তোমারি কেরামতে।"—অন্নদামঙ্গল। "তোমরা বাক্য-বাণে শুধু ফতে কর্ত্তে চাও লড়াই তা সে হবে কেন?"—দ্বিজেন্দ্র রায়।

ফতো (ফোতো) [আ—ফ়তহ্=পরানুগ্রহ ; দানলব্ধ আয়] বিণ, পরপুষ্ট ; অন্যের অনুগ্রহে যা অর্থে পুষ্ট।

ফতোনবাব (ফো, ব্) [ফতো (দ্রঃ) নবাব] বিণ, যে নিজে নিঃস্ব কেবল পরের ধনে নবাবী করে। বি, **ফতোনবাবী**।

ফতোবাবু (ফো) [ফ়তো (দ্রঃ) বাবু (বিলাসী সম্ভ্রান্ত)] বিণ, যাহার নিজের কিছু নাই, যে কেবল পরের দৌলতে বাবুগিরি করে। ২। বাহিরে বাবুগিরি করা চাই অথচ ভিতর ফোঁপরা ; নিঃসম্বল হইয়াও যে বাহিরে বাবুয়ানা দেখায়।

ফতোয়া [আ—ফ়ৎবা] বি, মুসলমান বিচারকের লিখিত ব্যবস্থা : মুসলমান ব্যবহার শাস্ত্রানুযায়ী বিচারকের রায়।

ফন, ফম (ন্, ম্) [ইং—fun হইতে] বি, ফন্দী ; মতলব। ২। ফাঁদ। ৩। চতুরতা ; চালাকি। ৪। [ইং—fund হইতে] ফণ্ড। প্র—"গ্লাসনেল্ ফনের ব্যাপারটি নয় কি ঢলাঢলি?"—হেম বন্দ্যো।

ফনফন (ন) [শব্দাত্মক] বি, ফণার আঘাত কালীন সর্পের ফণ ফণ শব্দ। ২। সাপের ফণার আকারে আন্দোলন ও বায়ু ভরে শব্দ করণ। ৩। প্রস্রাবের শব্দ।

ফনোগ্রাফ (ফ্) [ইং—phonograph] বি, সঙ্গীতযন্ত্র ; গানের কল।

ফন্দ, ফন্দি, ফন্দী [আ—ফ়ন্ (কূট কৌশল) ফা—ফন্দ্ (ফাঁদ, জাল চাতুরী)] বি, কৌশল। প্র—"ফেরে হাটে বাটে ঘাটে মাটে নানা ঠাটে ফন্দি নানা।"—ঈশ্বরগুপ্ত। ২। [সং—প্রবন্ধ] যোগাযোগ ; বিধান। প্র—"বুঝিতে নারিনু বিধির ফন্দ, করিনু ভালরে হইল মন্দ।"—অন্নদামঙ্গল।

ফন্দিবাজ (ফোন্‌দিবাজ্) [ফা—ফন্দ্। ফা—বাজ্] বিণ, মৎলবী ; কৌশলী।

ফফড়দালাল (ড়্, ল্) [হি—ফফড় (জাল, ছল) আ—দলিল=বাদানুবাদ বা প্রমাণ বিচার। উচ্চারণ ভেদে—ফোবল, ফোঁপোল ফোফোল] বি, যে ক্রয়-বিক্রয় স্থলে মধ্যস্থ হইয়া বিচার-বিতর্ক করে, সে দালাল এবং উপরপড়া হইয়া যে তাহা করে, সে ফফড় দালাল ; ফাঁপা, ফোঁপরা=শূন্যমধ্যতা। বিণ, **ফফড়দালালি**।

ফম (ম্) [আ—ফ়হ্‌ম্ (বুদ্ধি) অথবা ফ়ন্ (ফন্দী, কৌশল, চাতুর্য্য)] বি, বুদ্ধি। ২। কৌশল ; ফন্দী ; উপায়।

ফয়তা (য়) [আ—ফ়াতিহা] মৃতের আত্মার জন্য প্রার্থনা এবং পীরের দরগায় অর্ঘ্যাদি দান ও পূজা। ২। [আ—ফ়ৎবা] মুসলমান বিচারকের লিখিত শাস্ত্রানুমোদিত রায় ; কাজীর বিচার ফল। **ফয়তা দেওয়া** [উর্দ্দু—ফ়ৎবা দেনা]—মুসলমান ধর্ম্মশাস্ত্রানুযায়ী বিধান দেওয়া ; শাস্ত্রানুমোদিত বিচার করিয়া রায় বা সিদ্ধান্ত প্রকাশ করা ; to give a verdict.

ফয়দা, ফায়দা (য়) [আ—ফ়ায়্‌দা] বি, লাভ। প্র—"কত কি হ'ল পয়দা, কিছুতেই হয় না ফয়দা।"—রজনী সেন। ২। উপকার ; হিত ; মঙ্গল। প্র—"এমনি করেছি কায়দা পলাইলে নাইকো ফয়দা হামেশ রুজু ভক্তি প্যায়দা দু নয়ন দ্বারবান দিয়েছে।"—বাং-গান। ৩। আবশ্যক ; প্রয়োজন।

ফয়সল (ফয়্‌সল্) [আ—ফ়য়্‌সল্=কৃতনিষ্পত্তি] বিণ, যে মকদ্দমায় বিচারপতি রায় দিয়াছেন।

ফয়সলা, ফয়সালা (য়) [আ—ফ়য়সলাহ্] বি, রায় ; বিচার-ফল ; মোকদ্দমার নিষ্পত্তি-পত্র ; judgment.

ফরক (ক্) [আ—ফ়র্ক] বি, বিভিন্নতা ; প্রভেদ ; তফাৎ। ২। বিণ, দূর। ৩। বিভিন্ন ; স্বতন্ত্র ; আলাদা।

ফরকান (ফর্‌কানো) [ফরক (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)। উ-পু—ফরকাই। ম-পু—ফরকাও। প্র-পু—ফর্‌কায়। অস-ক্রি—ফরকাইতে ; ফরকাইয়া ; ফরকিয়া (গ্রা—ফোর্‌কে)] ক্রি, ঠিকরিয়া বাহির হওয়া ; ক্রোধাদির বশে বেগে বাহির হইয়া যাওয়া। ২। আস্ফালন করা। প্র—"ঘাঘা দিল ধীরাঙ্ বিস্তার করি মুখ, ফলা ফরকিয়া সেন হইল সম্মুখ।"—ঘনরাম।

ফরকাল (লো) [ফরক (দ্রঃ)—আল (হি—বালা)] বিণ, বিস্তৃত ; বিস্তৃতমুখ ; ফাঁদাল।

ফরফর (র্, র) [শব্দাত্মক] বি, কাগজ, কাপড়ের ফালি প্রভৃতি লম্বা পাতলা বস্তু হাওয়ায় উড়িবার শব্দ। প্র—"কত নিশান ফর ফর"—অন্নদামঙ্গল। [সং—ফর্ফর। তুল—ফা—ফ়র্‌ফ়র্ (ত্বরিত)] অতি চঞ্চল ভাব ; পুঁটির মত ছোট মাছের অল্প জলে লাফালাফি। [দ্রঃ—লঘু অর্থে ফুর্‌ফুর্। তুচ্ছার্থে—ফ্যার ফ্যার্] **ফরফরানি**—চাঞ্চল্য। ২। কর্ত্তৃত্বাভিমান। ৩। প্রগল্‌ভতা। ৪। নিশানাদি উড়িবার শব্দ।

ফরফরে (ফর্‌ফোরে) [ফরফর—ইআ] বিণ, ফরফরকারী। ২। [তুচ্ছার্থে—ফ্যারফেরে] অতিশয় পাতলা ; জালবৎ।

ফরমাইশ, ফরমাস, ফর্ম্মাস, ফরমায়েস (র্, শ) [ফা—ফ়র্‌মায়শ্। উচ্চারণ বিকারে ফরমাইজ্] বি, সম্মানের সহিত আজ্ঞা ; আদেশ। প্র—"এ ওরে ফর্ম্মাস করে"—ঈশ্বরগুপ্ত।

ফরমান (ফ়র্‌মান্) [ফা—ফ়রমান্] বি, বাদসাহী হুকুম ; রাজাজ্ঞা। ২। হুকুমনামা ; আজ্ঞাপত্র। প্র—"শিষ্টাচার মত আগে দিলা সমাচার, পাঠাইয়া ফরমান বেড়ী তলবার।"—অন্নদামঙ্গল।

ফরমানবরদার (ফর্‌মাবর্‌দার্) বিণ, আজ্ঞাপালনকারী ; প্রভুভক্ত।

ফরমানি (র্) [ফরমান দ্রঃ] বি, হুকুম। প্র—"বাহ বাহ বলি ডাকেন ফরমানি"—কবিকঙ্কণ।

ফরমানী (র্) [ফরমান (দ্রঃ) + ঈ (কর্ত্তৃ)] বি, যিনি হুকুম দেন ; আজ্ঞাকারী। প্র—ফরমানী মহারাজ মনসবদার, সাহেব নহবৎ আর কান গোই ভার।"—অন্নদামঙ্গল।

ফরমাবরদার (র্) [ফা—ফরমান দ্রঃ] বি, অনুগত ভৃত্য : আজ্ঞানুবর্ত্তী দাস। ২। প্রজা।

ফরমাবরদারী (র্) [ফরমানবরদার (দ্রঃ) + ঈ (কর্ম্মার্থে)] ক্রি, আদেশপালন।

ফরমান (ফর্‌মানো) [ফা—ফর্‌মান্ (আদেশ)—উর্দ্দু—ফর্‌মানা (হুকুম করা)] ক্রি, হুকুম দেওয়া ; আজ্ঞা করা। প্র—"স্বদেশে রাজাই পায় দেখা দিয়া ঘরে যায়, ফরমান ফরমাহ তায়।"—অন্নদামঙ্গল।

ফরসা, ফর্সা (ফর্‌শা) [পরিষ্কার হইতে] নির্ম্মল ; উজ্জ্বল। প্র—"রং ফরসা, গড়নটাও নেহাত মন্দ নয়।" "রং ফিট্‌ফিটে ফর্সা।"—দ্বিজেন্দ্র রায়। ২। আলোকময় ; অন্ধকার-শূন্য। প্র—"রাত পোহাল ফর্‌সা হল্ল ফুট্‌লো কত ফুল।"—দীনবন্ধু। ৩। অবসান ; শেষ ; নিকাশ ; সাবাড়। প্র—এক কোপে তাকে ফরসা করে দিয়েছে। ৪। স্পষ্ট। প্র—ফরসা করিয়া বলিলেই ত হয়। ৫। শূন্য। প্র—"ভবিষ্যৎ একেবারে ফরসা হয়ে গেল আর কি।" ৬। মেঘমুক্ত। প্র—"বর্ষাকালে ফর্সা আকাশ ভরসা কিসে আর।"—ঈশ্বর গুপ্ত।

ফরসি, ফরসী (ফোর্‌শি) বি. হুঁকা ; ফুরসি।

ফরাকৎ [আ—ফ্‌রাগৎ] বি. উন্মুক্ত ও বিস্তৃত স্থান ; খোলা বা ফাঁকা জায়গা। ২। অবসর ; অবকাশ ; ছুটী। ৩। পৃথকত্ব ; স্বতন্ত্রতা। [দ্রঃ—বাং-য় বিণও হয়। প্র—ফরাকৎ করে দেওয়া ; ফরাকৎ স্থান। কাজ থেকে ফরাকৎ হওয়া]।

ফরাস, ফরাশ (শ্‌) [আ—ফ্‌রুশ্‌ = বিছানা] বি. যে ভৃত্য ঘর দ্বার আসবাব পত্র ঝাড়িয়া ঝুড়িয়া পরিষ্কার করে, বিছানাদি বিছায়, গৃহে বাতি জ্বালে, বাতি-দান প্রভৃতি পরিষ্কার করে। ২। কার্পেট ; মেঝের পাতিবার আসন ; প্র—"ফরাসে ও সতরঞ্চে এক কোমর মাটি।"—দ্বিজেন্দ্র রায়। "ফরাস পাতি করিব ধূলা বন্ধ।"—রবি।

ফরাস (শ্‌) [ইং—france ফ্রাঁস হইতে ফরাস। তুল—বঙ্গ (বঙ্গবাসী অর্থে)] বি. ফরাসী ; ফ্রান্সদেশের অধিবাসী। প্র—"ইঙ্গরেজ ওলন্দাজ ফিরিঙ্গি ফরাস।"—অন্নদামঙ্গল। **ফরাসডাঙ্গা**—ফরাসীদিগের স্থান ; ফরাসীদিগের অধিকৃত কলিকাতার অদূরবর্ত্তী গঙ্গাতীরবর্ত্তী নগর।

ফরাসী (শী) [ইং—French. ফরাস দ্রঃ] বি. ফ্রান্সদেশের লোক। ২। তদ্দেশীয় ভাষা। ৩। তদ্দেশজাত।

ফরিকার, ফরিকাল (ফোরিকার্‌, ফোরিকাল্‌) [আ—ফ্‌রীক্‌ (সেনাদল) + আল্‌ (স্বার্থে)] বি. সেনাসমূহ ; চমূ ; সৈন্যদল ; বাহিনী। প্র—"অপর টাঙ্গন টাটু ঢালি ফরিকার"—ঘনরাম। "চলে ঢালি পাক ফরিকালে ধর ধর বলি।"—ঐ। "বায় বাঁশ তবকী ফরিকাল ধানুকী আগু দলে কনক নিশানী।"—কবিকঙ্কণ।

ফরিকালি (ফো) [আ—ফ্‌রীক্‌ (সৈন্য) + আলি (দল ; শ্রেণী)। আলি অতিরিক্ত কারণ ফরীক অর্থে সৈন্যদল] বি. যোদ্ধ্‌গণ ; সৈন্য সমূহ। প্র—"ধানুকী বন্দুকী ঢালী রায়বেঁশে ফরিকালি রাহুত মাহুত সমুদায়।"—ঘনরাম।

ফরিয়াদ (ফোরিয়াদ্‌) [ফা—ফ্‌রীয়াদ্‌] বি. আদালতে অভিযোগ ; মামলা। ২। দোহাই দেওয়া ; সাহায্য ভিক্ষা। **দাদ ফরিয়াদ**—[সহচর শব্দদ্বয়] নালিশ মকদ্দমা ; দোহাই ধর্ম্ম ইত্যাদি বলিয়া বিচার প্রার্থনা।

ফরিয়াদি, ফরিয়াদী (ফো) [ফা] বি. আদালতে অভিযোগকারী ; বাদী।

ফর্দ্দ [ফা—ফ্‌রুদ্‌ = এক] বি. তালিকা। ২। কাগজের টুক্‌রা। ৩। ফালি ; প্রস্থ। প্র—এক ফর্দ্দ কাপড়। ৪। বিণ. তরসা ; ফাঁক ; স্বতন্ত্র।

ফর্দ্দা (ফর্‌দা) [ফর্দ্দ (দ্রঃ) + আ (যুক্তার্থে) বরিশালে—ফয়লা] বি. উন্মুক্ত। ২। বিস্তৃত। ৩। পরিষ্কৃত। **ফর্দ্দাফাঁই**—ফাঁই দ্রঃ।

ফর্ফর [সং] ফরফর দ্রঃ।

ফর্ম্মা (ফর্‌মা) [ইং—forme] বি. মুদ্রাযন্ত্রে সাজান অক্ষর পঙ্‌ক্তি।

ফল (ল্‌) [সং] বি. উদ্ভিজ্জাত শস্য। ২। রন্ধন না করিয়াও পক্ব বা অপক্ব অবস্থায় যে ফল খাওয়া যায়, আম, কাঁঠাল, তাল, বেল, ডাব, জাম প্রভৃতি। ৩। ত্রিফলা। ৪। সন্তান। ৫। বাণের অগ্র-লৌহ ; ফলা। ৬। খড়্গাদির ধার। ৭। ফাল। ৮। ফলক। ৯। ঢাল। ১০। গণিতের নিষ্কাশিত অঙ্ক। ১১। সিদ্ধান্ত। ১২। নিষ্পত্তি। প্র—মোকদ্দমার ফল। ১৩। পরিণাম ; প্র—পরীক্ষার ফল। ১৪। আবশ্যক ; প্রয়োজন। ১৫। কার্য্যসিদ্ধি। ১৬। উত্তর। ১৭। ধন ; সম্পত্তি। ১৮। সুখ দুঃখাদি। ১৯। স্বর্গাদি সুখ। **ফল গছান ব্রত**—বৈশাখ মাসব্যাপী ৪ বৎসর সাধ্য ব্রত। প্রথম বৎসরে গুপারী, পৈতা ও পয়সা ব্রাহ্মণকে দান করিতে হয়। দ্বিতীয় বৎসরে ফল স্থানে কদলী, তৃতীয় বৎসরে আম্র, চতুর্থ বৎসরে ডাব দান করিতে হয়। **ফল দেওয়া**—কার্য্যকর হওয়া ; ইষ্টসিদ্ধি হওয়া। ২। বৃক্ষ কর্ত্তৃক ফল দান করা ; বৃক্ষে ফল ধরা। **ফল দেখা**—নারীর প্রথম রজঃদর্শন বা ঋতু হওয়া। **ফল ধরা**—বৃক্ষ ফলবান্‌ হওয়া। ২। কার্য্য সিদ্ধির সূত্রপাত হওয়া। ৩। লক্ষণের ফল ধরা দ্রঃ। **ফল নাবা**—ফলোদ্গম হওয়া ; বৃক্ষে ফল ধরা। **ফল ভাঙ্গা**—গাজনের সন্ন্যাসী কর্ত্তৃক নীলের উপবাসের দিন বৃক্ষ হইতে ফল পাড়া। **ফল সংক্রান্তি ব্রত**—বৈশাখ মাসের সংক্রান্তিতে আরম্ভ করিয়া প্রতি সংক্রান্তিতে কদলী, আম্র, নারিকেলাদি দ্বাদশ প্রকার ফল, যজ্ঞোপবীত, বস্ত্র ও পাত্রসহ ব্রাহ্মণকে দান করা রূপ ব্রত।

ফলই, ফলুই (ফোলুই) [সং—ফলকী] বি. মৎস্যবিশেষ।

ফলওয়ালা (ল্‌) [সং—ফল + হি—বালা] বি. ফল বিক্রেতা। স্ত্রী. **ফলওয়ালী**।

ফলক (ক্‌) [সং] বি. পুং, ক্লী, ললাটস্থ অস্থি। প্র—"ললাট-ফলক"—চণ্ডীদাস। ২। তাম্র, কাষ্ঠ প্রভৃতি দ্বারা নির্ম্মিত পট্ট। ৩। পাটা ; ধোপার পাটা। ৪। ঢাল। প্র—"নিষঙ্গের সঙ্গে পৃষ্ঠে দুলিল ফলক"—মেঘনাদ। ৫। অস্ত্রের সূক্ষ্মাগ্রভাগ ; ফলা। ৬। নাগকেশর।

ফলকথা (ল্‌) [ফল (পরিণাম) কথা] বিণ. শেষ কথা ; মোট কথা ; কোন বিষয়ের নিষ্পত্তিকর বাক্য।

ফলকক্ষ (ফলকোক্‌খ) [সং] বি. পুং, যজ্ঞবিশেষ।

ফলকণ্টক (ফলোকন্‌টক্‌) [ফলেতে কণ্টক যাহার, বহু] বি. পুং, পনসবৃক্ষ ; কাঁটালগাছ।

ফলকপাণি (ফলক্‌পানি) [ফলক হইয়াছে পাণিতে (হস্তেতে) যাহার, বহু] বি. পুং, ঢালী ; ফলকী।

ফলকর (র্‌) [ফল—কর (শুল্ক)] বি. ফলবৃক্ষের নির্দ্ধারিত কর।

ফলকাম (ম্‌) [ফল—কম্‌ + ণিচ্‌ = কামি + অ (কর্ত্তৃ—অণ্‌)] বিণ. কর্ম্মফলের কামনা-প্রত্যাশী ; সকামকর্ম্মী।

ফলকেশর (র্‌) বি. পুং, নারিকেলগাছ।

ফলগ্রাহী [ফল—গ্রহ্‌ (গ্রহণ করা) + ইন্‌ (কর্ত্তৃ—ণিন্‌) = ফলগ্রাহিন্‌ ১মা, ১ব] বিণ. যে ফল গ্রহণ করে ; ফলগ্রাহক ; ফল গ্রহণকারী। ২। বি. পুং, তরু ; বৃক্ষ।

ফলঙ্গ (ফলংগ) [হি—ফলঙ্গ্‌] বি. উল্লম্ফন ; লম্ফ। প্র—"ফলা ঝাড়ি ফলঙ্গ মারিতে যায় ফেটে।"—ঘনরাম। "ফলঙ্গে লঙ্ঘিতে পারে ত্রিশ হাত পানা"—ঘনরাম।

ফলতঃ [সং—ফলতস্‌] ক্রি-বিণ. বস্তুতঃ ; অর্থাৎ ; সংক্ষেপতঃ ; বাস্তবিক।

ফলত্রয় (ফলৎত্রয়্‌) [ফল—ত্রয়] বি. মরিচ, শুঁঠ ও পিঁপুল এই তিনটি ফল ; ত্রিফলা।

ফলদ [ফল—দা (দান করা) + অ (কর্ত্তৃ—ড) যে দান করে] বি. পুং, তরু ; বৃক্ষ ; গাছ। ২। বিণ. যে ফল দান করে ; ফলদায়ক।

ফলদাতা [ফল—দাতা] বিণ. ফলদায়ী ; ফলপ্রদানকারী। স্ত্রী. **ফলদাত্রী**—ফলদায়িনী।

ফলদর্শী (ফলদোর্‌শি) [ফলদর্শিন্‌ শব্দ ১মা, ১ব] বিণ. পরিণামদর্শী ; দূরদর্শী। বি. **ফলদর্শিতা**।

ফলন (ন্‌) [ফল—অন + ভাবে (অনট্‌)] বি. ফল জন্মান ; প্রসবন। ২। উদ্ভব ; উৎপত্তি।

ফলনা (ল্‌) [আ—ফলাঁ = অমুক] বি. ব্যক্তি। ২। অমুক।

ফলনিবৃত্তি (ল্‌) বি. পরিণাম।

ফলনিষ্পত্তি (ফল্‌নিষপোত্‌তি) বি. বাঞ্ছিত নিষ্পত্তি ; ঈপ্সিত সিদ্ধান্ত।

ফলন্ত (ফলোন্‌তো) [ফল—ন্ত (প্রত্যয়—বিদ্যমানার্থে) যাহা ফলিতেছে। তুল—ঘুমন্ত, জাগন্ত ইত্যাদি] বিণ. ফলবন্ত ; ফলশালী।

ফলপাকান্ত, ন্তা (ল্‌) [ফল—পাক (পক্বতা) অন্ত (শেষ, মৃত্যু) + আ] বি. ওষধি ; ফল পাকিলে যে উদ্ভিদের মৃত্যু হয়।

ফলপ্রদ (ফলপ্‌প্রোদ) [ফল—প্রদ যে দান করে, (উপপদ)] বিণ. ফলদায়ক ; ফলদাতা।

ফলপ্রাপ্তি [ফল—প্রাপ্তি] বি, ঈপ্সিত ফল-লাভ ; কাম্য বস্তুর প্রাপ্তি।

ফলবন্ধ্য (—বোন্ধ) [ফল—বন্ধ্য (ফল বিষয়ে বন্ধ্য)—৭তৎ] বি, পুং, ফলহীন তরু।

ফলবান্ [ফল অস্ত্যর্থে (বতু) = ফলবৎ ১মা, ১ব] বিণ, পুং, ফলশালী ; ফলবন্ত ; ফলযুক্ত। স্ত্রী, ফলবতী (বোতি)—ফলযুক্তা। ২। সন্তানবতী নারী।

ফলভাগী (লো) [ফলভাগিন্ শব্দ] বি, ফলের অংশী ; পরিণামভাগী। স্ত্রী, ফলভাগিনী।

ফলভুক (ক্) [ফলভুজ্ শব্দ] বিণ, ফল ভোজনকারী ; ফলাশী।

ফলভোগ (ফল্‌ভোগ্) [ফলের—ভোগ—৬তৎ] বি, পুং, কর্ম্মফল জনিত সুখ দুঃখাদির অনুভূতি।

ফলভোগী [ফলভোগিন্ শব্দ] বিণ, সুখ দুঃখাদি ভোগকারী।

ফলভূমি (লো) [ফলের (কর্ম্মফলের) ভূমি (স্থান)—৬তৎ] বি, স্ত্রী, কর্ম্মফল ভোগের স্থান। ২। ভারতবর্ষ।

ফলমুখ (খ্) [ফলের মুখ (সূত্রপাত)] বি,

ফলশালী [ফল—শাল্ (শোভা পাওয়া) + কর্তৃ—ইন্ (ণিন্) ফলশালিন্ ১মা, ১ব] বিণ, ফলবান ; ফলযুক্ত। স্ত্রী, ফলশালিনী—ফলবতী।

ফলশ্রুতি (ফলস্রুতি) [ফল (কর্ম্মফলের) শ্রুতি (শ্রবণ)—৬তৎ] বি, স্ত্রী, কর্ম্মের ফল শ্রবণ।

ফলশ্রেষ্ঠ (ফলস্রেশ্‌ঠ) বি, আম্র। ২। আম্রবৃক্ষ ; আমগাছ।

ফলসম্ভব (ফলশম্ভব্) [ফল হইতে সম্ভব ৫তৎ] বিণ, ফলোৎপন্ন ; ফল হইতে জাত।

ফলসা (ফল্‌শা) [ফা—ফাল্‌সা] বি, কৃষ্ণ লোহিতবর্ণ অম্লমধুর রস ক্ষুদ্র গোল ফলবিশেষ ; grewia asiatica.

ফলসাধন (শাধন্) [ফলের সাধন—৬তৎ] বি, ফলসিদ্ধি ; চরিতার্থতা।

ফলসিদ্ধি (ফলশিদ্‌ধি) [ফলের সিদ্ধি, ৬তৎ] বি, বাঞ্ছিত সুখলাভ ; চরিতার্থতা।

ফলহানি [ফলের হানি, ৬তৎ] বি, ফলক্ষয়।

ফলহারী [ফল—হৃ (হরণ করা) + ইন্ (কর্তৃ—ণিন্) = ফলহারিন্ ১মা, ১ব] বিণ, ফল আহরণকারী। ২। দেবীবিশেষ ; জ্যৈষ্ঠ মাসায় অমাবস্যায় লক্ষ ফল দিয়া ইঁহার পূজা করিতে হয়।

ফলহীন (ন্) [ফল দ্বারা হীন, ৩তৎ] বিণ, ফলশূন্য। ২। বৃথা ; নিষ্ফল।

ফলা [ফলক হইতে] বি, ফলক। ২। অস্ত্রাদির সূক্ষ্ম মুখ। ৩। ঢাল। প্র—"ফলা ফরকাইয়া সেন হইল সম্মুখ।"—ঘনরাম। ৪। যুক্তবর্ণ। যথা—রফলা, মফলা, লফলা ইত্যাদি। প্র—"অল্পদিনে দশ ফলা অক্ষর শিখিল।"—চৈতন্যচরিতামৃত। ৫। ক্রি, ফলন্ত। প্র—"দোফলাগাছ।"

ফলাও, ফালাও [হি—ফয়্‌লাব্, ফয়্‌লাবা (প্রাচুর্য্য, বিস্তার)। বাং-য়—বিণ অর্থে প্রয়োগ] বিণ, প্রশস্ত ; বিস্তীর্ণ। extensive. ২। প্রচুর ; abundant. ফলাও বা ফালাও করা—বিস্তার করা ; বাড়ান।

ফলাগম (ম্) [ফল + আগম] বি, ফলোৎপাদনকাল।

ফলান (নো) [হি—ফলানা। উ-পু—ফলাই। ম-পু—ফলাও। প্র-পু—ফলায়। অস-ক্রি—ফলাইতে ; ফলাইয়া ; ফলিয়ে] বি, প্রকাশ করণ ; প্রদর্শন। প্র—বিদ্যা ফলান। ২। ফুটান। ৩। রঞ্জিত করণ। প্র—"ফলাইয়া নবরাগ আঁকি আমি ছবি।"—অশোকগুচ্ছ। ৪। উৎপাদন। প্র—"তুমি আম গাছে কখন তেঁতুল ফলাইতে পার কি ?"—যোগেশ্বরী।

ফলানা [আ—ফর্লা] বিণ, অমুক। ফলানা ফলানা—অমুক অমুক।

ফলান্ত [ফল—অন্ত (শেষ) বি, পুং, বংশ ; বাঁশ।

ফলান্বেষণ (ফলান্নেষন্) [ফল—অন্বেষণ] বি, ফলানুসন্ধান।

ফলান্বেষী (ফলান্নেষী) [ফল + অন্বেষী] বিণ, সিদ্ধিপ্রত্যাশী ; ফলাকাঙ্ক্ষী ; পরিণাম অনুসন্ধানকারী। স্ত্রী, ফলান্বেষিণী।

ফলাপেক্ষা [ফল + অপেক্ষা] বি, ফলাশা ; ফলাকাঙ্ক্ষা ; পরিণাম প্রত্যাশা ; সিদ্ধির প্রত্যাশা।

ফলাফল (ল্) [ফল + অফল] বি, হিতাহিত কর্ম্মের শুভাশুভ পরিণাম।

ফলার (র্) [ফল + আহার—সংক্ষেপে] বি, ফলাহার ; অন্ন ব্যতীত অন্যান্য আহারীয় ভক্ষণ। ২। ফল মিষ্টান্নাদি সহযোগে দধি ও চিপিটক ভক্ষণ। প্র—"পাবে না সে দইয়ের এবং চিড়ার এবং কলার মনোহরার ও সন্দেশের মধুর ফলার।"—দ্বিজেন্দ্র রায়।

ফলাশন (ন্) [ফল (হইয়াছে) অশন, (ভক্ষণীয়) যাহার—বহু] বি, পুং, শুক-পক্ষী ; টিয়াপাখী। ২। বিণ, ফলাহারী।

ফলাস্বাদন (ফলাশ্‌শাদন্) [ফল + আস্বাদন] বি, ক্লী, ফলাহার ; ফলভোগ।

ফলাহার (র্) [গ্রাম্য—ফলার। ফল + আহার] বি, ফলাদির ভক্ষণ। ২। অন্ন ব্যতীত অন্যান্য আহারীয় সামগ্রী ভোজন।

ফলিত (তো) বিণ, ফলযুক্ত ; সফল। ফলিত জ্যোতিষ—গ্রহ নক্ষত্রাদির গতি দ্বারা শুভাশুভ অদৃষ্ট গণনা-শাস্ত্র।

ফলিতার্থ (থো) [ফলিত + অর্থ] বি, মূলাধার। ২। সারাংশ ; প্রধান অংশ। ৩। নিষ্কর্ষ।

ফলিনী (ফোলিনি) [ফল + অস্ত্যর্থে ইন্ = ফলিন্—ঈপ্, স্ত্রী ১মা, ১ব] বিণ, ফলযুক্তা ; ফলবতী।

ফলী (ফোলি) [সং] বি, স্ত্রী, প্রিয়ঙ্গুলতা। ২। ফলুইমাছ [ময়মনসিংহ অঞ্চলে]। ৩। [ফল + ইন্ (অস্ত্যর্থে) = ফলিন্ ১মা, ১ব] বিণ, ফলিত ; ফলবান্।

ফলোৎপত্তি (ফলোৎপোৎতি) [ফলের উৎপত্তি (উদ্ভব)—৬তৎ] বি, ফলোদয়। ২। মঙ্গল ; হিত। ৩। সুখ।

ফলোৎপাদক (ক্) [ফল + উৎপাদক] বিণ, ফলকর ; ফলদায়ক। ২। লাভজনক। ৩। সুখকর।

ফলোৎপাদন (ন্) [ফল + উৎপাদন] বি, ফলোপধায় ; ফলজনন।

ফলোদয় (য়) [ফল + উদয়] বি, পুং, লাভ। ২। সুখ ; আনন্দ। ৩। উপকার ; হিত। ৪। ফলোৎপত্তি।

ফলোন্মুখ (খ্) [ফল + উন্মুখ] বিণ, ফল-দানে উদ্যত।

ফলোপধায়ক (ক্) [ফল—উপ—ধা (ধারণ করা) + অক্ (কর্তৃ)] বিণ, ফলদায়ক ; ফলজনক।

ফলোপধায়ী [ফলোপধায়িন্ শব্দ, ১মা, ১ব] বিণ, পুং, ফলদায়ক। স্ত্রী, ফলোপধায়িনী।

ফলোপলব্ধি (—লোব্‌ধি) [ফল + উপলব্ধি] বি, ফলবোধ ; ফলানুভূতি ; ফলপ্রাপ্তি।

ফল্গু (ফোল্‌গু) বি, গয়াস্থিত প্রসিদ্ধা অন্তঃসলিলা নদী। ২। বসন্তকাল। ৩। আবীর ; ফাগু ; ফাগ। ৪। নিষ্ফল বচন ; অসার বাক্য। ৫। বিণ, সুন্দর ; মনোরম। ৬। তুচ্ছ।

ফল্গুৎসব (ফোল্‌গুৎশব্) [ফল্গুদ্বারা উৎসব (—৩তৎ) কিম্বা ফল্গু (ফাল্গুন মাসে) যে উৎসব (৭তৎ)] বি, পুং, দোলযাত্রা ; হোলী ; হোলাকা উৎসব।

ফল্গুদা (ফোল্‌গুদা) বি, স্ত্রী, ফল্গুনদী।

ফল্গুকী—বি, পুং, ফলুইমাছ।

ফল্গুন (ফোলগুন্) বি, পুং, ঋষিবিশেষ [ফাল্গুন দ্রঃ]।

ফল্গুনী (ফোল্‌গুনি) বি, নক্ষত্রবিশেষ।

ফষ্টি নষ্টি—নাষ্টি (ফো) [ফষ্টি (আ—ফাহ্‌শ্ (অশিষ্ট), ফাহ্‌শ্-শায়্‌র্ (অশ্লীল কবিতা)

হইতে অথবা সং—অশিষ্ট শব্দের অপভ্রংশে নষ্টি, নাষ্টি (নষ্টামি সংক্ষেপে) ; সহচর শব্দদ্বয়] বি, অশিষ্ট হাস্য-কৌতুক ; হাসি মস্করা ; অশ্লীল ঠাটা-তামাসা ; অযথা হাস্য পরিহাস। ২। লঘু ও অসার পরিহাস।

ফস (শ্) [শব্দাত্মক। দ্রঃ] বিণ, আলগা ঢিলা। ২। শীঘ্র। ৩। হঠাৎ। প্র—ফস্ করে মুখ থেকে কথাটা বেরিয়ে গেছে। **ফসকথা** [আ—ফাহ্‌ষ্ (অশিষ্ট, অযথা) + উর্দ্দু—বাত, বার্ত্তে (বাক্য, বাক্যাবলী)] যে কথা বলিবার নয় এমন কথা : অযথাবাক্য।

ফসকা, ফস্কা (শ্) [আ—ফাস্‌খ্ (আল্‌গা, বিযুক্ত)] বিণ, শ্লথ : আলগা। **ফসকে যাওয়া**—স্খলিত হওয়া ; খুলিয়া দেওয়া। বেফাঁস হওয়া ; ফাঁস খুলিয়া যাওয়া। ২। হস্তচ্যুত হওয়া।

ফসল (ফশল্) [আ—ফস্‌ল্] বি, উৎপন্ন শস্যাদি। ২। শস্য সংগ্রহের সময়।

ফসলী (শ্) [ফসল্ (দ্রঃ) + ঈ (সম্বন্ধে)] বি, বৎসরের উৎপন্ন শস্য। ২। ফসলের উৎপন্ন হইবার কাল হইতে গণনা করা বৎসর। **ফসলীসন**—আকবর বাদসাহ প্রবর্ত্তিত বৎসর। এই সন ১৪৭৮ শক হইতে আরম্ভ হয়। সন দ্রঃ।

ফস্কান (নো) [আ—ফস্‌খ্ (ফেঁসে যাওয়া) হইতে ফস্ক + আল (ক্রিয়ায়) । উ-পু—ফস্কাই। ম-পু—ফস্কাও। প্র-পু—ফস্কায়। অস্-ক্রি—ফস্কাইতে ; ফস্কাইয়া ; ফস্কিয়া ; ফস্কে] ক্রি, ফস্কিয়া যাওয়া ; ফাঁস খুলিয়া যাওয়া ; বন্ধন শিথিল হওয়া। প্র—"আঁক্‌ড়ে ধরিস যা কিছু তা ফস্কে যায়।"—রজনীসেন। ২। সুযোগ গত হওয়া ; ফাঁক পড়া। প্র—"ফস্কে গেল আস্কে খাওয়া"—ঈশ্বরগুপ্ত। ৩। হস্তচ্যুত হওয়া ; হাতে আসিয়া চলিয়া যাওয়া।

ফস্ত (ফস্‌তো) আ—ফস্‌দ্ (রক্তমোক্ষণ) তুল—অস্ত্রচিকিৎসকার্থে আরবীতে ফস্‌সাদ্] বি, রক্তমোক্ষণ। **ফস্ত খুলে দেওয়া**—[ফস্‌দ্ খুল্‌না। আ—ফস্‌দ্, উর্দ্দু—খুলনা] অস্ত্রোপচার দ্বারা রক্ত মোক্ষণ করা ; রক্ত বাহির করিয়া দিবার জন্য শিরা কাটিয়া দেওয়া।

ফস্‌ফস্ (শ্) [শব্দাত্মক। লঘু অর্থে ফিস ফিস ; লঘুতর অর্থে ফুসফুস] বিণ, আল্‌গা হওয়ার ভাব ; ঢিলা। ২। শীঘ্র ; শীঘ্র ; তাড়াতাড়ি। তুল—টপ্ টপ্। প্র—হাতের কাজ ফস ফস্ করে সেরে ফেল। ফস ফস করে বলে যাওয়া। ফস ফস করে সেলাই করে ফেলা।

ফসফসান (ফশ্ ফশানো) [ফসফস + আন (ক্রি-বিভক্তি)। প্র-পু—ফসফসায়। অস-ক্রি—ফসফসাইয়া ; ফসফসিয়ে] ক্রি, ফস ফস শব্দ করা। ২। ফস ফস করিয়া খুলিয়া যাওয়া। প্র—গেরোগুলা ফসফসিয়ে খুলে গেল।

ফাইফরমাস (র্, শ্) [ফা—ফর্‌মাইশ্ হইতে ফরমাস এবং তাহার সহচর শব্দস্বরূপ ফার—সংক্ষেপে ফাই] বি, খুচরা কাজের আদেশ ; ছোট খাট কাজকর্ম্ম। **ফাই ফরমাস খাটা**—খুচরা কাজ সম্পাদন করা ; ছোট খাট হুকুম তামিল করা।

ফাঁই [ফাঁক (দ্রঃ) হইতে] বি, শূন্য ; ফাঁক। ২। উধাও। **ফর্দ্দাফাঁই**—[ফর্দ্দা (প্রশস্ত) ফাঁই (ফাঁক)] খুব ফাঁকা। ২। এত অধিক ছিন্ন হওয়া যে আবরণের উপযোগী না থাকা। প্র—কাপড় খানা ছিঁড়ে ফর্দ্দাফাঁই হয়ে গেছে। **ফুড়ুক ফাঁই**—ফুড়ুক দ্রঃ।

ফাইল (ল্) [ইং—file] বি, তালিকা। ২। শৃঙ্খলার সহিত রক্ষিত কাগজ পত্রের তাড়া ; নথির গোছা। ৩। কাগজ পত্রাদি বাঁধিয়া রাখিবার শিক। ৪। উখাযন্ত্র।

ফাউ—ফাও দ্রঃ।

ফাউড়, ফাবড় (ড়) [পাবড়া দ্রঃ। পর্ব্ব হইতে। প্রা-বাং] বি, ছোট লাঠি ; খেঁটে ; দাণ্ডা। প্র—"লইয়া ফাউড় ডেলা যার সঙ্গে করে খেলা তার হয় জীবনে সংশয়।"—কবিক।

ফাও [হি—ফাব্] বিণ, পরিমাণের কিছু অধিক ; ফাউ। ২। সামান্য কিছু ; তুচ্ছ।

ফাওড়া [হি—ফ়াওড়া] বি, লম্বা বাঁটযুক্ত কোদালি ; a spade.

ফাঁইফাঁই [শব্দাত্মক। ফাঁসফাঁস শব্দ হইতে] বি, বস্ত্রাদি ফালি ফালি করিয়া চিরিবার শব্দ। **পর্দ্দাফাঁই**—পর্দ্দা ফাড়ার শব্দ ফাঁই দ্রঃ।

ফাঁইফুঁই—অনুকার শব্দ। ২। নলের ছিদ্রাদি দিয়া বাষ্প বহির্গমন শব্দ।

ফাঁক (ক্) [সং—ভঙ্গ বা ভাগ অপভ্রংশে। হি—ফাঁক] বি, অন্তর ; ব্যবধান ; তফাৎ। প্র—দুটার মধ্যে এখনো অনেকটা ফাঁক রয়েছে। ২। শূন্য। প্র—বুনন সব সমানই হয়েছে কিন্তু এই খানটা একটু ফাঁক পড়েছে। ৩। ছিদ্র। প্র—সে দেয়ালের ফাঁক দিয়া দেখিতেছিল। ৪। বিদার ; ফাট ; ভাগ ; পৃথক। প্র—ডালপালাগুলা দুই হাত দিয়া ফাঁক করিয়া ভিতরে প্রবেশ করিল। ৫। অবসর ; অবকাশ। প্র—"কাজের একটু ফাঁক হইলেই"—ভারতবর্ষ (রবি)। পড়া থেকে একটু ফাঁক পেলেই সে খেল্‌তে ছুটবে। ৬। উন্মুক্ত স্থান ; অনাবৃত স্থান ; খোলা জায়গা। প্র—হিমের সময় ফাঁকে অতক্ষণ ব'সে থেক না। ৭। নির্জ্জন স্থান। প্র—একটু ফাঁক পেয়ে সেই খানে দুইজনে গিয়া বসিল। ৮। সুযোগ ; বাগ ; সুবিধা। প্র—তাহার উপর যেরূপ আক্রোশ একবার ফাঁকে পাইলে সে শোধ না তুলিয়া ছাড়িবে না। ৯। বহির্দ্দেশ ; যে স্থানে সহযোগীর সহিত সংশ্রব নাই ; সংসৃষ্ট ব্যক্তিদিগের নিকট হইতে দূর ও তাহাদের অলক্ষিত স্থান। প্র—"থাকে সে বেড়ায় ফাঁকে চুপি চাপে চেয়ে"—কুঙ্কুম। ১০। দোষ ; ত্রুটি। প্র—তাহার একটু ফাঁক পেয়েছে কি আর অমনি দণ্ডের ব্যবস্থা করে বসে আছে। ১১। লঙ্ঘন ; বিচ্ছেদ। প্র—একদিনও ফাঁক যায় না। ১২। [সং—ফক্কিকা] ফাঁকি। প্র—ফাঁকে পড়া। **ফাঁক করা**—বিদারণ করা। ২। খোলা। ৩। শূন্য করা ; খালি করা। ৪। ছিদ্র করা। **ফাঁক দেওয়া**—লঙ্ঘন দেওয়া। **ফাঁক ধরা**—দোষ ধরা ; ত্রুটি গ্রহণ করা। **ফাঁক পড়া**—শূন্য বা খালি হওয়া : অপূর্ণ থাকা। ২। তফাৎ পড়া ; ব্যবধান হওয়া। **ফাঁক পাওয়া**—অবসর পাওয়া। ২। সুযোগ পাওয়া। ৩। নির্জ্জন বা শূন্য পাওয়া : খালি পাওয়া। **ফাঁক ফাঁক**—দূরে দূরে। ২। পৃথক পৃথক ; ছাড়া ছাড়া। ৩। শূন্যপ্রায় ; খালি খালি। **ফাঁক বাহির করা**—ত্রুটি প্রদর্শন করা। **ফাঁক যাওয়া**—বিচ্ছেদ হওয়া : লঙ্ঘন পড়া। **ফাঁকে পড়া**—প্রবঞ্চিত হওয়া ; প্রাপ্য বিষয়ে বা অংশে বঞ্চিত হওয়া। **ফাঁকে পাওয়া**—বাহিরে দেখিতে পাওয়া : নির্জ্জনে আয়ত্ত করা। **ফাঁকে ফাঁকে**—বাহিরে বাহিরে। ২। ছোঁয়া বা ধরা না দিয়া। প্র—অমন ফাঁকে ফাঁকে বেড়ালে কি কাজ হয়, সকলে একজোট হয়ে কোমর বেঁধে লেগে যেতে হয়। **দোফাঁক**—দুই ভাগ। **দোফাঁক করা**—দুই ভাগে বিভক্ত বা বিদারিত করা।

ফাঁকতাল (ক্, ল্) [ফাঁক—স্থল (তাল, অপভ্রংশে)] বি, লোক চক্ষুর অগোচর ; অন্যের অলক্ষ্যে। প্র—"গোলেমালে ফাঁকতালে পালিয়েছি কেমন।"—বাল্মীকিপ্রতিভা। ২। [ফাঁক—তাল (বাদ্যের)] বাদ্যের তালবিশেষ।

ফাঁকা [ফাঁক দ্রঃ + আ (অস্ত্যর্থে)] বিণ, উন্মুক্ত ; অনাবৃত ; খোলা। প্র—অমন ফাঁকা জায়গায় বসে আছ কেন ? ২। শূন্য ; খালি। প্র—ফাঁকা বাড়ী। ৩। নির্জ্জন ; জনশূন্য। প্র—"লোকাভাবে বাড়ীটা ফাঁকা পড়ে আছে।" ৪। মিথ্যা ; অসার ; বাজে। প্র—ফাঁকা কথা ; ফাঁকা আওয়াজ। ৫। নিয়মিত আয়ের বাহিরে ; বাড়্‌তি। প্র—

"সে বছরে ফাঁকা পেনু কিছু টাকা করিয়া দালালগিরি"—রবি। **ফাঁকা আওয়াজ**—বন্দুকে গুলি না দিয়া ছুঁড়িলে যেমন বন্দুক ছোঁড়ার আওয়াজ হয় মাত্র কাজ হয় না সেইরূপ ফাঁকা অর্থাৎ বাজে কথার হাঁক ডাক খুব কিন্তু কাজে কিছুই দেখা যায় না। **ফাঁকাফাঁকা**—খালি খালি ; যেন কে নাই কি নাই এইরূপ একটা অভাব বোধক। **ফাঁকাফাঁকা ঠেকা**—শূন্য বোধ হওয়া : কিছুর বা কাহারও অভাব অনুভব করা। **ফাঁকাফাঁকা কথা**—বৃথা বাক্য : যে কথার উপর নির্ভর করা চলে না : ভাসা ভাসা কথা। **ফাঁকায় ফাঁকায়**—প্রতি ছিদ্রে। ২। অন্যের অলক্ষ্যে : ফাঁকতালে। ৩। কোন ভার বা দায়ের বাহিরে। ৪। কোন কর্ম্মের মধ্যে নয়।

ফাঁকি [সং—ফক্কিকা শব্দজ] বি. প্রতারণা ; বঞ্চনা ; চাতুরী ; ছলনা। ২। বি. ফক্কিকা ; কূটতর্ক। প্র—ন্যায়ের ফাঁকি। ৩। তত্ত্ব নির্দ্ধারণার্থ পূর্ব্বপক্ষ। ৪। সূক্ষ্মচূর্ণ ; গুঁড়া। ৫। ভোগা ; ধোঁকা। ৬। ক্ষতি ; নোকসান। **ফাঁকিজুঁখি, ফাঁকিফুঁকি**—প্রবঞ্চনা : মিথ্যা আচরণ। **ফাঁকিতে পড়া**—নোকসান দেওয়া ; ক্ষতি সহ্য করা।

ফাঁট (ট্) [সং—ফাণ্ট দ্রঃ] বি. কাথ। ২। আলোড়িত বা ফেনাইত দাইলবাটা। ক্রি.

* **ফাঁটান** (নো) ফেনান।

ফাঁড় (ড়) [সং—ফণ্ড (দ্রঃ) শব্দের অপভ্রংশ] বি. উদর। ২। পাত্রাদির মধ্য বেষ্টন। প্র—"গলা তলা ফাঁড় আদি যতেক মাপিবে"—শুভঙ্করী।

ফাঁড়া—বি. রিষ্টি ; জ্যোতিষ গণনানুসারে মৃত্যু-যোগ। ২। অমঙ্গল। **ফাঁড়াকাটান**—বিপদমুক্ত হওয়া। ২। অভিচার কর্ম্মাদি দ্বারা গ্রহদোষাদি খণ্ডন করা। **ফাঁড়ি, ফাঁড়ী**—বি. ঘাটি ; চৌকী : প্রহরীদের কর্ম্মস্থান।

ফাঁড়িদার (র্) বি. চৌকীদার।

ফাঁড়িদারি—বি. চৌকদারি ; গ্রাম্য প্রহরীর কার্য্য।

ফাঁদ (দ্) [হি—ফন্দা—ফাঁদ। ফন্দী দ্রঃ] বি. পক্ষী প্রভৃতি ধরিবার যন্ত্রবিশেষ ; ফাঁশ ; পাশ। ২। ছল। প্র—"বাতাসে পাতিয়া ফাঁদ ধরে দিতে পারি চাঁদ কামের কামিনী আনি ছলে।"—ভারতচন্দ্র। **ঘুঘু দেখছ ফাঁদ দেখ নাই**—ঘুঘু দ্রঃ।

ফাঁদনী [প্রবন্ধ—বন্ধ—বাঁধন—ফাঁদন] বি. উদ্যোগ। ২। আড়ম্বর।

ফাঁদা [হি—ফাঁদ্না। সং—স্পন্দন হইতে ফাঁদন] ক্রি. লম্ফপ্রদান করা ; লাফান। প্র—"পার হল ত্বরিত কুরগ চলে ফেন্দে"—ঘনরাম। ২। পত্তন করা ; আরম্ভ করা সূচনা করা। প্র—ব্যবসায় ফাঁদা। ৩ বিস্তার করা ; বিক্ষিপ্ত করা।

ফাঁদাল (লো) [ফাঁদ (দ্রঃ)+আল (বালা) বিণ. বিস্তৃত মুখযুক্ত চৌড়ামুখ।

ফাঁদি [ফাঁদ+ই (যুক্তার্থে)] বিণ. বিস্তার যুক্ত : বিস্তৃত : ফাঁদাল। **ফাঁদিকথা**—অন্তঃসার শূন্য আড়ম্বরপূর্ণ কথা।

ফাঁপ (প্) [ফাঁপা দ্রঃ] বি. স্ফীতি। **ফাঁপ ধরা**—স্ফীতভাব ধারণ করা ; ফুলিয়া ওঠা।

ফাঁপর (র্) [ফাঁফর দ্রঃ] বি. বিপদ : দায় : বিপাক। প্র—"ধর্ম্মরাজ পলাইতে মহিষ উপরে। ঠেকিয়া বীরের হাতে পড়িল ফাঁপরে॥"—কবিকঙ্কণ। ২। হতবুদ্ধি : কিংকর্ত্তব্যবিমূঢ়ের ভাব। প্র—"ধাক্কা দিয়ে গরবিনী গর্ গরিয়ে যায়। ফাঁপরে পড়িয়ে কবি ফ্যাল্ ফ্যাল্ চায়॥"—হেম বন্দ্যো।

ফাঁপা [সং—স্ফায়্ (বৃদ্ধি) ধাতু হইতে। উ-পু—ফাঁপি। ম-পু—ফাঁপ। অস-ক্রি—ফাঁপিতে ; ফাঁপিয়া ; ফেঁপে। ণিজন্ত—ফাঁপান] ক্রি. স্ফীত হওয়া : ফাঁপিয়া বা ফুলিয়া উঠা। ২। বৃদ্ধি পাওয়া। ৩। অবস্থার উন্নতি হওয়া ; উন্নত দশা প্রাপ্ত হওয়া। প্র—"লোকটি ব্যবসাতে ফেঁপে উঠেছে। ৪। বিণ. স্ফীত ; ফোলা। (২) শূন্যমধ্য ; ফোঁপরা ; নিরেট নয়। ৫। বি. ফাঁপ ; ফাঁপন। **পেট ফাঁপা**—উদর স্ফীত হওয়া ; উদর বায়ুতে বা অন্য রোগে ফুলিয়া উঠা। ২। কোন অপ্রকাশ্য কথা প্রকাশ করিবার অহেতুকী আগ্রহ ; কোন কিছুর জন্য অস্বাভাবিক আগ্রহ বা অস্থিরতা। **ফাঁপা ঢেঁকির শব্দ বড়**—ভিতরে যাহার কিছু নাই তাহার বাহিরের শব্দ কিছু বেশী রকম। তুল—ইং— empty vessel sounds much.

ফাঁপান (ন্) [ফোঁপান দ্রঃ] বি. সর্পের গর্জ্জন ; সাপের ফোঁস্ ফোঁসানি। প্র—"ফণীর ফাঁপান শুনে মরে ছিনু ডরে"—শিবায়ন।

ফাঁফর (র্) [হি—ফেফরী (স্তম্ভিত) ; উর্দ্দ্—ফের (বিপাক)] বি. হতবুদ্ধি ; কিংকর্ত্তব্য বিমূঢ়। প্র—"নিতে চাহে ফুল্লরা হাতের ধনুঃ শর। ছাড়াইতে নারে বামা হইল ফাঁফর। —কবিকঙ্কণ। "বুঝিতে না পারে আনা গোনা করে ফাঁফরে পড়িয়া মরে।"—চণ্ডীদাস। "পলাইতে না পেয়ে ফাঁফর হৈল হর। কহিতে লাগিলা কম্পমান কলেবর।"—অন্নদামঙ্গল।

ফাঁশ, ফাঁস (শ্) [সং—পাশ=রজ্জু—বন্ধন] বি. বন্ধন। প্র—"ভব ফাঁস কাটিয়া যাইবে বিষ্ণুধাম।"—গৌরীমঙ্গল। ২। ফাঁদ ; জাল। ৩। সূত্র বা রজ্জুর গ্রন্থি : আল্গা গেরো। ৪। [ফাঁসা দ্রঃ] গুপ্ত বিষয়ের প্রকাশ। ৫। বিণ. শিথিল : আল্গা। ৬। প্রকাশিত ; ব্যক্ত। [দ্রঃ—বিশেষণে ফাঁস স্থলে বাং-য় বেফাঁস শব্দের প্রয়োগ আছে। তুল—অমন্দ ; নিখালিস]। **ফাঁস করা**—পণ্ড করা ; ব্যর্থ করা। ২। অসাবধানে গোপনীয় কথা প্রকাশ করিয়া ফেলা।

ফাঁসা [সং—স্ফাণ্ট (ভেদে, বিদারণে) ধাতু হইতে স্ফাঁট—ফাঁশ+আ (বাং-ক্রি-বিভক্তি)। উ-পু—ফাঁসি। ম-পু—ফাঁস। প্র-পু—ফাঁসে। অস-ক্রি—ফাঁসিতে ; ফাঁসিয়া ; ফেঁসে (গ্রা)। ণিজন্ত—ফাঁসান (নো)] ক্রি, অত্যধিক স্ফীতি জনিত বিদীর্ণ হওয়া বা ফাটা। ভগ্ন হওয়া ; যোড় খুলিয়া যাওয়া। প্র—হাঁড়ি কলসী প্রভৃতি ফাঁসিয়া যাওয়া। ২। কথা, প্রতিশ্রুতি বা অনুরোধ রক্ষিত না হওয়া বা না টিকা। প্র—"মঙ্গলাচরণ হইতে না হইতে একেবারে তাঁহার কথা ফেঁসে গেল।"—টেকচাঁদ। ৩। [ফা—ফাশ্=প্রকাশিত] গুপ্ত কথা ব্যক্ত করা : reveal, divulge. প্র—তাহার সকল কথা ফাঁস করে দিয়েছে। ৪। [সং—পাশ হইতে হি—ফাঁস্না=পাশবদ্ধ হওয়া] ফাঁদে পড়া। ৬। কোন জটিল বা ক্লেশকর ব্যাপারে জড়িত হওয়া, বিপদজালে বদ্ধ হওয়া।

ফাঁসান (নো) [ফাঁসা (দ্রঃ) র ণিজন্তরূপ] ক্রি, জড়িত করা : বদ্ধ করা। ২। বিপদগ্রস্ত করা ; বিপদে ফেলা।

ফাঁসি, ফাঁসী (শি) [হি—ফঁস্না=জালে জড়িত করা। বি. ফাঁসী] বি. ফাশ ; উদ্বন্ধন। ২। বন্ধন। ৩। বন্ধন রজ্জু। প্র—"আমি পরের ঘরে কিন্‌বনা তোর ভূষণ বলে গলার ফাঁসি।"—রবি। ৪। গলার দড়ি। প্র—"কোটাল ছেড়ে দেরে মোরে নিয়ে যা তুই চোরে দিগে ফাঁসি।"—বাং-গান।

ফাঁসুড়, ফাঁসুড়ে (ফাঁশুড়) [ফাঁস+ওয়াড়—উড়, ওয়াড়িয়া—উড়িয়া—উড়ে] বি. যে গলায় ফাঁস দিয়া বধ করে ; নরঘাতী দস্যু ; ফাঁসাড়িয়া। প্র—"শিমলিয়া বালিঘাটা ফাঁসুড়ের ভয়। দ্রুতগতি যায় সাধু তিলেক না রয়।"—কবিকঙ্কণ।

ফাকতা (ক্) [আ—ফাখ্‌তা] বি. ঘুঘু। ২। পারাবত ; পায়রা। **ফাকতা উড়ান**—পায়রা উড়াইয়া বেড়ান ; ভাবনা চিন্তা শূন্য হইয়া মনের আনন্দে থাকা ; সুখে স্বচ্ছন্দে দিন কাটান।

ফাকি [সং—ফক্কিকা] বি. ফক্কিকা ; কূটপ্রশ্ন ; ফাঁকি। ২। সূক্ষ্ম চূর্ণ ; মিহি গুঁড়া।

ফাক্কা [সং—ফক্কিকা হইতে হি] বি. ফেকো দ্রঃ। প্র—"ফাক্কা উড়ে, ভাঙ্গ বিনে ভেকা হয়েছি॥"—শিবায়ন।

ফাগ, ফাউগ (গ্) [দেশীপ্রাকৃত ফগ্গু (বসন্তোৎসব) হি—ফাগু, ফগুয়া—বাং—ফাউগ—সংক্ষেপে ফাগ] বি. মধূৎসবে ব্যবহৃত রক্তবর্ণ চূর্ণবিশেষ : আবীর। [দ্রঃ—পূর্ব্বে বসন্তোৎসব বা ফল্গুৎসব চৈত্র ও বৈশাখে হইত, এইজন্য উহার নাম ছিল মধূৎসব, মাধবোৎসব] প্র—"শঙ্খ বদলে দিব সুবর্ণের চুড়ি। সিন্দূর বদলে দিব ফাউগের গুঁড়ি॥"—পদ্মাপুরাণ (বিজয়) [দ্রঃ—পূর্ব্বকালে বঙ্গের কোন কোন স্থানের বাল-বিধবাগণ শঙ্খস্থানে সোণার চুড়ি এবং সিন্দূরস্থানে ফাউগের গুঁড়ি ব্যবহার করিতেন]।

ফাগু [সং—ফল্গু শব্দজ] বি. রক্তবর্ণ চূর্ণবিশেষ ; আবীর ; ফাগ। প্র—"ফাগুবিন্দু দেখিয়া সিন্দূর বিন্দু কহ।"—চণ্ডীদাস। "কানু ফাগু দেয়ল সুন্দরী অঙ্গে"—জ্ঞানদাস।

ফাগুন (ন্) [সং—ফাল্গুন] বি. ফাল্গুন মাস ; বৎসরের একাদশমাস। প্র—"ওমা ফাগুনে তোর আমের বনে"—রবি।

ফাজলামি (জ্) [আ—ফাজিল্+বাং—আমি (ভাবার্থে)] বি. বাচালতা ; প্রগল্ভতা ; ডেঁপোমি।

ফাজিল (ল্) [আ—বিদ্বান্। বাঙ্গালা ভাষায় কদর্থে প্রয়োগ] বিণ. বাচাল : অসার। ২। আধিক্য ; উদ্বৃত্ত। ৩। অবশিষ্ট। ৪। অতিরিক্ত। বি. ফাজিলি, ফাজিলামি।

ফাট (ট্) [সং—স্ফট্ ধাতুজ] বি. ফাঁক ; চিড়। প্র—"দেওয়ালে ফাট ধরেচে।"

ফাটক (ক্) [হি—ফাটক্] বি. ফটক। ২। কারাগার ; বন্দীশালা ; জেল। প্র—"ফাটকে আটক যত বাজে দায় ধরা"—অন্নদামঙ্গল। "একজন মোক্তারকে এই আইনে ছয়মাস ফাটক দিয়াছিল, তাহাকে ষোলদিন জেলে থাকিতে হল।"—নীলদর্পণ।

ফাটকি (ট্) বি. স্ত্রী. ফট্‌কিরি। ২। ফট্‌কি ; ফক্কি ; কৌতুক ; প্র—ফটকি নাট্‌কি। তামাসা। ৩। [হি—ফুটকর] বিণ. ক্ষুদ্র ; কুঁচাকাঁচা। ৪। [পূ-বঙ্গ] মিথ্যা ; অলীক।

ফাটন (ন্) [ফাটা দ্রঃ] বি. বিদারণ।

ফাটল (ফাটোল্) [ফাট (দ্রঃ) + ল (অস্ত্যর্থে)] বি. ছিদ্র ; ইটের গাঁথনির মধ্যস্থ ফাঁক ; চিড়।

ফাটা [স্ফুট দ্রঃ। অকর্ম্মক ক্রিয়া। উ-পু—ফাটি। ম-পু—ফাট। প্র-পু—ফাটে। অস-ক্রি—ফাটিতে ; ফাটিয়া, ফেটে। ণিজন্ত—ফাটান] ক্রি. বিদীর্ণ হওয়া। প্র—"মরমে লুকান কত দুখ ঢাকিয়া রয়েছি ম্লানমুখ। কাঁদিবার নাই অবসর কথা নাই শুধু ফাটে বুক॥"—বাংগান (রবি)। "হায়রে কইতে দুখের কথা প্রাণ কেঁদে উঠে। বুক ফাটে তো মুখ ফুটেনা কি আছে ললাটে॥"—বাংগান। "ফুটি হেন মাটি ফাটে"—অন্নদামঙ্গল। ২। চিরিয়া যাওয়া। ৩। বিণ. স্ফুটিত ; যাহা ফাটিয়া গিয়াছে। ৪। চিড়-খাওয়া।

ফাটান (নো) [ফাটা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ। উ-পু—ফাটাই। ম-পু—ফাটাও ; ফাটান্ ; ফাটা। প্র-পু—ফাটায় ; ফাটান] ক্রি. বিদারণ করা ; চেরা ; ফাড়া। ২। চিড় খাওয়ান।

ফাটাফাটি [ফাট—আ (পরস্পরার্থে) ফাট + ই (ভাবার্থে বা অবস্থা অর্থে)] বিণ. পরস্পর দ্বন্দ্বে উভয় পক্ষের আঘাতে এককালে বিদীর্ণ হওয়া ও বিদারণ করা ; ভাঙ্গাভাঙ্গি। ২। ফাড়াফাড়ি। ৩। [লক্ষণায়] সঙ্কট ; শক্তাশক্তি।

ফাড়া [প্রাদে। ফাটা দ্রঃ। ট=ড়] ক্রি. ছিঁড়িয়া ফেলা : চিরিয়া ফেলা। প্র—"রাবণের পৃষ্ঠমাংস থাকে থাকে ফাড়ে"—কৃত্তিবাস। "চালের ফাড়িয়া খড় জ্বালিল আঁতুড়ী। গোমুণ্ড দুয়ারে আনি পুজে ষষ্ঠী বুড়ি॥"—কবিকঙ্কণ।

ফাণি (নি) [প্রাদে। ফেণি দ্রঃ] বি. ফেণি বাতাসা। ২। গুড়। ৩। দধিমিশ্রিত ছাতু।

ফাণিত (নি) [ফণ্ + ণিচ্ = ফাণি (গমন করান) + ত (কর্ম্মে—ক্ত)] বি. ক্লী. গাঢ় ইক্ষু গুড়। ২। ফেণী বাতাসা।

ফাণ্ট (ফান্‌ট্) [ফণ্ (অনায়াসোৎপত্তিঃ) + ত (কর্ত্তৃ—ক্ত) নিপাত। "অনায়াসকৃতং ফাণ্টং"—অমর] বি. অস্ত্রাদি ঝালিবার দ্রব্য ; পাইন। ২। কাথ ; ফাঁট। ৩। বিণ. ফেনাইয়া যাহা উৎপন্ন করা হয়। ৪। যাহা অনায়াসে প্রস্তুত হয়।

ফাতনা, ফাতা (ত্) [পত্র—পাতা—ফাতা বা পতাকা হইতে] বি. ছিপের সুতায় বাঁধা সোলা ; ফৎনা। ২। প্র—"ঘন পড়ে ঝঞ্ঝনা ভাসিল ফাৎনা। ভেসে গেল কালিদহ জলে।"—ক্ষেমানন্দ।

ফাতরা (ত্) [প্রাদে—ময়মনসিংহ। পত্র হইতে] বি. কলাগাছের পাতার সহিত শুষ্ক খোলা। ২। বিণ. অসার।

ফানস (শ্) [আ—ফানুস্] বি. লণ্ঠন ; সেজ। ২। আলোকাবরণ ; ফানুস। প্র—"গোলাপী ফানসে সোনালি ঝালর"—অবসর।

ফানুশ, ষ (শ্) [ফানস দ্রঃ] বি. ফানস ; দীপাবরণ। প্র—"ফানুশে ঝালরে আলোকের ধূম"—অশোকগুচ্ছ। "আমরা যখন উড়িয়ে ছিলুম ফানুষ"—রবি (শিশু)।

ফান্দ [ফাঁদ দ্রঃ] বি. ফের ; বিপাক ; ফাঁদ। প্র—"দেখাগ্যা বদন চান্দে। তারে ফেলিলা বিষম ফান্দে॥"—

ফার (র্) [ফোড় দ্র] বি. রন্ধ্র ; ছিদ্র ; গর্ত্ত। প্র—"একশরে বিঁধে যদি করে-দিস ফার।"—ঘনরাম। "বুকে পিঠে ফুটে শাল পিঠে হল ফার।"

ফারক (ক্) [আ—ফারিগ্ ; ফারগ্ (খোলসা)] বিণ. নিষ্কৃতি প্রাপ্ত ; খোলশা : ঋণমুক্ত। প্র—"বাড়ীর রাজস্ব দিয়া করজে ফারক হয়্যা ছাড় গুজরাটের বাসনা।"—ঘনরাম। ২। মুক্ত। প্র—"ফারক করিয়া দেহ ব্যাধের নন্দনে। ফল বেচি ফল খাই কিবা ফল ধনে॥"—কবিকঙ্কণ।

ফারশী,—সী (র্) [আ—ফার্‌সী] বি. পারসিক ভাষা ; ফার্সী ; the Persian language. প্র—"তুরকী আরবী পড়ে ফারসী মিশালে।"—অন্নদামঙ্গল। ২। বৈদেশিক ভাষা ; a foreign language. ফারসী থোঁয়া. ফারসী দাঁ—পারসিক ভাষাভিজ্ঞ।

ফারখত (ফার্‌খৎ) [আ—ফারিগখতি] বি. ছাড়-পত্র ; ত্যাগ-পত্র। ২। মুসলমানদিগের বিবাহিতা স্ত্রীকে ত্যাগ করিবার পত্র।

ফারাক (ক্) [আ—ফর্ক্ হইতে গ্রা—ফারাক্] বি. দূর ; তফাৎ। ২। প্রভেদ। প্র—"আমাতে উহাতে জমীন আসমান ফারাক"—কৃষ্ণকান্তের উইল।

ফাল (ল্) [ফল্ (বিদীর্ণ করা) + অ (করণে—ঘঞ্) যাহাদ্বারা ভূমি বিদারণ করা হয়] বি. ক্লী. লাঙ্গলের ফলা। প্র—"পাঁচ মোনে পাশী করি আশী মোনে ফাল"—শিবায়ন। ২। ফলকাগ্র ; ফলা। ৩। [ফাল (লাঙ্গল) + অ (অস্ত্যর্থে) যাহার ফাল আছে] বি. পুং. শিব। (২) বলরাম। (৩) কৃষাণ।

ফাল (ল্) [সং—লম্ফ হইতে লাফ। পরে বর্ণ বিপর্য্যয়ে ফাল। তুল—হি—ফলাঙ্] বি. ক্লী. লম্ফ ; লাফ।

ফালত, ফাল্‌তো (লো) [হি—ফালতু শব্দজ] বিণ. অতিরিক্ত ; বেশী ; খুব। প্র—ফালত খরচ। ২। অনাবশ্যক ; অপ্রয়োজনীয় ; বাজে ; বৃথা। প্র—ফালত কথা। ফালতো কাজে সময় নষ্ট করা কেন।

ফালা [সং—ফল্ (ভেদে) ধাতুজ—ফাল (অসমীয়া—ফাল) + আ (দীর্ঘার্থে)] ক্ষুদ্রার্থে, ফালি ; অসমীয়ায় চিরিয়া ফালি বা ফালা করণ অর্থে ফালন শব্দের ব্যবহার আছে] বি. দীর্ঘচ্ছেদ ; চির ; লম্বাদিকে চেরা কাপড়ের খণ্ড। ২। চৌড়া ভাবে কর্ত্তিত। ফালা দেওয়া—ছেদ দেওয়া ; চির দেওয়া। "কাপড় ডায় ফালা দিলে কেমন করে"—নীলদর্পণ।

ফালাফালা করা—চিরিয়া দুই বা অধিক ফালা করা। প্র—অত সরু সরু করে না কুটে বেশ ফালা ফালা করে কেটে দাও।

ফালি [ফালা দ্রঃ] বি. লম্বা দিকে চেরা কাপড়। ২। খণ্ড।

ফাল্গুন (ন্) ["হিমালয় পৃষ্ঠে দিবাভাগে উত্তর ফল্গুনী ও পূর্ব্বফল্গুনী নক্ষত্রের সন্ধিকালে জন্ম বলিয়া ফাল্গুন এই নাম"—মহা—বিরাট (বর্দ্ধ)] বি. পুং. অর্জ্জুন। প্র—"আপনি আমাদিগের সমক্ষে সর্ব্বদাই ফাল্গুনের গুণকীর্ত্তন করত বৃথা শ্লাঘা করিয়া থাকেন ; কিন্তু অর্জ্জুন আমার ও দুর্য্যোধনের ষোড়শাংশের একাংশেরও তুল্য হইবে না।"—মহা—বিরাট (বর্দ্ধ)। ২। বসন্ত ঋতুর প্রথম মাস ; ফাল্গুন মাস। ৩। উত্তর ও পূর্ব্বফল্গুনীনক্ষত্র। স্ত্রী. ফাল্গুনী—বাসন্তী পূর্ণিমা।

ফি, ফী [আ—ফী (প্রতি)] বিণ. প্রত্যেক। প্র—"তুমি ফি হপ্তায় আসিবে। "নৌকা ফি সন ডুবিছে ভীষণ, রেলে কলিষণ হয়।"—দ্বিজেন্দ্র রায়। ফি-রোজ—প্রতিদিন। ফি সাল—প্রতিবৎসর। ফি সাদী—শতকরা। ২। ফী দ্রঃ।

ফিক্ [সং—ধিক্ ; হি—ফিট্ (ছিঃ, ধিক্)। প্রা-বাং] বি. ধিক্কার। প্র—"ফিক্ দেও ফিক্ দেও জ্ঞাপ্ত সকল"—মাণিকচাঁদের গান।

ফিক (ক্) [সং—পক্ষ (পার্শ্ব) হইতে] বি. হঠাৎ পার্শ্ববেদনা ; স্নায়ুর আক্ষেপ। ২। ঠেকনা ঠেকো। ফিকব্যথা—পার্শ্বদেশে হঠাৎ স্নায়ুর আক্ষেপ জনিত শ্বাস-কষ্টকর বেদনা। ফিক ধরা—ফিকব্যথা অনুভূত হওয়া। ২ পূর্ব্বকালের সহমরণের প্রথানুসারে স্বামীর মৃতদেহের সহিত স্ত্রীকে দাহ করিবার সময় বাঁশ দিয়া আগুনের মধ্যে চাপিয়া ধরা।

ফিক-ফিক (ক্) [শব্দাত্মক] বি. পুনঃপুনঃ মৃদুহাস্য।

ফিকা [হি—ফীকা] বিণ. তরল ; লঘু হালকা ; অসার; অকিঞ্চিৎকর। প্র—"রাজা বলে এ কথা আমার লাগে ফিকা।"—ধনরাম। ৩। বিবর্ণ। ৪। পানসে ; বিস্বাদ।

ফিকির (র্) [আ—ফিক্‌র্=চিন্তা, খেয়াল] বি. কল্পনা ; চিন্তা। ২। ছলনা। প্র—"ফেরের ফিকিরে ফেরে ফাঁকি ফুঁকি লেগে।"—অন্নদামঙ্গল। ৩। উপায় ; কৌশল। প্র—"দত্ত বাড়ী বই আর টাকা কোথায়? তা দত্ত বাড়ীর টাকা নেবার ফিকির এই—"—বিষবৃক্ষ। "চাড় পড়িলে ফিকির বেরোয়—" টেকচাঁদ। ফিকিরে ফকির—উপার্জ্জনের ফন্দি আঁটিয়া যে ফকির সাজে ; কৃত্রিম ফকির ; ভণ্ড সন্ন্যাসী।

ফিকে—ফিকা দ্রঃ।

ফিঙ্গক, ফিঙ্গা (ফিংগক্, ফিংগা) [সং] বি. পুং. ফিঙ্গাপাখী।

ফিঙ্গা (ফিংগা) [ফিঙ্গক দ্রঃ] বি. স্ত্রী. ফিঙ্গাপাখী।

ফিচাল, ফিচেল (ল্) [অসমীয়া—মিছলিয়া, ফুচুং, ফচুরি (যে বাচাল, লঘুচিত্ত ; মিথ্যাচারী। তুল—ফা—ফাসিক, আ—ফাজির= লম্পট)] বিণ. প্রবঞ্চক ; শঠ। ২। চতুর। ৩। অভদ্রভাবে বাচাল।

ফিট (ট্) [ইং— fit] বিণ. প্রস্তুত ; তইয়ার। ২। উপযুক্ত ; যোগ্য। ৩। লগ্ন ; প্রক্ষিপ্ত। প্র—পায়াটা খাটের সঙ্গে ফিট করে দাও। ফিট হওয়া—প্রস্তুত হওয়া। ২। যোগ্য হওয়া।

ফিট (ট্) [ইং— fit] বি. মূর্চ্ছা। ফিট হওয়া—মূর্চ্ছা হওয়া।

ফিট (ট্) [সং—স্ফুট] বি. উজ্জ্বল। ২। পরিচ্ছন্ন ; পরিষ্কার। ফিটফাট—সুসজ্জিত ; পরিষ্কার, পরিচ্ছন্ন।

ফিটন (ন্) [ফেটিন দ্রঃ] বি. হাল্কা খোলা ৪ চাকার ঘোড়ার গাড়ি। প্র—"ইংরাজেরই মত ফিটনে চড়িছে।"—দ্বিজেন্দ্র রায়।

ফিট্‌ফিটে [ফিট দ্রঃ। ফিটফিটিয়া সংক্ষেপে] বিণ. স্ফুটতর ; উজ্জ্বলতর। প্র—"রং ফিট্‌ফিটে ফরসা"—দ্বিজেন্দ্র রায়।

ফিতা, ফিতে [পোর্ত্তুগীজ—fita] বি. সুতায় বোনা পাড় ; কাপড়ে বসাইবার লেশ। ২। বিভিন্ন রংয়ের সুতায় বোনা পাড়ের আকারে বেণীবন্ধন রজ্জু। প্র—"ফিতেতে এলোচুলে বাঁধিয়ে শিরে"—অবসর।

ফিনকি (ন্) [স্ফুলিঙ্গ হইতে] বি. স্ফুলিঙ্গ ; অগ্নিকণা। প্র—"ফিনকি ছুটে ভারত জুড়ে আগুন গেল লেগে"—হেমবন্দ্যো।

ফিনফিনে [ইং—fine হইতে] বিন. সূক্ষ্মাতি-সূক্ষ্ম ; অতিশয় সরু ; অত্যন্ত মিহি। প্র—"কেহবা আদরে কিনে ঢাকার সে ফিন্‌ফিনে অতি সরু চিকণ বসন।"—চন্দন।

ফিনিক (ক্) [স্ফুলিঙ্গ হইতে] বি. স্ফুলিঙ্গের ন্যায় বেগে দ্রব দ্রব্যের নির্গমন। প্র—ফিনিক দিয়া রক্ত বাহির হওয়া। ফিনিক-ফোটা—উদ্ভাসিত হওয়া ; আলোকিত হওয়া। প্র—জ্যোৎস্নায় ফিনিক ফোটা।

ফিরকি (ক্) [হি। ফিরা দ্রঃ। যাহা ফিরান যায়] বি. জানালা বন্ধ করিবার ছোট কাঠের খিল—যাহা প্রেকের চতুর্দ্দিকে ঘুরিতে ফিরিতে পারে।

ফিরণ (ন্) [ফের দ্রঃ] বি. প্রত্যাগমন। ২। ঘূরণ ; ঘোরা।

ফিরৎ—ফেরৎ দ্রঃ।

ফিরতী (র্) [ফেরৎ দ্রঃ। ফিরৎ+ঈ (ভাবে)] বি. প্রতিমুখ ; ফেরত।

ফিরা [হি—ফির্‌না, প্রা. ফেরা। উ-পু—ফিরি, ম-পু—ফির, ফিরন্, ফির্, ফের্। প্র-পু—ফিরে, ফেরে। অস-ক্রি—ফিরিতে ; ফিরিয়া, ফিরে। ণিজন্ত—ফিরান, ফেরান] ক্রি. প্রত্যাবর্ত্তন করা ; পাল্টা আসা বা যাওয়া প্র—"শুধু আজকে ফিরা নয়, জীবন ভরিয়া যেতেছি ফিরে"—গান। "যখন সে চায় ফিরে আসিতে না পারি ফিরে"—কালী-মির্জ্জার গান। ২। মত পরিবর্ত্তন করা। প্র—সে যা বলেছে তা করবেই, তাকে এখন ফিরান দায়। ৩। অবস্থার পরিবর্ত্তন হওয়া। প্র—"ভাল কপাল তোর ফিরেছে।"—গান। ৪। ভ্রমণ করা। প্র—"শূন্য হাতে ফিরি হে দ্বারে দ্বারে"—গান। ৫। একদিক হইতে অন্যদিকে মুখ করা ; যে পিছন ফিরিয়া আছে তাহার ঘুরিয়া সম্মুখভাগ বা মুখ দেখান। প্র—"যখন সে চায় ফিরে আসিতে না পারি ফিরে"।—কালী মির্জ্জা। কপাল ফেরা—সৌভাগ্যোদয় হওয়া। ফিরে চাওয়া—পাল্টে দেখা। ২। অনুকূল দৃষ্টি করা ; সদয় হইয়া, মুখ ফিরাইয়া বা মুখ তুলিয়া চাওয়া। প্র—"তুমি যদি না চাও ফিরে, তবে যাব সেই যমুনাতীরে, ভাঙ্গবো বাঁশী তেজবো প্রাণ এই বেলা তোর ভাঙ্গুক মান।"—বঙ্কিম। ফিরে দেওয়া—প্রত্যর্পণ করা। প্র—"নিয়ে নাহি দেয় ফিরে মন যে হরিয়ে নিলে"—কালীমির্জ্জা।

ফিরা, ফিরে [হি—ফির্] অ. পুনরায় ; আবার। প্র—"ফিরে অন্ন রাখে উমা দেখে গিরি রাণী"—শিবায়ন। ফিরে ফিরতি,—ফেরতা [সহচর শব্দদ্বয়] পুনর্ব্বার ; পুনরায়। প্র—ফিরে ফির্‌তি, খেলা করা। ফিরে বার—পুনর্ব্বার ; পরবর্ত্তী কাল।

ফিরাই, ফেরাই—বি. তাস খেলায় যে বদ-রংয়ের তাস দিয়া পিট লইতে পারা যায় এক তুরুপ ভিন্ন যাহা অপর পক্ষের লইবার শক্তি নাই। প্র—"মন্ তুই কি সাহসে আজও বসে খেলিস তাস নাই হুতাস সর্ব্বনাশ। * * * নাইকো ফিরাই বিষম ফেরায় পড়িলি হলি নৈরাশ।"—বাং-গান।

ফিরান (নো) ফেরান দ্রঃ।

ফিরিঙ্গি,—ঙ্গী [ইং—Indo-Portuguese কবিকঙ্কণে ফিরীঙ্গীও আছে] বি. পর্ত্তুগীজ ও ভারতীয়ের মিশ্রণ-জাত জাতি ; য়ুরেসিয়ান। ২। খৃষ্টধর্ম্মী ; খৃষ্টান। প্র—অপাঙ্গে করুণা কর, ওগো মাতঃ মাতঙ্গি। ভজন সাধন জানি

না মা ! জেতে আমি ফিরিঙ্গী ।”—বাং-গান (আন্‌টুনি সাহেব)। ফিরিঙ্গি খোঁপা—য়ুরোপীয় প্রথানুসারে কেশ-রচনা বা কবরী।

ফিরিস্তা [ফা—ফেহ্‌রিস্‌ত্‌] বি, ফর্দ। ২ সূচীপত্র।

ফিরিস্তি [ফিরিস্তা (দ্রঃ)+ই (স্বার্থে)] বি, নির্ঘণ্ট ; সূচীপত্র। ২। তালিকা।

ফিরোজা (জ্) [ফা—ফীরোজা] বি, মণি বিশেষ। ২। বর্ণবিশেষ।

ফিল (ল্) [ফা—ফীল্। সং—পীলু (হাতী)] বি, হাতী। ২। দাবা খেলার গজ।

ফিলখানা (ল্) [ফা—ফীল্‌খানা] বি, হস্তিশালা।

ফিসফিস (স্) [শব্দাত্মক] বি, মৃদুস্বর : চুপে চুপে কথা কহিবার শব্দ। ফিস ফিসানি—কানে কানে মৃদুস্বরে কথা বলা ; কোন গোপনীয় কথা চুপে চুপে বলা।

ফী [ফি দ্রঃ] বিণ, প্রত্যেক।

ফী [ইং—fee] বি, পারিশ্রমিক। প্র—“ফী’ অর্থাৎ পারিশ্রমিক কে সরবরাহ করিবেন।” —বসুমতী ১৩১৮। ২৭মাঘ। ২। চিকিৎসকের দর্শনী বা দক্ষিণা। ৩। আদালতের প্রাপ্য। ৪। মাশুল। ৫। স্কুলের মাহিনা।

ফু [শব্দাত্মক] বি, ফুঁক : ফুৎকার।

ফুই [ফুঁইফুঁই দ্রঃ] বি, বিন্দু বিন্দু বারিপাত : ফিন্‌ফিনে বৃষ্টি। প্র—“সর্ব্বত্র মহাবৃষ্টি এইখানেতে ফুই।”—প্রবচন।

ফুঁ, ফুঁক (ক্) [ফুৎকার শব্দজ] বি, ফুৎকার। প্র—“শাঁখেতে পাড়িতে ফুঁক চূড়ান্ত নিপুণ।” —হেম বন্দ্যো। “সতী সতী বলিয়া শিঙ্গায় দিল ফুঁক”—শিবায়ন। “রামপ্রসাদ বলে বারবার অসারে জন্মিবে সার। মনরে ওরে শিঙ্গে ফুঁকি শিঙ্গে পাবি ডাক কেলেমারে।” —বাং-গান। ঝাড়ফুঁক—ভূতাদির আবেশ অথবা বাতাদিজনিত বেদনায় মন্ত্র উচ্চারণ করিতে করিতে রোগীর গাত্রে ধূলি ঝাড়ার অনুকরণে হস্তচালনা ও ফুৎকার প্রদান।

ফুঁইফুঁই [শব্দাত্মক] বি, অত্যল্প বারিবর্ষণের মৃদু শব্দ।

ফুঁপান (নো) [ফাঁপা দ্রঃ। শ্বাস প্রশ্বাসের বেগ রুদ্ধপ্রায় হইলে উপর বক্ষ স্ফীত হওয়া] ক্রি, ফোঁপাইয়া ফোঁপাইয়া ক্রন্দন করা। প্র—“ফুঁপায়ে ফুঁপায়ে কাঁদয়ে রাধা”—চণ্ডীদাস। বি, ফুঁপানি।

ফুঁপি [প্রাদে] বি, বস্ত্রপ্রান্ত ; খুঁট।

ফুক (ক্) [হি—ফুঁক (ফুঁ)] বি, ফুৎকার ; ফুঁ। ২। [সং—ফক্ক (মন্দগতি—লঘুগতি)] একবার ফুৎকার দিতে যে সময় লাগে ; ত্বরিত লঘুগতি। ফুক করিয়া—ফুৎকার শব্দ করিয়া। ২। চকিতের মধ্যে লঘুগতিতে প্র—ফুক করিয়া উড়িয়া যাওয়া।

ফুকনল (ক্‌, ল্) বি, সেক্‌রারা যে নলে ফুঁ দিয়া আগুন জ্বালে।

ফুকনি (ক্) [হি—ফুক (দ্রঃ)+নি (করণে) যাহা দ্বারা ফুক দেওয়া যায়] বি, বায়ুকোষ : ফুসফুস : পট্‌কা ; bladder. প্র—“একটী কাচের কূপীতে সোরা রাখিয়া বালুকা-যন্ত্রের উপর প্রচণ্ড উত্তাপ দেওয়া হইতেছে অম্লজান বায়ু নির্গত হইয়া ফুকনির (bladder) মধ্যে প্রবেশ করিতেছে এবং উহা ক্রমশ স্ফীত হইতেছে।”—নব্য রসায়নী বিদ্যা।

ফুকফুক (ক্) [শব্দাত্মক। ফিকফিক অপেক্ষা লঘু শব্দ ফুক দ্রঃ] বি, লঘু হাস্য-শব্দ। ২। ক্রি-বিণ, লঘু পদবিন্যাসে ঘন ঘন আসা-যাওয়ার ভাব।

ফুকফুকে (ক্) বি, কোন গোপনীয় কথা অপরের নিকট হইতে শুনিয়া তাহা প্রকাশ করিবার জন্য যে ব্যক্তি আগ্রহ প্রকাশ করে বা সুযোগ খোঁজে।

ফুকর, ফোকর (র্) [সং—ভূকঃ (“ভূকঃ কালে ছিদ্রে”—হেমচন্দ্র)—ভূকর—ফুকর, :=র] বি, গর্ত্ত ; ছিদ্রপথ ; রন্ধ্র।

ফুকরই [ফুকারা দ্রঃ। ব্রজ] ক্রি, উচ্চৈঃস্বরে ডাকে ; দূর হইতে আহ্বান করে। প্র—“সব জন তেজিয়া অগুসরি ফুকরই আড় বদন উহি ফেরি।”—বিদ্যাপতি।

ফুকরান (ফুকরানো) [প্রা—ফুক্‌রোনো। হি—পুকারনা, পুক্‌রানা] ক্রি, উচ্চৈঃস্বরে ডাকা। ২। ডুকরিয়া কাঁদা : ফুঁপাইয়া ফুঁপাইয়া কাঁদা।

ফুকরি [ফুকারিয়া সংক্ষেপে—পদ-সা। ফুকারা দ্রঃ] অস-ক্রি, উচ্চৈঃস্বরে ডাকিয়া। ২। ডুকরিয়া। প্র—“রাই রাই করি ফুকরি ফুকরি পড়ই ভূমির তলে।”—চণ্ডীদাস।

ফুকার (র্) [হি—পুকার্] বি, চীৎকার। ২। আহ্বান করা ; ডাকা। ৩। উচ্চৈঃস্বরে রোদন করা। ৪। গর্ত্ত ; গহ্বর।

ফুকারা [হি—পুকার্‌না। বাং-পদ্যে। উ-পু —ফুকারি। ম-পু—ফুকার। প্র-পু— ফুকারে ; ফুকারয়ে। অস-ক্রি—ফুকারিতে : ফুকারিয়া ; ফুকারি] ক্রি, উচ্চৈঃস্বরে ডাকা। প্র—“ফুলমালা গাঁথি ঝুলায়ে হাতে। কে নিবে, কে নিবে ফুকারে পথে।”—চণ্ডীদাস। “দহি লে দহি লে ফুকারে আহীরী।” ২। চীৎকার করা ; চেঁচাইয়া বলা। প্র— “ওসার ওসার পিঠে মাহুত ফুকারে।”— ঘনরাম। ফুকারিয়া কাঁদা—উচ্চৈঃস্বরে রোদন করা। প্র—“জর জর নর নারী হেরি গোরাচাঁদে। পশু পাখী প্রেম দেখি ফুকারিয়া কাঁদে।”—শিবায়ন।

ফুকুরফুকুর (র্) [প্রাদে—মালদহ। ফুক ফুক দ্রঃ : ক্রমাগত অর্থের যোগ] বি, মৃদুহাস্য ; মন্দ মন্দ হাসি ; ফিক্ ফিক্ করিয়া হাসি।

ফুকো [ফুক (দ্রঃ)+আ—ফুঁদিয়া ফাঁপান] বিণ, ফাঁপা ; স্ফীত। ২। ফুঁ দিয়া দোহন-করা (দুধ)। ফুকোশিশি—কাচ গলাইয়া তাহাতে ফুঁ দিয়া ফাঁপান শিশি। ফুকো দেওয়া—দুগ্ধবতী গাভীর প্রসব দ্বারে নল বসাইয়া তাহাতে ক্রমাগত ফুঁ দিতে দিতে অধিক পরিমাণে দুগ্ধ সঞ্চার করা।

ফুগাইতে [ব্রজ] ক্রি, খুলিতে। প্র—“কঞ্চুক ফুগাইতে পহু ভেল ভোর। জাগল মনমথ বান্ধলু চোর।”—বিদ্যাপতি।

ফুঙ্গি (ফুংগি) [বর্ম্মী—ফুঙ্গী] বি, বৌদ্ধসন্ন্যাসী।

ফুট (ট্) [ইং—foot] বি, পরিমাণবিশেষ : গজের এক তৃতীয়াংশ ; ১২ ইঞ্চি।

ফুট [স্ফুট্ (বিকসিত হওয়া)+অ (কর্ম্মে—ক) নিপাতনে স লোপ] বিণ, বিকসিত ; প্রস্ফুটিত। প্র—“সোণালি আর লালগুলি ফুটন্ত চাঁপার কলি”—অমৃত বসু। ২। সর্পের ফণা। ৩। বিদীর্ণ ; ছিদ্রযুক্ত।

ফুট (ট্) [সং—স্ফুট। ফুটা দ্রঃ] বি, ছিদ্র : রন্ধ্র। ২। ভেদ-ভাব : বিবাদ। প্র— উহাদের আপোসের মধ্যে ফুট হইয়াছে। ৩। অগ্নির উত্তাপে তরল দ্রব্য সিদ্ধ হইবার কালে যে বুদ্‌বুদ্ হয়। ৪। বিদার ; ফাট।

ফুটকলাই (ট্) [ফুট দ্রঃ] বি, একজাতীয় মটর যাহা ভাজিবার কালে ফুটিয়া ফাটিয়া যায়। আহ্লাদে ফুটকড়াই—তপ্ত বালিতে কড়াই চড়বড় করিয়া ফুটার ন্যায় আনন্দের উত্তেজনায় অত্যধিক বাক্‌স্ফূর্ত্তি।

ফুটকী (ফুট্‌কি) [স্ফুট+কী (সাদৃশ্যে) ক্ষুদ্র ফুটন্ত জলের বিম্ববৎ] বি, বিন্দু : ফোটা : শূন্য। ফুটকীফুটকী—বিন্দু বিন্দু।

ফুটন (ন্) [স্ফুট (বিকসিত হওয়া)+অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, প্রস্ফুটিত হওন। ২। প্রকাশকরণ। ৩। (নো) বিদ্ধকরণ। ৪। উন্মুক্ত করা : খুলিয়া দেওয়া।

ফুটন্ত (ফুটোন্তো) [ফুট (দ্রঃ)+অন্ত] বিণ, প্রস্ফুটিত ; বিকসিত ; প্রফুল্ল। প্র—ফুটন্ত ফুলের মাঝে দেখি মায়ের হাসি”—ব্রহ্মসংগীত।

ফুটপাথ (ট্) [ইং—foot path] বি, হাঁটিয়া যাইবার পথ। প্র—“রাজপথে সারি সারি অসংখ্য চলেছে গাড়ী অজস্র পথিক ওই ফুট-পাথে যায়।”—চন্দন।

ফুটফুট, ফুটফাট (ট্) [শব্দাত্মক] বি, ফুটিবার শব্দ। ২। বারুদাদি দ্বারা বিদারণ শব্দ। ৩। অজীর্ণ হেতু পেটের ভিতরের শব্দ। প্র—পেট ফুটফাট করা।

ফুটফুটিয়া, ফুটফুটে (ট) [ফুটফুট+ইয়া] বিণ, স্ফুটতর; অত্যুজ্জ্বল। ২। বিশিষ্ট। ৩। শ্রীবিশিষ্ট; সুশ্রী। ৪। প্রফুল্ল হাস্যময়।

ফুটবল (ট্, ল্) [ইং—foot ball] বি, পদাঘাত দ্বারা খেলিবার বায়ুপূর্ণ রবারের গোলক। ফুটবল খেলা—উক্ত গোলক সাহায্যে দুই বিপক্ষ দলের হার জিতের খেলা বিশেষ।

ফুটয় [ব্রজ] ক্রি, ফোটে। প্র—"কোন রঙ্গে রসালে ফুটয় পারিজাত।"—জ্ঞানদাস

ফুটল [ব্রজ] ক্রি, ফুটিল; বিদ্ধ হইল; প্র—"পথ নিরখিতে চিত উচাটন ফুটল মাধবীলতা"—বিদ্যাপতি।

ফুটা, ফুটো [সং—স্ফুট] বিণ, সচ্ছিদ্র রন্ধ্রযুক্ত। ২। বিদ্ধ। প্র—"কে জানে কখন বঙ্গকুলকামিনী-প্রেরিত কুসুমশর আসিয়া এই ছেঁড়া তাম্বু ফুটা করিয়া আমার হৃদয়ে আঘাত করিবে।"—লোকরহস্য (বঙ্কিম)।

ফুটা, ফোটা [সং—স্ফুট্ (বিকশনে, ভেদনে ধাতু হইতে। উ-পু—ফুটি। ম-পু—ফুটে, ফোট। প্র-পু—ফুটে, ফোটে। অস-ক্রি—ফুটিতে; ফুটিয়া, ফুটি (পদ্যে) ফুটে ণিজন্ত—ফুটান, ফোটান (নো)] ক্রি, বিকশিত হওয়া; প্রস্ফুটিত হওয়া। প্র—"ফুটিল মালতী ফুল সৌরভ ছুটিল"—মদনমোহন তর্কালঙ্কার। ২। দেখা দেওয়া; প্রকাশ পাওয়া। প্র—"সরমের মেঘে ঢাকা বিধুমুখখানি মেঘ টুটে জ্যোৎস্না ফুটে উঠিবে কি লো।"—(গান) জ্যোতি ঠাকুর। "আধ ফুট অধরে হাসি ফুটিবে কি লো"—ঐ। ৩। ব্যক্ত করা; প্রকাশ করা; স্পষ্ট করিয়া বলা। প্র—"কি বলি ফুটে দম ফাটে মরি প্রাণ যায়"—গোপাল উড়ে। "ত্রাসে তখন ফুটে কহেন কর্পূর"—ঘনরাম। ৪। খোলা। প্র—পাখীর ছানাগুলির এখনও চোখ ফোটে নাই। ৫। বাহির হওয়া; নির্গত হওয়া। প্র—কথা ফোটা। ৬। ফুট ধরা; গরম হইবার কালে টগ্‌বগ করিয়া শব্দ করা। প্র—ভাত ফোটা। খই ফোটা। ৭। বিদ্ধ হওয়া। প্র—"কণ্টকেরি বনে গেলে কাঁটা ফোটে পায়"—গোপাল উড়ে। ৮। অভিব্যক্ত হওয়া। প্র—ভাব ফুটিয়া উঠা। ৯। ছিদ্র হওয়া; রন্ধ্র হওয়া; ছেঁদা হওয়া। প্র—জল না দিয়া আগুনে চড়াইতে হাঁড়ির তলা ফুটিয়া গেল (সাধাঃ—ফুটা হইয়া গেল)। ১০। বিণ, প্রস্ফুটিত; ফুল্ল; বিকশিত। প্র—"সেথা ছেয়েছিল তার ঘিরি চারিধার ফোটা ফুল কত বর্ণে;"—বিজয় মজুমদার। বি, ফুটানি, ফোটানি। কথা ফোটা—শিশুদিগের অর্থযুক্ত কথা বলিবার শক্তি হওয়া; শিশুর মুখে প্রথম অর্থযুক্ত কথা বাহির হওয়া। ২। মুখ দিয়া কথা বাহির হওয়া। প্র—এতক্ষণ নির্ব্বাক ছিল সাহস পাইতে তবে কথা ফুটি

চোক ফোটা—তির্য্যক্ প্রাণীদিগের মধ্যে জন্মকালে ছানাদের চোখ বোজা থাকে কিছুদিন পরে চোখের পাতা খুলিয়া চোখ বাহির হয়; তাহাকে চোখ ফোটা বলে। ২। চালাক চতুর হওয়া; নিজের স্বার্থ দেখিতে পাওয়া। প্র—এতদিন সে প্রতারিত হইতেছিল এখন তাহার চোখ ফুটিয়াছে; এখন সমস্ত সম্পত্তি সে নিজের হস্তে লইয়াছে। তারা ফোটা—একটু অন্ধকার হইয়া আসিলে আকাশে একটি একটি করিয়া নক্ষত্র দৃষ্টিগোচর হয়; মনে হয় যেন এক একটি ফুল প্রস্ফুটিত হইতেছে; তারা দেখা দেওয়া জ্যোৎস্না ফোটা—চন্দ্রালোক উদ্ভাসিত হওয়া। ফিনিক ফোটা—চন্দ্রকিরণ গাছ পালার উপর পতিত হওয়ায় যেন শুভ্রোজ্জ্বল স্ফুলিঙ্গ চতুর্দ্দিকে পুষ্পবৎ ফুটিয়া থাকা। ফুল ফোটা—পুষ্প বিকসিত হওয়া। বিয়ের ফুলফোটা [গ্রা বিবাহের উপযুক্ত কাল উপস্থিত হওয়া। মুখ ফোটা—বাক্‌শক্তি হওয়া; বাক্যস্ফুটন। ২। কথা কহিবার উত্তর প্রত্যুত্তর করিবার সাহস হওয়া। মুখে হাসি ফোটা—[নীরব হাস্যের ভাব] বদন মণ্ডল হাস্যময় হইয়া ওঠা; অধরে, কপোলে, নয়নে হাসির ছটা প্রকাশ পাওয়া। মুখে খৈ ফোটা—খৈ যেমন তড়বড় করিয়া ফুটে সেইরূপ মুখে কথা বাহির হওয়া। প্র—এখন যে দেখি তোর মুখে খৈ ফুটছে।"—লীলাবতী।

ফুটানি [ফটা দ্রঃ] বি, কোপ প্রকাশ; মর্ম্মভেদী বাক্য-প্রয়োগ; কামড়। ২। জাঁক; লম্বাই-চওড়াই। দাঁতফুটানি—কোন বিষয়ে প্রবেশলাভ; হস্তক্ষেপ।

ফুটানীরাম [প্রাদে—মালদহ] বি, যে অতিশয় গর্ব্ব করে। ২। অতিশয় মুখর।

ফুটাফাটা [ফুট (ছিদ্র) আ (যুক্তার্থে)+ফাট (চির)+আ (যুক্তার্থে)] বিণ, ফাটা এবং ছিদ্রযুক্ত।

ফুটি [কাঁকুড় পাকিলে ফাটিয়া ফুটি হয়] বি, পাকা কাঁকুড়। প্র—"ফুটি হেন মাটি ফাটে"—অন্নদামঙ্গল। আহ্লাদে ফুটি ফাটা—পাকা কাঁকুড় যেমন ফাটিয়া চৌচির হয়, হর্ষজনিত চাঞ্চল্যে মানুষের হৃদয়ের দ্বার তেমনি শতধা উন্মুক্ত হয়। হর্ষাধিক্যের উপমা।

ফুটোন্মুখ (খ) [স্ফুটোন্মুখ শব্দ। বিণ, যাহা প্রস্ফুটিত হইবার মত হইয়া গিয়াছে; ফোটো-ফোটো। প্র—"তরঙ্গিত সরোবরে পড়িছে, ফুটোন্মুখ গন্ধ তামরস।"—প্রভাস।

ফুড়া, ফোড়া [সং—স্ফুট (ভেদনে) ধাতুজ] ক্রি, বিদ্ধ করা; বিদীর্ণ করা; ভেদ করা। ২। ধুনন। প্র—তুলা ফোড়া।

ফুড়ুক, ফুড়ুৎ (ক্, ৎ) [শব্দাত্মক। চকিতের মধ্যে উড়িয়া যাইবার কালে পাখীর ডানার শব্দ হইতে। ফুড় (অনুকার শব্দে) +উক, উৎ (গতি অর্থে অৎ ধাতুর বিকার)] অ, ত্বরিত লঘু গতিতে উড়িয়া যাইবার শব্দ। প্র—পাখী ফুড়ুক করিয়া উড়িয়া গেল। ২। অনুকার শব্দ। প্র—"বৃদ্ধ আপনার দাওয়ায় বসিয়া ফুড়ুক ফুড়ুক করিয়া ডাবা হুঁকায় তামাক টানিতে লাগিল। ফুড়ুক ফাঁই [ফুড়ুক (উড়নে) ফাঁই (শূন্যার্থে) ফাঁক হইতে ফাঁই] উড়িয়া উধাও হওয়ার ভাব।

ফুৎকার (র্) [ফুৎ (সিদ্ধ করণ) কৃ (করা) +অ (কর্ত্তৃ—অণ্) যে করে] বি, পুং, অগ্নি।

ফুৎকার (র্) [ফুৎ—কার] বি, পুং, বেগে নির্গত মুখমারুত; ফুঁ। ২। ফুস্‌ফুস্ শব্দ। ৩। অনায়াস; অবলীলাক্রমে। প্র—"ফুৎকারে করিয়া বৃষ্টি পুনঃ কর বিশ্ব সৃষ্টি"—অন্নদামঙ্গল। বিণ, ফুৎকৃত।

ফুৎকৃতি [ফুৎ—কৃতি] বি, স্ত্রী, ফুৎকার; ফুঁ।

ফুফান, ফুঁফান (নো)—ফোঁপান দ্রঃ।

ফুফু [হি—ফুফু, ফুফি] বি, পিসী। মুসলমানী বাংলায় চলিত। প্র—"এঁদে দেয় ফুফু নানী কলুই ডেলের পানি"—ঈশ্বর গুপ্ত।

ফুয়ল [ব্রজ] বিণ, স্খলিত। প্র—"ফুয়ল বসন হিয়া ভুজে রহু সাঠি। বাহিরে রতন আঁচরে দেই গাঁঠি"—বিদ্যাপতি। ২। আলুলায়িত [অপ্র]। "ফুয়ল কবরী উরহি লোটায়ত"—জ্ঞানদাস। "ফুয়ল কবরী বান্ধয়ে অনুপাম"—বিদ্যাপতি।

ফুরকনা (র্) [হি—ফুন্‌সী] বি, ফুসকুড়ি।

ফুরণ, ফুরাণ (ন্) [হি—ফুরাণ। সং—পূর্ণ—পূরণ পূ=ফু] বি, কর্ম্মনির্দ্ধারণ; চুক্তি। ২। কর্ম্মানুসারে বেতন বা দ্রব্যানুসারে মূল্যনির্দ্ধারণ। প্র—"জনে জনে বলদের করিল ফুরাণ"—কবিকঙ্কণ।

ফুরন (ফুরোণো) [পূর্ণ—পূরণ=ফুরন (বাং উচ্চারণে ফুরনো) + আ (ক্রি-বিভক্তি) = ফুরনা ফুরান (বর্ণবিপর্য্যয়ে)। উ-পু—ফুরাই। ম-পু—ফুরাও। প্র-পু—ফুরায়। অস-ক্রি—ফুরাইতে; ফুরাইয়া: ফুরিয়ে] ক্রি, ফুরাইয়া যাওয়া; শেষ হওয়া; কিছুই অবশিষ্ট না থাকা; সমাপ্ত হওয়া।

ফুরয়ে [প্রা.বাং-পদাবলী] ক্রি, ফুরায়; শেষ হয়। প্র—গদ গদ শবদে না ফুরয়ে বাণী"—কবিশেখর।

ফুরসৎ (ফুরশোৎ) [আ—ফুরসৎ] বি, অবসর; অবকাশ। বিণ, **ফুরসতী**—অবকাশবিশিষ্ট।

ফুরসি (ফুরশি) [আ, ফা—ফর্শি] বি, গুড়গুড়ি; ফরসী; তলা চওড়া হুঁকাবিশেষ। প্র—"ফুরসি মেজে গুড়ুক সেজে কর্ত্তা ফুড়ুক টানে।"—অমৃত বসু।

ফুরান (নো) [পূরান হইতে। ফুরন দ্রঃ। উ-পু—ফুরাই। ম-পু—ফুরাও। প্র-পু—ফুরায়। অস-ক্রি—ফুরাইতে; ফুরাইয়া, ফুরিয়ে; ফুরাইবার, ফুরাবার। সকর্ম্মক ও অকর্ম্মক] ক্রি, পূর্ণ করা; শেষ করা; শেষ হওয়া; ফুরাইয়া যাওয়া; ব্যয় করিয়া ফেলা; ব্যয়িত হওয়া। প্র—"কট কট্ কেটে কোটি কোটি দেয় ভঙ্গ। ফুরাবার নয় কিন্তু ফুলালেক অঙ্গ॥"—শিবায়ন।

ফুর্ণা [স্ফুরণ হইতে। প্রা-বাং] বি, ফুটানি। প্র—"তথাপি মামুদা বেটা মুখে মারে ফুর্ণা।"—ঘনরাম।

ফুল (ল্) [সং—ফুল্ল (প্রস্ফুটিত) শব্দজ] বি, পুষ্প; প্রসুন; কুসুম। ২। অতিশয় লঘু দ্রব্য; যাহা কিছু ফুলের মত হাল্কা। ৩। স্বাভাবিক পুষ্পের আকারে গঠিত স্বর্ণালঙ্কার বা উল, রেশমাদিতে বোনা পুষ্পাকৃতি। উপকরণ ভেদে—সোনার ফুল, জরির ফুল, ন্যাকড়ার ফুল, কাগজের ফুল ইত্যাদি। **ফুল কাটা**—কৃত্রিম পুষ্প-চিত্রিত। **ফুল কাড়ান** (নো)—সন্তানাদি কামনায় দেব দেবীর মস্তকে ফুল রাখিয়া শুভাশুভ নির্ণয় করা। **ফুল চড়ান**—প্রসন্নতা লাভার্থে দেবতার মস্তকে ফুল স্থাপন। **ফুল ছড়ী**—ফুলময় সরু যষ্টি। ২। স্বাভাবিক পুষ্পিত গাছের অনুকরণে রচিত শিল্পের ফুল গাছ। **ফুল তোলা**—পুষ্প চয়ন করা। **ফুল দেওয়া**—পূজার্থে দেবতার চরণে ফুল অর্পণ করা। **ফুল-দোল**—বৈশাখী পূর্ণিমায় অনুষ্ঠিত শ্রীকৃষ্ণের পুষ্পদোল মহোৎসব। **ফুল ধরা**—গাছে ফল উদ্গত হওয়া। **ফুল পড়া**—প্রসন্নতার নিদর্শন স্বরূপ দেবতার মাথায় চড়ান ফুল পতিত হওয়া। **ফুল পাড়া**—গাছের ফুল বোঁটা হইতে ছিঁড়িয়া লওয়া। **ফুল ফোটা**—ফুল প্রস্ফুটিত হওয়া। **ফুল বাতাস**—ফুলের সুগন্ধযুক্ত বায়ু। **ফুল বাতাসা**—ক্ষুদ্র লঘু বাতাসা। বাতাসা দ্রঃ। **ফুলের ঘায়ে মূর্চ্ছা যাওয়া**—অল্প কারণে অধৈর্য্য হওয়া।

ফুল (ল্) [ফুল সদৃশ বলিয়া] বি, শ্বেত রোগ; ধবল রোগ।

ফুল (ল্) [ফুল (পুষ্প) দ্রঃ] বি, জরায়ুর ফুল; গর্ভ-পুষ্প; placenta প্র—"মানুষে রথে যমজ সন্তান জন্মাইয়া থাকে তাহাতে কখনও কখনও একটি পুত্র ও অপরটি কন্যা জন্মিতে দেখা যায়। * * মাতার জরায়ুর মধ্যে দুইটি পৃথক পৃথক্ ফুল অবলম্বন করিয়া জীব দুইটি বর্দ্ধিত হইতে থাকে।"—প্রবাসী ১৩২০। **ফুল পড়া**—বিশেষ কোন শুভাশুভ নির্ণয়ের জন্য যে ফুল দেব-দেবীর মস্তকে স্থাপন করা হয় তাহা দেবমস্তক হইতে আশীর্ব্বাদ স্বরূপ ভূমে বা আরাধনা কারীর হস্তে পতিত হওয়া। না পড়িলেই বিশেষ ভয় ও হতাশের কারণ। ২। সন্তান প্রসূত হইবার পরক্ষণে গর্ভপুষ্প গর্ভচ্যুত হওয়া।

ফুল (ল্) [ইং—full] বিণ, সম্পূর্ণ। ২। বৃহৎ; ছোট বা অসম্পূর্ণ নয়। প্র—ফুল মোজা।

ফুল (ল্) [ইং—fool] বি, নির্ব্বোধ। ২। বিদূষক; ভাঁড়।

ফুলওয়ারী (ল্) [হি—ফুলবারী] বি, ফুল-বাগান। ২। ফুলগাছের কেয়ারী।

ফুলওয়ালা (ল্) [ফুল—ওয়ালা (বালা)] বি, পুষ্পবিক্রেতা। স্ত্রী, **ফুলওয়ালী**।

ফুলকপি (ফুলকোপি) [কপি গাছের ফুল (পুষ্প)] বি, পত্র-বেষ্টিত পুষ্পবৎ বৈদেশিক সবজী; cauliflower.

ফুলকারী (ল্) [হি] বি, কাগজ বা কাপড়ের উপর ফুলতোলার কাজ। ২। ফুলকাটা কাপড় বা কাগজ।

ফুলকোঁচা (ল্) [ফুল (পুষ্প) কোঁচা] বিণ, চুনট করা; ফুলের মত করিয়া কোঁচান। প্র—"পরিচ্ছদ ফুলকোঁচা।"—কস্তুরী।

ফুলখড়ি (ফুলখোড়ি) বি, চা খড়ি; chalk.

ফুলগুণা (ল্) [প্রাদে] বি, উৎকলীয় নাসা-ভূষণ; বেসর। প্র—"নাসিকায় ফুলগুণা কর্ণে মল্লিকলি ভালে চিতা, যেন ফুল কমলেতে অলি"—কাঞ্চীকাবেরী।

ফুলঝুরী (ল্) [হি—ফুলঝাড়ী] বি, ফুলদানী। ২। অগ্নিময় ফুলরাশির ফোয়ারা সদৃশ আতশ বাজি।

ফুলটুকি, ফুলটুকী (ল্) [ফুল—টুকী (চঞ্চুর লঘু আঘাত করে বলিয়া)] বি, ফুলের মধুপায়ী অষ্ট্রেলিয়া দ্বীপজাত ক্ষুদ্র পক্ষিবিশেষ। ইহারা হামিংবার্ডের মত ফুলের কোরকের মধ্যে চঞ্চু প্রবেশ করাইয়া মধু চুষিয়া খায় এবং ফুলে ফুলে মধু আহরণ করিয়া বেড়ায়; honey sucker. প্র—"ফাঁদ ভাঙ্গা ফুলটুকি ফুলে মধু খায়।"—ধর্ম্মমঙ্গল (মাণিক)।

ফুলদানী (ল্) [ফা=ফুলদান্] বি, পুষ্পাধার; ফুল সাজাইয়া রাখিবার পাত্র। প্র—"সমাদরে বুকে তারে লইলাম টানি। সেই সে ফুলের তোড়া আমি ফুলদানী।"

ফুলদার (ল্, র্) [ফুল—ফা—দার] বিণ, পুষ্পযুক্ত; সপুষ্প। ২। পুষ্পচিত্রযুক্ত।

ফুলধনু (ধো) [ফুল (পুষ্পময়) ধনু যাহার বহু] বি, পুং, পুষ্পধন্বা; মদন, কন্দর্প। প্র—"করে লয়ে একপদ্ম লইলেন ঘ্রাণ। এই ছলে ফুলধনু হানে ফুলবাণ॥"—অন্নদা-মঙ্গল। ২। পুষ্পনির্ম্মিত ধনু; কুসুম ধনু।

ফুলপুকুরে—বিণ, চতুষ্কোণ কেয়ারী করিয়া ফুলতোলা। প্র—' ফুলপুকুরে জুতা পায়"—টেকচাঁদ।

ফুলফুলিয়া, ফুলফুলা, ফুলফুলে (ল্) [ফুল—ফুল+ইয়া] বিণ, পুষ্পবৎ ফুল্ল। ২। লঘু, কোমল ও স্ফীত। ৩। পরিচ্ছন্ন। ৪। ঢলঢলে। ৫। ফাঁপা; এলো; অসংবদ্ধ।

ফুলবড়ি (ফুলবোড়ি) [ফুলের মত লঘু বলিয়া] বি, খুব ফেনান বাটা কলায়ের ডালের রৌদ্রশুষ্ক ক্ষুদ্র বটিকাবিশেষ।

ফুলবাগান (ল্, ন্) [ফুলের বাগান] বি, কুসুমোদ্যান; মালঞ্চ।

ফুলবাড়ী (ল্) [ফুল (পুষ্প) বাড়ী (বাটিকা)] পুষ্পবাটিকা; ফুলবাগান।

ফুলবাণ (ন্) [ফুল (পুষ্পময়) যে বাণ (শর) —কর্ম্মধা] বি, পুং, কন্দর্পের পুষ্পধনু। পুষ্প-নির্ম্মিত ধনু। প্র—"এই ছলে ফুলধনু হানে ফুলবাণ।"—অন্নদামঙ্গল।

ফুলবাবু (ল্) [ফুল—বাবু] বিণ, সৌখীনবাবু; beau.

ফুলরি, ফুলুরি [হি—ফুলৌরী] বি, তৈল বা ঘৃতে ভাজা দাইলের ফুলো বড়াবিশেষ।

ফুলল, ফুলেল (ল্) বিণ, পুষ্পময়। প্র—"বৌ বৌ বৌ খেলি মোরা ফুলল সন্ধ্যাবেলা"—গোবিন্দ কস্তুরী।

ফুলল তেল, ফুলেল তেল (ফুলল্ তেল্ ল্) বি, পুষ্পসার ঘটিত তৈল; পুষ্প মিশ্রিত তিল শুকাইয়া তাহা হইতে নিষ্কাষিত সুগন্ধি তৈল।

ফুলশর (র্) [ফুলবাণ দ্রঃ] বি, মদন।

ফুলশয্যা (ফুলশোজ্জ্যা) ফুল (পুষ্পময়) যে শয্যা (বিছানা) কর্ম্মধা] বি, স্ত্রী, কুসুম-শয়ন ; পুষ্প রচিত শয্যা। ২। নবদম্পতির পুষ্প শয্যায় শয়নরূপ বৈবাহিক সংস্কারবিশেষ।

ফুলা [হি—ফুলনা। সং—স্ফায় ধাতুজ। উ-পু—ফলি। ম-পু—ফুল। প্র-পু—ফুলে। অস-ক্রি—ফুলিতে ; ফুলিয়া ; ফুলে। ফুলান] ক্রি, স্ফীত হওয়া। প্র—"ফুলিয়া ফুলিয়া ফেনিল সলিল গরজি উঠিছে দারুণ রোষে"—রবি। ২। মোটা হওয়া। ৩। গর্ব্বিত হওয়া ; অহঙ্কারে বাড়িয়া উঠা। ৪। শোথাদি রোগে ফুলিয়া উঠা ; আঘাতজনিত ফুলা ; ফাঁপা। প্র—হাত পা ফোলা ; গলা ফুলা ; চোখ মুখ ফুলা। ৫। উন্নতি করা ; ঐশ্বর্য্য সম্পদে বৃদ্ধি পাওয়া ; ব্যবসায়ে ফাঁপিয়া উঠা অর্থাৎ অতিরিক্ত লাভবান হওয়া। ৬। উৎফুল্ল হওয়া। ৭। প্রস্ফুটিত হওয়া। ৮। প্রসন্ন হওয়া। প্র—কপাল ফুলা। ১০। বিণ, স্ফীত ; ফুলো দ্রঃ। ফুলিয়া পড়া—শোথাদি রোগে স্ফীত-দেহ হওয়া। পেট ফুলা—অজীর্ণাদি রোগে উদর বায়ুতে স্ফীত হওয়া ; পেট ফাঁপা। ফুলিয়া উঠা—উন্নতি করা। ২। গর্ব্বিত হওয়া। ৩। মোটা হওয়া। কপাল ফুলা—অদৃষ্ট সুপ্রসন্ন হওয়া ; সৌভাগ্য প্রকাশিত হওয়া।

ফুলান (নো) ক্রি, ফাঁপান। ২। ফুটান। ৩। মশকাদির দংশনের বিষে অঙ্গ স্ফীত করা। প্র—"ফুরে নাহি বুদ্ধি বাপু ফুলালেক গা।"—শিবায়ন ; গা ফুলান—ক্রোধাদিতে অঙ্গ স্ফীত করা ; দেহ শ্বাসে পূর্ণ ও রোমরাজী বা পালক খাড়া করা।

ফুলুট (ট্) [ইং—flute] বি, বংশীবিশেষ ; মুরলী।

ফুলেল (ল) [ফুল-তেল সংক্ষেপে। হি—ফুলেল] বি, ফুটন্ত ফুলের সহিত তিল মিশ্রিত করিয়া শুকাইয়া সেই সুগন্ধি তিল হইতে নিষ্কাশিত তৈল ; পুষ্পসার মিশ্রিত তৈল।

ফুল্ক, ফুল্কা [হি—ফুক্কা] বি, মৎস্যাদির শ্বাস-নালী ; মাছের দেহের যে লালবর্ণ চিরুণীর মত অংশ কান্‌কোয় ঢাকা থাকে। ২। মোরগ চক্ষুর নীচে পরদার মত যে চর্ম্ম খণ্ড ঝুলিতে থাকে। ৩। অগ্নির উত্তাপে সম্পূর্ণরূপে স্ফীত রুটি বা লুচির পাতলা পরদা।

ফুল্কি [সং—স্ফুলিঙ্গ হইতে] বি, অগ্নিস্ফুলিঙ্গ। প্র—আগুনের ফুল্কি।

ফুল্কী [হি—ফুল্কি] বি, তেল বা ঘীয়ে ভাজা খুব ফিনফিনে পাতলা ছোট ফুলা কচুরী-বিশেষ।

ফুল্ল [ফুল্ (বিকসিত হওয়া) + অ (কর্তৃ—অচ)] বি, ক্লী, প্রসূন ; কুসুম ; পুষ্প। ২। বিণ, প্রফুল্ল ; বিকসিত ; স্ফুটন্ত।

ফুল্লদাম (ম্) [ফুল্লদামন্] বি, ক্লী, ১৯ অক্ষর ছন্দোবিশেষ। ২। ফুলের মালা।

ফুল্লরা [ফুল্ল (উচ্চ) রা (রব) যাহার, বহু] বি, স্ত্রী, কবিকঙ্কণ চণ্ডী বর্ণিত কালকেতু ব্যাধের পত্নী।

ফুল্ললোচন (ন্) [ফুল্ললোচন যাহার (বহু)] বি, পুং, মৃগবিশেষ। ২। প্রফুল্লনয়ন।

ফুল্লাধর (র্) [ফুল্ল + অধর] বিণ, প্রফুল্ল-বদন ; হাস্য-মুখ। স্ত্রী, ফুল্লাধরা—স্মিতাননা।

ফুল্লারবিন্দ [ফুল্ল + অরবিন্দ] বিণ, প্রফুল্ল কমল ; প্রস্ফুটিত পদ্ম।

ফুল্লেন্দীবর (র্) [ফুল্ল + ইন্দীবর] বিণ, প্রফুল্ল নীলপদ্ম।

ফুল্লেন্দু [ফুল্ল + ইন্দু] বি, পূর্ণচন্দ্র।

ফুস্কুড়ি, ফুসকুড়ি (শ্) [সং—স্ফোটক হইতে সফোটক + ই (ক্ষুদ্রার্থে)—স্ফোটকি, ট=ড়, বর্ণ বিপর্য্যয়ে ফোস্‌কড়ি] বি, ব্রণ ; বিষফোড়া ; ফুরকণা।

ফুস (শ্) [হি—ফুস্ (ঘাস)] বি, তৃণ-বিশেষ। ২। অকিঞ্চিৎকর ; তুচ্ছ।

ফুসফাস (শ্, শ্) [ফুসফুস শব্দ হইতে] বি, অতি মৃদুশব্দে কথোপকথন ; কানে কানে কথা।

ফুসফুস (শ্, শ্) [সং—পুপ্‌ফুস, ফুপ্‌ফুস। হি—ফেফ্‌ড়া] বি, শ্বাসনালী ; ফুলকা। ২। ফুসফুস শব্দ।

ফুসলান (নো) [হি—ফুস্‌লানা] ক্রি, গোপনে ফুসফুসে কথায় কাহাকেও পরামর্শ দান ; নিজের স্বার্থসিদ্ধির জন্য কাহাকেও কুপরামর্শ দান।

ফুসান (নো) ফুসলান দ্রঃ।

ফুস্থুর ফুস্থুর (ফুশুর্ ফুশুর্) [ফুস ফুস (দ্রঃ) অপেক্ষা লঘু শব্দে ফুস্থ, ফুস্থ + র (ক্রমাগত অর্থে)] বি, ক্রমাগত কান-কথা ; অনবরত কানে কানে পরামর্শ।

ফুস্কি (ফুশ্‌কি) [শব্দাত্মক] বি, অনুকার শব্দ। ২। নিম্নস্বরে ফুসফুসে কথা। ৩। নিঃশব্দে বায়ুনিঃসরণ।

ফুহারা [আ—ফাওবারা] বি, ঝরণা ; ফোয়ারা ; fountain. প্র—"উঠে ছুটে বাণ যেন ফুহারার ধারা।"—রঙ্গলাল (কাঞ্চী-কাবেরী)।

ফেউ [সং—ফেরু] বি, শৃগাল। ২। ফে বা ফেউ রবকারী ক্ষিপ্ত শৃগাল। ৩। পশ্চাতে বিরক্তিকর প্রশ্ন বা প্রার্থনা করা ; ফেঙ্গা ; ফেচাং। ফেউতোলা—ফেউরব তোলা।

ফেউ ফেউ করা—ফেউরবে চীৎকার করা। ২। অনর্থক বক বক করা ; বক বক করিয়া ক্রমাগত বিরক্ত করা। ফেউ লাগা—কোন বিষয়ের জন্য বিরক্তিকর ভাবে পশ্চাৎ অনুসরণ করা।

ফেঁকড়া (ফ্যাক্‌ড়া) [অসমীয়া—ফেরকেটা তুল—ইং—fork, forked ; সং—প্রশাখা] বি, গাছের ডাল ; শাখা। ২। আনুসঙ্গিক। ফ্যাসাদ ; ঝঞ্ঝাট। ৩। বিঘ্ন ; বাধা।

ফেঁকড়ি (ক্) ফেঁক্‌ড়া দ্রঃ। ক্ষুদ্রার্থে ই যোগ। তুল—আ—ফর্‌আ (শাখা), ফরুঈ (শাখা)] বি, পালা ; মূল শাখা হইতে নির্গত ক্ষুদ্র শাখা ; প্রশাখা।

ফেঁকাসে, ফ্যাঁকাসে [হি—ফীকা—সা (প্রায়)] বিণ, পাণ্ডুবর্ণ। রক্তহীন। ২। সাদাটে রং ; হালকা রং। প্র—"রঙটী বাপু বড় ফ্যাকাসে।"—বিষবৃক্ষ।

ফেঁশো [অংশু হইতে] বি, শূক ; শুঁয়া ; সূত্র ; আঁইস।

ফেঁসে যাওয়া [ফাঁসা—দ্র] ক্রি, বদ্ধ হওয়া ; জড়িত হওয়া ; লিপ্ত হওয়া। ২। ফাটিয়া যাওয়া।

ফেকো [হি—ফাকা, ফাঁকী। সং—ফল্গু—ফগ্‌গু, ফাগ—ফাক] বি, উপবাস হেতু অথবা একবারও না থামিয়া ক্রমাগত কথা কহিতে কহিতে সময়ে সময়ে কণ্ঠনালী শুষ্ক হওয়ায় ধূলির মত যে শুষ্ক থুথু মুখ হইতে বাহির হয়। ফেকো পাড়া—মুখ হইতে ফেকো বাহির হয় এমন ভাবে ক্রমাগত কথা বলা। ২। ঐরূপ কথা কহা যাহার অভ্যাস।

ফেচ ফেচ, ফ্যাচ ফ্যাচ (ফ্যাচ্) [শব্দাত্মক। উচ্চারণ ভেদে ফেত ফেত ; অশিষ্ট ; গ্রা] বি, হাঁচির শব্দ। ২। বিরক্তিকর অযথা বাক্য। ৩। অকারণ ভর্ৎসনা।

ফেচা, ফেচাং (ফ্যা) [পশ্চাৎ হইতে] বি, লেজ। ২। নেতুড় ; লেজুড়।

ফেটা [সং—স্ফুট্ (বিকসনে) হইতে। উৎকলে চলিত] বিণ, উন্মুক্ত ; খোলা। প্র—"পুনরপি দ্বার ফেটি দেউল প্রবেশিল"—চৈতন্য-চরিতামৃত।

ফেটা (ফ্যা) [ফ্যাটা দ্রঃ] বি, কাপড়ের ফালি।

ফেটান, ফেঁটান, ফ্যাটান (নো) [সং—স্ফাট হইতে ফাট - ফেট + আন (ক্রি-বিভক্তি)] ক্রি, ফেনান ; আন্দোলন দ্বারা স্ফীত বা বর্দ্ধিত করা।

ফেটিন (ন্) [ইং—phaeton] বি, ঘোড়ায় টানা চার চাকার খোলা গাড়ী।

ফেটিং [ফেটিন দ্রঃ] বি, ফিটেন গাড়ী। প্র—"ফেটিং চোড়ে ঘুরছে মোড়ে"—অমৃত বসু।

ফেটী [ফ্যাটা দ্রঃ] বি. ছোট পাগড়ী ; ফ্যাটা অপেক্ষা ছোট। ২। কাঁদাল জালবিশেষ।

ফেটীজাল (ল্) [ফেটী দ্রঃ] বি. জাল-বিশেষ ; কাঁদাল জাল।

ফেণি, ফেণী [সং—ফেণী] বি. চিনিদ্বারা নির্ম্মিত খাদ্যবিশেষ ; ইহার আকৃতি বড় বাতাসা অপেক্ষা অনেক বড় ; ফেণী বাতাসা। প্র—"চিনি ফেনী কলা মাখন রসালা রেউরী-কদম্ব তিলা।"—কবিশেখর। "দধি খায় ফেণী তখি করি মটমট।"—কবিকঙ্কণ।

ফেন (ফ্যান্) [ফায় (বৃদ্ধি পাওয়া) + ন(কর্ত্তৃ) নিপাত] বি. দ্রব দ্রব্যের ফেনা : বুদ্বুদ ; গাঁজ। ২। মাড়। প্র—ভাতের ফেন গালা। **ফেনে ফেনে** (ফ্যানেফ্যানে)—ভাতের ফেন না গালিয়া ; ফেন সহ। **ফেন দিয়ে ভাত খায় গল্পে মারে দই**—কাজে ফেন খায় কিন্তু অবস্থা গোপন করিয়া মান রাখিবার জন্য মিথ্যা করিয়া বলে দধি খায়। তুল—ভাজে ঝিঙে তবলে পটোল।

ফেনক (ক্) [সং—ফেনক] বি. ফেন ; ফেনা। ২। পেখম। প্র—"ফেনক ধরিয়া নাচে ময়ূর ময়ূরী"—কবিকঙ্কণ।

ফেনক (ক্) [ফেন + ক (সংজ্ঞার্থে) বি, পুং, ফেনাইয়া প্রস্তুত করিতে হয় বলিয়া এই নাম ; পিষ্টকবিশেষ।

ফেনকা (ন্) [সং] আটা ; কাই।

ফেনদুগ্ধা (ফেনদুগ্‌ধা) [সং] বি. স্ত্রী. ফেনী ; দুধের ফেনী।

ফেনপ (প্) [ফেন—পা (পান করা) + অ—(কর্ত্তৃ, ড) বিণ. ফেনপায়ী ; দুগ্ধের ফেন পানকারী। ২। ফেন দ্বারা জীবন ধারণ-কারী মুনিবিশেষ।

ফেনাগ্র (ফেনাগ্‌গ্র) [ফেন + অগ্র] বি. ক্লী. বিম্ব ; বুদ্বুদ।

ফেনান (নো) [ফেন + আন (ক্রি-বিভক্তি)] ক্রি ; ফেটান ; আবর্ত্তন দ্বারা ফেনা তোলা।

ফেনায়মান (ন্) [ফেন—ক্যঙ্ + আন (শান—কর্ত্তৃ)] বিণ. ফেনাযুক্ত ; সবুদ্বুদ ; ফেনিল।

ফেনিকা [ফেনক দ্রঃ] বি. স্ত্রী. মিষ্টান্নবিশেষ ; খাজা।

ফেনিল (ল্) [ফেন + ইল (অস্ত্যর্থে)] বিণ. সফেন ; ফেনবিশিষ্ট ; সবুদ্বুদ। প্র—"ফেনিল সিন্ধু।"

ফেফাতুড়া, ফেফাতুড়ি, ফেফাতুরা (ফ্যা) [প্রাদে] বিণ. পাগল ; হতবুদ্ধি। প্র—"ফেফাতুড়া হইয়া ফুলরা পাছে মরে"—কবিকঙ্কণ। ২। শোক। প্র—"ফাঁফর করিল মোরে মশান ভিতরে। ফেফাতুড়ি পাইয়া ফুলরা মৈল ঘরে।"—কবিকঙ্কণ।

ফেফেরি [প্রা-বাং] বি. ধান্যবিশেষ। প্র—"জেঠ ধান বুনেন গোসাঞি ছিছরা আমলো। আলাচিত ফেফেরি দেখিতে জেব্বা কালো।"—শূন্যপুরাণ।

ফের (র্) [হি—ফের্] বি. ব্যাঘাত ; বিঘ্ন। প্র—"পাঁচ গণ্ডা গুয়া দিব গুড় তিন সের। ইহা দিলে আর কিছু না করিব ফের।"—কবিকঙ্কণ। ২। পুনরায় ; আবার। প্র—"ফের একি আলো এল।"—সারদামঙ্গল। ৩। বেড় ; বেষ্টন। ৪। সঙ্কট ; বিপদ। প্র—"কান্দি কহে কোটালেরে বাণিয়ারে ফেলে ফেরে কড়ী লয় দুহাতে গণিয়া।"—অন্নদামঙ্গল। ৫। গণ্ডগোল। প্র—ইহা দিলে আর কিছু না করিও ফের।"—কবিকঙ্কণ। ৬। রহস্য। প্র—"এ ফের বুঝিবে কেবা। তারে শুঝে বুঝে যেবা।"—অন্নদামঙ্গল। ৭। দায় ; বিভ্রাট। প্র—"প্রাণসখি, পোড়েছ যে দেখি বিষম ফেরে হৃদয়-মণ্ডলে কারে স্থান দিলে, পুরুষো পাষাণো, চেননা ওরে।"—বাং-গান। খৃষ্টে আর কৃষ্ণে কিছু প্রভেদ নাইরে ভাই। শুধু নামের ফেরে মানুষ ফেরে, এও কোথা শুনি নাই।"—বাং-গান (আন্‌টুনি সাহেব)। **ফেরঘোর**—ছল ; ঘোরপ্যাঁচ্। ২। উল্টা পাল্টা। **ফেরফার**—অদল বদল ; উল্টা পাল্টা ; ছল। কৌশল। প্র—"অষ্টমীরে পর্ব্ব কয়ে অন্নদার নাম লয়ে আরম্ভিলা কত ফেরফার।"—অন্নদামঙ্গল। **ফেরবদল**—ফেরফার ; অদল বদল। **কথার ফের**—বাক্যকৌশল ; বাক্‌পটুতা। **কপালের ফের**—অদৃষ্টের ছলনা ; অদৃষ্টের রহস্য। **হের ফের**—অদল বদল ; ফেরঘোর।

ফের, ফেরু (র্) [সং। ফেউ ফেউ বা ফেঃ ফেঃ রব হইতে] বি, পুং, ফেউ ; ক্ষিপ্ত শৃগাল। প্র—"ডাকিতেছে ফেরুপাল, ফেউ ফেউ রবে। শবগন্ধে সমাগত সারমেয় সবে।"—কাঞ্চীকাবেরী (রঙ্গলাল)।

ফেরৎ [হি] বি, প্রত্যর্পণ। ২। প্রত্যাবর্ত্তন।

ফেরতা (র্) বিণ. প্রত্যাগত। প্র—"আমরা বিলাত ফেরতা ক ভাই। আমরা সাহেব সেজেছি সবাই।"—দ্বিজেন্দ্র রায়। ২। ফেরত ; পাল্টা। **ফেরতা ডাক**—যে ডাক জবাবী লইয়া ফিরে ; return post.

ফেরফার (র্, র্) [ফের (দ্রঃ) + ফার (বিপরীতার্থে)] বি, অদল বদল ; উল্টা পাল্টা। ২। ধোঁকা। ৩। লাঞ্ছনা।

ফেরফের, (ফ্যার্‌ফ্যার্) [ফরফর দ্রঃ] বিণ. অতি সূক্ষ্ম ; জালবৎ ; যাহা সামান্য হাওয়ায় ফরফর শব্দে উড়ে।

ফেরব (ব্) [ফে ফে এই অনুকার শব্দ হইতে। বি, পুং, শৃগাল যে ফে ফে এই রব করে। প্র—"রুধির মাংসের লোভে চারিদিকে শিবা শোভে "ফে" রবে ভুবন চমৎকার।"—ভারতচন্দ্র।

ফেরা [ফের দ্রঃ] বি. ফের ; ফাঁদ ; বিপদ। প্র—"মন্ তুই কি সাহসে আজও বসে খেলিস তাস * * * নাইকো ফিরাই বিষম ফেরায় পড়িলি হলি নৈরাশ।"—বাং-গান।

ফেরা [হি ফের্‌না। সং—পুনর্ (পুনঃ)। = ফির + আ (আগমনার্থে)। উ-পু—ফিরি। ম-পু—ফের ; ফিরন্ ; ফের্। প্র-পু—ফিরে ; ফেরে ; ফিরেন ফেরেন। অস-ক্রি—ফিরিতে ; ফিরিয়া, ফিরে। ণিজন্ত—ফেরান (নো)] ক্রি, প্রত্যাবর্ত্তন করা, ফিরিয়া যাওয়া ; পাল্টা যাওয়া। প্র—"শুনেছে তোমার নাম অনাথ আতুর জন। এসেছে তোমার দ্বারে শূন্য ফেরে না যেন।"—রবি।

ফেরান (নো) [ফেরা দ্রঃ। উ-পু—ফেরাই। ম-পু—ফেরাও। অস-ক্রি ফেরাইতে, ফেরাইয়া, ফেরায়ে] ক্রি, প্রত্যাবর্ত্তন করিতে বাধ্য করা ; পাল্টা যাইতে বাধ্য করা। ২। প্রত্যর্পণ করা ; কোন কিছু ফেরৎ দেওয়া। ৩। উল্টান। ৪। বিনিময় করা ; বদলাবদলি করা। exchange. ৫। পরিবর্ত্তন করা ; বদলান ; change. ৬। ঘুরান। ৭। বুলান ; লেপন করা। **কলি ফেরান**—চূণকাম করা।

ফেরাফেরি [ফেরা (দ্রঃ) + ফেরি (উপর্য্যুপরির ভাব)] বি, অদল বদল ; একটীর বদলে অন্যটীর আদান প্রদান। ২। পুনঃপুনঃ প্রত্যর্পণ বা প্রত্যাবর্ত্তন। **ফেরাফেরি করা**—পুনঃপুনঃ ফিরাইয়া দেওয়া।

ফেরার (র্) [আ] বিণ, পলাতক। ২। লুক্কায়িত।

ফেরারী [আ] বিণ, পলাতক। প্র—"কিন্তু আশ্রিত ফেরারী আসামী।"—বঙ্কিম (সীতারাম)। **ফেরারী জমি**—যে জমির প্রজা পলায়ন করিয়াছে।

ফেরি [ব্রজ] ক্রি-বিণ, পুনরায়। প্র—"ত্রেছে ফেরি রসনা পাওব আর"—বিদ্যাপতি। ২। ফিরিয়া। প্র—"আড় বদন তঁহি ফেরি"—বিদ্যাপতি।

ফেরি [হি] বি, বাড়ী বাড়ী ঘুরিয়া বিক্রয় করা। ২। কীর্ত্তন, যাত্রাদিতে গায়কাদিকে দত্ত পুরস্কার ; পেলা। **ফেরিওয়ালা**—যে ফেরি করিয়া বেড়ায়।

ফেরেব (ব্) [ফা—ফরেব্। তুল—ইং—fraud] বি, চাতুরী ; প্রবঞ্চনা ; জাল।

ফেরেববাজ (ব্, জ্) ফা—ফারেব্‌বাজ্] বিণ, প্রবঞ্চক ; জালিয়াৎ ; ঠগ।

ফেরেববাজি (ব্) [ফা—ফ্‌রেব্—বাজী] বি. জালিয়াতি ; ফেরেবী ; শাঠ্য।

ফেরেবী [ফা—ফ্‌রেবী] বি. জালিয়াতি।

ফেরো [হি—ফারুআ (দারুপাত্রবিশেষ)] বাং-য় অর্থসম্প্রসারণ] বি. পেট মোটা অনুচ্চ কাঁসার ঘটী।

ফেল (ল্) [ফেল্ (ত্যাগ করা) + অ (কর্ম্মে—অল্) যাহা পরিত্যাগ করা হয়] বি. ক্লী. পরিত্যক্ত দ্রব্য। ২। উচ্ছিষ্ট।

ফেল (ল্) [ইং—fail] বিণ. পরীক্ষায় অনুত্তীর্ণ। প্র—"পরীক্ষায় ফেল হবি করিলে কামাই"—গোবিন্দদাস (কস্তুরী)। ২। দেউলিয়া। প্র—ব্যাঙ্ক ফেল হওয়া। ৩। অকৃতকার্য্য।

ফেলজামিন (ল্,ন্) [আ—ফে-এল—ই—জামিন্] বি. সচ্চরিত্রতার জন্য জামিন ; security for good behaviour

ফেলনা (ফ্যাল্) [সং—ফেল (উচ্ছিষ্ট) + না (কর্ম্মে) যাহা ফেলিয়া দিবার মত] বিণ. অকিঞ্চিৎকর ; তুচ্ছ : ফেলিয়া দিবার যোগ্য।

ফেল ফেল (ফ্যাল্‌ফ্যাল্) [ফ্যাল্‌ফ্যাল্ দ্রঃ] বিণ. ফেলিয়া দিবার উপযুক্ত ; যাহা কোথায় ফেলি কোথায় ফেলি করিয়া বিব্রত হইয়া পড়িতে হয়। ২। [গ্রা—বিকারে ভেল ভেল] শূন্য ; অর্থহীন। প্র—"ফেল ফেল চাহনি" ক্রি-বিণ. অর্থহীন ভাবে।

ফেলল [ব্রজ। ফেলা দ্রঃ] ক্রি. ফেলিল—"ওহি পুন মোতিহার টুটি ফেলল"—বিদ্যাপতি।

ফেলসানী (ল্) [আ—ফে-এল্—ই—শানিআ (ব্যভিচার)] বি. ব্যভিচার ; adult ২। [আদা: পরি:] গর্ভস্রাব : অবৈধ সংসর্গ জাত গর্ভপাত।

ফেলা (ফ্যালা) [হি—ফেক্‌না (সং—ক্ষেপ হইতে ফেক)। উ-পু—ফেলি। ম-পু—ফেল : ফেলুন : ফেল্ (ফ্যাল্)। প্র-পু—ফেলে (ফ্যালে) ; ফেলেন। অস-ক্রি—ফেলিতে : ফেলিয়া : ফেলে। ণিজন্ত—ফেলান (ফ্যালানো)] ক্রি. বর্জ্জন করা ; ত্যাগ করা ; নিক্ষেপ করা ; ফেলিয়া দেওয়া। প্র—"তারে ফেলিলা বিষম ফাঁদে"—বিদ্যাপতি। ২। [কার্য্য সমাপ্তি বোধক] চুকা : নিষ্পন্ন করা। প্র—করে ফেলা ; বলে ফেলা, দেখে ফেলা ইত্যাদি। **ফেলাছড়া**—চতুর্দ্দিকে ছড়ান ; ইতস্ততঃ বিক্ষেপ। **ফেলা না যাওয়া**—কোন কার্য্যের অনুপযুক্ত না হওয়া ; কার্য্যোপযোগী হওয়া। **ফেলাফেলি**—অনাবশ্যক বা প্রয়োজনের অতিরিক্ত ভাগ ইতস্ততঃ বিক্ষেপ ও নষ্ট করা। **ফেল কড়ি মাখ তেল**—টাকা দাও জিনিস লও, অথবা পরিশ্রম কর পারিশ্রমিক লও।

ফেলা [ফেল (দ্রঃ) + আ (যোগ্যার্থে)] বিণ. ফেলিবার উপযুক্ত। ২। নিক্ষিপ্ত ; যাহা ফেলিয়া দেওয়া হইয়াছে। ৩। উচ্ছিষ্ট প্র—ফেলা হাঁড়ী।

ফেলুক (ক্) [ফেল (ফেলা দ্রঃ) উক (অনুজ্ঞা—প্র—পু—প্রত্যয়)] ক্রি. ফেলিয়া দিক। প্র—"বসিবার বাঘছালে ভাঁতা দিউক ত্যেয়া। পাখকে ফেলুক প্রেত চিতাঙ্গার বয়া॥"—শিবায়ন।

ফেসাদ (ফ্যাশাদ্) [আ—ফ্‌সাদ্ = কলহ] বি. বিবাদ ; ঝগড়া ; কলহ। ২। ঝঞ্ঝাট। বিণ. **ফেসাদী**—ফেসাদ ঘটিত।

ফেসাদিয়া, ফেসাদে (শ্) [আ—ফ্‌সাদী] বিণ. বিবাদপ্রিয় ; ঝগড়াটে। ২। বিপজ্জনক : ঝঞ্ঝাটিয়া।

ফেসান (ফ্যাশান্) [ইং—fashion] বি. প্রথা : রীতি ; রেওয়াজ। ২। রকম ; ধরণ ; ঢৌল। ৩। সৌখিনতা।

ফেস্তা (ফ্যাস্তা) [গ্রা] বি. মেলা ; a fair.

ফৈজৎ [আ—ফজীহৎ—অপভ্রংশ] বি. কলঙ্ক ; অপযশ। ২। অপমান। ৩। নিন্দা : দুর্নাম। ৪। ভর্ৎসনা ; তিরস্কার। ৫। লজ্জা।

ফোঁটা [স্ফোটন (বিদারণ)—উল্কী পরাইবার ভাব হইতে] বি. তিলক ; টিপ। প্র—'ফোঁটা দিয়ে বিন্ধে রেজা ঝাড়িতে শিপায় নেজা চামের টোপর দেয় শিরে।"—কবিকঙ্কণ। ২। [স্ফাটক ('জলবিন্দৌ ইতি কেচিৎ"—শব্দকল্প) হইতে] বিন্দু পরিমিত তরল পদার্থ। প্র—জলের ফোঁটা। ৩। ক্ষুদ্রতাবোধক। প্র—এক ফোঁটা মেয়ে। ৪। অল্পতাবোধক। প্র—এক ফোঁটা জিনিস।

ফোঁড়, ফোড় (ড়) [স্ফোটন (বিদারণ) হইতে। উচ্চারণ ভেদে ফোর] বি. ছিদ্র ; রন্ধ্র। **ভুঁই ফোড়**—যাহা ভূমি বিদারিত করিয়া উত্থিত হয়। ২। হঠাৎ বাবু ; যে বুনিয়াদী ঘরের নয় ; বেবুনিয়াদ।

ফোঁড়া, ফোড়া [ফোঁড, (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)] উ-পু—ফুঁড়ি। ম-পু—ফোঁড় ; ফুঁড়ুন ; ফোঁড়। প্র-পু—ফোঁড়ে, ফোঁড়েন। অস-ক্রি—ফুঁড়িতে ; ফুঁড়িয়া, ফুঁড়ে। ণিজন্ত—ফোঁড়ান। সকল রূপান্তরিত পদেই বিকল্পে চন্দ্রবিন্দুযুক্ত হয়] ক্রি. বিদ্ধ করা ; ছিদ্র করা। ভেদ করা। প্র—"ভোগবতী ফুঁড়ি জল, প্রবাহিত অনর্গল যথা গৌরী কুণ্ড প্রস্রবণ।"—কাঞ্চীকাবেরী (রঙ্গলাল)। প্র—"কাণ ফোঁড়ে টিকী রাখে এই মাত্র দায়"—অন্নদামঙ্গল। **এফোড় ও ফোড়**—উভয়দিক ভেদ।

ফোঁপল (ল্) [অসমীয়া—ফোঁপালি (সছিদ্র) হি—ফোঁফী (রন্ধ্রযুক্ত)—ফোঁপল (নবাঙ্কুর) porous] বি. শুষ্ক নারিকেলের মধ্যে উৎপন্ন বৃক্ষের-বীজ ; নারিকেলের নবাঙ্কুর। **ফোঁপল দালাল**—ফফড় দ্রঃ।

ফোঁপান, ফোঁফান [ফাঁপান দ্রঃ। ফুপ্-ফুস (ফুসফুস), ফাঁপান (ফায়্—বৃদ্ধি অর্থে)—তাহার ভাব হইতে। উ-পু—ফোঁপাই। ম-পু—ফোঁপাও। প্র-পু—ফোঁপায়। অস-ক্রি—ফোঁপাইতে ; ফোঁপাইয়া, ফুঁপিয়ে] ক্রি. ফুসফুস স্ফীত করিয়া ফোঁস্ ফোঁস্ শব্দ করা। ফণার শব্দ করা। প্র—"তায় বেড়িয়া ফোঁফায় ফণী দেখে আসে জ্বর লো"—অন্নদামঙ্গল। ২। রাগে ফোঁস ফোঁস করা ; গর্জ্জন করা। প্র—"রাগেতে ফোঁপায়"—হেম বন্দ্যো। ৩। রুদ্ধশ্বাসে ফোঁপাইয়া ফোঁপাইয়া কাঁদা ; গুমরিয়া গুমরিয়া ক্রন্দন করা।

ফোঁস (শ্) [প্রশ্বাসের শব্দানুকরণ] বি. রুদ্ধ ক্রোধ, নৈরাশ্য বা বিষাদজনিত বেগে নিশ্বাস পতনের শব্দ। ২। সাপের গর্জ্জন। ৩। ফণা ; চক্র। ৪। সর্প ; ফণাধর। **ফোঁস করা**—ফোঁস শব্দ করা। ২। প্রতিবাদ করা। ৩। ফোঁস শব্দ করিয়া আক্রমণ করিতে আসা। ৪। ফণা উদ্যত করিয়া দংশন করিতে আসা। **ফোঁসচক্র**—দংশনোদ্যত ফণা। **ফোঁস ডঙ্কা, ডঙ্কা ফোঁস**—ডঙ্কা দ্রঃ। **ফোঁস ধরা**—ফণা বা চক্র ধারণ করা ; দংশনোদ্যত হওয়া। প্র—"বুড়ার কোমরবন্ধ ফণী ফোঁস ধরে"—অন্নদামঙ্গল। **ফোঁস ফোঁস করা**—ফোঁস ফোঁস শব্দ করা। ২। তর্জ্জন গর্জ্জন করা। **হোঁস্ ফোঁস্ করা**—সর্দ্দির জন্য শ্বাস প্রশ্বাসে কষ্ট ভোগ করা ; শ্লেষ্মাজন্য শ্বাস প্রশ্বাসে বাধা পাইয়া হাঁপাইয়া উঠিবার মত হওয়া।

ফোঁস ফোঁস (শ্, শ্) [ফোঁস (দ্রঃ) ফোঁস—পুনঃপুনঃ অর্থে দ্বিত্ব] বি. সর্পের গর্জ্জন শব্দ। প্র—"দংশিয়া ফণীর মত শেষে ফোঁস্ ফোঁস্"—কস্তুরী। ২। ক্রোধে গর্জ্জন। প্র—সে প্রকাশ্যে ঝগড়া করিতে না পারিয়া ফোঁস ফোঁস করিতে লাগিল।

ফোঁসফোঁসান (ফোঁশ্‌ ফোঁশানো) [ফোঁস ফোঁস (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)] ক্রি. ফোঁস ফোঁস শব্দ করা। ২। ক্রোধে গর্জ্জন করা। বি. **ফোঁস ফোঁসানি**।

ফোঁসা (শা) [ফোঁস (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি। উ-পু—ফুঁসি। ম-পু—ফোঁস। প্র-পু—ফোঁসে। বর্ত্তমান কালে প্র-পু—ফুঁসিছে] ক্রি. ফোঁস ফোঁস করা ; গর্জ্জন করা ; প্র—"শিরে ফুঁসিছে নাগিনী।

ফোসান (ফোশানো) [ফোঁস (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)। প্র-পু—ফোঁসায়। অস-ক্রি—ফুঁসিয়ে] ক্রি, ফোঁস্ ফোঁস্ শব্দ করা।

ফোকর (র্) [হি। ফুকার দ্রঃ] বি, গর্ত্ত; ছিদ্র; রন্ধ্র।

ফোকলা, ফোগলা (ক্, গ্) [হি—ফোক্‌লা (ফোক=ফাঁক, শূন্য)] বিণ, যাহার হাত উঠে নাই অদন্ত; অথবা দাঁত পড়িয়া গিয়াছে; দন্তহীন।

ফোটা—ফুটা দ্রঃ।

ফোড় (ড্) [স্ফুট] বি, ছিদ্র; বিঁধ; রন্ধ্র। প্র—"তুমি তার কোথায় লাগো যাদু-মণি। * * * মনেতে করেছ আসা বাবের ঘরে ঘোগের বাসা আসকে খেয়েছ যাদু ফোড়ত গণনি।"—বাং-গান। এ ফোড় ও ফোড়—মধ্যস্থল বিদীর্ণ করিয়া পারাপার ছিদ্র। প্র—"পৃষ্ঠদেশ বিঁধিয়া এ ফোড ও ফোড় হইল।"—ফোড় ফাড়—অস্ত্রো-পচারাদি দ্বারা চারিদিক চেরা ফোড়া অর্থাৎ বিদারণ ও বেধন। ফোড় গণা—আস্কে দ্রঃ।

ফোড়ন (ন্) [স্ফোরণ (স্ফূর্ত্তি) সঞ্চার, দীপ্তি হইতে। যাহা ব্যঞ্জনে সঞ্চারিত হইয়া স্বাদ বৃদ্ধি করে ও ভোজকের স্ফূর্ত্তি জন্মায়] বি, সম্বরা দ্রব্য; সন্তলন কালে ঘৃত বা তৈলের উপর যে সকল মসলা দিয়া ব্যঞ্জন সুবাসিত করা হয়; লঙ্কা, তেজপাত, জিরা, লবঙ্গ, এলাচ, দালচিনি, সরিসা, মেথি, মৌরি, কাল-জিরা, রাঁধুনি প্রভৃতি ফোড়নের মসলা। প্র—"শুভার্থিনী দেখাইয়া দিতে আসিয়াছিল, আমি ইচ্ছা করিয়া সেই সময়ে লঙ্কা ফোড়ন দিলাম।" বঙ্কিম (ইন্দিরা)। ফোড়ন দেওয়া—ব্যঞ্জনে ফোড়ন দিয়া সন্তলন করা। ২। কথার উপর মধ্যে মধ্যে উদ্দীপক বা ক্রোধ উত্তেজক কথা বলা; তুল—বুকনি দেওয়া।

ফোড়া [হি—ফোড়্‌না। ফোঁড়া দ্রঃ] ক্রি, ভেদ করা; বিদীর্ণ করা।

ফোড়া [স্ফোটক—শব্দজ] বি, ব্রণবিশেষ। বয়স ফোড়া—বয়স দ্রঃ। বিষ ফোড়া—বিস্ফোটক। লোম ফোড়া—লোম দ্রঃ।

ফোতো [ফতো দ্রঃ] বিণ, অসার; অন্তঃসার শূন্য। প্র—"বাঁচিনেক দেখিয়া তাদের ফোতো জাঁক।"—ঈশ্বরগুপ্ত। ফোতো বাবুর গাল গল্প সার—ফতোর অর্থাৎ যাহার ভিতরে দারুণ অর্থাভাব অথচ বাহিরে বাবুগিরি দেখান আছে তাহার মুখে অনেক বড় বড় কথা কিন্তু কাজে কিছুই নয়।

ফোপরা (প্) [ফোঁপরা দ্রঃ] বিণ, ছিদ্রযুক্ত ঝাঁঝরা। ২। বি, ফুসফুস। ৩। [ফোঁপল দ্রঃ। ল=র+আ (স্বার্থে)] আঁটির ভিতরের কোমল শস্য; নারিকেলের ফোপল।

ফোপল, ফোফল (ল্) [গ্রা—ফোবোল] বি, নারিকেল তাল প্রভৃতির আঁটির ভিতরের শাঁস; নারিকেলাদির বীজাঙ্কুর।

ফোমেণ্ট (মেন্‌ট্) [ইং—foment (স্বেদ দেওয়া)] বি, গরম জলের সেক; fomentation.

ফোয়ারা [আ—ফাউবারা] বি, প্রস্রবণ; উৎস; fountain. প্র—"ছন্দময় নৃত্য, শোভার ফোয়ারা।"—অশোকগুচ্ছ।

ফোরজারী (ফোর্‌জারি) [ইং—forgery] বি, জাল।

ফোরম্যান (র্, ন্) [ইং—foreman] বি, মুদ্রাযন্ত্রালয়ের যন্ত্রপরিচালন ও ছাপা-সম্বন্ধীয় প্রত্যেক খুঁটি নাটির তত্ত্বাবধায়ক কর্ম্মচারী; "The manager and director of the mechanical details of a printing (which is not under the constant supervision of its owner" *American Encyclopaedia of Printing.*

ফোলা—ফুলা দ্রঃ।

ফোলান (নো) [ফুলান দ্রঃ] ক্রি, স্ফীত করা; ফাঁপান।

ফোস্কা (ফোশ্‌কা) [সং—স্ফোটক] বি, জলভরা স্ফোটক। ২। অগ্নিদাহজন্য জলপূর্ণ স্ফোটক; blister.

ফৌজ (জ্) [আ—ফৌজ্] বি, জনসমূহ। ২। সৈন্য।

ফৌজদার (ফৌজ্‌দার্) [আ—ফৌজদার্] বি, ম্যাজিষ্ট্রেট। ২। পুলিশ কর্ম্মচারিবিশেষ। ৩। সৈনাধ্যক্ষ।

ফৌজদারি (জ্) [আ—ফৌজ্‌দার+বাং-ই (কর্ম্মার্থে)]। বি, ফৌজদারের কর্ম্ম; ম্যাজিষ্ট্রেটের কার্য্য।

ফৌজদারী (জ্) [আ—ফৌজ্‌দারী] বিণ, ম্যাজিষ্ট্রেটসম্বন্ধীয়। ২। শাসনসংক্রান্ত। ফৌজদারী আদালত—ম্যাজিষ্ট্রেটের বিচারালয়। ফৌজদারী মোকদ্দমা—মার পিটের মামলা। ফৌজদারী সুপুর্দ—ম্যাজিষ্ট্রেটের বিচারাধীন।

ফৌজী [আ, ফা—ফৌজী] বিণ, ফৌজ সম্বন্ধীয়; সাময়িক; জঙ্গী; military.

ফৌৎ, ফৌত [ফা—ফৌত] বি, মৃত্যু।

ফৌতি [আ, ফা—ফৌতী] বিণ, মৃত সম্বন্ধীয়; মৃতের। ফৌতিমাল—মৃত ব্যক্তির দ্রব্যাদি।

ফ্যাচাঙ্, ফ্যাচাং [ফেচাং দ্রঃ। আ—ফিৎনা =আপদ] বি, ঝগড়া। ২। লেজুড়। ৩। লেটা; বিঘ্ন; বিশৃঙ্খলা। প্র—তাহার পশ্চাতে একটা না একটা ফ্যাচাং লেগেই আছে।

ফ্যাটা [সং—পট। হি—পটি (পাগড়ী) প্রশস্ত ও বৃহদর্থে পাট্টা। ফটা (ফণার) আকারে কুণ্ডলিত পটের গ্রন্থি দেওয়া হয় বলিয়া ফ্যাটা] প্র—"কেহ বলে আমার কর্ত্তাটী সে মুৎসুদ্দি ফ্যাটা বেঁধে যান খালি এই বিদ্যা বুদ্ধি।"—হেম বন্দ্যো। ২। চওড়া; চেপ্টা। প্র—ফ্যাটা নাক।

ফ্যা-ফ্যা [শব্দাত্মক] বি, ফে ফে বা ফ্যা ফ্যা করণ; বৃথা বাক্য ব্যয়। ২। [ফেরা ফেরি হইতে] নিষ্ফল হাঁটাহাটি।

ফ্যার ফ্যার (র্, র্)—ফের ফের দ্রঃ।

ফ্যারফেরিয়া, ফ্যারফেরে (র্) [ফ্যার—ফ্যার—ইয়া। ফেরফের দ্রঃ] বিণ, হাওয়ায় ফর ফর শব্দে উড়ে এমন পাতলা বা সূক্ষ্ম; জালবৎ; জ্যালজেলে।

ফ্যারা [শব্দাত্মক। হি—ফর্রাটা (ফর ফর বা ফড়ফড়ে আওয়াজ, ফুৎকার, a puff)] বি, ফুৎকার; মুখ হইতে হঠাৎ বায়ু নিঃসরণ। ফ্যারা মারা—ফুৎকার দ্বারা বায়ু নিঃসৃত করা; ফ্যার্ ফ্যার্ শব্দে ফুৎকার দেওয়া। প্র—"মাগো, যে দাড়ী, কথা কয় যেন বোকা ছাগলে ফ্যারা মারে।"—নীলদর্পণ।

ফ্যাল-ফ্যাল (ল্, ল্) [ফেল, ফেল দ্রঃ] বিণ, দৃষ্টির ভঙ্গী; শূন্যদৃষ্টি। প্র—"এক দৃষ্টে ফ্যাল ফ্যাল চায়।"—অশোক গুচ্ছ। "ফাঁপরে পড়িয়া কবি ফ্যাল ফ্যাল চায়।"—হেম বন্দ্যো।

ফ্যাসান (ন্) [ইং—fashion] বি, পসন্দ-মত চাল; রেওয়াজ; প্রচলন। প্র—"যে কালে যে পোষাকের ফ্যাশান্ যাত্রাওলারা তাহারই অনুকরণ করিয়া থাকে।"—ভারতী। বৈশাখ, ১৩২১।

ফ্যাসাদ (ফ্যাশাদ্) [ফেসাদ দ্রঃ] বি, বিপজ্জাল; লেঠা; হাঙ্গামা। প্র—"পাছে মুক্তির কাছে এই খবর নিজে দিতে গেলে কোনো ফ্যাসাদে জড়াইয়া পড়ে সেই ভয়ে"—ভারতী।

ফ্রক (ক্) [ইং—frock] বি, ঘাগরা। প্র—"ফ্রকে অঙ্গ মুড়ি দিয়া।"—অশোকগুচ্ছ।

ফ্রি [ইং—free] বিণ, মুক্ত; স্বাধীন। ২। অবৈতনিক।

ফ্লানেল (ল্) [ইং—flannel] বি, জমান পশমের কোমল শীতবস্ত্রবিশেষ।

ব

ব ["অ র পর "ব়" দ্রঃ] ব্যঞ্জনবর্ণমালার ত্রয়োবিংশ, প বর্গের তৃতীয়, অল্পপ্রাণ এবং ঘোষবান্ বর্ণ ; মিলিত ওষ্ঠদ্বয় পৃথক করিয়া উচ্চারণ করিতে হয় বলিয়া ইহাকে ওষ্ঠ্যবর্ণ বলে ; এবং প বর্গের অন্তর্গত বলিয়া ইহার অন্তনাম বর্গীয় ব। [দ্রঃ—সংস্কৃত ব্যাকরণ মতে পদের কিম্বা পাদের আদিতে যে ব থাকে, সন্ধির নিয়মে উ স্থলে যে ব হয়, যে ব় স্থলে উকার হয় এবং প্রত্যয়ের যে ব—তাহা দন্ত এবং ওষ্ঠ সাহায্যে উচ্চারিত, প বর্গের অন্তে অবস্থিত এবং অন্তস্থ ব় বলিয়া অভিহিত হয়। সংস্কৃত অভিধানে ঐ দুই বকারাদি শব্দকে পৃথক করা হয়। কিন্তু বাঙ্গালায় ইহাদের মধ্যে উচ্চারণে কোন প্রভেদই নাই। সুতরাং ঐ উভয় বকারাদি সংস্কৃতমূলক শব্দ, বর্গীয় "ব" ন্যায় উচ্চারিত দেশী ও বৈদেশিক বকারাদি শব্দ একত্র সন্নিবিষ্ট হইল]।

ব [বল্ (শব্দে) + অ (কর্ত্তৃ—ড)] অ, বদ্ধ বায়ুর বহির্গমন জনিত বিবিধ শব্দ ও পবন ক্রিয়ার দ্যোতনা করে। যথা—বক্ বক্, বুগ্ বুগ্, বড়্ বড়্, বিড়্ বিড়্, বজ্ বজ্, বন্ বন্, বোঁ বোঁ, বম্ ইত্যাদি। ২। [বা (গমনে) —যে সর্ব্বদা গমন করে, বহে বা চলে] বি, বায়ু। ২। যোনি। ৩। সিন্ধু। ৪। তাঁতের যে অংশ পা দিয়া চাপিয়া টানার সূতার উপর দিয়া মাকু চালাইতে হয় তাহাতে বাঁধা যে রজ্জু। ৫। বন্ধন। ৬। বখেয়া সেলাই ; stitch. ৭। [বপ্ (বপনে)] বপন। ৮। [বহ্ (বহনে)] বহন ; বআ দ্রঃ। ৯। সহন।

ব [ফা—ব্] অ, উপসর্গবিশেষ ; সহিত। প্র—বমাল ; বকায়দা। ২। অনুযায়ী ; মত। প্র—ব-তারিখ ; বমুজিব ; বদস্তুর। ৩। দ্বারা। ৪। যেন ; ঠিক।

বঅন (ন্) [প্রা-বাং। অপ্র] বি, বয়ন।

বআ, বয়া [পদ মধ্যস্থ ও অন্ত্য 'অ' আধু-বাং-য় "য়" হয় বলিয়া বয়া। বহা দ্রঃ। বহ্ ধাতুজ। উ-পু—বই। ম-পু—বও ; বউন্ ; ব। প্র-পু—বয়। অস-ক্রি, বইতে ; বইয়া, বয়ে। ণিজন্ত—বআন (নো)] ক্রি, বহা ; বহন করা। প্র—দুর্ব্বল জন্তু, আর কত বোঝা বইবে। ২। প্রবাহিত হওয়া। প্র—"শীতল বাতাস বয় জুড়ায় শরীর"—পদ্যপাঠ। ৩। [বহন করার ভাব হইতে] চালিত হওয়া ; ভার বাহিত হওয়া ; গতিশীল হওয়া। প্র—এ শরীর আর বয় না। ৪। ইচ্ছা হওয়া ; মন লাগা। প্র—"কোন বিষয়ে তাহার আর গা বয় না। ৫। [প্রবাহের ভাব হইতে] অধোগামী হওয়া ; কুচরিত্র হওয়া ; উৎসন্ন যাওয়া। প্র—কুসঙ্গে মিশে লোকটা বয়ে গেল। ৬। অতিবাহিত হওয়া : উত্তীর্ণ হওয়া : কাটা। প্র—সময় ত সব বয়ে গেল এখন গিয়ে আর কি হবে। দিন বয়ে যাওয়া। ৭। চালান ; টানা। প্র—দাঁড় বআ। ৮। বিণ, যে অধঃপতনের মুখে বহিয়া গিয়াছে ; নষ্ট চরিত্র ; বআটে। প্র—সে দুনিয়ার বয়া ছেলে।

বআটিয়া, বআটে [বআ দ্রঃ] বিণ, যে অধঃপাতে গিয়াছে ; নষ্টচরিত্র ; নেশাখোর এবং ইন্দ্রিয়পরতন্ত্র।

বই (বোই) [আ—বহী (ধর্ম্মপুস্তক, কোরাণ, ঈশ্বরের বাণী ; the book, the holy bible] বি, পুস্তক। ২। হিসাবের খাতা। **বই ধরান**—নূতন পাঠ্য নির্দ্ধারণ করা ; কোন পুস্তক পড়াইতে আরম্ভ করা। **বই পড়া**—গ্রন্থ পাঠ করা। **বই লেখা**—গ্রন্থ রচনা করা। **বই বাহির করা**—পুস্তক ছাপিয়া বা ছাপাইয়া প্রকাশ করা। **বই বাহির হওয়া**— নূতন বহি নূতন ছাপিয়া বাজারে বিক্রীত হইতে থাকা ; ছাপাখানা হইতে বাহির হইয়া সাধারণে প্রচারিত হওয়া। **বই বাঁধা**—ছাপা কাগজগুলি পৃষ্ঠানুসারে মিলাইয়া পুস্তকাকারে সেলাই করা ; কাগজ, কাপড় ও চর্ম্ম দ্বারা গ্রন্থের মলাট আবৃত করা।

বই (বোই) [সং—বহনার্থক বহ্ ধাতু হইতে। বহা দ্রঃ] বিণ, বাহিত। ২। ব্যাপ্ত ; বিস্তৃত ; রাষ্ট্র। প্র—'তোমার কলঙ্ক ব্যাপা হবে দেশ বই"—ঘনরাম। ৩। বি, চালান। প্র—সে সমস্ত জিনিস বই করেছে। ৪। বহন করি ; বহি। প্র—"কেবল ভূতের বোঝা বই"—বাং-গান। **বই করা**—বহন করা। ২। চালান করা।

বই (বোই) [সং—ব্যতীত। হি—বিনা] অ, ব্যতীত ; ভিন্ন ; ছাড়া। প্র—"কৃপা কর কৃপাময়ী কেহ নাই তোমা বই।"—রামপ্রসাদ। "দেখিছি কি না দেখিছি একদিন বই"—কুঙ্কুম। ২। পরে ; বাদে। প্র—"তোমা সনে নিবন্ধ করিনু দুই দণ্ড। ইহা বই বেড়িও পুরী হইয়া প্রচণ্ড।"—কবিকঙ্কণ। **তা-বৈ-কি** (সংক্ষেপে) বৈকি—তাহা ছাড়া আর কি অর্থাৎ তদ্ব্যতীত আর কিছুই নাই ; তাইত। ২। [সন্দেহে] বোধ হয় তাহা নহে।

বইতে [বহিতে দ্রঃ] অস-ক্রি, বহন করিতে ; বহিতে।

বইন [সং—ভগিনী—অপভ্রংশে ভইন—বইন অথবা হি—বহিন্ হইতে। বাং-য় গ্রা-উচ্চারণ ভেদে বুন, বুনি, বোন] বি, ভগিনী। **বহিন ঝী**—বোন্‌ঝী ; বোনের মেয়ে। **বহিন পো**—ভগিনীর পুত্র ; বোনপো। দ্রঃ—পুরুষেরা ভগিনীর পুত্রকে ভাগিনেয় বা ভাগ্নে ও ভগিনীর কন্যাকে ভাগিনেয়ী বা ভাগ্নী বলে, স্ত্রীলোকে ভগিনী পুত্রকে বোন পো ও ভগিনী কন্যাকে বোন্-ঝি বলে।

বউ (বোউ) [সং—বধূ ; প্রাকৃ—বহু ; হি—বহু ; বাং-য় বহু, বউ] বি, পুত্রবধূ : বৌ ; স্নুষা। প্র—ওটী তাহার বড় বউ। ২। পত্নী : ভার্য্যা। ৩। কনে ; নববধূ। প্র—বৌ বেটা ঘরে তোলা। ৩। কুলনারী। ৫। [সং—বধূটী] নববধূর ন্যায় লজ্জাশীলা ও ভীরু। এই অর্থে 'বউটী" শব্দের ভূরি প্রচলন। প্র—ওদের গিন্নী এত ছেলেপুলের মা হল এখনও তবু যেন বউ (অথবা বউটী)। ৬। ভ্রাতৃজায়া বা ভাইজকে সম্বোধন। **কলা বউ**—কলা দ্রঃ। **কুলের বউ** কুলবধূ : বৌ-মানুষ। প্র—"কাদের কুলের বউ"—গান। **বৌ-মানুষ**—কুলবধূ ; গৃহস্থ ঘরের স্ত্রী। ২। বালিকা বধূ। **বউ-ঝী, বউ বেটী**—বধূ ও কন্যা।

বউআ, বউও [গ্রা] বিণ, বধূর বশ ; পত্নী-পরায়ণ।

বউ কথা কও (বৌ) বি, কোকিল জাতীয় পাখী। ইহারা এক ফুট লম্বা হয়। ইহাদের দেহের উপরিভাগ গাঢ় ছাইয়ের বর্ণবিশিষ্ট। গলা ও বুক ধূসর, পেট শ্বেতবর্ণ এবং পুচ্ছাগ্র-ভাগে একটী কাল ডোরা যুক্ত। শীতের সময় ইহাদের দেখা যায় না। ইহারা বৌ কথা কও এইরূপ রব করে বলিয়া এই নামে অভিহিত। প্র—"নিশান্তে কোকিল সহ ডাকে বউ কথা কও"—রঙ্গমতী।

বউকাঁটকী (বৌকাঁট্‌কি) [সং—বধূ হইতে বউ, কণ্টকী হইতে কাঁটকী] বিণ, বধূর কণ্টক স্বরূপ। ২। বি, বধূর কণ্টক স্বরূপ যে শাশুড়ী ; যে শাশুড়ী পুত্রবধূকে বাক্যবাণে জর্জ্জরিত করে এবং অন্য প্রকারে কষ্ট দেয়।

বউনি, নী [সং—বহন শব্দজ] বি, বহন। ২। বহন করার মজুরি। ৩। প্রথম বিক্রয়-

লব্ধ মূল্য। **বউনি করা**—দৈনিক বিক্রয়ের আরম্ভে প্রথম বিক্রীত পণ্যের মূল্য গ্রহণ করা।

বউভাত (ত্) বি, নূতন বউয়ের হাতের অন্ন-গ্রহণ-রূপ সংস্কার ; পাকস্পর্শ। ইহার পর হইতে ভিন্ন গোত্রজা কন্যা সগোত্রা হইল বলিয়া শ্বশুরকুলে স্বীকৃতা হয়।

বউল (বৌল্) [সং—মুকুল হইতে প্রাকৃ—মউল পরে বউল] বি, মুকুল ; মঞ্জরী।

বউলি, লী [প্রাদে] বি, বকুলফুল। ২। কর্ণ-ভূষণবিশেষ ; মুক্তাজড়িত মাকড়ী। প্র—"বরণে উজ্জ্বলি কনক বউলি শোভিছে তোর কুণ্ডলে।"—কবিকঙ্কণ। "কাণে পরে কুণ্ডল কনক কাটা কড়ি। বউলি বেশর নাকে বেশ হইল বড়ি।"—ঘনরাম।

বওয়া—বঅা দ্রঃ।

বওয়াটিয়া, বওয়াটে—বআটিয়া দ্রঃ।

বংশ [সং—বংশ। "সন্ততির্গোত্রজননকুলান্যভি-জনান্বয়ৌ। বংশোঽন্ববায়ঃ সন্তানো"—অমর] বি, সন্তান-সন্ততি। ২। কুল ; গোষ্ঠী। ৩। গোত্র। ৪। পুরুষপরম্পরা। **বংশ লোপ হওয়া**—নিঃসন্তান হওয়া : নির্ব্বংশ হওয়া। **বংশ লোপ করা**—বংশের সকল সন্তানকে হত্যা করা ; কুলনাশ করা।

বংশ [সং—বংশ] বি, বাঁশ।

বংশক (ক্) [সং] বি, সামসাড়া নামক ইক্ষু। ২। বাঁশপাতা নামক মাছ।

বংশকর্পূর (কোর্পূর্) বি, বংশলোচন।

বংশক্ষয় (বংশক্খয়) [বংশের ক্ষয়—৬তৎ] বি, বংশের বিলোপ ; বংশনাশ।

বংশক্ষীরী—বি, বংশরোচনা।

বংশগৌরব (ব্) [বংশের গৌরব—৬তৎ] বি, কুলগর্ব্ব ; সৎকীর্ত্তির দ্বারা কুলের মুখ রী।

বংশচরিত্র (চোরিৎত্র) [বংশের চরিত্র—৬তৎ] বি, কুলে জাত নরনারীর জীবনী। ২। কুলের ইতিহাস। ৩। কুল-ক্রমাগত প্রকৃতি বা আচরণ।

বংশজ [বংশে (সৎকুলে) জ (জাত)] বি, কুলোদ্ভব ; শুদ্ধ বংশে উৎপন্ন। ২। অনন্তর বংশ। ৩। বিশুদ্ধ বংশজাত কিন্তু কুলীন নহে ; মৌলিক। স্ত্রী, বংশজা।

বংশধর (র্) [বংশ—ধর (যে ধরে)] বি, যে বংশ রক্ষা করে ; বংশবর্দ্ধক ; বংশীয় সন্তান।

বংশনাশ (নাশ্) [বংশের নাশ—৬তৎ] বি, বংশের ধ্বংস ; বংশক্ষয়।

বংশপত্র (পৎত্র) [বংশের পত্র—৬তৎ] বি, বাঁশের পাতা ; বাঁশপাতা।

বংশপরম্পরা [বংশের—পরম্পরা (ক্রম)—৬তৎ] বি, বংশানুক্রম।

বংশবর্দ্ধন (ন্) [বংশের বর্দ্ধন—৬তৎ] বি, বংশের বৃদ্ধি। ২। বংশের উন্নতি। ৩। বংশবর্দ্ধনকারী।

বংশবৃদ্ধি [বংশের বৃদ্ধি—৬তৎ] বি, বংশের উন্নতি। ২। সন্তানসন্ততির সংখ্যাবৃদ্ধি। বংশের বিস্তার।

বংশমর্য্যাদা (মোর্জ্যাদা) [বংশের মর্য্যাদা—৬তৎ] বি, কুলের প্রাপ্য সম্মান। ২। আভিজাত্য।

বংশরোচনা [বংশলোচন দ্রঃ] বি, বংশপর্ব্ব-স্থিত নীলাভ শ্বেত ঔষধবিশেষ।

বংশলোচন (ন্) [সং—বংশরোচনা (দ্রঃ)। বাং-য় বংশলোচন শব্দেরই ব্যবহার অধিক] বি, বংশক্ষীরী ; বংশশর্করা।

বংশলোপ (প্) [বংশের লোপ—৬তৎ] নিঃসন্তান ; বংশধরদিগের মৃত্যুতে বংশের বিলোপ ; বংশক্ষয়।

বংশশর্করা [সং] বি, বংশলোচন।

বংশশলাকা [বংশের শলাকা—৬তৎ] বি, বাঁকারি ; চেঁচাড়ী।

বংশস্থ [বংশে—স্থ (স্থিত)—৭তৎ] বিণ, কুলে অবস্থিত। ২। বংশে যাহা আছে।

বংশস্থবিল (বংশস্‌থোবিল্) [সং] বি, সংস্কৃত ছন্দোবিশেষ।

বংশস্থিতি [বংশের স্থিতি—৬তৎ] বিণ, বংশের স্থায়িত্ব ; বংশরক্ষা।

বংশহীন [বংশের দ্বারা হীন—৩তৎ] বিণ, যাহার বংশ লোপ পাইয়াছে ; নির্ব্বংশ।

বংশাগ্র (বংশাগ্‌গ্র) [বংশের অগ্র—৬তৎ] বি, বাঁশের ডগা।

বংশাঙ্কুর (র্) [বংশের অঙ্কুর—৬তৎ] বি, বি. বাঁশের কোঁড়া।

বংশানুক্রম (নুক্ক্রম্) [বংশের অনুক্রম]—৬তৎ] বি, বংশধারা ; বংশপরম্পরা ; পুরুষ-পরম্পরা। বিণ, **বংশানুক্রমিক**। ক্রি-বিণ, **বংশানুক্রমে**।

বংশানুচরিত, চরিত্র (চোরিত্) [বংশের অনুচরিত্র—৬তৎ] বি, বংশ পরম্পরার ইতিবৃত্ত পুরুষানুক্রমিক জীবনচরিত্র।

বংশাবলী (ক্) [বংশের আবলী—৬তৎ বি, পুরুষপরম্পরার তালিকা ; বংশতালিকা ; কুলজী।

বংশী (বোংশি) [সং—বংশ নালিকায় নির্ম্মিত হয় বলিয়া এই নাম] বি, বাঁশী ; মুরলী ; বেণু ; বাঁশরী। প্র—"সখি হে, বংশী দংশিল মোর কাণে।"—চণ্ডীদাস।

বংশীবট (বোংশিবট্) বি, বৃন্দাবনের যমুনা-তটে যে বটবৃক্ষমূলে শ্রীকৃষ্ণ বংশী বাজাইতেন ; বৈষ্ণব তীর্থবিশেষ। প্র—"এ বড় ভরসা মনে লৈয়া কেল বৃন্দাবনে বংশীবট কেন দেখি সুখে।"—নরোত্তম।

বংশীবয়ান (বোংশিবয়ান্) [বংশী (বাঁশী) বয়ানে (মুখে) যাহার—বহু] বি, পুং, বংশী-বাদক শ্রীকৃষ্ণ। প্র—"ঐ দেখ আসছে আয়ান বংশীবয়ান ! বনমাঝে। বিপদে যায় হে জীবন মধুসূদন তোমায় ভজে।"—বাং-গান।

বঁইচ, বঁইচি (বৈঁচ্) [গ্রা উচ্চারণ-সংক্ষেপে—"বৌঁচ"] বি, গ্রাম্য ও বন্য কণ্টকাকীর্ণ-শাখ ক্ষুদ্রবৃক্ষ ও ক্ষুপবিশেষ। ইহার ফল ক্ষুদ্র গোল ও বীজগর্ভ। অপক্ক অবস্থায় লোহিতবর্ণ, পক্ক অবস্থায় কৃষ্ণবর্ণ।

বঁটি, বঁটী (বৌঁটী) [হি—বৈঠী (ব্যঁয়্‌ঠি)। চওড়া বাঁট থাকায় বসাইয়া রাখা বা পাতা যায় বলিয়া এই নাম] বি, তরকারী মাছ প্রভৃতি কুটিবার বা কাটিবার কর্ত্তরীবিশেষ। প্র—"আপনি ধরিল রাজা হীরাধার বঁটী। হেম থালে যত মাংস রাখে কাটিকুটি।"—ধর্ম্মমঙ্গল।

বঁটে (বোঁটে) [প্রাদে, নদীয়া অঞ্চলে ; পূ-বঙ্গে—বইঠা। সং—বহিত্র শব্দজ। তুল—ইং—boat] বি, কেরাল ; কাঠের হাতার আকৃতি নৌকাচালন দণ্ড যাহা ধরিয়া জল কাটিতে কাটিতে নৌকা চালান হয়।

বঁদিয়া, বঁদে (বোঁ) [সং—বিন্দু হইতে হি—বুন্দ্—বুঁদ+ইয়া (সাদৃশ্যার্থে) ঝাঁঝরীর ছিদ্র দিয়া পতিত দাইল বাটার বিন্দু হইতে এই নাম] বি, চিনির রসে পাক করা দাইল বাটার দানা ভাজা ; বঁদিয়া নামক মিষ্টান্ন।

বঁধু (বোঁধু) [সং—বন্ধু শব্দজ] বি, নায়িকার বন্ধু ; প্রণয়ী ; প্রিয়তম ; বল্লভ ; নাগর। প্র—"বঁধু কি আর বলিব আমি। মরণে জীবনে, জনমে জনমে প্রাণনাথ হৈও তুমি।"—চণ্ডীদাস। "বঁধু তোমায় করব রাজা তরুতলে"—রবি। ২। বন্ধু ; সখা।

বঁধুয়া (বোঁ) [বঁধু (দ্রঃ) + আ (আদরার্থে) সঙ্গীতে, পদ্যে] বি, বঁধু ; বল্লভ ; বন্ধু ; নাগর ; প্রিয়। প্র—"বঁধুয়া অসময়ে কেনহে প্রকাশ" রবি। "বহুদিন পরে বঁধুয়া এলে।"—চণ্ডীদাস।

বাঁট (ট্) [সং—বণ্ট (দাত্রমুষ্টি)। তুল—ইং—butt] বি, অস্ত্রশস্ত্রাদির যে অংশ ধরিয়া তাহা ব্যবহার করা হয় ; সরু ; খড়্গমুষ্টি ; হাতল। ২। [বণ্ড শব্দজ—বণ্ট—বাঁট গবাদির স্তনের বোঁটা। ৩। [অশ্লীল, গ্রা—ব্যবহারে মেঢ্র।

বাঁটা [সং—বণ্টনা বণ্টধাতুজ। উ-পু—বাঁটি। ম-পু—বাঁট ; বাঁটুন ; বাঁট্। প্র-পু—বাঁটে ; বাঁটেন। অস-ক্রি—বাঁটিতে ; বাঁটিয়া ; বেঁটে ণিজন্ত—বাঁটান (নো) ক্রি, বণ্টন করা ; বিভাগ করা।

বেঁড়ে [সং—বণ্ড শব্দজ] বিণ. (মূল অর্থ) হস্তাদি বর্জ্জিত। ২। [প্রাদে] ল্যাজকাটা।

বক (ক্) [সং। (বক্রগ্রীবা বক্রগতি ও বক্রপ্রকৃতি বলিয়া) বক্র হইতে বক হওয়া সম্ভব] বি, পুং, স্বনামপ্রসিদ্ধ মৎস্যখাদক জলচর ও স্থলচর পক্ষিবিশেষ। স্ত্রী. বকী। ২। [বক্রপুষ্প দ্রঃ] বকফুল।

বককড়ি (বক্‌কোড়ি) [প্রাদে। প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"ধান মাঝে ধান বুনেন বককড়ি।"—শূন্যপুরাণ।

বকধার্ম্মিক (ধার্মিক্) [বকবৎ ধার্ম্মিক ম-প-লো কর্ম্মধা] বিণ, ভণ্ড ; প্রবঞ্চক।

বকধ্যান (ক্, ন্) বি, কপটধ্যান। প্র—"ঘোড়া দেখি তার পাশে, কোপে নৃপসুত ভাষে, বকধ্যানে আছে ঘোড়াচোর।"—কবিকঙ্কণ।

বকন (বকোন্) [বাক্ শব্দজ] বি, বৃথা ভাষণ ; জল্পন। ২। তিরস্কার।

বকনা (ক্) [প্রাদে] বি, অল্পবয়স্কা গাভী ; যে বাছুরের এখনও গর্ভ হয় নাই বা বাছুর হয় নাই। প্র—"এসে ছিল বকনা গরু পর গোয়ালে জাব্‌না খেতে।"—বিষবৃক্ষ (বঙ্কিম)।

বকনাসালী [প্রা-বাং] বি, গোয়াল ঘর।

বকনি—বকুনি দ্রঃ।

বকপঞ্চক (পনচক্) বি, স্ত্রী, কার্তিক শুক্লপক্ষের একাদশী হইতে পূর্ণিমা পর্য্যন্ত পাঁচ তিথি।

বকবক (ক্, ক্) [শব্দাত্মক] বি, অনুকার শব্দ। ২। অর্থহীন বাক্য-প্রয়োগ ; ক্রমাগত বকুনি। আধিক্যার্থে "বকর বকর"। বক বক করা—বেশী বাজে কথা বলা ; বড় বড় করিয়া ক্রমাগত কথা কওয়া।

বকবকম (বক্‌বকম্)—বকম দ্রঃ।

বকবকান (বক্‌বকানো) [বকবক+আন (ক্রি-বিভক্তি)] ক্রি, বকবক করা। বি, বকবকানি।

বকবৃত্তি [বক বৃত্তি (জীবিকা) যাহার, ব-—যে বকের ন্যায় কপট সাধুতা ও শান্তশিষ্ট ভাব ধারণ করিয়া জীবিকা নির্ব্বাহ করে] বিণ, বঞ্চক ; শঠ ; বকধার্ম্মিক ; ভণ্ড। ২। বি, কপটবৃত্তি ; শঠতা।

বকব্রতী (ব্রোতি) [বক—ব্রত—ইন্ (অস্ত্যর্থে)] বিণ, অনৃতসেবী ; বঞ্চনাজীবী। ২। ভণ্ডতপস্বী।

বকম, বকমকম, বকবকম (ম্, বক্‌বকম্) [শব্দাত্মক] বি, পায়রার ডাকের শব্দ। প্র—"খোপে বসে পায়রা যেন করচি শুধু বকবকম"—রবি।

বকমকাঠ (বকোম্‌কাঠ) বি, বৃক্ষবিশেষ ; ইহার কাঠে লাল রঙ্ হয় ; caesalpinia sappan.

বকর (র্) [আ—বক্‌র্। বকরা দ্রঃ] বি, ছাগল।

বকরা (বক্‌রা) [আ—বক্‌র্=গরু, তাহা হইতে গবাদি, পরে—ছাগ। হি—বক্‌রা। সং—বর্কর=পশুশাবক] বি, ছাগ। প্র—"বকরী বকরা মরে কুকড়ী কুকড়া।"—অন্নদামঙ্গল। স্ত্রী. বকরী (হি)। বকরা (ক্) [বখরা দ্রঃ] বি, অংশ ; ভাগ।

বকরি (বোক্‌রি) [বকরা দ্রঃ। বকরার স্ত্রীলিঙ্গে] বি, পুং-স্ত্রী, ছাগী ; অজা ; ছাগ। প্র—"বকরী জবাই যথা, মোল্লারে দেহ মাথা দান পায় কড়ি ছয় বুড়ি।"—কবিকঙ্কণ।

বকরী (বোক্‌রি) [বর্করী শব্দজ] বি, স্ত্রী, ছাগী ; অজা। প্র—"বকরী বকরা মরে—ইত্যাদি"—অন্নদামঙ্গল।

বকলম (ম্) [আ—বক্‌লম্] বি, যে ব্যক্তি লিখিতে পারে না তাহার নাম অন্য কেহ স্বাক্ষর করিলে উহাকে বকলম বলে ; ইহার সংক্ষেপে—"বঃ"।

বকলস (বক্‌লোশ্) [ইং—buckles] বি, ধাতুনির্ম্মিত বেষ্টনীবিশেষ ; বন্ধনাঙ্গুরী ; কোমরবন্ধ।

বকশী (বোক্‌শি) বক্সী দ্রঃ।

বকশীশ, বকসীস (বোক্‌শিস্) বখশীশ দ্রঃ।

বকা [সং—বাক্ শব্দজ। হি—বক্‌না ; প্রাক্—বুক্কই (গজ্‌গজ্ করা, বড় বড় করা)। উ-পু—বকি। ম-পু—বক ; বকুন্, বক্। প্র-পু—বকে ; বকেন। অস-ক্রি—বকিতে ; বকিয়া, ব'কে। ণিজন্ত—বকান] ক্রি, বকবক করা ; বৃথা বাক্য ব্যয় করা। প্র—"রাঁধুনীকে ব'কে এবং গিন্নীর উপর রেগে ; দিলেম পাড়ি শয়নের শ্রীবৈকুণ্ঠেতে বেগে।"—দ্বিজেন্দ্র রায়। ২। ভর্ৎসনা করা ; তর্জ্জন করা ; তিরস্কার করা। ৩। [প্রাদে] গালাগালি।

বকা [বকুয়া (যে বকে) হইতে] বিণ, বাচাল। ২। অকালপক ; ডেঁপো। ৩। বওয়া ; ভ্রষ্টচরিত্র।

বকা—বি, বক পক্ষী। ২। বিণ, বক সম্বন্ধীয় ; বকের ন্যায়। ৩। কপট। প্র—বকা ধার্ম্মিক।

বকাট, বকাটে—বখাট দ্রঃ।

বকাণ্ড প্রত্যাশা ন্যায় [বকের বৃষাণ্ড প্রত্যাশা (রূপ) ন্যায়] বি, বৃথা আশা।

বকান (বকানো) [বকা ধাতুর ণিজন্তরূপ। উ-পু—বকাই। ম-পু—বকাও ; বকান্ ; বকা। প্র-পু—বকায় ; বকান। অস-ক্রি,—বকাইতে ; বকাইয়া, বকিয়ে] ক্রি, কথা কহান বা কহিতে বাধ্য করিয়া বিরক্ত করা। ২। প্রতিবাদ দ্বারা বিরক্তিজনক তর্ক বৃদ্ধি করা। প্র—থাম, আর মিছে বকিও না।

বকাবকি (বোকি) [বকা (এক পক্ষে) —বকি (অন্য পক্ষে)] বি, বাদ প্রতিবাদ ; বিতণ্ডা ; বাক্ কলহ। ২। গালাগালি।

বকাল (ল্) বি, বক্কাল দ্রঃ। ২। বল্কল। ৩। [তাহা হইতে] ওষধিমূল লতাদি। ৪। বেনে মসলা। প্র—"কেহ লুণ বেচে কেহ বেচয়ে বকাল।"—কবিক।

বকালী [হি] বি, আত্তার ; ওষধি গাছগাছড়া বিক্রেতা ; a druggist.

বকী (বোকি) বি, স্ত্রী, বকস্ত্রী।

বকুনি, বকুনী (বোকুনি) [প্রাক্—বুক্কই (গজ্‌গজানি)—হেমচন্দ্র।—কুকুরের ডাক ডাকা ; ভ্যাক্ ভ্যাক্ করা] বি, ভর্ৎসনা ; তর্জ্জন ; তাড়না ; তিরস্কার। প্র—"মেদিনী ফাটিয়া যায় বকুনির চোটে।"—ঈশ্বর গুপ্ত। ২। [হি—বক্‌কন্ (বাক্য শব্দজ)] অনর্থক বাক্যব্যয় বা কথন ; ক্রমাগত বকবক করণ। প্র—এত বেলা হইল তথাপি তাহার বকুনী থামিল না।

বকুল (বোকুল্) বি, স্বনাম প্রসিদ্ধ ঘনপত্র পুষ্প-বৃক্ষ। ইহা চিরশ্যামল (evergreen) বৃক্ষ সমূহের অন্যতম। ইহার পুষ্প ক্ষুদ্র, শ্বেতবর্ণ ও তীব্রগন্ধ।

বকেয়া [আ—বকীয়া, হি—বকায়া] বি, অবশিষ্ট ; বাকী ; বক্রী। প্র—"বকেয়া বিস্তর বাকী বেবাক না পাই। চাহিতে উচিত কর উঠে দিল ধাই॥"—ঘনরাম। বকেয়া-বাকী—গত বা অতীত বৎসরের বাকী। বকেয়া খাজনা—গত বা পূর্ব্ব পূর্ব্ব বৎসরের যে সকল খাজনা বাকী পড়িয়া আসিয়াছে।

বকো [মুসলমানী বাঙ্গালার] বি, মুসলমানদের যাত্রা।

বক্কাল (ল্) [হি] বি, বেনিয়া ; বেনে। ২। বণিকদ্রব্যবিশেষ ; বেণে মসলা। প্র—"সম্বাল বক্কাল কত মিছরী মিশাইয়া"—ঘনরাম।

বক্ত [আ—বক্‌৲] বি, সময়। ২। সুযোগ। ৩। অদৃষ্ট ; সৌভাগ্য। প্র—"মারা গেল কত শত আমীর উমরা। কেবল তক্তের বক্তে বাঁচিলা তোমরা॥"—অন্নদামঙ্গল। কমবক্ত, কমবক্তা—অল্পভাগ্য ; মন্দভাগ্য।

বক্তব্য (বক্‌তোব্‌ব) [বচ্ (বলা) + তব্য (কর্ম্মে)] বিণ, বাচ্য ; কথ্য ; কথনীয় ; বলিবার যোগ্য। ২। আলোচ্য ; উল্লেখনীয় ; যাহার প্রস্তাব করিতে হইবে। ৩। [ভাবে —তব্য] বি, কথা ; প্রস্তাব।

বক্তা [বচ্ (বলা) তৃ (তৃচ্) কর্ত্তৃ] বিণ, বাক্‌পটু। ২। বক্তৃতাকারী ; যিনি বলেন।

বক্তৃতা (বো) [বক্তৃ+তা (ভাবে)] বি, স্ত্রী, বাক্‌পটুতা। ২। কথকতা ; উপদেশ। ৩। পাঠ।

বক্ত্র [বচ্‌+ত্রন্ (করণে) যাহা দ্বারা কথা বলা যায়] বি, ক্লী, মুখ।

বক্ত্রজ [বক্ত্র (মুখ—ব্রহ্মার মুখ)—জ (জন্—হওয়া)+অ (ড, কর্ত্তৃ) ৫তৎ] বিণ, মুখজাত ; মুখ হইতে উৎপন্ন। ২। বি, ব্রাহ্মণ।

বক্ত্রপট্ট [বক্ত্র (মুখ) পট্ট (বস্ত্র)] বি, পুং, অশ্বাদির মুখবদ্ধ তৃণাদিপূর্ণ থলিয়া, তোব্‌ড়া।

বক্র (বক্‌ক্র) [বন্‌ক্ (কুটিল হওয়া)+রক্ (কর্ত্তৃ)] বিণ, অনৃজু : বাঁকা। ২। কুটিল ; কুচক্রী ; শঠ। ৩। বি, বাঁক ; মোড়।

বক্রগ্রীব (বক্‌ক্রগ্‌গ্রিব) [বক্র (বাঁকা) গ্রীবা যাহার—বহু] বিণ, যাহার গলা বাঁকা। ২। বি, পুং, উষ্ট্র।

বক্রচঞ্চু (বক্‌ক্রচোন্‌চু) [বক্র বাঁকা চঞ্চু (ঠোঁট) যাহার, বহু] বি, পুং, শুকপক্ষী। ২। বিণ, বাঁকা, ঠোঁটযুক্ত।

বক্রণ (বক্‌ক্রন্) [বনক্ (কুটিল হওয়া)+অনট্ (ভাবে)] বি, বক্রীকরণ ; মোড়ন।

বক্রতুণ্ড (বক্‌ক্র) [বক্র (বাঁকা) তুণ্ড (মুখ) যাহার—বহু] বি, পুং, শুকপক্ষী। ২। বাঁকামুখো।

বক্রদংষ্ট্র (বক্‌ক্র) [বক্র (বাঁকা) দংষ্ট্রা (দাঁত) যাহার, বহু] বি, পুং, শূকর। ২। বিণ, বাঁকা দাঁতযুক্ত।

বক্রনাসিক (বক্‌ক্রনাশিক্) [বক্র (বাঁকা) নাসিকা যাহার, বহু] বি, পুং, পেচক। ২। বিণ, বাঁকা নাকযুক্ত।

বক্রপুষ্প (বক্‌ক্র) [বক্র—পুষ্প যাহাতে, বহু] বি, পুং, বক বৃক্ষ। পলাশ বৃক্ষ। ২। [বক্র যে পুষ্প, কর্ম্মধা] বি, বকফুল।

বক্রাঙ্গ (বক্‌ক্রাংগ) [বক্র—অঙ্গ (শরীর) যাহার, বহু] বিণ, বক্র দেহবিশিষ্ট। ২। বি, হংস।

বক্রিম (বোক্‌ক্রিম) [বক্র+ইমন্ (ভাবে)] বি, বক্রতা ; কুটিলতা। ২। বক্রভাব ; শঠতা।

বক্রী (বোক্‌ক্রি) [বক্র+ইন্ (অস্ত্যর্থে)] বিণ, বক্রতাযুক্ত ; বাঁকা। ২। বাম ; প্রতিকূল। প্র—"বিধি মোরে বক্রী হইল করিবেক অস্ত।" —মহা (শ্রীকর)।

বক্রী (বোক্‌ক্রি) [প্রাকৃ—শব্দের সংস্কৃত উচ্চারণ সাদৃশ্যে সংস্কৃত শব্দবৎ। আদালত ও বাং—গ্রন্থের ভাষায় প্রচলিত। মূল শব্দ "বাকী" গ্রা ভাষায় প্রচলিত হইয়া গিয়াছে] অবশিষ্ট ; বাকী ; হিসাবের শেষ ; বিয়োগফল।

বক্রোক্তি (বক্‌ক্রো) [বক্র—উক্তি (বাক্য) —কর্ম্মধা] বি, স্ত্রী, দ্ব্যর্থ উক্তি, কাব্যের অলঙ্কারবিশেষ ; শ্লেষবাক্য ; ব্যঙ্গোক্তি।

বক্ষঃ (বোক্‌খ) [বক্ষ্ (সংহত হওয়া)+অস্ (কর্ত্তৃ)] বি, ক্লী ; দুই স্কন্ধ ও উদরের মধ্যস্থল ; বুক ; হৃদয়। বক্ষঃপীড়া—নিদানোক্ত যক্ষ্মারোগ। বক্ষঃস্থল—বক্ষ-পট্ট ; বুকের পাটা ; দেহের যে অংশকে বক্ষ বলে ; বুক।

বক্ষোজ (বোক্‌খোজ) [বক্ষস্—জন্+অ (ড —কর্ত্তৃ) বক্ষঃ হইতে যে জন্মে, ৫তৎ] বি, পুং, উরজ ; পয়োধর ; স্তন।

বক্ষোরুহ (বোক্‌খোরুহ) [বক্ষ রুহ (আরোহণ করা অথবা জন্মান) বক্ষে যে উৎপন্ন হয়—৭তৎ] বি, পুং, স্তন ; পয়োধর।

বক্ষ্যমাণ (বোক্‌খোমান্) [বচ্ (বলা)+আন (কর্ম্মে—আনশ্)] বিণ, বক্তব্য ; আলোচ্য।

বখৎ [ফা—ব্‌খ্‌ৎ=ভাগ্য] বি, ভাগ্য ; অদৃষ্ট।

বখরা (বখ্‌রা) [ফা—ব্‌খ্‌রা (অংশ)] বি, অংশ ; বিভাগ। ২। পৃথক পৃথক ভাগে বণ্টন। বখরাদার—অংশীদার। বখরা করা—বিভাগ করা ; অংশ অংশ করিয়া বণ্টন করা।

বখশী, বকসী (বোক্‌শি) [ফা—বখ্‌শী (বেতনভোগী রাজ-কর্ম্মচারী)] বি, মুসলমান রাজসরকারের দপ্তরের প্রধান কর্ম্মচারী। মুনসীজীর উপর ও নাজিরের নিম্নে তাঁহার পদ। প্র—"বখশী জিজ্ঞাসে আমি বখ্‌শী রাজার"—ভারত। ২। সেনাধ্যক্ষ।

বখশীশ, বকশিশ, বখ্‌শীষ, বকসিস (বোক্‌শিশ্) [প্রা—বশ্‌কিশ্। ফা— বখ্‌শীশ্ (দান)] বি, অনুগৃহীতকে দান ; পুরস্কার ; উপহার ; পারিতোষিক। প্র—"বকসিস করেন পুন চড়নের ঘোড়া"—ঘনরাম।

বখা [বকা ও বহা দ্রঃ] বিণ, যে অধঃপতনের মুখে ভাসিয়া গিয়াছে)। ২। নষ্ট ; ভ্রষ্টচরিত্র ; নীতিহীন। ৩। প্রগল্‌ভ ; ধৃষ্ট। ৪। জ্যাটা।

বখাট (ট্) [বখা—ট (দৃঢ়তা বা দক্ষতা-সূচক)] বিণ, বখামিতে যে দৃঢ় বা দক্ষ হইয়াছে ; নষ্টামিতে পাকা ; কুচরিত্র।

বখাটিয়া, বখাটে [বখাট+ইয়া] বিণ, বখামিতে পূর্ণ।

বখান (নো) [বখা (দ্রঃ)+আন (করা অর্থে)। উ পু—বখাই। ম-পু—বখাও। প্র-পু —বখায়। অস-ক্রি—বখাইতে ; বখাইয়া ; বখিয়ে] ক্রি, কুপরামর্শ কুদৃষ্টান্ত ও মন্দ বিষয়ে উৎসাহ দিয়া বখা করা বা বখাইয়া দেওয়া। বখাইয়া দেওয়া—কাহার স্বভাব চরিত্র মন্দ করিয়া দেওয়া ; কুপথে লইয়া যাওয়া।

বখিল, বখীল (বোখিল্) [আ—বখীল্ (কৃপণ)] বিণ, কৃপণ ; ব্যয়কুণ্ঠ। প্র—"দাতার চেয়ে বখিল ভাল স্পষ্ট জবাব দেয়"—প্রবচন। "উহু মরি ছাড় ছাড় বুকে পিঠে লাগলো খিল। হয় ছাড়, নয় মার ওরে দাতার চেয়ে ভাল বখিল॥"—বাং-গান। ২। অভাবগ্রস্ত ; শূন্য ; রিক্ত। প্র—"বখিল না হয় তায়, অখিল ভরিয়া যায়"—ঈশ্বরগুপ্ত।

বখেড়া [হি] বি, প্রতিবন্ধক ; বিঘ্ন ; বাধা ; বাগড়া। ২। ঝঞ্ঝাট ; গোলযোগ। ৩। বিবাদ।

বখেয়া [ফা] বি, সেলাইবিশেষ।

বগ (গ্) [গ্রা। বক দ্রঃ। ক=গ] বি, বক পক্ষী। বগ দেখান—হাত তুলিয়া করতল সর্পফণার মত করিয়া অর্থাৎ বকের গ্রীবার অনুকরণ করিয়া দেখান। ইহা বিদ্রূপের চিহ্ন।

বগল (ল) [ফা—বগল্। হি—বগল্] বি, বাহুমূল। ২। [প্রা-বাং-পার্শ্ব ; নিকট ; সমীপ। প্র—"খুঁটীর বগলে বসাইয়া গেল ঘৃতের হাঁড়ী"—মাণিকচাঁদের গান। বগল-দাবা—বাহুমূলে চাপা ; কাঁধে চাপিয়া ধরা। প্র—তাহাকে বগল দাবা করিয়া লইয়া গেল। ২। বগলের মধ্যে লুকাইয়া রাখা। বগল বাজান—পার্শ্বদেশে বাহুর আঘাত করিয়া আনন্দ প্রকাশ করা। ২। বগলে করতল রাখিয়া বাহুর আঘাত দ্বারা শব্দ করা। ৩। বগল বাজাইয়া জয়োল্লাস প্রকাশ করা।

বগলা (বগোলা) [সং] বি, স্ত্রী, মহাবিদ্যান্ত-র্গত দেবীবিশেষ। প্র—"জীব নিস্তারে সতী ঐ হের চিন্তাবতী দারিদ্র্যদলনী রূপ বগলার শরীরে।"—দশমহাবিদ্যা (হেম বন্দ্যো)।

বগলি (বোগ্‌লি) [ফা—বগ্‌লী। তুল—ইং— bag] বি, বটুয়া ; থলী।

বগা [বগ+আ (বর্ণ বা আকার সাদৃশ্যে)] বিণ, শ্বেতবর্ণ। ২। বকাকৃতি ; বকের মতন। প্র—বগা ঠোঁট। ৩। [বগ+আ (তুচ্ছার্থে)] বি, বকপক্ষী। বগা 'খ'—[প্রাদে পূ—বঙ্গে] বকের গলার মত বক্র খ বর্ণ।

বগী (বোগি) [ইং—buggy] বি, ঘোড়ায় টানা চারিচাকার হাল্কা গাড়ী। প্র—"এরা আপন হাতে হাঁকিয়ে বগী গড়ের মাঠে হাওয়া খাবে।"—ঈশ্বরগুপ্ত। ২। অল্প কানা-উঁচু কাঁসার থালা।

বগ্গ [সং—বর্গ] বি, বর্গ ; শ্রেণী। ২। বাগ : বল্গার শাসন ; শাসন। বিণ, বগ্গা, বাং-র অন্য শব্দের যোগে ব্যবহৃত হয়। প্র—একবগ্গা—একবর্গ বা মার্গাবলম্বী ; এক রোখা। আড়বগ্গা—বক্রমার্গী। ২। টেরচা, টেড়া। ৩। একগুঁয়ে ; আড়বুঝা।

বঙ্ক (বংক) [সং—বন্‌ক্ (গমন করা) অ (চ্—কর্তৃ)] বিণ, চক্র ; বাঁকা। ২। [প্রা-বাং—পদ্যে] কুটিল ; আড়। প্র—"দারুণ বঙ্ক বিলোকন থোর"—বিদ্যাপতি। "চঞ্চল—লোচনে বঙ্ক নেহারনী, অঞ্জন শোভন তায়"—বৈ, পদাবলী। ৩। বি, বাঁকমল। প্র—"অঙ্গদ বলয় শঙ্খ ভুবন মোহন বঙ্ক মণিময় মুকুট মণ্ডন।"—কবিকঙ্কণ। ৪। নদীর বাঁক ; টেক।

বঙ্কা [বঙ্ক+আ] বি, স্ত্রী, গবাদির স্তন : পালান ; মোড়। ২। বঙ্কিম শব্দের অতি পরিচয়ার্থক বা তুচ্ছার্থক সংক্ষেপ (তুল—ওহে বঙ্কিম! ওরে বঙ্কা)। ৩। বিণ, বাঁকা। প্র—"চুম্বন বেরি বেরি করয়ে মুখ বঙ্কা"—বিদ্যাপতি।

বঙ্কিম (বোংকিম্) [সং—বক্রিম হইতে গঠিত বাং-শব্দ] বিণ, বক্র ; বাঁকা। ২। [ত্রিবক্রিম হইতে] শ্রীকৃষ্ণের নামান্তর। **বঙ্কিম বিহারী**—শ্রীকৃষ্ণ।

বঙ্কু (বোংকু) [সং—বন্‌ক্ ধাতুজ। বৈদিক সাহিত্যে বঙ্কু অর্থে, কুটিল] বিণ, বঙ্ক (দ্রঃ) ; বাঁকা। ২। বঙ্কিম এই নামের অতি পরিচয় বা আদরার্থক সংক্ষেপে। **বেঁটে বঙ্কু**—[সহচর শব্দদ্বয়] খর্ব ও বক্র দেহ।

বঙ্ক্য (বোংক) [বন্‌ক্+য (কর্মে)] বিণ, বক্র।

বঙ্খুর, বাঙ্খুর (বোংখুর্‌, র্‌) [বঙ্কু হইতে] বিণ, বক্রদেহ ; বক্রাঙ্গ। প্র—"বামন বঙ্খুর পতি কৈতে লাজ পায়।"—ভারতচন্দ্র।

বঙ্গ—বি, সীসক। ২। রঙ্গ ; রাং। **বঙ্গভস্ম**—বঙ্গনামক ধাতুভস্ম ; এই আয়ুর্বেদীয় ঔষধ অনুপান ভেদে বিবিধ রোগের শান্তি করে।

বঙ্গ—বি, বাঙ্গালা দেশ ; the province of Bengal. এখন যাহা পূর্ব্ববঙ্গ বলিয়া উক্ত হয় পূর্ব্বে তাহাই বঙ্গ নামে অভিহিত ছিল। পশ্চিম বঙ্গকে তখন গৌড় ও রাঢ় বলিত। সং-তে পূর্ব্ব ও মধ্য বঙ্গই বঙ্গ নামে প্রখ্যাত ছিল। তাঞ্জোরে ১১শ শতাব্দীতে উৎকীর্ণ প্রশস্তিতে "বঙ্গলম্" শব্দ পাওয়া যায়। বঙ্গলম্ হইতে আ ও ফা-তে 'বাঙ্গালা' হইয়াছে। সংস্কৃত গ্রন্থে "বঙ্গ" শব্দ আছে। আবুল ফজল্ লিখিয়া গিয়াছেন, "বঙ্গ পূর্ব্বে আল বা পাড দিয়া ঘেরা ছিল বলিয়া বঙ্গাল এই নাম হইয়াছে"। মতান্তরে এই প্রদেশের আদিম নিবাসী কোল সাঁওতাল প্রভৃতির উপাস্য দেবতা 'বঙ্গা' ও দেবী 'বঙ্গী' হইতে ইহার বঙ্গ নাম হইয়াছে। ২। বঙ্গদেশ-বাসী। ৩। বঙ্গীয় সৈন্য। প্র—"নবলক্ষ বঙ্গ তোর তেরশত হাতী"—গোবিন্দচন্দ্রের গীত।

বঙ্গজ [বঙ্গ—জন্ (জন্মান) + অ (ড, কর্তৃ) যে বঙ্গদেশে জন্মে, উপপদ] বিণ, বঙ্গদেশ-জাত ; বঙ্গদেশোৎপন্ন। ২। কায়স্থ জাতির শ্রেণী বিভাগবিশেষ। প্র—বঙ্গজ কায়স্থ।

বঙ্গন (ন্) [হি—বৈঁগন্ ; বন্‌গ্+অন (ট্—করণে)] বি, বেগুন ; বার্ত্তাকু।

বচ (চ্) [সং—বচা] বি, প্রসিদ্ধ কন্দবিশেষ ; the sweet flag. **বচাদি বর্গ**—বচা, মুতা, দেবদারু, শুঁঠ ও আতইচ।

বচন (ন্) [বচ্ (বলা) + অনট—ভাবে)] বি, ক্লী, কথন। ২। [কর্ম্মে—অনট্] বাক্য। ৩। [করণে—অনট্] সংস্কৃত ব্যাকরণের একত্বাদি বিভক্তি ; number.

বচনগ্রাহী [বচনগ্রাহি] [বচন—গ্রহ্ + ইন্ (ণিন্, কর্তৃ)] বি, যে কথার বাধ্য।

বচন-বদ্ধ (ন্) [যে বচন দ্বারা বদ্ধ, তৎ] বিণ, প্রতিশ্রুত। ২। প্রতিজ্ঞাবদ্ধ।

বচনীয় [বচ্ (বলা) + অনীয় (কর্ম্মে)] বিণ, বাচ্য। ২। নিন্দনীয়।

বচনীয়তা [বচনীয় + তা (ভাবে)] বি, স্ত্রী, অপবাদ। ২। কথনীয়তা।

বচসা (ব্‌চোশা) [বচস্ শব্দ ১মা, ১ব] বি, বিতণ্ডা : বাকাব্যয় : বকাবকি : বাগ্‌যুদ্ধ : বাক্ কলহ : উত্তর প্রত্যুত্তর। প্র—বীরেন্দ্রসিংহ পিতার আদেশ কদাচিৎ প্রতিপালন করিতেন, এজন্য পিতা পুত্রে সর্ব্বদা বচসা হইত"—দুর্গেশনন্দিনী।

বচা—বি, স্ত্রী, ভেষজ মূলবিশেষ : বচ ; আকর-কোরা : calamus.

বচা [বচ্ (বলা) + অ (কর্ম্মে—অচ্)—আ (স্ত্রীলিঙ্গে)] বি, স্ত্রী, বাক্য।

বচাবচ (বচাবচো) বি, বচসা : বাদানুবাদ : তর্কবিতর্ক। প্র—"শুনিয়া বলেন পার্থ বিনয় বচন। হীন সহ বচাবচ নাহি প্রয়োজন॥"—কাশী-মহা-সভা।

বচ্ছর (বচ্‌ছোর্) [বছর দ্রঃ] বি, বৎসর।

বছর (র্) [সং—বৎসর : প্রাকৃ—বচ্ছর। বাং-প্রা—বচ্ছর] বি, বৎসর। **বছর বছর**—প্রতিবৎসর।

বজনিশ, বজনিস (বোজ্‌নিশ্) [আ, ফা—বজিন্‌স্‌হি] বিণ, যথাযথ : হুবহু : অভিন্ন। প্র—"সাচ্চা ঝুটা যায় না বোঝা হায়রে কি বজ্‌নিশ নকল।"—রজনী সেন।

বজবজ (বজ বজ্) [হি—বজবজা = পচনশীল। বীজ (বীজাণু) হইতে ঘৃণা ও অনাদরার্থে ব্যাজব্যাজ। অল্পার্থে বিজ বিজ] বিণ, পুঁযাদি পূর্ণ : পচিয়া বীজাণু সঙ্কুল। ক্রি, **বজবজান** (নো)। বি, **বজবজানি**।

বজর [সং—বজ্র হইতে প্রাকৃ—বজ্জর, পদ্যে কোমলরূপ বজর] বি, বজ্র ; বাজ। প্র—"পিয়াস লাগিয়া জলদ সেবিনু বজর পড়িয়া গেল।"—চণ্ডীদাস।

বজা [ফা—বজা] বিণ, ঠিক। ২। [ফা—বজা নানা] হাসিল করা। প্র—দেখা কৈল হজরতে বজা আনে খেদমতে গোলামের এ বড় ইনাম।"—অ, ম। ৩। [প্রাদে—চট্টগ্রাম] ডিম্ব।

বজাজ (জ্) [আ—বজ্‌জাজ্] বি, বস্ত্রব্যবসায়ী ; কাপুড়ে।

বজায় (য়) [ফা—ব্‌জায় (পরিবর্ত্তে) হইতে হয় নাই। সম্ভবতঃ হি—বচাও বচাবা (রক্ষা) হইতে আসিয়াছে। চ=জ] বি, রক্ষা ; পোষণ ; সমর্থন। প্র—তাহার কেবল নিজের কথা বজায় রাখাই লক্ষ্য।

বজেট (ট্) [ইং—budget] বি, আয় ব্যয়ের আনুমানিক তালিকা। প্র—"বলহে ভবিষ্য ভাগ্যে বজেট আমার।"—কুঙ্কুম।

বজ্জর (র্) [বজ্র শব্দের প্রাকৃ রূপ—বজ্জর। বজর দ্রঃ] বি, বজ্র : বাজ। প্র—"বজ্জর পড়ুক চতুর্ম্মুখের মাথায়।"—ভারতচন্দ্র। "তা দেখি পাত্রের মুণ্ডে পড়িল বজ্জর।"—ধনরাম।

বজ্জাত (ৎ) [ফা—বদ্‌জাৎ] বি, নীচ-কুলোৎপন্ন। ২। দুষ্ট ; দুর্বৃত্ত ; নীচ। প্র—"যেমন বজ্জাত ঠ্যাটা তার কাছে জব্দ ব্যাটা"—ঈশ্বরগুপ্ত।

বজ্জাতি [ফা—বদ্‌জাতি] বি, অশিষ্টাচরণ ; দুষ্টামি : দুর্বৃত্তপনা ; পেজোমি। ২। নীচতা।

বজ্র (বজ্‌জ্র) [বজ্ (গমন করা) + র (কর্তৃ) সংজ্ঞার্থে] বি, পুং, ক্লী, অশনি : বাজ, thunder bolt. ২। ইন্দ্রের প্রধান অস্ত্র ; বজ্রাস্ত্র। [বজ্রের বিবিধ নাম—কুলিশ ; ভিদুর : পবি : শতকোটি ; স্বরু : হ্লাদিনী : শম্ব ; দম্ভোলি ; অশনি।—অমরকোষ। যজুর্বেদে বজ্রের নাম,—"বজ্র ; স্বধিতি ; শতঘ্নী ; কুলিশ ; অশনি ; পবি ও শর্ম্ম।"—কৃষ্ণযজুঃ। বেদে ইন্দ্রের বজ্র লোহময় বলিয়া উক্ত হইয়াছে। "ইন্দ্রস্য বজ্র আয়সঃ"—ঋক্ ৩।৮৫। স্ব—৮ম। ইহা আধুনিক কামান বা তোপের বৈদিক নাম। বেদের "কর্ণকাবতী" (কৃষ্ণযজুঃ)। বৈশম্পায়নোক্ত ধনুর্ব্বেদের "শতঘ্নী" ; মনুর কর্ণী (মনু ৯।৯০অ) ; ল্যা—canna, ফ্রে—canon, ইং—cannon, gun, এবং সং—বৃহন্নালিক (শুক্রনীতি ৪অ) ইন্দ্রাস্ত্র বজ্রেরই নামান্তর। [কর্ণী, শতঘ্নী, বৃহন্নালিক দ্রষ্টব্য—উপাসনা ৬ষ্ঠবর্ষ, (উমেশ বিদ্যারত্ন)]]। ৩। অষ্ট প্রকার অস্ত্র ; অষ্টবজ্র (বিষ্ণুর চক্র, শিবের ত্রিশূল, বরুণের পাশ, ব্রহ্মার অক্ষ, যমের দণ্ড, ইন্দ্রের কুলিশ, কার্ত্তিকেয়ের শক্তি, কালীর খড়্গ)। ৪। দারুণ আঘাত ; অবর্ণনীয় মর্ম্মপীড়া ; হৃদয়ভেদী শোক। প্র—"তবু বৎস, যে হৃদয় মুগ্ধ মোহ-মদে, কোমল সে ফুলসম, এ বজ্র আঘাতে কত

যে কাতর সে, তা জানেন সে জন, অন্তর্যামী যিনি ; আমি কহিতে অক্ষম।”—মেঘনাদ ৫। তীব্র তিরস্কার ; মর্মভেদী বাক্য বা কটূক্তি। ৬। হীরক। ৭। [সামুদ্রিকে] বজ্রাকৃতি চিহ্ন। ৮। শিশু। ৯। ছাত্র। ১০। অন্ন। ১১। অলাবু ; লাউ। [প্র-অ] ১২। [জ্যোতিষে] বজ্রযোগ ; বিষ্কুম্ভাদি ২৭ যোগের মধ্যে যোগ-বিশেষ। ১৩। কৃষ্ণের প্রপৌত্র, অনিরুদ্ধের পুত্র ; যদুবংশ ধ্বংস হইলে কৃষ্ণের আদেশে পাণ্ডবগণ ইহাকে যাদবদিগের রাজা করেন। ১৪। কুশ। ১৫। বিণ, কঠিন। ১৬। বজ্রাকৃতি। ১৭। হৃদয়ভেদী ; হৃদয়বিদারক। ১৮। অসহ্য। প্রা-বাং—বজ্জ। প্র—“করিয়া কৌতুকে কুড়ে বজ্জ নখে”—শূন্য-পুরাণ। স্ত্রী—বজ্রা। [দ্রঃ—“আলেক-জাণ্ডারের সমসাময়িক থেমিষ্টিয়াস্ লিখিয়াছেন—‘বজ্র ও বিদ্যুতের সাহায্যে ব্রাহ্মণগণ দূর হইতে যুদ্ধ করিতেন। আলেকজান্দারের যুদ্ধ-বর্ণন প্রসঙ্গে ফিলাষ্ট্রেটস্ বলিয়া গিয়াছেন, বৈদেশিকগণ ভারতীয় সৈন্যগণকে আক্রমণ করিতে অগ্রসর হইলে তাঁহারা বজ্র ও অগ্নিময় ঘূর্ণিবায়ুর সাহায্যে আক্রমণকারীকে বিধ্বস্ত করিয়াছিলেন।’”—গৃহস্থ ১৩২০,আশ্বিন]।

বজ্রক (বজ্‌জ্রক্) বি, বজ্রক্ষার।

বজ্রকণ্টক (বজ্‌জ্রকন্টক্) [বজ্রবৎ কঠিন কণ্টক যাহার, বহু] বি, কোকিলাক্ষবৃক্ষ ; কুলেখাড়া।

বজ্রকেতু (বজ্‌জ্র) [বজ্র—কেতু ধ্বজা যাহার—বহু] বি, পুং, নরকরাজ।

বজ্রচর্ম্মা (বজ্‌জ্র) [বজ্রের ন্যায় (কঠিন) চর্ম্মন্ (চামড়া) যাহার—মধ্যপদলোপি, বহু] বি, পুং গণ্ডার।

বজ্রজিৎ (বজ্‌জ্র) [বজ্র—জি (জয় করা) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে বজ্রকে জয় করিয়াছে, উপপদ] বিণ, বজ্রজয়ী। ২। বি, গরুড়।

বজ্রজ্বালা (বজ্‌জ্রজ্জালা) [বজ্রের (জ্বালার ন্যায়) জ্বালা (শিখা) যাহার,—ম-প-লো—বহু] বি, স্ত্রী, বজ্রাগ্নি।

বজ্রদন্ত (বজ্‌জ্র) [বজ্রের ন্যায় (কঠিন) দন্ত (দাঁত) যাহার, ম-প-লো—বহু] বিণ, বজ্রের ন্যায় কঠিন দন্তবিশিষ্ট। ২। বি, শূকর। ৩। হস্তী। ৪। মূষিক। ৫। নিম্নপৃষ্ঠ শ্বেতবর্ণ লোমশপত্র পার্ব্বত্য শাকবিশেষ। ইহার পাতায় সহজে দন্তস্ফুট হয় না বলিয়া এই নাম।

বজ্রধর (বজ্‌জ্রধর) [যে বজ্রধারণ করে—উপপদ] বিণ, বজ্রধারী। ২। বি, বজ্রী ; ইন্দ্র।

বজ্রনখ (বজ্‌জ্রনখ্) [বজ্রের তুল্য নখ—কর্ম্মধা] বি, তীক্ষ্ণনখ। প্র—“বজ্রনখ দিয়া শিব জোনি ছেদ কৈল।”—শূন্যপুরাণ। ২। বিণ, বজ্র-তুল্য নখবিশিষ্ট।

বজ্রনির্ঘোষ (বজ্‌জ্রনির্‌ঘোষ্) [বজ্রের নির্ঘোষ (শব্দ)—৬তৎ] বি, পুং, বজ্রধ্বনি।

বজ্রনিষ্পেষ (বজ্‌জ্রনিষ্পেষ্) [বজ্রের নিষ্পেষ (শব্দ)—৬তৎ] বি, বজ্রধ্বনি ; অশনিশব্দ

বজ্রপাণি (বজ্‌জ্রপানি) [যাহার পাণিতে (হস্তে) বজ্র আছে—বহু] বিণ, বজ্রধারণকারী। ২। বি, ইন্দ্র।

বজ্রবারক (বজ্‌জ্রবারক্) বি, বজ্রপাত প্রতিষেধক যাঁহারা বজ্রপাত নিবারণ করেন। ২। বি, পুং, জৈমিনি, সুমন্ত্র, বৈশম্পায়ন, পুলস্ত্য, পুলহ এবং জিষ্ণু এই ৬ জন মহাতপার নাম স্মরণে বজ্রঘাত নিবারণ হয়।

বজ্রবারাহী—বি, স্ত্রী, মায়াদেবী। ২। বৌদ্ধ-দিগের উপাস্যদেবতা বিশেষ।

বজ্রা (বজ্‌জ্রা) [বজ্র দ্রঃ] বি, স্ত্রী দুর্গা। ২। মনসাগাছ। ৩। গুড়ূচী ; গুলঞ্চলতা।

বজ্রাঘাত (বজ্‌জ্রাঘাত) [বজ্রের আঘাত—৬তৎ] বি, অশনিসম্পাত ; বজ্রপতন ; বাজ পড়া ; ঠাটা পড়া। প্র—“আরেরে মলয়বাত তোরে হৌক বজ্রাঘাত মরে যারে ভ্রমরা কোকিলা।”—অন্নদামঙ্গল।

বজ্রাঙ্গ (বজ্‌জ্রাংগো) [বজ্রের ন্যায় কঠিন অঙ্গ (শরীর) যাহার—বহু] বিণ, অতিশয় দৃঢ় দেহবিশিষ্ট ; কঠিনাঙ্গ। ২। বি, সর্প।

বজ্রাভ (বজ্‌জ্রাভ) [বজ্রের ন্যায় আভা (জ্যোতিঃ) যাহাদের—বহু] বি, পুং, দুগ্ধ প্রস্তর। ২। বিণ, হীরকের মত আভা-বিশিষ্ট। ৩। বিদ্যুৎপ্রভ।

বজ্রাস্ত্র (বজ্‌জ্রাসত্র) [বজ্র + অস্ত্র] বি, তাড়িতাস্ত্র ; বৈদ্যুতিক অস্ত্র ; কামান বন্দুকাদি আগ্নেয়াস্ত্র [বজ্র দ্রঃ]। প্র—“জিষ্ণু এইরূপে পিতার ভবনে পূজিত হইয়া মহাস্ত্র সকল উপসংহারের সহিত শিক্ষা করত বাস করিতে লাগিলেন। তিনি ইন্দ্রপ্রিয় দুঃসহ বজ্রাস্ত্র এবং মেঘ ও ময়ুর লক্ষণাক্রান্ত মহাশব্দোৎপাদক অশনি সকল ইন্দ্রের হস্ত হইতে প্রাপ্ত হইলেন।”—মহা-বন (বর্দ্ধমান)।

বজ্রী (বোজ্‌জ্রি) [বজ্র + ইন্ (অস্ত্যর্থে)] বি, পুং, ইন্দ্র। ২। যাহার বজ্র আছে ; বজ্র-বিশিষ্ট।

বঞ্চক (ক) [বন্চ্ + ণিচ্ = বঞ্চি (বঞ্চন করা) অক (কর্ত্তৃ)] বি, পুং, শৃগাল। ২। বিণ, যে বঞ্চনা করে ; প্রতারক।

বঞ্চন (ন্) [বঞ্চি (প্রতারনা) + অন (ট—ভাবে)] বি, ক্লী, প্রবঞ্চনা ; প্রতারণা। ২। [বন্চ্ (গমনে)] যাপন ; অতিবাহন ; ক্ষেপণ। প্র—“তান সঙ্গে বহুদিন করিল বঞ্চন।”—মহা (শ্রীকর)।

বঞ্চনা [বঞ্চি (প্রতারণা করা) + অন (ভাবে) স্ত্রী, আপ্] বি, স্ত্রী, প্রতারণা ; শঠতা।

বঞ্চা [বন্চ্ (গমন করা) ধাতু হইতে। উ-পু—বঞ্চি। ম-পু—বঞ্চ (প্রা-বাং—বঞ্চহ) ; বঞ্চুন (বোন্‌চুন্) ; বঞ্চা। প্র-পু—বঞ্চে ; বঞ্চেন। অস-ক্রি—বঞ্চিতে ; বঞ্চিয়া ; বঞ্চে ; বঞ্চি (পদ্যে)] ক্রি, বঞ্চনা করা। ২। অতিবাহন করা ; ক্ষেপণ করা ; কাটান ; যাপন করা। প্র—“সখে বঞ্চিল না জানি কোথা কারো সহিতে।”—বাং-গান। “কালি বঞ্চি পরশু হইব অধিবাসি।”—ভাগবত (নরহরিদাস)। ৩। ভোগ করা। ৪। বাস করা। প্র—“রাধা সঙ্গে বাস, আমারে নৈরাশ, আমি বঞ্চি একাকিনী।”—চণ্ডীদাস। [ব্রজ] বঞ্চল—বঞ্চিল ; যাপন করিল। প্র—“সো নিশি বঞ্চল”—বিদ্যাপতি। বঞ্চব বঞ্চিব ; কাটাইব। প্র—“কৈছনে বঞ্চব ইহ দিন রজনী”—বিদ্যাপতি। বঞ্চলি [প্রা-বাং] বঞ্চিলে ; কাটাইলে। প্র—“যামিনী বঞ্চলি আনহি সাথ”—বিদ্যাপতি।

বঞ্চিত (বোন্‌চিত) [বঞ্চা দ্রঃ। বন্চ্ + ত (ক্ত—কর্ম্মে)] বিণ, যাহাকে বঞ্চনা করা যায় ; যে প্রতারিত হইয়াছে। ২। [বন্চ্ (বিসর্জ্জনে—ত্যাগে)] বিহীন ; বিরহিত। প্র—“বঞ্চিত বিহগ কুল মধুর কূজনে। অথবা লাগেনা ভাল আমার শ্রবণে॥”—যদুগোপাল। স্ত্রী, বঞ্চিতা।

বঞ্চুক (বোন্‌চুক্) [বন্চ্ + উক (ও—কর্ত্তৃ) যে বঞ্চনা করে] বিণ, প্রতারক ; বঞ্চনাকারী।

বঞ্চ্য [বন্চ (গমন করা—বঞ্চনা করা) + য (ঘ্যণ্—কর্ম্মে)] বিণ, যাহাকে বঞ্চনা করা যায়। ২। বঞ্চনার যোগ্য।

বঞ্চ্যা [প্রাদে] বি, বেপোশাক।

বঞ্জুল (বোন্‌জুল্) [বন্চ্ + উল (অধি—সংজ্ঞার্থে) চ = জ] বি, পুং, অশোক বৃক্ষ। ২। বেত। ৩। পক্ষিবিশেষ।

বট (বট্) [বট্ (বেষ্টন করা) + অ (কর্ত্তৃ—অচ্) যে অধিক ভূভাগ আচ্ছাদন করে। হি—বর ; বরগদ্] বি, পুং, বটগাছ ; the banyan tree. ২। কপর্দ্দক ; কড়ি। প্র—“সঙ্গে এক বট নাহি ঘাটী দান দিতে”—চৈতন্য-চরিত। “বটের ভিখারী হও, বহুমূল্য নিতে চাও।”—চণ্ডীদাস। “বেণে বলে দর নাহি বাড়ে এক বট।”—কবিকঙ্কণ। ৩। মূল্য ; দাম। প্র—“ঔষধ খেয়ে, ভাল যে হয়ে বট দিও তবে পাছে।”—চণ্ডীদাস। ৪। বড়া ; পিষ্টক-বিশেষ [বটক দ্রঃ]। ৫। বর্ত্তুলাকার বস্তু ; বড় বড় গুটিকা ; বটী বা বড়ী অপেক্ষা বড় ; pillules.

বট (বট) [হি—বাটে শব্দজ] ক্রি, হও ; আছ। প্র—“কে বট কামিনী মোরে দেহ পরিচয়।”—দুর্গা পঞ্চরাত্র।

বটক (ক্) [সং] বি, পুং পিষ্টকবিশেষ ; বড়া। ২। মাষকলাই প্রভৃতির ডাউল পিষিয়া তৎসহ মসলা যোগে প্রস্তুত ব্যঞ্জনের বড়ী। ৩। ১ তোলা ; ৮ মাষা পরিমাণ।

বটকেরা, বটখেরা (বোট্‌কেরা) [ঠাট্টা (দ্রঃ) শব্দের সহচর] বি, বিদ্রূপ।

বটপত্রী—বি, বড় পাথরকুচির গাছ।

বটি (বোটি) [বট্ + ই (ইক—সাদৃশ্যার্থে)] বি, আলজিভ।

বটিকা (বো) [বট + ক (স্বার্থে বা অল্পার্থে) আপ্ স্ত্রী—ই—আগম] বি, স্ত্রী, গুটিকা ; গুলি ; বড়ী।

বটী (বোটি) [বট্ + অ (অচ্) কর্ত্তৃ—স্ত্রী, ঈ] বি, স্ত্রী, বড়ী ; গুটিকা।

ব-টীপ (প্) [প্রাদে] বি, বখেয়া সেলাই।

বটু (বোটু) [বট্ (উক্তি করা) + উ (কর্ত্তৃ) সংজ্ঞার্থে—বাক্‌পটু] বি, পুং, ব্রাহ্মণকুমার। প্র—"বিষ্ণু হয়ে বটু বাক্‌পটু বিলক্ষণ। সম্বোধিয়া হাস্যাভাসে কৈল সম্ভাষণ॥"—শিবায়ন। ২। বালক ; ব্রহ্মচারী। প্র—"হইয়া বামন বটু ছয় অংশে বেদপটু ধরি দণ্ড মেখলা অজিনে।"—কবিকঙ্কণ। ৩। "চন্দ্রনাথ তীর্থক্ষেত্রে ব্যাসকুণ্ডের উত্তর পশ্চিম কোণে অবস্থিত বিরাট বটবৃক্ষ : ইহা একপ্রকার আরণ্য বট। কেহ কেহ ইহাকে অক্ষয়বট বা ব্যাসবট বলেন। ইহার বেড ২০ হাত।"—বিষ্ণুপ্রিয়া ও আনন্দ বাজার পত্রিকা, ১৩১৮।

বটুক (বোটুক্) [বট্ (বলা) + উ (করণে, সংজ্ঞার্থে—ক) বটু দ্রঃ] বি, পুং, ব্রাহ্মণকুমার ; বটু।

বটুয়া (বো) [হি, ওড়ি—বটুয়া, বাটা সুতা নির্ম্মিত বলিয়া। সং—বট=শণসূত্র] বি, কাপড়ের ছোট বগলী বা থলী : ওড়িয়ারা বটুয়াতে পান ও পানের মসলা রাখিয়া দেয়।

বটূকরণ (বোটুকরন্) [বটু (ব্রহ্মচারী ছাত্র)—করণ (কৃ—অন (ট্) ভাবে, অবটুকে বটু করণ অর্থে (চ্বি)। বটু=বটূ, চ্বি লোপ] বি, উপনয়নসংস্কার ; যজ্ঞোপবীত দান ; ব্রহ্মচারী করণ।

বটে [হি—বাটে (হয়) শব্দজ] ক্রি, হয়। প্র—"পণ্ডিত বলেন সার এই যুক্তি বটে॥"—ধনরাম। প্রায় সত্য। প্র—"যা রটে তা বটে।"—প্রবচন। ২। অ, হাঁ ; তাহাই। ৩। সত্য ; ঠিক ; যথার্থ ; প্রকৃত। প্র—"ধাওয়াধাই যাই দেখি কি বটে কারণ।"—জগৎরাম, রামায়ণ। ৪। সত্য কিনা তৎসম্বন্ধে প্রশ্ন ; সন্দেহ। ৫। ভয় দেখান ; শাসান। প্র—বটেরে এত বড় স্পর্দ্ধা ইত্যাদি।

বটেক (ক্) [বট (কড়ি)—এক] বি, এক বট ; এক কড়া কড়ি। ২। কড়ি জ্ঞান। তুল—care a fig or straw. বটেক না করা—কড়া মাত্র জ্ঞান না করা ; তুচ্ছজ্ঞান করা। প্র—"নীরস দরপণ দূরে পরিহরি। কি ছার কমলের ফুল বটেক না করি।"—বলরাম।

বটের (র্) [হি] বি, তিতিরজাতীয় কিন্তু অপেক্ষাকৃত ক্ষুদ্র কর্বকবর্গের পক্ষিবিশেষ।

বড় (বড়ো) [সং, বড্—শব্দজ] বিণ, বৃহৎ (আকার সম্বন্ধে)। প্র—বড় বাড়ী। ২। দীর্ঘ ; লম্বা ; ঢেঙ্গা ; মাথায় উচ্চ। ৩। অধিক ; খুব ; বেশী (পরিমাণ অর্থে, আধিক্য intensity অর্থে)। প্র—বড় লেগেছে। বড়ই দুঃখিত। "আমায় বড় দেয় দাগা"—গিরিশ ঘোষ। ৪। অতিরিক্ত ; অতিশয় ; অত্যধিক। প্র—সে বড় বাড় বেড়েছে। ৫। বয়সে বড় ; বয়োধিক। প্র—বড় দাদা : "সভাজন শুন জামতার গুণ বয়সে বাপের বড়।"—অন্নদামঙ্গল। ৬। সম্মানে বড় ; উচ্চ পদস্থ ; শ্রেষ্ঠ। প্র—বড় মা ; বড় বাবু ; বড় সাহেব ইত্যাদি : "বারেকের তরে ভুলাও, জননি, কে বড় কে ছোট কে দীন কে ধনী কেবা আগে কে বা পিছে"—রবি। ৭। মহৎ ; প্রশস্ত ; উদার। প্র—তাঁহার, প্রাণ, মন বা হৃদয় খুব বড়। ৮। সামান্য ভাবে বা তুচ্ছার্থে বা নির্ব্বিশেষে কেহ কিছু বলিলে সেই উক্তিতে গুরুত্ব বা বিশেষত্ব নির্দ্দেশক অব্যয় ; যাহা লঘুভাবে উক্ত হয় তাহার গুরুত্ব প্রদর্শন। প্র—বড় ফেলনা নয় ; বড় হাসির কথা নয় ; ইত্যাদি। ৯। [ব্যঙ্গার্থে] তুচ্ছার্থক ; সামান্যভাব জ্ঞাপক। প্র—"বড় নাকি গাঁ তার আবার মাঝের পাড়া"। "বড়ত বিয়ে তার দুপায়ে আলতা।"—প্রবচন। ১০। [ব্যঙ্গার্থে] বিপরীতার্থক ; নঞর্থক। প্র—রোগের সময় বড় দেখ্‌লে তার এখন দেখবে। (অর্থাৎ রোগের সময় দেখেই নাই)। ১১। প্রথাবিরুদ্ধ। প্র—তুমি যে বড় এসেছ? ১২। ধনী। প্র—মেয়েটি বেশ বড় মানুষের বাড়ী পড়েছে। বড় একটা—অধিক ; বেশী। প্র—বড় একটা যাওয়া আসা নাই। বড়কথা—লম্বা লম্বা কথা ; অতিশয়োক্তি ; বড়াই। প্র—বড়লোকের বড় কথা। বড়-করা—উন্নত করা ; বাড়ান। ২। উপকার করা, সেবা করা এই স্থলে বড় অর্থে ভারি ত অর্থাৎ কিছুই নয়। বড়কাণ্ড, বড়কারখানা—সমারোহ। বড়গলা—উচ্চরব। ২। গর্ব্ব। বড়চাল—ধনীর মত চাল চলন। বড়চিংড়ি—গলদা, মোচা, বাগ্‌দা প্রভৃতি বৃহৎজাতীয় চিংড়ি মাছ (কুঁচো, বাদা, ধানবুনে প্রভৃতি জাতীয় নহে)। বড়ছেলে—জ্যেষ্ঠপুত্র। বড়জোর—অনুমানের শেষ সীমা ; গণনায় যে সংখ্যা বা পরিমাণের উর্দ্ধে আর যায় না। প্র—পাঁচশত লোক ত হবেই না বড় জোর তিনশত। বড়ঠাকুর—স্বামীর জ্যেষ্ঠভ্রাতা ; ভাশুর ; বট্‌ঠাকুর। ২। [ত্রিপুরা রাজ্য] রাজার অব্যবহিত নিম্নপদস্থ রাজপুরুষ ; যুবরাজ। ৩। সম্মানিত বয়োবৃদ্ধ ব্যক্তি। বড়দিন—ইংরেজি বৎসরের ২৫ শে ডিসেম্বর ; যিশুখ্রীষ্টের জন্মদিন ; christmas day. বড় বড়—বহুরচনার্থে দ্বিত্ব। বড়মানুষ—মহাশয় বা মহৎব্যক্তি [বিরল]। ২। [প্রচলিতার্থে] ধনী। বড়মানুষী—ক্রি, অমিত ব্যয় ; জাঁকজমক ; ধুমধাম ; ধনীর চালে চলন। বিণ, মধ্যবিত্ত অবস্থা অপেক্ষা অধিক ব্যয়সাধ্য। বড়মুখ—সপ্রতিভ ভাব ; আহ্লাদ। ২। বড়াই ; আস্ফালন। প্র—বড় মুখ করে নিয়ে এসেছিল, দেখে শুনে এখন সরে পড়েছে। বড়রাণী—প্রধানা মহিষী ; পাটরাণী। বড়লাট—ভারতবর্ষের সর্ব্বপ্রধান রাজপুরুষ ; রাজপ্রতিনিধি ; viceroy. বড় হওয়া—বয়োবৃদ্ধ হওয়া। ২। বৃদ্ধি পাওয়া। ৩। সমুন্নত হওয়া। বড়ি [প্রা বাং-সা ও ব্রজ] বিণ বড় ; অতিশয়। "এ বড়ি সাহস তোর"—বিদ্যাপতি। সই বড়ি পরমাদ হইল। না জানি কি দেবতা দানবে তারে পাইল॥"—জ্ঞানদাস।

বড় (বড়্) [প্রাদে] বি, ধানের মরাইয়ের চতুর্দ্দিকে জড়াইবার খড়ের একপ্রকার মোটা দড়ি। প্র—বড় জড়াইয়া রাখা ; "কাপড় উসাস করে যেন মরায়ের বড়।"—কবিকঙ্কণ। ২। বট কে গ্রাম্য ভাষায় বড় বলে। বড় জড়াইয়া, জড় বড়াইয়া বেড়ান [বড় জড়ান ক্রমে জড় বড়ানতে পরিণত]—বস্ত্রের প্রাচুর্য্যহেতু ক্রমাগত বেড় দিয়া পরিধান করায় বড় জড়ানর মত হাত পা অনেকটা বদ্ধ হওয়ায় স্বচ্ছন্দে চলা-ফেরা করিতে না পারিয়া জড়াইয়া বেড়ান। বড় নামা—বটগাছের ঝুরি নামা। ২। অঙ্গের মাংস স্থূলত্ব হেতু ঝুলিয়া পড়া।

বড়বড় (বড়্‌বড়্) [বট্ (উক্তি করা) বা—(অব্যক্ত ধ্বনি করা) + বড়্ (ক্রমাগত ঐরূপ করা)] বি, বৃথা কথন ; অনর্থক বচন। বড়বড়ানি বি, প্রলাপ ; অর্থহীন বাক্য। বকুনি। বড় বড়িয়া—বিণ, বৃথাবাক্যব্যয়কারী ; প্রলাপী। ২। বাক্যবাগীশ ; গল্পে।

বড়বড়ান (বড়্‌বড়ানো) [বড়বড় + আন (ক্রিয়ায়)। হি—বর্রানা। উ-পু—বড়বড়াই। ম-পু—বড়বড়াও। প্র-পু—বড়বড়ায়। অস-ক্রি—বড়বড়াইতে ; বড়বড়াইয়া ; বড়বড়িয়ে]

ক্রি, অস্পষ্ট স্বরে বড় বড় করিয়া বকা। ২। বাতুলের মত অর্থহীন বাক্য বলিতে থাকা। ৩। বিরক্তি বা অসন্তোষ প্রকাশক তর্জন করা।

বড়বা [সং] বি, স্ত্রী, অশ্বমুখী সমুদ্রগর্ভস্থা দেবী-বিশেষ। ২। অশ্বিনী নক্ষত্র। ৩। স্বর্বৈদ্য অশ্বিনীকুমারদ্বয়ের মাতা। ৪। দাসী; দূতী; কুটনী। ৫। ঘোটকী। [মেঘনাদবধ কাব্যে কবি মধুসূদন, নায়িকা প্রমীলার অশ্বিনীর বড়বা নাম কল্পনা করিয়াছেন। প্র—"চড়িলা সুন্দরী বড়বা নামেতে বামী—বাড়বাগ্নি শিখা!"—৩য় সর্গ ১৩৪]।

বড়বাগ্নি, বড়বানল (বড়োবানল্) [বড়বা যে অগ্নি, কর্ম্মধা] বি. সমুদ্রস্থ বহ্নি। ["কোন সময়ে মহর্ষি ঊর্ব্ব অযোনিজ পুত্র কামনায় নিজ বক্ষ হইতে যে জ্বালাময় পুরুষ উৎপাদন করিয়াছিলেন তিনিই দক্ষিণ সাগরে অবস্থান করিয়া বড়বা নামে খ্যাত হন।"—ভারতকোষ। মতান্তরে, a being consisting of flame with horse's head, fabled to have sprung from the thighs of Aswa and to have been received by the Ocean"—*Wilson.*] ২। সমুদ্রস্থ ঘোটকীর মুখজাত অগ্নি [বড়বা দ্রঃ]।

বড়বামুখ (খ্) [বড়বা=ঘোটকী--মুখ=প্রধান] বি, পুং, বড়বানল।

বড়ভি [বল্ (আবৃত করা) +অভ (করণে, অভচ্)+ই, সংজ্ঞার্থে। ল=ড] বি, ছাদের উপরে রচিত তৃণ বা খড়ের ঘর : চন্দ্রশালা।

বড়লোক (ক্) [বড় দ্রঃ] বি, যাঁহার হৃদয় মন উন্নত; মহাজন; মহাপ্রাণ। ২। [প্রচলিতার্থে] ধনী ব্যক্তি।

বড়লোকত্ব [বড়লোক+ত্ব (ভাবে)] বি, বড়লোকের ধর্ম্ম বা অবস্থা। প্র—"কোন মতে একটা যে-কোন-প্রকারের বড়লোকত্বের সুদূর গন্ধটুকু পাইলেই—"—চারিত্র পূজা।

বড়শী, বঁড়শী (বোঁড্শি) বি, লোহার বক্র কাঁটা, যাহা মাছের মুখে টোপ খাইবার সময় গাঁথিয়া বা বিদ্ধ হইয়া যায়। প্র—"জলের সফরী আহার করিতে বড়শী লাগিল মুখে।" —চণ্ডীদাস।

বড়শীযন্ত্র (বোঁড়শিজন্ত্র) বি, বঁড়শীর আকৃতি বেধনাস্ত্রবিশেষ। প্র—"জানয়ে অনেক তন্ত্র এড়য়ে বড়শী যন্ত্র বিনা অপরাধে পশু মারে।" —কবিকঙ্কণ।

বড়া [হি—বড়া=পিষ্টক] বি, পিষ্টকবিশেষ। প্র—"মাছের ডিমের বড়া মৃতে দেয় ডাক" —ভারতচন্দ্র। [দ্রঃ—ডালের বড়া, কলার বড়া, মাংসের বড়া, মাছের বড়া প্রভৃতি নানা প্রকারের বড়া হয়]।

বড়াই [সং—বৃদ্ধি শব্দজ। পা—বড্ডকী] বি, বৃদ্ধি। ২। প্রাধান্য; শ্রেষ্ঠত্ব। ৩। প্রশংসা মহিমা; গৌরব। প্র—"জ্ঞান কর্ম্ম নিন্দি কহে ভক্তির বড়াই"—চৈতন্যচরিত। ৪। গর্ব্ব; জাঁক। প্র—"ছাড় গঙ্গা আপন বড়াই"—কবিকঙ্কণ। "ঝি-সোহাগী মাগী করে ঝিয়ের বড়াই। চাঁদের গায়ে মলিন আছে বাছার গায়ে নাই॥"—শিবায়ন। ৫। বড় আয়ী, বড়াইবুড়ী দ্রঃ।

বড়াই—বি, স্ত্রী, বৃন্দাবনের বৃদ্ধা রমণী, ইনিই যোগমায়া, রাধাকৃষ্ণ মিলনের কারণ। প্র—"বড়াই সকল জান" তবে না বলিলে কেন এবে পার করহ আপনি"—ভাগবত (জীবন চক্রবর্ত্তী)। "আপনার মাথা খেয়ে ঘরের বাহির হয়ে, আইলাম বড়ায়ের সাথে।"—জ্ঞানদাস।

বড়াইবুড়ী [বড়+আয়ীবুড়ী] বি, বৃদ্ধা মাতামহী। ২। বৃন্দাবনের বৃদ্ধানারী ইনি রাধাকৃষ্ণের মিলনঘটান। ইনিই যোগমায়া। ২। অতি বৃদ্ধা নারী। প্র—"হাতে পায়ে কাঁপে বুড়ী কোথার বড়াই বুড়ী প্রবোধ বচন নাহি শুনে।"—কবিকঙ্কণ। ৩। বালিকা বৃদ্ধার ন্যায় পাকা পাকা কথা বলিলে অথবা কাপড় চোপড়ে ধরণ ধারণে বৃদ্ধার অনুকরণ করিলে ব্যঙ্গচ্ছলে তাহাকে বড়াইবুড়ী বলে।

বড়াল (ল্) বি, বারেন্দ্র শ্রেণী ব্রাহ্মণের ও সুবর্ণ বণিকের পদবীবিশেষ।

বডি [ইং—bodice] বি, স্ত্রীলোকের পুরা বা আধা হাতের কোমর পর্য্যন্ত লম্বা আঁটা জামা।

বড়ি (বোড়ি) [হি বড়ি=বড়] বিণ, বড়; অতিশয়; অত্যন্ত। প্র—"তবহু তাহার, পরশ না ভেল এ বড়ি মরম ধন্দ॥"—চণ্ডীদাস। ২। [হি—বঢ়িয়া হইতে] উচ্চশ্রেণীর; উত্তম; উৎকৃষ্ট। প্র—"সহজে সুন্দরী তায় বেশ করে বড়ি"—ঘনরাম।

বড়ি, বড়ী (বোড়ি) [হি—সং—বটী শব্দজ (বড়া শব্দের ক্ষুদ্রত্ববাচক)] বি, পিষ্ট দাউল ও মসলা সংযোগে প্রস্তুত ছোট বড় বটিকাকার খাদ্যবিশেষ। প্র—সুন্দরীগণ বড়ি নামে যে সুস্বাদু ভোজ্য প্রস্তুত করিয়া থাকে।" —বঙ্কিম (লোকরহস্য)।

বড়িশ (বোড়িশ্) [সং—বাং-র বর্ণ বিপর্য্যয়ে "বড়শী"] বি, স্ত্রী, মৎস্যবেধনী যন্ত্রবিশেষ; বঁড়শী।

বড়িশা (বো) বি, বঁড়শী, মৎস্যবেধন যন্ত্র।

বড়ু (বো) [সং—বটু] বি, বটু: ব্রাহ্মণকুমার। প্র—"বড়ু চণ্ডীদাস কয় না হইল পরিচয় রসের নাগর বড় কালা।"—চণ্ডীদাস। ২। দেবল ব্রাহ্মণ। ৩। পরিচারক। তুল—ইং—boy.

বড়ুয়া (বোড়ুআ) বি, বটু; ব্রাহ্মণযুবক; ব্রাহ্মণ। প্র—"একে কুলনারী, কুল আছে বৈরী, তাহে বড়ুয়ার বধূ।"—চণ্ডীদাস।

বড়ে [বোড়ে] বি, "দাবা-বড়ে" বা সতরঞ্চ খেলার উপকরণ, সৈন্যাখ্য ঘুঁটি। বড়ে টেপা—দাবা খেলা: বড়ে বা ঘুঁটি চালা। প্র—"তাহার পর কেহ বা বড়ে টেপেন কেহ বা তাস পেটেন"—টেকচাঁদ। ২। আগু পিছু ভাবিয়া ঝ আটঘাট বাঁধিয়া ধীরে ধীরে অগ্রসর হওয়া: চাল চালা বা কৌশল প্রয়োগ করা। প্র—" বিষ্ণুপুরে মিস্তের দেখ বড়ে টেপার গুণ"—হেম বন্দ্যো।

বড্ড (বড্ডো) [সং—বড্ড শব্দজ] বিণ, বড়; বৃহৎ। ২। অত্যন্ত: অতিশয়। প্র—"পা ফাঁক করে সিগারেট খেতে বড্ডই ভালবাসি"—দ্বিজেন্দ্র রায়। "একটি বিষয়ের বড্ড অভাব দেখিতেছি"—দ্বিজেন্দ্র ঠাকুর।

বণিক (বোনিক্) [পণ্ (বিক্রয় করা)+ইক্ (কর্ত্তৃ), প=ব=বণিজ্, ১মা, ১ব] বি, পুং, ক্রয়বিক্রয়কারী: বেণিয়া। ২। করণবিশেষ। স্ত্রী, বণিকিনী—বণিকপত্নী। বেণেনী বেণিনীও হয়। প্র—"নাগর আপনি হৈলা বণিকিনী কৌতুক করিয়া মনে।"—চণ্ডীদাস।

বণিগ্বন্ধু (বোনিগ্বোনধু) [বণিজ্ (বাণিজ্য ব্যবসায়ী) বন্ধু (মিত্র)—৬তৎ] বি, পুং, নীলি বৃক্ষ, নীলের গাছ।

বণিগ্বহ (বোনিগ্বহ) [বণিজ্ (বাণিজ্য ব্যবসায়ী) বহ্ (বহন করা)+অ (ন্ কর্ত্তৃ) যে বণিকদিগকে বহন করে (উপপদ)] বি, উষ্ট্র, উট।

বণিগ্বৃত্তি (বোনিগ্বৃত্তি) [বণিক্‌দিগের বৃত্তি (ব্যবসায়)—৬তৎ] বি, স্ত্রী, বাণিজ্য; ব্যবসায়।

বণিগ্ভাব (বোনিগ্ভাব্) [বণিজ্ (বণিকের) ভাব (ধর্ম্ম)—৬তৎ] বি, পুং, বণিগ্বৃত্তি; বাণিজ্য।

বণিজ (বোনিজ্) বি, পুং, করণবিশেষ। ২। বণিক।

বণিজপথ (বোনিজ্পথ্) [বণিক্‌দিগের পথ, ৬তৎ] বি, পুং, আপণ; দোকান; বাজার; হট্ট; ক্রয়বিক্রয় স্থান।

বণ্ট [বন্ট্ (ভাগ করা, বাঁটা)+অ (ল্ ভাবে)] বি, পুং, অংশ। ২। ক্রি, বণ্টন কর।

বণ্টক (ক্) [বন্ট্+অক (কর্ত্তৃ) যে বণ্টন করে] বিণ, বণ্টনকারী; বিভাজক।

বণ্টন (বন্টন্) [বন্ট্ (বিভাগ করা)+অন (ট্—ভাবে)—সূক্ষ্ম সূক্ষ্ম বিভাগ করত পেষণ] বি, ক্লী, অংশীকরণ; বিভজন। ২। পেষণ।

বৎ [সং] অ, তুল্যার্থক অব্যয় ; সদৃশ ; ন্যায়। ইহা অন্য শব্দের পর যুক্ত হয়। প্র—যথাবৎ বালকবৎ।

বতক (ক্) [হি—বর্ত্তক্—বত্তক, বতক, বত] বি, স্ত্রী, হংসী।

বতর (র্) [প্রাদে] বি, সময়বিশেষ। যোগ্য কাল ; সুযোগ। প্র—"জমিতে চাষ দিবার বতর হইয়াছে।

বতারিখ [ফা—ব-তারীখ্] ক্রি-বিণ, তারিখ অনুযায়ী।

বত্ত (বৎতো) [সং—ব্রত হইতে, প্রাকৃ—বত্ত] বি, বিশুদ্ধ কর্ম্ম। ২। ব্রত।

বত্তমান (বৎতোমান্) [পা—বত্তমাণ। বাং গ্রা] বি, বর্ত্তমান।

বত্তান (বৎতানো) [বর্ত্তা দ্রঃ। গ্রা। উ-পু—বত্তাই। ম-পু—বত্তাও ; বত্তান্ ; বত্তা প্র-পু—বত্তায় : বত্তান্। অস-ক্রি—বত্তাইতে ; বত্তাইয়া, বত্তো, বত্তে (বোত্তে) ক্রি, জুড়ান ; প্রাণ পাওয়া ; বাঁচা।

বত্রিশ (বোৎতৃশ্) [সং—দ্বাত্রিংশৎ শব্দজ] বিণ, ৩২ সংখ্যক। ২। বি, ৩২ এই সংখ্যা ; দুই অধিক ত্রিশ।

বত্রিশা, বত্রিশে (বোৎতৃশে) বি, বত্রিশের সংখ্যাপূরক। ২। বত্রিশ সংখ্যক ঘরের পূরক।

বৎস (শ) [বদ্ (স্নেহ সম্ভাষণ, বলা) + স (সক্—কর্ম্মে) যাহাকে স্নেহপূর্ব্বক বলা যায়] বি, পুং, বাছা। ২। বাছুর। প্র—"ধেনু-বৎস এক স্থানে বৃষ খুরে ক্ষিতি টানে দক্ষিণেতে ব্রাহ্মণ অনল।"—অন্নদামঙ্গল।

বৎস-কামা (শ) [বৎস—কামা (কামনা-কারী)] বিণ, স্ত্রী, সন্তানাভিলাষিণী।

বৎসতন্ত্রী (বৎশতোন্তৃ) [বৎসের তন্ত্রী (রজ্জু)—৬তৎ] বি, স্ত্রী, বাছুর-বাঁধা দড়ি।

বৎসতর (বৎশতর্) [বৎস + তর (হ্রস্বার্থে) বৎসদ্বয়ের মধ্যে যে ছোট] বি, পুং, ছোট বাছুর। স্ত্রী, বৎসতরী।

বৎসদন্ত (বৎশদন্ত) [বৎস (বৎসের) দন্ত (দাঁত) সদৃশ দন্ত যাহার, বহু] বি, পুং, অস্ত্র-বিশেষ।

বৎসপত্তন (শ, ন্) বি, বৎসরাজ প্রতিষ্ঠিত নগরী।

বৎসপাল (বৎশপাল্) [যে বৎসের পালন (রক্ষণ) করে—উপপদ] বি, পুং, কৃষ্ণ। ২। গোপাল।

বৎসর (শর্) [প্রাকৃ—বচ্ছর। বাং-গ্রা—বচ্ছর, বছর। বস্ (বাস করা) + সর (ণ্—অধি)] বি, নক্ষত্রমানে এক বৎসর ; বার মাস বা ৩৬৫ দিনরাত্রির কাল-পরিমাণ। [দ্রঃ—পূর্ব্বে ভারতবর্ষে সমগ্র বৎসর তিন ভাগে বিভক্ত হইত। ফাল্গুন, চৈত্র, বৈশাখ, জ্যৈষ্ঠ—গ্রীষ্ম। আষাঢ়, শ্রাবণ, ভাদ্র ও আশ্বিন—বর্ষা। কার্ত্তিক, মার্গশীর্ষ, পৌষ (তিষ্য) এবং মাঘ—হেমন্ত ঋতু বলিয়া পরিগণিত হইত। ব্রাহ্মণগণ এই চাতুর্মাস্যের প্রারম্ভে বা অন্তে যাগ যজ্ঞাদি ক্রিয়ার অনুষ্ঠান করিতেন। হিন্দু সন্ন্যাসী, বৌদ্ধ ভিক্ষু ও জৈন যতিগণ বর্ষার চারি মাস আশ্রমে থাকিতেন]।

বৎসল (বৎশল্) [(বৎস + ল (অস্ত্যর্থে) অথবা বৎস (স্নেহ) লা (দেওয়া) + অ (ড—কর্ত্তৃ) যে স্নেহ দান করে] বিণ, স্নেহযুক্ত ; অনুরাগযুক্ত। প্র—"সেসব জীবেরে কৃষ্ণ বৎসল হইয়া।"—চৈতন্য ভাগবত। "মহাকায় মহাদন্ত যাহার নাহিক অন্ত সেবক বৎসল ভগবান।"—কবিকঙ্কণ। স্ত্রী, বৎসলা। প্র—"পাদপদ্মে দেহ স্থান সেবকবৎসলা।"—কবিকঙ্কণ।

বৎসলতা (শ্) [বৎসল + তা (ভাবে)] বি, স্ত্রী, স্নেহ ; অনুরাগ।

বদ্ (বদ্) [ফা—বদ্ = মন্দ : কু] বি, মন্দ ; খারাপ। প্র—বদনাম ; বদ হাওয়া ; বদগন্ধ ইত্যাদি।

বদ [বদ্ (বলা) + অ (চ)] বিণ, যে বলে। ২। ক্রি, উ-পু, বল ; কহ।

বদইস্তিজাম (দ, ম্) [ফা—বদ্ইস্তিজাম্] বি, বেবন্দোবস্ত।

বদখৎ (দ্) [ফা—বদ্ + খৎ (লিপি)] বিণ, যাহার হস্তাক্ষর ভাল নয়। ২। বেয়াড়া ; দুষ্ট। প্র—এমন বদখৎ ছেলে কোথাও দেখি নাই।

বদখেয়াল (দ, ল্) [ফা] বি, কুঅভিপ্রায় ; কুমৎলব ; কুভাব ; অসদুদ্দেশ্য। প্র—"অন্য সব বদখেয়াল ও ক্রমে ক্রমে ছাড়বে।"—ভারতী।

বদখোব [প্রাদে—মালদহ] বিণ, যাহার স্বভাব ভাল নহে।

বদগন্ধ (বদ্গন্ধো) [পা—বদ্ + সং—গন্ধ] বি, দুর্গন্ধ।

বদচলন (বদ্চলোন্) [ফা—বদ্—হি—চলন্ = চাল] বি, কুচাল ; মন্দস্বভাব। ২। বিণ, কদাচারী। ৩। কুচরিত্র ; নষ্টস্বভাব।

বদজবান (দ, ন্) [ফা—বদ্—জবান্] বি, অশিষ্ট কথা ; গালি। ২। বিণ, অশিষ্টবাদী ; অভদ্রভাষাভাষী।

বদঢঙ্গা (দ্) [প্রাদে, মালদহ। ফা—বদ্—হি—ঢঙ্ + আ (যুক্তার্থে)] বিণ, বদচলন ; যাহার ধরণধারণ ভাল নয় ; বেয়াড়া।

বদন (ন্) [বদ্ (বলা) + অন (ট্—করণে) —যাহা দ্বারা বলে] বি, মুখ। প্র—"বল বদনভরে রে, বল দয়াল ব্রহ্মনাম।"—ব্রহ্ম-সঙ্গীত। "বদন ভোরে হরি হরি বল"—মতিলাল রায়। "বদনে রদন লড়ে"—ভারতচন্দ্র। ২। মুখমণ্ডল ; আনন। প্র—"বিশীর্ণ হয়েছে অঙ্গ মলিন বদন",—চারুগাথা। "মনে কি পড়েছে সখি কৃষ্ণের বদন ? তা নয় বরষা-শোভা হেরে মুগ্ধ মন।" ৩। [সমাস যুক্ত হইলে] বিণ, মুখযুক্ত ; বদনবিশিষ্ট। প্র—তুরঙ্গবদন ; বিরসবদন। ক্রি, বি, স্ত্রী, কথন। স্ত্রী, বদনা, বদনী। প্র—"স্তন-ভারে মন্থরগামিনী, সুবদনা মালবিকা তরল-নয়নী"। "তুমি ইন্দুবদনী, কুরঙ্গনয়নী, কনকবরণী তারা।"—রামবসু। বদনইন্দু —চন্দ্রমুখ ; প্রফুল্লমুখ। প্র—"নিরখি নিরখি বদনইন্দু। পুলকে উথলে প্রেমসিন্ধু"—রাম প্রসাদ। বদনচন্দ্র—চন্দ্রসদৃশ বদন ; মুখচন্দ্র। বদনভরে—সুস্পষ্ট ও মুক্তস্বরে। ২। মুখ পূর্ণ করিয়া। বদনমণ্ডল—মুখ-মণ্ডল ; ললাট হইতে চিবুক এবং এককর্ণ হইতে অন্য কর্ণ পর্য্যন্ত ভাগ। প্র—'বদনমণ্ডল চাঁদ নিরমল ঈষৎ গোঁপের রেখা"—ভারতচন্দ্র। বংশী-বদন, বংশীবয়ান—যাহার বদনে বংশী আছে ; বংশীবাদ্যকারী ; যিনি বাঁশীর রন্ধ্রে ফুঁ দিয়া বাজাইতেছেন ; শ্রীকৃষ্ণ। প্র—"ওই আসছে আয়ান, বাঁকা নয়ান বংশীবয়ান বন মাঝে"—গান।

বদনসীব (বদনোশিব্) [ফা—বদ্ নসীব্] বি, মন্দভাগ্য। ২। বিণ, যাহার ভাগ্যমন্দ ; হতভাগ্য।

বদনা (বদ্না) [সং—বর্দ্ধনী (ঘটী—মেদিনী) হইতে—হি—বধ্না। বাং-গ্র, বদনা] বি, জল-পাত্র নলযুক্ত ঘটী। প্র—"বেশ বদনা কমোড্ কোশাকুশী আদি সরঞ্জাম"—রজনী সেন। [দ্রঃ—এই জলপাত্র মুসলমানেরা ব্যবহার করে, হিন্দুদিগের গাড়ু আর মুসলমানের বদনা। জাতীয় বিদ্বেষজাত পার্থক্য অদ্যাপি এ উভয় জলপাত্রে পরিস্ফুট রহিয়াছে]।

বদনাম (বদ্নাম) [ফা—বদ্ + সং—নাম] বি, অপযশ ; দুর্নাম। প্র—"করিলাম বদকাম বদনাম শেষে"—ভারতচন্দ্র। ২। নিন্দা। বিণ, নিন্দিত। ২। যাহার দুর্নাম ঘটিয়াছে। বি, বদনামী।

বদনামৃত (বদনাম্মৃত) [বদনের (মুখের) অমৃত (সুধা)—৬তৎ] বি, স্ত্রী, অধরমধু ; মুখামৃত। ২। থুথু ; লালা।

বদনারবিন্দ [বদন + অরবিন্দ] বি, বদনকমল ; মুখপদ্ম।

বদনাসব (বদনাশব্) [বদন (বদনের) + আসব (মধু)—৬তৎ] বি, পুং, মুখামৃত ; অধরসুধা।

বদনিয়ত (দ, ত্) [ফা—বদ্নীয়ৎ] বি, কুপ্রবৃত্তি। ২। বদস্বভাব ; বদচলন। ৩। যাহার উদ্দেশ্য ভাল নয়।

বদবক্ত (দ্) [ফা—বদ্‌বখ্‌ৎ] বিণ. দুর্ভাগ্য। বি. **বদবক্তি**—দুঃসময়। ২। ভাগ্যহীনতা।

বদবো [ফা—বদ্‌ । বাং-প্রাদে ; উ-বঙ্গে] বি. দুর্গন্ধ।

বদমান (ন্) [বদ্+আন (শ্—কর্ত্তৃ)] বিণ. যে বলিতেছে ; ভাষমান।

বদমাইশ, বদমায়েস (দ্, শ্)—বদমাশ দ্রঃ।

বদমাশ,—মাস (বদ্‌মাশ্) [ফা—বদ্‌মাশ্] বিণ. দুষ্ট ; দুর্বৃত্ত। ২। নষ্টচরিত্র ; ইন্দ্রিয়সেবী। বি. **বদমাশী, বদমাসী**—দুষ্টামি ; নীচতা। ২। চরিত্রহীনতা ; কুক্রিয়াসক্তি। ৩। কুকার্য্য ; ইন্দ্রিয়সেবা।

বদমেজাজ (দ্, জ্) [ফা—বদ্‌মিজ়াজ] বিণ. যাহার মেজাজ খারাব ; উগ্রপ্রকৃতি ; রগচটা। বি. **বদমেজাজি**।

বদর, বদরী (র্) [সং। বঅর, বঅরী, বৈর (হি)। বর্ণ বিপর্য্যয়ে "বউর" (প্রাদে-পূবঙ্গে)] বি. কুলফল। প্র—"কাঠ আন্য এক ভার, একত্র শুধিব ধার, মিষ্ট কিছু আনিহ বদর।"—কবিকঙ্কণ।

বদর (র্) [আ—বদ্‌র্=পূর্ণচন্দ্র। মুসলমানগণ যাবতীয় ক্রিয়াকর্ম্ম উৎসব পর্ব্বাদিতে চন্দ্রকে দিক্‌দর্শক বা নিয়ামক বলিয়া মনে করে, মুসলমান মাঝিগণ সেইজন্য চন্দ্রের নাম করিয়া জলপথে যাত্রা করে এবং বিপদের আশঙ্কা হইলে "বদর বদর" বলিয়া চন্দ্রেরই নাম লয়। মতান্তরে বদর-নামক পীর। মাঝিরা এই পীরের নাম করে] বি. জলপথের বিপদনিবারক পীরের নাম। ২। ঈশ্বর ; ইষ্টদেব। প্র—"শাক্তে তোমায় বলে শক্তি * * * * শিল্পী বলে বিশ্বকর্ম্মা, বদর নায়ের মাঝি।"—দেওয়ান রামদুলাল (বাং-গান)।

বদরঙ্গ, বদরং (বদ্‌রং) [ফা] বি. বেরং ; তাসের খেলায় যে রঙ্গের খেলা হইতেছে তাহা ছাড়া অন্য রঙ্গের তাস। ২। মন্দরং ; ফিকে রং। ৩। অশোভন বর্ণ।

বদরফলী (বদরফোলি) [বদরের মত ফল যাহার—বহু] বি. স্ত্রী. ভূমিবদরী লতা।

বদরবল্লী (বদর্‌বোল্লি) বি. স্ত্রী. ভূমিবদরী লতা।

বদরাগী (বদ্‌রাগি) [বদ্—রাগী (দ্রঃ)] বিণ. যে হঠাৎ ক্রুদ্ধ হয় ; উগ্রপ্রকৃতি ; বদমেজাজ ; কোপনস্বভাব।

বদরাহ (দ্, হ্) [ফা—বদ্‌রাহ্] বি. কুপথগামী ; পাপী।

বদরিকাশ্রম (বদোরিকাস্‌স্রোম্) বি. হিমালয়ক্রোড়স্থ গড়বাল প্রদেশের অলকানন্দা নদী তীরবর্ত্তী স্বনামপ্রসিদ্ধ তীর্থ।

বদরীপত্র (পৎত্র) বি. কুলগাছের পাতা। ২। পুং. নখী নামক গন্ধদ্রব্য।

বদরীফলা—বি. স্ত্রী. নীল শেফালিকা।

বদরীশৈল—বি. ক্লী. বদরী-নামক পর্ব্বতশৃঙ্গ, আধুনিক নাম বদ্রীনাথ।

বদল (ল্) [আ—বদল] বি. বিনিময় ; পরিবর্ত্ত ; একের স্থলে অন্য। প্র—"একমুঠা অন্ন তরে ফিরিয়াছি ঘরে ঘরে, পাই নাই ক্ষুদ কণা ক্ষুধা পিপাসায়। বদলে পেয়েছি খালি, গলা ধাক্কা গালাগালি।"—চন্দন। "বসন ভূষণ হৈয়াছে বদল, তখন উঠিয়া দেখি।"—চণ্ডীদাস।

বদলা (দ্) [আ—বদ্‌লা] বি. প্রতিশোধ। **বদলা লওয়া**—শোধ তোলা ; প্রতিদান করা ; প্রতিশোধ গ্রহণ করা। **বদলাবদলি**—ফেরাফিরি ; হেরফের ; পরিবর্ত্তন ; অদলবদল।

বদলান (বদ্‌লানো) [আ—বদ্‌লানা। উ-পূ—বদলাই। ম-পূ—বদ্‌লাও ; বদ্‌লান। বদ্‌লা। প্রপু—বদলায় ; বদলান। অস-ক্রি—বদলাইতে ; বদলাইয়া ; বদলি (পদ্যে), বদলে (বো)] ক্রি একের পরিবর্ত্তে অন্য দান বা গ্রহণ করা ; পরিবর্ত্তন করা। প্র—"বদলিয়া মাল পুনহি মুঝে দেল"—বিদ্যাপতি। ২। বিনিময় করা।

বদলি (বোদ্‌লি) [আ—বদ্‌লাই] বি. পরিবর্ত্তন। ২। বিনিময়। ৩। বিণ. একস্থান হইতে অন্যস্থানে আদিষ্ট ; স্থানান্তরিত। ক্রি, **বদলি করা**—এক পদ বা স্থান হইতে অন্যত্র প্রতিষ্ঠিত করা বা প্রেরণ করা।

বদস্ত (বদস্‌ৎ) [ফা—ব—দস্ত্ (হস্ত)] ক্রিবিণ. হস্ত দ্বারা। ২। হাতে হাতে।

বদহজম (বদ্‌হজোম্) [ফা—বদ্+হজ়্ম্ (পরিপাক)] বিণ. অপরিপাক। বিণ. **বদহজমী**।

বদহাওয়া [ফা—বদ্—হাওআ] বি. খারাপ হাওয়া ; অনিষ্টকর বাতাস ; অহিতকর বায়ু।

বদহাল (বদ্‌হাল্) [ফা] বি. দুরবস্থা ; দারিদ্র্য। ২। সঙ্কট অবস্থা।

বদা [হি—বদ্‌না] ক্রি. বাজী রাখা ; to bet. প্র—"শুনিয়া স্বামীর পদে রাজার রমণী বদে।"—রজনী সেন।

বদান্য (বদান্ন) [বদ্+আন্য (কর্ত্তৃ) যে, মধুর সম্ভাষণ করে] বিণ. মধুরভাষী। ২। দানশীল ; দাতা। ৩। উদার।

বদাবদ (দ্) [সং—বদ্ (বলা) বদ্ (বলা) পরস্পরার্থে আ—আগম। হি—বদাবদি=প্রতিযোগিতা, প্রতিপক্ষতা] বি. বাক্‌কলহ ; বচসা। প্র—"বদাবদে যুদ্ধের উদ্যম উপস্থিত"—শিবায়ন। ২। তর্কবিতর্ক ; শাস্ত্রবিচার। প্র—"সার্ব্বভৌম বন্দ্যো সর্ব্ব শাস্ত্রে বিশারদ। প্রভুর সহিত যার হৈল বদাবদ।"—চৈতন্যচরিত।

বদাম (ম্) বি. পুং. বাদাম দ্রঃ।

বদাল (ল) [সং] বি. পুং. বোয়ালমাছ।

বদী (বোদি) [হি—বদী, বিপরীত সুদী] বি. কৃষ্ণপক্ষ।

বদ্ধ (বধ্ (বন্ধনে) + ত (ক্ত—কর্ম্মে) যাহাকে বাঁধে] বিণ. যাহাকে বন্ধন করা হইয়াছে ; গ্রথিত ; বাঁধা। ২। সংযত ; নিয়মিত। ৩। একত্র ; সংমিলিত। ৪। অবরুদ্ধ।

বদ্ধদৃষ্টি [বদ্ধ হইয়াছে দৃষ্টি যাহার—বহু] বিণ. স্থিরলক্ষ্য ; ন্যস্ত দৃষ্টি ; একস্থানে বা পাত্রে নিবদ্ধ অনিমিষ দৃষ্টি। প্র—"অনুচিত হইতেছে বুঝিতে পারিয়াও শচীকান্ত বদ্ধদৃষ্টি ফিরাইতে পারিল না"—ভারতী, ৩৬শ বষ।

বদ্ধপরিকর (পোরিকর্) [বদ্ধ হইয়াছে পরিকর (কটিবন্ধ) যাহার—বহু] বিণ. যাহার কটিবন্ধ আবদ্ধ আছে ; দৃঢ়ীকৃত কটিবন্ধ ; যে কোমর বাঁধিয়াছে। ২। [তাহা হইতে] দৃঢ়প্রতিজ্ঞ ; কৃতনিশ্চয় ; প্রস্তুত।

বদ্ধমুষ্টি [বদ্ধ (বাঁধা) আছে মুষ্টি (মুঠ) যাহার—বহু] বিণ. দৃঢ়মুষ্টি ; যে মুষ্টি বদ্ধ করিয়াছে। ২। কৃপণ ; ব্যয়কুণ্ঠ। ৩। যে তরবারির মুঠ বাঁধান।

বদ্ধমূল (ল্) [বদ্ধ হইয়াছে মূল যাহার—বহু] বিণ. দৃঢ়মূল ; যাহার শিকড় বহু বিস্তৃত ও অনুৎপাটনীয় হইয়াছে।

বদ্ধশিখ (খ্) [বদ্ধ [সংযত হইয়াছে শিখা (চূড়া বা টিকী) যাহার বা যৎ কর্ত্তৃক—বহু] বি. পুং. শিশু। ২। যে ব্রাহ্মণ শিখা বন্ধন করিয়াছে।

(লো) [বদ্ধ হইয়াছে অঞ্জলি যৎকর্ত্তৃক—বহু] বিণ. যে হাত যোড় করিয়াছে ; কৃতাঞ্জলি।

বদ্বীপ (বদ্দীপ্) [মাত্রাশূন্য ব আকৃতি বিশিষ্ট দ্বীপ] বি. যে জলবেষ্টিত ভূভাগ "ব" অক্ষরের ন্যায় ত্রিকোণ।

বধ (ধ্) [বধ্ (হিংসা—নাশ করা) + অ (ল্—ভাবে)] ক্রি. হিংসা। ২। হত্যা। প্র—"সারীর খাইয়া মাথা, দেহ মোরে দুঃখ ব্যথা, তোমারে লাগিবে মোর বধ।"—কবিকঙ্কণ। ৩। বন্ধন। ৪। (ব্‌ধ) ক্রি. বধ কর ; হনন কর।

বধক (ক্) [বধ+অক (কর্ত্তৃ) যে বধ করে] বিণ. হত্যাকারী।

বধয়ে [পদ্যে। বধা দ্রঃ] ক্রি. বধ করে। প্র—"বদনে বদন দিয়া বধয়ে পরাণ।"—বিদ্যাপতি।

বধস্থলী (স্থোলি) বি, স্ত্রী, বধ্যভূমি ; বধস্থান ; মশান।

বধার্হ [বধ (বিনাশ) অর্হ (যোগ্য)—৬তৎ] বিণ, বধযোগ্য ; বিনাশের উপযুক্ত।

বধির (বোধির্) [বধ্ (বন্ধন করা) + ইর্ (কর্তৃ) সংজ্ঞার্থে] বিণ, শ্রবণশক্তি বিহীন ; যাহারা কাণে শুনিতে পায় না ; কালা।

বধী (বোধি) [বধ + ইন্ (করোত্যর্থে)] বিণ, বধকারী ; হত্যাকারী ; ঘাতক।

বধূ (বোধূ) [সং—বহ্ (পাওয়া) উ (ঊ—কর্মে) যাহাকে বহন করা যায়। "স্ত্রী যোষিদবলা যোষা নারী সীমন্তিনী বধূ। প্রতীপদর্শিনী বামা বনিতা মহিলা তথা॥"—অমর। ক্ষুদ্রার্থে—বধুটী] বি, স্ত্রী, বনিতা ; মহিলা। ২। বউ ; নব-বিবাহিতা স্ত্রী। ৩। স্নুষা ; পুত্রবধূ। ৪। কুলস্ত্রী ; কুলবালা। ৫। [বৈদ্যকে] অনন্তমূল। (২) শটী। (৩) পিড়িংশাক।

বধূজন (বোধূ) [বধূ (স্ত্রঃ)—জন (সমূহার্থে)] বি, অঙ্গনাগণ ; নারীসমূহ। প্র—"গোপবধূজন বিকশিত যৌবন। পুলকিত যমুনা, মুকুলিত উপবন॥"—রবি। (২) [বধূ—জন (লোক)—কর্মধা। গ্রা—মেয়েলোক] স্ত্রীলোক।

বধূটী (বো) [বধূ + টী (ক্ষুদ্রার্থে)] বি, স্ত্রী, অল্পবয়স্কা বধূ ; বালিকা বধূ।

বধূৎসব (বোধুৎশব্) [বধূর উৎসব—৬তৎ] বি, পুং, বধূর প্রথম রজোদর্শন ঘটিত উৎসব ; পুষ্পোৎসব। ২। [প্রাদে] বৌভাত।

বধূমাতা (বো) [বধূ—মাতা (সম্ভ্রমে মাতৃ ও স্নেহে কন্যাস্থানীয়া বলিয়া)] বি, স্ত্রী, শিষ্টসমাজে পুত্রবধূ ও ভাতৃবধূর প্রতি সম্বোধন ; বউমা।

বধূসর, বধূসরা (বোধুশর্) বি, মহাভারতোক্ত পবিত্রসলিলা নদীবিশেষ। কথিত আছে, একদা ভৃগুমুনি স্নানার্থে গমন করিলে পুলোমানামক এক রাক্ষস ভৃগুপত্নী গর্ভবতী পুলোমাকে হরণ করিয়া লইয়া যায়। সেই সময় ভৃগুবধূ রোদন করিতে থাকেন। তাঁহার নয়নজলে এই নদীর উৎপত্তি হয়। গর্ভস্থ শিশু মাতাকে রক্ষা করিবার জন্য ভূমিষ্ঠ হইয়া স্বীয়তেজে পুলোমা রাক্ষসকে ভস্মীভূত করেন।

বধোদ্যত (দ্দত) [বধ + উদ্যত] বিণ, যে বধ করিবার জন্য উদ্যত হইয়াছে ; হত্যা করিতে প্রস্তুত।

বধোপায় (য়) [বধের উপায়] বি, হননকৌশল। ২। বধসাধন।

বধ্য (বোধ্ধ) [বধ (হিংসা করা, বিনাশ করা) + য (য্যপ্—কর্মে) যাহাকে বধ করে] বিণ, বধের যোগ্য ; বিনাশ্য।

বধ্যপাল (বোধ্ধোপাল্) [বধ্য (বধযোগ্য) পাল (পা + ণিচ্ = পালি + অচ্—কর্তৃ] বি, যাহারা বধ্যদিগকে রক্ষা করে ; কারাগাররক্ষক।

বধ্যভূমি (বোধ্ধোভূমি) [বধ্য (বধযোগ্য) যে ভূমি (স্থান)—কর্মধা] বি, স্ত্রী, বধস্থান ; যে স্থানে প্রাণদণ্ড করা হয় ; মশান।

বন (ন্) [বন্ (বিস্তারে) + অ (অচ্—কর্তৃ) যে বিস্তৃত হয়] বি, ক্লী, অরণ্য ; কানন। ২। [অন্য শব্দের সহিত সমাসযুক্ত হইলে] বিণ, আরণ্য ; বন্য। প্র—বনমানুষ ; বনমল্লিকা ; বনশূরণ ; বনপুষ্প। ৩। জল। প্র—বন্যা ; বান (জলসমূহ)। ৪। সমূহ ; সকল। প্র—"যিনি কার্ত্তবীর্য্যার্জ্জুনের ভুজবন ছেদন করিয়াছিলেন"।

বনকদলী (ন্) [বনের কদলী—৬তৎ] বি, স্ত্রী, কাঠকলা।

বনকন্দ [বনের কন্দ (মূল)—৬তৎ] বি, পুং, বুনো ওল।

বনকর (বন্কর্) বি, বনবিভাগের প্রাপ্য রাজস্ব।

বনকুক্কুট (বনকুক্কুট্) বি, পুং, আরণ্যকুক্কুট ; বনমুরগী।

বনকোলী [বনের কোলী (কুল)—৬তৎ] বি, স্ত্রী, বনকুল।

বনগহন (গহন্) [গহন (নিবিড় বন)—কর্মধা। শব্দ বিপর্য্যয়ে] বি, ক্লী, গহনবন ; নিবিড় বন।

বনগো (ন্) [বনের গো (গরু)—৬তৎ] বি, বন্য গরু।

বনগোচর (ন্, র্) [বনে গোচর (প্রত্যক্ষ) হয় যে] বি, বনচারী মনুষ্য ; বুনো।

বনচন্দ্রিকা (চোন্দ্রকা) [বনের চন্দ্রিকা (চন্দ্রমল্লিকা ফুল)—৬তৎ] বি, স্ত্রী, বনমল্লিকা। ২। বনে প্রতিফলিত জোৎস্না।

বনচর (র্) [যে বনে বিচরণ করে, উপপদ] বিণ, অরণ্যচারী। ২। ব্যাধ। ৩। রাক্ষস। ৪। হিংস্র জন্তু।

বনচাঁড়াল (বোন্, ল্) [সং—চণ্ডালিকা] বি, চণ্ডালবল্লকী নামক ত্রিপর্ণ ক্ষুপবিশেষ ; পল্লীগ্রামে সুলভ।

বনচারী [বনচারিন্ শব্দ ১মা, ১ব] বি, বনে বিচরণকারী ; বনচর।

বনজ [বন (অরণ্য, জল) জ (জন্—জন্মান + অ—কর্তৃ) + উপপদ ; যে বনে জন্মে] বিণ, অরণ্যজাত ; বনজাত। ২। জলজ।

বনজঙ্গল (বোন্জংগল্) [সহচর শব্দদ্বয়। বন ও জঙ্গল] বি, ক্ষুদ্র বৃহৎ বৃক্ষ এবং লতা গুল্মাদি পরিবৃত স্থান ; নিবিড় অরণ্য এবং বৃক্ষবিরল ও ক্ষুপ বা ঝোপপূর্ণ স্থান।

বনজাম (বোন্জাম্) বি, জামের মত বন্য ফলবিশেষ ; ভুঁইজাম।

বনদীপ (প্) বি, বনচম্পক।

বনদেবতা [বনের দেবতা—৬তৎ] বি, স্ত্রী, বনের অধিষ্ঠাত্রী দেবতা।

বনধেনু [বনের ধেনু (গরু)—৬তৎ] বি, স্ত্রী, বনগো।

বননিবাসী (শি) [বন—নিবাসী (নিবাসিন্ ১মা, ১ব)] বিণ, বনে বাসকারী ; বনবাসী। স্ত্রী, **বননিবাসিনী**—বনবাসিনী। প্র—"বননিবাসিনী দাসী নমে রাজপদে"—বীরাঙ্গনা।

বনপ্‌শা, বনফ্‌শা [ফা—বনফ্‌শা] বি, ক্ষুদ্র শাকবিশেষ ; wild violet. বনফ্‌শার সরবৎ ঔষধার্থে ব্যবহৃত হয়।

বনপ্রিয় (বনপ্রিয়) [বন প্রিয় (অভিলষিত) যাহার—বহু] বি, পুং, কোকিল। প্র—"তিলফুল জিনি নাসা, বনপ্রিয় জিনি ভাষা, ভুরু যুগ চাপ সহোদর।"—কবিকঙ্কণ। ২। বিণ, যে বনে থাকিতে ভালবাসে।

বনফুল—(ল্) বি, আরণ্য প্রসূন, বন্য কুসুম।

বনবরা (ন্) [সং—বন্যবরাহ] বি, বন্যবরাহ ; বুনো শুয়ার। প্র—"ভয়ে ধরে বনবরা, ভল্লু, হরিণ"—ঘনরাম।

বনবাদড়া [বন—বাদড়া (বাঁদরা গাছ)] বি, বনের অকেজো গাছপালা। **বনবাঁদড়া গাছ**—বি, পরগাছা ; নানাপ্রকার বন ফুলের ও পাতাবাহারের গাছ ; orchid.

বনবাদাড় (ন্, ড়) [বন ও বাদাড় (বাদা (স্ত্রঃ) ক্ষুপসঙ্কুল জলা ভূমি)] বি, অরণ্য ও জলাভূমি ; বনজঙ্গল।

বনবাসী (শি) [বন—বস্ (বাস করা) + ইন (ণিন্—কর্তৃ)—উপপদ] বিণ, বনে বাসকারী ; অরণ্যবাসী। স্ত্রী, **বনবাসিনী**।

বনবিড়াল, বিরাল [বনের বিড়াল—৬তৎ] আরণ্য বিড়াল। প্র—"এই বিড়াল বনে গেলে বন বিড়াল হয়"—প্রবচন।

বনভোজন (বোন্ভোজন্) [বনে ভোজন] বি, বন্ধুজনে মিলিত হইয়া বন ভ্রমণে গিয়া তথায় রন্ধনাদি করত প্রীতিভোজ। প্র—"কোথা বনভোজন কোথাহ বস্ত্র চুরি। কদম্বের ডালে কৃষ্ণ তলে গোপনারী।"—শিবায়ন।

বনমক্ষিকা (মোক্খিকা) বি, স্ত্রী, বুনোমাছি।

বনমল্লিকা (ন্, মো) বি, অতি সুগন্ধ লতাপুষ্পবিশেষ ; কাঠমল্লিকা। এই মল্লিকাজাতীয় লতা অরণ্যে জন্মিয়া বৃহৎ বৃক্ষকে আশ্রয় করে। ইহার ফুল ফুটিলে সমস্ত বন আমোদিত হয়। গাছে উঠে বলিয়া কাঠমল্লিকা নাম।

বনমানুষ (বোন্‌মানুষ্) [বন (বন্য) মানুষ নরাকৃতি বলিয়া] বি, বানরদের মধ্যে যাহাদের আকৃতি মানুষের মত; নরাকৃতি বানর। ইহারা দুই পায়ে দাঁড়াইয়া অনেকটা সোজা হইয়া চলিতে পারে। ইহাদের লেজ নাই ও গালের ভিতর খাদ্য রাখিবার থলি নাই। ইহারা গরিলা, শিম্পাঞ্জি, ওরাং-আউটাং ও গিবন (উল্লুক) এই চারি শ্রেণীতে বিভক্ত।

বনমালা [বনপুষ্পরচিত মালা, ম, প, লো, কর্ম্মধা] বি, স্ত্রী, বনফুলে গাঁথা মালা; আরণ্য পুষ্পের মাল্য। প্র—"বাসি হ'লো বনমালা, দেখ ওলো প্রাণ সই। ধূসর গগনে শশী কালশশী এলো কই।"—গিরিশ ঘোষ।

বনমালী (বনমালি, বোনোমালি) [বনমালা +ইন্ (অস্ত্যর্থে) যাহার বনমালা আছে] বি, পুং, কৃষ্ণ। প্র—"মধুর মুরলী পুরে বনমালী রাধা রাধা বলি গান।"—চণ্ডীদাস। ২। বিণ, বনমালাধারী।

বনয়ারী [ব্রজ। বনমালী—বনমারী, ম=অ= য়, ল=র] বিণ, বনমালী: বনবিহারী। প্র —"চানুর মরদন তুহু বনয়ারী"—বিদ্যাপতি।

বনরাজ (জ্) [বনের (রাজা) ৬তৎ—অরণ্যের অধিনায়ক] বি, পুং, সিংহ।

বনরাজি, জী—বি, বনানী; বনশ্রেণী। ২। বনশোভা।

বনলক্ষ্মী [বনের লক্ষ্মী (শোভা ও সম্পত্তি) —৬তৎ] বি, স্ত্রী, কদলী।

বনশোভন (বনশোভন্) [বন (জল) শোভন (মনোজ্ঞ, ভূষণ)—৬তৎ। জলের সৌন্দর্য্য-বর্দ্ধক। বি, স্ত্রী, পদ্মাদি পুষ্প। স্ত্রী, শোভনা।

বনশোভিনী [বন (কানন)—শোভিনী [শুভ্ +ণিচ্ =শোভি (দীপ্তি পাওয়া) +ইন্ (কর্ত্তৃ, ণিন্) ঈপ্, স্ত্রী—বনের শোভাবর্দ্ধক: ভূষণ, বনশোভন অর্থে পদ্ম। কিন্তু কবিবর মাইকেল মধুসূদন কাননশোভা 'কুসুম' অর্থে স্ত্রীলিঙ্গে 'বনশোভিনী' শব্দ প্রয়োগ করিয়াছেন] বি, স্ত্রী, কুসুম; পুষ্প। যথা—"কেনে লো হরিলি ভূষণ লতার—বনশোভিনী? অলি বঁধু তার: কে আছে রাধার—হতভাগিনী?"—ব্রজাঙ্গনা। ২। বিণ, বনের শোভাবর্দ্ধনকারিণী: বনের ভূষণস্বরূপিণী। প্র—"আভরণ হীন দেহ, হিমানীতে যথা কুসুম রতনহীন বন-সুশোভিনী লতা।"—মেঘনাদ।

বনশ্বা (বনশ্‌শা) [বন (অরণ্য) শ্বন্ (কুকুর)—৬তৎ] বি, পুং, বন্যকুকুর।

বনস্থ [বন—স্থা (থাকা) +অ (ড) কর্ত্তৃ] বিণ, বনে স্থিত। ২। বনজাত। ৩। বান-প্রস্থধর্ম্মাবলম্বী। প্র—"বনস্থ বলিতে নাহি লয় চিত্তে কৈলাস নামেতে ঘর।"—অন্নদামঙ্গল।

বনস্পতি (বনশ্‌পোতি) [বনঃ+পতি (রক্ষক) বনের পতি, ৬তৎ] বি, পুং, পুষ্পহীন ফলদ বৃক্ষ; মহাদ্রুম; পাদপ।

বনা [হি—বন্‌না। প্র-পু—বনে। অস-ক্রি—বনিতে; বনিয়া। ণিজন্ত—বনান] ক্রি, মিল হওয়া; মনের ঐক্য হওয়া; সদ্ভাবে অতিবাহিত হওয়া। প্র—"যাহাতে যাহাতে বনে"—চণ্ডীদাস। তাহার সহিত একদণ্ডও বনে না ২। হওয়া; সাজা; গঠিত হওয়া। প্র—ভেড়া বনা। ণিজন্তরূপ—**বনান**—মিল-করান। **বনাইয়া থাকা**—মিলিয়া মিশিয়া থাকা; সদ্ভাবে বাস করা।

বনাৎ [হি—বানাৎ] বি, পশুলোমজাত শীতবস্ত্র-বিশেষ: broad-cloth.

বনান (নো) [হি—বনানা। বনা দ্রঃ। উ-পু—বনাই। ম-পু—বনাও। প্র-পু—বনায়। অস-ক্রি—বনাইতে; বনাইয়া, বনিয়ে] ক্রি, প্রস্তুত করা; গঠন করা; নির্ম্মাণ করা। প্র—"আদমীতে বনাইয়া জীউ দেয় যারে। ভাব দেখি সে কি তারে তরাবারে পারে।"—ভারতচন্দ্র। ২। রচনা করা। প্র—"দ্বিজ ভারত কবিবর বনায় তঁহি পর"—অন্নদামঙ্গল। ৩। অঙ্গে ধারণ করা; সজ্জা করা। প্র—"বন্ধুর সঙ্কেতে আমি এ বেশ বনানু গো, সকল বিফল ভেল মোয়।"—নরোত্তমদাস। [ব্রজ] **বনাব** (বনাব্)—রচিব: বনাইব। প্র—"বেণী বনাব হাম আপন অঙ্গমে"—বিদ্যাপতি। **বনায়ত**—বিন্যাস করে: সাজাইয়া দেয়। প্র—"সহচরী মেলি বনায়ত বেশ"—বিদ্যাপতি। **বনায়ল**—রচনা করিল; সাজাইল। প্র—"বেণী বনায়ল চাঁচর কেশে"—বিদ্যাপতি।

বনানী [অপপ্রয়োগ] বি, সুবিস্তৃত অরণ্য: অরণ্যানী।

বনান্ত [বনের অন্ত (শেষ)—৬তৎ] বি, পুং, অরণ্যপ্রান্ত। ২। বনভূমি।

বনাবনি (বনাবোনি) বি, বনাবস্তি দ্রঃ।

বনাবস্তি (বোস্তি) [প্রাদে] বি, বনিবনাও; পরস্পর সদ্ভাব।

বনাম (ম্) [ফা—বনাম্] অ, নামে। ২। ঠিকানায়।

বনায়ু—বি, পারস্য দেশের নামান্তর।

বনায়ুজ [বনায়ু—জ (জাত)] বিণ, বনায়ু-দেশোৎপন্ন। ২। পারসীক। ৩। বি, পারস্য দেশজাত অশ্ব।

বনারস (রশ্) [বারাণসী (দ্রঃ) বর্ণ বিপর্য্যয়ে] বি, কাশী। বিণ, **বনারসী**—বারাণসীজাত।

বনারিষ্টা [বনের অরিষ্টা—৬তৎ] বি, স্ত্রী, বন হলুদ।

বনালিকা—বি, স্ত্রী, হাতীশুঁড়োর গাছ। ২। বনশ্রেণী।

বনাশ্রয় (বনাস্‌স্রয়্) [বন (অরণ্য) আশ্রয় (বাসস্থান)—কর্ম্মধা] বি, পুং, বনরূপ আশ্রয়। ২। [বন আশ্রয় যাহাদের, বহু] বিণ, যাহারা বনে বাস করে। বনবাসী; বনাশ্রমী। ৩। বি, পুং, দাঁড়কাক।

বনাশ্রিত (বনাস্‌সৃত) বিণ, বনাশ্রমী; অরণ্য আশ্রয়কারী; তাপস; বনবাসী। স্ত্রী, **বনাশ্রিতা**।

বনিত (বো) [বন্ (যাচ্ঞা করা) +ত (ক্ত—কর্ম্মে) যাহা প্রার্থনা করা যায়] বিণ। যাচিত; প্রার্থিত; অভ্যর্থিত। ২। সেবিত। স্ত্রী, বনিতা।

বনিতা (বো) [বনিত (দ্রঃ) +আপ্, স্ত্রী,] বি, স্ত্রী, পত্নী; ভার্য্যা। ২। ["বামা বনিতা মহিলা"—অমর] নারী; স্ত্রী। ৩। প্রিয়া।

বনিবনাও (বো) [হি] বি, পরস্পর মনের মিল; সদ্ভাব; বনাবস্তি (দ্রঃ)।

বনিয়াদ (বোনিয়াদ্) [ফা—বনিয়াদ্। গ্রা—বনেদ] বি, ভিত্তি; ভিত। ২। মূল: গোড়া।

বনিয়াদী (বো) [ফা। গ্রা—বনেদী] বিণ, বনিয়াদযুক্ত; যাহার বনেদ আছে। ২। বহুকাল প্রতিষ্ঠিত; পুরাতন। ৩। তাহা হইতে সুপ্রতিষ্ঠিত ও সম্ভ্রান্ত।

বনুই (বো) [হি—বহিনুই হইতে] বি, ভগ্নী-পতি; বোনাই।

বনেচর (র্) [বনে—চর (যে চরে) যে বনে বিচরণ করে—অলুক সমাস পক্ষে বনচর] বি, পুং। কিরাত। ২। বিণ, বনবাসী; অরণ্যচারী।

বনেদ (বোনেদ) [ফা—বনিয়াদ্] বি, ভিত্তি। ২। মূল; গোড়া। ৩। উৎপত্তি। প্র—"যে না জানে বনেদ তোর"—ঘনরাম। **বনেদ খোঁড়া**—গৃহাদির ভিত্তি স্থাপনার্থ মাটিতে গর্ত্ত করা। **বনেদ গাড়া**—ভূগর্ভে প্রাচীরাদির ভিত্তিমূল প্রোথিত করা। **বনেদ তোলা**—ভিত-গর্ত্ত হইতে প্রাচীরাদির মূল গাঁথিয়া তোলা।

বনেদি (বো) [ফা—বুনিয়াদি, সংক্ষেপে] বিণ, বহুদিনের প্রতিষ্ঠিত ও সম্ভ্রান্ত। প্র—"বনেদি বাবুর বাড়ী টোটা বাতি জ্বলে"—হেম বন্দ্যো।

বন্ত [সং—বৎ বহুবচনে। বাংগ্ন অবিকল গৃহীত, কিন্তু একবচনে ব্যবহৃত হয়] বি, যুক্ত বা বিশিষ্টার্থক প্রত্যয়বিশেষ। প্র—লক্ষ্মীবন্ত (দ্রঃ); জ্ঞানবন্ত।

বন্তি, বনতি (বো) [হি—বনতি] বি, মনের মিল; সদ্ভাব। ২। পশমী সূতায় বয়ন করা কাপড়; বনাত।

বন্দ [ফা—বন্দ্] বি. দৈর্ঘ্য প্রস্থের সমষ্টি পরিমাণ। প্র—"পঁচিশের বন্দ যেন ঘর একখান"—কৃত্তিবাস।"জিনিতে প্রজার মায়া জমি দিবে মাপিয়া বন্দে বন্দে যেন প্রজা লয়।" —কবিকঙ্কণ। ২। খণ্ড ; থোক। বন্ধ দ্রঃ। ৪। [সং—বন্দ্+ম-পু—১ব= বন্দ বাং-য় অবিকল গৃহীত] ক্রি. বন্দনা কর প্র—"বন্দ মাতা সুরধুনী পুরাণে মহিমা শুনি পতিতপাবনী পুরাতনী"—গঙ্গার বন্দনা।

বন্দক (ক্) [বন্দ্ (প্রণাম করা বা স্তব করা)+অক (কর্তৃ) যে স্তব পাঠ করে] বিণ। স্তুতিপাঠক ; স্তবগায়ক : বন্দনাকারী। স্ত্রী. **বন্দিকা**—বন্দনকারিণী ; স্তুতিপাঠিকা

বন্দন (ন্) [বন্দ্ (বন্দনা করা)+অন (ভাবে—অনট্)] বি. স্ত্রী. স্তুতি ; স্তব প্রণাম ; অভিবাদন। ২। [বিশেষার্থে] হোম-ভস্ম তিলক। ৩। [(কর্মে—অনট্) বন্দ্য বন্দনীয়। প্র—"জয় গোপবল্লভ ভক্তসলভ দেব দুর্লভ বন্দন"—অন্নদামঙ্গল। স্ত্রী. বন্দনা

বন্দনমালা [বন্দনের হেতুভূত মালা বা মালিকা, ৪তৎ] বি. স্ত্রী। বিবাহাদি উৎসব সময়ে বহির্দ্বারে দোদুল্যমান মঙ্গলসূচক মালা।

বন্দনা [বন্দ্+অন (ভাবে)+আ. স্ত্রী.] বি. স্ত্রী. স্তব।

বন্দনীয় [বন্দ্+অনীয় (কর্মে)] বিণ. বন্দনার যোগ্য ; পূজ্য ; নমস্য। ২। পীত ভৃঙ্গরাজ। স্ত্রী. **বন্দনীয়া**—বন্দনযোগ্যা। ২। গোরোচনা।

বন্দর (র্) [ফা] বি. সমুদ্র বা নদীর তীরে বাণিজ্য করিবার স্থান।

বন্দা [বন্দ্+অ (অচ্, কর্তৃ)+আপ্, স্ত্রী। যে স্ত্রী বন্দনা করে] বি. স্ত্রী. বন্দনাকারিণী স্ত্রী। ২। পরগাছা : যাহা বৃহৎ বৃক্ষের উপর জন্মে।

বন্দা, বান্দা [ফা] বি. অধীন। ২। গোলাম ; ক্রীতদাস। প্র—"বন্দেগী করিবে বন্দা জমীন ঠুকিয়া"—অন্নদামঙ্গল। স্ত্রী. **বান্দী**।

বন্দা [বন্দ্ ধাতুজ, বন্দনা দ্রঃ। উ-পু—বন্দি। ম-পু—বন্দ। প্র-পু—বন্দে। অস-ক্রি— বন্দিতে : বন্দিয়া। ণিজন্ত—বন্দান] ক্রি. বন্দনা করা। প্র—"বন্দি ও চরণারবিন্দ, মন্দমতি আমি!"—মেঘনাদ।

বন্দাক, বন্দাকা (ক্) [বন্দা+ক (স্বার্থে) =বন্দাক (পুং), স্ত্রী—আপ্=বন্দাকা বা বন্দিকা (স্ত্রী)] বিণ. যে বন্দনা করে। ২। বি. পরগাছা।

বন্দারু [বন্দ্+আরু (কর্তৃ)—যেবন্দনা করে] বিণ. বন্দনশীল। ২। বি. পুং. স্তুতি-গানকারী : স্তাবক।

বন্দি (বোন্‌দি) [বন্দ্ (বন্দনা করা)+ই (ইক্, কর্তৃ)—যে বন্দনা করে যে আবদ্ধ থাকিয়া বন্দনা করে, যে কারারুদ্ধাবস্থায় স্তব করে] বিণ. কয়েদী। ২। [+ই (কর্মে) বি. যাহাকে আবদ্ধ করা হয় ; কারাবদ্ধ। ৩ মই ; সিঁড়ী। ৪। [+ই ভাবে] বন্দনা ৫। ক্রি. উ-পু. বন্দনা করি। স্ত্রী. **বন্দিনী**

বন্দিগ্রাহ (বোন্দিগ্‌গ্রাহ) [সং] বি. সিঁদেল চোর।

বন্দিঘর (বোন্দিঘর্) [বন্দিগণের ঘর—৬তৎ বি. কারাগার ; কয়েদিগণের থাকিবার স্থান কয়েদখানা ; জেলখানা। প্র—"যত আইসে সদাগর রাখ তারে বন্দিঘর লুঠ করি লহ যত ধন।"—কবিকঙ্কণ।

বন্দিচোর (বো. র্) [বন্দীভূত চোর—ম-প-লো কর্মধা] বি. পুং. কারাবদ্ধ চোর ; বন্দীকৃত তস্কর।

বন্দিপাঠ (বো. ঠ্) [বন্দির পাঠ (পাঠ্য)— ৬তৎ] বি. পুং. স্তবগ্রন্থ : স্তুতিবিষয়ক পুস্তক। ২। স্তুতিগান ; স্তুতিপাঠ।

বন্দী (বোন্দি) [বন্দিন্ শব্দ, ১মা, ১ব] বি. কয়েদী। ২। স্তুতিপাঠক ; চারণ ; ভাট। ৩। বিণ. অবরুদ্ধ। ৪। বন্দনাকারী ; স্তুতি-পাঠকারী।

বন্দীকার (বোন্দিকার্) [বন্দী—কার (যে করে)] বি. যে অতর্কিতভাবে ধনীর ধনাদি বন্ধন করিয়া লইয়া যায় ; সিঁদেল চোর ; বন্দিগ্রাহ। ২। বিণ. যে সহসা আক্রমণ করিয়া বন্দী করে।

বন্দুক (বোন্দুক্) [তুর্কী—বন্দুক্। তুল—সং —বিন্দুক। "বিন্দুকং গোলক যুগং"—ধনুর্বেদ-সংহিতা। ইহার অর্থ—নালিকাস্থ গোলবিন্দুক বা তিলবিন্দু বা মাছি। বধ্ (বধ করা)+উক (ণ্—করণে) ধ=দ, যাহা দ্বারা প্রাণিবধ করা যায়] বি. পুং. প্রাণহারক অস্ত্রবিশেষ ; নালিকাস্ত্রবিশেষ ; ক্ষুদ্রনালিক। [দ্রঃ—কৃষ্ণ-যজুর্বেদে ইহার অনুরূপ অস্ত্রের নাম কর্ণা ; কর্ণকাবতী]।

বন্দে [সং। "বন্দেমাতরম্" হইতে] ক্রি. বন্দনা করি। অধুনা পরস্পর অভিবাদনার্থে এই শব্দের ব্যবহার হইতেছে।

বন্দেগী [ফা—বন্দগী (বন্দা বা গোলামের কর্ম)] বি. সেলাম ; প্রণাম। প্র—"বন্দেগী করিবেবান্দা জমীন ঠুকিয়া"—অন্নদামঙ্গল।

বন্দেজ (জ্) [ফা—বন্দিশ্ শব্দের উচ্চারণ-বিকার] বি. বাঁধুনি। ২। বন্দোবস্ত ; ব্যবস্থা ; বিলি। ৩। শৃঙ্খলা।

বন্দেবন্দে [বন্দ দ্রঃ] ক্রি-বিণ. প্রতিবন্দে ; খণ্ডে খণ্ডে। প্র—"জিনিতে প্রজার মায়া জমি দিবে মাপিয়া বন্দে বন্দে প্রজা যেন লয়।"— কবিকঙ্কণ।

বন্দেশ (শ্) [ফা—বন্দিশ্ হইতে] বি. ব্যবস্থা ; বন্দেজ (দ্রঃ)।

বন্দো [বন্দা দ্রঃ। হি—বন্দৌ, বন্দূঁ। সং— বন্দে। ব্রজ, প্রা-বাং—বন্দো] ক্রি. বন্দনা করি ; বন্দি। প্র—"এ হরি বন্দো তুয়া পদ নায়"—বি, প।

বন্দোবস্ত [ফা—বন্দ্-ও-বস্ত] বি. বিলিব্যবস্থা ; বন্দেজ। ২। শৃঙ্খলা। **চিরস্থায়ী বন্দোবস্ত**—অপরিবর্তনীয় খাজনার হার যাহা বঙ্গে লর্ড কর্ণওয়ালিশ বিধিবদ্ধ করিয়া যান ; permanent settlement. **দশশালা বন্দোবস্ত**—বাঙ্গালা দেশে জমীর যে বন্দোবস্ত লর্ড কর্ণওয়ালিস দশ বৎসরের জন্য বিধিবদ্ধ করিয়া যান এবং পরে যাহা চিরস্থায়ী বন্দোবস্তে পরিণত হয়। **বন্দোবস্তমহাল, বন্দোবস্তী মহাল**—যে মহাল বা জেলা বন্দোবস্ত আইনের আমলে আনা হইয়াছে।

বন্দ্য (বোন্দ্য) [বন্দ+য (ঘ্যণ —কর্মে) যাকে বন্দনা করা হয়] বিণ. বন্দনীয় ; স্তবযোগ্য। ২। বি. বন্দ্যোপাধ্যায় শব্দের সংক্ষেপ। স্ত্রী. **বন্দ্যা**—বন্দনীয়া। ২। গোরোচনা।

বন্দ্যবংশ (বন্দোবংশ) [বন্দ্য (দ্রঃ) বংশ (কুল)] বি. বন্দ্যোপাধ্যায়ের কুল। প্র— "বন্দ্যবংশে জন্ম স্বামী, বাপেরা ঘোষাল। সাত সতা গৃহে বাস বিষম জঞ্জাল॥"—কবিকঙ্কণ। গোত্রের প্রধান পিতা মুখ্যবংশ জাত। পরম কুলীন স্বামী বন্দ্যবংশ খ্যাত॥"—অন্নদামঙ্গল।

বন্দ্যো [গ্রা] বি. বন্দ্যোপাধ্যায় শব্দের সংক্ষেপ। প্র—"কৃষ্ণ বন্দ্যো"। বন্দ্য দ্রঃ।

বন্ধ [বন্ধ্ (বন্ধন করা)+অ (ল্—কর্মে)] বি. পুং. যাহা গচ্ছিত রাখা যায় ; গচ্ছিত দ্রব্য। ২। [অ (ল্) করণে—যাহা দ্বারা বন্ধন করা যায়] বন্ধন সামগ্রী। ২। [ভাবে—অল্] বন্ধন ; বাঁধন। প্র—"থাকিয়া রাজার আগে বন্ধ কর দূরে। স্থিত কর আরবার গুজরাট পুরে॥"— কবিকঙ্কণ। "দৃঢ় করি বান্ধবি নীবিক বন্ধ" —বিদ্যাপতি। ৩। গ্রন্থি। ৪। সূত্র। তোমার কর্মের বন্ধ পরে করাইল দ্বন্দ্ব দুঃখ পাইলে এ এক বৎসরে।"—কবিকঙ্কণ। ৫। বৃন্ত। ৬। রোধ। ৭। গ্রন্থন ; রচনা। প্র—"রচিয়া ত্রিপদী ছন্দ পাঁচালী করিয়া বন্ধ বিরচিল শ্রীকবিকঙ্কণে॥"—কবিকঙ্কণ। ৮। বিণ. রুদ্ধ ; বদ্ধ ; প্র—দ্বার বন্ধ কর। ৯। স্থগিত ; রহিত। প্র—তাহার আসা যাওয়া বন্ধ হইয়া গেল। ১০। কর্মশূন্য। প্র— কাছারী এখন বন্ধ আছে। ১১। আবদ্ধ ; চলাচল বা প্রবাহ রহিত। প্র—শ্বাস বন্ধ ; নর্দমার জল বন্ধ হইয়াছে। ১২। স্রাবরহিত। প্র—রক্ত বন্ধ করা।

বন্ধক (ক্) [বন্ধ্+অক (কর্মে) যাহাকে বন্দীর মত রাখা হয়] বি. পুং. ঋণ নিমিত্ত ন্যস্ত দ্রব্য ; গচ্ছিত বস্তু। ২। [ভাবে—অক] কোন দ্রব্য গচ্ছিত রাখিয়া ঋণ গ্রহণ।

বন্ধকী [বন্ধ—ক—ঈ (স্ত্রী)] বি, স্ত্রী, যে পরপুরুষের মন বন্ধন করে অথবা যে পরপুরুষের নিকট বন্ধ থাকে ; বেশ্যা ; কুলটা। ২। যে দ্রব্য ঋণ গ্রহণ কালে উত্তমর্ণের নিকট ন্যস্ত হয়। ৩। বন্ধ্যা স্ত্রী।

বন্ধতন্ত্র [বন্ধ—তন্ত্র (সেনা) কর্মধা] বি, স্ত্রী, ব্যূহরচনা কৌশলবিশেষ ; বন্ধের আকারে সজ্জিত চতুরঙ্গ সেনা।

বন্ধন (ন্) [বন্ধ্ (বন্ধন করা) + অন (ট্—ভাবে)] বি, ক্লী, অবরোধ ; বাঁধন ; আটক। ২। সংযমন। ৩। [করণে—অন (ট্)] যাহা দ্বারা বাঁধা যায়। ৩। বৃন্ত। ৪। বাণের পুঙ্খ। ৫। বন্ধন সাধন রজ্জু। ৬। [আয়ুর্বেদীয় অস্ত্র চিকিৎসায়] বি, পতন বা আঘাতাদিজনিত ক্ষত স্থানের অথবা অস্ত্র চিকিৎসার পর বস্ত্রাদির দ্বারা অঙ্গ বিশেষের বন্ধন। সুশ্রুত মতে ১৪ প্রকার বন্ধন প্রণালী উল্লিখিত হইয়াছে, যথা—(১) স্বস্তিক বন্ধন। (২) গোফণা বন্ধন। (৩) পঞ্চাঙ্গী বন্ধন। (৪) কোশ। (৫) দাম। (৬) তনুবেল্লিত। (৭) দৃতোলী। (৮) মণ্ডল। (৯) স্থগিকা। (১০) যজক। (১১) খট্টা। (১২) চীন। (১৩) বিবন্ধ। (১৪) বিতান। —ভারতী, ১৩২০, বৈশাখ (শ্রীপঞ্চানন নিয়োগী)।

বন্ধনবেশ্ম (বন্ধনবেশ্‌শ্) [বন্ধনের—বেশ্ম (গৃহ)—৬তৎ] বি, ক্লী, যে গৃহে বন্ধন করিয়া রাখা হয় ; কারাগৃহ ; বন্ধনশালা।

বন্ধনরজ্জু (বন্ধনরোজ্জু) [বন্ধনের রজ্জু—৬তৎ] বি, বাঁধিবার দড়ী।

বন্ধনশালা (ন্) [বন্ধনের শালা (আলয়) —৬তৎ] বি, কারাগার ; জেলখানা।

বন্ধনসাধন (বন্ধনশাধন্) [বন্ধনের সাধন (উপায়)—৬তৎ] বি, বন্ধনোপায় ; যাহার দ্বারা বন্ধন করা যায়।

বন্ধনস্তম্ভ (ন্) [বন্ধনের স্তম্ভ—৬তৎ] বি, পুং, হস্তিবন্ধনের খুঁটি ; আলান।

বন্ধনাগার (র্) [বন্ধনের আগার—৬তৎ] বি, বন্দিশালা ; জেলখানা ; কারাগার।

বন্ধনালয় (য়) [বন্ধনের আলয় (গৃহ) —৬তৎ] বি, পুং কারাগার ; ফাটক ; জেলখানা।

বন্ধনী (বন্ধোনি) [বন্ধ্ + অন (ট্ - করণে) স্ত্রী - ঈপ্] বি, স্ত্রী, যাহা দ্বারা বন্ধন করা যায় ; বন্ধন সাধন রজ্জু ; শৃঙ্খলাদি। ২। চিহ্নবিশেষ ; { } ব্রাকেট ; ব্রেস [ ] ; প্যারান্থিসিস্ ( )। ৩। অস্ত্রোপচারে শিরা, স্নায়ু প্রভৃতি বন্ধন করিবার সূত্র ; ligature.

বন্ধান (ন্) [প্রাদে] বি, বন্ধ। প্র— বসিল বুড়া পাইয়া সন্ধান, বল শুনি বাগদিনি কেমন বন্ধান।"—শিবায়ন। ২। বেতন।

বন্ধী (বোন্ধি) [বন্ধ্ (বন্ধন করা) + ইন্ (ণিন্) কর্ত্তৃ] বিণ, যাহাকে বন্ধন করা হইতেছে ; বন্ধনবিশিষ্ট। ২। [ব্রজ] বাঁধা ; আবদ্ধ। প্র— "হেরইতে মনসিজে মন রহ বন্ধী"—বিদ্যাপতি।

বন্ধু (বোন্ধু) [বন্ধ্ (বন্ধন করা) + উ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে স্নেহ দ্বারা মন বন্ধন করে। গ্রা—বঁধু ; বঁদু] বি, পুং, মিত্র ; সখা ; সুহৃদ ; স্বজন ; প্রিয়। প্র—"বন্ধুরে লইয়া কোরে রজনী গোঙাব সই সাধে নিরমিনু আশাঘর।"—নরোত্তম দাস। "তুমি নাথ তুমি বন্ধু নিশিদিন তুমি আমার"—ব্রহ্মসঙ্গীত। ২। জ্ঞাতি। ৩। আত্মীয়জন। ৪। বান্ধুলি পুষ্প। প্র—"সুরঙ্গ অরুণ বন্ধু অধর আনন ইন্দু নীলকণ্ঠ শিরোপরি জটা।"—কবিকঙ্কণ।

বন্ধুক (বোন্ধুক্) [সং। ইহার অপর নাম ওষ্ঠপুষ্প ; কবিগণ কর্ত্তৃক ওষ্ঠের সহিত উপমিত হয় বলিয়া] বি, বন্ধুকনামক রক্তবর্ণ পুষ্পবৃক্ষ ; বাঁধুলিফুলের গাছ। ২। বি, ক্লী, বন্ধুকপুষ্প ; বাঁধুলি ফুল। প্র—"অঙ্গের বন্ধুকছটা আজানু লম্বিত জটা শশিকলা মুকুট মুণ্ডন।"—কবিকঙ্কণ।

বন্ধুকবন্ধু (বোন্ধুক্বোন্ধু) [বন্ধুক পুষ্প হইয়াছে বন্ধু যাহার—বহু, অথবা বন্ধুকের বন্ধু। মধ্যাহ্নে প্রস্ফুটিত হয় বলিয়া] বি, পুং, সূর্য্য। প্র—"অধর বন্ধুকবন্ধু বদন শারদ ইন্দু খঞ্জনগঞ্জন বিলোচন।"—কবিকঙ্কণ।

বন্ধুজন (বোন্ধুজন্) [বন্ধু—জন (লোক অর্থে (২) সমূহার্থে)] বি, বন্ধু ; সুহৃদ। ২। বন্ধুগণ।

বন্ধুজীব, বন্ধুজীবক (বোন্ধুজিব্, জিবক্) [সং] বি, বন্ধুকবৃক্ষ। ২। বাঁধুলিফুল।

বন্ধুতা (বো) [বন্ধু + তা (ভাবে)] বি, স্ত্রী, বন্ধুত্ব ; মিত্রতা ; সৌহার্দ্য। বন্ধুতাসূত্রে —মিত্রতা নিবন্ধন।

বন্ধুত্ব (বোন্ধুৎত) [বন্ধু + ত্ব (ভাবে)] বি, ক্লী, বন্ধুতা দ্রঃ।

বন্ধুপ (বো) [বন্ধু (মিত্র) প—পা (রক্ষা করা) + অ (ড) কর্ত্তৃ] বিণ, যে বন্ধুকে রক্ষা করে ; মিত্র পরিত্রাণকারী ; বন্ধুরক্ষক।

বন্ধুয়া (বো) [পদাবলী সাহিত্যে। হিং ও ব্রজবুলির অনুকরণে] বি, বন্ধু। প্র—"এত সাধের বন্ধুয়া আমায় দেখিলে না চায় ফিরিয়া' —চণ্ডীদাস।

বন্ধুর (বোন্ধুর্) [সং] বিণ, মনোজ্ঞ ; সুন্দর। ২। অমসৃণ ; উন্নতানত ; উচুনীচু। ৩। বধির। স্ত্রী, বন্ধুরা—কুলটা ; বেশ্যা

বন্ধুরতা (বো) [বন্ধুর + তা (ভাবে)] বি, স্ত্রী, অসমানতা ; কার্কশ্য। ২। বধিরতা।

বন্ধূল (বোন্ধুল্) [সং] বিণ, বন্ধুর ; কর্কশ। ২। কোমল। ৩। অসতীপুত্র। স্ত্রী, বন্ধুলা।

বন্ধূক (বোন্ধুক্) [সং] বি, বাঁধুলি ফুল ; বন্ধুক দ্রঃ। প্র—অঙ্গের বন্ধূক ছটা, আজানুলম্বিত জটা, শশিকলা মুকুট মণ্ডল।"—কবিকঙ্কণ।

বন্ধূকপুষ্প (ধুক্) [বন্ধুক দ্রঃ] বি, বাঁধুলি ফুল ; pentaptera tomentosa.

বন্ধূলি (বো) [সং] বি, পুং, বাঁধুলি ফুলের গাছ ও ফল।

বন্ধো [বন্ধু শব্দের সম্বোধনের রূপ] সম্বোধন, হে বন্ধু। ২। [প্রাচী-বাং, হি—বাঁধু] বাঁধি।

বন্ধ্যা (বোন্ধ) [বন্ধ্ (বন্ধন করা) + য (ঘ্যণ্ —কর্ম্মে)] বিণ, বন্ধনযোগ্য ; বন্ধনার্হ ; যাহাকে বন্ধন করে। ২। ফলহীন ; নিষ্ফল (বৃক্ষ) ; নিঃসন্তান (ব্যক্তি)। স্ত্রী, বন্ধ্যা —যে স্ত্রীর সন্তান হয় না ; বাঁঝা। ২। যোনিরোগবিশেষ। ৩। বালা নামক গন্ধদ্রব্য। বি, বন্ধ্যতা, বন্ধ্যত্ব।

বন্ন [প্রা-বাং-গ্রা। সং—বর্ণ শব্দের প্রাকৃতরূপ] বি, বর্ণ ; অক্ষর। ২। রঙ্গ ; বর্ণ। প্র— 'নহি রেক নহি রূপ নহি ছিল বন্ন চিন্। রবি সসী নহি ছিল নহি রাতি দিন।"—শূন্যপুরাণ।

বন্য (বোন্ন) [বন + য (ভবার্থে) যাহারা বনে জন্মে] বিণ, বনজাত ; অরণ্যোৎপন্ন। ২। বন সম্বন্ধীয় ; বন সম্পর্কীয়। ৩। পুং, বুনোওল।

বন্যা (বোন্না) [বন (জল, অরণ্য) + য (সমূহার্থে)] বি, স্ত্রী, অরণ্যানী ; বনানী ; বনসমূহ। ২। বান ; জলপ্লাবন।

বপন (ন্) [বপ্ (বীজ রোপণ, গর্ভাধান, নিষেক, ছেদন, মুণ্ডনাদি অর্থে) + অন (অনট্ —ভাবে)] বি, বীজ রোপণ ; বীজ বুনন। প্র—"আমি বৃথায় স্বপন করেছি বপন আকাশে তাই আকাশ-কুসুম করেছি চয়ন হতাশে"—রবি। ২। গর্ভাধান ; নিষেকক্রিয়া। ৩। মুণ্ডন ; ক্ষৌরকর্ম্ম। ৪। বয়ন।

বপা [বপ্ (বীজ বোনা) + আ (ক্রি-বিভক্তি)। উ-পু—বপি (বো)। ম-পু—বপ। প্র-পু—বপে। অস-ক্রি—বপিতে ; বপিয়া ; বপি (পদ্যে) ; বপে। পিজন্ত—বপান] ক্রি, বপন করা ; বীজ বোনা। ২। ছেদন করা। ৩। নিষেক করা। ৪। বয়ন করা। ৫। বি, রন্ধ্র ; ছিদ্র।

বপু (বোপু) [সং—বপুঃ (বপুস্ শব্দে ১মা, ১ব) বপ্ = বিস্তার করা + উস্, কর্ত্তৃ—যে দিন দিন বৃদ্ধি পায়] বি, প্রশস্ত আকৃতি ; দেহ ; শরীর ; কায়া।

বপুষ্টমা (বো) [বপুস্+তম—(প্রশস্তার্থে) স্ত্রী, আপ্। ত=ট] বি, স্ত্রী, জনমেজয়ভার্য্যা। ২। পদ্মচারিণী লতা। ৩। যে স্ত্রী সর্ব্বাঙ্গ-শোভনা।

বপুষ্মান্ (বো) [বপুস্+মতু (প্রশস্তার্থে) ১মা, ১ব, যাহার ভাল শরীর আছে] বিণ, সুন্দর স্থূলকায়; প্রশস্তশরীরী। ২। বি, পুং, শাল্মলী দ্বীপের রাজা।

বপ্তা [বপ্+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=বপ্তৃ, ১মা, ১ব] বিণ, যে বপন করে; বপনকারী। ২। বি, পুং, পিতা; জনক; বাপ। ৩। কবি; কাব্যরচয়িতা। ৪। কৃষীবল; কৃষক।

বপ্র (বপ্‌ব্র) [বপ্+র (অধি) যাহাতে বপন করে] বি, পুং-ক্লী, ক্ষেত্র; জমী। ২। তীর; তট। ৩। সানু। ৪। [বপ+র (করণে) যাহা দ্বারা বাড়ী বা নগর ঘেরা যায়] বি, ক্লী, প্রাচীর। ৫। দুর্গ কিম্বা নগরে পরিখা করিয়া যে মৃত্তিকা স্তূপ করা হয়। ৬। ক্ষেতের আলি; কেদার। ৭। [+র, কর্ত্তৃ] পুং, বাপ; জনক। স্ত্রী, বপ্রা—মঞ্জিষ্ঠা।

বপ্রক্রিয়া (বপ্‌প্রক্‌কৃয়া) [বপ্র (ক্ষেত্র) ক্রিয়া (দন্ত শৃঙ্গাদি দ্বারা বিদারণ)—৭তৎ] বি, স্ত্রী, হৃষ্ট পশুগণের দন্ত কিম্বা শৃঙ্গাদি দ্বারা ভূমি খননরূপ ক্রিয়া; উৎখাত কেলি।

বপ্রক্রীড়া (বপ্‌প্রক্‌কৃড়া) [বপ্র (সানু) বা (ক্ষেত্র) ক্রীড়া (খেলা)—৭তৎ] বি, প্রান্তরে অথবা পর্ব্বতের সানুদেশে বিহার বপ্রক্রিয়া (দ্রঃ); উৎখাতকেলি।

বব [ব (বা ধাতুজাত)+অ (ড—কর্ত্তৃ) দ্বিত্ব নিপাতনে] বি, পুং, জ্যোতিষ শাস্ত্রীয় করণ; একাদশ করণান্তর্গত করণবিশেষ।

ববেক (ক্) [বহিবে (বহা দ্রঃ)+ক যোগ (হ বাং-ব)] ক্রি, বহিবে; বহন করিবে। প্র—"ববেক কেমনে বল বলাইর লাঙ্গল।"—শিবায়ন।

ববলিয়া, ববলে (বব্‌বো) [হি—বর্‌বোলা (ক্রমে ববোলা)=যে বেশী কথা কয়, তাহা হইতে যে মিথ্যা কথা বলে; অথবা ভুলাবা (ঠগ; জালসাজ) হইতে] বিণ, মিথ্যাসাক্ষ্য দাতা; অসত্যবাদী। ২। বি, জালসাক্ষী। ৩। মিথ্যা সাক্ষ্যদান যাহার ব্যবসায়।

বভ্রবী (বব্‌ভ্রোবি) [ভৃ (পালন করা)+উ (কর্ত্তৃ—নিপাতনে)—দ্বিত্ব=বভ্রু (শিব)+ঈ—স্ত্রী] বি, স্ত্রী, শিবপত্নী; দুর্গা।

বভ্রি (বোব্‌ভ্) [সং] বি, বজ্র।

বভ্রু (বোব্‌ভ্রু) [ভৃ+উ (কর্ত্তৃ) নিপাতনে] বি, পুং, শিব। ২। বিষ্ণু। ৩। বভ্রু নামক মুনি। ৪। বহ্নি। ৫। বি, বভ্রুদেশ। ৬। ভাগবতোক্ত যদুবংশীয় বীরবিশেষ। ৭। বিণ, যে পালন করে; পালক। ৮। বৃহৎ; বিশাল।

বভ্রুবাহন (বোব্‌ভ্রুবাহন্) বি, পুং, চিত্রাঙ্গদা গর্ভজাত অর্জ্জুন তনয়, ইনিই মণিপুরের রাজা ছিলেন।

বম্ (বোম্) [শব্দাত্মক] বি, অনুকার শব্দ। ২। তোপধ্বনি। ৩। গালবাদ্য। ৪। ডমরুধ্বনি। প্র—আগড়বম্। ৫। [ব্যোম শব্দের অপভ্রংশে] শিব। প্র—বম্ ভোলা; বম্‌বম্ ভোলা; বম্ কেদার।

বম্ (ম্) [ইং—beam হইতে] বি, গাড়ির দীর্ঘ কাষ্ঠদণ্ড; যুগন্ধর।

বমই [বময়ে দ্রঃ। ব্রজ] ক্রি, বমন করে। প্র—"বিম্ব অধরে মধুর হাসি। বমই কতহি অমিয়ারাশি॥"—বলরাম।

বমন (ন্) [বম্ (বমি করা)+অন (অনট্—ভাবে)] বি, ক্লী, উদ্গিরণ; নেকার। ২। বমনের পীড়া। ক্রি, বমন করা।

বমনীয় [বম্+অনীয় (কর্ম্মে) যাহা বমন করে] বিণ, বমনযোগ্য। স্ত্রী, বমনীয়া—মাছি।

বময়ে [বম্ (বমন করা) ধাতুজ। পদ্যে] ক্রি, বমন করে।

বমাল (ল্) [ফা—ব্‌-মাল্] ক্রি-বিণ, মাল-সহ; চোরাই মালের সহিত। প্র—"বমাল ধরা প'ড়ে গেছি, এখন যা কর হে হরি"—রজনী সেন। ২। বি, চোরাই মাল; অপহৃত দ্রব্য।

বমি (বোমি) [বম্+ই (ভাবে)] বি, স্ত্রী, বমন। ২। [বম্ আহুতি দেওয়া+ই (অধি) যাহাতে আহুতি দেয়] বহ্নি [প্র, অ]। বমিবমি—বমনেচ্ছা। বমি করা—বমন করা; ভুক্ত দ্রব্য উদ্গিরণ করিয়া ফেলা। গা বমিবমি করা—ক্রমাগত বমনের উদ্রেক বা বেগ হওয়া; বমনের পূর্ব্বে শরীর অস্থির হওয়া; বমনেচ্ছা হওয়া।

বমিত (বো) [বম্+ত (ক্ত—কর্ম্মে) ই—আগম। যাহা বমন করা হয়] বিণ, বান্ত; উদ্গীর্ণ।

বম্বাই (বো) [পরিঃ দ্রঃ] বি, ভারতের পশ্চিমস্থ সমুদ্র তীরবর্ত্তী প্রদেশবিশেষ ও তৎ-প্রদেশস্থ নগর; Bombay Presidency.

বম্বু (বোম্‌বু) [ইং—bamboo হইতে] বি, বাঁশ। ২। [প্রাদে—মালদহ] বিণ, মোটা; মোটাসোটা; এই অর্থে "বম্বু"ও হয়।

বম্বেটিয়া, বম্বেটে (বো) [ইং—bombardier] বি, যাহারা জাহাজাদি হইতে তোপ দাগিয়া নগরাদি ধ্বংস করে। ২। তাহা হইতে জলদস্যু।

বম্ভ [ব্রহ্মা শব্দের অপভ্রংশ। প্রা-বাং—প্রাকৃ] বি, ব্রহ্মা। প্র—জম জম ধর্ম্ম হুঙ্কারিয়া বম্ভ রাখিলেন কূর্ম্মর পিঠি।"—শূন্যপুরাণ। বম্ভ তেল (লো)—ব্রহ্মতালু। প্র—"বম্ভতেল ভেদ করিএ বম্ভা বাহিরিল"—শূন্যপুরাণ। বম্ভেত—ব্রহ্মায়। প্র—"প্রদখিন করি বলে হরি হরি বম্ভেত করিল আলিঙ্গন।"—শূন্যপুরাণ। বম্ভর—ব্রহ্মার।

বয় (য়্) [আ—বয়্] বি, বিক্রয়। প্র—বয়-নামা।

বয় (য়্) [ফা—বু, বো, বোয়্] বি, গন্ধ; বাস। খোসবয়—সুগন্ধ।

বয়ঃ [বয়্ (গমন করা)+অস্ (কর্ত্তৃ)] বি, ক্লী গমনশীল পক্ষী। ২। যে অলক্ষিতভাবে গমন করে; জীবনকাল; আয়ুঃ। ৩। যৌবন।

বয়ঃক্রম (বয়ক্‌ক্রোম্) [বয়ঃ (বয়সের) ক্রম—৬তৎ] বি, বয়স; আয়ুষ্কাল।

বয়ঃসন্ধি (বয়শ্‌শোন্ধি) [বয়ঃ (বয়সের) সন্ধি (সন্ধিকাল)] বি, বাল্য ও যৌবনের সংযোগ কাল; যৌবনারম্ভ।

বয়ঃস্থ, বয়স্থ [বয়স্+স্থ—বয়সে যে থাকে, উপপদ] বিণ, মধ্যবয়স্ক; যুবা। ২। প্রাপ্তবয়স্ক; সোমত্ত। স্ত্রী, বয়ঃস্থা, বয়স্থা—যুবতী। ২। আমলকী। ৩। বয়ড়া। ৪। হরীতকী। ৫। গুড়ূচী। ৬। সোমবল্লরী। ৭। কাকোলী। ৮। আমরুলশাকবিশেষ।

বয়ড়া (য়্) বি, বহেড়া দ্রঃ।

বয়ন (ন্) [সং—বদন। প্রাকৃ—বঅণ; বাং-পদ্যে বয়ন, বয়ান] বি, বদন; মুখ। বয়নচন্দ্র—চন্দ্রবদন। বংশিবয়ন—বংশীবদন। ২। শ্রীকৃষ্ণ। স্ত্রী, বয়না।

বয়না (য়্) [আ, বয়্‌আনা] বায়না (দ্রঃ); অগ্রিম মূল্য; earnest money.

বয়না [বদনা। বয়ন দ্রঃ] বিণ, বদনী; মুখী। শশিবয়না—শশিবদনা; চন্দ্রমুখী। প্র—"ফিরে মঝু দিঠি পরলি শশিবয়না। নিমিখ নিবারি রহল দুই নয়না॥"—বিদ্যাপতি।

বয়নামা (য়্) [অ—বয়্+ফা—নামা] বি, বিক্রয়ের কবালা। নিদর্শক পত্র; a deed of sale; a sale certificate.

বয়নী [সং—বদনা স্থলে বাং-য় বদনী তাহা হইতে বয়নী] বিণ, মুখী; বদনী।

বয়স (শ্) [সং-বয়ঃ—বয়স্] বি, বয়ঃক্রম; আয়ুষ্কাল। প্র—"বয়সেতে বৃদ্ধ নয় বৃদ্ধ হয় জ্ঞানে"—সদ্ভাবশতক। বয়স হওয়া—অধিক বয়স হওয়া। বয়স কালে—অধিক বয়সে; সাবালক হইলে। বাল্য ও কৈশোর উত্তীর্ণ হইলে পর। বয়স ফোড়া—যৌবনারম্ভে মুখমণ্ডলে যে ব্রণ গণনা দেখা

দেয়। **বয়সের গাছ পাথর নাই**—যাহার সমসামায়িক বৃক্ষ বা প্রস্তরেরও অস্তিত্ব লোপ পাইয়াছে এত অধিক বয়স্ক ; এঃ প্রাচীনকালের লোক যে তাহার বয়সের হিসাব নাই।

বয়সা (বয়্শা) [বয়স (দ্রঃ) + আ (অনাদরে)] বি, বয়স। ২। বয়ঃসন্ধিকালে কণ্ঠস্বরবিকার। **বয়সা ধরা**—বয়ঃসন্ধি জন্য কণ্ঠস্বরের পরিবর্ত্তন হওয়া।

বয়সী (ব্য়শি)[বয়স + ঈ (বিশিষ্টার্থে) গ্রা—বইসী (বোইশি)] বিণ, বয়স্ক ; বয়স্কা। প্র—"অন্বেষণচন্দ্র, ভদ্র কুলোদ্ভব তরুণ বয়সী।"—টেকচাঁদ। **আধাবয়সী**—আধবুড়া ; প্রৌঢ় ; ৪০ হইতে ৫০ বৎসর পর্য্যন্ত।

বয়স্ক [সং—বয়স্থ হইতে] বি, বয়োবিশিষ্ট ; বয়সী। ২। বয়স্থ ; প্রাপ্তবয় : যে বাল্য ও কৈশোর অতিক্রম করিয়াছে। স্ত্রী, **বয়স্কা**।

বয়স্থ (বয়স্থ) [বয়স্ —স্থা (থাকা) + অ (ড—কর্ত্তৃ) স্—লোপ] বিণ, বয়ঃস্থ দ্রঃ।

বয়স্য (বয়শ্শ) [বয়স্ + য (তুল্যার্থে) যে তুল্য বয়সের] বি, তুল্যবয়স্ক। ২। সহচর ; সখা ; সমবয়স্ক বন্ধু। স্ত্রী, **বয়স্যা**—তুল্যবয়স্কা। ২। সখী। ৩। সঙ্গিনী : সহচরী।

বয়া (ব) [ল্যা—boia ; ইং—buoy] বি, নদ্যাদির উপকূলের নিকট পোতাদি নঙ্গর করিবার স্থাননিদর্শক ভাসমান পিপা বা কাষ্ঠখণ্ড।

বয়া—বি, বটের ঝুরি।

বয়া [বওয়া দ্রঃ] বিণ, বওয়াটে ; বখা।

বয়া [বহা দ্রঃ। বহ্ ধাতুজ। উ-পু—বই(বো) ম-পু—বও। প্র-পু—বয়। অস-ক্রি—বইতে ; বইয়া, বয়ে (বো)। ণিজন্ত—বয়ান (নো)] ক্রি, বহন করা। প্র—বোঝা বয়া। ২। প্রবাহিত হওয়া। প্র—"সুখের জলধি স্রোত নিরবধি বয় গো"—গান। "নইলে কি বয় মলয় বাতাস, কোকিল গায় কুহু স্বরে।"—গিরিশ ঘোষ। ৩। অতিবাহন করা ; চলা। প্র—"সে রাজ্যে এখনও কেহো পথ নাহি বয়"—চৈতন্যভাগবত। ৪। সহ্য করা ; সহা। **শরীর বয়া**—দেহ ভার বহন করা ; শরীরের ক্রিয়া চলা। প্র—শরীর আর বয় না। **বয়ে যাওয়া**—ক্ষতি বৃদ্ধি না হওয়া। প্র—"তুমি যদি আমায় ভাল না বাস ত বয়ে গেল"—দ্বিজেন্দ্র রায়। ২। প্রবাহিত হওয়া। ৩। গড়াইয়া যাওয়া। ৪। অতিবাহিত হওয়া ; অতিক্রান্ত হওয়া : কাটিয়া যাওয়া। প্র—"চাহিতে চিন্তিতে চারি মাস বয়ে গেল।"—শিবায়ন। ৫। অধঃপাতে যাওয়া।

বয়াটে—বি, বখাটে দ্রঃ। ২। চরিত্রহীন। ৩। অকর্ম্মণ্য।

বয়ান (ন্) [বয়ন দ্রঃ। পদ্যে] বি, বদন মুখ ; আনন ; প্র—"হসিত বয়ানে, চাহে মেঘপানে কি কহে দুহাত তুলি"—চণ্ডীদাস "ছল ছল নয়ন বয়ানে নাহি রা"—ধর্ম্মমঙ্গল "তত হি বয়ান সুছন্দ"—বিদ্যাপতি। "ধীরে বয়ান তুলিয়া নয়ন খুলিয়া হাসিতে সুখের হাস।"—রবি। ২। বাগ্‌যন্ত্র ; মুখ। প্র—"বয়ানে না বলে কালা"—চণ্ডীদাস। বিণ, **বয়ানী**।

বয়ান (ন্) [সং—বর্ণন হইতে প্রাকৃ—বয়ণ] বি, বর্ণনা। ২। বিবরণ।

বয়ার (র্) [প্রাদে] বি, মহিষ। প্র—"কতগুলো পয়ারে বয়ার জুটে মাতৃভাষাকে দঙ্কে মারচেন"—লীলাবতী। ২। শূকর। ৩। বিণ, অতিশয় বয়াটে ; সংশোধনের অতীত। ৪। যাহার সহিত আঁটিয়া উঠা যায় না : দুর্দ্দান্ত।

বয়ার (র্) [হি—বেয়ার] বি, বাতাস ; বায়ু।

বয়েৎ, বয়েত (ত্) আ—বয়েৎ] বি, শ্লোক : পদ্য : কবিতাংশ : couplet ; verse. প্র—"আবার হঠাৎ কখনো পার্সি বয়েৎ আওড়াইতে থাকে" ; "হাত নেড়ে স্বর করিয়া মস্‌নবির বয়েত পড়িতেছেন"—টেকচাঁদ।

বয়েস (শ্) [বয়স দ্রঃ। গ্রা] বি, বয়স। প্র—"গিরিশগৃহিণী গৌরী গোপবধূ বেশ। কষিত কাঞ্চন কান্তি প্রথম বয়েস।"—রামপ্রসাদ।

বয়োতীত [বয়ঃ। অতীত, যাহার বয়স্ অতিবাহিত হইয়াছে, ২তৎ] বিণ, বৃদ্ধ : প্রাচীন ; বুড়ো।

বর (র্) [বৃ (বরণ করা, আচ্ছাদন বা যাচ্ঞা করা) + অ (অল্—ভাবে)] বি, পুং, প্রার্থনা : আশীর্ব্বাদ। ২। [বৃ + অ (অল্, কর্ম্মে) যাকে বরণ করা যায় বা প্রার্থনা করা যায়] বি, জামাতা। ৩। মহাদেব : সমস্ত জগৎ আবরণ করিয়া রহিয়াছেন বলিয়া শিব বর নামে খ্যাত। ৪। দেবতার নিকট প্রার্থিত বিষয়। প্র—"কৃপা করি যদি মোরে দিলে বর দান। আমার পিতারে নাথ করহ প্রণাম॥"—কবিকঙ্কণ। ৫। স্বামী ; পতি। প্র—"কহ গো রূপবতি দেহ হেমদ্যুতি রুচির মাণিক দশনা। তৈল নাহি ঘরে ইচ্ছিলে হেন বরে হইবে বিভূতিভূষণা॥"—কবিকঙ্কণ। ৬। মুদ্রাবিশেষ ; দক্ষিণ করতল নিম্নদিকে প্রসারিত করিলে এই মুদ্রা হয়, ইহা দেবতার ও ব্রাহ্মণের হস্তে প্রসিদ্ধ। প্র—"বরাভয় কর ত্রিনয়নধর মাথায় মাণিকবর।"—অন্নদামঙ্গল। ৭। বিণ, অভীষ্ট ; ঈপ্সিত ; প্রার্থিত। ৮। শ্রেষ্ঠ। প্র—নরবর। ৯। সুন্দর। প্র—"বিদ্যাপতি কহ শুন বর কান"—বিদ্যাপতি। "কুঞ্জশোভা বরগুঞ্জ মালা দোলে গলে"—ব্রজাঙ্গনা। ১০। (ব্র) [বরা দ্রঃ] ক্রি, বরণ কর। প্র—"অতএব ধনি ! তব যোগ্য জনে। বর লো ! বর লো ! কহিছে মদনে॥"—বাসবদত্তা। **বরকনে**—বিবাহার্থী ও বিবাহার্থিনী। **বরবধূ**—বরকনে। **তেজবর**—যে তৃতীয় পক্ষের বর। বিণ, **তেজবরিয়া, তেজবরে**। **দোজবর**—দ্বিতীয় পক্ষের বর। বিণ, **দোজবরিয়া, দোজবরে**। **নিতবর**—মিতবর ; বরের মিত্র বা মিতা ; বরসহচর। **শাঁপে বর হওয়া**—যাহা সাধারণে অভিশাপ বলিয়া বিবেচিত তাহাই অবস্থাবিশেষে আশীর্ব্বাদ বা প্রার্থিত দান স্বরূপ হওয়া। **বরের ঘরের পিসী কনের ঘরের মাসী**—উভয়পক্ষের নিকট আত্মীয়া, সুতরাং দুই দিকেই যাঁহার টান আছে এবং উভয় পক্ষের স্বার্থ ও সম্মান বজায় রাখা যাঁহার কর্ত্তব্য।

বরওক্ত, বরবক্ত (র্) [ফা—বর্‌বক্‌ৎ] ক্রি-বিণ, যথাকালে ; সময়ে ; সময়মত।

বরক (ক্) [বৃ + অক (কর্ত্তৃ)] বিণ, যে বরণ করে ; বরণকারী। ২। যাহা দ্বারা আচ্ছাদন করে : আচ্ছাদন বস্ত্র। ৩। পুং, বনমুদ্গা ; ৪। ধান্যবিশেষ ; চীনা।

বরকৎ [আ—বরকৎ] বি, প্রাচুর্য্য। ২। উন্নতি : বৃদ্ধি ; শ্রীবৃদ্ধি। ৩। সৌভাগ্য।

বরকন্দাজ (বর্‌কন্দাজ্) [আ—বর্ক্—বজ্র—আন্দাজ্ (ক্ষেপক)—বজ্রনিক্ষেপক] বি, বন্দুকধারী। ২। বন্দুকধারী সিপাহী বা পাইক। প্র—"গোলা ধম ধম গোলী ঝমঝম গম গম তোপ আবাজে। ঝন্ ঝন্ ঝননন ঠন্ ঠন্ ঠননন বরিখত বরকন্দাজে॥"—ভারতচন্দ্র। ৩। রক্ষী।

বরকায়া [বর (সুন্দর) কায় (শরীর) যাহার—বহু, আপ্—স্ত্রী] বি, স্ত্রী, সুন্দরী। ২। পুং, বরবপু ; সুপুরুষ।

বরখস্তি, বরিখস্তি (বর্‌খোস্তি, বোরিখোস্তি) [সং—বর্ষন্তি হইতে হি-র উচ্চারণানুকরণে, ব্রজবুলিতে] ক্রি, বর্ষণ করিতেছে। বি, **বরখস্তিয়া**—বর্ষণ ; ধারাপতন। বর্ষা। প্র—"ভুবন ভরি বরখস্তিয়া"—বিদ্যাপতি।

বরখাস্ত (র্) [ফা—বর্‌খাস্ৎ] বিণ, কর্ম্মচ্যুত। **বরখাস্ত করা**—কর্ম্ম হইতে পৃথক্ করা ; ছাড়াইয়া দেওয়া। **বরখাস্ত হওয়া**—কর্ম্মচ্যুত হওয়া।

বরখেলাপ (র্, প্) [ফা—বর্‌খিলাফ্] বিণ, অযথা। ২। অন্যথা। ৩। প্রতিকূল : বিপরীত। ৪। পরস্পর-বিরোধী ; বিসংবাদী।

বরগা (বরোগা) [হি—বর্‌গা, পর্ত্ত—verga] বি, কড়ি কাষ্ঠ অপেক্ষা হ্রস্ব ও পাতলা কাষ্ঠখণ্ড ; rafter.

বরঙ্গ [ফ়া—বরঙ্গ্] বি, ঘণ্টা। প্র—"দুন্দুভি বাজনা বাজা এ খনে ঘনা বরঙ্গ ভোর ধির-কালি।"—শূন্যপুরাণ।

বরচন্দন (ন্) [বর (উৎকৃষ্ট) চন্দন (গন্ধ-কাষ্ঠ)—কর্ম্মধা] বি, ক্লী, দেবদারু। ২। অগুরু।

বরজ (জ্) [আ—বুর্জ্ = দুর্গ—তাহার মত সুরক্ষিত বলিয়া] বি, পানের ক্ষেত্র ; যে ক্ষেত্রে পান গাছ জন্মে। প্র—"বারুই নিবসে দূরে, বরজ নির্ম্মাণ করে, মহাবীরে নিত্য দেই পান"—কবিকঙ্কণ। ২। পানব্যবসায়ী ; বারুই। প্র—"বরজেরা বোরজে নিছিয়া ফেলে পান"—কবিকঙ্কণ। ৩। [প্রাচী-বাং—পদ্যে] ব্রজ। প্র—"আর তাহে অনুরত বরজ সমাজ" —বিদ্যাপতি। **বরজধনী, বরজনারী** —ব্রজাঙ্গনা ; ব্রজনারী। প্র—"গিয়া বৃন্দাবনে বসিলা যতনে রমিতে বরজ ধনী।"—চণ্ডীদাস।

বরজ [আ—বুর্জ্] বি, বুরুজ, a tower.

বরঞ্চ [সং বরম্ + চ] অ, অপেক্ষাকৃত ভাল ; বরং ; তবু ভাল ঈষৎ প্রিয়। প্র—"বরঞ্চ শমনে লয় তাহা সহে গায়। সতিনী লইলে স্বামী সহা নাহি যায়॥"—অন্নদামঙ্গল।

বরটা [সং—হি—বর্রা] বি, বোল্তা। ২। রাজহংসী। প্র—জিত-বরটা গজ-গমনা"—বাসবদত্তা। ৩। কুসুম্ভবীজ।

বরণ (ন্) [বৃ (সেবা করা, আরতি করা) + অন (অনট্—ভাবে)] বি, ক্লী, নিয়োগ। ২। দেবপূজাদিকালে পুরোহিতাদির অভ্যর্থনা ব্যাপার। ৩। [বৃ (আবরণ করা) + অন (অনট্—করণে) যাহা দ্বারা আচ্ছাদন করা যায়] বিণ, কাপড় ; বরণ-বস্ত্র। ৪। [কর্ম্মে —অন (ট্)] বরুণ বৃক্ষ। ৫। প্রাচীর। ৬। প্রার্থনা। প্র—"দেবী পরিতুষ্টা হইয়া ব্রাহ্মণকে বলিলেন হে বিপ্রবর! তোমার মন্ত্রানুষ্ঠান ও ভক্তির দ্বারা প্রসন্ন হইয়াছি বর বরণ কর"—দ্বাত্রিংশৎ পুত্তলিকা। স্ত্রী, **বরণা** —কাশীর উত্তরস্থিত নদী।

বরণ (ন্) [সং—বর্ণ হইতে, পদ্যে] বি, বর্ণ। প্র—"বরণ কালিমা ছাঁদে, বৃষ্টিচ্ছলে মেঘ কাঁদে তড়িৎ লুটায় পায় ধড়ার আঁচলে"—ভারতচন্দ্র। **কালবরণ**—কৃষ্ণবর্ণ। ২। শ্রীকৃষ্ণ।

বরণীয় [বৃ + অনীয় (কর্ম্মে)—যাহাকে বরণ করে] বিণ, বরণের যোগ্য ; প্রার্থনীয়। ২। পূজনীয়। ৩। নিযোজ্য।

বরণ্ড—বি, পুং, বারাণ্ডা। ২। ব্রণ ; ফোঁড়া। স্ত্রী, **বরণ্ডা**—সারিকা।

বরণ্ডক (ক্) বি, পুং, বর্ত্তুল ; গোল। ২। পরস্পর তাড়ামান হস্তিদ্বয়ের মধ্যস্থিত ভিত্তি ; দেওয়াল। ৩। বিণ, বিশাল ; বড়।

বরণ্ডালা [বরণ—ডালা, ৬তৎ] বি, বরণের ডালা ; বরণ করিবার উপকরণ পাত্র ; পূর্ণপাত্র।

বরণ্ডালু [সং] বি, ভেরেণ্ডা গাছ।

বরত [ব্রত শব্দজ] প্রা-বাং—পদ্যে। তুল—হি —বর্‌ত্। আধু-গ্রা-বাং **বত্ত**] বি, ব্রত। প্র— "বার বরত নহি ছিল রিসি জে তপসী। তীথ থল নহি ছিল গঙ্গা বরানসী॥"—শূন্যপুরাণ।

বরতরফ (বর্‌তরফ্) [ফ়া—বর্‌তরফ্] বি, কর্ম্মচ্যুত ; পদচ্যুত। প্র—"তিন চারিটে আবকারীর ডেপুটী কালেক্টর বরতরফ হবে" —লীলাবতী।

বরদ [বর—দা (দান করা) + অ (ড, কর্ত্তৃ) যে বর দান করে। উপপদ] বিণ, বরদাতা ; যে অভিলষিত বস্তু দান করে ; অভীষ্টদ। স্ত্রী, বরদা।

বরদা [বরদ (দ্রঃ) + আ (স্ত্রী)] বিণ, স্ত্রী, বরদায়িনী ; অভীষ্টদাত্রী। ২। বি, দুর্গা। ৩। সরস্বতী। ৪। অশ্বগন্ধা। সম্বোধনে— বরদে। প্র—"হে বরদে! তব বরে চোর রত্নাকর কাব্য-রত্নাকর কবি।"—মেঘনাদ। **বরদা চতুর্থী**—মাঘী শুক্লা চতুর্থী তিথি।

বরদার (বর্‌দার্) [ফ়া—বর্‌দার্] বি, বাহক। প্র—আশা বরদার।

বরদাস্ত (র্) [ফ়া—বর্‌দাস্ত্] বি, সহিষ্ণুতা ; সবুর ; ধৈর্য্য। ২। বিণ, সহ্য। প্র—সে কাহারও কথা বরদাস্ত করিতে পারে না।

বরনাহ [বর (সুন্দর) নাহ (নাথ)। প্রা-বাং —পদ্যে। ব্রজ] বি, সুন্দর নাগর। প্র—"কত কত অনুনয় করু বরনাহ। ও ধনী মানিনী পালটি না চাহ॥"—বিদ্যাপতি।

বরপুত্র [বর দ্বারা (প্রাপ্ত) পুত্র—ম-প-লো কর্ম্মধা] বি, পুং, দেবতার বরে জাত পুত্র। ২। দেবতার অনুগৃহীত ব্যক্তি ; দেবতার স্বীয় পুত্র সম রক্ষিত ও অনুগৃহীত জন।

বরপ্রদ (বরপ্‌প্রোদো) [যে বর (অভিলষিত) প্রদান করে, উপপদ] বিণ, অভীষ্টদাতা। স্ত্রী, **বরপ্রদা**—অগস্ত্যভার্য্যা ; লোপামুদ্রা। ২। বিণ, বরপ্রদায়িনী।

বরফ (ফ্) [ফ়া—বর্ফ়] বি, তুষার ; হিমানী। ২। ঠাণ্ডায় জমাট বাঁধা জল। **বরফান্**— তুষাররাশি। **কুলফি বরফ**—কুল্‌ফি দ্রঃ।

বরফি (বোর্‌ফি) [হি—বর্‌ফ়ি] বি, ক্ষীরঘটিত চতুষ্কোণাকৃতি মিষ্টান্নবিশেষ।

বরবটী (বর্‌বোটি) [প্রাদে] বি, শিম্বী জাতীয় কলাইবিশেষ ; ইহার শুঁটী লম্বা লম্বা, কাঁচা শুঁটী ব্যঞ্জনে ব্যবহৃত হয়, পাকা শুঁটী হইতে কলাই লওয়া হয়।

বরবর্ণিনী (বোর্নিনী) [বরের (স্বামীর) বর্ণিনী (স্তবকারিণী)—৬তৎ] বি, স্ত্রী, উত্তমা স্ত্রী। ২। [বর (উৎকৃষ্ট) বর্ণ (রং) + ইন্ (অস্ত্যর্থে) যে স্ত্রীর উত্তম রং আছে] বি, স্ত্রী, গৌরবর্ণা ; শ্যামা। ৩। গৌরী। ৪। লক্ষ্মী। ৫। সরস্বতী। ৬। লাক্ষা। ৭। গোরোচনা। ৮। হরিদ্রা।

বরবাদ (বর্‌বাদ্) [ফ়া—বর্‌বাদ্] বিণ, নষ্ট ; উৎসন্ন।

বরম্ [সং। বাং-য় বরং। বরঞ্চ দ্রঃ] অ, অপেক্ষা-কৃত ভাল ; ঈষৎ প্রিয়।

বরযাত্র, বরযাত্রী (বর্‌জাৎত্র, জাৎত্রি) [বরের সহিত যাত্রা (গমন) যাহাদের, বহু। গ্রা —"বর্‌যাত্তোর, বরযাত্তির"] বিণ, বরানুগমন-কারী ; বরসহচর। প্র—"কন্যাযাত্র বরযাত্র ঋতু ছয়জন"—ভারতচন্দ্র।

বরয়িতা [বৃ + ণিচ্ = বরি + তৃ (তৃচ্—কর্ত্তৃ = বরয়িতৃ ১মা, ১ব = বরয়িতা) যে বরণ করে] বিণ, বরণকর্ত্তা। ২। প্রতিনিধি নির্ব্বাচক। ৩। বি, পতি। স্ত্রী, **বরয়িত্রী**—স্বয়ংবরা পত্নী।

বররুচি (র্) [বর (শ্রেষ্ঠ) রুচি (দীপ্তি, স্পৃহা) যাহার—বহু] বিণ, উৎকৃষ্ট স্পৃহাযুক্ত। ২। উজ্জ্বল দীপ্তিশালী। ২। বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন।

বরল [বর—লা (দান করা) + অ (ড—কর্ত্তৃ) যে বর দেয়] বিণ, বরদ। স্ত্রী, **বরলা**—বোল্‌তা। ২। রাজহংসী।

বরষা—বর্ষা দ্রঃ।

বরা [সং—বরাহ শব্দের সংক্ষেপ] বি, বরাহ। প্র—"ধরণী লোটায়ে কান্দে মহা আর্ত্ত বরা। অরুণ লোচন যুগে বহে জলধারা।"—কবিকঙ্কণ। ২। গুড়ূচী। ৩। ব্রাহ্মী। ৪। হরিদ্রা। ৫। বিড়ঙ্গ। ৬। [বর (দ্রঃ) + আ (স্ত্রী)] বিণ, শ্রেষ্ঠা।

বরা [বৃ (বরণ করা) ধাতুজ। উ-পু—বরি (বো)। ম-পু—বর। প্র-পু—বরে। অস-ক্রি—বরিতে ; বরিয়া ; বরি (পদ্যে), বরে] ক্রি, বরণ করা ; আরতি করা। ২। পতিত্বে বরণ করা ; বিবাহ করা। প্র—"কহিল— আমায় বর! দিব ভিক্ষা প্রাণ।"—প্রভাস (নবীন সেন)।

বরা [প্রা-বাং। বৃষ্ বর্ষ হইতে বর] ক্রি, বর্ষণ করা। প্র—"যদি বরে আগনে, রাজা যান মাগনে। যদি বরে মাঘের শেষ, ধন্য রাজার পুণ্য দেশ॥"—খনা।

বরাক (ক্) [সং] বিণ, ক্ষুদ্র ; নীচ ; জঘন্য। প্র—"কোন বা বরাক এই দেবকীকুমার।"— কাশী-মহা-উদ্‌যোগ। ২। শোচনীয়। ৩। দীন। ৪। ভিক্ষু। ৫। নিরপরাধ। ৬। তাম্বূলবিক্রয়ী। প্র—"পসরা ছুঁইতে করহ সাধ বরাকের দানী সোনায় সাধ॥"— জ্ঞানদাস। ৭। বি, শিব।

বরাখুরিয়া, বরাখুরে [বরাহ হইতে বরা +খুর+ইয়া (যুক্তার্থে)] বিণ. বরাহের খুরের ন্যায় খুরবিশিষ্ট। ২। কুলক্ষণাক্রান্ত ; অলক্ষ্মিয়া। স্ত্রী. **বরাখুরী**। প্র—"হতভাগা লক্ষ্মীছাড়া উনপাঁজুরে বরাখুরে ছোঁড়ারা জুটিতে আরম্ভ করিল।"—টেকচাঁদ।

বরাঙ্গ [বর (উত্তম) অঙ্গ (শরীর) যাহার—বহু] বিণ. উত্তম অঙ্গবিশিষ্ট। ২। বর (শ্রেষ্ঠ) অঙ্গ (শরীর)—কর্ম্মধা] বি. ক্লী. মস্তক। ৩। মুখ। ৪। উপস্থ। ৫। বি. পুং. কামদেব। ৬। বিষ্ণু। ৭। শ্রেষ্ঠাবয়ব ; সুন্দর দেহ। প্র—"——কেমনে হরিল ও বরাঙ্গ অলঙ্কার বুঝিতে না পারি?"—মেঘনাদ। স্ত্রী. **বরাঙ্গী**।

বরাঙ্গনা [বর (উত্তম) অঙ্গনা (স্ত্রী)—কর্ম্মধা] বি. স্ত্রী. বরবর্ণিনী ; উত্তমা স্ত্রী। ২। সাধ্বী ; পতিব্রতা।

বরাট (ট্) [বর (অল্প) অট (গমন করে) যে সামান্য বা অল্প যায় অর্থাৎ যাহার দৌড় বড় বেশী নয়] বি. পুং অকিঞ্চিৎকর ; ক্ষুদ্র ; ছার। প্র—"কোন বা বরাট আমি হই অল্পমতি।"—কাশী-মহা-সভা। ২। জাতীয় উপাধিবিশেষ। স্ত্রী. **বরাটী**—কড়ি। ২। দড়ী।

বরাটক (ক্) [বরাট+ক (স্বার্থে)] বিণ. ক্ষুদ্র ; অকিঞ্চিৎকর ; তুচ্ছ। ২। কপর্দ্দক ; কড়ি। স্ত্রী. **বরাটীকা**।

বরাটিয়া [বরাট (দ্রঃ)—ইয়া] বিণ. অকিঞ্চিৎকর ; তুচ্ছ। প্র—"বরাটিয়া চেঙ্গা মুখা আমার ভক্ষণ।"—কবিকঙ্কণ।

বরাটী, বরাড়ী [সং] বি. স্ত্রী. রাগিণীবিশেষ ; বসন্ত রাগের ছয় রাগিণীর অন্যতম।

বরাণসী (নোশি) [বরণা (নদীবিশেষ) অসী (নদীবিশেষ), এ দুটি নদী আছে যেখানে—বহু] বি. স্ত্রী. বারাণসী ; কাশী।

বরাৎ, বরাত (ত্) [আ—বরাত্ (কার্য্য-ভার, নিয়োগ, commission, assignment, চিঠি, চেক cheque)] বি. কাজের ভার। প্র—সে কাজটা করিবার জন্য তাহাকে বরাত দিয়া আসিয়াছি। ২। অপরকে স্বত্ব প্রদান পত্র। ৩। প্রতিনিধি। ৪। শস্য ও ঘাসের আয় সম্বন্ধীয় বিবরণ পুস্তক। ৫। প্রয়োজন। এদিকে তাহার একটা বরাত ছিল। কোন বরাত না থাকলে আর সে এসেছে? **কাজের বরাত**—কার্য্যানুরোধ। ৬। অদৃষ্ট ; কপাল। প্র—হতভাগ্য এমন বরাত নিয়েও পৃথিবীতে এসেছিল যে একদিনের জন্যও সুখী হইল না। তাহার বরাতে নেই সে পাইবে কেন? ৭। চিঠি। ৮। হুণ্ডী। ৯। গজের হাত ; মাপের হাত। প্র—"হানি হাত করাতে বরাতে সমতুল। ইন্ধন অভেদ যোড় ঘুড়িল যতনে।"—ঘনরাম।

বরাত (ত্) [হি—বরাত্] বি. বিবাহের মিছিল ; বরযাত্রের দল।

বরাতি [হি] বি. বরযাত্রী। প্র—"জুড়িয়া ক্রোশেক বাট, চলে বরাতীর ঠাট চমকিত ইছানি নগর"—কবিকঙ্কণ। "বরাতি পুঙ্গে পুঙ্গে সাধুর ঘরে ভুঙ্গে চৌদিকে ডম্বুরবাজনা।"—ঐ। ২। কর্ত্তাভজা সম্প্রদায়ী শিষ্য।

বরাতী [বরাৎ দ্রঃ] বি. যাহার বরাত আছে ; নির্দ্ধারিত। ২। সংবাদবাহক ; দূত।

বরাদন (ন্) বি. রাজাদনী ; ক্ষীরিকা ; খিণী। ২। পিয়াল। ৩। কিংশুক।

বরাদ্দ—বি. নির্দ্দেশ ; নির্দ্ধারণ।

বরাবর (র্) [ফা—বরাবর্] বিণ. তুল্য ; সদৃশ ; সমান। প্র—"ভালে সুধাকর গলে বিষধর সুধা বিষে বরাবর।"—অন্নদামঙ্গল। ২। সর্ব্বদা ; সর্ব্বক্ষণ। প্র—সে বরাবর তার কাছেই ছিল। ৩। সমস্ত পথ। প্র—সে বরাবর তাহার সঙ্গে গেল। ৪। সোজা ; ঋজু ভাবে বহুদূর পর্য্যন্ত বিস্তৃত। প্র—পথটা এখান থেকে বরাবর চলে গেছে। ৫। সম্মুখ ; সমীপ। প্র—"শিব বরাবর স্তব কৈল।"—কবিকঙ্কণ।

বরাবরি (বরাবোরি) [বরাবর দ্রঃ] ক্রি-বিণ. সন্নিধানে ; সমীপে। প্র—নারদ কহিল আসি দৈত্য বরাবরি"—কাশী-মহা-শান্তি। ২। সমক্ষে ; সম্মুখে ; আগে। প্র—"যেমন দেখিলুঁ পুরী, কহি তুয়া বরাবরি হেন বুঝি অমর নগর"—কবিকঙ্কণ।

বরাবরেষু [বরাবর দ্রঃ। শ্রেষ্ঠ ব্যক্তিকে শিরোনামায় সম্বোধনে এই সংস্কৃত ৭মী বিভক্তিযুক্ত শব্দের ব্যবহার আছে] ক্রি-বিণ. সমীপে।

বরাভয় (য়) [বর (নিম্ন প্রসারিত দক্ষিণ-করতল) অভয় (ঊর্দ্ধীকৃত প্রসারিত বাম হস্ত)] বি. বরমুদ্রা ও অভয়মুদ্রা। ২। অভয়। **বরাভয়দাতা**—অভীষ্ট এবং অভয় দানকর্ত্তা। স্ত্রী. **বরাভয়দাত্রী**।

বরাভরণ (ন্) [বর+আভরণ—৬তৎ] বি. বিবাহে বরের যৌতুকস্বরূপ প্রাপ্য আভরণ।

বরামদ (দ্) [ফা—বর্—আমদ্] বি. বাহির হওন। **মালবরামদ করা**—চোরাই দ্রব্য থানাতল্লাসীর দ্বারা বাহির করা।

বরারোহ [বর (উত্তম) আরোহ (আরোহণ) যাহার—বহু] বিণ. যে উত্তম যানে আরোহণ করে ; যানারোহী। স্ত্রী. বরারোহা।

বরারোহা [বরারোহ (দ্রঃ) +আ (স্ত্রী)] বিণ. শ্রেষ্ঠ যানবাহিকা। ২। [বর (সুন্দর) আরোহ (কটিদেশ, শ্রোণিতট) যাহার] বি. সুশ্রোণী ; পরমা সুন্দরী স্ত্রী ; বরাঙ্গী।

বরালিকা [বর (উৎকৃষ্ট) আলিকা (সখী) যে স্ত্রীর (বহু)] বিণ. যে স্ত্রীর উত্তম সঙ্গিনী। ২। বি. স্ত্রী. দুর্গা। ৩। [বর (উৎকৃষ্ট) আলিকা (সখী)—কর্ম্মধা] বি. স্ত্রী. প্রধান সখী।

বরাশি, বরাসি (শি) [বর (উত্তম) অশ্ (ব্যাপন করা, আবরণ করা) ই (করণে)—যাহা দ্বারা উত্তমরূপে আবরণ করা যায়] বি. মোটা কাপড়।

বরাসন (শন্) [বর (শ্রেষ্ঠ) আসন (বসিবার স্থান বা আধারবিশেষ)—কর্ম্মধা] বি. ক্লী. শ্রেষ্ঠ আসন। ২। সম্মানিত পদ। ৩। [বর (জামাতা) আসন (বসিবার আধারবিশেষ) ৬তৎ] বি. ক্লী. বিবাহ সময় বর বসিবার আসন। ৪। [বর (বরণ করিবার জন্য) অসন (যাহাকে ক্ষেপণ করা হয়)] জবাফুল।

বরাহ [বর (বরাসুর) আহ (ঘাতক) তুল—ইং—boar] বি. বরনামক অসুরবিনাশক বিষ্ণুর অবতার ; দশ অবতারের অন্যতম। ২। [বর (শ্রেষ্ঠ) আহ (আঘাতক) যে দন্ত দ্বারা ভূমি খনন করে] শূকর ; বরা। **বন্য বরাহ, বনবরা**—বন্যশূকর (গৃহপালিত শূকর নহে)।

বরিখ (বো) [সং—বর্ষ হইতে বরিষ। হি ও ব্রজ—বরিখ (ষ=খ)] বি. বর্ষ ; বৎসর। প্র—"দণ্ডে প্রহরে দিনে মাসেক বরিখে।"—জ্ঞানদাস। ২। [সং—বৃষ্ (বর্ষণ করা) =বর্ষ=বরিষ=বরিখ (ব্রজ)] ক্রি, বর্ষণ কর। **বরিখত**—বর্ষণ করিতেছে। প্র—"ঝন্ ঝন্ ঝননন ঠন্ ঠন্ ঠননন বরিখত বরকন্দাজে।"—অন্নদামঙ্গল। **বরিখণিয়া**—বর্ষণ করে। প্র—"দুহুঁ দিঠি মেহ সঘনে বরিখণিয়া।"—বলরামদাস। **বরিখন্তিয়া**—বর্ষণ করে [বঙ্গভাষা ও সাহিত্য]। প্র—"ঝাম্পা ঘন গরজন্তি সন্ততি ভুবন ভরি বরিখন্তিয়া।"—বিদ্যাপতি। **বরিখব**—বর্ষণ করিবে। প্র—"চন্দন তরুসব সৌরভ ছোড়ব শশধর বরিখব আগি।"—বিদ্যাপতি। **বরিখয়ে, বরিখে**—বর্ষে ; বর্ষণ করে।

বরিয়াতি (বো) [বরযাত্রী শব্দের অপভ্রংশ। প্রা-বাং] বি. বরযাত্রী ; বরাতি। প্র—বরিয়াতি পুঙ্গে পুঙ্গে, সাধুর মন্দিরে চৌদিকে ডম্বুরু বাজনা।"—কবিকঙ্কণ। "কেহ বিভা করুক আমরা বরিয়াতি"—কাশী-মহা-আদি।

বরিষ (বো) [সং—বরিষম্ (শব্দরত্নাবলী)] বি. বর্ষ ; বৎসর। প্র—"বরিষ বরিষ করি সময় গোঙাইলুঁ"—বিদ্যাপতি। ২। [বৃ (বর্ষণ করা) +ইষ (অধি)—যে সময় জল বর্ষণ হয়] বি. বর্ষাকাল। তুল—হি—বারিষ।

৩। বৃষ্ (বর্ষণ করা) ধাতুজ] ক্রি, বর্ষণ কর। প্র—'বরিষ ধরা মাঝে শান্তির বারি শুষ্ক হৃদয় ল'য়ে আছে দাঁড়াইয়ে উর্দ্ধমুখে নরনারী।"—রবি।

বরিষণ (বোরিষন) [সং—বর্ষণ হইতে—বরিখন দ্রঃ] বি, বৃষ্টিপতন। ২। বর্ষণ বর্ষার ধারার ন্যায় পতন। প্র—বাণ বরিষণ ক্রি, বরিষয়ে, বরিষে—বর্ষণ করে।

বরিষ্ঠ (বো) [উরু (প্রধান) + ইষ্ঠ (অধিকার্থে) উরু=বর। বহুর মধ্যে যিনি শ্রেষ্ঠ] বিণ, প্রধানতম ; শ্রেষ্ঠ। স্ত্রী, বরিষ্ঠা।

বরিষা (বো) [বর্ষা হইতে—বরিশা দ্রঃ। ষা=শা=হা] বি, বর্ষা। ২। ক্রি, বর্ষণ করা।

বরিসন্তি (বোরিশোন্তি) [বরিষ (দ্রঃ) + অন্তি (সং—ক্রি-বিভক্তি) প্রা-বাং] ক্রি, বর্ষণ করে। প্র—"দুই মেঘে মেঘে একত্র বরিসন্তি॥"—মহা (বিজয়)।

বরিহা (বো) [বরিষা দ্রঃ। ষা=হা] বি বর্ষা। ২। [বহ শব্দের কোমল উচ্চারণ "বরিহা"। ব্রজ] বি, বর্হ ; ময়ূরপুচ্ছ। প্র—"কুসুমিত চিকুর বলিত বর বরিহা চাঁদ বিরাজিত ভালে।"—জ্ঞানদাস।

বরী (বো) [বর+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, সূর্য্য-পত্নী। ২। শতাবরী।

বরীবর্দ্দ (বো) বি, বলীবর্দ্দ দ্রঃ।

বরীয়ান্ (বোরিয়ান্) [উরু (প্রধান) + ঈয়সু (অধিকার্থে)—বহুর মধ্যে যিনি শ্রেষ্ঠ] বিণ, বরিষ্ঠ ; সর্ব্বপ্রধান। ২। সকলের বরণীয়। ৩। অতি যুবা। ৪। বি, পুং, বিষ্কুম্ভাদি যোগের মধ্যে অষ্টাদশ যোগ।

বরুট (বোরুট্) বি, ম্লেচ্ছজাতিবিশেষ।

বরুড় (বোরুড়) বি, বরুট দ্রঃ।

বরুণ (বোরুন্) [বৃ (বেষ্টন করা) + উন (ন্—কর্ত্তৃ) যিনি পৃথিবীকে বেষ্টন করিয়া আছেন] বি, পুং, জলাধিপতি ; পশ্চিম-দিগধীশ্বর। ২। সমুদ্র। ৩। জল। ৪। [বৃ + উন (উনন্—কর্ম্মে) যে বেষ্টিত হয়] বি, দ্বীপবিশেষ। ৫। তিক্ত শাকতরুবিশেষ।

বরুণবাণ (বোরুনবান্) বি, বারিবর্ষণকারী ক্ষেপক অস্ত্রবিশেষ ; যে বাণ নিক্ষিপ্ত হইলে চতুর্দ্দিক মেঘাচ্ছন্ন হইয়া প্রবলবেগে প্রচুর বারি পতিত হয়। প্র—"বরুণ এড়িয়া বাণ তখনে সংহারে।"—মহা (শ্রীকর)।

বরুণাত্মজা (বোরুনাৰ্তজা) [বরুণের (সমুদ্রের) আত্মজা (কন্যা)—৬তৎ] বি, স্ত্রী, বারুণী।

বরুণানী (বোরুনানি) [বরুণ + আন + ঈ (স্ত্রী)] বি, স্ত্রী, বরুণের পত্নী। [দ্রঃ—কবি মাইকেল মধুসূদন দত্ত তাঁহার মেঘনাদ বধ কাব্যে বরুণের পত্নী বরুণানী স্থলে বারুণী শব্দ ব্যবহার করিয়া গিয়াছেন। বারুণী দ্রঃ]।

বরুত্র (বোরুৎত্রো) [বৃ (আবরণ করা) + উত্র (করণে) যদ্দ্বারা আবরণ করে] বি, ক্লী, উত্তরীয় বস্ত্র ; উড়ানী।

বরুয়া (বো) বি, বড়ুয়া দ্রঃ।

বরূথ (বো) [বৃ (আবরণ করা) + উথ (ন্—কর্ম্মে, সংজ্ঞার্থে] বি, পুং, রথের মধ্যে গুপ্ত স্থানবিশেষ। ২। [+ উথ (ন্—করণে) বি, ক্লী, চর্ম্ম ; বর্ম্ম ; তনুত্রাণ ; সাঁজোয়া।

বরূথী (বোরুথি) [বরূথ (রথের গুপ্তস্থান) + ইন্ (অস্ত্যর্থে) কর্ত্তৃ=বরূথিন্ ১মা, ১ব, বরূথী] বি, পুং, রথ। স্ত্রী, বরূথিনী—সেনা। ২। রথযুক্ত।

বরেণ্য (বরেনন্ [বৃ + এন্য (কর্ম্মে) যাঁহাকে বরণ করা যায়] বিণ, বরণীয় ; মান্য। ২। শ্রেষ্ঠ ; উৎকৃষ্ট। ৩। অভীষ্ট ; প্রার্থনীয়। ৪। বি, ক্লী, কুঙ্কুম।

বরেন্দ্র, বরেন্দ্রভূমি [পরিঃ দ্রঃ] বি, প্রাচীন গৌড় ; বঙ্গদেশের প্রাচীন বিভাগ। ইহা মহানন্দা নদীর পশ্চিম তীর পর্য্যন্ত বিস্তৃত ; পুণ্ড্র ; গৌড়দেশের রাজধানী।

বরেন্দ্র [বর (শ্রেষ্ঠ) ইন্দ্র (রাজা)—কর্ম্মধা। শ্রেষ্ঠ রাজা] বি, পুং, ইন্দ্র। ২। প্রধান রাজা। ৩। [বরের (শ্রেষ্ঠের) ইন্দ্র (প্রধান)—৬তৎ] বি, পুং, রাজাধিরাজ ; সম্রাট।

বরোন্মুখ (খ্) [বর (বর দানের জন্য) উৎ (উন্নত) মুখ হইয়াছে যাহার, বহু] বিণ, বরদানে উদ্যত। প্র—"বরোন্মুখ হইলেন শ্রীগৌর সুন্দর"—চৈতন্যভাগবত।

বর্ক্বর (র্) [বৃক্ (গ্রহণ করা) + অর (অরন্—কর্ম্মে) যাহাকে (ছেদনার্থ) গ্রহণ করা হয়] বি, পুং, মেষশাবক ; ছাগল-ছানা। ২। ক্রীড়া ; পরিহাস ; কৌতুক। স্ত্রী, বর্ক্বরী।

বর্গ [বৃজ্ (বর্জ্জনে, পৃথক করণে) + অ (ঘঞ্—ভাবে)] ক্রি-বি, পুং, বর্জ্জন ; ত্যাগ। ২। শ্রেণী ; দল। ৩। বর্ণমালা-শ্রেণী। প্র—কবর্গ, চবর্গ। ৪। স্বজাতীয় সমূহ ; গণ। প্র—মনুষ্যাদি বর্গ ; দণ্ডচারী বর্গ। ৫। ছন্দ ; ছাঁদ ; প্রকার। ৬। গ্রন্থ পরিচ্ছেদ। ৭। খণ্ড। ৮। মার্গ ; পথ ; বাগ দ্রঃ। ৯। শাসন। ১০। সমানাঙ্কদ্বয়ের পূরণ।

বর্গক্ষেত্র (বর্গখেৎত্র) [বর্গ (দল বা স্বজাতিসমূহ) ক্ষেত্র (স্থান)—৬তৎ] বি, ক্লী, যে ভূমির দৈর্ঘ্য ও প্রস্থ পরস্পর সমান।

বর্গমূল (ল্) [বর্গের মূল—৬তৎ] বি, ক্লী, সমানাঙ্কদ্বয়ের পূরণ ; square root.

বর্গি, বর্গী (বোর্গি) [বর্গ (শ্রেণী) + ইন্ (অস্ত্যর্থে) যাহার বর্গ আছে] বি, শিবজির উত্তরাধিকারী। ইহারা দল বাঁধিয়া আক্রমণ করিত বলিয়া বর্গী নামে অভিহিত ; মাহারাষ্ট্রীয় অশ্বারোহী সৈন্যদলবিশেষ। প্র—"আছিল বর্গির রাজা গড় সেতারায়। আমার ভকত বড় স্বপ্ন কহ তায়॥"—অন্নদামঙ্গল। বর্গির হাঙ্গামা—বঙ্গের নবাব আলীবর্দ্দীখাঁর সময় মহারাষ্ট্র সৈন্যদল কর্ত্তৃক বঙ্গ আক্রমণ ও লুঠতরাজ।

বর্গিরাজ (বো, জ্) [বর্গির রাজা, ৬তৎ] বি, মহারাষ্ট্র রাজা। ২। শিবাজী। প্র—স্বপ্ন দেখি বর্গিরাজ হইল ক্রোধিত।"—অন্নদামঙ্গল।

বর্গীয় (বো) [বর্গ + ঈয় (স্থিত অর্থে বা সম্বন্ধার্থে)—যে বর্গের মধ্যে আদিতে বা অন্তে থাকে] বিণ, বর্গসম্বন্ধীয়। ২। বর্গস্থ ; বর্গের অন্তর্গত। প্র—ক-বর্গীয় বর্ণ। বর্গীয় জ—চবর্গের অন্তর্গত তৃতীয় বর্ণ ; জ। বর্গীয় ব—পবর্গের অন্তর্গত তৃতীয় বর্ণ।

বর্গোত্তম (ম্) [বর্গের উত্তম (উৎকৃষ্ট)—৬তৎ] বি, পুং, মেষাদি রাশির নবাংশবিশেষ। ২। বর্গের মধ্যে শ্রেষ্ঠ।

বর্গ্য (বোর্গ) [বর্গ + য (স্থিত অর্থে বা সম্বন্ধার্থে)] বিণ, বর্গ সম্বন্ধীয়। ২। বর্গান্তর্গত ; বর্গস্থ।

বর্চ্চঃ [বচ্চস্—বর্চ্চ্ (দীপ্তি হওয়া) + অস্ (কর্ত্তৃ) যে দীপ্ত হয়] বিণ, ক্লী, তেজঃ। ২। কান্তি। ৩। রূপ। ৪। শুক্র। ৫। মল।

বর্চ্চস্বী (বর্চোশ্শি) [বর্চ্চস্ + বিন্ (অস্ত্যর্থে) বর্চ্চস্বিন্—যাহার বর্চ্চস (তেজঃ) আছে] বিণ, তেজস্বী, ওজস্বী। ২। বি, পুং, সূর্য্য। চন্দ্র।

বর্চ্চা, বর্চ্ছা [হি। প্রা বাং-র—বঁড়শা] বি, বেধনাস্ত্রবিশেষ ; বল্লম ; কোঁচা। প্র—বঙ্গদিগের হস্তী নাই, অশ্ব নাই, বন্দুক নাই, বর্চ্চা নাই, কেবল খড়্গ ও তীর লইয়া অকুতোভয়ে শার্দ্দুলের প্রতি ধাবমান হইল।"—টেকচাঁদ।

বর্জ্জন (ন্) [বৃজ্ (বর্জ্জন করা) + অন (অনট্, ভাবে)] বি, ক্লী, ত্যাগ।

বর্জ্জনীয় [বৃজ্ + অনীয় (কর্ম্মে) যাকে বর্জ্জন করা যায়] বিণ, বর্জ্জনের যোগ্য ; ত্যাজ্য।

বর্জ্জাইস (শ্) [ইং—Bourgeois] বি, ছাপার ক্ষুদ্র হরপ ; বাঙ্গালায় সাধারণতঃ ক্ষুদ্রতম ছাঁচের হরফ। প্র—বইখানা আগাগোড়া বর্জ্জাইসে ছাপা।

বর্জ্জিত (বোর্জিত) [বৃজ্ + ত (ক্ত, কর্ম্মে) যে পরিত্যক্ত হয়] বিণ, ত্যক্ত। ২। নির্ব্বাসিত। ৩। বিনষ্ট।

বর্ণ [বর্ণ্ (বাক্যের বিস্তার করা, গুব করা, যথাস্থানে নিয়োগ করা, বিলেপন করা, বলা প্রভৃতি) + অ (কর্ম্মে—অল্) প্রাক্—বর্ম্ম] বি, পুং, যাহা ব্রাহ্মণ ক্ষত্রিয়াদিরূপে বিস্তৃত হইয়াছে ; ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য, ও শূদ্র জাতি ; জাতি ; গুণ এবং কর্ম্মের যোগে যাহা গ্রহণ করা যায় তাহাকে বর্ণ বলে। ২। [করণে অল্] যদ্দারা গুব করা যায় ; অকারাদি অক্ষর। [দ্রঃ—উদান বায়ু কণ্ঠনালী হইতে নিঃসৃত হইয়া শ্রবণেন্দ্রিয়ের গ্রাহ্য শব্দের উৎপাদন করে ; ঐ শব্দের অস্ফুট অবস্থার নাম 'ধ্বনি', স্ফুট অবস্থার নাম 'বর্ণ'। বর্ণের যে সাঙ্কেতিক চিহ্ন দর্শনেন্দ্রিয়ের বিষয়, তাহা বর্ণ নহে, তাহা 'লিপি'। একই বর্ণের বিভিন্ন ভাষায় বিভিন্ন লিপি প্রচলিত আছে।—ইন্দ্র বন্দ্যো। ৩। [অক্ষর হইতে অক্ষরসমষ্টি] বাক্য। প্র—"বর্ণনে যার বর্ণ হারে, তায় সাজে কি স্বর্ণ-হারে, যেরূপ হেরিয়ে হরে, মুনি জনার মন।"—দাশরথি রায়। ৪। [বর্ণ্ (চিত্র করা) + করণে অল্] রং ; শ্বেত, পীত, হরিতাদি। পদ্যে 'বরণ' ও হয়। ৫। গায়ের রঙ। প্র—শ্যামবর্ণ বা গৌরবর্ণ ; উজ্জ্বল শ্যামবর্ণ। পদ্যে 'বরণ' ও হয়। ৬। হস্তীর পৃষ্ঠস্থিত চিত্রিত কম্বলাদি। ৭। ক্রি, বর্ণনা কর।

বর্ণচোরা—স্বাভাবিক বর্ণ যাহার প্রকাশ পায় না। ২। বিকৃত বর্ণ। প্র—"ফলা অসি বসন ভূষণ সব লুট। বর্ণচোরা করে, চোরে ধরে আন ঝাট"—ঘনরাম।

বর্ণ চোরা আম—যে আম পাকিলেও কাচার বর্ণের স্থায় সবুজই থাকে।

বর্ণক (ক্) [বর্ণ্ (বর্ণনা করা) + অক (কর্ত্তৃ) যে বর্ণনা করে] বি, পুং, স্তুতিপাঠক ; গুণকীর্ত্তনকারী। ২। [বর্ণ (রং) + ক (স্বার্থে) বি, পুং, লেপন দ্রব্য ; চন্দনাদি। ৩। বর্ণ + অক (করণে) যাহা দ্বারা বর্ণনা বা রং করা যায়] বিণ, হরিতাল। ৪। তুলী। ৫। অক্ষর। ৬। গ্রন্থ। ৭। বেশবিন্যাস।

বর্ণজ্যেষ্ঠ (বর্ণজেষ্‌ঠ) [বর্ণ (জাতি) দ্বারা জ্যেষ্ঠ, ৩ তৎ ; বর্ণের (ব্রাহ্মণাদির) জ্যেষ্ঠ, ৬ তৎ] বিণ, সকল বর্ণাপেক্ষা শ্রেষ্ঠ। ২। ব্রাহ্মণ। স্ত্রী, বর্ণজ্যেষ্ঠা

বর্ণতুলি, বর্ণতূলি, বর্ণতুলী [বর্ণ (অক্ষর) তাহার তুলি, তুলী—৬তৎ] বি, স্ত্রী,—করিবার তুলি। ২। কলম।

বর্ণতূলিকা [বর্ণ (অক্ষর) তুলিকা (চিত্র করিবার যন্ত্রবিশেষ)—৬তৎ] বি, স্ত্রী, লেখনী ; কলম।

বর্ণদারু [বর্ণ (রং) দারু (কাষ্ঠ) বর্ণের দারু—৬তৎ] বি, ক্লী, যে সকল কাঠে রঙ্গ প্রস্তুত করা হয়।

বর্ণদূত (ত্) [বর্ণ (অক্ষর) তন্ময় (অর্থাৎ বর্ণময়) দূত (প্রেরিত)—কর্ম্মধা] বি, পুং, লিপি ; পত্রিকা ; চিঠি।

বর্ণদ্বিজ (বর্নদ্দিজ) [বর্ণ (বর্ণে জন্ম) দ্বারা (গুণে নহে) দ্বিজ] বি, বর্ণব্রাহ্মণ ; ব্রাহ্মণের ক্রিয়াকর্ম্ম লক্ষণাদিহীন কেবল ব্রাহ্মণ কুলে জন্ম হেতু ব্রাহ্মণ। প্র—"গুজরাট একপাশে গ্রহ বিপ্রগণ বৈসে, বর্ণদ্বিজগণ মঠপতি"—কবিকঙ্কণ।

বর্ণধর্ম্ম [বর্ণের (ব্রাহ্মণাদি জাতির) ধর্ম্ম (কর্ত্তব্য কর্ম্ম)—৬ তৎ] বি, পুং, ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্র জাতির কর্ত্তব্যকর্ম্ম।

বর্ণন (বর্‌নন্) [বর্ণ্ (স্তব করা) + অন (অনট্) ভাবে] বি, ক্লী, গুণকথন। ২। স্তুতি পাঠ। ৩। চিত্তবিনোদন। ৪। বিকৃত করণ। স্ত্রী, বর্ণনা—ব্যাখ্যা। ২। গুণকথন। ৩। বিবরণ।

বর্ণনীয় [বর্ণ্ + অনীয় (কর্ম্মে) যাকে বর্ণনা করা যায়] বিণ, বর্ণনযোগ্য। ২। বিস্তৃত ব্যাখ্যার উপযুক্ত।

বর্ণপাত্র (পাৎত্র) [বর্ণ (রং) পাত্র (আধার) —৬তৎ] বি, রঙ্গ রাখিবার আধার ; বর্ণাধার।

বর্ণমালা [বর্ণ (অক্ষর) মালা (শ্রেণী) —৬ তৎ] বি, অকারাদি স্বর এবং ক হইতে হ পর্য্যন্ত ব্যঞ্জন বর্ণ শ্রেণী ; আলিকালি। ২। জাতিমালা।

বর্ণরেখা [বর্ণ (রং) রেখা (লেখা) ৩তৎ। যদ্দারা রেখা পাত হয়] বি, স্ত্রী, কঠিনী ; খড়ী।

বর্ণসঙ্কর (বর্নশংকর্) [বর্ণ (ব্রাহ্মণাদি) সঙ্কর (মিশ্রণ)—৬ তৎ] বি, পুং, ব্রাহ্মণাদির অনুলোম বা প্রতিলোমজাত সন্তান ; মিশ্রজাতি ; দুই ভিন্ন বর্ণের স্ত্রীপুরুষের সংমিলনে যে বর্ণের উৎপত্তি হয়।

বর্ণসঙ্করত্ব (বর্নশংকরৎত) [বর্ণসঙ্কর + ত্ব (ভাবে)] বি, বর্ণসঙ্করের ভাব ; অনুলোম বা বিলোমঘটিত ব্যাপার।

বর্ণাট (ট্) [বর্ণ (অকারাদি অক্ষর দ্বারা রচিত গীতবিশেষ) অট (গায়ক)—৬ তৎ] বি, পুং, গায়ক। ৪। [বর্ণ (রং) আট (সংযোজক) উপপদ। যে বর্ণ বিন্যাস করে] বিণ, চিত্রকর।

বর্ণান (নো) [বর্ণ ধাতুজ। উ-পু—বর্ণি। ম-পু—বর্ণ ; বর্ণাও। প্র-পু—বর্ণে ; বর্ণায়। অস-ক্রি—বর্ণিতে, বর্ণাইতে ; বর্ণিয়া, বর্ণাইয়া, বর্ণি, বর্ণে (বো)] ক্রি, বর্ণনা করা ; বিবরণ করা। প্র—"চৌত্রিশ অক্ষরে বর্ণাইয়া কৈলা গুব"—অন্নদামঙ্গল।

বর্ণানুভাবকতা [বর্ণ (শুক্ল পীতাদি) অনুভাবকতা (বোধজনকতা)—৬তৎ] বি, স্ত্রী, শুক্লাদি বর্ণের জ্ঞান ; বর্ণানুভূতি।

বর্ণি (বোর্নি) [বর্ণ্ + ই (কর্ত্তৃ)] বিণ, যে রং করে বা লিখে। ২। উত্তমবর্ণযুক্ত। ৩। বি, সুবর্ণ। ৪। ক্রি, বর্ণনা করি।

বর্ণিক (বোর্নিক্) [বর্ণ (অকারাদি) + ইক (কর্ত্তৃ) যে লিখে] বি, পুং, চিত্রকর। ২। লেখক। স্ত্রী, বর্ণিকা—কঠিনী ; খড়ী।

বর্ণিত (বোর্নিত) [বর্ণ + ত (ক্ত—কর্ম্মে) যাহা বর্ণনা করে বা বলে] বিণ, ব্যাখ্যাত। ২। প্রশংসিত ; স্তুত। ৩। বিবৃত। ৪। রঞ্জিত।

বর্ণিনী (বোর্নিনি) বি, স্ত্রী, নারী। প্র—বরবর্ণিনী। ২। হরিদ্রা।

বর্ণী (বোর্নি) [বর্ণ (শুক্লাদি) + ইন্ (অস্ত্যর্থে) —বর্ণিন্। যাহার বর্ণ আছে] বি, পুং, চিত্রকর। ২। ব্রহ্মচারী। ৩। লেখক।

বর্ণ্য (বোর্ন) [বর্ণ্ + য (ক্যপ্—কর্ম্মে) যাহা বর্ণনা করে] বিণ, বর্ণনযোগ্য ; বর্ণনীয়।

বর্ত্তক (বোর্তিক্) বৃৎ (বর্ত্তমান থাকা) + অক (কর্ত্তৃ)] বিণ, পুং, ক্লী, যে বর্ত্তমান থাকে বা আছে। ২। ভারুই পক্ষী।

বর্ত্তন (ন্) [বৃৎ + অন (অনট্) ভাবে] বি, ক্লী, বৃত্তি ; জীবিকা। ২। [বৃৎ + অন(অনট্) অধি (যাহাতে অবস্থিত থাকে)] বিণ, পথ ; চলিবার রাস্তা। ৩। [বৃৎ + অন (অনট্) কর্ত্তৃ (যে বিদ্যমান থাকে)] বিণ, স্থিতিশীল। ৪। বৃত্তিযুক্ত। ৫। [বৃৎ + ণিচ্ = বর্ত্তি + অন (ট্—ভাবে] বি, ক্লী, স্থাপন। ২। পেষণ ; বাটন। স্ত্রী, বর্ত্তনী—পথ ; বর্ত্ম। ৫। বাটা ; পিষ্টদ্রব্য। প্র—"চুয়া যে চন্দন আমলকী বর্ত্তন যতন করিয়া আনে।"—চণ্ডীদাস। [দ্রঃ—বৈদিক সাহিত্যে বর্ত্তনী অর্থে—"চক্র"]।

বর্ত্তমান (ন্) [বৃৎ + আন (শ্—কর্ত্তৃ) ম আগম। যে বিদ্যমান থাকে] বি, পুং, অপরিসমাপ্ত ক্রিয়ার কাল ; বর্ত্তমান কাল ; ভূত ও ভবিষ্যতের মধ্যবর্ত্তী কাল। ২। বিণ, বিদ্যমান ; উপস্থিত। ৩। জীবিত। প্র—এখনও তাঁহার পিতামহ বর্ত্তমান।

বর্ত্তা, বর্ত্তান (নো) [বৃৎ—ধাতুজ। উ-পু—বর্ত্তি। ম-পু—বর্ত্ত ; বোর্ত্ত ন ; বর্ত্তা। প্র-পু—বর্ত্তে ; বর্ত্তেন। অস-ক্রি—বর্ত্তিতে ; বর্ত্তিয়া ; বর্ত্তে। ণিজন্ত—বর্ত্তান (নো) ; উ-পু—বর্ত্তাই। ম-পু—বর্ত্তাও ; বর্ত্তান ; বর্ত্তা। প্র-পু—বর্ত্তায় ; বর্ত্তান। অস-ক্রি—বর্ত্তাইতে ; বর্ত্তাইয়া ; বর্ত্তায়ে ; বর্ত্ত্যে। প্রা—বত্তান (দ্রঃ) বাংলা—সাধাঃ ণিজন্ত, অ-ণিজন্ত দুইয়েরই

একার্থে ব্যবহার] ক্রি, বিদ্যমান থাকা। প্র—"আমি চিরকাল বর্ত্তি"—কবিকঙ্কণ। ২। প্রাণ পাওয়া; বাঁচা; জুড়ান। প্র—"সম্প্রতি চাষের শস্য সব লও তুমি। বাগ্দিনী বলে তবে বর্ত্তালাম আমি॥"—শিবায়ন। ৩। ভোগ করা। ৪। অর্শান: অংশান। প্র—সে সমস্ত সম্পত্তিই তাহাকে বর্ত্তিয়াছে। ৫। [ণিজন্ত অর্থে বাং-র বিরল] থাকান; বাঁচান; ভোগ করান।

বর্ত্তি (বোর্ত্তি) [বৃৎ (ণিচ্)+তি (ক্তি—করণে) যাহাদ্বারা বর্ত্তন (উদ্দীপন) হয়] বি, স্ত্রী, প্রদীপ। ২। প্রদীপের দশা; শলিতা। ৩। বাতি। ৪। পক্ষিবিশেষ। ৫। তুলি। ৬। বার্ণিস্। ৭। ক্রি, বর্ত্তমান আছি। ৮। বাঁচি। প্র—"গদাধর ভাবে আমি বর্ত্তি পলাইলে।"—চৈতন্য ভাগবত।

বর্ত্তিক (বোর্তিক্) [বর্ত্তি (প্রদীপের শলিতা) +ক (স্বার্থে)] বি, পুং, বাতি। ২। পক্ষি-বিশেষ। স্ত্রী, বর্ত্তিকা—বাতি।

বর্ত্তিত (বো) [বৃৎ—ত (কর্ম্মে—ক্ত) বিণ, সম্পাদিত।

বর্ত্তিতব্য (বোর্তিতোব্ব) [বৃৎ+তব্য (ভাবে)] বি, ক্লী, অবস্থিতির যোগ্য। ২। [বৃৎ+তব্য (কর্ম্মে) যাহাকে অবস্থান করান যায়] বিণ, স্থাতব্য; স্থিতিশীল।

বর্ত্তিষ্ণু (বোর্তিষ্‌টুঁ) [বৃৎ (বর্ত্তমান থাকা) +ইষ্ণু (ইষ্ণুচ্—কর্ত্তৃ) যে বর্ত্তমান থাকে] বিণ, স্থিতিশীল।

বর্ত্তী (বোর্তি) [বর্ত্তিন—বৃৎ+ইন্ (ণিন্—কর্ত্তৃ) যে বর্ত্তমান থাকে] বিণ, স্থিতিশালী।

বর্ত্তুক (বোর্তুক্) [বর্ত্তা দ্রঃ] ক্রি, বাঁচুক; সুখী হউক। প্র—"চিন্তিলাম চন্দ্রচূড় চাষ বড় ধন। চাষ চষ বারেক বর্ত্তুক পরিজন॥"—কবিকঙ্কণ।

বর্ত্তুল (বোর্তুল্) [বৃৎ+উল (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, গোলাকার বস্তু। ২। বাঁটুলা কলাই। ৩। বিণ, গোল। স্ত্রী, বর্ত্তুলা—ঢেকোর বাঁটুল। ২। গজপিপ্পলী।

বর্ত্ম (বর্ত্ত) [বৃৎ+মন্ (অধি) বর্ত্মন্ (সংজ্ঞার্থে) যাহাতে অবস্থিত থাকে] বি, ক্লী, পথ; রাস্তা। ২। আচার; ব্যবহার। ৩। [বৃৎ (আচ্ছাদন করা)+মণ্ (করণে—সংজ্ঞার্থে) যাহা দ্বারা আচ্ছাদন করে] বি, ক্লী, চক্ষুর পাতা।

বর্ত্মনি (বর্তোনি) [বৃৎ+ম+অনি (অধি—সংজ্ঞার্থে) যাহাতে চলা যায়] বি, স্ত্রী, পথ; রাস্তা।

বর্দ্ধ [বৃধ্ (ছেদন করা, বৃদ্ধি পাওয়া)+অ (অল্) ভাবে] বি, পুং, ছেদন; পূরণ (বৃদ্ধি)। ২। বামনহাটির গাছ। ৩। বি, ক্লী, সীসা।

বর্দ্ধক (ক্) [বৃধ্+অক (কর্ত্তৃ) যে বৃদ্ধিপ্রাপ্ত হয়] বিণ, যে বৃদ্ধি করে; বর্দ্ধক; পূরক। ২। [বৃধ্+অক (কর্ত্তৃ) যে ছেদন করে] বিণ, ছেদক।

বর্দ্ধকি [বৃধ্ (ছেদন করা)+অ (অন্—কর্ত্তৃ) +কি (স্বার্থে) যে কাষ্ঠাদি ছেদন করে] বি, পুং, সূত্রধর; ছুতার।

বর্দ্ধন (ন্) [বৃধ্ (ছেদন করা, বৃদ্ধি পাওয়া) +অন (অনট্) ভাবে] বি, ক্লী, ছেদন; বাড়ান; বৃদ্ধি করণ। ২। [বর্দ্ধ বা বৃধ্+অন (অনট্—করণে) যাহা দ্বারা ছেদন করা বা পূরণ করা যায়] বিণ, বৃদ্ধিকারক। স্ত্রী, বর্দ্ধনী—ছোট জলপাত্র; ঘটি। ২। শোধনী; সম্মার্জ্জনী; খেংরা।

বর্দ্ধমান (ন্) [বৃধ্ (বৃদ্ধি পাওয়া)+আনশ্ (কর্ত্তৃ) যে বৃদ্ধিপ্রাপ্ত হয়] বিণ, বৃদ্ধিশীল। ২। বি, পুং, বর্ত্তমান পশ্চিম বঙ্গে একটীবিভাগ ও নগরবিশেষ। ৩। এরণ্ডবৃক্ষ। ৪। জিন-বিশেষ।

বর্দ্ধমানক (বর্দ্ধমান+ক (সংজ্ঞার্থে)] বিণ, যে বৃদ্ধি পায়; বৃদ্ধিশীল। ২। বি, পুং, ভেরেণ্ডাগাছ।

বর্দ্ধিত (বো) [বৃধ্ (বৃদ্ধি পাওয়া)+ই (ণিচ্)=বর্দ্ধি (বৃদ্ধি পাওয়ান)+ত (ক্ত—কর্ম্মে) যাহাকে বাড়ান যায়] বিণ, বৃদ্ধি-পাওয়ান; বাড়ান। ২। [বর্দ্ধ্ (ছেদনে)] বিণ, ছিন্ন; নিঃশেষিত।

বর্দ্ধিষ্ণু (বোর্‌দ্ধিষ্‌টুঁ) [বৃধ্+ইষ্ণু (চ্—কর্ত্তৃ)] বিণ, যে বাড়ে; বৃদ্ধিশীল।

বর্ফান (ন্) [ফা—বর্ফান্] বি, হিমানী; বরফরাশি। ২। তুষারভূমি; হিমালয়।

বর্ফি (বোর্ফি) বি, বরফি দ্রঃ।

বর্ব্ব [সং] বি, প্রাচীন ভারতের সুবর্ণমুদ্রা-বিশেষ। প্র—"রাজা যুবরাজকে মাসিক পাঁচ হাজার বর্ব্ব, প্রধান সেনাপতিকে মাসিক চারি হাজার বর্ব্ব * * * বেতন দিবেন।" —রত্নমালা।

বর্ব্বট (ট্) [বর্ব্ব্ (গমন করা)+অট (ন্—সংজ্ঞার্থে)] বিণ বি, পুং; দ্রুতগমনশীল। ২। [শীঘ্র বৃদ্ধি পায় বলিয়া] কলাইবিশেষ; বর্ব্বটী কলাই। স্ত্রী, বর্ব্বটী—কলাইবিশেষ। ২। বারাঙ্গনা; বেশ্যা।

বর্ব্বণা (না) [বর্ব্ব্ (গমন করা)+অন (ট্—কর্ত্তৃ—সংজ্ঞার্থে) স্ত্রী—আপ্] বি, স্ত্রী, নীল-বর্ণ মক্ষিকা।

বর্ব্বর, বর্ব্বর (র্) [সং—বর্ব্বরঃ। "বর্ব্বরঃ পামরে কেশে চক্রলে নীবৃদন্তরে। ফঞ্জিকায়াং পুমান্ শাকভেদ পুষ্পভিদোঃ স্ত্রিয়াম্"—মেদিনী বি, কৃষ্ণতুলসী; কাল বাবুইতুলসী। ২। জনপদবিশেষ; আফ্রিকার অন্তর্গত বার্বরী দেশ। ৩। বাব্‌রি কাটা চুল; কোঁকড়া চুলের গুচ্ছ। ৪। ফঞ্জিকা বৃক্ষ; বামনহাটী; ভাগী। ৫। বিণ, পামর; নীচ। প্র—"বর্ব্বর! কে চাহে তোরে: তুই ক্ষুদ্রজীবী নাহি মারি অস্ত্র মোরা তোর সম জনে ইচ্ছায়। শৃগাল সহ সিংহী কি বিবাদে?"—মেঘনাদ। ৬। নির্ব্বোধ; মূর্খ। প্র—"সম্পদ সঞ্চয় করি সদ্ ব্যয় না করে। বড় সেই বর্ব্বর বঞ্চিত বলি তারে।" ৭। [গ্রী—barbaros. (বর্ব্বরঃ)= one unintelligible in his talk; not intelligible to Greeks; a foreigner. —*Webster*, সং—বর্ (অব্যক্ত বা অস্পষ্ট শব্দ করা) বর্ (বারংবার ঐরূপ অর্থে দ্বিত্ব)—যে বর্‌বর্ বড়্‌বড়্ বা বিড় বিড় করে, যাহার ভাষা বোধগম্য হয় না] অস্পষ্ট বা দুর্ব্বোধ্যভাষী; বৈদেশিক; বৈদেশিক বলিয়া দেশীয় রীতি, নীতি, ধর্ম্মপদ্ধতি ও শিষ্টাচার বিষয়ে অজ্ঞ সুতরাং অশিষ্ট; অসভ্য। প্র—"বর্ব্বর বেদ্যের বুড়া বেটী দিব তায়॥ আইবড় বাছা মোর বেঁচে থাকু ঘরে। মোর বিভার দায় নাই আচাভুয়া বরে॥"—শিবায়ন।

বর্ব্বরতা [বর্ব্বর+তা (ভাবে)] বি, নীচতা; প্র—"হেন সহবাসে হে পিতৃব্য, বর্ব্বরতা কেন না শিখিবে? গতি যার নীচসহ নীচ সে দুর্ম্মতি" —মেঘনাদ। ২। অশিষ্টতা; অভদ্রতা; অসভ্যতা।

বর্ব্বরীক (ক্) [বর্ব্বর দ্রঃ] বি, বাবরি-কাটা চুল। ২। বামনহাটী।

বর্ব্বাদ (দ্) —বরবাদ দ্রঃ।

বর্ব্বূর (বোর্বুর্) [সং] বি, বাবলা গাছ; বাবুল। ২। জল।

বর্ম্ম [বৃ (আবরণ করা)+মন্ (করণে) তুল—ল্যা—arma; ইং—armour] বি, ক্লী, যদ্দারা গাত্র আবরণ করা যায়; কবচ; তনুত্রাণ; সাঁজোয়া। প্র—"চর্ম্ম বর্ম্ম অসি" —মেঘনাদ। ২। ক্ষত্রিয়ের উপাধি।

বর্ম্মিত (বো) [বর্ম্মন্ (আবরণবিশেষ)+ইত (ইতচ্—অস্ত্যর্থে) যাহার বর্ম্ম আছে] বিণ, বর্ম্মাবৃত; বর্ম্মপরিহিত; কবচধারী।

বর্ম্মী (বো) [বর্ম্মন্+ইন্ (অস্ত্যর্থে) যাহার বর্ম্ম আছে] বিণ, বর্ম্মধারী; কবচী।

বর্য্য (বোর্জ) [বৃ (প্রার্থনা করা)+য (কর্ম্মে —সংজ্ঞার্থে) যাঁকে প্রার্থনা করা যায়] বিণ, শ্রেষ্ঠ; প্রধান। প্র—"তার অধিষ্ঠাত্রী শক্তি, সর্ব্বশক্তিবর্য্য"—চৈতন্যচরিত। ২। [বর (শ্রেষ্ঠ)+য (পূজার্থে) যাঁহাকে পূজা বা প্রশংসা করে] বিণ, পূজ্য; বরণীয়। ৩। বি,

পুং, কন্দর্প ; কামদেব। স্ত্রী, বর্য্যা—পতি-ম্বরা কন্যা।

বর্যাতী [বরযাত্রী—বরিয়াতী—বর্যাতী] বি, বরযাত্রী। প্র—"যতেক বর্যাতীগণ হরিষ অন্তর।"—মনসামঙ্গল (কেতকাদাস)।

বর্ষ [বৃষ্ (বর্ষণ করা)+অ (অল্—ভাবে)] ক্রি, বি, পুং, ক্লী, বৃষ্টি। ২। [বৃষ্+অ (অচ্—কর্তৃ) যে বর্ষণ করে] বি, পুং, মেঘ। ৩। [বৃষ্+অ (অল্—অধি) যেখানে বৃষ্টি হয়] বিণ, জম্বুদ্বীপ ; ভারতবর্ষ। ৪। বৎসর। **বর্ষবর্ষ**—প্রতি বৎসর।

বর্ষকাল (ল্) [বর্ষ (বৎসর) পরিমাণকাল] বি, এক বৎসর। প্র—বর্ষকাল পরে তাহার সহিত আবার দেখা হইল।

বর্ষকেতু [বর্ষ (বর্ষাকাল বা দেশবিশেষ) কেতু (ধ্বজা)—৬তৎ] বি, পুং, রক্ত পুনর্নবা। ২। [কেতুর ন্যায় বর্ষ—উপমিত] বর্ষপর্ব্বত।

বর্ষকোষ (ষ্) বি, দৈবজ্ঞ ; বর্ষফল গণনা-কারী ; গণক।

বর্ষজ [বর্ষ (বৃষ্টি প্রভৃতি) জ (জাত) বর্ষোৎপন্ন] বিণ, বৃষ্টি হইতে উৎপন্ন। ২। মেঘজ। ৩। জম্বুদ্বীপোৎপন্ন। ৪। জম্বুদ্বীপেজাত।

বর্ষণ (ন্) [বৃষ্+অন (অনট্—ভাবে)] বি, ক্লী, বৃষ্টিপাত ; ধারাপতন। ২। বৃষ্টি। ৩। বৃষ্টির ন্যায় অজস্রধারায় পতন।

বর্ষধর (র্) [বর্ষ (বর্ষণ, পতন) ধর (ধারক)—৬তৎ যে জলধারা ধারণ করে] বি, পুং, মেঘ। ২। [বর্ষ (রেতঃপাত) ধর (যে ধারণ করে) যাহার রেতঃপাত হয় না] বি,পুং, নপুংসক।

বর্ষপর্ব্বত (ত্) [বর্ষ (জম্বুদ্বীপাদি) তত্রস্থ পর্ব্বত—৬তৎ] বি, পুং, হিমবান্, হেমকূট, নিষধ, মেরু, চৈত্র, কর্ণী, ও শৃঙ্গী এই সাতটী পর্ব্বত।

বর্ষমাণ (ন্) [বৃষ্+আন (শ—কর্তৃ)] বিণ, যে বর্ষণ করিতেছে। বর্ষণশীল।

বর্ষবর (র্) [বর্ষ (বর্ষণ বা পাত) বর (বার—আবরক, নিবারক)—৬তৎ] বি, পুং, বর্ষধর ; নপুংসক।

বর্ষবৃদ্ধি [বর্ষ (বৎসর) বা (বৃষ্টি) বৃদ্ধি (অধিক হওয়া, উৎসব)—৬তৎ] বি, স্ত্রী, বৎসর বৃদ্ধি। ২। বয়োবৃদ্ধি। ৩। বর্ষাধিক্য ; বৃষ্টির আধিক্য। ৪। জন্মতিথি। ৫। জন্মতিথিকৃত্য ; aniversary.

বর্ষা [বৃষ্+অ (অল্—অধি)+আ (স্ত্রী) যে কালে বৃষ্টি হয়] বি, স্ত্রী, বৎসরের দ্বিতীয় ঋতু ; প্রাবৃট্‌কাল ; আষাঢ় ও শ্রাবণ, মতান্তরে, শ্রাবণ ও ভাদ্র মাস। ২। [অল্—ভাবে] বৃষ্টি।

বর্ষা [বৃষ্ ধাতুজ। উ-পু—বর্ষি। ম-পু—বর্ষ। প্র-পু—বর্ষে। অস-ক্রি—বর্ষিতে ; বর্ষিয়া ; বর্ষি (পদ্যে) ; বর্ষে (বো)। নিজন্ত—বর্ষাণ] ক্রি, বর্ষণ করা।

বর্ষাংশ [বর্ষের (বৎসরের) অংশ (ভাগ)—৬তৎ] বি, পুং, বৎসরাংশ ; দিন ; মাস ; ঋতু ; অয়ন।

বর্ষাঙ্গ [বর্ষের (বৎসরের) অঙ্গ (অবয়ব)—৬তৎ] বি, ক্লী, বর্ষাংশ।

বর্ষাঙ্গী—বি, স্ত্রী, রক্তপুনর্নবা।

বর্ষাঘোষ (ষ্) [বর্ষা (বৃষ্টির কালে) ঘোষ (শব্দ) হয় যাহার, বহু, অর্থাৎ যে বর্ষাকালে শব্দ করে] বি, পুং, মেঘ। ২। ভেক ; মণ্ডূক ; বেঙ্।

বর্ষাত্যয় (বর্ষাৎতয়্) [বর্ষা (বৃষ্টির কাল) অত্যয় (অভাব)—৬তৎ] বি, পুং, বৃষ্টির অবসান। ২। [বর্ষার (জলধারার) অত্যয় (অভাব) হয় যে কালে, বহু] বি, পুং, শরৎকাল।

বর্ষাবসান (শান্) [বর্ষার (বৃষ্টির) অবসান (অন্ত) হয় যে কালে, বহু] বি, পুং, শরৎকাল। ২। বৃষ্টির অপগম।

বর্ষাভূ [বর্ষা—ভূ (হওয়া)+ক্বিপ্ (কর্তৃ)—উপপদ যে বর্ষাকালে জন্মে] বিণ, বর্ষাকালজাত। ২। বি, পুং, ভেক ; ব্যাঙ্। ৩। পুনর্নবা। ৪। পুং, কেঁচো। ৫। ইন্দ্রগোপ কীট।

বর্ষামদ (দ্) [বর্ষা (বৃষ্টির কাল) মদ (আমোদ) যাহার, বহু] বি, পুং, ময়ূর। ২। ভেক।

বর্ষার্চ্চিঃ [সং] বি, মঙ্গলগ্রহ।

বর্ষিক (বোর্ষিক্) [বর্ষ বা বর্ষা+ইক (ণ—ইদমর্থে)] বিণ, যাহা বা যে বর্ষে অথবা বর্ষাকালে জন্মে। ২। বর্ষ সম্বন্ধীয়। ৩। বর্ষা সম্বন্ধীয়।

বর্ষিষ্ঠ (বো) [বৃদ্ধ+ইষ্ঠ (অতিশয়ার্থে) বৃদ্ধ স্থানে বর্ষ] বিণ, অতিশয় বৃদ্ধ ; অনেকের জ্যেষ্ঠ। স্ত্রী, **বর্ষিষ্ঠা**।

বর্ষীয়ান্ (বো) [বৃদ্ধ—ঈয়স্ (অতিশয়ার্থে) বৃদ্ধ স্থানে বর্ষ=বর্ষীয়স্ ১মা, ১ব, বর্ষীয়ান্] বিণ, অতিশয় বৃদ্ধ ; অধিক বয়স্ক ; বয়োজ্যেষ্ঠ। স্ত্রী, **বর্ষীয়সী**—অতিবৃদ্ধা।

বর্ষোপল (ল্) [বর্ষ (বৃষ্টি) উপল (শিলা)—৬তৎ] বি, পুং, মেঘজাত শিলা ; করকা।

বর্ষ্ম (বর্ষ) [বৃষ্+মন্ (কর্তৃ)] বি, ক্লী, শরীর। ২। সুন্দরাকৃতি। ৩। পরিমাণ। ৪। উচ্চতা। ৫। পাষাণ।

বর্হ [বৃহ্ (বৃদ্ধি পাওয়া বা দীপ্তি পাওয়া)+অ (অল্—ভাবে)] বি, পুং-ক্লী, বৃদ্ধি পাওয়া ; দীপ্তি পাওয়া। ২। [বৃহ্+অ (অল্—কর্ম্মে) যে বর্দ্ধিত হয় বা দীপ্ত হয়] বি, পুং, ময়ূরপুচ্ছ। ৩। গ্রন্থিপর্ণ বৃক্ষ। ৪। বি, ক্লী, পত্র। ৫। পুং, সহচর ; সঙ্গী। স্ত্রী, **বর্হা**।

বর্হণ (ন্) [বৃহ্+অন (ট—ভাবে)] বি, ক্লী, বর্দ্ধন। ২। বি, ক্লী, পত্র ; পর্ণ ; পাতা।

বর্হি (বো) [বৃহ্+ই (কর্তৃ) যে বৃদ্ধি প্রাপ্ত বা দীপ্ত হয়] বি, পুং, অগ্নি ; বহ্নি।

বর্হিপত্র (বোর্হিপৎত্র) [বর্হী (ময়ূর) পত্র (পাখা)—৬তৎ] বি, ক্লী, ময়ূরপুচ্ছ।

বর্হিবাহন (বোর্হিবাহন্) [বর্হী (ময়ূর) বাহন (যান) যাহার—বহু] বি, পুং, কার্ত্তিকেয়।

বর্হিমুখ (বোর্হিমুখ্) [বর্হি (অগ্নি) মুখ (বদন বা শিখা) ৬তৎ] বি, ক্লী, অগ্নির মুখ। ২। [বর্হি (অগ্নি) মুখে যাহার—বহু, কিম্বা বর্হি (অগ্নি) হইয়াছে মুখ স্বরূপ যাহাদের, বহু] বি, পুং, দেবতা।

বর্হিষদ্ (বো) [বর্হিস্ (কুশ) বা (অগ্নিতে) অদ্ (ভক্ষণ করা)+ক্বিপ্ (কর্তৃ) কুশময় ব্রাহ্মণে কিম্বা অগ্নিতে আহুতি দিলে যাঁহারা ভক্ষণ করেন] বি, পুং, পিতৃগণবিশেষ।

বর্হী (বো) [বর্হ (শিখা)+ইন্ (অস্ত্যর্থে—বর্হিন্) যাহার বর্হ আছে] বি, পুং, ময়ূর ; শিখী। ২। বিণ, বর্হধারী ; ময়ূরপুচ্ছবিশিষ্ট।

বল (ল্) [বল্ (বেষ্টন করা বা প্রাণ ধারণ করা)+অ (অল্—ভাবে)] বি, ক্লী, শক্তি ; সামর্থ্য। ২। সার। ৩। [বল্+অ (অল্—করণে) যাহা দ্বারা বেষ্টন বা প্রাণ ধারণ করা যায়] শুক্র। ২। রক্ত। ৩। শরীর। (৪) সৈন্য। প্র—"আপনার বলে তুমি থাক সাবহিতে"—কবিকঙ্কণ। ৪। দাবা খেলার বড়ে ও রাজা ছাড়া অন্যান্য গুঁটি। ৫। [কর্তৃ—অল্] পুং, বলরাম। প্র—"বল হাতে প্রলম্ব বধিলা" —অন্নদামঙ্গল। ৬। অনন্ত। ৭। দৈত্যবিশেষ। ৮। [বিজ্ঞানে] যদ্দ্বারা বেগ উৎপাদন করে। ৯। জোর ; জবর। ১০। প্রবল সহায়। স্ত্রী, **বলা**—অস্ত্রবিদ্যাবিশেষ। বিশ্বামিত্র কর্তৃক রাম এই বিদ্যায় শিক্ষিত হইয়াছিলেন। **বল করা**—জোর করা ; বল প্রকাশ করা। প্র—বল করি চিত চোরায়ল মোরি।"—বিদ্যাপতি।

বল (ল্) [ইং—ball] বি, গোলক ; গেঁদ। **বল করা, বল দেওয়া**—বল খেলায় ব্যাটের প্রতি যে বল ছুঁড়িয়া দেয়। **বল ছোঁড়া**—বল নিক্ষেপ করা। **বল মারা**—বলে ব্যাটের আঘাত করা। **ব্যাট বল খেলা**—ব্যাট দ্রঃ। **ফুট বল খেলা**—রবারের ফাঁপা বলে পায়ের আঘাত দিয়া দুইদলে হার জিতের খেলা।

বল, বলনাচ (ল, চ্) [ইং—ball] বি, য়ুরোপীয় পদ্ধতির নাচের মজলিস।

বলক (ক্) [হি—বলক্না—ফোঁপান] বি, স্ফীতি ; দুগ্ধাদি জ্বাল দিবার সময় দুধের উথলন।

বলক্ষ [বল (শক্তি) ক্ষৈ (ক্ষয় হওয়া)+অ (ড—কর্ত্তৃ) কিম্বা অব—লক্ষ্ (দর্শন করা)+অ (অল—কর্ম্মে)] বি, পুং, শ্বেতবর্ণ ; শুক্লবর্ণ। ২। বিণ, ধবল : শ্বেত : সাদা। প্র—"বলক্ষ বরণ কেশ বেশ শেষবয়ী। হাতে নড়ী কাঁখে ঝুড়ি বসে ব্রহ্মময়ী॥"—ঘনরাম। **বলক্ষপক্ষ**—শুক্লপক্ষ। প্র—"পূজহ বলক্ষ, পক্ষে চতুর্থী অক্ষয়া।"—ঘনরাম।

বলজ [বল (শক্তি) জ (জন্—জন্মান+অ (ড—কর্ত্তৃ)] বি, পুং, ধান্যরাশি। ২। ক্লী, শস্য। ৩। যুদ্ধ। ৪। বিণ, বল হইতে জাত।

বলৎ [বল (বলিষ্ঠ হওয়া)+অৎ (শতৃ—কর্ত্তৃ) বলবিশিষ্ট ; বলশালী।

বলদ [বল—দ (দা—দান করা)+অ (ড—কর্ত্তৃ)] বিণ, যে বল দান করে : শক্তিদাতা।

বলদ (দ্) [সং—বলীবর্দ্দ। হি—বৈল] বি, বলীবর্দ্দ ; ষাঁড় : বৃষ : দামড়া ; যানবাহক গরু ; বোঝাবাহক গরু : কলুর ঘানীটানা গরু ; লাঙ্গল টানা গরু (সাধাঃ হেলে বা হালিয়া গরু)। অবজ্ঞার্থে বলদ অর্থে বলদা। প্র—"বাইশ বলদা তের ছাগলা"—খনার বচন। **কলুর বলদ**—যে বলদ ঘানি টানে। ২। [লক্ষণায়] যে কোন একটা কিছুতে বদ্ধ হইয়া তাহার চতুর্দ্দিকে ঘুরিতে থাকে : যাহার স্বাধীন চিন্তা ও মুক্ত গতি নাই। **চিনির বলদ**—যে বলদ চিনির বস্তা বহন করে কিন্তু চিনির স্বাদ পায় না। ২। [লক্ষণায়] যে টাকা বহন করে বা উপার্জ্জন করে কিন্তু স্বয়ং খরচ করিতে বা ভোগ করিতে পায় না ; যে গ্রন্থ পাঠ করে কিন্তু তাহার মর্ম্ম হৃদয়ঙ্গম করিতে পারে না।

বলদিয়া, বলদে (বোল্) বি, যে সকল মুসলমান বলদের পৃষ্ঠে তণ্ডুলাদি বোঝা চাপাইয়া গৃহে গৃহে বা হাটে বিক্রয় করে।

বলদেব (ব্) [বল (বলবান্) দেব (দেবতা)—কর্ম্মধা] বি, পুং, কৃষ্ণের জ্যেষ্ঠ ভাই ; বলরাম। ২। বায়ু ; পবন।

বলন (ন্) [সং—বল (জীবনে, বেষ্টনে) ধাতুজ] বি, স্থূলতা ; পুষ্টি। প্র—মূলাকে জিনিয়া মোটা দন্তের বলন।"—ধর্ম্মমঙ্গল (মাণিক)। ২। গোলাই : বলয়ের আকৃতি। ৩। গঠন। প্র—সিংহের মাজার সম মাজার বলন।"—ভারতচন্দ্র। ৪। কথন : ভাষণ।

বলনিসূদন [বল (দৈত্যবিশেষ) নি—সূদ (বধ করা)+অন (ট—কর্ত্তৃ) যিনি বল নামক দৈত্য বধ করিয়াছেন] বি, পুং, ইন্দ্র।

বলনী [বলন দ্রঃ] বি, স্থূলতা। ২। গঠন। ৩। বলয়াকৃতি ; গোলাই। প্র—"ভুরুর বলনী কামধনু জিনি ইন্দ্র ধনুকের আভা।"—চণ্ডীদাস।

বলপ্রসূ (বলপ্রোশু) [বল (বলরাম) প্রসূ (মাতা)—৬তৎ] বি, স্ত্রী, বলরামের মাতা ; রোহিণী।

বলপূর্ব্বক (ক্) ক্রি-বিণ, বল দ্বারা : জোর করিয়া : বলসহকারে।

বলবৎ [বল+বৎ (অস্ত্যর্থে)] বি, বলবিশিষ্ট শক্তিশালী। ২। কার্য্যকারী। ৩। [সং] অ, অত্যন্ত : অতিশয়।

বলবত্তা [বলবৎ+তা (ভাবে) বল থাকার ভাব] বি, স্ত্রী, শক্তিবিশিষ্টতা : শক্তিমত্তা।

বলবন্ত [বল+বৎ (অস্ত্যর্থে) যাহার বল আছে। সং—১মা—বহু—বলবন্তঃ। বাং-য় সপ্তমার্থে প্রয়োগ] বিণ, বলশালী ; বলযুক্ত। প্র—"বারিবাহ বায়ু বলবন্ত যত ছিল। শিবকে সকল সমর্পণ করি দিল।"—শিবায়ন।

বলবর্দ্ধন (ন্) [বলের বর্দ্ধন (বৃদ্ধি)—৪তৎ] বি, শক্তিবৃদ্ধি। ২। বিণ, শক্তিবর্দ্ধক।

বলবান [বল+বৎ (অস্ত্যর্থে)=বলবৎ ১মা, ১ব, যাহার বল আছে] বিণ, পুং, বলশালী : শক্তিমান ; বলবিশিষ্ট। ২। প্রবল। স্ত্রী, **বলবতী**—বলশালিনী।

বলবিনাশন (ন্) [বল (দৈত্য) বি—নশ্+ণিচ=বিনাশি (বিনাশ করা)+অন কর্ত্তৃ, (ই—লোপ)] বি, পুং, বলাসুরবিনাশক ; ইন্দ্র।

বলবিন্যাস (বিন্ন্যাশ্) [বল (সৈন্য) বিন্যাস (স্থাপন)—৬তৎ] বি, পুং, সেনাগণকে শ্রেণীবদ্ধ করা : ব্যূহরচনা করা। ২। শক্তিন্যাস : শক্তিনিয়োগ।

বলভদ্র (ভদ্দ্র) [বল (বলশালী) ভদ্র (শ্রেষ্ঠ) বলশালীর মধ্যে শ্রেষ্ঠ—৬তৎ ; অথবা বল দ্বারা শ্রেষ্ঠ—৩তৎ] বি, পুং, বলরাম। ২। অনন্ত। ৩। বলবান্ ব্যক্তি।

বলভি, বলভী [সং] বি, গৃহচূড়া। ২। ছাদের উপরের গৃহ ; চীলে কুঠরী। ৩। ছাদ। ৪। তোরণ। ৫। প্রাচীন সৌরাষ্ট্রের অন্তর্গত নগরীবিশেষ।

বলভিদ্ [বল (দৈত্য) ভিদ্ (বিদারণ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) যিনি বলনামক দৈত্য ভেদন করিয়াছেন] বি, ইন্দ্র।

বলয় (য়্) [বল্ (বেষ্টন করা)+অয় (অয়ন্—করণে) যাহা দ্বারা বেষ্টন করা যায়] বি, ক্লী, পুং, বালা ; করভূষণ ; কঙ্কণ।

বলয়িত (বলইত) [বলয়+ইত (যুক্তার্থে)] বিণ, বলয়যুক্ত। ২। বলয়াকৃতি ; গোল। ৩। বেষ্টিত। প্র—"বকুল রঞ্জিত বল্লী বলয়িত"—গোবিন্দদাস।

বলরাম (ম্) [বল (শক্তি) রম্ (লীলা করা)+অ (ন্) কর্ত্তৃ, যিনি বলপূর্ব্বক দন্তবক্রাদি দুষ্টজন শাসনরূপ লীলা করিয়াছেন] বি, পুং, প্রভূত বলশালী রাম ; কৃষ্ণের জ্যেষ্ঠ ভ্রাতা ; রেবতীরমণ।

বলরিপু [বল (দৈত্য) রিপু (শত্রু)—৬তৎ] বি, পুং, ইন্দ্র।

বলশালী [বল (শক্তি) শাল (শীঘ্র গমন করা)+ইন্ (ণিন্) কর্ত্তৃ, যে বল হেতু শীঘ্র গমন করে, কিম্বা বল—শাল (শ্লাঘা করা)+ইন (ণিন্) কর্ত্তৃ, যে বলের শ্লাঘা করে] বি, বলবান, বলবিশিষ্ট : বলিষ্ঠ। স্ত্রী, **বলশালিনী**।

বলসূদন (শূদন্) [বল (দৈত্য) সূদ্ (বধ করা)+অন (কর্ত্তৃ) যিনি বল নামক দৈত্য বধ করিয়াছেন] বি, পুং, ইন্দ্র।

বলস্থিতি (বলস্থিতি) [বল (সৈন্য) দিগের স্থিতি (অবস্থান) যেখানে—বহু] বি, স্ত্রী, সেনানিবাস : শিবির ; ছাউনি। ২। সৈন্যসমাবেশ।

বলহা [বল (দৈত্য) হন্ (বধ করা)+ক্বিপ্ কর্ত্তৃ, যিনি বল নামক দৈত্য বধ করিয়াছেন] বি, পুং, ইন্দ্র। ২। [বল (শক্তি) যে শক্তি বিনাশ করে] বি, শ্লেষ্মা। তুল—আ—বলগম্।

বলহীন (ন্) [বল দ্বারা হীন—৩তৎ] বিণ, নিঃশক্তি : বলরহিত : দুর্ব্বল।

বলা [বৈদ্যকে] বি, বেড়েলা ; sida cordifolia.

বলা [সং—বদ্ ধাতু হইতে প্রাকৃ—বোল্ল ; হি—বোল্না। উ-পু—বলি। ম-পু—বল ; বলুন (বোলুন) বল। প্র-পু—বলে ; বলেন। অস-ক্রি—বলিতে : বলিয়া : বলি (পদ্যে), বলে (বো)। ণিজন্ত—বলান (নো)] ক্রি, কহা। ২। উপদেশ করা। প্র—তাহাকে বলিও যেন ওরূপ কাজ আর না করে। ৩। জানান ; সংবাদ দেওয়া। প্র—তাহাকে না বলিলে সে জানিবে কিরূপে? ৪। অনুমতি লওয়া। প্র—কর্ত্তাদের বলিয়া সে বাড়ী গিয়াছে। ৫। প্রকাশ করা ; ব্যক্ত করা। প্র—কথাটা বলই না তাহাতে দোষ কি? কথাটা বলা ভাল। ৬। যুক্তি স্বীকার করা। প্র—যদি বল, ত তাহারই একাজ করা উচিত ছিল। ৭। উল্লেখ করা : নাম করা। প্র—কার কথাই বা বলি, সকলেই সমান। ৮। বিবৃত করা ; বর্ণন করা। প্র—তখন তিনি আত্মকাহিনী বলিতে আরম্ভ করিলেন : গল্প বলা। ৯। শুনান। প্র—একটী গান বল শুনি। ১০। কিম্বা ; অথবা। প্র—ধন বল জন বল সম্পদ বল কিছুই সঙ্গে যাইবে না।

১১। আদেশ দেওয়া; অনুমতি দেওয়া। প্র—বলত আমি নিজেই যাই। ১২। (বাক্য) প্রয়োগ করা; উক্তি করা। প্র—এ কথা তাঁহার মত লোককে বলা ভাল হয় নাই। ১৩। বিণ, যাহা পূর্ব্বে বলা হইয়াছে; কথিত। প্র—বলা কথা। **বল কি**—[বিস্ময় প্রকাশে] যে কথা বলা হইতেছে তাহা অসম্ভব বলিয়া মনে হয়; সত্য নাকি। **বল না**—বলিতে অনুরোধ অর্থে। অধিক অনুরোধে—**বলই না**। বিরক্তি অর্থে—**আহা! বলই না**। বিরক্তি ও ক্রোধে অধীর অর্থে—**আহা! বলই না ছাই** (অর্থাৎ বক্তব্য অবক্তব্য ছাই পাঁশ যেমন কথাই হউক বলিয়া ফেল)। অনুরোধের কোমলতা অর্থে—**বলত, বল দেখি। বলা কহা**—উপদেশ দেওয়া: শিখান পড়ান। ২। আলোচনা করা। **বলা-বলি**—পরস্পর কথা বলা; উক্তি প্রত্যুক্তি: কথোপকথন।

বলাই [বলরাম শব্দের সংক্ষেপ] বি, বলরাম। প্র—"শুনিয়া ললিতা হাসি কহে কথা, বলাই সাজিলে পরে।"—চণ্ডীদাস। "কাঁহা মেরা নন্দ পিতা কাঁহা বলাই ভাই"—গিরিশ। **কানাই বলাই**—কৃষ্ণ বলরাম। প্র—"কানাই বলাই দুটী ভাই"—বাং-গান।

বলাক [বল (শক্তি)—অক্ (বক্র গমন করা) + অ (ন, কর্ত্তৃ) যে বল প্রকাশ করিয়া উর্দ্ধে বক্রগমন করে] বি, পুং, ক্ষুদ্র জাতীয় বকপক্ষী। স্ত্রী, **বলাকা**—স্ত্রী জাতীয় বক পক্ষী; বকী। ২। কামুক নারী।

বলাট [বল (শক্তি) অট্ (গমন করা) + অ (চ্—কর্ত্তৃ)] বিণ, যে বলপূর্ব্বক গমন করে। ২। বি, গোযোনি। ৩। মুগ কলাই।

বলাৎকার (র্) [বলাৎ (বল দ্বারা) কৃ (করা) + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, বলপ্রকাশ; জোর করণ। ২। দণ্ডদান; জুলুম; জবরদস্তি। প্র—"ইষ্টদেবপ্রায় মোরে সেবে যুধিষ্ঠির। কোন দোষ দিয়া তারে করিব বাহির॥ পিতৃ পিতামহ যায় তুষিল সভারে। কোন শক্য আমি বলাৎকার করি তারে॥"—কাশী—মহা—আদি। ৩। বলে বা জোর করিয়া অভিগমন; rape.

বলাত্মক (বলাৎতঁক্) বিণ, শক্তিগর্ভ; বলবান্। স্ত্রী, **বলাত্মিকা**।

বলাধান (ন্) [বল (বলের) + অধীন, ৬তৎ] বি, শক্তিসঞ্চার।

বলাধিক্য (ধিক্ক) [বল (বলের) আধিক্য, ৬তৎ] বি, শক্তির আতিশয্য।

বলাধ্যক্ষ (বলাধ্ধোক্খ) [বল (বলের) অধ্যক্ষ, ৬তৎ] বি, সেনাপতি।

বলান (নো) [বলা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ। উ-পু—বলাই। ম-পু—বলাও; বলান; বলা। প্র-পু—বলায়; বলান। অস-ক্রি—বলাইতে; বলাইয়া; বলিয়ে (বো)] ক্রি, অন্যের দ্বারা বলা; বলিতে বাধ্য করা।

বলানুজ (জ্) [বল (বলরামের) অনুজ (অনু—পশ্চাত্—জ, জন্ + অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, যিনি বলরামের পরে জন্মিয়াছেন; শ্রীকৃষ্ণ।

বলান্বিত (বলান্নিত) [বল দ্বারা অন্বিত, ৩তৎ] বিণ, বলবিশিষ্ট; শক্তিযুক্ত; সমর্থ। ২। সৈন্যপরিবৃত।

বলাবল (ল্) [বল—অবল] বি, বল ও বলের অভাব। তাহা হইতে, বলের প্রকৃত অবস্থা; শক্তিসামর্থ্যের যথার্থ পরিমাণ। প্র—স্বীয় বলাবল বিশেষ বুঝিয়া তবে তাহার সহিত প্রতিযোগিতা করা ভাল।

বলাবলি (বোলি)—বলা দ্রঃ।

বলাবলেপ (প্) [বল (শক্তি) অব—লিপ্ (বৃদ্ধি পাওয়া) + অ (ঘঞ্)—ভাবে, ৬তৎ] বি, পুং, আমি বলবান এইরূপ আত্মশক্তির অহঙ্কার।

বলারাতি [বল (দৈত্যবিশেষ) অরাতি (শত্রু) ৬তৎ, যিনি বল নামক দৈত্য সংহার করেন] বি, পুং, ইন্দ্র।

বলাশ (শ্) [বল (শক্তি) অশ্ (ভোজন করা, ক্ষয় করা) + অ (চ, কর্ত্তৃ) যে বল ক্ষয় করে। আ—বলগম্] বি, পুং, শ্লেষ্মারোগ। ২। ক্ষয়রোগ।

বলাহক (ক্) [বল (শক্তি) অন্হ্ (গমন করা) + অক—কর্ত্তৃ (ন—লোপ) যে বল প্রকাশ করিয়া গমন করে, কিম্বা বারি (জল) বাহক (যে বহন করে) বি, পুং, মেঘ। ২। দৈত্যবিশেষ] প্র—"ব্যর্থ নাহি গেল বীজ বারাইল ধন। লহ লহ করে পত্রবলাহক যেন॥"—শিবায়ন।

বলি (বো) [বল্ (দান করা, বধ করা) + ই (কর্ত্তৃ)] বি, পুং, দৈত্য বিরোচনের পুত্র। ২। + ই—করণে, যদ্দারা পূজা করিতে হয়: পূজার উপকরণ। ৩। রাজকর। ৪। ছেদনযোগ্য পূজার উপকরণ পশু। ইহা দশ প্রকার যথা—(১) মৃগ, (২) ছাগ, (৩) মেষ, (৪) মহিষ, (৫) শূকর, (৬) শল্লকী, (৭) শশক, (৮) গোধা, (৯) কূর্ম্ম, (১০) গণ্ডার। স্ত্রী, **বলি, বলী**—উদরাদি অঙ্গের দোদুল্যমান মাংস। ২। জরা শিথিল চর্ম্ম। ৩। শরীরস্থ রেখা।

বলি (বোলি) [প্রা-বাং। হি—বালি] বি, মাকড়িবিশেষ; নিম্নকর্ণের অলঙ্কার। প্র—"উপর কর্ণে চাকি পরে লম্বা কর্ণে বলি।"—মনসামঙ্গল (জগজ্জীবন)।

বলিত (বো) [বলি (গলিত চর্ম্ম প্রভৃতি) + ইত—সংজ্ঞাতার্থে] বিণ, বলিযুক্ত; ললাট উদরাদির কুঞ্চিত মাংসযুক্ত। প্র—"তিলক বলিতে ললিত ভালে। মুগ্ধ ভ্রমরা অলক-জালে॥"—চণ্ডীদাস। ২। লোল।

বলিদান (বোলিদান্) [বলি (পূজোপকরণ) দান (ত্যাগ) বলির দান (কর্ম্মে ৬ষ্ঠী) ৬তৎ] বি, ক্লী, দেবতার উদ্দেশে পশুঘাতন। ২। পূজার উপকরণ দান।

বলিধ্বংসী (বোলিধ্‌ধোংশি) [বলি (অসুর) ধ্বন্স্ (বিনাশ করা) + ইণ্ (ণিন্, কর্ত্তৃ)] বি, পুং, বিষ্ণু, ইনি বামনাবতারে বলিকে বিনাশ করেন।

বলিন (বোলিন্) [বলি (বিলোল চর্ম্ম) + ইন্ (অস্ত্যর্থে)] বিণ, ত্রিবলীযুক্ত। ২। শিথিল চর্ম্মবিশেষ।

বলিনন্দন (বোলিনন্দন্) [বলির নন্দন (পুত্র) ৬তৎ] বি, পুং, বাণাসুর; বাণনামক দৈত্য। বলির আরও তিন পুত্রের উল্লেখ আছে কিন্তু বাণই সর্ব্ব জ্যেষ্ঠ।

বলিন্দম (বোলিন্দম্) [বলি—দম্ (দমন করা) + অ (খ্) কর্ত্তৃ, ম্—আগম, ম্ = ন্, যে বলিকে দমন করে, উপপদ]। বি, পুং, বলিসূদন, বিষ্ণু।

বলিপুষ্ট (বো) [বলি (পূজার উপকরণ) দ্বারা পুষ্ট (পালিত)—৩তৎ] বি, পুং, কাক; বায়স।

বলিভ (বো) [বলি (শিথিলচর্ম্ম)—ভ (অস্ত্যর্থে)] বিণ, লোলচর্ম্ম। ২। বলিযুক্ত।

বলিভুক্ (বো) [বলি (উপকরণ)—ভুজ্ (ভোজন করা) + ক্বিপ্—কর্ত্তৃ, যে বলি ভোজন করে, উপপদ] বি, পুং, স্ত্রী, কাক; বায়স। [দ্রঃ—চটক অর্থও হয় কিন্তু অপ্রসিদ্ধ]।

বলিমান্ (বো) [বলি (ত্রিবলি রেখা বা শিথিল চর্ম্ম) + মতু (অস্ত্যর্থে)] বিণ, ত্রিবলি-বিশিষ্ট; শিথিল চর্ম্মযুক্ত; বলিন।

বলিয়া (বো) [বল + ইয়া (যুক্তার্থে)। গ্রা—বলে (বোলে)] বিণ, বলযুক্ত; বলশালী। ২। বৃদ্ধিযুক্ত; বর্দ্ধিত। প্র—আস্কারা পাইতে পাইতে তাহার বুক বলিয়া গিয়াছে। ৩। অস-ক্রি, বলা দ্রঃ।

বলির (বো, র্) [বলি (ভঙ্গী) + র (অস্ত্যর্থে)] বিণ, টেরা।

বলিশ (বোলিশ) [সং] বি, মাছধরা বঁড়শী।

বলিষ্ঠ (বো) [বলবৎ + ইষ্ঠ (অতিশয়ার্থে)—অ ও বতের লোপ] বিণ, অতিশয় বলবান্। ২। [ইংরেজী strong শব্দের ভাবানুবাদ] শক্ত;

সমর্থ; কার্য্যক্ষম। প্র—"তাহার সেই বিপত্তিতে অকম্পিত বলিষ্ঠ দক্ষিণ হস্ত, ও সেই হস্তের মঙ্গল আশিষ স্পর্শ আমরা যেন নিয়ঃ নম্রভাবে অনুভব করি"—চারিত্র-পূজা (রবি)।

বলিষ্ঠকায় (বোলিষ্‌ঠকায়্) [বলিষ্ঠ (দ্রঃ) কায় যাহার, বহ্] বিণ. দৃঢ়কায়; যাহার শরীরে বিলক্ষণ শক্তি আছে।

বলিষ্ঠদেহ (বো) [বলিষ্ঠ (দ্রঃ) দেহ যাহার—বহ্] বিণ. দৃঢ়কায়; বলশালী।

বলিসদন [বলি (দৈত্য) সদন (গৃহ)—৬তৎ] বি, ক্লী. বলিরাজার আবাস; বলিমন্দির। ২। পাতাল; রসাতল।

বলিসদ্ম (বোলিশদ্দঁ) [বলি (দৈত্যরাজ বলির) সদ্ম (আবাস)—৬তৎ] বি. বলিরাজার নিকেতন। ২। রসাতল।

বলিহা (বো) [বলি (দৈত্য) হন্ (বধ করা) +ক্বিপ্ (কর্ত্তৃ) যিনি বলিদৈত্য বধ করিয়াছেন] বি. বিষ্ণু।

বলিহারি (বো) [হি—বলিহারী। বলি (মানি, স্বীকার করি) হারি (হার, পরাজয়, অর্থাৎ হারমানি অথবা বলি (বলিতে সংক্ষেপে) হারি (অসমর্থ হই, হার মানি)] অ, এত উৎকৃষ্ট যে তাহার বর্ণনা করিতে পারি না; বলিতে হার মানি। তুল—"বর্ণহারে বর্ণিবারে" —গানে। প্র—"বিদ্যাপতি কৌতুক বলিহারি" —বিদ্যাপতি। "বলিহারি তোমারি চরিত মনোহর গায় সকল জগতবাসী।"—ব্রহ্মসঙ্গীত। **বলিহারি যাওয়া**—বর্ণনায় হারিয়া যাওয়া। প্র—"ধন্য হে মুখুয্যে ভায়া বলিহারি যাই"—হেম বন্দ্যো।

বলী (বোলী) [বল+ইন্ (অস্ত্যর্থে) যাহার বল আছে] বি, পুং, কৃষ্ণাগ্রজ; বলরাম। ২। মহিষ, বৃষভ, উষ্ট্র ও শূকর প্রভৃতি বলশালী। প্র—"সবে এক একে সব, একের বলে সবাই বলী"—বাং-গান।

বলীক (বোলীক্) [বল্ (আবরণ বরা)+ঈক (ন্—কর্ত্তৃ)] বি, পুং, নীধ্র; ঘরের চালের ছাঁইচ।

বলীন (বোলীন্) [পারিঃ শব্দ] বি. শতপদী কীট: কেন্নো; a centepede.

বলীবর্দ্দ (বোলীবর্‌দ) [বল (শক্তি) বৃধ্ (বৃদ্ধি পাওয়া)+অ (ন্—কর্ত্তৃ), ঈ—আগম, ধ=দ নিপাতনে] বি, পুং, বৃষভ; ষণ্ড; বলদ; ষাঁড়।

বলীন্দ্র (বোলীনদ্র) [বলী (বলবান্) ইন্দ্র (শ্রেষ্ঠ)—কর্ম্মধা] বিণ, পুং, অত্যন্ত বলশালী।

বলীয়ান্ (বো) [বলবৎ+ঈয়স্ (অতিশয়ার্থে) অ ও বৎ লোপ=বলীয়স্ ১মা, ১ব, বলীয়ান, যাহার অনেক বল আছে] বি, পুং, উষ্ট্র, মহিষ প্রভৃতি বলশালী জন্তু [বিরল]। ২। বিণ, অতিশয় বলশালী। প্র—"য়ুরোপ বাহুবলে বলীয়ান্, যন্ত্রকৌশলে গরীয়ান্, নবোৎসাহে তেজীয়ান।"—সনাতনী।

বলে (বোলে) [বলিয়া সংক্ষেপে। বলা দ্রঃ] অস-ক্রি, মনে করিয়া। প্র—"রোগেতে কাতর অতি শোকেতে ব্যাকুল মতি অথচ "আমার" বলে মনে মনে ভান।"—বাং-গান। "ছোট ছেলে অন্ধকারটাকে সত্য পদার্থ বলে গ্রহণ করে বলেই তাকে ভূতের ভয় দিয়ে ভরিয়ে তোলে।"—রবি (ভারতী ১৩২০)। ২। জন্য; কারণ; হেতু।

বল্‌ক (ক্) [বল্ (আবরণ করা)+অক (—করণে, সংজ্ঞার্থে) যাহার দ্বারা আবরণ করা যায়] বি, ক্লী, বৃক্ষত্বক্; গাছের বাকল।

বল্কল (ল্) [বল্+কল (করণে) যাহার দ্বারা আবরণ করা যায়] বি, ক্লী, গাছের বাকল; বৃক্ষের ছাল। ২। দারুচিনি।

বল্কা, বল্‌কা—বলক দ্রঃ। প্র—"ওরা খায় ক্ষীর নবনী আমি বল্‌কা দুধ"—রজনী সেন।

বল্কান (বল্‌কান্) বি, দেশবিশেষ।

বল্‌গ [বল্‌গ (গমন করা)+অ (অল—ভাবে)] বি, পুং, প্লুতগতি: বক্রগমন। ২। বহু ভাষণ।

বল্‌গন (বল্‌গন্) [বল্‌গ্+অন (অনট্—অধি, করণে, সংজ্ঞার্থে) যাহাতে বা যদ্দ্বারা বল্‌গান (বক্র গমন বা বহু ভাষণ বা বহু ভোজন) করা যায়] বি, ক্লী, ভূরি ভোজন। ২। বহু কথন; অতিরিক্ত উক্তি। ৩। প্লবগতি; বক্রগতি।

বল্‌গমান (ন্) [বল্‌গ্+আন (শ্—কর্ত্তৃ) যে বক্রভাবে যাইতেছে] বিণ, প্লুতগতিবিশিষ্ট; লম্ফ দিয়া গমনকারী।

বল্‌গা [বল্‌গ্ (দৌড়িয়া যাওয়া বা লম্ফ দেওয়া)+অ (অল্—ভাবে)] বি, স্ত্রী, অশ্বাদির মুখরজ্জু; লাগাম।

বল্‌গা— বি, আস্ফালন সহকারে নৃত্য। প্র—"পাষণ্ডে পাষণ্ডে মেলি বল্‌গিয়াই মরে।" —চৈতন্য-ভাগবত।

বল্‌গাহরিণ (হোরিন্) [বল্‌গা (মুখরজ্জু) বিশিষ্ট (যে হরিণ) ম, প, লো, কর্ম্মধা] বি, পুং, পৃথিবীর উত্তর প্রান্তস্থিত দেশজাত একপ্রকার মৃগ; তদ্দেশবাসীরা এই হরিণের মুখে লাগাম দিয়া বরফের উপর দিয়া চক্রহীন গাড়ী চালায়।

বল্‌গিত (বো) [বল্‌গ্+ত (ক্ত—ভাবে)] বি, ক্লী, প্লুতগমন; লম্ফন। ২। বহু কথন; জল্পন।

বল্‌গু (বো [বল্‌গ্+উ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, ছাগল। ২। বিণ, মনোহর; মনোজ্ঞ; সুশ্রী।

বল্‌গুলিকা—বি, স্ত্রী, তেলাপোকা; আরশুলা।

বল্মিক, বল্মীক (বোল্‌মিক্) [বল্ (আচ্ছাদন করা বা বড় হওয়া)+ইক, ঈক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে), ই ম, আগম—যে আচ্ছাদন করে বা বড় হয়] বি, পুং, বাল্মীকি মুনি। ২। বল্মিক কীটনির্ম্মিত মৃত্তিকা-স্তূপ; উইঢিপি। ৩। শোথ-রোগ। ৪। গলগণ্ড। ৫। শ্লীপদ; গোদ।

বল্মিকি, বল্মীকি—বি, বল্মিক দ্রঃ।

বল্মীকূট (বোল্‌মিকুট্) বি, ক্লী, ঢিপি; বল্মিক।

বল্য (বোল্‌ল) [বল (শক্তি)+য (হিতার্থে)] বিণ, বল বিষয়ে হিতকারক; বলকারক; শক্তিবিষয়ক। ২। বি, ক্লী, শুক্র; বীর্য্য।

বল্ল [বল্ল্ (আচ্ছাদন করা বা সঞ্চালন করা) +অ (অল্—ভাবে) বল্ল্+অ (অল্) কর্ত্তৃ, যে আচ্ছাদন করে বা সঞ্চালন করে] বি, পরিমাণবিশেষ; তিন কুঁচ পরিমাণ। ২। আহারীয়; ভক্ষ্যদ্রব্য। ৩। শস্যাদি পাছড়ান।

বল্লকী [বল্ল্+অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) ঈ (স্ত্রী)] বি, স্ত্রী, বীণা; বাদ্যযন্ত্রবিশেষ। প্র—"দশনে বিজুরী খেলে গজেন্দ্র-গমনে চলে, বলে বাণী বল্লকী যেমন।"—শিবায়ন। ২। শল্লকী গাছ।

বল্লব (ব্) [বল্ল্ (ভক্ষ্য দ্রব্য বা পাকের দ্রব্য) অব (যে রক্ষা বা পর্য্যবেক্ষণ করে)—৬তৎ] বি, পুং, ভীম। ২। গোপ। ৩। বিণ, পাচক। স্ত্রী, **বল্লবী**—গোপী।

বল্লভ (ভ্) [ব্রজ—বালভু। বল্ল্+অভ (অভচ্—কর্ত্তৃ) যে আচ্ছাদন অর্থাৎ সংরক্ষণ করে] বি, পুং, পতি; প্রণয়ী; দয়িত; ভর্ত্তা; নায়ক; প্রিয়। প্র—"সেই জন প্রাণ হৈতে বল্লভ আমার।—চৈতন্য-ভাগবত। ২। উত্তম অশ্ব। স্ত্রী, **বল্লভা**—প্রিয়া; দয়িতা; কান্তা। প্র—"অজিতবল্লভা দেবি ব্রহ্মার জননী। তোমার চরণ বন্দি জোড় করি পাণি॥"—কবিকঙ্কণ।

বল্লভপালক (ভ্, ক্) [বল্লভ (অশ্ব) পালক (রক্ষক)—৬তৎ] বিণ, অশ্বরক্ষক।

বল্লম (ম্) বি, বেধনাস্ত্রবিশেষ; কোঁচা; ভল্ল।

বল্লর (র্) [বল্ল্+অর (অরন্—করণে) যাহা দ্বারা আবরণ করা যায়] বি, ক্লী, মঞ্জরী। ২। কুঞ্জ। ৩। বন। ৪। কৃষ্ণাগুরু।

বল্লরি, বল্লরী [বল্ল্ (আচ্ছাদন করা) +অরি—কর্ত্তৃ] বি, স্ত্রী, মঞ্জরী; বোল।

২। চিত্রামূল। ৩। লতা : ব্রততী। প্র—"বাহুমৃণাল পাশ, বল্লরী জিনি ডমরু সিংহ জিনি মাঝ।"—বিদ্যাপতি।

বল্লা [প্রাকৃ—বল্লা। প্রাদে—খুল্না] বি. বোলতা।

বল্লালী [বল্লাল (বল্লাল সেন নামক রাজা) + ইন্—সম্বন্ধার্থে] বি. বঙ্গদেশের রাজা বল্লাল সেন-প্রবর্ত্তিত কৌলীন্য প্রথা। প্র—"কি বুঝিবি কত জ্বালা বল্লালী অনলে"—মান-কুমারী। "ভাল ফললো ফল বল্লালীতে", "বল্লালী তুই যারে বাংলা ছেড়ে"—রাসবিহারী মুখো। ২। বিণ. বল্লালকৃত ; বল্লাল সম্বন্ধীয়।

বল্লি, বল্লী (বো) [বল্ +ই (কর্ত্তৃ) যে বেষ্টন করে] বি. স্ত্রী. পৃথিবী। ২। লতা ; ব্রততী।

বল্লুর বল্লূর (বোল্লুর্) [বল্ল্ +উর (কর্ম্মে) সংজ্ঞার্থে] বি. ক্লী. অচষিত ভূমি ; পতিত ভূমি। ২। তৃণ-ক্ষেত্র : তৃণময় ভূমি। ৩। ৪। জনহীন স্থান ; অরণ্য ; বনক্ষেত্র। ৫। মুকুল ; মঞ্জরী। ৬। বিণ. শূকরের মাংস। স্ত্রী. —উষর ; লবণাক্ত ভূমি। ২। অরণ্য ; গহন।

বল্ল্যা (বোল্ল্যা) [বল্ল্ +য (য্যণ্—কর্ম্মে) সংজ্ঞার্থে] বি. স্ত্রী. ধাত্রী বৃক্ষ ; আমলকী গাছ।

বল্বজ (জ্) [বল্ (বেষ্টন করা) + কিপ—কর্ত্তৃ. =বল্+বজ্ (গমন করা) + অ (চ্, কর্ত্তৃ)] বি. পুং. উলুখড়।

বশ (শ্) [বশ্ (ইচ্ছা, কান্তি ; স্বাধিকার অর্থাৎ স্বকীয় প্রভুত্ব) + অ (অল্—ভাবে)] বি. পুং. আয়ত্ত ; অধীন। ২। কর্ত্তৃত্ব। ৩। স্বাধীনতা। ৪। অনুকূল। ৫। মন্ত্রাদি দ্বারা মুগ্ধ ; বশীকৃত। ৬। কামনা ; অভিলাষ ; ইচ্ছা। ৭। গণিকা-লয়। স্ত্রী. **বশা**—বন্ধ্যানারী ; বন্ধ্যাগাভী ; হস্তিনী নারী। **বশ করা**—বশীভূত করা ; মন্ত্রাদি দ্বারা মুগ্ধ করিয়া রাখা।

বশংবদ (দ্) [বশ (অধীনতা) বদ্ (বলা) + অ (খ্, কর্ত্তৃ) ম আগম—অলুক্, উপপদ] বিণ. অনুগত ; বশবর্ত্তী। ২। প্রিয়বাদী ; মিষ্টভাষী।

বশকা [বশ (যে বশ্যতা স্বীকার করে) + ক + আ (স্ত্রী)] বি. স্ত্রী. বশতাপন্না ; বশীভূতা।

বশক্রিয়া (বশক্‌কৃয়া) [বশ (বশীকরণ) ক্রিয়া (কার্য্য)—৬তৎ] বি. স্ত্রী. বশীকরণ ; বাধ্যকরণ।

বশগ [বশ (আয়ত্ত) গ [গম্—গমন করা) +অ (ড. কর্ত্তৃ—যে বশে থাকে)—উপপদ] বিণ. অধীন, আয়ত্ত ; বশীভূত।

বশতঃ [বশ + (পঞ্চমী স্থানে) তস্ (অব্যয়)] অধীনতাপ্রযুক্ত ; বশ্যতা হেতু ; বশবর্ত্তিতা জন্য ; এই শব্দ প্রায়ই অন্য শব্দের পরে ব্যবহৃত হয়। যথা—কার্য্যবশতঃ ; ইচ্ছাবশতঃ ; ভাগ্য-বশতঃ।

বশতা [বশ+তা (ভাবে)] বি. স্ত্রী. অধীনতা।

বশবর্ত্তী (বো) [বশ (আয়ত্ত) বর্ত্তী (থাকা) উপপদ—বশবর্ত্তিন্ শব্দ] বি. পুং. যে বশে থাকে ; বশীভূত ; অধীন ; বশ। স্ত্রী. **বশবর্ত্তিনী**।

বশা [বশ+আ (স্ত্রী)] বিণ. বশীভূতা। ২। বি. পত্নী। ৩। কন্যা। ৪। শ্যালিকা। ৫। ননদ। ৬। হস্তিনী।

বশিতা (বো) [বশ+তা (ভাবে)] বি. স্ত্রী. বশ করিবার শক্তি। ২। শিবের অষ্ট ঐশ্বর্য্যের অন্যতম ; বশিত্ব দ্রঃ।

বশিত্ব (বোশিৎত) [বশিন্+ত্ব (ভাবে) বশ করিবার বৃত্তি] বি. ক্লী. বশ করিবার শক্তি। ২। বাধ্যতা। ৩। আত্মসংযম। ৪। শিবের অষ্ট ঐশ্বর্য্যের অন্যতম ; আপন ইচ্ছার পরি-চালনা-শক্তি।

বশিষ্ঠ (বো) [বশিন্ (যে বশ করে) + ইষ্ঠ (অতিশয়ার্থে)—অন্য অপেক্ষা যাহার বশীকরণে ক্ষমতা অধিক] বি. পুং. ব্রহ্মার মানসপুত্র ; ঋগ্বেদের বহু সূক্ত রচয়িতা মুনিবিশেষ ; ইনি ইক্ষ্বাকু বংশীয়দিগের কুলগুরু।

বশী (বো) [বশ (স্বাধীনতা) + ইন্(অস্ত্যর্থে) যাহার বশ (স্বাধীনতা) আছে] বিণ. যাহার ইন্দ্রিয়গণ অধীনে আছে ; জিতেন্দ্রিয়। ২। বশকারী।

বশীকরণ (বোশীকরন্) [বশ (আয়ত্ত) করণ (করা) + ঈ (চ্বি—অভূততদ্ভাবার্থে) যে কার্য্য দ্বারা লোককে অধীনে রাখা যায়] বি. ক্লী. অভিচার ক্রিয়াবিশেষ। ২। [অনট্ (করণে) যাহা দ্বারা বশীভূত করা যায়] বশ্যতাজনক মন্ত্রৌষধি।

বশীকৃত (বোশীক্‌কৃত) [বশ (আয়ত্ত) কৃত (স্থিতি) + ঈ (চ্বি—অভূততদ্ভাবার্থে)—যাহা বশ ছিল না তাহাকে বশ করা হইয়াছে] বিণ. অধীনীকৃত ; যাহাকে আয়ত্ত করা হইয়াছে ; যাহাকে বশে আনয়ন করা গিয়াছে।

বশীভূত (বো) [বশ (আয়ত্ত) ভূত (যে হইয়াছে) + ঈ (চ্বি অভূততদ্ভাবার্থে) যে বশ্যতা স্বীকার করিয়াছে] বিণ. আজ্ঞাধীন ; বশবর্ত্তী ; বশতাপন্ন।

বশ্য (বোশ্‌শ) [বশ্ +য (ক্যপ্—কর্ম্মে) যাহাকে বশীভূত করা যায়] বিণ. বশ করিবার উপযোগী ; যে সহজে বশ হয়। ২। [বশ +য (জাতার্থে) যে অধীনে আসে] বিণ. আজ্ঞাধীন ; বশবর্ত্তী ; পোষ্য। স্ত্রী. বশ্যা।

বশ্যকা (বো) [বশ্য+ক+আ (স্ত্রী)] বি. স্ত্রী. আজ্ঞাধীনা ললনা ; বশ্যা।

বশ্যতা (বো) [বশ্য+তা (ভাবে)—অধীনতার ভাব] বি. স্ত্রী. বশবর্ত্তিতা ; অধীনতা।

বশ্যা (বো) [বশ+য (ক্যপ্—কর্ম্মে) + আ (স্ত্রী) যে স্ত্রী বশ্যতা স্বীকার করে] বিণ. বশতাপন্না। ২। আজ্ঞাধীনা। ৩। স্ত্রী. বি. বশীভূতা স্ত্রী।

বষট্ [বহ্ (বহন করা) + অষট্ (ডষট্) করণে (সংজ্ঞার্থে) যাহা বহন (দেবতা পূজার উপকরণ দান) করা যায়] বি. ত্যাগার্থক মন্ত্র ; দেবতার উদ্দেশে আহুতিদানমন্ত্র।

বষট্‌কার (র্) [বষট্ (ত্যাগার্থক—মন্ত্র) কার (করণ)—৬তৎ] বি. পুং দেবোদ্দেশে অগ্নিতে আহুতি প্রদান ; হোম।

বষট্‌কৃত [বষট্ (ত্যাগার্থক মন্ত্র) দ্বারা কৃত (হুত)] বিণ. বষট্ এই মন্ত্র দ্বারা হুত।

বস (ব্যাশ্) [হি—বাস্] অ. যথেষ্ট ; বিলক্ষণ : প্রচুর ; খুব ; ঢের হয়েছে। ২। থাক ; আর না।

বসই [ব্রজ। প্রা-বাং] ক্রি. বসে ; উপবেশন করে। প্র—"হরি বড় গরবী গোপী মাঝে বসই। ঐছে করবি যৈছে বৈরী না হাসই]"—বিদ্যাপতি।

বসৎ (শ) [বস্ (বাস করা) + অৎ (শতৃ—কর্ত্তৃ] যে বাস করে ; অবস্থানকারী।

বসতি (তী) [বস্+অতি (শতি—অধিকরণে) যেখানে বাস করে] বি. স্ত্রী. বাসস্থান ; নিবাস। ২। [বস্+অতি (শতি—ভাবে)] বি. স্ত্রী. বাস ; বাসকরণ। প্র—"নিরয়ে বসতি হবে পাপে দিলে মন।"—দীনবন্ধু। ৩। জনপদ ; বস্তী।

বসন (ব্শন) [বস্ (আচ্ছাদন করা) + অন (অনট্—করণে)] বি. ক্লী. বাস ; বস্ত্র। **অশন বসন**—খোরাক পোষাক ; খোর পোষ ; খাওয়া পরা ; আহারীয় সামগ্রী ও পরিধেয় বস্ত্র।

বসন্ত (শ) [বস্+অন্ত (অধিকরণে)—যে ঋতুতে লোক সুখে অবস্থিতি করে] বি. পুং. ফাল্গুন ও চৈত্রমাস ব্যাপী ঋতু। মতান্তরে চৈত্র ও বৈশাখ মাস ; অন্যমতে মাঘের শেষার্দ্ধ হইতে চৈত্রের প্রথমার্দ্ধ পর্য্যন্ত। ২। [বস+অন্ত (কর্ত্তৃ)] মসূরিকা রোগ। ২। বিদূষকের উপাধি। ৩। রোগবিশেষ।

বসন্তঘোষ, ষী [বসন্ত (বসন্ত ঋতুর) ঘোষ, ঘোষিন (যে ঘোষণা করে)—৬তৎ] বি. পুং. যে বসন্তাগম ঘোষণা করে ; কোকিল।

বসন্ততিলক (শ, ক্) বি. ক্লী. সংস্কৃত ছন্দো-বিশেষ ; যে চতুর্দ্দশ অক্ষর ছন্দে, ৩, ৫, ৬, ৭, ৯, ১০ ও ১২ বর্ণ হ্রস্ব, অবশিষ্ট বর্ণ দীর্ঘ থাকে। ২। পুষ্পবিশেষ। ৩। বসন্তরোগের আয়ুর্ব্বেদীয় ঔষধবিশেষ।

বসন্তদূত (শ, ত্) [বসন্ত (বসন্ত ঋতুর) দূত (সংবাদবাহী)—৬তৎ] বি, পুং, কোকিল। ২ আম্রবৃক্ষ। স্ত্রী. **বসন্তদূতী**—কোকিলা ২। পাটলীবৃক্ষ। ৩। মাধবীলতা।

বসন্তসখ (বশন্তশখ) [বসন্ত (ঋতুবিশেষ সখি (বন্ধু)—৬তৎ] বি, পুং, মদন। ২ কোকিল।

বসন্তি (শ) [প্রা-বাং। বসা দ্রঃ। সম্মানার্থে বহু বচনের ক্রিয়া বিভক্তি অন্তি] ক্রি, বাস করেন ; বিরাজ করেন ; বসেন। প্র—"নর নারায়ণ যথা বসন্তি ভূমণ্ডলে।"—মহা (বিজয়)।

বসন্তী [বসন্ত (কাল) + ইন্ (অস্ত্যর্থে) = বসন্তিন্ ১মা, ১ব] বিণ, বসন্তকাল-সঙ্গী কোকিল। ২। [হি—বসন্তীয়া। বসন্ত + ঈপ্ (স্ত্রী)] বি, বসন্তীনাম্নী স্ত্রী। ৩ (বোশুন্তি) বি, ফিকা হরিদ্রাবর্ণ। চূর্ণ ও হলুদ গুলিয়া তাহাতে রঞ্জিত করিবার পর তেঁতুলের জলে ফেলিলেই এই রঙ হয়।

বসবাস (বশবাশ্) [বসতি হইতে বস—আবাস হইতে বাস] বি, বাস ; স্থায়িভাবে বাস।

বসবাস (বশবাশ্) [প্রা-বাং] বি, বেসম। প্র—"চিতলের কোল ভাজে বসবাস মাখি॥" —মনসামঙ্গল (বংশীবদন)।

বসয় (বশ্য়) [বসা দ্রঃ। প্রা-বাং] ক্রি, বাস করে। প্র—"চতুঃষষ্টি কলা বসয় গুণের নিধি" —মহা (শ্রীকর নন্দী)।

বসা (শা) [বস্ (আচ্ছাদনে) + অ (অঙ্—করণে) + আ (স্ত্রী) যাহা দ্বারা (শরীর) আবৃত হয়] বি, স্ত্রী, মজ্জা ; মেদ ; চর্ব্বি। প্র—শিবা পুচ্ছে বসা ভুঞ্জে গিধিনীর সঙ্গে। ঝাঁকে ঝাঁকে দ্রোণ কাক পিয়ে রক্ত রঙ্গে।"—কাঞ্চীকাবেরী। "আমি যে দেখেছি খুঁজে প্রতি রেণু তার, চুল, নখ, বসা, মাংস, অস্থির অঙ্গার॥"—গোবিন্দদাস (ফুলরেণু)।

বসা (শা) [হি—বস্না (বাস করা) ; সং—উপ—বিশ্ ধাতু হইতে বৈশ—পরে বৈঠ। বাং-য়, উ-পু—বইসি বৈসি, বসি। ম-পু—বইস, বৈস, বস (বোশো) ; বৈসুন, বসুন (বোশুন্) ; বস্—(বোশ্)। প্র-পু—বসে বৈসে ; বসেন। অস-ক্রি, বসিতে ; বসিয়া, বসি (পদ্যে), ব'সে (সংক্ষেপে)। ণিজন্ত—বসান] ক্রি, উপবেশন করা ; পা মুড়িয়া নিতম্বে ভর দিয়া আসনাদিতে দেহ রক্ষা করা। প্র—"বসিল অনেক মিঞা আপন তরফ লৈয়া।"—কবিকঙ্কণ ২। অপেক্ষা করা। প্র—একটু বইস আমি এখনি আসিতেছি। ৩। লগ্ন হওয়া ; খাপ খাওয়া। প্র—পেঁচ ঢিলা হওয়ায় জোড়ের মুখে বসে না। ৪। সমান বা সমতল ভাবে থাকা। প্র—টেবিলের একদিকের পায়া মেঝের উপর ঠিক বসে না। ৫। তলায় পড়া ; থিতান। প্র—তেলের কাইট বসা। ৬। জমাট বাঁধা ; জমিয়া যাওয়া। প্র—দৈ এখনও ভাল বসে নাই। ৭। জল প্রবেশ করা। প্র—অত ভেজা ভাল নয় গায়ে জল বসিয়া সর্দ্দি হইবে। ৮। নাবাল হওয়া ; নিম্ন হওয়া। নাবিয়া যাওয়া। প্র—এবারের বৃষ্টিতে ছাদ বসিয়া গিয়াছে। ৯। স্বর বন্ধ প্রায় হওয়া। প্র—দৈ খাইয়া তাহার গলা বসিয়া গিয়াছে। ১০। ঢুকিয়া যাওয়া ; কোটরগত হওয়া। প্র—অত্যন্ত পরিশ্রমে তাহার চক্ষু দুটি বসিয়া গিয়াছে। ১১। প্রোথিত হওয়া। প্র—হাতীর পা পাঁকের ভিতর বসিয়া গিয়াছে। ১২। বাস স্থাপন করা। প্র—সে জমীতে এখনো প্রজা বসে নাই। ১৩। স্থাপিত হওয়া ; প্রতিষ্ঠিত হওয়া। প্র—এখানে কল বসিয়াছে। তাহাদের গ্রামে একটি বাজার বসিয়াছে। ১৪। আরম্ভ হওয়া। প্র—সভা এখনও বসে নাই। যাত্রা বসিয়া গিয়াছে। ১৫। যোগাযোগ হওয়া ; সংঘটিত হওয়া ; লাগা। প্র—এখানে প্রতি মঙ্গলবারে হাট বসে। ১৬। কোন বিষয়ে, বস্তুতে বা স্থানে স্থির থাকা ; সংলগ্ন হওয়া ; লাগা। প্র—কোন মতেই সেখানে তাহার মন বসিতেছে না। ১৭। বিণ, যাহা বসিয়া গিয়াছে ; জমাট। ১৮। উপবিষ্ট। ১৯। উপবেশন। প্র—শালগ্রামের শোয়া বসা। ২০। ভর্ত্তি হওয়া ; প্রতিষ্ঠিত হওয়া। প্র—সে বেশ ভাল চাকরিতে বসিয়াছে। **কোপ বসা ; চোপ বসা, ঘা বসা**—অস্ত্রের ধার আহত স্থানে প্রবেশ করা। **চাপিয়া বসা**—দৃঢ় ভাবে উপবেশন করা ; শরীরের সমস্ত ভার ন্যস্ত করিয়া উপবেশন করা ; এমন ভাবে বসা যে তথা হইতে আর সরিতে না হয়। **চোখ মুখ বসা**—মুখমণ্ডল শুষ্ক হওয়া বা চুপসিয়া যাওয়া। **গলায় দৈ বসা**—অতি শৈশবাবস্থার নিদর্শক ; অর্ব্বাচীনতার লক্ষণ। বিদ্রূপোক্তিতে প্রযুক্ত হয়। **দাগবসা**—চিহ্নাঙ্কিত হওয়া। **বসিয়া থাকা**—অপেক্ষা করা। ২। কর্ম্মশূন্য থাকা ; নিষ্কর্ম্মা থাকা। **মাথায় হাত দিয়া বসা**—হতাশ হইয়া পড়া। **বসিয়া পড়া**—হতাশ হইয়া পড়া। ২। ক্লান্ত বা পরিশ্রান্ত হইয়া ভূতলে অঙ্গ ঢালিয়া দেওয়া। **থাবড়িয়া বসা**—নিতম্বে ভর দিয়া পা মুড়িয়া ও থাবা পাতিয়া বসা। **উবু হইয়া বসা**—দুই পদতলে মাত্র ভূমি স্পর্শ করিয়া উঁচু হইয়া বসা। **বাবু হইয়া বসা**—নিতম্বে ভর দিয়া দুই পা মুড়িয়া অর্থাৎ দক্ষিণ পদতল বাম উরুর নিম্নে এবং বাম পদতল দক্ষিণ উরুর নিম্নে রাখিয়া বসা।

বসান (বশানো) [বসা (দ্রঃ) ধাতুর ণিজন্ত-রূপ। উ-পু—বসাই। ম-পু—বসাও ; বসান্ ; বসা। প্র-পু—বসে ; বসেন্। অস-ক্রি—বসাইতে ; বসাইয়া ; বসিলে] ক্রি, উপবেশন করান। ২। বাস করান। প্র—প্রজা বসান। ৩। প্রতিষ্ঠা করা ; স্থাপন করা। প্র—"নগর বসায় বীর বনের ভিতরে"—কবিকঙ্কণ। ৪। আঘাত লাগান ; কশান। প্র—ছেলেটার পিঠে ঘা কতক বসিয়ে দাও ত। ৫। জমান ; জমাট বাঁধান। প্র—দৈ এখনও বসাতে পারে নি। ৬। চাপান। প্র—উনানে হাঁড়ি বসিয়ে দাও। ৭। খচিত করা ; জড়িত করা। প্র—আংটিতে পাথর খানা বসাইয়া দাও। ৮। প্রবেশ করান। প্র—গায়ে জল বসান। ৯। প্রোথিত করা। প্র—খুঁটী এই নরম জায়গায় ভাল করে বসিয়ে দাও। ১০। (বশান) বি, উপবেশন করানরূপ কর্ম্ম। প্র—তাহাকে এখানে বসানটা ভাল হয় নাই। ১১। বিণ, মূল বস্তু আনিয়া স্থাপিত (কোন বস্তুর মধ্যে অভিন্নতা বোধক)। প্র—তাহাকে দেখিলেই মনে হয় তাহার বাপের মুখ যেন বসান।

বসায়ল [ব্রজ। প্রা-বাং। বসা দ্রঃ] ক্রি, বসাইল। ২। জড়িত করিল ; খচিত করিল। প্র—"সিন্দুর সমীপ বসায়ল মোতি"—বিদ্যাপতি।

বসিষ্ঠ—বশিষ্ঠ দ্রঃ।

বসু (বো্শু) [বস্ + উ (কর্ত্তৃ)] বি, পুং, গণদেবতাবিশেষ ; অষ্টবসু (ভব, ধ্রুব, সোম, বিষ্ণু, অনিল, অনল, প্রত্যূষ, প্রভব)। ২। [অষ্টবসু হইতে] আট সংখ্যা। ৩। ক্লী, ধন। প্র—"বসু হেতু বসুন্ধরা তাহারে বন্দয়"—অন্নদামঙ্গল। "কাননে বধিয়া পশু, উপায় করিতে বসু, ফুল্লরা বেচিত মাংস হাটে।" —কবিকঙ্কণ। ৪। ধনাধিপতি ; কুবের। ৫। অগ্নি। ৬। সূর্য্য। ৭। ধনিষ্ঠা নক্ষত্র। ৮। কিরণ ; রশ্মি। প্র—"বসুহীন হইল রবি করি বিতরণ॥"—মদনমোহন তর্কালঙ্কার। ৯। বল্গা। ১০। রাজা। ১১। চেদিরাজ। ১২। স্বর্ণ। ১৩। লবণ। ১৪। জল। ১৫। কাল-বসু মৎস্য। ১৬। কায়স্থের জাতীয় পদবী-বিশেষ। ১৭। বিণ, শুষ্ক।

বসুকীট (বোশুকীট্) [বসু (ধন) কীট (পোকা)—৬তৎ] বি, পুং, ধনযাচক ; অর্থী ; ভিক্ষুক। ২। কৃপণ।

বসুদ (বোশুদ) [বসু (ধন) দ (দাতা)—যে ধন দান করে—উপপদ] বিণ, ধনদাতা। ২। বি, পুং, কুবের। স্ত্রী. **বসুদা**—পৃথিবী। ২। ধনদাত্রী।

বসুদেব (বোশুদেব্) [বসু (ধনরত্ন) দেব (যে ক্রীড়া করে অর্থাৎ খেলে) যে ধন দ্বারা খেলা করে] বিণ, ধনী। ২। বসু (রত্ন) দেব (কান্তি)—বসুর ন্যায় কান্তি যাহার বহু] উজ্জ্বল কান্তিবিশিষ্ট। ৩। বি, পুং, কৃষ্ণের পিতা। ৪। [বসু (ধন) দেব যে দেব ধনের অধিপতি] ধনদেব ; কুবের।

বসুদেবতা (বোশু) [বসু (ধনাদি) দেবতা (ব্যবহারক, অধ্যক্ষ)—৬তৎ] বি, কুবের। ২। [বসু দেবতা (অধিষ্ঠাতা) যাহার—বহু] বি, স্ত্রী, ধনিষ্ঠা নক্ষত্র।

বসুধা (বোশুধা) [বসু (ধনাদি) ধা (যে ধারণ করে)—উপপদ] বি, স্ত্রী, ধরণী ; পৃথিবী। প্র—"বাজিল তুমুল যুদ্ধ গগনে, সুন্দরি ; কাঁপিল বসুধা ; দেশ পুরিল আরবে।"—মেঘনাদ। ২। বিণ, ধনধারিণী।

বসুধাধর (বোশুধাধর্) [বসুধা (পৃথিবী) ধর (যে ধারণ করে)—উপপদ] বিণ, যে পৃথিবী ধারণ করে। ২। [বসুধা (পৃথিবী) ধর (ধারণকর্ত্তা) ৬তৎ] পর্ব্বত ; ভূধর। ৩। অনন্তদেব।

বসুধাধিপ (বোশুধাধিপ্) [বসুধা (পৃথিবী) অধিপ (রাজা)—৬তৎ] বি, পুং, রাজা ; পৃথিবীপতি।

বসুধাভৃৎ (বোশু) [বসুধা (পৃথিবী) ভৃৎ (যে ধারণ করে বা পোষণ করে)—উপপদ] বি, পুং ; পর্ব্বত। ২। রাজা।

বসুধারা (বোশু) [বসু (ধনাদি) ধারা (প্রবাহ)—৬তৎ] বি, স্ত্রী, আভ্যুদয়িক শ্রাদ্ধের পূর্ব্বে গৃহের ভিত্তিতে সিন্দূর চিহ্ন দিয়া সাত বার ঘৃত ধারা দেওয়া হয় উহাকেই বসুধারা বলে। প্র—"ঘৃত দিয়া সাত ভারা কাঁপে দিল বসুধারা, কৈল নান্দীমুখের বিধান।"—কবিকঙ্কণ।

বসুন্ধর (বোশুন্ধর্) [বসু (ধনাদি) ধর যে ধারণ করে)—উপপদ] বি, পুং, কুবেরের অনুচর। প্র—"কুবেরের অনুচর নাম তার বসুন্ধর"—অন্নদামঙ্গল। স্ত্রী, বসুন্ধরা।

বসুন্ধরা (বোশু) [বসু—ধৃ (ধারণ করা) +অ (ধ, কর্ত্তৃ) +আ (স্ত্রী) 'ম' আগম] বিণ, ধনধারিণী ; ধনশালিনী। ২। বি, স্ত্রী, ধরা ; বসুধা ; পৃথিবী। প্র—"সেই হিন্দুজাতি, সেই বসুন্ধরা, জ্ঞান বুদ্ধি জ্যোতিঃ তেমতি প্রখরা।"—হেম বন্দ্যো। ৩। বসুন্ধরপত্নী। প্র—"কুবেরের অনুচর নাম তার বসুন্ধর বসুন্ধরা নামে তার জায়া।"—অন্নদামঙ্গল।

বসুমতী (বোশুমোতি) [বসু (ধনাদি)+ মতু (অস্ত্যর্থে)+ঈ (স্ত্রী) যাহাতে ধন আছে] বিণ, স্ত্রী, ধনশালিনী। ২। বি, স্ত্রী, পৃথিবী ; বসুন্ধরা।

বসুমাই (বোশু) [বসুমতী (দ্রঃ) শব্দের অপভ্রংশ। প্রা-বাং] বি, স্ত্রী, বসুমতী। প্র—"ভরমিতে ভরমিতে দুহে চলে ঠাঁঞি ঠাঁঞি বেগেত বাড়িআ চলে দেবী বসুমাই।"—শূন্য পুরাণ।

বসুমান্ (বোশু) [বসু (ধন)+মতু (অস্ত্যর্থে)=বসুমৎ—১মা, ১ব—বসুমান্] বি, পুং, নৃপবিশেষ। ২। রাজা। ৩। বিণ, যাহার ধন আছে ; ধনশালী।

বসুষেণ (বোশুশেন্) [ধন দানে প্রসিদ্ধ ছিলেন বলিয়া] বি, অঙ্গরাজ দাতাকর্ণ।

বসুস্থলী (বোশুস্‌থোলি) [বসু (ধনাদি) স্থলী (স্থান)—৬তৎ] বি, স্ত্রী, ধনাগার। ২। কুবেরভবন। ৩। কুবেরনগরী ; অলকা।

বস্তব্য (বস্‌তোব্ব) [বস্ (বাস করা)+তব্য (কর্ম্মে)] বিণ, বাসোপযোগী।

বস্তর (রু)—বস্ত্র দ্রঃ।

বস্তা [ফা] বি, গাঁটরী ; পুঁটুলী। ২। থলী ; বোরা। প্র—চালের বস্তা। ৩। গাঁটরী বাঁধিবার বস্ত্রবিশেষ।

বস্তাপচা [বস্তা—পচা] বিণ, বহুদিন বস্তায় বন্ধ থাকিয়া যাহা পচিয়া গিয়াছে।

বস্তাবন্দী (বোন্দি) [বস্তা—বন্দী] বিণ, যাহা বস্তার ভিতর বন্ধ করা হইয়াছে।

বস্তি, বস্তী (বো) [বস্ (আচ্ছাদন করা)+ তি (অধিকরণ) আছাদন করে যাহাতে] বি, পুং, পেটের অধোভাগ ; তলপেট। ২। [বস্+তি (করণে) যাহার দ্বারা আচ্ছাদন করা যায়] বি, স্ত্রী, বস্ত্রের দশী। ৩। বস্ত্র। ৪। [বস্ (বাস করা) তি (ভাবে)] বি, বসত ; বাস। ৫। [—তি (অধি)— যথায় বাস করা যায়] পল্লী ; গ্রাম ; নগর ; লোকালয় ; জনপদ। ৬। [জমী: পরিঃ] মৌজার অন্তর্গত বসতি ; ছপ্পর। ৭। [প্রাদে] নগর-প্রান্তস্থ দরিদ্র ও নিম্নশ্রেণীর বাস স্থান।

বস্তিমল (বো, ল্) [বস্তি (মূত্রাশয়) মল (প্রস্রাব প্রভৃতি)—৬তৎ] বি, ক্লী। প্রস্রাব ; মূত্র।

বস্তী (বো) [বস্তি দ্রঃ। বস্ত+ঈপ্ (স্ত্রী) কিম্বা বস্ত+ইন্ (অস্ত্যর্থে)=বস্তিন্ ১মা, ১ব] বি, তলপেট। ২। মূত্রাশয় ; bladder.

বস্তু (বোস্‌তু) [বস্ (থাকা)+তু (তুন্, কর্ত্তৃ) যাহা থাকে] বি, ক্লী, পদার্থ ; দ্রব্য ; সামগ্রী। ২। সত্য। ৩। সার (বিপরীত —অবস্তু=অসার ; অপদার্থ)।

বস্তুক (বোস্‌তুক্ [সং] বি, বাস্তুক শাক ; বেতো শাক।

বস্তুতঃ (বোস্‌তুত) [সং—বস্তুতস্ শব্দ] অ, ফলতঃ ; যথার্থতঃ ; বাস্তবিক ; প্রকৃতপক্ষে।

বস্তুতত্ত্ব (বোস্‌তুতত্ত) [বস্তুর তত্ত্ব, ৬তৎ] বি, পদার্থবিজ্ঞান। ২। [দর্শনে] ঈশ্বরই সার বস্তু এই জ্ঞান। প্র—"তমঃ নাশ করি করে বস্তুতত্ত্ব জ্ঞান।"—চৈতন্যচরিত।

বস্ত্য (বোস্‌ত্য) [বস্+ত্য (অধিকরণে, সংজ্ঞার্থে) যাহাতে বাস করে] বি, ক্লী, বাসস্থান ; গৃহ ; আবাস।

বস্ত্র (বস্ত্র) [বৈদিক সাহিত্যে বস্ত্র অর্থে আচ্ছাদক। বস্ (আচ্ছাদন করা)+ত্র (করণে) আচ্ছাদন করে যাহা-দ্বারা। গ্রা— "বস্তর"] বি, ক্লী, আচ্ছাদন ; বসন ; কাপড়। ২। পরিচ্ছদ।

বস্ত্রকুট্টিম (ম্) [বস্ত্র দ্বারা (রচিত) কুট্টিম— ম, প, লো কর্ম্মধা] বি, ক্লী, কানাত ; পটবাস ; তাম্বু।

বস্ত্রগৃহ (বস্ত্রগৃহ) [বস্ত্র (কাপড়) গৃহ (ঘর) —৬তৎ] বি, ক্লী, পটগৃহ ; তাঁবু।

বস্ত্রগ্রন্থি (গ্রোন্থি) [বস্ত্র (কাপড়) গ্রন্থি (গাঁইট)—৬তৎ] বি, পুং, কটিবস্ত্রের বন্ধন ; নীবী।

বস্ত্রপুত্রিকা (পুৎতৃকা) [বস্ত্রনির্ম্মিত পুত্রিকা (পুতুল) ম, প, লো—কর্ম্মধা] বি, স্ত্রী, কাপড়ের পুতুল ; গুড়িয়া।

বস্ত্রভূষণ (ন্) [বস্ত্র এবং ভূষণ—দ্বন্দ্ব] বি, বস্ত্রালঙ্কার।

বস্থা [অবস্থা হইতে] বি, অবস্থা ; দশা। ৩। বস্তা ; গাটরী।

বহ [বহ্ (বহন করা)+অ (অচ্—কর্ত্তৃ)] বিণ, যে বহন করে ; বাহক (এই অর্থে অন্য শব্দসহ যুক্ত হয়)। ২। [বহ্—অ (অল্, করণ বা অধিকরণে)—যাহা দ্বারা বা যাহাতে করিয়া বহিয়া লইয়া যায়] বি, পুং, বাহন ; যান। ৩। বৃষস্কন্ধ। ৪। পথ ; রাস্তা। স্ত্রী, বহা—নদী।

বহই [ব্রজ। বহা দ্রঃ] ক্রি, বহন করে। ২। বহিয়া। প্র—"বহই দিবস সব যাব"—বিদ্যাপতি।

বহত [ব্রজ। বহা দ্রঃ] ক্রি, বহে। ২। বহিতেছে। প্র—"আজি মলয়ানিল মৃদু মৃদু বহত নিরমল চাঁদ প্রকাশ।"—চণ্ডীদাস।

বহতা [হি—বহ্‌তা] বিণ, যাহা বহিয়া যাই-তেছে ; প্রবহমাণ। প্র—বহতা জল।

বহন (ন্) [বহ+অন (অনট্—ভাবে)] বি, ক্লী, ভার লইয়া গমন। ২। অঙ্গে ধারণ ; মস্তকে, হস্তে, স্কন্ধে গ্রহণ। ৩। সহন। ৪। [বহ্+অন (অনট্—করণে)] যাহা দ্বারা বহন করা যায়] বি, ক্লী, যান ; বাহন।

বহমান (ন্) [বহ্+আন (শ—কর্ত্তৃ)] বিণ, যে প্রবাহিত হইতেছে। ২। যে বহন করিতেছে।

বহয়ে [বহা দ্রঃ। পদ্যে] ক্রি, বহে ; প্রবাহিত হয়। প্র—"নয়নের জলে দেখ বহয়ে হিল্লোল" —বিদ্যাপতি।

বহনীয় [বহ্+অনীয় (কর্ম্মে)—যাহাকে বহন করা যায়] বিণ, বহনযোগ্য ; বাহ্য।

বহব [সং—বহু শব্দে বহুবচনের রূপ। হি—বহুত, বহুতা। প্রা-বাং, ম-বাং—পত্র লিখনে] বিণ, বহুল : বহু বহু। প্র—"প্রণামা বহব নিবেদনঞ্চ বিশেষ।"

বহর (র্) [আ—বহ্‌র্ (উপসাগর ; সমুদ্র (২) অর্ণবপোত ; জাহাজ)] বি, পোত ; জাহাজ ; নৌশ্রেণী। প্র—"নাবিকেরা দিঙ্‌-নিরূপণ করিতে না পারিয়া বহর হইতে দূরে পড়িয়াছিল।"—কপালকুণ্ডলা। ২। জলাশয়ের গভীরতা ; সমুদ্রের গভীরতা। ৩। [সমুদ্রের গভীরতা হইতে] প্রস্থ ; ওসার। প্র—কাপড়খানার বহর খুব। "মাথায় ছোট বহরে বড় বাঙ্গালী সন্তান"—রবি।

বহল [বহ্ (বহন করা) অল (অলন্—কর্ত্তৃ, সমূহার্থে)] বিণ, কঠোর ; দৃঢ় ; কঠিন। ২। বহুল ; বিপুল ; অনেক। ৩। বি, পুং, জলযান ; নৌকা। স্ত্রী, **বহলা**—ভেলা। ৪। [ব্রজ] ক্রি, বহিয়া গেল ; অতিবাহিত হইল। প্র—"অরুণ পূরব দিশ বহল সগর নিশ গগন মগন ভেল চন্দা।"—বিদ্যাপতি।

বহলগন্ধ [বহল (অতিশয়) গন্ধ (ঘ্রাণ) যাহাতে—বহু] বিণ, অতি সুগন্ধযুক্ত।

বহা [সং—বহ্ (বহন করা) ধাতুজ। উ-পু—বহি। ম-পু—বহ ; বহন্ ; বহ, ব। প্র-পু—বহে ; বহেন। অস-ক্রি—বহিতে (বো) ; বহিয়া (বো) ; বহি (পদ্যে) ; বহে (বো)। ণিজন্ত—বহান (নো)] ক্রি, বহন করা। প্র—মাথায় ভার বহা। ২। সহ্য করা ; পোয়ান। ৩। প্রবাহিত হওয়া। প্র—"বহিছে তটিনী।" ৪। চলা। প্র—শরীর আর বহে না।

বহা [বহ (বহন)+অ (কর্ত্তৃ) যে বহন করে] বিণ, বহনকারী ; বাহী। ২। বি, বাহক। প্র—"পাটী দুলিচা বহা চলে শতে শতে।"—মনসামঙ্গল (ষষ্ঠীবর)।

বহাল (ল্) [আ—ফা—বহাল্। বাহাল দ্রঃ] বিণ, স্থায়ী। ২। কার্য্যে নিযুক্ত। ৩। কর্ম্মে পুনঃ প্রতিষ্ঠা বা পুনর্নিয়োগ। ৪। সুস্থ। ৫। [বহাইল শব্দের সংক্ষেপে। বহা দ্রঃ] ক্রি, প্রবাহিত করিল। (২) বহন করাইল।

বহি (বো) [বই দ্রঃ। হি—বহী] বি, পুস্তক ; গ্রন্থ। ২। খাতা। **বহি-খাতা**—হিসাবের খাতা ; হিসাব-কিতাব।

বহি (বো) [বই দ্রঃ। সং—ব্যতীত] অ, ব্যতীত ; ব্যতিরেকে। প্র—"দোষ বহি গুণ কারো না করে কথন।"—চৈতন্য-ভাগবত। ২। বাদে ; পরে। প্র—"দিন দুই চারি বহি মিলাব মুরারি"—বিদ্যাপতি। "বৎসরেক বহি হইল ঝগড়া"—কবিকঙ্কণ। ৩। অন্তরে। প্র—যোজনে যোজনে নহি পড়ে এক পা।"—কবিকঙ্কণ।

বহি (বো) [বহিয়া'র সংক্ষেপে বহা দ্রঃ] অস-ক্রি, বহন করিয়া ; বহিয়া। ২। প্রবাহিত হইয়া ; বহমান হইয়া। প্র—"নয়নক লোরে বহি যাওত ধরণী"—বিদ্যাপতি।

বহি (বৃহি) [হি—বৃহী। প্রা-বাং] স, ওই ; ঐ।

বহিঃ (বো) [বহিস্ শব্দ। বহ্+ইস্ (কর্ত্তৃ —সংজ্ঞার্থে)] অ, বাহ্য প্রদেশ ; বহির্দ্দেশ ; বাহির। ২। সীমার শেষ।

বহিঃস্থ (বোহিস্থ) [বহিস্ (বাহির) স্থা (থাকা)+অ (ড—কর্ত্তৃ) যে বাহিরে স্থিত, উপপদ] বিণ, যে বাহিরে থাকে ; বাহিরে অবস্থিত। ২। দ্বারবান্। ৩। নীচ ; জঘন্য।

বহিত্র (বোহিৎত্র) [বহ্ (বহন করা)+ইত্র (করণে)—যাহাদ্বারা বহন করা যায়] বি, ক্লী, নৌকা বাহিবার দাঁড় ; পোত্র। ২। [+ইত্র (কর্ম্মে)—যাহাকে বহন করে] বি, জলযান ; নৌকা।

বহিন (বোহিন্) [সং—ভগিনী—বহিনি (মাগধী প্রাকৃত)। প্রা-বাং—'ভইন' ("কি কারণে কৈলা ভইন অশক্য কথন")—পদ্মাপুরাণ (নারায়ণ দেব)। আধু-বাং—ভগ্নী। হি—বহিন্। চ-বাং—বোন্, বুন্] বি, স্ত্রী, ভগিনী, সহোদরা ; সহোদরাস্থানীয়া নারী। প্র—অল্প দিনে দুটি বেটা দিয়াছে গোসাই। বহিন বিহীন পুত্র কার্ত্তিক গণাই॥—শিবায়ন। ২। স্নেহ-সম্ভাষণ ; দিদি ; সখী ইত্যাদি জ্ঞাপক। **বহিন-ঝি**—বোন্‌ঝি ; ভগ্নীর কন্যা। **বহিন-পো**—বোন্‌পো ; ভগ্নীর পুত্র। প্র—"বেণু রায়ের নাতি দুটি রঙ্গা দিদির পো। গ্রামের সম্বন্ধে মোর হয় বহিনপো॥"—ঘনরাম।

বহিরঙ্গ (বোহিরঙ্গ) [বহিস্ (বাহিরে অর্থাৎ সম্বন্ধ বা স্নেহের বাহিরে) অঙ্গ যাহার] বিণ, বাহ্য অঙ্গ। ২। অনাত্মীয় ; পর। ২। [ব্যাকরণে] প্রত্যয় সম্বন্ধীয় ব্যাপার।

বহিরিন্দ্রিয় (বো) [বহিস্ (বাহিরে স্থিত) ইন্দ্রিয় (চক্ষুরাদি)—ম-প-লো—কর্ম্মধা] বি, ক্লী, চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্ এই পঞ্চেন্দ্রিয়।

বহির্দ্দেশ (বোহির্দ্দেশ্) [বহিঃ—দেশ] বি, বাহিরের দিক ; বহির্ভাগ ; বারদিক।

বহির্ব্বাণিজ্য (বোহির্বানিজ্জ) [বহিস্ (ভিন্ন দেশের) বাণিজ্য (ক্রয়-বিক্রয়)—৬তৎ] বি, ক্লী, দেশান্তরে ক্রয় বিক্রয় ; বিদেশের সহিত বাণিজ্য।

বহির্ব্বাস (বোহির্বাশ্) [বহিস্ (বাহিরের) বাস (কাপড়)—৬তৎ] বি, পুং, বৈষ্ণবদিগের কৌপীনের উপরে পরিধেয় বস্ত্র। প্র—"কটি-তটে ডোরধরি তাহাতে কপীন পরি বহির্ব্বাসে করি আচ্ছাদন।"—অন্নদামঙ্গল। ২। উত্তরীয় বস্ত্র। ৩। [বহিস্—বাস (আবাস)] বাহিরে অবস্থিতি।

বহির্ভূত (বো) [বহিস্ (বাহিরে) ভূত (স্থিত) ৭তৎ] বিণ, বহির্গত। ২। বর্জ্জিত। ৩। বহিষ্কৃত। ৪। অতীত ; বাহিরে স্থিত। প্র—সীমানার বহির্ভূত। স্ত্রী, **বহির্ভূতা**।

বহির্মুখ (বো, খ্) [বহিস্ (বাহিরে) মুখ (বদন) যাহার (বহু)] বিণ, যাহার মুখ বাহিরের দিকে রহিয়াছে। ২। বিমুখ ; পরাঙ্মুখ। বিণ, **বহির্মুখী**।

বহিশ্চর (বো, র্) [বহিস্ (বাহিরে) চর (যে গমন করে)—উপপদ] বি, পুং, যে গ্রামের বাহিরে বিচরণ করে।

বহিষ্করণ (বো, ন্) [বহিস্ (বাহির) কৃ (করা)+অন (অনট্, ভাবে)] বি, ক্লী, বিদূরণ। ২। বর্জ্জন। ৩। আবিষ্কার।

বহিষ্কৃত (বো) [বহিস্ (বাহির) কৃ (করা) +ত (ক্ত, কর্ম্মে) যাহাকে বাহির করিয়া দেওয়া হইয়াছে] বিণ, দূরীকৃত ; স্থানান্তরীকৃত।

বহু (বো) [বন্‌হ্ (বৃদ্ধি পাওয়া)+উ (কু) কর্ত্তৃ, ন্ লোপ যে বৃদ্ধি প্রাপ্ত হয়] বিণ, অধিক ; অনেক ; প্রচুর ; বহুল। ২। বধূ।

বহু (বো) [সং—বধূ হইতে হি—বহু ; বাং—বহু, বউ] বি, বধূ ; বউ। প্র—"শুন লো সুন্দরী, তুমি সে বড় য়ার বহু"—চণ্ডীদাস।

বহু (বো) [বহা দ্রঃ। বহ্ ধাতুজ হি—বহ +উ—বহু। বাং-র—বহুক। তুল—হি—রহু। বাং-র—রহুক] ক্রি, বহে। ২। বহুক ; প্রবাহিত হউক। প্র—"মলয় পবন বহু মন্দা"—বিদ্যাপতি।

বহুকাল (বোহুকাল্) [বহু (অনেক) কাল (ক্ষণ, সময়)] বি, বহুক্ষণ ; বিলম্ব। ২। বহুদিন ; অনেকদিন ; বহুযুগ। বিণ, **বহুকালীন**।

বহুকালাশ্রিত (বোহুকালাস্‌স্রিত) বহুকাল—আশ্রিত] বিণ, যে অনেকদিন ধরিয়া আশ্রয়-প্রাপ্ত ; বহুকালের শরণাগত। স্ত্রী, **বহুকালাশ্রিতা**।

বহুকালিয়া, বহুকেলে (বো) [বহুকাল +ইয়া (যুক্তার্থে)] বিণ, অনেক দিনের ; পুরাতন ; সুপ্রাচীন।

বহুক্ষম (বোহুক্খম্) [বহু (অনেক) ক্ষম্ (সহ্য করা)+অ (ক—কর্ত্তৃ) কিম্বা বহু ক্ষমা আছে যাহার, বহু] বিণ, যে বহু ক্লেশাদি সহ্য করিতে পারে ; ক্ষমাশীল ; সহিষ্ণু।

বহুগ্রন্থি (বোহুগ্‌গ্রোন্‌থি) বিণ, অনেক গাঁইট যুক্ত ; গাঁটগাঁট।

বহুজ্ঞ (বো) [বহু (অনেক) জ্ঞ (জ্ঞা=জানা +অ—কর্ত্তৃ)—উপপদ ; যে বহু বিষয় জানে] বিণ, বহুবিষয়বিদ্ ; বহুদর্শী।

বহুড়ী (বো) [সং—বধূটী হইতে প্রা-বাং] বি, স্ত্রী, বালিকা বধূ। প্র—"পাখা নাহি তবু ঢেঁকী উড়িয়া বেড়ায়। কোণের বহুড়ী লয়ে কন্দলে জড়ায়॥"—অন্নদামঙ্গল। "ধূলায় লোটায়ে কান্দে শাশুড়ী বহুড়ী"—ঘনরাম।

বহুত (বো) [সং—প্রভূত ; পালি—পহুত ; হি—বহুত্] বিণ, প্রভূত ; অনেক ; বিস্তর। প্র—"বহুত মিনতি করি তোয়"—বিদ্যাপতি। "এমন হিন্দুর ভূত দেখেছি বহুত"—ভারতচন্দ্র।

বহুতঃ (বো) [বহুতস্ শব্দ] অ, বহু বিধানে ; অনেকপ্রকারে।

বহুতন্ত্রি, বহুতন্ত্রী (বোহুতোনৃত্রি) [বহু-তন্ত্রিন্ শব্দ। বহু—তন্ত্র আছে যাহাতে, বহু] বিণ, বহুতন্ত্রযুক্ত ; অনেক তারবিশিষ্ট ; বহুতন্ত্রীক।

বহুতন্ত্রীক (বোহুতোনৃত্রিক্) বিণ, বহুতন্ত্রী দ্রঃ।

বহুতর (বো) [সং—বহু+তর (আধিক্যার্থে) অর্থাৎ বহু বহু। কিন্তু আধু-বাং অর্থ, হি—বহুত+ফা—তরহ্ (প্রকার) হইতে আসিয়াছে হি—বহুতরহ্] বিণ, বিবিধ প্রকার ; বহু-প্রকার ; বহুবিধ। ২। অনেক ; বহুত ; বিস্তর। প্র—"বিস্তর সামগ্রী ছিলা কহিতে বিস্তর। দাস দাসী দিলা সঙ্গে সৈন্য বহুতর॥" —অন্নদামঙ্গল।

বহুতা (বো) [বহু+তা (ভাবে)] বি, বাহুল্য। ২। আধিক্য।

বহুতৃণ (বোহুৎতৃণ) [তৃণ+বহু (চ্) তুল্যার্থে (বহু প্রত্যয়ের পূর্ব্ব নিপাত)] বিণ, তৃণতুল্য ; তৃণসদৃশ ; তৃণবৎ। ২। [বহু (অনেক) তৃণ যেখানে, বহু] বি, যেখানে অনেক তৃণ আছে ; ভূমি ; ময়দান।

বহুত্র (বোহুৎত্র) [বহু (অনেক)+ত্র (সপ্তমী স্থানে)] অ, অনেক স্থানে ; বহুস্থলে।

বহুত্ব (বোহুৎত) [বহু+ত্ব (ভাবে)] বি, অনেকত্ব।

বহুদ (বো) [বহু+দ (দাতা)] বিণ, দাতা ; বদান্য।

বহুদক্ষিণ (বোহুদোক্‌খিন্) বিণ, বদান্য ; অত্যুদার।

বহুদর্শন (বোহুদর্শন্) [বহু (অনেক) দর্শন আছে বা হইয়াছে যাহার, বহু] বিণ, বহুদর্শী। ২। বি, বহুদর্শিতা।

বহুদর্শিতা (বোহুদোর্শিতা) [বহুদর্শী দ্রঃ] বি, বহুদর্শন ; বহুজ্ঞতা।

বহুদর্শী (বোহুদোর্শি) [বহু (অনেক) দৃশ্ দর্শন করা)+ইন্ (ণিন্) কর্ত্তৃ=বহুদর্শিন্ ১মা, ১ব, বহুদর্শী—উপপদ। যাহার বহুদর্শন হইয়াছে] বিণ, যে অনেক দেখিয়া শুনিয়া বিজ্ঞ হইয়াছে ; বহুজ্ঞ ; অনেকদর্শী ; দূরদর্শী।

বহুদুগ্ধ (বো) [বহু (অনেক) দুগ্ধ (সারাংশ) যাহার, বহু] বি, পুং, গম ; গোধুম। স্ত্রী, বহুদুগ্ধা [বহু (অনেক) দুগ্ধ হয় যাহার (যে গাভীর)] বি, স্ত্রী, বহু দুগ্ধবতী গাভী।

বহুদুগ্ধিকা (বো) [বহু+দুগ্ধ+ক+আপ্ (স্ত্রী) ই আগম] বি, স্ত্রী, স্নুহীবৃক্ষ ; মনসা গাছ।

বহুদূর (বোহুদূর) [বহু—দূর] বিণ, অনেক দূরবর্ত্তী ; বহুদীর্ঘ। ২। ক্রি-বিণ, বহুদূরে ; অনেকটা স্থান ব্যবধানে।

বহুদূরবর্ত্তী (বোহুদূরবোর্তি) [বহু—দূর-বর্ত্তিন্ শব্দ] বিণ, অনেক দূরে স্থিত ; বহুদূরস্থ। বি, বহুদূরবর্ত্তিতা। স্ত্রী, বহুদূর-বর্ত্তিনী।

বহুদূরস্থ (বো) [বহু—দূর—স্থ] বিণ, বহু-দূরবর্ত্তী। স্ত্রী, বহুদূরস্থা।

বহুদৃষ্ট (বো) [বহু—দৃষ্ট] বিণ, যে অনেক দেখিয়াছে ; বহুদর্শী। স্ত্রী, বহুদৃষ্টা। বি, বহুদর্শন।

বহুদেশদর্শী (বোহুদেশ্‌দোর্শি) [বহু—দেশ-দর্শিন্ শব্দ] বিণ, যে অনেক দেশ ভ্রমণ করিয়া তথাকার রীতি নীতি জ্ঞান ধর্ম্মাদি সম্বন্ধে অভিজ্ঞ হইয়াছে। বি, বহুদেশ-দর্শিতা। স্ত্রী, বহুদেশদর্শিনী।

বহুদোষ (বোহুদোষ্) [বহু (অনেক) দোষ (ত্রুটি)] বি, অনেক ত্রুটি ; বহুভ্রম। ২। বিণ, যাহার অনেক দোষ আছে।

বহুধন (বোহুধন্) [বহু—ধন আছে যাহার, বহু] বিণ, প্রভূত ধনশালী ; মহাধনী।

বহুধা (বো) [বহু (অনেক)+ধা (প্রকারার্থে)] অ, অনেক প্রকার। ২। বহু বার। ৩। বিণ, বহু বিষয়ব্যাপী।

বহুধার (বোহুধার্) [বহু ধার (ধারা) আছে যাহার, বহু] বিণ, বহুধারাবিশিষ্ট। ২। বহু-মুখ।

বহুনাদ (বোহুনাদ্) [বহু (অনেক) নাদ (ধ্বনি) যাহার] বি, পুং, শঙ্খ ; শাঁক। ২। বিণ, বহুশব্দবিশিষ্ট।

বহুপত্নীক (বোহুপোৎনীক্) [বহু—পত্নীক] বিণ, যে ব্যক্তির অনেক পত্নী আছে ; যে বহু বিবাহ করিয়াছে।

বহুপত্র (বোহুপৎত্র) [বহু (অনেক) পত্র (পাতা প্রভৃতি) যাহার, বহু] বি, পুং, পলাণ্ডু। ২। বিণ, অনেক পত্রযুক্ত, বহুপত্রবিশিষ্ট। স্ত্রী, বহুপত্রা।

বহুপত্রী (বোহুপোৎত্রি) [বহু—পত্রিন্ শব্দ, ১মা, ১ব] বিণ, বহুপত্রযুক্ত। ২। বি, আলুই।

বহুপর্ণ (বোহুপর্ণ) [বহু—পর্ণ (পত্র) যাহার, বহু] বিণ, বহুপত্রযুক্ত। ২। বি, বহুপত্রী দ্রঃ।

বহুপর্ণিকা (বোহুপোর্ণিকা) [বহু—পর্ণিকা (পত্রিকা)] বিণ, বহুপর্ণী দ্রঃ।

বহুপর্ণী (বোহুপোর্ণি) [বহু (অনেক) পর্ণ (পত্র) যাহার, বহু, স্ত্রী—ঈপ্] বি, স্ত্রী, যাহার এক একটী বৃন্তে বহু (সাতটী) পত্র থাকে ; সপ্তচ্ছদ বৃক্ষ ; ছাতিম গাছ। ২। আখুপর্ণী।

বহুপুত্র (বোহুপুৎত্র) [বহু (অনেক) পুত্র যাহার—বহু] বিণ, যে পিতার বহু পুত্রবান্ ; অনেক পুত্র। স্ত্রী, বহুপুত্রী—বহু সন্তান-বতী।

বহুপুষ্প (বো) [বহু (অনেক) পুষ্প হয় যাহার, বহু] বিণ, যে বৃক্ষের অনেক পুষ্প হয়। ২। বি, নিম গাছ। স্ত্রী, বহুপুষ্পা।

বহুপুষ্পিকা (বো) বি, স্ত্রী, ধাতকী পুষ্পের বৃক্ষ ; ধাইফুলের গাছ।

বহুপ্রজ, প্রজঃ (বো, প্রো) বহু (অনেক) প্রজা (সন্তান) যাহার, বহু ; বহু-সমাসে প্রজা=প্রজস্, স্=ঃ] বিণ, বহু সন্তান-বিশিষ্ট। ২। শূকর।

বহুপ্রদ (বোহুপ্‌প্রোদ) [বহু (অনেক) প্র—দা (দান করা)+অ (ড, কর্ত্তৃ] বিণ, যে অনেক দান করে ; অতিশয় দাতা ; বদান্য। স্ত্রী, বহুপ্রদা।

বহুপ্রবাহ (বোহুপ্‌প্রোবাহ) [বহু—প্রবাহ আছে যাহার] বিণ, যাহার প্রবাহ বহুদিকে বিস্তৃত হইয়াছে ; বহুধার।

বহুপ্রসবিনী (বোহুপ্‌প্রোশোবিনি) [বহু—প্র—সূ—ণিন্ (কর্ত্তৃ)+ঈপ্ (স্ত্রী)] বিণ, যে অনেক সন্তান প্রসব করিয়াছে ; বহু সন্তানবতী।

বহুপ্রসূ (বোহুপ্‌প্রোশু) [বহু (অনেক)—প্র—সূ (প্রসব করা)+ক্বিপ্) কর্ত্তৃ)=প্রসূ (যে অনেক প্রসব করে)] বি, স্ত্রী, যে স্ত্রী, অনেক সন্তান প্রসব করিয়াছে। ২। বিণ, বহুপ্রসবিনী।

বহুফল (বোহুফল) [বহু (অনেক) ফল যাহার, বহু] বি, পুং, বৈচী ; বিকঙ্কত বৃক্ষ। ২। কদম্ব বৃক্ষ। ৩। বিণ, বহুফলবিশিষ্ট। স্ত্রী, বহুফলা।

বহুফলা (বো) [বহু—ফল—আ (বিশিষ্টার্থে) বিণ, বহুফলবিশিষ্টা। ২। বি, স্ত্রী, আমলকী বৃক্ষ solenium indicum ; emblic myrobalan

বহুফলী (বোহুফোলি) [বহুফলিন্ শব্দ] বিণ, বহুফলবিশিষ্ট। ২। বি, আমলকী বৃক্ষ ; ফলা।

বহুবল (বোহুবল্) [বহু (অনেক) বল (শক্তি) যাহার, বহু] বিণ, মহাবলী ; অতিশয় বলবান্ বহু শক্তিশালী। ২। বি, সিংহ।

বহুভাগ্য (বোহুভাগ্গ) [বহু—ভাগ্য (সৌভাগ্য) যাহার, বহু] বিণ, অতিশয় সৌভাগ্যশালী ; সৌভাগ্যবান্।

বহুভাষী (বোহুভাষি) [বহু (অনেক) ভাষ্ (বলা) + ইন্ (গিন্) কর্ত্তৃ—বহুভাষিন্ ১মা, ১ব, বহুভাষী] বিণ, যে অনেক কথা বলে ; বাচাল। ২। অনেক ভাষাবিদ্ ; বহুভাষাভিজ্ঞ। বি, বহুভাষিতা। স্ত্রী, বহুভাষিণী।

বহুমঞ্জরী (বোহুমোন্জোরি) [বহু (অনেক) মঞ্জরী (মুকুল) হয় যাহার, বহু] বিণ, যে গাছের অনেক মুকুল হয়। ২। বি, স্ত্রী, তুলসী।

বহুমত (বোহুমত্) [বহু (অনেক) মন্ (বোধ করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সমাদৃত। ২। বহুজ্ঞানশালী।

বহুমল (বোহুমল্) [বহু (অনেক) মল (ময়লা যাহার, বহু] বিণ, অনেক মলযুক্ত। ২। বি, সীসক।

বহুমান (বোহুমান্) [বহু (অনেক) মান (সম্মান) যাহার—বহু] বিণ, যাহার প্রচুর সম্মান আছে ; সম্মানিত ; বহুমানার্হ ; বহুমানাস্পদ। ২। বি, সমাদর ; সম্মান।

বহুমার্গ (বোহু) [বহু (অনেক)—মার্গ (পথ) হইয়াছে যাহার, বহু] বিণ, অনেক পথবিশিষ্ট। ২। [বহু (বহুবিধ) মার্গ (পথ) —কর্ম্মধা] বি, পুং, নানা পন্থা। ৩। অঙ্গন ; চত্বর ; উঠান। বিণ, বহুমার্গী—নানা পথাবলম্বী।

বহুমূত্র (বহুমূৎত্র) বি, যে রোগে পুনঃ পুনঃ অথবা বহুবার মূত্রত্যাগ হয় এবং তৎসঙ্গে জীবনী শক্তির হ্রাস হইতে থাকে ; মেহ রোগবিশেষ। বহুমূত্র দুই প্রকার। মূত্রের সহিত চিনি থাকিলে তাহা মধুমেহ, না থাকিলে মূত্রমেহ ; diabetes.

বহুমূর্ত্তি (বো) [বহু—মূর্ত্তি (স্বরূপ) যাহার, বহু] বিণ, বহুরূপ ; অনেক মূর্ত্তি বা রূপবিশিষ্টা ২। বি, শিব। ৩। বিষ্ণু।

বহুমূর্দ্ধা (বো) [বহু (অনেক) মূর্দ্ধা (মস্তক) যাহার—বহু] বিণ, বহু মস্তকযুক্ত ; বহুশিরস্ক। ২। বি, পুং, বিষ্ণু।

বহুমূল, বহুমূলক (বহুমূল, ক্) [বহু (অনেক) মূল যাহার—বহু + ক (স্বার্থে)] বিণ, অনেকমূলবিশিষ্ট। ২। বি, পুং, এক প্রকার ঘাস। (২) বটবৃক্ষ। (৩) নাগবিশেষ। স্ত্রী, বহুমূলা—শতাবরী ; শতমূলী।

বহুমূল্য (বোহুমূল্ল) [বহু (অনেক) মূল্য (দাম) যাহার—বহু] বিণ, মহার্ঘ ; আক্রা ; দামী। ২। যাহা অত্যন্ত মূল্যবান ও সার্থক ; valuable. প্র—বহুমূল্য জীবন।

বহুয়ার, বহুয়ারি (বোহুআর্) [সং—বহুবার] বি, বহুবার বৃক্ষ ; লাসোড়া গাছ ; cordia myxa. ২। [বহুরি দ্রঃ] বধূটী।

বহুরত্ন (বোহুরৎন) [বহু (অনেক) রত্ন আছে যাহার—বহু] বিণ, বহুরত্নশালী ; অতিশয় ধনবান্। স্ত্রী, বহুরত্না।

বহুরন্ধ্র (বো) [বহু (অনেক) রন্ধ্র (ছিদ্র) আছে যাহার—বহু] বিণ, অনেক ছিদ্রযুক্ত ; ঝাঁঝরা।

বহুরাশিক (বোহুরাশিক্) [গণিতিক পরিঃ] বি, পাটীগণিতের দুইটি বা ততোধিক ত্রৈরাশিক ঘটিত অঙ্ক ; double rule of three.

বহুরি, রী (বো) [সং—বধূটী হইতে বহুড়ী ; —বহুরী—বহুরি। প্রা-বাং] বি, স্ত্রী, বধূটী ; বালিকাবধূ। প্র—"কুলের বহুরি আমি কুলের নন্দিনী। আপনার ভাল মন্দ আপনি সে জানি" —কবিকঙ্কণ। "যোগেশ্বর ফেরি বহুরিক পাণি ধরি কুশল করব বনদেব।"—বিদ্যাপতি। "বহুরী বেরি বেরি কাহে পাড়ি"—ঐ।

বহুরূপ (বোহুরূপ্) [বহু (অনেক) রূপ (মূর্ত্তি) যাহার—বহু] বিণ, যে নানারূপ ধারণ করে ; বহু বেশধারী। প্র—"আগে হইতে বহুরূপ জানে যুবরাজ। নাটুয়ার মত সঙ্গে আছে কত সাজ॥"—ভারতচন্দ্র। ২। [বহু (বহুপ্রকার) রূপ—কর্ম্মধা] বি, পুং, নানাবিধ স্বরূপ। ৩। শিব। ৪। বিষ্ণু। ৫। কৃকলাস।

বহুরূপী (বো) [বহুরূপিন্ শব্দ] বিণ, বহুরূপ দ্রঃ।

বহুরেখ, বহুরেখা (বোহু) [বহু রেখ, রেখা আছে যাহার—বহু] বিণ, অনেক রেখাবিশিষ্ট।

বহুরোমা [বহু (অনেক) রোমন্ (লোম) আছে যাহার—বহু = বহুরোমন্ ১মা, ১ব = বহুরোমা] বিণ, বহু লোমযুক্ত। ২। বি, মেষ ; ভেড়া।

বহুল (বো, ল্) [বন্হ্ (বৃদ্ধি পাওয়া) + উল (কুল) কর্ত্তৃ, ন—লোপ] বিণ, অনেক ; অধিক। ২। [বহু—লা (দান করা) + অ (ড—কর্ত্তৃ)] বিণ, যে বহু দান করে ; বহুদ [বিরল]। ৩। কৃষ্ণপক্ষ। স্ত্রী, বহুলা—গাভী। ২। তামসী রাত্রি।

বহুলচ্ছদ (বো) [বহুল—চ্ছদ (পত্র)] বিণ, বহু পত্রবিশিষ্ট ; অনেক পর্ণ।

বহুলতা (বো) [বহুল + তা (ভাবে)] বি, বাহুল্য

বহুলা (বো) [বহুল (দ্রঃ) + আপ্ (স্ত্রী)] বি, স্ত্রী, কৃষ্ণপক্ষ। ২। কৃত্তিকা নক্ষত্র। ৩। নদীবিশেষ। ৪। তমসাচ্ছন্ন রজনী।

বহুলাশ্ব (বোহুলাশ্শ) [বহুল (অনেক) হইয়াছে অশ্ব (ঘোটক) যাহার—বহু] বিণ, অনেকাশ্ববিশিষ্ট। ২। বি, জনকবংশীয় রাজা-বিশেষ।

বহুলীকরণ (বো, ন্) [বহুল—ঈ (অভূত তদ্ভাবার্থে চ্বি) = বহুলী—করণ] বি, যাহা বহু ছিল না তাহাকে অনেক সংখ্যক করণ ; গুণন। ২। পাটায় আছড়াইয়া ধান্য মঞ্জরী হইতে ধান্যাদি রাশীকরণ।

বহুলীকৃত (বো) [বহুল (অনেক) কৃত + চ্বি—ঈ—আগম] বিণ, বিস্তারিত। ২। পাটায় আছড়াইয়া ধান্যমঞ্জরী হইতে ধান্যাদি রাশীকরণ।

বহুবচন (বোহুবচন্) [বহু (অনেকের) বচন (কথন) হয় যাহা হইতে—বহু ; যে বহুত্বরূপ অর্থ প্রকাশ করিয়া বলে] বি, ক্লী, ব্যাকরণে যাহা দ্বারা বস্তুর অনেকত্ব বুঝায় ; দুইয়ের অধিক সংখ্যাবাচকতা ; plural number.

বহুবার (বো, বার্) [সং] বি, বহুয়ার দ্রঃ ; লাসোড়া নামক ফলবৃক্ষবিশেষ ; cordia myxa.

বহুবিৎ (বো) [বহু—বিদ্—বিৎ] বিণ, যে অনেক বিষয় জানে ; বহুজ্ঞ।

বহুবিধ (বো) [বহু (অনেক) বিধা (প্রকার) যাহার—বহু] বিণ, নানাপ্রকার ; বিবিধ।

বহুবিবাহ (বো) বি, একাধিক পরিণয়। ৩। [সাধাঃ পুরুষপক্ষে] বহু পত্নীকরণ।

বহুবিবাহকারী (বো) [বহু—বিবাহকারিন ১মা, ১ব] বিণ, যে ব্যক্তি অনেক বালিকার পাণিগ্রহণ করে ; বহুপত্নীক।

বহুবিস্তীর্ণ (বো) বিণ, বহুদূর পর্য্যন্ত প্রসারিত ; সুবিস্তৃত। ২। বিশাল।

বহুবীজ (বোহুবিজ্) [বহু (অনেক) বীজ (আঁটি) যে ফলের—বহু] বি, ক্লী, আতা ফল। ২। ধুতুরা ফল। ৩। দাড়িম্ব। ৬। বিণ, অনেক বীজযুক্ত।

বহুবেত্তা (বো) [বহু—বেত্তা] বিণ, যে বহু বিষয় বিদিত আছে ; বহুজ্ঞ।

বহুব্রীহি (বোহুব্রিহি) [বহু (অনেক) ব্রীহি (শস্য) যাহার—বহু] বিণ, বহু শস্যবিশিষ্ট। ২। [ব্যাকরণে] বি, পুং, সমাসবিশেষ ; যে সমাসে দুই বা বহু পদ দ্বারা সমাস হইয়া সমাস ঘটিত পদকে না বুঝাইয়া অন্য কোন বুঝায়।

বহুশঃ (বো) [বহু+শস্ (বারার্থে)=বহুশস্, স্= ঃ] বিণ, বহুবার।

বহুশত্রু (বোহুশোৎত্রু) [বহু শত্রু যাহার—বহু] বিণ, যাহার অনেক শত্রু আছে ; অনেক রিপুবিশিষ্ট।

বহুশাখ (বোহুশাখ্) [বহু—শাখ (শাখা বিশিষ্ট)] বি, যাহার অনেক শাখা আছে ; বহুশাখাবিশিষ্ট। ২। বি, বহুশাখাযুক্তবৃক্ষ।

বহুশাস্ত্রজ্ঞ (বোহুশাস্ত্রোগ্‌গোঁ) [বহু—শাস্ত্র—জ্ঞ] বিণ, যে অনেক শাস্ত্র জানে।

বহুশিখ (বোহুশিখ্) [বহু—শিখ (শিখা আছে যাহার—বহু)] বিণ, বহু শিখাযুক্ত ; অনেক চূড়াবিশিষ্ট।

বহুশিখা (বো) [বহু—শিখা আছে যাহার—বহু] বিণ, অনেক শিখাযুক্ত। ২। বি, অগ্নি।

বহুশ্রুত (বোহুস্রুত) [বহু (বহু বার) শ্রুত (বেদাদি শ্রবণ) হইয়াছে যৎ কর্তৃক—বহু] বিণ, অনেক শ্রুতিশাস্ত্রবেত্তা। ২। সুপণ্ডিত ; সুশিক্ষিত।

বহুশ্রেয়ান্ (বোহুস্রেযান্) [বহু—শ্রেয়ান্ (শ্রেয়স্)] বিণ, অনেক গুণশালী ; বহু ধর্মাত্মক। ২। সুপ্রশস্ত। ৩। বহুগুণে শ্রেষ্ঠ। স্ত্রী, বহুশ্রেয়সী।

বহুসন্ততি (বোহুশন্ততি) [বহু (অনেক) সন্ততি (সন্তান) যাহার—বহু] বিণ, যাহার অনেক পুত্রকন্যা আছে। ২। বি, পুং, বেউড় বাঁশ।

বহুসার (বোহুশার্) [বহু (অনেক) হইয়াছে সার (সারভাগ) স্থিরাংশ যাহার—বহু] বি, পুং, খদিরবৃক্ষ। ২। বিণ, যাহাতে অনেক সারাংশ আছে।

বহুস্ত্রীক (বোহুস্ত্রীক্) [বহু—স্ত্রী—যাহার —বহু, সমাসান্তে ক আগম] বিণ, যাহার অনেক পত্নী আছে ; বহুপত্নীক।

বহুস্রবা (বোহুস্রোবা) [বহু (অনেক) স্রব (ক্ষীরক্ষরণ) হয় যাহার, বহু] বি, স্ত্রী, শল্লকীবৃক্ষ ; শলই ; কুন্দুরুকী।

বহুস্বন (বোহুশ্‌শন্) [বহু (অনেক) স্বন (শব্দ) যাহার, বহু] বিণ, অনেক শব্দযুক্ত ; নিনাদিত।

বহুস্বামিক (বোহুশ্‌শামিক্) [বহু (অনেক) হইয়াছে স্বামী (অধিকারী) যাহার—বহু] বিণ, অনেকের স্বামিত্ব বা অধিকারবিশিষ্ট ; যে ভূমিতে অনেক ভূস্বামীর অধিকার থাকে।

বহূ (বো) [সং—বধূ] বি, বহু (ব্রঃ) ; বধূ ; বউ।

বহূদক (বোহুদক্) [বহু+উদক (জল)] বিণ, প্রচুর জলবিশিষ্ট।

বহেড়া [সং—বিভীতকী] বি, বয়রা ; belerica myrobalan.

বহ্নি (বোন্‌হি) [বৈদিক শব্দ ... বহ্ (বহন করা)+নি ... দেবতাদের হবি বহন করেন] বি, পুং ... ৩। চিত্রক ... ৪। চিত্রক ...

বহ্নিকাষ্ঠ (বোন্‌হি) [বহ্নি (প্রজ্বালনার্থ) কাষ্ঠ, ৪তৎ] বি, স্ত্রী, জ্বালানিকাষ্ঠ। ২। অগ্ন্যুৎপাদক কাষ্ঠ ; গণিকারিকা বৃক্ষের কাষ্ঠ।

বহ্নিগর্ভ (বোন্‌হি) [বহ্নি (অগ্নি) গর্ভে (অভ্যন্তরে) যাহার—বহু] বি, পুং, যাহার পরস্পর ঘষণে বহ্নি বাহির হয় ; বংশ ; বাঁশ। ২। সমুদ্র। স্ত্রী, বহ্নিগর্ভা—শমীবৃক্ষ। শাঁই গাছ।

বহ্নিজ্বালা (বোন্‌হিজ্‌জালা) [বহ্নি (আগুন) জ্বালা (শিখা)—৬তৎ] বি, স্ত্রী, অগ্নিশিখা। ২। [বহ্নির জ্বালার (ন্যায়) জ্বালা যাহার—বহু] বি, স্ত্রী, ধাতকী বৃক্ষ।

বহ্নিবিবিক্ষু (বোন্‌হি বিবিক্‌খু) বিণ, অগ্নির মধ্যে প্রবেশ করিতে ইচ্ছুক ; অগ্নি প্রবেশাভিলাষী। প্র—"বহ্নি বিবিক্ষু পতঙ্গের ন্যায় তাহাতে ঝম্প প্রদান করিতেছে।"—বাঙ্গালী ১৩২২।

বহ্নিবীজ (বোন্‌হিবীজ্) [বহ্নি (অগ্নি) বীজ (মন্ত্র)—৬তৎ] বি, স্ত্রী, বহ্নির বীজমন্ত্র।

বহ্নিমন্থ (বোন্‌হি) [বহ্নি (অগ্নি) মন্থ (মন্থন করা)—উপপদ] বিণ, যে অগ্নিকে মন্থন করে ; মন্থ দ্বারা অগ্নি উৎপাদক। ২। বি, গণিকারিকা বৃক্ষ। ইহার কাষ্ঠ মন্থন করিলে অগ্নি উৎপন্ন হয় বলিয়া এই নাম।

বহ্নিমুখ (বোন্‌হিমুখ্) [বহ্নি হইয়াছে মুখ যাহাদের—বহু] বি, পুং, দেবতা ; ইহারা বহ্নি রূপ মুখ দ্বারাই হব্য গ্রহণ করেন।

বহ্নিরেতাঃ (বোন্‌হি) [বহ্নিরেতস্ বহ্নিতে (নিক্ষিপ্ত) রেতস্ (শুক্র) যাহার—মধ্যপদলোপি, বহু] বি, পুং, শিব।

বহ্নিশিখ (বোন্‌হিশিখ্) [বহ্নির শিখার ন্যায় শিখা যাহার—বহু] বি, স্ত্রী, কুসুম্ভপুষ্প ; কুঙ্কুম। ২। বিণ, অগ্নিশিখাযুক্ত।

বহ্নিসখ (বোন্‌হিশখ) [বহ্নি (অগ্নি) সখা (মিত্র)—৬তৎ] বি, পুং, বায়ু। [দ্রঃ—অগ্নির এক নাম বায়ুসখ]।

বহ্বপত্য (বব্‌ভপোৎত) [বহু+অপত্য] বিণ, যাহার অনেক সন্তান ; বহুপুত্রবান্।

বহ্বর্থ (বব্‌ভর্থ) [বহু+অর্থ] বিণ, অনেক অর্থযুক্ত ; ...

বহ্বারম্ভ (বব্‌ভারম্ভ) [বহু+আরম্ভ] বি, মহা আড়ম্বর ; যাহার আরম্ভে বাহুল্য আছে।

বাওয়ান (বো) [বাওয়া (দ্রঃ)+আন (ক্রিয়া-বিভক্তি) ণিজন্তরূপ] ক্রি, বাজান। ... ভাসান। প্র—"একে একে বায়ু ... দিল"—মনসামঙ্গল ৩। ধৃতরাষ্ট্রের পুত্রের ... ৪।

বহ্বৃক্ (বোব্‌ভৃক্) [বহু ঋক্ ... যাহাতে, বহু] বিণ, বহু মন্ত্রযুক্ত ; মুখরিত।

বহ্বৃচ (বোব্‌ভৃচ) [বহু (অনেক) ঋচ্ (বেদ মন্ত্র)+অ (অধীতার্থে)] বি, পুং, বহু বেদশাখার পারদর্শী ; বহু বেদজ্ঞ। স্ত্রী, বহ্বৃচী—ঋগ্বেদবেত্তার পত্নী।

বহ্য (বোজ্‌ঝ) [বহ্ (বহন করা)+য (করণে) যাহা দ্বারা বহন করে] বি, স্ত্রী, শকট ; যান ; বাহন ; গাড়ি। ২। বিণ, বহনযোগ্য ; বহনীয়।

বা [বা (গমন করা)+(ক্বিপ্)—সং] অ, সন্দেহ ; বিতর্ক। ২। নিশ্চয়। ৩। সমুচ্চয়। ৪। উপমা। ৫। নানার্থ। ৬। পাদ পূরণার্থ শব্দ। ৭। সম্ভাবনা। প্র—তাহাই বা ঘটে। ৮। কিম্বা ; অথবা ; না হয় ; পরিবর্ত্ত।

বা [বা (গন্ধ লইয়া যাওয়া)+ক্বিপ্ (কর্ত্তৃ সংজ্ঞার্থে) যে পুষ্পের গন্ধ লইয়া যায়। গ্রা ব্যবহারে ও পদ্যে] বি, বাত ; বায়ু ; বাতাস। প্র—"আলসহি পূরল সকলহি গা। বসন সেই ঘন ঘন কর বা॥"—বিদ্যাপতি। "কেহ কেহ চামরে করিছে মন্দ বা।"—ঘনরাম। "করে বসনের বা"—চণ্ডীদাস। ২। [বাতাস হইতে] স্পর্শ। প্র—"পাইয়া সন্ধান হব সাবধান, না লব তাহার বা।"—চণ্ডীদাস।

বা [ফা] অ, সহিত। আদালতের কাগজ পত্র ব্যতীত বাংলায় প্র, অ।

বাঅ [সং বাত। বায়ুদ্রঃ] বি, বাতাস। প্র—"চারিদিকে পড় এ লইত চামরর বাঅ"—শূন্য পুরাণ।

বাঅান [বঙ্গন হইতে, হি বাইগেন্] বি, বেগুন। প্র—"বিস্তর দুঃখত পরভু জনমাইল ধান। ভীমক চাই বাঅন পটল তাঁউলর আন॥"—শূন্যপুরাণ। ২। [বামন হইতে বাং—প্রাকৃ] বিণ, বামন ; বেঁটে।

বাআ [বাহা দ্রঃ। উপ ... প্র-পু— ... বাহা ; ... পথ ... বাজন ...)—বাজনা—বাআ। উ-পু—বাই। ম-পু—বাও। প্র-পু—বাঅ, বায়। অস-ক্রি—বাইতে ; বাইয়া ; বেয়ে] ক্রি, বাদন করা ; বাজান। প্র—"বুলি বেড়াঞা নাম লইয়া ফিরিয়া বংশী বাইয়া"—কবিশেখর।

বাই [বায়ু শব্দজ] বি. বায়ুরোগ ; উন্মাদ। প্র—তাহার বাই জন্মিয়াছে। ২। বাতিক প্রবল ঝোঁক ; উৎকট সখ। প্র—তাহা তাস খেলার বাই আছে। "প্রতিদিন আসি বিনুপে যাই। নিবৃত্তি না হয় এ আশ বাই।"—বাং-গান।

বাই, বাঈ [সং—গৃহপত্নী শব্দজ—জৈন প্রাকৃত—"গাহা বইনী"। তুর্কী—বাজী (বড় ভগ্নী)] বি, স্ত্রী, মহিলা ; সম্ভ্রান্ত স্ত্রী ; বিবি lady. রাজপুতানা, মহারাষ্ট্র, গুর্জ্জর প্রভৃতি দেশে এতদর্থে ব্যবহৃত হয়। প্র—'অহল্যা বাই,' 'রমাবাই'। ২। নর্ত্তকী ; নৃত্যগীত-ব্যবসায়ী রমণী। [পূর্ব্বে সম্ভ্রান্ত মহিলার নৃত্যগীতাদিতে সুশিক্ষিতা হইতেন ক্রমে ইহা নর্ত্তকীদিগের ব্যবসায়ে পরিণত হয় এবং বাই গৃহপত্নীকে (গাহা বইনি) না বুঝাইয়া নর্ত্তকী বুঝাইতে থাকে]।

বাই [সং—বা (গমন করা) + ই (কর্ত্তৃ সৌন্দর্য্যার্থে)—যাহার গতি বা পদক্ষেপ সুন্দর অর্থাৎ নর্ত্তকী] [বাহু শব্দজ। 'বাউ' দ্রঃ] ৩। চুড়ি, শাঁখা প্রভৃতি হস্তালঙ্কারের গুচ্ছ বা গাছ ; এক হস্তের চুড়ির মেল, চুড়ির সার্ট। প্র—বাই মিলাইয়া চুড়ি পরা। "দয়িতে দেখিলু দার্ঢ্য দিব দুই বাই"—শিবায়ন।

বাই [সং বাহু হইতে] বি. তাল, নারিকেল, খর্জ্জুরাদি বৃক্ষের সবৃন্ত পত্র ; বাইল। **বাই-মারা**—বুকের ও পায়ের জোরে তাল নারিকেলাদি গাছে চড়া।

বাইওয়ালী [বাই (বাইনাচ অর্থাৎ বাইজীর নাচ) ওয়ালী (হি—বালা শব্দের স্ত্রীলিঙ্গে বালী —কারিণী এই অর্থে)। তুল—হি—নাচনে বালী] বি. স্ত্রী. নৃত্যকারিণী ; নর্ত্তকী।

বাইক (ক্) [ইং—bike] বি. বাইসিকল দ্রঃ।

বাইচ, বাচ (চ্) [সং—প্রতিযোগিতা হইতে পাইজ—পরে বাইচ] প্রতিযোগিতা। ২। নির্ব্বাচন। **বাইচখেলা**—নৌকা বাহিয়া আগে যাওয়ার প্রতিযোগিতা বা হার জিতের খেলা।

বাইচ, বাচা—বি. বাচা মাছ।

বাইজী [বাই (দ্রঃ) জী (মান্যা অর্থে, মহাশয়া)] বি. স্ত্রী. ভদ্র মহিলার সম্মানসূচক সম্বোধন। ২। [বাই (নর্ত্তকী) জী (সম্মানার্থে)] বি. উচ্চশ্রেণীর নর্ত্তকী।

বাইড়া [প্রাদে—গ্রা—ষাঁড় হইতে আঁড়িয়া তাগ হইতে অথবা সং—বলীবর্দ্দ—হইতে গ্রা—হিতে—বার্দ্দো তাহার বিকারে] বি. ষাঁড় ; এঁড়ে। প্র—"বাইড়া মইলে গোবাইল খালি।"—সা-প-প।

বাইতি [সং—বাদিত্রী হইতে] বি. স্ত্রী. বাদ্য যন্ত্র নির্ম্মাণকারী জাতিবিশেষ। প্র—"বাইতি নিবসে পুরে, নানাজাতি বাদ্য করে, পুরে ভ্রমে মঞ্জরী বিকিনী॥"—কবিকঙ্কণ।

বাইন (ন্) [বায়না দ্রঃ। মধ্য-বাং। প্রা বাং-য়—ছিল, বান্ (হি)] বি. অভ্যাস ২। বায়না ; আবদার। প্র—"মতিলাল্যাবস্থা অবধি আদর পাইয়া সর্ব্বদাই বাইন করিত"—টেকচাঁদ।

বাইন (ন্) [সং—বর্মি হইতে ব ই ম, বাম পরে বাইন] বি. পাঁকাল জাতীয় কিন্তু পাঁকাল অপেক্ষা বৃহৎ পঙ্কচর সর্পাকৃতি মৎস্য ; বান্ বা বাম মাছ।

বাইন (ন্) [বাদন হইতে বাযন পরে বাইন বি. বাদনকারী ; বায়েন ; ঢোল খোলাদি-বাদক।

বাইন, বান (ন্) [সং—বন্যা হইতে] বি. বন্যা ; জলপ্লাবন। **বাইন-চাল**—বান দ্রঃ।

বাইন (ন্) বি. বয়েন ; মৃৎপাত্রবিশেষ।

বাইনাচ (চ্) [বাই, বাঈ দ্রঃ] বি. বাইজীর নাচ ; নৃত্যকলাকুশলা পেশাদার নর্ত্তকীর ভাবভঙ্গীসহ নৃত্য।

বাইবেল (ল্) [ইং—bible] বি. খৃষ্ট-ধর্ম্ম প্রতিপাদক গ্রন্থ ; ধর্ম্মপুস্তক। প্র—"আমি দেখি ঈশ্বরের নিজ হস্তে লিখা। জীবন্ত ও বাইবেল খৃষ্টান বালিকা॥"—গোবিন্দদাস (ফুলরেণু)।

বাইর (র্) [সংক্ষেপে—"বার"] বি. বাহির ; বহির্দ্দেশ। ২। বিণ. বহির্দ্দেশস্থ।

বাইল (ল্) [সং—পালি (অসিপত্র, তৎ-সদৃশার্থে) হইতে পাইল—বাইল] বি. তাল নারিকেলাদির সবৃন্তপত্র। ২। কপাটের একদিকের বাহু ; বাইল।

বাইশ (শ্) [সং—দ্বাবিংশ] বিণ. দুই অধিক বিংশতি সংখ্যক। ২। বি. দুই অধিক বিশ সংখ্যা ; ২২।

বাইশ, বাইস (শ্) [সং—বাশী হইতে] বি. ছুতরের অস্ত্রবিশেষ, বাস। ২। [ইং—vice] পাক-সাঁড়াসী।

বাইশকোপ (শ্, প্) [ইং—bioscope] বি. জীবন্তবৎ চিত্রাভিনয়।

বাইশা [প্রাদে—পূ-বং। প-বং—বাইশে। বাইশ + ইয়া] বিণ. বাইশ সংখ্যার পূরক ; মাসের প্রথম ২১ দিনের পরবর্ত্তী দিবস।

বাইশী [বাইশ + ঈ। প্রাদে—মালদহ অঞ্চলে] বি. বাইশ জন সভ্যের সভা বা মজলীস। গ্রামের নির্দ্দিষ্ট জাতীর নির্দ্দিষ্ট অপরাধীর জন্য সর্ব্ববাদি সম্মত বিচারালয়। "বাইশীতে কয়েকজন বিভিন্ন গ্রামের মোড়ল এবং প্রতি গ্রামের প্রধান প্রধান ব্যক্তিগণ মিলিত হইয়া বিচার কার্য্য সমাধা করিয়া থাকেন।" প্র—"বাইশী মজলিস নাকি বাইশ পল্লীর বাইশজন মোড়লের উপস্থিতি আবশ্যক।"—গৃহস্থ, ১৩২০। [দ্রঃ—এইরূপ ছত্রিশজন লইয়া যে বিচার সভা তাহার নাম ছত্রীশী মজলিস। পঞ্চায়েৎ ক্ষুদ্র, বাইশী মধ্যম এবং ছত্রিশী বৃহৎ বিচার বৈঠক]।

বাইস (শ্) [বাইশ দ্রঃ] বি. বাসযন্ত্র। ২। পাক-সাঁড়াসী।

বাইসমান, বাইসম্যান—যে বাইস (vice) যন্ত্রে কাজ করে।

বাইসিকল, বাইসিকেল (ল্) [ইং—bicycle সংক্ষেপে—বাইক] বি. দুই চাকার গাড়ী ; দ্বিচক্র যান।

বাউ [বাহু শব্দজ। প্রা] বি. বাহু। ২। বাহুর অলঙ্কার ; বাউটী। প্র—"পুঁইচে কি এত ভারিরে প্রাণ পুঁইচে কি এত ভারি, মনের মত হলি পরে বাউ পরাতি পারি।"—নীল-দর্পণ। ৩। [বায়ু শব্দজ। প্রা বাং] বি. বায়ু। প্র—"মন্দ মন্দ সুগন্ধি শীতল বাউ বহে।"—গীতগোবিন্দ (গিরি)। ৪। [প্রাদে—নোয়াখালি অঞ্চল] বাবা ; বাপ। **বাউ-বেগ**—বায়ুর বেগ। প্র—"আরোহিআ বাউ-বেগ রথ॥"—মহা (শ্রীকর)।

বাউটা, বাওটা [সং—বাতায়ু (মৃগ) হইতে —বাটাউ—পরে বর্ণ বিপর্য্যয়ে বাউটা, বাওটা] বি. বায়ুর ন্যায় বেগগামী হরিণ ; বাতমৃগ ; বাওটা হরিণ। প্র—"ঢোলকান খেঁকি খেঁকশেয়ালি ঘোড়ারু। বারশিঙ্গা বাওটাদি কস্তুরী তুলারু॥"—অন্নদামঙ্গল।

বাউটি, বাউটী [সং—বাহু—টী। প্রা-বাং এবং ওড়ি—বাহুটী হইতে] বি. বাহুভূষণ। ২। বলয়াকৃতি খিলান। প্র—"এমন প্রাচীর দিল হৈল চারিপাট। বাউটি পাথর তায় দিল ঝনকাট॥"—কবিকঙ্কণ।

বাউড়ী, বাউড়ী [বাউটি দ্রঃ] বি. প্রাচীন-কালের বাহুভূষণবিশেষ ; বাউরটি নিম্নদেশে কব্জিতে পরিবার অলঙ্কার।

বাউতি [যুবতি শব্দের অপভ্রংশ] বি. যুবতী। প্র—"ভবানী করিলা ভর কানড়া উপরে। বলবতী বাউতি রায়ের ঘরে করে॥"—ঘনরাম।

বাউনি [সং—বন্ধনী হইতে] বি. পৌষ সংক্রান্তির পূর্ব্বরাত্রে বিচালীর রজ্জু দ্বারা গৃহ-দ্রব্যে বন্ধনী দিবার পর্ব্ব। প্র—"উনুনে ছাউনি করি বাউনি বাঁধিয়া।"—ঈশ্বরগুপ্ত।

বাউনিয়া, বাউনে [সং—বামন হইতে] বিণ, বামন ; খর্ব্ব ; বেঁটে । ২ । বি, বামন ; বেঁটে মানুষ ।

বাউর, বাউরা (র্) [সং—বায়ুঃ শব্দের অপভ্রংশে "বাউঃ" পরে বাউর+আ (অসম্ভ্রমার্থে) হি—বাউরা] বি, বাতুল ; পাগ্‌লা । প্র—"তোহারি বিরহ বেদনে বাউর সুন্দর মাধব মোর"—বিদ্যাপতি । ২ । বৈষ্ণব সম্প্রদায়ের বাউল শাখা । ৩ । বাউল সম্প্রদায়ভুক্ত সাধক ।

বাউরী [হি—বাউরী : বাউর (দ্রঃ) + ঈপ্ (স্ত্রী) বাউলী দ্রঃ] বি, স্ত্রী, বায়ুরোগগ্রস্তা নারী ; পাগলী ; উন্মাদিনী । প্র—"করি আগে বাউরী, নাচায় জগত নারী ।"—চৈতন্যচরিত । "সোনার নাতিনী এমন যে কেনি, হইলা বাউরী পারা ।"—চণ্ডীদাস । "বরজ তরুণী বাউরী"—ঐ । ২ । নিম্নশ্রেণীর হিন্দু জাতিবিশেষ । প্র—"গমনের শুভ বেলা বাউরী যোগায় দোলা তথি বীর কৈল আরোহণ ।"—কবিকঙ্কণ ।

বাউল (ল্) [হি—বাউলা : বাওলা : বাওল বাওলী ; অস—বাউল (পাগল—অসমিয়া রামায়ণ, আদিকাণ্ড) । সং—বাতুল হইতে, মতান্তরে বাউর (দ্রঃ) হইতে : র=ল । "বাউল সম্প্রদায়ভুক্ত কোন কোন প্রবীণ বিশিষ্ট ব্যক্তি বলেন, সম্প্রদায়ের প্রকৃত প্রাচীন নাম "বায়ুর" । এই বায়ুর শব্দ হইতে বাউল শব্দের উৎপত্তি । ভক্ত যখন বায়ুর মত ভগবানে মিশিয়া যাইতে পারে তখনই তিনি প্রকৃত বায়ুর বা বাউল নামে অভিহিত হইবার উপযুক্ত । বায়ু যেমন নিজের অস্তিত্ব হারাইয়া, সকল স্থানে সর্ব্বাবস্থায় যাবতীয় পদার্থের সহিত মিলিয়া মিশিয়া রহিয়াছে, লোকে যখন আপনার অস্তিত্ব ভুলিয়া আত্মহারা হইয়া তেমনই ভাবে ভগবানে বিলীন হইতে পারে, তখনই সে প্রকৃত বাউল পদবাচ্য হইবে ।"—গৃহস্থ, ১৩২০] বি, বৈষ্ণব-ধর্ম্ম-সম্প্রদায়বিশেষ । ২ । গৌরাঙ্গভক্ত । ৩ । বাউল সাম্প্রদায়িক ভিখারী । প্র—"কে চায় শুনিতে বল বাউলের গান ।"—অশোকগুচ্ছ । ৪ । বায়ুগ্রস্ত । প্র—"প্রেম ঢল ঢল যেমন প্র—"প্রেম ঢল ঢল যেমন বাউল, বনের হরিণী পারা ।"—চণ্ডীদাস । ৪ । পাগল : উন্মত্ত : ক্ষিপ্ত । প্র—"বাহু পসারিয়া, বাউল হইয়া তখন সে দিকে ধায় ॥"—জ্ঞানদাস । "কন্যা দেখি দ্বিজ কিবা হইল অজ্ঞান, বাউল হইল কিম্বা করি অনুমান ।"—কাশী, মহা, (বঙ্গবাসী) । ৫ । কৃষ্ণ প্রেমে পাগল ; প্রেমোন্মত্ত । প্র—"দশেন্দ্রিয় শিষ্য করি মহা বাউল নাম ধরি ।" "আমি ত বাউল এক কহিতে আন কহি, কৃষ্ণের তরঙ্গে আমি সদা যাই বহি ।"—চৈতন্যচরিতামৃত । ৬ । ব্যাকুল । প্র—"শুন মাতা ধর্ম্মমতি বাউল হইনু অতি যেখানে সুবুদ্ধি হবে প্রাণী ।"—চণ্ডীদাস ।

বাউল (ল্) [তুল—হি—বাউরা—বাং-গ্রা—বেওরা ; সং—বার্ত্তা হইতে] বি, বার্ত্তা : সংবাদ : সন্দেশ । প্র—"লিখন করিয়া পাঁতি, আনি সব বন্ধু জ্ঞাতি, দেশে দেশে পাঠায় বাউল ।"—কবিকঙ্কণ ।

বাউলী [বাউল+ইয়া=বাউলিয়া অথবা ঈ (সম্বন্ধার্থে) ; ময়মনসিংহে—"বাউলিয়া" অর্থে গৃহশূন্য । বাউল সম্প্রদায়ের লোক সকলেই গৃহত্যাগী, গৃহী কেহই নহেন] বিণ, বাউল সাম্প্রদায়িক । প্র—"গোরক্ষনাথক বিদ্যাবীর সিংহ আজ্ঞা, মল্লিকা নাগঙ্গযোগবাউলী প্রতিজ্ঞা ।"—শূন্যসংহিতা (উৎকলীয় পুঁথি) । ২ । পুং, পাগল : বাতুল । ৩ । স্ত্রী, পাগলী ।

বাউলিনী [বাউল দ্রঃ । প্রা-বাং] বি, স্ত্রী, পাগলী : উন্মাদিনী । প্র—"মুক্ত-কেশে বাউলিনী গমন মাধুরি ॥"—মহাভারত (সরল কবি) ।

বাউলী [প্রাদে—পূ-বঙ্গে] বি, রন্ধনের হাঁড়ী ধরিবার বেড়ী ।

বাএন (ন্) [সং—বাদন হইতে বাএন—বাঅনিআ (বাদ্যকর, বাজিয়ে) = বাঅনে তাহা হইতে বাএন] বিণ, বাজিয়ে ; বাদ্যকর । প্র—"সন্ন্যাসীগতি জাইতি গাএন বাএন দুআরি"—শূন্যপুরাণ ।

বাও [ল্যা—boubon, পর্তু—bubao, ইং—bubo.] বি, উপদংশ ঘটিতে দূষিত গ্রন্থিস্ফীতি রোগ ; বাগী ।

বাও [সং—বাত হইতে ; প্রা-বাং-য়, "বাঅ" (শূন্যপুরাণ)] বি, বাতাস । প্র—"চাপে দুই চরণ চামরে করে বাও"—ঘনরাম । **বাও-বাতাস**—ভূত প্রেত বা উপদেবতার বায়বীয় দেহের স্পর্শ ; উপরি হাওয়া ।

বাওত [ব্রজ । বাও দ্রঃ । হি—বাবৃত=বায়, হাওয়া করে] ক্রি, বাতাস করে । ২ । [হি—বজাবৃত] বাজায় ; বাদ্য করে । প্র—"নাচত গায়ত কোই কোই বাওত বিলসিতে বিগলিত বেশ ।"—জ্ঞানদাস ।

বাওয়া [বহ্ ধাতুজ । উ-পু—বাই । ম-পু—বাও । প্র-পু—বায় । অস-ক্রি—বাইতে : বাইয়া, বেয়ে । ণিজন্ত—বাওয়ান] ক্রি, বাহা ; নৌকা চালান ; জল ঠেলিয়া লইয়া যাওয়া । প্র—"কোন দিকেরে বাইব তরী, অকূল কালো নীরে ?"—রবি । ২ । [বাদন—বাদনা —হি—বজাব্] বাদ্য করা : বাজান । ৩ । [বাত হইতে বাও+আন (ক্রিয়ায়)] বাতাস করা ।

বাওয়াত্তর (বাওয়াৎতোর্)—বাহাত্তর দ্রঃ ।

বাওয়ান (নো) [বাওয়া (দ্রঃ) + আন (ক্রিয়া-বিভক্তি) ণিজন্তরূপ] ক্রি, বাজান । ২ । বাহান : ভাসান । প্র—"একে একে চৌদ্দ ডিঙ্গা বাওয়াইয়া দিল"—"মনসামঙ্গল (বিজয় গুপ্ত) । ৩ । বাতাস করা । ৪ । বাতাস দিয়া শস্যের ধূলা উড়ান । এই অর্থে "বাওলান"ও বলে ।

বাওয়ান্ন—বাহান্ন দ্রঃ ।

বাওয়ালি [প্রাদে] বি, ছোট টেঙ্গরা মাছ । বাওয়ালি টেংরা ।

বাওয়াস (শ্) [প্রাদে] বি, বীজশূন্য শুষ্ক অলাবু । ২ । [আবাস হইতে] আবাস : বাসা । প্র—"বাওয়াস ভাঙ্গিয়া তান পলায়েন রড়ে ॥"—চৈতন্যভাগবত ।

বাওল (ল্) [বাউল দ্রঃ] বি, বাউল । ২ । পাগল ।

বাওলান (নো) [প্রাদে] ক্রি, বাতাস দেওয়া ; বাওয়ান দ্রঃ ।

বাংলা [বাঙ্গালা শব্দের ব্যবহারিক উচ্চারণের অনুরূপ বানান] বি, বাঙ্গালা দেশ । ২ । বাঙ্গালা ভাষা । ৩ । দুই-চালা ঘর : বাংলো ঘর ।

বাংশ [বংশ+অ (ন্ সম্বন্ধে)] বিণ, বংশ সম্বন্ধীয় । ২ । বি, বংশলোচন ।

বাংশিক (ক্) [বংশ+ইক (ন্—কর্তৃ)] বিণ, যে বাঁশী বাজায় : বংশীবাদক ।

বাঃ [ফা—বাঃ (ভাল)] অ, ভাল ; বেশ ; উত্তম । ২ । বারবরদারী (দ্রঃ)র সংক্ষেপে ।

বাঃ [হি] বিস্ময়সূচক অব্যয় । ২ । প্রতিবাদার্থক অব্যয় । প্র—বাঃ তাও কি কখন হয় । ৩ । প্রশংসার্থে । প্র—বাঃ বেশ হয়েছে । ৪ । উপহাসার্থে : শ্লেষার্থে । প্র—বাঃ উত্তম কথাই বলে । "বাঃ ইয়ার"—দীনবন্ধু ।

বাঁ [বাম শব্দজ] বিণ, বাম ; সব্য । প্র—"প্রেমদা বাঁ হাতে টানে, সারদা ধরেছে ডানে"—কস্তুরী । ২ । বাঁদিকে অবস্থিত । **বাঁহাত**—বামহস্ত । **বাঁ দিক**—বামদিক ; দক্ষিণের বিপরীত দিক । এইরূপ বাঁ-চোখ, বাঁ-পাশ, বাঁ-পা ইত্যাদি ।

বাঁইয়া [প্রাদে—মালদহ । বাম—ইয়া] হি—বাঁয়াহাত্তা] বিণ, যে বাম হস্তে কার্য্য করে ; ন্যেটা । ২ । বাঁয়া : বাঁদিকে রাখিয়া তবলার সঙ্গে বাঁ হাতে বাজাইবার আনদ্ধ যন্ত্রবিশেষ ।

বাঁউ—বাঁও দ্রঃ ।

বাঁউড়ি—বাহুড়ী দ্রঃ ।

বাঁও [সং—ব্যাম হইতে] বি, দুই হস্ত উভয় পার্শ্বে প্রসারিত করিলে এক হস্তের মধ্যমাঙ্গুলের অগ্র হইতে অন্য হস্তের মধ্যমাঙ্গুলের অগ্র পর্য্যন্ত দীর্ঘ পরিমাণ ; সাড়ে তিন হাত দীর্ঘতা বা গভীরতা । প্র—বিশ বাঁও জল ।

বাঁওড় (ড়) [প্রাদে। বাঁক মোড় হইতে] বি. নদীর মুখ যেখানে বাঁকিয়া স্রোত বন্ধ হয় নদীর বাঁক।

বাঁক (ক্) [সং—বঙ্ক হইতে] বি. বক্রতা ২। ভার বহিবার দণ্ড। ৩। বাঁকান বাদ্যযন্ত্র; তুরীবিশেষ। প্র—"হান হান হাঁকা শত শত বাঁকা, বাঁক কটার বিরাজে।"—অন্নদামঙ্গল। ৪। [প্রাদে] নৌকার গর্ভের তল দেশের তক্তার যে সকল কাষ্ঠখণ্ড প্রেক দিয়া জোড়া হয়। ৫। নদীর মুখ যেখানে বাঁকিয়া গিয়াছে।

বাঁকই [প্রাদে। প্রা-বাং] বি. ধান্যভেদ। প্র—"খুদ্দ তুদুরাজ বুলেন ভজনা বাঁকই।" শূন্যপুরাণ।

বাঁকচূর (ক্, র্) [প্রাদে] বি. ধান্যভেদ। প্র—"বাঁকচূর পুশান-বিড়ি গেঁড়ি গোপাল" শূন্যপুরাণ।

বাঁকড়া (ক্) [বক্র হইতে] বি. বক্রস্বভাব দুষ্ট।

বাঁকন (বাঁকোন্) [বঙ্ক হইতে] বি. বক্র হওন

বাঁকনল (ক্, ল্) বি. স্বর্ণকার যে বক্র মুখ সরু নলে ফুঁ দিয়া আগুনে স্বর্ণাদি গলায়।

বাঁকমল (ক্, ল্) [বাঁক (বঙ্ক হইতে) মল (চরণালঙ্কারবিশেষ)] বি. পাক দেওয়া মল। চৈতন্যচরিতামৃতে "মল বঙ্ক"।

বাঁকসাল (ক্, শাল্) বি. ধান্যভেদ। প্র—"হরি মহীপাল বাঁকসাল বুনে মঙ্গলন"—শূন্যপুরাণ।

বাঁকুই—বি. ধান্যভেদ। প্র—"জলার ধান বাঁকুই বুনে লোটাইআ জাঅ।"—শূন্যপুরাণ।

বাঁকা (সং—বঙ্ক হইতে] বিণ. বঙ্কিম; বক্র; তির্য্যক্; অনৃজু; যাহা সোজা নয়। প্র—"বাঁকা পথ ছেড়ে দিয়ে সোজা পথে যাওহে চলে"—বাং-গান। ২। অসমান: উঁচুনীচু; আবুড়াখাবুড়া। প্র—"নাচ্‌তে জানে না বলে উঠান বাঁকা"—প্রবচন। ৩। অসরল; কুটিল। প্র—লোকটার মন ভারি বাঁকা। বাঁকা লোক। ৪। প্রতিকূল। প্র—"ভাত নাই ভবনে ভর্ত্তার ভাগ্য বাঁকা।"—শিবায়ন। ৫। [শ্রীকৃষ্ণের বঙ্কিমত্ব সৌন্দর্য্যের হেতুভূত বলিয়া] বিণ. উৎকৃষ্ট; সুন্দর। ৬। [শ্রীকৃষ্ণের উরু কটি ও গ্রীবা দেশ ঈষৎ বক্রভাব ধারণ করায় "বাঁকা ত্রিভঙ্গ" "বাঁকা রায়," "বঙ্করাজ", "বঙ্কবিহারী," "বঙ্কিমবিহারী," "বাঁকা শ্যাম" ইত্যাদি নামের উৎপত্তি] বি. শ্রীকৃষ্ণ। প্র—"মুরলী সরল হয়ে, বাঁকার মুখেতে রয়ে, শিখিয়াছে বাঁকার স্বভাব।"—চণ্ডীদাস। আঁকাবাঁকা—অনেক স্থানে বাঁকা; সর্পগতিবৎ বক্র। আঁকা দ্রঃ। বাঁকা করা—ফিরান; ফিরাইয়া লওয়া। প্র—"লাজে মুখ বাঁকা করে হাত ঠারে হাসে"—শিবায়ন। বাঁকাচোরা—বক্র এবং অদৃশ্য। বাঁকা-চোরা-পথ—বাঁকা পথ ও চোরা পথ; অনেক অলি-গলি বা গলি ঘুঁজির পথ। বাঁকা-ত্রিভঙ্গ—ত্রিবঙ্কিম-দেহ শ্রীকৃষ্ণ। প্র—"বাঁকা-ত্রিভঙ্গ বিহনে শ্রীহীনে রাই"—বাং-গান। বাঁকা-নয়ন—শ্রীকৃষ্ণ। ২। ভঙ্গিযুক্ত চক্ষু: আড়নয়ন। বাঁকা পথ—বক্র পথ। ২। অসত্য পথ; জটিল ও অসরল পন্থা। বাঁকা-বাঁকা—যাহা ক্রমাগত উভয় দিকে বাঁকিয়া গিয়াছে। ২। প্রায় বাঁকা। বাঁকারায়—বঙ্করাজ; শ্রীকৃষ্ণ। ২। ধর্ম্ম ঠাকুরের মূর্ত্তিভেদ। এই অর্থে "বাঁকুড়া-রায়" ও প্রচলিত। বাঁকা-সোজা—কতক বাঁকা কতক সোজা। ২। সরলতা ও কুটিলতায় মিশ্রিত। বাঁকা সিঁথি—কপালের বামপার্শ্ব হইতে বাঁকাভাবে চুল ফেরান বা কাটা সীমন্ত। কপালের মধ্য হইতে সোজাভাবে চিরুণী চালিত করিয়া চুলকে মাথার দুইদিকে ফিরাইলে "সোজা সিঁথী" হয়।

বাঁকা [বাঁক (দ্রঃ) + আ (বাং—ক্রি-বিভক্তি) উ-পু—বাঁকি। ম-পু—বাঁক; বাঁকুন; বাঁক্। প্র-পু—বাঁকে; বাঁকেন্। অস-ক্রি—বাঁকিতে: বাঁকিয়া; বেঁকে। ণিজন্ত—বাঁকান (নো)] ক্রি. বক্র হওয়া। বাঁকিয়া বসা, বেঁকে বসা—বক্রভাবে উপবেশন; হেলিয়া বসা! ২। অসম্মত হওয়া। ৩। প্রতিকূল ভাব ধারণ করা। বাঁকন (ন্) বি. বক্রভাব ধারণ; বক্র হওন।

বাঁকান (নো) [বাঁকা (দ্রঃ) + আন (ক্রিয়া-বিভক্তি)। উ-পু—বাঁকাই। ম-পু—বাঁকাও। প্র-পু—বাঁকায়। অস-ক্রি—বাঁকাইতে; বাঁকাইয়া; বাঁকিয়ে] ক্রি. বক্র করা; ফেরান; দুমড়ান। ২। অসন্তোষ, বিরক্তি আদি প্রকাশার্থ বিকৃত করা। প্র—মুখ বাঁকান।

বাঁকী—বি. বাঁকমল (দ্রঃ)।

বাঁকুড়া [সং—বঙ্কুর হইতে বাঁকুর পরে বাঁকুরা—বাকুড়া] বিণ. বাঁকা। প্র—বাঁকুড়া রায়। বাঁকা দ্রঃ। ২। বাঙ্গালার অন্তর্গত জেলা ও নগরবিশেষ। প্র—"বাঁকুড়া দর্পণ।" "ঠাকুরে বাঁকুড়াবাসী কৈলে ঠাকুরানী"—হেম বন্দ্যো। বিণ. বাঁকড়ী (গ্রা)—বাঁকুড়াজাত। ২। বাঁকুড়া সম্বন্ধীয়।

বঁকুয়া [প্রা-পদ-সা] বিণ. বাঁকা; বক্র। প্র—"বাঁকুয়া পাঁচনি হাতে রঙ্গিয়া রাখাল সাথে বাহির হৈল রোহিণী নন্দন।"—জ্ঞানদাস।

বাঁখারি [প্রাদে। গ্রা—ব্যাকারি] বি. বাঁশ চিরিয়া তাহার ফালি; বংশশলাকা।

বাঁচন (বাঁচোন্) [বাঁচা দ্রঃ] বি. জীবনধারণ; প্রাণধারণ। বাঁচন-মরণ—জীবন ও মৃত্যু। বাঁচন-কাঠি মরণ-কাঠি—গল্পের "সোনার কাঠি রূপার কাঠি" অর্থাৎ সোনার কাঠি যাহা অঙ্গে স্পর্শ করাইলে দেহে প্রাণ সঞ্চার হয়, মৃত ব্যক্তি বাঁচিয়া উঠে এবং রূপার কাঠি যাহা অঙ্গে স্পর্শ করাইলে দেহ প্রাণশূন্য হয়। ২। [তাহা হইতে] যাহার কথায় বা পরামর্শে লোক মরে বাঁচে।

বাঁচা [সং—বঞ্চ্ (গতি অর্থে) ধাতুজ। বঞ্চা দ্রঃ। উ-পু—বাঁচি। ম-পু—বাঁচ; বাঁচুন; বাঁচ্। প্র-পু—বাঁচে; বাঁচেন্। অস-ক্রি—বাঁচিতে; বাঁচিয়া; বাঁচি (পদ্যে); বেঁচে। ণিজন্ত—বাঁচান্] ক্রি. জীবিত থাকা; প্রাণধারণ করা। প্র—"বাঁচিব কোন উপায়ে" —বিদ্যাপতি। ২। রক্ষা পাওয়া। ৩। শান্তি পাওয়া; স্বস্তিলাভ করা। ৪। নিষ্কৃতি পাওয়া; রেহাই পাওয়া। প্র—"প্রণাম করে চলে যা তুইও বাঁচ আমিও বাঁচি"—ভারতী, ৩৬শ বর্ষ। মরা-বাঁচা, বাঁচা-মরা—প্রাণধারণ ও প্রাণত্যাগ।

বাঁচান (নো) [বাঁচা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ উ-পু—বাঁচাই। ম-পু—বাঁচাও: বাঁচান্; বাঁচা। প্র-পু—বাঁচায়; বাঁচান্। অস-ক্রি—বাঁচাইতে; বাঁচাইয়া; বাঁচিয়ে] ক্রি. জীবন দান করা; জীয়ান। ২। রক্ষা করা। প্র—সকল দিক বাঁচিয়ে কাজ করিতে হয়। ৩। শান্ত করা; সান্ত্বনা দেওয়া। ৪। রেহাই দেওয়া; ছাড় দেওয়া। ৫। দোষ ঢাকিয়া লওয়া; খুঁত ঢাকিয়া লওয়া; গোপন করা। প্র—"মুক্তির পরনের কাপড় সেলাই করিয়া, তালি দিয়া নানারকমে ঘুরাইয়া ফিরাইয়া ছেঁড়া বাঁচাইয়া কোন রকমে লজ্জা নিবারণ হইতেছিল, শেষে তাও আর চলে না।"—ভারতী।

বাঁঝা [সং—বন্ধ্যা হইতে সুতরাং স্ত্রীলিঙ্গান্ত শব্দ, কিন্তু বাং-য়—পুং, স্ত্রী, উভয় অর্থেই ব্যবহৃত। গ্রা—বাঁজা] বিণ, পুং, স্ত্রী. বন্ধ্য; বন্ধ্যা; ফলহীন; বাঁঝা। স্ত্রী. বাঁঝী [গ্রা—বাঁজি] বি. বন্ধ্যা নারী। প্র—"সকল ব্যঞ্জনে বাঁঝী নাহি দেয় লোণ।"—কবিকঙ্কণ। "হ্যাদে বলি বাঁজি তুই মোরে না ঘাঁটা।"—ঐ।

বাঁট (ট্) [সং—বণ্ট হইতে] বি. গবাদি পশুর স্তন। ২। খড়্গাদির মুষ্টি; অস্ত্রাদির হাতল। প্র—"বাঁট দিয়া কোদালে জোয়ালি দিয়া সলি। পুরস্কার পেয়ে চলে লয়ে পদধূলি॥"—শিবায়ন। ৩। [অশ্লীল] শিশ্ন।

বাঁটওয়ারা (ট্) [হি—বাঁট্‌বারা। সং—বণ্টন হইতে] বি, বিভাগ; বণ্টন। ২। অংশ।

বাঁটন (বাঁটোন) [সং—বণ্টন শব্দজ] বি, বিভাগ করণ।

বাঁটলাই, বাঁট্‌লুই (ট্, লো) খাটলই দ্রঃ।

বাঁটা [সং—বণ্ট্ (বিভজনে) ধাতুজ। উ-পু—বাঁটি। ম-পু—বাঁট; বাঁটুন; বাঁট্। প্র-পু—বাঁটে; বাঁটেন। অস-ক্রি—বাঁটিতে; বাঁটিয়া; বেঁটে। ণিজন্ত—বাঁটান] ক্রি, বণ্টন করা। ২। [বাটা দ্রঃ] শিলাপটে রাখিয়া নোড়া দ্বারা পেষণ করা। প্র—হইবি গিন্নি, ব্যঞ্জন বাটিবি না ছুঁইবি হাঁড়ী"—চণ্ডীদাস।

বাঁটান (নো) [বাঁটা (দ্রঃ) ধাতুর ণিজন্ত-রূপ। উ-পু—বাঁটাই। ম-পু—বাঁটাও। প্র-পু—বাঁটায়। অস-ক্রি—বাঁটাইতে; বাঁটাইয়া; বাঁটিয়ে] ক্রি, বণ্টন করান; অন্য দ্বারা ভাগ করান। ব্রজ বুলিতে বাঁটা অর্থে বাঁটান প্রয়োগ আছে। বাঁটাইনু—বণ্টন করিলাম। প্র—"যতনে যতেক ধন পাপে বাঁটাইনু"—বিদ্যাপতি। বাঁটায়নু—বণ্টন করিলাম।

বাঁটাবাঁটি [পরস্পর বণ্টন করিয়া দিবার ভাব] বি, ভাগাভাগি। প্র—"কোথাও মেলানি তার করে বাঁটাবাঁটি॥"—শিবায়ন।

বাঁটুল (ল্) [সং—বর্ত্তুল; প্রাকৃ—বত্তুল] বি, অস্ত্রবিশেষ। ২। গুলি। প্র—"কপোত পাখীরে চকিতে বাঁটুল বাজিলে যেমন হয়।"—চণ্ডীদাস। আঁটুল বাঁটুল—ছেলেদের খেলাবিশেষ। প্র—"আঁটুল বাঁটুল খেলে পসারিয়া পা।"—শিবায়ন।

বাঁটোয়ারা [বাঁটওয়ারা দ্রঃ] বি, অংশ; বিভাগ।

বাঁড়রী, বাঁড়ুরি,—রী [বন্দ্যঘটী শব্দ হইতে] বি, বন্দ্যোপাধ্যায়গণ ভঙ্গ হইলে বাঁড়ুরি আখ্যাপ্রাপ্ত হন। প্র—"ভূপতির ভাগিনী জামাই গুণধাম। বাঁড়ুরি গোকুল, কৃপারাম, দয়ারাম॥"—অন্নদামঙ্গল।

বাঁড়া [সং—বণ্ড হইতে, অশ্লীল] বি, মেঢ়্র; শিশ্ন।

বাঁড়ুয্যা (বাঁড়ুজ্‌জ্যা, বাঁড়ুজ্জে) [বন্দ্যজ হইতে] বি, বন্দ্যোপাধ্যায়। প্র—"গণক বাঁড়ুয্যা অনুকূল বাচস্পতি।"—অন্নদামঙ্গল। ২। বিণ, বন্দ্যোপাধ্যায় বংশজাত।

বাঁদর (বাঁদোর্) [সং—বানর হইতে] বি, কপি; মর্কট; শাখামৃগ। ২। মূর্খ; বর্ব্বর। ৩। দুর্ব্বুদ্ধি। স্ত্রী, বাঁদরী। বিণ, বাঁদরিয়া, বাঁদুরে। বাঁদুরে-বুদ্ধি—মন্দবুদ্ধি; কুবুদ্ধি; দুর্ব্বুদ্ধি। বাঁদরমুখা,—মুখো—যাহার বানরের ন্যায় মুখ; কুৎসিত মুখবিশিষ্ট; গালিবিশেষ। স্ত্রী, বাঁদরমুখী।

বাঁদিপোতা—বি, নানারঙ্গের ডোরাকাটা সুতার চৌখুপ্পী পাত্‌লা কাপড়; ইহাতে লেপের খোল তৈয়ার হয়।

বাঁদী [ফা—বান্দী (দাসী), পুং—বান্দা] বি, স্ত্রী, দাসী। ২। কৃতদাসী। ৩। রক্ষিতা। প্র—"পরদার পাপ বলি বাঁদী রাখে নাই"—ভারতচন্দ্র।

বাঁধ (ধ্) [সং—বন্ধ হইতে] বি, আলিবন্ধন; জলপ্রবাহ বন্ধ করিবার আলি; রোধ। ২। সেতু। প্র—"বড়র পিরীতি বালির বাঁধ। ক্ষণে হাতে দড়ি ক্ষণেক চাঁদ॥"—ভারতচন্দ্র।

বাঁধন (ন্) [বন্ধন হইতে] বি, বন্ধন। প্র—"ওদের বাঁধন যত শক্ত হবে, মোদের বাঁধন তত টুটবে"—রবি। "দুঃখ দেখে মায়াবিনী বাঁধন দিল খুলে।"—হেম বন্দ্যো। ২। আটক; অবরোধ।

বাঁধনি, বাঁধুনি [সং—বন্ধনী] বি, বন্ধন; গ্রন্থি।

বাঁধয়ে [বাঁধা দ্রঃ। পদ্যে] ক্রি, বন্ধন করে; বাঁধে। ২। দৃঢ় করে। প্র—"বাধয়ে চিত"—বিদ্যাপতি।

বাঁধা [সং—বন্ধ হইতে] বি, বন্ধন। ২। আটক। ৩। ঋণের সময় যাহা ঋণদাতার নিকট আটক রাখা হয়। প্র—"সবে মাত্র দুই গাছ খাড়ু ছিল হাতে। তাহাও দিয়াছি বাঁধা মেয়েটির ভাতে॥"—ঈশ্বর গুপ্ত। 'দ্রব্য দিয়ে বাঁধা লব তোমাদের কাছে"—রঙ্গলাল। ৪। প্রতিবন্ধক; বিঘ্ন; বাধা। ৫। বিণ, বদ্ধ। প্র—"যাহার প্রণয় পাশে বাঁধা তব মন"—বাংগান। ৬। রক্ষিত; পালিত। ৭। স্থায়ী। ৮। বশ; অধীন; বশীভূত।

বাঁধা [সং—বন্ধ্ (বন্ধনে) ধাতুজ। উ-পু—বাঁধি। ম-পু—বাঁধ; বাঁধুন্; বাঁধ্; প্র-পু—বাঁধে; বাঁধেন। অস-ক্রি—বাঁধিতে; বাঁধিয়া, বেঁধে। ণিজন্ত—বাঁধান] ক্রি, বন্ধন করা; শৃঙ্খলাদি দ্বারা আবদ্ধ করা। ২। গ্রন্থি দেওয়া। ৩। আটক করা; রোধ করা। ৪। সংযত করা; নিয়মিত করা। ৫। ছন্দোবদ্ধ করা; সুরবদ্ধ করা; রচনা করা। প্র—গান বাঁধা। বাঁধাছাঁদা—বদ্ধ ও বেষ্টিত। গুছাইয়া বাঁধা। প্র—"দেখা যায় পেঁচ পোঁচ বাঁধা ছাঁদা গিরা।"—ফুলরেণু। ২। ছাঁদা বাঁধা। (ছাঁদা দ্রঃ)। ঘরবাঁধা—চাল, বেড়া প্রভৃতি বাঁধিয়া মাটির দেয়াল ও খোলার বা খোড়ো চালের ঘর তৈয়ার করা। বই বাঁধা—গ্রন্থপত্র পৃষ্ঠার পর পৃষ্ঠা যথাক্রমে সাজাইয়া কাগজ, কাপড় বা চামড়ার আবরণ দিয়া শেলাই করা। বাঁধা-ধরা, ধরাবাঁধা—ধরা দ্রঃ; নিয়মবদ্ধ; সংযত। বাঁধা-খরিদ্দার—যে ক্রেতা অন্য দোকানে খরিদ করে না। বাঁধা-সালসা—যে সালসা-নামক ঔষধ সেবন করিলে পথ্য, স্নানাদি সম্বন্ধে নির্দ্দিষ্ট সময়ে বদ্ধ থাকিতে হয়। বাঁধা রোশনাই—রোশনাই দ্রঃ। হাত বাঁধা—বিবাহের সময় বরবধূর হস্ত এক মাল্যে বন্ধন করা। বুক বাঁধা—সাহসান্বিত হওয়া। জোট বাঁধা—জটলা করা; দলবদ্ধ হওয়া। বাঁধা মাহিনা—নির্দ্দিষ্ট হারে ও নির্দ্ধারিত সময়ে প্রাপ্য বেতন। কোমর বাঁধা—পূর্ব্ব হইতে প্রস্তুত হওয়া।

বাঁধাই [বাঁধা (দ্রঃ)+ই (কর্ম্ম অর্থে)] বি, বাঁধার কর্ম্ম। ২। বাঁধিবার পারিশ্রমিক।

বাঁধান (নো) [বাঁধা ধাতুর ণিজন্ত রূপ] উ-পু—বাঁধাই। ম-পু—বাঁধাও। প্র-পু—বাঁধায়। অস-ক্রি—বাঁধাইতে; বাঁধাইয়া; বাঁধিয়ে] ক্রি, বন্ধন করান। ২। বিণ, যাহা বাঁধাইয়া লওয়া হইয়াছে।

বাঁধাবাঁধি [বাঁধা—বাঁধি (বন্ধন)] বি, পরস্পর বন্ধন। ২। ধরা বাঁধা; নিয়ম; সংযম। ৩। শৃঙ্খলা।

বাঁধাল (ল্) [বাঁধ (বন্ধন)+আল (আলি)] বি, আলি বন্ধন; জাঙ্গাল; সেতু।

বাঁধুনি, বাঁধুনী [সং—বন্ধনী হইতে] বি, বন্ধন; গ্রন্থি। ২। আঁটসাঁট। ৩। গোছ; শৃঙ্খলা। প্র—"মরি সে গালির কি বাঁধুনি"—দ্বিজেন্দ্র রায়। "কথার বাঁধুনী কাঁদুনীর পালা চোখে নাহি কারো নীর। আবেদন আর নিবেদনের থালা বহে বহে নত শির॥"—রবি।

বাঁধুলি [সং—বন্ধুলী। সৌন্দর্য্য দর্শকের চিত্ত আকর্ষণ করে বা বন্ধন করে বলিয়া এই নাম] বি, রক্তবর্ণ পুষ্পবৃক্ষ ও পুষ্পবিশেষ; বন্ধুক ফুল। ইহা কবিগণ কর্ত্তৃক সুন্দরীগণের অধরের সহিত উপমিত হয়। প্র—"অরুণ বরণ দশন বাস। বাঁধুলি ফুলের গরব নাশ॥"—চণ্ডীদাস।

বাঁয় (য়্) [বাম=বাঁঅ। পরে অ=য়। প্রা-বাং] বি, বাম। ২। ক্রি-বিণ, বামে; বাম দিকে। প্র—"হাসা হইতে কাঁদা ভাল যদি কাঁদে বাঁয়॥"—খনা।

বাঁয়া [সং—বামা—বামদিকে রাখিয়া বাজাইতে হয় বলিয়া] বি, বাম হস্তে বাজাইবার আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ।

বাঁশ (শ্) [সং—বংশ হইতে] বি. বংশ বেণু। ২। ধনু। প্র—"যৌতুকের বাঁশে দিল মুরগার চড়া"—কবিকঙ্কণ। ৩। গুঁতা গুড়া। বাঁশ-কাটা—ধান্যবিশেষ (প্রা বাং-র, বাঁশকাট—শূঃ পুঃ দ্রঃ)। বাঁশ কর—বাঁশ চালান; ডাণ্ডা করা দ্রঃ। বাঁশ বাগান—বাঁশ গাছের উদ্যান। বাঁশ বন—বাঁশ গাছের বন (যে বনে বা বাগানে বাঁশ জন্মে তথায় আর কোন গাছ জন্মিতে পারে না)। বাঁশ বনে ডোম কানা—ডোম বাঁশের কাজ করিলেও অসংখ্য বাঁশের মধ্যে ভাল বাঁশ দেখিতে পায় না। তাহা হইতে দিশে হারা। বাঁশের চেয়ে কঞ্চি দড়—[লক্ষণায়] বয়স্ক অপেক্ষা তরুণের বিক্রম অধিক। প্র—"বাঁশের চেয়ে কঞ্চি দড় হয় বটে,"—বসুমতী, ২৭শে মাঘ, ১৩১৮। বাঁশ পাতা—বাঁশগাছের পাতা। ২। বাঁশ পাতা মত আকৃতিবিশিষ্ট ও পাতলা মাছবিশেষ বাঁশ-বাজি—বাঁশ পুঁতিয়া তাহার উপর নানা প্রকার কসরৎ বা ক্রীড়া প্রদর্শন।

বাঁশগাড়ি, বাঁশগাড়ী (শ্) [বাঁশ-গাড়ি (গাড়ন, পোঁতন)] বি. আদালতের আদেশে কোন জমী দখল করিবার জন্য তাহাতে যে বাঁশ পোঁতা হয়। প্র—"সেলামী বাঁশগাড়ী, নানা বাবে যত কড়ি, না লইব গুজরাট বাসে।"—কবিকঙ্কণ। ২। যে জমী সরকারী নীলামে বিক্রয় হইবে তাহাতে নীলামের ইস্তাহার বা বিজ্ঞাপন স্বরূপ বাঁশ-পোঁতা।

বাঁশরি, রী (শো) [হি—বাঁশুরী। বাঁশে নির্ম্মিত বলিয়া] বি. বংশী: মুরলী: বেণু। প্র—"বাঁশরী বাজাতে চাহি বাঁশরী বাজিল কই"—রবি।

বাঁশি, বাঁশী [সং—বংশী। বাঁশে নির্ম্মিত হয় বলিয়া] বি. বংশ নির্ম্মিত শুষির যন্ত্রবিশেষ: মুরলী: বেণু।

বাঁসমতী (বাঁশ্‌মোতি) [বাস (সুবাস) মতী (যুক্তার্থে)] বি. সুবাসযুক্ত ধান্যবিশেষ। প্র—"বুঝি আজান লক্ষ্মী বুলেন বাঁসমতী।"—শূন্য পুরাণ।

বাঁসর (শ) [প্রা-বাং। বাঁস (বংশ)+র (সম্বন্ধে)] বি. বাঁশের। প্র—'বাঁসর আকুড়সি হাথে বাঁসর ফুল সাজি। ফুল জে তুলিবাক গেলা ধর্ম্মর মালঞ্চবাড়ী॥"—শূন্য-পুরাণ।

বাঁসরি (সো) [হি—ব্রজ—বাঁসরী] বি. বাঁশরি দ্রঃ।

বাক্ [বচ্ (বলা)+(ক্বিপ্—কর্ম্মে) যাহা বলা যায়] বি, স্ত্রী. বাক্য; শব্দ। প্র—"অবাক মুখে বাক্ সরে না কথা কব কি।"—বাং-গান। ২। বিদ্যা। ৩। [বচ্ (বলা) +(ক্বিপ) কর্ত্তৃ (সংজ্ঞার্থে) যিনি বলেন বি, স্ত্রী. সরস্বতী। ৪। [বচ্+(ক্বিপ্) করণে (আ) যাহা দ্বারা বলা যায়] বি, স্ত্রী. বাগিন্দ্রিয়।

বাক (ক্) [বচ্ (বলা)+অ (ঘঞ্) কর্ম্মে যাহা বলা যায়] বি, পুং. উক্তি; বাক্য বচন। ২। [বক (পক্ষিবিশেষ)+অ (ষ্ণ—ইদমর্থে)] বিণ, বকসম্বন্ধীয়। ২। বি, বকসমূহ

বাকড় (ড়্) [সং—বরাক (হস্তী) শব্দের বর্ণবিপর্য্যয়ে বাকর, র=ড়] বি, হস্তী; হাতী ২। [লক্ষণায়] হাতীর ন্যায় বহুভোজী জীব বা রাক্ষস: উদরপিশাচ। প্র—পেটে বাকড় জন্মেছে না কি যে পঞ্চাশবার খেয়েও খেতে ইচ্ছা হচ্চে। তুল—পেটে হাতী ঢোকা ৩। প্লীহা। প্র—তাহার পেটে বাকড় হয়েছে। ৪। [প্রাদে] পেট; উদর (এই অর্থে "বাকড়গঞ্জ" ও বলে। বাখরগঞ্জ দ্রঃ)। ৫। গর্ভ। ৬। বাকড়া দ্রঃ।

বাকড়া (ক্) [সং—বল্কল হইতে বাকল—বাকড়+আ (তুচ্ছার্থে)। বাক্‌লা দ্রঃ] বি, আম্রাদি ফলের কঠিন বীজাবরক। ২। তাল নারিকেলাদি বৃক্ষের শাখা।

বাকর (র্) [চাকর শব্দের সহচর] বি, নফর। প্র—চাকর বাকর।

বাকল (ল্) [সং—বল্কল হইতে প্রাকৃ—বক্কল, পরে বাকল] বি, বৃক্ষত্বক; গাছের ছাল। ২। ফলাদির আবরণ বা পুরু খোলা; বাকলা। বাকল-বসন—তাপস ও তাপসীদিগের পরিধেয় বল্কলের বস্ত্র। ২। বিণ, বল্কল বস্ত্র পরিধানকারী: তাপস। স্ত্রী. বাকল-বসনা—বল্কলবাসা: তপস্বিনী।

বাকস (শ্) বাসক দ্রঃ।

বাকি, বাকী [আ—বাকী শব্দজ। বক্রী দ্রঃ] বিণ, অবশিষ্ট। ২। হিসাবের শেষ; বিয়োগ ফল। প্র—বকেয়া বিস্তর বাকি বেবাক না পাই। চাহিতে উচিত কর উঠে দিল ধাই॥" —ধনরাম। ৩। বি, অবশেষ; অন্ত; শেষ; চরম। প্র—"মনে ভেবে দেখ দেখি দুঃখের বা কি আছে বাকি?"—বাং-গান। তুমি রাই হতে কি বড় ভাব হরি। বাকী কি শ্যাম অপমানে সাধিলে চরণে ধরি॥"—বাং-গান। বাকী-কাটা—হিসাবে দেনা পাওনার তকরাদ মিটান; হিসাব চুকাইয়া অতিরিক্ত দেখান; বিয়োগ ফল বাহির করা। বাকীখাজনা—যে খাজনা নির্দ্দিষ্ট সময়ে দাখিল না হয়। বাকী জায়—প্রজার নিকট হইতে সংগৃহীত বাকী খাজনা। বাকীপড়া—যথা সময়ে খাজনা দাখিল করিতে না পারা। বাকীবকেয়া, বকেয়াবাকী—গত সালের ও পূর্ব্ব পূর্ব্ব সালের দেয় বা প্রাপ্য সুদ বা খাজনার বাকী।

বাকীদার (র্) [আ—বাকী+ফা—দার্] বি, যে প্রজার দেয় খাজনা বাকী পড়ে।

বাকুচী [সং—বাগুচী। হি—বুকচী; বব্‌চী ম—বাউচী। হাউটনে, বাগুজী] বি, সোম-রাজ; হাকুচ; serratula anthelmintica.

বাকুড়ি [সং—বাটিকা হইতে প্রা-বাং-র—বাকুড়ি; আধু-বাং-র—বাড়ী] বি, বাড়ী; ঘর; গৃহ। প্র—"দশ মাসে ধায় বালা দিয়া হামাগুড়ি। ধরিতে ধরিতে যায় বাকুড়ি বাকুড়ি॥"—কবিকঙ্কণ। "চাষী বিনা চাষের মহিমা কেবা জানে। লঙ্কার বাণিজ্য বাসি বাকুড়ির কোণে॥"—শিবায়ন।

বাক্‌কলহ [বাক্ (বাক্য) দ্বারা কলহ (ঝগড়া)—৬তৎ] বি, পুং, বাগ্‌যুদ্ধ; তর্ক-বিতর্ক। ২। ঝগড়া: গালাগালি।

বাক্‌ছল (ক্, ল্) [বাক (বাক্য) ছল (চাতুরী)—৬তৎ] বি, স্ত্রী, বাক্যের চাতুর্য্য; বাক্যব্যাজ।

বাক্‌পটু (পো) [বাক্যেতে পটু (চতুর)—৭তৎ] বিণ, বাক্যকুশল; বাক্য প্রয়োগে চতুর: বাগ্মী।

বাক্‌পতি (পো) [বাক্ (বাক্য) পতি (প্রভু)—৬তৎ] বি, পুং, বাক্য-বিশারদ। ২। বাগ্মী। ৩। বৃহস্পতি।

বাক্‌পারুষ্য (পারুষ্‌য) [বাক্য—পারুষ্য (কার্কশ্য)] বি, রূঢ়বচন-প্রয়োগশীলতা; কথার কার্কশ্য; অপ্রিয়বাদিতা; বচন-প্রয়োগ-কটুতা। ২। কুৎসিত বাক্য।

বাক্‌প্রণালী (প্রো) [বাক্ (বাক্য) প্রণালী (রীতি)—৬তৎ] বি, স্ত্রী, বাক্য প্রয়োগের নিয়ম; কথা বলার রীতি।

বাক্য (বাক্‌ক) [বচ্ (বলা)+য (কর্ম্মে—ঘ্যণ্) যাহা বলা যায়] বি, ক্লী, উচ্চায্যমাণ পদ; অর্থযুক্ত পদ; বচন; কথা। ২। [ব্যাকরণে] যাহা দ্বারা পদার্থান্বয়, সম্বন্ধ, জ্ঞান ও বক্তার অভিপ্রায় ব্যক্ত হয়; কারকান্বিত ক্রিয়াপদ। বাক্যদান—কথা দেওয়া; অঙ্গীকার; প্রতিশ্রুতি। বাক্য নবাব—বাক্যবাগীশ; কথার ধোকড়। প্র—"একবার ওগো বাক্য-নবাব চল দেখি কথা শুনে"—রবি। বাক্য-বাগীশ—যে কেবল কথা বলে কাজে কিছু করে না; কথার ধোকড়। বাক্যবাণ—নিষ্ঠুর বাক্য; শেলসম কঠোর বচন; হৃদয়ভেদী বাক্য। স্তোকবাক্য—স্তোক দ্রঃ।

বাক্যস্থ [বাক্য (কথা) স্থ (থাকা) + অ (ড—কর্ত্তৃ)— যে অন্যের বাক্যে থাকে অর্থাৎ কথা রক্ষা করে (উপপদ)] বিণ. যে অন্যের বাক্যানুসরণ করে।

বাক্যাড়ম্বর (বাক্‌ক্যাড়ম্বর্) [বাক্যের আড়ম্বর—৬তৎ] বি. বাগাড়ম্বর ; বাগ্‌জাল ; কথার ছটা বা ঘটা ; বাগ্‌বাহুল্য ; বাক্‌কৌশল।

বাক্যালাপ (বাক্‌ক্যালাপ্) [বাক্য + আলাপ] বি. কথাবার্ত্তা ; কথোপকথন। ২। সদ্ভাব এবং সদ্ভাবজনিত কথাবার্ত্তা। প্র—তাহার সহিত বাক্যালাপ নাই।

বাক্‌স, বাক্স (বাক্‌শ) [ইং—box হইতে গ্রা—বাস্‌ক] বি. মূল্যবান দ্রব্যাদি রাখিয়া বন্ধ করিবার মত ধাতু, কাঠ, প্রস্তরাদি নির্ম্মিত চতুষ্কোণ আধার পাত্র ; মঞ্জুষা : ছোট সিন্দুক। প্র—কাটের বাক্স ; পিতলের বাক্স ; বেতের বাক্স ; লোহার বাক্স। **ক্যাশ বাক্স**—নগদ টাকা কড়ি রাখিবার বাক্স ; cash box. **গহনার বাক্স**—যে বাক্সে অলঙ্কার রাখা হয়। **রঙ্গের বাক্স**—চিত্রকরের বাক্স ; চিত্রকরণোপযোগী রঙ্গ রাখিবার বাক্স। **হাতবাক্স**—নিত্য ব্যবহার্য্য দ্রব্য রাখিবার ও সদাসর্ব্বদা ব্যবহার করিবার মত ছোট বাক্স।

বাক্সবন্দী (বাক্‌শবোন্দি) [বাক্সে—বন্দী] বিণ. যাহা বাক্সে বন্ধ করা হইয়াছে ; বাক্সজাত ; বাক্সে রক্ষিত।

বাক্‌সনা (শ) [সং—বঙ্গসেন] বি. অগস্তি পুষ্প ; শ্বেত ও রক্তবর্ণের বকজাতীয় পুষ্প। প্র—"মাথায় লেঙ্গুড় তুলি, বাখা আইসে মুখ মেলি, বাক্‌সনা ফুল দুটা দাড়া।"—কবিকঙ্কণ।

বাক্‌সূত্র (শুৎত্র) [বাক্ (বাক্য) সূত্র (সূচনা)—৬তৎ] বি. ক্লী. কথার সূত্রপাত ; বাক্যারম্ভ। ২। [বাক্ (বাক্য—স্বর উৎপাদক) সূত্র (সুতা) ম-প-লো—কর্ম্মধা], বি ক্লী. স্বরোৎপাদক চর্ম্মসূত্র বা তাঁত।

বাখান (ন্) [ব্যাখ্যান শব্দজ] বি. ব্যাখ্যান : অর্থবিবৃতি। প্র—"বেদভাগে বেদান্ত বাখান" —অন্নদামঙ্গল। ২। প্রশংসা ; গুণানুবাদ। প্র—"নানা তন্ত্র করয়ে বাখান।"—কবিকঙ্কণ। "ভুবন করেগো তার কতই বাখান"—অশোকগুচ্ছ। ৩। বিস্তারিত বর্ণনা। এই অর্থে গ্রা. ব্যাখ্যানা।

বাখানা [ব্যাখ্যান হইতে বাখান + আ (ক্রি-বিভক্তি)]। উ-পু—বাখানি। প্র-পু—বাখানে। অস-ক্রি—বাখানিতে ; বাখানিয়া ; বাখানি (পদ্যে)] ক্রি. ব্যাখ্যা করা। ২। প্রশংসা করা ; গুণানুবাদ করা। প্র—"চারি-বেদে তোমারে বাখানি।"—কবিকঙ্কণ। "যত বন্ধু আইসে তারা কন্যাকে বাখানে॥"—ঐ। "বাখানি সাহস তোর শূরচূড়ামণি !"—মেঘনাদ। ৩। বর্ণনা করা ; বিবৃত করা। ৪। বৃদ্ধি প্রাপ্ত হওয়া। প্র—"অনুরাগ বাখানিতে তিলে তিলে নৌতুন হোয়"—বিদ্যাপতি। ৫। বড় করা ; বাড়ান। প্র—"পরস্পর সকলে কহেন বাখানিয়া"—অন্নদামঙ্গল।

বাখানি [বাখানা দ্রঃ। প্রা-বাং] বি. বাখান দ্রঃ। ২। বিণ. বিস্তৃত ; বৃদ্ধিপ্রাপ্ত। প্র—"কলার মান্দাস গেল হইয়া বাখানি।" —ক্ষেমানন্দ।

বাখারী—বাঁখারি দ্রঃ।

বাগ (গ্) [সং—ব্যাঘ্র হইতে গ্রা] বি. ব্যাঘ্র। স্ত্রী. বাগিনী।

বাগ (গ্) [সং—বর্গ ; প্রাকৃ—বগ্গ হইতে] বি. বর্গ। ২। পথ। ৩। দিক্। প্র—"যে বাগে পড়য়ে জল সেই বাগে ছাতা। ধরিয়া সুবুদ্ধি লোক রক্ষা করে মাথা॥"—ঘনরাম। ৪। পশ্চাৎদিক ; পিছন। প্র—"এক ধরিল আগে এক ধরিল বাগে। পাটের ডুরি ধার দিল পরমেসরের আগে॥"—শূন্য-পুরাণ। ৫। মুখ। প্র—"ঢক ঢক করি ঢেঁকি উঠাইল বাগ। দোকাঠি বাজাযে চলে বলে লাগ লাগ॥"—শিবায়ন। ৬। কৌশল ; ব্যবস্থা ; গোছ। প্র—বেশ বাগ করে কাজ করা। **বাগ করা**—আয়ত্ত করা। ২। কৌশল করা। ৩। সুবিধা করা ; বিলি করা ; গোছ করা। **তাগবাগ**—লক্ষ্য এবং কৌশল। **বাগেবাগে**—দিকে দিকে ; চতুর্দ্দিকে ; সর্ব্বত্র। প্র—"ডাক কৃষ্ণ অনুরাগে ফিরিছে শমন বাগে বাগে"—বাং-গান।

বাগ (গ্) [ফা—বাগ্] বি. উদ্যান। **বাগ-বাগিচা**—ক্ষুদ্র বৃহৎ উদ্যান ; ছোট বড় বাগান। প্র—"তাঁহার সুদৃশ্য অট্টালিকা বাগ বাগিচা, তালুক ও অন্যান্য ঐশ্বর্য্য সম্পত্তি হওয়াতে"—টেকচাঁদ।

বাগড়া (গ্) [সং—ব্যাঘাত হইতে] বি. বিঘ্ন ; প্রতিবন্ধক।

বাগধারা (গ্) [বাক্—ধারা (প্রণালী)] বি. কথা বলিবার বিশেষ প্রণালী ; ভাষাভঙ্গী ; idiom. প্র—"পূর্ব্ববঙ্গ ও পশ্চিম বঙ্গে যে দুইটি বিভিন্ন বাগ্‌ধারা (idiom) আছে, তন্মধ্যে একটীকে ছাড়িয়া দিয়া অপরটীকে সর্ব্বত্র প্রচলিত করা।"—চন্দ্রনাথ বসু।

বাগডোর (গ্, র্) [বাগ—ডোর] বি. ঘোড়ার লাগাম ; রাশ। ২। বৃষ, মহিষাদির নাক ফোঁড়া দড়ী। প্র—"বৃকোদর বৃষের বিচিত্র সাজকারি। শিবের সাক্ষাতে দিল বাগডোর ধরি॥"—শিবায়ন।

বাগদি, বাগদী (গ্) [বকদ্বীপ (বঙ্গের মেদিনীপুরস্থ পরগণাবিশেষ) হইতে বক্‌ডী তাহার উচ্চারণ বিকারে বাগদী—বাগদী এবং বগড়ী হইয়াছে। ইহা বকরাক্ষসের রাজ্য এবং বাগদী জাতির আদি বাসস্থান বলিয়া উক্ত। এই জাতির এক শাখা ওড়িশায় বাগুটী নামে অভিহিত। যেমন তামলিপ্তির অনন্তর বংশ তামিল জাতিতে পরিণত বলিয়া অনুমিত হয়] বি. নিম্ন শ্রেণীর হিন্দু জাতিবিশেষ। প্র—"তোর বাপ বাগ্‌দি হয়েছে ছাড়ি মোকে। তার ঠাঁই যেয়ো নাই ছুঁয়ো নাই তাকে।"—শিবায়ন। "বাসরে বিফল করি বাগ্‌দির বালা"—ঐ। স্ত্রী. **বাগ্‌দিনী**—বাগ্‌দী জাতীয়া স্ত্রী। ২। কিরাতিনী। প্র—"হর বলে হে সই এগুলা কেন লব॥ বাগ্‌দিনী বলে সয়া তোমায় আমায় খাব॥ কিরাতিনী কথা শুনি কর্ণে দিল হাত। চুপি চুপি চন্দ্রচূড় চিন্তে জগন্নাথ॥"—শিবায়ন।

বাগাটিয়া, বাগাটে—বাখাটিয়া দ্রঃ।

বাগাড় (ড্) [প্রাদে। বাগা—আড়] বি. অতি বৃহৎ জাতীয় আড় মাছ। ইহারা ওজনে প্রায় একমণ দেড় মণ হইয়া থাকে।

বাগাড়ম্বর (র্) [বাগ্ + আড়ম্বর। বাক্যের আড়ম্বর—৬তৎ] বি. বাগ্‌জাল ; বাক্‌কৌশল ; বাক্যের ঘটা।

বাগাৎ [আ—বাগ্ শব্দের বহুবচনে] বি. উদ্যান-সমূহ ; উদ্যানাদি ; বাগবাগিচা। ২। [আদাঃ পরিঃ] উদ্যানভূমি ; যে জমী উদ্যানে পরিণত করা হয়।

বাগাতি [আ—বাগাৎ + ই (হিন্দী)] বি. উদ্যানজাত ফলাদির আদায়। ২। উদ্যানের উপর যে কর বসান হয় : ফলকর।

বাগান (ন) [আ—বাগ্ এবং সং—উদ্যান এই দুইয়ের মিশ্রণে বাগান শব্দের উৎপত্তি ; অথবা আ—বাগাৎ (উদ্যান সমূহ) শব্দের উচ্চারণ বিকারে। ত = ন] বি. উদ্যান ; উপবন : যে ক্ষেত্রে ফল ও পুষ্প বৃক্ষের চাষ হয়। **বাগান বাগিচা**—বাগ বাগিচা দ্রঃ। **ফুল বাগান**—পুষ্পোদ্যান। **বাগান বাড়ী**—উদ্যানবাটিকা ; বাগান মধ্যস্থ বা বাগান সংলগ্ন বাড়ী।

বাগান, বাগানো (নো) [বাগ (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি)]। উ-পু—বাগাই। ম-পু—বাগাও। প্র-পু—বাগায়। অস-ক্রি—বাগাইতে ; বাগাইয়া ; বাগিয়ে] ক্রি. আয়ত্ত করা ; বশীভূত করা। ২। বিলি করা ; বন্দোবস্ত করা ; শৃঙ্খলা সম্পাদন করা। ৩। মোড় ফেরান ; ঘুরান। ৪। ফেরান ; আঁচড়ান। প্র—"আদপাকা চুলেতে তেড়ি বুরুষে বাগানো"—হেম বন্দ্যো।

বাগারু [বাগাড়ম্বর হইতে গ্রা—বাগাড়ু বাগারু। যাহার কথার স্থিরতা নাই] বিণ. বাগাড়ম্বর-কারী ; যে জন বাক্য দিয়া নিরাশ করে ; কথার ধোকড়।

বাগাল (বা, ল্) [গ্রা। বাগ (ব্যাঘ্র)—আল—আইল (বাঁধ)—যে গো এবং বাঘের মধ্যে বাঁধ স্বরূপ বাঘের মুখ থেকে গোরুকে বাঁচায়] বি, গোরক্ষক ; রাখাল।

বাগালি [বাগাল+ই (বৃত্তি অর্থে)] বি, বাগাল-বৃত্তি ; রাখালি।

বাগিচা, বাগীচা [ফা—বাগীচা (বাগ অপেক্ষা ছোট)] বি, ক্ষুদ্র উদ্যান ; ফুল ও ফলের বৃক্ষ সমন্বিত ছোট বাগান। প্র—"বাগীচা কি বনে বৃক্ষাদি সকল।"—বাং-গান।

বাগি, বাগী, বাঘী [সং—বঙ্ক্ষণ (কুঁচকী)] উরুসন্ধি বা কুচকীতে উৎপন্ন উপদংশাদিজনিত দূষিত স্ফোটক ; বাঘ ; bubo.

বাগীশ (শ্) [বাচ্ (বাক্য) ঈশ (ঈশ্বর)—৬তৎ] বি, পুং, বাক্যবিশারদ ; বাগ্মী। ২। বাকপতি ; বাচস্পতি। ৩। বৃহস্পতি। ৪। ব্রহ্মা। ৫। মঞ্জুঘোষ। স্ত্রী, বাগীশা—বাগ্‌দেবী ; বাণীশ্বরী।

বাগীশ্বর (বাগীশ্‌শর্) [বাচ্ (বাক্য) ঈশ্বর (অধিপতি)—৬তৎ] বি, পুং, বাগীশ দ্রঃ। স্ত্রী, বাগীশ্বরী—বাক্যের অধীশ্বরী ; সরস্বতী। সম্বোধনে—বাগীশ্বরি। প্র—"উর দেবি সরস্বতি ; স্তবে কর অনুমতি বাগীশ্বরি বাক্যবিনোদিনি!"—অন্নদামঙ্গল।

বাগুড়া [বল্কল হইতে প্রাদে উচ্চারণ বিকারে বাকলা—বাকড়া—বাকুড়া পরে বাগুড়া ক্ষুদ্রার্থে, বাগুড়ি। প্র—"ঝড়ে যেন ভাঙ্গি পড়ে কলার বাগুড়ি"—কৃত্তিবাস] বি, কলা গাছের সবৃন্ত পত্র ; বাইল। প্র—"কলার বাগুড়া"—কবিকঙ্কণ। ২। গুপারি গাছের বাইল বাহ বা ডাল। [দ্রঃ—কলাগাছের বাইল যাহা শুকাইয়া ক্রমে বল্কলে পরিণত হয় তাহাকে বাস্না বলে]।

বাগুরা [বা (সূত্র বিস্তার করা) + উর (অধিকরণে সংজ্ঞার্থে) 'গ' আগম—আ (স্ত্রী) সূত্রের বিস্তার করে যাহাতে] বি, স্ত্রী, মৃগ বন্ধনের জাল ; ফাঁদ। প্র—"তনয়ে বাগুরাজাল সমর্পিয়া বহুকাল সুখে ভুঞ্জে কিরাতনন্দন।"—কবিকঙ্কণ। "নিষ্ঠুর ব্যাধের মত বিস্তারি বাগুরা শত মোহিয়ে মধুর রবে বিপাকে ফেলিলে।"—বাং-গান। ২। অস্ত্রবিশেষ।

বাগুরিক (ক্) [বাগুরা+ইক (ণ্) যে বাগুরা দ্বারা জীবন যাত্রা নির্ব্বাহ করে] বি, পুং, পশুবন্ধনজাল-প্রসারক ; জালিক ; ব্যাধ।

বাগুলা [প্রাদে। বাগুড়া দ্রঃ। ড্ =ল] বি, কলাগাছের কিম্বা সুপারি গাছের বাইল, বাহু বা ডাল। প্র—"লাঙ্গুল তোলয়ে সিংহ মাথার উপর। কলার বাগুলা যেন কম্পিত কেশর।"—কবিকঙ্কণ।

বাগ্‌জাল (ল্) [বাক্ (বাক্য) জাল (বিস্তার) অধিক কথা বলা—৬তৎ] বি, ক্লী, বাগাড়ম্বর।

বাগ্‌ডম্বর (র্) [বাক্—ডম্বর (আড়ম্বর) বি, বাগাড়ম্বর ; বাগ্‌জাল।

বাগ্‌দণ্ড [বাক্—দণ্ড, ৩তৎ] বি, তিরস্কার।

বাগ্‌দত্তা [বাক্—দত্তা, বাক্যদ্বারা দত্তা, ৩তৎ] বি, স্ত্রী, বিবাহের পূর্ব্বে যে কন্যাকে কোন পাত্রে সম্প্রদান করা হইবে বলিয়া কন্যাকর্ত্তা কর্ত্তৃক প্রতিশ্রুতি দান করা হয়।

বাগ্‌দরিদ্র (দোরিদ্রো) [বাক্য বিষয়ে দরিদ্র, ৭তৎ] বিণ, পরিমিতভাষী ; অল্পভাষক। ২। যে বাক্যসম্পদে হীন ; যাহার উপযুক্ত বাক্য যোগায় না ; বাক্য বলিতে অক্ষম।

বাগ্‌দল (ল্) [বাক্ (বাক্য) দল (পত্র বা সমূহ (৬তৎ) বি, ক্লী। ওষ্ঠাধর। ২। বাক্যাবলী [বিরল]।

বাগ্‌দান (ন্) [বাক্ (বাক্য) দান (দেওয়া) —৬তৎ] বি, ক্লী, কন্যার বিবাহের পূর্ব্বে তাহাকে নির্দ্দিষ্ট পাত্রে সম্প্রদান করিবার প্রতিশ্রুতি।

বাগ্‌দুষ্ট [বাক্যদ্বারা—দুষ্ট (পাবাপ)—৩তৎ] বিণ, দূষিত বাক্য প্রয়োগ হেতু বিকৃত ; অনুচিত বা নিন্দিত বাক্যে দূষিত। ২। [বাক্ (বচন—আপ্তবাক্য বা ঋষিবাক্য) তদ্দ্বারা দুষ্ট (নিন্দিত) ৩তৎ] শাস্ত্রীয় বাক্য-নিন্দিত প্রত্যবায়জনক।

বাগ্‌দেবী [বাক্ (বাক্য) দেবী (দেবতা)—৬তৎ] বি, স্ত্রী, বাক্যের অধিষ্ঠাত্রী দেবী ; বাগীশ্বরী ; সরস্বতী।

বাগ্‌দেবতা [বাক্ (বাক্য) দেবতা, ৬তৎ] বি, স্ত্রী, সরস্বতী।

বাগ্বাদিনী [বাগ্বাদিন্+ঈপ্ (স্ত্রী)] বি, স্ত্রী, বাগ্‌দেবী ; সরস্বতী। প্র—"বাগ্বাদিনী করে বীণা—মূর্ত্তি বিহসিতাস্য"—ভারতী, ৩৬বর্ষ।

বাগ্বৈদগ্ধ্য (বাগ বৈদগ্‌ধ) [বাক্ (বাক্য) বৈদগ্ধ্য (চতুরতা)—৬তৎ] বি, ক্লী, বাক্-কৌশল ; বাক্‌চাতুর্য্য ; বাক্যপ্রয়োগ বিষয়ে পাণ্ডিত্য।

বাগ্মী (বাগ্‌মি, বাগ্‌গিঁ) [বাগ্মিন্—বাক্ (বাক্য)+মিন্—(অস্ত্যর্থে) যে পরিমিত সার বাক্য বলিবার কৌশল জানে] বিণ, সুবক্তা ; orator. ২। বাক্‌কুশল ; বাকপটু। ৩। বি, পুং, বৃহস্পতি।

বাগ্যত (জত) [বাক্ দ্বারা যত (সংযত, মৌনী)—৩তৎ] বিণ, মৌনব্রতী ; মৌনী।

বাঘ (ঘ্) [ব্যাঘ্র শব্দজ] বি, ব্যাঘ্র। স্ত্রী, বাঘী, বাঘিনী। প্র—"সেই বনে ছিল এক রূপী নামে বাঘী।"—ঘনরাম। "মূঢ় যে ঘাঁটায় সপে হেন বাঘিনীরে।"—মেঘনাদ। বাঘের আড়ি—বাঘের ন্যায় বলবান শত্রুর আক্রোশ বা বৈরতা অতি ভয়ানক ; না-ছোড়-বান্দা শত্রুর শত্রুতা। বাঘ আঁচড়া—বাঘের গায়ের পাটকিলা চামড়ার উপর লম্বা লম্বা কাল আঁচড়ের মত দাগযুক্ত। ২। বাঘের নখের আঁচড়ের দাগযুক্ত ; বাঘে আঁচড়ান। ৩। আঁকোড় গাছ। বাঘনখ—বাঘের নখ জড়িত পদক বা ধুক্‌ধুকি। ২। বহির্গত-নখ বাঘের থাবার আকৃতি অস্ত্রবিশেষ ; ব্যাঘ্রনখযুক্ত স্বর্ণালঙ্কার। বাঘে ছুঁলে আঠার ঘা—বাঘের দাঁতে ও নখে এমন বিষ আছে যে একবার অঙ্গ স্পর্শ করিলে নানা স্থানে ক্ষত হয় (তাহা হইতে) যেবিষয়ে একবার লিপ্ত হইলে নানা বিপদে বা ঝঞ্ঝাটে পড়িতে হয়। বাঘের মাসী—বিড়াল। ২। নির্ভীক। বাঘের মাসী হওয়া—[সকলের ভীতি স্বরূপ বাঘ যাহার বহিন-পো তাহার ভয় নাই] ভয়-শূন্য হওয়া ; নির্ভীক হওয়া ; কাহাকেও কেয়ার না করা। প্র—"বাপের বাড়ী এসে বাঘের মাসী হয়েছেন।" "ক্ষীমাগী যেখানে যায় বাঘের মাসী হয়—ছুটো পয়সার পান আনতে গেছে সেই পথ।" বাঘের ঘরে ঘোগের বাসা—ঘোগ দ্রঃ।

বাঘছড়ি (বাঘ্‌ছোড়ি) [বাঘ—ছড়ি, চর্ম্ম হইতে চম্‌ড়ি—পরে ছড়ি] বি, ব্যাঘ্রচর্ম্ম ; বাঘের ছাল। প্র—"বসন না মিলে পরিধান বাঘছড়ি" —মহা (আদি)।

বাঘছাল, বাঘছালা (ঘ্, ল্) [বাঘের ছাল (চর্ম্ম)—৬তৎ] বি, ব্যাঘ্রের চর্ম্ম ; বাঘের চামড়া। প্র—"বিভূতি ভূষিত অঙ্গ পরি বাঘছালা।"—অন্নদামঙ্গল।

বাঘজাল (ঘ্, ল্) [বাঘ (ধরিবার) জাল] বি, যে জালে বাঘ ধরা যায়। প্র—"বাঘ জালে বেন্ধে আন শার্দ্দূল দুর্জ্জনে।"—ঘনরাম।

বাঘথাবা (ঘ্) [বাঘ—থাবা—৬তৎ] বি, বাঘের থাবা বা পাঞ্জা। ২। বিস্তৃত করতল।

বাঘবন্দী (বাঘ্‌বোন্দি) [বাঘ—বন্দী] বি, বাঘ যাহাতে বন্দী হয় ; বাঘজাল। ২। ছক-কাটিয়া তাহাতে ঘুঁটির খেলাবিশেষ।

বাঘহাথা [বাঘ—হাথ (থাবা)+আ (সাদৃশ্যে)] বি, হাত বাঁধিবার বাঘ থাবার আকৃতি চর্ম্ম-বন্ধনী। তুল—হাতকড়ি। প্র—"হাথে বাঘ-হাথা দিল গলায় জিঞ্জির।"—কবিকঙ্কণ।

বাঘা [বাঘ+আ (বৃহদর্থে, (২) গ্রা প্রয়োগে] বি, বাঘ। ২। বিণ, বড় ; বৃহৎ। বাঘা হামা—দুই করতল ও দুই পদতলের উপর ভর করিয়া চলন ; বড় হামাগুড়ি। প্র—ছেলেটা বাঘা-হামা দিয়ে যাচ্ছে।

বাঘাটিয়া, বাঘাটে [বাঘা—ট (অবজ্ঞার্থে)+ইয়া (যুক্তার্থে)] বিণ, বাঘবৎ ; তেজাল। প্র—যেমন আদাড়ে কচু তেমনি বাঘাটে তেঁতুল।

বাঘাড় (ড়্) [প্রাদে, মালদহ। বাঘ পশু মারিয়া খাইতে খাইতে যেখানে হাড় জমা হইয়া গিয়াছে] বি, যে স্থানে মৃত পশু ফেলা হয় ; ভাগাড়।

বাঘাম্বর (র্) [বাঘের ছালের অম্বর (বস্ত্র) —৬তৎ] বি, ব্যাঘ্রচর্ম্মের বসন। প্র—"ফেলি বাবাম্বর হয়ে দিগম্বর কাহার ধেয়ানে আছ নিগমন।"—বাং-গান॥

বাঙাল (ল্) [বাঙ্গাল দ্রঃ] বি, বঙ্গদেশ। প্র—"সোনার বাঙাল করে কাঙ্গাল, ইয়ং বাঙাল যত জনা।"—ঈশ্বর গুপ্ত। ২। পূর্ব্ববঙ্গবাসী। ৩। বিণ, একগুঁয়ে।

বাঙালি [বাঙ্গালী দ্রঃ] বি, বঙ্গবাসী। ২। বঙ্গদেশের অধিবাসী। প্র—"তাঁহার প্রতি বাঙালি মাত্রেরই ভক্তি অকৃত্রিম।"—চারিত্রপূজা।

বাঙ্খুর (র্) [সং—বঙ্কুর শব্দজ, মূলার্থ কুঞ্চিত, তাহা হইতে খর্ব্ব] বিণ, খর্ব্বাকৃতি ; বামন। **বেঁটে বাঙ্খুর**—বাঙ্খুরের মূলার্থ বক্র বা কুঞ্চিত বলিয়াই খর্ব্বাকৃতি বুঝাইতে বেঁটে এই সহচর শব্দের যোগ। স্ত্রী, **বাঙ্খুরা, বাঙ্খুরী**।

বাঙ্গলা (বাংলা) [বাঙ্গালা দেশ প্রচলিত বলিয়া এই নাম, ইহা হইতে ইং—bungalow. বি, চারিচালার ঘর।

বাঙ্গাল (বাংগাল্, বাঙাল্ [বঙ্গ (পূর্ব্ববঙ্গ) + আল (হি—ৱালা—ৱাল হইতে)—বঙ্গদেশওয়ালা। দ্রঃ—পশ্চিম বঙ্গ পূর্ব্বে গৌড় নামে অভিহিত ছিল। গৌড় বঙ্গ বলিতে আধুনিক সমগ্র বঙ্গদেশ অর্থাৎ পশ্চিম ও পূর্ব্ববঙ্গ বুঝাইত] বি, করতোয়া ও গঙ্গার পূর্ব্বাংশস্থ বঙ্গবাসী ; গৌড়ীয় যুগে বঙ্গ নামে অভিহিত প্রদেশের অধিবাসী ; পূর্ব্ববঙ্গবাসী। অধুনা ভাগীরথীর পূর্ব্ববর্ত্তী চট্টগ্রাম হইতে আরাকানের বিভাগরেখা পর্য্যন্ত ভূভাগের অধিবাসী। প্র—"কান্দেরে বাঙ্গাল ভাই বাফোই বাফোই, কুক্ষণে আসিয়া প্রাণ বিদেশে হারাই।" "আর বাঙ্গাল কান্দে শোকে শিরে দিয়ে হাত। হলদী গুড়া হারাইল হকুতার পাত॥" "এইরূপে শোকে কান্দে যতেক বাঙ্গাল। জনমের মত সবে হইনু কাঙ্গাল॥"—কবিকঙ্কণ। ২। [প্রাদেশিক প্রতিযোগিতা জনিত ঈর্ষার বশে প্রথমে ব্যঙ্গচ্ছলে এবং ক্রমে তাচ্ছিল্য মিশ্রিত বিদ্রূপার্থে ব্যবহৃত। বাঙ্গাল শব্দের অপব্যবহার চৈতন্য দেবেরও পূর্ব্ব হইতে প্রচলিত ছিল। গঙ্গার পশ্চিম তীরবর্ত্তী অধিবাসিগণ পূর্ব্বতীরস্থকে এমন কি উত্তর পূর্ব্ব বঙ্গের লোককেও বাঙ্গাল বলিয়া থাকেন। আবার নদীয়ার লোক শ্রীহট্টের বা যশোহরের, যশোহরের লোক ঢাকার, ঢাকার লোক শ্রীহট্টিয়া বা চট্টগ্রামীকে বাঙ্গাল বলিয়া থাকেন। এইরূপে বাঙ্গাল শব্দের কদর্থ প্রচলিত হইয়া গেলে পূর্ব্ব বঙ্গবাসীরাও পশ্চিম বঙ্গের লোকদিগের প্রতি "পশ্চিমা বাঙ্গাল" এই বিদ্রূপোক্তি করিতে থাকেন] আনাড়ী ; অজ্ঞ। ৩। একগুঁয়ে। স্ত্রী, **বাঙ্গালনী**। বিণ, **বাঙ্গালিয়া, বাঙ্গালে** (গ্রা)।

বাঙ্গালা [গ্রা, দ্রুত উচ্চারণে—বাঙ্গলা, বাংলা, বাঙলা। আইন-ই—আকবরীতে আছে—"নামি আস্‌লি বাংলা বঙ্গ" অর্থাৎ বাঙ্গালার আসল নাম বঙ্গ। আবুল ফজলের মতে বঙ্গ পূর্ব্বে আল বা আড়াল দিয়া ঘেরা ছিল বলিয়া বাঙ্গাল এই নাম। মতান্তরে বঙ্গ + আলয় = "বঙ্গালয়।" অপভ্রংশে বাঙ্গালা। তাঞ্জোরে ১১ শতাব্দীতে উৎকীর্ণ প্রশস্তিতে আছে "বঙ্গলম্," তাহা হইতে বাঙ্গালা। পূর্ব্বে এই সমগ্র প্রদেশ করতোয়া ও গঙ্গার দ্বারা বিভক্ত হইয়া পশ্চিমাংশ গৌড় এবং পূর্ব্বাংশ বঙ্গ নামে অভিহিত ছিল। মোগল শাসনকালে মিলিত "গৌড়বঙ্গ" বাঙ্গালা নাম প্রাপ্ত হয়] বি, বঙ্গদেশ ; বঙ্গভাষাভাষীদিগের বাসভূমি ; যতদূর বঙ্গভাষা কথিত হয় অধুনা সেই সমস্ত স্থান বাঙ্গালার অন্তর্ভুক্ত। পরিঃ দ্রঃ। প্র—"কহ মানসিংহ রায় গিয়াছিলা বাঙ্গালায় কেমন দেখিলা সেই দেশ।"—ভারতচন্দ্র। ২। বঙ্গদেশবাসীদিগের মাতৃভাষা ; বঙ্গভাষা।

বাঙ্গালি, বাঙ্গালী [বাঙ্গাল (বাঙ্গালা অর্থে) + ই, ঈ (অধিবাসী অর্থে)। তুল—পঞ্জাব হইতে পঞ্জাবী ; নেপাল হইতে নেপালী, বিহার হইতে বিহারী ইত্যাদি। "বাঙ্গাল" বলিলে যেরূপ পূর্ব্ববঙ্গবাসীকেই বুঝায় তদ্রূপ "বাঙ্গালী" বলিলে কিন্তু পশ্চিম বঙ্গবাসীকেই বুঝায় না। বাঙ্গালী বলিলে সমগ্র বঙ্গদেশের মধ্যে যে কোন অধিবাসী, জন্ম ও সংস্কারগত সম্বন্ধে বাঙ্গালা দেশ যাহার স্বদেশ এবং বাঙ্গালা ভাষা যাহার মাতৃভাষা এরূপ ব্যক্তিকে বুঝায়। বঙ্গের অধিবাসীর "বাঙ্গালী" নাম মুসলমান রাজত্ব কালে প্রচলিত হয়। সেন বংশীয় রাজাদিগের আমলে তৎপূর্ব্বে রাঢ়ীয়, বারেন্দ্র প্রভৃতি ও গৌড়ীয় নামে অভিহিত হইত] বি, বঙ্গদেশবাসী ; বাঙ্গালাদেশের অধিবাসী। "বাঙ্গালিরা কত ভাল পশ্চিমার ঘরে। পান পানী খানা পিনা আয়েব না করে॥"—অন্নদামঙ্গল। স্ত্রী, **বাঙ্গালিনী**।

বাঙ্গী [প্রাদে, বগুড়া] বি, ফুটী।

বাঙ্গী [সং—বিহঙ্গিকা—"ভারযষ্টিঃ। বাঁক ইতি ভাষা"—শব্দকল্পদ্রুমঃ] বি, স্ত্রী ভারবাহকদিগের স্কন্ধে যে ভার যষ্টি থাকে ; বাঁক। ২। ভার।

বাঙ্গীদার (র্) [বাঙ্গী (দ্রঃ) + দার (ফা)] বিণ, ভারবাহক ; ভারি। ২। বি, ভারবাহী ভৃত্য। বি, **বাঙ্গীদারী**—ভারবহনের কর্ম্ম। ২। ভারবাহকের মজুরি।

বাঙ্মতী (বাংমোতি) বি, স্ত্রী, হিমালয় হইতে উদ্ভূতা নদীবিশেষ।

বাঙ্মন (বাংমন্) [বাক্ + মন] বি, বাক্য এবং মন। প্র—"তুমি ব্রহ্ম পরজ্যোতি, বাঙ্‌মনোনিগূঢ় অতি, স্থূল সূক্ষ্ম চরাচর সব।"—শিবায়ন।

বাঙ্ময় (বাংময়্) [বাক্ (বাক্য) + ময় (ময়ট্—পূর্ণার্থে)] বিণ, বাক্যাবলী দ্বারা প্রস্তুত ; শব্দাত্মক। ২। বি, অলঙ্কার শাস্ত্র। স্ত্রী, **বাঙ্ময়ী**—বিণ, শব্দাত্মিকা। ২। বি, সরস্বতী।

বাঙ্মাত্র (বাংমাৎত্র) [বাক্ + মাত্র] বিণ, কেবল বাক্যমাত্র ; কথার কথা ; অসার। প্র—"এ সব বাঙ্মাত্র—প্রমাণ কোথায়"—টেকচাঁদ।

বাঙ্মুখ (বাংমুখ্) [বাক্ (বাক্য) মুখ (আরম্ভ, উপক্রম)—৬তৎ] বি, ক্লী, বাক্যারম্ভ ; অবতরণিকা ; মুখবন্ধ।

বাচ (চ্) [বাছ দ্রঃ] বি, নৌকার অগ্রগমনে প্রতিযোগিতার ক্রীড়া ; বাচখেলা। ২। [সং—নির্ব্বাচন হইতে। বাছ দ্রঃ] বি, নির্ব্বাচন। ৩। নির্ব্বাচন করিয়া লইবার পর যাহা অবশিষ্ট পড়িয়া থাকে। প্র—লোকে ভাল ভাল আম গুলি বাছিয়া লইয়াছে এখন সব বাচ পড়িয়া গিয়াছে।

বাচক (ক্) [বচ্ (বলা) + অক (কর্ত্তৃ—ণক) যে বলে] বিণ, কথক ; পুরাণপাঠক। ২। বোধক ; দ্যোতক ; অর্থপ্রকাশক।

বাচকানি (চ্) [বাচ্চা (দ্রঃ), গ্রা-উচ্চারণ বিকারে বাচ্‌কা (হি—র অনুকরণে, তুচ্ছার্থে) + নি (ক্ষুদ্রার্থে)] বি, নিতান্ত শিশু। প্র—ও একটা বাচকানি বই ত নয়, ওকে এত দূর আনিলে কেন? ২। [বাচ্চা—কানি (বস্ত্রখণ্ড)। প্রাদে—**বাচকান, বচুকনা**] বি, ছোট গামছা। ৩। ছোট ছেলের কাপড়।

বাচড়া (চ্) [বৎস হইতে হি—বাচ্চা—তুচ্ছার্থে ড়া যোগে—বাচড়া। তুল—বাচ্‌কানি] বি, অশ্বশাবক ; ঘোড়ার বাচ্চা। ২। [প্রাদে] পতিত জমি।

বাচন (ন্) [বচ্ ধাতু ণিজন্ত—বাচি (বলা) + অন (ভাবে)] বি, বলন ; কথন। ২। বলান। ৩। জানান।

বাচনক (ক্) [বাচন (দ্রঃ) + ক (স্বার্থে)] বি, প্রহেলিকা।

বাচনিক (ক্) [বচন + ইক্ (ইদমর্থে)] বিণ, কথাপ্রমাণ ; মৌখিক।

বাচবিচার (চ্, র্) [বাচ (নির্ব্বাচন) ও বিচার] বি, ন্যায় এবং অন্যায়ের মধ্যে নির্ব্বাচন। ২। বিচারদ্বারা নির্ব্বাচন এবং কর্ত্তব্যাকর্ত্তব্য বা ধর্ম্মাধর্ম্ম বিচার। ক্রি, **বাচ বিচার করা**।

বাচস্পতি (বাচশ্‌পোতি) [বাচঃ (বাক্যের) পতি (প্রভু) অলুক্—৬তৎ] বি, পুং, বৃহস্পতি। ২। বাক্যশাস্ত্রবিশারদ পণ্ডিত। ২। বিণ, বাক্‌পটু।

বাচস্পত্য (বাচশপোৎত) [বাচস্পতি+য (ঞ্য, ভাবে)] বি, স্ত্রী, বক্তার বৃত্তি; বাগ্মিতা; বাক্‌পটুত্ব। ২। পণ্ডিত তারানাথ তর্কবাচস্পতি প্রণীত প্রসিদ্ধ সংস্কৃত অভিধান।

বাচা [বাচ্ (বাক্য)+আ (স্ত্রী)] বি, স্ত্রী, বাক্য।

বাচা [সং—বাচ। বৈদ্যকে—বাচা] পাব্‌দা-জাতীয় আঁইষ হীন গোঁফযুক্ত মৎস্যবিশেষ। প্র—"ইচা বাচা চাঁদা চেলা বাতাসী বোয়াল।" —বাল্যশিক্ষা।

বাচা [সং—বৎসা হইতে গ্রা—হি—বাচা। প্র-বাং-য় বিরলপ্রয়োগ] বি, বৎস। প্র—"ওরে বাচা তোরে মহাতুষ্ট হইলাম আমি।" —শিবায়ন।

বাচা (ব্‌া) [বাচ (দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি) গ্রা। উ-পু—বাচি। ম-পু—বাচ, বাচুন; বাচ্। প্র-পু—বাচে; বাচেন। অস-ক্রি—বাচিতে; বাচিয়া; বেচে। ণিজন্ত—বাচান (নো)] ক্রি, নির্ব্বাচন করা।

বাচাই [বাচা (নির্ব্বাচন করা)+ই (ভাব বা কর্ম্ম অর্থে)] বি, নির্ব্বাচন। ২। বিণ, নির্ব্বাচিত। **বাচাই করা**—নির্ব্বাচন করিয়া পৃথক করা। ২। বিণ, যাহা নির্ব্বাচন করা হইয়াছে; নির্ব্বাচিত; বাচা।

বাচান (নো) [বাচ+আন (ক্রি-বিভক্তি)। উ-পু—বাচাই। ম-পু—বাচাও। প্র-পু—বাচায়। অস-ক্রি—বাচাইতে; বাচাইয়া, বাচায়ে, বাচিয়ে] ক্রি, বলান; বলাইয়া লওয়া। প্র—কথাটা তাহার মুখ দিয়া একবার বাচাইয়া লও। ২। স্পষ্ট করা; পরিস্ফুট করা। প্র—"বিবরণ বাচায়ে বলিল বারে বারে।"—ঘনরাম। ৩। [পূ-বঙ্গের উচ্চারণে] বাঁচান; জীবন দান করা।

বাচাল (ল্) [বাচ্ (বাক্য)+আল (আধিক্যার্থে)] বিণ, প্রলাপী; বহুভাষী। ২। যে অনর্থক অনেক কথা বলে; প্রগলভ।

বাচিক (ক্) [বাচ্+ইক (ণ্—নিষ্পাদ-নার্থে)] বিণ, বাচনিক; বচননিষ্পাদ্য; বচনসাধ্য। ২। প্রমুখ। **বাচিক পত্র**—সংবাদ পত্র। ২। চিঠি।

বাচ্চা [সং—বৎস। হি—বাচ্চা] বি, বৎস। ২। শিশু। ৩। [লক্ষণায়] বিণ, অজ্ঞ। **বাচ্চা কাচ্চা**—ছোট ছোট ছেলে পুলে; কচি কচি ছেলে মেয়ে।

বাচ্য (বাচ্‌চ) [বচ্ (বলা)+য (ঘ্যণ্, কর্ম্মে)] বিণ, যাহা বলিবার যোগ্য; যাহা বলিতে হইবে; কথ্য। ২। অভিধেয়। ৩। [ব্যাকরণে] কর্ত্তৃ, (২) কর্ম্ম, (৩) করণ, (৪) সম্প্রদান, (৫) অধিকরণ, (৬) অপাদান, (৭) ভাব ও (৮) কর্ম্ম-কর্ত্তৃ এই আটপ্রকার বাচ্য। বি, **বাচ্যতা**।

বাচ্যমান (বাচ্‌চমান্) [বচ্ (ণিচ্—বাচি—বলা)+আন (শ্—কর্ম্মে) যাহা বলিতেছে] বিণ, বক্ষ্যমাণ; কথ্যমান। ২। প্রকাশ্যমান। ৩। নিন্দনীয়।

বাছন (ন্) [সং—নির্ব্বাচন হইতে] বি, নির্ব্বাচন; পৃথক করণ; বাছাই। ২। পসন্দ; মনোনয়ন।

বাছনদার (ন্,র্) [বাছন+ফা—দার্] বিণ, যে বাছাই করে; নির্ব্বাচক। বি, **বাছন-দারী**।

বাছনি [সং—বৎস হইতে বাছা+নি (ক্ষুদ্রার্থে, আদরার্থে) আ লোপ] বি, বৎস; বাছা। প্র—"হাসিয়া কহেন দেবী শুনরে বাছনি।"—অন্নদামঙ্গল। "মরি মরি বাছনি কানাই"—পদাবলী।

বাছনি [সং—নির্ব্বাচন হইতে বাছন—বাছ+নি (কৃতার্থে)] বি, নির্ব্বাচন; পৃথক্ করণ। প্র—"এত বলি দিব্য অস্ত্র করিল বাছনি"—কাশী-মহা-শান্তি।

বাছা [সং—বৎস হইতে] বি, বৎস; শিশু। প্র—"লোকে হবে জানাজানি আমা লয়ে টানা-টানি মজাইবে পরের বাছায়।"—অন্নদামঙ্গল। ২। স্নেহপাত্র; আদরের সম্বোধন। প্র—"নারে বাছা জল খেলে হবে তোর মহাপাপ" —অশোকগুচ্ছ।

বাছা [বাছ (দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি)। উ-পু—বাছি। ম-পু—বাছ; বাছুন্; বাছ্। প্র-পু—বাছে; বাছেন। অস-ক্রি—বাছিতে; বাছিয়া, বেছে। ণিজন্ত—বাছান (নো)] ক্রি, নির্ব্বাচন করা। ২। পৃথক্ করা। ৩। পরিষ্কার করা। ৪। বিণ, নির্ব্বাচিত। **বাছা বাছা**—নির্ব্বাচিত; সর্ব্বোৎকৃষ্ট। **বাছাধন**—প্রিয় বৎস; অতিপ্রিয় সম্বোধন। **বাছার বাছা**—নাতি; নাতিনী।

বাছাই [বাছা+ই (কর্ম্ম অর্থে)] বি, বাছার—কর্ম্ম; নির্ব্বাচন। **বাছাই করা**—অনেকের মধ্য হইতে পৃথক্ করিয়া লওয়া। প্র—"সঙ্কর নিতান্ত অধিক হইয়া উঠিতে থাকিলে, বাছাই করা দুঃসাধ্য হয়।"—চারিত্র-পূজা (রবি)।

বাছান (নো) [বাছা ধাতুর ণিজন্তরূপ] ক্রি, নির্ব্বাচন করান; পৃথক্ করান।

বাছুনি [বাছনি দ্রঃ। প্রাদে—উচ্চারণ ভেদে বাচুনি] বি, বৎস; বাছা। প্র—"কাহার বাছুনিরে নিছুনি লয়ে মরি"—ভারতচন্দ্র। ২। নির্ব্বাচন।

বাছুর (র্) [সং—বৎসতর হইতে। তুল—হি—বাছড়া] বি, গোবৎস। প্র—"বাছুর হারায়ে বনে ব্যগ্র যেন গাই"—ঘনরাম।

বাছুরী [সং—বৎসতরী হইতে] বি, স্ত্রী, গোরুর স্ত্রী-বৎস। প্র—"শ্রীদাম সুদাম সঙ্গে বাছুরী চরাব।"—বলরাম।

বাছেবাছ, বাছের বাছ [বাছের মধ্যে বাছ] বি, নির্ব্বাচিতের মধ্যে যাহা উৎকৃষ্ট; বাছা বাছা। প্র—"জীয়ন্ত মানুষ তারা গিলে বাছে বাছ। কৃষাণ যেমন ধরে উজানের মাছ॥"—কবিকঙ্কণ।

বাজ (জ্) [বজ্ (গমনে)] বি, বেগ। ২। পক্ষ; ডানা; পাখা। ৩। বাণের পাখা। ৪। শব্দ। ৫। ঘৃত। ৬। বাজা; বাজনা; বাদ্য। প্র—"নানা বাজ উতরোল বাজএ সুভ বেলা।"—শূন্যপুরাণ। ৭। বাজপাখী; শিকারী পাখীবিশেষ; hawk. প্র—"পদ নখ হননে বধিছে যবনে খগগণ যেমন বাজে।"—অন্নদামঙ্গল। ৮। [বজ্র হইতে] অশনি; বজ্র। প্র—"না বুঝিয়া করে কাজ, তার মুণ্ডে পড়ে বাজ"—চণ্ডীদাস।

বাজ (জ্) [ফা—বাজ্] বিণ, পরিপক্ব; অভ্যস্ত, বা পটুঅর্থক প্রত্যয়। প্র—মকদ্দমাবাজ; মামলাবাজ; কলমবাজ। ২। কারী অর্থক প্রত্যয়। প্র—জলদীবাজ; নেশাবাজ।

বাজখাঁই [বাজখাঁ (তন্নামক ব্যক্তি)+ই (ইয়া) গ্রা—বাজখেঁয়ে] বি, অতি কর্কশ ও শ্রুতি-কটু। প্র—বাজখেঁয়ে গলায় গান ধরেছে।

বাজন (ন্) [সং—বাদন হইতে, দ=জ] বি, বাদ্যবাদন; বাদ্যধ্বনি। ২। বাদিত হওন; ৩। বিণ, বাজিবার উপযোগী; যাহা বাজে; বাদ্যকারী; ঝাঁঝর। প্র—"বাজন নূপুর পায়" —গোবিন্দদাস। "যদি মোরে ছাড় প্রভু আমি না ছাড়িব। বাজন নূপুর হয়ে চরণে বাজিব।"—কৃত্তিবাস।

বাজনা (জ্) [হি] বি, বাদ্য। ২। বাদ্যধ্বনি।

বাজপেয় (জ্) [বাজ (ঘৃত—যাহা দেবতা কর্ত্তৃক পেয়) যাহাতে—বহু] বি, যজ্ঞবিশেষ।

বাজপেয়ী (জ্) [বাজপেয়িন্ বাজপেয়+ইন্ (অস্ত্যর্থে) যাহার বাজপেয় যাগ আছে অর্থাৎ বাজপেয় যাগের কর্ত্তা] বি, পুং, যজুর্ব্বেদ-শাখা-ধ্যেতা। ২। যাজ্ঞিক ব্রাহ্মণের উপাধিবিশেষ।

বাজবহরী, বাজবৈরী [বোধ হয় সাধারণ বাজপক্ষীর বৈরী বলিয়া এই নাম। গ্রা—বাজ-বৌরী] বি, প্রসহবর্গের পক্ষিবিশেষ। সাধারণ বাজ অপেক্ষা দীর্ঘ ও বলবান। ২। হস্তা। ৩। মহাবিঘ্ন।

বাজরা (জ্) [বজরা দ্রঃ] বি. ভারবাহী নৌকাবিশেষ ; বজরা। ২। বড় ঝুড়ী ; ঝাঁকা ; বোঝা লইবার চওড়া ঝোড়া। প্র—"লাস বেশ পান ফুলে সাজায়ে পসরা। সহকারী সঙ্গে বসে ভিতর বাজরা॥"—ঘনরাম। ২। [হি—বাজ্‌রা, গ্রা—বার্‌া] ধাগুজাতীয় কৃষিজাত শস্যবিশেষ। প্র—হিন্দুস্থানের দরিদ্র লোকেরা প্রায়ই জনারি বা জওয়ার এবং বাজরার রুটী করিয়া আহার করে।

বাজসনেয় (জ্‌ শ) বি. পুং. যজুর্বেদ সম্বন্ধীয়।

বাজসনেয়ী (বাজ্‌শনেঈ) [বাজসনেয়িন্ শব্দ] বি. যজুর্বেদের অংশ বিশেষের অধ্যেতা।

বাজা [হি—বাজ্‌না। উ-পু—বাজি। ম-পু—বাজ। প্র-পু—বাজে। অস-ক্রি—বাজিতে : বাজিয়া. বেজে। ণিজন্ত—বাজান] ক্রি. বাদিত হওয়া ; ধ্বনিত হওয়া। প্র—"জননীর দ্বারে আজি ওই শুন গো শঙ্খ বাজে!"—রবি। ২। আরম্ভ হওয়া ; সংঘর্ষ হওয়া। প্র—"বাণ পুত্র সহিত বাজিল তার রণ"—শিবায়ন। "পরস্পর এয়োগণে বাজিল কন্দল"—ভারতচন্দ্র। ৩। উপস্থিত হওয়া। প্র—যাত্রা আসি বাজিল 'ওড়ন ষষ্ঠী' নামা"—চৈতন্য ভাগবত। ৪। আঘাত করা ; বিদ্ধ হওয়া : বেঁধা। প্র—"বক্ষে বেজেছে বিদ্যুৎ বাণ স্বপ্নের জাল ছেদিয়া"—রবি। ৫। প্রহর বাদ্য করা। প্র—ঘড়িতে কত বাজিল। ৬। অসঙ্গত বোধ হওয়া ; কর্কশ বা অপ্রীতিকর বোধ হওয়া। প্র—কবিতার ছন্দঃপতন বা সংগীতের স্বরবিপর্য্যয় হইলেই কাণে বাজে। ৭। [ব্রজ] বাজে ; বাজিতেছে। প্র—"অবিরত কিঙ্কিণী কঙ্কণ বাজ"—বিদ্যাপতি। বাজত—বাজিতেছে ; বাজে। প্র—"বাজত দ্রিগি দ্রিগি ধোদ্রিম দ্রিমিয়া"—বিদ্যাপতি।

বাজান (নো) [হি—বাজানা। বাজা ধাতুর ণিজন্তরূপ। উ-পু—বাজাই। ম-পু—বাজাও ; বাজান্ ; বাজা। প্র-পু—বাজায় ; বাজান্। অস-ক্রি—বাজাইতে ; বাজাইয়া, বাজায়ে ; বাজিয়ে] ক্রি. বাদ্য করা। প্র—"চিরদিন তোমার আকাশ তোমার বাতাস আমার প্রাণে বাজায় বাঁশী।"—রবি। "বাজাও শঙ্খ হুলুরব কর বধূরা"—রবি। ২। শব্দ করা। প্র—গাল বাজান। ৩। সুসম্পন্ন করা সম্পাদন করা ; হাসিল করা। ৪। জিজ্ঞাসা করা। প্র—"কিন্তু নিবেদন এক এখন বাজাই"—ঘনরাম। কাজ বাজান—কার্য্য হাসিল করা ; কাজ গুছান ; কৃতকার্য্য হওয়া। প্র—সে আপনার কাজটি ঠিক বাজাইয়া আসিয়াছে। "হাট বাজারের বেলা হলো কাজ বাজায় কে নাইকো মালী"—গান। গাল বাজান—শিবপূজান্তে বম বম শব্দ করিয়া তর্জনী ভিন্ন অঙ্গুলি চতুষ্টয়ের আঘাতে কপোলদ্বয়ে বাদ্য করা। ঢাক বাজান—প্রচার করা, গুপ্ত বিষয় সাধারণে প্রকাশ করিয়া দেওয়া।

বাজাপ্ত, বাজাপ্তা—বাজেআপ্ত দ্রঃ।

বাজার (র্) [ফা—বাজার্] বি. ক্রয় বিক্রয় স্থান ; হাট ; পণ্যবীথিকা market. বাজার করা—বাজারে গিয়া দ্রব্যাদি ক্রয়করণ। প্র—"পূর্ব্বমত বাজার করিয়া আনি দিল"—ভারতচন্দ্র। বাজার খরচ—বাজার করিবার জন্য ব্যয়। বাজার গরম—বাজারের বিক্রেয় দ্রব্যাদির মূল্য বৃদ্ধি ও কাটতি অধিক। বাজার চড়া—জিনিস পত্রের মূল্য বৃদ্ধি বাজার দর—বাজারে যে মূল্যে দ্রব্যাদি বিক্রয় করা হয় বা ক্রয় করিতে পাওয়া যায় ; বাজার ভাও। বাজার নরম—বাজারের জিনিস পত্রের মূল্য হ্রাস ও বিক্রয় অল্প। বাজার বসা—হাট বসা ; এক স্থানে বিবিধ পণ্যের দোকান সাজান ; নানা দ্রব্যের দোকানদারগণের এক স্থানে বিক্রয়ার্থ উপবেশন করা। বাজার ভাও—বাজারের ভাব ; জিনিস পত্রের মূল্যের অবস্থা। প্র—যে রকম বাজার ভাও পড়েছে, তাহাতে লোকের সংসার চলা ভার। ২। [প্রাদে] ওলাউঠা রোগ। বাজার মন্দা—বাজারের বিক্রেয় দ্রব্যাদির মূল্য হ্রাস।

বাজারিক, বাজারে [ফা—বাজারী] বিণ. বাজার সংক্রান্ত। ২। যে বাজারে বাজারে ঘোরে। ৩। যে বাজার করে। ৪। বাজারের নিতান্ত সাধারণ ও সুলভ ; হেটো ; নিকৃষ্ট ; খেলো।

বাজারু [ফা—বাজারী—হি বাজারু] বিণ. নিকৃষ্ট উপকরণে প্রস্তুত অল্পদামী খেলো জিনিস যাহা বাজারে সচরাচর পাওয়া যায়।

বাজি [ফা—বাজী] বি. ইন্দ্রজাল। ২। খেলা ; কৌতুক ; ক্রীড়া। ৩। লীলা ; জীবলীলা ; ভবের খেলা। প্র—রামপ্রসাদ।

বাজি [প্রা-বাং ; সং—ব্যাজ হইতে] অ. জন্য : লাগিয়া ; তরে। প্র—"অস্ত্রগৃহে অস্ত্র বাজি হারাইবে প্রাণ।"—মহা-কাশী।

বাজিকর, বাজিকার, বাজিগর (র্) [বাজি (দ্রঃ) + কর (যে করে)] বি. ঐন্দ্রজালিক ; যাহারা নানা প্রকার হস্তলাঘব, ভেল্কী প্রভৃতি দেখায়। ২। যাহারা পুতুলা নাচ দেখায়।

বাজিভোর—বাজীভোর দ্রঃ।

বাজিমাৎ [বাজি (খেলা) মাৎ (জয়)] বি. খেলায় জিৎ ; জয়লাভ। প্র—"ফিক্র" দানে, এক ভাড়াতে, কল্লে বাজিমাৎ।"—হেম বন্দ্যো।

বাজী [বজ্ (গতি অর্থে) + অ (ঘঞ্—ভাবে) = বাজ (গমন) যাহার আছে, এই অর্থে ইন্ = বাজিন্ ১মা, ১ব] বি. পুং. যে পৃষ্ঠে করিয়া অন্যকে গমন করায় ; তুরগ ; অশ্ব। প্র—"পদাতি বারণ বাজী রত্ন সিংহাসন"—কবিকঙ্কণ। ২। বাণ। ৩। গ্রহ। ৪। পক্ষী। ৫। ভেল্কী। প্র—"এ সব পরীক্ষা বাজী ইথে কেহ নহে রাজি সবার ধরিমু পদে পাণি।"—কবিকঙ্কণ। ৬। দাগা ; ধোঁকা ; ফাঁকি। প্র—"ছিছি মন ভ্রমরা দিলি বাজী। কালীপাদ পদ্ম সুধা ত্যজে বিষয় বিষে হলি রাজি॥"—বাং-গান। "শয়তানে বাজী দিল না পেয়ে কোরাণ।"—অন্নদামঙ্গল। ৭। লীলা ; জীবলীলা ; ভবের খেলা। প্র—"এবার বাজী ভোর হইল"—রামপ্রসাদ। ৮। পণ। প্র—বাজী রেখে খেলা।

বাজীকন্যা (বাজিকোন্‌ন্যা) বি. শোলার স্ত্রীমূর্ত্তি।

বাজীকরণ [বাজিন্ (অশ্ব)—করণ—মধ্যে ঈ (চ্বি, অভূততদ্ভাবার্থে)] বি. রতিশক্তিবর্দ্ধক ঔষধ ও প্রক্রিয়াদি।

বাজীভোর (র্) [বাজী (লীলা) ভোর (অবসান)] বি. লীলাশেষ ; ভবলীলার অবসান। ২। কালাত্যয়।

বাজীমাৎ—বাজিমাৎ দ্রঃ।

বাজু [সং—বাহু অথবা ভুজ শব্দ হইতে বাজু আসা অসম্ভব না হইলেও ইহা মুসলমান যুগে ব্যবহারে আসিয়াছে সুতরাং ফা—বাজু (বাহু, পক্ষ) শব্দজ] বি. বাহুভূষণ। ২। দ্বার খট্টাদির দক্ষিণ ও বাম প্রান্ত ভাগের কাষ্ঠখণ্ড : প্র—"কুন্দনন্দিনী খাটের বাজুতে মাথা রাখিয়া ভূতলে বসিয়াছিল"—বিষবৃক্ষ। ৩। বাহু। ৪। পক্ষ ; ডানা।

বাজুবন্দ, বাজুবন্ধ [বাজু দ্রঃ] বি. বাহুবন্ধনী ; বাহুভূষণ : তাগা জাতীয় গহনা ; বাজু ; অঙ্গদ। প্র—"নানা ছন্দ বাজুবন্দ হেম ঝাঁপাঝুরি। পরিয়া পাইল শোভা পরম সুন্দরী॥"—শিবায়ন।

বাজে (আ—বাজ্] বিণ. অকেজো। ২। অপদার্থ। ৩। অনাবশ্যক। ৪। অপরাপর : অপ্রধান। প্র—"খোষাল করিল যত বাজে বীরগণে"—ঘনরাম। বাজেআদায়—নির্দ্দিষ্ট আদায় ব্যতীত অন্যান্য বিষয় অর্থ সংগ্রহ। বাজে কথা—অপ্রয়োজনীয় কথা ; অদরকারী কথা। ২। লঘুবাক্য ; যে বাক্যের কোন মূল্য নাই। ৩। মিথ্যা কথা ; অযথার্থ কল্পিত কথা। বাজে খরচ—অনাবশ্যক ব্যয় ; যে খরচ না হইলে চলে। ২। সামান্য কথা ; সামান্য বিষয়ে খরচ। বাজে জিনিস—অকেজো জিনিষ ; অপ্রয়োজনীয় দ্রব্য। বাজে জমা—অনির্দ্দিষ্ট এবং সামান্য

সামান্য বিষয়ে লাভ ও সঞ্চয়। নিজ জমার অতিরিক্ত আয়। বাজে জমি—যে জমি হইতে আয় হয় না। ২। নিষ্কর জমি। বাজে দফা—[আ—বাজি (কোন কোন) দফা (বার)] —কখন কখন ; কোন বার। বাজেমহল —বাজে আপ্ত। প্র—"বাজেমহল হৈল ভিঙ্গা সঘনে বাজয়ে শিঙ্গা, রণ ভেরী দুন্দুভি বাজনা" —কবিকঙ্কণ। বাজে মার্কা—খেলো বা নিরেশ জিনিস ; আসল কারিকরের হাতের নহে ; নকল দ্রব্য ; ভ্যাজাল। বাজে লোক—যে সকল লোক লইয়া কাজ তাহাদের অতিরিক্ত ; বাহিরের লোকজন যাহাদের সহিত কোন সংস্রব নাই। প্র—"তুমিই বা কেন বাজে লোকের সঙ্গে কথা কও ?"—বঙ্কিম (গদ্যপদ্য)।

বাজেআপ্ত (বাজেআপ্‌তো) [ফা—বাজ্ (ফের, পুনরায়)+ইয়াফ্‌ৎ (প্রাপ্ত, মিলিত)—যাহার ছিল, পুনরায় তাহার হস্তগত হওয়া। এ অর্থে আর ইহা ব্যবহৃত হয় না] বি, রাজার অধিকারভুক্ত ; অধিকৃত। প্র—তাহার জমী জরাত সমস্তই বাজেয়াপ্ত হইয়াছে।

(বান্‌ছন্) [বান্‌ছ (বাঞ্ছা করা)+অন (ভাবে—অনট্)] বি, বাসনা ; ইচ্ছা। ২। বিণ, ঈপ্সিত।

বাঞ্ছনীয় (বান্‌ছোনিও) [বান্‌ছ্+অনীয় (কর্ম্মে) যাহাতে অভিলাষ জন্মে] বিণ, অভিলষিত ; ঈপ্‌সিত। ২। বাসনার যোগ্য ; প্রার্থনীয়।

বাঞ্ছা [বান্‌ছ+অ (ভাবে) আ (স্ত্রী)] বি, স্ত্রী, অভিলাষ ; লিপ্সা ; ইচ্ছা।

বাঞ্ছাকল্পতরু (তো) [বাঞ্ছা—কল্প—তরু] বি, অভীষ্টদাতা বৃক্ষ ; বাসনা পূর্ণকারী কল্পবৃক্ষ। ২। [বাঞ্ছাকল্পতরু স্বরূপ অর্থে] বিষ্ণু ; কৃষ্ণ। প্র—"বাঞ্ছাকল্পতরু তুমি, এই বাঞ্ছা করি আমি, চিতগামী হয়ে কর ধন্য এ জীবন।" —বাং গান।

বাঞ্ছিত [বান্‌ছ+ত (ক্ত—কর্ম্মে)] বিণ, ঈপ্সিত ; অভীপ্সিত ; অভিলষিত। প্র—"বাঞ্ছিত পরাণ পেলে প্রাণটুকু দিব ঢেলে মেগে লব মনুষ্যত্ব শ্রেষ্ঠ উপাদান।"—কাব্যকুসুমাঞ্জলি।

বাট (বাট্) [সং—বর্ত্ম—প্রাকৃ—বট্টা শব্দজ] বি, পুং, পথ ; রাস্তা। প্র—"বিবিনি বিথারিত বাট।"—বিদ্যাপতি। "সারাদিন পাখি ডাকা ছায়ায় ঢাকা তোমার পল্লী বাটে, তোমার ধানে ভরা আঙিনাতে জীবনের দিন কাটে॥"—সোণার বাংলা (রবি)। "বাট আগুলিয়া ঘাটে বুড়ি বৈসে ছলে"—ধর্ম্মমঙ্গল। "নিমিষেকে গেল সাধু যোজনেক বাট"—কবিকঙ্কণ। ২। আবৃত স্থান ; বারান্দা ; নৃত্যমন্দির। প্র—"পাষাণে রচিত কৈল চারিখান ঘাট। নানাবর্ণ পাষাণে রচিত নাচবাট॥"—কবিকঙ্কণ।

বাটকে, বাটকেমাছ (ট্) বি, বাটামাছ।

বাটখাড়া (ট্) বি, বাটখারা দ্রঃ। প্র—"ধরি সদা হাতে দাঁড়িবাটখাড়া।"—বাং গান।

বাটখারা (ট্) [হি—বট্‌খারা] বি, দ্রব্যাদি ওজন করিবার জন্য নির্দ্দিষ্ট পরিমাণ প্রস্তর বা ধাতুনির্ম্মিত ভার।

বাটন (ন্) [বাটা দ্রঃ] বি, পেষণ।

বাটনা (বাট্‌না) [সং—বর্ত্তনী (পেষণ) শব্দজ] বি, পিষিত মসলা। প্র—"কড়া পড়ল হাতে বাট্‌না বেটে"—দ্বিজেন্দ্র রায়।

বাটপাড় (ট্, ড়) [বাট—পাড়] বি, পুং, দস্যু ; রাজপথে যাহারা লুটপাট করে। প্র—"কি জানি বিচারে জিনে না জানি কি হয়। যে বুঝি চোরের ধন বাটপাড়ে লয়॥"—ভারতচন্দ্র। ২। ঠগ ; প্রবঞ্চক।

বাটপাড়ি (ট্) [বাটপাড় (দ্রঃ)+ই (বৃত্তি অর্থে)] বি, দস্যুবৃত্তি ; লুণ্ঠন ; ডাকাতি। প্র—"আমি জানি তোমাকে তুমিহ মোকে জান। বিদায় করিয়া বাটে বাটপাড়ি কেন॥" —শিবায়ন।

বাটলা (ট্) [প্রাদে। গ্রা] বি, কলাই জাতীয় শস্যবিশেষ ; বাটুলা দ্রঃ। প্র—"মুগ বাটলা আর চসিহ ইখু চাস। তবে হবেক গোঁসাই পঞ্চামর্তর আস॥"—শূন্যপুরাণ।

বাটলো, বাঁটলো (ট্) [হি—বট্‌লোই] বি, বর্ত্তুলাকার ঘটীবিশেষ।

বাটা [প্রাদে] বি, রজতশুভ্র পোনাজাতীয় ক্ষুদ্র মৎস্যবিশেষ ; cirrhina reba. কুরচিবাটা—যে বাটার আঁইষ অতি ক্ষুদ্র। খড়কে বাটা—বাটার মধ্যে সর্ব্বাপেক্ষা ক্ষুদ্র ও সরুজাতীয় বাটা। ভাঙ্গনবাটা —বাটার মধ্যে সর্ব্বাপেক্ষা বড় জাতীয় বাটা, অনেকটা খরশুলার মত আকার। রায়চারিবাটা—আকারে খড়কে বাটার মত, কেবল পেট ও পিঠে লাল ডোরা টানা থাকে।

বাটা [হি—বাট্টা] বি, শুল্ক ; লভ্য। ২। দরের তারতম্য হেতু যাহা ধরাট দিতে হয়।

বাটা [বাটী দ্রঃ। বাটী অপেক্ষা বড়] বি, তাম্বূল রাখিবার পাত্র ; পানের বাটা। প্র—"আমি আপনি সেজে বাটা ভরে দিব পাণের দোনা"—বিষবৃক্ষ।

বাটা [সং—ব্রত—হইতে বত্ত—বট—বাটা] বি, জামাতৃপূজারূপ ব্রতবিশেষ। ষষ্ঠী বাটা—জামাই ষষ্ঠী উপলক্ষে শ্বশ্রূ জামাতাকে আশীর্ব্বাদ সহ যে বস্ত্র, ফল, মিষ্টান্নাদি প্রেরণ করেন।

বাটা [হি—বাট্‌না। সং—বণ্ট্ (বিভাগ করা) ধাতুজ। উ-পু—বাটি। ম-পু—বাট ; বাটুন ; বাট্। প্র-পু—বাটে ; বাটেন। অস-ক্রি—বাটিতে ; বাটিয়া ; বেটে।ণিজন্ত —বাটান] ক্রি, ভাগ করা।

বাটা [সং—বৃৎ ধাতুজ—বর্ত্তন—বট্টন—বাটা] বি, পেষণ করা ; শিলাপট্টে পেষণ করা।

বাটালি, বাটালী [হি—বটালী] বি, কাষ্ঠচ্ছেদক অস্ত্রবিশেষ। কোরবাটালি—কাঠ কাটিয়া গোল ছিদ্র করিবার যন্ত্র। এক কোণেবাটালি—(গ্রা—এককেনে) এক দিকে কোণ আছে এমন বাটালি। গেবে বাটালি—কাঠে বড় গর্ত্ত করিবার বাটালি যন্ত্র। ছিলা-বাটালি—এক পিট ঢাল গোলাল ও এক পিট চৌরশ বাটালি।

বাটিকা [বাটী+ক (অল্পার্থে)+আপ্। ঈ=ই] বি, স্ত্রী, ক্ষুদ্র বাটি ; ছোট বাড়ি।

বাটী [হি—বট্টী] বি, কটোরা ; পেয়ালা ; cup. প্র—"সাজাও পুষ্পের থালা চন্দনের বাটী"—আশোকগুচ্ছ। জামবাটী—জাম দ্রঃ। পাথরবাটী—প্রস্তর-নির্ম্মিত কাটোরা। বাটী চালা—মন্ত্রপূত করিয়া বাটীকে গতিশক্তি দেওয়া।

বাটী [সং] বি, স্ত্রী, গৃহ ; নিকেতন ; বাড়ী।

বাটুল, বাঁটুল (ল্) [সং—বর্ত্তুল হইতে] বি, বর্ত্তুল ; গোলক ; মৃৎপিণ্ড। ২। লোহা বা সীসা প্রভৃতি ধাতুর পিণ্ড যাহা বাঁটুল থাড়া বা বাঁটুল নিক্ষেপের ধনুকের দ্বারা শত্রুর প্রতি প্রেরণ করিতে হয়। প্র—"বিহঙ্গ বাটুলে বিন্ধে, লতায় জড়িয়া বান্ধে, কান্ধে ভার বীর আইসে ঘরে।"—কবিকঙ্কণ।

বাটুলা [বাটলা দ্রঃ] বি, কলাই জাতীয় শস্যবিশেষ। প্র—"মাষ মসূরী তণ্ডুল মধুরী, বরবটী বাটুলা চিনা।"—কবিকঙ্কণ।

বাটোয়ারা [হি—বাট্‌ওয়ারা] বি, বণ্টন ; বিতরণ। ভাগবাটোয়ারা—ভাগা দ্রঃ।

বাড় (ড্) [সং—বৃদ্ধি হইতে] বি, বৃদ্ধি। প্র—"কালকেতু বড়বাড়, নিত্য কোঁড়ে ডোবা গাড়, পড়িলে উঠিতে নাহি পারি।"—কবিকঙ্কণ। "ধাবাড়ে পাখীর বাড়, জোড়ে চৌখণ্ডিয়া কাঁড়, বাঁশে বান্ধে হাঁড়িয়া চামর।" —ঐ। ২। কিনারা ; ধার ; প্রান্ত। ৩। নৌকার ডালী ; নৌকার বেষ্টন। প্র—"বসিলা নায়ের বাড়ে নামাইয়া পদ"—অন্নদামঙ্গল। ৪। বিস্তার।

বাড় (ড়) [ইং—bar] বি, দেহাস্থির ভগ্ন স্থানে সরু তক্তার বন্ধনী। প্র—পড়িয়া হাত ভাঙ্গিয়া যাওয়ায় ডাক্তার তাহার হাতে বাড় বাঁধিয়া দিয়াছেন।

বাড়ই, বাড়ুই [বি—বঢ়াই ; প্রাদে—চট্টগ্রাম ও ঢাকা] বি, সূত্রধর।

বাড়তি (ড়) [বাড় (বৃদ্ধি) + তি (ভাবে)] বি, বৃদ্ধি ; অতিরেক ; আধিক্য। প্র—"আমাদের বাঁ-দিকে কম্‌তি থাকিলেও ডানদিকে বাড়্‌তি থাকিতে পারে।"—চারিত্রপূজা। **কমতি-বাড়তি, ঘাট্‌তি বাড়তি**—ন্যূনাধিক্য ; কমিবেশি।

বাড়ন (বাড়োন্) [সং—বর্দ্ধন হইতে] বি, বৃদ্ধি ; বাড়।

বাড়ন, বাড়নি (বাড়ন্, ড়) [হি—বঢ়নী। সং—বর্ধনী হইতে] বি, সম্মার্জ্জনী ; ঝাড়ু ; ঝাঁটা।

বাড়ন্ত (বাড়োন্তো) [হি—বাঢ়ন্ত্। বাড (বৃদ্ধি) + অন্ত (কর্ত্তৃ)] বি, যে বৃদ্ধি পাইতেছে ; বৃদ্ধিশীল। প্র—আসিয়াছে পূর্ণিমার বাড়ন্ত জোয়ার"—ফুলরেণু। ২। [বাড় (সীমা) + অন্ত (শেষ)] শেষ ; সমাপ্ত। প্র—চাল বাড়ন্ত। [দ্রঃ—চাউল হিন্দু সংসারে লক্ষ্মী বলিয়া বিবেচিত সুতরাং চাউল ফুরাইয়াছে ইহা বলা সংস্কারবিরুদ্ধ। এইজন্য শেষ বা সমাপ্ত অর্থে "বাডন্ত" শব্দের প্রয়োগ। ইহা ইং—euphemismএর অনুরূপ]। ৩। ছড়াল ; ছিয়াল। প্র—বাড়ন্ত গড়ন।

বাড়ব (ব্) [বড়বা (সমুদ্রাশ্ব) + অ (অণ্) (তাহার এই অর্থে) 'আ' আগম] বি, পুং, সমুদ্রগর্ভস্থ অগ্নি। ২। [বড়বা (ঘোটকী) + অ (ণ্) সমূহার্থে] বি, ক্লী, বড়বাসমূহ। ৩। বিণ, বড়বা সম্বন্ধীয়।

বাড়বা [বাড়ব (দ্রঃ) + আ (স্বার্থে)] বি, বড়বানল। প্র—"বিষম বাডবা অনল মাঝারে আমারে ডারিয়া দিল"—চণ্ডীদাস।

বাড়বাগ্নি, বাড়বানল (ল্) [বাড়ব (সমুদ্র ঘোটক সম্বন্ধীয়) অগ্নি, অনল (আগুন)—কর্ম্মধা] বি, পুং, সমুদ্রগর্ভস্থ অগ্নি।

বাড়বেয় [বড়বা + এয় (এয়ণ—তাহার এই অর্থে) 'আ' আগম] বি, পুং, বাড়বাগ্নি। ২। [বাড়বা (অশ্বিনীকুমারের মাতা) + এয় (ণ্) অপত্যার্থে] বি, পুং, অশ্বিনী কুমারদ্বয়।

বাড়ব্য [বড়বা + য (যণ্—সমূহার্থে) 'আ' আগম] বি, পুং, ব্রাহ্মণসমূহ। ২। [বড়বা + য (যণ্—তাহার এই অর্থে) 'আ' আগম] বিণ, বাড়বা সম্বন্ধীয়।

বাড়া [বাড় দ্রঃ] বিণ, বর্দ্ধিত ; অধিক। প্র—"জনক হইতে স্নেহ জননীর বাড়া।"—ভারতচন্দ্র। "রুগ্ন ভগ্ন গৃহ-ছাড়া, তারে জননীর বাড়া, কত যত্ন"—অশোকগুচ্ছ। ২। অতিরিক্ত।

বাড়া [বাটা দ্রঃ। ট=ড়] ক্রি, অন্ন পাত্র হইতে বাহির করিয়া ভোজন পাত্রে স্থাপন করত খাইতে দেওয়া। প্র—"আয়ী গো চিস্তে পার গোটা দুই অন্ন বাড়"—ছড়া। ভাত বাড়া।

বাড়া [বাড় (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি) উ-পু—বাড়ি। ম-পু—বাড় ; বাড়ুন ; বাড়্। প্র-পু—বাড়ে ; বাড়েন। অস-ক্রি—বাড়িতে ; বাড়িয়া ; বাড়ি (পদ্যে) বেড়ে। ণিজন্ত—বাড়ান] ক্রি, বৃদ্ধি পাওয়া। ২। অগ্রসর হওয়া ; অগ্রবর্ত্তী হওয়া। ৩। কাটা।

বাড়ান (নো) [বাড়া ধাতুর ণিজন্তরূপ। উ-পু—বাড়াই। ম-পু—বাড়াও ; বাড়ান্ ; বাড়া। প্র-পু—বাড়ায় ; বাড়ান্। অস-ক্রি—বাড়াইতে ; বাড়াইয়া ; বাড়িয়ে] ক্রি, বৃদ্ধি করা। ২। দীর্ঘ করা ; লম্বা করা। ৩। সম্বর্দ্ধনা করা ; মান্য দেওয়া। ৪। মাথায় তোলা ; প্রশ্রয় দেওয়া। ৫। বিস্তৃত করা। প্র—"হাত বাড়াইল চাঁদে"—চণ্ডীদাস।

বাড়ান (নো) [বাড়ি (লাঠি) + আন (ক্রি-বিভক্তি)—বাড়িয়ান—বাড়ান (সংক্ষেপে)। তুল—লাঠি হইতে লাঠিয়ান—লাঠান] ক্রি, বাড়ি দ্বারা আঘাত করা ; বাড়ি মারা ; লাঠান। প্র—"ভাঙ্গিব বাড়িয়া মাথা"—চণ্ডীদাস। "বাড়িয়া ভাঙ্গিল দন্ত"—কবিকঙ্কণ।

বাড়াবাড়ি [বাড়া—বাড়া (আধিক্যার্থে দ্বিত্ব) + ই (ভাবে)] বি, অত্যধিক বাড় ; অতি বৃদ্ধি। প্র—তাহার অত বাড়াবাড়ি ভাল নয়। ২। বিণ, অত্যধিক ; অতিরিক্ত।' প্র—"একে তোমার কফোনাড়ী ডুব দিও না বাড়াবাড়ি"—ঈশ্বরগুপ্ত।

বাড়ি [সং—বৃদ্ধি হইতে। বাড দ্রঃ] বি, বৃদ্ধি ; সুদ। প্র—"খন্দে নাহি নিব বাড়ি, র'য়ে ব'সে দিও কড়ি ডিহিদার না করিব দেশে।"—কবিকঙ্কণ। ২। ঋণ। প্র—"কাত্যায়নী বলে কান্ত কিছু নাই কেন। কুবেরের বাটী বীজ বাড়ী করি আন।" * * * * * * শঙ্কর বলেন বাপু সব কত দিন ; ধর্ম্ম কর ধূর্জ্জটিকে ধান্য দেহ ঋণ।"—শিবায়ন।

বাড়ি [প্রা-বাং ; আধু-প্রা] বি, যষ্টি ; লাঠি ; ঠেঙ্গা। প্র—"চারিদিকে চাহে মিশ্র হাতে বাড়ি লৈয়া।"—চৈতন্যভাগবত। "মোর অঙ্গে মারে কেহ দোহাতিয়া বাড়ি"—কবিকঙ্কণ। ২। চাবুক। প্র—"এক পদে কড়িয়ালি আর পদে বাড়ি।"—কাশী-মহা-আদি। ৩। বাঁশের কাঠিতে প্রস্তুত ঝুড়ি।

বাড়ি, বাড়িতে [করণ কারকের বিভক্তি স্বরূপ। সং—দ্বারা অপভ্রংশে। গ্রা—ব্যবহারে চলিত। তে যোগ অতিরিক্ত] অ, দ্বারা ; সাহায্যে। প্র—তাহাকে লাঠির বাড়ি খুব ঘাকতক বসাইয়া দিয়াছে। "বালক যেমন ঠেঙার বাড়িতে, পাকা আম গুলো রহে গো পাড়িতে।"—রবি।

বাড়ী, বাড়ি [সং—বাটী প্রাকৃ—বাড়ী শব্দজ] বি, গৃহ ; বসতি ; বাসস্থান। প্র—"কুবেরের বাটী বীজ বাড়ি করি আন।"—শিবায়ন। "ঐ দেখা যায় বাড়ী আমার চারদিকে মালঞ্চে ঘেরা।"—বাং-গান। "দেখে দুঃখের বাড়াবাড়ী, ফিরি বাড়ী বাড়ী মাথায় পড়ে বাড়ি কুটুম এলে।"—ঈশ্বরগুপ্ত। **বাড়ী ঘর, ঘর বাড়ী**—আশ্রয় ; বাসগৃহ এবং তৎসংলগ্ন যাবতীয় স্থাবর সম্পত্তি ; গৃহ ও গৃহসমষ্টি। **বাড়ীওয়ালা**—বাড়ীর অধিকারী বা মালিক। স্ত্রী, বাড়ীওয়ালী (গ্রা—বাড়ীউলী)—যে স্ত্রী বাড়ী ভাড়ায় খাটায়। ২। বেশ্যাবাড়ীর অধিকারিণী। **কাঁচাবাড়ী, মেটে বাড়ী**—মাটির বা বেড়ায় মাটি ধরান দেয়াল ও খোড়ো বা খোলার চালের বাড়ী। **কোঠা বাড়ী, পাকা বাড়ী**—ইট, পাথরের বাড়ী ; অট্টালিকা। **গোয়াল বাড়ী**—বাড়ীর যে প্রদেশে গরু থাকে। **রান্না বাড়ী**—বাড়ীব যে অংশে রন্ধনাগার থাকে। **বার বাড়ী ; সদর বাড়ী**—বাড়ীর যে অংশে স্ত্রীলোকদিগের অবস্থিতি ও গমনাগমন নাই। অন্তঃপুরের বাহিরের অংশ। **যমের বাড়ী**—যমালয় ; প্রেতলোক।

বাঢ় (ঢ়) [সং—বৃদ্ধি হইতে হি—বাঢ়। প্রা-বাং। আধু-বাং—বাড়] বি, বৃদ্ধি ; বাড়। ২। ["অত্যর্থে বাঢ়ং * * নিতান্তোৎকর্ষ নির্ভরা"—হেমচন্দ্র] উৎকর্ষ। ৩। [গাঢ় বাঢ় দৃঢ়ানি চ—অমর] বিণ, দৃঢ় ; গাঢ়।

বাঢ়া [বাড়া দ্রঃ। প্রা-বাং] ক্রি, বৃদ্ধি পাওয়া প্র—"তার দরশনে বাঢ়িল দ্বিগুণে পরশে ঘুচব জ্বালা।"—চণ্ডীদাস। ব্রজ—**বাঢ়ই**—বাড়ে। ২। বাড়াইয়া। প্র—"বাঢ়ই দারুণ প্রেম বধহ যুবতী"—বিদ্যাপতি। **বাঢ়ত**—বাড়ে। প্র—"যৈছন বাঢ়ত মৃণালক সূত।"—বিদ্যাপতি। **বাঢ়য়ে**—বাড়ে। প্র—"দিনে দিনে বাঢ়য়ে"—বিদ্যাপতি। **বাঢ়ল**—বাড়িল। প্র—"তব কুচ বাঢ়ল শ্রীফল জোর।"—বিদ্যাপতি। **বাঢ়াই**—বাড়াইয়া। প্র—"কানুক প্রেম বাঢ়াই।"—বিদ্যাপতি। **বাঢ়ায়ল**—বাড়াইল। প্র—"অবহি মদন বাঢ়ায়ল দীঠ।"—বিদ্যাপতি। **বাঢ়ায়লি**—বাড়াইলে।

প্র—"হামারি গৌরব তুহুঁ বাঢ়ায়লি অব টুটায়ব কে।"—চণ্ডীদাস। বাঢ়ায়া—বাড়াইয়া। প্র—"কপট পীরীতি আরতি বাঢ়ায়া, মরণ অধিক কাজে"—চণ্ডীদাস। বাঢ়ি—বাড়ে। প্র— "চান্দ কলা সম দিনে দিনে বাঢ়ি।" —বিদ্যাপতি।

বাণ [বণ্ (শব্দ করা, গমন করা) + অ (ঘঞ্) কর্তৃ—সংজ্ঞার্থে, যে বণ্ বণ্ শব্দ করিয়া শত্রু প্রতি গমন করে] বি, পুং, শর ; তীর ; ইষু। প্র—"দেয়াড় চিয়াড় বাণ করবাল খরশান ভুষণ্ডী টাঙ্গস চক্রবাণ।"—কবিকঙ্কণ। ২। বাণ রাজা। ৩। বাণনামক কবি। ৪। অগ্নি। ৫। পোড় ; আগুনের আঁচ। প্র—যদি বাছা দেহ দান, তবে দিব দশবাণ, বাছানে জুখিয়া কাচা সোণা।"—ঘনরাম। ৭। [ভাবে —ঘঞ্] শব্দ ; ধ্বনি। ৮। বন্যা : জল বৃদ্ধি। ৯। পাঁচ সংখ্যা : ৫। ১০। মারণ মন্ত্র ; মন্ত্রপূত শর ; অভিচার মন্ত্র। ১১। বঁড়সীর আকার পক্ষশীর্ষ প্রভৃতি অস্ত্র যাহাতে চড়কপূজায় পিঠ ফোঁড়া হয়। স্ত্রী, বাণা—নীলঝিণ্টী বৃক্ষ ; পুষ্প।

বাণগঙ্গা (ন্) [বাণ (শর) দ্বারা প্রকটিতা গঙ্গা—৩তৎ] বি, স্ত্রী, পুরাকালে রাবণ বাণ দ্বারা সোমেশ্বর পর্ব্বত বিদীর্ণ করিয়া জল ধারা প্রবাহিত করাইয়াছিলেন, সেই বাণ দ্বারা প্রবাহিতা জলধারা বাণগঙ্গা নামে বিখ্যাত।

বাণদণ্ড (ন্) [সং] বি, বস্ত্র বয়নের যন্ত্রবিশেষ ; বেমা।

বাণধি (ন্) [বাণ (শর) ধা (ধারণ করা) + ই (কর্তৃ, কি) যে বাণ ধারণ করে, অর্থাৎ যাহাতে বাণ রাখা হয়] বি, পুং, তূণীর ; তূণ বাণাধার।

বাণপুর (ন্, র) [বাণ (রাজা) পুর (পুরী) —৬তৎ] বি, ক্লী, বাণ রাজার রাজধানী ; শোণিতপুর।

বাণবার (ন, র্) [বাণ (অস্ত্রবিশেষ) বার (বারক)—৬তৎ] বি, পুং, ক্লী, বর্ম্ম ; কঞ্চুক : সাঁজোয়া।

বাণভট্ট (ন্) বি, পুং, প্রসিদ্ধ সংস্কৃত গদ্য কাব্য কাদম্বরী প্রণেতা মহাকবি।

বাণমুদ্রা (বান্‌মুদ্রা) বি, অঙ্গুলি ন্যাসবিশেষ। এই মুদ্রা রিপুনাশিনী।

বাণলিঙ্গ (ন্) [বাণ (বাণরাজপ্রতিষ্ঠিত) যে লিঙ্গ (শিব লিঙ্গ)—মধ্যপদলোপি কর্ম্মধা] বি, ক্লী, শিবলিঙ্গবিশেষ।

বাণা (না) বি, ধ্বজা ; পতাকা ; নিশান। প্র— "উড়ে সর্পবাণা"—অন্নদামঙ্গল। "অর্জ্জুনের সেনা, শ্বেত পীত বাণা, বিবিধ বাজনা বাজে।" কাশী-মহা-সভা। ২। [সং—বণ্ড হইতে] বালকের শিশ্ন।

বাণাশ্রয় (বানাস্‌শ্রয়্) [বাণ (শর)—আশ্রয়— ৬তৎ] বি, পুং শরাধার। ২। ধনুক ; শরাসন।

বাণাসন (বানাশন্) [বাণ—আসন—৬তৎ] বিণ, শরাসন ; কোদণ্ড।

বাণিজ (জ্) [বণিজ্ + অ (ণ্—স্বার্থে) ব = বা] বি, পুং, ক্রয়-বিক্রয়কারী ; বণিক্ ; সওদাগর। বিণ, বাণিজিক।

বাণিজ্য (বানিজ্‌জ) [বণিজ্ (বণিক্) + য (ণ্—ভাবে)] বি, ক্লী বণিকের কার্য্য ; বণিগ্‌বৃত্তি ; ক্রয়-বিক্রয়। প্র—"বৃদ্ধকাল আপনার নাহি জানি রোজগার চাসবাস বাণিজ্য ব্যাপার।"—অন্নদামঙ্গল। বাণিজ্য-বায়ু —যে বায়ু বণিকদিগের পণ্য তরীর অনুকূলে প্রবাহিত হয় ; ঈশান ও অগ্নিকোণ হইতে বহমান বায়ু ; tradewinds.

বাণিজ্যাগার (বানিজ্‌জ্যাগার্) [বাণিজ্যের (ক্রয় বিক্রয়ের) আগার (আলয়)—৬তৎ] বি, পুং, বাণিজ্যগৃহ, ক্রয়বিক্রয়ালয় ; সওদাগরী কুঠী।

বাণিজ্যালয় (বানিজ্‌জ্যালয়) [বাণিজ্যের আলয়—৬তৎ] বি, সওদাগরী কুঠী।

বাণী (বণ্ (শব্দ করা) + ই (ইণ্—কর্ম্মে) ঈ —স্ত্রী, যাহা বলা যায়] বি, স্ত্রী, কথা ; বাক্য। ২। [বণ্ + ই (ইণ্—কর্তৃ) ঈ—স্ত্রী। যে বলে] বি, স্ত্রী, বাগ্‌দেবী ; সরস্বতী। প্র— তুমি রমা তুমি বাণী যোগনিদ্রা নারায়ণী ত্রয়ী-বিদ্যা অনাদি বাসনা।"—কবিকঙ্কণ। "বাণী বিদ্যাদায়িনী"—রবি। মুখের বাণী মুখের কথা ; মৌখিক আদেশ বা অঙ্গীকার।

বাণীকার (র্) [প্রাদে] বি, যে ব্যক্তি অবৈধ কার্য্যে উৎসাহ কিম্বা সাহায্য করে।

বাণ্ডিল (বান্‌ডিল্) [ইং—bundle.] বি, পুলিন্দা ; বস্তা।

বাত (ত্) [বা (গতি) + ত (কর্তৃ—ক্ত)] বি, পুং, পবন ; বায়ু ; বাতাস। ২। [হি—বাত্] রোগবিশেষ ; "সন্ধির চতুষ্পার্শ্বস্থ সূত্রীয় ও শ্লৈষ্মিক ঝিল্লির প্রদাহ ও জ্বর সংযুক্ত বিশেষ দৈহিকবিকার ; আক্রান্ত অঙ্গ সঞ্চালনে বেদনা ও স্ফীতি সহবর্ত্তী, সন্ধি ও উহার অস্থি, পেশী, বন্ধনী স্নায়ু আদি সম্বন্ধী সৌত্রিক বিশেষ স্থায়ী প্রদাহ সংযুক্ত দৈহিক পীড়াকে বাত বলে।" —ডাক্তার কর। প্র—"বাতে বাঁকা সর্ব্ব অঙ্গ পিঠে কুঁজ ভার।"—অন্নদামঙ্গল। ২। [হি—বাত। সং—বার্ত্তা শব্দজ] বি, প্রশ্ন ; বার্ত্তা ; কথা ; উক্তি ; বাক্য ; বচন। প্র—"পুছসত্ত কুশল বাত"—মহা (শ্রীকর)। "লাজে সখীগণে না পুছয়ে বাত"—বিদ্যাপতি। "শুনিতে তাহারি বাত, পুলকে ভরয়ে গাত"—চণ্ডীদাস।

বাতকর্ম্ম (ত্) [বাত (বায়ু) কর্ম্ম (ক্রিয়া)— ৬তৎ] বি, ক্লী, অপান বায়ুর নিঃসরণ ; পর্দ্দন।

বাতকী [বাতকিন্ শব্দ] বি, বাতরোগে আক্রান্ত ; বাতরোগী।

বাতকুম্ভ—বি, গজকুম্ভের নিম্নদেশ।

বাতকেতু—বি, পাংশু ; ধুলি।

বাতগামী [বাতগামিন্—যে বাতে (বায়ুতে) গমন করে—উপপদ] বি, পুং, মৃগ। ২। পক্ষী। ৩। ঘুড়ী।

বাতগুল্ম (ত্) বি, বাত দ্বারা সঞ্জাত গুল্ম-রোগ ; বায়ুরোগ ; বাইরোগ।

বাতঘ্ন [বাত—ঘ্ন (হন্—বধ করা) + অ, কর্তৃ] বি, বাতরোগনাশক।

বাতঘ্নী (বাতোঘ্‌নি) [বাতকে যে বিনাশ করে —উপপদ] বি, স্ত্রী, অশ্বগন্ধা। ২। শালপর্ণী।

বাততুল [বাত (দ্বারা আকাশে নীত) তুলা (তুলা)—ম, প, লো—কর্ম্মধা] বি, আকাশ বুড়ীর সুতা ; শূন্যমার্গে বায়ুতাড়িত সূত্রখণ্ড।

বাতধ্বজ (বাতোধ্‌ধজ) [বাত দ্বারা চালিত ধ্বজ (ধ্বজা—পতাকা) স্বরূপ যাহার, বহু] বি, মেঘ।

বাতমণ্ডলী (মোন্‌ডোলি) [বাত—মণ্ডলী (সমূহ—আবর্ত্ত)—৬তৎ] বি, বাতাবর্ত্ত ; ঘূর্ণীবাতাস।

বাতমৃগ [সং—বাত (বায়ু) গতি যে মৃগ—ম, প, লো কর্ম্মধা] বি, অতি দ্রুতগামী ক্ষুদ্রজাতীয় মৃগ ; বাওটা হরিণ।

বাতরক্ত (ত্) [বাত দ্বারা দূষিত রক্ত] বি, দূষিত বাতরক্তঘটিত রোগবিশেষ।

বাতরক্তঘ্ন (ত্) [বাত রক্ত—ঘ্ন] বিণ, বাত রক্তরোগ নাশক। ২। বি, কুকুরশোঁকা গাছ ; কুকসিমা।

বাতরোগী (ত্) [বাতরোগিন্ শব্দ। বাত রোগ + ইন্ (অস্ত্যর্থে) যাহার বাতরোগ আছে] বিণ, বাতরোগগ্রস্ত ; যে বাত রোগে ভুগিতেছে।

বাতল (ল্) [বাত (বায়ু) লা (দান করা) + অ (ড,—কর্তৃ) যে বায়ু দান করে অর্থাৎ যাহা খাইলে বায়ু বৃদ্ধি হয়, উপপদ] বিণ, বায়ু বর্দ্ধক ; বায়ুকারক। ২। বি, চণক ; ছোলা।

বাতলান, বাৎলান (বাৎলানো) [হি— বাৎলানা। উ-পু—বাতলাই। ম-পু—বাতলাও। প্র-পু—বাতলায়। অস-ক্রি—বাতলাইতে ; বাতলাইয়া, বাতলে] ক্রি, বলা। ২। উপদেশ দেওয়া ; উপায় বলিয়া দেওয়া।

বাতসহ (ত্ শহ) [বাত (বায়ু, বাতরোগ) সহ (যে সহ্য করিতে পারে)—উপপদ] বিণ, যে বা যাহা বায়ুর ভর সহিতে পারে। ২। বি, বায়ুরোগী।

বাতা [বংশপট্ট—পাটা—বাতা] বি. খোড়ো বা খোলার চালের ঢালু মুখ যে বাঁখারীর দ্বারা বাঁধা হয়। প্র—"ওরে রান্না ঘরের রকে উঠতে ডানদিকে চালের বাতায় গোঁজা আছে।" —নীলদর্পণ। ২। বেড়া।

বাতাদ (দ্) [সং। বৈদিক] বি. বনবাদাম।

বাতাপি [বাত (বায়ু) আপি (যে প্রাপ্ত হয়) —বায়ুর ন্যায় বেগে যে লোককে আক্রমণ করিতে ধাবিত হয়] বি. রাক্ষসবিশেষ।

বাতাবি [বাতাবিয়া দ্বীপজ বলিয়া নাম] বি. বড়জাতীয় নেবুবিশেষ।

বাতায়ন (ন্) [বাত (বায়ু) অয়ন (গমনাগমন পথ)—৬তৎ] বি. ক্লী. গবাক্ষ; জানালা।

বাতারি [বাত (বায়ু) অরি (শত্রু) যাহার, বহু] বি. বাতঘ্ন। ২। বি. কদলী বৃক্ষ। ৩। ভেরেণ্ডা গাছ। ৪। [বাতের অরি, ৬তৎ] বিড়ঙ্গ।

বাতালী [বাত (বায়ু) আলী (শ্রেণী)—৬তৎ] বি. স্ত্রী. বাতাবর্ত্ত; বাত্যা।

বাতাশ্ব (বাতাশ্‌শ) [বাত (বায়ু) অশ্ব] বি. পুং. বায়ুগতি অশ্ব। তুল—"ঝড়গতি ঘোড়া"—মেঘনাদ। তুল—বাতমৃগ।

বাতাস (শ্) [সং—বাতঃ, হি—বতাস্] বি. বায়ু; হাওয়া। প্র—"ভরা গাঙ চলে কানে কান, জোর বাতাসে উঠেছে তুফান"—রবি। [দ্রঃ—সাধারণতঃ যাহাকে বাতাস বলা যায় তাহা অম্লজান (oxygen) ও যবক্ষারজান (nitrogen) এই দুয়ের মিশ্রণজাত বায়বীয় পদার্থ] ২। সংস্রব; সংসর্গ। প্র—"সুখী লোক আমার বাতাসে নাহি থাকে" অন্নদামঙ্গল। বাতাস করা—ব্যজন করা। বাতাস খাওয়া—পাখার সঞ্চালনে বায়ু সেবন করা।

বাতাসা [ফা—বাতাশা। তুল—বিম্ব, বুদ্বুদ] বি. পাককরা চিনি বা গুড়ে ফেনাইয়া প্রস্তুত মিষ্টান্ন। গুড়ে বাতাসা—গুড় হইতে যে বাতাসা হয়। ফেণী বাতাসা—চিনির রস জ্বাল দিয়া প্রস্তুত খুব বড় বাতাসা।

বাতি, বাতী [সং—বর্ত্তী, বর্ত্তিকা হইতে] বি. দীপ। প্র—"যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি"—সদ্ভাবশতক। ২। সূর্য্য। ৩। চন্দ্র। ৪। আলোক। প্র—"খুল্লনার রূপ দেখি ভাবে রম্ভাবতী। আমার খুল্লনা কন্যা আঁধারের বাতি॥"—কবিক। ৫। বায়ু। ৬। [পাতি—হইতে। প্রাবাং] বিণ. অল্প। তুল—পাতি। প্র—"কামদ ধান বুনেন পরভু জেবা বাতি জলে হয়॥"—শূন্যপুরাণ। ৭। [বাতির মত গোল ও সরু বলিয়া] সরু শাল কাঠ। মোমবাতি —মোম-নির্ম্মিত দীপ। [দ্রঃ—চর্বী নির্ম্মিত বাতিকেও সাধারণতঃ সাদৃশ্য হেতু মোমবাতি বলে]। বাতিদান—দীপাধার; যে আধারে মোমবাতি বসান থাকে। বংশে বাতি দেওয়া—স্বর্গগত পিতৃপুরুষের মঙ্গলোদ্দেশে কার্ত্তিক মাসের পিতৃপক্ষে আকাশ প্রদীপ দান করা। প্র—"একলক্ষ পুত্র যার সওয়া লক্ষ নাতি। একজন না থাকিবে বংশে দিতে বাতি॥"—কৃত্তিবাস। সাঁঝের বাতি— —সন্ধ্যাদীপ। সাঁঝ দ্রঃ। স্বর্গে বাতি— পিতৃলোকের উদ্দেশে প্রদত্ত আকাশ প্রদীপ।

বাতিক (ক্) [বাত+ইক (ণ) (প্রকোপনার্থে)] বি. বায়ুর প্রকোপ জাত রোগবিশেষ; বাই; পাগলামি। প্র—"বাতাসের বাতিকের খেলা"—ঈশ্বরগুপ্ত। "কামাখ্যা বাবু মনে মনে ভাবিলেন, ইহা একটি বাতিক"—বঙ্কিম (রাধারাণী)।

বাতিল (ল্) [আ—বাতীল্] বিণ. গ্রহণের অযোগ্য; পরিত্যক্ত; বর্জ্জনীয়। ২। অসার; মিথ্যা। প্র—"তোমার সত্তা ভিন্ন সকল বাতিল হয়"—রজনীসেন। বাতিল করা— অগ্রাহ্য করা; নামঞ্জুর করা।

বতুয়া—বথুয়া দ্রঃ।

বাতুল (ল) [বাত (বায়ু)+উল (ডুল) যাহার বাত আছে] বিণ. উন্মত্ত; ক্ষিপ্ত। ২। বি. পাগল; বায়ুগ্রস্ত ব্যক্তি। প্র—"সতী ঝি আমার বিদ্যুৎ আকার বাতুলের হৈল জায়া।"—অন্নদামঙ্গল। ৩। যাহাকে বায়ু প্রভৃতি পঞ্চভূতে আশ্রয় করিয়াছে। ৩। বাতমণ্ডল; বাত্যা।

বাতুলি [সং] বি. বাদুড়।

বাতুল (ল্)—বাতুল দ্রঃ।

বাত্যা (বাৎত্যা) [বাত+য (সমূহার্থে) আ (স্ত্রী)] বি. স্ত্রী. বায়ুসমূহ; বাতাবর্ত্ত; ঘূর্ণী বাতাস।

বাৎসল্য (বাৎশোল্‌ল) [বৎসল+য (ষ্যণ্—ভাবে)] বি. ক্লী. বৎসলতা; স্নেহ। ২। [কাব্যালঙ্কারে] বৎসল রস। [দ্রঃ—সন্তানের প্রতি—জনকজননীর যে স্বাভাবিক স্নেহ তাহার নাম বাৎসল্য বা বৎসল রস। স্নেহ এই রসের স্থায়িভাব। সন্তান আলম্বন বিভাব। তাহার উদ্যম, গুণাবলীর বিকাশ, শৌর্য্যবীর্য্যাদি উদ্দীপন বিভাব। তাহাকে আদর; তাহার অঙ্গস্পর্শ, চুম্বন, আলিঙ্গনাদি অনুভাব এবং তাহার দর্শনে হর্ষ, গর্ব্বানুভূতি প্রভৃতি সঞ্চারী ভাব]।

বাথান (ন্) [বাসস্থান শব্দের অপভ্রংশে এবং অর্থসম্প্রসারণে (তুল স্থান হইতে থান—অশ্ব যে স্থানে বাঁধা থাকে)—গৃহপালিত গবাদির বাসস্থান; গবালয়] বি. গোশালা; গো-গৃহ। প্র—"পল্লব গোপ বসে পুরে, কান্ধে ভার বিকি করে বন ভাগে বসায় বাথানে।"—কবিকঙ্কণ। ২। গোচারণের মাঠ; গোষ্ঠ। ৩। গর্ভধারণাবস্থা; আর্ত্তব। বিণ. বাথানিয়া— আর্ত্তবা গাভী; পাল লইবার মত গাভী। প্র— "ষাঁড় চাহি বুলে যেন বাথানিয়া গাই॥"— কবিকঙ্কণ।

বাথুয়া, বেথো [সং—বাস্তুক] বি. বেথোশাক; chenopodium album.

বাদ (দ্) [বদ্ (বলা)+অ (ঘঞ্, ভাবে)] বি. পুং. কথন। ২। বাদ্য। ৩। যথার্থ পরিমিত বাক্যদ্বারা পরস্পর বিচারের নাম বাদ; বিতর্ক। ৪। [পরি ও অপ উপসর্গ কিম্বা লোক প্রভৃতি শব্দের পর বাদ শব্দে নিন্দা অর্থ বুঝায়] পরিবাদ; অপবাদ; লোকবাদ। প্র—"লোকবাদ খণ্ডিবারে বনবাস দিল তারে আদেশিয়া সুমিত্রানন্দনে।"—কবিকঙ্কণ। "নানা বাদ দেয় তার বেটা।"— কবিকঙ্কণ। ৫। প্রতিবাদ; বাদানুবাদ। প্র— "সই কি আর কথার বাদে"—পদ-সা। ৬। মনোমালিন্য; বিবাদ; ঝগড়া। প্র—"মনুষ্য কি বাদে কভু পারে তার সনে।"—চৈতন্যভাগবত।

বাদক (ক্) [বদ্ (বলা) বা বদ্+ণিচ্= বাদি (বাজান)+অক (ণক, কর্ত্তৃ) যে বলে] বিণ. বক্তা। ২। বি. বাদ্যকর।

বাদন (ন্) [বদ্+ণিচ্=বাদি (বাজান)+ অন (অনট্, ভাবে)] বি. ক্লী. বাদ্যকরণ; বাজন। ২। বদ্+ণিচ্=বাদি+অন (অনট্) (কর্ম্মে) যাহা বাজায়] বাদ্য; বাদ্যযন্ত্র।

বাদর (র্) [বাদল দ্রঃ] বি. বাদল; বর্ষা। "এ ভরা বাদর মাহ ভাদর, শূন্য মন্দির মোর।" বিদ্যাপতি। "এ ভরা বাদর দিনে কে বাঁচিবে শ্যাম বিনে"—রবি। ২। মেঘ। প্র— "বাদর ভরে শশী বেকত না হোই"—বিদ্যাপতি।

বাদরায়ণ (দ, ন্) [বাদর (তীর্থস্থান) অয়ন (আশ্রয়) যাহার, বহু] বি. পুং. বেদব্যাস; কৃষ্ণদ্বৈপায়ন।

বাদরায়ণি (দ, নি) [বাদরায়ণ (ব্যাস)+ ই (ন) অপত্যার্থে। আ—আগম] বি. পুং. বাদরায়ণের পুত্র; শুকদেব।

বাদরিক (ক্) [বদর (কুল ফল)+ইক (ণ) গ্রহণার্থে]। বিণ. কুল সম্বন্ধীয়। ২। বদর ফল বিক্রয়ী।

বাদল (ল্) [বাত দ্বারা দল (দলন অথবা দলন হয় যে সময়ে) নিপাতন সিদ্ধ। সং— বার্দ্দল; হি—বাদল] বি. ক্লী. মেঘ। ২। বর্ষা। প্র—"ঠেকিছিনু বড় দায় সাত রোজ দারুণ বাদলে।"—অন্নদামঙ্গল। "মেঘ ছুটে গেল, নাইগো বাদল, আয় গো আয়।"—চয়নিকা;

৩। জরির সূতা জড়ান সোলার মটরাকৃতি গুটিকা। প্র—"ছাওনী মণ্ডপে সভা বান্ধএ বাদল মালা—শূন্যপুরাণ। **বাদলমহল**—মেঘমন্দির; রাজপুতনা প্রদেশে রাজ অট্টালিকার নাম, কারণ ঐ সকল প্রাসাদ উচ্চ উচ্চ পর্ব্বতশিখরোপরি নির্ম্মিত উদয়পুরের প্রাসাদ দুই সহস্র পাদ উচ্চ শৈলোপরি নির্ম্মিত। ঐ সকল মন্দির চূড়ায় সর্ব্বদাই মেঘাবির্ভাব হয়। ভারতবর্ষে এইরূপ শৈলশিরে রাজগৃহ নির্ম্মাণ-রীতি মনুর মতসম্মত ও অতি পুরাতন।

বাদলা (দ্) [বাদল (দ্রঃ) + আ (যুক্তার্থে)] বিণ, মেঘযুক্ত; মেঘলা। ২। বৃষ্টিপতনশীল। **বাদলা হাওয়া**—মেঘ্‌লা বাতাস; বৃষ্টি-সিক্ত বাতাস।

বাদসা (বাদ্‌শা) [ফা—বাদ্‌শাহ্, পাদ্‌শাহ্] বি, রাজচক্রবর্ত্তী; রাজাধিরাজ; সম্রাট। ২। [লক্ষণায়] অতিশয় ভোগবিলাসী। ৩। অতিশয় উদারচেতা; বদান্য।

বাদসাই [ফা—বাদসাহী] বি, সাম্রাজ্য শাসন; সম্রাটের ঐশ্বর্য্য ও সম্পদ। ২। বিণ, রাজকীয়।

বাদসাজাদা (বাদ্‌শা) [ফা—বাদশাহ্ + জাদা] বি, সম্রাটপুত্র; যুবরাজ।

বাদসাজাদী [ফা] বি, সম্রাটপুত্রী।

বাদা [আ—বাদীয়া (জঙ্গল; অকর্ষিত বিজন ভূমি)] বি, জলাভূমি; বহুবিস্তীর্ণ অকর্ষিত নিম্নভূমি।

বাদাড় (ড়) [বাদা (দ্রঃ) + ড় (ক্ষুদ্রার্থে)] বি, জঙ্গল। **বনবাদাড়**—বন জঙ্গল।

বাদানুবাদ (দ্) [বাদ (বিতর্ক) অনুবাদ (প্রত্যুত্তর)—৬তৎ] বি, পুং, বাদবিতণ্ডা; উত্তর প্রত্যুত্তর; তর্কবিতর্ক।

বাদাম (ম্) [বাতাম্র শব্দজ] বি, পুং, নেত্রোপমফল; বাতাদ দ্রঃ। **কাগজীবাদাম**—কাবুলী বাদাম। **হিজলীবাদাম**—কঠিন আবরণ ত্রিপল মোটা বাদাম। **পাতবাদাম**—দেশী বাদাম ইহাই নেত্রোপম; ইহারই নাম বাতাদ।

বাদাম (ম্) [ফা—বাদ্ (বাতাস) + ফা—বান (রক্ষক) তুল—দর্‌বান = দ্বাররক্ষক] নৌকার পাল। প্র—"এবার বাজিভোর হলো * * * দু'খানতরী নিমক ভরি, বাদাম তুলি না চলিল।"—বাং-গান।

বাদামী [বাদাম (কাগজী বাদাম) + ঈ (সাদৃশ্যার্থে)] বিণ, কাবুলী বাদামের ন্যায় বর্ণবিশিষ্ট; পাটকিলা। ২। বাদামের আকৃতিবিশিষ্ট।

বাদাল, বোদাল (ল্) [সং] বি, পুং, বোয়ালমাছ।

বাদি [সং] বি, বিদগ্ধ; পণ্ডিত।

বাদি [বাত দ্রঃ] বিণ, বায়ুবৃদ্ধিকর।

বাদিয়া, বেদে [প্রাদে—বিষবৈদ্য হইতে] বি, জাঙ্গুলিক; স্থায়ী গৃহহীন জাতিবিশেষ; বেদে; বাজিকর জাতি। প্র—"বাদিয়ার বেশ ধরি বেড়ায় সে বাড়ী বাড়ী"—চণ্ডীদাস। "গৌরীর কপালে ছিল বাদিয়ার পো। কপালে তিলক দিতে সাপে মারে ছোঁ॥"—কবিকঙ্কণ। স্ত্রী, **বাদিয়ানী, বেদেনী**।

বাদিত [বদ্ (ণিচ্) = বাদি + ত (ক্ত, কর্ম্ম) যাহাকে বলায় অর্থাৎ শব্দ করায়] বিণ, শব্দিত; ধ্বনিত; বাদন বিষয়ীকৃত।

বাদিত্র (বাদিৎত্র) [বদ্ (ণিচ্) = বাদি (বাজান) + ইত্র (কর্ম্মে) যাহাকে বাজায়] বি, ক্লী, বাদ্যযন্ত্র; বাজনা।

বাদী [বাদিন্ শব্দ] বিণ, বক্তা। ২। বিপক্ষ; প্রতিপক্ষ; প্রতিকূল; বাধাদাতা। ৩। বিচারালয়ে প্রথম বিচার প্রার্থী।

বাদুড় (ড়্) [সং—বাতুলি; ত = দ। ল = ড] বি, চামচিকার ন্যায় চামড়ার পাখাযুক্ত স্তন্যপানকারী পতঙ্গ; ইহারা ফল খায় এবং সমস্তদিন গাছের ডাল ধরিয়া অধোমুখে ঝুলিতে থাকে। সন্ধ্যার পর হইতে ইহারা আহার অন্বেষণ করিয়া উড়িয়া বেড়ায়। ইহাদের মুখ শৃগালের মুখের মত বলিয়া ইংরাজিতে বাদুড়ের নাম the flying fox অর্থাৎ ওড়ন শেয়াল।

বাদুয়া [গ্রা-বাং। সং—বৈদ্য] বি, সর্পবৈদ্য; বিষবৈদ্য; বেদে। প্র—"সাপের বাদুয়া হইয়া।"—মনসামঙ্গল (রামবিনোদ)।

বাদে [বাবদ দ্রঃ। গ্রা-বাং-য় বাবুদে, বাবদে] ক্রি-বিণ, জন্য; নিমিত্ত। প্র—"কার বাদে জল নিয়া যাও ঝারি ভরিয়া।"—মাণিকচাঁদের গান।

বাদে [সং—ব্যতীত। হি—বাদকো] অ, ব্যতীত। প্র—এ সকল কথা বাদে আর কোন কথা হয় নাই। ২। পরে। প্র—কিছুদিন বাদে। ৩। বিলম্বে। প্র—এত বাদে এলে কি আর থাকে, এখন সব ফুরাইয়া গিয়াছে। **আজ বাদে কাল**—শীঘ্র; অনতিবিলম্বে।

বাদ্য (বাদ্দ) [বদ্ (ণিচ্) = বাদি (বাজন) + য (কর্ম্মে) যাহাকে বাজায়] বি, ক্লী, বাদিত্র; বাজনা; বাদন যন্ত্র। প্র—"শ্রুত হয় কোন স্থানে, বাজে বাদ্য একতানে, আনদ্ধ, শুষির, তত, ঘন।"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)। ২। বাদনীয়; বাদনযোগ্য।

বাদ্যভাণ্ড (দ্দ) [বাদ্য (বাজনার যন্ত্র) ভাণ্ড (পাত্র)—৬তৎ] বি, ক্লী, বাদ্য যন্ত্র (সাধারণতঃ আনদ্ধ যন্ত্র)।

বাধ (ধ্) [বধ্ (বধ করা, বন্ধন করা, হিংসা করা] + অ (ঘঞ্) ভাবে)] বি, পুং, বাধা; প্রতিবন্ধ; ব্যাঘাত। ২। বাঁধ; রোধ। ৩। [ন্যায় দর্শনে] অনুমিত পদার্থের অভাববিশিষ্ট আধার; সাধ্যাভাববৎ পক্ষ।

বাধক (ক্) [বাধ্ (বাধা জন্মান) + অক (ণক, কর্ত্তৃ) যে বাধা জন্মায়] বিণ, বাধাজনক; বিঘ্নকারী। ২। বি, প্রতিবন্ধক; বিঘ্ন। প্র—"সেন বলে সাধকে বাধক নাই বটে"—ধর্ম্মমঙ্গল। ৩। সন্তান জননে বাধা প্রদায়ক স্ত্রীরোগবিশেষ; বন্ধ্যত্বরোগ।

বাধন (ন্) বি, প্রতিবন্ধকতা।

বাধা [বাধ্ (বাধা দেওয়া) + অ + আ, স্ত্রী] বি, স্ত্রী, প্রতিবন্ধক; বিঘ্ন; নিষেধসঙ্কেত। প্র—"পড়িল গোঁসাই বাধা মস্তক উপর"—কবিকঙ্কণ। ২। উপদ্রব; উৎপীড়ন। ৩। বেদনা; ব্যথা; যাতনা। প্র—বাঢ়ত বিরহক বাধা।"—বিদ্যাপতি।

বাধা [সং—বন্ধ্র] বি, পাদুকা; চর্ম্মপাদুকা। প্র—"নৈলে কেন নন্দের বাধা বহি আমি মস্তকে"—গান।

বাধান (নো) [বন্ধ্ (বন্ধনে) ধাতু হইতে। উ-পু—বাধাই। ম-পু—বাধাও; বাধান; বাধা। প্র-পু—বাধায়; বাধান। অস-ক্রি—বাধাইতে; বাধাইয়া; বাধিয়ে] ক্রি, মূল অর্থ বন্ধন করিয়া দেওয়া। তাহা হইতে জড়িত করা; ভিড়ান; আবদ্ধ করা। প্র—মামলা বাধান। ঝগড়া বাধান; যুদ্ধ বাধান। ২। লাগান; বিদ্ধ করান। প্র—হাওয়া এসে চাদরখানা কাঁটায় বাধিয়ে দিলে। ৩। সংঘটন করা; মিলান; জুটান। প্র—বিবাহের সম্বন্ধ বাধান।

বাধিত [বধ্ (বন্ধন করা, হিংসা করা) + ণিচ্ = বাধি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বাধা-প্রাপ্ত; ব্যথিত; পীড়িত। ২। নিবারিত; ব্যাহত। ৩। বশীভূত; বাধ্য; obliged.

বাধে—ক্রি, বিঘ্ন ঘটায়; প্রতিবন্ধক হয়। প্র—"তোর ভক্ত তোর ভক্তি যে যেজনে বাধে।"—চৈতন্যভাগবত। ২। বাধা দেয়; নিবারণ করে। প্র—লজ্জায় বাধে; ভয়ে বাধে। ৩। আটকায়।

বাধ্য (বাধ্‌ধ) [বাধ্ (বাধা দেওয়া) + য (য্যণ্—কর্ম্মে)] বিণ, বাধার উপযুক্ত; নিবারণযোগ্য। ২। বশীভূত; অনুগত। ৩। উদ্দেশ্য বিষয়। প্র—"স্বয়ং ভগবানের কৃষ্ণত্ব হৈল বাধ্য।"—চৈতন্যচরিত।

বাধ্যতা [বাধ্য + তা (ভাবে)] বি, স্ত্রী, বশ্যতা। ২। আনুগত্য।

বাধ্যতামূলক (ক্) বিণ, বাধ্যতা যাহার মূলীভূত কারণ; বাধ্যতাজনিত।

বান্ [সং প্রত্যয়বিশেষ] শালী; বিশিষ্ট। প্র—ধনবান, গুণবান। স্ত্রী, বতী।

বান [ফা প্রত্যয়বিশেষ] রক্ষক; keeper. প্র—ফিলবান; দরবান।

বান (ন্) [বন্ (শব্দ করা, গমন করা) +অ (ঘঞ্—ভাবে) অথবা বন্যার অপভ্রংশে] বি. নদীর জলবৃদ্ধি; বন্যা। প্র—"কুড়ে ঠাট ডুবিল তাবুতে এল বান।"—অন্নদামঙ্গল। "কপালে কঙ্কণ হানে অধীর রুধিরবানে কি হৈল কি হৈল ঘন বলে।"—অন্নদামঙ্গল। গঙ্গাজলে কূপ জলে বএ জান বান।"—শূন্যপুরাণ। ২। নৌকার দুইখানি তক্তা আড়ভাবে পরস্পর যুড়িবার জন্য যে খাঁজ কাটা হয়। **বান ডাকা**—বন্যার জলকল্লোল; জোয়ারের জলের শব্দ। **বানের জলে ভেসে আসা**—বিনামূল্যে বিনা প্রার্থনায় আসা; অযাচিত ভাবে আসা। ২। বন্যার স্রোতে ভাসিয়া আসা। **বানের জলে ভেসে যাওয়া**—বয়ে যাওয়া; রক্ষক বা আশ্রয়াভাবে বিনাশের পথে যাওয়া।

বানচাল (ন্, ল্) বি. নৌকার তলা ফুটা হওন। প্র—"পড়িয়ে ভব সাগরে ডুবে মা তনুর তরী, তরী হল বানচাল বল কি করি।"—বাং-গান।

বানপ্রস্থ (প্রোস্থ) [বান (বন সমূহ) প্রস্থ (যে প্রস্থান করে)—উপপদ] বি, পুং, হিন্দুর আশ্রমাচারধর্মের তৃতীয় আশ্রম। ২। তৃতীয় আশ্রমী।

বানর (র্) [বন (অরণ্য) রম্ (ক্রীড়া করা) +অ (ড—কর্তৃ) +অ (অণ্—সংজ্ঞার্থে) —যে বনে ক্রীড়া করে—উপপদ; কিম্বা বা (তুল্য) নর; যে নরের সদৃশ অথবা বা (কুৎসিত) নর] বি, পুং, মর্কট; বাঁদর; কপি। **বানরের গলায় মুক্তার হার**—সীতা হনুমানকে পুরস্কার স্বরূপ যে মুক্তার মালা দিয়াছিলেন হনুমান তাহা খণ্ড খণ্ড করিয়াছিল। তাহা হইতে অযোগ্য পাত্রে উৎকৃষ্ট বস্তুর আরোপ; যে যাহার মর্ম্ম বুঝে না তাহাকে সেই বস্তু দান। **বানরের ভূষণ**—মর্য্যাদাবোধ হীনের নিকট মর্য্যাদার বা সমাদরের বস্তু; বানরের গলায় মুক্তার হার দ্রঃ।

বানরিয়া, বান্দুরে [বানর+ইয়া (সাদৃশ্যার্থে) গ্রা—বান্দুরে] বিণ, বানরবৎ। ২। বানরপ্রকৃতি-সুলভ। **বান্দুরে বুদ্ধি**—কুবুদ্ধি; দুর্ব্বুদ্ধি।

বানরেন্দ্র [বানর (বাঁদর) ইন্দ্র (প্রভু)—৬তৎ] বি, পুং, বালী। ২। সুগ্রীব। ৩। হনুমান। ৪। [বানর (বাঁদর) ইন্দ্র (প্রধান)—৬তৎ] বিণ, কপিশ্রেষ্ঠ।

বানস্পত্য (বানশ্‌পোৎত) [বনস্পতি (পুষ্প ব্যতিরেকে ফলোৎপাদক বৃক্ষ)+য (ণ্য) সমূহার্থে] বি, ফলহীন মহাদ্রুম; বট অশ্বত্থ প্রভৃতি বৃক্ষ।

বানা [বণ্ড শব্দজ] বি, স্ত্রী, মেঢ্র; শিশ্ন।

বানান (নো) [হি—বনানা। উ-পু—বানাই ম-পু—বানাও; বানান্; বানা। প্র-পু—বানায়; বানান। অস-ক্রি—বানাইতে; বানাইয়া; বানিয়ে] ক্রি, তৈয়ার করা; প্রস্তুত করা। ২। গঠন করা; গড়া। প্র—"পাছে ভুলি, এই আশঙ্কায় নিজেকে উত্তেজিত রাখিবার জন্য কল বানাইবার চেয়ে ভোলাই ভাল"—চারিত্রপূজা।

বানান (ন্) [সং—বর্ণন; প্রাকৃ—বন্ন (বর্ণ) বন্নান—বানান] বি, যে সকল বর্ণ-যোগে পদ গঠিত হয় তাহাদের পৃথক্ পৃথক্ বর্ণন। **বানান করা**—পদ মধ্যস্থ বর্ণগুলি পৃথক্ পৃথক্ বর্ণন করা; বর্ণবিন্যাস বিবৃত করা।

বানায়ুজ [সং—"বানায়ুজাঃ পারসীকাঃ কম্বোজা বাহ্লিকা হয়াঃ।"—অমর] বি, ভারতবর্ষের উত্তর পশ্চিমস্থ বনায়ু দেশজাত অশ্ব।

বানি, বানী [বাণি দ্রঃ। বানানের অর্থাৎ নির্ম্মাণের পারিশ্রমিক] বি, পারিশ্রমিক। ২। অলঙ্কারাদি গড়নের মূল্য। প্র—"লক্ষমুদ্রা দিল সাধু পিঞ্জরের বাণী।"—কবিকঙ্কণ।

বানীর (র্) [সং—"বেতসে বানীর বঞ্জুলাঃ"—অমর] বি, বেতসলতা; বঞ্জুল; বেতগাছ।

বানীরক [সং] বি, শরগাছ। ২। মুঞ্জতৃণ; মুঞ্জঘাস।

বান্ত [বম্ (বমন করা)+ত (ক্ত—কর্ম্ম)] বিণ, যাহা উদ্গিরণ করা হইয়াছে; উদ্গীর্ণ। বি, বান্তি।

বান্তাদ (দ্) [বান্ত=অদ (ভোজন করা)—যে বান্তদ্রব্য ভোজন করে] বি, কুকুর; কুক্কুটাদি জন্তু।

বান্তি [বম+তি (ক্তি—ভাবে)। প্রাদে পূ-বঙ্গ—বাইত] বি, উদ্গার; বমন; বমি। প্র—"চেয়ে চন্দ্রচূড় চূণে লুণে দিল ঘসে। রক্তবান্তি করে মৈল সব গেল খসে।"—শিবায়ন। বিণ, বান্ত।

বান্তিদা [বান্তি (দ্রঃ)+দা (দায়ক)] বিণ, বমনকারক। ২। বি, কটুকীবৃক্ষ।

বান্দা [ফা—বান্দাহ্ (গোলাম)] বি, ক্রীতদাস; গোলাম; slave. ২। ভৃত্য; চাকর; servant. ৩। অনুগতজন; বশীভূতজন। ৪। দীনজন; গরীব বেচারা। **বান্দা-পরবর, পরওয়ার**—দীনশরণ; দরিদ্র—প্রতিপালক।

বান্দী [ফা] বি, স্ত্রী, ক্রীতদাসী। ২। চাকরাণী; দাসী; সেবিকা; বাঁদী।

বান্ধব (ব্) [বন্ধু (মিত্র)+অ (অণ্—স্বার্থে)। অ=আ, উ=অব] বি, পুং সুহৃদ; মিত্র; বন্ধু। ২। স্বজন; আত্মীয়। "চৌদিকে বান্ধব মেলা, গলায় তুলসী মালা গঙ্গাজলে করিল শয়ন।"—কবিকঙ্কণ। "উৎসাহভাসিত বদন মণ্ডল পঙ্কজ বান্ধবকুলে।"—হেম বন্দ্যো। ৩। জ্ঞাতি ভ্রাতা। ৪। [ব্রজ। বান্ধা দ্রঃ] ক্রি, বাঁধিব।

বান্ধা [বন্ধ্ (বন্ধন করা) ধাতুজ। উ-পু—বান্ধি। ম-পু—বান্ধ। প্র-পু—বান্ধে। অস-ক্রি—বান্ধিতে; বান্ধিয়া; বান্ধি (পদ্যে)। ণিজন্ত—বান্ধান] ক্রি, বন্ধন করা; বাঁধা। ব্রজ—**বান্ধবি**—বন্ধন করিবি। প্র—"দৃঢ় করি বান্ধবি নীবিহক বন্ধ"—বিদ্যাপতি। **বান্ধয়ে**—বাঁধে। প্র—"কবহুঁ বান্ধয়ে কচ কবহুঁ"—ঐ। **বান্ধল**—বাঁধিল। প্র—"চকিত চকোর জোর বিধি বান্ধল"—ঐ। **বান্ধলু**—বাঁধিলাম। প্র—"জাগল মনসিজ বান্ধলু চোর"—ঐ।

বান্ধিস (শ্) [হি—বন্দিশ্ (বন্ধনী)] বি, শিরোবন্ধন; পাগড়ী। প্র—"চটের বান্ধিস"—মনসামঙ্গল (বংশীবদন)।

বান্ধুলী [বন্ধুলী] বি, বাঁধুলী ফুল; বন্ধুজীবক। ইহা বেলা দ্বিপ্রহরে ফুটে ও বৈকালে শুকায় বলিয়া হি-তে "দুপহরিয়া" বলে। ইহা সাদা কাল, পীত ও লালবর্ণ ভেদে চার প্রকার। লাল বাঁধুলীর সহিত সুন্দরীর অধরের তুলনা কবি-প্রসিদ্ধি। প্র—"পরিধান পীতাম্বর অধর বান্ধুলীবর মুখ-সুধাকরে সুধাহাস।"—অন্নদামঙ্গল।

বাপ্ [বাপরে দ্রঃ] অ, বিস্ময়, ভয়, যন্ত্রণা, মনস্তাপ প্রভৃতি সূচক অব্যয়।

বাপ (প্) [বপ্ (বপনে, গর্ভাধানে, মুণ্ডনে) +অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, ক্ষেত্রে বীজ প্রক্ষেপণ; বপন। ২। নিষেক; গর্ভাধান। ৩। মুণ্ডন। ৪। [বপ্+অ (অধি)—যাহাতে বপন করা যায়] ক্ষেত্র।

বাপ (বাপ্) [বপ্র বপ্ (বপন করা)+র (কর্তৃ)—যে বীজ নিষেক বা বপন করে) শব্দজ] বি, পুং, বাবা; পিতা; জনক। প্র—"হৈল বাপ দরশন দেখি ভাই দুই জন দোঁহে কৈল চরণ বন্দন।"—কবিকঙ্কণ। ২। বৎস; বাছা। প্র—"এখন এস দেখি! ভাই সকল, দাদা সকল, বাপ সকল, আমরা সকলে কায়মনোবাক্যে ঐ চারিটি যমানুষ্ঠানের চেষ্টা করি।"—সনাতনী। **বাপতোলা**—বিদ্রূপ, ঘৃণা, নিন্দাচ্ছলে বাপের নামোল্লেখ করা; গালিবিশেষ। [দ্রঃ—রাম যদি শ্যামের বাড়ী যায়, আর শ্যামের বয়স্য হরি কলহ করিয়া রামকে বলে তুই বাড়ী থেকে দূর হয়ে যা, তখন রাম যদি হরিকে বলে 'তোর কি বাবার বাড়ী যে তুই বল্লেই যাব?' তাহা হইলে হরির বাপ তোলা হয়]। **বাপচৌদ্দ পুরুষ তোলা**—পিতা হইতে পিতামহ প্রপিতামহাদি চতুর্দ্দশ পুরুষের উল্লেখ করিয়া গালি

দেওয়া। বাপ ঠাকুরদাদা—বাপ ও বাপের বাপ ; পিতৃপুরুষ। প্র—বাপ ঠাকুর-দাদা তুলে কথা কওয়া। বাপ দাদা—বাপ ঠাকুরদাদা। প্র—বাপদাদার আমলে কখন দেখেনি। বাপ পো, বাপ বেটা—পিতা পুত্র। বাপ পিতামহ—বাপ ঠাকুর দাদা দ্রঃ। গ্রা—বাপ পিতোমো। বাপ দাদা বা বাপ পিতোমোর আমলে—পিতা পিতামহাদির সময়ে ; পূর্ব্বকালে। বাপের ঠাকুর—পরমগুরু যে পিতা, তাঁহার পিতা, সুতরাং পরমশ্রদ্ধাস্পদ। ২। অতিশয় যত্ন ও আদরের পাত্র। প্র—"কারে দিলে ধন জন মা! হস্তী অশ্বরথচয়, ওগো তারা কি তোর বাপের ঠাকুর আমি কি তোর কেহ নয়" —বাং-গান। বাপের জন্মে—বাপের জীবনে ; নিজের জীবনে ত নহেই এমন কি তাহারও পূর্ব্বে। প্র—"ওমা এমন ঘর ভাঙ্গা বেহায়া মেয়ে বাপের কালেও ত দেখিনি গো এই কথা বলিতে বলিতে গিন্নি একেবারে ক্ষিপ্রপদে কর্ত্তার নিকট উপস্থিত হইলেন।"—কলিকাল (শৈলেশ মজুমদার)। ঐরূপ বাপের বয়সে। বাপের বিয়ে দেখান—গালিবিশেষ ; জননীর মৃত্যু কামনা। ২। জন্মের রহস্য উদ্‌ঘাটন করিবার ভয় দেখান। আপনি বাঁচলে বাপের নাম—নিজে বেঁচে থাক্‌লে তবে বাপের বংশ রক্ষা সুতরাং নাম বা পিতৃপুরুষের উদ্দেশ্যে ক্রিয়া কর্ম্ম। তাহা হইতে আত্মরক্ষাই প্রধান। বাপের সাধ্য—নিজের ক্ষমতায় নহে বলিয়াই বাপের সামর্থ্যের উল্লেখ। কার বাপের সাধ্য—কাহার বাপের সাধ্য বা ক্ষমতায়ত্ত নহে।

বাপক (ক্) [বপ্ + অক (কর্ত্তৃ)—যে বপন করে] বিণ, বপনকারী ; বপন কর্ত্তা।

বাপকালি, বাবাকালে, বাবাকেলে [বাপ, বাবা (পিতার) + কালি, কেলে (কালীন, সময়ের)—পিতার কালের বা আমলের] বিণ, পিতার সময়ের, বাপের আমলের ; পৈতৃক। ২। [ব্যঙ্গার্থে] গালিবিশেষ (বাপতোলা দ্রঃ)। প্র—"কাপুর মনের কথা জানিল তখন। নিশ্চয় পলাইব তোর বাপকালি ধন॥"—কবিকঙ্কণ।

বাপদণ্ড (প্) [বাপ (বয়ন) দণ্ড (যষ্টি)—৬তৎ] বি, পুং, বয়ন-দণ্ড ; যে দণ্ডদ্বারা বস্ত্র বয়ন করে : বেমা।

বাপন (ন্) [বপ্ + ণিচ্ = বাপি (রোপণ করান বা মুণ্ডন করান) + অন (অনট্, ভাবে)] বি, স্ত্রী, অস্ত্রদ্বারা ক্ষেত্রে বীজ বপন করান।

বাপরে, বাপরে বাপ (প্, প্, প্) [হি —বাপ্পারে বাপ্পা] অ, বিস্ময়, ভয় আদি-সূচক অব্যয়। প্র—"বাপ্ রে বাপ্ কি চেহারা ভলণ্টিয়ারগণ, দাঁড়িয়ে গেছে সাঙ্গিন্ হাতে—কাঁপচে কলা বন।"—হেম বন্দ্যো। ২। ক্লেশ বা যন্ত্রণায় আর্ত্তনাদ সূচক অব্যয়।

বাপা [হি—বাপ্পা ; সং—বপ্তা। বাবা দ্রঃ বি, বাবা ; পিতা ; জনক। প্র—"মায়ের যেমন বাপার তেমন, তেমতি বরজপুরে।"—চণ্ডীদাস। ২। [বৎস শব্দজ] স্নেহপাত্র আদরের সম্বোধন। প্র—"ভ্রূভঙ্গে ভুব ভুলিয়া হয় ক্ষেপা। তাঁরে শঙ্খ দিয়া তুমি ভুলাইবে বাপা॥"—শিবায়ন।

বাপা-ঠাকুর [বাপা (পিতা) ঠাকুর (দেব সম্বন্ধার্থে)] বি, পিতৃদেব ; পিতাঠাকুর ব্রাহ্মণের প্রতি সম্ভ্রমসূচক সম্বোধন।"—ঐ স্ত্রীলোক জিজ্ঞাসা করিলেন, বাপাঠাকুর, দাঁড়াইয়া আছ কেন?"—রবি (চারিত্র-পূজা) ২। শিবের বিগ্রহবিশেষ ; পঞ্চানন। প্র—"বাপাঠাকুরের তলায় তাহারা আজ রাঁধিয়া খাইবে।

বাপান্ত, বাপন্ত (বাপোন্‌তো) [বাপ (বাপের) + অন্ত (শেষ, হদ্দ, চরম গতি = নিন্দিত গতি, দুর্গতি)—বাপের নরকের ব্যবস্থা] বি, গালিবিশেষ ; কাহাকে 'গুখেকোর বেটা' বলিলে তাহার বাপান্ত করা হয়। প্র—"উঠিতে বসিতে করি বাপান্ত"—রবি। "দিবা প্রাতঃস্নান করিয়া ফোঁটা কাটিয়া * * পূজা, হোম, তর্পণাদির অনুষ্ঠান করিলাম, কিন্তু তাহার পর সমস্ত দিন কেবল মিথ্যাচার * * * ভণ্ডামি, লোকের বাপান্ত, * * —এইরূপ নিয়ম করিয়া যদি লোকের পতন না হয়, তাহা হইলে শাস্ত্র মিথ্যা * * সকলই মিথ্যা।"—সনাতনী।

বাপি, বাপী (বাপি) [বপ্ + ই (অধি) যাহাতে পদ্মাদি বপন করা যায়] বি, স্ত্রী, জলাশয় ; দীর্ঘিকা, দীঘী।

বাপিত [বাপ + ইত (ইতচ্, অস্ত্যর্থে)—যাহার বাপ (বপন) আছে] বিণ, রোপিত ; কৃত বপন। ২। মুণ্ডিত।

বাপু [সং—বপ্তা শব্দজ। বাপ দ্রঃ] বি, স্নেহ-সূচক সম্বোধন। ২। সন্তানের প্রতি স্নেহ-সূচক সম্বোধন ; বৎস ; বাছা। ৩। বেচারা। [দ্রঃ—এই অর্থে, ব্রজ—বাপুর। প্র—"ভ্রমর বাপুর বিরহে আকুল তুঅ দরশন লাগি।"—বিদ্যাপতি। ৪। [হি—বাপ শব্দজ] বাপ ; বাবা ; পিতা। প্র—"পদ্মা বলে তুমি বাপু সংসারের সার। ঝির অপমান বাপু না দেখ একবার॥"—পদ্মাপুরাণ। "বেহুলা বলেন বাপু শুন, নিবেদন।" ৫। গুরু এবং গুরুতুল্য ব্যক্তির প্রতি সম্বোধন। প্র—"শিষ্য সব বলে বাপু এ কোন বিধান"—পদ্মাপুরাণ (বিজয়গুপ্ত)।

বাফোই [প্রাদে—পূ-বঙ্গে। বাপ্ = বাফ্। "বাপরে" "বাপ্ রে বাপ্" সংক্ষেপে বাফোই বাফোই] অ, ভয়ব্যঞ্জক শব্দ। ২। আর্ত্তনাদ ; বিলাপ। প্র—"কান্দেরে বাঙ্গাল ভাই বাফোই বাফোই। কুক্ষণে আসিয়া প্রাণ বিদেশে হারাই॥"—কবিকঙ্কণ।

বাফ্‌তা [ফা—বাফ্‌তা। ফা—বাফ্‌ৎ = বয়ন। বাফ্ = বয়নকারী। তুল—জরীবাফ্ = যে জরী বোনে ; কিনারী বাফ্ = যে লেস বা ফিতে বোনে] বি, রেশম ও কার্পাসের সূতায় বোনা কাপড়বিশেষ ; সূতা মিশ্রিত রেশমি বস্ত্র-বিশেষ।

বাব (ব্) [আ—বাব্ (অধ্যায়)] বি, গ্রন্থের বিভাগ ; পরিচ্ছেদ ; অধ্যায়।

বাব (ব্) [আ—বাবৎ] বি, বিষয় ; বিশেষ হিসাব ; রাজস্ব ; কর। প্র—"সেলামী কি বাঁশগাড়ী নানা বাবে যত কড়ি না লইব গুজরাট বাসে।"—কবিকঙ্কণ। ২। সূত্র ; ছুতা ; অছিলা ; মিথ্যাহেতু ; ওজর। প্র—তাহার কিছুই হয় নাই। খালি একটা বাব করে বসে রইল। ৩। হেতু ; কারণ ; জন্য। ৪। উপলক্ষ। ৫। অতিরিক্ত আদায়। প্র—"গরিবের ভাগ্যে যদি শস্য হয় তাজা। বাব করে সকলি বেচিয়ে লয় রাজা॥"—শিবায়ন। বাব করা—ওজর, অছিলা করা।

বাবই, বাবুই [বয়ন পটু বলিয়া এই নাম। হি—বায়া। বাং-গ্রা—বয়া] বি, বয়নপটু ক্ষুদ্র জাতীয় পক্ষিবিশেষ ; দেখিতে অনেকটা চটকের মত। তন্তুবায় যেমন টানা পড়েন দিয়া কাপড় বোনে বাবুই তেমনি লম্বা ঘাস, তাল বা খেজুর পাতা চিরিয়া তাহাতে টানা পড়েন দিয়া বাসা নির্ম্মাণ করে। ইহারা দলবদ্ধ হইয়া থাকিতে ভালবাসে : the weaver bird. ঘর থাকিতে বাবুই ভেজা—বাবুই পাখীর বাসা সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট তাহাতে বৃষ্টির সময় জল প্রবেশ করিতে পারে না কিন্তু বাবুই পাখী মূর্খতা বশতঃ বৃষ্টির সময় ঘর ছাড়িয়া বাহিরে ভিজিতে থাকে ; তাহা হইতে অবিমৃষ্য-কারিতা ; মূর্খতা।

বাবইতুলসী, বাবুইতুলসী (শি) [সং —বাবয়] বি, বনতুলসী ; সুগন্ধি উগ্রগন্ধ তুলসীবৃক্ষ।

বাবৎ, বাবত, বাবদ, বাবুদ (ত্, দ্) আ—বাবৎ = বিষয় ; হিসাব। বাব দ্রঃ] বি, বিষয়। ২। কারণ ; হেতু। ৩। হিসাব। ৪। দরুণ। ৫। অছিলা ; ওজর।

বাবদ (দ্) বাবত দ্রঃ।

বাবদূক (ব্, ক্) [বদ্ (যঙ্‌লুগন্ত) বাবদ্ (অতিশয় বলা) + উক (কর্ত্তৃ, স্বভাবার্থে) অধিক কথা বলাই যাহার স্বভাব] বিণ, বাচাল ; বাক্যবাগীশ।

বাবরি, বাবরী (ব্) [বর্ব্বর (বক্রকেশ) হইতে।—শব্দার্থচিন্তামণি। ফা—ববর = সিংহ তাহার কেশের তুল্য তরঙ্গায়িত] বি, কুঞ্চিত কেশ ; কেশতরঙ্গ। **বাবরী কাটা**—কুঞ্চিত ; তরঙ্গায়িত।

বাবর্চ্চি, বাবুর্চ্চি, বাবুর্চী [তুর্কী ববর্‌চী] বি, রন্ধনকারী মুসলমান ; মুসলমান পাচক। **বাবর্চ্চিখানা, বাবুর্চ্চিখানা, বাবুর্চীখানা**—মুসলমান পাচকের রন্ধনাগার। প্র—"মামুর হইল মোর বাবুরচিথানা"—অন্নদামঙ্গল। [দ্রঃ—খৃষ্টানগণ কর্ত্তৃক মুসলমান পাচক নিযুক্ত হয় বলিয়া খৃষ্টানদিগের পাকশালাকেও বাবর্চিখানা বলে]।

বাবলা (ব্) [সং—বর্ব্বুর হইতে বাবুল (র=ল) + আ (তুচ্ছার্থে)] বি, কণ্টকীবৃক্ষবিশেষ ; acacia arabica. এই বৃক্ষের আঠায় উৎকৃষ্ট গঁদ হয়। প্র—"বাবলা গাছে হাত লেগে আঙ্গুল গেল ছিঁড়ে"—কৃষ্ণকান্তের উইল।

বাবা [তুর্কী—বাবা (পিতা) শব্দজ। আ—আব্বা। হি—বাপ, বাপ্পা ; ইং— papa] বি, পুং,। জনক ; পিতা। ২। [বৎস হইতে] বাৎসল্যভাবে সম্বোধন ; বৎস। প্র—"কহেন শঙ্কর বিলম্ব না কর আজি চল মোর বাবা।"—অন্নদামঙ্গল। ৩। [হি—বাবা। তুল—ইং—Revd. father] বৈষ্ণব সাধু সন্ন্যাসীর সম্মানসূচক সম্বোধন। প্র—বাবা মাধোদাস। **বাবাগো**—ভয়, শোক, যন্ত্রণাদিব্যঞ্জক : অনুনয়ব্যঞ্জক। **বাবারে, বাপরে**—ভয়, বিস্ময়, শোক, যন্ত্রণাদিব্যঞ্জক ; **বাবারে বাবা, বাপরে বাপ**—আর্ত্তনাদ [ইং—bobbery —*Cal. Yule. Hobson Jobson*]।

বাবাজি, বাবজী [হি—বাবাজী, বাবাজীউ। দ্রুত উচ্চারণে "বাবাজু"। বাবা (দ্রঃ) + জী (সম্মানার্থে)] সাধু সন্ন্যাসীর উপাধি ; বৈষ্ণব সাধু এই অর্থবোধক পদ। প্র—বাবাজী ; মাধবদাস বাবাজী। ২। [বাবা, বাপা (দ্রঃ) + জী (আদরার্থে)] বি, বাপধন ; স্নেহপাত্রকে আদরসূচক সম্বোধন। প্র—"যখন দণ্ডপাণি লয়ে টানি কি করিবে ও বাবাজি"—গান।

বাবাজীবন (ন্) [ম-বাং—চিঠিপত্রের ভাষায়। হি—বাবাজী, বাবাজীউ প্রা-বাং-য় চলিত ছিল। মুসলমান আমলে তাহার স্থলে "বাবাজীবন" চলিত হয়। ইহা ফা-চিঠিপত্রাদিতে ব্যবহৃত "আব্বা জান" হইতে মুসলমানী বাং-য় গৃহীত "বাবাজান" শব্দের অনুকরণে মধ্য বাং-য় প্রচলিত হয়। এখনও চিঠিপত্রাদিতে প্রাচীনদিগের দ্বারা ব্যবহৃত হইতে দেখা যায়] বি, বাবাজি দ্রঃ।

বাবু [বাপু (বাং ও হি-তে—পিতা, সন্তান, মান্য, সম্ভ্রান্ত অর্থে) ও বাবা (ফা—বাবা—পিতা, বৃদ্ধ, মান্য, সম্ভ্রান্ত) শব্দের মিশ্রণে উৎপন্ন। মুসলমান যুগের পূর্ব্বে বাং-য় 'বাপু' শব্দেরই ব্যবহার ছিল "শুন বাপু চাষার বেটা" —খনা। মুসলমান যুগে 'বাবা' হইতে উর্দ্দুতে বাবু শব্দের প্রচলন হয় এবং ক্রমে অর্থ সম্প্রসারণ ঘটে। স্ত্রী, বিবি (দ্রঃ)] বি, পুং, পিতা, গুরু প্রভৃতি পিতৃস্থানীয় মান্যজনের প্রতি সম্বোধন বাক্য। প্র—"পদ্মা বলে বাবু তুমি সংসারের সার। ঝির অপমান বাবু না দেখ একবার॥"—পদ্মাপুরাণ (বিজয় গুপ্ত)। ২। বাপু ; বৎস ; বাছা। ৩। প্রভু ; মনিব ; কর্ত্তা। প্র—"আমাদের কপালে মোচা চিংড়ি বাবুরা খাবেন কালিয়া"—অমৃত বসু। ৪। গৃহকর্ত্তা ; গৃহস্বামী। প্র "ও বাড়ীর বাবুদের বলা হয়েছে ? ৫। ভদ্রঘরের বয়স্ক পুরুষ। প্র—"বাবুদেরও বলা হয়েছে মেয়েদেরও বলা হয়েছে। ৬। সেরেস্তাদার ; আমলা ; মসীজীবী ; কেরাণী ; clerk. ৭। ভদ্রলোকের উপাধিবিশেষ ; শ্রীযুক্ত ; মহাশয়। ইহা ইং—মিস্টার (Mr.) শব্দের তুল্য। প্র—"১৮২৬ সালে রামতনু বাবু যখন বিদ্যারম্ভ করিলেন"—শিবনাথ শাস্ত্রী। [দ্রঃ—a gentleman used as a term of respectful address like 'sir' and nearly equivalent to 'esquire'. It is sometimes used ironically."—*Haughton*] ৮। ইংরেজী শিক্ষিত ; সহরে নব্যসম্প্রদায় (প্রায়ই ব্যঙ্গার্থে)। প্র—"কেহ কিনে উপন্যাস, কেহ কিনে নবন্যাস, নূতন শিক্ষিত বাবু সব।"—চন্দন। [দ্রঃ—"অষ্টাদশ শতাব্দীর শেষ ভাগে সহরের সম্পন্ন মধ্যবিত্ত ভদ্র গৃহস্থদিগের গৃহে "বাবু" নামে এক শ্রেণীর মানুষ দেখা দিয়াছিল। তাহারা পারসী ও স্বল্প ইংরাজী শিক্ষার প্রভাবে প্রাচীন ধর্ম্মে আস্থাবিহীন হইয়া ভোগসুখেই দিন কাটাইত। ইহাদের বহিরাকৃতি * * মুখে, ভ্রূপার্শ্বে ও নেত্রকোণে নৈশ অত্যাচারের চিহ্ন স্বরূপ কালিমারেখা, শিরে তরঙ্গায়িত বাউরি চুল, দাঁতে মিশি, পরিধানে ফিনফিনে কালা পেড়ে ধুতি। অঙ্গে উৎকৃষ্ট মসলিন বা কেম্‌ব্রিকের বেনিয়ান, গলদেশে উত্তরূপ চুনট্ করা উড়ানী, ও পায়ে পুরু বগ্‌লস সমন্বিত চিনের বাড়ীর জুতা * *"—শিবনাথ শাস্ত্রী]। ৯। সুখভোগে অভ্যস্ত ; খোষপোসাকী ; বেশবিন্যাসকারী। প্র—লোকটা বাবু হয়েপড়েছে। ১০। কলিকাতাদি অঞ্চলে অনেক গৃহে ছেলেরা পিতাকে এবং স্ত্রী স্বামীর উদ্দেশে বাবু বলিয়া থাকে। ১১। বাঙ্গালী ভদ্রলোক। অধুনা শিক্ষা প্রচারের সঙ্গে ভারতবর্ষের অন্যান্য প্রদেশেও শিক্ষিত ভদ্রলোক এবং মসীজীবী অর্থে বাবু শব্দের ব্যবহার হইতেছে। **বাবুজী** [জী সম্মানার্থে] বাবুমহাশয় ; বাবুসাহেব। স্ত্রী, **বিবিজী**। **বড়বাবু**—গৃহের বড়কর্ত্তা ; দপ্তরের প্রধান দেশীয় কর্ম্মচারী। **ছোটবাবু**—গৃহের ছোট কর্ত্তা।

বাবুই [বাবই দ্রঃ। সং—বর্ব্বরী] বি, বাবই পাখী ; বয়া। ২। বন তুলসী ; বাবই তুলসীর গাছ। প্র—"রামপ্রসাদ বলে বাবুই গাছে আম্র কি কখন ফলে।"—গান। ৩। মুঞ্জজাতীয় এক প্রকার ঘাস। এই ঘাসের দড়ী হয়।

বাবুকর (র্) [প্রাদে—ছোটনাগপুর অঞ্চলে] বি, প্রণামী ; সেলামী।

বাবুগিরি [বাবু (দ্রঃ)—গিরি (ফা)] বি, বড়মানুষী ; ধনীদিগের চালচলন। ২। সুখাসক্তি ; বিলাসিতা।

বাবুট (ট্) [সং—বহিত্র হইতে] বি, নৌকা।

বাবুদ (দ্) [গ্রা। বাবৎ দ্রঃ] অ, হিসাবমত ; দরুণ।

বাবুয়ানা, বাবুয়ানি [বাবু—আনা, আনি] বি, বাবুগিরি ; সৌখীনতা ; বিলাসিতা। ২। নবাবী ; ধনীর চাল। প্র—"হোক চাইনে বাবুয়ানা, গরিবানা খানা, ধরি প্রাণ শুধু চেলে ডেলে"—ঈশ্বর গুপ্ত।

বাবুর্চ্চি—বাবর্চ্চি দ্রঃ।

বাভ্রবী (বাব্‌ভ্রোবি) [সং] বি, স্ত্রী, দুর্গা।

বাম (ম্) [সং [বি, অপসব্যদিক ; বামভাগ। প্র—"দেখব রাধা শ্যামের বামে"—গিরিশ। ২। বামদেব ; মহাদেব। ৩। কামদেব। ৪। বিণ, বিপরীত। ৫। বক্র। ৬। বিমুখ ; প্রতিকূল। প্র—"তুমি সত্য গুণধাম, কিকরে হইলা বাম, মোরে দৈব ইহাতে নিদান।"—কবিকঙ্কণ। "অনেকের পতি তেঁই পতি মোর বাম"—অন্নদামঙ্গল। ৭। বামদিকে স্থিত। প্র—"গোদাবরী তীরে পড়ে বাম গণ্ডখানি।" অন্নদামঙ্গল। ৮। রুচির ; মনোহর ; সুন্দর। ৯। অধম। স্ত্রী, বামা—দুর্গা। ২। লক্ষ্মী। ৩। রমণী ; নারী ; রামা। **বামী**—অশ্বিনী ; ঘোটকী। প্র—"বড়বা নামেতে বামী বাড়বাগ্নিশিখা"—মেঘনাদ।

বামণ (ন্) [ব্রাহ্মণ শব্দের অপভ্রংশে গ্রা] বি, ব্রাহ্মণ ; বিপ্র। বামন দ্রঃ।

বামদেব (ম্, ব্) [বাম (অসদৃশ বা সুন্দর) যে দেব (দেবতা)—কর্ম্মধা] বি, পুং, মহাদেব; ত্রিলোচন; শিব। ২। মুনিবিশেষ।

বামন [বম্+ণিচ্=বামি (বিরুদ্ধ বলা)+অন (অনট্—কর্তৃ—সংজ্ঞার্থে) যে অন্যান্য প্রাণী হইতে বিরুদ্ধ (খর্ব্ব) আকৃতি বিশিষ্ট] বি. পুং, বিষ্ণুর অবতারবিশেষ। প্র—"জয় দৈবকীসুত মাধবাচ্যুত শঙ্করসুত বামন।" —অন্নদামঙ্গল। ২। [গ্রা—বাউনে] বিণ, হ্রস্ব; ক্ষুদ্র; খর্ব্ব। প্র—"বামন হইয়া হাত বাড়ায়েছি চাঁদে।"—শিবায়ন।

বামন (ন্) [সং—ব্রাহ্মণ। বামণ দ্রঃ। অবজ্ঞার্থে **বাম্না**। প্র—"বুড়া বাম্না বোক বর"—দীনবন্ধু মিত্র] বি, ব্রাহ্মণ। প্র—'বুড়া বামনের বুক বিদারিয়া যায়॥"—শিবায়ন। স্ত্রী, **বামনী**।

বামনহাটি, বামুনহাটী (ন্) [সং—ব্রাহ্মণ যষ্টি] বি, ভাগী; বাতারি; clerodendron ciphonanthus.

বামলোচনা [বাম (সুন্দর) লোচন (চক্ষু) যাহার (যে স্ত্রীর)—বহু] বি, স্ত্রী, সুনয়না। ২। সুন্দরী নারী। ৩। স্ত্রীজাতি।

বামা [বাম (দক্ষিণেতর অঙ্গ)+আ, স্ত্রী,—প্রধানার্থে, যাহাদের বাম অঙ্গ প্রশস্ত] বি, স্ত্রী, নারী; ললনা। ২। দুর্গা। ৩। লক্ষ্মী। ৪। বিণ, বিমুখা; প্রতিকূলা। প্র—"চাঁদ বদনী তুহুঁ রামা। কাহে ভেলি অতি বামা॥" —গোবিন্দদাস।

বামাক্ষি [বাম—অক্ষি, কর্ম্মধা] বি, বাঁ চোক বাম চক্ষুঃ। ২। বাম অক্ষি যাহার, বহু] বিণ, বামচক্ষুবিশিষ্ট।

বামাক্ষী [বাম (সুন্দর) অক্ষ (অক্ষিশব্দজ) যাহার (যে স্ত্রীর—বহু। ঈ, স্ত্রী] বি, স্ত্রী, সুনয়না; মৃগনেত্রা।

বামাচার (র্) [বাম—আচার (ধর্ম্মাচরণ)। তন্ত্রমতে বাম (শ্রেষ্ঠ) যে আচার। মতান্তরে—বাম (বেদবিরুদ্ধ) আচার] বি, তন্ত্রোক্ত আচারবিশেষ। বিণ, **বামাচারী**—তন্ত্রোক্ত বামাচার অবলম্বনকারী সাধক; বামমার্গী।

বামাবর্ত্ত [বাম (দিকে) আবর্ত্ত (চক্রগতি) যাহার, বহু] বিণ, বামদিকে আবর্ত্তযুক্ত।

বামাল (ল্) [ফা—ব-মাল্] বি, অপহৃত দ্রব্য; যে দ্রব্য সম্বন্ধে অভিযোগ করা হয়। প্র—তাহারা এতক্ষণে বামাল সরাইয়া ফেলিয়াছে।

বামাস্বর (বামাশ্‌শর্) [বামার (স্ত্রীর) স্বর (কণ্ঠ)—৬তৎ] কামিনীর কণ্ঠধ্বনি; স্ত্রীলোকের গলার শব্দ; নারীকণ্ঠ। প্র—"ত্বরায় আনিল নৌকা বামাস্বর শুনি"—অন্নদামঙ্গল।

বামুন (ন্) [সং—ব্রাহ্মণ; প্রাকৃ—বম্ভণ; হি—বাহ্মঁন্; বাং-য়—বামন; বামুন (অসম্ভ্রমার্থে উকারযোগ) হি—নিন্দিত ব্রাহ্মণকে বাভন বলে। গ্রা-বাং-য়—ব্রাহ্মণ অর্থে "বাবন" শব্দের প্রয়োগ আছে (বঙ্গভাষা ও সাহিত্য)] বি, ব্রাহ্মণ। প্র—"যদি অনাথ বামুন হাত পেতে চায়, ঘুসি ধরে ওঠেন তবে'—ঈশ্বরগুপ্ত। "বামুন পণ্ডিত আইল দেব নিরঞ্জন।" —শূন্যপুরাণ। **বামুন ঠাকুর** [ব্রাহ্মণ দেবতা] ব্রাহ্মণ। ২। পুরোহিত। ৩। পাচক ব্রাহ্মণ। এই অর্থে কেবল "ঠাকুর"ও বলে। স্ত্রী, **বামুন ঠাকরুণ**—ব্রাহ্মণী ঠাকুরাণী। **বামুন শুদ্দুর**—ব্রাহ্মণ ও শূদ্র; অনেক তফাৎ। ২। জাতিবিচার। ৩। সকল বর্ণ সর্ব্বসাধারণ। **বামুন দাদা**—ব্রাহ্মণ দাদা; নিম্নতিন বর্ণের গ্রামসম্পর্কে দাদা। **বামুন দিদি**—ব্রাহ্মণী দিদি; অন্যবর্ণত্রয়ের গ্রামসম্পর্কে দিদি। **বামুন মা**—অপর বর্ণত্রয়ের গ্রামসম্পর্কে মা।

বামেতর (র্) [বাম (বাঁ হইতে) ইতর (অন্য, পৃথক) ৫তৎ] বিণ, দক্ষিণ। প্র—"বামেতর আঁখি মোর নাচিছে সতত; কাঁদিয়া উঠিছে প্রাণ!"—মেঘনাদ।

বামোরু [বাম (সুন্দর) উরু যাহার (যে স্ত্রীর)—বহু। স্ত্রীলিঙ্গে উ (উঙ্) আগম] বি, স্ত্রী, সুগোল সুন্দর উরুশালিনী স্ত্রী।

বাম্ভন (ন্) [প্রা-বাং। সং—ব্রাহ্মণ। প্রাকৃ—বম্ভন তাহা হইতে বাম্ভন] বি, ব্রাহ্মণ। প্র—"বাম্ভন পণ্ডিত আইল দেব নিরঞ্জন।"—শূন্যপুরাণ।

বায় (য়্) [সং—বায়ু হইতে] বি, বায়ু; বাতাস; পবন। প্র—"ধীরি ধীরি বয় মৃদুল বায়।"—রাজকৃষ্ণ রায়। ২। [বা (বাতাস)+য় (৭মী বিভক্তি)] ক্রি-বিণ, বাতাসে; বায়ুতে। প্র—'গা ঢেলে দাও মধুর মলয়-বায়।"—গান। **বায় করা**—বাতাস করা। প্র—"বায় করে সত্যভামা রূপে গুণে অনুপমা পরিচর্য্যা করএ রুক্মিণী।"—মহা (শ্রীকর)।

বায় (য়্) [বাদ্য হইতে। বাজায়—সংক্ষেপে বায়] ক্রি, বাজায়। প্র—"ঈষৎ হাসিয়া মোহন বাঁশী মধুর মধুর বায়।"—গোবিন্দদাস। "কোন পাইক শিঙ্গা বায় রাঙ্গা ধুলি মাখে গায়"—কবিকঙ্কণ। "কেহ নাচে কেহ গায় কেহ বায় যন্ত্র"—শিবায়ন। "নটগণে মৃদঙ্গ সানাঞি বংশী বায়"—চৈতন্যভাগবত। ২। বাজে। প্র—"মৃদঙ্গ মন্দিরা বায় কেহ নাচে কেহ গায় শুনে বীর হরি হরি ধ্বনি।"—কবিকঙ্কণ।

বায় (য়্) [বে (বোনা—বয়ন করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, বয়ন। ২। ক্রি, বয়ন করে।

বায়ক (ক্) [সং—বাদক হইতে] বিণ, বাদ্যকর; বাদক। ২। [বাপক হইতে] বিণ, বপন কারক। ৩। বয়ন কারক।

বায়তি (য়্) বাইতি দ্রঃ।

বায়দণ্ড (য়্) [বায় (বয়ন) দণ্ড (যষ্টি)—৬তৎ] বি, পুং, বেমা; বপনদণ্ড।

বায়ন (ন্) [বয়্+ণিচ্=বায়ি (সেবা করা)+অন (অনট্—ভাবে)] ক্রি, বি, ক্লী, পূজন; সেবন। ২। পিষ্টকবিশেষ। ৩। [বাদন হইতে] বাদন। ৪। বাদ্যকর; বাজিয়ে; বাদক। প্র—"গায়নে বায়নে মাগো মাগি এই বর।"—অন্নদামঙ্গল।

বায়না (য়্) [ফা—বহানা] বি, ওজর; অছিলা। ২। [আ—বয়্‌আনা] বি, দাদন; অগ্রিম মূল্য। প্র—"দেখ কেউ কারো পানে চায়না, যত কম নিতে পার বায়না"—রজনী সেন। **বায়নাপত্র**—বয়নামা; দ্রব্য ক্রয় বা বিক্রয় করিবার পূর্ব্বে যে ক্রয় বা বিক্রয়পত্র লেখা হয়; বিক্রয় নামা।

বায়নাক্কা (য়্) [সং—বর্ণনাক্রম—বয়ানক্রম] বি, আমূল বৃত্তান্ত; বিস্তারিত বিবরণ।

বায়বী [বায়ু+অ (অণ্—'এই' বা 'ইহার' অর্থে)+ঈ, স্ত্রী] বিণ, বায়ু সম্বন্ধীয়। ২। বি, বায়ুকোণ।

বায়বীয় [বায়ু+ঈয় (সম্বন্ধার্থে অর্থাৎ বায়ুর যাহা)] বিণ, বায়ব্য; বায়ু সম্বন্ধীয়। ২। বায়ুতে পরিণত।

বায়ব্য (বায়োব্‌ব) [বায়ু+য (ণ্য—সম্বন্ধার্থে)] বিণ, বায়ু সম্বন্ধীয়। ২। বায়ুতে পরিণত; বায়বীয়। ৩। বায়ু-দৈবত। ৪। বায়ুকোণ।

বায়ব্যাস্ত্র—বি, বায়ু-অস্ত্র; airgun. প্র—"আচার্য্য ইন্দ্রাস্ত্র, বায়ব্যাস্ত্র, আগ্নেয়াস্ত্র প্রভৃতি যত উৎকৃষ্ট উৎকৃষ্ট অস্ত্র সকল নিক্ষিপ্ত করেন, সকলই শিষ্যের করাল-সায়ক-কবলে অবিলম্বেই সংহার প্রাপ্ত হয়।"—মহা-বিরাট (বর্দ্ধমান)।

বায়স (শ্) [সং] বি, পুং, কাক। ২। শ্রীবাস। ৩। অগুরু বৃক্ষ। স্ত্রী, **বায়সী**—কাকী। ২। কাকতুণ্ডী। ৩। মহা জ্যোতিষ্মতী লতা। ৪। কাকমাচী।

বায়সারি (শা) [বায়স (কাক) অরি (শত্রু)—৬তৎ] বি, পুং, পেচক; পেঁচা।

বায়া [আ—বায়ে। আদাঃ পরিঃ] বি, যে স্বত্ব বিক্রয় করে। ২। প্রকাশ্য নিলামে যাহার স্বত্ব বিক্রয় হয়।

বায়াত্তর (বাআৎতোর্) বাহাত্তর দ্রঃ।

বায়ান্ন (বাআন্নো) বাহান্ন দ্রঃ।

বায়ু [বা (গমন করা)+উ (উণ্—কর্তৃ) সর্ব্বদা যে গমন করে] বি, পুং, পবন; সমীরণ।

২। দেহস্থ পঞ্চ বায়ু—প্রাণ, অপান, সমান, উদান, ব্যান। ৩। বাই; কুপিত বায়ু; বাতিক। প্র—"বায়ুতে পাকিয়া চুল হৈল শণনুড়ী"—ভারতচন্দ্র।

বায়ুকোণ (ন্) [বায়ু নামক কোণ] বি, উত্তর ও পশ্চিমদিকের মধ্য স্থান।

বায়ুকোষ (য্) [বায়ু (বাতাস) কোষ (আশ্রয়)—৬তৎ] বি, পুং, শরীরমধ্যস্থ বায়ু থাকিবার স্থান; প্রাণাদি বায়ুর আধার।

বায়ুনিষ্কাষণযন্ত্র (—নিশ্‌কাশনজন্ত্র) বি, যে যন্ত্র সাহায্যে কোন আধারের অভ্যন্তর হইতে বায়ু নিঃসারিত করা যায়; বায়ুশূন্য করিবার যন্ত্র; air-pump.

বায়ুবাহ [বায়ু—বাহ (বাহক) যাহার, বহু] বি, মেঘ। ২। ধূম। ৩। বাষ্প।

বায়ুবাহিনী [বায়ু—বহ+ণিচ্‌=বাহি (বহন করান)+ইন্‌—স্ত্রী, ঈপ্‌] বি, স্ত্রী, বায়ুবাহিকা শিরা।

বায়ুভক্ষ (ভোক্‌খ) [বায়ু (বাতাস) ভক্ষ্ (খাওয়া)+অ (অচ্‌—কর্ত্তৃ)] বিণ, বায়ু ভক্ষণকারী। ২। বি, পবনাশন; সর্প।

বায়ুভুক্‌ [বায়ু—ভুক] বিণ, পবনাশী। ২। বি, সর্প।

বায়ুমানযন্ত্র (ন্, জন্ত্র) [বায়ুমান (বাতাসের পরিমাণ) যন্ত্র, ৬তৎ] বি, ক্লী, বায়ুর পরিমাণ জ্ঞাপক যন্ত্র; barometer.

বায়ুসখ (শ) [বায়ু (বাতাস) সখা (বন্ধু)—৬তৎ] বি, পুং, অগ্নি।

বায়েন (ন্) [বায়ন দ্রঃ] বি, পুং, বাজনদার: বাদ্যকর; প্রধান ঢলী। প্র—"ঢাক ভরে মরিল বায়েন হরিহর"—ঘনরাম।

বার (র্) [সং। "নিবহাবসরৌ বারৌ"—অমর] বি, সমূহ; বহু। প্র—বার জনে বলচে তাই বলছি: বারভূতে খাচ্চে। এই অর্থে "বার" স্থলে "চৌদ্দ" শব্দেরও ব্যবহার আছে। ২। অবসর। প্র—"কদিন ডেকে পাঠাচ্চি তা তোর আর বার হয় না"—নীল দর্পণ।

বার (র্) [সং—ণিজন্ত—বারি (বারণ করা, আবরণ করা) ধাতুজ] বি, বারণ; নিবারণ। ২। আবরণ। ৩। জল। ৪। বিণ, নিবার্য্য।

বার (র্) [সং—বাহির (দ্রঃ) সংক্ষেপে] বি, বাহিরের দিক; বহির্দ্দেশ। প্র—"ইহার ভিতর বার কিছুই বুঝা যায় না। ২। বিণ, বাহির; প্রকাশ্য। প্র—তাহাকে বার দিক দিয়া লইয়া যাও; বার বাড়ীর উঠানে পড়িয়াছিল। ৩। অতীত। প্র—সে এখন কাজের বার হয়ে পড়েছে। ৪। সাক্ষাৎ; দর্শন; ভেট। প্র—"গন্ধরাজ পাত্র ভাল, কিন্তু বড় দেমাগে প্রায় তাঁহার বার পাওয়া যায় না।"—বঙ্কিম (কমলাকান্তের দপ্তর)। ৫। [ফা—দরবার (a hall of audience) শব্দের সংক্ষেপ] বি, দরবার; সভা; সভাধিবেশন; সভাধিষ্ঠান। বারদেওয়া—দরবার করা; প্রকাশ্য সভায় পাত্রমিত্র সভাসদ লইয়া অধিষ্ঠান করা এবং সকলকে দর্শন দেওয়া। প্র—"বার দিয়া বসিয়াছে কলিঙ্গ ভূপাল। ডানি দিগে পুরোহিত বিজয় ঘোষাল॥"—কবিকঙ্কণ। 'বার দিলা প্রভাতে করিয়া রাজ ঘটা। বিপ্রগণ সম্মুখে সাক্ষাত সূর্য্য ছটা॥"—ঘনরাম। "রত্ন সিংহাসনে বার দিল জগপতি॥"—শূন্যপুরাণ। বার করা—ভিতর হইতে বাহির করা। ২। গুপ্ত স্থান হইতে বাহির করা। ৩। অনাবৃত করা; প্রকাশ্য স্থানে সকলের দর্শনীয় করা। ৪। প্রকাশ করা; ব্যক্ত করা। ৫। অন্বেষণ দ্বারা আবিষ্কার করা। ৬। কুলের বাহির করা: elope. বারমুখ—বহির্ম্মুখ; বাহ্য; বিপরীতে অন্তর্ম্মুখ। বারমুখো [গ্রা—প্রাদে] যে পুরুষ পত্নী থাকিতে পরস্ত্রী বা বেশ্যানুরক্ত হইয়া ঘরে থাকে না বা বাহিরে যায়। বারফট্টকা—বার মুখো। বার ফট্টাই—বাহিরের অর্থাৎ মৌখিক বড়াই, কাজে কিছু নয়; বৃথা আস্ফালন। দুইয়ের বার—দুই সীমারই অতীত; দুই উদ্দেশ্যেরই অননুকূল। বারবাগে—বহির্দ্দিকে। ২। গৃহের বাহিরে। ৩। [তাহা হইতে] পরস্ত্রীর প্রতি বা পরপুরুষের প্রতি। প্র—"তোমার মন হল বার বাগে। গেল জন্মটা ঐ পোড়া রোগে।"—বাং-গান।

বার (র্) [হি—বারহ্‌। সং—দ্বাদশ; প্রাকৃ—বার] বি, দ্বাদশ এই সংখ্যা। ২। বিণ, দুই অধিক দশ সংখ্যক। বার মাস—সম্বৎসর। বার মাস ত্রিশদিন—নিত্য। বারসতের—নানান্‌ খুঁটিনাটি; এটা সেটা করিয়া বহুবিধ।

বার (র্) [হি—বার] বি, দিন; সোম, মঙ্গল, বুধ, বৃহস্পতি, শুক্র, শনি ও রবি এই সাত দিন। প্র—এখানে হাট কোন্‌ বারে বসে জান? ২। ব্রত; নির্দ্দিষ্ট দিবসীয় নিয়মপালন। ৩। পালা: পর্য্যায়। ৪। গুণ। ৫। দফা: ক্ষেপ। প্র—এবার হল না অন্য বারে যাহাতে সফল হয় তাহার চেষ্টা করিবে। বারে বারে—ক্রি-বিণ, প্রতিবার। প্র—"বারে বারে যত দুখ দিয়াছ দিতেছ তারা, দুখ নয় সে দয়া তোমার জেনেছি মা ভবদারা।"—বাং-গান। বারে বারে তিনবার—উপর্য্যুপরি তিন বার। বারব্রত—নির্দ্দিষ্ট দিবসের আচরণীয় উপবাসাদি নিয়মপালন এবং তিথ্যাদি নির্দ্ধারিত ব্রতাচরণ। বার করা—রবি, সোম অথবা মঙ্গল বাঁরে অনুষ্ঠেয় উপবাসাদি নিয়মপালন করা।

বার (র্) [ইং—bar (a tribunal; the pleader in a court as distinguished from the judges] বি, বিচারালয়। ২। ব্যবহারাজীবের সম্প্রদায় বা সমাজ; কোন আদালতের উকীল সমষ্টি। বার লাইব্রেরী—আদালতের সংসৃষ্ট ব্যবহারাজীবদিগের ব্যবহার্য্য গ্রন্থাগার।

বার (র্) [ফা—বার্‌ (ভার)] বি, ভার; বোঝা। প্র—বারবরদার।

বারই [বার (দ্বাদশ)+ই] বি, মাসের প্রথম এগার দিনের পরবর্ত্তী দিন। প্র—আজ মাসের বারই। তাহাকে ও মাসের বারই আসিতে বল। ২। বারুই; পাণ ব্যবসায়ী।

বারংবার (র্) [সং] বি, পুনঃপুনঃ; বার-বার; উপর্য্যুপরি।

বারক (ক্) [বারি (বারণ করা)+অক (কর্ত্তৃ) যে বারণ করে] বিণ, নিবারক; নিষেধক। ২। বি, পুং, অশ্ববিশেষ।

বারকস (বার্‌কোশ্‌) [বারকোশ দ্রঃ] বি, কাঠ নির্ম্মিত থালের মত পাত্রবিশেষ।

বারকী [সং] বি, বারুজীবী; বারুই। ২। উৎকৃষ্ট ঘোটক।

বারকোল (র্, ল্) [বৃহৎ কূর্ম্ম অপভ্রংশে বড়াকোর—বারকোর, র=ল] বি, বড় জাতীয় কচ্ছপ।

বারকোশ, বারকোস (বার্‌কোশ্‌) [ফা—বার (ভার—দ্রব্যসম্ভার)+ফা—কশ্‌তী (বৃক্ষত্বক bark, পাত্র tray) দ্রব্যসম্ভার রাখিবার দারু পাত্র] বি, কাঠ নির্ম্মিত কানা উঁচু বড় থালার আকার পাত্র।

বারণ (ন্) [সং] বি, পুং, হস্তী। প্র—"পদাতি বারণ বাজী রত্ন সিংহাসন।"—কবিকঙ্কণ। ২। [বৃ+ণিচ=বারি+অন (অনট্‌, করণে) যাহা দ্বারা (অস্ত্রাদি) বারণ করা যায়] পুং, ক্লী, বর্ম্ম; সাঁজোয়া। ৩। [যাহার দ্বারা হস্তীর উচ্ছৃঙ্খলগতি নিবারণ করা যায়] অঙ্কুশ। ৪। [বারি+অন (অনট্‌) ভাবে] ক্রি-বি-ক্লী, নিষেধ; নিবারণ। ৫। নিবৃত্তি; শান্তি: অপসারণ। প্র—"নিজ বার্ত্তা দিয়া দুঃখ করিবে বারণ।

বারণীয় [বৃ+(ণিচ্‌)=বারি+অনীয় (কর্ম্মে)] বিণ, বাধা দিবার উপযুক্ত। ২। নিবার্য্য। ৩। নিষেধযোগ্য।

বারণাবত (—নাবৎ) [বরণাবত (নগরবিশেষ)+অ (অণ্‌) স্বার্থে, 'আ' আগম] বি, ক্লী, গঙ্গা যমুনা সঙ্গমস্থ প্রসিদ্ধ প্রাচীন নগরী; বর্ত্তমান প্রয়াগ বা এলাহাবাদ। এই

স্থানে পাণ্ডবগণকে দগ্ধ করিবার ষড়যন্ত্র করিয়া দুর্য্যোধন নিযুক্ত পুরোচন নামক যবন কর্তৃক জতুগৃহ নির্ম্মিত হইয়াছিল। প্র—"অম্বিকা-সুত রাজা ধৃতরাষ্ট্র * * কহিলেন, পুত্রগণ! এই সমস্ত পুরুষেরা আমার নিকট পুনঃ পুনঃ বলিয়া থাকে যে, এই ভূমণ্ডলের মধ্যে বারণাবত নগর অতিশয় রমণীয় ;"—মহা—আদি (বর্দ্ধ)।

বারতা [সং—বার্ত্তা হইতে পদ্যে] বি, বার্ত্তা ; সংবাদ। প্র—নিশার স্বপন সম তোর এ বারতা রে দূত"—মেঘনাদ।

বারদিগর (র্, র্) [সং—বার+ফা—দিগর্ (অন্য)] বি, অন্য বার ; দ্বিতীয় বার ; পুনর্ব্বার।

বারদুয়ারী [বার (দ্বাদশ) দুয়ার (দ্বার) ঈ (যুক্তার্থে)] বিণ, দ্বাদশ দ্বারবিশিষ্ট। ২। বি, বহুদ্বারবিশিষ্ট দরবার বা সভাগৃহ।

বারনারী [বার (অনেক) নারী, অনেকের নারী, ৬ তৎ] বি, স্ত্রী, বারবধূ ; বেশ্যা।

বারব [ব্রজ। বারা দ্রঃ] ক্রি, নিবারণ করিব ; বারণ করিব ; আটকাইব। প্র—"করে কর বারব"—বিদ্যাপতি।

বারবধূ (বারবোধু) [বার (বহু) বধূ—বহুজনের বধূ, ৬ তৎ] বি, বারাঙ্গনা ; বেশ্যা। প্র—"লম্পট পুরুষ আশে বারবধূজন বৈসে, একভিতে তার অধিষ্ঠান।"—কবিকঙ্কণ।

বারবরদার (র্, র্) [ফা—বার্‌বর্‌দার্] বি, ভারবাহী ; বোঝা বাহক ; মুটে। বিণ, বারবরদারী—বারবদার সংক্রান্ত।

বারবরদারি (র্, র্) [বারববদার+ই (বৃত্তি অর্থে)] বি, মুটেগিরি ; ভারবাহকের বেতন বা খরচা ; দ্রব্যসম্ভার সরবরাহের পাথেয়। "যদি সরকার হইতে মেবদিগের বারবরদারি বরাদ্দ হয়, তাহা হইলে তাহাদিগের কোন দেশেই যাইবার আর আপত্তি থাকে না।"—বঙ্কিম (লোকরহস্য)। ২। [মহাজনী হিসাব-পত্রে] মুটে ভাড়া বা মজুর খরচ। খাতা-পত্রে সংক্ষেপে "বাঃ", "বাঃ খরচ" এইরূপ লিখিত হয়।

বারবাণ (ন্) [বার (বারিত হয়) বাণ (শর) যাহা দ্বারা—বহু] বি, বাণবারক ; সাঁজোয়া ; কবচ ; বর্ম্ম। প্র—"পরিহিত বীরধটী সারসনে বদ্ধকটি, বারবাণে আবৃত শরীর।"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

বারবেলা (র্) [বার (নিবারণ) বেলা (সময়)—৬ তৎ] বি, স্ত্রী, সর্ব্বকর্ম্ম করণে নিষিদ্ধ কাল : প্রত্যেক দিবসের মধ্যে শুভ কার্য্যকরণে নিবারিত সময়। দিবাভাগকে আট ভাগ করিলে উহার প্রত্যেক ভাগকে যামার্দ্ধ কহে। প্রত্যেক দিবসেই দুই যামার্দ্ধ সময় বারবেলা এবং কালবেলা বলিয়া কথিত আছে যথা—রবিবারে চতুর্থ ও পঞ্চম, সোমবারে সপ্তম ও দ্বিতীয়, মঙ্গলবারে ষষ্ঠ ও দ্বিতীয়, বুধবারে পঞ্চম ও তৃতীয়, বৃহস্পতিবারে সপ্তম ও অষ্টম, শুক্রবারে, তৃতীয় ও চতুর্থ, শনিবারে প্রথম, ষষ্ঠ ও অষ্টম বেলা। কিন্তু প্রত্যেক বারের মধ্যে উক্ত দুই যামার্দ্ধের প্রথমটী বারবেলা দ্বিতীয়টী কালবেলা। যথা—রবিবারে ৪র্থ বারবেলা ৫ম বেলা কালবেলা, ইত্যাদি কেবল শনিবারে প্রথম ও অষ্টম কালবেলা ৬ষ্ঠ বারবেলা।

বারভুঁইয়া, বারভুঞা, বারভুঁয়া [বার (দ্বাদশ) ভুঁইয়া, ভুঞা, ভুঁয়া (ভূমিয়া—ভূম্যধিকারী)] বি, দ্বাদশ ভৌমিক ; বঙ্গ-দেশের বার জন রাজোপাধিক ভূম্যধিকারী। প্র—"বারভুঁয়া মাঝে যার কথা নাহি নড়ে। হেন কর্ণসেন রায় ত্রি-ষষ্টির গড়ে।"—ঘনরাম।

বারমাসি (বারোমাশি) [প্রা-বাং] বি, বারমাস্যা ; বারমাস বর্ণন। প্র—"অথ বার-মাসি"—শূন্যপুরাণ।

বারমাস্যা [বার—মাস—ইয়া] বিণ, দ্বাদশ মাসিক। ২। বি, নায়িকার বারমাস বা বর্ষ-ব্যাপী বিরহ ব্যথা-সূচক কবিতা। ৩। বর্ষের প্রতি মাসের বর্ণনা।

বারমেসে (বারোমেশে) [গ্রা। বার—মাস—ইয়া] বিণ, বারমাস যাহা ঘটিয়া থাকে ; নিত্য যাহা হয়। প্র—"অবলার আঁখি ভরা বারমেসে ঘুম"—গোবিন্দদাস (কুঙ্কুম)।

বারয়িতা [বারয়িতৃ শব্দ] বিণ, নিবারক ; বারণকারী ; নিষেধক।

বাররসদ (বার্‌রশদ্) [জমীঃ পরিঃ] বি, মৌকুফী খাজনা পুনর্ব্বার পূর্ব্ব জমার অন্তর্ভুক্ত হইলে তাহাকে বাররসদ বলে।

বারলা [সং] বি, স্ত্রী, রাজহংসী। ২। হি—বর্লা] বোলতা।

বারশিঙা [বার—শিঙ (শৃঙ্গ)+আ] বিণ, বারটি শিংযুক্ত। ২। বি, যে জাতীয় হরিণের শৃঙ্গদ্বয়ে দ্বাদশ শাখা বাহির হয়।

বারা [বৃ+ণিচ্=বারি (বারণ করা) ধাতুজ] উ-পু—বারি। ম-পু—বার। প্র-পু—বারে। অস-ক্রি—বারিতে ; বারিয়া ; বারি (পদ্যে) বেরে (গ্রা)। ণিজন্ত—বারান (নো)] ক্রি, নিবারণ করা ; নিষেধ করা। প্র—"দরশন পরশনদ্বয় আলি বারে"—বিদ্যাপতি। ২। বাধা দেওয়া ; কাটা ; নিরস্ত করা। প্র—"ব্রহ্মাস্ত্রে ব্রহ্মাস্ত্র বারে বায়বে পর্ব্বত"—শিবায়ন। ৩। ভারা ; বস্তুর স্বাভাবিক গুণ বা শক্তি হরণ করা ; মন্ত্র শক্তি গুণে বিপরীত ফল উৎপাদন করা। প্র—"কহেন মাধবচন্দ্র, এ সব কপট বন্ধ, বারিলে অনল হয় জল।"—কবিকঙ্কণ। ৪। [প্রাদে গ্রা] ঢেঁকিতে চাল কোটার কর্ম্ম। প্র—"ঢেঁকি স্বর্গে গেলেও বারা বানে"—সা, প, প। [দ্রঃ—বারা বানে=ভাচা ভানে পূ-বঙ্গে—ভ=ব। ভাচা দ্রঃ]।

বারাং, বারাঙ্গ (ঙ্) [সং] বি, তরবারি, ছুরী, ছোরা প্রভৃতির যে অংশ কাঠের মুঠ বা কাঠের ভিতর প্রবিষ্ট থাকে।

বারাঙ্গনা [বার (সাধারণ জন) অঙ্গনা (স্ত্রী)—৬তৎ] বি, স্ত্রী, বারনারী ; বার-বিলাসিনী ; বেশ্যা।

বারাণ (ন্) [প্রা-বাং—প্রাদে] বি, বাহিরে যাইবার সওয়ারী। প্র—"বান্ধিয়া বাজির সাজ বারাণ যোগায়"—ঘনরাম।

বারাণসী (নোশি) [বরণা ও নাশী নাম্নী নদীদ্বয়ের মধ্যবর্ত্তী ক্ষেত্র বলিয়া এই নাম (জাবালোপনিষদ) মতান্তরে সর্ব্বপাপ বারণ করে বলিয়া 'বরণা' এবং সর্ব্বপাপ নাশ করে বলিয়া নাশী। নাশী—নশী পরে অসি হইয়াছে। মতান্তরে, বার (বারিত হয়) অনস্ (জন্ম) যে পুরী হইতে, বহু—যে খানে মৃত্যু হইলে পুনর্জ্জন্ম নিবারিত হয়] বি, স্ত্রী, কাশী। শিবপুরী, রুদ্রাবাস, তীর্থরাজ, অবিমুক্তধাম, আনন্দকানন প্রভৃতি এই প্রাচীন প্রসিদ্ধ নগরীর নামান্তর। প্র—"পুণ্যভূমি বারাণসী, বেষ্টিত বরণা অসি যাহে গঙ্গা আসিয়া মিলিত। আনন্দকানন নাম কেবল কৈবল্যধাম শিবের ত্রিশূলোপরি স্থিত।"—ভারতচন্দ্র। বিণ, বারাণসেয়—বারাণসী সম্বন্ধীয়। ২। বারাণসীজাত।

বারাণ্ডা [সং—বরণ্ড ; পর্তু—varanda. স্পে—baranda, ম্যালে—buranda] বি, অলিন্দ ; বারান্দা দ্রঃ।

বারান্ (নো) [বার (বাহির)+আন (ক্রি-বিভক্তি)। উ-পু—বারাই। ম-পু—বারাও। প্র-পু—বারায়। অস-ক্রি—বারাইতে ; বারাইয়া, বারিয়ে] ক্রি, বাহির হওয়া। প্র—"বমন করিল তবু না বারাইল ফল"—শিবায়ন। "বারাইয়া দিলা গঙ্গা জটা ভার হৈতে"—কবিকঙ্কণ। ২। যাত্রা করা ; বাহির হইয়া যাওয়া ; প্রস্থান করা। প্র—"বারাইলে নববধূ গিরিজা নিকটে"—শিবায়ন। [দ্রঃ—বারাইল (বাহির হইল) স্থলে প্রা-বাং-য় "বারাল্য" এই প্রাদে ব্যবহার দৃষ্ট হয়। প্র—"বারল্য সুন্দরী রামা জয় জয় দিয়া।"—কবিকঙ্কণ।

বারান্তর (র্) [বার (সময়) অন্তর (অন্য)—৬তৎ] বি, স্ত্রী, সময়ান্তর ; অন্য সময়।

বারান্দা [বারাণ্ডা দ্রঃ। ফা—বারাম্‌দা (বর্=উপর+আমাদা (আমাদন্=আসা)] বি, অলিন্দ ; বহির্দালান ; প্রবেশ পথে আচ্ছাদিত স্থানবিশেষ ; porch.

বারাহ [বরাহ (শূকর+অ (অণ্, 'ইহার এই' এই অর্থে) 'আ' আগম'—যাহা বরাহ সম্বন্ধীয়] বিণ. বরাহ সম্বন্ধীয়। ২। বি, পুং, মহা পিণ্ডীতক নামক বৃক্ষ। স্ত্রী. বারাহী —বরাহরূপিণী শক্তি। প্র—"বারাহী খেটক ধরা, আইলা দেবী চন্দ্রচূড়া, করালাঙ্গা মুষল-ধারিণী।"—কবিকঙ্কণ।

বারি [বৃ+ণিচ্=বারি (আবরণ করা)+ই (কর্তৃ, সংজ্ঞার্থে) যৎ কর্তৃক পৃথিবী আবৃত আছে] বি, ক্লী. জল ; সলিল ; পদ্ম। প্র—"বারিক কারণ বহল পবন কুলিশ মিলল শেষে" —চণ্ডীদাস। "দ্বিগুণ করেছি স্বগুণে কিসে এ বারি নিবারি ভেবে দাশরথির অনিবারি বারি নয়নে।"—বাং-গান। ২। [অধি—ই— যাহাতে জল রাখা হয়] জলপাত্র ; ঘট ; কলসী। প্র—"পূজিল হেমবারি জোড়া।"— কবিকঙ্কণ। ৩। [করণে—ই—যাহাদ্বারা বারণ (বন্ধন) করা হয়] হস্তিবন্ধন রজ্জু। ৪। [অধি—ই] যে স্থানে হস্তিবন্ধন করা হয়। ৫। [বার (আবদ্ধ করা)+ই—কর্ম্মে। প্রা-বাং] যাহাকে আবদ্ধ করা হয় ; বন্দী ; কয়েদী। প্র—"লীলা কমলে ভ্রমরা কিয়ে বারি।"—বিদ্যাপতি। ৬। বাহির। প্র— "হরিষ বিষাদে রাণী শুনে হ'ল বারি"— ঘনরাম। "অন্তঃপুর হৈতে কন্যা বারি হইল তথা।"—শিবায়ন।

বারিচর (র্) [বারি (জলে) চর (যে বিচরণ করে)—উপপদ] বিণ. জলে যে সকল প্রাণী বিচরণ করিয়া থাকে। ২। বি, জলচর জীব।

বারিজ (জ্) [বারি (জল হইতে) জ (যে জন্মে)—উপপদ] বিণ, জলজাত। ২। বি, পদ্ম। ৩। শঙ্খ। ৪। শম্বুক।

বারিত [বৃ+ণিচ্=বারি+ত (কর্ম্মে—ক্ত) যাকে নিবারণ করা যায়] বিণ, প্রতিবিদ্ধ ; নিবারিত।

বারিদ (দ্) [বারি—দ (যে দান করে, উপপদ] বিণ, জলদানকারী। ২। জলদ ; মেঘ।

বারিধি [বারি—ধি—ধা (ধারণ করা) +ই (কর্তৃ)—যে জল ধারণ করে, উপপদ] ·বি, পুং, জলনিধি ; সমুদ্র।

বারিনাথ (থ্) [বারি—নাথ, ৬তৎ] বি, সমুদ্র।

বারিনিধি [বারি (জল) নিধি (আশ্রয়)— ৬তৎ] বি, পুং, জলনিধি ; জলধি ; সমুদ্র।

বারিপর্ণী (পোর্নি) [বারির পর্ণী (পত্রী)— ৬তৎ] বি, স্ত্রী, জলের পাণা।

বারিপ্রবাহ (বারিপ্রোবাহ) [বারি (জল) প্রবাহ—৬তৎ] বি, পুং, জলপ্রবাহ। ২। জল প্রপাত ; নির্ঝর।

বারিবাহ [বারি (জলকে) বাহ (যে বহন করে)—উপপদ] বি, পুং, জলধর ; মেঘ।

বারিবাহন (ন্) [বারি—বাহন (বাহক)] বি, পুং, মেঘ।

বারিমূলী [বারি (জল) মূল (কারণ বা গোড়া) যাহার—বহু। ঈ (স্ত্রী)] বি, স্ত্রী, কুম্ভিকা ; পাণা।

বারিরাশি [বারি—রাশি, ৬তৎ] বি, জলরাশি ; জলসমষ্টি। ২। [বারির রাশি যেখানে, বহু] বি, সমুদ্র।

বারী [সং] বি, স্ত্রী, বারি দ্রঃ ; কলসী।

বারীন্দ্র [বারি (জল) ইন্দ্র (অধিপতি)—৬তৎ] বি, পুং, সমুদ্র।

বারীশ (শ্) [বারি+ঈশ (নাথ)—৬তৎ] বি, পুং, সমুদ্র।

বারুই [সং—বারুজীবী] বি, পুং, পাণব্যবসায়ী ; তাম্বূল-বিক্রয়ী। ২। হিন্দুজাতিবিশেষ।

বারুণ (ন্) [বরুণ (দেবতাবিশেষ)+অ (অণ্) বরুণ দেবতা ইহার এই অর্থে ('আ' আগম)] বিণ, বরুণ সম্বন্ধীয়। ২। বরুণাধি-কৃত দিক্ ; পশ্চিমদিক্। ৩। বি, ক্লী, জল ৪। শতভিষানক্ষত্র। ৫। [প্রাদে—রাজসাহী অঞ্চলে। হি—বঢ়নী] সম্মার্জ্জনী ; ঝাঁটা। বারুণকর্ম্ম—খাতখনন ; দীঘিকাদি খনন ; জলাশয় প্রতিষ্ঠা।

বারুণা (না) [প্রা-বাং। বারুণ দ্রঃ] বি, ঝাঁটা ; পেংরা। প্র—"প্রাতেক উঠিয়া মারিবে তোমাক বারুণার বাড়ি।"—মাণিক-চাঁদের গান।

বারুণি (নি) [বরুণ+ই (ণ্—অপত্যার্থে) আ আগম] বি, পুং, অগস্ত্যমুনি।

বারুণী (নি) [বরুণ+অ (ষ্ণ—জাতার্থে)= বারুণ+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, বরুণাত্মজা ; সুরা দেবী। [দ্রঃ—কোন কোন আধুনিক অভিধান-কারের মতে বারুণী অর্থে বরুণপত্নী। কিন্তু অমর, মেদিনী, হেমচন্দ্র, অনেকার্থধ্বনিমঞ্জরী প্রভৃতি সংস্কৃত অভিধানে এ অর্থ নাই। পুরাণ মতে বারুণী বরুণকন্যা এবং সুরার অধিষ্ঠাত্রী দেবী। সমুদ্রমন্থনকালে পূর্ব্বদিকে অবস্থিত অপ্সরোগণের বিহার স্থান ক্ষীরোদ সমুদ্র হইতে চন্দ্র, সুধা, স্বধা, ধন্বন্তরি, অপ্সরা, উচ্চৈঃশ্রবা, কৌস্তুভ এবং লক্ষ্মীর সহিত বরুণকন্যা বারুণীও উত্থিত হইয়াছিলেন। মাইকেল মধুসূদন দত্ত তাঁহার মেঘনাদ বধ কাব্যে বরুণপত্নী বরুণানী (দ্রঃ) স্থলে বারুণী শব্দ ব্যবহার করিয়া নিম্ন-লিখিত কৈফিয়ৎ দিয়াছিলেন,—"the name is বরুণানী but I have turned out one sylla-ble. To my ears this word is not half so musical as বারুণী, and I don't know why I should bother myself about Sanskrit rules." বোধ হয় 'বারুণী বল্লভ' অর্থে বরুণ বলিয়া বারুণী অর্থে বরুণ-পত্নী এই অর্থ করা হইয়াছে কিন্তু এখানে বারুণী অর্থে শতভিষা নক্ষত্র। বারুণী-বল্লভ দ্রঃ] । ২। সুরা ; মদিরা। প্র—"শরীর লোহিত-বর্ণ, স্খলিত গমন * * * * "কেবল বারুণী বহু সেবনের ফলে"—মদনমোহন তর্কালঙ্কার। "এই সংবাদে কলিকাতাবাসী ইংরেজের আনন্দের পরিসীমা রহিল না। মুহুর্মুহু তোপ-ধ্বনি হইতে লাগিল। বারুণীর স্রোত বহিল।" —বাঙ্গালা ইতিহাস (কালীপ্রসন্ন)। ৩। শত-ভিষানক্ষত্র। ৪। দূর্ব্বা। ৫। পশ্চিম দিক্।

বারুণীবল্লভ (ভ্) [বারুণী (শতভিষানক্ষত্র) বল্লভ (প্রিয়)—৬তৎ] বি, পুং, বরুণ।

বারুদ (দ্) [ফা—বারুত্, বারুদ্] বি, কামান বন্দুকাদি হইতে গুলি গোলা নিক্ষেপক চূর্ণ-বিশেষ ; অগ্নিচূর্ণ (দ্রঃ) ; বিস্ফোরক ; gun powder. [দ্রঃ—ভারতবর্ষে আর্য্য-জাতি কর্তৃক বারুদ বহু প্রাচীনকাল হইতে ব্যবহৃত হইতেছে। বজ্র নালিকাস্ত্র দ্রঃ। "gun powder has been known in china and Hindusthan far beyond all periods of investigation."—Halhead's code of Gentoo Laws.] বারুদখানা, বারুদ ঘর—যে গৃহে বারুদ রক্ষিত হয়।

বারেক (ক্) [বার (দ্রঃ)—এক। মধ্য-বাং—পদ্যে ও গদ্যে এবং আধু-পদ্যে প্রচার] বি, একবার।

বারেন্দ্র [বরেন্দ্র (দেশবিশেষ)+অ (অণ্) জাতার্থে, 'আ' আগম] বি, পুং, বরেন্দ্র ভূমির অধিবাসী। ২। বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণ। ৩। রাজসাহী জেলার অন্তর্গত ভূমি। স্ত্রী. বারেন্দ্রী—বারেন্দ্র ব্রাহ্মণ স্ত্রী।

বারো [বার দ্রঃ। প্রাদে-উচ্চারণ ভেদে] বিণ, দ্বাদশ সংখ্যা ; ১২।

বারোয়াঁ—বি, রাগিণীবিশেষ।

বারোয়ারী [সং—বার (দ্বাদশ—বহু—জন-সাধারণ) ফা—য়ারী (সম্বন্ধসূচক প্রত্যয়)— বারজন ইয়ার (বন্ধু) মিলিয়া যে পূজা বা উৎসবের অনুষ্ঠান করে] বি, মহামারী সময়ে দেবতার প্রীত্যর্থে অথবা কেবল আমোদের নিমিত্ত গ্রাম বা পল্লীর জনসাধারণের মিলিত অর্থ ও চেষ্টায় যে উৎসব হয়। প্র—বারোয়ারী পূজা। বারোয়ারী-তলা—বারোয়ারী পূজা বা উৎসব স্থল।

বার্ণিক (ক্) [বর্ণ (রং বা অক্ষর) + ইক(ণ্) (ব্যবহার অর্থে) 'আ' আগম, যে অকারাদি বর্ণ বা নীল পীতাদি রং যথাস্থানে প্রয়োজিত করে] বি, পুং, লেখক। ২। চিত্রকর।

বার্ণিক (বার্নিক্) [বর্ণ—ইক (ণ) আ আগম] বিণ, বর্ণ সংক্রান্ত ; বর্ণঘটিত। ২। বি, আক্ষরিক ; লেখক। ৩। চিত্রকর।

বার্ণিস্, বার্ণিশ (শ্) [ইং—varnish. তুল—সং—বর্ণিক] বি, কাঠাদিতে রং লাগাইয়া উজ্জ্বল ও মসৃণ করিবার প্রলেপবিশেষ। প্র—"যেন জ্যোতির্ম্ময় এক জলীয় আলোকে রজত বার্ণিস্ মাখা অমৃত শীতল।"—ফুলরেণু।

বার্ত্তন (ন্) [হি—বর্ত্তনা] বি, বাসন ; তৈজস পাত্র। প্র—"জনে জনে প্রত্যেকে পাইলেন সব। বৃত্তি বার্ত্তন দেখি করিল গৌরব॥"—কবিকঙ্কণ।

বার্ত্তা [বৃত্ত (বৃত্তান্ত, অর্থাৎ লোকচরিত্র) + অ (অণ্, ইহার এই, এই অর্থে) 'আ' আগম] বি, স্ত্রী, বিবরণ ; বৃত্তান্ত। ২। কথা ; বাক্য। প্র—তাহার সহিত বার্ত্তালাপ কিছুই নাই। ৩। বৃত্তি ; জীবিকা। ৪। কৃষি বাণিজ্যাদি-বিষয়ক শাস্ত্র। প্র—"এবং আন্বীক্ষিকী, দণ্ডনীতি, বার্ত্তা ও ত্রয়ী এই সকল শাস্ত্রে বিশেষরূপে শিক্ষিতব্যক্তি রাজ্যে অভিষিক্ত হইবেন।"—যাজ্ঞবল্ক্যসংহিতা (বঙ্গবাসী)। ৫। সংবাদ ; খবর ; তত্ত্ব। প্র—"অনেকের নিকট তাঁহার তত্ত্ব জিজ্ঞাসা করিয়াছি কিন্তু কেহই কিছু বার্ত্তা বলিতে পারে না।"—টেকচাঁদ।

বার্ত্তাক, বার্ত্তাকী, বার্ত্তাকু [সং] বি, বেগুন।

বার্ত্তাবহ [বার্ত্তা (সংবাদ) বহ্ (বহন করা) + অ (অচ্, কর্ত্তৃ) যে সংবাদ বহন করে বি, পুং, দূত ; সন্দেশহর ; চর। ২। বিণ, সংবাদদাতা।

বার্ত্তায়ন (ন্) [বার্ত্তা (সংবাদ) অয়ন (স্থান, বা আশ্রয়)—৬তৎ] বি, ক্লী, সংবাদবাহক ; দূত। ২। চর ; spy. ৩। বার্ত্তা শাস্ত্র ; কৃষি-বাণিজ্যাদি শাস্ত্র।

বার্ত্তিক (ক্) [বার্ত্তা + ইক (ণ) ব্যবসায় অর্থে) যে বার্ত্তা (সংবাদ লইয়া যাতায়াত করে] বিণ, বার্ত্তা সম্বন্ধীয়। ২। বৃত্তি সম্বন্ধীয়। ৩। ব্যাখ্যা গ্রন্থ ; টীকা। ৪। দূত।

বার্ত্মন (বার্ত্তন্) [বর্ত্মন্ (পথ) + অ (অণ্ বা ষ্ণ)] বি, পুং, পথবাহক ; পথগমন নিপুণ ; বার্ত্তাবহ ; দূত। প্র—"পুরোহিত কথা শুনি ধনপতি মনে গণি দেশে দেশে পাঠায় বার্ত্মন।"—কবিকঙ্কণ।

বার্দ্ধক্য (বার্ধোক্কো) [বৃদ্ধ + ক্য (ণ—ভাবে) আ আগম] বি, বৃদ্ধত্ব ; বৃদ্ধাবস্থা ; বৃদ্ধকাল।

বার্দ্ধুষি, বার্দ্ধুষিক (ক্) [সং] বি, পুং, কুসীদজীবী ; সুদখোর।

বার্ব্বট (ট্) [সং] বি, জলযান ; নৌকা

বার্য্য (বার্জ) [বৃ + ণিচ্ = বারি (বারণ করা) + য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, নিবারণযোগ্য। ২। নিষেধযোগ্য।

বার্য্যমাণ (বার্জমান্) [বার্য্য (দ্রঃ) + আন (শ্—কর্ম্মে)] বি, যাহা নিবারণ করা হইতেছে। ২। যাহা নিষেধ করা যাইতেছে।

বার্লি [ইং—barley] বি, যব। ২। যবের পালো।

বার্ষিক (ক্) [বর্ষ, বর্ষা + ইক (ণ) হওয়া, দেওয়া প্রভৃতি অর্থে)] বিণ, বর্ষ সংক্রান্ত ; বাৎসরিক। ২। বর্ষ নির্দ্ধারিত ; যাহা প্রতি বৎসরের জন্য নির্দিষ্ট। ৩। প্রতি বর্ষে দেয় বা প্রাপ্য। ৪। বর্ষাকালীন। ৫। প্রতি বৎসর বর্ষাকালে দেয় বা প্রাপ্য। ৬। বি, বাৎসরিক বেতন বা কর। প্র—তাহার বার্ষিক এবার হইতে তুলিয়া দিল বা বন্ধ করিল। ৭। বর্ষে বর্ষে অনুষ্ঠিত উৎসব পূজাদি।

বার্ষুক (ক্) [বৃষ্ (বর্ষণ করা) + উক (ণ—কর্ত্তৃ)] বিণ, বর্ষণশীল।

বার্ষ্ণেয় (বার্ষ্ণেঁয়্) বৃষ্ণি (বংশবিশেষ) + এয় (ণ্—অপত্যার্থে)] বিণ, বৃষ্ণিবংশজাত ; যদুবংশী। ২। বি, বৃষ্ণিবংশীয় সন্তান। স্ত্রী, বার্ষ্ণেয়ী।

বার্হদ্রথ, বার্হদ্রথি (বার্হদ্রথ, বার্হদ্রোথি) [বৃহদ্রথ + অ, ই (অপত্যার্থে)] বি, বৃহদ্রথের পুত্র ; জরাসন্ধ।

বার্হস্পত (বার্হশ্‌পত্) [বৃহস্পতি (দেবগুরু) + অ (অণ্, 'ইহার এই' অর্থে)] বিণ, বৃহস্পতি সম্বন্ধীয়। ২। জৈব বৎসর। সৌর দ্বাদশ বৎসরে বৃহস্পতির এক বৎসর হয়।

বার্হস্পত্য (বার্হশ্‌পোৎত) [বৃহস্পতি (দেবগুরু) + য (ণ্) ; বৃ = বার্] বি, বৃহস্পতি-সংহিতা ; বৃহস্পতিকথিত মত ; বৃহস্পতি-প্রণীত নীতিশাস্ত্র। ২। চার্ব্বাক মুনি। ৩। বিণ, বৃহস্পতি সম্বন্ধীয়।

বাল [সং। বল্ (প্রাণধারণ করা) + অ (ঘঞ্—সংজ্ঞার্থে)] বি, পুং, বালক ; শিশু। ২। বালকাণ্ড রামায়ণ—রামায়ণের আদিকাণ্ড। ৩। পাঁচ বৎসরের হস্তি-শাবক। স্ত্রী, বালা। বালগোপাল—বালক বা শিশু-গোপাল ; শিশুকৃষ্ণ ; শ্রীকৃষ্ণের মূর্ত্তিভেদ। বালবাচ্ছা [হি—বালবাচ্চা] ছেলেপুলে। বালভোগ—বাল্যভোগ ; বাল-গোপালের প্রাতঃকালে প্রদত্ত ভোগ। ২। [উপহাসে] প্রাতরাশ।

বাল (ল্) [বল্ (বেষ্টনে) + অ (করণে—ঘঞ্) প্রা-বাং। হি-তে—প্রচুর] বি, কেশ ; চুল। প্র—"ব্যাঘ্র যেন দেখি ধায় ছাগলের পাল। পালায় সকল রাজা নাহি বান্ধে বাল॥"—কাশী-মহা-আদি। ২। [প্রাদেপ্রা] অন্তর্লোম ; জননেন্দ্রিয়ের পারিপার্শ্বিক রোম। বালকৃমি—কেশকীট ; উকুণ। বালক্রীড়ন—শিশুদিগের খেলা। বাল-ক্রীড়নক—খেলনা।

বালক (ক্) [বল্ (প্রাণধারণ, সংবরণ, বেষ্টন, সঙ্কলন প্রভৃতি) + অক (ণক—কর্ত্তৃ, সংজ্ঞার্থে) যে পিতা মাতার প্রাণের (আত্মার) তৃপ্তিদায়ক কিম্বা শিশুসুলভ স্নেহ বশতঃ পিতামাতাকে জড়াইয়া ধরে] বি, পুং, শিশু। ২। বল্ (বৃদ্ধি পাওয়া ইত্যাদি) অক (ণক) কর্ত্তৃ (সংজ্ঞার্থে) যে দেহ, মন ও বুদ্ধি প্রভৃতিতে নিয়তই বৃদ্ধি পাইতে থাকে। ১৬ বৎসর বয়স পর্য্যন্ত বালককাল। ৩। [বল্ (বেষ্টন করা) + অক (ণক) কর্ত্তৃ. (সংজ্ঞার্থে) যে বেষ্টন করে] বি, পুং, বলয় ; অঙ্গুরীয়ক। ৪। অর্ব্বাচীন ; অবোধ ; অজ্ঞ। প্র—"অর্জ্জুন বালক তুমি"—নবীন সেন (কুরুক্ষেত্র)।

বালক (ক্) [আ—বালিগ্ (বয়ঃপ্রাপ্ত হওয়া)] বিণ, প্রাপ্তবয়স্ক। প্র—নাবালক ; সাবালক।

বালকতা [বালক দ্রঃ—তা (ভাবে)] বি, বালকের ভাব বা অবস্থা। ২। অর্ব্বাচীনতা ; ছেলেমানুষী। প্র—"কেবল তুমিই অতিশয় বালকতা প্রযুক্ত রোষে বিদীর্ণ হইতেছে, যেহেতু বালক হইয়াও সভামধ্যে বৃদ্ধ সমুচিত সম্ভাষণ করিতেছ।"—মহা-সভা (বর্দ্ধমান)।

বালকাম (ম্) [বাল (বালক) কাম (যে কামনা করে)—উপপদ] বিণ, যে সন্তান কামনা করে ; পুত্রার্থী।

বালখিল্য (খিল্ল) [বালখিল + য (ণ্—সংজ্ঞার্থে)] বি, পুং, বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রমাণ মহাত্মা ঋষিবিশেষ ; ইঁহাদের সংখ্যা ৬০ হাজার বলিয়া পুরাণে নির্দিষ্ট হইয়াছে।

বালগর্ভিণী (গো) [গর্ভিণী (গর্ভবতী) যে বালা (কন্যা) পদবিপর্য্যয়ে—বালা গর্ভিণী, কর্ম্মধা] বি, স্ত্রী, প্রথম গর্ভবতী।

বালগ্রহ (গ্রো) [বাল (শিশু) গ্রহ (যে গ্রহণ করে)—উপপদ। যে বালকদিগকে অকালে ইহলোক হইতে গ্রহণ করে] বি, পুং, শিশুরোগবিশেষ।

বালচর্য্য (চোর্জ) [বাল (শিশু) চর্য্য (আচরণীয়) শিশুর আচরণীয়] বি, শিশু-চরিত্র। ২। [শিশুর ন্যায় চরিত্র যাহার, বহু] কুমার ; কার্ত্তিকেয়।

বালচর্য্যা (চোর্জা) [বাল—চর্য্য + আপ্] বি, স্ত্রী, শিশুর প্রতি কর্ত্তব্য ; শিশু পালন।

বালতি (ল্) [প্রাদে] বিণ, অনাথা ; দুঃখিনী। প্র—"হা পুত্রীর পুত্র মোর বালতির ভাড়া। অন্ধক জনার নড়ি দরিদ্রের

কড়া।”—কবিকঙ্কণ। রাঁড়ীবালতি—(গ্রা) অনাথা দুঃখিনী; বিধবা ও দরিদ্রা।

বালতি, বাল্‌তি (ল্) [হি—বাল্‌টি; পর্ত্ত—balde] বি, কাষ্ঠ বা লৌহ পিত্তলাদি ধাতু-নির্ম্মিত প্রশস্তমুখ ও সরু খুরার জলপাত্র; টব।

বালতৃণ (ন্) [সং] বি, শষ্প; কচি ঘাস।

বালধন (ন্) [বাল (বালক—নাবালক) তার ধন (সম্পত্তি)—৬তৎ] বি, নাবালকের বিষয় বা সম্পত্তি।

বালধি [বাল (কেশ) ধি (ধারী)] বি, চামর। ২। কেশযুক্ত পুচ্ছ।

বালব (ব্) [সং] বি, পুং, জ্যোতিষশাস্ত্র-সম্মত একাদশ করণের অন্যতম।

বালভোজ্য (ভোজ্জ) [বাল (শিশু) ভোজ্য (খাদ্য)—৬তৎ] বিণ, শিশুদিগের উপযুক্ত ভক্ষ্য। ২। বি, শিশুপথ্য।

বালমূষিক (ক্) [বাল (ক্ষুদ্র) যে মূষিক (ইন্দুর)—কর্ম্মধা] বি, পুং, ক্ষুদ্র মূষিক; নেঙটিয়া ইন্দুর।

বালরাজ (জ্) [বাল—রাজ (রাজা)] বি, বালকরাজা; শিশুরাজা। ২। বালকের রাজা; বালকশ্রেষ্ঠ। ৩। বৈদূর্য্যমণি।

বালরোগ (গ্) [বাল (শিশু) রোগ (ব্যাধি)—৬তৎ] বি, পুং, বালকের পীড়া; শিশুর ব্যাধি।

বালবাহ্য (বাজ্‌ঝ) [বাল (শিশু) দ্বারা বাহ্য (বহন করিয়া লওয়াব যোগ্য) ৩তৎ] বিণ, স্ত্রী, শিশুদ্বারা বহনীয়; বালকবাহ্য। ২। লঘু।

বালব্রত (বালব্‌ব্রোত) [সং] বি, পুং, মঞ্জুঘোষ নামক জৈনধর্ম্ম প্রচারক। ২। বিণ, বালকাচরিত ব্রত যাহার।

বালসূর্য্য (শূর্য্য) [বাল (নূতন) যে সূর্য্য—কর্ম্মধা)] বি, পুং, বালার্ক; নবোদিত সূর্য্য; প্রাতঃকালীন সূর্য্য; অরুণ। ২। স্ত্রী, বৈদূর্য্য মণি।

বালসা (বাল্‌শা) [সং—বাল+বাং—অসুখ] শিশুর জ্বর; বালরোগ। প্র—“বালসা বাতিক প্রবৃত্তি পৈত্তিক ঘুচাই তার যতনে।”—দাশরথি।

বালা [বালশব্দের স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী, বালিকা; অল্পবয়স্কা কন্যা। প্র—“বালা হয়ে জ্বালা সয়, কেমনে বাঁচিয়া রয়, কার মনে নাহি হয় দয়া একটুক গো, দয়া একটুক—ঈশ্বরগুপ্ত। ২। নারী; রমণী; ললনা; অঙ্গনা। প্র—“আর কি যতনে, কুসুম রতনে, ব্রজের বালা?”—ব্রজাঙ্গনা। ৩। ষোড়শ বর্ষ পর্য্যন্ত বয়স্কা স্ত্রী। ৪। কোমলাঙ্গী নবযুবতী; তরুণী। ৫। পূর্ণযুবতী [সংস্কৃত সাহিত্যে পূর্ণযৌবন-শ্রীশালিনী অর্থে বালা শব্দের ভুরি প্রয়োগ আছে। স্বয়ম্বর সভাস্থিতা পূর্ণযৌবনা ইন্দুমতী ‘বালা’ বলিয়া একাধিকবার উল্লিখিতা হইয়াছেন।—রঘু—৬ষ্ঠ, ৭ম, সর্গ। বঙ্গভাষাতেও এই অর্থে বহুল ব্যবহার আছে]। ৬। সুন্দরী; ধনী (দ্রঃ)। প্র—“কবির চিত্ত উঠে উল্লাসি’ অতি সত্বর সম্মুখে আসি’ কহে কৌতুকে মৃদু মৃদু হাসি’—দেখ কি এনেছি বালা! * * * তোমার কণ্ঠে দেবার মতন রাজ কণ্ঠের মালা!”—রবি (পুরস্কার)। ৭। দুহিতা; কন্যা। ৮। [প্রা-বাং] পুং, পুত্র; বালক। প্র—“গঙ্গা আনিবারে বালা করিল গমন”—কবিকঙ্কণ। “রোষযুক্ত পুরন্দর দেখি বালা নীলাম্বর অঞ্জলি করিয়া নিল পাণ।”—ঐ। ৯। [বলয় শব্দজ] বি, বলয়: করভূষণ। প্র—“তোমার দুহাতে পিত্তলের বালা যদি পরাই সোহাগে”—অশোকগুচ্ছ। “বীর বালা দুই ভুজে বীর কালকেতু যুঝে পশ্চিম দুয়ারে দিল থানা।”—কবিকঙ্কণ। ১০। নারিকেল বৃক্ষ। ১১। সুগন্ধ দ্রব্যবিশেষ; সুগন্ধবালা; pavionia odorata. —নবযৌবনা পত্নী। বালযোগী [গানে বালাযোগী] বালব্রহ্মচারী; যুবা সন্ন্যাসী।

বালাই [আ—বালাহ্ (আপদ, বিপদ)] বি, বিপদ; আপদ। প্র—বালাই আর কি; এ বালাই আর কোথা ছিল। ২। অশুভ; অমঙ্গল; পাপ। প্র—“আহা মরে যাই লইয়া বালাই কুলে দিয়েছাই, ভজি উহারে”—ভারতচন্দ্র। “যাউক তোমার সব বালাই লইয়া”—চৈতন্যভাগবত। ৩। বিঘ্ন; ব্যাঘাত; বিপত্তি। প্র—“হর লয়ে নরলীলা করিবারে চাই। তাহে হয় শিব নিন্দা এ বড় বালাই।”—অন্নদামঙ্গল। আপদবালাই—আপদ বিপদ; ঘোরতর বিঘ্ন বিপত্তি। ২। অত্যন্ত ক্লেশদায়ক ও অশান্তিকর বিষয় বা ব্যক্তি। বালাই লয়ে মরা—কাহার আপদ বিপদ অমঙ্গলাদি লইয়া মরা এবং তাহাকে মুক্ত ও সুখী করা। আলাই বালাই—আপদ বিপদ (গ্রা)। রোগ বালাই—আধিব্যাধি; রোগশোক। ২। রোগ এবং অমঙ্গল।

বালাখানা [ফা—বালাখানা (পাকা বাড়ীর উপরের কোটা)] বি, অট্টালিকা; একতালার উপরের প্রকোষ্ঠাবলী; উপরের কোটা।

বালাপোষ (বাপাপোষ্) [পা—বালা (উপর)+পোষ (পোষাক, পরিধান) উপরের পরিধান] বি, হাল্কা তুলা ভরা গাত্রবস্ত্র; শীতবস্ত্রবিশেষ।

বালাভোলা [বাল+আ (সাদৃশ্যার্থে) অথবা বমভোলা (শিব) হইতে। হি—প্রা-বাং] বিণ, এলোমেলো। ২। আউলিয়া। ৩। ভাল মানুষ; অচতুর। ৪। বৃদ্ধ। প্র—“ঘরে একেশ্বরী হবে স্বামী বালা ভোলা। ননদী সতিনী নাই বচনের জ্বালা।”—ধর্ম্মমঙ্গল।

বালাম (ম্) বি, চাউলবাহী নৌকাবিশেষ।

বালাম (ম্) [বালাম নৌকা হইতে নাম] বি, প্রসিদ্ধ সরু চাউলবিশেষ। বাখরগঞ্জ এই চাউলের জন্য বিখ্যাত। বালাম নৌকায় রপ্তানি হয় বলিয়া চাউলের এই নাম।

বালি, বালী—বি, কিষ্কিন্ধ্যার রাজা; ব্রহ্মার পৌত্র, ঋক্ষরাজার পুত্র, রামচন্দ্রের মিত্র এবং সুগ্রীবের জ্যেষ্ঠভ্রাতা।

বালি [সং] বি, বালুকা। ২। ধান্যবিশেষ। প্র—“আম পাবন গঙ্গা বালি বুলেন পাথরা।” শূন্যপুরাণ। চোখের বালি—চোখ দ্রঃ। বালি ধরান—ইষ্টকাদির প্রাচীরে চুণ-মিশ্রিত বালির প্রলেপ দেওয়া। গুড়ে বালি—গুড় দ্রঃ।

বালি [সং—বালিকা। ব্রজ। প্রা-বাং—বৈ-সা] বি, স্ত্রী, বালিকা। প্র—“বালি বিলাসিনী আকুল কালে”—বিদ্যাপতি।

বালিকা—বি, স্ত্রী, শিশুকন্যা। ২। কুমারী; বালা দ্রঃ। ৩। অনভিজ্ঞা। বালিকা বয়স—কন্যাবস্থা; নারীর শৈশব। প্র—
“নবীন নয়ন মম কুটিলতাবিন্দু
প্রবেশিতে নারে যায় বালিকা বয়সে
কিশোর কণ্টকে কবে খরতার বাসা?”
—দীনবন্ধু।

বালিঘট (ট্) [বালি দ্বারা পূর্ণ যে ঘট, কর্ম্মধা] বি, পুং, বালিপূর্ণ কলস বা ঘট। প্র—“আসিয়া তোমার নীরে, বালিঘট করি মরে, সেই বধ তোমারে ত লাগে।”—কবিকঙ্কণ।

বালিয়া [বালি+ইয়া (যুক্তার্থে)] বিণ, বালুকাপূর্ণ; সিকতাময়। ২। মৎস্যবিশেষ; বেলে দ্রঃ।

বালিয়াড়ি [বালিয়া—আড়া (ঘাট)] বি, নদ্যাদির উচ্চ বালিয়াপাটির পাড়। ২। সমুদ্রের বালুকাময় উচ্চ তীরভূমি।

বালিশ (শ্) [সং] বিণ, শিশু। ২। অজ্ঞ; মূর্খ; নির্ব্বোধ।

বালিশ (শ্) বি, ক্লী, উপাধান; মস্তকাধার; শিরোধান। প্র—“পিরীতি পালঙ্কে শয়ন করিব পিরীতি বালিশ মাথে। পিরীতি বালিশে আলিস করিব রহিব পিরীতি সাথে।”—চণ্ডীদাস।

বালীশ (শ্) [সং] বি, মূত্রকৃচ্ছ্র রোগ।

বালু [বল্ (বৃদ্ধি পাওয়া)+উ (ণ—কর্তৃ), আ আগম] বি, স্ত্রী, সিকতা; বালি। ২। এলবালু নামক গন্ধদ্রব্য।

বালুক (ক্) [সং] বি, বিষবিশেষ।

বালেয় [বালি, বালী, বাল, বালা+এয় (এয়ণ্) অপত্যার্থে বা 'ইহার এই' অর্থে] বিণ, বালির পুত্র; অঙ্গদ। ২। পিতার বাল্যাবস্থায় জাত সন্তান। ৩। বালিকার গর্ভসম্ভূত সন্তান; কানীন পুত্র। ৪। বালকোচিত। ৫। বালকসংক্রান্ত। ৬। কমনীয়; মৃদুল। ৭। পুং, গর্দ্দভ।

বাল্য (বাল্ল) [বাল (বালক)+য (ণ্য—ভাবে)] বি, ক্লী, বালকের অবস্থা; শৈশব; ১৬ বর্ষ পর্য্যন্ত বয়ঃক্রম। **বাল্যকাল**—বাল্যাবস্থা; শৈশব। **বাল্যচাপল্য**—বালকোচিত চঞ্চলতা। **বাল্যভোগ**—বাল দ্রঃ।

বাল্কল [বল্কল (বৃক্ষত্বক্)+অ (অণ্, প্রস্তুত অর্থে)] বিণ, বল্কলজাত। ২। বি, স্ত্রী, মদ্য। ৩। বি, পুং, দৈত্যবিশেষ।

বাল্তি, বাল্তী—বালতি দ্রঃ।

বাল্দো [বাইল দ্রঃ। 'বেল্দো'ও বলে] বি, তাল, নারিকেল, খর্জ্জুরাদি বৃক্ষের শাখা।

বাল্মিক, বাল্মীক (ক্) বি, বল্মীক দ্রঃ।

বাল্মীকি (বাল্‌মিকি) ['বাল্মিকি'ও হয়। বল্মীক+ই (ণ—সম্ভূত অর্থে)] বি, পুং, রামায়ণরচয়িতা স্বনামপ্রসিদ্ধ মুনি; আদি কবি। রাম বনবাসকালে চিত্রকূট পর্ব্বতে এবং রামের রাজত্বকালে অযোধ্যার দক্ষিণে তমসা নদীর তীরে ইঁহার আশ্রম ছিল উইলসন্ সাহেবের মতে কানপুরের নিকট বিঠুর ষ্টেসনের সন্নিহিত স্থানে বাল্মীকির তপোবন ছিল। রামায়ণ উত্তরাকাণ্ডে বাল্মীকির আত্মপরিচয় আছে,—"রামেরে কহেন মুনি, 'হের রঘুপতি!' প্রচেতার বংশে মোর হয়েছে জনম, প্রচেতা হইতে আমি গণনে দশম। জন্মাবধি কায়মনোবচনে কখন করি নাই আমি রাম! পাপ আচরণ।"—রাজকৃষ্ণ রায় কৃত অনুবাদ।

বাশ (শ্) বি, সূত্রধরের যন্ত্রবিশেষ; কাট কাটিবার ও চাঁচিবার যন্ত্র। ইহা নানাপ্রকারের হয়।

বাশিষ্ঠ, বাসিষ্ঠ [বশিষ্ঠ (মুনিবিশেষ)+অ (অণ্) প্রণীতার্থে] বি, ক্লী, বশিষ্ঠপ্রণীত যোগশাস্ত্র। ২। [অ (ণ—অপত্যার্থে)] বি, পুং, বশিষ্ঠের পুত্র। ৩। বিণ, বশিষ্ঠ সম্বন্ধীয়। ৪। বশিষ্ঠগোত্রীয়। স্ত্রী, **বাশিষ্ঠী**—গোমতী নদী।

বাশুলী, বাসুলি (শু) [বিশালাক্ষীর অপভ্রংশ] বি, স্ত্রী, চণ্ডীর মূর্ত্তিভেদ। কবি চণ্ডীদাসের জন্মস্থান নান্নুর গ্রামের অধিষ্ঠাত্রী দেবী বিশালাক্ষী। প্র—"কহে চণ্ডীদাসে, বাশুলী আদেশে"—চণ্ডীদাস। কবি ঘনরাম ভগবতী চণ্ডীর নামান্তরে বাশুলি শব্দ প্রয়োগ করিয়াছেন। প্র—"অভয়া আশীষে বাঘা উভ উভ লোফে। * * * বাঘা বলে বাশুলি বাড়ায়ে দিল ভেট।"—ধর্ম্মমঙ্গল।

বাষ্কল (ল্) [বাষ্ক (অস্ত্রবিশেষ) লা (গ্রহণ করা)+অ (ক, কর্ত্তৃ সংজ্ঞার্থে) যে বাষ্ক গ্রহণ করে] বি, পুং, যোদ্ধা; যুদ্ধবীর। ২। দানববিশেষ।

বাষ্প, বাস্প [বা (গমন করা)+প (পবনার্থে) মধ্যে স্ আগম, যাহা বায়ুতে গমন করে] বি, পুং, জল উত্তপ্ত হইয়া যে সূক্ষ্ম আকারে পরিণত হয়; তরল পদার্থের বায়বীয় অবস্থা। ২। উষ্মা। ৩। অশ্রু; নেত্রবারি।

বাষ্প, বাস্প (বাশ্‌প) [বাষ্প দ্রঃ। লক্ষণায়] আভাস; ইঙ্গিত; বিন্দুবিসর্গ। প্র—"আমি একথার বাষ্পও জানি না।"

বাষ্পপোত, বাষ্পীয়পোত (ত্) [বাষ্প (বায়ু) বাষ্পীয়—পোত। যে পোত (জলযান) বায়ু দ্বারা চালিত হয়] বি, বাষ্পচালিত জলযান; ষ্টীমার; কলের।

বাষ্পমান যন্ত্র (ন্, জন্ত্র) [বাষ্প (বায়ু) মান (পরিমাণ করা)—যন্ত্র] বি, যে যন্ত্র দ্বারা বায়ুর পরিমাণ করে।

বাষ্পরথ (থ্) বি, বাষ্পচালিত যান; রেলগাড়ী।

বাষ্পশকট (ট্) বি, বাষ্প বলে চালিত গাড়ী; রেলগাড়ী।

বাষ্পায়ন (ন্) [রাসাঃ পরিঃ] বি, তরল পদার্থের বায়বীয় অবস্থায় পরিণত; বাষ্পীভবন।

বাষ্পীয়যন্ত্র (জন্ত্র) বি, বাষ্পশক্তি দ্বারা চালিত যন্ত্র; ষ্টীম ইঞ্জিন; steam engine.

বাস (শ্) [বস্ (বাস করা)+অ (ঘঞ্-অধি)—যথায় বাস করে] বি, পুং, বসতি স্থান; আবাস; বাসা। ২। আগার; গৃহ। প্র—"সে থাকে যার হৃদয়বাসে, সে কি বাসে বাস করে।"—গান। ৩। অবস্থান; স্থিতি। প্র—তিনি কাল এই স্থানে বাস করিয়া গিয়াছেন। ৪। আশ্রয়। প্র—"ভ্রমর বিকল গাহি পাওয়ে বাস"—বিদ্যাপতি। **বাস করা**—অবস্থান করা; স্থিতি করা। ২। ঘর করা দ্রঃ; থাকিয়া সংসার যাত্রা নির্ব্বাহ করা; বসবাস করা। **বাস তোলা**—বাসা উঠান; স্থিতি না করা। **বাস বাঁধা**—স্থায়ী হওয়া; ঘরে স্থায়ী হওয়া; টিকিয়া যাওয়া।

বাস (শ্) [বস্ (আচ্ছাদনে)+অ (করণে, ঘঞ্)+যাহা দ্বারা আচ্ছাদন করা যায়] বি, ক্লী, বস্ত্র। প্র—"সাত মাসে নব বাস দিল ধর্ম্মকেতু"—কবিকঙ্কণ। "কাজ কি বাসে কাজ কি বাসে কাজ কেবল সেই পীতবাসে"—গান।

বাস (শ্) [সং—বাস, বাসন] বি, চন্দন। ২। সুগন্ধ। প্র—"এই বাতাসে ফুলের বাসে মুখখানি কার পড়ে মনে।"—রবি। ৩। গন্ধ; আভাস। ৪। সন্ধান। প্র—"ধনের পাইয়া বাস আসিতে বীরের পাশ"—কবিকঙ্কণ।

বাসক (বাশক্) বি, পুং, বাসক গাছ; বাকস দ্রঃ। ২। [বাস—ক (কর্ত্তৃ)] বিণ, সুগন্ধকারক। স্ত্রী, **বাসকা**।

বাসকর্ণী (বাশ্‌কোর্নি) [বাস (গৃহ) কর্ণ (কাণ) গৃহের কর্ণের ন্যায়—উপমিত, ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, যজ্ঞাগার।

বাসসজ্জা—বাসকসজ্জা দ্রঃ।

বাসকসজ্জা (বাশক্‌শজ্জা) [বাসক (বসতি স্থানে) সজ্জা (বেশ ভূষা বা বস্ত্রাদি দ্বারা সাজসজ্জা) যে স্ত্রীর, বহু] অথবা বাসের (বাসস্থানের) সজ্জা (নানাবিধ সুগন্ধি দ্রব্যাদি দ্বারা সাজান) হয় যে স্ত্রী কর্ত্তৃক, বহু] বি, স্ত্রী, পতি আগমন প্রত্যাশায় যে নারী আপন শরীর এবং বাসর গৃহ সাজাইয়া রাখে।

বাসগৃহ (বাশগ্রিহ) [বাস জন্য গৃহ বা বাসের গৃহ (ঘর) ৪তৎ বা ৬তৎ] বি, পুং, ক্লী, বাস করিবার ঘর; ভদ্রাসন।

বাসতেয় (শ) [বসতি (বাসস্থান)+এয় (এয়ণ্) 'আ' আগম] বিণ, বসতির উপযোগী। ২। রাত্রিবাসোপযোগী। স্ত্রী, **বাসতেয়ী**—রাত্রি; যামিনী।

বাসন (শন্) [সং। হি—বর্ত্তন] বি, আধার; পাত্র; ২। তৈজসপাত্র। **বাসন কোশন**—ধাতুপাত্রাদি; ছোট বড় তৈজসপাত্রাদি।

বাসন (বাশন্) [বাস্ (সুবাসিত করণ)+অন (ট্—করণে)] বি, ক্লী, যদ্দারা সুবাসিত করা হয়; সুগন্ধী করণ; ধূপন। ২। বাস্ বা বস্+ণিচ্=বাসি (পরিধান করা, বাস করা)+অন (অধি, অনট্) বি, ক্লী, বাসস্থান। ৩। জলপাত্র; বস্তু রাখিবার আধার; ভোজন পাত্র। ৪। [বাসি (আচ্ছাদন করা) হয় যদ্দারা এই অর্থে করণে অনট্] বস্ত্র।

বাসনা (শ) ["প্রত্যাশাজ্ঞানয়োঃস্ত্রিয়াম্"—মেদিনী। "বাসনা-ভাবনা-সংস্কারোঽনুভূতাদ্য-বিস্মৃতিঃ"—হেমচন্দ্র] বি, স্ত্রী, প্রত্যাশা। ২। জ্ঞান [বিরল]। ৩। অভিলাষ; বাঞ্ছা। প্র—"যাও চলি, মহাবলি, যথা বনমালী—রাধিকা-বাসন"—ব্রজাঙ্গনা। ৪। সংস্কারবিশেষ। ৫। যুক্তি। ৬। কল্পনা। ৭। অনুরাগ। প্র—"নারীর পতির প্রতি বাসনা যেমন। পতির নারীর প্রতি মন কি তেমন।" অন্নদামঙ্গল। ৮। দুর্গা।

বাসনা (বাশ্‌না) [সং—বস্ (আচ্ছাদনে) ধাতুজ] বি, কদলী প্রভৃতির শুষ্ক পত্রাবরণ। প্র—কলার বাসনা।

বাসন্ত (শ) [বসন্ত (ঋতুবিশেষ) + অ (অণ্) ভাবার্থে বা 'ইহার এই' অর্থে) 'আ' আগম] বিণ, বসন্ত ঋতু সংক্রান্ত। ২। বি, পুং, মলয়বায়ু। ২। কোকিল। ৩। মদনবৃক্ষ।

বাসন্তিক (বাশন্‌তিক্) [বসন্ত+ইক (ণ— ক্রীড়ার্থে) 'আ' আগম—যাহা বসন্তে বিকশিত হয়] বিণ, বসন্ত সময়োৎপন্ন। ২। বসন্ত-কালীন। ৩। বি, পুং, বিদূষক ; ভাঁড়। ৪। নট।

বাসন্তী (শ্) [বসন্ত (ঋতু ভেদ) + অ (অণ্ ভবার্থে বা 'ইহার এই' অর্থে) 'আ' আগম, ঈ, (স্ত্রী)] বি, স্ত্রী, মাধবীলতা : নবমল্লিকা। ২। দুর্গা। ৩। বসন্তী রঙ ; ফিকা কমলা নেবুর রঙ। ৪। বিণ, বসন্তকালীন। ৫। ফিকা কমলা নেবুর রঙ্গে রঞ্জিত ; ফিকা হরিদ্রাবর্ণবিশিষ্ট ; বাসন্তী রঙ্গে ছোবান। প্র—বাসন্তী কাপড় ; বাসন্তী ওড়না। বসন্তী দ্রঃ।

বাসন্তীপূজা (শো) [বাসন্তী (বসন্তকালের দেবী) পূজা (অর্চ্চনা)—৬তৎ] বি, স্ত্রী, বসন্তকালীন দুর্গাপূজা।

বাসব (বাশব্) [সং] বি, পুং, দেবরাজ ; ইন্দ্র। ২। ধনিষ্ঠা নক্ষত্র। স্ত্রী, **বাসবী**—ব্যাসের জননী ; সত্যবতী। ২। ইন্দ্রাণী।

বাসবদত্তা (বাশব্‌দত্তা) [বাসবদত্তা (কাব্যের নায়িকাবিশেষ) সংশ্লিষ্ট কথা বলিয়া এই নাম] বি, কবি সুবন্ধু কর্ত্তৃক রচিত সংস্কৃত গদ্যকাব্যবিশেষ। ২। পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কার কর্ত্তৃক মূল বাসবদত্তার বৃত্তান্ত অবলম্বনে বাঙ্গালা পয়ারাদি বিবিধ ছন্দে রচিত কাব্যগ্রন্থ।

বাসযোগ (বাশ্‌জোগ্) [বাস (সুগন্ধ) যোগ (মিশ্রণ) —৬তৎ] বি, পুং, সুগন্ধি চূর্ণ

বাসযোগ্য (বাসযোগ্‌গ) [বাসের যোগ্য, ৬তৎ] বিণ, বাস করিবার উপযোগী।

বাসর (বাশোর্) [বস্ (ণিচ্) = বাসি (বাস করান) + অর (সংজ্ঞার্থে)] বি, দিবস ; দিন : বার। প্র—রবিবাসর। "ঘট সংস্থাপন করি, মহামায়া মহেশ্বরী, স্থিতিকর এ অষ্ট বাসর।"—কবিকঙ্কণ। ২। বিবাহ রাত্রির শয়ন-গৃহ। প্র—"বাসর ঘরে ঝুমুর কবি চপের মাথা খেয়ে।"—হেমবন্দ্যো। ৩। শয়নের গৃহ। "কলেবরে কাদাগুলা ধুয়ে আসি আমি। তত-ক্ষণ বাসর নির্ম্মাণ কর তুমি॥"—শিবায়ন। ৪। আলয় ; গৃহ ; ঘর। প্র—"সাগর বাসরে তব তাঁর সহ গতি !"—ব্রজাঙ্গনা কাব্য। "ক্ষণেকে চলিয়া গেল কন্যার বাসর॥"—রামা (দ্বিজ ভবানী)। ৫। [গ্রা-বাং] স্বামীগৃহ। প্র—"বাসরে যাইবে আজি খুল্লনা কল্যানী॥" —চণ্ডীকাব্য (মাধবাচার্য্য)। ৬। সভা। **বাসর ঘর**—যে গৃহে বরবধূ সর্ব্বপ্রথম একত্র শয়ন করে। **বাসর জাগা**—বিবাহের রাত্রে বরবধূকে লইয়া রমণীগণ কর্ত্তৃক আনন্দোৎসবে রাত্রি জাগরণ করা। **বাসর জাগানি**—বাসরে রাত্রি জাগরণ করিবার জন্য বর বা বরপক্ষীয়ের নিকট হইতে প্রাপ্য অর্থ। **বাসর সজ্জা**—বাসক সজ্জা।

বাসয়ে (বাশয়ে) [বাস দ্রঃ] ক্রি, ইচ্ছা করে ; বাসনা করে। ২। [বাস (সুগন্ধ) হইতে] সুবাস বিকীর্ণ করে ; সুবাসিত করে। প্র—"বাসয়ে শ্রীখণ্ড হেম রত্ন দণ্ড চামর ঢুলায় মাতলি।"—কবিকঙ্কণ।

বাসসজ্জা (বাশ্‌শজ্‌জা) [বাসর সজ্জা দ্রঃ] বি, নায়িকাবিশেষ ; যে নারী স্বামীর আগমন প্রত্যাশায় আপনার অঙ্গ ও বাসর গৃহ সজ্জিত করিয়া স্বামীর অপেক্ষা করে। প্র— "ভাবি দেখ বাসসজ্জা নিত্য নিত্য হও"— অন্নদামঙ্গল।

বাসসন্বিধান (বাশ শন্বিধান্) [বাস (বস্ত্র) সন্বিধান (নির্ম্মাণ) —৬তৎ] বি, স্ত্রী বস্ত্র নির্ম্মাণ। ২। [বাস (বসতি স্থান) সন্বিধান-৬তৎ] আবাস নির্ম্মাণ ; গৃহ প্রতিষ্ঠা।

বাসা (শা) [বাস্ + আ (ক্ষুদ্রার্থে, তুচ্ছার্থে)] বি, বাসস্থান ; আবাস ; গৃহ। প্র—"গোধিকা লইয়া গেলা বীর নিজ বাসা।"—কবিকঙ্কণ। ২। অস্থায়ী ভাড়াটিয়া বাসস্থান। প্র—এটা তাঁহাদের বাসা বাড়ী। ৩। পাখীর বাসস্থান ; নীড়। ৪। মানবেতর জীবজন্তুর বাসস্থান। প্র—"বাঘের ঘরে ঘোঘের বাসা।" সাপের বাসা। ৫। বাস ; স্থিতি।

বাসা (শা) [সং—বাসক দ্রঃ] বি, বাসক গাছ।

বাসারিষ্ট (শা) [বাসা (বাসক) + অরিষ্ট (মদ্য)] বি, বাসকের সহ ঘটিত কবিরাজী অরিষ্টবিশেষ ; শ্বাস কাশাদির ঔষধ।

বাসা (শা) [সং—বশ্ (ইচ্ছা করা ; স্পৃহা করা) ধাতুজ। বাশা হওয়া উচিত ছিল কিন্তু ব্যবহারে "বাসা"। উ-পু—বাসি। ম-পু— বাস, বাস্‌ন্, বাস্। প্র-পু—বাসে ; বাসেন। পদ্যে—বাসয়ে। অস-ক্রি—বাসিতে ; বাসিয়া, বাসি (পদ্যে), বেসে। ণিজন্ত—বাসান] ক্রি, বাসনা করা ; ইচ্ছা করা ; অভিলাষ করা ; চাহা ; বাঞ্ছা করা। (এই অর্থে গ্রা, কথ্য ভাষায় কোন কোন স্থানে চলিত আছে)। প্র—"যুবতী বুড়ায় নাকি বাসে।"—কবিকঙ্কণ। ২। মনে করা ; ভাবা। প্র—"সে শ্যাম নাগর গুণের সাগর কেমনে বাসিবে পর"— চণ্ডীদাস। ৩। অনুভব করা ; বোধ করা। ৪। প্রাপ্ত হওয়া ; পাওয়া। প্র—"কে সাজাল হেন সাজে হেরি বাসি দুখ"—চণ্ডীদাস। "কহিতে বাসি যে ভয়"—ঐ। "ঝারে ঝারে বিবরে বলিতে লাজ বাসি"—ঘনরাম। ৫। ভালবাসা শব্দের সংক্ষেপ। প্র—"আমারে যখন ভাল সে না বাসে, পায়ে ধরিলেও বাসিবে না সে"—রবি। "আমি নিশিদিন তোমায় ভালবাসি, তুমি অবসর মত বাসিয়ো।"— রবি। "তথাপি রাধারে পরাণ অধিক বাসে" —চণ্ডীদাস। **আপন বাসা**—আপনার ভাবা ; আত্মীয় মনে করা। **পরবাসা**— পর ভাবা ; অনাত্মীয় মনে করা।

বাসি, বাসী [সং—পর্য্যুসিত শব্দজ। হি— বাসী] বিণ, পর্য্যুসিত ; যাহা টাট্‌কা নহে ; যাহা অদ্যকার নহে ; দিবসাধিক পুরাতন। প্র—'ফুল্লরা বলেন বাসি মাংস না বিকায়।" —কবিকঙ্কণ। অন্ন ব্যঞ্জনের রাশি কে রাখিবে করে বাসি খেতে হবে খাও খাও খাও।"— ভারতচন্দ্র। ২। শুষ্ক ; যাহা তাজা নহে ; মলিন। ৩। রাত্রিতে ব্যবহৃত ফুল। প্র—"শ্রীমতীর কুন্তলের বাসি ফুলের বোঁটা"—হেম বন্দ্যো। **বাসি কাপড়**—রাত্রিবাসের কাপড়। ২। ধোপ দেওয়া কাপড়। এই অর্থে "বাসি-করা কাপড়"ই অধিক প্রচলিত। **বাসি জল**—যে জল গৃহে পূর্ব্ব হইতে তুলিয়া রাখা হইয়াছে ; সমস্ত রাত্রি যে জল মুক্তস্থানে রাখা ছিল। **বাসি ঘর**—প্রভাতে যে ঘরের পাট করা হয় নাই। **বাসি দুগ্ধ**—সদ্যঃ দোহন করা নহে ; পূর্ব্বাহ্নের সঞ্চিত দুগ্ধ। **বাসি ফুল**—বহুক্ষণ বা একদিন পূর্ব্বের তোলা ফুল। ২। রাত্রিতে ব্যবহৃত ফুল। **বাসি বিবাহ**—বিবাহের পর দিনে বিবাহ অনুষ্ঠানের অবশিষ্ট উৎসব পালন। গ্রা—**বাস বিয়ে।** **বাসি মড়া**—মৃত্যুর পর শবদেহ সৎকার করিতে বিলম্ব করিলে তাহা বাসি হয়। প্র— "বাসি মড়া হইয়া আছেন মহারাজ"— কৃত্তিবাস। **বাসি মুখ**—প্রভাতে ঘুম ভাঙ্গিবার পর যতক্ষণ মুখে জল না দেওয়া অর্থাৎ মুখ প্রক্ষালন ও জলযোগ না করা হয়, ততক্ষণ বাসি মুখ থাকে। **বাসি মুখে জল দেওয়া**—পূর্ব্ব রাত্রি উপবাসের পর মুখ প্রক্ষালন ও জলযোগ করা। প্র—"উহাদের পরিবারেরা এখনো বাসি মুখে জল দেয় নাই" —নীলদর্পন। **বাসি ভাত** পর্য্যুসিত অন্ন ; কড়কড়ি ভাত। **বাসি হাত**—সঁকড়ি হাত ; এঁটো হাত।

বাসি (শি) [বাস (সুগন্ধ) + ই (যুক্তার্থে) অথবা বাসিত (সুবাসিত) হইতে] বিণ, বস্ত্রাদি সুগন্ধীকৃত। ২। [বস্ত্র ধৌত করিয়া সুবাসিত করার প্রথা রহিত হইয়া অধুনা কেবল ধৌতকরণ প্রথাই প্রচলিত হওয়ার

সঙ্কুচিত অর্থে প্রযুক্ত হইতেছে] ধৌত ; ধোপ দেওয়া ; ধোলাই করা। প্র—ধোপা আসিলে কাপড় গুলা বাসি করিতে দিও। বাসি করা—ধোপ দেওয়া ; ধোলাই করা। ২। বিণ, ধৌত। প্র—বাসি করা কাপড়।

বাসি (শি) [বাইস দ্রঃ] বি, সূত্রধরের কাষ্ঠ-চ্ছেদক প্রশস্ত-ফলক কুঠারাস্ত্র ; axe. প্র—"দৃষ্টি অবলম্ব, নাহি তব দম্ভ, কুড়ারী বাসি পাড়ন।"—কবিকঙ্কণ।

বাসিত (শি) [বাস (গন্ধ) + ইত (ইতচ্—অস্ত্যর্থে) যাহার বাস (গন্ধ) আছে] বিণ, সুবাসিত ; সুগন্ধযুক্ত।

বাসিত (শি) [নির্ব্বাসিত সংক্ষেপে। প্রা-বাং] নির্ব্বাসিত ; বর্জ্জিত। প্র—"সে কেনে বাসিত হৈল বন।"—রামায়ণ (ঘনশ্যাম)।

বাসিন্দা (ব্যাশিন্দা) [ফা—বাসিন্দা (বাস-কারী)] বিণ, যে বাস করে ; নিবাসী। বি, অধিবাসী ; বসবাসী। প্র—"বাসাড়ে বাসিন্দা বেওয়া বেশ্যা করে সোর"—হেম বন্দ্যো।

বাসী (শি) [সং—বস্ (বাস করা) + ইন্ (কর্ত্তৃ) = বাসিন্ শব্দ ১মা, ১ব। স্বতন্ত্র প্রয়োগ নাই] বিণ, যে বাস করে ; নিবাসী। প্র—নগরবাসী, স্বর্গবাসী। স্ত্রী, বাসিনী। প্র—শতদলবাসিনী।

বাসুকি (শু) [সং] বি, পুং, সর্পরাজ।

বাসুকেয় (শু) [বাসুকি + এয়ণ্ (অপত্যার্থে)] বি, পুং, বাসুকির পুত্র।

বাসুদেব (বাশুদেব্) [বসুদেব + অ (অন্) অপত্যার্থে, 'আ' আগম, বসুদেবের পুত্র অথবা বাসু (সর্ব্ব নিবাস) বিশ্ব ব্রহ্মাণ্ড লোমকূপে যাঁহার এই অর্থে বাসু, তাদৃশ যে দেব তিনি বাসুদেব, যিনি বিশ্বের আশ্রয়] বিষ্ণু ; শ্রীকৃষ্ণ। প্র—"শ্রীনিবাস দামোদর জগদীশ যজ্ঞেশ্বর বাসুদেব শ্রীবৎস-লাঞ্ছন।"—অন্নদামঙ্গল।

বাসুলি (শু) [সং—বিশালাক্ষী] বি, স্ত্রী, বাশুলি দ্রঃ। প্র—"বাসুলি বাতাস করে বিনোদ ব্যজনে।"—শিবায়ন।

বাস্তব (ব্) [বস্তু (পদার্থ) + অ (অণ্—ইহার এই অর্থে) যাহা বস্তু (পদার্থ) সম্বন্ধে ঠিক বলা যায়] বিণ, যথার্থ ; প্রকৃত।

বাস্তবিক (বাস্তোবিক্) [বস্তু + ইক (ণ্, সংসৃষ্ট অর্থে) 'আ' আগম। যাহা বস্তু সম্বন্ধে নিশ্চয় হয়] বিণ, নিশ্চিত ; যথার্থ ; সত্যভূত ; প্রকৃত। ২। অ, যথার্থতঃ ; সত্য সত্য।

বাস্তব্য (বাস্তোব্ব) [বস্ + তব্য (কর্ত্তৃ, অধি, নিপাতনে)] বিণ, বাসযোগ্য। ২। প্রতি-বাসী।

বাস্তু [বস্ (বাস করা) + তু (অধি, তুণ্) যে স্থানে বসতি করে] বি, পুং, ক্লী, বসতি বাটী ; বাসস্থান। ২। পুরুষানুক্রমে যে স্থানে বাস করা হয় ; ভিটা। ৩। [বিদ্রূপে] বহুকাল যে কোন স্থানে বা সমাজ বা পরিবারে আশ্রয় করিয়া থাকে। ৪। বাস্তুক দ্রঃ। বাস্তুঘুঘু—যে ঘুঘু কোন ভিটায় বাস বাঁধিয়া থাকে ও তথায় চরিয়া বেড়ায়। বাস্তুদেব, দেবতা—গৃহদেবতা ; কুল দেবতা। বাস্তুভিটা—পূর্ব্বপুরুষাধিকৃত বাসভূমি। বাস্তুসাপ—যে সাপ কোন ভিটায় বাস করিতে করিতে পুরাতন হইয়া যায় এবং যাহাদের ভিটায় থাকে তাহাদের কোন অনিষ্ট করে না।

বাস্তুক (ক্) [বাস্তু + ক (স্বার্থে বা ভবার্থে) যাহা বাস্তু ভূমিতে জন্মে] বি, ক্লী, বেথো শাক। প্র—"ঘৃতে নালিতার শাক, তৈলে বাস্তুক পাক, অন্তে বড়ি ফেলিল ভাজিয়া।"—কবিকঙ্কণ।

বাস্তূক (ক্) [সং] বি, ক্লী, বাস্তুক দ্রঃ।

বাহ [বহ্ (বহন করা) + অ (অণ্ + কর্ত্তৃ) যে বহন করে] বিণ, বাহকারী ; বাহক। প্র—বারিবাহ ; ভারবাহ। ২। বি, ভারী ; মুটে। ৩। [বহ্ + অ (ঘঞ্—করণে) যাহার দ্বারা বহন করা যায়] বি, বাহু। ২। স্কন্ধ। ৩। বৃষ। ৪। মহিষ। ৫। অশ্ব।

বাহক (ক্) [বহ + অক্ (ণক, কর্ত্তৃ) যে বহন করে] বিণ, বহনকারী। ২। রথচালক ; সারথি।

বাহড়, বাহর (ড়্, র্) [প্রা-বাং "বাওড়ী" ও বলে। বাহুড়া দ্রঃ] বি, প্রত্যাবর্ত্তন। ২। [হি—বাহুরানা] ক্রি, ম-পু, অনুজ্ঞায়, প্রত্যাবর্ত্তন কর ; প্রতিনিবৃত্ত হও ; ফের। প্র—"বাহর বাহর দিদি চল ঘরে যাই"—ক্ষেমানন্দ—কেতকাদাস।

বাহন (ন্) [বহ্—ণিচ্ = বাহি (বহন করান) + অন (ট্—করণে)—যাহা দ্বারা এক স্থান হইতে স্থানান্তরে বহন করা যায়] বিণ, বাহন-কারী ; বাহক। ২। ভারবাহী জীবজন্তু ; অশ্ব, উষ্ট্র, বৃষ, মহিষাদি। ৩। দেবতার বাহন, যথা—শিবের বাহন বৃষ, দুর্গার সিংহ, কার্ত্তিকের ময়ূর, গণেশের মূষিক, লক্ষ্মীর পেচক, সরস্বতীর হংস, নারায়ণের গরুড়, অগ্নির ছাগ, গঙ্গার মকর, শীতলার গর্দ্দভ, ষষ্ঠীর বিড়াল, নারদের ঢেঁকী, ইন্দ্রের মেঘ ঐরাবত প্রভৃতি। প্র—"শুনি সুখে মুনি তাকে করিলেন কোলে। বাহন পেয়েছি তোমা তপস্যার বলে।"—শিবায়ন। ৪। [বিদ্রূপে] নেতা ; leader.

বাহনা (বাহ্না) [ফা—বাহানা (আবদার)] বি, সনির্ব্বন্ধ অনুরোধ ; অন্যায় অনুরোধ ; আবদার। প্র—"আহারাদির সময় ভ্রমর নিত্য বাহনা করিতে আরম্ভ করিলেন আমি খাইব না আমার জ্বর হইয়াছে"—কৃষ্ণকান্তের উইল। ২। ওজর ; আপত্তি ; বাহানা দ্রঃ।

বাহবা (ব্যাহোবা) [সং—বাং—ফা—বাঃবাঃ ; পর্ত্তু, স্পে—bravo] অ, বিস্ময়সূচক অব্যয়। ২। উৎসাহদানসূচক অব্যয়। ৩। প্রশংসা-সূচক অব্যয়। "বাহবা যে জন চায় বসে থাক চৌমাথায়,"—রবি।

বাহা [বাঃ দ্রঃ] অ, বেশ ; বাহবা।

বাহা [বহ্ ধাতুজ] বিণ, বাহিনী ; বাহিকা। প্র—জলবাহা। ২। ক্রি, বাহন করা।

বাহা [বাজা—বাহা] ক্রি, বাজান ; বাদ্য করা। প্র—"মহাশঙ্খ বাহে কর্ণপুত্র ধনুর্দ্ধর।"—মহা (শ্রীকর)।

বাহাত্তর (র্) [সং—দ্বা-সপ্ততি (প্রাকৃ—হত্তইড়—হত্তরি)] বি, দুই অধিক সপ্তর সংখ্যা ; ৭২। ২। বিণ, ৭২ সংখ্যক।

বাহাত্তুরিয়া, বাহাত্তুরে [বাহাত্তর + ইয়া] বিণ, বাহাত্তর বৎসর বয়স্ক। ২। অতি বৃদ্ধ। প্র—এক বাহাত্তুরে বুড়োকে ধরে কন্যা সম্প্রদান করেছে। বাহাত্তুরে ধরা—বাহাত্তর বৎসর বয়স হওয়ায় বুদ্ধিবৃত্তির হ্রাস হওয়া (তুল—চল্লিশে চোখে চালশে ধরা)।

বাহাদুর (র্) [ফা—বহাদর্] বিণ, বীর। ২। নির্ভীক ; সাহসী। প্র—"যদি পারে তবে তারে বলি বাহাদুর"—ঈশ্বর গুপ্ত। ৩। সুদক্ষ ; কার্য্যক্ষম। ৪। সৎ কর্ম্মের পুরস্কার স্বরূপ রাজদত্ত সম্মান। প্র—রায় বাহাদুর ; রাজা বাহাদুর (রায় দ্রঃ)।

বাহাদুরি [বাহাদুর (দ্রঃ) + ই কর্ম্মার্থে, ভাবার্থে] বি, বীরত্ব। ২। সাহসের কর্ম্ম। ৩। নৈপুণ্য ; কর্ম্মদক্ষতা। প্র—"চিত্রকাজে চিত্রগুপ্ত পীড়িতে আলপনা, হদ্দ বাহাদুরি—'ছিরি'—বিচিত্র কারখানা।"—হেম বন্দ্যো।

বাহাদুরীকাঠ (ঠ্) [বাহাদুরী (বৃহৎ হইতে) কাঠ (কাষ্ঠ)] বি, বৃহৎ বৃক্ষের কাঠের স্থূল ও প্রকাণ্ড গুঁড়ি ; শাল, সেগুন প্রভৃতি গাছের বৃহৎ কাণ্ড ; timber.

বাহানা [ফা—বাহানা] বি, কারণ। ২। ওজর ; আপত্তি। ৩। ভাণ। ৪। আবদার ; বায়না (দ্রঃ)। ৫। ছল।

বাহান্ন—বি, দুই অধিক পঞ্চাশ সংখ্যা ; ৫২। ২। বিণ, ৫২ সংখ্যক। যাঁহা বাহান্ন তাঁহা তিপ্পান্ন—উনিশ বিশ। তুল—বোঝার উপর শাকের আটি।

বাহাবাহবি [বাহু—বাহু + ই] বি, পরস্পর বাহুতে বাহুতে যুদ্ধ ; হাতাহাতি।

বাহার (র্) [ফা—বহার্] বি, নয়ন মন রঞ্জন-কারী সৌন্দর্য্য। প্র—"জ্বলন্ত জোনাকী দেখে অনন্ত বাহার"—কস্তুরী। ২। রাগবিশেষ। ৩। বসন্তকাল। ৪। মজা। বাহার দেওয়া—যাহাতে সুন্দর দেখায় এমন সজ্জা করা।

গুলবাহার—ফুল তোলা কাপড়। পাতা বাহার—পুষ্পহীন কেবল পাতায় সুদৃশ্য গাছ।

বাহাল (ল্) [ফা—বহাল্] বিণ, স্থায়ী ; পুর্ব্ববৎ অবস্থিত। ২। অপরিবর্ত্তনীয়। প্র—কর্ত্তারা তাহাকে পুনরায় কর্ম্মে বাহাল করিয়াছেন।

বাহিক (ক্) [বাহ (বহনীয়) + ইক (ণ—ব্যবহার অর্থে)—যাহা বহন করিয়া বা স্বকীয় স্কন্ধে আরোহণ করাইয়া ব্যবহার করে] বি, পুং, বহনযোগ্য বাদ্যযন্ত্র ; ঢাক। ২। যাহাতে আরোহণ করিয়া গমন করে ; গো-যান প্রভৃতি। ৩। বিণ, ভারবাহী।

বাহিত [বহ্ + ণিচ্ = বাহি (বহন করান, বা পাওয়ান) + ত (ক্ত—কর্ম্মে) যাহা বহন করিয়া লওয়া যায় বা এক স্থান হইতে স্থানান্তরে নীত হয়] বিণ, স্থানান্তর-প্রাপিত ; চালিত ; নীত।

বাহিনী [বাহ (শাস্ত্রোক্ত সৈন্য সামন্তের আবশ্যক বস্তু) + ইন্ (অস্ত্যর্থে) যাহার বাহ (যুদ্ধাদির উপকরণ প্রভৃতি) আছে] বি, স্ত্রী, সেনাদল ; যে সেনাদলে ৮১ হস্তী ৮১ শকট, ২৪৩ অশ্ব এবং ৪০৫ পদাতি এতাবৎ সংখ্যক যুদ্ধ সজ্জা। প্র—"কমণ্ডলু জল দিয়া আসার বাহিনী।"—কবিকঙ্কণ। ২। [বাহ (প্রবাহ বা তরঙ্গ) + ইন্ (অস্ত্যর্থে), ঈ (স্ত্রী)] বি, স্ত্রী, প্রবাহিণী ; নদী।

বাহিনীপতি (পো) [বাহিনী (সেনা বা নদী) পতি (চালক বা স্বামী)—৬তৎ] বি, পুং, সেনাপতি।

বাহির (র্) [সং—বহিস্ শব্দজ] বি, বহির্দ্দেশ। ২। ক্রি-বিণ, বহির্গত। এই অর্থে গ্রা—**বের**। প্র—বের হওয়া। "বের হয়ে দেখ কন্যারূপে রামপ্রসাদের বাঁধছে বেড়া।"—গান।

বাহিরান (নো) [বাহির + আন (ক্রি-বিভক্তি)]। উ-পু—বাহিরাই। ম-পু—বাহিরাও। প্র-পু—বাহিরায়। অস-ক্রি—বাহিরিতে ; বাহিরিয়া। গ্রা—বেরিয়ে] ক্রি, বহির্গত হওয়া ; বাহির হওয়া ; বাহিরে আসা বা যাওয়া। প্র—"নাহি বাহিরায় শেল দগধে পরাণ"—চণ্ডীদাস। গ্রা—**বেরুন** (নো)। প্র—"দেখ হে দেখ বদন মেঘ হতে চাঁদ বেরিয়ে এল"—গান।

বাহী [বহ্ (বহন করা) + ইন্ (কর্ত্তৃ, ণিন্) = বাহিন্ যে বহন করে] বিণ, বহনকারী ; বাহক। প্র—ভারবাহী।

বাহীক (ক্) [বহ্ + ঈক (কর্ত্তৃ—ঈকণ্)] বিণ, বহনকারী ; বাহী ; বাহক। ২। ভারী। ৩। যান ; বাহন ; গাড়ী। ৪। পঞ্জাবস্থ স্থান-বিশেষ। ৫। জাতিবিশেষ।

বাহু [বহ্ (বহন করা) + উ (কর্ত্তৃ—উণ্) আ আগম—যে বহন করে] বি, পুং, ভুজ ; স্কন্ধ প্রান্ত হইতে হস্তাঙ্গুলিশীর্ষ পর্য্যন্ত প্রত্যঙ্গ।

বাহুক (ক্) [সং] বি, পুং, ঋতুপর্ণ রাজার সারথিবেশধারী রাজা নল।

বাহুজ (জ্) [বাহু (ভুজ) জ—জন্ (হওয়া) + অ (ড—কর্ত্তৃ) যে বাহু হইতে জন্মে—উপপদ] বি, পুং, বাহুজাত। ২। ক্ষত্রিয়।

বাহুড়ান (নো) [সং—বৃৎ ধাতুজ। প্রা-বাং। উ-পু—বাহুড়াই। ম-পু—বাহুড়াও। প্র-পু—বাহুড়ায়। অস-ক্রি—বাহুড়িতে ; বাহুড়িয়া ; বাহুড়ি। ণিজন্ত—বাহুড়ান] ক্রি, প্রত্যাবর্ত্তন করা ; ফেরা ; নিবৃত্ত হওয়া। প্র—"বহুদিন হৈল পুনঃ বাহুড়ি না আল"—কাশী-মহা-আদি। "হৃষ্ট হৈয়া বাহুড়িল দরিদ্র ব্রাহ্মণ"—ঐ। "দেশে বাহুড়িয়া যেন না যায় ভারত।"—কৃত্তিবাস। "পথ বাহুড়িয়া মুনি দেখিবারে পায়"—শূন্যপুরাণ। ২। প্রত্যাবৃত্ত করা ; নিবৃত্ত করা ; ফিরান। প্র—"ধাইয়া ধাইয়া কেহ ধেনু বাহুড়ায়।"—জ্ঞানদাস। ব্রজ—**বাহুড়াব**—ফিরাইবে। প্র—"বাহুড়ল মদন বাহুড়াব কোই"—বিদ্যাপতি।

বাহুত্রাণ (বাহুৎত্রান্) [বাহু (ভুজ) ত্রাণ (ত্রৈ রক্ষা করা) + অন (ট্—করণে) যাহা দ্বারা বাহু রক্ষা হয়] বি, ক্লী, যোদ্ধাগণের বাহু-রক্ষার্থ লৌহ নির্ম্মিত আবরণ ; কবচ।

বাহুদা [বাহু (ভুজ) দা (দা দান করা) + অ (ড—কর্ত্তৃ) স্ত্রী, আ—কিম্বদন্তী আছে যে লিখিত-নামধেয় জনৈক মুনি ছিন্নবাহু হওয়ায় প্রাণত্যাগ বাসনায় হিমালয় নিঃসৃত একটী নদীতে অবতরণ করেন কিন্তু ঐ নদীজলস্পর্শে তাঁহার ছিন্নবাহু পূর্ব্ববৎ হওয়ায় ঐ নদীর নাম বাহুদা হইয়াছে] বি, স্ত্রী, হিমালয়-নিঃসৃতা নদীবিশেষ ; সৈতবাহিনী।

বাহুবল (ল্) [বাহু (ভুজ) বল (সামর্থ্য) —৬তৎ] বি, ক্লী, ভুজবল। ২। শারীরিক শক্তি ; ক্ষমতা। ৩। ক্ষাত্রশক্তি।

বাহুভূষণ, বাহুভূষা (ন্) [বাহুর ভূষণ, ভূষা (অলঙ্কার)—৬তৎ] বি, বাহুর অলঙ্কার ; কেয়ূর বলয়াদি।

বাহুমূল (ল্) [বাহু (ভুজ) মূল (গোড়া) ৬তৎ] বি, ক্লী, কক্ষ ; বগল।

বাহুযুদ্ধ (জুদ্‌ধ) [বাহুর যুদ্ধ—৬তৎ বা বাহু দ্বারা যুদ্ধ (প্রহার)—৩তৎ] বি, ক্লী, পরস্পর বাহুতে বাহুতে যুদ্ধ ; মল্লযুদ্ধ ; কুস্তী।

বাহুল (ল্) [বহুল (অনেক) + অ (অণ্, ভাবে) 'আ' আগম] বি, ক্লী, বহুলত্ব। ২। [বহুলা (কৃত্তিকা নক্ষত্রযুক্তা পূর্ণিমা) + অ (ণ্, তদ্‌যুক্তার্থে)] বি, পুং, কৃত্তিকা নক্ষত্রাশ্রিত পূর্ণিমাযুক্ত মাস ; কার্ত্তিক মাস।

বাহুলেয় [বহুলা (চন্দ্রপত্নী কৃত্তিকা) + এয় (ণ্, অপত্যার্থে) আ—আগম। কৃত্তিকা পালিত বলিয়াই কার্ত্তিকের] বি, পুং, ষড়ানন ; দেব-সেনাপতি।

বাহুল্য [বহুল (অনেক) + য (ষ্য) ভাবে 'আ' আগম] বি, ক্লী, আধিক্য ; আতিশয্য।

বাহুশালী [বাহু (ভুজ দ্বারা) শালী (শোভিত বা যুক্ত)—উপপদ] বিণ, যে বাহুবলের শ্লাঘা করে। ২। ভুজবিশিষ্ট।

বাহ্য [বহ + য (কর্ম্ম, ঘ্যণ্) যাহা বহন করে] বিণ, বহনযোগ্য, বহনীয়। ২। [বহ্ + য (ভাবে—(ঘ্যণ্)] বি, বহন। ৩। [বহিস্ (বাহির) + য (ণ্ হওয়া অর্থে) আ আগম, ই ও স্ লোপ—যাহা অভ্যন্তর বা গৃহাদির বাহিরে স্থিত] বিণ, বহিঃস্থ ; বাহিরের। ৪। [য (ঘ্যণ) করণে—যাহা দ্বারা বহন করা যায়] যান ; বাহন। ৫। বাহির ; বহির্দ্দেশ ; প্র—"মনেতে বুঝিয়া দেখ বাহেতে উদয় দেখ যামিনীর কান্ত।"—বাং-গান।

বাহ্যমান [বহ্ + ণিচ্ = বাহি (বহন করান বা পাওয়ান) + আন (শ্ কর্ম্মে) যাহা বহন করাইয়া নিতেছে] বিণ, প্রাপ্যমাণ ; নীয়মান। ২। যাহাকে বহন করিতেছে।

বাহ্যেন্দ্রিয় [বাহ্য (বাহিরে স্থিত) ইন্দ্রিয় (চক্ষুঃ কর্ণ প্রভৃতি)—কর্ম্মধা] বি, ক্লী, চক্ষুঃ, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্, এই পঞ্চ বাহ্যেন্দ্রিয়, আবার কেহ বলেন বাক্, পাণি, পাদ, উপস্থ ইহারাও বাহ্যেন্দ্রিয়।

বাহ্লিক, বাহ্লীক [বল্‌হ্ (দীপ্তি পাওয়া) + ইক, ঈক (ইকণ্, ঈকণ্) স্বার্থে] বি, পুং, তাতারদেশের অন্তর্গত দেশবিশেষ। ২। বাহ্লিক দেশজাত অশ্ব। ৩। বাহ্লিক নামক গন্ধর্ব্ব। ৪। বি, ক্লী, কুঙ্কুম। ৫। হিঙ্গু।

বি [সং—বে (বিস্তারে) ধাতু + ই (কর্ত্তৃ)] বি, আকাশ। প্র—বিহঙ্গম ; বিহঙ্গ। ২। স্বর্গ। ৩। পক্ষী। প্র—বিটঙ্ক।

বি [সং—উপসর্গ] অ, সম্যক্ ; বিশেষ। প্র—বিখ্যাত ; বিজ্ঞান ; বিশুদ্ধি ; বিবৃদ্ধি। ২। বিপরীত ; বিরুদ্ধ। প্র—বিপক্ষ ; বিকর্ষণ ; বিবাদ। ৩। বিহীন ; বিরহিত ; শূন্য। প্র—বিকর্ণ ; বিহস্ত। ৪। বিকৃত। প্র—বিবর্ণ। ৫। নিষেধ ; না। প্র—বিস্মৃতি ; বিষম ; বিশোক। ৬। বহু ; নানা। প্র—বিবিধ। ৭। প্রভেদ। প্র—বিশেষিত। ৮। পরস্পর। প্র—বিবাহ। ৯। বিগত। প্র—বিতৃষ্ণা। ১০। ভিন্ন। প্র—বিজাতীয়।

বিঅন (বিওনো) বিয়ান দ্রঃ

বিআ [বীজ হইতে বিঅ] বি, বীজ।

বিআ [সং—বিবাহ ; হি—বিআহা ; ব্যাহ ; বাং-গ্র—বিভা ; বে] বি, বিবাহ।

বিআন (নো) [বিয়ান দ্রঃ। হি—বিআনা (বাচ্চা দেওয়া, সন্তান প্রসব করা)] ক্রি, সন্তান প্রসব করা। বি, **বিআন** (ন্)।

বিউগল, বিউগেল (ল্) [ইং—bugle] বি, রণশিঙ্গা; তূরী; ভেরী; বংশী। **বিউগেল দেওয়া**—তূর্য্যধ্বনি করা; রণশিঙ্গা বাজন। ২। বংশীধ্বনি করিয়া সঙ্কেত করা।

বিউনি, বিউনী [সং—বীজন—বীজনী—বিঅনী] বি, তালবৃন্ত; হাতপাখা। প্র—"গোসাঞি দিলেন তবে বিউনির বাঅ। জত ছিল ছার পাঁস উড়িআত জাঅ॥"—শূন্যপুরাণ।

বিউনিল [প্রা-বাং—পদ্যে। বিউনি (বীজন) +ল (বাং-ক্রি-বিভক্তি)] ক্রি, ব্যজন করিল; বাতাস করিল। প্র—"কেহ বা আনিল সুশীতল বারিপাত্রে, বিউনিল কেহ"—মেঘনাদ।

বিউনী [সং—বেণী হইতে] বি, বেণী; কেশ-রচনা। ২। বিণ, কৃতবেণী; বেণীবন্ধ; বিননী-করা। প্র "বিউনী কেশের অন্ত শোভয়ে মদন কুম্ভ কবরীতে শোভিছে কেশর।"—কবিকঙ্কণ।

বিউলি, বিউলী [সং—ব্রীহি হইতে বিরি (মাষকলাই) + হি—ধুলি (ধুলি হই—ধোয়া) =ধোয়া বা খোসা তোলা মাসকলাই] বি, খোসা ছাড়ান বা মাজা মাষকলাই। **বিউলির ডাল**—ধোয়া মাষকলায়ের ডাল।

বিএ, বি, এ [ইং—"Bachelor of arts"এর সাঙ্কেতিক আদ্যবর্ণ B. A. হইতে] বি, বিশ্ব-বিদ্যালয়ের উচ্চ পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার নিদর্শক উপাধি। প্র—"বৃথা ও পাশ্চত্য দীক্ষা প্রসবে যে বি, এ, এম্, এ, বিশ্ব-বিদ্যালয়।"—গোবিন্দদাস (চন্দন)। ২। বিএ পরীক্ষায় উত্তীর্ণ; বিএ পাশ করা। প্র—"যাহাকে প্রকৃত শিক্ষা বলে "বিএ" দিগের মধ্যে অল্প লোকেরই আপনার ন্যায় সেটী আছে।"—সংসার।

বিওন (নো) বিয়ান দ্রঃ।

বিংশ [বিংশতি (কুড়ি) + অ (পূরণার্থে—ডট্)] বিণ, বিংশতি সংখ্যার পূরক। প্র—বিংশ শতাব্দী।

বিংশক (ক্) [বিংশ+ক (স্বার্থে)] বিণ, বিংশতি সংখ্যক। ২। বি, বিংশতি সংখ্যা।

বিংশতি (শো) [দ্বি-দশন্] বি, স্ত্রী, কুড়ি; বিশ সংখ্যা; ২০। ২। বিণ, ২০ সংখ্যক।

বিংশতিতম (শো, ম্) [বিংশতি (কুড়ি) + তম (পূরণার্থে) ১ হইতে ১৯ গণনার পর যে স্থানে কুড়ি সংখ্যা পূর্ণ হয়] বিণ, বিংশতি সংখ্যার পূরক।

বিঃ—বি, বিসর্জ্জিত দ্রঃ।

বিঁদ (দ্) [সং বিধ্ ধাতুজ—বিঁধা দ্রঃ। অথবা বিন্দু হইতে বিন্দ্—বিঁদ। প্রা] বি, বিন্দু সদৃশ ছিদ্র; বিঁধ (দ্রঃ)।

বিঁদকি (দ্) [বিঁদ (দ্রঃ) কি (ক্ষুদ্রার্থে) হি—বন্দ্‌কী] বি, ক্ষুদ্র বিন্দু। **বিঁদকি বিঁদকি**—ক্রি-বিণ, অতি ক্ষুদ্র ক্ষুদ্র বিন্দুতে।

বিঁধ [বিঁধা দ্রঃ] বি, ছিদ্র; ছেঁদা।

বিঁধন (ন্) [সং—বেধন হইতে] বি, ছিদ্র করণ। ২। ফোঁড়ন। ৩। ফুটন। ৪। (বিঁধোনো) ক্রি, বিঁধান দ্রঃ। ফুটাইয়া দেওয়া। ২। ফোঁড়া।

বিঁধা, বেঁধা (ধ্) [বিধ্ (ছিদ্র করণ) ধাতুজ। বিঁধ+আ (ক্রি-বিভক্তি)। উ-পু—বিঁধি। ম-পু—বিঁধ; বেঁধ; বিঁধুন; বিঁধ্; বেঁধ। প্র-পু—বিঁধে; বেঁধে; বিঁধেন; বেঁধেন্। অস-ক্রি—বিঁধিতে; বিঁধিয়া; বিঁধি (পদ্যে); বিঁধে। ণিজন্ত—বিঁধান] ক্রি, বিঁধ করা; ছিদ্র করা। ২। কণ্টকাদির সূক্ষ্মমুখ প্রবেশ করা; বিদ্ধ হওয়া; ফুটিয়া যাওয়া। ৩। বিদ্ধ করা; ফোঁড়া; ফোঁড় দেওয়া।

বিঁধান (নো) [বিঁধা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ উ-পু—বিঁধাই। ম-পু—বিঁধাও; বিঁধান্; বিঁধা। প্র-পু—বিঁধায়; বিঁধান্। অস-ক্রি—বিঁধাইতে; বিঁধাইয়া; বিঁধিয়ে] ক্রি, বিদ্ধ করান; ছিদ্র করান।

বিকঙ্কত [সং] বি, পুং, বঁইচ নামক গোল ক্ষুদ্রফলবান কণ্টকী বৃক্ষ; বঁৈচ ফলের গাছ। ২। বঁইচি ফল। প্র—"বনে বনে ভ্রমি তুলি বিকঙ্কত সেয়াকুলি আম জাম দিল শয় শয়।"—কবিকঙ্কণ।

বিকচ (চ্) [বি (বিগত বা নাই) কচ (বন্ধন) যাহার, ম-প-লো—বহু] বিণ, বিকসিত; বিকাসপ্রাপ্ত; প্রফুল্ল। প্র—"বিকচ কমলে যেন কুতূহলে ভ্রমর পাঁতির দেখা।"—অন্নদামঙ্গল। "বিকচ নলিনে যমুনা পুলিনে বহুত পিয়াসীরে"—বঙ্কিম। ২। [বি, (বিগত বা নাই) কচ (চুল) যাহার, মধ্যপদলোপি-বহু] বিণ, কেশশূন্য। ৩। বি, পুং, কেশগ্রহ। স্ত্রী, **বিকচা**

বিকচ্ছ [বি (বিগত বা না) কচ্ছ (কাছা) যাহার—বহু] বিণ, বিগতকচ্ছ; যাহার কাছা নাই।

বিকট (ট্) [বি (বিপুল) কট (আচ্ছাদন, গতি, অবস্থা, আকৃতি) যাহার, বহু] বিণ, অতি বৃহৎ; বিশাল। প্র—"বিকট কটক কাটি, জিনি ভুজবলে রঘুশ্রেষ্ঠ;—এ প্রতিজ্ঞা বীরাঙ্গনা, মম।"—মেঘনাদ। ২। বিকরাল; অতি ভয়ানক; ভীষণ; ভয়ঙ্কর। ৩। বৃহৎ দন্তবিশিষ্ট; দন্তুর। ৪। বিকৃত। স্ত্রী, **বিকটা**—বজ্রবারাহী।

বিকত্থন (ন্) [বি (অতিশয় বা বিপরীত) কত্থ্ (শ্লাঘা করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আত্মপ্রশংসা; শ্লাঘা। ২। [বি—কত্থ্ + অন (অনট্—কর্ত্তৃ) যে আত্মশ্লাঘা করে] বিণ, আত্মশ্লাঘাকারী।

বিকন, বিকান, বিকুন (বিকোনো, বিকানো, বিকুনো) [বি—ক্রীণন; ক্রী ধাতুজ। উ-পু—বিকাই। ম-পু—বিকাও। প্র-পু—বিকায়। অস-ক্রি—বিকাইতে; বিকাইয়া; বিকিয়ে] ক্রি, বিক্রীত হওয়া। ২। প্রচলিত হওয়া; আদৃত হওয়া। প্র—নামে বিকান। ৩। আত্মসমর্পণ করা।

বিকম্পিত (কো) [বি (বিশিষ্টরূপে) কম্প (কাঁপা) + ত (ক্ত—কর্ত্তৃ) যে বিশিষ্টরূপে কাঁপে] বিণ, অতিশয় কম্পিত; বেপমান। ২। অতিশয় বিচলিত।

বিকরাল (ল্) [বি (বিশিষ্টরূপ) যে করাল (ভয়ানক)—কর্ম্মধা] বিণ, অতি ভীষণ; ভয়ঙ্কর; ভয়ানক। স্ত্রী, **বিকরালা**।

বিকরুণ (কো, ন্) [বি (নাই) করুণা যাহার—বহু] বিণ, করুণারহিত; নিষ্করুণ; নিঠুর; নির্দ্দয়। প্র—"শুনহে বিকরুণ কান" জ্ঞানদাস।

বিকর্ণ [বি (বিগত—নাই) কর্ণ (কান) যাহার—বহু] বিণ, কর্ণবিরহিত; শ্রবণেন্দ্রিয়হীন। ২। [বি (বিশেষ ভাবে) কর্ণ (শুনা) + অ (কর্ত্তৃ—অচ্) সংজ্ঞার্থে] বি, পুং, দুর্য্যোধনের সহোদরবিশেষ।

বিকর্ণিক (কো, ক্) [বি (বিগত, নাই) কর্ণিকা (কেশর) যাহার, বহু] বিণ, কেশর-বিহীন পুষ্প। ২। বি, সরস্বতী নদীর উপকূল-বর্ত্তী দেশবিশেষ।

বিকর্ত্তন (ন্) [বি (বহুধা) কর্ত্তন (কৃৎ—ছেদন করা—অন, কর্ম্মে)—যাহাকে খণ্ড খণ্ড করিয়া কর্ত্তন করা হইয়াছে। পুরাণে আছে যে বিশ্বকর্ম্মা সূর্য্যের তেজোহ্রাস মানসে খণ্ড খণ্ড করিয়া ছেদন করিলে পর সূর্য্যপত্নী সংজ্ঞা তাঁহার তেজ সহ্য করিতে সমর্থা হন] বি, পুং, মার্ত্তণ্ড; সূর্য্য। প্র—"রতিপতি নর্ত্তন, বিরস বিকর্ত্তন শুভ ঋতুরাজ সমাজে"—ম, মো, তর্কালঙ্কার। ২। বিণ, কর্ত্তনকারী; ছেদক।

বিকর্ম্মকৃৎ [বি (বিরুদ্ধ, নিষিদ্ধ) কর্ম্ম—কৃৎ (কারী)—উপপদ] বিণ, শাস্ত্র বা আচার-বিরুদ্ধ কর্ম্মকারী।

বিকর্ষ [বি (বিশিষ্ট রূপে) কৃষ্ (আকর্ষণ করা) + অ (অল্—কর্ম্ম) যাহাকে বিশিষ্ট-রূপে আকর্ষণ করে] বি, পুং, বাণ; তীর।

বিকর্ষণ (ন্) [বি (বিপরীত) কর্ষণ (আকর্ষণ)] বিপরীত দিকে টান ; আকর্ষণের বিপরীত ; নিজের প্রতিকূলে টান। ২। [বি (বিশেষ) কর্ষণ (টানা)] আকর্ষণ।

বিকল (ল্) [বি (বিগত) কল (কলা) যাহার, বহ্ব] বিণ, কলাহীন। ২। অসম্পূর্ণ ; হ্রাসপ্রাপ্ত। ৩। অবশ ; অসমর্থ। ৪। মাতোয়ারা ; আত্মবিস্মৃত। ৫। শ্রীহীন। ৬। অনৈসর্গিক। ৭। ব্যাকুল ; অস্থির। প্র—"গুজরাটে গেলা তবে বুলান মণ্ডল। পশ্চাতে চলিল প্রজা -হইয়া বিকল॥"—কবিকঙ্কণ। "বিকল ভ্রমর সম ত্রিভুবন আওল"—রবি। ৮। অভিভূত ; বিহ্বল। প্র—"দুর্ম্মখ নিত্যানন্দের বিকল হইল প্রাণ॥" —চৈতন্যভাগবত। স্ত্রী. **বিকলা**—বিগতরজস্কা ; রজোরহিতা।

বিকলাঙ্গ [বিকল (গমন শক্তি শূন্য বা বিকৃত) হইয়াছে অঙ্গ (শরীর বা অবয়ব) যাহার, বহ্ব] বিণ, অঙ্গের বিকলতা প্রাপ্ত ; হীন অঙ্গ ; কানা, খঞ্জ, কুব্জ প্রভৃতি অঙ্গবিকার প্রাপ্ত। স্ত্রী. **বিকলাঙ্গী**।

বিকলেন্দ্রিয় [বিকল (অবশ) ইন্দ্রিয় (চক্ষুরাদি) যাহার, বহ্ব] বিণ, অবশেন্দ্রিয়, কানা, কুব্জ, খঞ্জ প্রভৃতি অঙ্গবিকারপ্রাপ্ত। ২। [বিকল (অবশ) যে ইন্দ্রিয়, কর্ম্মধা] বি, ক্লী, স্বাভাবিক শক্তিহীন ইন্দ্রিয়।

বিকল্প [বি (বিপরীত, বিভিন্ন, অন্য) কল্প (কল্পনা, বিধান)—কর্ম্মধা] বি, পুং, পরিবর্ত্ত কল্পনা। ২। বিপরীত কল্পনা। ৩। নানাপ্রকার কল্পনা। ৪। ভ্রম। ৫। সন্দেহ। ৬। [ব্যাকরণে] দ্বৈধরূপ ; বিভাষা ; option. ৭। [কাব্যালঙ্কারে] অর্থালঙ্কারবিশেষ ; "বাস্তবিক বিরুদ্ধ পদার্থদ্বয়ের তুল্যবল কল্পনা দ্বারা এক ক্রিয়াদির সহিত সম্বন্ধ প্রদর্শনের নাম বিকল্পালঙ্কার।"—কাব্যদর্পণ।

বিকল্পিত (বিকোল্পিত) [বিকল্প+ইত (ইতচ্) অস্ত্যর্থে, যাহার বিকল্প আছে] বিণ, বিকল্পবিশিষ্ট। ২। বিপরীত ভাবে কল্পিত। ৩। বিভাষিত। ৪। সন্দিগ্ধ।

বিকশন (ন্) [বিকাশন শব্দের অপব্যবহার। পদ্যে] বি, বিকাশ।

বিকশল [ব্রজ। পদ-সা] ক্রি, বিকশিত হইল। প্র—"বিকশল অঙ্গ না যাওত ধরণে" —বিদ্যাপতি।

বিকশিত (কো) [বি (বিশেষভাবে) কশ্ (প্রকাশ) +ত (ক্ত—কর্ম্মে) যাহা প্রকাশিত হয়] বিণ, বিকাশপ্রাপ্ত ; উদ্ভিন্ন। প্র—"গোপ বধূজন বিকশিত যৌবন।"—রবি। ২। প্রস্ফুটিত ; ফুল্ল। ৩। ব্যক্ত।

বিকষিত (কো) [বি—কষ্ (প্রকাশ) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বিকশিত দ্রঃ। ২। [বি (বিশেষভাবে) কষিত (কষ্—পরীক্ষায়)] সুপরীক্ষিত।

বিকসিত (বিকোশিত) [বি—কস্ (প্রকাশে) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বিকাসপ্রাপ্ত। ২। প্রস্ফুটিত। প্র—"বিকসিত তামরসে, অলি আসি উড়ি বসে ভেকভাগ্যে কেবল চীৎকার॥"—পদ্মিনী উপাখ্যান।

বিকান (নো) [সং—বিক্রয় হইতে বিকি (প্রা-বাং)—আন (ক্রি-বিভক্তি)। হি—বিকানা। উ-পু—বিকাই। ম-পু—বিকাও। প্র-পু—বিকায়। অস-ক্রি—বিকাইতে ; বিকাইয়া ; বিকিয়ে] ক্রি, বিক্রীত হওয়া। প্র—"পশুপতি পাইনু পতি তপস্যার ফলে। বিনামূল্যে বিকায়েছি ঐ পাদতলে॥"—শিবায়ন। "দেখিব সে শ্যামরায় বিকাইব রাঙ্গা পায় ভারত ভাবিয়া তায় ভাবে ঢলঢল।"—ভারতচন্দ্র। ২। প্রচলিত হওয়া ; সাধারণের গ্রাহ্য হওয়া ; আদৃত হওয়া। **নামে বিকান**—প্রকৃতপক্ষে মূল্যহীন বা অপদার্থ হইলেও নাম বা উপাধির বলে প্রচলিত বা আদৃত হওয়া।

বিকার (র্) [প্রা—বিগার। বি (বিপরীত) কৃ (করা) +অ (ঘঞ্—ভাবে)] বি, স্বভাবের বৈলক্ষণ্য ; প্রকৃতির বিপরীত। প্র—বুদ্ধিবিকার। ২। অন্যথাভাব। ৩। ব্যাধি ; রোগ। প্র—মস্তিষ্ক বিকার। ৪। যাতনা। [কবি বিদ্যাপতি এই অর্থে ব্যবহার করিয়াছেন]। ৫। জ্বরের প্রাবল্য হেতু মস্তিষ্কের বিকৃতি ও প্রলাপ অবস্থা ; সান্নিপাতিক জ্বর। ৬। ঘোর ; অন্ধকার। প্র—"না থাকে এবে সে ইন্দ্রিয় চালনা। সে মোহ-বিকার, মায়ার ছলনা॥"—ছায়াময়ী (হেম-বন্দ্যো)।

বিকার্য্য (র্জ) [বি (বিপরীত) কৃ (করা) + য (ঘ্যণ্—কর্ম্মে)—যাহাকে বিকৃত করে] বিণ, বিকারযোগ্য।

বিকাল (ল্) [বি (বিপরীত বা নিষিদ্ধ) যে কাল (দৈব কার্য্যাদির অসময়)—কর্ম্মধা। যে সময়ে দেব পূজা করে না] বি, পুং, অপরাহ্ন ; বেলাবসান। প্র—"বসন্তে বিকাল বেলা বকুলের বনে।"—কুঙ্কুম।

বিকাশ, বিকাস (শ্) [বি (বিশেষভাবে) কাশ্, স্ (দীপ্তি পাওয়া) +অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, প্রকাশ। প্র—বুদ্ধির বিকাশ। ২। বিস্তার। প্র—নেত্র বিকাশ। ৩। মুক্ত ; অনাবৃত ; প্রদর্শন। প্র—দন্তবিকাশ।

বিকাশন, বিকাসন (শন্) [বিকাশ (দ্রঃ) +অন (ট—ভাবে)] বি, ক্লী, বিকশিত হওন ; প্রস্ফুটন। ২। ব্যাপ্তি ; বিস্তার।

বিকাশা, সা (শা) [বিকাশ (দ্রঃ) +আ (ক্রি-বিভক্তি) । উ-পু—বিকাশি। ম-পু—বিকাশ। প্র-পু—বিকাশে। অস-ক্রি—বিকাশিতে ; বিকাশিয়া ; বিকাশি (পদ্যে)] ক্রি, প্রকাশ করা ; ব্যক্ত করা। ২। ফুটন। ৩। বিস্তার করা। ৪। প্রদর্শন করা ; মুক্ত করা। প্র—"মুখে কটকট শব্দ বিকট খেলিছে ভৈরবদলে, দন্ত বিকাশি খিলিখিলি হাসি অস্থি-ভূষণ গলে।"—ছায়াময়ী (হেম বন্দ্যো)। ৫। প্রস্ফুটিত হওয়া। প্র—"অলি বার বার ফিরে আসে তবে ত ফুল বিকাশে।"—গান।

বিকাশী, সী (শি) [বিকাশিন্ শব্দ, ১মা, ১ব] বিণ, প্রকাশমান ; বিকাশশীল ; প্রকাশকারী। ২। প্রফুল্ল ; হর্ষযুক্ত। ৩। বিস্তারকারী। স্ত্রী. **বিকাশিনী, বিকাসিনী**।

বিকি [বিক্রয় হইতে বিক্কিরি—বিকিরি—বিকি। গ্রা] বি, বিক্রয়। প্র—"রসাল বচনে করে বিকি।"—জ্ঞানদাস। "পল্লব গোপ বৈসে পুরে, কান্ধে ভার বিকি করে, বৃষ ভাগে বসায় বাথানে।"—কবিকঙ্কণ। "যদি বিকি ভাল হয় তবে তাহাদিগের দুই বেলা দুই মুঠা আহার চলিতে পারে।"—টেকচাঁদ।

বিকিকিনি [বিক্রয় হইতে বিকি, পালি—কিনন হইতে কিনি] বি, ক্রয় বিক্রয় ; কেনা বেচা। প্র—"থাক তব বিকি কিনি, ওগো শ্রান্ত পসারিণী"—রবি। "বড়িমাই, ভাল বিকি কিনি শিখাইলি।"—জ্ঞানদাস।

বিকিরণ (ন্) [বি, (বিশিষ্টরূপে, বিবিধ প্রকারে) কৃ (বিক্ষেপণ করা) +অন (অনট্—ভাবে)। "বিকীরণ" ও হয়] বি, ক্লী, বিক্ষেপ করণ ; বিস্তার করণ। ২। [রাসাঃ পরিঃ] তাপ নির্গমন ক্রিয়া। ৩। [বি (বিগত, নাই) কিরণ (অংশু) (প্রভা) যাহার—বহ্ব] বিণ, কিরণহীন।

বিকীর্ণ [বি (বিশিষ্টভাবে, বিবিধ প্রকারে) কৃ (ক্ষেপণে) +ত (ক্ত, কর্ম্মে)—যাহাকে ইতস্ততঃ বিক্ষিপ্ত করা হইয়াছে] বিণ, বিক্ষিপ্ত। স্ত্রী. **বিকীর্ণা**।

বিকীর্য্যমান (বিকীর্জ্জমান্) [বি—কৃ (বিক্ষেপে) আন (শান, কর্ম্মে) য, ম আগম। কৃ=কীর] বিণ, যাহা চতুর্দ্দিকে বিক্ষিপ্ত করা হইতেছে ; ২। যাহা বিস্তৃত হইয়া আছে। স্ত্রী. **বিকীর্য্যমানা**।

বিকুক্ষি—বি, পুং, রাজা ইক্ষ্বাকুর পুত্র। ২। [বি (বিশীর্ণ) হইয়াছে কুক্ষি, যাহার, বহ্ব] বিণ, শুষ্ক-কুক্ষি ; যাহার কুক্ষিদেশ ক্ষীণ হইয়াছে ; কৃশোদর।

বিকুণ্ঠিত [বি—কুন্ঠ্ (গমনের প্রতিঘাত, বা বিকল হওয়া) +ত (কর্ম্মে ক্ত) যে চলিত বস্তুকে

বাধা দেওয়া যায় বা বিকল করা যায়] বিণ. বিকলীকৃত। ২। ভোতা ; blunt.

বিকুলি [ব্যাকুলি দ্রঃ। বিকুল+ই (ভাবে)] বি. ব্যাকুলের ভাব ; ব্যাকুলতা ; ব্যাকুলভাবের প্রকাশ। প্র—"ক্ষুধায় কান্দিছে শিশু করিয়া বিকুলি।" **আকুলি বিকুলি** [সহচর শব্দদ্বয়] অতিশয় ব্যাকুলতা।

বিকৃত [বি (বিবিধ প্রকার, অসুন্দর) কৃ (করা) ত (কর্ম্মে, ক্ত)] বিণ. রূপান্তরিত : অবস্থান্তরিত। ২। বিরূপতা প্রাপ্ত। প্র—মুখ বিকৃত করা ; বর্ণ বিকৃত হওয়া। ৩। বিকলতাপ্রাপ্ত। প্র—ঘড়ির যন্ত্র বিকৃত হইয়াছে। ৪। পীড়িত ; ব্যাধিগ্রস্ত। প্র—বিকৃত মস্তিষ্ক। ৫। বিকট ; ভীষণ। প্র—বিকৃত আকার। ৬। অস্বাভাবিক। প্র—বিকৃত স্বরে চীৎকার ; বিকৃত কণ্ঠ। স্ত্রী. **বিকৃতা**। বি. বিকৃতি।

বিকৃতি [বি (বিপরীত) কৃ (করা)+তি (ক্তি) ভাবে] বি. স্ত্রী. বিকার ; অবস্থান্তর : রূপান্তর ; প্রকৃতির বিপরীত দশা। ২। ব্যাধি। ৩। বৈগুণ্য ; বৈপরীত্য। ৪। বিণ. বিকট ; ভীষণ। প্র—"আইল বিস্তর সেনা বিকৃতি আকৃতি"—অন্নদামঙ্গল।

বিকৃষ্ট [বি (বিশেষভাবে) কৃষ্ট (আকৃষ্ট)] বিণ. সম্যক্ আকৃষ্ট। ২। [বি (বিপরীত দিকে) কৃষ্ট (আকৃষ্ট)] বিপ্রকৃষ্ট। ৩। সমাহৃত ; উদ্ধৃত।

বিকোষ (ষ্) [বি (বিগত ; বিরহিত) কোষ (আবরণ) যাহার, বহু] বিণ. আবরণশূন্য। ২। কোষমুক্ত ; নিষ্কাশিত।

বিক্কিরি, বিক্রী [সং—বিক্রীত। পালি—বিক্কিরি] বিণ. বিক্রীত। প্র—আমগুলা বিক্রী হয়ে গেছে। ২। বি. বিক্রয়। প্র—বাজারে আজকাল এসব জিনিসের বিক্কিরি বড় নাই।

বিক্রম (বিক্‌ক্রম্) [বি—ক্রম্ (গমন করা, আক্রমণ করা ইত্যাদি)+ অ (অল—ভাবে)] বি. পুং. শারীরিক শক্তি ; বল ; সামর্থ্য। ২। শৌর্য্য বীর্য্য ; বীরত্ব। ৩। আক্রমণ। ৪। পাদচারণ ; পরিক্রমণ। ৫। পক্ষীর গতিবিশেষ।

বিক্রম (বিক্‌ক্রম্) বি. রাজা বিক্রমাদিত্য। ২। বিণ. রাজা বিক্রমাদিত্য-প্রবর্ত্তিত। প্র—বিক্রমসম্বৎ।

বিক্রমাদিত্য (বিক্‌ক্রোমাদিৎত) [বিক্রমে পরাক্রমে যে আদিত্যের (সূর্য্যের ন্যায়) —উপমিত] বি. পুং. উজ্জয়িনীর স্বনামপ্রসিদ্ধ রাজা ও সংবৎ নামক বর্ষগণনার প্রবর্ত্তক।

বিক্রমী (বিক্‌ক্রোমি) [বিক্রমিন্ শব্দ। বি. (বিশিষ্টরূপে) ক্রম্ (আক্রমণে)+ইন্ (ণিন্—কর্ত্তৃ)—যে ভীষণ ভাবে আক্রমণ করে] বিণ. পরাক্রমী ; মহাবল ; ক্ষমতাশালী। ২। বীর। ৩। বি. সিংহ।

বিক্রয় (বিক্‌ক্রয়্) [বি—ক্রী (দ্রব্য বিনিময় করা)+অ (অল্—ভাবে)] বি. পুং. বস্তু বিনিময় ; অর্থের বিনিময়ে বস্তু দান।

বিক্রয়কারী (বিক্‌ক্রয়্‌কারি) [বিক্রয়কারিন্ শব্দ] বিণ. যে দ্রব্যাদি বেচিয়া অর্থলাভ করে ; বিক্রেতা।

বিক্রয়লব্ধ (বিক্‌ক্রয়্) [বিক্রয় দ্বারা লব্ধ, ৩তৎ] বিণ. দ্রব্য বিনিময়ে প্রাপ্ত ; কোন বস্তু বেচিয়া যে অর্থাদি পাওয়া গিয়াছে।

বিক্রয়িক (বিক্‌ক্রোইক্) [বিক্রয়+ইক (সংজ্ঞার্থে) যে বিক্রয় করে] বিণ. বিক্রয়কারী ; বিক্রেতা।

বিক্রয়ী (বিক্‌ক্রোই) [বিক্রয়িন্ শব্দ। বি—ক্রী (দ্রব্য বিনিময় করা)+ইন্ (ণিন্, কর্ত্তৃ)] বিণ. দ্রব্য বিক্রয়কারী ; বিক্রেতা।

বিক্রান্ত (বিক্‌ক্রান্ত) [বি (বিশিষ্টরূপে, বা বিবিধপ্রকারে) ক্রম্ (যুদ্ধাদি করা)+ত (ক্ত, কর্ত্তৃ) যে বিশিষ্টরূপে বা বিবিধ প্রকারে যুদ্ধাদি করে] বিণ ; বিক্রমী ; পরাক্রমশালী ; মহাবল। ২। বীর। ৩। বি. পুং. সিংহ। ৪। [বি—ক্রম+ত (ভাবে—ক্ত)] বিক্রম : বল।

বিক্রান্তি (বিক্‌ক্রান্তি) [বি—ক্রম্+তি (ক্তি, —ভাবে)] বি. স্ত্রী. পরাক্রম ; শক্তি ; ক্ষমতা। ২। [বি—ক্রম্ (গতি)+তি (ক্তি—সংজ্ঞার্থে)] অশ্বগতি।

বিক্রিয়া বিক্‌কৃআ) [বি (বিকৃত) ক্রিয়া] বি. বিকৃতি ; রূপান্তর প্রাপ্তি।

বিক্রী (বিক্‌কৃ [বি—ক্রী (বিনিময় করা)] বি. বিক্কিরি দ্রঃ।

বিক্রীড়িত (বিক্‌কৃড়িত) [বি (বিবিধ প্রকার) ক্রীড়্ (খেলা)+ত (ক্ত—ভাবে)] বি. ক্লী. বিবিধ ক্রীড়া।

বিক্রীত (বিক্‌কৃত) [বি—ক্রী (দ্রব্য বিনিময় করা)+ত (ক্ত, কর্ম্মে) যাহা বিক্রয় হইয়াছে] বিণ. কৃত বিনিময় ; যাহা বেচা হইয়াছে : যাহা অর্থের সহিত পরিবর্ত্তন বা বিনিময় করা হইয়াছে।

বিক্রুষ্ট (বিক্‌ক্রুষ্ট) [বি (বিশিষ্টরূপে) ক্রুশ্ (আক্রোশে, ক্রন্দনে, আহ্বানে) +ত (ক্ত, কর্ত্তৃ)] বিণ আক্রোশকারী। ২। রোদনকারী। ৩। কৃতাহ্বান।

বিক্রেতা (বিক্‌ক্রেতা) [সং—বিক্রেতৃ শব্দ, ১মা, ১ব। পালি—বিক্কেতা। বি—ক্রী (ক্রয় করা) ধাতুজ] বিণ. বিক্রয়কারী ; যে দ্রব্যাদি অর্থের জন্য বিনিময় করে। স্ত্রী. **বিক্রেত্রী**।

বিক্রেয় (বিক্‌ক্রেঅ) [বি—ক্রী+য (কর্ম্মে) যাহা বিক্রয় করা যায়] বিণ. বিক্রয়যোগ্য ; বিক্রয়ার্থ আনীত দ্রব্য ; পণ্য।

বিক্লব (বিক্‌ক্লব্) [বি (অতিশয়) ক্লব্ (বিহ্বল হওয়া)+অ (অল্—ভাবে] বি. পুং. ভয়বিহ্বলতা। ২। ব্যাকুলতা। ৩। জড়তা। ৪। ঔদাসীন্য। ৫। ভ্রান্তি। ৬। [—অল্, কর্ত্তৃ—যে বিহ্বল হয়] বিণ. বিহ্বল। ৭। ব্যাকুল। ৮। ভীত। ৯। উদাসীন। ১০। কর্ত্তব্যাবধারণে অক্ষম।

বিক্লিন্ন [বি—ক্লিদ্ (আর্দ্র হওয়া)+ত (ক্ত, কর্ত্তৃ) দ্—ত=ন্ন] বিণ. আর্দ্র ; সিক্ত দ্রবীকৃত। ২। জীর্ণ।

বিক্ষত [বি (বিশিষ্টরূপে) ক্ষণ (বিদারণ করা)+ত (কর্ম্মে, ক্ত) ণ্ লোপ] বিণ. বিশেষ ভাবে আঘাতপ্রাপ্ত ; আহত। ২। বিদারিত। ৩। খণ্ডিত ; বিখণ্ডিত। প্র—পিশাচ কুষ্মাণ্ড ব্রহ্মরাক্ষস সকল। বিক্ষত বিষ্ণুর বাণে হইল বিকল॥"—শিবায়ন। ৪। ক্ষয়প্রাপ্ত।

বিক্ষিপ্ত [বি (বিশিষ্ট রূপে) ক্ষিপ্ (নিক্ষেপ করা)+ত (ক্ত, কর্ম্মে)] বিণ. যাহা ক্ষেপণ করা হইয়াছে ; ইতস্তত: বিস্তৃত ; বিকীর্ণ। ২। [ক্ষিপ্ (প্রেরণ করা অর্থাৎ ইতস্তত: নিয়োজিত করা)+ত (ক্ত)] বি. ক্লী. ইতস্তত: চালিত হওয়া ; সঞ্চালিত। ৩। ক্ষিপ্ত ; বিকৃত। প্র—বিক্ষিপ্ত চিত্ত। বি. **বিক্ষিপ্তি**—বিক্ষেপ। **বিক্ষেপগতি**—কোন বস্তু নিক্ষিপ্ত হওয়ায় তাহার যে গতি হয়। **বিক্ষেপশক্তি**—পদার্থের স্থানান্তরিত হইবার শক্তি। ২। মিথ্যাকে সত্য জ্ঞান করিবার যে শক্তি ; মায়া।

বিক্ষেপ (প্) [বি—ক্ষিপ্ (ক্ষেপণ করা, ত্যাগ করা, প্রেরণ করা প্রভৃতি)+অ (ঘঞ্)] বি. পুং. বিকিরণ ; ইতস্তত: ক্ষেপণ। ২। ব্যাপ্তি ; বিস্তার। ৩। ত্যাগ। ৪। প্রেরণ ; নিক্ষেপ।

বিক্ষোভ (ভ্) [বি (বিবিধ প্রকারে, বা, বিশিষ্ট রূপে) ক্ষুভ্ (চঞ্চল হওয়া, বা উদ্বিগ্ন হওয়া বা ব্যথিত হওয়া)+অ (ঘঞ, ভাবে)] বি. পুং. চাঞ্চল্য ; কম্প ; সংঘট্ট। ২। দুঃখ ; ক্ষোভ। ৩। ভয়। ৪। ঔদাস্য ; উৎকণ্ঠা। ৫। চিত্তবিভ্রম।

বিখ (খ্) [প্রা-বাং সং—বিষ শব্দের প্রা—হিন্দী—উচ্চারণ] বি. বিষ। প্র—"বিখে পুরাইয়া উপরে দুধক পূর"—বিদ্যাপতি। **বিখতরু**—বিষবৃক্ষ। প্র—"চন্দন তরু বলি বিখতরু ভেল।"—জ্ঞানদাস।

বিখ্যাত (বিক্‌খ্যাত) [বি (বিশিষ্ট ব্যাপ্তি অর্থে) খ্যা (খ্যাপন—প্রশংসা পূর্ব্বক বলা)

+ত (ক্ত, কর্ম্মে)] বিণ, যাহার খ্যাতি বিস্তার লাভ করিয়াছে ; প্রসিদ্ধ। স্ত্রী, বিখ্যাতা।

বিখ্যাতি (বিক্‌খ্যাতি) [বিখ্যাত দ্রঃ। বি—খ্যা+তি (ভাবে)] বি, স্ত্রী, প্রশংসা ; প্রসিদ্ধি। ২। কীর্ত্তি ; যশ। বিণ, বিখ্যাত।

বিগড়ন (ন্) হি—বিগাড়। বিগড়ান দ্রঃ] বি, বিকৃতি। ২। অধঃপতন। ৩। (বিগ্‌ড়োনো) ক্রি, খারাপ হওয়া।

বিগড়ান (বিগ্‌ড়ানো) [গ্রা—বেগড়ানো। হি—বিগাড়না, বিগড়ানা। উ·পু—বিগড়াই। ম·পু—বিগড়াও। প্র·পু—বিগড়ায়। অস·ক্রি—বিগড়াইতে ; বিগড়াইয়া, বিগড়ে] ক্রি, বিকৃত হওয়া। ২। নষ্ট হওয়া ; খারাপ হওয়া। ৩। কুচরিত্র হওয়া। ৪। প্রতিকূল ভাব ধারণ করা ; সম্প্রীতি না রাখা।

বিগত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) গম্ (গমন করা) ত (ক্ত, কর্ত্তৃ) যে গিয়াছে] বিণ, গত ; প্রস্থিত। ২। অতীত। ৩। মৃত। ৪। বি, বিহঙ্গমগতিবিশেষ।

বিগতার্ত্তবা [বিগত (নাই) আর্ত্তব (ঋতু) যে স্ত্রীর, বহ্] বি, স্ত্রী, যে নারীর ঋতু নিবৃত্ত হইয়াছে, নিবৃত্তরজস্কা নারী।

বিগণন (গন্) [বি (বিশিষ্টরূপে) গণ্ +ণিচ্ =গণি (সংখ্যা করা) +অন (অনট্ ভাবে)] বি, স্ত্রী, সংখ্যা করণ। ২। [বি (নাই) গণনা (ঋণাদির সুদ গণনা যাহাতে, বহ্] বি, ঋণ-মোচন। ৩। [বি (প্রতিকূল) গণনা] অবজ্ঞা। স্ত্রী, বিগণনা। বি, বিগণিত।

বিগম (ম্) [বি (বিপরীত বা বিশিষ্ট রূপে প্রভৃতি) গম (গমন করা) +অ (অল্ ভাবে)] বি, পুং, প্রস্থিতি। ২। অপগম। ৩। বিনাশ।

বিগর্হণ (ন্) [বি (বিশিষ্টরূপে প্রভৃতি) গর্হ্ (নিন্দা করা) +অন (অনট্, ভাবে)] বি, স্ত্রী, কুৎসা ; অপবাদ ; নিন্দা, ভৎর্সনা তিরস্কার ; কলঙ্ক। স্ত্রী, বিগর্হণা।

বিগর্হিত (বিগোর্হিত) [বি—গর্হ্ +ত (ক্ত, কর্ম্মে) যাকে নিন্দা করা যায়] বিণ, অসাধু ; । ২। নিন্দিত। ৩। দূষিত। ৪। নিষিদ্ধ। ৫। [বি—গর্হ্ +ত (ক্ত, ভাবে)] বি, স্ত্রী, নিন্দা ; অপবাদ।

বিগলিত (গো) [বি (বিশিষ্ট রূপে) গল্ (ক্ষরিত হওয়া) +ত (ক্ত, কর্ত্তৃ) যে গলিয়া পড়ে] বিণ, ক্ষরিত ; গলিত ; চলিত। ২। পতিত ; স্খলিত ; ভ্রষ্ট। ৩। মুক্ত ; আলুলায়িত। প্র—"কাজ কি আমার কাশী। যাঁর কৃত কাশী তদ্রসি বিগলিতকেশী॥"—রামপ্রসাদ।

বিগাড় (ড়) [হি—বিগাড়] বিণ, খারাপ। প্র—"সহর বিগাড় হলে বাড়িবে বালাই"—ঘনরাম।

বিগাঢ় [বিশিষ্ট রূপে) গাহ্ (বিলোড়ন করা, অবগাহন করা) +ত (ক্ত, কর্ত্তৃ) যে অবগাহন বা বিলোড়ন করে] বিণ, স্নাত ; মগ্ন। ২। অতিশয় ; গাঢ় ; ঘন।

বিগার (র্) [গা] বি, বিকার দ্রঃ।

বিগাহ [বি—গাহ্ +অ (ঘঞ্, ভাবে)] বি, পুং, স্নান ; অবগাহন।

বিগাহমান (ন্) [বি—গাহ্ +আন (শ্—কর্ত্তৃ) যে বিলোড়ন করিতেছে] বিণ, যে অবগাহন করিতেছে। ২। যে বিলোড়ন করিতেছে।

বিগীত [বি (বিপরীত) গৈ (শব্দ করা, গান করা) +ত (ক্ত, কর্ম্মে) যাকে নিন্দা করা যায়] বিণ, নিন্দিত ; ২। বিগর্হিত।

বিগুণ (ন্) [বি (বিগত, নাই) গুণ (উৎকষ) যাহার, বহ্] বিণ, গুণহীন। ২। বিকৃত। ৩। বিপরীত ; প্রতিকূল। প্র—"হায়রে বিধাতা নিদারুণ কোন দোষে হইলি বিগুণ"—অন্নদামঙ্গল। ৪। বি, বৈপরীত্য ; ফের। প্র—"জলধি শুকায় হায় কপালের বিগুণে"—মানকুমারী।

বিগূঢ় [বি (বিশিষ্ট রূপে) গুহ্ (গোপন করা) +ত (ক্ত, কর্ম্মে) যাহা গোপন করা হইয়াছে] বিণ, গুপ্ত। ২। বিগর্হিত।

বিগোচ, বিগোছ (চ্, ছ্) [গ্রা—বেগোচ। বি (বিগত, নাই) গোচ (গুচ্ছ, বা গোছা) যাহার, বহ্] বিণ, বিশৃঙ্খল ; এলোমেলো ; ছড়ান। ২। বেবন্দোবস্ত।

বিগ্রহ (বিগ্‌গ্রহ) [বি (বিশিষ্ট রূপে বা বিবিধ প্রকারে ইত্যাদি) গ্রহ্ (গ্রহণ করা, উপাদান, স্বীকার, ধারণ, প্রাপ্তি, অবলম্বন, আশ্রয়) +অ (অল্, ভাবে)] বপু ; দেহ ; শরীর। প্র—"হেনকালে তথায় আইলা হরিদাস। শুদ্ধ বিষ্ণু ভক্তি যার বিগ্রহে প্রকাশ॥"—চৈতন্য ভাগবত। ২। দেব প্রতিমূর্ত্তি। ৩। [ব্যাকরণে] যাহা দ্বারা বা যাহা হইতে সমাসবদ্ধ পদের সবিশেষ অর্থগ্রহ হয় ; সমাসের বাক্য। ৪। সংগ্রাম ; যুদ্ধ। ৫। বিবাদ।

বিঘটন (ন্) [বি (বিপরীত, বিভিন্ন) ঘটন (ঘটনা। ঘট্—যোজনা করা+অন (ভাবে) বি, বিরুদ্ধ ঘটন ; অঘটন। ২। বিশ্লেষণ অসংযোগ। ৩। অনিষ্ট। প্র—"পূর্ব্বজন্মে কার কি করেছি বিঘটন।"—কৃত্তিবাস। বিরোধ। ৫। ব্যাঘাত।

বিঘটিকা (ঘো) [বি—ঘট্ (চেষ্টা করা +অক (কর্ত্তৃ) স্ত্রী, আপ্ =বিঘটিকা আগম—যে সময়ের বিভাগজ্ঞান জন্মায়] বি, স্ত্রী, ঘটিকাযন্ত্র। ২। পল।

বিঘটিত (ঘো) [বি—ঘট্ (ণিচ্) =ঘাটি+ত (ক্ত, কর্ম্মে)—যাহাকে সবিশেষ বিশ্লেষিত করা যায়] বিণ, বিশ্লেষিত। ২। বিনির্ম্মিত। ৩। বিকসিত।

বিঘট্টন (ন্) [বি (বিপরীত, বিশিষ্ট) ঘট্ (চলা) +অন (অনট্—ভাবে)] বি, স্ত্রী, আঘাত ; সংঘট্ট। ২। আলোড়ন। ৩। দৃঢ়সংযোগ ; সংঘটন। ৪। বিশ্লেষণ।

বিঘট্টিত (ঘো) [বি—ঘট্ +ত (ক্ত, কর্ম্মে)—যাহাকে সঞ্চালিত করা যায়] বিণ, বিলোড়িত। ২। বিশ্লেষিত। ৩। মথিত ; সংঘটিত। ৪। সঞ্চালিত।

বিঘৎ, বিঘত (ৎ) [সং—বিতস্তি হইতে] বি, অর্দ্ধ হস্ত পরিমাণ ; হস্তের বৃদ্ধাঙ্গুলির শীর্ষ হইতে কনিষ্ঠাঙ্গুলির শীর্ষ পর্য্যন্ত বিস্তার।

বিঘা [বর্গ হইতে গ্রা—বিগে] বি, ভূমির পরিমাণবিশেষ। ২০ কুড়ি কাঠায় বা ৬৪০০ বর্গ হাতে এক বিঘা। বিঘাকালী—বিঘা পরিমাণ ক্ষেত্রফল ; ভূমির দৈর্ঘ্য ও প্রস্থ লইয়া বিঘাকরণ।

বিঘাত [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) হন্ (হিংসা করা ইত্যাদি) +অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, বিনাশ। ২। আঘাত। ৩। ব্যাঘাত ; প্রতিবন্ধ ; বিঘ্ন ; বাধা। ৪। [বি (বিশেষভাবে) ঘাত (বাং—ঘা+সং—ত+ক্ত, কর্ম্মে)] বিণ, আহত ; প্রহৃত ; ঘাত প্রাপ্ত। প্র—"বিঘাত হইয়া পাষ্ট পড়িল দুয়া চারি।"—কবিকঙ্কণ।

বিঘাতক (ক্) [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) হন্ (হিংসা করা ইত্যাদি) +অক (কর্ত্তৃ) যে হিংসাদি করে] বিণ, বিনাশকারী ; সংহর্ত্তা। ২। আঘাতকারী ; যে প্রহার করে।

বিঘাতী [বিঘাতিন্ শব্দ ১মা·১ব। বি—হন্+ইন্ (ণিন্, কর্ত্তৃ)—যে নানারূপ হিংসা করে বা বাধা জন্মায়] বিণ, ব্যাঘাতক ; বিঘ্নকারী ; বাধাদায়ক। ২। বধকর্ত্তা ; ঘাতক ; বিনাশকারী। ২। [বিঘাত+ইন্ (অস্ত্যর্থে)—যাহার নানারূপ বাধা আছে] বিণ, ব্যাহত ; প্রতিবন্ধকীভূত ; বাধা-প্রাপ্ত। ২। বিধ্বস্ত। ৪। বিনষ্ট।

বিঘিনি [বিঘ্ন শব্দজ। ব্রজ—অপ্র। আধু—গ্রা-বাং—বিঘ্‌নি] বি, বিঘ্ন ; প্রতিবন্ধক। প্র—"বিঘিনি বিথারিত বাট"—বিদ্যাপতি। "বিঘিনি বিথারিত উপজয়ে শঙ্কা"—ঐ।

বিঘোষণ (ন্) [বি (বিশিষ্টরূপে বা বিবিধ প্রকারে)—ঘুষ্ (শব্দ করা বা ঘোষণা করা) +অন (অনট্—ভাবে)] বি, স্ত্রী, প্রচার ; ঘোষণা ; সর্ব্বত্র রটনা।

বিঘ্ন (বিঘ্‌নো) [বি (বিবিধ প্রকারে ইত্যাদি)—হন্+অ (ক, কর্ত্তৃ) যে কার্য্যের নাশ করে বা

প্রতিবন্ধক হয়, কিম্বা (করণে—অ) যাহা দ্বারা কার্য্যের ব্যাঘাত হয়। ব্রজ—বিঘিনি] বি, প্রতিবন্ধ ; বাধা প্রত্যবায় ; ব্যাঘাত।

বিঘ্ননায়ক, বিঘ্নবিনায়ক (ক্) [বিঘ্ন (কার্য্যসিদ্ধির প্রতিবন্ধক) নায়ক (ঈশ্বর, নিয়ন্তা)—বিঘ্ন দূর করিবার বিধানকর্ত্তা] বি, পুং, গণপতি ; গণেশ।

বিঘ্ননাশন (ন্) [বিঘ্ন (কার্য্যে প্রতিবন্ধক) নাশন (নাশক)] বি, সিদ্ধিদাতা গণেশ।

বিঘ্নরাজ (জ্) [বিঘ্ন (কার্য্যসিদ্ধির প্রতিবন্ধক)—রাজ (রাজা, প্রভু, কর্ত্তা)—বিঘ্ন নাশ করণে যিনি সর্ব্বশ্রেষ্ঠ] বি, পুং, বিঘ্ননায়ক ; গণেশ। প্র—"এই পুত্র তোমার ভুবনে বিঘ্নরাজ। ইঁহাকে পূজিবে যত দেবের সমাজ॥"—কবিকঙ্কণ। "কৃপাবলোকন কর বিঘ্নরাজ বিঘ্ন হর ইথে পার তবে সে পাইব॥"—ভারতচন্দ্র।

বিঘ্নহারী [বিঘ্ন (কার্য্যসিদ্ধির ব্যাঘাত) হারী (হরণকারী)—উপপদ] বিণ, যিনি বিঘ্ন হরণ করেন ; বিঘ্নবিনাশক। ২। সিদ্ধিদাতা গণেশ।

বিঘ্নি [গ্রা—বিঘ্ন ও ঘৃণা এই দুই শব্দের ভাব ও উচ্চারণ সাদৃশ্য জাত ঘৃণা = বিঘ্ণ] বি, ঘৃণা।

বিঘ্নিধরা—ঘৃণা বোধ হওয়া।

বিঘ্নিত [বিঘ্ন (বাধা) + ইত (ইতচ্, অস্ত্যর্থে) যাহার বিঘ্ন আছে] বিণ, বিঘ্নপ্রাপ্ত ; প্রতিহত ; ব্যাহত।

বিঘ্নেশ (শ্) [বিঘ্ন (কার্য্যসিদ্ধির প্রতিবন্ধক) + ঈশ (প্রভু) বিঘ্ননাশের কর্ত্তা] বি, বিঘ্নরাজ ; গণেশ।

বিচক্ষণ (বিচোক্‌খোন্) [বি (বিশিষ্টরূপে) চক্ষ্ (স্পষ্ট করিয়া বলা) + অন (অনট্, কর্ত্তৃ) যে বিবেচনা পূর্ব্বক স্পষ্ট করিয়া বলে] বি, পুং, বিদ্বান : পণ্ডিত : জ্ঞানী ; বক্তা : কার্য্যদক্ষ ; কর্ম্মকুশল ; অভিজ্ঞ। প্রা-বাং-য় **বিচখন**। —"রচন সুবন্ন অতি বিচখন বান্ধিল পচ্চিম ঘাটে।"—শূন্যপুরাণ।

বিচক্ষুঃ (বিচোক্‌খু) [বি (বিগত, নাই) চক্ষুঃ (নেত্র) যাহার, বহু] বিণ, চক্ষুহীন। ২। বিচলিত : বিমনা ; বিষণ্ণ। ৩। উদ্বেগযুক্ত। ৪। বিপর্য্যস্ত।

বিচঞ্চল (বিচন্‌চল্) [বি (বিশিষ্টরূপে) চঞ্চল (অস্থির)—প্রাদি সমাস] বিণ, অতি অস্থির ; অতি ব্যাকুল। প্র—
"কিম্বা সরোবর নীরে মোহন মুকুর
বিচঞ্চল শশধর কলেবর, যবে
পূর্ণিমার সন্ধ্যাকালে তাপসের কুল
কূল হ'তে লয় বারি কমণ্ডলু ভরি।"
—দীনবন্ধু।

বিচয়, বিচয়ন (য়্, ন্) [বি (বিশিষ্টরূপে) চয়, চয়ন (দ্রঃ)] বি, সংগ্রহ করণ ; একত্র করণ। ২। অন্বেষণ ; খোঁজন।

বিচর্চ্চিকা (চো) [বি (অসহন, নিগ্রহ, বিষম ইত্যাদি)—চর্চ্চ্ (অনুলেপনে) + অক (কর্ত্তৃ) যে বিষমভাবে অনুলেপিত হয়] বি, খোস পাঁচড়া ঘামাচি প্রভৃতি চর্ম্মরোগ।

বিচল (ল্) [বি (বিবিধ প্রকারে ইত্যাদি)—চল্ (গমন করা) + অ (অচ্, কর্ত্তৃ)—যে গমন করে অর্থাৎ যে স্থির থাকে না] বিণ, চঞ্চল ; অস্থির। ২। অন্যথা। ৩। বিচ্যুতি।

চলবিচল—নড়চড়। প্র—কথার চলবিচল হবে না।

বিচলিত (বিচোলিতো) [বি—চল + ত (ক্ত, কর্ত্তৃ)—যে গমনাগমন করে অর্থাৎ স্থির থাকে না] বিণ, চলিত ; কম্পিত ; স্খলিত ; চ্যুত পতিত। ২। [বি (বিগত) + চল (গমন) + ইত (যুক্ত)] অচল ; নিশ্চল (অ-প্র)। প্র—"প্রাণ ছাড়্যা গেছে রাজার কায়া বিচলিত।"—গীত গো (গিরিধর)।

বিচা [প্রা-বাং। হি—বিচ্‌না। বেচা দ্রঃ] ক্রি, বিক্রয় করা ; বেচা। প্র—"চোর গান্ধি চুষা ধান। যে বিচে সেই সিয়ান। ইহা বিচিতে না পুছিব মান॥"—ডাক।

বিচার (র্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—চর্ (গমন করা বা নির্ণয় করা প্রভৃতি) + অ (ঘঞ্—ভাবে] বি, পুং, যথার্থ নিরূপণ ; তত্ত্বনির্ণয়। ২। মীমাংসা ; নিষ্পত্তি। ৩। বিবেচনা। ৪। [প্রা-বাং। হি-র অনুসরণে, হি—বিচার্‌না (খোঁজ করা)] অনুসন্ধান ; খোঁজ। প্র—"বিচার করিতে সৈন্য যায় ততক্ষণ॥"—রামা (দ্বিজ ভবানী)।

বিচারক (ক্) [বি—চর্ + অক (কর্ত্তৃ) যে বিচার (মীমাংসা) করে] বি, পুং, বিচারকর্ত্তা : বিচারপতি ; মীমাংসক ; নিষ্পত্তিকারক।

বিচারণ (ন্) [বি—চর্ (ণিচ্) চারি = (গমন করান বা নির্ণয় করণ) + অন (অনট্—ভাবে)] বি, ক্লী, বিচার ; বিতর্ক মীমাংসা।

বিচারণা (না) [বিচারণ (দ্রঃ) আ, স্ত্রী] বি, স্ত্রী, বিচার ; বিবেচনা। ২। ধারণা। ৩। আলোচনা। ৪। মীমাংসা শাস্ত্র।

বিচারণীয় (রোনিঅ) [বি—চর্ + ণিচ্ = চারি (নির্ণয় করা) + অনীয় (কর্ম্মে) যাহার নির্ণয় করা উচিত] বিণ, বিচারযোগ্য ; বিচার্য্য। ২। বিবেচ্য ; আলোচ্য। ৩। ধার্য্য।

বিচারলুঁ (বিচারোলুঁ) [ব্রজ—বিচারলুঁ (উ-পু) প্রা-বাং-য়, লুঁ = লু পদ সা। ম-পু—বিচারিল। প্র-পু—বিচারল ; বিচারি। প্র—"পানি পিয়ে কিয়ে জাতি বিচারি"—বিদ্যাপতি] ক্রি, উ-পু। বিচার করিলাম। প্র—"অনেক লঘু গুরু কিছু না বিচারলুঁ"—বিদ্যাপতি।

বিচারা [সং—বিচার + আ (বাং-ক্রি-বিভক্তি)। উ-পু—বিচারি। ম-পু—বিচার (রো)। প্র-পু—বিচারে। অস-ক্রি—বিচারিতে ; বিচারিয়া ; বিচারি (পদ্যে)] ক্রি, বিচার করা। ২। বিবেচনা করা ; ভাবা। ৩। যুক্তি করা। ৪। [প্রা-বাং। হি—বিচার্‌না (খোঁজ করা)] অনুসন্ধান করা ; খোঁজ করা। প্র—"ঘর বিচারিয়া কিছুনা দেখিলেক মূরতি।"—মনসামঙ্গল (নারায়ণ দেব)।

বিচারা [সং—বি—কৃ (বিক্ষেপে) ধাতুজ অথবা হি—বিস্তার্‌না—বিছরানা হইতে] ক্রি, আচড়ান। প্র—"বহুর ঝারিয়া বালি বিচারিল কেশ।"—মনসামঙ্গল (জগজ্জীবন ঘোষাল)।

বিচারিত [বি—চর্ (ণিচ্) = চারি + ত (ক্ত—কর্ম্মে) যাহার মীমাংসা করা গিয়াছে] বিণ, তর্ক দ্বারা নির্ণীত ; মীমাংসিত। ২। সঙ্কল্পিত ; অবধারিত।

বিচারী [বিচারিন্ শব্দ। বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—চর্ + ইন্ (ণিন্—কর্ত্তৃ) যে বিচার (মীমাংসা) করে] বিণ, বিচার কর্ত্তা ; কর্ত্তব্য-নির্দ্দেশকারী ; মীমাংসক। ২। [বিচার (ব্যবস্থা) + ইন্ (অস্ত্যর্থে) যাহার বিচার অর্থাৎ ব্যবস্থা আছে] বিণ, কর্ত্তব্য নির্দ্ধারণকর্ত্তা।

বিচার্য্য (বিচার্জো) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—চর্ + য (ঘ্যণ্—কর্ম্মে) যাহা অর্থাৎ যে বিষয় নির্ণয় করা হয়] বিণ, বিচার করিবার যোগ্য ; বিবেচ্য। ২। আলোচ্য।

বিচাল [হি—বিচ (মধ্য) + আল (বালা)] বিণ, মধ্যস্থ ; অন্তর্বর্ত্তী।

বিচাল (লো) [বিচ (বীজ) + আল (বালা)] বিণ, বীজযুক্ত। ২। বীজপূর্ণ ; বিচে।

বিচাল (ল্) [বি = বে (বিরুদ্ধ) চাল] বি, বেচাল ; বিরুদ্ধরীতি।

বিচালি, বিচিলি, বিচুলি [হি—বিচালী] বি, ধান্যের শুষ্ক গাছ। প্র—"খোল বিচিলি ঘাস"—ঈশ্বর গুপ্ত।

বিচি [বীজ শব্দের প্রাদে উচ্চারণ বিচ—তাহা হইতে বিচি] বি, বীজ ; আঁঠি ; ফলাদির অভ্যন্তরস্থ কঠিন অংশ যাহা হইতে পুনরায় সেই বৃক্ষের উৎপত্তি হয়। প্র—"আগুনে কাঁঠালের বিচির সম্বন্ধ"—সা-প-প। ২। অণ্ডকোষ। **বিচিবিচি**—শক্ত শক্ত ; বিচির মত কঠিন।

বিচিকিচ্চি [সং—বিচিকিৎস্য হইতে] বিণ, চিকিৎসা বা শোধনের অতীত। ২। অত্যন্ত কদাকার ; কিম্ভূতকিমাকার।

বিচিকিৎসা (শা) [বি—কিৎ (সংশয় করা)+স (ন্—সংশয়ার্থে দ্বিত্ব)+অ (ভাবে)+আ, স্ত্রী। প্রাকৃ—বিচিকিচ্ছা (সন্দেহ, গোলমাল)] বি, স্ত্রী, সন্দেহ।

বিচিত [বি (বিশেষভাবে, বিবিধ প্রকারে) চি (চয়ন করা)+ত (ক্ত—কর্ম্মে) যাহা চয়ন করা গিয়াছে] বিণ, বিশেষভাবে সংগৃহীত ; সমাবিষ্ট। ২। অন্বেষিত।

বিচিত [প্রা-বাং, পদ-সা—কোমলার্থে ত্র=ত] বিণ, বিচিত্র। প্র—"বিচিত ঠাম"—জ্ঞানদাস।

বিচিত্র (বিচিৎত্র) [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) চিত্র (চিত্রীকরণ বা আলেখ্য করণ বা অদ্ভুত দর্শন প্রভৃতি)+অ (অল্—কর্ম্মে)] বি, ক্লী, নানাবর্ণ। ২। [কাব্যে] অর্থালঙ্কার-বিশেষ। ৩। [বি—চিত্র+অ (অল্) সংজ্ঞার্থে] বিণ, নানাবর্ণ-রঞ্জিত। ৪। আশ্চর্য্য। ৫। মনোজ্ঞ। ৬। বিস্ময়কর। স্ত্রী, বিচিত্রা।

বিচিত্রক (বিচিৎত্রক্) [বিচিত্র+ক (স্বার্থে)] বি, পুং, বিবিধরূপ চিত্র আছে যাহাতে ; বৃক্ষ।

বিচিত্রদেহ [বিচিত্র (চিত্রিত) দেহ (শরীর) যাহার, বহু] বিণ, নানাবর্ণ রঞ্জিত মূর্ত্তি। ২। বি, পুং, মেঘ।

বিচিত্রবীর্য্য (বিচিৎত্রবীর্জ) [বিচিত্র (অদ্ভুত) বীর্য্য (বীরত্ব) যাহার—বহু] বি, পুং, শান্তনু রাজার পুত্র। ২। বিণ, অদ্ভুত পরাক্রমশালী।

বিচিত্রাঙ্গ [বিচিত্র (চিত্রিত) অঙ্গ (শরীর) যাহার—বহু] বিণ, যাহার অঙ্গ চিত্রিত ; চিত্রিতাঙ্গ। ২। মনোজ্ঞদেহ। ৩। বি, পুং, ময়ূর। ৪। ব্যাঘ্র ; চিতাবাঘ।

বিচিত্রিত (চিৎত্রিত) [বিচিত্র+ইত (ইতচ্ —অস্ত্যর্থে) যাহাতে নানারূপ রং আছে] বিণ, নানা চিত্রযুক্ত। ২। নানাবর্ণবিশিষ্ট।

বিচিন্ত্যমান (বিচিন্ত্যমান্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) চিন্ত্ +ই (ণিচ্)=চিন্তি (ভাবনা করা)+আন (শ্—কর্ম্মে)—যে বিষয় ভাবনা করা যাইতেছে] বিণ, চিন্তার বিষয় হইয়াছে এমন। ২। বিবেচনাধীন।

বিচূর্ণ [বি (বিশেষভাবে) চূর্ণ] বিণ, বিশেষভাবে চূর্ণ ; পিপু ; মিহি করিয়া গুঁড়ান। বি, বিচূর্ণন।

বিচূর্ণিত [বি (বিশেষভাবে) চূর্ণিত] বিণ, যাহা গুঁড়া করা হইয়াছে ; পিষ্ট ; বিচূর্ণ দ্রঃ।

বিচ্যুত (বিচ্চুত) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—চ্যু (গমন করা, পতিত হওয়া, ক্ষরিত হওয়া ইত্যাদি)+ত (ক্ত—কর্ত্তৃ)—যে সবিশেষ পতিত হইয়াছে] বিণ, স্খলিত ; পতিত ; ভ্রষ্ট। ২। পৃথক্‌কৃত। ৩। ক্ষরিত।

বিচ্যুতি (বিচ্চুতি) [বি—চ্যু+তি (ক্তি—ভাবে)] বি, স্ত্রী, পতন ; ক্ষরণ।

বিচেতন (ন্) [বি (বিগত, নাই) চেতনা (জ্ঞান) যাহার, বহু] বিণ, চৈতন্যহীন ; সংজ্ঞাশূন্য ; অচেতন। ২। অবিবেকী। ৩। [বি (বিশিষ্ট) যে চেতন (জ্ঞানী)—কর্ম্মধা] সচেতন ; সজাগ। ৪। বি, বিশিষ্টজ্ঞান।

বিচেতাঃ [বিচেতস্ শব্দ। বি (বিপরীত) চেতস্ (মনঃ) যাহার—বহু] বিণ, উদ্বিগ্নচিত্ত ; উন্মনস্ক। ২। অসুখী। ৩। অজ্ঞ।

বিচেয় [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—চি (অন্বেষণ করা)+য (কর্ম্মে) যাহা অন্বেষণ করা উচিত] বিণ, অন্বেষণযোগ্য ; অন্বেষণীয়। ২। সংগ্রহার্হ।

বিচেষ্টিত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) চেষ্ট্ (চেষ্টা করা)+ত (ক্ত—ভাবে)] বি, ক্লী, বিশেষ চেষ্টা ; ব্যাপার। ২। [বি (বিগত, নাই) চেষ্টিত (চেষ্টা) যাহার, বহু] বিণ, চেষ্টাবিহীন।

বিচ্ছায় [বি (অভাব) ছায়া (আলোকের অভাব) অব্যয়ীভাব] বি, ক্লী, ছায়ার অভাব। ২। [বি (বিগত, নাই) ছায়া (কান্তি বা প্রতিবিম্ব) যাহার বা যাহাতে—বহু] বিণ, ছায়াহীন।

বিচ্ছিত্তি [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—ছিদ্ (ছেদন করা)+তি (ক্তি—ভাবে)] ক্রি-বি, স্ত্রী, বিচ্ছেদ। ২। বিনাশ। ৩। বৈচিত্র্য। ৪। [বি (বিবিধপ্রকারে ইত্যাদি)—ছিদ্+তি (ক্তি করণে বা অধি, সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, স্ত্রী-কণ্ঠহার। ৫। স্ত্রী-জনশোভন কেশ রচনা, অঙ্গরাগাদি।

বিচ্ছিন্ন [বি—ছিদ্+ত (ক্ত—কর্ম্মে) যাহা বিভাগ করা হইয়াছে] বিণ, বিভিন্ন ; বিভক্ত ; বিযুক্ত। ২। বিনষ্ট। স্ত্রী, বিচ্ছিন্না।

বিচ্ছিরি, বিচ্ছিরী [সং—বিশ্রী। গ্রা—উচ্চারণে] বিণ, শ্রীহীন ; কুৎসিত।

বিচ্ছু, বিচ্ছূ [বৃশ্চিক শব্দজ। হি—বিচ্ছূ। বিছা দ্রঃ] বি, বৃশ্চিক। ২। [বৃশ্চিকের চাঞ্চল্য সাদৃশ্যে] বিণ, অতি চঞ্চল ; চিলবিলে ; তিরবিরে। ৩। [বৃশ্চিকের দংশন স্বভাব হইতে, লক্ষণায়] দুষ্ট ; হিংস্রক ; দংশন-তৎপর।

বিচ্ছুরিত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—ছুর্ (ছেদন করা বা রঞ্জিত করা)+ত (ক্ত—কর্ম্মে)—যাহার রাগ সম্পাদন করা হইয়াছে] বিণ, অনুরঞ্জিত ; অনুলিপ্ত। ২। বিকীর্ণ। প্র—"কক্ষস্থ বাতির ঝাড়ের আলোকরশ্মি গাছের ফাঁক দিয়া পথে দুই চারি টুকরা বিচ্ছুরিত হইয়া পড়িয়াছিল, আমার মনে হইল সে যেন প্রলয় দাহেরই বহ্নিশিখা।"—ভারতী, ১৩২০।

বিচ্ছেদ (দ্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ছিদ্ (ছেদন করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, বিয়োগ ; বিরহ ; বিভাগ। ২। পার্থক্য ; বিভেদ। ৩। [বি—ছিদ্+অ (ঘঞ্—সংজ্ঞার্থে)] বি, পুং, খণ্ড ; বিরাম।

বিছতড়কা, বিছতাড়ক (ক্) বীজতারক দ্রঃ।

বিছর (র্) [হি—বিসর্না হইতে। ব্রজ। স=ছ। সং—বিস্মরণ] বিণ, বিগতস্মৃতি ; বিস্মৃত। বিছর যাওয়া [হি—বিসর্ যানা] বিস্মৃত হওয়া ; ভুলিয়া যাওয়া। প্র—"যত বিছরিয়ে তত বিছর না যাই"—বিদ্যাপতি।

বিছা [বৃশ্চিক শব্দজ] বি, বৃশ্চিক। প্র—রজনী বাড়িছে যে পোড়া পুড়িছে কিছার বিছার জ্বালা"—ভারতচন্দ্র। ২। বৃশ্চিক রাশি। প্র—"কাত্তিক গেলে অঘান মাস বিছারাসি।" —শূন্যপুরাণ। ৩। তেঁতুলে বিছার আকৃতি হার। ৪। তেঁতুলে বিছার আকৃতি কটিভূষণ। কাঁকড়া বিছা—কাঁকড়ার দাড়ার ন্যায় হুলবিশিষ্ট অষ্টপদী বিছা ; ইহাদের দংশনে তীব্র বিষক্রিয়া প্রকাশ পায় ; বিচ্ছু (হি) ; scorpion. তেঁতুলে বিছা—পাকা তেঁতুলের বিচির সারিবৎ ও তদ্বর্ণবিশিষ্ট বড়-জাতীয় বহুপদী বিছা। ইহাদেরও হুলে বিষ থাকে। গোবরিয়া বিছা [হি—গোজর] বহুপদী বিষহীন কৃষ্ণবর্ণ সরু ও ছোট জাতীয় বিছা। গোবরগাদা, ওঁচলামাটি ও পুরাতন ইটের স্তূপাদিতে জন্মে। সরস্বতীবিছা—বিষহীন সরু ছোট শাদা বিছা। কেহ কেহ গোবরিয়া বিছাকেই সরস্বতী বিছা বলে।

বিছাতি [গ্রা—বিচুটী। সং—বৃশ্চিকালী। বৃশ্চিকের ন্যায় বিষ-দংশন হইতে] বি, সূক্ষ্ম-কণ্টকবৎ শুঁয়ায় আবৃত কোমল বৃন্ত ও পত্র ক্ষুদ্র বন্যগাছ ; ইহা অঙ্গে স্পৃষ্ট হইলে জ্বালা ও কণ্ডূয়ন উৎপাদন করে। ঘোড়া বিছাতি—বড় বড় লোমশ পাতা ও রক্তাভ ডাঁটা বিছাতি গাছ। লতা বিছাতি—অপেক্ষা-কৃত ছোট পাতা ও দীর্ঘ শুঁয়াযুক্ত শাদা ডাঁটা বন্য লতাবিশেষ ; লতাবিছাতি ঘোড়াবিছাতি অপেক্ষা বিষাক্ত। জলবিছাতি—জলে সিক্ত বিছাতি ; জলবিছাতি দ্বারা প্রহার করিলে বিষক্রিয়া অধিক প্রকাশ পায় ও প্রহৃতের যন্ত্রণা বৃদ্ধি করে।

বিছাতি [সং—বিস্তৃতি হইতে। হি—বিছোতি বিছাতি] বি, বিস্তার ; বিস্তৃতি। ২। ক্ষেত্রে বীজ ছড়ান ; বপন। প্র—"বৈশাখে বিছাতি কৈল সুলক্ষণ দিনে।"—শিবায়ন।

বিছানা (নো) [হি—বিছানা (দ্রঃ)। উ-পু—বিছাই। ম-পু—বিছাও ; বিছান ; বিছা। প্র-পু—বিছায় ; বিছান। অস-ক্রি—বিছাইতে ; বিছাইয়া ; বিছিয়ে] ক্রি, বিস্তার করা ; ছড়ান ; পাতা। প্র—"বিছাইয়া মৃগছাল বসিলা আপনি।"—ভারতচন্দ্র। ২। শয্যা বিস্তার করা।

বিছানা [সং—বিস্তারণ। হি—বিস্তরা ; বিছৌনা। ব্রজ—ওছাবন্ (বিদ্যাপতি)] বি, শয্যা। প্র—"সকালে বিছানা হইতে উঠি। ছাদে মোরা যাব দোঁহে ছুটি॥"-অশোকগুচ্ছ। "তলে তৃণ লতাপাতা সবুজ বিছানা পাতা ছোট ছোট কুঞ্জবন হেথায় হোথায়।"—সারদামঙ্গল। বিছানা করা—শয্যা রচনা করা। বিছানা তোলা—শয্যা উঠান ; বিছানা গুটাইয়া রাখা। বিছানা পাড়া বা পাতা—শয্যা বিস্তার করা ; শয্যা রচনা করা।

বিছার (র্) [সং—বিচার হইতে ব্রজ, চ = ছ] বি, বিচার।

বিছারা [ব্রজ। বিছার (দ্রঃ) + আ (ক্রি বিভক্তি)। উ-পু—বিছারি। ম-পু—বিছার। প্র-পু—বিছারে। অস-ক্রি—বিছারিতে ; বিছারিয়া ; বিছারি] ক্রি, বিচার করা। প্র—"হেরনে কেমন সুখ না বুঝ বিছারি"—বিদ্যাপতি। ২। অন্বেষণ করা।

বিছুটি, বিছুটী—বিছাতি দ্রঃ।

বিছুরণ (ন্) [সং—বিস্মরণ হইতে—ব্রজ-রূপ। প্রা-বাং—পদ-সা] বি, বিস্মরণ। প্র—"বর বামা সো কিয়ে বিছুরণ যায়"—বিদ্যাপতি।

বিছুরাণ (নো) [প্রা-বাং। সং—বিস্মরণ হইতে হি—বিসরনা। উ-পু—বিছুরই (বিস্মৃত হই) ; বিছুরিনু (বিস্মৃত হইলাম)। ম-পু—বিছুরাও। প্র-পু—বিছুরায় ; বিছুরল (বিস্মৃত হইল)। অস-ক্রি—বিছুরিতে ; বিছুরাইতে ; বিছুরি (ব্রজ) ; বিছুরিয়া ; বিছুরাই (ব্রজ)] ক্রি, বিগতস্মৃতি হওয়া ; বিস্মরণ করা ; ভোলা। প্র—"অবধি রহল বিছুরাই"—বিদ্যাপতি। ২। ত্যাগ করা ; পরিহার করা। প্র—"মহানন্দ রতি বিছুরিনু পতি কলঙ্ক সবাই কয়।"—চণ্ডীদাস। বিছুরল—বিস্মৃত হইল। প্র—"দিবস লিখি লিখি নখর খোয়ায়নু বিছুরল গোকুল নাম।"—বিদ্যাপতি। বিছুরলি—বিস্মৃত হইলে ; ভুলিলে বা ভুলিলি। প্র—"তুঁহু বিছুরলি"—বিদ্যাপতি। বিছুরি—বিস্মৃত হইতে ; ভুলিতে। প্র—"যে কিছু কহল তাহা কি বিছুরি পার"—বিদ্যাপতি।

বিজক (ক্) বীজক দ্রঃ।

বিজক (ক্) [বীজক দ্রঃ। বীজবৎ ক্ষুদ্র—সংক্ষেপ বলিয়া] বি, হিসাবের স্মারকলিপি ; কড়চা।

বিজকুড়ি (ড়) [সং—বীজাকৃতি হইতে তুল—ডিমকুড়ি (ডিম্বাকৃতি) হইতে] বি, বটাদির বীজের ন্যায় ক্ষুদ্রবর্ণ। ২। ক্ষুদ্র বুদ্বুদ বিন্দু। ৩। বিচর্চিকা। ৪। [বিরূপে বিণ, বীজের ন্যায় ক্ষুদ্র। বিজকুড়ি বিজকুড়ি—বিন্দু বিন্দু।

বিজন (ন্) [বি (বিগত, নাই) জন (লোক) যে স্থানে, বহু] বিণ, নির্জ্জন ; জনশূন্য ; বিরল।

বিজনন (নন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) জন্ (জন্মান) + অন (অনট্—ভাবে)] ক্রি বি, স্ত্রী, জন্ম ; উদ্ভব ; উৎপত্তি।

বিজন্মা [গ্রা—বেজন্মা। বিজন্মন্ শব্দ। বি (বিপরীত প্রকারে ইত্যাদি) জন্মন্ (উৎপত্তি) যাহার, বহু] বিণ, বিজাত ; জারজ। প্র—"সেন বলে তবে কি বিজন্মা গৌড়পতি ?"—ঘনরাম।

বিজয় (য়) [বি (বিশিষ্টরূপে)—জি (জয় করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, জয় ; জিৎ ; প্রতিপক্ষকে পরাভব দান। প্র—"তোমার বিজয় আসি হৈল এ দেশেতে।"—চৈতন্যভাগবত। ২। শ্রেষ্ঠত্ব ; প্রাধান্য। প্র—"দিনে দিনে বাড়ে প্রেম ভক্তির বিজয়।"—চৈতন্যভাগবত। ৩। [প্রা-বাং—অপ্র। হি—ভাগ্‌না = ভজ্‌না (কুমায়ুন ও গাঢ়বাল প্রদেশে) প্রস্থান বা গমন করা] গমন ; প্রস্থান ; প্রয়াণ। প্র—"ধীরে ধীরে করহ বিজয়"—গীতগোবিন্দ (গিরি)। "ধ্যানে গঙ্গাতীরে দেবী করিলা বিজয়।"—চৈতন্যভাগবত। "পড়াইতে গৌরচন্দ্র করেন বিজয়।"—ঐ। ৪। আগমন। প্র—"কেহ কহে এই যে সন্ন্যাসী মহাশয়। কোথা হৈতে অকস্মাৎ করিলা বিজয়॥"—মথুরা-মাহাত্ম্য। স্ত্রী, বিজয়া—দুর্গার সখী। ২। সিদ্ধি ; ভাঙ। প্র—"সত্য নারায়ণ করিলা লীলা নদীতীরে দিব্য সন্ন্যাসী হৈলা। গৈরিকের বস্ত্র কটিতে আঁটা প্রয়াগের ঝুলি কপালে ফোঁটা। শিরে জটাভার কুণ্ডল কাণে ঢুলুঢুলু আঁখি বিজয়া পানে॥"—সত্য নারায়ণ-কথা (বসুমতী)।

বিজয়মর্দ্দল (য়্, ল্) [বিজয় (শত্রু পক্ষকে পরাভূত করা) মর্দ্দল (যাহা তাড়িত হয়, ঢাক, শত্রুকে পরাভূত করিয়া যাহা বাজায়)—৬তৎ] বি, পুং, জয়ঢাক।

বিজয়া—বিজয় দ্রঃ।

বিজয়াদশমী [বিজয়া—দশমী] বি, আশ্বিনের শুক্লা দশমী তিথি ; ঐ দিন দেবী প্রতিমা বিসর্জ্জিত হয়।

বিজয়াধূম (ম্) [বিজয়া (সিদ্ধি) ধূম (ধুঁয়া) —৬তৎ] বি, পুং, গাঁজা।

বিজয়াবহ [বিজয়—আবহ, উপপদ] বিণ, বিজয়সূচক ; বিজয়জনক।

বিজয়াসপ্তমী (শপ্তোমি) [বিজয়া (যাহার বিজয়া এই সংজ্ঞা) যে সপ্তমী (তিথিবিশেষ) —কর্ম্মধা] বি, শুক্লপক্ষের যে সপ্তমী তিথিতে রবিবার হয়।

বিজয়ী (জো) [বিজয়িন্, বিজয়—ইন্ (অস্ত্যর্থে) যাহার বিজয় আছে] বিণ, জয়ী ; জয়প্রাপ্ত ; জয়যুক্ত।

বিজর [বি (বিগত) জরা (বার্দ্ধক্য-জীর্ণতা) বহু] বিণ, জরারহিত।

বিজলি, বিজলী (জো) [সং—বিদ্যুৎ। প্রাকৃ—বিজ্জুলী] বি, তড়িৎ ; সৌদামিনী ; চঞ্চলা ; চপলা ; বিদ্যুৎ। প্র—"মালতি মালায় বিজলি খেলায় ভ্রমর ভ্রময়ে লোভে।"—অন্নদামঙ্গল।

বিজল্প [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) জল্প (স্পষ্টরূপে বলা) + অ (অল্—ভাবে)] বি, পুং, বাক্যবিশেষ। ২। প্রলাপ।

বিজাত [বি (বিপরীত প্রকারে ইত্যাদি) জন + ত (ক্ত—কর্ত্তৃ) যে বিরুদ্ধরূপে (অপর কর্ত্তৃক) উৎপন্ন হইয়াছে] বিণ, জারজ ; বিরুদ্ধ-জন্মা ; বিজন্মা।

বিজাতি [বি (ভিন্ন, সংস্কারবিরুদ্ধ) জাতি] বি, সংস্কার বিরুদ্ধ জাতি। ২। অপর জাতি ; ভিন্ন জাতি। জাতি-বিজাতি—বিবিধ প্রকার শিষ্টতাবিরুদ্ধ বা অশ্লীল গালিগালাজ।

বিজাতীয় [বিজাত বা বিজাতি + ঈয় (ইহা বিজাতির এই অর্থে)] বিণ, ভিন্ন জাতি সম্বন্ধীয়। ২। বিভিন্ন ধর্ম্মসংক্রান্ত। ৩। বিষম ; অতি উৎকট। ৪। যাহা সমজাতীয় বা এক পর্য্যায়ভুক্ত নহে ; বিপরীত লক্ষণা-ক্রান্ত। প্র—"রাগমার্গে ভক্ত ভক্তি করে যে প্রকারে ; তাহা শিখাইব লীলা আচরণ দ্বারে। এই তিন তৃষ্ণা মোর নহিল পূরণ ; বিজাতীয় ভাবে নহে তাহা আস্বাদন। রাধিকার প্রেম দেহ অঙ্গীকার বিনে ; সেই তিন সুখ কভু নহে আস্বাদনে।"—চৈতন্যচরিতামৃত।

বিজিগীষা [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) জি (জয় করা) + স (সন্—ইচ্ছার্থে) + অ (ভাবে) 'আ' (স্ত্রী)] বি, স্ত্রী, বিজয়েচ্ছা ; জয়লাভের বাসনা। ২। ব্যবহার।

বিজিগীষু [বি—জি + স (সন্—ইচ্ছার্থে) + উ (কর্ত্তৃ)—যে জয় করিতে ইচ্ছা করে] বিণ, জয়াভিলাষী ; জয়লাভেচ্ছু। প্র—"মানসিংহ পর বৎসর উৎকল বিজিগীষু হইয়া তদভিমুখে যাত্রা করিলেন।"—দুর্গেশনন্দিনী।

বিজিত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) জি+ত (ক্ত—কর্ম্মে) যাহাকে পরাভূত করা হইয়াছে] বিণ, পরাভূত ; পরাজিত। স্ত্রী. বিজিতা।

বিজিহ্ম [বি (বিবিধ প্রকারে) যে জিহ্ম (কুটিল বা বাঁকা)—কর্ম্মধা] বিণ, অসরল কুটিল। ২। অপ্রসন্ন।

বিজুত (ত্) বেজুত দ্রঃ।

বিজুবন (ন্) [বিজন বন হইতে গ্রা—বিজ বন পরে বিজুবন] বি, বিজন বন ; নিবিড় অরণ্য। প্র—"মোর বাক্যে দিয়া মন কাটাইনু বিজুবন বসাইল নগর গুজরাটে।"—কবিকঙ্কণ।

বিজুরি, রী [বিজলি দ্রঃ। ল=র] বি, বিজলি ; বিদ্যুৎ। প্র—"নবীন কিশোরী, মেঘের বিজুরি চমকি চলিয়া গেল।"—চণ্ডীদাস। "দশন-বিজুরী খেলে, গজেন্দ্র গমনে চলে"—শিবায়ন। বিজুলি রেহা—বিজলীর রেখা। প্র—"নবজলধর বিজুরি রেহা দ্বন্দ্ব পসারিয়া গেলি।"—বিদ্যাপতি।

বিজুলী [বিজলি দ্রঃ। গ্রা—উচ্চারণবিকারে জ=জু] বি, বিদ্যুৎ। প্র—"শ্রবণে কুণ্ডল দোলে, কপালে বিজুলী খেলে, তনু রুচি খণ্ডে অন্ধকার।"—কবিকঙ্কণ।

বিজৃম্ভণ (ন্) [বি (বিবিধ প্রকারে) জৃম্ভ্ (হাইতোলা)+অন (অনট্—ভাবে)] বি, ক্লী। হাইতোলা ; জৃম্ভণ। ২। বিকাশ ; বিস্তার। ৩। ইচ্ছা। ৪। অঙ্গমার্জ্জন।

বিজৃম্ভমাণ (ন্) [বি—জৃম্ভ্+আন (শান, কর্ত্তৃ)—যে প্রকাশ পাইতেছে বা হাই তুলিতেছে] বিণ, বিকাশশালী ; প্রকাশমান। ২। যে হাই তুলিতেছে।

বিজৃম্ভিত [বি—জৃম্ভ্+ত (ক্ত, কর্ত্তৃ) যে প্রকাশিত হইয়াছে] বিণ, বিকসিত। ২। [কর্ম্মে—ক্ত] বিস্তারিত। ৩। বি—জৃম্ভ্+ত (ক্ত—ভাবে)] বি, ক্লী, বিজৃম্ভণ।

বিজেতা [বিজেতৃ শব্দ। বি—জি+তৃ (তৃচ্, কর্ত্তৃ) যে জয় করে] বিণ, জয়ী ; জয়কারী ; বিজয়ী। ২। স্ত্রী. বিজেত্রী।

বিজেয় [বি—জি+য (কর্ম্মে)—যাকে জয় (পরাভূত) করা যায়] বিণ, জয় করিবার যোগ্য। ২। জয়সাধ্য।

বিজ্ঞ (বিগ্‌গঁ) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) জ্ঞা (জানা) অ (ড, কর্ত্তৃ)—যে বিশিষ্টরূপে জানে] বিণ, বিশেষজ্ঞ ; জ্ঞানী ; পণ্ডিত ; বিচক্ষণ।

বিজ্ঞপ্তি, বিজ্ঞাপ্তি [বি (বিশিষ্ট প্রকারে ইত্যাদি) জ্ঞা+ণিচ্=জ্ঞপি, জ্ঞাপি (জানান) +তি (ক্তি—ভাবে)] বি, স্ত্রী, নিবেদন ; বৃত্তান্তকথন ; বিশেষ বিবরণ ; জ্ঞাপন।

বিজ্ঞাত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) জ্ঞা (জানা)+ত (ক্ত, কর্ম্মে)—যে বিষয় জানা গিয়াছে] বিণ, অবগত ; পরিজ্ঞাত ; বিদিত। ২। সুপ্রসিদ্ধ।

বিজ্ঞান (বিগ্‌গ্যান্) [বি (বিশেষ—"সমগ্র সত্যের আশপাশ দিয়া পরিস্ফুট জ্যোতি, রসায়ন প্রভৃতি নানা প্রকার শাখা প্রশাখা সম্বন্ধীয় বৈশেষিক জ্ঞান, তাই তাহার আদিতে বি"—দ্বিজেন্দ্র ঠাকুর) জ্ঞান (জ্ঞা+অনট্—ভাবে)—"বিশেষ বিশেষ শাখার পরিসমাপ্ত বিশিষ্টরূপ জ্ঞান"—দ্বিজেন্দ্র ঠাকুর] বি, বিশেষ জ্ঞান ; তত্ত্ব ; পদার্থের স্বরূপ জ্ঞানপ্রদ শাস্ত্র ; "সমগ্র জ্ঞান-বৃক্ষের শাখা প্রশাখা (গণিত, জ্যোতিষ, রসায়ন প্রভৃতি) ;" "আপেক্ষিক (relative) তত্ত্বজ্ঞান"।—দ্বিজেন্দ্র ঠাকুর। জড়বিজ্ঞান—পদার্থ বিজ্ঞান। প্র—"বহির্জ্জগৎ এবং অন্তর্জ্জগৎ—দৃশ্য জগৎ এবং অদৃশ্য জগৎ যে একই সুনিয়মে পরিচালিত হইতেছে। তাহা বুঝিবার জন্যই জড়বিজ্ঞান শিক্ষার প্রয়োজন।"—ডাঃ—সরকার। জ্ঞানবিজ্ঞান—দর্শন ও বিজ্ঞান ; মনস্তত্ত্ব ও পদার্থতত্ত্ব ; সাধারণ জ্ঞান ও বিশেষ জ্ঞান। পদার্থ-বিজ্ঞান—জড় পদার্থ সম্বন্ধীয় তত্ত্ববিদ্যা। মনো-বিজ্ঞান—দর্শন শাস্ত্র ; philosophy.

বিজ্ঞানকলেজ (বিগ্‌গ্যান্ কলেজ্) [বিজ্ঞান—কলেজ] বি, বিজ্ঞান শিক্ষার উচ্চ বিদ্যালয় ; Science College.

বিজ্ঞানপাদ (বিগ্‌গ্যান্‌পাদ্) [বিজ্ঞান—পদ্ +ণিচ্=পাদি+অ (চ্, কর্ত্তৃ) যিনি বিজ্ঞান প্রতিপাদন করিয়াছেন] বি, পুং, বেদব্যাস।

বিজ্ঞানবিৎ (বিগ্‌গ্যান্‌বিৎ) [বিজ্ঞান+বিদ (যে জানে)] বিণ, বিজ্ঞানশাস্ত্রজ্ঞ ; বৈজ্ঞানিক। ২। বি, বৈজ্ঞানিক পণ্ডিত।

বিজ্ঞানবিদ্যালয় (বিগ্‌গ্যান্‌বিদ্যালয়্) [বিজ্ঞান—বিদ্যালয়] বি, বিজ্ঞান শিক্ষাগার।

বিজ্ঞানবিশারদ (বিগ্‌গ্যান্‌বিশারদ্) [বিজ্ঞানে বিশারদ, ৭মী তৎ] বিণ, বিজ্ঞান-শাস্ত্রে পারদর্শী।

বিজ্ঞানবেত্তা (বিগ্‌গ্যান্‌বেত্তা) [বিজ্ঞান—বেত্তা (যে জানে)] বিণ, বিজ্ঞান শাস্ত্রে লব্ধ-জ্ঞান। ২। বি, বৈজ্ঞানিক পণ্ডিত।

বিজ্ঞানভিক্ষু (বিগ্‌গ্যান্‌ভিক্‌খু) বি, একজন প্রাচীন বৈদান্তিক পণ্ডিত।

বিজ্ঞানময় (বিগ্‌গ্যান্‌ময়্) [বিজ্ঞান—ময়ট্ (পূর্ণ অর্থে)] বিণ, বিজ্ঞানবিশিষ্ট ; বিজ্ঞান স্বরূপ। ২। বিজ্ঞান বিশারদ ; তত্ত্বজ্ঞ ; দার্শনিক। স্ত্রী. বিজ্ঞানময়ী।

বিজ্ঞানময়কোষ [বিজ্ঞান+ময় (ময়ট্-স্বরূপার্থে) যে কোষ—কর্ম্মধা] বি, পুং, পঞ্চ জ্ঞানেন্দ্রিয় সহ বুদ্ধি।

বিজ্ঞানমাতৃক (ক্) [বিজ্ঞান (মায়া) মাতা (জননী) যাহার—বহু] বি, পুং, মায়াদেবী-সুত ; বুদ্ধদেব।

বিজ্ঞানাগার (বিগ্‌গ্যানাগার্) [বিজ্ঞানের আগার, ৬তৎ] বি, বিজ্ঞান শিক্ষাগার। ২। বৈজ্ঞানিক পরীক্ষাগার।

বিজ্ঞানাচার্য্য (বিগ্‌গ্যানাচার্জ) [বিজ্ঞানের আচার্য্য, ৬তৎ] বি, বিজ্ঞানাধ্যাপক ; বৈজ্ঞানিক পণ্ডিত।

বিজ্ঞানাধ্যাপক (বিগ্‌গ্যানাধ্ধ্যাপক্) [বিজ্ঞানের অধ্যাপক, ৬তৎ] বি, উচ্চ বিদ্যা-লয়ের বিজ্ঞান শ্রেণীর আচার্য্য ; বিজ্ঞানাচার্য্য।

বিজ্ঞানিক (বিগ্‌গ্যানিক্)—বৈজ্ঞানিক দ্রঃ।

বিজ্ঞাপন (বিগ্‌গ্যাপন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) জ্ঞা+ণিচ=জ্ঞাপি (জানান)+অন (অনট্—ভাবে)] বি, ক্লী, বিজ্ঞপ্তি ; জানান্ ; জ্ঞানগোচর। ২। সংবাদ। ৩। প্রচার। ২। স্ত্রী, বিজ্ঞাপনা। বিজ্ঞাপন করা—প্রচার করা। বিজ্ঞাপন দেওয়া—সংবাদাদি কাগজ পত্রে মুদ্রিত করিয়া সর্ব্বসাধারণের মধ্যে প্রচার করা।

বিজ্ঞাপনী (বিগ্‌গ্যাপোনি) [বি—জ্ঞা ণিচ্ =জ্ঞাপি+অন (অনট্, করণে) যাহা দ্বারা (কোন বিষয়) জানান যায়+ঈ (স্ত্রী)] বি, স্ত্রী, বিজ্ঞাপনপত্রী ; জ্ঞাপনলিপিকা।

বিজ্ঞাপনীয় (বিগ্‌গ্যাপনীও) [বিজ্ঞাপন দ্রঃ +অনীয়] বিণ, বিজ্ঞাপন করিবার যোগ্য। ২। যাহা বিজ্ঞাপনের দ্বারা সাধারণে প্রচার করিতে হইবে।

বিজ্ঞাপিত [বি (বিশিষ্টরূপে) জ্ঞা+ণিচ্= জ্ঞাপি (জানান)+ত (ক্ত, কর্ম্মে) যাহা জানান হইয়াছে] বিণ, নিবেদিত।

বিজ্ঞাপ্তি—বি, বিজ্ঞপ্তি দ্রঃ।

বিজ্ঞেয় (বিগ্‌গেঁয়) [বি—জ্ঞা (জানা)+য (কর্ম্মে) যাহা জানা যায় বা যাহা জানা উচিত] বিণ, জানিবার যোগ্য ; বিশেষভাবে জ্ঞাতব্য।

বিজ্বর (বিজ্‌জর্) [বি (বিগত) জ্বর] বিণ, জ্বরহীন ; বিগত জ্বর। প্র—বিজ্বর নাড়ী।

বিঞ্জোলী [সং] বি, শ্রেণী। সারি ; পঙ্‌ক্তি। শব্দবিঞ্জোলী—শব্দাবলী। শব্দসংজ্ঞা বিঞ্জোলী—অমরাদি কোষের আদর্শে অর্থ-পর্য্যায়ক্রমে বাঙ্গালা ও সংস্কৃত শব্দসংগ্রহ গ্রন্থ-বিশেষ।

বিট (ট্) [বিট্ (আক্রোশ করা)+অ (ক, কর্ত্তৃ)] বি, পুং, লম্পট ; কামুক। ২। কপট। ৩। কামশাস্ত্রবেত্তা। ৪। পর্ব্বতবিশেষ। ৫। লবণবিশেষ। ৬। নারঙ্গবৃক্ষ। ৭। মূষিক।

বিটকাল (ট্, ল্) [বিট্ (কৃষ্ণ লবণবৎ) কাল। অথবা বিকরাল—বিকটাল—বিটকাল] বিণ, অতিভীষণ ; ভয়ানক। প্র—"বিটকাল বদন দেখি ধড়ে প্রাণ উড়ে। কড়মড়ি দশন আসন করে ঝোড়ে ॥"—ঘনরাম। ২। বিকট ; অতি উগ্র। প্র—"প্রাণ ছটফট করে বিটকাল গন্ধে।"—কবিকঙ্কণ। ৩। কুৎসিত ; কদর্য্য ; অস্বাভাবিকরূপে অশোভন। প্র—"শয়ন কুৎসিত বীরের ভোজন বিটকাল।"—কবিকঙ্কণ।

বিটঙ্ক (বিটংক) [বি (বিশিষ্টরূপে) টন্ক্ (বন্ধন করা) + অ (অল্—অধি) যাহাতে পক্ষী বদ্ধ হয়] বি, পুং, ক্লী, পক্ষী ধরিবার ফাঁদ। ২। [বি (পক্ষী) টঙ্ক (বসিবার স্থান বা রাত্রিতে থাকিবার স্থান)] বি, পুং, ক্লী, কপোতের বাসস্থান ; কপোতপালিকা ; লম্বা বাঁশের মাথায় বাঁধা মাচা।

বিটপ (প্) [বিট (লম্পট, পক্ষী ইত্যাদি) পা (রক্ষা করা) + অ (ড, কর্ত্তৃ)—যে লম্পট বা পক্ষীদিগকে রক্ষা করে] বি, পুং, বৃক্ষশাখা ; গাছের ডাল। ২। বি, পুং, যে লম্পটকে আশ্রয় দেয় ; বিটপালক ; অতিশয় লম্পট [বিরল]।

বিটপী (বিটোপি) [বিটপিন্, বিটপ (শাখা) + ইন্ (অস্ত্যর্থে) যাহার শাখা আছে] বি, পুং, বৃক্ষ ; পাদপ ; শাখী ; তরু।

বিটমাক্ষিক (ট্, ক্) বি, উপধাতুবিশেষ।

বিটল, বিটলা, বিটলে (ল্, ট্, ট্) বিট্ (বঞ্চনা করা) + অল (ল—অস্ত্যর্থে) —যে বঞ্চনা করিয়া থাকে] বি, পুং, প্রতারক ; ধূর্ত্ত ; দুষ্ট ; ভণ্ড। প্র—"কেন শাপ দিলি অরে বিটলা বামন।" —অন্নদামঙ্গল। "দস্যু বিটল বড় নাহি পুনঃ ভয়"—কেতকাদাস (মনসামঙ্গল)। "অপর না বড় বেটা বিশেষ বিটল"—ঘনরাম। "দূতগণে দেবে বলে কোন ভেড়ের ভেড়ে। দুই বন্দী বিদেশী বিটলে দিল ছেড়ে ॥"—ঐ।

বিটোল (ল্) [গ্রা—উচ্চারণ বিকার। বিটল দ্রঃ] বি, দুষ্ট ; বেয়াড়া। প্র—"ছেড়ে দেয় জ্যাঠা মিটে, দেখ্‌লে দেই কড়া মিঠে, পড়েছে কড়া পিঠে, তথাপি বেজায় বিটোল" —রজনীসেন।

বিট্‌খদির (খোদির্) [বিট্ (বিষ্ঠা) খদির (খয়েরের গাছ)—৬তৎ] বি, পুং, গুয়েবাবলা গাছ।

বিট্‌চর (র্) [বিট্ (বিষ্ঠাতে) চর (যে চরে অর্থাৎ গমনাগমন করে)—৭তৎ] বি, পুং, শূকর। ২। গোবরের পোকা। ৩। বিষ্ঠা কৃমি।

বিট্‌নুন (ন্) বি, বিটলবণ ; কালনুন।

বিট্‌পতি (পো) [বিট্ (বিশ্) কন্যা, বৈশ্য) পতি (প্রভু)—৬তৎ] বি, পুং, কন্যার পতি ; জামাতা। ২। প্রধান বাণিজ্যব্যবসায়ী।

বিট্‌লবণ (ন্) বি, কাল নুণ।

বিট্‌সারিকা (শা) [বিট্ (বিষ্ঠা) সারিকা (পক্ষিণীবিশেষ)—৬তৎ] বি, স্ত্রী, গুয়ে সালিক।

বিড় (ড্) [বিড্ (আক্রোশ বা ভেদ করা) + অ (কর্ত্তৃ—ক) যে ভেদ জন্মায়] বি, ক্লী, বিটলবণ।

বিড়ঙ্গ (বিড়ংগ) [বিট্ বা বিড় (মূর্খ বা রোগাদি) অন্‌গ্ (গমন করা বা বোধ জন্মান) + অ (অল্—সংজ্ঞার্থে)] বিণ, বিজ্ঞ ; অভিজ্ঞ। ২। বি, পুং ক্লী, ঔষধবিশেষ। প্র—"বিড়ঙ্গ বদলে লবঙ্গ পাব শুঠের বদলে টঙ্ক।"—কবিকঙ্কণ।

বিড়বিড় (ড়) [শব্দাত্মক। লঘু শব্দে বিড়্‌বিড় ; ক্রমাগত অর্থে বিড়ির্ বিড়ির্ ; আধিক্যে বড়্‌বড়্ ; বিরক্তিজনক স্থলে ব্যাড়্ ব্যাড় ; দীর্ঘকালব্যাপী বিরক্তিকর বকুনি স্থলে ব্যাড়র্ ব্যাড়র্] বি, অস্পষ্ট বাক্য ; আপনার মনে অস্পষ্ট বকুনি। ২। অর্দ্ধোচ্চারিত বা স্বল্পোচ্চারিত মন্ত্রাদির আবৃত্তি।

বিড়বিড়ান (নো) [বিড়বিড় + আন (ক্রিবিভক্তি)] ক্রি, বিড়বিড় করা।

বিড়ম্ব [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ডম্ব্ (প্রেরণ করা, ক্লেশ দেওয়া ইত্যাদি) + অ (অল্—ভাবে)] বি, পুং, ক্লেশ ; প্রতারণা ; যন্ত্রণা। ২। বঞ্চনা ; প্রতারণা। প্র—"যে জন সেবক মোর সে জন বিপক্ষ তোর যুগে যুগে বিড়ম্ব আমারে।"—কবিকঙ্কণ।

বিড়ম্বন (ন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ডম্ব্ (প্রেরণ করা বা ক্লেশ দেওয়া ইত্যাদি) + অন (অনট্—ভাবে)] বি, ক্লী, বঞ্চনা ; প্রতারণা। ২। ক্লেশ ; যন্ত্রণা। প্র—"বাপ ঘরে যদি চল তবে না হইবে ভাল, অবশ্য হইবে বিড়ম্বন।"—কবিকঙ্কণ। ৩। সদৃশীকরণ। স্ত্রী, বিড়ম্বনা।

বিড়ম্বনা [বিড়ম্বন (দ্রঃ) + আপ্, স্ত্রী] বি, স্ত্রী, বঞ্চনা ; চাতুরী। প্র—"করহ আমারে ইন্দ্র কপট অর্চ্চনা। কপট ভকতি কর কর বিড়ম্বনা ॥"—কবিকঙ্কণ। ২। দুঃখ-ভোগ ; কষ্ট ; যন্ত্রণা। প্র—"গোণা দিন ত যায় মা বয়ে, কাঁদছি বসে শমন ভয়ে, চাইলে না মা এ সময়ে, কপালে কি বিড়ম্বনা।"—বাং-গান।

বিড়ম্বিত (ড়ো) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ডম্ব্ + ত (ক্ত, কর্ম্মে) যাহাকে যন্ত্রণা দেওয়া বা প্রতারণা করা হইয়াছে] বিণ, প্রতারিত ; বঞ্চিত। ২। দুঃখিত ; ক্লিষ্ট। ৩। সদৃশীকৃত ; অনুকৃত।

বিড়ম্বিল (বিড়োম্‌বিল) [বিড়ম্ব + ইল (ক্রিবিভক্তি)] ক্রি, প্রতারণা করিল। প্র—"তারে বিড়ম্বিল বিধি না মানে জায়ার বুদ্ধি সমরে পড়িল রামশরে।"—কবিকঙ্কণ।

বিড়া [বিটিকা শব্দজ] বি, পানের খিলি। প্র—"লইয়া গুবাক পান বৈসে তাম্বুলী জন মহাবীরে নিত্য দেয় বীড়া।"—কবিকঙ্কণ। "মিঠা পান মিঠা গুয়া চূণ পাথরিয়া। রাখে ছুটা বিড়া বান্ধি খিলি সাজাইয়া ॥"—ভারতচন্দ্র। ২। [প্রাদে, চট্টগ্রাম] ২০ গণ্ডা পানে এক বিড়া। বরিশালে ১ পয়সার পাণকেই ১ বিড়া বলে। ৩। যাহার উপরে রাখিয়া ভার বহন করে ; মুটেরা মাথার উপরে বিড়া রাখিয়া তদুপরি মোট রাখে। ৪। হাঁড়ী বসাইবার তৃণনির্ম্মিত বেড়।

বিড়াল (ল্) [বিট্ বা বিড্ (ধূর্ত্ত ইন্দুর বা যে সকল ইন্দুর মৃত্তিকাদি ভেদ করিয়া চলিতে পারে) অল্ (নিবারণ করা) + অ (অণ্—কর্ত্তৃ) সংজ্ঞার্থে। যে ইন্দুর নিবারণ করে] বি, পুং, মার্জ্জার ; আখুভুক্। ২। নেত্রপিণ্ড। স্ত্রী, বিড়ালী। **বিড়াল তপস্বী** [এক বিড়াল গ্রামে আহারাভাবে বৃক্ষ কোটরে পক্ষিশাবক-মাংসার্থী হইয়া উপস্থিত হয় ঐ কোটরে পক্ষিশাবক রক্ষক গৃধ্রকে দেখিয়া বিপদে পড়িল এবং বলিল আমি নিরামিষাশী নিত্য গঙ্গাস্নায়ী চান্দ্রায়ণ ব্রতাবলম্বী বিড়াল তপস্বী ; আপনার নিকট কিছু ধর্ম্মোপদেশ পাইতে আসিয়াছি ; পুনঃ পুনঃ এইরূপ বলায় গৃধ্রের তাহাই বিশ্বাস হইল সুতরাং বিড়াল নির্বিঘ্নে তথায় থাকিয়া গোপনে পক্ষিশাবক খাইতে থাকিল যখন দেখিল পক্ষিগণ শাবকের অনুসন্ধান করিতেছে তখন বিড়াল মানে মানে তথা হইতে পলায়ন করিল—হিতোপদেশের এই কথা হইতে লক্ষণাক্রমে] কপট সাধু ; ভণ্ড তপস্বী। প্র—"বাপ অসৎ কর্ম্মে রত হইয়া নীতি উপদেশ দিলে, ছেলে তাহাকে বিড়াল তপস্বী জ্ঞান করিয়া উপহাস করিবে"—টেকচাঁদ। **বিড়ালের ভাগ্যে শিকা ছেঁড়া**—ভাগ্যক্রমে বিনাচেষ্টাতেই বাঞ্ছিত সুযোগ ঘটা। প্র—"ভবী দাসী এমন সুযোগটা ছাড়ে ত ভবিই নয়, বিড়ালের ভাগ্যে কিছু সব দিন শিকা ছিঁড়ে না।"—ভারতী, ১৩২০।

বিড়ালপদ (ল্, দ্) বি, পুং, দুই তোলা পরিমাণ। ২। বিড়ালের পা।

বিড়ালশাবক (ল, ক্) বি, মার্জ্জার শিশু ; বিড়াল ছানা।

বিড়ালহাঁচি (ল্) বি, মুক্তাবর্ষী গাছ।

বিড়ি, বিঁড়ি—বি, চুরুট ; তামাক চূর্ণ শালপাতে মুড়িয়া সরু বাতি করা।

বিডীন (ন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ডীঙ্ (উড়া)+ত (ক্ত, ভাবে)] বি, ক্লী, পক্ষীর গতিবিশেষ।

বিড়োজা, বিড়ৌজা [বিড়ৌজস্ শব্দ বিড় (বজ্র) ওজস্ (বল অর্থাৎ যুদ্ধের অস্ত্র) যাহার—বহ্] বি, পুং, দেবরাজ; বজ্রী; ইন্দ্র।

বিড়্বরাহ [বিট্ (বিষ্ঠা) বরাহ (শূকর)—৬তৎ] বি, পুং, গ্রাম্যশূকর; গ্রাম প্রান্তে পালিত শূকর।

বিঢপ (প্) বেঢপ দ্রঃ।

বিতং [বিস্তারিতং শব্দের সংক্ষেপ] বি, বিস্তারিত বিবরণ। প্র—"কেন সে কথা বিতং দিয়া বলা হইল না?"—উমেশ বিদ্যারত্ন।

বিতংস (শ) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) তন্স্ (ভূষিত করা, নিবারণ করা ইত্যাদি)+অ (অল্—করণে) যাহা দ্বারা ভূষিত করা যায় বা বন্ধন করা যায়] বি, পুং, অলঙ্কারবিশেষ। ২। পক্ষিবন্ধন রজ্জু; জাল; ফাঁস কল। প্র—"কে পারে বাঁধিতে বিতংসে কেশরী?"—মেঘনাদ।

বিতণ্ডা [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) তন্ড্ (তাড়না করা বা আঘাত করা)+অ (ভাবে) 'আ' (স্ত্রী)] বি, স্ত্রী, বিতর্ক। পরমত খণ্ডনের জন্য বৃথা বাক্যাড়ম্বর; বৃথা বাদানুবাদ; মিথ্যা বিবাদ।

বিতত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) তন্ (বিস্তার করা)+ত (ক্ত, কর্ম্মে) যাহা বিস্তৃত করা হইয়াছে] বিণ, বিস্তৃত; ব্যাপ্ত; প্রসারিত। ২। বীণা প্রভৃতি বাদ্য।

বিততি (তো) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) তন্+তি (ক্তি, ভাবে)] বি, প্রসার বিস্তৃতি। ২। সারি; শ্রেণী। ৩। সমূহ।

বিতথ [বি (বিগত, নাই) তথ্য (সত্য) যাহা হইতে, বহ্; য—লোপ] বিণ, অসত্য; মিথ্যা; অলীক। ২। বৃথা; অনর্থক; বিফল। ৩। প্রবঞ্চনা; ছল।

বিতথা [বি (বিগত, নাই)—তথা (তথ্য—সত্য)—অনর্থ] বি, অনর্থপাত; বিপদ। প্র—"আজি বড় তব পর পড়িল বিতথা॥"—ভাগবত (নরহরি দাস) "এ মোর বিতথা সে বনদেবতা শুনি চমকএ চিতে।"—জ্ঞানদাস।

বিতথ্য (তো) [বিতথ (মিথ্যা)+য (স্বার্থে)] বিণ, অলীক; মিথ্যা।

বিতদ্রু (বিতোদ্রু) বি, পঞ্জাবের নদীবিশেষ।

বিতনু (তো) [বি (বিশীর্ণ—বিরল)—তনু (শরীর)] বিণ, ক্ষীণ; রোগা। ২। কমনীয়; সুন্দর।

বিতন্বৎ (বিতন্নৎ) [বি—তন (বিস্তারে)+অৎ] বিণ, প্রসারক; বিস্তারক।

বিতরণ (ন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) তৄ (পার হওয়া বা দান করা)+অন (অনট্—ভাবে)] বি, ক্লী, দান; সমর্পণ; বিলান; বণ্টন। বিণ, বিতরিত।

বিতরা [বি—তৄ (বিতরণ করা) ধাতুজ। উ-পু—বিতরি। ম-পু—বিতর। প্র-পু—বিতরে। অস-ক্রি—বিতরিতে; বিতরিয়া, বিতরি (পদ্যে)] ক্রি, বিতরণ করা; দান করা; বিলান। প্র—"বিতর বিতর প্রেম পাষাণ হৃদয়ে জয় জয় হোক্ তোমারি।"—ব্রহ্মসঙ্গীত।

বিতর্ক [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) তর্ক্ (তর্ক করা, শঙ্কা করা)+অ (অল্—ভাবে)] বি, পুং, পরস্পর আলোচনা; বিচার। ২। বিতণ্ডা; বাদানুবাদ। ৩। সংশয়; সন্দেহ। ৪। অনুমান।

বিতর্দ্দি (তো) [সং] বি, মঞ্চ; বেদী।

বিতল (ল্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) তল্ (প্রতিষ্ঠিত হওয়া বা নিম্ন হওয়া)+অ (অচ্, কর্ত্তৃ)] বি, ক্লী, সপ্ত পাতালের অন্তর্গত দ্বিতীয় পাতাল। প্র—"পাতাল সকল সৃজিল হেলে। অতল বিতল সুতল তলে॥"—শিবায়ন।

বিতস্তা—বি, পঞ্জাবের নদীবিশেষ।

বিতস্তি (বিতোস্তি) [সং। হি—বিত্তা] বি, অর্দ্ধহস্ত; বিঘৎ; বার অঙ্গুলি পরিমাণ

বিতান (ন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) তন্ (বিস্তার করা)+অ (ঘঞ্—কর্ম্মে) যাকে বিস্তৃত করা যায়] বি, ক্লী, মণ্ডপ। প্র—লতাবিতান। ২। বস্ত্রগৃহ; তাঁবু; পটমণ্ডপ। ৩। চন্দ্রাতপ; চাঁদোয়া। ৪। যজ্ঞ। ৫। সমূহ। ৬। [বি—তন্+অ (ঘঞ্—ভাবে)] বিস্তার। ৭। অবসর; অবকাশ। ৮। ছন্দোবিশেষ। ৯। বিণ, সামান্য; তুচ্ছ। মন্দ। ১১। শূন্য। ১২। জড়।

বিতানক (ক্) [বিতান (দ্রঃ)—ক (ক্ষুদ্রার্থে)] বি, বস্ত্রগৃহ; পট মণ্ডপ।

বিতানমূলক (ন্, ক্) বি, খশ্‌খশ্ নামক সুগন্ধি তৃণ।

বিতানীকৃত [বিতান দ্রঃ] বিণ, বিস্তৃত; প্রসারিত। ২। আচ্ছাদিত।

বিতায়মান (ন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) তন্ (বিস্তার করা) আন (শান, কর্ম্মে) যাহাকে বিস্তৃত করা হয়] বি, চন্দ্রাতপ; চাঁদোয়া। ২। বিণ, বিতত।

বিতারিখ (খ্) [ফা—ব—তারীখ্] বি, ইতি তারিখ; তারিখ সহিত। প্র—"বিতারিখ বৈশাখ বিগ্রহ বার লেখা"—ঘনরাম। ২। তারিখ অনুযায়ী।

বিতিকিচ্ছি [প্রাকৃ—বিচিকিচ্ছা] বিণ, বিশ্রী; কুৎসিত; কিম্ভূতকিমাকার।

বিতীর্ণ [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) তৄ (দান করা, ব্যাপন করা ইত্যাদি)+ত (ক্ত—কর্ম্মে) যাহা দান করা গিয়াছে বা ব্যাপন করা হইয়াছে] বিণ, ব্যাপ্ত; আচ্ছাদিত। ২। অতিক্রান্ত। ৩। অর্পিত; প্রদত্ত।

বিতুষ্ট [বি (বিগত) তুষ্টি যাহার, বহ্] বিণ, অপ্রীত; অসন্তুষ্ট। বি, বিতুষ্টি।

বিতৃষ্ণ (বিতৃষ্‌ণ্ট) [বি (নাই) তৃষ্ণা (পানেচ্ছা, স্পৃহা) যাহার, বহ্] বিণ, তৃষ্ণারহিত। ২। নিস্পৃহ; কামনা রহিত। ৩। উদাসীন। বি, বিতৃষ্ণতা।

বিতৃষ্ণা (বিতৃষ্‌ণ্টা) [বি (বিরুদ্ধ) যে তৃষ্ণা (ইচ্ছা)—প্রাদি] বি, স্ত্রী, অনিচ্ছা; অরুচি। ২। পিপাসার শান্তি।

বিত্ত (বিত্‌ত) [বিদ্ (লাভ করা)+ত (ক্ত—করণে) যাহা দ্বারা (ধর্ম্মাদি) সুখ লাভ হয়] বি, ক্লী, বিভব; ধন সম্পত্তি। ২। [বিদ্ (সত্তা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, ভূত; অতীত; যাহা হইয়া গিয়াছে। ৩। লব্ধ। ৪। বিখ্যাত।

বিত্তদ (বিৎতদ) [বিত্ত (ধন) দ (যে দান করে)] বি, দানকর্ত্তা; দাতা।

বিত্তবান (বিত্‌তবান্) [বিত্তবৎ শব্দ] বিণ, সম্পত্তিশালী; ধনী।

বিত্তমাত্রা (বিত্‌তমাৎত্রা) [বিত্ত (ধনাদি) মাত্রা (পরিমাণ বা ভাগ)—৬তৎ] বি, স্ত্রী, ধন সম্পত্তির পরিমাণ।

বিত্তশাঠ্য (বিত্‌তশাঠ্‌ঠ) [বিত্ত (ধনাদি) শাঠ্য (শঠতা, কুণ্ঠতা)—৬তৎ] বি, ক্লী। ব্যয়কুণ্ঠতা; কার্পণ্য।

বিত্তহীন (বিৎতহীন্) [বিত্ত দ্বারা হীন, ৩তৎ] বিণ, ধনহীন; নিঃস্ব। ২। অতি কৃপণ।

বিত্তা [বিত্ত+আ। প্রা-বাং] বি, বৃত্তিভোগী। প্র—"ব্রাহ্মণ বৈষ্ণব বিত্তা সুখী প্রজাগণ॥"—মহা (ঘনশ্যাম)।

বিত্তি (বিত্‌তি) [বিদ্ (লাভ, জ্ঞান, বিচার ইত্যাদি)+তি (ক্তি) ভাবে] বি, স্ত্রী, লাভ। ২। জ্ঞান। ৩। বিচার। ৪। খ্যাতি। ৫। সম্ভাবনা ৬। ঘুণী জাল (মাছ ধরিবার)।

বিত্তেশ (বিত্‌তেশ্) [বিত্ত (ধনাদি) ঈশ (প্রভু)—৬তৎ] বি, পুং, যক্ষরাজ; কুবের। ২। কুবেরের অনুচর; যক্ষ। ৩। ধনেশ্বর; ধনপতি; ধনী।

বিত্রপ (বিত্‌ত্রপ) [বি (বিগত) ত্রপা (লজ্জা) যাহার, বহ্] বিণ, লজ্জাশূন্য; নির্লজ্জ; বে-সরম।

বিত্রস্ত (বিত্‌ত্রস্ত) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ত্রস্ (উদ্‌বিগ্ন হওয়া)+ত (ক্ত—কর্ত্তৃ) যে

ভীত হইয়াছে] বিণ, অতি ত্রাসিত ; ত্রাস-যুক্ত।

বিত্রাস (বিৎত্রাশ্) [বি—ত্রস্+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, অত্যন্ত ভীতি ; বিশেষ ভয় ; নিরতিশয় শঙ্কা। ২। [বি (বিগত) হইয়াছে ত্রাস (ভয়) যাহার, বহু] বিণ, যাহার ভয় দূর হইয়াছে।

বিথার (বিথার) [সং—বিস্তার ; প্রাকৃ—বিত্থার। ব্রজ—গীত ও পদ্যে] বি, বিস্তার। প্র—"সেই অনুপাম বৃন্দাবন লীলা মঙ্গল করুণ বিথার।"—গীত-গো (গিরি)। "ব্যোম উপরে মহা ব্যোম বিথার—অবসর, স, ২। বিণ, বিস্তৃত ; ছড়ান ; আলুলায়িত। প্র—"কেশ বেশ যদি বিথার হইল তাহা বা কহিব কত?"—চণ্ডীদাস। ৩। পরিব্যাপ্ত ; পূর্ণ। প্র—"কোকিলকুল-কল রবহি বিথার"—বিদ্যাপতি।

বিথারা [বিস্তার হইতে বিথার (দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি)। উ-পু—বিথারি। ম-পু—বিথার। প্র-পু—বিথারে। অস-ক্রি—বিথারিতে ; বিথারিয়া, বিথারি (সংক্ষেপে)। পদ্যে প্রচলিত] ক্রি, বিস্তার করা ; ছড়ান ; ব্যাপা ; পরিব্যাপ্ত করা। প্র—"দুহাত বিথারি"—রবি। ২। এলান। প্র—"কবহু বান্ধয়ে কচ কবহু বিথারি"—বিদ্যাপতি। ব্রজ—**বিথারল**—বিস্তারিত করিল ; ছড়াইল। প্র—'মালতী মালা বিথারল মোতি"—বিদ্যাপতি।

বিথারিত [সং—বিস্তৃত। বিথার দ্রঃ] বিণ, ব্যাপ্ত ; বিস্তৃত। ২। পূর্ণ ; সঙ্কুল। প্র—"বিঘিনি বিথারিত বাট"—বিদ্যাপতি।

বিদ্, বিদ (দ্) [বিদ্+অ (ক, কর্তৃ) যে নানা বিষয় জানে। অন্ত শব্দে যুক্ত হইয়া ব্যবহৃত হয়] বি, বুধগ্রহ। ২। পণ্ডিত ; জ্ঞানবান্ ; বুদ্ধিমান।

বিদংশ [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) দন্শ্ (দংশন করা)+অ (অল্—ভাবে)] বি, পুং, দংশন। ২। [বি—দন্শ্+অ (অল্, কর্ম্মে) যাহাকে ভালরূপে দংশন অর্থাৎ চর্ব্বণ করা যায়] সুস্বাদু বস্তু ; চাট।

বিদকুটিয়া, বিদকুটে (দ্) [সং—কুটবিদ্ পদবিপর্য্যয়ে বিদকুট (কুটবেত্তা)+ইয়া (অতিরিক্ত যোগ) অথবা কূট (কুটিল বিধ, বিধা (ধারা, ধাঁচা) হইতে] বিণ, বিশ্রী ; বিতিকিচ্ছি ; ব্যাদড়া ; কুচুটে। ২। অসরল ; কুটিল।

বিদগধ [বিদগ্ধ শব্দজ। পদ্যে কোমল রূপ] বিণ, পণ্ডিত ; বিদ্বান্ ; রসজ্ঞ। প্র—"কত বিদগধ জন রসে অনুমগন"—বিদ্যাপতি। ২। চতুর। প্র—"বিদগধ সদাগর করে অনুমান।"—কবিকঙ্কণ।

বিদগ্ধ [বি (বিশেষভাবে, বিবিধ প্রকারে) দহ্ (দাহ করা)+ত (কর্ত্তৃ—ক্ত) যে অধ্যয়ন, অনুশীলনাদি বিবিধ প্রকারে স্বীয় অজ্ঞানতা বা মনের সন্দেহ বিকারাদি দগ্ধ করিয়াছে] বিণ, পণ্ডিত ; মর্ম্মজ্ঞ। প্র—"বিদগ্ধ বসুধাপতি অতি বিচক্ষণ। শক্র সম সভা শোভা করে সুধীগণ॥"—শিবায়ন। ২। কুশল ; নিপুণ ; পটু। ৩। চতুর। ৪। রসিক ; রসজ্ঞ। প্র—"প্রভু কহে তোমা সবায় দিল এই বর তোমা সবার ভর্ত্তা হবে পরম সুন্দর। পণ্ডিত বিদগ্ধ যুবা, ধনধান্যবান।"—চৈতন্যচরিতামৃত। স্ত্রী, **বিদগ্ধা**—কর্ম্মকুশলা ; চতুরা ; রসিকা স্ত্রী। প্র—"দেখি ক্রিয়া বিদগ্ধায় বাখানে সুন্দর রায় পায়েধরি ভাঙ্গিল কন্দল।"—অন্নদামঙ্গল। বি, **বিদগ্ধতা**।

বিদগ্ধসভা (শ) বি, পণ্ডিতসভা ; বিদ্বান্ মণ্ডলী। ২। রসিক সমাজ।

বিদগ্ধাজীর্ণ [নিদানোক্ত, আয়ুর্ব্বেদীয় পরিঃ। বিদগ্ধ—অজীর্ণ] বি, অজীর্ণ রোগবিশেষ ; অম্লরোগ ; acid dyspepsia.

বিদঘুটে (দ্) [বিদকুটে দ্রঃ] বি, কদাকার ; কদর্য্য। ২। জটিল। "মূর্খ শাস্ত্র অতি বিদঘুটে"—রজনী সেন।

বিদথ [বিদ্ (জানা)+অথ (অথচ্)সংজ্ঞার্থে] বি, পুং, সন্ন্যাসী ; তপস্বী। ২। পণ্ডিত ; জ্ঞানী।

বিদর (র্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) দৃ (বিদারণ করা)+অ (অল্) ভাবে] বি, পুং, বিদীর্ণ করণ ; বিদারণ। ২। অতিশয় ভয় ; অতি ত্রাস। ৩। বিকাসন ; প্রস্ফুটন। ৪। স্ত্রী, ফণীমনসার গাছ।

বিদরী (দ্) [হি] বি, ধাতুর উপর নানাবিধ লতা পাতা কাটা রূপার পাত বসানর কাজ।

বিদর্ভ [বিদর্ (দেশ বিশেষ) ভ (অভ্যন্তরে) যাহার, বহু] বি, পুং, বেরার প্রদেশ (বিদর্ দেশ ইহার অন্তর্গত থাকায় এই নাম)। ২। [বি (নাই) দর্ভ (কুশ) যে স্থানে, বহু] মুনি বিশেষের অভিসম্পাতগ্রস্ত প্রদেশ ; পুরাণে উক্ত হইয়াছে জনৈক ঋষিকুমারের কুশাঘাতে এই স্থানে অকাল মৃত্যু হওয়ায় ঋষি এদেশে আর দর্ভ জন্মিবে না বলিয়া শাপ দেন, তদবধি ইহার নাম বিদর্ভ। স্ত্রী, **বিদর্ভা**—বড় নাগপুর।

বিদর্ভজা [বিদর্ভ (বিদর্ভ দেশাধিপতি, ভীম) জা—জন্ (জন্মান)+অ (ড) কর্ত্তৃ, যে বিদর্ভ (রাজা) হইতে জন্মিয়াছে, উপপদ] 'আ' (স্ত্রী)] বি, স্ত্রী, ভীমরাজ-তনয়া দময়ন্তী। ২। ভীষ্মকরাজদুহিতা রুক্মিণী। ৩। অগস্ত্য ঋষির পত্নী লোপামুদ্রা।

বিদল (ল্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) দল্ (বিদারণ করা, বা খণ্ডন করা)+অ (অল্, কর্ম্মে) যাহা বিদারণ করা যায়] বি, দ্বিধাকৃত কলায় প্রভৃতি ডাল। ২। [বি (নাই) দল (পত্র বা পাট) যাহার—বহু] দলহীন ; পত্রশূন্য ; বিকশিত। ৩। বিপক্ষ ; প্রতিপক্ষ। ৪। [বি—দল্+অ (অল্) সংজ্ঞার্থে] বি, স্ত্রী, কলায়।

বিদলন (ন্) [বি—দল্ (দলন করা)+ভাবে (অনট্)] বি, ক্লী, বিমর্দ্দন ; বিদলিত করণ ; পেষণ।

বিদলিত (দো) [বি—দল্+ত (ক্ত) কর্ম্মে, যাহা বিদারণ করা হইয়াছে বা যাহা ছিন্ন ভিন্ন করা গিয়াছে] বিণ, চূর্ণীকৃত ; বিমর্দ্দিত। ২। বিদারিত ; খণ্ডিত। ৩। নিষ্পীড়িত। ৪। প্রস্ফুটিত।

বিদলীকরণ (দো, ন্) বি, মর্দ্দন ; নিষ্পীড়ন। ২। খণ্ডন ; বিদারণ। ৩। পৃথককরণ। বিণ, **বিদলীকৃত**।

বিদা [বিদ্ (জানা) অ (অঙ্) ভাবে, 'আ' (স্ত্রী)] বি, স্ত্রী, বোধশক্তি ; বুদ্ধি ; জ্ঞান। ২। লৌহকণ্টকযুক্ত কৃষিযন্ত্রবিশেষ ; বিধা।

বিদাকাটি [বিদার আকৃতি কাটি] বি, চিরুণী। প্র—"দণ্ড পাটি বিদাকাটি জিহ্বা লহ লহ।"—কাশী-মহা-আদি।

বিদায় (য়্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) দা (ত্যাগ করা)+অ (ঘঞ্—কর্ম্মে) 'য' আগম স্থানান্তরে যাইবার জন্য যে আদেশ দেওয়া হয়] বি, পুং, দান। ২। গমনের অনুমতি। প্র—"এই চুড়া নে এই ধড়া নে জন্মের মত বিদায় দে ভাই"—বাং-গান। ৩। বিসর্জ্জন। প্র—"বিদায় করেছ যারে নয়ন জলে। এখন ফিরাবে তারে কিসের ছলে"—রবি। **বিদায় করা**—দান বা দক্ষিণা দিয়া প্রস্থান করিতে দেওয়া। ২। ছুটী দেওয়া। ৩। ছাড়াইয়া দেওয়া। **বিদায় করিয়া দেওয়া**—তাড়াইয়া দেওয়া। **বিদায় চাওয়া, —মাগা**—প্রস্থানের অনুমতি প্রার্থনা করা ; ছুটী প্রার্থনা করা। **বিদায় দেওয়া**—প্রস্থানের অনুমতি দান করা ; ছুটী দেওয়া। **বিদায় পাওয়া**—ছুটি পাওয়া। ২। বিবাহ ব্রতাদি উপলক্ষে দান পাওয়া ; দক্ষিণা পাওয়া। **বিদায় লওয়া**—ছুটী লওয়া ; গমনে অনুমতি গ্রহণ করা। **বিদায় হওয়া**—প্রস্থান করা। ২। বিতাড়িত হওয়া। **কাঙ্গালী বিদায়**—উৎসবাদিতে অনাহূত দরিদ্রদিগকে অন্ন বস্ত্র অর্থাদি দান।

বিদায়কাল (য়্, ল্) [বিদায়ের কাল] বি, গমনকাল ; যাত্রার নিরূপিত ক্ষণ ; বিদায়

লইবার সময়। ২। কর্ম্মচ্যুতি অথবা পেন্সন প্রাপ্তির সময় ; ছুটির সময়। বিণ, **বিদায়-কালীন**—যাত্রাকালসম্বন্ধীয় ; গমন সময়ের।

বিদায়ভোজ (য়্, জ্) বি, কাহার স্থান ত্যাগ উপলক্ষে তাহার সহিত সুহৃদ্‌বর্গের প্রীতিভোজ।

বিদায়সঙ্গীত (বিদায়্‌শোংগীত্) বি, বিদায়-কালীন গীত।

বিদায়সূচক (য়্, শুচক্) বিণ, বিদায়জ্ঞাপক।

বিদায়ী—বিদায় বা যাত্রাকালীন উপহার সামগ্রী।

বিদার (র্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) দৃ (বিদারণ করা) + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, বিদীর্ণ ; বিদারণ। প্র—"কেন এমন মান করে তারে মন না করি বিচার। যাহার বদন বিরস কথন দেখি যদি প্রাণ হয় লো বিদার॥"—বাং-গান। ২। [বিদার করা হয় যেখানে (অধি—ঘঞ্)] যুদ্ধ ; রণ। ৩। জলপ্রবাহ ; জলোচ্ছ্বাস। স্ত্রী, **বিদারী**—শতপর্ণী। ২। ভূমিকুষ্মাণ্ড।

বিদারক (ক্) [বি—দৃ + অক (কর্ত্তৃ) যে বিদারণ করে] বিণ, বিদীর্ণকারী ; বিদারণ-কর্ত্তা ; ভেদকারক। ২। [বিদার + ক (সংজ্ঞার্থে)] বি, পুং, যাহাকে বিদীর্ণ করা যায় ; শুষ্ক পুষ্করিণী প্রভৃতির মধ্যস্থ কূপ। ৩। জলস্থিত বৃক্ষ পর্ব্বতাদি। ৪। স্ত্রী, অসংস্কৃত ক্ষার ; বজ্রক্ষার।

বিদারণ (ন্) [বি—দৃ + ণিচ্ = দারি (বিদারণ করাণ) + অন (অনট্—ভাবে)] বি, ক্লী, ভেদন ; বিদ্ধকরণ। ২। খণ্ডন। ৩। [বি—দৃ ণিচ্—দারি + অন (অনট্—অধি) যে স্থানে বিদীর্ণ হয় অর্থাৎ ক্ষতবিক্ষত হয়] যুদ্ধ ; সংগ্রাম। ৪। [করণে (অনট্) যাহা দ্বারা বিদীর্ণ হয়] বাণ ; শর। ৫। হনন।

বিদারা [বিদারা (ক্রঃ) + আ (ক্রিয়া-বিভক্তি)। উ-পু—বিদারি। ম-পু—বিদার। প্র-পু—বিদারে। অস-ক্রি—বিদারিত ; বিদারিয়া ; বিদারি (পদ্যে)] ক্রি, বিদারণ করা ; চেরা ; ফাড়া। প্র—"চাহিতে তা পানে পশিল পরাণে বুক বিদারিয়া মরি।"—চণ্ডীদাস। "কেশরী জনু গজকুম্ভ বিদারে"—বিদ্যাপতি।

বিদারিত [বি—দৃ + ণিচ্ = দারি + ত (ক্ত—কর্ম্মে) যাহাকে বিদারণ করান হইয়াছে] বিণ, বিদীর্ণ ; ভেদিত।

বিদারী [নিদানোক্ত আয়ুঃ পরিঃ] বি, গলনালীর শ্লৈষ্মিক প্রদাহ ; phlegmonous pharyngitis.

বিদারু [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) দৃ + উ (উণ্—কর্ত্তৃ) যে বিদারণ (ক্ষতবিক্ষত) করে] বি, পুং, কৃকলাস ; কাঁকলাস।

বিদিক্ [বিদিশ্ শব্দ। বি (বিভিন্ন) যে দিশ্ (দিক্)—কর্ম্মধা] বি, স্ত্রী, দুইদিকের মধ্যস্থান ; ঈশান, বায়ু, নৈঋ্ঁত ও অগ্নিকোণ। **দিক্-বিদিক্**—অনুকূল ও প্রতিকূল দিক্ ; অগ্র-পশ্চাৎ ; সুদিক কুদিক ; সম্মুখ ও বিপরীত দিক। প্র—"তোর কি দিগ্‌বিদিক্ জ্ঞান নাই, আমি কি একটা দিক্"—মৃণালিনী। ২। দিক ও কোণ।

বিদিত [বিদ্ (জানা) + ত (ক্ত—কর্ম্মে) যাহা জানা গিয়াছে] বিণ, পরিজ্ঞাত ; অবগত। প্র—"তোমারে জানাব কত আছ যে বিদিত। বিবেচনা করিয়া সর্ব্বদা হিতাহিত॥"—রামায়ণ (কৃত্তিবাস)। ২। [কর্ত্তৃ—ক্ত] যে জানে ; জ্ঞাতা। ৩। প্রার্থিত ; লব্ধ। ৪। বিশ্রুত ; খ্যাত। প্র—"তব হে জনম অতি বিপুলে। ভুবন বিদিত অজের কুলে।"—অন্নদামঙ্গল। ৫। [ভাবে—ক্ত] বি, ক্লী, বোধ ; জ্ঞান। ৬। লাভ।

বিদিশ (শ্) [সং] বি, স্ত্রী, বিদিক ; ঈশান, বায়ু, নৈঋ্ঁতাদি চারি কোণ ; দিকের মধ্য-স্থান। প্র—"নাহি দিশবিদিশ নাহিক ধরাতল।"—মহা (শ্রীকর)। ২। বিপরীত দিক।

বিদিশা [বিদিশ—বি (বিশেষরূপে) দিশ্ (দান করা) + অ (ঙ—অধি, সংজ্ঞার্থে) স্ত্রী—আপ্। বিশেষ বিধানে দান করা হয় যে দেশেতে—বহু] বি, স্ত্রী, মালব দেশান্তর্গত নগরীবিশেষ ; প্রাচীন রাজধানী।

বিদীর্ণ [বি—দৃ (বিদারণ করা) + ত (ক্ত—কর্ম্মে) যাহা ক্ষত হইয়াছে বা বিস্তৃত হইয়াছে] বিণ, বিদারিত। ২। ভগ্ন ; ছিন্ন ; ছেঁড়া। ৩। ভিন্ন ; খণ্ডিত। ৪। বিনাশিত ; হত। ৫। বিস্তীর্ণ।

বিদীর্য্যমাণ (বিদীর্জ্জমান্) বিণ, যাহা বিদীর্ণ হইতেছে।

বিদুর (র্) [বিদ্ (জানা) + উর (কুর—কর্ত্তৃ)] বি, পুং, কুরুরাজ ধৃতরাষ্ট্রের কনিষ্ঠ বৈমাত্রেয় ভ্রাতা। ২। [বিদ্ + উর (কুর—কর্ত্তৃ, শীলার্থে) যাহার জানাই স্বভাব] বিণ, জ্ঞানী ; পণ্ডিত ; বেত্তা ; জ্ঞাতা। **বিদুরের খুদ**—শ্রীকৃষ্ণ একদিন হস্তিনাপুরে আসিয়া অধর্ম্ম-পরায়ণ কুরুরাজ দুর্য্যোধনের প্রদত্ত রাজভোগ গ্রহণ না করিয়া শ্রদ্ধান্বিতচিত্ত ধার্ম্মিকপ্রবর বিদুরের প্রদত্ত খুদ পরিতৃপ্তির সহিত আহার করেন তাহা হইতে অশ্রদ্ধা-প্রদত্ত রাজভোগ অপেক্ষা প্রীতিদত্ত নিকৃষ্ট ভোজ্যের শ্রেষ্ঠতা ও উপাদেয়তা।

বিদুল (ল্) [সং] বি, পুং, বেতগাছ ; জলবেতস।

বিদুলা—বি, স্ত্রী, প্রাচীনকালের যশস্বিনী বীরাঙ্গনাবিশেষ।

বিদুষী [বিদ্বস্ + ঈ, স্ত্রী (স্ব = দ্ব—স্ = ষ)] বি, স্ত্রী, পণ্ডিতা ; বিদ্যাবতী ; উচ্চশিক্ষিতা।

বিদূর (র্) [বি (বিশিষ্টরূপে বা অতিশয়রূপে) যে দূর (অনেক অন্তরে স্থিত)—কর্ম্মধা] বিণ, বহুদূরস্থ ; অতি দূরবর্ত্তী। ২। বি, পুং, পর্ব্বতবিশেষ। ৩। দেশবিশেষ। ৪। দূর সম্পর্ক। প্র—"আপনার কর্ম্মদোষ ; তোরে কিবা করি রোষ ; তোয় আমায় সম্বন্ধ বিদূর" ৫। বহুদূর। ৬। বৈদূর্য্যমণি।

বিদূরগ (গ্) [বিদূর—গ, গম্ (গমন করা) + অ (ড—কর্ত্তৃ) যে অধিক দূরে যায়—উপপদ] বিণ, যে দূরে গমন করে ; সুদূরগামী।

বিদূরজ [বিদূর—জ, জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ—ড) যে বিদূরদেশে জন্মে, উপপদ] বি, ক্লী, বৈদূর্য্যমণি। ২। বিণ, দূরদেশ-জাত ; দূরদেশোৎপন্ন।

বিদূরাদ্রি (বিদুরাদ্দ্রি) [বিদূর + অদ্রিপর্ব্বত] বি, পুং, বিদূর পর্ব্বত।

বিদূরিত—বিণ, বিতাড়িত ; দূরীভূত ; দূরীকৃত।

বিদূষক (ক্) [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) দুষ্ (বিকৃতি জন্মান) + ণিচ্ = দূষি + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, কৌতুকী ; ভাঁড়। ২। [নাট্যে] নায়কের মনোরঞ্জনকারী হাস্যরসপ্রিয় সহায়ক। ৩। [বি—দুষ্ + ই (ণিচ্ = দূষি + অক (কর্ত্তৃ) যে নিন্দা করে] বিণ, কুৎসাকারী ; নিন্দুক। ৪। নিন্দাজনক ; কুৎসাত্মক।

বিদূষণ (ন্) [বি—দুষ্ + ই (ণিচ্) = দূষি + অন (অনট্—ভাবে)] বি, ক্লী, কুৎসা ; নিন্দা ; অপবাদ।

বিদেশ (শ্) [বি (বিপরীত অর্থাৎ নিজের দেশ ভিন্ন) যে দেশ (বসতি স্থান)—কর্ম্মধা] বি, পুং, দেশান্তর ; প্রবাস।

বিদেশগত (শ্) বিণ, প্রবাসগত ; দেশান্তর-গত।

বিদেশগামী (শ্) বি, প্রবাসগামী ; ভিন্নদেশে গমনকারী।

বিদেশজ [বিদেশ—জ (জাত)] বিণ, দেশান্তরে উৎপন্ন ; ভিন্নদেশজাত।

বিদেশবাস (শ্, শ্) বি, দেশান্তরে অবস্থিতি ; প্রবাসবাস।

বিদেশবাসী (শ্, বাশী) বিণ, ভিন্নদেশ-বাসী ; দেশান্তরের অধিবাসী। প্র—"আমি স্বদেশবাসী আমায় দেখে লজ্জা হতে পারে, বিদেশবাসী রাজার ছেলে লজ্জা কিলো তারে"—হেম বন্দ্যো।

বিদেশযাত্রা (বিদেশ্‌জাৎত্রা) বি. প্রবাসে গমন ; দেশান্তরে গমন।

বিদেশস্থ—বিণ. দেশান্তরে অবস্থানকারী ; প্রবাসস্থিত ; ভিন্নদেশস্থ।

বিদেশী [বিদেশিন্ শব্দ ১মা, ১ব] বিণ. যাহার বিদেশ আছে বা যে বিদেশে বাস করে ; ভিন্নদেশস্থ ; পরদেশী ; foreigner. প্র—"কেন বাঁধিলি প্রেম-ডোরে বিদেশী নাগরে"—বাং-গান। স্ত্রী. **বিদেশিনী**—প্রবাসিনী ; ভিন্নদেশবাসিনী। প্র—"মানের দায়ে তুই মানিনী তাই সেজেছি বিদেশিনী"—বাং-গান। "আমি চিনি গো চিনি তোমারে ওগো বিদেশিনি তুমি থাক সিন্ধু পারে ওগো বিদেশিনী"—রবি।

বিদেশীয় [বিদেশ+ঈয় ('ইহার এই' এই অর্থে) যাহা বিদেশে হয়] বিণ. বৈদেশিক : ভিন্নদেশবাসী। ২। বিদেশসম্বন্ধীয়। ৩। বিদেশজাত।

বিদেহ [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) দিহ্ (উপচয় বা বৃদ্ধি) + অ (ঘঞ্—অধি) যেখানে স্বর্ণাদির উপচয় বা বৃদ্ধি হয়] বি. পুং. বিহার-দেশ ; মিথিলা। ২। রাজা নিমি. ইনি বশিষ্ঠের শাপে দেহহীন হন বলিয়া এই নাম হয় : জনক বংশের আদি পুরুষ। ২। [বি (নাই) দেহ (শরীর যাহার—বহু)] বিণ. দেহবিহীন ; নিরবয়ব। স্ত্রী. বিদেহা—মিথিলা।

বিদ্ধ [ব্যধ্ (তাড়না করা বা বধ করা) +ত (ক্ত) কর্ম্মে (ব্য=বি—ত—ধ) যাকে মারা যায় বা বিন্ধা যায়] বিণ. ছিদ্রিত ; বিদীর্ণ ; বেঁধা। ২। নিক্ষিপ্ত। ৩। উৎকীর্ণ। ৪। আহত। ৫। প্রেরিত। ৬। বক্র।

বিদ্ধব্রণ (বিদ্‌ধোব্রোনো) [নিদানোক্ত আয়ুঃ পরিঃ] বি. অস্ত্রক্ষত ; punctured wound.

বিদ্যমান (বিদ্‌দমান্) [বিদ্ (থাকা) + আন (শান—কর্ত্তৃ) যে আছে] বিণ. বর্ত্তমান ; উপস্থিত। ২। নিকটে ; সমীপে। প্র—"বিশ্বকর্ম্মে ভগবতী করিলা ধেয়ান। স্মৃতিমাত্র বিশ্বকর্ম্মা আইল বিদ্যমান॥"—কবিকঙ্কণ। প্রা-বাং-প্রাকৃ বানানে **বিদ্দমান**। "তেঠেঙ্গা হইআ জাঅ ভেকর সঙ্গীত গাঅ উড়িল দেব বিদ্দমানে।"—শূন্যপুরাণ। **বিদ্যমানবলি**—উপস্থিত আহারের দ্রব্য। প্র—"বিদ্যমান বলি লয়্যা সেকেলে মানান। তারে ছেড়ে তোমারে বধিব অবিধান॥"—ঘনরাম।

বিদ্যমানতা (বিদ্‌দমানোতা) বি. উপস্থিতি ; বর্ত্তমানতা। ২। সামীপ্য ; সান্নিধ্য।

বিদ্যা (বিদ্‌দ্যা) [বিদ্ (জানা) + য (ক্যপ্—করণে সংজ্ঞার্থে) আ (স্ত্রী)] বি. স্ত্রী. যাহা দ্বারা ব্রহ্ম হইতে ব্রহ্মাণ্ড পর্য্যন্ত যাবতীয় পদার্থের সত্যবিজ্ঞান লাভ হইয়া যথাযোগ্য উপকার প্রাপ্ত হওয়া যায় তাহাই বিদ্যা। ২। তত্ত্বজ্ঞান। ৩। দেহাত্ম-বোধ ; আত্মজ্ঞান। ৪। অধ্যয়নাদিজনিত জ্ঞান। ৫। বেদ, বেদাঙ্গ, ন্যায়, মীমাংসা, দর্শন পুরাণাদি, ধনুর্ব্বেদ, আয়ুর্ব্বেদাদি, গান্ধর্ব্ব, নীতি ও অর্থশাস্ত্রাদি। ৬। দুর্গা। ৭। সরস্বতী। **দেবজন বিদ্যা**—[বৃহদারণ্যকে বিদ্যা শব্দের শাঙ্করভাষ্য] সূক্ষ্মশিল্প ; কলাবিদ্যা ; fine art.

বিদ্যাকর (বিদ্‌দ্যাকর্) বি. পুং. জ্ঞানী ; পণ্ডিত ; শিক্ষিত। স্ত্রী. **বিদ্যাকরী**।

বিদ্যাগম (বিদ্‌দ্যাগম্) বি. জ্ঞানোন্মেষ ; বোধাগম।

বিদ্যাচুঞ্চু (বিদ্‌দ্যাচুনচু) [বিদ্যা (জ্ঞান) + চুঞ্চু (প্রসিদ্ধার্থে)] বি. পুং. সুপণ্ডিত ; সুবিখ্যাত জ্ঞানী। ২। বিণ. বিদ্যা দ্বারা প্রসিদ্ধ।

বিদ্যাদাতা (বিদ্‌দ্যা) বি. পুং. জ্ঞানদাতা ; শিক্ষক ; গুরু। ২। বিণ. বিদ্যাদায়ী : জ্ঞান প্রদ ; শিক্ষাপ্রদ। স্ত্রী. **বিদ্যাদাত্রী**।

বিদ্যাদান (বিদ্‌দ্যাদান্) বি. শিক্ষাদান ; জ্ঞান দান : অধ্যাপনা।

বিদ্যাদেবী (বিদ্‌দ্যা) [বিদ্যা (জ্ঞান) দেবী (ঈশ্বরী)—৬তৎ] বি. স্ত্রী. জ্ঞানদায়িনী সরস্বতী।

বিদ্যাধন (বিদ্‌দ্যাধন) [বিদ্যা রূপ যে ধন—রূপক কর্ম্মধা] বি. স্ত্রী জ্ঞানধন : বিদ্যারূপ সম্পত্তি। ২। [বিদ্যা-দ্বারা লব্ধধন মধ্যপদ লোপী কর্ম্মধা] বিদ্যা-উপার্জ্জিত ধন। ৩। [বিদ্যা হইয়াছে ধন যাহার—বহু] বিদ্বান।

বিদ্যাধর (বিদ্‌দ্যাধর্) [বিদ্যা (ইন্দ্রজালাদি জ্ঞান) ধৃ (ধারণ করা) + অ (অচ্—কর্ত্তৃ)—সংজ্ঞার্থে) উপপদ, যে ইন্দ্রজালাদি বা গান্ধর্ব্ব শাস্ত্র প্রভাবে লোকের বিস্ময় জন্মাইতে পারে। "বিদ্যাধরোঽপ্সরো যক্ষরক্ষো গন্ধর্ব্ব কিন্নরাঃ। পিশাচো গুহ্যকঃ সিদ্ধো ভূতোঽমী দেব-যোনয়ঃ॥"—অমর] বি. পুং. দেবযোনি জাতিবিশেষ ; স্বর্গীয় গায়ক। প্র—"কৈলাস ভূধর অতি মনোহর কোটী শশী পরকাশ। যক্ষ বিদ্যাধর গন্ধর্ব্ব কিন্নর অপ্সরাগণের বাস॥"—অন্নদামঙ্গল। স্ত্রী. **বিদ্যাধরী**—বিদ্যাধর রমণী। প্র—"দেখলে সে বিদ্যারে কত বিদ্যাধরী লজ্জায় মরে"—গোপাল উড়ে।

বিদ্যানিধি—বি. জ্ঞানরূপ সমুদ্র ; বিদ্যাসাগর। ২। পণ্ডিত বা বিদ্বান ব্যক্তির উপাধিবিশেষ।

বিদ্যানুরাগ (বিদ্‌দ্যানুরাগ্) বি. পুং. বিদ্যার প্রতি আসক্তি। বিণ. **বিদ্যানুরাগী**। স্ত্রী. **বিদ্যানুরাগিণী**।

বিদ্যাবত্তা (বিদ্‌দ্যাবৎত্তা) বি. পাণ্ডিত্য ; মনীষা।

বিদ্যাবল (বিদ্‌দ্যাবল্) বি. বিদ্যার শক্তি ; জ্ঞানবল।

বিদ্যাবান [বিদ্যাবৎ—বিদ্যা + বৎ (বতু) যাহার বিদ্যা আছে] বিণ. পণ্ডিত : জ্ঞানবান্ ; বিদ্বান্ ; সুশিক্ষিত। ২। স্ত্রী. **বিদ্যাবতী**।

বিদ্যাবিনোদ (বিদ্‌দ্যাবিনোদ্) বি. বিদ্বান্ ব্যক্তির উপাধিবিশেষ।

বিদ্যাবিশারদ (বিদ্‌দ্যাবিশারদ) বি. পণ্ডিত ব্যক্তির উপাধিবিশেষ। ২। সুশিক্ষিত ; সুপণ্ডিত ; বিশিষ্টজ্ঞানী।

বিদ্যাবিশিষ্ট—বিণ. বিদ্বান : যাহার বিদ্যা আছে।

বিদ্যাবিস্তার (বিদ্‌দ্যাবিস্‌তার্) বি. শিক্ষা-প্রচার ; জ্ঞানবিস্তার।

বিদ্যাবিহীন (বিদ্‌দ্যাবিহীন্) বিণ. অশিক্ষিত ; বিদ্যাশূন্য ; মূর্খ।

বিদ্যাব্যবসায়ী (বিদ্‌দ্যাববশায়ী) বি. পুং. বিদ্যা বিনিময়কারী ; বিদ্যাবণিক্। প্র—"সুন্দর বলেন ভাই আমি বিদ্যাব্যবসায়ী দাক্ষিণাত্য কাঞ্চিপুর ধাম।"—অন্নদামঙ্গল। ২। বেতনভোগী অধ্যাপক।

বিদ্যাভ্যাস (বিদ্‌দ্যাভ্‌ভ্যাশ্) বি. বিদ্যানু-শীলন : বিদ্যাচর্চ্চা : বিদ্যাশিক্ষা।

বিদ্যামন্দির (বিদ্‌দ্যামোন্‌দির) বি. বাণী-মন্দির ; বিদ্যালয় ; শিক্ষাগার ; স্কুল ; কলেজ।

বিদ্যারম্ভ (বিদ্‌দ্যারম্ভ) [বিদ্যার—আরম্ভ—৬তৎ] বি. শিক্ষারম্ভ ; বিদ্যার্জ্জনের উপক্রম ; হাতেখড়ি। **বিদ্যারম্ভকাল**—বিদ্যাশিক্ষা আরম্ভ করিবার উপযুক্ত সময় : [জ্যোতিষমতে] পঞ্চমবর্ষ শিক্ষারম্ভের সময় ; বৃহস্পতিবার বিদ্যারম্ভের জন্য প্রশস্ত, শুক্র ও রবিবার মধ্যম শনি মঙ্গলবারে বিদ্যারম্ভে অল্পায়ু, এবং সোম ও বুধবারে বিদ্যাশিক্ষা আরম্ভ করিলে মূর্খ হয়।

বিদ্যার্জ্জন (বিদ্‌দ্যারজন্) [বিদ্যা + অর্জ্জন] বি. বিদ্যাউপার্জ্জন ; বিদ্যাশিক্ষা ; বিদ্যা-লাভ।

বিদ্যার্ণব (ব্) [বিদ্যা—অর্ণব] বি. বিদ্যা-নিধি ; বিদ্যারূপ সমুদ্র। ২। পণ্ডিত ব্যক্তির উপাধিবিশেষ।

বিদ্যার্থী (বিদ্‌দ্যারথী) [বিদ্যার্থিন্ শব্দ। বিদ্যা (শাস্ত্রাদির জ্ঞান) অর্থিন্ (যে প্রার্থনা করে) —উপপদ] বিণ. শিক্ষাপ্রার্থী ; বিদ্যাশিক্ষা-ভিলাষী ; শিষ্য ; ছাত্র। স্ত্রী. **বিদ্যার্থিনী**।

বিদ্যালয় (বিদ্‌দ্যালয়্) [বিদ্যা (শাস্ত্রজ্ঞান বা শিক্ষা) আলয় (স্থান)—৬তৎ] বি. পুং. শিক্ষাগার। চতুষ্পাঠী, টোল, কলেজ, স্কুল, মাদ্রাসা প্রভৃতি ; বিদ্যাশিক্ষার স্থান।

অবৈতনিক বিদ্যালয়—যে বিদ্যালয়ে ছাত্র বা ছাত্রীগণ বেতন না দিয়া শিক্ষালাভ করিতে পারে ; free school. **আদর্শ বিদ্যালয়**—মডেল স্কুল ; model school. **ইংরেজী বিদ্যালয়**—যে বিদ্যালয়ে ইংরেজী ভাষাই প্রধান শিক্ষণীয় বিষয়। **উচ্চ প্রাথমিক বিদ্যালয়**—প্রথম শিক্ষার্থী-দিগের অগ্রবর্ত্তী শ্রেণীর শিক্ষাগার ; upper primary school. **ছাত্রবৃত্তি বিদ্যালয়**—যে বিদ্যালয়ে সামান্য ইংরেজী এবং সমস্তই ছাত্রের মাতৃভাষার শিক্ষা দেওয়া হয়। **ছাত্রাবাস-বিদ্যালয়**—যে বিদ্যালয়ে ছাত্রগণের বাসা করিয়া থাকিবার ও আহারাদি করিবার ব্যবস্থা আছে ; boarding. **জাতীয় বিদ্যালয়**—যে বিদ্যালয় দেশীয় ছাত্রগণের শিক্ষার নিমিত্ত দেশবাসীদিগের দ্বারা পরিচালিত ; এবং যথায় জাতীয় সংস্কারের অনুকূল শিক্ষা দ্বারা ছাত্রগণের দেশাত্মবোধ জন্মে ; national school. **দৈনিক বিদ্যালয়**—যে বিদ্যালয়ে নির্দ্দিষ্ট সময়ের জন্য ছাত্র বা ছাত্রীগণ প্রত্যহ গমনাগমন করে ; day school. **নিম্ন প্রাথমিক বিদ্যালয়**—উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের নিম্নশ্রেণীর বিদ্যালয় ; প্রথম পাঠার্থীর শিক্ষোপযোগী বিদ্যালয় ; lower primary school. **নৈশ বিদ্যালয়**—যে বিদ্যালয়ে ছাত্রগণকে রাত্রি-কালে শিক্ষা দেওয়া হয় ; night school. **প্রাথমিক বিদ্যালয়**—যে বিদ্যালয়ে প্রারম্ভিক শিক্ষা দেওয়া হয় ; primary school. **বঙ্গ বিদ্যালয়**—যে বিদ্যালয়ে বাঙ্গালা ভাষা শিক্ষা এবং বাঙ্গালা ভাষার সাহায্যে শিক্ষা দেওয়া হয় ; Bengalee school. **বালিকা বিদ্যালয়**—যে বিদ্যালয়ে কেবল মেয়েরা শিক্ষা পায়। **বিশ্ব বিদ্যালয়**—বিশ্বের জ্ঞান বিজ্ঞানের উচ্চ শিক্ষা ও পরীক্ষা স্থান ; university. **মধ্য ইংরেজী বিদ্যালয়**—মধ্যম শ্রেণীর ইংরেজী শিক্ষা স্থান ; middle English school. **মধ্য বাঙ্গালা বিদ্যালয়**—মধ্যম শ্রেণীর বঙ্গবিদ্যালয় ; middle Bengalee school. **শিক্ষক বিদ্যালয়**—যে বিদ্যালয়ে শিক্ষকতার প্রণালী শিক্ষা দেওয়া হয় ; এবং উপযুক্ত শিক্ষক প্রস্তুত করা হয় ; teacher's training school. **শিশু বিদ্যালয়**—শিশুদিগের শিক্ষোপযোগী পাঠশালা ; children school. **সাহায্য-কৃত বিদ্যালয়**—গবর্ণমেন্টের বা স্থানীয় বোর্ড প্রভৃতির অর্থ-সাহায্যে পরিচালিত বিদ্যালয় ; aided school.

বিদ্যালয়-সমিতি (বিদ্‌দ্যালয় শমিতি) বি, বিদ্যালয়ের পরিচালনা ও ব্যবস্থাকরী সভা ; school committee.

বিদ্যালাপ (বিদ্‌দ্যালাপ্) [বিদ্যার—আলাপ—৬তৎ] বি, বিদ্যাসম্বন্ধীয় আলোচনা। প্র— "বিদ্যালাপ বিদ্যালাপ বিদ্যালাভ তপ।"—অন্নদামঙ্গল।

বিদ্যালাভ (বিদ্‌দ্যালাভ্) বি, বিদ্যার্জ্জন ; জ্ঞানার্জ্জন।

বিদ্যাশিক্ষা (বিদ্‌দ্যাশিক্‌খা) বি, বিদ্যানু-শীলন ; বিদ্যাচর্চ্চা ; বিদ্যাভ্যাস।

বিদ্যাসাগর (বিদ্‌দ্যাশাগর্) বি, বিদ্যার সাগর। ২। মহাপণ্ডিতের উপাধিবিশেষ। ৩। বঙ্গের স্বনাম-প্রসিদ্ধ স্বদেশ ও জনহিতৈষী, সমাজ ও শিক্ষা সংস্কারক পণ্ডিত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর।

বিদ্যাসাধ্য (বিদ্‌দ্যাশাধ্‌ধ) [প্রা—"বিদ্দে-সাদ্দি"। বিদ্যাদ্বারা সাধ্য (৩য়া তৎ)] বি, শিক্ষা। ২। [সহচর শব্দ] পাণ্ডিত্য ও সামর্থ্য। ৪। মানসিক ও শারীরিক শক্তি। ৪। বিণ, বিদ্যাদ্বারা সাধ্য।

বিদ্যাস্নাতক (বিদ্‌দ্যাস্‌নাতক্) [বিদ্যা (আরাধিত ব্রহ্মচর্য্যলব্ধ জ্ঞান) তদ্দ্বারা স্নাতক (স্না—স্নান করা, পবিত্র হওয়া) + ত (কর্ত্তৃ —ক্ত) + ক (স্বার্থে)] বি, পুং, যে আরাধিত ব্রহ্মচর্য্যলব্ধ বিদ্যা দ্বারা পূত হইয়াছে ; যে ব্রহ্মচর্য্য সমাপন করিয়া গৃহাশ্রমে প্রবেশ করিয়াছে।

বিদ্যুজ্জিহ্ব (বিদ্‌দুজ্জিভ) [বিদ্যুৎ বর্ণ জিহ্বা যাহার, মধ্যপদলোপী, বহ্] বি, পুং, লঙ্কাপতি রাবণের ভগিনীপতি দানববিশেষ। বিণ, বিদ্যুতাকৃতি জিহ্বা যাহার।

বিদ্যুৎ (বিদ্‌দুৎ) [বি (না অর্থাৎ অল্পক্ষণ স্থায়ী) দ্যুৎ (দীপ্তি) যাহার, বহ্] বি, পুং, ক্ষণপ্রভা ; চপলা। ২। বি (বিশিষ্টরূপে) দ্যুৎ (দীপ্তি পাওয়া) + ক্বিপ্ (কর্ত্তৃ) যে অতিশয় দীপ্তি পায়] বি, স্ত্রী, সৌদামিনী ; তড়িৎ ; মেঘজ্যোতিঃ। ২। কান্তি। ৩। [বি (বিগত হইয়াছে, নাই) দ্যুৎ (দীপ্তি) যাহার—বহ্] বিণ, নিষ্প্রভ ; দ্যুতিবিহীন ; আভাহীন।

বিদ্যুতালোক (বিদ্‌দুতালোক্) [বিদ্যুৎ + আলোক] বি, বিদ্যুতের জ্যোতিঃ ; তাড়িতা-লোক ; বিদ্যুৎপ্রভা।

বিদ্যুৎকেশ (বিদ্‌দুৎকেশ্) [বিদ্যুতের ন্যায় কেশ (চুল) যাহার, ম, প, লো, বহ্] বি, পুং, রাক্ষসবিশেষ। ২। বিণ, বিদ্যুতের ন্যায় কেশ-বিশিষ্ট।

বিদ্যুত্বান্ (বিদ্‌দুত্তান্) [বিদ্যুৎ + বৎ (বতু) (অস্ত্যর্থে) = বিদ্যুত্বৎ, যাহার বা যাহাতে বিদ্যুৎ আছে] বি, পুং, মেঘ ; সৌদামিনী। ২। বিণ, বিদ্যুৎশালী ; বিদ্যুদ্বিশিষ্ট। স্ত্রী, **বিদ্যুত্বতী** (বিদ্‌দুৎবোতি)।

বিদ্যুৎদীপ (বিদ্‌দুৎদীপ্) [গৃহস্থ—১৩২০ আশ্বিন সংখ্যায় ব্যবহৃত] বি, তাড়িতালোক ; electric light.

বিদ্যুৎপাত (বিদ্‌দ্যুৎপাত্) বি, বিদ্যুতের পতন ; বিজলীপাত ; বজ্রপতন।

বিদ্যুৎস্পন্দন (বিদ্‌দুৎশ্‌পন্দন্) [বিদ্যুতের স্পন্দন (কম্পন—বিকাশ)] বি, তাড়িৎ-বিকাশ ; বিদ্যুৎস্ফুরণ।

বিদ্যুৎস্ফুলিঙ্গ (বিদ্‌দুৎশ্‌ফুলিংগ) বি, তাড়িত কণা ; বিদ্যুতের ফিনকি।

বিদ্যুদ্গর্ভ (বিদ্‌দুদ্‌গর্‌ভ) [বিদ্যুৎ—গর্ভ] বিণ, বিদ্যুৎপূর্ণ ; তড়িন্ময়।

বিদ্যুদ্দাম (বিদ্‌দুদ্দাম্) [বিদ্যুৎ + দাম (মালা)] বি, তড়িৎ ; বিজলী ; বিদ্যুন্মালা।

বিদ্যুদ্দীপ্ত (বিদ্‌দুদ্দীপ্‌ত) [বিদ্যুৎ + দীপ্ত] বিণ, তাড়িতালোকে উদ্ভাসিত ; বিদ্যুতা-লোকিত। ২। বিদ্যুতের ন্যায় তীক্ষ্ণ জ্যোতি-বিশিষ্ট। বি, **বিদ্যুদ্দীপ্তি**।

বিদ্যুদ্বিকাশ (বিদ্‌দুদ্‌বিকাশ্) [বিদ্যুৎ + বিকাশ] বি, তাড়িত প্রকাশ ; বিজলীস্ফুরণ।

বিদ্যুদ্বিজ্ঞান (বিদ্‌দুদ্‌বিগ্‌গ্যান্) [বিদ্যুৎ + বিজ্ঞান] বি, তাড়িতবিজ্ঞান।

বিদ্যুদ্বেগ (বিদ্‌দুদ্‌বেগ্) [বিদ্যুৎ + বেগ] বি, বিজলীর ন্যায় দ্রুতগতি ; তড়িদ্গতি।

বিদ্যুদ্ব্যজন (বিদ্‌দুদ্‌ব্যাজন্) [গৃহস্থ পত্রিকা—১৩২০, আশ্বিন সংখ্যায় ব্যবহৃত] বি, তাড়িত-চালিত ব্যজনী ; বৈদ্যুতিক পাখা ; electric fan.

বিদ্যুন্মালা (বিদ্‌দুন্‌মালা) [বিদ্যুৎরূপ যে মালা—কর্ম্মধা] বি, স্ত্রী, বিদ্যুৎ সমূহ। ২। দীর্ঘবর্ণযুক্ত অষ্টাক্ষর ছন্দোবিশেষ।

বিদ্যুন্মালী (বিদ্‌দুন্‌মালী) [বিদ্যুন্মালিন্ শব্দ। বিদ্যুন্মালা + ইন্ (সংজ্ঞার্থে) যে বিদ্যুৎ শ্রেণীর ন্যায় আচরণ করে] বি, পুং, রাক্ষস-বিশেষ। ২। বিণ, বিদ্যুৎবৎ জ্যোতির্ম্ময় মাল্যধারী।

বিদ্যুল্লতা (বিদ্‌দুল্‌লতা) [বিদ্যুৎ (তড়িৎ) লতা (লেখা)—৬তৎ] বি, স্ত্রী, সৌদামিনী ; মেঘজ্যোতিঃ ; তড়িৎ।

বিদ্যোত (বিদ্‌দোৎ) [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) দ্যুৎ (দীপ্তি পাওয়া) + অ (ঘঞ্ ভাবে)] বি, পুং, দীপ্তি ; প্রভা ; কান্তি ; দ্যুতি। বিণ, **বিদ্যোতমান**—দীপ্ত ; দ্যুতিমান্।

বিদ্যোৎসাহী (বিদ্‌দোৎশাহী) [বিদ্যা + উৎসাহী] বিণ, বিদ্যার উন্নতি বিষয়ে উৎসাহ-দাতা। স্ত্রী, **বিদ্যোৎসাহিনী**।

বিদ্যোপার্জ্জন (বিদ্দোপার্জ্জন্) [বিদ্যা+উপার্জ্জন] বি, বিদ্যালাভ ; বিদ্যার্জ্জন ; শিক্ষালাভ।

বিদ্রব (বিদ্দ্রব) [বি (বিশিষ্টরূপে দ্রু (গমন করা বা পলায়ন করা)+অ (অল্, ভাবে)] বি, পুং, পলায়ন। ২। দ্রবীভাব ; ক্ষরণ, গলন। ৩। বুদ্ধি। ৪। ভয়। ৫। নিন্দা। ৬। পরিহাস ; বিদ্রূপ।

বিদ্রাবিত (বিদ্দ্রাবিত) [বি—দ্রু+ই (ণিচ্) =দ্রাবি (দ্রব করান, বিমুখ করান)+ত (ক্ত, কর্ম্মে) যাহাকে দ্রব করা হইয়াছে বা পিছনে ধাইয়া যাহাকে তাড়না করা হইয়াছে] বিণ, দ্রবীকৃত ; ২। বিতাড়িত ; তাড়নার্থ পশ্চাদ্ধাবিত।

বিদ্রুত (বিদ্দ্রুত) [বি (বিশিষ্টরূপে) দ্রু (গমন করা বা পলায়ন করা)+ত (ক্ত—) যে ভীত বা চকিত হইয়া বেগে দৌড়ায়] পলায়িত ; ভয়াদি নিমিত্ত প্রস্থিত। ২। ত্রাসিত। ৩। দ্রবীভূত।

বিদ্রুম (বিদ্দ্রুম্) [বি (বিশিষ্ট ইত্যাদি) দ্রু (গমন, প্রাপ্তি, দ্রবীভাব ইত্যাদি)+ম (সংজ্ঞার্থে) যাহা দ্রব অর্থাৎ জল বা জলযুক্ত স্থান ভেদ করিয়া জন্মে] বি, পুং, রক্তপ্রবাল ; পলা। প্র—"অধর বিদ্রুম-দ্যুতি তাম্বুল রাগ তথি, নাসায় মাণিক মনোহর।"—কবিকঙ্কণ। ২। [বি (বিপরীত) দ্রু (গলিয়া যাওয়া বা ম্লান হওয়া)+ম (সংজ্ঞার্থে) যে সূর্য্য তেজে মলিন হয়] নবপল্লব ; কিশলয়।

বিদ্রূপ (বিদ্দ্রূপ্) [সং—বিদ্রব] বি, পরিহাস ; ব্যঙ্গ ; তামাসা ; ঠাট্টা।

বিদ্রূপপ্রিয় (বিদ্দ্রূপ্প্রিঅ) বিণ, ব্যঙ্গপ্রিয় ; পরিহাসপ্রিয়।

বিদ্রূপাত্মক (বিদ্দ্রূপাৎতঁক্) [বিদ্রূপ+আত্মক] বিণ, ব্যঙ্গাত্মক ; পরিহাসাত্মক ; বিদ্রূপপূর্ণ। স্ত্রী, **বিদ্রূপাত্মিকা**।

বিদ্রোহ (বিদ্দ্রোহ) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) দ্রুহ্ (হিংসা করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, বিদ্বেষ ; হিংসা ; অনিষ্টাচরণ। বিণ, **বিদ্রোহী**।

বিদ্রোহাচরণ (বিদ্দ্রোহাচরন্) [বিদ্রোহ+আচরণ] বি, অনিষ্টাচরণ ; বিরুদ্ধাচরণ। ২। রাজদ্রোহিতা ; রাজ শাসন অমান্যকরণ।

বিদ্বজ্জন (বিদ্দজ্জন্) [বিদ্বৎ+জন] বি, মনীষী ; পণ্ডিত ; বিদ্বান্। **বিদ্বজ্জনমণ্ডলী**—পণ্ডিতমণ্ডলী।

বিদ্বৎকল্প (বিদ্দৎ) [বিদ্বস্ (জ্ঞানী)+কল্প (অল্প ন্যূন অর্থে) যে বিদ্বান অপেক্ষা কিছু ন্যূন] বিণ, পণ্ডিতসদৃশ ; পণ্ডিততুল্য।

বিদ্বৎকুলতিলক (বিদ্দৎ, ক্) [পণ্ডিতকুলের তিলক (প্রধান)] বিণ, পণ্ডিতাগ্রগণ্য ; পণ্ডিতশ্রেষ্ঠ।

বিদ্বত্তম (বিদ্দোৎতম্) [বিদ্বস্+তম (বহুর মধ্যে একের নির্দ্ধারণার্থে)] বিণ, সর্ব্বশ্রেষ্ঠ পণ্ডিত ; অদ্বিতীয় বিদ্বান।

বিদ্বত্তর (বিদ্দোৎতর্) [বিদ্বস্+তর (দুয়ের মধ্যে একের নির্দ্ধারণার্থে) বিণ, উভয়ের মধ্যে অধিক বিদ্বান।

বিদ্বান (বিদ্দান্) [বিদ্ (জানা)+বস্ (কর্ত্তৃ শতৃ স্থানে ক্বসু)=বিদ্বস্ ১মা, ১ব। যে শাস্ত্র জানে] বিণ, জ্ঞানী ; বিদ্যাবান্ ; শাস্ত্রদর্শী ; পণ্ডিত।

বিদ্বিষ (বিদ্দিষ্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) দ্বিষ্ (দ্বেষ করা)+অ (ক, কর্ত্তৃ) যে বিদ্বেষ করে] বি, পুং, বৈরী ; দ্বেষ্টা ; শত্রু।

বিদ্বিষ্ট (বিদ্দিষ্‌ট) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) দ্বিষ্ (দ্বেষ করা)+ত (ক্ত—কর্ম্মে) যাহাকে বিদ্বেষ করা যায়] বিণ, বিদ্বেষ পাত্র ; শত্রু ; বিদ্বেষভাজন।

বিদ্বেষ (বিদ্দেশ্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) দ্বিষ্+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, ঈর্ষা ; শত্রুতা ; বৈরিতা।

বিদ্বেষণ (বিদ্দেশন্) [বি—দ্বিষ্+অন (অনট্—ভাবে)] বি, ক্লী, বিদ্বেষ ; ঈর্ষা। ২। ষট্‌ কর্ম্মান্তর্গত অভিচার ক্রিয়াবিশেষ।

বিদ্বেষবুদ্ধি (বিদ্দেশ্‌বুদ্‌দি) বি, হিংসাবৃত্তি ; ঈর্ষার ভাব।

বিদ্বেষী (বিদ্দেশী) [বি—দ্বিষ্+ইন্ (ণিন্—কর্ত্তৃ)=বিদ্বেষিন্—যে বিদ্বেষ করে] বিণ, শত্রু ; ঈর্ষাকারী ; দ্বেষকারী ; অনিষ্টকারী।

বিদ্বেষ্টা (বিদ্দেশ্‌টা) বিণ, ঈর্ষাকারী ; শত্রুতাচরণকারী ; হিংসাকারী।

বিধ [বি (বিবিধ প্রকার ইত্যাদি) ধা (ধারণ করা)+অ (ড, কর্ত্তৃ, সংজ্ঞার্থে) যে এক বা বহু বস্তুর সংখ্যা ধারণ করে] বিণ, প্রকার। প্র—বহুবিধ ; ত্রিবিধ। ২। ধারা। ৩। নিয়ম। ৪। রীতি। ৫। [বিধ্ (বিদ্ধ করা বা বিধান করা ইত্যাদি)+অ (ক—কর্ম্মে) যাহা বিদ্ধ করা বা বিধান করা যায়] বিধা দ্রঃ।

বিধন (ন্) [ব্যধ্ ধাতুজ] বি, বিদ্ধ করণ। ২। ক্রি (বি্ধনো) ক্রি, বিদ্ধ করা ; বেঁধা ; ফোঁড়া।

বিধবা (বি্ধোবা) [বি (নাই) ধব (স্বামী) যে স্ত্রীর—বহু] বি, স্ত্রী, পতিহীনা ; মৃতভর্ত্তৃকা ; রাঁড় ; বেওয়া। ২। [বি (নাই) ধব (বস্ত্র) যাহার (অর্থাৎ যে স্ত্রীর)—বহু] বিণ, বিবসনা ; বিবস্ত্রা [বিরল]।

বিধবাবিবাহ (বি্ধোবাবি্বাহ) বি, মৃতভর্ত্তৃকা নারীর পুনরুদ্বাহ।

বিধা [বিধ্ (ধারণ করা বিদ্ধ করা বিধান করা প্রভৃতি)+অ (অঙ্—ভাবে) 'আ' (স্ত্রী)] বি, স্ত্রী, বিধি ; বিধান ; নিয়ম। ২। প্রকার। ৩। সাদৃশ্য। ৪। গজগ্রাস।

বিধাতা [বিধাতৃ শব্দ। বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ধা (ধারণ করা)+তৃ (তৃচ্—কর্ত্তৃ) যিনি সকল ধারণ করেন] বি, পুং, ব্রহ্মা ; বিধি। ২। দক্ষ প্রভৃতি প্রজাপতি। ৩। বিণ, বিধানকর্ত্তা। প্র—"স্বামী বনিতার বিধাতা।"—কবিকঙ্কণ। স্ত্রী, **বিধাত্রী**।

বিধাতৃ (বিধাৎতৃ) বি, পুং, লোকপিতামহ ব্রহ্মা ; প্রজাপতি। ২। সৃষ্টিকর্ত্তা। ৩। বিণ, বিধানকারী ; নিয়মপ্রবর্ত্তক।

বিধান (বি্ধান্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—ধা+অন (অনট্—ভাবে)] বি, ক্লী, শাস্ত্রবিহিত নিয়ম। ২। বিধি ; ব্যবস্থা। প্র—"প্রণাম করিতে রাজা না দিল বিধান।"—কবিকঙ্কণ। ৩। [বি—ধা+অন (অনট্ করণে) যাহা দ্বারা উপায় (অর্জ্জন) করা যায়] বি, উপায়। ৪। নিয়ম। ৫। [কর্ত্তৃ (অনট্) যিনি বিধান করেন] বিধায়ক। প্র—"ব্রহ্মা পুরোহিত হৈলা বাক্যের বিধান"—কবিকঙ্কণ। ৬। যোগাযোগ। ৭। [বি—ধা+অন (অনট্—কর্ম্মে) যাহা বিধান করা যায়] হস্তীর গ্রাস। ৮। সংস্থান।

বিধানজ্ঞ (বিধানোগ্‌গঁ) [বিধান—জ্ঞ—জ্ঞা (জানা)+অ (ড—কর্ত্তৃ) যে বিধান ব্যবস্থা (শাস্ত্র নিয়মাদি) জানে] বিণ, বিধিজ্ঞ ; নিয়মাভিজ্ঞ ; বিধানবেত্তা।

বিধানবিৎ (ন্) বিণ, শাস্ত্র ব্যবস্থাপক ; বিধিনিয়মজ্ঞ।

বিধানশাস্ত্র (ন) [বিধান (ব্যবস্থা) শাস্ত্র (অনুশাসন)—৬তৎ] বি, ক্লী, ব্যবস্থাশাস্ত্র ; আইন। ২। নীতিশাস্ত্র।

বিধায়ক (ক্) [বি—ধা+অক (কর্ত্তৃ) যে বিধান (ব্যবস্থা) করে] বিণ, নিয়ামক ; ব্যবস্থাকারী ; ব্যবস্থাপক। ২। সংঘটনকারী।

বিধায়ী [বিধায়িন্ শব্দ। বি—ধা+ইন্ (ণিন্—কর্ত্তৃ) যে বিধান করে] বিণ, বিধানকর্ত্তা ; ব্যবস্থাপক ; নিয়ামক। স্ত্রী, **বিধায়িনী**।

বিধি [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ধা+ই (কি—কর্ত্তৃ)] বি, পুং, প্রজাপতি ; ব্রহ্মা। প্র—"বিধি বিষ্ণু শিব শিবা ত্রিভুবন রাত্রি দিবা সৃষ্টি পুনঃ করহ সংহার।"—অন্নদামঙ্গল। ২। বিধাতা। প্র—"বিধি মোরে হৈল বাম, না গণিনু পরিণাম বনবাসী হইনু একেলা।"—কবিকঙ্কণ। ৩। [বি—ধা+ই (ইক্) করণ ও কর্ম্মে যাহা দ্বারা বিধান (ব্যবস্থা) করা যায় ও যাহাকে বিহিত করা যায়] বিধানশাস্ত্র ; নীতিশাস্ত্র। ৪। সূত্র। ৫। ব্যাপার।

৬। আচার। ৭। বিধিমত; যথাবিধি। প্র—"কানন কাটিয়া বিধি বান্ধায়ে রতন বেদী পুজ ধর্ম্ম পূর্ণ হবে যশ।"—ঘনরাম। ৮। ভাগ্যনিয়ন্তা। প্র—"হায়রে দারুণ বিধি কি বিধি তোমার হে, লিখেছিলে এত দুঃখ কপালে সীতার হে"—গান। ৯। নিয়ম। ১০। ব্যবস্থা; বিধান। ১১। অনুষ্ঠান। ১২। ক্রম। ১৩। [প্রা-বাং। বিধ অর্থে। হি-র অনুকরণে] প্রকার। প্র—"এবিধি অনেক পক্ষী"—গোবিন্দচন্দ্র। এবিধি [প্রা-বাং] এবম্বিধ।

বিধিজ্ঞ (বিধিগ্‌গঁ) [বিধি—জ্ঞ—জ্ঞা (জানা) +অ (ড—কর্ত্তৃ)] বিণ, যে বিধি ব্যবস্থা বা শাস্ত্রনিয়মাদি জানে; বিধান শাস্ত্রজ্ঞ। ২। নিয়মাভিজ্ঞ। ৩। ব্যবস্থাবেত্তা। ৪। বিধানোপদেশক; বিধিদেশক।

বিধিৎসা (বিধিৎশা) [সং] বি, স্ত্রী, চিকীর্ষা; বিধানেচ্ছা। বিণ, বিধিৎসু—চিকীর্ষু।

বিধিদর্শী (বিধিদোর্‌শি) [বিধিদশিন্—বিধি (শাস্ত্র, ব্যবস্থা ইত্যাদি) দর্শী (যে দেখে)—উপপদ] বিণ, বিধানদ্রষ্টা; বিষয়জ্ঞ; বিধিজ্ঞ; নিয়মাভিজ্ঞ।

বিধিনির্দ্দেশক (ক্) [বিধি (ব্যবস্থা ইত্যাদি) নির্দ্দেশক (যে দেখাইয়া দেয়)—৬তৎ] বি, পুং, ব্যবস্থাপক; নিয়মসংস্থাপক। ২। বিধানোপদেশক; সদস্য।

বিধিপূর্ব্বক (ক্) [বিধি (ব্যবস্থা) পূর্ব্বে (আগে) যাহার—বহু] বিণ, বিধানানুসারে; নিয়মপূর্ব্বক; নিয়মানুযায়ী।

বিধিবৎ [বিধি+বৎ (তুল্যার্থে) বিধির সমান] অ, শাস্ত্রানুসারে। ২। যথানিয়ম।

বিধিবদ্ধ [বিধি দ্বারা বদ্ধ (যুক্ত) ৩তৎ] বিণ, শাস্ত্রদ্বারা নিয়মিত; ব্যবস্থাপিত; নিয়মবদ্ধ।

বিধিবিড়ম্বনা [বিধি—বিড়ম্বনা—৬তৎ] বি, ভাগ্যের প্রতারণা; অদৃষ্টের বঞ্চনা। ২। বিধাতার ছলনা; বিধির চাতুরী। বিণ, বিধিবিড়ম্বিত।

বিধিবিদ্ [বিধি (অনুশাসন, ব্যবস্থা ইত্যাদি) বিদ্ (যে জানে)—উপপদ] বিণ, শাস্ত্রজ্ঞ; ২। বিধানবেত্তা। ৩। ব্যবহারশাস্ত্রজ্ঞ।

বিধিবিহিত [বিধি দ্বারা বিহিত—৩তৎ] বি, নিয়মানুষ্ঠিত; যথারীতি; যথাশাস্ত্র। ২। অদৃষ্টদত্ত; বিধিনির্দ্দিষ্ট।

বিধিবেত্তা (বিধিবেৎতা) [বিধি—বেত্তা] বিণ, বিধানজ্ঞ; নিয়মজ্ঞ; ব্যবস্থাবিৎ।

বিধিবোধিত [বিধি দ্বারা বোধিত (প্রতিপাদিত)—৩তৎ] বিণ, শাস্ত্রসম্মত; বিধানোক্ত; শাস্ত্রসঙ্গত, শাস্ত্রানুমোদিত, বিধিসম্মত। প্র—"করিলা সকল কার্য্য যে বিধিবোধিত।"—চৈতন্য ভাগবত।

বিধিলিপি [বিধি—লিপি] বি, ভাগ্য; অদৃষ্ট; নিয়তি।

বিধিশাস্ত্র (শাসত্র) [বিধি (ব্যবস্থা) শাস্ত্র (অনুশাসন) ৬তৎ] বি, ক্লী। ধর্ম্ম ব্যবস্থাশাস্ত্র; স্মৃতিশাস্ত্র। ২। ব্যবহারশাস্ত্র; আইন।

বিধিসঙ্গত (বিধিশংগত) বিণ, বিধানমত; বিধি অনুযায়ী; নিয়মানুসারে; শাস্ত্রসম্মত।

বিধিহীন (ন্) বিণ, শৃঙ্খলাবিহীন; রীতি বর্জ্জিত। ২। অনিয়ন্ত্রিত। ৩। অশাস্ত্রীয়।

বিধু [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ধে (পান করা)+উ (ডু) কর্ম্মে (সংজ্ঞার্থে) যাহাকে (অমৃতের আকর বলিয়া) পান করে] বি, পুং, চন্দ্র। ২। ব্রহ্মা। ৩। বিষ্ণু। ৪। বায়ু। ৫। কর্পূর। ৬। জল। ৭। [বিধ্ বা ব্যধ্+উ (কু, কর্ত্তৃ) যে তাড়না করে] রাহু ও কেতু। ৮। রাক্ষস। ৯। বাণ।

বিধুক্ষয় (বিধুক্‌খয়্) বি, চন্দ্রের হ্রাস।

বিধুত, বিধূত [বি (বিশিষ্ট ইত্যাদি) ধু, ধূ (স্খালিত হওয়া বা কম্পিত হওয়া)+ত (ক্ত, কর্ত্তৃ) যে স্খালিত বা কম্পিত হয়] বিণ, কম্পিত। ২। স্খালিত; নিষ্কাশিত; অপসারিত। ৩। ত্যক্ত

বিধুনন, বিধূনন (ন্) [বি—ধু, ধূ (কম্পনে) +অন (অনট্—ভাবে) নিপাতন সিদ্ধ] বি, ক্লী, কম্পন; কাঁপনি। ২। ত্যাগ; বিসর্জ্জন। ৩। নিষ্কাশন। বিণ, বিধুনিত—প্রকম্পিত। প্র—"বিস্তৃত সে রসাতল, বিধুনিত সদা।"—বৃত্রসংহার।

বিধুন্তুদ [বিধুং (চন্দ্রকে) তুদ্ (ব্যথা দেওয়া)+অ (খশ্, কর্ত্তৃ) যে চন্দ্রকে ব্যথা দেয়] বি, পুং, রাহু গ্রহ। প্র—"নয়নকাজর দেই লিখই বিধুন্তুদ"—বিদ্যাপতি।

বিধুবদন (ন্) বি, চন্দ্র সদৃশ আনন; বিধুমুখ। স্ত্রী, বিধুবদনী—চন্দ্রাননী। ২। সুন্দরী।

বিধুমুখ (খ্) বি, চন্দ্রানন; চাঁদমুখ। বিণ, চন্দ্রতুল্য মনোহর মুখবিশিষ্ট। স্ত্রী, বিধুমুখী—চন্দ্রমুখী। ২। সুন্দরী।

বিধুর [বি (বিবিধ প্রকার) ধুর্ (ভার অর্থাৎ দুঃখ প্রভৃতি) যাহার বা যাহাতে—বহু। অ আগম] বিণ, কাতর। ২। দুঃখিত। ৩। ত্রাসিত; ভীত। ৪। অসমর্থ। ৫। বিমূঢ়। ৬। ব্যধ্ (পীড়া জন্মান)+উর (কুর) কর্ত্তৃ (সংজ্ঞার্থে)] বি, পুং, পীড়নকারী। ৭। বৈকল্য। স্ত্রী, বিধুরা—বিরহকাতরা। প্র—"কোথা সে বিধুরা বালা"—বাং-গান।

বিধুনিত, বিধূনিত [বি—ধু, ধূ (ণিচ্)=ধূনি (কাঁপান)+ত (ক্ত, কর্ম্মে) যাহাকে কাঁপান যায়] বিণ, কম্পিত। ২। ত্যক্ত। ৩। অভিভূত; বিহ্বল। ৪। ত্রাসযুক্ত; ভীত। বি, বিধূনন।

বিধূয়মান (ন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—ধূ (কাঁপা)+আন (শ, কর্ত্তৃ) 'য' আগম, যে কাঁপিতেছে] বিণ, কম্পান্বিত; কম্পমান।

বিধৃত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—ধৃ (ধারণ করা)+ত (ক্ত, কর্ম্মে) যাহাকে বিলক্ষণ রূপে ধৃত করা হইয়াছে] বিণ, আক্রান্ত। ২। গৃহীত; অবলম্বিত।

বিধেয় [বি—ধা (করা)+য (কর্ম্মে) যাহা করা যায় বা যাহা করা উচিত] বিণ, উচিত; ন্যায়ানুযায়ী। ২। বিধানযোগ্য; বিধিসম্মত। ৩। কর্ত্তব্য। ৪। বশ্য; বাধ্য। ৫। অধীন। ৬। [কাব্যালঙ্কারে] অপরিজ্ঞাত বিষয় বা বস্তু। (বিপরীত—অনুবাদ অর্থাৎ পরিজ্ঞাত বস্তু) প্র—"বিধেয় কহিয়ে তারে যে বস্তু অজ্ঞাত। অনুবাদ কহি তারে যেই হয় জ্ঞাত॥ যৈছে কহি এই বিপ্র পরম পণ্ডিত, বিপ্র অনুবাদ ইহার বিধেয় পাণ্ডিত্য, বিপ্র করি জানি, তার পাণ্ডিত্য অজ্ঞাত;"—চৈতন্যচরিতামৃত। বি, বিধেয়তা।

বিধেয়পদ (দ্) [ব্যাকরণের পরিঃ] বি, ক্রিয়াপদ; predicate. ২। সম্পাদ্য বিষয়।

বিধেয়মার্গ বি, ন্যায়পথ। ২। কর্ত্তব্যপথ।

বিধ্যমান (বিদ্‌ধমান্) [ব্যধ্ (পীড়ন করা বা বিদ্ধ করা)+আন (শান, কর্ম্মে) যাহাকে পীড়ন করা হইতেছে বা বিদ্ধ করা হইতেছে] বিণ, পীড্যমান। ২। যাহাকে বিদ্ধ করা হইতেছে।

বিধ্বংস (বিদ্‌ধংশ) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ধ্বন্‌স্ (নষ্ট হওয়া)+অ (অল্—ভাবে)] বি, পুং, বিনাশ; বিলোপ। ২। ক্ষয়। ৩। অপকার। বিণ, বিধ্বস্ত।

বিধ্বংসিত (বিদ্‌ধোংশিত) [বিধ্বংস (বিনাশ) +ইত (ইতচ্—অস্ত্যর্থে) যাহার বিধ্বংস আছে] বিণ, ক্ষয়প্রাপ্ত। ২। বিনষ্ট; বিনাশিত। ৩। ক্ষতিগ্রস্ত; অপকৃত।

বিধ্বংসী (বিদ্‌ধোংশী) [বি—ধ্বন্‌স্+ইন্ (ণিন্, কর্ত্তৃ, শীলার্থে)—বিধ্বংসিন্—যাহা বিনাশ প্রাপ্ত হয়] বিণ, বিনাশশীল; ধ্বংসোন্মুখ। ২। অপকারী; ক্ষতিকারক। ৩। আততায়ী; শত্রু। স্ত্রী, বিধ্বংসিনী।

বিধ্বস্ত (বিদ্‌ধস্‌ত) [বিশিষ্টরূপে ইত্যাদি) ধ্বন্‌স্ (বিনষ্ট হওয়া)+ত (ক্ত, কর্ত্তৃ) যে নষ্ট হয়] বিণ, বিনাশপ্রাপ্ত; বিনষ্ট; বিনাশিত। ২। বিলুপ্ত। ৩। অপকৃত।

বিন (বিনহি) [প্রা-বাং] অ, বিনা; ব্যতীত। প্র—"সাধন বিনহি ভাঙ্গলে মধু মান"—বিদ্যাপতি।

বিনজারী (ন্) [ফা—বিন্—জারী] বিণ. যাহা জারী করা হয় নাই ; আদালতের যে আদেশ কার্য্যে পরিণত করা হয় নাই।

বিনত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) নম্ (প্রণাম করা) + ত (ক্ত, কর্ত্তৃ) যে বিনয়াদি দ্বারা সর্ব্বদা নত থাকে] বিণ. সম্যক্ অবনত ; প্রণত। ২। নম্র ; বিনয়ী। স্ত্রী. **বিনতা**—বিনম্রা।

বিনতা—বি. কশ্যপ মুনির পত্নী।

বিনতানন্দন (ন্) বি. পুং. কশ্যপপত্নী বিনতার গর্ভজাত সন্তান ; অরুণ ও গরুড়।

বিনতি (নো) [বি—নম্ + তি (ক্তি—ভাবে)] বি. স্ত্রী. বিনয়। ২। অনুনয়। ৩। শিষ্টতা ; সুশীলতা। ৪। শিক্ষা। ৫। শাসন। ৬। বদল ; বিনিয়োগ। ৭। পরিশোধ।

বিনদ—বি. ধ্বনি ; শব্দ।

বিননিয়া [বিননী (দ্রঃ) + ইয়া (অস-ক্রি-বিভক্তি) পদ্যে] ক্রি. বিননী করিয়া ; বিনাইয়া। প্র—"বিননিয়া চিকণিয়া বিনোদ কবরী। ধরাতলে ধায় ধরিবারে বিষধরী॥"—অন্নদা-মঙ্গল।

বিননী—বি. কেশবিন্যাস ; বেণীবন্ধন।

বিননো (বিনোনো) [গ্রা—বিনুনো। বিনান দ্রঃ] ক্রি. বিননী করা। ২। বিলাপ করা।

বিনমন (ন্) বি. প্রবণতা। ২। নম্রতা।

বিনমিত (নো) বিণ. নত ; নম্র। ২। প্রবণ। স্ত্রী. **বিনমিতা**।

বিনম্র (বিনম্‌ম্র) বিণ. বিনয়ী ; বিনয়াবনত। ২। মৃদু ; কোমল। বি. **বিনম্রতা**।

বিনয় (য়) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) নী (পাওয়া বা নত হওয়া) + অ (অল্—ভাবে)] বি. পুং. নম্রভাব ; নম্রতা। ২। কোমলতা। ৩। শিক্ষা। স্ত্রী. **বিনয়া**।

বিনয়ন (ন্) [বি—নী (নত হওয়া) + অন (অনট্—ভাবে)] বি. ক্লী. নম্রতা। ২। অপনয়ন ; নিরাকরণ ; অপনোদন। ৩। মোচন। ৪। শিক্ষা।

বিনয়াবনত [বিনয় দ্বারা অবনত, ৩তৎ] বিণ. বিনয়-নম্র ; বিনয়বশে নত।

বিনয়ী (বিনোই) [বিনয়িন্, বিনয় (নম্রতা) + ইন্ (অস্ত্যর্থে) যাহার বিনয় আছে] বিণ. বিনয়শালী ; বিনীত ; শিষ্ট ; বিনম্র। স্ত্রী. **বিনয়িনী**।

বিনশন (ন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) নশ্ (নষ্ট হওয়া) + অন (অনট্—ভাবে)] বি. ক্লী. বিনাশ ; ধ্বংস ; ক্ষয়। ২। [বি—নশ্ + অন (অনট্—অধি) যাহাতে পাপাদি নাশ হয়] সরস্বতী নদীর অন্তর্দ্ধান-দেশ ; প্রভাস তীর্থের সমীপস্থ তীর্থ।

বিনশ্বর (বিনশ্‌শর্) [বি—নশ্ + বর (কর্ত্তৃ—শীলার্থে) নষ্ট হওয়াই যাহার স্বভাব] বিণ. বিনাশশীল ; অচিরস্থায়ী ; ক্ষণভঙ্গুর ; অনিত্য।

বিনষ্ট [বি—নশ্ + ত (ক্ত—কর্ত্তৃ) যে নষ্ট হয়] বিণ. ধ্বংসপ্রাপ্ত। ২। গত ; অতীত। ৩। ক্ষয়িত। ৪। প্রনষ্ট ; মৃত।

বিনস্ [বি (নাই) নাসিকা যাহার, বহু ; নাসিকা স্থানে নস্] বিণ. নাসিকাহীন ; খাঁদা।

বিনা [সং। বাং-গ্রা—"বিনি," "বিনে," "বিনু"] বি. ভিন্ন। ২। ব্যতীত ; ব্যতিরেক। ৩। অভাব। ৪। বর্জ্জন।

বিনাকৃত (বিনাকৃত) বিণ. বিরহিত। ২। ত্যক্ত। ৩। বিশ্লিষ্ট।

বিনান (নো) [হি—বেঁঢ়না (বিননী করা) । সং—বেণী বন্ধন। উ-পু—বিনাই। ম-পু—বিনাও। প্র-পু—বিনায়। অস-ক্রি—বিনাইতে ; বিনাইয়া ; বিনিয়ে] ক্রি. বিননী করা ; বেণী রচনা করা। ২। [বর্ণন হইতে হি—বৈন্=বিলাপন] বিস্তারিত খেদোক্তি করা ; দীর্ঘ বিলাপ করা। প্র—"পতি শোকে রতি কাঁদে বিনাইয়া নানা ছাঁদে ভাসে চক্ষু জলের তরঙ্গে।"—অন্নদামঙ্গল।

বিনানিয়া [বিননিয়া দ্রঃ] ক্রি. বিননী করিয়া। ২। বিণ. বিননীবিশিষ্ট। প্র—"বিনানিয়া বিনোদিয়া বেণীর শোভায়। সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়॥"—ভারতচন্দ্র।

বিনামা [বি (নাই) নামন্ (নাম) যাহার বা যাহাতে—বহু] বিণ. নামহীন। ২। অপ্রকৃত নামযুক্ত। ৩। বি. জুতা ; চর্ম্ম-পাদুকা।

বিনায়ক (ক্) [বি (বিশিষ্টরূপ) যে নায়ক (গণের অধিপতি)—কর্ম্মধা] বি. পুং. গণনায়ক ; গণপতি ; গণেশ। ২। [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) নী (লইয়া যাওয়া) + অক (কর্ত্তৃ) যে জ্ঞানে বা গমনে অতি দূরে লইয়া যায়] শিক্ষাগুরু। ২। বুদ্ধ। ৩। গরুড়। স্ত্রী. **বিনায়িকা**—গরুড়পত্নী।

বিনাশ (শ্) [বি—নশ্ + অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. উচ্ছেদ ; ধ্বংস ; ক্ষয় ; লোপ। ২। মৃত্যু।

বিনাশক (ক্) [বি—নশ্ + অক (কর্ত্তৃ) যে সংহার করে] বিণ. বিনাশকারী ; সংহারক ; ঘাতক।

বিনাশন (ন্) বিণ. নাশসাধক ; বিলোপকারী ; ধ্বংসকারক।

বিনাশিত [বি—নশ্ + ই (ণিচ্)=নাশি (বিনাশ করান) + ত (ক্ত—কর্ম্মে) যাহাকে বিনাশ পাওয়াইয়াছে] বিণ. বিনাশপ্রাপ্ত ; বিনষ্ট। ২। নিহত।

বিনাশী [বিনাশ + ইন্ (অস্ত্যর্থে) যাহার বিনাশ আছে] বিণ. বিনাশশীল ; নশ্বর ; অনিত্য। ২। [বি—নশ্ + ই (ণিচ্ =নাশি (নাশ পাওয়ান) + ইন্ (ণিন্—কর্ত্তৃ, শীলার্থে) যাহার নাশ পাওয়ান স্বভাব] বিনাশক ; বিনাশকারী। স্ত্রী. **বিনাশিনী**—ধ্বংস-কারিণী।

বিনাশোন্মুখ (খ্) [যে বিনাশের জন্য উন্মুখ (উদ্যত)—৪তৎ] বিণ. মরণোদ্যত ; মৃত্যু-মুখাগত ; উপস্থিত-মৃত্যু ; মৃতপ্রায়। ২। ধ্বংসোন্মুখ।

বিনাহ [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) নহ্ (বাঁধা বা আচ্ছাদন করা) + অ (ঘঞ্—করণে)] বি. পুং. কূপের মুখাচ্ছাদন ; মুখপাট।

বিনি, বিনে [বিনা শব্দের প্রাদে উচ্চারণ] অ. বিনা ; অভাব ; ব্যতীত ; ব্যতিরেক। প্র—"বিনি দুখে সুখ কবহুঁ নাহি হোয়।"—বিদ্যাপতি। "কেন বিনি বাতাসে তরণী টলে।"—বাং-গান। [দ্রঃ—'মিনি' শব্দও ব্যবহৃত হয়। "মিনি সুতে গাঁথা মালা"—গান]। ২। ভিন্ন ; বিনা। প্র—"আমার ওপর বিনি দোষে ওর কেন জারি ;"—হেম বন্দ্যো। "তোমা বিনে কেহ যদি, অন্য নাহি জানে ক্ষতি, কি তোমার হবে তাহার দেখনে।"—বাং-গান। "তো বিনে উনমত কান"—বিদ্যাপতি।

বিনিঃসরণ (বিনিশ্‌শরন্) বি. বহির্গমন।

বিনিঃসৃত (বিনিশ্‌সৃত) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) নির্—সৃ (বাহিরে আসা) + ত (ক্ত—কর্ত্তৃ) যাহা কোন আবৃত বস্তুর ভিতর হইতে বাহিরে আসে] বিণ. বহির্নির্গত ; বহিঃপতিত।

বিনিক্ষিপ্ত (বিনিক্‌খিপ্‌ত) [বি—নিক্ষিপ্ত] বিণ. প্রক্ষিপ্ত ; যাহা নিক্ষেপ করা হইয়াছে। বি. **বিনিক্ষেপ**।

বিনিগমক (ক্) [বি—নিগম + ক] বিণ. প্রতিপাদক ; নির্ণায়ক ; সংশয়নিবারক। ২। ব্যবচ্ছেদক।

বিনিদ্র (বিনিদ্‌দ্র) [বি (নাই) নিদ্রা (ঘুম) যাহার, বহু] বিণ. জাগরিত ; নিদ্রা-রহিত ; তন্দ্রাহীন। ২। উন্মীলিত। [সম—**বিনিদ্রা** অর্থে বিগত নিদ্রা অর্থাৎ নিদ্রিত থাকিবার পর নিদ্রা ভঙ্গ। **অনিদ্রা**—নিদ্রার অভাব অর্থাৎ নিদ্রাহীনতা রোগ। রজনীর কোলাহল থামিলে বিনিদ্র শিশুগণ পুনরায় নিদ্রিত হইল। উৎকট চিন্তায় তিনি সারারাত্রি অনিদ্রায় কাটাইয়াছেন। অনিদ্রা নিরবচ্ছিন্ন জাগরণ বুঝায়, ইহা রোগজনিত ; বিনিদ্রা নিদ্রারব্যাঘাত জনিত]।

বিনিন্দিত [বি—নিন্দিত] বিণ. বিশেষভাবে যাহাকে নিন্দা করা হইয়াছে ; যাহাকে হীন করা হইয়াছে ; লাঞ্ছিত। স্ত্রী. বিনিন্দিতা।

বিনিপাত (ত্) [বি (বিবিধপ্রকার) নি—পত্ (পতন হওয়া) + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং. বিশেষরূপে পতন ; অধঃপতন। ২। অপমান। ৩। বংশক্ষয়। ৪। ক্লেশ ; দুঃখ। ৫। মৃত্যু। বিণ. বিনিপাতিত।

বিনিবর্ত্তিত (বো) [বি—নি—বৃত্ + ই (ণিচ্) = বর্ত্তি (বর্ত্তান বা ফিরে আনা) + ত (ক্ত, কর্ম্মে) যাহাকে প্রত্যাবর্ত্তিত করা হয় বা যাহা ফিরান যায়] বিণ. প্রত্যাবর্ত্তিত ; যে ফিরিয়াছে।

বিনিবারিত [বিশিষ্টরূপে যে নিবারিত (বাধা প্রাপ্ত)—কর্ম্মধা] বিণ. নিষিদ্ধ : সম্যক্ বারিত। ২। বাধাপ্রাপ্ত।

বিনিবৃত্ত [বি—নি—বৃত্ (বর্ত্তমান থাকা, ফিরে আসা) + ত (ক্ত, কর্ত্তৃ) যে ফিরিয়া আসিয়াছে] বিণ. প্রত্যাবৃত্ত ; প্রত্যাগত। ২। নিরস্ত ; ক্ষান্ত।

বিনিবেশিত [বি—নি—বিশ্ + ই (ণিচ্) = বেশি (প্রবেশ করান) + ত (ক্ত, কর্ম্মে) যাহা (ভাল রূপে) প্রবেশ করান হইয়াছে] বিণ. সংস্থাপিত। ২। প্রবেশিত।

বিনিময় (য়) [বি—নি—মী (বদল করা) + অ (অল্)] বি, পুং. পরিবর্ত্তন ; বদল। ২। প্রতিদান। ৩। বন্ধক।

বিনিমিত [বিনিময় দ্রঃ] বিণ. কৃত-বিনিময় ; বিনিময়গত ; যাহার আদান প্রদান হইয়াছে। প্র—"দৃষ্টি বিনিময়ে বিনিমিত হিয়া তথা হইল দোঁহার"—আলো ও ছায়া।

বিনিয়ত [বি—নি—যম্ (নিবৃত্তি বা উপশম) + ত (ক্ত—কর্ম্মে) যাহাকে নিবৃত্ত করা যায়] বিণ. সংযত। ২। নিরুদ্ধ ; বদ্ধ। ৩। শাসিত। ৪। নিবারিত।

বিনিয়ম (ম্) [বি—নি—যম্ + অ (অল্—ভাবে)] বি, পুং. বিশিষ্ট যে নিয়ম। ২। নিবারণ ; নিষেধ। ৩। বিগত নিয়ম ; নিয়ম হীনতা ; বিশৃঙ্খলতা।

বিনিযুক্ত (বিনিজুক্‌ত) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) নি—যুজ্ (নিয়োগ করা) + ত (ক্ত—কর্ম্মে) যাহাকে নিয়োগ করা যায়] বিণ. যাহার বিনিয়োগ করা হইয়াছে ; নিযুক্ত ; নিয়োজিত। ২। প্রেরিত। ৩। প্রদত্ত ; সমর্পিত।

বিনিযোক্তব্য (বিনিজোক্‌তোব্‌ব্য) [বি—নিযোক্তব্য] বিণ. বিনিয়োগযোগ্য। ২। প্রেরয়িতব্য।

বিনিয়োগ (বিনিওগ্) [বি—নি—যুজ্ (যোগ করা) + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং. প্রেরণ। ২। প্রদান ; অর্পণ। ৩। প্রয়োগ। ৪। নিয়োজন। ৫। আদেশ ; অনুমতি।

বিনিয়োজিত (বিনিওজিত) [বি—নি—যুজ্ + ই (ণিচ্) = যোজি (যোগ করান) + ত (ক্ত, কর্ম্মে) যাহাকে (কোন কার্য্যে) নিয়োগ করান যায়] বিণ. নিযুক্ত। ২। আদিষ্ট। ৩। প্রেরিত। ৪। সমর্পিত ; প্রদত্ত। ৬। প্রবর্ত্তিত।

বিনির্গত [বি (বিশিষ্টরূপে) যে নির্গত (বহির্নিঃসৃত)—কর্ম্মধা] বিণ. নিষ্ক্রান্ত ; বহির্গত ; প্রস্থিত ; অপসৃত। ২। নিঃসৃত। বি. বিনির্গম।

বিনির্জ্জিত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) নির্ (অতিশয়) জি (জয় করা) + ত (ক্ত, কর্ম্মে) যাহাকে অতিশয় পরাজিত করা হইয়াছে] বিণ. পরাভূত ; পরাজিত। বি. বিনির্জ্জয়।

বিনির্ণয় (য়) [বি—বিশিষ্টরূপে ইত্যাদি) নির্ (নিশ্চয়) নী (লওয়া, বুঝা ইত্যাদি) + অ (অল্—ভাবে)] বি, পুং. নির্দ্ধারণ ; নির্দ্দেশ ; নিরূপণ ; অবধারণ। বিণ. বিনির্ণীত।

বিনির্ধূত [বি (বিশিষ্টরূপে) যে নির্ধূত (কম্পিত) —কর্ম্মধা] বিণ. চলিত ; কম্পিত ; বিক্ষিপ্ত।

বিনির্বৃত্ত (বিনির্‌বৃৎত) [বি—নির্—বৃত্ (হওয়া) + ত (ক্ত, কর্ত্তৃ) যে নিবৃত্তি প্রাপ্ত হয়] বিণ. ক্ষান্ত। ২। নিষ্পন্ন ; সমাপ্ত। ২। দুঃখী ; অসুখী ; শান্তিসুখে বঞ্চিত। স্ত্রী. বিনির্বৃত্তা। বি. বিনির্বৃত্তি।

বিনির্ভয় (য়) [বি (বিশিষ্টরূপে) নির্ভয়] বিণ. ভীতিশূন্য, ভয়হীন, শঙ্কাহীন। ২। বি, পুং. সাধ্যগণবিশেষ।

বিনির্ম্মুক্ত (বিনির্মুক্‌ত) [বি—নির্—মুচ্ (মোচন করা) + ত (ক্ত—কর্ম্মে) যাহাকে কোন অবরোধ বা বন্ধন হইতে মুক্ত করা গিয়াছে] বিণ. উদ্ধার প্রাপ্ত। ২। উদ্‌ঘাটিত ; উন্মুক্ত ; অনাবৃত।

বিনিশ্চয় (বিনিশ্‌চয়) [বি—নিশ্চয়] বি. স্থিরসিদ্ধান্ত ; স্থিরনিশ্চয় ; সুমীমাংসা। বিণ. বিনিশ্চিত।

বিনিশ্চল (বিনিশ্‌চল্) [বি—নিশ্চল] বিণ. সুস্থির ; অটল।

বিনিষ্পেষ (বিনিষ্‌পেশ্) [বি—নির্ (নিশ্চিত রূপে) পিষ্ (পেষণ করা) + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং. চূর্ণন ; নিষ্পেষণ। ২। বিনাশ।

বিনিহত [বি (বিশিষ্টরূপে) যে নিহত (যাহাকে বধ করা হইয়াছে)—কর্ম্মধা] বিণ. মৃত। ২। [বি—নি—হন্ (বধ করা) + ত (ক্ত, কর্ম্মে) যাহাকে—বিশিষ্টরূপে হিংসা করা হইয়াছে] বিনষ্ট ; বিনাশিত। ৩। বিধ্বস্ত। ৪। আহত।

বিনীত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) নী (পাওয়া, শিক্ষা করা, নত হওয়া ইত্যাদি) + ত (ক্ত —কর্ত্তৃ) যে সবিশেষ নত হয়] বিণ. বিনম্র ; বিনয়ী ; অনুদ্ধত ; শান্ত ; বিনয়ান্বিত। ২। ধার্ম্মিক ; জিতেন্দ্রিয়। ৩। শিক্ষিত। ৪। স্থানান্তরে নীত। ৫। নিভৃত। ৬। বি, পুং. বণিক্। ৭। শিক্ষিত অশ্ব ; যুদ্ধাশ্ব।

বিনীতাত্মা (বিনিতাৎতা) [বিনীত + আত্মা (চিত্ত)] বি. বিনীতচিত্ত ; বিনম্রহৃদয়। ২। প্রশান্তচিত্ত। ৩। ধর্ম্মাত্মা।

বিনীয় [বি—নী + য (ক্যপ্—কর্ম্মে) নিপাতনে] বি, পুং. কাপট্য ; ছল। ২। পাপ।

বিনু [প্রা-বাং। বিনা দ্রঃ] অ. বিনা ; ভিন্ন : প্র—"ত্রিভুবনে ভাগ্যবান নাহি তোমা বিনু।" —শিবায়ন। "মূল বিনু পরধনে মাগয়ে বেয়াজ" বিদ্যাপতি।

বিনেতা [বিনেতৃ—বি—নী + তৃ (তৃচ্—কর্ত্তৃ) যে বিশিষ্টরূপে (শিক্ষা) পাওয়ায়] বিণ. বিনয়কারী। ২। নিয়মকর্ত্তা ; নিয়মাত্মক। ৩। বি, পুং. রাজা ; ভূপতি ; শাসক।

বিনেয় [বি—নী + য (কর্ম্মে) যাহাকে (জ্ঞান পাওয়ান যায় বা দমন করা যায়] বিণ. যাহাকে বিনীত করা যায়। শিক্ষণীয় ; দণ্ডনীয়। ৩। দমনীয় ; দম্য। ৪ দণ্ডার্হ ; দণ্ডনীয়।

বিনোক্তি (বিনোক্‌তি) [বিনা (ভিন্ন) উক্তি (বলা)] বি, স্ত্রী. বাক্যভিন্ন। ২। কথা না বলিয়া ; উক্তি না করিয়া। ৩। অর্থগত অলঙ্কারবিশেষ।

বিনোদ (দ্) [বি—নুদ্ (প্রেরণ করা) + অ (ভাবে—ঘঞ্—সংজ্ঞার্থে)] বি, পুং. মনস্তুষ্টি ; ২। ঔৎসুক্য। ৩। বিহার। ৪। আমোদ প্রমোদ। ৫। অপনয়ন ; অপনোদন। ৭। রাজগৃহবিশেষ। ৮। প্রবোধন ; সান্ত্বনা দান। ৯। বিণ. সুন্দর ; মনোহর। প্র—"বিনোদ বলয় করে, বীর বৃদ্ধকায়।"—ধনরাম।

বিনোদন (ন্) [বি—নুদ্ + অন (অনট্, ভাবে)] বি, ক্লী. আমোদিত করণ ; তোষণ। ২। অপনয়ন ; অপনোদন। ৩। বিহার। ৪। আনন্দে কালহরণ। বিণ. বিনোদিত।

বিনোদশালা (দ্) [বিনোদের (আনন্দের) শালা (গৃহ স্থান)—৬তৎ] বি, স্ত্রী. আনন্দস্থান ; বিলাসভবন। প্র—"ভূষণ হাড়ের মালা শ্মশান বিনোদশালা হেন শূলী আমার জামাতা।"—কবিকঙ্কণ।

বিনোদিনী [বিনোদ দ্রঃ] বিণ. আনন্দপ্রদা ; সন্তোষদায়িনী ; প্রমোদিনী। পুং. বিনোদী —আমোদযুক্ত ; সন্তোষকর।

বিনোদিয়া [বিনোদ (দ্রঃ)+ইআ] বিণ, মনোহর ; সুন্দর। প্র—"বিনানিয়া বিনোদিয়া বেণীর শোভায়। সাপিনী তাপিনী তাপে বিবরে লুকায়।"—অন্নদামঙ্গল। "খসলো বেণী বিনোদিয়া"—অবসর। "রাধা বিনোদিয়া" —ব্রজাঙ্গনাকাব্য। ২। ক্রি, বিনোদন করিয়া।

বিন্তি—বি, তাসের খেলাবিশেষ ; দুইজনে এই খেলা খেলিতে হয়, ইহা প্রায় গ্রাবু খেলার মত। প্র—"এ মধ্যাহ্নকালে তারা বিন্তি গ্রাবু পাশা খেলিতে আসিয়াছিল।"—দেবেন্দ্র সেন।

বিন্দা [বৃন্দা (দ্রঃ) হইতে গ্রা, বিন্দে] বি, বৃন্দা। "যেমন বিন্দার গোপাল"—মাণিক-চাঁদের গান।

বিন্দু [বিন্দ্ (অবয়বীভূত হওয়া)+উ (কর্তৃ—সংজ্ঞার্থে) নিপাতনে সিদ্ধ] বি, পুং, কণিকা-মাত্র। ২। ক্ষুদ্র চিহ্ন। ৩। অনুস্বার। ৪। বীর্য্য ; শুক্র। প্র—"অমোঘ শিবের বিন্দু তাই হৈল গুণ সিন্ধু, ছয় মুখ কুমার কার্ত্তিক। ৫। তরল দ্রব্যের অত্যল্প অংশ ; ফোঁটা ; টোসা। ৬। [জ্যামিতিতে] যাহার অংশ পরিমাণ নাই, যাহা দৈর্ঘ্য বিস্তার ও বেধহীন অবস্থিতির জ্ঞাপক মাত্র।

বিন্দুক (বিন্দুক্) [সং] বি, ক্ষুদ্র চিহ্ন।

বিন্দুচিত্রক (চিৎত্রক্) [বিন্দু (ক্ষুদ্র চিহ্ন) চিত্রক (যে চিত্র করে)—৬তৎ] বিণ, বিন্দুরচনাকারী ; চিত্রকর। ২। [বিন্দুর ন্যায় (ক্ষুদ্র ক্ষুদ্র) চিত্রক (দাগ) আছে যাহার—বহু] বি, পুং, চিত্রমৃগ।

বিন্দুজাল, বিন্দুজালক (বিন্দুজাল্, ক্) [বিন্দু (ক্ষুদ্র ক্ষুদ্র, দাগ) জাল (সমূহ)—৬তৎ] ২। বিন্দুজাল+ক (স্বার্থে)] বি, ক্লী, বিন্দু সমূহ। হস্তীর গণ্ডস্থল।

বিন্দুপাত (ত্) বি, বিন্দু পতন ; ফোঁটা পতন। ২। শুক্রপতন।

বিন্দুবিন্দু [উপর্য্যুপরি অর্থে দ্বিত্ব] বিণ, ফোঁটা ফোঁটা ; টোসা টোসা ; ক্রমান্বয়ে ফোঁটার পর ফোঁটা। ২। অল্প অল্প।

বিন্দুবিসর্গ (বিন্দুবিশরগ) [বিন্দু (অনুস্বার) ও বিসর্গ] বি, অনুস্বার ও বিসর্গ। ২। [লক্ষণায়] কোন কিছুর অতি সামান্য অংশ ; কোন ঘটনার অত্যল্প সংবাদ ; কিঞ্চিন্মাত্র।

বিন্দুসরঃ, বিন্দুসর (শর্) [বিন্দুসরস্, বিন্দু (এই নামে) যে সরস্ (সরোবর)—কর্ম্মধা] বি, ক্লী, তিব্বত দেশান্তর্গত প্রসিদ্ধ সরোবর।

বিন্দুসার (বিন্দুশার্) বি, পুং, নরপতি-বিশেষ ; মগধের সুবিখ্যাত নৃপতি অশোকের পিতা।

বিন্ধসালী (বিন্ধশালী) বি, ধান্যবিশেষ। প্র—"উড়াসালী বিন্ধসালী আর লাউসালী। নানা ধান বুনেন পরভু ধান জে ভাদোলী।" —শূন্যপুরাণ।

বিন্ধা [ব্যধ্ (বেধনে) ধাতুজ। উ-পু—বিন্ধি। ম-পু—বিন্ধ। প্র-পু—বিন্ধে। আধু—বিঁধা ; বেঁধা] ক্রি, বেঁধা ; বিদ্ধ করা ; বসা ; ভিতরে প্রবেশ করা। প্র—"রৌদ্র নাহি পায় কেশ শিরে বিন্ধে পানী"—কবিকঙ্কণ।

বিন্ধ্য (বিন্ধ) [বি (বিরুদ্ধ)—ধ্যৈ (চিন্তা করা) অ (ক, কর্তৃ) নিপাতন-সিদ্ধ। যে সূর্য্যের গতি রোধ করিবার জন্য বিপরীত অর্থাৎ অত্যন্ত উন্নত হইতে কামনা করিয়াছিল] বি, পুং, বিন্ধ্য গিরিমালা, ইহা ভারতবর্ষের ঠিক মধ্যস্থলে অবস্থিত হইয়া আর্য্যাবর্ত্ত হইতে দক্ষিণাবর্ত্তকে পৃথক্ করিতেছে। ২। [ব্যধ্ (ভেদ করা)+য (কর্তৃ) নিপাতন-সিদ্ধ] ব্যাধ।

বিন্ধ্যকূট (বিন্ধকূট্) বি, পুং, অগস্ত্য মুনি পুরাণমতে অগস্ত্যমুনি বিন্ধ্যগিরির গুরু [অগস্ত্য]।

বিন্ধ্যবাসী (বিন্ধবাশী) [বিন্ধ্যবাসিন্—বিন্ধে (যে বাস করে) উপপদ বা ৭তৎ বি, পুং, বিন্ধ্য পর্ব্বতবাসী মুনিবিশেষ। ২। [বিন্ধ্য (পর্ব্বতবিশেষ) বস্ (বাস করা)+ইন্ (ণিন্, কর্তৃ) যে বিন্ধ্য পর্ব্বতে বাস করে, উপপদ] বিণ, বিন্ধ্যপর্ব্বতে বাসকারী। স্ত্রী, **বিন্ধ্যবাসিনী**—দুর্গা। ২। বিন্ধ্যপর্ব্বত-নিবাসিনী।

বিন্ধ্যাচল (বিন্ধ্যাচল্) [বিন্ধ্য+অচল] বি, পুং, বিন্ধ্যগিরি ; বিন্ধ্যপর্ব্বতশ্রেণী

বিন্ধ্যাটবী (বিন্ধ্যাটোবী) [বিন্ধ্য+অটবী] বি, বিন্ধ্যারণ্য ; বিন্ধ্যগিরিস্থ অরণ্য ; বিন্ধ্য-পর্ব্বত মধ্যস্থ বন।

বিন্ধ্যাবলী [বিন্ধ্য (পর্ব্বতবিশেষ) আবলী (শ্রেণী)—৬তৎ] বি, স্ত্রী, বিন্ধ্যগিরিমালা। ২। বাণ রাজার মা।

বিন্ন [বিদ্ (লাভ ইত্যাদি)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রাপ্ত। ২। বিচারিত। ৩। পরিণীত।

বিন্ন [প্রা-বাং। বিনা শব্দের বিকার। ব্রজ—বিনু] অ, ব্যতীত ; বিনা ; ছাড়া। প্র—"অন্ন বিন্ন নাহি দান।—ডাক।

বিন্না [প্রাদে—বগুড়া] বি, বেণা ; উশীর।

বিন্যস্ত [বি (বিশিষ্টরূপে) যে ন্যস্ত (যাহা স্থাপন করা হইয়াছে কিম্বা রচিত বা বিক্ষিপ্ত হইয়াছে) কর্ম্মধা] বিণ, বিক্ষিপ্ত। ২। যথা-ক্রমে রচিত ; স্থাপিত। ৩। অর্পিত।

বিন্যাস (বিন্‌ন্যাশ্) [বি—নি—অস্+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, রচনা ; সজ্জা। ২। রক্ষণ ; স্থাপন। ৩। গ্রন্থন।

বিপক (বিপক্ক) [বি (বিশেষ) পক্ব] বি, পরিপক্ব ; সুপক্ব।

বিপক্ষ (বিপোক্খ) [বি (বিরুদ্ধ) যে পক্ষ (সহায় বা আশ্রয়)—কর্ম্মধা] বি, পুং, বিরুদ্ধ-পক্ষ ; অনিষ্টকারী ; প্রতিপক্ষ ; শত্রু। ২। [বি (নাই) পক্ষ (পাখা) যাহার—বহু] বিণ, পক্ষরহিত ; যাহার পক্ষ বা ডানা নাই।

বিপক্ষতা (বিপোক্খোতা) [বিপক্ষ+তা (ভাবে) বিপক্ষের বৃত্তি বা ধর্ম্ম] বি, স্ত্রী, প্রতিকূলতা ; শত্রুতা ; বৈরিতা।

বিপক্ষদল (বিপোক্খদল্) বি, শত্রুপক্ষ ; প্রতিপক্ষ সমূহ।

বিপক্ষপাত (বিপোক্খপাত্) বিণ, পক্ষপাত-শূন্য ; অপক্ষপাত।

বিপঞ্চিকা (বিপোন্‌চিকা) [বিপঞ্চী দ্রঃ] বীণ ; বীণা। ২। বংশী ; বাঁশী।

বিপঞ্চী (বিপোন্‌চী) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) পন্‌চ্+ই (ণিচ্)=পঞ্চি (শব্দ বিস্তার করা)+অ (অচ্—কর্তৃ) যে উত্তম শব্দ বিস্তার করে+ঈ, স্ত্রী] বি, স্ত্রী, বীণা। ২। বেণু ; বাঁশী।

বিপণ (ন্) [বি—পণ্ (ক্রয় বিক্রয় করা)+অ (অল্, ভাবে)] বি, পুং, বিক্রয়ের ফুরান ; বিক্রয় ; বেচা।

বিপণন [বি—পণ্+অন (অনট্—ভাবে)] বি, ক্লী, বিক্রয়।

বিপণি (বিপোনি) [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) —পণ্+ই (অধি) যে স্থানে বিক্রয়ের বস্তু থাকে] বি, পুং, দোকান ; বিক্রয় গৃহ ; পণ্যবীথিকা ; হট্ট ; হাট ; বাজার। ২। বি, স্ত্রী, বিপণী।

বিপণী (বিপোনী) [বিপণিন্ শব্দ। বিপণ+ইন (অস্ত্যর্থে) যাহার বিপণ অর্থাৎ ব্যবসায় আছে] বি, পুং, বণিক্ ; ব্যবসাদার ; ব্যবসায়ী ; কারবারী।

বিপৎ—বি, বিপদ ; বিপত্তি ; সঙ্কট।

বিপতি (বিপোতি) [প্রা-বাং। বিপৎ+ই (৭মী বিভক্তি)] বি, বিপদে ; বিপত্তিতে। প্র—"বিপতি পড়ল রাধা"—বিদ্যাপতি।

বিপৎকাল (ল্) বি, আপদকাল ; সঙ্কট সময়। ২। দুর্দ্দশার দিন।

বিপত্তি (বিপোৎতি) [বি (বিপরীত) পদ্ (গমন করা বা প্রাপ্ত হওয়া)+তি (ক্তি, ভাবে)] বি, স্ত্রী, আপদ ; বিপদ্। ২। নাশ ; ক্ষয়। ৩। দুরবস্থা ; দুর্দ্দশা।

বিপত্তিকর (বিপোৎতিকর্) বিণ, বিপজ্জনক।

বিপত্তিকাল (বিপোৎতিকাল্) বি, পুং, আপৎকাল।

বিপত্তিখণ্ডন (বিপোৎতিখনডন্) [বিপত্তির খণ্ডন, ৬ তৎ] বি, ক্লী, বিপৎনাশন ; আপদ-দূরীকরণ।

বিপত্তিনাশন (বিপোৎতিনাশন্) বিণ. বিপদভঞ্জন ; আপদবিনাশন।

বিপত্তিসাগর, বিপৎসাগর (বিপোৎতি. শাগর্,—শাগর্) বি. পুং. সমুদ্রের স্থায় অসীম বিপদ ; আপৎসাগর।

বিপত্নীক (বিপোৎনীক্) বিণ. পুং. যাহার পত্নী বিয়োগ হইয়াছে ; পত্নীহীন।

বিপথ (থ্) [বি (বিরুদ্ধ) যে পথ (পথিন্ শব্দজ)] কর্ম্মধা. বি. পুং. ক্লী. কুপথ ; মন্দপথ ; অসৎপথ ; নিন্দিতপথ।

বিপথগামী (থ্) বিণ. অসৎপথাবলম্বী ; কুপথগামী ; অসদাচারী। স্ত্রী. **বিপথগামিনী**।

বিপদ [বি (বিপরীত রূপে ইত্যাদি) পদ্ + ক্বিপ্ (ভাবে)] বি. স্ত্রী. আপদ ; বিপত্তি। ২। দুর্দ্দশা। ৩। মরণ ; বিনাশ।

বিপদাত্মক (বিপদাৎতক্) বিণ. বিপদ্গর্ভ ; যাহার মধ্যে বিপদ আছে ; বিপজ্জনক।

বিপদাপদ (দ্) [সহচর শব্দ। তুল—দুঃখ কষ্ট] বি. সঙ্কট ; আপদ বিপদ।

বিপদাপন্ন [বিপদকে আপন্ন (প্রাপ্ত)—২তৎ] বিণ. আপদগ্রস্ত ; বিপন্ন ; সঙ্কটাপন্ন।

বিপদুদ্ধার (বিপদুদ্ধার্) [বিপৎ + উদ্ধার] বি. বিপন্মুক্তি ; সঙ্কটমোচন ; বিপদ হইতে পরিত্রাণ।

বিপদ্গর্ভ (দ্) [বিপদ্—গর্ভে যাহার] বিণ. বিপদাত্মক ; বিপদপূর্ণ।

বিপদ্গ্রস্ত (বিপদ্গ্রোস্ত) [বিপদ দ্বারা গ্রস্ত (অভিভূত)—৩তৎ] বিণ. দুর্দ্দশাপন্ন ; বিপন্ন ; আপদ্গ্রস্ত।

বিপদ্পূর্ণ [বিপদ দ্বারা পূর্ণ. ৩তৎ] বিণ. সঙ্কটপূর্ণ ; বিপত্তিবহুল।

বিপদ্ভঞ্জন (বিপদ্ভনজন্) [বিপদ—ভঞ্জন. ৬তৎ] বি. যিনি বিপৎনাশ করেন ; পরমেশ্বর। ২। আপদ বিনাশন ; বিপদ দূরীকরণ। ৩। বিণ. বিপদ বিনাশকারী ; আপদ নিবারক।

বিপদসঙ্কুল (বিপদশোংকুল্) [বিপদ দ্বারা সঙ্কুল. ৩তৎ] বিণ. বিপদপূর্ণ ; বিপত্তিবহুল ; সঙ্কটাপন্ন।

বিপদ্রহিত (বিপদ্রোহিত) [বিপৎ + রহিত] বিণ. আপদশূন্য ; বিপত্তিরহিত ; আপদহীন।

বিপন্ন [বি—পদ্ + ত (ক্ত—কর্ত্তৃ) যে বিপদপ্রাপ্ত হয়] বিণ. বিপদে পতিত ; দুরবস্থাপন্ন ; দুর্দ্দশাগ্রস্ত। ২। [বিগত (নাই) পদ্ (পা) যাহার. বহু—রূঢ়ি সংজ্ঞা] বি. পুং. সর্প। স্ত্রী. **বিপন্না**।

বিপরিণত (বিপোরিনত) [বি—পরি = নম্ (বিপরীত হওয়া) + ত (ক্ত—কর্ত্তৃ) যে বিপর্য্যয়প্রাপ্ত হয়] বিণ. বিপর্য্যস্ত। ২।

বিপরিণাম (বিপোরিনাম্) [বি (বিরুদ্ধ) পরি—নম্ + অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. বিপর্য্যাস ; বৈপরীত্য ; পরিবর্ত্তন। ২। [বি (বিষম) + পরিণাম. কর্ম্মধা] মৃত্যু ; বিনাশ।

বিপরিণামী (বিপোরিনামী) [বিপরিণামিন্ শব্দ। বিপরিণাম (পরিবর্ত্তন) + ইন্ (অস্ত্যর্থে) যাহার পরিবর্ত্তন আছে] বিণ. পরিবর্ত্তনশীল ; বিপরীত দশাযুক্ত ; পরিণামে অবস্থান্তরগত।

বিপরিবর্ত্তন (বিপোরিবর্তন্) [বি (বিশিষ্টরূপ) যে পরিবর্ত্তন (বদলান)—কর্ম্মধা] বি. ক্লী. বিপর্য্যাস , ঘুরান ফিরান ; বদলান।

বিপরীত (বিপোরীত্) [বি—পরি (বিরুদ্ধরূপে ইত্যাদি) ই (গমন করা বা পাওয়া) + ত (ক্ত—কর্ত্তৃ) যে বিপর্য্যয়প্রাপ্ত হয়] বিণ. বিরুদ্ধ ; বিপর্য্যয় ; প্রতিকূল ; উল্টা। ২। ভয়ঙ্কর ; ভীষণ। প্র—"বিপরীত ডাক ছাড়ি ছাড়িলেক প্রাণ"—কৃত্তিবাস।

বিপর্ণক (বিপর্নক্) [বিপর্ণ + ক (সংজ্ঞার্থে)] বি. পুং. পলাশগাছ।

বিপর্য্যয় (বিপর্জয়) [বি—পরি (বিপরীতরূপে ইত্যাদি) + ই (গমনে) + অ (অল্—ভাবে)] বি. পুং. বৈপরীত্য ; ব্যত্যয় ; ব্যতিক্রম ; উল্টাপাল্টা। প্র—"ত্বরা হেতু সভাকার বিপর্য্যয় বেশ। এলান কবরী ভার নাহি বান্ধে কেশ॥"—কবিকঙ্কণ। ২। বিনাশ।

বিপর্য্যস্ত (বিপর্জস্ত) [বি—পরি (বিরুদ্ধ প্রকারে ইত্যাদি)—অস্ (ক্ষেপণ করা ইত্যাদি) + ত (ক্ত—কর্ত্তৃ) যে বিপর্য্যয়প্রাপ্ত হয়] বিণ. বিপর্য্যায়গত ; ব্যতিক্রমপ্রাপ্ত ; ব্যতিক্রান্ত ; উল্টা।

বিপর্য্যায় (বিপর্জ্যায়) [বি—পরি (বিরুদ্ধ প্রকারে ইত্যাদি)—ই + অ (ঘঞ্—ভাবে)] বি. বিপর্য্যয় দ্রঃ।

বিপর্য্যাস (বিপর্জ্যাশ্) [বি—পরি (বিপরীত রূপে ইত্যাদি)—অস্ + অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. ব্যতিক্রম ; বৈপরীত্য।

বিপল (ল্) [বি (বিভক্ত যে পল দণ্ডের ৬০ ভাগের ১ ভাগ)—কর্ম্মধা] বি. পুং. কালের সূক্ষ্ম অংশ ; এক পলের ৬০ অংশের এক অংশ।

বিপশ্চিৎ (বিপোশ্চিৎ) [বি—প্র (প্রকৃষ্টরূপে)—চি (সংগ্রহ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) ৎ আগম. নিপাতনসিদ্ধ—যে অতি কঠিন বিদ্যাকে সংগ্রহ করে] বি. পুং. পণ্ডিত ; বিজ্ঞ ; বিদ্বান্।

বিপাক (ক্) [বি (বিবিধপ্রকারে ইত্যাদি) পচ্ (পাক করা) + অ (ঘঞ্—ভাবে)] বি. পুং. বিশিষ্ট রন্ধন। ২। পরিণাম। ৩। কর্ম্মের বিপরীত ফল বা বিপরিণাম। ৪। কর্ম্মফল। প্র—"লইয়া তাহার ধন. বিপাকে আইল বন. আমার দুঃখের অবশেষে।"—কবিকঙ্কণ। ৫। ভোগ। ৬। পরিপাক ; পক্বতা। ৭। দুর্গতি ; বিড়ম্বনা ; বিপদ ; বিপত্তি। প্র—"এমন বিপাকে আর কভু ঠেকি নাই।"—অন্নদামঙ্গল।

বিপাকিয়া, বিপাক্যা (বিপাক্ক্যা) [বিপাক (বিপদ) + ইয়া (জনকার্থে)] বিণ. বিপত্তিকর ; বিপজ্জনক। প্র—"পুড়া পারা মস্তক পাবক পারা আঁখি। এমন বিপাক্যা বাঘ বিখে নাহি দেখি॥"—শিবায়ন।

বিপাট (ট্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) পট্ (গমন করা. বিদীর্ণ করা ইত্যাদি) + অ (ঘঞ্)] বি. পুং. বাণ।

বিপাটন (ন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) পট্ + ই (ণিচ্) = পাটি (বিদীর্ণ করান) + অন (অনট্—ভাবে)] বি. ক্লী. ভেদন ; বিদারণ। বিণ. **বিপাটিত**।

বিপাঠ (ঠ্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) পঠ্ (ব্যক্ত করা) + অ (ঘঞ্)] বি. পুং. শর ; বাণ ; তীর।

বিপাণ্ডুর (বিপান্ডুর্) [বি (বিশিষ্টরূপ) যে পাণ্ডুর (শ্বেতবর্ণ ও ঈষৎরক্তবর্ণ মিশ্রণে যে বর্ণ হয়) কর্ম্মধা] বিণ. অতিশয় পাণ্ডুবর্ণ ; ফেকাশিয়া।

বিপাদন (ন্) [বি (বিবিধপ্রকারে ইত্যাদি) পদ্ + ই (ণিচ্) = পাদি (গমন করান. যাওয়ান) + অন (অনট্—ভাবে)] বি. ক্লী. হত্যা ; বধ। ২। অন্যের অনিষ্ট চিন্তন ; ব্যাপাদন।

বিপাদিকা [বি—পদ্ + অক (কর্ত্তৃ) আ—স্ত্রী] বি. স্ত্রী. প্রহেলিকা। ২। পা ফাটা রোগ।

বিপাদিত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) পদ্ + ই (ণিচ্) = পাদি (গমন করান ইত্যাদি) + ত (ক্ত—কর্ম্মে) যাহা বিনাশ করা যায়] বিণ. বিনাশিত ; বিনষ্ট।

বিপাশ (শ্) বি. পঞ্জাবের অন্তর্গত নদীবিশেষ [প্রাচীন নাম বিপাশা]।

বিপিন (ন্) [বেপ্ (কম্পনে) + ইন (কর্ত্তৃ) নিপাতনসিদ্ধ।—যথায় পত্র পল্লবাদি সর্ব্বদা কম্পিত ও আন্দোলিত হইয়া থাকে] বি. ক্লী. অরণ্য ; বিটপী ; বন।

বিপিনবিহারী (ন্) বিণ. কাননচারী ; বনবিহারী। ২। বি. পুং. কৃষ্ণের নামান্তর।

বিপুল (ল্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) পুল্ (বড় হওয়া) + অ (ক—কর্ত্তৃ) যে বড় হয়] বিণ. বৃহৎ। ২। মহৎ। ৩। প্রশস্ত। ৪। গভীর ; অগাধ। ৫। বিশাল। প্র—"বিপুল গভীর মধুর মন্ত্রে কে বাজাবে সেই বাজনা।"—রবি। ৬। বি. পুং. হিমালয়।

৭। সুমেরু। ৮। মহামান্য ব্যক্তি। বি, **বিপুলতা**।

বিপুলকায় (বিপুলকায়্) [বিপুল (প্রকাণ্ড) কায়া যাহার, বহু] বিণ, বৃহৎ দেহধারী; বৃহৎ শরীরবিশিষ্ট। স্ত্রী, **বিপুলকায়া**।

বিপুলরস (বিপুলরশ্) বি, ইক্ষু।

বিপ্র (বিপ্‌প্র) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) প্রা (পূরণ করা)+অ (ড—কর্ত্তৃ)—যে যজনাদি ষট্‌ কর্ম্ম পূরণ করে] বি, পুং, বেদজ্ঞ ব্রাহ্মণ; দ্বিজোত্তম।

বিপ্রকর্ষ (বিপ্‌প্রোকর্‌ষ) [বি—প্র (বিশিষ্ট প্রকারে ইত্যাদি) কৃষ্ (আকর্ষণ করা)+অ (অল্—ভাবে)] বি, পুং, দূরত্ব।

বিপ্রকর্ষণ (বিপ্‌প্রোকর্ষন্) [বি (বিপরীত দিকে) প্রকর্ষণ (আকর্ষণ)] বি, আকর্ষণের বিপরীত; বিপরীত দিকে আকর্ষণ; আপনার প্রতিকূলে আকর্ষণ; বিকর্ষণ; repulsion. ২। দূরত্ব। **বিপ্রকর্ষণশক্তি**—যে শক্তি পরমাণুকে পরমাণু হইতে পৃথক করে ও দূরে রাখে; পরমাণু সকলের মধ্যে পরস্পর বিকর্ষক শক্তি।

বিপ্রকার (বিপ্‌প্রকার) বি, তিরস্কার। ২। অনিষ্ট; অপকার। ৩। দৌরাত্ম্য; উপদ্রব।

বিপ্রকীর্ণ (বিপ্‌প্রোকীর্‌ন) [বি—প্র (বিবিধ প্রকারে বা চতুর্দ্দিকে) কৄ (ক্ষেপণ করা)+ত (ক্ত—কর্ম্মে) যাহা (ইতস্ততঃ) চতুর্দ্দিকে বিক্ষিপ্ত] বিণ, বিপর্য্যস্ত; ইতস্ততঃ বিক্ষিপ্ত; চতুর্দ্দিকে ছড়ান।

বিপ্রকৃত (বিপ্‌প্রোকৃত) [বি—প্র—কৃ (হেয় জ্ঞান করা)+ত (ক্ত—কর্ম্মে) যাকে হেয়জ্ঞান করা যায়] বিণ, অপমানিত; তিরস্কৃত। ২। অপকৃত। ৩।

বিপ্রকৃষ্ট [বি (বিশিষ্টরূপ) যে প্রকৃষ্ট (উত্তম)] বিণ, সুদূরস্থিত; দূরবর্ত্তী। ২। বিপরীতদিকে বা প্রতিকূলে আকৃষ্ট।

বিপ্রচণ্ড (বিপ্‌প্রোচনড) [বি—প্রচণ্ড] বিণ, পুং, মহাতেজস্বী। প্র—"তার সুত হৈল বাহু বিপ্রচণ্ড যেন রাহু অবনী পালেন চিরকাল।"—কবিকঙ্কণ।

বিপ্রচিত্ত, বিপ্রচিত্তি (বিপ্‌প্রো) বি, পুং, দনু নামক দানবের পুত্র।

বিপ্রতিপত্তি (বিপ্‌প্রোতিপোৎতি) [বি (বিপরীত) যে প্রতিপত্তি (জ্ঞান)—কর্ম্মধা] বি,স্ত্রী, সংশয়; সন্দেহ। ২। বিরোধ। ৩। বৈসাদৃশ্য। ৪। ভেদ; পার্থক্য।

বিপ্রতিপন্ন (বিপ্রোতিপন্ন্) [বি (বিপরীত রূপ) যে প্রতিপন্ন (অবধারিত)] বিণ, বিরুদ্ধ। ২। সন্দিগ্ধ। ৩। বিসদৃশ। ৪। ভিন্ন। ৫। অনবধারিত।

বিপ্রতিষিদ্ধ (বিপ্রোতিষিদ্‌ধ) [বি (বিশিষ্টরূপ) যে প্রতিষিদ্ধ (নিষিদ্ধ)] বিণ, নিষিদ্ধ। ২। বিরুদ্ধ।

বিপ্রতিষেধ (বিপ্রোতিষেধ্) [বি (বিশিষ্টরূপ) যে প্রতিষেধ (নিষেধ)—কর্ম্মধা] বি, পুং, তুল্যবল বিরোধ। ২। সম্যক্ নিবারণ।

বিপ্রতিসার (বিপ্‌প্রোতিশার্) [বি (বিবিধ প্রকার) যে প্রতিসার (আগমন বা ক্রোধ)] বি, পুং, ক্রোধ; কোপ। ২। গতানুশোচনা; পশ্চাত্তাপ।

বিপ্রতীপ (বিপ্রোতীপ্) [বি (বিবিধরূপে) যে প্রতীপ (বিপরীত)] বিণ, প্রতিকূল।

বিপ্রদুষ্ট (বিপ্রোদুষ্ট) [বি—প্র—দুষ্ট] বিণ, পাপিষ্ঠ; অধার্ম্মিক।

বিপ্রবর (বিপ্‌প্রবর্) [বিপ্র—বর (শ্রেষ্ঠ)] বি, পুং, দ্বিজোত্তম; ব্রাহ্মণশ্রেষ্ঠ।

বিপ্রবাস (বিপ্রোবাশ্) [বি (বিশিষ্টরূপ) যে প্রবাস (বিদেশে থাকা)] বি, পুং, দেশান্তরে অবস্থিতি; বিদেশবাস।

বিপ্রবাসন (বিপ্রোবাশন্) [বি—প্র—বস্—ই (ণিচ্)—বাসি (বিদেশে বাস করাণ)+অন (অনট্+ভাবে)] বি, ক্লী, নির্ব্বাসন।

বিপ্রবুদ্ধ (বিপ্রোবুদ্‌ধ) [বি (বিশিষ্টরূপ) যে প্রবুদ্ধ (জাগরিত)] বিণ, বিনিদ্র; নিদ্রাহীন; জাগরিত।

বিপ্রয়াণ (বিপ্রোয়ান্) [বি—প্র—যা (গমন করা)+অন (অনট্—ভাবে)] বি, ক্লী, প্রস্থান; পলায়ন।

বিপ্রযুক্ত (বিপ্রোজুক্‌ত) [বি (বিশিষ্টরূপ) যে প্রযুক্ত (পৃথক স্থিত)] বিণ, বিশ্লিষ্ট; বিযুক্ত; পৃথগ্‌ভূত; বিরহিত।

বিপ্রয়োগ (বিপ্রোয়োগ্) [বি (বিগত) যে প্রয়োগ (সংযোগ)] বি, পুং, পার্থক্য; ভিন্নভাব। ২। বিবাদ; বিরোধ। ৩। বিচ্ছেদ; বিরহ।

বিপ্রলব্ধ [বি—প্র—লভ্ (লাভ করা, বঞ্চনা করা)+ত (কর্ম্মে—ক্ত) যাহাকে বঞ্চনা করা গিয়াছে] বিণ, প্রতারিত; বঞ্চিত; ছলিত। ২। [অলঙ্কার শাস্ত্রীয় পরিঃ] নায়ক ভেদ; যে নায়ক গোপনে ও ছদ্মবেশে সঙ্কেত স্থানে অন্য নায়িকার সহিত মিলিত হইবার আশায় গমন করিয়া ব্যর্থ মনোরথ হয়। স্ত্রী, বিপ্রলব্ধা।

বিপ্রলব্ধা (বিপ্‌প্রোলব্‌ধা) [অলঙ্কার শাস্ত্রীয় পরিঃ] বি, স্ত্রী, নায়িকাভেদ। প্র—"সঙ্কেত স্থানেতে গিয়া নাহি পায় পতি। বিপ্রলব্ধা তারে বলে পণ্ডিত সুমতি॥"—ভারতচন্দ্র। "উৎকণ্ঠিতা বিপ্রলব্ধা এক দিনো নও।"—ভারতচন্দ্র।

বিপ্রলম্ভ (বিপ্‌প্রলম্‌ভ) [বি—প্র—লভ্ (লাভ করা, বঞ্চনা করা ইত্যাদি)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, কলহ; বিবাদ। ২। ছলনা; প্রতারণা। ৩। বিরহ; বিয়োগ। শৃঙ্গার রসবিশেষ। ৫। বিরুদ্ধকর্ম্ম।

বিপ্রলাপ (বিপ্রোলাপ্) [বি (বিপরীত) যে প্রলাপ (বাক্য)] বি, পুং, নিরর্থক কথন; ২। বৃথাবাক্‌কলহ; বিসংবাদ; মতভেদ নিমিত্ত বিরোধ।

বিপ্রলিপ্সা (বিপ্‌প্রোলিপ্‌শা) [সং] বি, বিরুদ্ধবচন; বিরোধোক্তি; উদ্দিষ্ট অর্থ সূচিত না হওয়া। প্র—"ভ্রম প্রমাদ বিপ্রলিপ্সা করণাপাটব; আর্য্য বিজ্ঞ বাক্যে নাহি দোষ এই সব।"—চৈতন্যচরিতামৃত।

বিপ্রশ্নিকা (বিপ্রোশ্‌নিকা) [বি (বিবিধ প্রকার) যে প্রশ্ন (জিজ্ঞাসা করা) বিপ্রশ্ন+ক (সংজ্ঞার্থে) 'আ' (স্ত্রী)] বি, স্ত্রী, জিজ্ঞাসা। ২। ভাগ্য-গণনাকারিণী স্ত্রী; গণকপত্নী।

বিপ্রসাৎ (বিপ্‌প্রোশাৎ) [বিপ্র (ব্রাহ্মণ)+সাৎ (আয়ত্ত, দেয় অর্থে)] অ, ব্রাহ্মণায়ত্ত; দ্বিজাধীন। ২। ব্রাহ্মণকে প্রদেয়।

বিপ্রিয় (বিপ্‌প্রিয়) [বি (বিগত, নাই) প্রিয় (আত্মীয়) যাহার—বহু] বিণ, অপ্রিয়; বিরক্তিকর। ২। ঘৃণিত। ৩। বিরক্তির পাত্র। ৪। অবহেলিত; অবজ্ঞাত। ৫। বি, অনিষ্ট; অপকার।

বিপ্রোষিত (বিপ্‌প্রোষিত) [বি (বিশিষ্ট প্রকারে) প্র (গতি অর্থে—দূরদেশে—বিদেশে) বস্ (বিদেশে বাস করা)+ত (ক্ত, —কর্ত্তৃ) ব' স্থানে উ, যে বিদেশে বাস করে] বিণ, বিদেশস্থিত; প্রবাসিত; প্রবাসবাসী।

বিপ্লব (বিপ্‌প্লব্) [বি (বিপরীতরূপে ইত্যাদি) প্লু (গমন করা, উপদ্রব করা ইত্যাদি)+অ (অল্—ভাবে)] বি, পুং, আপদ; বিপদ। ২। উপদ্রব। ৩। বিদ্রোহ। ৪। ভয় প্রদর্শন। ৫। দেশলুণ্ঠন। ৬। বিনাশ। ৭। ক্লেশ।

বিপ্লাব (বিপ্‌প্লাব) [বি (বিরুদ্ধরূপে ইত্যাদি) প্লু+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, জলপ্লাবন। ২। উচ্ছেদ। ৩। শান্তিভঙ্গ। ৪। দেশ ধ্বংস। ৫। [বি—প্লু+অ (ঘঞ্)] অশ্বের গতিবিশেষ; প্লুতগতি।

বিপ্লাবন (বিপ্‌প্লাবন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) প্লু+ই (ণিচ্)=প্লাবি (গমন করান বা উপদ্রব জন্মান)+অন (অনট্—ভাবে)] বি, ক্লী, জলপ্লাবন। ২। নাশ; ধ্বংস। ৩। ক্ষতি; হানি। ৪। বিঘ্ন; ব্যাঘাত; বাধা।

বিপ্লাবিত (বিপ্‌প্লাবিত) [বি—প্লু+ই (ণিচ্)=প্লাবি+ত (কর্ত্তৃ—ক্ত) যে বিপ্লবপ্রাপ্ত হয়] বিণ, বিপর্য্যস্ত। ২। [বি—প্লু+ই (ণিচ)=প্লাবি+ত (ক্ত—কর্ম্মে) যাকে হিংসা করা যায়] ব্যাহত। ২। প্লাবনপীড়িত। ৩। বিপদাপন্ন।

বিপ্লুত (বিপ্‌লুত) [বি (বিবিধ প্রকারে প্লু (গমনে)+ত (কর্ত্তৃ, কর্ম্মে) যে গমন করে বা যাহাকে তাড়া করে] বিণ, উপক্রুত। ২। দূষিত। ৩। বিপর্য্যস্ত। ৪। ব্যসন-পীড়িত। ৫। প্রতিকূল। ৬। ব্যাঘাত ; বিঘ্ন

বিফল (ল্) [বি (বিগত, নাই) ফল যাহার—বহু] বিণ, নিরর্থক ; বৃথা ; নিষ্ফল। স্ত্রী; বিফলা—কেতকী। বি, বিফলতা

বিবক্ষা (বিবক্‌খা) [বচ্ (বলা)+সন্ (ইচ্ছার্থে—দ্বিত্ব)+অ (ভাবে) 'আ' (স্ত্রী)] বি, স্ত্রী, বলিবার ইচ্ছা। ২। বাসনা ; অভিলাষ।

বিবক্ষিত (বিবোক্‌খিত) [বচ্+সন্ (ইচ্ছার্থে, দ্বিত্ব)+ত (ক্ত—কর্ম্মে) ই আগম] বিণ, যাহা বলিতে ইচ্ছা করা হইয়াছে। ২। বক্তব্য ; উদ্দিষ্ট।

বিবক্ষু [বচ্+সন্ (ইচ্ছার্থে, দ্বিত্ব)+উ (কর্ত্তৃ)] বিণ, বলিতে ইচ্ছুক।

বিবৎসা (বিবৎসা) [বস্ (বাস করা)+সন্ (ইচ্ছার্থে (দ্বিত্ব)+আ ভাবে 'আ' (স্ত্রী)] বি, স্ত্রী, বাস করিবার ইচ্ছা। বিণ, বিবৎসু—বাস করিতে ইচ্ছুক। ২। [বি (নাই) বৎস (বাছুর) যাহার—বহু 'আ' (স্ত্রী)] বি, স্ত্রী, যে গাভীর বাছুর মরিয়া গিয়াছে।

বিবদমান (ন্) [বি (বিপরীত রূপে ইত্যাদি) বদ্ (বলা) +আন (শান—কর্ত্তৃ) যে বাদানুবাদ করিতেছে] বিণ, বিবাদী ; বিবাদকারী। স্ত্রী, বিবদমানা।

বিবন্দিষু (বো) [সং] বিণ, অভিবাদনেচ্ছু।

বিবন্ধ [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) বন্ধ্ (বন্ধন করা)+অ (কর্ত্তৃ—অচ্) যে (শরীরে) বাধা জন্মায়] বি, পুং, ব্যাধি : রোগ। ২। কোষ্ঠ-বদ্ধরোগ।

বিবন্ধু [বি (বিগত) বন্ধু (স্বজন) যাহার—বহু] বিণ, বন্ধুহীন ; বন্ধুবিরহিত।

বিবমিষা (বো) [সং] বি, বমনেচ্ছা ; বমনোদ্রেক ; গা বমি বমি।

বিবর (র্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) বৃ (আবরণ করা)+অ (অল্—ভাবে)] বি, ক্লী, গহ্বর ; ছিদ্র ; রন্ধ্র ; বিল ; গর্ত্ত। প্র—"ভূগর্ভে বিবর মাঝে কুণ্ডলিত ফণী। মেঘের তাড়িতে রয় আকাশে অশনি।"—পদ্যপাঠ। ২। বিচ্ছেদ।

বিবরণ (ন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি (বৃ (বিবৃত করা)+অন (অনট্—ভাবে)] বি, ক্লী,, বিস্তার ; বিবৃতি। ২। [বি—বৃ+অন (অনট্—করণে বা অধি) যাহা দ্বারা বা যাহাতে (অর্থ) বিবৃত (স্পষ্ট) হয়] বিশেষার্থ প্রকাশ ; ব্যাখ্যা ; বর্ণন। বিণ, বিবরণীয়—বর্ণনযোগ্য ; বর্ণনীয়। ২। প্রকাশযোগ্য প্রকটনীয়।

বিবরণী (নী) বি, স্ত্রী, বিবরণ-সম্বলিত পুস্তক বা পুস্তিকা ; ব্যাখ্যান পুস্তিকা। ২। বার্ত্তা।

বিবরনালিকা (র্) [বিবর (যুক্ত) নালিকা বি, শুষির নল। ২। বংশী ; মুরলী ; বাঁশী

বিবরা [বিবরণ (দ্রঃ) হইতে নাম ধাতু পদ্যে। উ-পু—বিবরি। ম-পু—বিবর প্র-পু—বিবরে। অস-ক্রি—বিবরিতে ; বিব রিয়া, বিবরি (সংক্ষেপে)] ক্রি, বিবৃত করা বিস্তারিত ভাবে বর্ণন করা। প্র—"বিবরি ওসব কথা কব কত বার"—ঘনরাম। "ক মোরে বিবরিয়া, শুনি সে কাহিনী!"—মেঘনাদ।

বিবর্জ্জন (ন্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি +বৃজ্ (বর্জ্জন করা)—ই (ণিচ্ স্বার্থে)=বর্জ্জি +অন (অনট্—ভাবে)] বি, ক্লী, বর্জ্জন পরিত্যাগ ; বিসর্জ্জন। বিণ, বিবর্জ্জনীয়—পরিত্যাজ্য ; বর্জ্জনীয়। স্ত্রী, বিবর্জ্জনীয়া—পরিত্যাজ্যা।

বিবর্জ্জিত (বিরোর্‌জিত) [বি—বৃজ্—ণিচ্ =বর্জ্জি+ত] বিণ, পরিত্যক্ত ; নিরাকৃত। শূন্য ; রহিত।

বিবর্ণ [বি (বিরুদ্ধ বা নাই) বর্ণ (জাতি বা রং) যাহার—বহু] বিণ, বর্ণহীন ; মলিন ; বিকৃতবর্ণ। স্ত্রী, বিবর্ণা। বি, বিবর্ণতা—বর্ণ বিকৃতি। ২। হীনবর্ণ ; অশ্রেষ্ঠ বর্ণ।

বিবর্ত্ত [বি (বিবিধ রূপে বা বিশিষ্টরূপে ইত্যাদি) বৃৎ (থাকা বা পরিবর্ত্তিত হওয়া)+অ (অল্ ভাবে)] বি, পুং, পরিবর্ত্ত। ২। পরিণাম। ৩। বিশেষরূপে স্থিতি। ৪। নৃত্য। ৫। সমূহ। ৬। ঘূর্ণন। ৭। ভ্রমণ। [বিবর্ত্তবাদ দ্রঃ]।

বিবর্ত্তন (ন্) [বি—বৃৎ (বর্ত্তমান থাকা)+অন (ট্, ভাবে)] বি, ক্লী, পরিবর্ত্তন। প্র—"আপনি আসিয়া ঝাট কর বিবর্ত্তন।"—চৈতন্য ভাগবত। ২। পরিভ্রমণ ; ঘূর্ণন। ৩। প্রত্যাবর্ত্তন।

বিবর্ত্তনশীল (ন, ল্) বিণ, ভ্রাম্যমাণ ; ঘূর্ণ্যমান। ২। পরিবর্ত্তনশীল।

বিবর্ত্তবাদ, বিবর্ত্তনবাদ (দ্) [বিবর্ত্তন+বাদ (তত্ত্ব ; theory)] বি, ক্রমবিকাশনীতি ; অভিব্যক্তি বা স্ফূর্ত্তিবাদ ; the theory of evolution. ২। [বেদান্তদর্শনে] মায়াবাদ ; একমাত্র ব্রহ্ম হইতে প্রকৃতি, প্রকৃতি হইতে সত্ত্বাদি গুণত্রয়, গুণত্রয়কে আশ্রয় করিয়া প্রকৃতি মায়া ও অবিদ্যারূপে দ্বিধা বিভক্ত হইলে মায়াশ্রিত চৈতন্য ঈশ্বর ও অবিদ্যাশ্রিত চৈতন্য জীবরূপে প্রকাশিত হন ; "জগৎ মিথ্যা ব্রহ্মই সত্য"—এই মত বা তত্ত্ব।

বিবর্ত্তিত (বিবোর্‌ত্তিত) [বি—বৃৎ+ই (ণিচ্) =বর্ত্তি (ঘুরান)+ত (কর্ম্মে)] বিণ, প্রত্যাবর্ত্তিত। ২। ঘূর্ণিত। ৩। অপসারিত।

বিবর্ত্তিতসন্ধিভগ্ন [নিদানোক্ত আয়ুঃ পরিঃ] শরীরাস্থির সম্পূর্ণ স্থান ভ্রংশ ; অস্থিসন্ধিচ্যুতি ; complete dislocation.

বিবর্ত্তিয়া [প্রা-বাং। বি—বর্ত্তন—বট্টন—বাণ্টন—বর্ত্তন—তাহা হইতে ক্রিয়ার—বর্ত্তিয়া] অস-ক্রি, বিভাগ করিয়া ; বণ্টন করিয়া। প্র—"আজি ভিক্ষা পাইল মা দিন অবসানে। মায়ে বলে বিবর্ত্তিয়া খাও পাঁচ জনে॥"—মহা (বিজয়)।

বিবর্দ্ধন (ন্) [বি—বৃধ্+ই (ণিচ্)=বর্দ্ধি (বৃদ্ধি পাওয়ান)+অন (ভাবে)] বি, ক্লী, সম্যক্ বৃদ্ধি করণ। ২। ছেদন। বিণ, বিবর্দ্ধিত—সম্যক্ বৃদ্ধিপ্রাপ্ত। ২। খণ্ডিত ; ছিন্ন।

বিবশ (শ্) [সং] বিণ, পুং, অবাধ্য ; অবশ। ২। নিশ্চেষ্ট। ৩। অচেতন। ৪। বিহ্বল। স্ত্রী, বিবশা—বিহ্বলা ; আকুলা। প্র—"বীরবাহু শোকে বিবশা রাজমহিষী।"—মেঘনাদ।

বিবসন (বিবশন্) [বি (নাই) বসন (বস্ত্র)] বিণ, বিবস্ত্র ; উলঙ্গ। স্ত্রী, বিবসনা।

বিবস্ত্র [বি (নাই) বস্ত্র (পরিধেয়)] বিণ, বস্ত্রহীন ; উলঙ্গ। স্ত্রী, বিবস্ত্রা—বিবসনা।

বিবস্বৎ (বিবশ্‌শৎ) বি, পুং, সূর্য্য।

বিবস্বান (বিবশ্‌শান্) বি, পুং, দেবতা। ২। বৈবস্বত মনু। ৩। অরুণ। ৪। সূর্য্য। স্ত্রী, বিবস্বতী—সূর্য্যনগরী।

বিবা [বিবাহ অপভ্রংশে। রূপান্তরে ব্যাহ, বিভা, বিয়া, বিয়ে, বে] বি, পরিণয় ; বিবাহ। প্র—"মুচুকুন্দে রাখি রণে বিবা দেহ ত্রিলোচনে"—শিবায়ন।

বিবাক (ক্) [সং] বিণ, বিবেচক।

বিবাগ (গ্) [বি—বাগ (দিক—দেশ) তুল —ফা—বেগানাহ্ (বিদেশ) অথবা মার্গ হইতে বাগ] বি দেশান্তর ; বিদেশ। প্র—"আমি এসেছি বিবাগে মনের বিরাগে প্রীতি প্রয়াগে মুড়াব মাথা।"—বাং-গান। বিণ, বিবাগী—দেশত্যাগী। ২। সংসারত্যাগী।

বিবাদ (দ্) [বি (বিরুদ্ধ প্রকারে ইত্যাদি) বদ্ (বলা)+অ (ঘঞ্) সংজ্ঞার্থে] বি, পুং, কলহ ; বিরোধ ; ঝগড়া। ২। মকদ্দমা। বিবাদপদ—মকদ্দমার বিষয়। ২। বিসম্বাদের হেতু। বিবাদপ্রিয়—ঝগড়াটে। বিবাদ-শূন্য—কলহশূন্য। বিবাদার্থী—বিবাদান্বেষী ; ঝগড়াটে। বিবাদাস্পদ—বিবাদপদ (দ্রঃ)।

বিবাদী [সং—বিবাদিন্ শব্দ] বিণ, বিরোধী। প্র—"কুঞ্জে এল না কালাচাঁদ পুরল না মনসাধ গগনচাঁদ হল তার বিবাদী।"—বাং-গান। ২। কলহকারী। স্ত্রী, বিবাদিনী।

বিবাধ (ধ্) [বিবাদ এবং বিরোধ মিশ্রণে উৎপন্ন] বি, বিবাদ ; কলহ। প্র—"হরিণী জাগায় ভাল কুটুম্ব বিবাধ।"—বিদ্যাপতি। ২। নিগ্রহ। ৩। বন্ধন।

বিবাস, বিবাসন (শ্, শন্) [সং] বি, পুং, নির্ব্বাসন। বিবাসিত (শি) বিণ, নির্ব্বাসিত ; দেশান্তরিত।

বিবাসী (শী) বিণ, দেশান্তরিত ; নির্ব্বাসিত। ২। প্রবাসী ; বিদেশবাসী। স্ত্রী, বিবাসিনী। প্র—"কহ লো নাগরি গেহ পরিহরি কাহে বিবাসিনী রে।"—মৃণালিণী।

বিবাস্য (বিবাশ্শ) বিণ, নির্ব্বাসন যোগ্য।

বিবাহ [বি (বিশিষ্টরূপে) বহ্ (প্রাপ্ত হওয়া) +অ (ভাবে, ঘঞ্, বা সংজ্ঞার্থে) ইহার অপভ্রংশে বিআহ, ব্যাহ, বিবা, বিভা, বিআ, বিয়া, বিয়ে, বে] বি, পুং, দশবিধ সংস্কারান্তর্গত সংস্কারবিশেষ ; পরিণয়। বিবাহ আট প্রকার যথা—(১) ব্রাহ্ম বিবাহ (কন্যাকে বস্ত্রালঙ্কারাদি দ্বারা সম্মানিত করিয়া, বিদ্যা ও সদাচারসম্পন্ন বরকে স্বয়ং আমন্ত্রণ করিয়া যে কন্যাদান) ; (২) দৈব বিবাহ (জ্যোতিষ্টোমাদি যজ্ঞে কর্ম্মকর্ত্তা পুরোহিতকে দৈবকার্য্য সিদ্ধি কামনায় অলঙ্কৃতা কন্যাকে সম্প্রদান) ; (৩) আর্য্য বিবাহ (যাগাদি অবশ্যকর্ত্তব্য কর্ম্মের নিমিত্ত বরের নিকট হইতে এক বা এক জোড়া গোবলীবর্দ্দ লইয়া তাঁহাকে যে বিধিবৎ কন্যাদান ; (৪) প্রাজাপত্য বিবাহ ("তোমরা উভয়ে গার্হস্থ্য ধর্ম্মের আচরণ করিবে"—এই বলিয়া যথাবিধি অলঙ্কারাদি দ্বারা অর্চ্চনা করিয়া প্রার্থিত বরকে যে কন্যাদান) ; (৫) আসুর বিবাহ (কন্যার পিত্রাদিকে এবং কন্যাকে ধন দিয়া অর্থাৎ ক্রয় করিয়া যে কন্যা গ্রহণ) ; (৬) গান্ধর্ব্ব বিবাহ (কন্যা এবং বর উভয়ের পরস্পর অনুরাগ বশতঃ যে মিলন। মিলনের পর হোমাদি দ্বারা বিবাহত্ব সিদ্ধ হয়) ; (৭) রাক্ষস বিবাহ (কন্যাপক্ষীয় লোকদিগকে হনন করিয়া বা প্রহারাদি করিয়া বলপূর্ব্বক রোরুদ্যমানা কন্যাকে হরণ) ; এবং (৮) পৈশাচ বিবাহ (নিদ্রায় বা মদ্যপানে বিকলচিত্ত অথবা উন্মত্তা কন্যাকে যে নির্জ্জনে গমনান্তে পত্নীরূপে গ্রহণ)।—স্মৃতি। বিণ, বিবাহিত—পরিণীত ; পরিণেতা। স্ত্রী, বিবাহিতা।

বিবাহার্হ [বিবাহ+অর্হ] বিণ, পরিণয় যোগ্য ; বিবাহ যোগ্য। স্ত্রী, বিবাহার্হা।

বিবাহ্য (বিবাজ্ঝ) [বিবাহ+য] বিণ, বিবাহযোগ্য। স্ত্রী, বিবাহ্যা।

বিবি, বিবী [ফা—বীবী (মহিলা)] বি, স্ত্রী, মান্যা স্ত্রী ; মহিলা। ২। বধূ ; পত্নী। ৩। মুসলমান স্ত্রী। ৪। য়ুরোপীয়া রমণী। ৫। সাজ-সজ্জা-প্রিয়া বিলাসিনী নারী। প্র—"বিবি চাখে বান্দী তথা রান্ধে।"—কবিক। "সাজাইতে বউ বিবি,"—গোবিন্দদাস (চন্দন)। পুং, সাহেব, বাবু।

বিবিআ [হি] বি, তাসের বিবি ; the queen.

বিবিআনা, বিবিয়ানা [বিবি দ্রঃ। বিবি +আনা (অনুকরণার্থে)] বি, বিবিদিগের অনুকরণে সাজসজ্জা বিলাসিতা।

বিবিক্ত (বিবিক্ত) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) বিচ্ (পৃথক্ থাকা) +ত (ক্ত, অধি)] বিণ, বিবেচক। ২। অসম্পৃক্ত। ৩। নির্জ্জন। ৪। একাগ্র। ৫। শুদ্ধ। স্ত্রী, বিবিক্তা—ভাগ্যহীনা।

বিবিজান (বিবিজান্) [বিবি (বধূ)+ জান (জীবন ; প্রিয় সম্ভাষণ ; স্নেহ সম্ভাষণ)] বি, বধূর প্রতি প্রিয় সম্ভাষণ ; প্রেয়সী নারী। ২। য়ুরোপীয় বিলাসিনী। প্র—"বিবিজান চলে যান লবেজান করে।"—ঈশ্বর গুপ্ত।

বিবিজী [বিবি (দ্রঃ)+জী (সম্মানার্থে)] বি, শ্রীমতী ; মহাশয়া। ২। [ফা] ননদ।

বিবিধ [বি (বহু)+বিধ (প্রকার অর্থে)] বিণ, বহুবিধ ; নানা প্রকার।

বিবীত [সং] বি, রক্ষিত গোচর ভূমি। প্র—"পথ ও গ্রামের সমীপবর্ত্তী এবং গ্রাম ও বিবীতের সমীপবর্ত্তী ক্ষেত্রে পালক বা স্বামীর অনিচ্ছা সত্বে যদি শস্যাদি বিনষ্ট করে ত দোষ হইবে না।"—রত্নমালা। বিবীতভর্ত্তা—রক্ষিত গোচর ভূমির অধিকারী।

বিবুধ (ধ্) [বি (বিবিধরূপে ইত্যাদি) বুধ্ (জানা)+অ (কর্ত্তৃ—ক)] বি, পুং, পণ্ডিত। ২। দেবতা। প্র—"বিবুধ কুলের গর্ব্বে, দৈবকী অষ্টম গর্ভে, হৈল শেষে ক্ষিতি ভার নাশে।" —কবিক। ৩। চন্দ্র। বিবুধবনিতা—দেবরমণী। ২। অপ্সরা। ৩। পণ্ডিতের স্ত্রী।

বিবুধান (ন্) [সং] বি, পুং, আচার্য্য। ২। দেব।

বিবৃত (বিব্‌বৃত) [বি (বিশিষ্টরূপে) বৃ (আবরণ করা, বিস্তৃত করা)+ত (ক্ত, কর্ম্মে)] বিণ, বর্ণিত। ২। ব্যাখ্যাত। ৩। প্রকটিত। ৪। উন্মুক্ত। ৫। প্রসারিত ; বিস্তৃত। প্র—"হে বিষ্ণো ! বিবৃত মুখ ও প্রদীপ্ত বিশাল-নেত্র তোমারে দেখিয়া অতি ভীতচিত্ত আমি ধৈর্য্য ও শান্তি লাভ করিতে পারিতেছি না।" —গীতা (আর্য্যমিশন)।

বিবৃতাক্ষ (বিব্‌বৃতাক্‌খ) [বিবৃত—অক্ষি] বিণ, আয়ত-লোচন। স্ত্রী, বিবৃতাক্ষী।

বিবৃতাস্য (তাশ্শ) [বিবৃত—আস্য (মুখ)] বিণ, বিস্তৃতবদন। স্ত্রী, বিবৃতাস্যা।

বিবৃতি (বিব্‌বৃতি) [বি, বৃ+তি (ভাবে)] বি, স্ত্রী, বিস্তৃতি। ২। বর্ণনা ; ব্যাখ্যা। ৩। টীকা।

বিবৃত্ত [বি—বৃৎ (থাকা বা ঘুরান)+ত (কর্ত্তৃ)] বিণ, ঘূর্ণিত। ২। পরাবৃত্ত। স্ত্রী, বিবৃত্তা। বি, বিবৃত্তি।

বিবৃদ্ধ [বি—বৃধ্ (বাড়া)+ত (কর্ত্তৃ)] বিণ, সম্যক্ বৃদ্ধিপ্রাপ্ত। ২। অতি বৃদ্ধ। বি, বিবৃদ্ধি।

বিবেক (ক্) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) বিচ্ (বিচার করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, তত্ত্বজ্ঞান। ২। ধর্ম্মাধর্ম্মের বোধ। ৩। কর্ত্তব্য ; হিতাহিত বিবেচনা। ৪। ঔদাস্য ; বৈরাগ্য। বিণ, বিবেকহীন—বিহীন—হিতাহিত জ্ঞান শূন্য।

বিবেকী [বিবেকিন্ শব্দ, বিবেক (বিচার, তত্ত্বজ্ঞান ইত্যাদি)+ইন্ (অস্ত্যর্থে) যাহার বিবেক আছে] বিণ, বিরাগী ; বৈরাগ্যবিশিষ্ট। ২। [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) বিচ্+ইন্ (ণিন্, কর্ত্তৃ, শীলার্থে) যে ভাল মন্দ বিচার করে] বিণ, হিতাহিতবিবেচনাকারী ; বিচারক। ৩। বিবেকবিশিষ্ট। স্ত্রী, বিবেকিনী। বি, বিবেকিতা।

বিবেচক (ক্) বিণ, বিচারক্ষম ; বিবেচনাকারী। স্ত্রী, বিবেচিকা।

বিবেচন (ন্) বি, বিতর্ক ; বিচার।

বিবেচনা [বিবেচন (দ্রঃ)+আ, স্ত্রী] বি, স্ত্রী, বিশেষ বিচার বা আলোচনা। ২। ধারণা। বিবেচনা করা—বিচার করা ; বিচারসহ চিন্তা করা। ২। মনে করা ; ভাবা। বিবেচনা শক্তি—হিতাহিত বিচারক্ষমতা ; ন্যায়ান্যায় নির্দ্ধারণ করিবার বৃত্তি। হিতাহিত বিবেচনা—কর্ত্তব্যাকর্ত্তব্য বিচারবুদ্ধি। [সম—বিবেচনা—বিচারমূলক। বিবেক—হিতাহিত ধর্ম্মাধর্ম্ম বা কর্ত্তব্যাকর্ত্তব্য বিচারমূলক। জ্ঞান—সত্যপ্রতীতিমূলক এবং চেষ্টা ও অনুশীলন সাপেক্ষ। বুদ্ধি স্বাভাবিক এবং নিশ্চয়াত্মিকা জ্ঞানমূলক। জ্ঞানী ও বুদ্ধিমান ব্যক্তি বিবেক দ্বারা চালিত হইলে বিধি শৃঙ্খলা পূর্ব্বক সকলদিক বিবেচনা করিয়া সুবিচার করিতে সমর্থ হয়]। বিণ, বিবেচনীয়—বিবেচ্য ; বিচার্য্য।

বিবেচিত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) বিচ্+ই (ণিচ্)=বেচি (বিবেচনা করা)+ত (ক্ত, কর্ম্মে) যাহা বিচার করা হইয়াছে] বিণ, সম্যক্ আলোচিত। ২। নিরূপিত।

বিবেচ্য (চ্য) [বি—বিচ্‌+য] বিণ, আলোচ্য।

বিবোঢ়া [সং—বিবোঢ়ৃ শব্দ] বি, বর।

বিবোধ (ধ্) [বি—বোধ্] বি, পুং, সম্যক্ বোধ। ২। জাগরণ।

বিবোধন (ন্) [বি+বুধ্+ণিচ্=বোধি (জানান)+অন (টু—ভাবে)] বি, ক্লী, জ্ঞাপন। ২। প্রকাশন। ৩। উদ্বোধন। বিণ, বিবোধিত।

বিব্‌ভুল (ল্) [সং—বিহ্বল অপভ্রংশে। কথায় "বেভুল" ও বলে] বি, বিহ্বলতা ; আবল্য। ২। ভ্রম ; ভ্রান্তি। ৩। বিণ, বিভ্রান্ত ; মস্তিষ্কের বিকার জনিত বিক্ষিপ্ত-বুদ্ধি ; delirious. প্র—"আর থাকাথাকি কি ভাই —সে মানুষ আর নেই, কেমন বিব্‌ভুল হয়েছে, কখন নিজেকে মনে করে মরে গেছে কখন একটু জ্ঞান হয়।"

বিব্রত (বিব্‌ব্রোতো) [বি (বিচ্যুত) ব্রত (নিয়ম, লক্ষ্য) বিশৃঙ্খলভাবে ; অথবা বিবর্ত্ত উচ্চারণ বিকারে বিব্রত। তুল—ব্রত হইতে যেমন অপভাষায় বত্ত, বর্ত্ত, বেবৃত তদ্রূপ "বর্ত্ত" হইতে সাধুভাষা মনে করিয়া "ব্রত"] বিণ, উদ্দেশ্য বা লক্ষ্য এবং শৃঙ্খলা হইতে বিচ্যুত ; ব্যতিব্যস্ত। ২। বিপজ্জালে জড়িত।

বিভক্ত [বি—ভজ্ (ভাগ করা)+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, পৃথক্‌কৃত ; বিশ্লিষ্ট ; বিভিন্ন। বি, বিভক্তি—ভাগ ; বণ্টন। ২। [ব্যাকরণে] শব্দ ও ধাতুর কারক, বচন, পুরুষ, বিজ্ঞাপক প্রত্যয় ; তিঙ্, সুবন্তাদি ; an affix.

বিভঙ্গ (বিভংগ) [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) ভন্জ্ (ভগ্ন হওয়া)+অ (অল্—ভাবে] বি, পুং, বিন্যাস, রচনা। ২। [কর্ম্মে —অল্] যাহা ভঙ্গ করা হয় ; খণ্ড ; ছেদ। প্র—"সহজই আনলে দগধ অঙ্গ। কাহে দেহ আহুতি বচন বিভঙ্গ॥"—বলরামদাস।

বিভঙ্গি,—ঙ্গী (বিভোংগী) [প্রা-বাং] ভঙ্গি ; হাবভাব। প্র—"ভাঙ্গ বিভঙ্গি বিলাস" বিদ্যাপতি। "নয়ান চাহনি বিভঙ্গী সে যনি ত্রিবিণী ত্রিবিণী শর।"—চণ্ডী।

বিভজনীয় (জো) [বি (বিভিন্নরূপে ইত্যাদি) ভজ্+অনীয় (কর্ম্মে)] বিণ, বিভাগযোগ্য ; divisible.

বিভজ্যমান (ভোজ্জমান্) [বি—ভজ্+আন (শান, কর্ম্মে)] বিণ, যাহা ভাগ করা যাইতেছে।

বিভব (ব্) [বি—ভূ (হওয়া)+অ (অল্ —ভাবে)] বি, পুং, বিভুত্ব। ২। মোক্ষ। ৩। ঔদার্য্য ; মহত্ত্ব। ২। [করণে, অল্] ধন ; সম্পদ্। প্র—"কি প্রকারে বিষয় বিভব বাড়িবে"—টেকচাঁদ। ৩। প্রভবাদি নামক বর্ষের দ্বিতীয় বর্ষ।

বিভা [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ভা (দীপ্তি পাওয়া)+অ (ভাবে—অঙ্) । 'আ' (স্ত্রী)] বি, স্ত্রী, প্রভা ; দীপ্তি ; কিরণ। ২। প্রকাশ। ৩। আলোক। ৪। কান্তি। ৫। [বিবাহ শব্দজ] বিবাহ। প্র—"শ্রীহরি শয়নে বিভা অনুচিত প্রায়।"—ঘনরাম।

বিভাকর (র্) [বিভা (দীপ্তি) কর (যে করে)—উপপদ] বি, পুং, সূর্য্য। ২। অগ্নি। ৩। বিণ, দীপ্তিজনক ; প্রভাকর।

বিভাগ (গ্) [বি (বিভিন্ন প্রকারে ইত্যাদি) ভজ্ (ভাগ করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, ভাগ ; বণ্টন। ২। [কর্ম্মে—ঘঞ্] বি, দায় ; পৈতৃক সম্পত্তির অংশ। ৩। খণ্ড।

বিভাজক (ক্) [বি—ভাজক (ভাগ কারক) বিণ, বিভাগকারী।

বিভাজ্য (বিভাজ্‌জ) [বি+ভাজ্য] বিণ, বিভাগযোগ্য। ২। খণ্ডনীয়। বি, বিভাজ্যতা।

বিভাণ্ডক (বিভান্‌ডক্) বি, পুং, ঋষ্যশৃঙ্গের পিতা ; মুনিবিশেষ।

বিভাত (ত্) [বি—ভাত (দীপ্ত, প্রকাশিত)] বি, ভোর ; প্রভাত।

বিভাব (ব্) [বি (বিবিধ প্রকারে ইত্যাদি) ভূ (হওয়া)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, কাব্য নাটকাদিতে বর্ণিত রস সমুদয়ের স্থায়ি-ভাবের কারণ। উহা স্থায়ী ও আলম্বন ভেদে দ্বিবিধ।

বিভাবন (ন্) [বি—ভূ+ই (ণিচ)=ভাবি (বিবেচনা করান)+অন (ভাবে)] বি, পুং, অনুভব করণ। ২। চিন্তা ; অবধারণ। ৩। প্রকাশন।

বিভাবনা [আলঙ্কারিক পরিঃ] বি, কাব্যে কারণ ব্যতিরেকে কার্য্যের উৎপত্তিস্থল।

বিভাবনীয় [বি—ভূ+(ণিচ্)=ভাবি+ অনীয় (কর্ম্মে)] বিণ, চিন্তনীয় ; অবধারণীয়। ২। দর্শনীয়।

বিভাবরী (রি্) [বিভা (দীপ্তি—আবরী (সূর্য্য-কিরণকে আবরণ করে যে—উপপদ] বি, স্ত্রী, রাত্রি। প্র—"তৃণের শয্যায় তার গেল বিভাবরী।" —কবিক। [সং-তে হরিদ্রা ও কুটিনী অর্থে ব্যবহার আছে, বাং-য় প্রঅ] ।

বিভাবসু (বোশু) [বিভা (প্রভা) বসু (ধন অর্থাৎ সম্পত্তি) যাহার—বহু] বি, পুং, সূর্য্য ; অগ্নি। ২। চন্দ্র। ৩। হারবিশেষ। ৪। আকন্দবৃক্ষ।

বিভাবিত [বি—ভাবিত] বিণ, বিবেচিত ; অনুভূত। ২। প্রতিষ্ঠিত। ৩। প্রসিদ্ধ।

বিভাব্য (বিভাব্‌ব) [বি—ভাব্য] বিণ, চিন্তনীয়। ২। বিবেচনার যোগ্য। ৩। দর্শন-যোগ্য।

বিভাষা [বি (বিভিন্ন প্রকার) যে ভাষা (বাক্য)—কর্ম্মধা] বি, স্ত্রী, ভিন্ন দেশীয় ভাষা। ২। [বি (বিভিন্নরূপে ইত্যাদি) ভাষ্ (স্পষ্ট রূপে বলা)+অ (অঙ—ভাবে) 'আ' (স্ত্রী)] বিকল্প ; দ্বৈধভাব। ৩। ইচ্ছানুরূপ কল্পনা।

বিভাসা (শা) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ভাস্ (দীপ্তি পাওয়া)+অ (অঙ,—ভাবে) 'আ' (স্ত্রী)] বি, স্ত্রী, দীপ্তি ; প্রকাশ। বিণ, বিভাসিত (শি)—উদ্ভাসিত ; প্রকাশিত। ২। প্রস্ফুটিত। ৩। শোভিত।

বিভিন্ন [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ভিন্ন] বিণ, পৃথগ্‌ভূত ; বিভক্ত। ২। বিঘটিত। ৩। বিদারিত। ৪। বিকাসিত। ৫। নানাবিধ। ৬। ভেদপ্রাপ্ত। বি, বিভিন্নতা। বিভিন্নধর্ম্মা—ভিন্নধর্ম্মাবলম্বী।

বিভীত [বি (নহে) ভীত] বিণ, নিঃশঙ্ক।

বিভীতক,—কী (ক্) বি, বয়ড়া গাছ।

বিভীষণ (ন্) [বি (বিশিষ্টরূপে) ভীষণ] বি, পুং, রাবণানুজ। ২। নলতৃণ। ৩। বিণ, অতি ভয়ানক ; ভয়ঙ্কর। ৪। কাল। স্ত্রী, বিভীষণা—ভীমা ; ভয়ঙ্করী।

বিভীষিকা [সং] বি, ভীতি ; ভয়।

বিভু [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) ভূ (হওয়া) +উ (ডু, কর্ত্তৃ)] বি, পুং, প্রভু ; ব্রহ্মা ; বিষ্ণু ; মহেশ্বর ; পরব্রহ্ম ; পরমেশ্বর। প্র— "হে বিভু করুণাসিন্ধু বিপদকালের বন্ধু"—ব্রহ্ম-সঙ্গীত। ২। বিণ, সর্ব্বব্যাপী।

বিভুঁই [বি (ভিন্ন)+ভুঁই (ভূমি শব্দজ—স্থান, দেশ)—ভিন্নদেশ। মেয়েলি—"বিরভুঁই"] বি, ভিন্নস্থান ; বিদেশ। প্র—"যদিও বিদেশ বিভুঁই, তথাপি যেখানে সেখানে যাইতে ও বেড়াইতে আমার একটুও ভয় করিত না।"— চীনভ্রমণ (মল্লিক)।

বিভূতি [বি (বিশিষ্ট রূপে ইত্যাদি) ভূ (হওয়া) +তি (করণে) যাহা দ্বারা (লোক) সমৃদ্ধ হয়] বি, স্ত্রী, সমৃদ্ধি ; সম্পত্তি। ২। ভস্ম ; ছাই। প্র—বিভূতি ভূষিত যেই অঙ্গে।"— কবিক। "দেখিনু যোগী বৈশ্বানর সম তেজস্বী, বিভূতি অঙ্গে, কমণ্ডলু করে, শিরে জটা।"— মেঘনাদ। ৩। [তি (ভাবে)] বিভুর ভাব ; অণিমা ; লঘিমা ; ব্যাপ্তি ; প্রাকাম্য ; মহিমা, ঈশিত্ব ; বশিত্ব ; কামাবসায়িত্ব—শিবের এই অষ্ট বিভূতি। ৪। [বৈদিক সাহিত্যে] প্রাচুর্য্য ; প্রভুতত্তা। বিভূতিভূষণ (ন্) [বিভূতি ভূষণ যাহার (বহু)] বি, পুং, শিব।

বিভূষণ (ন্) [বি—(বিশেষ)] বি, ক্লী, আভরণ ; গহনা। ২। [বি (নাই) ভূষণ যাহার (বহু)] আভরণহীন ; নিরলঙ্কার।

স্ত্রী. বিভূষণা। প্র—"জটা বিভূষণা পিঙ্গল-বরণা জটাগ্রে উন্নত পন্নগধারিণী।"

বিভূষা [বি (বিশিষ্ট)] ভূষা বি. স্ত্রী. শোভা। ২। অলঙ্কার।

বিভূষিত [বি (বিশিষ্টরূপে) ভূষিত] বিণ. অলঙ্কৃত ; শোভিত।

বিভেদ (দ্) [বি (বিভিন্ন প্রকারে ভেদ)] বি. পুং. বিদারণ ; দ্বিধাকরণ। ২। প্রভেদ ; বৈলক্ষণ্য ; পার্থক্য ; বিভিন্নতা। ৩। [বি (গত, নাই) ভেদ যাহার] মিশ্রণ।

বিভেদক (ক্) [বিভেদ+ক (কর্ত্তৃ)] বিণ. প্রভেদকর্ত্তা ; পৃথক্‌কারী। ২। বিদীর্ণকারক। বি. বিভেদন।

বিভোর (র্) [বিভোল দ্রঃ। ল=র] বিণ. বিহ্বল ; আত্মহারা। প্র—"নিরখে নারদ ঋষি আনন্দে বিভোর রে।"—হেম বন্দ্যো।

বিভোল (ল্) [সং—বিহ্বল] বিণ. আত্মহারা। প্র—"মুখে হেসে বাক্য কহে অন্তরে বিভোল।"—চণ্ডীদাস। স্ত্রী. বিভোলা।

বিভ্রম (বিব্‌ভ্রোম্) [সং] বিলাস ; লীলা। ২। ত্বরা প্রযুক্ত ভূষণের স্থানান্তরে বিন্যাস। ৩। শোভা। ৪। বিজৃম্ভণ। ৫। সাদৃশ্য। ৬। শৃঙ্গার ভাবদ্যোতক নারীজনোচিত হাবভাব। ৭। সংশয়। ৮। ভ্রম : ভ্রান্তি। স্ত্রী. বিভ্রমা।

বিভ্রষ্ট (বিব্‌ভ্রোষ্‌ট) [বি—ভ্রষ্ট] বিণ. পরিভ্রষ্ট ; চ্যুত। ২। নষ্ট।

বিভ্রাজ (বিব্‌ভ্রাজ্) [সং] বিণ. দীপ্তিমান। ২। শোভাযুক্ত।

বিভ্রাট (বিব্‌ভ্রাট্) [বি (বিপরীতরূপে ইত্যাদি) ভ্রাজ্+ক্বিপ্ (কর্ত্তৃ) যে অভিলাষের বিঘ্ন জন্মায়] বি. সঙ্কট : আপদ : বিপদ।

বিভ্রান্ত (বিব্‌ভ্রান্ত) [বি—ভ্রম্+ত (কর্ত্তৃ—ক্ত) যে (বিপরীত পথে গমন করে)] বিণ. ভ্রমযুক্ত। ২। বিঘূর্ণিত। বি. বিভ্রান্তি—ভ্রম ; ভুল। ২। ক্ষিপ্রতা। ৩। বিঘূর্ণন।

বিমত (ত্) [বি (বিপরীত) মত (বুদ্ধি) যাহার, বহ্] বিণ. বিরুদ্ধমত। ২। অনভিপ্রেত। অসম্মত। বি. বিমতি (মো)—অসম্মতি। ২। বিরুদ্ধমতি। ৩। বিণ. পাগল।

বিমৎসর (শর্) [সং] বিণ ; অহিংসক।

বিমথিত (মো) [বি] মথিত (নিপীড়িত) বিণ. বিনাশিত। ২। বিধ্বস্ত।

বিমনস্ক (শ্‌ক) বিণ. অন্যমনস্ক ; উদ্বিগ্ন।

বিমনা [বিমনস্ শব্দ। সং—"বিমনাঃ" আধু বাং-য় বিরল] বিণ. বিষণ্ণচিত্ত। ২। চঞ্চলচিত্ত। প্র—"ত্রিনয়না ধ্যানে, বঙ্কিম নয়নে হেরি হই সই বিমনা।"—গিরিশ। ৩। অন্যমনস্ক।

বিমনায়মান [বিমনস্+য (আচরণ অর্থে—ক্যঙ্) =বিমনায়+আন (শ্—কর্ত্তৃ)] বিণ. যে অন্যমনস্কের ন্যায় আচরণ করে ; উন্মনা। স্ত্রী. বিমনায়মানা।

বিমনীকৃত (মো) [বিমনস্+চ্বি (অভূত তদ্ভাবার্থে) কৃত] বিণ. অপ্রফুল্ল ; বিষণ্ণ।

বিমনীভূত (মো) [বিমন্+চ্বি (অভূত তদ্ভাবে)+ভূত] বিণ. দুঃখিত।

বিমরিষ (বিমোরিশ্) [বিমর্ষ শব্দজ] বিণ দুঃখিত ; বিমর্ষ। প্র—"অহর্নিশ বিমরিষ পেলে বিষ খাই।"—ভারতচন্দ্র। "দেখি বিমরিষ সত্তে চিন্তিত অন্তরে।"—মহা (দ্বিজ)

বিমর্জ্জিম (বিমোর্জ্জিম্) [ফা—বমোজিব্ শব্দজ। সংক্ষেপে—বিঃ] ক্রি-বিণ. অনুযায়ী অনুসারে।

বিমর্দ্দ [বি—মৃদ (চূর্ণ করা)+অল্ ভাবে) বি. পুং. চূর্ণন। ২। ঘর্ষণ ; পেষণ। ৩ মন্থন। ৪। বিনাশ। ৫। [প্রা-বাং বিসম্বাদ ; যুদ্ধ। প্র—"বালি সুগ্রীবের যেমন আছিল বিমর্দ্দ"—মহা (বিজয়)।

বিমর্দ্দন (ন্) [বি—মৃদ্+অন (ভাবে)] বি. ক্লী. বিমর্দ্দ দ্রঃ। ২। [(অনট্—কর্ত্তৃ)] বিণ. বিনাশকারী।

বিমর্দ্দিত (মো) [বি—মৃদ্+ণিচ্=মর্দ্দি+ত (ক্ত—কর্ম্মে) যাহাকে পেষণ করা হইয়াছে] বিণ. দলিত ; চূর্ণিত ; পিষ্ট। ২। ঘৃষ্ট। ৩। বিলোড়িত।

বিমর্দ্দোত্থ [বিমর্দ্দ (সংঘর্ষণ) উত্থ (যে উঠে) —উপপদ] বি. পুং. মর্দ্দন বা সংঘর্ষণ দ্বারা উৎপন্ন মনোহর গন্ধ।

বিমর্শ [বি—মৃশ্ (বিবেচনা করা)+অল্ (ভাবে)] বি. পুং. বিশেষ বিবেচনা। ২। তত্ত্বানিরূপণ। ৩। বিতর্ক। ৪। যুক্তি দ্বারা পরীক্ষা। ৫। অধৈর্য্য। ৬। অসন্তোষ।

বিমর্শন (ন্) [বিমর্শ (দ্রঃ)+অন (ট্—ভাবে)] বি. দুঃখ।

বিমর্ষ, বিমর্ষণ (ন্) [সং] বি. বিষণ্ণ ; ম্লান। ২। অক্ষমা ; অসহন। ৩। অসন্তোষ। ৪। সংস্কৃত নাটকের অঙ্গবিশেষ।

বিমল (ল্) [বি (বিগত, নাই) মল (মলিনতা বা পাপ) যাহার, বহ্] বিণ. নির্ম্মল ; স্বচ্ছ। ২। নিষ্পাপ ; পবিত্র। প্র—বিমল-চরিত্র। ৩। অকলঙ্ক ; কলঙ্কবিহীন ; অনাবিল। ৪। বি. পুং. পর্ব্বতবিশেষ। ৫। জৈনমুনি। ৬। ক্লী. রূপার গিল্‌টি। ৭। শুভ্র। স্ত্রী. বিমলা—শ্রীক্ষেত্রের দেবীমূর্ত্তি। প্র—"বিমল লোচন হৈল বিমলা দেখিয়া"—অন্নদামঙ্গল। বি. বিমলতা। বিমলচিত্ত—নির্ম্মল-চিত্ত ; হিংসা দ্বেষাদি-বর্জ্জিত হৃদয়।

বিমলাত্মক (বিমলাৎতঁক্) [বিমল (নির্ম্মল) আত্মা (স্বরূপ) যাহার (বহ্)—বিমলাত্মন্+ক (স্বার্থে)] বিণ. নির্ম্মল ; অনাবিল।

বিমলানন্দ [বিমল—আনন্দ] বি. ব্রহ্মানন্দ। ২। বিণ. নির্ম্মল আনন্দবিশিষ্ট।

বিমা [ফা—বিমাহ্, ফা—বিম্ (ভয়)] বি. ক্ষতিপূরণার্থচুক্তি ; ভবিষ্যতে টাকা প্রাপ্তির আশায় নির্দ্দিষ্ট সময়ে নির্দ্দিষ্টভাবে টাকা জমা রাখা ; insurance. অগ্নিবিমা—আগুন লাগিয়া সম্পত্তি নষ্ট হইবার ভয়ে অগ্নিবিমাকারী কোম্পানীর হস্তে অগ্রিম টাকা দিয়া ক্ষতি-পূরণের চুক্তি। জীবনবিমা—মৃত্যুর পর নির্দ্দিষ্ট পরিমাণ অর্থ পরিবারের বা অন্য উত্তরাধিকারীর হস্তগত হইবার সর্ত্তে নির্দ্দিষ্ট হারে ও কালের জন্য টাকা জমা করণ ; life insurance. বিবাহবিমা—পুত্র বা কন্যার বিবাহকালে টাকা প্রাপ্তির আশায় যে বিমা করা হয় ; marriage insurance.

বিমাতা [সং—বিমাতৃ শব্দ] বি. স্ত্রী. মাতৃ-সপত্নী ; সৎমা।

বিমাতৃজ [বিমাতৃ—জ (জাত)] বি. পুং. বৈমাত্রেয়ভ্রাতা। স্ত্রী. বিমাতৃজা—বৈমাত্রেয়ভগ্নী।

বিমান (ন্) [বি (আকাশ) মান (মন্ বোধ করা)+অ (করণে—ঘঞ্) আকাশের পরিমাণ জ্ঞান হয় যদ্দারা] বি. পুং. দেবরথ। প্র—"আইল বিমানে চাপি ভৃগুর সদন"—কবিকঙ্কণ। ২। বেলুন ; ব্যোমযান ; উড়ো-জাহাজ। ৩। সাততালা ঘর। ৪। রাজ প্রাসাদ। ৫। [বি (বিশিষ্টরূপে ইত্যাদি) মা (পরিমাণ করা)+অন (অনট্—ভাবে)] পরিমাণ। [দ্রঃ—আধু—বঙ্গীয় কবিগণ আকাশার্থে বিমান শব্দের প্রয়োগ করিয়া থাকেন]। বিমানচারী (ন্) বিণ. ব্যোমযানে বা দেবরথে বিচরণকারী। স্ত্রী. বিমানচারিণী।

বিমাননা [বি (বিরুদ্ধ প্রকারে ইত্যাদি) মান্ (পূজা করা ইত্যাদি)+অন (অনট্—ভাবে) —আ (স্ত্রী)] বি. স্ত্রী. তিরস্কার ; অবমান। বিণ. বিমানিত—অপমানিত।

বিমার (র্) [ফা—বীমার্] বিণ. পীড়িত ; রুগ্ন। বি. বিমারি।

বিমার্গ [বি (বিরুদ্ধ) যে মার্গ (পথ, আচরণ) কর্ম্মধা] বি. পুং. অসৎপথ ; কুপথ। ২। বিরুদ্ধ আচরণ ; কদাচার।

বিমিশ্র (বিমিস্‌স্র) [বি—মিশ্র] বিণ. মিশ্রিত।

বিমুক্ত [বি—মুক্ত] বিণ. পুনর্জ্জন্মরহিত ; পরিত্রাণপ্রাপ্ত। ২। বন্ধন হইতে মুক্ত। ৩। পরিত্যক্ত। বি. বিমুক্তি—আত্যন্তিক

দুঃখনিবৃত্তি ; মোক্ষ। ২। বন্ধনমোচন কারামোচন।

বিমুখ (খ্) [বি (বিরুদ্ধ বা বিপরীত) মুখ (বদন) যাহার, বহু] বিণ, পরাঙ্মুখ। ২ ২। নিবৃত্ত ; নিরস্ত। বি, বিমুখতা।

বিমুখী [বিমুখিন্ শব্দ] বিণ, প্রতিকূল।

বিমুখে [প্রা-বাং] ক্রি-বিণ, মুখ ফিরাইয়া বিমুখ হইয়া। প্র—"শুতলি বিমুখে ধনী"—বি, প।

বিমুগ্ধ [বি—মুহ্ (অচৈতন্য হওয়া)+ত (কর্তৃ)] বিণ, মোহপ্রাপ্ত। ২। অজ্ঞান বিমুগ্ধচিত্ত—মুগ্ধহৃদয়।

বিমুচ্যমান (বিমুচ্চমান্) বিণ, যাহাকে মুক্ত করা যাইতেছে।

বিমূঢ় [বি—মুহ্ (মুগ্ধ হওয়া)+ত (—কর্তৃ)] বিণ, কর্তব্যজ্ঞানহীন ; হিতাহিত-বোধ-রহিত। ২। মূর্খ ; অজ্ঞ। স্ত্রী, বিমূঢ়া। বিমূঢ়মতি—জড়বুদ্ধি ; অল্পবুদ্ধি। প্র—"শুন গো বিমূঢ় মতি যদি ছাড় নিজপতি কেমনে দেখাবে লোকে মুখ।" —কবিক। বিমূঢ়সংজ্ঞ (শোংগ্ঁ)—অজ্ঞান ; মোহপ্রাপ্ত।

বিমুদ্র (বিমুদ্‌দ্র) [বি (বিগত, নাই) মুদ্রা (মোহবন্ধন)] বিণ, মুদ্রারহিত। বিকসিত।

বিমৃশ্যকারী (মৃশ্‌শ) বিণ, বিমৃষ্যকারী দ্রঃ। বি, বিমৃশ্যকারিতা।

বিমৃষ্ট (বিমৃষ্‌ট) [বি—মৃষ্ (প্রণিধান করা, চিন্তা করা)+ত] বিণ, বিচিন্তিত ; বিবেচিত।

বিমৃষ্যকারী (বিমৃষ্‌ষ) [সং—বিমৃষ্যকারিন্ শব্দ] বিণ, বিবেচক ; বি, বিমৃষ্যকারিতা।

বিমৃষ্যবাদী (বিমৃষ্‌ষ) [বিমৃষ্যবাদিন্ শব্দ] বিণ, যে বিবেচনা করিয়া কথা বলে।

বিমোক্ষ—বি, পরিত্রাণ ; উদ্ধার ; মুক্তি।

বিমোক্ষণ (মোক্‌খন্)—বি, ক্লী, বিমুক্তি।

বিমোচন (ন্) [বি—মুচ্ (মোচন করা)+অন (ভাবে)] বি, ক্লী, পরিত্রাণ ; উদ্ধার।

বিমোহ [সং] বি, মোহ ; মুগ্ধতা।

বিমোহন (ন্) [বি—মোহন] বি, ক্লী, মুগ্ধ করণ ; ভুলান। ২। বিণ, মুগ্ধকর ; মোহজনক।

বিমোহিত [বি—মুহ্+ই (ণিচ্)=মোহি (মোহ জন্মান)+ত (ক্ত—কর্মে)] বিণ, মোহপ্রাপিত। ২। [বিমোহ (জড়তা)+ইত (অস্ত্যর্থে)] বিণ, বিমুগ্ধ। ৩। মূর্চ্ছিত। ৪। হিতাহিত-জ্ঞান-রহিত।

বিম্ব [সং] বি, বুদ্বুদ। প্র—"কে না জানে অম্বুবিম্ব অম্বুমুখে সদ্যঃ পাতি,"—মাইকেল। ২। প্রতিবিম্ব। ৩। সূর্য্য ও চন্দ্রমণ্ডল। ৪। মণ্ডলাকার ; গোলাকৃতি। ৫। তেলাকুচা ফল। প্র—"পাকা বিম্ববর জিনিয়া অধর নাসায় মাণিক দোলে।"—কবিকঙ্কণ। স্ত্রী, বিম্বা, বিম্বিকা।

বিম্বক (ক্) [সং] বি, সূর্য্য ও চন্দ্রের মণ্ডল। ২। তেলাকুচা ফল।

বিম্বকি, বিম্বকী (বিম্‌বোকি) বি, ধুক্‌ধুকি ; পদক। প্র—"সোনার বিম্বকি গলে যেন নিশাকর"—কৃত্তিবাস।

বিম্বাগত [বিম্বকে আগত (প্রাপ্ত) ২তৎ] বিণ, প্রতিবিম্ব ; প্রতিফলিত।

বিম্বাধর (বিম্‌বাধর্) [বিম্ব+অধর] বি, তেলাকুচা-তুল্য রক্তিম অধর। ২। বিণ, তেলাকুচা ফলের ন্যায় রক্তিম অধরবিশিষ্ট। স্ত্রী, বিম্বাধরা। প্র—"কিম্বা বিম্বাধরা রমা অম্বুরাশি তলে"—মেঘনাদ।

বিম্বিকা—বিম্বা দ্রঃ।

বিম্বিত [বিম্ব (ছায়া)+ইত (অস্ত্যর্থে)] বিণ, প্রতিফলিত ; প্রতিবিম্বিত ; আভাসিত।

বিম্বী—বিম্বা দ্রঃ।

বিম্বু [সং] বি, বিম্বাকৃতি। ২। সুপারি।

বিম্বোষ্ঠ, বিম্বৌষ্ঠ [বিম্ববৎ ওষ্ঠ যাহার, বহু] বিণ, তেলাকুচা ফলের ন্যায় যাহার রক্তিম ওষ্ঠাধর। স্ত্রী, বিম্বোষ্ঠা, বিম্বৌষ্ঠী।

বিম্লান (বিম্‌ম্লান্) [বি (না) ম্লান] বি, অমলিন ; নির্ম্মল। ২। টাটকা। স্ত্রী, বিম্লানা।

বিয়নী [বীজনী হইতে প্রাকৃ—জ=অ, পরে য়। বিউনী দ্রঃ] বি, বিজনী ; পাখা। প্র—"কেহ লয় বিয়নী দর্পণ।"—কবিকঙ্কণ।

বিয়ন্ত (বিয়োন্তো) [বিয়ন (বিঅন দ্রঃ) ত (সদ্যঃপ্রসূত অর্থে)] বিণ, যে সদ্যঃ প্রসব করিয়াছে। প্র—"বিয়ন্ত বাঘিনীর মত গজ রাজ লাগিল"—নবীন তপস্বিনী।

বিয়ম (বিজম্) [বি—যম্ (নিবৃত্তি করা) অ (ভাবে)] বি, নিবৃত্তি। ২। ইন্দ্রিয়সংযম।

বিয়রি [বিরন হইতে] বি, বিরণধান্য। প্র—"বিয়রি ধানের চাইল।"—মাণিক গান।

বিয়লি [বিদলিত হইতে—বিদলন করিয়া দালের খোসা তুলিবার ভাব হইতে। অসমীয়া —বিয়লী (বিয়ল্—ব্যাপ্ত হওয়া—হেমকোষ] বি, খোসা ছাড়ান দাল ; বিউলি। প্র—"ঘর দুই চারি দেখে মুদ্গের বিউলি।"—চৈতন্য ভাগবত।

বিয়া (বিআ) [সং—বিবাহ] বি, পরিণয়, প্র—"অদ্যাপি নাইল বিয়া।"—অ, ম। ২। [বীজ হইতে বিআ] বীজ।

বিয়াকুল (ল্) [সং—ব্যাকুল] বিণ, ব্যাকুল। প্র—"অতি বিয়াকুল করত খেদ"—জ্ঞানদাস।

বিয়াজ (জ্) [হি] বি, সুদ। প্র—"বিয়াজ লাগিয়া ছুঁয়ে করে কাড়াকাড়ি।"—কবিক।

বিয়ান (ন্) [হি—বিহান] বি, প্রভাত। ২। [বিয়ান দ্রঃ] বধূ বা জামাতার মাতা বা মাতৃস্থানীয়া।

বিয়ান (নো) [সং—বী (গর্ভ গ্রহণ করা, ক্ষেপণ করা) ধাতু হইতে প্রসবার্থে বাং-য় বি+অন, আন। প্র-পু—বিয়ায়, বিয়োয়। অস-ক্রি—বিয়াতে, বিয়াইতে ; বিয়ুতে ; বিয়াইয়া, বিয়িয়ে] ক্রি, প্রসব করা। প্র—"মামার ক্ষেতে বিয়াইল গাই সেই সম্বন্ধে মামাত ভাই"—সা, প, প। বি, বিয়ান (ন্) —প্রসব। প্র—গৈলে বাঁধা কৈলে বাছুর এক বিয়ানের ফল"—অমৃত বসু।

বিয়াপি (বিআপি) [ব্রজ। সং—ব্যাপী হইতে] বিণ, ব্যাপ্ত। প্র—"পতিত কোরে ধরি ভুবন বিয়াপি।"—বলরাম।

বিয়াল্লিশ (বিআল্‌লিশ্) [সং—দ্বাচত্বারিংশৎ হইতে বিণ, দুই অধিক চল্লিশ সংখ্যা ; ৪২।

বিযুক্ত (জু) [বি—যুক্ত] বিণ, বিচ্ছিন্ন ; বিশ্লিষ্ট। ২। পরিত্যক্ত।

বিযুত (জু) [বি—যুত] বিণ, অসংলগ্ন।

বিয়ে (বিএ) [বিবাহ] বি, পরিণয়।

বিয়েন (বিএন্) [বিয়ান দ্রঃ] বি, প্রসব। প্র—"ছার পোকার বিয়েন মতন নিত্যি নূতন আইনে দেশ হয় জ্বালাতন।"—বাং-গান।

বিয়োগ (বিওগ্) [বি—যোগ] বি, বিচ্ছেদ ; বিরহ। ২। অভাব। ৩। [গণিতে] এক রাশি হইতে অন্যরাশি বাদ দেওয়া ; ব্যবকলন ; জমাখরচ ; subtraction. বিণ, বিয়োগী [বিয়োগিন্] বিচ্ছেদযুক্ত ; বিরহী। স্ত্রী, বিয়োগিনী—বিরহিণী। ২। ছন্দো-বিশেষ। বিয়োগবিধুর—বিণ, বিচ্ছেদ-কাতর। স্ত্রী, বিয়োগবিধুরা।

বিযোড় (বিজোড়্) বিণ, যাহা দুই বা দুয়ের গুণিতক নহে ; অযুগ্ম।

বিয়োজিত (বিওজিত) [বি—যুজ্+ই (ণিচ্)=যোজি (বিয়োগ জন্মান)+ত (ক্ত, কর্মে)] বিণ, পৃথক্কৃত ; বিশ্লিষ্ট ; বিরহিত। বি, বিয়োজন—বিয়োগ। ২। অভাব। ৩। অদর্শন। প্র—"দুই মাসে হয় তোমার গুরু বিয়োজন।"—কবিক।

বিয়োনো [বিয়ান দ্রঃ] ক্রি, প্রসব করা। প্র—"সেথা পুঁটি মাছে বিয়োয় না ক টিয়া পাখীর ছা"—দ্বিজেন্দ্র রায়।

বিরক্ত (বিরক্‌ত) [বি—রন্‌জ্ (অনুরক্ত হওয়া)+ত (ক্ত, কর্তৃ)] বিণ, অননুরক্ত।

২। বৈরাগ্যযুক্ত ; উদাসীন। ৩। বিরত। ৪ জ্বালাতন। ৫। অসন্তুষ্ট। বিরক্তা—দুর্ভগা ২। অননুরক্তা। বি, বিরক্তি। বিরক্তিকর—অপ্রীতিকর। ২। বৈরাগ্যজনক।

বিরচিত (রো) [বি—রচি (স্বার্থে ণিজন্ত। রচনা করা) + ত (ক্ত, কর্ম্মে)] বিণ, বর্ণিত। ২। প্রণীত ; কৃত। ৩। নির্ম্মিত। ৪। গঠিত। ৫। গ্রথিত। বি, বিরচন।

বিরজা [সং] বি, শ্রীক্ষেত্র ; জগন্নাথক্ষেত্র। ২। কৃষ্ণ ও রাধিকার সখীবিশেষ। ৩। যযাতি রাজার জননী। ৪। নদীবিশেষ।

বিরজাঃ [বিরজস্ শব্দ। বি (বিগত, নাই) রজস্ (রক্ত, ধূলি, রজোগুণ) যাহার—বহু] বি, স্ত্রী, রজোহীনা স্ত্রী ; ঋতুরহিতা স্ত্রী ; বিগতার্ত্তবা নারী। ২। বিণ, পুং, রজোগুণরহিত। ৩। ধূলিবিহীন।

বিরজীকৃত (রো) [বি (না) রজস্—কৃত—মধ্যে ঈ (চ্বি) অভূততদ্ভাবার্থে)] বিণ, যাহাকে রজোগুণরহিত করা হইয়াছে। ২। যাহাকে ধুলা বিহীন করা হইয়াছে।

বিরত [বি (না) রম্ (রত থাকা) + ত (ক্ত, কর্ত্তৃ)] বিণ, ক্ষান্ত ; নিবৃত্ত। ২। পরাঙ্মুখ। ৩। ভ্রান্ত। স্ত্রী, বিরতা। বি, বিরতি—নিবৃত্তি। ২। বিরাম। ৩। শান্তি। ৪। বিরাগ।

বিরমা [বি—রম্ (আসক্ত করা, রত করা)] ক্রি, মগ্ন করা ; রত করা। প্র—"কমলাকান্ত নিতান্ত অনুগতে নামরসে বিরমাও।"—বাং-গান।

বিরল (ল্) [সং] বিণ, ফাঁক। ২। অল্প ; কম। তুল—ইং—rare. ৩। শিথিল। ৪। নির্জ্জন। ৫। বি, নির্জ্জন স্থান ; একান্ত। প্র—"এস সখি তুমি আমি বসি এ বিরলে।"—ব্রজাঙ্গনা। ৬। গোপন। প্র—"বিরল কথন"—কবিকঙ্কণ। ৭। দধি। বিরলকথন—নির্জ্জনে কথোপকথন। প্র—"তোমা সনে আছে তার বিরলকথন॥"—কবিক। বিরলজানুক—লম্বা জানুবিশিষ্ট। ২। বক্রজানুবিশিষ্ট।

বিরস (শ্) [বি (নাই) রস যাহাতে, বহু] বিণ, রসবিহীন ; নীরস ; শুষ্ক। ২। অতৃপ্তিজনক। ৩। বিস্বাদ। ৪। বিষণ্ণ। প্র—"খুল্লনারে দিতে যায় হইয়া বিরস॥"—কবিক। ৫। স্ত্রী, অশ্রদ্ধা। ৬। বিষাদ ; বিষণ্ণতা। প্র—"তোমার বিরসে আর কোন রসে হৃদিপদ্ম হবে বল সুখী।"—বাং-গান। ৭। আমোদে বাধা দান ; রসভঙ্গ। প্র—"একালে মেনকা আসি করিল বিরস।"—কবিক।

বিরহ (বি) [সং] বি, বিচ্ছেদ ; বিয়োগ। ২। অভাব। ৩। শৃঙ্গার রসের অবস্থাবিশেষ। ৪। কৃষ্ণের মথুরা গমনে রাধার বিচ্ছেদ সম্বন্ধীয় গীত। প্র—"পূর্ব্ব রঙ্গ রসোদ্গার মাথুর বিরহ আর হরিভক্তি যাহাতে প্রকাশ।"—অ, ম। বিরহকাতর—বিয়োগকাতর ; বিচ্ছেদক্লিষ্ট। স্ত্রী, বিরহকাতরা। বিরহবিধুর—বিয়োগকাতর ; বিচ্ছেদক্লিষ্ট। স্ত্রী, বিরহবিধুরা। বিরহব্যথা—বিচ্ছেদজনিত ক্লেশ। বিরহব্যাকুল—বিয়োগকাতর।

বিরহিত (রো) [বিরহ+ইত (জাতার্থে)] বিণ, বিহীন। ২। পরিত্যক্ত। ৩। বিযুক্ত।

বিরহী [বিরহিন্ শব্দ] বিণ, বিয়োগী ; বিচ্ছেদযুক্ত। স্ত্রী, বিরহিণী।

বিরহোৎকণ্ঠা—বি, বিরহজনিত উদ্বেগ। বিণ, বিরহোৎকণ্ঠ।

বিরহোৎকণ্ঠিতা (কো) (বিরহ দ্বারা উৎকণ্ঠিতা, ৩তৎ) বি, স্ত্রী, নায়িকাবিশেষ।

বিরাগ (গ্) [সং] বি, নিস্পৃহতা। ২। বিরক্তি ; অসন্তোষ। ৩। অননুরাগ। প্র—"আমি এসেছি বিবাগে মনের বিরাগে"—বাং-গান। ৪। বৈরাগ্য। প্র—"বিরাগ যারে করে ধারণ সেই ত পায় হরির চরণ"—বাং-গান। ৫। বিণ, রাগহীন।

বিরাগী [বিরাগিন্ শব্দ] বিণ, উদাসীন। স্ত্রী, বিরাগিণী।

বীরাঙ (বীরাং) [শব্দাত্মক] বি, গর্জ্জন ; ডাক। প্র—"বাঘা দিল বীরাঙ বিস্তার করি মুখ"—ঘনরাম।

বিরাজ [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—রাজ্ (দীপ্তি পাওয়া)] ক্রি, শোভা পাওয়া। অবস্থান কর। বিরাজ করা—প্রকাশ পাওয়া ২। বিদ্যমান থাকা। প্র—"বিরাজ হৃদি মন্দিরে"—ব্রহ্মসঙ্গীত। বিরাজমান—দীপ্যমান। ২। বিদ্যমান।

বিরাজিত—বিণ, শোভমান। ২। প্রকাশিত।

বিরাট (ট্) [সং] বি, পুং, বগুড়ার সন্নিহিত দেশ ; উত্তর বঙ্গ। ২। ঐ দেশের রাজা। ৩। [দর্শনে] সমস্ত ব্রহ্মাণ্ডে সমষ্টিভাবে উপস্থিত চৈতন্য ; নামান্তরে ক্ষীরোদকশায়ী। ৪। বিণ, সুবৃহৎ ; বিশাল। বিরাটতনয়—বিরাট রাজপুত্র। ২। উত্তর [উত্তর হইতে] দিক অর্থেও কবিপ্রয়োগ দেখা যায়। প্র—"বিরাট তনয় মুখে যদি কর ভর।"—ঘনরাম।

বিরাড় (ড়্) [বিরাট দ্রঃ] বি, রাজা ; ভূপতি। প্র—"বীর যমরাড় বুঝিয়া বিরাড়, বিপদে না বান্ধে বুক"—ঘনরাম।

বিরাধ (ধ্) [সং] বি, হানি। ২। বাধা। ৩। অপরাধ। ৪। দণ্ডকারণ্যবাসী রাক্ষসবিশেষ।

বিরানব্বই (বিরানোব্বোই) বি, দুই অধিক নব্বই ; ৯২।

বিরানা [ফা—বেরুন (বাহির)—বেরুনা (বাহিরের) তাহা হইতে পরের] বি, পর ; অজ্ঞাতকুলশীল। প্র—"বিরানার বাছা বলি বাস নাহি মনে।"—শিবায়ন।

বিরাম (ম্) [সং] বি, নিবৃত্তি ; বিরতি। ২। বৈরাগ্য। ৩। বিশ্রাম। ৪। শেষ ; অবসান। ৫। [ব্যাকরণে] পরে কোন বর্ণ না থাকা।

বিরাল (ল্) বি, বিড়াল। বিরাল-অক্ষ—বিড়ালচক্ষুঃ কটা চোখ। প্র—"রুদ্রাক্ষ বিরাল অক্ষ সুবর্ণ রজতে॥"—চৈতন্যভাগবত।

বিরাব (ব্) [সং] বি, ধ্বনি ; রব। ২। কোলাহল। ৩। বিণ, রবশূন্য। বিণ, বিরাবী। স্ত্রী, বিরাবিণী।

বিরাশি—বি, দুই অধিক আশী ; ৮২। বিরাশি সিক্কার ওজন—কোম্পানীর টাকায় ৮২ টাকার সের যে ওজনের ; পাকা ওজন। ২। [কোম্পানীর টাকার ৮০ সিক্কায় এক সের হয় সুতরাং] খুব দমদার ; ভারি।

বিরিক্ত [সং] বিণ, বিরেচনকারী ; উদর ভঙ্গবিশিষ্ট ; বহুমলত্যাগী।

বিরিখ (খ্) [সং—বৃক্ষ। প্রা-বাং] বি, বৃক্ষ ; গাছ। প্র—"বিরিখের ফল"—চণ্ডীদাস।

বিরিঞ্চ (বিরিন্চ) [সং] বি, পুং, ব্রহ্মা। ২। বিষ্ণু। ৩। মহেশ্বর।

বিরিঞ্চি (বিরিন্চি) [সং] বি, ব্রহ্মা। প্র—"বিরিঞ্চি পুরোহিত বিধান সুবিদিত পূজক আপনি মহেশ।"—অন্নদামঙ্গল।

বিরুত [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—রু (শব্দে) + ত (ক্ত—ভাবে)] বি, ক্লী, অব্যক্তধ্বনি ; কলরব। বিণ, কূজিত।

বিরুদ্ [বীরুধ্ (লতা) অপভ্রংশে] বি, গাছ।

বিরুদ্ধ [বি—রুধ্ (রোধ করা) + ত (ক্ত—কর্ত্তৃ)] বিণ, প্রতিকূল। ২। বিপরীত। ৩। আবদ্ধ। ৪। বিদ্বেষবিশিষ্ট। বিরুদ্ধবচন—প্রতিকূল বচন। বিরুদ্ধবাদী—বিণ, প্রতিকূলবাদী। ২। বিপক্ষ। স্ত্রী, বিরুদ্ধবাদিনী।

বিরুদ্ধাচরণ (ন্) [বিরুদ্ধ+আচরণ] বি, বিপক্ষতাচরণ। ২। বিপরীত কার্য্যকরণ।

বিরুদ্ধাচার—বি, বিপরীত আচরণ। বিণ, বিরুদ্ধাচারী।

বিরূপ (প্) [বি (বিপরীত) রূপ (আকৃতি, গঠন ইত্যাদি) যাহার—বহ্] বিণ, কুরূপ। ২। প্রতিকূল। ৩। অসন্তুষ্ট। স্ত্রী. বিরূপা।

বিরূপাক্ষ (বিরূপাক্‌খ) [বিরূপ—অক্ষ (অক্ষি)—বাম, দক্ষিণ ও ঊর্দ্ধ এই তিন চক্ষু যাহার—বহ্] বি, পুং, ত্রিলোচন; শিব। ২। রুদ্রবিশেষ। ৩। [পুরাণে] পৃথিবী-ধারণকারী দিগ্‌গজ। বিণ, কুৎসিত চক্ষুযুক্ত।

বিরূপিকা—বিণ, স্ত্রী, কুরূপা।

বিরেচন (ন্) বি, ক্লী, মলনিঃসারণ; ভেদ। বিণ, বিরেচক—মলনিঃসারক; জোলাপ।

বিরোচন (ন্) [সং] বি, পুং, সূর্য্য। ২। চন্দ্র। ৩। অগ্নি। ৪। প্রহ্লাদের পুত্র; বলিরাজার পিতা।

বিরোধ (ধ্) [বি—রুধ্ (রুদ্ধ করা ইত্যাদি) + অ (ভাবে)] বি, পুং, যুদ্ধ। ২। শত্রুতা। ৩। অনৈক্য। ৪। বিপদ। ৫। বাধা। ৬। অবরোধ। ৭। অর্থগত অলঙ্কারবিশেষ। ৮। বিপরীতভাব। প্র—"অভেদে হইল ভেদ এ বড় বিরোধ।"—অ, ম।

বিরোধন (ন্) [সং] বি, বিরোধ। ২। বিণ, বিরোধকারী।

বিরোধানল (ল্) [বিরোধ (রূপ) অনল, কর্ম্মধা] বি, বিদ্বেষ-বহ্নি।

বিরোধিতে [বিরোধ দ্রঃ] ক্রি, বিরোধ করিতে। ২। বাধা দিতে। প্র—"কে তোমার ইচ্ছা প্রভু বিরোধিতে পারে।"—চৈতন্যভাগবত।

বিরোধী [সং—বিরোধিন্] বিণ, বিরোধকারী। ২। বিরুদ্ধ। স্ত্রী. বিরোধিনী।

বিরোধোক্তি [কাব্যালঙ্কারে] বি, যাহা বাস্তবিক বিরুদ্ধ নহে কিন্তু আপাততঃ বিরুদ্ধ বলিয়া মনে হয়। ২। বিরুদ্ধবাদ।

বিল (ল্) [সং] বি, ছিদ্র; গর্ত্ত; গুহা; বিবর। প্র—"নিন্দিত মৃণাল, ভুজ দেখি ব্যাল, বিলে প্রবেশিল লাজে"—কাশী-মহা। ২। নদীর গতিপরিবর্ত্তনে উৎপন্ন স্রোতোহীন বৃহৎ জলাশয়; বাঁওড়। প্র—"নূতন সলিলে ভরা বরষার বিল।"—প্রেম ও ফুল। ৩। যে ভেদ করে। ৪। অশ্ববিশেষ।

বিলকুল (বিল্‌কুল্) [আ—বিল্ (এমন কি) + ফা—কুল (সব, all)—এমন কি সমুদয়] ক্রি-বিণ, সমুদয়; সমস্ত; বেবাক; নিঃশেষে।

বিলক্ষ (বিলোক্‌খ) বিণ, অনুদ্দিষ্ট। ২। অচিহ্নিত।

বিলক্ষণ (বিলোক্‌খোন্) [সং] বিণ, অসামান্য। ২। বিপরীত। প্র—"সিংহগ্রীব গজস্কন্ধ বিলক্ষণ বেশ।"—চৈতন্যভাগবত। স্ত্রী. বিলক্ষণা।

˚বিলক্ষণ (বি্‌লোকখোন্) [বাং-র] ক্রি-বিণ, খুব ভাল; বহুত আচ্ছা। প্র—"কৃতকার্য্য হই বিলক্ষণ, না হই তাহাতে ক্ষতি নাই।"—দিগিন্দ্রনারায়ণ ভট্ট।

বিলগ্ন [বি—লগ্ন] বিণ, সংযুক্ত; বদ্ধ। ২। বি, জন্ম লগ্ন। ৩। মেষাদি রাশি।

বিলঙ্ঘন (ন্) [বি—লন্‌ঘ্ (ডিঙ্গিয়া যাওয়া) + অন (ভাবে)] বি, অতিক্রম; উল্লঙ্ঘন। বিলঙ্ঘিত।

বিলঙ্ঘনীয়—বিণ, অতিক্রমণীয়।

বিলঙ্ঘ্য (বিলোংঘ্য)—বিণ, অতিক্রমণীয়।

বিলজ্জ [বি (বিগত) লজ্জ] বিণ, নির্লজ্জ।

বিলন, বিলান (নো) [সং—বিতরণ] ক্রি, বণ্টন করা। ২। ব্যয় করা।

বিলপন (ন্) [বি—লপ্ (বলা, শোক করা) অন (ভাবে)] বি, ক্লী, পরিতাপ; বিলাপ। বিণ, বিলপিত।

বিলপমান (ন্) বিণ, বিলাপকারী।

বিলবিল—পিলপিল দ্রঃ। প উৎকর্ষে ব।

বিলম্ব [বি—লন্‌ব্ (কাল যাপন করা) + অ (ল্—ভাবে)] বি, দেরী; গৌণ। ২। ঝুলন। বিণ, বিলম্বিত—বিণ, বিলম্বযুক্ত। ২। লম্বমান; ৩। বি, ক্লী, মধ্যম নৃত্য।

বিলম্বন (ন্) [বি—লন্‌ব্ + অন (অনট্—ভাবে)] বি, ক্লী, ঝুলন।

বিলম্বাহ [বিলম্ব হইতে বাং-য় নাম ধাতু বিলম্বাও, প্রা-বাং-য় ও স্থানে হ র ব্যবহার ছিল] ক্রি, বিলম্ব কর; অপেক্ষা কর; "চল চল সহচরি, অক্রূর চরণে ধরি তিল এক হরি বিলম্বাহ।"—গোবিন্দদাস।

বিলম্বী (বিলোম্‌বী) [বিলম্বিন্ শব্দ] বিণ, বিলম্বকারী। ২। অশীঘ্র; অসত্বর। ৩। বিলম্বিত; ঝুলান।

বিলয় (বিলয়্) [সং] বি, ব্রহ্মাণ্ডের নাশ; প্রলয়। ২। বিনাশ; বিলোপ। ৩। বিণ, তালশূন্য। ৪। [প্রাদে] কার্য্যের ব্যবস্থা জ্ঞানশূন্য; বেলয়।

বিলয়ন (ন্) [বি—লয়—অন (করণ অর্থে)] বি, লয়করণ; বিনাশন।

বিলসই (শ) [ব্রজ। বিলাস হইতে নাম ধাতু] ক্রি, বাসনা করে; ইচ্ছা করে; চাহে। প্র—"সুপুরুখ বিলসই সো বরনারী"—বি-প।

বিলসব (শ) [বিলাস হইতে নামধাতু। ব্রজ] ক্রি, বিলাস করিবে; অভিলাষ করিবে। ২। বিহার করিবে। প্র—"কা সঙ্গে বিলসব"—বি, প। "শ্যাম সহ বিলসব"—চণ্ডীদাস। বিলসয়ে—ক্রি, বিলাস করে। প্র—"বহু-বিধ বিলসয়ে বহুবিধ রঙ্গ"—বি, প। বি, বিলসন।

বিলসিত (শি) [সং] বিণ, কৃতবিলাস। ২। শোভিত। প্র—"কর বিলসিত নিশিত পরশু অশুর বর কুরঙ্গিয়া"—অ, ম।

বিলাই [প্রাদে। হি] বি, বিড়ালী; মেনি বেরাল। ২। বিড়াল। প্র—"এই বিলাই বনে গেলেই বন বিলাই"—সা-প-পত্রিকা।

বিলাত (ত্) [ফা—বিলায়ৎ] বি, রাজার দেশ; রাজপাট। ২। বিদেশ; a foreign country. ৩। ইংলণ্ড; England. প্র—"বিলাত দেশটা মাটির"—দ্বিজেন্দ্র রায়। ৪। ভাণ্ডার। প্র—"লঙ্কের বিলাত লুটে বসে থাক ঘরে।"—ঘনরাম। বি, বিলাতি, বিলাতী, বিলায়তি—বিণ, বিলাতে উৎপন্ন। প্র—"বিলাতি পেলাত গায়। ২। য়ুরোপীয়; য়ুরোপসুলভ। প্র—"আমরা শিখেছি বিলাতী বুলি"—দ্বিজেন্দ্ররায়। বিলাতফেরত,—ফেরতা,—ফের্তা—ইংলণ্ড প্রত্যাগত। ২। য়ুরোপপ্রত্যাগত। প্র—"আমরা বিলাত ফের্তা ক'ভাই"—হাসির গান।

বিলানো [বিলন দ্রঃ] ক্রি, বিতরণ করা; বণ্টন করা।

বিলাপ (বিলাপ্) [বি (বিবিধপ্রকারে)—লপ্ (বলা, খেদ করা) + অ (ঘঞ্-ভাবে)] বি, পুং, খেদ; কাতরোক্তি; পরিদেবন। প্র—"কেনই আমি, নিতান্ত নৃশংস হইয়া সীতারে বনবাস দিলাম; * * * প্রিয়ারে বনবাস দেওয়া অপেক্ষা আমার আত্মঘাতী হওয়া সহস্র গুণে শ্রেয়ঃকল্প ছিল; ইত্যাদি প্রকারে তিনি অহোরাত্র বিলাপ ও পরিতাপ করিতে লাগিলেন।"—সীতার বনবাস। বিলাপবচন—খেদোক্তি। ক্রি, বিলাপ-বন—মৃত্যুর পর পাতকী আত্মা যথায় কৃতকর্ম্মের জন্য শোক করে। প্র—"ভ্রমে এ বিলাপবনে, বিলাপী নীরবে।"—মেঘনাদ। বিলাপয়ে—বিলাপ করে। প্র—"বহুবিধ বাণী বিলাপয়ে কান।"—বিদ্যাপতি।

বিলাস (বিলাশ্) [বি (বিশিষ্টরূপে) লস্ (ক্রীড়া করা ইত্যাদি) + অ (ঘঞ্—ভাবে) বি, পুং, লীলা; ক্রীড়া। ২। কৌতুক; আমোদ; আনন্দ। প্র—"আইলা কি ঋতুরাজ ধরিলা কি ফুলসাজ বিলাসে ধরণী?"—ব্রজাঙ্গনা। ৩। শৃঙ্গার চেষ্টা-বিশেষ; অঙ্গভঙ্গী; হাবভাব; ইং—coquetry. ৪। সুখ; আরামভোগ; সৌখিনতা; ইং—luxury. ৫। শোভা। ৬। প্রকাশ; বিকাশ; স্ফুরণ। প্র—"আদি খণ্ডে প্রধানতঃ বিদ্যার বিলাস।"—চৈতন্যভাগবত। বিণ, বিলাসী—বিলাসযুক্ত।

২। বল্লভ। প্র—"উর্ম্মিলা বিলাসী"—মেঘনাদ। স্ত্রী. বিলাসিনী—কামিনী। ২ বেশ্যা। ৩। বল্লভা। প্র—"মথুরাবাসিনী মধুরহাসিনী শ্যাম বিলাসিনী রে"—বঙ্কিম বিলাসকানন—প্রমোদোদ্যান; প্রমোদবন। বিলাসতৃষ্ণা—প্রমোদবাসনা আমোদস্পৃহা। বিলাসপর—বিলাসাসক্ত বিলাসী। বিলাসপরায়ণ—সৌখিন বিলাসী। স্ত্রী. বিলাসপরায়ণা। বি. বিলাসপরায়ণতা। বিলাসভবন—কেলিগৃহ; নাট্যশালা; কৌতুকমন্দির। বিলাসপ্রিয়—বিলাসী: আমোদপ্রিয় প্রমোদানুরক্ত। বি. বিলাসপ্রিয়তা। বিলাসমন্দির—প্রমোদাগার; লীলানিকেতন।

বিলি [হি—বিলানা (ছড়ান, বিকীর্ণ করা) বিলান দ্রঃ] বি. বিতরণ। ২। [হি—বিলা-বন্দ্] ব্যবস্থা; বন্দোবস্ত; settlement. বিলিব্যবস্থা—বন্দোবস্ত; শৃঙ্খলা।

বিলিখন, বিলেখন (ন্. ন্) [সং] বি. লেখা। ২। বিদারণ। ৩। খনন। ৪। কর্ষণ; আঁচড়ান। ৫। বিভঞ্জন; বিভাগকরণ।

বিলিপ্ত [বি—লিপ্ত] বিণ. প্রলিপ্ত।

বিলীন (ন্) [বি—লীন্ (লয়প্রাপ্ত) বিণ. অন্তর্হিত। ২। নিবিষ্ট। ৩। মিশ্রিত। ৪। মগ্ন।

বিলুপ্ত [বি—লুপ্ত (লোপ প্রাপ্ত)] বিণ. বিলোপপ্রাপ্ত; অন্তর্হিত। ২। বিনষ্ট।

বিলেপ,—লেপন (প্) [বি—লেপ, লেপন] বি. পুং. লেপন; মাখান। ২। বিলেপন দ্রব্য; চন্দনাদি। স্ত্রী. লেপনী, বিলেপনী।

বিলোকন (ন্)—বি. অবলোকন; দর্শন; দৃষ্টি। প্র—"দারুণ বঙ্ক বিলোকন থোর"—বি. প। বিণ. বিলোকনীয়—সুদৃশ্য; দর্শনীয়।

বিলোকিত [বি(বিশিষ্টরূপে ইত্যাদি)—লোক্ +ত (ক্ত—কর্ম্মে)] বিণ. দৃষ্ট; অবলোকিত।

বিলোচন (ন্) [সং] বি. দর্শন। ২। চক্ষুঃ। প্র—"খঞ্জন গঞ্জন বিলোচন।"—কবিক। স্ত্রী. বিলোচনা।

বিলোড়ন (ন্) [বি (বিশিষ্টরূপে)—লুড়্, বা লোড়্ (মন্থন করা)+ই (ণিচ্)= লোড়ি+অন (ভাবে)] বি. মন্থন; আলোড়ন; ঘোটন। ২। আন্দোলন। বিণ. বিলোড়িত।

বিলোপ (প্) [বি (বিশিষ্টরূপে)—লুপ্ (ছেদন করা, না দেখা)+অ (ঘঞ্—ভাবে)] বি. মৃত্যু। ২। বিনাশ; ধ্বংস। ৩। তিরোভাব; অন্তর্ধান।

বিলোপন (ন্)—বি. বিলোপকরণ। ২। তিরোভাব। ৩। ধ্বংস; লোপ।

বিলোম (ম্) [বি (বিপরীত) লোম (ক্রম)] বিণ.বিপরীত; প্রতিকূল। ২। ব্যুৎক্রম। ৩। জলতুলিবার যন্ত্র। ৪। [সঙ্গীতে] সুরের ক্রমনিম্নগতি বা অবরোহণ।

বিলোমজ [বিলোম (ব্যুৎক্রম, পরপর উৎকৃষ্ট বর্ণ) জ (জাত)] বিণ. ব্রাহ্মণীর গর্ভে ক্ষত্রিয়ের ঔরসজাত, ইত্যাদি ক্রমে উচ্চ বর্ণের মাতৃগর্ভে ও তন্নিম্ন বর্ণের পিতার ঔরসজাত।

বিলোল (ল্) [বি (বিশিষ্টরূপ) যে লোল (চঞ্চল)—কর্ম্মধা] বিণ. চঞ্চল; কম্পিত ২। অতিলোভী। বিণ. বিলোলিত—বিলম্বিত। প্র—"উরহি বিলোলিত চাঁচর কেশ।"—বি. প।

বিল্টি [ইং—billet] বি. জাহাজে বোঝাই করা মালের রসীদ; চালান; ফর্দ্দ; bill of loading; bill of fare.

বিল্ল [বিল (গর্ত)+ল (সংজ্ঞার্থে)] বি. ক্লী. বিণ. জলাভূমি বিল। ২। আলবাল।

বিল্ব (বিল্‌ল) [সং] বি. ক্লী. বেলগাছ। ২। শ্রীফল; বেল। বিণ. বৈল্ব। বিল্ববিটপ—বেল গাছ। প্র—"বিল্ব বিটপে ব্রহ্মপিশাচ"।

বিশ (শ্) বি. সংখ্যা কুড়ি, ২০। ২। বিণ. বিংশতি-সংখ্যক। ৩। [হি—বিশ্ব] কুড়ি কাঠা। ৪। মৃণাল। ৫। বৈশ্যজাতি। ৬। বিণ. ব্যাপক।

বিশঙ্ক (বিশংক) [বি (বিগত, নাই) শঙ্কা (ভীতি, ভয়) যাহার, বহু] বিণ. শঙ্কাশূন্য।

বিশঙ্কউ [প্রা-বাং] ক্রি. শঙ্কা করি; আশঙ্কা করিতেছি। প্র—"ইহ এক অঙ্ক বঙ্ক বিশঙ্কউ বনহ পশুপতি সেব।"—বি. প।

বিশঙ্কট, বিশঙ্কট (ট্) বিণ. অতি বৃহৎ; বিশাল।

বিশঙ্কমান (ন্) [যে বিশেষ শঙ্কা (ভয়) পাইতেছে] বিণ. আশঙ্কাকারী।

বিশদ (দ্) [বি—শদ্ (গমন করা, নির্ম্মল হওয়া ইত্যাদি)+অ (অচ্—কর্ত্তৃ)] বিণ. সিত; শুভ্র; ধবল। প্র—"বিশদ পক্ষ শুভক্ষণে।"—অ, ম। "বিশদ বস্ত্র বিশদ উত্তরী ধুতুরার মালা যেন ধূর্জ্জটির গলে।"—মেঘনাদ। ২। নির্ম্মল। ৩। সুস্পষ্ট। ৪। বি. শুক্লবর্ণ; শুভ্রবর্ণ।

বিশরাম (বিস্‌রাম্) [বিশ্রাম হইতে] বি. বিশ্রাম। প্র—"তুয়া বিনু মালতী নাহি বিশরাম" —বিদ্যাপতি।

বিশল্য (বিশোল্‌লো) [বি (বিগত, নাই) শল্য (শেল বা চিন্তা) যাহার, বহু] বিণ. ২। নির্ভাবনা। ২। শল্যরহিত। ৩। শেল-ব্যথাশূন্য। বিশল্যকরণী—বি. স্ত্রী. ব্যথানাশিনী লতাবিশেষ। প্র—"হনুমান ঝাট আন বিশল্যকরণী।"—কবিকঙ্কণ।

বিশল্যা (বিশোল্লা)—বি. স্ত্রী. গুলঞ্চলতা। ২। অগ্নিশিখাবৃক্ষ। ৩। ত্রিপুটা। ৩। অজমোদা। বিণ. শল্যশূন্যা; শেলরহিতা।

বিশা [প্রা-বাং] বি. ১৬০ তোলা পরিমাণ। প্র—"বিশাদরে ছেনা কিনি কিনিল নবাত চিনি"—কবিকঙ্কণ।

বিশাই, বিসাই [বিশ্বকর্ম্মা শব্দের অপভ্রংশ] বি. পুং. বিশ্বকর্ম্মা। প্র—"নূতন খোটনা কুঁড়া দিয়াছে বিশাই।"—অন্নদামঙ্গল। প্র—আচম্বিত বিসাই ঠেকিল রাজার সম্মুখে।"—শূন্যপুরাণ।

বিশাখ (খ্) [বিশাখা (নক্ষত্র বিশেষ)+অ (ণ্—অপত্যার্থে)—বিশাখা নক্ষত্র দ্বারা প্রতিপালিত] বি. পুং. কার্ত্তিকেয়। ২। [বি (বিবিধ, অনেক) শাখা (শ্রেণী) যাহার, বহু] পুনর্নবা। ৪। [বি (নাই) শাখা (ডাল পালা) যাহার, বহু] বিণ. শাখাবিহীন।

বিশাখচৌপদী (খ্, পো) বি. বাঙ্গালা ছন্দোবিশেষ। তুল—"বালা হয়ে জ্বালা সয়, কেমনে বাঁচিয়া রয়, কার মনে নাহি হয় দয়া একটুক গো, দয়া একটুক। নিদয় হৃদয় বিধি এ তার কেমন বিধি দিয়ে হোরে নিল নিধি, হইয়া বিমুখ গো হইয়া বিমুখ"—প্রভাকর।

বিশাখপয়ার (খ্, র্) বি. বাঙ্গালা ছন্দোবিশেষ। প্র—"স্বার্থক জীবন আর বাহুবল তার হে, বাহুবল তার। আত্মনাশে যেই করে দেশের উদ্ধার হে, দেশের উদ্ধার॥"—প, উ।

বিশাখা—বি. স্ত্রী. সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত নক্ষত্রবিশেষ। ২। রাধিকার আট সখীর অন্তর্গত সখীবিশেষ।

বিশারদ (দ্) [বিশাল (বৃহদ্ জ্ঞান, প্রচুর শিল্প বিজ্ঞানাদি) দা (আদান অর্থাৎ গ্রহণ করা প্রভৃতি)+অ (ড, কর্ত্তৃ) 'ল' স্থানে—র, যে বিশিষ্ট জ্ঞান বা শিল্প বিজ্ঞানাদিতে বিচক্ষণতা লাভ করে] বিণ. শ্রেষ্ঠ। ২। প্রসিদ্ধ। ৩। জ্ঞানী; পণ্ডিত। ৪। নিপুণ; দক্ষ। ৫। বিস্তৃত। ৬। প্রগল্‌ভ। ৭। চতুর। স্ত্রী. বিশারদা।

বিশাল (ল্) [সং] বিণ. প্রকাণ্ড। ২। বিস্তীর্ণ। ৩। অত্যন্ত। প্র—"পশ্চাতে ঢোলের বাদ্য বাজায় বিশাল।"—কবিকঙ্কণ। ৪। প্রসিদ্ধ; বিখ্যাত। ৫। অত্যুদার। প্র—বিশাল হৃদয়। বিশাল নৃত্য, নাচ—

তাণ্ডব নৃত্য। প্র—"ক্ষণে বা বিশাল নাচে ক্ষণে বা মধুর।"—চৈতন্যভাগবত। বি, বিশালতা—বিস্তৃতি। ২। প্রকাণ্ডতা।

বিশালা—বি, স্ত্রী, দক্ষকন্যা। ২। গয়াতীর্থস্থিত নদীবিশেষ। ৩। উজ্জয়িনী নগরী ৪। ইন্দ্রবারুণী। ৫। তীর্থবিশেষ।

বিশালাক্ষ (বিশালাক্‌খ) [বিশাল (বড়) অক্ষ (অক্ষি) যাহার, বহু] বি, পুং মহাদেব। ২। বিষ্ণু। ৩। গরুড়। ৪। বিণ, বৃহৎ-নয়ন-বিশিষ্ট; সুলোচন। স্ত্রী, বিশালাক্ষী—ভগবতী; দুর্গা। ২। যোগিনীবিশেষ। ৩। আয়তলোচনা।

বিশালী—বি, সুগন্ধি বীজবিশিষ্ট লতাবিশেষ; caraway.

বিশাশয়, বিসাসয় (বিশাশয়্) বিণ, বিংশত্যধিক শত, ১২০ (গোবিন্দচন্দ্রের গীত)। প্র—"বিসাসয় বিশেষ গড়াবে শাল কাঁট।" "বিশাশয় বৎসর বয়স গেল রাঢ়ে।"—ঘনরাম। ২। (গ্রিয়ার্সন) বিশ শত; ২০,০০। [দ্রঃ—বিশাশয় (ধর্ম্মমঙ্গল), বিশাসয় (রংপুরের সোনা রায় ঠাকুরের গান), বিসাসয় (গোবিন্দচন্দ্রের গীত)। প্র—"রত্তন জ্বলিছে ঘরে বিসাসয় বাতি"—গোবিন্দচন্দ্রের গীত—দুর্ল্লভ মল্লিক]।

বিশিখ [বি (বিশিষ্ট) শিখা (অগ্রভাগ) যাহার, বহু] বি, পুং, তোমর নামক ক্ষেপ্যাস্ত্র। ২। বাণ। প্র—"কজ্জল গরল বিশিখ প্রবল। ধরসি কিবা কারণে॥"—কবিকঙ্কণ। ৩। [বি (নাই) শিখা যাহার, বহু] বিণ, শিখাবিহীন। স্ত্রী, বিশিখা—রুগ্নাগার। ২। খননাস্ত্র। ৩। টেকুয়া।

বিশিষ্ট [সং] বিণ, অতিশিষ্ট। ২। বিখ্যাত। ৩। বিলক্ষণ। ৪। যুক্ত; সম্পন্ন। বি, বিশিষ্টতা—বিশেষত্ব।

বিশিষ্টাদ্বৈতবাদ (দ্বৈতবাদ্) [অদ্বৈতবাদ দ্রঃ] বি, যে দর্শনে এক ব্রহ্মই প্রকৃতি ও পুরুষরূপে দ্বৈতগুণবিশিষ্ট স্বীকৃত হয়। বিণ, বিশিষ্টাদ্বৈতবাদী।

বিশীর্ণ (বিশীর্‌ন) [বি—শীর্ণ] বিণ, অতি কৃশ; জীর্ণ। ২। বিশুষ্ক। স্ত্রী, বিশীর্ণা।

বিশীর্য্যমান (বিশীর্‌জমান্) [সং] বিণ, যাহা বিশুষ্ক বা কৃশ হইতেছে।

বিশীল (ল্) [বি (বিহীন) শীল (স্বভাব)] বিণ, দুঃশীল; অশিষ্ট।

বিশুদ্ধ [বি—শুদ্ধ] বিণ, পবিত্র; পূত। ২। নির্ম্মল; নিষ্কলঙ্ক। ৩। নির্দ্দোষ। ৪। অমিশ্র; খাঁটি। ৫। বি, ক্লী, ষটচক্রের অন্তর্গত পঞ্চম পদ্ম। বি, বিশুদ্ধতা, বিশুদ্ধি।

বিশুদ্ধগণিত (বিশুদ্‌ধগোণিত্) বি, অমিশ্রগণিত; pure mathematics.

বিশুদ্ধাত্মা (বিশুদ্‌ধাৎতা) [বিশুদ্ধ+আত্মা] বিণ, পবিত্রচেতাঃ; পূতহৃদয়।

বিশুষ্ক [বি (বিশিষ্টরূপে) শুষ্ক] বিণ, ম্লান; ২। বিশীর্ণ। ৩। নীরস। বি, বিশুষ্কতা।

বিশৃঙ্খল (সৃংখল্) [বি (নাই) শৃঙ্খল (শিকল) যাহার, বহু] বিণ, ২। [বি (নাই) শৃঙ্খলা (নিয়ম) যাহার, বহু] বিণ, উচ্ছৃঙ্খল। ৩। অনিয়মিত। ৪। অবাধ্য। বি, বিশৃঙ্খলতা।

বিশেখি [প্রা-বাং] ক্রি-বিণ, বিশেষ করিয়া; সবিশেষ; বিস্তারিত। প্র—"কহব বিশেখি"—বি, প। ২। বিশিষ্ট। প্র—"গিধিনী শ্রবণ বিশেখি"—বি, প।

বিশেষ (ষ্) [সং] বি, প্রভেদ। ২। বৈলক্ষণ্য। ৩। প্রকার। ৪। বৈচিত্র্য। ৫। তারতম্য। ৬। প্রকষ; আধিক্য। প্র—"হেতু কিছু আছয়ে বিশেষ।"—কবিক। ৭। বৈশেষিক দর্শনে স্বীকৃত বিশেষ নামে পদার্থ। ৮। বিণ, বিশিষ্ট। বি, বিশেষত্ব। বিশেষজ্ঞ—অভিজ্ঞ; সুপণ্ডিত।

বিশেষক (ক্) [বি—শিষ্+ই (ণিচ্)= শেষি (বিশিষ্টকরণ)+অক (কর্ত্তৃ) যে বিশিষ্ট করায়] বিণ, প্রভেদক; বিশেষকারক। ২। বি, তিলকবৃক্ষ। ৩। এক ক্রিয়ান্বিত শ্লোকত্রয়। ৪। ললাটস্থ তিলক। ৫। তমালপত্র।

বিশেষকচ্ছেদ্য (চ্ছেদ্‌দ) বি, ক্লী, চৌষট্টি কলার অন্তর্গত কলাবিশেষ; কলা দ্রঃ।

বিশেষণ (ন্) [বি—শিষ্ (বিশেষ করণে) +অন] বি, ক্লী, যাহা কোন গুণ বা অবস্থার বিশেষিত করে; ইহা ত্রিবিধ—বিশেষ্যের বিশেষণ, বিশেষণের বিশেষণ ও ক্রিয়ার বিশেষণ। আধু ব্যাকরণে সর্ব্বনামকে পৃথক্ পদ স্বীকার করিয়া তাহার বিশেষণকে বিশেষণের প্রকার ভেদ জ্ঞান করা হয়। ২। চিহ্ন। ৩। অতিশয় করণ। ৪। বিশেষ ব্যাখ্যা; বিস্তারিত বর্ণন। প্র—"বিশেষণে সবিশেষ কহিবারে পারি।"—অন্নদামঙ্গল। ৫। উপাধি। বিণ, বিশেষিত।

বিশেষোক্তি [বিশেষ (প্রধান) যে উক্তি (বলা)—কর্ম্মধা] বি, স্ত্রী, কাব্যের অলঙ্কারবিশেষ। কারণ থাকিলেও যেখানে কার্য্য হয় না সেই বিশেষোক্তি; যথা—তাহারা ধনী বটে কিন্তু অহঙ্কৃত নয়: সে যুবা হইলেও তাহার চিত্ত চাঞ্চল্য নাই।

বিশেষ্য (বিশেশ্‌শ) বি, যাহা দ্বারা কোন বিশিষ্ট বস্তু, ব্যক্তি বা বিষয় বোধ হয়; সংজ্ঞা মাত্র; বস্তু, ব্যক্তি বা বিষয়ের নাম; noun.

বিশোক (ক্) [বি (বিগত, নাই) শোক যাহা হইতে—বহু] বি, পুং, অশোক বৃক্ষ। ২। বিণ, শোকরহিত। স্ত্রী, বিশোকা—চিত্তবৃত্তিবিশেষ।

বিশোধন (ন্) [বি (বিশিষ্টরূপ) যে শোধন (শুদ্ধি)—কর্ম্মধা] বি, বিশুদ্ধিকরণ। ২। সংশোধন। ৩। নির্ম্মলীকরণ। স্ত্রী, বিশোধনী—ব্রহ্মার পুরী। বিণ, বিশোধক, বিশোধী—বিশুদ্ধিকারক। (২) বিশোধিত—কৃত বিশুদ্ধ। (৩) বিশোধ্য, বিশোধনীয়—বিশুদ্ধকরণ যোগ্য।

বিশোয়াস (শ্) [প্রা-বাং] বি, বিশ্বাস; প্রত্যয়। প্র—"সঙ্কেত কর বিশোয়াসে"—বি, প।

বিশোষণ (ন্) [বি—শোষণ] বি, ক্লী, শুষ্ককরণ;

বিশ্রবাঃ (বিস্‌স্রোবা) বি, পুং, জনৈক ঋষি; (লঙ্কাপতি রাবণের জনক)।

বিশ্রব্ধ (বিস্‌স্রব্‌ধ) [বি (বিশিষ্টরূপে)—শ্রন্ভ্ (বিশ্বাস করা)+ত (ক্ত—কর্ত্তৃ) যে বিশ্বাস করিয়াছে] বিণ, বিশ্বস্ত। ২। নিঃশঙ্ক। ৩। বিগতশ্রম; বিশ্রান্ত। ৪। ধীর। ৫। দৃঢ়। ৬। গাঢ়।

বিশ্রম (বিস্‌স্রম্) [বি (বিগত) শ্রম (ক্লান্তি)] বি, পুং, বিরাম; বিশ্রাম।

বিশ্রম্ভ (স্র) [বি—শ্রন্ভ্ (প্রমাদে)+অ] বি, কেলিকলহ। ২। [বি (অভাবার্থে) শ্রন্ভ্ (অনবধানে)] প্রণয়। ৩। বিশ্বাস। ৪। স্বচ্ছন্দ। বিণ, বিশ্রম্ভী। বিশ্রম্ভালাপ—প্রণয়ালাপ; প্রণয়পূর্ণ কথোপকথন।

বিশ্রান্ত (বিস্‌স্রান্‌ত) [বি (নাই) শ্রান্ত (শ্রম) যাহার (বহু)] বিণ, বিগত-শ্রম। ২। শ্রমযুক্ত; শ্রান্তিবিশিষ্ট। ৩। ক্লান্ত; বিরত; নিবৃত্ত। বি, বিশ্রান্তি।

বিশ্রাম (বিস্‌স্রাম্) [বি—শ্রম্+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, বিরাম; নিবৃত্তি; জিরেন। ২। শ্রমাপনোদন।

বিশ্রী (বিস্‌স্রি) [বি (নাই) শ্রী (শোভা) যাহার বা যাহাতে—বহু] বিণ, কুৎসিত; কদাকার; শ্রীবিহীন; শ্রীভ্রষ্ট।

বিশ্রুত (বিস্‌স্রুত) [বি (বিশিষ্টরূপে)—শ্রুত] বিণ, প্রসিদ্ধ; প্রখ্যাত। বি, বিশ্রুতি।

বিশ্লথ (বিস্‌স্লোথ) [বি (বিশিষ্টরূপে)—শ্লথ্ (শিথিল)] বিণ, শিথিল; ঢিলা।

বিশ্লিষ্ট [বি (বিরুদ্ধ)—শ্লিষ্ (সংযুক্ত থাকা) +ত (ক্ত—কর্ত্তৃ) যে বিমুক্ত হয়] বিণ প্রস্ফুটিত; বিকসিত। ২। [বি (নাই) শ্লিষ্ট (বাঁধ) যাহার, বহু] বিণ, বিমুক্ত। ৩। বিযুক্ত; বিচ্ছিন্ন; অসংযুক্ত।

বিশ্লেষ (বিস্‌লেশ্) [বি—শ্লিষ্ + অ (ঘঞ্—ভাবে) বি, পুং, বিয়োগ। ২। বিভাগ। ৩। পৃথক্। ৪। বিভিন্নতা। ৫। শিথিলতা।

বিশ্ব (বিশ্‌শ) [বিশ্ (প্রবেশ করা) + ব (কণ—অধি) বহুত্ববাচক] বি, ক্লী, ব্রহ্মাণ্ড; জগৎ। প্র—"নয়ন মুদিয়া দেখ বিশ্ব তমোময়।"—অ, ম, ২। বসু, সত্য, ক্রতু, দক্ষ, কাল, কাম, ধৃতি, কুরু, পুরুরবাঃ, মাদ্রব, এই দশ গণদেবতা-বিশেষ। ৩। [বেদান্তে] ব্রহ্মাণ্ডের ব্যষ্টি বা বিভিন্ন জড়শরীরে উপস্থিত চৈতন্য। ৪। বিশ্বকর্ম্মা। প্র—"অষ্টাঙ্গ লোটায়ে বিশ্ব করিল প্রণাম"—কবিক। ৫। পরিমাণবিশেষ। ৬। বিণ, সমুদয়; সকল। **বিশ্বকৃৎ**—জগৎস্রষ্টা। ২। বিশ্বকর্ম্মা। **বিশ্বচরাচর**—জগতের স্থাবর জঙ্গমাদি সমুদয়। **বিশ্বজন**—বি, মানবসাধারণ; জনসাধারণ। বিণ, **বিশ্বজনীয়**—সর্ব্বজনীন। **বিশ্বজনীন,—জন্য**—বিণ, বিশ্বের মঙ্গলজনক; সর্ব্বজনহিতকর। **বিশ্বদেব**—অগ্নি। ২। গণদেবতাবিশেষ। **বিশ্বধাত্রী**—ধরিত্রী; জগন্মাতা। **বিশ্বধারিণী**—ধরিত্রী, পৃথিবী। **বিশ্বপতি**—জগদীশ্বর। **বিশ্বপালক**—বিশ্বপালনকারী; পরমেশ্বর। **বিশ্ববিধাতা**—ব্রহ্মাণ্ডের সৃষ্টিকর্ত্তা; জগদীশ্বর। **বিশ্ববিধায়ী**—যিনি সমগ্র জগতের বিধান করেন; জগৎস্রষ্টা; বিশ্ববিধাতা। স্ত্রী, **বিশ্ববিধায়িনী**। **বিশ্ববীজ**—বিশ্বের মূলীভূত কারণ; ব্রহ্মা। প্র—"বন্দি পরাৎপর ব্রহ্ম, অনাদি অনন্ত ধর্ম্ম, বিশ্ববীজ অখিল আধান।"—ঘনরাম। **বিশ্বব্রহ্মাণ্ড**—জগৎ সংসার; নিখিলভুবন। **বিশ্বমণ্ডল**—নিখিলবিশ্ব। **বিশ্বমাতা**—জগদম্বা। **বিশ্বরাজ**—বিশ্বেশ্বর; জগৎপতি। **বিশ্বসংসার**—সমগ্র ভুবন। **বিশ্বসংহার**—সৃষ্টিনাশ; প্রলয়। **বিশ্বস্রষ্টা**—জগতের সৃষ্টিকর্ত্তা; পরমেশ্বর। **বিশ্বহিত**—জগতের কল্যাণ। **বিশ্বেশভামিনী,—বনিতা**—শিবা; দুর্গা।

বিশ্বক (বিশ্‌শক্) [সং] বি, বিশ্ব; জগৎ। প্র—"বিশ্বকের ব্রতে"—রামায়ণ (দয়ারাম)।

বিশ্বকর্ম্মা [বিশ্বকর্ম্মন্ শব্দ। বিশ্বের কর্ম্ম (শিল্পাদি কার্য্য) যাহার, বহু] বি, পুং, দেবশিল্পী। প্র—"চারি পাড়ে বিশ্বকর্ম্মা নির্ম্মায় উদ্যান।"—অ, ম। [দ্রঃ—পুরাণমতে বিশ্বকর্ম্মা অষ্টম বসু প্রভাসের ঔরসে যোগ-সিদ্ধার গর্ভে জাত। বেদে ইনি "ত্বষ্টা" নামে প্রসিদ্ধ। ইনি স্থাপত্যবেদবক্তা]। প্রা-বাং—**বিসকম্মা**। প্র—"ধর ধর বিসকম্মা ভোগর গুআ খাএ।"—শূন্যপুরাণ।

বিশ্বকেতু [বিশ্ব (জগদ্ব্যাপী) কেতু (ধ্বজা) যাহার, বহু] বি, পুং, কন্দর্পের পুত্র অনিরুদ্ধ।

বিশ্বজিৎ [বিশ্ব (জগৎ) জি (জয় করা) + কিপ্ (কর্ত্তৃ) যে বিশ্ব জয় করে—উপপদ] বিণ, । ২। বি, বুদ্ধদেব। প্র—"বার বার আক্রমণে তাড়াইল বৌদ্ধগণে বিশ্বজিত মত তাহে লুপ্ত"—কাঞ্চীকাবেরী। ৩। বি, ং বিশেষ; যে যজ্ঞে সর্ব্বস্ব দক্ষিণা দান করিতে হয়।

বিশ্বতঃ [সং—বিশ্বতস্ শব্দ] অ, সর্ব্বপ্রকারে ২। সর্ব্বস্থানে; সর্ব্বত্র।

বিশ্বনাথ (বিশ্‌শনাথ্) [বিশ্বের (সকলের) নাথ (ঈশ্বর)—৬তৎ। প্রা-বাং-য়—"বিসনাথ।" প্র—"বিসনাথ বিসকম্মা হুঙ্কার পাড়িল। আসিআত বিসকম্মা পরনাম করিল॥"—শূন্যপুরাণ] বি, পুং, বিশ্বপতি; বিশ্বেশ্বর; মহাদেব।

বিশ্বনিন্দক, —নিন্দুক (ক্) বিণ, যে সকলেরই নিন্দা করে।

বিশ্বপা [বিশ্ব (জগৎ) পা (পালন কর্ত্তা)] বি, পুং, জগৎপালক; জগদীশ্বর। ২। অগ্নি। ৩। সূর্য্য। ৪। চন্দ্র।

বিশ্বপাতা (বিশ্‌শোপাতা) [বিশ্বের পাতা (পালনকর্ত্তা)—৬তৎ] বিণ, জগৎপাতা; বিশ্বপালক।

বিশ্বপ্রেম (বিশ্‌শপ্রেম্) বি, সর্ব্বজনীন প্রীতি; জীবনির্ব্বিশেষে স্নেহ; বিশ্বপ্রীতি। বিণ, **বিশ্বপ্রেমিক**।

বিশ্ববঞ্চক (বিশ্‌শবন্‌চক্) বিণ, জগতের সর্ব্বজনকে যে প্রতারণা করে; অতি প্রতারক।

বিশ্ববাসী (বিশ্‌শবাশী) বিণ, জগদ্বাসী; জাগতিক জীব; মানব।

বিশ্ববিদ্যালয় (বিশ্‌শবিদ্‌দালয়্) [বিশ্ব (নিখিল) বিদ্যা—আলয় (গৃহ)—৬তৎ] বি, পুং, জগতের সমস্ত বিদ্যা শিখিবার স্থান; সর্ব্ব বিদ্যার আলোচনা স্থল। প্র—"বৃথা ও ইংরেজী শিক্ষা, বৃথা ও পাশ্চাত্য দীক্ষা, প্রসবে যে বিএ, এম্ এ, বিশ্ববিদ্যালয়।"—চন্দন।

বিশ্ববিমোহন,—বিমোহী (বিশ্‌শ, ন) বিণ, জগৎমুগ্ধকারী; ভুবনমোহন। স্ত্রী, **বিশ্ববিমোহিনী**।

বিশ্ববিশ্রুত (বিশ্‌শবিসৃশ্রুত) বিণ, ভুবনবিখ্যাত; জগৎপ্রসিদ্ধ; জগদ্বিখ্যাত।

বিশ্ববেদাঃ [বিশ্ব—বিদ্ (জানা) + অস (কর্ত্তৃ) = বিশ্ববেদস্, ১মা, ১ব] বি, পুং, দেবতা। ২। ঋষি; মুনি। ৩। সর্ব্বজ্ঞ।

বিশ্বব্যাপী [বিশ্‌শব্যাপিন্, বিশ্ব (জগৎ) ব্যাপিন্ (যে ব্যাপ্ত করে)—উপপদ] বিণ, সর্ব্বত্রগামী; জগন্ময়; পরমাত্মা। স্ত্রী, **বিশ্বব্যাপিনী**।

বিশ্বম্ভর (বিশ্‌শম্ভর) [বিশ্ব (জগৎ) ভৃ (ধারণে, পালনে) + অ (কর্ত্তৃ)] বি, পুং, নারায়ণ। ২। বিণ, বিশ্ব ধারণকর্ত্তা। স্ত্রী, **বিশ্বম্ভরা**—পৃথিবী।

বিশ্বরূপ (বিশ্‌শরূপ্) [বিশ্ব (সমস্ত) রূপ (মূর্ত্তি) হইয়াছে যাহার, বহু] বি, পুং, নারায়ণ। ২। [বিশ্বের রূপ—৬তৎ] বিরাট মূর্ত্তি; ব্রহ্মাণ্ডের মূর্ত্তি। প্র—"বিশ্বরূপ মুখে দেখাইলা"—অন্নদামঙ্গল। ৩। চৈতন্যদেবের জ্যেষ্ঠভ্রাতা।

বিশ্বশ্রবাঃ (বিশ্‌শস্রোবা) বি, পুং, মুনিবিশেষ।

বিশ্বসার (বিশ্‌শশার্) [বিশ্বের (জগতের মধ্যে) সার (সৎস্বরূপ)—৬তৎ] বি, পুং, সারাৎসার; জগতের মধ্যে সৎস্বরূপ। প্র—"তুমি বিশ্বসার মোরে কর পার"—অ, ম। ২। তন্ত্রশাস্ত্রবিশেষ।

বিশ্বসিত (বিশ্‌শোশিত) [বি (বিশিষ্টরূপে ইত্যাদি)—শ্বাস (শ্বস্ ফেলা, বিশ্বাস করা ইত্যাদি) + ত (ক্ত—কর্ম্মে) যাকে বিশ্বাস করা হইয়াছে] বিণ, বিশ্বাসভাজন; প্রত্যয়ী; বিশ্বাসী।

বিশ্বস্ত (বিশ্‌শশ্‌ত) [বি—শ্বস্ + ত (ক্ত—কর্ম্মে) যাকে বিশ্বাস করা যায়] বিণ, বিশ্বাসভাজন; বিশ্বাসযোগ্য। ২। বি—শ্বস্ + ত (ক্ত—কর্ত্তৃ) যে বিশ্বাস করিয়াছে] বিশ্বাসী। স্ত্রী, **বিশ্বস্তা**। **বিশ্বস্তসূত্র**—বিশ্বাসযোগ্য স্থান, পাত্র বা প্রভব; reliable source.

বিশ্বাচী (বিশ্‌শাচী) [বিশ্ব (সকল স্থান) অন্চ্ (গমন করা) + কিপ্ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) ঈ (স্ত্রী)] বি, স্ত্রী, অপ্সরোবিশেষ। ২। বিণ, সর্ব্বত্রগামিনী।

বিশ্বাত্মা (বিশ্‌শাৎতা) [বিশ্বাত্মন্, বিশ্ব (নিখিল ব্রহ্মাণ্ড) আত্মা (অধিষ্ঠাতা)—৬তৎ] বি, পুং, পরমেশ্বর।

বিশ্বামিত্র (বিস্‌শামিৎত্র) [বিশ্ব (জগৎ) মিত্র (বন্ধু)—৬তৎ। 'অ' স্থানে আ] বি, পুং, মহা তপোতেজঃ সম্পন্ন ঋষিবিশেষ; ইনি তপোবলে ক্ষত্রিয়ত্ব পরিহার করিয়া ব্রাহ্মণত্বলাভ করিয়াছিলেন।

বিশ্বাবসু (বিশ্‌শাবোশু) [বিশ্ব (কাম) বসু (ধন) যাহার, 'অ' স্থানে আ] বি, পুং, গন্ধর্ব্ববিশেষ।

বিশ্বাস (বিশ্‌শাশ্) [বি—শ্বস্ (বিশ্বাস করা) + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, প্রত্যয়। ২। শ্রদ্ধা। ৩। জাতীয় পদবীবিশেষ। **বিশ্বাসঘাতক, —ঘাতী**—প্রত্যয়হন্তা; প্রতারক; অবিশ্বাসী। স্ত্রী, **বিশ্বাসঘাতিকা,—ঘাতিনী**। বি, **বিশ্বাসঘাতকতা**। **বিশ্বাসপাত্র**—প্রত্যয়-

ভাজন। **বিশ্বাসপ্রদ**—যে বিশ্বাস জন্মায় বিশ্বাস্য। **বিশ্বাসভাজন**—বিশ্বাসের পাত্র **বিশ্বাসহন্তা**—বিশ্বাসঘাতক।

বিশ্বাসী (বিশ্‌শাশী) [বিশ্বাসিন্, বিশ্বাস+ইন্ (অস্ত্যর্থে) যাহার বিশ্বাস আছে] বিণ. প্রত্যয় ভাজন; বিশ্বস্ত; ২। বিশ্বাসকারী।

বিশ্বাস্য (বিশ্‌শাশ্‌শ) [বিশ্বাস (দ্রঃ)+য (ঘ্যণ্—কর্ম্মে) যাকে বিশ্বাস করা উচিত] বিণ. প্রত্যয়যোগ্য: বিশ্বাসযোগ্য।

বিশ্বেশ (বিশ্‌শেশ্) [বিশ্ব—ঈশ—৬৩৫] বি. পুং. জগৎপতি।

বিশ্বেশ্বর (বিশ্‌শেশ্‌শর্) বি. পুং. বিশ্বের ঈশ্বর। ২। শিব; কাশীর শিবলিঙ্গ।

বিষ (ষ্) [বিষ্ (বিপ্রয়োগে, বিশ্লেষে) +অ (কর্ত্তৃ)—যাহা শরীরে প্রবেশ মাত্র প্রাণের বিশ্লেষ বা বিপ্রয়োগ ঘটায়] বি. ক্লী. গরল; হলাহল। ২ [বিষ্ (সেবনে)+ অ (কর্ম্মে) যাহা সেবন করা যায়] জল। ৩। [বিষ্ (ব্যাপ্ত)—যাহা জলে ব্যাপ্ত হয় বা জল যাহাকে ব্যাপিয়া থাকে] মৃণাল। ৪। [বিষ্ (ব্যাপ্ত)—যাহা মলনিঃসারক নাড়ী ব্যাপিয়া থাকে] বিষ্ঠা; পুরীষ। **বিষ খাওয়া**—আত্মহত্যার উদ্দেশ্যে বিষ গলাধঃকরণ করা। **বিষ খাওয়ান**—হত্যা করিবার জন্য আহারের সহিত বিষ মিশ্রিত করিয়া খাইতে দেওয়া। **বিষ দেওয়া**—বিষ প্রয়োগ করা। **বিষ ঝাড়া**—মন্ত্র বলে শরীর হইতে বিষ বাহির করিয়া দেওয়া। **বিষ তোলা**—মন্ত্র, ঔষধ বা যন্ত্রাদি প্রয়োগে দেহ হইতে বিষ আকর্ষণ করিয়া লওয়া। **বিষের পুঁটলি, বিষের হাঁড়ি**—[লক্ষণায়] হিংসা-বিদ্বেষ-পূর্ণ হৃদয়। **জাঙ্গম বিষ**—সর্পবিষ। **স্থাবর বিষ**—সেঁকো, কুঁচিলা প্রভৃতি বিষ। প্র—"নাশিল স্থাবর বিষ জঙ্গম বিষেতে।"—মহা-কাশী। **বিষকণ্ঠ**—যিনি কণ্ঠে হলাহল ধারণ করিয়াছেন; শিব। **বিষকুম্ভ**—গরলের কলসী। ২। [লক্ষণায়] হিংসাপূর্ণ হৃদয়। **বিষক্রিয়া**—বিষের পরিণাম। **বিষকৃমি**—বিষভোজী কীট। প্র—"চাকুরির মুখে ছাই ছাড়িতে না পারি ভাই বিষকৃমি সম হয়ে আছি।"—অ. ম। **বিষকোষ**—বিষের আধার; বিষের থলি। **বিষঘাতী**—বিষহর; বিষঘ্ন। ২। বি. শিরীষ গাছ। **বিষদন্ত, বিষদাঁত**—বি. যাহার দাঁতে বিষ আছে; আশীবিষ; সর্প। ২। সাপের যে দাঁতের গোড়ায় বিষের থলি থাকে এবং সাপ দংশন কালে যাহা হইতে বিষ ক্ষত স্থানে ঢালিয়া দেয়। প্র—"তাহার এ বিষ দন্ত করে উৎপাটন?"—নবীন সেন। ৩। [লক্ষণায়] দর্প বা তেজের সম্বল বা মূলীভূত কারণ। প্র—তার অহঙ্কার চূর্ণ হয়ে গিয়েছে এতদিনে তার বিষদাঁত ভেঙ্গেছে। ৪। বিষপূর্ণ দন্তযুক্ত। **বিষদিগ্ধ**—বিষ দ্বারা দিগ্ধ (লিপ্ত); বিষে জর্জ্জরিত। স্ত্রী. **বিষদিগ্ধা**। **বিষদুষ্ট**—বিষাক্ত: হলাহল পূর্ণ। **বিষধর**—সর্প। **বিষনয়ন**—বিষদৃষ্টি দ্রঃ। ২। [লক্ষণায় কুনজর; হিংসাপূর্ণ দৃষ্টি। **বিষনাশক**—বিষহর; বিষঘ্ন। **বিষফল, বিষময়ফল**—যে ফল খাইলে শরীরে বিষক্রিয়া প্রকাশ পায়; বিষাক্ত ফল। ২। সর্বনাশকর পরিণাম। **বিষবৎ**—গরল সদৃশ; বিষতুল্য। **বিষবিদ্যা**—বিষহারক মন্ত্র; বিষ চিকিৎসা শাস্ত্র। **বিষবৃক্ষ**—যে বৃক্ষের ফল বিষময়। **বিষবৈদ্য**—বিষ চিকিৎসক; সাপুড়ে; মাল।

বিষঘ্ন [বিষ (হলাহল) ঘ্ন—হন্ (নাশ করা) +অ (কর্ত্তৃ) যে বিষ নাশ করে, উপপদ] বিষহর; বিষনাশক। স্ত্রী. **বিষঘ্নী** [বৈদ্যকে] (১) হরিদ্রা। (২) রক্তপুনর্নবা। (৩) ইন্দ্রবারুণী। (৪) হিলমোচিকা। (৫) মহাকরঞ্জ।

বিষণ্ণ (বিষন্‌ন) [বি (বিশিষ্টরূপে) সদ্ (অবসন্ন হওয়া)+ত (ক্ত—কর্ত্তৃ) যে অবসাদ প্রাপ্ত হইয়াছে] বিণ. বিষাদযুক্ত; ম্লান: বিষাদিত। স্ত্রী. **বিষণ্ণা**। বি. **বিষণ্ণতা**। **বিষণ্ণচিত্ত** (বিষন্‌নচিৎত) বিণ. অপ্রফুল্ল হৃদয়; বিষণ্ণমনা।

বিষদ (দ্) [বিষ (গরল) দ—দা (দান করা) +অ (ড, কর্ত্তৃ) যে বিষ দান করে, উপপদ] বিণ. বিষদাতা; আততায়ী। প্র—"পিরীতি বিষদ, হইলে বিপদ॥"—চণ্ডীদাস। ২। নির্ম্মল; স্বচ্ছ। ৩। সুস্পষ্ট। ৪। [বি—সদ্ (গমন করা ইত্যাদি)+অ (অচ্) কর্ত্তৃ (সংজ্ঞার্থে)] শ্বেতবর্ণ: শুভ্রবর্ণ।

বিষদৃষ্টি [বিষ—দৃষ্টিতে যাহার—বহু] বিণ. যাহার দৃষ্টি বিষবৎ প্রাণঘাতক। ২। [বিষপূর্ণ দৃষ্টি, কর্ম্মধা] হিংসাপূর্ণ দৃষ্টি।

বিষম (ম্) [বি (না) সম (সমান) যাহার, বহু] বিণ. দারুণ। প্র—"করে বধ, পরশ্বধ বিষম প্রহার॥"—কাকাকাবেরী। ২। উৎকট। ৩। অসমান। ৪। বি. অযুগ্মরাশিবিশেষ। ৫। অর্থালঙ্কারবিশেষ। **বিষম খাওয়া**—পান ভোজন কালে দৈবাৎ শ্বাসনালীর মধ্যে কোন ভোজ্য বা পানীয় প্রবেশ করিলে যে শ্বাসরোধ সহ হিক্কা হয়। প্র—"ভোজনে বিষম খাই, মনে অতি ক্লেশ পাই।"—কবিক। ৫। অর্থালঙ্কারবিশেষ।

বিষমচ্ছদ [বিষম (অযুগ্ম) ছদ (পাতা) যাহার—বহু] বি. পুং. সপ্তপর্ণ বৃক্ষ; ছাতিমগাছ।

বিষমজ্বর (জ্বর্) [নিদানোক্ত আয়ুর্বেদীয় পরিঃ] বি. কঠিন অবিরাম জ্বরবিশেষ; মজ্জাগত জ্বর।

বিষমরাশি (মৃ) [বিষম (অযুগ্ম) যে রাশি কর্ম্মধা] বি. পুং. ১, ৩, ৫, ৭, ৯, ১১ প্রভৃতি অযুগ্মরাশি। ২। মেষ মিথুনাদি অযুগ্মরাশি।

বিষমস্থ (বিষমসৃথ) [বিষম (বিপদে) স্থ (স্থা-থাকা) যে থাকে] বিণ. বিপদ্‌গ্রস্ত। ২। উন্নতানত দেশস্থ।

বিষমসপ্তম (শপ্‌তম্) [জ্যোতিষিক পরিঃ] বি. বিবাহে নিষিদ্ধযোগবিশেষ; মেষ ও তুলা, মিথুন ও ধনু, সিংহ ও কুম্ভ—বর এবং কন্যার রাশি হইলে তাহাকে বিষমসপ্তম বলে। বিষম সপ্তম যোটকে বিবাহ হইলে বর ও কন্যার মৃত্যু হয়।

বিষমাক্ষ (বিষমাকৃখ) [বিষম (৩) অক্ষি যাহার—বহু] বিরূপাক্ষ; ত্রিলোচন; শিব।

বিষমায়ুধ [বিষম (অযুগ্ম) আয়ুধ (অস্ত্র, বাণ) যাহার—বহু] বি. পুং. কন্দর্প; পঞ্চবাণ; মদন।

বিষয় (য়্) [বি (বিশিষ্টরূপে)—সি (বন্ধন করা)+অ (অচ্—কর্ত্তৃ)] বি. পুং. যে ইন্দ্রিয়গণকে আকৃষ্ট করে; ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থ। ২। ধন; সম্পত্তি। ৩। ভোগ্য বস্তু। ৪। পদার্থ। **বিষয়-আশয়**—ধনসম্পত্তি। **বিষয়কর্ম্ম**—বৈষয়িক কার্য্য; সাংসারিক কার্য্য। **বিষয়তৃষ্ণা**—সাংসারিক সুখভোগের অভিলাষ; ধনপিপাসা। **বিষয়-নির্দ্ধারণ**—জ্ঞাতব্য বস্তুর নিরূপণ। **বিষয়-পরায়ণ**—বিষয়ানুরক্ত; ভোগ্যবস্তুর প্রতি আসক্ত। স্ত্রী. **বিষয়পরায়ণা**। **বিষয়-বস্তু**—বিষয় ও বস্তু। **বিষয়বাসনা**—ইন্দ্রিয়গ্রাহ্য পদার্থের ভোগাভিলাষ। **বিষয়-বুদ্ধি**—বৈষয়িক জ্ঞান; অর্থাদির উপার্জ্জন ও রক্ষণাদি কার্য্যে দক্ষতা। **বিষয়বৈরাগ্য**—ভোগ্যবস্তুর উপভোগে বিতৃষ্ণা; বিষয়ে অনাসক্তি। **বিষয়ভেদ**—বস্তুর পার্থক্য; বিষয়ান্তর। **বিষয়ভোগ**—ধনসম্পত্ত্যাদির উপভোগ। **বিষয়-সুখ**—ইন্দ্রিয়সুখ উপভোগজাত আনন্দ। প্র—"বিষয়-সুখ আশে ভবকণ্টক বনে বৃথা ভ্রমণ কর"—ব্রহ্মসঙ্গীত। **বিষয়াজ্ঞান**—বিষয় সম্বন্ধে অজ্ঞান। ২। নিদ্রাচ্ছন্নতা; তন্দ্রা। **বিষয়ান্তর**—অন্য বিষয়। **বিষয়াসক্তি**—বিষয়ানুরাগ; ভোগ্যবস্তুর প্রতি টান। বিণ. **বিষয়াসক্ত**।

বিষয়ী (বিষোঈ) [বিষয়িন্, বিষয়+ইন্ (অস্ত্যর্থে) যাহার বিষয় আছে] বি. পুং.

নৃপতি ; রাজা। ২। বিণ. সম্পত্তিশালী ; ধনী। ৩। বিষয়াসক্ত। প্র—"আমরা বিষয়ী লোকের মতই অহঙ্কার ও দলাদলি করিতে থাকি।"—চারিত্রপূজা।

বিষযোগ (বিষ্‌জোগ্) [জ্যোতিষিক পরিঃ] বি. নক্ষত্রামৃতযোগ এবং সিদ্ধিযোগ যদি এক দিবসে মিলিত হয় তবেই বিষযোগ হয়. ঘৃত ও মধু যেরূপ পৃথক্ অবস্থায় শরীরের পুষ্টিসাধক কিন্তু মিলিত দশায় বিষাক্ত, নক্ষত্রামৃত ও সিদ্ধিযোগ তদ্রূপ যাত্রাদি কার্য্যে পৃথক্ দশায় শুভসূচক কিন্তু মিলিত হইলে অশুভসূচক হয়।

বিষহর [বিষ (হলাহল) হৃ (হরণ করা) + অ (ণ্—কর্ত্তৃ) যে বিষ হরণ করে—উপপদ] বিণ. বিষঘ্ন ; গরলনাশক। স্ত্রী. বিষহরা, —রি,—রী—মনসাদেবী। প্র—"বিষহরি বলিয়া দেয় কর।"—চণ্ডীদাস।

বিষলাড়ু (ষ্) [বিষ মিশ্রিত লাড়ু. ম-প-লো কর্ম্মধা] বি. বিষমিশ্রিত লড্ডুক ; যে লাড়ু খাইলে বিষক্রিয়া প্রকাশ পায়। প্র—"বিষলাড়ু দিয়া তারে ফেলাইল জলে।"—মহা (বিজয়)।

বিষাক্ত [বিষ দ্বারা অক্ত (মিশ্রিত) ৩তৎ] বিণ. গরলপূর্ণ ; বিষমিশ্রিত ; বিষযুক্ত।

বিষাণ (ন্) [বিষ্ (বিপ্রয়োগ করা) + আন (করণে) যাহা দ্বারা বিপ্রযুক্ত অর্থাৎ (বিদীর্ণ করা যায়)] বি. পুং. হস্তী শূকরাদির বৃহৎ দন্ত। ২। পশুর শৃঙ্গ। প্র—'তাড়িয়া মহিষ ধরে উপরে বিষাণ।"—কবিক। ৩। মেষ-শৃঙ্গীনামক শৃঙ্গাকার ফলের বৃক্ষ। ৪। শিঙ্গা-নামক বাদ্য। প্র—"ঈশান তোমার বিষাণ উঠেছে বাজিয়া।"—রবি। "বিষাণবাদন"—গিরিশ।

বিষাদ (দ্) [বি—সদ্ (অবসন্ন হওয়া) + অ (ঘঞ্) ভাবে] বি. পুং. স্ফূর্ত্তিহীনতা। ২। ইষ্টনাশজনিত মনোদুঃখ। ৩। দুঃখ ; খেদ। ৪। মনোভঙ্গ। বিণ. বিষাদী, বিষাদিত। স্ত্রী. বিষাদিনী, বিষাদিতা—বিষণ্ণা। প্র—"একি দিদি, কেন তুই এত বিষাদিনী ?" —প্রভাস (নবীন সেন)। বিষাদগ্রস্ত—বিষাদযুক্ত ; দুঃখিত।

বিষান (নো) [বিষ + আন (বাং-ক্রি-বিভক্তি)]। প্র-পু—বিষায় ; বিষোয়। অস-ক্রি—বিষাইতে ; বিষোতে ; বিষুতে ; বিষাইয়া ; বিষিয়ে] ক্রি. বিষাক্ত হওয়া। ২। আউরে বা বিষিয়ে উঠা ; পূয পূর্ণ হওয়া।

বিষান্তক (বিষান্তক্) [বিষের—অন্তক—৬তৎ] বিণ. গরলনাশক।

বিষুপ (প্)—বিষুব দ্রঃ।

বিষুব, বিষুপ (ব্,প্) [বিষু [দিবা ও রাত্রির সাম্য) প—পা (পালন করা) + অ (ড, কর্ত্তৃ) সংজ্ঞার্থে] যে সময়ে দিবা ও রাত্রির মান সমান হয়। সূর্য্যের মেষ ও তুলা সংক্রান্তি। মেষ সংক্রান্তি বা বৈশাখ সংক্রান্তিকে মহাবিষুব ও তুলা সংক্রান্তি বা কার্ত্তিক সংক্রান্তিকে জলবিষুব—বলা হয়। বিষুবরেখা—নিরক্ষরেখা ; উত্তর ও দক্ষিণ মেরু হইতে সম ভূগোলক বেষ্টনকারী কল্পিত রেখা ; নাড়ীমণ্ডল।

বিষ্কম্ভ, বিষ্কুম্ভ—বি. প্রথমযোগ। ২। প্রতিবন্ধক ; বাধা ; ব্যাঘাত। ৩। নাটকের অঙ্গবিশেষ। ৪। গোলাকার বস্তুর মধ্যরেখা ; বৃত্তের ব্যাস। ৫। অর্গল ; হুড়কা ; খিল। ৬। বৃক্ষ। ৭। থাম ; খুঁটি। ৮। যোগী-দিগের আসনবিশেষ।

বিষ্কম্ভক (ক্) বি. পুং. নাট্যাঙ্গবিশেষ ; নাটকের নীরস অংশসকল যথাবৎ বর্ণিত হইলে শ্রোতার বিরক্তি হইতে পারে এজন্য সেই সকল নীরস অংশ কোন একজন অপ্রধান নায়কের মুখে সংক্ষেপে কীর্ত্তন করা হয় ইহাই নাটকের বিষ্কম্ভক।

বিষ্টব্ধ [বি—স্তম্ভ্ (প্রতিবন্ধে, ক্রিয়াদি নিরোধে) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. ব্যাঘাত-যুক্ত ; প্রতিরুদ্ধ।

বিষ্টম্ভ [বি—স্তম্ভ্ (শুব্ধ করা) + অ (ল্) ভাবে] বি. পুং. মূত্রকৃচ্ছ্র রোগ। ২। রোধ ; প্রতিবন্ধ ; আটক। ৩। আক্রমণ। ৪। স্থিরীভাব। বিণ. বিষ্টম্ভী।

বিষ্টিভদ্রা (ভদ্রা) বি. জ্যোতিষিক যোগ-বিশেষ ; কৃষ্ণপক্ষে তৃতীয়া ও দশমীর শেষার্দ্ধ, সপ্তমী ও চতুর্দ্দশীর পূর্ব্বার্দ্ধ এবং শুক্লপক্ষে চতুর্থী ও একাদশীর শেষার্দ্ধ অষ্টমী ও পূর্ণিমার পূর্ব্বার্দ্ধ বিষ্টিভদ্রা। ইহাতে বিবাহাদি শুভকর্ম্ম এবং যাত্রাদি নিষিদ্ধ ; ইহার শেষ তিন দণ্ড শুভ।

বিষ্ঠা [বি—স্থা (উদরের মধ্যে থাকা) + অ (ড —কর্ত্তৃ) আ, স্ত্রী] বি. স্ত্রী. পুরীষ ; মল ; গু। বিষ্ঠাকীট—বিষ্ঠাভোজী ও বিষ্ঠায় জন্মে যে কৃমি। বিষ্ঠাকুণ্ড—যে কুণ্ডে বিষ্ঠা পতিত হয়। ২। নরকবিশেষ। ২। অতিঘৃণ্য স্থান। বিষ্ঠাকৃমি—বিষ্ঠাকীট। বিষ্ঠাভোজী—পুরীষ ভোজনকারী। ২। গালিবিশেষ।

বিষ্ণু (বিষ্‌টুঁ) [বিষ্ (ব্যাপন করা) + ণুক্ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যিনি বিশ্ব ব্যাপিয়া আছেন, প্রবেশার্থ বিশ্ ধাতুর প্রয়োগে পঞ্চভূত-ময় এই বিশ্ব যাহাতে প্রবেশ করে। প্রা-বাং —বিষ্টু। প্র—"বক্তা বিষ্টু ন ছিল ন ছিল আঁবর।"—শূন্যপুরাণ] বি. পুং. নারায়ণ ; সত্ত্বগুণ-ব্যাপক দেব ; হরি। ২। অগ্নি। ৩। ধর্ম্মশাস্ত্রপ্রণেতা ঋষিবিশেষ। ৪। বসুবিশেষ।

বিষ্ণুদূত (বিষ্‌টুঁদূত্) বি. বিষ্ণুর প্রেরিত দূত। সাধারণের মতে পাপীর মৃত্যু হইলে যমদূতে তাহার আত্মাকে নরকে লইয়া যায় এবং ধার্ম্মিকের মৃত্যু হইলে তাহার আত্মা বিষ্ণুদূতে লইয়া যায়। বিষ্ণুদৈবত—বিষ্ণু যাহাদের কুলদেবতা ; বিষ্ণুপাসক। ২। শ্রবণা-নক্ষত্র। বিষ্ণুপঞ্জর—বিষ্ণুর পঞ্জরাস্থি। প্র—"দারু ব্রহ্ম সর্ব্বাদৃত বিষ্ণু পঞ্জরেরে কৃত ইন্দ্রদ্যুম্ন স্থাপিত সম্পন্ন।"—অ. ম। ২। কঙ্কাল। বিষ্ণুপরায়ণ—বৈষ্ণব ; হরিভক্তি পরায়ণ ; স্ত্রী. বিষ্ণুপরায়ণা। বিষ্ণুপ্রিয়া—নারায়ণী ; লক্ষ্মী। প্র—বিধি বিষ্ণুপ্রিয়া বর্ণময়ী মায়া বিশ্বমাতা শৈল-সুতা।"—কবিকঙ্কণ। ২। চৈতন্যদেবের ... বিষ্ণুবল্লভা—বিষ্ণুপ্রিয়া ; লক্ষ্মী, সরস্বতী। ২। তুলসী। ৩। অগ্নিশিখা-নামক বৃক্ষকেও বুঝায়। বিষ্ণুবাহন—বিষ্ণুরথ ; গরুড়। বিষ্ণুভক্তি—হরিভক্তি। বিণ. বিষ্ণুভক্ত—বিষ্ণুর প্রতি শ্রদ্ধাবান্। বিষ্ণুমায়া—বৈষ্ণবী-মায়া। ২। বি. স্ত্রী. মহামায়া ; দুর্গা। বিষ্ণুরথ—নারায়ণের বাহন ; গরুড়। বিষ্ণুশিলা—শালগ্রাম শিলা।

বিষ্ণুক্রান্তা (বিষ্‌টুঁক্রান্‌তা) [বিষ্ণুকে বর্ণ দ্বারা অতিক্রম করিয়াছে যে, বহু] বি. স্ত্রী. কৃষ্ণবর্ণ অপরাজিতা ফুল। ২। পৃথিবীর অংশবিশেষ। ধরাতল তিন ভাগে বিভক্ত। যথা।—অশ্বক্রান্তা, রথক্রান্তা, ও বিষ্ণুক্রান্তা।

বিষ্ণুগুপ্ত— বি. পুং. স্বনামখ্যাত চাণক্য পণ্ডিত।

বিষ্ণুপদ (বিষ্‌টুঁপদ্) [বিষ্ণু (ব্যাপক) পদ (স্থান) যে সর্ব্বস্থানব্যাপী কিম্বা বিষ্ণু বামন অবতারে একপাদ আকাশে স্থাপন করিয়াছিলেন বলিয়া আকাশ বিষ্ণুপদ নামে খ্যাত হইয়াছে] বি. পুং. ব্যোম ; আকাশ। প্র—"বিষ্ণুপদ সেবা করে বৈষ্ণব সে নয়।" গাছের পল্লব নয় অঙ্গে পত্র হয়।"—কবিকঙ্কণ। ২। ক্ষীরোদ সমুদ্র। ৩। উৎপল ; পদ্ম।

বিষ্ণুপদী (বিষ্‌টুঁপোদী) বি. স্ত্রী. জ্যৈষ্ঠ, ভাদ্র, অগ্রহায়ণ এবং ফাল্গুন মাসের সংক্রান্তিকে বিষ্ণুপদী সংক্রান্তি বলা হয়। ২। জাহ্নবী ; গঙ্গা।

বিষ্ণুশর্ম্মা—বি. সুনীতি ও সদুপদেশপূর্ণ বিখ্যাত পঞ্চতন্ত্র গ্রন্থের রচয়িতা।

বিষ্য (বিষ্‌ষ) [বিষ + য (কর্ম্মে)] বিণ. বিষ-প্রয়োগযোগ্য। ২। বিষজনক।

বিস (শ্) [বিস্ (প্রবেশ করা) + অ (ক—কর্ত্তৃ) যে অনবরত জলে প্রবেশ করিয়া

রহিয়াছে] বি. স্ত্রী. পদ্মের ডাঁটা ; মৃণাল। ২। [প্রা-বাং] বিষ। **বিসজ**—পদ্ম। **বিসপ্রসূন**—পদ্ম।

বিসংবাদ (বিশংবাদ্) [বি (বিগত হইয়াছে) সম্ (সাম্য, অবিরুদ্ধ) যে বাদ (বাক্যালাপ)] বি. পুং. বিরুদ্ধ ভাবের কথাবার্ত্ত ; বিরোধ। ২। বৈলক্ষণ্য। ৩। প্রবঞ্চনা ; প্রতারণা। বিণ. **বিসংবাদী**।

বিসঙ্কুল (বিশোংকুল্) [সং] বি. পুং. গোলমেলে ; জটিল।

বিসদৃশ (বি্শোদৃশ) [বি (বিগত) সদৃশ (সাদৃশ্যভাব) যাহাদের, বহু] বিণ. বিপরীত ; বিরুদ্ধ ; যাহাতে সদৃশ ভাব নাই। ২। অসামঞ্জস্য।

বিসমোল্লা (বিশ্মোল্লা) [আ—বিস্মিল্লাহ্] বি. আল্লার দোহাই। ২। বেশ কথা ; আচ্ছা। ৩। আরম্ভ ; সুরু। **বিসমোল্লায় গলদ**—সূত্রপাতেই ভুল।

বিসরণ (বিশরন্) [বি—সৃ+অন (ট—ভাবে)] বি. বিস্তার। ২। উদ্ভব। ৩। প্রবাহ।

বিসরণ (বিশরন্) [সং—বিস্মরণ। ব্রজ ও প্রা-বাং-প্রাকৃ—বিসরণ] বি. বিস্মরণ ; বিস্মৃতি।

বিসরা (শ) [বিস্মরণ হইতে **বিসোঁরা, বিসঁরা, বিসরা** (প্রা-বাং) তুল—হি—বিসরনা। উ-পু—বিসরি। ম-পু—বিসর। প্র-পু—বিসরে। অস-ক্রি—বিসরিতে বিসরিয়া, বিসরি (সংক্ষেপে)। ণিজন্ত—বিসরান (বিশ্রানো)] ক্রি. বিস্মৃত হওয়া ; ভুলিয়া যাওয়া। প্র—"আন্ধারে তপিস্‌সাএ পাছু থাক বিসোঁরিআ।"—শূ-পু। "তোহে বিসরি মন তাহে সমপিনু"—বিদ্যাপতি। "বিসরি ত্রাস লোক লাজ"—রবি। বিণ. **বিসরিত**—বিস্মৃত। প্র—"পূরবক যত গুণ বিসরিত ভেলা"—বি. প।

বিসর্গ (শ) [বি—সৃজ্ (ত্যাগ করা)+অল্ (ভাবে)] বি. স্ত্রী. বিসর্জ্জন ; ত্যাগ ; মল-নির্গম। ২। বিসর্গবর্ণ (ঃ)। ৩। পরিত্যক্ত বস্তু। ৪। বৈভব সৃষ্টি ; ব্রহ্মা কর্ত্তৃক চরাচর সৃষ্টি।—চৈতন্যচরিত। ৫। মোক্ষ।

বিসর্জ্জন (বিশর্জ্জন্) [বি+সৃজ্ (ত্যাগ করা) +অন (ভাবে—অনট্)] বি. স্ত্রী. পরিত্যাগ ; তাড়াইয়া দেওয়া। প্র—"লাঞ্ছিত করিয়া তারে দিল বিসর্জ্জন।"—কবিকঙ্কণ। ২। দান। ৩। প্রতিমাদি জলমগ্নকরণ। বিণ. **বিসর্জ্জিত**।

বিসর্জ্জনীয় (শ) [বি—সৃজ্+অনীয় (কর্ম্মে)] বিণ. ত্যাজ্য ; বর্জ্জনীয়। ২। দানের উপযুক্ত। ৩। বি. বিসর্গ ; ঃ।

বিসর্প, বিসর্পণ (বিশর্প, ন্) [নিদানোক্ত আয়ুর্ব্বেদীয় পরিঃ। বি—সৃপ্ (গমন করা) +অ, (অন—ভাবে)] বি. পুং. গমন ; প্রসরণ ; ব্যাপ্তি। ২। স্ফোটকাদির উৎসেক। বিণ. **বিসর্পী**—ইতস্ততঃ গমনশীল।

বিসারিত (শা) [বিসারি (গমন করান) +ত (কর্ম্মে)] বিণ. বিস্তারিত ; প্রসারিত। ২। প্রেরিত। বি. **বিসারণ**।

বিসারী (শ) [বি—সৃ+ইন্ (ণিন্)= বিসারিন্ ১মা, ১বচনে, বিসারী] বিণ. গমনশীল। ২। বিস্তৃতিশীল। বি. **বিসার**।

বিসূচিকা [বি—সূচি (খলতা করা)+অক (কর্ত্তৃ) আ—স্ত্রী] বি. স্ত্রী. ওলাউঠা রোগ ; অতিসার ব্যাধির প্রকারান্তর।

বিসৃত (বিসৃত) [বি—সৃ (গমন করা, ব্যাপন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. স্থানান্তরিত। ২। বিস্তৃত ; প্রসারিত ; ব্যাপ্ত।

বিসৃষ্ট [বি—সৃজ্ (ত্যাগ করা)+ত (কর্ম্মে) যাহাকে ত্যাগ করা হইয়াছে] বিণ. নিক্ষিপ্ত। ২। বিসর্জ্জিত ; ত্যক্ত। ৩। প্রেরিত।

বিস্কুট (বিশ্কুট্) [ইং—biscuit] বি. আটা, সুজি প্রভৃতির পুরু ক্ষুদ্রাকৃতি রোটিকা।

বিস্ত [বিস্ (ক্ষেপণ করা)+ত (কর্ম্মে,ক্ত)] বি. মোহর ; একভরি সোণা।

বিস্তর (র্) [বি—স্তৃ (আচ্ছাদন করা)+ অ (ল্, কর্ম্মে)] বি. পুং—সমূহ ; প্রচুর ; অনেক ; বহু। ২। আসন। ৩। বাক্প্রপঞ্চ ; বিশেষবর্ণন।

বিস্তার (বিস্তার্) [বি—স্তৃ (আচ্ছাদন করা) +অ (ঘঞ্, ভাবে)] বি. পুং. বিস্তৃতি ; ব্যাপ্তি। ২। ওসার ; চওড়া।

বিস্তারিত [বিস্তারি (ণিজন্ত)+ত (কর্ম্মে)] বিণ. প্রসারিত ; ছড়ান।

বিস্তীর্ণ [বি—স্তৃ (আচ্ছাদন করা)+ত (কর্ত্তৃ)] বিণ. বিস্তৃত ; ব্যাপ্ত। ২। প্রশস্ত ; বহুদূর বিস্তৃত। **বিস্তীর্ণপর্ণ**—মানকচু পাতা। ২। কলাপাত।

বিস্তৃত [বি—স্তৃ+ত (কর্ম্মে)] বিণ. বিস্তীর্ণ ; প্রসারিত। বি. **বিস্তৃতি**—ব্যাপ্তি।

বিস্পষ্ট [বি—স্পষ্ট (ব্যক্ত)] বিণ. ব্যক্ত ; স্ফুট ; সুস্পষ্ট ; প্রকাশিত।

বিস্ফারিত (বিশ্ফারিত) বি—স্ফুর (প্রকাশে, বিকাশে, কম্পনে)+ই (ণিচ)=বিস্ফারি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. বিকম্পিত। ২। বিস্তারিত। ৩। ধ্বনিত। ৪। টঙ্কৃত। বি. **বিস্ফার**—প্রকাশ। ২। বিস্তার। ধনুকের গুণের শব্দ।

বিস্ফুরিত [বি—স্ফুর্ (প্রকাশে, কম্পনে)+ ত (কর্ত্তৃ)] বিণ. কম্পিত। ২। ধ্বনিত। ৩। স্ফীত, বর্দ্ধিত। ৪। [ভাবে—ক্ত] স্ফুরণ ; ধ্বনি।

বিস্ফুলিঙ্গ [বি—স্ফু (অনুকরণ শব্দে) লিন্‌গ্ (গমন করা)+অ (কর্ত্তৃ,ক)] বি. পুং. অগ্নিকণা ; ফিনকি। প্র—"রাজ্য খণ্ড লণ্ড ভণ্ড বিস্ফুলিঙ্গ ছুটিছে"—অ, ম।

বিস্ফোট, বিস্ফোটক (বিশ্ফোট্, ফোটক্) [বি—স্ফুট্ (বিকাশ পাওয়া)+অ (ল্, ভাবে)] বি. ব্রণ ; ফোড়া ; বিষফোড়া। প্র—"আর বার রাজার যে হইল বিস্ফোট"—কৃত্তিবাস।

বিস্ময় (বিশ্শঁয়্) [বি—স্মি (ঈষৎ হাস্য করা ; আশ্চর্য্য হওয়া)+অ (ল্, ভাবে)] বি. পুং, সংশয়। ২। ঈষৎ হাস্য। ৩। আশ্চর্য্য। **বিস্ময়চিহ্ন**—আশ্চর্য্যের চিহ্ন ; ! এই চিহ্ন ; note of admiration. বিণ. **বিস্ময়-বিস্ফারিত**—বিস্ময়হেতু বিস্তৃত ; বিস্ময়ে প্রসারিত। **বিস্ময়বিহ্বল**—আশ্চর্য্যান্বিত। **বিস্ময়ান্বিত, বিস্ময়াপন্ন**—আশ্চর্য্যান্বিত ; চমৎকৃত ; বিস্ময়াবিষ্ট। **বিস্ময়াবহ**—বিস্ময়ের আবহ ; আশ্চর্য্যজনক ; বিস্ময়কর। **বিস্ময়াবিষ্ট, বিস্ময়াভিভূত**—বিস্ময়মগ্ন। স্ত্রী. **বিস্ময়াবিষ্টা,—ভূতা**। **বিস্ময়োৎপাদন**—বিস্ময়ের উদ্রেক।

বিস্মরণ (বিশ্শঁরন) [বি (বিগত) স্মৃ স্মরণ (স্মৃতি)] বিস্মৃতি।

বিস্মাপন (বিশ্শাঁপন্) [সং] বি. বিস্ময় উৎপাদন। ২। গন্ধর্ব্বনগরবিশেষ। ৩। কামদেব। ৪। বিণ. বিস্ময়জনক।

বিস্মিত (বিশ্শিত) [সং] বিণ. আশ্চর্য্যান্বিত ; বিস্ময়াপন্ন। [সম—লোকে কল্পনা বা আশার অতীত বিষয় ব্যাপার ও অসম্ভবকে সম্ভব হইতে দেখিলে **বিস্মিত** হয়। বিস্ময়ের আতিশয্যবশতঃ দেহ মনের বৃত্তি সমুদয় রুদ্ধ হইলে **স্তম্ভিত** হয় অর্থাৎ স্তম্ভের ন্যায় নিঃশব্দ নিঃস্পন্দ হয়। **কিংকর্ত্তব্য-বিমূঢ়** ব্যক্তি উপস্থিত কর্ত্তব্য নির্ণয়ে অক্ষম হইয়া নিশ্চেষ্টভাবে অবস্থান করে, এবং হঠাৎ বা অকারণে কাহাকে অবাক্, স্তম্ভিত বা কিংকর্ত্তব্যবিমূঢ় হইতে দেখিয়া একজন বিস্মিত হইতে পারে। যাহা অসাধারণ সহজ-সাধ্য নহে লোকে তাহাতে **আশ্চর্য্যান্বিত** হয়। আশ্চর্য্যের সহিত আনন্দ ও প্রশংসার ভাব জড়িত থাকিলে **চমৎকৃত** হয়।

বিস্মৃতি (বিশ্শৃঁতি) [বি—স্মৃ+তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. বিস্মরণ ; ভুল। বিণ. বিস্মৃত। স্ত্রী. **বিস্মৃতা**। **বিস্মৃতিশীল**—বিণ. বিস্মরণপটু। বি. **বিস্মৃতিশীলতা**।

বিস্রংসী (বিস্‌স্রোংশি) [সং—স্রন্‌স্ (পতনে)] বিণ. পতনশীল ; অধঃপতিত ; ক্ষরণশীল।
বিস্রম্ভ (বিস্‌স্রোম্‌ভ) [সং—স্রন্‌ভ্ (বিশ্বাসে)] বি. পুং. বিশ্বাস। ২। প্রণয়। ৩। পরিচয়। বিণ. বিস্রম্ভী।
বিস্রস্ত (বিস্‌স্রস্‌ত) [সং—স্রন্‌স্ (পতনে)] বিণ. পতিত ; ভ্রষ্ট ; চ্যুত। ২। ক্ষরিত।
বিস্রুত (বিস্‌স্রুত) [সং—স্রু (গমনে)] বিণ. প্রবাহিত। ২। ক্ষরিত। ৩। স্খলিত ; বিচ্যুত। ৪। প্রসারিত।
বিস্বাদ (বিশ্‌শাদ্) [বি—স্বাদ (দ্রঃ)] বি. স্বাদবিহীন। ২। বেতার। প্র—"সই! ভোজন বিস্বাদ হইল।"—চণ্ডীদাস।
বিস্বন, বিস্বান (বিশ্‌শন্) [বি (বিকট) স্বন, স্বান (শব্দ)] বি. বিকট শব্দ।
বিহগ (বিহগ্) [সং—বিহায়স্ (আকাশ) গ (গমনে)] বি. পুং. পক্ষী। স্ত্রী. বিহগী। বিহগবর—[বিহগ—বর (শ্রেষ্ঠ)] বি. পুং. বিহঙ্গশ্রেষ্ঠ ; গরুড়।
বিহঙ্গ, বিহঙ্গম (ম্) [সং—বিহায়স্ (আকাশ) গ, গম্ (গমনে) বি. পুং. পক্ষী ; বিহগ। প্র—"এই হেতু যে আজ্ঞা করহ বিহঙ্গম"—কাশী. মহা। ২। গ্রহ নক্ষত্র। ৩। মেঘ। ৪। বাণ। ৫। [প্রা—সংক্ষেপে—বাঙ্গী] ভার বহনের যষ্টি ; বাঁক। স্ত্রী. বিহঙ্গা ; বিহঙ্গী ; বিহঙ্গিনী ; বিহঙ্গমা ; বিহঙ্গমী। [দ্রঃ—প্রা—বাং-য়—"বিহঙ্গমা"র পুংএও ব্যবহার আছে। বিহঙ্গমা বিহঙ্গমীর (প্রা—ব্যাঙ্গোমা ব্যাঙ্গোমীর) গল্প] বিহঙ্গরাজ—[রাজা=রাজ] বি. পুং. গরুড়।
বিহঙ্গিকা (বিহোংগিকা) [সং] বি. স্ত্রী. পক্ষিণী। ২। [হি—বাঙ্গী বাঙ্গী] ভার যষ্টি ; বাঁক।
বিহত [সং] বিণ. বিনষ্ট ; ভগ্ন। ২। বিঘ্নিত। বি. বিহনন।
বিহরণ (ন্) [বি—হৃ (হরণে)+অন (ভাবে)] বি. স্ত্রী. ভ্রমণ। ২। বিহার ; ক্রীড়া। ৩। বিয়োগ ; বিচ্ছেদ। ৪। অপহরণ।
বিহরা [বিহর (ক্রীড়া, ভ্রমণ)+আ (ক্রি-বিভক্তি)। উ-পু—বিহরি। ম-পু—বিহর। প্র-পু—বিহরে। অস-ক্রি—বিহরিতে ; বিহরিয়া; বিহরি] ক্রি. বিহার করা ; ক্রীড়া। প্র—"হৃদয় মাঝে বিহর নাথ নিশিদিন"—ব্রহ্মসঙ্গীত।
ব্রজ—বিহরই—বিহার করে। প্র—"বিহরই নওল কিশোর।"—বি. প।
বিহসলি [ব্রজ] ক্রি. হাসিল। প্র—"হাসে হেরি বিহসলি গোরি।"—বিদ্যাপতি।
বিহসা (শা) [বিহসন দ্রঃ। নামধাতু। উ-পু—বিহসি। ম-পু—বিহস। প্র-পু—বিহসে। অস-ক্রি—বিহসিতে ; বিহসিয়া : বিহসি। ণিজন্ত—বিহসান (নো)] ক্রি. হাস্য করা। প্র—"বিহসি পালটি নেহারি"—বি. প.।
বিহসি—হাসিয়া। বি. বিহসন। বিণ. বিহসিত—কৃতহাস্য। ২। মৃদুহাস্য।
বিহান (ন্) [সং—বিভাত শব্দজ। ত—ন। ভ=হ। প্রা-বাং—"পওস বিহান"—শূ. পু.] বি. প্রভাত ; প্রাতঃকাল। প্র—"ওরে বিহান হল জাগরে ভাই ডাকে পরস্পরে"—রবি। "বিহান বিকালে বীর শুনেন পুরাণ"—কবিক।
বিহান (ন্) [বিবাহ—বিহা+আই= বিহাই, স্ত্রী.+আইন=বিহাইন। বরিশাল অঞ্চলে—বিহান ; প-বঙ্গে—"বেয়ান," সংক্ষেপে 'বেন'] বি. পুত্র বা কন্যার শ্বশ্রূ। পুং. বিহাই (প-বঙ্গে—বেয়াই)।
বিহার (বি) [বি—হৃ (হরণ করা, ক্রীড়া করা)+অ (ঘঞ্, ভাবে)] বি. পুং. ক্রীড়ার্থ পরিক্রমণ। ২। [অধি—ঘঞ্] ক্রীড়া স্থান। প্র—"বিহার উদ্যান ঘর ভাঙ্গে যত কপিবর তরুবর ভাঙ্গে রামসেনা।"—কবিক। ৩। বৌদ্ধমঠ। ৪। কৌতুক ; কেলি। প্র—"বিবাহ করিয়া তাঁহারে লইয়া আনন্দে কর বিহার।"—অ. ম। ৫। বেহার প্রদেশ ; মিথিলা। বিণ. বিহারী—বিহারকারী ; ভ্রমণকারী।
বিহারা [বিহার+আ (ক্রি-বিভক্তি)। উ-পু—বিহারি। ম-পু—বিহার। প্র-পু—বিহারে। অস-ক্রি—বিহারিতে ; বিহারিয়া ; বিহারি (সংক্ষেপে)] ক্রি. বিহার করা ; ক্রীড়া করা। প্র—"তা সবার সহ আমি বিহারি সতত"—মেঘনাদ।
বিহি [বিধি শব্দের অপভ্রংশ] বি. পুং. বিধাতা। প্র—"সুধামুখী কো বিহি নিরমিল বালা"—বিদ্যাপতি।
বিহিত [বি—ধা (ধারণ করা)+ত (কর্ম্মে)] বিণ. যাহাকে ধারণ করা হইয়াছে ; ধৃত। ২। যাহা সাধন করা হইয়াছে ; অনুষ্ঠিত ; কৃত ; দত্ত ; যথাবিধি।
বিহিদানা—বি. একপ্রকার বীজ ; ঔষধে ইহার প্রয়োজন।
বিহীন (ন্) [বি—হা (ত্যাগ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. বিরহিত ; বর্জ্জিত ; ত্যক্ত ; অভাববিশিষ্ট। ক্রি-বিণ. বিহীনে—অভাবে। প্র—"সেই শ্রীপতি বিহীনে"—গান।
বিহ্বল (বিভ্‌ভল্) [বি—হ্বল্ (কাঁপা)+অ (ক—কর্ত্তৃ)] বিণ. যে শোক মোহাদি জন্য কম্পিত হয়। ২। অভিভূত। প্র—"রাজভোগে হইয়া বিহ্বল।"—কবিক। ৩। বিবশ ; অচেতন ; অজ্ঞান। ৪। মত্ততা ; ঝোঁক। প্র—"আছিলা বহিনী তুমি পাশার বিহ্বলে।"—কবিকঙ্কণ। স্ত্রী. বিহ্বলা। বি. বিহ্বলতা—অবসন্নতা।
বীক্ষণ (বীক্‌খন্) [বি—ঈক্ষ্ (দর্শন করা)+অন (ট্—ভাবে)] বি. ক্লী. নিরীক্ষণ, বিশেষভাবে দর্শন। বি. বীক্ষিত।
বীক্ষণীয় (বীক্‌খোনিয়) [বি—ঈক্ষ্+অনীয় (কর্ম্মে)] বিণ. দর্শনযোগ্য ; দর্শনীয়।
বীচ (চ্) [বীজ শব্দজ। প্রা-বাং] বি. বীজ। ২। ধান্যাদির চারা।
বীচালি, বীচালী, বিচিলি [হি—বিচালি] বি. শস্যহীন শুষ্ক ধানগাছ ; খড়।
বীচি [সং] বি. পুং. স্ত্রী. তরঙ্গ ; ঢেউ। প্র—"উচ্চ বীচিরবে শুন ডাকিছে যমুনা ওই রাধায় সজনি"—ব্রজাঙ্গনা। ২। আলোক-তরঙ্গ। ৩। আনন্দ ; হর্ষ। [বীজ হইতে] ৪। আঁঠি। বীচিতরঙ্গন্যায়—যেরূপ একটী তরঙ্গ অন্য একটী তরঙ্গ উৎপাদন করে এবং সেটী হইতে অন্য আর একটী এইভাবে ক্রমশঃ প্রবল তরঙ্গ হয়, সেইরূপ প্রথম শব্দ হইতে অন্য একটী শব্দ তাহা হইতে অন্য একটী শব্দ এবং এইরূপ এক ঘটনা হইতে ঘটনা পরম্পরার বিস্তৃতি হইলে এই ন্যায়ের প্রয়োগ হয়। বীচিবিক্ষুব্ধ, বীচিবিক্ষোভিত—তরঙ্গচঞ্চল। বীচিমালী—কিরণ-মালী ; সূর্য্য। ২। সমুদ্র। বীচিশ্রেণী—বি. তরঙ্গমালা ; তরঙ্গসমূহ ; ঢেউসকল।
বীজ (জ্) [বি, বী (বিবিধ) জন্ (জন্মান)+অ (কর্ত্তৃ—ড) যাহার মৃত্তিকা গর্ভে একরূপ এবং মাটি ভেদ করিয়া অন্যরূপে জন্ম হয়] বি. শুক্র ; বীর্য্য। প্র—"রজ বীজে জনম তার নাহিক বাপ মাও॥"—শূ. পু.। ২। শস্যাদির অস্থি ; বিচি ; অঙ্কুর। ৩। মূল ; কারণ ; হেতু ; নিদান। ৪। মূলমন্ত্র ; ইষ্টমন্ত্র। প্র—"চরণ-সরসিজ পূজিয়া জপি বীজ নৈবেদ্য দিয়া নানা মত।"—অ. ম। ৫। মন্ত্র। প্র—"তুহ বীজ ইহ কর দান"—বি. প। ৬। আধার।
বীজইতে (জো) [প্রা-বাং] অস-ক্রি. বীজন করিতে ; বাতাস দিতে। প্র—"মৃদু বীজইতে দুমন্থ হাম"—বি. প।
বীজক (ক্) বিজক দ্রঃ।
বীজকপোর (ক্, র্) [প্রা-বাং] বি. বীজপুর ; গোঁড়ালেবু। প্র—"সোপুন ভৈগেল বীজকপোর।"—বিদ্যাপতি।
বীজকোশ (বীজ্‌কোশ্) [বিজের কোশ (আধার) ৬তৎ] বি. পুং. পুষ্পাদির যে অংশে বীজ থাকে ; বীজাধার।

বীজগণিত (বীজ্গোনিত্) বি, স্ত্রী, অব্যক্ত গণিত ; algebra.

বীজন (ন্) [বীজ (ব্যজনে) + ই (ণিচ — স্বার্থে) = বীজি + অন (ট্ — ভাবে)] বি, স্ত্রী, ব্যজন, চামরাদি সঞ্চালন ; বাতাস করণ। ২। [করণে—অনট্] যাহা দ্বারা ব্যজন করা যায়, পাখা ; চামরাদি। ৩। পুং, চক্রবাক। বিণ, বীজিত—কৃতব্যজন।

বীজপুর (বীজ্পুর্) বি, টাবালেবু।

বীজপুরুষ (বীজ্পুরুষ) বি, পুং, আদিপুরুষ ; বংশের প্রথম পুরুষ ; গোত্রকারক ; বংশ-প্রবর্ত্তক। ২। বংশের প্রধান ব্যক্তি।

বীজমাতৃকা (বীজমাত্তৃকা) বি, পদ্মবীজ।

বীজল (জোলো) [বীজ—খালা = অল ; গ্রা—বীচলো] বিণ, বীজপূর্ণ ; বীচে।

(র্)—প্রথমে বীজ তাহা হইতে অঙ্কুর অথবা প্রথমে অঙ্কুর পরে বীজ ইহা নিরূপণ করা অসম্ভব সুতরাং বীজাঙ্কুর প্রবাহ অনাদি এই ন্যায়।—কুসুমাঞ্জলি টীকা।

বীজী [বীজ—শুক্র—বীর্য্য + ইন্ (অস্ত্যর্থে) বীজিন্(১মা, ১ব)] বি, পুং, পরম পিতা ; মূল পুরুষ। ২। বিণ, ঔরসজাত।

বীজ্য (বীজ্জ) [বীজ + য (ণ্) জাতার্থে] বিণ, বীজসম্ভূত। ২। বংশোৎপন্ন ; কুলোদ্ভব। ৩। ব্যজনযোগ্য।

বীটি, বীটী, বীটিকা—বি, স্ত্রী, পানের বীড়া।

বীটী [প্রাদে পূ-বঙ্গে। প-বঙ্গে "বেটী"] বি, স্ত্রী, কন্যা ; মেয়ে। ২। নীচ নারী ; গালাগালিবিশেষ।

বীড়া—বি, বীটিকা ; পানের খিলি। প্র—"গুবাক সহিত পাণ বীড়া বান্ধে সাবধান কথন না পায় রাজপীড়া"—কবিকঙ্কণ। ২। খড়ের গোল করিয়া পাকান দড়ি ; বীড়ে।

বীণা (বীনা) [সং] বি, স্ত্রী, সপ্ত তন্ত্রীযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ ; বীণা বহুবিধ যথা—মহতী বীণা (দেবর্ষি নারদ এই যন্ত্রসংযোগে গান করিতেন) প্র—"আনন্দে হৃদয় ভরি, দেবঋষি বীণা ধরি, তারে তার মিলাইয়া ঝঙ্কার তুলিল।"—হেম বন্দ্যো। কিন্নরীবীণা ; রঞ্জনীবীণা ; ত্রিতন্ত্রী-বীণা ; রুদ্রবীণা ; বিপঞ্চী ; সারদীয়বীণা ; কচ্ছপীবীণা (ইহা সরস্বতী দেবীর প্রিয় বাদ্য-যন্ত্র) ; কাত্যায়নীবীণা ; শ্রুতিবীণা ; স্বরবীণা ; তম্বুরুবীণা প্রভৃতি। বীণাধ্বনি—বীণার স্বর। বীণানিন্দিত, বীণাবিনিন্দিত—বীণার ধ্বনি হইতেও মধুর ; বীণালাঞ্ছিত। বীণাপাণি—বাগ্দেবী ; সরস্বতী। বীণা-বাদক—যে বীণা বাজায়। বি, বীণা-বাদন।

বীত [বি—ই (গমন করা, ত্যাগ করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিগত ; অপগত ; অতীত। ২। পরিত্যক্ত। বীতকাম—নিস্পৃহ ; কামনাবৰ্জ্জিত ; অনুরাগশূন্য। বীতনিদ্র—বিনিদ্র ; জাগ্রত। বীতভয়—বিগত-ভয় ; নির্ভয়। বীতমল—অপগত কলঙ্ক ; নিষ্পাপ। বীতরাগ—আসক্তিহীন ; স্পৃহা বিরহিত ; নিস্পৃহ। ২। বিবেকবান্। বীতশোক—বিগত-শোক ; শোকবিহীন। ২। অশোক গাছ। বীতশ্রদ্ধ—ভক্তি-বিহীন ; শ্রদ্ধাশূন্য। বীতস্পৃহ—স্পৃহাহীন ; আকাঙ্ক্ষারহিত।

বীতংস, বি (শ) [বিতংস দ্রঃ। বি—তনস্ (ভূষিত করা) + অ (ঘঞ্ করণে) বি = বী বিকল্পে] বি, পুং, মৃগ বা পক্ষি-বন্ধনের জাল ; ফাঁদ। ২। পশুবন্ধন শৃঙ্খল। প্র—"কেশরীর রাজপদ কার সাধ্য বাঁধে বীতংসে ?"—মেঘনাদ।

বীতিহোত্র (বীতিহোৎত্র) [সং] বি, পুং, অগ্নি। প্র—"তৃপ্ত হয়ে বীতিহোত্র মূর্ত্তিমান হয়ে দিলা বর।"—শিবায়ন। ২। সূর্য্য।

বীথি, বীথী, বীথিকা [সং] বি, স্ত্রী, শ্রেণী ; সারি ; পংক্তি। ২। উভয় পার্শ্বে বৃক্ষশ্রেণী-যুক্ত পথ। ৩। দৃশ্যকাব্যবিশেষ। প্র—"শত শত গীত মুখরিত বন-বীথিকা !"—রবি।

বীপ্সা (বীপ্শা) [বি—আপ্ (ব্যাপন করা) + সন্ (ইচ্ছার্থে) + অ (ভাবে) আ—স্ত্রী] বি, স্ত্রী, ব্যাপনের ইচ্ছা ; যুগপৎ ব্যাপিয়া থাকিবার ইচ্ছা ; যুগপৎ ব্যাপ্তীচ্ছা।

বীবর (র) বিবর দ্রঃ। ২। জলজন্তুবিশেষ।

বীভৎস (শ্) [বধ্ (নিন্দা করা) + সন্ (স্বার্থে) দ্বিত্ব অ = ঈ, ব = ভ, ধ = ৎ + অ (ঘঞ্—কর্ম্মে)] বি, পুং, রসবিশেষ ; যে রসের জুগুপ্সা স্থায়িভাব। ২। বিণ, অতিশয় ঘৃণাকর ; অতি কদর্য্য। ৩। বিকৃত। ৪। ক্রূর। ৫। পাপী। ৬। ঘৃণীতাত্মা।

বীভৎসু [বীভৎস—বধ্ + সন্ (নিন্দার্থে = বীভৎস + উ—কর্ত্তৃ] বি, পুং, অর্জ্জুন। প্র—"যুদ্ধ করিতে করিতে আমি কখন বীভৎস অর্থাৎ ঘৃণিত কর্ম্ম করি না বলিয়া দেব ও মনুষ্যমণ্ডলীমধ্যে বীভৎসু নামে প্রসিদ্ধ হইয়াছি।"—মহা, বিরাট (বৰ্দ্ধ)।

বীর (র্) [সং] বিণ, বীর্য্যবান ; শূর। ২। সাহসী। ৩। যোদ্ধা। ৪। বি, বানরীপালের অধিনায়ক ; গোদা। ৫। হনুমান ; মহাবীর। বিণ, বীরতা, বীরত্ব। বীরকুঞ্জর—শূরশ্রেষ্ঠ ; বীর-প্রধান। বীরকুলগর্ব্ব—বীরকুলশ্রেষ্ঠ ; বীরকুলের গৌরব। বীরকুলর্ষভ—শূরশ্রেষ্ঠ। প্র—"অভিমানে মহামানী বীর-কুলর্ষভ রাবণ"—মেঘনাদ। বীরকেশরী—বীরসিংহ ; শূরপ্রধান। বীরচূড়ামণি—বীরগণের শিরোভূষণ অর্থাৎ মুকুটমণি স্বরূপ ; শূরশ্রেষ্ঠ। প্র—"সম্মুখ সমরে পড়ি, বীরচূড়ামণি বীরবাহু"—মেঘনাদ। বীর-জয়ন্তিকা—সমরাঙ্গনে বীরগণের নৃত্য। বীরদর্প—শূরের দম্ভ ; বীরের অহঙ্কার। বীরত্বব্যঞ্জক—বীর্য্যবত্তার জ্ঞাপক। বীরধটী—বীরের উপযুক্তপরিচ্ছদ। প্র—"পরিহিত বীরধটী, সারসনে বদ্ধ কটি"—কাঞ্চীকাবেরী। বীরনারী—বীরের ভার্য্যা ; বীরপত্নী। ২। বীর্য্যবতী রমণী ; বীরাঙ্গনা। বীরপঞ্চমী—বীরপুত্র লাভ কামনায় করণীয় ব্রতবিশেষ। বীরপণা—বীরের ব্যবহার ; বীরের আচরণ ; বীরের কার্য্য ; বীরত্ব। প্র—"তাঁর পতি-ভক্তি আমি, শক্তি, বীরপণা—বিনা রণে পরিহার মাগি তাঁর কাছে !"—মেঘনাদ। বীরপত্নী—বীরজায়া ; বীরভার্য্যা। বীরপুত্রধাত্রী—বীরপুত্রের গর্ভধারিণী ; বীরমাতা ; বীর-প্রসূ। প্র—"বীরপুত্রধাত্রী এ কনকপুরী, দেখ বীরশূন্য এবে ;"—মেঘনাদ। বীর-প্রসবিনী, বীরপ্রসূ, বীরসূ—বীরের প্রসবকারিণী ; বীরপুত্রের জননী। প্র—"অতএব জাগ, জাগ গো ভগিনী, হও বীরজায়া বীরপ্রসবিনী।"—জাতীয়সঙ্গীত। বীর-প্রসূন—বি, বীরপুত্র। প্র—"ধন্য বলে মানি হেন বীরপ্রসূনের প্রসূ ভাগ্যবতী।"—মেঘনাদ। বীরবৎসা—বীরের মাতা। বীরবতী—বীরযুক্তা। বীরবর—শূরশ্রেষ্ঠ।

বীরখণ্ডি (বীর্খোন্ডি) [গ্রা—বিরখুণ্ডি] বি, তিল ও গুড় দ্বারা প্রস্তুত মিষ্টান্নবিশেষ।

বীরণ (ন্) [সং] বি, স্ত্রী, বেণাঘাস। বীরণমূল—বেণার মূল ; খসখস।

বীরবল—বীরোচিত বল ; বীর্য্যবল ; বাহুবল। প্র—"উঠ, বলি ! বীর-বলে এ জাঙাল ভাঙ্গি, দূর কর অপবাদ।"—মেঘনাদ। ২। বি, সম্রাট আকবরের পার্শ্বচর। বীরব্রত—বীরের সঙ্কল্প। বীরমাতা—বীরজননী। প্র—"বীরমাতা তুমি ; বীরকর্ম্মে হত পুত্র হেতু কি উচিত ক্রন্দন ?"—মেঘনাদ। বীরভার্য্যা—বীরপত্নী ; বীরবনিতা। বীরশূন্য—বীরবিহীন। প্র—"বীরশূন্য লঙ্কা মম ! একাল সমরে !"—মেঘনাদ।

বীরবাহু (হ্) [বীর (বীরত্বব্যঞ্জক) হইয়াছে বাহু যাহার (বহু)] বি. পুং. রাক্ষস সেনাপতি-বিশেষ; রক্ষঃপতি রাবণের পুত্র। প্র—"হা পুত্র! হা বীরবাহু! বীরেন্দ্রকেশরি!"—মেঘনাদ।

বীরবৌলী (বীরবৌউলী) [বীর—বৌল (মৌল, মুকুল) ঈ (সাদৃশ্যার্থে)] বি. বীর-ভূষণবিশেষ; বীরের কর্ণালঙ্কারবিশেষ। ২। কর্ণাভরণবিশেষ। প্র—"সমাজের চারু কর্ণে বীরবৌলী তুমি"—অশোকগুচ্ছ। ৩। মখমলের মত দেহ রক্তবর্ণ বহুপদী কীটবিশেষ; মখমলী পোকা। "বীরবৌটী"ও বলে।

বীরভদ্র (বীরভদ্‌দ্র) [বীর (শূর) ভদ্র (শ্রেষ্ঠ)—৬তৎ] বি. পুং. রুদ্রবিশেষ। ২। শিবানুচরবিশেষ। ২। অশ্বমেধ যজ্ঞের অশ্ব। ৪। শূরপ্রধান।

বীরসেন (বীরশেন্) [বীর (শূর) হইয়াছে, সেনা যাহার, বহু] বি. পুং. নল রাজার পিতা। ২। আরুক বৃক্ষ।

বীরহা [বীর (যজ্ঞাগ্নি) হন্+কিপ্ (কর্তৃ) যে নাশ করে] বি. পুং. কারণ-বশতঃ যে সাগ্নিক ব্রাহ্মণের যজ্ঞাগ্নি নির্ব্বাণ হইয়াছে; নষ্টাগ্নি ব্রাহ্মণ। ২। বিণ. বীরনাশকারী।

বীরা [সং] বি. স্ত্রী. পতিপুত্রবতী নারী। ২। মদিরা। ৩। মুরা নামক গন্ধদ্রব্য। ৪। আমলকী।

বীরাঙ্গনা (বীরাংগনা) [বীরা যে অঙ্গনা—কর্ম্মধা] বি. স্ত্রী. বীরনারী; শৌর্য্যবতী নারী। প্র—"তার পাছে শূলপাণি বীরাঙ্গনা-মাঝে প্রমীলা।" "রণরঙ্গে বীরাঙ্গনা সাজিল কৌতুকে।"—মেঘনাদ।

বীরাসন (বীরাশন্) [বীরের আসন—৬তৎ] বি. স্ত্রী. দক্ষিণপাদ বাম উরুর উপর এবং বামপাদ দক্ষিণ উরুর উপর দিয়া উপবেশন; বীরোচিত উপবেশন। প্র—"বৈসেন সভার মধ্যে করি বীরাসন।"—চৈতন্যভাগবত। ২। যোগসাধনার আসনবিশেষ।

বীরুধ্ [বি—রুধ্ (আবরণ করা)+কিপ্ (কর্তৃ) ই=ঈ] বি. স্ত্রী. বিস্তৃতবল্লী; ব্রততী; লতা।

বীরেশ্বর (বীরেশ্‌শর্) [বীরের ঈশ্বর (প্রভু)—৬তৎ] বি. পুং. বীরশ্রেষ্ঠ। ২। বীরভদ্র।

বীর্য্য (বীর্জো) [বীর+য (ণ্—ভাবে)] বি. ক্লী. বীরত্ব; শৌর্য্য; তেজঃ; প্রতাপ। ২। শুক্রশোণিত; রেত; ৩। শক্তি; সামর্থ্য। **বীর্য্যবত্তা**—বীরত্ব। **বীর্য্যবন্ত** [প্রা-বাং] বলবান্; শৌর্য্যশালী। প্র—"বীর্য্যবন্ত সূর্য্যবংশে সগর নৃপতি মহাশয়।"—ঘনরাম। **বীর্য্যবান**—বীর্য্যশালী; বলবান; শক্তিশালী। স্ত্রী. **বীর্য্যবতী**। **বীর্য্যশালী**—বীর্য্যবিশিষ্ট; শৌর্য্যশালী। স্ত্রী. বীর্য্যশালিনী। **বীর্য্যহানি**—শুক্রক্ষয় প্রজননশক্তিহীনতা। **বীর্য্যহীন**—নির্ব্বীর্য্য তেজোবিহীন। ২। দুর্ব্বল। ৩। পুরুষত্ব-বিহীন। **বীর্য্যাবদান**—বীরকীর্ত্তি; শৌর্য্য-বীর্য্যসম্ভূত সুকীর্ত্তি।

বীহার (বি) [বিহার দ্রঃ। বি (বী) উপসর্গ পূর্ব্বক হৃ ধাতুর অর্থ পরিভ্রমণ, সুখভ্রমণ] বি. আরামভ্রমণ। ২। বৌদ্ধমন্দির।

বুঁচোনো [গ্রা। বঞ্চ্ ধাতুজ] ক্রি. বঞ্চিত করা। ২। বোঁচা করা; নগ্ন বা নেড়া বোঁচা করা।

বুঁদ (দ্) [সং—বিন্দু হইতে হি—বুঁদ্। বুন্দ দ্রঃ] বি. বিন্দু; ফোঁটা। ২। বিণ. বিন্দুবৎ; ক্ষুদ্র; অদৃশ্যপ্রায়। প্র—"ঘুড়িখানা আকাশে বুঁদ হয়ে গেছে।" ৩। [অধিক নেশায় নেত্রের কর্ণীনিকা সঙ্কুচিত হয় বলিয়া নেত্রতারা বিন্দুবৎ দেখায়] বিহ্বল; অভিভূত। প্র—নেশায় বুঁদ হয়ে আছে।

বুক (ক্) [সং—বক্ষ হইতে "ক্রোড়ং ভুজান্তরম্। উরো বৎসঞ্চ বক্ষশ্চ"—অমর] বি. বক্ষঃস্থল। প্র—তাহার বুকে একটি প্রচণ্ড কিল মারিল। "বলিতে বলিতে বুক উঠে ফুলি।"—চয়নিকা। ২। ক্রোড়। প্র—শিশুটিকে বুকে তুলিয়া লইল। ৩। [সং—বুক্ক হইতে। "বুক্কাহগ্রমাংসং হৃদয়ং"—অমর। "বুক্কাহৃদ্ হৃদয়ং"—হেমচন্দ্র। বুক্ (শব্দ করা)+অ (অচ্—কর্তৃ) ক্ক=ক। যাহা শব্দ করে] হৃদপিণ্ড। প্র—বুকশূল। ৪। হৃদয়; অন্তঃকরণ। প্র—বুকভরা ভালবাসা। "কাঁদিবার নাই অবসর কথা নাই শুধু ফাটে বুক"—গান। ৫। প্রাণ মন ও দেহ; শারীরিক ও মানসিক বল; সকল শক্তি। প্র—"বিপদে আপদে রামলাল আগে বুক দিয়া পড়ে"—টেকচাঁদ। ৬। সাহস। প্র—"যাহার গুপ আর বুক তাহারি জয়।"—টেকচাঁদ। "বুক বাড়িয়াছে কার সোহাগে"—অ, ম। **বুক কন্ কন্ করা**—বুকের ভিতর সূচীবিদ্ধকরণবৎ হওয়া। **বুক গুরু গুরু করা**—শীত বা ভয়ে বুকের ভিতর কম্প হওয়া; হৃৎকম্প হওয়া। **বুক চচ্চড় করা**—হিংসায় বুক ভাঙ্গিবার বা ফাটিবার মত হওয়া। **বুক চাপড়ান**—বিলাপ কালে বক্ষঃস্থলে করাঘাত করা; অভিশাপ দিবার কালে বক্ষে করাঘাত করা। প্র—তাহাকে বুক চাপড়িয়া শাপ দিল। **বুক জ্বালা**—অম্লরোগে বুকের ভিতর দাহানুভূতি। **বুক ঠোকা**—সাহস, ভরসা বা নিশ্চয় বাক্যাদিদানকালে বক্ষঃস্থলে করতলের মৃদু আঘাত করা। **বুক ঢিপ্ ঢিপ্ করা**—হৃদপিণ্ডের স্পন্দন শব্দ হওয়া (দ্রুতধাবন বা ভীতিহেতু)। **বুক দশ হাত হওয়া**—সাহস ও উৎসাহের বৃদ্ধি হওয়া; আনন্দ ও উৎসাহে হৃদয় পূর্ণ ও প্রসারিত হওয়া। প্র—"ইহা দেখিয়াও বুকটা দশ হাত হইল।"—ফোয়ারা (ললিত হৃদ্যো)। **বুক দিয়া পড়া**—কোন কার্য্যে দেহ মন নিয়োগ করিয়া সাহায্য করা। **বুক ধড় ধড় করা**—অতি বেগে ধাবনাদি হেতু বা ভয়ে হৃদপিণ্ডের স্পন্দন শব্দ হওয়া। **বুক ধড় ফড় করা**—অতিশয় ভাবনা বা ব্যাকুলতা হেতু হৃদপিণ্ডের স্পন্দনানুভব করা; হৃদপিণ্ডের স্পন্দনে অস্থির হওয়া। **বুক ফাটা**—ক্ষোভে, শোকে, অনুতাপে হৃদয় বিদীর্ণ হওয়া। **বুক ফাটে ত মুখ ফোটে না**—ভাবের পূর্ণতা ও আকুলতায় হৃদয় ফাটিবার মত অবস্থা তথাপি তাহা ব্যক্ত করিতে বা ফুটিয়া বলিতে না পারা। **বুক বলা** বা **বুক বলে যাওয়া**—অপ্রতিহত অভ্যাস হেতু সাহস বাড়িয়া যাওয়া। **বুক বাঁধা** [তুল—কোমর বাঁধা] সাহসে ভর করা; হৃদয় দৃঢ় করা। ২। ধৈর্য্যধারণ করা। ৩। আশ্বস্ত হওয়া। প্র—"বিষাদে ব্যাকুল বড় বুক নাহি বান্ধে।"—অ, ম। **বুক বাজান**—বক্ষঃস্থলে করতল বাদ্য করা। **বুক বাড়া**—সাহস বৃদ্ধি হওয়া। **বুক বুক করা**—বুকের যন্ত্রণায় কাতর হইয়া বুক গেল বুক গেল রবে চীৎকার করা। ২। কুকুর ডাক ডাকা। **বুক ভাঙ্গা**—সাহসহীন হওয়া; হতাশ হওয়া। **বুকশূল**—হৃদপিণ্ডের শূল-বেদনা। **বুকে ঢেঁকির পাড় পড়া**—ঢেঁকির পতনে যেরূপ শব্দ হয় তদ্রূপ অতি প্রবল বেগে হৃদপিণ্ডের স্পন্দন অথবা ঈর্ষাজনিত ঢিপ্ ঢিপ্ করিয়া শব্দ হওয়া। **বুকে বাঁশ দেওয়া**—বুকের উপর বাঁশ দিয়া দলন বা নির্য্যাতন করা। এইরূপ দলন করায় নির্য্যাতিত ব্যক্তির রক্তবমন হইতে থাকে। তাহা হইতে অত্যন্ত নির্য্যাতন করা; পরম শত্রুতা করা। **বুকে ভাতের হাঁড়ি নামান**—বুকে ফুটন্ত ভাতের হাঁড়ির ন্যায় উত্তপ্ত ও ভারী বস্তু চাপাইয়া যাতনা দেওয়া; হৃদয় বিদারক যন্ত্রণা দেওয়া। ২। মহা অনিষ্টসাধন করা। **বুকের পাটা**—বক্ষের প্রসার। ২। সাহসের সীমা; সাহস।

বুক (বুক্) [ইং—book] বি. রেল কোম্পানীকে বা জাহাজাদির মালপত্র সরবরাহকারী দপ্তরে মাশুল দিয়া মালপত্র চালান দিবার ব্যবস্থা। প্র—"আমি তাড়াতাড়ি

টিকিট লইয়া মাল 'বুক' করিতে গেলাম।"—উত্তর পশ্চিমভ্রমণ।

বুকড়ী (ক্) [প্রাদে—নদীয়া। সং—বিকরাল—বিকড়াল (বড় বড়)] বিণ, অশোভনরূপে বড় ও মোটা মোটা। প্র—বুকড়ী দাঁত। ২। আছাঁটা মোটা চাউল; বুকড়ী চাল।

বুক্‌নী [প্রাক্—বুক্কই। সং—বুক্ (কথা বলা) + অন (ট্—ভাবে) = বুক্কন। হি—বুক্‌নী (চূর্ণ)] বি, চূর্ণ; গুঁড়া। ২। মিছরীর ক্ষুদ্র ক্ষুদ্র খণ্ড; দানা। ৩। মিশ্রণ। ৪। কথার টুক্‌রা; কথোপকথনের মধ্যে মধ্যে ক্ষুদ্র ক্ষুদ্র প্রসঙ্গ, উদ্ধার; প্রবচন বা শব্দাদির প্রয়োগ। প্র—"ছাত্রেরা অধ্যাপকের অবর্ত্তমানে অশ্লীল সংস্কৃতের দুই চারিটা বুক্‌নি দিয়া দুই একটা আদি রসাশ্রিত গল্প করিতেন।"—আনন্দমঠ। **বুক্‌নি দেওয়া** [বিদ্রূপার্থে] কথার মধ্যে মধ্যে সরস বা তীব্র শব্দাদির প্রয়োগ করা; গুছি দেওয়া; ফোড়ন দেওয়া।

বুক্ক [বুক্ক (শব্দ করা) + অ (চ্—কর্ত্তৃ)] বি, বক্ষঃস্থল; বুক। ২। হৃদ্‌পিণ্ড। ৩। বোকা ছাগল; ছাগ। স্ত্রী, বুক্কা—শোণিত। **বুক্কাগ্রমাংস**—হৃদ্‌পিণ্ড।

বুক্কার (র্) [বুক (শব্দ করা) + আর (কর্ত্তৃ) তুল—হি—ভোঁক্‌না] বি, পুং, কুকুরের বুক বুক শব্দ। ২। সিংহের গর্জ্জন।

(পুক্কশী হইতে) [বোক্কস দ্রঃ] বি, প্রেতিনী; পিশাচী। প্র—"বাসনা করেছ আর কতকাল জীবে। যে বেশে বসেছ ঘাটে বুক্কশী বলিবে॥"—ঘনরাম।

বুচকী (চ্) ["বোচকা" (দ্রঃ), ঐ ক্ষুদ্রার্থে; তুর্কী—বুক্‌চা হইতে] বি, পুঁটুলী; ছোট বস্তা।

বুচকীদানা (চ্) [হি—বুক্‌চি, বাব্‌চী; ম—বাউচী] বি, সোমরাজীর বীজ; হাকুচ।

বুজকুড়ি (জ্) [বীজাকৃতির সহিত হিন্দী—বুঁদ (বিন্দু) শব্দের সংমিশ্রণ] বি, বুদ্‌বুদ।

বুজন (ন্) [বুজান দ্রঃ। মুদন হইতে] বি, নিমীলন। ২। গর্ত্ত ভরাট করণ। ৩। ছিদ্রাদি বন্ধ বা রুদ্ধকরণ।

বুজরুক (জ্, ক্) [ফা—বুজুর্গ (সম্মানিত বৃদ্ধ; বয়োবৃদ্ধ ও বিজ্ঞ (বিদ্রূপার্থে অতি দুষ্টব্যক্তি। বাঙ্গালায় কদর্থেই ব্যবহৃত] বিণ, কুটিল; যাহার পেটের কথা পাওয়া যায় না; যে সরল ও স্পষ্ট কথা বলে না; নানা ভাণকারী।

বুজরুকি, বুজরুগী (জ্) [ফা—বুজ্‌গী—বুজরুক দ্রঃ] বি, ভাণ; ছলনা।

বুজান (নো) [হি-তে—বুজানা শব্দ আছে কিন্তু তাহার অর্থ নির্ব্বাপিত করা। সম্ভবতঃ হি—মুন্দ্‌না (বন্ধ করা, রুদ্ধ করা, ভরাট করা) হইতে মুজনা—বুজনা—বুজান আসিয়াছে। ম = ব, দ = জ। উ-পু—বুজাই। ম-পু—বুজাও। প্র-পু—বুজায়। অস-ক্রি—বুজাইতে; বুজাইয়া; বুজিয়ে] ক্রি, ছিদ্রাদি বন্ধ করা; রুদ্ধ করা। ২। গর্ত্তাদি ভরাট করা।

বুজি [প্রাদে—মালদহ] বি, ছেলেদের ভয় দেখাইবার শব্দ; জুজু।

বুজোনো [গ্রা] ক্রি, বুজান দ্রঃ।

বুঝ (ঝ্) [সং—বুধ্ (জ্ঞানে, অবগমে) ধাতুজ। ধ = ঝ] বি, বোধ। প্র—"অবুঝে বুঝাব কত বুঝ নাহি মানে।"—প্রবচন। ২। প্রবোধ।

বুঝই [ব্রজ। প্রা-বাং] ক্রি, বুঝিতে। প্র—"বুঝই না পার"—পদাবলী। ২। বুঝিয়া; বোধগম্য করিয়া; জানিয়া। প্র—"বুঝই না বুঝ ইহ রস বোল।"—বিদ্যাপতি।

বুঝন (ন্) [বুঝ দ্রঃ] বি, বোধকরণ। ২। (বুঝোনো) ক্রি, বুঝান দ্রঃ।

বুঝনু [ব্রজ—বুঝলুঁ ("অব বুঝলুঁ অবগাহি"—বি, প) হইতে প্রা-বাং-য়—বুঝলুঁ, বুঝনু আধু-বাং—বুঝিনু] ক্রি, বুঝিলাম। "প্র—না বুঝনু কৈছন কেলী।"—বি, প।

বুঝয় (অ) [প্রা-বাং। ব্রজ—বুঝই দ্রঃ] অস-ক্রি, বুঝিতে। প্র—"কি কহি কি বলি কিছু বুঝয় না পারি।"—বি, প।

বুঝা [বুঝ (দ্রঃ) + আ (ক্রিয়া-বিভক্তি) উ-পু—বুঝি। ম-পু—বুঝ; বুঝুন; বুঝ্। প্র-পু—বুঝে; বুঝেন। অস-ক্রি—বুঝিতে; বুঝিয়া; বুঝে। পিজন্ত—বুঝান] ক্রি, বোধ করা হৃদয়ঙ্গম করা; অনুভব করা। প্র—'তাহার মর্ম্ম তাহারা ভাষার অপেক্ষা সহজে বুঝিত।" —গল্পগুচ্ছ (রবি)। ২। জ্ঞাত হওয়া; জানা। ৩। পরীক্ষা করা। প্র—"বাহুবলে বুঝে"—ঘনরাম। **বুঝা বুঝি**—পরস্পর পরস্পরের মনোগতভাব জানা। mutual understanding. **বুঝা-শুঝা**—[সহচর শব্দদ্বয়। হি—শুধ হইতে শুঝণ (ধ্যান, মনোযোগ অর্থে)] ধীরচিত্তে বা মন দিয়া শুনা ও হৃদয়ঙ্গম করা।

বুঝান (নো) [বুঝা (দ্রঃ)র পিজন্তরূপ। উ-পু—বুঝাই। বুঝাও; বুঝান; বুঝা। প্র-পু—বুঝায়; বুঝান। অস-ক্রি—বুঝাইতে; বুঝাইয়া; বুঝিয়ে] ক্রি বোধ করান; হৃদয়ঙ্গম করান। ২। প্রবোধ দেওয়া; সান্ত্বনা দেওয়া। ৩। উপদেশ দেওয়া; পরামর্শ দেওয়া। প্র—"আগে গুরুজন বুঝালে যখন তা যদি গ্রহণ করিতে।"—বাং-গান। ব্রজ—বুঝাই = বুঝাইয়া, প্র—"আখরে কহলুঁ বুঝাই।"—বি, প। **বুঝায়নু**—বুঝাইলাম। প্র—"কত পরকারে বুঝায়নু।"—বি, প।

বুঝি [বুঝা দ্রঃ] ক্রি, বোধ করি; অনুভব করি; অনুমান করি। ২। হৃদয়ঙ্গম করি; জানি। ২। অ, বোধ হয়; হয় ত; অনুমান; সম্ভবতঃ; না জানি। প্র—তাই বুঝি তুমি উঠিয়া গেলে। "কি হল আমার বুঝিবা সজনি হৃদয় হারিয়েছি।"—রবি।

বুঝোনো [গ্রা] ক্রি, বুঝান দ্রঃ।

বুট (ট্) [হি—বুঁট (চণক, মটর ও তাহাদের শুঁটী] চণক; ছোলা। প্র—"ওরে কোন লাজে খাওয়াতে চাস্ তাঁর আলো চাল আর বুট ভিজানা।"—বাং-গান।

বুট (ট্) [ইং—boot.] বি, গোড়ালি ও গ্রন্থির কিছু উপর হইতে পায়ের ডিমার নিম্ন পর্য্যন্ত ঢাকা জুতা; প্র—"হ্যাট বুট আর প্যান্ট কোট পোরে"—দ্বিজেন্দ্র রায়। "হুট বলে বুট পায়ে দিয়ে চুরুট ফুঁকে স্বর্গে যাবে।"—ঈশ্বর গুপ্ত।

বুড়, বুড়ো (বুড়ো) [গ্রা—বুড়া দ্রঃ। সং—বৃদ্ধ হইতে প্রাক্—বুড্ড (মৃচ্ছকটিক) পা—বুড্‌ঢো; হি—বুড্‌ঢা] বিণ, বয়োবৃদ্ধ; প্রবীণ। প্র—"খুড় দিলে বুড় বর"—ছেলে ভুলান ছড়া। ২। প্রাচীন; পুরাতন। ৩। পাকা; পরিপক্ক। ৪। জ্যেঠা; বাচাল; অকালপক্ক। ৫। বড়; বৃহৎ। প্র—একটা বুড়ো বাঁশ ঘাড়ে করে এনেছে। ৬। বি, বৃদ্ধ-ব্যক্তি। স্ত্রী, বুড়ী। প্র—"বুড়োবুড়ী দুজনাতে মনের মিলে সুখে থাক্‌ত।"—দ্বিজেন্দ্র রায়। **বুড় মানুষ**—জরাগ্রস্ত ব্যক্তি। **বুড় হাড়**—বৃদ্ধের অস্থি; প্রাচীনের দেহ। **বুড় মড়া** বৃদ্ধের মৃতদেহ। ২। [অবজ্ঞায়] মরণোন্মুখ বৃদ্ধ।

বুড়কিয়া (ড্) [গ্রা—বুড়্‌কে। বুড়ি দ্রঃ। বুড়িক (তুল—দশক, কোটিক + ইয়া = বুড়িকিয়া সংক্ষেপে বুড়কিয়া] বি, বুড়ির অঙ্ক ঘটিত গণিত। প্র—এক বুড়ি পাঁচগণ্ডা, দুই বুড়ি দশ গণ্ডা, তিন বুড়ি পনর গণ্ডা, চার বুড়িতে এক পণ ইত্যাদি।

বুড়ন (বুড়োন্) [বুড়া দ্রঃ] বি, নিমজ্জন; ডুবন। ২। (বুড়োনো) ক্রি, বুড়ান দ্রঃ।

বুড়ন (বুড়োনো) [বুড়ান দ্রঃ] ক্রি, বুড়াইয়া যাওয়া; বয়সে বৃদ্ধ হওয়া বা পরিপক্ক হওয়া;

বুড়বাক (ড্, ক্) [হি—বুড়্‌বাক্ (বোকা বুড়ো, old fool, নিরেট মূর্খ, blockhead) প্রাদে—মালদহ] বিণ, নিরেট মূর্খ।

বুড়ম, বুড়মি (বুড়োমো, ড়ো) বুড়ামি দ্রঃ।

বুড়া [বুড় দ্রঃ। হি—বুড্‌ঢা; প্রা-বাং—বুঢ়া] বিণ, বৃদ্ধ; প্রাচীন; প্রবীণ। প্র—"দেখিয়া জলের ক্রীড়া কুলবধূ যুবা বুড়া মদনমঙ্গল গীত গায়।"—কবিক। ২। পরিপক্ক; পাকা।

৩। অকালপক্ক ; জেঠা। ৪। বৃহৎ। ৫। [প্রা-বাং] জীর্ণ। প্র—"বুড়া ঘর ভাঙ্গিয়া বেগারি সাজাইল।"—মাণিক চাঁদের গান। স্ত্রী. বুড়ি, বুড়ী। বুড়া আঙ্গুল—অঙ্গুষ্ঠ ; বৃদ্ধাঙ্গুলি। বুড়াকাপ—বৃদ্ধ রসিক। প্র—"কেহ বলে ওই এল শিব বুড়া কাপ।"—অ. ম। বুড়া থুড় থুড়া—[থুড় থুড়া অতিবৃদ্ধ। বুড়া ফ্যাৎনা [প্রাদে-মালদহ। অবজ্ঞার্থে] অশ্রদ্ধেয় বৃদ্ধ ; ঘৃণ্য বুড়া ; জঘন্য বুড়া। বুড়া বাঁদর [নির্ব্বুদ্ধিতার জন্য ভর্ৎসনায়] বোকা বুড়ো। বুড় ময়না—ময়না দ্রঃ। গোপীচন্দ্র রাজার মা বৃদ্ধা ময়নামতী। ২। ময়না-মতী মন্ত্রতন্ত্রে সিদ্ধা ছিলেন বলিয়া ময়না বলিতে বহুরূপী ডাইনি প্রভৃতি বুঝায় ; ডাইনি বুড়ী। বুড়ামান্তা [প্রা বাং] ধান্যবিশেষ। প্র—"বুড়ামান্তা ধান বুনেন দেখিতে সুন্দর।" শূ. পু। বুড়াসুড়া—বৃদ্ধার্থে বুড়া এবং কুঞ্চিত চর্ম্মার্থে হি—সুকড়া. সংক্ষেপে অথবা সাদৃশ্যার্থে 'সুড়া'] সহচর শব্দদ্বয়। প্র—"বুড়াসুড়া মিনসা হয়ে কেমন কর সঙ্গ"—শিবায়ন। বুড়াহাবড়া—[ভঙ্গুর হইতে ভাঙ্গড় (ভাঙ্গা হাড়)—হাবড়+আ (তুচ্ছার্থে), তুল—ভাঙ্গড় বুড়া (অ, ম,)] ভগ্নদেহ বৃদ্ধ।

বুড়া, বোড়া [সং—ব্রুড্ (নিমজ্জনে) ধাতুজ। উ-পু—বুড়ি। ম-পু—বুড় ; বোড় ; বুড়ন্ বোড়্। প্র-পু—বুড়ে ; বোড়ে ; বুড়েন বোড়েন। অস-ক্রি—বুড়িতে ; বুড়িয়া ; বুড়ে ণিজন্ত—বুড়ান] ক্রি, নিমজ্জিত হওয়া ; ডবা ; জলমগ্ন হওয়া। প্র—"ঝড়ে আচ্ছাদন উড়ে বৃষ্টি জলে ডিঙ্গা বুড়ে"—কবিক।

বুড়াটিয়া [বুড়া+আটিয়া (প্রায়, সাদৃশ্য, নৈকট্যার্থে) গ্রা—বুড়ুটে] বিণ, বুড়ার ন্যায় ; বুড়ার ধরণ মত ; অনেকটা বুড়ার মত।

বুড়ান, বোড়ান (নো) [হি—বুড়ানা। বুড়া (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। উ-পু—বুড়াই। ম-পু—বুড়াও ; বোড়াও ; বুড়ান্ ; বোড়ান্ ; বুড়া ; বোড়া। প্র-পু—বুড়ায় ; বোড়ায় ; বুড়ান্ ; বোড়ান্। অস-ক্রি—বুড়াইতে, বোড়াইতে ; বুড়াইয়া, বোড়াইয়া ; বুড়িয়ে ; বুড়ায়ে ; বোড়ায়ে] ক্রি, জলমগ্ন করা ; নিমজ্জিত করা ; ডুবান। প্র—"বুড়াও সাধুর ডিঙ্গা ধনে প্রাণে মরুক ধনপতি।"—কবিক।

বুড়ান, বুড়ানো (নো) [বুড়া (বৃদ্ধ)+আন (হওয়া অর্থে)। উ-পু—বুড়াই। ম-পু—বুড়াও। প্র-পু—বুড়ায়। অস-ক্রি—বুড়াইতে ; বুড়াইয়া ; বুড়িয়ে] ক্রি, বুড়া হওয়া ; বার্দ্ধক্যে উপনীত হওয়া। প্র—"বুড়ালে ব্রাহ্মণ কুলে ব্রহ্ম নাহি জান"—শিবায়ন।

বুড়াম, বুড়ামি (মো) [বুড়া+ম, মি (আচরণার্থে)] বি. বুড়ার ন্যায় আচরণ ; বুড়ার ধরণ ধারণ ; পাকাম ; জেঠাম। প্র—"বুড়াম কথায় কিবা ফল"—ঘনরাম।

বুড়ালে [বুড়া (দ্রঃ) আলা (স্বার্থে) অবজ্ঞার্থে গ্রা—ব্যবহার] বিণ, বৃদ্ধ ; বুড়া। প্র—"কি বলিতে কিবা বলি বুড়ালে বর্ব্বর"—শিবায়ন।

বুড়ি, বুড়ী [বুড়া দ্রঃ। হি—বুড্ঢী] বি, স্ত্রী, বৃদ্ধা নারী। প্র—"বুড়ি গৌরব রাখহ আপনার"—কবিক। "বুড়ীটী কহেন রামা শুন মন দিয়া"—অ. ম। ২। বৃদ্ধার অনুকরণ-কারিণী বালিকা। ৩। শিশু কন্যার আদরের নাম। তুল—খুকি। ৪। চোর চোর খেলায় যে বুড়ী সাজে। এবং চোর ছুঁইবার পূর্ব্বে যাহাকে ছুঁইলে আর চোর হইতে হয় না। ৫। বিণ, প্রাচীনা ; বৃদ্ধা। ৬। পাকা (মেয়ে)। পাকা বুড়ী—যে মেয়ে শৈশবেই বুড়ির মত পাকিয়াছে (বিদ্রূপে)। বড়াই বুড়ী—বড়াই দ্রঃ। বুড়ীর দাঁত—বুড়ীর দাঁতের মত পাকা বড় ও কঠিন ফলের বীজ। বুড়ী বুড়ী খেলা—ছেলে মেয়েদের খেলাবিশেষ। কোমর ভাঙ্গা বুড়ীর মত লাঠি ধরিয়া বুড়ী সাজিয়া চলিতে থাকে আর সকলে তাহার পিছনে পিছনে নানা প্রশ্ন করিতে করিতে যায়।

বুড়ি, বুড়ী [গণিতের পরিভাষা। সং—বোড়ী (পণচতুর্থাংশ)—শব্দকল্প] বি, পাঁচ গণ্ডা ৫ এই অঙ্ক চিহ্ন। প্র—"একুনে আঠার বুড়ি কড়ি দেহ গুণি"—শিবায়ন। [দ্রঃ—৫ এই চিহ্নের অর্থ পাঁচ গণ্ডা বা 'এক বুড়ি', (২) এক পয়সা। (৩) এক কাঁচ্চা। ৪ বুড়িতে এক পণ, ষোল পণে এক কাহন] বুড়ীতে চতুর কাহনে কানা যাহার অল্প খরচের উপর খুব নজর ও টানাটানি কিন্তু অধিক খরচে উদাসীনতা। ২। সামান্য হিসাবে পটু কিন্তু বেশী হিসাব যে বুঝিতে পারে না। তুল—pennywise pound foolish.

বুড়ী [সং—বদরী (কার্পাসী—cotton plant) অপভ্রংশ বুড়ী] বি, কার্পাসবিশেষ ; বন কাপাসী ; রক্ত কাপাস। আকাশবুড়ীর সূতা—বুড়ী কাপাসের ফল ফাটিয়া আকাশে বায়ুভরে সঞ্চালিত হইতে হইতে অংশু গুলি মিলিত হইয়া মাকড়সার জাল বা সূক্ষ্ম সূত্রা-কারে দৃষ্ট হয়। দেখিতে পাইলে মেয়েরা উহা ধরিয়া মাথায় গুঁজিয়া রাখে, বিশ্বাস তাহাতে কেশ বর্দ্ধিত হয়।

বুড়ো [পা—বুড্ঢো] বুড় দ্রঃ। বুড়োপনা [হি—বুঢ়াপন্+আ (আচরণার্থে)] বি, বুড়ার আচরণ ; পাকামি ; জেঠামি।

বুঢ়া [বুড়া দ্রঃ। হি—বুড্ঢা। গ্রা—হি—বুঢ়া। প্রা-বাং] বি, পুং, বৃদ্ধ ব্যক্তি ; বুড়ো-মানুষ। ২। বিণ, বৃদ্ধ। ৪। পুরাতন। প্র—বুঢ়া ধনুক—অনন্ত রামায়ণ। ৪। বড় ; মস্ত। স্ত্রী, বুঢ়ী। বুঢ়া খুরকুন [প্রাদে, মালদহ] অতি বৃদ্ধ ব্যক্তি।

বুতায়ব [ব্রজ। হি—বুতানা (নির্ব্বাপণ করা)] ক্রি, নির্ব্বাপিত করিব ; নিভাইব। "করে কি বুতায়ব দুরহি দীপ"—বি, প

বুদ্ধ [বুধ্ (জ্ঞাত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বি, পুং, যিনি সকল জানেন ; প্রজ্ঞাবান্. জ্ঞানী। ২। বিষ্ণুর দশাবতারের মধ্যে নবম অবতার, বৌদ্ধধর্ম্মপ্রবর্ত্তক মুনি। হিমালয়ের পাদমূলস্থ কপিলবাস্তুর রাজা শুদ্ধোদনের ঔরসে মায়া দেবীর গর্ভে ইঁহার জন্ম, নাম শাক্যসিংহ।

বুদ্ধ [সং—বুদ্ধি শব্দের গ্রা—অপভ্রংশ] বি, বুদ্ধি ; জ্ঞান। ২। পরামর্শ। প্র—কার বুদ্ধে সেখানে গিয়েছিলে। ২। ক্রি-বিণ, বুদ্ধিতে ; পরামর্শে। ২। মনে করিয়া ; জ্ঞান করিয়া। প্র—"বাপ বুদ্ধে ব্রাহ্মণী বারায় প্রণিপাত।"—সত্য নারায়ণ (রামেশ্বর)। বুদ্ধে—বুদ্ধিতে। প্র—বুদ্ধে বৃহস্পতি।

বুদ্ধান [প্রা-বাং। বঙ্গভাষা ও সাহিত্যে "বুদ্ধাইল"] ক্রি, বুঝান।

[বুধ্ (জানা)+তি (ভাবে—ক্তি) পদাবলী সাহিত্যে কোমলার্থে বুধি] বি, স্ত্রী, ধী ; জ্ঞান ; বোধ ; মতি ; নিশ্চয়াত্মিকা মনো-বৃত্তিবিশেষ। ২। [ক্তি—কর্ম্মে] মহত্তত্ত্ব। ৩। [(ক্তি—করণে) যাহা দ্বারা বোধ হয়] মন। বুদ্ধি শুদ্ধি—বুদ্ধি ও সংস্কার ; জ্ঞান বুদ্ধি। প্র—দেখিয়া শুনিয়া বুদ্ধিশুদ্ধি লোপ পাওয়া। [দ্রঃ—জ্ঞান দ্রঃ। বুদ্ধি জ্ঞানী ব্যক্তিগণের মধ্যে কখন থাকে কখন না থাকিতেও পারে। উপস্থিত বুদ্ধি হঠাৎ প্রকাশ পায়, কাহার বা প্রয়োজন কালে বুদ্ধির উদয় হয় না। তুল—চোর পালালে বুদ্ধি বাড়ে। বুদ্ধিমানের উপায় জ্ঞান থাকে। জ্ঞান থাকিলে যে কাজ করা যায় বুদ্ধি খাটাইয়া সে কাজ সহজ উপায়ে করা যায়। জানার সাধারণ নাম জ্ঞান। ভূয়োদর্শন দ্বারা, বিশেষভাবে জানার ও বিচার হইতে যে জ্ঞান তাহা অভিজ্ঞতা। ধ্যান-লব্ধ সত্য জ্ঞানের নাম প্রজ্ঞা। ধ্যান ও ধারণার শক্তির নাম ধী। মনন করিবার শক্তি বা প্রবৃত্তিমূলক মনোবৃত্তির নাম মতি।

নিশ্চয়াত্মিকা মনোবৃত্তির নাম বুদ্ধি]। **বুদ্ধিজীবী**—যাহারা বুদ্ধি বলে জীবিকা নির্ব্বাহ করে ; বুদ্ধিমান্। **বুদ্ধিবৃত্তি**—নিশ্চয়াত্মিকা মনোবৃত্তি ; intellect. **বুদ্ধিমান**—জ্ঞানবিশিষ্ট ; বুদ্ধিশালী। **বুদ্ধিবৃত্তি**—বুদ্ধিশক্তি ; বুদ্ধির ধর্ম্ম। **বুদ্ধিহত, বুদ্ধিহারা**—হতবুদ্ধি ; লুপ্তবুদ্ধি। প্র—"বুদ্ধিহারা হইয়াছি শুদ্ধি নাহি পাই।"—অ, ম। **বুদ্ধিহীন**—নির্ব্বোধ ; বোকা।

বুদ্ধি [বুদ্ধিয়া সংক্ষেপার্থে 'য়া' লোপ। প্রা-বাং] অস-ক্রি. বুদ্ধি করিয়া। ২। বুঝিয়া ; অনুমান করিয়া ; জানিয়া। প্র—"নাসিকার স্বর বুদ্ধি নাএ তোলে পাও"—মনসামঙ্গল (ষষ্ঠীবর)।

বুদ্ধীন্দ্রিয় [বুদ্ধি—ইন্দ্রিয়, ৬তৎ, কিম্বা বুদ্ধি-প্রকাশক ইন্দ্রিয় (কর্ম্মধা)] বি, ক্লী, জ্ঞানেন্দ্রিয় ; মনঃ এবং চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা ও ত্বক্।

বুদ্বুদ (দ্) [বুদ্ (অনুকরণ শব্দে)] বি, পুং, জলবিম্ব ; জলের ভুড়্ভুড়ি। ২। গর্ভস্থ অবয়ববিশেষ। ৩। জল বিম্ববৎ ক্ষণস্থায়ী জীবদেহ। প্র—"চেতনা পূর্ণ অদ্ভুত মায়া বুদ্বুদ সম ফুটিছে।"—সোনার তরী।

বুধ (ধ্) [বুধ্ (জানা) + অ (ক—কর্ত্তৃ) যে সকল জানে] বি, পুং, বুধগ্রহ ; the planet mercury ; [পুরাণে] চন্দ্রের পুত্র। ২। পণ্ডিত ; জ্ঞানী। প্র—"তবে মন্ত্রী সারণ সচিব শ্রেষ্ঠ বুধ।"—মেঘনাদ। ৪। বুধবার ; wednesday. **বুধচক্র**—বুধের রাশ্যাদি সঞ্চার চক্রবিশেষ। **বুধচার**—বুধের শুভাশুভ-সূচক সঞ্চার। **বুধরত্ন**—বুধগ্রহের প্রীতিজনক "মণি" মরকত মণি। **বুধাষ্টমী**—বুধবারে শুক্লা অষ্টমী (চৈত্র পৌষ এবং হরি-শয়ন অর্থাৎ আষাঢ় হইতে কার্ত্তিক ভিন্ন)।

বুধো—বি, উধোর নামের সহিত যোগেশ নামক জনৈক বুধ বা পণ্ডিতের নামের অনুপ্রাস ঘটাইবার জন্য বুধো। উধো দ্রঃ।

বুন (ন্) [প্রাদে। গ্রা। সং—ভগিনী—বহিনী—বহিন—বইন—বোন—বুন] বি, ভগিনী। প্র—"রাণী বলে বুন তুমি প্রাণের পুত্‌লী"—ঘনরাম। **বুনঝী**—বনের মেয়ে। **বুন পো, বুনিপো**—বোনের ছেলে। [দ্রঃ—পুরুষের ভগিনীর সন্তান "ভাগিনেয়" "ভাগ্নে" বা "ভাগিনেয়ী" "ভাগ্নী" এবং নারীর ভগিনীর সন্তান "বোন পো" বা "বোন ঝী"। প্র—মামা ভাগ্নে বা ভাগ্নী, মামী ভাগ্নী বা ভাগ্নে, মাসী বোন পো মাসী বোন ঝী]।

বুনন (নন্) [সং—বপন—বয়ন হইতে হি—বুন্‌না তাহা হইতে বাং-য়] বি, বপন ; বীজ-রোপণ। প্র—"অগ্রভাগ বীজ রাখ বুনিবার তরে।"—শিবায়ন। ২। বস্ত্রাদি নির্ম্মাণ ; সূত্র বয়ন।

বুনন, বুনান, বুনোনো (নোনো, নানো) [বুনন (দ্রঃ) + আন (ণিজন্ত, ক্রি-বিভক্তি)] ক্রি, বপন করান। ২। বয়ন করান।

বুনা—বোনা দ্রঃ।

বুনিয়াদ (দ্) [ফা—বনিয়াদ্। গ্রা—বোনেদ, বনেদ্] বি, ভিত্তি ; অবলম্বন। ২। মূল ; গোড়া। বিণ, বুনিয়াদী।

বুনিয়াদি, বুনিয়াদী [বুনিয়াদ দ্রঃ। গ্রা—বোনেদি] বিণ, পুরাতন স্থায়ী ও পুরুষানুক্রমে শ্রেষ্ঠ। প্র—"আমার পিতা হর মোহন দত্ত বুনিয়াদি বড় মানুষ"—বঙ্কিম (ইন্দিরা)।

বুনো [সং—বন্য ; হি—বনৌয়া—বুনা, বুনো] বিণ, বন্য ; জঙ্গলী। ২। অসভ্য ; অমার্জ্জিত ; বর্ব্বর। ৩। বন্য জাতিবিশেষ ; জঙ্গলী ; যাহারা বনে জঙ্গলে বাস করে তুল, ইং—bushmen.

বুন্দ [ফা—বুলন্দ্ হইতে প্রাদে, মালদহ] বিণ, অতি উচ্চ ; খুব উঁচু।

বুন্দা [প্রা-বাং। হি—বুন্দা—বূঁদা। বূঁদ অপেক্ষা বড় অর্থে আ যোগ। ক্ষুদ্রার্থে বুন্দী, বূঁদী] বি, বড় ফোঁটা। ২। [প্রা-বাং] বৃষ্টির বড় বড় বিন্দু।

বুভুক্ষা [ভুজ্ (ভোজন করা) + সন্ (ইচ্ছার্থে) = বভুক্ষ্ + অ (ভাবে) আ—স্ত্রী] বি, স্ত্রী, ভোজন করার ইচ্ছা ; ক্ষুধা।
(ক্) [সং—বুভুক্ষু অপভ্রংশে] বিণ, ক্ষুধার্ত্ত ; বুভুক্ষু। প্র—"পুত্রে বলি দিয়া রাজা পুজেন বুভুক।"—ধর্ম্মমঙ্গল।

বুভুক্ষিত [বুভুক্ষা (ভোজন ইচ্ছা) + ত (কর্ত্তৃ) ই—আগম] বিণ, ক্ষুধিত।

বুরুচ (চ্) [ইং—brooch] বি, ব্রোচ ; বক্ষে বা স্কন্ধে বস্ত্রাদি আটকাইবার স্বর্ণাদি নির্ম্মিত কাঁটা। প্র—"ছাড়িয়ে সাড়ী গাউন সেঁটে বুকে বুরুচ দিলে এঁটে"—বাং-গান।

বুরুজ (জ্) [আ—বুর্জ্—বহু বচনে বুরূজ্ ; ইং—bastion] বি, দুর্গাদির প্রাচীরের মধ্যে মধ্যে সুদৃঢ় এবং সমুচ্চ গোলগৃহ বা মন্দির ; বপ্র। প্র—"চৌদিগে সহর পনা দ্বারে চৌকী কত জনা মুরুচা বুরুজ শিলাময়।"—অ, ম। ২। তাসখেলার প্রকারভেদ।

বুরুল (ল্) [বুড়া আঙ্গুল সংক্ষেপে] বি, তিন যব পরিমাণ বা অঙ্গুষ্ঠের প্রস্থ পরিমাণ।

বুরুশ, বুরুষ্ (বুরুশ্) [ইং—brush] বি, পশুলোমাদির সম্মার্জ্জনীবিশেষ। [দ্রঃ—দন্ত, কেশ, অলঙ্কার, বস্ত্র, জুতা, ঘোড়ার অঙ্গ প্রভৃতি মার্জ্জন করিবার উপযোগী ভিন্ন ভিন্ন প্রকার বুরুশ আছে]।

বুলন (বুলোন্) [বুলা দ্রঃ] বি, ভ্রমণ ; পর্য্যটন। প্র—"স্থির নহে এক ঠাই বুলন সদায়"—চৈতন্যভাগবত। ২। স্পর্শ। ৩। হস্ত দ্বারা মৃদু মার্জ্জন ; কোমল বা মৃদু ঘর্ষণ ; হাত ফিরান। ৪। অন্বেষণ।

বুলবুল (ল্, ল্) [আ—বুলবুল্] বি, স্বনাম প্রসিদ্ধ পক্ষিবিশেষ ; বুলবুলি। **সেপাই বুলবুল্** বা **ঝোঁটন বুলবুল্**—মাথায় যাহার শিখা থাকে। **লাল বুলবুল্**—উদর হইতে পুচ্ছের নিম্ন পর্য্যন্ত ঘোর লাল বলিয়া এই নাম। **শ্যা বুলবুল**—ধূসর ও শ্বেত বর্ণ বড় জাতীয় বুলবুল।

বুলা [সং—বল্ (সঞ্চরণে) ধাতুজ। উ-পু—বুলি। ম-পু—বুল। প্র-পু—বুলে। অস-ক্রি—বুলিতে ; বুলিয়া, বুলি (পদ্যে), বুলে (গ্রা)। ণিজন্ত—বুলান] ক্রি, ভ্রমণ করা ; সঞ্চরণ করা ; পর্য্যটন করা। প্র—"আসি পুর গুজরাটে বৈসে যতেক ভাটে ভিক্ষা মাগি বুলে ঘরে ঘরে।"—কবিকঙ্কণ। ২। পাদ-চারণ করা ; বেড়ান। প্র—"গোপ গোপী নাহি বুলে"—বি, প। "বসন্তে শোভা দেখি বুলেন রাধিকা"—গীত-গোবিন্দ (গিরিধর)। ৩। স্পর্শ করা। ৪। মৃদু ঘর্ষণ করা। ৫। বি, বুলন ; ভ্রমণ। প্র—"যথা তথা বুলা চলা মণ্ডল গ্রামে বাটী।"—কবিক।

বুলান (বুলানো) [বুলা দ্রঃ] ক্রি-বিণ, ছুয়ান ; ঠেকান। কোমল বা মৃদু স্পর্শ করা। "রামের অঙ্গুরী পায়্যা সীতাদেবী কান্দে। বুকে বুলাইয়া সীতা শিরে করি বান্দে।"—কৃত্তিবাস। ২। মৃদুস্পর্শে ঘর্ষণ করা বা কোমল হস্তে মার্জ্জনা করা। প্র—"সুধাকর কর স্পর্শ ব্রহ্মা নাহি পায়। সে কর বুলালে তুমি আমার মাথায়।"—শিবায়ন। **হাত বুলান**—হস্তের দ্বারা মৃদু মৃদু ঘর্ষণ করা। ২। হস্ত দ্বারা স্পর্শ করিতে করিতে অন্বেষণ করা ; হাতড়ান। **চুল বুলান**—চঞ্চল হওয়া ; অস্থির হওয়া ; চঞ্চলভাবে ঘুরিয়া ফিরিয়া বেড়ান [চুল দ্রঃ]।

বুলি (লী) [হি—বোলী শব্দজ] বি, কথা ; বাক্য ; শব্দ। প্র—"শিখায়েছ যে বুলি মা সেই বুলি বলে ডাকি।"—বাং-গান। ৩। ভাষা। প্র—"আমরা বাংলা গিয়েছি ভুলি। আমরা শিখেছি বিলিতি বুলি।"—দ্বিজেন্দ্র রায়। ৪। [হি—ভাখা] প্রাদেশিক ভাষা ; কথোপকথনের ভাষা ; dialect. প্র—ব্রজ-বুলি ; পাহাড়ী বুলি। ৫। পশুপক্ষীর কণ্ঠরব। ৬। অর্থ না বুঝিয়া যে শব্দ বা বাক্য আবৃত্তি করা যায় ; বোল। জপের

মন্ত্র। প্র—"তুমি মুখে বলবে পরের বুলি, পরম তত্ত্ব জানিবে কি॥"—আজু গোস্বামী। "পাখী বলে রাম রাম বুলি।"—রাজ, রামা। ৭। মূলমন্ত্র; principle. প্র—"তাহার বুলিই হল ওই; সহজে কি কেহ নিজের বুলি ছাড়ে?"

লি [প্রা-বাং, প্রাদে] ক্রি-বিণ, বলিয়া। প্র—"ধন্য ধন্য বুলি করে পুষ্প বরিষণ॥"—মনসা-মঙ্গল (কেতকাদাস)।

বুলু, বুলুরঙ্ [ইং—blue] বি, নীলবর্ণ।

বুহিত [বহিত্র শব্দজ] নৌকা: বাণিজ্য তরী। প্র—"নহে যাত্রা ভাল সাধু দেখি বিপরীত। "জীবন সংশয় দেখি হারাবে বুহিত॥"—কবিক।

বুহিতাল (ল্) [বহিত্র (ডিঙ্গা, তরণী) + আল [ফা—বালা = ওআল হইতে) যে বহিত্র যোগে ব্যবসায় বাণিজ্য করে] বি, সওদাগর: পোতস্বামী: বণিক্। প্র—নৃপতিরে মেলানী করিল বুহিতাল"—কবিক। ২। সওদাগরী। প্র—"এ সাত পুরুষ মোর গেল বুহিতালে।"—কবিক।

বৃংহন (ন্) [বৃন্হ্ (বৃদ্ধি পাওয়া) + অন (ট্—ভাবে)] বিণ, ক্লী, পুষ্টিজনক: বলকর। ২। হস্তীর রব।

বৃংহিত [বৃন্হ্ (বৃদ্ধি পাওয়া) + ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, হস্তীর গর্জন; হাতীর শব্দ। ২। [ক্ত—কর্ত্তৃ] বিণ, বৃদ্ধিপাপ্ত। ৩। পুষ্ট।

বৃক [বৃক্ (গ্রহণ করা) + অ (ক—কর্ত্তৃ) সংজ্ঞার্থে] বি, নেকড়েবাঘ। ২। শৃগাল। ৩। বায়স। ৪। জঠরানল। ৫। ক্ষত্রিয়। ৬। সরল বৃক্ষসার। বৃকদংশ—নেকড়ে বাঘ, শৃগাল প্রভৃতিকে দংশনকারী: কুকুর।

বৃকোদর (র্) [বৃক (তন্নামক অগ্নি) আছে উদরে যাহার—বহু] বি, পুং, মধ্যম পাণ্ডব; ভীম।

বৃক্ষ (বৃক্ষ্) [বৃক্ষ্ (বেষ্টন করা) + অ (ণ্—কর্ত্তৃ) যাহা স্থান বেষ্টন করে] বি, তরু; গাছ। বৃক্ষচ্ছায়—গাছের ছায়া। ২। বহু বৃক্ষের বিস্তৃতছায়া। বৃক্ষবাটিকা—বাগানবাড়ী। ২। উপবন; ৩। নিকুঞ্জ। বৃক্ষায়ুর্ব্বেদ—উদ্ভিদ্‌বিদ্যা; উদ্ভিদ্-বিজ্ঞান; botany. বৃক্ষাম্ল—তেঁতুলগাছ। ২। আমড়া গাছ।

বৃক্ষক [বৃক্ষ + ক (ক্ষুদ্রার্থে) তুল—মানবক] বি, পুং, ছোটগাছ। ২। ক্ষুপ।

বৃত [বৃ (বরণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে কর্ম্মে বরণ করা হইয়াছে; কর্ম্ম সাধনার্থ নিযুক্ত। ২। প্রার্থিত। ৩। [বৃ (বরণ করা, আবরণ করা) + ত (কর্ম্মে)] আবৃত: আচ্ছাদিত।

বৃতি [বৃ (আবরণ করা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, আবরণ। ২। গোপন। ৩। [করণে (ক্তি)—আবরণ করা যায় যাহা দ্বারা] বেষ্টন; ভিত্তি; বেড়া। প্র—"সহজে প্লাবন যথা ভাঙে ভীমাঘাতে বালিবন্ধ কিম্বা যথা ব্যাঘ্র নিশাকালে গোষ্ঠবৃতি!"—মেঘনাদ। ৪। [বৃ (বরণে)] বরণ: নিয়োগ। ৫। প্রার্থনা।

বৃত্ত [বৃৎ + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বর্ত্তুল: গোলাকৃতি। ২। জাত। ৩। গত: অতীত। ৪। [জ্যামিতিতে] গোলাকার ক্ষেত্র। ৫। বি, ছন্দঃ। ৬। বৃত্তান্ত। ৭। আচরণ: চরিত্র। প্র—সুবৃত্ত; দুর্বৃত্ত; বেদবৃত্ত (বেদবিহিত আচরণ)। বৃত্তার্দ্ধ—বি, বৃত্তের যে অংশটী একটী ব্যাস ও তদ্দ্বারা কর্ত্তিত পরিধিখণ্ডের অন্তর্গত: অর্দ্ধবৃত্ত। বৃত্তখণ্ড—বি, বৃত্তের যে অংশটী এক সরলরেখা ও তদ্দ্বারা কর্ত্তিত পরিধিখণ্ডের অন্তর্গত। বৃত্তপুষ্প—বি, কদম্বপুষ্প। ২। কুব্জক।

বৃত্তগন্ধি (গো) [বৃত্ত—গন্ধ + ইন্ (অস্ত্যর্থে)] বি, যে গদ্য রচনার মধ্যে মধ্যে পদ্যের মতন বোধ হয়; যে গদ্য রচনার মধ্যে কোন কোন স্থলে পরিমিত অক্ষরবন্ধ পদ্যাংশবৎ হইয়া পড়ে। প্র—"তাঁহার কথায় আমি নগরে যাইয়া দেখিলাম যে সেই সন্ন্যাসিনী নিঃশব্দে বসিয়া আছে"—কাব্যদর্পণ (এই বাক্যে প্রথম ৫টী পদ পয়ার ছন্দানুসারী ১৪টী অক্ষর বদ্ধ হওয়ায় ইহা বৃত্তগন্ধি গদ্য নামে অভিহিত হইল)।

বৃত্তস্থ [বৃত্ত (চরিত্র) স্থ (স্থা—থাকা) + অ (ড—কর্ত্তৃ)] বিণ, স্বভাবেস্থিত। ২। সচ্চরিত্র; সুশীল। ৩। বৃত্তক্ষেত্রস্থিত; বৃত্তে বিদ্যমান।

বৃত্তান্ত [বৃত্ত (চরিত্র, বিবরণ) + অন্ত (শেষ)—৬তৎ] বি, বিবরণ সংবাদ; বার্ত্তা। ২। ব্যাপার; বিষয়।

বৃত্তাভাস (ভাস্) [বৃত্ত (ছন্দ) তাহার ন্যায় আভাস যাহাতে, বহু] পদ্যের আভাসযুক্ত গদ্য রচনা; বৃত্তগন্ধি। ২। সম্পূর্ণ গোল নহে কিন্তু বৃত্তের সদৃশ গোলাকার।

বৃত্তি [বৃৎ (বর্ত্তমান থাকা) + তি (ক্তি—ভাবে)] বি, মানসিক শক্তি; মনের ধর্ম্ম। ২। প্রবৃত্তি। ৩। স্বভাব। ৪। আচরণ। ৫। আকার। প্র—"ভীমের ভৈরব নাদ ভয়ঙ্কর মূর্ত্তি। হাতে গাছ আইসে যেন যুগান্তের বৃত্তি॥"—মহা-কাশী। ৬। সূত্রের ব্যাখ্যা; মূল সূত্র ও তাহার সংক্ষিপ্ত ব্যাখ্যা সম্বলিত গ্রন্থ। প্র—"গঙ্গাদাস পণ্ডিত পাশে পড়ে ব্যাকরণ। শ্রবণমাত্রে কণ্ঠে কৈল সূত্র বৃত্তিগণ॥"—চৈতন্যচরিত। ৭। সংস্কৃত নাটকের রচনাকৌশলমাত্র। [দ্রঃ—"নাটকের রচনা-কৌশলের সাধারণ নাম বৃত্তি, তাহা ভারতী, সাত্বতী, কৈশিকী ও আরভটী নামক চারিভাগে বিভক্ত। বৃত্তির ন্যায় প্রবৃত্তি চতুষ্টয়ও পরিচিত ছিল তাহার নাম আবন্তী, দাক্ষিণাত্য, পাঞ্চালী ও ওড্রমাগধী"—প্রবাসী, ১৩০৮]। ৮। [বৃৎ (বাঁচিয়া থাকা) + ক্তি (করণে)] ভোজন; আহার। ৯। । ১০। ব্যবসায়। ১১। কর্ম্ম। ১২। [কাব্যালঙ্কারে] "এই শব্দ বা এই পদ অমুক অর্থের প্রকাশক হউক, বক্তার এইরূপ ইচ্ছাময় যে ব্যাপার তাহার নাম বৃত্তি"—কাব্যদর্পণ।

বৃত্য (বৃৎত) [বৃ (বরণ করা) + য (ক্যপ—কর্ম্মে) ত্ আগম] বিণ, যাহাকে বরণ করা যাইতে পারে; বরণীয়; বরণযোগ্য; বরেণ্য।

বৃত্র (বৃৎত্র) [সং] বি, কশ্যপপুত্র মহাপ্রতাপ-শালী ও ধর্ম্মশীল দানববিশেষ; বৃত্রাসুর। প্র—"কশ্যপতনয় বৃত্র ধর্ম্মশীল দাতা।"—রামা (রাজ)। [দ্রঃ—তপোনিরত বৃত্রকে দধীচিমুনির অস্থি নির্ম্মিত বজ্র দ্বারা নিহত করিয়া ইন্দ্র বৃত্রঘ্ন উপাধি প্রাপ্ত হন। পারসীকদিগের ধর্ম্মগ্রন্থ জেন্দাবেস্তায় বৃত্রের নাম "বেরেথ্" এবং গ্রীক্ নাম "অর্থ্রোপন।" ইন্দ্র-বৃত্রের যুদ্ধ ঋগ্বেদের ৭—১৭ সূক্তে বর্ণিত আছে। বৃত্র আসুরীয় (assyrian) জাতির দলপতি বলিয়া বর্ণিত হইয়াছেন। আবেস্তায় আছে, যে বৃত্র বব্ অর্থাৎ বাবিলোনিয়া নগরে আরিয়ানা বা আর্য্যভূমি জনশূন্য করিবার মানসে উপযাগ করিয়া অদ্বিশুর নাম্নী দেবীকে জয়ের নিমিত্ত আরাধনা করিয়াছিলেন। কিন্তু তাঁহার সকল চেষ্টা নিষ্ফল হয় ও অবশেষে তিনি সবংশে ইন্দ্র কর্ত্তৃক নিহত হন। ইহা সেমিতিক জাতির সহিত আর্য্যজাতির সংগ্রাম বলিয়া অনুমিত হয় (ভারতকোষ)। বৃত্রারি, বৃত্রহা—বি, পুং, ইন্দ্র।

বৃথা [বৃ (প্রার্থনা, বরণ ইত্যাদিতে) + থাচ্ (নিষ্প্রয়োজনার্থে—কর্ম্মে) প্রা—বিথা, বেথা; অবিথা; অবিথা] অ, অকারণ। ২। নিরর্থক; নিষ্ফল। প্র—"আমি বৃথা অভিসারে এ যমুনা পারে এসেছি"—রবি।

বৃদ্ধ [বৃধ্ (বৃদ্ধি পাওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত) যে বৃদ্ধি প্রাপ্ত হইয়াছে] বিণ, বৃদ্ধিযুক্ত। ২। বয়োজ্যেষ্ঠ; বুড়া; প্রবীণ; প্রাচীন। ৩। শ্রেষ্ঠ। ৪। বৃহৎ; বড়। ৫। [বৈদ্যকে] বীজতাড়ক; শৈলজ। স্ত্রী, বৃদ্ধা—বিগত-যৌবনা। ২। বয়োজ্যেষ্ঠা; বুড়ী। বৃদ্ধকাক—দাঁড়কাক। বৃদ্ধনাভি—বিণ, স্থূলোদর;

ভুঁড়ো। বৃদ্ধপ্রপিতামহ—প্রপিতামহের পিতা। স্ত্রী. বৃদ্ধপ্রপিতামহী—প্রপিতামহের মাতা। বৃদ্ধপ্রমাতামহ—প্রমাতামহ হইতে যিনি প্রাচীন অর্থাৎ প্রমাতামহের পিতা। স্ত্রী. বৃদ্ধপ্রমাতামহী—প্রমাতামহের মাতা। বৃদ্ধভাব—বৃদ্ধত্ব। ২। বুড়ুটে ধরণ ; বুড়ার মত আকার প্রকার।

বৃদ্ধত্ব (বৃদ্‌ধোৎতো) [বৃদ্ধ+ত্ব (ভাবে)] বি. ক্লী. বৃদ্ধাবস্থা ; প্রবীণত্ব ; বার্দ্ধক্য। ২। প্রাচীনত্ব।

বৃদ্ধাঙ্গুলি [বৃদ্ধ (স্থূল) যে অঙ্গুলি, কর্ম্মধা। প্রাদে—বুড়িয়া আঙ্গুল (বরিশাল), বুড়ি নউগ (রংপুর)] বি. অঙ্গুষ্ঠ ; বুড় আঙ্গুল।

বৃদ্ধাসূত্রক (শুৎত্রক্) [বৃদ্ধা (বুড়ী) সূত্রক (সূতা)+ক (স্বার্থে)] বি. ক্লী. ইন্দ্রতুল ; আকাশ বুড়ীর সূতা (বুড়ী দ্রঃ)।

বৃদ্ধি [বৃধ্ (বৃদ্ধি পাওয়া)+তি (ক্তি—ভাবে)] বি. স্ত্রী. ব্যাপ্তি ; বিস্তার ; প্রসার। ২। আধিক্য। ৩। অতিরেক ; অযথা বৃদ্ধি ; ঔদ্ধত্য ; বাড়। ৪। সমৃদ্ধি ; উন্নতি ; বাড়বাড়ন্ত। ৫। সম্পত্তি। ৬। কুসীদ ; সুদ। প্র—"আপদকালে রাজা বৃদ্ধি দিবার অঙ্গীকার করিয়া ধনিকের নিকট হইতে ধন গ্রহণ করেন এবং আপদ উদ্ধার হইলে গৃহীত ধন বৃদ্ধির সহিত প্রত্যর্পণ করেন।"—শুক্রনীতি (রত্নমালা)। ৭। [ফলিত জ্যোতিষে] বৃদ্ধিনামক যোগবিশেষ ; একাদশ যোগ। ৮। [আয়ুর্ব্বেদে] অষ্টবর্গের অন্তর্গত কচু-জাতীয় লতাকন্দ। ঋদ্ধি ও বৃদ্ধি দেখিতে প্রায় একই প্রকার কেবল ঋদ্ধির ফলে বাম দিকে আবর্ত্ত এবং বৃদ্ধির ফলে দক্ষিণে আবর্ত্ত থাকে। ইহার গাত্র শূকাবৃত, এক্ষণে ইহা দুষ্প্রাপ্য বলিয়া ইহার স্থলে শতমূলী ব্যবহৃত হয়। ৯। কোষবৃদ্ধি নামক রোগ। ১০। [ব্যাকরণে] স্বরের গুণ, যে নিয়মে —অ, আ—"আ" হয়, ই, ঈ, এ, ঐ—"ঐ" হয়, উ, ঊ, ও, ঔ—"ঔ" হয় এবং ঋ, ৠ—"আর্" এবং ঌ ও ৡ—"আল্" হয়। ১১। [আইনে] অর্থদণ্ড ; জরিমানা। বৃদ্ধিকর—বিণ. বৃদ্ধিজনক ; যাহা বাড়ায়। স্ত্রী. বৃদ্ধিকরী। বৃদ্ধিজীবিকা—সুদখোরী। বৃদ্ধিজীবী—বিণ. যে সুদ দ্বারা জীবিকা নির্ব্বাহ করে ; সুদখোর ; লগ্নিকারক ; মহাজন। স্ত্রী. বৃদ্ধিজীবিনী।

বৃদ্ধিদ [বৃদ্ধি—দ (দায়ী)] বিণ. বৃদ্ধিদানকারী। ২। উন্নতিবিধায়ক। ৩। [আয়ুর্ব্বেদে] জীবকবৃক্ষ। ৪। বারাহী। স্ত্রী. বৃদ্ধিদা।

বৃদ্ধিমান (ন্) [বৃদ্ধি—মৎ (মতু—অস্ত্যর্থে)] বিণ. উন্নতিশীল ; ঋদ্ধিমান্। স্ত্রী. বৃদ্ধিমতী।

বৃদ্ধিশ্রাদ্ধ [বৃদ্ধি (অভ্যুদয় নিমিত্ত) শ্রাদ্ধ] বি. আভ্যুদয়িক শ্রাদ্ধ। প্র—"বৃদ্ধিশ্রাদ্ধ দুইজনে করে অবশেষ"—কৃত্তিবাস।

বৃদ্ধ্যাজীব (ব্) [বৃদ্ধি (সুদ) আজীব (জীবিকা) যাহার, বহু] বি. বৃদ্ধিজীবী ; সুদখোর ; বার্দ্ধুষিক।

বৃন্ত [বৃ (বরণ করা)+ত (কর্ম্মে—ক্ত) ন আগম] বি. ফল পুষ্পাদির বোঁটা ; ফল পুষ্প ও পত্রের বন্ধনী। ২। স্তনাগ্র ; চুচুক। ৩। জলপাত্র বসাইবার বিঁড়ে।

বৃন্তচ্যুত (বৃন্তচ্চুত) [বৃন্ত হইতে চ্যুত, ৫তৎ] বিণ. যাহা বোঁটা হইতে খসিয়া পড়িয়াছে।

বৃন্তাক (ক্) [সং] বি. পুং. বেগুন। স্ত্রী. বৃন্তাকী।

বৃন্দ—বি. ক্লী. সমূহ। ২। পুং, ক্লী. সংখ্যাবিশেষ ; দশ অর্ব্বুদ।

বৃন্দা—বি. স্ত্রী. তুলসী গাছ। ২। [পুরাণে] জলন্ধর অসুরের মতান্তরে শঙ্খচূড় দৈত্যের পত্নী তুলসীর নামান্তর। ৩। রাধিকার সখীবিশেষ। অতি পরিচয়ার্থে বিন্দে (সম্বোধনে)। ৩। রাধিকার নামান্তর।

বৃন্দাবন (ন্) [বৃন্দার বন (লীলা কানন) মথুরার তিন ক্রোশ দূরে যমুনা তীরস্থ ক্ষুদ্র গ্রাম ও বনবিশেষ। ইহা রাধা-কৃষ্ণের প্রধান লীলাভূমি ছিল বলিয়া বৈষ্ণবদিগের পরম পবিত্র তীর্থ বলিয়া প্রসিদ্ধ। প্র—"বৃন্দাবনে বনে বনে বিহরে হরি হয়ে বসন্ত"—কালীমির্জ্জা। বৃন্দাবনচন্দ্র—বৃন্দাবনের চন্দ্র ; শ্রীকৃষ্ণ। প্র—'কই গো বৃন্দে সই, বৃন্দাবনচন্দ্র কই।" —রামবসু। বৃন্দাবন-ধন—বৃন্দাবনের সম্পদ বা রত্ন ; শ্রীকৃষ্ণ। প্র—"বৃন্দাবন-ধন গোপিনীমোহন কাহে তু তেয়াগি রে।"—বঙ্কিম। বৃন্দাবনেশ্বর—বি. পুং. শ্রীকৃষ্ণ। স্ত্রী. বৃন্দাবনেশ্বরী—রাধিকা।

বৃন্দারক (ক) ["বৃন্দারকা দৈবতানি"—অমর। "বৃন্দারকৌ রূপি মুখ্যা"—ঐ] বি. পুং. দেবতা। প্র—"দৈবাৎ দক্ষের ঘরে ঘটা হৈল বড়। ইন্দ্র চন্দ্র বৃন্দারক বৃন্দ হৈল জড়।"—শিবায়ন। ২। সুন্দর। ৩। প্রধান। ৪। উৎকৃষ্ট। ৫। খ্যাত্যাপন্ন।

বৃন্দিষ্ঠ [সং। "বৃন্দিষ্ঠঃ বৃন্দারকাতিশয়ে।" —অমর] বি. বৃন্দারক সমূহ। ২। অতিশয় মনোজ্ঞ। ৩। অতি যশস্বী। ৪। সর্ব্বপ্রধান। স্ত্রী. বৃন্দিষ্ঠা।

বৃশ্চিক (ক্) [ব্রশ্চ্ (ছেদন করা)+ইক (কর্ত্তৃ) ব্র=বৃ] বি. পুং. বিছা। ২। বৃশ্চিক রাশি ; রাশিচক্রের অষ্টম রাশি ; the scorpion ৩। অগ্রহায়ণ মাস। ৪। [বিরল] শূক কীট ; শুয়া পোকা। বৃশ্চিক দংশন—বিছার কামড়। বৃশ্চিক দংশন জ্বালা—আত্যন্তিক মর্ম্মদাহ ; অনুতাপ ; পরিতাপ। প্র—"মনের সেই বৃশ্চিক-দংশন-জ্বালা যে অনেকটা উপশমিত হইয়াছে, তাহা আমরা বলিতে বাধ্য।"—বসুমতী, ২৭ মাঘ, ১৩১৮। বৃশ্চিকালী—বৃশ্চিকসমূহ। ২। বিছুটীর গাছ।

বৃষ [বৃষ (বর্ষণ করা)+অ (ক, কর্ত্তৃ) প্রা-বাং—প্রাকৃ—বুস। প্র—"বৈসাখ গেলে জৈট মাস বুসরাশি।"—শূ. পু] বি. পুং. ষণ্ড ; ষাঁড় ; বৃষভ। ২। রাশিচক্রের দ্বিতীয় রাশি ; the bull. ৩। ধর্ম্ম (তুল—ধর্ম্মের ষাঁড়)। ৪। বৃষজাতীয় পুরুষ। ৫। ইন্দ্র। প্র—"মানিলাম শিবের সম্বলমাত্র বৃষ। কিন্তু ঐরাবতগামী হয় যেই বৃষ।"—কুমারসম্ভব (রঙ্গলাল)। ৬। বিষ্ণু। ৭। ময়ূরপুচ্ছ। ৮। কন্দর্প ; কামদেব। ৯। [আয়ুর্ব্বেদে] ঋষভ নামক ওষধিলতা। ১০। [ব্যাকরণে শব্দের পর যুক্ত হইলে] শ্রেষ্ঠ। তুল—চন্দ্র, সিংহ, শার্দ্দুল ইত্যাদি। ১১। বলশালী ব্যক্তি। ১২। রাধানন্দন কর্ণ। ১৩। জল। ১৪। শুক্র। ১৫। গৃহ নির্ম্মাণের উপযুক্ত ভূখণ্ড। বৃষধ্বজ—শিব। প্র—"শিব ভর্গ ত্রিলোচন বৃষধ্বজ পঞ্চানন চন্দ্রচূড় গিরিশ শঙ্কর।"—অ. ম। বৃষবাহন—শিব। বৃষবিবাহ—বৃষোৎসর্গ।

বৃষকর্ণী (কো) [বৈদ্যকে] বি. স্ত্রী. সুদর্শনা নামক লতা ; গুলঞ্চবিশেষ।

বৃষকেতু—অঙ্গরাজ কর্ণের পুত্র।

বৃষগন্ধা [বৈদ্যকে] বি. স্ত্রী. ছাগলবেঁটে গাছ ; convolulus argenteus.

বৃষণ [বৃষ্ (বর্ষণ করা—বীর্য্য)+অন (কর্ত্তৃ)] বি. পুং. মুষ্ক ; অণ্ডকোষ। বৃষণকচ্ছু—[আয়ুর্ব্বেদীয় নিদানে] মুষ্কের চর্ম্মরোগবিশেষ।

বৃষপর্ণী (পোর্ন) বি. স্ত্রী. আখুপর্ণী, ইন্দুরকাণী নামক জলপর্ণী বা পানা।

বৃষপর্ব্বা [বৃষ (ষাঁড়) হইয়াছে পর্ব্ব (পর্ব্বন্ শব্দজ—অঙ্গুলি পর্ব্ব পরিমাণ) যাহার, বহু] বি. পুং. শিব। ২। দৈত্যরাজবিশেষ ; শর্ম্মিষ্ঠার পিতা। ৩। [বৈদ্যকে] ভৃঙ্গরাজ নামক তৃণ।

বৃষভ [সং] বি. পুং. বৃষ ; বলীবর্দ্দ ; বলদ ; ষাঁড়। প্র—"বৃষভবাহন যোগধারী।"—অ. ম। ২। জৈন সম্প্রদায়বিশেষ। ৩। [অন্য শব্দের পরে যুক্ত হইলে] শ্রেষ্ঠ। স্ত্রী. বৃষভী—বিধবা স্ত্রী। (২) হস্তীর কর্ণ। (৩) [আয়ুর্ব্বেদে] ওষধিবিশেষ। বৃষভধ্বজ—মহাদেব।

বৃষভানু [হি-র অনুকরণে বৃকভানুও বলে, হি-তে ষ=থ=ক] বি, পুং গোপরাজ ও রাধিকার পালক-পিতা। **বৃষভানু নন্দিনী**—রাধিকা। প্র—'জাগহ বৃষভানু-নন্দিনি মোহন যুবরাজে"—জগদানন্দ পণ্ডিত।

বৃষল (ল্) [সং] বি, পুং, শূদ্র। ২। বিণ, পাপকর্ম্মকারী ; পাপী। স্ত্রী, **বৃষলা** ; **বৃষলী**। বি, **বৃষলতা, বৃষলত্ব**—শূদ্রত্ব। ২। পাতিত্য। **বৃষলাত্মজ**—শূদ্রকুমার। ২। ধর্ম্মে পতিত ব্যক্তির পুত্র। স্ত্রী, **বৃষলাত্মজা**।

বৃষলী (বৃ্ষোলি) বি, স্ত্রী, শূদ্রা। ২। ঋতুমতী স্ত্রী। ৩। অবিবাহিতা দ্বাদশবর্ষীয়া রজঃস্বলা কন্যা। ৪। মৃত-সন্তান-প্রসবকারিণী স্ত্রী। ৫। বন্ধ্যানারী। **বৃষলীপতি**—শূদ্রা বিবাহ-কারী ব্রাহ্মণ। **বৃষলীসেবন**—ব্রাহ্মণের শূদ্রাসঙ্গম।

বৃষস্কন্ধ (বৃষষ্‌কন্ধ) [বৃষের স্কন্ধ—৬তৎ] বি, পুং, ষাঁড়ের স্কন্ধের স্থূল মাংস বা ঝুটী ; ককুদ্। ২। [বৃষের স্কন্ধের ন্যায় স্কন্ধ যাহার, বহু] বিণ, স্থূলকন্ধর ; ককুদ্‌বিশিষ্ট।

বৃষস্যন্তী (বৃষষ্‌শোন্তি) [বৃষ (ষাঁড়, বৃষ-জাতীয় পুরুষ) + য (ক্যঙ্ ইচ্ছার্থে 'স' আগম) বৃষকে ইচ্ছা করা + অৎ (শতৃ—কর্ত্তৃ) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, বৃষার্থিনী গাই। ২। বিণ, অতি কামুকী।

বৃষাঙ্ক [বৃষ—অঙ্ক (চিহ্ন)] বি, বৃষধ্বজ ; মহাদেব। ২। অন্তঃপুররক্ষক খোজা। ৩। ময়ূর।

বৃষি, বৃষী [সং] বি, স্ত্রী, ব্রতধারীদিগের উপবেশনার্থ কুশাসন।

বৃষোৎসর্গ (শর্গ) [বৃষের উৎসর্গ, ৬তৎ। গ্রা—বৃষোচ্ছুগগু] বি, পুং, শ্রাদ্ধবিশেষ ; যে শ্রাদ্ধে শ্রাদ্ধকর্ত্তা চারিটি বৎসতরী সহ বৃষ ত্যাগ করে।

বৃষ্টি [বৃষ্ (বর্ষণ করা) + তি (ভাবে—ক্তি) গ্রা—**বিষ্টি**] বি, স্ত্রী, মেঘ হইতে জল পতন ; বর্ষণ। ২। [কর্ম্মে—ক্তি] বৃষ্টির জল। বিণ, **বৃষ্ট**—কৃতবর্ষণ। **বৃষ্টিপাত**—মেঘ হইতে বারিবর্ষণ। **বৃষ্টিবিন্দু**—বর্ষার জলের ফোঁটা। **বৃষ্টিভূ**—বি, ভেক ; মণ্ডূক। ২। বিণ, বৃষ্টিসম্ভব। **বৃষ্টিমানযন্ত্র**—কি পরিমাণ বৃষ্টিপাত হইল তাহা যে যন্ত্রদ্বারা জানা যায় ; বৃষ্টি পতনের পরিমাণ নির্ণয় করিবার যন্ত্র। pluviometer. **বৃষ্টিস্নাত**—বর্ষার জলে কৃত স্নান।

বৃষ্ণি (বৃষ্‌টি) [বৃষ্ (বর্ষণ করা) + নি (কর্ত্তৃ)] বি, পুং, যদুবংশ ; যদুবংশীয় ব্যক্তি ; যাদব। ২। কৃষ্ণ। ৩। জ্যোতিঃ। ৪। ইন্দ্র। বায়ু। ৬। মেঘ। ৭। অগ্নি। ৮। গো। ৯। বিণ, বিধর্ম্মাবলম্বী। ২। পাষণ্ড।

বৃষ্য (বৃষ্‌ষ) [বৃষ্ + য (কর্ম্মে)] বিণ, বীর্য্য-স্তম্ভন। ২। বলকর। ৩। ক্লী, বাজিকর। ৪। বি, মাষকলাই। স্ত্রী, **বৃষ্যা**—শতাবরী। ২। আমলকী।

বৃহচ্ছল্ক [বৃহৎ—শল্ক (আঁইষ) যাহার—বহু] বি, পুং, বড় আঁইষযুক্ত মৎস্য ; চিঙ্গড়ীমাছ। ২। বিণ, বৃহৎ শল্কবিশিষ্ট।

বৃহৎ [বৃহ্ (বৃদ্ধি পাওয়া) + অৎ (কর্ত্তৃ—শতৃ)] বিণ, প্রকাণ্ড ; বড় ; বিরাট। ২। বিস্তৃত। স্ত্রী, **বৃহতী**। প্র—বৃহতী সভা।

বৃহতিকা (হো) [সং] বি, স্ত্রী, উত্তরীয় ; দোজা। ২। বার্ত্তাকী ; ছোট বেগুন।

বৃহতী (হো) [সং] বি, স্ত্রী, বৃহতিকা ; ২। বিশ্বাবসুর বীণা। ৩। ছন্দোবিশেষ।

বৃহদ্ভানু [বৃহৎ (বড়) ভানু (কিরণ) যাহার —বহু] বি, পুং, সূর্য্য। ২। অগ্নি।

বৃহদ্রথ (বৃহদ্রথ্) [বৃহৎ (বড়) রথ যাহার, বহু] বি, পুং, ইন্দ্র। ২। জরাসন্ধের পিতা। ৩। সামবেদের অংশ। ৪। যজ্ঞপাত্র।

বৃহন্দ—বি, বহির্দ্বার ; দেউড়ী। ২। মহল। প্র—"বৃহন্দের বহির্গত হইল রাজন্।"—কৃত্তিবাস। **বাহির বৃহন্দ**—বাহিরের মহল ; বহির্ব্বাটী। প্র—"বাহির বৃহন্দে বাসা দিল এত শুনি।"—ঘনরাম।

বৃহন্নলা—বি, স্ত্রী, বিরাট রাজগৃহে অজ্ঞাত বাস কালে উর্ব্বশীর শাপে ক্লীবত্বপ্রাপ্ত অর্জ্জুনের ছদ্মনাম। প্র—"কিম্বা বৃহন্নলারূপী কিরীটী" —মেঘনাদ।

বৃহস্পতি (বৃহোশ্‌পোতি) [বৃহৎ (শ্রেষ্ঠ) পতি (প্রভু)—৬তৎ ; ৎ=স্। কিম্বা বৃহতী (বাক্য) পতি, ৬তৎ, নিপাতন, বাক্যের অধিপতি] বি, পুং, সুরগুরু ; দেবতাদিগের আচার্য্য। ২। ধর্ম্মশাস্ত্র প্রণেতাগণের অন্যতম। ৩। [সুরাচার্য্য বৃহস্পতির তুলনায়] বাচস্পতি ; মহাপণ্ডিত ; বিদ্যাবিশারদ। প্র—বিদ্যায় বৃহস্পতি। ৪। [জ্যোতিষে] নবগ্রহের পঞ্চম গ্রহ ; the planet Jupitor, ৫। চার্ব্বাক দর্শনকার মুনিবিশেষ। এ সম্বন্ধে মতভেদ আছে। ৬। সপ্তাহের পঞ্চম দিন। **বৃহস্পতিচক্র**—ফলিত জ্যোতিষানুমোদিত অঙ্কিত নর-দেহ। ২। ৬০ বর্ষব্যাপী কালচক্র ; a cycle of 60 years. **বৃহস্পতিবার**—রবিবার হইতে গণনা করিয়া সপ্তাহের পঞ্চম দিবস ; thursday. প্রাদে—ঢাকা অঞ্চলে—বিস্তইদবার। ময়মনসিংহে—বিস্যুইদবার। নবদ্বীপ, হুগলী অঞ্চলে—বিষ্যুৎবার। **বৃহস্পতিসুত**—বৃহস্পতির পুত্র কচ। **বৃহস্পতিসূত্র**—বৌদ্ধদিগের ধর্ম্মশাস্ত্র-বিশেষ। কোন কোন মতে চার্ব্বাক মুনি ও বৃহস্পতি একই ব্যক্তি। **বৃহস্পতির দশা**—বৃহস্পতি গ্রহের দশা (দশা দ্রঃ)।

বে [ফা—নঞর্থক উপসর্গ। তুল—বাং-য় বিহীনা-র্থক "বি"। এই ফা-উপসর্গ সং, বাং, হি, ফা, আ, ইং, প্রভৃতি বহুভাষার শব্দসহ যুক্ত হইয়া বাঙ্গালা ভাষায় ব্যবহৃত হইতেছে] অ, অভাব ; শূন্য ; হীন ; রহিত। **বে অকল** (ল্) [বে + আ—অকল্] বে আক্কেল দ্রঃ। **বে-অকুফ** (ওকুফ্) [বে + ফা—বুক্ ফ্ (জ্ঞান) বাং-গ্রা—"বেয়াকুব"] বিণ, নির্ব্বোধ ; অজ্ঞান ; মূর্খ ; বোকা। **বে-আক্কেল** (ল্) [ফা—বে (বিহীন) + আ —অক্‌ল্ (বুদ্ধি) শব্দের অপভ্রংশ। বাং-গ্রা—ব্যবহারে "বেআক্কিলে" "বে-আক্কেলে"ও বলে] বিণ, বুদ্ধিহীন ; বোকা। ২। বিবেচনা শূন্য। **বে-আইন** (ন্) [বে (বহির্ভূত) আ—আঈন্] বিণ, আইন বহির্ভূত ; আইনবিগর্হিত। **বে-আইনী**—বি, অন্যায় ; অবিচার ; আইন লঙ্ঘন। প্র—বে আইনী করা ভাল হয় নাই। ২। বিণ, আইন বিগর্হিত ; অবৈধ। প্র—"জোর করিয়া এক দলীল লিখাইয়া লওয়াই নাকি এই বে-আইনী আটকের উদ্দেশ্য ছিল"—বাঙ্গালী, ১৩২২। **বে-আইন-জনতা**—অবৈধ জনসঙ্ঘ ; unlawful assembly.

বে-আড়া [বে + বাং—আড়া (আকৃতি, গঠন) বাং-গ্রা—"বিয়াড়া", "বেয়াড়া"] বিণ, বিকৃত ; বেঢপ ; গঠন-সৌন্দর্য্য-হীন। ২। [বে =বি (বিপরীত, মন্দ) আড়া (গঠন হইতে ধরণ তাহা হইতে প্রকৃতি) অথবা বি (বিপরীত —উৎকট ভাবে) আড়া (বক্র)] অতিশয় বক্রস্বভাব ; একগুঁয়ে ; অবাধ্য। **বে-আদব** (ব্) [বে + আ—আদব্ (রীতি-নীতি, শিষ্টাচার)। বাং-য় "বেয়াদব"ও হয়] বিণ, অশিষ্ট ; অসভ্য ; অভদ্র। প্র—"তোমরা বড় বে-আদব"—টেকচাঁদ। ২। যে শাসন মানে না ; যাহাকে দাবা যায় না ; দুরন্ত। প্র—"তুই বড় বে-আদব"—বঙ্কিম। বি, **বে-আদবী**—অশিষ্টতা। ২। দুরন্তপনা। প্র—"তুই বড় বে-আদব, দেখিস যেন আমার শ্বশুর বাড়ী গিয়া বেআদবী করিস্ না।"—বঙ্কিম (লোকরহস্য)। **বে-আন্দাজ** (জ্) [বে + ফা—আন্দাজ্ বা আন্দাজা (পরিমাণ)] বিণ, পরিমাণবিহীন ; বেহিসাব ; অপরিমিত। বি, **বে-আন্দাজি**। বাং-য়, বিণও হয়]। **বে-আবরু** (ব্) [বে + আ—আবরূ (মানসম্ভ্রম, ইজ্জৎ)] বিণ, অপমানিত ;

অপদস্থ ; মানহীন। ২। [বিশেষার্থে] স্ত্রীলোকের সম্ভ্রম নষ্টকরণ ; বেইজ্জৎ। ২। [ফ়া—আব্‌রূ (উপরের আচ্ছাদন)] আবরণহীন ; বেপর্দ্দা। **বে আবাদ** (দ্) [বে+ফ়া—আবাদ্ (চাষ, বাস)] বি, অকর্ষিত। ২। অনধ্যুষিত ; বসতিহীন। **বে-আরাম** (ম্) [বে+ফ়া—আরাম্ (স্বাস্থ্য, সুখ, শান্তি)] বিণ, অসুস্থ, রুগ্ন। বাং-য় বি, রূপে প্রচর] বি, রোগ ; অসুখ। বিণ, **বে-আরামী**—রুগ্ন। হি-তে বি। **বে-ইখতিয়ার** (খ্, র্)—বে-একতার দ্রঃ। **বে-ইজ্জৎ** [বে—ফ়া—ঈজ্‌জ়ৎ (সম্ভ্রম, আবরু)] বিণ, সম্ভ্রমশূন্য। ২। বি, অপমান ; অসম্ভ্রম। **বে-ইজ্জতি, বেইজ্জতী**—বি, অপদস্থতা ; অপমান ; বেআবরু। **বে-ইমান** (ন্) [বে+আ়—ঈমান্ (ধর্ম্মাধর্ম্মবিশ্বাস, বিবেক)] বিণ, অধার্ম্মিক। ২। ধর্ম্মহীন ; যাহার ধর্ম্মে বিশ্বাস বা আস্থা নাই। ৩। [যে ধর্ম্মে বিশ্বাস বা আস্থা না থাকায় সহজেই বিশ্বাস ভঙ্গ করিতে পারে এইভাব হইতে] বিশ্বাসের অযোগ্য। (২) বিশ্বাসভঙ্গকারী ; বিশ্বাসঘাতক। বি, **বেইমানি, বেইমানী**—বিশ্বাসঘাতকতা। **বে-একতার** (ক্, র্) [বে—ফ়া—ইখ্‌তিয়ার্ (অধিকার)] বিণ, অনায়ত্ত ; অধিকার বা আয়ত্তের বহির্ভূত। ২। অবশ ; অসুস্থতাজনিত শক্তির বহির্ভূত ; অস্থির। প্র—রৌদ্রে অনাহারে ঘুরে ঘুরে শরীর বে-একতার হ'য়ে গেছে। **বে-একরার** (ক্, র্) [বে+আ়—ইক্‌রার্ (স্বীকার, সর্ত্ত)] বি, সর্ত্তহীনতা। ২। অস্বীকার। বিণ, **বে-একরারী**। **বে-ওআকিফ, বে-ওয়াকিফ** (ফ্) [ফ়া—বে (না) + আ়—ৱাকিফ্] বিণ, অজ্ঞ ; অবিদিত ; uninformed. **বে-ওকুফ** [ফ়া—বে+আ়—ৱক্‌ফ়্ (বোধ)] বিণ, নির্ব্বোধ ; বেয়াকুব দ্রঃ। **বে-ওক্ত** (ওক্‌তো) ফ়া—বে-ৱক়্ৎ (সময়)] বি, অসময় ; বেটাইম দ্রঃ। **বে-ওজন** (ন্) [বে—ফ়া—ৱজ়ন্ (তৌল, পরিমাণ)] বিণ, যাহার ওজন হয় না ; বে-আন্দাজ ; অপরিমিত। ২। অতিরিক্ত ভারী। বি, **বে-ওজনী**। **বে-ওজর** (বেওজোর্) [বে+ফ়া—উজ়র্ (আপত্তি)] বিণ, আপত্তিবিহীন। **বেওতন** (বেওতোন্) [বে—ফ়া—ৱ্‌তন্ (গৃহ, জন্মস্থান ; বাসস্থান)] বিণ, গৃহহীন। ২। ভদ্রাসন হইতে কোন গৃহস্থকে বিতাড়িত বা বঞ্চিত করিলে তাহাকে বেওতন বলে। **বে-ওয়ারিস** (বেওআরিশ্) [বে+ফ়া—ৱারিশ্ (দাবীদার)] বিণ, দাবীদারহীন ; স্বত্বহীন ; unclaimed. **বে-কবুল** (কোবুল্) [বে+আ়—ক়বূল্ (স্বীকার)] বিণ, অস্বীকৃত। **বে-করার** (বেকরার্) [বে—ফ়া—ক়রার্ (চুক্তি)] বিণ, চুক্তিবিহীন ; যাহা কোন চুক্তি দ্বারা স্থিরীকৃত নহে। ২। পরিবর্ত্তনশীল। **বে-কসুর** (বেকোশুর্) [বে+ফ়া—ক়সূর্ (দোষ ; ত্রুটি)] বিণ, নির্দ্দোষ ; নিরপরাধ। প্র—"গোপীনাথ পেতে পারে বেকসুর মুক্তি"—দ্বিজেন্দ্র রায়। **বেকানুন** (ন্) [বে+ফ়া—ক়ানূন্ (আইন)] বিণ, বেআইন। **বে-কানুনী**—বি, বাং-বিণ, বেআইনী ; আইন-বহির্ভূত। **বে-কাবু** [বে (না) ফ়া—ক়াবু (আয়ত্ত, বশ)] বিণ, বেবশ ; অনায়ত্ত। **বে-কায়দা** [বে+আ়—ক়াএ্‌দা (কৌশল)] বিণ, কৌশলের বহির্ভূত ; স্বীয় আয়ত্ত বা বশের অতীত। **বেকার** (র্) [বে+ফ়া—ক়ার (কর্ম্ম)] বিণ, কর্ম্মবিহীন ; নিষ্কর্ম্মা ; অলস। **বেকল** (ল্)—বিকল দ্রঃ। **বেকুফি, বেকুবি** [বে+আ়—ৱকূফ়ী হইতে বাং-উচ্চারণে। বেঅকুফ দ্রঃ] বি, বোকামি ; মূর্খতা। প্র—"হোল দেরি বেকুফিতে"—দ্বিজেন্দ্র রায়। **বে-খরচা** (র্) [বে (বিনা) + ফ়া—খ়র্চ্ (ব্যয়)] বি, বিনা ব্যয়ে, বিনা-মূল্যে ; নিখর্চা। **বে-খবর** (র্) [বে+ফ়া—খ়বর্ (সংবাদ, তত্ত্ব)] বিণ, অবিদিত। ২। অমনোযোগী ; অসতর্ক ; অসাবধান। **বেগতিক** (বেগোতিক্) [বে+সং—গতিক (উপায়, অবস্থা)] বিণ, নিরুপায়। ২। দুরবস্থ ; সঙ্কটাপন্ন। প্র—"বেগতিক ক্রমে ক্রমে শরীরের দশা"—দ্বিজেন্দ্র রায়। **বে-গোছ** (ছ্) [বে+বাং-গোছ (সং—গুচ্ছ শব্দজ) শৃঙ্খলা ; সুযোগ] বিণ, বিশৃঙ্খল ; এলোমেলো। ২। সুযোগহীন। ৩। বি, অসুবিধা। প্র—"আবার বেগোছ দেখিয়া কৃষ্ণগোবিন্দ বাবাজি বৈষ্ণবী লইয়া সেখান হইতে পলায়ন করিলেন"।—দেবী চৌধুরাণী। **বেচারা** (ব্যাচারা) [বে—ফ়া—চারা (উপায়)] বিণ, নিরুপায়। ২। ভালমানুষ ; নিরীহ। **বেচারী** (ব্যাচারি) ভালমানুষ। **বে-চাল** (ল্) [বে+ফ়া—চাল্ (চরিত্র)] বিণ, চরিত্রহীন ; মন্দ চালচলনবিশিষ্ট। **বেছপ্পর** (বেছপ্‌পোর্) [বে+(হি) ছপ্পর (সং খর্পর শব্দজ)] বিণ, গৃহশূন্য। ২। যে মৌজায় বসতি নাই ; বসতিহীন। **বে-টাইম** (ম্) [বে—ইং—time (সময়)] বি, অসময় ; অকাল। বিণ, সময়ের বহির্ভূত। **বেঠিক** (ক্) [বে+(হি)—ঠিক (সং স্থির শব্দজ)] বিণ, স্থিরতা-রহিত। ২। অসত্য। ৩। অন্যথাজনক। ৪। ভুল। **বেডাঁড়া** [বে+বাং—ডাঁড়া বা দাঁড়া (সং দণ্ড শব্দজ) মেরুদণ্ড (তাহা হইতে) রীতি, ধারা, পদ্ধতি] বিণ, পৃষ্ঠদণ্ডহীন। ২। রীতিবহির্ভূত ; উল্টা ধারা-বিশিষ্ট। **বেডৌল** (ল্) [বে+হি—ডৌল (গঠন)] বিণ, সুগঠনহীন ; বেঢপ ; বিশ্রী। **বেঢপ** (প্) [বে+হি—ঢব (অবয়ব)] বিণ, বিকৃত ; গঠনসৌষ্ঠবহীন ; বিশ্রী। **বেতদ্‌বীর** (বেতোদ্‌বীর্) [বে+ফ়া—তদ্‌বীর্ (প্রতিকার চেষ্টা)] বিণ, চেষ্টাবিহীন ; অপ্রতিবিহিত ; বি, অতাদারক ; অপ্রতিবিধান। প্র—"কিন্তু মকদ্দমাটী যেন বেতদ্বিরে যায় না"—টেকচাঁদ। **বেতরিবৎ** (তো) [বে+ফ়া—তরিব়্ৎ (শিক্ষা)] বিণ, অশিক্ষিত। ২। বি, কুশিক্ষাপ্রাপ্ত। প্র—"ছেলেটি বেতরিবৎ নয়।"—সধবার একাদশী (দীনবন্ধু)। **বেতাগ** (গ) [বে+হি—তাগ্ (লক্ষ্য) বিণ, লক্ষ্যবহির্ভূত ; ভ্রষ্টলক্ষ্য। **বেতাগুৎ** [বে+ফ়া—তাক়্ৎ (শক্তি)] বিণ, নিঃশক্তি ; দুর্ব্বল ; অক্ষম। **বেতার** (র্) [বে+হি—তার (স্বাদ)] বিণ, স্বাদহীন। ২। বিস্বাদ। **বেতাল, বেতালা** (ল্) [বে+সং—তাল (লয়, গীতবাদ্য ও নৃত্য ক্রিয়ার ছন্দানুযায়িক কাল পরিমাণ) আ (বিশিষ্টার্থে)] বিণ, লয়হীন। ২। অনুপযোগী তাল। ২। অপ্রাসঙ্গিক॥ **বেদখল** (বেদখোল্) [বে+ফ়া—দখ়ল্ (অধিকার আয়ত্ত, আমল)] বিণ, অধিকারচ্যুত। ২। অনায়ত্ত। **বেদম** (ম্) [বে+ফ়া—দম্ (শ্বাস, প্রাণবায়ু) বিণ, শ্বাসরহিত ; প্রাণান্ত। ২। প্রাণবায়ুবাহিরকারী অর্থাৎ গুরুতর (প্রহার সম্বন্ধে)। প্র—বেদম প্রহার। **বেদলীল, বেদলীলী** (বেদোলিল্) [বে+ফ়া—দলীল্ (প্রমাণ, যুক্তি)] বি, প্রমাণহীন। ২। যুক্তিহীন। **বেদস্তুর** (বেদোস্‌তুর্) [বে+ফ়া—দস্‌তূর্ (প্রথা)] বিণ, প্রথাবিরুদ্ধ ; ব্যবহারবর্জ্জিত। **বেদাঁড়া** (বেডাঁড়া দ্রঃ)। চ—**ব্যাদড়া**। **বেদাগ** (গ্) [বে+ফ়া—দাগ (চিহ্ন, কলঙ্ক)] বিণ, চিহ্নহীন। ২। নিষ্কলঙ্ক। ৩। নির্দ্দোষ। **বেদাব** (ব্) [বে+হি—দাব (শাসন)] বিণ, অশাসিত ; উদ্ধত। **বেদাবা, বেদাবী**—বিণ, দায়হীন। ২। নির্ব্বিবাদী অনভিযুক্ত। ৩। যাহাতে দাবী বা স্বত্ব স্থাপন করিবার নাই। **বেদিল** (ল্) [ফ়া—বে+ফ়া—দিল্ (মন হৃদয়) বিণ, ভগ্নহৃদয় ; হতাশ ; মনভাঙ্গা ; দুঃখিত। প্র—"বিরস বচন বলা উপযুক্ত নয় ; রাজা বড় হটিল, বেদিল পাছে হয়"—ঘনরাম। **বেদীন** [বে+ফ়া

—দীন্‌=ধর্ম্ম] বিণ, অধার্ম্মিক। ২। বিধর্ম্মী। প্র—"কাফর বাঙ্গালি হিন্দু বেদীন বামণ।"—অ, ম। **বেধড়ক** (ক্‌) [বে+হি—ধাড়া (পরিমাণ)] বিণ, অপরিমিত ; অত্যন্ত। **বেনামা, বেনামী** [বে+ফা়—নাম্‌ (নাম, যশ)] বিণ, নামবিহীন ; উড়া : anonymous. ২। অন্যের নামে। ৩। কাল্পনিক নাম দিয়া। **বেনামীদার**—যাহার নামে অন্যের সম্পত্তি থাকে ; ostensible holder.

বেনুটীস্‌ [বে+ইং—notice (আদালতের ঘোষণা, সংবাদ)] বিণ, বিজ্ঞাপন, সংবাদ বা খবর না দেওয়া। **বেপরোয়া** [বে+ফা়—পর্‌বা (ভয়)] বিণ, নির্ভয়। বি, **বেপরোয়াই**। **বেপর্দ্দা, বেপর্‌দা** [বে+ফা়—পর্দ্দা (আবরণ, লজ্জা, সম্ভ্রম)] বিণ, আবরণহীন ; প্রকাশ্য। প্র—"দরিয়া বিবি পাশের বাটীতেই বাস করে, ঘরের পিছন দিয়া যাওয়া যায়, অতএব ফতেমা বিবি বেপরদা না হইয়াও দরিয়া বিবির গৃহে গিয়া উপস্থিত হইলেন"—বঙ্কিম (রাজসিংহ)। ২। লজ্জারহিত। ৩। বেআবরু সম্ভ্রমশূন্য ; অপমানিত। **বেপসন্দ** [বে+ফা়—পসন্দ্‌] বিণ, অমনোনীত। **বেফয়দা** (য়্‌) [বে+ফা়—ফা়এ্‌দা (লাভ, হিত)] বিণ, লাভশূন্য। ২। বৃথা ; অনর্থক। ৩। অকেজো। **বেফাঁস** (শ্‌) [বে+ফা়—ফাশ্‌ (প্রকাশ, সাধারণের জ্ঞান গোচর) অথবা ফাঁস (বন্ধন, আটক)] বিণ, প্রকাশ বা ব্যক্ত করিবার অযোগ্য ; অকথ্য ; মুখছুট ; অনুল্লেখ্য। প্র—"পাছে কি বেফাঁস বলি"—দ্বিজেন্দ্র রায়। **বেবন্দেজ** (জ্‌) [বে+ফা়—ব্‌ন্দিশ্‌ (বন্ধন)] বিণ, বন্ধনহীন। ২। ব্যবস্থাশূন্য ; বিশৃঙ্খল। **বেবন্দোবস্ত** [বে+ফা়—বন্দ্‌-ও-বস্ত্‌ (শৃঙ্খলা ; নিয়ম ; মিতত্ব)] বিণ, বিশৃঙ্খল। বি, অব্যবস্থা ; বিশৃঙ্খলতা। **বেবাক** [বে+আ়—বাকী (অবশিষ্ট)] বিণ, নিঃশেষ। ২। সমস্ত। প্র—"বকেয়া বিস্তর বাকি বেবাক না পাই"—ঘনরাম। **বেমক্কা, বেমাক্কা, বেমৌকা** [বে+আ়—মওকা় (স্থান, ক্ষেত্র)] বিণ, স্থান-বহির্ভূত। ২। অযোগ্য ; অসঙ্গত। ৩। অসুবিধাজনক। **বেমতলব** (ব্‌) [বে+ফা়—মৎলব্‌ (উদ্দেশ্য)] বিণ, উদ্দেশ্যহীন। ২। নিঃস্বার্থ। ৩। অর্থহীন। **বে-মানান** (ন্‌) [বে+হি—মলন্‌ (সং—মিল্‌—মিলনে, সন্ধীভাবাপন্নার্থে, তাহা হইতে সমতুল্য হওয়া)] বিণ, মিলনহীন ; গরমিল ; অসামঞ্জস্য ; অসুন্দর। **বেমালুম** (ম্‌) [বে+আ়—মাআ়লুম্‌ (বোধ)] বিণ, অন্যের অজ্ঞাতসারে। ২। ক্রি-বিণ, জানা যায় না বা বোধ হয় না এমনভাবে : অজান্তে ; অসাড়ে। ২। নিঃশব্দে প্র—"কলকব্জা বেমালুম লাগাইয়াছি। তাহার উপর ছাগলের পাতলা চামড়া মুড়িয়া আমার গায়ের মত রঙ্গ করাইয়াছি।"—বঙ্কিম (রাজসিংহ)। **বেমেরামত** (ত্‌) [বে+আ়—মরম্মৎ (জীর্ণ সংস্কার)] বিণ, ভগ্ন বা পুরাতন ও জীর্ণ। ২। বি, জীর্ণসংস্কারবিহীনাবস্থা। প্র—"সাত বৎসর হইল ওখানে ফুলবাগান ছিল, বেমেরামতে গিয়াছে।"—বঙ্কিম (কৃষ্ণকান্তের উইল)। **বেয়াড়া**—বেআড়া দ্রঃ। **বেরসিক** (রোশিক্‌) [বে+সং—রসিক] বিণ, রসজ্ঞানহীন ; অরসিক। ২। বিরুদ্ধ রসাবতারণার দ্বারা রসভঙ্গকারী ; বদরসিক। তুল—বদ্‌রং (তাস প্রভৃতির)। ৩। কবিত্বহীন ; pro প্র—"অস্তগামী সূর্য্যের লোহিতাভা, মৃদু সমীরণ ও শান্ত সুন্দর জলধি আমা হেন বেরসিকের মনেও বেশ একটু কবিতার ভাব তুলিল।"—জাপান (ডাঃ মল্লিক)। **বেলয়** (য়্‌) [বে+সং—লয় (তাল)] বিণ, লয়হীন ; বেতালা। ২। অসঙ্গত। ৩। অপ্রাসঙ্গিক। **বেশরম, বেসরম** (শরম্‌) [বে+ফা়—শর্‌ম্‌ (লজ্জা)] বিণ, নির্লজ্জ ; বেহায়া। **বেশুমার, বেসুমার** (শুমার্‌) [বে+ফা়—শুমার্‌ (সংখ্যা, গণনা, পরিমাণ)] বিণ, অসংখ্য ; অগণিত ; অপরিমিত। **বেসভ্য** (বেশোভ্‌ভো) [বে+সং—সভ্য] বিণ, সভ্যতাবর্জ্জিত ; অসভ্য। **বেসরকারী** (র্‌) [বে+আ়—সর্‌কার্‌ (রাজা, গবর্ণমেণ্ট)] বিণ, রাজা বা গবর্ণমেণ্টের খাসদখলে যাহা নাই ; যাহা সাধারণের নহে। **বেসামাল** (ল্‌) [বে+হি—সম্ভালনা (সাম্‌লান)] বিণ, বেবশ ; অরক্ষিতা। ২। অসাবধান। ৩। অক্ষম। **বেসুর, বেসুরা, বেসুরো** [বে+হি—সুর (সং—স্বর শব্দজ)] বিণ, স্বরবিহীন : অসংলগ্ন বা অসঙ্গত সুরবিশিষ্ট। প্র—"দেখ, লোকের বৃদ্ধ পিতামাতার বেসুরো বকাবকিতে কোন ফল দর্শে।"—কমলাকান্তের দপ্তর (বঙ্কিম)। **বেহদ্দ** (বেহদ্‌দো) [বে+আ়—হদ্‌ (সীমা)] বিণ, অসীম। ২। অত্যন্ত ; বেজায় ; অতিরিক্ত। প্র—"বেহদ্দ সুখের সাধ পা ছড়ায়ে বসা।"—হেমবন্দ্যো। "মুদিত কুঁদে বাঁধা বাজু বেহদ্দ বাহার।"—গিরিশ ঘোষ। **বেহাত** (ত্‌) [বে+হি—হাথ (হস্ত, অধিকার, আয়ত্ত)] বিণ, হাত-ছাড়া ; অনায়ত্ত ; অধিকারের বাহিরে। ২। বিপদগ্রস্ত। **বেহায়া** [বে+আ়—হ্‌য়া (লজ্জা)] বিণ, বেলজ্জ ; লজ্জাহীন। প্র—"ঠেকেছে বিষম দায় বেহায়া বেল্লিক সেই বাতাসের সনে॥"—কুঙ্কুম। **বেহাল** (ল্‌) [বে+ফা়—হাল্‌ (অবস্থা)] বিণ, অবস্থাহীন ; দুরবস্থ ; অতিশয় দরিদ্র। **বেহিসাব** (বেহিশাব্‌) [বে+ফা়—হিসাব (গণনা)] বিণ, অগণিত : অসংখ্য। ২। যে গণনা বা খতিয়ান প্রয়োজনের অনুরূপ নহে। বিনা মোকাবিলা। ৪। বিনা অঙ্কপাত। প্র—"বেহিসাবে একবিন্দু না পারে লইতে॥"—ভারতচন্দ্র। **বেহিসাবী**—বিণ, হিসাব করণে বা প্রয়োজন মত ব্যয় নির্দ্ধারণে অক্ষম। ২। ফলাফল-অনুধাবনশক্তি যাহার নাই। অপরিণামদর্শী। **বেহেড্‌** [বে+ইং—head (মস্তক)] বিণ, মস্তক বা মস্তিষ্ক বিহীন (তাহা হইতে)—মাথা খারাব ; বদমেজাজ। ২। প্রমত্ত ; নেশা বা রিপুর বশে হিতাহিত-বোধশূন্য ; বিকৃতবুদ্ধি। **বেহোশ, বেহোস, বেহুঁস** (শ্‌) [বে+ফা়—হোশ্‌ (জ্ঞান, চৈতন্য)] বিণ, অচৈতন্য। ২। নির্ব্বোধ। ৩। পাগল। প্র—"এদেশে যে ফুল ফোটে, সমীরে সুরভি ছোটে, সে তারে করে না এত বেহুঁস বিভল।"—কুঙ্কুম।

বে [বিবাহ শব্দজ "বিয়ে"'র সংক্ষেপ] বি, বিবাহ ; পরিণয়। প্র—"বের রাত্তিরে বাসর ঘরে বেহুলা সতীর পতি"—বাং-গান।

বেআলি [বে—আলি (মিল) প্রা-বাং] বি, গরমিল ; বিরোধ ; বিবাদ। প্র—"পোয়ে ঝিয়ে হয় বেআলি॥"—ডাকের বচন।

বেউর, বেউড় বাঁশ (র্‌, ড়্‌, শ্‌) [বেউড় (বেড়া) + বাঁশ (বংশ)—পূর্ব্বে বেড়া দিবার জন্য এই বাঁশই ব্যবহৃত হইত বলিয়া] বি, বংশ ; কণ্টকযুক্ত বংশ। প্র—"চৌদিগে বেউর বাঁশ।"—কবিক।

বেওয়া (বেওআ, ব্যাওআ) [ফা়] বি, পতিপুত্রহীনা নারী।

বেওরা (ব্যাওরা) [সং, বিবরণ] বি, ব্যাপার ; বিবরণ। ২। বিস্তারিত ইতিহাস।

বেঁকা [সং—বক্র, হি—বঙ্ক, বাং-য় বাঁকা, বেঁকা] বিণ, বক্র। ২। একগুঁয়ে। ৩। কুটিল ; কপট। ৪। প্রতিকূল।

বেঁটে, বেঁঠে [সং—বণ্ঠ। "বণ্ঠঃ স্যাদ্‌ অকৃতোদ্বাহে খর্ব্বে কুন্তায়ুধেঽপি চ"—মেদিনী] বিণ, বামন ; খাট। প্র—"খেটে খেটে খেটে—হয়ে গেলাম ঘোরতর কাহিল এবং বেঁটে"—দ্বিজেন্দ্র রায়। **বেঁটে খেঁটে** [সহচর শব্দদ্বয়] সকল দিকেই খাট বা খর্ব্ব। **বেঁটে বক্কু,—বাঙ্কুর**—খর্ব্ব ; বামন।

বেঁটে [বাঁটা দ্রঃ] অস-ক্রি, বণ্টন করিয়া ; বাঁটিয়া। বেঁটে চেটে [চেটে বেঁটের সহচর] ভাগ বাটোয়ারা করিয়া।

বেঁড়ে [সং—বণ্ড। "বণ্ডা তু হস্তাদি বর্জ্জিতে" —মেদিনী] বিণ, লেজ শূন্য ; লেজ কাটা।

বেকট (ট্) [গ্রা, বাং-য়—ভেক্‌টি, ভেট্‌কি] বি, ভেট্‌কি মাছ।

বেকত [সং—ব্যক্ত। ব্রজ, প্রা-বাং, অপ্র বিণ, ব্যক্ত ; অভিব্যক্ত ; স্ফুট। ২। অনাবৃত। প্র—"বেকত অঙ্গ না ঝাঁপয়ে লাজে"—বি, প। ৩। ক্রি-বিণ, স্পষ্টস্বরে। প্র—"শ্রবণে যাইয়া রহল পশিয়া বেকত বাজিছে বাঁশী"—চণ্ডীদাস। ক্রি, বেকতয় —ব্যক্ত করে ; প্রকাশ করে। প্র— "বেকতয় হৃদয় লুকাওয়ে লাজে"—বি, প।

বেকুব (ব্)—বেয়াকুব দ্রঃ।

বেগ (গ্) [বীজ্ (গমন করা) + অ (ঘঞ্) ভাবে] বি, পুং, ত্বরা ; গতির শীঘ্রতা। প্র— "চলহ পুষ্কর মেঘ দুষ্কর তোমার বেগ সঙ্গে লহ কুমুদ বামন।"—কবিক। ২। প্রবাহ। ৩। মলমূত্রাদির নির্গম প্রবৃত্তি। প্র—বহুক্ষণ প্রস্রাবের বেগ ধারণ করিয়া থাকিলে অনেক উৎকট রোগ জন্মিতে পারে। ৪। আনন্দ ; আহ্লাদ। ৫। আবেগ। ৬। বল। ৭। [পদার্থ বিদ্যায়] নির্দ্দিষ্ট কালের মধ্যে দূরত্ব যত পরিমাণ বৃদ্ধি বা হ্রাস পায় সেই অনুপাতকে বেগ বলে [দ্রঃ—পদার্থের বেগের আপন হইতে হ্রাস বৃদ্ধি নাই]। বিণ, বেগিত, বেগী—বেগে চালিত ; বেগযুক্ত ক্রি-বিণ, বেগে—ত্বরায়। প্র—"আনি দিব বেগে"—কবিক। ২। দ্রুতপদে। প্র—বেগে প্রস্থান। বেগবন্ত—বিণ, বেগযুক্ত ; অতি সত্বর। প্র—"পার হল গোড়গড় বেগবন্ত গতি"—ঘনরাম। বেগবল —যে বস্তু যত বলে প্রযুক্ত হয় সেই বস্তুর তদনুরূপ বেগ। ২। গতি শক্তি। বেগবান্ —বিণ, বেগশীল ; বেগবিশিষ্ট। ২। ত্বরান্বিত ; দ্রুতগতি। স্ত্রী, বেগবতী।

বেগ (গ্) [তুর্কী—বেগ্ (মোগল ভূম্যধিকারীর উপাধিবিশেষ। তুল—সৈয়দ বংশীয়ের "মীর" বা "মীরসাহেব", পাঠান বংশীয়ের "খান" বা "খাঁ সাহেব" ; ইং—Lord] বি, সম্ভ্রান্ত মোগল বংশীয়ের জাতীয় উপাধি।

বেগড়া (গ্) [হি—বিগাড়া] বিণ, নষ্ট ; বিকৃত ; দুষ্ট। ২। দূষিত।

বেগম (ম্) [তুর্কী—বেগম্। গ্রা—মেয়েলি ভাষায় "ব্যাগম"] বি, মুসলমান রাণী ; রাজমহিষী ; রাজ্ঞী। ২। মোগল সম্ভ্রান্ত মহিলার উপাধি।

বেগর (র্) [আ, ফা—ব-গএর্] অ, ব্যতীত। প্র—"বেগর কন্দলে তোর নাহি হয় খেলা"—কবিক।

বেগসর (বেগ্‌শর্) [বেগ—সর, সৃ (গমন করা) + অ (চ্) কর্ত্তৃ, যে গমন করে] বি, পুং, বেগগামী অশ্ব। ২। অশ্বতর।

বেগানা [ফা—বেগানা (অজ্ঞাত কুলশীল, পরদেশীয়)] বিণ, অপরিচিত ; অজ্ঞাত। ২। বৈদেশিক ; foreigner.

বেগার (র্) [ফা—বেগার্] বি, বিনা বেতনের বাধ্যতামূলক খাটুনি। প্র—"নানা গুণ জানি যারে তারে মানি বেগার খাটিতে জান।"— অ, ম। ২। যে ব্যক্তিকে বিনা বেতনে বা অল্প বেতনে খাটিতে বাধ্য করা হয়। প্র— "তোর গুণধর যত কারিকর হইবে দুঃখী বেগার।"—অ, ম। বিণ, বেগারী— বিনা মাহিনায় বাধ্যতামূলক। ২। যে বেগার খাটে। ৩। শ্রমিক ; মজুর। প্র—"বেগারী বেতন পায় তবে আনে বোঝা"—ঘনরাম। বেগার টালা,—ঠেলা—বেগারি কর্ম্ম করা। ২। অনিচ্ছা পূর্ব্বক বাধ্য হইয়া কিছু করা। বেগার খাটা, ভূতের বেগার খাটা—অনর্থক শ্রম করা ; বৃথা খাটুনি খাটা। প্র—"মলেম ভূতের বেগার খেটে"—রামপ্রসাদ।

বেগুণ, বেগুন (ন্) [সং—বঙ্গন, বাতিঙ্গন। তুল—ফা—বাদঙ্গান্। প্রাদে উচ্চারণ ভেদে বাইঙ্গন (ময়মনসিংহ), বাগুন, বাইগন (ঢাকা), বাইগুন (বরিশাল), বাইঅন (চট্টল), প্রা-বাং—বাগন (শূ, পু), ম-বাং—ব্যগন (কবিক)- হি—বয়্‌গন্, অস—বেঙ্গেনা ; ইং—brinjal] বি, ব্যঞ্জন নিমিত্ত ব্যবহার্য্য কৃষিজাত প্রসিদ্ধ ফলবিশেষ ; বার্ত্তাকু। বিণ, বেগুনিয়া, বেগুনে—বেগুনের বর্ণবিশিষ্ট ; লালাভ নীল ; violet. বেগুন কাঁটা—বেগুন গাছের পাতার ও ফলের বোঁটার কাঁটা। বেগুন কোটা—তরকারির জন্য বেগুন খণ্ড খণ্ড করা। বেগুন ক্ষেত—ক্ষেতে বার মাস বেগুনের ফসল চলিতে পারে। সুতরাং বেগুন ক্ষেত হইতে কৃষকের আয় স্থায়ী হইতে পারে। তাহা হইতে স্থায়ী আয়ের বা উপার্জ্জনের ক্ষেত্র (বিপরীতে "মূলার ক্ষেত" কারণ মূলা একবার তুলিলে আর তাহা হইতে মূলা পাওয়া যায় না)। বেগুন গাছে আঁকষি দেওয়া—বেগুন গাছ বেশী লম্বা হয় না। সুতরাং যে বেগুন গাছ হইতে আঁকষি দিয়া ফল পাড়ে সে যে খুবই বেঁটে বা বাউনে তাহা বলাই বাহুল্য। খর্ব্বাকৃতি ব্যক্তির (সাধাঃ বালিকা বধূর) প্রতি পরিহাসে উক্ত হয়। বেগুন পোড়া— বেগুন আগুনে পুড়াইয়া প্রস্তুত করা ব্যঞ্জন। বেগুনবীচি—বেগুনের বীজ। ২। বেগুনের বীজের ন্যায় ক্ষুদ্র। বেগুন ভাজা— ঘি বা তেলে ভাজা বেগুন। বেগুন ভাতে—ভাত ফুটিবার কালে তৎসহ সিদ্ধ করা বেগুন। কুলি বেগুন—লম্বা, সরু, প্রায়ই বাঁকা জাতীয় বেগুন। তেঁতুল বেগুন—বীচি বাহির করিয়া তন্মধ্যে মসলাযুক্ত তেঁতুল পূরিয়া রৌদ্রে ঝলসান বেগুন। তেলে বেগুনে নাচিয়া উঠা—গরম তেলে কাঁচা (সুতরাং জলবহুল) বেগুন ফেলিয়া দিলে যেমন তৎক্ষণাৎ চড় বড় করিয়া উঠে তদ্রূপ কোন সূত্রে উত্তেজিত হওয়া। দোকো বেগুন—বারমাসিয়া বেগুন। বিলাতী বেগুন—দক্ষিণ এমেরিকার অম্লমধুর রস কোমল গোল কৃষিজাত ফলবিশেষ। কাঁচা অবস্থায় প্রায়ই সবুজ থাকে পাকিলে লাল হয়, শাদাও হয় ; ইং—tomato. বীচে বেগুন—পাকা বীজবহুল বেগুন। মুক্তকেশী বেগুন—গোল লালাভ নীলবর্ণ বেগুন। রাম বেগুন—বেগুন সদৃশ বন্য ফলবিশেষ। ইহার গাছ বেগুন গাছের মত ও কণ্টকিত। বেগুনী—বি, বেসন বা মটর ডালবাটা মাখান বেগুনের ফালি-ভাজা-রূপ খাদ্যবিশেষ।

বেঙ—বেঙ্গ দ্রঃ।

বেঙচ (চ্) [সং—বৈকঙ্কত। প্রাদে—বৈঁউচ, বেঙুচ্, বেঙচ্, বৈঁচি] বি, কণ্টকিত গোলাকার অপক্ব অবস্থায় অম্ল, পক্কাবস্থায় মধুর, বীজবহুল, বনজাত ক্ষুদ্র ফলবিশেষ ; বৈঁচি। প্র— "বেঙচের ফল খাইয়া করি উপবাস।"— কবিক।

বেঙ্ক (ব্যাংক্) ব্যাঙ্ক দ্রঃ।

বেঙ্গ, বেঙ, বেং, ব্যাং (ব্যাং) [সং—ব্যাঙ্গ (মেদিনী)] বি, ভেক ; মণ্ডূক। প্র—"জাড়ি বেঙ্গ ধরে বলে ধর ধর সয়া।"—শিবায়ন। আসাপাবেঙ্গ—আসাপা দ্রঃ। কটকটেবেঙ্গ—যে বেঙ্গ কট্‌কট্ শব্দ করে ; কুনোবেঙ্গ। কুনোবেঙ্গ—ঘরের কোণে ফাটলে বাসা করে যে বেঙ্গ ; ইহারাই কট্‌কট্ শব্দ করে। কোলাবেঙ্গ—বড় জাতীয় বেঙ্গ ইহারা পুকুরের ধারে, মাঠে ঘ্যাঁ ঘোঁ করিয়া চীৎকার করে। গেছোবেঙ্গ— এই বেঙ্গ গাছে উঠে ও অধিকাংশকাল গাছেই থাকে। সোণাবেঙ্গ—লম্বাকৃতি বেঙ্গ ; ইহাদের পিঠে সোণারবর্ণ ডোরা থাকে। বেঙখোঁচান—যে কুনো বেঙ্গ একেই স্বভাবতঃ নিরীহ তাহাতে ঘরের কোণ আশ্রয়

করায় সহজে পলাইয়া শত্রুর আক্রমণ হইতে আপনাকে রক্ষা করিতে অক্ষম, তাহাকে খোঁচা মারিয়া যন্ত্রণা দেওয়া। ২। আশ্রিত কুনো বেঙের অবস্থাপন্ন কুলবধূ বা আত্মরক্ষায় অসমর্থ অনুগত জনকে গোপনে যন্ত্রণা দেওয়া। বেঙতড়কা [বেঙ—তড়কা (তুড়িলাফ)] বি, বেঙের ন্যায় তুড়ি লাফ। ২। ক্রি-বিণ, অকস্মাৎ; তড়াক্ করিয়া। প্র—"সঘনে চিকুর পড়ে বেঙতড়কা বাজ॥"—কবিক। বেঙের ছাতা—ছত্রক; mushroom.

বেঙ্গমা—ব্যাঙ্গমা দ্রঃ।

বেঙ্গা, বেঙ্গাপিতল (ব্যাঙা) [সং—ব্রহ্মাণী, পিঙ্গলা] বি, পিত্তলবিশেষ; রাজরীতি নামক পিত্তল। প্র—"সোণা রূপা নহে বাপা এ বেঙ্গা পিত্তল। ঘসিয়া মাজিয়া বাপু করেছ উজ্জ্বল॥"—কবিক। ২। শুষ্ক কার্পাস বৃক্ষ।

বেঙাছি, বেঙাচি (ব্যাঙাছি, চি) [বেঙ +ছা (ছানা), ছি (ক্ষুদ্রার্থে)] বি, বেঙের ছানার লেজ খসিয়া বেঙের আকার প্রাপ্তির পূর্ব্বাবস্থা।

বেচরিত [বিচলিত অপভ্রংশে। প্রা-বাং] বিণ, বিচলিত। প্র—"দরবারে বসিয়া রাজা বেচরিত মন।"—মাণিক চাঁদের গান।

বেচা (ব্যাচা) [সং—বি—ক্রী (ক্রয়ে) ধাতুজ বিক্ক—বিচ—বেচ। হি—বিক্না; বিচ্না; বেচ্না। উ-পু—বেচি। ম-পু—বেচ; বেচুন; বেচ (ব্যাচ্)। প্র-পু—বেচে (ব্যাচে); বেচেন (ব্যাচেন্)। অস-ক্রি—বেচিতে; বেচিয়া; বেচে (গ্রা)। ণিজন্ত —বেচান] ক্রি, বিক্রয় করা। ২। সমর্পণ করা। প্র—"বেচিল তোমার পায় নীলাম্বর নিজকায় যেই ইচ্ছা করহ তেমন।"—কবিক। বি. বেচন। বেচাবেচি—এ ওকে বেচে ও একে বেচে। বেচাকেনা, কেনাবেচা—ক্রয় ও বিক্রয়; মূল্যের সহিত দ্রব্য বিনিময়।

বেজ (জ্) [সং—বৈদ্য হইতে হি—বৈজ্ অসমীয়া—বেজ। স্ত্রী. বেজিনী] বি, বৈদ্য; চিকিৎসক। ২। [কামরূপে] নাপিত। বেজকন্যা—বৈদ্য কন্যা। বেজঘর—হাঁস পাতাল। বেজবরুয়া, বেজবড়ুয়া —রাজবৈদ্য।

বেজন (ন্) [সং—বীঞ্জন, ব্যঞ্জন] বি, ব্যঞ্জন।

বেজন্মা, বেজম্মা [সং—বিজন্মন্ শব্দ। গ্রা] বিণ, জারজ।

বেজাই, বেজায় (য়্) [ফা—বে+আ—জ্যায়েজ্ (ঠিক)] বি, অপরিমিত; অনেক। প্র—"ডালে বেজায় নুন"—দ্বিজেন্দ্র রায়।

বেজাত (ত্) [সং—বি (বিচ্যুত) জাত] বিণ, জাতিচ্যুত। ২। অন্য জাত।

বেজাতক (তোক্) [গ্রা। বি=বে (বিরুদ্ধ অবৈধ) জাতক (জাত ব্যক্তি)] বিণ, জারজ

বেজার (ব্যাজার্) [ফা—বেজার্ (ক্রুদ্ধ, বিরক্ত)] বিণ, বিরক্ত; অসন্তুষ্ট। প্র—"নগদে চাই তিনটী হাজার। তাতেই আবার গিন্নী বেজার॥"—রজনী সেন। ২। ক্রুদ্ধ; রুষ্ট। প্র—"উচিত বলে হয় সে বেজার আপনি পড়ে আপনার ফাঁদে।"—বাং-গান। বি, বেজারি (ব্যাজারি)।

বেজারি [ফা—বে+জারি (দ্রঃ)] বি, আমলে না আসা; হুকুম তামিল না হওয়া।

বেজিত [বিজ্+ণিচ্=বেজি (ভীত হওয়া) +ত (কর্ত্তৃ)] বিণ, ভীত; ভয়প্রাপ্ত।

বেঁজী [বেজ (বিষবৈদ্য—বেদিয়া) হইতে—সর্পবিষ চিকিৎসক বলিয়া সাধারণের বিশ্বাস হইতে] বি, নকুল; নেউল।

বেঞ্চ (বেন্চ্) [ইং—bench] বি, আদালত। ২। বিচারপতি।

বেঞ্চি [ইং—bench] বি, লম্বা ও উঁচু কাঠাসন। প্র—"একখানি মাত্র বেঞ্চি দখল করিয়া ছিলাম।"—শরতে বঙ্গপল্লী।

বেটা (ব্যাটা) [সং—বটু (বালক, কুমার) হি—বেটা (পুত্র। ২। বৎস)] বি, পুং, পুত্র; নন্দন। প্র—"হরি হরি প্রাণ গেল করি বেটা বেটা। সে বেটা মায়ের বুকে মেরে যায় জাঠা॥"—ঘনরাম। "কিবা জাতি কার বেটা বাড়ী কোন গ্রামে॥"—অ, ম। ২। [জাতিবাচক] বেটা ছেলে। প্র—মেয়ে না বেটা। ৩। [স্নেহসূচক অনুজ্ঞায়। হি—র উচ্চারণ ও অর্থানুকরণে] বৎস; বাপু; বাছা। ৪। অবজ্ঞা, আক্রোশ, ঈর্ষাসূচক উল্লেখ বা সম্বোধন। প্র—"ও বেটাকে চেন না, বেটা ভারি পাজী। ওরে বেটা তোর এই কাজ! ৫। শিশু পুত্রের স্নেহার্থক উল্লেখ। প্র—বেটা ভারি আবদারে বা দুরন্ত হয়ে উঠেছে। স্ত্রী. বেটি, বেটী —[হি—বিটী, বিটিয়া] কন্যা; মেয়ে। প্র—"বিশ্বনাথে বেটি দিয়া করে কটুত্তর"—শিবায়ন। বেটা ছেলে—পুত্র সন্তান। [দ্রঃ—রঙ্গপুর অঞ্চলে প্রাদে, ব্যবহার বেটা অর্থে "বেটা ছাওয়া", বেটী অর্থে "বেটী ছাওয়া"]

বেটা বেটি—অনির্দ্দিষ্ট নর নারী; যাহাদের নাম করিতেও ঘৃণা বা বিরক্তি জন্মে এমন স্ত্রী ও পুরুষ। প্র—বেটা বেটীদের জ্বালায় ঘর সংসার করা ভার হ'ল। কোন বেটা কি বেটী—কোন পুরুষ বা কোন স্ত্রী, কেহ; ব্যক্তিবিশেষ। প্র—"কোন বেটা বা বেটির তোয়াক্কা না রাখা। কোন বেটা কি বেটি বলুক দেখি। বেটার ছেলে [সংক্ষেপে "বেটাছেলে"] ছেলের ছেলে বা নাতি। অর্থাৎ সম্বোধিত ব্যক্তির বাপের বাপ হওয়া এই অর্থে গালি। বাপের বেটা—পিতার অনুরূপ পুত্র। ২। [শপথ, গালি, আস্ফালনাদি অর্থে] পিতার ঔরসজাত পুত্র অর্থাৎ জারজ নহে।

বেটিয়া [বেষ্টিয়া। প্রা-বাং, আধু—বেড়িয়া] অস-ক্রি, বেষ্টন করিয়া। প্র—"মধুরে বেটিয়ে যেন মধু মাছি আছে॥"—ভাগবত (দৈবকী নন্দন)।

বেটুয়া, বেটে, বেটো [সং—বট (রজ্জু) অথবা পাট হইতে পাটুয়া পেটুয়া, পেটো—বেটো] বি, পাট বা দড়ি রজ্জু: শণের বেটে। প্র—"যেখানে ছুঁই না চলে, আমরা সেখানে বেটে চালাই।"—বিমলা (দামোদর মুখো)। ২। [রজ্জুর ভাব হইতে] বিণ, রজ্জুবৎ পাকান; কৃশ; পাক্‌তেড়ে। প্র—"সাড়া শুনি তাড়া দিলা বেটুয়া কুকুর"—ঘনরাম।

বটুয়া, বেটো [সং—বীত। "বীতং ত্বসারং হস্ত্যশ্বং"—অমর] বি, বেটো ঘোড়া; রাত দিন খাটিয়া খাটিয়া কৃশ ও নিস্তেজ ঘোড়া।

বেড় (ড়) [সং—বেষ্ট] বি, বৃতি; বেষ্টন; ঘের। প্র—বেড় দিয়া কাপড় পরা। ২। বেষ্টিত স্থান। ৩। বেড়া; আগড়।

বেড়া [বেড় (দ্রঃ)+আ] বি, যাহা দ্বারা বেষ্টন করা যায়; বেষ্টনী। প্র—"কালী নামে দেওরে বেড়া ফসলের তছরূপ হবে না।" —রামপ্রসাদ। বেড়া আগুন—যে আগুন চতুর্দ্দিক ঘেরাও করিয়া ফেলিয়াছে; অগ্নি বেষ্টন। বেড়া আগুনে পোড়ান —চারিদিকে আগুন জ্বালিয়া তাহার মধ্যে দগ্ধ করা। বেড়া নাড়িয়া গৃহস্থের মন জানা—গৃহস্থ সতর্ক কিনা চোরের তাহা জানা। ২। ইঙ্গিত করিয়া মনোগত ভাব বা অভিপ্রায় জানা।

বেড়া [সং—বৃৎ ধাতুজ। বেড় (বেষ্টন)+ আ (ক্রিয়া-বিভক্তি)—বেড় দেওয়া। উ-পু —বেড়ি। ম-পু—বেড়। প্র-পু—বেড়ে। অস-ক্রি—বেড়িতে; বেড়িয়া, বেড়ে] ক্রি, ঘেরা; আবৃত করা; বেষ্টন করা। প্র— "সকল সলিল বেড়িয়া আছে"—চণ্ডীদাস।

বেড়ান (ব্যাড়ানো) [বর্ত্তন হইতে সং—বৃৎ (বিদ্যমান হওয়া)—নানা বা বহু স্থানে বিদ্যমান হওয়া। উ-পু—বেড়াই। ম-পু—বেড়াও; বেড়ান্; বেড়া। প্র-পু—বেড়ায়; বেড়ান। অস-ক্রি—বেড়াইতে; বেড়াইয়া, বেড়িয়ে] ক্রি, বিচরণ করা; ভ্রমণ করা; পর্য্যটন করা। ২। পাদচারণ করা। বেড়াইয়া বেড়ান—পায়চারি করা।

বিণ, বেড়ানিয়া, বেড়ানে। স্ত্রী, বেড়ানী—যে নারী খুব বেড়ায়। প্র—পাড়া বেড়ানী।

বেড়াস্ত (ব্যা) [প্রা-বাং] ক্রি, বেড়ান। প্র—"এক শত পঞ্চ ভাই একত্র বেড়াস্ত॥" —মহা (বিজয়)।

বেড়ী [সং—বেষ্টনী। হি—বেঢ়ী] বি, লৌহ-বেষ্টনী; শৃঙ্খল; পাদ বন্ধনের লৌহ-পাশ। প্র—"বেড়ী পায় মেগে খায় বাজার বাজার॥" —ভারতচন্দ্র। ২। হাঁড়ীর কানা বেষ্টন করিয়া ধরিয়া উনানে বসাইবার এবং উনান হইতে তুলিবার লৌহময় বাউলী। প্র—"তপ্ত ভাতে ভরা হাড়ী বেড়ী ধরে তোলা"—হে বন্দ্যো। পায়ের বেড়ী—বন্ধজনকে এক স্থানে আবদ্ধ করিয়া রাখিবার শৃঙ্খলস্বরূপ মায়ার বন্ধন; সংসারে জড়িত ব্যক্তির ভোগের বস্তু, পরিবার বর্গ, ঐশ্বর্য্যাদি—যে সমুদ পরিত্যাগ করিয়া যাওয়া তাহার পক্ষে কঠিন।

বেড়ে (বে) [হি—বঢ়িয়া—বড়িয়া—বেড়্যে—বেড়ে] বিণ, উত্তম; উপাদেয়; ভাল; বেশ প্র—"কেমন টিকি নেড়ে কি মধুর বেড়ে একবার বল্লেন চূড়ামণি"—দ্বিজেন্দ্র রায় ২। উপযুক্ত। প্র—বেড়ে হয়েছে, যেমন কর্ম্ম তেমনি ফল।

বেড়েলা (বে) [সং—বাট্যালকা হইতে অপভ্রংশে বাড়িয়ালা সংক্ষেপে বেড়েলা। বাটে (পথে—পথ পার্শ্বে) জন্মে বলিয়া এই নাম] বি, বলা নামক ক্ষুপবিশেষ ; sida cordifolia. শ্বেত ও পীত ভেদে বেড়েলা দুই প্রকার। শ্বেত বেড়েলাকে অতি বলা এবং পীত বেড়েলাকে মহাবলা বলে।

বেঢ়ল [ব্রজ] ক্রি, বেষ্টন করিল। প্র—"জোরি ভুজযুগ মোরি বেঢ়ল"—বি, প। স্ত্রী, বেঢ়লি (হিন্দীর অনুকরণে)। প্র—"দামিনী বেঢ়লি চাঁদনি বেলি॥"—জ্ঞানদাস।

বেণ (ন্) বি, পৃথু রাজার পিতা। ইনি ব্রাহ্মণ্যধর্ম্মবিরোধীঅত্যাচারদোষে ঋষিদিগের কোপে পতিত হইয়াছিলেন, পরে বিষ্ণুর আরাধনা এবং অশ্বমেধ যজ্ঞ ফলে মুক্ত হন। ২। সঙ্কর জাতিবিশেষ।

বেণা (ব্যানা) [সং—বীরণ] বি, সুগন্ধি তৃণবিশেষ; খসখস। বেণামূল—বীরণ মূল; বেণাঘাসের শিকড়; উশীর। বেণা বনে মুক্তা ছড়ান—বেণাবনের মধ্যে মুক্তা ছড়াইলে তাহার অপব্যবহারই হয় বা তাহার স্বার্থকতা নষ্ট হয়। ২। তাহা হইতে অপাত্রে মূল্যবান দ্রব্য ন্যস্ত করা। যথা—বানরের গলায় মুক্তার মালা। ৩। তুলনায় অপাত্রে সদুপদেশ দান করা।

বেণি, বেণী (বেনি) [সং] বি, স্ত্রী, বিন্যস্ত কেশপাশ। প্র—"কার বেণী কার খোঁপা কার এলো চুল।"—অ, ম। ২। বিউনী; বিণনী। ৩। বয়ন; বুনন। ৪। জলপ্রবাহ। প্র—ত্রিবেণী। ৫। নদীবিশেষ। ৬। বাদ্যযন্ত্র-বিশেষ। প্র—"প্রতিঘরে সন্ধ্যাকালে মণিময় দীপ জ্বলে শঙ্খ ঘণ্টা বাজে বীণা বেণী।"—কবিক।

বেণিমাধব, বেণীমাধব (বেনিমাধব্) [বেণি (যুক্তবেণি—প্রয়াগ) তত্রস্থ মাধব] বি, পুং প্রয়াগস্থ পাষাণময় চতুর্ভুজ ভৈরব (পীঠ দ্রঃ)।

বেণীর (বেনির) বি, রিঠাগাছ। ২। রিঠাফল।

বেণীসংহার (বেনিসংহার্) [বেণীর সংহার (সংগ্রহ—বন্ধন) ৬তৎ] বি, কেশবন্ধন। ২। ভীম কর্ত্তৃক দুর্য্যোধনের রক্তে দ্রৌপদীর বেণী-বন্ধন—এই মহাভারতীয় ঘটনা অবলম্বনে ভট্ট-নারায়ণ কর্ত্তৃক লিখিত সংস্কৃত নাটকবিশেষ।

বেণু (নু) [প্রা-বাং-য় 'বেনু'। বন্ (শব্দ করা) + উ (কর্ত্তৃ—নিপাতনে) এ আগম] বি, পুং, বংশ; বাঁশ। ২। বংশী; বাঁশি। প্র—"শুনিতাম মধুর বেণু।"—চণ্ডীদাস। বেণু-বাদন—বংশীবাদ্য করণ। বেণুরব—বংশীরব; বংশীধ্বনি।

বেণুক (বেনুক্) [সং] বি, গবাদি তাড়নের বংশদণ্ড; পাঁচনবাড়ী।

বেণে (নে) [সং—বণিক শব্দজ। হি—বনিয়া, বেণিয়া, প্রা-বাং-য় বাণ্যা, বেণ্যা, বেণ্যে। আধু-বাং-গ্রা—বেনে] বি, বণিক; বাণিজ্য ব্যবসায়ী স্ত্রী, বেণ্যানী, বেণেনী, বাণ্যানী। প্র—"চুয়া সুচন্দন করহ রচন বেণ্যানী মনেতে খুসী।"—চণ্ডীদাস। বেণের কাছে মেকি চালান—বেণে যে সর্ব্বদা সোনা রূপা পরীক্ষা ও ব্যবহার করে তাহাকে ধোঁকা দিয়া মেকি ধাতু বা মুদ্রা চালান শক্ত এবং তাহা বৃথা চেষ্টা।

বেত (ত্) [সং—বেত্র বা বেতস হইতে] বি, বেতগাছ; cane. ক্রি, বেতান, বেতোনো—বেত মারা; বিতান দ্রঃ। বেত খাওয়া—বেতের মার খাওয়া; বেত্র দ্বারা প্রহৃত হওয়া। বেত মারা—বেত্রাঘাত করা; বেত্র দণ্ড দ্বারা আঘাত করা। বেত লাগান—বেত মারা। বেত বোনা—বেতের কাটি দিয়া ঝুড়ী, পেটরা চেয়ার প্রভৃতি প্রস্তুত করা। ছাঁচি বেত—সরু লিকলিকে বেত। বেত ঘণ্ট—বেতের কচি কচি ডগার ঘণ্ট নামক ব্যঞ্জন। বেত আছড়া—[বেতের মত সরু ও বেতের মত আছাড় খাইয়া পড়ে বলিয়া ইহার এই নাম] সর্পবিশেষ।

বেতন (ন্) [সং] বি, স্ত্রী, কর্ম্মমূল্য; মাহিয়ানা; মজুরি; ভাড়া। ২। পণ্যমূল্য; দাম। প্র—"লইল সোণার সূচ। লই চলি যায় বেতন না দেয়।"—চণ্ডীদাস। বেতন-ভুক্, বেতনভোগী—বিণ, বৃত্তিভুক্; মাহিনা লইয়া যে কোন কাজ করে।

বেতর (রো) [ফা—বে + হি—তরহ্ (প্রকার)] বিণ, বিপরীত; বিষম। প্র—"যত সব বেতর ধাঁজ"—বাং-গান।

বেতস (শ্) [সং] বি, বেতগাছ। ২। বেতস বহুল স্থান। বিণ, বেতস্বান—বেতবহুল স্থান।

বেতাল (ল্) [ব (বায়ু) ৭মী ১বচনে। বে (বায়ুতে) তল (গমন) + অ (ঘঞ্—ভাবে) বায়ু ভরে যাহাদের গমনাগমন হয়] বি, পুং, শিবের অনুচর, দেবযোনিবিশেষ। প্র—"পিশাচ বেতাল আদি তার যজ্ঞ হরে।"—কবি-কঙ্কণ। "রুদ্র তালে তাল দেয় বেতাল"—অ, ম। ২। মল্লবিশেষ। ৩। বৈতালিক। তাল-বেতাল—প্রসিদ্ধ পিশাচদ্বয়।

বেতাল (ল্) [ফা—বে + সং—তাল] বিণ, তালরহিত। ২। কোন সঙ্গীতের তাল বিরুদ্ধ; বেঠিক তাল। বিণ, বেতালা—তাল-বোধহীন। ২। [লক্ষণায়] স্থান কাল বুঝিয়া যে কথা বলিতে জানেনা।

বেতালভট্ট (ল্) বি, পুং, রাজা বিক্রমা-দিত্যের সভাস্থ নবরত্নের মধ্যে একরত্ন।

বেতি, বেতী [প্রাদে। বেত + ই, ঈ] বি, স্ত্রী, চেরা বেত যাহা দ্বারা ঝুড়ী, পেটরা, প্রভৃতি বুনিবার দড়ীর কাজ করে। প্র—"কুলা ডালা বুনিতে বাঁশের বান্ধে বেতি।"—ঘনরাম।

বেতো [বাত + উয়া = বাতুয়া সংক্ষেপে বেতো] বিণ, বাতরোগগ্রস্ত; বাতযুক্ত। প্র—বেতো শরীর।

বেত্তা [বিদ্ (জানা) + তৃ (চ্—কর্ত্তৃ) দ্ = ৎ = বেত্তৃ ১মা, ১ বচনে বেত্তা ইহা অন্য শব্দ সহ প্রযুক্ত হয়] বিণ, যে জানে; বিজ্ঞাতা; অভিজ্ঞ। প্র—ধর্ম্মবেত্তা, বিজ্ঞানবেত্তা।

বেত্র (বেৎত্র) [বী (গমন করা) + ত্র(ণ্—করণে)] বি, পুং বেতগাছ। ২। বেত্রদণ্ড; বেতের ছড়ি বা লাঠি। বিণ, বেত্রী—বেত্র-দণ্ডধারী। ২। বি, দ্বারপাল। বেত্রধর—বিণ, বেত্রদণ্ডধারী। ২। বি, দ্বারপাল। বেত্রাসন—বেতে বোনা চৌকী, মোড়া প্রভৃতি আসন।

বেত্রবতী (বেৎত্রবোতি) [বেত্র + বতু (অস্ত্যর্থে) ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, মালবদেশের নদীবিশেষ; আধুনিক বেত্‌ওয়া নদী। ২। বেত্রাসুরের জননী। ৩। বিণ, বেত্রধারণ-কারিণী।

বেত্রাসুর (বেৎত্রাশুর্) বি, পুং, বেত্র নামক অসুরবিশেষ।

বেথুয়া, বেথো [সং—বাস্তুক প্রাকৃ—বথুনং] বি, বেথোশাক ; chenopodium album.

বেদ (বেদ্) [বিদ্ (জানা) + অ (ঘঞ্ বা অল্, কর্ম্মে) যাহার দ্বারা বা যাহার অনুশীলনে ব্রহ্ম, ধর্ম্ম, পুরাতত্ত্বাদিবিষয়ে সত্য জ্ঞান জন্মে] বি, ব্রহ্মপ্রতিপাদক অপৌরুষেয় বাক্য ; শ্রুতি ; ত্রয়ী (ঋক, যজু, সাম) ; সাম, ঋক্, যজু, অথর্ব্ব এই চারি গ্রন্থ যদ্দারা মনুষ্যের সত্য জ্ঞান লাভ হয়। ২। [মাণ্ডুক্য উপনিষদের শঙ্করভাষ্যে] প্রামাণিক শব্দ রাশি। ৩। [রমানাথ সরস্বতীর মতে] পূর্ব্ব পূর্ব্ব ঋষিগণ কর্ত্তৃক দৃষ্ট লৌকিক এবং পারমার্থিক কর্ত্তব্যাকর্ত্তব্য কর্ম্মের শাসনরূপ শাস্ত্র। ৪। হিন্দুর আস্তিক্যমূলক সর্ব্বপ্রধান প্রামাণিক ধর্ম্মশাস্ত্র। ৫। [ভাবে—ঘঞ্] শাস্ত্রজ্ঞান। ৬। চারি সংখ্যা ; ৪। প্র—"বেদ লয়ে ঋষি রসে ব্রহ্ম নিরূপিল। সেই শকে (=১৬৭৪ শক) এই গীত ভারত রচিল॥"—অ, ম। ৭। যজ্ঞাঙ্গ। ৮। বিষ্ণু। ৯। [কর্ত্তৃ—অল্] বেত্তা ; জ্ঞানবান্। প্র—"হেন কথা কহে যেই নহে লোক বেদ"—চৈতন্যভাগবত। **বেদ-কোরাণে নাই, বেদ-পুরাণে নাই**—কোন শাস্ত্রেই নাই ; অশাস্ত্রীয়। **বেদগর্ভ**—ব্রহ্মা। ২। ব্রাহ্মণ। **বেদগুপ্তি**—বেদ-সংরক্ষণ। **বেদনিন্দক**—বেদের নিন্দাকারী ; যে বেদ মানে না ; নাস্তিক। ২। বুদ্ধ ও বৌদ্ধ সম্প্রদায়ের লোক। **বেদপরায়ণ**—বিণ, বেদানুরক্ত ; বেদবিহিত অনুষ্ঠানকারী। প্র—"সদা বেদপরায়ণ প্রকাশিলা পারায়ণ শিষ্যগণ বৈষ্ণব সংহতি।" —অ, ম। **বেদপারগ**—বেদজ্ঞ ; বেদ-বিশারদ ; বেদবিৎ। **বেদবিৎ**—বিণ, বেদ-পারগ ; বেদবেত্তা ; বেদজ্ঞ। ২। বি, বিষ্ণু। **বেদবৃত্ত**—বেদসম্মত আচরণ ; বেদোক্ত আচার। **বেদমাতা**—গায়ত্রী। ২। দুর্গা। **বেদ মানিয়া চলা**—বর্ণাশ্রম, ... পরলোক ও মন্ত্রশক্তি বিশ্বাস করা ও তাহার নির্দ্দেশমত জীবন ক্ষেপণ করা। **বেদ-বাক্য**—বেদের বচন ; শাস্ত্র। ২। ধ্রুবসত্য ; অকাট্য বা অলঙ্ঘনীয় উক্তি বা আদেশ। **বেদের গোচর**—বেদগম্য। প্র—"কত মায়া কর কত কায়া ধর বেদের গোচর নয়।" —ভারতচন্দ্র। **বেদের বচন**—বেদবাক্য ; সনাতন সত্য।

বেদড়া, বেদ্ড়া (ব্যাদ্ড়া) [বে (বি—কু) দাঁড়া (ধারা—রীতিনীতি) অথবা বদ্ (কু) আড়া (ধারা—প্রকৃতি) সংক্ষেপে] বিণ, বেয়াড়া ; কুচাল ; দুষ্ট। প্র—"ছেলেটা কিছু বেদ্ড়া"—টেকচাঁদ।

বেদন (ন্) [বিদ্ (জানা) অন (ট্—ভাবে)] বি, ক্লী, জ্ঞান ; বোধ ; অনুভব। ২। যাতনা ; ব্যথা ; ক্লেশ ; দুঃখানুভব। ৩। পরিণয় ; বিবাহ। ৪। উপঢৌকন ; দান।

বেদনা (দো) [বেদন দ্রঃ + আ (স্ত্রী)] বি, স্ত্রী, অনুভূতি। প্র—সমবেদনা। ২। ব্যথা ; যাতনা। প্র—মাথার বেদনা। ৩। দুঃখ ; তাপ। প্র—"হৃদয় বেদনা বহিয়া নাথ এসেছি তব দ্বারে"—ব্রহ্মসঙ্গীত।

বেদনীয় [বিদ্ (জানা) অনীয় (কর্ম্মে) যাহা জানা যায়] বিণ, বেদ্য ; জ্ঞাতব্য ; জ্ঞেয় ; জানিবার বিষয়। ২। অনুভবনীয়।

বেদবতী (বেদ্বোতি) বি, স্ত্রী, কুশধ্বজ রাজার কন্যা ; রাবণ বধার্থে ইনিই পরজন্মে সীতারূপে জন্মগ্রহণ করেন বলিয়া পুরাণে উক্ত হইয়াছে। ২। বেদপরায়ণা ; বেদজ্ঞা ; বেদবিদ্যাধিকারিণী।

বেদব্যাস (বেদ—বি—আ—অস্ (বিস্তার—বিভাগ) + অ (ণ্—কর্ত্তৃ) যিনি বেদের বিস্তাব করিয়া চারিখণ্ডে বিভক্ত করিয়াছেন] বি, পুং, বেদ বিভাগকর্ত্তা মুনিবিশেষ ; সত্যবতী-তনয় মহর্ষি দ্বৈপায়ন।

বেদম (ম্) [ফা—বে + হি—দম্ (শ্বাস)] বিণ, প্রাণান্তকর। ২। ক্রি, বিণ, শ্বাসরুদ্ধ ভাবে ; শ্বাসশূন্য করিয়া। প্র—"বেজায় বেদম বেমালুম তাহা খাইতাম হয়ে মরিয়া"—দ্বিজেন্দ্র রায়। **বেদমপ্রহার**—এমন প্রহার যাহাতে প্রহৃতের দম বাহির হইয়া যায়।

বেদাঙ্গ [বেদ—অঙ্গ (অবয়ব)—৬তৎ] বি, ক্লী, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ এই ছয়প্রকার বেদের অবয়ব। ১। শিক্ষাগ্রন্থ —স্বরবিজ্ঞান, যদ্দারা বৈদিক সূক্ত সমূহ উচ্চারণ করিয়া স্বর সংযোগে গান করিতে হইবে তাহার শিক্ষা দেওয়া হইয়াছে ; বর্ণ, স্বর, মাত্রা বল ও সাম বিষয়ে যাহাতে উপদেশ প্রাপ্ত হওয়া যায়, রূপকোক্তিতে শিক্ষা বেদ পুরুষের ঘ্রাণেন্দ্রিয়স্বরূপ! ২। ছন্দ—ছন্দজ্ঞানের অভাবে বেদপাঠ অসম্পূর্ণ হয়, রস গুণ দোষ উপলব্ধি হয় না, উচ্চারিত শব্দসমূহ হৃদয়ঙ্গম হয় না। গায়ত্রী, উষ্ণিক্, অনুষ্টুভ্, বৃহতী, পংক্তি, ত্রিষ্টুভ ও জগতী এই সাতটী বৈদিক ছন্দ। তাহার পরবর্ত্তী আর আর লৌকিক ছন্দঃ। বাল্মীকি লৌকিক ছন্দের প্রবর্ত্তক। ৩। ব্যাকরণ—বৈদিক সাহিত্যের পরিচয়ের জন্য। ৪। নিরুক্ত—বৈদিক শব্দের ও বাক্যসমূহের অর্থপ্রতিপাদক গ্রন্থ। ৫। জ্যোতিষ বা জ্যোতিঃ শাস্ত্র—যদ্দারা সূর্য্যাদি গ্রহের অবস্থান গতি স্থিতি বিষয়ক জ্ঞানলাভ হয়, যজ্ঞাদিসম্পন্ন করিতে হইলে গ্রহাদির অবস্থানকার্য্য নিরূপণ আবশ্যক। ৬। কল্প—সূত্রগ্রন্থ। বেদের ব্রাহ্মণ ভাগ হইতে সারতত্ত্ব সূত্রাকারে গ্রথিত ; বাক্‌প্রয়োগ যাহাতে কল্পিত অর্থাৎ সমর্থিত হয়। রূপকের ভাষায় কল্প বেদ-পুরুষের হস্ত।

বেদাদি [বেদের আদি, ৬তৎ] বি, পুং, বেদের প্রথম ; প্রণব ; ওঁকার। ২। বিণ, বেদ-প্রমুখ। প্র—বেদাদি শাস্ত্র। ৩। বেদ ইত্যাদি। প্র—বেদাদি গ্রন্থসমূহ।

বেদাধিপ (প্) [বেদের অধিপ (অধিপতি) —৬তৎ] বি, পুং, বেদের অধিদেবতা ; ঋক্-বেদের অধিপতি বৃহস্পতি ; যজুর্ব্বেদের শুক্র ; সামের মঙ্গল ; অথর্ব্বের বুধ।

বেদান্ত [বেদ + অন্ত (শেষ)] বি, পুং, ব্যাসদেব প্রণীত দর্শনশাস্ত্র ; ব্রহ্মস্বরূপ নিরূপক শাস্ত্র। **বেদান্তবাদ**—বেদান্ত দর্শনের মত। **বেদান্তবাদী**—ব্রহ্মবাদী ; বৈদান্তিক ; বেদান্তদর্শন বেত্তা বা বেদান্ত মতাবলম্বী। স্ত্রী, **বেদান্তবাদিনী**—ব্রহ্মবাদিনী। বিণ, **বেদান্তী**—বেদান্তমতালম্বী ; বেদান্তদর্শন-বেত্তা।

বেদাভ্যাস (বেদাভ্‌ভ্যাশ্) [বেদ—অভ্যাস —৬তৎ] বি, পুং, বেদাধ্যয়ন ; বেদানুশীলন ; বেদচর্চ্চা। ২। [বিশেষার্থে] বিচার, অনুশীলন, জপ, অধ্যয়ন ও অধ্যাপনা।

বেদাশ্রয় (বেদাস্‌স্রয়্) [বেদের আশ্রয়—৬তৎ] বি, বেদ যাঁহাকে আশ্রয় করিয়াছে ; নারায়ণ ; বিষ্ণু। প্র—"সর্ব্ব বেদাশ্রয় আকাশ পাতাল ভূমি॥"—অ, ম। ২। বেদ যাঁহার আশ্রয় ; বেদাশ্রয়ী।

বেদি, বেদী [বিদ্ (বিদ্যমান থাকা) + ই (অদি)] বি, স্ত্রী, যজ্ঞাদি করণার্থ পরিষ্কৃত ভূমি। ২। বেদির সদৃশ মৃত্তিকা স্তূপাকৃতি ভিত্তি। ৩। মঞ্চ। ৪। বিদ্বান। ৫। নামাঙ্কিত অঙ্গুরীয়।

বেদিত [বিদ্ + ণিচ্ = বেদি + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, বিজ্ঞাপিত ; নিবেদিত।

বেদিতব্য (বেদিতোব্ব) [বিদ্ + তব্য (কর্ম্মে) বিণ, বেদ্য ; জ্ঞাতব্য ; জ্ঞেয়।

বেদিতা [বিদ্ + তৃ (ন্—কর্ত্তৃ) ই আগম] বিণ, যে জানে ; বেত্তা ; জ্ঞাতা।

বেদুয়া [সং—বিধবা + হি—উআ = বিধবউআ (বিধবাগর্ভজ, সুতরাং জারজ। (২) বিধবা-গমনরত সুতরাং লম্পট। তুল—রাঁড়বাজ) —সংক্ষেপে বিধুয়া বিকারে বেদুয়া] বিণ, জারজ। প্র—"বেদুয়া ঢেমনে কভু না শুনাই পুরাণ"— কবিকঙ্কণ। [দ্রঃ পাঠান্তরে—"জারজ অধমে আমি শুনাব পুরাণ"] ২। লম্পট।

বেদুয়িন—বি, আরবীয় জাতিবিশেষ ; বদ্দু ; আরব দস্যু। প্র—"আরব বেদুয়িন—রবি।

বেদ্য (বেদ্দ) [বিদ্ (জানা)+য (ঘ্যণ্, কর্ম্মে)] বিণ. যাহা জানিতে হইবে বা জানা আবশ্যক ; জ্ঞেয়।

বেধ (ধ্) [বিধ্ (বিদ্ধ করা)+অ (ঘঞ্, ভাবে)] বি, পুং, কোন বস্তুর গভীরতা বা পুরু পরিমাণ ; ছিদ্র করিলে বা বিঁধিলে যে প্রশস্ততা বা স্থূলত্ব দৃষ্ট হয়। ২। বিঁধ ; ছিদ্র। ৩। বিবাহাদি শুভকার্য্য নিষেধক গ্রহ সংস্থান-বিশেষ। প্র—সপ্তশলাকা বেধ। ক্রি. বেধা —বিদ্ধ করা। বি. বেধন—ভেদন ; বিদ্ধ-করণ। বিণ. বেধক—বিদ্ধকারক। (২) বেধিত—যাহা বিদ্ধ করা হইয়াছে ; কৃত-বিদ্ধ। (৩) বেধী—বেধক। স্ত্রী. বেধিনী (৪) বেধ্য—বেধনযোগ্য ; ভেদ্য ; ছেদ্য। ২। শরব্য। ৩। বি, লক্ষ্য।

বেধনী, বেধনিকা [বেধন (দ্রঃ)—ঈপ—স্ত্রী, ক (স্বার্থে)—আ, স্ত্রী] বি, স্ত্রী. শলাকা। ২। মণিরত্ন শঙ্খ প্রভৃতিতে ছিদ্র করিবার সূক্ষ্মমুল অস্ত্রবিশেষ। ৩। সূচী। ৪। তুর্প্ন।

বেধস (শ্) [সং] বি, বৃদ্ধাঙ্গুলির মূল।

বেধাঃ [সং] বি, বিধি ; বিধাতা ; ব্রহ্মা। ২। বিষ্ণু ; অনন্ত ; সূর্য্য ; দক্ষ প্রভৃতি প্রজাপতি। ৩। পণ্ডিত।

বেনটা (বে্) [সং—বয়ন, বাং-য় বুনন। হি—বুনাবট্—বুনাট—বুনট—কর্ম্মী অর্থে আ পরে উচ্চারণ বিকারে বেনটা] বি, মুসলমানের শ্রেণীবিশেষ : নেয়াড়ের ফিতা বয়নকারী মুসলমান জাতিবিশেষ। প্র—"নেয়াল বুনিয়া নাম বলায় বেনটা"—কবিকঙ্কণ।

বেনা [সং—বীজন] বি, পাখার বাতাস করা।

বেনা [হি] বি, ধুসুরির তাঁতযন্ত্র।

বেনা (ব্যানা) [প্রাদে স্থানভেদে "টোক্না"] বি, কামারশালে লোহার ঘা দিয়া ছিদ্রকরণ।

বেনা [বেন্না দ্রঃ। প্রা-বাং] বি, বিষন্ন। প্র—"যেন মতে হীরা নটী বেনা মুখ হইল।" —মাণিকচাঁদের গান।

বেনে [গ্রা—মেয়েলি। মেনে দ্রঃ] অ, নিশ্চয়তা-সূচক অব্যয় ; কিন্তু। প্র—"এ মাগী মনুষ্য বেনে নয়"—শীতলামঙ্গল (নিত্যানন্দ)।

বেনেবউ (বেনেবৌ) বি, দণ্ডচারীবর্গের পক্ষি-বিশেষ ; আকারে অনেকটা শালিকের মত। ইহাদের পক্ষ ও পুচ্ছের কয়েকটি পালকের কিয়দংশ কাল বাকী সমস্ত দেহ উজ্জ্বল হরিদ্রা-বর্ণ। উৎকলে ইহারা "হল্দিয়া বসন্ত" নামে প্রসিদ্ধ। ইহাদের ডাকে অনেকটা "খোকা হোক", "খুকি হোক" এইরূপ শুনায়। ২। বণিকবধূ।

বেনো [বান (দ্রঃ)+উআ=বানুয়া (অমাবস্যা পূর্ণিমায় নদ্যাদির জলস্ফীতি)। তুল—ঘরুয়া হইতে ঘোরো] বিণ, বানের ; বানঘটিত। প্র —"বেনো গাঙ্গে মোর ভাঁটা তাতেই সন্তোষ" —ঈশ্বরগুপ্ত। বেনো জল ঢুকাইয়া ঘোরো জল বাহির করা—বাহিরের বস্তু ঘরে আনিয়া তাহার সহিত ঘরের সঞ্চিত বস্তু পর্য্যন্ত নষ্ট করা।

বেন্না [বিষন্ন হইতে। প্রা-বাং] বিণ, বিষন্ন বিমর্ষ। প্র—"বেন্না মুখ হৈয়ে শমন রাজাক বলিবর লাগিল"—মাণিকচন্দ্র রাজার গান।

বেপথু (পো) [বেপ্ (কম্পিত হওয়া)+অথু (ভাবে)] বি, ক্লী, কম্প ; কম্পন। প্র—"পুলক অঙ্কুর শোভা অশ্রুজল মনোলোভা মন্দ বায়ু বেপথু সুন্দর।"—চৈতন্যদাস।

বেপন (ন) [বেপ্+অন (ট্, ভাবে)] বি, ক্লী, কম্পন ; কাঁপন।

বেপমান (ন্) [বেপ্+আন (শ, কর্ত্তৃ)] বিণ, যে কাঁপিতেছে ; কম্পমান।

বেপার (ব্যাপার্) [হি—বেওপার্] বি, ক্রয়-বিক্রয় কর্ম্ম ; বাণিজ্য। ২। ঘটনা।

বেপারি, বেপারী (ব্যা) [হি—বেওপার (ব্যবসায়)+ই (কর্ত্তৃ)] বি, ব্যবসায়ী ; কারবারী ; বণিক। প্র—"উজির হলো রায় জাদা বেপারিরে দেয় খেদা ব্রাহ্মণ বৈষ্ণবের হৈল অরি"—কবিক। ২। আড়তদার যাহার মালপত্র বিক্রয় করিয়া দেয়।

বেপালট (ট্) [বে (বিষম, বিপরীত)—পালট (অবস্থা)] বি, বিষমাবস্থা ; অবস্থা বিপর্য্যয় ; বিপদ ; বেকায়দা। প্র—"তোদের জন্যই ওরা বেপালটে পড়েছে"—নীলদর্পণ।

বেপোট (ট্) [ফা—বে—বাং—পোট (মিল, সুযোগ)] বিণ, গরমিল। ২। অসুবিধা-জনক। ৩। অপরিচিত।

বেভার (ব্যাভার) [সং—ব্যবহার অপভ্রংশে] বি, ব্যবহার ; আচরণ। ২। প্রয়োজনে নিয়োগ ; ভোগ। প্র—"বেভার করিল নানা ধন।"—কবিক। ৩। আদানপ্রদান। ৪। প্রচলন। ৫। [প্রা-বাং] বাহির। প্র—"কাম করে ধরিয়ে সে করয়ে বেভার।"—বি, প। ৬। সামাজিক (দ্রঃ) ; লৌকতা (দ্রঃ)।

বেভুল (ল্) [সং—বিহ্বল, গ্রা—বিব্ভুল—সংক্ষেপে "ভুল" ভুলের অর্থে প্রয়োগ)] বি, ভুল ; ভ্রান্তি ; ভ্রম।

বেম, বেমন্ (ম্) [বে (বয়ন করা, বোনা) +মন্ (করণে)] বি, পুং ; যাহা দ্বারা বস্ত্রাদি বয়ন করা হয় ; মাকু ; তাঁত।

বেমার, বিমার (র্) [ফা—বীমার্] বিণ, ব্যাধি ; পীড়া। এই অর্থে হি-তে বীমারী। বাং-য় স্থানবিশেষে বেমারি। ২। বিণ, পীড়িত ; রুগ্ন।

বেয়রা—বি, বেয়ারা দ্রঃ।

বেয়াই, বিয়াই [বেহাই দ্রঃ। সং—বৈবাহিক সংক্ষেপে বেই] বি, বৈবাহিক ; পুত্র কন্যার শ্বশুর। প্র—"বেয়াই কুটুম্বিতা স্থলে"—রজনী সেন। স্ত্রী. বেয়ান, বিয়া-ইন, বেয়াইন, (রংপুরে) বিয়ানী। পয়সা থাকিলে বিয়াইর বাপের শ্রাদ্ধ হয়, না থাকলে নিজের বাপের শ্রাদ্ধ হয় না—অর্থের প্রাচুর্য্য হইলে অনাবশ্যক বা অপ্রতিপাল্য কর্ম্মের জন্য ব্যয় করা যাইতে পারে, কিন্তু, অর্থাভাবে অবশ্য কর্তব্য কর্ম্মও অনুষ্ঠিত হয় না।

বেয়াকুব (ব্) [ফা—বে+আ—বক্ফ্ (বোধ) বে-অকুফ দ্রঃ] বিণ, নির্ব্বোধ ; বোকা ; বেঅকুফ (বে দ্রঃ)। বেয়াকুব দাস—বোকারাম ; a stupid fellow [দ্রঃ—বাং-য়—রাম=ইং—fellow. =তুর্কী —দাশ্। রাম দ্রঃ।

বেয়াজ (জ্) [সং—ব্যাজ। প্রা-বাং—হি —বিয়াজ] বি, ব্যাজ ; সুদ। প্র—"মূল বিনু পরধনে সাগরে বেয়াজ।"—বিদ্যাপতি।

বেয়াধি [সং—ব্যাধি। ব্রজ] ব্যাধি। প্র—"যাকর বেয়াধি পরাধীন ঔখদি।"—বি, প।

বেয়ারা, বেহারা, বেয়রা (ব্যায়্) [ইং—bearer.] বি, বাহক। প্র—"যত জাত কুটুম্ব বেয়রা হ'য়ে খাটে করে খাটে লবে।"—ঈশ্বরগুপ্ত।

বেয়ারাম (ম্) [ফা—বে+হি—আরাম্ (সুখ)] বি, অসুখ ; ব্যাধি।

বেয়ারিং [ইং—bearing] বিণ, বিনা মাশুলে প্রেরিত (দ্রব্য) ; ডাকযোগে বা রেল কোম্পানি প্রভৃতির মার্ফৎ প্রেরিত যে বস্তুর মাশুল দিতে হইবে। ২। বিনা খরচে ; নিখর্চায়। প্র—"একটী পয়সা খরচ করতে পারে না, কেবল বিয়ারিং ইয়ারকি দিতে আসেন।"—লীলাবতী। বেয়ারিং পোস্ট—বিনা মাশুলে ডাকে প্রেরিত বস্তু।

বেয়ে [বাহিয়া শব্দের গ্রা-রূপ] অস-ক্রি, বাহিয়া ; চালাইয়া। বেয়ে চেয়ে—বাহিয়া চাহিয়া ; চেষ্টা চরিত্র করিয়া।

বের (র্) [সং—বেলা। হি—বের, বেরি। স্থান বিশেষে প্রা-বাং-য় ও গ্রা—ব্যবহার] বি, বার ; দফা। ২। বেলা ; কাল। বিণ, বেরী—সাময়িক ; কালীন।

বের (র্) [বাহির শব্দজ] বি, বাহির। ২। প্রকাশ। বের হওয়া—বাহির হওয়া ; বহির্গত হওয়া। বের করা—বাহির করা ; প্রকাশ করা।

বেরং [ফা—বে—রং (রঙ্গ)] বি, বিকৃত রং। ২। [তাসের] বদরং। ৩। বেমানান রং।

বেরন, বেরুন (বেরোনো) [সং—বহির্গমন, রুনো, গ্রা—বহিরন, ক্রিয়ায় বহিরান ; হি—বহিরানা—সংক্ষেপে বেরন, বেরুন। উ-পু—বেরই, বেরুই। ম-পু—বেরোও, বেরুন, বেরো। প্র-পু—বেরোয় ; বেরোন্ অস-ক্রি—বেরতে, বেরুতে ; বেরিয়ে] ক্রি, বহির্গমন করা ; গৃহের বাহিরে আসা। ২। বাহির হইয়া পড়া ; কুল ত্যাগ করা। ৩। গৃহত্যাগ করা ; সন্ন্যাস লওয়া। বেরিয়ে যাওয়া—বহির্গত হওয়া ; বাহিরে যাওয়া। ২। বিশেষার্থে] কুলত্যাগ করা ; কুলের বাহিরে যাওয়া। প্র—"অমন করতো বেরিয়ে যাব।"—টেকচাঁদ।

বেরাদার (র্) [ফা—বিরাদর্ ; ইং—brother ; ল্যা—frater ; গ্রী—phrater ; সং—ভ্রাতর্ (ভ্রাতৃ)] বি, ভ্রাতা ; জ্ঞাতি-ভ্রাতা। ২। জাতি সম্বন্ধে ভাই ; জাতভাই। প্র—"দশ বিশ বেরাদারে বসিয়া বিচার করে"—কবিক। ভাই-বেরাদার [সহচর শব্দদ্বয়] ভাইভায়াদ ; ভাইভগ্‌গর (গ্রা)। ২। ভাইবন্ধু ; আত্মীয় স্বজন। বেরাদারি—বেরাদার দ্রঃ। ২। জ্ঞাতিত্ব।

বেরাল (ল্) [সং—বিড়াল। পা—বিলারো, হি—বিলার—বর্ণবিপর্য্যয়ে বিরাল, বেরাল] বি, বিড়াল ; মার্জ্জার।

বেরি [বের দ্রঃ। ব্রজ ; প্রা-বাং] বি, বেলা ; সময়। প্র—"মরণক বেরি কোই না পুছই।"—বি, প। ২। বার ; দফা। প্র—"হেরই কত বেরি।"—বি, প। ৩। বাহির। বেরি এক— বারেক। প্র—"বেরিএক কর ধনী মুদিত নয়ন"—বি, প। বেরি বেরি—বারবার ; পুনঃপুনঃ। প্র—"কতয়ে বেরি বেরি রচব শেজরি সরস সরসিজ পাতি।"—বলরাম।

বেরিবেরি [ইং—beriberi] বি, রোগ-বিশেষ।

বেরিজ (জ্) [বাঙ্গালা শব্দকোষে] বি, বিয়োগ ; তেরিজের বিপরীত।

বেরুণ (ন্) [সং—ভরণ (বেতন) ফা—বেরুন, (বাহির ব্যতীত) তাহা হইতে বাহিরের কাজ। তুল—ইং—out-door work] বি, মজুরী ; খাটুনী। প্র—"প্রকারে পালিল পেট করিয়ে বেরুণ।"—ঘনরাম। "মহাবীর তোমার বেরুণে নাহি সাধ।"—কবিকঙ্কণ। ২। বেতন ; ভৃতি। বিণ, বেরুণিয়া—খাটাখাটুনি সম্বন্ধীয়। ২। বি, মজুর। প্র—' মহাবীর কাটে বন শুনি বেরুনিয়াগণ আইসে তারা নানা দেশ হৈতে।"—কবিক।

৩। [হি—বেড়্‌নী, বেড়িন (বেরুণ দ্রঃ। অর্থ সম্প্রসারণে যে কুলের বাহিরে গিয়াছে] বি, স্ত্রী, গায়িকা জাতিবিশেষ ; নটী। ২। বেশ্যা।

বের্দ্দি [পর্ত্তু—verde. তুল—সং—ভরিণী (হরিদ্বর্ণ)] বি, সবুজ রঙ্গ। ২। সবুজ রঙ্গে রঞ্জিত বস্ত্র।

বেল (ল্) [বেলা দ্রঃ] বি, বেলফুল।

বেল [সং—বিল্ব] বি, বিল্বফল ; শ্রীফল। প্র—"সজল চীর পয়োধর সীমা। কনক বেলে জনু পড়ি গেও হিমা।"—বি, প। বেল গাছ—বিল্ববৃক্ষ। বেল কাঁটা—বেল গাছের কাঁটা। বেল পাতা—বিল্ব পত্র ; বেল গাছের পাতা ; ত্রিপত্র। বেলের আঠা—বেল ফলের ভিতরে শ্লেষ্মাবৎ আঠা। বেল ডাল—বেলগাছের শাখা। বেল-শুঁঠা—কাঁচা বেল খণ্ড খণ্ড করিয়া শুকান ; কাঁচা বেলের শুষ্ক খণ্ড। বেলের মোরব্বা—রসে পাক-করা কাঁচা বেলের খণ্ড। বেল পাকিলে কাকের কি—বেল পাকিলেও শক্ত আবরণ হেতু তাহাতে কাকের চঞ্চু প্রবেশ করা অসাধ্য ; সুতরাং যাহা ভোগের অতীত ; তাহা ভাল হউক মন্দ হউক তাহাতে কিছুই আসিয়া যায় না। নেড়া আর কখন বেল তলায় যায়—একবার বেলতলায় নেড়ার মাথায় বেল পড়িয়া যাওয়ায় সে সাবধান হইয়া গিয়াছে পুনরায় নেড়া আর বেলতলায় যাইবে না।

বেল (ল্) [ইং—bell] বি, ঘণ্টা। ২। ঘণ্টাকৃতি লণ্ঠন। বেল দেওয়া—ঘণ্টা মারা ; ঘণ্টা শব্দ করা। বেল বাজা—ঘণ্টা বাদ্য হওয়া। বেল বাজান—ঘণ্টা বাদ্য করা।

বেল (ল্) [ইং—bail] বি, জামিন।

বেল (ল্) [সং—বল্লী। হি—বেল] বি, লতা। ২। ফুলদার জালের ফিতা ; জালি ; গোটা। বেল দেওয়া, বেল বসান—বেলদার দ্রঃ ; চিকণের কাজ করা। ২। ক্রি, কাপড়ের সুতা বা জরির জালি লাগান।

বেলক (ক্) [প্রা-বাং] বি, বন্দুকবিশেষ। প্র—"তবক বেলক টাঙ্গী"—কবিকঙ্কণ।

বেলদার (ল্, র্) [হি—বেল (কোদাল) + ফা—দার] বি, খনক ; যাহারা কোদাল পাড়িয়া মাটি কাটিয়া রাস্তা তৈয়ার করে। প্র—"একাযুত বেলদার বেগারি আগে ধায়। উচু নীচু কুপথ সুপথ করে যায়।"—ঘনরাম। ২। [বেল (ঝাড়, লণ্ঠন)—দার] যাহারা ঝাড় লণ্ঠনাদি সাজায়। ৩। [হি—বেল (চিকণের কাজ) দার (যুক্ত)] বিণ, জরির বা সুতার জালি বসান ; গোটাদার।

বেলন, বেলনা (ন্, ব্যাল্‌না) [সং—বেল্ল, বেল্লন] বি, ময়দা ঠাসিয়া লেচি করণ। ২। [প্রাদে—চট্টলে "বেলইন", ২৪ পরগণা অঞ্চলে—"বেসুন"] ময়দা বেলিবার কাষ্ঠখণ্ড-বিশেষ। বেলনপীড়ী—রুটি বা লুচী বেলিবার গোল কাষ্ঠখণ্ড ; চাকী। চাকী-বেলন—বেলন ও বেলনপীড়ী।

বেলমোক্তা (ল্) [আ—বিলমুক্তা] বি, সর্ব্বসমেত ; মোট। বেলমোক্তা পাট্টা [আদাঃ পরিঃ] একমাত্র খাজানা ব্যতিরেকে ভূম্যধিকারী অন্য কোনরূপ বাজে দাবী করিতে পারিবেন না এরূপ যে পাট্টায় লিখিত হয়।

বেলা (ব্যালা) [বেল্ (চঞ্চল হওয়া) + অ (চ্—কর্ত্তৃ) আ, স্ত্রী] বি, সময়। প্র—বেলা দশটা। ২। দিবস ; দিনমান। প্র—বেলা অবসান প্রায়। "হরি বল হরি, চল যাই বাড়ী, বেলা গেল সন্ধ্যা হ'লো।"—ব্রহ্মসঙ্গীত। ৩। ক্ষেত্র। প্র—"সামান্য হিতসাধনের বেলাতেও অন্যের উপরে বরাৎ দিয়া দায় সারিবার ইচ্ছা করিব।"—রবি। ৪। পক্ষ। প্র—তার বেলা কোন দোষ নেই আমার বেলাই যত। "আপনার বেলা আঁটিসাঁটি পরের বেলা দাঁত কপাটি"—প্রবচন। ৫। সুযোগ ; অবসর ; কাল ; ক্ষণ। প্র—"এই বেলা ডাক ডেকে নে মন ডাকতে সময় মিলবে না।"—ব্রহ্মসঙ্গীত। ৬। বিলম্ব। প্র—তোমার স্কুল যাইতে প্রত্যহই বেলা হয়, আর বেলা করিও না শীঘ্র আইস। অবেলা—অশুভক্ষণ ; অসময়। ২। অপরাহ্নকাল। এইবেলা—এই সুযোগ ; এখনই। কালবেলা—দিবা-ভাগের নির্দ্দিষ্ট অশুভ যামার্দ্ধ। রবিবারে দিবার পঞ্চম যামার্দ্ধ, সোমে দ্বিতীয়, মঙ্গলে ষষ্ঠ, বুধে তৃতীয়, বৃহস্পতিতে সপ্তম, শুক্রে চতুর্থ এবং শনিবারে প্রথম ও অষ্টম যামার্দ্ধকাল। কুলিকবেলা—দিবসের অশুভক্ষণবিশেষ রবিবারে দিবসের চতুর্দ্দশ মুহূর্ত্ত, সোমবারে দ্বাদশ, মঙ্গলবারে দশম, বুধবারে অষ্টম, বৃহস্পতিবারে ষষ্ঠ, শুক্রবারে চতুর্থ, শনিবারে দ্বিতীয় মুহূর্ত্ত। তার বেলা—তৎপক্ষে ; সে সম্বন্ধে। দিনের বেলা—সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কাল ; দিবসের আলো থাকিতে থাকিতে। দুপুরবেলা—দ্বিপ্রহর। বারবেলা—দিবসের অশুভ যামার্দ্ধ। রবিবারে দিবার চতুর্থ যামার্দ্ধ, সোমে সপ্তম, মঙ্গলে দ্বিতীয়, বুধে পঞ্চম, বৃহস্পতিতে অষ্টম, শুক্রে তৃতীয় এবং শনিবারে ষষ্ঠ যামার্দ্ধকে বারবেলা বলে। বেলা গেল—মধ্যাহ্নকাল উত্তীর্ণ হইয়া অপরাহ্ন হইল। ২। দিবা অবসান হইল। বেলাবেলি—[বেলা +

বেলা (অবসান না হইতে অর্থে ব্বিত্ব) + (অবস্থা অর্থে)] ক্রি-বিণ, বেলা শেষ হইতে ; দিন ফুরাইতে না ফুরাইতে ; বেলা থাকিতে থাকিতে ; সময় থাকিতে। প্র—"বেলাবেলি আয়োজন করহ ইহার"—অ, ম বেলাবোধন—বিণ, যে সময় জ্ঞাপন করায় সময় নিরূপক। বেলা হওয়া—পূর্ব্বাহ্নকাল অধিক অগ্রসর হইয়া মধ্যাহ্নের নিকটবর্ত্তী হওয়া। ২। বিলম্ব হওয়া। ভোরবেলা—প্রত্যূষ ; উষাকাল। রাত্রিবেলা, রাতের বেলা—সূর্য্যাস্ত হইতে সূর্য্যোদয় পর্য্যন্ত কাল। সকালবেলা—প্রভাত সময়। সন্ধ্যাবেলা—দিবস ও রাত্রির সন্ধিকাল যখন দিনও বলা যায় না রাত্রিও বলা যায় না। সারাবেলা—সমস্ত সময়। ২। সমস্ত দিন।

বেলা [সং] বি, সমুদ্রতট ; সাগরতীর। ২। সীমা। ৩। সমুদ্রের জোয়ার। বেলাকূল—তাম্রলিপ্তি ; তমলুকদেশ।

বেলা [সং—মল্লিকা হইতে মল্লি—বল্লি—বেল্লি (তুল—সং—বল্লী = লতা)—বেলি, বেলী] বি, মল্লিকাজাতীয় ফুলবিশেষ ; বেলার গন্ধ মল্লিকা অপেক্ষা তীব্রতর, বোঁটা স্থূলতর এবং পুষ্পদল অধিক পুরু।

বেলি [বেলা শব্দের প্রাকৃতরূপ] বি, সময় ; কাল। প্র—"বেলি অসকালে দেখিনু ভালে পথেতে যাইতে সে।"—চণ্ডীদাস। "গোধূলি সময় বেলি।"—বিদ্যাপতি। "বেলি অবসান হৈল চল যাই ঘরে।"—বলরাম। ২। [হি + বেলী। বাং—পদ্যে। বগুড়া অঞ্চলে কথ্য বাং-য়] পুষ্পবিশেষ ; jasmine.

বেলি, বেলী—বি, কানা উঁচা থালাবিশেষ।

বেলিফ (ফ্) [ইং—bailiff] বি, রাজদ্বারে অপরাধীকে ধৃতকারী এবং জরিমানার টাকা আদায়কারী পেয়াদা। ২। ভূসম্পত্তির তত্ত্বাবধায়ক ; নাজির।

বেলুন (ন্) [ইং—balloon] বি, ব্যোমযান ; বিমান। প্র—"বায়ুভরা বেলুনের কথারি উন্নতি"—কস্তুরী। ২। ফানস।

বেলেল্লা [ফা—বে + আ—লিল্লাহ্ (ঈশ্বর, ধর্ম্ম) ঈশ্বর বা ধর্ম্মহীন (তুল—ইং—godless) ইহা হইতে পরে সং—ব্যলীক অর্থে অর্ব্বাচীন সংস্কৃতে "বেলহল" শব্দের সৃষ্টি হয়, এই শেষার্থে বাং-য়—বেলেল্লা শব্দের ব্যবহার] বিণ, ধর্ম্ম, সমাজ ও নীতিহীন ; চরিত্রহীন ; লম্পট। ২। শিষ্টসমাজ বহির্ভূত ; বখাটে। বেলেল্লাগিরি, বেলেল্লাপনা—বেলেল্লার মত ব্যবহার ; লাম্পট্য।

বেলে ['বালিয়া' সংক্ষেপে] বিণ, বালিপূর্ণ ; বালুকাময়। ২। যাহা আঁটাল নয়। বেলে মাটি—বালুকাবহুল মৃত্তিকা ; যে মাটি আঁটাল নয়। বেলেপাথর—অকঠিন প্রস্তর ; মাটিয়া প্রস্তর। বেলেমাছ—বালি খায় ও বালিমাটিতে থাকে কোমলাঙ্গ মৎস্য। বেলে গুড়গুড়ে মাছ—বেলে মাছের আকৃতি অতি ক্ষুদ্রজাতীয় মৎস্যবিশেষ।

বেলেখেলা (খ্যালা) [সং—বালের (মৃদু ; বালহিত) খেলা] বি, অলীক খেলা ; মিছা বা নামমাত্র খেলা [দ্রঃ—"চোর চোর" খেলায় অপেক্ষাকৃত ছোট বা দৌড়িতে অক্ষম শিশুকে লইয়া অধিকবয়স্কগণ বেলে খেলা করে অর্থাৎ চোর ছুঁইয়া ফেলিলেও তাহাকে চোর করা হয় না এবং অসমর্থ বুঝিয়া তাহাকে অব্যাহতি দেওয়া হয়]।

বেলেস্তারা (র্) [ইং—blister] বি, ফোস্কা করিবার প্রলেপ।

বেলোয়ারি, বেলোয়ারী [ফা—বিল্লৌর (স্ফটিক crystal) + ই, ঈ (তন্নির্ম্মিতার্থে)] বিণ, উৎকৃষ্ট স্বচ্ছ কাচনির্ম্মিত দ্রব্য ; স্ফাটিক। "দুই হাতে চারিগাছি চুড়ি বেলোয়ারি"—অশোকগুচ্ছ।

বেল্কামি, বেল্কমি, বেল্কুমি—বেল্লিক দ্রঃ।

বেল্যা [প্রা-বাং—বেলা দ্রঃ] বি, বেলফুল। প্র—"বেল্যা গোঁওছি ভোচা আকড়া নিআলি। জাহাত হইব তুষ্ট সে রূপর মুরুলী॥"—শূ-পু।

বেল্লন (ন্) [বেল্ল (চঞ্চল হওয়া) + অন (ট্—ভাবে)] বি, ক্লী, লুণ্ঠন ; গড়াগড়ি ; চলন ; গমন ; দোলন ; সঞ্চালন। ২। রুটি প্রভৃতি নির্ম্মাণার্থ গোলাকার কাষ্ঠবিশেষ ; বেলন্। স্ত্রী, বেল্লনী—মালাদূর্ব্বা। বিণ, বেল্লিত।

বেল্লিক (ক্) [সং—ব্যলীক (বিড়্গ, কামুক) শব্দজ] বিণ, লম্পট ; কেলি নাগর। ২। নির্লজ্জ ; বেহায়া ; শিষ্টসমাজ বর্জ্জিত কর্ম্ম বা অন্যের লজ্জাজনক কর্ম্ম করিতে যাহার লজ্জা নাই। প্র—"ঠেকেছে বিষম দায় বেহায়া বেল্লিক সেই বাতাসের সনে।"—কুসুম। ৩। বিট ; বিদূষক। বেল্লিকপনা—বেল্লিকের ব্যবহার ; এই অর্থে "বেলকাম" "বেলকামি" ও "বেলকুমি" শব্দের গ্রা ব্যবহার আছে।

বেশ (বেশ্) [বিশ (প্রবেশ করা) + অ (ঘঞ্ অধি)—শরীর যাহাতে প্রবেশ করে] পুং, সজ্জা ; বস্ত্র অলঙ্কারাদি ভূষা ; সাজসজ্জা। প্র—"রাঙ্গা ধূলি মাখিয়া অঙ্গের করে বেশ।"—কবিকঙ্কণ। ২। বেশ্যাপল্লী ; গণিকালয়। ৩। বেশ্ম ; গৃহ। ৪। [ভাবে—ঘঞ্] প্রবেশ। বিণ, বেশক—প্রবেশক। বেশধারী বিণ, যে বেশ ধারণ করে ; সাজসজ্জা ধারণকারী। ২। কপটী। ৩। বি, পুং, ভেকধারী ; ভণ্ডতপস্বী।

বসন ভূষণ। বেশবিন্যাস—সাজসজ্জা।

বেশ (বেশ্) [ফা—বেষ্] বিণ, ক্রি-বিণ, উত্তম ; ভাল ; খুব। ২। অধিক ; বেশী। বেশ করা—অন্যের ভয় না রাখিয়া নিজের ইচ্ছামত কার্য্য করা। ইহার ব্যবহার প্রায়ই উত্তম ও প্রথম পুরুষে। প্র—বেশ করেছি বা করবো ; বেশ করেছে বা করবে। কমবেশ—অল্পবিস্তর ; অল্পাধিক।

বেশবার, বেষবার, বেসবার (বেশ্‌বার্) [সং। বেশর দ্রঃ] বি, বাটনা।

বেশর, বেশর (বেশর্) [বেশবার (দ্রঃ) শব্দজ। ওড়ি—বেসর ; প্রা-বাং—বেসর] বি, বাটনা ; মশলা।

বেশর (ব্যা, র্) [বেশ—রা (দানে) + অ (কর্ত্তৃ—ড) হি, বেসর ; ওড়ি, বশনী] বি, স্ত্রীলোকের নাসিকার অলঙ্কারবিশেষ। প্র—"নাসায় বেশর পরে করিয়া লাবণ্য"—ঘনরাম।

বেশাত (ত্) [আ—বেজ়াত্ (মূলধন ; মালপত্র)] বি, দ্রব্য ; যথা সর্ব্বস্ব ; সম্পত্তি ; ইং—stock ; capital. প্র—"হে অন্ধ পাশাতে যত লইবে বেশাত"—মহা-কাশী।

বেশাতি—বেসাতি দ্রঃ।

বেশী (বেশী) [বেশ (সজ্জা) + ইন্ (অস্ত্যর্থে)] বিণ, বেশধারী ; বাঙ্গালায় স্ত্রীলিঙ্গে বেশিনী র ব্যবহার আছে। প্র—কুঞ্চিকেশিনী, নিরুপমবেশিনী."—গোবিন্দদাস।

বেশী (বেশি) [ফা—বেষ্ (অধিক)] বিণ, অধিক ; অতিরিক্ত ; খুব। ২। বি, আধিক্য। কমি বেশী—অল্পাধিক্যতা।

বেশ্ম (বেশ্‌শ) [সং—বেশ্মন্] বি, নিকেতন ; গৃহ।

বেশ্যা (বেশ্‌শ্যা) ["বৈদিক যুগে পতিতা রমণী ছিল, * * পতিতারা বিশ্ বা আর্য্য শ্রেণীর লোক সাধারণের ভোগ্যা ছিল বলিয়া তাহাদের নাম হইয়াছিল "বিশ্যা"। শব্দটির ব্যুৎপত্তির কথা বিস্মৃত হওয়াতে সংস্কৃত ভাষায় বৈদিক শব্দের ই-কার স্থানে এ-কার হইয়া গিয়াছিল। বিশ্যার অন্য নাম ছিল "রামা" এবং নগ্না "(নগ্না দ্রঃ)"—বিজয় মজুমদার। প্রবাসী—১৩২০] বি, স্ত্রী, বারাঙ্গনা ; গণিকা। বেশ্যাবৃত্তি—বারবনিতার ব্যবসায় বা জীবনোপায়। অসমীয়া—বেশ্যালি। বেশ্যালয়—গণিকালয়।

বেষ্ট (বেষ্‌ট) [বেষ্ট (বেষ্টন করা) + অ (ঘঞ্)] বি, পুং, পরিধি। ২। বেষ্টনী ; বেড়া। ৩। বৃক্ষবিশেষের নির্য্যাস ; টার্পিন। বিণ, বেষ্টক—যে বেষ্টন করে।

বেষ্টন (বেশ্‌টন্‌) [বেষ্ট (দ্রঃ)+অন (ট্‌ করণে] বি, ক্লী, শিরোবেষ্টনী ; উষ্ণীষ। প্র—"ডরে ফেলাইল তবে বেষ্টন মাথার"—চৈ-ভা। ২। [ভাবে—অন] প্রদক্ষিণ। ৩। বেড়া ; প্রাচীর ; দেওয়াল। ৪। বেড়।

বেসন (শন্‌) [হি—গ্রা—ব্যাশোম্‌] ডাইল চূর্ণ ; বেসম।

বেসর (শর্‌) বি, বেশর দ্রঃ।

বেসাত (শাত্‌) [আ—বিসাৎ] বি, মালপত্র ; goods; wares. ২। [হি—বিসাত্‌] বি, মূলধন। ৩। সম্পত্তি।

বেসাতি (বেশাতি) [আ—বেজাত্‌ (পণ্য, দ্রব্যজাত) : হি—বিসাতি—পসারী] বি, পসারী ; দোকানী ; খুচরা জিনিস বিক্রেতা ; বেণে। ২। খরিদ ; দোকানের খরিদ পত্র। প্র—"বাজার বেসাতি করি মালিনী আনিল।"—অ, ম। ৩। বিণ, পণ্যের মূল্য সম্বন্ধীয়। প্র—"বেসাতি কড়ীর লেখা বুঝরে বাছনি"—অ, ম।

বেসার (বেশার্‌) [বেসবার দ্রঃ] বি, পিষ্ট মসলা। প্র—"বেসার পিঠালি ধন কাঠি।"—কবিক। ২। তার ; আস্বাদন। প্র—"নীরস করিয়া দিল সরস বেসার॥"—ঘনরাম।

বেসারি (শা) [বেসালি দ্রঃ। ল=র] বি, মৃৎপাত্রবিশেষ ; দুধের কেঁড়ে ; মাটির সরা। প্র—"ঈষদুষ্ণ সুপ দিল বেসারির পরে।"—শিবায়ন।

বেসালি (শা) [তুল—বাসন : ইং—bas vessel, পর্ত্ত—Vasilha] বি, দুগ্ধ দোহন ও আবর্ত্তনাদি কার্য্যোপযোগী মৃৎপাত্রবিশেষ। প্র—"চুলাতে রাখি বেসালি।"—চণ্ডীদাস।

বেসেড়া (শে) [বাসিটিয়া—বাষ্টিয়া—বাষ্টে—বাসড়ে—বেসেড়া] বিণ, পর্য্যুষিত ; বাসি। ২। [বাসাড়িয়া হইতে] বাসাড়ে ; অস্থায়ী বাসিন্দা।

বেসো (শো) [বাস (গন্ধ)+উআ= বাসুয়া—সংক্ষেপে বেসো] বিণ, বাসযুক্ত। তুল—গন্ধ হইতে গঁদা।

বেহাই [সং—বৈবাহিক সংক্ষেপ "বেই"] বি, কন্যা বা পুত্রের শ্বশুর ; বেয়াই দ্রঃ। প্র—"কথাবার্ত্তা কহ গিয়া বেহাই সহিত"—মনসার ভাসান। স্ত্রী, বেহাইন, বেহান।

বেহাগ (গ্‌) [হি—বেহাগ, বিহাগ] বি, সঙ্গীতের মিশ্র রাগবিশেষ। বেহাগড়া—বেহাগের ন্যায় মিশ্র রাগবিশেষ।

বেহান (ন্‌) [বেহাই (দ্রঃ) স্ত্রী, বেহাইন—বেহান। ম-বাং-র বেহানী, বেহায়ীও আছে (প্রবোধচন্দ্রিকা)] বি, স্ত্রী, পুত্র কন্যার শাশুড়ী ; বিয়ান।

বেহায়া [বে দ্রঃ] বিণ, নির্লজ্জ ; বেসরম। স্ত্রী, বেহায়ী। বেহায়াপনা—নির্লজ্জতা।

বেহার (র্‌) [সং—বিহার] বি, পুং, স্বনাম-প্রসিদ্ধ দেশ ; প্রাচীন মগধ। ২। বিশ্রাম স্থান। প্র—"কনক মণ্ডপ পরভুর কনক বেহার।"—শূ-পু।

বেহারা [বেয়ারা দ্রঃ। সং—বাহক হইতে] বি, পুং, যানবাহক ; পাল্কীবাহক ; কাহার।

বেহালা [পর্ত্তু—viola. গ্রা—ব্যায়লা] বি, প্রসিদ্ধ তন্তযন্ত্রবিশেষ ; ইহা চারিতন্ত্রযুক্ত। এই তন্ত্রের উপর অশ্বাদির কেশ নির্ম্মিত ছড়ী বা দণ্ড পরিচালিত করিয়া বাজাইতে হয়।

বেহুদা [ফা—বে-হুদা] ক্রি-বিণ, অনর্থক ; ব্যর্থ ; নির্বোধের মত ; বাজে। প্র—"অমনি হুমড়ি খেয়ে পড়ে বেহুদা বকতেন।"—টেকচাঁদ।

বেহুলা—বি, স্ত্রী, চাঁদ সদাগরের সাধ্বী পত্রবধূ।

বৈ (বোই) [বই দ্রঃ] অ, পাদপূরক শব্দ। ২। ভিন্ন ; বিনা ; ব্যতীত ; ছাড়া। প্র—"একান্ত জানিনা ধর্ম্ম এক ব্রহ্ম বৈ।"—ঘনরাম। "তোমা বৈ আর জানি নে।"—নিধুবাবু।

বৈ [সং—বহ্‌ (বহনে) ধাতুজ। উ-পু—বহি—সংক্ষেপে বৈ] ক্রি, বহন করি। প্র—"তবে যবে যাবে রায় থোব বৈ করে।"—ঘনরাম।

বৈঁচি [সং—বিকঙ্কত] বি, বৌঁচ নামক কণ্টকী বৃক্ষের ফলবিশেষ।

বৈঁতিক (ক্‌) [সং—বহিত্র নৌকা হইতে ?] বি, বৃহৎ জাল যাহা জেলেরা নৌকা হইতে নদীতে ফেলিয়া মাছ ধরে ; বিনজাল। প্র—"আষাঢ় শ্রাবণ মাসে মাজিরা বৈঁতিক জাল ফেলিয়া ইলিস মাছ ধরে।"—টেকচাঁদ।

বৈকর্ত্তন (ন্‌) [বিকর্ত্তন (সূর্য্য)+অ (ণ্‌—অপত্যার্থে)] বি, পুং, সূর্য্যপুত্র ; শনি। ২। অঙ্গাধিপ কর্ণ। প্র—"কর্ণ আজি কর্ণ, কর্ণ অঙ্গ অধিপতি ? এই চলিলাম মাতঃ! * * * ছুটিলেন বৈকর্ত্তন।"—নবীন সেন। ৩। বিণ, সৌর। ৪। সূর্য্যবংশীয়।

বৈকল্পিক (বৈকোল্‌পিক্‌) [বিকল্প+ইক] বিণ, যাহা বিকল্পে হয়। ২। সন্দেহযোগ্য।

বৈকল্য (বৈকোল্ল) [বিকল+য (ণ্‌—ভাবে)] বি, ক্লী, বিকলতা ; অঙ্গহীনতা ; ন্যূনতা। ২। ব্যাকুলভাব।

বৈকাল (ল্‌) [বি (বিগত) কাল+অ (ণ্‌—স্বার্থে)] বি, পুং, অপরাহ্ণ ; অবসান বেলা। বিণ, বৈকালি, লী—বিকাল সম্বন্ধীয়। ২। বৈকালের লঘু আহার্য্য ; tiffin.

বৈকি [বৈ (ব্যতীত) কি (সন্দেহ কি ? অর্থাৎ সন্দেহ নাই—নিশ্চয়ার্থে)] অ, নিশ্চয় ; তাহাতে সন্দেহ নাই। প্র—"তখন জীবন সংগ্রাম ছিল বৈকি।"—সনাতনী। তা বৈ কি—[প্রশ্নে] সন্দেহার্থক অব্যয় : তাহা নহে এই অর্থে। প্র—ইস্‌ তা বৈ কি ? ২। [নিশ্চয়ে] তাইত ; তা'ত বটেই। প্র—তা বৈ কি, আমিও ত তাই বলি।

বৈকুণ্ঠ (বৈকুন্‌ঠ) ["আমি কুণ্ঠিত না হইয়া জলের সহিত পৃথিবীর, বায়ুর সহিত আকাশের এবং তেজের সহিত বায়ুর মিলন করিয়াছি বলিয়া পাণ্ডবেরা আমাকে বৈকুণ্ঠ বলিয়া নির্দ্দেশ করেন।"—মহা (সিংহ)] বি, পুং, বিষ্ণু। ৩। ক্লী, বিষ্ণুর পুরী। ৪। স্বর্গ। বৈকুণ্ঠপতি—বিষ্ণু ; নারায়ণ। বৈকুণ্ঠবাসী—গোলোকবাসী ; বৈকুণ্ঠ বা বিষ্ণুলোকে বাসকারী ; স্বর্গবাসী। স্ত্রী, বৈকুণ্ঠবাসিনী।

বৈক্লব্য (বৈক্লোব্‌ব) [বিক্লব (দ্রঃ)+য (ষ্যঞ্‌—ভাবে)] বি, ক্লী, কাতর্য্য ; চিত্তচাঞ্চল্য ; বিহ্বলতা।

বৈগুণ্য (বৈগুন্‌ন) [বিগুণ+য (ণ্‌—ভাবে)] বি, ক্লী, গুণবৈপরীত্য ; গুণবিসম্বাদ। ২। বৈকল্য। ৩। দোষ।

বৈচক্ষণ্য (বৈচোক্‌খোন্‌ন) [বিচক্ষণ+য (ষ্যঞ্‌—ভাবে)] বি, ক্লী, নৈপুণ্য ; দক্ষতা।

বৈচিত্র্য (বৈচিৎত্র) [বিচিত্র+য (ষ্যঞ্‌—ভাবে)] বি, ক্লী, বিচিত্রের ভাব। ২। চমৎকারিত্ব। ৩। সৌন্দর্য্য।

বৈটা [বৈইটা—বটিয়া। হি—বৈঠা। সং—বহিত্র শব্দের অপভ্রংশ। গ্রা—ব'টে] বি, নৌকাদণ্ড ; দাঁড়।

বৈজয়ন্ত [সং] বি, ইন্দ্রপুরী।

বৈজয়ন্তিক (ক্‌) [বৈজয়ন্ত+ইক] বিণ, পতাকাধারী। স্ত্রী, বৈজয়ন্তিকা—অগ্নিমন্থ। ২। জয়ন্তীবৃক্ষ। ৩। পতাকা।

বৈজয়ন্তী [বৈজয়ন্ত (দ্রঃ) শব্দের স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী, পতাকা। ২। আরোহণী ; অধিরোহণী ; সিঁড়ী। ৩। কণ্ঠ হইতে জানু পর্য্যন্ত লম্বিত পঞ্চবর্ণময়ী মালা। বিজয় বৈজয়ন্তী—জয়পতাকা।

বৈজয়িক (বৈজোইক্‌) [বিজয়+ইক (ণ্‌)] বিণ, বিজয়সূচক ; জয়সংক্রান্ত। স্ত্রী, বৈজয়িকী—বিজয়প্রদা ; বিজয়সম্বন্ধীয়া। বৈজয়িকী বিদ্যা—যে বিদ্যা দ্বারা বিজয়লাভ হয় ; কলাবিদ্যাবিশেষ।

বৈজাত্য (বৈজাৎত) [বিজাত+য (ণ্‌—ভাবে] বি, ক্লী, বিজাতীয়ের ভাব। ২। বৈলক্ষণ্য। ৩। স্বভাবের বৈপরীত্য।

বৈজ্ঞানিক (বৈগ্‌গ্যানিক্) [বিজ্ঞান+ইক (ণ্—ইদমর্থে] বিণ. বিজ্ঞানসম্বন্ধীয়। ২। বিশেষজ্ঞ ; দক্ষ : নিপুণ ; কৃতী ; কুশল।

বৈজ্ঞানিকী [বৈজ্ঞানিক (দ্রঃ)—ঈ (বিষয় কার্য্যে)] বি. বৈজ্ঞানিকের কীর্ত্তি। ২। বিজ্ঞান-বিষয়ক প্রবন্ধাবলী ; বৈজ্ঞানিক বিষয় সংগ্রহ।

বৈঠক (ক্) [সং—বাট্যালক (বেষ্টিত স্থলভাগ) বি. বেষ্টিত স্থান : সভাগৃহ। ২। হুঁকা রাখিবার আধার। ৩। উপবেশন। ৪। সভাধিবেশন। ৫। মজলিস। **বৈঠকখানা**—সভাগৃহ ; বসিবার ঘর। মজলিস ঘর।

বৈঠকি, বৈঠকী [বৈঠক দ্রঃ] বিণ. বৈঠক করিবার, মজলিস করিবার বা বসিবার যোগ্য। **বৈঠকি ঘর**—বসিবার ঘর ; বৈঠকখানা। প্র—"সুবর্ণেতে বান্ধা যার বৈঠকির ঘর।"—কবিক। **বৈঠকী গান**—মজলিসী গান।

বৈঠা [হি—বৈঠ্‌না ধাতুজ। বৈস দ্রঃ। ব্রজ। উ-পু—বৈঠি। ম-পু—বৈঠ। প্র-পু—বৈঠে। ণিজন্ত—বৈঠান] ক্রি. বসা ; উপবেশন করা। **বৈঠত**—বসে। প্র—"ধরণী ধরিয়া ধনী কত বেরি বৈঠত"—বিদ্যাপতি। **বৈঠনু**—বসিলাম। প্র—"উর মোড়ি বৈঠনু হরি করি পীঠ"—বি. প। **বৈঠলি**—বসিল। প্র—"বৈঠলি শয়ন সমীপে সুবদনী"—বি. প। **বৈঠবি**—বসিবে। প্র—"পহিলহি বৈঠবি"—বি. প। **বৈঠায়ব**—বসাইব। প্র—"কত দিনে করে ধরি বৈঠায়ব কোর"—বি. প। **বৈঠায়ল**—বসাইল। প্র—"পালটি বৈঠায়ল কনক কটোরা"—বি. প। **বৈঠে**—বসে ; বাস করে।

বৈড়ালব্রত (বৈড়াল্‌ব্রোতো) [বিড়াল তপস্বী দ্রঃ] বি. ভণ্ডামি। বিণ. **বৈড়ালব্রতিক, বৈড়ালব্রতী**—ভণ্ডতপস্বী।

বৈণ (ন) [বেণু (বাঁশ)+অ (ণ্) (জীবিকার্থে) উ-লোপ] বিণ. বেণু ব্যবসায়ী : বেণুজীবী ; ডোম। বিণ. **বৈণব**—বংশ সংক্রান্ত। ২। বংশনির্ম্মিত। ৩। বংশজীবী : ডোম। স্ত্রী. **বৈণবী**—বংশলোচন।

বৈণিক (বৈণিক্) [বীণা+ইক (ণ্ বাদনার্থে)] বিণ. বীণাবাদক ; যে বীণা বাদন করে। ২। বীণা সম্বন্ধীয়। প্র—"বৈণিক পুস্তক শুস্ত, মণ্ডিত মায়ের হস্ত, অঞ্জনে রঞ্জিত সুলোচনা"।—ঘনরাম। ৩। নারদ।

বৈতংসিক (বৈতোংসিক্) [বীতংস (জাল) +ইক (ণ্)] বিণ. যাহারা জালে পশুপক্ষী ধরিয়া তাহার মাংস বিক্রয় করে। ২। জালিক।

বৈতনিক (ক্) [বেতন+] বেতনভোগী। ২। বেতন সাধ্য। ৩। বি. মাহিনার চাকর।

বৈতরণী [বি (বিষম, বা বিপরীত) তরণ (পারে গমন যেখানে] বি. স্ত্রী. প্রেতপুরী বেষ্টন করিয়া অবস্থিতা নদী। প্র—"নদী বৈতরণী নাম দুর্গন্ধা রুধিরবহা। উষ্ণতোয়া মহাবেগা অস্থিকেশ তরঙ্গিণী॥"—রামা। ২। উৎকলের নদীবিশেষ। যাজপুর ইহার তীরে অবস্থিত। প্র—"দশ অশ্বমেধ করি বৈতরণী জল তরি বন কাটি আসি প্রবেশিল"—অ, ম।

বৈতান (ন্) [বিতান (যজ্ঞ)+অ (ণ্)] বি. ক্লী. বিণ. যজ্ঞীয়। ২। বি. যজ্ঞাগ্নি। ৩। হোম। ৪। হোমের নৈবেদ্য। বিণ. **বৈতানিক**।

বৈতাল, বৈতালিক (ল, ক্) [বি (বিবিধ)—তাল (মঙ্গলগীত বাদ্য সম্বন্ধীয় লয়)+অ (ণ্), ইক (ণ্)] বি. পুং. স্তুতি পাঠক, যাহারা প্রভাতকালে মঙ্গলগান গাহিয়া বা স্তুতি পাঠ করিয়া রাজা ও রাণীদিগের নিদ্রা ভঙ্গ করে। প্র—"—কোন্ রাণী, কহ, শশিমুখি হেন চিত্তবিনোদন বৈতালিক গীতে খোলে আঁখি ?"—মেঘনাদ। ২। বেতাল সম্বন্ধীয়।

বৈদগ্ধ, বৈদগ্ধ্য [বিদগ্ধ (পণ্ডিত)+অ (ণ্), য (ণ্) ভাবে] বি. ক্লী. পাণ্ডিত্য ; রসিকতা : স্ত্রী. **বৈদগ্ধী**—রসিকতা ; পাণ্ডিত্য। প্র—"সর্ব্ব লীলা লাবণ্য বৈদগ্ধী করি সঙ্গে"—চৈতন্যভাগবত। পদ্যে—**বৈদগধি, বৈদগধী**—রসিকতা। প্র—"ক্ষণে ক্ষণে বৈদগধি কলা অনুপাম"—বি. প। ২। কৌশল : চাতুরী। প্র—"তুমি রতি কলানিধি জান নানা বৈদগধী, কুতূহলে তরাসে চঞ্চলা।"—কবিক। **বৈদগ্ধকলা**—রসিকতাসূচক হাবভাব। **বৈদগ্ধবিলাস**—চাতুর্য্যবিলম ; লীলাচাতুর্য্য। প্র—"এ তোমার বৈদগধ বিলাস"—চৈতন্যচরিত।

বৈদর্ভ [বিদর্ভ (দেশবিশেষ)+অ (ণ্) বিণ. বিদর্ভ সম্বন্ধীয়। ২। বিদর্ভ দেশোৎপন্ন। ৩। বি. বিদর্ভরাজ। ৪। বাক্‌চাতুর্য্য। ৫। দন্তশূল। স্ত্রী. **বৈদর্ভী**—দময়ন্তী। **বৈদর্ভী রীতি**—রচনা-রীতিবিশেষ ; পদমাধুর্য্য বিশিষ্ট অল্প সমাস বা সমাসহীন রচনা প্রণালী।

বৈদান্তিক (ক্) [বেদান্ত+ইক (ণ্, অধীতার্থে)] বিণ. বেদান্তদর্শন সংক্রান্ত, বেদান্তের বিষয়ীভূত। ২। বি. বেদান্তদর্শনাভিজ্ঞ পণ্ডিত।

বৈদিক (ক্) [বেদ+ইক (ণ্, অধীতার্থে)] বিণ. বেদাধ্যায়ী। ২। বেদনির্দ্দিষ্ট ; বেদ-

বৈদূর্য্য (বৈদূর্জ) [বিদূর (পর্ব্বতবিশেষ)+য (ণ্, জাতার্থে)] বি. ক্লী. মণিবিশেষ ; নীলকান্তমণি। ইহা কেতুগ্রহের প্রীতিজনক বলিয়া সংস্কৃতে ইহার এক নাম "কেতুগ্রহবল্লভ"।

বৈদেশিক, বৈদেশী (ক্) [বিদেশ+ইক ; ইন্, ১মা, ১ব] বিণ. অন্যদেশীয় : ভিন্ন দেশবাসী। ২। বিদেশজাত। ৩। বিদেশ হইতে আগত। ৪। বিদেশ সম্বন্ধীয়।

বৈদেহ [বিদেহ (মিথিলা)+অণ্] বি. মিথিলার রাজা জনক। ২। বিদেহবাসী। ৩। বণিক। স্ত্রী. **বৈদেহী**—জানকী। বিণ. **বৈদেহক**—বিবিধ বাণিজ্যদ্রব্য সংগ্রহকারী। ২। শূদ্রপিতৃক ও বৈশ্যামাতৃক জাতি।

বৈদ্য (বৈদ্দ) [প্রা—বদ্দী। বেদ (আয়ুর্ব্বেদ) +অ (ণ্—কুশলার্থে)] বি. পুং. আয়ুর্ব্বেদোক্ত চিকিৎসা ব্যবসায়ী ; ভিষক্। ২। ব্রাহ্মণপিতৃক বৈশ্যামাতৃক (অম্বষ্ঠ) জাতির বৃত্তিগত উপাধি : বৈদ্যজাতি। ৩। বিদ্বান : পণ্ডিত। ৪। বিণ. বেদ সম্বন্ধীয়। স্ত্রী. **বৈদ্যা**।

বৈদ্যক (বৈদ্দক্) [বৈদ্য+ক (স্বার্থে)] বি. ক্লী. চিকিৎসক। ২। আয়ুর্ব্বেদীয় চিকিৎসাশাস্ত্র ; আয়ুর্ব্বেদ। ৩। বৈদ্যসম্বন্ধীয়।

বৈদ্যনাথ (বৈদ্দনাথ্) [প্রা—বদ্দিনাথ] বি. পুং. চিকিৎসকচূড়ামণি। ২। শিব। ৩। বেহারের অন্তর্গত বিখ্যাত হিন্দুতীর্থ।

বৈদ্যুত, বৈদ্যুতিক (বৈদ্দুত্, ক্) [বিদ্যুৎ +অ (ণ্—ইক)] বিণ. তড়িন্ময়।

বৈধ [বিধি+অ (ণ্—অবহির্ভূত অর্থে)] বিণ. বিধিবিহিত ; উচিত ; ন্যায়। বি. **বৈধতা**।

বৈধব্য (বৈধোব্‌ব) [বিধবা (দ্রঃ)+য (ণ্—ভাবে)] বি. ক্লী. বিধবাবস্থা।

বৈধর্ম্ম্য (বৈধোর্ম্ম) [বিধর্ম্ম+য (ণ্—ভাবে)] বি. ক্লী. বিরুদ্ধ ধর্ম্মের ভাব। ২। নাস্তিকতা।

বৈধৃতি [বি—ধৃতি, বিগত হইয়াছে ধৃতি যাহার—বহু] বি. পুং. ফলিত জ্যোতিষের যোগবিশেষ।

বৈধেয় [বিধি+এয় (ণ্)] বিণ. বিধিসম্বন্ধীয়।

বৈনতেয় [বিনতা+এয় (ণ্—অপত্যার্থে)] বি. পুং. বিনতার পুত্র ; অরুণ। ২। গরুড়।

বৈনায়ক (ক্) [বিনায়ক (গণেশ)+অ (ণ্—সম্বন্ধার্থে)] বিণ. বিনায়ক সম্বন্ধীয়।

বৈনায়িকীবিদ্যা (বিদ্দা) বি. চতুঃষষ্টিকলা বিদ্যার অন্তর্গত বিদ্যাবিশেষ ; বিবিধ শাস্ত্রজ্ঞান।

বৈনাশিক (ক্) [বিনাশ+ইক (ণ্)] বিণ, বিনাশ সম্বন্ধীয়। ২। বিধ্বংসী; ক্ষণভঙ্গুর। ৩। নাড়ীনক্ষত্রবিশেষ।

বৈপরীত্য (বৈপোরিৎত) [বিপরীত+য (ণ্—ভাবে)] বি, স্ত্রী, বিপরীত ভাব; বিপর্য্যয়; বৈলক্ষণ্য।

বৈপিত্র (বৈপিৎত্র) [বিপিতৃ+অ (ণ্—অপত্যার্থে)] বি, পুং, এক মাতার গর্ভজাত ভিন্ন পিতার ঔরসজাত সন্তান। প্র—"বৈপিত্র দুভাই তাহে জন্মিল তোমার। একটী বিচিত্রবীর্য্য চিত্রাঙ্গদ আর।"—অ, ম। তুল—বৈমাত্র।

বৈবর্ণ্য (বৈবর্ন) [বিবর্ণ+য (ণ্—ভাবে)] বি, স্ত্রী, বর্ণবিকৃতি; বিবর্ণতা। ২। মালিন্য।

বৈবস্বত (বৈবশ্‌শত) [বিবস্বৎ (সূর্য্য)+অ (ণ্—অপত্যার্থে)] বি, পুং, সপ্তম মনু। ২। রুদ্রবিশেষ। ৩। সূর্য্যপুত্র যম। (২) শনি। (৩) কর্ণ। স্ত্রী, বৈবস্বতী—দক্ষিণদিক।

বৈবাহিক (ক্) [বিবাহ+ইক (সম্বন্ধার্থে)] বিণ, বিবাহ সম্বন্ধে সম্বন্ধিত; বিবাহ সংক্রান্ত। ২। বিবাহের উপযোগী। ৩। বি, পুং, বেহাই; জামাতার বা পুত্রবধূর পিতা। স্ত্রী, বৈবাহিকী।

বৈভব (ব্) [বিভব (দ্রঃ)+অ (ণ্) কিম্বা বিভু+অ (ণ্—ভাবে) ই=ঐ. উ=অব্] বি, শিবত্ব; ব্রহ্মত্ব। ২। বিভূতি; শক্তি। ৩। ঐশ্বর্য্য; সমৃদ্ধি। প্র—"সর্ব্বানন্দ ভৈরব বৈভব যাহা সেবি।"—অ, ম। ৪। সম্পত্তি; ধন; রত্ন। প্র—"ক্ষীরগ্রামে ডানি পার অঙ্গুষ্ঠ বৈভব।"—অ, ম। ৫। মহিমা; গৌরব। বিষয়বৈভব [সহচর শব্দদ্বয়] বিষয়াশয়; ঐশ্বর্য্য সম্পত্তি।

বৈভাষিক (ক্) [বিভাষা+ইক (ণ্)] বিণ, বৈকল্পিক; বিকল্পসিদ্ধ।

বৈমাত্র, বৈমাত্রেয় (বৈমাৎত্র, বৈমাৎত্রেঅ) [বিমাতৃ+অ (ণ্), এয় (ণ্) অপত্যার্থে] বি, পুং, বিমাতার পুত্র। স্ত্রী, বৈমাত্রী, বৈমাত্রেয়ী—বিমাতার কন্যা।

বৈমানিক (ক্) [বিমান+ইকণ্] বিণ, বিমান সম্বন্ধীয়। ২। বিমানচারী।

বৈমুখ (খ্) [বিমুখ দ্রঃ] বিণ, বিমুখ; প্রতিকূল। স্ত্রী, বৈমুখী (অন্নদামঙ্গল)।

বৈমুখ্য (বৈমুখ্‌খ) [বিমুখ+য (ণ্—ভাবে)] বি, স্ত্রী, বিমুখতা; পরাঙ্মুখতা। ২। অপ্রসন্নতা। ৩। প্রতিকূলতা। ৪। পশ্চাদ্‌গমন; হঠিয়া আসা।

বৈয়া [বহিয়া—বয়া ধাতু, সং—বহ্ ধাতুজ। গ্রা—ব'য়ে] অস-ক্রি, অতিবাহন করিয়া; অতিবাহিত হইয়া; বহিয়া; কাটিয়া। প্র—"সেকাল গেল বৈয়া বঁধু সে কাল গেল বৈয়া।" কবিশেখর। বৈয়া গেল—ঔদাসীন্য বা অনাস্থা জ্ঞাপক অব্যয়; উপেক্ষাসূচক অব্যয়।

বৈয়া যাওয়া—অধঃপতনের স্রোতে ভাসিয়া যাওয়া; কুসংসর্গে নষ্টচরিত্র হওয়া।

বৈয়াকরণ (ন্) [ব্যাকরণ+অ (ণ্) অধীতার্থে, ঐ—আগম] বিণ, ব্যাকরণে পণ্ডিত। প্র—"আসে গুটিগুটি বৈয়াকরণ"—চয়নিকা।

বৈয়াঘ্র (বৈয়াঘ্‌ঘ্র) [ব্যাঘ্র+অ (ণ্) ঐ—আগম] বিণ, ব্যাঘ্র সম্বন্ধীয়। ২। ব্যাঘ্রচর্ম্মাবৃত। বৈয়াঘ্ররথ—ব্যাঘ্রচর্ম্মাবৃত রথ।

বৈয়াঘ্রপদ্য—গোত্রপ্রবর্ত্তক মুনিবিশেষ; ভীষ্মদেব এই গোত্রসম্ভূত ছিলেন।

বৈর [বৈরং বিরোধো বিদ্বেষঃ"—অমর] বি, বিদ্বেষ; শত্রুতা। বিণ, বৈরী। বৈর নির্য্যাতন—প্রতিশত্রুতা; দাদ তোলা।

বৈরস্য (বৈরোশ্‌শ) [বিরস+য (ণ্, ভাবে)] বি, স্ত্রী, বিরসতা। ২। অনিচ্ছা।

বৈরাগী [গ্রা—"বৈরিগি"। সং—বৈরাগিন্ শব্দ] বি, পুং, সংসারবিরক্ত নিস্পৃহ ব্যক্তি। প্র—"অন্তরে মোর বৈরাগী গায়, তাইরে নাইরে নাইরে না"—রবি। ২। খিবেকী। ৩। বৈষ্ণব।

বৈরাগ্য (বৈরাগ্‌গ) [বিরাগ+য (ণ্)] বি, স্ত্রী, সংসার বিরাগীর ধর্ম্ম। ২। বৈষ্ণব ধর্ম্ম। ৩। ঔদাস্য; সংসারবিরক্তি। ৪। বিবেক। প্র—"বিবেক বৈরাগ্য দেহ, দেহ ও পদে আশ্রয়।"—ব্রহ্মসঙ্গীত। [দ্রঃ—বৈরাগ্য ও বিবেক উভয়ই সংসারের অনিত্যতা-জ্ঞানমূলক। কিন্তু, বৈরাগ্য—বিষয়ে বিরক্তি ও সংসার ত্যাগের ভাব সূচনা করে। বিবেক—প্রকৃতি হইতে পুরুষ, জগৎ হইতে ব্রহ্ম, অসৎ হইতে সৎ ইত্যাদি পৃথক্ করণ, সম্যক্ বিচার-জনিত জ্ঞান এবং মিথ্যার প্রতি অনাসক্তির ভাববোধক]।

বৈরাট (ট্) [বিরাট+অ (ণ্)] বি, পুং, বিরাটদেশজাত। ২। বিরাটদেশনিবাসী। ৩। বিরাট সম্বন্ধীয়। ৪। বিরাট রাজ্যের রাজা। ৫। ইন্দ্রগোপ কীট।

বৈরি [হি—বড়ী হইতে। প্রা-বাং] ক্রি-বিণ, বড়; অতিশয়। প্র—"কান্দিয়া কাজির আগে কহে দুঃখ লাগে বৈরি।"—মনসামঙ্গল (বিজয় গুপ্ত)।

বৈরী [সং—বৈরিন্ শব্দ, ১মা, ১ব] বিণ, শত্রু। ২। বাজ বৈরী; বৃহদাকার শ্যেনপক্ষী। বি, বৈরিতা।

বৈরূপ্য (বৈরূপ্‌প) [বিরূপ+য (ণ্, ভাবে)] বি, স্ত্রী, বিরূপভাব; বিরূপতা; বিকৃতি।

বৈরোচন, বৈরোচনি (ন্) [বিরোচন+অ (ণ্), ই (ণ্) অপত্যার্থে] বি, পুং, বিরোচন দৈত্যপুত্র বলিরাজ।

বৈলক্ষণ্য (বৈলোক্‌খোন্‌নো) [বিলক্ষণ (ভিন্ন)+য (ণ্) ভাবে] বি, স্ত্রী, ভাবান্তর; প্রকারান্তর; বিভিন্নতা।

বৈলানজাল (ন্‌ল্) [বৈলান=বালন (কেশ সমূহ, হি—বাল=কেশ)] বি, কেশজাল; চূড়াবন্ধন বেণী। প্র—শির বেড়ল বৈলানজালে নবগুঞ্জামণি মালে'—চণ্ডীদাস।

বৈশম্পায়ন (ন্) বি, পুং, মহাভারতবক্তা ব্যাসশিষ্য মুনিবিশেষ।

বৈশাখ (খ্) [গ্রা—বে্‌শেক। বিশাখা (নক্ষত্র)+অ (ণ্) বিশাখা নক্ষত্র যোগযুক্ত কালার্থে] বি, পুং, বৎসরের প্রথমমাস। প্রাবাং-য়—বৈসাখ (শূন্যপুরাণ)। স্ত্রী, বৈশাখী—বিশাখা নক্ষত্রযুক্তা পূর্ণিমা।

বৈশাখী [গ্রা—"বোশিকী"। বৈশাখিন্ শব্দ] বিণ, বৈশাখ মাস সম্বন্ধীয়। ২। বৈশাখ জাত। প্র—"বৈশাখী ছানা (গ্রা—বোশিকী বাচ্ছা)। ৩। বৈশাখে অনুষ্ঠেয়। কাল বৈশাখী—বৈশাখ মাসের আপরাহ্নিক প্রবল ঝড়; বায়ুকোণ হইতে প্রবাহিত ঝটিকা; north wester.

বৈশিষ্ট্য (বৈশিষ্ট) [বিশিষ্ট+য (ণ্) ভাবে] বি, স্ত্রী, বিশিষ্টের ভাব; বিশেষত্ব। ২। বৈলক্ষণ্য।

বৈশেষিক (ক্) [বিশেষ+ইক (ণ্)—যে শাস্ত্রে বিশেষ নামক একটী পদার্থ নিরূপিত হইয়াছে] বিণ, কণাদ মুনি প্রণীত বৈশেষিক দর্শনবেত্তা। ২। বি, কণাদমুনিকৃত দর্শনবিশেষ। ইহাতে বিশেষ নামে একটী পদার্থ স্বীকৃত হওয়ায় এই নাম।

বৈশ্য (বৈশ্‌শ) [সং] বি, তৃতীয় বর্ণ; কৃষক, বণিক ও পশুপালক। স্ত্রী, বৈশ্যা—বৈশ্য জাতীয় স্ত্রী; বৈশ্যপত্নী।

বৈশ্রবণ (বৈস্‌স্রোবন্) [বিশ্রবস্+অ (ন্) ই=ঐ, স্=ন্] বি, পুং, বিশ্রবা মুনির পুত্র। কুবের, রাবণ, কুম্ভকর্ণ, বিভীষণ।

বৈশ্বানর (বৈশ্‌শানর্) [বিশ্বনরের জঠরে অনল রূপে বিরাজ করে বলিয়া] বি, পুং, বহ্নি; অগ্নি।

বৈষম্য (বৈশম্‌ম) [বিষম (অসমান)+য (ণ্) ভাবে] বি, স্ত্রী, বৈসাদৃশ্য; বিসদৃশতা। ২। সাম্যাভাব; বিষমত্ব; অসমতা।

বৈষয়িক (ক্) [বিষয়+ইক (ণ্) সম্বন্ধার্থে] বিণ, বিষয়কর্ম্ম সম্বন্ধীয়।

বৈষ্টম—বৈষ্ণব দ্রঃ।

বৈষ্ণব (বৈষ্ টঁব্) [গ্রা—"বৈষ্টম" "বোষ্টোম্"। বিষ্ণু+অ(ণ্, সম্বন্ধে, উপাস্য দেবতার্থে)] বিণ, যাহাদের বিষ্ণু উপাস্য দেবতা; বিষ্ণুর উপাসক; বিষ্ণুভক্ত; বিষ্ণু সম্বন্ধীয়। প্র—"বৈষ্ণব কবিগণের পদাবলী ভাঙ্গিয়া কীর্ত্তনের সৃষ্টি"—বাং-গান। ২। বি, হোমভস্ম। ৩। মহাপুরাণবিশেষ। ৪। প্রাচীনকালের মহা সংহারক অস্ত্রবিশেষ। প্র—"বৈষ্ণব অস্ত্র গাণ্ডীবেতে জোড়ে ততক্ষণ।"—মহা (শ্রীকর) "সম্বরিল বৈষ্ণব অস্ত্র বীর ধনঞ্জয়।"—ঐ। স্ত্রী, বৈষ্ণবী—[গ্রা—বৈষ্টোবি, বোষ্টুমি। বষ্টমি] বিষ্ণুশক্তি। ২। দুর্গা। ৩। [বিষ্ণুপদোদ্ভবা বলিয়া] গঙ্গা। ৪। [বিষ্ণুর বরে উদ্ভূতা বলিয়া] তুলসী। ৫। বৈষ্ণব সম্প্রদায়ভুক্তা নারী। ৬। বৈষ্ণবের পত্নী। ৭। বিণ, বিষ্ণু হইতে উদ্ভূতা। প্র—বৈষ্ণবী মায়া। বি, বৈষ্ণবতা—বিষ্ণুভক্তি; বিষ্ণু-সেবা। ২। বৈষ্ণবের ন্যায় আচরণ। প্র—"ব্রহ্মারে বলিলা বিষ্ণু বৈষ্ণবতা কর"—শিবায়ন। তাঁতী কুল ও যাওয়া বৈষ্ণব কুল ও যাওয়া—একুল ওকুল দুকুল যাওয়া; নিরাশ্রয় হওয়া।

বৈসা (বৈ্শা) [তুল—হি—বৈঠ্না। বসা (দ্রঃ)। উ-পু—বৈসি। ম-পু—বৈস, বৈসহ; বৈস্থন, বৈস্। প্র-পু—বৈসে; বৈসেন। অস-ক্রি—বৈসিতে, বৈসিয়া। ণিজন্ত—বৈসান] ক্রি, বসা; উপবেশন করা। প্র—"বৈস বৈস বলি যায়"—অ, ম। ২। বাস করা। প্র—"ত্রিভুবনে যত বৈসে"—কবিক।

বৈসন্ত (শ) [প্রা-বাং, বসা দ্রঃ] ক্রি, বসেন; থাকেন। প্র—"হেন কৃষ্ণ তোমা সঙ্গে সদায় বৈসন্ত।"—মহা (শ্রীকর নন্দী)।

বৈসাদৃশ্য (বৈশাদৃশ্শ) [বিসদৃশ+য (ণ্) ভাবে] বি, ক্লী, বিসদৃশতা; বিষমত্ব; বৈষম্য।

বৈসান (বৈ্শানো) [তুল—হি—বৈঠানা বৈসা ধাতুর ণিজন্ত রূপ। উ-পু—বৈসাই। ম-পু—বৈসাও। প্র-পু—বৈসায়। অস-ক্রি, বৈসাইতে; বৈসাইয়া] ক্রি, বসান; উপবেশন করান। প্র—'কর দুহু ধরি লহু নিয়রে বৈসায়"—বিদ্যাপতি।

বোঁচা, বোচা [ভোঁতা (দ্রঃ)—ভোঁচা—বোঁচা—ধার বা ডগা ঘষা বা মোচা] বিণ, যাহাদের মুখ থ্যাবড়া খোবড়া এবং নাকের ডগা সুস্পষ্টতাবর্জ্জিত অর্থাৎ ঘর্ষিতবৎ বা মোছা। প্র—"খাঁদা বোঁচা হৈল কার গেল নাক কাণ"। —শিবায়ন। ২। [খণ্ডিত (পূর্ণাঙ্গতায়) হইতে? তুল—ব্যঙ্গ (বিকলাঙ্গ)] বিকলাঙ্গ; ছিন্ননাসিক; ছিন্নকর্ণ। প্র—নাক কাণ কাটা বোঁচা। "মাথায় মারিতে চোট কাণ হইল বোঁচা"—ঘনরাম। ৩। নির্লজ্জ বেহায়া।

বোঁটা (বোঁটা) [সং—বোণ্ট শব্দজ] বি, বৃন্ত; ডাঁটা। প্র—"এক বোঁটায় আমরা দুই ফুল"—চন্দ্রশেখর। "শ্রীমতীর কুন্তলের বাসি ফুলের বোঁটা"—হেম বন্দ্যো। ২। কুচাগ্র; চুচুক।

বোঁদেলা [হি-বুন্দেলা] বি, বুন্দেলখণ্ডবাসী। প্র—"ভোজপুরে সোয়ার বোঁদেলা শত শত" —অ, ম।

বোকস, বোক্কস (শ্) বি, রাক্ষস। ২। ডাইন। প্র—বোকসের মন্ত্র।

বোকা [প্রাকৃ—বোক্কড়] বিণ, মূঢ়; নির্ব্বোধ। ২। বি, ছাগল; পাঁটা। প্র—"এমন পাঁটার নাম যে রেখেছে বোকা।"—ঈশ্বরগুপ্ত। ৩। [প্রাদে] বাক্‌শক্তিহীন; বোবা। বোকা-কান্ত, বোকারাম—[প্রধান অর্থে কান্ত, রাম] বিণ, নির্ব্বোধের শ্রেষ্ঠ।

বোচ্‌কা [তুর্কী—বুগচা] বি, বস্ত্রাদির মোট: গাঁটরি; বস্তা। প্র—"তখন নগরের মধ্যে বোচ্‌কা বাঁধিবার বড় ধুম পড়িয়া গেল"—বঙ্কিম (সীতারাম)। স্ত্রী, বুচ্‌কী। বোচ্‌কা-বুচ্‌কী—পোঁটলা-পুঁটলি; বড় ছোট গাঁটরি।

বোজা [বুজ দ্রঃ] ক্রি, বন্ধ করা। ২। বিণ, বন্ধ; মুদ্রিত। চোখ বোজা—চক্ষু বন্ধ করা। ২। না দেখা; দৃক্‌পাত না করা। ৩। উপেক্ষা করা। নাক বোজা—শ্লেষ্মায় নাসারন্ধ্র বন্ধ হওয়া। মুখ বোজা—কথা না কহা।

বোঝ, বোঝা (ঝ্) [হি—বোঝা (দ্রঃ)] বি, ভার; বস্তা। প্র—"বেগারী বেতন পায় তবে আনে বোঝা"—ঘনরাম।

বোঝা [বুধ্ (জ্ঞান করা, বোধ করা, ভাবা) ধাতুজ বুঝ দ্রঃ। বোধ করা অর্থে বোধা= বোঝা। উ-পু—বুঝি। ম-পু—বোঝ; বুঝুন; বোঝ্। প্র-পু—বোঝে; বোঝেন। অস-ক্রি—বুঝিতে; বুঝিয়া: বুঝে। ণিজন্ত —বোঝান] ক্রি, চিন্তা করা; ভাবা। প্র—"ও কে বোঝা গেল না"—বাং-গান।

বোঝাই [বোঝা—ই (স্থাপন)] বি, ভার-স্থাপন; অন্য দ্রব্য দ্বারা পরিপূরণ। বোঝাই করা—ভার চাপান; দ্রব্যে পরিপূর্ণ করা। প্র—"তাহার অধিক আর বোঝাই করিবার কোন দরকার নাই।"—চারিত্রপূজা।

বোঝান (নো) [বোঝা (দ্রঃ) র ণিজন্তরূপ। উ-পু—বোঝাই। ম-পু—বোঝাও; বোঝান; বোঝা। প্র-পু—বোঝায়; বোঝান। অস-ক্রি—বোঝাইতে; বোঝাইয়া; বুঝিয়ে] ক্রি, বোধ করান। ২। প্রবোধ দেওয়া। প্র—"অবুঝে বোঝাব কত।"—গান।

বোট (ট্) [ইং—boat] বি, নৌকা; পোত। আগুনবোট—ষ্টীমার; steamer. জালি-বোট—পান্‌সী; jolly boat. লংবোট, লাংবোট, ল্যাংবোট—জাহাজের পশ্চাতে লেজুড়ের মত বাঁধা থাকে যে নৌকা; long boat. লাইফবোট—জাহাজ জলমগ্ন বা বিপন্ন হইলে যে নৌকায় উঠিয়া যাত্রীরা জীবনরক্ষা করে; life boat.

বোটকা (ট্) [বোকা (ছাগ)+টিয়া (সাদৃশ্যে) বর্ণবিপর্য্যয়ে বোটকিয়া সংক্ষেপে বোটকা] বিণ, বোকা বোকা গন্ধযুক্ত।

বোটা [সং] বি, স্ত্রী, দাসী।

বোঠান (ন্)—বৌ দ্রঃ।

বোড়া [সং—বোড্র হইতে] বি, বৃহৎ চতুষ্পদ সর্পবিশেষ; বোড়াসাপ; গোনস—the boa constrictor. অন্য সর্পের ন্যায় ইহারা অণ্ড প্রসব না করিয়া বাচ্চা প্রসব করে। উলু বোড়া, পচা বোড়া—অতি বিষধর সর্প; চন্দনবোড়া—বোড়া জাতীয় চন্দনের ন্যায় পীতবর্ণ সর্প। চক্রবোড়া—চক্রচিহ্নযুক্ত দেহ বলিয়া এই নাম; চক্করে সাপ। চন্দ্রবোড়া —শ্বেত কৃষ্ণবর্ণ চন্দ্রাকৃতি চিহ্নযুক্ত বৃহদাকার বিষধর সর্প। চিতীবোড়া—চিতীও বোড়ার গুণবিশিষ্ট গৃহসর্প। ইহাদের কামড় গোক্ষুরা সাপের কামড় অপেক্ষা সাংঘাতিক। এই সাপ নিদ্রিত ব্যক্তির অঙ্গ চাটিলে চিতী চাটিবার মত ফুলিয়া উঠে, কামড়াইলে বোড়ার কামড়ের মত প্রাণান্তকর হয়। ইহা হইতে প্রবাদ—চাটিলে চিতী কামড়াইলে বোড়া।

বোড়া [বুড়া দ্রঃ। উ-পু—বুড়ি। ম-পু—বোড়; বুড়ুন্; বোড়্। প্র-পু—বোড়ে; বোড়েন; ণিজন্ত—বোড়ান (নো)] ক্রি, ডোবা।

বোড়ান (নো) [বোড়া (দ্রঃ) র ণিজন্তরূপ। উ-পু—বোড়াই। ম-পু—বোড়াও; বোড়ান; বোড়া। প্র-পু—বোড়ায়; বোড়ান। অস-ক্রি—বোড়াইতে; বোড়াইয়া; বুড়িয়ে] ক্রি, ডোবান: নিমজ্জিত করা।

বোড়ে—বি, সতরঞ্চ খেলার ঘুটি। দাবা-বোড়ে—দাবা দ্রঃ।

বোতল (বো্তোল্) [স্পে—botella] বি, গলাসরু লম্বা ও শিশি অপেক্ষা বড় কাচপাত্র-বিশেষ; bottle.

বোতাম (ম্) [ইং—button] বি, ক্ষুদ্র গ্রন্থি; পোষাক বা জামার দুই পাল্লা একত্র বদ্ধ করিবার উপযোগী ধাতু, অস্থি বা সূত্রাদি নির্ম্মিত গুটিকা। প্র—"পিরাণে বোতাম নাই পাদুকাটি অর্দ্ধছিন্ন"—অশোকগুচ্ছ।

বোদা [বিস্বাদ হইতে। গ্রা] বিণ, বিস্বাদ।

বোদাল, বোদালি (ল্) বি, পুং, বোয়াল মৎস্য। প্র—"বিশাল বোদালি তারে করিবেক গ্রাস।"

বোদ্ধা [বুধ্ (জানা) + তৃ (চ্) কর্ত্তৃ = বোদ্ধৃ ১মা, ১ব] বিণ, যে জানে ; জ্ঞাতা। ২। বুঝদার।

বোধ (ধ্) [বুধ্ (বুঝা) + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, জ্ঞান ; বুদ্ধি ; ধীষণা। ২। জাগরণ। ৩। দশন। ৪। প্রবোধ ; সান্ত্বনা। বিণ, **বোধ্য**।

বোধক [বুধ্ + ণিচ্ = বোধি (জানান) + অক (কর্ত্তৃ)] বিণ, জ্ঞাপক ; সূচক। ২। যে দীপ্তি করে ; দ্যোতক। ৩। নিদ্রাভঙ্গকারী ; যে নিদ্রিতকে জাগরিত করে।

বোধজ্ঞ (বোধগ্‌গ') [বোধ (মনের ভাব) জ্ঞ (যে জানে)] বিণ, অভিপ্রায়জ্ঞ।

বোধন (ন্) [বুধ + ণিচ্ = বোধি (বুঝান) + অন (ট্—ভাবে)] বি, ক্লী, জ্ঞান। ২। উদ্বোধন ; নিদ্রাভঙ্গকরণ ; জাগান। ৩। উদ্দীপন। প্র—"রাবণ বধের হেতু মিলিয়া দেবতা। তোমার বোধন কৈল অকালে বিধাতা।"—কবিকঙ্কণ। স্ত্রী, **বোধনী**—উত্থান একাদশী। বিণ, **বোধনীয়**।

বোধি [বুধ্ (জানা) + ই (ণ্—কর্ত্তৃ)] বিণ, যে বোধ করে ; জ্ঞাতা। ২। বি, অশ্বত্থ বৃক্ষ ; বোধিদ্রুম। ৩। [প্রা-বাং। প্রবোধিয়া—পরবোধি—বোধি] ক্রি, বুঝাইয়া ; প্রবোধ দিয়া। প্র—"নাহ গেহে সখী শুতায়ল বোধি"—বি, প। **বোধিসত্ত্ব**—বুদ্ধবিশেষ।

বোধিত [বুধ্ + ণিচ্ = বোধি (জানান) + ত (কর্ম্মে)] বিণ, উদ্বোধিত। ২। বিজ্ঞাপিত।

বোধিতব্য (তোব্‌ব) [বুধ + ণিচ্ = বোধি (জানান) + তব্য (কর্ম্মে)] বিণ, বিজ্ঞাপ্য ; জ্ঞাতব্য।

বোনা, বুনা [বুনন দ্রঃ। উ-পু—বুনি। ম-পু—বুন, বোনো ; বুনুন্ ; বোন্। প্র-পু—বুনে, বোনে ; বুনেন্, বোনেন্। অস-ক্রি—বুনিতে ; বুনিয়া ; বুনে। ণিজন্ত—বুনান, বোনান (নো)] ক্রি, বয়ন করা। প্র—কাপড় বোনা। ২। বপন করা। প্র—বীজ বোনা।

বোবা [শব্দাত্মক। অব্যক্ত শব্দ বো বো + আ (যে করে)] বি, পুং, হাবা ; মূক। প্র—"বোবার ইঙ্গিত"—রবি। ২। বিণ, বাক্‌শক্তিহীন। প্র—সে বোবা হয়ে গেছে। [দ্রঃ—কথা বলিতে না পারিয়া মূক ব্যক্তি গোঁ গোঁ শব্দ করে বলিয়া হি, তে—"গুঙ্গা" তাহা হইতে বাং-য়—"গোঙা" বলে]। **বোবাকালা**—মূক ও বধির।

বোমা [ইং—pump] বি, জল তুলিবার নল যন্ত্র ; যে যন্ত্র দ্বারা তরল পদার্থ পিচকারীর আকর্ষণের মত শুষিয়া লওয়া যায়।

বোমা [পর্ত্তু—bomba ; ইং—bomb] বি, মহাশব্দকারী বিদারকপূর্ণ গোলক ; bomb shell.

বোম্বেটিয়া, বোম্বেটে [ইং—bombardier (নিম্নতম গোলন্দাজ সৈন্য) মূলে শব্দাত্মক] বি, জলদস্যু। [দ্রঃ—বঙ্গদেশে পোর্ত্তুগীজ বা ফিরিঙ্গী জলদস্যুদিগের উপদ্রবের সময় হইতে এই শব্দ বাঙ্গালায় ব্যবহৃত হইতেছে]।

বোয়াল, বোয়ালি (ল্) [সং—বোদাল। সংক্ষেপে—বোল] বি, টেংরার ন্যায় আঁইস হীন বৃহৎজাতীয় প্রসিদ্ধ মৎস্যবিশেষ ; পাঠীন ; the catfish. **রাঘব বোয়াল**—[বৃহদর্থে—রাঘব] বোয়াল জাতীয় বৃহদাকার মৎস্য ; ইহারা অন্যান্য মাছ ধরিয়া খায় এবং পুকুরে থাকিলে সমস্ত মাছ খাইয়া ফেলে। ২। [লক্ষণায়] সর্ব্বগ্রাসী। ৩। অর্থগৃধ্নু।

বোর (র্) [সং—বদর ক্ষুদ্র বদরী বা বদরী-বীজ সাদৃশ্য। তুল—"নিমফল" (নিমফলাকৃতি দানাবিশিষ্ট কটিভূষণ)] বি, শিশুদিগের কটি-দেশের অলঙ্কারবিশেষ ; কুলের আঁটির মত স্বর্ণ রৌপ্য নির্ম্মিত দানা-গাঁথা কটিবেষ্টনী। **বোর পাটি,—পাটা**—বোর এবং তাবিজের মত স্বর্ণ রৌপ্যাদির পত্রী বা পাতা গাঁথা কটিভূষণ।

বোর (র্) [সং—বোরক] বি, তৃণধান্যবিশেষ। ২। [সং—বরক] তৃণবিশেষ। এই তৃণ দ্বারা মাদুর নির্ম্মিত হয়। **বোরপট্টি**—বোর ঘাসের মাদুর ; পাটী।

বোরকা (র্) [আ] বি, বস্ত্রাবরণ ; মুসলমান স্ত্রীলোকদিগের অঙ্গাবরণবিশেষ ; আপাদ-মস্তক আবরক ; ঘেরা টোপ।

বোরা [হি—বোরা] বি, থলিয়া ; গুণ ; ছালা। ২। বৈশাখী ধান্য। **বোরা কলাই**—শস্যবিশেষ।

বোবো [সং—বোরব] বি, বৈশাখে কাটা হয় এক জাতীয় ধান্য ; বোরোধান।

বোর্ড (বোড্‌ড্) [ইং—board] বি, কাষ্ঠ-ফলক ; তক্তা বা পাটা। **পিচ বোর্ড, পিস্ বোর্ড**—পাতলা তক্তার মত পুরু কাগজ ; paste board. **ব্ল্যাক্ বোর্ড**—বিদ্যালয়াদিতে ব্যবহৃত। ফুল খড়ি দ্বারা লিখনোপযোগী কৃষ্ণবর্ণে রঞ্জিত কাষ্ঠপট্ট ; black board.

বোর্ড (বোড্‌ড্) [ইং—board] বি, সমিতি ; মন্ত্রণা সভা ; শাসকসমিতি। **ডিস্ট্রিক্ট্ বোর্ড**—জেলা-শাসন-সমিতি ; district board. **লোকাল বোর্ড**—স্থানীয় স্বায়ত্তশাসন-সমিতি local board. **মিউনিসিপাল্ বোর্ড**—স্বায়ত্ত শাসন সমিতি ; municipal board. **রেভেনিউ বোর্ড**—রাজস্ব বিভাগীয় মন্ত্রণা সভা, the board of revenue.

বোল (ল্) [সং] বি, পুং, গন্ধরস। ২। ক্ষার জল। প্র—"ধোপানী কাপড় কাচে ক্ষার আর বোলে"—ক্ষেমানন্দ (মনসামঙ্গল)। ৩। ফেন। প্র—"নেতাই কাপড় কাচে সাবানের বোলে"—মনসামঙ্গল (রসিক)।

বোল [বউল সংক্ষেপ] বি, বউল ; মুকুল। প্র—"আমের বোলের গন্ধে অবশ।"—রবি।

বোল (ল্) [হি—বোলি] বি, বাক্য ; বচন। প্র—"প্রতীত নাহি বোলে"—বি, প। ২। পরামর্শ ; কথা ; উপদেশ। প্র—"কুল ছেড়না পরের বোলে"—বাং-গান। ৩। বুলি। ৪। চাতুর্য্য পূর্ণ রসাল বাক্য ; তীব্র অথচ সার্থক বচন ; বচনের বুক্‌নি। **বোলচাল**—বচন ও আচরণ। ২। পাকা পাকা কথা ; জ্যেঠামি। ৩। কথোপকথন ; বাক্যালাপ ; কথাবার্ত্তা। প্র—"বোলে চালে গেল দিবা আইল যামিনী"—অ, ম।

বোল (বো্‌ল) [ব্রজ। বলা দ্রঃ] ক্রি, বল ; বলিও। প্র—"না বোল বচন আন"—বি, প। **বোলত**—বল। ২। বলে ; বলিয়া। প্র—"বোলত মধুরিম বাণী"—বি, প। **বোলব**—[বাং-প্রা উচ্চারণে বোল্‌বো] বলিব। প্র—"ভণহি বিদ্যাপতি কি বোলব হাম"—বি, প।

বোলতা (ল্) [হি, বরলা, সং—বরটা] বি, দংশক পতঙ্গবিশেষ।

বোলদিয়া, বোল্‌দ্যা, বোল্‌দে (ল্) [বলদিয়া (বলদ + ইয়া) হইতে] বি, যাহারা বলদের উপরে মাল চাপাইয়া ব্যবসা করে।

বোলন্ত [প্রা-বাং। বোলত (দ্রঃ)—সম্ভ্রমে ত = ন্ত] ক্রি, বলিলেন। প্র—"ভীমের প্রতিজ্ঞা শুনি বোলন্ত নৃপতি।"—মহা (শ্রীকর)। রূপান্তরে—**বলিলেন্ত**। প্র—"রাজা যদি ভীমক এহেন বলিলেন্ত"।—মহা (শ্রীকর)।

বোলন (ন্) [সং—বল্লভ হইতে হি—বালম, বালম, অত্যধিক বিকারে বোলন] বি, বল্লভ ; নাগর। প্র—"বোলন রসিক বিলাসিনী ছোটি"—বি, প।

বোলবাই [প্রাদে, মালদহ অঞ্চলে] বি, গম্ভীরা পর্ব্বের তৃতীয় দিবসে গেয় সঙ্গীত।

বোলবোলা (ল্) [হি] বি, প্রভাব ; প্রতাপ ; হাঁকডাক।

বোলান (ন্) [হি—বোলন] বি, বোল ; ডাক ; বাক্য ; উত্তর ; সাড়া। প্র—"ঘরে গেলা না দিয়ে বোলান।"—কবিকঙ্কণ।

২। (নো) [হি—বোল্না] ক্রি, ডাকান ২। বলিতে প্রবৃত্তি দেওয়া; কহান। প্র—"যে বোলায়েন তাহা লিখি"—চৈতন্যভাগবত।

বোলাবুলি [হি—বোল—বোলী] বি, গণ্ডগোল; গোলমাল। ২। উত্তর প্রত্যুত্তর বচসা; বিতণ্ডা; কলহ। প্র—"হয় বোলাবুলি করে ঠেলাঠেলি, হৈল অরাজক পারা।"—চণ্ডীদাস। "দুইজনে বোলাবুলি হইল বিস্তর" —কাশী-মহা-আদি।

বোলিবাক (ক্) [প্রা-বাং। মধ্য-বাং-রূপ বলিবেক] বি, বলিবে; কহিবে। প্র—"স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ বোলি বোলিবাক সর্ব্বজন" —শূন্যপুরাণ।

বৌ [সং—বধূ শব্দজ] বি, স্ত্রী, বধূ। বৌ কথা কও—এই রবকারী পক্ষিবিশেষ। বৌ-ঠাকরুণ, বৌ-ঠাকুরাণী, বৌদিদি —জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী ও শ্যালক পত্নীর প্রতি সম্বোধন। সংক্ষেপে—"বোঠান", "বৌদি"। বৌবৌ-খেলা—বি, বাস্তব সংসারের অনুকরণে খেলা ঘর পাতিয়া খেলানিদের সহিত ছেলে বৌ মা মেয়ে প্রভৃতি কৃত্রিম সম্বন্ধ পাতাইয়া শিশুদিগের খেলা। প্র—"বৌ বৌ বৌ খেলি মোরা ফুলল সন্ধ্যা বেলা" —কস্তুরী। বৌভাত—নববধূর শ্বশুরকুলের আত্মীয় কুটুম্বগণকে স্বহস্তে অন্নাদি পরিবেষণ; পাকস্পর্শ।

বৌদ্ধ [বুদ্ধ+অ (ণ্)] বি, পুং, বুদ্ধদেব-প্রবর্ত্তিত ধর্ম্মাবলম্বী; নাস্তিক। ২। বুদ্ধদেব-প্রবর্ত্তিত ধর্ম্ম। ৩। বিণ, বুদ্ধ সম্বন্ধীয়।

বৌয়াড়ী [সং—বধূটী হইতে বহুয়ারী—বৌয়াড়ী সংক্ষেপে—বহুড়ী—বৌড়ী। তুল—ঝিউড়ী] বি, স্ত্রী, বধূ; বৌ। প্র—"ছড়া হাঁড়ি মারে কোণের বৌয়াড়ী"—কবিক।

বৌমা [সং—বধূমাতা (কন্যাস্থানীয়ার প্রতি স্নেহার্থে মাতা)] বি, স্ত্রী, পুত্রবধূ; বধূ-সম্পর্কীয়া ও কনিষ্ঠ ভ্রাতার পত্নীর প্রতি সম্বোধনসূচক উক্তি।

বৌহারী [সং—বধূটী—বহুড়ী—বহুরী—বৌহারী (প্রা-বাং)] বি, স্ত্রী, বধূ; বউ। প্র—"তাহে মুঞি কুলের বৌহারী"—চণ্ডীদাস।

ব্যক্ত (ব্যাক্‌ত) [বি—অন্জ্ (প্রকাশ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রকাশিত। ২। স্পষ্টীকৃত। ৩। স্ফুট; প্রকট। ৪। বি, পুং, বিষ্ণু; নারায়ণ। ব্যক্তদৃষ্টার্থ —প্রত্যক্ষ-দর্শনকারী; ঘটনা স্বচক্ষে দর্শন করিয়াছে এরূপ সাক্ষী; eye witness. ব্যক্তরূপ—বিষ্ণু। ২। স্থূলমূর্ত্তি। ৩। বিণ, দেখা যায় এমন রূপ; দৃশ্যরূপ।

ব্যক্তি (বেক্‌তি) [বি—অন্জ (প্রকাশিত হওয়া)+তি (কর্ম্মে—ক্তি) যাহা প্রকাশিত হয়] বি, স্ত্রী, লোক; জনৈক মানব individual. ২। পদার্থ; বস্তু। ৩। [ভাবে—ক্তি] অভিব্যক্তি; প্রকাশ; প্রকটন। ব্যক্তিগ্রাহিতা—এক একটি পদার্থের সত্তার উপলব্ধিজনক বৃত্তি; যে বৃত্তি দ্বারা ব্যক্তি নির্ব্বিশেষে জানা যায়।

ব্যক্তিত্ব (বেক্‌তিৎত) [ব্যক্তি+ত্ব (ভাবে)] বি, ব্যক্তিবিশেষের স্বাতন্ত্র্য; স্বপ্রাধান্য individuality.

ব্যক্তীকৃত (বেক্‌তীক্‌কৃত) [ব্যক্ত—কৃত+ঈ (অব্যক্ত ব্যক্ত হয় এই অর্থে চ্বি)] বিণ, প্রকটিত; স্পষ্টীকৃত।

ব্যগ্র (ব্যাগ্‌গ্র) বিণ, পুং, বিষ্ণু। ৩। ব্যস্ত আগ্রহান্বিত। প্র—"তুমি হে মঞ্জুকেশিনী শচি, তুমি ব্যগ্র ইন্দ্রজিতের নিধনে।"—মেঘনাদ। ৩। চকিত; ত্রস্ত। ৪। ব্যাকুল।

ব্যঙ্গ (ব্যাংগো) [সং] বি, ব্যঞ্জনাবৃত্তি; তাৎপর্য্যার্থ; গূঢ়ার্থ। ২। [প্রাদে] বিদ্রূপ। গুণীভূত ব্যঙ্গ—কাব্যের প্রকারভেদ ব্যঙ্গার্থ হইতে বাচ্যার্থের চমৎকারিতা থাকিলে অর্থাৎ ব্যঙ্গার্থের অতিরিক্ত কোন চারুতা লক্ষিত না হইলে, গুণীভূত ব্যঙ্গ নামক কাব্য হয়—কাব্যদর্পণ।

ব্যঙ্গার্থ (ব্যাংগার্থ) [কাব্যালঙ্কারিক পরিঃ] বি, মুখ্যার্থ, লক্ষ্যার্থ ও তাৎপর্য্যার্থ ব্যতীত ব্যঞ্জনাবৃত্তি দ্বারা যে অন্য অর্থ প্রকাশিত হয়; সাধারণতঃ বক্তৃবৈশিষ্ট্য, বাচ্যবৈশিষ্ট্য, কাকু, দেশ, কাল, অন্যসন্নিধি প্রস্তাব, চেষ্টাবৈশিষ্ট্যাদি দ্বারা ব্যঙ্গার্থ লক্ষিত হয়। যথা—"ছুঁওনা ছুঁওনা শ্যাম আমরা কুমারী পথ ছাড়ি দেহ কুঞ্জে যাব গিরিধারি। পথে একাকিনী পেয়ে সম্মুখে আসিয়া ধেয়ে, কি কর কি কর ওহে শ্যাম নটবর। হেরিয়া তোমার ভাব কাঁপিছে অন্তর।"—ব্রজাঙ্গনাগণের বাচ্যবৈশিষ্ট্যবশতঃ ব্যঞ্জনাবৃত্তি দ্বারা ইহাই বুঝাইতেছে যে হে কৃষ্ণ, আমাদের একাকিনী পাইয়া যদি স্পর্শ কর, তাহা হইলে আমরা কৃষ্ণস্পর্শ সুখানুভব করিয়া চরিতার্থ হইব, অতএব আমাদিগকে স্পর্শ কর। অন্যত্র, "ব্রজবীরে হেরি রাই হয়ে আনন্দিত হাসিমুখে লীলাপদ্ম করিলা মুদিত।" এখানে হে কৃষ্ণ সন্ধ্যা সময়ে নিকুঞ্জে আগমন করিও এই ব্যঙ্গার্থটি ব্যঞ্জনাদ্বারা ব্যক্ত হইতেছে (কাব্যদর্পণ)।

ব্যঙ্গোক্তি (ব্যাংগোক্তি) [ব্যঙ্গ—উক্তি—(বাক্য)] বি, স্ত্রী, শ্লেষোক্তি; বক্রোক্তি। ২। বিদ্রূপ বাক্য।

ব্যজন (বেজন, ব্যাজন) [বি—অজ্ (গমন করা)+অন (ট্—ভাবে)] বি, বীজন; বাতাস করণ; তালবৃন্তাদি আন্দোলন দ্বারা বায়ু সঞ্চালন।

ব্যজনী (বেজনী, ব্যাজনী [বি+অজ্+অন (ট্—করণে) স্ত্রী, ঈপ্] বি, স্ত্রী, যাহা দ্বারা ব্যজন করা যায়; তালবৃন্ত; পাখা।

ব্যঞ্জক (বেন্‌জক্, ব্যান্‌জক্) [বি—অন্জ্ (প্রকাশ করা)+অক (কর্ত্তৃ)] বিণ, প্রকাশক; দ্যোতক।

ব্যঞ্জন (বেন্‌জোন্, ব্যান্‌জোন্) [বি—অঞ্জ্ (প্রকাশ করা)+অন (করণে—অনট্) যাহা দ্বারা প্রকাশ পায়] বি, বৈশিষ্ট্যবোধক লক্ষণ; চিহ্ন। ২। [ব্যাকরণে] ব্যঞ্জন বর্ণ; ককারাদি বর্ণ। বিণ, ব্যঞ্জিত। ব্যঞ্জন-সন্ধি—ব্যঞ্জন-বর্ণের সহিত ব্যঞ্জন অথবা স্বরবর্ণের সংযোগ।

ব্যঞ্জন (ব্যান্‌জোন্) [বি—অঞ্জ্ (প্রকাশ করা) অন (করণে—অনট্)] বি, অন্নকে সরস ও সুখভোজ্য করিবার উপকরণ; রন্ধন করা তরকারী। অন্ন-ব্যঞ্জন—অন্ন এবং ব্যঞ্জন; ভাত তরকারী।

ব্যঞ্জনা (ব্যান্‌জোনা) [ব্যঞ্জন (দ্রঃ)+আপ্ স্ত্রী, কাব্যালঙ্কারিক পরিঃ] বি, স্ত্রী, অভিধাশক্তি (সাঙ্কেতিক অর্থের বোধক) এবং লক্ষণাশক্তি (মুখ্যার্থবোধক) শব্দার্থ বোধে বিরত হইলে যে বৃত্তি দ্বারা অপরার্থের বোধ হয়; ব্যঙ্গার্থের প্রকাশক শব্দার্থশক্তিবিশেষ। ব্যঞ্জনা-বৃত্তি—যে বৃত্তি দ্বারা মুখ্যার্থ, লক্ষ্যার্থ এবং তাৎপর্য্যার্থের অতিরিক্ত বক্তার অভিপ্রেত গূঢ় অর্থের বোধ হয়।

ব্যঞ্জিয়া [ব্যঞ্জনা (দ্রঃ) হইতে বাং—ক্রিয়াপদ] অস-ক্রি, ব্যঞ্জনা করিয়া; প্রকাশ করিয়া। প্র—"এতাদৃশ ক্রোধ আরো আছেন ব্যঞ্জিয়া" —চৈতন্য ভাগবত।

ব্যতিক্রম (বেতিক্‌ক্রম্) [বি—অতি (বিরুদ্ধ) ক্রম (গমন)] বৈপরীত্য। ২। উল্লঙ্ঘন। ৩। অন্যথা। বিণ, ব্যতিক্রান্ত।

ব্যতিরিক্ত (বে) [বি—অতি—রিচ্ (ক্ষয় হওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অতিরিক্ত; ব্যতীত; ভিন্ন; স্বতন্ত্র; পৃথক। প্র—"ব্যতিরিক্ত অর্থ কর মোর মাথা খাও।"—চৈতন্যভাগবত।

ব্যতিরেক (বেতিরেক্) [বি—অতি—রিচ্ (বিযুক্ত করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, বিভিন্নতা; স্বাতন্ত্র্য; প্রভেদ। ২। অভাব। ৩। অতিক্রান্তি। ৪। বৃদ্ধি। ৫। সাদৃশ্যস্থলে উপমান অপেক্ষা উপমেয়ের উৎকর্ষাপকর্ষ বর্ণনরূপ অর্থালঙ্কারবিশেষ। উৎকর্ষ বর্ণনায় যথা—"কে বলে শারদ শশী সে মুখের তুলা। পদনখে পড়ে তার আছে কতগুলা।" —ভারতচন্দ্র। ক্রি-বিণ, ব্যতিরেকে—ব্যতীত; বিনা।

ব্যতিষক্ত (ব্বতিশক্ত) [বি—অতি—সনজ্ (আসক্ত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, অত্যাসক্ত ; সংসক্ত ; সংবদ্ধ ; গ্রথিত। বি, ব্যতিষঙ্গ।

ব্যতিহার, ব্যতীহার (ব্বেতিহার্) [বি—অতি—হৃ (হরণ করা) + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, বিনিময় ; পরিবর্ত্ত ; exchange. ২। বাক্যবিনিময় ; গালাগালি।

ব্যতীত (ব্বেতীত) [বি—অতীত (গত)] বিণ, বিগত ; অতিবাহিত ; অতীত। প্র—"ব্যতীত হইল তার অষ্টম যামিনী।"—কবিক। ২। মৃত। ৩। বিলুপ্ত।

ব্যতীপাত (ব্বতিপাত্) [বি—অতি—পত্ (গমন—পড়া) + অ (ঘঞ্, ভাবে)] বি, পুং, উৎপাত ; ধূমকেতুর উদয়, ভূকম্প উল্কাপাতাদি অলক্ষণ। ২। জ্যোতিষিক অশুভ সপ্তবিংশ যোগবিশেষ ; যোগের মধ্যে সপ্তদশ যোগ। ৩। অশ্রদ্ধা।

ব্যত্যয় (ব্বৎতয়) [বি—অতি—ই (গমন করা) + অ(ল্, ভাবে)] বি, পুং, বৈপরীত্য ; অন্যথাভাব ; ব্যতিক্রম। বিণ, ব্যত্যস্ত—বিপরীত অবস্থাপ্রাপ্ত।

ব্যথা (ব্যাথা) [ব্যথ (ব্যথিত হওয়া) + অ (ঙ, ভাবে) আ—স্ত্রী] বি, ক্লেশ ; দুঃখ। ২। পীড়া ; বেদনা। ৩। শোক। প্রা-বাংম—বেথা। প্র—"জমর হিআঅ বেথা"—শূ. পু। ব্যথাতুর—শোকক্লিষ্ট ; শোকাকুল। ২। বেদনাযুক্ত ; বেদনাব্যাকুল। ৩। ভয়াতুর। স্ত্রী, ব্যথাতুরা। প্র—"এযে ব্যথাতুরা মন"—রবি।

ব্যথিত (ব্বেথিত) [ব্যথ + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, ব্যথাপ্রাপ্ত ; দুঃখিত। ২। সন্তপ্ত। ৩। ভীত। স্ত্রী, ব্যথিতা। ব্যথিতথাগী [প্রাদে, মালদহ] যে নারী আত্মীয় স্বজনকে খাইয়াছে অর্থাৎ আত্মীয় স্বজনের মৃত্যুর পর বাঁচিয়া আছে। ব্যথিতবেদন—ব্যথিতজনের মনোব্যথা ; শোকসন্তপ্ত হৃদয়ের বেদনা। প্র—"চিরসুখী জন ভ্রমে কি কখন, ব্যথিতবেদন বুঝিতে পারে।"—সদ্ভাবশতক।

ব্যধিজন (ব্বধিজন্) [বন্ধু অপভ্রংশে ব্যধি ; প্রা-বাং। বি, বন্ধুজন। প্র—"ব্যধিজন শুনে কান্দে"—ক্ষেমানন্দ (মনসামঙ্গল)।

ব্যধ্য [ব্যধ্ (বন্ধনে, প্রহারে) + য (কর্ম্মে)] বিণ, বেধনযোগ্য ; বিদ্ধকরণযোগ্য। ২। প্রহারযোগ্য। ৩। [+ থ—করণে] যাহা দ্বারা বিদ্ধ করা যায় ; ধনুর্গুণ ; ধনুকের ছিলা।

ব্যপদেশ (ব্বপদেশ্) [সং] বি, সূত্র ; ছল ; অছিলা ; pretext. ২। ইঙ্গিত ; hint. ৩। নাম। বিণ, ব্যপদিষ্ট।

ব্যপদেষ্টা (ব্বপ) [ব্যপদেষ্টৃ শব্দ ১মা ১ব] বিণ, ভাণকারী ; ছলকারী ; pretender. ২। নামোল্লেখকর্ত্তা। স্ত্রী, ব্যপদেষ্ট্রী।

ব্যপনয়ন (ব্বপনয়ন্) [বি—অপনয়ন] বি, অস্বীকার ; denial. ২। প্রত্যাখ্যান। ৩। অপসারণ। বিণ, ব্যপনীত।

ব্যপবর্ত্তিত (ব্বপবোর্ত্তিত) [বি—অপ—বৃত + ণিচ্ = বর্ত্তি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ যাহাকে ফিরাইয়া আনা বা ফেরান হইয়াছে ; প্রত্যাবর্ত্তিত। স্ত্রী, ব্যপবর্ত্তিতা।

ব্যপাকৃত [সং] বিণ, অস্বীকৃত। ২। নিবৃত্ত।

ব্যবকলন (ন্) [বি—অব—কল্ (সংখ্যা করা) + অনট্—ভাবে] বি, ক্লী, বিয়োজন ; বিয়োগকরণ ; জমা খরচ ; বাকি কাটা। স্ত্রী, ব্যবকলনা। বিণ, ব্যবকলিত।

ব্যবচ্ছেদ (দ্) [বি—অব—ছিদ্ + অ (ঘঞ্)] বি, পুং, বিশ্লেষকরণ। ২। ভেদ, বিভাগ ; ... ছিন্ন। ৪। পরীক্ষার্থ খণ্ডশঃ বিভাগ ; dissection. বিণ, ব্যবচ্ছিন্ন।

ব্যবধা, ব্যবধান, ব্যবধি (ন্) [সং] বি, আড়াল। ২। দূরত্ব। ৩। আবরণ।

ব্যবধায়ক (ক্) [বি—অব—ধা—অক (কর্ত্তৃ) আ = আয়] বিণ, ব্যবধানকারক। ২। আচ্ছাদক ; আবরক।

ব্যবসায় (ব্বশায়্, ব্যাবশায়্) [বি—অব—সো (অবসান) + অ (ঘঞ্) ভাবে] বি, পুং, কার্য্য। ২। (করণে + অ) জীবিকা ; বৃত্তি ; জীবনোপায়। ৩। ব্যাপার। ৪। যত্ন ; চেষ্টা। ৫। ব্যবহার। প্র—"এই মত প্রভুর কোমল ব্যবসায়"—চৈতন্যভাগবত। বিণ, ব্যবসায়ী—ব্যবসাদার ; বণিক্ ; সওদাগর। ২। কর্ম্মকৃৎ। ৩। সাংসারিক বিষয়ে চতুর ; স্বার্থ সাধক।

ব্যবসিক (ব্যাবশিক্) [প্রা—বাং। ব্যবসা + ইক (ণ্) সম্বন্ধার্থে] বিণ, ব্যবসায়ী ; ব্যবসাদার। প্র—"সেইত রসিক হয় ব্যবসিক দ্বিজ চণ্ডীদাসে ভণে।"—চণ্ডীদাস।

ব্যবসিত (ব্যাবশিত) [সং] বিণ, পরিকল্পিত। ২। অভিপ্রেত। ৩। স্থিরীকৃত। ৪। চেষ্টান্বিত।

ব্যবস্থা (ব্যাবস্থা) [সং] বি, স্ত্রী, শাস্ত্রীয় বিধি ; সমাজনিয়ম। ২। আইন। ৩। পৃথক্ পৃথক্ স্থাপন। ৪। স্থিতি ; স্থিরতা। ৫। বন্দোবস্ত। বিণ, ব্যবস্থিত। ব্যবস্থাপদ্ধতি—নিয়ম প্রণালী। ব্যবস্থা শাস্ত্র—স্মৃতিশাস্ত্র ; আইন। ব্যবস্থাসংহিতা—স্মৃতি শাস্ত্র। ব্যবস্থাসঙ্গত, সম্মত—বিধানানুমোদিত।

ব্যবস্থান (ব্যবস্থান্) [বি—অব—স্থা + অন (ট্—ভাবে)] বি, ক্লী, অবস্থিতি।

ব্যবস্থাপক (ব্যবস্থাপক্) [বি—অব—স্থা + ণিচ্ = স্থাপি + অক (কর্ত্তৃ) = ব্যবস্থাপক] বিণ, নিয়ামক ; বিধানকর্ত্তা। ২। সংস্থাপক। ৩। আইনকর্ত্তা।

ব্যবস্থাপন (ব্যাবস্থাপন্) [বি—অব—স্থাপি + অন (ট্) ভাবে] বি, ক্লী, নিয়ম প্রণয়ন ; বিধি নির্দ্ধারণ ; আইন প্রণয়ন। ২। স্থিরীকরণ। বিণ, ব্যবস্থাপিত।

ব্যবহার (ব্বহার্, ব্যাবোহার্) [বি—অব—হৃ + অ (করণে—ঘঞ্)] বি, পুং, ঋণদানাদি অষ্টাদশ বিবাদ। প্র—"নরপতি * * * ব্যবহার স্বয়ং বিচার করিবেন।"—রত্নমালা। ২। আইন। ৩। মামলা ; মোকদ্দমা। ৪। বাণিজ্য। ৫। আচরণ। প্র—"নিজ প্রতি ব্যবহার আশা কর যে প্রকার, করহ পরের প্রতি সেইরূপ ব্যবহার।"—চরিত্রগঠন। ৬। [ভাবে—ঘঞ্] উপহার ; পারিতোষিক, লৌকিকতা। প্র—"যত বন্ধু জনে সাধু করি নিমন্ত্রণ। ব্যবহার দিল সাধু বসন কাঞ্চন॥"—কবিক। ৭। প্রথা ; রীতি ; বিধি ; কর্ত্তব্য। প্র—"অতি শিশু রণে যাইতে নহে ব্যবহার॥"—মহা (শ্রীকর)। বিণ, ব্যাবহারিক, ব্যবহারীক—ব্যবহারসম্বন্ধীয়। ব্যবহর্ত্তা—বি, পুং, ব্যবহারকর্ত্তা ; বিচারক। ব্যবহর্ত্তব্য—ব্যবহারযোগ্য। ব্যবহার্য্য—ব্যবহারের উপযুক্ত। ব্যবহার দর্শন—মোকদ্দমা সম্বন্ধীয় বিজ্ঞান বা বিধি ; আইন। ব্যবহার দর্শক—বিচারক। ২। জুরি (jury)। ব্যবহার-বিধি—ব্যবস্থাশাস্ত্র ; আইন। ব্যবহার-শাস্ত্র—আইন ; ব্যবস্থা শাস্ত্র ; law. ব্যবহারমাতৃক—বিচার সম্বন্ধীয় সমুদয় ক্রিয়া। ব্যবহার রস—সংসারাসক্তি। প্র—"ব্যর্থ কাজ যার মাত্র ব্যবহার রসে"—চৈতন্যভাগবত।

ব্যবহারজ্ঞ (ব্যাবোহারোগ্গ) [ব্যবহার (মোকদ্দমা প্রভৃতি) জ্ঞ (যে জানে, বুঝে)] বি, পুং, প্রাপ্তবয়স্ক ; সাবালক। ২। বিণ, আইনজ্ঞ ; আইন ব্যবসায়ী।

ব্যবহারাজীব (ব্যাবহারাজীব্) [ব্যবহার + (আইন) আজীব (জীবিকা) আইন যাহার উপজীবিকা] বি, পুং, উকিল, মোক্তার, ব্যারিষ্টার প্রভৃতি ; মোকদ্দমার বাদী প্রতিবাদীর পক্ষ সমর্থক ; lawyear.

ব্যবহৃত (ব্বহৃত, ব্যাবোহৃত) [ব্যবহার দ্রঃ] বিণ, যাহা ব্যবহার করা হইয়াছে ; আচরিত ; ... । ২। উপভুক্ত।

ব্যভিচার (ব্যাভিচার্) [বি—অভি—চর্ (গমন করা) + অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, কদাচার ; অন্যায় ব্যবহার ; অন্যথাচরণ।

২। পরস্ত্রী বা পর পুরুষ সংসর্গ। ৩। অতিব্যাপ্তি ; অব্যাপ্তি। ৪। ন্যায় দর্শনমতে হেতুদোষবিশেষ।

ব্যভিচারী (ব্যা) [ব্যভিচার+ইন্ (অস্ত্যর্থে) =ব্যভিচারিন্ ১মা-১বচনে] বিণ, কুকর্ম্মানুরত ; অন্যায়াচারী। ২। পরস্ত্রীসেবক। ৩। শৃঙ্গারাদি রসের ভাববিশেষ। স্ত্রী, **ব্যভিচারিণী**—পরপুরুষগামিনী ; কুলটা।

ব্যয় (ব্যয়্) [বি—ই (গমন করা)+অ (ল্, ভাবে)] বি, পুং, খরচ। প্র—"বিস্তর ব্যয় ভূষণ করিয়া তাহাদের বিবাহ দিয়াছিলেন।"—টেকচাঁদ। ২। নাশ। ৩। অপচয়। ৪। গতি : প্রবাহ ; স্রোত। প্র—"বিষম জলের ব্যয় তৃণ দুইখান হয় দাঁড়িতে ধরিতে নারে দাঁড়।" কবিক। বিণ, **ব্যয়িত**। **ব্যয়কুণ্ঠ**—বিণ, খরচে কুণ্ঠিত ; কৃপণ। বি, **ব্যয়কুণ্ঠতা**—কার্পণ্য। **ব্যয়শীল**—বিণ, ব্যয়ী : অকুণ্ঠিতভাবে ব্যয়কারী। স্ত্রী, **ব্যয়শীলা**। বি, **ব্যয়শীলতা**। **ব্যয়সাধ্য**—বিণ, ব্যয়সাপেক্ষ ; ব্যয়নিষ্পাদ্য। **ব্যয়সাপেক্ষ**—বিণ, ব্যয়নিষ্পাদ্য ; ব্যয়সাধ্য।

ব্যয়স্থান (ব্যায়্সথান্) [ব্যায়ের স্থান, ৬তৎ] বি, জ্যোতিষিক লগ্নের দ্বাদশ স্থান।

ব্যয়ী (ব্যা) [ব্যয়+ইন্ (অস্ত্যর্থে)=ব্যয়িন্ ১মা-১বচনে] বিণ, ব্যয়শীল ; খরচিয়া।

ব্যর্থ (ব্বর্থ, ব্যার্থ) [বি (বিগত হইয়াছে) অর্থ (ধন বা প্রয়োজন) যাহার—বহু] বিণ, বিফল ; বৃথা। ২। নিষ্প্রয়োজন। ৩। লাভহীন। ৪। অনর্থক। বি, ব্যর্থতা। প্র—"পৃথিবীতে অনেক ব্যর্থতা এবং অনেক বিরোধের সৃষ্টি করে"—চারিত্রপূজা। **ব্যর্থ করা**—পণ্ড করা ; নিষ্ফল করা। **ব্যর্থচেষ্টা**—নিষ্ফল চেষ্টা ; বিফল প্রযত্ন ; অকৃতোদ্যম। **ব্যর্থমনোরথ**—বিফল বাসনা।

ব্যষ্টি (ব্বোষ্টি) [বি—অশ্ (ব্যাপন করা)+তি (কর্ম্মে—ক্তি)] বি, স্ত্রী, ভিন্নভিন্ন ; এক একটী ; পৃথক্ পৃথক্। প্র—"বৃক্ষের সমষ্টি বন, অতএব বৃক্ষ ব্যষ্টি, বন সমষ্টি।"—উপনিষদ।

ব্যস্ (ব্বাশ্) [ফা—বস্] অ, এই পর্য্যন্ত ; পর্য্যাপ্ত ; শেষ ; থাক্ ; ইতি। প্র—"ব্যস্ বেছে নেও মনোমত যিনি হন যাঁর।"—দ্বিজেন্দ্র রায়।

ব্যসন (ব্বশন্) [বি—অস্ (ক্ষেপণ করা)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, পাপ। ২। সুরাপান ; বেশ্যাসক্তি ; দিবানিদ্রা ; পরনিন্দা ; মৃগয়া ; বৃথাভ্রমণ ; দ্যূত ; নৃত্যগীত ও ক্রীড়া এই দশবিধ কামজ দোষ এবং দৌরাত্ম্য, দুষ্টতা, অসূয়া, প্রতারণা, ঈর্ষা, দ্বেষ, কটূক্তি ও নিষ্ঠুরাচরণ এই অষ্টবিধ ক্রোধজ দোষ। ৩। বিষয়ানুরক্তি। ৪। বিপদ। ৫। অশুভ ; অমঙ্গল। ৬। দুঃখ। ৭। বিনাশ। বিণ, **ব্যসনী**—কুক্রিয়ান্বিত ; ব্যসনানুরক্ত। ২। বিপন্ন। **ব্যসনাসক্ত** (ব্যাশনাশক্ত) [ব্যসনে আসক্ত, ৭তৎ] বিণ, কামজ ও কোপজ দোষ নিরত ; কুক্রিয়ারত।

ব্যাকরণ (ন্) [বি (বিশেষ) আ (সম্যক্) কৃ (করা)+অন (ট্) করণে, যাহা দ্বারা বিশেষরূপে শব্দের ব্যুৎপত্তিগত অর্থ প্রকাশ করা যায়] বি, ক্লী, শব্দব্যুৎপাদক ও ভাষানিয়ামক শাস্ত্র : লিখিত ভাষার উচ্ছৃঙ্খলতা নিবারক, শব্দের ব্যুৎপত্তি ও ব্যুৎপত্তিগত অর্থনির্ণায়ক, পদসাধন, পদান্বয় এবং বাক্যরচনা প্রণালী নির্দ্ধারক শাস্ত্র।

ব্যাকলা (ক্) [সং—বল্কল হইতে প্রাকৃ—বক্কল—বাকল—বাকলা—ব্যাকলা] বি, বল্কল : ত্বক ; ফলাদির আবরণ ; খোলা। প্র—"বেগুণের খাড়া লাউ কুমড়া ব্যাকলা।"—কবিক। **ব্যাকলা ফেলা**—লাউ, কুমড়াদি পুরুত্বক ফলের খোসা ছাড়াইয়া ফেলা।

ব্যাকুল (ল্) [বি (বিশেষ) আকুল] বিণ, উৎকণ্ঠিত ; ব্যস্ত ; ভয়বিহ্বল। প্র—"ব্যাকুল ধেনু নাহি শুনে বেণু কাননে নাহি যায়।"—বাংগান। ২। অতি কাতর। **ব্যাকুলাত্মা**—অস্থির-চিত্তবৃত্তি ; কাতরপ্রাণ।

ব্যাকুলি [সং—ব্যাকুল+বাং—ই (ভাবে), "বিকুলি"ও বলে] বি, ব্যাকুলভাবে অনুরোধ। প্র—"ব্যাকুলি করিয়া রম্ভা কহে পুনর্ব্বার।"—ঘনরাম। **আকুলি ব্যাকুলি, বিকুলি**—ব্যাকুল অন্তরে সনির্ব্বন্ধ অনুনয় ; অনুনয়-বিনয়।

ব্যাখ্যা (ব্যাক্খ্যা) [বি—আখ্যা] বি, স্ত্রী, বিবরণ। ২। টীকা টিপ্পনী এবং অর্থাদিপ্রকটন। ৩। বর্ণনা। বিণ, **ব্যাখ্যাত**—বিবৃত ; বিস্তারিতভাবে কথিত বা বর্ণিত। ২। প্রকটিত। ৩। টীকা টিপ্পনীসহ অর্থকৃত।

ব্যাখ্যানা (ব্যাক্খানা) [সং—ব্যাখ্যান+বাং—আ (বিদ্রূপ, বিরক্তি, অবজ্ঞা অর্থে)] বি, ব্যাখ্যা ; ব্যঙ্গযুক্ত বর্ণনা। প্র—"তুই আর ব্যাখ্যানা করিসনে সই।"—লীলাবতী।

ব্যাখ্যেয় (ব্যাক্খেয়) [বি—আ—খ্যা—য (কর্ম্মে)] বিণ, ব্যাখ্যার যোগ্য ; বর্ণনীয়।

ব্যাগ (গ্) [ইং—bag] বি, থলি ; চর্ম্মাদিনির্ম্মিত পেটিকা।

ব্যাগল (ল্) [বেলগ্ (অসংলগ্ন) ব্যালগ্—ব্যাগল (বর্ণবিপর্য্যয়ে)] বিণ, পৃথক্ ; স্বতন্ত্র। প্র—"দেখিবারে না পারি মহারাজ ব্যাগল করি দিল।"—ময়নামতীর গান।

ব্যাগোত্তা [গ্রা। ব্যাকুলতা হইতে] বি, ব্যাকুলতা ; বিনয় ; অনুরোধার্থে আকুলিবিকুলি। প্র—ব্যাগোত্তা করে বল্‌ছি।

ব্যাঘাত (ত্) [বি—আ—হন্ (বধ করা)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, বিশেষভাবে আঘাত। ২। বিঘ্ন ; প্রতিবন্ধক। ৩। [জ্যোতিষে] যোগবিশেষ। ৪। [কাব্যালঙ্কারে] অর্থালঙ্কারবিশেষ। "কোন উপায় দ্বারা একবস্তু যেরূপভাব প্রাপ্ত হইয়াছে সেই উপায় দ্বারা যদি তাহাকে অন্যপ্রকার করা হয়, তাহা হইলে ব্যাঘাত অলঙ্কার কহা যায়।" "নেত্রদ্বারা কন্দর্প ভস্মীভূত হইয়াছে কিন্তু কামিনীগণ আবার নেত্ররূপ উপায় দ্বারা তাহাকে পুনর্জীবিত করিতেছে" এজন্য নিম্ন উদাহরণে ব্যাঘাত অলঙ্কার হইল—কাব্যদর্পণ। "হরনেত্রে কাম হত হইয়াছে বলে। নেত্রেই বাঁচায় তারে যারা কুতূহলে॥ কামে বাঁচাইয়া যারা শিবে করে জয়। সেই নারীগণে স্তুতি উপযুক্ত হয়॥"—রসতরঙ্গিণী (মদনমোহন তর্কালঙ্কার)। **ব্যাঘাতক**—বিণ, বিঘ্ন সম্পাদক।

ব্যাঘ্র (ব্যাগ্ঘ্র) [বি—আ—ঘ্রা (গন্ধ গ্রহণ করা)+অ (ড—কর্ত্তৃ)] বি, হিংস্র পশুবিশেষ ; বিড়ালবংশীয় প্রসিদ্ধ শ্বাপদ জন্তুবিশেষ ; বাঘ। ২। [অন্য শব্দের পর যুক্ত হইলে] শ্রেষ্ঠ ; প্রধান। প্র—পুরুষব্যাঘ্র। তুল—সিংহ ; কুঞ্জর। ৩। [বৈদ্যকে] রক্ত এরণ্ড। স্ত্রী, **ব্যাঘ্রী**—বাঘিনী। ২। কণ্টকারী। **ব্যাঘ্রনখ**—ব্যাঘ্রের নখ। ২। স্বর্ণমণ্ডিত বাঘনখ অলঙ্কার। ৩। স্নুহীবৃক্ষ। ৪। বাঘের থাবার আকৃতি সুতীক্ষ্ণ অস্ত্রবিশেষ। মহারাষ্ট্রপতি শিবাজী এই অস্ত্র ব্যবহার করিতেন। **ব্যাঘ্রনখক**—নখক্ষত। **ব্যাঘ্রনায়ক**—শৃগাল।

ব্যাঘ্রপাদ (ব্যাগ্‌ঘ্রপাদ্) বি, পুং, শাস্ত্রকার মুনিবিশেষ।

ব্যাঙ্গোমা [বিহঙ্গম (পক্ষী)+আ (অনাদরে, তুল—রাম হইতে রামা), অপভ্রংশে] বি, পুং, বিহঙ্গ ; পক্ষী। স্ত্রী, **ব্যাঙ্গোমী**—বিহঙ্গমী ; বিহগী।

ব্যাজ (জ্) [বি—অজ্ (গমন করা)+অ (ঘঞ্—করণে)] বি, পুং, কপট ; ছল। ২। কালবিলম্ব। প্র—"মাস দুই করি ব্যাজ রাজার করিয়া কাজ বাপ তোর আসিবেক ঘরে।"—কবিক। "এখনি আসিব বলি গেলা চলি বলী ; কি কাজে এ ব্যাজ আমি বুঝিতে না পারি।"—মেঘনাদ। ক্রি-বিণ, **ব্যাজে**—বাদে, উত্তীর্ণ হইলে ; পরে। প্র—"আজ ব্যাজে কাল যে বেড়ী খাটবে তার সঙ্গে মেয়ের বিয়ে দিতে চান।"—লীলাবতী।

ব্যাজ (জ্) [হি—ব্যাজ=সুদ। সং—বৃদ্ধি] বি, সুদ; বৃদ্ধি। প্র—"কেহ বা অভাবগ্রস্ত ব্যক্তিকে কিঞ্চিৎ ধন দিয়া ব্যাজের হিসাবে আসল টাকার চতুর্গুণ আদায় করিয়া লয়।"

ব্যাজস্তুতি [ব্যাজ (কপট) স্তুতি (প্রশংসা)] বি, স্ত্রী, ছলস্তুতি; কপট প্রশংসা। ২। [কাব্যালঙ্কারে] স্তুতিচ্ছলে নিন্দা বা নিন্দাচ্ছলে স্তুতি। প্র—"সোল্লুণ্ঠ বচন রীতি, মনে, গর্ব্ব, ব্যাজ, স্তুতি, কভু নিন্দা কভু বা সম্মান।"—চৈতন্যচরিত।

ব্যাজোক্তি [ব্যাজ (ছল) উক্তি (কথন)] বি, স্ত্রী, ব্যাজস্তুতি; নিন্দাচ্ছলে প্রশংসা বা স্তুতিচ্ছলে নিন্দা কথন। প্র—"কোন গুণ নাই, যথা তথা ঠাঁই, সিদ্ধিতে নিপুণ দড়॥"—অ, ম। এখানে গুণ=সত্বাদি ত্রিগুণ, (২) ক্ষমতা। যথা তথা ঠাঁই=আশ্রয়শূন্য, (২) সর্ব্বব্যাপী। সিদ্ধি=সাফল্য, (২) ভাঙ।

ব্যাট [ট্] [ইং—bat] বি, খেলায় আঘাত দ্বারা কন্দুক দূরে ফেলিবার কাষ্ঠদণ্ডবিশেষ। ব্যাটবলখেলা—দণ্ড ও কন্দুকের ক্রীড়া। ব্যাটমবল—[ইং—bat and ball সংক্ষেপে] দণ্ড ও কন্দুক।

ব্যাটা—বেটা দ্রঃ।

ব্যাটারি [ইং—battery] বি, তড়িৎ সঞ্চালক যন্ত্রবিশেষ; তাড়িতযন্ত্র। ২। যন্ত্রসমষ্টি। ৩। কামান শ্রেণী ও তাহা পরিচালনে নিযুক্ত গোলন্দাজ সৈন্য ও অশ্বব্যূহ।

ব্যাড়ি [ব্যাড়+ই (ণ্—অপত্যার্থে)] বি, পুং, শব্দকোষ ও ব্যাকরণকার মুনিবিশেষ।

ব্যাণ্ড (ব্যান্ড্) [ইং—band] বি, ঐক্যতান বাদ্য-বাদকের দল। ব্যাণ্ডমাষ্টার—ব্যাণ্ডবাদক দলের নেতা বা শিক্ষক।

ব্যাদড়া (দ্) [প্রাদে। বদ (মন্দ) আড়া] বিণ, দুষ্ট; দুর্ব্বিনীত; অশিষ্ট। প্র—"ধাওড়া ভাওড়া ব্যাদড়া বরে।"—বঙ্গসুন্দরী।

ব্যাদান (ন্) [বি—আ—দা (দানে বিস্তারে)+অন (ট্—ভাবে)] বি, ক্লী, বিস্তার। ২। উদ্‌ঘাটন। বিণ, ব্যাদিত।

ব্যাধ (ধ্) [প্রা-বাং-পদ্যে—বেয়াধ। ব্যধ্ (পীড়ন করা, বধ করা)+অ (ণ্—কর্ত্তৃ)] বি, পুং, মৃগ-পক্ষী-বধকারী জাতি; শবর; কিরাত। প্র—"ব্যাধের ছেলে পাখী মারে।"—রামপ্রসাদ। ২। হিংসক।

ব্যাধি [সং। প্রা-বাং-পদ্যে—বেয়াধি] বি, পুং, পীড়া; রোগ। প্র—"হইলে অসাধ্য ব্যাধি—দাশরথি। "বেয়াধি কেমনে ছুটে।"—চণ্ডীদাস। ২। [কাব্যালঙ্কারে] নায়কের দশাবিশেষ। বিণ, ব্যাধিত।

ব্যান (ন্) [সং] বি, পুং, শরীরস্থ পঞ্চবায়ুর অন্যতম; সমস্ত শরীরব্যাপী যে বায়ু।

ব্যানে [রূপান্তরে বেনে, মেনে] অ, সন্দেহে; সঙ্কোচে; ভয়ে ভয়ে। প্র—"সদাই সন্দ মনে তাইতে ব্যানে কিছু বলি বলি বলিতে নারি।"—গান।

ব্যাপক (ব্যাপক্) [বি—আপ্ (ব্যাপ্ত করা)+অক (কর্ত্তৃ)] বিণ, ব্যাপনশীল; কালব্যাপী; স্থানব্যাপী। ২। আচ্ছাদক। ৩। দীর্ঘ। ৪। [ন্যায় দর্শনে] স্বাধিকরণ বৃত্তি; বস্তুর অপরিহার্য্য নিজস্ব ধর্ম্ম। স্ত্রী, ব্যাপিকা। ব্যাপকন্যাস—তন্ত্রানুমোদিত সর্ব্বাঙ্গব্যাপক ন্যাসবিশেষ।

ব্যাপা [বি—আপ্ (ব্যাপ্ত করা) ধাতু+আ (বাং—ক্রিয়া-বিভক্তি)। উ-পু—ব্যাপি; ম-পু—ব্যাপ; প্র-পু—ব্যাপে। অস-ক্রি—ব্যাপিতে; ব্যাপিয়া। ণিজন্ত—ব্যাপান] ক্রি, ব্যাপ্ত করা; স্থানে বিস্তৃত হওয়া; স্থান জুড়িয়া অবস্থান করা। বি, ব্যাপন। বিণ, ব্যাপী—ব্যাপক; ব্যাপ্তিশীল। ২। আবরক। স্ত্রী, ব্যাপিনী। ব্যাপ্য—ব্যাপন-যোগ্য; প্রসার্য্য। ২। বি, হেতু।

ব্যাপার (র্) [সং] বি, ক্রিয়ানুষ্ঠান। ২। ঘটনা। ৩। ব্যবসায়; বাণিজ্য। প্র—"প্রাণধন বিদ্যালাভ ব্যাপারের তরে"—অ, ম। ৪। অভ্যাস; অনুশীলন। ৫। নিয়োগ। বিণ, ব্যাপারী—ব্যবসায়ী।

ব্যাপৃত [বি—আ—পৃ (পূর্ণ করা)+ত (কর্ম্মে, ক্ত)] বিণ, নিযুক্ত; নিয়োজিত। স্ত্রী, ব্যাপৃতা।

ব্যাপ্তি [বি—আপ্—তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, বিস্তৃতি; প্রসার। ২। অণিমাদি বিভূতির অন্যতম; বিভূতি; সর্ব্বত্রাবস্থিতিরূপ ঐশ্বর্য্য-বিশেষ। ৩। [দর্শনে] বস্তুর সহজ ধর্ম্ম যথা—জলের তারল্য এবং শৈত্য, অগ্নির উত্তাপ এবং ঔজ্জ্বল্য। ৪। [বৈজ্ঞাঃ পরিঃ] স্থান ব্যাপকতা-রূপ জড়পদার্থের ধর্ম্ম। ৫। প্রসিদ্ধি। ৬। আবরণ; বেষ্টন। বিণ, ব্যাপ্ত।

ব্যাবর্ত্তন্ (ন্) [বি—আ—বৃৎ (আবর্ত্তন করা)+অন (ভাবে)] বি, ব্যাস পরিভ্রমণ; আবর্ত্তন; rotation বিণ, ব্যাবর্ত্তিত।

ব্যাভার (র্) [সং—ব্যবহার শব্দজ] বি, ব্যবহার; আচরণ। প্র—"এমত ব্যাভার না বুঝি তাহার পিরীতি যাহার সনে।"—চণ্ডী-দাস। ২। প্রয়োগ। ৩। অভ্যাস।

ব্যাম (ম্) [বি—আ—মা (পরিমাণে)+অ (ভাবে)] বি, পুং, বিস্তৃত বাহুদ্বয়ের এক বাহুর অঙ্গুলির অগ্রভাগ হইতে অপর বাহুর অঙ্গুলির অগ্রভাগ পর্য্যন্ত দীর্ঘ পরিমাণ; বাঁও।

ব্যামোহ [গ্রা, সংক্ষেপে, ব্যামো—বি—আ—মুহ্ (মুগ্ধ করা)+অ (ভাবে)] বি, পুং, মোহ; চিত্তবৈকল্য। প্র—"বল বাপু নারদ ব্যামোহ পাইলে কেনে।"—শিবায়ন। ২। ব্যাধি।

ব্যায়াম (ম্) [বি—আয়াম] বি, পুং, বিশেষ-রূপ অঙ্গ সঞ্চালন; শ্রমসাধন ব্যাপার; কুস্তী। ২। দুর্গম স্থানে ভ্রমণ। ৪। ব্যাম; বাঁও।

ব্যারিষ্টার (র্) [ইং—barrister.] বি, বি, উচ্চ শ্রেণীর ব্যবহারাজীব; কৌন্সলী।

ব্যাল (ল্) [সং] বি, সর্প। প্র—"নিন্দিত মৃণাল ভুজ দেখি ব্যাল বিলে প্রবেশিল লাজে।"—কাশী-মহা। ২। দুর্দ্দান্ত হস্তী। ৩। শ্বাপদ; চিতাবাঘ। স্ত্রী, ব্যালী। ব্যালগ্রাহ, গ্রাহী—সাপুড়ে। ব্যাল জিহ্বা—সাপের জিহ্বা।

ব্যালোল (ল্) [বি—আ—লুল্ (চঞ্চল হওয়া)+অ (ঘঞ্—ভাবে)] বি, পুং, চঞ্চল; ব্যাকুল; আকুল। প্র—"ব্যালোল গন্ধে ভ্রমর।"—কাশী-মহা।

ব্যাবর্ত্তন (ন্) [বি—আ—বৃৎ (আবর্ত্তন করা) ণিচ্=বর্ত্তি (আবর্ত্তন করান)+অন (ট্—ভাবে)] মুখ ফেরা; বিমুখ হওয়া; ফেরান। বিণ, ব্যাবর্ত্তিত।

ব্যাবহারিক (ক্) [ব্যবহার (দ্রঃ)+ইক] বিণ, পরস্পর আদান প্রদান সম্বন্ধীয়। ২। আইন সংক্রান্ত। ৩। বি, আইনজ্ঞ। ৪। বিচারপতি। ৫। মন্ত্রী।

ব্যাবৃত্ত [বি—আ—বৃৎ (বর্ত্তমান থাকা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, নিরাকৃত। ২। নিবারিত। ৩। খণ্ডিত; অংশীকৃত। ৪। আবৃত। বি, ব্যাবৃত্তি।

ব্যাস (শ্) [বি—অস্ (বিভাগে)] বি, বিভাগ। ২। বৃত্তের কেন্দ্র ভেদ করিয়া উভয় পার্শ্বে যে সরল রেখা পরিধি স্পর্শ করে; diameter. ৩। [বেদবিভাগ কর্ত্তা বলিয়া] মৎস্যগন্ধা নাম্নী ধীবর কন্যার গর্ভে ও পরাশর মুনির ঔরসে জাত মুনি; কৃষ্ণদ্বৈপায়ন। ৪। সমস্ত পদের সমাস বিচ্ছেদ। ব্যাসকূট—বেদব্যাসের রচনার মধ্যে দুর্ব্বোধ্য শ্লোক। ব্যাসপীঠ, ব্যাসপিঁড়ী—পুরাণ পাঠকের বেদী; কথকের আসন। ব্যাসার্দ্ধ—ব্যাসের অর্দ্ধাংশ; a radius.

ব্যাহত [বি—আহত] বিণ, নিবারিত। ২। বিফলীকৃত।

ব্যাহৃতি [সং] বি, স্ত্রী, গায়ত্রী; "ভূঃ, ভুবঃ, স্বঃ" আদি মন্ত্র। ২। উক্তি। বিণ, ব্যাহৃত।

ব্যুৎক্রম (ম্) [বি—উৎ (বিপরীত) ক্রম (নিয়ম)] বি, পুং, ক্রমবিপর্য্যয়; ক্রম-

বৈপরীত্য। ব্যতিক্রম; অনিয়ম। বিণ. ব্যুৎক্রান্ত।

ব্যুত্থান (ব্যুৎথান্) [বি (বিশেষরূপে উত্থান] বি, হঠাৎ উত্থান। ২। অভ্যুন্নতি ৩। স্বাধীনভাবে কার্য্যকরণ। ৪। বিপক্ষতা ৫। [যোগশাস্ত্রে] সমাধিভঙ্গের কাল। ৬ অবরোধ। ৭। নৃত্যবিশেষ।

ব্যুৎপত্তি (ব্যুৎপোৎতি) [বি—উৎপত্তি] বি, স্ত্রী, শাস্ত্রে বিশেষসংস্কার। ২। বিশেষ-উৎপত্তি। ৩। জ্ঞান; বোধ। ৪। [ব্যাকরণে] শব্দের প্রকৃতি প্রত্যয়াদি বিভাগ। বিণ, ব্যুৎপন্ন—শাস্ত্রজ্ঞানসম্পন্ন। ২। [ব্যাকরণে প্রকৃতি প্রত্যয়াদি সাহায্যে উৎপন্ন।

ব্যুৎপাদক (ক্) [বি—উৎপাদক] বিণ, ব্যুৎপত্তিকর; সংস্কারজনক।

ব্যুৎপাদিত [বি—উৎপাদিত] বিণ, ব্যুৎপন্ন; প্রকৃতি প্রত্যয়াদি সাহায্যে উৎপাদিত। বি, ব্যুৎপাদন। বিণ, ব্যুৎপাদ্য।

ব্যূঢ় (বুড়্হ) [বি—বহ (বহন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বাহিত। ২। বিবাহিত। ৩। বিস্তৃত। ৪। স্থূল। ৫। স্ফীত। ৬। বিন্যস্ত। ৭। উত্তম। বি, স্ত্রী, ব্যূঢ়ি।

ব্যূহ [সং] বি, সৈন্য সমাবেশ; সৈন্যদলকে শৃঙ্খলাপূর্ব্বক সজ্জিত করণ। ২। সেনাসমূহ। ৩। নির্ম্মাণ; গঠন। ৪। দেহ। বিণ, ব্যূহিত—ব্যূহাকারে বিন্যস্ত।

ব্যোম (ম্) [ব্যে (আচ্ছাদন করা)+মন্—কর্ত্তৃ (নিপাতন)=ব্যোমন্ ১মা, ১ব] বি, ক্লী, অম্বর; শূন্য; আকাশ। ২। অনিল। ৩। জল। ৪। [তাসখেলায়] ব্যোমছক্কা; চারখানি কাগজের উপর ছক্কা অর্থাৎ সমস্ত পিট লইয়া বিপক্ষকে হারাইলে এক সঙ্গে যে ছক্কা পঞ্জা ধরা হয়। প্র—"এক তুরুপে টেক্কা মেরে ব্যোম করে বসেছে"—হেম বন্দ্যো। ব্যোমকেশ—[ব্যোমক (দেব) তাহাদের ঈশ] মহাদেব। প্র—"ভব সর্ব্ব ব্যোমকেশ বিশ্বনাথ প্রমথেশ"—অ-ম। ব্যোমচর, ব্যোমচারী—বিণ, গগনবিহারী। ২। বি, দেবতা। ৩। গ্রহ নক্ষত্রাদি। ৪। পক্ষী। ব্যোমযান—আকাশগামী রথ; বিমান। প্র—"ব্যোমযানে লঘুগতি আইল নীলাম্বর"—কবিক। ২। বেলুন, এয়ারোপ্লেন, জেপলিন প্রভৃতি।

ব্রজ (ব্রো) [ব্রজ্ (গমনে)] বি, গমন। ২। পথ। ৩। গোষ্ঠ। ৪। সমূহ। ৫। পৌরাণিক শূরসেন দেশের একাংশ। আধুনিক মথুরার অন্তর্গত গোকুলগ্রাম। প্র—"আসিবে কি ব্রজে পুনঃ রাধিকারত্ন।"—মাইকেল। ব্রজ-কামিনী,—গোপী,—নারী,—বধূ,—বালা,—রমণী—ব্রজাঙ্গনা; গোপনারী। প্র—"আর কি পরিবে কভু ফুলহার ব্রজ-কামিনী"?—মাইকেল। ব্রজকিশোর, —গোপাল, —নাথ, —বল্লভ,—বিনোদন, —বিলাসী, —মোহন,—রমণ, —রাজ—, —সুন্দর—শ্রীকৃষ্ণ। ব্রজকিশোরী, —বিনোদিনী,—বিলাসিনী, —সুন্দরী— শ্রীরাধিকা ব্রজধাম—গোকুল; বৃন্দাবন। ব্রজপ্রেম —বি, যে সখ্য বাৎসল্যাদি ভাবপূর্ণ বিশুদ্ধ প্রেমে ঈশ্বরকে ঐশ্বর্য্যময় ভগবান বলিয়া কোন সম্ভ্রম থাকে না। প্র—"যুগধর্ম্ম প্রবর্ত্তন হয় অংশ হৈতে। আমা বিনা অন্যে নারে ব্রজপ্রেম দিতে॥"—চৈতন্যচরিতামৃত। ব্রজবাসী-বৃন্দাবনবাসী; ব্রজমণ্ডলের অধিবাসী। ২। মথুরা বৃন্দাবনের পাণ্ডা। স্ত্রী, ব্রজবাসিনী। ব্রজভাব—মাধুর্য্যভাব। প্র—"ব্রজভাব পাইতে নাহি শক্তি"—চৈ-চরিত। ব্রজ-মণ্ডল—মথুরামণ্ডল। অগ্রবন (আগ্রা) ইহার অন্তর্গত। ব্রজলীলা—গোকুলে শ্রীকৃষ্ণের বাল্যলীলা।

ব্রজবুলি (ব্রোজোবুলি) বি, "'বৃজ্জি' নামক মিথিলার ক্ষত্রিয় বংশের ভাষা * * * ব্রজ-বুলি পবিত্র ব্রজভূমির ভাষা নহে।"—বঙ্গভাষা ও সাহিত্য। বিহারী ভাষার একটি প্রধান শাখা, ইহা মিথিলার ১,০৩,৮৭,৮৯৮ লোকের ভাষা, মৈথিলীর অনুকরণে ও বাঙ্গালার মিশ্রণে উৎপন্ন। বিদ্যাপতি এই ভাষার সুপ্রসিদ্ধ কবি। ইঁহার অনুকরণে চণ্ডীদাস, জ্ঞানদাস এবং আধু-বাং-য় বঙ্কিমচন্দ্র রবীন্দ্রনাথ-প্রমুখ অনেক বাঙ্গালী কবিও ব্রজবুলির মিশ্রণে বহু পদ রচনা করিয়াছেন। প্র—'ব্রজবুলি বঙ্গ সাহিত্যের বহু পৃষ্ঠা জুড়িয়া আছে।"—বঙ্গভাষা ও সাহিত্য। [দ্রঃ—"* * বিহারী ভাষা যদ্যপি হিন্দী সে বহুত্ কুছ্ মিল্তী জুল্তী হৈ তথাপি বহ্ উসকী শাখা নহী। বহ্ বংগ্লাসে অধিক সম্বন্ধ রখ্তী হৈ; হিন্দী সে কম্। * * * বিহারী ভাষাকে অন্তর্গত পাঁচ বোলিয়াঁ হৈঁ। * মৈথিলী * * * ইস্ ভাষামে বিদ্যাপতি ঠাকুর বহুত প্রসিদ্ধ কবি হুএ।—হিন্দী ভাষা কী উৎপত্তি]।

ব্রজভাষা (ব্রোজো) বি, হিন্দীভাষার শাখাবিশেষ। গঙ্গা যমুনার মধ্যবর্ত্তী, ও তাহার দক্ষিণ ও দিল্লী হইতে এটাওয়া (Etawah) পর্য্যন্ত প্রদেশের দেশভাষা। প্রাচীন মথুরার নাম ছিল শূরসেন; তাহারই এক অংশকে ব্রজ বলিত। তথাকার ভাষার নাম ব্রজভাষা। [শ্রীযুক্ত মহাবীর প্রসাদ দ্বিবেদী মহাশয় তাঁহার "হিন্দী ভাষা কী উৎপত্তি" নামক গ্রন্থে লিখিয়াছেন,—"গংগা যমুনা কে বীচকে মধ্যবর্ত্তী প্রান্ত মে, ঔর উসকে দক্ষিণ, দেহ্লী সে ইটাবে তক্ ব্রজভাষা বোলী জাতী হৈ। গুড়্গাঁবা ঔর্ ভরতপুর, কেরোলী ঔর গব্বালিয়র কী রিয়াসতোঁ মে ভী ব্রজভাষাকে বোলনেবালে হৈঁ। পুরাণে জমানেমে শূরসেন দেশকে এক ভাগ কা নাম থা ব্রজ। উসীকে নামানুসার ব্রজভাষা কা নাম হুআ হৈ। * * * কন্নৌজী, ব্রজভাষা সে বহুত্ কুছ মিলতী জুলতী হৈ] ব্রজভাষার সহিত ব্রজবুলির বিশেষ সম্বন্ধ নাই, ব্রজবুলি স্বতন্ত্র ভাষা; উহা মৈথিল ও বাঙ্গালা ভাষার মিশ্রণে উৎপন্ন। সুরদাস, বিহারী প্রভৃতি ব্রজভাষার প্রসিদ্ধ কবি (ব্রজবুলি দ্রঃ)।

ব্রজাঙ্গনা (ব্রোজাংগনা) [ব্রজের অঙ্গনা (নারী)] বি, স্ত্রী, ব্রজকামিনী; গোপনারী। প্র—"ব্রজাঙ্গনাগণ-সঙ্গে সদা রাস-রস-রঙ্গে নৃত্য গীত বাদ্য নানামত।"—অ, ম।

ব্রজেন্দ্র, ব্রজেশ্বর (ব্রো, ব্রোজেশ্শর্) [ব্রজের ইন্দ্র, ঈশ্বর, ৬তৎ] বি, শ্রীকৃষ্ণ। স্ত্রী, ব্রজেশ্বরী—শ্রীরাধিকা।

ব্রণ (ব্রোন) [ব্রণ্ (ক্ষত করা)+অ (ল, ভাবে)] বি, পুং, ক্লী, স্ফোটক; ফোড়া। ২। ক্ষত; ঘা। বিণ, ব্রণিত—ব্রণবিশিষ্ট। ব্রণগ্রন্থি—ক্ষত ঘা; sore. ব্রণশোথ —স্ফোটক; abscess. ব্রণরহিত—বিণ, অব্রণ; অক্ষত; রোগ বা যন্ত্রণাহীন। প্র—"তিনি সর্ব্বব্যাপী, নির্ম্মল, নিরবয়ব শিরা ও ব্রণ রহিত"—উপনিষৎ।

ব্রত (ব্রো) [বৃ (প্রার্থনা করা)+অত (চ্ কর্ম্মে); গ্রাম্য—বর্ত্ত। প্র—"মায়ে ঝিয়ে বর্ত্ত করে, যার যার বর সেই সেই মাগে"—সা-প-পত্রিকা। বি, পুং-ক্লী, স্বর্গসুখ, ধনাদি কামনায় নিয়মিত পুণ্যকর্ম্মের অনুষ্ঠান; পাপ-ক্ষয়কর কর্ম্ম; তপস্যা। ২। নিয়ম; সংযম। ৩। [বৈদিক অর্থে] কাজ কর্ম্ম। (২) শাসন। বিণ, ব্রতী—ব্রতধারী; ২। তপস্বী। ৩। যজমান। স্ত্রী, ব্রতিনী। ব্রত-দাস—দেবদাস; ইষ্ট দেবতার পূজা প্রচার প্রণালীর নিয়মপালক। প্র—"হয়ে মোর ব্রত-দাস, মোর পূজা পরকাশ, মরত ভুবনে গিয়া কর।"—অ, ম। ব্রতধারী—ব্রতী। স্ত্রী, ব্রতধারিণী। ব্রতস্নাতক—ব্রহ্মচর্য্যাশ্রমের কর্ত্তব্যপালনকারী ব্রাহ্মণ। ব্রতোপবাস—ব্রতের নিয়মানুসারে উপবাস।

ব্রততি,—তী (ব্রোতোতি) [প্র—তন্ (বিস্তৃত হওয়া)+তি (ভাবে—ক্তি) প্র=ব্র] বি, স্ত্রী, বিস্তার; বিস্তৃতি। ২। বল্লী;

লতা। প্র—"হায় নাথ, গহন কাননে, ব্রততী বাঁধিলে সাধে করিপদ"—মেঘনাদ।

ব্রতামৃত (ব্রোতাম্‌মৃত) [প্রা-বাং। মর্ত্তমান দ্রঃ] বি, মর্ত্তমান কলা।

ব্রতাদেশ (ব্রোতাদেশ্‌) বি, উপনয়ন সংস্কার।

ব্রধ্ন (ব্রোধ্‌ন্‌) [বৃধ্‌ [বৃদ্ধি পাওয়া) + ন (ক্‌—কর্ত্তৃ), বৃ = ব্র] বি, পুং, ব্রহ্মা। ২। সূর্য্য। ৩। শিকড়। **ব্রধ্নপাদ**—সূত্র অথবা বৃক্ষের শিকড়াকৃতি শ্লেষ্মার স্থায় ক্ষুদ্র জীব।

ব্রহ্ম (ব্রোম্‌হোঁ) [বৃন্‌হ্‌ (বৃদ্ধি পাওয়া, দীপ্তি পাওয়া) + মন্‌ (কর্ত্তৃ) = ব্রহ্মন্‌—১মা, ১ব। —যিনি স্বীয় তেজঃ বা জ্যোতিঃ দ্বারা তমসাচ্ছন্ন দিঙ্মণ্ডল আলোকিত করিয়া স্থাবরজঙ্গমাত্মক বিশ্বরূপে প্রকাশ পাইয়াছেন ; যিনি মনুষ্যাদি বৃদ্ধি করিয়াছেন] বি, ক্লী, (বেদে) পরম পুরুষ ; বিরাট পুরুষ ; এক অদ্বিতীয় অনাদি, অনন্ত পুরুষ ; পরমেশ্বর ; পরব্রহ্ম। ২। (পুরাণে) পুং, ব্রহ্মা ; চতুরানন। [দ্রঃ—ব্রহ্ম ও ব্রহ্মার অর্থে সাধারণ সাহিত্যে কোন প্রভেদ লক্ষিত হয় না কিন্তু হিন্দুর ধর্ম্মতত্ত্বের পরিভাষায় ব্রহ্ম বিশ্বআত্মা, আদি কারণ, নিরালম্ব, নির্ব্বিকার ; কিন্তু ব্রহ্মাদির উৎপত্তি লয় বা জন্ম মরণ দুই আছে। অর্থ নিম্নোদ্ধৃত ভাষায় স্পষ্ট হইবে, যথা—"কত চতুরানন, মরি মরি যাওত ন তুয়া আদি অবসানা। তোহে জনমি পুন, তোহে সমাওত, সাগরী লহরী সমানা।"—বি, প। ৩। বিধাতা। ৪। ব্রহ্মতেজঃ। ৫। বেদ। ৬। বেদমন্ত্র। ৭। বেদজ্ঞান। ৮। তপস্যা। ৯। তত্ত্ব। ১০। যোগবিশেষ। ১১। ধর্ম্মশাস্ত্রপ্রয়োজক ঋষি। ১২। ব্রাহ্মণ। ১৩। পুরোহিত। ১৪। এক সংখ্যার বাচক ; ১। প্র—"বেদ লয়ে ঋষি রসে ব্রহ্ম নিরূপিল। সেই শকে এই গীত ভারত রচিল॥" (=১৬৭৪ শকাব্দা)।—অ, ম। **ব্রহ্মনির্ব্বাণ**—পরমাত্মায় লীন হওন। **ব্রহ্মবন্ধু**—হীন ব্রাহ্মণ। **ব্রহ্মবিদ্যা**—ব্রহ্মজ্ঞানপ্রতিপাদক শাস্ত্র। **ব্রহ্মযজ্ঞ**—বেদাধ্যয়ন। **ব্রহ্মরূপ**—পরমাত্মার স্বরূপ ; পরব্রহ্ম। স্ত্রী, **ব্রহ্মরূপা**—পরমাত্মিকা। প্র—"ব্রহ্মরূপা তুমি"—অ, ম। **ব্রহ্মলোক**—ভূর্ভুবাদি সপ্ত লোকের উপরিস্থিত লোক ; ব্রহ্মার ভুবন। **ব্রহ্মসাযুজ্য**—ব্রহ্মত্ব।

ব্রহ্মঘ্ন (ব্রোম্‌হঁঘ্‌ন) [ব্রহ্ম—হন্‌ (বধ করা) অ (টক্‌—কর্ত্তৃ) হ = ঘ] বিণ, ব্রাহ্মণবধকারী ; ব্রাহ্মণঘাতক ; ব্রহ্মহা।

ব্রহ্মচর্য্য (ব্রোম্‌হোঁচোর্‌জো) বি, ক্লী, ব্রহ্মচারীর করণীয় ব্রত। ২। অষ্টবিধ মৈথুনাভাব।

ব্রহ্মচারি (ব্রোম্‌হঁ) [ব্রহ্ম (বেদ) চর্‌ + ইন্‌ (ণিন্‌, কর্ত্তৃ)] বি, পুং, উপনয়নের পর যে ব্রাহ্মণ গুরু-গৃহে থাকিয়া বেদাধ্যয়ন করে। স্ত্রী, **ব্রহ্মচারিণী**—ব্রহ্মচর্য্যব্রতাবলম্বিনী। ২। দুর্গা।

ব্রহ্মজীবী (ব্রোম্‌হোঁ) [ব্রহ্ম (বেদ) জীবী] বিণ, বৈদিক ক্রিয়া কর্ম্ম দ্বারা জীবিকা নির্ব্বাহকারী। ২। পারিশ্রমিক লইয়া বেদাধ্যাপনাকারী। ৩। হীন ব্রাহ্মণ।

ব্রহ্মজ্ঞ (ব্রোম্‌হোঁগ্‌গোঁ) [ব্রহ্ম—জ্ঞ (যে জানে)] বিণ, ব্রহ্মজ্ঞানী ; পরমাত্মতত্ত্বজ্ঞ। ২। বেদবিৎ। ৩। ঋষি।

ব্রহ্মজ্ঞান (ব্রোম্‌হোঁগ্‌গ্যাঁন্‌) বি, পরমাত্মবোধ ; আত্মতত্ত্ববোধ। ২। বেদজ্ঞান। বিণ, **ব্রহ্মজ্ঞানী**—ব্রহ্মজ্ঞ। ২। ব্রাহ্ম।

ব্রহ্মডাঙ্গা (ব্রোম্‌হঁ) বি, ব্রহ্মশাপদগ্ধ ভূমি। ২। বৃক্ষবারিহীন উষর ভূমি। ৩। উচ্চ ভূমি।

ব্রহ্মডিম্ব (ব্রোম্‌হঁ) বি, ব্রহ্মাণ্ড। প্র—"স্থল থল কুল কুল ব্রহ্মডিম্ব ফুটিছে"—অ, ম।

ব্রহ্মণ্য (ব্রোম্‌হোঁনন্নো) [ব্রহ্মন্‌ + য] বিণ, ব্রহ্ম বা ব্রাহ্মণ সম্বন্ধীয়। ২। নারায়ণ। ৩। ব্রহ্মতেজঃ। ৪। শনিগ্রহ। ৫। [বৈদ্যকে] ব্রহ্মদারু বৃক্ষ। (২) মুক্ত ঘাস। (৩) তুঁত-গাছ। **ব্রহ্মণ্যদেব**—নারায়ণ।

ব্রহ্মতাল (ব্রোম্‌হোঁতাল্‌) বি, চতুর্ম্মুখ তাল।

ব্রহ্মতালু (ব্রোম্‌হোঁতালু) [প্রা—বেম্মতেলো] বি, ব্রহ্মরন্ধ্র স্থান ; মাথার চাঁদি।

ব্রহ্মতীর্থ (ব্রোম্‌হঁ) বি, পুষ্কর তীর্থ। ২। অঙ্গুষ্ঠের মূলদেশ।

ব্রহ্মতেজঃ (ব্রোম্‌হঁতেজ্‌) বি, ব্রহ্মজ্ঞান জনিত তেজ ; ব্রহ্মণ্য ; ব্রহ্মাগ্নি।

ব্রহ্মত্ব (ব্রোম্‌হোঁৎত) [ব্রহ্মন + ত্ব (ভাবে)] ব্রহ্মের ভাব। ২। ব্রহ্মসাযুজ্য।

ব্রহ্মত্র (ব্রোম্‌হোঁৎত্র) ব্রহ্মোত্তর দ্রঃ।

ব্রহ্মদৈত্য (ব্রোম্‌হোঁদৈৎত) [প্রা, বেম্মদত্তি] বি, প্রেতযোনি প্রাপ্ত ব্রাহ্মণ : ব্রহ্মরাক্ষস।

ব্রহ্মনাভ (ব্রোম্‌হোঁনাভ্‌) [ব্রহ্মার নাভি হইতে জন্ম বলিয়া] বি, পুং, বিষ্ণু।

ব্রহ্মপাদপ (ব্রোম্‌হোঁপাদপ্‌) বি, পুং, পলাশ গাছ। ইহার পত্রের নাম "ব্রহ্মপত্র"।

ব্রহ্মপিশাচ (ব্রোম্‌হোঁপিশাচ্‌) বি, পুং, ব্রহ্মদৈত্য ; ব্রহ্মরাক্ষস। প্র—"বিশ্ব বিটপে ব্রহ্ম পিশাচ"—হেম বন্দ্যো।

ব্রহ্মপুত্র (ব্রোম্‌হোঁপুৎত্র) বি, পুং, বঙ্গদেশের পূর্ব্বাঞ্চলস্থ প্রসিদ্ধ নদ। ২। তীর্থবিশেষ। স্ত্রী, **ব্রহ্মপুত্রী**—সরস্বতী নদী।

ব্রহ্মবিদ্‌ (ব্রোম্‌হোঁ) বিণ, ব্রহ্মজ্ঞানী ; ব্রহ্মজ্ঞ।

ব্রহ্মবেদি (ব্রোম্‌হোঁ) বি, স্ত্রী, কুরুক্ষেত্রের অন্তর্গত দেশবিশেষ।

ব্রহ্মবাদ (ব্রোম্‌হঁবাদ্‌) বি, পুং, ব্রহ্মবিষয়ক মীমাংসা। ২। বেদাধ্যয়ন। বিণ, **ব্রহ্মবাদী**। স্ত্রী, **ব্রহ্মবাদিনী**—বেদমাতা। ২। ব্রহ্মজ্ঞানলব্ধা নারী।

ব্রহ্মবৈবর্ত্ত (ব্রোম্‌হোঁ) বি, অষ্টাদশ মহাপুরাণের অন্তর্গত পুরাণবিশেষ।

ব্রহ্মময় (ব্রোম্‌হোঁ) [ব্রহ্মন্‌—ময়ট্‌ (পূর্ণার্থে)] বিণ, ব্রহ্মাত্মক। প্র—"সকল জগৎ ব্রহ্মময়"—সত্যেন্দ্র দত্ত। স্ত্রী, **ব্রহ্মময়ী**—ব্রহ্মস্বরূপা।

ব্রহ্মরন্ধ্র (ব্রোম্‌হোঁ) বি, ব্রহ্মতালুমধ্যস্থ ছিদ্র-পথ। ব্রহ্মস্থিতিস্থান ; ব্রহ্মতালু। প্র—"হিঙ্গুলায় ব্রহ্মরন্ধ্র ফেলিল কেশব।"—অ, ম।

ব্রহ্মরাক্ষস (ব্রোম্‌হোঁরাক্‌খস্‌) বি, শিবের গণবিশেষ। ২। প্রেতযোনিপ্রাপ্ত ব্রাহ্মণ ; ব্রহ্ম পিশাচ। প্র—"গজমুণ্ড কমণ্ডলু হাত এ তাহার। কুম্ভকার চক্র হেন কর্ণে পরে হার॥ উচ্চতর কপালে বিকট দশন। ব্রহ্ম রাক্ষসের হেন বচন শুনিয়া।"—মহা (শ্রীকর)।

ব্রহ্মর্ষি (ব্রোম্‌হোঁরৃষি) [ব্রহ্মন্‌—ঋষি] বি, পুং, ব্রাহ্মণ ঋষি। **ব্রহ্মর্ষি দেশ**—কুরুক্ষেত্র, মৎস্য, পঞ্চাল, শূরসেন।

ব্রহ্মশিরঃ, ব্রহ্মশিরা (ব্রোম্‌হোঁ) বি, ব্রহ্মতেজঃপূর্ণ অস্ত্রবিশেষ। ইহা বায়ু বাণের প্রতিষেধক ছিল বলিয়া অনুমিত হয়। প্র—"বক্রবাহাএ বায়ুবাণ এড়িল জখন। বৃষকেতু ব্রহ্মশিরা এড়ে ততক্ষণ॥"—মহা (শ্রীকর)।

ব্রহ্মসঙ্গীত (ব্রোম্‌হঁশোংগীত্‌) বি, ব্রহ্মোপাসনা মূলক সঙ্গীত। প্র—"রাজা রামমোহন রায় এই যুগের প্রথম পথপ্রদর্শক ; ইনিই প্রথমত ব্রহ্ম সঙ্গীত রচনা করেন।"—বাং-গান (ভূমিকা)।

ব্রহ্মসাবর্ণি (ব্রোম্‌হোঁশাবোর্নি) বি, পুং, দশম মনু।

ব্রহ্মসূত্র (ব্রোম্‌হোঁশুত্‌ত্র) বি, যজ্ঞসূত্র ; পৈতা।

ব্রহ্মস্ব (ব্রোম্‌হোঁশ্‌শ) বি, ব্রাহ্মণের সম্পত্তি।

ব্রহ্মহত্যা (ব্রোম্‌হঁহোৎত্যা) বি, ব্রাহ্মণ-বধ। প্র—"তিন দিন ব্যাসেরে দিয়াছ উপবাস। ব্রহ্মহত্যা হইবে ইহাতে নাহি ত্রাস॥"—অ, ম।

ব্রহ্মহা (ব্রোম্‌হোঁহা) বিণ, ব্রাহ্মণ হত্যাকারী।

ব্রহ্মহুত (ব্রোম্‌হো) বি, অতিথি সেবা।

ব্রহ্মা (ব্রোম্‌হাঁ) [ব্রহ্মন্‌ শব্দ। বেদে সাধাঃ স্তুতিবোধক শব্দ] বি, পুং, স্তুতি। ২। স্তুতি-কারী ; স্তোতা। ৩। কবি। ৪। বিপ্র। ৫। পুরোহিত। ৬। ব্রহ্মনামক জনৈক ঋত্বিক। ৭। ব্রহ্মা, বিষ্ণু, মহেশ্বর এই ত্রিমূর্ত্তির অন্যতম : সৃষ্টিকর্ত্তা ; বিধাতা ; প্রজাপতি। ৮। বেদপ্রবক্তা। স্ত্রী, **ব্রহ্মাণী**—ব্রহ্মার পত্নী ; ব্রহ্মার শক্তি। ২। দেবীবিশেষ। [দ্রঃ—সাধাঃ "সৃষ্টিকর্ত্তা" অর্থে ব্যবহার]। **ব্রহ্মাণ্ড**—বিশ্বগোলক ; জগৎ। **ব্রহ্মাবর্ত্ত**—কুরুক্ষেত্রের

নিকটবর্ত্তী দৃষদ্বতী ও সরস্বতী নদীর মধ্যবর্ত্তী স্থান। **ব্রহ্মারণ্য**—বেদাধ্যয়নস্থান ; বেদপাঠ স্থান। **ব্রহ্মাস্ত্র**—ব্রহ্মতেজোময় অস্ত্র ; ব্রহ্মবাণ। ২। ব্রহ্মশাপ।

ব্রহ্মোত্তর (ব্রোম্‌হোৎতর্) [সং। ব্রহ্ম (ব্রাহ্মণকে) উত্তর (উত্তরণ—দান করা হইয়াছে যাহা)—উপপদ] বি, ব্রাহ্মণকে প্রদত্ত নিষ্কর ভূমি।

ব্রহ্মৌদন (ব্রোম্‌হৌদন্) বি, ক্লী, যজ্ঞকালে ঋত্বিক্‌গণকে প্রদত্ত অন্ন।

ব্রাণ্ডি, ব্র্যাণ্ডি [ইং—brandy] বি, তেজস্কর সুরা। প্র—"ব্যাণ্ডির বোতল।"

ব্রাত্য (ব্রাৎত) [ব্রত+য (ণ্‌—হীনার্থে)] বিণ, সংস্কারহীন ; পতিত। **ব্রাত্যস্তোম**—সংস্কারহীন যজ্ঞ। ২। যজ্ঞবিশেষ।

ব্রাহ্ম (ব্রাম্‌হ) [ব্রহ্মন্+অ] বিণ, ব্রহ্মসম্বন্ধীয়। ২। ব্রহ্মজ্ঞ ; ব্রহ্মজ্ঞানী। ৩। ব্রহ্মোপাসক ; রাজা রামমোহন রায় প্রবর্ত্তিত একেশ্বরবাদী ধর্ম্মসম্প্রদায়বিশেষ। ৪। বিবাহবিশেষ। স্ত্রী, ব্রাহ্মী ; ব্রাহ্মিকা। **ব্রাহ্মধর্ম্ম**—রাজা রামমোহন রায় প্রবর্ত্তিত বেদান্ত প্রতিপাদিত একেশ্বরবাদ। **ব্রাহ্মধর্ম্মবীজ**—ব্রাহ্মধর্ম্মের মূলসূত্র যথা—"পূর্ব্বে কেবল এক পরব্রহ্মমাত্র ছিলেন ; অন্য আর কিছুই ছিল না ; তিনি এই সমুদয় সৃষ্টিকরিলেন। (২) তিনি জ্ঞান স্বরূপ, অনন্ত স্বরূপ, মঙ্গল স্বরূপ, নিত্য নিয়ন্তা, সর্ব্বজ্ঞ, সর্ব্বব্যাপী, সর্ব্বাশ্রয়, নিরবয়ব, নির্ব্বিকার, একমাত্র অদ্বিতীয়, সর্ব্বশক্তিমান, স্বতন্ত্র ও পরিপূর্ণ ; কাহারও সহিত তাঁহার উপমা হয় না। (৩) একমাত্র তাঁহার উপাসনা দ্বারা ঐহিক ও পারত্রিক মঙ্গল হয়। (৪) তাঁহাকে প্রীতি করা এবং তাঁহার প্রিয় কার্য্য সাধন করাই তাঁহার উপাসনা।"—ব্রাহ্মধর্ম্ম। **ব্রাহ্মমন্দির**—একেশ্বরবাদী সম্প্রদায়ের ব্রহ্মোপসনা গৃহ ; ব্রাহ্মসমাজ গৃহ। **ব্রাহ্মসমাজ**—রাজা রামমোহন রায় প্রবর্ত্তিত একেশ্বরবাদী সম্প্রদায়ের ব্রহ্মোপাসনা মন্দির ; ব্রহ্মোপাসকদিগের ধর্ম্মালোচনার্থ মিলন স্থান। বিণ, **ব্রাহ্মসমাজী**।

ব্রাহ্মণ (ব্রাম্‌হন্) [ব্রহ্মন্ (ব্রহ্ম, বেদ) + অণ্ (জ্ঞাতার্থে)] বি, যিনি ব্রহ্মকে জানেন : ব্রহ্মজ্ঞ। ২। দ্বিজশ্রেষ্ঠ ; চতুর্বর্ণের মধ্যে আদি ও প্রধানবর্ণ। ৩। বেদের উপসংহার ভাগ। যাগযজ্ঞের নিয়মাবলী এবং বৈদিক মন্ত্রসমূহ—ক্রিয়া কর্ম্মে প্রযুক্ত হইবে তাহার প্রণালী বিবৃত করিয়া প্রণীত বেদের দুইখানি শাখা—(১ ঐতরেয় ব্রাহ্মণ (মহিদাস ঋষি প্রণীত) এবং (২) কৌষিতকী ব্রাহ্মণ বা সাঙ্খ্যায়ন (কুষিতক ঋষিপ্রণীত)। ৪। [প্রাকৃ—বম্‌হণ ; বাং গ্রা—বামুন] পুরোহিত ; পূজারী-ব্রাহ্মণ ৫। পাচক-ব্রাহ্মণ ; বামুন। ৬। [শর্ম্মা (দ্রঃ) অর্থে গৃহস্থ (বৈদিক নিরুক্তে শর্ম্ম=গৃহ আবার শর্ম্মা ব্রাহ্মণেরই পদবী] বেচারি প্র—আহা ব্রাহ্মণ সমস্ত দিন অপেক্ষা করে ফিরে গেছে (এই অর্থে "গৃহস্থ" শব্দেরও ব্যবহার আছে)। প্র—এক্ষেত্রে গৃহস্থ করে কি, যায় বা কোথা ? স্ত্রী, **ব্রাহ্মণী**—ব্রাহ্মণ পত্নী। ২। ব্রাহ্মণজাতীয়া স্ত্রী। ৩। রন্ধনকারিণী ব্রাহ্মণী। **ব্রাহ্মণচাণ্ডাল**—শাস্ত্র বিগর্হিত কর্ম্মানুষ্ঠানকারী অপকৃষ্ট ব্রাহ্মণ **ব্রাহ্মণপণ্ডিত**—যজন যাজনাদি কর্ম্মকৃৎ ব্রাহ্মণ।

ব্রাহ্মণায়ন (ব্রাম্‌হোনায়ন্) বি, পুং, বিশুদ্ধ কুলোদ্ভব ব্রাহ্মণ ; সুব্রাহ্মণ।

ব্রাহ্মণ্য (ব্রাম্‌হোন্‌নো) বি, ব্রাহ্মণত্ব। ২। ব্রাহ্মণ সমূহ। **ব্রাহ্মণ্যধর্ম্ম**—ব্রহ্মপ্রতিপাদক ধর্ম্ম। ২। ব্রাহ্মণ-প্রাধান্যমূলক ধর্ম্ম ; বর্ণাশ্রমধর্ম্ম।

ব্রাহ্মবিধান (ব্রাম্‌হোঁবিধান্) বি, ব্রাহ্মবিবাহ বিধি। [ব্রাহ্ম বিবাহ দ্রঃ]। প্র—"ব্রাহ্ম বিধানেতে সুখে রামের সংহতি দিলেন সীতার বিয়া"—রামায়ণ (রাজ)।

ব্রাহ্মবিবাহ (ব্রাম্‌হোঁবিবাহ) বি, শাস্ত্রজ্ঞানসম্পন্ন বরকে আহ্বান করিয়া পূজা সহকারে যথানিয়মে কন্যা সম্প্রদান ; ব্রাহ্ম বিধানানুসারে পরিণয় সংস্কার।

ব্রাহ্মমুহূর্ত্ত (ব্রাম্‌হোঁমুহূর্ত) বি, পুং, অরুণোদয়ের প্রথম দণ্ডদ্বয় ; সূর্য্যোদয়ের অব্যবহিত পূর্ব্ববর্ত্তী দুইদণ্ড কাল।

ব্রাহ্মিকা (ব্রাম্‌হিকা) [ব্রাহ্ম দ্রঃ] বি, স্ত্রী, ব্রাহ্মধর্ম্মাবলম্বিনী ; ব্রাহ্মমহিলা। ২। ব্রাহ্মের স্ত্রী। ৩। [বৈদ্যকে] বামনহাটী ক্ষুপ।

ব্রাহ্মী [ব্রাহ্ম (দ্রঃ) + ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, দুর্গা। ২। ব্রহ্মার শক্তি। ৩। সরস্বতী। ৪। মাতৃকাবিশেষ। ৫। রোহিণীনক্ষত্র। ৬। ভাষা। ৭। [বৈদ্যকে] বামনহাটী ক্ষুপ। ৮। পাঁকাল মৎস্য। ৯। হিঞ্চে শাক। ১০। লিপিবিশেষ। **ব্রাহ্মীলিপি**—প্রাচীন বস্তু চিত্র (hieroglyphics) হইতে উৎপন্ন ভারতের প্রাচীন বর্ণমালা। "ইহা এক সময় প্রাচীন ভারতের জাতীয়লিপি ছিল ; কুষাণ, গুপ্ত, প্রাচীন দ্রাবিড়, দেবনাগরী, বাঙ্গালা, তিব্বতী, উড়িয়া, গুরুমুখী, সারদা, সিন্ধী, তেলুগু, তামিল, মালয়ালম, সিংহলী, বর্ম্মী, শ্যামী, কাম্বোজ, মালয়, যবদ্বীপ প্রভৃতি ভারতের ও বহির্ভারতের তাবৎ প্রাচীন ও আধুনিক লিপি এই ব্রাহ্মী বর্ণমালা হইতে উদ্ভূত।"—অশোক অনুশাসন।

ব্রিজ (বৃজ্) [ইং—bridge] বি, সেতু। প্র—হাবড়াব্রিজ, শোণব্রিজ, সারাব্রিজ।

ব্রিটিশ (শ্) [ইং—British] বিণ, গ্রেটব্রিটেন সম্বন্ধীয়। ২। গ্রেটব্রিটেনে উৎপন্ন বা নির্ম্মিত। ৩। ব্রিটেনদ্বীপবাসী।

ব্রীচ্ অফ্ কনট্রাক্ট (ক্ট্) [আদাঃ পরিঃ। ইং—breach of contract] বি, চুক্তি ভঙ্গরূপ অপরাধ।

ব্রীচ্ অভ্ ট্রস্ট (ট্রস্‌ট্) [আদাঃ পরিঃ। ইং, breach of trust] বি, বিশ্বাস ভঙ্গরূপ অপরাধ।

ব্রীড়া (বৃড়া) [ব্রীড়্ (লজ্জিত হওয়া) + অ (ভাবে) আ—স্ত্রী] বি, লজ্জা। প্র—"পরিহরি ব্রীড়া করে কত ক্রীড়া নয়ন খঞ্জন জোর।"—কবিক। "দেখি অন্নদার ক্রীড়া শিবের হইল ব্রীড়া—অ, ম। বিণ, **ব্রীড়িত**, **ব্রীড়ানত** লজ্জাবনত ; লজ্জায় হেঁটমুখ।

ব্রীহি (বৃহি) [সং] বি, আশুধান্য। বিণ, **ব্রৈহেয়**। **ব্রীহিকাঞ্চন**—মসুর কলাইবিশেষ। **ব্রীহিশ্রেষ্ঠ**—আমনধান্য। ২। ব্রীহির মধ্যে উৎকৃষ্ট।

ব্লটিং [ইং—blotting paper] বি, শোষক কাগজ।

ব্লাউস (স্) [সং—blouse] বি, য়ুরোপীয় নারীদিগের পরিধেয় পশ্চাতে বোতাম দেওয়া ফুলান জামা (এদেশে অধুনা চলিত হইয়াছে)।

ব্লুম (ম্) [ইং—bloom] বি, লাবণ্য। ২। মুকুল। ৩। বর্ণ। ৪। বর্ণবদ্ধক প্রলেপ। প্র—"ব্লুম মাখিয়ে রাঙ্গা ঠোঁটে বাড়ালে হে নারীর মান।"—বাং·গান।

ভ

ভ—ব্যঞ্জন বর্ণমালার চতুর্বিংশতি ও পবর্গের চতুর্থ মহাপ্রাণ, ঘোষবান বর্ণ। ওষ্ঠ ইহার উচ্চারণ স্থান বলিয়া ইহা ওষ্ঠ্যবর্ণ। ভ উচ্চারণ করিবার সময় শ্বাস বায়ু ওষ্ঠদ্বয় জোরে ঠেলিয়া নিঃশেষে বাহির হয়। এই প্রকারে কুম্ভাদিতে জল ভরিবার সময় কুম্ভস্থ বায়ু কুম্ভকণ্ঠের সংকীর্ণ পথ দিয়া জল ঠেলিয়া বাহির হইবার কালে ভ ভ এইরূপ শব্দ হয়। তুল—ভক্‌ভক্, ভুক্‌ভুক্। পঙ্কাদির মধ্য হইতে বায়ু বুদ্বুদের আকারে ঠেলিয়া বাহির হইবার কালে ভট্‌ভট্, শব্দ হয়। সাধারণতঃ (১) ইহা শব্দের গাম্ভীর্য্যবোধক। তুল—ভন্‌ভন্, ভর্‌ভর্, ভম্‌ভম্, ভেরী, ভোরঙ্গ, ভোঁপু। (২) ইহা শূন্যস্থানের বায়ুকে পূর্ণ বা ভর্ত্তি করার ভাববোধক। তুল—গন্ধে ভর ভর বা ভুর ভুর করা। (৩) বায়ুর মিশ্রণে আলগা বা শিথিল ভাববোধক। তুল—ভুস্ ভুস্, ভস্‌কা। (৪) ঘনত্ব ও স্থূলত্ববোধক। তুল—ভোঁদা, ভাদ্দা, ভুঁড়ি, ভল্‌ভল্। (৫) স্থূল আবরণের মধ্যে সারশূন্যতাবোধক। তুল—ভো, ভুয়ো (অর্থাৎ বাহিরের স্থূলতায় নিরেট বলিয়া ভ্রান্তি জন্মায় কিন্তু অন্তঃসারশূন্য। ফ সেস্থলে শূন্যগর্ভতা স্পষ্টই প্রকাশ করে। তুল—ফং ফং, ফুকো ইত্যাদি)। ২। ভ্রম; ভ্রান্তি। ৩। ভ্রমর। ৪। নক্ষত্র; গ্রহ। ৫। রাশি। প্র—ভচক্র।

ভঅা, ভওয়া [সং—ভূ ধাতু। হি-তে—প্রচর, তাহার মধ্য দিয়া ব্রজ এবং প্রা-বাং-য়। আধু-বাং-য়—ভূ ধাতুর পালি রূপান্তর হু ধাতুজ হঅা বা হওয়া প্রচলিত। ভঅ বা ভয়=হয়। ভই, ভৈ=হই। ভঅল, ভএল, ভইল, ভৈল, ভেল =হইল। ভৈইলা, ভেলা=হইলা। ভইলুঁ, ভৈলুঁ, ভৈলোঁ=হইলাম; হৈনু। ভৈইলি, ভৈলি, ভেলি=হইলে। ভৈগেল, ভৈগেলা= হইয়া গেল, হ'য়ে গেল] ক্রি, হওয়া। প্র— "হরি অভিসার ভরম ভঅ ভোর"—রসমঞ্জরী (পীতাম্বর)। "মহাতেজে ভইল জল ভাসে দুইজন"—শূন্যপুরাণ। "কুসুম হার ভইল ভার হৃদয় তার দহিছে"—রবি।

ভইন, ভইনী (ভৈন্) [সং—ভগিনী হইতে। প্রা-বাং] বি, স্ত্রী, বহিন দ্রঃ; ভগিনী।

ভইষ, ভঁইস (ভৈঁশ্) [সং—মহিষ অপভ্রংশে] বি, মহিষ। বিণ, ভইষা। তুল —গো—গায়, গৌ—গৌয়া—গাওয়া; ভয়ষা ও ভক্রিষা দ্রঃ।

ভঁউরি—ভাঁউরি দ্রঃ।

ভকত [সং—ভক্ত। ব্রজ ও বাং পদ্যে কোমল-রূপ] বিণ, ভক্ত। প্র—"তব নামে কত মাধুরী যেই ভকত সেই জানে"—রবি। ২। (ভকোৎ) [সং—ভাগবত হইতে হি—ভগত্, বাং-য়—ভকত। তুল—ইং—bigot (by god), ফ্রে—bigot (hyprocrite)—প্রাচীন নর্ম্মানদিগের বিদ্রূপাত্মক নাম bigothi অর্থাৎ ভক্তবিটেল। প্রকৃত ভগবদ্ভক্তদিগের মধ্যে ফোঁটা, তিলক, ছাপ নামাবলী প্রভৃতি ধারণ করিয়া অনেকে কপট ভক্ত ভকত বা ভগত বলিয়া পরিচিত হয়] বি, ভক্তবিটেল; বিড়ালতপস্বী; ভণ্ড। বি, ভকতি।

ভকা, ভখা [সং—ভক্ষ্ (ভোজন করা) ধাতুজ। উ-পু—ভকি; ভখি। ম-পু—ভক; ভখ। প্র-পু—ভকে: ভখে। অস-ক্রি—ভকিতে; ; ভকিয়া; ভখিয়া; ভ'কে; ভ'খে। ণিজন্ত—ভকান; ভখান] ক্রি, ভক্ষণ করা; খাওয়া। প্র—"নিচয় জানিও মুক্রি ভখিমু গরলে"—চণ্ডীদাস। "আমি বরঞ্চ গরল ভকি সেও ভাল"—হরু ঠাকুর।" ঋষিগণ তপ সাধএন ভখিআ নীর"—শূ, পু।

ভকার (র্) বি, ভ এই বর্ণ।

ভক্ত [ভজ্ (সেবা করা, ভাগ করা)+ত (কর্ম্মে —ক্ত) প্রা-বাং-পদ্যে—ভকত; ভকত্; ভকতা; ভকিত্যা। প্র—"ভকতর বিঘ্ন কর নাস।" "ভকিত্যা আমিনি দেহ জয় জয়কার।" "চলিল ভকতাগণে।"—শূ-পু] বিণ, ভক্তিমান; শ্রদ্ধাযুক্ত; যাহার ভক্তি আছে। ২। বিভক্ত। ৩। বি, সেবক; অনুগত। প্র—"ভক্তের দুরিত হর"—অ, ম। ৪। পূজক। ৫। অনুরাগী। ৬। যাহারা গাজনের সময় ব্রত লইয়া সন্ন্যাসী হয়। **ভক্তপ্রাণ**—বিণ, ভক্তানুরক্ত। ২। ভক্তিযুক্ত প্রাণ; ভক্তিপূর্ণ হৃদয়। **ভক্তবৎসল**—বিণ, ভক্তানুরক্ত; ভক্তের প্রতি স্নেহপরায়ণ। ২। ভগবান; বিষ্ণু। **ভক্তবিটল, ভক্তবিটেল**—[গ্রা —ভক্তবিট্‌কেল্] বিণ, কপটভক্ত; ভণ্ড। **ভক্তাধীন**—বিণ, ভক্তের বশীভূত।

ভক্ত [সং] বি, অন্ন; ওদন; ভাত। **ভক্তদাস**—অন্নদাস; পরান্নে প্রতিপালিত। **ভক্তমণ্ড**—ভাতের মাড়।

ভক্তি (ভোক্‌তি) [ভজ্ (সেবা করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, পূজার যোগ্য ব্যক্তির প্রতি অনুরাগ বা প্রেম; শ্রদ্ধা (দেবতার নাম শ্রবণ, কীর্ত্তন, স্মরণ, পদসেবা, পূজা, স্তব, পরিচর্য্যা, সখ্যভাবে সম্ভাষণ এবং আত্মসমর্পণ এই নয় প্রকার ভক্তি)। প্র—"কৃষ্ণচন্দ্র ভক্তি আশে ভারত সরস ভাষে।"—অ, ম। ২। বিভাগ। ৩। ভঙ্গিমা। ৪। উপচার। **ভক্তিতত্ত্ব**—ভক্তিবিজ্ঞান; ভক্তি বিষয়ক তথ্য। **ভক্তিবাদ**—জ্ঞান ও কর্ম্ম অপেক্ষা ভক্তির উৎকর্ষ কথন। ২। ভক্তিতত্ত্ব। **ভক্তিভাজন**—বিণ, শ্রদ্ধাস্পদ। স্ত্রী, **ভক্তিভাজন**। **ভক্তিমান**—বিণ, শ্রদ্ধান্বিত; ভক্তিযুক্ত। স্ত্রী, **ভক্তিমতী**। **ভক্তিমার্গ**—সাধনার পন্থাবিশেষ; ভক্তি-পথ। **ভক্তিমূলক**—বিণ, শ্রদ্ধাসূচক। **ভক্তিযোগ**—ভক্তির দ্বারা ঈশ্বর সাধনা। **ভক্তিরস**—ভক্তিরূপ রস। **ভক্তি-সাধন**—জ্ঞানমার্গ ত্যাগ করিয়া কেবল ভক্তি পথাশ্রয়; ভক্তি দ্বারা ভগবানের আরাধনা।

ভক্‌ভক্ [শব্দাত্মক] বি, অনুকার শব্দ; ধূমাদির উদ্গিরণ-শব্দ। ২। উপর্য্যুপরি দমকা বায়ু নিঃসরণ। প্র—"মুখে ভক্‌ভক্ করে গন্ধ পেয়েছি।"—গিরিশ ঘোষ।

ভক্ষ (ভোক্‌খ) [ভক্ষ (ভোজন করা)+অ (কর্ম্মে—অল্)] বিণ, আহারীয়; খাদ্য।

ভক্ষক (ভোক্‌খক্) [ভক্ষ্ (খাওয়া)+অক (ণক—কর্ত্তৃ)] বিণ, খাদক; ভোজনকারী।

ভক্ষণ (ভোক্‌খন্) [ভক্ষ্+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ভোজন; খাদন্।

ভক্ষণীয় (ভোক্‌খনীও) [ভক্ষ—অনীয় (কর্ম্মে)] বিণ, খাদ্যদ্রব্য।

ভক্ষিত (ভোক্‌খিত) [ভক্ষ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ভুক্ত।

ভক্ষ্য (ভোক্‌খ) [ভক্ষ+য (ঘ্যণ্—কর্ম্মে)] বিণ, ভক্ষণীয়: ভোজনযোগ্য। **ভক্ষ্যদ্রব্য**—ভোজনসামগ্রী; ভোজ্য। **ভক্ষ্যাবশেষ**—ভুক্তাবশিষ্ট; অবশিষ্ট ভোজ্য। **ভক্ষ্যা-ভক্ষ্য**—ভক্ষ ও অভক্ষ্য: খাদ্যাখাদ্য।

ভক্ষিতব্য (ভোক্‌খিতোব্‌ব) বিণ, আহার-যোগ্য; ভক্ষণীয়।

ভগ (গ্) [ভজ্ (ভজনা করা, সেবা করা) +অ (কর্ম্মে)। জ=গ। "ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞানবৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাং ভগ ইতি স্মৃতঃ॥"] বি, ঐশ্বর্য্য, বীর্য্য, যশঃ, সৌভাগ্য, জ্ঞান ও বৈরাগ্য। ২। শ্রী; লক্ষ্মী। ৩। সৌন্দর্য্য। ৪। উৎকর্ষ।

৫। মাহাত্ম্য। ৬। শক্তি। ৭। ধর্ম্ম। ৮ মোক্ষ। ৯। গুহ্যদেশ। ১০। যোনি। ১১ দ্বাদশ আদিত্য মধ্যে একজন আদিত্য। ১২ সূর্য্য। ১৩। চন্দ্র। ১৪। পূর্ব্বফল্গুনী নক্ষত্র

ভগণ (ন্) [ভ (নক্ষত্র) গণ (সমূহ)] বি, পুং, গ্রহ কর্ত্তৃক মেষ বৃষাদি দ্বাদশ রাশির চতুর্দ্দিকে একবার পরিভ্রমণ; দ্বাদশরাশির ভোগকাল।

ভগদত্ত—বি, পুং, প্রাগ্‌জ্যোতিষ পুরের (কামরূপ) অধিপতি নরকরাজার জ্যেষ্ঠপুত্র।

ভগন (ন্) [ভগ্ন শব্দের কোমলরূপ। ব্রজ] বিণ, ভগ্ন। প্র—"ভগন ভৈ গেল"—বিদ্যাপতি।

ভগন্দর (র্) [ভগ (গুহ্যদ্বার) দৃ (বিদীর্ণ করা) + অ (কর্ত্তৃ—খ)] বি, পুং, মলদ্বারে ব্রণ বা ক্ষত রোগ ; fistula in ano.

ভগবতী (বোতি) [ভগবান্ দ্রঃ। স্ত্রীলিঙ্গে ভগবতী] বি, স্ত্রী, দুর্গা ; পরমেশ্বরী।

ভগবদ্‌গীতা [ভগবৎ+গীতা। সাধাঃ সংক্ষেপে গীতা] বি, কুরুক্ষেত্র সমর ক্ষেত্রে ভগবান শ্রীকৃষ্ণকর্ত্তৃক অর্জ্জুনকে প্রদত্ত জ্ঞান ভক্তি ও কর্ম্মযোগ সম্বন্ধীয় উপদেশ।

ভগবদারাধনা [ভগবৎ+আরাধনা] বি, ভগবানের আরাধনা ; ঈশ্বরোপাসনা।

ভগবদ্ভক্ত [ভগবৎ+ভক্ত] বিণ, ভগবানে ভক্তিবিশিষ্ট ; কৃষ্ণভক্তিযুক্ত ; ঈশ্বরপ্রেমিক। বি, **ভগবদ্ভক্তি**।

ভগবান [ভগ (ঐশ্বর্য্য) + বৎ (অস্ত্যর্থে—বতু=ভগবৎ ১মা, ১ব] বিণ, পরমেশ্বর ; জগদীশ্বর। প্র—"যে কিছু সকল ভগবান।"—শিবায়ন। ২। বিণ, জ্ঞানাদি ষড়গুণ-বিশিষ্ট। ৩। পূজনীয়। স্ত্রী, **ভগবতী**।

ভগিনী, ভগ্নী (ভো) [ভগ (যত্ন) + ইন্ (অস্ত্যর্থে) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, সহোদরা ; সহোদরাস্থানীয়া। ২। নারীর প্রতি সম্বোধন। **ভগিনীপতি, ভগ্নীপতি**—ভগিনীর স্বামী।

ভগীরথ (ভোগীরথ্) বি, পুং, সূর্য্যবংশীয় স্বনামপ্রসিদ্ধ নৃপতি, ইনিই স্বর্গ হইতে মর্ত্তে গঙ্গা আনয়ন করিয়াছিলেন।

ভগোল (ল্) [ভ (নক্ষত্র) গোল (গোলাকার পদার্থ)] বি, পুং, রাশিচক্র।

ভগ্ন [ভন্জ্ (ভগ্ন করা) + ত (কর্ম্মে—ক্ত) । তুল—ইং—broken] বিণ, ; ভাঙ্গা। ২। ছিন্ন। ৩। চূর্ণিত। ৪। বিজিত। ৫। নিবৃত্ত ; ক্ষান্ত। **ভগ্নকণ্ঠ** বিণ, বিকৃতস্বর ; ভাঙ্গাগলা। ২। ঘাড়ভাঙ্গা। **ভগ্নচিত্ত**—বিণ, ভগ্নহৃদয় ; নিরাশ ; খিন্নমনা। **ভগ্নদর্প**—বিণ, যাহার দর্পচূর্ণ হইয়াছে ; হতগর্ব্ব। **ভগ্নচেষ্ট**—বিণ, ভগ্নোদ্যম ; চেষ্টা হইতে নিবৃত্ত। **ভগ্নদূত**—বি, যুদ্ধ পরাজয়ের সংবাদদাতা ; ভগ্নপাইক। প্র—"ভগ্নদূত কহে গিয়া রাজা লঙ্কেশ্বরে।"—কৃত্তিবাস। **ভগ্নদেহ**—বিণ, স্বাস্থ্যহীন। **ভগ্নপাইক**—বি, পুং, যে পদাতি যুদ্ধে ভঙ্গ দিয়া রাজাকে শুভাশুভ সংবাদ দেয় ; ভগ্নদূত। প্র—"ভগ্নপাইক করে গিয়া নৃপে নিবেদন।"—কবিক। **ভগ্নপাদ**—বি, অশ্বরাশির সহিত সংযুক্ত নক্ষত্রবিশেষ। ২। বিণ, খঞ্জ। **ভগ্নপৃষ্ঠ**—বিণ, যাহার পৃষ্ঠদেশ ভাঙ্গিয়া গিয়াছে। ২। কুব্জ। **ভগ্নপ্রায়**—বিণ, জীর্ণ ; ধ্বংসোন্মুখ। **ভগ্নমনাঃ**—বিণ, ভগ্নহৃদয়। **ভগ্নসন্ধি**—বি, শরীরের সন্ধি স্থান ভঙ্গ। **ভগ্নস্তূপ**—বি, রাশীকৃত ধ্বংসাবশেষ ; ভগ্ন অট্টালিকাদির ঢিবি। **ভগ্নহৃদয়**—বিণ, হতাশ ; নিরুদ্যম। **ভগ্নাংশ**—বি, খণ্ড ; অংশ। ২। পাটী-গণিতের অঙ্কবিশেষ ; একের অংশঘটিত অঙ্ক ; fraction. **ভগ্নাবশিষ্ট**—বিণ, ধ্বংসাবশেষ। **ভগ্নাবস্থ**—বিণ, ভগ্নদশা-প্রাপ্ত ; জীর্ণ। **ভগ্নাশ, ভগ্নাশা**—বিণ, আশাহীন ; হতাশ। **ভগ্নোৎসাহ** বিণ, নিরাশ ; হতাশ। **ভগ্নোদ্যম**—বিণ, ভগ্নোৎসাহ। প্র—"ভগ্নোদ্যম রক্ষঃ চমূ"—মেঘনাদ।

ভগ্নী (ভোগ্‌নি) [সং] বি, স্ত্রী, ভগিনী দ্রঃ।

ভঙ্গ (ভংগ) [ভন্জ্ (ভগ্ন করা) ভাবে (ঘঞ্)] বি, পুং, ভগ্ন। ২। খণ্ড। ৩। হানি। ৪। নিরাশ। ৫। পরাজয়। ৬। প্রতিবন্ধ। ৭। রচনা। ৮। [কর্ত্তৃ (ঘঞ্)] তরঙ্গ ; ঢেউ। প্র—"জাহ্নবী সাগর সঙ্গ পর্ব্বত প্রমাণ ভঙ্গ বাহিনু পরাণ করি হাতে।"—কবিক। ৯। [করণে (ঘঞ্)] রোগ। ১০। বিদারণ। স্ত্রী, **ভঙ্গা**। **ভঙ্গ দেওয়া**—নিবৃত্ত হইয়া পলায়ন করা। প্র—"ভয়ে ভঙ্গ দিল দেবগণ।"—শিবায়ন। **ভঙ্গপ্রবণ**—বিণ, ভঙ্গুর ; পল্‌কা ; যাহা সহজে ভাঙ্গিয়া যায় ; ঠুনকো। বি, **ভঙ্গ-প্রবণতা**।

ভঙ্গপয়ার (ভংগপয়ার্) বি, পয়ার ছন্দ-ভেদ ; এই ছন্দ চারি চরণে সম্বদ্ধ, ইহার প্রথম ও দ্বিতীয় চরণ পুনরাবৃত্ত ও আট আট অক্ষরে গ্রথিত হয়, তৃতীয় চরণেও আট অক্ষর থাকে কিন্তু চতুর্থ চরণ ছয় অক্ষরে সম্বদ্ধ হয়। প্র—"শুনি সভাজন কয়, শুনি সভাজন কয়। সেই বটে এই চোর, মানুষ ত নয়॥"—ভারতচন্দ্র।

ভঙ্গলঘুত্রিপদী (লোঘুৎত্রিপোদি) বি, যতি অনুসারে পাঁচ ভাগে বিভক্ত ছত্রিশাক্ষর ছন্দ-বিশেষ।

ভঙ্গান (ভংগান্) [সং] বি, পুং, ভাঙ্গন মাছ।

ভঙ্গি, ভঙ্গী (ভোংগি) [ভঙ্গ (দ্রঃ) + ইন্ (ভাবে)] বি, স্ত্রী, শোভা। ২। অঙ্গভঙ্গী। ৩। ব্যঙ্গ। ৪। চাতুরী। ৫। কুটিলতা। ৬। রচনা। ৭। রঙ্গ ; কৌতুক। প্র—"ত্রিভঙ্গ কি ভঙ্গি জানে"—গান। ৮। [ইন্ (কর্ত্তৃ)] তরঙ্গ। ৯। ভাব। প্র—"আবার সে ভঙ্গি গত, যেন রৌদ্র রসে রত উগ্রভঙ্গি অপাঙ্গ যুগলে"।

ভঙ্গিমা (ভোংগিমা) [ভঙ্গ+ইমন্ (ভাবে) =ভঙ্গিমন্, ১মা, ১ব] বি, ভঙ্গী। ২। শোভা ; সৌন্দর্য্য। প্র—"সুন্দরী কবিতা বধূ নয়নে তাহার কি ভঙ্গিমা।"—অশোকগুচ্ছ।

ভঙ্গিমান (ভোংগিমান্) [ভঙ্গি (তরঙ্গ) + মৎ (অস্ত্যর্থে) =ভঙ্গিমৎ, ১মা, ১ব] বিণ, তরঙ্গিত ; তরঙ্গযুক্ত ; ঢেউখেলান।

ভঙ্গিয়ান্ (ভোংগিয়ান্) বিণ, যে রণে ভঙ্গ দিয়া পলায়ন করে। প্র—"পশ্চাৎ হইল যুদ্ধে ক্ষত্রি ভঙ্গিয়ান্।"—কাশী-মহা আদি।

ভঙ্গুর (ভোংগুর) [ভন্জ (ভাঙ্গা) + ঘুর (কর্ত্তৃ—শীলার্থে)] বিণ, ভঙ্গপ্রবণ। ২। বি, নদীর বাঁক।

ভঙ্গ্য (ভোংগ) [ভঙ্গ+য] বি, ভাঙ্গিবার যোগ্য।

ভচকানি (চ্)—ভোকছানি দ্রঃ।

ভচক্র [ভ (নক্ষত্র) দ্বারা চক্র] বি, মেষাদি দ্বাদশ রাশির মণ্ডল।

ভচ্চা, ভর্চ্চা [ভর্ৎসনা অপভ্রংশে, ভচনা ; ভর্চ্চনা,ক্রি, ভর্চ্চা] ক্রি, ভর্ৎসনা করা। প্র—"ক্রোধে তারে করে কৃষ্ণ চরণ প্রহার। ভচ্চিতে লাগিল কেহে বত্তি আইলে ছার"—মহা (শ্রীকর)। "তার পত্নী জ্বলা দেবী ভর্চ্চিল বিস্তরে।"—ঐ

ভজকট (ভজোকটো) [বিঘ্ন কষ্ট হইতে] বি, ব্যাঘাত ; বিঘ্ন ; বখেড়া। ২। কষ্টদায়ক উদ্যোগ।

ভজন (ন্) [ভজ্ (সেবা করা) + অন (ভাবে—অনট্] বি, ক্লী, দেবাদির স্তুতিগান ; দেবদেবীর মহিমা কীর্ত্তন। ২। আরাধনা ; উপাসনা। ৩। সেবা। ৪। আশ্রয়গ্রহণ। ৫। ভাগ। [বাং-য, গ্রা] মন্ত্রণা।

ভজনা [ভজন (দ্রঃ) + আ (স্ত্রী)] বি, স্ত্রী, উপাসনা ; আরাধনা। ২। সাধ্যসাধনা। ৩। সেবা। **ভজনালয়**—বি, উপাসনা মন্দির।

ভজনা [প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"খুদ্দ বুলেন ভজনা বাঁকই।"—শূন্যপুরাণ।

ভজমান (ন্) [ভজ্ (সেবায়, বিভাগে) + আন (কর্তৃ)] বিণ. বিভাজক। ২। উপাসনারত।

ভজা [সং—ভজ্ ধাতুজ; উ-পু—ভজি। ম-পু—ভজ ; ভজুন (ভো) : ভজ্। প্র-পু —ভজে ; ভজেন্। অস-ক্রি—ভজিতে : ভজিয়া : ভজি ; ভজে (ভোজে)। ণিজন্ত —ভজান] ক্রি. উপাসনা করা। ২। বিণ. যে ভজে ; ভজনাকারী প্র—কর্তা-ভজা। ৩। বি. ভজহরি শব্দের অতিপরিচয়ার্থক বা তুচ্ছার্থক সংক্ষেপ। প্র—"কোথা গেল ভাই ভজা, হিন্দুধর্ম্মধ্বজা"—রবি।

ভজান (নো) [ভজা ধাতুর ণিজন্তরূপ। উ-পু ভজাই। ম-পু—ভজাও ; ভজান ; ভজা। প্র-পু—ভজায় ; ভজান। অস-ক্রি—ভজাইতে ভজাইয়া ; ভজিয়ে] ক্রি. ভজনা করান। ২। প্রমাণ দ্বারা প্রতিপন্ন করা, সত্যতা প্রমাণ করান। ৩। পরামর্শ দিয়া স্বমতে আনয়ন করা বা রাজী করা।

ভজ্যমান (ভোজ্জোমান্) [ভজ্ + আন(কর্ম্মে) য, ম আগম] বিণ. সেব্যমান। ২। যাহা ভাগ করা যায়।

ভঞিষা (ভঁইষা) [মহিষ—প্রা-বাং-য়—ভঁইষ—ভঞিষ + আ তুচ্ছার্থে)] বি. মহিষ। প্র—"কোলের কুমার তার গাই ভঞিষা আর" —কবিশেখর।

ভঞ্জন (ভনজন্) [ভন্জ্ (ভগ্ন করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. নিরসন ; দূরকরণ। প্র—"ভাবো বিপদভঞ্জন হবে বিপদ ভঞ্জন" —দাশরথি। বিণ. ভঞ্জক।

ভঞ্জা [ভঞ্জ্ (ভগ্ন করা) ধাতুজ। উ-পু—ভঞ্জি। ম-পু—ভঞ্জ। প্র-পু—ভঞ্জে। অস-ক্রি—ভঞ্জিতে ; ভঞ্জিয়া, ভঞ্জি। ণিজন্ত—ভঞ্জান] ক্রি. ভঞ্জন করা ; ভঙ্গ করা ; ভাঙ্গা। ২। ঘুচান ; দূর করা। প্র—"লঙ্কার কলঙ্ক আজি ভঞ্জিব আহবে"—মেঘনাদ।

ভট (ট্) [ভট্ (পোষণে) + অ (কর্তৃ)] বি. পুং. শূর ; বীর। ২। রণকুশল ; যোদ্ধা। ৩। বর্ণসঙ্কর জাতিবিশেষ। ৪। ম্লেচ্ছবিশেষ। ৫। নীচ। স্ত্রী. ভটা—ইন্দ্রবারুণী।

ভট্ট (ভট্‌ট) [ভট্ (কথনে) + অচ্ (কর্তৃ)] বি. পুং. বংশচরিত কীর্ত্তনকারী ; ভাট ; স্তুতিপাঠক। ২। একখানি বেদ যিনি আদ্যন্ত কণ্ঠস্থ করিয়াছেন এরূপ ব্রাহ্মণ। ৩। পণ্ডিত ; অধ্যাপক। ৪। দর্শন শাস্ত্রবিৎ। ৫। ব্রাহ্মণের উপাধিবিশেষ ; ভট্টাচার্য্য।

ভট্টনারায়ণ (ন্) বি. পুং. বঙ্গেশ্বর আদিশূরের যজ্ঞ সম্পাদনার্থ কান্যকুব্জ হইতে আনীত পঞ্চ ব্রাহ্মণের অন্যতম। ইনি বেণীসংহার নামক প্রখ্যাত সংস্কৃত নাটকের রচয়িতা।

ভট্টাচার্য্য [ভট্ট (তুতাতভট্ট) + আচার্য (উদয়নাচার্য্য)] বি. পুং. দর্শনশাস্ত্রবিৎ পণ্ডিত। ২। অধ্যাপক। ৩। তুতাত ভট্টের মীমাংসা ও উদয়নাচার্য্যের ন্যায়সংগ্রহে বিশেষ ব্যুৎপত্তি লাভ করিয়াছেন এরূপ ব্রাহ্মণ।

ভট্টারক (ভট্‌টারক্) [সং] বি. পুং. ঋষি ; মুনি। ২। পণ্ডিত। ৩। [সংস্কৃত নাটকাদিতে] রাজা। ৪। সূর্য্য। ৫। দেবতা। ৬। বিণ. মাননীয়। স্ত্রী. ভট্টারিকা। ভট্টারকবার —রবিবার।

ভট্টি (ভোট্‌টি) বি. পুং. ভর্তৃহরি (মতান্তরে শ্রীধর স্বামীর পুত্র ভট্টি) প্রণীত রামচরিত গ্রন্থ।

ভট্টিনী (ভোট্‌টিনী) [ভট্ট (স্বামিত্ব) + ইন্ (অস্ত্যর্থে) স্ত্রী. ঈপ্] বি. স্ত্রী. ব্রাহ্মণী ২। [সং] নাটকের অকৃতাভিষেকা রাজ্ঞী।

ভট্‌ভট্ [সং—ভট্ (ভরণে) শূন্য কুম্ভাদিতে জল ভরণের কালে বায়ু বহির্গমনের শব্দ। বুদ্বুদাদি ফুটিয়া বায়ু বাহির হইবার শব্দ] বি. অনুকার শব্দ। পাঁকে কিছু ডুবিবার কালে তাহার বুদ্বুদ স্ফুটন শব্দ। বিণ. ভটভটানি।

ভড় (ড়) [ভার হইতে। তুল—ভরা= নৌকা] বি. হাতী পারাপার, তোপ বহন প্রভৃতি ভারি ভারি জিনিষ জলপথে লইয়া যাইবার বড় নৌকা ; ভরা। প্র—"ভড়ের উপর কয়েকজন নবাবের সিপাহী পাহারা দিতেছে।"—চন্দ্রশেখর। ২। বি. পুং. বর্ণ-সঙ্কর জাতিবিশেষ।

ভড়ং, ভড়ঙ—বি. প্রাচীনকালের সামরিক বাদ্যযন্ত্রবিশেষ। দূরবীক্ষণ যন্ত্রের ন্যায় ইহার একটী নলের মধ্যে আর একটি নল স্তবকে স্তবকে সজ্জিত থাকে বাজাইবার সময় বড় করিয়া লইতে হয় ; ভোরঙ্গ। ২। ভড়ক দ্রঃ।

ভড়ক, ভড়ং [বহিরঙ্গ হইতে] বি. বাহ্য আড়ম্বর। ভড়কদার, ভড়কাল—বিণ. জমকাল ; জাঁকজমকবিশিষ্ট ; চটকদার।

ভড়কান (নো) [ভড়ক (ভয়) + আন। উ-পু—ভড়কাই। ম-পু—ভড়কাও। প্র-পু —ভড়কায়। অস-ক্রি—ভড়কাইতে ; ভড়কাইয়া ; ভড়কে (ভোড়কে)] ক্রি. ভীত হওয়া। ২। জল সংযোগে চূর্ণ প্রস্তর গলান।

ভড়্‌ভড় [শব্দাত্মক ; ভটভট দ্রঃ। শব্দাধিক্যে ট স্থানে ড়] বি. অনুকার শব্দ। প্র—পাঁক ভড়ভড় করে। ২। কোন পচা জিনিস টিপিলে যে শব্দ হয়। ক্রি. ভড়্‌ভড়ান। বি. ভড়ভড়ান।

ভণা (না) [সং—ভণ (কথনে) ধাতুজ। উ-পু—ভণি। ম-পু—ভণ। প্র-পু—ভণে ; ভণয়ে ক্রি. বলা ; কহা। প্র—"দেখিয়া বীরের পুর, সন্দেহ হইল দূর, ভাঁড়ুদত্ত সব সত্য ভণে" —কবিক। "ভণয়ে বিদ্যাপতি"—বি. প। বিণ. ভণিত—রচিত। ২। বি. কথিত। ভণিতি।

ভণিতা [ভণা দ্রঃ] বি. পদ্যে কবি বা পদ-কর্তার নামোল্লেখ। ২। ভাষণ ; কথা।

ভণ্ড [ভন্‌ড্ (ভাঁড়াম করা) + অ (কর্তৃ—অচ্)] বি. পুং. শঠ। ২। অভিনেতা ; নট। ৩। ভাঁড় ; মস্করাবাজ। ৪। কৃত্রিম ; ছদ্ম। বি. ভণ্ডতা, ভণ্ডত্ব—ভণ্ডামি। ভণ্ডতপস্বী —বি. পুং. তাপসবেশী শঠ ; ছদ্ম তপস্বী ; ভক্তবিটেল। স্ত্রী. ভণ্ডতপস্বিনী।

ভণ্ডান (নো) [ভণ্ড দ্রঃ। উ-পু—ভণ্ডি। ম-পু—ভণ্ড। প্র-পু—ভণ্ডে। অস-ক্রি—ভণ্ডিতে ; ভণ্ডিয়া, ভণ্ডি] ক্রি. প্রবঞ্চনা করা ; ভাঁড়ান। প্র—"নিঠুর বচন বলে কোটাল"—কবিক। বি. ভণ্ডন।

ভণ্ডাম, ভণ্ডামি [ভণ্ড + আম, আমি (ভাবে)] বি. ভাঁড়ামি ; শঠতা।

ভণ্ডুর, ভণ্ডুল (ভোন্‌ডুর্, ল্) [সং—ভন্‌ড্ (প্রতারণা করা) ধাতু হইতে ফল সম্বন্ধে প্রতারিত করা অথবা পণ্ড হইতে। র=ল] বিণ. পণ্ড ; ব্যর্থ ; নিষ্ফল। প্র—"যদি সমস্তই ভণ্ডুল হইয়া যায়।"—দ্বি-ঠা। সা-প-প, ১৩০৫। "বিলম্ব হইলে সকল কর্ম্ম ভণ্ডুল হইতে পারে"—টেকচাঁদ।

ভদ্র (ভদ্‌দ্রো) [সং। বৈদিক নিরুক্তে ভন্দ্র অর্থে —গৃহ, প্রজা, পশু, বিত্ত প্রভৃতি সমস্ত। "ভদ্রঃ শিবে খঞ্জরীটে বৃষে মেরুকদম্বকে। করিজাতিবিশেষে না ক্লীবং মঙ্গল মুস্তয়োঃ॥ কাঞ্চনে চ স্ত্রিয়াং রাস্নাকৃষ্ণাব্যোমনদীষু চ। তিথি ভেদে প্রসারিণ্যাং কট্‌ফলানন্তয়োরপি॥ ত্রিষু শ্রেষ্ঠে চ সাধৌ চ ন পুংসি করণান্তরে"—মেদিনী] বি. পুং. মহাদেব। ২। বলরাম ; বলভদ্র। ৩। রামানুচরবিশেষ। ৪। দিগ্-গজবিশেষ। ৫। খঞ্জন পাখী। ৬। শ্রীকৃষ্ণের লীলাকানন ; বৃন্দাবনস্থিত ভদ্রবন। ৭। [উক্ষা ভদ্রো বলীবর্দ্দ ঋষভো বৃষভো বৃষঃ॥"—অমর] বৃষভ ; ষাঁড়। ৮। [সম্বোধনে] ভদ্র সন্তান ; সাধু। ৯। সৌভাগ্য। ১০। শুভ ; মঙ্গল। ১১। [তুল—ফা—বেহ্‌তর্ ; ইং—better] ভাল ; উত্তম। ১২। জাতীয় পদবীবিশেষ। ১৩। [আয়ুর্ব্বেদে] সুবর্ণ। (২) লৌহ। (৩) নীলপদ্ম। (৪) চন্দন। (৫) কদম্ব। (৬) গুগ্গুলগাছ। (৭) মুস্তক। (৮) নাগরমুথা। (৯) ইন্দ্রযব। (১০) দেবদারু। (১১) সরল দেবদারু। ১৪। বিণ. সাধু। ১৫। হিতকর ; মঙ্গলদায়ক। ১৬। প্রধান ; শ্রেষ্ঠ। ভদ্রব্যবহার—বি. সদাচরণ। ভদ্রমুখ—বিণ. প্রসন্নমূর্ত্তি।

ভদ্রলোক—বি, যাহার আচরণ ভদ্রসমাজ-সঙ্গত; বিনয়ী, প্রিয়বাদী, শান্ত ও শিষ্ট ব্যক্তি। ২। সদ্বংশজাত ব্যক্তি। ভদ্রসন্তান—বি, সজ্জন; ভদ্রলোকের ছেলে।

ভদ্রক (ভদ্‌দ্রক্) [ভদ্র+ক)] বি, ক্লী, মুস্তকবিশেষ; নাগর মুথা। ২। দেবদারু গাছ। ৩। দ্বাবিংশতি অক্ষরযুক্ত চরণবিশিষ্ট ছন্দোবিশেষ। ৪। বিণ, সুন্দর: মনোহর।

ভদ্রকালী (ভদ্‌দ্রে) বি, স্ত্রী, দুর্গার মূর্ত্তিভেদ। (দেবী-ক্রোধ হইতে উদ্ভূতা হইয়া বীরভদ্রের সহিত দক্ষযজ্ঞ নাশ করায় এই নাম)।

ভদ্রতা (ভদ্‌দ্রোতা) [ভদ্র (দ্রঃ)+তা (ভাবে)] বি, সৌজন্য; সাধুতা; সভ্যতা। ২। কল্যাণ; শুভগ্রহ। ভদ্রতাচরণ—সাধু ব্যবহার। ভদ্রতাবিরুদ্ধ—অভদ্র। ভদ্রতামূলক—ভদ্র-প্রকৃতি-জাত।

(ঠ্) বি, ক্লী, মঞ্চ; বা আসন-বিশেষ।

ভদ্রমুস্ত [সং] বি, নাগর-মুথা।

ভদ্রস্ত (ভদ্‌দ্রোস্‌তো) [ভদ্রত্ব শব্দের গ্রা, রূপ। বৈদিক নিরুক্তে ভদ্র অর্থে গৃহ, প্রজা, পশু, বিত্তাদি সমুদয়। তাহা হইতে সৌভাগ্য বা কল্যাণজনক যাহা কিছু] বি, ভদ্রত্ব; শুভ গ্রহ; কল্যাণ। ভদ্রস্ত নাই—ভদ্রত্ব নাই; মঙ্গল নাই।

ভদ্রা [ভদ্র, আপ্ স্ত্রী,] বি, স্ত্রী, অভিমন্যুর জননী সুভদ্রা। ২। সূর্য্যকন্যা। ৩। উত্তর কুরুবর্ষে প্রবাহিত গঙ্গা-স্রোত। ৪। আকাশ গঙ্গা। ৫। বিষ্টির অবশিষ্ট তিন দণ্ড। ৬। তিথিবিশেষ। ৭। [আয়ুর্ব্বেদে] অনন্তা। (২) জীবন্তী। (৩) কাকডুমুর। (৪) শমী। (৫) কটফল। (৬) গাম্ভারী। (৭) নালী। (৮) অপরাজিতা। (৯) হরিদ্রা। (১০) মুতা। (১১) রাস্না। (১২) বচ। (১৩) শ্বেত দূর্ব্বা। (১৪) দন্তী। ৮। অভদ্রা; বাধা। ভদ্রা-পড়া—বিঘ্ন ঘটা।

ভদ্রাকরণ—(মস্তক) মুণ্ডন।

ভদ্রাশ্ব (ভদ্রাশ্‌শ) [ভদ্র (কুশলী)—অশ্ব (ঘোটক) যাহার (ব২)] বি, পুং, পৃথিবীর নববর্ষের অন্যতম বর্ষ।

ভদ্রাসন (শন্) [ভদ্র (শ্রেষ্ঠ)—আসন (বসিবার স্থান)—কর্ম্মধা] বি, ক্লী, প্রাসাদ। ২। সিংহাসন। ৩। বাস্তুভিটা; বসত বাটী।

ভদ্রোচিত [ভদ্র+উচিত] বিণ, সাধুজনোচিত; সাধুসম্মত; ভদ্রলোকের যোগ্য।

ভনভন (ন্) [শব্দাত্মক] বি, মক্ষিকাদির ডানার শব্দ। বিণ, ভনভনিয়া, ভনভনে—ভন্ ভন শব্দকারী। প্র—"ভনভনে মাছি দিনের বেলায়"—দ্বিজেন্দ্র রায়। ভনভনান—ভনভন্ শব্দ করা। বি, ভনভনানি। ভনভন করা—ভন্ ভন্ শব্দে উড়িয়া বেড়ান। ২। বিরক্তিকর ভাবে ক্রমাগত এক কথা বার বার বলা; ভ্যান ভ্যান বা ভ্যানর ভ্যানর করা।

ভপঞ্জর (ভপন্‌জর্) [ভ (নক্ষত্র)—পঞ্জর] বি, ক্লী, ভচক্র; রাশিচক্র।

ভব [ভূ (হওয়া)+অ (ভাবে অল্)] বি, পুং, ঈশ্বর। ২। [+অপা অল্—যাহা হইতে উৎপত্তি হয়] শিব; জলমূর্ত্তি শিব। (কারণ বারি হইতে সমস্ত বিশ্বের উৎপত্তি বলিয়া)। প্র—"ভব নাম ভব করিতে পার"—অ, ম। ৩। শুভ; মঙ্গল। ৪। প্রাপ্তি। ৫। সংসার; জগৎ। প্র—"তোমার এ ভব-সংসারে কর্ম্মপারাবার পারে হে"—রবি। ৬। সত্তা। ৭। উৎপত্তি। ৮। স্থিতি। ৯। শ্রেষ্ঠতা। ১০। বিণ, (অন্য শব্দের পরে থাকিলে) উৎপন্ন। ভব-কারা—বি, সংসাররূপ কারাগার। ভবঘুরে—বিণ, ভবসংসারের সর্ব্ব স্থানেই যাহারা অনর্থক ঘুরিয়া বেড়ায়। ভবতারণ—বিণ, সংসাররূপ কারাগার হইতে যিনি মুক্তি প্রদান করেন; সংসারযন্ত্রণানিবারণকারী। স্ত্রী, ভবতারিণী—দুর্গা। ভব-পারাবার—সংসাররূপ সমুদ্র। ভবভূত সংসাররূপী ভগবান। ভবলীলা—সংসারের খেলা: জীবন যাত্রা। ভবলীলা সাঙ্গ হওয়া—মরা। ভবসমুদ্র,—সাগর, —সিন্ধু—ভবপারাবার দ্রঃ। প্র—"ভবসিন্ধু বিন্দু জানি পার হৈনু যেন মানি সাঁতার খেলিব সিন্ধুজলে।"—অ, ম।

ভবদীয় [ভবৎ (যুষ্মদর্থ)+ঈয় (ইদমর্থে)] বিণ, আপনার (তোমার দ্রঃ)।

ভবন (ন্) [ভূ (হওয়া)+অন (অধি—অনট্)] বি, ক্লী, গৃহ; বাসস্থান। ২। স্থিতি। ৩। [অন (ভাবে)] উৎপত্তি। প্র—"ভুবন-ভবন-লয়,"—অ, ম।

ভবনীয় [ভূ (হওয়া)+অনীয় (কর্ম্মে)] বিণ, ভবিতব্য।

ভবভূতি [ভব (জগৎ)—ভূতি (জ্ঞানের উন্নতি)] বি, পুং, ভবের বা শিবের। ২। ভোজরাজের সভাপণ্ডিত; উত্তররামচরিত, বীরচরিত প্রভৃতির রচয়িতা স্বনামপ্রসিদ্ধ মহাকবি।

ভবাদৃশ [ভবৎ (তুমি) দৃশ্ (দেখা)+অ (কর্ম্মে—টক্) যে তোমার ন্যায় দৃষ্ট হয়] বিণ, আপনার সদৃশ; তোমার মত।

ভবানী [ভব (শিব) দ্রঃ] বি, স্ত্রী, ভবদারা; পার্ব্বতী। ভবানীগুরু—হিমালয়। ভবানীপতি—শিব।

ভবাব্ধি [ভব+অব্ধি] বি, ভবসিন্ধু; সংসার-সমুদ্র।

ভবারাধ্য [ভব+আরাধ্য] বিণ, জগৎপূজ্য। ২। বি, ভগবান। স্ত্রী, ভবারাধ্যা।

ভবিক (ভোবিক্) [ভব (মঙ্গল)+ইক (ঠিক)] বি, ক্লী মঙ্গল; কল্যাণ। ভবিকময়—মঙ্গলময়। প্র—"ভবন ভবিকময়"—অ, ম।

ভবিতব্য (ভোবিতোব্‌ব) [ভূ (হওয়া)+তব্য (ভবিষ্যৎ কালে, শক্যার্থে, কর্ম্মে)] বিণ অবশ্যম্ভাবী; অনিবার্য্য। প্র—"না মরিবে কাম ভবিতব্যের লাগিয়া"—অ, ম। বি, ভবিতব্যতা।

ভবিতা, ভবিষ্ণু (ভোবিতা, ভোবিষ্‌ণু) [ভূ (হওয়া)+তৃ (কর্ত্তৃ, তৃন্) ১মা, ১ব; ইষ্ণু (ইষ্ণুচ্)] বিণ, ভবনশীল; উৎপত্তি-জনক। ২। ভবিষ্যৎ।

ভবিষ্য (ভোবিষ্য) [ভূ (হওয়া)+স্যতৃ (কর্ত্তৃ)] বি, পুরাণবিশেষ। ২। বিণ, যাহা উত্তরকালে হইবে এরূপ; অনাগত; ভাবী। ভবিষ্যসূচনা—বি, ভবিষ্যতে যাহা হইবে তাহার পূর্ব্ব প্রস্তাবনা বা সূত্রপাত।

ভবিষ্যৎ (ভোবিশ্‌শৎ) [ভূ (হওয়া)+(স্যতৃ কর্ত্তৃ)] বিণ, ভাবী; ভবিতব্য; অনাগত। ভবিষ্যদ্বক্তা—বিণ, ভাববাদী; ভবিষ্যতে কি হইবে যিনি বলিতে পারেন। ভবিষ্যদ্বাণী—বি, উত্তরকালে যাহা ঘটিবে তাহার পূর্ব্বাভাষ; ভাববাণী।

ভবী (ভোবি) বি, স্ত্রী, ভবদারা; ভবানী। ২। জনৈক গৃহস্থকন্যা। ইহার একগুঁয়েমি প্রসিদ্ধ। এই কন্যা যাহা করিবে বলিয়া মনে করিত তাহা সিদ্ধ না করিয়া ছাড়িত না। প্র—"ভবী ভুলিবার নয়" এই প্রবচনের উৎপত্তির কারণই তাহার প্রকৃতি।

ভব্য (ভোব্‌ব) [ভূ (হওয়া)+য (কর্ত্তৃ)] বিণ, সভ্য; ভদ্র। প্র—"ভব্যজন নগরের শোভা।"—কবিক। ২। সাধু; সৎ। ৩। শান্তপ্রকৃতি; শিষ্ট। প্র—"ভব্য লোক পাঠাইয়া কাজী বোলাইলা।"—চৈ-চরিতামৃত। ৪। শুভকর; মঙ্গলজনক। ৫। ভাবী। ৬। [বৈদ্যকে] বি, চালিতা ফল। স্ত্রী, ভব্যা—শিষ্টা। ২। ভবানী। বি, ভব্যতা।

ভব্যিযুক্ত (ভোব্বিজুক্ত) [গ্রা] বিণ, ভব্যতা বিশিষ্ট; সৌষ্ঠবান্বিত। ২। মার্জ্জিতরুচি। প্র—"আমাদের অন্তঃপুরে আগে সেই ভব্যিযুক্ত বৈষ্ণবী বাঙ্গালা পড়াইত।"—ভারতী ১৩২০।

ভভম, ভভম্ভম (ম্) [শব্দাত্মক] বি, শিঙ্গাবাদনশব্দ। প্র—"ভভম্ ভবম্।"—"ভভম্ভম ভভম্ভম শিঙ্গা ঘোর বাজে।"—অ, ম।

ভয়র (র্) [ভ্রমর—অপভ্রংশে] বি, পুং, ভ্রমর ; মধুকর। স্ত্রী, ভমরী।

ভম্ভ (ভম্ভ) [ভম্ (অনুকরণ শব্দ)—ভা (শব্দ করা, দীপ্তি পাওয়া)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, ধূম ; ধুঁয়া।

[ভম্ (অনুকরণ শব্দে) দ্বিত্ব। —"ভম্ভম্" শব্দ করা] বি, স্ত্রী, বড় মাছি।

ভয় (য়্) [ভী (ভীত হওয়া)+অ (ভাবে—অল্] বি, ক্লী, শঙ্কা ; ত্রাস ; আতঙ্ক। ভয় করা—ভীত হওয়া। ২। আশঙ্কা করা। ভয়কাতর—বিণ, ভীতিবিহ্বল ; ভয়ক্লিষ্ট—বিণ, ভয়ার্ত্ত। স্ত্রী, ভয়ক্লিষ্টা। ভয় খাওয়া—ভয়বোধ করা। ভয় খাকুয়া, ভয় খেকো—যে ভয় খায়, ভীরু। ভয়চকিত (ভয়্‌চোকিত) [ভয় দ্বারা চকিত, ৩তৎ] বিণ, শঙ্কাহেতু চমকিত ; সন্ত্রস্ত। ভয়জন্মান বা ভয় জন্মে দেওয়া—ভয় উৎপাদন করা ; ভয় ডর—[একার্থক সহচর শব্দদ্বয়] ভয় ভাবনা। ভয়তরাসে—ভয় ও ত্রাসযুক্ত ; স্বভাবতঃ ভীরু। স্ত্রী, ভয়তরাসী। ভয়ত্রাতা—বিণ, শঙ্কানিবারক। ২। পঞ্চপিতার অন্যতম। ভয়নাশন—বি, পুং, ভগবান ; বিষ্ণু। ২। বিণ, শঙ্কানিবারক। স্ত্রী, ভয়নাশিনী—শঙ্কানিবারিণী। ভয় নাই—অভয় দান ; সাহস দান ; সাহস কর ; আশ্বস্ত হও ; আশ্বাস দান ; ভয় করিও না ; ভয়ের কারণ নাই ; ভাবিও না। ভয় পাওয়া—ভয় খাওয়া। ভয়পূর্ণ—বিণ, ভীত ; ভয়াচ্ছন্ন ; ভয়প্রদর্শন—ভয়প্রদর্শন ; ভয় দেখান। ভয়প্রাপ্ত—বিণ, ভীত। ভয় বাসা—ভয় করা। ভয়বিহ্বল—বিণ, ভয়ার্ত্ত ; ভয়ে বিবশ। বি, ভয়বিহ্বলতা। ভয় ভাঙ্গা—ভয় দূর হওয়া। ২। বিণ, নির্ভয়। ভয় ভয় করা—ভয়ে জড়সড়ভাব হওয়া ; আতঙ্ক হওয়া। ভয় হওয়া—ভয় জন্মান। ভয়ে ভক্তি—দণ্ড-ভয়ে ভক্তি। ভয়ে ভয়ে—ত্রস্তভাবে। ভীয়ভীত—ত্রাসান্বিত। ভয়শূন্য—বিণ, শঙ্কারহিত ; নির্ভয়। ভয়ে পিঁপড়ার গর্ত্তে লুকান—ভয়রাহিত্যসূচক ; কিছু মাত্র ভয় নাই বা ভয় করি না এই অর্থে। প্র—"ইস্ বাপ্‌রে ! রাণী আর কি ! ভয়ে পিঁপড়ের গর্ত্তে লুকাব নাকি ?"—ভারতী : ১৩২০।

ভয়ঙ্কর (ভয়ংকর্) [ভয়—কৃ (করা)+অ (কর্ত্তৃ—খ)—ভয়ঙ্কর] বিণ, ভীষণ ; ত্রাসজনক ; ঘোর। স্ত্রী, ভয়ঙ্করী—ভীষণা।

ভয়ডিণ্ডিম (ভয়ডিন্‌ডিম্) বি, পুং, রণবাদ্য-বিশেষ।

ভয়দ [ভয়—দা (দান করা)+অ (কর্ত্তৃ, ড)] বিণ, ভয়ঙ্কর ; ভীতিপ্রদ। স্ত্রী, ভয়দা।

ভয়ষা (ষ্) [মহিষা হইতে হি—ভৈঁষা, বাং-য় —ভৈষা, ভয়ষা] বিণ, মহিষজাত।

ভয়াউনি [ভয়ানক হইতে হি, ব্রজ] বিণ, ভীষণ ; ভয়ঙ্কর ; ভীতিসঞ্চারক। প্র—"অতি ভয়াউনি নিবিলি রাতি।"—বি, প।

ভয়ানক (ক্) [ভী (ভয় পাওয়া)+অনক (অপা) যাহা হইতে ভয় পাওয়া যায়] বি, পুং, ব্যাঘ্র। ২। রাহু। ৩। কাব্যের রস-বিশেষ, ভয় যাহার স্থায়িভাব। ৪। বিণ, ভয়ঙ্কর ; ভীষণ। ৫। ভীত। প্র—"দুঃখী-লোকে দয়া করে ভয়ানকে ভয় হরে অর্জ্জুন সমান ধরে বাণ।"—কবিক।

ভয়াতুর (র্) [ভয় দ্বারা আতুর, ৩তৎ] বিণ, ভয়ার্ত্ত ; শঙ্কাকাতর।

ভয়াপহ [ভয় (শঙ্কা)—অপ—হা (ত্যাগ-করা)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, বিষ্ণু। ২। নৃপতি। ৩। বিণ, শঙ্কাজনক।

ভয়াবহ [ভয়ের আবহ (জনক)—৬তৎ] বিণ, শঙ্কাজনক ; ভীতিপ্রদ ; ভীষণ।

ভয়াল (ল্) [সং] বিণ, ভীষণ। প্র—"কি ভয়াল অরণ্যানী ভাবিলে শিহরে প্রাণী" —রঙ্গলাল।

ভর (র্) [ভৃ (পোষণ করা)+অ] বি, পুং, ভরণ। ২। নির্ভর অবলম্বন। ৩। ভার। ৪। আবির্ভাব। প্র—তার উপর ঠাকুরের ভর হয়। ৫। আধিক্য। ৬। গৌরব। ৭। সমূল। ৮। পূরণ। ৯। আগ্রহ। প্র—"উড়্ উড়্ করে প্রাণ রণে নাহি ভর।"—কাশী-মহা-দ্রোণ। ১০। ঠেকনা। প্র—"ঘর হইল চাল হইল কামিনা রাখিল পাছ ভর।" —শূ-পু। ১১। বিণ, ভরণকর্ত্তা।

ভরই [ব্রজ। ভরা দ্রঃ] ক্রি, পূর্ণ করে। প্র—"ক্ষণে ক্ষণে বসন্ ধুলি তনু ভরই॥"—বি, প।

ভরছন (ন্) [ভর্ৎসনা শব্দের অপভ্রংশ] বি, ভর্ৎসনা ; গঞ্জনা ; লাঞ্ছনা। প্র—"হয় গজের গরজন, সেনার তরজন, পয়োধি ভরছন লাজে।"—অ, ম।

ভরণ (ন্) [ভৃ+অন (ভাবে)] বি, ক্লী, অন্ন দিয়া প্রতিপালন। ২। পূর্ণকরণ। ৩। ধারণ। ৪। [করণে—অন] বেতন। ভরণপোষণ—অন্নবস্ত্রাদি দানে প্রতি-পালন। ভরণপোষণকারী—প্রতি-পালক।

ভরণী [ভরণ (দ্রঃ) ঈপ্] বি, স্ত্রী, সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে তিনটী নক্ষত্রযুক্ত ত্রিকোণাকার দ্বিতীয় নক্ষত্র। ভরণীভূ—রাহুগ্রহ

ভরণীয় [ভৃ+(অনীয়—কর্ম্মে)] বিণ, ভর্ত্তব্য।

ভরণ্য [ভরণ+য (অর্হার্থে)] বিণ, ভরণীয় ; প্রতিপাল্য। স্ত্রী, ভরণ্যা—বেতন। ভরণ্যভুক্—বেতনভুক্ কর্ম্মচারী ; মাহিনার চাকর।

ভরত (ত্) [ভৃ (পালন করা) বি, পুং, রাজা দশরথের মধ্যমপুত্র। ২। দুষ্মন্ত রাজার শকুন্তলা গর্ভজাত পুত্র পূর্ব্ব নাম সর্বদমন। ৩। সঙ্গীত ও নাট্যশাস্ত্রের প্রথম প্রবর্ত্তক মুনিবিশেষ। ৪। স্বনাম-প্রসিদ্ধ ব্রাহ্মণকুমার জড়ভরত। ৫। রাজর্ষিবিশেষ। ৬। নাট্যশাস্ত্র। ৭। নট। ৮। ভরতের বংশ। ৯। তন্তুবায় ; ১০। ব্যাধ। ভরতখণ্ড—ভারতবর্ষ। ভরতপুত্রক—ভরতপ্রবর্ত্তিত নাট্যকলা-ব্যবসায়ী ; নট ; অভিনেতা। ভরতপুর—রাজা ভরতের পুরী। ২। রাজপুতানার অন্তর্গত ক্ষুদ্র রাজ্যবিশেষ। ভরতাগ্রজ—বি, পুং, রামচন্দ্র।

ভরদ্বাজ (ভরদ্দাজ্) বি, পুং, স্বনামপ্রসিদ্ধ মুনি ; মহারাজা ভরতপালিত বৃহস্পতিতনয় ; দ্রোণাচার্য্যের জনক। ২। ভারুই পাখী।

ভরন (ন্) [গ্রা—ভড়ঙ্গ। সং—বর্ত্ত। ইং —bronze] বি, পিতল ও কাঁসার সঙ্কর ধাতু। প্র—ভরনের বাসন।

ভরন, ভরনা—বি, ভর ; ভার দ্রঃ।

ভরপূর (ভোর্, র্) [ভর (ভরা) পুর (পূর্ণ)] বিণ, পরিপূর্ণ। প্র—"দু' বছর ভরপুর হয়নি বয়স তোর।"—চন্দন।

ভরপেট (র্, ট্) বিণ, উদরপূর্ত্তিজনক ; উদর পূরণ বা ক্ষুধা নিবৃত্তির জন্য যতটা আবশ্যক। প্র—"টিকি ঝাড় আর খাও ভরপেট্।"—রজনী সেন।

ভরম (ম্) [ভৃ (ভরণ করা)+অম (কর্ত্তৃ—অমচ্)] বিণ, ভর্ত্তা ; ভরণপোষণের কর্ত্তা। ২। সম্ভ্রম ; মান। সরম ভরম—লজ্জা সম্ভ্রম। প্র—সরম ভরম গেল উদরের লেগে॥" —অ,ম। ক্রি-বিণ, ভরমে—সম্ভ্রমের সহিত। ভরমে ভরমে—মানে মানে ; মান লইয়া। প্র—"ভরমে ভরমে যাও ঘরে।" —চণ্ডীদাস। ভরম বজায় থাকা—সম্ভ্রম রক্ষা হওয়া ; মান থাকা। ভরম রাখা—যাহাতে মান থাকে এরূপ করা ; সম্ভ্রম রক্ষা করা। ভরমের টাটি—সম্ভ্রমের আবরণ।

ভরম্ভর (ভরোম্‌ভর্) [ভরম্ (ভর)+ভর (পরস্পরার্থে—দ্বিত্ব)] বি, পরস্পরের উপর পরস্পরের নির্ভর। ২। [সম্পূর্ণার্থে—দ্বিত্ব] সম্পূর্ণ ভর।

ভরসা (শা) [ভর—সা (সাদৃশ্যার্থে) নির্ভরের ভাব। হি—ভরোসা] বি, নির্ভর-

শীলতা। ২। আশ্রয় ; অবলম্বন। ৩। সাহস। ৪। আশা। প্র—"কিবা ভরসায় আইস কাছে।"—জ্ঞান। ভরসা করা—আশা করা। ভরসা ছাড়া—আশা ত্যাগ করা। ভরসা থাকা—আশা থাকা। ২। সাহস থাকা। ভরসা দেওয়া—আশা দেওয়া ; কাহাকেও আশান্বিত করা। ভরসা পাওয়া—কাহার দ্বারা আশান্বিত হওয়া ; ভরসা যাওয়া—আশা বা সাহস নষ্ট হওয়া।

ভরা [সং—ভার হইতে] বি, বোঝা ; ভার। প্র—"না কর আসিতে ত্বরা সাতনায়ে দিয়ে ভরা লাভ করি আসিহ বসতি।"—কবিক। ২। বোঝাই নৌকা ; বজরা। প্র—"প্রবঞ্চনার বিকিকিনি করে ভরা কৈলে ভারি।"—রামপ্রসাদ।

ভরা [হি—ভর্না। সং—ভৃ (পূরণে) ধাতুজ। উ-পু—ভরি। ম-পু—ভর ; ভরুন ; ভর্। প্র-পু—ভরে ; (পদ্যে) ভরয়ে ; ভরেন্। অস-ক্রি—ভরিতে ; ভরিয়া ; ভরি (পদ্যে) ; ভরে (ভো)। ণিজন্ত—ভরান] ক্রি, পূর্ণ করা। প্র—"তোমার মধুর রূপে ভরেছে ভুবন"—রবি। "শুনিতে তোহারি বাত পুলকে ভরয়ে গাত।"—চণ্ডীদাস। ২। বোঝাই করা। ৩। লাগা। প্র—"যায় শত্রু পরে পরে মোর গায় ধুলা না ভরে"—সা-প-প। ৪। ব্যাপা ; জোড়া। প্র—"আমার কপোল ভ'রে শিশির পড়িবে ঝরে"—রবি। ৫। পূর্ণ হওয়া। প্র—পেট ভ'রে খাওয়া। ব্রজ—ভরই—ভরে ; পূর্ণ করে। ভরল—ভরিল। প্র—"রুধিরে ভরল কিয়ে সুরঙ্গ পঙার।"—বি, প। ভরু—ভরে। ভরাডুবি, ভরাবুড়ি—বি, বোঝাই করা নৌকা ডুবি। ২। সর্ব্বনাশ।

ভরাট (ট্) [ভর্ত্তি দ্রঃ] বি, পূর্ত্তি। ২। বিণ, পূর্ণ।

ভরাটি [গর্ত্তাদি ভরণকারী মাটি] বি, নদীর কোন অংশ চড়া পড়িয়া ভরাট হওয়া জমী।

ভরাভর (র্) ভরন্তর দ্রঃ।

ভরি (ভোরি) [প্রা-বাং] বি, পদ ; পা। প্র—"জনমিল ভেক তার হইল চাইর ভরি।"—শূ, পু। ২। স্বর্ণাদির পরিমাণবিশেষ ; তোলা। ৩। ক্রি, পূর্ণ করি ; ভরা দ্রঃ।

ভরিত (ভো) [ভৃ (পালন করা) + ইত (কর্ম্মে)] বিণ, পূর্ণ ; পূরিত। ২। প্রতিপালিত ; পোষিত। ৩। হরিদ্বর্ণ ; সবুজ রং। ৪। [ভর + ইত (যুক্তার্থে)] ভরবিশিষ্ট।

ভরু (ভো) [ভরা দ্রঃ। ব্রজ] ক্রি, ভরে। প্র—"দুহুঁ অধরামৃতে দুহুঁ মুখ ভরু"—বি, প।

ভর্গ ["হরঃ স্মরহরো ভর্গস্ত্র্যম্বকস্ত্রিপুরান্তকঃ"—অমর।] বি, পুং, ব্রহ্মা। ২। মহাদেব। প্র—"শিব ভর্গ ত্রিলোচন বৃষধ্বজ পঞ্চানন"—অ, ম। ৩। জ্যোতিঃ ; তেজঃ।

ভর্জ্জন (ন্) [ভৃজ্ (ভাজা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ভৃষ্ট করণ ; ভাজা।

ভর্ত্তব্য [ভৃ (পোষণ করা) + তব্য (কর্ম্মে)] বিণ, প্রতিপাল্য ; ভরণপোষণোপযোগী।

ভর্ত্তা [ভৃ (পালন করা) + তৃ (কর্ত্তৃ—তৃন্) ভর্ত্তৃ, ১মা, ১ব] বি, পুং, স্বামী। ২। রাজা। ৩। প্রভু। ৪। বিণ, ধারণ, রক্ষণ, পালন ও পোষণকর্ত্তা। ৫। বিষ্ণু। স্ত্রী, ভর্ত্রী ; পালনকর্ত্রী।

ভর্ত্তি (ভো) বি, পূরণ ; ভরপুর। ২। নিযুক্ত।

ভর্ত্তৃদারক (ভো, ক্) [ভর্ত্তৃ (প্রভু)—দারক (পুত্র)—৬ তৎ] বি, পুং, নাট্যোল্লিখিত রাজপুত্র। স্ত্রী, ভর্ত্তৃদারিকা।

ভর্ত্তৃহরি (ভো, হো) [ভর্ত্তৃ (প্রধান)—হরি] বি, পুং, সুপ্রসিদ্ধ ভট্টিকাব্যের রচয়িতা ; রাজা বিক্রমাদিত্যের বৈমাত্রের জ্যেষ্ঠ ভ্রাতা। ২। বাক্যপ্রদীপকর্ত্তা বৈয়াকরণ কবিবিশেষ।

ভর্ৎসন (ভৎ্সন্) [ভর্ৎস্ (ভর্ৎসনা করা) + অন (ভাবে)] বি, ক্লী, তিরস্কার। ২। নিন্দা ; তিরস্কার ; ৩। তর্জ্জন। ৪। খেদ ; আক্ষেপ। স্ত্রী, ভর্ৎসনা [প্রা—বাং—ভচ্ছনা (পীতাম্বর দাসের রসমঞ্জরী)]। বিণ, ভর্ৎসিত। স্ত্রী, ভর্ৎসিতা।

ভল্ল [ভল্ (বধ করা) + অ (কর্ত্তৃ—অণ্)] বি, পুং, ভল্লুক। ২। [+ অল্ করণে যাহা দ্বারা বধ করা যায়] বাণবিশেষ ; সূচী ফল তুল্য ফলক অস্ত্র ; বেধনাস্ত্র ; ভালা।

ভল্লাতক, ভল্লিকা (ক্, ভো) বি, ভেলাগাছ।

ভল্লুক, ভল্লূক (ভোল্লুক্) [অর্ব্বাচীন সং। অধিক পুরাতন দেশী প্রাকৃ—ভল্ল] বি, পুং, ঋক্ষ ; ভালুক। স্ত্রী, ভল্লুকা, ভল্লুকী। ভল্লুক জ্বর—ক্ষণিক কম্পজ্বর ; ক্ষণস্থায়ী জ্বর।

ভস্কা, ভস্‌ভসে (শ্, ভোশে) [প্রা। শব্দাত্মক] বিণ, জলবৎ। ২। শিথিল ; আলগা।

ভস্ত্রা, ভস্ত্রকা, ভস্ত্রিকা (ভস্ত্রা) [সং] বি, স্ত্রী, বায়ু পরিচালন যন্ত্রবিশেষ ; জাঁতা। ২। ভিস্তী ; মশক।

ভস্ম (ভশ্শ্) [ভস্ (দীপ্তি পাওয়া) + মন্ (কর্ত্তৃ) = ভস্মন্, ১মা, ১ব। ব্রজ—ভসম। প্র—"অঙ্গে ভসম নহ মলয়জ পঙ্ক"—বি, প। ভস্মসাৎ—অ, সম্যক্ ভস্মীভূত ; ভস্মাকারে পরিণত। ভস্মস্তূপ—বি, ভস্মরাশি ; ছাইয়ের গাদা। ভস্মাচ্ছন্ন—বিণ, ভস্মাবৃত। ভস্মাচ্ছাদিত—বিণ, ভস্মাবৃত ; ছাই চাপা। ভস্মাধার—বি, ছাই রাখিবার পাত্র ; মৃত দেহের ভস্মাবশেষ রক্ষার স্থালী। ভস্মাবশেষ—বি, ভস্মের অবশিষ্ট চূর্ণ অংশ ; ছাই। ২। বিণ, ভস্মীভূত দেহ ; ভস্মে পরিণত ("ভস্মাবশেষং মদনং চকার"—কুমার)।

ভস্মক (ভশ্শক্) [সং] বি, ক্লী, সুবর্ণ। ২। রৌপ্য। ৩। কফের হ্রাস ও বায়ুপিত্তের প্রকোপজ রোগবিশেষ। ৪। ভস্মকীট।

ভস্মিত (ভোশশিত) [ভস্ম + ইত] বিণ, ভস্মাকারে পরিণত। ২। বিনষ্ট।

ভস্মীভূত (ভোশ্শীভূত) [ভস্ম—ঈ (চ্বি) —অভূততদ্ভাবার্থে—ভূত] বিণ, ভস্মে পরিণত ; ভস্মিত। ২। বিনষ্ট ; হত।

ভা [ভা (দীপ্তি পাওয়া) + অ (ভাবে অঙ)] বি, স্ত্রী, দীপ্তি ; প্রভা ; আলোক। ২। কিরণ।

ভাআ, ভাওয়া [সং—ভা (দীপ্তি) + আ (ক্রিয়া-বিভক্তি) । হি—ব্=ওয়া—ভাব্না। ভাওই (ব্রজ—ভাবই)। বাং—ভায়, ভাওয়ে (ব্রজ—ভাবয়ে)] ক্রি, প্রকাশ পায় ; শোভা পায়। প্র—"তা বিনে রাতি দিবস নাহি ভাওই"—বি, প [পাঠান্তরে "ভাবই"—প্রাচীন কাব্য সংগ্রহ (অ, সরকার)]। "নয়নে করুণার কিরণ ভায়"—বিহারিলাল সরকার। ২। পূর্ব্বাভাস দেওয়া ; সূচনা করা। প্র—"কপালে কল্যাণী তোর সুমঙ্গল ভায় মা।"—অতুলকৃষ্ণ মিত্র। ৩। ভাল লাগা। প্র—"তোমা বিনে মোর চিতে কিছুই না ভায়।"—চণ্ডীদাস। "কিছুই না ভায় তাঁর একা কৃষ্ণ বিনে।"—রসিক মঙ্গল। ৪। বিরাজ করা ; জাগা। প্র—"চণ্ডীদাসের মনে আন নাহি ভায়ে"—চণ্ডীদাস। ৫। আনন্দ দেওয়া। প্র—"যে যার মনে ভায় সে নারী ভজে তায়"—কবিক। ৬। মনে লওয়া ; সমীচীন বোধ হওয়া। প্র—"যত জনে যত বল মোরে নাহি ভায়"—ভারত চন্দ্র।

ভাই [ভ্রাতৃ শব্দজ] বি, ভ্রাতা ; সহোদর। ২। জ্ঞাতি ভ্রাতা। ২। ভ্রাতৃস্থানীয় ব্যক্তি। ভাই-ঝী—ভ্রাতুষ্পুত্রী। ভাই-ঝী-জামাই—ভ্রাতার জামাতা। ভাই দ্বিতীয়া, ভাই ফোঁটা—যম দ্বিতীয়া ; ভ্রাতৃদ্বিতীয়া দ্রঃ। ভাইপো—ভ্রাতুষ্পুত্র। ভাই পো-বৌ—ভ্রাতার পুত্রবধূ। ভাইরা-ভাই—শ্যালীপতি ভাই।

ভাইজ, ভাউজ (জ্) [ভ্রাতৃজায়া শব্দজ] বি, স্ত্রী, পুরুষ পক্ষে জ্যেষ্ঠ ভ্রাতার স্ত্রী। স্ত্রী-পক্ষে ভ্রাতৃজায়া।

ভাইট (ট্) [প্রাদে] বি, ভাঁট গাছ।

ভাইয়া [হি] বি, ভ্রাতা। ২। ভ্রাতৃস্থানীয়।

ভাউলে—বি, ক্ষুদ্রাকার গৃহযুক্ত নৌকাবিশেষ।

ভাও [সং—ভাব হইতে। হি] বি, নির্দ্ধারণ; নির্ণয়; অবধারণ। প্র—"ঘরের স্থান ভাও গিয়া করে ভাল মতে।"—মনসামঙ্গল (বিজয় গুপ্ত)। ২। মূল্য; দর। প্র—"ঠাকুর বাড়ীর ভাত খাই বাজারের ভাও জানি না।" —সা, প, প। ৩। ভাব; অবস্থা। আও ভাও—হাবভাব।

ভাওলী [প্রাদে] বি, খাজনার পরিবর্ত্তে জমিদারকে দেয় শস্য।

ভাং [সং—ভঙ্গা] বি, সিদ্ধি গাছ। ২। সিদ্ধিপাতায় প্রস্তুত মাদকবিশেষ। প্র— "ভাং পেয়ে শিব সদাই মত্ত।"—রামপ্রসাদ।

ভাংচি [সং—ভঞ্জ (ভঙ্গ করা) ধাতুজ। হি— ভাঁঞ্জি, ভাঁজি। বাং-র—ভাংচি। যাহাতে বা সঙ্কল্পিত কার্য্যে ভঙ্গ দেয়] বি, কুমন্ত্রণা। ভাংচি দেওয়া—কুপরামর্শ দেওয়া; কান ভাঙ্গান। তুল—হি, "ভাঁজি মারা"।

ভাঃ, ভা [ভাস্ (দীপ্তি পাওয়া)+কিপ্ (ভাবে) ভাস্, ১মা, ১ব] বি, পুং, ভাস্কর; সূর্য্য। ২। কিরণ। ৩। দীপ্তি; আভা।

ভাঁউরি [সং—ভ্রামরী] বি, ভ্রমি; ভ্রামরী। প্র—"চাক ভাঁওরিতে ফিরিয়ে নাচিতে হইল তার তাল ভঙ্গ।"—ধর্ম্মমঙ্গল। ২। ঘুর-পাক।

ভাঁগা [ভাঙ্গা দ্রঃ] ক্রি, ভাঙ্গা; নাশ করা। প্র—"ক্ষণেক ঐশ্বর্য্য প্রকাশিয়া পুন ভাঁগে।" —চৈ, ভা।

ভাঁজ [ভাঁজা দ্রঃ] বি, পাট; তা; মোড়া।

ভাঁজন (ন্) [প্রাদে] বি, রাগালাপ। ২। পাটকরণ; ভাঁজকরণ; দুমড়ান।

ভাঁজা [সং—ভনজ্ (ভাঙ্গা) হইতে। উ-পু ভাঁজি। ম-পু—ভাঁজ; ভাঁজুন; ভাঁজ্। প্র-পু—ভাঁজে। অস-ক্রি—ভাঁজিতে; ভাঁজিয়া; ভেঁজে। ণিজন্ত—ভাঁজান] ক্রি, অভ্যাস করা; আলাপ করা। প্র—"রাণীর সুরের সঙ্গে ধরে অতি মৃদু তান। ভাঁজ ছিলেন তাঁর ছাদে বসি ইমন কল্যাণ।"—দ্বিজেন্দ্র রায়। ২। পাট করা; তা করা। মুগুর ভাঁজা —মুগুর ঘুরাইয়া কসরত করা; মুগুর ঘুরান। সুর ভাঁজা—রাগ রাগিণী আলাপ করা।

ভাঁট (ট্) [প্রাদে, রংপুর] বি, যে স্থানে গৃহাদি নির্ম্মিত হইতে পারে এবং সময়ে আলু তামাক ইত্যাদি জন্মান যায় এতাদৃশ ক্ষেত্র।

ভাঁট (ট্) বি, ভেঁটগাছ; ঘেঁটুফুলের গাছ।

ভাঁটা [সং—বৃত্ত, হি—ভাঁটা] বি, বাঁটুল; ক্রীড়া-গোলক। প্র—"এক গোটা ভাঁটা ভূমিতে ফেলিয়া।"—কাশী-আদি। ভাঁটা [ভনজ্ ধাতুজ। ভাঙ্গটা দ্রঃ। অথবা ঘট্ট ধাতুজ। ঘাট—ঘাঁটা—ভাটা] বি, হ্রাস। প্র—"যৌবন সায়রে পড়িতেছে ভাঁটা তাহারে কেমনে রাখি?"—চণ্ডীদাস। ক্রি, ভাঁটান (নো)—ভাঁটান দ্রঃ।

ভাঁটি, ভাঁটী [ভাণ্ডীর শব্দ] বি, বৃক্ষবিশেষ ঘেঁটু ফুলের গাছ। ভাঁটি [হি—ভট্টি] বি, অগ্নি স্থান; চুলী। ২। ইট চূণ প্রভৃতি পোড়াইবার আগুন যে ঘরে করা হয়। ৩। ধোপার কাপড় সিদ্ধ করিবার হাঁড়ী। ৪। মদ চুয়াইবার স্থান। খোলা ভাঁটি— যে মদের ভাঁটি সাধারণের জন্য খোলা থাকে। ভাঁটি—ভাটি দ্রঃ।

ভাঁড় (ড়্) [ভাণ্ড শব্দজ] বি, মৃত্তিকা-নির্ম্মিত জলপাত্র; মৃৎপাত্রবিশেষ। প্র— "ভাঁড়ে যদি জল খায়।"—দাশরথি। ২। বিদূষক; ভাঁড়ামী করা যাহার কাজ। ৩। নাপিতাস্ত্রের আধার।

ভাঁড়াই [ভাঁড় (দ্রঃ)+আই (আচরণার্থে)) বি, ভাঁড়ামি; রঙ্গ কৌতুক। প্র—"ধাড়ী গায় কড়পা ভাঁড়াই করে ভাঁড়।"—অ, ম।

ভাঁড়ান (নো) [সং—ভণ্ড ধাতুজ; উ-পু— ভাঁড়াই। ম-পু—ভাঁড়াও। প্র-পু—ভাঁড়ায়। অস-ক্রি—ভাঁড়াইতে; ভাঁড়াইয়া; ভাঁড়িয়ে] ক্রি, বঞ্চনা করা; প্রতারণা করা। প্র— ভক্তে ভাঁড়াতে নারিবে তার বাপে।"— ঘনরাম। "ছাঁয়ে ভাঁড়াইল মায়।"—অ, ম। ২। ভুলান। প্র—"ভাল ভাঁড়াইয়া শিব পলাইয়া গেল দূর"—পদ্মাপুরাণ (বিজয়)।

ভাঁড়াভাঁড়ি [ভাঁড়+আ (ক্রমাগত অর্থে) —ভাঁড়+ই (তৎকর্ম্মার্থে)] বি, প্রবঞ্চনা; প্রতারণা। ২। ক্রমাগত আজ নয় কাল করিয়া ফেরাফিরি।

ভাঁড়াম, ভাঁড়ামি [ভাঁড় (ভণ্ড)+আম, আমি (প্রত্যয়)] বি, ভণ্ডের আচরণ; নগ্ন-রসিকতা; পরিহাস; কৌতুক।

ভাঁড়ার (র্) [সং—ভাণ্ডার] বি, ধনাগার; ভাণ্ডার। প্র—"ভাঁড়ার জিম্মা যার কাছে মা"—রামপ্রসাদ। ভাঁড়ারী—বি, ভাণ্ডারী; ভাণ্ডাররক্ষক। প্র—"কখন খেটেল কখন ভাঁড়ারী॥"—অ, ম।

ভাঁতি [হি—হইতে প্রা-বাং-র। সং—ভাতি] বি, দীপ্তি। ২। প্রকার; রকম। তুল— হি—ভলি ভাঁতি (ভালরকম)। প্র— 'নানা পক্ষী জলচর গড়ে নানা ভাঁতি।"— ভারতচন্দ্র। ৩। ভ্রান্তি; ভুল।

ভাক্ [ভাজ্ (পৃথক করা)+কিপ (কর্ত্তৃ)= ভাজ্, ১মা, ১ব] বিণ, ভাগী; অংশী।

ভাকুট, ভাকুট (ট্) বি, ভেটকী মাছ।

ভাক্ত [ভক্ত (ভাত)=অ (ষ্ণ)] বিণ, ভাতসম্বন্ধীয়; ভাতঘটিত। ২। [ভক্তি (গৌণী বৃত্তি)+অ (অত্রভবার্থে—ষ্ণ)] লাক্ষণিক। ৩। গৌণী। ৪। ভক্ত সম্বন্ধীয়।

ভাক্তিক (ক্) [ভক্ত (অন্ন)+ইক (পালনার্থে—ষ্ণিক)। বিণ, পরান্নে পালিত; ভাতুড়িয়া।

ভাখ (ক্) [সং—"ভাষা" শব্দের হি—উচ্চারণ। ষ=খ। তুল—বিভীষণ=বিভীখন। ব্রজ। প্রা-বাং-পদাবলীতে] বি, ভাষ; বাক্য; কথা। প্র—"নিশি আন্ধিয়ার অপার ঘোরতর ডাহুকী কলকল ভাখ।"—জ্ঞান। "বিদ্যাপতি। কহ ভাখি"—বি, প। ২। (ভাখো) ক্রি, বলিও। ন ভাখ—বলিও না।

ভাখা [সং—ভাষা। হি—প্রা—উচ্চারণে ষ =খ] বি, চলিত কথোপকথনের ভাষা; বোল; বুলি; dialect. ২। অপভাষা।

ভাখি, ভাখী [ভাখ (দ্রঃ)+ই (পদের কোমলতা অর্থে) ব্রজ] বি, বুলি। ২। কথা। প্র—"বিদ্যাপতি কহ মিছ নাহি ভাখি"— বি, প।

ভাগ (গ্) [ভজ্ (ভাগ করা)+অ (কর্ম্মে, ঘঞ্)] বি, পুং, বিভাগ। ২। খণ্ড; টুকরা। ৩। কালাংশ। প্র—দিবাভাগ, নিশাভাগ। ৪। প্রদেশ। ৫। ভাগ্য; অদৃষ্ট। [ব্রজ—ভাগি। প্র—"হামারি আছল কত পূরবক ভাগি"—বি, প]। ৬। [বহু বচনার্থে অন্য শব্দের সহিত যুক্ত হয়; সমূহ। সকল; গণ। প্র—"শুনহ পঞ্চাল আর যত রাজ ভাগ।"—কাশী—মহা —আদি। "প্রেত ভাগ সানুরাগ"— ভারতচন্দ্র। "বীর ভাগ সঙ্গে হেথা পার্থ মহাশয়।"—মহা (দ্বিজ অভিরাম)। ৭। অংশ; বখরা। প্র—"ভাগ পেতে হয় মোরে আমি তার নারী"—অ, ম। ভাগ বাটোয়ারা—অংশে অংশে ভাগ বা বিভাগ এবং বিতরণ। বাড়তি ভাগ, বাড়ার ভাগ—অধিকন্তু; উপরন্তু। "যথাসম্ভব শীঘ্র ইহার উপকরণ সমূহ তাহার কোঁচড়ে আবদ্ধ হইল। বাড়তি ভাগ কিছু চালও সংগ্রহ করিল।—ভারতী, ১৩২০।

ভাগউ [ভাগা দ্রঃ। ব্রজ] ক্রি, ভাগুক; দূর হোক। প্র—"ভাগউ সব দুঃখ"—বি, প।

ভাগধেয় (গ্) [ভাগ+ধেয়—ধা (ধারণে) বি, অদৃষ্ট। ২। কর; রাজস্ব। ৩। অংশ; ভাগ। ৪। বিণ, ভাগী; উত্তরাধিকার সূত্রে ধনভাগী; দায়াদ।

ভাগবত (ভাগ্‌বত) [ভগবৎ (ভগবান)+ অ (ষ্ণ)] বি, ক্লী, ভগবানের লীলা ও

মাহাত্ম্য বর্ণনাত্মক গ্রন্থ। ২। নিত্য ভাগবৎ সেবানিরত ভগবদ্ভক্ত বৈষ্ণব। ৩। [কদর্থে— ভকত অর্থাৎ ভক্তবিটেল। প্র—"সর্ব্ব নবদ্বীপে ভ্রমে ভাগবতগণ।"—চৈ-ভাগবত]।

ভাগহর, ভাগহার (গ, র) [ভাগ—হর, হার (যে হরণ করে)] বি, পুং, অংশগ্রহণ। ২। কোন নির্দ্দিষ্ট রাশিকে অন্য রাশি দ্বারা ভাগ করিবার প্রণালী।

ভাগা [সং—ভন্‌জ (ভাঙ্গা) ধাতুজ। হি—ভাগ্‌না। উ-পু—ভাগি। ম-পু—ভাগ; ভাগুন্; ভাগ্। প্র-পু—ভাগে; ভাগেন। অস-ক্রি—ভাগিতে; ভাগিয়া, ভেগে। ণিজন্ত—ভাগান] ক্রি, ভঙ্গ দেওয়া; পলায়ন করা। প্র—"ভাই মোর দায় তোর পাছে চোর ভাগে"—ভারতচন্দ্র।

ভাগা [ভাগ (অংশ) + আ (স্বার্থে)] বি, অংশ; বখরা; ভাগ।

ভাগাড় (ড়) [বাঘাড় দ্রঃ। গোহাড় যথায় পতিত হয়] বি, গরুর শ্মশান।

ভাগানো (নো) [ভাগা দ্রঃ। উ-পু—ভাগাই। ম-পু—ভাগাও; ভাগান্; ভাগা। প্র-পু—ভাগায়; ভাগান। অস-ক্রি—ভাগাইতে; ভাগাইয়া, ভাগিয়ে] ক্রি, তাড়াইয়া দেওয়া; পলাইতে বাধ্য করা।

ভাগাভাগি [ভাগ (দ্রঃ) + আ (পরস্পরার্থে) + ভাগ + ই] বি, অংশা-অংশী; পরস্পরের মধ্যে বস্তুর বিভাগ।

ভাগিনা, ভাগ্না [ভাগিনেয় (দ্রঃ) শব্দের গ্রা—রূপ] বি, পুং, ভাগিনেয়। প্র—"গৌরী দেখি বলে আইস গুণের ভাগিনা"—শিবায়ন। **ভাগ্নাবৌ**—ভাগ্নার বৌ; ভগ্নীর পুত্রবধূ।

ভাগিনেয় [ভগিনী + এয় (ঢেয়—অপত্যার্থে)] বি, পুং, পুরুষের ভগ্নীর পুত্র; নারীর ননদের পুত্র (নারীর সহোদরাপুত্রকে বোনপো বলে)।

ভাগিনেয়ী, ভাগ্নী [ভাগিনেয় দ্রঃ] বি, স্ত্রী, ভগিনীর দুহিতা; ভগ্নীর কন্যা; ভাগিনী (পুরুষপক্ষে)। [স্ত্রীপক্ষে—ভগিনীকন্যা = বোনঝি]। পুং, **ভাগ্নীজামাই**—ভগিনীর জামাতা।

ভাগী [ভাগিন্ ১মা, ১ব] বিণ, অংশী। **ভাগীদার**—বি, দায়াদ; উত্তরাধিকার সূত্রে অংশ পাইবার অধিকারী। ২। অংশীদার।

ভাগী [ভাগ দ্রঃ] বিণ, [ব্রজ] ভাগ্যবান। প্র—"যাগ শত জাগই সো পাওয়ে বড়ভাগী"—বি, প।

ভাগীরথী (রো) [ভগীরথ + অ (অপত্যার্থে —ষ্ণ) ঈপ্, ভগীরথ কর্ত্তৃক আনীত বলিয়া] বি, স্ত্রী, জাহ্নবী; গঙ্গা।

ভাগুরি—বি, পুং, ব্যাকরণপ্রণেতা ঋষিবিশেষ।

ভাগ্য [ভজ্ (ভাগ করা) + য (কর্ম্মে —ঘ্যণ্)] বি, ক্লী, নিয়তি; অদৃষ্ট। ২। সৌভাগ্য। ৩। [ভাগ + য (যৎ)] বিণ, বিভাজ্য। **ভাগ্যক্রমে**—অদৃষ্টবশতঃ। **ভাগ্যগণনা**— অদৃষ্টের ফলাফল গণনা। **ভাগ্যফল**—পূর্ব্বজন্মার্জ্জিত কর্ম্মের সুখ-দুঃখাদি পরিণাম। **ভাগ্যবল**—অদৃষ্টশক্তি; কপালের জোর। **ভাগ্যবান, —ভাগ্যবন্ত**—[গ্রা-বাং-য—"ভাগ্যিমান" এবং তাহার স্ত্রীলিঙ্গে "ভাগ্যিমানি"] বিণ, সৌভাগ্যশালী। স্ত্রী, **ভাগ্যবতী**। **ভাগ্যবিধাতা**—অদৃষ্টের নিয়ন্তা। স্ত্রী, **ভাগ্যবিধাত্রী**। **ভাগ্যবিপর্য্যয়**—অবস্থার পরিবর্ত্তন; দুরদৃষ্ট। **ভাগ্যলিপি**—অদৃষ্টের লিখন। **ভাগ্যহীন**—হতভাগ্য।

ভাগ্যি (ভাগ্‌গি) [গ্রা। সং—ভাগ্য] বি, ভাগ্য; অদৃষ্ট। প্র—তার ভাগ্যি ভাল। ২। সৌভাগ্য। প্র—সে যদি ফেরে ত তার ভাগ্যি। ৩। [রক্ষা দ্রঃ] অ, কপাল ভাল তাই; ভাগ্য বা অদৃষ্ট প্রসন্ন ছিল তাই। এই অর্থে অধিক চলিত রূপ—'[মেয়েলি]। **পড়া ভাগ্যি, পোড়া ভাগ্যি**—পোড়া কপাল; দগ্ধ অদৃষ্ট; দুরদৃষ্ট। প্র—"ওমা ওমা পড়া ভাগ্যি উকিলের ওঁচা।"—হেম বন্দ্যো। **ভাগ্যি ভাল**—সৌভাগ্য; শুভাদৃষ্ট।

ভাগ্যিমান (ন্) [ভাগ্যি দ্রঃ। সং—ভাগ্যবান শব্দের অপভ্রংশ। গ্রা—মেয়েলি কথায়] বিণ, ভাগ্যবান; সৌভাগ্যশালী। স্ত্রী, **ভাগ্যিমানি, ভাগ্যিমানী**—ভাগ্যবতী; সৌভাগ্যশালিনী। প্র—"তুমি সতী লক্ষ্মী ভাগ্যিমানি; তুমি আশীর্ব্বাদ কর ওর মতি গতি ফিরবে।"—ভারতী, ১৩২০।

ভাগ্যিস (ভাগ্‌গিশ্) [ভাগ্যি (দ্রঃ) ইস (বিস্ময়ে)] অ, অদৃষ্টক্রমে; ভাগ্য ভাল তাই। প্র—"ভাগ্যিস তোর আমার সঙ্গে দেখা হল"—ভারতী, ১৩২০।

ভাগ্যোদয় (য়) [ভাগ্যের উদয়, ৬তৎ] বি, পুং, সৌভাগ্যের আবির্ভাব।

ভাঙ, ভাঙ্গ (ঙ্) [সং—ভঙ্গা; পা—বংগ; হি—ভাঙ্গ্] বি, মাদকবিশেষ; সিদ্ধি।

ভাঙ (ভাং) [সং—ভ্রূ হইতে হি—ভৌঁহ—ভাঙ। ব্রজ] বি, ভ্রূ। প্র—"ভাঙক ভঙ্গিম থোরি জনু"—বি, প। "নয়ননলিনী দউ অঞ্জনে রঞ্জই ভাঙ বিভঙ্গি বিলাস"—ঐ।

ভাঙচি—ভাংচি দ্রঃ।

ভাঙড় (ড়) ভাঙ্গড় দ্রঃ।

ভাঙন (ন্) [ভাঙ্গন হইতে] বি, ভঙ্গ; ধসন। প্র—"ভাঙন ধরা কূলে তোমার আর কিছু কি চাই।"—রবি। ২। মৎস্যবিশেষ। **ভাঙন বাটা**—বাটা মাছের শ্রেণী ভেদ।

ভাঙর (র্) [গ্রা—বাং। তুল—কোঙর] বি, ভ্রাতুষ্পুত্র; ভাইপো। প্র—"কোঙর ভাঙর সাথে কামান কৃপাণ হাতে কত আইসে সমরে পণ্ডিত।"—কবিক।

ভাঙা—ভাঙ্গা দ্রঃ।

ভাঙো-ভাঙো [ভাঙ্গ হইতে ভাঙো—প্রায় অর্থে দ্বিত্ব] ক্রি-বিণ, ভঙ্গপ্রায়; ভাঙ্গিবার মত। প্র—"হয় হয় প্রায় ভোর, ভাঙো ভাঙো ঘুম ঘোর"—সারদামঙ্গল (বি, চক্রবর্ত্তী)।

ভাঙ্গটা (ভাং) [ভঙ্গ—তা] বি, ভাঙ্গন। ২। বিণ, ভাঙ্গা ভাঙ্গা।

ভাঙ্গড়, ভাঙ্গর (ড়, র্) [ভাঙ্গ (দ্রঃ) + ড় (দড়, দক্ষ অর্থে)—ভাঙ্গ পানে দড়] বিণ, মাদকসেবী; সিদ্ধিখোর। প্র—"গরল খাইল তবু না মরিল ভাঙ্গড়ের নাহি যম"—অ, ম। **ভাঙ্গড়মতি**—হীনবুদ্ধি। প্র—"নারদে বলিব কি তার বাক্যে দিনু ঝি এমন ভাঙ্গড় মতি পাপে।"—কবিক। **ভাঙ্গড় ভোলা**—সিদ্ধি পানে বিহ্বল ভোলানাথ; শিব।

ভাঙ্গা [ভন্‌জ্ (ভঙ্গ করা) ধাতুজ। উ-পু—ভাঙ্গি। ম-পু—ভাঙ্গ; ভাঙ্গুন্; ভাঙ্গ্। প্র-পু—ভাঙ্গে; ভাঙ্গেন। অস-ক্রি—ভাঙ্গিতে; ভাঙ্গিয়া; ভেঙ্গে। ণিজন্ত—ভাঙ্গান] ক্রি, ভগ্ন করা; চূর্ণ করা। প্র—"সগুণে নির্গুণে বাধিয়ে বিবাদ ডেলা দিয়া ভাঙ্গে ডেলা।"—রামপ্রসাদ। ২। বিণ, ভঙ্গ; ভগ্ন। প্র—"বায়ে নড়ে ভাঙ্গা বেড়া বুড়ার দশন।"—অ, ম। ৩। ভাঙ্গিয়া পড়িলে যেমন এক স্থানে স্তূপীকৃত হয় সেইরূপ ছোট বড় আবাল বৃদ্ধ বনিতা নির্ব্বিশেষে সকলের সমবেত আগমন। প্র—"চোখের নিমিখে ভেঙ্গে আসে বণিক পাড়া।"—কবিকঙ্কণ। ৪। ভগ্নহৃদয় বা হতাশ হওয়া। ৫। ভগ্ন দেহ হওয়া। ৬। নিম্ন ঘরে বিবাহ দিয়া কুল ভঙ্গ করা। প্র—"শ্রীরামপুরের চৌধুরী মহাশয়েরা কুবেরের ভাণ্ডার ব্যয় করে ভূপালের পুত্রকে এদেশে এনে ভেঙ্গে ছিলেন।"—লীলাবতী। বি, **ভাঙ্গন**। **ভাঙ্গাভর্ত্তি**—বি, পূর্ণসংখ্যা ও তাহার ভগ্নাংশ। প্র—"টাকা জমা দিবার তারিখ হইতে তৎপরবর্ত্তী ৩০শে নবেম্বর পর্য্যন্ত এই ভাঙ্গাভর্ত্তি সময়ের জন্য সুদ নগদ দেওয়া হইবে।"—বাঙ্গালী (১৯ ভাদ্র ১৩২২)। **ভাঙ্গা ভাঙ্গা**—প্রায়ই ভগ্ন। **ঘর ভাঙ্গা**—সংসারে পরস্পরের সদ্ভাব নষ্ট করা; পরিবারের একান্নবর্ত্তিতা ও একতা ভঙ্গ করা। **ভাঙ্গিয়া পড়া**—খসিয়া পড়া।

ভাঙ্গান (নো) [ভাঙ্গা দ্রঃ] ক্রি, কোন মুদ্রার বিনিময়ে সম পরিমাণ মূল্যের ক্ষুদ্র ক্ষুদ্র মুদ্রা গ্রহণ করা। প্র—"আপনি ভাঙ্গায় তঙ্কা," —কবিক। ৩। মন্ত্রণা দিয়া নিবৃত্ত করা ; ভাংচি লাগান। প্র—"কুমন্ত্রী মামুদা মন ভাঙ্গাইল পিছু"—ঘনরাম। বি, **ভাঙ্গানি**—ক্ষুদ্র ক্ষুদ্র মুদ্রা ; বিনিময় মুদ্রা ; রেজগি। **ঘর ভাঙ্গানি**—যে স্ত্রীলোক কুপরামর্শ দ্বারা একান্নবর্ত্তী পরিবারের মধ্যে মনোমালিন্য ঘটাইয়া পরস্পরকে পৃথক্ করে।

ভাঙ্গান (ন্) [প্রাদে] বি, আক্রমণ। প্র—"এইরূপে ঘরে ঘরে বাঘের ভাঙ্গান। দেখে শুনে ভয়ে উড়ে রাজার পরাণ ॥"—ঘনরাম।

ভাঙ্গি, ভাঙ্গী [ভাঙ্গ (সিদ্ধি) + ঈ (আসক্ত অর্থে)] বিণ, ভাঙ্গপায়ী : ভাঙ্গড় ; সিদ্ধিখোর। প্র—"একে বুড়া তাহে ভাঙ্গী ধুতুরায় ভোল। অল্প অপরাধে কর মহা গণ্ডগোল॥" —অ, ম।

ভাচা [প্রাদে] বি, ভানিবার ধান। প্র—"পরি দ্রুপণের কাচা ভানিত আমার ভাচা সেই বেটা হবে দেশমুখ।"—কবিক।

ভাজ (জ্) [ভ্রাতৃজায়ার অপভ্রংশ] বি, স্ত্রী, ভ্রাতার স্ত্রী ; ভ্রাতৃজায়া। (পুরুষপক্ষে জ্যেষ্ঠ ভ্রাতার পত্নী)।

ভাজক (ক্) [ভজ্ বা ভাজ্ (ভাগ করা) + অক (কর্ত্তৃ)] বিণ, যে রাশি দ্বারা ভাগ করা যায়।

ভাজন (ন্) [ভজ্ (সেবা করা কিংবা ভাগ করা) + অন (কর্ম্মে)] বি, ক্লী, আধার ; পাত্র। প্র—"তর্পণ করেন নরকপাল ভাজনে।"—কবিক। "মহীতলে পড়ে ক্ষীর তেজিয়া ভাজন"—রঙ্গলাল। ২। আশ্রয় ; আগার। প্র—"কৈল দৈব দুঃখের ভাজন" —কবিক। ৩। সুপাত্র ; যোগ্যজন। "আমি অভাজন পরম ভাজন ঘটক নারদ ভায়া"— অ, ম। বিণ, **ভাজনা**—যাহাতে ভাজা যায় ; ভাজিবার। **ভাজনা-খোলা**—চাউলাদি ভাজিবার পাত্র।

ভাজা [ভর্জ্জন হইতে। উ-পু—ভাজি। ম-পু ভাজ : ভাজুন্ ; ভাজ্। প্র-পু—ভাজে ; ভাজেন। অস-ক্রি—ভাজিতে : ভাজিয়া, ভেজে। ণিজন্ত—ভাজান] ক্রি, ভর্জ্জন করা। ২। বিণ, ভৃষ্ট ; ভর্জ্জিত। **ভাজাচাল**—মুড়ি। **ভাজা পোড়া**—ভৃষ্ট ও দগ্ধ। ২। ছোলা মটর তিল প্রভৃতি ভাজা মিশ্রিত মুড়ি। **ভাজা ভুজা**—সহচর শব্দদ্বয়। প্র—"ভাজা ভুজা নানা দ্রব্য ভুঞ্জে কুতুহলে"—ঘনরাম। **ঘীয়ে ভাজা বা তেলে ভাজা**—ঘৃতে বা তৈলে ভর্জ্জিত ; তৈল বা ঘৃত পক্ক। **হাড় ভাজা ভাজা**—জ্বালাতন পোড়াতন।

ভাজা সাধ—গর্ভবতীকে ৭ মাসে প্রদত্ত "সাধ"।

ভাজী—বিণ, ভাগী। প্র—"তুই পাপমতি বাঁঝি হইলি অবশভাজী"—কবিক। ২। বি, পাত্র ; ভাজন। ৩। ভর্জ্জিত ব্যঞ্জন।

ভাজ্য [ভজ্ (ভাগ করা) + ণিচ = ভাজি + য (কর্ম্মে)] বিণ, বিভাজ্য ; ভাগার্হ।

ভাট [ভট্ট শব্দজ] বি, বর্ণসঙ্কর জাতিবিশেষ ; বংশচরিত কীর্ত্তনকারী ; স্তুতিপাঠক। প্র—"বীর সিংহ তার পাট, পাঠাইয়া দিল ভাট।" ভারতচন্দ্র। "ভাটেরে দিল গজ ঘোড়া"—কবিক। ২। দস্তুরী। প্র—"চতুর সাধুর দাসী আট কাহনে কিনে আশী তবে কিছু মাঙ্গ্যা লয় ভাট।"—কবিক।

ভাটক (ক্) [ভট্ (ভাড়া করা) + অক (কর্ত্তৃ, ণক)] বি, পুং, ভাড়া।

ভাটশালিক (ট্, ক্) বি, গুয়ে শালিক (দ্রঃ)।

ভাটা, ভাঁটা [ভাঙ্গটা হইতে অথবা ঘাটা হি—ঘট্‌না (কমা)] বি, সমুদ্রগা নদী জলের অল্পতা বা হ্রাস ; সাগরগামী নদীর জল।

ভাটান (নো) [ভাটা (দ্রঃ) + আন (ক্রিয়ায়) উ-পু—ভাটাই। ম-পু—ভাটাও। প্র-পু—ভাটায়। অস-ক্রি—ভাটাইতে ; ভাটাইয়া ; ভাটিয়ে] ক্রি, নদ্যাদির জোয়ার হ্রাস হওয়া ভাটা পড়া ; ভাটিয়ে যাওয়া। প্র—'যখন আসবে জোয়ার উজিয়ে যাবে ভাটিয়ে যাবে ভাটার বেলা"—রামপ্রসাদ।

ভাটি, ভাটী, ভাঁটি, [ভাঁটি দ্রঃ] বি, ভাটা ; নদ্যাদির মন্দগতি। প্র—"না মানে উজান ভাটি নাহি কোন দায়"—পদ্যপাঠ। ২। বিণ, অল্প ; মৃদু ; ধিমা। প্র—"ক্ষীর রান্ধে জ্বাল দিয়া ভাটি"—কবিক। ৩। পরাজয়। প্র—"পবন মানিল ভাটী"—মনসামঙ্গল (কেতকাদাস)। ৩। নিম্নদিক ; নাবাল। **উজানভাঁটী**—জলের হ্রাস বৃদ্ধি ; জোয়ার ভাঁটা। ২। উন্নতি অবনতি। ৩। চড়াই উতোর ; উঁচুনীচু জমী। প্র—"ভ্রমেন উজান ভাটী চৌদিকে কোঁচের বাটী"—কবিক।

ভাটি [সং—ভাণ্ডী, হি—ভাট্টি] বি, ভাটি দ্রঃ] মদ্য প্রস্তুত করিবার বা রজকদিগের কাপড় সিদ্ধ করিবার বৃহৎ হাঁড়ী। প্র—"পাপ কাষ্ঠের আগুন জ্বাল চাপায়ে চৈতন্তের ভাটি।"—রামপ্রসাদ। **ভাটি গাং**—যে নদীতে ভাঁটা পড়িয়াছে। প্র—"গোঁৎ করে সোঁৎ ঠেলে ভাটি গাং ছেড়ে।" —ঈশ্বর গুপ্ত। **ভাটিজ্বাল**—ধিমা আঁচ। প্র—"ক্ষীর রান্ধে জ্বাল দিয়া ভাটি"—কবিক। **ভাটীবেলা**—অবসান বেলা ; বৈকাল বেলা।

ভাটিয়ারী—বি, রাগবিশেষ ; মহারাজ ভর্ত্তৃহরি এই রাগের প্রবর্ত্তক ; সেই কারণে এই রাগের নাম ভর্ত্তৃহারিকা বা ভাটিয়ারী।

ভাড়া [ভাটক শব্দজ] বি, মূলধন ; পুঁজি ; সম্বল। প্র—"হা-পুত্রীর পুত্র মোর বালতির ভাড়া।"—কবিক। "তাহা যদি কাটা গেল ফুরাইল ভাড়া॥"—মহা (কাশী)। ৩। অন্যের ব্যবহারের নিমিত্ত দত্ত গৃহাদির মূল্য ; কেরায়া। বিণ, **ভাড়াটিয়া**—উপযুক্ত পারিশ্রমিকে নিযুক্ত। প্র—ভাড়াটিয়া গাড়ী। ২। ব্যবহারের মূল্য বা খাজনায় অধিকৃত ; hired. প্র—ভাড়াটিয়া বাড়ী। ৩। বি, কেরায়াদার।

ভাড়া [ভাঙ্গা হইতে—ভানা শব্দের উচ্চারণ বিকার] বি, ভানা ; ধান ভানা। প্র—"উদয় হৈলে ছড়া সাঁজ হৈলে ভাড়া তো গৃহিণীর ধরিয়া মুখ পোড়া।"—ডাক।

ভাণ (ন্) [ভণ্ (বলা) + অ (অধি—ঘঞ্)] বি, পুং, এক অঙ্কে যে নাটক সমাপ্ত হয়। ২। প্রতীতি ; বোধ। প্র—"সত্য যেন কাদম্বরী পীয়ে হেন ভাণ। ৩। ছল। ৪। ভাব। প্র—"ভণয়ে বিদ্যাপতি তখনক ভাণ। —বি, প। "সুহৃৎ রঞ্জন ভাণ"—হেম বন্দ্যো। ৫। ক্রি, ভণে ; বলে। প্র—"কবি বিদ্যাপতি ভাণ"—বি, প। ৬। বিণ, সদৃশ। প্র—"গতি গজরাজক ভাণে"—বি, প।

ভাণ্ড [সং। ক্ষুদ্রার্থে—**ভাণ্ডি**] বি, বাদ্যযন্ত্র। ২। পাত্র ; ভাঁড়। ৩। মূলধন ; পুঁজি। ৪। নাপিতাস্ত্রের আধার ; ভাঁড়। ৫। দেহ। প্র—"গুরু না ভজিলে ভাণ্ড শৃগালে না খায়।" —মাণিকচাঁদের গান।

ভাণ্ডাগার (র্) [ভাণ্ড (পাত্রকোষ) আগার (গৃহ)—৬তৎ)] বি, ক্লী, কোষাগার ; ধনাগার ; ভাঁড়ার।

ভাণ্ডান (নো) [ভাণ্ড (ভণ্ড) + আন (ক্রিয়ায়)। গ্রা—ভাঁড়ান। উ-পু—ভাণ্ডাই। ম-পু—ভাণ্ডাও, ভাণ্ডহ, ভাণ্ডাহ, ভাণ্ডিহ, ভাণ্ড্য। প্র-পু—ভাণ্ডায়। অস-ক্রি—ভাণ্ডাইতে ; ভাণ্ডাইয়া] ক্রি, ভাঁড়ানো ; প্রতারণা করা ; বঞ্চনা করা। প্র—"কি বলিয়া ভাণ্ডাই সে সকল জনে।"—কৃত্তিবাস। "কহ সত্য সুবদনি না ভাণ্ড আমারে"—কাশী-মহা-আদি। ২। গোপন করা।

ভাণ্ডার (র্) [ভাণ্ড—ঋ (গমন করা) + অ (অধি) গ্রা—ভাঁড়ার] বি, ক্লী, ধনাগার ; প্র—"মারি ত হাতী লুটি ত ভাণ্ডার"—প্রবচন। ২। অন্নভাণ্ডার। প্র—"ভাণ্ডার-দ্বার খুলেছে জননী অন্ন যেতেছে লুটিয়া"—রবি। ২। [হি—ভাণ্ডারা] সাধুদিগের ভোজ। **ভাণ্ডার-পাল**—ভাঁড়ার রক্ষক। প্র—"দুআরি দুআর-পাল ভাণ্ডারী ভাণ্ডারপাল"—শূ-পু।

ভাণ্ডারী [ভাণ্ডার+ইন্ (অস্ত্যর্থে) ভাণ্ডারিন্ ১মা, ১ব] বি, পুং, ভাণ্ডারাধ্যক্ষ ; ভাঁড়ারী প্র—"দুআরি দুআর পাল ভাণ্ডারী ভাণ্ডার পাল"—শূ-পু। ২। জাতীর উপাধিবিশেষ

ভাণ্ডীর (র্) [সং] বি, পুং, বটগাছ। ২ ভাঁটগাছ।

ভাত [ভা (দীপ্তি পাওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত) বিণ, প্রকাশিত ; প্রতিভাত। ২। দীপ্ত আলোকিত। ৩। প্রভাত। ক্রি, ভাতা—প্রকাশ পাওয়া ; দীপ্তি পাওয়া। "ভাতে যথা সত্য হেম মাতে যথা রবি"—স্বপ্নপ্রয়াণ

ভাত (ত্) [সং—ভক্ত] বি, সিদ্ধ চাউল অন্ন। ভাতকাপড়—অন্ন এবং বস্ত্র প্র—"ভাত কাপড় দিয়া তোমার পুষতে হল তাকে।"—শিবায়ন। ভাতশালা—অন্নসত্র। প্র—"অনাথ মণ্ডপ ভাতশালা।"—কবিক। ভাতেভাত—চাউলের সহিত ডাল, পটল, আলু শাক প্রভৃতি সিদ্ধ। ভাতাসি—অতি ভোজনে ভাতে অরুচি। ২। ক্রমাগত এক খাদ্য খাইতে খাইতে তাহাতে অস্পৃহা।

ভাতা [সং—প্রাকৃ—ভতি=বেতন ; ওড়ি—ভত ; হি—ভত্তা। মূল অর্থ—ভাতের সংস্থান বি, বেতন ; বৃত্তি ; পরিদর্শনাদি কার্য্যের নিমিত্ত কর্ম্মচারীদের অতিরিক্ত বৃত্তি।

ভাতার (র্) [সং—ভর্ত্তৃ] বি, পুং, ভর্ত্তা স্বামী। প্র—"মানুষ ভাতার লোভ করিলি পাপিনী।"—কাশী-মহা-আদি। ভাতার খাকী, খাগী—বিবাহিতা নারীকে বিধবা বলিয়া গালি ; রাঁড়ী। ভাতার খোর—যে ভর্ত্তা ব্যতীত পরপুরুষকে ভর্ত্তৃত্বে বরণ করিয়াছে। প্র—"লোকে বলে ভাতারখোর।"—ঘনরাম। ভাতার পুত—স্বামী, পুত্র। ভাতার পুতের মাথা খাওয়া—পতি পুত্রহীনা হওয়া ; গালিবিশেষ।

ভাতি [ভাত, ভাতা দ্রঃ] বি, গৃহস্থ ঘরে চাষের জন্য নিযুক্ত মাহিনাদারদের রাত্রির ভাতের জন্য ধান্যাদি যাহা দেওয়া হয়।

ভাতি [ভা+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, শোভা ; দীপ্তি। প্র—"তরুণ অরুণ নবীন ভাতি"—রবি। ২। রকম ; প্রকার। প্র—"তুই অতি ক্রূরমতি জানহ অনেক ভাতি"—কবিক। বিণ, ভাত।

ভাতুড়িয়া, ভাতুড়ে—পরান্নে পালিত ; অন্নদাস। ২। আঁচিল।

ভাদর (র্) [পদ-সা। সং—ভাদ্র] বি, ভাদ্রমাস। প্র—"এ ভরা বাদর মাহ ভাদর শূন্য মন্দির মোর।"—বি, প। "এ ভরা ভাদর দিনে।"—রবি।

ভাদাল (ল্) বি, গন্ধভাদাল ; গাঁদাল। ২। [প্রাদে] কলাগাছের ভিতরের শাঁস। থোড়।

ভাদোলী—বি, ধান্যবিশেষ। প্র—"নানা ধান বুনেন পরভু ধান জে ভাদোলী।"—শূ-পু।

ভাদ্দর (র্) [প্রা। সং—ভাদ্র] বি, ভাদ্রমাস। প্র—"সাবন গেলে ভাদ্দরমাস সিংহরাশি"—শূ-পু। ভাদ্দমুখি—ভাদ্রমাসে উৎপন্ন ধান্যবিশেষ। প্র—"পাঙ্গুসিআ ভাদ্দমুখি বুনেন খেমরাজ"—শূ-পু।

ভাদ্দর-বৌ—ভাদ্রবধূ দ্রঃ।

ভাদ্দা [হি। ভোঁদা দ্রঃ] বিণ, স্থূল ; মোটা।

ভাদ্র [ভদ্র+(ক) ঈপ=ভাদ্রী (ভাদ্রপদ নক্ষত্র যুক্ত পূর্ণিমা)+অ (ঐ উক্ত তিথিযুক্ত মাস এই অর্থে)] বি, পুং, শরৎ ঋতুর প্রথম ও বাঙ্গালা বৎসরের পঞ্চম মাস। ভাদ্রপদ—ভাদ্রমাস। স্ত্রী, ভাদ্রপদা—পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদ নক্ষত্র।

ভাদ্রবধূ (বো) [গ্রা—ভাদ্দর-বৌ] বি, স্ত্রী, কনিষ্ঠভ্রাতার স্ত্রী।

ভান (ন্) [ভা (দীপ্তি পাওয়া)+অন (ভাবে)] বি, ক্লী, দীপ্তি। ২। প্রতীতি। ৩। শোভা। ৪। প্রকার।

ভাননিয়া [ভানা দ্রঃ। গ্রা—ভানুনে, স্ত্রী, ভানুনী] বি, পুং, যে ধান ভানে ; ভানুরী। স্ত্রী, ভাননী।

ভানা [সং—ভনজ্ ধাতুজ। উ-পু—ভানি। ম-পু—ভান ; ভানুন ; ভান্। প্র-পু—ভানে ভানেন। অস-ক্রি—ভানিতে ; ভানিয়া, ভেনে। ণিজন্ত—ভানান] ক্রি, ভাঙ্গা ; ধান হইতে চাউল বাহির করা ; চাউল তৈয়ার করা। প্র—"ধান ভানতে শিবের গীত।"—শিবায়ন। "হাল বলদ দিবে খুড়া দিবে হে বীচের পুঁড়া ভেনে খাইতে ঢেঁকি কুলা দিবে।"—কবিক॥

ভানাকুটা—ধান ভানা ও চালকুটা। প্র—আমি বড় দুঃখী, ভানাকুটা করে খাই। কথার কেঁড়েলি ; আন্দোলন। তুল—হি—বাঁটনা। প্র—"সবা সনে সদাই একথা ভানাকুটা।"—ঘনরাম।

ভানা [ভ্রমণ শব্দের অপভ্রংশ ভান+আ (ক্রিয়ার উ-পু—ভানি। ম-পু—ভান। প্র-পু—ভানে] ক্রি, ভ্রমণ করা ; বেড়ান। প্র—"কোরে করত তুয়া ভানে।"—জ্ঞানদাস।

ভানু [ভা (দীপ্তি পাওয়া)+নু (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, দিবাকর ; সূর্য্য। প্র—"জানু ভানু কৃশানু শীতের পরিত্রাণ।"—কবিক। ২। কিরণ ; রশ্মি। ৩। শিব। ৪। রাজা। ৫। গন্ধর্ব্ববিশেষ। ৬। কান্তি। ভানুকর—সূর্য্যরশ্মি ; রৌদ্র।

ভানুমান (ন্) [ভানু (কিরণ)+মৎ (অস্ত্যর্থে—মতু)=ভানুমৎ, ১মা, ১ব] বি, পুং, দিবাকর ; রবি ; সূর্য্য। প্র—"দেখ দীপ্ত ভানুমান্ বিবর্ণ গগন শিরে।"—গান। ২। বিণ, দীপ্তিশালী ; কান্তিমান্।

ভানুমতী (মোতি) [ভানুমান্ (দ্রঃ) স্ত্রীলিঙ্গে] বিণ, কান্তিমতী। ২। বি, স্ত্রী, দুর্য্যোধনের মহিষী। (২) বিক্রমাদিত্য-মহিষী। ভানুমতীর খেল—ভোজরাজ-তনয়া ভানুমতী প্রবর্ত্তিত ইন্দ্রজাল ; কুহকবিদ্যা।

ভাপ্, ভাব্ [সং—বাষ্প হইতে বাপ্‌ফ—ভাপ] বি, বাষ্প। ২। উত্তাপ ; উষ্ণতা। ভাপ্‌রা, ভাব্‌রা—বি, উত্তপ্ত জলীয় বাষ্প ; বাষ্পস্বেদ। ভাপ্‌সা—বিণ, গুমসা ; উষ্ণ বাষ্পগন্ধবৎ গন্ধযুক্ত। বি, ভাপ্‌সানি। ক্রি, ভাপান—ভাপ দেওয়া ; বাষ্পের উত্তাপে সিদ্ধ করা।

ভাব (ব্) [ভূ (হওয়া)+অ (ভাবে—ঘঞ্)] বি, জন্ম ; উৎপত্তি। ২। সৃষ্টি। ৩। সদ্ভাব ; অভাবের বৈপরীত। ৪। পদার্থ ; বস্তু। ৫। কুলীনের মর্য্যাদা। প্র—"সে আবার করিল * * * কুলীন? হাঁ ; কোন ভাব? স্বভাব। কার সন্তান? বিষ্ণু ঠাকুরের সন্তান।"—যোগেন্দ্র চট্টো (প্রবাসী ১৩১০)। ৬। মর্ম্ম। ৭। ভক্তি। ৮। ভঙ্গী। ৯। অবস্থা ; দশা। ১০। স্বভাব। ১১। চিন্তা ; ভাবনা। ১২। বিভূতি। ১৩। বাক্যার্থ। ১৪। ধ্যান। ১৫। আবেশ। ১৬। প্রকার ; রকম। প্র—"সে ভাব কোথা হে যে ভাবে ভুলালে।"—রাম বসু। ১৭। অভিপ্রায় ; উদ্দেশ্য। ১৮। সম্ভাবনা। ১৯। বিলাস। ২০। মনোবিকারবিশেষ ; নির্ব্বেদাদি। প্র—"ভাবে সমাকুল চিত নারদ গায়েন গীত"—কবিক। ২১। কাম। ২২। অনুরাগ ; বন্ধুত্ব ; প্রণয় ; মনের মিল। প্র—"কলি-কালে নারীর কুটুম্বে বড় ভাব"—ঘনরাম। ২৩। [ব্যাকরণে] ধাতুর অর্থ। ২৪। [নাট্যোক্তিতে] পূজ্য ; মান্য। ভাব করা—বন্ধুত্ব করা ; মিত্রতা করা। ২। চিন্তা করা ; ধ্যান করা। প্র—"ভাব করে যে মোরে তার ঘরে রই।"—শিবায়ন। ভাবময়—ভাবপূর্ণ ; ভাবাত্মক। ভাব রাখা—সদ্ভাব বা সৌহার্দ্দ্য বজায় রাখা। প্র—"অমন ভাব-রাখা ভাব কোথায় শিখিলে।"—রামবসু। ভাবশুদ্ধি—চিত্তার অনাবিলতা বা বিশুদ্ধি। ভাব সঞ্চার—ভাবোদয়। ভাবহীন—অর্থ হীন। ২। চিন্তা বা কল্পনাশূন্য। ভাব গতিক—ভাবভঙ্গী ; আকার ইঙ্গিত। ভাবগর্ভ—ভাবপূর্ণ ; ভাবাত্মক। ভাব চক্ষু—ভাবময়দৃষ্টি। ভাবতরঙ্গ—ভাবোচ্ছ্বাস। ভাবতরল—ভাবে বিগলিত ; ভাবে

চলচল। প্র—"রমণীগণের সুঠাম অঙ্গ ভাবতরল চক্ষু"—ভারতী, ৩৬শ বর্ষ। ভাববোধক,—সূচক—অর্থব্যঞ্জক। ভাবব্যক্তি—ভাবের অভিব্যক্তি; ভাবপ্রকাশ। ভাবভরা—ভাবগর্ভ। ভাবভোলা—ভাববিহ্বল; ভাবাবেশে আত্মবিস্মৃত।

ভাবক (ক্) [ভূ (ণিচ্)=ভাবি (চিন্তা করা, হওয়া)+অক (কর্তৃ)] বিণ, ভাবুক; চিন্তাশীল। ২। উৎপন্নকারী।

ভাবকানি, ভাবকী (ব্) [হি—ভব্‌কী] বি, হুমকি; ধমক; তাড়না। প্র—"ভাবকী লাগিয়া সবে পলাইয়া যায়।"—ঘনরাম। ২। মুখথামটী; মুখভঙ্গি। প্র—"আহড়ে বিহড়ে থাকি মার যে ভাবকী।"—কবিক।

ভাবড়ান (ব্)—ভাবরান দ্রঃ।

ভাবন (ন্) [ভাবি (চিন্তা করা, মিশ্রিত করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ধ্যান: কল্পনা; অনুধ্যান; চিন্তন। ২। বিবেচনা। ৩। পর্য্যালোচনা। ৪। ঔষধ সংস্কারবিশেষ; ভাবান। ৫। অধিবাসন; অঙ্গরাগাদি করণ; কেশবেশাদি সংস্কার; বেশবিন্যাস; লাস বেশ। বিণ, ভাবনীয়—ভাবনার যোগ্য।

ভাবনা (ব্) [ভাবন দ্রঃ] বি, স্ত্রী, দ্রব পদার্থ দ্বারা পুনঃ পুনঃ ঔষধ মারণ ও শোধন।

ভাবনা [ভাব দ্রঃ] বি, চিন্তা; স্মরণ। ২। (ব্) মানসিক উদ্বেগ; দুশ্চিন্তা।

ভাবরান, ভাবড়ান (ভাব্‌রানো, ড়ানো) [ভাব+আন (ক্রিয়ায়) র, ড় আগম, আতিশয্যার্থে গ্রা—ব্যবহার। উ-পু—ভাবরাই। ম-পু—ভাবরাও। প্র-পু—ভাবরায়। অসক্রি—ভাবরাইতে; ভাবরাইয়া, ভাবরিয়া, ভেবরে (গ্রা)] ক্রি, অতিশয় ভাবনাযুক্ত হওয়া; চিন্তাকুল হওয়া; কৃতকার্য্যতাপক্ষে সকল কৌশল ব্যর্থ হওয়ায় কিংকর্ত্তব্যবিমূঢ় ও ও চিন্তিত হওয়া; ঘাবড়ান।

ভাবা [ভাব (দ্রঃ)+আ (ক্রি-বিভক্তি) উ-পু—ভাবি। ম-পু—ভাব; ভাবুন্; ভাব্। প্র-পু—ভাবে; ভাবেন। অস-ক্রি—ভাবিতে: ভাবিয়া, ভাবি (পদ্যে), ভেবে (গ্রা)। ণিজন্ত—ভাবান] ক্রি, চিন্তা করা। প্র—"দেখ্ ভেবে আর ভাব্‌বি কবে"—গিরিশ। ২। ধ্যান করা। প্র—"ভাবনা কালী ভাবনা কিবা।"—রামপ্রসাদ। ৩। উদ্বিগ্ন হওয়া; ব্যাকুল হওয়া। প্র—সামান্য কারণে অত ভাব কেন? ৪। মতলব আঁটা; স্থির করা; নিশ্চয় করা। প্র—এখন কি ভেবে এসেছ। একটা কিছু ভেবে নাও। ৫। স্মরণ করা; মনে করা। প্র—তুমি কি তাহাকে একবারও ভাব। ৬। উদ্ভাবন করা। প্র—এর একটা উপায় ভাব দেখি।

ভাবা [ভ্যাবা দ্রঃ] বি, ধোঁকা। প্র—"কামিনী কুহকে পড়ি খায় যেই ভাবা। নিজে সেই হাবা নয় হাবা তার বাবা।"—ঈশ্বরগুপ্ত। ভাবাচাকা—ভাবনা চক্র।

ভাবাত্মক (ভাবাৎতক্) বিণ, ভাবগর্ভ।

ভাবান্তর (র্) বি, মনের অবস্থান্তর। প্র—"কেন দেখি দেখি ভাবান্তর।"—অ, ম। ২। অর্থান্তর।

ভাবাব্ধি [ভাব রূপ অব্ধি (সমুদ্র)] বি, ভাবসিন্ধু; অশেষ ভাব।

ভাবাভাস (শ্) [ভাব+আভাস] বি, অস্পষ্টভাব; ভাবের ইঙ্গিত। ২। ভাবাল্পতা।

ভাবার্থ [ভাব+অর্থ] বি, তাৎপর্য্য।

ভাবিক (ক্) [ভাব+ইকণ্, (কর্তৃ)] বিণ, অর্থযুক্ত। ২। স্বাভাবিক। ৩। ভাবযুক্ত। ৪। উদ্দীপক। ৫। ভবিষ্যৎকালিক। ৬। কাব্যালঙ্কারবিশেষ।

ভাবিত [ভূ (ণিচ্)=ভাবি (হওয়ান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, চিন্তান্বিত উদ্বিগ্ন; চিন্তিত। ২। অঙ্গীকৃত। ৩। প্রমাণীকৃত। ৪। ঘটিত; ৫। পবিত্রীকৃত। ৬। ঔষধাদিসংস্কৃত। ৭। বাসিত। ভাবিতাত্মা—[ভাবিত+আত্মা—যাঁহারা পরমাত্মাকে চিন্তা করিয়াছেন] বিণ, পূতাত্মা; শুদ্ধচিত্ত।

ভাবী [ভূ (হওয়া)+ইন্ (কর্তৃ, ভবিষ্যৎ কালে) ভাবিন্, ১মা, ১ব] বিণ, ভবিতব্য; ভবিষ্যৎ। প্র—"ভাবী ভাবি আরো মনে বাড়ে মহা ক্লেশ।"—রঙ্গলাল। স্ত্রী, ভাবিনী—ভাবনাযুক্তা: চিন্তাকুলা। প্র—"কামমুখ হেরইতে ভাবিনী রমণী"—বি, প। ২। বি, কামিনী।

ভাবুক (ক্) [হি—ভব্‌কি শব্দজ] বি, হুমকি; ভয় প্রদর্শন বা ভঙ্গী। প্র—"প্রাণ ভয়ে ভাবুকে পালালো কত লোক"—ঘনরাম।

ভাবুক [ভূ (হওয়া)+উক (কর্তৃ, শীলার্থে)] বিণ, চিন্তাশীল। ২। ভাবগ্রাহী। বি, ভাবুকতা। প্র—"ভাবুকতা ভক্তি নহে, ভাবোচ্ছ্বাস—ক্ষণিক—সাময়িক, তাহা মানব চরিত্রের উপরে থাকে, বাহিরে প্রকাশ পায়, তাহার জোয়ার ভাঁটা আছে।"—ভারতী, ৩৬শ বর্ষ। ভাবুকতাত্মক—সাময়িক ভাবোচ্ছ্বাসজনিত; সাময়িক ভাবাবেশ বা আবেগময়। প্র—"মহর্ষি দেবেন্দ্র নাথের ভক্তি ছিল কিন্তু ভাবুকতাত্মক ভক্তি নহে"—শিবনাথ শাস্ত্রী।

ভাবুনে (ভ্যা) [ভাবন (দ্রঃ)+উয়া] বিণ, ভাবনকারী; বিলাসী। ২। প্রকৃত ভাব গোপন করিয়া ছলে ভাবান্তর প্রকাশ করিতে পটু; রহস্যপ্রিয়। প্র—ঢের দেখেছি, তোর মত এমন ভাবুনে দেখিনি"—ঘরে বাইরে (রবি)। স্ত্রী, ভাবুনী—বিলাসিনী।

ভাবোচ্ছ্বাস (ভাবোচ্‌ছাশ্) [ভাব+উচ্ছ্বাস] বি, ভাবের বেগ; ভাবতরঙ্গ।

ভাবোদয় (য়্) [ভাব+উদয়] বি, ভাবের উদ্ভব।

ভাবোদ্দীপক (ক্) [ভাব+উদ্দীপক] বিণ, ভাবের উত্তেজনাকারী। বি, ভাবোদ্দীপন,—পনা।

ভাবোন্মেষ (ষ্) [ভাব+উন্মেষ] বি, ভাবোদয়। বিণ, ভাবোন্মেষক।

ভাবোন্মাদ (দ্) [ভাব+উন্মাদ] বি, ভাবোন্মত্ততা; ভাববিহ্বলতা।

ভাব্য [ভূ (হওয়া)+য (কর্ম্মে)] বিণ, অবশ্যম্ভাবী; ভবিতব্য। ২। চিন্তনীয়।

ভাম (ম্) [ভা (দীপ্তি পাওয়া)+ম (কর্তৃ)] বি, পুং, ভানু। ২। কিরণ। ৩। দীপ্তি। ৪। [ভাম্ (ক্রুদ্ধ হওয়া)+অ (ভাবে ঘঞ্)] কোপ। ৫। খটাশজাতীয় জন্তুবিশেষ।

ভামিনী [ভাম (ক্রোধ)+ন (অস্ত্যর্থে) স্ত্রী—ঈপ্। "কোপনা সৈব ভামিনী"—অমর] বি, স্ত্রী, অতি কোপনা নারী। ২। নারী।

ভায়রা ভাই—বি, ভাই দ্রঃ।

ভায়া [সং—ভ্রাতা। হি—ভাইআ] বি, পুং, ভ্রাতা; ভাই; ভ্রাতৃস্থানীয়; সহোদরপ্রতিম। প্র—"হরিদাস ভায়া"—শিবায়ন। "নারদ ভায়া"—ভারতচন্দ্র।

ভায়াদ (দ্) [ভ্রাতৃ-দায়াদ] বি, উত্তরাধিকার সূত্রে সম্পত্তির অংশভাগী জ্ঞাতিভ্রাতা। বিণ, ভায়াদী—জ্ঞাতিসম্বন্ধীয়। ভাইভায়াদ—সহোদর এবং জ্ঞাতি ভাই।

ভার (র্) [ভৃ (পালন করা)+অ (ভাবে—ঘঞ্) বি, পুং, ভারিত্ব; গুরুত্ব। ২। আধিক্য। ৩। আন্তরিক ক্রোধ বা অভিমানজনিত গাম্ভীর্য্য। প্র—মনভার। ৪। সমূহ; রাশি। প্র—"ঢালে কুসুম সুরভ ভার"—রবি। ৫। দায়। প্র—"সহরে টাকার দায়ে চলা দেখি ভার।"—হেম বন্দ্যো। ৬। কঠিন; দুরূহ। প্র—"হেরে তার আকার চিনে উঠা ভার, সে উমা আমার উমা নাই হে আর।"—বাং-গান। ৭। পরিমাণবিশেষ; ওজন। ৮। বহন দুষ্কর; ভারি; দুর্বাহ। প্র—"কুসুম হার ভইল ভার হৃদয় তার দহিছে"—রবি। ৯। বাঁক; বাঁকে করিয়া ভারবাহী লোকেরা যাহা বহন করে। প্র—পিতা পুত্রে লৈয়া ভার হাটে গেলা নিদয়ার সনে।"—কবিক। ১০। কষ্টকর। প্র—"জীবন ভেল অতি ভার"—জ্ঞানদাস। ১১। পণ; বিবাহে পাত্রকে যে দানসামগ্রী দেওয়া হয়। প্র—"প্রথম যখন কৌলীন্য প্রথা স্থাপিত হয় তখন নিয়ম ছিল ১৬, টাকা

ভার দিতে হইবে। এ ভার শব্দের (বোধ হয় ওজন বা পাত্রের মর্য্যাদা। * সেই ১৬, টাকা ভারের স্থলে ভার শব্দ উঠিয়া গিয়া পণ শব্দ প্রচলিত হইয়াছে। এই পণ শব্দের অর্থই বোধ হয় পাত্রের মর্য্যাদার মূল্য।"—গৃহস্থ (আশ্বিন ১৩২০)। ১২ অভিচার ; মন্ত্রাদি দ্বারা শক্তিনাশ। ১৩। বিণ শ্লেষ্মায় ভারি ; থমথমে। প্র—গা ভার ; মাথা ভার। ভারকেন্দ্র—ভারমধ্যবিন্দু। "পদার্থ মাত্রেরই ভিতরে এমন একটি স্থান আছে সেই স্থানটি চাপিয়া ধরিলে আর পদার্থটী পড়িতে পায় না। স্থানটী একটী বিন্দুমাত্র। সেই বিন্দুকে ভারকেন্দ্র বলে।"—ত্রিবেদী। ভারগ্রস্ত —ভারাক্রান্ত। স্ত্রী. ভারগ্রস্তা। ভারমধ্য —ভারকেন্দ্র দ্রঃ : centre of gravity. ভারযষ্টি—বাঁক। ভারসহ—ভার বহন বা ধারণক্ষম।

ভারত (ত্) [ভরত (রাজপুত্র)+অ (দানার্থে—ষ্ণ) ইহা ভরতকে দান করা হইয়াছিল বলিয়া ভারত নামে খ্যাত] বি, ক্লী. ভারতবর্ষ। ২। মহর্ষি বেদব্যাস রচিত ভরত-বংশ-চরিত-মূলক মহাকাব্য ; মহাভারত। ৩। ভরততনয়। ৪। কবি ভারতচন্দ্র। ৫। ঘৃণা, বিস্ময়, লজ্জা প্রভৃতি ব্যঞ্জক অথবা এককালে এই সমুদয় ভাব সমষ্টি ব্যঞ্জক। প্র—"শুনি স্মরে কবি রায় ভারত ভারত, এমন না দেখি আর চাহিয়া ভারত।"—ভারতচন্দ্র। ভারত-ছাড়া—ভারতবর্ষ ভিন্ন অন্য স্থানের ২। ভারতে যাহা অপ্রাপ্য। ৩। জগৎছাড়া ; সৃষ্টিছাড়া। ৪। মহাভারতে যাহার উল্লেখ নাই। ভারতজুড়ে—ভারতবর্ষ ব্যাপ্ত করিয়া। প্র—"ফিন্‌কি ছুটে ভারতজুড়ে আগুন গেল লেগে"—হেম বন্দ্যো। ভারতজোড়া—ভারতময়। ভারত-ময়—সমগ্র ভারতে ; ভারতবর্ষের সর্ব্ব-স্থানে। ২। পৃথিবীময়। ভারত-গবর্ণমেণ্ট—সমগ্র ব্রিটিশশাসিত ভারত-বর্ষের ইংরেজরাজ-প্রতিনিধি বা বড়লাট নিয়ন্ত্রিত শাসনতন্ত্র ; India Government. ভারতগৌরব—ভারতের গর্ব্বস্বরূপ বা গৌরববর্দ্ধনকারী। ভারতমহাসাগর—ভারতবর্ষের দক্ষিণদিকস্থিত যে মহাসমুদ্র ; Indian Ocean. ভারতমাতা—বি, স্ত্রী. ভারতবাসীর জননী স্বরূপিণী জন্মভূমি বা দেশমাতৃকা ; ভারতজননী। ভারতরত্ন —ভারতের রত্নস্বরূপ শ্রেষ্ঠ ভারতসন্তান। ভারতললনা—ভারতমহিলা ; ভারত-বর্ষীয়া নারী ; ভারতরমণী। ভারতসন্তান —ভারতবাসী।

ভারতবর্ষ (ষ্) [গ্রীক ঐতিহাসিক আরিয়ানের মতে] বি, জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ ; হিমালয়ের দক্ষিণ সমুদ্রের উত্তরস্থ দেশ। আরব, পারস্য, তুরস্ক ও মধ্য এসিয়ার বহুদূর পর্য্যন্ত এককালে ভারতবর্ষের অন্তর্ভুক্ত ছিল। প্র—"সপ্তদ্বীপ মাঝে ধন্য ধন্য জম্বুদ্বীপ। তাহাতে ভারতবর্ষ ধর্ম্মের প্রদীপ॥"—অ, ম। বিণ, ভারতবর্ষীয়।

ভারতী [সং] বি, স্ত্রী. বচন ; বাণী। প্র—"এমন সময়ে হৈল আকাশ ভারতী"—কবিক। ২। সরস্বতী। ৩। সন্ন্যাসীদিগের উপাধি। প্র—পূর্ণানন্দ ভারতী। ৪। বৃত্তি-বিশেষ।

ভারদ্বাজ (ভারদ্দাজ্) [ভরদ্বাজ (দ্রঃ)+অ (অপত্যার্থে)] বি, পুং, দ্রোণাচার্য্য। ২। ভরত পক্ষী। ৩। বিণ, ভরদ্বাজবংশীয়।

ভারবাহ,—বাহক,—বাহী (হ্) [ভার বহ্ (বহন করা)+অ, ক যোগ, ইন্ (কর্ত্তৃ) যে ভার বহন করে] বিণ, ভারী।

ভারবি—বি, পুং, কিরাতার্জ্জুনীয়নামক সুপ্রসিদ্ধ কাব্যের প্রণেতা।

ভারভুর, ভারিভুরি (র্, র্) [ভার—ভুর (ভুরি)] বি, ভড়ং ; ভোল ; আড়ম্বর। প্র—"ভাল ভারভুর ভুলাইতে লোকে।" —শিবায়ন। ২। গাম্ভীর্য্য। ৩। সম্ভ্রম। ৪। মুরুব্বিআনা। ৫। আত্মশ্লাঘা ; গরিমা ; জাঁক। প্র—"তব ভারিভুরি, ভাঙ্গিব মুরারি, রাখিব আপন সাথ।"—চণ্ডীদাস। ৬। বিণ, গুরুত্ববিশিষ্ট।

ভারা [বারা দ্রঃ] ক্রি, শক্তিনিবারক মন্ত্র-প্রয়োগ করা ; অভিচার মন্ত্র দ্বারা বস্তুর স্বাভাবিক শক্তি হরণ করা।

ভারা [ভার+আ] বি, ভারসহনোপযোগী বাঁশ কাঠ প্রভৃতির মাচা। ভারা বাঁধা—অট্টালিকাদি নির্ম্মাণকালে রাজমিস্ত্রীদিগের ইট, তাগাড় প্রভৃতি রাখিবার ও দাঁড়াইয়া ইট গাঁথিবার মঞ্চ নির্ম্মাণ করা।

ভারাক্রান্ত (ভারাক্‌ক্রান্ত) [ভার দ্বারা আক্রান্ত—৩তৎ] বিণ, ভারগ্রস্ত।

ভারি [ভৃ (ভয় প্রদর্শন করা)+ই] বি, পুং, সিংহ। ২। অত্যন্ত ; খুব। প্র—"প্রত্যূষে হাজির যদি না হইতে পারি। সর্ব্বনাশ হবে খেপি পর্ব্ব আজি ভারি॥"—হেম বন্দ্যো। ৩। ভারবাহী। প্র—"সারি সারি বহে ভারি ভার থরে থরে।"—ঘনরাম। ৪। ভারযুক্ত। প্র—"প্রবঞ্চনা বিকি কিনি করে ভরা কৈলে ভারি।"—রামপ্রসাদ।

ভারিক (ক্) [ভার+ইক (অস্ত্যর্থে—ইকণ্)] বিণ, ভারী ; ভারবাহী। ২। ভারবিশিষ্ট।

ভারিক্কি, ভারিক্কে—বিণ, গাম্ভীর্য্যবিশিষ্ট ; যে ছ্যাব্‌লা নয় ; গম্ভীরপ্রকৃতি। স্ত্রী. ভারিক্কী—গাম্ভীর্য্যময়ী

ভারী [ভার+ইন্ (অস্ত্যর্থে) ভারিন্ ১ম, ১ব] বিণ, ভারবাহী। প্র—"নিয়োজিল সদাগর ভারী দশজনে।"—কবিক। ২। বি, বোঝা। প্র—"শকটে সম্ভার কত যায় ভারী ভারী॥ ৩। অতিশয়। প্র—"কর পার নেয়ে এবার তুফান ভারী যমুনায়।"—গিরিশ।

ভারুই—বি, ভরত পক্ষী। প্র—"গায় গোদা ভারুই গগনমার্গে উড়ি।"—ঘনরাম।

ভার্গব (ব্) [ভৃগু (মুনিবিশেষ)+অ (অপত্যার্থে—অণ্)] বি, ক্লী, শুক্রাচার্য্য। ২। দক্ষের পুরোহিত। প্র—"ভার্গবের সৌষ্ঠবের দাড়ি গোঁফ ছিণ্ডিল।"—অ, ম। ৩। পরশুরাম। ৫। বিণ,ধনুর্দ্ধারী।

ভার্গী—বি, স্ত্রী. বৃক্ষবিশেষ ; বামনহাটী।

ভার্য্যা [ভৃ (পোষণ করা)+য (কর্ম্মে—ক্যপ্) স্ত্রী—আপ্] বি, স্ত্রী, পত্নী। ভার্য্যাট—যে ব্যক্তি স্বীয় জীবিকার্থ পত্নীকে পরপুরুষ ভজনা করিবার জন্য গমন করিতে দেয় ; জায়াজীবী।

ভাল (ল্) [ভা (দীপ্তি পাওয়া)+ল (কর্ত্তৃ)] বি, পুং, আভা ; দীপ্তি। ২। ললাট ; কপাল। প্র—"গলায় রুদ্রাক্ষ মাল অর্দ্ধচন্দ্র শোভে ভাল কলেবরে বিভূতি মাখিয়া।"—অ, ম। "ভালে চিতা যেন ফুল্ল কমলেতে অলি" —রঙ্গলাল। ৩। অদৃষ্ট। প্র—"অহঙ্কার করি লোক ভালে মূর্খ হয়।"—চৈতন্যভাগবত।

ভাল (ভালো) [ভদ্র শব্দজ] বিণ, শুভ ; মঙ্গল। ২। উত্তম। ৩। অ, বেশ ত। প্র—ভাল সুখে থাকুন তিনি তাতে ক্ষতি নাই। —বাংগান। ৪। সুস্থ ; নীরোগ। ৫। নির্দ্দোষ। ৬। সম্মতিজ্ঞাপক। প্র—ভাল তাই হবে। ৭। নিরীহ। প্র—নিতান্ত ভাল মানুষ। ৮। অ, বিশেষ দরকারী। প্র—হ্যাঁ, ভাল কথা মনে পড়েছে। ভাল কথা —হিতবাক্য ; ধর্ম্ম কথা। ভাল করা —রোগমুক্ত করা। প্র—"যে রোগ যাহার, দেখি একবার, ভাল সে করিতে পারি।"—চণ্ডীদাস। ২। মঙ্গল করা ; হিত চেষ্টা করা। ভাল খেকো—গালিবিশেষ ; ভাল অর্থাৎ যে প্রিয়তম, তাহার, অথবা মঙ্গলের মাথা যে খাইয়াছে ; যাহার সর্ব্বনাশ হইয়াছে। স্ত্রী. ভালখাকী। ভালর মাথা খাওয়া—সর্ব্বাপেক্ষা প্রিয়জনের মৃত্যুদর্শন করা। ২। দুর্দ্দশাগ্রস্ত হওয়া ; গালিবিশেষ। ভাল চাওয়া—হিতেচ্ছা করা। ভাল থাকা—অপেক্ষাকৃত সুস্থ

থাকা। ২। মনের আনন্দে থাকা। **ভাল দেখান**—সুন্দর দেখান ; সুদৃশ্য বোধ হওয়া। **ভালবাসা**—প্রীতির চক্ষে দেখা ; প্রিয় বোধ করা। ২। পসন্দ করা। **ভাল মানা**—উত্তম বা হিতকর বলিয়া স্বীকার করা। **ভাল মনে করা**—উত্তম বা খাঁটি বলিয়া ভাবা। প্র—"ভাল বলে মনে ছিল কষিতে পিতল হল"। **ভাল মন্দ**—উৎকর্ষাপকর্ষ ; উত্তমানুত্তম বিচার বা তুলনা প্র—"কাপড়গুলা ভাগ করিয়া রাখিয়াছিলেন —গিন্নি নিকটে দাঁড়াইয়া প্রত্যেক খানি হাতে লইয়া ভাল মন্দ বিচার করিয়া দেখিতেছিলেন।' —ভারতী, ১৩২০। ২। মঙ্গলামঙ্গল ; শুভাশুভ। **ভাল মনে লওয়া**—ভাল বলিয়া শুভ বলিয়া অনুভূত হওয়া। **ভাল মানুষ**—ভদ্র লোক ; সজ্জন ; নিরীহ লোক **ভাল লাগা**—তৃপ্তি বোধ হওয়া ; দর্শন বা শ্রবণ-সুখকর বলিয়া অনুভূত হওয়া। ২ সুস্বাদু লাগা ; স্বাদু বোধ হওয়া। ৩। মন টেঁকা ; মন বসা। **ভাল হওয়া**—সুস্থ হওয়া ; রোগমুক্ত হওয়া। **ভালর ভালাই**—সৎলোকের হিত করণ। **মন্দের ভাল**—খারাবের মধ্যে কম খারাব। ২। অশুভ-সমূহের মধ্যে যাহা অপেক্ষাকৃত সামান্য শুভসূচক। **আর তোমার ভাল হোক** [ইং—euphemismএর দৃষ্টান্ত] কাহার মুখের উপর মন্দ হউক বলিতে নাই এই সংস্কারবশে "মন্দ হউক" অর্থে উক্ত তুল—সর্ব্বনাশ অর্থে উক্ত—সর্ব্বরক্ষা। **ভালরে ভাল**—বিরক্তি বা অসন্তোষসূচক অব্যয়। **ভালয় ভালয়**—কোনরূপ মন্দ বা অশুভ এড়াইয়া ; দুর্ঘটনা বা বিপদে না পড়িয়া। প্র—"এখন ভালয় ভালয় বিদায় দে মা, আলোয় আলোয় চলে যাই"—গান।

ভালচন্দ্র [ভালে (কপালে) চন্দ্র যাহার—বহ)] বি, মহাদেব। ২। গণেশ।

ভালবাসা (ভালোবাশা) [ভাল (হি—ভলা) বাসা (বাসনা)—ভাল বা ভালর জন্য বাসনা। ব্যক্তিতের যাহা কিছু কল্যাণ ও সুখের হেতু তাহারই বাসনা] বি, ব্যক্তিতের প্রতি যে আকর্ষণ বা হৃদয়ের টান নরনারীকে তদ্গতচিত্ত এবং আপনার প্রতি উদাসীন করে ; নায়কের প্রতি নায়িকার বা নায়িকার প্রতি নায়কের যে অনুরাগ ; প্রীতি ; প্রেম। ২। স্নেহ। প্র—তাহার ছেলেদের প্রতি খুব ভালবাসা আছে। ৩। ক্রি, [বাসা দ্রঃ। উ-পু—ভালবাসি। ম-পু—ভালবাস। প্র-পু—ভালবাসে। অস-ক্রি, ভালবাসিতে ; ভালবাসিয়া, ভালবেসে] প্রীতি করা ; অনুরক্ত হওয়া ; আসক্ত হওয়া ; প্রণয়ভাব পোষণ করা। প্র—"ভাল বাসিবে বলে ভাল বাসিনে। আমার যে ভালবাসা, তোমা বই আর জানিনে॥"—শ্রীধর কথক। ৪। স্নেহ করা। প্র—তিনি ছেলে পুলেদের যথেষ্ট ভালবাসেন। ৫। চাহা ; ইচ্ছা করা। প্র—ছেলেরা মিষ্ট খাইতে খুব ভালবাসে। ৬। পসন্দ করা। প্র—অহঙ্কৃত ব্যক্তির চালচলন কেহই ভালবাসে না। [দ্রঃ—প্রণয়, অনুরাগ, প্রীতি, প্রেম, স্নেহ, প্রভৃতির সাধারণ প্রতিশব্দ ভালবাসা। **স্নেহে**—বাৎসল্য ভাবের প্রকাশ। **অনুরাগ, প্রণয়, প্রীতি, ভালবাসা**—পার্থিব, চঞ্চল, লঘু এবং কোন কোন ক্ষেত্রে আবিল। **প্রেম**—স্বর্গীয়, অনাবিল ও গম্ভীর। ইহা ভক্তি মিশ্রিত প্রীতির নামান্তর। ভালবাসা তরল, প্রীতি গাঢ় এবং প্রেম প্রগাঢ়]।

ভালি [হি—ভলি। গ্রা] অ, ভাল। প্র—"কথা কৈলে তবু ভালি"—বৈ, পদাবলী। ব্রজ —**ভালে**। প্র—"ভালে কানুক পিরীতি' —জ্ঞানদাস।

ভালুক, ভালূক, ভল্লুক (ক্) [ভল্ (বধ করা) + উক, উক (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি, পুং, ঋক্ষ ; ভাল্লুক।

ভাশুর (র্) [ভাই শ্বশুর—শ্বশুরতুল্য ভাই —পতির জ্যেষ্ঠভ্রাতা। তুল—"জ্যেষ্ঠভ্রাতা সম পিতা"] বি, স্বামীর জ্যেষ্ঠভ্রাতা। **ভাশুর পো**—ভাশুরের পুত্র ; স্বামীর ভ্রাতুষ্পুত্র। **ভাশুর ঝী**—স্বামীর ভ্রাতুষ্পুত্রী।

ভাষ (ষ্) [সং] বি, উক্তি ; বাক্য ; বচন। ২। ভাষ্য ; টীকাগ্রন্থ। **ভাষক** (ক)—বিণ, কথক ; যে কিছু বলে। স্ত্রী, **ভাষিকা**।

ভাষণ (ন্) [ভাষ্ (বলা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, কথন ; বাক্য। প্র—ভীষণ ভাষণে কিছু বলেন বচন।"—কবিক। "ভক্তের ভাষণে চতুর্ভুজ হৈলা হরি।"—রামেশ্বর ভট্ট। বিণ, **ভাষিত**—উক্ত ; কথিত।

ভাষা [ভাষ্ (বলা, ব্যক্ত করা) + অ (ভাবে —অঙ্)] বি, স্ত্রী, যদ্দারা মনের ভাব প্রকাশিত হয় ; কণ্ঠস্বর, হাবভাব, আকার ইঙ্গিত প্রভৃতি ; এতদর্থে সকল জীবেরই ভাষা আছে যাহা দ্বারা সে নিজের সুখ, দুঃখ, হর্ষ, বেদনা, মৃত্যুযন্ত্রণা, ইচ্ছা, বিরাগ, ক্রোধ, ভয় প্রভৃতি প্রকাশ করে ; অভিব্যক্তি। ২। একজনের চিন্তা ভাবাদি যদ্দারা অন্যের বোধগম্য হয় তাহার নাম ভাষা। ইহা সাঙ্কেতিক ও শাব্দিক বা অনুচ্চার্য্য ও উচ্চার্য্য ভেদে দুই প্রকার (১) অঙ্গভঙ্গি, হাবভাব, আকার ইঙ্গিত, ও চিত্রাদি মনোভাব ব্যক্ত করিবার অনুচ্চার্য্য সাধন, সাঙ্কেতিক ভাষার অন্তর্গত। (২) উচ্চার্য্য বা শাব্দিক ভাষা—বর্ণ বা অক্ষর নামক সাঙ্কেতিক উচ্চার্য্য চিহ্ন দ্বারা গঠিত বাক্য, অর্থযুক্ত শব্দ, শব্দযোগে গঠিত বাক্য এবং বাক্যের সমষ্টি দ্বারা অভিব্যক্ত হয়। ইহা লিখিত ও কথিত ভেদে দুই প্রকার ; (ক) যে ভাষায় আবাল-বৃদ্ধ-বনিতা, শিক্ষিত অশিক্ষিত জন সাধারণ, পরস্পর কথাবার্ত্তা কহিয়া থাকে তাহা কথিত ভাষা (ইং—dialect) এবং (খ) গ্রন্থাদির ভাষা—যাহা ব্যাকরণের নিয়মে বদ্ধ অর্থাৎ, যাহা সাহিত্যের ভাষা তাহাকে লিখিত ভাষা বলে (ইং—written language); যথা—সংস্কৃত, আরবী, ল্যাটিন, ইংরেজী, বাঙ্গালা, হিন্দী প্রভৃতি ভাষা। ৩। বচন ; উক্তি ; বাক্য ; কথা। ৪। কথিত ভাষার প্রাদেশিক ভেদ বা বুলি ; ভাখা দ্রঃ। দেশী ভাষা ; দেশী প্রাকৃত। প্র—ওখানা সংস্কৃত না ভাষা গ্রন্থ ? ৫। প্রকাশ। প্র—"ওরে সুখেই দুখ দুখেই সুখ ডাকের কথা আছে ভাষা॥"—রামপ্রসাদ। ৬। বাগ্‌দেবী ; সরস্বতী। ৭। রাগিণীবিশেষ। **ভাষাতত্ত্ব**—ভাষাবিজ্ঞান। **ভাষাতত্ত্বজ্ঞ, ভাষাতত্ত্ববিদ্**—ভাষা-বৈজ্ঞানিক। **ভাষাতাত্ত্বিক**—ভাষাতত্ত্বজ্ঞ। ২। ভাষাতত্ত্ব সম্বন্ধীয়। **ভাষাভিজ্ঞান**—ভাষাতত্ত্ব। **ভাষাতীত** [ভাষার—অতীত (অনায়ত্ত, বহির্ভূত)] বিণ, বাক্যাতীত ; ভাষায় যাহা প্রকাশিত হয় না ; বচনাতীত। **ভাষান্তর**—বি, অনুবাদ। বিণ, **ভাষান্তরিত**—এক ভাষা হইতে অন্য ভাষায় অনূদিত। **ভাষাপরিচ্ছেদ**—বিশ্বনাথ ন্যায়পঞ্চানন কৃত ন্যায়পরিভাষা-গ্রন্থ। **চলিত ভাষা**—যে ভাষায় কথোপকথন, চিঠিপত্র, আদালত, বাণিজ্যালয় প্রভৃতির লিখন পঠন কার্য্য পরিচালিত হয়। **মৃত ভাষা**—সাহিত্যানুশীলন ব্যতীত যে ভাষার ব্যবহার নাই। **দেশী ভাষা**—প্রাদেশিক ভাষা (পঞ্জাবের পঞ্জাবী ; মহারাষ্ট্র দেশের মহারাষ্ট্রী ; হিন্দুস্থানের হিন্দী ; রাজপুতানার মাড়বারী, বঙ্গদেশের বাঙ্গালা ইত্যাদি)। ২। বাঙ্গালা ভাষা। প্র—"মহামুনি জৈমিনি কহিল সংহিতা॥ অশ্বমেধ কথা শুনি প্রসন্ন হৃদয়। সভাখণ্ডে আদেশিল খান মহাশয়॥ দেশী ভাষায় এহি কথা রচিল পয়ার।"—ছুটীখাঁর মহাভারত (শ্রীকর নন্দী)।

ভাষা [ভাব—আ (ক্রিয়ায়)। উ-পু—ভাষি। ম-পু—ভাষ। প্র-পু—ভাষে। অস-ক্রি—ভাষিতে ; ভাষিয়া, ভাষি] ক্রি, প্রকাশ করা। ২। ব্যাখ্যা করা। প্র—"ভাষিয়া শ্রীভাগবত ভাষিল ব্যাসের মত"—শিবায়ন। ২। বলা ; কহা। প্র—"প্রসাদ ভাষে লোকে হাসে সন্তরণে সিন্ধুগমন"—বাং-গান। "নানা ধনে বিদায় করিলা প্রিয় ভাষি"—ঘনরাম।

ভাষাঙ্গ (ভাষাংগ) বি. যে ক্রিয়ার সিদ্ধাংশ ধাতু এবং বর্ণ সংযোগে কণ্ঠে ভাবিত হয়।

ভাষী [ভাষ্ (বলা)+ইন্ (কর্তৃ—ণিন্)= ভাষিন্, ১মা, ১ব] বিণ. কথক; যে বলে; ভাষক (এই শব্দ অন্য শব্দের পরে ব্যবহৃত হয়)। প্র—বহুভাষী; কটুভাষী।

ভাষ্য [ভাষ্+য (কর্মে—ণ্যৎ)] বি. ক্লী. টীকা; সূত্রবিবৃতি; ব্যাখ্যান। ২। বিণ. কথনীয়। ভাষ্যকার—টীকাকার। ২। পতঞ্জলি মুনি।

ভাস (শ্) [ভাস্ (দীপ্তি পাওয়া)+অ] বি. পুং. শোভা; কান্তি। ২। দ্যুতি; আভা। প্র—"মৃগাঙ্ক জিনি ভাস।"—কবিক। ৩। ক্রি. প্রকাশমান হও। প্র—"এস নয়নে ভাস দাও দরশন।"—বাং-গান। ভাসমান—বিণ. দীপ্তিমান। ২। শোভাযুক্ত। ৩। যাহা জলে ভাসিতেছে। স্ত্রী. ভাসমানা।

ভাস [ভাস্ (দীপ্তি পাওয়া)+অ (কর্তৃ—অম্)] বি. পুং. ভাষপক্ষী: পানকৌড়ি। ২। শকুনি। ৩। কুক্কুট।

ভাসন্ত (ভাশন্ত) [ভাস্ (দীপ্তি পাওয়া) +অন্ত (কর্তৃ)] বি. পুং. সূর্য্য। ২। চন্দ্র; শশী। ৩। বিণ. মনোহর। ৪। ভাসমান। স্ত্রী. ভাসন্তী—তারা; নক্ষত্র।

ভাসা (শা) [ভাস্ (দীপ্তি পাওয়া, প্রকাশ পাওয়া) ধাতুজ। উ-পু—ভাসি। ম-পু—ভাস। প্র-পু—ভাসে। অস-ক্রি—ভাসিতে; ভাসিয়া; ভেসে। ণিজন্ত—ভাসান] ক্রি. ভাসমান হওয়া; জল বা বায়ুমণ্ডলের উপর অবস্থিতি করা; তরল পদার্থের উপরিভাগে অপেক্ষাকৃত লঘু দ্রব্য বাহিত হওয়া। ২। উদয় হওয়া। প্র—"মন যাবে শমন আবাসে, এ কথা কি তোর মনে ভাসে"—গান। ভাসা-ভাসা—বিণ. উপরি উপরি; অগভীর। ২। ভাসমান। ৩। সজল।

ভাসুর (ভাশুর্) [ভাস্ (দীপ্তি পাওয়া)+উর (কর্তৃ, শীলার্থে—ঘুর)] বি. পুং. স্ফটিক। ২। [প্রাদে] পতির জ্যেষ্ঠভ্রাতা। প্র—"বিধাতা ভাসুর যার লক্ষ্মীকান্ত মিতা।"—শিবায়ন। ৩। দীপ্তিশালী; আভাময়।

ভাস্কর (ভাশ্কর্) [ভাস্ (দীপ্তি) কৃ (করা)+অ (ট) যে করে (উপপদ)] বি. পুং. দিবাকর; সূর্য্য। ২। অগ্নি; বহ্নি। ৩। সিদ্ধান্ত শিরোমণি প্রভৃতি জ্যোতিষগ্রন্থপ্রণেতা প্রসিদ্ধ পণ্ডিত ভাস্করাচার্য্য। ৪। ধাতুপ্রস্তরাদির মূর্ত্তি সংগঠনকারী।

ভাস্কর্য্য (র্জ) [ভাস্কর (দ্রঃ)+য] বি. চতুঃষষ্টি কলার অন্যতম; ধাতুপ্রস্তরাদি খোদিত করিয়া মূর্ত্তি-গঠন-শিল্প।

ভাস্বতী (ভাশ্শতী) [ভাস্বৎ শব্দ] বি. স্ত্রী. দীপ্তি। ২। বিণ. দীপ্তিমতী। দীপিকা-ভাস্বতী—জ্যোতির্গ্রন্থবিশেষ। প্র—"দেখে তারা দীপিকা ভাস্বতী।"—কবিক। পুং. ভাস্বান্।

ভাস্বর (ভাশ্শর্) [ভাস্ (দীপ্তি পাওয়া) +বর (কর্তৃ)] বিণ. আভাময়; দীপ্ত।

ভাস্মন (ভাশ্শন্) [ভস্মন্+অ (বিকারার্থে —অণ্)] বি. ক্লী. ভস্মবিকার।

ভিঃ পিঃ [ইং—value-payble সংক্ষেপে V. P.] বি. যে সকল ডাকে পাঠান দ্রব্যের মূল্য গ্রাহকের নিকট হইতে প্রাপ্য।

ভিক, ভিখ (ক্, খ্) [ভিক্ষা হইতে, হি] বি. ভিক্ষা। প্র—"ভিখ মেগে খেয়ে আমি বুড়ালাম তবু"—শিবায়ন। গ্রা-বাং—ভিখা। প্র—"ঘরে ঘরে ভিখা মাগিয়া বুলেন ঈসর"—শূ. পু। বিণ. ভিখারী।

ভিকারী, ভিখারী [ভিক, খ (দ্রঃ)+আরী (কারী অর্থে) গ্রা—ভিকিরি] বিণ. ভিক্ষাজীবী। ২। বি. ভিক্ষুক।

ভিক্ষা (ভিক্খা) [ভিক্ষ্ (যাচ্ঞা করা)+অ (ভাবে)] বি.স্ত্রী. সন্ন্যাসী ও ব্রহ্মচারীর ভোজনের নাম ভিক্ষা। প্র—"তবে প্রভু আগে তানে ভিক্ষা করাইয়া। আপনেও ভোজন করিলা হর্ষ হইয়া।"—চৈতন্যভাগবত। ২। প্রার্থনা; যাচ্ঞা। ৩। ভিক্ষালব্ধ বস্তু। ৪। সেবা। বিণ. ভিক্ষিত। ভিক্ষাচর্য্যা—ভিক্ষাবৃত্তি। ভিক্ষাজীবী—ভিক্ষুক। ভিক্ষাপাত্র—ভিক্ষাদ্রব্য রাখিবার আধার; ভিক্ষার ঝুলি। ভিক্ষাপুত্র—পুত্রহীন বা পুত্রহীনা কর্ত্তৃক উপনয়ন সংস্কারের পর ব্রহ্মচর্য্য ব্রত ভঙ্গ করাইয়া পুত্ররূপে গৃহীত ব্রাহ্মণকুমার। ভিক্ষামা—যে স্ত্রী ব্রাহ্মণকুমারকে ভিক্ষা দিয়া মাতৃস্থানীয়া হয়। ভিক্ষালব্ধ—ভিক্ষা করিয়া প্রাপ্ত। ভিক্ষান্ন—বি. ভিক্ষালব্ধ আহারীয়। ভিক্ষার্থী—বি. ভিক্ষাজীবী; ভিক্ষুক। স্ত্রী. ভিক্ষার্থিনী—ভিখারিণী। ভিক্ষাশী [ভিক্ষা—অশ্ (ভোজন করা)+ইন্=ভিক্ষাশিন্, ১মা, ১ব] বিণ. ভিক্ষুক।

ভিক্ষু [ভিক্ষ্+উ (কর্তৃ)] বি. পুং. চতুর্থাশ্রমী; সন্ন্যাসী। ২। বুদ্ধশিষ্য। ৩। বৌদ্ধসন্ন্যাসী। ৪। পরিব্রাজক। ৫। ভিখারী।

ভিক্ষুক (ক্) [ভিক্ষু (ভিক্ষোপজীবী)+ক] বিণ. ভিখারী; যাচক। ভিক্ষুকাশ্রম (কাস্স্রম্) বি. সন্ন্যাসাশ্রম।

ভিগা [হি—ভিগ্না] ক্রি. ভিজা। প্র—"মৃগমদ চন্দন ঘামে ভিগি গেল।"—বি. প।

ভিজা [হি—ভিগ্না (সং—মস্‌জ ধাতুজ)। উ-পু—ভিজি। ম-পু—ভিজ, ভিজুন; ভিজ্, ভেজ্। অস-ক্রি—ভিজিতে, ভিজিয়া, ভিজে। ণিজন্ত—ভিজান] ক্রি. সিক্ত হওয়া; আর্দ্র হওয়া। বি. ভিজন—সিক্তকরণ। বিণ. ভিজা, ভেজা—সিক্ত; আর্দ্র। প্র—ভিজা কাপড়।

ভিজান (নো) [ভিজা (দ্রঃ)। উ-পু—ভিজাই। ম-পু—ভিজাও। প্র-পু—ভিজায়। অস-ক্রি—ভিজাইতে; ভিজাইয়া, ভিজিয়ে] ক্রি. সিক্ত করা; ভিজাইয়া দেওয়া।

ভিজিট (ট্) [ইং—visit] বি. দর্শনী।

ভিটকিলিমি (ট্) [ভিটলামি—ভিটকালামি] বি. ভণ্ডামি; কপটতা।

ভিটা, ভিটে [ভিট—ভিত, সং—ভিত্তি] বি. পৈতৃক বাসভূমি; বসতিস্থান। প্র—"করুন রক্ষে গরীবের ভিটে থাকি।"—রবি। ভিটায় ঘুঘু চরান—ঘুঘু—দ্রঃ।

ভিড়, ভীড় (ড়্) [হি—ভিড়। মিড় (দ্রঃ)। সং—মিল ধাতুজ] বি. জনতা। প্র—"দুয়ারে তোমার ভিড় করে যারা আছে।" ভিড়-ভাড়—[সহচর শব্দদ্বয়] ভারি ভীড়।

ভিড়ন (ন্) [ভিড় দ্রঃ] বিণ. অধীন। প্র—"যাহার ভিড়নে রহে ষোল শত তাজী।"—কবিক। "বিংশতিসহস্র করী তাহার ভিড়ন।"—কাশী-মহা।

ভিড়া [ভিড় দ্রঃ। হি—ভিড়্না। উ-পু—ভিড়ি। ম-পু—ভিড়। প্র-পু—ভিড়ে। অস-ক্রি—ভিড়িতে; ভিড়িয়া; ভিড়ি; ভিড়ে। ণিজন্ত—ভিড়ান] ক্রি. মিলিত হওয়া; মিলা। ২। লগ্ন হওয়া। প্র—"বাগবাজারের ঘাটে নৌকা আসিয়া ভিড়িল"—টেকচাঁদ। ৩। জোটা। ৪। পৈসা।

ভিড়ান (নো) [ভিড়া দ্রঃ। উ-পু—ভিড়াই। ম-পু—ভিড়াও; ভিড়ান; ভিড়া। প্র-পু—ভিড়ায়; ভিড়ান। অস-ক্রি—ভিড়াইতে; ভিড়াইয়া, ভিড়িয়া, ভিড়ইয়ে] ক্রি. মিলান। ২। জোটান। ৩। লাগান; সংলগ্ন করা। প্র—"পালান ভিড়িয়া বান্ধে কেঁদো বাঘ ছাল"—কবিক। "শুনি বৈসে আসন ভিড়িয়া"—কবিশেখর।

ভিত (ত্) [ভিত্তি শব্দজ] বি. প্রাচীর; ভিত্তি দেওয়াল। প্র—"চিত্রের পুত্তলি যত আছে গৃহ ভিতে"—কবিক। ২। বুনিয়াদ; পত্তন। ৩। দিক্; ধার। প্র—"আচ্ছাদিত ধূলায় হইল চারি ভিত"—কবিক। "চিতাভস্ম চারিভিতে রেখেছি মা আসিস যদি"—রামলাল দত্ত। ৪। আধার; স্থান। "চারি বেদ ষট্ শাস্ত্র এক ভিতে কৈল"—কাশী-মহা-আদি। ৫। উন্নত ভূমি। ৬। তীর; কূল; স্থল। প্র—"থলের কথায় পাথারে সাঁতারি উঠিতে নারিনু ভিতে।"—চণ্ডীদাস। ৭। দেওয়ালের

প্রস্থ ; ভিত্তিগাত্রের প্রশস্ত পরিমাণ। ৮। দল ; পক্ষ। প্র—"প্রভু বলে কহ গিয়াছিলে কোন ভিতে"—চৈ-ভাঃ।

ভিতর (র্) [সং—অভ্যন্তর] বিণ, মধ্য ; অভ্যন্তর ; মধ্যস্থল। **ভিতর বাড়ী**—অন্তঃপুর। **ভিতর বাহির এক**—অকপট।

ভিতিভিতি [গ্রা। ভিত (দিক্)+ই (৭মী বিভক্তি)+ভিত+ই ; ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব] ক্রি-বিণ, দিকে দিকে ; চারিদিকে। প্র—"ভিতি ভিতি সৌরভ করএ আমোদিত॥"—ভাগবত (নরহরি দাস)।

ভিত্তি [ভিদ্ (ভেদ করা)+তি (কর্ম্মে, ক্তি)] বি, স্ত্রী, প্রদেশ। ২। প্রাচীর ; দেওয়াল (এই অর্থে **ভিত্তিকা** শব্দের ব্যবহার আছে)। ৩। ক্ষুদ্রাংশ ; খণ্ড। ৪। প্রভেদ। ৫। বুনিয়াদ। ৬। বিভাগ। **ভিত্তি প্রস্তর**—বুনিয়াদের প্রথম প্রস্তর বা ইষ্টক। **ভিত্তি-ভূমি**—বুনিয়াদ ; পত্তন ; স্থান ; ভিত। **ভিত্তিমূল**—বি, প্রাচীরের মৃত্তিকাভ্যন্তরস্থ ভিত্তি ; বুনিয়াদের গোড়া। **ভিত্তিহীন**—ভিটাশূন্য। ২। অমূলক।

ভিদভিদে (দ্) [ভিতর ভিতর হইতে ভিত-ভিত=ভিদভিদ+ইয়া] বিণ, ভাব গোপন-কারী ; অস্পষ্টবক্তা ; অসরল।

ভিদা [ভিদ্+ক্বিপ্ (ভাবে)+আপ্, স্ত্রী] বি, স্ত্রী, ছেদন ; কর্ত্তন। ২। ভেদকরণ ; ছিদ্র-করণ। ৩। ফাড়ন ; বিদারণ। ৪। পার্থক্য ; প্রভেদ। ৫। ক্রি, ভেদ করা ; বিদীর্ণ করা। ৬। পৃথক্ করা।

ভিদুর (র্) [ভিদ্+উর (কুর—কর্ত্তৃ, শীলার্থে)] বি ক্লী, বজ্র। ২। বিণ, ভঙ্গপ্রবণ।

ভিদ্য (ভিদ্দ) [ভিদ্+য (কর্ত্তৃ, ক্যপ্)] বি, পুং, তীর ভেদকারী নদ। ২। বিণ, ভেদনীয় ; ভেদযোগ্য। **ভিদ্যমান**—বিণ, ভেদ করিতেছে এমন।

ভিন (ন্) [সং—ভিন্ন অপভ্রংশে] বিণ, ভিন্ন : পৃথক্ ; বিযুক্ত। প্র—"কুসুম কুল সব ভেল ভিন ভিন।"—বি, প। ২। পর। প্র—"আত্ম সমর্পণ, জীবন যৌবন, তথাচ ভাবয়ে ভিন।"—চণ্ডীদাস। "রাধে! ভিন না ভাবিহ তুমি"—ঐ। ৩। সদ্ভাবশূন্য ; অনৈক্য। "তোমায় আমায় নহে ভিন থাকিতে জীবন॥"—বাং-গান। ৪। অন্য।

ভিন্দিপাল (ল্) [ভিন্দ্+ভাবে (ই)= ভিন্দি (শত্রুর ভেদন হইতে) পাল্ (রক্ষা করা)+অ (কর্ত্তৃ, অনচ্)] বি, পুং, ক্ষেপ্য অস্ত্র। প্র—"সর্ব্ব সৈন্যে বরিসন্ত বাণ ভিন্দি-পাল॥"—মহা (শ্রীকর)।

ভিন্ন [ভিদ্+তৎ কর্ত্তৃ—ক্ত)] বিণ, পৃথক্ ; অন্য। ২। ছিন্ন। ৩। বিভক্ত। ৪। ত্যক্ত। ৫। ভগ্ন। ৬। খণ্ডিত। ৭। বিদারিত। ৮। ভেদ-ভাবাত্মক। ৯। বিকসিত। বি, **ভিন্নতা**। **ভিন্নক্রম**—ক্রমভঙ্গরূপ কাব্য-দোষবিশেষ। **ভিন্নজাতি**—বর্ণান্তর ; অপর শ্রেণী। বিণ, **ভিন্নজাতীয়**। স্ত্রী, **ভিন্নজাতীয়া**। **ভিন্ন দেহ**—অন্যশরীর। ২। ক্ষত দেহ। **ভিন্ন প্রকার**—অন্যবিধ। ২। উপায়ান্তর। **ভিন্ন বর্ণ**—অপর জাতি। ২। অন্য রং। **ভিন্ন বৃত্তি**—স্বতন্ত্র জীবিকা বা ব্যবসায়। **ভিন্ন-মতাবলম্বী**—অন্যমতাশ্রয়ী ; বিরুদ্ধ মতা-বলম্বনকারী ; পৃথক্ সংস্কারবিশিষ্ট। স্ত্রী, **ভিন্ন-মতাবলম্বিনী**। **ভিন্ন রুচি**—প্রবৃত্তি ভেদ। **ভিন্ন স্বর**—স্বরান্তর ; ভিন্ন কণ্ঠ বা শব্দ।

ভিন্নার্থ [ভিন্ন+অর্থ] বি, বিভিন্ন অর্থ ; স্বতন্ত্র ব্যাখ্যা। বিণ, স্বতন্ত্র ব্যাখ্যাবিশিষ্ট।

ভিমরাজ (জ্)—ফিঙ্গা জাতীয় গাঢ় নীলবর্ণ বৃহৎ পক্ষিবিশেষ ; dissemurus paradises. ২। [বৈদ্যকে] কেশরাজ নামক বন্য শাক-বিশেষ ; wedelia calendulacea. ৩। প্রসিদ্ধ কবিরাজী তৈলবিশেষ।

ভিমরুল (ম্, ল্) বি, ভীমরুল দ্রঃ।

ভিয়ঁান, ভিয়ান (ন্) [সং—ভর্জ্জন হইতে হি—ভুন্না—অধিক বিকারে ভিঁনা পরে—ভিয়ঁান। গ্রা—ভেন] বি, তৈয়ার ; প্রস্তুত। (মিষ্টান্নাদি প্রস্তুত অর্থেই বিশেষভাবে ব্যবহৃত)। প্র—"মোদক আনিয়া ভিয়ঁান করিয়া, এবে সে লাগিল সীঠ।"—চণ্ডীদাস। "মন যদি মোর ভিয়ান করিস। ওরে কালী নাম কাশীর চিনি বদন খোলাতে ঢালিস॥"—রাম প্রসাদ। ২। (নো) ক্রি, ভিয়ঁান করা ; মিষ্টান্নাদি প্রস্তুত করা।

ভিরকুটি, টী (র্) [সং—ভ্রূকুটী—শব্দজ] বি, ভ্রূভঙ্গী। ২। অঙ্গভঙ্গী করণ ; ভেঙ্গচানি। ৩। ভ্রূসঙ্কোচ দ্বারা ভয় প্রদর্শন। ৪। স্পর্দ্ধা ; প্রগল্ভতা। ৫। দুষ্টামি।

ভির্মি [সং—ভ্রমি অপভ্রংশে] বি, ঘূর্ণীরোগ। **ভির্মি যাওয়া**—মূর্চ্ছিত হওয়া ; মাথা ঘুরিয়া পড়িয়া চৈতন্য হারান।

ভিল্ল [ভিল্ (ভেদন করা)+ল (কর্ত্তৃ) যাহারা শিকার করিয়া জীবিকা নির্ব্বাহ করে। তামিল—বিল্—ধনুক, ধানুকী] বি, পুং, ভারতের আদিম নিবাসী জাতিবিশেষ। স্ত্রী, **ভিল্লী**—লোধ্র বৃক্ষ।

ভিষক্ [(সৌত্র ধাতু) ভিষ্ (রোগ প্রতীকার করা)+অজ্ (কর্ত্তৃ—অজিক্) ভিষজ ১মা, ১ব] বি, পুং, চিকিৎসক ; বৈদ্য ; ডাক্তার।

ভিস্তি, ভিস্তী [ভস্ত্রা শব্দজ] বি, মসক ; বারিবহনোপযোগী চর্ম্মনির্ম্মিত স্থালীবিশেষ। ২। মষকে করিয়া যাহারা জল বহন করে।

ভীড়ন (ন্) [ভিড় (দ্রঃ)+ভীড় (জনতা) তাহা হইতে সংঘাত—সংঘর্ষ] বি, যুদ্ধ, রণ। প্র—"ভীম অর্জ্জুন কর্ণ কোটাল দুর্ব্বার। ভীড়নে চলিল চঙ্গ বাইস হাজার॥"—কবিক।

ভীত [ভী (ভয় পাওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, শঙ্কিত ; ত্রস্ত। স্ত্রী, **ভীতা**। **ভীত-চিত্ত**—বি, শঙ্কিত হৃদয় ; ভীতি বিহ্বল চিত্ত। স্ত্রী, **ভীতচিত্তা**।

ভীতি [ভী (ভয় করা)+তি (ভাবে)] বি, ভয় ; আশঙ্কা ; ত্রাস। **ভীতিকর, জনক**—ভয় উৎপাদক। **ভীতিপ্রদ**—ত্রাসজনক। **ভীতিবিহ্বল**—ভয় কাতর। স্ত্রী, **ভীতি-বিহ্বলা**।

ভীতু [ভীত+উ (শীলার্থে)] বিণ, ভীত-স্বভাব ; ভীরু।

ভীম (ম্) [ভী+ম (অপা—মক্) যাহা হইতে ভয় পায়] বি, পুং, মহাদেব ; শিব। প্র—"ধূমাবতী দেখে ভীম সভয় হইলা"—ভারতচন্দ্র। ২। বিদর্ভপতি ; দময়ন্তীর পিতা ভীমসেন। ৩। মধ্যম পাণ্ডব ভীম-সেন। ৪। দানববিশেষ। ৫। গন্ধর্ব্ববিশেষ। ৬। কাব্যের রসবিশেষ ; ভয়ানক রস। ৭। মন্ত্রবিশেষ। ৮। বিণ, ভীষণ। স্ত্রী, **ভীমা**—দুর্গা। ২। ভীষণা। প্র—"পরাক্রমে ভীমা ভীমাসমা।"—মেঘনাদ। ৩। নদীবিশেষ। বিণ, **ভৈম**। **ভীমকর্ম্মা**—ভীষণ কর্ম্ম-কারী। ২। অতি, কর্ম্মী। **ভীমদর্শন**—ভীষণমূর্ত্তি। **ভীমনাদ**—ভীষণ শব্দ ; হুঙ্কার। প্র—"ভৈরবের ভীমনাদে কাঁপে ত্রিভুবন।"—অ, ম। ২। সিংহ। **ভীম পরাক্রম, বিক্রম**—বিক্রান্ত ; অতি বল-শালী। **ভীমরথ**—কৃষ্ণের পুত্রবিশেষ। ২। কূর্ম্মাবতারকর্ত্তৃক নিহত অসুরবিশেষ। ৩। ধৃতরাষ্ট্রের পুত্রবিশেষ।

ভীমরথী, রতী (ভীম্‌রোথি, তি) [সং—ভীমরথ+ঈপ্ স্ত্রী, গ্রা, ভীমরতী] বি, স্ত্রী, বয়োদশাবিশেষ ; ৭৭ বৎসর ৭ মাস ৭ রাত্রি পূর্ণ হইলে মানবের ভীমরথী দশা হয়। [হিন্দুর বিশ্বাসমতে এই দশার পর মানব জীবিত থাকিলে প্রতিদিন তাহার পক্ষে শত সুবর্ণ দক্ষিণাপ্রদ যজ্ঞের তুল্য হয়। সে ইচ্ছা-মত গমন করিলে বিষ্ণুকে প্রদক্ষিণ করার ফল হয়, কথা বলিলে মন্ত্র জপ করা হয়, নিদ্রা তাহার ধ্যান এবং অন্ন তাহার পক্ষে সুধা তুল্য বিবেচিত হয় (আয়ুর্ব্বেদ)]। ২। অতিশয়

বার্দ্ধক্যবশতঃ বুদ্ধিভ্রংশতা। প্র—"বুড়ো হলে ভীমরতী হয়"—প্রফুল্ল।

ভীমরুল (ল্) [সং—ভৃঙ্গরোল] বি, ভোমরা অপেক্ষা ছোট ও বোলতা অপেক্ষা বড় এক জাতীয় ঘোর পীতবর্ণ ষট্পদীবিশেষ। ভীমরুলের চাকে খোঁচা দেওয়া—প্রতিশোধপরায়ণ জনমণ্ডলীর ক্রোধোদ্রেক করা বা উত্তেজিত করা। প্র—"কিন্তু চির প্রচলিত লোক মতের বিরুদ্ধে কথা কওয়া আর ভীমরুলের চাকে খোঁচা দেওয়া সমান কথা।" হারাণচন্দ্র রক্ষিত।

ভীমসেন (ভীম্‌শেন্) [ভীমসেনীও বলে। গ্রা—হিমশিম] বি, ভীম দ্রঃ। ২। সুমাত্রা ও বোর্ণিও দ্বীপস্থ বৃক্ষজাত কর্পূর।

ভীরু [ভী+রু (কর্ত্তৃ, শীলার্থে রুক্)] বিণ, ভীতস্বভাব; ত্রস্ত। স্ত্রী, ভীরূ। বি, ভীরুতা। ভীরু-প্রকৃতি—ভয়ত্রাসে।

ভীষণ (ন্) [ভী (ভয় পাওয়া) +ণিচ্—ষ আগম+অন (কর্ত্তৃ অনট্)] বিণ, ভয়ঙ্কর; ভীতিপ্রদ। প্র—"ভ্রূকুটি ভয়াল ভীষণ আকার।"—গান। ভীষণা। স্ত্রী, ভীষণতা। ভীষণ আরাব, ভীষণারাব—ভয়ানক শব্দ। ভীষণ দর্শন—ভীমাকৃতি; ভয়ানক মূর্ত্তি। ভীষণাকার—ভীষণ দর্শন।

ভীষ্ম (ভীশ্‌শ) [ভী (ভয় পাওয়া) + ণিচ্ = ভীষি+ম (অপা, মক্) যাহা হইতে ভয় পাওয়া যায়, ষ আগম] বি, পুং, গাঙ্গেয়; শান্তনুতনয়। ২। বিণ, ভয়ানক; ভীষণ। ভীষ্ম জননী—গঙ্গাদেবী। ভীষ্মপঞ্চক—কার্ত্তিকী শুক্লা একাদশী হইতে পূর্ণিমা পর্য্যন্ত অনুষ্ঠেয় ব্রতবিশেষ। ভীষ্মাষ্টমী—মাঘী শুক্লা অষ্টমী। ভীষ্মের প্রতিজ্ঞা—ভীষণ সংকল্প; শান্তনুতনয় ভীষ্মের প্রতিজ্ঞার মত অটল প্রতিজ্ঞা।

ভুআ, ভুও [ফুআ—ফুকা (শূন্য গর্ভ) ফ= ভ] বিণ, অসার; শূন্যগর্ভ; অন্তঃসারশূন্য। ২। অলীক।

ভুঁড়ি, ভূঁড়ি [সং—ভুরি হইতে] বি, বড় পেট; বৃহৎ উদর। প্র—"কাঁটালের গুঁড়ি-প্রায় ভুঁড়ি এলাইয়া।"—ঈশ্বর গুপ্ত। "ভুঁড়িটে বাধে।"—দীনবন্ধু—নবীন তপস্বিনী। বিণ, ভুঁড়িয়া, ভুঁড়ে, ভুঁড়ো—স্থূলোদর। প্র—"বড় ভুঁড়ো পেট"—অ, ম।

ভুঁকা [ফুঁকা দ্রঃ। হি—ভুঁক্‌না] ক্রি, বিদ্ধ হওয়া; প্রবেশ করা। প্র—"চরণে কণ্টক ভুঁকে শতেক আঁচড় বুকে।"—কবিক। "ভুঁকিল কুশের কাঁটা রক্ত পড়ে গায়"—ঐ।

ভুঁকান (নো) [ভুঁকা (দ্রঃ) র ণিজন্ত রূপ] ক্রি, ফুঁকাইয়া দেওয়া; বিঁধান।

ভুক, ভুখ [সং—বুভুক্ষা] বি, ক্ষুধা। প্র—"ভুক পিয়াসা"—অ, ম। "ভুখে মোকে মারিতে এনেছ তৃণান্তরে"—শিবায়ন। বিণ, ভুখা—ক্ষুধার্ত্ত।

ভুক-ভুক (ক্) [শব্দাত্মক] বি, সরুমুখ পাত্র হইতে জলীয় পদার্থের প্রবেশ অথবা নির্গমনের শব্দ। প্র—"ভুকভুক উঠে রক্ত ভেদি কুম্ভ স্থল।"—ঘনরাম।

ভুক্ত [ভুজ্ (ভোজন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ভক্ষিত। ৪। অন্তর্গত। বি, ভুক্তি। ভুক্তপূর্ব্ব—পূর্ব্বে যাহা ভোগ করা হইয়াছে। ভুক্তভোগী—যে ভোগ করিয়াছে; কৃতভোগ। ভুক্তভোজন—চর্ব্বিত চর্ব্বণ। প্র—"অনুভূত সুখের পুনর্ব্বার অনুভব করিলেই ভুক্তভোজন হইবে।"—পুরুষ পরীক্ষা। ভুক্তাবশেষ—উচ্ছিষ্ট অন্নাদি।

ভুক্তন (ন্) [হি] বি, ক্রটিপূরণ। ২। প্রবেশ। ৩। ভোগ।

ভুখল, ভুখিল [সং—বুভুক্ষিত অপভ্রংশে—ভুখিত, বিকারে—ভুখল। ব্রজ] বিণ, ক্ষুধার্ত্ত; ক্ষুধিত। প্র—"ভুখল জন"—রসমঞ্জরী (পীতাম্বর)। "ভুখিল বাঘিনী"—কবিক। স্ত্রী, ভুখলি—অন্নাভাবে কৃশা। প্র—"কৃখলি ভুখলি।"—বি, প।

ভুগা, ভোগা [ভোগ (দ্রঃ) + আ (ক্রিয়ায়) হি—ভুগ্‌না। উ-পু—ভুগি। ম-পু—ভুগ, ভোগ; ভুগুন্; ভোগ্। প্র-পু—ভুগে; ভোগে। অস-ক্রি—ভুগিতে; ভুগিয়া, ভুগে। ণিজন্ত—ভুগান, ভোগান] ক্রি, ভোগ করা; সহ্য করা।

ভুগান, ভোগান (নো) [ভুগা দ্রঃ। উ-প—ভুগাই, ভোগাই। ম-পু—ভুগাও, ভোগাও। প্র-পু—ভুগান্; ভোগান; ভুগাস্, ভোগাস্। অস-ক্রি—ভুগাইতে, ভোগাইতে; ভুগাইয়া, ভোগাইয়া, ভুগিয়ে] ক্রি, ভোগ করান; কষ্ট দেওয়া।

ভুগ্ন [ভুজ্ (কুটিল হওয়া) + ত (কর্ত্তৃ)] বিণ, কুব্জ; বক্র। ২। ভগ্নস্বাস্থ্য। ৩। আনত।

ভুজ (জ) [ভুজ্ (ভোজন করা) + অ (কর্ত্তৃ—ক)] বি, পুং, হস্ত; বাহু। ২। সীমা-সূচক রেখা। ৩। ভূর্জ্জপত্র। ৪। [জ্যামিতিতে ক্ষেত্রবন্ধকারী সরল রেখা; বাহু। প্র—দ্বিভুজ; ত্রিভুজ; চতুর্ভুজ (দুই, তিন, চারি রেখাবদ্ধ ক্ষেত্র)। ৫। ভুজবিশিষ্ট। স্ত্রী, ভুজা। প্র—দশভুজা। বহুভুজ—চারির অধিক সরলরেখাবদ্ধ ক্ষেত্র। সমবহুভুজ—যে বহুভুজের সকল বাহু ও সকল কোণ সমান। বিষমবহুভুজ—যে ভুজের সকল বাহু ও কোণ বিষম বা অসমান। ভুজকোটর—কক্ষ; বগল। ভুজপাশ—বাহুবন্ধন। ভুজমধ্য—ক্রোড়। ভুজস্তম্ভ—বাহুচালনা-শক্তিরাহিত্য। প্র—"ভুজস্তম্ভ কণ্ঠরোধ ব্যাসের হইল"—অ, ম। ভুজাগ্র—হস্ত; কর। ভুজান্তর—অন্তর্বাহু। ২। বক্ষঃস্থল।

ভুজগ (গ্) [ভুজ (বক্রাকৃতি)—গ (গমন করা) + অ (কর্ত্তৃ—ড) যে বক্রাকৃতি হইয়া গমন করে] বি,পুং, ফণী; নাগ। ২। লম্পট। ধূর্ত্ত। স্ত্রী, ভুজগী। ভুজগাশন—সর্প-ভোজী। ২। গরুড়। ৩। ময়ূর।

ভুজঙ্গ, ভুজঙ্গম (ভুজংগ, ম্) [ভুজ্ (বক্র ভাবে)—গম্ (গমন করা) + অ (কর্ত্তৃ—ড) ম লোপ, ং আগম—যে বক্রভাবে গমন করে] বি, পুং, সর্প। প্র—"অঙ্গদ বলয় হৈল ভুজঙ্গমগণ" —কবিক। ২। সীসক; সীসা। স্ত্রী, ভুজঙ্গমী, ভুজঙ্গিনী, ভুজঙ্গী—ফণিনী; নাগিনী। ২। ক্রূরমতী নারী।

ভুজঙ্গপ্রয়াত (ভুজংগপ্রোয়াত্) বি, চতুর্ব্বিংশতি অক্ষরে দুই চরণে সম্পূর্ণ হয়। এই সকল অক্ষরের মধ্যে চতুর্ব্বিংশতি স্বর থাকে। উভয় চরণস্থ প্রথম, চতুর্থ সপ্তম ও দশম বর্ণ লঘু; অবশিষ্ট সমুদয় বর্ণ গুরু হয়। প্র—"অদূরে মহারুদ্র ডাকে গভীরে, অরে রে অরে দক্ষ দে রে সতীরে। ভুজঙ্গ প্রয়াতে কহে ভারতী দে, সতী দে সতী দে সতী দে সতী দে।"—অ, ম।

ভুজা [ভাজা দ্রঃ। হি—ভুনা; ভুজা] বিণ, ভৃষ্ট। প্র—ভাজাভুজা।

ভুঞ্জা [ভুজ্ ধাতুজ। উ-পু—ভুঞ্জি। ম-পু—ভুঞ্জ। প্র-পু—ভুঞ্জে। অস-ক্রি—ভুঞ্জিতে, ভুঞ্জিয়া, ভুঞ্জি, ভুঞ্জে। ণিজন্ত—ভুঞ্জান] ক্রি, ভোগ করা; উপভোগ করা। প্র—"ভুঞ্জিব অশেষ ক্লেশ না পাব জ্ঞানের লেশ পর দুখে হইব দুঃখিত"—অন্নদামঙ্গল। ২। আহার করা; ভোজন করা। প্র—"ভুঞ্জাইয়া কৃত্তিবাস, মধুর মধুর হাস মহেশের নাচন দেখিয়া।"—অ, ম। "ভুঞ্জাহ পায়স দধি"। ব্রজ—ভুঞ্জই [কোমলার্থে "ভুঁজই"] ভোগ করে। প্র—"আপন করম দোষে আপহি ভুঞ্জই"—বি, প। ভুঁজইতে—ভোগ করিতে। প্র—"সোফল ভুঁজইতে চাই"—বি, প।

ভুঞ্জান (ন্) [ভুজ্ + আন (কর্ত্তৃ—আনশ্)] বিণ, ভোগকারক।

ভুট (ট্) [সং—বুট্ (হিংসা করা) ধাতুজ] বি, লুট দ্বারা শেষ; লুপ্ত; লোপাট। ভুট

করা—শেষ করা ; ক্রমাগত বলপূর্ব্বক গ্রহণ করিতে করিতে নিঃশেষিত করা।

ভুটভাট, ভুটভুট (ট্, ট্) [শব্দাত্মক] উদর মধ্যস্থ বায়ুর ফুটফাট শব্দ ; অজীর্ণজনিত বুদ্‌বুদ-স্ফোটন শব্দ।

ভুটি, ভুটী [ভোট+ই, ঈ (জাতার্থে)] বি, ভোট বস্ত্র ; কম্বল ; মোটা কাপড়বিশেষ। প্র—"বস্তা হতে খসাইল ভুটী"—মনসামঙ্গল (বংশীবদন)। "চট ভুটি দিয়া যত বস্ত্র লৈয়া যাই"—ঐ।

ভুট্টা [হি] বি, একপ্রকার শস্য ; মকা ; মরাই ; maize.

ভুড়ভুড় (ড়্) [শব্দাত্মক] বি, পঙ্ক-বহুল জলে কোন ভারি বস্তু ধীরে ধীরে ডুবিবার কালে বুদ্‌বুদ স্ফোটন শব্দ। ২। জলের মধ্যে শ্বাস পতন ও ফুৎকার শব্দ। ভুড়ভুড়ি বি, —বুদ্‌বুদ ; গাঁজা। ২। জল মধ্যে জলমগ্ন জীবের শ্বাস পতন ও ফুৎকার। ভুড়ভুড়ি ভাঙ্গা —গাঁজা ভাঙ্গা ; বুদ্‌বুদের মত বাহির হওয়া।

ভুতড়ি, ভুতুড়ি [ভুতি (দ্রঃ) ভোথা+ড যোগ তুচ্ছার্থে—ভোথড়া, ভুতড়ি ইত্যাদি] বি, কাঁঠালের ভিতরের অসারাংশ যাহা কোষ বা কোয়ার সহিত জড়িত থাকে। প্র—"কতক গুলি খাসা খাজা কাঁটাল ** কতকগুলি কেবল ভুতুড়ি সার,"—কমলাকান্তের দপ্তর।

ভুতি (তু্) [সং—বৃন্ত হইতে] বি, কাঁঠালের মজ্জা অর্থাৎ যে দণ্ডের চতুর্দ্দিকে কোষ জড়িত থাকে। ২। কাঁঠালের অসারভাগ।

ভুতুড়িয়া, ভুতুড়ে [ভুত+আড়িয়া—বাং উড়িয়া, উড়ে। তুল—সাপুড়িয়া, সাপুড়ে] বিণ, ভুতের ব্যাপার ঘটিত। ২। ভুত সম্বন্ধীয়। ৩। বি, ভুতের ওঝা।

ভুনি [সং—ভর্জ্জন হইতে হি—ভুন্না (ভর্জ্জন করা) ভুনি (ভর্জ্জিত)] বিণ, ভৃষ্ট ; ভর্জ্জিত। ভুনিখিচুড়ি—চাউল দালাদি ঘৃতে অল্প ভাজিয়া লওয়া হয় বলিয়া এই নাম।

ভুনি [সং—ক্ষৌম (ক্ষুঞি—খুনি) হইতে?] বি ক্ষৌমবস্ত্রবিশেষ ; মোটা তসরের ধূতি ; কেটে ; বিধবাদের পরিধেয় পাড়হীন ক্ষৌমবস্ত্র। ২। সূক্ষ্ম রেশমী বস্ত্র ; গরদের সাড়ী। প্র—"শত শত একজায় গুজরাটে তন্তবায়, ভুনি ধুতি আদি বুনে গড়া।"—কবিক। "পরিল বিচিত্র সরু দিব্য বস্ত্র ভুনি"—চৈ, ম।

ভুবন (ন্) [ভূ (হওয়া)+অন (কর্ত্তৃ—অনক) ভূ=ভুব্, যে উৎপন্ন হয়] বি, ক্লী, সপ্তস্বর্গ ও সপ্তপাতাল এই চতুর্দ্দশ জগৎ। ভূলোক, ভুবর্লোক, স্বর্লোক, মহর্লোক, জনলোক, তপোলোক, সত্যলোক এই সপ্তস্বর্গ এবং অতল, বিতল, সুতল, তল, তলাতল, রসাতল ও পাতাল এই সপ্ত পাতাল। ২। আকাশ। ৩। বাসস্থান ; আবাস। প্র—"সম্ভাষিয়া গেলা সভে যে যার ভুবন।"—মহা (বিজয়)। ৪। জল। ৫। দেশ। প্র—"ছমাসের পরে পাবে গৌড় ভুবন"—ঘনরাম। ভুবনত্রয়—ত্রিভুবন ; স্বর্গ, মর্ত্ত্য ও পাতাল। মতভেদে ব্রজ, গোলোক ও দ্বারকা এই তিন ভুবন। চণ্ডীদাস মতে গোলোক, বৈকুণ্ঠ ও শ্রীবৃন্দাবন। ভুবনপাবন—জগত্রাতা। ভুবনপালক—জগৎপাতা ; ত্রিলোক-পালক। ভুবনবিখ্যাত—বিশ্ববিশ্রুত। ২। জগন্নাথ। ভুবনবিদিত—জগতের সর্ব্বত্র পরিজ্ঞাত ; প্রখ্যাত। ভুবনব্যাপী —জগন্ময় ; বিশ্ববিস্তৃত। ভুবনময়—জগদ্ব্যাপী। ভুবনমোহন—ত্রিলোকসুন্দর ; বিশ্বমুগ্ধকারী।

ভুবনেশ্বর (ভুবনেশ্‌শর্) বি, পুং, জগদীশ্বর। ২। তীর্থস্থানবিশেষ ; এই তীর্থের অধিষ্ঠাত্রী দেবতা শিবলিঙ্গবিশেষ।

ভুবনেশ্বরী (ভুবনেশ্‌শোরী) বি, জগদীশ্বরী। ২। দশমহাবিদ্যা মধ্যে দেবী ত্রিপুরাসুন্দরী। প্র—"ভুবনেশ্বরী ঋষি, হের তাঁর নিকটে।" —হেম বন্দ্যো। "রক্তবর্ণা সুভূষণা আসন অম্বুজ। পাশাঙ্কুশ বরাভয় শোভে চারিভুজ॥ ত্রিনয়না অর্দ্ধচন্দ্র ললাটে উজ্জ্বল। মনিময় নানা অলঙ্কারে ঝলমল॥"—অ, ম।

ভুবর্লোক (ক্) [ভুবস্ (আকাশ) লোক (ভুবন)] বি, পুং, সপ্ত ভুবনের অন্তর্গত ভুবন ; সূর্য্য ও পৃথিবীর মধ্যবর্ত্তী লোক ; অন্তরিক্ষ ; লোক দ্রঃ।

ভুর (র্) [ভুল হইতে। ল=র] বি, ভুল ; ভ্রম। প্র—"হায় কি হল! দেশের দশা রিপন রাজার ভুরে।"—হেম বন্দ্যো। ২। [সম্ভ্রম হইতে] সম্ভ্রম ; ভরম ; ভারিভুরি। ভুরভাঙ্গা—ভুল ভাঙ্গা ; ভ্রম ঘুচা। ভারি-ভুরি বা সম্ভ্রম নষ্ট হওয়া। প্র—"খসে পড়ে শোলার পাখা ভেঙ্গে গেল ভুর॥"—ঘনরাম। ভুরভার—ভারভুর দ্রঃ।

ভুরভুর (র্, র্) [সং—ভৃ (ভরণে) ভুরভর বা ভরাভরা—ভরপূর অর্থে] বি, গন্ধদ্রব্যের অতিসূক্ষ্ম অণুরাশি বায়ু দ্বারা প্রবাহিত হওয়ার ভাব। ২। বিণ, ভরপুর ; পরিপূর্ণ। বিণ, ভুরভুরা, ভুরভুরে।

ভুরা, ভূরা [হি—বূরা (শুষ্ক মোটা চিনি) তুল—আ—বুরাদা (গুঁড়া ; চূর্ণ—কাঠের গুঁড়া)] বি, মোটা চিনি ; দোবারা চিনি ; মাত কাটাইয়া প্রস্তুত শুষ্ক এবং বালির মত ঝুরঝুরা গুড়। প্র—"আটপণে আধসের আনিয়াছি চিনি। অন্য লোকে ভুরা দেয় ভাগ্যে আমি চিনি।"—অ, ম। ২। ঝুরঝুরা।

ভুরু, ভুরূ [সং—ভ্রূ] বি, ভ্রূ। প্র—"পুষ্পিত ললাটে ভুরু বঙ্কিম উজ্জ্বল।"—ফুলরেণু। প্র—"মদন ধনুক ভুরূ বিভঙ্গে।"—পদ্মাবতী (আলাওল)।

ভুল (ল্) [সং—ভ্রম হইতে ভুর ; ভুল। হি —ভুল] বি, ভ্রান্তি ; ভ্রম। ২। বিস্মৃতি। প্র—"ভুলে যদি থাকি প্রভো ভাঙ্গিও না ভুল"—কাব্যকুসুমাঞ্জলি। ভুলচুক [সহচর শব্দ] ভুলভ্রান্তি। ভুলভ্রান্তি [সহচর শব্দ] ভ্রম ; বিস্মৃতি। ভুল ভাঙ্গা—ভ্রমাপনোদন করা।

ভুলা, ভোলা [হি—ভুল্‌না। ভুল (দ্রঃ) +আ (ক্রি-বিভক্তি)]। উ-পু—ভুলি। ম-পু —ভুল ; ভোল ; ভুলুন ; ভোল্। প্র-পু—ভুলে ; ভোলে ; ভুলেন্ ; ভোলেন। অস-ক্রি —ভুলিয়ে ; ভুলিয়া ; ভুলি (পদ্যে) ; ভুলে (গ্রা)। ণিজন্ত—ভুলান ; ভোলান] ক্রি, ভুল করা ; ভ্রম করা। ২। বিস্মৃত হওয়া। প্র—"ভুলায়ে রাখিয়ো সংসারতলে তোমারে দিয়ো না ভুলিতে!"—রবি। ৩। মুগ্ধ হওয়া। বি, ভুলন। ভুলে-যাওয়া—বিস্মৃত হওয়া। ২। বিণ, বিস্মৃত। প্র—"চিরদিবসের ভুলে-যাওয়া বাণী কোন্ কথা মনে আনে সে।"—রবি।

ভুলান (ন্) [হি—ভুলানা। ভুল (দ্রঃ)+ আন (ক্রি-বিভক্তি)। উ-পু—ভুলাই। ম-পু—ভুলাও ; ভুলান ; ভুলা। অস-ক্রি —ভুলাইতে ; ভুলাইয়া ; ভুলিয়ে] ক্রি, ভুল করান ; ভুলিয়ে দেওয়া ; ভ্রমে ফেলা। প্র—"দিনের শেষে ঘুমের দেশে, ঘোমটা পরা ঐ ছায়া,—ভুলাল রে ভুলাল মোর প্রাণ"—রবি। ২। বিস্মরণ করান ; বিস্মৃত হইতে দেওয়া। ৩। বিণ, ভুলানিয়া। প্র—"আমার নয়ন ভুলান এলে"—রবি। ছেলে ভুলান ছড়া—যে শিশুপাঠ্য কবিতা আবৃত্তি করিয়া শিশুর কান্না থামান যায়।

ভুলানিয়া, ভুলানে—বিণ, যে ভুলায়। ২। প্রবঞ্চক ; ঠগ।

ভুলুয়া, ভুলো [ভুল+উয়া=ভুলুয়া, সংক্ষেপে ভুলো] বিণ, যে খালি ভুল করে ; যাহার কোন কিছু মনে থাকে না। প্র—ভুলো মন। ২। অনভিজ্ঞ ; আনাড়ি। প্র—"বসে থাকা ভাল নহে দাই কেন ভুলো॥"—ঘনরাম। ৩। [ভোলানাথ শব্দের অপভ্রংশ] বি, ভোলানাথের অতি পরিচয়ার্থক, তুচ্ছার্থক বা আদরার্থক নাম। ৪। [ভোলানাথ শিবের ভাঙ্গড় ভোলা নাম ও বেশভূষা হইতে বিদ্রূপে

ভুলুয়া সংক্ষেপে। তুল—কেলো ভুলো] কৌতুককারী ; যাত্রার সঙ্। প্র—"এই যাত্রীয় 'কেলুয়া ভুলুয়া' প্রভৃতি সং ছেলেদের বিশেষ চিত্তাকর্ষক ছিল।—ভারতী, বৈশাখ, ১৩২১।

ভুশ (শ্) [শব্দাত্মক] বি, শুষ্ক শিথিল মৃত্তিকাদির হঠাৎ ও সহজে ভূগর্ভে ডুবিবার শব্দ। **ভুশ-ভুশ**—পুনঃ পুনঃ ভুশ শব্দে স্খলন। বিণ, **ভুশভুশিয়া, —ভুশে**।

ভুশুণ্ডী, ভূশণ্ড, ভূষণ্ডী [যোগবাশিষ্ঠ রামায়ণে] বি, ত্রিযুগদর্শী বায়স ; কাকভুশুণ্ডী বা ভুশুণ্ডীকাক। ২। [লক্ষণায়] দীর্ঘজীবী ও বহুদর্শী ত্রিকালজ্ঞ (প্রায় পরিহাসে)। প্র—ভুশুণ্ডী বা ভুশুণ্ডীকাক হয়ে বসে আছেন।

ভুষি, ভুষী (ভুশি) [হি—ভুস্সি] বি, গম যব প্রভৃতির খোসা ; চোকর ; চক্‌লা। প্র—"দেশের লোকের ভাগ্যে খোসা ভুষি শেষে।" —মনোমোহন বসু।

ভুষুড়ি [ভুষ্টি দ্রঃ] বি, কাঁটালের ভুতুড়ি। **ভুষুড়ি ভাঙ্গা**—কাঁটালের ভুতুড়ি ভাঙ্গিয়া ক্রমাগত কোয়া বাহির করা। তাহা হইতে ক্রমাগত বাহির করা। ২। ভূরি ভোজন করা। প্র—মিষ্টান্নের ভুষুড়ি ভাঙ্গা। **গল্পের ভুষুড়ি ভাঙ্গা**—ক্রমাগত গল্পের পর গল্প শেষ করা।

ভুষুণ্ডি [সং—ভূষণ ও মণ্ডিতর ভাব ও উচ্চারণ যোগে] বিণ, ভূষিত। প্র—ধূলায় ভুষুণ্ডি।

ভুষ্টিনাশ [ভূ—সৃষ্টি—নাশ] বি, সৃষ্টিনাশ : ধ্বংস : সর্ব্বনাশ। প্র—"করিলেন ভুষ্টিনাশ কালীঘাটে রয়ে।"—ঈশ্বর গুপ্ত।

ভুস, ভুসা, ভুসো [ভস্ম হইতে] বি, ভস্ম। ২। আগুনের শীষ। প্র—কেরোসিন তেলের কুপি জ্বালালে দেয়ালে ভুসা পড়িয়া চারিদিক ময়লা হইয়া যায়। ৩। মসী। ৪। বিণ, ভস্মজাত।

ভুসঙ্গ (ভুশংগ) [ভস্ম শব্দের অপভ্রংশে ভসম্—ভসঙ্—ভুসঙ্, ভূসঙ্গ] বি, ভস্ম ; ছাই। প্র—"কোন দিনা মহারাজ ভূসঙ্গ মাখিবে।" —মাণিকচাঁদের গান।

ভুসি ভুসী [ভুষি দ্রঃ] বি, গম দাইল প্রভৃতি শস্যের খোসা। **ভুসি মাল**—অসার বস্তু ; রদ্দি জিনিস।

ভুসুণ্ডী, ভুসণ্ডী (ভুশুন্‌ডি) [ভুশুণ্ডী দ্রঃ] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ। ইহা বাহুত্রয় পরিমাণ লম্বা, বড় বড় গ্রন্থিযুক্ত ও স্থূলকায়। ইহার মুষ্টিদেশ উত্তম, বর্ণ কৃষ্ণ, সর্পের ন্যায় উগ্র-দর্শন এবং ইহা পাতন ও ঘূর্ণন এই উভয় গতি-বিশিষ্ট।

ভূ [ভূ (হওয়া) + ০ (কর্ত্তৃ, ক্বিপ) যে উৎপন্ন হইয়াছিল ; কিম্বা (অধি-ক্বিপ) যাহাতে উৎপন্ন হয়] বি, স্ত্রী, ভূমণ্ডল ; পৃথিবী। ২। পাতাল। ৩। ভূমি। ৪। প্রদেশ ; স্থান। ৫। যজ্ঞাগ্নি। ৬। আধার। **ভূকম্প, কম্পন**—ভূমি-কম্প। **ভূকর্ণ**—বিষুব মণ্ডলের ব্যাসার্দ্ধ। **ভূগর্ভ**—পৃথিবীর অভ্যন্তর। **ভূচক্র**—ভূ-বেষ্টন রেখা। **ভূ-চাল,—চালা,—চালি**—ভূমিকম্প। প্র—"ভূচালার মত"—অ, ম। **ভূচিত্র**—ভূমণ্ডলের মানচিত্র ; map. **ভূ-চ্ছায়া**—পৃথিবীর ছায়া। ২। রাহু। **ভূতত্ত্ব**—পৃথিবীর উৎপত্তি, পরিণতি ও উৎপন্ন জীব এবং বস্তু সম্বন্ধীয় বিজ্ঞান ; geology. **ভূ-তত্ত্ববিৎ**—ভূতত্ত্ব বিদ্যায় পারদর্শী। **ভূতত্ত্ব-বিদ্যা**—যে বিদ্যা দ্বারা ভূমধ্যস্থ যাবতীয় পদার্থের স্বরূপ অবগত হওয়া যায় ; geology. **ভূদেব**—ব্রাহ্মণ। **ভূপতি,—পাল**—রাজা। **ভূবিদ্যা**—ভূপঞ্জর বিদ্যা ; geology. **ভূবলয়**—ভূপরিধি। **ভূবৃত্ত**—নিরক্ষবৃত্ত।

ভূঃ [সং] বি, ভুবন। ২। ভূমি।

ভূঁই [সং—ভূমি হইতে ভুঞ, ভুঞি পরে ভুঁই, (হি—ভূঁই। তুল—ভূঁই-ডোল = ভূমিকম্প)] বি, ক্ষেত ; ক্ষেত্র ; ভূমি। প্র—"উর্দ্ধ চরণে প্রেত নাচিছে বৃক্ষ হেলিছে ভূঁইয়ে" —হেম বন্দ্যো। **ভুঁই আমলা**—ভূম্যা-মলকী। **ভূঁই কদম**—ভূমি কদম্ব। **ভূঁই কম্প**—ভূকম্পন। **ভূঁই কামড়ি**—ভূমিতে বিস্তৃত হয় (বৃক্ষাদিতে উঠে না) এমন লতাবিশেষ। **ভূঁই কুমড়া**—ভূমি কুষ্মাণ্ড নামক কন্দবিশেষ। ২। যে কুমড়া ক্ষেত্রের মাটিতেই থাকে মাচায় হয় না। তুল—ভুঁই শসা। **ভূঁই খেজুর**—এক প্রকার ছোট খেজুর। **ভূঁই চাঁপা**—ভূমিচম্পক গাছ ও ফুল। **ভূঁইচালি**—ভূমিকম্প। **ভুঁইছাতি**—কোঁড়ক। **ভূঁইজাম**—বন-জাম। **ভূঁই দমকা**—ভূমিতে দুপ্‌দাপ্ করিয়া মাটি কাঁপাইয়া যে চলে ; হাতী। **ভূঁইফোড়**—ভূমিভেদী ; পাতাল-ফোড়। ২। নূতন অভ্যুদিত ; অর্ব্বাচীন। ৩। উৎপত্তিহীন।

ভূঁইয়া [সং—ভৌমিক, ভূমিক—সং—ভূমি (ভূঁই) + ইয়া (বাং)। প্রা-বাং-ভুঞা] বি, ভূম্যধিকারী ; জমীদার। ২। ভৌমিক ; সামন্ত রাজা। **বার ভূঁইয়া**—বঙ্গের দ্বাদশ ভৌমিক বা বার জন সামন্ত রাজা।

ভূঁদি [ভোঁদা দ্রঃ] বিণ, স্ত্রী, স্থূলাঙ্গী। ২। স্থূলোদরী।

ভূগোল (ল্) [ভূ (পৃথিবী)—গোল (মণ্ডল)] বি, পুং, পৃথিবীমণ্ডল ; ভূমণ্ডল। **ভূগোল বিদ্যা**—যে বিদ্যা দ্বারা পৃথিবী সম্বন্ধীয় যাবতীয় তত্ত্ব জানা যায়। **ভূগোল বৃত্তান্ত**—ভূপরিচয় ; পৃথিবীর বিবরণ।

ভূচর (র্) [ভূ (ভূমিতে)—চর (যে চরে) (৭তৎ)] বি, স্থলচর জীব। ২। [প্রা—উচ্চারণ বিকারে "ভোচার"। ঈর্ষাজনিত বিদ্রূপার্থে] বিণ, ভূমিতে বিচরণকারী ; স্থল-চর। **ভূচর,—ভোচার কুমীর**—কুমীরের দীর্ঘাকার ভোজনপুষ্ট ব্যক্তি। প্র—খেয়ে খেয়ে ভোচার কুমীর হয়েছে।

ভূঞা [ভৌমিক = ভূমিয় = ভূঁইয়া = ভূঞা] বি, পুং, ভূম্যধিকারী ; ভূস্বামী। ২। ভৌমিক ; সামন্তরাজা। **ভূঞা রাজা**—সামন্ত রাজা। প্র—"যত ভূঞা রাজা মিলে ধরাইল ছাতি" —কবিক। "আপনার নিজ দল অষ্ট শত মল্ল বল ভূঞা রাজা করিল পয়ান।"—কবিক।

ভূত (ত্) [ভূ (হওয়া) + ত (কর্ত্তৃ—ভূত-কালার্থে)] বি, পুং, দেবযোনিবিশেষ। প্র—"শয়তান দিল দাগা ভূতেরে পূজায়।"অ, ম। ২। গণসমূহ ; শিবানুচর। প্র—"ভূত নাচাইয়া পতি ফিরে ঘরে ঘরে।"—অ, ম। ৩। প্রেত। এই অর্থে প্রা-বাং-য় **ভূতা**। প্র—"রাইয়েরে পেয়েছে ভূতায়"—চণ্ডীদাস। ৪। [লক্ষণায়] সকল সদ্‌গুণ বর্জ্জিত ; মূর্খ ; গোঁয়ার ও দুরন্ত। ৫। জীব ; প্রাণী। ৬। তত্ত্ব। ৭। লব্ধ। ৮। অতীত ; গত। ৯। জ্ঞাত। ১০। উপাসিত। ১১। স্বরূপ। স্ত্রী, **ভূতা**—কার্ত্তিক মাসের কৃষ্ণাচতুর্দ্দশী। **ভূতকাল**—অতীত সময়। **ভূতগণ**—শিবানুচর। **ভূতগত**—পঞ্চ ভূতে মিলিত বা প্রবিষ্ট। **ভূতঘ্ন**—ভূত-নাশক। **ভূত চতুর্দ্দশী**—কার্ত্তিকী কৃষ্ণা-চতুর্দ্দশী তিথি। **ভূত ছাড়ান, ভূত ঝাড়ান**—যাহাকে ভূতে ধরিয়াছে মন্ত্রাদির বলে ও প্রহার দ্বারা তাহার দেহ হইতে ভূতাবেশ দূর করা ; এমন প্রহার করা যাহাতে ভূত পলাইয়া যায়। **ভূততত্ত্ব**—পদার্থ বিদ্যা। **ভূতধাত্রী**—পৃথিবী ; ধরিত্রী। **ভূতভর্ত্তা, ভূতভৃৎ**—ভূত পালক। ২। নারায়ণ। **ভূতময়**—পঞ্চভৌতিক। স্ত্রী, ভূতময়ী। **ভূতযজ্ঞ**—জীবে অন্নদানরূপ গৃহস্থের নিত্য কর্ত্তব্য। **ভূত যোনি**—প্রেত জন্ম। **ভূতশুদ্ধি**—পূজাদি কার্য্যে মন্ত্র দ্বারা দেহ শোধন। ২। জ্ঞান ; চৈতন্য। প্র—"ভূতগণে দেখিয়া উড়িল ভূত-শুদ্ধি।"—অ,ম। **ভূতসঞ্চার**—ভূতাবেশ।

ভূতাবাস—শরীর ; কায়া। ভূতাবিষ্ট—ভূতাশ্রিত ; ভূতগ্রস্ত। বি. ভূতাবেশ। ভূতেশ—ভূতের ঈশ্বর ; শিব। ভূতোপহত—ভূত দ্বারা উপহত বা আক্রান্ত ; ভূতাবিষ্ট। ভূত নাচা—শিবানুচরগণের নৃত্য। ২। [লক্ষণায়] দৌরাত্ম্য করা ; উপদ্রব করা ; লাফালাফি করা। ভূতনাথ—শিব। ২। বটুক ভৈরব। ভূত নাবান—মন্ত্রবলে ভূতের বা প্রেতাত্মার আবির্ভাব করান। প্র—"রোজাগিরি কর্ম্ম, ভূতনাবান"—টেকচাঁদ। ভূতনায়িকা—পিশাচাদির নায়িকা ; দুর্গা। ভূতপক্ষ—কৃষ্ণ পক্ষ। ভূতপতি—শিব। ভূত-প্রেত—পিশাচাদি। ভূত-পূর্ব্ব—পূর্ব্বে যাহা গত হইয়াছে ; পূর্ব্ববর্ত্তী। ভূতবলি, ভূতযজ্ঞ—জীবে অন্নদান। ভূত ভাগান—ভূত ছাড়ান দ্রঃ। ২। প্রহার করা। ভূতে ধরা—ভূতাবেশ হওয়া ; প্রেতাত্মা দ্বারা আক্রান্ত হওয়া। ভূতে পাওয়া—ভূতে ধরা দ্রঃ। ভূতের ওঝা বা রোজা—মন্ত্রাদি বলে ভূতকে দূরীভূত করে যে বৈদ্য। ভূতের বেগার—উপার্জ্জন বা লভ্যহীন কঠোর পরিশ্রমের কার্য্য। ভূতের বোঝা—পঞ্চভূতের বোঝা ; দেহভার। ভূতের বোঝা বহে মরা—কোন গুরু ভার অনর্থক বহন করা। ২। বৃথা দেহ ধারণ করা। ভূতের বাপের শ্রাদ্ধ—অত্যন্ত বিশৃঙ্খলা। ঘাড়ে ভূত চাপা—দুষ্ট বুদ্ধি মাথায় প্রবেশ করা ; কুমৎলব হওয়া। ভূত ভূত—ভূতের মত ; কাল কাল।

ভূতভাবন (ভূত্‌ভাবন্‌) [ভূত—ভূ+ণিচ্‌=ভাবি (হওয়ান)+অন (কর্ত্তৃ, অনট্‌)] বি. পুং. ভূত স্রষ্টা ; সৃষ্টিকর্ত্তা। ২। শিব।

ভূতল (ল্‌) [ভূ—তল (নিম্ন)] বি. ক্লী. ভূগর্ভ ; পাতাল। ২। পৃথ্বীতল ; ভূপৃষ্ঠ। ভূতল শয়ন—ভূমি শয্যা। ভূতলশায়ী—ধরাশায়ী ; ভূমি শয্যায় শয়ান।

ভূতলে (ভূ্‌তোলে) [ভূত+ৱালে (হি—ৱালা—তুল. ভূতনিওয়ালা)] বিণ. ভৌতিকগুণবিশিষ্ট ; ভূতুড়ে ; মায়াবী। প্র—"লম্পট ভূতলে বেটা করে দেখ তোরা।"—ঘনরাম। ২। ক্রি-বিণ. ভূপৃষ্ঠে।

ভূতাত্মা (ভূতাৎত্তাঁ) [ভূত (পৃথিব্যাদি) আত্মন্‌ (স্বরূপ) যাহার (বহ) ভূতাত্মা, ১মা, ১ব] বি. পুং. শরীর ; দেহ। ২। প্রেতাত্মা ; প্রেত।

ভূতার্ত্ত [ভূত দ্বারা—আর্ত্ত (পীড়িত) ৩তৎ] বিণ. ভূতাশ্রিত ; ভূতাবিষ্ট।

ভূতার্থ [ভূত (সত্য) যে অর্থ—কর্ম্মধা] বিণ. বাস্তব ; সত্য ; যথার্থ। ২। অকৃত্রিম।

ভূতি [ভূ (হওয়া)+তি (করণে—ক্তি)] বি. স্ত্রী. মহাদেবের মহিমা, অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, ঈশিতা, বশিতা, ও কামাবশায়িতা নামক অষ্টৈশ্বর্য্য। ২। মঙ্গল। ৩। উৎপত্তি। ৪। উৎকর্ষ। ৫। সিদ্ধি। ৬। বিভূতি। ৭। ভূতৃণ। ৮। বৈশ্যজাতির উপাধি।

ভূতুড়িয়া, ভূতুড়ে [প্রাদে] বি. ভূতের ওঝা। ২। যাহারা সকল সময় ভূত লইয়া থাকে। প্র—"সাপুড়ের ভূতুড়ের কপালে পড়িলে।"—অ, ম।

ভূধর (র্‌) [ভূ—ধর (যে ধরে) উপপদ] বি, পুং. বটুকভৈরব। ২। শেষনাগ ; অনন্ত। ৩। আয়ুর্ব্বেদোক্ত মন্ত্রবিশেষ। ৪। পর্ব্বত। প্র—"কৈলাস ভূধর অতি মনোহর"—অ, ম।

ভূপ [ভূ—প (পা=পালন করা +অ—কর্ত্তৃ, ড) যে পৃথিবীপালন করে] বি. পুং. ভূপাল ; রাজা।

ভূভারত (ত্‌) [ভূ (ভূমি) ভারত (ভারতবর্ষ)] বি. ভারতভূমি ; সমগ্র ভারতবর্ষ। ২। পৃথিবী। ৩। কোথাও ; কুত্রাপি। প্র—এমন অদ্ভুত লোক ভূভারতে মিলে না।

ভূভুখ (খ্‌) [সং—ভূভুক্‌—ভূভুখ] বি, পুং. রাজা ; ভূপতি। প্র—"জরাসন্ধ কারাগারে কতেক ভূভুখ।"—ঘনরাম।

ভূভৃৎ [ভূ—ভৃ (পোষণে)+(কর্ত্তৃ ক্বিপ) ৎ আগম] বি, পুং. ভূপাল ; রাজা। ২। পর্ব্বত।

ভূম (ম্‌) বি. প্রদেশ। প্র—বীরভূম, সিংহভূম। ২। ভূমি। ৩। ক্ষেত্র ; তল। প্র—সমভূম।

ভূমণ্ডল (ভূমোন্‌ডল্‌) বি. জগৎ ; পৃথিবী। প্র—"কর্ম্মভূমি ভূমণ্ডল ত্রিভুবনে সার।"—অ, ম। ২। ভূগোল।

ভূমা [ভূ (বহুশব্দজ)+(ইমন্‌)=ভূমন্‌, ১মা, ১ব] বি. পুং. বিরাট পুরুষ ; সর্ব্বব্যাপী ভগবান ; পরমাত্মা। প্র—"সকলের বড় তুমি অনন্ত ভূমা মহান্‌"—ব্রহ্মসঙ্গীত। ২। বহুত্ব ; প্রাচুর্য্য। ৩। বিণ. বহুল ; প্রচুর ; অধিক। ভূমানন্দ—অতিমাত্র আনন্দ ; অত্যন্ত হর্ষ

ভূমি, ভূমী [ভূ (হওয়া)+মি (অধি—মিক্‌) উৎপন্ন হয় যেথানে। ঈপ্‌] বি. স্ত্রী. ক্ষেত্র। ২। পৃথিবী ; ক্ষিতি। প্র—"কেন দিলা নিদারুণ শাপ। ভূমে গেলে বাড়িবেক পাপ।" "এই বারাণসী পুরী করিয়াছ তুমি। ইহার পরশ পুণ্যে ধন্য হৈল ভূমি!"—অ, ম। ৩। আধার। ৪। বাসস্থান। ৫। খনি ; আকর। ৬। যোগীদিগের অবস্থাবিশেষ। ভূমিকম্প—ভূকম্পন। ভূমিকুষ্মাণ্ড—ভূঁইকুমড়া। ভূমিচম্পক—ভুইচাঁপা ফুল। ভূমিজম্বু—বনজাম। ভূমিজীবী—কৃষক। ২। বৈশ্য। ভূমিপতি—রাজা। ভূমিপাল—নৃপতি। ভূমিতল—ধরাপৃষ্ঠ। ভূমিদেব—ভূদেবতা। ২। ব্রাহ্মণ। ভূমিধর—পর্ব্বত। ভূমিরুহ—বৃক্ষ। ত—ভূপতিত। ভূমিশয্যা—ধরাশয্যা। ভূমিশায়ী—ভূতলে শয়নকারী। ভূমিসাৎ—সমভূম ; ভূপাতিত। ভূমিসম্পত্তি—স্থাবর সম্পত্তি।

ভূমিকা [ভূমি (স্থান)+ক (স্বার্থে)—আপ, স্ত্রী] বি. স্ত্রী. পত্তন। ২। বক্তব্যবিষয়ের সূচনা ; অবতরণিকা ; গ্রন্থের আভাস। ৩। রচনা। ৪। [দর্শনে] চিত্তের অবস্থাবিশেষ। ৫। সাজকরণ ; রূপান্তর পরিগ্রহ।

ভূমিজ (জ্‌) [ভূমি (পৃথিবী) জন্‌ (জন্মান) +অ (কর্ত্তৃ—ড) ভূমি হইতে জাত (৫তৎ)] বি. পুং. মঙ্গল গ্রহ। ২। নরকাসুর। ৩। ভূমি হইতে উৎপন্ন ; ভূমিজাত। ৪। ক্ষেত্রজাত। স্ত্রী. ভূমিজা—ধরণীসুতা ; সীতা।

ভূমিপ (প্‌) [ভূমি—প (পা—পালন করা) +অ (কর্ত্তৃ, ড) যে পালন করে (উপপদ)] বি. পুং. রাজা ; নৃপ। ২। জমিদার।

ভূমিষ্ঠ [ভূমি—ষ্ঠ (স্থা—থাকা)+অ (কর্ত্তৃ, ড) যে ভূমিতে থাকে—৭তৎ। বাং·প্রাকৃ—ভূমিসৃটি। প্র—"ভূমিসৃটি হইআ তিনি তপিস্‌স্থাঅ গেল।"—শূ·পু] বিণ. জাত। ২। ভূমিতে অবস্থিত। ৩। প্রণত।

ভূমীন্দ্র [ভূমির (পৃথিবীর) ইন্দ্র (প্রধান)—৬তৎ] বি. পুং. ভূপতি।

ভূম্যধিকারী [ভূমি+অধিকারী] বি. ভূস্বামী ; জমীদার।

ভূয়ঃ [বহু+ঈয় (অত্যর্থে—ঈয়সু) বহুস্থানে ভূ, ঈ—লোপ=ভূয়স্‌, ১মা, ১ব] বি. ক্লী. আধিক্য ; বাহুল্য। ২। অ. বারংবার ; পুনঃপুনঃ ; প্রচুর।

ভূয়সী (ভুয়োশি) [সং] বিণ. স্ত্রী. পুনঃপুনঃ ; প্রচুর। প্র—"তিনি শুনিয়া ভূয়সী প্রশংসা করিলেন"—বিদ্যাসাগর। ২। ভূয়োভুয়ঃ। পুং. ভূয়ান।

ভূয়া, ভূয়ো, ভো [ভুও দ্রঃ] বিণ. শূন্য ; ফোঁপরা। ২। অমূলক। ৩। জরজর ; ঝাঁঝরা। প্র—"ভাবিতে শরীর শেষ শোকে হলাম ভুয়া।"—ঘনরাম।

[বহু(=ভূয়)+ইষ্ঠ (অত্যর্থে)] বিণ. বহুল।

ভূয়োভূয়ঃ [ভূয়ঃ+ভূয়ঃ (আধিক্যার্থে দ্বিত্ব)] অ. পুনঃপুনঃ ; বারবার।

ভূর (র্) [প্রাদে। ভুর দ্রঃ] বি, অহঙ্কার ; গর্ব্ব ; জাঁক।

ভূরি [প্রভূতং প্রচুরং প্রাজ্যমদভ্রং বহুলং বহু। পুরুহং পুরু ভূয়িষ্ঠং স্ফিরং ভূয়শ্চ ভূরি চ।"— অমর] অ, অনেক ; প্রচুর ; বহু। প্র— "নৈবেদ্য দিয়া ভূরি মাতৃকা পূজা করি দিলেন বসুধারা দান।"—কবিক। ২। বি, স্বর্ণ। ভূরিগন্ধা—মুরা নামক গন্ধদ্রব্য। ভূরি-ভোজন—গুরুতর আহার। ২। বহু লোককে ভোজন দান।

ভূরিমায় (য়্) [ভূরি (প্রচুর) মায়া (কপটতা, শঠতা) যাহার (বহু)] বি, পুং, শৃগাল। ইহা হইতে বাং-য়—"ভুঁড়ো শেয়াল।"

ভূরিশঃ [ভূরি + শস্ (বারার্থে) = ভূরিশস্ ১মা, ১ব। আধু বাং-য় বিরল] অ, ক্রি-বিণ, বহুবার। ২। ভূরিভূরি ; বহুলরূপে ; প্রচুররূপে।

ভূরিশ্রবাঃ (ভুরিসস্রোবা) [ভূরিশ্রবস্ ১ম, ১ব] বি, পুং, চন্দ্রবংশীয় রাজা সোমদত্তের পুত্র।

ভূরুণ্ডী—বি, স্ত্রী, হাতিশুঁড়া গাছ

ভূর্জ্জ ["ভূর্জ্জে চর্ম্মিমৃদুত্বচৌ"—অমর] বি, কোমল চর্ম্মবৎ ত্বক্‌বৃক্ষবিশেষ ; the birch. ভূর্জ্জপত্র [গ্রা—ভুজ্জিপত্তর] বি, ভূর্জ্জ-বৃক্ষের বল্কল ; ভোজপত্র। এই বল্কল কোমল চর্ম্মবৎ বলিয়া ইহা সংস্কৃতে মৃচর্ম্মা, মৃদুচর্ম্মা ও চর্ম্মদ্রুম নামে প্রসিদ্ধ। পূর্ব্বকালে ইহা কাগজের অভাব দূর করিত।

ভূলিঙ্গ, ভূলিঙ্গশকুনি (শো) বি, পুং, পার্ব্বত্য পক্ষিবিশেষ। প্র—"ভূলিঙ্গ বলিয়া পক্ষী হিমাদ্রিতে থাকে।"—কাশী, মহা।

ভূর্লোক (ক্) [ভূর্ (পৃথিবী) লোক (ভুবন)] বি, পুং, ভূলোক ; ক্ষিতি ; ধরিত্রী ; মর্ত্ত্যলোক। ২। ভারতবর্ষ এবং ভারত-সমুদ্র-গর্ভস্থ দ্বীপসমূহ ; লোক দ্রঃ।

ভূষ (ষ্) [ভস্ম হইতে ভুস দ্রঃ। উচ্চারণে স = ষ] বিণ, বিনষ্ট ; বৃথা। প্র—"ভাগ্যের সম্মান হ'লে আমার পৌরুষ। জানি কিন্তু না কহিলে সকলি হয় ভূষ।"—ঘনরাম।

ভূষণ (ন্) [ভূষ্ (অলঙ্কৃত করা) + অন (করণে—অনট্) যদ্দ্বারা অলঙ্কৃত করা হয়] বি, ক্লী, আভরণ ; অলঙ্কার ; গহনা। ২। শোভা। ভূষণপ্রিয়—যে আভরণ ভাল-বাসে। বি, ভূষণপ্রিয়তা।

ণ্ডী—ভুসুণ্ডী দ্রঃ।

ভূষা [ভূষ্ (ভূষিত করা) ধাতু। উ-পু—ভূষি। ম-পু—ভূষ। প্র-পু—ভূষে। অস-ক্রি—ভূষিতে ; ভূষিয়া] ক্রি, ভূষিত করা ; মণ্ডন করা। প্র—"আপনা খাইনু সোণা যে কিনিনু ভূষণে ভূষিতে দেহ।"—চণ্ডীদাস।

ভূষা [ভূষ্ (অলঙ্কৃত করা) + অ (করণে—অঙ্)] বি, স্ত্রী, অলঙ্কার। ২। সজ্জা। ৩। শোভা। বিণ, ভূষিত। ভূষাবতী—অলঙ্কৃতা। প্র—"ত্রিভুবনে এক ধন্যা রামে দিলা সীতা কন্যা কিঙ্কিণী কনক ভূষাবতী।"—কবিক। বিণ, ভূষ্য—অলঙ্করণীয় ; ভূষণীয়।

ভূস্বর্গ (ভুশ্‌শর্‌গ) [ভূ (পৃথিবী)—স্বর্গ (পৃথিবীর উপরিস্থ স্বর্গ)] বি, পুং, উত্তরমেরু ; সুমেরু পর্ব্বত। ২। পৃথিবীর মধ্যে উৎকৃষ্ট স্থান। [দ্রঃ—ভারতবর্ষে কাশ্মীর দেশ ভূস্বর্গ বলিয়া প্রসিদ্ধ]।

ভূস্বামী (ভুশ্‌শামী) [ভূ (ভূমির, পৃথিবীর) স্বামিন্ (ভূপতি) ৬তৎ = ভূস্বামিন্ ১মা, ১ব] বি, পুং, ভূম্যধিকারী। স্ত্রী, ভূস্বামিনী।

ভৃকুটি,—টী [ভ্রূ—কুট্ (কুটিল হওয়া) + ই (কর্ত্তৃ) ভ্রূ = ভৃ] বি, স্ত্রী, ভ্রূভঙ্গি।

ভৃগু—বি, পুং, ব্রহ্মার পুত্র স্বনামখ্যাত মুনি-বিশেষ। ২। শিব। ৩। বংশবিশেষ। ৪। পরশুরাম। ৫। অতি উচ্চস্থান। ৬। পর্ব্বতের উপরিস্থ সমতল ভূমি ; সানুদেশ। ৮। প্রপাত। ভৃগুপতি—ভৃগুবংশশ্রেষ্ঠ ; পরশুরাম ; ভার্গব। ভৃগুমান—পর্ব্বতাদির ঢালুদেশ-বিশিষ্ট ; সানুমান ; steepy. ভৃগুসুত—শুক্রাচার্য্য। ২। পরশুরাম।

ভৃঙ্গ [ভৃ (পোষণে) + গ (কর্ত্তৃ—গক্) ন আগম] বি, পুং, ভ্রমর। ২। ফিঙাপাখী। ৩। লম্পট। ৪। বৃক্ষবিশেষ। ভৃঙ্গপ্রিয়া—মাধবীলতা। ভৃঙ্গরোল—ভীমরুল।

ভৃঙ্গরাজ (জ্) [ভৃঙ্গ (ভ্রমর) রাজ্ (দীপ্তি পাওয়া) + অ (কর্ত্তৃ—অন্)] বি, পুং, ভ্রমর-শ্রেষ্ঠ। ২। ভীমরাজ পাখী ; ইহারা ফিঙ্গা-জাতীয় কিন্তু দীর্ঘাকার ও ঘোর নীলবর্ণ। ৩। যজ্ঞবিশেষ। ৪। [বৈদ্যকে] ভৃঙ্গার-শাক নামক রাসায়ন শাকবিশেষ। ইহা কেশ-বর্দ্ধক ও কেশের হিতকর বলিয়া সং-তে ইহার নামান্তর—কেশরাজ, কেশরঞ্জন, কেশ্য, কুন্তল-বর্দ্ধন ; wedelia calendulacea.

ভৃঙ্গার (র্) [ভৃ (ধারণ করা) + আর (অধি—আরক) যাহাতে জল রাখা হয়] বি, পুং, জলপাত্রবিশেষ ; ঝারি · গাড়ু। ২। অভিষেকপাত্র। প্র—"সকল মানস মানি আনি ভৃঙ্গারের পানি মলা দূর করে রম্ভাবতী।"—কবিক। ৩। ভৃঙ্গরাজ।

(ভৃংগী) [ভৃঙ্গ + ইন্ (তৎ সদৃশ বর্ণ বিদ্যমান অর্থে) ভৃঙ্গিন্ ১মা, ১ব] বি, পুং, ভৃঙ্গবৎ কৃষ্ণবর্ণ স্বনামপ্রসিদ্ধ শিবানুচর।

ভৃতি [ভৃ (ভরণে) + তি (করণে)] বি, বেতন। ২। পূর্ণতা। ৩। ভরণ ; পোষণ। ৪। মূলধন। ৫। [প্রা-বাং-য়] ভৃত্য। প্র—"কহে আমি তব ভৃতি, করিব বহুল স্তুতি"—শিবায়ন। বিণ, ভৃত—পুষ্ট। ২। ভরা ; পূর্ণ। ভৃতক—বেতনভুক্। ২। ভৃত্য। ভৃতিজীবী, ভৃতিভুক্—বেতনগ্রাহী ; বৃত্তিভুক্।

ভৃত্য [ভৃ (পোষণ করা) + য (কর্ম্মে—ক্যপ্)] বি, পুং, প্রতিপাল্য। ২। দাস ; চাকর ; নফর। ৩। ভৃতি ; বেতন। স্ত্রী, ভৃত্যা—পরিচারিকা ; দাসী।

ভৃমি [ভ্রম্ (ভ্রমণ করা, ঘোরা) + ই (কর্ত্তৃ) র = ঋ। গ্রা—ভিরমি] বি, পুং, আবর্ত্ত ; জলের পাক। ২। ভ্রমি ; ঘূর্ণা। ৩। ঘূর্ণাবায়ু।

ভৃশ [ভৃশ্ (ভ্রংশ হওয়া) + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে —ক)] বিণ, বহুল। ২। সাতিশয় ; অত্যন্ত। ২। পুনঃপুনঃ ; বারবার।

ভৃষ্ট [ভ্রস্জ্ (ভাজা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ভর্জ্জিত ; তৈল ঘৃতাদি স্নেহ পদার্থে অথবা তপ্ত বালিতে ভাজা। বি, ভৃষ্টি। ভৃষ্টান্ন—মুড়ি।

ভেউ ভেউ—বি, কুকুরের ডাক। ২। উচ্চৈঃস্বরে ক্রন্দন।

ভেউর, ভেঁউড় (র, ড়্) [ভেরী হইতে] বি, বৃহৎ বংশীবিশেষ ; ভেরী। প্র—"ভেউর মৃদঙ্গ বাজে পটহ মঙ্গল।"—মহা (বিজয়)। "করতাল ভেঁউড় মুর্দ্দল বাজে ঠাঞি ঠাঞি।"—মাণিকচাঁদের গান।

ভেঁ-ভেঁ (ভ্যাঁ ভ্যাঁ) [শব্দাত্মক] বি, ক্রন্দন-শব্দ। ভেঁভেঁয়ানি (ভ্যাঁভ্যাঁআনি) [ভেঁ + ভেঁ (ক্রমাগত অর্থে দ্বিত্ব) + আনি (করণার্থে)] বি, ক্রন্দন। ক্রি, ভেঁভেঁয়ান।

ভেঁপু [হি—ভেঁপ্। শব্দাত্মক] বি, বাঁশী।

ভেঁয়ান (ন্) [ভিঁয়ান দ্রঃ] বি, মিষ্টান্নাদি প্রস্তুত করণ ; মিষ্টান্নের পাক। প্র—"ঘোড়শ গড়িবার শব্দ, ভেঁয়ানের গন্ধ, বোলতা মাছির ভনভনানি।"—টেকচাঁদ।

ভেক (ক্) [ভী (ভীত হওয়া) + ক (কর্ত্তৃ)] বি, পুং, মণ্ডূক ; বেঙ। প্র—"ভেক ভাগ্যে কেবল চীৎকার।"—পদ্মিনী উপাখ্যান। স্ত্রী, ভেকী।

ভেক, ভেখ (ক্) [বেশ অপভ্রংশে হি-তে—ভেষ = ভেক (ষ = ক, খ)] বি, বেশ ; পরিচ্ছদ। প্র—"ত্যজিয়া আপন ভেক"—শূ-পু। ২। ছদ্মবেশ। ৩। বৈষ্ণবের বেশ। ৪। ভোল ; ঢং। ভেকধারী—ছদ্মবেশী। ২। বৈষ্ণবের বেশধারী ; ভণ্ড বৈষ্ণব। ভেকাসন—রুদ্রযামলোক্ত যোগাসন।

ভেকট,—কুট (ট্) [সং—বেকট] বি, ভেট্‌কি মাছ। প্র—"কাতলা ভেকুট কই"—অ, ম।

ভেকা, ভেকো (ভ্যাকা) [ভেক+আ, উয়া] বিণ, হতভম্ব ; কিংকর্ত্তব্য-বিমূঢ়। প্র—"তাঁকে একটু ভেকাপানা দেখিয়া"—বঙ্কিম। "বাবুজী ভয়েতে ভেকো"—হেম বন্দ্যো। ক্রি, **ভেকান** (নো) হতভম্ব হওয়া বা করা।

ভেঙান, ভেঙ্গান (নো) [ভঙ্গি+আন (করা অর্থে) । উ-পু—ভেঙ্গাই। ম-পু—ভেঙ্গাও। প্র-পু—ভেঙ্গায়। অস-ক্রি—ভেঙ্গাইতে ; ভেঙ্গাইয়া, ভেঙ্গিয়ে] ক্রি, মুখভঙ্গী করা ; ভেঙ্গচান। প্র—"কমলমণির বড় রাগ হইল। সে ভ্রূকুটী করিল, শ্রীশকে ভেঙ্গাইল।"—বিষবৃক্ষ। বি, **ভেঙানি, ভেঙ্গানি**।

ভেজা [ভিজা দ্রঃ] বিণ, সিক্ত ; আর্দ্র। প্র—"শিশির ভেজা ঘাসে ঘাসে।"—রবি। ২। ক্রি, সিক্ত হওয়া ; আর্দ্র হওয়া।

ভেজান (নো) [ভিজান দ্রঃ। ভেজা ধাতুর ণিজন্তরূপ। উ-পু—ভেজাই। ম,পু—ভেজাও। প্র-পু—ভেজায়। অস-ক্রি—ভেজাইতে ; ভেজাইয়া ; ভেজিয়ে] ক্রি, আর্দ্র করা ; সিক্ত করা ; ভিজান ; ভিজাইয়া দেওয়া।

ভেজান (নো) [হি—ভেজ্‌না (পাঠান)। (২) ভিড়ানা (মিলান) হইতে] ক্রি, প্রেরণ করা। ২। সংলগ্ন করা ; লাগান ; স্পর্শ করান। প্র—"অনল ভেজায়ে কুণ্ডে বেড়ে চারি সতী।"—ঘনরাম। বিধির বিধানে হাম আনল ভেজাই।"—চণ্ডী। "মন্ত্র পড়ি ফুঁক দিয়া মাটিতে ভেজায়।"—অ-ম। ২। বাধান। প্র—"দূরে গেলা কন্দল ভেজাইয়া।"—কবিক। ৪। মিলান ; বন্ধ করা ; ঠেসাইয়া দেওয়া। প্র—"দোয়ার ভেজাইয়া দাঁড়া।"—টেকচাঁদ।

ভেট (ট্) [মেল—হইতে, ভ=ম, ট=ড=ল] বি, উপঢৌকন ; নজরানা ; সওগাদ। প্র—"সেই মৎস্য জালিয়া ধরিয়া লবে জালে। ভেট লয়ে দিবেক শম্বর মহীপালে॥"—কবিক। "ঘৃত মধু ক্ষীর দধি ভেট পাহ নিরবধি।"—ঐ। ২। সাক্ষাৎ। ৩। মিলন। প্র—"বালা শৈশব তারুণ ভেট লখই না পারিয়ে জ্যেঠ কনেঠ।' —বিদ্যাপতি।

ভেটা (ভাঁটা দ্রঃ) বি, ভাঁটা ; ক্রীড়াকন্দুক। প্র—"কালি গড়ায়্যা দিব সোণার ভেটা।"—কবিক। "সুবর্ণের ভেটা লঞা শিশুগণ খেলে"—শীতলামঙ্গল।

ভেটা [ভেট দ্রঃ। উ-পু—ভেটি। ম-পু—ভেট। প্রপু—ভেটে। অস-ক্রি—ভেটিতে, ভেটিয়া, ভেটি। ণিজন্ত—ভেটান] ক্রি, মিলিত হওয়া। প্র—"যশোদা মন্দিরে যাইব সত্বরে, ভেটিব নাগর কান।"—চণ্ডী। ২। সাক্ষাৎ করা। প্র—"কি ভাবে আজি ভেটিব ভবেশে।"—মেঘনাদ। ৩। দর্শন করা। প্র—"আনন্দে ভেটহ গিআ পরভু নিরঞ্জনে।"—শূ, পু। ৪। ভেট পাঠান ; উপঢৌকন দেওয়া। প্র—"পঞ্চ শ্লোক ভেটিলাম রাজা গৌড়েশ্বরে"—কৃত্তিবাস।

ভেটেরা [হি—ভাটিয়ারা হইতে] বি, সরাই-রক্ষক। **ভেটেরাখানা**—বি, চটি ; সরাই।

ভেটেল (ল) [ভাটিয়াল। ভাটা দ্রঃ] বিণ, ভাটার মুখে যে নৌকা যায়। প্র—"ভেটেল পান্‌সি হইলে অল্প ভাড়ায় হইত।"—টেকচাঁদ।

ভেড়, ভেড়া (ড়) [ভীরু হইতে মেষের ভেড়া (ভীরুআ) নাম] বি, পুং, পশুবিশেষ ; মেষ। স্ত্রী, **ভেড়ী**। **ভেড়াকান্ত**—ভেড়ার পালের গোদা। তাহা হইতে বোকারাম ; পরের বুদ্ধিতে চালিত ব্যক্তির অগ্রগণ্য।

ভেড়ুয়া [ভেড় (দ্রঃ) + উয়া = ভেড়ুয়া (ভীরুআ) সংক্ষেপে ভেড়ো] বি, ভীরু মেষের প্রকৃতিযুক্ত পুরুষ ; কাপুরুষ ; স্ত্রৈণ ; স্ত্রীর বশীভূত ও স্ত্রীর কুপরামর্শে চালিত। ২। [হি—ভড়ুয়া] বেশ্যার দালাল ; কোট্‌না ; বেশ্যার উপার্জ্জিত অর্থে প্রতিপালিত।

ভেড়ে [ভেড়া (দ্রঃ)—ইয়া = ভেড়িয়া—ভেড়াপ্রকৃতি—ভেড়ার মত পরের বুদ্ধিতে বা আদর্শে চালিত এবং ভেড়ার ন্যায় ভীরু] বি, মূঢ় ; বোকা। ২। [ভেড়ুয়া সংক্ষেপে ভেড়ে] গালিবিশেষ ; স্ত্রৈণ ; স্ত্রীর বশীভূত যে মূঢ় ; কাপুরুষ। প্র—"কিন্তু কিছু যে জানিনে, বলে কোন্ ভেড়ে।"—রজনীসেন। **ভেড়ের ভেড়ে**—ভেড়ের প্রধান ; অত্যন্ত কাপুরুষ। প্র—"কোথা হৈতে কাল আইলি তুই ভেড়ের ভেড়ে"—মনসামঙ্গল (কেতকা)।

ভেতো [ভাত+উয়া] বিণ, অন্নপ্রিয় ; অন্নগত প্রাণ। প্র—"ভাত বিনে বাঁচিনে আমরা ভেতো বাঙ্গালী।"—ঈশ্বর গুপ্ত।

ভেদ [ভিদ্ (ভেদ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, ছেদন। ২। বৈলক্ষণ্য। ৩। বিভাগ। ৪। বিদারণ। প্র—"কি কহব খেদ ; ভেদ জন্মু অন্তর"—বি, প। ৫। ভঙ্গ। ৬। অনৈক্য ; বিচ্ছেদ। ৭। মনোভঙ্গ। ৮। শত্রুবশীকরণ-উপায়বিশেষ। ৯। বেধন। ১০। উন্মেষ ; প্রকাশ। ১১। রেচন ; উদরভঙ্গ। ১২। বিশেষ ; ভিন্নতা। প্র—"প্রভেদ হইয়া ভেদ প্রকাশিয়া একি করে চরাচরে।"—অ, ম। ১৩। অন্যোন্যাভাব। ১৪। রহস্য ; ভিতরের কথা। প্র—"দেখিয়া শিবের খেদ লক্ষ্মী কয়ে দিলা ভেদ"—অ-ম। বিণ, **ভেদী**। **ভেদজ্ঞান, ভেদবুদ্ধি**—স্বাতন্ত্র্য বোধ ; অনাত্মীয় ভাব। **ভেদপ্রত্যয়**—ঈশ্বর হইতে জাগতিক পদার্থ সমূহের পৃথক্ জ্ঞান।

ভেদক (ক্) [ভিদ্+অক (কর্ত্তৃ)] বিণ, পৃথক্‌কারক ; ভেদকারক। ২। বিদারণকারী। ৩। বিরেচক ঔষধ।

ভেদা, ভ্যাদা—বি, মৎস্যবিশেষ।

ভেদা [ভেদ (দ্রঃ) + আ (ক্রিয়ায়)। উ-পু—ভেদি। ম-পু—ভেদ। প্র-পু—ভেদে। অস-ক্রি—ভেদিতে ; ভেদিয়া। ণিজন্ত—ভেদান] ক্রি, ভেদ করা ; বিদীর্ণ করা। বি, **ভেদন**। বিণ, **ভেদিত**।

ভেদ্য [ভিদ্+য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, ভেদনীয়। ২। বিদারণযোগ্য। ৩। বিভাগযোগ্য। ৪। পৃথক্‌করণোপযোগী ; বিশেষণীয়।

ভেপসা (ভ্যাপ্‌শা) [ভেপ (ভাপ) + সা (সাদৃশ্যে)] বিণ, ভাপসা দ্রঃ।

ভেবা, ভ্যাবা [হাবা দ্রঃ] বিণ, হাবলা ; বোকা। **ভেবা, ভ্যাবা গঙ্গারাম**—হাবা বোকা ; হতভম্ব। **ভেবা, ভ্যাবা চাকা লাগা**—কিংকর্ত্তব্য-বিমূঢ় হওয়া।

ভেরণগাছ (ন্) বি, ভেরেণ্ডাগাছ। প্র—"তবে কি 'ভেরণ'গাছে অত পাতা উঠিয়াছে।"—গোবিন্দদাস (কুঙ্কুম)।

ভেরি, ভেরী [শব্দাত্মক] বি, স্ত্রী, ঢাক ; পটহ। প্র—বাজএ রণশিঙ্গা থমক ভেরি" —শূ-পু। "রণজয় ভেরী বাজেরে"—অ, ম।

ভেরেণ্ডা (ভ্যা) [এরণ্ড শব্দজ] বি, পুং, এরণ্ডগাছ ; রেড়িগাছ।

ভেল, ভেলা [সং—ভূ ধাতু হইতে ব্রজ—ভয়ল, ভইল, ভৈল, ভেল, ভেলা, স্ত্রীপক্ষে—ভেলি] ক্রি, হইল। প্র—"সকলি গরল ভেল।" নয়ন না তিরপিত ভেল।"—চণ্ডীদাস। "ধনি মন্দির বাহির ভেলি।"—বি, প।

ভেলক (ক্) [ভেল+ক] বি, পুং, ক্লী, ভেলা ; উড়ুপ।

ভেল-ভেল [ভ্যাল্‌ভ্যাল্) [প্রাদে—রূপান্তর ফেল্‌ফেল্] বিণ, ফেল ফেল ; শূন্যদৃষ্টি। প্র—"বীরগণ চায় ভেলভেল।"—কবিক।

ভেলা (ভ্যা) [ভেলক দ্রঃ] বি, উড়ুপ। প্র—"সংসারসাগর ভেলা।"—অ-ম। "অকূলের ভেলা"—গান। ২। মুনিবিশেষ।

ভেলি [প্রাদে] বি, গুড়বিশেষ ; ডেলাগুড় ; খাঁড়। ২। আলি ; মাটির দাঁড়া।

ভেল্কি, ভেল্‌কী [ভুল বা ভ্রম—কৃতি হইতে ভুলকি, ক্রমে ভেল্‌কি—যাহা ভ্রান্তি জন্মায়] বি, ইন্দ্রজাল ; যাদু। প্র—"নিতাই কি ভেল্কি জানে, নিতাই কি যাদু জানে ; শুকন কাঠে ফল ধরালে ফুল ফুটালে পাষাণে।" —গান। ২। ধোঁকা। প্র—"কোটালে ভাঁড়ুর বোলে লাগিল ভেল্‌কী।"—কবিক।

ভেল্কিবাজি—ইন্দ্রজাল। প্র—"ভেল্কি-বাজি"—হেম বন্দ্যো।

ভেষজ (জ্) [ভেষ্ (ভয় পাওয়া) জি (জয় করা) লোকে যাহা হইতে ভয় পায় অর্থাৎ পীড়া, তাহাকে জয় করে যে] বি, স্ত্রী, ঔষধ; রোগনাশক গাছ গাছড়া। ভেষজাঙ্গ—ঔষধের অনুপান।

ভেস্তা (ভ্যাস্তা) [সং—ভ্রষ্ট হইতে] বিণ, বিপর্য্যস্ত; মিশ্রিত। ২। নষ্ট। প্র—"সাত নকলে আসল ভেস্তা।"

ভৈ [ভূ ধাতুজ। ব্রজ] অস-ক্রি, হইয়া। প্র—"ভৈ গেল পীন।"—বি-প। ভৈল—হইল।

ভৈক্ষ, ভৈক্ষ্য (ভৈক্খ) [ভিক্ষা+অ (কৃতার্থে—অণ্)] বি, চতুর্থাশ্রম; সন্ন্যাসাশ্রম। প্র—"মহানির্ব্বাণ তন্ত্রে উক্ত হইয়াছে কলিযুগে গার্হস্থ্য ও ভৈক্ষ্য ভিন্ন অন্য আশ্রম নাই।" ২। ভিক্ষা; যাচ্ঞা। ৩। ভিক্ষালব্ধ বস্তু। ৪। ভিক্ষাসমূহ। ভৈক্ষচর্য্যা—ভিক্ষাবৃত্তি। ভৈক্ষজীবী—ভিক্ষুক।

ভৈন (ন্) [প্রা-বাং—ভগিনী—ভইন] বি, বহিন; বোন। প্র—"কি, কারণে কহ ভৈন অশক্য কথন।"—মনসামঙ্গল (নারায়ণ দেব)।

ভৈমী [ভীম+অ (অপত্যার্থে অণ্) স্ত্রী—ঈপ] বি, স্ত্রী, ভীমরাজকন্যা; দময়ন্তী। ২। [ইদমর্থে (অণ্)] মাঘ মাসের শুক্লা একাদশী; ভীম একাদশী।

ভৈরব (ব্) [সং] বি, পুং, অসিতাঙ্গ, রুরু, চণ্ড, ক্রুদ্ধ, উন্মত্ত, কুপিত, ভীষণ, সংহার—মহাদেবের এই ভয়ানক অষ্ট মূর্ত্তি। ২। শঙ্কর; শিব। ৩। নদবিশেষ। ৪। রাগবিশেষ। ৫। বিণ, ভীষণ।

ভৈরবী [ভৈরব—ঈপ্] বি, স্ত্রী, সতী; দুর্গা; শঙ্করী। ২। দশমহাবিদ্যার অন্যতম বিদ্যা। প্র—"দেখি ভয়ে মহাদেব গেল এক ভিতে। ভৈরবী হইয়া সতী লাগিলা হাসিতে॥ রক্তবর্ণা চতুর্ভুজা কমল-আসনা। মুণ্ডমালা গলে নানা ভূষণ-ভূষণা॥ অক্ষমালা পুথী বরাভয় চারিকর। ত্রিনয়ন অর্দ্ধচন্দ্র ললাট উপর॥"—অ, ম। ২। শৈব সন্ন্যাসিনী। ৩। নদীবিশেষ। ৪। রাগিণীবিশেষ। ভৈরবীচক্র—কুলার্ণব মতে যে চক্র বা তান্ত্রিক সাধক মণ্ডলীর মধ্যে বসিয়া পঞ্চমকার সাধন করা হয়।

ভৈষজ (জ্) [ভিষজ্ বা ভিষক্ (বৈদ্য) অণ্ (তাহার কর্ম্ম—অর্থে)] বি, ক্লী, ঔষধ। ২। চিকিৎসা। ৩। ভিষকপুত্র।

ভৈষজ্য (ভৈষজ্জ) [ভিষজ্ বা ভিষক্ (বৈদ্য) যণ্ (তাহার কর্ম্ম—অর্থে)] বি, ক্লী, আয়ুর্ব্বেদীয় চিকিৎসক। ২। যাহা ঔষধে লাগে। ৩। ঔষধ। প্র—"এক ঔষধ আছে কিন্তু তাহা বৈদ্যেরা জানেন না।" শুক জিজ্ঞাসা করিল সে ভৈষজ্য কিরূপ'?—পুরুষ-পরীক্ষা। ভৈষজ্য উদ্যান—আয়ুর্ব্বেদীয় ঔষধ করণোপযোগী বৃক্ষলতাদির উদ্যান। ভৈষজ্যদর্পণ, ভৈষজ্যরত্নাবলী—আয়ুর্ব্বেদীয় চিকিৎসা গ্রন্থবিশেষ।

ভো [সং। আধু-বাং-র অগ্র হইয়া আসিতেছে] অ, সম্বোধন; হে; ওহে; ওগো। প্র—"ভো পিতা বৃক্ষরূ মোতে ফল তুলি দিও"—গোবিন্দচন্দ্রের গীত। "ভো নভোমণ্ডল বল স্বরূপ"—পদ্যপাঠ।

ভোঁ [সং—ভ্রম— (ভ্রান্ত হওয়া) হি—ভোঁদু (ভোঁতা, dull, stupid, লুপ্তবুদ্ধি) সংক্ষেপে] বিণ, বিঘূর্ণিত; বিভ্রান্ত। প্র—"নেশায় ভোঁ হইয়া বসিয়া আছে"। ২। বায়ুর শব্দ; বোঁ; অতি দ্রুত ধাবনের শব্দ। ভোঁ-ভোঁ—ভোমরার পালকের শব্দ। প্র—"ভোঁ ভোঁ করে ভোমরা নয়"—হেঁয়ালি। ভোঁ দৌড়—অতি দ্রুত ধাবন।

ভোঁতা [হি—ভোঁথ্রা। সং—ব্যাহতা বা ভুগ্ন হইতে। তুল—ইং—blunt.] বিণ, ধাররহিত; অতীক্ষ্ণ। প্র—"ভোঁতা কি মরিচা ধরা দেখ দেখি মাজিয়ে।"—মানকুমারী। ২। খেঁত। ৩। মুখরতা শূন্য; নির্ব্বাক। প্র—"মুখুয্যের কারচুপিতে মুখ হৈল ভোঁতা।"—হেম বন্দ্যো।

ভোঁদড় (ড়্) [সং—উদ্র হইতে] বি, উদবিড়াল জাতীয় জন্তুবিশেষ; viverra zibetha,

ভোঁদা [হি—ভোঁদু—ভদ্দা। বাং-য় ভুঁদো ও বলে] বিণ, মোটা; স্থূল। ২। স্থূলবুদ্ধি; বোকা। ৩। ছেলের আদরের নাম। স্ত্রী. ভুঁদী।

ভোঁস-ভোঁস (শ্, শ্) [শব্দাত্মক] বি, গভীর নিদ্রায় শ্বাস প্রশ্বাসের শব্দ; নিদ্রায় নাসিকা গর্জ্জন।

ভোক (ক্) [সং—বুভুক্ষা হইতে হি—ভুখ] বি, ক্ষুধা। প্র—"হিয়া ধক ধক অন্তরে ভোক। মুখে নাহি রুচে এ বড় শোক।"—কবিক। ভোক শোষ—ক্ষুধা ও তৃষ্ণা। প্র—"তাহার নধর বাক্যে গেল ভোকশোষ।"—চৈতন্যচরিত।

ভোকছানি (ক্) [সং—বুবুক্ষা; হি—ভুক্; হি—ভুকসানি। ভোক হেতু আচ্ছন্ন ভাব হইতে। উচ্চারণ ভেদে—ভোচ্কানি] বি, অতিশয় ক্ষুধাজনিত আচ্ছন্ন ভাব; ক্ষুধার কষ্টে মূর্চ্ছা।

ভোক্তব্য [ভুজ্+তব্য (কর্ম্মে)] বিণ, ভক্ষণীয়; ভক্ষ্য। ২। উপভোগযোগ্য।

ভোক্তা [ভুজ্ (ভোজন করা, ভোগ করা) +তৃ (কর্ত্তৃ, তৃন্)] বিণ, ভক্ষক; ভোজন-কর্ত্তা। ২। ভোগী। ৩। [প্রা-বাং] ধর্ম্ম-ভক্ত। স্ত্রী, ভোক্ত্রী।

ভোখিল (ল্) [ভুখিল দ্রঃ] বিণ, ক্ষুধার্ত্ত; বুভুক্ষু। প্র—"ভোখিল ভ্রমর" "তুহুঁ সে ভোখিল মধুকর।"—বিদ্যাপতি।

ভোগ (গ্) [ভুজ্ (ভোজন করা, ভোগ করা)+অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, সুখ-দুঃখানুভূতি। ২। সুখ। ৩। ধন; ঐশ্বর্য্য। ৪। অধিকার। ৫। দেবতার উদ্দেশে; উৎসৃষ্ট ভোজ্যাদি। ৬। ভোজন; ভোজ্য। প্র—"বাঁচাইলা সকলেরে নানামত ভোগে"—অ, ম। ৭। উপভোগ। ৮। সর্পফণা। ৯। পণ্যাঙ্গনার বেতন। ভোগদেহ—মরণের পর যে জীবাত্মা সূক্ষ্ম শরীর ধারণ করিয়া পাপ পুণ্যের ফলভোগ করে। ভোগতৃষ্ণা,—পিপাসা—ভোগের জন্য বলবতী ইচ্ছা। বিণ, ভোগপিপাসু। ভোগবাসনা—ভোগাভিলাষ। ভোগবিলাস—ঐহিক সুখভোগ ও আনন্দ। বিণ, ভোগ-বিলাসী। ভোগভূমি—ভারতান্তর প্রদেশ। ২। সুখভোগস্থান; স্বর্গ। ভোগ রাগ—ভোগবিলাস। ভোগ সাধন—ভোগের জন্য সাধনা। ২। ভোগের উপায়। ভোগসুখ—ভোগের আনন্দ। ২। ইন্দ্রিয় সেবাজনিত সুখ। ভোগস্থান—পার্থিব বা সাংসারিক সুখভোগের আধার; শরীর। ২। ইন্দ্রিয়সেবাস্থান। ৩। অন্তঃপুর।

ভোগবান্ (গ্) [ভোগ+বৎ (অস্ত্যর্থে, বতু) ভোগবৎ, ১মা, ১ব] বি, পুং, ফণী; সর্প। ২। নৃত্য গীত। ৩। বিণ, ভোগী। স্ত্রী, ভোগবতী—পাতালগঙ্গা। প্র—"তুলিল পাতালগঙ্গা ভোগবতী জল।"—অন্নদামঙ্গল।

ভোগরাই (গ্) [ভোগ+রাগ+ই] বিণ, ভোগ রাগী; বিলাসী। প্র—"রাণ্ডী হইয়া ভোগরাই॥"

ভোগা (ভোগা) [সং ভুজ্ (উপভোগে) ধাতুজ। উ-পু—ভুগি। ম-পু—ভোগ, ভুগুন, ভোগ্। প্র-পু—ভোগে; ভোগেন। অস-ক্রি—ভুগিতে; ভুগিয়া; ভুগে। ণিজন্ত—ভোগান] ক্রি, ভোগ করা; সুখ দুঃখের ভাগী হওয়া। ৩। কষ্ট পাওয়া; দুঃখ পাওয়া। বি, ভোগান (ন্)—ভোগ। প্র—এমন ভোগানটা ভুগিয়েছে।

ভোগা (ভোগা) [প্রাদে—নদীয়া] বি, প্রতারণা; ফাঁকি। ভোগা দেওয়া—প্রতারণা করা; ফাঁকি দেওয়া। প্র—"এ ছেলের হাতের নাড়ু নয় যে ভোগা দিয়ে কেড়ে খাবে।"—গান।

ভোগান (নো) [ভোগ+আন (ক্রি-বিভক্তি) ভোগা ধাতুর ণিজন্ত রূপ। উ-পু—ভোগাই। ম-পু—ভোগাও; ভোগান্; ভোগা। প্র-পু—ভোগায়; ভোগান্। অস-ক্রি—ভোগাইতে; ভোগাইয়া, ভুগিয়ে] ক্রি, ভোগ করান। সুখ দুঃখে পাতিত করা। ২। কষ্ট দেওয়া।

ভোগান্ত, ভোগান্তি [ভোগ+অন্ত (প্রা—অন্তি)—৬তৎ] বি, ভোগের শেষ; ভোগসীমা। ২। [প্রাদে—প্রা] কর্ম্মভোগ; ক্লেশভোগ। বিণ, ভোগানে, ভোগান্তে [ভোগানিয়া, ভোগান্তিয়া—সংক্ষেপে] যে ভোগায়; কষ্টদায়ক।

ভোগাভিলাষ (শ্) [ভোগের অভিলাষ, ৬তৎ] বি, সুখলাভেচ্ছা; ভোগলালসা। বিণ, ভোগাভিলাষী। স্ত্রী, ভোগাভিলাষিণী।

ভোগাভোগ (গ্) [ভোগ+অভোগ] বি, ভোগ এবং ভোগের অভাব।

ভোগার্হ [ভোগের—অর্হ (যোগ্য)—৬তৎ] বিণ, ভোগের উপযোগী। ২। বি, ঐশ্বর্য্য; সম্পত্তি। স্ত্রী, ভোগার্হা।

ভোগাসক্ত (ভোগাশক্ত) [ভোগ+আসক্ত] বিণ, ঐহিক সুখে অনুরক্ত। বি, ভোগাসক্তি।

ভোগী [ভোগ+ইন্ (অস্ত্যর্থে)=ভোগিন্; ১মা, ১ব] বি, পুং, রাজা। ২। গ্রামের অধ্যক্ষ; মণ্ডল। ৩। নাপিত। ৪। সুখী। ৫। অশ্লেষা নক্ষত্র। ৬। সর্প; ফণী। ৭। বিণ, ভোগবিশিষ্ট। স্ত্রী, ভোগিনী। মহিষী ভিন্ন রাজাদিগের স্ত্রী (কৃতাভিষেকা মহিষী ভোগিন্যোঽন্যা নৃপস্ত্রিয়ঃ—অমর)।

ভোগীন্দ্র [ভোগিন্ (সর্প)—ইন্দ্র (রাজা)] বি, পুং, সর্পরাজ; বাসুকি। ২। শেষনাগ।

ভোগ্য [ভুজ্ (ভোগ করা)+য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, ভোগের যোগ্য। ২। বি, ক্লী, ধনরত্নাদি। স্ত্রী, ভোগ্যা—বেশ্যা।

ভোচকানি—ভোকছানি দ্রঃ।

ভোচা [প্রা-বাং। প্রাদে] বি, পুষ্পবিশেষ। প্র—"যেল্যা গোঁঙচি ভোচা আকড়া মিঅলি। তাহাত হইব তুষ্ট সেরূপর মুরলী।"—শূন্য-পুরাণ।

ভোচার (র্) [প্রা] ভুচর দ্রঃ।

ভোজ (জ্) [ভোজন হইতে। হি] বি, ভোজন উৎসব।

ভোজ (জ্) বি, যদুবংশ। ২। প্রাচীন ভারতের ধারা নগরীর রাজা। ইন্দ্রজাল বিদ্যায় ইঁহার এতদূর প্রসিদ্ধি ছিল যে পরে তাঁহার নামই ইন্দ্রজাল বিদ্যার দ্যোতক হয়। ৩। বিদর্ভরাজ। ইঁহার ভগ্নী ইন্দুমতীর সহিত অজরাজের বিবাহ হয়। ৪। ভোজবিদ্যা; ইন্দ্রজাল। ভোজপুর—ভোজরাজার দেশ। বিণ, ভোজপুরী। ভোজবাজি, —জী, ভোজবিদ্যা—ইন্দ্রজাল; ভেল্কিবাজী; দৃষ্টিভ্রমজনক খেলা। ভোজবাজিকর—ঐন্দ্রজালিক।

ভোজং, ভুজং [ভজনা হইতে] বি, কুপরামর্শ। ভোজং দেওয়া—জপান; স্বার্থ সিদ্ধির জন্য লোভ দেখাইয়া বা বুঝাইয়া লওয়ান। প্র—"ভোজং দিয়ে ভেটিং খুলে ম্যুনিসিপাল বিলে।"—হেম বন্দ্যো।

ভোজক (ক্) [ভুজ্ (ভোজন করা)+অক (কর্ত্তৃ)] বিণ, ভোজনকারী। ২। ভোজন সম্পাদক।

ভোজন (ন্) [ভুজ্ (ভোজন করা)+অন (কর্ম্মে—অনট্)] বি, ক্লী, ভক্ষ্যদ্রব্য: আহারীয়। ২। আহার; ভক্ষণ। ভোজনপটু—আহারে নিপুণ; অতিভোজী। ভোজনপাত্র—আহারীয় স্থাপনের আধার। ভোজনবিলাসী—পেটুক। ভোজনশালা—ভোজনাগার। ভোজনাবশেষ—ভুক্তাবশেষ; উচ্ছিষ্ট।

ভোজয়িতা [ভুজ—ণিচ্=ভোজি (ভোজন করান)+তৃ (কর্ত্তৃ—তৃন্) ভোজয়িতৃ ১মা, ১ব] বিণ, অন্নদাতা; প্রতিপালক; ভক্ষদাতা। স্ত্রী, ভোজয়িত্রী।

ভোজালিয়া, ভোজালে [ভুজবাল বা পাল। তুল—করবাল, করপাল] বি, গুর্খাদিগের প্রধান অস্ত্র; অসিবিশেষ।

ভোজ্য [ভুজ্ (ভোজন করা)+য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, ভক্ষ্যবস্তু; খাদ্য। ২। স্বর্গগতপিতৃপুরুষের উদ্দেশে দেয় অন্নাদি [প্রা—ভুজ্জি]। ৩। ভোজবংশীয়।

ভোজ্যান্ন [ভোজ্য+অন্ন] বি, ভোজনের উপযোগী অন্ন।

ভোট, ভোটাঙ্গ [সং—ভূতরাজ্য "ভুটান" হইতে] বি, কম্বলাসন। প্র—"ভোটে হতে জটে ধরে ভাটে পাড়ি পিটে।"—ঘনরাম। ২। দেশবিশেষ; ভুটান।

ভোটা [প্রাদে—রংপুর। ডাকের শব্দ হইতে] বি, পুং, কুক্কুর। স্ত্রী, ভোটী—কুক্কুরী।

ভোতা—ভোঁতা দ্রঃ।

ভোমর, ভোমরা (র্, ম্) [সং—ভ্রমর অপভ্রংশে] বি, ভ্রমিযন্ত্র; কাষ্ঠাদিতে ছিদ্র করিবার অস্ত্র। ২। তুরপুণ; ফোড়; মুচির কোড়। ৩। ভ্রমর; অলি।

ভোর (র্) [সং—ভৃ (ভরণে—পূর্ণ করণে) ধাতুজ। হি—ভোর] বি, সম্পূর্ণ। ২। প্রভাত; রাত্রিশেষ; নিশাবসান; প্রত্যূষ। প্র—"ভোর হইল নিশা ডাক রে মানসবিহঙ্গ নিজরবে প্রাণেশে।"—ব্রহ্মসঙ্গীত। ৩। তন্ময়। প্র—"চণ্ডীদাসে কয়, ব্যাধি সমাধি নয়, দেখিয়া হইনু ভোর।"—চণ্ডী। ৪। পরিমাণ। প্র—"পেটেতে কড়িটি ভোর কালো আঁচড় নাই।"—হেম বন্দ্যো। ৫। শেষ। প্র—"আমার খেলাতে না হল যশ এবার বাজী ভোর হইল।"—রামপ্রসাদ। ৬। বাদ্যবিশেষ; ভেরী। প্র—"দুন্দুভি বাজনা বাজাএ ঘনে ঘনা বরঙ্গ ভোর ধিরকালি।"—শূ-পু। ৭। বিহ্বল; বিভোর। প্র—"আমি স্বপনে রয়েছি ভোর। সখি আমারে জাগাও না।"—বাং-গান। ৮। উন্মুক্ত। প্র—"হৃদয়জ মুকুলি হেরি থোর থোর। ক্ষণে আঁচর দেই ক্ষণে হোয় ভোর।"—বি, প। ৯। আচ্ছন্ন। প্র—"বাঁশী নিশাস গরলে তনু ভোর।"—বি, প। ব্রজ, ভোরি—বিভোর। প্র—"দুহুঁ মুখ হেরি দুহুঁ ভোরি"—জ্ঞানদাস। ভোরবেলা, ভোরের বেলা—প্রভাত সময়; প্রত্যূষকাল। প্র—"আজ বিশ্বদেবীর দ্বারের কাছে কোন্ সে ভিখারী। ভোরের বেলা দাঁড়িয়ে ছিল দুহাত বিথারি।"—রবি। ভোর হওয়া—প্রভাত হওয়া। ২। বিহ্বল হওয়া। ৩। শেষ হওয়া।

ভোরঙ্গ (ভোরংগ) বি, বাদ্যযন্ত্রবিশেষ; তূরী। প্র—"ঘন ভোরঙ্গ ভম ভম দামামা দম দম ঝনন্ন ঝম ঝম ঝাঁজে।"—অ, ম।

ভোল (ল্) [ভেল (কৃত্রিম) হইতে] বি, ছদ্মবেশ। ২। প্রতারণা; ছল; ছলনা। প্র—"সামান্য বেশ্যার ভোলে অজামিল মুনি।" —ঘনরাম। ৩। [লোভ শব্দের বর্ণ বিপর্য্যয়ে] লোভ। প্র—"টাইটেল ভোলে দেখি কেবা ভোলে"—বাং-গান। ৪। বিহ্বল; মোহ। প্র—"রূপ নেহারি পড়ি গেলু ভোল"—বিদ্যাপতি। ৫। [ভুল হইতে ভোল] ভ্রম; ভুল। ৬। মহাদেবের গণবিশেষ; প্রমথদিগের অন্যতম। স্ত্রী, ভোলা। ইহা হইতে ভোলনাথ ও ভোলানাথ—শিবের নাম। ভোল ফেরান—মূর্ত্তি ও বেশাদির পরিবর্ত্তন করা।

ভোলচেঙ্গা (ভোল্‌চ্যাঙা) বি, চ্যাঙ্‌মাছ।

ভোলা—বি, ভোলানাথ; শিব। প্র—"ভাঁড়ার জিম্মা যার কাছে মা সে যে ভোলা ত্রিপুরারি।" —রামপ্রসাদ। ২। মৎস্যবিশেষ।

ভোলা [বিহ্বল হইতে ভোল+আ (সাদৃশ্যে)] বিণ, আত্মবিস্মৃত। প্র—"দেখিয়ে হইনু ভোলা আপনি আপনাভোলা"—সারদামঙ্গল।

ভৌত [ভূত (পিশাচাদি) + অ (ইদমর্থে—অণ্)] বি, পুং, দেবল ব্রাহ্মণ। ২। ভূতযজ্ঞ। ৩। বিণ, প্রেত সম্বন্ধীয়। ৪। প্রেতবৎ। প্র—"বড় বড় গাছের ছায়া জমাট অন্ধকারের সৃষ্টি করে স্থানটাকে ভৌত আকার প্রদান করে"—জাপান। স্ত্রী, ভৌতী—রাত্রি ; নিশি।

ভৌতিক (ক্) [ভূত (পৃথিব্যাদি বা পিশাচ) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, ভূতসম্বন্ধীয়। ২। ভূতকৃত। ৩। বি, ভূতনাথ ; শিব। ভৌতিকনিয়ম—বি, যে নিয়মে ভৌতিক পদার্থ সমূহের কর্ম্ম নির্ব্বাহিত হয় ; স্বভাবের নিয়ম ; প্রাকৃতিক নিয়ম। ভৌতিকপদার্থ—পঞ্চভূত হইতে জাত বস্তু।

ভৌম (ম্) [ভূমি + অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, মঙ্গলগ্রহ। প্র—"সে নক্ষত্রে রবি, ভৌম, শনি, বুধ, শুক্র,—এ পঞ্চ গ্রহের মেষ আদি রাশিচক্র"-রামায়ণ (রাজ)। ২। আকাশ ; অম্বর। ৩। বিণ, ভূমি হইতে উৎপন্ন ; ভূমিজাত। ৪। ভূমিসম্বন্ধীয়। স্ত্রী, ভৌমী—ধরাসুতা ; ধরিত্রীতনয়া ; সীতা। ভৌম জল-বি, ভূগর্ভস্থ জল। ভৌমবার-মঙ্গলবার। প্র—"অষ্টমী ভৌমবারে"—কবিক। ভৌমরত্ন—প্রবাল।

ভৌমিক (ক্) [ভূমি + ইক (অধিকারার্থে—ইকণ্)] বি, ভূম্যধিকারী ; ভূস্বামী ; ভুঁইয়া। ২। ভূমিস্থিত। ৩। উপাধিবিশেষ।

ভৌরিক (ক্) [ভূরি (স্বর্ণ] বি, পুং, কোষাধ্যক্ষ ; খাজাঞ্চি।

ভ্যা [শব্দাত্মক] বি, ছাগলের ডাক ; ছাগশিশুর কণ্ঠধ্বনি ; ভেড়ার ডাক। প্র—"সাত পাত ভাত মারি ভ্যা ভ্যা রব শুনে।"—ঈশ্বরগুপ্ত। ২। শিশুর ক্রন্দন ধ্বনি।

ভ্যাজাল, ভেজাল (ল্) [হি—পচ্ মেল] বি, গণ্ডগোল। ২। মিশ্রণ ; মিশাল। ৩। [পূর্ব্ববঙ্গে] নদীর জল কম হইলে নৌকাগুলি একস্থানে মিলিত হওন। ভ্যাজাল দেওয়া—মিশ্রিত করণ ; মিশান। ভ্যাজালের ভিতর—মিশ্রণের মধ্যে। ২। গণ্ডগোলের মধ্যে।

ভ্যানকা (ন্) [ভেকা দ্রঃ] বিণ, অল্পবুদ্ধি ; ভ্যাবা ; অচতুর।

ভ্যান্ ভ্যান্ [ভন্ ভন (দ্রঃ) উচ্চারণ বিকারে] বি, কোন বিষয় ক্রমাগত কাহারও কাণে তোলা। প্র—একশবার কানের কাছে ভ্যান্ ভ্যান্ করোনা। ভ্যানভ্যান্ করা—ভন্ ভন্ করা দ্রঃ।

ভ্যাপসা (ভ্যাপ্ শা) [হি—ভাপ্ (বাষ্প) + সা (সদৃশ) = ভাপসা, তাহা হইতে ভ্যাপসা] বিণ, গুমসা ; বাষ্পবৎ।

ভ্যাবাচাকা,—চেকা,—চ্যাকা [ভ্যাবা (ভাবা দ্রঃ) + চাকা (চক্র)—ভাবনাচক্র] বিণ, কিংকর্ত্তব্য-বিমূঢ় ; হতভম্ব। প্র—"লাগিয়াছে ভ্যাবাচাকা বদ্ধ ভ্রমপাশে।"—ঈশ্বরগুপ্ত। "ভেবাচেকা"—রজনী সেন, দ্বিজেন্দ্র রায়।

ভ্যালা [হি—ভলা, ভাল শব্দের ব্যঙ্গোক্তিতে উচ্চারণ বিকারে] অ, উৎসাহদানার্থে সাবাস ; বাহবা ; খুব ; বেশ। প্র—ভ্যালা রে মোর ভাই। "সকলে বলিল ভ্যালারে নন্দ বেঁচে থাক চিরকাল"—দ্বিজেন্দ্র রায়। ২। [ব্যঙ্গে প্রশংসার বিপরীতার্থে অর্থাৎ নিন্দার্থে] ভারি ; বড়ই ত। প্র—"জজের গৃহিণী কন ভ্যালা জজিয়তি ; * * * * * ছিছি, ছিছি, ছেড়ে দাও এমন চাকরি।"—হেম বন্দ্যো।

ভ্যাস্তা [ভেস্তা দ্রঃ] বিণ, নষ্ট। ২। বিপর্য্যস্ত। ৩। মিশ্রিত।

ভ্রংশ [ভ্রন্শ্ (পতিত হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, নাশ। ২। চ্যুতি ; পতন। ৩। পলায়ন। বিণ, ভ্রংশিত।

ভ্রকুটি,—টী (ভ্রো) [ভ্রূ—কুট্ (কুটিল হওয়া) + ই, ঈ (ভাবে) রূ = র] ক্রোধাদি হেতু ভ্রূর বক্রতা বা সংকোচ ; ভ্রূভঙ্গী।

ভ্রম (ম্) [ভ্রম্ (ভ্রমণ করা) + অ (ভাবে—অল্) ব্রজ—ভরম। প্র—"হার ভরমে ভুজঙ্গম ভেল।"—বিদ্যাপতি] বি, পুং, ভ্রান্তি ; ভুল ; মিথ্যাজ্ঞান। ২। ঘূর্ণি ; আবর্ত্ত। ৩। ছুতোরের কুঁদ যন্ত্র ; ভ্রমি। ৪। কুলাল-চক্র। ৫। ভ্রমণ। ভ্রমকৌতুক—ভ্রান্তি-বিনোদ। ভ্রমজাল—ভ্রান্তিরূপ জটিল বন্ধন বা ফাঁস। ২। বহু ভ্রমের সমষ্টি। ভ্রম-নিরসন—ভুল সংশোধন। ভ্রমপ্রমাদ—ভ্রান্তি। ভ্রমবশতঃ—ভ্রান্তি হেতু। ভ্রমসঙ্কুল—ভ্রান্তিপূর্ণ। ভ্রমাত্মক—ভ্রান্তিময়। ভ্রমান্ধ—ভ্রান্তি হেতু দৃষ্টিহীন। ভ্রমাসক্ত—ভ্রান্ত ; ভ্রান্তিযুক্ত।

ভ্রমণ (ভ্রম্ (ভ্রমণ করা) + অন (ভাবে, অনট্) প্রা-বাং—ভমন, ভরমন। প্র—"ভমন করি বুলে"। "সুস্তুত ভরমন পরভুর সুস্তে করি ভর"—শূ-পু] বি, ক্লী, বেড়ান ; পর্য্যটন। ২। ঘুরন। স্ত্রী, ভ্রমণী। ভ্রমণকারী—পর্য্যটনকারী ; পরিব্রাজক। ভ্রমণবৃত্তান্ত—ভ্রমণের কাহিনী।

ভ্রমমাণ (ন্) [ভ্রম্ (ভ্রমণ করা) + আন (কর্ত্তৃ—আনশ্)] বিণ, ঘূর্ণ্যমান। ২। ভ্রমণশীল ; পর্য্যটনশীল।

ভ্রমর (ভ্রোমর্) [ভ্রম্ (ভ্রমণ করা) + অর (কর্ত্তৃ)। ব্রজ—ভমর ("ভমর মিলন জনি অরুণ কমল পর"—বি, প) বাং-গ্রা, ভোমরা] বি, পুং, ভৃঙ্গ ; মধুকর। ২। কামুক। ৩। কাষ্ঠ ছিদ্র করিবার যন্ত্রবিশেষ ; তুরপুন। স্ত্রী, ভ্রমরী। ভ্রমরকীট—কুমিরে পোকা। ভ্রমর-কৃষ্ণ—ভ্রমরের ন্যায় কাল। ভ্রমর গুঞ্জন,—ঝঙ্কার—ভ্রমরের গুণগুণানি। ভ্রমরোৎসব—মাধবী লতা।

ভ্রমরক (ভ্রোমরক্) [ভ্রমর (মধুকর) + ক (তুল্যার্থে—কণ্)] বি, পুং, ললাটস্থ চূর্ণকুন্তল ; ললাটস্থিত অলকগুচ্ছ। ২। বালমুষিক নেংটী ইঁদুর। ৩। ভোমরা ; মধুকর। ৪। ভ্রমি যন্ত্র।

ভ্রমসি (ভ্রোমশি) [ভ্রম্ (ভ্রমণ করা) + সি (লট মধ্যম পুরুষ এক বচন) আধু-বাং-র অপ্র] ক্রি, ভ্রমণ করিতেছ বা করিতেছিস্। প্র—"ভ্রমিলি গহনে ছেলি রাখি বনে ভ্রমসি সেই অভ্যাসে।"—কবিক

ভ্রমা (ভ্রোমা) [সং—ভ্রম্ (ভ্রমণ করা) ধাতুজ। উ-পু—ভ্রমি। ম-পু—ভ্রম। প্র-পু—ভ্রমে। অস ক্রি—ভ্রমিতে ; ভ্রমিয়া, ভ্রমি (পদ্যে), ভ্রমে (গ্রা)] ক্রি, ভ্রমণ করা। প্র—"তব কূলে কল্লোলিনি, ভ্রমি আমি একাকিনী,"—ব্রজাঙ্গনা কাব্য। "সৌদামিনী ঘন সনে, ভ্রমে সদানন্দ মনে ;"—ঐ। "কেন যোগী বেশে ভ্রম এ বিজন কাননে"—গিরিশ। "ভ্রমেন বাল্মীকি মুনি ভাব-ভোলা মনে"—সারদামঙ্গল। প্রা-বৈ-পদাবলীতে 'ভ্রমা' স্থলে ভরমা। উ-পু—ভরমি। ম-পু—ভরম। প্র-পু—ভরমে। অস-ক্রি—ভরমিতে ; ভরমিয়া, ভরমি (সংক্ষেপে)। প্র—"দেশে দেশে ভরমিব যোগিনী হইয়া"—পদাবলী।

ভ্রমাণ (ভ্রোমানো) [ভ্রমণ হইতে নাম ধাতু ভ্রমা, তাহার ণিজন্তরূপ ভ্রমাণ] ক্রি, ঘুরান। প্র—"ভ্রমাইয়া অন্তরীক্ষে বীর॥"—মহা (বিজয়)। "কুম্ভকারের চাক প্রায় ভ্রমায় আকাশে"—ঐ।

ভ্রমি, ভ্রমী [ভ্রম্ (ভ্রমণ) + ই (কর্ত্তৃ)] বি, স্ত্রী, জলভ্রম ; ঘূর্ণিজল ; জলের আবর্ত্ত। প্র—"তরঙ্গ ও ভ্রমি এবং বেগযুক্ত জল * * উচ্চস্থানে যায় না সর্ব্বদাই নীচ পথেই যায়"—পুরুষ পরীক্ষা।

ভ্রষ্ট (ভ্রো) [ভ্রন্শ্ (পতিত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, চ্যুত ; অধঃপতিত। ২। নষ্ট। ৩। অধার্ম্মিক ; অসৎ। ৪। দূষিত ; দোষযুক্ত। স্ত্রী, ভ্রষ্টা—ব্যভিচারিণী। ভ্রষ্ট-চরিত্র—নষ্ট-স্বভাব ; চরিত্রহীন। স্ত্রী, ভ্রষ্টচরিত্রা—কুলটা। ভ্রষ্টাচরণ—কদাচার। ২। অসদ্ব্যবহার। ভ্রষ্টাচার—কদাচার ; পাপাচার। বিণ, ভ্রষ্টাচারী।

ভ্রাতা [ভ্রাজ্ (দীপ্তি পাওয়া) + তৃ (কর্ত্তৃ-তৃচ্) = ভ্রাতৃ, ১মা, ১ব] বি, পুং, সহোদর ;

২। সোদরপ্রতিম ; সহোদরস্থানীয়। ৩। বৈমাত্রেয়।

ভ্রাতুষ্পুত্র (ভ্রাতুষ্‌পুৎত্র) [ভ্রাতার পুত্র —৬৩৫ ; ভ্রাতৃ=ভ্রাতুঃ] বি, পুং, ভ্রাতার সন্তান ; ভাইপো। স্ত্রী, ভ্রাতুষ্পুত্রী—ভাই ঝি।

ভ্রাতুষ্পৌত্র (ভ্রাতুষ্‌পৌৎত্র) বি, স্ত্রী, ভ্রাতার পৌত্র। স্ত্রী, ভ্রাতুষ্পৌত্রী। ভ্রাতার পৌত্রী।

ভ্রাতৃক (ভ্রাৎতৃক্) [ভ্রাতৃ+ক (যোগ্যার্থে)] বিণ, ভ্রাতৃযোগ্য।

ভ্রাতৃজ [ভ্রাতা হইতে—জ (যে জন্মে)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, ভ্রাতৃপুত্র ; ভাইপো। স্ত্রী—ভ্রাতৃজা—ভাই ঝি ; ভ্রাতৃকন্যা।

ভ্রাতৃজায়া [ভ্রাতার—জায়া (পত্নী)—৬৩৫] বি, স্ত্রী, ভ্রাতার পত্নী ; ভ্রাতৃবধূ।

ভ্রাতৃদ্বিতীয়া (ভ্রাৎতৃদিতিআ) বি, হিন্দুর পর্ব্ববিশেষ ; কার্ত্তিক মাসের শুক্লা দ্বিতীয়া তিথিতে ভ্রাতৃপূজারূপ উৎসব ; যম-দ্বিতীয়া। "জৈন গুরু মহাবীর ৫২৭ খৃষ্ট পূর্ব্বাব্দে নির্ব্বাণ প্রাপ্ত হইয়াছিলেন। তাঁহার নির্ব্বাণ হইলে রাজা নন্দিবর্দ্ধন তৎপ্রতি প্রেমবশতঃ চিন্তান্বিত হইলে তাঁহার ভগিনী তাঁহাকে বুঝাইয়া আদর সহকারে ভোজন করাইয়াছিলেন, তদবধি জগতে ভ্রাতৃদ্বিতীয়া পর্ব্ব প্রবর্ত্তিত হয়।"—দীপোৎসব কল্প"—সা, প, প, ১৩১৫।

ভ্রাতৃব্য (ভ্রাতৃব্‌ব) [ভ্রাতৃ (ভাই)+ব্য (অপত্যার্থে)] বি, পুং, ভ্রাতুষ্পুত্র ; ভাইপো। প্র—"কোন পরিবারের বয়োজ্যেষ্ঠ না থাকিলে ভগিনীকে ভ্রাতার রক্ষণাধীনে থাকিতে হইত ; ভ্রাতা না থাকিলে ভ্রাতৃব্যেরা রক্ষণাবেক্ষণের ভার গ্রহণ করিতেন। এ যুগে cousin অর্থ জ্ঞাপক কোন শব্দ প্রচলিত নাই বলিয়া বৈদিক ভাষার ভ্রাতৃব্য কথাটির প্রচলন করিতে ইচ্ছা করিতেছি।"—বিজয় মজুমদার (প্রবাসী)। স্ত্রী, ভ্রাতৃব্যা—ভাইঝি।

ভ্রাতৃভাব (ব্) বি, ভাই ভাই সম্বন্ধ ; সৌভ্রাত্র।

ভ্রাতৃশ্বশুর (ভ্রাৎতৃশ্‌শোশুর্) [ভ্রাতা (পতির ভ্রাতা) শ্বশুর (শ্বশুরের স্থায় পূজ্য) —উপমিত] বি, পুং, পতির জ্যেষ্ঠ ভ্রাতা ; ভাশুর।

ভ্রাত্রীয় (ভ্রাৎত্রিঅ) [ভ্রাতৃ (ভাই)+ঈয় (সম্বন্ধার্থে—ণীয়)] বি, ভ্রাতৃসম্বন্ধীয়। ২। বি, পুং, ভ্রাতৃসম। স্ত্রী, ভ্রাত্রীয়া।

ভ্রান্তি [ভ্রম্+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, ভ্রম ; প্রমাদ ; ভুল। প্র—"ভারত পুরাণে কয় ব্যাসের কি ভ্রান্তি হয় বুঝা যাবে ভ্রান্তি সে কেমন।"—অ, ম। ২। ভ্রমণ। ৩। ঘূর্ণন। বিণ, ভ্রান্ত। ভ্রান্তিকর—প্রমাদজনক। ভ্রান্তিপাশ—ভ্রমজাল। ভ্রান্তিপ্রদ—ভ্রমজনক। ভ্রান্তিবিনোদ—ক্রমান্বয়ে ভ্রমে পতন জনিত আমোদ। ভ্রান্তিমূলক—ভ্রমাত্মক। ভ্রান্তিহর—ভ্রমনিবারক।

ভ্রান্তিমান্ [ভ্রান্তি+মৎ (অস্ত্যর্থে মতু)= ভ্রান্তিমৎ, ১মা, ১ব] বি, পুং, কাব্যালঙ্কার-বিশেষ ; সাদৃশ্যহেতু কবিকল্পনাকৃত প্রকৃত বিষয়ে অন্য বস্তুর ভ্রম। ২। বিণ, ভ্রমযুক্ত ; ভ্রান্তিবিশিষ্ট। স্ত্রী, ভ্রান্তিমতী।

ভ্রাম্যমাণ (ন্) [ভ্রম্—ণিচ=ভ্রামি (ভ্রমণ করান)+আন (কর্ম্মে—আনশ্) য, ম, আগম] বিণ, ঘূর্ণ্যমান।

ভ্রামর (র্) [সং] বি, ক্লী, মধু। ২। চুম্বক পাথর ; অয়স্কান্ত মণি। ৩। নৃত্যবিশেষ। ৪। বিণ, ভ্রমরসম্বন্ধীয়। স্ত্রী, ভ্রামরী—দুর্গা। [কথিত আছে দুর্গা ভ্রমররূপ ধারণ করিয়া মহাসুরকে ছলনা করিয়াছিলেন]।

ভ্রু, ভ্রূ [ভ্রম্ (ভ্রমণ করা)+উ (কর্ত্তৃ—ডু)] বি, স্ত্রী,চক্ষুর উপর ললাট নিম্নস্থ ধনুকাকৃতি রোমরাজি। ভ্রুকুটি—[ভ্রূ—কুট্ (কুটিল হওয়া)] ভ্রূভঙ্গী, ক্রোধাদি দ্বারা ভ্রূর বক্রতা। প্র—"ভ্রুকুটি ভয়াল ভীষণ আকার।"—বাং-গান। ভ্রূক্ষেপ—দৃষ্টিপাত। ভ্রূবিলাস—ভ্রূভঙ্গী ; ভ্রূর সঙ্কোচ ও প্রসারণ ; ভ্রূ লীলা। ভ্রূভঙ্গ, ভ্রূভঙ্গী—ভ্রূকুটি ; ভ্রূ-বিলাস। প্র—"অপাঙ্গে ভ্রূভঙ্গে বালা অনঙ্গে নাচায়।" ভ্রূমধ্য—ভ্রূযুগলের মধ্যস্থল। ভ্রূ-সঙ্কেত—ভ্রূসঞ্চালন দ্বারা ইঙ্গিত।

ভ্রূকুণ্ডা [গ্রা—ভুরকুণ্ডা] বি, আষাঢ় মাসে জাত এক প্রকার তৃণ, ইহার অগ্রভাগে ছোট ছোট বীজ হয় ; উহা বস্ত্রাদিতে লাগিবামাত্র তৃণ হইতে বিচ্যুত হইয়া বস্ত্রেই লাগিয়া থাকে। স্থান ভেদে ইহাকে ঝুরকুণ্ডো বলে। বরিশালে উহাকে লেঙরা বলে। প্র—"ঠেকি সাধু অঙ্গে একে একে ভাঙ্গে আষাঢ়িয়া যেন ভ্রূকুণ্ডা।"—কবিক।

ভ্রূণ (ন) [সং] বি, পুং, গর্ভস্থ সন্তান। ২। শিশু। ভ্রূণঘ্ন—ভ্রূণহন্তা ; গর্ভের সন্তান বিনাশ-কারী। ভ্রূণহত্যা—গর্ভস্থ সন্তাননাশ ; চেষ্টা করিয়া গর্ভপাত। ভ্রূণহা—ভ্রূণঘাতক।

ম

ম—ব্যঞ্জন বর্ণমালার পঞ্চবিংশ এবং প বর্গের পঞ্চম অনুনাসিক ওষ্ঠ্য বর্ণ। প্রত্যেক বর্গের চতুর্থ বর্ণ উচ্চারণ কালে মুখ দিয়া সমস্ত বায়ু নিঃশেষে বাহির হইয়া যায়, সুতরাং তাহার পরবর্ত্তী বর্ণের উচ্চারণে যে অত্যল্পমাত্র মুখ-মারুত অবশিষ্ট থাকে, তাহার সাহায্যে ওষ্ঠ ভেদ করিবার শক্তিতে কুলায় না বলিয়াই অনুনাসিক হইয়া পড়ে। এই হেতু যে রুগ্ন দুর্ব্বল-দেহ —যাহার জীবনীশক্তি নিঃশেষিত-প্রায়, সে অনুনাসিক স্বরে কথা বলে। প্রা-বাং-য় ম স্থলে "ঙ" ও "ঞ" র ব্যবহার দৃষ্ট হয়। যথা, —কুমার স্থলে কোঙর, নিতাম, পাইলাম স্থলে নিতাঙ, পাইলাঙ। ঘনরামের ধর্ম্মমঙ্গলে বাঘের ডাক—"হাঙ হাঙ"। আধু-বাং-য় তাহা "হাম্ হাম্" বা "হালুম"। হুম্ শব্দকরণ অর্থে হুঙ্কার ; গোস্বামী স্থলে "গোসাঞি"। আধু কথ্য বাং-য় কোন কোন স্থলে ম স্থানে ব, ব স্থানে ম, প স্থানে ম এবং ম স্থানে ঁ ব্যবহার আছে। যথা,—আম—আঁব ; নামা—নাবা ; বৈষ্ণব হইতে বৈষ্টঁব পরে বোষ্টম, প্রদীপ—পদিম—পিদিম ; ধূম—ধুঁআঁ, পদ্মা—পদ্দাঁ (প্রা-বাং-য় হি-র অনুসরণে ম স্পষ্ট উচ্চারিত হইত। তুল—সং, পদ্মিনী—হি, পদমিনী—ব্রজ ও প্রা-বাং-য় পদুমিনী)। আধু-বাং-ক্রি-বিভক্তি ব স্থানে প্রা-বাং-য় ও আধু-প্রাদে—বাং-য় "ম" "মু"। যথা,—যাব, বলিব স্থলে যামু,বলিমু, ভুঞ্জিব স্থলে ভুঞ্জিম, রহিব, রব স্থলে রইমু, রমু। "কথা কহিয়া যামু", "গুরু স্বামী বলিমু," "হাতখানি দুঃখ হইলে পাওখানি যাতিমু। এ রঙ্গর কৌতুকর বেলা শুতি ভুঞ্জিম ভুঞ্জাইমু॥ গ্রীষকালে বদনত দিম দণ্ড পাখার বাও। মাঘ মাসি শীতে ঘেষিয়া রমু গাও॥" —মাণিকচন্দ্র রাজার গান। ২। ["মঃ শিবশ্চন্দ্রমা বেধাঃ"—একাক্ষর কোষ। "মো যমে সময়েঽপি স্যাদ্বিষে চ মধুসূদনে"—মেদিনী] বি, শিব। চন্দ্র। ব্রহ্মা। যম। সময়। বিষ। মধুসূদন। ৩। কোমল ও লঘু শব্দ বাচক। যথা,—মচ্ মচ্, মশ্ মশ্। ট বর্গীয় বর্ণ ও র বর্ণে কাঠিন্যের ভাব থাকিলেও

তাহা ম যোগে লঘু বা ক্ষীণ হইয়া যায় যথা,—মট্ মট্, মুট্ মুট্, মুড়্ মুড়্, মর্ মর্, (তুল—কট্ কট্, কড়্ কড়্, গট্ গট্, ইত্যাদি)] ৪। অতীব্র বা ধিমা (মধ্যম ভাব, অর্থাৎ চড়্‌কো বা উগ্র নয় ; অনুজ্জ্বলতা-বাচক। যথা—ম্যাক্ ম্যাক্, ম্যাড়্ ম্যাড়্, মিট্ মিট্, মিড়্ মিড়্ ইত্যাদি। ৫। নিস্তেজ বা ক্ষীণ ভাববোধক। যথা—মিন্ মিন্, ম্যান্ ম্যান্। ৬। চট্‌পটে ভাবের বৈপরীত্যবোধক যথা,—ম্যাজম্যাজ ; ম্রিয়মাণ, মুষড়ান ইত্যাদি ৭। [সং—অহম্—হি—ম্যয়্। ব্রজ—ম, ওড়ি—মো, মু, মুহি, প্রা-বাং—ম, মো, মোঁ, মু, মুহি, মুই, মুঞি] স, আমি। প্র—"দিবস ফুরায়ল অবহুঁ ম যাওব।"—পদাবলী (রবি)। "এগুলাক ধান গুরু বাপ মোঁ না জানোঁ।" —মাণিকচন্দ্র রাজার গান। "মোতে অগোচর প্রায়ে জানই মু ভাল।" গোরখর চেলি মুহি"—গোবিন্দচন্দ্রের গীত। ৮। মরা অর্থক ধাতু। যথা,—মলাম (মরিলাম), মনু, মইনু (মরিলাম), মল, মইল (মরিল)। মইলে (মরিলে), মত্তে (মরিতে)। মরা দ্রঃ। ৯। [মআ দ্রঃ] মন্থন করা অর্থক ধাতু, যথা,—মই (মন্থন করি) ম (মো, মও)। ময় (মন্থন করে) ময়ে (মইয়া, মন্থন করিয়া)।

মআ [ম ধাতু+আ (ক্রি-বিভক্তি)। মওয়া দ্রঃ। উ-পু—মই, মৈ। ম-পু—মও ; মউন্, ম। প্র-পু—মঅ ; ময় ; ময়েন। অস-ক্রি—মইতে ; মৈতে ; মইয়া, মৈয়া, ময়ে। ণিজন্ত—মআন, মওয়ান] ক্রি, মন্থন করা।

মআ [মরা (দ্রঃ) র গ্রা ও প্রা-বাং রূপ] ক্রি, মরা। "ম" দ্রঃ।

মই, মৈ (মোই) [সং—মদী (শব্দকল্পে)—হি—মঈ ; অস—মৈ] বি, কর্ষিত ক্ষেত্রকে ধূলিরূপে পরিণত করিবার বংশনির্ম্মিত যন্ত্র-বিশেষ ; harrow. প্র—"সকল সাজ হৈল পরভুর আর সাজ চাই। গটা দস কুআ দিআ সাজাইল মই॥"—শূ,পু। ২। বাঁশ বা কাঠের সিঁড়ি ; ladder. প্র—"গাছে তুলে দিয়ে বঁধু কেড়ে নিল মই।"—নবীন তপস্বিনী। **মই দেওয়া**—ক্ষেতের জমাট মাটি গুঁড়া করিবার জন্য তাহার উপর দিয়া মই চালান। প্র—'মাট করে মৈ দিয়া মাটি কৈল চূর্ণ॥"—শিবায়ন। **পাকা ধানে মই দেওয়া**—ক্ষেত্রের ধান পাকিলে সামান্য আঘাতে শীষ হইতে ঝরিয়া পড়ে, সুতরাং তাহাতে মই দিলে সমস্ত ধান নষ্ট হয় ও কৃষকের সর্ব্বনাশ হয়। ২। [লক্ষণায়] লাভের মুখে ক্ষতি করা। তুল—প্রস্তুত অন্নে বা বাড়া ভাতে ছাই দেওয়া।

মইপাল (মোইপাল্) [সং—মহীপাল। গ্রা] বি, মহীপাল ; রাজা। ২। বঙ্গের পালবংশীয় প্রসিদ্ধ রাজা। ৩। মহীপাল নামক ধান্য। প্র—"হুড়া বাঁস কাটা বুনে মরি মইপাল।"—শূন্যপুরাণ।

মউ (মৌ) [সং—মধু—মহু—মউ] বি, মধু।

মউআ—মহুয়া দ্রঃ।

মউচাক (মৌচাক্) [মউ (মধু) চাক (চক্র) বি, মধুচক্র।

মউআলু (মৌ) [প্রাদে] বি, শাঁখালু অপেক্ষা অল্প শ্বেত মধুরাস্বাদ কন্দবিশেষ।

মউজ (জো) [মৌজ দ্রঃ] বি, তুফান ; ঢেউ

মউজি (মৌ) [ফা—মগ্‌জী] বি, কিনারা ; পাড়। **মউজি শেলাই**—মুড়ি শেলাই

মউড় (মৌড়্) [মুকুট শব্দজ] বি, টুপী ; বিবাহ সময়ে মাথার টোপর ; সিঁথী মউর ; কন্যার মাথার মুকুট। প্র—"মাথার মউড়ে আমি আসিয়াছি বাসে।"

মউনী (মৌ) সং—মন্থনী] বি, মন্থনদণ্ড।

মউমাছি (মৌ) [মউ (মধু) মাছি (মক্ষিকা—মক্খি] বি, মধুমক্ষিকা ; মৌমাছি।

মউর (মৌর্) [সং—ময়ূর] বি, ময়ূর।

মউরলা (মৌ) [বৈদ্যকে—মুরল] বি, স্বাদু, লঘুপাক, ক্ষুদ্র মৎস্যবিশেষ ; মৌরলা মাছ।

মউরী (মৌ)—মৌরী দ্রঃ।

মউল (মৌল্) [সং—মুকুল শব্দের প্রাকৃ রূপ] বি, মুকুল ; বউল।

মউল [হি—মহুআ (দ্রঃ)] বি, মহুয়া ফুল ; ইহা হইতে মদ্য প্রস্তুত হয়।

মওয়া [মআ দ্রঃ] ক্রি, মন্থন করা।

মওলা [মহলা দ্রঃ] বি, অভিনয়াদির পূর্ব্বাভ্যাস ; rehearsal.

মকদূর (মোক্‌দুর্) [আ—মক্‌দুর্] বি, কার্য্যদক্ষতা ; শক্তি ; ক্ষমতা।

মকদ্দমা [আ—মুকদ্দমা] বি, মামলা ; আদালতে অভিযোগ। ২। বিষয় ; ব্যাপার ; কাজ। প্র—"এ আর কতক্ষণের মকদ্দমা।

মকমকী (মক্‌মোকী) [অনুকার শব্দ] বি, বেঙের ডাক ; ভেকরব। প্র—"হড়মড়ী মেঘের ভেকের মকমকী।"—অন্নদামঙ্গল। ২। উচ্চৈঃস্বর। ৩। ক্রি, **মকমকা**—মকমক শব্দ করা। ২। চীৎকার করা ; ডাক ছাড়া। প্র—"এই বুলি মকমকি কাঁদে রঘুরাই।"—অনন্ত কন্দলীকৃত রামায়ণ।

মকমল, মখমল (মক্‌মল্, খ, ল্) [আ—মখ্‌মল্] বি, কোমল স্থূল চিকণ বস্ত্র। **মকমল পোকা**—ইন্দ্রগোপ কীট।

মকর (র্) [সং। "মৎস্য জাতিভাম্মকর এব মীনঃ"—অমরটীকা। "যাদাংসি জলজন্তবঃ। তদ্ভেদাঃ শিশুমারোদ্রশঙ্করো মকরাদয়ঃ"—অমর। "মকরো নিধৌ নক্রে রাশিবিশেষে চ॥" —হেমচন্দ্র] বি, পুং, জলজন্তুবিশেষ ; মকরকে কেহ মীন (তুল, মকরধ্বজ—মীনকেতন), কেহ নক্র বা হাঙ্গর বলিয়া থাকেন কিন্তু পৌরাণিক বর্ণনানুসারে মকরের মস্তক ও সম্মুখের পদদ্বয় কৃষ্ণসার মৃগের ন্যায় এবং দেহ ও পুচ্ছ মৎস্যবৎ। এই জন্য গঙ্গাদেবীর বাহন। ২। কামদেবের ধ্বজচিহ্ন। ৩। রাশিচক্রের দশম রাশি। ৪। কুবেরের নিধি-বিশেষ। ৫। সমবয়স্কা সঙ্গিনীদ্বয়ের বন্ধুত্ব-জ্ঞাপক কৃত্রিম বা পাতান নাম। প্র—"ও মকর গঙ্গাজল, কাল সজনীর বিয়ে হবে সইতে যাব জল।"—বঙ্কিম। "ইহার হইয়া কহে উহার মকর। গোবিন্দেরে দেখিয়াছে এ বড় পামর।" **মকরকুণ্ডল**—বি, স্ত্রী, মকর-আকৃতি কর্ণভূষণ। প্র—"হেলায় দুলিছে কাণে মকরকুণ্ডল।"—জ্ঞান। **মকর-কেতন, মকরকেতু** [মকর—কেতু (ধ্বজ) যাহার (বহু)] বি, পুং, কন্দর্প। প্র—"সঙ্গেতে মকরকেতু আইল বসন্ত ঋতু তরুলতাগণ পুলকিত।"—কবিক। ২। সাগর।

মকরক্রান্তি (র্) [জ্যোতিষঃ পরিঃ] বি, নিরক্ষরেখা হইতে ২৩ অংশ দক্ষিণে স্থিত অক্ষরেখা।

মকরধ্বজ (মকরদ্ধজ্) [মকর—ধ্বজ (পতাকা) যাহার—বহু] বি, পুং, মীনকেতন ; মদন। ২। আয়ুর্ব্বেদীয় ঔষধবিশেষ। ৩। রসসিন্দূরবিশেষ।

মকরন্দ [সং] বি, পুং, পুষ্পরস ; ফুলের মধু। প্র—"হৃদয়ে পূরিত বিষ মুখে মকরন্দ।"—কবিক। ২। কুঁদফুলের গাছ। **মকরন্দ-বতী**—বি, স্ত্রী, পাটলাপুষ্প। ২। বিণ, মধু-বিশিষ্টা।

মকরবাহিনী (র্) [মকর—বাহী (বাহক) যাহার (বহু)] বি, স্ত্রী, জাহ্নবী ; গঙ্গা।

মকরব্যূহ (র্) [মকর আকৃতি ব্যূহ—ম-প-লো—কর্ম্মধা] বি, মকরের আকারে সৈন্য সমাবেশ। প্র—"করিয়া মকরব্যূহ মুখে রহে কর্ণ। বাসুকি জিনিতে যেন সাজিল সুপর্ণ॥"—মহা (বিজয়)।

মকরাকর (র্) [মকরের—আকর (আধার) —৬তৎ] বি, পুং, সাগর ; সমুদ্র।

মকরাক্ষ [মকরের অক্ষির মত অক্ষি যাহার—বহু] বি, পুং, রাক্ষসপতি রাবণের সেনাপতি।

মকরালয় (য়্) [মকরের—আলয় (গৃহ) (৬তৎ)] বি, পুং, সিন্ধু।

মকরাশ্ব (মকরাশ্‌শ) [মকর—অশ্ব (অশ্বসদৃশ) যাহার—বহু] বি, পুং, বরুণ।

মকরাসন (শন্) [তন্ত্রের পরিঃ] বি, স্ত্রী, রুদ্রযামলোক্ত আসনবিশেষ।

মকরিকা [মকর+ইক (সাদৃশ্যার্থে—ইকণ্] স্ত্রী—আপ্] বি, স্ত্রী, মকরাকার পত্রাবলী ; ললাটে চন্দনাদি দ্বারা মকরাকার চিত্রিত রেখা ; ললাটিকাবিশেষ।

মকাই [হি] বি, শস্যবিশেষ ; মক্কা : ভুট্টা।

মকার (র্) ['ম' (এই অক্ষর)+কার (স্বরূপার্থে)] বি, 'ম' এই বর্ণ। **মকার সাধন**—পঞ্চমকার দ্রঃ।

মকুট (ট্) [গ্রা—মুকুট দ্রঃ] বি, শিরোভূষণ।

মকুব (ব্) মোকুব দ্রঃ।

মকুর (মোকুর) [গ্রা। সং—মুকুর] বি, পুং, মুকুর ; দর্পণ ; আর্সী। ২। [সং—মুকুল—মুকুর—মকুর] মুকুল ; কুঁড়ি। ৩। কুম্ভকারের দণ্ড।

মক্কা [আ—মক্‌কা] বি, আরবদেশের রাজধানী ; মুসলমান ধর্ম্মপ্রবর্ত্তক মহম্মদের জন্মস্থান। ২। শস্যবিশেষ ; ভুট্টা ; মকাই।

মক্কেল (ল্) [আ—মোআক্‌কিল্] বি, উকীলের যজমান ; client.

মক্তব (ব্) [আ—মক্‌তব্] বি, মুসলমানদিগের পাঠশালা। প্র—"যত শিশু মুসলমান তুলিল মক্তব স্থান, মখদম পড়ায় পঠনা।"—কবিক। **মক্তবখানা**—স্কুল বাড়ী।

মক্‌স্ [আ—মশ্‌ক্] বি, অভ্যাস ; practice ; exercise প্র—"ততদিন আমি বসে বসে কুন্দকে উঠ্‌বস্ মক্‌স করাই।"—বিষবৃক্ষ।

মক্ষিকা,—ক্ষী (মো) [সং] বি, স্ত্রী, মাছি।

মখ (খ্) [মখ্ (গমন করা)+অ (অধি—অল্)] ক্রতু ; যজ্ঞ। প্র—"আমি আইনু মখস্থান, না করিল মোরে মান,"—কবিক।

মখদম (মখ্‌দম্) [আ—ম-খাদিম্] বিণ, মৌলবী ; মুসলমান গুরুমহাশয়। প্র—"যত শিশু মুসলমান, তুলিল মক্তব স্থান, মখদম পড়ায় পঠনা"—কবিক।

মখমল (খ্‌ ল্) [ফা—মথ্‌মল্] বি, মকমল দ্রঃ।

মগ (গ্) [ইং—mug] বি, হাতলদার গেলাসবিশেষ।

মগ (গ্) [বর্ম্মী—মঙ্ (শ্রীযুক্ত) সকলেরই নামের পূর্ব্বে লিখিত হয় বলিয়া ইহারা মগ নামে বাঙ্গালায় পরিচিত] বি, বর্ম্মী ; বর্ম্মার অধিবাসী। ২। আরাকানের অধিবাসী। **মগের মুলুক**—ব্রহ্মদেশ। ২। আরাকান রাজ্য। ৩। অরাজকদেশ।

মগজ (জ্) [ফা—মগ্‌জ্] বি, মস্তিষ্ক ; brain. প্র—"মগজে গজিয়ে উঠে আক্কেল।" —রবি। **মগজ খালি করা**—মস্তিষ্ক শূন্য করা ; ক্রমাগত বকিতে বকিতে মাথায় কিছু না রাখা।

মগধ (ধ্) বি, পুং, দক্ষিণ বেহার দেশ। ২। মগধ দেশীয় লোক ; মাগধ। ৩। স্তুতিপাঠক ; গুণকীর্ত্তক ; ভাট। বিণ, **মাগধী**। **মগধের লাড্ডু**—মিষ্টান্নবিশেষ ; মুগের লাড়ু।

মগধাধিপ (প্) [মগধের অধিপ (রাজা)—৬তৎ] বি, মগধেশ্বর ; মগধরাজ্যের রাজা। প্র—"মগধাধিপ-বৈভব-কীর্ত্তি শুনে।"—বাসবদত্তা।

মগধেশ্বর (মগধেশ্‌শর) [মগধের—ঈশ্বর (স্বামী—৬তৎ)] বি, পুং, মগধ দেশের অধিপতি। ২। রাজা জরাসন্ধ।

মগন (ন্) [মগ্ন শব্দের পদ্যে কোমল রূপ] বিণ, মগ্ন ; বিভোর। প্র—"সুন্দর মগন হয়ে ভাটেরে বিরলে লয়ে জিজ্ঞাসে বিদ্যার রূপ গুণ।"—ভারতচন্দ্র। ২। আত্মবিস্মৃত ; সমাধিস্থ। প্র—"যোগমগন হর।"—হেম বন্দ্যো। ৪। নিমজ্জিত। প্র—"মগন তারকারাজি গগনের নীল জলে।"—সারদামঙ্গল। স্ত্রী, **মগনা**—মগ্না ; আত্মহারা। প্র—"তুমি কার ঘরের মেয়ে কালি গো আপনার রঙ্গ রসে মগনা আপনি।"—কমলাকান্ত। ২। নিমজ্জিতা ; সমাবৃতা। প্র—"কে তুমি ত্রিদিব দেবী বিরাজ হৃদি কমলে। নধর নগনা লতা মগনা কমলদলে।"—সারদামঙ্গল।

মগরা (গ্) [আ—মগ্‌রূর্ তাহা হইতে হি—মগ্‌রা] বিণ, গর্ব্বিত : দাম্ভিক। ২। চতুর। ৩। উন্নত ; সমৃদ্ধ। প্র—"বিংশতি যোজন ক্ষেত্র নগর মথুরা। পূর্ব্বে কাগার ছিল ইবে সে মগরা॥"—চৈতন্যমঙ্গল। বি, **মগরাই**—চতুরতা। ২। ঠেঁটাপনা। ৩। গর্ব্ব।

মগ্ন [মস্‌জ্ (নিমজ্জিত হওয়া)+ত (ক্ত, কর্ত্তৃ)] বিণ, নিমজ্জিত। ২। অন্তঃপ্রবিষ্ট। ৩। বিভোর ; আত্মবিস্মৃত ; তন্ময়। ৪। প্রশমিত ; শান্ত। প্র—জ্বর মগ্ন হওয়া। স্ত্রী, **মগ্না**। **মগ্নগিরি**—বি, সমুদ্রগর্ভস্থ পর্ব্বতবিশেষ ; মৈনাক। ২। [পুরাণে] হিমালয়ের পুত্র।

মঘ (ঘ্) [মহ্ (পূজা করা)+অ (কর্ম্মে—অণ্) হ=ঘ] বি, পূজা।

মঘবা [মহ্ (পূজা করা)+অন (কর্ম্মে—কনিপ্) হ=ঘ, ব আগম মঘবন্ ১মা, ১ব] বি, পুং, দেবরাজ ; ইন্দ্র। স্ত্রী—**মঘোনী**—ইন্দ্রাণী।

মঘবান্ [মঘ (স্বর্গের সুখ)+বৎ (অস্ত্যর্থে বতু)=মঘবৎ, ১মা, ১ব] বি, পুং, ইন্দ্র। প্র—"মনে জানি মঘবান্ মহেশের লীলা। মহীতলে মাঘ শেষে মেঘরস দিলা॥"—শিবায়ন। স্ত্রী, **মঘবতী**—ইন্দ্রাণী।

মঘা [মহ্ (পূজা করা)+অ (সংজ্ঞার্থে, অন্) হ=ঘ, স্ত্রী, আপ] বি, স্ত্রী, সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে পঞ্চতারকাযুক্ত দশম নক্ষত্র।

মঘাত্রয়োদশী (দো) বি, স্ত্রী, ভাদ্রমাসীয় মঘা নক্ষত্রযুক্ত কৃষ্ণাত্রয়োদশী। এই তিথিতে মধু বা পায়স দ্বারা পিতৃগণের শ্রাদ্ধ করিতে হয়।

মঙ্গ (মংগ) [সং] বি, পুং, নৌকার গলুই।

মঙ্গল (মোংগল) [মন্‌গ্ (গমন করা)+অ কর্ত্তৃ—অল্)] বি, পুং, মহেশ্বর ; পরমদেবতা। ২। মঙ্গল গ্রহ ; কুজগ্রহ। ৩। মঙ্গলবার ; ভৌমবার। ৪। শুভ ; কল্যাণ। প্র—"মঙ্গল তোমার নাম, মঙ্গল তোমার ধাম, মঙ্গল তোমার কার্য্য তুমি মঙ্গলনিধান।"—ব্রহ্মসঙ্গীত। ৫। মাহাত্ম্য ; দেবদেবীর স্তুতি-গীতি। প্র—অন্নদামঙ্গল ; ধর্ম্মমঙ্গল। "হরিনাম মঙ্গল উঠিল চতুর্দ্দিকে।"—চৈ-ভা। ৬। বিণ, শুভদায়ক। স্ত্রী—**মঙ্গলা**—ক্ষেমঙ্করী ; দুর্গা। **মঙ্গল-কামনা**—শুভ প্রার্থনা ; হিতাকাঙ্ক্ষা ; **মঙ্গল-গীত**—শুভ সঙ্গীত। ২। মাহাত্ম্য কথন। **মঙ্গল-ঘট**—শুভ কামনায় বা মঙ্গলোদ্দেশ্যে স্থাপিত ঘট ; দেব সম্মুখে স্থাপিত পূর্ণকলস। **মঙ্গলদায়ক**—কল্যাণপ্রদ ; হিতকর। স্ত্রী, **মঙ্গলদায়িকা**। **মঙ্গল পাঠক**—স্তুতিপাঠক ; বন্দী। **মঙ্গল সমাচার**—বি, শুভ সংবাদ ; সুসমাচার ; শুভবার্ত্তা। **মঙ্গল সম্বিধান**—বরণ ডালায় দেয় মাঙ্গল্য দ্রব্য। **মঙ্গলসূত্র**—পরিণয়কালে বর কন্যার হস্তে দূর্ব্বার সহিত বদ্ধ হরিদ্রা-রঞ্জিত সূত্র। **মঙ্গলাকাঙ্ক্ষা**—হিত কামনা। বিণ, **মঙ্গলাকাঙ্ক্ষী**। স্ত্রী, **মঙ্গলাকাঙ্ক্ষিণী**।

মঙ্গলকোট (মোংগল্‌কোট্) বি, বর্দ্ধমান জেলার অন্তর্গত গ্রামবিশেষ। প্র—"এড়ায় মঙ্গলকোট উজানী নগর।"—অ, ম।

মঙ্গলগ্রহ (মোংগল্‌গ্রোহ) বি, মঙ্গল নামক গ্রহ। ২। শুভগ্রহ ; মঙ্গলদায়ক গ্রহ ; সৌভাগ্য।

মঙ্গলচণ্ডী, মঙ্গলচণ্ডিকা (মোংগল্‌চোন্‌ডি) [মঙ্গলবারে অর্চ্চনীয় চণ্ডিকা] বি, স্ত্রী, ভগবতী ; দ্বিভুজা রক্তপদ্মাসনস্থা গৌরবর্ণা দেবীবিশেষ। অভীষ্ট সিদ্ধি মানসে হিন্দু মহিলাগণ মঙ্গলবারে এই দেবীর অর্চ্চনা ও ব্রত উপবাসাদি করিয়া থাকেন। [ধনপতি সওদাগরের পত্নী খুল্লনা প্রথম মঙ্গলচণ্ডী দেবীর পূজার প্রবর্ত্তন করেন]।

মঙ্গলন (মোংগলন্) বি, মঙ্গলাচার ; শুভানুষ্ঠান। প্র—"কৌতুকেত দেবগণ, করিতে মঙ্গলন বসিলা বম্ভা বিষ্টু হর।"—শূ, পু। "মাঘ মাসে গোঁসাই পিথিবি মঙ্গলিল।"—শূ, পু। "ডিঙ্গা মঙ্গলিতে রামা করিল গমন"—কবিক। "যোড় হয়ে জল সয়ে মঙ্গলিলা হাঁড়ী। হেনকালে হইল বরের তড়বড়ি॥"—শিবায়ন।

মঙ্গলবার (মোংগল্‌বার্) বি, সপ্তাহের একটী দিন ; ভৌমবার ; কুজবার।

মঙ্গলময় (মোংগল্‌ময়্) বিণ, মঙ্গলালয় ; কল্যাণময়। প্র—"মঙ্গলময় তোমার বিশ্ব শোভা-সুখ-পূর্ণ"—ব্রহ্মসঙ্গীত। স্ত্রী, **মঙ্গলময়ী**।

মঙ্গলা (মোংগলা) বি, স্ত্রী, ভগবতী; দুর্গা পার্ব্বতী। প্র—"মঙ্গলার মুখে কি মঙ্গল শুনিতে পাই"—গান। ২। পতিব্রতা নারী; সাধ্বী ৩। হরিদ্রা। ৪। শুক্র ও নীল দূর্ব্বা। ৫ করমচা।

মঙ্গলাকর (মোংগলাকর্) বিণ, কল্যাণাধার

মঙ্গলাগুরু (মোংগলা) বি, ক্লী, অগুরু-বিশেষ।

মঙ্গলাচরণ (মোংগলাচরন্) [মঙ্গল আচরণ—কর্ম্মধা)] বি, মঙ্গলন; শুভানুষ্ঠান মঙ্গলকার্য্য; কোন কর্ম্মের আরম্ভ কালে মঙ্গল-প্রদ কর্ম্মের অনুষ্ঠান।

মঙ্গলাচার (মোংগলাচার্) বি, হিতানুষ্ঠান শুভানুষ্ঠান; শুভপ্রদ বিধিনিয়মাদির অনুষ্ঠান

মঙ্গলামঙ্গল (মোংগলামোংগল্) [মঙ্গল+অমঙ্গল] বি, শুভাশুভ; হিতাহিত।

মঙ্গলালয় (মোংগলালয়্) [মঙ্গলের আলয়—৬তৎ] বিণ, মঙ্গলাকর; মঙ্গলাধার; মঙ্গলময় স্ত্রী, **মঙ্গলালয়া।**

মঙ্গলোৎসব (মোংগলোৎশব্) [মঙ্গল+উৎসব] বি, শুভপর্ব্ব; পরিণয়োৎসবাদি।

মঙ্গল্য (মোংগোল্ল্) [মঙ্গল+য (হিতার্থে য)] বি, ক্লী, সিন্দূর। ২। চন্দন। ৩। দধি। ৪। সুবর্ণ। ৫। অশ্বত্থ গাছ। ৬। বেল গাছ। ৭। কয়েতবেল গাছ। ৮। নারিকেল গাছ। ৯। বিণ, কল্যাণপ্রদ; শুভজনক ২। সুখদায়ক; সুখপ্রদ।

মঙ্গল্যা (মোংগোল্লা) [মঙ্গল+য (হিতার্থে) স্ত্রী—আপ্] বি, স্ত্রী, ভগবতী; পার্ব্বতী দুর্গা। ২। দূর্ব্বা। ৩। শতপুষ্পা। ৪। প্রিয়ঙ্গু। ৫। জীবন্তী লতা। ৬। মাসপর্ণী। ৬। শুক্লবচা। ৮। হরিদ্রা। ৯। সুগন্ধি দ্রব্যবিশেষ; রোচনা। ১০। অগুরুবিশেষ। ১১। মিশ্রী। ১২। ঋদ্ধি নামক ঔষধ।

মঙ্গল্যাগুরু (মোংগোল্ল্যাগুরু) [বৈদ্যকে] বি, কেদার খণ্ডে উৎপন্ন অগুরুবিশেষ। ইহা সুগন্ধি ও শীতল, এবং যখন যে দ্রব্যের সহিত মিশ্রিত হয় তখন তাহারই গুণযুক্ত হয়।

মচ্ [শব্দাত্মক] বি, অনুকার শব্দ। মোচড়ের শব্দ; চর্ব্বণের শব্দ; শুষ্ক চর্ম্মের শব্দ। **মচমচ**—[ক্রমাগত অর্থে দ্বিত্ব] বি, মচ্‌মচ্ শব্দ। ২। চর্ব্বণ শব্দ; কচ মচ দ্রঃ। প্র—পাকা পান গুলা মচমচ করিয়া চিবান। বিণ, **মচমচিয়া, মচমচে।** ক্রি, **মচমচান্** (নো) মচ্‌মচ্ শব্দ করা। বি, **মচমচানি**-মচ্ মচ্ শব্দ। ২। চর্ব্বন শব্দ; কচমচানি।

মচক (ক্) [হি] বি, মোচড়।

মচকা (চ্) [হি—মসক্ (এক চিমটী; অত্যল্প) হইতে] বিণ, অত্যল্প; সামান্য মাত্র। ২। ভগ্নপ্রায়; ছিন্নপ্রায়। ৩। মোচড়া; মোচড় খাওয়া। ক্রি, **মচকান** (নো) [উ-পূ—মচকাই। ম-পূ—মচকাও। প্র-—মচকায়। অস-ক্রি—মচকাইতে; মচকাইয়া মচ্‌কে] ঈষৎ ভগ্ন হওয়া; ভগ্নপ্রায় হওয়া দোমড়ান; মোড়া। ২। মুচড়ে দেওয়া। বি, **মচকানি।** ভাঙ্গে ত মচকায় না—কাঠিন্য হেতু ভগ্ন হয় কিন্তু নত হয় না ২। [লক্ষণায়] প্রাণ দেয় তবু বিনীত হয় না। তুল—মরে ত মর্য্যাদা হারে না।

মচ্চিভঙ্গ (মোচ্চিভংগ) [মাঝা ভঙ্গ—মজ্জা ভঙ্গ—মজ্জি ভঙ্গ—মচ্চি ভঙ্গ (কোমর ভাঙ্গা) বিণ, নিরুৎসাহ; উদ্যমহীন। ২। বিষম ম্রিয়মাণ; বিমর্ষ।

মচ্ছ, মচ্ছি (মো) বি, মৎস্য; মাছ।

মচ্ছব, মোচ্ছব (মোচ্ছব্) ["মহোৎসব" এর অপভ্রংশে] বি, বৈষ্ণব সম্প্রদায়ের মিলন উৎসব। [খেতরী দ্রঃ]।

মছনদ (মছ্‌নদ্) [আ—মস্‌নদ্] বি, সিংহাসন রাজ-গদি; বাদসাহী তক্ত। প্র—"বীরেন্দ্র সিংহ নিজ দেওয়ানখানার মছনদে বসিয়া আছেন, এমন সময় অভিরাম স্বামী তথায় উপস্থিত হইলেন।"—দুর্গেশনন্দিনী।

মছলন্দ (ছ্) [ফা—মুসল্লা (নমাজ পড়িবার জন্য যে মাদুর বা কার্পেট পাতা হয়) হইতে] বি, মুথা জাতীয় তৃণদণ্ডে নির্ম্মিত মাদুরবিশেষ (প্রায়ই বিবিধ বর্ণে চিত্রিত)।

মছলি (মোছ্‌লি) [মৎস্য—মচ্ছ—মচ্ছি—হি—মছ্‌লি] বি, মাছ।

মছলি (মোছ্‌লি) [মঞ্চ হইতে। প্রা-বাং] বি, মঞ্চ; মাচা। প্র—"কাঁচা বাঁশ কাটিয়া মছলি সাজাইল"—মাণিকচাঁদের গান।

মজকুর (মজ্‌কুর্) [আ—মজ্‌কুর্] বি, উল্লিখিত বিবরণ। প্র—"প্রতিবাদীর মানিত সাক্ষী কুঠীর আমীন মজকুর তাহার এক দৃষ্টান্তের স্থল"—নীলদর্পণ। ২। বিণ, পূর্ব্বোক্ত; উল্লিখিত।

মজকুরী (জ্) [ফা—মজ্‌কুরী] বি, পর-ওয়ানা জারি বা তামিলকারী; process serving.

মজন (ন্) [মজ্জন শব্দজ] বি, মগ্ন হওন; নিমজ্জন। ২। আসক্ত হওন।

মজবুত (মোজ্‌বুত্) [আ—মজ্‌বুত্। গ্রা—মজপুত। বিণ, দৃঢ়; শক্ত। ২। স্থায়ী। ৩। পটু; দড়। প্র—"মুদো পেটা ভুঁদো দাদা মজ্‌বুৎ কথায়"—হেম বন্দ্যো। বি, **মজবুতি।**

মজমুন (মজ্‌মুন্) [আ—মজ্‌মুন্। আদাঃ পরিঃ] বি, মর্ম্ম।

মজলিশ, স (মোজ্‌লিশ্) [আ—মজ্‌লিস্] বি, সুফী ও দরবেশ সম্প্রদায়ের সভ্য বা সম্মিলন। ২। সভ্য; সভা; সমিতি; লোক সমাগম। ৩। [গৌণার্থে] নাচগানের আসর। প্র—"এগারটা রাত্রে যেই ঢোলে চাঁটি পড়িল অমনি বিছানা হইতে লাফাইয়া পড়িয়া এক ছুটে বাহিরের মজলিশে গিয়া হাজির।"—ভারতী। ১৩২১। "বৈঠকখানায় অভিভাবক-দের মজলিস সেখানে বাই নাচ বসিত"—ঐ।

মজহুরে (মজ্) [আ—মজ্‌হুর্] বিণ, উপরে উক্ত বা উল্লিখিত।

মজা [সং—মস্‌জ্ (অবগাহনে, মজ্জনে) ধাতুজ। উ-পূ—মজি। ম-পূ—মজ; মজুন (মোজুন্); মজ্। প্র-পু—মজে; মজেন। অস-ক্রি—মজিতে; মজিয়া, মজি (পদ্যে), মজে (গ্রা)। পিজন্ত—মজান] ক্রি, মগ্ন হওয়া; ডোবা; নিমজ্জিত হওয়া। প্র—"মজাব না মজবো না আর, আপন মনে ভেসে যাই।"—অতুলকৃষ্ণ মিত্র। "জলেতে মজিয়া ভীম কৈল স্নান পান।"—কাশী, মহা। ২। [ডোবার ভাব হইতে] পঙ্কাদিতে মগ্ন হওয়া; চাপা পড়া; ভরাট হওয়া; বুজিয়া যাওয়া; সমাবৃত হওয়া। প্র—নালা বা নর্দ্দমার মুখ মজিয়া যাওয়া। নদীর মোহানা মজিয়া যাওয়া। পুকুর মজিয়া যাওয়া। ৩। [লক্ষণায়] পাপ পঙ্কে মগ্ন হওয়া। প্র—"ছাড়িয়ে হরির নাম কেন মজ রে।"—অ, ম। ৪। বিপদ সাগরে ডোবা; ফাঁদে পড়া। প্র—লোকটা এত দিন ফাঁকে ফাঁকে বেড়াচ্ছিল এইবার মজিল। ৫। নিজের অস্তিত্ব বিলোপ করিয়া বা আত্মবিস্মৃত হইয়া কোন কিছুর ভাবে বা কাহার প্রেমে বা অনুরাগে মগ্ন হওয়া; বিভোর হওয়া; বিলীন হওয়া। প্র—"মজিল মন-ভ্রমরা কালীপদ নীলকমলে।"—কমলাকান্ত। ৬। মত্ত হওয়া; অত্যন্ত আসক্ত হওয়া। প্র—"বৃথা মায়াতে মজিয়ে ভুলি তোমারে"—রামলাল দত্ত। "মজো না মজো না রে মন বিষয়মায়ায়"—ব্রহ্মসঙ্গীত। ৭। যে আত্মসমর্পণে আশায় নিরাশ হইতে হয় বা পরে অনুতাপ করিতে হয় এরূপ আত্মসমর্পণ করা। প্র—"প্রেম করে পর সনে পাইতেছি এ যাতনা প্রাণ সম ভাবি পরে, পর আপন হল না। না বুঝে মজিলাম পরে, না ভাবি কি হবে পরে। এখন না জানি পরে কতই হ'বে লাঞ্ছনা।"—শ্রীধর কথক। ৮। প্রেম করা; ভালবাসা। প্র—"মজেছি দিয়েছি প্রাণ"—শ্রীধর কথক। "পরের কথায় কে কোথায় প্রেম ত্যজেছে। যে জন মজেছে * * *"—শ্রীধর কথক। ৯। মুগ্ধ হওয়া; মোহিত হওয়া। প্র—"আমার মায়ের মতন রূপে দেখা দে তোর সুতে আমি ঐ রূপে মজেছি অন্য যে চাহি না।"—কমলাকান্ত। ১০। পচিয়া যাওয়া; গাঁজিয়া যাওয়া; মাতা; ferment. ১১। ফল পাকিবার পর গলিত

হওয়া। প্র—আম মজিয়া যাওয়া। ১২। বিণ. গলিত। প্র—মজা কলা।

মজা [ফা—মজ়া (স্বাদ, রসবোধ, আনন্দ, কৌতুক)] বি. সুস্বাদ। ২। [তুল—আ—[. . (ঠাট্টা তামাসা, কৌতুক)] কৌতুক; আমোদ; তামাসা; রগড়। প্র—"ছেলাম টেম্পল চাচা, আচ্ছা মজা নিলে।"—হেম বন্দ্যো। প্র—"সে যদি থাকিত আজ হ'ত দুণো মজা।"—মানসী। ৩। অদ্ভুত ব্যাপার; বিস্ময়; আশ্চর্য্য। প্র—"হায় হায় কি মজার দোকান পেতেছে নিতাই। তোরা কেউ দেখতে যাবি ভাই॥ প্রেম রসে ভেজেছে ঝুরি, যে খেলে সে ঝুরুছে তাই॥"—পাগলা কানাই। "কি মজার ফুল ফুটেছে ও রঙ্গের মাঝার। দেখ্‌তে ভয়ঙ্কর ভাস্‌ছে ফুল নিরাকার॥"—পাগ্‌লা কানাই। ৪। আনন্দ। প্র—বিজ্ঞানের মজা ছেলেদের উপভোগ করিতে দেন না"—সনাতনী। মজা না পেলে কি আর সব ছেড়ে ছুড়ে দিয়ে নির্জ্জনে গিয়া বসে আছে? ৫। [ব্যঙ্গার্থে] ক্লেশ; দুঃখ; লাঞ্ছনা। প্র—এইবার মজাটি টের পাবেন। **মজা উড়ান**—আমোদ আহ্লাদে সময় অতিবাহন করা। **মজা করা**—আমোদ করা; রগড় করা। **মজা চাখা**—দুঃখ আস্বাদন করা; কৃত কর্ম্মের কুফল ভোগ করা। **মজা দেখা**—বিপদের মুখ দেখা; বিপদে পড়া; জব্দ হওয়া। **মজা দেখান**—বিপদে ফেলা; জব্দ করা। **মজা নেওয়া**—আমোদ উপভোগ করা। ২। ফাঁকি দিয়া লাভ করা। প্র—"ছেলাম টেম্পল চাচা। আচ্ছা মজা নিলে।"—হেম বন্দ্যো। **মজা মারা**—আমোদ করা। ২। কষ্টের ভাগী না হইয়া সুখভোগ করা। প্র—"তৈয়ার অন্ন খান যাঁরা বড় মজা মারেন তাঁরা, মজা টের পান যদি ভান্‌তে হয় ধান।"—গান। **মজার কথা**—আমোদের কথা; কৌতুকের কথা। ২। বিস্ময়ের কথা।

মজাড়িয়া, মজাড়ে—বিণ. কৌতুকপ্রিয়; আমুদে।

মজাদার (র্‌) [ফা—মজ়াহ্‌দার্‌। উচ্চারণ বিকারে—মজিদার, মজেদার] বিণ. আমোদপ্রদ; আমোদজনক; কৌতুকজনক। ২। তৃপ্তিদায়ক; সুস্বাদু।

মজান (নো) [মজা ধাতুর ণিজন্তরূপ। উ-পু—মজাই। ম-পু—মজাও; মজান্‌; মজা। প্র-পু—মজায়; মজান্‌। অস-ক্রি—মজাইতে; মজাইয়া, মজিয়ে] ক্রি. নিমজ্জিত করা; ডুবান; জলমগ্ন করা। প্র—"এইরূপে লস্করে দুষ্কর হৈল বৃষ্টি। মানসিংহ বলে বিধি মজাইলা সৃষ্টি॥"—ভারতচন্দ্র। ২। মুগ্ধ করা; মনে ধরান; ভাল বাসান। প্র—"আঁখি কি মজাতে পারে, না হ'লে মন-মিলন।"—নিধু বাবু। ৩। অতিবাহিত করা; কাটান; ক্ষেপণ করা। প্র—"কিছু ঘুঁটে না পাইনু, মিছা বেলা মজাইনু এ ছার জীবনে কিবা ফল।"—অ, ম। ৪। বিপদে ফেলা। প্র—এইবার মজিয়েছে। ৫। নষ্ট করা। প্র—"আগে মান খোয়ালেম, কুল মজালেম"—অতুলকৃষ্ণ মিত্র। "কুল মজাবার নাটের গুরু"—গান। "মালতী মালতী মালতী ফুল মজালে মজালে মজালে কুল"—দীনবন্ধু মিত্র। **কুল মজান**—কুল নষ্ট করা; কুলে কলঙ্ক লেপন করা; কুল কলঙ্কিত করা। **কুল মজানে**—[কুল—মজানিয়া] বিণ. কুল কলঙ্কিতকারী; সাধারণতঃ কুল কন্যাকে কুল ত্যাগ করাইয়া তাহার কুল কলঙ্কিত করা। স্ত্রী. **কুল মজানী**—সাধারণতঃ যে কুলকন্যা করিয়া স্বীয় কুল কলঙ্কিত করে। **দয়ে মজান, দহে মজান** [মূলে কৃষ্ণ কর্ত্তৃক কালিয় নাগকে যমুনার কালিদহে ডুবান হইতে] গভীর জলে নিমজ্জিত করা। ২। [লক্ষণায়] বিষম বিপদে পাতিত করা। প্র—"হরিহোড় কান্দি কহে বুড়ী মজাইল দহে আজি বড় দেখি অনুপায়।"—ভারতচন্দ্র।

মজাল (ল্‌) [আ—মজাল্‌] বি. শক্তি; ক্ষমতা; সাধ্য। প্র—কি মজাল, এখান থেকে কেমন উঠে যাক্‌ দেখি।

মজুত, মজুদ (মোজুদ্‌) [আ—মৌজুদ্‌ (বিদ্যমানতা) । গ্রা—বাং—মজুত] বিণ. বর্ত্তমান। ২। সঞ্চিত; স্থিত। প্র—"মজুত অদ্ভুত যূথ জুঝে হাতে হাত।"—ঘনরাম।

মজুন্দার (মোজুন্‌দার্‌) [মজুমদার (দ্রঃ) অপভ্রংশে; অস—মজিন্দার ("a Secretary of the Assam Raja and his viceroy at Gauhati")] বি. পদবীবিশেষ। প্র—"ভবানন্দ মজুন্দার নিবাসে রহিব"—অ, ম।

মজুমদার (মোজুম্‌দার্‌) [ফা—মজ্‌মুআদার্‌, "majumadar, majumdar,—a native revenue accountant of a district subordinate to the amil or manager, * * he kept the accounts of the revenue settlements, audited those of the Kanungo, and possessed a general power of scrutinizing the revenue accounts and assets of his district.—*Wilson*. In Bengal, where the office is extinct, the name survives as a family surname under the form of mozoomdar, majumdar, or mazumdar."—*Glossary of Vernacular Judicial and Revenue Terms 1874*] বি. রাজস্বের হিসাবরক্ষক। ২। কুলপদবীবিশেষ।

মজুর (মোজুর্‌) [ফা—মজদুর্‌] বি. সামান্য শ্রমজীবী।

মজুরা (মো) [ফা—মজদুরি] বি. মজুরি; মজুরের বেতন; পারিশ্রমিক। প্র—এবার মজুরি হলোনা মজুরা চাব কি, কি জোরে করিব জোর গো।"—রামপ্রসাদ।

মজুরি, মজুরী (মো) [ফা—মজ্‌দুরি] বি. শ্রমজীবীর কর্ম্ম; মজুরের কাজ। প্র—"এমা দিতিস দিতাম নিতাম খেতাম মজুরি করিয়ে তোর"—রামপ্রসাদ। ২। মজুরের বেতন; মজুরা; পারিশ্রমিক। ৩। বানি; গড়নের মূল্য; গড়নদারের পারিশ্রমিক।

মজ্জন (মজ্‌জন্‌) [মস্‌জ্‌ (ডুবা) + অন (ভাবে—অনট্‌)] বি. স্ত্রী. মগ্ন হওন; নিমজ্জন; ডুবন। ২। অবগাহন; স্নান। ৩। মজ্জা।

মজ্জমান (ন্‌) [মজ্জন দ্রঃ] বিণ. যে ডুবিতেছে; মজ্জনোন্মুখ। প্র—"কিন্তু মজ্জমান জন শুনিয়াছি, ধরে তৃণে, আর কিছু যদি না পায় সম্মুখে।"—বীরাঙ্গনা।

মজ্জা [সং—মজ্জ্‌ (ডুবা) ধাতুজ। প্রা-বাং। আধু-বাং মজা (দ্রঃ)] ক্রি. নিমজ্জিত হওয়া; স্নান করা; অবগাহন করা। প্র—"মজ্জিয়া গঙ্গায় বিশ্বম্ভর কুতূহলী।"—চৈতন্য-ভাগবত।

মজ্জা [মস্‌জ্‌ (অস্থি প্রভৃতির মধ্যে মগ্নহওন) + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে অঙ্‌) স্ত্রী—আপ] বি. স্ত্রী. অস্থির ভিতর যে কোমল স্নেহময় পদার্থ থাকে; marrow. **মজ্জাগত**—বিণ. অন্তর্নিহিত। **মজ্জারস**—বি. পুং. রেতঃ; শুক্র। **মজ্জাসার**—জাতীফল।

মঝু (মোঝু) [সং—মহ্যং; হি—মুঝ। বর্ণ-বিপর্য্যয়ে—মঝু। প্রা-পদ-সা] স. আমার। প্র—"আজু মঝু শুভদিন ভেলা"—বি, প। "নাগদমন মঝু নাম"—গোবিন্দ।

মঞ্চ (মোন্‌চ্‌) [মন্‌চ্‌ (উচ্চ হওয়া) + অ (কর্ত্তৃ, অন)] বি, পুং, উচ্চ স্থান; উচ্চমণ্ডপ। ২। মাচা; টঙ্গ। ৩। বেদী। **মঞ্চপ**—গোলা; শস্য রাখিবার স্থান।

মঞ্চনিকা (মোন্‌ছোনিকা) বি. দুর্গের প্রাচীর বা দ্বারাদি ভগ্ন করিবার জন্য ঢেঁকি কলের ন্যায় যন্ত্রবিশেষ; battering ram. প্র—"একদিকে মঞ্চনিকে মারে ঝিঁকে ধেয়ে।"—পদ্মিনী-উপাখ্যান।

মঞ্ছাল (মোন্‌ছাল্‌) [সং—মনঃশিলা] বি. মনঃশিলা; পর্ব্বত নিঃসৃত রক্তবর্ণ ধাতুবিশেষ।

মঞ্জরা [মঞ্জরি দ্রঃ। উ-পু—মঞ্জরি। ম-পু—মঞ্জর। প্র-পু—মঞ্জরে। অস-ক্রি—মঞ্জরিতে মঞ্জরিয়া; মঞ্জরি] ক্রি. মঞ্জরিত হওয়া মুকুলিত হওয়া। বিণ. **মঞ্জরিত**—মুকুলিত। ২। অঙ্কুরিত।

মঞ্জরি, মঞ্জরী (মোন্‌জোরী) [সং] বি. স্ত্রী. কোনও একটী বৃন্তে অনেকগুলি উপবৃন্ত; পত্র বা পুষ্প অবস্থিত থাকিলে তাহাকে মঞ্জরি বলে; পল্লবাঙ্কুর। ২। মুকুল; কুঁড়ি। ৩। শীষ।

মঞ্জি, মঞ্জী (মোন্‌জি) [সং] বি, স্ত্রী, পল্লব-অঙ্কুর ; মঞ্জরী। **মঞ্জিফলা** (মো) বি, স্ত্রী, কদলী ; কলা।

মঞ্জিকা (মোন্‌জিকা) [সং] বি, স্ত্রী, বারাঙ্গনা।

(মোন্‌জিমা) [মঞ্জু + ইমন্ (ভাবে) = মঞ্জিমন্, ১মা, ১ব] বি, পুং, সৌন্দর্য্য।

মঞ্জিয়া (মো) [প্রা-বাং। মুদিয়া ও বুজিয়া পদদ্বয়ের শব্দ ও অর্থ মিশ্রণে] অস-ক্রি, মুদ্রিত করিয়া। প্র—"চক্ষু মঞ্জিয়া যোগাইবেন বেখ্যার বাপেন পানী।"—মাণিকচাঁদের গান। [দ্রঃ —বাপেন পানি = শৌচের জল]।

(মো) বি, স্ত্রী, রক্তবর্ণ লতাবিশেষ।

মঞ্জীর (মোন্‌জির্) [মন্‌জ্ (শব্দ করা) + ঈর (কর্ত্তৃ)] বি, নূপুর ; মল ; চরণালঙ্কার। প্র—"মণিময় মঞ্জীর পায় দুরহি তেজি চলি যায়।"—বি, প। "চরণ নখরে বিধু বিরাজিত, মণির মঞ্জীর তায়।"—চণ্ডীদাস।

(মোনজিল) [মন্দ্ (শব্দ করা) ঈল (অধি)] বি, পুং, অট্টালিকা ; বাড়ী।

ঞ্জু (মোন্ জু) [মন্‌জ্ (মার্জ্জন করা) + উ কর্ত্তৃ] বিণ, মনোহর ; সুন্দর ; মনোজ্ঞ। প্র—"ফুটিছে কুসুমকুল, মঞ্জু কুঞ্জবনে রে যথা গুণমণি।"—ব্রজাঙ্গনা। **মঞ্জুকেশী** [সম্বোধনে—মঞ্জুকেশি] বিণ, সুকেশ ; মনোহর কেশবিশিষ্ট। প্র—"ফাটে বুক জটাজুট হেরি তব শিরে মঞ্জুকেশি।"—মেঘনাদ। ২। বি, পুং, কৃষ্ণ। প্র—প্রেমাধীনা নারীকুল ডরে কিহে দিতে জলাঞ্জলি মঞ্জুকেশি—বীরাঙ্গনা কাব্য। **মঞ্জুকেশিনী**—সুকেশা ; সুন্দরী। প্র—"তুমি, হে মঞ্জুকেশিনী শচী"—মেঘনাদ (ইণ্ডিয়ান প্রেস সংস্করণ)। **মঞ্জুগমনা**—বি, স্ত্রী, হংসী। ২। বিণ, যে নারীর সুন্দর চলন। **মঞ্জুপাঠক**—বি, পুং, শুকপক্ষী। ২। বিণ, সুপাঠক ; যে সুন্দররূপে পাঠ করিতে পারে। **মঞ্জুভাষী**—বিণ, মিষ্টভাষী ; মধুরভাষী। স্ত্রী, **মঞ্জুভাষিণী**—ত্রয়োদশাক্ষর ছন্দোবিশেষ। ২। মধুরবাদিনী ; সুবচনী। প্র—"বিমলমানস সরসবাসিনী, শুক্লবসনা শুভ্রহাসিনী ; বীণাগঞ্জিত মঞ্জুভাষিণী, কমলকুঞ্জাসনা।"—রবি। **মঞ্জুহাসিনী**—বি, স্ত্রী, ত্রয়োদশাক্ষরপাদক ছন্দোবিশেষ। ২। বিণ, সুহাসিনী ; মধুর হাস্যযুক্তা নারী।

মঞ্জুঘোষ (মোন্‌জু) [মঞ্জু (মনোহর) যে ঘোষ (শব্দ)—কর্ম্মধা] বি, পুং, সুস্বর ; মনোহর ধ্বনি ; মধুর ধ্বনি। ২। জৈন দেবতাবিশেষ। ৩। মঞ্জুশ্রী। ৪। তান্ত্রিক সাধকের উপাস্য দেবতাবিশেষ। ৫। বিণ, মনোহর ধ্বনিযুক্ত ; সুস্বরবিশিষ্ট ; স্ত্রী, **মঞ্জুঘোষা**।

মঞ্জুর (মোন্‌জুর্) [আ—মন্‌জুর্] বিণ, অনুমোদিত। ২। গৃহীত। [বিপরীত—নামঞ্জুর]। **মঞ্জুরী**—[ফা—মন্‌জুরী] সম্মতি ; স্বীকার। ২। অঙ্গীকার।

মঞ্জুল (মোনজুল) [মঞ্জু + ল (অস্ত্যর্থে)] বি, স্ত্রী, কুঞ্জবন ; নিকুঞ্জ। প্র—"বঞ্জুল মঞ্জুলে।" —বীরাঙ্গনা কাব্য (মাইকেল)। ২। শৈবাল ; শেওলা। ৩। বিণ, সুন্দর ; সুদৃশ্য ; মনোজ্ঞ। প্র—"হাসিল ফুলকুল মঞ্জুল মঞ্জুল" —বৃত্রসংহার। ৪। উপযুক্ত ; সমীচীন। বি, **মঞ্জুলতা**—সৌন্দর্য্য ; মনোহারত্ব।

মঞ্জুশ্রী (মোনজুস্‌স্‌হ) বি, মঞ্জুঘোষ। ২। জৈন দেবতাবিশেষ।

মঞ্জুষা, মঞ্জূষা (মোনজুষা) [সং] বি, স্ত্রী, বেত্রাদি নির্ম্মিত পেড়া ; পেটিকা। ২। পার্ব্বত্য লতাবিশেষ ; মঞ্জিষ্ঠা।

মট্ (মট্) [শব্দাত্মক। শব্দাধিক্যে—"মড়"। ব্যাপ্ত্যর্থে মট্‌মট্] বি, অনুকার শব্দ ; শুষ্ক বৃক্ষশাখাদি অস্থি প্রভৃতি কঠিন দ্রব্য ভগ্ন হইবার শব্দ।

মট (ট্) [প্রথমে মঠ বা মন্দিরাকৃতিতে নির্ম্মিত হইত বলিয়া এই নাম] বি, চিনির খেলনা ; মিষ্টান্নবিশেষ।

মটকা (ট্) [হি—মস্তক—মটুক। মটকী (দ্রঃ) বৃহদর্থে মটকা] বি, শীর্ষ ; চূড়া ; তৃণাচ্ছাদিত গৃহের অগ্রভাগ। ২। মস্তক। ৩। ঘৃত রাখিবার বৃহৎ মৃৎপাত্র।

মটকা (ট্) [হি—মোট্‌কা (মোটা) + আ (তুচ্ছার্থে) শব্দ হইতে। গরদের সূতা অপেক্ষা মোটা রেশমের সূতা বলিয়া এই নাম] বি, মোটা সূতার তসর কাপড়।

মটকান (মট্‌কানো) [হি—মট্‌কানা। মট শব্দে। উ-পু—মটকাই। ম-পু—মটকাও। প্র-পু—মটকায়। অস-ক্রি—মটকাইতে মটকাইয়া, মটকে (মো)] ক্রি, মট করিয়া শব্দ হয় এমন ভাবে ভগ্ন করা বা মুচড়ান বা দুমড়ান। ২। মুদ্রিতপ্রায় করা। **আঙ্গুল মটকান**—অঙ্গুলি মোটন করা ; অঙ্গুলি পর্ব্বে মোচড় দিয়া শব্দ করা। **আঙ্গুল মটকাইয়া গালি দেওয়া**—অঙ্গুলি মোটন শব্দবৎ ঘাড় মটকাইবার ইঙ্গিত করিয়া মৃত্যু কামনারূপ অভিশাপ দেওয়া।

মটকী (মোট্‌কী) [সং—মৃত্তিকা হইতে মার্ত্তিক (মৃন্ময় পাত্রবিশেষ) হি—মড়্‌কী] বি, মাটির বড় কলস। ২। মস্তক। **ঘিয়ের মটকী**—ঘৃত রাখিবার মটকী ; ঘৃতভাণ্ড। **মটকীর ঘী**—মাটীর জালায় বা কলসে রক্ষিত ঘৃত। ২। মাথার ঘী ; মস্তিষ্ক।

মটন্ [ইং—mutton] বি, মেষমাংস। **মটন্‌চপ্**—মেষপঞ্জরের মাংস খুড়িয়া ভাজা।

মটমট (মট্‌মট্) [শব্দাত্মক] বি, খুব শুষ্ক অথবা ঠুন্‌কা বস্তুর ভঞ্জন শব্দ। ২। ক্রি-বিণ, অবলীলা ক্রমে ; অসঙ্কোচে। ৩। গর্ব্বে বা অহঙ্কারে আড়ষ্ট ; অবিনীত। বিণ, **মটমটে**।

মটর (মটোর্, মটর্) [হি] বি, শিম্বীজাতীয় শস্যের শুঁটির ভিতরে জাত ক্ষুদ্র গোলাকার দানা ; মটর কড়াই। প্র—"কোন দিকে কোন লক্ষ্য না করে পড়ি গেল লোক বিকট হাঁ করে, মটর কড়াই—মিশায়ে কাঁকরে চিবাইল যেন দাঁতে"—রবি। ২। [ব্যঙ্গার্থে] মটরের ন্যায় ক্ষুদ্র।

মটরু (মোটরু) [গ্রা। মটর + উআ (সাদৃশ্যার্থে)] বি, মটরবৎ ক্ষুদ্র শিশুর আদরের নাম।

মটী (মোটি) [মটকী দ্রঃ—ক্ষুদ্রার্থে মটী] বি, মৃন্ময় পাত্রবিশেষ ; তৈলাদি রাখিবার মৃত্তিকা নির্ম্মিত ভাণ্ড।

মটুক (মোটুক) [মুকুট শব্দজ] বি, শিরোভূষণ ; কিরীট ; মুকুট।

মট্‌কা মারা—ক্রি, ভাণ করা ; কপট নিদ্রার ছল করা। প্র—"যোগী বুড়া সেই ঘরে শুয়ে ছিল অন্ধকারে, ভগবতী বুকে দিল পা। দ্বিজ রামেশ্বরে কয়, মট্‌কা মারি বুড়া রয়, শঙ্করীর শিহরিল গা।"—শিবায়ন।

মঠ (মঠ্) [মঠ্ (আশ্রম) + অ (অধি—অল্)] বি, পুং, বিদ্যার্থীদিগের আশ্রম ; টোল ; পাঠশালা। ২। সন্ন্যাসী বা সন্ন্যাসিনীদিগের আশ্রম ; আখড়া। ৩। মন্দির ; দেউল। **মঠধারী, মঠাধ্যক্ষ** (ঠ্, মঠাধ্‌ধোক্‌খ) বি, মঠনায়ক ; মঠাধ্যক্ষ ; মঠস্বামী। স্ত্রী, **মঠধারিণী**। **মঠাধ্যক্ষতা**—বি, মঠের অধিনায়কতা।

মড়ক (ক্) [মরক শব্দজ] বি, মহামারী।

মড়কচা (ড়) [প্রাদে] বি, খোড়ো ঘরের মট্‌কা।

মড়ঞ্চিয়া [মড়াঞ্চিয়া দ্রঃ] বিণ, মৃতবৎসা। **মড়ঞ্চে পোয়াতি**—যে নারীর সন্তান হইয়া বাঁচে না।

মড়মড় (মড়্‌মড়্) [মৃদ বা মর্দ্দ ধাতুজ মর্ম্মর শব্দের রূপান্তর ; কঠিনার্থে র = ড়] বি, শুষ্ক বৃক্ষ শাখা পল্লবাদির মর্দ্দন শব্দ। বিণ, **মড়মড়ে**।

মড়মড়ি (মড়্‌মোড়ি) বি, মামড়ি, দগ্ধস্থান বা পোস প্রভৃতি চর্ম্মরোগের উপরকার শুষ্ক মাংস।

মড়ল, মোড়ল (ল্, ল্) [মৌল বা মণ্ডল শব্দজ] বিণ, গ্রামনায়ক ; মণ্ডল।

মড়া [মরা শব্দজ] বি, শব ; মৃতদেহ। প্র—"ব্যাধিতে কর্কে জ্বরা ছাড়লে প্রাণ বলবে মড়া পরিবার দেবে ছড়া ভেসে নয়ন জলে।"—বাং-গান। "দুহাতে ধরিআ মড়া তুলিআ লইল।"—শূ-পু। মড়ার উপর খাঁড়ার ঘা—মৃতদেহের উপর খড়্গাঘাত। ২। [লক্ষণায়] যন্ত্রণায় কাতর বা উৎপীড়িত ব্যক্তির প্রতি অত্যাচার বৃথা এবং অশিষ্ট। মড়াখেগো—বিণ, অতিকৃশ। প্র—"কতক গুলি মড়াখেগো ঘোড়া লইয়া তিনিই প্রথমে বাঙ্গালী সার্কাসের সূত্রপাত করেন।"—ভারতী ১৩২০।

মড়াই [প্রা-বাং] বি, নিকট। প্র—"ব্রহ্মাকু মড়াই বর মাগিলাকে যহ।"—গোবিন্দচন্দ্রের গীত।

মড়াঞ্চিয়া, মড়াঞ্চে, মড়ুঞ্চে [মড়া (মরা—মৃত)+ছাঁ (বৎস)+ইয়া=মড়া-ছাঁইয়া—মড়াছেঁয়ে চৈ-মঙ্গলে—মড়াছিয়া] বিণ, মৃতবৎসা।

মড়িচা (মো) [ফা—মোর্‌চা] বি, লৌহমল।

মড়িপোড়া, মড়ুইপোড়া (মো) [প্রা। মড়া পোড়া (পোড়ানিয়া পোড়াইয়া হি—পোড়উআ—বর্ণবিপর্য্যয়ে)] বি, শবদাহে সাহায্য-কারী পতিত ব্রাহ্মণ ; অগ্রদানী ব্রাহ্মণ ; গঙ্গাপুত্র।

মড়িয়ামারা, মড়েমারা (মো) [প্রা। সং—মাড়ি (দৈন্য)—য়া (যুক্তার্থে)—মারা (সাদৃশ্যার্থে, তুল—আটিয়া—আটে। প্র—রোগাটে, ঘোলাটে)] বিণ, দীনভাবাপন্ন। ২। অতিশয় কৃপণ। ৩। [মাড়ি (পাতার শির) অথবা মড়া হইতে] শিরাল দেহ। ৫। শীর্ণ ; শুষ্ক ; মৃতবৎ।

মড্ডুক (মোড্‌ডুক্) [সং] বি, আনদ্ধ যন্ত্র-বিশেষ।

মণ (মোন্) [অর্ব্বাচীন সং। আ—মন্] বি, চল্লিশ সের ওজন। বিণ, মণা, মুণে—মণ পরিমিত ; যাহাতে ১ মণ ধরে। প্র—তিন মুণে বস্তা। মনকিয়া, মুনকে (প্রা)—এক মণ পরিমিত। ২। মণ পরিমাণঘটিত গণিত। মণকষা—মণ সম্বন্ধীয় গণিত।

মণি (মোনি) [সং] বি, বহুমূল্য দীপ্তিশালী প্রস্তর ; রত্ন। ২। চূড়াগ্র ; সূক্ষ্মাগ্র। মণিকঙ্কণ—রত্নবলয়। প্র—"এক হাতে শোভে মণিকঙ্কণ"—অ, ম। মণিকাচ—স্ফটিক। ২। বাণপুঙ্খ। মণিকাঞ্চন—রত্ন ও স্বর্ণ। ২। সদৃশ যুগল। মণি-কাঞ্চন যোগ—স্বর্ণের সহিত মণির মিলন বা সংযোগের ন্যায় শোভন ও উপযুক্ত। মণিকুট্টিম—মণিময় গৃহ। মণিকুণ্ডল—মণিময় কর্ণাভরণ। প্র—"এক কাণে শোভে মণিকুণ্ডল।"—অ, ম। মণিকূট—রত্নগিরি। মণিপ্রভা—রত্নের আভা। মণিবেদী—রত্নময় আসন। প্র—"মণি-বেদী পরে চিন্তামণি ঘরে বসি গৌরী ত্রিপুরারি।"—অ, ম। মণিমণ্ডপ—রত্নময় গৃহ ; মণিকুট্টিম ; পীঠস্থান। মণি-মণ্ডিত—রত্নখচিত ; মণিজড়িত। মণি-মাণিক্য—মণিরত্ন দ্রঃ। মণিমালা—রত্নময় হার। ২। দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ। ৩। দীপ্তি। ৪। কমলা। মণিরত্ন—বহুমূল্য প্রস্তরাদি। মণিরাগ—রত্নকান্তি। ২। হিঙ্গুল। মণিসর—মুক্তার মালা ; রত্নহার। মণিহার—মনিহারী দ্রঃ। মণিহারা—যাহার মণি হারাইয়া গিয়াছে। মণিহারা ফণী—যে সর্পের মাথার মাণিক হারাইয়া গিয়াছে।

মণিকর্ণিকা (মোনিকোর্‌নিকা) বি, স্ত্রী, কাশীস্থ তীর্থস্থান (চিন্তামণি মহেশ্বর কাশীবাসী মুমূর্ষু সাধুদিগের কর্ণে তারকব্রহ্ম নাম দিয়া তাহাকে ত্রাণ করেন বলিয়া এই তীর্থের নাম মণিকর্ণিকা। মতান্তরে—মহাদেবের কর্ণ হইতে মণিময় কর্ণিকা পতিত হইয়াছিল বলিয়া এই নাম হইয়াছে)। প্র—"মণিকর্ণিকার জলে স্নান করি কুতূহলে অন্নদামঙ্গল ছলে হরগুণ গাব।"—অন্নদামঙ্গল। ২। মণিময় কর্ণভূষণ।

মণিকার (মোনিকার্) [মণি (রত্ন) কৃ (করা)+অ (কর্ত্তৃ—অন্) যে করে (উপপদ)] বি, পুং, জহুরী ; রত্নবণিক ; মণিপরীক্ষক। ২। মণিপরিষ্কারক। ৩। স্বর্ণকার ; স্যাকরা। প্র—"ক্ষুদ্র হাতুড়িটি নিয়ে শুধু রাত্রি দিন দীপ জ্বালি অন্ধগৃহে ওগো মণিকার! সন্তর্পণে গড়িতেছ স্বর্ণ চন্দ্রহার।" ৪। ন্যায়চিন্তামণি-গ্রন্থপ্রণেতা।

মণিকোটা,—কোঠা (মো) [মণিকুট্টিম শব্দজ] বি, স্ত্রী, মণিময় অট্টালিকা ; রত্নহর্ম্ম্য। প্র—"শুচি হয়ে কর ফোঁটা প্রদক্ষিণ মণিকোটা কর ভাই বৈকুণ্ঠে মন্দির।"—কবিক। "শ্মশান পেলে সুখে ভাস তুচ্ছ বাস মণি কোঠা।"—কমলাকান্ত।

মণিত (মো) [মণ্ (শব্দ করা)+ত (ভাবে—ক্ত)] চুম্বনাদি ধ্বনি। ২। রতি সময় স্ত্রীগণের অব্যক্ত শব্দ।

মণিদ্বীপ (মোনিদ্‌দীপ্) [মণি (মণিময়, বা প্রচুর মণিবিশিষ্ট) দ্বীপ, এই দ্বীপে বিস্তর মণি আছে বলিয়া] বি, পুং, ক্ষীর সমুদ্র মধ্যস্থ দ্বীপবিশেষ।

মণিপুর (মোণিপুর্) [মণি (রত্ন) পুর (পূর্ণ)] বি, পুং, উত্তরবঙ্গস্থিত দেশবিশেষ। ২। স্ত্রী, ষট্‌চক্রান্তর্গত নাভির মধ্যস্থ চক্র ; নাভিপদ্ম। ৩। নাভিস্থল।

মণিপুষ্পক (মোনিপুষ্‌পক্) বি, পুং, সহদেবের শঙ্খ।

মণিবন্ধ (মোনিবন্ধ) [মণি (কব্জা) যে বন্ধ (কর্ম্মধা)] বি, পুং, করগ্রন্থি ; হাতের কব্জা ; প্রকোষ্ঠ। প্র—"মণিবেদে মণিবন্ধ পড়িল তাঁহার। স্থাণু নামে ভৈরব সাবিত্রী দেবী তাঁর।"—অ, ম।

মণিমা (মোনি) [আ—মুনীম্ (দয়াময়), মুনীম্-ই-হকীকী (ঈশ্বর) ; আ—মুনীব্ (প্রভু)] বি, দয়াময়। ২। প্রভু ; ঈশ্বর।

মণিমান্ (মোনিমান্) [মণি (রত্ন)+মৎ (অস্ত্যর্থে—মতু)=মণিমৎ ১মা, ১ব] বিণ, মণিভূষিত ; রত্নমণ্ডিত ; রত্নবিশিষ্ট। ২। বি, পুং, দিনমণি ; দিবাকর। ৩। নৃপতি-বিশেষ। ৪। রাক্ষস। ৫। যক্ষবিশেষ। ৬। দানববিশেষ। ৭। নাগবিশেষ।

মণিভদ্র (মোনিভদ্‌দ্র) বি, পুং, যক্ষবিশেষ। ২। বণিক্‌বিশেষ।

মণিয়া (মোনিআ) [হি] বি, বিবিধ বর্ণের ক্ষুদ্র-জাতীয় পক্ষিবিশেষ। ২। বিণ, মণ সম্বন্ধীয়।

মণিহারী (মোনি) [হি। বাং-প্রা—মনোহারী] বি, রত্নবণিক ; মণিমুক্তাদির ব্যবসায়ী। ২। মণির মত উজ্জ্বল কাচাদি নির্ম্মিত সৌখিন খেলনা, কাগজ, কালী, কলম প্রভৃতি খুচরা দ্রব্য বিক্রেতা। মণিহারী দোকান—সৌখিন খেলনা, কাগজ পেন্সিলাদি খুচরা জিনিসের দোকান।

মণীচক (মোনিচক্) বি, স্ত্রী, রত্নবিশেষ ; চন্দ্রকান্ত মণি। ২। পুং, মাছরাঙ্গা পাখী।

মণ্ড (মোন্ড) [সং] বি, পুং-স্ত্রী, মাড় ; ফেন ; কাথ। ২। সারভাগ। ৩। দধি-সার। ৪। গাদ। ৫। রেড়িগাছ। ৬। পিচ্ছ। স্ত্রী, মণ্ডা—সুরা।

মণ্ডন (মোন্‌ডন্) [মণ্ড (ভূষিত করা)+অন (করণে—অনট্)] বি, ক্লী, অলঙ্কার ; আভরণ ; ভূষণ। ২। [+অন (ভাবে—অনট্)] অলঙ্করণ ; প্রসাধন। প্র—"তোমার গমন শুনি করিনু মণ্ডন।"—কাশী-মহা-আদি।

মণ্ডণমিশ্র (মোন্‌ডন্‌মিস্‌স্র) বি, পুং, জনৈক প্রসিদ্ধ বৌদ্ধ পণ্ডিত।

মণ্ডপ (মোন্‌ডপ্) [মণ্ড—পা (পালন করা) +অ (কর্ত্তৃ—ড)] বি, পুং-ক্লী, মন্দির ; দেবালয়। ২। বিশ্রামগৃহ ; চণ্ডীমণ্ডপাদি বিশ্রামস্থান। ৩। অল্পকালের নিমিত্ত নির্ম্মিত বাসস্থান। ৪। বিণ, ফেনপায়ী।

মণ্ডরী (মো) বি, স্ত্রী, ঘুরঘুরিয়া পোকা।

মণ্ডল (মোন্ডল্) [সং] বি, পুং, ক্লী, চক্র। ২। চন্দ্র সূর্য্যের ছটার পরিধি ; সূর্য্যবিম্ব ; চন্দ্রবিম্ব। ৩। গোল। ৪। অরি মিত্রাদি দ্বাদশপ্রকার রাজা। ৫। কৃত্রিম রেখাদি দ্বারা রচিত আসনবিশেষ। ৬। রাজ্য। ৭। দেশ। ৮। স্থান। ৯। বিভাগ। ১০। ধনুর্দ্ধরদিগের স্থানবিশেষ। ১১। সর্প ; নাগ। ১২। কুক্কুর। ১৩। সমূহ ; পুঞ্জ ; বৃন্দ ; দল। প্র—"দেখা কৈল যত প্রজা গোমস্তা মণ্ডল"—অন্নদামঙ্গল। ১৪। পদবীবিশেষ। ১৫। [গ্রা—মোড়ল] গ্রাম্য প্রজাদিগের মুখপাত্র ; গ্রামনায়ক ; গ্রামের প্রধান ব্যক্তি। ১৬। [জমীঃ পরিঃ] জমীদারের প্রতিনিধিস্বরূপ গ্রামের খাজনা আদায়কারক ও মহলের রক্ষণাবেক্ষণকারী প্রজা। এই কার্য্যের জন্য মণ্ডল অল্পকর বা নিষ্কর জমী ভোগ করিয়া থাকে। মণ্ডলমধ্য —চক্রমধ্য। মণ্ডলাকার—গোলাকৃতি ; চক্রাকার। মণ্ডলাধীশ—চতুঃশত যোজন-ব্যাপী প্রদেশের অধিপতি ; মণ্ডলেশ্বর। মণ্ডলায়িত—বর্ত্তুলাকার ; চক্রাকার। মণ্ডলিয়া—গ্রামের মণ্ডলের প্রাপ্য। প্র—"পরম্পরা আছে মোর মণ্ডলিয়া তোলা।"—কবিক। মণ্ডলেশ, মণ্ডলেশ্বর—রাজ-চক্রবর্ত্তী ; মণ্ডলাধীশ।

মণ্ডলক (মোন্ডলক্) [মণ্ডল+ক (স্বার্থে)] বি, ক্লী, মণ্ডলাকার সৈন্য-রচনা ; চক্রব্যূহ। ২। সূর্য্য ও চন্দ্রের ছটার পরিধি ; চন্দ্র ও সূর্য্যের বিম্ব ; মণ্ডল। ৩। মুকুর ; দর্পণ। ৪। কুষ্ঠরোগবিশেষ।

মণ্ডলী (মোন্ডলী) [মণ্ডল=ইন্ (অস্ত্যর্থে) =মণ্ডলিন্ ১মা, ১ব] বি, পুং, চাকলাদার। ২। সূর্য্য। ৩। সর্প। ৪। কুক্কুর। ৫। খট্টাশ। ৬। বিড়াল। ৭। ডুম্বুরবৃক্ষ। ৮। বটবৃক্ষ। ৯। চক্র। প্র—"ডাকুক শিবার দল মণ্ডলী করিয়া ঘোর"—গিরীন্দ্রমোহিনী। ১০। বিণ, চক্রাকারে সঙ্কুচিত বা ঘূর্ণিত ; মণ্ডলবিশিষ্ট। প্র—"নীলকণ্ঠ উড়ি ফিরে মণ্ডলী দিছেন শিরে, অন্নপূর্ণা ক্ষেমঙ্করী হয়ে।"—অ, ম। স্ত্রী, মণ্ডলিনী—দূর্ব্বা।

মণ্ডহারক (মোন্ডহারক্) [মণ্ড (অন্নাদির অগ্ররস)—হৃ (লওয়া) + অক—কর্ত্তৃ] বি, পুং, শৌণ্ডিক ; শুঁড়ি।

মণ্ডা (মো) [মণ্ডন হইতে নামধাতু। উ-পু —মণ্ডি। ম-পু—মণ্ড। প্র-পু—মণ্ডে। অস-ক্রি—মণ্ডিতে, মণ্ডিয়া] ক্রি, মণ্ডন করা ; ভূষিত করা। প্র—"ধন্য তুই পক্ষিকুলে, শিখণ্ডি ; শিখণ্ড তোর মণ্ডে শির যাঁর,"—বীরাঙ্গনা কাব্য (মাইকেল)।

মণ্ডা (মোন্ডা) [সং—মণ্ডল (গোল)—মণ্ডঅ—মণ্ডা। তুল—গোল্লা] বি, মিষ্টান্নবিশেষ ; সন্দেশ।

মণ্ডিত (মোন্ডিত) [মণ্ড্ (ভূষিত করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ভূষিত ; অলঙ্কৃত। প্র—"স্বধর্ম্ম মণ্ডিত বিধর্ম্ম খণ্ডিত ব্রাহ্মণ পণ্ডিত বৈদ্য"—ধর্ম্মমঙ্গল। ২। বেষ্টিত। ৩। জনৈক বৌদ্ধ রাজা।

মণ্ডুক (মোন্ডুক্) [মণ্ড্+উক (কর্ত্তৃ)] ভেক ; বেঙ। প্র—"জনমিআ মণ্ডুক জলে লাফালাফি জাএ।"—শূ-পু। ২। ঢাল ধরিবার স্থান।

মণ্ডূক (মোন্ডুক্) বি, পুং, মুনিবিশেষ। ২। দর্দ্দুর ; ভেক। স্ত্রী, মণ্ডূকী। মণ্ডুকবাদ্য —আনদ্ধ বাদ্যবিশেষ। মণ্ডূকপ্লুতন্যায় —ভেক যেমন লম্ফ দিয়া গমন করে সেইরূপ। মণ্ডূকসরঃ—মণ্ডুকপূর্ণ জলাশয়।

মণ্ডূর (মোন্ডুর্) [সং] লৌহমল।

মণ্ডোদক (মোন্ডোদক্) [মণ্ড—উদক (জল)] বি, ক্লী, পিঠালির জল। ২। বিবিধ বর্ণ।

মৎ [অস্মদ্ শব্দজ, বাং-য় ষষ্ঠীর একবচনান্ত] স, আমার ; মদীয়। অন্য শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া ব্যবহৃত হয়। প্র—মৎপ্রণীত। মল্লিখিত। মদ্ভক্ত।

মত (ত্) [মন্ (মনন করা, মনে করা) + ত (কর্ম্মে)] বি, সম্মতি। ২। অভিপ্রায় ; অভিসন্ধি। ৩। মনোগত ভাব। ৪। বিশ্বাস। প্র—ধর্ম্মমত। ৫। মন্তব্য ; অভিমত। প্র—নানা মুনির নানা মত। মত করা—সম্মত হওয়া। ২। অভিমত দেওয়া। মত দেওয়া —অভিমত প্রকাশ করা। ২। সম্মতি দান করা ; অনুমতি দান করা। ৩। অনুমোদন করা। ৪। পরামর্শদান করা। মত বদলান —অভিমত বা অভিপ্রায় পরিবর্ত্তন করা। মত লওয়া—অনুমতি লওয়া ; সম্মতি গ্রহণ করা। ২। অভিমত বা মন্তব্য গ্রহণ করা। ৩। পরামর্শ গ্রহণ করা।

মত [মন্ (বোধ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যুক্তিযুক্ত। ২। সম্মত। অভিমত। ৩। জ্ঞাত। ৪। প্রকার ; রকম।

মত (মতো, মোতো) [সং—মৎ হইতে প্রা-বাং—মন্ত। প্র—এমন্ত। তাহা হইতে মতন] বিণ, তুল্য ; সদৃশ ; সমান।

মতঙ্গ (মতংগ) [সং] বি, পুং, ঋষ্যমূক পর্ব্বতাশ্রমবাসী জনৈক ঋষি। ২। রাজর্ষি-বিশেষ। ৩। দানববিশেষ। ৪। চণ্ডাল। ৫। মাতঙ্গ ; হস্তী।

মতঙ্গজ (মতংগজ্) [মতঙ্গ (মুনিবিশেষ—জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ—ড) যে জন্মে (উপপদ)] বি, পুং, গজ ; হস্তী। প্র—"সবহু মতঙ্গজে মোতি নাহি মানি"—বি, প।

মতন (মতন, মোতোন্) [মত দ্রঃ] বিণ, তুল্য ; সম ; সদৃশ। ২। অনুরূপ ; অনুযায়ী। প্র—মনের মতন।

মতবাদ (দ্) [মত—বাদ (তত্ত্ব)] বি, মূল মত ; জীবনের কার্য্য পরিচালক মত ; principle.

মতবিরোধ (ধ্) [মতের বিরোধ, ৬তৎ] বি, মতানৈক্য ; ভিন্নমত ; স্বতন্ত্র অভিমত।

মতভেদ (মত্‌ভেদ্) [মতের ভেদ, ৬তৎ] বি, মতানৈক্য ; মতান্তর ; অন্যমত।

মতমত (তো) অ, সমান সমান ; ঠিক ঠিক।

মতলব (মৎলোব্) [আ—মৎলব্] বি, অভিপ্রায় ; উদ্দেশ্য। ২। অভিসন্ধি। ৩। স্বার্থ। মতলবী—কৌশলী ; ফন্দিবাজ। মতলব খানা—(নির্দ্দেশ অথবা বিশেষার্থে —খানা) বিশেষ স্বার্থ বা উদ্দেশ্য। প্র—"জান ত মতলবখানা যা ঠাওরানো গেছে সেটা ত সারা চাই"—ভারতী ১৩২১। মতলব-বাজ—[আ—মৎলব্ + ফা—বাজ্] বিণ, মতলবী ; ফন্দিবাজ। ২। স্বার্থপর। মতলব হাসিল—স্বার্থ সিদ্ধি।

মতান্তর (র্) [মত + অন্তর (ভিন্ন)] বি, ভিন্ন মত ; স্বতন্ত্র অভিমত ; অন্যমত।

মতাবলম্বন (মতাবলম্‌বন্) [মত + অবলম্বন বি, মতানুসরণ ; মতাশ্রয়।

মতাবলম্বী (মতাবলোম্‌বী) [মত + অবলম্বী] বিণ, মতানুসরণকারী ; মতানুবর্ত্তী। স্ত্রী, মতাবলম্বিনী।

মতামত (ত্) [মত + অমত] বি, মত এবং অমত ; সম্মতি অসম্মতি ; ইচ্ছা বা অনিচ্ছা।

মতায়েন (মোতাএন্) [মোতায়েন দ্রঃ] বি, নিযুক্ত।

মতালেক (ক্) মোতালেক দ্রঃ।

মতি (মো) [মন (বোধ করা) + তি (ভাবে —ক্তি)] বি, স্ত্রী, বুদ্ধি ; জ্ঞান। ২। স্মৃতি। ৩। অন্তঃকরণ। ৪। [+ ত (করণে—ক্ত)] চিত্ত ; মনঃ। প্র—"নিদ্রাভঙ্গে গজপতি, হরষিত মতি। পুনরায় রণোৎসাহে সমুৎসুক অতি॥" —রঙ্গলাল। "বিদ্যাপতি মতি মাতি"—বি,প। ৫। ইচ্ছা। ৬। পুষ্পবিশেষ। প্র—"কিআলা কেতকী মতি পলাস কাঞ্চন। আম জাম তুলিলেন্ত পূজিবাক নিরঞ্জন॥"—শূ-পু। ৭। মুক্তা। ৮। প্রকার ; রকম ; বিধ। মতি-মত—প্রকৃতি বা প্রবৃত্তি অনুসারে। প্র—"গৌরব করিলি যত সকলি হইবে হত মতি মত হইবেক গতি"—কবিক।

মতিগতি (মোতিগোতি) [মতি ও গতি] বি, উদ্দেশ্য ও প্রচেষ্টা ; বুদ্ধি ও প্রবৃত্তি। প্র—"যেমন তাদের গড়ন পিটন তেমনি মতি গতি তা দিকে লইয়া আত্মীয় স্বজন মুস্কিলে পড়িল অতি"—শিশু গ্রন্থাবলী। "জামাতার মতিগতি দেখিয়া বড় ছেলেটার শিক্ষার ভার পিতাই গ্রহণ করিয়াছিলেন।"—ভারতী ১৩২০।

মতিচুর (মোতিচুর্) [মতি (মুক্তার স্থায় দানা) —চুর (চূর্ণ)] বি, মিষ্টান্নবিশেষ ; মিহিদানার মিঠাইবিশেষ। প্র—"খোলা হতে নামে লুচি, টগবগ তাজা, জিবে গজা, পানতুয়া, ছানাবড়া, খাজা, মতিচুর, সরপুলি, আর সরভাজা।"—দেবেন্দ্র সেন।

মতিচ্ছন্ন (মোতিচ্ছোন্ন) [ছন্ন (উৎসন্ন, বিনষ্ট) মতি, শব্দ বিপর্য্যয়ে মতিচ্ছন্ন] বিণ, নষ্ট বুদ্ধি ; দুর্ম্মতি ; বুদ্ধিভ্রংশ।

মতিপ্রকর্ষ (মোতিপ্রোকর্ষ) বি, শ্রেষ্ঠবুদ্ধি ; বুদ্ধির উৎকর্ষ।

মতিবিভ্রংস (মোতিবিভ্রোংশ) [মতির—বিভ্রংশ] বি, পুং, উন্মাদ রোগ।

মতিভ্রংশ (মোতিব্ভ্রোংশ) [মতির ভ্রংশ] বি, বুদ্ধিহীনতা। ২। স্মৃতিশক্তির অভাব ; ভ্রম।

মতিভ্রম (মোতিব্ভ্রোম্) [মতির ভ্রম] বি, স্মরণশক্তিহীনতা। ২। বুদ্ধিভ্রংশ ; নষ্টবুদ্ধি।

মতিভ্রষ্ট (মোতিব্ভ্রোষ্ট) [মতি ভ্রষ্ট হইয়াছে যাহার, বহু] বিণ, উন্মাদ।

মতিভ্রান্ত (মোতিব্ভ্রান্ত) বিণ, উদ্‌ভ্রান্ত ; নষ্টবুদ্ধি। মতিভ্রান্তি—মতিভ্রম দ্রঃ।

মতিমান্ (মোতিমান্) [মতি+মৎ (অস্ত্যর্থে মতু)=মতিমৎ ; ১মা, ১ব] বিণ, পণ্ডিত ; সুধী ; বুদ্ধিমান্। স্ত্রী, মতিমতী—বুদ্ধিমতী।

মতিম, মোতিম (মো) [ব্রজ। মোতি (দ্রঃ) +সং—ময় (সংক্ষেপে ম)] বিণ, মুক্তার ; মুক্তাগ্রথিত। প্র—"বানর কণ্ঠে কি মোতিম মাল"—বি, প। "হৃদয়ে বিরাজিত মোতিম হার।"—গোবিন্দদাস।

মতিয়া (মো) [মোতিয়া দ্রঃ] বি, মুক্তা ; মতি। ২। বহুদল বেলফুলবিশেষ।

মতিষ্ঠ (মোতিষ্‌ঠো) [মতি—মৎ+ইষ্ঠ (অস্ত্যর্থে) ই ও মৎ লোপ] বি, সুবুদ্ধি ; জ্ঞানী।

মতিস্থৈর্য্য (মোতিস্থৈর্‌জো) বি, বুদ্ধির স্থিরতা। ২। সঙ্কল্পের দৃঢ়তা।

মতিহারী (মো) বি, বিহার প্রদেশান্তর্গত নগরবিশেষ। ২। তামাকবিশেষ।

মতিহীন (মোতিহীন্) বিণ, বুদ্ধিভ্রষ্ট। ২। স্মৃতিশক্তিহীন ; ভ্রান্ত। বি, মতিহীনতা।

মৎকুণ (মোৎকুন্) [সং] বি, পুং, ছারপোকা। স্ত্রী, মৎকুণা—অজাতলোম স্ত্রী-চিহ্ন।

মত্ত (মত্ত) [মদ্ (মত্ত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বি, পুং, কোকিল। ২। ক্রোধোন্মত্ত হস্তী। ৩। মহিষ। ৪। ধুস্তুরা ; ধতুরা। ৫। বিণ, প্রমত্ত ; মাতাল। ৬। উন্মাদ। ৭। হৃষ্ট ; ক্রুদ্ধ। ৮। হৃষ্ট। স্ত্রী, মত্তা—বিহ্বলা। ২। মদিরা। ৩। দশাক্ষরা ছন্দোবিশেষ।

মত্তকাশিনী, মত্তকাসিনী [মত্ত (উন্মত্ত) +কাশ্, সৃ (দীপ্তি পাওয়া)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) স্ত্রী—ঈপ্] বি, স্ত্রী, উন্মাদিনী ; উন্মত্তা নারী।

মত্ততা [মত্ত+তা (ভাবে)] বি, উন্মাদাবস্থা ; বুদ্ধিবিকার ; ক্ষিপ্ততা। ২। মাতামাতি ; উপদ্রব। ৩। নেশা।

মত্তবারণ (ন্) [মত্ত যে বারণ (হস্তী)—(কর্ম্মধা)] বি, উন্মত্ত হস্তী ; পাগলা হাতী। ২। ক্লী, বারাণ্ডা। ৩। প্রাঙ্গণের আবরণ ; চাঁদোয়া। ৪। আবৃত স্থান।

মত্তমান (ন)—মর্ত্তমান দ্রঃ।

মত্তা, মাত্তা [মুটের সহচর শব্দ। গ্রা] মোট-বাহক ; মুটে। প্র—"মোরে দেখ মুটে মত্তা মূরতি মর্কট।"—ঘনরাম।

মৎপরায়ণ (ন্) [মৎ—পরায়ণ (শ্রেষ্ঠ)] বিণ, আত্ম পরায়ণ।

মৎলব (ব্) [আ—মৎলব] বি, মতলব দ্রঃ।

মত্তালম্ব বি, পুং, বারাণ্ডা। ২। আবৃত স্থান।

মত্য [মতি (সমীকরণ)+য (সাধু অর্থে—যৎ)] বি, ক্লী, জ্ঞানচর্চ্চা। ২। কাস্তে লাঙ্গলাদির বাঁট। ৩। মই।

মৎস (মোৎশ) [মৎস্য দ্রঃ] বি, মাছ।

মৎসর (মৎশর্) [মদ্ (দ্বেষ করা, হৃষ্ট হওয়া) +সর (কর্ত্তৃ—সরন্)] বি, পুং, অসূয়া হিংসা। ২। দ্বেষ। ৩। পরশ্রীকাতরতা। ৪। রোষ, ক্রোধ। ৫। আত্মধিকার। বিণ, পরশ্রীকাতর। ৭। অসূয়াপরবশ। ৮। কৃপণ। ৯। ক্রুদ্ধ। স্ত্রী, মৎসরা—পরশ্রী-কাতরা। ২। মক্ষিকা।

মৎসরী (মৎশোরি) [সং] বিণ, দ্বেষকারী ; বৈরী। ২। পরশ্রীকাতর। ৩। ক্রূর। ৪। খল। ৫। দুর্জ্জন। ৬। রুষ্ট। স্ত্রী, মৎসরিণী।

মৎস্য (মোৎশ) [মদ্ (আনন্দিত হওয়া)+স্য (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—স্যন্) যাহারা জল পাইলে আনন্দিত হয়] বি, পুং, মাছ ; মীন। ২। বিষ্ণুর প্রথম অবতার। ৩। পুরাণবিশেষ ; মৎস্যপুরাণ। ৪। দ্বাদশ রাশির অন্যতম ; মীন রাশি। ৫। মৎস্য দেশ ; আধুনিক জয়পুর। স্ত্রী, মৎসী। মৎস্য করণ্ডিকা—খালুই ; মাছের চুপড়ী। মৎস্য জাল—মাছ ধরিবার জাল। মৎস্যজীবী—ধীবর ; জেলে। মৎস্যধানী—খালুই ; মাছ ধরিবার চুপড়ি। মৎস্যবেধন—বড়শী। স্ত্রী, মৎস্যবেধনী। মৎস্যরঙ্গ—মাছরাঙ্গা পাখী। মৎস্যরাজ—মৎস্য-দেশাধিপতি বিরাটরাজ। ২। রোহিত মৎস্য। মৎস্য সঙ্ঘ—মাছের ঝাঁক। মৎস্যাশী—আমিষভোজী ; মৎস্যভোজী। মৎস্যাসন—রুদ্রযামলোক্ত আসন।

মৎস্যগন্ধা (মোৎশোগন্‌ধা) [মৎস্যের উদরে জন্ম হেতু ইঁহার অঙ্গে মৎস্যের গন্ধ থাকায় মৎস্যগন্ধা নাম] বি, স্ত্রী, ব্যাসজননী ; যোজন-গন্ধা ; শান্তনু রাজমহিষী। ২। জলপিপ্পলী।

মথন [মন্থ্ (মন্থন করা)+অন্ (ভাবে—অনট্)] বি, ক্লী, আলোড়ন ; মন্থন। ২। ক্লেশ। ৩। দলন। ৪। বিণ, মথনকারী। ৫। বিনাশকারী ; বিনাশন। প্র—"কেশি-মথন কংসারে।"—বাসবদত্তা। ক্রি, মথা—মন্থন করা।

মথনি—বি, এক প্রকার চাটনি। প্র—"সূপ আদি ব্যঞ্জনভাণ্ড চৌদিগে ধরিল। তার পাশে দধি দুগ্ধ মাঠা শিখরিণী পায়স মথনি"—চৈতন্য-চরিতামৃত। ২। মন্থন দণ্ড।

মথিত (মো) [মন্থ্ (মন্থন করা)+ত (কর্ম্মে, ক্ত)] বি, নির্জ্জল দধি। ২। বিণ, আলোড়িত ; আন্দোলিত। ৩। ব্যাকুলিত। ৪। ক্লিষ্ট ; পীড়িত। ৫। হত। ৬। বিনষ্ট।

মথী (মো) [মথ্+ইন্ (অস্ত্যর্থে) মথিন্, ১মা, ১ব] বি, পুং, মন্থনদণ্ড।

মথুরা, মথূরা (মো) বি, স্ত্রী, মধু দৈত্য-নির্ম্মিত নগরী ; মধুপুরী বা মধুরা নগরী। (আর্য্য শূরসেনজাতির প্রথম উপনিবেশ কালে ইহার নাম হয় শূরসেনা ; পরে মহাভারতের যুগ হইতে ইহা মথুরা নামে অভিহিত হয়)। মথুরাধাম—মথুরাপুরী। ২। [ব্যঙ্গার্থে] শ্বশুর বাড়ী। মথুরেশ—[মথুরা+ঈশ] কৃষ্ণ।

মথ্যমান (মোথ্‌থোমান্) বিণ, যাহা আলোড়ন করা যাইতেছে ; যাহা মথিত হইতেছে।

মদ (দ্) [মদ্ (মত্ত হওয়া, হৃষ্ট হওয়া)+অল্] বি, পুং, হর্ষজনিত সম্মোহ। ২। আনন্দ। ৩। মত্ততা ; মদিরাকৃত মনোবিকার। ৪। উন্মত্ততা ; উন্মাদ। ৫। মদিরা ; সুরা। ৬। কস্তুরী। ৭। উন্মাদজনিত মৃগগণ্ডস্থল হইতে নিঃসৃত স্বেদ। প্র—"চক্ষে জিনি মৃগ ভালে মৃগমদ বিন্দু।"—অ, ম। ৮। রেতঃ। ৯। হস্তীর রগ ফাটিয়া যে পাটকিলা বর্ণের উৎকট গন্ধ জলস্রাব হয়। মদখোর [মদ—খোর (ফা)] বি, সুরাপায়ী ; মাতাল। মদগন্ধা—বি, স্ত্রী, সুরা। মদমত্ত হস্তী—যে হাতীর রগ ফাটিয়া মদস্রাব হইতেছে। [দ্রঃ—মদোন্মত্ত হস্তী দেখিতে অতিশয় সুন্দর বলিয়া সুন্দর পুরুষকুঞ্জরকে কবিগণ মদমত্ত বারণের সহিত উপমিত করেন]। মদমুকুলিতাক্ষী—হর্ষ হেতু আধ-নিমীলিতনয়না। মদলেখা—কামোদ্দীপক। প্র—"বাটাভরি বিড়াগুয়া কুঙ্কুম কস্তুরী চুয়া সুগন্ধি চন্দন মদলেখা।"—কবিক। মদস্রাবী—মদবর্ষী। মদাত্যয়—মদিরা-পানজনিত ব্যাধিবিশেষ। মদাতঙ্ক—অতিরিক্ত মদ্যপানজনিত আতঙ্ক রোগ।

মদক (ক্) বি, তন্দ্রাকর্ষক ঔষধবিশেষ।

মদকট (ট্) [সং] বি, পুং, মত্তকরী ; মদমত্ত হস্তী। ২। বৃষ। ৩। বিণ, মদোন্মত্ত ; মদোদ্ধত।

মদকল [মদ (মত্ততা)—কল (শব্দ করা) +অ (কর্ত্তৃ, অন্)] বিণ, মত্ততা হেতু মধুর অস্ফুট ধ্বনিকারী। প্র—"মদকল করী যথা পশে নলবনে।"—মেঘনাদ।

মদগর্ব্ব—বি, মত্ততা-হেতু অহঙ্কার ; দাম্ভিকতা। বিণ, **মদগর্ব্বিত**।

মদৎ, মদদ (দ্) [আ—মদদ্] বি, সহায়তা ; সাহায্য। **মদদগার**—বিণ, সাহায্যকারী ; সহায়তাকারক।

মদৎমাস, মদদ্‌মাস (শ্) [আ—মদদ্—ই মাআশ্ =উপজীবিকা ; ভরণপোষণোপায়] বি, বাদসাহী রাজত্ব কালে ধর্ম্মযাজকদিগের ভরণপোষণ জন্য ও দানাদি ধর্ম্ম কার্য্যের নিমিত্ত অল্প করে বা নিষ্করে প্রদত্ত জমি।

মদন (ন্) [মদ্+ণিচ্ =মদি (মত্ত হওয়া)+ অন (কর্ত্তৃ)] বি, পুং, কন্দর্প। ২। ভৃঙ্গ ; ভ্রমর। ৩। বসন্তকাল। ৪। বকুল গাছ। ৫। ময়না গাছ। ৬। ময়না ফল। ৭। ধুতুরা গাছ। ৮। মাষ কলায়। ৯। আঁকোড় গাছ। ১০। খয়ের গাছ। ১১। বিণ, মত্ততাজনক। স্ত্রী, **মদনা, মদনী**—সুরা। ২। মৃগনাভি। ৩। কামুকী। **মদন গোপাল**—শ্রীকৃষ্ণ। **মদন চতুর্দ্দশী**—চৈত্রমাসীয় শুক্লাচতুর্দ্দশী : মদনমহোৎসব তিথি। **মদন ত্রয়োদশী**—চৈত্রমাসীয় শুক্লাত্রয়োদশী। **মদনদহন**—কন্দর্পকে যিনি ভস্ম করিয়াছেন ; শিব। **মদন লতা**—ময়না নামক কণ্টক বৃক্ষবিশেষ। প্র—"মদন লতা জনু দংশল হাতী"—বি, প। **মদন ধর্ম্মোৎসব**—দোলোৎসব। **মদনলেখা**—প্রেমপত্র ; প্রণয়লিপি। **মদনাবস্থা**—কামদশা। **মদনোৎসব**—বসন্তোৎসব ; দোলপর্ব্ব। স্ত্রী, **মদনোৎসবা**—স্বর্গ-বেশ্যা।

মদাঢ্য (মদাড্ঢ) [মদ+আঢ্য] বি, পুং, তাল গাছ। ২। বিণ, মদযুক্ত। স্ত্রী, **মদাঢ্যা**—রক্ত ঝিণ্টী। ২। মদযুক্তা।

মদান্ধ [মদ দ্বারা অন্ধ (৩তৎ)] বিণ, দাম্ভিক ; অতি দর্পী। ২। মত্ততা হেতু সদসৎ জ্ঞানবিরহিত। বি, **মদান্ধতা**। স্ত্রী, **মদান্ধা**।

মদালস (শ্) বিণ, আবেশ-বিহ্বল। স্ত্রী, **মদালসা**—আবেশ-বিহ্বলা। ২। বি, চন্দ্রবংশীয় প্রতর্দ্দন রাজের ব্রহ্মবাদিনী মহিষী, অলর্কের মাতা।

মদির (মোদির্) [মদ্ (মত্ত হওয়া)+ইর (কর্ত্তৃ)] বি, পুং, মত্ত খঞ্জন পাখী। ২। বিণমত্ততাজনক। প্র—"দাও সখি, মদির চুম্বন।"—অশোকগুচ্ছ। "মত্ত মদির বাতাসে"—রবি। "মদির নয়নে বসন্ত হাসিবে"—ঐ।

মদিরা (মো) [মদির স্ত্রঃ] বি, স্ত্রী, মদ্যবিশেষ। ২। রক্ত খদির। ৩। দ্বাবিংশতি-অক্ষর ছন্দোবিশেষ। **মদিরাগৃহ**—মদের দোকান ; শৌণ্ডিকালয় ; মদের ভাঁটি।

মদিরাক্ষী, মদিরেক্ষণা (মোদিরাক্‌খী, মোদিরেক্‌খনা) [মদিরা (মত্ত খঞ্জনার মত) অক্ষি বা ঈক্ষণ যাহার (ম, প, লো—বহু) স্ত্রী—ঈপ্, আপ] বি, স্ত্রী, মত্তনয়না নারী ; সুলোচনা রমণী।

মদীয় (মো) [অস্মদ্+ঈয় (ইদমর্থে এক বচনে)] বিণ, মৎসম্বন্ধীয় ; আমার।

মদুয়া, মদো, মোদো (মোদুআ) [মদ+ উআ] বিণ, মাতাল ; মদখোর।

মদোৎকট (ট্) [মদ—উৎকট (যে ক্রুদ্ধ বা মত্ত হয়)] বি, পুং, মত্তকরী। ২। বিণ, দম্ভযুক্ত ; মদোদ্ধত ; গর্ব্বিত। স্ত্রী, **মদোৎকটা**—সুরা।

মদোদ্ধত [মদ দ্বারা উদ্ধত] বিণ, গর্ব্বোদ্ধত ; মদমত্ত। স্ত্রী, **মদোদ্ধতা**।

মদোন্মত্ত [মদ+উন্মত্ত] বিণ, মদগর্ব্বিত। ৩। মত্ততা হেতু জ্ঞানশূন্য। স্ত্রী, **মদোন্মত্তা**।

মদ্‌গু (মো) বি, রণতরীসমূহ। ২। পানকৌড়ী পাখী।

মদ্‌গুর, মদ্‌গুরক (মো, র্, ক্) বি, পুং মাগুর মাছ।

মদ্দ (মদ্দ) [ফা—মর্দ্] বি, পুং, পুরুষ। প্র—"মদ্দ যায় গোঠে মাঠে মেয়ে থাকে ঘরে।"—শিবায়ন। ২। বলিষ্ঠ লোক ; জোয়ানপুরুষ। ৩। বিণ, সাহসী ও বীর। স্ত্রী, **মদ্দানী**—পুরুষপ্রকৃতি নারী। তুল—মেয়ে-মদ্দানী।

মদ্দা [মদ্দ হইতে] বি, পুং, জন্তু ; নর। প্র—"মেয়েটা যেন মদ্দা মদ্দা"—গান (অমৃত বসু)। স্ত্রী, মাদা।

মদ্দানি, মর্দ্দানি [মদ্দ, মর্দ্দ+আনি (আচরণ)] বিণ, পৌরুষ ; পুরুষত্ব। প্র—"ডাক্তারের নারী কহে ভারি 'ত' মদ্দানি।"—হেম বন্দ্যো। ২। সাহসিকতা।

মদ্য (মোদ্দ) [সং] বি, ক্লী, মদিরা ; সুরা।

মদ্যপ, মদ্যপায়ী (মোদ্দপ্) [মদ্য (মদ) —প (যে পান করে) পা+অ (ড—কর্ত্তৃ)] বিণ, সুরাপায়ী ; মাতাল ; মদখোর।

মদ্র (মদ্‌দ্র) [মদ্ (হৃষ্ট হওয়া)+র (অধি)] বি, পুং, হর্ষ। ২। শুভ। ৩। পঞ্জাবের অন্তর্গত ইরাবতী ও চন্দ্রভাগা নদীর মধ্যবর্ত্তী প্রাচীন দেশ। প্র—"মদ্রদেশ নরপতি নাম তার অশ্বপতি অপুত্রক সেই নৃপবর।"—কবিক।

মদ্রক (মদ্দ্রক) [মদ্র+ক (উৎপন্নার্থে)] বিণ, মদ্রদেশজাত।

মধথ [ব্রজ। সং—মধ্যস্থ হইতে] বিণ, মধ্যস্থ। প্র—"তাহি মধথ পাঁচবাণ।"—বি, প।

মধু (মো) [সং] বি, পুষ্পরস ; মৌ। ২। সোমরস ; সুরা। ৩। জল। ৪। সুমিষ্ট রস। ৫। চৈত্রমাস। ৬। বসন্ত (কাল)। প্র—"আজি মধু সমীরণে নিশীথে কুসুমবনে তাহারে পড়েছে মনে বকুল তলে।"—রবি। ৭। বিষ্ণুকর্ণমলোদ্ভূত দৈত্যবিশেষ। ৮। রাক্ষসবিশেষ। ৯। বিণ, মিষ্ট ; স্বাদু। **মধু ও মাধব**—চৈত্র ও বৈশাখ।

মধুক (মোধুক্) [মধু+ক (স্বার্থে)] বি, ক্লী, যষ্টিমধু।

মধুকর (মোধুকর্) [মধু—কৃ (করা)+অ (কর্ত্তৃ—অট্) যে করে (উপপদ)] বি, পুং, ভ্রমর। ২। বল্লভ ; প্রণয়ী। ৩। ভৃঙ্গরাজ বৃক্ষ। ৪। নৌকাবিশেষ। প্র—"হংসডিম্ব প্রায় যেন মধুকর ভাসে। ঝলকে ঝলকে জল লয় চারিপাশে॥"—কবিক। স্ত্রী, **মধুকরী**—ভ্রমরী। **মধুকর-ডম্বর**—ভ্রমরপুঞ্জ। প্র—"কুটিল কটাক্ষ ছটা পড়ি গেল ; মধুকর ডম্বর অম্বর ভেল॥"—বি, প।

মধুকৃৎ (মোধুকৃৎ) [মধু (মৌ) কৃৎ (যে করে)—উপপদ] বি, পুং, মধুকর ; ভ্রমর।

মধুকৈটভ (মোধুকৈটভ্) বি, পুং, বিষ্ণু কর্ণমল হইতে জাত অসুরদ্বয়। প্র—"মধুকৈটভের মাংসে মহীর সঞ্চার।"—শিবায়ন।

মধুকোষ (মোধুকোষ্) [মধুর—কোষ (ভাণ্ডার)] বি, পুং, মধুচক্র ; মৌচাক। ২। [ব্যঙ্গার্থে] মুষ্ক ; অণ্ডকোষ।

মধুক্রম (মোধুক্‌ক্রোম্) [মধু—ক্রম—পুনঃপুনঃ মধুপানের জন্য ক্রম (গমন করা হয়) যাহাতে (বহু)] বি, পুং, মধুজালক ; মধুচক্র।

মধুঘোষ (মোধুঘোষ্) [মধু (মিষ্ট) ঘোষ (রব) যাহার, বহু] বি, পুং, কোকিল।

মধুচক্র (মোধুচক্‌ক্র) বি, ক্লী, মৌচাক।

মধুছত্র (মোধুছৎত্র) বি, ক্লী, মৌচাক।

মধুজ (মোধুজ) [মধু (মৌ) জ (জাত)] বিণ, মধু হইতে উৎপন্ন। ২। বি, মোম।

মধুজা (মোধুজা) [মধু (দৈত্য) জ (উৎপন্ন) —মধুদৈত্যের মেদে পৃথিবী উৎপন্না এই পুরাণ প্রসিদ্ধি হইতে] বি, স্ত্রী, ধরিত্রী ; পৃথিবী।

মধুজীব (মোধুজীব্) বি, ভ্রমর। প্র—"উহ মধুজীব তুহুঁ মধুরাশে।"—বি, প।

মধুতৃণ (মোধুৎতৃন) বি, ক্লী, ইক্ষু।

মধুত্রয় (মোধুৎত্রয়্) বি, ক্লী, ঘৃত, মধু, চিনি।

মধুনাপিত (মো, ত্) বি, নাপিত জাতির শাখাবিশেষ ; মোদক ; ময়রা।

মধুনিশি (মো) [মধু (বসন্ত) নিশি] বি, বসন্তযামিনী ; আনন্দ রাত্রি। প্র—"সে দিনো ত মধুনিশি প্রাণে গিয়েছিল মিশি।"—রবি।

মধুপ (মোধুপ্) [মধু (মৌ) পা (পান করা) +অ (কর্ত্তৃ—ড) যে পান করে (উপপদ)] বি, পুং, মধুকর ; ভ্রমর। প্র—"কমল ফুল ফুটিয়া আছে মধুপ হোথা গাস্নে।"—গান। বিণ, মধুপায়ী।

মধুপর্ক (মো) [মধু—পৃচ্ (সম্পৃক্ত হওয়া) +অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, ক্লী, ঘৃত, দধি, মধু, নারিকেলজল এই সমস্ত দ্রব্যমিশ্রিত বস্তু (দেবতা পূজায় বিধেয়)।

মধুপর্ণী (মোধুপোর্‌নি) [বৈদ্যকে] বি, স্ত্রী নীলীবৃক্ষ। ২। গুড়চী। ৩। গাম্ভারী।

মধুপায়ী (মোধুপাঈ) [মধুপায়িন্, ১মা, ১ব] বি, পুং, ভ্রমর। ২। বিণ, মধুপানকারী। স্ত্রী, **মধুপায়িনী**।

মধুপুরী (মো) [মধুর (অসুরের) পুরী (নগরী)—৬তৎ] বি, স্ত্রী, মথুরা নগরী।

মধুপুষ্প (মোধুপুষ্প) [মধু পূর্ণ পুষ্প যাহার (বহু)] বি, পুং, মহুয়াগাছ। ২। অশোক গাছ। ৩। বকুলগাছ। ৪। শিরীষগাছ। স্ত্রী, **মধুপুষ্পা**—দণ্ডীগাছ।

মধুপ্রিয় (মোধুপ্‌পৃয়) [মধু (মদ্য) প্রিয় যাহার (বহু)] বি, পুং, বলরাম। ২। ভুঁইজাম। ৩। বিণ, যে মধু ভালবাসে। ৪। মদ্যপ।

মধুবন (মোধুবোন্) [মধু (মিষ্ট) বন (যে শব্দ করে)] বি, পুং, পিক ; কোকিল। ২। বৃন্দাবনের একটী বন। ৩। প্রমোদকানন ; প্রমোদোদ্যান। ৪। কিষ্কিন্ধ্যার একটী বন।

মধুবর্ষী (মোধুবোর্‌ষী) [মধু—বর্ষী (বর্ষণকারী)] বিণ, অমৃতবর্ষী। ২। অতি মধুর।

মধুবল্লী (মোধুবোল্‌লী) বি, স্ত্রী, যষ্টিমধু।

মধুবহুলা (মোধুবোহুলা) বি, স্ত্রী, মাধবীলতা।

মধুব্রত (মধুব্‌ব্রোত) [মধু আহরণ ব্রত যাহার (বহু)] বি, পুং, মধুকর ; ভ্রমর। প্র—"মদমত্ত মধুব্রত গুঞ্জরিয়ে করিছে বিহার।"—ঘনরাম।

মধুভৃৎ (মো) বি, পুং, মধুকর।

মধুমক্ষিকা (মোধুমোক্‌খিকা) [মধু—মক্ষিকা বি, স্ত্রী, মৌমাছি।

মধুমতী (মোধুমোতি) বি, স্ত্রী, যোগিনীবিশেষ। ২। নদীবিশেষ। ৩। ছন্দোবিশেষ। ৪। বিণ, মাধুর্য্যময়ী। প্র—"যথা পদার্পণ তুমি কর মধুমতী"—মেঘনাদ। পুং, **মধুমান্**।
মধুমতী-সিদ্ধি—যোগিনীবিশেষ সাধনায় সিদ্ধি—যাহার বলে দেব, দানব, গন্ধর্ব্ব, বিদ্যাধর যক্ষ ও রাক্ষসকন্যা এবং নানাবিধ উপভোগ্য বস্তু প্রাপ্ত হওয়া যায়। প্র—"এগুলা সকল মধুমতীসিদ্ধি জানে।"—চৈতন্যভাগবত।

মধুময় (মোধুময়) বিণ, মধুপূর্ণ ; মধুগর্ভ ; সুমধুর ; অতিমিষ্ট।

মধুমাধবী (মোধুমাধবী) [মধু (মদ্য)—মাধবী মধু হইতে উৎপন্ন] বি, ক্লী, মদ্য।

মধুমাধ্বীক (মোধুমাদ্‌ধীক্) [মধু (মদ্য) মাধ্বীক মধু হইতে উৎপন্ন সুরা] বি, ক্লী, মদিরা ; সুরা।

মধুমাস (মোধুমাশ্) বি, চৈত্রমাস। প্র—"কত মধুমাস আসি গেল হাসি হাসি কলিকার মুখ চাহিয়া।"—বিজয় মজুমদার।

মধুমূল (মোধুমূল্) বি, ক্লী, মৌআলু।

মধুযষ্টি, —কা (মোধুজোষ্‌টি) [মধু (মিষ্ট) যষ্টি—কা] বি, স্ত্রী, যষ্টিমধু। ২। মধুতৃণ ; ইক্ষু।

মধুযামিনী (মোধুজামিনী) বি, মধুনিশি ; বসন্তরজনী। প্র—"কত মধুযামিনী রভসে গোঙাইনু"—বি, প। ২। মনোহর অথবা প্রীতিপ্রদ রাত্রি ; জ্যোৎস্নাময়ী রজনী।

মধুর (মোধুর্) [সং] বি, পুং, মাধুর্য্যগুণ। ২। মিষ্টরস। ৩। বিষ ; হলাহল। ৪। বিণ, মাধুর্য্যবিশিষ্ট। ৫। মিষ্টরসবিশিষ্ট। ৬। মনোহর। ৭। প্রীতিপ্রদ। ৮। শাস্ত ; প্রিয়দর্শন ; সৌম্য। স্ত্রী, **মধুরা**। বি, **মধুরত্ব, মধুরতা, মাধুর্য্য**।

মধুরভাষী (মোধুর্) বিণ, পুং, প্রিয়বাদী। স্ত্রী, **মধুরভাষিণী**।

মধুরস (মোধুরশ্) [মধু (মিষ্ট) রস যাহার, বহু] বি, পুং, মধুতৃণ ; ইক্ষু। ২। তাল।
মধুরসা—মূর্ব্বা ; মুরগাগাছ। ২। গাম্ভারী। ৩। দ্রাক্ষা।

মধুরাই (মো) [ব্রজ] বিণ, মাধুর্য্যযুক্ত বাক্য। প্র—"কহ কবিরঞ্জন সহজ মধুরাই।"—বি, প। ২। বিণ, মাধুরীময়।

মধুরাতি (মো) [মধু—রাতি (রাত্রি)] বি, আনন্দদায়ক নিশি ; বসন্তরাত্রি। প্র—"মধুরাতি পূর্ণিমার ফিরে আসে বারবার, সে জন ফেরে না আর যে গেছে চলে।"—রবি।

মধুরিম (মো) [ব্রজ। মধুর—ইম (ইব—বৎ এই অর্থে)] বিণ, মধুবৎ ; সুমিষ্ট ; সুমধুর। প্র—"বদন নিছাই মুছি মুখমণ্ডল, বোলত মধুরিম বাণী।"—গোবিন্দদাস।

মধুরিমা [মধুরিমন্ ১মা, ১ব] বি, পুং, মাধুর্য্য।
মধুরিমাময়—মাধুর্য্যপূর্ণ। প্র—"তোমার প্রত্যেক কার্য্যই পবিত্র মধুরিমাময়"—বিমলা।

মধুরুচি (মো) বিণ, সুস্বাদু ; মধুরাস্বাদ। প্র—"মধুরুচি ব্যঞ্জন রসাল।"—কবিক।

মধুরী (মো) বি, উৎকৃষ্ট তণ্ডুলবিশেষ। প্র—"মাস মসুরী তণ্ডুল মধুরী"—কবিক।

মধুলিট্ (মো) [মধু—লিহ্ (আস্বাদন করা) +ক্বিপ্ (কর্ত্তৃ—ক্বিপ) যে মধু আস্বাদন করে] বি, পুং, ভ্রমর ; মধুকর।

মধুলিহ (মো) [মধুলিট্ দ্রঃ] বি, পুং, মধুকর ; ভ্রমর।

মধুলুব্ধ (মোধুলুব্‌ধ) বিণ, মধুলোভী। প্র—"ধর্ম্ম পদরজে মধুলুব্ধ বারমতি।"—শূ, পু।

মধুশর্করা (মো) বি, স্ত্রী, মধু চিনি।

মধুসখ (মোধুশখ) [মধু (বসন্ত) সখ (সখা, সখি+অন্) যাহার—বহু] বি, পুং, কন্দর্প। ২। কোকিল।

মধুসহায় (মোধুশহায়) [মধু—সহায় যাহার, বহু] বি, পুং, কন্দর্প।

মধুসূদন (মোধুশুদন্) [মধু (দৈত্য) সূদন (হন্তা)] বি, পুং, বিষ্ণু।

মধুস্রব (মোধুস্‌স্রোব) বি, পুং, মহুয়াগাছ। স্ত্রী, **মধুস্রবা**—মূর্ব্বালতা। ২। মোরট লতা। ৩। হংসপদী। ৪। যষ্টিমধু। ৫। জীবন্তী গাছ। বিণ, স্ত্রী, মধুবর্ষিণী।

মধূৎসব (মোধুৎশব্) [মধুর (বসন্তের) উৎসব —৬তৎ] বি, স্ত্রী, বসন্তোৎসব ; ফালগূৎসব ; হোলি। প্র—"মদন মধূৎসব পিককুল রাব"—জ্ঞানদাস। ২। চৈত্রীপূর্ণিমা।

মধূত্থ (মোধুৎথ) [মধু—উৎ (উপরি) স্থা (থাকা) +অ (কর্ত্তৃ—ড)] বি, ক্লী, মোম।
মধূত্থবর্ত্তিকা—মোমবাতি

মধ্য (মোদ্‌ধ) [সং] বি, কটিদেশ। ২। দেহমধ্যভাগ। ৩। নৃত্যবিশেষ। ৪। মধ্যম। ৫। ভিতর। ৬। অন্তরাল। ৭। গ্রহের গতিবিশেষ। ৮। তালবিশেষ। ৯। সংখ্যাবিশেষ ; ১০০০০০০০০০০০০০০০০। ১০। মধ্যমাঙ্গুলি। ১১। বিণ, অন্তর্ব্বর্ত্তী। ১২। মধ্যম।

মধ্যতঃ (মোদ্‌ধত) [মধ্য+তস্ (পঞ্চমী বা সপ্তমী স্থানে) আধু-বাং-য়—বিরল] অ, মধ্যে ; মধ্য হইতে।

মধ্যদেশ (মোদ্‌ধদেশ্) বি, পুং, উত্তরে হিমালয়, দক্ষিণে বিন্ধ্যগিরি, পূর্ব্বে প্রয়াগ ও পশ্চিমে কুরুক্ষেত্রের মধ্যবর্ত্তী দেশ। ২। কটিদেশ।

মধ্যন্দিন (মোদ্‌ধন্‌দিন্) [মধ্যং—দিনস্য] বি, ক্লী, মধ্যাহ্ন ; দিবসের মধ্যভাগ। **মধ্যন্দিন রেখা**—দ্রাঘিমা রেখা ; যে কল্পিত রেখা বিষুব রেখার উপর দিয়া দুই মেরু ভেদ করিয়াছে।

মধ্যপদলোপী (মোদ্ধ) [মধ্যপদলোপ+ইন্ (অস্ত্যর্থে) মধ্যপদলোপিন্ ১মা. ১ব] বি. পু. মধ্যপদলোপযুক্ত সমাস।

মধ্যম (মোদ্ধম) [মধ্য+ম (ভবার্থে)] বিণ মধ্যবর্ত্তী। ২। মেঝো। প্র—মধ্যম পুত্র। ৩। মাঝারি ; অনধিক। ৪। মধ্যদেশ। ৫। রাগবিশেষ। ৬। পঞ্চম স্বর। স্ত্রী. **মধ্যমা**—ঋতুমতী নবযুবতী। ২। তর্জ্জনী অনামিকার মধ্যবর্ত্তী অঙ্গুলি। **মধ্যমগ্রাম**—স্বরগ্রামবিশেষ। **মধ্যমপাণ্ডব**—ভীম। **মধ্যমবয়স**—প্রৌঢ়ত্ব। বিণ. **মধ্যমবয়স্ক**—প্রৌঢ়। স্ত্রী. **মধ্যমবয়স্কা**—প্রৌঢ়া আধাবয়সী। **মধ্যমলোক**—মর্ত্ত্যলোক **মধ্যমসহায়**—পঞ্চশতপল পরিমাণ অর্থদণ্ড **মধ্যমসাহস**—প্রাচীন আর্য্য ভারতের অপরাধীর দণ্ডবিশেষ। প্র—"হস্তপদ কিম্বা দন্ত ভাঙ্গিয়া দিলে * * * * মধ্যমসাহস দণ্ড।"—বিষ্ণুপুরাণ (বঙ্গবাসী)।

মধ্যমণি (মোদ্ধমোনি) বি. পুং. ভূষণাদির মধ্যস্থলে খচিত রত্ন।

মধ্যবর্ত্তী (মোদ্ধবোর্তি) [মধ্য—বর্ত্তী (বৃত্ স্থিতি করা)+ইন্ (কর্ত্তৃ. ণিন্)=মধ্যবর্ত্তিন্, ১মা-১ব] যে বিদ্যমান থাকে] বিণ, মধ্যে অবস্থিত ; মধ্যস্থলে স্থাপিত। ২। অভ্যন্তরবর্ত্তী। ৩। মধ্যস্থ ; সালিস। স্ত্রী. **মধ্যবর্ত্তিনী**—উভয়ের মধ্যস্থলে অবস্থিতা। বি. **মধ্যবর্ত্তিতা**—সালিসি ; মধ্যস্থতা।

মধ্যবিত্ত (মোদ্ধবিৎত) [মধ্য—বিত্ত (ধন) যাহার (বহু)] বিণ. বিশেষ ধনী অথবা নিতান্ত দরিদ্র নয়, ধনী এবং দরিদ্রের মধ্যবর্ত্তী অবস্থাপন্ন ; গৃহস্থ।

মধ্যমান (মোদ্ধোমান্) বি, বাদ্যের তালবিশেষ।

মধ্যমিকা (মোদ্ধমিকা) [মধ্যমা+ক, ই আগম] বি. স্ত্রী. নবযুবতী ; কিশোরী।

মধ্যরাত্র (মোদ্ধরাৎত্র) [রাত্রির—মধ্য, রাত্রি=রাত্র] বি, পুং, রাত্রির মধ্যভাগ ; অর্দ্ধরাত্রি ; নিশীথ।

মধ্যস্থ (মোদ্ধস্থ) [মধ্য—স্থ (স্থা, থাকা)+অ (কর্ত্তৃ, ড) যে থাকে] বিণ, সালিস। ২। মধ্যস্থলে স্থিত ; মধ্যবর্ত্তী ! ৩। আভ্যন্তরীণ ; ভিতরে স্থিত। ৪। [বিশেষার্থে] যে কোন পক্ষেই লিপ্ত নয় ; উদাসীন। বি, **মধ্যস্থতা**।

মধ্যস্থল (মোদ্ধস্থল্) বি, মাঝখান ; মধ্যভাগ। ২। অভ্যন্তরভাগ। ৩। কটিদেশ ; মধ্য।

মধ্যা (মোদ্ধ্যা) বিণ, স্ত্রী, মধ্যবর্ত্তিনী ; মধ্যস্থিতা। ২। অভ্যন্তরস্থিতা। ৩। গতিবিশেষ। ৪। নায়িকাবিশেষ। ৫। মধ্যমাঙ্গুলি ; মধ্যমা।

মধ্বাসব (মদ্ধাশব্) [মধু+আসব] বি, পুং, মধু হইতে উৎপন্ন সুরা।

মধ্যাহ্ন (মোদ্ধ্যান্হ) [অহ্নের (দিনের) মধ্য (৬তৎ) অহন্=অহ্ন] বি, দিবা দ্বিপ্রহর। [দ্রঃ—বৈদিক গণনায়—দিবসের তিন ভাগের মধ্যভাগ ; স্মৃতিমতে—দিবসের পঞ্চভাগের তৃতীয় ভাগ। **মধ্যাহ্নকাল**—দিবা দ্বিপ্রহর। **মধ্যাহ্নকালীন**—মধ্যাহ্নকাল সম্বন্ধীয়। **মধ্যাহ্নকালে**—দিন দুপুরে। **মধ্যাহ্নতপন**—দিবা দ্বিপ্রহরের প্রখর সূর্য্য। **মধ্যাহ্নভোজন**—মধ্যাহ্নকালীন আহার ; dinner.

মন, মনঃ (মোন্) [মনস্, ১মা, ১ব। মধ্য—বাংয়—মন=অন্তঃকরণ। মনে করা স্থলে—অন্তঃকরণে করা—অধু-অপ্র] বি, ক্লী, চিত্ত। ইহা বেদান্তে সঙ্কল্পবিকল্পাত্মক চিত্তবৃত্তি এবং ন্যায় দর্শনে সর্ব্বেন্দ্রিয়ের প্রবর্ত্তক অন্তরেন্দ্রিয় বলিয়া উক্ত। ২। বুদ্ধি। ৩। ইচ্ছা ; প্রবৃত্তি। **মন করা**—সঙ্কল্প করা ; মনস্থ করা। ২। সম্মত হওয়া। **মন কষাকষি**—পরস্পর মনে মনে আক্রোশ ; মনোমালিন্য। **মন কর্ কর্ করা**—মনের কষ্টে ছটফট করা ; হৃদয় ব্যাকুল হওয়া। **মন কেড়ে লওয়া**—মন হরণ করা। প্র—"মন কেড়ে নিয়ে দেখ গো পালায়"—গিরিশ। **মন কেমন করা**—মন ব্যাকুল হওয়া ; মন চঞ্চল বা অস্থির হওয়া ; কান্না পাওয়া। প্র—"মন কেমন কেমন করে সজনি। কেন এখন এলো না শ্যাম গুণমণি॥"—গান। **মন খারাব**—কুটিল ; সঙ্কীর্ণ বা সন্দিগ্ধ মন। প্র—লোকটার ভারি মন খারাব। ২। ক্ষুব্ধচিত্ত ; বিকারগ্রস্ত মন ; বিষণ্ণ মন। প্র—আজ মন খারাব আছে। ওই সামান্য বিষয়ের জন্য মন খারাব করিও না। **মনখোলা**—উদার হৃদয় ; সরলান্তঃকরণ। প্র—"প্রাণ খোলা মন খোলা আপনি আপনা ভোলা"—কাব্যকুসুমাঞ্জলি। **মনগড়া**—কাল্পনিক ; অবাস্তব। **মন গলা**—হৃদয় বিগলিত হওয়া ; দয়ায় মন আর্দ্র হওয়া। **মনচোরা**—যে মন চুরি করে ; চিত্তচোর ; মনোহর ; হৃদয়হারক ; অতিপ্রিয়। প্র—"আজ ধরবো লো সই মনচোরা আমার'—গান। **মন চলা**—চিত্ত ধাবিত হওয়া। **মনছুটা**—চিত্ত ধাবিত হওয়া ; প্রবল ইচ্ছা হওয়া। **মন টলা**—পূর্ব্ব সঙ্কল্প হইতে বিচ্যুত হওয়া। সঙ্কল্পের দৃঢ়তা শিথিল হওয়া। ৩। মন গলা। **মন টানা**—চিত্ত আকর্ষণ করা। **মনতোলা**—মনগড়া ; মনঃকল্পিত। **মন থাকা**—ইচ্ছা থাকা ; অনুরাগ থাকা ; প্র—মন থাক্‌লে সব হয়। **মন দেওয়া**—চিত্ত অর্পণ করা ; মনঃসংযোগ করা। **মন পড়া**—স্নেহ বা ভালবাসা হওয়া। প্র—"বীডন উদ্যানে ললিত ছেলেটাকে দেখে সেই অবধি ছেলেটার উপর তাহার কেমন মন পড়িয়া যায়।"—সুধীন্দ্রঠাকুর। **মন পোড়া**—অন্তর্দাহ হওয়া। প্র—"বন পোড়ে সকলে দেখে মন পোড়ে ত কেউ দেখে না"—গান। **মন বসা**—কোন বিষয়ে চিত্ত স্থির হওয়া ; ভাল লাগা ; মনে ধরা। **মন বুঝা**—মন জানা ; মনের ভাব বা অভিপ্রায় বুঝা। প্র—"মন বোঝে না তীর্থ করি মিছা কাজে ঘুরে মরি।" **মন বুঝান**—মনকে নানা যুক্তি কল্পনা করিয়া শান্ত করা ; মনকে প্রবোধ দেওয়া। প্র—"কেমনে ভুলিব তারে যে রূপ জাগিছে মনে। মনেরে বুঝাতে পারি, না পারি পাপ নয়নে"—গান। **মন ভাঙ্গা**—ভগ্নোদ্যম হওয়া ; উৎসাহহীন হওয়া ; মনঃক্ষুণ্ণ হওয়া। **মন ভাঙ্গান**—অন্যের মনোভঙ্গ করা ; পরামর্শ বা মন্ত্রণা দ্বারা কাহার মন (প্রীতি শ্রদ্ধা) তাহার প্রীতি বা শ্রদ্ধার পাত্র হইতে অপসারিত করা অর্থাৎ তৎপ্রতি বিরাগ জন্মান। **মন ভার হওয়া**—অভিমান হওয়া ; বিরাগ হওয়া ; মন অপ্রসন্ন হওয়া। **মনভারী**—অপ্রসন্ন। **মন ভুলান**—চিত্তমুগ্ধ করা ; মন হরণ করা। **মন ভুলানে কথা**—চিত্তহারী কথা ; মনোহর বাক্য। **মন মরা**—বিমর্ষ ; উৎসাহহীন। **মন মানা**—প্রবোধ বা বোধমানা ; মনবোঝা। প্র—"কেমনে রহিব ঘরে মন মানে না"—গান। **মন যাওয়া**—ইচ্ছা হওয়া। **মন যোগান**—মন যাহা চায় তাহা দেওয়া ; মনের মত কাজ করা ; খোসামোদ করা। **মন রাখা**—কোন মতে মনোভঙ্গ না হয় তাহার উপায় করা ; বাহ্য ভালবাসা বজায় রাখা। প্র—"ভুলিয়ে এসেছ বুঝি মন রাখিবারে।"—গান। **মন লওয়ান**—প্রবৃত্তি উৎপাদন করা ; ইচ্ছা করাইয়া দেওয়া। **মন লাগা**—মন লগ্ন হওয়া ; মন বসা ; প্রবৃত্তি হওয়া ; আগ্রহ অনুরাগ হওয়া। **মন সরা**—মন টেঁকা ; মন যাওয়া ; ভাললাগা। প্র—"ঘরে আর মন সরে না বুঝালে তো বুঝে না মন।"—গান। **মন হওয়া**—ইচ্ছা হওয়া ; প্রবৃত্তি হওয়া। **মন হারান**—মন বশে না থাকা ; মন ঠিক না থাকা ; আত্মবিস্মৃত হওয়া। **মনে ধরা**—পছন্দ হওয়া ; মনের মত হওয়া। প্র—"আঁখিতে যেমত হেরে সকলই কি মনে ধরে"—গান। **মনে পড়া**—স্মরণ হওয়া। প্র—"ছেলেবেলার কথা ভাবি যখন জ্বলে সাঁঝের দীপ। মনে পড়ে গাঙের ধারে তলতা বাঁশের দীর্ঘ ছিপ্॥"—সত্যেন্দ্র দত্ত। **মনে-**

ভাবা—চিন্তা করা ; মনে করা। **মনে-মনে**—আপনার মনে ; অন্তরে ; অপ্রকাশ্যে। **মনে রাখা**—ভুলিয়া না যাওয়া ; স্মরণ রাখা। **মনে লওয়া**—ধারণা হওয়া ; মনের মত হওয়া ; যুক্তিসঙ্গত বোধ হওয়া। **মনের জ্বালা**—অনুতাপ ; পরিতাপ ; অন্তর্দাহ। **মনের মত**—বাসনার অনুরূপ ; । **মনের মলা**—মানসিক মলিনতা ; বিদ্বেষ ; হিংসা। ২। পাপ। ৩। সন্দেহ। **মনের মানুষ**—মনের মত মানুষ। **মনের মিল**—সদ্ভাব। **মনের সাধ**—বাসনা ; অভিলাষ। **মনে হওয়া**—বোধ হওয়া ; ধারণা হওয়া। **মনের কালি**—মনোমালিন্য। ২। পাপ। ৩। অজ্ঞান-অন্ধকার। **মনের গোল**—সন্দেহ : অপ্রসন্নতা ; ক্ষুণ্ণভাব। **মনের জোর**—মানসিক বল ; মনের দৃঢ়তা।

মনআপ (প্) [মন—আপ (আপ্যায়ন হইতে?) । আধু-বাং-য়—অপ্র] বিণ, সুন্দর ; মনোহর। প্র—"বসন ভূষণ গুয়া মন আপ মালা। সবাই জোগান রঙ্গা বরণের ডালা ॥" —ঘনরাম।

মনঃকল্পিত (কো) বিণ, কল্পনাপ্রসূত।

মনঃকষ্ট (মোনঃকষ্ ট) বি, মনোদুঃখ।

মনঃপীড়া—বি, মনের দুঃখ ; মনোবেদনা।

মনঃপূত—বিণ, মনোনীত। ২। চিত্তভৃপ্তিকর।

মনঃপ্রাণ—বি, সমগ্রচিত্ত।

মনঃশিল, —সিল (মোনঃশিল্) [মনঃ—শিলা (প্রস্তর—ধাতু)] বি, পুং, খনিজ পদার্থ-বিশেষ ; শেঁকোবিষঘটিত উপরসবিশেষ : মঙ্গাল ; realgar. স্ত্রী, **মনঃশিলা**।

মনঃসংযোগ (মনঃশংজোগ্) বি, মনোনিবেশ। বিণ, **মনঃসংযোগী**।

মনকলা (মোন্) [মনঃ-কল্পিত কদলী। তুল—ফা—"খেয়ালী পোলাও"] বি, কল্পনায় ঈপ্সিত ভোগ্য বস্তু। প্র—"কেহ বোলে মুঞি নিমু রূপার নূপুর। সভে এই মনকলা খায়েত প্রচুর ॥"—চৈতন্যভাগবত।

মনকির (ন্, র্) [আ—মন্কিন্] বিণ, অস্বীকৃত। ২। বি, অস্বীকার।

মনক্কা, মনাক্কা—বি, স্বনামপ্রসিদ্ধ ফলবিশেষ ; সুপক্ক শুষ্ক আঙ্গুর।

মনন (মনন) [মন (জ্ঞান) + অন (ভাবে)] বি, ক্লী, বুদ্ধি। ২। অনবরত অনুচিন্তন। প্র—"মিলনে যতেক সুখ মননে তা হয় না।" —গান। ৩। মানস ; অভিলাষ। ৪। অনুমান। ৫। ধারণা। প্র—"ভক্তিপথে সদা রব ভক্তিব্রত আচরিব পুনঃপুনঃ মনে এই করেছি মনন।"—গান। বিণ, **মননীয়**—মননযোগ্য ; চিন্তনীয়।

মনশ্চক্ষু (মনশ্ চোক্খু) বি, অন্তর্দৃষ্টি।

মনশ্চাঞ্চল্য (মোনশ্ চান্‌চোল্‌ল) বি, মনের উদ্বেগ ; চিত্তের ব্যাকুলতা ; চিত্তচাঞ্চল্য।

মনসবদার (মোন্‌শব্‌দার্) [আ] বি, পুং, উপাধিবিশেষ ; প্রধান সুবাদারের অধীন—যাহারা শত সৈন্যের নেতা তাহারা এই সম্মানের যোগ্য। প্র—"ফরমানী মহারাজ মনসবদার। সাহেব নহবৎ আর কানগোই ভার॥"—অ, ম। বিণ, **মনসবদারী**।

মনসা (মোন্‌শা) [কশ্যপের মানসী কন্যা বলিয়া মনসা] বি, স্ত্রী, দেবীবিশেষ ; নাগরাজ বাসুকির ভগ্নী এবং জরৎকারু মুনির পত্নী। স্বনামখ্যাত আস্তিক মুনি ইঁহার একমাত্র পুত্র। **মনসাব্রত**—শ্রাবণ মাসের শুক্ল ও কৃষ্ণপঞ্চমী এবং আষাঢ় ও শ্রাবণ মাসের সংক্রান্তিতে এই ব্রত করিতে হয়।

মনসিজ (মনশিজ্) [মনসি (মনেতে) জ (জন্—জন্মান) + অ (কর্ত্তৃ—ড) যে জন্মে] বি, পুং, কন্দর্প ; মদন ; মনোভব।

মনস্কাম, মনস্কামনা (মোনশ্ কাম্) [মনের—কাম (ইচ্ছা)—৬তৎ] বি, পুং, মনের অভিলাষ।

মনস্তাপ (মনস্‌তাপ্) [মনঃ (মনের) তাপ —৬তৎ] বি, মানসিক ক্লেশ ; মনোদুঃখ। ২। অনুতাপ। প্র—"মহারাণী মাথাকুড়ে মনস্তাপ করি।"—শিবায়ন।

মনস্তুষ্টি (মনস্‌তুষ্ টি) বি, মনের তৃপ্তি ; চিত্তের প্রীতি ; মনের সন্তোষ।

মনস্তুষ্টিকর (মনস্‌তুষ্ টিকর্) বিণ, মনের তৃপ্তিদায়ক ; চিত্তের সন্তোষজনক।

মনস্তৃপ্তি (মনস্‌তৃপ্ তি) বি, চিত্তের সন্তোষ ; মনের প্রীতি। বিণ, **মনস্তৃপ্তিকর**—চিত্তের সন্তোষবিধায়ক।

মনস্থ (মনস্‌থ) [মনস্—স্থ] বিণ, অন্তরস্থ ২। কল্পিত ; অভিপ্রেত।

মনস্বী (মোনশ্ শী) [মনস্ + বিন্—প্রশংসার্থে মনস্বিন্ ১মা, ১ব] বিণ, উদারচেতা ; মহামনাঃ। ২। স্থিরচিত্ত ; ধীরমনা। ৩। মানী। স্ত্রী, **মনস্বিনী**—প্রশান্তহৃদয়া।

মনাছিব, মুনাছিব (মোনাছিব্) [মুসলমানী বাং। মনাসিব দ্রঃ। স=ছ] বিণ, মনের মত ; পছন্দসই। প্র—"মুনাছিব ছেমড়ী পেলে দরদ ছাড়ে কেডা।"—গান।

মনান্তর (মোনান্তর্) বি, মনোমালিন্য।

মনাসিব (মোনাশিব্) [আ—মুনাসিব্ হইতে] বিণ, পসন্দসই ; মনের মত।

মনিঅর্ডার (র্) [ইং—money order] বি, ডাকযোগে প্রেরিত টাকা। ক্রি, **মনিঅর্ডার করা**—ডাক মার্ফৎ টাকা পাঠান।

মনিব, মনীব (মোনিব্) [আ—মুনীম্] বি প্রভু ; সেবা ; কর্ত্তা।

মনিব্যাগ (গ্) [ইং—money bag] বি, টাকার থলি বা বটুয়া।

মনীষা (মো) [মনস্—ঈষা] বি, স্ত্রী, প্রজ্ঞা ; তীক্ষ্ণধী। বিণ, **মনীষিত**—মনোভীষ্ট।

মনীষী (মো) [মনীষা + ইন্ (অস্ত্যর্থে) মনীষিন ১মা, ১ব] বিণ, জ্ঞানী ; বুদ্ধিমান। ২। ধীর ; স্থিরবুদ্ধিবিশিষ্ট। ৩। পুং, বিদ্বান ; পণ্ডিত। স্ত্রী, **মনীষিণী**। বি, **মনীষিতা**—বুদ্ধিমত্তা।

মনু (মো) [মন্ + উ (কর্ত্তৃ)] বি, পুং, ব্রহ্মার পুত্র ; সংখ্যায় চতুর্দ্দশ। মন্বন্তর দ্রঃ। বর্ত্তমানের মনু "বৈবস্বত"। ২। সূর্য্যতনয় ; ইঁহা হইতে জগতে মানবকুলের উৎপত্তি হইয়াছে ; ইনিই আদি মানব। ৩। মন্ত্র।

মনু (মে্া) [মরিলাম—মরলুম—মরলু—মনু (গ্রাম্য)] ক্রি, মরিলাম। প্র—"মনু লোক-লাজে"। ২। মজিলাম। প্র—"মনু মনু সোই দেখিয়া গৌর ঠাম"—বলরাম।

মনুই (মো) [সং—মনন। প্রা-বাং-গ্রা। বি, মনন ; চিন্তন। প্র—"মনুই করিআ আনন্দিত হইআ দেখিনেত আগুসার ॥"—শূ-পু। ২। গ্রাম্যদেবতার প্রীত্যর্থে ভোজ দিয়া অরিষ্ট দূর করণ। ৩। দেবতার নিকট মানত।

মনুজ (মো) [মনু (ব্রহ্মার পুত্র)—জ (জাত)] বি, পুং, মনুর সন্ততি ; মানব। **মনুজকুল**—মানবজাতি। প্র—"যদি মনুজকুল কেবল আপনার ভরণ পোষণে সন্তুষ্ট হইত।"—বিজ্ঞান নীতিপ্রসূন।

মনুজেন্দ্র (মোনুজেন্‌দ্র) [মনুজের—ইন্দ্র (শ্রেষ্ঠ)—৬তৎ] বি, পুং, নৃপতি ; রাজা।

মনুষ্য (মোনুষ্ ষ) [মনু + য (অপত্যার্থে) ষ আগম] বি, পুং, যে মনন বা বিচার পূর্ব্বক কার্য্য করে ; মানব ; মানুষ। **মনুষ্যকৃত**—মানুষের দ্বারা সম্পাদিত বা রচিত। **মনুষ্যখাদক**—রাক্ষস। **মনুষ্যজন্ম**—মানবজন্ম। **মনুষ্যদেহ**—মানবের শরীর ; নরদেহ। **মনুষ্যধর্ম্মা**—মানবধর্ম্মবিশিষ্ট। ২। কুবের। **মনুষ্যমূর্ত্তি**—মানবাকৃতি। **মনুষ্যযজ্ঞ**—অতিথিসেবা। **মনুষ্যলোক**—নরলোক ; পৃথিবী। **মনুষ্যসমাগম**—মানুষের বিদ্যমানতা।

মনুষ্যত্ব (মোনুষ্ ষৎত) [মনুষ্য + ত্ব (ভাবে)] বি, ক্লী, দয়া, ধর্ম্ম, সৌজন্যাদি মানবোচিত ভাব ; মনুষ্যোচিত ধর্ম্ম। প্র—"মেগে লব মনুষ্যত্ব শ্রেষ্ঠ উপাদান।"—কাব্যকুসুমাঞ্জলি।

মনুষ্যত্ববর্জ্জিত—মনুষ্যত্ববিহীন ; অমানুষ।

মনুষ্যাবাস (মোনুষ্ ষ্যাবাশ্) বি, মানুষের আবাসস্থান ; জনপদ ; লোকালয়।

মনুষ্যোচিত [মনুষ্য+উচিত] বি, মানবোচিত ; মানবের অবশ্যকর্ত্তব্য।

মনোগত (মনোগত) [মনস্ (মনে)—গত (প্রাপ্ত)] বি. মানসিক ; অন্তরস্থ। মনোগতভাব—মানসিক অবস্থা। ২। উদ্দেশ্য ; আন্তরিক ইচ্ছা।

মনোজ (মো) [মনস্—জ (জাত—উপপদ)] বি, পুং, মনোভব ; কাম। ২। বিণ, মনোজাত।

মনোজগৎ—বি, অন্তর্জ্জগৎ।

মনোজব (মো) [মনস্ (মনের ন্যায়) জব (বেগ) যাহার (বহু)] বি, পুং, বিষ্ণু। ২। মনোবেগ ; মনের আবেগ। ৩। বিণ, অতি বেগবান ; মনের মত শীঘ্রগতি। স্ত্রী, মনোজবা—দেবীবিশেষ।

মনোজ্ঞ (মনোগ্‌গঁ) [সং] বিণ, মনোহর ; সুন্দর ; রমণীয়। স্ত্রী, মনোজ্ঞা।

মনোনয়ন (মনোনয়ন্) [মনস্ দ্বারা নয়ন] বি, অনুমোদন। ২। পসন্দ ; নির্ব্বাচন।

মনোনিবেশ (মোনোনিবেশ্) [মনস্—নিবেশ] বি, মনোযোগ ; মনঃসংযোগ

মনোনীত (মো) [মনস্ দ্বারা নীত (প্রাপ্ত)] বিণ, পসন্দানুযায়ী ; মনোমত ; বাঞ্ছিত।

মনোবিকার (র্) [মনের—বিকার] বি, চিত্তবিকৃতি ; মনের অস্বাভাবিক অবস্থা। ২। চিত্তচাঞ্চল্য।

মনোবিবাদ (মনোবিবাদ্) [মনস্—বিবাদ] বি, মনোমালিন্য।

মনোবৃত্তি (মোনোবৃৎতি) [মনের বৃত্তি (ব্যাপার)] বি, স্ত্রী, স্মরণ, মনন, অনুধ্যানাদি মানসিক বৃত্তি।

মনোবেদনা (মো) [মনের—বেদনা] বি, মানসিক দুঃখ ; হৃদয় ব্যথা ; অন্তর্যাতনা।

মনোভব (ব্) বি, মনোভূ দ্রঃ।

মনোভাব (ব্) বি, মনের অবস্থা। ২। উদ্দেশ্য। ৩। ভালবাসার প্রথম স্ফুরণ। প্র—"মনোভাব রসনায় এলনা লজ্জায়।"—দীনবন্ধু।

মনোভার (র্) [মনের—ভার] বি, অভিমান ; রাগ। প্র—"ইথে মনোভার বলনা তোমার হইল কেন"—গান।

মনোভীষ্ট (মো) [মনস্—অভীষ্ট] বি, মনস্কামনা। প্র—"কৈকেয়ীর মনোভীষ্ট সিদ্ধ এত দিনে"—কৃত্তিবাস।

মনোভূ [মনস্—ভূ (উৎপত্তি) যাহার (বহু)] বি, পুং, মনসিজ ; মদন।

মনোমত (নো) [মনের—মত] বিণ, ইচ্ছানুরূপ ; অভিলষিত। প্র—"মহা সুখে দিল্লী যাবে মনোমত রাজ্য পাবে"—অ, ম।

মনোময় (মোনোময়্) বিণ, মানস। প্র—"তুমি মনোময় প্রতিমা করি বসাও হৃদি পদ্মাসনে।"—রামপ্রসাদ। মনোময়কোষ—আত্মার আবরণস্বরূপ পঞ্চকোষের দ্বিতীয় কোষ।

মনোমোহন (মোনোমোহন্) বিণ, চিত্তাকর্ষক রমণীয় ; মনোহরণকারী। স্ত্রী, মনোমোহিনী—মনোমুগ্ধকারিনী। প্র—"যতনে রতন লাভ শুন মনোমোহিনী"—গান।

মনোযায়ী (মোনোজাঈ) [মনস্—যা (গমন করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) মনোযায়িন্, ১মা, ১ব] বিণ, মনের ন্যায় বেগবিশিষ্ট ; মনের ন্যায় দ্রুতগতিবিশিষ্ট।

মনোযোগ (মোনোজোগ্) [মনস্—যোগ] বি, মনঃসংযোগ ; মনোনিবেশ। বিণ, মনোযোগী।

মনোরঞ্জক (মোনোরনজক্) [মনের—রঞ্জক] বিণ; চিত্তের সন্তোষবিধায়ক ; মনের প্রফুল্লতাজনক। স্ত্রী, মনোরঞ্জিকা।

মনোরঞ্জন (মোনোরনজন্) [মনের—রঞ্জন (সন্তুষ্ট করণ)] বি, ক্লী, চিত্তের সন্তোষসাধন ; মনের প্রফুল্লতাকরণ ; মনস্তুষ্টি। ২। বিণ, মনের আনন্দদায়ক। প্র—"যেই যারে মনে করে সেই তার মনোরঞ্জন।"—নিধুবাবু।

মনোরথ (মোনোরথ্) [মনের—রথ (যান)] বি, পুং, মনোভীষ্ট ; মনস্কামনা। মনোরথ দ্বিতীয়া—আষাঢ়ী শুক্লা দ্বিতীয়া ; জগন্নাথের রথযাত্রার তিথি। মনোরথ গতি—যথেচ্ছগমনশক্তি। ২। বিণ, অতি দ্রুতগামী। প্র—"মনোরথ গতি তোরে দিয়াছেন বিধি, কুরঙ্গ"—বীরাঙ্গনা।

মনোরম (মোনোরম্) [মনস্—রম্ (ণিচ্) রমি (আনন্দিত করা)+অ (কর্ত্তৃ—অন্)] বিণ, সন্তোষদায়ক ; তৃপ্তিপ্রদ। ২। মনোহর ; রমণীয়। স্ত্রী, মনোরমা—বৌদ্ধদিগের উপাস্য দেবতা। ২। মহারাজ কার্ত্তবীর্য্যার্জ্জুনের ধর্ম্মপরায়ণা পতিব্রতা মহিষী। ৩। বিণ, চিত্তহারিণী।

মনোরাজ্য (মোনোরাজ্‌জ) [মনের—রাজ্য] বি, হৃদয়রাজ্য। ২। অন্তর্জগৎ।

মনোলোভা [মনের—লোভা (লোভনীয়)] বিণ, মনোমুগ্ধকর ; রমণীয়। প্র—"কিবা শোভা মনোলোভা।"—বাসবদত্তা।

মনোহর (মো, র্) [মনস্—হৃ (হরণ করা)+অ (কর্ত্তৃ—অচ্) প্রা-বাং—মনুহর। প্র—"বনমালা নামে তথি অতি মনুহর।"—শূ-পু] বিণ, কমনীয় ; চিত্তাকর্ষক। স্ত্রী, মনোহরা—মনোহারিণী। ২। যূথিকা। ৩। জাতীফুল। ৪। স্বর্ণ। ৫। সন্দেশবিশেষ।

মনোহর্ত্তা (মো) [মনস্—হৃ (হরণ করা) ধাতুজ মনোহর্ত্তৃ শব্দ ১মা, ১ব] বিণ, চিত্তাকর্ষণকারী।

মনোহারী (মো) [মনস্—হৃ (হরণ করা) ধাতুজ (কর্ত্তৃ ণিন্) মনোহারিন্ শব্দ ১মা, ১ব] বিণ, মনোহরণকারী ; চিত্তহারী ; চিত্তাকর্ষক। স্ত্রী, মনোহারিণী—মনোজ্ঞা। বি, মনোহারিত্ব।

মন্‌কীর (র্) [আ] বি, অস্বীকার।

মন্তব্য (মোন্তব্‌ব) [মন্ (জানা)+তব্য (কর্ম্মে)] অভিমত। ২। বিচার্য্য ; বিবেচনাযোগ্য। ৩। মননীয় ; চিন্তনীয়। মন্তব্য লিপি—অভিমত সম্বলিত পত্র। মন্তব্য প্রকাশ—অভিপ্রায় বা অভিমত ব্যক্তকরণ। মন্তব্যস্তম্ভ—কোন বিবরণী বা বর্ণনাপত্রাদিতে টীকা টিপ্পনী লিখিবার ঘর বা খানা।

মন্তর (মোন্তোর্) [গ্রা] মন্ত্র দ্রঃ।

মন্তা (মোন্তা) [মন্ (জানা)+তৃ (কর্ত্তৃ—তৃন্)=মন্তৃ ১মা, ১ব] বি, পুং, মননকারী ; ২। মন্ত্রণাদাতা ; মন্ত্রী।

মন্ত্র (মোন্ত্রো) [মন্ত্র্ (মন্ত্রণা করা)+অ (কর্ম্মে—অল্)। গ্রা—মন্তর] বি, পুং, বেদাঙ্গবিশেষ। ২। উপাসনার অনুকূল বাক্য বা পদ। প্র—"কে কোথা কি মন্ত্র লয় কোথা কোন যজ্ঞ হয় আগে ভাগে উত্তরেন গিয়া।"—অ, ম। ৩। যাহা-দ্বারা বিশ্বজ্ঞান লাভ করা এবং সংসারসাগর হইতে উত্তীর্ণ হওয়া যায় তাহার নাম মন্ত্র যথা—"মননংহি বিশ্বজ্ঞানং ত্রাণংসংসারবন্ধনাৎ। যতঃ করোতি সংসিদ্ধো মন্ত্র ইত্যভিধীয়তে।" ৪। বিচার। ৫। সন্ধিবিগ্রহাদি বিষয়ক গুপ্তনীতি ; রাজনৈতিক মন্ত্রণা। ৬। তন্ত্রোক্ত বশীকরণ বাক্য। ৭। রহস্য। ৮। পরামর্শ। মন্ত্রকুশল—বিণ, মন্ত্রণাপটু ; পরামর্শ দানে দক্ষ। মন্ত্রগুপ্তি—বি, মন্ত্রণার অপ্রকাশ ; মন্ত্রণাগোপন। মন্ত্রগৃহ—মন্ত্রণাভবন ; পরামর্শস্থান। মন্ত্রদাতা—বি, পুং, দীক্ষাগুরু ; মন্ত্রদান-কর্ত্তা। ২। বিণ, দীক্ষাদাতা ; পরামর্শ দাতা। স্ত্রী, মন্ত্রদাত্রী। মন্ত্রবল—বি, মন্ত্রশক্তি ; বশীকরণ সাধন তন্ত্রোক্ত বাক্যের প্রভাব। মন্ত্রভবন—মন্ত্রণাগৃহ।

মন্ত্রকৃৎ (মোন্‌ত্রোক্‌কৃত্) [মন্ত্র—কৃৎ (যে করে)] বি, পুং, মন্ত্ররচয়িতা ; মন্ত্রপ্রণেতা। ২। মন্ত্রণাদাতা ; পরামর্শদাতা।

মন্ত্রগূঢ় (মোন্‌ত্রোগূড়্‌হ) [মন্ত্র (মন্ত্রণা) গূঢ় (গুপ্ত)] বি, পুং, গুপ্তচর।

মন্ত্রজ্ঞ (মোন্‌ত্রোগ্‌গঁ) [মন্ত্র+জ্ঞ (যে জানে)] বি, পুং, দীক্ষাগুরু। ২। মন্ত্রী। ৩। গুপ্তচর। ৪। বিণ, মন্ত্রবিদ্ ; মন্ত্রজ্ঞাতা।

মন্ত্রণ (মোন্‌ত্রোন্) [মন্ত্র (মন্ত্রণা করা)+অন—ভাবে] বি, ক্লী, যুক্তি ; গোপনে পরামর্শ। প্র—"মুনির মন্ত্রণে দক্ষ মনে মহা খুসী।"—শিবায়ন।

২। মন্ত্র। স্ত্রী, মন্ত্রণা। প্র—"হলে নয়ন অন্তর অন্তরে সে নিরন্তর কি জানি কেমন মন্ত্রণা।"—গান।

মন্ত্রণীয় (মোন্ত্রো) বিণ, মন্ত্রণাযোগ্য; পরামর্শনীয়।

মন্ত্রপূত (মোনত্রো) [মন্ত্র দ্বারা-পূত—৩তৎ] বিণ, মন্ত্রদ্বারা পবিত্রীকৃত।

মন্ত্রবিৎ (মোনত্রো) [মন্ত্র (মন্ত্রণা)—বিৎ, বিদ্ (যে জানে)] বিণ, মন্ত্রজ্ঞাতা; মন্ত্রজ্ঞ। ২। বি, পুং, গুপ্তদূত। ৩। মন্ত্রী।

মন্ত্রমুগ্ধ (মোনত্রোমুগ্‌ধ) [মন্ত্র দ্বারা মুগ্ধ] বিণ মন্ত্রের প্রভাবে বশীকৃত।

মন্ত্রসিদ্ধ (মোনত্রোশিদ্‌ধ) বি, মন্ত্রের সাধনায় সফলকাম; মন্ত্রোপাসনায় সিদ্ধিপ্রাপ্ত।

মন্ত্রিত (মোনত্রিতো) [মন্ত্র+ত (কর্ম্মে, ক্ত)] মন্ত্রসংস্কৃত। প্র—"উশনা কুশপাণি চিন্তি সঞ্জীবনী মন্ত্রিত কৈল কুশজল।"—কবিক। ২। মন্ত্রণা দ্বারা নির্দ্ধারিত; পরামর্শ দ্বারা স্থিরীকৃত।

মন্ত্রিত্ব (মোনত্রিৎতো) বি, সচিবত্ব; পরামর্শ-দাতৃত্ব। ২। মন্ত্রীর পদ।

মন্ত্রিবর (মোনত্রিবর্) বি, পুং, প্রধান মন্ত্রী; সচিবশ্রেষ্ঠ; অমাত্যপ্রধান।

মন্ত্রী (মোনত্রি) [মন্ত্রিন্ শব্দ, ১মা, ১ব] বি পুং, অমাত্য। ২। বিণ, মন্ত্রণাদাতা; পরামর্শদাতা।

মন্থ (মোন্‌থ) মন্থ্ (মন্থন করা)+অ (করণে—অল্)] বি, পুং মন্থন দণ্ড। ২। বিলোড়ন; মন্থন। ৩। চক্ষুরোগবিশেষ। ৪। নেত্রমল। ৫। [+অ (ভাবে, অল্)] বিনাশ। ৬। জলমিশ্রিত ঘি মাখা ছাতু। বিণ, মন্থী—মন্থনকারী। মন্থশৈল—মন্দর পর্ব্বত—যাহা সমুদ্র মন্থন কালে দণ্ড স্বরূপ ব্যবহৃত হইয়াছিল।

মন্থন (মোন্‌থন্) [মন্থ+অন (ভাবে)] বি, ক্লী, আলোড়িত করণ; বিলোড়ন; মওয়া। ২। [+অল্ (করণে)] পুং, মন্থনদণ্ড। ৩। বিনাশ।

মন্থনী (মোন্‌থনী) বি, স্ত্রী, দধিমন্থন পাত্র; ঘোল মউনি হাঁড়ি।

মন্থর (মোন্‌থর্) [সং] বিণ, অলস; দীর্ঘ-সূত্রী। ২। মন্দগামী। ৩। অদ্রুত; অশীঘ্র। ৪। নম্র; নত। ৫। পৃথু; স্থূল। স্ত্রী, মন্থরা—বিণ, মন্থরগামিনী। ২। বি, মন্থনদণ্ড। ৩। কৈকেয়ীর কুব্জা দাসী। মন্থর-গতি—অশীঘ্র-গতি; ধীরগতি। ২। বিণ, ধীরগতিযুক্ত; মন্দগামী।

মন্থান (মোন্‌থান্) [মন্থ+আন (করণে)] বি, পুং, মন্থন দণ্ড; মউনি।

মন্দ (মোন্দ) [মন্দ্ (জড়ীভূত হওয়া)+অ (কর্ত্তৃ, অন্)] বিণ, মৃদু; ধীর। প্র—"ধীরে নামাইয়া আন বিদ্রোহের উচ্চ কণ্ঠে পূরবীর ম্লান মন্দ স্বরে।"—রবি। ২। মূর্খ। ৩। অলস। ৪। অশীঘ্র; বিলম্বিত। ৫। ক্ষীণ। ৬। অসুস্থ। ৭। হত; হীন। প্র—মন্দ ভাগ্য। ৮। নীচ। ৯। মত্ত। ১০। খল। ১১। অল্প। ১২। অপকৃষ্ট। ১৩। অপটু। ১৪। অতীক্ষ্ণ; ভোঁতা। ১৫। কটু। প্র—"নিন্দে তোমা, হে নরেন্দ্র, মন্দ কথা ক'য়ে—বীরাঙ্গনা কাব্য। ১৬। বি, শনিগ্রহ। বি, মন্দতা, মন্দত্ব। মন্দগ,—গামী—মৃদু-গমনশীল; মন্থরগতি। মন্দবুদ্ধি—স্থূলবুদ্ধি। ২। দুর্ব্বুদ্ধি। মন্দভাগ্য—দুরদৃষ্ট। মন্দ মন্দ—ধীরে ধীরে। প্র—"মন্দমন্দ গতি"—অ, ম। মন্দ সমীরণ—ধীর বাতাস; মৃদু বায়ু।

মন্দফল (মোন্দফল্) [মন্দ (অশুভ) যে ফল (কর্ম্মধা)] বি, ক্লী, কুফল, অসৎ পরিণাম। ২। [মন্দ (শনি গ্রহ)+ফল] গ্রহফল। ৩। জ্যোতির্বিজ্ঞানোক্ত গণিতবিশেষ; the anomatistic equation of a planet.

মন্দর (মোন্দর্) [মন্দ্+অর (কর্ত্তৃ) (অরন্)] বি, পুং, পর্ব্বতবিশেষ; সমুদ্র মন্থনকালে এই পর্ব্বত মন্থনদণ্ড স্বরূপ ব্যবহৃত হইয়াছিল। ২। মন্দার বৃক্ষ; মাদার গাছ। ৩। মুকুর; দর্পণ।

মন্দা (মো) [মান্দ্য (দ্রঃ) উচ্চারণে—মান্দ বর্ণ বিপর্য্যয়ে মন্দা] বি, স্ত্রী, গ্রহের গতি-বিশেষ। ২। সংক্রান্তিবিশেষ। ৩। লাঘব। প্র—"পথশ্রম হবে মন্দা কিনহ তোড়ানি জোন্দা মরিচ সমান যার তার।"—কবিক। ৪। দুষ্টলোক; মন্দজন। প্র—"অধর নীরস মধু করলহি মন্দা"—বি, প।

মন্দাকিনী (মো) [সং] বি, স্ত্রী, স্বর্গগঙ্গা। প্র—"স্বর্গে মন্দাকিনী মন্দা ভূতলে অলকনন্দা" —অ, ম। ২। দ্বাদশাক্ষর ছন্দঃ।

মন্দাক্রান্তা [সং] বি, স্ত্রী, সপ্তদশাক্ষর ছন্দঃ, যাহার ১ম ৪র্থ ১০ম ১১দশ ১৩শ ১৫শ ১৬শ ১৭শ বর্ণ গুরু, অবশিষ্ট সমুদয় বর্ণ লঘু।

মন্দাক্ষ (মোন্দাক্‌খ) [মন্দ—অক্ষি (অক্ষ)] বিণ, কুনেত্র; যে চক্ষুর কণিনিকা সঙ্কুচিত।

মন্দাগ্নি (মোন্দাগ্‌নি) [মন্দ (অল্পশক্তিক) যে অগ্নি (জঠরাগ্নি)] বি, পুং, ক্ষুধার অল্পতা; অগ্নিমান্দ্য।

মন্দার (মোন্দার্) [মন্দ্ (প্রীত হওয়া)+আর (করণে)] বি, পুং, স্বর্গীয় দেবতরু। ২। আকন্দ গাছ। ৩। পালিতা মাদার গাছ। ৪। তীর্থবিশেষ।

মন্দাস্য (মোন্দাশ্‌শ) [মন্দ—আস্য (মুখ)] বি, লজ্জা; ত্রপা। ২। বিণ, সঙ্কুচিত মুখ।

মন্দির (মোন্‌দির্) [মন্দ্ (নিদ্রা যাওয়া) +ইর (অধি) যেখানে লোক নিদ্রা যায়] বি, ক্লী, ভবন; গৃহ। ২। দেবালয়। প্র—"তোমারি প্রতিমা গড়ি, মন্দিরে মন্দিরে"—বঙ্কিম। ৩। নগর।

মন্দিরা (মোন্‌দিরা) [মন্দিরের চূড়ার মত আকার বলিয়া] বি, কাংস্যনির্ম্মিত বাদ্যযন্ত্র।

মন্দীভূত (মোন্দীভূত) [মন্দ—ভূ (হওয়া) +ত (কর্ত্তৃ) ঈ (চ্বি)—আগম] বিণ, ; অল্পে পরিণত। ৩। জড়ীভূত। ৪। ক্ষীণ।

মন্দুরা (মো) [সং] বি, স্ত্রী, অশ্বশালা; ঘোড়াশাল; আস্তাবল। ২। মাদুর।

মন্দোদরী (মোন্‌দোদোরী) [মন্দ (অল্প) —উদর যাহার (বহু) স্ত্রী, ঈপ]—বি, স্ত্রী, ময়দানবের কন্যা ও রাবণের প্রধানা মহিষী। ২। কৃশোদরী; সুন্দরী। ৩। মাদুর। মন্দোদরী-মনোহর—রাবণ। মন্দো-দরীসুত—মেঘনাদ।

মন্দ্র (মোন্‌দ্রো) [মন্দ্ (প্রীত হওয়া)+র (কর্ত্তৃ) সংজ্ঞার্থে) বি, পুং, ধ্বনি; শব্দ। প্র—"বিপুল গভীর মধুর মন্দ্রে কে বাজাবে সেই বাজনা"—রবি। ২। গম্ভীর ধ্বনি। ৩। বিণ, গম্ভীর।

মন্দ্রা (মো) [নামধাতু। মন্দ্র (দ্রঃ)+আ (ক্রিয়ায়)—পদ্যে] ক্রি, গর্জ্জন করা। প্র—"মন্দ্রে যদি ঘনবর, ভাবি আঁখি মুদি,"—বীরাঙ্গনা কাব্য (মাইকেল)।

মন্বন্তর (মোন্নন্তর্) [মনু (ব্রহ্মার পুত্র)—অন্তর (অবকাশ) যাহাতে (বহু)] বি, ক্লী, দেবতাদের ৭১ যুগ; প্রজাপতি ব্রহ্মার স্বায়ম্ভুব, স্বারোচিষ, উত্তম, তামস, রৈবত, চাক্ষুষ, বৈব-স্বত, সাবর্ণি, দক্ষ সাবর্ণি, ব্রহ্মসাবর্ণি, ধর্ম্ম সাবর্ণি, রুদ্রসাবর্ণি, দেবসাবর্ণি ও ইন্দ্রসাবর্ণি এই চতুর্দ্দশ মানস পুত্রের এক এক জনের রাজত্বকালের নাম এক এক মন্বন্তর। প্র—"একাত্তর চতুর্যুগে এক মন্বন্তর; চৌদ্দ মন্বন্তর ব্রহ্মার দিবস ভিতর।"—চৈ, চরিতামৃত।

মন্মথ (মো) [মনস্—মথ্ (মন্থনে)+অ (কর্ত্তৃ, অন্)] বি, পুং, মনসিজ; কামদেব। মন্মথ-প্রিয়া—রতিদেবী; কামপত্নী।

মন্য (মোন্‌ন) বি, মনন; চিন্তন। প্র—"নির্ব্বেদ বিষাদ দৈন্য, চাপল্য হর্ষ ধৈর্য্য মন্য এই নৃত্যে প্রভুর কাল যায়।"—চৈতন্য-চরিতামৃত।

মন্যু (মোন্‌নু) [সং] বি, দৈন্য। ২। রোষ। ৩। শোক। ৪। অহঙ্কার। ৫। যজ্ঞ।

মফস্বল, মফঃস্বল (মফোশ্‌শল্) [আ—মুফস্‌সল] বি, পৃথক্। ২। রাজধানী ও নগরের

বহির্ভূত স্থান ; গ্রাম্য প্রদেশ ; জেলার শাসনাধীন বিভাগ ; subdivisions of a district beyond head quarters interior of a district or sub district. প্র—মফঃস্বলে নায়েব দিলেন পাঠাইয়া"—অ, ম। **মফস্বল জমা**—দকাওয়ার জমা। ২। মোট জমা।

মবলগ (মব্‌লগ্) [আ—মব্‌লগ্] বি, নগদ টাকা ; ready money. ২। মোট ; রাশি। ক্রি-বিণ, **মব্‌লগে**—সাকল্যে। **মবলগ বন্দি**—কথা বা শব্দে লিখিত মোট সংখ্যা ; total in words.

মম [ষষ্ঠ্যন্ত অস্মদ্ শব্দজ] অ, আমার। প্র—"মরণ রে তুঁহুঁ মম শ্যাম সমান। তুঁহুঁ মম মাধব তুঁহুঁ মম দোসর তুঁহুঁ মম তাপ ঘুচাও।"—রবি। ২। বি, মমতা। **মমকার**—স্ত্রী, পুত্র, পরিজন ঐশ্বর্য্য সম্পদের প্রতি মমতা করা ; ইহা আমার উহা আমার এইরূপ করা। ২। অভিমান ; অহঙ্কার।

মমতা, মমত্ব (মোমোতা, ত্ত) [মম+তা, ত্ব (ভাবে)] বি, স্ত্রী, মায়া ; স্নেহ। **মমতা-যুক্ত**—মায়াবী ; স্নেহশীল। ২। অভিমান-যুক্ত। ৩। আত্মম্ভরি।

মমি (ম্‌মি) [ইং—mummy. আ—মুমায়িন্, ফা—মোম হইতে] বি, মোম সহ বিবিধ মশলা-যোগে মিশরীয় প্রথায় সংরক্ষিত শবদেহ। প্র—"দূর মিশরের 'মমি' সম সুখে ছিল বাহা বাক্ শূন্য।"—অশোকগুচ্ছ।

মম্ম [মর্ম্ম দ্রঃ। প্রা] বি, মর্ম্ম। ২। মর্ম্মব্যথা ; কষ্ট। প্র—"মনেত পাইয়া মম্ম"—শূন্যপুরাণ।

ময় (ময়) [ময় (গমন করা)+অ (কর্ত্তৃ, অচ্)] বি, পুং, ইন্দ্রপ্রস্থে রাজা যুধিষ্ঠিরের অপূর্ব্ব সভা নির্ম্মাণকারী দানব-শিল্পী ; দেব-শিল্পী বিশ্বকর্ম্মা ইঁহার নিকট যুদ্ধে পরাস্ত হইয়াছিলেন। রক্ষোরাজ রাবণের প্রধানা মহিষী মন্দোদরী ইঁহার কন্যা। ২। অশ্বতর। ৩। উষ্ট্র। ৪। বিণ, পূর্ণতাবোধক। প্র—সৌন্দর্য্যময়। ৫। ব্যাপ্তিবোধক। প্র—রাজ্যময়। নগরময়। ৬। নির্ম্মিত, খচিত বা জড়িত অর্থে। প্র—রত্নময় বেদী। স্বর্ণময় পর্য্যঙ্ক। ৭। বহুল অর্থে। প্র—প্রস্তরময় ভূমি। নদীময় দেশ। ৮। বিশিষ্ট ; যুক্ত। প্র—দয়াময়। ৯। মিশ্রিত। প্র—বিষময়। স্ত্রী, **ময়ী**—বিশিষ্টা ; যুক্তা। প্র—মায়াময়ী। গাম্ভীর্য্যময়ী। লাবণ্যময়ী।

ময়দা (য়) [ফা] বি, গোধুমের সূক্ষ্ম চূর্ণ ; অপেক্ষাকৃত মোটা গোধুম চূর্ণের নাম আটা, ময়দা আটা অপেক্ষা মিহি এবং শুভ্রতর।

ময়দান (ময়্‌দান্) [ফা] বি, প্রান্তর, ক্ষেত্র ; মাঠ।

ময়না (য়) [সং—মদনিকা—মদনা—ময়না ; হি—ময়না] বি, মদনপাখী ; সারিকাবিশেষ। ২। [ময়না পাখী খুব পড়ে বলিয়া লক্ষণায় যে বালিকা পাখীর মত খুব কথা কয়। ৩ [মদনাবতী—ময়নামতী—সংক্ষেপে ময়না] বাঙ্গালী রাজা মাণিকচন্দ্রের স্ত্রী। ইনি তন্ত্রমন্ত্র জানিতেন বলিয়া ডাকিনী ময়না। প্র—"দ্যাবাপুরের পাঁচ কন্যা ডাহিনী ময়না"—ময়নামতীর গান (১১শ-১২ শতাব্দী)। ৪। [ময়নামতীর প্রসিদ্ধি হইতে] ডাকিনী। **বুড় ময়না, বুড়ী ময়না** [ময়নামতীর বৃদ্ধ বয়স পর্য্যন্ত স্বামী পুত্র, সপত্নী প্রভৃতির সহিত খলতা, ডাকিনী মন্ত্রসিদ্ধি ও গুরুর আশীর্ব্বাদে অমরী হওয়ায়, বুড়ী ময়না এই নামের প্রসিদ্ধি হইতে (তুল—"যেন বুড়ী ময়না গুরুকে দেখিল" "বুড়ী ময়না কান্দিতে লাগিল" "আশীর্ব্বাদ করি গুরু মহাজ্ঞান দিল। চারি যুগ অমর করিয়া মোরে গেল॥"—ময়নামতীর গান] ডাইনী বুড়ী ; কুতন্ত্রা বৃদ্ধা নারী। ৫। [মদন শব্দের স্ত্রীলিঙ্গে মদনা বা মদনী হইতে ময়না বা ময়নী। মদনা বাং-য় পুং, ও মদনী (গ্রা—উচ্চারণে "মোড়নী") এবং ময়না স্ত্রী বাচক] কামুকা নারী। ৬। কুট্‌নী।

ময়রা (য়) [মোয়া (মোদক)+করা (কার) —যে মোয়া করে] বি, জাতিবিশেষ ; মোদক ; মধুনাপিত ; যাহারা সন্দেশ প্রভৃতি মিষ্ট সামগ্রী প্রস্তুত করে। ২। মিষ্টান্ন প্রস্তুতকারক ও বিক্রেতা। স্ত্রী, **ময়রাণী**। **ময়রার দোকান**—মিষ্টান্নের দোকান ; খাবার দোকান।

ময়লা (য়) [সং—মল]+আ (যুক্তার্থে)। হি—মৈলা] বিণ, অপরিষ্কৃত ; মলিন ; নোংরা। ২। বর্ণের অনুজ্জ্বলতাবোধক। ৩। বি, বিষ্ঠা ; মল। ৪। হিংসা-দ্বেষাদিরূপ মলিনতা। বিণ, **ময়লাটিয়া, ময়লাটে**—মলিন-প্রায়। **মনের ময়লা**—হিংসা দ্বেষাদি মানসিক মলিনতা।

ময়ান (ন্) [মর্দ্দন বা মলন হইতে] বি, লুচী, কচুরি, নিমকি প্রভৃতি প্রস্তুতের পূর্ব্বে ময়দা মাখিবার সময় তাহাতে ঘৃত মিশ্রণ।

ময়াল (ল্) [সং—মহাকাল] বি, বৃহদাকার সর্পবিশেষ।

ময়াল (ল্) [আ—মহাল্ (ভূসম্পত্তি)] বি, রাজ্য। প্র—"দূর হইতে দেখে সাধু লঙ্কার ময়াল।"—কবিক। ২। ঐশ্বর্য্য ; সম্পদ। প্র—"গয়ার ময়াল দেখি নাচে"—চৈ-মঙ্গল।

ময়ি (মোয়ি) [হি—ম্যায়] আমি। প্র—"ময়ি অভাজনে হ'ল দয়াবারি বিতরণ"—দেওয়ান বাহাদুর।

ময়ূখ (মোয়ুখ্) [মা (পরিমাণ করা)+উখ (কর্ত্তৃ) মা=ময়] বি, পুং, দীপ্তি ; কিরণ ; জ্যোতিঃ। ২। সৌন্দর্য্য ; শোভা। ৩। জ্বালা। **ময়ূখমালা**—জ্যোতিঃসমূহ। বিণ, **ময়ূখ-মালী**—কিরণমালী ; সূর্য্য।

(মোয়ুখি) বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্র-বিশেষ। ইহা পুরুষ প্রমাণ দীর্ঘ যষ্টি। ইহার অগ্রে কিঙ্কিণী জাল। ইহা মুষ্টিযুক্ত। ইহার কার্য্য পাঁচ প্রকার—আঘাত, প্রতিঘাত, বিঘাত, পরিমোচন এবং অতিক্রমণ।

ময়ূর (মোয়ূর্) [প্রা-বাং—মোউর। প্র—"মোউরর ছাইল ভাণ্ডার ঘর।"—শূ-পু] বি, পুং, কর্বকবর্গের বৃহৎ পক্ষিবিশেষ ; শিখী ; peacock. প্র—"ময়ূর ভুজঙ্গে ক্রীড়া করে রঙ্গে ইন্দুরে পোষে বিড়াল।"—অ, ম। স্ত্রী, **ময়ূরী**। **ময়ূরকণ্ঠী**—ময়ূর কণ্ঠের বর্ণবৎ লাল ও সবুজের মিশ্রণজাত বর্ণযুক্ত। **ময়ূর-পঙ্খী**—ময়ূর পক্ষীর আকৃতি নৌকাবিশেষ। **ময়ূরপুচ্ছ**—ময়ূরের লেজ। **ময়ূরশিখা, —চূড়া**—ময়ূর পক্ষীর মাথার ঝুঁটী বা শিখা। ২। মোরগ ফুলের গাছ।

ময়ূরক (মোয়ূরক্) [ময়ূর+ক] বি, পুং, ময়ূর। ২। ময়ূর শিখা।

মর [মরা দ্রঃ] বিণ, অনিত্য ; নশ্বর ; মরণধর্ম্মশীল। ২। (র্) অ, তুই মরিয়া যা বা তোর মরণ হোক এই গালির সংক্ষেপ। প্র—"ভীম বলে মর কি বলেরে ভাতারখুড়ির ঝি"—শিবায়ন। **মর জগৎ**—অনিত্য সংসার।

মরক (ক্) [মৃ (মরা)+অক (ভাবে)] বি, পুং, মারী ; মড়ক।

মরকত, মরক্ত [সং। তুল, গ্র—maracda. ল্যা—smaragdus, ফ্রে—emerande, ইং—emerald] বি, সবুজ বর্ণ মণি ; হরিন্মণি ; রাজনীল ; বুধরত্ন (বুধ গ্রহের প্রীতিকর বলিয়া) ; পান্না।

মরকুমা (র্) [ফা—মর্‌কুমা ; আ—মর্‌কুম্] বিণ, লিখিত ; চিহ্নিত। উপরিউক্ত ; aforesaid.

মরগেজ (মর্‌গেজ্) [ইং—mortgage] বি, সম্পত্তি বন্ধক রাখার ব্যাপার।

মরণ (ন্) [মৃ (মরা)+অন (ভাবে)] বি, ক্লী, দেহনাশ ; মৃত্যু ; দেহ হইতে আত্মার বিচ্ছেদ ; বিনাশ। ২। অ, মরণ কামনায় ; তিরস্কার বা গালিতে। **মরণ আর কি**—আ মরণ ; মৃত্যু কামনায়। **মরণ-ধর্ম্মশীল, মরণধর্ম্মী**—মরণাধীন ; নশ্বর।

মরণাপন্ন [মরণকে আপন্ন, ২তৎ] বিণ, মুমূর্ষু ; মৃতপ্রায় ; মৃত্যুদশাপ্রাপ্ত।

মরণাশৌচ (না, চ্) [মরণ+অশৌচ] বি, মৃত্যুজনিত জ্ঞাতিগণের অঙ্গাশুদ্ধি। প্র—"মরণাশৌচে ব্রাহ্মণের তিন দিন অঙ্গাস্পৃশ্য অশৌচ।"—পরাশর সংহিতা (বঙ্গবাসী)।

মরণোন্মুখ (খ্) [মরণ + উন্মুখ] বিণ. মৃত-প্রায় ; মরণোদ্যত।

মরত (ত্) [মর্ত্ত্য শব্দের কোমল রূপ. পদ্যে] বি. মর্ত্ত্য ; পৃথিবী। **মরত ভুবন**—যে জগতে লোক মরণধর্ম্মশীল। প্র—"মরত ভুবনে যাও মনুষ্য শরীর পাও"—অ. ম।

মরদ (দ্) [ফা—মর্দ্] বি. পুং. নর ; পুরুষ। প্র—"হাতীকা দাঁত মরদকা বাত।"—প্রবাদ। **মরদ বাচ্ছা** [গ্রা] পুরুষের মত পুরুষের পুত্র ; সাহসী ও বীর্য্যবানের সাহসী পুত্র।

মরম (ম্) [সং—মর্ম্ম। পদ্যে] বি. শরীরের সন্ধিস্থান ; মর্ম্মস্থান। ২। হৃদয়। ৩। মর্ম্ম-কথা ; অন্তরের কথা। প্র—"সই মরম কহিনু তোরে।"—চণ্ডীদাস। ৪। অভিপ্রায়। প্র—"শুনিয়া কহেন শিব পাইয়া মরম। তোমার সহিত নহে এমন মরম।"—অ. ম। ৫। দরদ ; সহানুভূতি। বিণ. **মরমী**—মর্ম্মগ্রাহী ; দরদী। প্র—"মরমী জনার মরমে বাজে"—বিদ্যাপতি।

মরম [মরিব—মরিম—মরম (প্রা-বাং)] ক্রি. মরিব। প্র—"যদি মুই সেই অশ্ব আনিতে নারম। মাতৃহত্যা নরকেত পচিয়া মরম।"—মহা (শ্রীকর)।

মরমর (মরোমরো) [মর (মৃত) + মর (সাদৃশ্যার্থে দ্বিত্ব)] বিণ. মৃতবৎ ; মৃতপ্রায় ; মরণাপন্ন। ২। [শব্দাত্মক মর্ম্মর হইতে। দ্রঃ—লঘুতর শব্দে মুরমুর। কঠিন এবং প্রবল শব্দে মড়মড়] শুষ্কপত্রাদির লঘু শব্দ।

মরা [সং—মৃ ধাতুজ। উ-পু—মরি। ম-পু—মর ; মরুন ; মর্। প্র-পু—মরে ; মরেন। অস-ক্রি—মরিতে ; মরিয়া, ম'রে, মরি। ণিজন্ত—মারা] ক্রি. প্রাণ বা দেহ ত্যাগ করা। ২। [প্রাণ উড়িয়া যাওয়ার ভাব হইতে] উড়িয়া যাওয়া বা না থাকা। প্র—হাঁড়ির জল প্রায় সব মরিয়া গিয়াছে। ২। শুষ্ক হওয়া। প্র—"চোখের জল চোখে মরে, বেড়াই আমি আমোদ করে।"—গান। ৫। [দেহ পতনের ভাব হইতে] পতিত হওয়া ; বিলুপ্ত হওয়া। প্র—কোথাকার জল কোথায় মরে।

মরা [সং—মৃ ধাতু] বি. মৃত দেহ ; মড়া ; শব (এই অর্থে পূ-বঙ্গে মরা. কলিকাতা অঞ্চলে মড়া)। ২। বিণ. মৃত। প্র—মরা মানুষ ; মরাহাতী। ২। নির্জীব ; নিস্তেজ। ৪। ভোঁতা ; অতীক্ষ্ণ। প্র—মরা ধার। **মরা কটাল**—কটাল দ্রঃ। **মরা গাছ**—মৃত শুষ্ক বৃক্ষ। **মরাদেহ**—মৃত শরীর। ২। জীর্ণশীর্ণ দুর্ব্বল দেহ। **মরাপেট**—যাহার জঠরাগ্নি নিস্তেজ ; লঘু আহারোপযোগী উদর। **মরা মরা**—মৃতপ্রায়। ২। শুষ্ক। জীর্ণ। **মরামাস**—শুষ্ক ত্বক ; খুস্কি। **মরাসোণা**—খাদযুক্ত স্বর্ণ। **মরা হাজা**—রস মরিয়া শুষ্ক এবং জলে পচিয়া মৃত।

মরাই [প্রাদে] বি. ধান্যের গোলা। প্র—"বাহির মহলে যার সাত মরাই টাকা।"—কবিক। "গাভীর মত মরাইয়ে মুখ দিতাম।"—কমলাকান্তের দপ্তর। ২। মাথার মরাই ; কেশাবর্ত্ত।

মরাঞ্চে (মরান্‌চে) [মরন্ত—মরান্তিয়া—যাহার মরে (বৎস)] বি. স্ত্রী. মৃতবৎসা ; মড়াঞ্চিয়া। প্র—"অদ্বৈতের সহধর্ম্মিণী সীতা-দেবী শিশুর নাম 'নিমাই' রাখেন. ডাকিনী শাঁখিনীর হস্ত হইতে রক্ষা পাইবার জন্য 'নিমাই' এই মরাঞ্চে নাম রাখা হইয়াছিল. আজও আমাদের দেশে মৃতবৎসার সন্তান হইলে ঐরূপ নাম রাখিয়া থাকে।"—জীবনীসংগ্রহ। **মরাঞ্চে পোয়াতি**—যে প্রসূতির সন্তান শৈশবেই মরিয়া যায়।

মরামর (র্) [মর + অমর] বি. পুং. দেব নর ; সুর-নর। প্র—"ত্রিদিবে, পাতালে, মর্ত্ত্যে, মরামর জীব প্রমাদ গণিলা আতঙ্কে।"—মেঘনাদ।

মরাল (ল্) [সং] বি. পুং. রাজহংস ; ইহার চরণ ও চঞ্চু রক্তবর্ণ। প্র—"মরাল বাহনে ব্রহ্মা কৈল অধিষ্ঠান।"—কবিক। ২। পাতি হাঁস। স্ত্রী. **মরালী**। "মানস মরালী মোর কেথা গেল বল না ;"—সারদামঙ্গল। **মরালগামিনী**—রাজহংসীর ন্যায় গতিশীলা নারী।

মরিচ (মোরিচ) [সং] বি. কাল ক্ষুদ্র গোল তীব্র কটুরস ফলবিশেষ ; গোল মরিচ ; black pepper. **লঙ্কা মরিচ, লাল মরিচ**—লঙ্কা দ্রঃ। **জীরামরিচ**—জীরা (দ্রঃ) ও গোল মরিচ।

মরিচা (মোরিচা) [ফা—মোর্‌চা] বি. লৌহ-মল। **মরিচাধরা**—লৌহমলবিশিষ্ট। প্র—"ভোঁতা কি মরিচা ধরা দেখ দেখি মাজিয়া।"—কাব্যকুসুমাঞ্জলি।

মরিয়া, মরীয়া (মো) [মর + ইয়া, ঈয়া] বিণ. মরিতে উদ্যত ; মৃত্যুভয়-রহিত ; desperate.

মরীচি (মো) [সং] বি. স্ত্রী. কিরণ। ২। ব্রহ্মার মানসপুত্র ও মহর্ষি কশ্যপের পিতা ; **মরীচিনন্দন**—মহর্ষি কশ্যপ। প্র—"দান কৈল মরীচি নন্দনে।"—কবিক। **মরীচি-মালী**—বিণ. রশ্মিযুক্ত। ২। বি. সূর্য্য।

মরীচিকা (মো) [মরীচি (কিরণ) + ক. স্বার্থে (স্ত্রী—আপ্)] বি. স্ত্রী. সূর্য্যকিরণে জলভ্রম ; মৃগতৃষ্ণিকা (মরুভূমিতে সূর্য্যকিরণ জলের মত দেখায় ; পিপাসার্ত্ত মৃগগণ জলপানের আশায় ছুটিয়া যায়, কিন্তু যত ছুটিয়া যায় ঐ দৃশ্যও তত দূরবর্ত্তী হয়, অবশেষে শক্তিহীন ও ভগ্নমনোরথ হইয়া উত্তপ্ত বালুতে পড়িয়া প্রাণত্যাগ করে)। ২। [লক্ষণায়] ধোঁকা ; বৃথা আশার ছলনা। প্র—"ধর্ম্ম মরীচিকার মত বৃথা আশ্বাসিত করিয়া হঠাৎ নিরাশার কঠোরতায় আচ্ছন্ন করে না।"—সনাতনী।

মরু (মো) [মৃ (মরা) উ (অধি) যে স্থান জীবশূন্য উদ্ভিদরহিত] বি. বারি-উদ্ভিদ-প্রাণি-হীন বালুকাময় ভূমি। **মরুতরণী**—যে মরু-ভূমি পার করিয়া দেয় ; মরুভূমির নৌকাস্বরূপ ; উষ্ট্র। **মরুদেশ**—রাজপুতানাস্থ মারবার প্রদেশ। **মরুদ্বীপ**—মরু প্রদেশস্থ উর্ব্বর বৃক্ষবারিবিশিষ্ট ভূমিখণ্ড ; oasis. **মরুপ্রিয়**—উষ্ট্র। **মরুভূ, ভূমি**—মরুময় স্থান। **মরুসম্ভব**—মরুভূমিতে উৎপন্ন। **মরুস্থল, —স্থলী**—মরুভূমি। প্র—"হয়েছে নন্দন বন মহামরুস্থলী—প্রেম ও ফুল।

মরুৎ (মো) [মৃ (মরা) + উৎ. যাহার অভাবে মরে] বি. পুং. দেবতা। ২। বায়ু। **মরুৎ-পতি**—নারায়ণ। ২। মরুদ্গণের অধীশ্বর। **মরুৎপথ**—ব্যোমপথ ; আকাশ। **মরুৎ-পাল**—ইন্দ্র। **মরুৎপুত্র**—হনুমান। ২। ভীমসেন। **মরুৎসখ**—বায়ুসখা ; অগ্নি।

মরুত (মোরুত্) [মরুৎ + অণ্] বি. বায়ু।

মরুত্ত (মোরুৎত) [মরুৎ + ত] বি. পুং. বহু যজ্ঞ সমাপনকারী চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ। ২। পবন ; বায়ু।

মরুদ্যান (মোরুদ্‌দ্যান) বি. মরুপ্রদেশস্থ বারি বৃক্ষাদিপূর্ণ ভূখণ্ডবিশেষ ; oasis.

মরুবক (মো, ক্) [মরু—বা (জন্মান) + অ (কর্ত্তৃ) + ক—যাহা মরু বা বালুকাময় স্থানে জন্মে] বি. ব্যাঘ্র। প্র—"নানা জাতি পশু হস্তিগণ মরুবক।"—কাশী. মহা। ২। কণ্টকী-বৃক্ষবিশেষ। ৩। জম্বীর।

মরুয়া (মোরুআ) [সং—মরুবক] বি. বাবুই তুলসী। প্র—"দামিনী মরুয়া ফুল ফুটে জাতি যূথী।"—কবিক।

মর্কট (ট্) [সং] বি. ক্ষুদ্রাকৃতি বানর। ২। মাকড়সা। **মর্কটবাস**—মাকড়সার জাল।

মর্চে, মর্চ্যা (মো) [ফা—মোর্‌চা] বি. লৌহ-মল ; মরিচা। প্র—"মর্চে-পড়া পুরাণো কুলুপ"—রবি।

মর্জ্জি (মোর্জি) [অ—মর্জী] বি. ইচ্ছা।

মর্টগেজ (জ্) মর্গেজ দ্রঃ।

মর্ত্তবান (ন্) [ফা—মর্ত্‌বান্] বি. অমৃতবান ভাণ্ড ; আচারাদি রাখিবার চিকণ মাটির জালা বা ভাণ্ড।

মর্ত্তমান (ন্) [Martaban দ্বীপজাত বলিয়া এই নাম। প্রা-বাং—প্রাদে, "ব্রতামৃত।" প্র—"ব্রতামৃত কলা"—মনসামঙ্গল (বংশীবদন), ১৬ শতাব্দী] বি, কদলীবিশেষ ; এই জাতীয় কদলী আকৃতি ও মিষ্টতায় অন্য কদলী অপেক্ষা শ্রেষ্ঠ। অমৃত মর্ত্তমান, ঢাকাই মর্ত্তমান, মালভোগ প্রভৃতি বিভিন্ন প্রকারের মর্ত্তমান আছে।

মর্ত্ত্য, মর্ত্ত (মর্ত) [মৃ+ত (অধি—তন্) যেখানে লোক মরে] বি, পুং, মধ্যলোক ; ভূলোক ; পৃথিবী। প্র—"নাচিল অপ্সরা স্বর্গে ; মর্ত্তে নরনারী"—বীরাঙ্গনা। ২। নশ্বর। ৩। মানব। **মর্ত্ত্যধর্ম্ম**—মরণধর্ম্মশীল ; অনিত্য। **মর্ত্ত্যলীলা**—মানবলীলা ; জন্মমৃত্যুর ব্যাপার। **মর্ত্ত্যলোক**—পৃথিবী। **মর্ত্তুকাম**—মৃত্যু অভিলাষী। স্ত্রী, **মর্ত্তুকামা**।

মর্দ্দ [সং] বি, মর্দ্দন। ২। [ফা—মর্দ] মরদ দ্রঃ। ৩। বিণ সাহসী ; বীর। স্ত্রী, **মর্দ্দানী**—পুরুষ-প্রকৃতি নারী। **মর্দ্দানা**—পুরুষ মহল (মেয়ে মহল—জানানা)। **মর্দ্দানি**—পৌরুষ ; বীরত্ব।

মর্দ্দন (ন্) [মৃদ্ (মর্দ্দন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, দলন ; পীড়ন। ২। পেষণ ; পিষ্টকরণ ; চূর্ণন। ৩। বিণ, মথনকারী। প্র—"কালিয় মর্দ্দন ! কংস নিসূদন ! কেশিমথন, কংসারে।"—বাসবদত্তা। বিণ, **মর্দ্দিত**।

মর্দ্দল (ল্) [সং] বি, পুং, মাদল নামক আনদ্ধ বাদ্যযন্ত্রবিশেষ।

মর্দানা [ফা—মর্দ্দ্ + আনা] বিণ, পালোয়ানী ; মর্দ্দানি দ্রঃ। প্র—"কেহ শিকার করিতে অথবা মর্দানা কস্ত করিতে রত হয়।"—টেকচাঁদ।

মর্ম্ম [মৃ (মরা) + মন্ = মর্ম্মন্ ১মা, ১ব। বাং-প্রাকৃ—মম্ম] বি, প্রাণস্থান ; শরীরের বিশেষ বিশেষ সন্ধিস্থান যথায় আঘাত করিলে তৎক্ষণাৎ প্রাণ যায়। ২। শিরা, স্নায়ু, সন্ধি, অস্থি ও মাংসাদির একত্র মিলন। ৩। হৃদয়। ৪। রহস্য ; গূঢ়কথা। ৫। তত্ত্ব। ৬। অভিপ্রায় ; তাৎপর্য্য। প্র—"কি মর্ম্ম বুঝিয়া হরি হরে কর ভেদ"—অ, ম। ৭। মর্ম্মবেদনা। ৮। বিণ, হৃদ্য। প্র—"কৈশোর অতি মর্ম্ম"—চৈতন্যচরিত। **মর্ম্মকথা**—মনের কথা। ২। গূঢ়রহস্য। ৩। মর্ম্মভেদী কথা। প্র—"মধুর কোমল বাক্য বলে মৃদু করি, মর্ম্মকথা পরেরে না বলে কোন কালে।" **মর্ম্মকাতরতা**—আন্তরিক ব্যাকুলতা। **মর্ম্মঘাতী, মর্ম্মপীড়ক**—অন্তরের ব্যথা জনক ; মর্ম্মন্তুদ। **মর্ম্মপীড়া**—হৃদয়-বেদনা। বিণ, মর্ম্মপীড়িত। **মর্ম্মবিদ্**—মর্ম্মজ্ঞ। **মর্ম্মবেদনা, —ব্যথা**—আন্তরিক ক্লেশ মানসিক পীড়া। **মর্ম্মভেদী**—হৃদয়বিদারক। **মর্ম্মস্থল, —স্থান**—মানব-দেহের সাংঘাতিক সন্ধিস্থল (মর্ম্ম দ্রঃ)। প্র—"তার যত মর্ম্মস্থানে দংশন করিনু"—ভাগবত (শ্যামদাস) ২। হৃদয় ; অন্তঃকরণ। **মর্ম্মস্পর্শী, মর্ম্মস্পৃক্**—যাহা হৃদয় স্পর্শ করে ; হৃদয়-দ্রাবক ; touching. ২। হৃদয়ভেদী।

মর্ম্মজ্ঞ (মরমগ্‌গঁ) [মর্ম্মন্ (স্বরূপ কিম্বা সন্ধিস্থান) জ্ঞা (জানা) + অ (কর্ত্তৃ—ড) উপপদ] বিণ, রহস্যজ্ঞ ; অভিপ্রায়জ্ঞ মর্ম্মগ্রাহী। ২। তত্ত্বগ্রাহী। ৩। পণ্ডিত। বি, **মর্ম্মজ্ঞতা**।

মর্ম্মর (র্) [সং] বি, মার্ব্বেল পাথর। ২ অনুকার শব্দ ; শুষ্ক পত্রাদির অব্যক্ত শব্দ খসখসানি। ৩। বিণ, মর্ম্মরধ্বনিকারক মরমর দ্রঃ।

মর্ম্মাঘাত (ত্) [মর্ম্ম + আঘাত] বি, মর্ম্মস্থলে আঘাত। ২। হৃদয়ে বেদনা।

মর্ম্মান্তিক (মরমান্‌তিক্) [মর্ম্ম + অন্তিক] বিণ, অন্তর্ভেদী ; হৃদয়বিদারক। প্র—"আত্মবিদারণকরী মর্ম্মান্তিক মহান্ নিশ্বাস"—চয়নিকা।

মর্ম্মার্থ [মর্ম্ম + অর্থ] বি, গূঢ়ার্থ ; গূঢ় অভিপ্রায়। ২। প্রকৃত-তত্ত্ব।

মর্ম্মাহত [মর্ম্ম + আহত] বিণ, অন্তরে আঘাতপ্রাপ্ত ; মর্ম্মপীড়িত। বিণ, **মর্ম্মাঘাত**।

মর্ম্মিক (মোর্মিক্) [মর্ম্মন্ + ইক (জ্ঞাতার্থে)] বিণ, মর্ম্মী দ্রঃ।

মর্ম্মী (মোর্মি) [মর্ম্ম দ্রঃ] বিণ, মর্ম্মগ্রাহী ; মর্ম্মজ্ঞ ; রহস্যজ্ঞ। ২। গূঢ়জ্ঞানবাদী ; ঈশ্বর দর্শনবাদী ; তান্ত্রিক ; mystic. প্র—"মাতারলিঙ্ক * * ফ্লেমিশ্ কাথলিক মর্ম্মীদিগের (mystics) শিষ্য বলিয়া তাঁহার পরিচয় পাওয়া যায়। * * * তিনি মানব-জীবনের এই প্রচ্ছন্ন নিগূঢ় মর্ম্মস্থল, পর্দা সরাইয়া দিয়া দেখাইতে চেষ্টা করেন।"—প্রবাসী ১৩২১।

মর্ম্মোদ্ঘাটন (দ্, ন্) [মর্ম্ম + উদ্ঘাটন] বি, রহস্যভেদ ; স্বরূপার্থ প্রকাশ।

মর্ম্মোদ্ভেদ (দ্) [মর্ম্ম—উদ্ভেদ] বি, মর্ম্মোদ্ঘাটন।

মর্য্যাদা (মোরজ্যাদা) [পরি—আ—দা (দান) + অ (ভাবে—অঙ্) প = ম। ব্রজ—মরিয়াদ। প্র—"রসবতী নাগরী রস মরিযাদ।"—বিদ্যাপতি। "খোয়ল কুল মরিযাদ"—জ্ঞানদাস] বি, স্ত্রী, সম্ভ্রম ; সম্মান। প্র—"আমরা যদি পোষাক পরিচ্ছদ দেখিয়া সম্মান করিতে সম্ভ্রম করিতে মর্য্যাদা করিতে শিখি, তাহা হইলে সমাজে ঘোর অনর্থ পাতের সূত্রপাত করি।"—সনাতনী। ২। গৌরব। ৩। সদাচার। ৪। নিয়ম। ৫। সৎপথে অবস্থান। ৬। [মর্য্যা (সীমা) দা] সীমা ; কূল। **মর্য্যাদাকর**—সম্ভ্রমকারী ; সম্মানজনক। **মর্য্যাদাবান্**—সম্ভ্রমশীল ; সম্মানিত। প্র—"মহত্ত্ব মর্য্যাদাবান্।"—ঘনরাম। **মর্য্যাদাহানি**—সম্ভ্রমনাশ ; গৌরবনষ্ট।

মর্ষ, মর্ষণ [মৃষ্ (ক্ষমা করা) + অ (ভাবে—অল্, অন)] বি, পুং, সহন ; সহ্যকরণ ; ক্ষমা। ২। নাশ। বিণ, **মর্ষিত**।

মর্সুম (মোরশুম্) [ফা—মৌসুম্] বি, মৌসুম ; ঋতু ; কাল। ২। সুযোগ।

মল (ল) [মল্ (ধারণ করা) + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, ক্লী, দেহের ময়লা ; পুঁজ, রক্ত, স্বেদ, শ্লেষ্মা, বিষ্ঠা, মূত্রাদি শরীরের ক্লেদসমূহ। ২। বাত ; পিত্ত ; কফ। ৩। কাইট, শিটা, মরিচা, গাদ প্রভৃতি। ৪। কলঙ্ক ; পাপ। ৫। বিণ, মলযুক্ত ; সমল। বিণ, **মলী**—মলযুক্ত। **মলঘ্ন**—মলনাশক। **মলজ**—মল হইতে উৎপন্ন। **মলদ্বার**—গুহ্যদেশ। **মলদূষিত**—মল দ্বারা অপবিত্র ; মলিন। **মলভাণ্ড**—মলাধার। **মলভুক্**—বি, কাক।

মল (ল্) [বলয় হইতে] বি, পাদবলয় ; চরণালঙ্কারবিশেষ।

মলন (ন্) [মল্ (ধারণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বিলেপন। ২। মর্দ্দিতকরণ ; মর্দ্দন।

মলম (ম্) [ফা—মর্‌হম্] বি, প্রলেপ ; ক্ষতাদিতে লেপন করিবার ঔষধ।

মলমল (মল্‌মল্) [হি। ইং—muslin] বি, সূক্ষ্ম সূতার বস্ত্র।

মলমাস—রবি সংক্রান্তি বর্জ্জিত ও দুইটি অমাবস্যাযুক্ত মাস।

মলম্বা (আ—মলম্মা] বি, তামার উপর সোণার গিল্টী করা ; সোণার পাত মোড়া তামা। প্র—"মলম্বা অম্বরে তাম্র এত শোভা যদি ধরে, দেখি, ভাবি দেখ বিশুদ্ধ কাঞ্চন-কান্তি কত মনোহর।"—মেঘনাদ।

মলয় (য়্) [তামিল—মলৈ (পাহাড়)] বি, পুং, চন্দনাদ্রি ; পশ্চিমঘাট পর্ব্বত। প্র—"মলয় লুঠিয়া আনি রোপিলা চন্দন।"—কবিক। ২। মলয়পর্ব্বতে প্রবাহিত স্নিগ্ধ বায়ু ; মলয় বাতাস। ৩। মলয়বার দেশ ; malabar. নন্দনকানন। **মলয়জ**—মলয়পর্ব্বত জাত। ২। চন্দন। প্র—"মলয়জ মাখি"—শিবায়ন। ৩। চন্দন কাষ্ঠ। **মলয়জশীতল**—মলয়ানিল স্পর্শে

স্নিগ্ধ। স্ত্রী. মলয়জশীতলা। মলয়পবন, মারুত, সমীর—দক্ষিণা বায়ু। প্র—"মলয় পবন বহে ঘন ঘন"—অ, ম। মলয়াচল—চন্দনাদ্রি; মলয়পর্ব্বত। মলয়ানিল—মলয়-অনিল; বসন্ত বায়ু। প্র—"আজি মলয়ানিল মৃদু মৃদু বহত"—চণ্ডীদাস।

মলা [সং—মল+আ (স্বার্থে)] বি, ময়লা; মলিনতা। ২। গাত্র মল। ৩। পাপ অথবা হিংসা দ্বেষাদি মানসিক মলিনতা। মলাকর্ষী—মেথর; হাড়ি। মলাপসারিকা, মলাপহা—মল অপসারণ করা।

মলা [মর্দন—মলন। হি—মল্‌না (মর্দন করা) উ-পু—মলি। ম-পু—মল। প্র-পু—মলে। অস-ক্রি—মলিতে; মলিয়া, মলি, মলে। ণিজন্ত—মলান] ক্রি, মর্দন করা; নিষ্পীড়ন করা। কাণমলা—কর্ণ মর্দন করা। গা মলা—গাত্র মর্দন করা; গা টেপা। মলাদলা—মর্দন ও দলন।

মলাট (ট্) [মল (মলিনতা)+আট (নিবারকার্থে)] বি, গ্রন্থাদির উপরের আবরণ।

মলাম, মলুম, মলেম (মো, ম্) [গ্রা, মরা দ্রঃ] ক্রি, মরিলাম। প্র—"আমি মলাম আর বাঁচিনে গো।"—গান।

মলি (মো) [মলা দ্রঃ] বি, গাত্র মল। প্র—"বিজয়া জয়াতে মেলি তুলিল গৌরীর মলি কুঙ্কুম চন্দন দিয়া অঙ্গে।"—কবিক।

মলিন (মোলিন্) [মল+ইন (যুক্তার্থে)] বিণ, ম্লান; বিষণ্ণ। ২। মলবিশিষ্ট; অপরিচ্ছন্ন। ৩। কৃষ্ণবর্ণ। ৪। কলঙ্কিত। ৫। পাপিষ্ঠ; পাপবিশিষ্ট। বি, মলিনতা, মলিনত্ব—মালিন্য। মলিন বদন,—মুখ—বিষণ্ণ মুখ; ম্লানমুখ। প্র—"মলিন মুখ চন্দ্রমা ভারত তোমারি" স্ত্রী. মলিনবদনা, মুখী।

মলিনিমা (মো) [মলিন+ইমন্ (ভাবে)= মলিমন্ ১মা, ১ব] বি, পুং, মালিন্য।

মলিনী (মো) [মল (অপরিষ্কার)+ইন্ (অস্ত্যর্থে)=মলিন—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, ঋতুমতী স্ত্রী; রজস্বলা নারী। ২। বিণ, বিষণ্ণা; অপ্রফুল্লা। প্র—"যথা কমলিনী মলিনী যামিনী-যোগে থেকে"—বাসবদত্তা।

মল্ল [সং—মল্ল্ (ধারণ করা)] বি, ধি, কুস্তিগীর; পালোয়ান। ২। মালী। ৩। মল; পাদবলয়। প্র—"রজত নূপুর মল্ল শোভে শ্রীচরণে"—চৈ, ভা। ৪। বিণ, বলশালী; বীর। মল্ল তাড়ল—প্রাচীন ভারতের চরণালঙ্কারবিশেষ। প্র—"চরণকমলে মল্ল তাড়ল"—চণ্ডীদাস। মল্লনাগ—ঐরাবত হস্তী। ২। রণ-হস্তী। মল্লভূ,—ভূমি—রণস্থল। ২। রঙ্গভূমি; কুস্তির আখড়া। ৩। মালভূম দেশ। ৪। বাঁকুড়া জেলার বিষ্ণুপুর অঞ্চল। মল্লযুদ্ধ—বাহুযুদ্ধ; হাতাহাতি যুদ্ধ। প্র—"মল্লযুদ্ধে সদা যোরা রত"—মেঘনাদ।

মল্লার (র) বি, পুং, সঙ্গীতের রাগবিশেষ; রাগিণী। প্র—"মেঘ মল্লার রাগিণী"—বর্ষা-মঙ্গল। স্ত্রী. মল্লারী—রাগিণীবিশেষ।

মল্লি, মল্লী (মোল্লি) [সং] বি, শ্বেতপুষ্প-বিশেষ। পাতা বেলার মত বোঁটা ও পাপড়ি বেলা অপেক্ষা সরু, ফুল বেলা অপেক্ষা পাতলা। বনমল্লি—সুগন্ধ অল্পদল মল্লিকা। মল্লি কলি—মল্লিকা ফুলের কুঁড়ি। ২। কর্ণাভরণবিশেষ। প্র—"নাসিকায় ফুল-গুণা কর্ণে মল্লি কলি।"—কাঞ্চীকাবেরী। মল্লিগন্ধি—অগুরু চন্দন।

মল্লিক (মোল্লিক্) [পা - মহল্লিক (বৃদ্ধ, জ্ঞানবৃদ্ধ)] বি, সম্মানসূচক উপাধিবিশেষ। ২। জাতিবিশেষ। ৩। যে ধূসরবর্ণ হংসের চরণ ও চঞ্চু রক্তাভ।

মল্লিকা (মো) [সং] বি, স্ত্রী, শ্বেতবর্ণ সুগন্ধ পুষ্পবিশেষ; বেল ও মল্লিকা এক জাতীয় ফুল। বেলি বা বেলার দল মল্লিকা অপেক্ষা সংখ্যায় অধিক এবং পুরু। মল্লিকার পাপড়ি ও বোঁটা সরু এবং দীর্ঘ। বেলের বোঁটা খর্ব্ব ও স্থুল। বেলার গন্ধ মল্লিকা অপেক্ষা ঈষৎ তীব্র। প্র—"মুকুন্দ মল্লিকা জাতী কনক চম্পক যূথী"—চণ্ডীদাস। কাঠ মল্লিকা—গন্ধহীন মল্লিকাবিশেষ।

মল্লিকাক্ষ (মোল্লিকাক্‌খ) [মল্লিকার (মল্লিফুলের) মত অক্ষি (চক্ষুঃ) যাহার, বহু, অক্ষি=অক্ষ] বি, পুং, যে ধূসরবর্ণ হংসের চরণ ও চঞ্চু রক্তাভ। ২। ধূসরবর্ণ হংস। ৩। অশ্ববিশেষ; যে অশ্বের নয়ন শ্বেত রেখাবিশিষ্ট।

মল্লিকাখ্য (মোল্লিকাক্‌খ) [মল্লিকা হইয়াছে আখ্যা (নাম) যাহার, বহু] বি, পুং, রক্তাভ চঞ্চু ও চরণবিশিষ্ট ধূসরবর্ণের হংস। স্ত্রী. মল্লিকাখ্যা—একপ্রকার যূথিকা।

মল্লিনাথ (মোল্লিনাথ্) বি, পুং, প্রসিদ্ধ পণ্ডিত ও টীকাকার।

মল্লু (মোল্লু) [মল্ল্+উ (সংজ্ঞার্থে)] বি, পুং, ভল্লুক; ভালুক।

মশক (ক্) [সং] বি, পুং, রক্তশোষক কীট; মশা; mosquito. ২। আঁচিল।

মশক (মশোক্) [ফা—মশ্‌ক্] বি, চর্ম্মনির্ম্মিত জলাধার।

মশমশ (মশ্‌মশ্) বি, অনুকার শব্দ। ক্রি, মশমশান (নো)—মশ্‌মশ্ এইরূপ শব্দ করা। বি, মশমশানি।

মশলা, মশল্লা, মসলা, মসল্লা (শ্) [আ—মসালা] বি, ব্যঞ্জন সরস ও সুখাদ্য করিবার উপকরণ। প্র—"বিবিধ মশলা রসেতে মিশায় রসিক বলি যে তারে।"—চণ্ডীদাস। "মশল্লা আনিনু আগুনে চড়ানু"—ঐ। "মসলা বাটিতে হাতে তুলি নিল শিল।"—মনসামঙ্গল (বিজয়)।

মশা [মশক শব্দজ] বি, রক্তশোষক কীটবিশেষ; মশক; mosquito.

মশান (ন্) [সং—শ্মশান=শ্‌মশান=প্রাকৃ, মশাণ] বি, শ্মশান; প্রেতভূমি। প্র—"হুহুঙ্কার ছাড়ে বুড়ি যোজনেক বাট জুড়ি তার সেনা জুড়িল মশান।"—কবিক। মশান গাওয়া—পূর্ব্বে চুরির অপরাধে চোরকে মশানে লইয়া তাহাকে শূলে দেওয়া হইত বা তাহার মস্তক ছেদন করা হইত। মশানে লইয়া যাইবার কালে রাজপথের বড় বড় চৌমাথায় চোরের দোষ গান অর্থাৎ কীর্ত্তন ও শাস্তির উল্লেখ করা হইত। ইহাকে মশান গাওয়া বলিত [মৃচ্ছকটিক]। উল্টে চোরা মশান গায়—উল্টে দ্রঃ।

মশায় (মোশায়) [সং—মহাশয় (দ্রঃ)] বি, মহাশয়। গুরুমশায়—পাঠশালার শিক্ষক। ঠাকুর মশায়—গুরুঠাকুর; দীক্ষাগুরু। দাদামশায়—মাতামহ। মশায়-মশায়—আপনি মহাশয় ব্যক্তি, আজ্ঞা মহাশয় ইত্যাদি বাক্য; তোষামোদ।

মশারি, মশারী [সং—মশা+অরি; মশহরী। হি—মশেহ্‌রী] বি, অতি সূক্ষ্ম বস্ত্রনির্ম্মিত আবরণ, যাহা শয্যার চতুর্দ্দিক আবৃত রাখিয়া রক্তশোষক কীট মশাকে মানবের রক্তশোষণ কার্য্যে বাধা দিয়া মশার শত্রুতাচরণ করে।

মশাল, মসাল (ল্) বি, স্থূলবর্ত্তিকা। প্র—"তুমি কে? আঁধার চিত্তে মশাল জ্বালিলে"—অশোকগুচ্ছ। "থাবায় থাবায় মসাল নিবায়"—অ, ম।

মশালচী, মসালচী (ল্) [ফা] বি, মশাল-ধারী ব্যক্তি। প্র—"অনেকগুলি মশালচী মশাল হাতে উঠানের নানাদিকে রহিয়াছে।"—ভারতী, ১৩২০।

মশি, মশী (মো) [সং] বি, লিখিবার কালি।

মশিল (ল্) [ফা—মজ্‌লমা (অত্যাচার)] বি, অত্যাচার; পীড়ন; দণ্ড। ২। বিণ, উৎপীড়ক। প্র—"মশিল ছয় দূত তশিল করে কত দারাসুত পায়ের শৃঙ্খল।"—বাং-গান।

মষ্টান (মশ্‌টানো) [গ্রা। সং—মৃষ ধাতুজ] ক্রি, মর্দ্দিত করা; মাখা।

মষ্টে (মশ্‌টে) [মস্ (পরিমাণ করা)] ক্রি-বিণ, পায়ের অগ্রভাগের উপর দিয়া নিঃশব্দে

ধীরে ধীরে (যেন পা গণিয়া গণিয়া) পদক্ষেপ করিয়া। মস্টেমস্টে—চুপে চুপে।
মসনদ (মশ্‌নদ্) বি. সিংহাসন।
মসাহরা (মশাহ্‌রা) [ফা। বাং—কথ্য—মাসহারা] বি. মাসিকবৃত্তি ; মাসহারা।
মসি,—সী (মোশি) [মস্+ই (কর্তৃ) সংজ্ঞার্থে] বি. লিখিবার কালি ; মসী। মসিকূপী—দোয়াত। মসিজীবী, মসী· [illegible] —লেখক ; মুহুরী ; কেরাণী। মসিধান—দোয়াত। স্ত্রী. মসিধানী। মসীচিহ্নিত—কালীর দাগযুক্ত। মসী-লাঞ্ছিত—মসীকে নিন্দা করে এত কাল ; ঘোরকৃষ্ণ। মসীলিপ্ত—কালীর দাগযুক্ত ; কলঙ্কিত।
মসগুল (মোশ্‌গুল্) [আ—মশ্‌গ্‌ূল্] বিণ. মগ্ন ; নিমগ্ন। ২। আত্মহারা।
মসীনা (মোশিনা) বি. তিসি। মসীনা বস্ত্র—শণ-সূত্রে নির্ম্মিত বস্ত্র ; ক্ষৌমবস্ত্র।
মসীল (মোশীল্) [আ] বি. জুলুম ; উৎপীড়ন। প্র—"মসীল করিবে রাজা দিয়ে হাথে দড়ি"—কবিক।
মসুর, মসূর (মোশুর্) [সং] বি. পুং. মশুরি কড়াই। স্ত্রী. মসুরা—ধান্যবিশেষ।
মসূরি, মসূরিকা, মসূরী (মোশুরি) [মসূর+ই, ঈ,] বি. স্ত্রী. ইচ্ছা-বসন্ত। ২। কলায়বিশেষ।
মসৃণ (মোস্‌সৃন্) [সং] বিণ. চিক্কণ। ২। কোমল। ৩। স্নিগ্ধ। বি. মসৃণতা। স্ত্রী. মসৃণা—স্নিগ্ধ। ২। মসীনা।
মস্কর (মশ্‌কর্) [মস্ক্ (গমন করা) ধাতুজ] বি. বংশ ; বাঁশ। ২। বাঁশের লাঠি।
মস্করা (শ্‌ক্) [আ—মস্‌খরাহ্] বি. পরিহাসক ; কৌতুকী ; রঙ্গব্যঙ্গকারী ; ভাঁড়। ২। রঙ্গব্যঙ্গ ; ভাঁড়ামি। মস্করাম, মস্করামি—রঙ্গ ব্যঙ্গ ; ঠাট্টা বিদ্রূপ। হাসি-মস্করা—হাস্য কৌতুক ; ঠাট্টা তামাসা।
মস্কারা (শ্) [মস্কর (বাঁশ)+আ] বি. ধ্বজদণ্ড। প্র—"মস্কারা পুতিয়া বীর বান্ধে বনমালা। হাটুরে আনিয়া বীর দিল তাড় বালা॥"—কবিক।
মস্‌জিদ (মোশ্‌জিদ্) [আ] বি. মুসলমান উপাসনালয় ; mosque. প্র—"মস্‌জিদে গির্জ্জায় গেলে কভু নাহি মুক্তি মেলে"—চন্দন।
মস্ত [মস্ (পরিমাণ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বি. ক্লী. মস্তক। ২। (মস্তো) বিণ. প্রকাণ্ড। ৪। উচ্চ ; উন্নত। ৫। মহৎ। স্ত্রী. মস্তা। মস্তরাম—(বিদ্রূপে) খুব বড় ; প্রকাণ্ড দেহ। ২। আত্মগর্ব্বী ; হামবড়।

মস্ত, মস্তা (মস্ত্) [ফা—মস্ত্] বিণ. মাতাল ; প্রমত্ত। মস্তানা—মাতাল। ২। মদান্ধ ; অহঙ্কৃত। স্ত্রী. মস্তানী—মদোন্মত্তা ; প্রমত্তা। মস্তানি,—নী—মদোন্মত্ততা ; মত্ততা। প্র—"কুটনী গস্তানী বড় যে মস্তানী"—অ, ম।
মস্তক (ক্) [মস্ত (দ্রঃ)+ক] বি. শিরঃ ; মাথা ; উত্তমাঙ্গ। ২। মস্তিষ্ক। ৩। অগ্রভাগ ; আগা ; ডগা। মস্তকচ্যুতি,—চ্ছেদ—শিরশ্ছেদ ; মাথা কাটা। বিণ. মস্তকচ্যুত। মস্তকবিহীন,—হীন—মস্তকহীন ; ছিন্ন-শিরঃ। মস্তকাবরণ—টুপী ; পাগড়ী ; ঘোমটা প্রভৃতি।
মস্তিষ্ক (মো) [মস্তি+ক (সংজ্ঞার্থে)স্ আগম] বি. ক্লী. মগজ ; শিরঃস্থিত মজ্জা ; মস্তক-স্নেহ : মস্তক মধ্যস্থ ঘৃতের ন্যায় বস্তু ; মাথার ঘি। ২। বুদ্ধিস্থান। ৩। স্মৃতিস্থান।
মস্যাধার (মোশ্‌শ্যাধার্) [মসীর (কালীর) আধার (পাত্র)—৬তৎ] বি. ক্লী. দোয়াত।
মহকুমা [আ—মহ্‌কমা] বি. ম্যাজিষ্ট্রেটের এলাকা। ২। মুনসেফী আদালত। মহকুমা হাকিম—মুনসেফ। ২। মাজিষ্টর।
মহকুফ [ফা—মৌকুফ্। গ্রাম্য—মোকুব] রদ ; স্থগিত ; বন্ধ। ২। অব্যাহতি।
মহড়া [গ্রা—মোয়াড়া, মোআড়া ; মুখ হইতে মুহ—মহ+ড়া=লা] বি. সম্মুখ ; মুখপাত। ২। অভিনয়াদির অভ্যাস ; মহলা।
মহৎ [মহ্ (পূজা করা)+অৎ—কর্ম্মে] বিণ. মহত্ত্ববিশিষ্ট। ২। উদার। ৩। প্রবল। শ্রেষ্ঠ ; প্রধান। ৫। বৃহৎ ; বড়। ৬। অনেক। ৭। রাজ্য। স্ত্রী. মহতী—মহর্ষি নারদের বীণা। [শস্য, তৈল, মাংস, বৈদ্য, জ্যোতিষিক, দ্বিজ, যাত্রা, পথ এবং নিদ্রা শব্দের পূর্ব্বে মহৎ শব্দের প্রয়োগে কদর্থ হয়]।
মহত (ত্) [মহত্ত্ব অপভ্রংশে] বি. মহত্ত্ব। ২। সম্ভ্রম ; মান। প্র—"হঠ নাহি করহ মহত রাখ মোর।"—বি, প।
মহত্তত্ত্ব (মহত্‌তৎত) [মহৎ—তত্ত্ব] বি. ক্লী. সাঙ্খ্যমতে চতুর্ব্বিংশতি তত্ত্বের মধ্যে বুদ্ধি স্বরূপ দ্বিতীয় তত্ত্ব।
মহত্তর (মহত্‌তর) [মহৎ+তর] বিণ. অপেক্ষাকৃত মহৎ। ২। বৃহত্তর ; অপেক্ষাকৃত বড়। ৩। বি. শূদ্র।
মহত্ত্ব (মহৎত) [মহৎ+ত্ব (ভাবে)] বি. ক্লী. উদারতা ; ঔদার্য্য। ২। শ্রেষ্ঠত্ব। ৩। প্রকর্ষ। ৪। আধিক্য।
মহদাশয় (য়) [মহৎ+আশয়] বি. উচ্চাভিলাষ ; উচ্চাকাঙ্ক্ষা ; সদিচ্ছা ; মহৎ আশা। ২। বিণ. সদাশয় ; উন্নতচিত্ত ; মহামনা ;

উদারচিত্ত। স্ত্রী. মহদাশয়া। বি. মহদাশয়তা।
মহনীয় [মহ্+অনীয় (কর্ম্মে)] বিণ. মান্য ; পূজনীয়। ২। মহৎ। প্র—"মহনীয় বাণী" —প্রবাসী ১৩২০।
মহন্ত—মহান্ত দ্রঃ।
মহম্মদ (দ্) [আ] বি. মুসলমানধর্ম্মপ্রবর্ত্তক। ৫৭০ খৃষ্টাব্দে জন্ম। বিণ. মহম্মদীয়, মহম্মদীয়ান—মহম্মদ সম্বন্ধীয় ; মহম্মদ প্রবর্ত্তিত ; mahomedar.
মহরম (ম্) [আ] বি. মুসলমানদিগের প্রধান পর্ব্ব। ২। মুসলমানী বৎসরের প্রথম চান্দ্র মাস : হিজরী আরম্ভ।
মহর্লোক (ক্) [মহঃ+লোক] বি. পুং. সপ্তলোকের অন্তর্গত চতুর্থলোক।
মহর্ষি [মহা+ঋষি] বি. পুং. দেবর্ষি, ব্রহ্মর্ষি, শ্রুতর্ষি, প্রভৃতি সপ্ত প্রকার ঋষির অন্যতম ; শ্রেষ্ঠ ঋষি ; মুনি প্রধান ; মরীচি প্রভৃতি ব্রহ্মার মানসপুত্র।
মহল (মহল্) [আ] বি. আগার ; বাসস্থান ; আলয়। প্র—"আইলেন ভানুর মহলে।"—চণ্ডীদাস। "মনোহর কার কন্যা আমার মহলে" --ঘনরাম। ২। প্রকোষ্ঠ ; কক্ষ ; ঘর। ৩। তালুক। ৪। বাড়ীর বিভাগ। বিণ. মহলা—মহলবিশিষ্ট। প্র—"এ সাতমহলা ভবনে আমার"—রবি। মহলদার [আ—মহাল্+ফা—দার] বি. জল, বন প্রভৃতির বন্দোবস্ত এবং তাহার কর আদায় করিয়া যে ব্যক্তি ভোগ করে ; জমীদার। ২। [প্রাদে] শিউলি—যাহারা খেজুরের রস সংগ্রহ করে ও গুড় তৈয়ার করে।
মহলত (ত্) [ফা—মুহ্‌লৎ] বি. সময় ; অবসর ; সুযোগ ; অবকাশ।
মহলা [মহড়া দ্রঃ] বি. শিক্ষার পরিচয় ; শিক্ষার পরীক্ষা ; অভ্যাস। প্র—"চারিদিকে রাহুত মাহুত সেনাপতি। মহলা করয়ে গজ তুরঙ্গ পদাতি॥"—কবিক।
মহল্লক, মহল্লিক (মহল্‌লক্) [আ] বি. পুং. অন্তঃপুররক্ষক ক্লীব ; কঞ্চুকী।
মহল্লা [ফা] বি. জেলা ; district. ২। নগরাংশ ; পল্লী ; পাড়া। মহল্লানবীশ—জেলাদার। ২। উপাধিবিশেষ। আধু-রূপ "মহলানবীশ"। মহল্লাদার—জেলাদার। ২। পুলিশ কর্ম্মচারীর অধীন তত্ত্বাবধানকারক।
মহশীলদার (র্) [ফা] বি. অর্থদণ্ডে দণ্ডিত ব্যক্তির নিকট হইতে দণ্ডের অর্থ আদায়কারী।
মহা (মো) [মহ্ (পূজা করা)+আ (কর্ম্মে—অল্) আপ্—স্ত্রী] বিণ. শ্রেষ্ঠ। ২। বেশী ; অনেক ; অত্যন্ত। মহাঋষি (মো) মহর্ষি

দ্রঃ। প্র—"মহাঋষি নারদ পুলকিত হয়বে" —দশমহাবিদ্যা। **মহাকবি**—মহাকাব্য প্রণেতা (মহাকাব্য দ্রঃ)। **মহাগুরু**—শ্রেষ্ঠগুরুজন : জনক, জননী, আচার্য্য, উপাধ্যায় এবং পতি। পুরুষদিগের জনক, জননী, উপাধ্যায় ও আচার্য্য : নারীদিগের পতি এবং অবিবাহিতা কন্যার পিতামাতা মহাগুরু। **মহাজ্যৈষ্ঠী**—জ্যৈষ্ঠ সংবৎসরের রবিবারে রোহিণী নক্ষত্রের অথবা সোম বৃহস্পতিবারে জ্যৈষ্ঠমাসে জ্যেষ্ঠা নক্ষত্রের সংযোগে উৎপন্ন যোগবিশেষ : রবিবারস্থ জ্যৈষ্ঠী পূর্ণিমা। **মহাতিক্ত**—নিমগাছ। ২। বিণ, অতিরিক্ত-রসবিশিষ্ট। **মহাতৈল**—মানবদেহের তৈল। **মহামাষ তৈল**—কবিরাজী পাক তৈল-বিশেষ। **মহাদান**—বৃহৎদান ; সত্র : তুলা পুরুষাদি ষোড়শদান। **মহাদারু**—দেবদারু। **মহাদ্রাবক**—ঔষধবিশেষ ; গন্ধকের আরক। **মহাদ্রুম**—অশ্বত্থ বৃক্ষ। ২। বৃহৎ বৃক্ষ : বড় গাছ। **মহাদ্বিজ**—মহা বামুন দ্রঃ। **মহাধন**—মহা ঐশ্বর্য্যশালী : ধনাঢ্য। ২। [মহা (বিপুল) ধন কর্ম্মধা] ক্লী, বিপুল ধন। ৩। বহুমূল্য। ৪। সুবর্ণ। ৫। [মহৎ—ধন হয় যাহা দ্বারা—বহু] কৃষিকার্য্য। **মহাধাতু**—কাঞ্চন : সুবর্ণ। **মহানট**—শিব। ২। শ্রেষ্ঠনর্ত্তক। **মহানিম**—নিমসদৃশ বৃক্ষবিশেষ। **মহাপাপ**—মহাপাতক দ্রঃ। বিণ, মহাপাপী। **মহাবরাহ**—বিষ্ণুর অবতারবিশেষ। **মহাবামুন**—মড়ুই পোড়া দ্রঃ। **মহাবিক্রম**—প্রবল পরাক্রম। বিণ, **মহাবিক্রান্ত**। **মহাবিষ**—দ্বিমুখ সর্প। **মহাবৈদ্য**—আনাড়ি চিকিৎসক। **মহাব্রণ**—দুষ্টব্রণ : দুষ্টক্ষত। **মহাব্রত**—যজ্ঞবিশেষ দ্বাদশবর্ষ-সাধ্য ব্রতবিশেষ। বিণ, **মহাব্রতী**। **মহাভয়ঙ্কর**—অতীবভীষণ ; অত্যন্ত ভীতিপ্রদ। স্ত্রী, **মহাভয়ঙ্করা**। **মহামৃগ**—মাতঙ্গ : গজ। ২। শরভ। **মহারত্ন**—শ্রেষ্ঠরত্ন ; মণি ; পদ্মরাগ : হীরক : মরকতাদি ; উপরত্ন নহে। **মহাশ্রমণ**—শাক্য মুনি।

মহাকাব্য (মোহাকাব্ব) [মহৎ—কাব্য (কর্ম্মধা)] বি, ক্লী, কোন পুরাণান্তর্গত প্রসিদ্ধ বৃত্তান্ত, ইন্দ্রাদি প্রধান দেবতা, কোন সৎকুলজাত যশস্বী ক্ষত্রিয় নৃপতি অথবা চন্দ্র সূর্য্য বংশের ন্যায় কোন উচ্চ রাজবংশ চরিত অবলম্বনে ছন্দে রচিত কাব্য মহাকাব্য পদবাচ্য ইহাতে শৈল সাগর, নগর প্রান্তর, চন্দ্র সূর্য্যের উদয়াস্ত প্রভৃতি স্বভাবের শোভা, রাজা বা সেনা দিগের মন্ত্রণা, সৈন্য চালনা ও যুদ্ধ, জন্ম-মৃত্যু বিবাহ, বিরহ ও মিলন, ধর্ম্ম, অর্থ, কাম মোক্ষ এই চতুর্ব্বর্গ ও উৎসব, পার্ব্বণ, ঋতু বর্ণনা প্রভৃতির মধ্যে সমুদয় অথবা কোন কোন বিষয় মূল আখ্যানবস্তুর সহিত গ্রথিত হয়। গ্রন্থ আট সর্গের অন্যূন সংখ্যায় বিভক্ত হয় ; সর্গগুলি নাতিদীর্ঘ ও নাতিহ্রস্ব হয়, কবি স্বীয় ইষ্টদেবতার স্তুতি বন্দনা বা সাধারণের মঙ্গল কামনা করিয়া কাব্য আরম্ভ করেন ; প্রত্যেক সর্গে পরবর্ত্তী সর্গের বর্ণিত বিষয়ের আভাষ প্রদত্ত হয় এবং সর্গগুলি একরূপ ছন্দে অথবা বিবিধ ছন্দে রচিত হয়। কিন্তু প্রত্যেক সর্গের শেষ কয়েক পংক্তি ভিন্ন ছন্দে রচিত হয়। কোন সর্গে বর্ণিত বিষয়ের প্রধানতম বিষয়বোধক নামে সেই সর্গের নামকরণ হয়। মহাকাব্যে বীর, করুণ, আদ্য ও শান্ত এই চারিটির কোন একটী রসের প্রাধান্য থাকে এবং অন্য তিনটী স্থায়ী ও হাস্য রৌদ্র, ভয়ানকাদি রস অপ্রধান ও অস্থায়িভাবে বিদ্যমান থাকে। কবি কিংবা বর্ণনীয় বিষয় অথবা নায়ক নায়িকার নামে মহাকাব্যের নামকরণ হয়। প্রতিনায়কের গুণের উৎকর্ষ যত অধিক হয় নায়কের পক্ষে ততই গৌরবজনক হয়।

মহাকায় (মোহাকায়) [মহৎ—কায়া যাহার —বহু] বি, পুং, নন্দী : শিবের দ্বারপাল। ২। অতিকায় ; বৃহৎ হস্তী। ৩। বিণ, বৃহৎ শরীর, বিশিষ্ট। প্র—"মহাকায় মহাদন্ত যাহার নাহিক অন্ত সেবকবৎসল ভগবান।"—কবিক।

মহাকাল (মোহাকাল্) বি, পুং, রুদ্র ; শিব। প্র—"হরিধ্বনি করে মহাকাল।"—কবিক। "বিশ্ব অঙ্গ লুকাইল মহাকাল শরীরে"—হেম বন্দ্যো। স্ত্রী, **মহাকালী**—মহাকালপত্নী ; রুদ্রাণী। প্র—"বিশ্বরূপ প্রাণী জড় জন্মে যত সেখানে ; ঘোররূপা মহাকালী গ্রাসে মুখ-ব্যাদানে।"—দশমহাবিদ্যা (হেম)।

মহাকুল (মোহাকুল্) [মহৎ—কুল (বংশ) কর্ম্মধা] বি, প্রসিদ্ধ বংশ : সৎকুল। ২। সৎকুলজাত ; অভিজাত : কুলীন।

মহাগুরু (মো) বি, পুরুষ পক্ষে পিতা, মাতা ও আচার্য্য। বিবাহিতা নারীর পতি এবং কুমারীর পিতা ও মাতা।

মহাচ্ছায় (মোহাচ্ছায়) [মহৎ (অধিক) ছায়া যাহার, বহু] বি, পুং, বটবৃক্ষ। ২। বিণ, বিপুলচ্ছায়াযুক্ত।

মহাজন (মোহাজন্) [মহৎ (প্রধান) জন—কর্ম্মধা। গ্রাম্য—মাহাজন] বি, পুং, বণিক ; যাহার নিকট মাল ক্রয় করা হয়। ২। উত্তমর্ণ ; ঋণদাতা। ৩। বিণ, ধার্ম্মিক ; বেদবিশ্বাসী ও যশস্বী। ৪। সাধু। ৫। প্রখ্যাত। **মহাজনী**—মহাজনের ব্যবসায়।

মহাঢ্য (মো) [মহৎ—আঢ্য (ধনী) কর্ম্মধা] বি, পুং বহু ঐশ্বর্য্যশালী ; মহাধনী। ২। কদম্ব।

মহাতল (মোহাতল) [মহৎ—তল (অধোভাগ)—কর্ম্মধা] বি, ক্লী, সপ্তপাতালান্তর্গত পঞ্চম পাতাল।

মহাতাপ (প্) [ফা—মহ্ তাব্] বি, চন্দ্র। ২। চন্দ্রালোক। ৩। আতসবাজিবিশেষ ; রঙ্গমশাল। ৪। মশাল। "সহস্র সহস্র মহাতাপ দীপ জ্বলে"—চৈতন্যভাগবত। ২। [মহৎ—তাপ (জ্বালা)] বি, তীব্র অনুতাপ। ৩। অতিশয় জ্বালা। ৪। [মহান্ তাপ (প্রতাপ) যাহার] রাজাদিগের উপাধিবিশেষ।

মহাতেজাঃ (মো) [মহৎ—তেজস্, ১মা, ১ব] বিণ, অতিশয় তেজস্বী ; অতীব শৌর্য্য-সম্পন্ন। ২। অতিশয় দীপ্তিশালী। ৩। অগ্নি। ৪। পারদ।

মহাত্মা (মোহাৎতাঁ) [মহৎ—আত্মন্ যাহার, বহু,—মহাত্মন্ ১মা, ১ব] বিণ, মহামনাঃ ; উদারহৃদয় ; মহাপ্রাণ। ২। বদান্য।

মহাত্রাণ (মোহাৎত্রান্) [মহত্তর (দ্রঃ) = শূদ্র—আন] বি, শূদ্রভোগ্য নিষ্কর ভূমি।

মহাদেব (ব্) [মহৎ—দেব—কর্ম্মধা কিম্বা মহতের (ব্রহ্মাদির) দেব, ৬তৎ] বি, পুং, মহেশ্বর ; শিব। স্ত্রী, **মহাদেবী**—ভগবতী : মহেশ্বরী। ২। রাজার প্রধানা মহিষী।

মহাদেশ (মোহাদেশ্) [মহৎ—দেশ—কর্ম্মধা] বি, বহুদেশের সমষ্টি।

মহাদ্বীপ (মোহাদ্দীপ্) বি, মহাসাগর-বেষ্টিত সুবিস্তীর্ণ ভূখণ্ড। [প্রাচীনদিগের মতে পৃথিবী জম্বু, প্লক্ষ, শাল্মলি, কুশ, ক্রৌঞ্চ, শাক ও পুষ্কর এই সপ্তদ্বীপে বিভক্ত এবং আধুনিক পণ্ডিত-গণের মতে পুরাতন অর্থাৎ এসিয়া, ইউরোপ, এফ্রিকা এবং নূতন অর্থাৎ এমেরিকা এই দুই মহাদ্বীপে বিভক্ত]।

মহাধন (মো, ন্) বি, স্বর্ণ। ২। চাষ। ৩। বিণ, ধনাঢ্য।

মহাধাতু (মো) বি, স্বর্ণ।

মহান্ (ন্) [মহৎ শব্দ ১মা, ১ব] বিণ, অত্যুন্নত : উদার। প্র—"সকলের বড় তুমি অনন্ত ভূমা মহান্।"—ব্রহ্মসঙ্গীত। ২। প্রবল।

মহানট (মো, ট্) বি, শিব।

মহানদী (মোহানোদি) [মহৎ—নদী কর্ম্মধা] বি, স্ত্রী, উড়িষ্যার মধ্যদিয়া প্রবাহিত সুবিস্তীর্ণ নদীবিশেষ। ২। যে নদী পর্ব্বত হইতে প্রবাহিত হইয়া সমুদ্রে মিশিয়াছে।

মহানন্দ (মো) [মহৎ যে আনন্দ—কর্ম্মধা] বি, পুং, অতিশয় আনন্দ ; মহাহর্ষ। ২। [মহৎ আনন্দ যাহাতে, বহু] মুক্তি ; মোক্ষ। ৩। [মহৎ—আনন্দ যাহার, বহু] বিণ, অতিশয় আনন্দিত। স্ত্রী, **মহানন্দা**—নদীবিশেষ। ২। মাঘ মাসের শুক্লানবমী।

মহানবমী (মো) বি, স্ত্রী, আশ্বিনের শুক্লা নবমী।

মহানাটক (মোহানাটক্) বি, স্ত্রী, হনুমান প্রণীত রাম চরিত বর্ণনাত্মক নাটকবিশেষ।

মহানাদ (মোহানাদ) [মহৎ—যে নাদ (শব্দ)—কর্ম্মধা] বি, পুং, বিপুল শব্দ। ৩। বর্ষণোন্মুখ অথবা বর্ষণকারী মেঘ। ৩। [মহৎ—নাদ (শব্দ) যাহার, বহু] বি, পুং, হস্তী। ৪। শঙ্খ। ৫। গম্ভীরনাদকারী সিংহাদি পশু। ৬। বিণ, মহাশব্দশালী।

মহানিদ্রা (মো) [মহৎ—যে নিদ্রা—কর্ম্মধা] বি, স্ত্রী, চিরনিদ্রা ; মরণ।

মহানিশা (মো) [মহৎ (অধিক) যে নিশা (রাত্রি) কর্ম্মধা] বি, স্ত্রী, রজনীমধ্যপ্রহরদ্বয় ; নিশীথ।

মহানীল (মোহা নীল্) [মহৎ (অধিক) নীল (নীলবর্ণ) যাহার, বহু] বি, পুং, সিংহলদ্বীপে উৎপন্ন নীলকান্তমণি। ২। নাগবিশেষ। স্ত্রী, **মহানীলী**—নীল অপরাজিতা।

মহানুপ্রাণতা (মো, ন) বি, মহানুভাবতা।

মহানুভব, মহানুভাব (মোহানুভাব) [মহৎ—অনুভব—অনুভাব (মহিমা) যাহার, বহু] বিণ, মহামহিম ; মহাপ্রভাব ; মহাশয় ; উদারপ্রকৃতি। ২। [কর্ম্মধা] বি, পুং, অতিপ্রভাব। বি, **মহানুভাবতা**।

মহান্ত (মো) বি, পুং, নবধা ভক্তিযুক্ত কৃষ্ণভক্ত। ২। মোহন্ত দ্রঃ।

মহাপথ (মোহাপথ্) [মহৎ (প্রধান) যে পথ—কর্ম্মধা] বি, পুং, মহাপ্রস্থানের পথ ; যুধিষ্ঠিরাদি যে পথে স্বর্গ গমন করিয়াছিলেন সেই পথ। ২। মৃত্যু ; মরণ। ৩। রাজপথ।

মহাপদ্ম (মোহাপদ্দঁ) [মহৎ—পদ্ম (পদ্মাকৃতি চিহ্ন) যাহার, বহু] বি, পুং, কুবেরের নিধিবিশেষ। ২। নরপতিবিশেষ। ৩। সর্পবিশেষ। ৪। শতলক্ষকোটি সংখ্যা ; মতান্তরে শতকোটি, মতান্তরে লক্ষকোটি, মতান্তরে দশসহস্রকোটি ("one hundred thousand millions"—*Wilson*) ৫। [মহৎ—যে পদ্ম কর্ম্মধা] শ্বেত উৎপল।

মহাপাতক (মোহাপাতক্) [মহৎ যে পাতক (পাপ)—কর্ম্মধা] বি, ক্লী, ঘোর পাপ ; ব্রহ্মহত্যা, ব্রাহ্মণের সুবর্ণ চুরি, সুরাপান, গুরুভার্য্যা হরণ এবং ইহাদের সংসর্গ জন্য এই পঞ্চবিধ মহাপাতক। বিণ, **মহাপাতকী**। স্ত্রী, **মহাপাতকিনী**।

মহাপাত্র (মোহাপাৎত্র) [মহৎ—পাত্র, কর্ম্মধা] বি, প্রধান মন্ত্রী ; সচিব শ্রেষ্ঠ। প্র—"কেবা তার মহাপাত্র কেবা অধিকারী" —কবিক। "এত বলি মহাপাত্র মুচড়িছে দাড়ী।"—ঘনরাম।

মহাপায়া (মো) বি, উচ্চশ্রেণীর শিবিকাবিশেষ। প্র—"রাজকন্যাকে লইবার জন্য তখনি সোণার মহাপায়া আসিল"—সাঁজের বাতি।

মহাপাসক (মোহাপাশক্) বি, পুং, বৌদ্ধ ধর্ম্মাবলম্বী ভিক্ষু ; শ্রমণ।

মহাপুরাণ (মোহাপুরান্) [মহৎ—পুরাণ, কর্ম্মধা] বি, মহর্ষি বেদব্যাস বিরচিত অষ্টাদশ পুরাণ।

মহাপুরুষ (মোহাপুরুষ্) [মহৎ যে পুরুষ, কর্ম্মধা] বি, পুং, নারায়ণ ; পুরুষোত্তম। ২। দৈবশক্তিসম্পন্ন পুরুষ। ৩। সাধু ব্যক্তি ; মহাত্মা। ৪। প্রধান পুরুষ।

মহাপ্রভু (মোহাপ্‌প্রোভু) [মহৎ—প্রভু, কর্ম্মধা] বি, পুং, পরমেশ্বর। ২। মহেশ্বর ; শিব। ৩। দেবরাজ ইন্দ্র। ৪। ঋষি। ৫। চৈতন্যদেব। ৬। নৃপতি।

মহাপ্রয়াণ (মোহাপ্‌প্রোয়ান্) বি, মহাপ্রস্থান। প্র—"ইহাই মহাপ্রয়াণের প্রশস্ত পথ"—নারায়ণ (১৩২১)।

মহাপ্রলয় (মোহাপ্রোলয়) [বৃহৎ যে প্রলয় (নাশ)—কর্ম্মধা] বি, পুং, সংহার কাল ; ব্রহ্মা ও ব্রহ্মাণ্ডের নাশ। ২। মহা বিবাদ ; তুমুল ঝগড়া।

মহাপ্রসাদ (মোহাপ্‌প্রোশাদ্) [মহৎ যে প্রসাদ (প্রসন্নতা) কর্ম্মধা] বি, পুং, অতি প্রসন্নতা। ২। দেবীর নিকট নিবেদিত বা বলি প্রদত্ত বস্তু বা ছাগাদি পশু। ৪। পাদোদক, নির্ম্মাল্য, নৈবেদ্য এই ত্রিবিধ। ৩। জগন্নাথ দেবের অন্নপ্রসাদ।

মহাপ্রাণ (মোহাপ্রাণ) [মহৎ (অধিক)—প্রাণ (উচ্চারণ) যাহার, বহু] বি, পুং, বর্গের দ্বিতীয় চতুর্থ বর্ণ এবং শ ষ স ও হ বর্ণ। ২। দাঁড়কাক। ৩। বিণ, অত্যুদার হৃদয়।

মহাফল (মোহাফল্) [মহৎ—ফল, যাহার—বহু] বি, পুং, বিল্ববৃক্ষ। ২। বিণ, মহৎ ফলবিশিষ্ট। স্ত্রী, **মহাফলা**—ইন্দ্রবারুণী।

মহাফেজ (মোহাফেজ) [ফা—মহাফিজ্] বি, আদালতের কাগজপত্র সংরক্ষক। ২। দপ্তরের কেতাবপত্র ফাইল প্রভৃতি রক্ষক ; record keeper. **মহাফেজখানা**—আদালত বা অন্য দপ্তরের বহিখাতা নথিপত্র যে গৃহে সংরক্ষিত হয় ; record room.

মহাবন (মোহাবোন্) [মহৎ যে বন, কর্ম্মধা] বি, ক্লী, নিবিড় অরণ্য ; গভীর বন। ২। বৃন্দাবনস্থিত চৌরাশীটী বনের মধ্যে একটী বন।

মহাবল (মোহাবল্) [মহৎ (অধিক) বল যাহার, বহু] বিণ, মহাবলবন্ত ; অত্যন্ত শক্তিসম্পন্ন। ২। বি, পুং, বুদ্ধ। ৩। পবন ; বায়ু। ৪। ক্লী, সীসা।

মহাবাক্য (মো) [মহৎ—যে বাক্য (কর্ম্মধা)] বি, ক্লী, বাক্যসমূহ। ২। মহৎ বাক্য। ৩। মহাজনবাণী ; মহাপুরুষের বাক্য। ৪। ব্রহ্ম-প্রতিপাদক বাক্য ; ওঁ তৎসৎ।

মহাবারুণী (মো) বি, স্ত্রী, চৈত্র মাসের শনিবারে কৃষ্ণাত্রয়োদশী তিথিতে শতভিষা নক্ষত্রের যোগে উৎপন্ন যোগবিশেষ।

মহাবাহু (মো) [মহান্—বাহু—যাহার, বহু] বি, পুং, ত্রিভুবনধারী নারায়ণ ; শ্রীকৃষ্ণ। ২। বিণ, সাতিশয় বাহুবলসম্পন্ন ; দীর্ঘবাহুবিশিষ্ট।

মহাবিদ্যা (মোহাবিদ্দ্যা) [মহতী যে বিদ্যা (কর্ম্মধা)] বি, স্ত্রী, কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা এই দশমহাবিদ্যা।

মহাবিষুব (মো) [মহৎ—বিষুব (মেষ সংক্রান্তি) কর্ম্মধা] বি, ক্লী, বিষুব দ্রঃ। **মহাবিষুবচক্র**—নক্ষত্রঘটিত নরাকৃতি চক্র।

মহাবীর (মোহাবীর্) [মহান্ যে বীর (বলবান্)—কর্ম্মধা] বি, পুং, হনুমান। ২। পক্ষীন্দ্র ; গরুড়। ৩। বিণ, অতিশয় পরাক্রমশালী। ৪। জৈন তীর্থঙ্করবিশেষ।

মহাবোধি (মো) [মহৎ—বোধি (শিক্ষক)—কর্ম্মধা] বি, পুং, বুদ্ধদেব। ২। বৌদ্ধভিক্ষু।

মহাব্যাধি (মো) [মহান—যে ব্যাধি—কর্ম্মধা] বি, দুরারোগ্য পীড়া ; কুষ্ঠাদি মহাপীড়া।

মহাব্যাহৃতি (মো) বি, প্রণবযুক্ত ভূঃ, ভুবঃ স্বঃ এই মন্ত্রত্রয়।

মহাব্রাহ্মণ (মোহাব্রাম্‌হন্) [মহা (মহৎ) ব্রাহ্মণ (কর্ম্মধা) মহৎ শব্দযোগে হীনার্থে] বি, পুং, নিকৃষ্ট ব্রাহ্মণ ; অন্ত্যেষ্টিক্রিয়া সম্পাদনকারী ব্রাহ্মণ, অগ্রদানি ব্রাহ্মণ।

মহাভাগ (মোহাভাগ) [মহৎ—ভাগ (ভাগ্য) যাহার, বহু] বি, পুং, মহাশয় ; মহাত্মা। প্র—"কহ মোরে মহাভাগ কোথা গেলে পাব লাগ কুলে বংশধর শ্রীপতি।"—কবিক। ২। বিণ, দয়া দাক্ষিণ্যাদি গুণযুক্ত। ৩। অতিশয় সৌভাগ্যশালী।

মহাভারত (মোহাভারত্) বি, ভারতীয় মহা মহা বংশচরিত ও কুরু পাণ্ডবীয় যুদ্ধবর্ণনাত্মক কৃষ্ণদ্বৈপায়ন ব্যাসদেব প্রণীত মহাকাব্য। "ব্যাসদেব ব্রহ্মাকে কহিলেন, হে ভগবন্! আমি এইরূপ এক পরম পবিত্র কাব্য রচনা করিতে সঙ্কল্প করিয়াছি, যাহাতে বেদের নিগূঢ়তত্ত্ব, বেদ-বেদাঙ্গ ও উপনিষদের ব্যাখ্যা, ইতিহাস ও পুরাণের প্রকাশ, বর্ত্তমান, ভূত ভবিষ্যৎ এই কালত্রয়ের নিরূপণ, জরা মৃত্যু ভয় ব্যাধি ভাব ও অভাবের নির্ণয়, বিবিধ ধর্ম্মের ও বিবিধ আশ্রমের লক্ষণ, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই বর্ণচতুষ্টয়ের নানা পুরাণোক্ত আচার, বিধি, তপস্যা, ব্রহ্মচর্য্য, পৃথিবী, চন্দ্র, সূর্য্য, গ্রহ নক্ষত্র তারা ও যুগচতুষ্টয়ের প্রমাণ, ঋগ্বেদ, যজুর্ব্বেদ, সামবেদ, আত্মতত্ত্ব নিরূপণ, ন্যায়,

শিক্ষা, চিকিৎসা, দানধর্ম্ম, পাশুপত ধর্ম্ম এবং যিনি যে কারণে দিব্য বা মানব যোনিতে জন্মগ্রহণ করিয়াছেন, তাহার বিবরণ, পবিত্র তীর্থ, দেশ, নদী, পর্ব্বত, বন, সমুদ্র, দিব্যপুরী, দুর্গ, সেনার ব্যূহ-রচনাদি কৌশল, বাক্য-বিশেষ, জাতিবিশেষ, লোকযাত্রা বিধান কথিত হইবে, অথচ যিনি অখিল সংসার ব্যাপিয়া আছেন, সেই পরব্রহ্মই প্রতিপাদিত হইবেন" —আদিপর্ব্ব, মহাভারত (বর্দ্ধমান)। এই মহাভারত পঞ্চম বেদ নামে প্রসিদ্ধ। ২। "মহাভারত এই পবিত্র নাম উচ্চারণ কর বা মহাভারত বল"—ইহার সংক্ষেপ "মহাভারত।" অর্থাৎ পাপক্ষয়ার্থে মহাভারত শব্দ উচ্চারণ কর। প্র—মহাভারত! মহাভারত! ও কথা আর মুখে আনিও না। বিণ, মহাভারতীয়—মহাভারত সংক্রান্ত। ২। মহাভারত গ্রন্থে বর্ণিত। প্র—"আমি সেই সকল বিচিত্রার্থযুক্ত মহাভারতীয় কথা শ্রবণ করিয়া * * * সেই সমন্তপঞ্চক নামক পবিত্র ও ব্রাহ্মণ সেবিত দেশে গমন করিয়াছিলাম "—মহা-আদি (বর্দ্ধ)।

মহাভীম (মোহাভীম্) [মহৎ যে ভীম (ভয়ঙ্কর)—কর্ম্মধা] বি, পুং, শিবানুচর ভৃঙ্গী। ২। মহারাজ শান্তনু। ৩। অতি ভীষণ : অতি ভয়ঙ্কর।

মহাভূত (মোহাভূত) [মহৎ যে ভূত (ক্ষিত্যাদি পঞ্চ) কর্ম্মধা] বি, ক্লী, ক্ষিতি, অপ্, তেজঃ, মরুৎ, ব্যোম, এই পঞ্চভূত। ২। বিশ্বেশ্বর ; শিব। ৩। শ্রেষ্ঠ জীব।

মহামণ্ডল (মোহামোন্ডল্) [মহা (বিরাট) মণ্ডল (সভ্য)] বি, মহাসভ্য ; বিরাট সভা। **ধর্ম্মমহামণ্ডল**—ধর্ম্মরক্ষা, উন্নতি, অনুশীলন ও প্রচারোদ্দেশে গঠিত মহাসভা। **শিল্প-মহামণ্ডল**—শিল্প রক্ষা, শিক্ষা প্রচার ও উন্নতি বিষয়ক বৃহৎ সভ্য। **স্ত্রী-মহামণ্ডল**—মহিলাগণের দ্বারা পরিচালিত নারীজাতির শিক্ষা ও উন্নতি বিধায়িনী মহাসভা।

মহামদ (মোহামদ্) [মহৎ—মদ (মত্ততা) যাহার, বহু] বি, পুং, মত্তহস্তী। ২। প্রমত্ততা। ৩। [মহৎ—যে মদ (হর্ষ) কর্ম্মধা] মহাহর্ষ। ৪। বিণ, অতিশয় মত্ততাযুক্ত ; প্রমত্ত।

মহামনাঃ (মোহামোনাঃ) [মহৎ (উদার) মনস্ (মনঃ) যাহার, বহু। মহামনস্—১মা, ১ব] বিণ, মনস্বী ; উদারচিত্ত ; উন্নতমনাঃ ; মহামতি।

মহামহিম (মোহামোহিম) [মহৎ—মহিমন্ (মাহাত্ম্য) যাহার, বহু। মহামহিমন্—১মা, ১ব] বিণ, অতি মহত্ত্ববান্ ; মহামহিমান্বিত।

মহামহোপাধ্যায় (মো, য়) [মহা—মহা—উপাধ্যায়] বি, মহা পণ্ডিতের উপাধিবিশেষ

মহামাংস (মোহামাংশ) [মহা (মহৎ দ্রঃ) মাংস। মহৎ শব্দযোগে হীনার্থ] বি, ক্লী, নরমাংস।

মহামাত্র (মোহামাৎত্র) [মহৎ—মাত্রা হস্ত্যশ্বাদি বা ধন যাহার—বহু] বি, পুং, রাজ্যের কর্ত্তা। ২। শ্রেষ্ঠ ব্যক্তি। ৩। [অশোক অনুশাসনে বহুল প্রয়োগ] সচিব। ৪। ধনশালী ব্যক্তি। ৫। মাহুত। স্ত্রী, **মহামাত্রী**—মহামাত্র-পত্নী। ২। আচার্য্যপত্নী।

মহামানী (মো) বিণ, অতিশয়মান্য ; সম্মানিত। ২। অতিশয় অভিমানী ; অতি গর্ব্বিত। প্র—"অভিমানে মহামানী বীরকুলর্ষভ রাবণ, কহিলা বলী সিন্ধুপানে চাহি।"—মেঘনাদ।

মহামায়া (মো) [মহৎ—মায়া—যাহার, বহু] বি, স্ত্রী, জগৎকারণ ভূতা অবিদ্যা। ২। দুর্গা। প্র—"একি মায়া মহামায়া জড়াইলা জগতে"।—দশমহাবিদ্যা (হেম বন্দ্যো)। ৩। লক্ষ্মী ; কমলা। প্র—"উর মহামায়া দেহ পদছায়া ভারতের স্তুতি লয়ে।"—অ, ম।

মহামার (মোহামার্) বি, মহাগণ্ডগোল ; গোলযোগ ; বিশৃঙ্খল। প্র—"সবে বলে দক্ষ যজ্ঞে হল মহামার।"—কবিক। ২। সংক্রামক রোগ ; মহামারী।

মহামারী (মো) বি, স্ত্রী, মহাকালী। ২। মড়ক ; মারীভয়।

মহামাষ (মোহামাষ্) বি, পুং, বরবটি কলায়।

মহামুদ্রা (মোহামুদ্রা) বি, স্ত্রী, তন্ত্রোক্ত মন্ত্র সাধনোপযোগী যন্ত্র। প্র—"মহামুদ্রা কামরূপে রজোযোগ যায়। রাবানন্দ ভৈরব কামাখ্যা দেবী তায়॥"—অ, ম।

মহামুনি (মো) [মহৎ যে মুনি, কর্ম্মধা] বি, পুং, মুনিশ্রেষ্ঠ ; মহর্ষি।

মহামূল্য (মো) বিণ, মহার্ঘ ; দুর্মূল্য ; অতিরিক্ত মূল্যে প্রাপ্তব্য।

মহামেঘ (মোহামেঘ্) বি, পুং, ব্যোমকেশ ; শিব। ২। ভয়ঙ্কর মেঘ ; আকাশ আচ্ছন্নকারী মেঘ। প্র—"মহামেঘ মাঝে শক্রধনু দিল দেখা"—শিবায়ন। ৩। কালমেঘ ; দিগন্তব্যাপী ঘোর কৃষ্ণবর্ণ প্রলয়ের মেঘ। প্র—"মুক্তকেশী মহামেঘবরণা দন্তুরা।"—অ, ম।

মহামোহ (মো) বি, পুং, বিষয়বাসনারূপ অজ্ঞান ; সংসারের মায়া। প্র—"ভুলে আছি কমল চরণ মত্ত মহামোহ মদে।"—বাং-গান।

মহাম্ল (মোহাম্ল) [মহৎ—অম্ল (টক) যাহাতে (বহু)] বি, ক্লী, তেঁতুল।

মহাযজ্ঞ (মোহাজোগ্‌গঁ) [মহৎ যে যজ্ঞ (কর্ম্মধা)] বি, পুং, বেদাধ্যয়ন, অগ্নিহোত্র, তর্পণ, অতিথি পূজা ও ভূতবলি এই পঞ্চ প্রকার মহাযজ্ঞ।

মহাযশ (মোহাজশ্) [মহৎ—যশ (কীর্ত্তি) যাহার, বহু] বিণ, অতিশয় যশস্বী ; মহাকীর্ত্তিশালী। প্র—"ভোজন করিল হরিহোড় মহাযশ॥"—অ, ম।

মহাযাত্রা (মোহাজাৎত্রা) বি, স্ত্রী, মহাপ্রস্থান ; মরণার্থ গমন।

মহাযোগী (মোহাজোগী) [মহান্ যে যোগী, কর্ম্মধা] বি, পুং, বাহ্য বস্তু হইতে চিত্তবৃত্তিকে সম্পূর্ণ বিরত করিয়া যিনি নির্লিপ্ত ভাবে অবস্থান করেন ; মহাযোগনিরত। প্র—"খর্ব্ব স্থূল কলেবর গজমুখ লম্বোদর মহাযোগী পরম সুন্দর।"—অ, ম।

মহারণ্য (মো) [মহৎ—অরণ্য, কর্ম্মধা] বি, ক্লী, অরণ্যানী ; নিবিড় অরণ্য ; গহন কানন।

মহারথ (মোহারথ্) [মহৎ (বৃহৎ)—রথ—যাহার, বহু] বি, পুং, যিনি একাকী দশ সহস্র ধনুর্দ্ধরদিগের সহিত যুদ্ধ করিতে সমর্থ এবং শস্ত্রবিদ্যা ও শাস্ত্রবিদ্যা এই উভয়েই পারদর্শী তিনিই মহারথ। মতান্তরে—যুদ্ধ স্থলে যিনি নিজেকে সারথিকে এবং অশ্ব সমূহকে অক্ষত রাখিয়া যুদ্ধ করিতে সমর্থ তিনিই মহারথ আখ্যায় অভিহিত হইবার উপযুক্ত। প্র—"এই দেশে মহারথ ছিল রাজা দশরথ সূর্য্যবংশে সূর্য্যের সমান।"—অ, ম।

মহারয় (মোহারয়্) [মহা (অতিশয়) রয় (বেগ) যাহার, বহু] বিণ, অতিবেগগামী। প্র—"চারি চারি মহারয় রথেতে জুড়িয়া হয় মহারথী ধায় সারি সারি।"—কবিক।

মহারাজ (মোহারাজ্) [মহান্—রাজা (কর্ম্মধা) = রাজন্ = রাজ] বি, পুং, রাজেন্দ্র। স্ত্রী, **মহারাজ্ঞী**—মহিষী। **মহারাজাধিরাজ**—সম্রাট ; রাজচক্রবর্ত্তী। **মহারাজ-পন্থী**—দক্ষিণভারতের বৈষ্ণবসম্প্রদায়বিশেষ।

মহারাজ (মোহারাজ্) বি, ভাটের সম্বোধন। প্র—"ভাট কবিরত্ন আনি কহে সাধু শিরোমণি কহ লক্ষপতি আছে যথা॥ শুনিয়া সাধুর কথা বলে মহারাজ তথা"—কবিক। ২। [হি-তে] সম্মানিত ব্যক্তিকে সম্বোধন ; মহাশয়। তুল—বাং-র—প্রভু। ৩। পাচক ব্রাহ্মণ ; সূপকার। স্ত্রী, **মহারাজিন্**—হিন্দুস্থানী পাচিকা।

মহারাজিক (মোহারাজিক্) [মহারাজ + ইক] বি, পুং, গণদেবতাবিশেষ ; ইঁহাদের সংখ্যা ২২০।

মহারাত্রি (মোহারাৎত্রি) [মহৎ—রাত্রি] বি, স্ত্রী, অর্দ্ধরাত্রির পরের দুই মুহূর্ত্ত। ২। কালরাত্রি ; মহাপ্রলয়ের নিশি।

মহারাষ্ট্র (মো) [মহৎ—রাষ্ট্র (রাজ্য) কর্ম্মধা] বি, পুং, মারহাট্টাদেশ। স্ত্রী, **মহারাষ্ট্রী**—মহারাষ্ট্র দেশের ভাষা। ২। মহারাষ্ট্র দেশের অধিবাসী।

মহারুদ্র (মোহারুদ্‌দ্রো) বি, পুং, মহাদেব। প্র—"মহারুদ্ররূপে মহাদেব সাজে," "অদূরে মহারুদ্র ডাকে গভীরে"—অ, ম।

মহারোগ (মোহারোগ্ [মহৎ যে রোগ (ব্যাধি) —কর্ম্মধা) বি, পুং, রাজযক্ষ্মা প্রভৃতি অসাধ্য-রোগ। বিণ, **মহারোগী**। স্ত্রী, **মহা-রোগিণী**।

মহারৌরব (মোহারৌরব্) [মহৎ—রৌরব (নরক)] বি, পুং, পাপীদিগের মৃত্যুর পর অত্যন্ত যন্ত্রণাভোগের স্থান ; নিরয়বিশেষ।

মহার্ঘ (মো) [মহৎ—অর্ঘ (মূল্য) যাহার, বহু] বিণ, অতিমূল্যবান্ : অতিদুর্ম্মূল্য।

মহার্ণব (মোহার্নব্) [মহান্ যে অর্ণব (সমুদ্র) —কর্ম্মধা] বি, পুং, মহাসিন্ধু।

মহার্ব্বুদ (মোহার্ব্বুদ্) বি, ক্লী, শতকোটী সংখ্যা ; ১০০০০০০০০০ ; একবৃন্দ।

মহাল (মোহাল্) [আ] বি, জমীদারী ; যে জমীদারির কর গবর্ণমেণ্টকে দেওয়া যায় ও কালেক্টরীর তৌজী রেজেষ্ট্রীভুক্ত থাকে।

মহালক্ষ্মী (মোহালোক্‌খী) [মহৎ—যে লক্ষ্মী (দেবীবিশেষ)—কর্ম্মধা] বি, স্ত্রী, নারায়ণী। ২। রাধিকা।

মহালয় (মোহালয়্) [মহৎ—আলয় (আশ্রম) যেখানে, বহু] বি, পুং, তীর্থ। ২। পরমাত্মা : ৩। আশ্বিনের শুক্লপক্ষের পূর্ব্ব কৃষ্ণপক্ষ : অপরপক্ষ। স্ত্রী, **মহালয়া**—আশ্বিনী অমাবস্যা ; দেবীপক্ষের পূর্ব্ব অমাবস্যা।

মহাশকুল (মোহাশোকুল্) বি, পূর্ব্ববঙ্গের প্রসিদ্ধ রোহিতাকৃতি মৎস্যবিশেষ।

মহাশক্তি (মোহাশোক্‌তি) [মহতী—শক্তি (ক্ষমতা) যাহার, বহু] বি, পুং, দেবসেনা-পতি কার্ত্তিকেয়। ২। [মহতী যে শক্তি—কর্ম্মধা] বিপুল পরাক্রম ; অতি পরাক্রম। ৩। বি, স্ত্রী, দুর্গা।

মহাশঙ্খ (মোহাশংখ) [মহান্ যে শঙ্খ—কর্ম্মধা] বি, পুং, মধ্যম পাণ্ডব ভীমের শঙ্খ। ২। বৃহৎ-শঙ্খ। ৩। মনুষ্যের ললাটাস্থি। ৪। কর্ণ এবং চক্ষুর মধ্যবর্ত্তী হাড়। ৫। তন্ত্র মতে বীরাচার প্রসিদ্ধ নরকপালাস্থি-নির্ম্মিত মাল্যবিশেষ। ৬। সংখ্যাবিশেষ : ১০০০০০০০০০০০০০০। ৭। কুবেরের নিধিবিশেষ। ৮। অস্ত্রবিশেষ।

মহাশয় (মোহাশয়্) [মহান্—আশয় (অভিপ্রায়) যাহার, বহু। বাং-প্রাকৃ—**মহাসএ**। প্র—"কপাট ঘুচাএ দিল চন্দ্র মহাসএ।"—শূ-পু] বিণ, মহাত্মা ; মহামনাঃ ; উদারচিত্ত। প্র—"শম দম সংযম সহিষ্ণুতা আমরা মানবের শ্রেষ্ঠ ধর্ম্ম বলিয়া মনে করি, তাহা যে সয়, সেই মহাশয়"—সনাতনী। ২। বি, পুং, সমুদ্র। ৩। [কর্ত্তাভজা দ্রঃ] কর্ত্তাভজা সম্প্রদায়ী গুরু।

মহাশয্যা (মোহাশোজ্‌জ্যা) [মহতী যে শয্যা (শয়নীয়—খট্বা)—কর্ম্মধা] বি, স্ত্রী, রাজশয্যা ; বৃহৎশয্যা। ২। রাজাসন ; সিংহাসন।

মহাশল্ক (মো) [মহান্—শল্ক (আঁইস) যাহার, বহু] বি, পুং, চিঙ্গড়ীমাছ। ২। বিণ, বৃহৎ আঁইসবিশিষ্ট।

মহাশুক্ল (মো) [মহান—যে শুক্ল (ধবলবর্ণ) কর্ম্মধা] বিণ, অতিশুভ্র ; দুগ্ধফেননিভ বর্ণ-বিশিষ্ট। স্ত্রী, **মহাশুক্লা**—সরস্বতী।

মহাশূন্য (মোহাশুন্‌ন) [প্রা-বাং—মহাসুন্য। প্র—"মহাসুন্য মধ্যে পরভুর আর আছে কেহ" —শূ-পু] বি, অনন্ত আকাশ। প্র—"কিবা মনোহর বেশ ধরেছে গগন দেশ মহাশূন্য বিভাসিত সে ভুবন আকারে।"—হেম বন্দ্যো। "মহাঋষি নিরখিলা কালিকার জগতী, মহাশূন্যে ঘুরিতেছে ভয়ঙ্কর মূরতি॥"—দশমহাবিদ্যা।

মহাশূর (মোহাশূর্) [মহান্ (অতিশয়) যে শূর (বলবান)—কর্ম্মধা] বিণ, অতিশয় বলবান। প্র—"সেই মহাশূর জন্তু কি কব তাহার দন্ত, ভুজবলে পর্ব্বত উপাড়ে।"—কবিক।

মহাশ্মশান (মোহাশশাঁন) [মহৎ—শ্মশান (প্রেতভূমি) যেখানে, বহু] বি, ক্লী, বারাণসী ; কাশী। ঐস্থানে হিন্দুগণ মরিবার জন্য গমন করেন বলিয়া এই নাম। ২। [কর্ম্মধা] বৃহৎশ্মশান : যোজনব্যাপী প্রেতভূমি।

মহাশ্বেতা (মোহাশ্‌শেতা) [মহান্—শ্বেত (শুক্লবর্ণ) যাহার—বহু] বি, স্ত্রী, সরস্বতী। ২। দুর্গা। ৩। শ্বেত অপরাজিতা। ৪। কৃষ্ণ ভূমি কুষ্মাণ্ড। ৫। নগরীবিশেষ। ৬। কাদম্বরী কথার উপনায়িকা।

মহাষ্টমী (মো) [মহতী—যে অষ্টমী, কর্ম্মধা] বি, স্ত্রী, আশ্বিনমাসীয় শুক্লাষ্টমী।

মহাসত্ত্ব (মোহাশৎত) বিণ, মহাবলশালী। প্র—"যে হেতু কোন মহাসত্ত্ব গন্ধর্ব্ব রাজের পুত্র পাঁচজন গন্ধর্ব্বযুবা আমার স্বামী, তাঁহারা আমাকে সতত রক্ষা করিয়া থাকেন।"—মহা (বর্দ্ধমান)। ২। বৃহৎকায় জীব। ৩। মহাশয় ; মহামনাঃ।

মহাসাগর (মোহাশাগর্) [মহান্—যে সাগর —কর্ম্মধা] বি, পুং, যে সুবিস্তীর্ণ জলরাশি ভূমণ্ডল বেষ্টন করিয়া আছে ; মহাসিন্ধু।

মহাসান্তপন (মোহাশান্তপন্) [মহৎ—যে সান্তপন (ব্রতবিশেষ)—কর্ম্মধা] বি, ক্লী, ছয়দিবসসাধ্য ব্রতবিশেষ ; প্রায়শ্চিত্তবিশেষ।

মহাসেন (মোহাশেন্) [মহতী—সেনা যাহার, বহু] বি, পুং, দেবসেনাপতি কার্ত্তিকেয়। ২। মহাদেব।

মহাস্বন (মোহাশ্‌শন্) [মহান্ (প্রবল) স্বন (শব্দ) যাহার, বহু] বি, পুং, রণবাদ্য। ২। বিণ, মহাধ্বনিবিশিষ্ট।

মহি (মোহি) [মহ্ (পূজা করা) + ই (কর্ম্মে)] বি, স্ত্রী, পৃথিবী। **মহিতল**—পৃথিবীতল ; ধরাপৃষ্ঠ। প্র—"যার নর মহিতলে খাটে"—শূ-পু।

মহিত (মো) [মহ্ (পূজা করা) + ত (কর্ম্মে —ক্ত)] বিণ, অর্চ্চিত ; সম্মানিত।

মহিম (মোহিম্) [আ—মুহিম্ (বীরকীর্ত্তি ; দুঃসাহসিক কার্য্য ; বিপজ্জনক ভয়ানক ব্যাপার] বি, যুদ্ধ ; সংগ্রাম। প্র—"হাতাহাতি হানা-হানি বাড়িল মহিম।" "রামজীর কুদরতে মহিম হইল ফতে।"—অ, ম।

মহিমময় (মোহিম্‌ময়) [মহিমন্ শব্দ—ময়ট্ (পূর্ণার্থে)] বিণ, গৌরববিশিষ্ট : মাহাত্ম্য-পূর্ণ। স্ত্রী, **মহিমময়ী**—গৌরবময়ী।

মহিমা (মো) [মহৎ + ইমন্ = মহিমন্, ১মা, ১ব] বি, পুং, মহত্ত্ব ; গৌরব ; মাহাত্ম্য। প্র—"ক্ষেত্রের মহিমা কিছু শুনাহ আমারে।"—অ, ম। ২। ঐশ্বর্য্য। ৩। মহাদেবের বিভূতি-বিশেষ। **মহিমাকীর্ত্তন**—মাহাত্ম্যকথন ; যশঃকীর্ত্তন। **মহিমাব্যঞ্জক**—গৌরবসূচক ; মহত্ত্বজ্ঞাপক। **মহিমার্ণব**—সাগরসদৃশ অপরিমেয় গৌরববিশিষ্ট।

মহিলা (মো) [সং] বি, স্ত্রী, ভদ্র রমণী।

মহিষ (মোহিষ্) [মহ্ (পূজা করা) + ইষ (করণে)] বি, পুং, পশুবিশেষ, মোষ ; যমের বাহন। ২। অসুরবিশেষ ; মহিষাসুর। স্ত্রী, **মহিষী**—স্ত্রীমহিষ। ২। রাণী ; রাজ্ঞী। **মহিষধ্বজ**—মহিষবাহন ; যম। ২। জৈন ক্ষপণক। **মহিষমর্দ্দিনী**—মহিষাসুর বিনাশকারিণী দশভুজা দুর্গা। প্র—"মহিষ-মর্দ্দিনীরূপ ধরিলা চণ্ডিকা।"—কবিক। ৩। [তন্ত্রে] অষ্টাক্ষরী বিদ্যা। **মহিষাসুর**—শিবের বরপুত্র ; ইহার পিতা রম্ভাসুর, মতান্তরে জম্ভাসুর তপস্যায় মহেশ্বরকে প্রীত করিয়া বর স্বরূপ এই পুত্র লাভ করিয়াছিল।

মহিষাঢাল (মো ল্) বি, মহিষচর্ম্মনির্ম্মিত ঢাল। প্র—"তুলিযা মহিষাঢালে সিংহের হানিল ভালে দারুণ ঘুমুটি মারি মুখে।"—কবিক।

মহী (মো) [মহ্ (পূজা করা) + ঈ (কর্ম্মে —সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, ধরণী ; পৃথিবী। ২। গো। ৩। নদীবিশেষ। **মহীধর**—পর্ব্বত। **মহীনাথ**—ভূপতি : রাজা। প্র—"করাই মহলা ময়নার মহীনাথে"—ঘনরাম। **মহী-পাল** (ল্)—ভূপাল; রাজা। ২। ধান্যবিশেষ। প্র—"হরি মহীপাল বাঁকসাল বুনে মঙ্গলন।" —শূ-পু। **মহীপ**—ভূপতি। **মহীভৃৎ**—ভূপাল। ২। ভূধর ; পর্ব্বত। **মহীরুহ**—বৃক্ষ। **মহীলতা**—কেঁচো। প্র—"সাপ যেন হইল মহীলতা"—কবিক।

মহীয়ান (মো) [মহৎ (বৃহৎ) + ঈয়সু (অতিশয়ার্থে) = মহীয়স্ ১মা, ১ব] বিণ, অতিশয় মহৎ। প্র—"তুমি জ্যোতির জ্যোতি আমি আজ আঁধারে। তুমি মুক্তি মহীয়ান্ আমি মগ্ন পাথারে।"—রবি। ২। উত্তম।

স্ত্রী—মহীয়সী—অতি মহতী।

মহীশ [মহী (পৃথিবী) ঈশ (রাজা) ৬তৎ] বি, পুং, পৃথিবীপতি ; ভূপতি ; ধরণীপতি ; রাজা। প্র—"জয় পুনীহি, ভারত মহীশ ভারত উমেশ পর্ব্বত সুতাবর।"—অ, ম।

মহুয়া (মো) [মউল হইতে, হি] বি, মধুরাস্বাদ ফলবিশেষ : মৌল। প্র—"ফুটিয়া মহুয়া ফুল মধুর মধুর"—কস্তুরী।

মহেন্দ্র [মহান্—ইন্দ্র—কর্ম্মধা] বি, দেবরাজ ; ইন্দ্র। ২। বিষ্ণু। ৩। জম্বুদ্বীপান্তর্গত পর্ব্বত-শ্রেণী (উত্তর সরকার হইতে গণ্ডোয়ানা পর্য্যন্ত বিস্তৃত)। স্ত্রী, মহেন্দ্রাণী—ইন্দ্রাণী ; শচী। মহেন্দ্র কদলী—কলা দ্রঃ। মহেন্দ্র নগরী—ইন্দ্রপুরী ; অমরাবতী।

মহেশ (শ্) [মহান্—যে ঈশ (ঈশ্বর)—কর্ম্মধা প্রা-বাং—মহেস। প্র—"মহেস করিব বিভা জন্ম জন্মান্তরে।"—শূ-পু] বি, পুং, মহেশ্বর ; মহাদেব। স্ত্রী, মহেশী, মহেশানী—মহেশপত্নী ; পার্ব্বতী। ২। কাঁসা। মহেশজ্বর—শিবজ্বর। প্র—"এমত বলিতে হর আইল মহেশজ্বর নীলাম্বরে কৈল আলিঙ্গন।"—কবিক।

মহেশ্বর (মহেশ্‌শর্) [মহান্ যে ঈশ্বর, কর্ম্মধা। প্রা-বাং—মহেস্‌সর। প্র—"বস্তা বিষ্টু মহেস্‌সর জনমিল উদরে।"—শূ-পু] বি, পুং, শিব : শঙ্কর। স্ত্রী—মহেশ্বরী—ভবানী।

মহেষ্বাস (মহেশ্‌ষাশ্) [মহান্ হইয়াছে ইষ্বাস (ধনুঃ) যাহার, বহু] বিণ, মহা ধনুর্দ্ধর।

মহোক্ষ [মহৎ যে উক্ষন (বৃষ্)—কর্ম্মধা (উক্ষন্ = উক্ষ)] বি, পুং, মহাবৃষভ।

মহোৎসব (শব্) [মহান্ যে উৎসব—কর্ম্মধা] বি, পুং, অতীব আনন্দপ্রদ ব্যাপার। ২। বৈষ্ণবদিগের উৎসব ; মচ্ছব।

মহোৎসাহ (শা) [মহান্ (প্রবল) যে উৎসাহ (উদ্যম)—কর্ম্মধা] বি, মহৎ চেষ্টা। ২। অতিশয় উৎসাহ। ৩। বিণ, অত্যন্ত উৎসাহী ; অতিশয় উদ্যমশীল ; অত্যন্ত যত্নবান্ ; অতি চেষ্টান্বিত।

মহোদধি (দো) [মহান্ যে উদধি (সমুদ্র)—কর্ম্মধা] বি, পুং, মহাসিন্ধু ; মহাসাগর। প্র—"মহোদধি মসী যদি মহী হয় পত্র। সুরতরু লেখনী সারদা করি যোত্র।"—শিবায়ন।

মহোদয় (য়) [মহান্ (অতিশয়) উদয় (উন্নতি) যাহার, বহু] বিণ, অতি সমৃদ্ধ ; অত্যুন্নত। ২। মহানুভব। ৩। [মহৎ—উদয় (উত্থান—উন্নতি) যে দেশের, বহু] বি, ক্লী, কান্যকুব্জ দেশ। ৪। যোগবিশেষ। [সং-তে—মুক্তি, স্বামী, কর্ত্তৃত্ব প্রভৃতি অর্থে প্রয়োগ আছে]।

মহোদর (র্) [মহৎ—উদর যাহার, বহু] বিণ, বৃহৎ উদরবিশিষ্ট। স্ত্রী, মহোদরী—সমস্ত ব্রহ্মাণ্ড যাঁহার উদরে আছে, ভগবতী। প্র—"মহামায়া মহেশমহিলা মহোদরী।"—অ, ম। ২। মহাশতাবরী। ৩। বিণ, বৃহৎ উদরবিশিষ্টা (বিপরীত—মন্দোদরী)।

মহোদ্যম (মহোদ্‌দম্) [মহা—উদ্যম যাহার, বহু] বিণ, অতিশয় উদ্যমশীল ; মহোৎসাহী। ২। [মহান্ যে উদ্যম—কর্ম্মধা] বি, পুং, অতিশয় উদ্যোগ ; মহৎ চেষ্টা।

মহোন্নত [মহৎ—উন্নত (কর্ম্মধা)] বিণ, অতিশয় সমৃদ্ধ ; অত্যুন্নত। বি, মহোন্নতি।

মহোপকার (র্) [মহান্ যে উপকার (কর্ম্মধা)] বি, অত্যুপকার ; বিশেষ হিত। বিণ, মহোপকারী—বিশেষ হিতসাধক।

মহোরগ (গ্) [মহান্ যে উরগ (সর্প)—কর্ম্মধা] বি, পুং, বৃহৎ সর্প ; অজগর।

মহৌজাঃ [মহৎ—ওজস্ (তেজঃ) যাহার, বহু—মহৌজস্ ১মা, ১ব] বিণ, মহাতেজস্বী ; মহাশক্তিশালী।

মহৌষধ (ধ্) [মহৎ যে ঔষধ (কর্ম্মধা)] বি, ক্লী, উৎকৃষ্ট ঔষধ। ২। শুঁঠ, পিঁপুল ও রসুন।

মহৌষধি, ধী [মহৎ যে ওষধি—কর্ম্মধা] বি, স্ত্রী, রাত্রিকালে দীপ্তিশীল তৃণ লতাদি। ২। [বৈদ্যকে] ব্রাহ্মী। (২) শ্বেত কণ্টকারী। (৩) হিলমোচিকা। (৪) কটুকা। (৫) দূর্ব্বা। (৬) অতিবিষা।

মা [হাম্বা রব হইতে সকল জাতির ভাষায় অনুকৃত। সং—অম্বা ; হি—আম্মা : আ—আম্। ইং—ma, mamma. যিনি পালন ও পোষণ করেন তিনি লোকমাতা ; লক্ষ্মী লোকমাতা বলিয়া তাঁহার একটী নাম "মা"। "লক্ষ্মীঃ * * * লোকমাতা মা"—অমর। মা (মান্য, পূজা) + কিপ্ (ভাবে), আপ্—স্ত্রী] বি, স্ত্রী, লক্ষ্মী ; কমলা। ২। মাতা ; জননী। ৩। দেবী ; ঠাকুরাণী। প্র—মা কালী ; মা দুর্গা ; বামুন মা। ৪। সম্বোধন, বিস্ময়, যন্ত্রণাব্যঞ্জক অব্যয়। ওমা, মা গো—আর্ত্তনাদে। (২) বিস্ময়ে। (৩) আতঙ্কে। ওমা কি হবে—ভয়সূচক অব্যয়। (২) বিস্ময়ার্থে। মা-গোঁসাই—গোস্বামী পত্নী ; গোঁসাই ঠাকুরাণী। মা-ছা, ছাঁ—মাতা ও ছেলে। মা-ঝী—মা ও মেয়ে। মা-পো, মা বেটা—মাতা পুত্র। মা-বাপ—জনক জননী। ২। প্রভু, আশ্রয় ও ভরসা। মা-মরা—মাতৃহীন বা মাতৃহীনা। মা মা করা—অভাব সূচনা করা।

মা [সঙ্গীতে] বি, সপ্তস্বরের চতুর্থ স্বর।

মাই [সং—মাতৃ, হি—মাঈ (মাতা) মাতৃস্তন্য = সংক্ষেপে—মাই] বি, মাতা। প্র—"মাই কি ভাব"—কালীকীর্ত্তন। বিণ, স্তন ; পয়োধর। মাই খাওয়া—স্তন্যপান করা। মাই খাওয়ান—মাই দেওয়া দ্রঃ। মাই ছাড়া—শিশুর স্তন্য ত্যাগ করা। মাই ছাড়ান—বিশেষ কোন আবশ্যকে স্তন্যপায়ী শিশুকে তাহার মাতৃস্তন্য পানে নিবৃত্ত হইতে বাধ্য করা। মাই ধরা—স্তন্যবৃন্ত মুখে করা। ২। স্তন্যপান আরম্ভ করা। মাই দিউনি—স্তন্যদাত্রী ধাত্রী। মাই দেওয়া—স্তন্য পান করান।

মাইজ, মাজ (জ্) [সং—মধ্য—মাঝ—মাইজ—মাজ] বিণ, অভ্যন্তর ; মধ্য ; মাঝ। প্র—"আড়ার মাইজ খানে দপ্পন সোভা করে।"—শূ-পু। ২। [মজ্জা হইতে] সার। ৩। মধ্যস্থিত পাতা। প্র—কলার মাইজ।

মাইন্‌দার (র্) বি, মাসিক বেতনভুক্ ; ভৃত্য ; যে চাকর মাসে মাসে মাহিয়ানা পায়। প্র—"যে ৯ বিঘা নীলের জন্যে চিহ্নিত হইয়াছে, তাহা যদি কুঠির লাঙ্গল, গরু ও মাইনদার দিয়া আবাদ করা হয়"—নীলদর্পণ।

মাইনর (র্) [ইং—minor] বি, নাবালক।

মাইয়া, মায়্যা, মেয়ে [সং—মাতৃকা—প্রাক্—মাইআ ; অথবা মাতৃগ্রাম হইতে পা মাতুগাম (মাতৃজাতি) তাহা হইতে বাং-য়—মাইগা ; মাইআ। তুল—পর্ত্ত—maia (old woman)] বি, স্ত্রী, মাতৃজাতি ; স্ত্রীজাতি ; স্ত্রীলোক ; মেয়েমানুষ। ২। স্ত্রী ; পত্নী। প্র—"তোর মাইয়া পাইয়াছে গোরকনাথের বর।"—মাণিকচাঁদের গান। ৩। স্ত্রীদেবতা। প্র—মাইয়া পূজি হৈলি মোর বৈরী"—কবিক। মাইয়ামুখা, মেয়েমুখো—বিণ, মাতৃমুখ দ্রঃ। ২। স্ত্রী-শাসিত ; স্ত্রৈণ ; যে লোক স্ত্রীর মুখ চাহিয়া কাজ করে। ৩। নির্ব্বোধ ; বুদ্ধিহীন ; স্ত্রীবুদ্ধিতে পরিচালিত। মাইয়ালোক—স্ত্রীলোক ; নারী।

মাইরি [য়ুরোপীয়দিগের মধ্যে শপথার্থে প্রচলিত "by Mary" মেরীমাতার দিব্য। তুল—by Jove. অনুকরণে মায়ের দিব্য সংক্ষেপে—মায়েরি—মাইরি। কেহ কেহ অশ্লীল শপথার্থে ইহা "মাহরি" শব্দের সংক্ষেপ বলিয়া মনে করেন] বি, অশিষ্ট শপথ ; কঠিন দিব্য।

মাইল (ল্) [ইং—mile] বি. প্রায় অর্দ্ধ ক্রোশ দীর্ঘপথ; ১৭৬০ ইং—গজ (৩৫২০ হাত) পরিমাণ দীর্ঘ পথ (পাকা অর্দ্ধক্রোশ ১৵ মাইল অর্থাৎ ৩৯৬০ হাত।

মাইল [মারা দ্রঃ। মারিল প্রা—উচ্চারণে। প্র-পু রূপ। ম-পু—মাইলে। উ-পু—মাইলাম; মাইনু; মাইলু। অস-ক্রি—মাইতে; মাইলে। প্রাকৃ—রি স্থলে ই] ক্রি. মারিল; আঘাত করিল। প্র—"শেল মাইল বুকে॥"—শিবায়ন। "তাতে হইল ত্রিগুণ তোমায় মাইল্ লাথি।"—ঐ

মাইশর, মাইসর (র্) [সং—মার্গশীর্ষ। আধু-বাং-য় অপ্র] বি. অগ্রহায়ণ মাস। প্র—"মাস মধ্যে মাইসর আপনি ভগবান।"—কবিক।

মাউই [প্রা-বাং। মা—বিউই (বিবাহ সম্বন্ধে) বি লোপ] বি. স্ত্রী. ভ্রাতা অথবা ভগিনীর শাশুড়ী; আঁবুই। সম্বোধনে—মাউইমা। চব্বিশপরগণা অঞ্চলে আঁবুইমা)। প্র—"মালী বলে পাঁচ গণ্ডা ছাড়িনু মাউই।"—ঘনরাম।

মাউড়ী—মামড়ী দ্রঃ।

মাও [প্রা-বাং। মা দ্রঃ] বি. স্ত্রী. মাতা; জননী। প্র—"রজ বীজে জনম তার নাহিক বাপ মাও।"—শূ-পু। "শুন মাও আহ্মার বচন"—মহা (শ্রীকর)।

মাওড়া [প্রাদে] বি. কীটবিশেষ।

মাং—মাঃ দ্রঃ। ২। [হি] বি. সীমন্ত। ৩। [গ্রা. অশ্লীল] যোনি।

মাংস (শ) [সং] বি. ক্লী. শরীরাংশবিশেষ; পিশিত; flesh. মাংসপেশি—শী—শরীরের ভিন্ন ভিন্ন স্থানের সঞ্চালন ক্রিয়া সাধক মাংস পিণ্ড; muscle.

মাংসল (-শ) [মাংস+ল (অস্ত্যর্থে)] বিণ. স্থূল; মোটা।

মাংসাদ (শাদ্) [মাংস—অদ্ (ভোজন করা) +অ (কর্ত্তৃ—অচ্)] বিণ. মাংসখাদক; মাংসাশী; মাংসভোজী।

মাংসাশী (শাশি) [মাংস+অশ্ (ভোজন করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=মাংসাশিন্ ১মা. ১ব] বিণ. মাংসখাদক।

মাংসিক (শিক্) [মাংস-ইক] বিণ. মাংস-বিক্রয়ী; কসাই।

মাঃ—অ. মারফৎ শব্দের সংক্ষেপ।

মাঁজ (জ্) [মাজ দ্রঃ] বি. মজ্জা; সারভাগ। মাঁজকাঠ—পাকা শাল প্রভৃতি কাঠ।

মাকড় (ড়্) [সং—মর্কটক—প্রাকৃ—মকটকো] বি. মর্কট; মাকড়া দ্রঃ। ২। অষ্টপদী কীটবিশেষ; মাকড়সা। মাকড় মারিলে ধোকড় হয়—গঞ্জের স্মার্ত্ত পণ্ডিতের বিচারে অন্তে মাকড়সা মারিলে যথায় মহাপাতক জন্ত বহুব্যয়সাধ্য প্রায়শ্চিত্ত করিতে হয়, তথায় নিজের ছেলে মাকড় মারিলে কিছুই হয় না বরং নূতন বস্ত্র লাভ হয়। তুল—আপনার বেলা আঁটী সাঁটী পরের বেলা দাঁত কপাটি।"

মাকড়সা (ম্যাকোড়শা) [মাকড় দ্রঃ] বি. ঊর্ণনাভ; লূতা।

মাকড়া (ক্) [মর্কট হইতে মাকড়+আ তুচ্ছার্থে)] বি. মর্কট; বাঁদরা। মাকড়া রং—মেটে রং।

মাকড়ি, মাকড়ী (ক্) [প্রাদে] বি. কর্ণা-ভরণবিশেষ (গঠনানুসারে ইহার কপিপাতা, তিরকাটা, টোপ তোলা, পাশা, ইহুদী প্রভৃতি নাম দেওয়া হয়)!

মাকলা (ক্) [সং] বি. অজাত-দন্ত হ্রস্বদেহ হস্তী।

মাকন্দ—বি. পুং. আম্রবৃক্ষ; রসাল। ২। আম্র। ৩। চন্দন তরু। প্র—"আকন্দ বদলে মাকন্দ পাব হরিতাল বদলে হীরা।"—কবিক। স্ত্রী. মাকন্দী—পীতচন্দন। ২। আমলকী। ৩। নগরীবিশেষ।

মাকাল (ল্) [সং—মহাকাল] বি. মহাকাল নামক লতা; লতাজাতীয় উদ্ভিদ; ইহা বৃক্ষ বা বেড়া প্রভৃতির আশ্রয়ে উর্দ্ধে উঠে ও বিস্তৃত হয়। এক একটী লতা ২৫।৩০ বৎসর বাঁচে তাই উদ্ভিদবিজ্ঞানে ইহার নাম "চির যুবতী" লতা। ইহার ফল লাল ও গোল ক্ষুদ্র ও বৃহৎ ভেদে দুই প্রকার। ক্ষুদ্র ফলের ভিতর দুর্গন্ধময় পদার্থ থাকে। বড় বেলের মত ও বালুকাময়; citrullus colocynthis. প্র—"স্বর্ণকান্তি মাকাল যেমতি, মোহে ক্ষুধাতুর প্রাণে।"—মেঘনাদ। ৩। অন্তঃসারহীন ব্যক্তি। ৪। মৎস্যের দেবতা।

মাকু [প্রাদে। অস—মাকো] বি. তুরী; এই যন্ত্র বস্ত্র বয়নে ব্যবহৃত হয়।

মাকুন্দ—বি. দাড়ী, গোঁপ ও রোমাবলীশূন্য পুরুষ। প্র—"কাহারো মাকুন্দ মুখ, দগ্ধ গোঁপ দাড়ি"—কৃত্তিবাস।

মাকুল (ল্) [আ—মাক্‌লূ] বিণ. ন্যায্য; ঠিক; যথার্থ।

মাক্ষিক (মাক্‌খিক্) [মক্ষিকা+অ (কৃতার্থে—অণ্)] বি. ক্লী. মধু। ২। উপধাতু-বিশেষ। মাক্ষিক শর্করা—মধুজাত চিনি। মাক্ষিকাশ্রয়—মৌচাক।

মাখন, মাখম (ন্, ম্) [হি—মক্‌খন্ দুগ্ধ-জাত স্নেহপদার্থ: নবনীত [দ্রঃ—মাখন কাঁচা দুধ হইতে এবং নবনীত বা ননী দধি হইতে।

মাখা [সং—ম্রক্ষ ধাতুজ। উ-পু—মাখি। ম-পু—মাখ; মাখুন্; মাখ্। প্র-পু—মাখে; মাখেন। অস-ক্রি—মাখিতে। মাখিয়া; মাখি, মেখে। ণিজন্ত—মাখান] ক্রি. ম্রক্ষণ করা; মর্দ্দন করা; মিশ্রণ করা; লেপন করা। মাখামাখি—ঘনিষ্ঠতা। ২। মেলা মেশা। ৩। ছোঁয়া ছুঁই।

মাখান (নো) [মাখা দ্রঃ। উ-পু—মাখাই। ম-পু—মাখাও; মাখান্; মাখা। প্র-পু—মাখায়; মাখান। অস-ক্রি—মাখাইতে; মাখাইয়া, মাখিয়ে] ক্রি. মর্দ্দন করান; লেপন করান।

মাগ (গ্) [মাগী দ্রঃ। মাতুগাম (মহিলা) হইতে মাগু (প্রা-বাং) পরে মাগ (নারী—ভার্য্যা অর্থে)] বি. পত্নী; ভার্য্যা। প্র—"বলে দালালের মাগ্ দালালি ব্যাপারে আনে বটে ঢের কড়ি নিজ রোজগারে"—হেম বন্দ্যো। "মাগের বসন পরে ভূমে নামে কোঁচা"—কবিক।

মাগধ (ধ্) [মগধ (দেশবিশেষ)+অ (জাতার্থে—অণ্)] বি. পুং. বন্দী; রাজা-দিগের অগ্রে স্তুতিপাঠক। ২। বৈশ্যের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভে জাত জাতি; ভাট। ৩। বিণ. মগধ দেশোৎপন্ন; গুজরাটী। স্ত্রী. মাগধী—মগধ দেশের ভাষা; পালি প্রাকৃত। ২। মগধদেশীয়। ৩। মগধরাজকন্যা। ৪। মগধ-দেশজাতা গণিকা। ৫। গুজরাটী এলাইচ; ছোঠ এলাইচ। ৬। যূথিকা পুষ্প; গঁইফুল।

মাগন (ন্) [সং—মার্গণ (যাচ্‌ঞা, প্রার্থনা) হি—মাঙ্গ্ (চাহিদা)] বি. ভিক্ষাকরণ; যাচন। মাগনকুড়ে—ভিক্ষুক; যাচনা-কারী; যে মাগিয়া খায়। প্র—"মাগনকুড়ের মাগ শুধু ভাত খায় না"—প্রবাদ।

মাগা [সং—মার্গণ হইতে মাগন+আ=মাগনা (প্রার্থনা করা, চাহা) সংক্ষেপে মাগা। উ-পু—মাগি। ম-পু—মাগ (মাগো); মাগুন্; মাগ্। প্র-পু—মাগে; মাগেন। অস-ক্রি—মাগিতে; মাগিয়া; মেগে। ণিজন্ত—মাগান] ক্রি. যাচ্‌ঞা করা; চাওয়া; প্রার্থনা করা। প্র—"সীতা বলে মাগো বাপু যেই ইচ্ছা মনে"—কৃত্তিবাস। "যে মাগ তা দি"—শিবায়ন। "মেগে লব মনুষ্যত্ব শ্রেষ্ঠ উপাদান"—কাব্য-কুসুমাঞ্জলি। ব্রজ—মাগই—মাগে; চাহে। প্র—"সেব কোই মাগই হেরইতে তুয়া পদ লাজে"—বি. প। মাগব—চাহিবে। মাগয়ে—চাহে। প্র—"মূল বিন্দু পর ধনে মাগয়ে বেয়াজ"—বি. প। মেগে খাওয়া—ভিক্ষা দ্বারা জীবনধারণ করা। প্র—"মেগে খাও ভিখ"—শিবায়ন।

মাগী [পা—মাতুগাম ("মাতুগামো চ মহিলা"), প্রাকৃ-রূপ—মাউগাম—মাউগ—মাগু (পুঃ

বঙ্গে)] বি, স্ত্রী, নারী ; মহিলা। ২। [অসম্ভ্রমার্থে] অধিকবয়স্কা স্ত্রীলোক। পুং, মিন্সে। প্র—"মাগী যেন ষাঁড়"—বিষবৃক্ষ। "মাগী মিন্সে ঝগড়া করে রৈতে নার বাসে।" —রামপ্রসাদ।

মাগু [প্রাদে, পূঃ বঙ্গ। মাগী দ্রঃ] বি, ভার্য্যা ; পত্নী। প্র—"মাগু মৈল পুত্র মৈল দুই নাতি পোষে॥"—কবিক।

মাগুর (র্) [সং—মদ্গুর] বি, শল্কহীন মৎস্যবিশেষ।

মাগ্‌গি [সং মহার্ঘ] বিণ, মহার্ঘ ; দুর্ম্মূল্য। প্র—"মাগ্‌গির বাজার"—ঈশ্বর গুপ্ত।

মাঘ (ঘ্) [মঘা+অণ্, যে মাসে মঘাযুক্ত পূর্ণিমা হয়] বি, পুং, বাঙ্গালা বৎসরের দশম মাস। ২। প্রসিদ্ধ কাব্যকার। স্ত্রী, মাঘী —মাঘমাস সম্বন্ধীয়া। মাঘী পূর্ণিমা—মাঘমাসের পূর্ণিমা। ২। মঘানক্ষত্রযুক্ত পূর্ণিমা তিথি।

মাঙ্গন (মাঙন্) [সং—মার্গণ, মাগা দ্রঃ] বি, জমিদার কর্ত্তৃক প্রজার নিকট হইতে নির্দ্দিষ্ট খাজনার অতিরিক্ত যাহা অন্যায় পূর্ব্বক কাড়িয়া লওয়া হয়। প্র—"গ্রামবাসীরা যথারীতি খাজনা ট্যাক্স প্রদান করে, কিন্তু জমীদারের পুত্র কন্যার বিবাহ বা পিতামাতার শ্রাদ্ধে 'মাঙ্গন' দেওয়ার সময় ভিন্ন জমীদারের অস্তিত্ব বুঝিতে পারে না"—বাঙ্গালী, ২৬ বৈশাখ, ১৩২৩।

মাঙ্গলিক (মাংগলিক্) [মঙ্গল+ইক (ভবার্থে ইকণ্)] বিণ, শুভপ্রদ ; মঙ্গলজনক। ২। বি, মাঙ্গল্যদ্রব্য। ৩। মঙ্গলাচার।

মাঙ্গল্য (মাংগল্‌ল্) [মঙ্গল+য (ভাবে, ষণ্)] বি, ক্লী, শুভ ; কল্যাণ। ২। সৌভাগ্য। ৩। মঙ্গলজনক ; হিতকর।

মাঙ্গা [মাগা দ্রঃ] ক্রি, যাচ্ঞা করা ; মাগা। প্র—"সৈলুঁ দান কপোত মাঙ্গিয়া।"—কবিক।

মাচা [সং—মঞ্চ] বি, পুং, বংশাদি-নির্ম্মিত উচ্চ স্থান : মঞ্চ ; মাচান। ২। শব বহনার্থ বংশখণ্ডনির্ম্মিত চালি। প্র—"অন্তিমে কলসী কাঁচা বাঁশের মাচা বুঝি এবার তাও মেলে না।"—গান।

মাচান (ন্) [মাচা দ্রঃ] বি, মঞ্চ ; উচ্চাসন। প্র—"এজলাসের প্রথামত মাচানের উপর হাকিম বিরাজ করিতেছেন।"—কমলাকান্তের দপ্তর।

মাছ (ছ্) [সং—মৎস্য : পা—মচ্ছ] বি, মীন : মৎস্য। বিণ, মাছুয়া, মেছো—মৎস্য সম্বন্ধীয়। ২। মৎস্যজীবী ; জেলে। প্র—"মাছুয়া নিবাস পুরে, জাল বুনে মৎস্য ধরে"—কবিক। মাছরাঙ্গা—মৎস্য রঙ্গ ; মৎস্য-খাদক পক্ষিবিশেষ।

মাছি, মাচি [গ্রা। প্রাকৃ—মচ্ছি, সং—মক্ষিকা] বি, মক্ষিকা ; এক প্রকার স্বেদজ কীট : মাচি। মাছিটেপা—যে মৌমাছি টিপিয়া মধু বাহির করে ; অতি কৃপণ [তুল —হি—মক্ষিচুস্]। ঢণ্‌টনে মাছি—ঢন্‌ঢন্ বা ভন্‌ভন্‌শব্দকারী বড় সবুজ মাছি।

মাছিতা, মাছেতা, মেছেতা [মাছি+তা (সাদৃশ্যে)] বি, মুখে উয়ানি নামক ক্ষুদ্র মাছির মত বিন্দু বিন্দু কাল দাগ। প্র—"মাছিতায় মলিন তোমার গণ্ডস্থল॥"—কবিক। "মাছেতা পড়িবামাত্র কৃমি হইল তায়॥"—শিবায়ন।

মাজ—মাঝ দ্রঃ।

মাজন (ন্) [মার্জ্জন শব্দজ] বি, ঘর্ষণ ; রগড়ন। ২। দন্তমঞ্জন ; দন্ত পরিষ্কারক চূর্ণ-বিশেষ।

মাজরা (জ্) [ফা] বি, ঘটনা।

মাজা [মার্জ্জি ধাতুজ। মার্জ্জনা দ্রঃ। উ-পু—মাজি। ম-পু—মাজ ; মাজুন ; মাজ্। প্র-পু—মাজে : মাজেন। অস-ক্রি—মাজিতে ; মাজিয়া ; মাজি ; মেজে। ণিজন্ত—মাজান] ক্রি, মার্জ্জনা করা। ২। রগড়ান। প্র—"অঞ্জন করিয়া মাজি আঁখির কাজলে।"—অ, ম।

মাজা, মাঝ, মাঝা [সং—মধ্য—প্রাকৃ—মজ্‌ঝ] বি, মধ্যস্থল ; কটিদেশ ; কোমর। প্র—"দাঁত ছোলা মাজা দোলা"—অ, ম। "মৃগরাজ জিনি মাঝ"—ঘনরাম। "কেশরী জিনি কৃশ মাঝাখানি"—চণ্ডীদাস।

মাজার (মাজার্) [ফা—মাজার্] বি, সমাধি-স্থান।

মাজিষ্টর, মাজিস্ট্রেট (র্, ট্) [ইং—magistrate] বি, ফৌজদারি মকদ্দমার বিচারক ; হাকিম।

মাজুফল (ল্) [সং—মায়াফল] বি, কষায়ণ ফলবিশেষ ; মাইফল। ইহা কেশের কৃষ্ণতা-কারক ও শিথিল স্থানের সঙ্কোচকারক।

মাজুম (ম্) [আ—মাজূন্] বি, সিদ্ধি ও চিনি ঘটিত মাদক মিষ্টান্ন ; সিদ্ধির বরফী।

মাজুর, মাজুরি (র্)—মাদুর দ্রঃ।

মাঝ (ঝ্) বিণ, মধ্য। ২। অভ্যন্তরে ; ভিতরে ; মধ্যে। প্র—"সুপুরুখ ঐছন নাহি জগমাঝ"—বিদ্যাপতি। মাঝখান—মধ্য-স্থল। প্র—"মাঝখানে তুমি দাঁড়ায়ে জননী শরৎকালের প্রভাতে।"—রবি। মাঝামাঝি—মধ্যবর্ত্তী। মাঝে মাঝে—মধ্যে মধ্যে ; সর্ব্বদা নহে ; কখন কখন। প্র—"মাঝে মাঝে তব দেখা পাই চিরদিন কেন পাই না"—রবি। ২। ভিতরে ভিতরে।

মাঝার (র্) [মাঝ দ্রঃ] বি, মধ্যস্থল। ২। অভ্যন্তর। প্র—"ফেলে যায় মরু মাঝারে"—রবি।

মাঝারি, রী [সং—মধ্যমাকৃতি] বিণ, মধ্য-রকমের ; খুব বেশীও নয় খুব কমও নয়। ২। মধ্য আকারের ; খুব বড়ও নয় খুব ছোটও নয়। ৩। বি, মধ্যদেশ ; কটি। প্র—"কেশরী জিনিয়া মাঝারি খিনি"—বি, প।

মাঝি, মাঝী—বি, নাবিক ; কাণ্ডারী। ২। [সাঁওতাল পরগণায়] প্রধান প্রজা ; প্রামাণিক।

মাঞ্জা [মঞ্জ (মাজা) ধাতুজ] বি, ঘুড়ির সূতা মাজিয়া মজবুত করিবার জন্য কাচ চূর্ণাদি মিশ্রিত কাই বা আঠা। ক্রি, মাঞ্জা করা, মাঞ্জা দেওয়া।

মাঞ্জুরী [মাদুর দ্রঃ। মুঞ্জ—ঘাস হইতে নাম] বি, মাজুরি ; ঝেঁৎলা। প্র—"বাইতি নিবসে পুরে নানাজাতি বাদ্যকরে পুরে ভ্রমে মাঞ্জুরী বিকিনি।"—কবিক।

মাট (মাটো) [সং—মন্দ হইতে। মাটো দ্রঃ] বিণ, মধ্যম ; কম। প্র—"জমি হাসিল হইয়া মাট হারে বিলি হয়"—টেকচাঁদ।

মাট (ট্) [মাটি সংক্ষেপে] বি, মাটি। মাট কড়াই—মাটির ভিতর জন্মে বলিয়া নাম : চীনাবাদাম।

মাটাপালাম (ম্) বি, এক প্রকার থান কাপড়।

মাটাম (ম্) বিণ, সূত্রধরের যন্ত্রবিশেষ ; square. মাটামভাবে—সূত্রধরের যন্ত্র সদৃশ কাষ্ঠখণ্ডের উপর দণ্ডবৎ। প্র—"লাফিয়া উঠলাম তক্তার উপর মাটাম ভাবে সোজা"—দ্বিজেন্দ্র রায়।

মাটি, মাটী [সং—মৃত্তিকা। হি—মট্টি, মিট্টি] বি, মৃত্তিকা। ২। ভূতল। ৩। অসারতা ; অপদার্থতা। ৪। বিণ, ব্যর্থ ; পণ্ড। প্র—সব মাটি করে ফেলে। মাটি করা—ব্যর্থ করা ; পণ্ড করা ; নষ্ট করা। মাটিকাটা, মাটি-কোপান—মাটি খোঁড়া ; কোদাল দিয়া মাটি কোপান। মাটি খাওয়া—অনুচিত কর্ম্ম করা : যে কাজের জন্য পশ্চাৎ অনুতাপ করিতে হয় এমন কর্ম্ম করা। প্র—"হায় কেন মাটি খেয়ে পড়াশু বিদ্যায়।"—ভারতচন্দ্র। মাটি খোঁড়া—মৃত্তিকা খনন করা। মাটি তোলা—মৃত্তিকা উত্তোলন করা ; খাতাদি হইতে মৃত্তিকা আকর্ষণ করা। মাটি দেওয়া —কবর দেওয়া ; গোর দেওয়া। মাটি নেওয়া—জমি আঁকড়াইয়া থাকা। ২। গোর দেওয়া। মাটি ফেলা—গর্ত্ত ভরাট করিবার জন্য তাহাতে মাটি নিক্ষেপ করা।

২। পূর্ব্ব কার্য্যের সূচনা করা। মাটি ভাপান—বৃথা বসিয়া থাকিয়া উপবেশন স্থানের মাটি গরম করা। মাটি মাখা—মাটিতে জল দিয়া কাদা করা। ২। গায়ে মৃত্তিকা মর্দ্দন করা। মাটিমাড়ান—নিকটবর্ত্তী স্থান দিয়া গমনাগমন করা; আসা। প্র—ভুলেও এদিকের মাটী মাড়ায় না। মাটি রাখা—দেহত্যাগ করা। মাটি লওয়া—হাতমাটি করা। মাটিলেপা—মাটির প্রলেপ দেওয়া। মাটি মাটি—আলস্যবোধ। ২। মাটির মত। প্র—মাটি মাটি গন্ধ। হাড় মাটি করা—দেহপাত করা। হাতে মাটি করা—মল ত্যাগের পর জলশৌচ করিয়া মাটির দ্বারা হাত ধোয়া। মাটি হওয়া—পণ্ড হওয়া; ব্যর্থ হওয়া: নষ্ট হওয়া। মাটি হইয়া থাকা—মুশড়িয়া থাকা; অপদার্থ হইয়া থাকা। মাটি হইয়া যাওয়া—লজ্জা বা দুঃখাদি জন্য মলিন হওয়া। হেঁট মাটি উপর করা—অত্যন্ত দৌরাত্ম্য করা; দ্রব্যাদির অযথা স্থানে নিক্ষেপ প্রভৃতি দ্বারা ব্যতিব্যস্ত করিয়া তুলা। মাটির খেলনা—মৃত্তিকানির্ম্মিত ক্রীড়নক। মাটির ঘর—মৃত্তিকা-নির্ম্মিত ঘর; মেটে ঘর। মাটির বা মেটে তেল—কেরোসিন তৈল। মাটির দর—প্রায় বিনামূল্যে; অকিঞ্চিৎকর মূল্য। মাটি কোঠা, মাটকোটা—মৃত্তিকা-নির্ম্মিত দ্বিতল গৃহ। মাটির দেওয়াল—মৃত্তিকা-নির্ম্মিত প্রাচীর; মাটী দ্বারা প্রস্তুত দেওয়াল। মাটির পুতুল—মৃত্তিকা নির্ম্মিত পুত্তলিকা। মাটির বাড়ী—মৃন্ময় গৃহ; মেটেবাড়ী। মাটির বাসন—মাটী দ্বারা প্রস্তুত বাসন। মাটির মানুষ—অতি সহিষ্ণু নিরীহ লোক। কেনা মাটি—মৃত্যুর নিশ্চিত স্থান। আঠাল মাটি, এঁটেল মাটি—কাল বা পীতবর্ণ পিচ্ছিল মৃত্তিকা। কাঁকরিয়া মাটি, কাঁকুরে মাটি—কাঁকর মিশ্রিত মাটি। কালা মাটি—এঁটেল মাটি। গঙ্গামাটি—গঙ্গা-গর্ভস্থ মৃত্তিকা। চিকনা মাটি—কোমল, মসৃণ, উজ্জ্বল মৃত্তিকা; তিলক মাটি। চীনা মাটি—যে মাটি পোড়াইলে কাচের মত চিক্কণ হয়। তিলক মাটি—চিকনা মাটি দ্রঃ। দো-রসা মাটি—এঁটেল ও বেলের মাঝামাঝি বা দুই মিশ্রিত মাটি। নরম মাটি—কোমল মৃত্তিকা। ২। [লক্ষণায়] কোমল প্রকৃতির লোক। বিলাতীমাটি—মেঝে, প্রাচীর প্রভৃতিতে প্রলেপ দিবার, ইষ্টকাদির ফাটা স্থান জুড়িবার মসলা; Portland Cement; mortar. বেলেমাটি—বালি মিশ্রণ হেতু শিথিল মৃত্তিকা। বীরমাটি—রাঙ্গা মাটি; লালবর্ণ ধূলি। প্র—"রাতুলচরণ রুচি বীর মাটি গায়॥"—ধর্ম্মমঙ্গল (ঘনরাম)। রাঙ্গামাটি—লালবর্ণ মাটি। শক্তমাটি—কঠিন মৃত্তিকা। ২। [লক্ষণায়] জবরদস্ত লোক। সাজিমাটি—ক্ষার মৃত্তিকা। মাটির মূর্ত্তি—মৃন্ময়ীমূর্ত্তি। প্র—"মাটির মূর্ত্তি গড়িয়ে কি মন করতে চাও তাঁর উপাসনা"—রামপ্রসাদ।

মাটিয়া, মেটে [মাটি+ইয়া] বিণ, মৃন্ময়। ২। মৃত্তিকাসম্বন্ধীয়। মেটে ঘর—কাঁচা ঘর দ্রঃ। মেটে রং—মাটির মত বর্ণ। মেটে বাড়ী—কাঁচা দ্রঃ। মেটে তেল—[ভূগর্ভ হইতে প্রাপ্ত বলিয়া নাম] কেরোসীন তৈল: petroleum.

মাটো [সং—মন্দ। মাট দ্রঃ] বিণ, কর্ম্মে শিথিল; অলস। ২। ফরসার বিপরীত। প্র—"দক্ষিণ ইউরোপের লোকেরা অনেকটা আমাদেরই মত তাহাদেরও রং মাটো মাটো চুল ও চোক কাল।"—বিলাতভ্রমণ (ডাঃ মল্লিক)।

মাঠ, মাঠো [মাটো দ্রঃ। প্রাদে,—আটিয়া-পরগণা] বিণ, অতীক্ষ্ণ; ভোঁতা। প্র—"বিশ্বকর্ম্মার সর্ব্ব অস্ত্র হইলে মাঠ ধার"। ২। কম; মিরেশ।

মাঠ (ঠ্) [সং, মাথঃ (পন্থাঃ)—ত্রিকাণ্ডশেষে, শব্দকল্পে। অথবা বর্ত্ম—বাট—মাট, ব=ম, ট=ঠ] বি, পথ; বর্ত্ম। ২। ময়দান প্রান্তর। ৩। সুবিস্তীর্ণ ক্ষেত্র। ৪। গোচর ভূমি। বিণ, মাঠুয়া, মেঠো—প্রান্তরজাত; মাঠের। ২। মাঠের উপযোগী; ময়দানের যোগ্য। ৩। মাঠ সম্বন্ধীয়। মাঠ-গোঠ—মাঠ ও গোষ্ঠ; গোচারণের মাঠ। মাঠ-ঘাট—ঘাট ও মাঠ। মাঠ-ময়দান—পতিত ক্ষেত্র ও সযত্নরক্ষিত বিস্তীর্ণ মুক্তভূমি।

মাঠনি [মাঠা দ্রঃ] বিণ, চিকনাই; পালিস। প্র—"চারিপাশে সাজে প্রবাল মুকুতা গাঁথনি মাঠনি কত।"—চণ্ডীদাস।

মাঠা [সং—মন্থজ। হি—মাঠ্ঠা] বি, নবনীত; মাখন। ২। স্নেহপদার্থ। ৩। ঘোল।

মাঠা [মাট দ্রঃ] বিণ, মধ্যম; জমকাল নয়। শাদামাঠা, সাদামাঠা—কারুকার্য্যহীন; plain. প্র—"বিসাই গঠিল তার সাদামাঠা করি।"—শূ-পু।

মাড় (ড়্) [মণ্ড শব্দজ] বি, তণ্ডুলাদির কাথ; মণ্ড; ফেন।

মাড় (ড়্) [সং—মণ্ডপ (জনাশ্রয়)। হি—মঢ়িয়া, মাড়] বি, লোকজনের বিশ্রাম গৃহ। ২। কুঁড়ে ঘর বা অতি ক্ষুদ্র গ্রাম।

মাড়য়ার, মাড়োয়ার (মাড়বার) [মরু-বার হইতে] বি, রাজপুতানা। মাড়য়ারী, মাড়োয়ারী—মাড়বারের অধিবাসী। ২। মাড়য়ার সম্বন্ধীয়।

মাড়া [মৃদ্ (মর্দ্দনে) ধাতুজ]। উ-পু—মাড়ি। ম-পু—মাড়। প্র-পু—মাড়ে। অস-ক্রি—মাড়িতে; মাড়িয়া: মাড়ি; মেড়ে। ণিজন্ত—মাড়ান] ক্রি, মর্দ্দন করা: নিষ্পীড়ন করা। প্র—আখমাড়া: ঔষধ মাড়া। বি, মাড়ন, মাড়ানি।

মাড়ান (নো) [মাড়া দ্রঃ। উ-পু—মাড়াই। ম-পু—মাড়াও। প্র-পু—মাড়ান। অস-ক্রি—মাড়াইতে: ; মাড়াইয়া: মাড়িয়ে] ক্রি, পদ দ্বারা দলন করা। ২। পদক্ষেপ করা। ছায়ামাড়ান—কাছে যাওয়া।

মাড়াল (ল্) [মাড (দ্রঃ)+আল] বি, গ্রাম্যপথ।

মাড়ী—মাঢ়ী দ্রঃ।

মাড়ুয়াবাদী [মাড়ুয়া (মরুদেশ)+আবাদী (বাসকারী) গ্রা—মেড়ুয়াবাদী। অবজ্ঞার্থে] বি, মাড়োয়ারী।

মাড়োচা—বি, জমিদারগণ প্রজাদিগের বিবাহ উপলক্ষে যে কর আদায় করেন।

মাঢ়ী [সং। গ্রা—মেড়ে] বি, স্ত্রী, দন্তমূল; দন্তমূলাবরক কোমল মাংস।

মাণ (ন্) [প্রা-বাং] বি, পরিমাণ। প্র—"কাঁচি দিয়া কৈল মাণ ষোল রতি দুই ধান"—কবিক।

মাণক, মানক (ক্) [সং] বি, ক্লী, মান-কচুর গাছ ও কন্দ।

মাণিক (ণিক্) [সং—মাণিক্য] বি, মাণিক্য; রত্নবিশেষ। ২। আদরার্থক সম্বোধন: রত্ন। মাণিকজোড়—পক্ষিবিশেষ। ২। অন্তরঙ্গ বন্ধুদ্বয়।

মাণিক্য (মাণিক্ক) বি, ক্লী, পদ্মরাগমণি; রক্তবর্ণ রত্নবিশেষ; মাণিক।

মাণিক্য-মেরুয়া [প্রা-বাং] বি, ষোল শত দাঁড়যুক্ত ডিঙ্গাবিশেষ।

মাণ্ডবী—বি, স্ত্রী, রামানুজ ভরতের পত্নী; রাজা কুশধ্বজের কন্যা।

মাণ্ডব্য (মানডব্‌ব) বি, পুং মুনিবিশেষ।

মাৎ (ফা) বিণ, হতবুদ্ধি। ২। মুগ্ধ; আশ্চর্য্যান্বিত। প্র—"কল্লে বাজিমাৎ"—হেম।

মাত, মাথ (ত্, থ্) [সং—মস্ত] বি, পুং, অসারভাগ। ২। তরল বা ঘোলা গুড়।

মাতঙ্গ (মাতংগ) [মতঙ্গ (মুনিবিশেষ)+অ স্বার্থে—অণ্)] বি, পুং, মুনিবিশেষ। ২। হস্তী; গজ। ৩। চণ্ডাল। ৪। অশ্বত্থবৃক্ষ।

মাতঙ্গী (মাতংগী) [মাতঙ্গ+ঈপ্ স্ত্রী। "রত্ন পদ্মাসনা শ্যামা রক্ত বস্ত্র পরি। চতুর্ভুজ খড়্গা চর্ম্ম পাশাঙ্কুশ ধরি। ত্রিলোচনা অর্দ্ধ চন্দ্র কপাল ফলকে। চমকিত বিশ্ব বিশ্বনাথের চমকে।"—অ, ম] বি, স্ত্রী, দশমহাবিদ্যার মধ্যে নবম মহাবিদ্যা। প্র—"দেখি ভয়ে ভোলানাথ যায় পলাইয়া। পথ আগুলিলা সতী মাতঙ্গী হইয়া॥"—অ, ম। ২। হস্তিনী।

মাতবর, মাতব্বর (মাত্‌বর্, ব্‌) [আ—মঅ্‌তবর্] বি, মুরব্বী; মাথাল ব্যক্তি; গ্রাম মণ্ডল। ২। বিণ, বয়োবৃদ্ধ; মান্য; বিশ্বস্ত। প্র—"মজুন্দার মাতবর উকীল রাখিল"—অ,ম। ২। জামিন। মাতব্বরিতে—জামিনে।

মাতরিশ্বা [মাতরি (আকাশে) শ্বি (গমন করা)+অন্ (কর্ত্তৃ)=মাতরিশ্বন্ ১মা, ১ব] বি, পুং, পবন; বায়ু।

মাতল [ব্রজ] ক্রি, মত্ত হইল; মাতিল। প্র—"দুহুঁ পুন মাতল দুহুঁ শর হান।"—বি, প। ২। বিণ, মাতাল; মত্ত। প্র—"মাতল মধুকর"—বি, প।

মাতলি, মাতুলি (তো) বি, পুং, ইন্দ্রের সারথি। প্র—"যায় বীর দিব্য রথে মাতলি সারথি সাথে"—কবিক।

মাতা [সং—মাতৃ শব্দ। মা দ্রঃ] বি, স্ত্রী, জননী; স্তন্যদাত্রী; গুরুপত্নী; আচার্য্য-পত্নী; পিতৃরমণী; ক্ষেত্রদাত্রী; শ্বশ্রূ; পিতামহী; মাতামহী; মাতুলানী; মাতৃষসা; পিতৃষসা; জ্যেষ্ঠসহোদরা; ভ্রাতৃভার্য্যা; পুত্রবধূ ও তনয়া—শাস্ত্রমতে এই ষোড়শ মাতা। (মতান্তরে) গর্ভধারিণী; ধাত্রী; গুরুপত্নী; রাজপত্নী; পৃথিবী; গাভী—এই সপ্তমাতা। ২। কমলা; লক্ষ্মী; শ্রী। ৩। আকাশ। ৪। জীব। ৫। গমন। ৬। [মা (পরিমাণ করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্) ১মা, ১ব] বিণ, পরিমাণ কর্ত্তা। মাতাপিতা, পিতামাতা—জনকজননী; মা বাপ। মাতাপিতৃহীন, পিতৃমাতৃহীন—অনাথ; যাহার মাতা ও পিতা উভয়ই মৃত। মাতামহ—মাতার জনক; দাদা মহাশয়। মাতামহী—মায়ের মা; দিদিমা।

মাতা [মদ্ (মত্ত হওয়া) ধাতুজ; উ-পু—মাতি। ম-পু—মাত; মাতুন; মাত্। প্র-পু মাতে; মাতেন। অস-ক্রি—মাতিতে; মাতিয়া; মাতি; মেতে। পিজন্ত—মাতান] বি, মত্ত হওয়া; উন্মত্ত হওয়া। আত্মবিস্মৃত হইয়া লিপ্ত হওয়া। প্র—"হয় তো মাতে ঝঞ্ঝাবাতে মেঘের সনে গায়।"—গিরিশ। "গন্ধামোদে মাতি স্বনিলা সুস্বনে সমীরণ।" —বীরাঙ্গনা। ২। উৎসাহিত হওয়া; উত্তেজিত হওয়া। বি, মাতন। মাতামাতি—উন্মত্তের ব্যবহার; মাতলামি। প্র—"ওরে মাতাল, দুয়ার ভেঙ্গে দিয়ে পথেই যদি করিস্ মাতামাতি।"—রবি। ২। দৌরাত্ম্য; দুরন্তপনা। প্র—"ছেলেরা কাদার উপর পড়িয়া জল ছোঁড়াছুঁড়ি করিয়া সাঁতার কাটিয়া ভারি মাতামাতি করিতেছে।"—রবি।

মাতাল (ল্) [মত্ত শব্দজ] বিণ, মত্ততাবিশিষ্ট। ২। মদ্যপ; সুরাপানে জ্ঞানশূন্য। মদিরামত্ত। স্ত্রী, মাতালী—মাতার সখী।

মাতি, মাতিয়া [ব্রজ] বিণ, মত্ত। প্র—মধুমাতি; মুকুল মধু মাতিয়া নব কোকিল" —বি, প।

মাতুল (ল্) [সং] বি, পুং, মাতার ভ্রাতা; মামা। স্ত্রী, মাতুলা, মাতুলী, মাতুলানী—মাতুল-পত্নী; মামী; মামীমা। মাতুলপুত্র—মামাত ভাই। মাতুলপুত্রী—মামাত বোন। মাতুলালয়, মাতুলাশ্রম—মামার বাড়ী।

মাতুলুঙ্গ (লুংগ) বি, পুং, লেবু। ২। বীজপুর; দাড়িম্ব; দাড়িম। প্র—"কুসুম চর্চ্চিত অঙ্গ শুণ্ডে শোভে মাতুলুঙ্গ শূলদণ্ড ইষুপাশ করে"—কবিক। স্ত্রী, মাতুলুঙ্গা।

মাতৃ [সং] বি, মাতা; জননী। ২। মাতৃকা। মাতৃগণ—অষ্টশক্তি; ব্রাহ্মী, মাহেশ্বরী; ঐন্দ্রী, বারাহী, বৈষ্ণবী, কৌমারী, চামুণ্ডা বা কৌবেরী এবং চর্চ্চিকা। মাতৃঘাতী—বি, মাতৃঘাতক মাতৃহন্তা। ২। পরশুরাম। মাতৃদায়—মাতৃবিয়োগ-জনিত দায়। মাতৃনন্দন—ষড়ানন; কার্ত্তিকেয়। মাতৃপূজা—জননীর অর্চ্চনা; মাতৃসেবা। মাতৃবৎ—জননীসমা; মাতৃতুল্য; মায়ের মত। মাতৃবন্ধু—জননীর মামাত, পিসতুতো ও মাসতুতো ভাই। মাতৃবান্ধব—জননীর মাতা, পিতা, পিতৃসহোদর, ভ্রাতা এবং ভ্রাতুষ্পুত্র। মাতৃভক্তি—জননীর প্রতি শ্রদ্ধা। বিণ, মাতৃভক্ত। মাতৃভাষা—মাতার জাতীয় ভাষা; স্বজাতীয় ভাষা; mother tongue. মাতৃমণ্ডল—নেত্রদ্বয়ের মধ্যভাগ। মাতৃমুখ, মাতৃশাসিত—অজ্ঞ; নির্ব্বোধ; মূর্খ। ২। স্ত্রী-বুদ্ধি পরিচালিত। মাতৃশ্রাদ্ধ—জননীর মৃত্যুতে তাঁহার প্রেতকৃত্য। মাতৃষ্বসা—মাতার ভগ্নী; মাসীমা। মাতৃষ্বস্রেয়—জননীর ভগিনীপুত্র; মাসতুতো ভাই। স্ত্রী, মাতৃষ্বস্রেয়ী—মাসতুতো বোন। মাতৃষ্বস্রীয় মাতার ভগিনী পুত্র; মাসতুতো ভাই। স্ত্রী, মাতৃষ্বস্রীয়া—মাতার ভগিনীর কন্যা; মাসতুতো বোন। মাতৃহীন—যাহার জননীর মৃত্যু হইয়াছে; মা-মরা। স্ত্রী, মাতৃহীনা।

মাতৃক (মাৎতৃক্) [মাতৃ+ক (অপত্যার্থে)] বিণ, মাতৃ হইতে আগত; মাতৃ সম্বন্ধীয়। ২। মাতৃরূপে পরিণত। প্র—নদীমাতৃক।

মাতৃকা (মাত্‌তৃকা) [মাতৃ+ক, আপ্ স্ত্রী] বি, স্ত্রী, মাতা। ২। মাতামহী। ৩। ধাত্রী। ৪। বর্ণমালা। ৫। গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, আত্ম-দেবতা, কুলদেবতা এই ষোড়শ মাতৃকা দেবী। প্র—"নৈবেদ্য দিয়া ভূরি মাতৃকা পূজা করি দিলেন বসুধারা দান।"—কবিক।

মাতোয়ারা [হি—মাতোয়ালা শব্দজ। অর্থ সম্প্রসারণে, সদর্থে] বিণ, বিহ্বল। প্র—"ওমা তোমার ও প্রেমের সুরা পানে কর মাতোয়ারা"—গান।

মাতোয়াল, মাতোয়ালা [মাতোয়ারা দ্রঃ। র=ল] বিণ, নেশায় বিহ্বল; মাতাল। ২। মদোন্মত্ত। প্র—"মদ গর্ব্বে মাতোয়াল পাঠান চলিল"—বীরবাহু (হেম)।

মাতোয়ালি [আ—মুতাবল্লি, mutawali] বি, মুসলমান তত্ত্বাবধায়ক; দাতব্য চিকিৎসা-লয়, শিক্ষাগার, আতুরাশ্রমাদির পরিচালক।

মাত্র (মাৎত্র) [মা (পরিমাণ করা)+ত্র (ভাবে)] বি, ক্লী, সীমা। ২। সাকল্য; সমুদয়। ৩। শুধু; কেবল। ৪। অব-ধারণ। ৫। পর্য্যন্ত। প্র—"কথাটী মাত্র বলা হবে না।" কিছুমাত্র। একমাত্র—কেবল একটী। কিছুমাত্র, কিঞ্চিন্মাত্র—অতি সামান্যও।

মাত্রা (মাত্‌ত্রা) [মা+ত্র (করণে, আপ্) স্ত্রী] বি, স্ত্রী, অল্প পরিমাণ। ২। অক্ষরের অংশবিশেষ। ৩। বর্ণের উচ্চারণ কাল। ৪। স্বরের স্থায়িত্ব কাল। ৫। পরিমাণ। ৬। কর্ণালঙ্কার; কর্ণভূষণ। ৭। ইন্দ্রিয়। ৮। সন্ন্যাসীর পরিচ্ছদ। বিণ, মাত্রিক—মাত্রা সম্বন্ধীয়। ২। প্রাকৃতিক। মাত্রাগত—মাত্রা দ্বারা নিয়মিত; মাত্রাঘটিত। মাত্রা-চ্ছন্দঃ—পদ্যে স্বরের উচ্চারণ-কাল-পরিমিত ছন্দঃ। মাত্রাপান—পরিমিত পান; অল্প

পরিমাণে পান। **মাত্রাবৃত্ত**—গুরু লঘু মাত্রাগত ছন্দোবিশেষ। **মাত্রাস্পর্শ**—রূপ-রসাদির সহিত ইন্দ্রিয়ের যোগ।

মাৎসর্য্য (মাত্‌শোর্জ) [মৎসর+য (ভাবে) বি, স্ত্রী, পরশ্রীকাতরতা।

মাথ (থ্‌) [প্রা-বাং। মস্তক হইতে] বি, মস্তক ; মাথা। প্র—"এড়াইতে নারিয়া অসুরে দিনু বর। পরীক্ষিতে মোর মাথে দিতে আসে কর॥"—শিবায়ন। "হাথকা দরপন মাথকা ফুল"—বিদ্যাপতি।

মাথট (ট্‌) [মাথ (দ্রঃ)+তস্‌ (তঃ=ট)] বি, সাধারণের হিতজনক কোন কার্য্য সম্পন্ন করিবার জন্য মাথা গুণ্‌তি হিসাবে সংগৃহীত অর্থ ; মাথা পিছু চাঁদা।

মাথা [সং—মস্তক—প্রাকৃ—মথঅ, মথকা ; হি—মাথা (তুল—"অলে কাকপদসীসমথকা দুট্ট বড়ুকা"—মৃচ্ছকটিক)] বি, মস্তক। ২। উপর ; মুহূর্ত্ত ; মোয়াড়া। প্র—"ঠাকুরপো রাগের মাথায় বলেছি, আর তোর মুখদর্শন কর্‌বো না।" "মাথার মণি।" ৩। শীর্ষ-স্থান ; চূড়া। ৪। প্রধান ব্যক্তি ; মণ্ডল। প্র—সমাজের মাথা ; গ্রামের মাথা। **মাথা আঁচড়ান**—মাথার চুল আঁচড়ান ; কেশ বিন্যাস। **মাথা মুণ্ড, মাথা আর মুণ্ড**—মুণ্ডপাতের ইঙ্গিত। বিরক্তি, দুঃখ ও অনুতাপ প্রভৃতি ব্যঞ্জক উক্তি। ২। সর্ব্বনাশ। ৩। পণ্ড। **মাথা উঁচু করা**—গর্ব্বভরে মাথা তোলা। **মাথা উড়ান**—[মস্তক চূর্ণ করিয়া ধূলিবৎ বায়ুতে উড়াইয়া দেওয়ার ভাব] বিচ্ছিন্ন করা ; মাথা কাটিয়া ফেলা ; মাথা তোপে উড়ান। **মাথা কট্‌ কট্‌ করা**—মস্তিষ্কে রক্ত সঞ্চালন, শ্লেষ্মাদির প্রকোপ বা জ্বরাদি হেতু মাথার মধ্যে তীব্র যন্ত্রণা হওয়া। **মাথা করা**—মুণ্ডপাত করার সংক্ষেপ। ২। পণ্ড করা। **মাথা কাটা যাওয়া**—লজ্জায় মস্তক যেন বিচ্ছিন্ন হওয়া ; লজ্জায় মরিয়া যাওয়া। **মাথা কাড়া দেওয়া**—মাথায় দীর্ঘ হওয়া ; ঢেঙ্গা হওয়া। **মাথা কুটা,—কোটা,—কুড়া,—কোড়া,—খোঁড়া**—দুঃখ অভিমানাদি হেতু ভূমির উপর মাথার আঘাত করা। প্র—"মহারাণী মাথা কুড়ে মনস্তাপ করি"—শিবায়ন। ২। বর লাভ হেতু বা মানত করিয়া দেবতাদি স্থানে ভূমিতে মস্তকের পুনঃ পুনঃ আঘাত বা স্পর্শ দ্বারা প্রণাম করা। ৩। প্রার্থনা পূরণার্থ বা অনুরোধ রক্ষিত হইবার জন্য উৎকট চেষ্টা করা। **মাথা কেনা**—ক্রীত বস্তুর মত নিজস্ব বা এমন অধিকার করিয়া লওয়া যে মাথা রাখিতেও পারে কাটিতেও পারে। **মাথা কোটাকুটি করা**—অতিশয় নির্ব্বন্ধাতিশয় সহকারে অনুরোধ প্রার্থনা করা। ২। কার্য্যসিদ্ধির জন্য একাগ্র চিন্তা এবং এক নিষ্ঠাময়ী সাধনা করা। **মাথা খাওয়া**—ক্রি, মৃত্যুর কারণ হওয়া প্রাণনাশ করা ; সর্ব্বনাশ করা। প্র—"আহা এত সাধের মেয়ে আমার মাথা খেয়ে তিন দিন বই রাখে না মৃত্যুঞ্জয়।"—গান। ২ বি, দিব্যবিশেষ। প্র—"নিদান দারুণ দিব দিলা দেবরায়। আর গেলে অম্বিকা আমার মাথা খায়॥"—শিবায়ন। **মাথা খালি করা**—বুদ্ধি শূন্য করা ; মস্তিষ্কের শক্তিক্ষয় করা। **মাথা খারাব করা**—মস্তিষ্ক বিকৃত করা। **মাথা খুঁড়া, খোঁড়া**—মাথা কুড়া দ্রঃ। **মাথা গরম করা**—মস্তিষ্ক উষ্ণ করা ; ক্রুদ্ধ হওয়া। **মাথা গুঁজিয়া থাকা**—অকিঞ্চিৎকর ও সঙ্কীর্ণ আশ্রয়ে কষ্টে সৃষ্টে বাস করা। **মাথা গুঁড়া করা**—লগুড়াঘাতে মাথা ভাঙ্গিয়া বা চূর্ণ করিয়া ফেলা ; মাথায় লাঠির আঘাতে হত্যা করা। **মাথা গুণতি**—লোক সংখ্যা **মাথা ঘসা**—ক্রি, মাথা রগড়ান। ২। মস্তকে সোডা, বেসম প্রভৃতি ঘষণ করা। ৩। বি, মাথায় ঘর্ষণ করিবার বা কেশ সুগন্ধ করিবার জন্য নারিকেল আদি তৈলে ভিজাইবার উপযোগী গাছ গাছড়ার শিকড়, ফল ফুল প্রভৃতি উপকরণ। **মাথা ঘুরুণী**—দুর্ব্বলতা হেতু মস্তকঘূর্ণন বা ভ্রমি রোগ। **মাথা ঘোরা**—মস্তিষ্কের দুর্ব্বলতা জনিত রোগে মাথা ঘুরা। **মাথা চালা**—মাথা ঘুরান ; মাথা বেগে আন্দোলিত করা। **মাথা চুলকান**—মাথার ভিতর হইতে যেন বুদ্ধি আকর্ষণ করিবার জন্য মাথার মধ্যে অঙ্গুলি চালনা করা বা আঙ্গুল দিয়া আঁচড়ান। **মাথা ঠাণ্ডা করা**—মস্তিষ্ক শীতল করা ; ক্রোধ পরিহার করা। **মাথা ঠিক করা**—চিত্ত স্থির করা ; সত্যানুধাবনযোগ্য বুদ্ধি স্থির করা। **মাথা ঠেকান**—ভূমিতে বা কাহার চরণে মস্তক স্পর্শ করাইয়া প্রণাম করা। প্র—"ও আমার দেশের মাটি তোমার পরে ঠেকাই মাথা"—রবি। **মাথা তুলিয়া থাকা**—লজ্জার কারণ অভাবে সম্ভ্রমে ও গৌরবে থাকা। ২। উন্নত অবস্থায় থাকা। **মাথা দেওয়া**—জীবন অর্পণ করা ; মৃত্যুকে বরণ করা। **মাথা ধরা**—মাথা বদ্ধবৎ ও ক্লেশ জনক ভারি মনে হওয়া। **মাথা ধরা হওয়া বা হইয়া ওঠা**—সাহায্য করিবার উপযোগী বা সহায় স্বরূপ হওয়া। তুল—দক্ষিণ হস্ত-স্বরূপ হওয়া। **মাথা নাই তার মাথা ব্যথা**—কারণ অভাবে কার্য্যের কল্পনা অর্থাৎ অকারণ ও উপহাস্য। **মাথা পাতা**—স্বীকার করিয়া লওয়া ; শিরোধার্য্য করা। ২। মস্তক অর্পণ করা। **মাথা ফাটা**—আঘাত দ্বারা মাথার খুলি বিদীর্ণ হওয়া। **মাথা ফাটান**—প্রহার দ্বারা মাথা ভাঙ্গিয়া দেওয়া। **মাথা বকান**—অনর্থক কথা বলান বা শুনান। **মাথা বাঁধা**—চিরুনী করিয়া চুল বাঁধা ; খোঁপা বাঁধা। **মাথা বাঁধা দেওয়া**—সম্পূর্ণ পরাধীন হওয়া। প্র—"উদরের দায় দিতে হবে হায় কবির মাথাটা বাঁধা।" **মাথা ব্যথা**—গরজ। ২। শিরঃপীড়া। **মাথা ভাঙ্গা**—মাথা ফাটা দ্রঃ। **মাথা ভারি**—মাথায় শ্লেষ্মাধিক্য বা রক্তাধিক্য জনিত ভার বোধ। ২। শরীরের অন্যান্য অবয়বের তুলনায় মস্তক স্থূল। ৩। স্থূল বুদ্ধি। **মাথা মাটি করা**—মস্তিষ্কের শক্তি ক্ষয় করা। **মাথা মোটা**—স্থূলমস্তিষ্ক ; স্থূলবুদ্ধি। ২। বড় বা ভারি মাথা। **মাথা রাখা**—জীবন রক্ষা করা ; বাঁচান। **মাথা লওয়া**—প্রাণ লওয়া ; বধ করা। **মাথা হেঁট করা**—লজ্জায় অধোবদন হওয়া। **মাথা হেঁট করান**—লজ্জায় অধোবদন করান ; লজ্জা দেওয়া। **মাথা হেঁট হওয়া**—এমন লজ্জা পাওয়া যে মাথা তুলিতে না পারা বা কাহার প্রতি চাহিতে না পারা। প্র—"তাই যা হয় একটা কিছু কর বাছা ; আমা-দের যেন মাথা হেঁট না হয়"—যোগেশ্বরী (দামোদর)। **মাথায় ওঠা**—অযথা প্রশ্রয় পাওয়া। **মাথায় করা**—মস্তকে ধারণ করা। ২। অত্যন্ত প্রশ্রয় দেওয়া। ৩। অতিশয় আদর, সম্মান বা ভক্তি করা। **মাথায় খেলা**—মনের মধ্যে নানা যুক্তি বা কৌশলের উদয় হইতে থাকা। **মাথায় চড়া**—অত্যন্ত প্রশ্রয় পাইয়া অবাধ্যের চূড়ান্ত হওয়া। **মাথায় জল হওয়া**—শ্লেষ্মাধিক্য হওয়ায় মাথা ভারি হওয়া। **মাথায় ঢোকা**—মস্তিষ্কে প্রবেশ করা ; বোধগম্য হওয়া। **মাথায় বুদ্ধি গজান**—মস্তিষ্কে বুদ্ধির উন্মেষ হওয়া। **মাথায় মাথায়**—টায়ে টায়ে দ্রঃ। **মাথায় হাত**—দুর্ভাবনায় লোক মাথায় হাত দেয় যেন ভাবনার ভারে মাথা রাখিতে না পারিয়া হাতের অবলম্বনে মাথা রক্ষা করে। **মাথায় হাত বুলান**—ঠকাইয়া স্বার্থ সিদ্ধি করা ; প্রবঞ্চিত

করা। ২। মস্তকে হস্তামর্ষণ করা। মাথা খুলি—করোটি ; খর্পর। মাথার ঘী—মস্তিষ্ক। মাথার ঝিকুর নড়া—মস্তিষ্ক আন্দোলিত হওয়া : ঝিকুর দ্রঃ মাথার ঠাকুর—পূজ্য ; শ্রদ্ধেয় ; ভক্তি-ভাজন। প্র—"সে যে ছিল সকলের মাথার ঠাকুর।"—কস্তুরী। মাথার ঠিক না থাকা—মস্তিষ্ক বিকৃত হওয়া ; বুদ্ধি স্থির না থাকা। মাথার দিব্য—শপথ। মাথার রোগ—শিরঃপীড়া ; মাথা ঘুরা রোগ কাঁচা মাথা—জীবন্ত লোকের মস্তক। ২ শিশু মস্তক। ভাল মাথা—তীক্ষ্ণ বুদ্ধি সূক্ষ্ম মস্তিষ্ক। মোটা মাথা—স্থূল বুদ্ধি। কার ঘাড়ে দুটো মাথা—দুটা মস্তক কাহার নাই যে একটা বিচ্ছিন্ন হইলে আর একটায় জীবন রক্ষা করিবে। চৌমাথা—চতুষ্পথের কেন্দ্রস্থান।

মাথাল (ম্‌থালো) [মাথা+ল (স্বরূপার্থে)] বিণ. প্রধান ; শ্রেষ্ঠ।

মাথী [মাথস্থিত হইতে] বি. তাল খর্জ্জুরাদি বৃক্ষশীর্ষস্থ কোমল শস্য ; মেথী।

মাথুর (র্‌) [মথুরা+অ (সম্বন্ধে অণ্‌)] বিণ. মথুরা সংক্রান্ত। ২। যজ্ঞে নিমন্ত্রণ-চ্ছলে কংস কর্ত্তৃক নিমন্ত্রিত হইয়া কৃষ্ণের বৃন্দাবন হইতে মথুরা গমন, তথায় কংস বধ, কারাগার হইতে দেবকীর বন্ধন মোচন, কুব্জা মালিনীর সহিত মিলন প্রভৃতি লীলা-বিষয়ক গীত ও গীতি কাব্য। প্র—"পূর্ব্ব রঙ্গ রসোদ্গার মাথুর বিরহ আর হরিভক্তি যাহাতে প্রকাশ।"—অ-ম। ৩। [উৎপন্নার্থে (অণ্‌)] মথুরাজাত। ৪। মথুরা। প্র—"হাম নাহি মাথুর করব পয়াণ।"—বি, প। "ধেনু ধাবই মাথুর মুখে।"—ঐ

মাদক (ক্‌) [মদ্‌+ণিচ্‌=মাদি (মত্ত হওয়া)+অক (কর্ত্তৃ)] বি. মত্ততাজনক দ্রব্য ; নেশার জিনিস। ২। বিণ. মত্ততাকর ; মত্ততাজনক। বি. মাদকতা। মাদক-সেবী—নেশাখোর।

মাদন (ন্‌) [মদ্‌+ণিচ্‌=মাদি (মত্ত হওয়া)+অন (কর্ত্তৃ, অনট্‌)] বিণ. মত্ততাজনক ; হর্ষোৎপাদক। ২। বি. মদনের পঞ্চবাণের অন্যতম ; কামোন্মাদজনক ফুলশর। প্র—"মদন বৈসে বামনয়নে মাদন বৈসে দক্ষিণ-কোণে।"—চণ্ডীদাস। ৩। লবঙ্গ।

মাদল (ল্‌) [মর্দ্দল শব্দজ] বি. মৃদঙ্গবিশেষ।

মাদা, মাদি [সং—মাতা (মাতৃজাতি অর্থে) —প্রাকৃ—মাদা (মৃচ্ছকটিক)। তুল—ফা—মাদাহ্‌] বি. স্ত্রীজাতীয়। ২। ধাড়ী।

মাদার (র্‌) [সং—মন্দার] বি. কণ্টক বৃক্ষ-বিশেষ। ২। ভার। প্র—অন্যের উপর মাদার দিয়া বসিয়া থাকা।

মাদুর (র্‌) [মুস্ত (মুথাতৃণ) হইতে মুথা—মুথার—মাথুর—মাদুর—মাজুর] বি. পাটের সূতায় বোনা মাদুর কাটি নামক মুথা জাতীয় শুষ্ক ঘাসের আসনবিশেষ।

মাদুলি, মাদুলী [মাদল আকৃতি বলিয়া এই নাম। ই, ঈ ক্ষুদ্রার্থে] বি. কবচ ; ইহা তাম্রাদি ধাতুতে নির্ম্মিত হয়। মাদুলির ভিতর ভেষজ রাখিয়া বা মন্ত্রাদি ভূর্জ্জপত্রাদিতে লিখিয়া তাহাতে বন্ধ করিয়া অঙ্গে ধারণ করিতে হয়। ২। স্বর্ণনির্ম্মিত কণ্ঠভূষণবিশেষ।

মাদৃক্‌ (মাদৃক্‌) [অস্মৎ—দৃশ্‌ (দেখা)+ক্বিপ্‌ (কর্ম্মে) যাহাকে আমার মত দেখা যায়। মধ্য-বাং। আধু-বাংয় অপ্র] বিণ. মৎসদৃশ ; আমার মত।

মাদৃশ [অস্মৎ—দৃশ্‌ (দেখা)+অ (কর্ত্তৃ) টক্‌। মধ্য-বাং। অধু-বিরল] বিণ. আমার মত ; মৎসদৃশ।

মাদ্রাসা [আ—মদারিস্‌। ফা—মদ্‌রসা। হি—মদর্‌সা] বি. মুসলমানদিগের উচ্চ বিদ্যালয় ; কলেজ।

মাদ্রী (মাদ্‌দ্রি) [মদ্র (মদ্রদেশের অধিপতি)+অ (অপত্যার্থে) অণ্‌, ঈপ্‌ স্ত্রী] বি. স্ত্রী. মদ্ররাজকন্যা ; কনিষ্ঠ পাণ্ডব নকুল ও সহদেবের জননী।

মাদ্রেয়—মাদ্রীতনয় ; নকুল, সহদেব।

মাধব (ব্‌) [মা (লক্ষ্মী)—ধব (স্বামী)—লক্ষ্মীর পতি, ৬তৎ ; অথবা মা (বুদ্ধিবৃত্তি) ধব (পরিচালক)—যিনি বুদ্ধির চালক (মহা-ভারত মতে)] বি, পুং, বিষ্ণু ; কৃষ্ণ। প্র—"মাধব হাম পরিণাম নিরাশা"—বি, প। "বিদগধ মাধব তোহে পরণাম।"—ঐ। "জয় দৈবকীসুত মাধবাচ্যুত"—অ, ম। ২। [মধু (বসন্তকাল)+অ (অণ্‌, স্বার্থে)] বসন্তকাল। ৩। বৈশাখ মাস। ৪। [মধু—অণ্‌ (সম্বন্ধে)] বিণ. মধু সম্বন্ধীয়। স্ত্রী. মাধবী, মাধবিকা। মধু ও মাধব—চৈত্র ও বৈশাখ। ২। বসন্তকাল। মাধব মাস—বৈশাখ মাস। প্র—"মাধব মাসে নিমেষ মাঝে না জানি কার ইঙ্গিতে।"—রবি। মাধবলতা—ধান্যবিশেষ। প্র—"সুধু মাধবলতা বুলেন বাগন বিচি।"—শূ, পু।

মাধবি (মাধোবি) [ব্রজ। মাধব (বৈশাখ মাস)+ই (৭মী বিভক্তি চিহ্ন। তুল—বাং-"য়", "এ," "তে"] অ, বৈশাখ মাসে। প্র—"মাধবি মুকুলিত মালতী ফুল।"—বি, প।

মাধবিকা (ম্যা)—মাধবী দ্রঃ।

মাধবী (মাধোবি) [মাধব দ্রঃ] বি, স্ত্রী. মাধবের পত্নী। ২। তুলসী। ৩। দুর্গা। ৪। মধুজাত মদিরা। ৫। মধু শর্করা। ৬। মাধবীলতা। ৭। মহাব্যাধি ; leprosy. মাধবীকুঞ্জ—অরণ্য বা উপবনমধ্যস্থ মাধবী-লতাচ্ছন্ন স্থান। প্র—"যেন সেই মাধবীকুঞ্জ তেমি তরুলতাপুঞ্জ রাই গো।"—গান। মাধবীলতা—বাসন্তীলতা ; চন্দ্রবল্লী।

মাধাই [ব্রজ] বি, পুং, মাধব। প্র—"মাধব সোঙরিতে সুন্দরী ভেলি মাধাই"—বিদ্যাপতি।

মাধুক (ক্‌) [মধু (পুষ্পরস)+ক (পণ্যার্থে কণ্‌)] বি, পুং, বর্ণসঙ্কর জাতি ; পুষ্পরস-জাত পণ্যব্যবসায়ী।

মাধুকরী (কো) [মধুকর (ভ্রমর)+অ (তুল্যার্থে—অণ্‌) ঈপ্‌, স্ত্রী] বি, স্ত্রী. মধুকরের মত নানা স্থান হইতে অর্থ সঞ্চয়। ২। পঞ্চগৃহে ভিক্ষা। মাধুকরী বৃত্তি—মধুকরের ন্যায় পঞ্চগৃহে ভিক্ষা গ্রহণরূপ বৃত্তি।

মাধুকী [সং—মাধ্বীক] বি. মৌলফুলের মদ্য।

মাধুর (র্‌) [মধুর+অ (ভবার্থে—অণ্‌)] বিণ. মধুরসজাত পুষ্পরসোৎপন্ন। ২। [মধু (পুষ্পরস) র (যে দান করে) রা (দান করা)+অ (কর্ত্তৃ অচ্‌)] বি, স্ত্রী, মল্লিকা পুষ্প।

মাধুরী [মধুর (মিষ্ট)+অ (ভাবে, অণ্‌)] বি, স্ত্রী, মধুরতা ; মাধুর্য্য। ২। হৃদয়হারিতা। ৩। সৌন্দর্য্য ; শোভা। ৪। মিষ্টতা। ৫। উৎকৃষ্টতা। ৬। ধীরতা। ৭। পুষ্পজাত মদ্য ; মাধুকী। মাধুরীময়—মাধুর্য্যপূর্ণ প্র—"প্রেমের পিরীতি মাধুরীময়।"—চণ্ডী।

মাধুর্য্য (র্জ) [মধুর+য (ভাবে—যণ্‌)] বি, ক্লী, মাধুরী ; মধুরতা মিষ্টতা। ২। লাবণ্য ; সৌন্দর্য্য। ৩। উত্তম কাব্যের গুণবিশেষ। যে গুণ দ্বারা কাব্যে গ্রথিত শব্দগুলি শ্রবণ-মাত্র চিত্তাকর্ষণ করে এইরূপ রচনাতে বহু সমাসযুক্ত পদ থাকে না বলিয়া এই গুণকেই মাধুর্য্য গুণ বলে।

মাধ্যন্দিন (মাদ্‌ধনদিন্‌) [মধ্যন্দিন (দিনের মধ্য)+অ (স্বার্থে অণ্‌)] বি, ক্লী, মধ্যাহ্ন-কাল ; দিবসের মধ্যভাগ। ২। শুক্ল যজুর্ব্বেদের শাখাবিশেষ। স্ত্রী. মাধ্যন্দিনী—শুক্ল যজুর্ব্বেদীয় শাখা।

মাধ্যম (মাদ্‌ধম্‌) [মধ্যম+অ (সম্বন্ধে)] বিণ. মধ্যজাত। ২। মধ্যসম্বন্ধীয়।

মাধ্যমিক (ক্‌) বি. বৌদ্ধধর্ম্মান্তর্গত উপধর্ম্ম-বিশেষ।

মাধ্যস্থ্য (মাদ্‌ধস্‌থ) [মধ্যস্থ+য (ভাবে—যণ্‌)] বি, ক্লী, মধ্যস্থতা ; সালিসি। ২। ঔদাসীন্য। ৩। মধ্যে স্থিতি।

মাধ্যাকর্ষণ (মাদ্ধ্যাকষন্) [মধ্য + আকর্ষণ = মধ্যাকর্ষণ + অ (স্বার্থে—অণ্)] বি, ক্লী, যে আকর্ষণ দ্বারা উর্দ্ধ দিকে উৎক্ষিপ্ত বস্তু পুনরায় ভূমিতে নিপতিত হয়। প্র—"পদার্থ মাত্রই পৃথিবীর অভিমুখে চলিতে চায় ও চলিবার সময় তাহার বেগ বাড়ে এই বেগোৎপাদক বলের নাম মাধ্যাকর্ষণ।"—ত্রিবেদী।

মাধ্যাহ্নিক (মাদ্ধ্যান্‌হিক্) [মধ্যাহ্ন = ইক, (সম্বন্ধার্থে ইকণ্)] বিণ, মধ্যাহ্নকালীন; দিবা দ্বিপ্রহর সম্বন্ধীয়; মধ্যাহ্ন কালের। স্ত্রী, মাধ্যাহ্নিকী।

মাধ্বী (মাদ্‌ধী) [মধু + অ (উৎপন্নার্থে অণ্) ঈপ্, স্ত্রী,] বি, স্ত্রী, মধুজাত মদ্য। ২। মৌল ফল; মহুয়া। ৩। দ্রাক্ষা। ৪। মৎস্যবিশেষ।

মাধ্বীক (মাদ্‌ধীক্) [মাধ্বী + ক, স্বার্থে] বি, ক্লী, মধু। ২। দ্রাক্ষাজাত মদ্য; port-wine. ৩। মধুজাত মদ্য। মাধ্বীকফল—মধুনারিকেল; বামন নারিকেল। মাধ্বীকমধুরা—মধুর খর্জ্জুরিকা।

মান (ন্) [মা (পরিমাণ করা) + অন (করণে—অনট্)] বি, যাহা দ্বারা মাপ বা ওজন করা যায়; পরিমাণ সাধন। ২। [ভাবে—অনট্] তুলাদণ্ডাদি দ্বারা পরিমাণ; ওজন করণ; হস্তাদি দ্বারা পরিচ্ছেদ; মাপ করণ। ৩। [সঙ্গীতে] তালের বিরাম; সুরে সময় নিরূপক চিহ্ন; মাত্রা। প্র—"তাল মান বাদ্যকাল, নৃত্যগীত ক্রিয়াকাল তোমা হইতে সকল নির্ণয়।"—অ-ম। মানচিত্র, মানচিত্রাবলী—ভূচিত্র; ম্যাপ।

মান (ন্) [মান্ (পূজা করা) + ণিচ্ = মানি—অ (ভাবে—ঘঞ্)] বি, সম্মান; পূজা; মান্য সমাদর। ২। সম্ভ্রম। প্র—"চাঁদা দিতে চাঁদি ফাটে মানের গুড়ে বালি"—হেম বন্দ্যো মানিত। মান ভিখারী—পূজাপ্রার্থী আদরপ্রার্থী; সম্মান পাইবার জন্য লালায়িত মান খুয়ান—সম্মান হারান; সম্মান নষ্ট হইতে দেওয়া। প্র—"তোর তরে কি মান খুয়াব প্রাণ হারাব ফাঁসি যাব তাত পারবো না।"—গান। মান দেওয়া—সম্মান দান করা; সম্মানসূচক উপঢৌকন দেওয়া। মান-রাখা—সম্মান রক্ষা করা; সম্ভ্রম রক্ষা করা। মান বর্জ্জিত—সম্মান রহিত; মানহীন; সমাদর বিহীন। মান সম্ভ্রম—মান মর্য্যাদা। মানহানি—সম্মানলাঘব; সম্ভ্রমনাশ; মান-ক্ষয়। মানহীন—বিণ, সম্ভ্রমশূন্য।

মান (ন্) [মন্ (গর্ব্ব করা) + অ (ভাবে)] বি, গর্ব্ব; দাম্ভিকতা। ২। অভিমান। ৩। প্রণয়কোপ। প্র—"এ ধনি মানিনি মান মিবার।"—চণ্ডীদাস। ৪। ক্রোধ; রোষ। মান করা—প্রণয়কোপ প্রদর্শন করা; অভিমান করা। মানকলি—অভিমান জনিত কলহ; প্রণয় কলহ। মানভঞ্জন—বি, অভিমান নিরসন; মানভঙ্গ।

মান, মানকচু (মান্‌কোচু) বি, মানক; মানগাছ ও তাহার কন্দ।

মানই [ব্রজ। মানা দ্রঃ] ক্রি, বোধ করা। অনুভব করা। প্র—"আজ ধনী পেখলু বড় বিপরীত। ক্ষণে অনুমতি ক্ষণে মানই ভীত।"—বি, প।

মানৎ [মনঃস্থ হইতে] বিণ, দেবানুগ্রহ লাভ করিতে মনে মনে সঙ্কল্প। ক্রি, মানৎ করা।

মানদ [মান—দ (যে দান করে)] বিণ, সম্মানদাতা; মানরক্ষক। স্ত্রী, মানদা।

মানদণ্ড (ন্) [মান (পরিমাণ) তাহার দণ্ড, ৬তৎ] বি, পুং, পরিমাণ দণ্ড; তুলাদণ্ড; তৌল দাঁড়ি।

মানন (ন্) [মান্ (পূজা করা) + ণিচ্ = মানি অন (ভাবে—অনট্)] বি, সম্মানন; সম্ভ্রম করণ; আদর করণ; অর্চ্চন। স্ত্রী, মাননা—মান্য। প্র—"এবে দিন দশ মোরে করিল মাননা।"—কবিক। ২। যত্ন; সম্মাননা; পূজা; অর্চ্চনা। প্র—"যুড়িয়া উভয় পাণি করয়ে মাননা।"—কবিক। ৩। মনন; মানসিক। প্র—"এক-মনে মোর গীত যে করে মাননা। আমি পূর্ণ করি তার মনের কামনা।"—অ-ম। ৪। মনস্কামনা; মানসিক; দেবদেবীর নিকট মানতকরণ।

মাননীয় [মানি (ণিজন্ত) + অনীয়—কর্ম্মে] বিণ, পূজার্হ; পূজনীয়; সম্মানার্হ; মান্য। স্ত্রী, মাননীয়া।

মানব (ব্) [মনু (ব্রহ্মার পুত্র) + অ (অপত্যার্থে)] বি, পুং, মনুষ্য; নর পুরুষ। ২। বিণ, মনুসম্বন্ধীয়। স্ত্রী, মানবী—স্বায়ম্ভুব মনু-কন্যা। ২। নারী। প্র—"মানব মানবীদ্বয় হৃদয়ের বিনিময় করিবার বিহিত বিধান।"—লীলাবতী। মানবজাতি—মনুষ্য জাতি। মানবলীলা—নরলীলা; মানবের জীবিতকালের কার্য্য সমূহ। মানবোচিত—মনুষ্যোচিত; মানবে যাহা সম্ভবপর; মানুষের উপযুক্ত।

মানবক (ক্) [মানব + ক (ক্ষুদ্রার্থে) সং] বি, বালক। প্র—শুধু মানবক কেন পারসী স্ত্রী পুরুষ উভয়েই এই দীক্ষা গ্রহণ করে।"—ভারতী (সত্যেন্দ্রনাথ ঠাকুর)।

মানবি [ব্রজ] ক্রি, মানিবে। প্র—"এ সখি কি পেখলু এক অপরূপ। শুনইতে মানবি স্বপন স্বরূপ।"—বি,প।

মানব্য (মানব্‌ব) [মানব (বালক) + য (সমূহার্থে)] বি, ক্লী, বালক সমূহ। ২। [ভাবে যণ] শৈশবাবস্থা।

মানমন্দির (মান্‌মোন্‌দির্) [মানের (পরিমাণ জ্ঞানের) মন্দির (গৃহ)] বি, গ্রহ নক্ষত্রাদি পর্য্যবেক্ষণ করিবার গৃহ; পর্য্যবেক্ষণাগার।

মানরন্ধ্রা (ন্) [মান (পরিমাণ) তাহার রন্ধ্র (নিরূপক)] বি, স্ত্রী, সময় নিরূপক যন্ত্র-বিশেষ; তাম্রী।

মানস (শ্) [মনস্ + অ (স্বার্থে—অণ্] বি, ক্লী, মন; চিত্ত। ২। চিত্তবোধ। ৩। ইচ্ছা; অভিপ্রায়; অভিলাষ। ৪। হিমালয়-প্রদেশস্থ সরোবরবিশেষ। তিব্বতদেশস্থ প্রসিদ্ধ হ্রদ। ৫। [অণ্—সম্বন্ধার্থে] বিণ, মনঃ-সম্বন্ধীয়। বিণ, মানসী—মনোভবা। ২। বি, বিদ্যাধরীবিশেষ। মানসজপ—মনে মনে মন্ত্র স্মরণ। মানসতীর্থ—হিংসা; ক্রোধাদি বর্জ্জিত মন। মানসনেত্র—মনশ্চক্ষু; অন্তর্দৃষ্টি। মানসপুত্র—বি, মনোজপুত্র। স্ত্রী, মানসপুত্রী—মানসীকন্যা। মানস পূজা—মনঃকল্পিত উপকরণ দ্বারা পূজা; মনোগত পূজা। মানসব্রত—লোভরাহিত্য, অহিংসা; দান ব্রহ্মচর্য্যাদি। মানসসিদ্ধি—বাঞ্ছা পূরণ; অভিলাষপূর্ণ; সিদ্ধমনস্কাম।

মানসাঙ্ক (মানশাংক) [মানস—অঙ্ক] বি, গণিতের যে প্রশ্ন না লিখিয়া মনে মনেই সমাধান করিতে হয় এবং মুখে উত্তর দিতে হয়। প্র—"পাঠশালে শিক্ষিত বালকগণ মানসাঙ্ক বিষয়ে আশ্চর্য্য পারদর্শিতা দেখাইত, মুখে মুখে কঠিন অঙ্ক কষিয়া দিতে পারিত।"—শিবনাথ শাস্ত্রী (লাহিড়ীর জীবনী)।

মানসিক (মানশিক্) [মানস্ + ইক (কৃতার্থে—ইকণ্)] বিণ, মনঃসম্বন্ধীয়; আন্তরিক; মনোগত। ২। [মান্‌শিক্) বি, দেবদেবী সমীপে কোন মঙ্গল কামনায় মানত করণ; মাননা।

মানসূত্র (মান্‌শুৎত্র) [মান—সূত্র] বি, ক্লী, স্বর্ণাদিনির্ম্মিত কটিভূষণ।

মানা [সং—মা মানে না বলিতে বলিতে ক্রমে "মানা" রূপে পরিণত] বি, নিষেধ; বারণ। প্র—মানা মানে না"—গিরিশ। ২। রেহাই: মাফ। প্র—"কৃপা করি আপনি করিলে কর মানা"—ঘনরাম।

মানা [মান (দ্রঃ) + আ। উ-পু—মানি। ম-পু—মান; মানুন; মান্। অস-ক্রি—মানিতে; মানিয়া, মানি, মেনে। ণিজন্ত—মানন] ক্রি, মান্য করা; সম্ভ্রম করা। প্র—"থাকিত সে কত ভয়ে সাধিত কত আশয়ে মানিত কত বিনয়ে, এখন পাই না পায়ে ধরে"—গান। ২। জ্ঞান করা; বোধ করা। প্র—"জীবন যৌবন সফল করি মানলু"—বি, প। "রাজারাণী সত্যবাণী গোঁসায়ের মানে"—ঘনরাম। ৩। বুঝা।

প্র—"প্রবোধ কি মানে আঁখি না দেখি তাহারে।"—গান। "কছু নাহি মানয়ে বাধা।"—বি, প। ৩। গ্রাহ্য করা; অপেক্ষা করা। প্র—"সকল রমণী ধাইল অমনি কেহ কাহা নাহি মানে"—চণ্ডী। ৫। শুনা; কর্ণপাত করা। প্র—"তুমি না মানিবে তাহা আমি ভাল জানি"—চণ্ডী। বিণ, মানিত—পূজিত; অর্চ্চিত; সম্মানিত। স্ত্রী, মানিতা।

মানান (নো) [মানা (দ্রঃ) + আন। উ-পু—মানাই। ম-পু—মানাও; মানান্; মানা। প্র-পু—মানায়। অস-ক্রি—মানাইতে; মানাইয়া, মানিয়ে] ক্রি, মনন করা; মানত করা। ২। স্বীকার করান; অপরাধাদি স্বীকার করিতে বাধ্য করা।

মানান (নো) [মনোনয়ন হইতে। প্র-পু—মানায়। অস-ক্রি—মানাইতে; মানাইয়া, মানিয়ে] ক্রি, মনোনীত হওয়া; ভাল দেখান; শোভা পাওয়া। প্র—"মীন মুখে মাছরাঙ্গা মানায় মহত।"—ঘনরাম। বি, মানান (ন্) সৌন্দর্য্য; শোভা। মানান সই—সহি—ঠিক মত; যাহা ভাল বা সুন্দর দেখায়; উপযুক্ত।

মানী [মান (অহঙ্কার) + ইন্ (অস্ত্যর্থে) = মানিন্ ১মা, ১ব] বিণ, মান্য। ২। [মান (মনঃ) + ইন্ (প্রশস্ত অর্থে)] ২। মনস্বী; প্রশস্তমনাঃ; উদার প্রকৃতি। ৩। অহঙ্কারী; অভিমানী। স্ত্রী, মানিনী—অভিমানবিশিষ্টা; অভিমানবতী। প্র—"এ ধনি মানিনি মান নিবার"—চণ্ডীদাস।

মানুষ (ষ্) [মনু (ব্রহ্মার পুত্র) + (অপত্যার্থে ষণ্) প্রা-বাং—হি—র অনুকরণে—মানুখ (ষ=খ)। প্র—"না চিহ্নে মানুষ" "মধু সম বচন প্রেম সম মানুখ—" "বিদ্যাপতি। প্রা-বাং—প্রাকৃ—মানুস। প্র—"করহ ইহা হরিচন্দ্র মানুস পাঠাও জন দস"—শূ-পু] বি, পুং, মানব। ২। নর; মানুষ। ৩। [বাং-য় প্র-অ] মনুষ্যের হিতকারী। ৪। [মেয়েলি ভাষায়] পতি; স্বামী। ৫। পুরুষ অভিভাবক। স্ত্রী, মানুষী—নারী। ২। চিকিৎসা বিশেষ। বিণ, মানুষিক—মনুষ্যকৃত। ২। মনুষ্য সম্বন্ধীয়; মানবীয়।

মানুষ্য (মানুষ্ষ) [মানুষ + য (ভাবে—ষণ্)] বি, ক্লী, মনুষ্যত্ব; মানব ধর্ম্ম। ২। মনুষ্যশরীর; মানবদেহ। মানুষ করা, মানুষমুনুষ করা—প্রতিপালন করা। মানুষের মত মানুষ—মানুষের সকল গুণে গুণান্বিত: আদর্শ মানুষ। বনমানুষ—নরাকৃতি বানর। মনের মানুষ—মনের মত লোক। বড় মানুষ—বড় দ্রঃ। মেয়ে মানুষ—স্ত্রীলোক। রোগা মানুষ—রুগ্ন ব্যক্তি; দুর্ব্বল ব্যক্তি। ছেলে মানুষ—ছেলে দ্রঃ। বুড় মানুষ—বৃদ্ধ বা বৃদ্ধা। মাটির মানুষ—নির্ব্বিরোধী ব্যক্তি; অমায়িক ব্যক্তি।

মানে [আ—মানি] বি, তাৎপর্য্য; অর্থ। ২। শব্দার্থ। ৩। উদ্দেশ্য; মনোগত ভাব।

মানোয়ার (র্) [ইং—man-of-war] বি, রণতরী; যুদ্ধ জাহাজ। বিণ, মানোয়ারী। প্র—মানোয়ারী জাহাজ।

মান্ত্রিক (মান্ত্রিক্) [মন্ত্র + ইক জ্ঞাতার্থে—ইকণ্)] বিণ, মন্ত্রবেত্তা; মন্ত্রবিৎ। ২। মন্ত্রকারক; মন্ত্ররচয়িতা।

মান্দার (র্) বি, ডেও মান্দার; মাদার।

মান্দাস (শ্) বি, ভেলা। প্র—"কলার মান্দাস গড় জীয়াই কান্ত লখিন্দর।"—মনসার ভাসান (কেতকা দাস)।

মান্দ্য [মন্দ + য (ভাবে—ষণ্)] বি, ক্লী, অল্পতা; হ্রাস। প্র—"অহরহ ক্রয় করে মান্দ্য কিরে পড়ে কখন?"—গান। ২। হানি। ৩। জড়তা; অলসতা। ৪। পীড়া। ৫। মনোমালিন্য। অগ্নিমান্দ্য—ক্ষুধাল্পতা।

মান্ধাতা [মাম্ (আমাকে) ধে (পান করা) তৃ (কর্ত্তৃ)] বি, পুং, যুবনাশ্ব রাজার পুত্র। মান্ধাতার আমল—অতি প্রাচীনকাল।

মান্না—বি, উপাধিবিশেষ।

মান্য (মান্ন) [মান্ (পূজা করা) + য (কর্ম্মে)] বিণ, পূজনীয়; মাননীয়; আদরণীয়। স্ত্রী, মান্যা। মান্যগণ্য—সম্মানিত; সম্ভ্রমশালী। মান্যবর—মান্য ব্যক্তিগণের মধ্যে শ্রেষ্ঠ; মহামান্য। মান্যবান—[মান্যমান—মান্যবান স্থলে হি, ওড়ি, অস] মাননীয়; গণ্যমান্য; সম্মানার্হ। মান্যস্থাপন—সম্ভ্রম রক্ষা; সম্মান রক্ষা; মান রাখা।

মাপ (প্) [মা বা মাপি ধাতুজ] বি, পরিমাণ; ওজন। ২। তুল্যতা করণ; জোখা। ৩। তৌলদাঁড়ী। ৪। মার্জ্জনা; ক্ষমা। প্র—"আমারে কর মাপ।"—কবিরঞ্জন। মাপকাটি,—কাঠি—পরিমাণ-যষ্টি; মাপদণ্ড। মাপজোখ—মাপা ও জোখা; পরিমাপ। মাপদার—যে দ্রব্যের ওজন করে; তৌলকারক।

মাপক (ক্) [মা + ণিচ—প আগম = মাপি (পরিমাণ করা) + অক (কর্ত্তৃ—যে পরিমাণ করে)] বিণ, মাপদার; পরিমাণ কারক।

মাপা [সং—মাপি ধাতুজ। উ-পু—মাপি। ম-পু—মাপ; মাপুন; মাপ। প্র-পু—মাপে; মাপেন। অস-ক্রি—মাপিতে; মাপিয়া; মাপি; মেপে। ণিজন্ত—মাপান] ক্রি, পরিমাণ করা; জরিপ করা। ২। ওজন করা। বিণ, মাপন।

মাফ (ক্) [আ—মুআফ্, মোআফ্। মু এবং মো'র মাঝামাঝি উচ্চারণ] বি, মার্জ্জনা; ক্ষমা; মাপ। ২। রহিত।

মাফিক (ক্) [আ—মুআফিক্] বিণ, সদৃশ; অনুযায়ী; তুল্য; মত। প্র—"তোমা তুমি ত্রিভুবন জিনিলাম বটে। মনের মাফিক যুদ্ধ মোর নাহি ঘটে॥"—শিবায়ন। মাফিক সই,—সহি—মাপ অনুযায়ী; পরিমিত।

মামড়ী (ম্) [শব্দাত্মক। সং—মর্ম্মর, মাউড়ী, মেউড়ীও বলে] বি, নাসিকামল; নাকের মলা। ২। ক্ষত স্থানের শুষ্ক চর্ম্ম; ঘায়ের পার্শ্বস্থ শুক্না চামড়া; মড়মড়ি।

মামলা (ম্) [আ—মুআমলা] বি, মোকদ্দমা; নালিশ। ২। বিষয় কর্ম্ম। ৩। ঘটনা; ব্যাপার। মামলাবাজ—মকদ্দমা করিতে দক্ষ; বিবাদপটু। মামলা মকদ্দমা—দাদফরিয়াদ; নালিশ মকদ্দমা।

মামা [সং—মাম বা মামক। চট্টলে—"মাউ"। মুসলমানী বাং-য় মামু] বি, পুং, মাতুল; মায়ের ভ্রাতা; স্ত্রী, মামী—মাতুল-পত্নী; মাতুলানী। মামাত, মামাতুয়া—মাতুল সম্বন্ধে। মামা বাড়ী, মামার বাড়ী—মাতুলালয়। মামাত বোন—মাতুলের কন্যা; মামার মেয়ে। মামাত ভাই—মাতুল পুত্র। মামা ভাত—মাতুলালয়ে অন্নপ্রাশন। মামার ভাতে থাকা—আদরের অন্নে প্রতিপালিত হওয়া। মামা-শ্বশুর—স্বামী পক্ষে স্ত্রীর ও স্ত্রীপক্ষে স্বামীর মাতুল। স্ত্রী, মামীশাশুড়ী।

মামু—মামা দ্রঃ।

মামুদা [গ্রা—মামদো; মহম্মদীয় হইতে] বি, প্রেতযোনিপ্রাপ্ত মুসলমান। প্র—"আকাশে কুমুদা আছিলা মামুদা ভাঙ্গিলা মাথার খুলি।"—কবিক। ২। কাংস্য দ্রব্য ব্যবসায়ী জাতিবিশেষ। ৩। মাহ্মুদ বা মহম্মদ নামের অতি পরিচয় বা অবজ্ঞার্থক বিকৃতি। মামুদাবাজ—মহম্মদাবাদ নামক মুসলমানপ্রধান গ্রাম। সাত গেঁয়ের কাছে, মামুদাবাজী—হিন্দু-প্রধান সাতগাঁ (সপ্তগ্রাম) চতুর ও ক্ষমতাবান লোকস্থল গণ্ডগ্রাম বলিয়া প্রসিদ্ধ ছিল। উভয় গ্রামের লোকের মধ্যে প্রতিদ্বন্দ্বিতায় সপ্তগ্রামের নিকট মামুদাবাদের সকল চাতুর্য্য ব্যর্থ হইত। ইহা হইতে প্রবাদের সৃষ্টি। মতান্তরে অধিক চতুর হিন্দুর ভূতের নিকট অল্প চতুর মুসলমানের ভূত কিছু করিতে পারে না।

মামুর (র) [আ—মাআমুর্] বিণ, প্রচুর। ২। অধ্যুষিত। ৩। নিয়োজিত।

মামুল (ল্) [আ—মা'মূল্] বিণ, অভ্যস্ত। ২। প্রতিষ্ঠিত। ৩। বি, কার্য্য। ৪। ব্যবহার; প্রয়োগ। ৫। অভ্যাস। ৬। নির্দ্ধারিত বৃত্তি।

মামুলি [ফা—মা'মুলি] বিণ, চিরাভ্যস্ত। ২। চিরপ্রচলিত; প্রথামত; দস্তুর মত। ৩। সাধারণ। মামুলি আদায় [আদাঃ পরিঃ] নির্দ্ধারিত খাজনা ব্যতীত ক্ষেত্রোৎপন্ন দ্রব্য (আলু, গুড় প্রভৃতি) যাহা চিরপ্রথানুসারে আদায় করা হয়।

মায় (য়্) [আ] অ, সহিত; একত্রে; সমেত; ২। সমষ্টি; সমূহ।

মায়া [মা (পরিমাণে)—য (করণে)—আপ, স্ত্রী। যদ্দারা বিশ্ব পরিমিত হইয়াছে] বি, স্ত্রী, অবিদ্যা। প্র—"মায়ামুক্ত তুমি শিব, মায়াযুক্ত তুমি জীব কে বুঝিতে পারে তব মায়া"—অ, ম। ২। মিথ্যা জ্ঞান; ভ্রান্তি। ৩। মোহ; মমতা। ৪। কুহক; ইন্দ্রজাল। প্র—"নন্দন কাননে গিয়া পাতিলেন মায়া।"—কবিক। ৫। চাতুরী; শঠতা; কপটতা। প্র—"মায়া করি দ্বারকায় যাবে দুরাশয়।"—অ. ম। ৬। ছদ্মবেশ। ৭। করুণা; কৃপা। ৮। মহামায়া; দুর্গা। ৯। কমলা; লক্ষ্মী। ১০। বুদ্ধদেবের জননী মায়াদেবী। বিণ, মায়ী, মায়িক—মায়াপূর্ণ; মায়াময়। ২। কপটাচারী। স্ত্রী, মায়িনী, মায়িকা। মায়াকর—ঐন্দ্রজালিক; বাজীকর; যাদুকর। মায়াকানন—কুহক বিদ্যা প্রভাবে সৃষ্ট উপবন; মায়াসৃষ্ট উদ্যান। মায়াকান্না—কপট ক্রন্দন; অন্যের করুণা বা স্নেহ উদ্রেক করণোদ্দেশ্যে মিথ্যা কান্না। মায়াগণ্ডি,—গুী—স্নেহ বেষ্টনী; মায়ার বেড়। ২। মায়ামন্ত্রের বেষ্টন রেখা। মায়াঘোর—মায়ার আবর্ত্ত; মোহের ঘোর। মায়াজাল—মায়ারূপ জাল; কুহকজাল; মায়াপাশ। মায়াজীবী—ঐন্দ্রজালিক; যাদুকর; বাজীকর। মায়াডোর—মায়াপাশ; মায়া-বন্ধন। প্র—"চোখের জলের বাঁধন দিয়ে বাঁধিস্‌নে আর মায়া-ডোরে।"—রবি। মায়াদেবীসুত—বুদ্ধদেব। মায়াধর, মায়াধারী—কপটকারী; ছদ্মবেশী। মায়াবিদ্যা—কুহক বিদ্যা; যাদুবিদ্যা। মায়াবদ্ধ—বিণ, মায়াপাশে আবদ্ধ। মায়াময়—বিণ, মায়াপূর্ণ; মোহাচ্ছন্ন। স্ত্রী, মায়াময়ী। মায়ামুক্ত—বিণ, মায়া হইতে মুক্ত; বিগতমোহ। মায়াসীতা—মায়াবিদ্যা বলে প্রদর্শিত সীতার প্রতিমূর্ত্তি।

মায়াফল (ল্) মাজুফল দ্রঃ।

মায়াবান (ন্) [মায়াবৎ শব্দ] বিণ, মায়াযুক্ত; মোহাবিষ্ট। ২। ঐন্দ্রজালিক। স্ত্রী, মায়াবতী—মায়াকারিণী। ২। বি, স্ত্রী, রতিদেবী; মদন ভস্মের পর মদনপত্নী এই নাম লইয়া সম্বর অসুরের গৃহে ছিলেন। ৩। বুদ্ধদেবের জননী।

মায়াবী [মায়া+বিন্ (অস্ত্যর্থে)=মায়াবিন্ ১মা, ১ব] বিণ, মায়াযুক্ত; মোহাবিষ্ট। ২। কুহকী; যাদুকর। স্ত্রী, মায়াবিনী।

মায়ু [সং] বি, পুং, দেহস্থ পিত্ত।

মায়ুর (র্) [ময়ূর+অ (সমূহার্থে—অণ্)] বি, ক্লী, সঙ্গীতের স্বরবিশেষ। প্র—"কোই মায়ুর, সুরট কোই সারঙ্গ, কোই বসন্ত গাওয়ে স্বর জাতি।"—শিবরাম দাসের পদাবলী। ২। শিখিসমূহ। ৩। বিণ, ময়ূর সম্বন্ধীয়। স্ত্রী, মায়ূরী।

মায়ূরিক (ক্) [ময়ূর+ইক (গ্রহণার্থে ইকণ্)] বিণ, ময়ূর শিকারী।

মায়্যা—মাইয়া দ্রঃ।

মার (র্) [মৃ (মরা)+ঘঞ্] বি, পুং, মরণ; মৃত্যু। ২। [ভাবে—ঘঞ্] হনন; মারণ; হত্যা। ৩। [মৃ+ণিচ্=মারি (মারান) +অ (কর্ত্তৃ, অচ্)] বি, কন্দর্প। ৪। ব্যাঘাত, বিঘ্ন। ৫। প্রহার; শাস্তি। প্র—ভগবানের মার। এমন মার মেরেছে। মার কাট—মারিয়া ও কাটিয়া ফেলার ভাব। ২। অতিশয় ঔদ্ধত্য। মারকুটিয়া, মারকুটে—[মার+কুটীয়া, কুটে (অভ্যাস বা পটুতা অর্থে) তুল—হিসকুটে, বিদ্‌কুটে] প্রহার করণে অভ্যস্ত। মারখাওয়া—প্রহৃত হওয়া। মার খেকো—[হি—মার খাউআ] যে মার খায়। মার ঘেঁচড়া—মার খাইয়া এমন অভ্যস্ত যে মারের ভয় ঘুচিয়া গিয়াছে। মার দেওয়া—মারা; প্রহার করা। মারধর—বি, মারা ও ধরা; প্রহারাদি। প্র—মারধর না করিয়া ভাল কথায় বলিলেই হইত। মারপিট—মারামারি; দাঙ্গা। মারমুখ—মার মূর্ত্তি দ্রঃ। বিণ, মারমুখো—প্রহারোন্মুখ; মারিতে উদ্যত। স্ত্রী, মারমুখী। মারমূর্ত্তি—প্রহারোদ্যত মূর্ত্তি; রণমূর্ত্তি। প্র—"তার সেই মারমূর্ত্তি দেখিয়া কেউ আর দ্বিরুক্তি করিবার সাহস করিত না"—ভারতী, ১৩২০।

মা'র (র্) [মাতার—মাআর—মা'র (সংক্ষেপে)] বিণ, মাতার; জননীর। প্র—"প্রসাদ বলে ভয় করিনে মার অভয় চরণের জোরে।"—রাম প্রসাদ।

মারক (ক্) [মৃ+ণিচ্=মারি+অক (কর্ত্তৃ)] বি, পুং, গ্রহবিশেষ। ২। মারীভয়; মড়ক। ৩। বাজপক্ষী; শিকরে পাখী। ৪। বিণ, হত্যাকারী; হন্তা।

মারকত (ত্) [মরকত+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, মরকতনির্ম্মিত। ২। মরকত সম্বন্ধীয়।

মারজিৎ (ৎ্) [মার (কাম) জিৎ (যে জয় করিয়াছে)] বি, পুং, মহাদেব; শিব। ২। বুদ্ধদেব।

মারণ (ন্) [মৃ+ণিচ্=মারি+অন (ভাবে, অনট্)] বি, ক্লী, বধ; হনন; বিনাশ। প্র—"চড় উঠাইয়া চেড়ী কেড়ে নিল শাঁখা। মারণের ভয়ে শুধু মুখ কৈল বাঁকা।"—শিবায়ন। ২। তন্ত্রোক্ত অভিচারবিশেষ।

মারতোল, মারতৌল (র্, ল্) [হি—মারতোল্] বি, হাতুড়ি; a hammer.

মারপেঁচ (মারপেঁচ্) [মার (বিঘ্ন) পেঁচ (সঙ্কট)] বি, বিঘ্ন বিপদ। ২। [ফা—মার্ (সর্প) পেঁচ (ফের, আবর্ত্ত)] সর্পের ন্যায় কুণ্ডলায়িত চক্র; অতি জটিল আবর্ত্ত; serpentine twisting.

মারফৎ (ৎ্) [আ—সংক্ষেপে মাঃ কিম্বা মাং] অ, দ্বারা। ২। সহিত। ৩। নিকট।

মারবেল, মার্ব্বল, মার্ব্বেল (ল্) [ইং—marble] বি, মর্ম্মর প্রস্তর; মারবেল পাথর। প্র—"মারবেল মারা গিল্‌টি হলে"—হেম বন্দ্যো। "মারবেলেতে মলের ঠমক্ বাজল রুমে রুমে।"—ঐ। ৩। কাচ প্রস্তরাদি নির্ম্মিত খেলিবার ছোট গুলী।

মারহট্ট, মারহাট্টা (র্) বি, মহারাষ্ট্রদেশ। প্র—"মারহট্ট বরগির দেশ এড়াইয়া। কত গিরি বন নদ নদী ছাড়াইয়া॥"—অ-ম।

মারা [মৃ (মরা)+ণিচ্=মারি ধাতুজ। উ-পু—মারি। ম-পু—মার; মারুন; মার্। প্র-পু—মারে; মারেন। অস-ক্রি—মারিতে; মারিয়া; মারি, মেরে। ণিজন্ত—মারান (নো)] ক্রি, প্রাণ নাশ করা; বধ করা। প্র—বাঘ মারা; সাপ মারা; মানুষ মারা। ২। আঘাত করা। প্র—ইট মারা; গুলি মারা। লাঠি মারা। ৩। প্রহার করা; ঠেঙ্গান। প্র—"কোলের ছেলে টেনে এনে মারা"—হেম বন্দ্যো। ৪। প্রবেশ করান; ঠুকিয়া বসাইয়া দেওয়া। প্র—কাঁটা মারা; পেরেক মারা। ৫। আঁটা; জুড়িয়া দেওয়া। প্র—তক্তা মারা। টিকিট মারা। ৬। শুষ্ক করা; শূন্য করা। প্র—জল মারা; রস মারা। ৭। হরণ করা; কাড়া। প্র—পকেট মারা। টাকা মারা। ৮। রহিত করা; বন্ধ করা। প্র—হুঁকা মারা। ৯। নষ্ট করা। প্র—বিষ মারা। ১০। ভ্রষ্ট করা। প্র—জাত মারা। ১১। আত্মসাৎ করা। ১২। ত্যাগ করা; ছাড়া। প্র—লাফ মারা। ১৩। অবলম্বন

করা ; ধারণ করা। প্র—গুড়ি মারা ; মালকোঁচা মারা ; দৌড় মারা ; ইত্যাদি। ১৪। বিণ, যুক্ত ; লিপ্ত ; আঁটা ; জড়িত। প্র—"মার্ব্বেল মারা গিল্টী হলে"—হেম বন্দ্যো। টিকিট মারা খাম। মারা ধরা—মার-ধর (দ্রঃ) করা। মারা পড়া—মৃত্যুমুখে পতিত হওয়া ; মরা। মারা-মারি—মারপিট দ্রঃ ; দাঙ্গা। মারা যাওয়া—মরিয়া যাওয়া ; মরা। মাঠে মারা যাওয়া—দেখিবার শুনিবার লোক-হীন স্থানে দস্যু কর্ত্তৃক হত হওয়া ; তাহা হইতে এমনভাবে নষ্ট হওয়া যে তাহার কোন খোঁজ খবর হয় না। উঁকি মারা—উঁকি দ্রঃ। কুকুর মারা—যাহারা কুকুরকে হত্যা করে ; ডোম। গুড়ি মারা—গুড়ি দ্রঃ। ছুট মারা—ছুট দ্রঃ। জাত মারা—জাতি-চ্যুত বা ভ্রষ্ট করা। টাকা মারা—টাকা লুট করা। টোকা মারা—বৃদ্ধাঙ্গুলের সাহায্যে তর্জ্জনীর আঘাত করা। ঠেঙ্গিয়ে মারা—লাঠির আঘাতে হত্যা করা। দৌড় মারা—ছোটা ; দৌড়ান। পাখ মারা—যাহারা পাখী মারে ; ব্যাধ। পাতড়া মারা—পেট টালা দ্রঃ। পুকুর মারা পুকুরের জল শূন্য করা। বিষ মারা—বিষ নষ্ট করা। ভাত মারা—পরের ব্যয়ে ভাত খাওয়া। ২। অন্ন ধ্বংস করা। প্র—"জাত মার্লে পাদরি ধরে। ভাত মার্লে নীল বাঁদরে॥" —নীলদর্পণ। মট্‌কা মারা—নিদ্রার ভাণ করা। মার্কামারা—মার্কা দ্রঃ। মাল-কোঁচামারা—মালকোঁচা দ্রঃ। মুখমারা—মুখ দ্রঃ। লাফ মারা—লাফ দেওয়া ; লাফান। হাত মারা—হাত লাগান। ২। হাতবুলান ; হাত দিয়া নিকান।

মারাত্মক (মারাত্‌তক্‌) [মার—আত্মন্= আত্মা যাহার, বহু] বিণ, সংহারক : সাংঘা-তিক ; প্রাণঘাতক।

মারাঠা, মারাঠি—বি, মহারাষ্ট্রদেশের অধি-বাসী। ২। মহারাষ্ট্রদেশীয় ভাষা।

মারি, মারী [মৃ+ণিচ =মারি (মারণ)+ই (ভাবে)] বি, স্ত্রী, মড়ক ; সংক্রামক রোগাদির প্রকোপে লোকক্ষয় ; মহামারী। মারিভয়, মারীভয়—মড়ক ; মহামারী।

মারিত [মৃ+ণিচ=মারি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে মারা হইয়াছে ; আহত। ২। বিনাশিত ; হত। ৩। ভস্মীকৃত ; জারিত।

মারিষ (ষ্‌) [সং] বি, পুং, নাট্যোক্ত মান্য-ব্যক্তি। ২। সূত্রধারের পার্শ্বচর। ৩। নটে শাক। স্ত্রী, মারিষা—দক্ষরাজের মাতা।

মারীচ (চ্‌) [সং] বিণ, মরীচ সম্বন্ধীয়। ২ মরীচক্ষেত।

মারীচ (চ্‌) [সং] বি, জম্ভ দানবের পুত্র সুন্দের ঔরসে এবং রক্ষকন্যা তাড়কার গর্ভে জাত মায়াবী রাক্ষস। ৩। রাজহস্তী।

মারুআ [সং—মরুবক] বি, মরুবক পুষ্প ও বৃক্ষ। প্র—"জাই জুই মারুআ তুলিআ লইব করে।"—শূ-পু।

মারুত (ত্‌) [মৃ (মরা)+উৎ (কর্ত্তৃ) যাহার প্রভাবে ও অভাবে মরিতে হয়=মরুৎ (বায়ু)+অ (স্বার্থে—অণ্‌)] বি, পুং, উনপঞ্চাশ বায়ু ; পবন। মারুতাত্মজ—পবনপুত্র হনুমান। ২। পবনতনয় ভীম : বৃকোদর। মারুতাশন—বিণ, বায়ুভক্ষণ-কারী ; পবনভোজী। ২। বি, পুং, ভুজঙ্গ ; সর্প ; পবনাশন।

মারুতি [মরুৎ (বায়ু)+ই (অপত্যার্থে)] বি, পুং, বায়ুপুত্র ; পবননন্দন ; হনুমান। প্র—"স্মরণ করিবামাত্র আইল মারুতি"—কবিক। ২। পবনাত্মজ ভীম। ৩। গর্ভস্থ ভ্রূণ। প্র—"প্রসূতি মারুতি নড়ে ক্ষণে ক্ষণে ব্যথা বাড়ে লোটায় নিদয়া মহীতলে।"—কবিক।

মারুলি [মার্গ হইতে] বি, পথ। প্র—"কারও মারুলি দিয়া কেহ নাহি যায়॥"—ময়নামতীর গান।

মার্কণ্ড [মৃকণ্ডু (মুনি)+অ (অপত্যার্থে—অণ্‌) মৃ=মার্‌ ; উ লোপ] বি, পুং, ঋষিবিশেষ। ইনি কল্পান্তজীবী।

মার্কণ্ডেয় [মৃকণ্ডু (মুনি)+এয় (অপত্যার্থে এয়ণ্‌)] বি, পুং, মার্কণ্ড মুনি। ২। মার্কণ্ড ঋষিভাষিত পুরাণ ; মার্কণ্ডেয় পুরাণ।

মার্কা [ইং—mark] বি, চিহ্ন ; দাগ। মার্কামারা—চিহ্ন দেওয়া ; নির্দ্ধারিত ; যাহা আর বদল হয় না। প্র- মার্কামারা দর। ২। আঁটা : চিহ্নযুক্ত ; চিহ্নিত। প্র—"শুধু খালি মার্কামারা পেয়াদার লিবরি"—হেম বন্দ্যো।

মার্কিন (ন্‌) [ইং—American] বি, মোটা সূতার বস্ত্রবিশেষ। প্র—একথান মার্কিন। ২। এমেরিকা দেশের অধিবাসী। ৩। বিণ, এমেরিকা দেশজাত। প্র—মার্কিন কাপড়।

মার্কেট [ইং—market] বি, বাজার : পণ্যবিক্রয় স্থান ; হাট।

মার্গ [মৃগ (হরিণ)+অ (সম্বন্ধে)] বিণ, মৃগ সম্বন্ধীয়। ২। কস্তুরী। ৩। মৃগশিরা নক্ষত্র-যুক্ত পূর্ণিমান্বিত মাস ; অগ্রহায়ণ মাস মার্গশির,—শীর্ষ—অগ্রহায়ণ মাস মার্গশিরী,—শীর্ষী—অগ্রহায়ণ মাসের পূর্ণিমা।

মার্গ [মৃগ্‌ (অন্বেষণ করা)+অ (করণে ঘঞ্‌)] বি, পুং, বর্ত্ম ; পথ। ২। গুহ্য ; পায়ু। ৩। [মার্গ্‌ (অন্বেষণ করা)+অ (ভাবে) অল্‌] অন্বেষণ। বিণ, মার্গিক—পথিক। ২। শিকারী। মার্গিত। অন্বেষিত। মার্গধেনু—এক যোজন বা চারি ক্রোশ পরিমাণ পথ। মার্গবিদ্যা—গীত বাদ্য ও নৃত্য সম্বন্ধীয় বিজ্ঞান।

মার্গণ (ন্‌) [মার্গ (অন্বেষণ করা)+অন (ভাবে অনট্‌)] বি, অনুসন্ধান। ২। [কর্ত্তৃ—অনট্‌] তীর ; বাণ ; শর। ৩। প্রার্থনা ; যাচ্ঞা। ৪। প্রণয়। বিণ, প্রার্থনাকারী ; যাচ্ঞাকারী ; যাচক।

মার্গপালী [সং] বি, তৃণস্তম্ভ।

মার্গ্য [মার্গ (অন্বেষণ করা)+য (কর্ম্মে)] বিণ, গবেষণার যোগ্য ; অন্বেষণীয়।

মার্চ্চ [ইং—march] বি, ইংরেজী বৎসরের তৃতীয় মাস ; বাঙ্গালা ফাল্গুনের শেষার্দ্ধ ও চৈত্রের প্রথমার্দ্ধ।

মার্জ্জন (ন্‌) [মার্জ্জি (পরিষ্কার করা)+অন (ভাবে—অনট্‌)] বি, স্ত্রী, শোধন ; দোষ ক্ষালন। ২। প্রক্ষালন ; মাজা। ৩। মৃদঙ্গধ্বনি। স্ত্রী, মার্জ্জনী—ঝ্যাঙরা ; সম্মার্জ্জনী ; ঝাঁটা। ২। ব্রুষ। বিণ, মার্জ্জনীয়—পরিমার্জ্জন যোগ্য।

মার্জ্জনা [সং] বি, ক্ষমা। প্র—তুমি ছাড়া প্রভু মার্জ্জনা কেহ করিবে না সংসারে।"—রবি। ২। প্রক্ষালন। বিণ, মার্জ্জনীয়—ক্ষমার্হ।

মার্জ্জার (র্‌) [সং] বি, পুং, বিড়াল। ২। খট্টাশ। স্ত্রী, মার্জ্জারী, মার্জ্জারিকা। মার্জ্জারকণ্ঠ—ময়ূর। মার্জ্জারকর্ণী—দুর্গার মূর্ত্তিভেদ ; চামুণ্ডাদেবী।

মার্জ্জিত [মৃজ্‌ (পরিষ্কার করা)+ণিচ্‌= মার্জ্জি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ধৌত ; প্রক্ষালিত। ২। পরিষ্কৃত ; মাজা। প্র—"আনন্দ গদ গদ নারদ মাতিল তন্ত্রী তুলিয়া তার্ মার্জ্জিত করিল।"—হেম বন্দ্যো। ৩। নির্দ্দোষীকৃত ; শোধিত। ৪। শুদ্ধ ; সংস্কৃত ; পরিমার্জ্জিত। প্র—মার্জ্জিত বুদ্ধি। স্ত্রী, মার্জ্জিতা—সংস্কৃতা ; শোধিতা। ২। শর্করা-মিশ্রিত দধি ; চিনি-পাতা দই।

মার্ত্তণ্ড [মৃতণ্ড+অ (অপত্যার্থে—অণ্‌)] বি, পুং, তপন ; রবি ; সূর্য্য। [দ্রঃ—সং-তে শূকর ও আকন্দ গাছ অর্থে প্রয়োগ আছে]।

মার্ত্তিক (ক্‌) [মৃত্তিকা (মাটি)+অ (নির্ম্মিতার্থে অণ্‌] বিণ, মৃত্তিকানির্ম্মিত ; কর্দ্দমময় ; মাটির।

মার্দ্দঙ্গ, মার্দ্দঙ্গিক (মার্দোংগিক্) [মৃদঙ্গ (বাদ্যযন্ত্রবিশেষ) + অ, ইক (কর্ত্তৃ) মৃদঙ্গবাদনকারী।

মার্দ্দব (ব্) [মৃদু + অ (ভাবে অণ্)] বি, ক্লী, কোমলতা ; মৃদুতা।

মার্দ্বীক (ক্) [সং] বি, দ্রাক্ষাজাত মদিরা প্র—"সুপক্ব মৃদ্বিক অর্থাৎ আঙ্গুর গালিয়া রস বাহির করিয়া সেই রস হইতে যে মদ্য প্রস্তুত হয় তাহাকে মার্দ্বীক মদ্য কহে।"—দ্রব্যগুণ শিক্ষা।

মাল (ল্) [মল + অ (সংজ্ঞার্থে—অণ্)] বি, পুং, অসভ্য জাতিবিশেষ ; ইহারা সর্প ধরিতে, মন্ত্র বলে সর্পগণকে বশীভূত করিতে এবং সর্পক্রীড়া প্রদর্শন করিতে বিশেষ দক্ষ প্র—"সাধুর আদেশে মাল, সর্প আনে যেন কাল, দুই আঁখি করঞ্জা সমান।"—কবিক। ২। সর্পবৈদ্য ; সর্পদংশন চিকিৎসক : সাপের ওঝা। ৩। মল্লযোদ্ধা। প্র—"সোয়ারে সোয়ারে খর তরবারে মালে মালে মুণ্ডে মুণ্ডে।"—অ, ম। **মালকচ্ছ, মালকোঁচা**—প্র—"কোথা বা সে মল্লকচ্ছ, সে বুঝি গয়াং গচ্ছ"—কস্তুরী।

মাল (ল্) [আ] বি, বাণিজ্যদ্রব্য ; পণ্য দ্রব্য। ২। বস্তু ; দ্রব্য। ৩। অর্থ ; ধন ; সম্পত্তি। ৪। গবর্ণমেণ্টে রাজস্ব দেওয়া ভূমি। ৫। রাজস্ব ; খাজনা। **মাল আদালত**—রাজস্ব সম্বন্ধীয় আদালত। **মাল-আমাওয়াল** [আ—মাল-ই-আমওয়াল্] বি, মৃত ব্যক্তির পরিত্যক্ত সম্পত্তি। **মাল-আমাল**—স্থাবর অস্থাবর সম্পত্তি। **মালকাটা**—পণ্যাদি বিক্রয় হওয়া ; মালের কাটতি হওয়া। **মালখানা**—খাজনাখানা ; ট্রেজারী ; treasury. ২। ভাণ্ডার ; a store house. **মালগাড়ী**—দ্রব্য সম্ভার বহনের রেলগাড়ী ; goods train. ২। ভারবাহী গাড়ী ; waggon. **মাল গুজার**—জমীদার ; জমীর করদাতা। **মালগুজারি**—রাজস্ব ; খাজনা। **মাল গুদাম**—যে গৃহে বা বাড়ীতে মালপত্র রক্ষিত হয় ; a store house ; a godown. **মাল চালান** (ন্) মাল সরবরাহ। **মাল জমি,—জমী**—যে জমীর খাজনা বা কর আদায় হয় ; করদ জমী। **মালজামিন**—সম্পত্তির প্রতিভূ ; security for property. ২। জামিনস্বরূপ ন্যস্ত সম্পত্তি ; a surety in property. **মাল তোলা**—বাণিজ্য দ্রব্য মালখানায় সজ্জিত করিয়া রাখা। **মালদার**—সম্পত্তিশালী ; ধনী। **মাল পত্র**—জিনিসপত্র। ২। বণিকদ্রব্যাদি। **মালমসলা**—উপকরণ ; উপাদান। **মাল মাত্তা**—ধনসম্পত্তি। **কাঁচা মাল**—শিল্পজাত দ্রব্যের উপকরণ ; raw material. **পাকা মাল**—ঘৃতপক্ব আহারীয়। ২। সারবান বস্তু। **রদ্দি, রদ্দিমাল**—অপকৃষ্ট দ্রব্য ; খারাব জিনিস।

মাল (ল্) [ফা—মল্ (মদ্য)] বি, মদ্য ; সরাব। প্র—"কার বগলে কালো বোতলে মাল চলেছে ঢেকে।"—অমৃত বসু। **মাল টানা**—মদ্যপান করা ; মদ খাওয়া। প্র—'আমরা * * * * * * তাই ত মাল টেনেছি।"—গান। ২। দ্রব্যাদি বহন করা।

মাল (ল্) [সং—মাল্য। ব্রজ] বি, মালা ; হার। প্র—"বানর কণ্ঠে কি মোতিম মাল" —বি, প। "গলায় মাল শোভিছে ভাল।" —চণ্ডীদাস। "মুকুতার মাল"—কবিক।

মালক (ক্) [মালা + ক—আ লোপ] বি, পুং, নারিকেলের মালা। ২। নিমগাছ। ৩। ক্লী, স্থলপদ্ম। স্ত্রী, **মালাকা, মালিকা**—মাল্য ; মালা।

মালকোশ, কৌশ, কোষ (ল্, শ্) বি, পুং, কৌশিক রাগ। প্র—"ছায়ানটের সভায় এসে আদর কেন মালকোষে।"—গান (গোবিন্দ ব্রহ্মচারী)।

মালচক্রক (মাল্চক্রক্) বি, চলকোর ; মালাইচাকি।

মালঝাঁপ (মাল ঝাঁপ্) বি, বাঙ্গালা ছন্দোবিশেষ। "মালঝাঁপের ১ম, ২য়, ৩য়, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম চরণ চারি চারি অক্ষরে সম্বন্ধ ও পরস্পর মিত্রাক্ষর। অবশিষ্ট দুই চরণে দুই বা তিন বর্ণ থাকে ও মিলিয়া যায়।"—কাব্য-নির্ণয়। যথা—"দন্তাবলী, শিশুঅলি, কুন্দকলি মাঝে। ভুরু অণু, কামধেনু, হেমতনু সাজে॥" —কবিক (বি, সু)।

মালঞ্চ (মালন্চ) [মাল্যমঞ্চ ? হইতে] বি, পুষ্পোদ্যান ; পুষ্পবাটিকা ; ফুল বাগান। প্র—"আমি তব মালঞ্চের হব মালাকর।"—রবি। "ঐ দেখা যায় বাড়ী আমার চারিদিকে মালঞ্চ ঘেরা।"—গোপাল উড়ে। "মালঞ্চে ফুল আপনি ফুটে বাস বিলাতে চায়"—গিরিশ।

মালট (ট্) [টাল দ্রঃ] বি, বিপদ ; সঙ্কট।

মালতী [মাল (বিষ্ণু) অত্ (গমন করা) + অ—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, যাতিপুষ্পবিশেষ ; চামেলি ফুল ; aganosma calisina. প্র—"বান্ধুলী পিউলী মালতী জাতি। কুন্দ কৃষ্ণকেলি দনার পাঁতি॥"—অ, ম। "রঙ্গণ মালতী কুন্দ করবীর অরবিন্দ থরে থরে লাগয়ে তাহাতে।"—চণ্ডীদাস। ২। মুকুল ; কুঁড়ি। ৩। পঞ্চদশাক্ষর ছন্দোবিশেষ ; শেষ অক্ষর সম্বোধনসূচক অথবা নঞর্থক (না) বর্ণে রচিত হয়। যথা—"আহা মরি কিবা ভাগ্য অস্য সবাকার লো। কত শত পরে ভূষা বাজু বালা হার লো॥"—রসতরঙ্গিণী। ৪। যামিনী ; নিশা। ৫। জোৎস্না ; চন্দ্রকিরণ। ৬। যুবতী। ৭। নদীবিশেষ। **মালতী-পত্রিকা**—জৈত্রী। **মালতীলতা**—জাতিলতা। ২। সপ্তদশাক্ষরা ছন্দোবিশেষ।

মালপূআ, মালপূয়া (ল্) [হি—মাল (ঘৃত বা তৈলে পক্ব বলিয়া উপাদেয়) পূপ। সংক্ষেপে—মালপো] বি, পিষ্টকবিশেষ।

মালপোকা—বড় জাতীয় দৃঢ়-দেহ কীটবিশেষ। ইহারা নারিকেল গাছের মাজায় ছিদ্র করিয়া তাহাতে বাস করে। উচ্চস্থানে থাকে বলিয়া মাল এই নাম। মতান্তরে দেহের অনুপাতে ভারি দ্রব্য পায়ে করিয়া ঝুলাইয়া রাখিতে পারে বলিয়া নাম ; astmae

মালব (ব্) [সং] বি, পুং, ষড় রাগের প্রথম রাগ। ২। মধ্য ভারতস্থ দেশবিশেষ ; মালোয়া।

মালভূমি (ল্) [মাল (পার্ব্বত্য, উচ্চ) ভূমি] বি, উন্নতভূমি ; table land. ২। পশ্চিমবঙ্গের অন্তর্ভুক্ত দেশবিশেষ।

মালয় (য়্) [মলয় (পর্ব্বতবিশেষ) + অ (সংজ্ঞার্থে—অণ্)] বি, পুং, চন্দনবৃক্ষ। ২। [সম্বন্ধার্থে—অণ্] বিণ, মলয় সম্বন্ধীয়। ৩। মলয় পর্ব্বতজাত ; মলয় পর্ব্বত হইতে উৎপন্ন। **মালয়তরু**—চন্দনবৃক্ষ [বিরল]। প্র—"উপনীত হৈল পশু মালয় তরুতলে"—কবিকঙ্কণ।

মালশাট, মালসাট (মাল্শাট্) [মল্ল (দ্রঃ) শাট, সাট—ছুট (বস্ত্র)—ছাটি। ছ = শ, স] বি, মালকোঁচা। প্র—"তাহার উপরে চড়ি ঘন মালশাট মারি ঝাঁপ দিলা কালিদহ জলে।"—মাধবদাস। "মালসাট মারি ধায় বানর কটক।"—কৃত্তিবাস। ২। [মল্ল—আস্ফোট] মল্লগণের বাহুর আস্ফালন। প্র—"এমন সময়ে দানাগণ নাচয়ে বীর মারে মালসাট।"—কবিক।

মালসা (মাল্শা) ["মল্লঃ পাত্রে" 'মল্লিকা মৃৎপাত্রভেদয়োঃ"—মেদিনী] বি, সরা অপেক্ষা বড় ও গভীর মৃৎপাত্রবিশেষ। **মালসা-ভোগ**—ঠাকুরের যে ভোগ মালসায় রাখা ও মালসা করিয়া বিতরণ করা হয়। প্র—"কোথা যাও মনোহর মালসাভোগ ফেলে॥" —ঈশ্বর গুপ্ত।

মালা [সং। "মাল্যং মালাস্রজৌ"—অমর] বি, স্ত্রী, মাল্য ; পুষ্পরচিত হার। ২। স্বর্ণাদি নির্ম্মিত কণ্ঠহার। প্র—মোহন মালা, কণ্ঠমালা প্রভৃতি। ৩। তুলসী রুদ্রাক্ষ প্রভৃতিতে নির্ম্মিত জপমালা। ৪। সারি ; শ্রেণী ; পাঁতি। ৫। ছন্দোবিশেষ।

মালাকর, মালাকার—মাল্য নির্ম্মাণকারী পুষ্পাজীব ; মালী। ৩। জাতিবিশেষ। কণ্ঠমালা—সেকালের সুবর্ণ-নির্ম্মিত কণ্ঠভূষণবিশেষ ; দানার মত গড়নের হার। গড়েমালা—গোল শ্রেণীবদ্ধ ভাবে গ্রথিত ফুলের মোটা মালা। চাঁদমালা—অর্দ্ধ চন্দ্রাকারে রচিত পুষ্পাদির মালা। জপমালা—ইষ্টমন্ত্র জপের মালা স্ব স্ব ইষ্টমন্ত্রানুসারে তুলসী রুদ্রাক্ষ প্রভৃতি জপমালার প্রকারভেদ হইয়া থাকে। তুলসীমালা—সূতায় গাঁথা সচ্ছিদ্র তুলসী কাঠের গুলির মালা। পদ্মবীজের মালা—পদ্ম ফুলের বীজে ছিদ্র করিয়া তাহাতে সূতা পরাইয়া যে মালা গাঁথা হয়। ফকীরেমালা—কাচ গুটিকার মালা। বনমালা—বনফুলের মালা। ২। কদম ফুলের মালা। মটরমালা—সুবর্ণ সূত্রে গ্রথিত সুবর্ণ মটরের মালা বা হার। মতির মালা, মুক্তার মালা—মুক্তাগ্রথিত মাল্য বা হার। প্র—"পরি রুদ্রাক্ষের মালা, মুক্তামালা ছিঁড়ি"—বীরাঙ্গনা। মুণ্ডমালা—নর মুণ্ডের হার (কালী প্রতিমার গলায়)। মোহনমালা—সোণার তিন চার নরী হারবিশেষ। রুদ্রাক্ষমালা—অক্ষমালা ; অরণ্যতরুবিশেষের শুষ্ক ফলদ্বারা গ্রথিত মালা ; শৈব বা শক্তিমন্ত্রের উপাসকদিগের জপমালা। হরিনামের মালা—প্রতিদিন নিয়মিতরূপে হরিনাম জপ করিবার তুলসী কাঠের গুটিকা-গ্রথিত মালা ; বৈষ্ণবের ইষ্টমন্ত্র জপের মালা। মালা করা, মালা জপা—মালার দানার সংখ্যা-পরিমাণ ইষ্টদেবের নাম আবৃত্তি করা। মালাচন্দন—মাল্য ও চন্দন ; পূজ্য বা মান্য ব্যক্তির সম্মানার্থ মাল্য ও চন্দনের অর্ঘ্য। মালাবদল—বিবাহে বরের সহিত কন্যার কণ্ঠমাল্যের পরিবর্ত্ত। মালা হওয়া—মালাজপ সমাধা হওয়া ; দৈনিক জপ শেষ হওয়া।

মালা [আ—মাল্লাহ্] বি, জাতিবিশেষ। ২। ধীবর ; জেলে।

মালা [সং—"মল্লঃ পাত্রে"—মেদিনী] বি, পাত্র ; নারিকেলের কঠিন আবরণের অর্দ্ধ ভাগ ; নারিকেলমালা।

মালাই [হি। ফা—বালাই] বি, দুধের সর।

মালাইচাকি—মালচক্রক দ্রঃ। প্র—"হাঁটুর মালাইচাকি রঘুবোয়াল গিলে।"—মনসার ভাসান (ক্ষেমানন্দ)।

মালাদীপক (ক্) বি, স্ত্রী, অর্থালঙ্কারবিশেষ ; দীপকালঙ্কারের মালা।

মালাদূর্ব্বা—বি, স্ত্রী, গৌডদূর্ব্বা।

মালাবার (র্) [সং—মলয়বার] বি, দক্ষিণ ভারতস্থ প্রদেশবিশেষ। বিণ, মালাবারী—মালাবার দেশ সম্বন্ধীয়। ২। বি, মালাবারের অধিবাসী।

মালাম, মালামি [মাল (মল্ল) + আম, আমি (আচরণার্থে)] বি, মল্লখেলা ; কুস্তী। প্র—"মালে করে মালাম চোয়াড়ে লোফে কাঁড়"—অন্নদামঙ্গল।

মালিক (ক্) [মালা + ইক (সংসৃষ্টার্থে) ইকণ্] বি, পুং, মালাকার জাতি ; মালী। ২। বিণ, মাল্য নির্ম্মাণকারী।

মালিক (ক্) [আ—মালিক্] বি, অধিকারী। ২। প্রভু ; স্বামী। মালিকআলা [আদাঃ পরিঃ] সম্পত্তির প্রধান অধিকারী। মালিকদেহা [আদাঃ পরিঃ] সম্পত্তির এক অংশের অধিকারী। মালিকানা—ভূম্যধিকারী ভূমিস্বত্ব হইতে বিচ্যুত হইয়া গবর্ণমেণ্টের নিকট হইতে যে টাকা পায়। ২। বিণ, অধিকার সম্বন্ধীয়। এই অর্থে "মালিকানি"ও বলে ; proprietary মালিকানা রসুম—অধিকারগত হক। মালিকি, কী—নির্ব্যূঢ় স্বত্ব ; অবাধিত অধিকার ; absolute right. মালিকিয়ৎ—অধিকার ; প্রভুত্ব। মালিকীস্বত্ব—অধিকার সম্বন্ধীয় দাবী ; proprietary right

মালিকা [সং] বি, স্ত্রী, মাল্য ; পুষ্পহার ; ফুলমালা। প্র—"শুনলো শুনলো বালিকা। রাখ কুসুম মালিকা॥"—ভানুসিংহের পদাবলী। ২। স্বর্ণাদি নির্ম্মিত কণ্ঠভূষণ ; হার ৩। মল্লিকা ফুল। ৪। মদিরা ; সুরা। ৫। নদীবিশেষ।

মালিনী [মালী দ্রঃ] বি, স্ত্রী, মালাকার পত্নী ; পুষ্পমাল্যাদি বিক্রেত্রী। প্র—"তুলিয়া কুসুমরাশি মালিনী যেমতি গাঁথে মালা"—বীরাঙ্গনা। ২। মাতৃকাভেদ। ৩। কালী ; দুর্গা। ৪। চম্পানাম্নী নগরী। ৫। সুরনদী ; মন্দাকিনী। ৬। বিণ, মালাধারিণী। প্র—"জটাজালিনী, শিরমালিনি! শশিভালিনি সুপশালিনি করবালিনিগো।"—অ, ম। ৭। পঞ্চদশাক্ষর ছন্দোবিশেষ।

মালিন্য (মালিন্ন) [মলিন + য (ভাবে—যণ্)] বি, ক্লী, বিষণ্ণতা ; মলিনতা। ২। অপরিচ্ছন্নতা ; ময়লা।

মালিম (ম্) [আ—মুআল্লিম্] বি, জাহাজের মেট ; a mate ; a pilot. ২। রাত্রে তারা দেখিয়া জাহাজ পরিচালন, বন্দরগুলির সংবাদ রাখা যাহার কার্য্য।

মালি-মকদ্দমা—বি, মামলা মোকদ্দমা।

[ফা] বি, ধনসম্পত্তি।

মালিশ, মালিস (শ্) [ফা] বি, মলন ; মর্দ্দন। ২। বি, মালিশের তৈল ; মালিশ করিবার ঔষধ।

মালী [মালা। ইন্ (অস্ত্যর্থে) = মালিন্ ১মা, ১ব] বি, পুং, পুষ্প-মাল্যাদি-বিক্রেতা ; মালাকার। ২। বিণ, মালাবিশিষ্ট। ৩। মালাধারী। প্র—বনমালী ; মুণ্ডমালী। স্ত্রী, মালিনী।

মালুঞ্চ [প্রা-বাং। মালঞ্চ দ্রঃ] বি, মালঞ্চের অধিকারী ; মালাকার ; মালী। প্র—"পুষ্প তুলিবাক পচ্চিম গেলা মালুঞ্চার বাড়ি।"—শূ, পু।

মালুধান (ন্) [মালু (পত্রলতা) ধান (যে ধারণ করে)] বি, পুং, অষ্টনাগের অন্তর্গত মালুয়া সর্প। স্ত্রী, মালুধানী—লতাবিশেষ।

মালুম (ম্) [আ—ই,লম্ (জ্ঞান, জানা) হইতে আ—মআলুম্ (জ্ঞাত)] বি, বোধ। প্র—"মালুম হয় না স্পষ্ট, সবুজ নীল কি কালো"—রজনী সেন।

মালুমকাঠ (মালুম্‌কাঠ্) [আ—মুআলিম্ (কর্ণধার, pilot) ; মালম (কচ্ছদেশের ভাষায় নাবিক—navigator)] বি, জাহাজের মাস্তুল ; main mast. প্র—"কাণ্ডার মালুম কাঠে এড়াইল থানা ঘাটে"—কবিক। "আর ডিঙ্গাখান তুলে নামে গুয়ারেখী। দুপুরের পথ যার মালুম কাঠ দেখি॥"—ঐ।

মালুর, মালূর (র্) [মা (লক্ষ্মী) লা (গ্রহণ করা) + উর, উর অথবা মা (লক্ষ্মী) লূ (ছেদন করা) + র (কর্ম্মে) সংজ্ঞার্থে (রক্)] বি, পুং, বিল্ববৃক্ষ। প্র—"মলয়জ মাখি মাখি মালুরের পাতে। প্রাণপণে পূজেছি তোমার প্রাণনাথে॥"—শিবায়ন। ২। কপিত্থবৃক্ষ ; কয়েত বেলের গাছ। ৩। ক্লী, শ্রীফল ; বেল। প্র—"লক্ষ্মী আপন স্তন কর্ত্তন করিয়া শিবের সন্তোষার্থ উপহার দিয়াছিলেন, শিব সন্তুষ্ট হইয়া বলিলেন অদ্যাবধি মালূর নামে খ্যাত হইয়া আমার সন্তোষ জন্মাইবে।"—পুরাণ। "মালুর নিন্দিয়া স্তন, মুগ্ধ করে ত্রিভুবন, মাঝার মৃগেন্দ্র পরিহার।"—শিবায়ন।

মালেয় [মালা + এয়, সম্বন্ধার্থে (এয়ণ্)] বিণ, মাল্যসম্বন্ধীয়। স্ত্রী, মালেয়া—বড় এলাইচ।

মালো [সং—মাল্লঃ] বি, জাতিবিশেষ। স্ত্রী, মালোনী।

মালোপমা [মালা—উপমা] বি, এক উপমেয়ের একাধিক উপমানযুক্ত কাব্যালঙ্কারবিশেষ। প্র—মলিন-বদনা দেবী হায়রে যেমতি ; খনির তিমির গর্ভে (না পারে পশিতে সৌরকররাশি যথা) সূর্য্যকান্তমণি ; কিম্বা বিম্বাধরা রমা অম্বুরাশি তলে।"—মেঘনাদ।

মাল্য [মালা+য (ভাবে—ষ্যণ্)] বি, স্ত্রী, পুষ্পগ্রথিত হার ; ফুলমালা । ২ । শিরোমালা । ৩ । পুষ্প ; প্রসূন ।

মাল্যবান্ [মাল্য (মালা)+বৎ (অস্ত্যর্থে বতু)=মাল্যবৎ ১মা, ১ব] বি, পুং, রাক্ষসবিশেষ । ২ । পর্ব্বতবিশেষ । ৩ । বিণ, মালাযুক্ত । স্ত্রী, **মাল্যবতী**—নদীবিশেষ ।

মাশুক (ক্) [আ—মাআশুক্] বি, প্রেমাস্পদ । প্র—"প্রেমিক হইতে গেলে * * * মাশুকের নিমিত্ত আত্মবিসর্জ্জন ইত্যাদি শিক্ষণীয়"—মতিচুর । স্ত্রী, **মাশুকা**—প্রণয়িনী ।

মাশুল (ল্) [আ—মহ্সুল্ (যে কর আদায় করা হইয়াছে)] বি, শুল্ক ; কর ।

মাশুলচোর (ল্চোর্) [আ—শোহরৎ= প্রচার ; শোহরৎ শব্দজ আ—মশহুর্=খ্যাতি —মশহুর চোর (নামজাদা চোর) তাহার অপভ্রংশে মাশুল চোর] বি, দাগী ও নামী চোর ।

মাষ (শ্) [সং—মাষক] বি, পুং, মাষকলাই । প্র—"জামাতারে বাপ মোর দিল ভূমি দান । তথি ফলে মসুর কাপাস মাষ ধান ॥"—কবিক ।

মাষকলাই, —**কলায়**—শস্যবিশেষ : বিরিকলায় । **মাষভক্তবলি**—মাষকলায় দধি তণ্ডুলাদিমিশ্রিত পূজোপহার ।

মাষক (ক্) [মাষ+ক—স্বার্থে] বি, পুং, স্বর্ণাদির পরিমাণবিশেষ ; পাঁচ রতি ।

মাস্টার (র্) [ইং master] বি, শিক্ষক ।

মাস (শ্) [মস্ (চন্দ্র)+অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, পুং, চান্দ্রমাস ; শুক্ল কৃষ্ণ উভয় পক্ষরূপ কাল ; ৩০ দিন সময় ; চারি সপ্তাহ কাল । ২ । [মস্ (পরিমাণ করা)+অ (করণে—অল্) যাহার দ্বারা কালের পরিমাণ করা হয়] বৈশাখ, জ্যৈষ্ঠ, আষাঢ়, শ্রাবণ, ভাদ্র, আশ্বিন, কার্ত্তিক, অগ্রহায়ণ, পৌষ, মাঘ, ফাল্গুন ও চৈত্র—বর্ষের এই দ্বাদশ অংশ । ৪ । [ভাবে—ঘঞ্] পরিমাণবিশেষ ; মাসা ।

মাসকাবার—মাসের শেষদিন ; মাসান্ত । বিণ, **মাসকাবারী**—একমাসের উপযোগী ; একমাসের মত । ২ । মাসান্তে করণীয় । **মাসজাত**—যাহার বয়ক্রম ত্রিশ দিন বা একমাস কাল মাত্র ; একমাসের শিশু । **মাসবৃদ্ধি**—অধিমাস ; মলমাস । **মাসমান**—বৎকাল ; বৎসর । ২ । মাস পরিমাণ । **মাসমাহিনা**—মাসিক বেতন ।

মাস (শ্) [সং—মাসক] বি, মাষকলাই ।

মাস (শ্) [সং—মাংস] বি মাংস । প্র—"পায়ে পড়ি পশ্চাৎ পৃষ্ঠের খায় মাস ॥"—শিবায়ন ।

মাসকিয়া, মাসক্যে (শ্) [সং—মাসিকম্] বিণ, মাসিক ; মৃতব্যক্তির সম্বৎসরের মধ্যে প্রতিমাসের মৃত্যুতিথিতে কর্ত্তব্য শ্রাদ্ধ । ২ । প্রতিমাসে দেয় বা করণীয় । ৩ । মাসে মাসে ; প্রত্যেক মাসে ।

মাসর (মাশর্) [সং] বি, ভাতের ফেন ; মাড় ।

মাসরা (শ্) [মাসহরা—সংক্ষেপে] বি, মাসহরা ; মাসমাহিনা ; মাসিক বেতনাদি । প্র—"হালখানায় মাসরা সাধে দেড় বুড়ি কড়ি ॥"—মাণিকচন্দ্র রাজার গান । "কোথাও মাসরা কড়ি কেহ দেয় দালি বড়ি গ্রাম যাজি আনন্দে সাঁতারে ।"—কবিক ।

মাসহরা (শ) [আ—মুশাহ্রা] বি, মাসিক বৃত্তি ; জলপানি ; প্রতি মাসের বরাদ্দ টাকা ।

মাসা, মাষা—বি, স্বর্ণাদির পরিমাণবিশেষ : ৮ রতি পরিমাণ (১২ মাসা বা ১৬ আনায় ১ তোলা) । ২ । বৈদ্যের ওজনানুসারে ১০ রতিতে ১ মাসা (৮ মাসায় ১ তোলা) । প্র—"রতি মাসা যবে যার হয় পরিমাণ । সেই জন হ'তে চায় আমার সমান ॥"—স্বর্ণ ও লৌহের বিবাদ (পদ্যপাঠ) ।

মাসান্ত (শা) [মাসের অন্ত, ৬তৎ] বি, পুং, ইহা চান্দ্রমাসের শেষ দিন ; মাসের শেষ ; সংক্রান্তি ।

মাসাশ, মাসাস (শা শ্) [মাসী শাশুড়ী—সংক্ষেপে] বি, স্বামী পক্ষে স্ত্রীর ও স্ত্রীর পক্ষে স্বামীর মাসী ; মাসশাশুড়ী । প্র—"মাসাস হয়ে নাতনী বল,"—গান ।

মাসিক (মাশিক্) [মাস+ইক—দেয়ার্থে (ইকণ্)] বিণ, মাসীয় ; প্রত্যেক মাসের । ২ । প্রতিমাসে করণীয় বা দেয় । ৩ । পিতৃগণের প্রতিমাসের কৃষ্ণপক্ষীয় শ্রাদ্ধ । ৪ । স্ত্রী, প্রেতের সম্বৎসরের মধ্যে প্রতিমাসের মৃত তিথিতে কর্ত্তব্য শ্রাদ্ধ । ৫ । স্ত্রীলোকের ঋতু ।

মাসী, মাসীমা (শী) [মাতৃষ্বসৃ শব্দের সংক্ষেপ] বি, মাতৃষ্বসা ; জননীর সহোদরা অথবা ভগিনী স্থানীয়া ।

মাসুর (মাশুর্) [ফা—মশ্হুর্] বি, প্রসিদ্ধ ।

মাসুল (মাশুল্) মাশুল দ্রঃ ।

মাস্তুল (ল্) [ইং—mast, পর্তু—mastis] বি, পাল তুলিয়া দিবার জন্য ষ্টীমার জাহাজ প্রভৃতিতে সংলগ্ন কাষ্ঠস্তম্ভ ; গুণবৃক্ষ ।

মাস্যা (মাশ্শা) [মাসীর স্বামী সংক্ষেপে । প্রা-বাং] বি, মাসীর স্বামী ; মেসো । প্র—"কালুবীর বলেন সম্বন্ধে তুমি মাস্যা ।"—ধর্ম্মমঙ্গল (নরসিংহ) ১৭৩৭ খৃঃ অব্দ ।

মাস্যা [মাস+ইয়া=মাসিয়া ; সংক্ষেপে] বিণ, মাস সম্বন্ধীয় বর্ণনা । প্র—বারমাস্যা

মাহ [ব্রজ । সং—মাস হইতে । মাহা দ্রঃ] বি, মাস । প্র—"এ ভরা বাদর মাহ ভাদর শূন্য মন্দির মোর"—বিদ্যাপতি । ২ । [মধ্য —মাঝ—মাহ] ভিতর । প্র—"হৃদয় মাহ মঝু জাগসি অনুখন ।"—রবি ।

মাহবরা [ফা—মহাবরা] বি, অভ্যাস ।

মাহয়ারি (হো) [ফা—মাহবারি] বিণ, প্রতিমাসিক ।

মাহা [ফা—মাহ্ (মাস) মাহ দ্রঃ] বি, মাস ।

মাহা [সং—মধ্য হইতে] মাঝ ; মধ্য । প্র—"জগ মাহা উপমা ।" "পৈঠল হিয়া মাহা মোরি ।"—বি, প ।

মাহাজনিক (জোনিক্) [মহাজন+ইক] বিণ, মহাজনোচিত ; মহদ্ব্যক্তির যোগ্য । ২ । মহাজন সম্বন্ধীয় । ৩ । বাণিজ্য সম্বন্ধীয় ।

মাহাত্মিক (মাহাৎতিক্) [মহাত্মা+ইক] বিণ, মহৎ ; গৌরবান্বিত ; মহিমাময় । স্ত্রী, **মাহাত্মিকী** ।

মাহাত্ম্য (মাহাৎত) [মহাত্মন্+য (ভাবে—ষ্যণ্)] বি, স্ত্রী, মহিমা ; মহত্ব ; মহীয়সী কীর্ত্তি । ২ । প্রসিদ্ধি । ৩ । গৌরব ।

মাহান্তি—বি, জাতীয় উপাধিবিশেষ ।

মাহারাজিক (ক্) [মহারাজ+ইক] বিণ, মহারাজসুলভ ; মহারাজোপযোগী ।

মাহিনা, মাহিয়ানা [ফা—মাহিয়ানা] বি, মাসিক বেতন । প্র—"মাহিনা বিহনে নিত্য নটীর নফর ।"—ঘনরাম । ২ । বিণ, প্রতিমাসিক ; monthly.

মাহিষ (ষ্) [মহিষী+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, মহিষসম্বন্ধীয় । ২ । মহিষদুগ্ধজাত ।

মাহিষিক (ক্) [মহিষী (ব্যভিচারিণী)+ইক] বি, পুং, ব্যভিচারিণীর অন্নপুষ্ট ব্যক্তি । ২ । মহিষোপজীবী ।

মাহিষ্য (মাহিশ্শ) বি, হিন্দু জাতিবিশেষ ।

মাহিষ্মতী (মাহীশ্মোতি) বি, স্ত্রী, নর্ম্মদানদীর তীরস্থ নগর । রাজা শিশুপালের নগরী (বর্ত্তমানে ইহার নাম চুলিমহেশ্বর) ।

মাহুত (ত্) [সং—মহামাত্র অপভ্রংশে] বি, হস্তিচালক । প্র—"ব্রাহ্মণ রজপুত ক্ষত্রিয় রাহুত মোগল মাহুত রণ অনিবারা ।"—অ, ম ।

মাহুতি, মাহুতী [মাহুত+ই, ঈ] বি, গজসৈন্য বা গজারোহী সৈন্য । প্র—"সৈন্যদূত মন্ত্রপূত দক্ষ দেয় আহুতি । জন্মি তায় সৈন্য ধায় অশ্ব ঢালি মাহুতি ॥"—অ, ম ।

মাহুর (র্) [হি—মাহুর (বিষ) । সং—আহেয়ম্ (সর্পবিষ) হইতে । প্রা-বাং-য় অর্থ সম্প্রসারণে বিষধর সর্প । তুল—ফা—জহর] বি, সর্প । প্র—"গরল মাহুর তুয়া আনি দেহ দান ।"—কবিক । "বিলম্ব করহ কিসে আনহ মাহুর বিষে ।"—ঐ ।

মাহেন্দ্র [মহা+ইন্দ্র=মহেন্দ্র (ইন্দ্র)+অ (সম্বন্ধার্থে, অণ্)] বি, পুং, ইন্দ্র সম্বন্ধীয় শুভ দণ্ডবিশেষ ; শুভযোগবিশেষ ; মাহেন্দ্র ক্ষণ। ২। বিণ, মহেন্দ্র সম্বন্ধীয়। স্ত্রী, মাহেন্দ্রী—শচী ; ইন্দ্রাণী। ২। গাভী। ৩। পূর্ব্বদিক্।

মাহেয় [মহী (পৃথিবী)+এয় (সম্বন্ধার্থে এয়ণ্)] বিণ, মহী সম্বন্ধীয়। ২। মহীজাত ; ধরা হইতে উৎপন্ন। ৩। মৃন্ময়। ৪। [অপত্যার্থে (এয়ণ্)] বি, পুং, মঙ্গলগ্রহ। ৫। অসুর-বিশেষ। স্ত্রী, মাহেয়ী—সীতা। ২। গাভী।

মাহেশ (শ্) [মহেশ+অ] বি, পুং, শিবো-পাসক। স্ত্রী, মাহেশী—মহেশ্বরী ; দুর্গা।

মাহেশ্বর (মাহেশ্‌শর্) [মহান্ যে ঈশ্বর= মহেশ্বর (শিব)+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, মহেশ্বর সম্বন্ধীয়। ২। বি, পুং, শিবো-পাসক। স্ত্রী, মাহেশ্বরী—মহেশ্বর সম্বন্ধীয়। ২। মাতৃকাবিশেষ ; দুর্গা। ৩। যবতিক্তা নামক লতা।

মিউনিসিপালিটী [ইং—municipality] বি, স্বায়ত্তশাসনসম্পন্ন নগর। বিণ, মিউনিসিপাল (ল্) নগরের বিধিবদ্ধ কার্য্যসভা সম্বন্ধীয় ; municipal.

মিগ [প্রা-বাং-প্রাকৃ। সং—মৃগ] বি, মৃগ। হরিণ। প্র—"মরা মিগ পুনরাএ পরান দান পাইল"—শূ-পু। মিগী—হরিণী ; মৃগী। প্র—"বনর মিগীক পরভু হুঁকার পাড়িল।"—শূ, পু। "জীঅন্ত মিগীর ছাল"—ঐ।

মিছরি, মিসরি (ছ্, স্) [হি—মিস্‌রী] বি, গুড়বিকারবিশেষ। ২। [লক্ষণায়] বিণ, মিছরির মত মিষ্ট ; মিছরি তুল্য। মিছরির ছুরী—মুখে মধু অন্তরে বিষ।

মিছা [প্রাকৃ—মিচ্ছা : সং—মিথ্যা শব্দজ] বি, মিথ্যা ; অসত্য ; অনৃত। প্র—"যে কহে বিস্তর মিছা যে কহে বিস্তর।"—অ, ম। ২। বিণ, অমূলক। ৩। বৃথা। প্র—"তোর সে হাস্তের কাছে সব হাস্ত মিছা গো"—অশোক-গুচ্ছ। ব্রজ—মিছ। প্র—"মিছ নাহি ভাখী।"—বি-প। মিছাকথা—অসত্য কথা। মিছাকান্না—কৃত্রিম ক্রন্দন। মিছা মায়া—কপট মায়া ; কৃত্রিম স্নেহ। ২। অসার মোহ। মিছামিছি—মিথ্যা ; বৃথা ; অকারণ ; অনর্থক।

মিছিল (ল্) [আ—মিস্‌ল্ (সদৃশ) —মকদ্দমার কাগজপত্র আদালতের কার্য্যাবলীর প্রতিকৃতি স্বরূপ বলিয়া এই নাম ; অপভ্রংশে মিছিল ; মিচিল। স=ছ] বি, মকদ্দমা সংক্রান্ত কাগজ পত্র ; আদালতের নথিপত্র। প্র—"রাশি রাশি মিছিল"—টেকচাঁদ। মামলা ; মকদ্দমা। ৩। শোভা-যাত্রা।

মিজরাব, মেজরাপ (জ্, ব্, প্) [আ] বি, সেতার বাদনকালে তারে আঘাত করিবার জন্য দক্ষিণ তর্জ্জনীর অঙ্গুলিত্র।

মিঞা—মিয়া দ্রঃ।

মিঞ্জি [সং—মস্জ ধাতুজ প্রা, বাং] বিণ, নিমজ্জিত। মিঞ্জিমিঞ্জি—নিমজ্জিত প্রায় ; ডুবু ডুবু ; মিটিমিটি। প্র—"বদনে রদন পড়ে মিঞ্জি মিঞ্জি আঁখি।"—শিবায়ন।

মিট (ট্) [মিত্র শব্দজ] বি, মিল। মিটমাট—পুনর্মিত্রতা। ২। নিষ্পত্তি।

মিটমিট (ট্, ট্) [মীল (সংকোচে, চক্ষুমুদ্রিত করণে) ধাতুজ, ল=ড়=ট] নিমীলন-প্রায় ; পিট পিট দ্রঃ। আদরার্থে—মিটিমিটি। প্র—"কোটরে নয়ন দুটী মিটিমিটি করে।"—অ-ম। মুহুর্মুহুঃ অর্থে—মিটির মিটির। ক্রি, মিটমিটান (নো) মিটমিট করা। বি, মিটমিটানি। বিণ, মিটমিটিয়া, মিটমিটে—নিমীলিত-প্রায় ; অর্দ্ধমুদ্রিত-প্রায় ; আধ-চাওয়া। ২। অনুজ্জ্বল ; ম্যাড়-মেড়ে। ৩। অন্তরে অন্তরে ; চাপা। মিট-মিটে ডাইন—ভিতরে ভিতরে ডাইন।

মিটা [সং—মিল্ (মিলনে) ধাতুজ, ল=ট। প্র-পু—মিটে। অস-ক্রি—মিটিতে ; মিট্‌তে (গ্রা) ; মিটিয়া ; মিটে। ণিজন্ত—মিটান] ক্রি, নির্ব্বাহিত হওয়া ; শেষ হওয়া। ৩। নিবৃত্ত হওয়া ; অবসান হওয়া। প্র—"নিশচ্চায় ঘরে বসে অনায়াসে মিট্‌তো বিবাদ মনের মতন।"—গান। মিটায়ব [ব্রজ] মিটাইব। প্র—"কৈছে মিটায়ব মান"—বি, প। বি, মিটন। মিটামিটি—পরস্পরের মধ্যে মিলন। ২। আপোষে নিষ্পত্তি।

মিটান (নো) [মিটা (দ্রঃ) ণিজন্তে। হি—মিটানা। উ-পু—মিটাই। ম-পু—মিটাও ; মিটান্ ; মিটা। প্র-পু—মিটায় ; মিটান্। অস-ক্রি—মিটাইতে ; মিটাইয়া ; মিটিয়ে] বি, সমাধান ; নির্ব্বাহ ; নিষ্পাদন। ২। নিষ্পত্তি করা ; মিটমাট করা। ৩। থামান। প্র—"শেষে পুনঃ অন্ন দিবা মিটাইয়া বৃষ্টি।"—অ-ম। ৪। মুছিয়া ফেলা ; বিলোপ করা।

মিটি [মৃত্তিকা—মৃত্তি। হি—মিট্টি—মিটি] বি, মৃত্তিকা ; মাটি। প্র—"অলকা তিলক-মিটি গেলহি দূর॥"—বি, প।

মিঠা [সং—মিষ্ট] বিণ, মিষ্ট ; মধুর। প্র—"পাকা আম্র আহার করিতে ছিনু মিঠা"—ঘনরাম। ব্রজ—মিঠ (ঠ্)। প্র—"কিবা সে বচন অমিয়া মিঠ"—বি, প।

মিঠাকড়া, মিঠে কড়া—মিষ্ট ও কটু। ২। কোমল ও কঠিন। ৩। দোরসা।

মিঠালেবু—মধুর রস লেবুবিশেষ।

মিঠাই, মেঠাই [সং—মিষ্টান্ন হইতে মিঠা—অন্ন=আঁই (হি)] মিষ্টখাদ্য ; মিষ্টান্ন। প্র—"ক্ষীরের মিঠাই চুরি করিয়া হরষে।"—পদ্যপাঠ। "খাজা গজা আদি করি সুখের মেঠাই।"—ঈশ্বরগুপ্ত। মিঠাইওয়ালা—মিষ্টান্নবিক্রেতা। ২। মিষ্টান্ন প্রস্তুতকারী।

মিঠানি [সং—মিষ্টান্ন] বি, মিষ্টান্ন। ২। মিষ্টরস ; মিষ্টত্ব। প্র—"টিটের টিটানি খেতের মিঠানি সকলি জানি যে আমি।"—চণ্ডীদাস।

মিত [মা (পরিমাণ করা)+ত (কর্ম্মে—ক্ত)] পরিমিত। ২। মৃদু ; অল্প। ৩। অনুমিত। প্র—"মলয়জ পবন সহিতে ভেল মিত।"—জ্ঞানদাস। ৪। সঞ্চিত। মিতবর [গ্রাম্য—নিতবর] বি, বরের সহচর। স্ত্রী, মিতকন্যা (গ্রাম্য—নিতকনে)। মিতব্যয়—পরিমিত ব্যয় ; আয় অনুযায়ী খরচ। বিণ, মিতব্যয়ী—যে আয় অনুসারে ব্যয় করে ; পরিমিতব্যয়ী। বি, মিতব্যয়িতা। মিতভাষী—যে অধিক কথা কহে না। স্ত্রী, মিতভাষিণী। বি, মিতভাষিতা।

মিত [সং—মিত্র] বি, মিত্র। প্র—"সুত মিত রমণী সমাজে।"—বি, প।

মিতা [সং—মিত্র] বি, বন্ধু ; সখা ; সুহৃদ। প্র—"বিধাতা ভাসুর যার লক্ষ্মীকান্ত মিতা"—শিবায়ন। "একা রামে রক্ষা নাই সুগ্রীব তাঁর মিতা"—শিবায়ন। স্ত্রী, মিতিনী—সখী। প্র—"কেহ বলে এস সই চল সেঙাতিনী। ঠাকুরাণী ঠাকুরঝি নাতিনী মিতিনী॥"—অ-ম।

মিতাক্ষরা—বি, স্ত্রী, স্মৃতিগ্রন্থবিশেষ ; যাজ্ঞবল্ক্য সংহিতার টীকা।

মিতাচার (র্) [মিত+আচার] বি, সংযত ব্যবহার। বিণ, মিতাচারী—সংযমী। স্ত্রী, মিতাচারিণী।

মিতার্থ [মিত (পরিমিত) অর্থবোধ যাহার, বহু] বি, পুং, অল্পভাষী দূতবিশেষ।

মিতালি, মিতালী [মিত (মিত্র) আলি] বি, মিত্রতা ; বন্ধুত্ব ; সখ্য। প্র—"প্রথমে করেন রাম চণ্ডালে মিতালি।"—কৃত্তিবাস।

মিতাশন (ন্) [মিত (পরিমিত) হইয়াছে অশন (ভোজন) যাহার, বহু] বিণ, পরিমিত ভোজী ; অল্পাহারী। স্ত্রী, মিতাশনা।

মিতাশী [মিত—অশ্ (ভোজনে) ইন্ (কর্ত্তৃ)] বিণ, পরিমিতভোজী। স্ত্রী, মিতাশিনী। বি, মিতাশিতা।

মিতাহার (র্) [মিত+আহার] বি. পরিমিত আহার। বিণ. মিতাহারী।
মিতি [মা (পরিমাণে) + তি (ভাবে) । মা =মি] বি, স্ত্রী. পরিমাণ। ২। জ্ঞান।
মিতি [হি] বি, নির্দ্ধারিত চান্দ্র দিন (তারিখার্থে হিন্দীতে মিতি শব্দের ব্যবহার, প্রা-বাংয় তাহার অনুকরণ)। ২। ভাবী সুদ ; টাকার সুদ যাহা দেয় বা প্রাপ্য হইবে।
মিত্তিকা [প্রা-বাং। সং—মৃত্তিকা] বি, মৃত্তিকা ; মাটি। প্র—"গঙ্গার মিত্তিকা আন সাগরর পানি।"—শূ-পু।
মিত্র, মিত্র (মিৎত্র) [মিদ্ (স্নেহ করা) + ত্র (কর্ত্তৃ—ত্রণ্)] বি, ক্লী, সুহৃদ্ ; বন্ধু ; বয়স্য। ২। বি, পুং, তপন ; সূর্য্য। ৩। স্নিগ্ধ। ৪। সমকর্ম্মী। ৫। কায়স্থের বংশ-পরিচায়ক উপাধিবিশেষ। স্ত্রী. মিত্রা—শত্রুঘ্নের জননী সুমিত্রা। [সম—মন, বাক্য ও কায্যের মিল রাখিয়া যে চলে সেই মিত্র। সপক্ষ জনই মিত্র। অনুকুল আচরণে মিত্রের পরিচয়। সুখে দুঃখে সকল অবস্থায় যাহার প্রেমের বন্ধন শিথিল হয় না এবং যে বিচ্ছেদ সহ্য করিতে পারে না সে বন্ধু। অচ্ছেদ্য মিলনে বন্ধুর পরিচয়। যে সর্ব্বদা হিতসাধনায় রত সে সুহৃদ্। সহৃদয়তায় সুহৃদের পরিচয়। সম-বয়স, সম-রুচি, সমান-মতি নিত্যসঙ্গীই সখা। সহকারিতা ও সর্ব্ববিষয়ে সমতাতেই সখার পরিচয়। সম-বয়স্ক আমোদসঙ্গীর নাম বয়স্য। যৌবনসুলভ রসিকতাকারী বয়স্যই ইয়ার]। বি, মিত্রতা, মিত্রত্ব। মিত্রদ্রোহ, মিত্রদ্রোহিতা—বন্ধুর বিপক্ষতাচরণ ; বন্ধুর অনিষ্টসাধন। বিণ, মিত্রদ্রোহী। স্ত্রী. মিত্রদ্রোহিণী। মিত্রবৎসল—বিণ, বন্ধুপ্রিয় ; সুহৃৎপ্রিয় ; মিত্রানুরক্ত। বি, মিত্রবৎসলতা।
মিত্রাক্ষর (মিৎত্রাক্খর্) [মিত্র হইয়াছে অক্ষর যাহার, বহু] বি, ছন্দোবিশেষ ; পদ্যের যে ছন্দের উভয় চরণে অন্ত্যবর্ণের মিল আছে।
মিথি—বি, পুং, নিমিরাজার পুত্র ; মিথিলা—মিথি রাজার রাজ্য ; ত্রিহুত।
মিথুন (ন্) [মিথ্+উন (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, দ্বাদশ রাশির মধ্যে তৃতীয় রাশি। ২। স্ত্রী পুরুষ। ৩। মিলন ; সংযোগ। ৪। স্ত্রী সংসর্গ।
মিথ্যা [মিথ্+য (কর্ম্মে)] বি, কল্পনা। ২। অনৃত ; অসত্য। ৩। বিণ, মিছা ; অযথা। ৪। অনর্থক ; বৃথা। মিথ্যাচরণ, মিথ্যাচার—কপটাচার ; অসত্যব্যবহার ; মিথ্যাচারিতা। বিণ, মিথ্যাচারী। স্ত্রী. মিথ্যাচারিণী।
মিথ্যাদৃষ্টি—অলীক বা অসত্য দর্শন। ২। নাস্তিকতা। ৩। বিণ, ভ্রান্তজ্ঞানাশ্রয়ী। মিথ্যাধারণা—ভুল বিশ্বাস ; অলীক বোধ। মিথ্যাবাদ—মিথ্যা দোষারোপ ; মিথ্যা অপবাদ। প্র—"তোমার দাসের দাস মিথ্যা-বাদে হয় নাশ।"—ঘনরাম। ২। অনৃতবাদ ; অসত্য কথন ; মিছা কথা। বিণ, মিথ্যা-বাদী। স্ত্রী. মিথ্যাবাদিনী। মিথ্যাপ-বাদ—অলীক বা কাল্পনিক দোষারোপ ; অমূলক নিন্দা। মিথ্যামতি—অসত্য বুদ্ধি ; অলীক জ্ঞান ; ভ্রান্তি। মিথ্যার মরাই—মরাইয়ের ন্যায় স্তূপীকৃত মিথ্যার আধার ; অতিবড় মিথ্যাবাদী। প্র—"মিথ্যার মরাই বেটা।"—ধ-ম (মাণিক)। মিথ্যা-সাক্ষ্য—জাল সাক্ষ্য। বিণ, মিথ্যাসাক্ষী।
মিথ্যুক (মিথ্থুক্) [মিথ্যা + উক] বিণ, মিথ্যাবাদী ; অসত্য কথা বলা যাহার অভ্যাস।
মিথ্যে [মিথ্যা—গ্রা উচ্চারণে] অ, মিছা। ২। অনর্থক ; বৃথা। প্র—"আই মিথ্যে আমায় বলা।"—গান। মিথ্যের জাহাজ, মিথ্যের ঝুড়ি—জাহাজ বা ঝুড়ীর ন্যায় বিস্তৃত, মিথ্যার আধার ; অতিশয় মিথ্যাবাদী।
মিদুর (র্) [গ্রা। মৃদুল হইতে] বিণ, মৃদুল। প্র—"মিদুর মধুর হাসি"—জ্ঞান।
মিনতি (নো) [সং—বিনতি। ব = ম। হি—মিন্নৎ, মিন্‌তি] বি, বিনয় পূর্ব্বক প্রার্থনা। প্র—"এ মিনতি দাসীর ও পদে।" —বীরাঙ্গনা। —"হে শ্রীপতি এ মিনতি ও রাঙা চরণে।"—মেঘনাদ। কাকুতি-মিনতি—কাকুতি দ্রঃ।
মিনা (ন্) [ফা] বি, ধাতুপাত্রের উপর বিন্যস্ত কাচের ন্যায় মসৃণ পদার্থবিশেষ ; enamel. মিনাকার—যে মিনার কায্য করে ; মিনাকারি—মিনার কাজ ; মিনা করা—মিনার দ্বারা পাত্রাদি আবৃত করা ; কলাই করা ;
মিনার (র্) [ফা—মীনার্] বি, মন্দিরাদির শীর্ষদেশ ; চূড়া ; spire ; a minaret.
মিনি [বিনা—বিনি—মিনি] অ, ব্যতীত ; বিনা। "মিনিসুতে গেঁথে, আর কি গলেতে পরবো নীলকান্তমণি-হার॥"—রঘুনাথদাস।
মিনিট (ট্) [ইং—minute] বি, এক ঘণ্টা কালের ৬০ ভাগের একভাগ ; ইহা আড়াই পল সময়ের সমান। ২। কালাংশ ; অত্যল্প-কাল। প্র—এক মিনিটে। মিনিটের মধ্যে।
মিন্‌মিন্ [সং—মিন্মিন (খোনা)] বি, সানুনাসিক শব্দ। ২। অস্পষ্ট ভাব। ৩। সুনগুঁড়ির মত বিন্দু বিন্দু। বিণ, মিন্‌মিনা,
মিন্ মিনে—মিন্‌মিন্ রবকারী ; যে নাকি সুরে কথা বলে ; খোনা। ২। অস্পষ্টবাদী। ৩। অস্পষ্টদর্শন। ৪। অতিক্ষুদ্র বিন্দু বিন্দু। ৫। [অস্পষ্ট প্রকাশ বা শীঘ্র অদৃশ্য হয় বলিয়া] পীড়াবিশেষ ; হাম (স্থান ভেদে মিল্‌মিলাও বলে) ; measles.
মিনে [মণি হইতে] বি, নোলকের মুখের অতি ক্ষুদ্র কড়াই।
মিনষা, মিন্‌ষে, মিন্‌সে, মিন্সে (শে) [সং—মনুষ্য হইতে তেলু—মনিষি,—বাং-য় মনিষ্যি, মনিস বর্ণবিপর্য্যয়ে "মিন্‌ষা"। তুল—ফা—মিয়ান্ (বানানে)] বি, মানুষ। প্র—"বুড়া সুড়া মিন্সা হয়ে কেমন কর সয়া।" —শিবায়ন। ২। [অবজ্ঞার্থে] মানুষটা ; লোকটা। প্র—"মিন্‌ষে ভারি কৃপণ। "বিষ্ণুপুরে মিন্সের দেখ বড়ে টেপার গুণ॥"—হেম বন্দ্যো। ৩। পুরুষ। ৪। [মেয়েলি কথায়] কর্ত্তা ; স্বামী। স্ত্রী. মাগী।
মিয়া, মিয়াঁ, মিএঁা (ফা—মিআঁ (মিয়ান্। প্রা-বাং—মিঞা] বি, প্রভু ; প্রধান ; মণ্ডল। প্র—"আপন টোপর লৈয়া বসিল গাঁয়েব মিয়া ভুঞ্জিয়া কাপড়ে মুছে মুখ।"—কবিক। ২। মুসলমান গুরু মহাশয়। প্র—"শুনি মিয়া ওসবী কোরাণ ফেলাইয়া। দড বড় রড দিলা ওঝারে লইয়া॥"—অ, ম। ৩। স্বামী ; পতি। ৪। মুসলমান ভদ্রলোক। মিয়াজী, মিয়াঞ্জী—মুসলমান গুরুমহাশয়। মিয়াঁ-সাহেব—মুসলমান সম্ভ্রান্ত ব্যক্তিকে সম্বোধন।
মিয়াদ, মীয়াদ (দ্) [আ। প্রা—মেয়াদ] বি, সময় ; কাল। ২। [বাং-য়] কয়েদ ; জেল। বিণ, মিয়াদী। মিয়াদী আসামী—দণ্ডিত আসামী। মিয়াদী ইজারা—নির্দ্দিষ্ট সময়ের জন্য প্রদত্ত পাট্টা।
মিয়ান (নো) [সং—ম্রিয়মাণ] বিণ, অবসন্ন ; অবসাদগ্রস্ত। ২। বাসি ; জুড়ান।
মিয়ানা [ফা] বি, যানবিশেষ ; পাল্কী।
মিরগেল (মির্‌গেল্) [মৃগেল দ্র] বি, মৎস্য-বিশেষ।
মিরাশ (শ্) [আ—মিরাস্] বি, বংশ পরম্পরানুক্রমিক বিষয়-সম্পত্তি।
মিরাশি [ফা—মিরাসী] বিণ, উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত ; inherited. ২। বি, গায়ক।
মির্গি [মৃগী দ্রঃ] বি, মৃগীরোগ ; মূর্চ্ছারোগ।
মির্জ্জা, মীর্জা [ফা—মির্জা] বি, মুসলমান সম্ভ্রান্তবংশের পদবীবিশেষ। ২। ভদ্র পারসীক বা মোগলের জাতীয় উপাধি।
মির্জ্জাই, মীর্জাই [ফা—মির্জাই] বি, তুলা ভরা জামাবিশেষ।

মিল (ল্) [ইং—mill] বি, কারখানা। ২। কল ; বয়ন যন্ত্রাগার। প্র—মিলের কাপড় (তাঁতের কাপড় নয়)।

মিল (ল্) [মিলা দ্রঃ] বি, সংযোগ ; মিশ্রণ : জোড়। প্র—"তক্তা মিল খাওয়ান।" ২। ঐক্য। প্র—"উভয়ের মধ্যে মনের মিল নাই : কথা ও কাজে মিল চাই।" ৩। প্রীতি ; সদ্ভাব। প্র—ভায়ে ভায়ে মিল নাই। **মিল করা**—যুক্ত করা। ২। সমান করা। ৩। তুলনা করা। ৪। মিত্রতা করা। **মিল খাওয়া**—সদৃশ হওয়া। ২। মিলন হওয়া। **মিল খাওয়ান**—সংযুক্ত করা : মিশ্রিত করা। **মিলজুল** (যোট, যোড)—যোগ : মিলন। **মিল থাকা**—সদ্ভাব থাকা। ২। ঐক্য বা সাদৃশ্য থাকা। ৩। সহযোগিতা থাকা।

মিলন (ন্) [মিল্ (সংলগ্ন করা) + অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, সংযোগ : সংলগ্ন : মিশ্রণ : ঐক্য। প্র—"মিলন হইল ভাল হর দিলা বর। শঙ্করের স্তুতি দক্ষ করিল বিস্তর॥"—অ-ম। ২। সন্তান স্থাপন : সন্ধিকরণ। ৩। ভেট : সাক্ষাৎ। ৪। যোগ। ৫। স্পর্শ। ৬। তুলনা : উপমা। ৭। সাদৃশ্য। ৮। মিত্রাক্ষর। **মিলনমন্দির**—পরস্পর সাক্ষাৎ করিবার স্থান : সমাগমস্থল : সম্মিলন গৃহ। **মিলন সঙ্গীত**—ঐক্যগীতি : মিলন গাথা। **মিলন সাধন**—ঐক্যসম্পাদন : সংযোগকরণ।

মিলা [গ্রা—মেলা। সং—মিল্ (মিলিত হওয়া) ধাতুজ। উ-পু—মিলি। ম-পু—মিল : মিলন্ : মিল্। প্র-পু—মিলে : মিলেন্। পদ্যে—মিলয়ে। অস-ক্রি—মিলিতে : মিলিয়া, মিলি, মিলে। ণিজন্ত—মিলান (নো)] ক্রি, মিলিত হওয়া। প্র—"আমরা মিলেছি আজ মায়ের ডাকে"—রবি। ২। মিশ্রিত হওয়া। প্র—"রুণু রুণু নিকণ কোমলে মিলিয়া"—হেম বন্দ্যো। ২। প্রাপ্ত হওয়া। প্র—"এখানে খাঁটি দুধ মেলে না।" ৩। উপস্থিত হওয়া। প্র—এমন সুযোগ সহজে মেলে না। ৪। জুটিয়া যাওয়া। প্র—"অনেক দিনের পর তাহার একটি চাকরি মিলিয়াছে। ৫। মিল হওয়া। শুভ সম্মিলনসূচক হওয়া। প্র—"উভয়ের কোষ্ঠি গণনায় মিলিয়াছে।" ৬। সাক্ষাৎ করা। ৭। যোগ দেওয়া : মিশা। প্র—"সে কোন দলেই মিলিতে পারে না।" ৮। ঐক্য হওয়া : তুলনায় সদৃশ হওয়া। প্র—"ওর রংএর সঙ্গে ওর রং মেলেই না। [ব্রজ]—**মিলব**—মিলিত হইবে : মিলিবে। প্র—"পুন কি মিলব মোয়।" বি, প। [হি—"মিলব্" ও ব্রজ "মিলব"র অনুকরণে প্রা-বাং-য়। প্র—"আদ্যার কুথা বর মিলব।"—শূ, পু] **মিলাওল**—মিলিত করিল ; মিলাইল। প্র—"বিধি মিলাওল আনি।"—চণ্ডী। **মিলায়ত**—মিলায় : মিলিত করে। ২। মিলিত করিয়া ; মিলাইয়া। প্র—"দশন মুকুতা পাঁতি অধর মিলায়ত মৃদু মৃদু কহতহি ভাষা।"—বি, প। **মিলু**—মিলিত হয় ; মিলে। প্র—কুণ্ডল কুসুম মাল করু সঙ্গ। জম্বু যমুনা মিলু গঙ্গ তরঙ্গ॥"—বি, প। **মিলুঁ**—মিলিত হই ; মিলি।

মিলা [গ্রা—মেলা। সং—উন্মীলন দ্রঃ। মীল্ ধাতু (সঙ্কোচে) উদ্—উৎ = বিপরীত—সঙ্কোচের বিপরীত = বিস্তার, বিকাশ, উন্মীলন করা অর্থে বাং-য় সংক্ষেপে মিলা] ক্রি, চক্ষুঃ উন্মীলন করা ; চোখ চাওয়া। প্র—"দেখ পুনঃ নয়ন মিলিয়া", "মিলি আঁখি, শশিমুখি দেখিনু সম্মুখে"—মেঘনাদ।

মিলান (নো) [মিলা (দ্রঃ)র ণিজন্তরূপ। গ্রা—মেলান। উ-পু—মিলাই। ম-পু—মিলাও : মিলান্ ; মিলা। প্র-পু—মিলায় ; মিলান্। অস-ক্রি—মিলাইতে, মিলাইয়া, মিলিয়ে] ক্রি, সমবেত করা। ২। সংযোজিত করা : মিলাইয়া দেওয়া। ৩। ঘটান। ৪। সাক্ষাৎ করান। ৫। পাওয়ান।

মিলান (নো) [বি = মি—লী (লীন হওয়া, লয় পাওয়া) ধাতুজ—বিলয় = মিলয় + আন (সাধন করা অর্থে) য লোপ] ক্রি, মিলাইয়া যাওয়া : বিলীন হওয়া : বিলুপ্ত হওয়া : অদৃশ্য হওয়া। প্র—"তাম্বূলের রাগ অধরে মিলাল"—শ্রীধর কথক। **মুখে মিলাইয়া যাওয়া**—চিবাইলে ছিবড়া না হইয়া কোমল ও তরল হইয়া গলাধঃকৃত হওয়া। ২। লালার যোগে গলিয়া যাওয়া।

মিলিত [মিল্ + ত (কর্তৃ—ক্ত)] বিণ, মিশ্রিত : সংযুক্ত। ২। সম্বন্ধিত। ৩। প্রাপ্ত। ৪। কৃত সাক্ষাৎ। স্ত্রী, **মিলিতা**।

মিল্‌মিলা [প্রাদে। শীঘ্র মিলাইয়া যায় বলিয়া, মিনমিনা দ্রঃ] বি, হাম : measles.

মিশ (শ্) [মিশ্র হইতে] বি, মিল : যোগ। **মিশ খাওয়ান**—মিশ্রিত করা। তুল—খাপ খাওয়ান। **মিশ খাওয়া**—মিলিত হওয়া : মিশা। ২। মিত্রতায় আবদ্ধ হওয়া।

মিশ (শ্) [সং—মশী হইতে] বি, মসীবৎ : ঘোর কৃষ্ণ।

মিশক, মিশুক (ক্) [মিশ—উক (কর্তৃ) —যে মেশে] বিণ, আলাপপটু ; যে ব্যক্তি সহজে লোকের সহিত মিশিতে পারে।

মিশণ, মিশন (ন্, শোন্) [মিশ্রণ শব্দজ] বি, একত্রকরণ ; মিলন ; মিশ্রিত হওন ; সংযোজন।

মিশন [ইং—mission] বি, ধর্ম্মপ্রচারাদি কার্য্যে নিয়োগ। ২। কোন বিশেষ কর্ম্ম সম্পাদনের ভার। ৩। কোন বিশেষ কর্ম্ম সম্পাদনকারী সম্প্রদায়। ৪। জীবনের উদ্দেশ্য। **মিশনরী**—বি, ধর্ম্মপ্রচারক। ২। বিণ, ধর্ম্মপ্রচার সম্বন্ধীয়। **মিশন স্কুল**—ধর্ম্ম প্রচারক সম্প্রদায় (সাধারণতঃ খ্রীষ্টীয়ান) দ্বারা পরিচালিত বিদ্যালয়।

মিশমিশে, মিসমিসে (শ্) [মসী হইতে মিস—মিশ + মিশ (আধিক্যে, গাঢ় অর্থে) + ইয়া (যুক্তার্থে)] বিণ, ঘোর ; মিশির মত ; মসীবৎ। প্র—"ওগো সে যে মিশমিশে কালো সে যে ঘোরতর কালো অতি নিরুপম।"—দ্বিজেন্দ্র রায়।

মিশা [সং—মিশ্র ধাতুজ। গ্রা—মেশা। উ-পু—মিশি। ম-পু—মিশ, মিশুন, মিশ্। প্র-পু—মিশে, মিশেন। অস-ক্রি—মিশিতে : মিশিয়া : মিশি, মিশে। ণিজন্ত—মিশান] ক্রি, মিশ্রিত হওয়া ; সংমিলিত হওয়া ; যুক্ত হওয়া ; বিগলিত হওয়া। প্র—"সে দিন ত মধুনিশি প্রাণে গিয়াছিল মিশি"—রবি। "তোর পঞ্চভূতাত্মক দেহ পঞ্চভূতে যাবে মিশে"—বাং-গান। "ভক্তি ভাবে শক্তি সেবে শান্তি রসে যাওনা মিশে"—ঐ। ২। সঙ্গ করা : সর্ব্বদা সঙ্গে থাকা। প্র—"এখন সাহেবদের সঙ্গে নাকি ছেলেরা মিশে তাদের চালচলন, ধরণ ধারণ * * * সকলই অনুকরণ করে"—ভারতবর্ষ।

মিশান (নো) [মিশা (দ্রঃ)র ণিজন্ত রূপ। গ্রা—মেশান। উ-পু—মিশাই। ম-পু—মিশাও ; মিশান্ : মিশা। প্র-পু—মিশায়। অস-ক্রি—মিশাইতে ; মিশাইয়া, মিশিয়ে] ক্রি, মিশ্রিত করা ; যুক্ত করা। প্র—"আমি মনের মাধুরী মিশায়ে তোমারে করেছি রচনা,"—চয়নিকা। "মাজিয়া বীণার তার মিশাইয়া তান ভারতের অভিমত গৌরীগুণ গান"—অন্নদামঙ্গল। "যেমন জলের বিম্ব জলে উদয় জল হয়ে সে মিশায় জলে"—বাং-গান। **মিশামিশি**—মিলজুল ; মিলন। প্র—সসীমে অসীমে আজ হয়ে গেল মিশামিশি,"—কাব্যকুসুমাঞ্জলি।

মিশাল (ল্) [সং—মিশ্রণ] বি, মিশ্রণ। প্র—"অতএব কহি ভাষা যাবনী মিশাল।"—অ, ম। ২। সহিত : সঙ্গে। প্র—"জীবন রাখিয়াছিল মড়ার মিশালে"—কাশী-মহা। "কস্তুরী মিশালে মাখি কবরী মাঝারে রাখি"—ভারতচন্দ্র।

মিশি, মিসী [হি—মিসিস্] বি, হিরাকস প্রভৃতি মিশ্রিত ঘোর কৃষ্ণবর্ণ দন্তমঞ্জনবিশেষ, ইহাতে দন্তমূল কৃষ্ণবর্ণ ও দৃঢ় হয়। প্র—"কালী কালো মিশি কালো"—দ্বিজেন্দ্র রায়।

মিশ্র (মিশ্‌ম্র) [মিশ্র্ (মিশ্রিত করা) + অ (কর্তৃ—অচ্)] বিণ, সংযুক্ত : সংমিলিত। ২। একত্র। ৩। [অন্য শব্দের পরবর্ত্তী] শ্রেষ্ঠ ;

পূজ্য। প্র—"মহা মিশ্র"—কবিক। ৪। হস্তীর শ্রেণীভেদ। ৫। [কর্ম্মে—অল্] মিশ্রিত দ্রব্য। ৬। উপাধিবিশেষ। **মিশ্র পদার্থ**—বিভিন্ন প্রকৃতির পরমাণু দ্বারা উৎপন্ন পদার্থ।

মিশ্রক (মিস্‌স্রক্) [মিশ্র+ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, সঙ্গীতবিশেষ। ২। ইন্দ্রের উদ্যান ; মিশ্রকানন ; স্বর্গোদ্যান। ৩। বিণ, মিশ্রকারী।

মিশ্রণ (মিশ্‌স্রন্) [মিশ্র্+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ঐক্য ; একত্রীকরণ। ২। মিলন ; সংযোগ। ৩। ভেজাল। ৪। সঙ্কলন। বিণ, **মিশ্রিত**।

মিষ (ষ্) [মিশ দ্রঃ] বিণ, ঘোর ; মসীবৎ। প্র—"রাধা বলে তবু যদি না হতে মিষ কালো" —দ্বিজেন্দ্র রায়।

মিষ্ট [সং। গ্রা—মিষ্টি, মিটি, মিঠি] বিণ, সুমধুর ; মিষ্ট রসযুক্ত ; সুস্বাদ। ২। বি, মিষ্টখাদ্য ; মিষ্টান্ন। ৩। মিষ্টরস ; মধুর রস। বি, **মিষ্টতা, মিস্টত্ব**।

মিস্টমুখ [গ্রা—মিষ্টিমুখ] বি, মুখে মিষ্টান্ন সংযোগ। প্র—"একটু কিছু মিষ্ট মুখ করে গেলে না।"—ভারতী, ১৩২০। মিষ্টি মুখ না করলে ঠাকুমা মেয়ে দেখাবেন না, খুষ আর কি ?—ঐ।

মিষ্টান্ন [মিষ্ট—অন্ন] বি, ক্লী, সুস্বাদু খাদ্য ; মিঠাই ; সুমিষ্ট ভক্ষ্য।

মিস্টার (র্) [ই mister] অ, মহাশয়। ২। শ্রীযুক্ত। প্র—"মিষ্টার বোসের কিনা * * * হয়েছিল হাজার কতক নিতান্তই দরকার।"—দ্বিজেন্দ্র রায়।

মিষ্টি [গ্রা। মিষ্ট দ্রঃ] বিণ, মিষ্ট ; মধুরাস্বাদ। প্র—আমটা বেশ মিষ্টি। ২। বি, মিঠাই ; মিষ্টান্ন। প্র—অত মিষ্টি খাওয়া ভাল নয়। **মিষ্টিমুখ**—মিষ্ট দ্রঃ। **মুখমিষ্টি**—মধুরভাষী। **মুখের মিষ্টি**—মিষ্ট কথা ; আদর। **মিষ্টিমিষ্টি শুনান**—মধুর ভাবে তিরস্কার।

মিসকাল (স্, ল্) [আ—মিসকাল্] বি, চারিমাষা ও সাড়ে তিন রতি পরিমাণ ওজন। বিণ, **মিসকালি**—মিসকাল পরিমাণ। প্র—"মিসকালি সুবর্ণ তোমার"—অশোকগুচ্ছ।

মিসর, মিশর (শর্) বি, আফ্রিকা মহাদেশের উত্তরপূর্ব্ববর্ত্তী ও ভূমধ্যসাগরের উপকূলস্থ প্রাচীন দেশবিশেষ ; ইজিপ্ট। বিণ, **মিসরী**—মিসর দেশীয়।

মিসিল (মিসিল্) [আ—মিস্‌ল্। মিছিল দ্রঃ] বি, নথি ; a file.

মিস্ত্রি, মিস্ত্রী [ইং—misteri (handicraft) old Eng—mistere তাহাতে যে দক্ষ সে master, পর্ত্ত—mester] বি, প্রধান কারিগর ; শিল্পী ; mason. **ছুতার মিস্ত্রি**—যে কাঠের কাজ করে ; সূত্রধর। **রাজমিস্ত্রি**—অট্টালিকাদি নির্ম্মাতা ; mason.

মিহনৎ [গ্রা—মেহনৎ। ফা—মিহনৎ] বি, পরিশ্রম। বিণ, **মিহনতী**। **মিহনৎআনা, মিহনতানা**—মজুরি ; পারিশ্রমিক।

মিহি [ফা—মহীন্] বিণ, সরু ; সূক্ষ্ম ; পাতলা। প্র—"ইহার পরিধানে একখানি পরিষ্কার মিহি ঢাকাই তাতে জরির ফুল।"—দেবীচৌধুরাণী। **মিহিকাপড়, মিহিধুতি**—সূক্ষ্ম সূত্রে প্রস্তুত বস্ত্র ; পাতলা কাপড়। **মিহিচাউল**—সরু চাউল ; উৎকৃষ্ট চাউল। **মিহিসুর**—মৃদুস্বর ; ক্ষীণস্বর।

মিহির (র্) [মিহ্ (সেক করা)+ইর (কর্ত্তৃ—কির) যে কিরণ জাল ক্ষরণ করে] বি, কিরণমালী ; সূর্য্য। প্র—"স্মরিয়া পুবহর দম্পতী জুড়ি কর মিহিরে কৈল অর্ঘ্য দান।"—কবিক। "মিহির ইন্দু কোথা সে বন্ধু"—ব্রহ্মসঙ্গীত। ২। মহারাজ বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন ; পণ্ডিত বরাহমিহির। [দ্রঃ—সং-তে—চন্দ্র, পবন, বায়ু ও মেঘ অর্থে ব্যবহার আছে]। **মিহিরমণ্ডল**—চন্দ্র ও সূর্য্যের মণ্ডল।

মীঠ (ঠ্) [মিষ্ট দ্রঃ। ব্রজ] বিণ, মধুর রস ; মিষ্ট। প্র—"চাকিতে চাকিতে লাগিল জিহ্বাতে পহিলে লাগিল মীঠ।"—চণ্ডীদাস। "অমিয় মীঠ"—বি, প।

মীড়, মিড় (ড্) [সং—মিল। ল=ড়। মি=মী। সঙ্গীত পরিঃ] বি, অতি ঘন সংলগ্ন আশ। মীড়ের চিহ্ন আশযুক্ত স্বরের নিম্নে বড় কসি।

মীন (ন্) [সং] বি, পুং, মৎস্য। প্র—"পাখীক পাখ মীনক পানি। জীবক জীবন হাম তুহুঁ জানি—বি, প। ২। বিষ্ণুর প্রথম অবতার। ৩। রাশিচক্রের দ্বাদশরাশি। **মীনকেতন**—মীনধ্বজ ; মকরকেতন ; কন্দর্প। ২। সমুদ্র। **মীনধ্বজ**—কন্দর্প। **মীনালয়**—সমুদ্র।

মীনরঙ্গ (মীনরঙ্গ্) বি, পুং, মাছরাঙ্গা পাখী।

মীমাংসক (শক্) [মান্ (বিচার করা) +সন্ (স্বার্থে)=মীমাংস+অক] বি, পুং, মীমাংসা দর্শনবিদ্ ; মীমাংসাশাস্ত্রজ্ঞ। ২। বিণ, নিষ্পত্তিকারক।

মীমাংসা (শা) [মান্ (বিচার করা)+সন্ (স্বার্থে)=মীমাংস+অ (ভাবে—অঙ্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, পূর্ব্বাপর বিরোধের পরিহার ; সিদ্ধান্ত। ২। জৈমিনি ঋষি কৃত দর্শন শাস্ত্র ; পূর্ব্বমীমাংসা। বিণ, **মীমাংসিত**—কৃতসিদ্ধান্ত ; বিচারিত। **মীমাংসন**—নিষ্পত্তি করণ। **উত্তরমীমাংসা**—বেদান্ত দর্শন। **পূর্ব্বমীমাংসা**—জৈমিনিবৃত দর্শন।

মীর (র্) [আ] বি, প্রধান ; মুসলমান সর্দ্দার। ২। সৈয়দের উপাধি।

মীলিত [মীল্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, মুদ্রিত ; সঙ্কুচিত। ২। অবিকসিত ; মুদিত। ৩। ক্লী, অর্থালঙ্কারবিশেষ। বি, **মীলন**।

মু [মুখ হইতে গ্রা] বি, মুখ। প্র—"দেখিতে উচিত নয় তো ঝাড়ির (হাড়ির) মু।"—ধর্ম্মরাজের গীত (ঘনরাম)।

মুই, মুঞি [আমি দ্রঃ] স, আমি। প্র—"নিচয়ে ভখিমু মুই এ গরল বিষে"—চণ্ডীদাস। "মুঞি অভাগিনী"—ঐ।

মুকটি, মুকুটি [মুষ্টি—মুটকি—মুকটি] বি, মুষ্টি ; ঘুষি ; কীল। প্র—"বজ্র মুকটি শিরে মারে মহাবীর।"—কবিক।

মুকদ্দম (ম্) [আ] বি, গ্রামের প্রধান ব্যক্তি ; মণ্ডল। ২। বিণ, পূর্ব্ববর্ত্তী।

মুকদ্দমা [আ। মোকদ্দমা দ্রঃ] বি, আদালতে অভিযোগ ; মামলা ; নালিশ।

মুকররর (র্) [আ—মুকর্‌রর্] বিণ, নির্দ্ধারিত নির্দিষ্ট। বি, **মুকররী** [ফা] চিরস্থায়ী বন্দোবস্ত ; নির্দ্ধারিত করের স্থায়ী ভূসম্পত্তি। **মুকররীদার**—মুকররী জমীর স্বত্বাধিকারী।

মুকাবলা, মুকাবিলা [ফা—মুকাবিলা। আ—মুকাবিল] বি, সামনাসামনি। ২। প্রতিযোগিতা। ৩। পরীক্ষা। ৪। তুলনা। ৫। সম্মুখে হিসাব নিকাস।

মুকির (র্) [আ—মুকির্। আদাঃ—পরিঃ] বি, কবুল ; স্বীকার ; confession.

মুকুট (ট্) [সং। মুনক্ (ভূষিতকরণে)] বি, শিরোভূষণ ; কিরীট।

মুকুটি [মুষ্টি হইতে] বি, মুষ্টি। প্র—"বজ্র মুকুটি বীর মারে তার মুণ্ডে" "মুকুটির শব্দ যেন তবকের গুলি"—কবিক। ২। অঙ্গুলি মোটন।

মুকুতা (ল্) [মুক্তার কোমলরূপ, পদ্যে] বি, মুক্তা ; মোতি। **মুকুতাফল**—মুক্তা। প্র—"মুকুতাফলের লোভে ডুবে রে অতল জলে যতনে ধীবর"—মাইকেল।

মুকুন্দ [মুকুম্ (মোক্ষ) দ (যে দান করে)] বি, পুং, মোক্ষদাতা ; নারায়ণ। প্র—"মুকুন্দ মাধব নারায়ণ।"—অ-ম। ৩। কুবেরের নিধিবিশেষ। ৩। পারদ। ৪। পুষ্পবিশেষ। প্র—"মুকুন্দ মল্লিকা জাতী কনক চম্পক যুথী"।

মুকুর (র্) [সং] বি, পুং, দর্পণ ; আর্শি। প্র—"রজত মুকুরে সাজিয়ে মুখ।"—চণ্ডী। ২। কুলাল দণ্ড। ৩। কুলগাছ। ৪। বকুলগাছ। ৫। মল্লিকাফুলের গাছ। ৬। মুকুল।

মুকুল (ল্) [মুচ্ (মোচন করা) + উল (কর্ত্তৃ সংজ্ঞার্থে) চ=ক] বি, পুং, কলিকা ; অর্দ্ধ-বিকসিত ; ফুটনোন্মুখ ফুল।

মুকেদেমহল (ল্) [আ—মুখাদিম্=ভৃত্য-বর্গ + আ—মহল্=আবাস] বি, ভৃত্যনিবাস। প্র—"মুকেদেমহল তুলে দিব হাতাহাতি। আজ হতে হলো সেন ময়নার পতি॥"—ঘনরাম।

মুকেরি [মুসলমানি বাং। হি] বি, বঙ্গীয় মুসলমান সম্প্রদায়। ২। বলদিয়া মুসলমান জাতিবিশেষ। প্র—"বলদ বাহিয়া কেহ বলায় মুকেরি।"—কবিক।

মুক্ত [মুচ্ (মোচন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, মোক্ষপ্রাপ্ত। ২। অবাধ ; অপ্রতিহত ৩। [কর্ম্মে—ক্ত] উন্মুক্ত ; পরিত্যক্ত। ৪। উদ্ধৃত। ৫। আনন্দিত। ৬। নির্ম্মল। **মুক্তকঞ্চুক**—নির্ম্মুক্ত খোলস ; নির্ম্মোক। ২। খোলস ছাড়া সাপ। **মুক্তকণ্ঠ**—উচ্চ গলা ; উচ্চৈঃস্বর। ক্রি-বিণ, **মুক্তকণ্ঠে**—অসঙ্কোচে ; প্রকাশ্যভাবে। ২। উচ্চৈঃস্বরে ; গলা ছাড়িয়া। **মুক্তকেশ**—বিণ, উন্মুক্ত কেশবিশিষ্ট। ২। বি, আলুলায়িত কুন্তল ; এলোচুল। স্ত্রী, **মুক্তকেশী**—কালী। প্র—"মুক্তকেশী যোড়শী উমা, হররঙ্গিণী শ্যামা" —গিরিশ। ৩। বিণ, আলুলায়িতকুন্তলা। **মুক্তপুরুষ**—জীবন্মুক্ত পুরুষ। **মুক্ত বাতাস**—বি, নির্ম্মল বায়ু ; খোলা হাওয়া। প্র—"পল্লীজননীর নিভৃত নিবাসে উপস্থিত হইয়া তাহার উদার আকাশ ও মুক্ত বাতাসে হাঁফ ছাড়িয়া বাঁচি।"—বাঙ্গালী (২৬ বৈশাখ ১৩২৩) **মুক্তভাষ**—বি, স্পষ্ট কথা। **মুক্তসঙ্গ**—বি, পরিব্রাজক। ২। বিণ, বিষয়াসক্তি-রহিত ; নিস্পৃহ। **মুক্তহস্ত**—বিণ, দানশীল ; ব্যয়শীল ; বদান্য। বি, **মুক্তহস্ততা**—বদান্যতা।

মুক্তা [সং] বি, স্ত্রী, শুক্তিমণি ; মৌক্তিক ; মোতী। প্র—"শত মুক্তাধিক আয়ু কালসিন্ধু-জলতলে ফেলিস পামর!"—মাইকেল। ২। বেশ্যা। ৩। বিণ, নগ্না। ৪। অবদ্ধা। **মুক্তাকলাপ**—মুক্তাসমূহ ; মোতির মালা ; মুক্তাহার। **মুক্তাখচিত**—বিণ, মুক্তাজড়িত মুক্তাগ্রথিত। **মুক্তাগার**—যে শুক্তিতে মুক্তা জন্মে। **মুক্তাবলী**—মুক্তাসমূহ। ২। মোতির মালা। **মুক্তাফল**—মৌক্তিক ; মুক্তা। **মুক্তাময়**—বিণ, মুক্তাখচিত ; মোতি জড়িত। প্র—"মুক্তাময় মাঝ তার সোপান খচিত মরকতে"—বীরাঙ্গনা। **মুক্তালতা**—মুক্তার হার। **মুক্তাস্ফোট**—মুক্তা যাহার মধ্যে স্ফুটিত বা বিকসিত হয় ; শুক্তি ঝিনুক। **মুক্তাহার**—বি, ধান্যবিশেষ প্র—"মুক্তাহার ধান্য আনি মুকুতা প্রবাল মানি দুর্লভ জগতে ত বাখানি।"—শূ, পু। ২। মোতির মালা। ৩। [মুক্ত (ত্যক্ত) আহার (ভোজন) যৎকর্ত্তৃক—বহু] বিণ, যে ভোজন ত্যাগ করিয়াছে ; উপবাসী।

মুক্তি [মুচ্ (মোচনে) + তি (ক্তি—ভাবে)] বি, স্ত্রী, মোক্ষ ; আত্যন্তিক দুঃখনিবৃত্তি ; জন্ম মরণরূপ সংসার-বন্ধন হইতে বিমুক্তি বাসনাক্ষয়। প্র—"না হইবে দক্ষ তোর গতি মুক্তি পথে"—কবিক। ২। উদ্ধার ; পরিত্রাণ। ৩। নিষ্কৃতি। **মুক্তিদাতা**—বিণ, পরিত্রাণ-কর্ত্তা ; নিষ্কৃতি দানকারী। স্ত্রী, **মুক্তিদাত্রী**। **মুক্তিপদ**—বি, মুক্তিস্থান। প্র—"মুক্তিপদ এই স্থান এইখানে করি স্নান চল ভাই সিংহল নগরে।"—কবিক। **মুক্তিপত্র**—বি, মুক্তির অধিকার দানকারী পত্র। **মুক্তিপ্রার্থী**—বিণ, মোক্ষপ্রার্থী ; পরিত্রাণ-লাভেচ্ছু। ২। দণ্ড হইতে উদ্ধারপ্রয়াসী। স্ত্রী, **মুক্তিপ্রার্থিনী**। **মুক্তি ফৌজ**—[ইং—salvation army শব্দের বঙ্গানুবাদ] বি, খ্রীষ্টীয় ধর্ম্মসম্প্রদায়বিশেষ। **মুক্তিমণ্ডপ**—মুক্তিপ্রদ মণ্ডপ। ২। কাশীর বিশ্বেশ্বরের দক্ষিণ পার্শ্বস্থ মণ্ডপ। ৩। জগন্নাথ দেবের দক্ষিণ পার্শ্বস্থ মণ্ডপ। ৪। [ব্যঙ্গে] গুলির আড্ডা। প্র—"চল মুক্তিমণ্ডপে যাই।"—লীলাবতী। **মুক্তিমার্গ**—বি, মুক্তিপথ ; পরিত্রাণের উপায়। **মুক্তিলাভ**—বি, পরিত্রাণ প্রাপ্তি ; মোক্ষপ্রাপ্তি।

মুক্তিকা [সং] বি, স্ত্রী, মৌক্তিক ; মোতি।

মুখ (খ্) [সং] বি, ক্লী, মুখমণ্ডল ; আনন ; বদন। ২। বাক্য নিঃসরণ ও ভোজ্যগ্রহণের দ্বার ; মুখ গহ্বর। ৩। আরম্ভ ; সূত্রপাত। ৪। উপায়। ৫। গৃহাদির প্রবেশ-দ্বার। ৬। প্রবেশ-পথ। ৭। মোহানা। ৮। সম্মুখ অংশ। ৯। অভিমুখ। ইহা অন্য বর্গের সহিত যুক্ত হইলে বিশেষণ হয় যথা—একমুখ এক উদ্দেশের অভিমুখ। * * * "এই বণিক সমাজের স্বার্থ ও ভারতের জন সাধারণের স্বার্থ একমুখ নহে, বরং স্থল বিশেষে উভয় সম্প্রদায়ের স্বার্থ সম্পূর্ণ বিরুদ্ধ পথে প্রধাবিত হইয়া থাকে।"—বসুমতী—১৩১৮।২৭ মাঘ। ১০। মুখোপাধ্যায়। প্র—"মুখ কৃষ্ণজীবন কৃষ্ণ ভক্তের সার।"—অ, ম। ১১। অগ্রভাগ। ১২। নাটকের সন্ধিবিশেষ। বিণ, প্রধান ; আদি। **মুখ আনা**—দেহের বিষ মুখ দিয়া বাহির করিয়া দিবার জন্য পারদঘটিত ঔষধ সেবন করিয়া লালা বা লাল কাটান। **মুখ আনান**—ঔষধ খাওয়াইয়া লালার সহিত মুখ দিয়া বিষ বাহির করান। **মুখ আলগা**—মুখ ছুট ; ভালমন্দ যাহা মুখে আসে বলা। বক্তব্য অবক্তব্য কথা অবিচারে বলা ; যাহার মুখাগ্রে কিছুই বাধে না। **মুখ আসা**—পারা-ঘটিত ঔষধ সেবন দ্বারা লালার সহিত বিষ নিঃসরণ করিবার মত মুখের অবস্থা হওয়া। **মুখ উজ্জ্বল করা**—সৎ কীর্ত্তির দ্বারা গৌরবের শুভ্র জ্যোতিতে মুখ উদ্ভাসিত করা ; যশোভাতিতে মুখমণ্ডলে প্রফুল্লতা সম্পাদন করা। **মুখ-কমল**—বি, পদ্মসদৃশ মুখ ; মুখারবিন্দ। **মুখ করা**—রোষ প্রকাশক মুখ শ্রী ধারণ করা ; তিরস্কার করা ; ভর্ৎসনা করা। প্র—"পরের বেটী মুখ করবে মুখ নাড়া দিয়ে। দুই চক্ষে জল পড়বে বসুধারা দিয়ে"—মেয়েলি ছড়া (সা, প, প, ১৩০২) **মুখ-কান্তি**—মুখশ্রী। **মুখ কুট কুট করা, মুখ কুট কুটান**—বুনো ওল, কচু প্রভৃতি ভক্ষণ করিলে তাহার বিষে মুখ চুলকান। **মুখক্ষত**—বি, মুখের ঘা। **মুখ খাওয়া**—বকুনি খাওয়া ; তিরস্কৃত হওয়া। প্র—"মতিলাল মনে মনে কহিতে লাগিল নৌকা ডুবি হওয়াতে বাঁচলুম তা না হলে মায়ের কাছে মুখ খেতে খেতে প্রাণ যাইত।"—টেকচাঁদ। **মুখ খারাব করা**—অশ্লীল কথা মুখ দিয়া বাহির করা ; অশ্লীল গালি দেওয়া। ২। মুখ বিস্বাদ করা। **মুখ খিচন**—দাঁত দেখান ; দাঁত খামাটি করা। **মুখ খোলা**—মৌন থাকিবার পর কথা কহা। ২। কথা কহিতে আরম্ভ করা। **মুখ গোঁজ করা**—গোঁজের মত ওষ্ঠদ্বয় লম্বিত করিয়া ক্রোধ বা অভিমান-ভরে থাকা। **মুখচন্দ্র**—চাঁদমুখ ; সুন্দর মুখ। **মুখ চলা**—মুখের কাজ চলা ; গালা-গালি আরম্ভ হওয়া। ২। ভোজন হইতে থাকা। **মুখ চাওয়া**—মুখাপেক্ষা করা। **মুখ চাপিয়া হাসা**—মুচকিয়া হাসা ; হাসির শব্দ না হয় এমনভাবে মুখ টিপিয়া হাসা। **মুখ চাহিয়া বসিয়া থাকা**—অন্যের জন্য প্রতীক্ষা করিয়া থাকা। **মুখ চূণ করা**—লজ্জায় মুখ পাংশু বর্ণ ধারণ করা। **মুখ চুলকান** (নো)—মুখ কুট

কুট করা। ২। কিছু বলিবার জন্য অস্থির হওয়া বা উৎসুক হওয়া। মুখ-চোরা—যে লজ্জা বা সংকোচে কথা কহিতে পারে না; যে আলাপ করিতে সাহস করে না; লাজুক। মুখ-ছুট—মুখ আলগা দ্রঃ। মুখ ছুটান (নো)—মুখ আল্‌গা করা; অসংযত ভাষা ব্যবহার করা। ২। অজস্র গালিবর্ষণ করা। ৩। সম্ভব অসম্ভব, বাস্তব অবাস্তব বিচার না করিয়া অসংযত ভাবে বলিয়া যাওয়া। প্র—"ব্রাহ্মণী কহে মুখাগ্রে যার বাধে না কিছুই, কি চাহে সে আর, মুখ ছুটাইলে রথাখে তার, না দেখি আবশ্যক।"—চয়নিকা। মুখ ছোট করা—অপ্রতিভ করা; কথা কহিবার সাহস খর্ব্ব করা। মুখছোপ—সঙ্কোচ। লাজুকতা; লজ্জাশীলতা। মুখ ঝামটা—বি, তিরস্কার; ধমকানি; মুখ নাড়া। মুখ তাকান—মুখাপেক্ষা করা। মুখ তাড়া—তিরস্কার; ধমক। মুখ তুলিতে না পারা—লজ্জিত বা অপ্রস্তুত হওয়া; মুখ হেঁট হওয়া। মুখ তুলে চাওয়া—প্রসন্ন দৃষ্টি করা। মুখ তোলা—যে অধোবদনে আছে তাহার মুখ উঁচু করা। মুখ থাকা—মুখ রক্ষা হওয়া দ্রঃ। মুখ দেখা—মুখের প্রতিবিম্ব দর্শন করা। ২। বিবাহে পাত্র ও পাত্রীর মুখশ্রী দর্শনচ্ছলে তাহাদের হস্তে দর্শনি দান করা। মুখ দেখান—লোক সমাজে দেখা দেওয়া। ২। মুখ দেখিতে দেওয়া। প্র—"কনের মুখ দেখান। মুখ দেখানি—মুখ দেখিবার দর্শনি; নববধূর মুখ দেখিবার জন্য তাহাকে দেয় উপহার। মুখ ধরা—তিরস্কারের প্রতিবাদ এবং উত্তর প্রত্যুত্তর করিতে আরম্ভ করা; জবাব করা। মুখ ধাবন, মুখ ধোয়া—মুখ প্রক্ষালন। মুখ ধোয়া—কুলকুচা করা; মুখমণ্ডল ধৌত করা; মুখ প্রক্ষালন করা। মুখ নাড়া, মুখ নাড়া দেওয়া—তিরস্কার; মুখ ঝামটা। প্র—"ভয় নাহি করি ও মুখ নাড়ারে"—রবি। মুখ-নিরীক্ষক—মুখাপেক্ষী। ২। অন্যায়দর্শী। ৩। পক্ষপাতী। মুখপত্র—পাত—বি, আরম্ভ; সূত্রপাত; প্রথম। মুখপদ্ম—বি, মুখ-কমল। মুখপাত্র—বিণ, অগ্রণী; প্রধান। মুখ পোড়া—দগ্ধ মুখ; গালিবিশেষ। মুখ প্রক্ষালন—বি, মুখ ধোয়া। মুখ ফাঁস—মুখ আল্‌গা দ্রঃ। মুখফিরান—অভিমুখ হওয়া। ২। বিমুখ হওয়া। মুখ ফেরা—মুখ বদলান দ্রঃ। মুখ ফুটা, ফোটা—মুখ হইতে কথা বাহির হওয়া। মুখফুটিয়া বলা—কথায় প্রকাশ করা। মুখফোড়—স্পষ্টবক্তা। মুখবন্ধ করা—চুপ করা। ২। চুপ করান। মুখ বাঁকান—মুখভঙ্গি দ্বারা অনাদর বা উপেক্ষা প্রকাশ করা। মুখ বাড়া—মুখরতা বৃদ্ধি হওয়া; স্পর্দ্ধা বৃদ্ধি হওয়া। মুখ বাড়ান (নো)—আদর বা আস্কারা দিয়া মুখরতা বাড়িতে দেওয়া। ২। গবাক্ষাদি পথে মুখ বহিষ্করণ। মুখবিগড়ান (নো)—মুখ বেতার হওয়া; স্বাদ বিকার জন্মান। ২। সুখাদ্য ভোজনে অভ্যস্ত মুখে সামান্য আহার্য্য ভাল না লাগা। মুখ বুজা,—বোজা—মুখ বন্ধ করা। ২। বিণ, যে অন্তরের ভাব মুখে প্রকাশ করে। মুখবুজে থাকা—চুপ করিয়া থাকা। মুখ বুজে লঙ্কায় আগুন দেওয়া—[হনুমান লঙ্কা যেমন করিয়া পুড়াইয়াছিল তাহার লক্ষণায়] বাক্য ব্যয় না করিয়া ভিতরে ভিতরে অনিষ্ট করা। মুখব্যাদান—বি, বদন বিস্তার; হাঁ করা। মুখভঙ্গি—বি, মুখ বিকার। মুখভার—আন্তরিক ক্রোধ বা অভিমানে মুখের গম্ভীর ও নত ভাব। মুখভারী করা—ক্রোধ অভিমানাদিতে মুখ গম্ভীর ও নত করা। মুখ ভেংচান, ভেঙ্গান—দন্তবিকাশ ও মুখ বিকার দ্বারা বিদ্রূপ করা। বি, মুখ ভেঙ্গচানি। মুখমণ্ডল—বি, বদন মণ্ডল; সমস্ত মুখ। মুখ মধু—মুখামৃত; থুথু। ২। মিষ্টকথা। মুখ মারা—অধিক মিষ্ট ভোজনে আহারে অরুচি হওয়া। মুখমারুত—বি, ফুৎকার; ফুঁ। মুখ-মোড়া—[মুখ বাঁকানর ভাব হইতে] অসন্তোষ প্রকাশ করা। প্র—যখন যেটা করতে বলা যায় তখনই তাই করে একবারও মুখ মোড়ে না। মুখরক্ষা করা, মুখ রাখা—মান রক্ষা করা; যাহাতে লজ্জায় মুখ হেঁট না হয় তাহা করা। মুখরোচক—বিণ, সুস্বাদ; রুচিকর। মুখ লাল করে দেওয়া—গণ্ডে চপেটাঘাতে মুখ মণ্ডল রক্ত বর্ণ করা। মুখ লাল হওয়া—লজ্জায় বা ক্রোধে মুখ মণ্ডল লোহিত হওয়া। মুখ-শশী—বি, বদনচাঁদ; মুখচন্দ্র। মুখ শুকনো—শুষ্ক মুখ। মুখ শুকানো—ভয়, অনাহার, দুর্ভাবনা প্রভৃতিতে মুখ মণ্ডল পাংশুবর্ণ ও কৃশ হওয়া। মুখসাপট—মুখে বড়াই কাজে কিছুই নয়। মুখ সামলান (নো)—সাবধানে কথা বলা। মুখসিটকান—বিরক্তি বা ঘৃণায় মুখ কুঞ্চিত করা। মুখস্রাব—থুথু। মুখ হওয়া—ফোড়া পাকিয়া ওঠা। ২। ঘটিবার উপক্রম হওয়া বা ঘটা। ৩। মুখরত হওয়া। প্র—এখন তার ভারি মুখ হয়েছে। মুখাপেক্ষী—[মুখাপেক্ষিন্ শব্দ] অনুগ্রহ-প্রত্যাশী; মুখনিরীক্ষক; যে অন্যের মুখ চাহিয়া থাকে। স্ত্রী, মুখাপেক্ষিণী। বি, মুখাপেক্ষিতা, মুখাপেক্ষা—অনুগ্রহ-প্রত্যাশা। ২। অন্যের সহযোগিতা, সহায়তা বা আদেশের অপেক্ষা। মুখামুখী, মুখোমুখী—বিণ, সামনা সামনি; পরস্পর সম্মুখীন। প্র—"দাঁড়াইয়া মুখামুখী করিতেছে গোপবধূ"—চন্দন। "মহান্‌মৃত্যুর সাথে মুখামুখি করে দাও মোরে।"—রবি। "মুখোমুখী ছুটী পাখী"—রবি। "মুখোমুখী হয়ে বসে হার গেঁথেছি যতনে"—অমৃত বসু। মুখে আগুন, মুয়ে আগুন (গ্রা)—মৃত্যুর কামনা। মুখে করা—আহারার্থ মুখে লওয়া বা তোলা। মুখে খই ফোটা—বাক্‌স্ফূর্তি হওয়া। মুখে গো দেওয়া [গো=গুয়া=গুবাক=সুপারী] পান সুপারীতে মুখ পূর্ণ করায় কথা বলিতে না পারা; গুয়াে বন্ধ করা। প্র—"একপাটি কেন মুখে গো দিয়ে চেপে রেখেছ দিদি?" মুখে দেওয়া—খাওয়া। মুখে ফুল চন্দন পড়া—প্র—"ঠাকুরপো তোমার মুখে ফুল চন্দন পড়ুক, আমায় এমনি রেখে এসো আমি আর সইতে পারি না।" মুখে ফেলা—স্বাদ গ্রহণার্থ মুখে নিক্ষেপ করা। মুখে জল আসা—অম্লাদিস্পর্শে মুখে লালার সঞ্চার হওয়া। ২। আহারে প্রবল স্পৃহা হওয়া। মুখে জল দেওয়া—মুখ প্রক্ষালন করা। ২। উপবাসের পর বা পিপাসার সময় জল পান করিতে দেওয়া। প্র—"বাছারে আমার! মুখে একটু জল দিবার কেউ নেই গা!"—ভারতী, ১৩২১। মুখে মুখে—মুখের কথা বাহির হইবা মাত্র; মুখের উপর; তৎক্ষণাৎ। প্র—মুখে মুখে সব যোগান। ২। প্রত্যেকের মুখে। প্র—মুখে মুখে কথাটা প্রচার হয়ে গেল। ৩। জবানি। ৪। দুই বস্তুর মিলন স্থানে। প্র—তক্তা দুখানার মুখে মুখে

খুড়ে দাও। মুখে মুখে উত্তর দেওয়া—প্রশ্ন করিবা মাত্র মৌখিক উত্তর দেওয়া। মুখে মুখে চোপা করা—সম্মুখে প্রত্যুত্তর করা। মুখে মুখে ফিরা—সর্বদা সম্মুখে বা সঙ্গে থাকিয়া আজ্ঞা পালন করা। মুখে রোচা—খাইতে ভাল লাগা। কোন্ মুখে—বলিবার মত মুখ না থাকার ভাব। তাহা হইতে "কোন্ লজ্জায়।" প্র—আমায় দিয়ে এ কাজ হবে না, রাণীমার কাছে কোন্ মুখে জবাব দিবি"—ভারতী, ১৩২১। মুখের উপর—সম্মুখে; অসাক্ষাতে নয়। মুখের কথা—বচন (লেখা বা প্রতিশ্রুতি; শপথ নহে)। প্র—আর শপথ করিতে হবে না, লেখারও দরকার নাই; মুখের কথাই যথেষ্ট। মুখের কথা খসান—মুখ ফুটিয়া বলা। মুখের কথায়—কাজে নয়; কথায় মাত্র। প্র—মুখের কথায় কি হয়, কাজে করে দেখাতে হয়। মুখের সামনে—সাক্ষাতে; অসাক্ষাতে বা গোপনে নহে; সম্মুখে। যত বড় মুখ নয় তত বড় কথা—বয়সের, অবস্থার ক্ষমতার অতিরিক্ত বাক্‌পারুষ্য; অন্যায় বা অশোভন স্পর্দ্ধা।

মুখচন্দ্রিকা (চোন্‌দ্রিকা) বি, বর কন্যার শুভদৃষ্টি। প্র—"হেনমতে শ্রীমুখ চন্দ্রিকা করি রসে। বসিলেন প্রভু লক্ষ্মী করি বাম পাশে॥"—চৈ, ভা।

মুখচ্ছবি [মুখ (তাহার) ছবি, ৬তৎ] বি, মুখের লাবণ্য; মুখশোভা; মুখশ্রী। প্র—'প্রসন্ন মুখচ্ছবি"—রবি।

মুখজ [মুখ—জ (জাত)] বিণ, মুখজাত। ২। মুখ্য; প্রধান। ৩। দন্ত। ৪। ব্রাহ্মণ।

মুখটি [সং—মুষ্টি। মুকটি দ্রঃ] বি, মুষ্টি। ২। [মুখ+টি (ত্রাণ হইতে)] বি, মুখাবরক।

মুখটি, মুখুটি [মুখ (প্রধান) টি (গোষ্ঠী বা কুলপতি হইতে)] বি, কুলীন ব্রাহ্মণের উপাধি-বিশেষ; মুখোপাধ্যায়। ফুলের মুখটি—শান্তিপুর ফুলিয়া গ্রামের মুখোপাধ্যায় বংশ। প্র—"শ্রীগোপাল ছোট সবে ফুলের মুখটি।"—অ, ম।

মুখড়, মুখাড় (ড়্) [মুখ+আড় (অট্—গমনে)] বিণ, মুখ্য; প্রধান। ২। গবাদি পশুর মুখবন্ধন রজ্জু। ৩। (মুখোড়) মুখর।

মুখবংশ [মুখ (প্রধান) বংশ] বি, মুখ্যবংশ; কুলীন; মুখোপাধ্যায় বংশ। প্র—"গোত্রের প্রধান পিতা মুখবংশজাত।"—অ, ম।

মুখবন্ধ—বি, পুং, গ্রন্থাদির ভূমিকা।

মুখবাসন (বাশন্) [মুখের বাসন (সুগন্ধি করণ)] বি, পুং, মুখের দুর্গন্ধনাশক দ্রব্য: তাম্বুল কর্পূরাদি মুখসুগন্ধিকারক দ্রব্য।

মুখর (র্) [মুখ (মুখনির্গত কথা)+র (অস্ত্যর্থে)] বিণ, অতিভাষী; অতিবক্তা; বাচাল। প্র—"প্রখর মুখর বড় অলঙ্কার কুণ্ড। সভা মধ্যে কয় কথা ঘন নাড়ে মুণ্ড॥"—কবিক। ২। যে অগ্রে কথা বলে; অগ্রভাষী। ৩। অপ্রিয়ভাষী; দুর্মুখ। ৪। শব্দায়মান। প্র—"মুখর কুসুমে দে লো নূপুরিয়া চরণে"—অপূর্ব্ব ব্রজাঙ্গনা। ৫। বি, পুং, শঙ্খ। স্ত্রী, মুখরা।

মুখরিত [মুখর+ইত (যুক্তার্থে)] বিণ, শব্দিত; ধ্বনিত; শব্দায়মান। প্র—"মুখরিত দশ দিশি"—রবি।

মুখরুচি [মুখ—রুচি (শোভা, কান্তি)] বি, মুখশ্রী; মুখকান্তি। প্র—"মুখরুচি কত শুচি করিয়াছে শোভা"—মহা (কাশী)।

মুখশুদ্ধি [মুখের শুদ্ধি হয় যাহা দ্বারা] বি, স্ত্রী, হরীতকী, পান সুপারি প্রভৃতি। ২। দন্ত ও মুখ প্রক্ষালন।

মুখশোষ (ষ্) [মুখ—শোষ (শুষ্কতা)] বি, মুখের শুষ্কভাব। প্র—"সীতা, লক্ষ্মণের মুখশোষ ও স্বর বৈলক্ষণ্য দর্শনে অধিকতর কাতর হইয়া জিজ্ঞাসা করিলেন"—বিদ্যাসাগর।

মুখশ্রী (মুখস্সি) [মুখ—শ্রী (লাবণ্য)] বি, মুখকান্তি।

মুখস, মুখোস (শ্, শ্) [সং—মুখকোষ সংক্ষেপে—মুকোষ (গ্রা); মুখোস। তুল—ফা—মুহ্‌পোষ। ইং—mask] বি, মুখাবরণ; ছদ্মমুখ। প্র—"দুঃখের মুখস পরা সংসারের সুখ।"—অশোকগুচ্ছ। ২। অশ্বের মুখবন্ধনী; muzzle; bit of a bridle. প্র—' চিবাইয়া মুখস"—মেঘনাদ।

মুখসাট (মুখ্‌শাট্) [মুখ—সাট—সাপট (ঝামট—ঝাপট দ্রঃ)] বি, মুখতাড়া; ধমক। প্র—"মুখসাট মারে মাগ মাগী তার কর্ত্তা।"—শিবায়ন। ২। মুখের বড়াই; বাক্‌চাতুর্য্য। প্র—"মুখ সাপটে দড়"—হেম বন্দ্যো।

মুখস্থ [সং—কণ্ঠস্থ শব্দের অনুকরণে গঠিত] বিণ, কণ্ঠস্থ। ২। মৌখিক; বাহ্য; আন্তরিক নয়। প্র—মুখস্থ ভালবাসা।

মুখস্থিত (মুখস্থিত) [মুখে—স্থিত] বিণ, মুখস্থ। ২। মুখন্যস্ত।

মুখাকৃতি [মুখের আকৃতি, ৬তৎ] বি, মুখাবয়ব।

মুখাগ্নি [মুখ (শবমুখে) দেয় যে অগ্নি, ৭তৎ ম, প, লো—কর্ম্মধা] বি, মৃতসৎকার কালে শবের মুখে স্পর্শ করাইবার অগ্নি; শবদাহকালে শবের মুখে অগ্নি প্রদানরূপ সংস্কারবিশেষ।

মুখান (নো) [মুখ (উন্মুখ, প্রমুখ)+আন (ক্রিয়ায়)] ক্রি, উন্মুখ হওয়া; প্রস্তুত থাকা। প্র—"ছেলেরা যাবার জন্য মুখিয়ে আছে।

মুখানি [মুখখানির সংক্ষেপ (পদ্যে)] বি, মুখখানি। প্র—"মুখানি দেখিতে চায়।"—রবি।

মুখাবয়ব (ব্) [মুখের অবয়ব, ৬ তৎ] বি, মুখাকৃতি; মুখশ্রী।

মুখামৃত (মুখাম্রিত) [মুখের অমৃত] বি, মুখস্রাব; থুথু; অধরসুধা। ২। মুখের মিষ্ট; অমিয়বাক্য।

মুখী, কী [মুখ+ঈ (ক্ষুদ্রার্থে)] বি, অঙ্কুর; কল। প্র—ওলের মুখী। ২। বিণ, আনন-বিশিষ্ট।

মুখুজ্জে [মুখোপাধ্যায় হইতে, উপাধ্যায়=ওঝা—বিকারে উজ্জে] বি, মুখ্য কুলীন; মুখোপাধ্যায়। প্র—"প্যারিস দ্বীপ ইংরেজের দ্বারা অধিকৃত হওয়ার সম্বন্ধে ত্রৈলোক্যনাথ মুখুজ্জে মহাশয়ের বিলাত ভ্রমণ নামক পুস্তকে একটি সুন্দর গল্প কথিত আছে"—বিলাত ভ্রমণ (মল্লিক)।

মুখ্য (ন্) [মুখ (প্রধান)+য] বিণ, প্রধান; প্রথম; শ্রেষ্ঠ। ২। অগ্রণী; আদি।

মুখ্যকুলীন—বি, কুলীনের অগ্রগণ্য; শ্রেষ্ঠ কুলীন। প্র—"ঘোষ, বসু, মিত্র, মুখ্য কুলীনের কন্যা। বিবাহ করিল তিন রূপে গুণে ধন্যা॥"—অ, ম।

মুখ্যতর (মুখ্‌খ) [মুখ্য+তর (উৎকর্ষে)] বিণ, সর্ব্বপ্রধান। ২। সারাৎসার। স্ত্রী, মুখ্যতরা—সর্ব্বপ্রধানা; সারাৎসারা। সম্বোধনে "মুখ্যতরে!" প্র—"জয় চণ্ড-বিনাশিনি! মুণ্ডনিপাতিনি! দুর্গ বিঘাতিনি! মুখ্যতরে!"—ভারত।

মুগ (গ্) [মুদ্গ শব্দজ] বি, মুগ কলাই। মুগ টোপা—গোটা মুগ সিদ্ধ। মুগ-সাউলী,—সামলী—বি, মুগের ডাইল দ্বারা প্রস্তুত পিষ্টকবিশেষ। প্র—"কলাবড়া মুগ সাউলী ক্ষীরমোহন ক্ষীরপুলি"—কবিক। মুগের লাড়ু—চিনির পাক করা ঘৃতে ভাজা মুগ চূর্ণের মিঠাই।

মুগা [অস—মুগা (মুগবর্ণ বলিয়া)—পলুবিশেষ] বি, মুগা কীট; a muga coccoon. ২। মুগা কীটজাত রেশমের বস্ত্র; muga silk.

মুগুর (র্) [সং—মুদ্গর] বি, মুদ্গর; গদা। ২। বাটালিতে ঘা দিবার জন্য কাঠের হাতুড়ি।

মুগ্ধ [মুহ্ (অচেতন হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, মূর্চ্ছিত; মোহপ্রাপ্ত। প্র—"দেখি রাজা মুগ্ধ হয়ে পড়েন ধরণী"—মহা-কাশী। ২। মোহিত। ৩। মূর্খ; নির্ব্বোধ। স্ত্রী, মুগ্ধা। বি, মুগ্ধতা। মুগ্ধ-চিত্ত—মোহিত মন।

মুগ্ধদৃষ্টি—বি, বিমোহিত আঁখি। মুগ্ধ-নয়ন,—নেত্র—মুগ্ধদৃষ্টি। প্র—"মুগ্ধ নয়ন মম পুলকিত মোহিত মন"—ব্রহ্মসঙ্গীত। মুগ্ধ হৃদয়—বিমোহিত চিত্ত।

মুগ্ধবোধ (ধ্) [মুগ্ধ (অবোধ)—বুধ্+ণিচ্=বোধি (বুঝান)+অ (করণে) অল্, যাহা দ্বারা অবোধকেও বুঝান যায়] বি, স্ত্রী, বোপদেব কৃত ব্যাকরণ।

মুগ্ধা [মুগ্ধ (দ্রঃ)+আপ্ (স্ত্রী)] বিণ, মোহিতা। ২। মুর্চ্ছিতা ৩। বি, স্ত্রী, নবোঢ়া : নববিবাহিতা। ৪। নায়িকাবিশেষ।

মুচকি, মুচুকি (চ্) [সং—মুখকুঞ্চিত। হি—মুস্‌কুরানা, মুস্‌কানা] বিণ, মুখকুঞ্চিত করিয়া : ঈষৎ : পরিমিত : মৃদু। মুচকি হাসি—মৃদু হাস্য ; smile. প্র—"মুচকি হাসির সুধার বৃষ্টি চলছে আজি জগৎ জুড়ে॥"—রবি। "আমরা মুচকে হেসে বিনোদ বেশে বাজিয়ে যাব মল"—ইন্দিরা (বঙ্কিম)। মুচু-কাই—[ব্রজ] অস-ক্রি, মুচকিয়া। প্র—"হাসত না হাসত মুখ মুচুকাই॥"—জ্ঞান।

মুচঙ্গ (মুচংগ) বি, বাদ্য যন্ত্রবিশেষ।

মুচড় (ড়্) [গ্রা—মোচোড়। সং—মুচুটী] বি, দুমড়ন : পাক।

মুচড়ান (নো) [মুচড় (দ্রঃ)+আন। উ-পু—মুচড়াই। ম-পু—মুচড়াও। প্র-পু—মুচড়ায়। অস-ক্রি—মুচড়াইতে ; মুচড়াইয়া, মুচড়ে] ক্রি, মচকান : পাকান ; দুমড়ান। প্র—"পাছাড়িয়া মুচড়িয়া ভাঙ্গে কার ঘাড়।"—শিবায়ন।

মুচলম, মুছলম, মুছলুম, মুছলুমে, মচল্লুম (চ্, ছ্, ম্) [আ—মুসল্লম্ (আস্ত, গোটা, সমস্ত)] ক্রি-বিণ, এককালে : একবারে।

মুচলেকা (চ্) [আদাঃ—পরিঃ। তুর্কী—মুচ্‌লকা] বি, বিশেষ সর্ত্তে অঙ্গীকার পত্র ; প্রতিশ্রুতি ভঙ্গ করিলে দণ্ড স্বীকার করিয়া যে অঙ্গীকার পত্র লিখিত হয়।

মুচি, মুচী [চর্ম্মকার হইতে চর্ম্মআর—চামার—অস—মুচীয়ার। হি—মোচী] বি, চর্ম্মকার। প্র—"মুচি হয়ে শুচি হয় যদি কৃষ্ণ ভজে। শুচি হয়ে মুচি হয় যদি হরি ত্যজে॥"—চৈতন্যচরিতামৃত। স্ত্রী, মুচিনী।

মুচি, মুছী [সং—মূষা, মূষিক (রাসাঃ পরিঃ) হইতে] বি, স্বর্ণাদি ধাতু গলাইবার পাত্র। ২। আস্কে পিঠা প্রস্তুত করিবার নিমিত্ত মাটির খুরা দেওয়া ছোট সরা : মুচি খোলা। প্র—"খোলায় পিটুলি দেন হয়ে অতি শুচি। ছ্যাক্ ছ্যাক্ শব্দ হয় ঢাকা দেন মুচি॥"—ঈশ্বরগুপ্ত। ৩। কচি নারিকেল।

মুচুকুন্দ, মুচ্‌কুন্দ [মুচ (মোচন করা)+উ (কর্ত্তৃ)=মুচু—কন্দ] বি, পুং, মহারাজা মান্ধাতার পুত্র। প্র—"মুচুকুন্দে রাখি রণে বিবা দেহ ত্রিলোচনে"—শিবায়ন। ২। দৈত্য-বিশেষ। ৩। মুনিবিশেষ। ৪। কনক চাঁপার ন্যায় পুষ্পবৃক্ষবিশেষ।

মুচুটী [সং। মুচ্, বা মুট্ শব্দ হইতে] বি, মুষ্টি ; মুঠা। ২। আঙ্গুল মটকান।

মুচ্ছুদ্দী, মুৎসদ্দী [আ—সদউন=ভার লওয়া যে কোন কাজের ভার লয় সে মুৎসদ্দী (আ)] বি, হেডক্লার্ক ; ম্যানেজার ; কার্য্যাধ্যক্ষ।

মুছলমান (ল্, ন্) [স=ছ] বি, মুসলমান (দ্রঃ)।

মুছা [মাজা (মৃছ্ (মার্জনে) ধাতুজ। উ-পু—মুছি। ম-পু—মুছ। প্র-পু—মুছে। অস-ক্রি—মুছিতে ; মুছিয়া, মুছে। ণিজন্ত—মুছান] ক্রি, মোচন করা ; ক্ষালন করা ; পরিষ্কার করা। প্র—"মুছিয়া চন্দন, লেপি ভস্ম কলেবরে"—বীরাঙ্গনা।

মুছাপের (র্) [ফা—মুসাফির্ হইতে। স—ছ, ফ=প] বি, যাত্রী। ২। অতিথি। প্র—"মুছাপের দিব্য কর মাথায় দিয়া হাত।"—মনসামঙ্গল (বিজয় গুপ্ত)।

মুজরা (জ্) [আ—মুজ্‌রা] বি, নৃত্যগীতের প্রতিযোগিতা। ২। মাফ ; ছাড়। প্র—সুদের কিছু টাকা মুজরা করে দিয়েছে।

মুঞি [আমি দ্রঃ। প্রা-বাং] স, আমি। প্র—"মুঞি অভাগিনী পাছু না গণিলাম ভুবন ভরিল লাজে"—কবিশেখর।

মুঞ্জ [মুঞ্জ্ (শব্দ করা)+অ (কর্ত্তৃ—অচ্) সংজ্ঞার্থে] বি, পুং, শরতৃণ ; মুজ : এই ঘাসে রজ্জু প্রস্তুত করা হয়। মুঞ্জকেশ,—কেশী—বিণ, মুঞ্জের ন্যায় সুন্দর কেশবিশিষ্ট। ২। নারায়ণ।

মুঞ্জরা [মুঞ্জরি দ্রঃ] ক্রি, মুঞ্জরিত বা মুকুলিত হওয়া। প্র—"হরি নামের গুণে গহন বনে শুষ্ক তরু মুঞ্জরে।"—গান।

মুঞ্জরী [মুঞ্জর+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, পদ্মকেশর। ২। শীষ ; ফুল। বিণ, মুঞ্জরিত—মুকুলিত তুলসী মুঞ্জরী—তুলসী পুষ্প।

মুট, মুঠ (ট্, ঠ্) বি, মুষ্টি। প্র—বজ্রমুঠ। ২। ধরিবার হাতল ; বাঁট। প্র—"কিনিল মহিষা ঢাল তাড়ীপত্র করবাল মুট যার বিচিত্র পুরটে।"—কবিক। ৩। অনুকার শব্দ। মুট মুট—যাহা সহজে ভাঙ্গিতে পারা যায় এরূপ সরু ও শুষ্ক বস্তু ভাঙ্গিবার শব্দ। বিণ, মুটমুটে।

মুটকি [মুকট দ্রঃ] বি, মুষ্টি। প্র—"মুটকি মারিল মুণ্ডে।"—কবিক।

মুটা, মুটি, মুটো [মুষ্টি দ্রঃ] বি, মুষ্টি : সঙ্কুচিত করতল। প্র—"মাটী মুটা ধর যদি সোণা মুটা হবে।"—অ, ম। "মুটি মুটি ছুটি ছুটি খায় কতবার।"—কুঙ্কুম। মুটিয়া, মুটে [মোট (দ্রঃ)+ইয়া। তামিল—মূট্টৈ হইতে—মোটিয়া=মুটিয়া সংক্ষেপে—মুটে] বিণ, ভারবাহক ; মোটবহনকারী। ২। মজুর। প্র—"মুটেদের ডাকি কুলি"—দ্বি-রায়। মুটে মজুর—বি, দরিদ্র শ্রমিক ; যাহারা গতর খাটাইয়া খায়।

মুটমহাত (ত্) [মুট (মুষ্টি) ম (সীমার্থে)] বি, কনুই হইতে বদ্ধমুষ্টি পর্য্যন্ত পরিমিত।

মুঠকি [মুষ্টি—মুঠি, মুঠকি] বি, মুষ্টি ; কিল ; ঘুষা। প্র—"চরণ প্রহার আর মুঠকি তাড়ন।"—মহা—বিজয়। "মারি বজ্র মুঠকি পাষাণে করে গুঁড়া"—ধনরাম।

মুঠা, মুঠি, মুঠো [মুষ্টি দ্রঃ] বি, মুষ্টি ; মুঠ। প্র—"দৃঢ় করি নিল মুঠি"—শূ-পু। ২। খড়্গাদির মুঠা করিয়া ধরিবার স্থান ; মুঠ। মুঠা মুঠা, মুঠি মুঠি—উপর্য্যুপরি বহু মুষ্টি। প্র—"মুঠা মুঠা লয় কুড়ায়ে"—রবি। "মুঠি মুঠি তুলি রতন কণিকা।"—ঐ। মুঠার মধ্যে—করায়ত্ত ; অধিকারের ভিতর।

মুড় (ড়্) [সং—মুণ্ড হইতে] বি, মস্তক ; মাথা। প্র—"পরের বচনে চাকিনু বদনে খাইনু আপন মুড়।"—চণ্ডীদাস। মাথা মুড়—মাথা মুণ্ড।

মুড়, মুড়া, মুড়ো (ড়ো) [সং—মুণ্ড] বি, মৎস্যাদির মাথা ; মুণ্ড। প্র—"বৃহৎ মুটিঙ্গ দিল রোহিতের মুড়া"—শিবায়ন।

মুড় (ড়্) [মুট দ্রঃ। শব্দাত্মক] বি, অনুকার শব্দ। মুড় মুড় [মৃদুলার্থে—মুর্ম্মুর। মর্ম্মর দ্রঃ। র=ড়] বি, অতি শুষ্ক হালকা জিনিষ ভাঙ্গিবার মৃদু শব্দ। বিণ, মুড়মুড়ে। প্র—পাঁপড় গুলা বেশ মুড়মুড়ে করিয়া ভাজ।

মুড়কী (ড়্) [ম (মো—মধু) উড়কী (উড়কী ধানের খই)—মধু মিশ্রিত খই] বি, মধু গুড় অথবা চিনির রসে পাক-করা খই। মুড়কী মাখা—খয়ে গুড় বা চিনির রস মাখা। মুড়কীর মোয়া—গুড় বা চিনির রসে মাখা খয়ের মোদক। খই মুড়কী—খই এবং মুড়কীরূপ জলপান। চিঁড়া মুড়কী—চিঁড়া দ্রঃ। চিনির মুড়কী—চিনি দ্রঃ।

মুড়কা মুড়কী—মুড়কী দ্রঃ। মুড়কী মাদুলী—মুড়কীর আকারে গঠিত দানাযুক্ত কণ্ঠালঙ্কারবিশেষ ; প্রাচীনকালের ভূষণ। মুড়কী মুখী—বিণ. মিষ্টভাষিণী ; অন্তরে যাহাই থাকুক মুখে যাহার মধুমাখা কথার স্রোত বহে। প্র—"মুড়কী মুখী ময়না দিদি" —দীনবন্ধু মিত্র।

মুড়ন (ন্) [মুণ্ডন শব্দজ] বি. কেশ ছেদনরূপ সংস্কার।

মুড়লা, মুড়েলা [মুড় (দ্রঃ) + লা (বালা)] বি. মৌড় ; বিবাহার্থী বরের মুকুট ; কন্যার সাঁখি মৌড়। প্র—"দ্বিজ সুতা বান্ধে হাতে বান্ধিল মুড়লামাথে।"—কবিক। ২। চূড়া। ৩। শিরোভূষণ। প্র—"ত্রিশূল শিরে বান্ধিল মুড়লা।"—কবিক।

মুড়লা (ড়ো) [মুড়েলা দ্রঃ] বি. প্রাচীরের সর্বোচ্চ স্তবক। প্র—"মুড়লী বড়িয়া তথি আরোপিল কাট।"—কবিক।

মুড়া [সং—মুণ্ডন : হি—মুণ্ডা : বাং—মুড় = মুড়া] বিণ. সৌষ্ঠবহীন। ২। ভূষণবিহীন : নিরাভরণ। ৩। মুণ্ডিত মস্তক : কর্তিতকেশ : বৃক্ষাদির অগ্রভাগ ভগ্ন বা কর্তিত : মুণ্ডিত : মুড়ান। প্র—"বারবার ঠেলায় ফেলায় বৃক্ষ মুড়া"—ঘনরাম। ৫। ছিন্ন বস্ত্র ; যে বস্ত্রের অগ্রভাগ ছিন্ন বা কর্তিত হইয়াছে। প্র—"ছ মাসের খুঞা খানি তৈল মোটা গুঁড়া। লহনা প্রসাদ কেল একখানি মুড়া।"—কবিক। ৬। অকৃত্রিম : অবিমিশ্রিত। ৭। অতীক্ষ্ণ : ভোঁতা। ৮। ক্রি. মুড়িয়া রাখা। প্র—"অঙ্গুলী মুড়িয়া যায় মালিনী ফিরিয়া চায় চুঁয়ে যায় বাদিয়ার দাপনা।"—চণ্ডীদাস।

মুড়ান (নো) [মণ্ডন শব্দজ। উ-পু—মুড়াই। ম-পু—মুড়াও : মুড়ান : মুড়া। প্র-পু—মুড়ায়। অস ক্রি—মুড়াইতে : মুড়াইয়া : মুড়িয়ে] ক্রি. মুণ্ডন করা। প্র—"গুরু কাছে মাথা মুড়ায়েছি একবার।"—অ. ম। বি. **মুড়ন**।

মুড়ি [তামিল—মুডি (আবরণ)। হি—মোড়না] বি. আবরণ : আচ্ছাদন। প্র—"ঞ্কে ভস্ম মুড়ি দিয়া"—অশোকগুচ্ছ।

মুড়ি, মুড়া [মুড় দ্রঃ] বি. মুণ্ড : মাথা : মুড়ো। প্র—পাঁঠার মুড়ী। **মুড়ি ঘণ্ট**—মাছের মুড়ার ব্যঞ্জনবিশেষ।

মুড়ী (মুড়ি) [মুড় মুড় শব্দ হইতে] বি. উত্তপ্ত বালিতে ভাজা চাউল। কিন্তু ভাজা চাল বা চাল ভাজা বলিতে যাহা বুঝায় মুড়ী তাহা হইতে বিভিন্ন প্রকার। চাল ভাজা শক্ত ভারি এবং প্রায় আরক্তলা বর্ণ কিন্তু মুড়ী অতি শুভ্র, মুড় মুড়ে এবং অতি লঘু।

মুড়ুনি, মুড়নি [মুণ্ডন দ্রঃ] বি. দণ্ডস্বরূপ মস্তকমুণ্ডন। ২। বিণ, যে মস্তকমুণ্ডনরূপ দণ্ড পাইয়াছে।

মুড়ো [সং—মুণ্ড] বি. মস্তক ; মুণ্ড। ২। মৎস্যাদির মস্তক : মুড়ী। ৩। প্রান্ত। প্র—এ মুড়ো থেকে ও মুড়ো পর্যন্ত। ৪। ক্ষয়প্রাপ্ত বা কর্তিত অগ্রভাগ। **মুড়ো ঝাঁটা**—ক্রমাগত ব্যবহারে যে খ্যাংরার অগ্রভাগ বা মুখ ক্ষয়প্রাপ্ত ও সূচাল হইয়াছে। প্র—"এই মুড়ো ঝাঁটা মুখে মারব।"—নবীনতপস্বিনী। "ঝি! ঝি! ওই তোর মুড়ো ঝাঁটা দিয়া। অলক্ষ্মী মাগীরে ঝাট দেরে তাড়াইয়া।"—অশোকগুচ্ছ। **মুড়ো মুড়ী**—সোজা সুজি কোথাও থামিয়া বা বিশ্রাম না করিয়া এক টানা : সোজা একপ্রান্ত হইতে অন্য প্রান্তে।

মুণ্ড [সং] বি. মস্তক : মাথা। প্র—"মৌন তুণ্ড হেটমুণ্ড দক্ষ মৃত্যু জানিছে।" "কেহ ধায় মুষ্টি খায় মুণ্ড ছিণ্ডি আনিছে"—অ. ম। ২। রাহুগ্রহ। ৩। দানববিশেষ। **মুণ্ড ঘুরে যাওয়া**—আকস্মিক ভয়, দুর্ভাবনা প্রভৃতি উত্তেজনায় মস্তিষ্ক বিভ্রান্ত হওয়া। **মুণ্ডচ্ছেদ, ছেদন**—মস্তক-কর্তন। **মুণ্ডফল**—[মুণ্ড সদৃশ বলিয়া] নারিকেল ফল। **মুণ্ডমালা**—নরমুণ্ডের মাল্য। বিণ. **মুণ্ডমালী**—কপালমালী : মুণ্ডমালাধারী। **মুণ্ডশালি**—বি. ধান্যবিশেষ : বোরোধান।

মুণ্ডক (ক্) [মুণ্ড্ (মণ্ডন করা) + অক (কর্তৃ সংজ্ঞার্থে)] বি. পুং. মুণ্ডনকারী : ক্ষৌরকার। ২। [মুণ্ড + অক (স্বার্থে)] বি. স্ত্রী. মস্তক। উপনিষৎবিশেষ।

মুণ্ডন (ন্) [মুণ্ড + অন (ভাবে- অনট্)] বি. মুড়ন : মস্তক কেশশূন্যকরণ। বিণ. **মুণ্ডিত**—কৃত মণ্ডন।

মুণ্ডী [মুণ্ড হইতে—মুণ্ডী—মুড়ি] বি. মুণ্ড : মাথা। **আউদড় মুণ্ডী**—আদুড় মাথা। প্র—"যে গৃহিণী আউদড় মুণ্ডী।"—ডাক। **নাণ্ডা-মুণ্ডী**—নেড়ামুড়া : কেশহীনা। প্র—নির্দ্ধন হবে নাণ্ডা মুণ্ডী।"—ডাক।

মুণ্ডী [মুণ্ড—ক্ষুদ্রার্থে ঈ। বৃহদর্থে—মোণ্ডা] বি. ক্ষুদ্র গোলাসন্দেশ। **রস মুণ্ডী**—রসগোল্লার পাকের ক্ষুদ্র ক্ষুদ্র গুটিকা।

মুণ্ডী [মুণ্ডিন্ শব্দ ১মা. ১ব] বিণ. মুণ্ডনকারী। ২। বি ক্ষৌরকার।

মুত (ত্) [মূত্র অপভ্রংশে] বি. মূত্র : প্রস্রাব। **পুতের মুতে কড়ি**—পুত্র সন্তান যেমন তেমন করিয়া উপার্জ্জন করিবে।

মুতফরকা [আ—মতফ্‌ফোরীকাৎ। দ্রুত উচ্চারণে মুফর্ক্কাৎ, মুৎফরকাৎ (গ্রা)] বিণ, বিবিধ সামগ্রী ; পাঁচরকম জিনিস ; sundries.

মুতা, মোতা [মত (দ্রঃ) + আ (ক্রিয়া-বিভক্তি) । উ-পু—মুতি। ম-পু—মুত, মোত : মুতুন্ ; মুত্, মোত্। প্র-পু—মুতে, মোতে ; মুতেন, মোতেন। অস-ক্রি—মুতিতে ; মুতিয়া, মুতে। ণিজন্ত—মুতান, মোতান] ক্রি, মূত্র ত্যাগ করা ; প্রস্রাব করা। প্র—"বরযাত্র প্রেত ভূত দাঁড়াইয়া মুতে"—অ. ম।

মুতাবেক (মু) [আ—মুতাবিক্] বিণ, অনুযায়ী ; অনুরূপ।

মুতালেক (ক্) [আ—মুতাআল্লিক্] বিণ, সংক্রান্ত ; সম্বন্ধীয়।

মুথা [হি—মোথা। বাং-গ্রা—মুতো (সং—মুস্ত—প্রাকৃ—মুত্ত)] বি, ক্ষুদ্র কন্দযুক্ত তৃণ বিশেষ ; মুস্তক ; cyperus rotundus. প্র—"আনিল মুথা শিকড়।"—চণ্ডী। **নাগর মুথা**—মুস্তক ভেদ।

মুদর্নী [অস—মুধ (সং—মূর্দ্ধা)—যাহা মূর্দ্ধায় অবস্থিত] বি. চালের মাথার কাঠ : মটকা।

মুদা [মুদ্ (হৃষ্ট হওয়া) ধাতুজ। উ-পু—মুদি। ম-পু—মুদ্ : মুদ্রন ; মুদ্। প্র-পু—মুদে, মুদয়ে : মুদেন। অস-ক্রি—মুদিতে ; মুদিয়া, মুদি (পদ্যে), মুদে। ণিজন্ত—মুদান] ক্রি, মুদ্রিত করা ; ঢাকা। প্র—"তোহারি নাম শুনয়ে যব সুন্দরী শ্রবণে মুদয়ে দুই পাণি"—বিদ্যাপতি। "মুদব নয়ন শেষে"—রবি। ব্রজ—**মুদই**—মুদিত করে ; ঢাকে। প্র—"মুদই দুই আঁখি।" —বি. প। মুলা দ্রঃ।

মুদা [মুদ্রা হইতে] ক্রি. মোড়া : ঢাকা। ২। বি. চাল ছাইবার জন্য খড়ের মুড়া বাঁধা আটি।

মুদাফত (ত্) [ফা—মুদাফৎ] বি, ভূম্যাদির পূর্ব্ব অধিকারী।

মুদাম (ম্) [আ] বিণ, স্থায়ী। ২। নিরবচ্ছিন্ন।

মুদি, মুদী [হি—মোদী] বি. চাউল দাইল তৈল ঘৃতাদির দোকানদার ; a grocer. স্ত্রী, **মুদিনী**। **মুদিখানা**—মুদির দোকান।

মুদিত [মুদ্ (হৃষ্ট হওয়া) + ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, হৃষ্ট ; আহ্লাদিত ; প্রীত। ২। নিমীলিত ; মুদ্রিত ; অবিকসিত। প্র—"মুদিত কুঁদে বাঁধা বাজু"—গান।

মুদ্গ [সং] বি. পুং, মুগ কলাই। **মুদ্গপর্ণী**—বনমুগ ; মুগানী। **মুদ্গমোদক**—মুগের লাড়ু ; মুগের মিঠাই।

মুদ্গর (র্) [মুদ্ (হর্ষ) গৄ (বৃদ্ধি পাওয়া) + অ (করণে—অল্) যাহা দ্বারা শরীরে হর্ষ ও বল বৃদ্ধি হয়] বি, পুং, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ। ইহার আকার বর্ত্তুল, পরিধি এক হস্ত পরিমিত, মূলদেশ কৃশ, স্কন্ধদেশ স্থূল,

মস্তকে শীর্ষক থাকে না। ইহা লম্বে তিন হাত মুষ্ঠযুক্ত। ইহার গুরুত্ব অষ্টভার অর্থাৎ ২০ মণ। ইহার কার্য্য ঘূর্ণন ও নিপাতন। গদা দ্রঃ। [দ্রঃ—এক ভার=৮০০ তোলা×৮= ২০ মণ। এই গুরুভার মুদ্গার ভারতীয় যোদ্ধারা অবলীলাক্রমে পরিচালনা করিতেন]। ২। মুগুর : কাষ্ঠময় বড় হাতুড়ী। **মুদ্গর মৎস্য**—বি. মাগুর মাছ।

মুদ্গল (ল্) [সং] বি. পুং. হর্য্যশ্ব রাজার পুত্র। ২। গোত্র প্রবর্ত্তক ঋষিবিশেষ। ৩। তৃণবিশেষ। ৪। পুষ্প বৃক্ষবিশেষ।

মুদ্দৎ [ফা] বি. সময়ের ব্যাপ্তি। ২। বহুকাল : বহুদিন। ২। [আদাঃ পরিঃ] মেয়াদী সময় ; ধার্য্যকাল। বিণ. **মুদ্দতী**—নির্দ্দিষ্ট কালীন। ২। যাহার মেয়াদীকাল গত হইয়াছে। প্র—মুদ্দতী হুণ্ডি।

মুদ্দাই [ফা] বি. বাদী : বিচারার্থী : ফরিয়াদী। ২। বিপক্ষ ; প্রতিকূল। প্র—"মধ্যস্থ মুদ্দাই হয়ে দেয় ভুলাইয়া"—অ. ম।

মুদ্দালেহ্ [ফা—মুদ্দা—আ=লেহ্] বি. প্রতিবাদী ; আসামী।

মুদ্রণ (ন্) [মুদ্রা+ণিচ্=মুদ্রি+অন (ভাবে) অনট্] বি. ক্লী. মুদ্রিত করণ ; নিমীলন। ২। ছাপ ; impression ; printing. ৩। হাতের আংটী। ৪। নিয়মন। স্ত্রী. **মুদ্রণা**। **মুদ্রণ ব্যয়**—ছাপাই খরচ।

মুদ্রা (মুদ্‌দ্রা) [সং—মুদ্ (হর্ষে)—যাহা হৃষ্ট করে] বি. রাজার নামাঙ্কিত স্বর্ণ রৌপ্যাদি নির্ম্মিত চক্রিকা ; মোহর, গিনি, টাকা, পয়সাদি। ২। নামের মোহর। ৩। ছাপ ; শরীরে ধারণীয় বিষ্ণুর চরণচিহ্ন, রথাঙ্গ, শঙ্খাদি চিহ্ন। ৪। ছাপের অঙ্গুরীয়ক। ৫। ছাপার অক্ষর। ৬। গীতবাদ্যের কালে অঙ্গপ্রত্যঙ্গ বা মুখের নানা ভঙ্গি। ৭। [তন্ত্রে] দেবারাধনাকালে দেবতার প্রীত্যর্থে করাঙ্গুলি রচনাবিশেষ ; অঙ্গুলি ন্যাস। অর্চ্চনে, জপকালে, ধ্যানে, কাম্যে, কর্ম্মে, এবং স্নানাবাহনাদিতে ইহার প্রয়োজন। অভয়, বর, অঙ্কুশ, ধেনু, শঙ্খ ত্রিশূল, বিম্ব, পরশু প্রভৃতি মুদ্রা বহুপ্রকার। **মুদ্রাকর**—মুদ্রাযন্ত্রে অক্ষর যোজনাকারী ; printer. **মুদ্রাকর-প্রমাদ**—ছাপার ভুল। **মুদ্রাঙ্কন**—মুদ্রণ ; ছাপান। বিণ. **মুদ্রাঙ্কিত**—ছাপা ; মোহর করা ; মুদ্রিত। **মুদ্রাদোষ**—বাগ্‌ভঙ্গি অঙ্গভঙ্গি প্রভৃতি। **মুদ্রাযন্ত্র**—মুদ্রণযন্ত্র ; ছাপার কল ; press. **মুদ্রা-যন্ত্রালয়**—ছাপাখানা। **মুদ্রারক্ষক**—(রোক্‌ধক্) কোষাধ্যক্ষ ; খাজাঞ্চি। **মুদ্রা-লিপি**—বি. ছাপার অক্ষর। **মুদ্রাশঙ্খ**—বি. বিষাক্ত খনিজ পদার্থবিশেষ।

মুদ্রিকা (মুদ্‌দ্রিকা) [মুদ্রা+ক (আপ) স্ত্রী] বি. স্ত্রী মোহর, টাকা, পয়সা প্রভৃতি স্বর্ণাদি ধাতুতে নির্ম্মিত মুদ্রা। ২। মুদ্রালিপি : ছাপার অক্ষর।

মুদ্রিত (মুদ্‌দ্রিত) [মুদ্রা+ইত (যুক্তার্থে) বিণ. ছাপা। ২। মুদ্রাচিহ্নিত। ৩। নিমীলিত। ৪। অবিকসিত ; অপ্রফুল্ল। ৫। সঙ্কুচিত।

মুনফা [আ—মুনফাআৎ] মুনাফা দ্রঃ।

মুনসিব (মুন্‌শিব্) [আ—মুন্‌সিফ্] বি. পরিদর্শক ; পরিচালক। প্র—"জুড়িয়া ক্রোশেক বাট বসিল প্রেতের হাট মুনসিব সর্ব্বমঙ্গলা।"—কবিক।

মুনসেরিম (মুন্‌শেরিম্) [আ—মুন্‌সেরীম্] বি. জজ আদালতের প্রধান কেরাণী। ২। বন্দোবস্ত বিভাগীয় অধস্তন কর্ম্মচারী।

মুনা [ব্রজ। মুদ্রণ হইতে। উ-পু—মুনি। ম-পু—মুন। প্র-পু—মুনে। অস-ক্রি—মুনিতে ; মুনিয়া, মুনে] ক্রি. মুদ্রিত করা ; মুদা (দ্রঃ)। প্র—"মুনি গেল কুমুদিনী তইও তোহার ধনি মুনল মুখ অরবিন্দা।—বি. প।

মুনাফা [মুনফা দ্রঃ] বি. লাভ ; লভ্যাংশ। প্র—"আমার সাত শত টাকা মুনাফার গাঁতি।—নীলদর্পণ। প্র—"তাহার জমিদারীর মুনাফা প্রায় দুই লক্ষ টাকা।"—কৃষ্ণকান্তের উইল।

মুনাসিব, মুনাসীব (শিব্) [আ—মুনাসিব্। বাং-গ্রা—মোনাশিব্] বিণ. সুযোগ্য ; উপযুক্ত। ২। পসন্দমত ; মনের মত। ৩। সুবিধা-জনক ; সুযোগ মত।

মুনি [মন্ (জানা)+ই (কর্ম্মে) ; অ—উ] বি. পুং. যাঁহারা সুখে বিগতস্পৃহ, দুঃখে অনুদ্বিগ্নমন, রাগ ভয় ক্রোধবর্জ্জিত, এবং স্থিরধী ; (মতান্তরে) মৌনী ; বাক সংযম ব্রতধারী ঋষি। ২। বুদ্ধ। ৩। বিণ. মননকারী ; জ্ঞানী। **মুনিঋষি**—মুনি ও ঋষি। **মুনিপুঙ্গব**—বি. পুং. মুনিবর ; মুনিশ্রেষ্ঠ। **মুনিপুত্রক**—ঋষিপুত্র ; মুনিকুমার। **মুনিমনোহর**—বিণ. ঋষিগণেরও চিত্তাকর্ষণকারী। **মুনি-স্থান**—ঋষির আশ্রম। ২। মুনির নিকট।

মুনিব (ব্) [আ] বি. প্রভু ; পৃষ্ঠপোষক।

মুনিয়া [হি] বি. চটক অপেক্ষাও ক্ষুদ্র বিবিধ বর্ণের পক্ষিজাতিবিশেষ। **লালমুনিয়া**—চঞ্চু, পক্ষ প্রভৃতি লাল এবং উদর কাল মুনিয়া পাখী।

মুনিহুঁক, মুনিহক [ব্রজ] অ. মুনির ; তপস্বীর। প্র—"তিতিল বসন তনু লাগি। মুনিহুক মানস মনমথ জাগি॥"—বি. প।

মুনীন্দ্র [মুনির ইন্দ্র (শ্রেষ্ঠ)—৬তৎ] বি. পুং. মুনিপ্রবর ; ঋষিশ্রেষ্ঠ। ২। বুদ্ধদেব।

মুনসফি, মুন্সফী (মুন্‌শোফি) [ফা—মুন্‌সিফী] বি. সুবিচার। ২। মুন্সিফের কর্ম্ম বা পদ। ৩। মুন্সিফের আদালত।

মুন্সিফ, মুন্সেফ (মুন্‌শেফ্) [আ—মুন্সিফ্] বি. নিম্ন আদালতের বিচারক ; দেওয়ানী আদালতের নিম্নশ্রেণীর বিচারক ; a subordinate judge. ২। মধ্যস্থ ; an arbitrator. ৩। বিণ. সুবিচারক ; যথার্থবাদী।

মুন্সী (মুন্‌শি) [আ] বি. চিঠি লিখিতে ও রচনা করিতে দক্ষ ব্যক্তি। প্র—"মুনশী জিজ্ঞাসে আমি রাজার মুনশী।"—ভারতচন্দ্র। ২। অধ্যাপক। **মুন্সিআনা**—বিদ্যাবত্তা। ২। মুন্সীর কর্ম্ম। **মীরমুন্সী**—প্রধান মুন্সী। **মুন্সীখানা**—দেশী কেরাণীদের দপ্তর ; দেশীয় ভাষায় কর্ম্মনির্বাহকদিগের দপ্তর। **মুন্সীগিরি**—মুন্সীর কার্য্য। ২। বিদ্যাপ্রকাশ।

মুফঃস্সল (ল্) [আ—মফস্‌সল্] বি. সহরের বাহির ; পল্লীগ্রাম। ২। মহকুমা।

মুফত (মুফ্‌ত্) [ফা—মুফৎ] বিণ. মাগনা ; অমনি পাওয়া ; বিনামূল্যে।

মুফতি (ফ্) [ফা] বি. মুসলমান আইন ব্যাখ্যাকারী ; ব্যবস্থাদাতা।

মুফলিস (স্) [আ—মুফ্‌লিস্] বিণ. নিঃসম্বল ; দরিদ্র। ২। দেউলিয়া। ৩ অবিবাহিত ব্যক্তি ; a bachelor.

মুমুক্ষু [মুচ্ (ত্যাগ করা)+স (ইচ্ছার্থে—সন্) =মুমুক্ষ+উ (কর্ত্তৃ)] বিণ. মুক্তিপ্রার্থী ; মোক্ষলাভেচ্ছু। ২। সংসারবিরাগী ; ভিক্ষু ; যতি। বি. **মুমুক্ষা**—মোক্ষকামনা।

মুমূর্ষু [মৃ (মরা)+স (ইচ্ছার্থে সন্)=মুমূর্ষ+উ—কর্ত্তৃ] বিণ. আসন্নমৃত্যু ; মরণাপন্ন। **মুমূর্ষা**—মরণেচ্ছা।

মুর (র্) বি. দৈত্যবিশেষ। এই দৈত্যকে বিনাশ করিয়া বিষ্ণু মুরারি নামধারণ করেন। **মুর-মর্দ্দন**—মুরদৈত্য মর্দ্দনকারী কৃষ্ণ। **মুরহর**—মুরদৈত্যবিনাশক কৃষ্ণ। প্র—"জগন্নাথ মুরহর পদ্মনাভ গদাধর"—অ. ম।

মুরগী (র্) [ফা—মুর্গ্। হি—মুর্গী] বি. কুক্কুট ; কুক্কুটী। ২। কুক্কুটী। **মুরগীর লড়াই**—[ফা—মুর্গ্‌বাজী] বি. হার জিতের বাজী রাখিয়া কুক্কুটে কুক্কুটে যুদ্ধ। কলা (৪২) দ্রঃ। **চিনা মুরগী**—বড়জাতীয় মুরগীবিশেষ, a guinea fowl.

মুরচা, মুরুচা (র্) [ফা] বি. দুর্গপ্রাচীর ; পরিখা ; গড়খাই। প্র—"থাম দিলা চারিদিকে মুরুচা করিয়া।"—অ, ম।

মুরজ (জ্) [সং] বি, পুং, মৃদঙ্গ। স্ত্রী. **মুরজা**—কুবের পত্নী।

মুরদ (দ্) [মুরত দ্রঃ] মূর্ত্তি। প্র—"বজরা খানি নানাবর্ণে চিত্রিত তাহাতে কত রকম মুরদ আঁকা আছে"—দেবী চৌধুরাণী।

মুরদ (দ্) [গ্রা—মুরুদ্। ফা—মর্দ্দী prowess] বি. ক্ষমতা। প্র—"খেতে দিবার মুরদ নেই তবে বিয়ে করতে গিয়েছিলে কেন।"—জলধর সেন।

মুরল (ল্) [মুরলীর আকৃতিসাদৃশ্য হেতু] বি, বাঁশের পিচকারী। প্র—"কুলবধূ কামতন্ত্র বেজক মুরল যন্ত্র বালুকা সহিত জল পূরে।"—কবিক।

মুরলা [মুর—লা (গ্রহণ করা)+অ (কর্ত্তৃ, ড)—আপ্ স্ত্রী] বি, স্ত্রী, কেরল (কাণাড়া) দেশস্থ বঙ্গোপসাগরগামিনী নদীবিশেষ।

মুরব্বি, মুরব্বী, মুরুব্বি [আ—মুরব্বী] বি, অভিভাবক। ২। পৃষ্ঠপোষক। ৩। রক্ষক। ৪। উৎসাহদাতা। ৫। শিক্ষাদাতা : শিক্ষক। **মুরুব্বিআনা,—য়ানা, মুরুব্বিগিরি**—মুরুব্বির মত আচরণ।

মুরলী [মুর—লা (গ্রহণ করা)+অ (কর্ত্তৃ, ড) ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, বংশী ; বাঁশী। প্র—"বেরো রে রাখালের রাজা শ্রীনন্দের নন্দন। করেতে কর মুরলী, কটীতে ধটী বন্ধন॥"—দাশরথি। গ্রা—**মুরুলী**। প্রা-বাং-য় মুরলীধারী অর্থেও ব্যবহৃত আছে। প্র—"জাহাত হইব তুই সে রূপর মুরুলী"—শূ-পু। **মুরলীধর**—বিণ, বংশীধারী। ২। বি, পুং, কৃষ্ণ। প্র—"মুরলীধর! মুরলী ধর কটিতে পর পীতধড়া।"—দাশরথি।

মুরা—বি, স্ত্রী, গন্ধদ্রব্যবিশেষ। ইহার সং—পর্য্যায়—তালপর্ণী, দৈত্যা, গন্ধকুটি, গন্ধিনী, ভূতগন্ধা, মুরা ও সুরভি। বাং-য় "মুরামাংসী" শব্দের ব্যবহার অধিক। ২। জনৈকা নাপিত-কন্যা ও সম্রাট চন্দ্রগুপ্তের জননী। প্র—"নাপিতের মেয়ে মুরার দুলাল চন্দ্রগুপ্ত রাষ্ট্রপতি।"—সত্যেন্দ্র দত্ত।

মুরান (নো)—ক্রি, মরণোন্মুখ হইয়া ভাসিয়া উঠা।

মুরামাংসী (শি) [মুরা দ্রঃ] বি, মুরা নামক গন্ধ দ্রব্য।

মুরারি [মুর (দৈত্য) অরি (শত্রু)—৬তৎ] বি, পুং, কৃষ্ণ। প্র—"মুরারি মুরলীধারী বন-বিহারী হরি নিরঞ্জন"—গোবিন্দ ব্রহ্মচারী।

মুরীদ (দ্) [আ] বি, মুসলমান ধর্ম্মগুরুর শিষ্য। ২। মুসলমান তাপস।

মুরুগ, মুর্গা বি, [সং—মুর্ব্বী, মূর্ব্বা, মোরটা] বি, লম্বা লম্বা সরু পাতা গুল্মবিশেষ। প্র—"যৌতুকের বাঁশে দিল মুরুগার চড়া।"—কবিক।

মুরুত, মুরুদ (ত্, দ্) [সং—মূর্ত্তি ; হি—মূরৎ ; বাং-য়—মুরুত, মুরদ, মুরুদ, ত=দ] বি, মূর্ত্তি। প্র—মাটী কাঠ পাথরের গড়িয়া মরুত। জীউ দান দিয়া পূজে নানামত ভূত॥—অ, ম। কাটের মুরুদ বনি হাটে গেলে॥—ঈশ্বর গুপ্ত।

মুর্চ্ছল (ল্) বি, বাদ্যযন্ত্রবিশেষ [বঙ্গভাষা ও সাহিত্য]।

মুর্দ্দা [ফা—মুর্দার। গ্রাম্য—বাং—মুদ্দো] বি, শব : মড়া। **মুর্দ্দাফরাশ**—[গ্রা—মুদ্দো-ফরাশ। ফা—মুর্দ্দা (মড়া) ফরোশ্, ফরোখ্‌তন্ (বেচা)] যে মড়া বেচে, তাহা হইতে যে মড়ার কাপড় বেচে, যে মড়া পোড়ায়।

মুলতান (ল্, ন্) [হি] বি, রাগিণীবিশেষ। প্র—"দেশের মায়াতে যেন মুলতান ভুলনা মন"—গোবিন্দ ব্রহ্মচারী। ২। দেশবিশেষ। বিণ, **মুলতানী**—মুলতান দেশীয়। ২। হরিদ্রা বর্ণ মৃত্তিকাবিশেষ। ৩। রাগিণীবিশেষ।

মুলতুবি,—বী [আ—ইলতবা=অন্য সময়ের জন্য রাখিয়া দেওয়া, postpone যাহা ইলতবা করা হইয়াছে তাহা মুলতবী] বি, স্থগিত।

মুলাকাত (ত্) [আ—মুলাকাত্] বি, সাক্ষাৎ।

মুলান (নো) [হি—মোলনা (দরদামকারী) হইতে। উ-পু—মুলাই। ম-পু—মুলাও। প্র-পু—মুলায়। অস-ক্রি—মুলাইতে ; মুলাইয়া, মুলায়ে, মুলিয়ে] ক্রি, মূল্য নির্দ্ধারণ করা : দর করা। প্র—চুপড়ী মুলায়ে দস্ত বেচেন ফুল্লরা। কৃষাণে যেমন বেচে মূলার পসরা॥"—কবিক। তৈল কিনে মুলাইয়া ঘটি"—ঐ। ২। খরিদ করা।

মুলুক, মুল্লুক (ক্) [আ—মুল্‌ক্] বি, দেশ।

মুশল, মুষল (মুশল্) [মুষ্—মুস্ (খণ্ডন করা)—অল (কর্ত্তৃ) (কলন্)] বি, পুং, ক্লী, ঢেঁকির মোনা প্রভৃতি। ২। মুষলাস্ত্র। ৩। উদূখলে পেষণ করিবার দণ্ড। স্ত্রী, **মুশলী, মুষলী**—টিকটিকী। ২। তালমূলিকা।

মুশাহেব, মুসাহেব (মুশাহেব্) [আ—মুসাহব্] বি, সহচর ; তোষামোদকারী। প্র—"মুশাহেব বসিয়া সকল বরাবর"—ভারতচন্দ্র।

মুষড়ান, মুসড়ানো (ণ্) [মষণ (ম্রিয়মাণ অর্থে) অথবা মুহ্যমান হইতে হি—মুর্ঝান বিকারে—মুসড়ান] বিণ, শুষ্কপ্রায় ; বিমর্ষ ; মলিন। ২। উদ্যমহীন। ৩। ক্রি, মুসড়াইয়া যাওয়া। **মুষলধার**—মুষলের মত স্থূল ধারা-বিশিষ্ট।

মুষল (অস্ত্রবিশেষ)+ইন্ (অস্ত্যর্থে)= মুষলিন্ ১মা, ১ব] বি, পুং, বলরাম।

মুষা [মুষ্ (চুরি করা)+অ (কর্ত্তৃ) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, স্বর্ণাদি ধাতু গলাইবার পাত্র ; মুচী। ২। মুষিক ; ইন্দুর। প্র—"আছিল ভিক্ষার কালি পালি দশ ধান। গণেশের মুষাতে তাহা কৈলা জলপান॥"—কবিক।

মুষ্ক [মুষ্+ক (কর্ত্তৃ) সংজ্ঞার্থে] বি, পুং, অণ্ডকোষ। ২। চোর।

মুষ্টি [মুষ্ (চুরি করা)+তি (ভাবে ক্তি)] বি, পুং, মোষণ ; চুরি। ২। খড়্গাদির বাঁট। ৩। কুঞ্চিত পাণি ; মুটো ; মুঠি। ৪। ঘুষি : কীল। ৫। চারি তোলা পরিমাণ। **মুষ্টামুষ্টি**—পরস্পর মুষ্ট্যাঘাত করণ ; ঘুষাঘুষি। **মুষ্টি-দ্যূত**—দ্যূত ক্রীড়াবিশেষ ; পুরমুট খেলা। **মুষ্টিবদ্ধ**—মুটা বাঁধা। ২। যুদ্ধ। **মুষ্টি-ভিক্ষা**—এক মুঠা পরিমাণ চাউল ভিক্ষা। **ষ্টিমুষ্টি**—ঘুষাঘুষি ; কীলাকীলি। ২। মুঠি মুঠি। **মুষ্টিযোগ**—সামান্য ঔষধ : টোট্‌কা। **মুষ্টি সংগ্রহ, মুষ্টি সংগ্রাহ**

মুষ্টিক (ক্) [মুষ্টি+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, রাজা কংসের মল্লবিশেষ। ২। [মুষ্টি (গলান)—কৃ (করা)+অ (অধি—ড) যাহাতে স্বর্ণাদি গালান হয়] স্বর্ণাদি গলাইবার পাত্র ; মুচী। ৩। [কর্ত্তৃ—অ (ড)] স্বর্ণকার ; সেক্‌রা।

মুষ্টিন্ধয় (য়্) [মুষ্টি (মুঠা) ধে (পান করা)+অ (কর্ত্তৃ—খশ্) ন্ আগম। যে মুষ্টি দ্বারা স্তন্য পান করে] বি, পুং, যে মায়ের বুকে মুষ্টি মারিয়া স্তন পান করে ; শিশু ; বালক।

মুষ্টিমেয় [মুষ্টি (মুঠা) দ্বারা মেয় (পরিমাণ যোগ্য)—৩তৎ] বিণ, অল্পসংখ্যক, কিছুমাত্র। ২। মুষ্টি পরিমিত : এক মুঠা।

মুসব্বর (র্) [আ] বি, গন্ধ দ্রব্যবিশেষ।

মুসমা [ফা—মুসাম্‌হা] বি, বাদ ; ছাড়। প্র—"খাজনা মুসমা দেও"—টেকচাঁদ।

মুসম্মৎ, মুসম্মাৎ [ফা—মুসম্মাত্] বি, শ্রীমতী ; শ্রীযুক্তা। প্র—"আমাদের কাছারীতে মেয়ের নামেতে মুসম্মৎ দেয়"—সধবার একাদশী।

মুসল (মুশল্) [মুশল দ্রঃ] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ। ইহা সর্ব্বাঙ্গ সমান দণ্ডাকৃতি অর্থাৎ ইহার মস্তক চঞ্চু, পদাদি নাই। ইহা নিপাতন ও প্রোথন কার্য্যে ব্যবহৃত হইত।

মুসলমান (ন্) [আ—মস্‌লিম্ = ইস্‌লাম ধর্ম্মী। ফা—মুসল্‌মান্। বাং-গ্রা—মোছলমান, মুচুন্‌মান্] বি. মহম্মদ প্রবর্ত্তিত ধর্ম্মাবলম্বী জাতি। স্ত্রী. **মুসলমাননী**।

মুসা [ইং—Moses] বি, পুং, য়িহুদীদিগের প্রসিদ্ধ ধর্ম্মবিধিপ্রণেতা। খ্রীঃ পূঃ ১৫৭১ অব্দে মিশরে ইহার জন্ম হয়। প্র—"ঈশা মুসা শ্রীচৈতন্য ওমা প্রেমের ভরে অচৈতন্য,"—গান।

মুসাফির (মুশাফির্) [আ—মুসাফির্] বি, ভ্রমণকারী ; পথিক ; পান্থ। **মুসাফির খানা**—পান্থশালা।

মুসাবিদা, মুসাবেদা (শা) [ফা—মুসাব্‌বাদা] বি, রচনা ; খসড়া ; rough draft. প্র—"বেটা আপনি দরখাস্তের মুসাবিদা করিয়া দেয়"—নীলদর্পণ।

মুশকিল, মুষ্কিল, মুস্কিল (মুষ্‌কিল্) [আ—মুষ্‌কিল্] বিণ, অসুবিধা ; বিঘ্ন ; কঠিন। প্র—"যা বলিলে তা করিতে মুষ্কিল কি আছে।"—কৃত্তিবাস। ২। কষ্টদায়ক। ৩। জটিল। ৪। বি, বিপদ ; সঙ্কট। প্র—"কেহ বলে মুষ্কিল আসান কৈল পীর।"—ধনরাম। **মুস্কিল আসান**—[আ—মুষ্‌কিল্ আসান্] বিপদের শান্তি ; আপদ নিবারণ।

মুস্ত, মুস্তক (ক্) [মুস্ত্ (সংহত হওয়া) + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—অচ্) ক (স্বার্থে)] বি, পুং, মূলবিশেষ ; মুথা। ২। স্থাবর বিষবিশেষ। স্ত্রী. **মুস্তা**।

মুহরী—বি, বাদ্যবিশেষ। প্র—"মৃদঙ্গ মুহরী শঙ্খ দুন্দুভি কাহাল"—চৈতন্যভাগবত।

মুহির (র্) [মুহ্ (মুগ্ধ করা) + ইর (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি, পুং, কন্দর্প। প্র—"দরশন পরশন দ্বয় অনিবারে। মুহির মুদল জনু রতন ভাণ্ডারে॥"—বি, প। ২। মূর্খ।

মুহুঃ [সং] অ, বারম্বার ; পুনঃপুনঃ। প্র—"ক্ষণ প্রভাসম মুহুঃ হাসে রতনসম্ভবা বিভা—ঝলসি নয়নে!"—মেঘনাদ।

মুহুচ্চিত—[প্রা-বাং। মূর্চ্ছিত অপভ্রংশে] বিণ, মূর্চ্ছিত ; মোহপ্রাপ্ত। প্র—"মুহুচ্চিত হইআ কৃষ্ণ জবে আইলা ঘর"—মহা (শ্রীকর)।

মুহুরী [আ—মহর্‌রির্] বি, লেখক ; যাহারা হিসাবের খাতা লেখে ; কেরানী ; clerk, bookkeeper. **মুহুরীগিরি**—মুহুরীর কর্ম্ম ; কেরাণীগিরি।

মুহুরী, মুরী [আ—মুরী] বি, ছিদ্রবিশিষ্ট লৌহ ; ঝাঁঝরী। ২। [হি—মুহ্‌রী] জল নির্গমনের পথ ; জলনালী ; a gullet drain. **মুহুরী হানা**—লোহার পাতে বা চাদরে বেধনী দ্বারা ছিদ্র করা

মুহূর্ত্ত [সং] বি, প্রায় দুই দণ্ডকাল ; দিবারাত্রের ত্রিশ ভাগের একাংশ। ২। অত্যল্পকাল। ৩। জ্যোতিঃশাস্ত্রবিদ্ ; জ্যোতির্ব্বেত্তা।

মুহূর্ত্তেক (ক্) [মুহূর্ত্ত—এক] বি, প্রায় দুই দণ্ডকাল। ২। অতি অল্প সময়ের জন্য।

মুহুর্ম্মুহুঃ [মুহুঃ + মুহুঃ (অবিরাম অর্থের দ্বিত্ব)] ক্রি-বিণ, পুনঃ পুনঃ ; ঘন ঘন।

মুহ্যমান (মুজ্‌ঝমান্) [মুহ্ (চিত্ত বিকৃত হওয়া) + আন (কর্ম্মে—আনশ্)] বিণ, মোহ-প্রাপ্ত। স্ত্রী. **মুহ্যমানা**।

মূক (ক্) [মূ + ক (সংজ্ঞার্থে)] বিণ, বাক্‌শক্তিহীন ; বাক্যরহিত ; বোবা। প্র—"ভয়ে মূক কাঁপে বুক লাগে হুক আঁতে।"—অ, ম। স্ত্রী. **মূকা**। বি, **মূকতা**—বাক্‌শক্তিশূন্যতা। **মূকবধির**—বিণ, বোবা এবং কালা। **মূকবধির বিদ্যালয়**—বোবা কালাদিগের স্কুল ; deaf and dumb school.

মূজী [আ—ইজা = কষ্ট—যে স্বজনকে কষ্ট দিয়া অর্থ সঞ্চয় করে] বি, অতিকৃপণ ব্যক্তি।

মূড় (ড্) [মুণ্ড হইতে] বি, মুণ্ড। প্র—ব্রহ্মার বচন শুনি বলে চন্দ্রচূড়। দক্ষের স্কন্ধেতে জোড় ছাগলের মূড়॥—কবিক।

মূঢ় [মুহ্ (মুগ্ধ হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত) বিণ, মুগ্ধ ; মোহাচ্ছন্ন। ২। ভ্রান্ত। অনভিজ্ঞ ; নির্ব্বোধ ; মূর্খ। ৪। নির্ব্বিবেক। ৫। অলস ; জড়প্রকৃতি। ৬। অব্যাপৃত। ৭। অসভ্য। ৮। অজ্ঞান। ৯। তন্দ্রাচ্ছন্ন। শিশু ; বালক। বি, **মূঢ়তা**

মূত (ত্) বি, মূত্র। বিণ, **মুতো**—মূত্রযুক্ত। ২। যে শিশু বহুবার মূত্রত্যাগ করে। **শেঁজ মুতো**—যে শিশু ঘুমের ঘোরে শয্যাতেই প্রস্রাব করে।

মূত্র (মুৎত্র) [সং। প্রা—মুত্ত] বি, প্রস্রাব ; মূত ; urine. বিণ, **মূত্রিত**—কৃত প্রস্রাব। **মূত্রকুণ্ড**—মূত্রধারণ পাত্র ; a urinal. **মূত্রকৃচ্ছ্র**—বি, কষ্টে মূত্রত্যাগ বা মূত্ররোধক রোগ ; পাথরি। **মূত্রদোষ**—মেহরোগ। **মূত্রপথ, —নালী**—মূত্রনির্গমনের পথ ; the urinary passage. **মূত্রপুট**—মূত্রাশয় ; তলপেট। **মূত্ররন্ধ্র**—প্রস্রাব বাহির হইবার ছিদ্রমুখ। **মূত্রাধিক্যরোগ**—মধুমেহ ; diabetes. ২। যেখানে সকলে প্রস্রাব ত্যাগ করে ; মুতকুড়।

মূত্রল (মুত্‌ত্রল্) [মূত্র—ল] বি, মূত্রকারক ; মূত্রবর্দ্ধক।

মূত্রাশয় (য়) [মূত্রের—আশয় (আধার) ৬তৎ] বি, পুং, মূত্রস্থান।

মূরখ—[সং—মূর্খ। ব্রজ—মুরখ। প্রা-বাং-য় —মুরুক্‌খু] বিণ, মূর্খ ; অজ্ঞ। প্র—"তুহুঁ সম মুরখ জগতে নাহি আন।"—বি, প।

মূরছা [ব্রজ। মূর্চ্ছা দ্রঃ] ক্রি, মূর্চ্ছা যাওয়া ; মোহ প্রাপ্ত হওয়া। প্র—"হরি হরি শবদে মুরছি পড়ু ধরণী।"—বি, প। "সো সব গণইতে ভেলি মুরছিত।"—ঐ। বি, **মুরছান**—মূর্চ্ছন। প্র—"মুনিমানস মুরছান।"—গোবিন্দদাস।

মূর্খ [মুহ্ (মুগ্ধ হওয়া) + অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে) খ, মুহ্ = মূর্খ। গ্রাম্য—মুরুক্‌খু] মূঢ় ; অজ্ঞান ; নির্ব্বোধ ; অজ্ঞ। ২। গায়ত্রী-রহিত। বি, **মূর্খতা**—নির্ব্বুদ্ধিতা ; অজ্ঞতা।

মূর্চ্ছন (ন্) [মূর্চ্ছ্ (মোহ প্রাপ্ত হওয়া) + অন (ভাবে অনট্) ; মূর্চ্ছা দ্রঃ] বি, ক্লী, মোহপ্রাপ্তি ; চৈতন্য লোপ। ২। ঔষধাদির শোধন। ৩। প্রতিফলন। স্ত্রী. **মূর্চ্ছনা**—সঙ্গীতের সপ্তস্বরের আরোহণ বা অবরোহণের ক্রম ; কণ্ঠের কম্পন জনিত স্বর তরঙ্গ বা বিস্তার, ইহার সংখ্যা ২১। প্র—"সপ্ত স্বর তিন গ্রাম মূর্চ্ছনা একুশ নাম শ্রুতিকলা সতত সঙ্গিনী।"—অ, ম।

মূর্চ্ছা [মূর্চ্ছ্ + অ (ভাবে) অঙ্] বি, স্ত্রী, অচৈতন্য ; মোহ ; জ্ঞানাভাব। ২। প্রতিফলন। ৩। বৃদ্ধি। ৪। ব্যাপ্তি ; বিস্তার। **মূর্চ্ছাগত বাই**—বায়ুরোগ-বিশেষ ; হিষ্টিরিয়া। **মূর্চ্ছাপন্ন**—বিণ, মোহ-প্রাপ্ত। **মূর্চ্ছা যাওয়া, হওয়া**—মূর্চ্ছিত হওয়া। **মূর্চ্ছাভঙ্গ**—মোহের অবসান।

মূর্চ্ছিত [মূর্চ্ছ্ + ত (কর্ম্মে—ক্ত) কিম্বা মূর্চ্ছা + ইত (যুক্ত)]। ব্রজ—মুরছিত। প্র—"সো সব গণইতে ভেলি মুরছিত।"—বি, প। বিণ, মোহপ্রাপ্ত ; মূর্চ্ছাগত। ২। বর্দ্ধিত ; প্রবৃদ্ধ ; উন্নত। ৩। ব্যাপ্ত। ৪। দীর্ঘ। ৫। প্রতিফলিত।

মূর্ত্ত [সং] বিণ, মূর্ত্তিবিশিষ্ট ; মূর্ত্তিমান ; সাকার। ২। [ন্যায় শাস্ত্রে] ক্ষিতি, জল, তেজ, বায়ু, এবং মন।

মূর্ত্তি [সং পদ্যে কোমলরূপ মূরতি। প্র—"মধুর মূরতি ভাতিছে যার গগনে মৃগলাঞ্ছনে।" —গান] বি, স্ত্রী, প্রতিমা। ২। আকার ; কায়া। ৩। অবয়ব ; অঙ্গ। ৪। পঞ্চভূত। **মূর্ত্তিপরিগ্রহ**—আকার গ্রহণ ; দেহধারণ। কায়াগ্রহণ। **মূর্ত্তিপূজক**—বিণ, পৌত্তলিক ; প্রতিমাপূজক। **মূর্ত্তিপূজা**—সাকার উপাসনা ; প্রতিমার অর্চ্চনা ; প্রতিমা পূজা।

মূর্ত্তিমন্ত—বিণ, দেহধারী ; সাকার ; মূর্ত্তিবিশিষ্ট।

মূর্ত্তিমান্ [মূর্ত্তি+মৎ (অস্ত্যর্থে মতু)= মূর্ত্তিমৎ ১ম, ১ব] বিণ, মূর্ত্তিবিশিষ্ট ; মূর্ত্ত ; শরীরী ; দেহধারী ; সাকার। ২। সশরীরে আবির্ভূত। প্র—"কাম সদা মূর্ত্তিমান ছয় ঋতু অধিষ্ঠান রাগিণী ছত্রিশ আর যত।"—অ, ম। স্ত্রী, মূর্ত্তিমতী।

মূর্দ্ধজ [মূর্দ্ধন্ (মস্তক) জ (যে জন্মে)] বি, পুং, কেশ ; চুল। ২। বিণ, মস্তকজাত।

মূর্দ্ধনিয়া, মূর্দ্ধনীয়া [মূর্দ্ধন্য দ্রঃ] বিণ, জাতির মাথা বা প্রধান। ২। প্রামাণিক ; নাপিত।

মূর্দ্ধন্য, মূর্ধ্যন্য (মূর্দ্ধন্য) [মূর্দ্ধন্ (মস্তক) +য (ভাবে)] বি, পুং, মস্তক হইতে উচ্চার্য্যমাণ বর্ণ ; ঋ ৠ ট ঠ ড ঢ ণ র ষ। ২। জাতির প্রধান ; মণ্ডল। ৩। বিণ, মূর্দ্ধা হইতে উচ্চারিত। ৪। মস্তকজাত।

মূর্দ্ধা [মূর্ব্ব (বন্ধন করা) + অন্ (সংজ্ঞার্থে) =মূর্দ্ধন্ ১মা, ১ব। ব=ধ] বি, পুং, উত্তমাঙ্গ ; মস্তক। ২। [জ্যামিতিমতে] ক্ষেত্রের ভূমি।

মূর্দ্ধাভিষিক্ত [মূর্দ্ধন্ (মস্তকে) অভিষিক্ত—৭৩৫] বি, পুং, যাহার মস্তকে মন্ত্রাদি দ্বারা অভিষেক করা হইয়াছে ; ভূপতি ; রাজা। ২। সচিব ; মন্ত্রী। ৩। ব্রাহ্মণের ঔরসে ক্ষত্রিয়ার গর্ভে জাত জাতিবিশেষ। ৪। ক্ষত্রিয়।

মূর্ব্বা, মূর্ব্বী [সং। প্রা, মুরুগা, মুর্গা] বি, দীর্ঘপত্র গুল্মবিশেষ। ইহার পাতার অংশু বা সূত্র দ্বারা ধনুকের ছিলা হয়। এজন্য ইং-তে ইহার নাম bow string hemp. এবং সং-তে নামান্তর-ধনুঃশাখা, ধনুর্গুণা, ধনুঃশ্রেণী।

মুরলী [সং] বি, বংশী। প্র—"তরুণ মুরলী করিল পাগরী রহিতে নারিনু ঘরে।"—চণ্ডীদাস। মুরলীধর—বিণ, বংশীধারী। ২। বি, পুং, কৃষ্ণ।

মূল (ল) [মূল (স্থিতি করা) + অ (কর্ত্তৃ) যে স্থাপন করায়] বি, ক্লী, আদি কারণ ; প্রধান হেতু। ২। আরম্ভ স্থান ; উৎপত্তি স্থান। ৩। বৃক্ষাদির গোড়া ; শিকড়। ৪। আলু, কচু, হলুদ, পলাণ্ডু প্রভৃতি। ৫। মূলা। ৬। পিপ্পলী মূল। ৭। পুষ্কর মূল। ৮। প্রথম ; আদ্য। ৯। আসল ; পুঁজি। প্র—"লাভ আগে আসি কেহ মূল নাশি যায়"—ঘনরাম। "নানারঙ্গ নানা রসে আইনু লভ্যের আশে, বিনাশ করিলে মোর মূল।"—কবিক। ১০। আদি গ্রন্থ ; text. ১১। চরণ ; পদ। ১২। গুণিত রাশির মূল ; করণী ; root. ১৩। মূলানক্ষত্র। ১৪। মূল্য ; দাম। প্র—"হাজার টাকা মূল।" প্র—"দুই চারি ক্রোশ যায় তবে মোর লাগ পায় ছাগলের মূলে লয়ে বেচে"—কবিক। মূল গায়ন—প্রধান গায়ক। মূল সন্ন্যাসী—গাজনে সন্ন্যাসিদিগের নেতা।

মূলক (ক্) [মূল (গোড়া) + ক] বি, পুং-স্ত্রী, কন্দবিশেষ ; মূলা। ২। পুং, স্থাবর-বিশেষ। মূল করা—মূল্য করা ; দর-দস্তুর করা। প্র—"মালা মূল করে ঈষৎ হাসি॥"—চণ্ডীদাস। মূলকর্ম্ম—অভিচার কর্ম্ম। ২। মন্ত্রাদি দ্বারা বশীকরণ। ৩। উপপাতক-বিশেষ। মূলকার—মূলগ্রন্থকর্ত্তা। মূল কারক—আদিকারণ ; প্রধান হেতু। মূল কারিকা—অর্থপ্রকাশক পদ্য। ২। মূল ধনের বৃদ্ধি। মূলকৃচ্ছ্র—ব্রতবিশেষ ; মূল মাত্র আহার করিয়া যে ব্রত পালন করিতে হয়। মূলদ্রব্য—প্রধান বস্তু ; আসল জিনিস। ২। প্রধান উপকরণ। মূলধন—বি, পুঁজি। মূলনীতি—আদি ও প্রধান মত। মূল প্রকৃতি—বি, স্ত্রী, আদ্যাশক্তি ; সনাতনী। ২। সাম্যাবস্থাপ্রাপ্ত সত্ত্বরজ-স্তমোরূপ ত্রিগুণাত্মিকা শক্তি ; জগৎ-কারণ। মূল ভিত্তি—বি, গোড়া পত্তন। মূলমন্ত্র—বি, ইষ্টমন্ত্র। ২। প্রধান সঙ্কল্প। মূলসূত্র—বি, আদি কারণ ; প্রথম ও প্রধান হেতু।

মূলজ [মূল—জ (যে জন্মে)] বি, পুং, আদা। ২। বিণ, মূলা নক্ষত্রজাত। ৩। মূলজাত।

মূলা [সং] বি, স্ত্রী, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে সিংহ পুচ্ছাকৃতি একাদশ তারকাবিশিষ্ট নক্ষত্র। ২। কন্দবিশেষ।

মূলা [প্রা বাং] বি, ধাতুবিশেষ। প্র—"মূলা মুক্তাহার পরভু বুনেন একু ঠাঁই।"—শূ, পু।

মূলাকর্ষণ (ন্) [মূল + আকর্ষণ] বি, শিকড় ধরিয়া টানা।

মূলাধার (র্) [মূল (প্রধান) যে আধার—কর্ম্মধা] বি, পুং, গুহ্য এবং লিঙ্গের মধ্যস্থিত দুই অঙ্গুলি স্থান। প্র—"মূলাধারে চতুর্দ্দলে ত্বং হি কুলকুণ্ডলিনী"—গান (মহামহোপাধ্যায় রামনাথ)। ২। আদি কারণ ; মূলকারণ।

মূলান [মূল (মূল্য) + আন (ক্রিয়ায়)—মূল্য স্থির করা] ক্রি, মূল্য নির্দ্ধারণ করা ; দর করা। ২। মূল্য দিয়া ক্রয় করা। প্র—"আমার যে কিছু আছে লওহে মূলিয়া॥"—কাঙ্গালী কাবেরী।

মূলিক (ক্) [মূল + ইক (ভোজনার্থে- ইকণ্)] বিণ, কন্দ আহারকারী ; মূলভোজী।

মূলী [মূল + ইন (অস্ত্যর্থে) = মূলিন্—১মা, ১ব] বিণ, মূলযুক্ত ; শিকড়বিশিষ্ট। ২। বি, পুং, বৃক্ষ ; গাছ।

মূলীভূত [মূল—ভূত (হইয়াছে) মধ্যে চ্বি (অভূত তদ্ভাবার্থে)] বিণ, নিদান স্বরূপ ; আদিহেতুভূত। স্ত্রী, মূলীভূতা।

মূলে [মূল দ্রঃ] ক্রি-বিণ, আদিতে ; প্রথমে ; গোড়াতে। ২। একেবারে ; মোটে। ৩। শিকড়ে। ৪। মূল্যে ; দামে। আধা মূলে—অর্দ্ধেক দামে। বিনা মূলে—বিনা মূল্যে ; অমনি। লাভে মূলে—লভ্যাংশের সহিত মূলধন পর্য্যন্ত।

মূলেই [মূল দ্রঃ] ক্রি-বিণ, মোটেই, একেবারেই। ২। গোড়াতেই ; আরম্ভেতে ; আদিতেই ; প্রথমেই। ৩। শিকড়ের মধ্যেই।

মূলোচ্ছেদ (দ্) [মূল + উচ্ছেদ] বি, সমূলে বিনাশ ; মূলোৎপাটন ; মূল সহ উচ্ছেদ।

মূলোৎপাটন (ন্) [মূল উৎপাটন] বি, সমূলে উচ্ছেদ ; নির্ম্মূলীকরণ।

মূল্য [মূল্ + য] বি, ক্লী, বেতন ; পারিশ্রমিক। ২। দ্রব্যাদির দাম। ৩। পণ। উচিত মূল্য—ঠিক দাম। তুল্য মূল্য—তুলনা। ২। সমজ্ঞান। মূল্য ধরিয়া দেওয়া—বস্তুর অভাবে অর্থ দান। মূল্যহীন—বিণ, যাহার কোন মূল্য নাই, তুচ্ছ ; অকিঞ্চিৎকর। মূল্যাবধারণ—মূল্য নির্দ্ধারণ।

মূষ (ষ্) [মূষ্ (চুরি করা) + অ (কর্ত্তৃ)] বি, পুং, মূষিক ; ইন্দুর। ২। স্বর্ণাদি গলাইবার পাত্র ; মূচী। স্ত্রী, মূষা।

মূষিক, মূষীক (ক্) [মূষ্ + ইক—ঈক (কর্ত্তৃ)] বি, পুং, ক্লী, উন্দুর ; ইন্দুর। স্ত্রী, মূষিকা, মূষীকা। মূষিকপর্ণী—বি, স্ত্রী, ইন্দুর কানী পানা।

মৃষ্যায়ণ (ন্) [অমৃষ্যায়ন (অজ্ঞাত ব্যক্তির পুত্র) অ লোপ] বিণ, অজ্ঞাতজন্মা ; গূঢ়োৎপন্ন।

মৃকণ্ডু (কো) বি, পুং, মার্কণ্ডেয় ঋষির জনক।

মৃগ [মৃগ্ (অন্বেষণ করা) + অ (কর্ম্মে—ক)] বি, পুং, কুরঙ্গ ; হরিণ। প্র—"মৃগ পালে পাল শার্দ্দূল রাখাল"—অ, ম। ২। কপোল দেশে শ্বেত চিহ্নযুক্ত হস্তিবিশেষ। ৩। পশু। ৪। শিকার। ৫। মৃগনাভি। ৬। চারি-জাতীয় পুরুষের মধ্যে একপ্রকার। ৭। বৈষ্ণবগণের তিলকের প্রকার ভেদ। ৮। যজ্ঞবিশেষ। ৯। নক্ষত্রবিশেষ। ১০। মুদ্রাবিশেষ। স্ত্রী, মৃগী—হরিণী। ২। মূর্চ্ছা রোগ। ৩। পুলহপত্নী। ৪। তিনাক্ষর ছন্দোবিশেষ। মৃগছাল, —ছালা—মৃগচর্ম্ম। প্র—"কোশা কুশী কুশাসন কক্ষতলে সুশোভন তাহে কৃষ্ণসার মৃগছাল।"—অ, ম। মৃগদংশক—কুক্কুর।

মৃগনেত্রা—বি, স্ত্রী, কুরঙ্গনয়না ; মৃগাক্ষী। মৃগপতি—পশুরাজ সিংহ। ২। সিংহরাশি মৃগবধাজীব—বি, পুং, ব্যাধ : শিকারী ; মৃগয়াজীবী। মৃগবন্ধনী—মৃগবন্ধনের রজ্জু ; ফাঁদ। মৃগপালক—বিণ, পশুপালনকারী ; পশুপালক। মৃগবাহন—বি, পুং, বায়ু। পবন। মৃগলেখা—মৃগাঙ্ক ; মৃগচিহ্ন।

মৃগতৃষা,—তৃষ্ণা, —তৃষ্ণিকা [মৃগের (হরিণের) তৃষা, তৃষ্ণা, তৃষ্ণিকা (পিপাসা) হয় যাহা দর্শনে, বহু] বি, স্ত্রী, মরীচিকা ; সূর্য্য-কিরণে জল ভ্রম। গ্রীষ্মকালে সূর্য্যের কিরণ বালুকা ভূমিতে পতিত হইয়া জলবৎ প্রতীয়মান হয় এবং পিপাসিত কুরঙ্গগণ দূর হইতে জলভ্রমে তাহার নিকট উপস্থিত হয়। এই ভ্রান্তিকে মৃগতৃষ্ণা বলে। প্র—"বিষয়ে বিকল হয়ে বুলে মরে ধেয়ে। মৃগতৃষ্ণা-মোহিত মৃগের মত হয়ে' —শিবায়ন।

মৃগনাভি [মৃগের (হরিণের) নাভি—৬তৎ] বি, পুং, স্ত্রী, কস্তুরী।

মৃগমদ [মৃগের (হরিণের) মদ (গর্ব্ব) হয় যাহা হইতে, বহু] বি, পুং, মৃগের নাভিতে উৎপন্ন সুগন্ধ দ্রব্যবিশেষ : কস্তুরী ; মৃগনাভি। প্র—"দুর্ব্বলা বুঝিয়া কাজ আনিল বেশের সাজ মৃগ-মদ কুঙ্কুম চন্দন।"—কবিক।

মৃগয়া [মৃগ (অন্বেষণ) + য (ক্যাপ) নিপাতনে সিদ্ধ। মৃগের অনুসন্ধানে যাত্রা] বি, স্ত্রী, বন অন্বেষণ-পূর্ব্বক পশুহত্যা ; শিকার।

মৃগরাজ (জ্) [মৃগের (পশুর) রাজা (প্রভু—৬তৎ। রাজা = রাজ] বি, পুং, মৃগেন্দ্র ; সিংহ। ২। চন্দ্র। ৩। মৃগশিরা নক্ষত্র। ৪। সিংহরাশি।

মৃগলাঞ্ছন (ন্) [মৃগ (হরিণ) হইয়াছে লাঞ্ছন (চিহ্ন) যাহার, বহু] বি, পুং, মৃগশিরা নক্ষত্র। ২। মৃগাঙ্ক ; চন্দ্র। প্র—"গাওরে আনন্দে আজ ভব-বিপাক ভঞ্জনে। মধুর মুরতি ভাতিছে যার গগনে মৃগলাঞ্ছনে।"—গান।

মৃগশিরাঃ [মৃগ—শিরস্, ১মা, ১ব] বি, পুং, মৃগশীর্ষ ; অশ্বিনী প্রভৃতি ২৭টী নক্ষত্রের মধ্যে পঞ্চম নক্ষত্র। স্ত্রী, মৃগশিরা।

মৃগশীর্ষ [মৃগের—শীর্ষ (মস্তক)—৬তৎ] বি, পুং, মৃগশিরানক্ষত্র।

মৃগাক্ষী [মৃগের (হরিণের) ন্যায় অক্ষি (চক্ষুঃ) যাহার, বহু = মৃগাক্ষ + ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, হরিণলোচনা ; মৃগনয়না।

মৃগাঙ্ক (মৃগাংক) [মৃগ (হরিণ) হইয়াছে অঙ্ক (চিহ্ন) যাহার, বহু] বি, পুং, শশাঙ্ক ; চন্দ্র। প্র—"মৃগাঙ্ক জিনি ভাস পরাইল দিব্যবাস কস্তুরী ফোটা দিল ভালে।"—কবিক। ২। কর্পূর। ৩। মৃগচিহ্ন। ৪। যক্ষ্মারোগের ঔষধবিশেষ। মৃগাঙ্কশেখর—বি, পুং, শিব। প্র—"জয় শিবেশ শঙ্কর বৃষধ্বজেশ্বর মৃগাঙ্কশেখর দিগম্বর।"—অ, ম।

মৃগাজিন (ন্) [মৃগ—অজিন] বি, মৃগচর্ম্ম ; হরিণের ছাল।

মৃগাজীব (ব্) [মৃগ (পশু) হইয়াছে আজীব (জীবিকা যাহার, বহু] বি, পুং, ব্যাধ ; শিকারী।

মৃগান্তক (ক্) [মৃগের (হরিণের) অন্তক (ঘাতক)—৬তৎ] বি, পুং, চিতাবাঘ। ২। [মৃগের—অন্তক (নাশক)] ব্যাধ। প্র—"খগান্তক মৃগান্তক দুই ভাই কালান্তক উজ্জয়িনী নগর নিবাসী।"—কবিক।

মৃগাবিৎ [মৃগ (পশু—হরিণ প্রভৃতি) আ (সম্যক্) ব্যধ্ (হিংসা করা)। ক্বিপ্ (কর্ত্তৃ) ব্যধ্ = বিৎ—যে হরিণ প্রভৃতি পশু হিংসা করে] বি, পুং, ব্যাধ ; শিকারী। প্র—"প্রতিফল দিব আমি ইহার উচিত। এত বলি সত্বর ডাকালে মৃগাবিৎ॥"—ধনরাম।

মৃগাল, মৃগেল (ল্) [প্রাদে] বি, মৎস্য-বিশেষ : মিরগেল মাছ ; cyprinus mrigala.

মৃগিত [মৃগ্ (অন্বেষণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অন্বেষিত।

মৃগেন্দ্র [মৃগের (পশুর) ইন্দ্র (প্রধান)—৬তৎ] বি, পুং, মৃগপতি ; সিংহ। প্র—"মৃগেন্দ্রোপরি জগৎবন্দিনী। পলাবে বাসনা সেনা সঙ্কট গণি" —দাশরথি।

মৃড় [সং] বি, পুং, শিব। স্ত্রী, মৃড়ানী—দুর্গা।

মৃণাল (ল্) [সং] বি, পুং, ক্লী, পদ্মের ডাঁটা। পদ্মনাল। ২। পদ্মের মূল যাহা কন্দ হইতে নির্গত হইয়া মৃত্তিকার মধ্যে প্রবেশ করে।

মৃণালী [মৃণালিন্ ১মা, ১ব] বি, পুং, কমল : পদ্ম। স্ত্রী, মৃণালিনী—পদ্মিনী।

মৃত [মৃ (মরা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, গত-জীবন ; মৃত্যুপ্রাপ্ত ; গতপ্রাণ ; মরা। মৃত-কল্প—বিণ, মৃতপ্রায় ; মরণাপন্ন। মৃতজন —বি, মৃতব্যক্তি। প্র—"মৃতজন কহে পুন বাত।"—গোবিন্দদাস। মৃতবৎসা—যে স্ত্রীর সন্তান জীবিত থাকে না ; মৃতাপত্যা ; মড়াঞ্চিয়া। মৃতসঞ্জীবনী—বি, স্ত্রী, যে বিদ্যা দ্বারা মৃতকে পুনর্জ্জীবন দান করা যায়।

মৃতক (ক্) [মৃত + ক] বি, মরণাশৌচ। ২। শবদেহ।

মৃতপ [মৃত—প] বি, পুং, যে শববহন দ্বারা জীবন যাপন করে। ২। বিণ, মৃত দেহ ভক্ষণকারী।

মৃৎকর (র্) [মৃদ্ (মৃত্তিকা) দ্বারা কর (যে কার্য্য করে)] বি, পুং, কুম্ভকার।

মৃত্তিকা [মৃদ্ (মাটি) + তিক (স্বার্থে—তিকন্)] বি, স্ত্রী, ভূমি ; মাটি। মিত্তিকা দ্রঃ। প্র—"মৃত্তিকার হর গৌরী পুত্তলি গড়িয়া ; সহচরীগণ মেলি দিতেছেন বিয়া।"—অ, ম। ২। গঙ্গামাটি।

মৃত্যু [মৃ (মরা) + ত্যু (ভাবে—ত্যুক্)। প্রা-বাং—মিত্তু। প্র—"আউ মিত্তু নাহি ছিল জমের তাড়ন।"—শূ-পু] বি, প্রাণত্যাগ ; মরণ ; বিনাশ। ২। [অপা—ত্যুক্, মৃত্যু হয় যাহা হইতে] যম। ৩। কংস।

মৃত্যুঞ্জয় (য়্) [মৃত্যুং (মৃত্যুকে) জি (জয় করা) + অ (কর্ত্তৃ—খশ্) ঞ্ আগম] বি, পুং, যিনি মৃত্যুকে জয় করিয়াছেন : শিব।

মৃদ্ [মৃদ্ (চূর্ণ হওয়া) + ক্বিপ্ (কর্ম্মে—সংজ্ঞার্থে) যাহাকে চূর্ণ করা যায়] বি, স্ত্রী, মৃত্তিকা : মাটি। বাংলায় এই শব্দের স্বতন্ত্র প্রয়োগ নাই।

মৃদঙ্গ (মৃদংগ) [মৃদ্ (মৃত্তিকা নির্ম্মিত) হইয়াছে অঙ্গ (অবয়ব) যাহার বহু—প্রা-বাং—মিদঙ্গ। প্র—"মিদঙ্গ মন্দিরা বাজএ জগঝম্প ঘণ্টা।"—শূ-পু] বি, পুং, মৃত্তিকা-নির্ম্মিত বাদ্যযন্ত্র : মুরজ ; পাখোয়াজ। [কথিত আছে আর্য্যজাতিই ইহা প্রথম সৃষ্টি করেন। মৃত্তিকায় নির্ম্মিত হইত বলিয়া নাম মৃদঙ্গ। পরে মুসলমানগণ উহা কাষ্ঠময় করিয়াছেন]। বিণ, মৃদঙ্গী—যে মৃদঙ্গ বাজায়।

মৃদঙ্গার (র্) [মৃৎ—অঙ্গার (ভূমধ্যস্থ অঙ্গার)] বি, পাথরিয়া কয়লা।

মৃদু [মৃদ্ (চূর্ণ হওয়া) + উ (কর্ম্মে—কু)] বিণ, সিক্ত ; আর্দ্র। ২। কোমল ; নরম। ৩। অতীক্ষ্ণ ; ভোঁতা। ৪। মন্দ ; ধীর। ৫। বি, নক্ষত্রবিশেষ। মৃদুগণ—বি, পুং, চিত্রা, অনুরাধা, মৃগশিরা এবং রেবতী নক্ষত্র। মৃদুগমনা—বিণ, মন্থরগামিনী। ২। বি, স্ত্রী, মন্দগামিনী স্ত্রী। ৩। হংসী। মৃদু-গম্ভীর—বিণ, কোমল অথচ গাম্ভীর্য্যবিশিষ্ট। মৃদুমন্দ—বিণ, ধীর ; মন্দগতি। ২। ধীর ; শান্ত ; কোমল (স্বর)। প্র—"প্রণমিয়া হরি হোড কহে মৃদুমন্দ।"—অ, ম। মৃদুস্বর —বি, কোমল স্বর। ২। ক্ষীণ শব্দ।

মৃদুতা, ত্ব [মৃদু + তা, ত্ব (ভাবে)] বি, মৃদুত্ব ; ধীরতা। ২। কোমলতা। ৩। নম্রতা।

মৃদুল (ল) [মৃদু + ল (স্বার্থে)] বিণ, কোমল ; নরম। ২। ধীর। প্র—"মৃদুল-গমন শ্যাম আওয়ে মৃদুল গান গাহিয়া।"—রবি। "মৃদুল মৃদুল বহিছে বায়।" ৩। বি, ক্লী, জল। ক্রি-বিণ, মৃদুলে—মৃদুভাবে ; মৃদুস্বরে। প্র—"সম্মুখে পথিক এক কারু মৃদুলে"—কুরুক্ষেত্র।

মৃদুল বাত—বি, ধীর সমীরণ ; মৃদু পবন।

মৃদূৎপল (ল্) [মৃদু (কোমল) যে উৎপল (পদ্ম)—কর্ম্মধা] বি, ক্লী, নীলোৎপল ; নীলপদ্ম।

মৃদ্বী (মৃদ্‌দী) [মৃদু (কোমল) + ঈপ্‌—স্ত্রী] বি, স্ত্রী, কোমলাঙ্গী নারী।

মৃদ্ভাজন (মৃদ্‌ভাজন্‌) [মৃৎ—ভাজন (পাত্র)] বি, মৃন্ময় পাত্র : মাটির হাঁড়ি। প্র—"কুম্ভকার ঘরে ছিল যে মৃদ্ভাজন। সব আনাইল প্রাতে চড়িল রন্ধন।"—চৈতন্যচরিতামৃত।

মৃন্ময় (ম্‌) [মৃদ্‌ (মৃত্তিকা) + ময় (বিকারার্থে ময়ট্‌)] বিণ, মৃত্তিকারচিত : মাটিনির্ম্মিত ; মেটে। স্ত্রী, **মৃন্ময়ী**।

মৃষা [সং। আব্‌-বাং-য়—বিরল] অ, অনর্থক নিরর্থক। ২। অনৃত ; মিথ্যা।

মৃষাবাদী—বিণ, অনৃতবাদী : মিথ্যাবাদী।

মৃষ্ট [মৃজ্‌ (পরিষ্কার করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পরিষ্কৃত ; মার্জ্জিত : নির্ম্মলীকৃত। ২। শোধিত : সংস্কৃত।

মে [ইং—May] বি, ইংরেজী বৎসরের পঞ্চম মাস ; বৈশাখের শেষার্দ্ধ হইতে জ্যৈষ্ঠের প্রথমার্দ্ধ।

মেই [গ্রা, প্রাদে] বি, স্তন ; মাই।

মেইদি, দী [হি—মেঁহ্‌দী। বৈদ্যকে মেন্ধী : ফা—হেনা] বি, প্রসিদ্ধ চিরহরিৎ ক্ষুপবিশেষ। ইহার বেড়া দেওয়া হয় এবং পাতা বাটিয়া স্ত্রীগণ করতলাদি রঞ্জিত করে : মেহেদীগাছ : henna. **মেইদি পাতা**—মেহেদীগাছের পাতা।

মেও (ম্যাও) [শব্দাত্মক] বি, বিড়ালের ডাক। ২। দায় ; ঝুঁকি। **মেও ধরা**—ঝুঁকি লওয়া। ২। ঝক্কি পোয়ান।

মেওয়া, ম্যাওয়া [ফা] বি, বেদানা আঙ্গুর প্রভৃতি উপাদেয় ফল। **মেওয়ার বাগান**—ফল বৃক্ষের উদ্যান। **সবুরে মেওয়া ফলা**—ধৈর্য্য ধরিয়া থাকিলে পরিণাম শুভ হয়।

মেক (ক্‌, ম্যাক্‌) [ফা—মেখ্‌] বি, খোঁটা : গোঁজ। ২। পেরেক।

মেকরান (ম্যাক্‌রানো) [আ—মক্‌র্‌। উ—মক্‌রানা] ক্রি, ভাণ করা ; ছল করা।

মেকদার (*মেকদার্‌*) [*আ—মিক্‌দার*] বি, পরিমাণ।

মেকি, মেকী [আ—মক্‌র্‌ হইতে] বিণ, ভাণ ; কৃত্রিম : নকল। ২। কৃত্রিম স্বর্ণ রৌপ্যের মুদ্রা। প্র—"কি পাইলে কাব্য লিখে সোনা কিম্বা মেকি।"—হেম। 'রাঙ্গ তামা মেকী মেলে রাশিতে মিশায়ে ফেলে বলে বেটা নিলি বদলিয়া।"—অ, ম।

মেকুর (র্‌) [মে (মে মে শব্দ) কুর (যে করে এই অর্থে)] বি, বিড়াল।

মেখলা [সং] বি, স্ত্রী, গিরিনিতম্ব। ২। স্ত্রী কটিভূষণ ; স্বর্ণ রৌপ্যাদি নির্ম্মিত বিছা, গোট, চন্দ্রহার প্রভৃতি অলঙ্কার। ৩। কটিসূত্র। ৪। শরপত্রাদিনির্ম্মিত উপবীত। ৫। পৃশ্নিপর্ণীলতা। ৬। হোমকুণ্ডের উপরিস্থিত মৃন্ময় বেষ্টনবিশেষ। ৭। নর্ম্মদা নদী।

মেঘ (ঘ্‌) [মিহ্‌ (জল সেক করা) + অ (কর্ত্তৃ—অচ্‌)] বি, পুং, অম্বুবাহ ; জলধর। জীমূত। প্র—"মেঘ টুটে আজ প্রভাত-আলো ফুটে পড়েছে।"—রবি। ২। রাক্ষসবিশেষ। ৩। দৈত্যবিশেষ। ৪। রাগবিশেষ। **কোদালে মেঘ**—কোদাল দ্বারা জমী কোপাইলে যেরূপ হয় তাহার সদৃশ মেঘ। **জলুয়া বা জলো মেঘ**—জলবর্ষণকারী মেঘ। **কালমেঘ**—ঘন কৃষ্ণবর্ণ মেঘ। প্রলয়কালীন মেঘ। **মেঘ করা**—আকাশ মেঘাচ্ছন্ন হওয়া। **মেঘ মেঘ করা**—মেঘলা হওয়া ; আকাশের নানা স্থানে অল্প অল্প মেঘের উদয় হওয়া। **মেঘ ডুম্বুর সাড়ী**—মেঘবর্ণ সাড়ী ; নীলাম্বরী সাড়ী। **রাঙা মেঘ**—লালবর্ণ মেঘ। **সিন্দূরিয়া বা সিঁদূরে মেঘ**—সিন্দূরবর্ণ মেঘ। **মেঘের গুড়্‌গুড়ানি**—মেঘের গুরুগুরু ধ্বনি। **মেঘ-কজ্জল**—কাজলের ন্যায় ঘনকৃষ্ণ মেঘে আচ্ছন্ন ; বিণ, ঘনান্ধকার। প্র—"স্নিগ্ধ সজল মেঘকজ্জল দিবসে।"—রবি। **মেঘ গর্জ্জন**—বি, মেঘের ডাক। **মেঘজাল**—বি, মেঘসমূহ : ঘনকুল। **মেঘজীবন**—চাতক পক্ষী ; ইহারা বৃষ্টির জল ভিন্ন অন্য জল পান করে না এই বিশ্বাসে ইহাদের এই নাম। **মেঘজ্যোতিঃ**—বজ্রাগ্নি : ইরম্মদ। **মেঘ-ডম্বর**—মেঘ গর্জ্জন ; মেঘাড়ম্বর। **মেঘদীপ**—বিদ্যুৎ। **মেঘপুষ্প**—বৃষ্টিজল : ঘনরস। **মেঘবর্ত্ম**—গগন ; অন্তরীক্ষ ; আকাশ। **মেঘবহ্নি**—বজ্রাগ্নি। **মেঘবাহন**—বি, পুং, ইন্দ্র। **মেঘবিচ্ছুরিত**—বিণ, মেঘনিঃসৃত। **মেঘমন্দ্র**—বি, মেঘের গম্ভীর নাদ। **মেঘরস**—বৃষ্টিজল। প্র—"মনে জানি মঘবান মহেশের লীলা। মহীতলে মাঘশেষে মেঘরস দিলা।"—শিবায়ন।

মেঘদূত (ঘ্‌, ত্‌) বি, মহাকবি কালিদাসবিরচিত কাব্যবিশেষ।

মেঘনাদ (মেঘ্‌নাদ্‌) [মেঘের ন্যায় নাদ (শব্দ) যাহার, বহু] বি, পুং, রাবণতনয় ; ইন্দ্রজিৎ। ২। মেঘধ্বনি ; ঘন গর্জ্জন। ৩। বরুণদেব।

মেঘমল্লার (র্‌) বি, সঙ্গীতের রাগবিশেষ। প্র—"ভূর্জ্জ পাতায় নব গীত কর রচনা মেঘমল্লার রাগিণী।"—রবি।

মেঘযোনি (মেঘ্‌জোনি) [মেঘের যোনি (উৎপত্তি)—৬তৎ] বি, পুং, ধূম ; [illegible]

মেঘলা (ঘ্‌) [মেঘ—লা] বিণ, মেঘাচ্ছন্ন : মেঘবিশিষ্ট।

মেঘাগম (ম্‌) [মেঘের—আগম (আগমন) হয় যে সময়ে, বহু] বি, পুং, বর্ষাকাল।

মেঘাত্যয় (মেঘাৎতয়্‌) [মেঘের—অত্যয় (অভাব) হয় যে সময়ে, বহু] বি, পুং, শরৎকাল।

মেঘাবৃত [মেঘ দ্বারা আবৃত, ৩ তৎ] বিণ, মেঘাচ্ছন্ন।

মেঙ্গানিজ (ম্যাংগ্যানিজ্‌) [ইং—manganese] বি, লোহের মত এক প্রকার ধাতু।

মেচক (ক্‌) [সং] বি, পুং, ময়ূরপুচ্ছস্থিত চন্দ্রক। [সং-তে মেঘ, ধূম, অন্ধকার, নীলাঞ্জন, কৃষ্ণবর্ণ, শ্যামবর্ণ অর্থে প্রযুক্ত হয় কিন্তু বাঙ্গালায় বিরল]।

মেচলা (ম্যাচ্‌লা) বি, বড় গামলা এবং গামলার ন্যায় মৃৎপাত্রবিশেষ।

মেছমার (ছ্‌, র্‌) [আ—মিস্‌মার্‌ (ভূমিসাৎ)] বিণ, সমভূমি : ভূমিসাৎ : উৎখাত।

মেছুয়া, মেছো [মাছ + উয়া = মাছুয়া] বি, ধীবর ; মেছো ; জেলে। ২। বিণ, মাছসম্বন্ধীয়।

মেছোহাটা [মাছুয়া সংক্ষেপে মেছো + হাট (বিক্রয় স্থান) + আ (গ্রা ব্যবহারে)] বি, মৎস্য বিক্রয় স্থান ; মাছের বাজার। ২। 'মেছোহাটায় ক্রেতা ও বিক্রেতার মধ্যে দর দামের গণ্ডগোল হইতে লক্ষণায়] গণ্ডগোলের স্থান ; বচসার ক্ষেত্র। প্র—"যদি ঐতিহাসিক তথ্যান্বেষিগণও এই পথের পথিক হন, তবে প্রত্নতত্ত্বক্ষেত্র নিতান্ত মেছোহাটাতে পরিণত হইবে।"—ভারতবর্ষ, ১৩২২।

মেছেতা [সং—মেচক] বি, মুখমণ্ডলে ক্ষুদ্র মাছির মত কাল কাল চিহ্ন ; মাছিতা।

মেজ (জ্‌) [ফা—মেজ্‌] বি, টেবিল table.

মেজাজ (জ্‌) [আ—মিজাজ্‌] বি, মনের গতি : ধাত ; স্বভাব : mood of mind. প্র—"শরীর হলো আগুন আর মেজাজ হলো চটা।"—দ্বিজেন্দ্র রায়। **খোশ মেজাজ**—প্রফুল্ল মন। *গরম মেজাজ*—কোপনস্বভাব। **চড়া মেজাজ**—উগ্র স্বভাব। **টেড়া মেজাজ**—একগুঁয়ে স্বভাব ; উগ্রপ্রকৃতি। **ঠাণ্ডা মেজাজ**—শান্ত প্রকৃতি। **নরম মেজাজ**—নম্র প্রকৃতি। **নেক**—সৎস্বভাব। **বদ মেজাজ**—রাগী স্বভাব ; খিট খিটে স্বভাব। বিণ, **মেজাজী**—দাম্ভিক ; গর্ব্বিত। ২। বিশেষ কোন প্রকৃতিবিশিষ্ট।

মেজিয়া, মেজে, মেঝ, মেঝা, মেঝে (ঝ্‌) [সং—মধ্য—মাঝ + ইয়া (দ্বিজেন্দ্রনাথ ঠাকুরের "মতে" মার্জ্য শব্দজ)] বি, মধ্যস্থল ;

গৃহতল ; ভূমিতল। প্র—"দেখেন মেঝায় এক মনোহর ঝাঁপি"—অ, ম। ২। ভূমি।

মেট (ট্) [ইং—mate] বি, সর্দ্দার। প্র—"কেরাণী দেয়ান আদি কত বড় মেট।"—ঈ-গুপ্ত।

মেটা [প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"কোটা মেটা রাঙ্গড় ভোজনা আর বোর।"—শূ-পু।

মেটা, মেটান—মিটা দ্রঃ।

মেটে [মাটি+ইয়া=মাটিয়া] বিণ, মৃত্তিকা নির্ম্মিত। প্র—মেটে কলসী। ২। [মাটির বর্ণ হইতে] বি, পশুর যকৃৎ। মেটুলি ও বলে। প্র—"টুকি ঢাকি টুক টুক মুখে দিই মেটে।"—ঈশ্বর-গুপ্ত। মেটে ঘর—মাটির দেয়ালের ঘর। মেটে চিল—মাটীর বর্ণ চিল পাখী। মেটে সাপ—মেটেলি সাপ ; বিষহীন মাটিবর্ণ সর্পবিশেষ।

মেডিকেল (ল্) [ইং—medical] বিণ, চিকিৎসা সম্বন্ধীয়। মেডিকেল কলেজ—য়ুরোপীয় চিকিৎসা-বিজ্ঞান শিক্ষালয় : medical college.

মেড়া (ম্যাড়া) [সং—মেষ এবং এড়ক শব্দ-দ্বয়ের মিশ্রণে অথবা মেঢ্র হইতে] বি, মেষ ; ভেড়া। ২। লড়াইয়ে ভেড়া। ৩। মেয়েদের বুদ্ধিতে চালিত ব্যক্তি ; ভেড়া দ্রঃ।

মেড়ুয়া, মেড়ুয়াবাদী [মাড়বার—আবাদী অথবা মাড়বার-বাদী (মাড়বারী ভাষাভাষী) সংস্পর্শে—মেড়ো] বি,নিম্নশ্রেণীর হিন্দুস্থানী : খোট্টা। প্র—"যা বেটা মেড়ুয়াবাদী যা তোর আপনার কাজ করগে।"—লোকরহস্য (বঙ্কিম)।

মেডেল (মেডেল্) [ইং—medal]বি, সৎ-কীর্ত্তি, প্রতিযোগিতায় শ্রেষ্ঠত্ব লাভ প্রভৃতির পুরস্কার অথবা স্মারকস্বরূপ প্রদত্ত স্বর্ণ রৌপ্যাদি নির্ম্মিত মুদ্রাকৃতি নিদর্শন ; পদক।

মেড়ে, মেড়ে—মাড়ি দ্রঃ। বি, দন্তমূল।

মেড়ো—বি, লৌহকারের যন্ত্রবিশেষ : লোহায় সূক্ষ্ম কাজ করিবার ছোট হাতুড়ী।

মেঢ্র [মিহ্ (সেচন করা)+ষ্ট্রন (কর্ত্তৃ)] বি, পুং, পুরুষোপস্থ ; শিশ্ন। ২। ভেড়া।

মেতর, মেথর (ম্যাতোর্) [ফা—মেহ্তর্] বি, জাতিবিশেষ। ২। ঝাড়ুদার ; মলাকর্ষী ; scavenger. স্ত্রী, মেতরাণী, মেথরাণী।

মেথি, মেধি—যে কাষ্ঠে বদ্ধ থাকিয়া গো মহিষাদি ধান্য মাড়াইতে মাড়াইতে ঘুরিতে থাকে ; মেই কাঠ।

মেথিকা [সং] বি, পুং, শিম্বাদিবর্গের শাকবিশেষ ; মেথীশাক।

মেথী [সং] বি, মেথিকার বীজ ; ফোড়নের মসলাবিশেষ।

মেথী [মাথা—মাথী] বি, খর্জ্জুর ও তাল গাছের মাথার মজ্জা। প্র—তালের মেথী ; খেজুর মেথী।

মেদ (দ্) [মিদ্ (স্নিগ্ধ হওয়া)+অ (করণে—অল্] বি, পুং, বসা ; চর্ব্বি। মেদজ—মজ্জা হইতে উৎপন্ন। ২। বি, অস্থি।

মেদজ [মেদ (মজ্জা)—জ (জাত)] বি, স্ত্রী, অস্থি।

মেদা (ম্যাদা) [ফা—মাদা=স্ত্রীজাতি, বিকারে মেদা : মেদি অথবা মধ্যম (বিকারে মিধা) হইতে বর্ণ বিপর্য্যয়ে অথবা মৃদু হইতে] বিণ, নারীসুলভ মৃদু ; নিস্তেজ ; ঢিলা। মেদামারা—ঢোসা ; নিস্তেজ ; ম্যাড়মেড়ে।

মেদিনী [মেদ+ইন্ (অস্ত্যর্থে)=মেদিন্+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, ধরিত্রী ; মধুকৈটভের মেদে আপ্লুত হওয়ায় পৃথিবীর এই নাম হয়।

মেদুর (র্) [মিদ্+উর (কর্ত্তৃ—ঘুর)] বিণ, স্নিগ্ধ। প্র—"বহিছে মধুর বাস মেদুর পবনে" ফুলরেণু। ২। চিক্কণ ; মসৃণ। ৩। মৃদু ; কোমল। ৪। পূর্ণ। ৫। উদ্ভট। স্ত্রী, মেদুরা।

মেধ (ধ্) [সং] বি, পুং, যজ্ঞ ; যাগ।

মেধা [মেধ্ (সঙ্গ করা)+অ (করণে—অঙ্)] বি, স্ত্রী, ধারণাবতী বুদ্ধি ; স্মৃতিশক্তি ; বুদ্ধি ; ধীশক্তি। ২। মেধাকর ঔষধ।

মেধাঃ [মেধস্ ১মা, ১ব] বি, পুং, স্বায়ম্ভুব মনুর পুত্র।

মেধাজিৎ [মেধা (বুদ্ধি) জিৎ (যে জয় করে)] বি, পুং, কাত্যায়ন মুনি।

মেধাতিথি—বি, পুং, মুনিবিশেষ।

মেধাবান্ [মেধা+বৎ (অস্ত্যর্থে বতু)=মেধাবৎ ১মা, ১ব] বিণ, মেধাবিশিষ্ট ; ধারণাশক্তিবিশিষ্ট : স্মৃতিশক্তিশালী। ২। জ্ঞানী ; বুদ্ধিমান ; জ্ঞানবান্। স্ত্রী, মেধাবতী—বুদ্ধিমতী। ২। মহাজ্যোতিষ্মতী লতা।

মেধাবী [মেধা+বিন্ (অস্ত্যর্থে)=মেধাবিন্ ১মা, ১ব] বিণ, ধীশক্তিসম্পন্ন ; ধীমান্ ; জ্ঞানী। ২। মেধাবিশিষ্ট। ৩। বি, পুং, শুকপক্ষী॥ ৪। মদিরা। স্ত্রী, মেধাবিনী—ব্রহ্মাণী।

মেধিষ্ঠ [মেধাবিন্+ইষ্ঠ (অত্যর্থে), বিন্ প্রত্যয় ও আকারের লোপ] বিণ, অতিমেধাবী।

মেধ্য (মেধ্ধ) [মেধ্ (যজ্ঞ)+য (কর্ম্মে)] বিণ, যজ্ঞীয় ; যজ্ঞসম্বন্ধীয়। ২। বি, পুং, ছাগ। ৩। যব। ৪। খদির। ৫। পবিত্র। স্ত্রী, মেধ্যা—নাড়ীবিশেষ। ২। [বৈদ্যকে] শঙ্খপুষ্পী। (২) কেতকী। (৩) শমী। (৪) শ্বেতবচা। (৫) মণ্ডুকী। (৬) ব্রাহ্মী।

মেনকা—বি, স্ত্রী, হিমালয় পত্নী। প্র—"বুঝিয়া মেনকা উমা নাম কৈল সার।"—অ, ম। ২। স্বর্গবেশ্যাবিশেষ—শকুন্তলার জননী। মেনকাত্মজা—বি, স্ত্রী, পার্ব্বতী ; উমা। ২। শকুন্তলা।

মেনা [মেনকার—আদরের সংক্ষিপ্ত নাম] বি, স্ত্রী, গৌরীজননী মেনকা।

মেনা (ম্যানা) [মাই (দ্রঃ)—মাইয়া—আদরার্থে "মানা" (অনুনাসিক স্থলে ন)= মেনা] বি, মাই ; স্তন। মেনা দেওয়া—স্তন্য পান করান। মেনা গেলাস—শিশুকে দুধ খাওয়াইবার স্তনাকৃতি শিশি।

মেনী [বিড়ালের মিঞ মিঞ ডাক হইতে নাম] বি, স্ত্রী, বিড়ালী। মেনী-মুখো—বিণ, সলজ্জ।

মেনে [বেনে দ্রঃ। ম-বাং—মেয়েলি কথার মাত্রা। তুল—আধু-বাং-র "মানে" : আ—ইঅ্যানী (that is to say, namely)] অ, কিন্তু ; তথাপি ; তবু ; বুঝি ; অর্থাৎ প্রভৃতি অর্থে ব্যবহৃত ; কথার মাত্রা বা ঢো। প্র—"হোক মেনে জানা গেল বিবেচনা শূন্য"—অ, ম। "কেহ বলে কুমার মনুষ্য মেনে নয়।"—ঘনরাম। "আর জন বলে ভাই সাপ মেনে নয়।"—অ,ম।

মেন্ধী—মেহেদি দ্রঃ।

মেন্তাই [ফা—মন্তাহি (মুন্সিফী)] বিণ, মুন্সীআনা বা পণ্ডিতী। মেন্তাই পাগড়ী—ফেটা। প্র—"ঠক চাচার মাথায় মেন্তাই পাগড়ি"—টেকচাঁদ।

মেম (ম্) [ইং—madam—অপভ্রংশে ma am—তাহা হইতে বাং-য় ম্যাম, মেম (মহাশয়া)] বি, স্ত্রী, য়ুরোপীয় সম্ভ্রান্ত মহিলা। ৩। মহিলা : ভদ্রনারী। প্র—"শাড়ী পরা এলো চুল আমাদের মেম"—ঈশ্বর গুপ্ত। "গাউনে সাজিয়া মেম বলিয়া নিগার ডেম্ দরিদ্র স্বামীরে নাহি করে বিড়ম্বনা"—চন্দন।

মেম্বর (র্) [ইং member] বি, সভ্য ; সদস্য।

মেয় [মা (পরিমাণে)+য (কর্ম্মে)] বিণ, নিদ্ধারণ : অনুমান : জ্ঞান প্রভৃতির যোগ্য। অনু, পরি প্রভৃতি উপসর্গযোগে ইহার ব্যবহার। প্র—অনুমেয় ; পরিমেয়।

মেয়া, মেয়ে, মেয়্যা [মা—ইয়া—মাইয়া (মাতৃজাতি)] বি, স্ত্রী, তনয়া ; কন্যা। ২। স্ত্রীলোক ; নারী। প্র—"বাগদিনী বলে আমি তেমনি মেয়ে নই"—শিবায়ন। ৩। এয়োনারী। প্র—"কাঞ্চন পাটে ধরিয়া বসায় মহেশ্বরে ফিরায় যতেক মেয়া।"—রমাই পণ্ডিত। মেয়ের চূড়া—রমণীর শিরোমণি ; কন্যারত্ন। প্র—আমার উমা মেয়ের চূড়া ভাঙ্গড় পাগল ওই না বুড়া।"—অ, ম। মেয়ে ছেলে—বি, কন্যা

এবং পুত্র। ২। [মেয়ে (কন্যা) ছেলে (সন্তান)] কন্যা সন্তান। ৩। স্ত্রীলোক; নারীজন। পুং, বেটাছেলে।

মেয়াদ (দ্) [মিয়াদ দ্রঃ] বি, কয়েদ ; জেল। ২। কড়ার ; চুক্তি। ৩। সময়।

মেয়ে—মাইয়া দ্রঃ।

মেয়েলি [সং—মহিলা হইতে প্রা-বাং—মহলী : প্রা, মেইলী] বিণ, স্ত্রীলোকদিগের মধ্যে ব্যবহৃত। ২। নারীসুলভ ; স্ত্রীজনোচিত। প্র—"এ মেয়েলি বুদ্ধির কাজ।" —রাজসিংহ (বঙ্কিম)।

মেরজাই (র্) [মির্জাই দ্রঃ] বি, কৌলীন্য : আভিজাত্য। ২। একপ্রকার ছোট জামা।

মেরাপ (প্) [আ—মেহ্‌রাব্] বি, আচ্ছাদন। ২। তোরণ। প্র—"পশ্চিম দিকে তরুলতার মেরাপ ছিল।—টেকচাঁদ।

মেরামত (ম্যারামোত্) [আ—মরাম্মৎ] বি, জীর্ণ সংস্কার। বিণ, মেরামতী—যাহা মেরামত করা হইয়াছে বা করিতে হইবে ; মেরামতি—মেরামতের কাজ। মেরামত করা—জীর্ণসংস্কার করা।

মেরিণো, মেরুণো [পর্তু—merino.] বি, স্পেন দেশীয় মেরিণো নামক মেষজাতীয় পশুর লোমজাত বস্ত্রবিশেষ।

মেরু [সং] বি, পুং, সুমেরু পর্বত ; ভূমণ্ডলের উত্তর কেন্দ্র। প্র—"অখিল পর্বতগুরু মধ্যে আরোপিয়া মেরু মন্দার প্রমুখ গিরিচয়।"—কবিক। ২। করমালার অঙ্গুলিপর্ববিশেষ। ৩। জপমালার উপরিস্থ প্রধান বীজ। ৪। খড়্গাদির মুষ্টিপ্রদেশ। মেরুদণ্ড—বি, পৃষ্ঠবংশ : শিরদাঁড়া। ২। যে কল্পিত সরলরেখা উভয় ভূ-কেন্দ্র ভেদ করিয়াছে ; যে কল্পিত রেখা অবলম্বন করিয়া পৃথিবী প্রতিদিন পশ্চিম হইতে পূর্বে পরিভ্রমণ করিতেছে।

মেল (ল্) [ইং—mail] বি, ডাক। মেলট্রেন—বি, ডাক গাড়ী ; mail train.

মেল (ল্) [মিল্ (মিলিত হওয়া) + অ (ভাবে অল্)] বি, পুং, লোকারণ্য ; জনতা ; বহুলোকের সমাগম। ২। ঐক্য ; মিলন। ৩। বিবাহ জনিত কুলের মিলন। প্র—ফুলিয়া মেল। ৪। [অধি—অল্] অঞ্জন ; মসী। ৫। মহানীলী।

মেলক (ক্) [মিল্ + ণিচ্ = মেলি (মিল করান) + অক (কর্তৃ)] বিণ, মিলনকারক ; ঐক্যকারী।

মেলা [সং—মিল্ (মিলনে) ধাতুজ। মিলা দ্রঃ] ক্রি, মিলিত হওয়া ; একত্র হওয়া। ২। মিশিত হওয়া ; মিশা। ণিজন্তরূপ মেলান (নো) মিশ্রিত করা ; মিশাইয়া দেওয়া। ২। জড় করা। মিলিত করা। ৩। জোটান। ৪। যোগ করা ; জোড়া। বি, মেলন। মেলামেশা—সংমিলন, ঘনিষ্ঠতা।

মেলা (ম্যালা) [মেল দ্রঃ] বি, প্রদর্শনী। ২। জনতা ; লোকারণ্য ; বহুজনসমাগম। ৩। বিণ, বহু ; বিস্তর ; বেশী। প্র—মেলা লোক জড় হল ; মেলা কথায় কাজ কি। "পাছে মেলা সাদা জল খেয়ে হয় মানুষ গুলো খুন।" —দ্বিজেন্দ্র রায়। ৪। প্রশস্ত।

মেলা [উন্মীলন হইতে মীলা—মেলা। হি—ফয়লানা (বিস্তারে)। উ-পু—মেলি। ম-পু—মেল। প্র-পু—মেলে। অস-ক্রি—মেলিতে ; মেলিয়া, মেলে। ণিজন্ত—মেলান] ক্রি, বিস্তার করা। প্র—"আমাদের কাজের ক্ষেত্রকে পৃথিবীর দৃষ্টির সামনে মেলে ধরতে পারলে আপনিই তার সমস্ত কুয়াশা কেটে যেতে থাকে।"—রবি।

মেলানি, মেলানী—[মিলন হইতে প্রা অর্থ সম্প্রসারণে বিদায় মিলন] বি, মিলন। ২। বিদায়। প্র—"পাত্র মিত্রগণে রাজা দিলেন মেলানি।"—কৃত্তিবাস। "এ জনমের মত ছিরা মাগিল মেলানি।"—কবিক। "ভ্রাতৃ সহ যুধিষ্ঠির সহিত জননী। সব বৃদ্ধগণে গেল মাগিতে মেলানী।"—কাশী—মহাভারত। ৩। ভেট ; সাক্ষাৎ। প্র—"উপদেশ বলিয়া চলিল মহামুনি। ইন্দ্রেরে মেলানি করি গেলেন অবনী॥"—কবিক। মেলানীর ভার—বি, বিদায় কালীন তত্ত্ব ; ভেট বা উপহার সম্ভার। প্র—"মেলানীর ভার কত প্রস্তুত কবিল।"—কালিকামঙ্গল (দ্বিজ কালিদাস)। "আগু বাড়াইয়া নিল মেলানির ভার"—মনসার ভাসান (কেতকাদাস)। "মেনকা মেলানিভার দিয়াছে কিঞ্চিৎ।"—অন্নদামঙ্গল।

মেলেচ্ছ [ম্লেচ্ছ দ্রঃ] বিণ, অহিন্দু। ২। কদাচারী। ৩। অস্পৃশ্য। প্র—"মালতী শ্লেষ-কটুস্বরে বলিল—ছি! ওকি তোমরা সব পুণ্যাত্মা মানুষ মেলেচ্ছ খৃষ্টানের পায়ে হাত দিতে আছে!"—ভারতী।

মেশা—ক্রি, মেলা ; ঘনিষ্ঠ হওয়া ; মিলিত হওয়া। প্র—"ছেলেদের কালীবাবু ছেলেরা কালীর। উভয়েতে মিশে যায় যেন নীরে ক্ষীর॥"—দীনবন্ধু মিত্র। মেশামিশি, মেলামেশা—ঘনিষ্ঠতা।

মেশান (নো) [মিশান দ্রঃ] ক্রি, মিশ্রিত করা ; মিশখাওয়ান। ২। বিণ, মিশ্রিত ; মিলিত। প্র—"একটু মেশান রকম ভাবে আমরা ক'জন এইছি ভবে।"—দ্বিজেন্দ্র রায়।

মেষ (মেশ্) [সং] বি, পুং, প্রথমরাশি। ২। প্রথম লগ্ন। ৩। মেড়া ; ভেড়া। মেষা—গুজরাটী এলাইচ। মেষবল্লী—মেষশৃঙ্গাকার ফলযুক্ত লতা। মেষশৃঙ্গ—বি, পুং, স্থাবর বিষবিশেষ। স্ত্রী, মেষশৃঙ্গী—অজাশৃঙ্গীবৃক্ষ। স্ত্রী, মেষিকা, মেষী—ভেড়ী। ২। জটামাংসী। ৩। বি, পুং, মূত্ররোগবিশেষ। ৪। মূত্র।

মেস (স্) [ইং—mess.] বি, যে বাসায় একাধিক নিঃসম্পর্কীয় ব্যক্তি একত্রে বাস ও আহারাদি করে।

মেসিন (মেশিন্) [ইং—machine] বি, যন্ত্র ; কল ; মেসিন চালান—কল চালান ; যন্ত্র পরিচালন করা।

মেসো (শো) বি, মাসীর স্বামী ; মায়ের ভগ্নীপতি। প্র—"মহারাণী মাসী মোর মাসাত পাত্তর। মেসো বটে মহীপতি কেহ নহে পর॥"—ধনরাম।

মেহ [মিহ্ (সেচন করা) + অ (কর্মে অল্] বি, পুং, প্রস্রাব। ২। [করণে, অল্] মূত্ররোগবিশেষ।

মেহ (হ্) [মেঘ হইতে] বি, মেঘ ; বাদল। প্র—"মেহ সঘনে বরিখনিয়া।"—বলরাম দাস। "ঘন ঘন গজ্জিত মেহ।"—রবি।

মেহগেনি [ইং—mahogany] বি, মূল্যবান, মসৃণ, কোমল, রক্তপীতবর্ণ কাষ্ঠবিশেষ।

মেহন (ন্) [মিহ্ (সেচন করা) + অন (কর্তৃ) সংজ্ঞার্থে] বি, ক্লী, শিশ্ন। ২। [কর্মে—অন] মূত্র। ৩। [ভাবে—অনট্] মূত্রত্যাগ।

মেহনৎ, মেহনত, মেহন্নত (ৎ) [আ—মেহ্‌নৎ] বি, পরিশ্রম। বিণ, মেহনতী—পরিশ্রমী। মেহনৎআনা, মেহনতানা—বি, পরিশ্রমের মূল্য ; বেতন। প্র—"তাহার মেহনতানা দুই চারি হাজার ধরিয়া দিলেই হইবে।"—রজনী (বঙ্কিম)।

মেহলী [প্রা বাং। সং—মহিলা হইতে] বি, স্ত্রী, মহিলা ; নারী। প্র—"ঘরে আছে দুষ্টা মেহলী॥"—ডাক।

মেহেদি [মেইদি দ্রঃ] বি, মেন্দিগাছ।

মেহেরবান (র্, ন্) [ফা] বিণ, দয়ালু। বি, মেহেরবানি—দয়া। ২। অনুগ্রহ।

মৈ (মোই)—মই দ্রঃ।

মৈত্র [মিত্র (বন্ধু) + অ (ভাবে—অণ্)] বিণ, মিত্র সম্বন্ধীয়। ২। বি, সৌহার্দ্য ; বন্ধুত্ব ; মিত্রতা। ৩। সংসর্গ। ৪। উপাধিবিশেষ। ৫। ব্রাহ্মণ। ৬। অনুরাধা নক্ষত্র।

মৈত্রাবরুণ, মৈত্রাবরুণি (মৈৎত্রাবোরুন্) [মিত্র (সূর্য্য) এবং বরুণ = মিত্রাবরুণ + অ—ই, অপত্যার্থে (অণ্—ইণ্)] বি, পুং, অগস্ত্য মুনি এবং বশিষ্ঠমুনি।

মৈত্রী (মৈৎত্রি) [মিত্র (বন্ধু) + অ (ভাবে অণ্) = মৈত্র + ঈপ—স্ত্রী] বি, স্ত্রী, মিত্রতা ;

বন্ধুত্ব। ২। সংসর্গ ; সহযোগ। মৈত্রী-করণ—মিত্রতা স্থাপন। মৈত্রীভাব—বন্ধুত্ব ; সৌহার্দ্য।

মৈত্রেয় [মিত্র (বন্ধু) + এয় (সম্বন্ধার্থে এয়ণ্)] বিণ, মিত্রসম্বন্ধীয়। ২। [মিত্র + এয় (অপত্যার্থে, এয়ণ্)] বি, পুং, জনৈক ঋষি। ৩। বুদ্ধদেব।

মৈত্র্য (মৈৎত্র) [মিত্র (বন্ধু) + য (ভাবে—যণ্)] বি, ক্লী, মৈত্রী ; বন্ধুত্ব।

মৈথিল (ল্) [মিথিলা (দেশ) + অ (অধিপতি অর্থে অণ্)] বি, পুং, মিথিলার রাজা। ২। [সম্বন্ধার্থে—অণ্] বিণ, মিথিলা সম্বন্ধীয়। ৩। মিথিলাজাত। মৈথিল কবি—মিথিলার কবি ; পদকর্ত্তা বিদ্যাপতি। মৈথিল ভাষা—মিথিলার ভাষা। বাঙ্গালা বৈষ্ণব পদাবলীতে এই ভাষার বহুশব্দ মিথিলার কবি বিদ্যাপতি এবং তাঁহার অনুকরণে চণ্ডীদাস, জ্ঞানদাস, গোবিন্দদাস প্রমুখ বহু বৈষ্ণব কবি ব্যবহার করিয়াছেন।

মৈথিলী [মৈথিল (মিথিলার রাজা) + অ (অপত্যার্থে) অণ্—ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, মিথিলাধিপতি জনকের দুহিতা ; সীতা।

মৈথুন (ন্) [মিথুন (স্ত্রী পুরুষ) + অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, ক্লী, স্ত্রী পুরুষের স্মরণ, কীর্ত্তন, কেলি, প্রেক্ষণ, গুহ্যভাষণ, সংকল্প, অধ্যবসায়, ক্রিয়ানিষ্পত্তি, এই অষ্ট অঙ্গযুক্ত ব্যাপার। ২। রতিক্রিয়া ; সুরত।

মৈনাক (ক্) [মেনকা + অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, পর্ব্বতরাজ হিমালয়ের পুত্র।

মৈনিক (ক্) [মীন (মৎস্য) + ইক (জীবার্থে—ইকণ্)] বি, পুং, যে মীন দ্বারা জীবিকা নির্ব্বাহ করে ; মৎস্য ব্যবসায়ী।

মৈরেয় [সং। মিরা (নগরবিশেষ) + এয় (তৎজাত অর্থে)] বি, ক্লী, ধাইফুল, গুড়, কাঁজি, দারুচিনি, তেজপাত, এলাচি, নাগেশ্বর, জিরা, মরিচ, শুঁঠ ও বনমুগ দ্বারা প্রস্তুত মদ্য। প্র—"অযোধ্যার অশোকোদ্যানে রামচন্দ্র সীতাকে মাল্য-শোভিত উৎকৃষ্ট আসনে উপবেশন করাইয়া মৈরেয় মদ্য পান করাইলেন।"—রামা—উ-৪২।

মৈল [মরিল সংক্ষেপে ; পদ্যে] ক্রি, মরিল। অস-ক্রি, মৈলে—মরিলে। প্র—"কোথা মৈলে মোক্ষ হবে ভাবিয়া না পাই।"—অ, ম। "মৈলে কি ছাড়িবে সঙ্গে না যাইবে কি না করিব বিধানে।"—চণ্ডী।

মৈস্মর (মৈশ্মর্) [আধু-বাং ; ইং—mesmerism] বি, যে মন্ত্রশক্তি বা ইচ্ছাশক্তি অথবা কৌশল দ্বারা শরীরে স্বপ্নবৎ অবস্থা উৎপাদিত করিয়া মন্ত্রবৎ বা শক্তি পরিচালকের আজ্ঞাধীন করা যায়।

মো [ওড়ি—মো। আমি দ্রঃ] স, আমি। প্র—"গরল ভখিয়া মো পুনি মরিব নতুবা লউক সমন।"—চণ্ডীদাস। "জয় জয় নীলাচল জয় জগন্নাথ মো পাপীরে দয়া করি কর আত্মসাথ।"—নরোত্তমদাস। সম্বন্ধে—মোর—আমার। ব্রজ—মোরি [মোর + ই (অনুপ্রাসার্থে, পদ্যে)] প্র—"পৈঠল হিয়া মাহা মোরি।"—বি, প। মো-সবা—আমরা সকলে। মো-সবার—আমাদিগের আমাদের সকলের।

মো [মোহ—সংক্ষেপে] বি, মমত্বজ্ঞান ; মোহ। প্র—"সম্পদ সম্মান সুখ সংসারের মো। সকল বিফল দেখি কোলে নাই পো।"—ঘনরাম। ২। মায়া ; মমতা। প্র—"শিশু কান্দে দুগ্ধ দিতে নাহি করে মো।"—কবিক। ৩। দয়া করুণা। প্র—"হেলায় দেখিয়া দুঃখ হরে হৈল মো"—শিবায়ন। মায়া মো—মায়া মোহ। প্র—"ছাড় মায়া মো"—ঘনরাম। মো-মো—বিণ, আমোদিত ; মোহিত। প্র—গন্ধে মো মো করছে। ২। [তুল—হি—মহক্ (মধু—মধুগন্ধ)] মধুগন্ধে আকৃষ্ট মৌমাছির ভনভনানি।

মোআ [মোদক হইতে মোঅঅ—মোয়া] বি, মোদক, মধু বা গুড়ে পাক করা খইয়ের লাড়ু। প্র—মুড়কীর মোআ।

মোআড়া [মোহাড়া দ্রঃ] বি, মুখপাত ; পথের মুখ ; মোড়। ২। সম্মুখ।

মোআন (ন্) [মোহান দ্রঃ] বি, পুষ্করিণী আদির জল নির্গমন ও প্রবেশের মুখ বা পথ।

মোকরর, মোকর্র (র্) [আ—মকর্র্] বিণ, নির্দ্ধারিত। ২। নিয়োজিত ; নিযুক্ত। ৩। নিশ্চিত। বি, মোকররী, মোকর্রী—স্থায়িরূপে ভোগ করিবার মত নির্দিষ্ট খাজনার জমী।

মোকা [মুখ হইতে, প্রাদে। গ্রা] বিণ, তাল বা নারিকেলের বোঁটায় যুক্ত খোসা। ২। নারিকেল মালা বা খোল। প্র—"মোকা নারিকেলেতে ভরিয়া দিল জল।"—কবিক।

মোকাম (ম্) [আ] বি, আড্ডা ; চটি ; সরাই। প্র—"বীর ভূমি উত্তরিল মোকামে মোকামে।" ২। বাস। প্র—"মগ্ন হয়ে মোকাম করিল নদীতটে"—ঘনরাম। ৩। স্থান ; আস্তানা। প্র—"সোলেমানি মালা ধরে, জপে পীর পেগাম্বরে, পীরের মোকামে দেয় সাঁজ।"—কবিক। ৪। বিণ, স্থিতি। প্র—"মহানদ পার হয়ে কটকে মোকাম।"—অ, ম।

মোকদ্দমা [মকদ্দমা দ্রঃ] বি, মামলা ; আদালতের অভিযোগের পরিচালনা। মোকদ্দমাবাজ—বিণ, মোকদ্দমা-পটু ; মামলাবাজ।

মোকাবা [আ—মুকাবা] বি, পাত্রবিশেষ ; যাহাতে চুল বাঁধিবার সরঞ্জাম থাকে। প্র—"পূর্ব্বে মুসলমানেরা মোকাবা রাখিতেন আজি কালি অনেকে toilet table রাখেন"—মতিচুর।

মোকাবিলা [আ—মুকাবলা] বি, মিট্‌মাট। ২। ঐক্য।

মোকুব,—প (ব্, প্) [আ—মৌকুফ্] বি, অব্যাহতি ; মুক্তি ; নিষ্কৃতি ; ছাড়। ২। রহিত। প্র—"হাঁ, বাবা পাথর ভাঙ্গা মোকুব করাতে পাল্লে না?"—প্রফুল্ল। ক্রি, মোকুব করা—অব্যাহতি দান করা ; ছাড় দেওয়া।

মোক্তসর [আ—মুখ্‌তসর্] বিণ, সংক্ষিপ্ত। ২। বি, সংক্ষেপ।

মোক্তা [মুক্তি দ্রঃ] বিণ, মুক্তিদায়ক ; ত্রাণকারক ; মোচনকারক।

মোক্তার (র্) [আ—মুখ্‌তার্] বি, বাদী ও প্রতিবাদীর নিযুক্ত কর্ম্মচারী, মোকদ্দমা পরিচালনের ভারপ্রাপ্ত কর্ম্মচারী ; উকিলের সহকারী ; an assignee, attorney. আম মোক্তার—সকল বিষয়ের কার্য্য পরিচালনার ভারপ্রাপ্ত কর্ম্মচারী ; a general agent মোক্তারকার—[ফা—মুখ্‌তার্‌কারী]—মোক্তারি ; attorneyship. মোক্তারনামা—মোক্তার-নিয়োগ-পত্র ; চলনামা ; a written authority. খুদ মোক্তার—বিণ, নিজেই নিজের কার্য্য পরিচালক ; স্বাধীন।

মোক্তারি [ফা—মুখ্‌তারী] বি, মোক্তারের কর্ম্ম। বিণ, মোক্তারী—মোক্তার ও তাহার কার্য্য সম্বন্ধীয়। ২। মোক্তারের যোগ্য।

মোক্ষ (মোক্‌খ) [মোক্ষ্ (মুক্ত হওয়া) + অ (ভাবে, অল্) প্রা-বাং—মোখ। প্র—"মোখ মুকতি এহি দেউলে পড়ুক জগ জনকার।"—শূ, পু] বি, পুং, মোচন ; পরিত্রাণ ; মুক্তি। প্র—"কোথা মৈলে মোক্ষ হবে ভাবিয়া না পাই"—অন্নদামঙ্গল। ২। নিত্যসুখ প্রাপ্তি। প্র—"ধর্ম্ম অর্থ কাম মোক্ষ, জগৎ ধারণ দক্ষ, তব কৃপা কটাক্ষ যে জনে"—ঘনরাম। ৩। জীবাত্মার সহিত পরমাত্মার মিলন ; অপবর্গ। ৪। নিষ্পত্তি। ৫। মৃত্যু ; মরণ। বিণ, মোক্ষিত—মুক্ত ; নিস্তারপ্রাপ্ত। মোক্ষদাতা—মুক্তিদাতা ; ত্রাণকর্ত্তা। স্ত্রী, মোক্ষদাত্রী। মোক্ষধাম—কৈবল্য ধাম মুক্তিস্থান ; দুঃখমোচন স্থান। প্র—"সুখ-মোক্ষধাম অন্নপূর্ণা নাম সংসার-সাগর-ভেলা।"—অ, ম। মোক্ষপথ—বি, মুক্তিপথ ; পরিত্রাণের উপায়। মোক্ষপদ—বি, মুক্তিরূপ ঐশ্বর্য্য। মোক্ষলাভ—কৈবল্যপ্রাপ্তি ; মুক্তিলাভ।

মোক্ষণ (মোক্‌খন) [মোক্ষ্‌ + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, নিঃসারণ। ২। মোচন। প্র—"এই মত আরো কত ভর্ৎসিয়া বিস্তর। বন্ধন মোক্ষণ কৈল বিষ্ণুর কিঙ্কর॥"—শিবায়ন। বিণ, মোক্ষণীয়—মোক্ষণযোগ্য।

মোক্ষদ [মোক্ষ (মুক্তি) দা (দান করা) + অ (কর্তৃ, ড) যিনি মুক্তিদান করেন] বি, পুং, মোক্ষদায়ক ; মুক্তিপ্রদ। প্র—"মোক্ষদ পাতক অন্ত প্রকাশিলা নানা গ্রন্থ বেদাঙ্গ পুরাণ ভক্তি মত।"—ঘনরাম। স্ত্রী, মোক্ষদা—মুক্তিদাত্রী। ২। দুর্গা।

মোক্ষম (মোক্‌খম্‌) [আ—মহ্‌কম্‌] বিণ, দৃঢ়, কঠিন ; নিঘাত ; সাংঘাতিক ; strong.

মোখালেফ (ফ্‌) [আ—মুখালিফ্‌] বিণ, প্রতিকূল ; বিপরীত। ২। বি, শত্রু।

মোগল (ল্‌) [ফা—মুগল্‌] বি, মঙ্গোলিয়ার অধিবাসী। a moghul. স্ত্রী, মোগ্‌লানী [হি—মুগ্‌লানী] বিণ, মোগলাই—মোগলদিগের মধ্যে প্রচলিত ; মোগল সম্বন্ধীয় ; প্র—মোগলাই খানা।

মোচ (চ্‌) [মুচ্‌ (ত্যাগ করা) + অ (কর্ম্মে—অল্‌)] বি, ক্লী, শজিনা গাছ। ২। কলাগাছ। ৩। অগ্রভাগ ; মুখ। প্র—কলমের মোচ। ৪। গুলফ ; গোঁপ। প্র—"পাকা মোচে ধরি তার উপাড়য়ে দাড়ি"—কবিক।

মোচঙ্গ (মোচংগ) বি, বাদ্যযন্ত্রবিশেষ।

মোচড় (ড্‌) [হি—মরোড়] বি, পাক। ক্রি, মোচড়ান (নো)—পাক দেওয়া ; দুমড়ান। মোচড়া-মুচ্‌ড়ি—মুচুড়ি—পরস্পর পরস্পরকে মোচড় দেওয়া। প্র—"কেমন মনোহর সে মোচড়া-মুচুড়ি"—কস্তুরী।

মোচন (ন্‌) [মুচ্‌ + ণিচ্‌ = মোচি + অনট্‌ (ভাবে)] বি, মুক্তিদান। ২। মুক্তি ; মোক্ষ। ৩। ত্যাগ। প্র—বাণ মোচন। ৪। উদ্ঘাটন ; উন্মুক্তকরণ। প্র—দ্বার মোচন। বিণ, মোচক—মোচনকারী। মোচিত—মুক্ত ; ত্যক্ত ; উদ্ঘাটিত। স্ত্রী, মোচনী—কণ্টকারী।

মোচরস (মোচ্‌রশ্‌) বি, শিমুলের আঠা।

মোচা [মোচ (দ্রঃ) + আ। পালি—মোচো। "রম্ভা চ কদলী মোচো"—অভিধানপ্রদীপিকা] বি, কদলী। ২। কদলীপুষ্প।

মোচ্য (মোচ্‌চ) [মুচ্‌ (মুক্ত করা) + য (কর্ম্মে—যণ্‌)] বিণ, মোচন-যোগ্য ; মোচনার্হ।

মোছদী (ছ্‌) [আ—মুৎসদ্দী (কর্ম্মচারী) হইতে ?] পারিষদবর্গ। প্র—"বিবর্ণ হইল তবে যতেক মোছদী।"—মনসামঙ্গল (বিজয়)।

মোছা [মুছা দ্রঃ। ম-পু—মোছ। প্র-পু—মোছে। অস-ক্রি—মোছাইতে ; মোছাইয়া। ণিজন্ত—মোছান] ক্রি, মাজা ; নিকান ; পুঁছিয়া ফেলা ; পরিষ্কার করা। ব্রজ—মোছল—মুছিল। প্র—"বদন মোছল পরচুর।"—বি, প।

মোছান (নো) [মোছা দ্রঃ। উ-পু—মোছাই। ম-পু—মোছাও। প্র-পু—মোছায়। অস-ক্রি—মোছাইতে ; মোছাইয়া, মুছায়ে] ক্রি, মুছাইয়া দেওয়া ; মাজান। প্র—"এক ব্রাহ্মণী পরিচারিকা অতি সূক্ষ্মবস্ত্রে তাঁহার অঙ্গ সাবধানে মোছাইয়া দিত।"—বঙ্গভাষা ও সাহিত্য ৭ম, অ।

মোজা [ফা—মোজহ্‌] বি, চরণাবরণ। প্র—"মোজা পানই আর জিন নিরময়ে অনুদিন চামার বসিল এক ভিতে।"—কবিক। "কেহ কিনে উলসুতা বুনাইতে মোজা জুতা।"—চন্দন। ফুল মোজা—হাঁটু পর্য্যন্ত ঢাকা মোজা। হাফ মোজা—ছোট বা আধা মোজা। মোজার কল—মোজা বুনিবার যন্ত্র। মোজার কাটি—হাতে মোজা বুনিবার লৌহ বা হাড়ের শিক।

মোজাহেম (ম্‌) [আ—মুজাহিম্‌ আদাঃ পরিঃ] বি, প্রতিবন্ধক। আপত্তি।

মোট (ট্‌) [তামিল—মূট্টৈ (কাপড়ের বস্তা, bale, থলিয়ায় বদ্ধ বা বস্তাবন্দী মাল) হইতে] বি, বস্তা ; গাঁঠরি ; পোঁটলা। মোটঘাট [মোট + ঘাট (গাঁট = গাঁঠরী)] পোঁটলা পুঁটলী ছোট বড় পুলিন্দা। মোটবাহক—মুটিয়া ; ভারবাহক।

মোট (ট্‌) [সং—সমষ্টি হইতে] বি, সাকল্য ; সমষ্টি ; total. ২। বিণ, সমুদয় ; সর্ব্ব সমেত। মোটামুটি—বিণ, মোটের উপর ; স্থূলতঃ।

মোটক (ক্‌) [সং] বি, কুশনির্ম্মিত অঙ্গুরীয়।

মোটন (ন্‌) [মুট্‌ (চূর্ণ করা) + অন (ভাবে অনট্‌)] বি, ক্লী, পেষণ ; চূর্ণন ; গুঁড়া করা। ২। মোচড়ান ; মট্‌কান। ৩। [কর্ত্তৃ—অন] পুং, বায়ু।

মোটর, মোটরগাড়ী (র্‌) [ইং—motor car] বি, তড়িৎ বাষ্পাদি চালিত শকট।

মোটা [মোট (দ্রঃ) + আ (সাদৃশ্যে)] বিণ, স্থূল ; মাংসল। মোটা কথা—স্থূল কথা। মোটা কাজ—স্থূলকর্ম্ম ; সৌখীন নয় এমন কাজ। মোটা কাপড়—মোটা সূতায় বোনা বস্ত্র। মোটা গলা—উচ্চৈঃস্বর ; মুক্তকণ্ঠ। ২। খাদ সুর। মোটা মাহিনা—বেশী বেতন ; উচ্চ বেতন। মোটা ভাত—মোটা চাউলের অন্ন। মোটা হওয়া—স্থূলাঙ্গ হওয়া ; দেহ পুষ্ট হওয়া। মোটা সোটা—বিণ, হৃষ্টপুষ্ট।

মোটা [তামিল—মোট্টৈ (ভোঁতা, blunt) হইতে] বিণ, অতীক্ষ্ণ ; ভোঁতা ; ধারপড়া। প্র—মোটা ধার ; মোটা বুদ্ধি, মোটা মাথা (অর্থাৎ স্থূল মস্তিষ্ক)।

মোটিয়া—মুটিয়া দ্রঃ।

মোটেই [মোট দ্রঃ] অ, মূলেই একেবারেই ; আদৌ।

মোড় (ড্‌) [মুণ্ড—মুড়—মোড়। হি—মৌড় (মুকুট ; চূড়)] বি, শীর্ষ ; মস্তক। প্র—"তাপর খঞ্জন চঞ্চল যোড়। তাপর সাপিনী বেঢ়ল মোড়॥"—বি, প। ২। স্ত্রীদিগের মুকুট ; বিবাহের টোপর ; সিঁতিমৌর। প্র—"মালী বৈসে গুজরাটে সদাই মালঞ্চ খাটে মালা মোড় গড়ে ফুল ঘর।"—কবিক। ৩। পথিশীর্ষ ; পথের সন্ধিস্থান। প্র—"নাড়া চাড়া দিলে ঘোড়া মোড়ের মাথাতে।"—গান। ৪। দুগ্ধবতী গবাদি পশুর স্তনের বিস্তৃতি।

মোড়ক (ক্‌) [মোড়া দ্রঃ। যাহা মোড়া হইয়াছে] বি, পুরিয়া ; মোড়া।

মোড়ন (ন্‌) [মোড়া দ্রঃ] বি, বক্রকরণ। ২। আবরণ ; আচ্ছাদন। ৩। [মুণ্ডন—মুড়ন—মোড়ন)] বি, মুণ্ডন।

মোড়ল (ল্‌ ([মণ্ডল হইতে] বি, মণ্ডল ; প্রধান। প্র—"সেই গ্রামের মোড়ল নিবারণ মুখুয্যে তাঁহার সহিত তর্কযুদ্ধ জুড়িয়া দিল।"—ভারতী—১৩২১। মোড়লি—বি, মোড়লের কর্ম্ম ; গ্রামের অধিনায়কতা। মোড়লগিরি—মোড়লি। গাঁয়ে মানে না আপনি মোড়ল—গ্রামের কেহই গ্রাহ্য করে না বা মান্য করে না অথচ নিজে ভাবে সে গ্রামের প্রধান ; আত্মম্ভরি।

মোড়া [সং—মুর্‌ (বেষ্টন করা) হইতে হি—মরোড়্‌না। উ-পু—মুড়ি। ম-পু—মোড় ; মুড়ন্‌ ; মোড়্‌। প্র-পু—মোড়ে ; মোড়েন্‌। অস-ক্রি—মুড়িতে ; মুড়িয়া, মুড়ে। ণিজন্ত—মোড়ান (নো)] ক্রি, মোচড়ান ; দুমড়ান ; বাঁকান। প্র—"রোপিয়া প্রেমের বীজ অঙ্কুরে মোড়লি বাঢ়ব কোন উপাই।"—বি, প। "উর মোড়ি বৈঠনু হরি করি পীঠ।"—ঐ। ২। ফিরান। প্র—"পিয় পরিরম্ভণে মোড়বি অঙ্গ।"—বি, প। ৩। বদ্ধ করা ; নিরস্ত হওয়া। প্র—"ইথে কাহে ধনি তুহুঁ মোড়সি মুখ।"—বি, প। ৪। পাকান ; জড়ান। প্র—পিতলের কাঠিতে সোনার তার মোড়া। ৫। [মোটন দ্রঃ] মটকান। ৬। আলস্য ভঙ্গ করা। প্র—গা মোড়া।

মোড়া [তামিল—মূড়ি (ঢাকা) হইতে] ক্রি, আচ্ছাদন করা ; বেষ্টন করা। প্র—"জ্যোৎস্নার তবক যেন সারা গায় মোড়া।"—ফুলরেণু।

মোড়া [হি—মোড়া। মুণ্ডা (নেড়া) হইতে] বি, বেত্রময় বা বেত্রাচ্ছাদিত আসন। ২। বেত্রাদি নির্ম্মিত ধান্যাদি রাখিবার পাত্র। ৩। মোড়ক।

মোড়াসা (শা) [হি—মোড় (পাক)—মৌড় (মুকুট)—সা (সাদৃশ্যে)] বি, পাগড়ী-বিশেষ। প্র—"সামলার সুকাণিশ মোড়াসার ফের। মোগলাই ধুনুচির মাথা ধরা দের।" —হেম।

মোণ্ডা [মুণ্ডি (দ্রঃ)—বৃহদর্থে মোণ্ডা] বি, মিষ্টান্নবিশেষ ; গোল্লা সন্দেশ।

মোতা [মুতা দ্রঃ] ক্রি, প্রস্রাব করা।

মোতাবেক (ক্) [আ—মুতাবিক্] বি-বিণ, অনুসারে।

মোতায়েন (ন্) [আ—মুতাআইন্] বি, নিযুক্ত ; appointed. প্র—"একজন এ বাড়ী সার্চ্চ কর, দু'জন পাহরায় এখানে মোতায়েন থাক।" ২। স্থিরীকৃত।

মোতালক, মোতাল্লিক (ক্) [আ—মুতাআল্লিক্] বিণ, সম্বন্ধীয়। ২। অধীন।

মোতি [সং—মুক্তা হইতে মোতি] বি, মুক্তা। প্র—"সবহুঁ মতঙ্গজে মোতি নাহি মানি। সকল কণ্ঠে নাহি কোকিল বাণী॥"—বি, প।

মোতিম—[মোতি—ম (সাদৃশ্যে) অথবা মোতিময় হইতে] বিণ, মুক্তানির্ম্মিত।

মোতির হার—মোতির মালা ; মুক্তার হার। প্র—"বানর কণ্ঠে কি মোতিম মাল।" —বি, প।

মোতিয়া [সং—মৌক্তিক। হি—মোতিয়া] বি, বেলা জাতীয় পুষ্প ; কিন্তু পত্র পুষ্প বৃক্ষ সম্বন্ধে বেলার প্রকার ভেদ।

মোৎফরক্কা [আ—মুৎফরকাহ্] বি, বিবিধ ; miscellaneous.

মোদ (দ্) [মুদ্ (হৃষ্ট হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, আহ্লাদ ; আনন্দ ; আমোদ ; হর্ষ। ক্রি, **মোদা**—আমোদ করা। ২। আমোদিত করা।

মোদক (ক্) [মুদ্ + ণিচ্ = মোদি (আনন্দিত করান) + অক (কর্ত্তৃ)—যাহা ভোজনে আনন্দ দান করে] বি, পুং, মোয়া ; লাড়ু। প্র—"মোদক দিয়া লাজ পুজিল দেবরাজ কন্যারি গঙ্গাধিবাসনা।"—কবিক। ২। হিন্দুজাতি-বিশেষ ; ময়রা ; মধুনাপিত। ৩। বিণ, আনন্দজনক ; হর্ষকারক।

মোদা [মুদা দ্রঃ] ক্রি, মুদিত করা ; নিমীলিত করা ; বোজা।

মোদিত [মুদ্ + ণিচ্ = মোদি (হর্ষ করান) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, আনন্দিত ; প্রফুল্ল ; হর্ষিত। প্র—"মোদিত হইল রস্তা, দেখিয়া দর্পণ"—কবিক। ২। সুবাসিত ; সৌরভ-ময়। প্র—"মোদিত মৃদুবাসে উপবন ফুল্ল" —বৃত্র সংহার। ২। [ভাবে—ক্ত] বি, হর্ষ ; আনন্দ। বি, **মোদন**—আনন্দকরণ ; আমোদন।

মোদী [মোদ + ইন্ (অস্ত্যর্থে) = মোদিন্ ১মা, ১ব] বিণ, আনন্দযুক্ত ; আনন্দকারী।

মোদ্দা (মোদ্দা) [আ—মুদ্দাআ] বি, সারাংশ ; তাৎপর্য্য। ২। অ, কিন্তু।

মোনা [সং—মণি। স্থূলার্থে মোনা] বি, ঢেঁকির মুষলের অগ্রভাগস্থিত লৌহদণ্ড। প্র—"কন্দলে পরমানন্দ নারদের ঢেঁকী। আঁকশলী পোয়া মোনা গড়ে মেকামেকী॥"—অ, ম।

মোম (ম্) [সং—মধু, ফা—মোম] বি, মধুথ ; শিক্থ ; wax. **মোমঢাল, মোমজামা** (মোমঢাল্) বি, মোমলিপ্ত বস্ত্র ; wax cloth. প্র—"নানাচিত্র বসন উপরে মোম ঢাল"—ঘনরাম। **মোমবাতি**—বি, চর্বি মোম প্রভৃতি দ্বারা প্রস্তুত বর্ত্তিকা। প্র—"এহেন উজ্জ্বল রাতি জ্বালি তবু মোমবাতি।" —অশোকগুচ্ছ। "যে জন দিবসে মনের হরষে জ্বালায় মোমের বাতি।"—সদ্ভাবশতক।

মোমিল (ন্) [আ] বি, নৈষ্ঠিক বা গোঁড়া মুসলমান।

মোয়া [মোআ দ্রঃ] বি, মোদক ; লাড়ু।

মোয়—স, মোর ; আমার। প্র—"আশা নৈরাশে দগধে তনু মোয়।"—বি, প। ২। আমাকে। প্র—"কো তুঁহুঁ কো তুঁহুঁ বোলবি মোয়।"

মোয়াজি, মোয়াজী [ফা] বি, আদালতের কাগজ পত্রে টাকার সম্বন্ধে যেরূপ 'মবলগ' শব্দ ব্যবহৃত হয় জমি সম্বন্ধে সেইরূপ 'মোয়াজি' শব্দের ব্যবহার।

মোরগ (গ্) [ফা—মুর্গ্] বি, কুক্কুট। স্ত্রী, মুরগী।

মোরগফুল (গ্, ল) বি, ময়ূর শিখা নামক পুষ্প।

মোরট (ট্) [মুর্ (বেষ্টন করা) + অট] বি, ক্লী, লতাবিশেষ। ২। অঙ্কোট পুষ্প। ৩। ইক্ষু মূল ; আকের গোড়া। স্ত্রী, **মোরটা** —মূর্ব্বালতা।

মোরব্বা [আ—মুরব্বা] বি, চিনির রসে পাক করা আম্র, আপেল প্রভৃতি ফল।

মোলাম, মোলায়ম (ম্) [আ—মুলাইম্] বিণ, কোমল ও মসৃণ।

মোলাহেজা [আ—মুলাহ্জা] বি, পরীক্ষা ; পরিদর্শন ; দেখা। ২। বিচার।

মোল্লা [তুর্কী—মুল্লা] বি, মুসলমান মহাপণ্ডিত। ২। মুসলমান ধর্ম্মযাজক। প্র—"মোল্লা পড়ায় নিকা দান পায় সিকা সিকা। দোয়া করে কলমা পড়িয়া।"—কবিক। ৩। মুসলমান বিচারপতি।

মোষ (ষ্) [সং—মহিষ ; গ্রা—সংক্ষেপে] বি, মহিষ। প্র—"নিতি নিতি করে পূজা, দিয়ে মেষ মোষ অজা রাজ্যে হল গোয়ালা প্রবল।"—ঘনরাম।

মোষণ (ন্) [মুষ্ (চুরি করা) + অন ভাবে—অনট্)] বি, ক্লী, চৌর্য্য ; লুণ্ঠন। প্র—"পথিকের করে সর্ব্বস্ব মোষণ"—ব্রহ্মসঙ্গীত। বিণ, **মোষক**—লুণ্ঠক। ২। বি, তস্কর।

মোসড়ান (নো) [মুসড়ান দ্রঃ। হি—মুর্ঝানা] ক্রি, মুসড়াইয়া যাওয়া বা ম্লান হওয়া ; ভগ্নোদ্যম হওয়া ; হতাশ্বাস হওয়া।

মোসাহারা (শা) [ফা—মোশাহ্রা] বি, মাসহারা ; মাসিক অর্থ সাহায্য। প্র—"গিন্নী? হাঁ হাঁ, বসে মোসাহারা লবেন কোমল করে কভু সয় কি খাঁটনা খাটা ?"—রজনী সেন।

মোসাহেব (মোসাহেব্) [আ—মুসাহিব্] বি, তোষামোদকারী পার্শ্বচর ; মনস্তুষ্টিকারী। প্র—"দীনু ঘোষাল জ্যোতি বাবুর পিতৃব্য মহাশয়ের একজন মোসাহেব।"—ভারতী ১৩২০।

মোসাহেবী [মোসাহেব। ই (বৃত্তি অর্থে)] বি, মনস্তুষ্টি সাধন ; তোষামোদী।

মোস্তায়েদ (দ্) [আ—মুস্তায়েদ্] বিণ, উদ্যত।

মোহ [মুহ্ (মুগ্ধ হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, দেহে আত্মাভিমান বুদ্ধি। ২। অবিদ্যা। ৩। দুঃখ। ৪। অজ্ঞতা ; মূর্খতা। ৫। মমতা। প্র—"কান্দে বীর ফুল্লরাব মোহে। দাবানল জিনি শ্বাস মুখে গদ গদ ভাষ জল ধারা লোচনের লোহে॥"—কবিক। ৬। মুগ্ধতা। ৭। অচৈতন্য ; মূর্চ্ছা। **মোহকূপ**—বি, অজ্ঞানতারূপ কূপ। প্র—"একই কলেবর হইলা হরিহর বুঝিতে প্রেম পরিচ্ছেদ। যে জানে দুইরূপে সে মজে মোহকূপে ভারতে নাই এই খেদ॥"—অ, ম। **মোহঘোর** —বি, মোহরূপ অন্ধকার ; মায়া-হেতু ভ্রান্তি। **মোহতিমির**—মোহান্ধকার ; মায়ারূপ আঁধার। **মোহনিদ্রা**—মোহের ঘোর ; অজ্ঞান আঁধার। **মোহবন্ধ—বন্ধন**—মায়ার বাঁধন। প্র—"মোহবন্ধ ছিন্ন কর কঠিন আঘাতে"—ব্রহ্মসঙ্গীত। **মোহময়**—বিণ, মায়াচ্ছন্ন। প্র—"মোহময় সংসারে থেকে আমি কেমন করে পাইব তোমায়"—ব্রহ্মসঙ্গীত।

মোহড়া [মুখ—মুহ্—মো + আড়া [হি—বালা, স্বার্থে)] বি, মুখপাত ; সম্মুখ।

২। পথি-শীষ ; মোড়ের মাথা। প্র—"এই পথের মোহড়ায় যে তোরণ আছে, তাহার নাম ইশ্‌তল্ তোরণ"—প্রবাসী ১৩২০। ৩। আরম্ভ ; মুখ। প্র—"গরম মেজাজের প্রথম মোহড়াতেই সেই দেবতা গিয়া দর্শন দিয়া ঐ কথা বলিলেন"—সীতারাম (বঙ্কিম)।

মোহন (ন্) [মুহ্ + ণিচ = মোহি (মুগ্ধ করান) + অন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, কন্দর্পের সম্মোহন বাণ। ২। মুগ্ধকরণ। প্র—"মোহন করিতে চান মহেশের মতি।"—শিবায়ন। ৩। ধুস্তুরবৃক্ষ। ৪। বিণ, মোহ-জনক ; মোহকর ; মুগ্ধকারক। প্র—"মোহন চিকণ কালা নানা ফুলে বনমালা কিবা মনোহর তরুবর গুঞ্জা ফলে।"—ভারত। ৪। [করণে —অনট্] সুরত। স্ত্রী, মোহনা, মোহনী —একজাতীয় বৃণী। মোহিনী—মোহ-কারিণী ; সুন্দরী ; নর্ত্তকী।

মোহনচূড়া (ন্) বি, শ্রীকৃষ্ণের নয়নরঞ্জন শিখা।

মোহনভোগ (ন্, গ্) [প্রাদে। হি—হালুআ] বি, সুজি, ঘী, চিনি ও মেওয়া দ্বারা প্রস্তুত মিষ্টান্নবিশেষ।

মোহনা, মোহানা [হি—মোহান্] বি, জলাশয়াদির জল গমনাগমনের মুখ। প্র—"মোহনা বাহিয়া সাধু করি ত্বরা ত্বরি"—কবিক। 'খুলে যায় প্রাণের মোহানা আসে সুখ বন্যা তোল পাড় করি'—অশোকগুচ্ছ।

মোহনিয়া [মোহন (দ্রঃ) ইয়া (কারী এই অর্থে)] বিণ, মোহজনক ; মুগ্ধকারক। প্র—"সখিরে, ঝলকিয়া অলকেরে চামেলি ও বকুলে উজলিআ দেলো মোরে মোহনিয়া দুকূলে।"—অপূর্ব্ব ব্রজাঙ্গনা।

মোহর (র্) [হি। প্রা—বাং। সঞ্জয়কৃত মহাভারত] স, মোর ; আমার। প্র—"হাহা রাম রমণ মোহর নিজ নাহ।"—অনন্ত রামায়ণ। "আইস বাছা কূর্ম্মরাজ থাক মোহর দিঠে।"—শূ-পু। "কি বুঝ পণ্ডিত তুমি মোহর বিধানে"—চৈ-ভা।

মোহর (র্) [ফা] বি, শীলমোহর ; ছাপ। প্র—"ও নহে কলঙ্ক অই প্রেমের মোহর।"—কুঙ্কুম। ২। স্বর্ণমুদ্রা।

মোহা [হি—মোহনা। মোহ (দ্রঃ) + আ। উ-পু —মোহি। প্র-পু—মোহে। অস-ক্রি—মোহিতে; মোহিয়া, মোহিয়ে, মোহি, মোহে] ক্রি, মোহিত করা ; মুগ্ধ করা। প্র—"হা কীর্ত্তি মৃদুভাষিণি ! কি ভুলে ভুলালে। * * মোহিয়ে মধুর রবে বিপাকে ফেলিলে॥"—গান।

মোহান (ন্) [গ্রা—মোআন, মোয়ান] বি, মুখ ; নদী পুষ্করিণী প্রভৃতির জল নির্গমনের মুখ। প্র—"মধ্যখানে খানিক খসায়ে দিল চালা। দক্ষিণ মোহান হৈল জল যেতে নালা।"—শিবায়ন।

মোহিত [মোহ + ইত (যুক্তার্থে)] বিণ, মোহপ্রাপ্ত ; মুগ্ধ। প্র—"নানাজাতি তুলে ফুল যাহে মত্ত অলিকুল যার গন্ধে মদন মোহিত—অ, ম। স্ত্রী, মোহিতা।

মোহিনী [মোহ + ইন্ (অস্ত্যর্থে) = মোহিন্ ঈপ্ —স্ত্রী] বি, স্ত্রী, মোহকারিণী ; মুগ্ধকারিণী। প্র—"শতেক রাজার ধন আভরণ অঙ্গে। মোহিনী হইয়া ভ্রম কেহ নাহি সঙ্গে॥"—কবিক। ২। সমুদ্র মন্থনকালে নারায়ণ অসুর-গণকে অমৃত হইতে বঞ্চিত করিবার জন্য যে অপূর্ব্ব সৌন্দর্য্যময়ী নারীমূর্ত্তি ধারণ করিয়া-ছিলেন। ৩। সম্মোহন বিদ্যা। প্র—"কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান।"—চণ্ডীদাস। মোহিনী বিদ্যা—বি, তন্ত্রোক্ত বিদ্যাবিশেষ। প্র—"মোহিনী বিদ্যায় সবে মোহিত করিবে।"—অন্নদামঙ্গল।

মোহী [মুহ্ (মুগ্ধ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) মোহিন্ ১মা, ১ব] বিণ, অচৈতন্য ; মূর্চ্ছিত ; মোহপ্রাপ্ত। ৩। [মুহ্ + ণিচ = মোহি + ইন্] মোহকারক।

মোহে [ব্রজ। আমি দ্রঃ। তুল—হি—হমে। ওড়ি—মোতে] স, আমাকে। প্র—' সুন্দরি কাহে মোহে সম্ভাষি না যাসি। তুয়া ডরে ইহসব, দূরহি পলায়ল, তুহুঁ পুন কাহে ডরাসি।"—বি-প।

মোহোর (র্) [প্রা-বাং। গ্রা—হি—মোহার, মোহর্] স, আমার। প্র—"সভাপতি অগ্রেতে মোহোর প্রণতি।"—মহা (শ্রীকর নন্দী)।

মৌ [প্রাকৃ—মহু—সং—মধু শব্দজ] বি, মকরন্দ ; পুষ্পরস ; মধু। প্র—"কলসী রাখিয়া রামা পিয়ে পুষ্প মৌ।"—ধনরাম।

মৌকলস (শ্)] প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"বাজ দল মৌকলস আজান সিঅলি —শূ-পু

মৌকুফ (ফ্) [আ—মৌকূফ্] বি, রহিত। ২। নিষ্কৃতি ; অব্যাহতি ; ছাড়। বিণ, মৌকুফি। মৌকুফি খাজনা—যে কর রহিত করা হইয়াছে।

মৌক্তিক (মৌক্তিক্) [মুক্তা + ইক (স্বার্থে ইকণ্)] বি, ক্লী, মুক্তা ; মোতি। প্র—"ইন্দু মুখে মন্দ মন্দ ঘর্ম্মবিন্দু সাজে। মৌক্তিকের পঙ্‌ক্তি যেন বিদ্যুতের মাঝে।"—শিবায়ন।

মৌখ [মুখ + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, মুখ সম্বন্ধীয়। ২। মৌখিক।

মৌখর্য্য (খোর্জ) [মুখর + য (ভাবে—যণ্)] বি, ক্লী, মুখরতা।

মৌখিক (ক্) [মুখ + ইক (স্বার্থে—ইকণ্)] বিণ, কাল্পনিক ; বাহ্যিক (আন্তরিক নহে) ২। [সম্বন্ধার্থে—ইক] মুখ সম্বন্ধীয়। মৌখিকবন্ধু—কৃত্রিমবন্ধু। মৌখিক-ভক্তি—বি, যে শ্রদ্ধা আন্তরিক নহে ; কৃত্রিম ।

মৌগ্ধ্য [মুগ্ধ + য (ভাবে—যণ্)] বি, ক্লী, মুগ্ধতা।

মৌচাক (ক্) [মধুচক্র শব্দজ] বি মধুচক্র ; মৌমাছি সংগৃহীত পুষ্পমধুর ভাণ্ডার।

মৌছুক (ক্) [আ—মজ্‌কূর্ শব্দের অপভ্রংশ] বি, উপরিলিখিত ; পূর্ব্বোক্ত ; aforesaid. (সম্মানার্থে কোন ব্যক্তির উল্লেখ স্থলে দলিলে ব্যবহৃত হয়)।

মৌজ (জ্) [আ—মৌজ্] বি, তরঙ্গ ; ঢেউ। ২। পেয়াল।

মৌজা [আ—মৌজাআ] বি, গ্রাম।

মৌজা [ফা—মোজাহ্] বি, ঢেউ ; তরঙ্গ।

মৌজুদ (দ্) [আ—মৌজুদ্] বিণ, বর্ত্তমান ; উপস্থিত। ২। প্রস্তুত। ৩। সঞ্চিত।

মৌঞ্জী (মৌন্‌জী) [মুঞ্জ (শর) + অ—ঈপ্] বি, স্ত্রী, মুঞ্জ নামক তৃণ-নির্ম্মিত মেখলা। মৌঞ্জী-বন্ধ,—বন্ধন—উপনয়ন সংস্কারকালে মুঞ্জতৃণ নির্ম্মিত মেখলাবন্ধন। ২। উপনয়ন।

মৌড় (ড়্) [প্রাদে। সং—মুকুট] বি, মুকুট ; টোপর। প্র—"মালী বৈসে গুজরাটে মালঞ্চে সদাই খাটে মালা মৌড় গড়ে ফুল ধর।"—কবিক। ২। চূড়া।

মৌড়লা [সং—মৌলি। হি—মুড়লা] বি, চূড়া। প্র—"মাথায় বসন দিল রতন মৌড়লা" —ধনরাম। ২। পাগড়ী।

মৌত (ত্) [আ—মৌত্] বি, মৃত্যু।

মৌতাত মৌতাৎ (ত্) [ফা—মো-আবাদৎ (পূর্ব্বাভ্যাসে ফিরিয়া আসা)] বি, নেশাখোর প্রত্যহ যে সময় নেশা করিতে অভ্যস্ত হয়, ঠিক সেই সময় উপস্থিত হইলে পুনরায় নেশা করিবার জন্য তাহার অস্থিরতা ও আগ্রহ জন্মে। তখন নেশা করিতে পাইলে তাহার দেহ মন সুস্থ হয়। নেশা করিবার অস্বাভাবিক স্পৃহা বা ক্ষুধার নাম মৌতাৎ। ২। মাদকের নেশা। প্র—"সে এতক্ষণ মৌতাৎ চড়িয়ে বসে আছে। মৌতাৎ চড়ান—অভ্যাস মত যথা সময়ে মাদক সেবন ; নেশা করা। মৌতাৎ লাগা—অভ্যস্ত সময়ে নেশা করিবার ক্ষুধা হওয়া। মৌতাৎ ধরা—দেহে মাদকের কার্য্য আরম্ভ হওয়া।

মৌদ্গল্য (মৌদ্গোল্‌ল্) [মুদ্গল (মুনিবিশেষ) +য (অপত্যার্থে যণ্)] বি, পুং. মুদ্গল মুনির পুত্র বা বংশ।

মৌন [মুনি+অ (ভাবে) অণ্] বিণ, নীরব। প্র—"মৌন কর বাসনার নিত্য নব নব নিষ্ফল বিলাপ ; হের মৌন নভস্তল, ছায়াচ্ছন্ন মৌন বন, মৌন জলস্থল শুম্ভিত বিষাদে নম্র !"—চয়নিকা। **মৌনতুণ্ড**—নত মুখ ; হেঁট মুখ প্র—"মৌনতুণ্ড হেঁটমুণ্ড দক্ষ মৃত্যু জানিছে।" —অ, ম। **মৌনব্রত**—বাক্‌সংযম ব্রত **মৌনস্বভাব**—বিণ, মৌন প্রকৃতিবিশিষ্ট।

মৌনাবলম্বন (ন্) বি, মৌনভাব ধারণ ; তুষ্ণীম্ ভাবে অবস্থান ; নীরব হওন। প্র—"মল ও মূত্রত্যাগ সময়ে, মৈথুনে, দন্তধাবনে, স্নানে এবং ভোজনকালে মৌনাবলম্বন করিবে।"—মনু। বিণ, **মৌনাবলম্বী**—বাক্ সংযম ব্রতধারী ; মৌনব্রতী। স্ত্রী, **মৌনব্রতাবলম্বিনী**।

মৌনী [মৌন+ইন্ অস্ত্যর্থে=মৌনিন্ ১মা, ১ব] বি, পুং, মৌনব্রতালম্বী মুনি। ২। বিণ, বাক্‌সংযম ব্রতধারী : মৌনব্রতী।

মৌমাছি [মধু—মৌ+মাছি (মক্ষিকা)] বি, মধুমক্ষিকা।

মৌরলা—মউরলা দ্রঃ।

মৌরসী, মৌরুসী (মৌরোশি) [আ—মৌরুসী] বিণ, পৈতৃক : পুরুষানুক্রমিক। **মৌরসীপাট্টা**—পুরুষানুক্রমে ভোগদখল করিবার স্বত্ব দানকারী দলীল।

মৌরী [সং—মধুরিকা—মধুর—মউরী—মোরী] বি, মউরী নামক ধান্য জাতীয় শস্য ; aniseed.

মৌর্খ্য [মূর্খ+য (ভাবে—যণ্)] বি, স্ত্রী, মূঢ়তা ; মূর্খতা।

মৌর্ব্বী [মূর্ব্বা (মুরগা গাছ) +অ (তস্য ইদম্ অর্থে—অণ্, ঈপ্) স্ত্রী] বি, স্ত্রী, ধনুকের ছিলা ; জ্যা। ২। বিণ, মূর্ব্বাতৃণ সম্বন্ধীয়।

মৌর্য্য [মুরা (জনৈকা নাপিত-কন্যা) +য (অপত্যার্থে—ষ্ণ্য)] বি, পুং, মুরার গর্ভজাত সন্তান ; রাজা চন্দ্রগুপ্ত। **মৌর্য্যবংশ**—মুরার পুত্র রাজা চন্দ্রগুপ্তের বংশ (মুরা দ্রঃ)।

মৌল (ল্) [মূল+অ (সংজ্ঞার্থে—অণ্)] বি, পুং, মুকুল। ২। মঞ্জরী। ৩। মোড়ল। ৪। বিণ, মূল হইতে আগত। ৫। ছাঁচ ; model.

মৌলবী [ফা] বি, মুসলমান অধ্যাপক।

মৌলা [প্রাদে] বি, দরমা। ২। তাল খেজুর প্রভৃতি রসের গাছ।

মৌলা [ফা] বি, ঈশ্বর। ২। প্রভু।

মৌলানা [ফা] বি, মুসলমান পণ্ডিতের সম্মানিত উপাধি।

মৌলি [মূল+ইণ্] বি, পুং, শিখা ; চূড়া : মুকুট ; কিরীট। ২। শীর্ষ ; মস্তক। ৩। খোঁপা। ৪। অশোক বৃক্ষ। ৫। অগ্রভাগ। স্ত্রী, **মৌলী**—ধরিত্রী ; ভূমি।

মৌলিক (ক্) [মূল+ইক (সম্বন্ধার্থে ইকণ্)] বিণ, মূলসম্বন্ধীয়। ২। আদি ; মূল। ৩। প্রধানস্বরূপ ; মূলীভূত। ৪। বি, পুং, বংশজ ; অকুলীন। প্র—"কাল মাছি কুলীন করিহ তার মান। মৌলিকের মধ্যে যায় তায় দিন স্থান॥"—শিবায়ন।

মৌলিয়া, মৌলে [প্রাদে (সুন্দরবন অঞ্চলে)] বিণ, পুষ্পমধু ও মোম সংগ্রহকারী।

মৌষল (ল্) [মুষল+অ (সম্বন্ধার্থে অণ্)] বিণ, মুষল সম্বন্ধীয় ; ২। মুষল সদৃশ। ৩। বি, স্ত্রী, মহাভারতান্তর্গত ষোড়শ পর্ব্ব।

মৌহূর্ত্ত [মুহূর্ত্ত+অ (জ্ঞাতার্থে, অণ্)] বি, পুং, জ্যোতির্ব্বিদ্ ; দৈবজ্ঞ। বিণ, **মৌহূর্ত্তিক**—জ্যোতিঃশাস্ত্রবিৎ।

ম্যাগাজিন (ন্) [ইং—magazine ("a periodical publication embracing some of the characteristics of the news paper and the review, but containing more miscellaneous matter, as poetry tales &c.")] বি, বিশেষ ঘটনার আলোচনা, সমালোচনা, গল্প, কবিতা প্রভৃতি বিবিধ বিষয়ক সাময়িক পত্রিকা।

ম্যাজিষ্ট্রেট, ম্যাজেষ্টার (ট্) [ইং—magistrate] বি, ফৌজদারী মকদ্দমার বিচারক ; শাসনকর্ত্তা।

ম্যাজেণ্টা [ইং—magenta] বি, ঘোর রক্তবর্ণ চূর্ণবিশেষ ; কৃত্রিম ঘোর লাল রঙ্গ।

ম্যাদ (দ্) [মিয়াদ দ্রঃ] বি, মিয়াদ ; কয়েদ ; জেল। প্র—"নির্দ্দোষী লংকে ধরে একটী মাস ম্যাদ দিয়েছে।"—গান।

ম্যানেজার (র্) [ইং—manager] বি, অধ্যক্ষ ; কর্ত্তা।

ম্যালেরিয়া [ইং—malaria] বি, কম্পজ্বর-বিশেষ।

ম্রক্ষণ (ম্রোক্‌খন্) [ম্রক্ষ্ (মাখা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মাখা ; এক দ্রব্যের সহিত অন্যদ্রব্য মিশ্রণ ; মিশান। ২। [করণে—অনট্] যাহা দ্বারা ম্রক্ষণ করা হয় ; তৈল। ৩। লেপন।

ম্রদিমা (ম্রো) [মৃদু (কোমল) +ইমন্ (ভাবে) =ম্রদিমন্ ১মা, ১ব] বি, পুং, মৃদুত্ব।

ম্রিয়মাণ (মৃয়মান্) [মৃ (মরা) +আন (কর্ত্তৃ, আনশ্) য—ম আগম] বিণ, মৃতপ্রায় ; মৃতকল্প। অবসাদ গ্রস্ত ; অবসন্ন। ২। দুঃখিত ; বিষণ্ণ। প্র—"হেরিনি প্রেম-বয়ান দরশন দাও হে দাও কাঁদে হৃদয় ম্রিয়মাণ।"—রবি। স্ত্রী, **ম্রিয়মাণা**।

ম্লান (ন্) [ম্লৈ (কান্তিক্ষয় পাওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত) =ন] বিণ, বিশীর্ণ। ২। মলিন। ৩। বিষণ্ণ ; স্ফূর্ত্তিহীন। ৪। অপ্রসন্ন। ৫। দীপ্তিহীন ; নিষ্প্রভ। ৬। শ্রান্ত ; দুর্ব্বল। বি, **ম্লানিমা**। আধু বাং-য়—মালিন্য। ২। বিষণ্ণতা।

ম্লেচ্ছ [গ্রা—মলিচ্ছি। ম্লেচ্ছ্ (অসংস্কৃত কথা বলা) +অ (কর্ত্তৃ—অচ্) "গোমাংসখাদকো যশ্চ বিরুদ্ধং বহু ভাষতে। সর্ব্বাচারবিহীনশ্চ ম্লেচ্ছ ইত্যভিধীয়তে॥"—স্মৃতি] বি, পুং, জাতিবিশেষ। ২। যবন। ৩। বিণ, পাপনিরত : পাপিষ্ঠ ; কদাচারী। ৪। [কর্ম্মে—অল্] অপশব্দ। **ম্লেচ্ছদেশ,—মণ্ডল**—ম্লেচ্ছ ভূমি ; ম্লেচ্ছ-বসতি স্থান। **ম্লেচ্ছাচার** (র্) —বি, কদাচার ; পাপাচার। ২। যবনাদি ম্লেচ্ছজাতির আচরণ।

ম্লেচ্ছিত (ম্লেচ্‌ছিত) [ম্লেচ্ছ (দ্রঃ) +ইত—প্রশস্ত অর্থে—ম্লেচ্ছদেশে প্রশস্ত] বিণ, ম্লেচ্ছ ভাষা। ২। অপভাষা।

য

য—ব্যঞ্জন বর্ণ মালার ষড়্‌বিংশ ও অন্তঃস্থ বর্ণ। ইহার উচ্চারণ স্থান তালু। ইহা ই এবং অ যোগে উৎপন্ন দেবনাগর অক্ষরের বঙ্গাকৃতি। এই স্বরদ্বয় যুগপৎ ও জোরে উচ্চারণ করিলে ইং—'ya' এবং কতকটা jaw অর্থাৎ ঈষৎ 'জ'র মত শুনায়। ইহা সুতরাং অধিকাংশ স্বর ও কিয়দংশ ব্যঞ্জনের লক্ষণযুক্ত। দুইবর্ণের (ই+অ) সন্ধিজাত বলিয়া ইহাকে সন্ধ্যক্ষরও বলে। u, y, য জোরে উচ্চারিত হইলেই 'জ' বা 'j'র মত শুনায়। you জোরে বলিলে jew = জ্যু হয়। হিব্রু য়েহুদা (yehudah), ইং-তে—judah. য়িহুদী = য়ুদী = জুঈ = jew. বাঙ্গালায়

ইহা সম্পূর্ণ 'জ'র মত উচ্চারিত হয় বলিয়া ইহার নাম অন্তঃস্থ জ। প্রা-বাং—গ্রন্থে য স্থানে জ প্রায় সর্ব্বত্র দৃষ্ট হয়। সংস্কৃত য, হিব্রু—ইয়োদ্ এবং ইং—u (ই+উ) ও y (ও+আ+ই) এর উচ্চারণ পরিভাষিত করিবার জন্য "য়" এই অক্ষরের সৃষ্টি করিতে হইয়াছে। আধু বাং-য় "য়"কারাদি শব্দের প্রচলনের সূত্রপাতও হইয়াছে। প্র—য়ুনানী (হেম বন্দ্যো), য়ুরোপ, য়ূদী (অ. সরকার, সনাতনী), য়ুরোপ (রবি)। [দ্রঃ-হেমবাবুর গ্রন্থাবলীর ১৩০০ সালের (আর্য্য-সাহিত্য-সমিতি কর্ত্তৃক সংশোধিত) সংস্করণের ৩৬, ৯৭ পৃষ্ঠায় 'যুনানী' বানান পাওয়া যায়। সম্ভবতঃ কবিবর শব্দের আদিতে সং-ব্যাকরণ অনুসারে য় ব্যবহার করিতেন না কিন্তু শব্দটি পরবর্ত্তী সংস্করণে আধু-বাং-র বানান অনুসারে সংশোধিত হইয়া থাকিবে]। য় স্থলবিশেষে 'অ', অর্দ্ধোচ্চারিত 'এ' এবং অর্দ্ধোচ্চারিত 'ও'র মত শুনায়। যথা —প্রিয় (অ) প্রণয় (এ) নয়ন (ও)। ইহা স্থলবিশেষে দন্ত উচ্চারিত পদাও (হ'র স্থান অধিকার করে। যথা—রহে=রয় : সহে=সয় ; নহে=নয়। যথা—"মত কঠিন নয় গো কাক"-গি, ঘোষ। য অন্যবর্ণের সহিত যুক্ত হইলে রূপান্তরিত হইয়া "্য" এইরূপ ধারণ করে। ইহাকে য-ফলা বলে, যথা—বাক্ +য=বাক্য। ইহা আকার যুক্ত হইলে "্যা" এইরূপ আকার হয়। হি-তে ইহার বিশুদ্ধ সং উচ্চারণ বজায় আছে কিন্তু বাং-য়—'এক' বা 'এত'র 'এ' এবং 'এল' বা 'এস'র 'এ'র মত উচ্চারিত হয়। তুল—ত্যাগ (হি—উচ্চারণ, তিয়াগ)। হি—ছেলিয়া=বাং-য় ছেল্যা (রাঢ়ে) =ছ্যালো (পূ-বঙ্গে)=ছেলে (কলিকাতা অঞ্চলে)।

য (জ) [যা (যাওয়া)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, বায়ু : যশ। ২। গত্যর্থক। (২) মাত্রার্থক (৩) ত্যাগার্থক। (৪) প্রাপ্তিসূচক। (৫) নিগ্রহ : তাড়নাদি সূচক। (৬) বিশিষ্টার্থক। (৭) যোগ্যার্থক। ৩। [যম্ (নিবৃত্ত হওয়া)+অ (ভাবে—ড)] বি, সংযমন। বিণ, যত—সংযত : নিবৃত্ত। ৪। [কর্ত্তৃ—ড] যে জীবনের ক্রিয়া হইতে নিবৃত্ত করে : যম। [দ্রঃ—বঙ্গ ভাষায় এই সকল অর্থে য স্বতন্ত্র ভাবে ব্যবহৃত হয় না]। ৫। [যত—সংক্ষেপে] যত : যে সংখ্যক : যে কতিপয়। প্র—য বার ; য জন : য টি। ['ত' র লোপ বুঝাইতে য' এইরূপ লিখিত হয়। নির্দ্দেশার্থে 'টি' যোগ তুচ্ছার্থে 'টা'। তুল—**যটি, যটা**]। ৬। [যব শব্দের সংক্ষেপ। যব—যও—য] বি, যব। প্র—"য জানে, গাঁতা জানে, যে পেষে সে জানে।"—প্রবচন। [জানা দ্রঃ]। ৭। এক ইঞ্চির (inch) এক চতুর্থাংশ। প্রা-বাং-য় সপ্তমীবিভক্তি চিহ্ন। আধু—বাং-য় "তে"। প্র—'তার ভাই শত্রুঘ্ন পড়িল রণয়।"—মহা (বিজয়)। "রাজ্য সুখে কার্য্য নাই চলিনু বনয়"—মহা (শ্রীকর)।

যই (জোই) [জই দ্রঃ]।

যক (জক্) [যক্ষ শব্দজ] বি, যক্ষ। ২। ধনরক্ষক ; কুবের। ৩। অতিশয় কৃপণ ব্যক্তি। **যক আগলান**—যক্ষের ধন রক্ষা করা অর্থাৎ খরচ না করা : কৃপণতা করা। **যক দেওয়া**—পূর্ব্বে ধনশালী কৃপণ ব্যক্তি ধন যক দিত অর্থাৎ ধন সুরক্ষিত করিবার জন্য ভূগর্ভে গৃহ নির্ম্মাণ করত কোন বালককে ধরিয়া তাহার পূজা দিয়া তাহাকে ধন রত্নাদি সহ সেই গৃহে বদ্ধ করিয়া রাখিত। বালক অনাহারে প্রাণ ত্যাগ করিলে যক্ষযোনি প্রাপ্ত হইয়া তাহার সেই ধন রক্ষা করিত। কিন্তু সে নিজে সে ধন স্পর্শ করিতে পারিত না পরে কৃপণ মরিলে তাহার নির্দ্দেশমত তাহার উত্তরাধিকারীকে ধন প্রত্যর্পণ করিয়া যক প্রেতযোনি হইতে মুক্তিলাভ করিত (অশিক্ষিত লোকদিগের মধ্যে এখনও এ বিশ্বাস এককালে গত হয় নাই)। **যকের ধন**—যক দেওয়া ধন। ২। যক্ষদত্ত ধন। ৩। প্রাণপণে রক্ষিত ধন ; যাহা অধিকারী স্বয়ং ভোগ করে না এবং দানও করে না। ৪। [ব্যঙ্গার্থে] অতিশয় কৃপণের ধন।

যকার (জকার্) বি, "য" এই বর্ণ।

যকৃৎ (জো) [য (কুক্ষির দক্ষিণভাগে) কৃ (করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) যে কুক্ষির দক্ষিণভাগে অবস্থান করে] বি, স্ত্রী, পিত্তাশয় ; liver. ২ পিত্তাশয় বর্দ্ধক রোগবিশেষ।

যক্ষ (জোক্খ) [যক্ষ্ (পূজা করা), রামায়ণে আছে—"অগ্রে ব্রহ্মা করিলেন সলিল সৃজন। কৈল সৃষ্টি কৈলা প্রাণিগণে সে জল রক্ষিতে। * * সে সব প্রাণীর মাঝে কেহ তবে কয়,— 'যক্ষাম' আমরা পূজা করিব নিশ্চয়। * * শ্রবণ করিয়া ব্রহ্মা কহেন তখন ;—তোমাদের মধ্যে যারা 'যক্ষাম' বলিল 'তাহারা হউক যক্ষ' (যক্ষ সে হইল)।"—রামা, উ, ৪, রাজ] বি-পুং, দেবযোনিবিশেষ। ২। কুবের। ৩। কুবেরানুচর। ৪। কুবের ধন। ৫। ধনরক্ষক। স্ত্রী, **যক্ষী**—যক্ষপত্নী। ২। কুবেরপত্নী। **যক্ষকর্দ্দম**—অগুরু ; কুঙ্কুম। ২। কুঙ্কুমাদি মিশ্রিত সুগন্ধি দ্রব্য। ৩। চন্দন। ৪। কস্তুরী। ৫। কর্পূর। **যক্ষতরু** [যক্ষের আবাস এই বিশ্বাসে] প্লক্ষবৃক্ষ ; বটগাছ। **যক্ষধূপ**—(জোক্খধুপ্) বি, টার্পিন তেল। ২। ধুনা। **যক্ষরাজ**—কুবের। **যক্ষরাজপুরী**—কুবেরপুরী ; অলকা। **যক্ষরাত্রি**—কার্ত্তিকী পূর্ণিমার রাত্রি (এই রাত্রিতে যক্ষগণ ভ্রমণ করে বলিয়া)। **যক্ষসাধন**—যক্ষের পূজা।

যক্ষি (জোক্খি) [যক্ষ শব্দের গ্রা রূপ] বিণ, অতিশয় কৃপণ। প্র—"আঃ ছোঃ এ সেই মার্কা মারা সস্তা বিজ্ঞাপন দেওয়া চাদর। তার ত আমাদের সঙ্গে পয়সার সম্পর্ক। এমন জামাইর মুখ দেখতে ইচ্ছা করে না * * * এমন যক্ষির হাতেও মেয়ে দিয়েছিলাম।"—ভারতী, ১৩২০। **যক্ষিণী**—কুবেরের পত্নী। ২। যক্ষবনিতা। ৩। বিদ্যাধরী। ৪। পিশাচী।

যক্ষেশ (জোক্খেশ্) [যক্ষের ইন্দ্র (ঈশ, প্রভু) ৬তৎ] বি, পুং, যক্ষপতি ; কুবের।

যক্ষ্মা (জক্খাঁ) [যক্ষ্ (পূজা করা)+মন্ (অধি) =যক্ষ্মন্ ১মা, ১ব] বি, পুং, ক্ষয়রোগ ; ক্ষয় কাশ রোগ ; consumption. **রাজযক্ষ্মা**—দ্রুত ক্ষয়কারী কাসরোগ ; phthisis.

যখন (জখন্) [যৎ—ক্ষণ হইতে] ক্রি-বিণ, যে কালে ; যে সময়ে ; যদা। প্র—"যখন ব্রহ্মাণ্ড না ছিল গো মা মুণ্ডমালা কোথায় পেলি।"—রামপ্রসাদ। ২। যেহেতু। **যখন যখন**—যে যে সময়ে : যতবার। **যখন তখন**—সময় অসময় নাই ; যখন ইচ্ছা তখনি : যে কোন সময়। **যখনকার তখন**—সাময়িক। **যখন যেমন তখন তেমন**—যে কালে যেরূপ আবশ্যক সে সময়ে সেই রূপ : অবস্থা মত ব্যবস্থা। **যখনকার যা তখনকার তা**—যে সময়ে যাহা আবশ্যক সেই সময়ে তাহা করা।

যখনই, যখনি (জ) [গ্রা—যোক্খুনি] ক্রি-বিণ, যে কোন সময়ে।

যচ্ছু (জো) [ব্রজ। যদ্ শব্দের ৬ষ্ঠী ১ব—যস্য—পা—যচ্ছ—কোমলার্থে যচ্ছু] স, যাহার। প্র—"কুলজা রীতি ছোড়লু যচ্ছু লাগি।"—বি, প।

যজন (জজন্) [যজ্ (পূজা করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, যজ্ঞকরণ ; যাগকরণ। ২। পূজন।

যজমান (জজমান্) [যজ্ (পূজা করা)+আন (কর্ত্তৃ—আনশ্) ম—আগম] বি, পুং, যজ্ঞাদির অনুষ্ঠাপক ; যে ব্যক্তি দক্ষিণা দিয়া পূজাদি কর্ম্ম করায় ; যজ্ঞকারক। ২। মহাদেবের মূর্ত্তিবিশেষ। **যজমানে বামুনের হাজা শুকা নাই**—হাজা শুকায় দুর্ভিক্ষ অবশ্যম্ভাবী, এবং তাহাতে সকলেরই অন্নকষ্ট হয়, কিন্তু যে ব্রাহ্মণ যজমানের পূজা করে, যজমান নিজে না খাইয়াও যথাবিধি পূজার নৈবেদ্যাদি আয়োজন করায় ব্রাহ্মণের অভাব হয় না। (উক্ত ভাব হইতে) যাহাকে স্বয়ং চেষ্টা ও অর্থ ব্যয় করিয়া অন্নসংস্থান করিতে হয় না তাহার কষ্টও নাই কারণ যজমান বাড়ীর মত বাঁধা বন্দোবস্ত আছে তাহার সুকালেও যেমন অকালেও তেমনি সমভাব।

যজা (জ্জা) [যম্ (নিবৃত্ত করা ; নিগ্রহ করা)] ক্রি, তর্জ্জন গর্জ্জন করা ; নির্য্যাতন করা ; তাড়না করা। প্র—ফিরাইয়া আঁখি গরবেতে থাকি সঘনে আমারে যজে।"—চণ্ডীদাস।

যজা [যজ্ (পূজা করা) ধাতু। উ-পু—যজি ম-পু—যজ। প্র—পু—যজে। অস-ক্রি—যজিতে ; যজিয়া, যজি, যজে। ণিজন্ত—যজান] ক্রি, পূজা করা ; সাধ্য সাধনা করা প্র—"আমা পতি হেতু সতী যজে মৃত্যুঞ্জয়।" —শিবায়ন। "তাঁর তরে তিহোঁ যে যজেন ত্রিলোচন।"—শিবায়ন।

যজান (জ) [যজা দ্রঃ। উ-পু—যজাই ম-পু—যজাও। প্র—পু—যজায়। অস-ক্রি—যজাইতে ; যজাইয়া ; যজিয়ে] ক্রি, পূজা করা ; তুষ্ট করা ; বাড়ান ; বড় করা। প্র—"বৃকোদর বীরকে নিমিত্ত মাত্র করি। যুধিষ্ঠিরে যজাইলে জরাসন্ধ মারি॥"—শিবায়ন। ২। একত্র করা। ৩। অপবিত্র করা ; জাত খাওয়া বা জাত মারা। প্র—"যবনে যজাব জাতি ধন নিব লুটে।"—ধ, ম।

যজি (জো) [যজ্ (পূজা করা)+ই (কর্ত্তৃ)] বি, পুং, যজ্ঞকর্ত্তা। ২। যাগ। [অপ্র] ৩। যজা দ্রঃ।

যজুঃ, যজুর্ব্বেদ (জো, দ) [যজ্ (পূজা করা)+উস্ (করণে—যজুস্)] বি, স্ত্রী, শত শাখাযুক্ত বেদবিশেষ। এই বেদ দুই ভাগে বিভক্ত—কৃষ্ণ যজুঃ ও শুক্ল যজুঃ। তৈত্তিরীয় এবং বাজসনেয়ী সংহিতা নামেও অভিহিত। যজুর্ব্বেদের দুইখানি ব্রাহ্মণ : শুক্লের—'শত পথ ব্রাহ্মণ' এবং কৃষ্ণের তৈত্তিরীয় ব্রাহ্মণ। বিণ, যজুর্ব্বেদী—যজুর্ব্বেদজ্ঞ ; যজু-র্ব্বেদানুযায়ী কর্ম্মকারী। যজুর্ব্বেদীয়—যজুর্ব্বেদসম্বন্ধীয়।

যজ্ঞ (জোগ্‌গ) [যজ্ (পূজা করা)+ন (ভাবে), ন=ঞ। জগতের হিতের জন্য যে পূজার অনুষ্ঠান করা যায়। প্রা—যগ্গি] বি, পুং, যাগ ; ক্রতু। ২। হোম। ৩। যজ্ঞদেবতা। প্র—"মৃগরূপ ধরি যজ্ঞ যায় পালাইয়া।"—শিবায়ন (রামকৃষ্ণ, ১৭শ শতাব্দী)। যজ্ঞকর্ম্ম—বৈদিক ক্রিয়াকাণ্ড। যজ্ঞকুণ্ড—যজ্ঞীয় অনলকুণ্ড। যজ্ঞকৃৎ—হোমকর্ত্তা ; যজ্ঞ-কর্ত্তা ; যাজক। যজ্ঞডুমুর—বি, বৃক্ষ-বিশেষ ; উড়ুম্বর বৃক্ষ। যজ্ঞদ্বেষী—বিণ, যজ্ঞবিরোধী। ২। বি, যজ্ঞনাশকারী রাক্ষস। স্ত্রী, যজ্ঞদ্বেষিণী। যজ্ঞপশু—যজ্ঞে বলি দিবার উপযোগী পশু ; অশ্ব ; ছাগ। যজ্ঞ-পাটা—প্র—"হৃদে যজ্ঞপাটা শোভে অলিকুল মধু লোভে চৌদিকে বেড়িয়া করে গান।"—কবিক। ২। পূজাদিকালে ধারণীয় উত্তরীয়-বিশেষ। যজ্ঞপুরুষ—বিষ্ণু। যজ্ঞবল্লী—সোমলতা। যজ্ঞবাট—যজ্ঞার্থ নির্দ্দিষ্ট স্থান ; যজ্ঞভূমি। যজ্ঞবৃক্ষ—যজ্ঞডুমুর বৃক্ষ। যজ্ঞসার—যজ্ঞডুমুর গাছ। যজ্ঞ সূত্র—যজ্ঞোপবীত ; পৈতা। যজ্ঞবেদী (জোগ্‌গোবেদি)—বি, চৈত্য ; হোমযাগাদির জন্য নির্ম্মিত বেদী বা উচ্চস্থান ; যজ্ঞবেদিকা। যজ্ঞশত্রু—রাক্ষস।

যজ্ঞসেন (জোগ্‌গশেন্) বি, পুং ; দ্রুপদ রাজা।

যজ্ঞাংশভুক্ (জোগ্‌গাংশ) [যজ্ঞাংশ—ভুজ্ (ভোজন করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, দেবতা।

যজ্ঞাগ্নি (জোগ্‌গাগ্নি) [যজ্ঞের অগ্নি, ৬তৎ] বি, হোমানল।

যজ্ঞাঙ্গ (জোগ্‌গাংগ) [যজ্ঞের অঙ্গ (উপকরণ) ৬তৎ] বি, পুং, যজ্ঞের উপকরণাদি। ২। যজ্ঞের অবয়ব। ৩। যজ্ঞডুমুরের গাছ। ৪। খয়ের গাছ। ৫। বামনহাটি গাছ। স্ত্রী, যজ্ঞাঙ্গা—সোমবল্লী।

যজ্ঞান্ত (জোগ্‌গান্ত) [যজ্ঞের অন্ত] বি, পুং, যজ্ঞশেষ। ২। দীক্ষান্ত।

যজ্ঞারি (জোগ্‌গারি) [যজ্ঞের অরি—৬তৎ] বি, পুং, মহারুদ্র ; শিব। ২। রাক্ষস।

যজ্ঞিয় (জোগ্‌গীয়) [যজ্ঞ+ইয় (হিতার্থে)] বি, পুং, তৃতীয় যুগ ; দ্বাপর যুগ। ২। বিণ, যজ্ঞের মঙ্গল জনক। ৩। ক্রিয়াকাণ্ডের উপযোগী। যজ্ঞিয় দেশ—আর্য্যাবর্ত্ত ; হোম যাগ করণোপযোগী দেশ ; ভারতভূমি। ২। কৃষ্ণসার মৃগের জন্মস্থান ও বিহার ভূমি।

যজ্ঞীয় (জোগ্‌গীও) [যজ্ঞ+ঈয় (সম্বন্ধে)] বিণ, যজ্ঞসম্বন্ধীয়।

যজ্ঞেশ্বর (জোগ্‌গেশ্‌শর্) [যজ্ঞের—ঈশ্বর, ৬তৎ] বি, পুং, শিব। ২। বিষ্ণু। প্র—"শ্রীনিবাস দামোদর জগদীশ যজ্ঞেশ্বর বাসুদেব শ্রীবৎসলাঞ্ছন।"—অ, ম।

যজ্ঞোডুম্বর (জোগ্‌গোডুম্বর্) [প্রা—যগ্গিগড়ুম্বর] বি, উড়ুম্বর বিশেষ। এই ডুমুর গাছের কাঠ যজ্ঞে ব্যবহৃত হয়।

যজ্ঞোপবীত (জোগ্‌গোপবীত্) [যজ্ঞ+উপ-বীত (সূত্র)—৬তৎ] বি, স্ত্রী, যজ্ঞসূত্র ; পৈতা।

যজ্য (জোজ্জ) [যজ্ (পূজা করা)+য] পূজ্য ; পূজনীয়। ২। যজনীয়।

যজ্বা (জজ্বা) [সং] বি, পুং, বেদবিধান মতে যজ্ঞকারী।

যৎ (জ) [সং—যদ্ শব্দ। অন্য শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া ব্যবহৃত হয়] বিণ, যেমন ; যেরূপ। ২। যে। ৩। যেহেতু ; যে নিমিত্ত। যৎকাল, যৎকালে [মধ্য—বাং] ক্রি-বিণ, যে সময়ে। প্র—"যৎকালে আমরা তিন জনে পঞ্চবটীতে অবস্থিতি করি,"—বিদ্যাসাগর। যৎকিঞ্চিৎ—তুচ্ছ ; অত্যল্প। ২। কিয়ৎ পরিমাণ ; যাহা কিছু ; অল্প স্বল্প। যৎক্ষণ—যে মুহূর্ত্ত। যৎসামান্য—অত্যল্প। ২। তুচ্ছ ; নগণ্য। ৩। অতিক্ষুদ্র।

যৎ—বি, সঙ্গীতের তালবিশেষ।

যত (জ) [যম্ (নিবৃত্ত করা)+ত (কর্ম্মে—ক্ত)] বি, নিয়ম ; সংযম। ২। বিণ, অনুষ্ঠিত। ৩। নিয়মিত। যতচিত্ত—বিণ, সংযতচিত্ত ; যতাত্মা ; যতব্রত—নিত্য নৈমিত্তিক ধর্ম্মকর্ম্মের যথাবিধি অনুষ্ঠানকারী। ২। দৃঢ়প্রতিজ্ঞ ; দৃঢ়ব্রত।

যত (জ) [সং—যতি, যাবৎ, হি—জেত্তা। যতেক শব্দজ] অ, যে পরিমাণ। ২। যে সংখ্যা। প্র—"দলবল যত যোগিনী সঙ্গে"—বাং-গান।

যতই,—[ই—নিশ্চয়ে বা অবধারণে] অ, যত চেষ্টাই। ২। যে পরিমাণে। প্র—"আমি যতই তোমারে ছেড়ে থাকিতে চাই দূরে দূরে, ততই তুমি প্রেমভরে কর মোরে আলিঙ্গন।"—ব্রহ্মসঙ্গীত। ৩। যত অধিক। প্র—যতই কেন দাও না। যতকাল—ক্রি-বিণ, যে অবধি ; যাবৎ ; যতদিন ; যে সংখ্যক দিবস। যতকিছু—বিণ, যে পরিমাণ ; যতটা। ২। যে কোন পদার্থ। যতক্ষণ—ক্রি-বিণ, যতটুকু সময় ; যতকাল যতদিন। যতগুলি—বিণ, যে সংখ্যক। যতদিন—ক্রি-বিণ, যতকাল ; যে অবধি ; যখন পর্য্যন্ত। প্র—"যতদিন দাদা আমার না আসিবেন ঘরে। ততদিন আমি শোব কুশের উপরে।"—রামলীলা। যত নষ্টের গোড়া—সকল অনিষ্টের মূল ; বিষম অনিষ্ট-কারী। যতবার—ক্রি-বিণ, যতগুণ যত সংখ্যা। ২। যত ক্ষেপ ; যদফা। ৩। বহুবার।

যতঃ [সং। আধু-বাং-য় অপ্র। ক্রি-বিণ, যেহেতু।

যতন (জতন্) [যত্ন শব্দের প্রাকৃত] বি, স্ত্রী, উদ্যোগ ; চেষ্টা ; যত্ন। প্র—"যতনে রতন লাভ শুন মনোমোহিনি।"—নিধু। ২। আদর। প্র—'যতন করে ডাকি তোরে আয় আয় মন শুয়াপাখী।'—কমলাকান্ত। "যতনে যাতনা বাড়ে ভালবাসা এ কেমন। অনিত্য সে অনুরাগ অশান্তির নিকেতন॥"—বাং-গান। ৩। সেবা ; শুশ্রূষা ; সুখ বা আরাম প্রদান। প্র—"মনের মতন রতন পেলে যতন করি তায়"—বঙ্কিম। ৪। আত্মীয়তা ; প্রণয় ; ভালবাসা। প্র—"যতনে যাতনা বাড়ে তাবে কি ভুলিতে পারি"—গি, ঘোষ। ৫। প্রেমা-কাঙ্ক্ষা ; ভালবাসা বা প্রণয়ের প্রতিদান পাইবার আশা বা অভিলাষ। প্র—"যতনে যাতনা বাড়ে কেন মন অভিলাষী দেখি বা, না দেখি ভাল ভাল বেসে থাকি ভাল কিহল বিফল

আশা বাসনা সাগবে ভাসি॥"—গি. ঘোষ। প্র—"লাজ লাজাই কহসু এক বেরি। যতনে হি নয়ন কোণে নাহি হেরি॥"—জ্ঞান।

যতমান [যত (যত্ন করা) + আন (কর্তৃ—শান) ম আগম] বিণ. সযত্ন; যত্নশীল।

যতাত্মা (জতাৎতা) [যত (বশীভূত) হইয়াছে আত্মা যাহার, বহু] বিণ. নিয়মিতান্তঃকরণ-বিশিষ্ট: সংযতমনাঃ। ২। বশীভূত মনোবৃত্তি।

যতি (জোতি) [যত্ (যত্ন করা) + ই (কর্তৃ) যে যম ও নিয়মাদিতে যত্ন করে] বি. পুং. ঋষি; মুনি; তাপস। প্র—"লৈয়া পুথি হৈয়া যতি আইলা দেবের ঘরে।"—কবিশেখর। ২। পরিব্রাজক: ভিক্ষু। যতিচান্দ্রায়ণ—ব্রতবিশেষ।

যতি (জোতি) [যম্ (নিবৃত্ত করা) + তি (ঋধি–ক্তি) যাহাতে জিহ্বা নিবৃত্ত হয়] ছন্দে স্বরের বিরাম স্থান। যতিচিহ্ন—রচনার মধ্যে উচ্চারণের বিরামবোধক চিহ্ন পাওয়া যায় না। মধ্য বাং-য় (*) এইরূপ নক্ষত্র চিহ্ন পূর্ণ বিরাম স্থলে ব্যবহৃত হইত। পরে তৎস্থলে (।) এইরূপ চিহ্ন প্রবর্ত্তিত হয়। আধু-বাং-য় ইংরেজীর প্রায় সকল যতিচিহ্ন অনুকৃত হইয়াছে। যথা,—(১) কমা বা প্রাথমিকা; comma; (,) এই চিহ্ন। (২) সেমিকোলন বা সামিকা: semicolon: (;) এই চিহ্ন। (৩) কোলন; colon: (:) এই চিহ্ন। সাধারণতঃ বিসর্গ চিহ্ন বলিয়া ভুল হইবার ভয়ে ইহার ব্যবহার নাই কিন্তু কোন কোন স্থলে (:—) কোলন সহ ড্যাস বা আদেশকের ব্যবহার দৃষ্ট হয়। (৪) প্রশ্নচিহ্ন; note of interrogation; (?) এই চিহ্ন। (৫) বিস্ময় চিহ্ন; note of admiration; (!) এই চিহ্ন। ইত্যাদি। যতিপাত, যতিভঙ্গ—ছন্দোদোষবিশেষ; ছন্দোবদ্ধ রচনায় অধিকাক্ষর বা ন্যূনাক্ষর হেতু নির্দ্দিষ্টকালে শ্বাস পতনে যে ব্যাঘাত জন্মে।

যতী (জোতী) [যম্ (নিবৃত্ত করা) + ত (ভাবে, ক্ত) = যত + ইন্ (অস্ত্যর্থে)] বি. পুং. সন্ন্যাসী; ভিক্ষু। ২। জিতেন্দ্রিয়; তপস্বী; ঋষি। স্ত্রী. যতিনী—সন্ন্যাসিনী। ২। বিধবা।

যতুক (জোতুক্) [সং—যৌতুক অপভ্রংশে] বি. জন্মোৎসব, অন্নপ্রাশন বা পরিণয়াদি শুভ কর্ম্মে উপহার স্বরূপ প্রদত্ত ধন রত্নাদি; যৌতুক। ২। দেহস্থ চিহ্নবিশেষ; জড়ুল।

যতেক (জতেক্) [সং—যতি। বাং—যত + এক। হি—যতক] যত; যে সংখ্যক। ২। যে পরিমাণ; যতটুক। প্র—"যতেক বাসনা মোর তুমি তার সিধি"—জ্ঞান। ৩। যত প্রকার। প্র—"মিলনে যতেক সুখ মননে তা হয় না"—নিধুবাবু। ৪। যাবতীয়।

যতেন্দ্রিয় (জতেনদ্রিয়) [যত (দ্রঃ) + ইন্দ্রিয়] বিণ. সংযতেন্দ্রিয়; জিতেন্দ্রিয়।

যত্ন (জত্‌ন) [যৎ (যত্ন করা) + ন] বি. পুং. পরিশ্রম। ২। শুশ্রূষা; সেবা। ৩। [দর্শনে] রূপাদি চতুর্বিংশতি গুণের অন্তর্গত গুণ-বিশেষ। ৪। অনুরাগ আগ্রহ জড়িত চেষ্টা। প্র—'যত্নে তুলে বনের ফুলে, হার গেঁথেছি মনের সাধে।"—বাং-গান। ৬। উদ্যম; অধ্যবসায়; প্রয়াস; চেষ্টা; উদ্‌যোগ। প্র—"যতনে রতন মেলে কিছু নহে যত্ন বিনা।"—বাং-গান। ৭। আদর। অনুরাগ। প্র—"নাগরী গেঁথে মালা যত্নে পরায় নাগরে"—গি. ঘোষ। ৮। প্রেমাকাঙ্ক্ষা; প্রণয়ের প্রতি-দান অপেক্ষা বা প্রবল আশা। [যতন দ্রঃ]। যত্নতঃ—ক্রি-বিণ. চেষ্টাপূর্ব্বক। ২। শ্রম সহকারে। ৩। আদরপূর্ব্বক; যত্নের সহিত। যত্নপূর্ব্বক—ক্রি-বিণ. সমাদরে। ২। প্রণি-ধানপূর্ব্বক: মনোযোগ সহকারে। যত্নবান—বিণ. চেষ্টিত: চেষ্টাযুক্ত। ২। আগ্রহান্বিত। ৩। যত্নশীল। স্ত্রী. যত্নবতী। যত্নশীল—বিণ, আগ্রহযুক্ত; অধ্যবসায়ী; সচেষ্ট। স্ত্রী. যত্নশীলা।

যৎপরোনাস্তি (জৎ) [যৎ—পরঃ—নাস্তি] বিণ. যাহার পর নাই: নিতান্ত: অতিশয়। প্র—'সীতা দেখিয়া যৎপরোনাস্তি আহ্লাদিত হইয়া বলিলেন"—বিদ্যাসাগর।

যত্র (জৎত্র) [যদ্ + ত্র (সপ্তমী স্থানে) দ্ লোপ] অ. যথায়; যে স্থানে; যেখানে। প্র—"ওপদ পঙ্কজ মাত্র মনে ভাবি বসি যত্র।" ঘনরাম। ২। যে বিষয়ে। ৩। যেমন; যে পরিমাণ: যত। যত্র আয় তত্র ব্যয়—যখন যে পরিমাণ অর্থলাভ হয় তখনি সেই পরিমাণ খরচ করা: ইহা অবিবেচনা, অমিত-ব্যয়িতা ও দারিদ্র্যের লক্ষণ; আকৃপুটের দশা। অসঞ্চয়ীর লক্ষণ। যত্র তত্র—ক্রি-বিণ. যথা তথা: যেখানে সেখানে।

যথা (জ) [যদ্ + থা (প্রকারার্থে—থাচ্) দ্—লোপ] ক্রি-বিণ. যেমন; যাদৃশ। ২। ক্রম। ৩। যৎপরিমাণ। ৪। সাদৃশ্য। ৫। যোগ্যতা। ৬। সত্য। ৭। অনতিক্রম। যথাকথঞ্চিৎ—ক্রি-বিণ. যে কোন প্রকারে; কোনওরূপে। ২। কষ্টেসৃষ্টে। যথাকথা—বি. যথার্থ কথা; সত্য উক্তি। ক্রি-বিণ. কথানুযায়ী। যথাকর্ত্তব্য—বিণ. যেমন করা উচিত। ২। বি. অনুষ্ঠেয় কর্ম্ম। যথাকল্প—বিণ. সঙ্কল্পানু-যায়ী; কথামত। যথাকাম—ক্রি-বিণ. যথেচ্ছা। যথাকামী—বিণ. স্বেচ্ছাচারী; একগুঁয়ে। যথাকাল, যথাকালে—অ. উপযুক্ত সময়ে; যথাসময়ে। যথাক্রম—ক্রি-বিণ. ক্রমানুযায়ী। যথাগত—বিণ. যে ভাবে উপস্থিত; যেরূপে আগত। ২। যে ভাবে প্রস্থিত। ৩। যেরূপে অতীত। যথা-জাত—বিণ. অসভ্য; বন্য। যথাজ্ঞান—ক্রি-বিণ. যেমন জানা আছে তেমনি। যথাতথ—বি. পুরাবৃত্ত; প্রাচীন ইতিহাস। ২। বিণ. যেমন তেমনি। ৩। যথাযোগ্য: যথার্থ; প্রকৃত। যথাতথা—ক্রি-বিণ. যেখানে সেখানে; স্থানবিচার না করিয়া। যথাদিষ্ট—বিণ. যেরূপ আদেশ প্রাপ্ত। যথানিয়ম—বিণ. যথাবিধি; বিধানানুরূপ। যথান্যায়—বিণ. যথার্থ; প্রকৃত। যথাপূর্ব্ব—ক্রি-বিণ. পূর্ব্বানুরূপ; পূর্ব্বের মত। ২। পূর্ব্বদিক্ বা দেশ বা কালানুযায়ী। যথা পূর্ব্ব তথা পর—পূর্ব্বেও যেমন পরেও তদ্রূপ; অপরিবর্ত্তিত। যথাবৎ—ক্রি-বিণ. যেমন তেমনি; অপরিবর্ত্তিত। যথাবিধি—বিণ. বিধানানুযায়ী; নিয়মমত। যথাভিমত—ক্রি-বিণ. ইচ্ছানুযায়ী; বাঞ্ছানুরূপ। যথাযথ—[যথা—যথা, অব্যয়ী] বিণ. যেমন। ২। যথাযোগ্য। ৩। পূর্ব্বানু-যায়ী। যথাযথা—ক্রি-বিণ. যেখানে যেখানে; যে যে ক্ষেত্রে। প্র—"যথা যথা পদ তথা তথা এই রঙ্গ।"—অ. ম। যথাযোগ্য—বিণ. যথোপযুক্ত; যেখানে যেমন সাজে। যথারীতি—বিণ. প্রচলিত প্রথানুযায়ী; প্রণালীর অনুরূপ। যথারুচি—বিণ. প্রবৃত্তি অনুযায়ী; ইচ্ছা বা পসন্দমত। যথাশক্তি ক্রি-বিণ. যথাসাধ্য; সামর্থ্যানুযায়ী। যথা-শাস্ত্র—শাস্ত্রসম্মত; শাস্ত্রানুযায়ী; বিধানানু-সারে। যথাসম্ভব—ক্রি-বিণ. যতদূর হইতে পারে: সম্ভাবনীয়; সম্ভাবনার যোগ্য। যথাসর্ব্বস্ব—বি. ক্লী. সমুদয় ধনসম্পত্তি; যাহাকিছু। যথাসাধ্য—ক্রি-বিণ. শক্তি অনুসারে; সামর্থ্যানুযায়ী। যথাস্থান—বি. প্রকৃত স্থান; উপযুক্ত স্থান; ঠিক যায়গা। বিণ. যথাস্থিত—যেমন ছিল; যথাবৎ।

যথায় (জথায়) [যথা + য় (৭মী বিভক্তি)] ক্রি-বিণ. যেস্থানে; যেখানে; যে ক্ষেত্রে।

যথার্থ (জ) [যথা (যথাভূত) অর্থ (সত্য) যাহাতে—বহু] বিণ. প্রকৃত; সত্য। ২। [যথা (যেমন) অর্থ (স্বরূপ) অতিক্রম করে না, অব্যয়ী] বিণ. উপযুক্ত; যোগ্য। বি. যথার্থতা—বাস্তবিকতা।

যথার্থতঃ (জ) [যথার্থতস্ শব্দ] বিণ. ন্যায়ত; ঠিকমত; বস্তুতঃ।

যথার্হ (জ) [যথা (যেমন) অর্হ (যোগ্য)—অব্যয়ী] বিণ. যথাযোগ্য; যথোচিত; যথা-কর্ত্তব্য।

যথেচ্ছ, যথেচ্ছা (জ) [যথা—ইচ্ছা] বিণ. ইচ্ছামত ; অভিলাষানুযায়ী।

যথেচ্ছাচার (জ, র্) [যথা (যেমন) ইচ্ছা আচার (আচরণ)] বি. পুং, স্বেচ্ছাচার : বাসনানুযায়ী আচরণ ; উচ্ছৃঙ্খলতা। বিণ. যথেচ্ছাচারী—ইচ্ছামত কর্ম্মকারী ; স্বেচ্ছাচারী। স্ত্রী. যথেচ্ছাচারিণী।

যথেপ্সিত (জথেপ্‌শিত) [যথা (যেরূপ) ঈপ্সিত (বাঞ্ছিত)—অব্যয়ী] বিণ. যেমন ইচ্ছা তদনুরূপ ; বাঞ্ছানুযায়ী।

যথেষ্ট (জ) [যথা (যেমন) ইষ্ট (বাঞ্ছিত) অব্যয়ী] বিণ. ইচ্ছানুরূপ ; বাসনানুরূপ : বাঞ্ছানুযায়ী। ২। প্রচুর ; অনেক।

যথোক্ত [যথা+উক্ত] বিণ. যেমন বলা হইয়াছে। বি. যথোক্তি।

যথোচিত (জ) [যথা (যেমন) উচিত (উপযুক্ত)] অ. যথোপযুক্ত ; যথা কর্ত্তব্য। ২। ক্রি-বিণ. উপযুক্তরূপে।

যথোপযুক্ত (জ) [যথা+উপযুক্ত] বিণ. যথোচিত ; যথোপযোগী ; যথাযোগ্য।

যদবধি (জদবোধি) [সং—যৎ+অবধি] ক্রি-বিণ. যে পর্য্যন্ত। ২। যে ক্ষণ হইতে : যৎক্ষণাৎ।

যদা (জ) [সং। আধু-বাং-য়—অপ্র] অ. যেহেতু। ২। যৎকালে ; যে সময়ে ; যখন।

যদি (জো) [যৎ (যত্ন করা)+ই (ভাবে) ৎ=দ্] অ. সম্ভাবনার্থে। প্র—"যদি গাহন করিতে চাও গহন তলে"—রবি। ২। অভাব বিষয়ে নিশ্চয় জ্ঞানার্থে। প্র—"যদি ডাকের মত পারিতাম ডাকতে তবে কি মা অমন করে লুকিয়ে থাকতে পারতে"—ব্রহ্ম-সঙ্গীত। ৩। সন্দেহ ; সংশয়। প্র—"যদি সংগ্রহ করিতে না পারে, তাহার অবজ্ঞা জন্মিবে এবং সে বলিবে, যাহার এক পয়সার সঙ্গতি ছিল না, তাহার আবার জীবন কিসের?"—রবি। ৪। যখন ; যেহেতু। প্র—"গা সখি গাইলি যদি আবার সে গান। কতদিন শুনি নাই ও পুরাণো তান।"—গান। ৫। পক্ষান্তরে। প্র—"না যদি চাও গো দিতে নাই বা দিলে, তা মোর পাক হৃদি আলো করে।"—গান। ৬। অবধারণ। ব্রজ—যদু। প্র—"দিব তব যদু কছু জান" —বি. প। যদিই [ই—নিশ্চয়ে] অ. সম্ভাবনা ; সংশয়াদির নিশ্চয়তাবোধক। যদিও—অ. যদ্যপি। যদিচ [আধু-বাং-য় —বিরল] এবং যদি ; যদিও। যদিবা—অ. যদিও ; অথবা যদি ; পক্ষান্তরে। ২। যদি দৈবাৎ। যদিস্যাৎ, যদ্যপিস্যাৎ—অ. যদিই ; সংশয়ে ; যদিবা। প্র—"তবু যদি স্যাৎ রাজা রণে হয় দক্ষ" ঘনরাম। "বিশেষ মধ্যাহ্নকালে গগন জলদজালে যদি স্যাৎ হয় আচ্ছাদিত।"—ঈশ্বর গুপ্ত। ২। সম্ভাবনা।

যদু (জো) [সং] বি. পুং, যদুবংশ। ২। দেবযানির গর্ভজাত যযাতি রাজার জ্যেষ্ঠপুত্র। ৩। যমুনার পশ্চিমে অবস্থিত দেশবিশেষ : দশার্হদেশ। যদুনাথ, যদুপতি, যদু-কুলেশ্বর—শ্রীকৃষ্ণ।

যদৃচ্ছা (জ) [সং] বি. স্বাভিলাষ ; স্বেচ্ছা। ২। অক্লেশ ; অনায়াস। ৩। স্বতন্ত্রতা। যদৃচ্ছাক্রমে—ক্রি-বিণ. স্বেচ্ছামত ; অভিলাষানুযায়ী। যদৃচ্ছাপ্রবৃত্ত—বিণ. স্বেচ্ছানুসারে নিযুক্ত। যদৃচ্ছালব্ধ—বিণ. অনায়াসলব্ধ ; দৈবযোগে প্রাপ্ত। বি. যদৃচ্ছালাভ।

যদ্দিন (জদ্দিন্) [য (দ্রঃ) দিন—দ্রুত উচ্চারণে যদ্দিন] অ. যতদিন ; যতকাল। প্র—"পুরুষ কঠিন জাতি সৃষ্টি বিধাতার * * * যদ্দিন যৌবন থাকে সে কয়দিন মান রাখে।" —গান।

যদ্যপি (জোদ্দোপি) [যদি—অপি (নিশ্চয় রূপে)] বিণ. যদিও।

যনি (জোনি) [যেন দ্রঃ। ব্রজ। রূপান্তরে যনু, জনু, জনি] অ. যেন ; বোধ হয়। প্র—নয়ান চাহনি বিভঙ্গী সে যনি তিখিনী তিখিনী শর"—চণ্ডী। প্র—"সুচিত্রবেণী দুলিছে যনি কপিলা চামরপারা।"—চণ্ডী। ২। যাহাতে ; যদ্দারা। ৩। সংশয়ে ; আশঙ্কায়।

যন্তা (জন্তা) [যম্ (নিবৃত্তি করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=যন্তৃ ১মা, ১ব] বি. পুং. সারথি। প্র—"কি ভয় কোরবে যার যন্তা বৃহন্নলা"—মহা—কাশী। ২। মাহুত ; হস্তি-চালক। ৩। শাসক ; দমনকারী। ৪। নিবৃত্তিকর। ৫। নিয়ামক।

যন্ত্র (জনত্র) [যন্ত্ (সঙ্কুচিত করা)+অ (করণে অল্)] বি. ক্লী. যাঁতা ; পেষণযন্ত্র। ২। শিল্পসাধনী। ৩। কল ; কৌশল। ৪। একস্থানে প্রযুক্ত শক্তি স্থানান্তরে বিভিন্নরূপে কার্য্যকারী করণোপায়। ৫। [আয়ুর্ব্বেদীয় অস্ত্রচিকিৎসায়] "অস্ত্র প্রয়োগ কল্পে সুশ্রুত ১২৫ প্রকার অস্ত্রের উল্লেখ করিয়াছেন। সেগুলি আবার দুইভাগে বিভক্ত—যন্ত্র ও শস্ত্র। যন্ত্র সর্ব্বসমেত ১০১ টি। * * যন্ত্রের মধ্যে হস্তই প্রধানতম যন্ত্র, কারণ হস্ত ভিন্ন কোন যন্ত্রই প্রয়োগ করা যায় না"—পঞ্চানন নিয়োগী, ভারতী, ১৩২০। যন্ত্র নানাপ্রকার—তন্মধ্যে হাড়ের মধ্যে বাণ বা কোন প্রকার শল্য বিদ্ধ হইলে উহা বাহির করিবার জন্য "স্বস্তিক" যন্ত্রই ব্যবহৃত হইত। চর্ম্ম, মাংস, শিরা ও স্নায়ু হইতে ক্ষুদ্র শল্য বা কণ্টক বাহির করিবার জন্য "সন্দংশ", কর্ণনাসিকাদির ভিতর হইতে মলাদি বাহির করিবার জন্য "তাল" যন্ত্র এবং এইরূপ বস্তী যন্ত্র, অর্শো যন্ত্র, সিংহমুখ, ভৃঙ্গমুখ, নাড়ী, শলাকা, শঙ্কু, যোন্যাবেক্ষণ প্রভৃতি বহুবিধ, যন্ত্রের ব্যবহার ছিল।—ভারতী, ১৩২০। ৬। [জ্যোতিষে] জন্মরাশি নক্ষত্রাদি ঘটিত পতাকা। ৭। [তন্ত্রে] দেবাদির অধিষ্ঠানচক্র। (২) মারণ বশীকরণাদি মন্ত্রকৌশল। অগ্নিযন্ত্র—অগ্নি উৎপাদক বা অগ্নি বলে চালিত বা অগ্নি-বর্ষণকারী যন্ত্র। অণুবীক্ষণযন্ত্র—চক্ষুর অগোচর এমন ক্ষুদ্র পদার্থকে বৃহদাকারে চক্ষু-র্গোচর করিবার উপযোগী যন্ত্র ; microscope. জলযন্ত্র—কৃত্রিম উৎস ; ফোয়ারা। দূর-বীক্ষণযন্ত্র—দূরের বস্তু সন্নিহিতবৎ দেখিবার যন্ত্র। বাষ্পযন্ত্র—বাষ্প-উৎপাদক বা বাষ্পচালিত যন্ত্র। মুদ্রাযন্ত্র—ছাপার কল : printing machine. যন্ত্রকৌশল—বি. কলকৌশল ; যন্ত্রসাহায্যে কর্ম্ম করিবার কৌশল। বিণ. যন্ত্রকৌশলী—যন্ত্রশিল্পী। যন্ত্রগৃহ—কল ঘর ; যে স্থানে যন্ত্র রক্ষিত ও পরিচালিত হয়। যন্ত্রতন্ত্র—শিল্পীর কার্য্য করিবার উপকরণ দ্রব্য ও অস্ত্রাদি ; শিল্প কার্য্যের সরঞ্জাম। যন্ত্রনির্ম্মাতা—যন্ত্র-নির্ম্মাণকারী ; যান্ত্রিক। যন্ত্রনির্ম্মাণ—বি. যন্ত্রগঠন ; যন্ত্র প্রস্তুত করণ। যন্ত্রনির্ম্মাণ-কৌশল—বি. কল-প্রস্তুতকরণ-চাতুর্য্য। যন্ত্রনির্ম্মাণবিদ্যা—যে বিদ্যা দ্বারা কোন যন্ত্রের ভিন্ন ভিন্ন অংশ সকল গঠন ও যথাস্থানে সন্নিবেশ করিয়া কার্য্যক্ষম করা যায়। যন্ত্র-পাতি—বি. শিল্পসাধন যন্ত্রাদি ; যন্ত্রসমূহ। যন্ত্রপেষণী—যাঁতা। যন্ত্রবিজ্ঞান—যন্ত্রনির্ম্মাণ পদ্ধতি ও পরিচালনাদি সম্বন্ধীয় বিদ্যা ; বল-বিজ্ঞান ; স্থিতি ও গতিবিদ্যা ; মিশ্রগণিত বিদ্যায় বস্তুর উপর বলের কার্য্য সম্বন্ধীয় বিদ্যা। যন্ত্রবিজ্ঞানবিৎ—যন্ত্র বিজ্ঞানে অভিজ্ঞ। যন্ত্রবিদ্যা—বি. যন্ত্র-বিজ্ঞান। যন্ত্রভৃত্য—মিল বা কলে নিয়োজিত ভৃত্য ; কলের চাকর। যন্ত্রমন্ত্র—কল কৌশল ; কোন উদ্দেশ্য সাধনার্থে বা রোগ মুক্তির আশায় প্রযুক্ত কবচাদি মন্ত্রপূত সামগ্রী প্রভৃতির অনুষ্ঠান। যন্ত্রশিল্পী—যন্ত্র কলাবিৎ ; যন্ত্র পরিচালনে দক্ষ ব্যক্তি ; machanic. যোগাড় যন্ত্র—উদ্দেশ্য সাধনোপযোগী বস্তুর আহরণ এবং একত্রকরণ ; চেষ্টীকৃত সংগ্রহ। ২। বিলি বন্দোবস্ত। শিল্পযন্ত্র—শিল্পকার্য্য-করণোপযোগী যন্ত্র। সীবনযন্ত্র—সেলাইয়ের কল।

যন্ত্রক (জন্ত্রক্) [যন্ত্র + ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, পেষণযন্ত্র। ২। যন্ত্রকাঠ ; কুঁদ।

যন্ত্রণ (জন্ত্রন) [যন্ত্র্ (পীড়া দেওয়া) + অন (ভাবে, অনট্)] বি, ক্লী, দমন ; শাসন। ২। পীড়ন। ৩। বন্ধন। স্ত্রী, যন্ত্রণা।

যন্ত্রণা (জন্ত্রোনা) [যন্ত্রণ দ্রঃ] বি, স্ত্রী, পীড়া : যাতনা ; দুঃখ। **যন্ত্রণাকর, যন্ত্রণাদায়ক**—ক্লেশজনক ; দুঃখপ্রদ। **যন্ত্রণাদাতা**—বিণ, ক্লেশদানকারী ; দুঃখদায়ী।

যন্ত্রালয় (জন্ত্রালয়্) [যন্ত্র (এখানে মুদ্রা যন্ত্র) তাহার আলয় (গৃহ)—৬তৎ) বি, যে গৃহে ছাপিবার যন্ত্রাদি রক্ষিত হয় এবং ছাপার কার্য্য হয় ; ছাপাখানা। ২। কলবাড়ী।

যন্ত্রিকা (জোন্ত্রিকা) [যন্ত্র + ক + আপ—স্ত্রী] বি, স্ত্রী, যাঁতি।

যন্ত্রিত (জোন্ত্রিত) [যন্ত্র + ইত] বিণ, শাসিত ; দমিত। ২। শৃঙ্খলিত। ৩। যন্ত্রে পিষ্ট।

যন্ত্রী (জোনত্রি) [যন্ত্র + ইন্ (অস্ত্যর্থে) = যন্ত্রিন ১মা, ১ব] বি, পুং, যন্ত্রকুশল ; উৎকৃষ্ট বাদক। ২। পরিচালক। প্র—"সকল তন্ত্রের তন্ত্রী জগময় যন্ত্রে যন্ত্রী তুমি মন্ত্র মন্ত্রী মহাশয়"—ঘনরাম। ৩। শিল্পকার। ৪। ষড়্‌যন্ত্রকারী। ৫। বিণ, যন্ত্রধারী ; যন্ত্রযুক্ত।

যব (জব্) [সং। য দ্রঃ] বি, পুং, শস্যবিশেষ। ২। পরিমাণবিশেষ ; চারিধান পরিমাণ। ৩। অঙ্গুলিস্থ যবাকার রেখাবিশেষ ; যবরেখা। **যবশর্করা**—যব হইতে প্রস্তুত চিনী। **যবশূক**—যবের শীষ। ২। যবক্ষার। **যবসুরা**—যব হইতে প্রস্তুত মদ্য।

যব (জব্) [ব্রজ] ক্রি-বিণ, যখন : যদা। প্র—"বালা জন সঞে যব রহই।"—বি, প। ২। যাবৎ : যখন। প্র—"সখি যব রহ জীব।"—বি, প।

যবক (জবক্) [যব + ক (স্বার্থে)] বি, পুং, শূকধান্যবিশেষ ; যব।

যবক্ষার (জবক্খার্) [যব—ক্ষার (লবণ রস)] বি, পুং, ক্ষারবিশেষ ; সোরা : সাজী ; যবের শীষ পোড়াইলে যে ভস্ম পাওয়া যায় তাহাই যবক্ষার নামে পরিচিত।—ডাঃ প্রফুল্ল রায়।

যবদ্বীপ (জবদ্‌দীপ্) বি, পুং, যাবা নামক উপদ্বীপবিশেষ।

যবন (জবন্) [হিব্রু—যবন্ (যোন্—Ionia দেশের অধিবাসী, Ionian) ; আ—য়ুনান্ আইয়োনিয়া বা যোনবাসী—গ্রীক)। কিন্তু সং-তে যে যবন শব্দ আছে তাহা সং—যু (মিশ্রণে) + অন (কর্তৃ)—যাহারা চাতুর্ব্বর্ণ ব্যবস্থা-বহির্ভূত হইয়া নির্ব্বিচারে সকলে মিলিয়া আহারাদি করে, অর্থাৎ যাহারা ম্লেচ্ছাচার-নিরত—এই অর্থে গ্রীক, য়িহুদী, তুর্কী, পারসীক প্রভৃতি বহু জাতিকে বুঝাইত। বিষ্ণুপুরাণে আছে—সগর রাজা কতকগুলি প্রজাকে বিশেষ অপরাধে তাহাদিগের মস্তক মুণ্ডন করিয়া ভারতবর্ষ হইতে বহিষ্কৃত করিয়া দিয়াছিলেন ; তাহারা পরে যবন নামে প্রসিদ্ধ হয়। বোধ হয় তাহাদের যৌন সম্বন্ধ, আহার প্রভৃতিতে মিশ্রণ দোষ স্পর্শ করিয়াছিল। মধ্য-বাং-য় যবন অর্থে মুসলমান ও ম্লেচ্ছ বুঝাইত ; আধু বাং—মুসলমান ও খ্রীষ্টান উভয়কেই বুঝায়] বি, পুং, গ্রীক জাতি। ২। মুসলমান। ৩। খ্রীষ্টান। ৪। ম্লেচ্ছজাতি। ৫। বিধর্ম্মী। স্ত্রী, **যবনী**—যবন স্ত্রী। ২। যবানী নামক ঔষধ। বিণ, **যাবন**—যবন-সম্বন্ধীয়। ২। বি, গন্ধদ্রব্যবিশেষ। বিণ, যাবনিক।

যবনানী (জ) [যবন + ঈপ্ (স্ত্রী) আন্ আগম] বি, স্ত্রী, যবনলিপি সমূহ।

যবনাল (জবনাল্) [যব (যবের মত নাল (নাড়া) যাহার, বহু] বি, পুং, দেধাননামক ধান্যবিশেষ।

যবনিকা (জ) [যবন + ক—আপ্ (স্ত্রী), অ = ই] বি, স্ত্রী, তিরস্করণী ; পর্দ্দা ; কানাৎ। ২। আড়াল। ৩। যবননারী। ৪। [নাট্যে] পট ; drop scene. **যবনিকা পতন, —পাত**—নাট্যাঙ্ক বা গর্ভাঙ্কের অভিনয়ান্তে পটক্ষেপ।

যবস্থব (জবস্‌থব্) [সং—"ন যযৌ ন তস্থৌ" হইতে] বিণ, অগ্রগমন বা প্রত্যাবর্ত্তন না করার অবস্থা প্রাপ্ত ; পূর্ব্ববৎ ; যথাবৎ ; স্থগিত। ২। অমীমাংসিত ; অনুকূল বা প্রতিকূল কোন পক্ষীয় সিদ্ধান্তে অনুপনীত। ক্রি-বিণ, যবে থবে—যেমন তেমন ভাবে।

যবাগূ (জ) [যু (মিশ্রিত করা) + আগূ (কর্ম্মে)] বি, স্ত্রী, যবমণ্ড ; যাউ।

যবানী, যবানিকা (জ) [সং] বি, স্ত্রী, যোয়ান ; যমানী।

যবাম্ল (জ) [যব + অম্ল] বি, ক্লী, যবের কাঁজি।

যবিষ্ঠ, যবীয়ান (জো, ন্) [যুবন্ + ইষ্ঠ (ঈয়স্, অত্যর্থে) = যবীয়স্ ১ম, ১ব] বিণ, অতিযুবা। ২। কনিষ্ঠ। প্র—রেণুকার গর্ভে পাঁচ সন্তান হয়, তাহার মধ্যে পঞ্চম পুত্র রাম। তিনি সকল ভ্রাতা অপেক্ষা যবীয়ান্ হইয়াও শ্রেষ্ঠ-গুণ-সম্পন্ন হইয়াছিলেন।"—মহা (বঙ্গ)।

যবুথবু (জোবুথোবু) [যবস্থব হইতে] বিণ, কিংকর্ত্তব্যবিমূঢ় ; যথাবৎ ; হতবুদ্ধি। ২। [জবুথবু দ্রঃ] জড় ভাবাপন্ন।

যবে (জ) [হি—জব ; সং—যদা। পদ্যে ব্যবহৃত] ক্রি-বিণ, যে সময়ে ; যে কালে ; যখন। প্র—"যথা যবে পরন্তপ পার্থ মহারথী, যজ্ঞের তুরঙ্গ সঙ্গে আসি উত্তরিল নারীদেশে"—মেঘনাদ। "তুমি যবে ছিলে এ পুণ্য ভবনে"—রবি।

যম (জম্) [যম্ (সংযত হওয়া) + অল্ (ভাবে)] বি, পুং, সংযমন। ২। (জোম্) [যম্ + ণিচ্ = যমি (নিবৃত্ত করান) + অ (কর্তৃ—অচ্)] শমন ; দক্ষিণদিকের অধিপতি ; কৃতান্ত। প্র—"জঠর যন্ত্রণা যমের যন্ত্রণা কত সব বারে বারে।"—অন্নদামঙ্গল। ৩। মৃত্যু ; মরণ। ৪। শনি। ৫। যোগ। ৬। কৃষ্ণকাক ; ডোমকাক। ৭। বিণ, যমজ। স্ত্রী, **যমী**—যমরাজের ভগ্নী ; যমুনা নদী। **যমকীট**—বি, ঘুর্ঘুরিয়া পোকা। **যমঘর**—বি, শমনালয় ; কৃতান্তের ভবন। **যমজয়ী**—বিণ, মৃত্যুঞ্জয় ; শমনজয়ী ; অমর। **যমজাঙ্গাল**—আকাশগঙ্গা ; নভোমণ্ডলস্থিত সোমধারা ; দেবপথ বা ছায়াপথ। **যমতর্পণ**—বি, যমের তৃপ্ত্যর্থে যজ্ঞ। **যমদণ্ড**—মৃত্যুদণ্ড। ২। মৃত্যুর পর যমালয়ে পাপের দণ্ড। ৩। নরের ললাটে যে উর্দ্ধ দণ্ড (স্থূল রেখা) থাকে তাহা দুই প্রকার—রাজদণ্ড ও যমদণ্ড। **যমদূত**—বি, কৃতান্তের অনুচর ; শমনের বার্ত্তাবহ। ২। বিকটাকার ভয়ঙ্কর মূর্ত্তি ; ভীতি উৎপাদক ভীষণ মূর্ত্তি। **যমদূতক**—মৃত্যুর বার্ত্তাবহ ; ডোমকাক। স্ত্রী, **যমদূতিকা**—তিন্তিড়ী ; তেঁতুল। **যমদ্বার**—(জোমদ্‌দার্) দক্ষিণদিগাধিপতি যমের দরজা ; যমের দক্ষিণ দুয়ার। **যমদ্বিতীয়া**—কার্ত্তিকী শুক্লা দ্বিতীয়া তিথিতে যমের সহোদরা যমুনা কর্ত্তৃক ভ্রাতার কল্যাণ-কামনায় অনুষ্ঠিত যমের কপালে ফোঁটা-দানরূপ পর্ব্ব। **যমপুকুর**—বি, কার্ত্তিক মাসে অনুষ্ঠেয় কুমারীব্রতবিশেষ। **যমপুরী**—বি, শমন সদন ; যমের বাড়ী। ২। অতি কষ্টের স্থান ; যন্ত্রণাগার। **যম-বাহন**—মহিষ। **যমভগিনী**—যমুনা নদী। **যমমাস**—কার্ত্তিক মাস। এই মাসে হেমন্ত ঋতুর প্রারম্ভে অধিক হিম পড়ায় রোগের প্রাদুর্ভাব বশতঃ মৃত্যুর আধিক্য অবশ্যম্ভাবী হইয়া পড়ে, এই বলিয়া কল্পিত নাম। **যমযন্ত্রণা, যমযাতনা**—বি, শমন প্রদত্ত শাস্তি ; যমদণ্ড ; মৃত্যুযাতনা। প্র—"প্রহ্লাদ আমার গুরুর গুরু এমন গুরু আর পাব না। * * ইহলোকেই স্বর্গ পাব ঘুচে যাবে যম যাতনা।"—গান। **যম-রাজ**—বি, পুং, দক্ষিণদিকপাল ; কৃতান্ত ; শমন। **যমস্বসা**—যমের ভগ্নী ; যমুনানদী। **যমে ধরা**—মৃত্যুগ্রাসে পতিত হওয়া।

যমের অরুচি—যম কর্ত্তৃক পরিত্যক্ত ; যম ঘৃণায় যাহাকে গ্রহণ করে না : যাহার মৃত্যু নাই [ব্যঙ্গার্থক ; ঘৃণা বা অবজ্ঞা-সূচক]। **যমের ভুল**—যম যাহাকে ভুলিয়া আছে, অর্থাৎ যাহার মৃত্যু আসে নাই [ব্যঙ্গার্থে]। প্র—"আমরি আমরি যমেরি ভুল"—দীনবন্ধু। **যমের দক্ষিণ দুয়ারে যাওয়া**—যম দক্ষিণদিকের অধিপতি সুতরাং যমের দক্ষিণ দুয়ারে যাওয়া অর্থে মৃত্যুমুখে পতিত হওয়া [গালিবিশেষ]। **যমের বাড়ী**—যমপুরী। ২। ভীষণ স্থান। ৩। যন্ত্রণাগার ; যেখানে অতিশয় কষ্ট পাইতে হয়। **যমের বাড়ী যাওয়া**—গালিবিশেষ অর্থাৎ মৃত্যুমুখে পতিত হওয়া ; মরিয়া যাওয়া। **যম যাতনা,—যন্ত্রণা**—মৃত্যুযন্ত্রণা ; প্রাণ বিয়োগ সময়ে যে যাতনা।

যমক (জমক্) [যম + ক (স্বার্থে)] বি, পুং, সংযম। ২। ভিন্নার্থব্যঞ্জক সমোচ্চার্য্য শব্দের পুনরাবৃত্তি, ইহা আদ্য মধ্য এবং অন্ত্য-যমক ভেদে প্রধানতঃ তিন প্রকার। ৩। এক গর্ভে একদা উৎপন্ন সন্তানদ্বয় ; যমজ।

যমজ (জ্) [যম—জ (জাত)] বিণ, সহজাত। ২। বি, এক সময়ে একগর্ভে জাত সন্তানদ্বয় ; যমক।

যমতা (জ) [যম + তা (ভাবে)] বি, মৃত্যু ; মরণ। প্র—"যদি কর মমতা হত হয় যমতা দিবি ভুবি সমতা গুহ হেরম্বে।"—অ, ম।

যমদগ্নি (জ, দো) বি, পুং, পরশুরামের পিতা।

যমধর, যমধার (জোম্‌ধর্, ধার্) [যমের ধারা (অস্ত্রের তীক্ষ্ণ ভাগ)] বি, পুং, উভয় পার্শ্ব তীক্ষ্ণধারবিশিষ্ট যুদ্ধাস্ত্র, দুইদিকে ধারাল তরবারিবিশেষ। "খরধার, তরবার, যমধার নাম। কি করাল ভিন্দিপাল কৃতান্তের ধাম॥" —কাঞ্চীকাবেরী।

যমন (জমন্) [যম্ (নিবৃত্তি করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সংযমন।

যমনিকা (জ) [সং] বি, স্ত্রী, পর্দ্দা ; যবনিকা ; কানাৎ।

যমবান্ (জ) [যম (সংযম) + বৎ (অস্ত্যর্থে বতু)] বিণ, জিতেন্দ্রিয় ; সংযমী ; সংযমশালী।

যমল (জমল্) [যম (যুগ্ম) + ল (সংজ্ঞার্থে)] বি, ক্লী, যুগ্ম ; জোড়া। স্ত্রী, **যমলী**—পরিচ্ছদবিশেষ।

যমানী, যমানিকা (জ) [সং] বি, স্ত্রী, যবানী : যোয়ান।

যমান্তক (জমান্তক্) [যমের—অন্তক (নাশকারী)—৬তৎ] বি, পুং, শমনজয়ী ; মৃত্যুঞ্জয় ; শিব।

যমালয় (জমালয়্) [যমের—আলয় (গৃহ) —৬তৎ] বি, পুং, যমপুরী।

যমিত (জো) [যম্ + ণিচ্ = যমি (নিবৃত্তি করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সংযমিত। ২। খণ্ডিত ; ছিন্ন। ৩। আবদ্ধ।

যমী (জো) [যম + ইন্ (অস্ত্যর্থে) = যমিন্ ১মা, ১ব] বিণ, জিতেন্দ্রিয়, সংযমী। প্র—"তা যে ব্যক্তি সর্ব্বভুক্ সুরাপায়ী—সে আবার ভোগে বিরত কি প্রকারে? সুতরাং বাবুও যমী নহেন।"—সনাতনী।

যমুনা (জো) [যম্ (বিরত হওয়া) + উন (কর্ত্তৃ) আপ্ স্ত্রী] বি, স্ত্রী, যমভগ্নী ; কালিন্দী নদী। **যমুনাভ্রাতা**—শমন ; যম।

যযাতি (জজাতি) বি, পুং, নহুষ রাজার পুত্র ; ইনি শুক্রাচার্য্যের অভিশাপে জরাগ্রস্ত হইয়াছিলেন। ২। [প্রা-বাং] জন্মপত্রিকা। প্র—"দুর্ব্বলা গণকগণে প্রভাতে ডাকিয়া আনে লিখে তারা শিশুর যযাতি।"—কবিক।

যশ, যশঃ (শ্) [অশ্ (ব্যাপ্ত হওয়া) + অস্ (কর্ত্তৃ)—অ = য] বি, ক্লী, কীর্ত্তি ; সুখ্যাতি।

যশঃকীর্ত্তন—বি, কীর্ত্তি কথন ; যশোগান। **যশঃক্ষয়**—কীর্ত্তিনাশ ; যশোহানি ; **যশঃ-খ্যাপন**—বি, যশোগান : সুখ্যাতি কথন। **যশঃপটহ**—বি, জয়ঢাক। **যশঃশেষ**—বি, পরলোকপ্রাপ্তি ; মৃত্যু। **যশঃস্তম্ভ**—বি, কীর্ত্তিস্তম্ভ। **যশঃ-মান, যশ-মান**—মান সম্ভ্রম ; সুখ্যাতি ; সম্মান প্রতিপত্তি।

যশদ (জশদ্) [হি—যস্তা] বি, দস্তা ; zinc. প্র—গন্ধকের সহিত যশদের (zinc) একটী যৌগিক পদার্থ আছে"—নব্যরসায়নী বিদ্যা।

যশস্কর (জশশ্‌কর্) [যশস্—কৃ (করা) + অ (কর্ত্তৃ—ট)] বিণ, কীর্ত্তিজনক ; যশঃসাধন।

যশস্য (জশশ্‌শ) [যশস্ + যৎ] বিণ, সুখ্যাতিজনক, যশস্কর।

যশস্কাম (জশশ্‌কাম্) [যশঃ + কাম] বিণ, যশোলিপ্সু ; যশাকাঙ্ক্ষী।

যশস্বী (জশোশ্‌শী) [যশস্ + বিন (অস্ত্যর্থে) = যশস্বিন্ ১মা, ১ব] বিণ, বিখ্যাত ; কীর্ত্তিমান। স্ত্রী, **যশস্বিনী**—কীর্ত্তিমতী। ২। [বৈদ্যকে] বি, মহাজ্যোতিষ্মতী লতা। (২) বনকাপাসী। (৩) যবতিক্তা।

যশোগাথা (জ) [যশস্ গাথা] বি, কীর্ত্তি-গাথা ; গৌরব গীতি ; খ্যাতিগান। প্র—"জগৎ যুড়িয়া যশোগাথা"—রবি।

যশোগান (জশোগান্) [যশস্ + গান] বি, খ্যাতিকীর্ত্তন ; কীর্ত্তিগাথা। প্র—"একতান মনঃপ্রাণ গাও ভারতের যশোগান।"—জাতীয় সঙ্গীত।

যশোগীত, যশোগীতি (জ, ত্) [যশস্ + গীত, গীতি] বি, যশঃকীর্ত্তন ; সুখ্যাতি কথন, যশোগান। প্র—"দিগঙ্গনাগণ দেবদূত সঙ্গে রঙ্গে যশোগীত গায়।"—হেম বন্দ্যো। "ত্বরা করি যাও যশোগীতি গাও লও কবি-কুঞ্জ-বাসে"—হেম।

যশোদ (জশোদ্) [যশস্—দা (দান করা) + অ (কর্ত্তৃ, ড)] বি, পুং, পারদ। ২। যশোদায়ী। স্ত্রী, **যশোদা**—যশোদায়িনী। ২। গোপরাজ নন্দের পত্নী।

যশোধন (জশোধন্) [যশঃ (কীর্ত্তি) হইয়াছে ধন যাহার—বহু] বিণ, যশস্বী। প্র—"কৃষ্ণানন্দ মুখুয্যা পরম যশোধন।"—অ, ম।

যশোভাগ্য (জশোভাগ্‌গ্য) [যশস্—ভাগ্য] বি, যশের সৌভাগ্য।

যশোমণ্ডিত (জশোমোন্‌ডিত) যশস্—মণ্ডিত] বিণ, প্রাপ্তযশাঃ : যশস্বী : গৌরব-মণ্ডিত।

যশোমতী (জশোমোতি) [যশস্—মতী] বি, স্ত্রী, নন্দরাণী ; যশোদা।

যশোমন্দির (জশোমোন্দির্) [যশস্—মন্দির। আলঙ্কারিক ভাষায়] বি, কীর্ত্তিরূপ মন্দির ; যশের তীর্থ। প্র—"যশের মন্দিব ওই ; ওথা যার গতি, অশক্ত আপনি যম ছুঁইতে রে তারে।"—মাইকেল।

যশোময় (জশোময়্) [যশস্—ময়ট্] বিণ, যশস্বী ; গৌরবময় স্ত্রী, **যশোময়ী**।

যশোরশ্মি (জশোরোশ্‌শিঁ) [যশস্—রশ্মি] বি, কীর্ত্তিপ্রভা ; গৌরবালোক ; যশের দীপ্তি।

যশোরাশি (জ) [যশস্—রাশি] বি, কীর্ত্তি-সমূহ ; বহুখ্যাতি।

যশোলিপ্সা (জ) [যশস্—লিপ্সা] বি, যশাকাঙ্ক্ষা ; গৌরবলাভেচ্ছা : খ্যাতির আকাঙ্ক্ষা। বিণ, **যশোলিপ্সু**।

যশোহানি (জ) [যশস্—হানি] বি, গৌরব-হানি ; খ্যাতিনাশ।

যষ্টি (জো) [সং] বি, স্ত্রী, লাঠি। ২। ধ্বজাদি দণ্ড। ৩। হার আদির ছড়া ; নর ; হালি। ৪। শাখা। ৫। তন্তু। ৬। যষ্টিমধু। **যষ্টিপ্রহার**—লাঠির আঘাত ; লগুড়াঘাত। **যষ্ট্যাঘাত**—বি, লগুড়াঘাত।

যষ্টিকা (জো) [যষ্টি + ক—আপ, স্ত্রী] বি, স্ত্রী, লাঠি ; লগুড়। ২। একনর হার। ৩। যষ্টিমধু।

যষ্টিমধু (জোষ্‌টিমোধু) [যষ্টি (কাঠি) মধু] বি, ক্লী, মিষ্ট মূলবিশেষ।

যস্ক, যাস্ক (জশ্‌ক) বি, পুং, বৈদিক নিরুক্ত-কার মুনিবিশেষ।

যহি (জো) [ব্রজ। সং—যদ্ শব্দ] অ, যাহাতে। প্র—"আদি খণ্ড কথা অতি অমৃতের ধার। যহি গৌরাঙ্গের সর্ব্ব মোহন বিহার॥" —চৈ, ভা।

যহুঁক, যাহুক (জোহুঁক্) [ব্রজ। সং—যদ্ শব্দ] স. যাহার। প্র—"যহুঁক বিরহ ভরে উরে হার না দেলা সো অব নদী গিরি আঁতর ভেলা।"—বি. প।

যা (জা) [যাতৃ শব্দজ] বি. স্ত্রী. পতির ভ্রাতৃজায়া।

যা (জা) [সং—যদ্ ১মা. ১ব=যঃ=বাং—যে : ক্লীবলিঙ্গে যা। সং—যদ্ হইতে বাং-য় যাহা (দ্=হ)] স. যাহা ; যে দ্রব্য। ২। যে বিষয় ; যে ঘটনা। যা-তা—['যাহা তাহা' সংক্ষেপে] অনির্দ্দিষ্টবাচক ; যে কোন। ২। যত্ন বা চেষ্টার অভাববোধক। ৩। যেমন তেমন ; উপেক্ষার ভাববোধক। যা-খুসি-তাই—যাহা ইচ্ছা তাহা ; ইচ্ছামত। প্র—"সে যা-খুসি-তাই আবদার করে"—ভারতী ১৩২১। যা নয় তাই—যাহা হওয়া উচিত নহে তাহাই হওয়া। ২। যাহা অসম্ভব তাহার সম্ভাবনা বা প্রস্তাবনা। যা হউক, যা-হোক্—যাহা হউক, যেরূপ পরিণাম বা যে কোন ঘটনা সত্ত্বেও। ২। গত বিষয়ের আলোচনা বা উল্লেখ নিষ্প্রয়োজন এই অর্থে। প্র—"এত ব্যাজে দেখা সাজে কিহে বন্ধু ? যা হউক দেখা হইল, দুঃখ দূরে গেল,—যাউক হে এখন গত কথার আর নাহি প্রয়োজন।" —গান। যা-হবার—যাহা কিছু হইবার : যাহা অবশ্যম্ভাবী। প্র—"যা হবার তাই হবে কি হবে তা ভাবিলে, কে তারে রাখিতে পারে বিধি নিজে হরিলে।"—কাব্যকুসুমাঞ্জলি। ঐ-যা—অপ্রত্যাশিত এবং অনভিলষিত ব্যাপারের হঠাৎ ঘটনায় বিস্ময় ও ক্ষোভসূচক অব্যয়।

যাই (জা) [যাওয়া দ্রঃ] ক্রি. গমন করি। ২। ক্রিয়ার সমাপ্তিসূচক বা করা অর্থক গৌণ ক্রিয়া। প্র—"আনন্দে আপনি আপনা ভুলে যাই"—গান। ৩। মরে যাই। যাই না—যাওয়ার অনভ্যাসবোধক। প্র—ওদের বাড়ী আমি কখন যাই না। ২। জিজ্ঞাসা ও অনুমতির অপেক্ষাবোধক। প্র—ওখানে যাই না একবার, তা'তে দোষ কি ? এখন আমি যাই না ?। যাইনাক—অ. যাই না কেন : যাই। প্র—"সেথা আমি যাইনাক তুমি প্রকাশিত থাক"—রবি। ২। যাওয়া বন্ধ করার ভাব ; যাওয়ার অভ্যাস না থাকার ভাব। প্র—"সারাদিন ঘরেই বসে থাকি কোথাও আর যাইনাক।" যাই যাই—যাইবার উপক্রম। ২। এই যাই বা এইবার যাই এরূপ পুনঃপুনঃ উক্তি। প্র—যাবে যাও দিনরাত অমন যাই যাই কোরনা।

যাই (জা) [সং—যতঃ হইতে] অ. যে হেতু। প্র—"যাই আমি নারী তাই ভুলি বচনে"—রামবসু।

যাউ (জা) [যবাগূ শব্দজ] বি. যবাদির মণ্ড ; চূর্ণ চাউল যব প্রভৃতি ছয় গুণ জলে সিদ্ধ করিলে যে কাথ প্রস্তুত হয়।

যাউক (জাউক্)—যাক্ দ্রঃ।

যাওয়া [সং—যা (গমন করা) ধাতুজ। উ-পু—যাই। ম-পু—যাও, যাহ ; যাউন, যান্, যা। প্র-পু—যায় ; যায়েন, যান্। অস-ক্রি—যাইতে, যেতে ; যাইয়া, যাই (পদ্যে), যেয়ে (গ্রা)। ণিজন্ত—যাওয়ান] ক্রি, যাত্রা করা ; গমন করা ; প্রস্থান করা। প্র—"আমার আয়ু-সূর্য্য হায় অস্ত যায় যায়। এখন অন্ধকার দেখে ভয়ে কাঁপে প্রাণ॥"—বাং-গান। ২। অবসান হওয়া। ৩। ক্ষয় পাওয়া। ৪। নষ্ট হওয়া। ৫। গত হওয়া ; মরা। ৬। কার্য্যে সমাপ্তিবোধক বা করা অর্থক ক্রিয়া সহচর। প্র—বলে যাওয়া। পড়ে যাওয়া, উঠে যাওয়া ইত্যাদি। তুল—ফেলা, চুকা। বি. যাওন। আসা যাওয়া—গমনাগমন করা। ২ [লক্ষণায়] জন্ম মৃত্যু। তুল—হি—আবা-গমন। প্র—"আসা যাওয়া যে যন্ত্রণা জেনেও কি মন জানিস্ না"—গান। (ব্রজ) যাই—যায়। প্র—"যত বিছরিয়ে তত বিছর না যাই"—বি. প। যাইহ—যাইও। প্র—"না যাইহ সো পিয়া তহি একগুণে"—বি. প। যাওত—যাও। প্র—"বিকশল অঙ্গ না যাওত ধরণে"—বি. প। যাওব—যাইব। প্র—"হাম না যাওব সো পিয়া ঠাম"—বি. প। যাওবি, যাইবি, যাবি—যাইবে। যাব—যাইবে। যাতা—যাইতেছে। প্র—"কালিন্দী তীর ধীর চলি যাতা"—বি. প। যায়ব—যাইব ; যাইবে। প্র—"তব কিয়ে যায়ব পাপক অন্ত"—বি. প। যায়ল—যাইল। যাসি—যাইতেছ। প্র—"কাহে মোহে সন্তাসি না যাসি।"—বি. প। যাহ—যাও।

যাঁচা (জাঁ) [হি—যাঁচ্না] ক্রি. যাচা দ্রঃ।

যাঁত, যাঁতা (জাঁত্) [যন্ত্র শব্দজ] বি. যন্ত্র। ২। পেষণ-যন্ত্র। ৩। ভস্ত্রা। ক্রি. যাঁতা—যন্ত্র দ্বারা পেষণ করা। ২। কলে ফেলা।

যাঁতি (জাঁ) [যন্ত্র—জাঁত—বৃহদর্থে যাঁতা, ক্ষুদ্রার্থে যাঁতি] বি. ছেদনাস্ত্রবিশেষ ; সুপারী কাটিবার যন্ত্রবিশেষ ; কাতি।

যাঁহা (জাঁ) [হি। সং—যত্র। ব্রজ] অ. যথা ; যেখানে। প্র—"যাঁহা যাঁহা ঝলকত অঙ্গ। তাঁহা তাঁহা বিজুরি তরঙ্গ॥—বি. প।

যাক্, যাক (জাক্) [যাউক সংক্ষেপে। যা ধাতুজ। যাওয়া দ্রঃ] ক্রি. অনুজ্ঞা, গমন করুক। প্র—সে তার সঙ্গে যাক। ২। উপেক্ষাবোধক অব্যয় ; যেতে দাও। উল্লেখে প্রয়োজন নাই। প্র—যাক্ ও কথায় কাজ নাই। ৩। ক্রিয়া সমাপ্তিবোধক সহচর শব্দ। প্র—নূতন স্থান ; আগে জল বায়ু সয়ে যাক্, তারপর স্থায়ী বাস স্থাপন করবে।

যাক্‌গে—[যাউক গিয়া। তুল—মরুক গে] বিরক্তি বা অবজ্ঞাসূচক অব্যয় ; উপেক্ষাবোধক।

যাক (জা) [হি, ব্রজ] স. যাহার বা যাঁহার। প্র—"যাক দরশ বিনে ঝুরয়ে নয়ান"—বি. প।

যাকর, যকর (জা, জ) [ব্রজ] স. যাহার। প্র—"যাকর কাহিনী"—জ্ঞান। "যাকর মরমে বৈঠে বরনারী।"—বি. প।

যাকু (জা) [প্রা-বাং। যাউক বর্ণবিপর্য্যয়ে যাকউ=যাকু] ক্রি. যাউক। প্র—"মরি যাকু সারী শুয়া তোমার বালায় লয়্যা তোমা বহি মনে নাহি আর।"—কবিক।

যাকে (জা) [যাহা+কে (২য়া বিভক্তি) সংক্ষেপে। বহুবচনে—যাহাদিগকে, সংক্ষেপে "যাদিগে"] স. যাহাকে। প্র—"যাকে দেখ্‌তে নারি তার চলন বাঁকা"—প্রবচন। "যেই যাকে মনে করে সেই তার মনোরঞ্জন।"—নিধুবাবু। যাকে তাকে ["যাহাকে তাহাকে" সংক্ষেপে] স. যে কোন ব্যক্তিকে ; অনির্দ্দিষ্ট লোককে : অজ্ঞাত-কুলশীলকে। প্র—"যাকে তাকে ধরিয়া কন্যাদান করা ধর্ম্মবিরুদ্ধ"। ২। অনভিজ্ঞকে ; আনাড়ী ব্যক্তিকে। প্র—"যাকে তাকে দিয়া গড়াইলে কি গহনার গড়ন ভাল হয়।" "যাকে তাকে দিলে ও কাজ হবে না।" ৩। অনুপযুক্ত ব্যক্তিকে : অপাত্রকে। প্র—যাকে তাকে ও সকল কথা বলা ভাল হয় নাই।

যাগ (জাগ্) [যজ (পূজা করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, যজ্ঞ ; হোম ; প্র—"মহা বিঘ্ন হবে যাগে নির্জ্জর বর্জ্জিত ভাগে যক্ষ রাক্ষসের অধিকার।"—শিবায়ন। যাগ করা—যজ্ঞ করা।

যাঙ (যাং) [যাউক—যাক—প্রা-বাং-য় যাঙ] ক্রি. যাউক ; যাক। প্র—"ছারে খারে যাঙ এ সব সম্পদ অনলে পুড়িয়া যাক।"—চণ্ডী। ২। [হি—যাঁউ] যাই।

যাচক (জাচক্) [যাচ্ (যাচ্ঞা করা)+অক (কর্ত্তৃ)] বিণ. যাচ্ঞাকারী ; ভিক্ষু ; প্রার্থী।

যাচন (জাচন্) [যাচ্ (যাচ্ঞা করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী. প্রার্থনা ; যাচ্ঞা ; ভিক্ষা। স্ত্রী. যাচনা—প্রার্থনা। ২। ভিক্ষা। বিণ. যাচনক—যে যাচ্ঞা করে ; প্রার্থী। যাচনীয়—প্রার্থনীয় ; ভিক্ষার যোগ্য।

যাচন (জাচন্) [হি—যাঁচনা বাং যাঁচা ধাতু] বি. পরীক্ষা। যাচনদার—দ্রব্যের উৎকর্ষাপকর্ষ পরীক্ষক ও মূল্যনির্দ্ধারক।

যাচমান (জাচমান্) [যাচ্ (প্রার্থনা করা)+আন (কর্ত্তৃ—আনশ্) ম আগম] বিণ. যে ব্যক্তি যাচ্ঞা করিতেছে ; প্রার্থয়মান।

যাচা, যাঁচা (জা) [হি—যাঁচ্ (পরীক্ষা) + আন (ক্রি-বিভক্তি)। হি—যাঁচনা। উ-পু—যাচি। ম-পু—যাচ ; যাচুন : যাচ্। প্র-পু—যাচে ; যাচেন। অস-ক্রি—যাচিতে : যাচিয়া, যাচিয়ে ; যেচে। ণিজন্ত—যাচান (নো)] ক্রি, উৎকর্ষাপকর্ষের পরীক্ষা করা : যাচাই করিয়া দেখা।

যাচা (জাচা) [সং—যাচ্ (যাচ্ঞা—প্রার্থনা করা) ধাতুজ। উ-পু—যাচি। ম-পু—যাচ ; যাচুন : যাচ্। প্র-পু—যাচে ; যাচেন। অস-ক্রি যাচিতে ; যাচিয়া, যেচে। ণিজন্ত—যাচান] ক্রি, প্রার্থনা করা ; যাচ্ঞা করা ; চাওয়া। প্র—"নব সমীরণ ধায় সুখের আশায় সুরভি তাহার যাচিয়া ; যত গুঞ্জরে অলি কুঞ্জের তলে বিহগেরা গায় নাচিয়া।"—বিজয় মজুমদার। ২। যাচিয়া দিতে যাওয়া। প্র—তার এই স্তবে তুষ্ট হৈল মহেশ্বর। ভকতবৎসল ভগবান যাচে বর॥"—শিবায়ন। ৩। সাধাসাধি করা ; অনুরোধ বা অনুনয় করা। প্র—"যেচে মান কেঁদে সোহাগ।" [রজ] **যাচত** —[সং—যাচতি। হি—যাচ্তা। প্রা-হি যাচত্] যাচ্ঞা করে ; যাচে। প্র—"ভারত যাচত ভকতি লেশ, সরস অবশ অঙ্গিয়া"—অ, ম।

যাচাই (জা) [হি। যাচ + আই (করণ অর্থে)] বি, মূল্যাদি নির্দ্ধারণ। ২। উৎকর্ষাপকর্ষের পরীক্ষা। প্র—সোণা যাচাই করিয়া দেখ খাটি কি মেকি। ৩। সত্যাসত্য নিরূপণ ; যথার্থ অনুসন্ধান।

যাচান (জাচানো) [যাচা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। উ-পু—যাচাই। ম-পু—যাচাও : যাচান : যাচা। প্র-পু—যাচায় : যাচান। অস-ক্রি—যাচাইতে ; যাচাইয়া, যাচিয়ে] ক্রি, প্রার্থনা করান : চাওয়ান। ২। যাচিয়া দান করা। প্র—"কহে দ্বিজ চণ্ডীদাসে, কুলবতী কুল নাশে আপনার যৌবন যাচায়।"—চণ্ডীদাস।

যাচিত (জ) [যাচ্ (যাচ্ঞা করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রার্থিত।

যাচিতক (জাচিতক) [যাচিত + ক] বি, ক্লী, প্রার্থিত বস্তু।

যাচ্ঞা (জ) [সং। যাচ্ ধাতুজ। প্রা—যাচিঞা, যাচিঙ্গা। প্রা-বাং-য়—প্রার্থিনী বা যাচিতা অর্থে "যাচিঞা"। প্র—"যুবতী যাচিঞা হলে দোষ নাহি তায়।"—ধ, ম] বি, স্ত্রী, যাচনা ; প্রার্থনা ; ভিক্ষা।

যাচ্য (জাচ্চ) [যাচ্ + য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, যাচিতব্য ; প্রার্থনার যোগ্য ; প্রার্থনীয়। **যাচ্যমান**—বিণ, প্রার্থনার বিষয়ীভূত।

যাচ্ছেতাই (জা) ["যাহা-ইচ্ছা-তাহাই সংক্ষেপে"] বিণ, যথেচ্ছ। ২। বিশ্রী ; কুৎসিত ; অতি জঘন্য।

যাজক (জাজক্) [যজ্ (পূজা করা) + অক (কর্ত্তৃ)] বি, পুং, পুরোহিত। ২। ধর্ম্ম-প্রচারক। ৩। যজ্ঞকর্ত্তা ; যাজ্ঞিক। ৪। মন্ত্রহন্তা। **যাজকবৃত্তি**—বি, পৌরোহিত্য। ২। প্রচারকের কর্ম্ম। ৩। পুরোহিতের নির্দ্ধারিত বেতন।

যাজন (জাজন্) [যজ্ + ণিচ = যাজি (যাগ করান) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পৌরোহিত্য। **যাজনবৃত্তি**—বি, পৌরোহিত্য।

যাজি, যাজী (জা) [যজ্ (যাগ করা) + ই—ইন্ (কর্ত্তৃ—ণিন্)] বি, পুং, যজ্ঞকর্ত্তা ; যাজক।

যাজ্ঞবল্ক্য (জাগ্‌গোঁবলক্) [যজ্ঞবল্ক + য (অপত্যার্থে—যণ্)] বি, পুং, ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনিবিশেষ।

যাজ্ঞসেনী (জাগ্‌গঁসেনী) [যজ্ঞসেন (দ্রুপদ রাজা) + অ (অপত্যার্থে—অণ্) ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, দ্রৌপদী।

যাজ্ঞিক (জাগ্‌গিঁক্) [যজ্ঞ + ইক (কর্ত্তৃ) ইকণ্] বি, পুং, যজ্ঞকর্ত্তা। ২। পুরোহিত। ৩। যজ্ঞসাধন দ্রব্যাদি।

যাজ্ঞিকান্ন (জাগ্‌গীকান্ন) [যাজ্ঞিক (যজ্ঞীয়) যে অন্ন (কর্ম্মধা)] বি, ক্লী, যজ্ঞীয় চরু। প্র—"সহচর পাঠাইয়া যাজ্ঞিকান্ন আনাইয়া করিলেন কাননে ভোজন।"—অ, ম।

যাজ্য (জাজ্জ) [যজ্ (পূজা করা) + য কর্ম্মে—ঘ্যণ)] বিণ, যজনীয় ; যজ্ঞক্রিয়ার উপযোগী। ২। যাহার জন্য যাগ করা যায়। স্ত্রী, **যাজ্যা**—প্রতিমা। ২। যজ্ঞভূমি। ৩। হোতৃপাঠ্য ঋক্।

যাটি (জা) [যষ্টি শব্দজ] বি, লাঠি : যষ্টি

যাঠা (জা) [যষ্টি শব্দজ] বি, বৃহৎ যষ্টি : লগুড়াস্ত্র। প্র—"সোদর বচন বুকে বাজে যেন যাঠা।"—ঘনরাম। ২। ধানিগাছের যষ্টিবিশেষ।

যাত (জা) [যা (গমন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, অতীত। ২। বিদিত ; জ্ঞাত। ৩। প্রাপ্ত ; লব্ধ।

যাত (জাত্) [যাত্রা শব্দজ] বি, ভীড় : মেলা। প্র—"ভাল পেয়ে দৈবজ্ঞ দেখান ডেকে হাত। কত পীড়া উঠানে মেয়ের পড়ে যাত॥" ২। উৎসব।

যাতনা (জা) [যত্ + ণিচ্ = যাতি (যন্ত্রণা দেওয়া) + অন (ভাবে) স্ত্রী—আপ্] বি, স্ত্রী, যন্ত্রণা ; তীব্রবেদনা। প্র—"চল সুখে মর্ত্ত্যলোক না পাইবে রোগ শোক না পাইবে গর্ভের যাতনা।"—অ, ম। ২। দুঃখ। প্র—"জনম আমার সহিতে যাতনা।"—গান।

যাতব্য (জাতব্ব) [যা (যাওয়া) + তব্য (কর্ম্মে)] বিণ, অভিগম্য। ২। আক্রমণ-যোগ্য। ৩। প্রাপ্তব্য।

যাতা (জা) [যা (গমন করা) + তৃ (কর্ত্তৃ-তৃচ্)] বি, পুং, গমনকর্ত্তা। ২। স্ত্রী, পতির ভ্রাতৃজায়া ; যাতৃ : যা। ৩। [যত (গমন করা) + ঋ (কর্ত্তৃ)] রথচালক : সারথি।

যাতায়াত (জাতায়াত্) [যাত (গমন)—আযাত (আগমন) দ্বন্দ্ব] বি, ক্লী, গমনাগমন। যাওয়া আসা।

যাতিক (জাতিক্) বি, পুং, পথিক : যাত্রী।

যাতুধান (জাতুধান্) [সং] বি, পুং, রাক্ষস ; নিশাচর। প্র—"যাতুধান ডাকিনী বেতাল বিনায়ক।"—শিবায়ন।

যাত্রা (জাত্ত্রা) [যা (গমন করা) + ত্র (ভাবে) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, প্রস্থান ; গমন। ২। যুদ্ধার্থ নির্গমন। ৩। তীর্থগমন। ৪। দেবতার উৎসববিশেষ। ৫। উপায়। ৬। নির্ব্বাহ। ৭। অতিবাহন : যাপন। ৮। গীতাভিনয় ; পটহীন নাট্যাভিনয়। **যাত্রাওয়ালা**—বি, যাত্রার সঙ্গীত ও অভিনয়কারী। প্র—"তখনকার শ্রেষ্ঠ যাত্রাওয়ালা নিমাইদাস।"—ভারতী—১৩২০। **অযাত্রা**—অপ্রশস্ত যাত্রা : নিষিদ্ধ যাত্রা : বিঘ্ন-সঙ্কুল যাত্রা। ২। বিণ, যাহারা যাত্রার বিঘ্নকারক। **এযাত্রা**—এক্ষেপ ; এবার। প্র—তাইতো এযাত্রা রক্ষা পাইয়া গেল" —ভারতী, ১৩২১। **কৃষ্ণযাত্রা**—কৃষ্ণ চরিত্র বর্ণনাত্মক গীতাভিনয়। **গঙ্গাযাত্রা**—মৃত্যুকালীন গঙ্গাতীরে গমন। **জীবন-যাত্রা**—জীবলীলা ; প্রাণধারণ কার্য্য। **মহাযাত্রা**—মহাপ্রস্থান; মৃত্যু। **রামযাত্রা**—রাম চরিত বর্ণনাত্মক গীতাভিনয়। **সংসার-যাত্রা**—সংসার প্রতিপালন। **স্নানযাত্রা**—জগন্নাথদেবের স্নানোৎসব। **যাত্রার অধিকারী**—যাত্রার দলের পরিচালক ; অধিনায়ক বা দলপতি। **যাত্রা করা**—গমন করা। ২। দূরদেশে গমনের জন্য দুর্গা নাম জপ ও হরি স্মরণাদি পূর্ব্বক প্রস্তুত হওয়া। প্র—"প্রসাদ বলে দুর্গা বলে যাত্রা করে বসে আছি"—রামপ্রসাদ। ৩। অভিনয় করা। **যাত্রা গাওয়া**—যাত্রার পালা গান করা। **যাত্রা দেওয়া**—যাত্রার দলকে অভিনয়াদির জন্য নিযুক্ত করা। **যাত্রাবিধি**—বি, গমনকালীন বিধি নিষেধ। **যাত্রা শোনা**—যাত্রার অভিনয় দেখা ও গান শুনা। **যাত্রার দল**—যাত্রার গায়ক ও অভিনয়কারীদিগের সজ্ঞ। **যাত্রার সঙ**—হাস্যোদ্দীপক অভিনয়কারী।

যাত্রিক (জাৎতৃক্) [যাত্রা+ইক (অর্হার্থে --ইকণ্)] বি. পুং. পথিক ; পান্থ। ২। তীর্থযাত্রী। ৩। পথপ্রবচ। ৪। উৎসব। ৫। যাত্রাযোগ্য ; যাত্রার উপযুক্ত ; যাত্রার সুলক্ষণ। প্র—"গোধিকা যাত্রিক নয় সকল শাস্ত্রেতে কয়"—কবিক। ৬। উপায়। ৭। বিণ. যাত্রাসম্বন্ধীয়।

যাত্রী (জা) [যাত্রা+ইন্ (অস্ত্যর্থে)=১মা. ১ব] বিণ. যাত্রিক ; যাত্রাকারী ; গমনকারী।

যাথাতথ্য (জাথাতোথ্থ) [যথা—তথা+য (ভাবে)] বি. ক্লী. প্রকৃততত্ত্ব।

যাথার্থ্য (জা) [যথার্থ+য (ভাবে—যণ্)] বি. ক্লী. প্রকৃততত্ত্ব ; যথার্থতা ; সত্যতা। বিণ. **যাথার্থিক**—বাস্তবিক ; প্রকৃত।

যাদঃপতি (জা. পো) [যাদস্ (জলজন্তু) তাহাদের পতি (রক্ষক)—৬তৎ] বি. পুং. বরুণদেব ; জলাধিপ। ২। সমুদ্র। প্র—"যাদঃপতি রোধঃ যথা চলোর্ম্মি আঘাতে।" —মেঘনাদ।

যাদব (জাদব্) [যদু+অ (অপত্যার্থে --অণ্)] বি. পুং. যদুনন্দন ; শ্রীকৃষ্ণ। ২। বিণ. যদুবংশীয়। ৩। যদুবংশ সম্বন্ধীয়।

যাদবী (জা) বি. স্ত্রী. বাগস্তীদেবী ; দুর্গা। ২। কুট্টিনী। ৩। সুরা ; মদিরা। ৪। গোধন।

যাদু (জা) [ফা—জাদু (ইন্দ্রজাল)] বি. কুহক ; মায়া ; ইন্দ্রজাল। প্র—"নিতাই কি ভেল্কী জানে নিতাই কি যাদু জানে। শুক্নো কাঠে ফল ধরালে ফুল ফোটালে পাষাণে।" --গান। "আমি যাই তাই এনেছিরে করে কত ভেল্কী যাদু।"--গান। ২। বশীকরণ। **যাদুকর** (জাদুকর্) [ফা—জাদুগর্] বি. ঐন্দ্রজালিক ; মায়াবী ; ভোজবাজীকর। স্ত্রী. **যাদুকরী** [ফা—জাদুগরী। সম্বোধনে—"যাদুকরি"] কুহকী ; মায়াবিনী। প্র—"অয়ি যাদুকরি ! এরা জানে না তোমার যাদু-মন্ত্র"—অশোকগুচ্ছ। **যাদুঘর**—বি. যথায় অতি প্রাচীন, দুষ্প্রাপ্য ও অদ্ভুত অদ্ভুত পদার্থ রক্ষিত হয় ; পুরাদ্রব্যাগার। **যাদুবল**—বি. বশীকরণের শক্তি। **যাদুবিদ্যা**—বি. স্ত্রী. ভোজবিদ্যা ; কুহকবিদ্যা। ২। বশীকরণ বিদ্যা।

যাদু (জা) [ফা—জ়াদ্ (সন্তান) অথবা সং—যাদব (গবাদিধন কিম্বা কৃষ্ণধন) হইতে] বি. কৃষ্ণধন। ২। [উপহাস, বিদ্রূপাদি অর্থে গ্রা ব্যবহার (তুল—হি—বচা—বাছা—বৎস)] বাছাধন ; ছেলে। প্র—"হাটবাজারের হিসাব করে নাওরে এসে সোণার যাদু"—গান। ৩। শিশুর প্রতি আদরের উক্তি ; যত্নের ধন। প্র—"সোণার যাদুর সোণার বরণ গেছে ধূলায় ভরে"—স্বদেশরেণু। ৪। পুত্ররত্ন ; স্নেহপাত্র। প্র—"যাদুর তুকী জুতো পায় যাদু বউ আনতে যায়"--ছড়া। **যাদুধন, যাদুমণি**—পরম স্নেহ ও আদরের পাত্র। প্র—"যাদুমণির বিয়ে হবে হট্টমালার দেশে তারা গাই বলদে চষে।"—ছড়া। "আয় ঘুম আয় ঘুম, আমার যাদুমণির চখে :" —স্বদেশরেণু।

যাদৃশ্, যাদৃশ (জা) [যদ্—দৃশ (দেখা) +ক্বিপ্, পক্ষে অ (উপমানার্থে—টক্) আধু বাং-য়—বিরল] বিণ. যেমন ; যে প্রকার।

যাদৃচ্ছিক (জাদৃচ্ছিক্) [যদৃচ্ছা+ইক] বিণ. যদৃচ্ছাপ্রাপ্ত ; স্বেচ্ছানুযায়ী ; ইচ্ছামত।

যাদোগণেশ্বর (জা. র্) [যাদস্ (জলজন্তু) গণ (সমূহ) তাহাদের ঈশ্বর (প্রভু)—৬তৎ] বি. পুং. জলজন্তুগণের অধিপতি। প্র—"যাদোগণেশ্বর হৈলা রত্নাকর তোমারে উদরে ধরি।"—অ. ম।

যাদোনাথ (জাদোনাথ্) [যাদস্ (জলজন্তুর) নাথ (রক্ষক)—৬তৎ] বি. পুং. বারীশ ; বরুণ। ২। সাগর ; সমুদ্র।

যাদোনিবাস (জাদোনিবাশ্) বি. জলজন্তুর বাসস্থান ; সমুদ্র। ২। জল।

যান (জান্) [যা (গমন করা) + অন (করণে —অনট্)] বি. ক্লী. বাহন ; হস্তী, অশ্ব-শকটাদি। ২। অভিযান। বিণ. **যানী, যান্য**—যানবাহক। **অর্ণবযান**—জাহাজ ষ্টীমার প্রভৃতি। **অশ্বযান**—ঘোটকবাহিত যান ; শকটাদি। **আকাশযান**—ব্যোম-যান দ্রঃ। **উষ্ট্রযান**—উষ্ট্রবাহিত গাড়ী ; উটে-টানা গাড়ী। **গোযান**—বলদ-বাহিত শকট ; গরুর গাড়ী। **জলযান**—নৌকা জাহাজাদি ; তরণী। **বাষ্পযান**—বাষ্প-চালিত রেলগাড়ী। **ব্যোমযান**—বেলুন ; এয়ারোপ্লেন প্রভৃতি। **যানবাহ, যান-বাহক**—বি. যে গাড়ী টানে।

যাপন (জাপন্) [যা+ণিচ্=যাপি (যাওয়ান) +অন (অনট্—ভাবে)] বি. ক্লী. কালক্ষেপণ ; কালাতিবাহন ; সময় কাটান। বিণ. **যাপক**—যাপনকারী। **যাপনীয়**—ক্ষেপণীয় ; অতি-বাহনযোগ্য।

যাপা (জা) [যা (গমনে, অতিবাহনে) ধাতুজ যাপন দ্রঃ। উ-পু—যাপি। ম-পু—যাপ। প্র-পু—যাপে। অস-ক্রি—যাপিতে ; যাপিয়া : যাপি (পদ্যে)] ক্রি. অতিক্রম করা। ২। অতিবাহন করা ; ক্ষেপণ করা। ব্রজ—**যাপই**—যাপন করে। প্র—"যুগশত যাপই সো পাওয়ে বহুভাগী"—বি. প। বিণ. **যাপিত**—অতিবাহিত।

যাপ্য (জাপ্প) [যা+ণিচ্=যাপি+য (কর্ম্মে)] বিণ. যাপনযোগ্য ; অতিবাহনীয়। ২। গোপনীয়। ৩। বি. পুং. রোগবিশেষ ; যে রোগ ঔষধাদি দ্বারা কতক উপশমিত হয় কিন্তু ভাল হয় না। **যাপ্যমালা**—বি. জপমালা। **যাপ্যযান**—মাহাপায়া ; পাল্কী। ডুলি।

যাব (জা) [যু (মিশ্রিত করা)+অ (কর্ম্মে —ঘঞ্] বি. পুং. যাউ। ২। গবাদির খাদ্য ; খইলমিশ্রিত বিচালী। ৩। অলক্তক।

যাবক (জাবক্) [যাব+ক] বি. পুং. অলক্তক ; আলতা। প্র—"অঙ্গুলির মাঝে যাবক সাজে মিহির শোভিত জনু।"—চণ্ডীদাস। "কোক-নদ দর্পহর যাবক-বেষ্টিত কর অঙ্গুলি চম্পক পরকাশে।"—কবিক। ২। বোরোধান। ৩। অর্দ্ধপক্ক যব।

যাবচ্চন্দ্রদিবাকর (জা) [যাবৎ—চন্দ্র—দিবাকর] ক্রি-বিণ. চন্দ্র সূর্য্যের উদয়কাল পর্য্যন্ত ; যতকাল চন্দ্র সূর্য্য উদয় হইবে।

যাবজ্জীবন (জাবজ্জীবন্) [যাবৎ+জীবন (অব্যয়ী)] বিণ. জীবন পর্য্যন্ত ; চিরজীবন। প্র—"বুঝিলাম যাবজ্জীবন দুঃখভোগের নিমিত্তই আমার নারীজন্ম হইয়াছিল"--বিদ্যাসাগর।

যাবৎ (জা) [সং] ক্রি-বিণ. যতক্ষণ পর্য্যন্ত ; পর্য্যন্ত ; অবধি। ২। হেতু। ৩। যে পরিমাণ ; যত। ৪। সীমা। ৫। সমস্ত ; সাকল্য।

যাবতীয় (জা) [যাবৎ+ঈয়] বিণ. তাবৎ ; সমস্ত ; সমুদয় ; যাহা কিছু আছে।

যাবনা (জাব্না) [যাব (দ্রঃ)+না (তুচ্ছার্থে)] বি. গবাদি পশুর খাদ্য ; খইলমিশ্রিত বিচালি প্রভৃতি ; গবাদির আহারীয় ; যাব।

যাবনাল (জাবনাল্) [যবনাল+অ (স্বার্থে—অণ্)] বি. শস্যবিশেষ ; দেধান। ২। জনার শস্য। **যাবনাল গুড়**—জনার গাছের রসজাত গুড়। **যাবনালশর্করা**—জনারের গুড় হইতে প্রস্তুত চিনি।

যাবশূক (জাবশুক্) [যবশূক+অ (স্বার্থে —অণ্)] বি. পুং. যবক্ষার ; সোরা।

যাবে (জা) [যাইবে শব্দের গ্রা-সংক্ষেপ। যাওয়া ধাতুর ভবিষ্যৎ কালের রূপ] ক্রি. গমন করিবে। ২। ক্রিয়া সমাপ্তি অর্থে সহচর। প্র—পড়ে যাবে। ভেঙ্গে যাবে। **এসে যাবে**—আসিবে। ২। তাংড়াইবে। ৩। বিঘ্ন হইবে ; ক্ষতি হইবে। প্র—তাহাতে আর কি এসে যাবে।

যাম (জাম্) [সং] বি. পুং. এক অহোরাত্রের এক অষ্টমাংশ ; এক প্রহর [illegible]ড়ে সাত দণ্ড বা তিন ঘণ্টা কাল। ২। বিণ. যমসম্বন্ধীয়। **যামঘোষ**—যে বা যাহারা প্রহরে প্রহরে রব করে বা ডাকে। ২। শৃগাল। ৩। কুক্কুট ;

মোরগ। ৪। ঘড়ি। স্ত্রী. যামঘোষা—ঘটিকা যন্ত্র। যামবতী—বি, স্ত্রী, নিশি ; রাত্রি : রজনী।

যামল (জামল্) [যমল (যুগ্ম)+অ (স্বার্থে, অণ্)] বি, ক্লী, যুগ্ম ; যোড়া। ২। তন্ত্রবিশেষ, ইহার সংখ্যা ছয়, যথা—আদি, ব্রহ্ম, বিষ্ণু, রুদ্র, গণেশ ও আদিত্য।

যামার্দ্ধ (জা) [যাম (প্রহর) অর্দ্ধ] বি, অর্দ্ধ প্রহর ; দেড় ঘণ্টা কাল।

যামি, যামী (জা) [যা (গমন করা)+মি, মী] বি, স্ত্রী, যামিনী ; রাত্রি। ২। কুলবধূ। প্র—"সঙ্গে চারি পাঁচ যামী"—কবিক। ৩। ধর্ম্মপত্নী ; সহধর্ম্মিণী। ৪। ভগ্নী। ৫। কন্যা ; তনয়া। ৬। দক্ষিণদিক্।

যামিক (জামিক্) [যাম (প্রহর+ইক)] বিণ, যাম বা প্রহর সম্বন্ধীয়। স্ত্রী. যামিকা—রজনী ; নিশি।

যামিত্র (জামিৎত্র) [যামি+ত্র] বি, ক্লী, লগ্ন বা রাশি হইতে সপ্তম স্থান। যামিত্র-বেধ—লগ্নের সপ্তম স্থানে প্রতিকূল গ্রহ-স্থিতি। যামিত্রযুতবেধ—চন্দ্র পাপগ্রহের সপ্তম স্থানে থাকিলে যামিত্রবেধ এবং পাপ গ্রহযুক্ত হইলে যুতবেধ হয়, ইহাতে পরিণয়াদি শুভকর্ম্ম নিষিদ্ধ।

যামিনী (জামিনী) [যাম (প্রহর)+ইন্ (অস্ত্যর্থে), ঈপ্ — স্ত্রী] বি, স্ত্রী, নিশীথিনী ; রাত্রি ; রজনী। যামিনীনাথ—বি, পুং, শশী ; চন্দ্র। যামিনীপতি—বি, পুং, নিশানাথ ; রজনীনাথ ; চন্দ্র। যামিনী-যোগে—ক্রি-বিণ, নিশাযোগে ; রজনীতে।

যামুন (জামুন্) [যমুনা+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, যমুনা সম্বন্ধীয়। ২। বি, রসাঞ্জন ; সীসক। ৩। [ব্রজ] যমুনা। প্র—"যামুন সলিলে সব ডার রে" ; "যামুনে মিলল গঙ্গ তরঙ্গ"—বি, প।

যামেয় (জা) [যামি (ভগিনী)+এয় (অপত্যার্থে এয়ণ্)] বি, পুং, ভগিনীতনয় ; ভাগিনেয়।

যাম্য (জাম্ম) [যামী (দক্ষিণ দিক্)+য (যণ্)] বিণ, যমসম্বন্ধীয়। ২। দক্ষিণ দিকস্থ ; দক্ষিণ দেশীয়। ৩। বি, পুং, শমনানুচর ; যমদূত। প্র—"অঙ্গ ভঙ্গ হয়ে যাম্য ভঙ্গ দিল রণে।"—শিবায়ন। ৪। দক্ষিণদিক্। প্র—"পূর্ব্ব যাম্য পশ্চিম উত্তরে।"—কবিক। "যাম্য দিকে সহদেব সৈন্যগণ লৈয়া"—মহাভারত। ৫। [[illegible]র্থক যা ধাতুজ] অনুচর। ৬। তনয় ; পুত্র। স্ত্রী. যাম্যা—ভরণী নক্ষত্র। যাম্যবৃত্ত—কুমেরু ; দক্ষিণমেরু। যাম্য-ভিত—দক্ষিণ দিক্ ; দক্ষিণ ভাগ। প্র—"যত রাজ-রাজেশ্বর বৈসে যাম্যভিত॥"—মহা-কাশী। যাম্যায়ন—দক্ষিণায়ন

যাম্যোত্তরবৃত্ত—যে বৃত্ত উভয় মেরু ও দর্শকের মস্তকোপরিস্থিত বিন্দু ভেদ করিয়া অবস্থিত ; meridian line.

যায় (জায়্) [যাহায় শব্দের সংক্ষেপে। পদ্যে। গদ্যে বিরল] স, যাহায় ; যাহাকে ; যাহারে। প্র—"দাসদাসী প্রতিবেশী ভালবাসে যায়।" ২। [যাওয়া দ্রঃ] ক্রি, গমন করে। প্র—"সাধের স্বপন যায় রে যায় যে যায় সে যায় ফিরিয়ে না চায় যে থাকে সে শুধু করে হায় হায়"—বাং-গান। ৩। বহির্গত হয়। প্র—"ভেবে প্রাণ যায়।"—বাং-গান।

যাযাবর (জাজাবর্) [যা (গমন করা) যঙ্-লুগন্ত=যাযা (বারবার যাওয়া)+বর (কর্ত্তৃ)] বি, পুং, জরৎকারু মুনি। ২। সন্ন্যাসী। ৩। যাহাদের নিয়মিত বাসস্থান নাই সপরিবারে দেশে দেশে ঘুরিয়া বেড়ায় কোন এক নির্দিষ্ট স্থানে বহুদিন থাকে না ; পর্য্যটক। ৪। ব্রাহ্মণ। ৫। অশ্বমেধের ঘোড়া। ৬। বিণ, সদাভ্রমণকারী।

যার (জার্) [যাহার সংক্ষেপে] স, যাহার যে পুরুষের বা স্ত্রীর। যার পর নাই—ক্রি-বিণ, যৎপরোনাস্তি ; অত্যধিক ; সাতিশয়। প্র—"মুনিতনয়ারা, সীতার সন্তান প্রসব দর্শনে, যার পর নাই হর্ষ প্রদর্শন করিতে লাগিলেন"—সীতার বনবাস।

যাষ্টিক (জাষটিক্) [যষ্টি (লাঠি)+ইক] বি, পুং, লাঠিয়াল।

যাসনে (জাশ্‌নে) [যাইও না অসম্ভ্রমার্থে যাইস না, সংক্ষেপে] ক্রি, যাইতে নিষেধার্থক ক্রিয়া ; যাইও না। প্র—"গোলাপ ফুল ফুটিয়ে আছে মধুপ হোথা যাস্‌নে। ফুলের মধু লুটিতে গিয়ে কাঁটার ঘা খাস্‌নে॥"—রবি। "স্বর্ণ ভাই তুই যাস্‌নে, আমি এখনি যাচ্ছি।"—গল্পগুচ্ছ। "তোরা যাস্‌নে যাস্‌নে যাস্‌নে দূতী গেলে কথা কবে না সে নব ভূপতি"—গান।

যাসি (জা) [ব্রজ। যা (যাওয়া)+সি (লট অর্থাৎ বর্ত্তমান কাল, মধ্যম পুরুষ ১ব)] ক্রি, যাইতেছ। প্র—"সুন্দরি কাহে মোহে সম্ভাষি না যাসি।"—বি, প।

যাহা (জা) [সং—যদ্ শব্দ। হি—যো। ব্রজ—যেহ] স, যে কোন। প্র—"যাহা কিছু পাই ধরে লয়ে যাই"—রবি।

যিনি (জি) [যদ্ শব্দজ। সম্মানার্থে। তুচ্ছার্থে—যে] স, যে লোক ; যেব্যক্তি।

যিশু [হিব্রু—যিহোশুআ (yehoshu'a=help of Jehovah, Saviour. Heb. 'yasha—to save) সংক্ষেপে যিশুঅ্ (হিব্রু—যশা =ত্রাণ করা) ; গ্রী—Jesous ; ইং—Jesus] বি, ত্রাণকর্ত্তা। ২। যিশুখ্রীষ্ট। প্র—"ঐ শোন ভাই বিশু পথে শুনি জয় যিশু।"—রবি।

যিহোঁ (জি) [প্রা-বাং] স, যিনি। প্র—"এ বোল শুনিয়া ভাবে ভূপতির ঝি। যিহোঁ কৃষ্ণস্বামী দিলা তাঁরে দিব কি॥"—শিবায়ন।

যুও (জু) [জুয়া দ্রঃ] বি, ক্রীড়াবিশেষ ; জুয়া খেলা। ২। [যুগ হইতে] গাঁতার কাষ্ঠ-নির্ম্মিত ধারণ দণ্ড।

যুঁই, যূঁই (জুঁ) [সং—যূথিকা—যূথী হি—যুহী, জূহী] বি, ক্ষুদ্রাকার সুগন্ধি শ্বেত পুষ্প-বিশেষ ; যূথিকা।

যুকন (জুকন্) [হি—জোঁখনা] বি, জোখন ; মাপ দেওন ; পরিমাণ করণ। ২। পরস্পর উচ্চতার মান পরীক্ষা বা তুলনা।

যুকুতি (জুকুতি) [যুক্তি, প্রা-বাং পদ্যে] বি, যুক্তি। প্র—"এহার যুকুতি এহি শুন নর-পতি।"—মহা (শ্রীকরণ)।

যুক্ত (জুক্‌ত) [যুজ্ (যোগ করা)+ত (কর্ত্তৃ, ক্ত)] বিণ, সংযোজিত ; সংলগ্ন। ২। ব্যাপৃত। ৩। নিয়োজিত ; নিযুক্ত। ৪। ন্যায্য। ৫। সংশ্লিষ্ট ; সম্মিলিত। ৬। যোগ-রত। ৭। আসক্ত। স্ত্রী. যুক্তা। যুক্তকর—বিণ, কৃতাঞ্জলি ; যোড়হাত। যুক্তবেণী—বি, গঙ্গা, যমুনা ও সরস্বতী নদীর সঙ্গম ; নদীর সম্মিলন। ২। বেণীবদ্ধ কেশ ; খোঁপা।

যুক্তাক্ষর (জুক্‌তাক্‌খর্) [যুক্ত+অক্ষর] বিণ, সংযুক্ত বর্ণ ; মিলিত অক্ষর।

যুক্তি (জুক্‌তি) [যুজ্ (মিলিত হওয়া)+তি (ভাবে—ক্তি) জ্—ক্। পদ্যে—যুকতি, প্রা-বাং-য়—যুগতি, যুগুতি। প্র—"যুগতি করিয়া করে বুড়ীর সনে রঙ্গ"—কবিশেখর] বি, স্ত্রী, সংযোগ ; মিলন। ২। ন্যায়। ৩। হেতু ; কারণ। ৪। মীমাংসা ; সিদ্ধান্ত। ৫। পরামর্শ ; মন্ত্রণা। ৬। উপায়। ৭। অনুমান। ৮। লোক ব্যবহার। ৯। নাটকের অঙ্গ-বিশেষ। যুক্তিদাতা—বিণ, পরামর্শদাতা ; মন্ত্রণাদাতা। যুক্তিপূর্ব্বক—ক্রি-বিণ, পরামর্শ করিয়া। যুক্তিযুক্ত—বিণ, ন্যায্য। প্র—"যাওয়া যুক্তিযুক্ত নয় হে রাজন্! বারণ করি হে বিনয়ে।"—বাং-গান। যুক্তিসঙ্গত—বিণ, ন্যায়সঙ্গত ; উপযুক্ত। যুক্তিসম্মত—বিণ, যুক্তির অনুমোদিত ; যুক্তিসিদ্ধ। যুক্তিসিদ্ধ—বিণ, মীমাংসিত। যুক্তি-হীন—বিণ, হেতুবিহীন ; যুক্তিশূন্য।

যুগ (জুগ্) [যু (মিলন করা)+গ (কর্ত্তৃ)] বি, যুগ্ম ; যুগল ; যোড়া ; দুইটী। ২। বার বৎসর কাল ; সত্য, ত্রেতা, দ্বাপর কলি এই

চারি কাল। ৩। চারিহাত পরিমাণ। ৪। বান লাঙ্গলাদির অঙ্গবিশেষ ; যোয়ালি [তুঃ—সং—যুগম্ ; পা-যুব। ল্যা-যুগাম্]। **যুগকীলক**—বি, যোয়ালির খিল। **যুগক্ষয়**—বি, খণ্ডপ্রলয় ; যুগান্ত। **যুগধর্ম্ম**—বি, যুগোচিত ধর্ম্ম ; যুগবিশেষের ধর্ম্ম। ২। অধর্ম্মের বিনাশ ও ধর্ম্মের সংস্থাপন ; সাধু-দিগের পরিত্রাণ ও দুষ্কৃতের বিনাশ। **যুগপত্র**—বি যুগ্মপর্ণ বৃক্ষ ; যুগ্মপত্রক ; জোড়া পাতার গাছ। ২। রক্ত কাঞ্চনের গাছ। **যুগপত্রিকা**—বি, শিশু গাছ। **যুগযুগান্তর**—বহুযুগ ; কাল কালান্তর ; যুগের পর যুগ। প্র—"জানি আমি তোমায় পাব নিরন্তর লোক লোকান্তরে যুগ যুগান্তর"—রবি।

যুগন্ধর (জুগন্ধর্) [যুগ (যোয়ালি)—ধৃ (ধরা)+অ (কর্ত্তৃ)] বি, পুং, যুগকাষ্ঠলগ্ন কাষ্ঠবিশেষ ; লাঙ্গলের ঈষ্ ; গাড়ীর বোম প্রভৃতি। ২। পর্ব্বতবিশেষ। স্ত্রী, **যুগন্ধরা**—পার্ব্বতী। প্র—"যদু যোধা যুগন্ধরা যজ্ঞ বিনাশিনী।"—কবিক।

যুগপৎ (জু) [সং] অ, এককালে ; একই সময়ে।

যুগল (জুগল্) [যুগ (দুই)+ল (অস্ত্যর্থে)] বি, ক্লী, যুগ্ম ; যোড়া। ২। রাধা কৃষ্ণের যুগল মূর্ত্তি। প্র—"যুগলে দিব মালা ভুলবো সই প্রাণের জ্বালা, মোহন ফাঁদে রূপের ফাঁদে, পড়বে পড়ে রতি কামে॥"—বাংগান। **যুগলমন্ত্র**—লক্ষ্মী নারায়ণাদি মন্ত্র।

যুগাংশক (জুগাংশক্) বি, পুং, কাল বা যুগের বিভাজক ; বৎসর।

যুগাদ্যা (জুগাদ্দ্যা) [যুগের—আদ্যা (আরম্ভক)] বি, স্ত্রী, চতুর্যুগের আরম্ভক তিথি। জ্যোতিষের মতে বৈশাখের শুক্লা তৃতীয়া সত্য যুগের, কার্ত্তিকের শুক্লানবমী ত্রেতাযুগের, ভাদ্রের কৃষ্ণা ত্রয়োদশী দ্বাপর যুগের এবং মাঘের পূর্ণিমা (মতান্তরে অমাবস্যা) কলি যুগের আদ্যা বা আরম্ভক তিথি।

যুগান্ত (জুগান্ত) [যুগের (সত্য-ত্রেতা-দ্বাপর-ও কলির) অন্ত (শেষ)—৬তৎ] বি, পুং, যুগাবসান কাল ; প্রলয়।

যুগান্তর (জুগান্তর্) [যুগ—অন্তর] বি, ক্লী, বিভিন্ন যুগ। ২। কাল পরিবর্ত্তন।

যুগ্ম (জুগ্‌গ) [যুজ্ (যোগ করা)+ম (কর্ম্মে, মক্)] বি, ক্লী, যুগল ; যোড়া। ২। দুই লোকের সম্বন্ধ। ৩। মিথুন রাশি।

যুগ্য (জুগ্‌গ) [যুগ+য (য্য)] বি, ক্লী, যান। ২। বাহন। ৩। বিণ, যুগন্ধরবাহী পশু।

যুঝ (জু) [যুদ্ধ শব্দজ] বি, যুদ্ধ ; লড়াই।

যুঝা (জু) [সং—যুধ্ (যুদ্ধ করা)—যুঝ। +আ (ক্রিয়ায়)। উ-পু—যুঝি। ম-পু—যুঝ ; যুঝুন্ ; যুঝ্। প্র-পু—যুঝে, যুঝেন। অস-ক্রি—যুঝিতে ; যুঝিয়া, যুঝি, যুঝে। ণিজন্ত—যুঝান] ক্রি, যুদ্ধ করা ; লড়াই করা। ২। বাধা বিঘ্ন অতিক্রম করিয়া কৃতকার্য্য হইবার জন্য প্রাণপণে চেষ্টা করা। **যুঝাযুঝি**—বি, লড়ালড়ি ; ধস্তাধস্তি ; দ্বন্দ্বে পরস্পরকে পরাস্ত করিবার চেষ্টা।

যুঝারিয়া (জু) [প্রা-বাং। যুঝ+আরিয়া] বিণ, যোদ্ধা ; রণনিপুণ ; লড়াইয়া। প্র—"রাজভেট নিল সাধু যুঝারিয়া ভেড়া"—কবিক।

যুটি (জু) [যুতি দ্রঃ] বি, যুগ্ম ; জোড়া। ২। সহচরী ; সঙ্গিনী। ৩। বয়স্যা ; বয়সী। প্র—সম যুটি।

যুড়া, যোড়া (জু, জো) [জুড়া দ্রঃ। উ-পু—যুড়ি। ম-পু—যুড় ; যুড়ুন্ ; যোড়্। প্র-পু—যুড়ে, যোড়ে ; যুড়েন, যোড়েন। অস-ক্রি—যুড়িতে ; যুড়িয়া, যুড়ি, যুড়ে। ণিজন্ত—যুড়ান] ক্রি, যুক্ত করা ; সংলগ্ন করা ; আঁটা। ২। একত্র করা ; যোগ করা ; সমষ্টি করা। ৩। বদ্ধাঞ্জলি হওয়া। ৪। আরম্ভ করা ; এক যোগে আরম্ভ করা। প্র—"ঝিয়ারী বহুড়ী সব আসিয়া তখন। গলায় ধরিয়া সব যুড়িল ক্রন্দন।"—কৃত্তিবাস। "কান কল্লোলিনী নাদে যুড়িল ক্রন্দন।"—রঙ্গমতী। ৫। ব্যাপ্ত হইয়া ; ব্যাপিয়া। প্র—"ফ্যাক্‌ট্ বলি সহর যুড়ে ভারি আড়ম্বর"—হেম বন্দ্যো॥ বি, **যুড়ন, যোড়ন**—যুক্ত করণ ; মিলন।

যুড়ি (জু) [যুগ বা যুতি শব্দজ] বি, যুগল অশ্ব যুক্ত শকট ; যুড়ি গাড়ি। প্র—"আলিপুর যুড়ি, যুড়ি গাড়িতে ছয়লাপ।"—হেম বন্দ্যো। ২। বিণ, যুটি ; সমযোগ্য। ৩। সহযোগী কর্ম্মী। **যুড়ি গান**—জুড়ি দ্রঃ। **যুড়িদার**—বিণ, সহযোগী।

যুত (জু) [যু (যোগ করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, যুক্ত ; মিলিত ; সংযুক্ত। ২। চারিহস্ত পরিমাণ। স্ত্রী—**যুতা**।

যুত (জুত্) [সং—যোত্র হইতে] বি, সুযোগ ; সুবিধা। ২। সুবন্দোবস্ত। **যুত করা**—সুবিধা করা। ২। বিলি করা ; বন্দোবস্ত করা।

যুতক (জুতক্) [যুত+ক] বি, ক্লী, যুগ্ম। ২। যৌতুক। ৩। নারীর বস্ত্রাঞ্চল। ৪। বিণ, যুক্ত ; মিলিত।

যুতা, যোতা (জু, জো) [যু (যুক্ত করা) ধাতুজ। জোতা দ্রঃ। উ-পু—যুতি। ম-পু-যুত, যোত ; যুতুন্ ; যোত্। প্র-পু—যুতে, যোতে ; যুতেন ; যোতেন। অস-ক্রি—যুতিতে ; যুতিয়া, যুতে। ণিজন্ত—যুতান, যোতান] ক্রি, যোড়া ; সংবদ্ধ করা।

যুতি (জু) [যু (যুক্ত করা)+তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, যোগ ; মিলন। ২। গাড়ীতে ঘোড়া যুতিবার জোত দড়ি বা চর্ম্ম রজ্জু।

যুদ্ধ (জুদ্ধ) [যুধ্ (যুদ্ধ করা)+ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, রণ ; সমর ; সংগ্রাম ; লড়াই। **দ্বন্দ্বযুদ্ধ**—উভয় পক্ষের সম্মুখে উভয়পক্ষীয় দুইজন নির্ব্বাচিত প্রতিযোগীর যুদ্ধ। প্র—"তব সঙ্গে আছে ভট্টা কতিপয় শত। ইহাতে সম্মুখ রণ নহে ন্যায় মত। ইথে অপযশ মম ঘুষিবে সকলে। অতএব দ্বন্দ্বযুদ্ধ উচিত এ স্থলে।"—বঙ্গদর্শন। **যুদ্ধকারী**—বিণ, সংগ্রামকারক ; যুদ্ধকর্ত্তা ; যোদ্ধা। স্ত্রী, **যুদ্ধকারিণী**। **যুদ্ধকৌশল**—বি, সংগ্রামকৌশল ; রণনৈপুণ্য। **যুদ্ধনিপুণ**—বিণ, সংগ্রামদক্ষ ; রণপটু। **যুদ্ধনীতি**—বি, স্ত্রী, রণবিষয়ক নিয়মাদি ; সমরনীতি। **যুদ্ধপোত**—বি, রণতরী। **যুদ্ধপ্রাঙ্গণ**—বি, রণভূমি ; সমরক্ষেত্র। **যুদ্ধবিগ্রহ**—বি, সংগ্রামাদি ; লড়াই ঝগড়া। **যুদ্ধবিদ্যা**—বি, সমরবিজ্ঞান ; রণসম্বন্ধীয় বিদ্যা। **যুদ্ধবিভাগ**—বি, সমরবিভাগ ; সমর সম্বন্ধীয় দপ্তর। **যুদ্ধবিশারদ**—বিণ, সংগ্রামদক্ষ ; রণপণ্ডিত। **যুদ্ধবীর**—বি, পুং, রণবীর ; সংগ্রামসিংহ। **যুদ্ধযাত্রা**—বি, যুদ্ধার্থ গমন ; অভিযান। **যুদ্ধরীতি**—সমরপদ্ধতি ; রণ-প্রণালী। **যুদ্ধসচিব**—সমর সম্বন্ধে রাজকীয় মন্ত্রণাদাতা ; যুদ্ধমন্ত্রী। **যুদ্ধসামগ্রী**—বি, সমর সাধন দ্রব্যাদি ; যুদ্ধোপকরণ। **যুদ্ধসার**—বি, ঘোটক। **যুদ্ধস্থল**—বি, রণভূমি সমরপ্রাঙ্গণ ; সংগ্রাম ক্ষেত্র।

যুদ্ধাজীব (জুদ্দাজীব্) [যুদ্ধ (রণ) হইয়াছে আজীব (জীবিকা) যাহার, বহু] বিণ, যোদ্ধা ; সৈনিক।

যুদ্ধাবসান (জুদ্ধাবশান্) বি, সংগ্রাম সমাপ্তি ; যুদ্ধশেষ।

যুদ্ধার্থ (জুদ্ধারথ) ক্রি-বিণ, সংগ্রামের নিমিত্ত ; যুদ্ধের জন্য।

যুদ্ধার্থী (জুদ্ধারথী) বিণ, সংগ্রামপ্রার্থী ; রণোন্মুখ।

যুদ্ধোদ্যম (জুদ্‌ধোদ্দম্) [যুদ্ধ+উদ্যম] বি, যুদ্ধের আয়োজন বা উদ্যোগ ; সংগ্রামের উপক্রম।

যুদ্ধোদ্যোগ (জুদ্‌ধোদ্‌জোগ্) [যুদ্ধ—উদ্‌যোগ্] বি, রণোদ্যম ; সংগ্রামের উপক্রম ; যুদ্ধোদ্যম। বিণ, **যুদ্ধোদ্যোগী**।

যুদ্ধোন্মাদ (জুদ্‌ধোন্মাদ্) [যুদ্ধ+উন্মাদ] বি, রণোন্মত্ততা। বিণ, **যুদ্ধোন্মদ**—সংগ্রামে উন্মত্ত।

যুধাজিৎ (জু) [যুধা (যুদ্ধে) জিৎ (যে জয় করে)] বি, পুং, ভরতের মাতুল।

যুধিষ্ঠির (জুধিষ্‌ঠির্‌) [যুধি (যুদ্ধে) স্থির = ষ্ঠির (যে স্থির থাকে)] বি, পুং, ধর্ম্মপুত্র : জ্যেষ্ঠ পাণ্ডব।

যুধ্যমান (জুদ্‌ধমান্‌) [যুধ্‌ (যুদ্ধ করা) + আন (কর্ত্তৃ—আনশ্‌) ; য, ম্‌ আগম] বিণ, সংগ্রামকারী ; যে যুদ্ধ করিতেছে ; যুযুধান। প্র—"বর্ত্তমান যুদ্ধে তিনি যুধ্যমান শক্তি সমূহের মধ্যে কাহারও পক্ষ অবলম্বন করিবেন না —হিতবাদী।

য়ুনান, য়ুনান (ইউনান) [গ্রা—য়ুনান। যবন দ্রঃ] বি, গ্রীসদেশের পশ্চিমে অবস্থিত আয়োনিয়া দ্বীপপুঞ্জ। বিণ, **যুনানী, য়ূনানী** —গ্রীস সম্বন্ধীয় : যাবনিক। ২। গ্রীক আয়ুর্ব্বেদীয়। প্র—য়ুনানী ঔষধালয়। ৩। বি, আয়োনিয়ার অধিবাসী ; গ্রীক ; যবন।

যুব (জ) যুবা দ্রঃ। **যুব-জন,—না**—যুবক।

যুবক (জুবক্‌) [সং] বি, পুং, প্রাপ্তযৌবন তরুণ। **যুবক-যুবতী**—যৌবনপ্রাপ্ত নরনারী।

যুবগণ্ড (জু) [যুবার—গণ্ড (গণ্ডস্থলস্থিত)] বি, পুং, বয়স ফোড়া।

যুবজানি (জু) [যুবতী হইয়াছে জায়া (ভার্য্যা) যাহার, বহু—জায়া = জানি] বি, পুং, যুবতীজায়ার পতি। প্র—"অর্দ্ধেক বয়স রাজা এক পাটরাণী। পাঁচ পুত্র নৃপতির সবে যুবজানি॥"—ভারতচন্দ্র।

যুবতি, যুবতী (জু) [যুবন্‌ (যুবা) + তি—ঈপ্‌—স্ত্রী] বি, স্ত্রী, ১৬ হইতে ৩০ বৎসরবয়স্কা নারী ; তরুণী ; যৌবনবতী। ২। নবযৌবনা। প্র—"যার স্বামী অকৃতী তাকে সে যুবতী নাহি করে মান্তিমান।"—গান।

যুবনাশ্ব (জুবনাশ্‌শ) বি, পুং, সূর্য্যবংশীয় নৃপতিবিশেষ : মান্ধাতার পিতা।

যুবরাজ (জুবরাজ্‌) [যুবন (যুবা) রাজন্‌ (রাজা) —কর্ম্মধা। রাজন্‌ = রাজ] বি, পুং, রাজা বর্ত্তমান থাকিতে যিনি রাজ্যের ভাবী রাজা বলিয়া স্বীকৃত ; রাজ্যের উত্তরাধিকারী ও রাজকার্য্যের সাহায্যকারী রাজপুত্র। ২। রাজকুমার।

যুবা (জু) [সং—যুবন্‌ শব্দ ১মা, ১ব] বিণ, ১৬ হইতে ৪০ বস পর্য্যন্ত বয়স্ক ; যৌবনপ্রাপ্ত ; তরুণ। [যুবতী অর্থে যুবা শব্দ প্রয়োগ]। প্র—"দেখিয়া জলের ক্রীড়া কুলবধূ যুবা বুড়া মদনমঙ্গল গীত গায়।"—কবিক। ২। বলিষ্ঠ। ৩। সুন্দর। ৪। বি, যৌবন। প্র—যুবাকাল। **যুবাকাল** বি, যৌবনকাল। **যুবাবয়স**—তরুণবয়স ; ১৬ হইতে ৪০ বৎসর বয়স।

যুবান, যূবান (জুবান্‌) [সং] বি, পুং, যুবক ; জোয়ান। প্র—"সব যুবান রজপুত পাঠান মজবুত কামান শরযুত সাজে।"—অ, ম।

যুয়ায় (জুয়ায়) [প্রা-বাং—"যোগ্য হয় সংক্ষেপে ও অপভ্রংশে] ক্রি, যোগ্য হয় ; সমর্থ হয় ; সাহসে কুলায়। প্র—"এ সব সিদ্ধান্ত গূঢ় কহিতে না যুয়ায়।"—চৈতন্যচরিতামৃত। ২। উচিত হয়। প্র—"নিশাও প্রহর দেড় দুইও বা হয়। ইহাতে কি আর পাক করিতে যুয়ায়॥"—চৈতন্যভাগবত। ৩। যোগায় : উদয় হয় : ঘটে।

যুযুৎসু (জুজুৎশু) [যুধ্‌ (যুদ্ধ করা) + স (ইচ্ছার্থে সন্‌) = যুযুৎস + উ (কর্ত্তৃ)] বিণ, সমরাভিলাষী : রণেচ্ছু। ২। বি, পুং, বৈশ্য কন্যার গর্ভে জাত ধৃতরাষ্ট্র তনয়।

যুযুৎসু (জুজুৎশু) [জাপানী য়ুযুৎসু] বি, জাপানী ব্যায়াম ; জাপানী কুস্তি।

যুযুধান (জুজুধান্‌) [যুধ্‌ (যুদ্ধ করা) + আন (কর্ত্তৃ—কান) দ্বিত্ব] বিণ, পুং, যোদ্ধা : যুদ্ধকারী। ২। যুদ্ধে লিপ্ত। প্র—"সভায় যুযুধান জাতির পাদ্রীগণও উপস্থিত ছিলেন"—বাঙ্গালী, ২২ অগ্রহায়ণ ১৩২২। ৩। ক্ষত্রিয়। ৪। ইন্দ্র। ৫। যদুবংশীয় সত্যকের পুত্র সাত্যকি।

যুষ্মদীয় (জুশ্‌শদীয়) [সং—যুষ্মদ্‌ (শব্দ) + ঈয় (সম্বন্ধার্থে) মধ্য-বাং। আধু-বাং-য় "ভবদীয়" চলিয়াছে] বিণ, তোমাদের ; ভবৎ সম্বন্ধীয় : ভবদীয়।

যূক (জুক্‌) [তুল—হি—জুঁইয়াঁ। যু (যুক্ত হওয়া) + ক্বিপ্‌ (কর্ত্তৃ) = যু = যূ + ক (সংজ্ঞার্থে) —যে কেশের সহিত যুক্ত থাকে] বি, পুং, কেশকীট ; উকুণ। স্ত্রী, **যূকা**—উকুণ।

যূতি (জুতি) [যু (মিশ্রিত করা) + তি (ভাবে—ক্তি) যু = যূ] বি, স্ত্রী, যোগ। ২। মিশ্রণ।

যূথ (জূথ্‌) [যু (যুক্ত হওয়া) + থ (কর্ত্তৃ—থক্‌) যু = যূ] বি, পুং, ক্লী, পশু ও পক্ষীর সজাতীয় সমূহ : দল ; পাল। প্র—"দক্ষ দানা প্রেত ভূত, বসতি যাহার যূথ সহযোগে শয়ন ভোজন।"—কবিক। **যূথনাথ, যূথপতি** —বি, পুং, বন্য গজপালের প্রধান ; গজদলপতি ; হস্তিপ্রধান। প্র—"হেলায় কমলিনী উগারয়ে যূথনাথে। পলাইতে চাহে গজ ধরে বাম হাতে॥"—কবিক।

যূথভ্রষ্ট—বিণ, দলছাড়া।

যূথি, যূথিকা, যূথী (জু) [যূথি—যূথী (যুঁইফুল) + ক (স্বার্থে) আপ্‌—স্ত্রী] বি, স্ত্রী, গন্ধে প্রায় বেলমল্লিকার মত কিন্তু অতি ক্ষুদ্রাকার পুষ্পবিশেষ ; মাগধী কুসুম ; যুঁইফুল। ইহার পাতা বিল্বপত্রের মত তিনটীতে একটি। প্র—"যূথি পরিমল আসিছে সজল সমীরে, ডাকিছে দাদুরী তমালকুঞ্জ তিমিরে।"—চয়নিকা। "মুকুন্দ মল্লিকা জাতী কনক চম্পক যূথী রমণক তুলসীর পাতে।"—চণ্ডীদাস।

যূপ (জূপ্‌) [যু (বন্ধন করা) + প—অধি, সংজ্ঞার্থে—যাহাতে যজ্ঞীয় পশুবন্ধন করা হয়] বি, পুং, যজ্ঞীয় পশুবন্ধনার্থ কাষ্ঠস্তম্ভ ; জয়স্তম্ভ। **যূপকটক**—যূপকাষ্ঠস্তম্ভশীর্ষস্থ বলয়াকৃতি কাষ্ঠখণ্ড। **যূপদ্রুম** বি, পুং, খদির বৃক্ষ : রক্তখদির (এই বৃক্ষই যূপের যোগ্য বলিয়া এই নাম)।

যূষ (জুস্‌) [যূষ্‌ (বধ করা) + অ (কর্ত্তৃ—ক)] বি, মাংস দাইল প্রভৃতির কাথ ; ঝোল।

যে (য) [সং—যদ্‌ শব্দ ১মা, ১ব = যঃ = প্রাকৃ—যে। হি— যে, যো উভয় রূপই হয়। বাং-প্রাদে—যা, যে অর্থে যো ব্যবহার আছে "ঐ যা, ঐ যে" স্থলে ঐ যো] স, নির্দ্দিষ্ট বস্তু বা ব্যক্তি। প্র—"যে তোমাকে ডাকে না হে তারে তুমি ডাক ডাক। তোমা হতে দূরে যে যায়, তারে তুমি রাখ রাখ॥"—রবি। ২। বিণ, যা'র কথা বলা হইতেছে ; উল্লিখিত ; উদ্দিষ্ট ; উক্ত, নির্দ্দিষ্ট ; বিশিষ্ট। প্র—যে লোক ; যে বালক। ৩। অবধারণ বা নিশ্চয়ার্থে ; ত দ্রঃ। প্র—সে যে যাবে না তা কে জানে। "হেথা গান গাহে না, সে যে আর চাহে না।"—রবি। ৪। যুক্তি বা হেতু নির্দ্দেশার্থে : যে হেতু। প্র—গাড়ি ছাড়িবার যে আর বিলম্ব নাই, আর বসিয়া থাকিলে চলিবে না। তুমিও যে উঠিলে, তবে আমি যাই। ৫। ইচ্ছা বা আদেশের বিপরীতানুষ্ঠান স্থলে তিরস্কার বা ভয় প্রদর্শনে প্রশ্নে। প্র—তুমি যে আবার সেখানে গিয়েছিলে? এই অর্থে প্রায়ই 'বড়' শব্দের যোগ হয়। যথা—তুই যে বড় ওকে মারলি? ৬। অপ্রত্যাশিত বিষয়ে বিস্ময় স্থলে। **যে আজ্ঞা**—যথা আদেশ ; যাহা বা যেরূপ আজ্ঞা তদ্রূপই হইবে। তুল—হি—যো হুকুম। **যে কথা সেই কাজ**—প্রতিজ্ঞা বা প্রস্তাব মত কার্য্য ; বাজে কথা নয়। **যে কেহ, যে-সে**—যাহার বিশেষত্ব নাই ; নির্ব্বিশেষে : সাধারণ বা সামান্য জন।

যেই (জেই) ক্রি-বিণ, যে মুহূর্ত্তে ; যৎকালে। প্র—"যেই সে সহানুভূতির বাক্য শুনিল সেই তাহার চেহারা ফিরিয়া গেল।"—সঞ্জীবনী—১৩১৪। "প্রভাত হইল যেই"—রবি। ২। যে হেতু।

যেঁহু (জেঁহ) [সম্ভ্রমার্থে—যিনি। ব্রজ ; প্রাচী-বাং] স, যিনি। প্র—"যেঁহ কাব্য রচিলা অদ্ভুত রামায়ণ।"—জগৎরাম।

সেথানে (জে) [যৎ-স্থান শব্দজ] ক্রি-বিণ, যত্র ; যেস্থানে ; যথায়। যেথানে সেথানে—যত্র তত্র ; যেথায় সেথায়।

যেঠে [যে—ঠে (ঠে—ঠায়ে বা ঠাঁই—থায়—থানে—স্থানে)] ক্রি-বিণ, যে স্থানে, যেথায়। প্র—"যেঠে যে শোভা পায় আন রাজাক পরাইয়া॥"—মাণিকচন্দ্র রাজার গান।

যেত (জে) [হি—যেত্তা। প্রা-বাং] বিণ, যত ; যাবতীয়। প্র—"যেত রায়ত পরামশ করিয়া গেল শিবের বরাবর॥"—মাণিকচন্দ্র রাজার গান।

যেত্‌কে (জে) [যৎক্ষণে হইতে 'যেতকে' শব্দেরও প্রা-ব্যবহার আছে] ক্রি-বিণ, যেক্ষণে ; যখনই ; যেই সময়। প্র—"যেত্‌কে ধর্ম্মী রাজা বাইরে বাইরে বাস।"—মাণিক, গান। যেথা (জে) [সং—যত্র] ক্রি-বিণ, যেস্থলে ; যথায়। প্র—"যেথা আমি যাই নাক তুমি প্রকাশিত থাক আকুল নয়ন জলে ঢাল গো কিরণ ধারা।"—রবি।

যেন (জ্যানো) [সং—যদ্ শব্দ ৩য়া, ১ব, ব্রজ—জনু] ক্রি-বিণ, যথা ; যেরূপ ; যেমন। ২। যেহেতু ; যে কারণ। প্র—"ব্রহ্মারে শাপিলা তবে তপাবিধি পূজ্য নবে (না হবে) যেন মোরে করিলে হেলন।"—শিবায়ন। ৩। অনুমানার্থে। ৪। যদ্দারা ; যাহাতে। ৫। মত ; প্রকার ; সদৃশ। ৬। অ, আশঙ্কা-বোধক। যেন-তেন—যেমন তেমন ; যেরূপ সেইরূপ।

যেনে (জেনে) [প্রা-বাং। সং—যত্র হইতে যেস্থানে সংক্ষেপে, আঞ্চ-বাং—যেথানে] ক্রি-বিণ, যথা ; যেস্থানে। প্র—"মঙ্গল উষা বুধে পা যেনে ইচ্ছা তেনে যা"—খনা।

যেমত, যেমতি (জেমোতি) [যৎ+মত= যন্মত শব্দজ] ক্রি-বিণ, যেমন ; যেরূপ ; যদ্রূপ ; যথা। প্র—"আমার পরাণ যেমতি করিছে সেমতি হউক সে।"—চণ্ডীদাস।

যেমন (জ্যামন্) [সং—যস্মিন্। প্রা-বাং—যেমন্ত—হইতে] ক্রি-বিণ, যেরূপ ; যে প্রকার। প্র—"বল্ দেখি ভাই কি হয় মোলে। * * * যেমন জলের বিম্ব জলে উদয় জল হয়ে সে মিশায় জলে॥"—গান। ২। যে সময়। ৩। যেই মাত্র। যেমন তেমন—ক্রি-বিণ, যে কোনরূপ ; যে কোন প্রকার ; সামান্যতঃ।

যেমনে (জ্যামোনে) [যেমন+এ (৭মী বিভক্তি)] ক্রি-বিণ, যেরূপে ; যে প্রকারে। ২। (জ্যামনে) যেদিকে। ৩। যেখান।

যেম্নি [যেমন+ই (নির্দ্ধারণার্থে—সংক্ষেপে) =ঠিক যেমন ; যথাবৎ। প্র—"তোমার পিতা মাতা যেম্নি দাতা"—রামপ্রসাদ। ২। [যন্মাত্র হইতে] যেক্ষণ ; যৎক্ষণাৎ।

যেয়ে (জ) [প্রা। যাইয়া হইতে] অস-ক্রি, যাইয়া ; গমন করিয়া ; গিয়া। প্র—"তখন তুমি যেয়ে মায়ের কোলে চাঁদ মুখে মা বোলে ডেকো"—গান। "চল বরণ করিয়ে উমা আনি যেয়ে কি কর পাষাণ রমণি গো।"—গান।

যেয়ো (জেও) [যাওয়া দ্রঃ] ক্রি, যাইও। গমন করিও। প্র—যেয়ো মনোমত পথ ধরিয়া, তুমি নিজ সুখ স্রোতে ভাসিয়ো।"—রবি।

যেহো (জেহো) [সং—যঃ—হি—যেহ, যো] স, যিনি ; যে ব্যক্তি ; যেই। প্র—"দামোদর দেহ দান্ত ইহা যেহো কন"—শিবায়ন।

যৈছন (জৈছন্) [ব্রজ। হি—জৈসন্] ক্রি-বিণ, যেরূপে। প্র—"যৈছন জীবয়েহম্ব এক রজনী।" —গোবিন্দদাস। "যৈছন বাঢ়ত মৃণালক সূত" —বিদ্যাপতি। ২। যেমন ; যেরূপ। প্র—"যৈছন জলদ বিজুরী জোর"—জ্ঞান।

যৈছে (জৈছে) [হি—যৈসে] ক্রি-বিণ, যে প্রকার ; যেরূপ। প্র—"চতুর্ভুজ পীতবাস যৈছে নারায়ণ।"—চৈতন্য চরিতামৃত। "যৈছে শারদ চন্দ।"—বিদ্যাপতি।

যৈসে (জৈসে) [হি—ব্রজ] ক্রি-বিণ, যেমন ; যেরূপ। প্র—"যৈসে কুরঙ্গিণী শুনই সঙ্গীত॥"—বিদ্যাপতি।

যো (জো) [ব্রজ। সং—যদ্ শব্দ ১মা, ১ব, যঃ=যো (হি)] স, যে ; যিনি ; যে ব্যক্তি। প্র—"যো পুরুখ দেখত তাকর ভাগী"—বি, প। ২। যে বস্তু। ৩। [জোকার বা জোহার হইতে] বি, প্রার্থনা ; মিনতি। হা-যো—বিলাপ ও প্রতিকার প্রার্থনা। প্র—"হা নাথ যো নাথ করি অভাগিনী জীবন ত্যজিল"—অশোকগুচ্ছ।

যো (জো) [যোত্র শব্দজ] বি, উপায়। ২। যেমন ; যেপ্রকার। ৩। মূলধন। ৪। ভূমিকর্ষণোপযোগিতা ; জমি নিতান্ত কর্দ্দমাক্ত বা শুষ্ক না হইলে তাহার যে অবস্থায় গভীররূপে কর্ষণ করিলে জমিতে ঢেলা বাঁধে না ও মাটি সহজেই গুঁড়াইয়া যায়। প্র—"শ্রাবণ, ভাদ্র ও আশ্বিন মাসে জমির যো হয়।" ৫। যোগাড় ; আয়োজন। প্র—"হেল্যার দেখিয়া দুঃখ হরে হৈল মো। কালে কালে কৈল হাল কামাঞের যো।" ৬। সুযোগ ; সুবিধা। যোকাল—বি, যে সময়ে ধান্যাদি রোপণ করা যায় ; আষাঢ় শ্রাবণ ভাদ্র ও আশ্বিন মাস। যো পাওয়া—সুবিধা পাওয়া ; সুযোগ পাওয়া। প্র—"মন তুমি তার হরির খুড়ো। সে যো পেলেই তোরে করবে গুঁড়ো॥"—গান।

যো-আলি, যোঁ-আল (জোয়ালি) [যোক্ত্র শব্দজ] বি, হাল যুড়িবার কাঠ।

যোই (জোই) [ব্রজ] স, যাহা যেরূপ। প্র— "যোই করল সোই নাগর রাজ"—বি, প।

যোকারী (জোকারী) [ব্রজ] বি, প্রণয়-কারী ; প্রণয়ী ; প্রেমিক। প্র—"রাধা-মোহন পঁহু গোপত যোকারী। সো মুখ কো জন কহইতে পারি॥"

যোক্তা (জোক্‌তা) [যুজ্ (যোগ করা) +তৃ (কর্ত্তৃ—তৃচ্) যোক্তৃ ১মা, ১ব] বিণ, যোগ কর্ত্তা।

যোক্ত্র (জোক্‌ত্র) [যুজ্ (যোগ করা) +ত্র (করণে—ত্রণ্)] বি, ক্লী, হলবন্ধন রজ্জু ; যোতদড়ী।

যোখা (জো) [জোঁকা দ্রঃ] ক্রি, মাপ করা ; পরিমাণ করা ; তুলনা করা। প্র—"যোখল সকল মহীতল গেহ।"—বি, প। যোখা-মুখী—উভয়ের মধ্যে তুলনা বা বড় ছোট নির্ণয়। প্র—"দাঁড়াইয়া মুখামুখী করিতেছে যোখামুখী কে কাহার চেয়ে কত সুন্দর বিশাল।"—চন্দন।

যোগ (জোগ্) [যুজ্ (যোগ করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, মিলন ; ঐক্য। ২। চিত্তবৃত্তির নিরোধ ; মনের বিষয়ান্তর-নিবৃত্তি। ৩। জীবাত্মা ও পরমাত্মার সংযোগ। ৪। সম্বন্ধ ; সংস্রব। ৫। যুক্তি। ৬। সদ্ভাব। ৭। প্রয়োগ। ৮। উপায় ; উপলক্ষ ; অবসর ; সুযোগ। ৯। সামাদি চতুর্বিধ উপায়। ১০। ধ্যান। ১১। মাহেন্দ্র বিষ্কুম্ভ প্রভৃতি সময়ের অংশ। ১২। শুভ-কাল। ১৩। উৎসব ; স্নানাদির পর্ব্ব। প্র—"আজ একটা মস্ত যোগ আছে।" ১৪। লাভ। ১৫। কর্ম্ম-কৌশল। ১৬। বর্ম্ম ; সাঁজোয়া। ১৭। অঙ্কশাস্ত্রে দুই বা ততোধিক রাশির সমষ্টি করণ। ১৮। জ্যোতিষে প্রধান নক্ষত্র। ১৯। নিয়ম ; বিধি। ২০। উপযুক্ততা ; যোগ্যতা। ২১। পরিণাম। ২২। ছল ; প্রতারণা। ২৩। পতঞ্জলি মুনি-কৃত দর্শনশাস্ত্র। ২৪। ঔষধ। অমৃত-যোগ—বিশেষ বারে বিশেষ তিথির যোগ, যথা—রবি ও সোমবারে পঞ্চমী, দশমী, অমাবস্যা ও পূর্ণিমা তিথি যুক্ত হইলে এই যোগ হয়। অমৃতযোগ—বিশেষ বার, তিথি ও নক্ষত্র মিলিত হইয়া এই যোগ হয়। যথা—রবি ও মঙ্গলবারে প্রতিপদ, একাদশী ও ষষ্ঠী তিথি সহ স্বাতি, শতভিষা, আর্দ্রা, রেবতী, চিত্রা, অশ্লেষা, মূলা ও কৃত্তিকা নক্ষত্রের যোগ। নক্ষত্রামৃতযোগ—বিশেষ বার ও নক্ষত্রের মিলন। যথা—মঙ্গলবারে পুষ্যা, অশ্লেষা, কৃত্তিকা, স্বাতী, উত্তরভাদ্রপদ ও রেবতী

নক্ষত্রের যোগ। পাপযোগ—বিশেষ বিশেষ বারে বিশেষ বিশেষ তিথির যোগ যথা—রবি ও মঙ্গলবারে প্রতিপদ, ষষ্ঠী ও একাদশীর যোগ। বিষযোগ—নক্ষত্রামৃত যোগ এবং সিদ্ধিযোগ এক দিবসে মিলিত হইলে এই যোগ হয়। মৃত্যুযোগ—বিশেষ তিথি ও নক্ষত্র যোগে কিম্বা বিশেষ বার ও নক্ষত্রযোগে ইহার উৎপত্তি। যথা—প্রতিপদে উত্তরাষাঢ়া নক্ষত্রের যোগে রবিবারে অনুরাধা নক্ষত্রের যোগে। সিদ্ধিযোগ—বিশেষ বার ও তিথির মিলনে ইহার উৎপত্তি যথা—বুধবারে দ্বিতীয়া, সপ্তমী ও দ্বাদশীর মিলন। যোগ করা—ক্রি, যোগ-সাধন করা ; যোগের অনুষ্ঠান করা। ২। জোড়া সম্মিলিত করা। যোগনিদ্রা—বি, স্ত্রী, চিত্তের বিষয়াস্তর নিবৃত্তিরূপ নিদ্রা। ২ প্রলয়কালে সর্ব্বসংহার ইচ্ছায় বিষ্ণুর যোগ ব্যাপার। ৩। মহামায়া ; দুর্গা। যোগপট্ট—বি, সন্ন্যাসী বা যোগীদিগের বস্ত্র পরিধানের প্রকার ভেদ। ২। গিরি, পুরী প্রভৃতি সন্ন্যাসীদিগের উপাধিবিশেষ। ৩। ভগবানের নামাঙ্কিত রেশমী উত্তরীয়। ইহার চলিত নাম যোগপাটা ; সংস্কৃতে যোগপদক বলে। প্র—"যোগপট্ট ছান্দে বস্ত্র করিয়া বন্ধন।"—চৈ, ভা। 'দিগম্বর বিভূতি ভূষিত কলেবর। গলে যোগপট্ট উপবীত বিষধর॥"—অ, ম। যোগপদক—বি, পূজাদিকালে ধারণীয় উত্তরীয় ; যোগপাট। যোগপাটা—[যোগপট্ট দ্রঃ] বি, যজ্ঞসূত্র ; পইতা। প্র—"নখ পাঁতি যেন কুন্দ তাহার উপমা ইন্দু যোগপাটা হৃদয়ে শোভিত।"—কবিক ২। পূজাকালে ধারণীয় উত্তরীয়বিশেষ। যোগপীঠ—বি, ধ্যানাসন ; যোগাসন। যোগবল—বি, যোগশক্তি। যোগবিৎ, যোগবিদ্—যোগী ; যোগমার্গী ; যোগজ্ঞ। যোগভঙ্গ—বি, যোগবিরতি। যোগভ্রষ্ট—বিণ, যোগমার্গ হইতে বিচ্যুত ; যোগভ্রংশ। যোগমার্গ—বি, যোগ সাধনার পন্থা। যোগশাস্ত্র—বি, পতঞ্জলাদি মুনি প্রণীত যোগ-বিষয়ক শাস্ত্র। যোগসাধনা—বি, যোগাভ্যাস। যোগসার—বি, সর্ব্ব-রোগাপহারক উপায়। যোগসিদ্ধি—বি, যোগের ফললাভ। বিণ, যোগসিদ্ধ। যোগেযাগে—ক্রি-বিণ, টেনেবুনে ; কষ্টেসৃষ্টে ; কায়ক্লেশে। ২। কোনপ্রকারে ; যেমন তেমন করিয়া। ৩। কোন সুযোগে। ৪। যাগ ; যজ্ঞ ; তপস্যাদি। প্র—"কুল কুণ্ডলিনী যদি জাগে। যার না জাগে কি করিবে তার তপ জপ যোগে যাগে।"—গান।

যোগক্ষেম (জোগক্খেম্) [যোগ (অলব্ধ কুল ফলাদি সাধন) ক্ষেম (লব্ধ শরীরাদি রক্ষা) দ্বন্দ্ব] বি, ক্লী, অলব্ধ বস্তুর লাভ এবং লব্ধ বস্তুর রক্ষণ। ২। বাণিজ্য বস্তুর ভাটক ও খরিদ বিবেচনা করিয়া উপযুক্ত মূল্য নির্দ্ধারণ। ৩। মঙ্গল। ৪। উত্তরাধিকারীর অবিভাজ্য ধন। ৫। লভ্য।

যোগজ (জো) [যোগ—জ (জাত)] বিণ, যোগোদ্ভব। ২। [ন্যায় মতে] বি, প্রত্যক্ষ সাধন। ৩। অগুরু।

যোগদান (জোগ্দান্) [যোগ (ছল) দ্বারা দান] বি, ক্লী, ছলের দ্বারা দান। ২। সাহচর্য্য।

যোগধারী (জোগ্ধারী) বি, ধ্যানমগ্ন ; যিনি সকল সময়ে যোগাবলম্বনে থাকেন ; শিব। প্র—"শঙ্করায় নমোনমঃ গিরিসুতা প্রিয়তম বৃষভ বাহন যোগধারী॥"—অ, ম।

যোগবাশিষ্ঠ (জোগ্বাশিষ্ঠ) বি, বশিষ্ঠ দেব কর্ত্তৃক রামচন্দ্রের প্রতি উপদেশবিষয়ক গ্রন্থ।

যোগবাহ (জোগ্বাহ) [যোগ—বহ্ (বহন করা)+অ (করণে—ঘঞ্)] বি, পুং, অনুস্বার, বিসর্গ, জিহ্বামূলীয় ও উপাধ্মানীয় এই কয়টী বর্ণের ণত্ববিধানের প্রতি স্বরত্ব এবং স্বরসন্ধির প্রতি ব্যঞ্জনত্ব এই উভয়ত্ব থাকায় ইহাদের নাম যোগবাহ।

যোগবাহ্য (জোগ্বাজ্ঝ) [যোগ (ধাতুর সংযোগ) বাহ্য (বহনীয়)] বি, স্ত্রী, পারদ। ২। ক্ষার।

যোগমায়া (জোগ্মায়া) বি, স্ত্রী, মহামায়া ; দুর্গা ; বিন্ধ্যাচলস্থ দেবী বিন্ধ্যবাসিনী।

যোগরূঢ় (জোগ্) বিণ, যৌগিক এবং রূঢ় শব্দের লক্ষণাক্রান্ত।

যোগাকর্ষণ (জোগাকর্ষন্) [যোগ দ্বারা আকর্ষণ] বি, যে গুণ দ্বারা পরমাণু সকল পরস্পর সংযুক্ত থাকে ; পরমাণু সমূহের পরস্পর সংকর্ষণ।

যোগাচার (জোগাচার্) [যোগ+আচার] বি, পুং, যোগানুষ্ঠান।

যোগাড় (জোগাড়্) [যোগশব্দজ] বি, কর্ম্মের উদ্‌যোগ ; কার্য্য নির্ব্বাহের উপায়। ২। সংগ্রহ ; আহরণ ; সন্ধান দ্বারা প্রাপ্তি। যোগাড় করা—অন্বেষণ বা সন্ধানাদি দ্বারা সংগ্রহ ; আহরণ করা ; চেষ্টাদ্বারা প্রাপ্ত হওয়া। যোগাড় দেওয়া—কাহার কর্ম্মের সহায়তা করা ; প্রধান কর্ম্মকর্ত্তার প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী বহিয়া তাহার হাতের কাছে দেওয়া ; সরবরাহ করা ; যোগান। যোগাড় যন্ত্র—বি, উদ্দেশ্য সাধনোপযোগী উপকরণ বিবিধ কৌশলে বা উপায়ে সংগ্রহকরণ বা আহরণ। বিণ, যোগাড়িয়া, যোগাড়ে—সংগ্রাহক ; আহরণকারী। ২। সহকারী।

যোগান (জোগান্) [হি—জুগান। সং—যোগ+আন (কর্ম্মার্থে)] বি, সরবরাহ ; অভাবপূরণ। প্র—"পশরা করিয়া শিরে নগরে নগরে ফিরে শিশুগণ করয়ে যোগান।"—কবিক। "হাবসী ইমাম বসু হাবশী প্রধান। হাতী ঘোড়া উট আদি তাহার যোগান॥"—অ, ম। ২। ভবন। ৩। নবীভূত হওন। ৪। (জোগানো) ক্রি, সরবরাহ করা ; প্রয়োজনীয় বস্তুর অভাব মোচন করা। প্র—"তদবধি যখন যাহা আমার প্রয়োজন হতেছে তাহা মাগো আমার যোগাতেছ দয়াময়ি তুমি নিজ দয়াগুণে"—গান। ৫। শেষ হইতে না দেওয়া। ৬। ক্রমাগত উৎপন্ন হওয়া।

যোগারূঢ় (জো) [যোগ+আরূঢ়] বিণ, যোগোপবিষ্ট।

যোগাসন (যোগাশন্) [যোগের আসন—৬তৎ] বি, ক্লী, যোগসাধনার্থ উপবেশনবিশেষ। প্র—"এত বলি বসুন্ধর যোগাসনে করি ভর জায়া সহ শরীর ত্যজিল।"—অ, ম।

যোগিনী (জো) [যোগী দ্রঃ] বি, স্ত্রী, দুর্গার সখী—চৌষট্টি সংখ্যক দেবী। ২। তপস্বিনী। ৩। তিথিবিশেষ। যোগিনীচক্র—যোগিনীর অবস্থান নির্দ্দেশক জ্যোতিষিক চক্র (প্রতিপদ ও নবমীতে পূর্ব্বদিকে, তৃতীয়া ও একাদশীতে অগ্নিকোণে, পঞ্চমী ও ত্রয়োদশীতে দক্ষিণে, চতুর্থী ও দ্বাদশীতে নৈর্ঋতকোণে, ষষ্ঠী ও চতুর্দ্দশীতে পশ্চিমে, সপ্তমী ও পূর্ণিমাতে বায়ু-কোণে, দ্বিতীয়া ও দশমীতে উত্তরে, অষ্টমী ও অমাবস্যাতে ঈশানে যোগিনী বাস করেন। যোগিনীর নয় দণ্ড অবশ্য বর্জ্জনীয় দক্ষিণ ও সম্মুখস্থ যোগিনীতে যাত্রা করিলে বধ বন্ধনাদি হয়। বামে ও পৃষ্ঠে স্থিত যোগিনী সর্ব্বার্থসিদ্ধি জনক)।

যোগিবেশ, যোগীবেশ (জোগিবেশ্) বি, সন্ন্যাসীর বেশ। প্র—"কেন যোগিবেশে ভ্রম এ বিজন কাননে ;"—গিরিশ।

যোগী (জোগী) [যুজ্ (যোগ করা)+ইন্ (কর্ত্তৃ) =যোগিন্ ১মা, ১ব] বি, পুং, তপস্বী ; যোগমার্গী। ২। ব্রহ্মজ্ঞ ; ব্রহ্মবিদ্। ৩। সন্ন্যাসী; দণ্ডী। ৪। জাতিবিশেষ ; যুগী।

যোগিয়া (জো) [যোগ+ইয়া] বিণ, যোগি-জন সুলভ। ২। রাগিণীবিশেষ। যোগিয়া গন্ধ—যোগিজন সুলভ তীব্র গাত্র গন্ধ ; ঝাঁঝাল গন্ধ। প্র—"গায়ের যোগিয়া গন্ধে যম দিল ভঙ্গ।"—শিবায়ন।

যোগীশ, যোগীশ্বর (জোগিশ্, জোগীশ্-শর্) [যোগিন্=যোগী+ঈশ—ঈশ্বর, ৬তৎ] বি, পুং, যোগীন্দ্র, মহাযোগী ; মহাদেব। ২। যাজ্ঞবল্ক্য। স্ত্রী, যোগীশ্বরী।

যোগেশ, যোগেশ্বর (জোগেশ্, জোগেশ্-শর্) [যোগেব—ঈশ, ঈশ্বর—৬তৎ] বি, পুং, যোগীন্দ্র : মহেশ্বর : শিব। ২। নারায়ণ : বিষ্ণু। ৩। যাজ্ঞবল্ক্য মুনি।

যোগ্য (যোগ্‌গ) [যোগ+য (প্রভবার্থে—যণ্)] বিণ, উপযুক্ত। সমর্থ। ৩। নিপুণ। ৪। যোগার্হ। বি, পুং, পুষ্যানক্ষত্র। স্ত্রী, যোগ্যা। বি, যোগ্যতা—সামর্থ্য : ক্ষমতা। ২। পবিত্রতা। ৩। উপযুক্ততা। ৪। বস্তু সমূহের পরস্পর সম্বন্ধে বাধা না থাকা, যেরূপ "বহ্নিদ্বারা সেচন করিতেছে" এই বাক্যে যোগ্যতা নাই কারণ বহ্নি দ্বারা সেচন অসম্ভব বলিয়া সম্বন্ধের বাধা হইয়াছে। যোগ্যপাত্র—বি, উপযুক্ত ব্যক্তি। ২। উপযুক্ত আধার।

যোগ্যা (জোগ্‌গ্যা) [যোগ্য দ্রঃ] বি, স্ত্রী, পৃথ্বাপত্নী। ২। ঋদ্ধি নামক ঔষধ। ৩। চন্দন। ৪। শিক্ষকবিশেষ। ৫। অনুশীলন : অভ্যাস।

যোঙড়া (জোঙ্‌গ্‌ড়া) [হি জঙ্গ্‌ড়া] বি, জলজন্তুবিশেষ : যাহার খোলা পোড়াইয়া চূণ প্রস্তুত করা হয়। ২। বিণ, অপরিচ্ছন্ন : নোংরা। ৩। জবড়জঙ্গ।

যোজক (জোজক্) [যুজ্+ণিচ্=যোজি (যোগ করান)+অক (কর্তৃ)] বি, যে সংকীর্ণ ভূভাগ দুই বৃহৎ ভূভাগকে পরস্পর সংযুক্ত করে : Isthmus. ২। বিণ সংযোগকারী : সংযোজক।

যোজন (জোজন্) [যুজ্ (যোগ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, একত্রীকরণ : মেলন। ২। সংঘটন : যোগ। ৩। নিয়োজন : নিয়োগ। প্র—"ছেলিব রক্ষণে তারে করিল যোজন"—কবিক। ৪। ৪ কোশ, মতান্তরে ৫ কোশ পরিমাণ।

যোজনগন্ধা (জোজনগন্ধা) [যোজন (ব্যাপী) গন্ধ যাহার, বহু] বি, স্ত্রী, কস্তুরী। ২। ব্যাসজননী সত্যবতী, (পূর্ব্বে ইঁহার নাম ছিল মৎস্যগন্ধা)।

যোজনা (জোজনা) [যোজন দ্রঃ] বি, যুক্তকরণ ; সংযোজন। ২। সঙ্ঘটন।

যোজিত (জোজিত) [যুজ্+ণিচ্=যোজি (যোগ করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যুক্তকৃত। ২। রচিত। ৩। নিয়মিত।

যোট (জোট্) [যোত দ্রঃ] বি, যোগ ; সঙ্গ। ২। যুগ্ম ; যুগল ; জোড়া। এক যোট—সম্মিলিত ; যুক্ত ; একযোগ। যোট বাঁধা—দলবাঁধা : একত্র হওয়া। যোট-পাট—বি, সংগ্রহ : যোগাড় যন্ত্র। প্র—"এজন্য সে সকল যোটপাট করিয়া আনিবার জন্য তাঁহার উদ্দেশে গেলাম"—মৃণালিনী। যোটা-যোট—বি, যোগাড়যন্ত্র ; আয়োজন। ২। সঙ্ঘটন। প্র—"বেটা এবার আবার কি যোটাযোট করিতেছে তার কিছুই বুঝিতে পারি না।"—নীলদর্পণ।

যোটক (জোটক্) [যোট+ক (কর্তৃ)] বি, পুং, মেলন : যোটন। ২। বিণ, ঘটনাকারক : ঘটক : মেলক। রাজযোটক—বর ও কন্যার একরাশি বা সমসপ্তম (বৃষ ও বৃশ্চিক, কর্কট ও মকর, কন্যা ও মীন বর ও কন্যার রাশি হইলে তাহাকে সম সপ্তম কহে) চতুর্থ দশম কিম্বা তৃতীয় একাদশ হইলে রাজযোটক হয়। ইহাতে বিবাহ দিলে শুভজনক হয়।

যোটন (জোটন্) বি, মিলন : একত্র হওন। ক্রি, যোটা—একত্র হওয়া ; যুটা দ্রঃ।

যোটান (জোটানো) [যোটা ধাতুর ণিজন্ত রূপ] ক্রি, মিলান : মিলাইয়া দেওয়া : যোগাড় করিয়া দেওয়া।

যোড় (জোড়্) [হি] বি, যুগ্ম। ২। মিলন। ৩। হিন্দুর বিবাহের আটদিনের দিন বরবধূর একসঙ্গে শ্বশুরালয়ে আসা রূপ সংস্কার। ৪। সংযোগ : সংলগ্ন। যোড়াতাড়া—হি—জোড় তোড় শব্দজ] ভগ্ন বা বিচ্ছিন্ন অংশ একত্রকরণ : তালিতুলি। যোড়ে-যাড়ে—ক্রি-বিণ, কোন প্রকারে জোড়া দিয়া : কষ্টেসৃষ্টে। প্র—"রচনাপূর্ব্বক কহিবারে নাহি জানি। যথাশক্তি যোড়ে যাড়ে মিলাইয়া ভণি॥"—ভক্তমালা। মাণিক যোড়—রত্ন যুগল। ২। [সাধারণতঃ বিদ্রূপ বা ব্যঙ্গার্থে ব্যবহৃত হয়] অভিন্নহৃদয় বন্ধুদ্বয় : যে বন্ধু যুগলের মধ্যে ছাড়া ছাড়ি নাই : যাহারা সদা সর্ব্বদা একত্র বেড়াইতে বা অবস্থান করিতে দৃষ্ট হয়। ৩। কোন বস্তু বা ব্যক্তি অন্য বস্তু বা ব্যক্তির সহিত সর্ব্বতোভাবে একরূপ হইলে উভয়কে মাণিক জোড় বলে। যোড়হস্ত—বিণ, কৃতাঞ্জলি ; যুক্তকর। ২। একান্ত অনুগত ; অনুগত ভৃত্যের ন্যায় বাধ্য।

যোত (জোত্) [যোত্র শব্দজ] বি, হল বন্ধন রজ্জু : যোতদড়ি।

যোতা (জোতা) [যোত (দ্রঃ)+আ। যুতা দ্রঃ] ক্রি, যোত বা জোয়ালে যুড়িয়া দেওয়া : স্কন্ধে যোয়াল স্থাপন করা ; যুগ বন্ধন করা। প্র—"সেহলে মহিষে বৃষে যদি ভীম যোতে"—শিবায়ন। ২। গো-অশ্বাদিকে যোত্রের সহিত বন্ধন করা। বি, যোতন—যুড়িয়া দেওন : যোত্রের সহিত বন্ধন।

যোতান (জোতানো) [যোত (দ্রঃ)+আন (ণিজন্ত বিভক্তি)] ক্রি, সংযুক্ত করান : যুতিতে বাধ্য করা। প্র—"স্কন্ধে মুণ্ডে যোতাইয়া প্রতীত হইল"—মহা (নিত্যানন্দ ঘোষ)।

যোত্র (জোৎত্র) [যু (যোগ করা)+ত্র (করণে)] বি, ক্লী, হলাদির বন্ধন রজ্জু : যোত দড়ি। ২। লাঙ্গলাদি বহনকারী পশুর স্কন্ধস্থ কাষ্ঠবিশেষ : যোয়াল। ৩। উপায় ; সংস্থান : সঙ্গতি। ৪। সম্পত্তি। ৫। সহায়। প্র—"যশস্বিনী যোত্র জানি যাচে বারম্বার।" ৬। অবলম্বন ; আশ্রয়। প্র—"মহোদধি মসী যদি মহী হয় পত্র। সুরতরু লেখনী সারদা কবি যোত্র॥"—শিবায়ন। যোত্রহীন—বিণ, সম্পত্তিহীন ; সঙ্গতি হীন। যোত্র-সম্পন্ন—বিণ, সঙ্গতিসম্পন্ন। ২। যোত্র-বিশিষ্ট।

যোদ্ধা (জোদ্‌ধা) [যুধ্ (যুদ্ধ করা)+তৃ (কর্তৃ, তৃচ্)=যোদ্ধৃ ১মা, ১ব] বি, পুং, যুদ্ধকারী : রণকুশল।

যোদ্ধৃ (জোদ্‌দৃ) [সং] বি, পুং, যুদ্ধকারক : বীর। যোদ্ধৃজাতি—বি, ক্ষাত্রশক্তি সম্পন্ন জাতি : যুদ্ধপটু জাতি। যোদ্ধৃপতি—বি, পুং, সৈন্যাধ্যক্ষ : সেনানায়ক : সেনাপতি। যোদ্ধৃপুরুষ—সৈনিক : যোদ্ধৃবেশ—বি, বীরবেশ : রণবেশ : যুদ্ধকালীন পরিচ্ছদ।

যোধ (জোধ্) [যুধ্ (যুদ্ধ করা)+অ (কর্তৃ, অচ্)] বি, পুং, যোদ্ধা ; বীর। প্র—"আর যোধ যত"—মেঘনাদ। প্র—"লহ মোর যত আছে যোধ সেনাপতি"—কবিক। ২। [ভাবে—অল্] যুদ্ধ : রণ। বিণ, যোধী- যুদ্ধকারী। যোধসংরাব—যোদ্ধাদিগের যুদ্ধের নিমিত্ত স্পর্দ্ধার সহিত পরস্পর আহ্বান।

যোধন (জোধন্) [যুধ্ (যুদ্ধ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, রণ ; যুদ্ধ। ২। [করণে—অনট্] যুদ্ধসাধন অস্ত্র শস্ত্র। ৩। [কর্তৃ—অনট্] পুং, রণকুশল ; যোদ্ধা।

যোধেয়, যৌধেয় (জো) [যোধ+এয় (স্বার্থে এয়ণ্)] বি, পুং, যুদ্ধকারী ; যোদ্ধা।

যোনি (জোনি) [যু (যোগ করা)+নি (কর্তৃ)] বি, আকর ; উৎপত্তি স্থান। ২। কারণ। ৩। স্ত্রী-চিহ্ন। ৪। জন্ম। প্র—প্রেতযোনি, ব্রহ্মযোনি, দেবযোনি, পশুযোনি ইত্যাদি। ৫। [ব্রজ] প্রাণী। প্র—"সব যোনি পালটি ভুলালি"—বি, প। ৬। বিণ, প্রসূ। প্র—"বীরযোনি স্বর্ণ লঙ্কা"—মেঘনাদ।

যোনিজ (জোনিজ) [যোনি—জ (জাত)] বিণ, জরায়ুজ ও অণ্ডজ (জীব)।

যোয় (জোয়্) [মৈ-হি—জোহি (অন্বেষণ করা)=যোহি=যোয়] বি, পাহারা। প্র—"ঘরে ঘরে পহরী ছোড়ি গেল যোয়। অবহি দেখব ধনী নাগরী তোয়।"—বি, প। ২। যে ; যাহাকে।

যোয়ান (জোয়ান্) [যুবান শব্দজ জওয়ান্ বিণ, বলবান ; বলিষ্ঠ। ২। যুবাব্যক্তি ; যুবক ৩। [সং—যবানী হইতে] বি, কটুরস মসলা দ্রব্যবিশেষ।

যোয়ান (জোয়ানো) [জুয়ায় দ্রঃ। প্রা-বাং] ক্রি, যোগ্য হওয়া ; উপযুক্ত হওয়া। প্র—"যোয়ায় না যোয়ায় না রাজা মাও বলিবার।" —মাণিক, গান।

যোষা (জো) [যুষ্ (সেবা করা) + অ (কর্তৃ—অচ্) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, নারী। প্র—"সূতিকা গৃহের দ্বারে সমাগত পল্লীবাসিনী যোষাগণের মাঙ্গল্য শঙ্খ ধ্বনিতে পল্লী কাঁপিয়া যাইতে লাগিল।"—শিবনাথ শাস্ত্রী। "যোষা-বধ করহ কি রীতি।"—কবিক। ২। পত্নী। প্র—"যোষাবাক্য শুনি সাধু দিলেক উত্তর।" চণ্ডীকাব্য (জয়নারায়ণ)।

যোষিৎ, যোষিতা (জো) [যুষ্ (সেবা করা) + ইৎ (কর্তৃ) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, নারী।

যৌ (জৌ) [যাবক শব্দজ] বি, লাক্ষা ; গালা।

যৌক্তিক (জৌক্তিক্) [যুক্তি + ইক (সম্বন্ধে)] বিণ, প্রামাণিক। ২। যুক্তিসম্মত ; যুক্তিযুক্ত। ৩। যুক্তিকারী।

যৌগিক (জৌগিক্) [যোগ + ইক (ভবার্থে ইকণ্)] বিণ, প্রকৃতি প্রত্যয় যোগে গঠিত অর্থবাচক (শব্দ)। ২। সংযোগসম্ভূত ; যোগজাত।

যৌতক, যৌতুক (জৌতক্, তুক্) [যুত (যুগল বরবধূ) + অ (সম্বন্ধে) + ক (স্বার্থে) বি, ক্লী, দম্পতীর বিবাহে দত্ত ধন। প্র—"দিলেন যৌতুক রথ তুরঙ্গকুঞ্জরে।"—কবিক। ২। অন্নপ্রাশনাদি সংস্কার ও জন্মদিনোৎসবাদি উপলক্ষে দত্ত ধন ; যতুক।

যৌজনিক (জৌজনিক্) [যোজন + ইক] বিণ, পথগামী।

যৌথ (জৌথ [যূথ (দ্রঃ) + অ] বিণ, একত্র ; যুক্ত ; একাধিক ব্যক্তি মিলিত। যৌথ কারবার—কতিপয় বা বহু ব্যক্তির মিলিত ব্যবসায় ; দুই বা বহু অংশীদার-পরিচালিত বাণিজ্য। যৌথসমিতি—বহু ব্যক্তি সম্মিলিত সভা।

যৌধেয় (জৌ) [যোধ + এয় (স্বার্থে—এয়ণ্)] বি, পুং, যোদ্ধা। ২। [অপত্যার্থে—এয়ণ্] বীরপুত্র ; বীরের সন্তান।

যৌন (জৌন) [যোনি + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, যোনি সম্বন্ধীয়। ২। যোনিজাত। ৩। উদ্বাহ সম্বন্ধীয়।

যৌবত (জৌ) [যুবতী + অ (সমূহার্থে—অণ্)] বি, ক্লী, যুবতীসমূহ। ২। উত্তম বস্ত্রালঙ্কারে সুসজ্জিত নটীগণের নৃত্য।

যৌবতী (জৌ) [ব্রজ] বি, স্ত্রী, যুবতী। প্র—"বর যৌবতী।"—বি, প।

যৌবন (জৌবন্) [যুবন + অ (ভাবে—অণ্) বি, ক্লী, তরুণাবস্থা ; তারুণ্য ; ১৬ বৎসর হইতে ৩০ বৎসর। ২। [হি,ব্রজ] স্তন। প্র—"বাঢ়িলে যৌবন তোহে দিব দান।"—বি, প। স্ত্রী, যৌবনী—যুবতী। প্র—"নতুনী যৌবনী তুমি কাঁচা সোনা গা।"—ঘনরাম। যৌবন-কণ্টক—বি, যৌবনপিড়কা ; বয়সফোড়া। যৌবনচাঞ্চল্য—বি, তরুণ বয়সের স্বাভাবিক চপলতা। যৌবনবান—বিণ, যুবাবয়স্ক ; যৌবনসম্পন্ন। স্ত্রী, যৌবনবতী। যৌবনভার—বি, যৌবনের পূর্ণতাজনিত রস বা রূপের ভার বা পসরা। যৌবন-লক্ষণ—বি, যৌবনসুলভ বা সূচক চিহ্নাদি। যৌবনশ্রী—তরুণ বয়সের স্বাভাবিক সৌন্দর্য। যৌবনসম্পন্ন—বিণ, যৌবন-প্রাপ্ত ; তরুণ বয়সে উপনীত। যৌবন-সহচর—তরুণ বয়সের সঙ্গী। স্ত্রী, যৌবন-সহচরী। যৌবনসুলভ—বি, যৌবনাবস্থার উপযোগী ; যুবক যুবতীর পক্ষে স্বাভাবিক।

যৌবনাবস্থা (জৌবনাবস্থা) [যৌবন + অবস্থা] বি, যৌবনকাল ; তরুণ বয়স।

যৌবনাশ্ব (জৌবনাশ্শ) [যুবনাশ্ব (রাজা) + অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, যুবনাশ্ব রাজার পুত্র ; মান্ধাতা।

যৌবরাজ্য [যুবরাজ + য (ভাবে—যণ্)] বি, ক্লী, যুবরাজের পদ ; পিতা বর্তমান থাকিতে পুত্রের রাজ্যপদ।

র

র—ব্যঞ্জন বর্ণমালার সপ্তবিংশ এবং অন্তঃস্থ দ্বিতীয় বর্ণ। ইহার উচ্চারণ-স্থান মূর্দ্ধা। আসামী এবং প্রাচীন বাঙ্গালায় র বর্ণের আকার "ৰ" এই রূপ। অন্য ব্যঞ্জনের সহিত যুক্ত হইলে ইহা ভিন্ন আকার ধারণ করে। বর্ণের নিম্নে যুক্ত হইলে র ফলা (্র) এবং মস্তকে বসিলে রেফ (র্) বলা হয়। যথা—ব্রণ এবং বর্ণ। র, স ও ঃ এই তিনটী একজাতীয় বর্ণ। তুল—প্রাদুস্=প্রাদুঃ, প্রায়স্=প্রায়ঃ, প্রাতস্= প্রাতর্=প্রাতঃ।

র [সং-তে। "রশ্চ কামেঽনিলে বহ্নৌ শব্দে রুঃ পরিকীর্ত্তিতঃ। ধনে রা রীশ্চ রো ধান্যে রুর্ভয়ে চ প্রকীর্ত্তিতঃ॥"—একাক্ষর কোষ] বি, কামানল। (২) বহ্নি। (৩) বেগ। (৪) স্বর্ণ। (৫) বর্ণ। ২। [তস্মৈ] স্বর্গ। ৩। [রঃ স্মৃতঃ পাবকে তীক্ষ্ণে"—মেদিনী] বিণ, তীক্ষ্ণ। [দ্রঃ—বাংলায় এই সকল অর্থে "র"র স্বতন্ত্র ব্যবহার দৃষ্ট হয় না]।

র—র এই বর্ণ ; রকার। ২। বাঙ্গালা প্রত্যয়। ধ্বন্যাত্মক শব্দের উত্তর, ইহা অবিরামতা বুঝায় প্র—বকর বকর ; গজর গজর ; ঘ্যানর ঘ্যানর কচরমচর ইত্যাদি। ৩। সম্বন্ধ কারকের বিভক্তি। প্রাচীন বাঙ্গালায় "কর", আধুনিক র। প্রা-বাং—তাকর ; যাকর। আধু-বাং তাহার ; যাহার। ইহা সংস্কৃত ষষ্ঠী বিভক্তি 'স্য' এবং 'ঃ' বিসর্গের প্রাকৃত উচ্চারণ। তুল —লোক + স্য = লোকস্য = লোকর (প্রা-বাং) = লোকের (আধু-বাং)। ৪। [রআ দ্রঃ। রহ্ (ত্যাগ করা, বিরত হওয়া) ধাতুর সংক্ষেপ, মধ্য-পু, অসম্ভ্রমার্থে ; সমানার্থে রহ ; সম্ভ্রমার্থে রহুন] ক্রি, থাক ; অবস্থিতি কর। ৫। অপেক্ষা কর। রকার—র এই বর্ণ। র-ঠ করিয়া—রহিয়া বসিয়া ; বিলম্ব করিয়া ; দীর্ঘসূত্রতা সহকারে। র-র করা—রৈ রৈ করা ; গলা বাজী করা। হ-জ-ব-র-ল —হ দ্রঃ। র ফলা—বর্ণের নিম্নে র যোগ। যথা—প্র, স্র।

রআ [রহা দ্রঃ। হি—রহ্‌না। উ-পু—রই। ম-পু—রও ; রন্, রউন, রয়েন ; র। প্র-পু—রঅ, রয় ; রয়েন। অস-ক্রি—রইতে ; রইয়া ; রয়ে (রো)। ণিজন্ত—রআন (নো)] ক্রি, থাকা। প্র—"ঘরে রইতে নারি শ্যামের বাঁশরীতে।"—দাশরথি। প্র—"বনপোড়া হরিণীর মত চারিদিকে চেয়ে রই"—গান। ২। পড়িয়া থাকা ; গমন করিয়া অবস্থান করা। প্র—"কোথা রইল মাতা পিতা কে করে স্নেহ মমতা প্রাণপ্রিয়া রইল কোথা বন্ধু সকলে।"—গান। ৩। অপেক্ষা করা।

রআরই—রওয়ারই দ্রঃ।

রই (রোই,রৈ) [হি—রহনা (থাকা) শব্দজ রহী হইতে] ক্রি, উ-পু, রহি ; থাকি। "সে অবধি সই ভয়ে ভয়ে রই আঁখি মেলিতে ভেবে সারা হই।"—রবি। ২। বাস করি। প্র—"মালিনীর বাসেতে রই।"—গোপাল উড়ে। ৩। চুপ করিয়া থাকি ; উপেক্ষা করি। প্র—"ডাকলে হরি রইতে নারি।"—গিরিশ।

রইকাঠ (রোইকাঠ্) বি, পুষ্করিণী উৎসর্গ কালে তাহার মধ্যস্থলে প্রোথিত বিল্ব কাষ্ঠের দণ্ড। ২। পুষ্করিণী প্রভৃতির জল-পরিমাপক কাঠ।

রইখাত (রো, ত্) বি, পুষ্করিণীর তলদেশে গভীরতম খাত।

রইঘর (রোইঘর্) [বহিবার ঘর সংক্ষেপে] বি, নৌকার বৈঠক ; ছই ঘর। প্র—"রইঘর চাপিয়া বসিয়া সদাগর।"—কবিক। ২। পুষ্করিণী গর্ভস্থ গভীরতম খাত বা গর্ত।

রওআব, রওব (ব্) [আ—রোবাব্। রোব দ্রঃ] বি, ভয়। ২। গাম্ভীর্য ; রাশ-ভারিত্ব। বিণ, রওয়াবী—রাশ-ভারী। রওবদার—গম্ভীর প্রকৃতি ; রাশভারী।

রওনা, রওয়ানা [ফা—রবানা] বি, অন্যত্র গমনোদ্দেশে স্থান ত্যাগ ; যাত্রা। ২। প্রেরণ। রওনা করা—পাঠান। রওনা হওয়া—ক্রি, যাত্রা করা। প্র—"নৌকার জিনিষ পত্র তুলে নিয়ে রওনা হলুম।"—জাপান (ডা-মল্লিক)।

রওয়া [রহা দ্রঃ] ক্রি, রহা ; থাকা। ২। [রয় (গতি অর্থে)] দৌড়ান। রওয়ারই দৌড়াদৌড়ি ; দ্রুত গমনাগমন। ২। ক্রমাগত একস্থান হইতে বহন করিয়া অন্যস্থানে গমন ; ডওয়া-ডই।

রওলা [২৪ পরগণা অঞ্চলে স্বর্ণকারের ভাষায়] বি, কাঁসা বা পিত্তলের চুড়ী প্রভৃতি পিটিয়া ছাঁচ তুলিবার যন্ত্র ; কিটকিটি।

রং [রঙ্গ (ধাতুবিশেষ) শব্দজ] বি, রঙ্গধাতু ; রাং। ২। [হি—রঙ্গ (বর্ণ) শব্দজ। বা-য় "রং" না হইয়া 'রঙ' হওয়াই ঠিক কিন্তু 'রং' অধিক চলিত] বর্ণ। প্র—"গুলি হাড় কালি, মা কালীর মত রং।"—গান। ৩। [রঙ্গ দ্রঃ। ফা—রঙ্গ্ (রং তামাসা) শব্দজ] রঙ্গরসিকতা ; তামাসা ; কৌতুক। ৪। তাস খেলায় ভাঁজা তাস হইতে যে গুচ্ছ তুলিয়া লওয়া হয় সেই তোলা তাসের সর্বনিম্ন তাস যে শ্রেণীভুক্ত (ইস্কাপন, হরতন ইত্যাদি) তাহাই সে বারের খেলায় রং ; তুরুপ। প্র—"হাতে রং থাকতে দশের পিঠে তুরুপ করলি কই।"—গান। রং ঢালা—প্রচুর রং লাগান ; গাঢ় রং করা। রং তামাসা—রঙ্গ কৌতুক ; ভাঁড়াম। রং তোলা—রং উঠাইয়া ফেলা। রং দেওয়া—রং মাখান বা লাগান। রং ধরা—বর্ণ ধারণ করা ; ছোপ ধরা। ২। ফল ডাঁসিয়া উঠা ; ফল পাকিতে আরম্ভ হওয়া। রং ধরান—রং মাখাইয়া রঞ্জিত করা ; রং লাগান। রং ফলান—রং ফুটাইয়া তোলা। রং ফুটান—রং বাহির করা ; রং প্রকাশ করা। রং মাখান—রং লাগান। রং লাগান—তুলিকাদি দ্বারা রং স্পর্শ করান বা রং লেপন করা। রং বে-রং—বিবিধ বর্ণ ; রং ও বদ রং। কাঁচা রং—যে রং জলে উঠিয়া যায়। যে রং রৌদ্র বায়ু প্রভৃতির প্রভাবে উঠিয়া যায়। বা অদৃশ্য হয়। পাকা রং—স্থায়ী রং। বদ-রং—তাস খেলায় কাটান তাসের রং বা তুরুপ ব্যতীত আর সকল রংই বদ রং। ২। বিশ্রী রং ; খারাব রং ; বেমানান বা গরমিল রং। রং আনা—আদর্শ রঙের সাদৃশ্যে আনিয়া দাঁড় করান। রং উঠা—রং মুছিয়া যাওয়া ; রং অদৃশ্য হওয়া। প্র—রং উঠিয়া গিয়াছে। ২। রং বাহির হওয়া। প্র—"কাপড় ভিজাইয়া দিতে পাড়ের রং উঠিতে দেখা গেল। রং করা—রঙে ছোবান ; রঞ্জিত করা। খুদ রং, খোদ রং—আসল রং ; বস্তুর প্রকৃতি-জাত বা মূল রং। রং খোলা—রং প্রকাশ পাওয়া ; রং শোভা পাওয়া। রং গোলা—জলে রঙের গুঁড়া বা বড়ী মিশ্রিত করা ; রং গুলিয়া জল রঞ্জিত করা।

রংওয়ারি-জমা [জমিদারী পরিঃ] বি, যে সকল জমিতে দুই প্রকার ফসল উৎপন্ন হয়, কোন কোন পরগণায় (হোসেনসাহী পরগণায়) সেই সকল জমির উপর দুই হারে ও খাজনা ধরা হয়। প্রজার নামেও এক জমিই দুই ফসলের জন্য দুই কর ধরা হয় এবং তাহাকে রংওয়ারি জমা বলে।

রক (ক্) [তুর্কী—রওআক্] বি, পাকাদালান ; বাড়ীর সম্মুখস্থ বসিবার স্থান।

রকম (ম্) [আ—রকম্] বি, মত ; প্রকার। ২। ধরণ ; রীতি। ৩। অঙ্করাশি। ৪। ভাগ ; অংশ। রকম রকম—নানা প্রকার ; বিবিধ। প্র—"অতিথ আসবে রকম রকম"—গান। হরেক রকম—প্রত্যেক বিধ ; বহু ও বিবিধ প্রকার। কি রকম—কি প্রকার ; কেমন। রকম সকম—ভাবভঙ্গী ; হাবভাব।

রকমওয়ারি, রকমারি (ম্) [রকম (দ্রঃ) + বারি] বিণ, নানারকম ; বিভিন্ন প্রকার ; রকম রকম। ২। অ, ভিন্ন ভিন্ন প্রকার ; বিবিধ রকম ; হরেক রকম।

রকবা (ক্) [ফা—রক্বা] বি, ভূমির বর্গ পরিমাণ ; area. ২। জরিপ।

রক্ত [রন্জ্ (রং করা) + ত (করণে—ক্ত)] বি, রুধির ; শোণিত ; blood. ২। বংশ ; কুল। ৩। শোণিত বর্ণ ; লোহিতবর্ণ। ৪। তাম্র। ৫। সিন্দূর। ৬। হিঙ্গুল। ৭। কুঙ্কুম। ৮। পদ্মকাঠ। ৯। হস্তীর দেহে রক্ত বর্ণ বিন্দু বিন্দু চিহ্ন। ১০। [কর্মে—ক্ত] বিণ, যাহাকে রং করা হইয়াছে রঞ্জিত। ১১। অনুরক্ত ; আসক্ত। ১২। রুষ্ট। পদ্যে—রকত=রক্ত। ২। লালবর্ণ ; রক্তবর্ণ। প্র—রকত উৎপল শোভিত পানিফল"—শূ-পু। রক্ত অতিসার—রক্তভেদ ; ব্যাধিবিশেষ। রক্তআঁখি—বিণ, লাল চক্ষু। ২। রোষকষায়িত লোচন। রক্ত গরম—উত্তেজিত। ২। রোষদীপ্ত। রক্ত-লোচন—বিণ, রক্ত আঁখি। রক্ত চড়া—রক্ত মস্তিষ্কে উঠা ; শোণিত ঊর্দ্ধগত হওয়া। রক্তছুটা, ছোটা—রক্তস্রাব হওয়া। রক্তদর্শন—অস্ত্রাঘাতে হত্যাকরণ ; রক্ত-পাত। রক্তনেত্র—রক্ত আঁখি দ্রঃ। রক্তপড়া—শরীরের কোন স্থান ক্ষত হইয়া রক্ত বহির্গত হওয়া। রক্তপাত—রক্তপতন। ২। কাটিয়া রক্ত নিঃসারণ। ৩। অস্ত্রাঘাতে হত্যা। রক্তপান—কোন জীবকে হত্যা করিয়া তাহার শোণিত পান। ২। রক্তপাত দ্বারা হত্যা। রক্তপিণ্ড—রক্তের চাপ ; জমাট রক্ত। রক্তবমন—রক্তপিত্ত (দ্রঃ) রোগ। রক্তবন্ধ করা—রক্তস্রাব বা পতন রহিত করা। রক্তবর্ণ—রক্তের মত। লাল রঙ্গ। রক্ত প্রদর—রক্তস্রাব ঘটিত প্রদরবিশেষ ; bloody catamenia. রক্ত-বহা নাড়ী—ধমনী। রক্তভাঙ্গা—প্রসবান্তে ফুল পড়িবার পর জরায়ু হইতে যে অল্প অল্প রক্ত নির্গত হয় ; lochia. ২। অতিরক্ত ; menorrhagia. ৩। জরায়ু হইতে রক্তস্রাব। রক্তমাংসের শরীর—রক্ত এবং মাংসময় দেহ অর্থাৎ সমস্ত অস্থি অথবা অন্য কঠিন পদার্থে গঠিত নয় সুতরাং কোমলতা বর্জ্জিতও নয় ; দয়ামায়া, করুণা, কাতরতা প্রভৃতির আধার। রক্তশোষণ—শোণিত চুষিয়া লওন। ২। রক্তপান। রক্তস্থালি—রক্তাশয় দ্রঃ। রক্তস্রাব, শ্রাব—শরীর হইতে রক্ত নির্গমন। ২। প্রসবের পর স্রোতের মত অবিশ্রান্ত রক্ত নির্গমন। রক্তস্বল্পতা—দেহে রক্ত কম হওয়া রোগ (বহুদিন রোগ ভোগ বা অতিরিক্ত শুক্র ক্ষরণ হেতু রক্তের লাল-কণাংশ

হ্রাস ও লবণাংশ বৃদ্ধি পাওয়ায় এই রোগের উৎপত্তি হয়) ; anaemia. **রক্ত হওয়া**—রজোদ্গম হওয়া ; স্ত্রীলোকের ঋতু হওয়া ; রক্তবৃদ্ধি পাওয়া।

রক্তকণ্ঠ (কন্‌ঠ) [রক্ত (মধুর) হইয়াছে কণ্ঠ (কণ্ঠ ধ্বনি) যাহার, বহু] বিণ, মধুর কণ্ঠ ; সুকণ্ঠ।

রক্তকন্দ, রক্তকন্দল (ল্) [রক্ত (লালবর্ণ) হইয়াছে, কন্দ (মূল) যাহার, বহু=রক্তকন্দ +ল (স্বার্থে)] বি, পুং, প্রবাল ; বিদ্রুম ; পলা।

রক্তকমল (ল্) [রক্ত (লালবর্ণ) যে কমল (পদ্ম)—কর্ম্মধা] বি, ক্লী, লাল পদ্ম ; কোকনদ।

রক্তকম্বল (ল্) বি, ক্লী, রক্তোৎপল ; লালবর্ণ কুমুদ ফুল ; nymphoea lotus.

রক্তকরবীর (বীর্) বি, পুং, লাল করবী ; nerium odorum.

রক্তকাঞ্চন (ন্) বি, পুং, লাল কাঞ্চন নামক পুষ্প ; হি—কচনার ; bauhinia variegata.

রক্তকুমুদ [রক্ত (রক্তবর্ণ) যে কুমুদ (হেলা ফুল) কর্ম্মধা] বি, ক্লী, লাল কুমুদ ; রক্তকম্বল।

রক্তকুরুণ্টক (ক্) বি, পুং লাল ঝাটী ফুল। barleria prionitis.

রক্তকোকনদ (দ্) [রক্ত (রক্তবর্ণ) কোকনদ (পদ্ম)—কর্ম্মধা] বি, ক্লী, রক্তপদ্ম।

রক্তখদির (খোদির্) বি, পুং, লালবর্ণ খয়ের ; acacia catechu.

রক্তগঙ্গা [প্রাদে] বি, রক্তের নদী। প্র—হাত কেটে রক্ত গঙ্গা হয়ে গেছে। ২। খুনোখুনি ; রক্তারক্তি। ক্রি, **রক্ত গঙ্গা করা**—কাটাকাটি, রক্তারক্তি করা।

রক্তঘ্ন [রক্ত—ঘ্ন (যে নাশ করে)] বি, পুং, রোহিতক গাছ ; রয়না গাছ। স্ত্রী, **রক্তঘ্নী**—দূর্ব্বা।

রক্তচন্দন (ন্) [রক্ত (লালবর্ণ) যে চন্দন (চন্দনকাষ্ঠ)—কর্ম্মধা] বি, ক্লী, রক্তবর্ণ চন্দন কাষ্ঠ ; লালচন্দন ; pterocarpus santalinus.

রক্তচিতা [সং—রক্তচিত্রক] বি, রাংচিতা ; রাংচিত্র গাছ। প্র—"আমার হৃদয় এক দগ্ধ চিতা ভূমি। তাহাতে ফুটিয়াছিল রক্তচিতা ফুল॥"—ফুলরেণু।

রক্তচিত্রক (চিৎত্রক্) বি, পুং, রক্তচিতা ; রাংচিতা গাছ ; plumbago rosea.

রক্তচূর্ণ [রক্ত (লালবর্ণ) যে চূর্ণ (গুঁড়া)—কর্ম্মধা] বি, ক্লী, রক্তবর্ণ গুঁড়া ; লালগুঁড়া। ২। সিন্দূর।

রক্তজবা [রক্ত (লাল) জবা (জবাফুল)] বি, লাল জবাফুল।

রক্তজ্বরা [রক্ত (হেতু) জ্বরা (জ্বর)—ম-প লো, কর্ম্মধা। প্রা] বি, কোন কঠিন রোগ হইতে মুক্ত হইবার পর শরীরে যে নূতন রক্ত উৎপন্ন হয়, দুর্ব্বল দেহে সেই নূতন রক্তের আধিক্য-জনিত জ্বর।

রক্তজিহ্ব (রক্তজ্‌জিভ.) [রক্ত (লালবর্ণ) হইয়াছে জিহ্বা (জিভ) যাহার, বহু] বিণ, লালবর্ণ জিহ্বাবিশিষ্ট। ২। বি, পুং, সিংহ।

রক্তঝাবুক (ক্) বি, লাল ঝাউগাছ।

রক্তত্রিবৃৎ [সং] বি, স্ত্রী, লাল তেউড়ী ; ipomoea turpethum.

রক্তদন্তী, রক্তদন্তিকা (দো) [রক্ত (লালবর্ণ) হইয়াছে দন্ত দাঁত যাহার, বহু—ঈপ্, স্ত্রী=রক্তদন্তী+ক (স্বার্থে) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, ভগবতীর মূর্ত্তিভেদ। ২। আঘাতাদিতে দন্ত উৎপাটন হেতু যে স্ত্রীর রক্তপূর্ণ মুখ। ৩। শোণিত পানে যাহার রক্তময় দন্ত।

রক্তদোষ (ষ্) বি, শরীরস্থ রক্তের দূষিত অবস্থা ; শোণিত বিকার।

রক্তধাতু [রক্ত (লালবর্ণ) যে ধাতু (আকর জাত)—কর্ম্মধা] বি, পুং, শরীরস্থ শোণিত ধাতু। ২। গিরিমাটি।

রক্তপ [রক্ত (রুধির) প (যে পান করে)] বিণ, রক্তপায়ী ; শোণিত পানকারী রাক্ষস। স্ত্রী, **রক্তপা**—রাক্ষসী ; ডাকিনী। ২। ২। জোঁক।

রক্তপত্রিকা (পোৎত্রিকা) [রক্তবর্ণ যে পত্রিকা (পাতা) কর্ম্মধা] বি, স্ত্রী, লালবর্ণ পাতা। ২। [রক্ত (লালবর্ণ) হইয়াছে পত্রিকা (পাতা) যাহার, বহু] বি, স্ত্রী, রক্তপুনর্নবা boerhavia diffusa. ২। নাকুলী ; রাস্না ; vanda roxburghii.

রক্তপদ্ম (পদ্দঁ) বি, লালপদ্ম ; রক্তকমল ; nymphoea lotus.

রক্তপল্লব (ব্) [রক্ত (লালবর্ণ) হইয়াছে পল্লব (পাতা) যাহার, বহু] বি, পুং, অশোক বৃক্ষ।

রক্তপাদ (দ্) [রক্ত (লালবর্ণ) পাদ যাহার, বহু] বিণ, যাহার পা লালবর্ণ। ২। বি, শুকপক্ষী। স্ত্রী, **রক্তপাদী**—হংসপাদী লতা ; vitis pedata. ২। লজ্জালু লতা ; mimosa pudica.

রক্তপায়ী [রক্ত (রুধির) পা (পান করা) + ইন্ (কর্ত্তৃ, শীলার্থে—ণিন্) রক্তপায়িন্ ১মা, ১ব] বি, পুং, ছারপোকা, উকুন, মশকাদি রক্ত-পানকারী জীব। ২। বিণ, শোণিত পানকারী। স্ত্রী, **রক্তপায়িনী**—জলৌকা ; জোঁক।

রক্তপিণ্ডালু [হি—রক্তালু, রক্তারু] বি, স্ত্রী, লাল চুবড়ি আলু ; dioscorea sativa.

রক্তপিত্ত [রক্ত (রক্তাধিক্য) হইয়াছে পিত্ত (শরীরস্থ ধাতু) যাহাতে—বহু] বি, পুং, পিত্ত বিকারজনিত দূষিত রক্তাধিক্য ; পিত্তদোষ হেতু রক্তবমন রোগ ; haematemesis. ২। মহাব্যাধি অর্থাৎ কুষ্ঠ রোগের পূর্ব্বলক্ষণ স্বরূপ অঙ্গে লাল লাল চিহ্ন প্রকাশ।

রক্তপুষ্প [রক্ত—পুষ্প] বি, রক্তবর্ণ ফুল। ২। রক্তবর্ণ বলিয়া রক্ত কাঞ্চন, বন্ধুক, পুন্নাগ, করবীর, দাড়িম্ব, শিমুল ও রক্তবক পুষ্প। স্ত্রী, **রক্তপুষ্পা**—শিমুলগাছ। (২)

রক্তপুষ্পী—রক্তজবা ; রক্তপাটলী বৃক্ষ।

রক্তপুষ্পিকা [সং] বি, স্ত্রী, লজ্জালু বৃক্ষ। ২। রক্তপুনর্নবা। ৩। ভূপাটলী ; টোকা-পানা।

রক্তফল (ল্) [সং] বি, বটগাছ। স্ত্রী, **রক্তফলা**—তেলাকুচা গাছ।

রক্তবাহী [রক্ত—বহ্ (বহন করা) + ইন (কর্ত্তৃ—ণিন) = বাহিন্ ১মা, ১ব] বিণ, শোণিত বহনকারী।

রক্তবীজ (জ্) [রক্ত (রুধির) হইয়াছে বীজ (উৎপত্তির কারণ) যাহার, বহু] বি, পুং শুম্ভ নিশুম্ভের সেনাপতি অসুরবিশেষ ; ইহার রক্তবিন্দু মৃত্তিকা স্পর্শ করিলেই তদাকার অসুর উৎপন্ন হয় বলিয়া এই নাম। ২। [রক্তবর্ণ বীজ (আঁঠি, দানা) যাহার, বহু] দাড়িম্ব। **রক্তবীজের বংশ**—বহুবিস্তৃত বংশ যাহা লোপ পায় না। ২। ছারপোকা।

রক্তমোক্ষণ (মোক্‌খন্) [রক্তের মোক্ষণ (মোচন)—৬তৎ] বি, ক্লী, অস্ত্রোপচার দ্বারা রক্তনিঃসৃত করণ ; শিরা কাটিয়া রক্ত বাহির করণ ; শোণিতস্রাব। **রক্তমোক্ষণ করা**—ফস্ত খোলা।

রক্তরেণু (নু) [রক্ত (লালবর্ণ) যে রেণু (ধূলি)—কর্ম্মধা] বি, ক্লী, লালবর্ণ গুঁড়া ; লোহিতবর্ণ চূর্ণ। ২। সিন্দূর। ৩। [রক্ত-বর্ণ হইয়াছে রেণু (পরাগ) যাহার, বহু] পলাশ পুষ্প। ৪। পুন্নাগবৃক্ষ।

রক্তলোচন (ন্) [রক্ত (লালবর্ণ) হইয়াছে লোচন (চক্ষুঃ) যাহার, বহু] বি, পুং, কপোত ; পায়রা। ২। রুদ্র। ৩। বিণ, রোষকষায়িত নেত্র।

রক্তশোষক (ক্) [রক্ত—শোষক (শোষণ-কারী)] বিণ, যে রক্ত শোষণ করে ; রক্ত শুষ্ককারী। ২। যে রক্ত চুষিয়া খায়। বি, **রক্তশোষণ**।

রক্তশোষা [প্রাদে। এই সরীসৃপ মানুষের প্রতি দৃষ্টি নিবদ্ধ করিয়া তাহার রক্ত শোষণ করে ও নিজে রক্ত শোষণ করত নিজ শরীর

রক্তিমাভ ধারণ করে এই বিশ্বাসে পূর্ব্ব বঙ্গে ইহার এই নাম] বি, পুং, কৃকলাস ; কাকলাস।

রক্তসন্ধ্যাক (শোনধক্) [রক্ত (লালবর্ণ) সন্ধ্যা হয় যাহা দ্বারা, বহ্] বি, ক্লী, রক্ত কহ্লার।

রক্তসরসিজ (শরশিজ্) বি, লাল পদ্ম ; রক্ত কমল। প্র—"রক্তসরসিজোপরি বসি পদ্মাসন করি পদতলে নব রবি দেখা।"—অ, ম।

রক্তসার (শার্) [রক্ত (লালবর্ণ) সার (স্থিরাংশ) যাহার, বহ্] বি, ক্লী, রক্ত চন্দনের কাষ্ঠ। ২। রক্ত খদির।

রক্তসাল (শাল্) [প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"রক্তসাল চন্দনসাল বুনেন এক ভিতে।" —শূ-পু।

রক্তহীন (ন্) [রক্ত দ্বারা হীন, ৩তৎ] বিণ, শোণিতশূন্য ; যাহাতে রক্ত নাই।

রক্তা [রক্ত (দ্রঃ) + আ (স্ত্রী)] বি, স্ত্রী, লাক্ষা। ২। কুঁচ ; গুঞ্জা।

রক্তাক্ত [রক্ত (রুধির) দ্বারা অক্ত বা আক্ত (লেপিত) ৩তৎ] বিণ, শোণিতমিশ্রিত। ২। রঞ্জিত। ৩। বি, রক্তচন্দন।

রক্তাক্ষ (রক্তাক্খ) [রক্ত (লালবর্ণ) অক্ষি (চক্ষুঃ) যাহার, বহ্। অক্ষি—অক্ষ] বি, পুং, লালবর্ণ চক্ষুবিশিষ্ট ; রক্তলোচন। ২। বি, পারাবত। ৩। মহিষ। ৪। চকোর। ৫। সারসপাখী। ৬। রোষকষায়িত চক্ষু। ৭। ক্রূর ব্যক্তি।

রক্তাঙ্গ [রক্ত (রক্তবর্ণ) অঙ্গ (দেহ) যাহার, বহ্] বিণ, রক্তবর্ণ দেহবিশিষ্ট। ২। কুঙ্কুম। ৩। মৎকুণ ; ছারপোকা। ৪। প্রবাল ; পলা। ৫। মঙ্গলগ্রহ। স্ত্রী, রক্তাঙ্গী—জীবন্তী। ২। মঞ্জিষ্ঠা। ৩। বিণ, যে স্ত্রীর অঙ্গ রক্তবর্ণ।

রক্তাতিসার (শার্) [রক্তের অতিসার (উদরাময়) ৬তৎ] বি, পুং, যে উদরাময় রোগে রক্তস্রাব হয়।

রক্তাধার (র্) [রক্তের আধার (আশ্রয়) ৬তৎ] বি, পুং, শোণিতের আধার ; চর্ম্ম।

রক্তাপহ [রক্ত—অপহ (যে নাশ করে)] বিণ, রক্তনাশক। ২। বি, গন্ধবোল ; খুনখারাপি।

রক্তাম্বর (র্) [রক্ত (লালবর্ণ) যে অম্বর (বস্ত্র) কর্ম্মধা] বি, ক্লী, লোহিত রঙ্গে রঞ্জিত বস্ত্র ; কাষায় বস্ত্র।

রক্তালু [রক্ত (বর্ণ) আলু] বি, পুং, শকরকন্দ আলু ; লাল আলু।

রক্তাশয় (য়) [রক্তের—আশয় (আধার) ৬তৎ] বি, পুং, হৃৎপিণ্ড ; blood vessel.

রক্তিকা (রো) [রক্ত (লালবর্ণ) + ক (সংজ্ঞার্থে)—আপ্, স্ত্রী] বি, স্ত্রী, গুঞ্জা ; কুঁচ। ২। লাল সরিষা।

রক্তিমা (রো) [রক্ত (শোণিত) + ইম (ভাবে —ইমন্) = রক্তিমন্ ১মা, ১ব] বি, পুং, রক্তবর্ণত্ব। ২। লাল আভা। বিণ, রক্তিম—লালাভ।

রক্তোৎপল (ল্) [রক্ত (লালবর্ণ) যে উৎপল (পদ্ম) কর্ম্মধা] বি, ক্লী, কোকনদ। ২। [রক্ত (লালবর্ণ) উৎপল (পুষ্প) যাহার, বহ্] বি, পুং, শিমুলগাছ।

রক্তোপল (ল্) [রক্ত (লালবর্ণ) যে উপল (প্রস্তর) কর্ম্মধা] বি, ক্লী, গৈরিক ; গিরিমাটি।

রক্ষ (রোক্খ) [রক্ষ্ (রক্ষা করা) + অ (কর্তৃ—অচ্)] বিণ, রক্ষাকর্ত্তা। ২। [ভাবে—অল্] বি, রক্ষা। ৩। রাক্ষস। প্র—"যক্ষ রক্ষ গন্ধর্ব্ব কিন্নর।" ৪। [রক্ষ (রক্ষা করা) + হি (লোপ অনুজ্ঞায়)] ক্রি, রক্ষা কর ; বাঁচাও। রক্ষা দ্রঃ।

রক্ষক (রোক্খোক্) [রক্ষ্ (রক্ষা করা) + অক (কর্তৃ)] বিণ, রক্ষাকর্ত্তা ; প্রাণরক্ষক ; ত্রাণকর্ত্তা। ২। রক্ষণাবেক্ষণকারী ; পাহারাওয়ালা ; দ্বারবান।

রক্ষণ (রোক্খোন্) [রক্ষ্ (রক্ষা করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, রক্ষা ; পরিত্রাণ ; পালন। ২। গোপন। ৩। [কর্তৃ—সংজ্ঞার্থে, অল্] বিণ, রক্ষক।

রক্ষণীয় (রোক্খোনিও) [রক্ষ্ (রক্ষা করা) + অনীয়, (কর্ম্মে)] বিণ, রক্ষণযোগ্য ; রক্ষণার্হ। ২। পালনার্হ ; প্রতিপাল্য। ৩। গোপ্য।

রক্ষঃ (রোক্খ) [রক্ষ্ (রক্ষা করা) + অস্ (অপা) যাহা হইতে যজ্ঞীয় হবি রক্ষিত হয় = রক্ষস্ ১মা, ১ব] বি, পুং, রাক্ষস। প্র—"তুমি রক্ষঃ-কুল-হন্তা জানকীজীবন"—চৈতন্য ভাগবত। "রক্ষ রক্ষঃ-কুল-মান এ কাল সমরে" —মেঘনাদ।

রক্ষা (রোক্খা) [রক্ষ্ (রক্ষা করা) + অ (অঙ, ভাবে)—আপ—স্ত্রী। প্রা-বাং পদ্যে —রক্খা। প্র—"কিরূপেত রক্খা পাইব সব লোক"—শূ. পু] বি, স্ত্রী, উদ্ধার ; ত্রাণ ; মুক্তি। ২। নিস্তার ; অব্যাহতি। ৩। স্বস্তি ; ধৈর্য্য ; শান্তি। প্র—"আর কি রক্ষা আছে কাপড়গুলা তক্তা হইতে নীচে ফেলিয়া দিয়া বলিলেন * * * আমি গরীব মানুষ তোমার খাঁই মেটাতে পারব না।"—ভারতী, ১৩২০। ৪। পালন। ৫। তত্ত্বাবধান। ৬। অ, বাঁচোয়া ; শুভ ; মঙ্গল ; ভাগ্য। এই অর্থে গ্রা—ব্যবহারে—"রক্ষে"। প্র—সে হঠাৎ সেখানে গিয়ে পড়েছিল তাই রক্ষে। ৭। [করণে অ] রাখী। প্র—রাখী বন্ধন। ৮। [হি-তে রাখ] ভস্ম।

রক্ষা [রক্ষ্ (রক্ষা করা) + আ (ক্রিয়ায়) বাং-পদ্যে। উ-পু—রক্ষি। ম-পু—রক্ষ। প্র-পু—রক্ষে। অস-ক্রি—রক্ষিতে ; রক্ষিয়া] ক্রি, রক্ষা করা ; বাঁচান। ২। উদ্ধার করা ; ত্রাণ করা।

রক্ষাধিকৃত (রোক্খাধিক্কৃত) [রক্ষা (রক্ষণ-কার্য্যে) অধিকৃত (নিযুক্ত) ৭তৎ] বিণ, রক্ষা কার্য্যে নিয়োজিত।

রক্ষামন্ত্র (রোক্খামোন্ত্র) [রক্ষার মন্ত্র, ৬তৎ] বি, প্রাণরক্ষাকর মন্ত্র ; যে মন্ত্রবলে, অনিষ্ট বা অমঙ্গল হইতে রক্ষা করে। প্র—"রক্ষামন্ত্র পড়ে, নিজে চুল ঝাড়ে"—চণ্ডীদাস।

রক্ষিকা (রো) [রক্ষা + ক—আপ্, স্ত্রী] বি, স্ত্রী, রাখি। ২। বিণ, রক্ষাকারিণী।

রক্ষিত (রো) [রক্ষ্ (রক্ষা করা) + ত (কর্ম্মে, ক্ত)] বিণ, যাহাকে রক্ষা করা হইয়াছে ; পরিত্রাত ; পালিত। ২। সংগোপিত। ৩। (রোক্খিত্) বি, পুং, জাতীয় উপাধি বা পদবীবিশেষ। স্ত্রী, রক্ষিতা।

রক্ষিতা (রো) [রক্ষ্ (রক্ষা করা) + তৃ (কর্তৃ, তৃচ্) = রক্ষিতৃ ১মা, ১ব] বিণ, রক্ষাকর্ত্তা ; ত্রাতা। স্ত্রী, রক্ষিত্রী।

রক্ষিতা [রক্ষিত (দ্রঃ) + আপ্—স্ত্রী] বিণ, পালিতা। ২। বি, স্ত্রী, উপপত্নী।

রক্ষিসৈন্য (রোক্খিশৈন্ন) [রক্ষি যে সৈন্য—কর্ম্মধা] বি, দেহরক্ষায় নিযুক্ত সৈন্য ; body guard. ২। নগরাদি রক্ষা কার্য্যে নিযুক্ত সৈন্য ; guard.

রক্ষী (রোক্খি) [রক্ষ্ (রক্ষা করা) + ইন্ (কর্তৃ—ণিন্) = রক্ষিন্ ১মা, ১ব] বিণ, রক্ষাকর্ত্তা।

রক্ষোজননী (রো) [রক্ষঃ (রাক্ষসের) জননী (মাতা) ৬তৎ] বি, স্ত্রী, রাক্ষস মাতা।

রক্ষ্য (রোক্খ) [রক্ষ্ (রক্ষা করা) + য (কর্ম্মে)] বিণ, রক্ষণযোগ্য ; রক্ষণীয়।

রগ (গ্) [ফা—রগ্] বি, কপালের উভয় দিকের শির। প্র—"তারসে মধুর প্রীতি মনে জাগে নিতি নিতি লগে লগে রগে রগে লাগে যেন টান।"—চন্দন। রগচটা—তীব্র স্বভাব ; কোপন স্বভাব ; রাগী ; রুক্ষ প্রকৃতি ; যাহার সহজেই ক্রোধের উদ্রেক হয় ; গরম মেজাজ।

রগড় (ড়) [দ্রগড় (ঢক্কাবিশেষ) শব্দজ] বি, ঢক্কাদিতে কাঠির ঘর্ষণ বা রগ্‌ড়া ; দগড়ে কাঠির আঘাত। প্র—"রগড় দিতে তিন লক্ষ কাঁসী"—কৃত্তি। ২। মর্দ্দন ; ডলা ; পেষণ। ৩। রহস্য ; কৌতুক। প্র—"তখন থেকেই দু'শ রগড় জমতে লাগল রস"—রজনী সেন।

রগড়া (গ্) [হি—রগ্‌ড়া] বি, পেষণ ; মর্দ্দন। প্র—"রস না হইবে করিলে রগড়া"—অ, ম। রগড়ারগড়ি—ঘষাঘষি ; একাধিক

হস্তদ্বারা বহুবার ঘর্ষণ বা মর্দন। ২। বহুল ব্যবহার। ৩। দ্রব্যাদির ক্রয়-বিক্রয় কালে দর দাম লইয়া কথা মাজা বা কথাকথি।

রগড়ান (রগ্‌ড়ানো) [হি—রগ্‌ড়না। উ-পু—রগড়াই। ম-পু—রগড়াও। প্র-পু—রগড়ায়। অস-ক্রি, রগড়াইতে ; রগড়াইয়া, রগড়ে (রো)] ক্রি, ঘর্ষণ করা ; ঘষা। ২। মর্দন করা ; ডলা। বি, **রগড়ানি**।

রগড়িয়া [গ্রা—রগুড়ে, রগড় দ্রঃ] বিণ, আমোদিয়া ; কৌতুকশীল। ২। [রগড়ান দ্রঃ] অস-ক্রি, ঘর্ষণ করিয়া।

রগরগ (গ্‌) [রগ (দ্রঃ)—কপালের প্রান্তস্থ শিরা + রগ (ঘাতপ্রতিঘাতার্থে দ্বিত্ব)। ঘোর লাল বা হলুদে রং চক্ষে পড়িলে চক্ষের সূক্ষ্ম শিরায় এবং রগে যেন আঘাত করিতে থাকে। (২) ফা—রোগন্ (বার্ণিশ)] বি, ঘোর লাল বা পীতবর্ণের তীব্রতানুভব। ২। বর্ণের বা আলোকের তীব্রতা হেতু রগের শিরার ক্ষতি। ৩। চক্‌চকে ভাব। **রগরগিয়া, রগরগে**—উগ্র বা তীব্র লাল বা হরিদ্রা বর্ণ। ২। তৈলাদি মর্দন হেতু চকমকে : চক্‌চকে। প্র—"তেলের বোতল লইয়া সকলে রগরগে করিয়া তেল মাখিয়া ঝুপ্‌ঝাপ্ করিয়া গঙ্গায় পড়িল" —টেকচাঁদ। তুল—ফা—রোগ্‌নী (তেল্লাল : মসৃণ, বার্ণিশ করা) ; oily ; greasy.

রঘু (রো [রধ্ (গমন করা) + উ (কর্তৃ)] বি, পুং, রাজা দিলীপের পুত্র ও সীতাপতি রামচন্দ্রের প্রপিতামহ। ২। রঘুবংশীয় সন্তান ; অজরাজাদি রঘুবংশ। **রঘুকার**—রঘুবংশ নামক কাব্যপ্রণেতা ; কবি কালিদাস। **রঘুকুলতিলক**—[রঘুকুলের তিলক] বি, পুং, রামচন্দ্র। **রঘুনন্দন**—বি, পুং, রঘুর নন্দন' ; রঘুবংশজ সন্তান ; শ্রীরামচন্দ্র। ২। চৈতন্যদেবের সমসাময়িক স্মৃতিশাস্ত্রের সংগ্রহকারক নবদ্বীপের জনৈক প্রসিদ্ধ পণ্ডিত। **রঘুনাথ, রঘুপতি, রঘুবর, রঘুবংশতিলক**—বি, পুং, রামচন্দ্র।

রঘুবংশ (রো) [রঘু (রঘুনামক রাজা) তাঁহার বংশ (অন্বয়—কুল—সন্তান)—৬৩৭] বি, পুং, রঘুরাজবংশ ; সূর্য্যবংশ। ২। [রঘুর বংশ (বংশ বিবরণ) কথিত হইয়াছে যে গ্রন্থে, বহু] বি, ক্লী, মহাকবি কালিদাস প্রণীত মহাকাব্য।

রঙ (রং) [সং—রঙ্গ। রং দ্রঃ] বি, বর্ণ। ২। রঞ্জন দ্রব্য। ৩। রঙ্গ ; কৌতুক। **রঙ-করা**—রঞ্জিত করা ; রঙে ছোবান। ২। কৌতুক করা ; তামাসা করা ; ব্যঙ্গ করা।

রঙওয়ালা (ঙ্‌) বি, রঞ্জন দ্রব্যবিক্রেতা। ২। বস্ত্রাদি রঞ্জক।

রঙচঙ (রং চং)—রঙ্গ চঙ্গ দ্রঃ।

রঙচঙিআ (রংচোঙিয়া)—রঙ্গচঙ্গিয়া দ্রঃ

রঙদার (ঙ্‌,র্‌)—রঙ্গদার দ্রঃ।

রঙন (ন্‌)—রঙ্গন দ্রঃ।

রঙমহাল (ঙ্‌, ল্‌)—রঙ্গমহল দ্রঃ।

রঙান (নো)—রঙ্গান দ্রঃ।

রঙিন (রোঙিন্‌)—রঙ্গিন দ্রঃ।

রঙিল (রোঙিল্‌)—রঙ্গিল দ্রঃ।

রঙুআ (রো) [হি—রঙ্গুআ] বিণ রঙ্গকারী। ২। রঞ্জিত।

রঙ্ক [রন্‌ক্‌ (গমন করা) + অ (কর্তৃ)] বিণ, কৃপণ। প্র—"তুমি রঙ্ক নহ আমি নহিয়ে নির্দ্ধন।"—কাশী-মহাভারত। ২। দরিদ্র। প্র—"প্রণমিলা পর্ব্বত প্রভুব পদ দ্বন্দ্ব। রতন পাইয়া যেন রঙ্কের আনন্দ॥"—শিবায়ন। ৩। নীচ ; ইতর। "রঙ্ক দুঃখী নাহি জানি হেম ঘটে পীয়ে পানী নাট গীত সবাকার ঘরে॥" —কবিক। ৪। বিণ, মত্ত ; আতুর। প্র—"রতিরঙ্ক" (কবিক)।

রঙ্কিণী রোংকিনি) [সং] বিণ, ক্রীড়াশীলা ; লীলাময়ী। প্র—"রঙ্কিণী রঙ্কিণী যদি না কর উদ্ধার॥"—কবিক।

রঙ্কু (রো) [রম্‌ (ক্রীড়া করা) + উ (কর্তৃ—সংজ্ঞার্থে) নিপাতন সিদ্ধ] বি, পুং, কর্ব্বুর-বর্ণ-পৃষ্ঠদেশ মৃগবিশেষ। প্র—"রঙ্ক হয়ে রয়েছিনু রঙ্কু বধে রত" পাঠান্তরে—"রঙ্কু বধি রত ছিনু রঙ্গে হয়ে মত্ত।"—কবিক।

রঙ্গ (রংগ) [রন্‌জ্‌ (রং করা) + অ (করণে—ঘঞ্) যাহা দ্বারা রং করে। বি, পুং, রঞ্জক-দ্রব্য ; dye, ২। বর্ণ ; রঙ্। ৩। টঙ্কণ। ৪। খদিরসার। ৫। নাট্য ; নৃত্য গীত অভিনয়াদি। ৬। আমোদ ; আনন্দ ; প্র—"দেখেন বাহিরে গৌরী খেলিছেন রঙ্গে।"—অ, ম। ৭। হেলিয়া দুলিয়া ভাব ভঙ্গি প্রকাশ। প্র—"ভূত পিশাচ প্রমথ সঙ্গে ভৈরবগণ নাচত রঙ্গে।"—রামপ্রসাদ। ৮। [কর্ম্মে—ঘঞ্] নাট্যশালা। ৯। রণভূমি। প্র—হরি হরি হরি হরি বলি রণরঙ্গে। ঝাঁপ দিবে প্রাণ আজি সমর তরঙ্গে॥"—বঙ্কিম। ১০। ত্রপু ; রাঙ্ ধাতু ; টিন ; tin.

রঙ্গ (রংগ) [ফা—রঙ্গ্] বি, কৌতুক : তামাসা। প্র—"সারাটি জীবন কেবল রঙ্গ করিয়াই কাটাইল ; সং সেজে আসরে এসে কত রঙ্গই করে গেল।" ২। রসরঙ্গ। প্র—"ত্রিভঙ্গ কি রঙ্গ জানে"—গান। ৩। সাধ ; সখ। প্র—"কি রঙ্গে অঙ্গনা-বেশ ধরিলি দুর্ম্মতি"—মেঘনাদ। ৪। মজা ; আনন্দ। প্র—"কুরঙ্গিনী সঙ্গে রঙ্গে নাচিতাম বনে।" —মেঘনাদ। "চৌরী পিরিতি হোয় লাখ গুণ রঙ্গ।"—বি, প। "মধুর বহিবে বায়ু ভেসে যাব রঙ্গে।"—বঙ্কিম। ৫। বিণ, রমণীয় : সুন্দর। প্র—"রঙ্গ পয়োধর অতি ভেল গোর।"—বি, প। ৬। লীলা। প্র—"কত রঙ্গ জান শ্যামা রঙ্গময়ী মা আমার"—গান।

রঙ্গচঙ্গ বি, চিত্র বিচিত্র বর্ণ। ২। রহস্য কৌতুক। ৩। অঙ্গভঙ্গি। বিণ, **রঙ্গ-চঙ্গিয়া, রঙ্গচঙ্গে**—চিত্রবিচিত্র ; বিবিধ বর্ণে রঞ্জিত।

রঙ্গচিঙ্গা [প্রাদে] বি, যাহারা রঙ্গ দেখিতে ভালবাসে এমন ছেলে ছোক্‌রা ; চেঙ্গড়া। প্র—"দূর হৈতে শুনা যায় মহেশের শিঙ্গা। শিব এল বলে ধায় যত রঙ্গচিঙ্গা॥"—অ, ম।

রঙ্গজ [রঙ্গ (রাঙ্) হইতে জ (যে জন্মে)] বি, ক্লী, সিন্দূর ; সিঁদুর। ২। টিননির্ম্মিত।

রঙ্গজীবক (ক্‌) [রঙ্গ (নাট্যশালা) দ্বারা জীবক (যে জীবিকানির্ব্বাহ করে)] বি, পুং, নাট্যকারক ; অভিনেতৃবর্গ। ২। চিত্রকর। ৩। যাহারা টিনের কাজ করে।

রঙ্গঢঙ্গ—বি, রঙ্গ তামাসা ; অঙ্গভঙ্গি ; রহস্য কৌতুক।

রঙ্গণ (ন্‌) বি, রাঙ্গন ফুল ; রক্তবর্ণ পুষ্প ; পুষ্প-ক্ষুপবিশেষ ; ixoracoccinea. প্র—"রঙ্গণ মালতী কুন্দ করবীর অরবিন্দ থরে থরে লাগয়ে তাহাতে।"—চণ্ডীদাস। "বোঁটা সহ রঙ্গণে—পূরিয়া দিল শর।"—ভারতচন্দ্র।

রঙ্গদ (দ্‌) বি, দস্তা ; tin ; zinc, স্ত্রী, **রঙ্গদা**—ফট্‌কিরি ; alum.

রঙ্গদার (র্‌) [হি] বিণ, রঙ্গকারী ; রঙ্গিল ; কৌতুকপ্রিয় ; মজাদার। ২। রঙ্গযুক্ত ; রঙ্গিন। ৩। রঙ্গনির্ম্মিত।

রঙ্গদেবী [সং] বি, স্ত্রী, বয়স্যা ; সখী।

রঙ্গন (ন) [রন্‌জ্‌ (রং করা) + অন (অনট্—ভাবে)] বি, ক্লী, চিত্রকরণ। ২। পুষ্পবিশেষ : রাঙ্গন ফুল। প্র—"গড়িল পারুল ফুলে তূণ মনোহর। বোঁটা সহ রঙ্গনে পূরিয়া দিল শর॥" "কিংশুক কাঞ্চন পলাশ আর রঙ্গন, হেরে গোল গোল গোলাপ গেঁদা ;"—গান (মতি রায়)।

রঙ্গপ্রিয় (রংগপ্‌প্রিঅ) [রঙ্গ (কৌতুক) প্রিয় যাহার, বহু] বিণ, কৌতুকপ্রিয় ; যে রঙ্গ তামাসা ভালবাসে। স্ত্রী,—**রঙ্গপ্রিয়া**। বি, **রঙ্গপ্রিয়তা**।

রঙ্গভঙ্গ—বি, কৌতুক। ২। হাবভাব ; অঙ্গভঙ্গি।

রঙ্গভূতি [রঙ্গ (নৃত্যগীতাদি) দ্বারা ভূতি (যে রাত্রি অতিবাহিত হয়)] বি, স্ত্রী, কোজাগর পূর্ণিমা।

রঙ্গভূমি [রঙ্গের ভূমি (স্থান)—৬৩৭] বি, স্ত্রী, নাট্যশালা। ২। রণস্থল। ৩। মল্লভূমি ; কুস্তির আড্ডা।

রঙ্গমঞ্চ [রঙ্গ (নৃত্যগীত অভিনয়াদি) মঞ্চ (স্থল)] বি. রঙ্গস্থল ; নাট্যমন্দির ; অভিনয় স্থল ; stage.

রঙ্গমল্লী (মো) বি. স্ত্রী. বীণা।

রঙ্গমহল (রংমোহোল্) [ফা—রঙ্গ্‌মহাল্] বি. মুসলমান বাদশাহদিগের বৈঠকখানা ; drawing room. ২। শয়নাগার ; sleeping apartment. ৩। নাচঘর ; নাটশালা।

রঙ্গমাণিক্য (নিক) [রঙ্গ (লাল) মাণিক্য (মণি)] বি. লোহিতক ; চুণি ; পদ্মরাগ মণি ; ruby.

রঙ্গমাতা [রঙ্গমাতৃ ১মা, ১ব] বি. স্ত্রী. দূতী ; কুট্টনী। ২। লাক্ষা ; লা।

রঙ্গরস (রশ্) [রঙ্গ (কৌতুক, পরিহাস) রস (আনন্দ)] বি. কৌতুকানন্দ ; হাস্য ; কৌতুক ; রসিকতা। প্র—"ব্রততী বাঁধিলে সাধে করি-পদ, যদি তার রঙ্গরসে মনঃ না দিয়া মাতঙ্গ যায় চলি,"—মেঘনাদ।

রঙ্গরেজ (জ্) [ফা—রঙ্গ্‌রেজ্] বি. মুসলমানজাতীয় রঙ্গাজীব ; রঞ্জক ; dyer. ২। সূত্র রঙ্গকারী মুসলমান জাতিবিশেষ। প্র—"বসন রঙ্গায়্যা নাম ধরে রঙ্গরেজ।"—কবিক।

রঙ্গশালা [সং] বি. নাট্যশালা ; নাচঘর ; অভিনয়গৃহ ; থিয়েটার।

রঙ্গসাজ (রংশাজ্) [ফা—রঙ্গ্‌সাজ] বি. বস্ত্রাদিরঞ্জক ; dyer. ২। চিত্রকর ; painter. ৩। রঞ্জকদ্রব্য প্রস্তুতকারী ; রঙ্গ-ব্যবসায়ী ; colour manufacturer.

রঙ্গস্থল (ল্) বি. রঙ্গভূমি ; মল্লভূমি। ২। অভিনয় স্থান ; নাট্যশালা।

রঙ্গাজীব (ব্) [রঙ্গ (নৃত্যগীতাদি) আজীব (জীবিকা) যাহার, বহু] বি, পুং, বস্ত্রাদি রঞ্জনকারী। ২। চিত্রকর। ৩। অভিনয়কারী ; নর্ত্তক। ৪। রঞ্জনদ্রব্য প্রস্তুতকারী ও ব্যবসায়ী ; colour manufacturer.

রঙ্গান (নো) [রঙ্গ+আন (ক্রিয়ায়)]। উ পু —রঙ্গাই। ম-পু—রঙ্গাও। প্র-পু—রঙ্গায়। অস-ক্রি—রঙ্গাইতে ; রঙ্গাইয়া] ক্রি. রঞ্জিত করা ; ছোবান।

রঙ্গাবতার (র্) [রঙ্গে (নাট্যশালায়) অবতার (নৃত্য গীতাদির জন্য গমন যাহার, বহু। ক যোগে **রঙ্গাবতরক**ও হয়] বি. পুং. নট ; সূত্রধার। স্ত্রী. **রঙ্গাবতরী**, **রঙ্গাবতারিকা**, **রঙ্গাবতারিণী**—নটী

রঙ্গালয় (য়) [রঙ্গের—আলয়,—৬তৎ] বি. অভিনয় ; নাট্যশালা।

রঙ্গিণী (রোংগিনি) বিণ. রঙ্গকারিণী ; আমোদিনী ; রঙ্গপ্রিয়া। প্র—"সঙ্গিনী বড় রঙ্গিণী নগনা সমান বেশ।"—রামপ্রসাদ। ২। অনুরাগিণী ; রক্তা। প্র—"সদা রঙ্গরসে তুমি রত, হে রঙ্গিণী।"—ব্রজাঙ্গনা। ৪। রঙ্গবিশিষ্ট।

রঙ্গিত (রো) [রঙ্গ—ইত] বিণ. ভূষিত। প্র—" তরঙ্গ ভঙ্গিত ভুজঙ্গ রঙ্গিত কপর্দ্দমর্দ্দিত জটাধর।"—অ, ম। ২। রঞ্জিত।

রঙ্গিন, রঙ্গীন (রোংগিন্) [রঙ্গ—ইন্ (যুক্তার্থে)] বিণ. রঙ্গবিশিষ্ট। ২। রঞ্জিত।

রঙ্গিমা (রো) [রঙ্গ+ইমন্ (ভাবে) =রঙ্গিমন্ ১মা, ১ব] বি. রসিকতা ; রঙ্গ। ২। শোভা ; মাধুর্য্য। প্র—"অকপট সরল হাসিতে কি রঙ্গিমা।"—অশোকগুচ্ছ।

রঙ্গিয়া (রো) [রঙ্গ+ইয়া] বিণ. রসিক ; রসিকা। প্র—"রঙ্গিয়া ডোমনী ভাল লক্ষ টাকা চায়।"—মনসামঙ্গল (কেতকাদাস)। ২। আমোদিয়া ; রঙ্গকারী ; সদানন্দ। প্র—"জয় জয় হর রঙ্গিয়া

রঙ্গিল, রঙ্গিলা (রো. ল্) [রঙ্গ+ইল (প্রত্যয়)] বিণ. রঞ্জিত ; রং-করা ; রঙ্গিন। প্র—"আশা সেই রঙ্গিল কাচ।"—কমলাকান্তের দপ্তর।

রঙ্গী (রো) [রঙ্গ (অনুরাগ) + ইন্ (অস্ত্যর্থে) —রঙ্গিন্ ১মা, ১ব] বিণ. রঙ্গবিশিষ্ট ; রঞ্জিত। প্র—"এ বয়সে রঙ্গী বুড়া জানে এত রঙ্গ। যুবাকালে না জানি কেমন ছিল চঙ্গ।"—শিবায়ন। ২। অনুরাগী। স্ত্রী. রঙ্গিণী।

রঙ্গীন (রোংগিন্) [ফা] বিণ. রংদার ; রঞ্জিত। প্র—রঙ্গীন কাচ ; রঙ্গীন কাপড়।

রচক (ক্) [রচন (দ্রঃ) + অক (কর্তৃ)] বি. রচনাকারী।

রচন (ন্) [রচ্ (সৃষ্টি করা, রচনা করা) + ণিচ্ = রচি + অন (ভাবে—অনট্)] বি. স্ত্রী. নির্ম্মাণ ; প্রস্তুতকরণ ; গঠন। ২। স্থাপন ; বিন্যাস। ৩। সজ্জিত করণ। ৪। গুম্ফন ; গ্রথন। ৫। ভূষণ। স্ত্রী. রচনা।

রচনা [রচন দ্রঃ] বি. স্ত্রী. রচন ; নির্ম্মাণ ; গঠন। ২। বিন্যাস। ৩। গুম্ফন ; গ্রন্থন। ৪। ভাব বা চিন্তা গদ্য পদ্যময় বাক্যে বা প্রবন্ধাকারে প্রকাশ ; প্রবন্ধ লিখন। প্র—"কুঞ্জকুটীরে অয়ি ভাবাকুল-লোচনা, ভূর্জ্জপাতায় নবগীত কর রচনা।"—রবি। ৫। প্রবন্ধ ; নিবন্ধ। ৬। বাক্য। প্র—"দূর কর প্রাণনাথ কপট রচনা।"—কবিক। বিণ. **রচনীয়**—রচনার যোগ্য। **রচনা করা**—নির্ম্মাণ করা ; গড়া। ২। কল্পনায় গড়িয়া তোলা। ৩। বাক্যবিন্যাস করা ; প্রবন্ধ লেখা। **রচনা-কৌশল**—রচনাপদ্ধতি ; রচনাপ্রণালী। **রচনা-নৈপুণ্য**—রচনা-দক্ষতা। **রচনা-পদ্ধতি**—গঠনপ্রণালী ; রচনার প্রথা। **রচনা-প্রণালী**—রচনা করিবার ধারা বা রীতি।

রচয়িতা [রচ্ (সৃষ্টি করা, রচনা করা) + ণিচ=রচি+তৃ (কর্ত্তৃ—তৃচ্)—রচয়িতৃ ১মা, ১ব] বিণ. যে রচনা করে ; নির্ম্মাতা ; রচনাকর্ত্তা ; স্রষ্টা। স্ত্রী. **রচয়িত্রী**।

রচা [সং—রচ্ (প্রণয়নে, করণে) ধাতুজ। উ-পু —রচি। ম-পু—রচ ; রচুন (রোচুন্) ; রচ্। অস-ক্রি—রচিতে ; রচিয়া, রচে (রো)। ণিজন্ত—রচান (নো)] ক্রি. রচনা করা ; নির্ম্মাণ করা। প্র—"কে রচিবে মধুচক্র মধুকর মধু বিনে।"—গিরিশ। "রচ মধুচক্র" —মেঘনাদ। ২। সৃষ্টি করা। প্র—"ভাব সেই একে যে রচিল এ সংসার ;"—ব্রহ্মসঙ্গীত। ৩। প্রবন্ধ লেখা ; চিন্তাকে ভাষায় প্রকাশ করা। ৪। কল্পনা করা ; মনে গড়া। প্র—"রাশি রাশি মিল করিয়াছ জড় রচিতেছ বসি পুঁথি বড় বড় মাথার উপরে বাড়ি পড় পড় তার খোঁজ রাখ কি?"—চয়নিকা। ৫। বিণ. রচিত ; মনঃকল্পিত। প্র—রচা কথা। [ব্রজ] রচয়ে—ক্রি. রচনা করে। প্র—"রাগ রচয়ে বসন্ত"—বি. প। **রচলহি** —রচনা করে। প্র—"আঁখ উপর তুহুঁ রচলহি আসন।"—রবি। **রচহ**—রচনা কর। ২। স্থির কর। প্র—"রচহ সজনি"—বি. প।

রচিত (রো) [রচ্ + ণিচ—রচি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. নির্ম্মিত ; গঠিত। ২। কৃত। ৩। গ্রথিত ; গুম্ফিত। প্র—"কুসুম রচিত চঞ্চল চিকুর বেণী"—গান। ৪। বিন্যস্ত ; অর্পিত। ৫। শোভিত ; পরিষ্কৃত।

রছি (রো) [গ্রা। হি—রস্‌সি হইতে, স=ছ] বি. রশি ; রজ্জু। প্র—"কাল হাকিমের জমাগাছি। অন্তরে বাহিরে রছি।"—গান।

রজ, রজঃ [রন্‌জ (রং করা) + অ (কর্ম্মে—অল্, অস্)] বি. ধূলি। ২। পরাগ ; ফুলের রেণু। ৩। স্ত্রীলোকের মাসিক রক্তস্রাব ; ঋতু ; menses. ৪। রজোগুণ ; ইচ্ছা দ্বেষ অহঙ্কার প্রভৃতির কারণ। প্র—"ত্রিগুণে তিনের জন্ম মাদক বলে মোহের ফলে। সত্ত্বে ধর্ম্ম তমে মর্ম্ম কর্ম্ম হয় মন রজ মিশালে॥"—রামপ্রসাদ।

রজঃকণা (রজকণা) বি. ধূলিকণা ; রেণু।

রজঃসারথি (রজশ্‌শারোথি) [রজস্ (ধূলির) সারথি (চালক)] বি. পুং. পবন ; বায়ু।

রজক (ক্) [রন্‌জ্ (রং করা) + অক (কর্তৃ)] বি. পুং. রঞ্জক ; বস্ত্রাদি রঞ্জনকারী। ২। বস্ত্র ধৌতকারী ; ধোবা। [দ্রঃ—পূর্ব্বকালে কাপড়ে রং করা রজকের কার্য্য ছিল এবং ময়লা কাপড় ধুইয়া পরিষ্কার করা "চৈলধাব" বা "চৈলনির্ণেজক" অর্থাৎ ধোবার কার্য্য ছিল। পরে বস্ত্ররঞ্জন কার্য্য রঙ্গরেজের

হস্তে যাওয়ায় বস্ত্র ধৌত করণ অর্থাৎ বস্ত্রের মলাপনয়ন মাত্র রজকের কর্ম্মের মধ্যে পরিগণিত হওয়ায় রজক অর্থে ধোবা বুঝাইতে থাকে]। স্ত্রী. রজকী—ধোবানী। পদাবলী সাহিত্যে—রজকিনী। প্র—"রজকিনী রামী"—চণ্ডীদাস। ২। রঙ্গকারিণী [অপ্র]।

রজত (ত্) [সং] বি. ক্লী. রৌপ্য ; silver. ২। [সং-তে—স্বর্ণ, হ্রদ, শোণিত, হস্তিদন্ত, কণ্ঠহার প্রভৃতি অর্থে প্রয়োগ আছে] বিণ. শুভ্রবর্ণ।

রজতকান্তি, রজৎকান্তি (ত্) [রজত (রৌপ্য) কান্তি। মাইকেল এই অর্থে "রজঃকান্তি" শব্দও ব্যবহার করিয়াছেন] বি. রৌপ্যবর্ণ ; রজতশুভ্র ; silverwhite. প্র—"—যথা উঠযে চটুলা সফরী, দেখাতে ধনী রজৎকান্তি ছটা বিভ্রম বিভাবসুরে।"—মেঘনাদ।

রজতগিরি (ত্) [রজতের গিরি—৬তৎ] বি. পুং. কৈলাস পর্ব্বত। রজতগিরিনিভ—বিণ. রজতময় পর্ব্বত সদৃশ। ২। কৈলাস পর্ব্বত সদৃশ।

রজতদ্যুতি (রজতদ্দুতি) [রজতের (রৌপ্যের) মত দ্যুতি (দীপ্তি) যাহার, বহু] বিণ. রজতশুভ্র ; রূপার ন্যায় আভাময়।

রজতধবল (ত্, ল) [রজতের ন্যায় ধবল ম-প-লো, কর্ম্মধা] বিণ. রজতশুভ্র ; silver-white.

রজতপ্রস্থ (প্রোস্থ) [রজত (শুভ্রবর্ণ) বা রৌপ্য নির্ম্মিত হইয়াছে প্রস্থ (পর্ব্বতের উপরিস্থ সমান ভূমি) যাহার, বহু] বি. পুং. কৈলাস পর্ব্বত।

রজতবরণ (ত্, ন্) [রজতের বরণ (বর্ণ) ৬তৎ, পদ্যে] বিণ. শুভ্রবর্ণ। স্ত্রী. রজতবরণী—শুভ্রবর্ণা ; সরস্বতী। প্র—"অমল ধবল কমলদলে বিমল রজতবরণী। আহা কি মধুর সুষমা সুন্দর প্রণমি বীণাবাদিনি॥"—গান।

রজতমূল্য (রজত্‌মুল্ল) [রজত পরিমাণ মূল্য ম-প-লো, কর্ম্মধা] বি. রৌপ্য মুদ্রার নির্দ্ধারিত মূল্য।

রজতাঙ্গুরীয় [রজত + অঙ্গুরীয়] বি. রূপার আঙ্‌টী।

রজতাচল (ল্) [রজত + অচল] বি. রজতগিরি দ্রঃ।

রজতাদ্রি (রজতাদ্‌দ্রি) [রজতের অদ্রি (পর্ব্বত)—৬তৎ] বি. রজতগিরি দ্রঃ ; কৈলাস পর্ব্বত।

রজন (ন্) [রন্‌জ্ (রং করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. রং করা। ২। চীড় বা তার্পিণ বৃক্ষের নির্য্যাস হইতে তার্পিণ তৈল নিষ্কাশিত করিবার পর যে কাইট অবশিষ্ট থাকে ; ধুনা ; resin.

রজনি, রজনী (রজোনি) [রন্‌জ্ (রং করা) + অনি—অনী] বি. স্ত্রী. রাত্রি।

রজনিকর, রজনীকর (র্) [রজনি—নী (রাত্রিতে) কর (কিরণ) যাহার, বহু, কিম্বা রজনি (রাত্রি) কর (করে অর্থাৎ যাহার উদয়ে রাত্রি হয়)] বি. পুং. নিশাকর ; চন্দ্র।

রজনীগন্ধ, রজনীগন্ধা [রজনী (রাত্রিতে) + গন্ধ, গন্ধা (গন্ধদা, যে গন্ধ দান করে)] বি. স্ত্রী. নিশাকালে সৌরভ বিকীর্ণকারী স্বনামখ্যাত শ্বেতবর্ণ পুষ্পবিশেষ ; polianthes tuberosa.

রজনিচর, রজনীচর (র্) [রজনি, নী (রাত্রিতে) চর (যে বিচরণ করে)] বি. পুং. রাত্রিচর। ২। রাক্ষস। ৩। তস্কর ; চৌর। ৪। দিবান্ধ প্রাণিগণ ; পেচক প্রভৃতি।

রজনীজল (ল্) [রজনী (রাত্রিতে) পতিত হয় যে জল] বি. ক্লী. শিশির ; নীহার ; নিশাজল দ্রঃ।

রজনিমুখ, রজনীমুখ (খ্) [রজনি—নী (রাত্রির) মুখ (প্রথম)—৬তৎ] বি. ক্লী. সূর্য্যের অস্ত সময় হইতে ৪ দণ্ডকাল ; নিশামুখ ; প্রদোষ ; সন্ধ্যাকাল।

রজনীযোগ (জোগ্) বি. রাত্রিকাল। ক্রি-বিণ. রজনীযোগে—রাত্রিতে।

রজনীহাস, —হাসা (শ্, শা) বি. স্ত্রী. শেফালিকা।

রজপুত (রোজপুত্) [রাজপুত্র শব্দজ] বি. হিন্দুজাতিবিশেষ। স্ত্রী. রজপুতনী।

রজস্বলা (রজশ্‌শলা) [রজস্ (স্ত্রী-ঋতু) + বল (বিদ্যমানার্থে) আপ্, স্ত্রী] বিণ. স্ত্রী. আর্ত্তবা ; ঋতুমতী ; পুষ্পবতী। পুং. রজস্বল—ধূলিময়। [দ্রঃ—কন্যার দশ হইতে পূর্ণ এগার বৎসর বয়স খাস কন্যা কাল, একাদশ বৎসর পূর্ণের পর হইতে পারিভাষিক রজস্বলাকাল। (সনাতনী) মতান্তরে দশম বর্ষ পর্য্যন্ত কন্যাকাল তারপর রজস্বলা কাল (দশমে কন্যকা প্রোক্তা অতঃ উর্দ্ধং রজস্বলা)]।

রজোগুণ (ন্) [রজঃগুণ দ্রঃ] বি. প্রকৃতির ধর্ম্মবিশেষ। প্র—"নিরাকার ব্রহ্ম তিন রূপেতে সাকার। সত্ত্বরজস্তমোগুণ প্রকৃতি তাহার॥ রজোগুণে বিধি তাহে লোভের উদয়। তমোগুণে শিবরূপ অহঙ্কারময়॥ রজোগুণে সৃষ্টি তাহে কেবল উদ্ভব।"—অন্নদামঙ্গল।

রজোহর (র্) [রজস্ (ময়লা) হর (যে হরণ করে)] বি. পুং. রজক ; ধোবা।

রজ্জু (রো) ["রজ্জুস্ত্রিষু বটী গুণঃ"—অমর] বি. স্ত্রী. পাশ ; বন্ধনী ; দড়ি। ২। বেণী বন্ধনের জন্য ছেঁড়া চুলের বিননী করা দড়ি।

রজ্জুবন্ধ (রো) [রজ্জু দ্বারা বদ্ধ, ৩তৎ] বিণ. পাশবদ্ধ ; যে বা যাহা দড়ি দিয়া বাঁধা আছে। স্ত্রী. রজ্জুবদ্ধা।

রজ্জুভ্রম (রোজ্জুব্‌ভ্রোম্) [রজ্জু বলিয়া ভ্রম, ম-প-লো, কর্ম্মধা] বি. যাহা রজ্জু নহে ভ্রান্তিবশতঃ তাহাকে রজ্জু মনে করা ; তাহা হইতে এক বস্তুতে অন্য বস্তুর কল্পনা ; অধ্যাস। সর্পে রজ্জুভ্রম—পতিত সর্পকে রজ্জু বলিয়া ভ্রম ; ন্যায় দর্শনে ইহা অধ্যাসের দৃষ্টান্ত।

রঞ্জই [রন্‌জ্ + ণিচ্—রঞ্জি। ব্রজ] ক্রি. রঞ্জিত করে ; রং করে। প্র—"নয়ন নলিনী দউ, অঞ্জনে রঞ্জই, ভাঙ্গ বিভঙ্গি বিলাস।"—বি, প।

রঞ্জক (ক্) [রন্‌জ্ + ণিচ্ = রঞ্জি (রং করা) + অক (কর্ত্তৃ)] বি. পুং. বস্ত্রাদির রং কারক। ২। অনুরাগজনক ; প্রীতিকারক ; আনন্দদায়ক। স্ত্রী. রঞ্জিকা। প্র—"লেখা ভালে অঞ্জনের রেখা ভৈরবীর ভালে যথা নয়নরঞ্জিকা শশিকলা—"—মেঘনাদ। ৩। ক্লী. হিঙ্গুল।

রঞ্জক (ক্) [রঞ্জ্ (মারণে—তুল—"রঞ্জয়তি মৃগান্" "রঞ্জয়তি পক্ষিণঃ")] বি. অগ্নিচূর্ণ ; বারুদ। রঞ্জকগৃহ, রঞ্জকঘর—বারুদ ঘর ; যে স্থানে বারুদ রক্ষিত হয়। রঞ্জকঘর—কামান বন্দুকাদির বারুদে আগুন দিবার মুখ বা রন্ধ্র।

রঞ্জন (ন্) [রঞ্জ + ণিচ্ = রঞ্জি (রং করান) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. বর্ণানুলেপন ; রং করণ। ২। তুষ্টি সম্পাদন ; মোহন ; অনুরাগ জনন ; প্রীণন। ৩। [কর্ত্তৃ—অন] বল্লভ। প্র—"দেহ বৈদেহীরে পুনঃ বৈদেহীরঞ্জনে॥"—মেঘনাদ। "কৌমুদী বিহনে যথা কুমুদরঞ্জন শশাঙ্ক।"—ঐ। ৪। রক্তচন্দন। প্র—"সাগরের ভালে সখি! এ কনকপুরী রঞ্জনের রেখা"—মেঘনাদ। ৫। বিণ. রমণ ; মোহন ; প্রীতিজনক ; আনন্দজনক। প্র—"রাজহংস দেখি এক নয়নরঞ্জন। চরণে বেড়িয়া তারে করিল বন্ধন॥"—বঙ্কিম (গান)। "ওহে প্রাণরমণ হৃদিরঞ্জন"—ব্রহ্মসঙ্গীত। স্ত্রী. রঞ্জনী—বি. নীলা। ২। মঞ্জিষ্ঠা। ৩। হরিদ্রা। ৪। শেফালিকা। ৫। হরিদ্রাপর্পটী। ৬। বিণ. রঞ্জন- কারিণী। ক্রি. রঞ্জা—রঞ্জিত করা। ২। তুষ্টি সম্পাদন করা।

রঞ্জনক (ক্) বি. কটফল।

রঞ্জিত (রো) [রঞ্জ + ণিচ্ = রঞ্জি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা রং করা হইয়াছে ; রঙ্গান ; ছোপান ; বর্ণানুলেপিত। ২। মোহিত। ৩। কল্পিত ; কল্পনার সাহায্যে বিস্তারিত বা বিকৃত। আধিক্যার্থে—অতিরঞ্জিত।

রঞ্জিত করা—রঙে ছোপান। ২। আকার দেওয়া ; কোন বিশেষভাবে বা ধরণে দাঁড় করান ; to give colour to. অতিরঞ্জিত করা—বর্ণনায় অতিরিক্ত কল্পনা করিয়া বিস্তারিত করা।

রটন (ন্) [রট্ (বলা)+অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, কথন। ২। প্রচার ; ঘোষণা। ৩। বিবরণ। ৪। খ্যাতি।

রটনা [রটন (দ্রঃ)+আপ্—স্ত্রী] বি, প্রচার ; কীর্তন। আধু-বাং-য়—প্রায়ই কদর্থে ব্যবহার। প্র—অপবাদ রটনা। রটনা করা—প্রচার করা।

রটন্তী (টো) [রট্ (বলা)+অৎ (কর্তৃ—শতৃ) ঈপ্, স্ত্রী। গ্রা—রটুন্তী] বি, স্ত্রী, মাঘ মাসের কৃষ্ণা চতুর্দ্দশী।

রটা [সং—রট্ (কথনে) হি—রটনা (প্রচারিত হওয়া)। প্র-পু—রটে। অস-ক্রি—রটিতে : রটিয়া, রটে (রো)। ণিজন্ত—রটান (নো)] ক্রি, কথিত হওয়া ; প্রচারিত হওয়া ; ঘোষিত হওয়া। প্র—"যা রটে তা বটে"—প্রবচন। "কৌতুকে রামপ্রসাদ রটে ব্রহ্মময়ী সর্ব্বঘটে"—রামপ্রসাদ। ২। পুনঃ পুনঃ আবৃত্তি করা ; মুখস্থ করা।

রটান (নো) [রটা (দ্রঃ) র ণিজন্তরূপ। উ-পু—রটাই। ম-পু—রটাও ; রটান্ ; রটা। অস-ক্রি—রটাইতে ; রটাইয়া, রটিয়ে] ক্রি, প্রচার করা ; ঘোষণা করা ; কীর্ত্তন করা। "মার আহ্বান বাণী রটাও ভুবন মাঝে"—রবি। ২। [কদর্থে। আধু-বাং-য় প্রচরদ্রূপ] মন্দ বিষয়ের প্রচার ; নিন্দার কথা সাধারণের গোচর করা ; অপবাদ ঘোষণা করা। প্র—"লোকে কলঙ্ক রটালে"—গান। ৩। প্রার্থনা করা। প্র—করপুটে এ সঙ্কটে, কাতর কিঙ্করে রটে, উর ঘটে, পুর অভিলাষ।"—ঘনরাম। বি, রটানি। বিণ, রটানিয়া, রটানে—যে রটায় ; রটনাকারী। [ব্রজ] রটই, রটতি—বাদ্য করে ; বাজে। প্র—"রণরণি কঙ্কণ কিঙ্কিণী রটই"—বি. প। "রটতি রবাব।"—ঐ। রটতহি—রব করে ; ধ্বনি করে ; উচ্চারণ করে। প্র—"রাধা রাধা রটতহি"—বি. প।

রটিত (রো) [রট্ (বলা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উক্ত ; কথিত। ২। প্রচারিত। ৩। প্রসিদ্ধ ; খ্যাত।

রটোর (র্) বি, স্বর্ণকারের যন্ত্রবিশেষ।

রড় (ড্) বি, দৌড় ; ছুট। প্র—"ভঙ্গী দেখি ভয় পেয়ে ভীম দিল রড়।"—শিবায়ন। "বিপাকে চত্বর ছাড়ি প্রজা দিল রড়"—কবিক।

রড়া [প্রা-বাং] ক্রি, দৌড়ন ; ছুট দেওয়া।

রড়া [প্রাদে] বি, ঘুটিং পোড়াইয়া চূণ তৈয়ার করিবার পর যে অদগ্ধ ঘুটিং পড়িয়া থাকে।

রড়ারড়ী (রড়ারোড়ি) [রড় দ্রঃ] ক্রি-বিণ, দৌড়াদৌড়ি। প্র—"দুর্ব্বলার ডাকে লীলা আইসে রড়ারড়ী"—কবিক। "করে চড়াচড়ি ধায় রড়ারড়ি কিলাকিলি গণ্ডগোল।"—অ, ম। ২। তাড়াতাড়ি ; দ্রুতগতি ; সত্বর ; ত্বরায়। প্র—"পৈতৃক বিষয় গেল আসি রড়ারড়ি।"—ভাগবত (রাধাকৃষ্ণদাস)।

রড়ে [রড় দ্রঃ] ক্রি-বিণ, বেগে। প্র—"ক্ষণে উঠে ক্ষণে বৈসে ক্ষণে ধায় রড়ে। আশে পাশে ঠেকিয়া সে ঘুরে ঘুরে পড়ে॥"—কবিক। ২। [অসমাপিকা ক্রিয়া] দৌড়িয়া। প্র—"একদৃষ্টে চাহে বীর যত দড়ে রড়ে জড় সবে হয় স্থানে স্থানে"—মেঘনাদ।

রণ (ন) [রণ্ (শব্দ করা)+অ (অধি—অল্, সংজ্ঞার্থে)] বি, সংগ্রাম ; যুদ্ধ ; সমর ; লড়াই। প্র—"মোগল মাঝতে রণ অনিবার।"—অ, ম। ২। [ভাবে—অল্] পুং, গমন। রণকুশল—বিণ, সমরদক্ষ ; যুদ্ধনিপুণ। স্ত্রী, রণকুশলা। রণকৌশল—বি, রণচাতুর্য্য ; সমরনৈপুণ্য। বিণ, রণকৌশলী। রণনিপুণ—বিণ, সমরকুশল ; রণদক্ষ। স্ত্রী, রণনিপুণা। রণনৈপুণ্য—বি, সমরদক্ষতা ; সংগ্রামপটুতা ; যুদ্ধকৌশল। রণপণ্ডিত—বিণ, রণনিপুণ ; সমরকুশল। স্ত্রী, রণপণ্ডিতা। বি, রণপাণ্ডিত্য।

রণৎ [রণ্ (শব্দ করা)+অৎ (কর্তৃ—শতৃ)] বিণ, শব্দায়মান।

রণতরঙ্গ [রণের তরঙ্গ, ৬তৎ। রূপকার্থে] বি, সমররূপ সমুদ্রের ঢেউ। প্র—"রুধির অঙ্গে রণতরঙ্গে নাচিছে শিবে যোগিনী সঙ্গে।"—গান (কালী মির্জ্জা)।

রণতরি (রণতোরি) [রণের (যুদ্ধের) তরি (পোত)—৬তৎ] বি, স্ত্রী, যুদ্ধ-জাহাজ।

রণতূর্য্য (রণতূর্জ) [রণ—তূর্য্য] বি, সমরবাদ্য ; রণভেরী ; সৈন্যগণের উৎসাহজনক বাদ্য ধ্বনিকর বিবিধযন্ত্র।

রণৎকার (র্) বি, অনুকার শব্দ ; রণন ; রণরণি ; রণরণ্ শব্দ ; ঝণৎকার।

রণধীর (রণধির্) [রণে ধীর, ৭তৎ] বিণ, যুদ্ধে অবিচলিত চিত্ত ; মহাবীর।

রণন (নন) বি, অনুকার শব্দ। প্র—"ঝনন রণন স্বর্ণতন্ত্র"—রবি।

রণপা (ন্) [রণ (দ্রুতগমন) পা (চরণ) দ্রুতগমন সাধন চরণ] বি, দ্রুত গমনোপযোগী দীর্ঘ যষ্টিদ্বয় বিশেষ। পূর্ব্বে ডাকাতগণ রণপা সাহায্যে অল্প সময়ের মধ্যে দূর স্থানে গমনাগমন করিত।

রণপোত (ন, ত্) বি, যে পোতারোহণ করিয়া সৈন্যগণ জলযুদ্ধ করে ; গোলা বারুদ কামান প্রভৃতি যুদ্ধোপকরণবাহী জাহাজ।

রণপ্রিয় (রনপ্প্রিয়) [রণ প্রিয় যাহার, বহ] বিণ, যুদ্ধ করিতে যে ভালবাসে ; রণে যাহার আনন্দ ; বীর।

রণশৃঙ্গ (রণশৃঙ্গ) [রণের শৃঙ্গ (ভেরী) ৬তৎ] বি, রণভেরী ; রামশিঙ্গা।

রণবেশ (রণবেশ্) [রণের বেশ, ৬তৎ] বি, সমরসজ্জা।

রণবাদ্য (রনবাদ্দ) [রণের বাদ্য, ৬তৎ] বি, যুদ্ধকালীন বাদিত হয় যে বাদ্যযন্ত্র ; যুদ্ধের বাজনা।

রণভঙ্গ (ন) [রণে ভঙ্গ] বিণ, সংগ্রামস্থল হইতে পলায়িত। ২। সংগ্রামবিরত।

রণভূমি (ন্) [রণের—ভূমি (ক্ষেত্র)] বি, সংগ্রাম স্থল ; যুদ্ধক্ষেত্র।

রণভেরি,—ভেরী [রণের ভেরী] রণে আহ্বান সূচক বাদ্যকারী শুষির যন্ত্র ; বি, রণশৃঙ্গ ; রামশিঙ্গা ; bugle.

রণমত্ত (ন) [রণে মত্ত, ৭তৎ] বিণ, সমরে যে মাতিয়াছে ; সংগ্রামরত। স্ত্রী, রণমত্তা।

রণমুখ (রনমুখ্) [বিণ, যুদ্ধোন্মুখ ; সংগ্রামোৎসুক। ২। [লক্ষণায়] উগ্রচণ্ড মূর্ত্তি। স্ত্রী, রণমুখী।

রণযাত্রা (রণজাৎত্রা) [রণ হেতু যাত্রা, ৫তৎ] বি, সংগ্রাম করিবার জন্য গমন ; যুদ্ধযাত্রা ; অভিযান।

রণরঙ্ক (ন্) [রণে (যুদ্ধে) রঙ্ক (কাতর) ৭তৎ] বিণ, যুদ্ধ কাতর ; সংগ্রামে অবসন্ন। ২। রণে অতৃপ্ত ; যুদ্ধ করিবার জন্য ব্যাকুল ; ৩। বি, রণকাতর হস্তী।

রণরঙ্কা (ন্) [রণে রঙ্কা (কাতর্য্য, অতৃপ্তি)] বি, ব্যাকুলতা ; যুদ্ধে অতৃপ্তি। প্র—"ব্যাঘ্রের সম্মুখে যেতে ছাগে যেন শঙ্কা। দেখি ধায় বৃকোদর সদা রণরঙ্কা।"—মহা-কাশী-আদি।

রণরঙ্গ (ন্) [রণ—রঙ্গ (আনন্দ)] বি, রণানন্দ। ২। সংগ্রামস্থল। ৩। রণোন্মত্ততা।

রণরঙ্গিণী (রনরোংগিনি) [রণে রঙ্গিণী] বিণ, রণপ্রিয়া ; রণমত্তা। প্র—"রণরঙ্গিণী তরল তরঙ্গিণী। শ্যামা হর মনোমোহিনী ও কে ভীমভঙ্গিনী।"—গান।

রণরণ (ন, ন) বি, অনুকার শব্দ। ২। মশকের পাখার শব্দ ; পনপন শব্দ। ৩। [রণরণ শব্দ করিয়া যে উড়িয়া বেড়ায়] বি, মশক। ৪। নষ্ট দ্রব্য হেতু অনুশোচনা। ৫। যুদ্ধাস্ত্রের ঝমাঝম শব্দ।

রণরণক (ক্) [রণ্ (শব্দ করা)—রণ (আতিশয্য অর্থে দ্বিত্ব) + ক] বি. অতিশয় উৎকণ্ঠা। স্ত্রী. রণরণিকা।

রণরণি (রনরোনি) [শব্দাত্মক] বি. যুদ্ধাস্ত্রের ঘাতপ্রতিঘাত শব্দ। ২। করচরণালঙ্কারের শিঞ্জন। প্র—"রণরণি কঙ্কণ কিঙ্কিণী।"—বি. প।

রণশয্যা (রনশোজ্‌জ্যা) বি. রণে পতিত বীরগণের মৃত্যুশয়ন; সমরক্ষেত্র রূপ শয্যা। রণশয্যাশায়ী—বিণ. সমরক্ষেত্রে পতিত: সমরশায়ী। স্ত্রী. রণশয্যাশায়িনী।

রণসঙ্কুল (রনশোংকুল্) [রণ (যুদ্ধ) দ্বারা সঙ্কুল (মিশ্রিত, ব্যাপৃত)—৩তৎ] বিণ. সংগ্রামময়: তুমুল যুদ্ধে ব্যাপৃত। ২। ঘোর সংগাম। ৩। হুড়াহুড়ি।

রণসজ্জা (রণশজ্জা) [রণের সজ্জা, ৬তৎ] বি. যুদ্ধসাজ: রণবেশ।

রণসাজ (রনশাজ্) বি. যুদ্ধসজ্জা: সংগ্রামবেশ: বীরবেশ।

রণস্তম্ভ (রনস্‌তম্ভ) বি. সমরজয়ের স্মারক স্তম্ভ: জয়স্তম্ভ; tower of victory. ২। চিতোর গড়।

রণস্থল (রনস্‌থল্) [রণের (যুদ্ধের) স্থল (স্থান) ৬তৎ] বি. ক্লী. যুদ্ধক্ষেত্র। প্র—"মা, রাবণ রাজা অন্তিমকালে রঘুনাথের রণস্থলে দুর্গা বলে ডেকে ছিল বদনে।"—গান।

রণাঙ্গন (রনাংগন্) [রণের—অঙ্গন (উঠান) ৬তৎ] বি. ক্লী. রণস্থল; সমরভূমি; যুদ্ধক্ষেত্র।

রণাভিযান (রনাভিজান্) [রণের জন্য অভিযান] বি. যুদ্ধযাত্রা।

রণিত (রোনিত) [রণ্ (শব্দ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. নিনাদিত: শব্দিত। ২। [ভাবে—ক্ত] শব্দ।

রণোৎসাহ (রনোৎশাহ) [রণের উৎসাহ, ৬তৎ] বি. যুদ্ধোদ্যম।

রণোদ্যম (রনোদ্দম্) বি. সংগ্রামচেষ্টা; যুদ্ধে উৎসাহ।

রণ্ড (রনড) [সং] বিণ. যে ব্যক্তির সন্তান হয় নাই; বন্ধ্য; যে বৃক্ষের বা লতার ফল পুষ্প হয় না। ২। আশ্রমহীন। ৩। অৰ্দ্ধচৰ্ম্মাবচ্ছিন্ন অবয়ব। ৪। ধৰ্ম্মবিহীন। ৫। বিপত্নীক।

রণ্ডক (ক্) [সং] বি. পুং. ফলহীন বৃক্ষ: রাঁড়াগাছ। ২। ইঁদুরকানী নামক জলজ লতা বা পানা।

রণ্ডবন (রনডবন্) বি. এরণ্ড বৃক্ষের বন: ভেরেণ্ডার জঙ্গল। প্র—"তুই কি জানিস রণ? দূর বেটা দূর। রণ্ডবন-ভূমে রাজা এরণ্ড ঠাকুর॥"—কাঞ্চী-কাবেরী।

রণ্ডা (রনডা) [রম্ (ক্রীড়া করা) + ড—আপ্, স্ত্রী] বি. স্ত্রী. বিধবা; রাঁড়। ২। বেশ্যা। প্র—"ছিল আভাগীর পেটে রণ্ডা এক পো। পাসরিতে নারি মাতা তার মায়া মো॥"—কবিক।

রণ্ডাশ্রমী (রনডাস্‌স্রোমি) [রণ্ড (বিফল) আশ্রম = রণ্ডাশ্রম + ইন্ (অস্ত্যর্থে) = রণ্ডাশ্রমিন্ ১মা, ১ব] বি. পুং ৪৮ বৎসর বয়সের পর যে পুরুষের স্ত্রী বিয়োগ হয়।

রণ্ডী, রেণ্ডী (রোন্‌ডি) [রণ্ড দ্রঃ] বি. বিধবা। আধু-বাং-য় এই অর্থে বিরল। "রাঁড়ী" প্রচররূপ। ২। [হি] বেশ্যা।

রণ্ডবাজ, রণ্ডাবাজ (জ্) [হি] বি. বেশ্যাসক্ত।

রত [রম্ (ক্রীড়া করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. আসক্ত। ২। নিযুক্ত; লিপ্ত। ৩। [ভাবে—ক্ত] রতি। রতকূজিত—[রতে (রমণ কালে) কূজিত (অব্যক্ত শব্দ)] রতিক্রিয়াকালীন সুখসূচক অব্যক্ত ধ্বনি; শীৎকারাদি।

রতন (ন্) [গীত ও পদ্যে রত্ন শব্দের কোমল রূপ] বি. রত্ন; মণিমাণিক্যাদি বহুমূল্য দ্রব্য। প্র—"বিবিধ রতন ভূষণে চতুর্ভুজ সাজে"—গান। ২। শ্রেষ্ঠবস্তু; মহাদর ও যত্নের ধন। প্র—"রতন আসনে রতন ভূষণে যুগল রতন রাজে"—রাজ, রায়। 'লাজ ভয় তেয়াগিব, এ সাধ মোর পুরাইব। সাগর ছেঁচে রতন নিব, কণ্ঠে রাখব নিশি দিবে॥"—বঙ্কিম। 'চরণ তলে দিনু হে শ্যাম পরাণ রতন'—ঐ। রতনচূড়,—চূর—বি. করালঙ্কারবিশেষ: করতলের পৃষ্ঠশোভী স্বর্ণভূষণবিশেষ। রতনমণি—বি. শ্রেষ্ঠরত্ন; দুর্লভ ধন। প্র—"পুষ্প নানা জাতি নেরে রতনমণি।"—গান। "তুমি আমার হৃদয়-রতনমণি আনন্দ-নিলয় হে"—ব্রহ্মসঙ্গীত।

রতায়নী [রত (রমণের জন্য) অয়নী (যে গমন করে)] বি. স্ত্রী. গণিকা; বেশ্যা।

রতার্থিনী [রত—অর্থিনী] বি. স্ত্রী. রমণাভিলাষিণী।

রতি (রো) [রম্ (ক্রীড়া করা) + তি (কর্ত্তৃ, তিক্)] বি. স্ত্রী. কামপত্নী: স্মরপ্রিয়া। প্র—"পতি শোকে রতি কাঁদে বিনাইয়া নানা ছাঁদে ভাসে চক্ষু জলের তরঙ্গে।"—অ, ম। ২। [ভাবে—ক্তি] আসক্তি; অনুরাগ। ৩। প্রীতি; সন্তোষ। প্র—"বড় ডাকে কপাটী কহিতে যে না পারে। পর পুরুষেতে রতি ঘটে কেন তারে॥"—চণ্ডীদাস। "তৎপদে বিহীন ভক্তি রতি কাতর অতি দাশরথি"—গান। ৫। ক্রীড়া। প্র—"ব্যর্থ দিন তো রতিগত দাশরথি'—গান। ৫। রমণ। প্র—"অষ্টমীরে পৰ্ব্ব কয় ইথে রতি যুক্ত নয়"—অ, ম। রতিকান্ত—মদন; কামদেব। রতিগৃহ, রতিমন্দির—বি. ক্লী. স্ত্রীচিহ্ন। ২। কামকেলি গৃহ। রতিবন্ধ—কামশাস্ত্রোক্ত ষোড়শ প্রকার রমণ বন্ধ। রতিশক্তি—রমণশক্তি: পুরুষত্ব; virile power; manly power. রতিপতি—কন্দর্প: কামদেব। ২। কামরিপু: মদন দশা। প্র—"কিছু কিছু রতিপতি অঙ্কুর ভেল।"—বি. প। রতিমদা—[রতি (রমণে) মদা (মত্তা)] অপ্সরা; স্বর্গ বিদ্যাধরী। রতিরঙ্গ—[রতি (কাম) রঙ্গ (মত্ত, আতুর)] বিণ. কামমত্ত: কামাতুর, কামুক। প্র—"করি লজ্জাতঙ্ক, তুমি সাধু রতিরঙ্গ, ছল কর বনিতার তরে।"—কবিক।

রতি (রোতি) [সং—রক্তিকা (গুঞ্জা)] পরিমাণবিশেষ: এককুঁচ পরিমাণ ভার। ২। বিন্দুমাত্র; অতি অল্পমাত্রা। প্র—"দয়া নাহিক এক রতি।"—গান।

রতোদ্বহ [রতের (রমণের) উদ্বহ (যে উস্কাইয়া দেয়)] বি. পুং. কোকিল।

রত্তি, রত্তিকা (রো) [সং—রক্তিকা (গুঞ্জা)] বি. পরিমাণবিশেষ; রতি; গুঞ্জাফল পরিমাণ। ২। গুঞ্জা: কুঁচ। ৩। একটুও; একবিন্দু।

রত্ন (রৎন) [সং] বি. ক্লী. বহুমূল্যবান প্রস্তর। রত্ন ও উপরত্ন লইয়া বহুপ্রকার। তন্মধ্যে প্রসিদ্ধ ও মহারত্ন নয়টি। (১) হীরক (অতি স্বচ্ছ তারার ন্যায় প্রভান্বিত)। ইহার অন্য নাম বজ্র বা বজ্রমণি: diamond. (২) মাণিক্য বা মাণিক (ইন্দ্রগোপ কীটের ন্যায় রক্তকান্তি)। ইহার অন্য নাম পদ্মরাগমণি: লালমণি; ruby. (৩) মরকত বা পান্না বা গারুত্মত। ইহা ময়ুর পুচ্ছবৎ ও হরিদ্বর্ণ। ইহাকে হরিন্মণিও বলে; emereld. (৪) ইন্দ্রনীল (নীলা বা নীলম্। ইহা ঘন মেঘের ন্যায় নীলবর্ণ) নীলমণি; a sapphire; lapis lazuli. (৫) পুষ্পরাগ বা পোখরাজ। ইহা সুবর্ণের ন্যায় পীতবর্ণ। এই জন্য ইহার সংস্কৃত নামান্তর পীতস্ফটিক, পীতাশ্ম, পীতমণি; a topaz. (৬) গোমেদ (ঈষৎ পীতমণি; a topaz. (৭) বৈদূর্য্যমণি। ইহা বিড়াল চক্ষের মত উজ্জ্বল নীলাভ পীত (এজন্য ইহাকে নীলকান্তমণি এবং গোমেদমণির পর্য্যায়ে গণ্য করা হয়); lapis lazuli. (৮) মুক্তা (রক্ত, পীত, শ্বেত ও শ্যামবর্ণ ভেদে বিবিধ প্রকার; pearl. (৯) প্রবাল (পলা) বা বিদ্রুম ইহা শ্বেত পীত ও রক্তবর্ণ ভেদে বিবিধ; coral. পেরোজ বা হরিতাশ্ম (সবুজ ও ভস্মবর্ণ) রাজাবর্ত্ত বা রেউটী পাথর (ময়ুর কণ্ঠের ন্যায় বিবিধবর্ণ) প্রভৃতি উপরত্ন। হীরক,

মাণিক, নীলমণি, মরকত ও মুক্তা প্রধান রত্ন এবং তন্মধ্যে হীরকই সর্ব্বপ্রধান বলিয়া পরিগণিত। কিন্তু মহাদ্যুতি সর্পমণি রত্নশ্রেষ্ঠ দুর্লভ বলিয়া বিবেচিত হয়। ২। বহুমূল্যবান্ সামগ্রী : দুর্লভ বস্তু। ৩। [অন্য শব্দের পর বসিলে] শ্রেষ্ঠ : চূড়ামণি। প্র—কবিরত্ন। রমণীরত্ন। **রত্নকদলী**—বি, রাম রম্ভা। **রত্নকূট**—রত্নময় শৃঙ্গ পর্ব্বত বিশেষ : রত্নগিরি। **রত্নখচিত** (খো) [রত্ন দ্বারা খচিত (জড়িত) রত্নমণ্ডিত। **রত্নগজ**—বি, পুং, যে গজের মাথায় মুক্তা হয়। প্র—"রত্ন গজ দিগ্‌গজ সংখ্যায়।"—অ, ম।

রত্নগর্ভ—বি, পুং, রত্নাকর ; সমুদ্র। স্ত্রী, **রত্নগর্ভা**—পৃথিবী। ২। সুসন্তানবতী নারী। **রত্নজীবী**—[রত্ন দ্বারা জীবী যে জীবিকা নির্ব্বাহ করে] বি, পুং, রত্নবণিক ; মণিকার ; জহরি। **রত্নবণিক্**—বি, পুং, রত্নব্যবসায়ী ; জহরী। **রত্নবৃক্ষ**—বি, শাখা প্রশাখাযুক্ত বৃক্ষবৎ প্রবাল-স্তূপ : coral. **রত্নমুখ্য**—শ্রেষ্ঠরত্ন। ২। হীরক। **রত্নসিংহাসন**—বি, রত্ননির্ম্মিত সিংহাসন। **নারীরত্ন** **রমণীরত্ন**—রূপ ও গুণে শ্রেষ্ঠা নারী : দুর্ল গুণ সম্পন্ন নারীর শিরোমণি।

রত্নত্রিতয় (রত্নৎতৃতয়) [রত্নের—ত্রিতয় (তিনটী) ৬তৎ] বি, ক্লী, সদ্দৃষ্টি, জ্ঞান এবং চরিত্র এই তিনটীর নাম রত্নত্রিতয়। ২। ধর্ম্ম, সঙ্ঘ ও বুদ্ধ এই ত্রিরত্ন।

রত্নদ্বীপ (রৎনদ্‌দীপ্) [রত্ন (প্রবাল) দ্বীপ] বি, প্রবাল দ্বীপ ; coral island.

রত্নধেনু [স্মৃতিঃ পরিঃ] বি, স্ত্রী, রত্নময়ধেনু-রূপ মহাদানবিশেষ।

রত্নপ্রভা (প্রো) বি, রত্নজাত আলোক : রত্নের ঔজ্জ্বল্য। ২। বিণ, রত্ন সদৃশ প্রভান্বিতা।

রত্নপ্রসূ (রৎনপ্‌প্রোশু) বি, রত্নপ্রসবিত্রী ; রত্নদা। ২। বিণ, সুসন্তানবতী। ৩। বি, বসুন্ধরা।

রত্নবতী (বোতি) [রত্নবৎ। ঈপ্—স্ত্রী] বিণ, রত্নশালিনী। ২। বি, ধরিত্রী : ধরা।

রত্নবর্ষুক (বোর্ষুক্) [রত্নের—বর্ষুক (বর্ষণ-শীল) ৬তৎ] বিণ, রত্নবর্ষণশীল ; রত্নবর্ষী। ২। বি, পুষ্পক রথ।

রত্নবান (ন্) [রত্নবৎ শব্দ ১মা, ১ব] বিণ, রত্নশালী : রত্নবিশিষ্ট। স্ত্রী, রত্নবতী।

রত্নমণ্ডিত (মো) [রত্ন দ্বারা মণ্ডিত। ৩ তৎ] বিণ, রত্নখচিত ; বহুমূল্য প্রস্তরে জড়িত। ২। রত্নভূষিত।

রত্নময় (য়্) [রত্ন+ময় (নির্ম্মিতার্থে ময়ট্)] বিণ, রত্নগঠিত : মণিময়। স্ত্রী, **রত্নময়ী**।

রত্নরাট্ [রত্ন—রাজ্ (দীপ্তি পাওয়া)+ক্বিপ (কর্ত্তৃ)] বি, ক্লী, রত্নের রাজা : মাণিক্য। ২। বিণ, রত্নশ্রেষ্ঠ।

রত্নসানু (শানু) [রত্ন (রত্ননির্ম্মিত) হইয়াছে—সানু (পর্ব্বতের উপরিস্থিত সমান ভূমি) যাহার, বহু] বি, পুং, মেরুগিরি : সুমেরু পর্ব্বত।

রত্নসূ (শু) [রত্ন—সূ (প্রসব করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) যে রত্ন প্রসব করে] বি, স্ত্রী, রত্নপ্রসূ দ্রঃ। ২। বসুন্ধরা। ৩। বিণ, রত্নগর্ভা।

রত্নাকর (র্) [রত্নের—আকর (উৎপত্তি স্থান) ৬তৎ] বি, পুং, সমুদ্র ; জলনিধি। প্র—"যাদোগণেশ্বর হৈলা রত্নাকর তোমারে উদরে ধরি।"—অ, ম। ২। রত্নের আকর ; রত্নখনি। ৩। বাল্মীকি মুনির পূর্ব্বনাম।

রত্নাঙ্ক [রত্নের—অঙ্ক (চিহ্ন)—যেখানে, বহু] বি, পুং, বিষ্ণুর রথ। ২। [রত্নের মত চিহ্ন ; কর্ম্মধা] রত্নচিহ্ন।

রত্নাচল (ল্) [রত্ন (রত্ননির্ম্মিত যে অচল—কর্ম্মধা] বি, পুং, রত্নগিরি ; সুমেরু পর্ব্বত। ২। দানের জন্য পর্ব্বতরূপে কল্পিত—রত্নস্তূপ।

রত্নাবলী (রো) [রত্নের—আবলী, ৬তৎ] বি, রত্নশ্রেণী। ২। [রত্নের আবলী (শ্রেণী) যাহাতে, বহু] রত্নহার। ৩। কবি শ্রীহর্ষ রচিত প্রসিদ্ধ সংস্কৃত নাটক। ৪। বৎসরাজ-মহিষী।

রত্নাভরণ (ন্) [রত্নের আভরণ—৬তৎ বি, ক্লী, রত্ননির্ম্মিত বা খচিত অলঙ্কার ; মণিময় ভূষণ ; জড়োয়া গহনা।

রত্নালঙ্কার (র্) [রত্নের অলঙ্কার—৬তৎ বি, রত্ননির্ম্মিত বা জড়িত ভূষণ ; মণিময় আভরণ ; জড়োয়া গহনা।

রত্নি (রো) [ঋ (গমন করা)+অত্নি (কর্ত্তৃ কত্নি) অরত্নিও হয়] বি, পুং, স্ত্রী, কনুই অবধি বদ্ধমুষ্টি হস্তাগ্র পর্য্যন্ত পরিমাণ মুটম্ হাত।

রত্যঙ্গ (রোৎতংগ) [রতির—অঙ্গ (অবয়ব)—৬তৎ] বি, ক্লী, স্ত্রীচিহ্ন।

রথ (থ্) [রম্ (ক্রীড়া করা)+থ (করণে) বি, পুং, চক্রযান। ২। হস্ত্যশ্বাদি বাহিত চক্রযুক্ত যুদ্ধযান : স্যন্দন ; শকটাদি। প্র—"আরে ঐ আইল কেরে ঘনবরণী * খণ্ড খণ্ড করে রথ গজ হয়। জয় জয় ডাকিছে সঙ্গিনী॥"—রামপ্রসাদ। ৩। বাহন। ৪। জগন্নাথ-দেবের মন্দির হইতে গুণ্ডিচাবাড়ী যাত্রা ও পুনর্যাত্রা করিবার রথ। ৫। জগন্নাথদেবের রথের অনুকরণে দারু-মৃত্তিকাদি-নির্ম্মিত ক্রীড়া রথ। ৬। শরীর। ৭। পদ ; চরণ। ৮। [বৈদ্যকে] বেতস লতা। (২) তিনিশ বৃক্ষ। **রথ টানা**—জগন্নাথদেবের রথের রজ্জু ধরিয়া আকর্ষণ। হিন্দুর ইহা পুণ্যকর্ম্ম। **রথ দেখা**—জগন্নাথদেবের রথযাত্রা সংক্রান্ত উৎসব দর্শন করা। **রথ দেখা কলা বেচা**—আনন্দ ও অর্থলাভ দুই ; উভয় উদ্দেশ্য সিদ্ধ হওয়া।

রথক (ক্) [রথ+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, দেব-মন্দিরের অংশবিশেষের নাম।

রথকট্যা, রথকড্যা (কোট্‌ট্যা) [রথ+কট্য, কড্য (সমূহার্থে) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, রথশ্রেণী।

রথকর, রথকার (র্) [রথ (যান)—কর, কার (যে প্রস্তুত করে)] বি, পুং, রথ-নির্ম্মাতা। ২। রথনির্ম্মাণকারী হিন্দুজাতি-বিশেষ।

রথকুটুম্বী [রথ—কুটুম্ব+ইন্ (অস্ত্যর্থে)—রথকুটুম্বিন্ ১মা, ১ব] বি, পুং, সারথি।

রথগর্ভক (ক্) [সং] বি, পুং, শিবিকাদি নরবাহ্যযান।

রথগুপ্তি [রথের গুপ্তি (গোপন স্থান)—৬তৎ] বি, স্ত্রী, আরোহীর আত্মরক্ষার্থ রথস্থ গুপ্তস্থান ; বরূথ।

রথচালক (ক্) [রথের চালক—৬তৎ] বিণ, সারথি।

রথদ্রু (রথদ্‌দ্রু) [রথের—দ্রু (বৃক্ষ) ৬তৎ] বি, পুং, যে বৃক্ষের কাষ্ঠ দ্বারা রথচক্রাদি নির্ম্মিত হয় ; তিনিশ বৃক্ষ।

রথন্তর (র্) বি, ক্লী, সামবেদের শাখাবিশেষ। ২। সামবেদ।

রথবাহ [রথ—বাহ, ৬তৎ] বিণ, সারথি।

রথবেগ (গ্) [রথের বেগ, ৬তৎ] বি, রথ-গতির দ্রুততা।

রথযাত্রা (জাৎত্রা) [রথে—যাত্রা (গমন)—৭তৎ] বি, স্ত্রী, আষাঢ় শুক্ল দ্বিতীয়াতে অনুষ্ঠেয় জগন্নাথদেবের রথত্রজে গমনরূপ উৎসববিশেষ। **রথশাল, রথশালা**—রথ রাখিবার স্থান।

রথসাল (শাল্) [প্রা-বাং] বি, রথশালা ; রথ রাখিবার গৃহ। প্র—"লম্ফ দিআ গোসাঞি জে রথসাল জান। নানা রত্ন দিআ তথন রথ জে সাজান॥"—শূ, পু।

রথস্বামী (রথোশ্‌শামি) [রথের স্বামী, ৬তৎ] বি, রথাধিকারী। ২। আরোহী ; রথী। ৩। সারথি।

রথাঙ্গ [রথের—অঙ্গ, ৬তৎ] বি, ক্লী, চক্র ; চাকা। ২। চক্রবাকপক্ষী।

রথাঙ্গনামা [রথের অঙ্গ=রথাঙ্গ (চক্র) হইয়াছে নামন্ (নাম) যাহার, বহু=রথাঙ্গ-নামন্ ১মা, ১ব] বি, পুং, চক্রবাকপক্ষী।

রথাঙ্গপাণি (নি) [রথাঙ্গ (চক্র) হইয়াছে পাণিতে (হস্তে) যাহার, বহু] বি, পুং, চক্র-পাণি ; বিষ্ণু। প্র—"প্রথমে লম্বোদর পূজিল দিবাকর রথাঙ্গপাণি উমাপতি।"—কবিক।

রথাঙ্গী [রথাঙ্গ (চক্র) + ইন্ (অস্ত্যর্থে) = রথাঙ্গিন্ ১মা, ১ব] বি, পুং, চক্রধর : কৃষ্ণ।

রথারূঢ় [রথ + আরূঢ়, ৭তৎ] বিণ, রথে যে আরোহণ করিয়াছে ; রথী। স্ত্রী, **রথারূঢ়া**।

রথারোহণ (ন্) [রথ (রথে + আরোহণ, ৭তৎ] বি, রথে উঠিয়া বসা : রথে চড়া।

রথারোহী [রথে—আরোহী (যে আরোহণ করে)] বি, পুং, রথস্বামী ; রথী।

রথার্ভক (ক্) [সং] বি, ক্ষুদ্র রথ।

রথিক, রথিন (রো, ক্, ন্) [রথ + ইক, ইন (আরোহণার্থে)] বি, রথী।

রথী (রোথি) [রথিন্, শব্দ ১মা, ১ব] বি, পুং, রথারোহী : রথস্বামী ; রথারোহী যোদ্ধা। প্র—"গজ রথ রথী করত গ্রাস"—রামপ্রসাদ।

রথোদ্ধতা [সং] বি, স্ত্রী, একাদশাক্ষরা বৃত্তি-বিশেষ।

রথ্য (রোথ্থ) [রথ + য (সম্বন্ধে)] বিণ, রথ সংক্রান্ত। ২। রথাশ্ব ; রথবাহী অশ্ব। ৩। ক্লী, রথচক্র।

রথ্যা (রোথ্থ্যা) [রথ্য (দ্রঃ) + আপ্—স্ত্রী] বি, রথসমূহ। ২। রাস্তা ; বর্ত্ম। ৩। চত্বর।

রথ্যাবাহী (রথ্যা (পথ) বাহী (যে গমন করে)] বিণ, পথবাহী : পথিক।

রদ (দ্) [রদ্ (ভেদ—খনন, উৎপাত করা) + অ (করণে—অল্)] বি, পুং, দশন : দন্ত। প্র—"দ্বিরদ-রদ নির্ম্মিত"—মেঘনাদ। **রদচ্ছদ**—বি, যাহা দ্বারা দন্ত আচ্ছাদিত হয় ; ওষ্ঠ।

রদ (দ্) [আ—রদ্ (রহিত করা)] বি, মৌকুফ : খারিজ। ২। বিণ, রহিত : খারিজা। ৩। অমান্য : অগ্রাহ্য। প্র—"গৌড়েশ্বর রাজার হুকুম হইল রদ। রায় কর্ণসেনে বড় ঘটিল আপদ॥"—ধ, ম।

রদন (ন্) [রদ্ (ভেদ—খনন, উৎখাত করা) + অন (করণে—অনট্)] বি, পুং, দশন ; দন্ত : দাঁত। প্র—"বদনে রদন লড়ে অদনে বঞ্চিত" ভা, চন্দ্র। "প্রফুল্ল বদনে রদন ঝলকে মৃদু হাস্য প্রকাশ্য দামিনী নলকে"—রামপ্রসাদ। ২। [ভাবে—অনট্] ক্লী, খনন। ৩। ছেদন। **রদনচ্ছদ**—বি, রদচ্ছদ (দ্রঃ) ; ওষ্ঠ।

রদনী [রদনিন্ শব্দ অথবা রদন (দন্ত) ঈ (অস্ত্যর্থে)] বি, দন্তী ; দ্বিরদ ; হস্তী।

রদবদল (রদ্, ল্) [আ—রদ্দ্—ও বদল্ (তর্ক বিতর্ক)] বি, অদল বদল ; পরিবর্ত্ত ; উল্টা পাল্টা।

রদ্দি, রদী, রদ্দী, রোদ্দি (রো) [আ—রদ্দী] বিণ, অপকৃষ্ট ; অব্যবহার্য্য ; অচল। **রদ্দিমাল**—অপকৃষ্ট জিনিস : বাজে জিনিস।

রদ্দজওয়াব (ব্) [আ—রদ্দ্—ই—জবাব্। আইনে] বি, জবাবের জবাব ; rejoinder.

রদ্দা [হি—রদ্দা, আ—রদ্দ্ (বহিষ্করণ, ত্যাগ), ফা—রন্দা হইতে] বি, রগ্ড়া ; ঘর্ষণ। ২। গলাধাক্কা। হি, **রদ্দা দেওয়া**।

রদ্ধ [রধ্ (আঘাতে) + ত] বিণ, আঘাত প্রাপ্ত : আহত।

রন্তিদেব (রো, ব্) বি, পুং, বিষ্ণু। ২। চন্দ্র-বংশীয় রাজা সাঙ্কৃতির পুত্র।

রন্ধন (ন) [রধ্ (পাক করা) + অন (ভাবে —অনট্)] বি, ক্লী, রান্না ; পাককরণ। **রন্ধন আগার, রন্ধন গৃহ, রন্ধনশালা, রন্ধনাগার, রন্ধনালয়**—পাকশালা রান্নাঘর। **রন্ধনকর্ত্তা**—পাচক। **রন্ধনের চাউল চর্ব্বণে যাওয়া**—রন্ধনের জন্য সংগৃহীত চাউল চিবাইয়া খাইতে ফুরাইয়া। ২। [লক্ষণায়] এক বিষয়ে খরচের টাকা অন্য বাবদে খরচ করা। ৩। সাধারণের কার্য্যে ব্যয় করিবার অর্থ আত্মসাৎ করা। প্র—"লোকাল বোর্ড জেলা বোর্ড দয়া করিয়া কখন কখন পথ ঘাট সংস্কারের জন্য কিছু কিছু টাকা মঞ্জুর করেন, কিন্তু অধিকাংশ ক্ষেত্রেই "রন্ধনের চাউল চর্ব্বণে যায়।"—বাঙ্গালী (২৬ বৈশাখ ১৩২৩)।

রন্ধনী—বি, রন্ধনের মসলাবিশেষ ; রাঁধুনি (পাঁচফোড়নের একটি ফোড়ন)। ২। বিণ, রন্ধনকারী : রাঁধুনী : পাচিকা। প্র—"কেহ নাহি ঘরে থাকে হইয়া রন্ধনী"—কবিক। "মাকণ্ড বলেন শুনহ কারণ কথা পাব এমন রন্ধনী।"—শূ, পু।

রন্ধিত (রো) [রধ্ (রন্ধন করা) + ত (কর্ম্মে —ক্ত)] বিণ, যাহা পাক করা হইয়াছে : কৃতরন্ধন।

রন্ধ্র [সং] বি, ক্লী, বিবর : ছিদ্র : গর্ত্ত। প্র—'রন্ধ্রে রন্ধ্রে উঠে ছন্দের ঝঙ্কার। স্তরে স্তরে ফুটে নিখাদ গান্ধার॥"—গান (বিহারী সরকার)। ২। ত্রুটি : দোষ ; ছল। ৩। কুক্ষি। ৪। (জ্যোতিষে) লগ্ন হইতে অষ্টম স্থান। **রন্ধ্রগত**—বিণ, ছিদ্রে প্রবিষ্ট। ২। লগ্নস্থান হইতে অষ্টম স্থানে আগত। **রন্ধ্রগত শনি**—শনিগ্রহ লগ্ন হইতে অষ্টম স্থানে থাকিলে মৃত্যু ঘটায় বলিয়া মৃত্যু নিকট এই অর্থ।

রপট (রপট্) [হি—রপট্ = দৌড়ন বা হাঁটা-হাঁটির শ্রম : খাটুনি : দাপুনি] বি, শ্রম ; চেষ্টা। ২। হাঁটাহাঁটি : চলাচল। ৩। অতি দ্রুতগতি ; বেগ ; দৌড় : লাফ। প্র—"একই রপটে ভূপতির জটে ধেয়ে ধরে কালু বীর।"—ঘনরাম। ৪। বহু লোকের দাপা-দাপি ; দাপট। প্র—"আচ্ছাদে রবিপথ দিশায় না চলে পথ রপটে রিপু ভাবে ভয়।"—ঘনরাম। ৫। মাড়ামাড়ি। প্র—"রণভূমি-রুধির-রপটে মহী কাদা"—ঘনরাম। ক্রি, **রপটান** (নো)।

রপটানি, রপ্তানি (প্) [হি] বি, বাণিজ্যস্থান হইতে স্থানান্তরে মাল চালান বা রপ্তানি। ২। খাটুনি। ৩। চলাফেরা : একই পথে পুনঃপুনঃ আনাগোনা : একই পথে হাঁটাহাঁটি।

রপটারপটি (রপ্টারোপ্টি) বি, মাড়ামাড়ি। ২। একই পথে হাঁটাহাঁটি।

রপ্ত (রপ্তো) [আ—রব্‌ৎ (অভ্যাস)] বিণ, অভ্যস্ত ; আয়ত্ত ; কণ্ঠস্থ।

রপ্তানি [ফা—রফ্‌ৎ (গমনকারী) রফ্তন্ (গমন করা)] বি, পণ্য বাহিরে যাওয়া : বিক্রয়ার্থে মাল স্থানান্তরে প্রেরণ। প্র—"কিছুদিন মা দয়া করি রপ্তানিটি বন্ধ রাখ।" —ঈশ্বর গুপ্ত। ২। বাণিজ্য ব্যপদেশে বাহিরে প্রেরিত মালের পরিমাণ ও হিসাব।

রপ্তেরপ্তে [ফা—রফ্তা রফ্তা] ক্রি-বিণ, ক্রমশঃ ; ধীরে ধীরে : ক্রমে ক্রমে।

রফা (রফা) [আ—রফ্আ (নিষ্পত্তি)] বি, নিষ্পত্তি ; বিবাদের শান্তি ; মিটমাট। ২। শেষ অবস্থা। প্র—"কোন ছল পেয়ে প্রাণ কর্ব্বে যে মান বাঁকা বাঁকির দফা রফা করেছি।" —গান। **রফাদফা**—মীমাংসিত : স্থিরী-কৃত : settled. **রফানামা**—নিষ্পত্তিপত্র : deed of compromise. **দফারফা**—প্রাণান্ত ; গতরচূর্ণ। বিণ, অকর্ম্মণ্য ; কাজের বাহির।

রব (রব্) [রু (শব্দ করা) + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, শব্দ : ধ্বনি। ২। গোল-মাল। ৩। সাড়া। ৪। ডাক : কণ্ঠধ্বনি। [সমশব্দ—নিনাদ, নিনদ, ধ্বনি, ধ্বান, রব, স্বন, স্বান, নির্ঘোষ, নাদ, নিস্বান, নিস্বন, আরব, আরাব, সংরাব, বিরাব—অমর]। **রবয়ে**—ক্রি, (ব্রজ) রব করে : ধ্বনি করে। প্র—"কিঙ্কিণী রবয়ে।"—বি, প। **রবরবা** (ব্) [আ—দব্দবা ও রোয়াব শব্দের উচ্চারণ-মিশ্রণে] বি, প্রতাপ ; শাসন : দবদবা।

রব (রবো) [রয়া দ্রঃ] ক্রি, উ-পু। রহিব ; থাকিব। **রবি** (রোবি)—'রহিবি' সংক্ষেপে। **রবে**—'রহিবে' সংক্ষেপে। 'রহা' দ্রঃ।

রবাব (ব্) [আ—ফা—রবাব্] বি, সেতারাদি জাতীয় বাদ্যযন্ত্রবিশেষ। ইহা ভারতবর্ষের অতি প্রাচীন বাদ্য পূর্ব্বে ইহার নাম ছিল রুদ্রবীণা। পরে মুসলমানের অধিকার কালে ইহা রবাব নামে অভিহিত হয়। প্র—"নীরব রবাব বীণা মুরজ মন্দিরা" —মেঘনাদ। "বাজে রবাব মৃদঙ্গ দোতারা" —অ, ম। "সহস্র বৎসর অতীত হইল বসুধা

গ্রাম নিবাসী আবদুল্লা এই যন্ত্রের প্রথম সৃষ্টি করিয়া 'রুবেব' এই নামকরণ করেন। উইলার্ড সাহেব বলেন স্পেনিস গীটারের অবয়বের সহিত রবাবের অনেকাংশে সমতা আছে।"—যন্ত্রকোষ। ["Originally it had only two strings, then three, till exalted into the more perfect violin with four strings. It is thought to have been a moorish instrument"—*Webster.* স্পে—rabel ; পর্ত্তু—rabeca, rabil, arrabil ; ইতা—ribeba ; ইং, ফ্রে—rebec.]

রবার (র্) [ইং—rubber শব্দজ] বি, দক্ষিণ এমেরিকা ও এসিয়ার স্থিতিস্থাপক রসপ্রদ বৃক্ষ-বিশেষ এবং সেই বৃক্ষজাত নির্য্যাস।

রবাহূত (বা) [রব (গোলমাল) + আহূত (আগত)—রব দ্বারা নিমন্ত্রিত] বিণ, রব বা গোলমাল শুনিয়া আগত ; অনিমন্ত্রিত। প্র—"আজি এলে গালি দিতে অকাট্যটা বুঝাইতে রবাহূত ওর মত মুরুব্বি প্রধান।"—চন্দন।

রবি (রোবি) [রু (শব্দ করা) + ই (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)—যে অবিরাম শব্দ করে] বি, সূর্য্য (নিয়ত বিঘূর্ণিত ও শব্দায়মান বলিয়া)। প্র—"চাঁদের কি এমনি বরণ ঢেকেছে রবির কিরণ গ্যাগো চন্দ্রোদয়ে মলিন কি হয় দিনমণি।"—গান। "গগনের থালে রবি চন্দ্র দীপক জ্বলে"—ব্রহ্মসঙ্গীত। ২। অর্কবৃক্ষ ; আকন্দ গাছ।

রবিকাষ্ঠাপ্রদেশ (রো, প্রো, শ্) [জ্যোঃ পরিঃ। সূর্য্যসিদ্ধান্তে] বি, অয়নান্তবৃত্ত ; tropics.

রবিখন্দ (রো) বি, রবিশস্য ; হৈমন্তিক শস্য।

রবিচক্র (রোবিচক্‌ক) [জ্যোতিঃ পরিঃ] বি সৌরগ্রহফল গণনার্থ নরাকৃতি রেখাচিত্র।

রবিতনয়,—নন্দন,—সুত (রো, য়্, নন্দন্, সুত) [রবির তনয়, নন্দন, সুত (পুত্র) ৬তৎ] বি, পুং, সূর্য্যপুত্র ; শনি। ২। সুগ্রীব। ৩। যম। প্র—"বারয় রবিতনয়-শঙ্কা মদন মথন অঙ্গনা।"—রামপ্রসাদ। "যেতে হবে রবি-সুতালয়ে আর উপায় কি বলনা।"—গান। ৪। সাবর্ণি ও বৈবস্বত মনু। ৩। কর্ণ। স্ত্রী, **রবিনন্দিনী**—রবিসুতা ; যমুনা।

রবিনাথ (রো, থ্) [রবি (সূর্য্য) হইয়াছে নাথ (প্রভু) যাহার, বহু] বি, ক্লী, পদ্ম। ২। বাঁধুলি ফুল।

রবিন্দ (রো) [রবিং (সূর্য্যকে) দা (দান করা) + অ (কর্ত্তৃ—ড)] বি, ক্লী, পদ্ম।

রবিবার (রোবিবার্) [রবির বার (দিবস)—৬তৎ] বি, সোমবার হইতে যে সপ্তাহ আরম্ভ হয় তাহার শেষ দিবস ; খ্রীষ্টানদিগের বিশ্রাম বার ; Sunday.

রবিবাসর (রোবিবাশর্) [রবি—বাসর (দিন)] বি, রবিবার ; Sunday.

রবিমণ্ডল (রোবিমোন্‌ডল্) [রবির মণ্ডল, ৬তৎ] বি, সূর্য্যমণ্ডল ; রবির পরিধি ; orb of the sun.

রবিমার্গ (রো) [রবির মার্গ (পথ)—৬তৎ] বি, সূর্য্যের ভ্রমণ পথ ; অয়ন-বৃত্ত ; the ecliptic.

রবিশস্য (রোবিশোশ্‌শ) বি, গম যবাদি শীত-কালের শস্য।

রবে [প্রাদে—'রহিবে'র সংক্ষেপ] ক্রি, রহিবে। প্র—"কুল গৌরবে কেবা রবে।"—দাশরথি। 'ধরাতলে কীর্ত্তি রবে'—হেম-বন্দ্যো। ২। [রব (দ্রঃ) + এ (করণে)] ক্রি-বিণ, শব্দে ; ধ্বনিতে। প্র—"ব্যাকুল হইয়ে কালার বাঁশীর রবে কুল গৌরবে কেবা রবে।"—দাশরথি।

রব্ধ [সং] বিণ, আরব্ধ ; কৃতারম্ভ।

রভস (শ্) [রভ্ (উৎসুক হওয়া) + অস (কর্ম্মে—অসচ্)] বি, পুং, ঔৎসুক্য ; আবেশ। ২। বেগ ; ত্বরা ; এতদীপ্রতা যে পূর্ব্বাপর বা হিতাহিত বিচারের অপেক্ষা না রাখার ভাব দ্যোতক। প্র—"কাহে লাগি সজনী দরশন ভেলা। রভসে আপন জীউ পর হাতে দেলা॥"—বি, প। ৩। শোক ; অনুতাপ। ৪। মিলন। প্র—"সখি হে হাম অব কি বলিব তোয়। তা সঙ্গে রভস কবহু নাহি হোয়॥"—বি, প। ৫। রতি ; সম্ভোগ ; মিলন। প্র—'কেহবা আছিল সখীর সহিত কহিতে রভস অঙ্গ"—চণ্ডীদাস। "প্রিয়-পরিরম্ভণে মোড়বি অঙ্গ। রভস সময়ে পুন দেয়বি ভঙ্গ॥"—বি, প। 'কত মধুযামিনী রভসে গোঙায়নু না বুঝনু কৈছন কেলি।"—ঐ। ৬। হর্ষ ; আনন্দ ; আমোদ ; বিলাস ; সুখ। প্র—"ঐ আসে ঐ অতি ভৈরব হরসে জল সিঞ্চিত ক্ষিতি সৌরভ রভসে।"—রবি। ৭। রঙ্গ। প্র—"আপনি করিব সেবা শোয়াইয়া খাটে। রাখিব রভস রসে যৌবনের হাটে॥"—ধ, ম। "ঋতুপতি রতি রসিক বর রাজ। রসময় রাস রভস রস মাঝ॥"—বি, প। ৮। রহস্য ; রসিকতা ; রসের কথা। প্র—"কেলি রভস যব শুনে। আনত হেরি ততই দেই কাণে॥"—বি, প। "একদিন মনে রভস কাজ। মালিনী হইল রসিক রাজ॥"—চণ্ডী।

রম (ম্) [রম্ (ক্রীড়া করা) + অ (কর্ত্তৃ—অচ্) সংজ্ঞার্থে] বিণ, রমণীয়। ২। রমণ। ৩। কান্ত ; পতি। ৪। কন্দর্প। ৫। রক্তাশোকবৃক্ষ।

রম (ম্) [ইং—rum] বি, মদ্যবিশেষ। প্র—"রম ব্রাণ্ডি"—ঈশ্বর গুপ্ত।

রমক (ক্) [রম্ (ক্রীড়া করা) + অক (কর্ত্তৃ)] বি, পুং, রমণকারী। ২। জার ; উপপতি।

রমজান (ম্, ন্) [ফা—রম্‌জান্ (জ্বলিয়া যাওয়া) বি, যে মাসে রোজা-উপবাস, নমাজ প্রভৃতি দ্বারা পাপ সমূহ জ্বলিয়া যায় ; মুসলমানী বৎসরের নবম মাস। **রমজানী**—বি, চালাকি। ২। স্পর্দ্ধা।

রমণ (ন্) [রম্ (ক্রীড়া করা) + অন (ভাবে) —অনট্)] বি, ক্লী, ক্রীড়া ; খেলা। ২। রতিক্রীড়া ; কামকেলি ; মৈথুন। ৩। [অধি—অন] জঘন। ৪। [কর্ত্তৃ—অন] পুং, মদন ; কামদেব। ৫। পতি ; কান্ত ; বল্লভ। প্র—"নাচিছে কদম্বমূলে বাজায়ে মুরলীরে রাধিকা-রমণ।"—ব্রজাঙ্গনা। "এ যৌবন ধন দিব উপহার রমণে।"—ঐ। ৬। পুরুষ। প্র—"সো নহ রমণ হম নহ রমণী।"—রায় রামানন্দ। ৭। বিণ, প্রিয়। স্ত্রী, রমণী।

রমণক (নক্) বি, ক্লী, জম্বুদ্বীপান্তর্গত বর্ষ-বিশেষ ; রম্যকবর্ষ।

রমণী (রমোনি) [কান্তং রময়তি যা সা] বি, সুন্দরী স্ত্রী ; নারী। প্র—"রমণী বচনে সুধা সুধা নয় সে বিষের বাটী। আগে ইচ্ছা-সুখে পান করে, বিষের জ্বালায় ছটফটী॥"—রাম-প্রসাদ। ২। পত্নী। ৩। প্রিয়া। [সমনাম —অঙ্গনা, ভীরু, ললনা, নিতম্বিনী, বাম-লোচনা, সুন্দরী, রমণী, রামা—শব্দকল্প লতিকা]। ৪। অর্দ্ধ সমবৃত্তবিশেষ। ৫। বালাগাছ। **রমণীজন**—স্ত্রীলোক। **রমণী-জনসুলভ**—স্ত্রীসুলভ। **রমণীমোহন** —রমণীপ্রিয় ; নারীবল্লভ। **রমণীরত্ন**—নারীশ্রেষ্ঠ।

রমণীয় (রমোনিও) [রম্ + ণিচ্ = রমি + অনীয় (কর্ত্তৃ)] বিণ, রম্য ; সুন্দর ; মনোরম।

রমল (ল্) [আ—রমল্] বি, ভূমিতে বিন্দু পাতাদি দ্বারা ভবিষ্য কথন ; geomancy.

রমা [রম্ (ক্রীড়া করা) + অ (কর্ত্তৃ, অচ্) আপ্—স্ত্রী, যিনি বিষ্ণুর সহিত ক্রীড়া করেন] বি, স্ত্রী, লক্ষ্মী। প্র—

"রমার আশার বাস হরির উরসে
হেন হরি হারা হয়ে বাঁচিল যে রমা"—

মেঘনাদ। ২। প্রিয়া। ৩। উপপত্নী [অপ্র]। ৪। কল্কিদেবের পত্নী। ৫। শশিধ্বজ-রাজ কন্যা। ৬। শোভা। ৭। আহ্লাদিনী।

রমা [রম্ (ক্রীড়া করা) ধাতু—বাং-য় আ যোগ] ক্রি, ক্রীড়া করা ; বিহার করা ; রমণ করা ; সম্ভোগ করা। প্র—"গুপ্তবেশে সখী মাঝে রমে অবিচ্ছেদ। বাহিরে রক্ষক জাগে জানে নাহি ভেদ॥"—শিবায়ন। ২। মোহিত করা ; প্রীত করা। প্র—"রমে আঁখি"—মেঘনাদ। ব্রজ—**রমই**—রমণ

করে। রমইতে—রমিতে ; রমণ করিতে। প্র—"নাগরী রমইতে ভয় নাহি মানে।"—বি, প। রময়ে—রমণ করে ; সুখী করে ; তুষ্ট করে। প্র—"রময়ে রতন শ্যাম রমণী রতনে।"—বি, প। রমহ—রমণ কর ; রম। প্র—"সেহ লহ রমহ পরিজন পাশ।"—বি, প। রমি—রমিয়া ; রমণ করিয়া। প্র—"সবহু কুসুমে রমি।"—বি, প।

রমাধব (ব্) [রমার (লক্ষ্মীর) ধব (পতি) —৬তৎ] বি, বিষ্ণু ; নারায়ণ।

রমানাথ [রমার (লক্ষ্মীর)—নাথ (স্বামী)—৬তৎ] বি, পুং, লক্ষ্মীশ ; লক্ষ্মীপতি ; বিষ্ণু ; নারায়ণ। প্র—"হৃষীকেশ হরি রাসবিহারী রমানাথ রাধামোহন।"—গান।

রমাপতি (পো) [রমার পতি, ৬তৎ] বি, নারায়ণ।

রমাপ্রিয় (রমাপ্‌পৃয়) [রমার (লক্ষ্মীর) প্রিয় (বল্লভ)—৬তৎ] বি, পুং, বিষ্ণু। ২। ক্লী, পদ্ম।

রমারম (ম্) [সং—রম্ ধাতুজ] বি, মাতামাতি।

রমিত (রো) [রম্ (ক্রীড়া করা) + ণিচ্ = রমি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, ক্রীড়িত। ২। আনন্দিত ; প্রহৃষ্ট। ৩। সুখপ্রাপ্ত। ৪। প্রফুল্ল। প্র—"বন অতি রমিত হইল ফুল ফুটনে।"—ব্রজাঙ্গনাকাব্য। স্ত্রী, রমিতা—বিণ, উপভুক্তা ; যে নারীকে উপভোগ করা হইয়াছে। ২। বি, উপভুক্তা স্ত্রী।

রমেশ (শ্) [রমার—ঈশ (প্রভু)—৬তৎ] বি, পুং, লক্ষ্মীপতি ; নারায়ণ।

রম্ভ [রন্ভ্ (শব্দ করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, মহিষাসুরের পিতা ; রম্ভাসুর। ২। বানরবিশেষ। ৩। বেণু ; বাঁশ।

রম্ভা [রন্ভ্ (শব্দ করা) + অ (কর্ত্তৃ—অচ্) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, গৌরী। ২। অপ্সরা-বিশেষ ; স্বনামপ্রসিদ্ধা স্বর্গবেশ্যা। ৩। বেশ্যা। ৪। গোরুর ডাক।

রম্ভা—বি, কদলী ; কলা। ২। শূন্য ; কিছুই নয়। তুল—ঘোড়ার ডিম। অষ্টরম্ভা—শূন্য ; সম্পূর্ণ অভাব।

রম্ভাতৃতীয়া—বি, অগ্রহায়ণ মাসের শুক্ল পক্ষীয় তৃতীয়া তিথি।

রম্ভোরু [রম্ভার (কদলী বৃক্ষের) ন্যায় ঊরু —যাহার, বহু] বি, স্ত্রী, যে স্ত্রীর ঊরুদেশ রম্ভার ন্যায় স্থূল। ২। সুন্দরী স্ত্রী।

রম্য (রোম্ম) [রম্ (ক্রীড়া করা) + য (অধি)] বিণ, রমণীয় ; মনোহর ; সুন্দর। প্র—"অতি রম্যস্থল দেব অগোচর কি কহিব তার আভা।"—চণ্ডী। ২। হৃদ্য ; রুচ্য ; রুচিকর। ৩। বৃষ্য ; বলকর। ৪। [বৈদ্যকে] বি, পুং, পটোলমূল। (২) বকবৃক্ষ। (৩) চম্পক। স্ত্রী, রম্যা—রমণীয়া ; মনোরমা। ২। বি, স্থলপদ্মিনী। ৩। রজনী।

রম্যক, রম্যকবর্ষ (রোম্মক্) [রম্য (রমণীয়) + ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, জম্বুদ্বীপের বর্ষবিশেষ। ইহা মেরুর উত্তরে অবস্থিত। সপ্তদ্বীপা পৃথিবীর অন্তর্গত জম্বুদ্বীপ নববর্ষে বিভক্ত। এই বর্ষসমূদয়ের মধ্যে ইলাবৃত বর্ষ মধ্যবর্ত্তী ; তাহার মধ্যস্থলে সুমেরু ; ইলাবৃত বর্ষের উত্তরে নীলপর্ব্বত ; তাহার উত্তরে রম্যকবর্ষ (ভাগবত)।

রম্যতা (রোম্মোতা) [রম্য (দ্রঃ) + তা (ভাবে)] বি, রমণীয়তা ; মাধুর্য্য ; সৌন্দর্য্য।

রয় (য়্) [রয়্ (গমন করা) + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, বেগ। প্র—"বিষম জলের রয় ভয়ে প্রাণ স্থির নয় গাবরে ধরিতে নারে দাঁড়।"—কবিক। ২। নদীর প্রবাহ ; স্রোতঃ। প্র—"বিসূচিকা, গত-জ্যোতি আঁখি ; মুখ মলদ্বারে বহে লোহের লহরী শুভ্র জল রয় রূপে!—"—মেঘনাদ।

রয় (য়্) [রহে শব্দের দ্রুত উচ্চারণে, রহা ; রওয়া দ্রঃ] ক্রি, রহে ; থাকে ; অবস্থিতি করে। প্র—"না যায় কঠিন প্রাণ কিবা লাগি রয়॥"—বি, প। প্র—"ওই রবি সই প্রেমের খেলা, খেলছে কেমন সাঁজের বেলা, আধেক আঁধার আধেক আলো কমলবালা চেয়ে রয়।"—রাজকৃষ্ণ রায়। "ভুলে যাই সমুদয় চেতনা নাহিক রয়, জাগিয়া আছি কি আমি কিম্বা আছি স্বপনে।"—হেম। রয়ে রয়ে—রহিয়া রহিয়া ; থেকে থেকে। প্র—"রয়ে রয়ে রাধা রাধা ডাকে উচ্চ রবে।"—শিবায়ন। রয়ে বসে—ধীরে ধীরে ; ক্রমে ক্রমে। প্র—"আমি যে অন্ন লইয়া আসিয়াছিলাম তাহা যদি রয়ে বসে খেতাম ত বোধ হয় ৫০ বৎসর জীবিত ত থাকিতাম।"—ভারতী, ১৩২১। ২। অবকাশ-ক্রমে ; অপেক্ষা করিয়া ; সুযোগ দেখিয়া।

রয়না, রয়নী [রজনীর অপভ্রংশে। ব্রজ] বি, রাত্রি ; রজনী। প্র—"রয়নী ছোটি অতি ভীরু রমণী।"—বি, প।

রয়া—রহা দ্রঃ।

রয়ানী [প্রাদে] বি, পদ্মাপুরাণোক্ত মনসাদেবীর গীতকে রয়ানী বলে (পূ—বঙ্গ)।

রয়িষ্ঠ (রোইষ্ঠ) [রয় (বেগ) + ইষ্ঠ (আধিক্যার্থে)] বিণ, অতিশয় বেগশীল ; দ্রুতগামী ; fleetest. ২। বি, অগ্নি।

রলা [শলাকা শব্দজ] বি, সূক্ষ্মদণ্ড ; সরল কাঠি ; শলা। ২। শাখা ; ডাল ; ফেঁকড়ী। রলা রলা—সরু সরু।

রল্লক (ক্) [সং] বি, পুং, মৃগবিশেষ। ২। নেত্রলোম ; পক্ষ্ম। ৩। কম্বল।

রশনা [রশ্ (শব্দ করা) + অন (কর্ত্তৃ) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, জিহ্বা। ২। নারীকটিভূষণ ; চন্দ্রহার।

রশা [হি—রস্‌সা] বি, বড় রশি ; মোটা দড়ি। প্র—"তাঁবুর রশা বাঁধছিলুম আমি বললুম রশায় গাঁট দিয়ে যাচ্চি।"—প্রবাসী ১৩২২।

রশি (রো) [রশ্মি শব্দজ] বি, রজ্জু ; দড়ি। [প্রাদে—রছি (শ = ছ)]। প্র—"অন্তরে বাহিরে রছি।"—হকিয়ত]

রশুন (ন্) [সং—লশুন হইতে হি—লহুন (ল = র)] বি, শ্বেত পিয়াজের ন্যায় তীব্রগন্ধ কন্দবিশেষ ; মহাকন্দ ; উগ্রগন্ধ ; রসোন (দ্রঃ)।

রশোৎ [হি] বি, রসাঞ্জন। দারুহরিদ্রার কাথ ও দুগ্ধ সমভাবে একত্র পাক করিয়া পাদাব-শেষ থাকিতে নামাইলে সেই ঘনীভূত দ্রব্যকে রশোৎ বা রসাঞ্জন বলে।

রশ্মি (রোশ্‌শি) [অশ্ (ব্যাপ্ত করা) + মি (কর্ত্তৃ) অ = র (নিপাতন)] বি, পুং, কিরণ। ২। লাগাম ; রাশ। ৩। রজ্জু। ৪। পক্ষ্ম। রশ্মিজাল—বি, কিরণমালা। রশ্মিপাত—কিরণপাত ; আলোকের প্রতিফলন।

রস (শ্) [রস্ (আস্বাদন করা, স্নেহ করা) ধাতুজ। "রসঃস্বাদে জলে বীর্য্যে শৃঙ্গারাদৌ বিষে দ্রবে। বোলে রাগে দেহধাতৌ তিক্তাদৌ পারদেঽপি চ। রসা তু রসনা পাঠা সল্লকী-ক্ষিতিকঙ্গুষু।"—হেমচন্দ্র] বি, রসনা আস্বাদকারী পদার্থ ; রসনেন্দ্রিয়গ্রাহ্য পদার্থ ; স্বাদ। ২। জল। ৩। জলবৎ তরলসার ; নির্য্যাস ; সত্ত্ব। প্র—"রস ইক্ষু কি দেই দয়া করিলে"—ভারতচন্দ্র। ৪। তালের রস ; খেজুর রস ; দুগ্ধ ; ক্ষীর। প্র—গোরস। ৫। পূয ; পুঁজ। প্র—ফোড়ার মুখ দিয়া রস পড়িতেছে। ৬। [পদার্থ বিজ্ঞানে] অম্ল, মধুর, তিক্ত, কষায়, কটু ও লবণ এই ছয়। প্র—"রসনারে কর বশ শ্যামা নামামৃত রস তুমি পান কর পান কর"—রামপ্রসাদ। ৭। আর্দ্রতা। ৮। ভুক্ত দ্রব্যের সারভাগ। ৯। শ্লেষ্মা। ১০। শুক্র ; বীর্য্য। ১১। দেহস্থ ধাতুবিশেষ। রস রক্তে পুষ্ট হইয়া। ১২। [কাব্যালঙ্কারে] কোন বিষয় দর্শন, শ্রবণ, পাঠ বা চিন্তা করিলে হৃদয়ে যে অনির্ব্বচনীয় চিত্তবিকারজনিত আনন্দ অর্থাৎ সুখ, দুঃখ, উৎসাহ, ক্রোধ, অনুরাগ ভয়, বিস্ময়, বৈরাগ্য প্রভৃতি ভাবের উদ্রেক হয়, সেই ভাব স্থায়ী হইয়া অন্তঃকরণকে দ্রবীভূত করিলে তাহা রসপদ বাচ্য হয় ; বিভাব, অনুভাব সাত্ত্বিকভাব ও ব্যভিচারিভাব হইতে উৎপন্ন স্থায়িভাব। এই রস ৯ প্রকার —শৃঙ্গার বা আদিরস, বীর, করুণ, অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস, রৌদ্র ও শান্ত।

মতান্তরে রস দশবিধ। বাৎসল্য বা বৎসলরস দশম। **শৃঙ্গাররস**—স্ত্রীপুরুষের মধ্যে পরস্পর সম্ভোগেচ্ছাজনিত ভাব। অনুরাগ ইহার স্থায়ীভাব। **বীররস**—যে রসে উৎসাহ বৃদ্ধি করে। **করুণরস**—ইষ্টনাশ, ক্লেশ উপতাপাদিজনিত যে ভাব চিত্ত দ্রবীভূত করে; শোক ইহার স্থায়ী ভাব। **অদ্ভুত-রস**—যে স্থায়ীভাব বিস্ময় উৎপাদন করে এবং তদ্দ্বারা চিত্তকে অভিভূত বা আপ্লুত করে। **হাস্যরস**—হাস্যের উৎপত্তিজনক স্থায়িভাব। **ভয়ানকরস**—ভয়ের উৎপত্তি-জনক স্থায়িভাব। **বীভৎসরস**—জুগুপ্সা বা ঘৃণার উৎপাদক স্থায়িভাব। **রৌদ্ররস**—ক্রোধোৎপাদক স্থায়িভাব। **শান্তরস**—সংসারের অনিত্যতা বা আত্মদর্শনজনিত শান্তির উৎপাদক স্থায়িভাব। **বৎসলরস**—সন্তানের প্রতি যে স্বাভাবিক স্নেহ তাহার উৎপাদক স্থায়িরস। ১৩। পশান্তি। প্র—"অশ্রু গেল বোস উদয় রস"—ভারতচন্দ্র। ১৪। কাম: অনুরাগ। প্র—"ডগমগ তনু রসের ভরে"—ভারতচন্দ্র। ১৫। রঙ্গ: কৌতুক: রসিকতা। প্র—"তুমি নাকি রসিক নাগর রসের সাগর ভাবের সাগর কৃষ্ণধন!"—ঈশ্বর গুপ্ত। "দুইজনে অষ্টমনে ক্রীড়া করে কুঞ্জবনে নানা রস জানে নানা মায়া।"—অ, ম। ১৬। রূপ: মাধুর্য্য: সৌন্দর্য্য: লাবণ্য। ১৭। ভোগসুখ: আনন্দ। প্র—তিনি ও রসে বঞ্চিত। ১৮। মর্ম্ম: নিগূঢ়ভাব: তাৎপর্য্য। প্র—রসজ্ঞ ব্যক্তি। ১৯। [বীর্য্যের ভাব হইতে] তেজ: দর্প: অহঙ্কার। তুল—তেল। প্র—তার ভারি রস হয়েছে। ২০। অর্থবল: সম্বল। প্র—ওদের বাড়ী মেয়ে দিতে চাও দাও, ছেলেটী ভাল কিন্তু গোড়ায় রস নাই, মেয়ের খাওয়া পরার কষ্ট হবে। ২১। [বৈদ্যকে] গন্ধরস: বোল। (২) রসাঞ্জন: নীলাঞ্জন: দারুহরিদ্রা। ৩। পারদবহুল খনিজপদার্থবিশেষ: হিঙ্গুল। (৪) শিলারস: লোবান। (৬) সিন্দূর। (৭) পারদ। প্র—"বিনোদ পাটের থোপা রসের দাপনি॥"—কবিক। ২২। বিষ। ২৩। রোগ। ২৪। গুণ। ২৫। মাংসের কাথ। ২৬। মদ্য: দ্রাক্ষারস। ২৭। অম্লাদি ষড়্‌রস হইতে ৬ এই সংখ্যার সঙ্কেত। সং ও প্রা-বাং গ্রন্থাদিতে রচনার কাল বা জন্ম-তারিখ নির্দেশার্থে এই সঙ্কেতের প্রয়োগ হইত। ১৬৭৪ শক এই তারিখ অর্থে ভারতচন্দ্র কৃত অন্নদামঙ্গলে—"বেদ লয়ে ঋষি রসে ব্রহ্ম নিরূপিলা। সেই শকে এই গীত ভারত রচিলা॥" ১৬৭৮ শক এই তারিখ অর্থে গিরিধর কৃত গীতগোবিন্দের অনুবাদ গ্রন্থে—"সমাপ্ত করি গজ ইন্দু রস সোমে।" ২৮। পারদঘটিত ঔষধ: রসায়ন। ২৯। কিমিয়া বা কিমিতি বিদ্যা: রসায়ন: বিজ্ঞান: chemistry. **রসরচনা**—রসিকতা: হাস্য-রসাত্মক রচনা। রসরচনা হাস্যোদ্দীপক হইলেও বিদ্রূপাত্মক, পরপীড়াদায়ক বা অশ্লীল নহে। তাহা রসিকতা কিন্তু ভাঁড়ামি নহে। রসিকতা দ্রঃ। **রসআগর**—বি, রসের আধার; রসিক চূড়ামণি। প্র—"তুহুঁ রস আগর নাগর ঢীট। হাম না বুঝিয়ে রস তীত কি মীঠ॥"—বি, প। **রস গড়ান**—স্ফোটকাদি হইতে পুঁজ পড়া। ২। রস প্রবাহিত হওয়া। **রস জমা**—রস সঞ্চিত হওয়া। **রস ঝরা**—ফোঁটা ফোঁটা করিয়া রস পতিত হওয়া। **রস মরা**—ক্রি, জ্বাল দিয়া বা রৌদ্রে রস শুষ্ক করা; রস শুকাইয়া যাওয়া। ৩। বিণ, যাহার রস শুকাইয়া গিয়াছে; নীরস। **রস হওয়া**—রস বৃদ্ধি হওয়া বা উৎপন্ন হওয়া।

রসই, রসুই (রোশোই, রোশুই) [হি—রসোই (পাকশালা): সং—রসবতী (মহানস) "রসবত্যাস্তু পাকস্থানং মহানসম্"—অমর] বি, রন্ধন: পাক করা। বিণ, **রসুইয়া, রুসুইয়া**—পাককারী। ২। বি, পাচক।

রসকরা (শ) বি, চিনির রসে পাক করা নারিকেল কোরা দ্বারা প্রস্তুত সন্দেশবিশেষ।

রসকর্পূর (রশকোর্পুর্) [রস (পারদ) কর্পূর (কর্পূর আকারে পরিণত) আধুঃ পরিঃ] বি, মারিত পারদঘটিত ঔষধ: perchloride of mercury.

রসকলা (শ) [রস—কলা (স্বর)] বি, স্ত্রী, মৃদুমধুর কণ্ঠস্বর। ২। রসচাতুর্য্য।

রসকলি (রশকোলি) বি, পুষ্পকলির চিত্রে অঙ্কিত তিলক: বৈষ্ণব বৈষ্ণবীদিগের ধারণীয় দীর্ঘ তিলক।

রসকষ (রশ্‌কষ্) [রস ও কষ] বি, রসের লেশমাত্র: আর্দ্রভাব। ২। মাধুর্য্য ও কোমলতা। প্র—লোকটা ভয়ানক রূঢ়ভাষী: তাহার কথাবার্ত্তায় রসকষ নাই।

রসকেশর (রশকেশর্) [সং] বি, স্ত্রী, কর্পূর।

রসগর্ভ (শ) [রস—গর্ভে যাহার, বহু] বি, স্ত্রী, রসাঞ্জন: হিঙ্গুল। ২। বিণ, রসপূর্ণ: রসাত্মক: সরস।

রসগোল্লা (শ) বি, চিনির রসে পাক করা ছানা ও সুজিঘটিত গোলাকার মিষ্টান্নবিশেষ।

রসঘ্ন (রশোঘ্‌ন) [রস—ঘ্ন (নাশক)] বি, পুং, রসনাশক। ২। সোহাগা।

রসজ (শ) [রস (ভুক্ত দ্রব্যের সারভাগ) হইতে জ (যে জন্মে)] বি, স্ত্রী, রক্ত। ২। গুড়।

রসজ্ঞ (রশগ্‌গঁ) [রস—জ্ঞ (যে জানে)] বিণ, স্বাদগ্রাহী। ২। ভাবগ্রাহী: ভাবুক। ৩। রসিক। ৪। সামাজিক। স্ত্রী, **রসজ্ঞা**—রসনা; জিহ্বা। ২। ভাবগ্রাহিণী; রসিকা।

রসজ্ঞান (রশগ্‌গ্যান্) [রসের জ্ঞান, ৬তৎ] বি, রসবোধ; রসানুভাবকতা।

রসজ্যেষ্ঠ (শ) [রসের মধ্যে জ্যেষ্ঠ (অগ্রজ) উৎকৃষ্ট, ৬তৎ] বি, পুং, আদিরস; শৃঙ্গাররস।

রসতড়কা (রশ্‌তড়কা) বি, শিশু যে রোগে অকস্মাৎ চমকিয়া কাঁদিয়া উঠে; শরীরস্থ রসের তাড়সে শিশুদিগের যে আক্ষেপ রোগ হয়।

রসদ (রশদ্) [ফা—রসদ্। ইং—ration] বি, সৈন্যদিগের আহারীয় দ্রব্য। ২। খাদ্য-দ্রব্যের ভাণ্ডার। প্র—"কূলেতে কুঁড়িয়া খাত রসদ করিল।"—কবিক। ৩। [আইনে] খাজনা অনাদায় থাকা হেতু অথবা কৃত খরচের সন্তোষ জনক কারণ দেখাইতে না পারিলে দোষী কর্ম্মচারীর নিকট হইতে তাহার জরিমানা স্বরূপ জমীদার কর্তৃক আদায়-করা টাকা।

রসধাতু (শ) বি, পুং, পারদ: পারা।

রসধেনু (শ) বি, স্ত্রী, দানের জন্য গুড়নির্ম্মিত কাল্পনিক ধেনু।

রসন (রশন্) [রস্ (আস্বাদন করা) + অন (করণে—অনট্)] বি, যাহা দ্বারা রস গ্রহণ করা যায়; রসনেন্দ্রিয়; জিহ্বা। প্র—"রসনে কালী নাম রটরে।"—রামপ্রসাদ। ২। স্বাদ গ্রহণ। ৩। [রস (শব্দ করা) + অন (কর্ত্তৃ)] ধ্বনি; ধ্বনন।

রসনা (শ) [রসন (দ্রঃ) + আপ্—স্ত্রী] বি, জিহ্বা; রসনেন্দ্রিয়। ২। রস-না দ্রঃ মেখলা; কাঞ্চী। ৩। পাশ; রজ্জু। ৪। [বৈদ্যকে] রাস্না নামক গন্ধদ্রব্য। (২) প্রসারিণী; গন্ধভাদাল।

রস-না (রশোনা) [রসা দ্রঃ] না যোগ (অনুরোধার্থে)] ক্রি, রস: রসার্দ্র হও। প্র—"হরিনাম সুধা রসে কেন রসনা রসনা"—গান। ২। (রোশোনা) [রহা দ্রঃ] রহ অপেক্ষা কর। প্র—একটু রসনা, এখনি আনিয়া দিব।

রসনায়ক (রশনায়ক্) [রসের নায়ক (উপদেশক) ৬তৎ] বি, পুং, শিব।

রসনেন্দ্রিয় (শ) [রসনের (আস্বাদনের ইন্দ্রিয়) ৬তৎ] বি, স্ত্রী, যে ইন্দ্রিয় দ্বারা আস্বাদ গ্রহণ করা যায়: রসনা: জিহ্বা।

রসপূর্ণ (রশপুর্‌ন) [রসের দ্বারা পূর্ণ, ৩তৎ] বিণ, রসময়: রসগর্ভ: রসভরা: রসাল।

রসপ্রিয় (রশপ্‌প্রিঅ) [রস প্রিয় যাহার, বহু] বিণ, মধুপ্রিয়: মদিরাপ্রিয়: বৃক্ষফলাদির মধুর তরল নির্য্যাসপ্রিয়। ২। রসিক। স্ত্রী, **রসপ্রিয়া**—রসিকা।

রসবড়া (শ্) বি. রসপক্ব বড়া : গুড়ের রসে ফেলা ডাইলবড়া।

রসবতী [রসবান দ্রঃ] বিণ. রসবিশিষ্টা। ২। লাবণ্যবতী। ৩। সুন্দরী যুবতী। ৪। পাকশালা ; রন্ধনগৃহ।

রসবন্ত (শ) [রসবান্ দ্রঃ। সং—অনুকরণে বাং-য়—সম্মানার্থে বহুবচনের বিভক্তি] বিণ. রসাল ; সরস। প্র—"রহি রহি রাগ রচয়ে রসবন্ত।"—বি. প। ২। রসিক ; রসজ্ঞ। প্র—"তুহুঁ যৈছে নাগরী কানু রসবন্ত"—বি. প।

রসবাত (শ. ত্) বি. দেহে রসাধিক্য জনিত রোগ ; আমবাত।

রসবান্ (শ) [রস+বৎ (অস্ত্যর্থে—বতু) = রসবৎ, ১মা, ১ব] বিণ. রসযুক্ত ; সরস ; রসাল। ২। মধুর। স্ত্রী. রসবতী।

রসবাস (রশবাশ্) [প্রা-বাং] বি. সুগন্ধ ও রসযুক্ত এলাচি ও লবঙ্গ। প্র—"লবঙ্গ এলাচি বীজ উত্তম রসবাস ; তুলসী মঞ্জরী সহ দিল মুখবাস।"—চৈতন্যচরিত।

রসবোধ (রশবোধ্) [রসের বোধ, ৬তৎ] বি. রসজ্ঞান ; রসানুভাবকতা।

রসভঙ্গ (রশভংগ) [রসের—ভঙ্গ (বিরাম) ৬তৎ] বি. রসবিচ্ছেদ ; ভাববিরতি।

রসভব (শ) [রস (ভক্ষ্যবস্তুর সারাংশ) হইতে—ভব (উৎপন্ন)] বি. স্ত্রী. রক্ত ; রুধির। ২। বিণ. রসজাত ; রসোৎপন্ন।

রসভরা (শ্) [রসে ভরা—৩তৎ] বি. রসপূর্ণ ; রসাল।

রসম, রসুম (শম্, রোশুম্) [ফা] বি. অর্থ। ২। ব্যবহার ; চাল।

রসমঞ্জরী (শ. মো) বি. স্ত্রী. নায়কনায়িকা-ভেদ ও লক্ষণাত্মক গ্রন্থবিশেষ।

রসময় (রশময়) [রস+ময় (প্রাচুর্য্যার্থে ময়ট্)] বিণ. রসাত্মক ; রসস্বরূপ। প্র—"রসময় বিদ্যাপতি কবি ভাণ।"—বি.প। ২। রসিক।

রসরঙ্গ (শ) [রস ও রঙ্গ] বি. রঙ্গরসিকতা ; রঙ্গতামাসা। প্র—"ব্রজাঙ্গনাগণ সঙ্গে সদা রাস-রসরঙ্গে নৃত্যগীত বাদ্য নানা মত।"—অ. ম। "মধুর মধুর রসরঙ্গ।"—বি. প।

রসরাজ (রশরাজ্) [রসের রাজা, ৬তৎ] বি. পুং. পারদ। ২। রসাঞ্জন। ৩। রসিক শ্রেষ্ঠ। প্র—"মধুর বৃন্দাবন মাঝ। মধুর মধুর রসরাজ।"—বি. প।

রসলা (শ) [হি—রসালা] বিণ. রসযুক্ত ; সরস। ২। সরস ব্যঞ্জন। প্র—"মরী মরীচ লঙ্গ প্রভৃতি মসলা। অধিক করিয়া দিয়া করহ রসলা।"—ভা. চন্দ্র।

রসশালা (রশ) [রাসাঃ পরিঃ] বি. রাসায়নিক পরীক্ষাগার ; রাসায়নিক কার্য্যালয় ; chemical laboratory.

রসশোধন (শ. ন্) বি. রস যাহা দ্বারা শোধিত হয় ; টঙ্কণ : পারদশুদ্ধি। ২। পারদ-শোধন।

রসসিদ্ধ (রশশিদ্ধ) [তান্ত্রিক চিকিৎসা পরিঃ] বি. রসায়নী বিদ্যা ; ভেষজাদি হইতে রোগ-নাশক রসায়ন প্রস্তুতকরণ বিদ্যা। ২। কিমিতি শাস্ত্রবিৎ পণ্ডিত ; an alchemist ; a chemist. [দ্রঃ—"যে বিদ্যাবলে রসায়ন প্রস্তুত করণের জ্ঞানলাভ হয় প্রকারান্তরে সেই বিদ্যাকেও রসায়ন বলা হইতেছে কিন্তু তন্ত্র-শাস্ত্রে এই বিদ্যাকে 'রসসিদ্ধি' নাম দেওয়া হইয়াছে এবং যাঁহারা এই বিদ্যায় পারদর্শী তাঁহারা 'রসসিদ্ধ' বা 'রসসিদ্ধিপ্রদায়ক' নামে অভিহিত (রসরত্নসমুচ্চয়)।"—ডাঃ প্রফুল্ল-চন্দ্র রায়। রসায়নী দ্রঃ]।

রসসিন্দূর (রশশিন্দুর্) বি. ক্লী. গন্ধকের সহিত পারদ ভস্ম করিয়া তাহা হইতে প্রাপ্ত সিন্দূরবৎ রসায়ন দ্রব্য ; sulphide of mercury.

রসস্থ (শ) বিণ. রসযুক্ত ; সরস।

রসস্থান (রশস্থান্) বি. শরীরের সরস স্থান।

রসহীন (শ. ন্) [রসের দ্বারা হীন, ৩তৎ] বিণ. রসশূন্য : নীরস।

রসা (শা) [রস+অ (অস্ত্যর্থে) আপ্—স্ত্রী] বি. স্ত্রী. পৃথিবী। ২। রসনা। ৩। শল্লকী ; কুক্কুরকী ; অজশৃঙ্গী লতাবিশেষ। ৫। কঙ্গু ; কাঙ্গনী শস্য। ৬। কাকোলী। ৭। দ্রাক্ষা।

রসা (শো) [ফা—রসা শব্দজ] বি. দড়া রজ্জু। ২। ৮০ হাত পরিমাণ দড়ি। ৩। ফলের রস। **রসারসি**—দড়াদড়ি ; বাধন। প্র—"সিন্ধুপানে গেছিস ভেসে অকূল কালো-নীরে ছিন্ন রসারসি।"—রবি।

রসা (রশা) [রস (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি)। উ-পু—রসি। ম-পু—রস। প্র-পু—রসে। অস-ক্রি—রসিতে ; রসিয়া, রসে (রো)। ণিজন্ত—রসান (রো)] ক্রি. রসযুক্ত হওয়া ; রস নির্গত হওয়া। ২। পচিবার পূর্ব্বাবস্থা প্রাপ্ত হওয়া ; গলনোন্মুখ হওয়া। প্র—"সই লো তোর মরা মানুষ ফিরেছে। কিন্তু পচে নাই কিঞ্চিৎ রসেছে।"—দাশরথি। ৩। রসসিক্ত হওয়া ; আর্দ্র হওয়া। প্র—"আমার মন রসে না"—গিরিশ। ৪। বিণ. গলিত। **রসারসা**—গলনোন্মুখ ; অল্প অল্প রসযুক্ত। **দোরসা**—আধপচা।

রসাঞ্জন (রশান্জন্) [রস (পারা) দ্বারা অঞ্জন (কজ্জল) ৩তৎ] বি. ক্লী. সুর্ম্মা ; antimony.

রসাতল (রশাতল্) [রসার (পৃথিবীর) তল (অধোভাগ) ৬তৎ] বি. ক্লী. পাতাল ; সপ্তবিধ অধো ভুবনের সর্ব্ব নিম্নস্থিত ভুবন। ২। অধঃপাত ; অবনতি, দুঃখ কষ্টের বা সর্ব্বনাশের চরম সীমা। প্র—"তবে ওটাকে একেবারে রসাতলে ফেলে দিও না"—ভারতী, ১৩২০।

রসাত্মক (রশাৎতক্) [রস+আত্মক] বিণ. রসগর্ভ ; রসাল ; juicy. ২। সরস ; কৌতুকজনক ; witty ; humourous. স্ত্রী. **রসাত্মিকা**।

রসাধার (প. ব্) [রসের (জলের) আধার (পাত্র) ৬তৎ] বি. পুং. সূর্য্য।

রসাধিক (শ. ক্) বি. পুং. টঙ্কণ।

রসাধিক্য (রশাধিক্ক) [রসের আধিক্য, ৬তৎ] রসবৃদ্ধি।

রসান (রসান) [সং—রসায়ন শব্দজ] বি. ক্লী. রসে সিক্ত করান। ২। মার্জ্জন ; উজ্জ্বল করণ ; অলঙ্কারে রংকরণ। ৩। জমক ; স্বর্ণ বা রৌপ্যের অলঙ্কারে রং করিবার সোরা ফট্‌কিরি, গন্ধকাদি মিশ্রিত জল। ৪। অলঙ্কার উজ্জ্বল করিবার শাণ পালিশ পাথর। প্র—"রসানে মার্জ্জিত হেমকান্তি সমকান্তি দ্বিগুণ শোভিল"—মেঘনাদ। "হীরা নীল মরকতে নিরমিল চূড়া। রসান দর্পণে তার চারিদিকে বেড়া।"—কবিক। ৫। বিদ্রূপাত্মক বাক্য ; তীব্র পরিহাস।

রসান (রশান্) [ফা—আহ্‌সান্ (লাঘব, সহজ) হইতে বাং-য় অপভ্রংশে অসান—রসান ; গ্রা] বি. লাঘব।

রসান (রশানো) [রস+আন (ক্রি-বিভক্তি)। উ-পু—রসাই। ম-পু—রসাও। প্র-পু—রসায়। অস-ক্রি—রসাইতে ; রসাইয়া, রসিয়ে] ক্রি. রসে পরিণত করা ; গলান। ২। বিগলিত করা ; মুগ্ধ করা ; ভাবার্দ্র করা। প্র—"আমি রসাই ঋষির মন কার প্রাণে না ফুটবে কলি নীরস কে এমন।"—গিরিশ। "মন্দ মন্দ সমীরণ রসায় ঋষির মন"—ভারতচন্দ্র।

রসানি (শ) [রস—আনি (পানি)] বি. জলীয় রস। ২। কাথ ; নির্য্যাস। ৩। মৎস্য মাংস ফলাদি পচিবার সময় তাহা হইতে যে রস নির্গত হয়।

রসাভাস (শা. শ্) [রসের—আভাস (সদৃশ) ৬তৎ] বি. পুং রসতুল্য। ২। অনুচিত বিষয়ে রস বর্ণন ; নীচরস। ৩। গতরস। ৪। নীচ রসমূলক বাক্য ; অশিষ্ট বচন। প্র—"রসাভাসে যে বোল বোলে শুন্যা লাজ পায়"—পদকল্পতরু।

রসাম্ল (শা) বি. ক্লী. বৃক্ষাম্ল। ২। পুং. অম্লবেতস।

রসায়ন (রশায়ন্) [রসের অয়ন (পথ)] বি. ক্লী. বিষবিশেষ। ২। জরা ও ব্যাধিনাশক ঔষধবিশেষ। "যে ভেষজ সুস্থ ব্যক্তির পক্ষে

ওজস্কর ও রোগীর রোগনাশক তাহাই বৃষ্য বা রসায়ন বলিয়া শাস্ত্রে উক্ত হইয়াছে। যথা,—ত্রিফলা রসায়ন, লৌহ রসায়ন ইত্যাদি।"—ডাঃ প্র. রায়। রসায়নী দ্রঃ। ৩। তক্র; ঘোল। ৪। দুই বা ততোধিক পদার্থ মিলিত হইয়া এক বস্তুতে পরিণত হইলে গুণান্তর ও রসান্তর প্রাপ্ত হয়, যাহা দ্বারা এই বিষয়ের জ্ঞান জন্মে তাহাকে রসায়ন কহে; রসসিদ্ধ (দ্রঃ)। **রসায়ন-ফল**—বি. হরীতকী। **রসায়নবিদ্যা**—যে বিদ্যা দ্বারা সমুদয় পদার্থের গুণ এবং তাহাদের পরস্পর সংযোগ ও বিয়োগ বিষয় জ্ঞাত হওয়া যায় তাহার নাম রসায়নবিদ্যা; chemistry. **রসায়নশাস্ত্র**—যে শাস্ত্র অধ্যয়ন করিলে রসায়নে জ্ঞান জন্মে; কিমিতি বিদ্যা; chemistry.

রসায়নজ্ঞ (রশায়নোগ্‌গ্যঁ) বি. রসায়নশাস্ত্রে পারদর্শী; কিমিয়া বিদ্যায় প্রাপ্তজ্ঞান।

রসায়নীবিদ্যা (রশায়োনিবিদ্‌দা) [তন্ত্রোক্ত চিকিৎসাঃ পরিঃ] বি. যে বিদ্যাবলে রসায়ন (দ্রঃ) প্রস্তুত করণের জ্ঞানলাভ হয়; chemistry. [দ্রঃ—"তন্ত্রশাস্ত্রে এই বিদ্যাকে 'রসসিদ্ধি' নাম দেওয়া হইয়াছে এবং যাঁহারা এই বিদ্যায় পারদর্শী তাঁহারা 'রসসিদ্ধ' বা 'রসসিদ্ধি প্রদায়ক' নামে অভিহিত (রস রত্ন-সমুচ্চয়)। রুদ্রযামলান্তর্গত 'ধাতুক্রিয়া' নামক তন্ত্রে এই বিদ্যা রসায়নী বিদ্যা নামে উক্ত হইয়াছে 'আমরা তাহাই গ্রহণ করিলাম।"—ডাঃ প্রফুল্লচন্দ্র রায় (নব্য রসায়নী বিদ্যা ও তাহার উৎপত্তি)।

রসাল (ল্) [রস+আল (অস্ত্যর্থে)] বি. পুং. আম্রবৃক্ষ। প্র—"আসিয়া বসন্তকালে বসিয়া রসাল ডালে প্রতিদিন দেহ বিড়ম্বনা।"—কবিক। ২। কাঁটাল গাছ। ৩। ইক্ষু। ৪। বিণ. রসযুক্ত; সরস। ৫। মধুর; আনন্দজনক। ৬। মিষ্ট; সুশ্রাব্য। প্র—"নানাবিধ বাদ্য বাজে শুনিতে রসাল।"—কৃত্তিবাস। "সুমধুর যথ রসাল"—বি. প। স্ত্রী. **রসালা**—রসযুক্তা। ২। রসনা; জিহ্বা। ৩। দ্রাক্ষা। ৪। পানীয়বিশেষ। ৫। দুর্ব্বা। ৬। পুষ্পবিশেষ।

রসালসা (শা. শা) বি. স্ত্রী. রক্তবাহনাড়ী; ধমনী।

রসালাপ (শা. প্) [রস+আলাপ] বি. রসযুক্ত আলাপ; সরস কথাবার্ত্তা। ২। রসিকতা। ৩। প্রেমালাপ।

রসাস্বাদ, রসাস্বাদন (রশাশ্‌শাদ.—শাদন্) [রসের আস্বাদন, ৬তৎ] বি. রসের স্বাদ গ্রহণ। ২। রসগ্রহণ; রসবোধ। ৩। ঐ; experience.

রসাস্বাদী (রশাশ্‌শাদি) [রস—আস্বাদ রসাস্বাদ+ইন্ (অস্ত্যর্থে)=রসাস্বাদিন্ ১মা ১ব] বিণ. রসের আস্বাদনকারী।

রসি (রোশি) [হি—রস্‌সী শব্দজ] বি. দড়ি; রজ্জু।

রসিক (রোশিক্) [রস+ইক (জ্ঞানার্থে)] বিণ. রসগ্রাহী; রসজ্ঞ; রসপ্রিয়। স্ত্রী. **রসিকা**—রসজ্ঞা। ২। রসনা। ৩। কাঞ্চী।

রসিকতা (রোশিকোতা) [রসিক+তা (ভাবে)] বি. রঙ্গরসের কথা; যে রসাল বাক্য হাস্যরসের উদ্রেক করে। প্র—"বঙ্কিমের রসিকতা অতীব তীব্র হইলেও, তাহা গ্রাম্য নহে; অশ্লীল নহে; তাহা ভাঁড়ামি নহে; 'ভেঙ্গচানি'ও নহে—তাহা রসিকতা।"—বিজয়চন্দ্র মজুমদার। [দ্রঃ—রসিকতা নির্দ্দোষ এবং বিশুদ্ধ হাস্যরসের অবতারণা করে। কোন ব্যক্তি বা সমাজের প্রতি কটাক্ষযুক্ত হাস্যরসের কথা **ব্যঙ্গ**। তীব্র ব্যঙ্গ যাহা লক্ষিত ব্যক্তি বা সমাজের মর্ম্মস্থলে আঘাত করে তাহা **বিদ্রূপ**। "আজকাল উপন্যাসে উদ্ভট হাস্য-রস কোথাও কোথাও এত প্রচুর পরিমাণে পাওয়া যায় যে উপন্যাস ত দূরের কথা, সেই সকল রসিকের নাম শুনিলেই পাঠকের মনে হাস্য-রসের উদ্রেক হয়। জানিনা, সে কি রস! তাহা কি হাস্য? * * * "বঙ্গসাহিত্যে যাঁহাদের রস ও রসিকতা প্রসিদ্ধিলাভ করিয়াছে, তন্মধ্যে ঈশ্বর গুপ্ত, কালীপ্রসন্ন কাব্যবিশারদ, দীনবন্ধু মিত্র, পঞ্চানন্দ (ইন্দ্রনাথ) ও দ্বিজেন্দ্রলাল রায় মহাশয় প্রভৃতির নামই বিশেষভাবে উল্লেখযোগ্য। শেষোক্ত কবি সারা বঙ্গে হাসির কবি বলিয়াই বিখ্যাত। আমরা টেকচাঁদকে (প্যারীচাঁদ মিত্র) বাদ দিতেছি না, কিন্তু তাঁহার রস অধিক মাত্রায় ব্যঙ্গ। * * * পঞ্চানন্দের রসিকতাকে তীব্র কশা বলিলে চলে, তাহা ব্যঙ্গ-বিদ্রূপে সমুজ্জ্বল।"—বিজয়চন্দ্র মজুমদার (মর্ম্মবাণী)]।

রসিকনাগর (রোশিক্‌নাগর্) [রসিক যে নাগর—কর্ম্মধা] বি. রসিক বঁধু; রসরাজ; রমণীরঞ্জন; a gallant. প্র—"তুমি নাকি রসিক নাগর রসের সাগর ভাবের সাগর কৃষ্ণধন!"—ঈশ্বর গুপ্ত।

রসিকরাজ (রোশিক্‌রাজ্) [রসিকগণের রাজা (প্রধান)—৬তৎ, রাজা=রাজ] বি. পুং. রসিকচূড়ামণি; সুরসিকের শ্রেষ্ঠ; রসরাজ। ২। শ্রীকৃষ্ণ। প্র—"মালিনী হইল রসিকরাজ।"—চণ্ডীদাস।

রসিকেশ্বর (রোশিকেশ্বর্) [রসিকের ঈশ্বর—৬তৎ] বি. পুং. শ্রীকৃষ্ণ।

রসিত (রোশিত) [রস্ (আস্বাদন করা)+ত (কর্ম্মে ক্ত)] বিণ. আস্বাদিত; গৃহীত-স্বাদ। ২। [রস্ (শব্দ করা)+ত (ভাবে ক্ত)] বি. ক্লী. মেঘশব্দ। ৩। [রস্ (আস্বাদন করা)+ত (ভাবে ক্ত)] আস্বাদ। ৪। স্বর্ণাদি দ্বারা খচিত। ৫। শব্দিত।

রসিদ, রসীদ (রোশিদ্) [ফা—রসীদ্] বি. প্রাপ্তিস্বীকার পত্র; প্রাপ্তি-নিদর্শন; receipt.

রসিয়া (রোশিয়া) [রস+ইয়া (যুক্তার্থে, অস্ত্যর্থে)] বিণ. পুং. স্ত্রী. রসজ্ঞ; রসজ্ঞা; রসিক; রসিকা। প্র—"অঙ্গনে আওব যব রসিয়া।"—বি. প। "রসিয়ার সনে কিবা রস রঙ্গে সঙ্গ হয়েছে পারা।"—চণ্ডী। ২। ক্রি. রসযুক্ত হইয়া; রসে পূর্ণ হইয়া। **রসিয়া যাওয়া**—রসযুক্ত হওয়া; তরল হওয়া। প্র—বর্ষায় লবণ রসিয়া যায়।

রসুই (রোশুই) বি. রসই দ্রঃ। **রসুই ঘর**—পাকশালা; রান্নাঘর।

রসুইআ (রোশুইয়া) [হি] বি. রান্নাঘর। ২। পাচক।

রসুইশালা (রোশুই) [রসুই (রন্ধন) শালা (গৃহ)] বি. রান্নাঘর। প্র—"ক্ষণেক রসুই শালে ক্ষণেক অঙ্গনে।"—কবিক।

রসুন, রসূন (রোশুন্ [সং—রসোন, রশুন। রস্ (আস্বাদনে) উন, উন (কম): ষড়্‌রসের মধ্যে এক রস—কোন মতে লবণ, মতান্তরে অম্লরস ইহাতে নাই বলিয়া)] বি. পুং. শ্বেত পলাণ্ডুবৎ অতি তীব্র গন্ধ উগ্রবীর্য্য কন্দবিশেষ; garlic.

রসুম (রোশুম্) [ফা—রসূম্] বি. পদ্ধতি; ধারা; আচার; চাল। ২। মাশুল; বৃত্তি। ৩। অর্থ। ৪। টোল। **রসুম রেওয়াজ, রেওয়াজ রসুম**—আচার ব্যবহার; রীতিপদ্ধতি।

রসুল (রোশুল্) [আ—রসূল্ (দূত)] বি. ঈশ্বরের দূত; পয়গম্বর।

রসেন্দ্র (রসেন্দ্র) [রসের—ইন্দ্র (প্রধান)—৬তৎ] বি. পুং. পারদ; পারা।

রসোত্তম (রশোত্তম্) বি. পুং. মুদ্গ। ২। পারদ।

রসোদ্গার (রশোদ্‌গার্) [পারিভাষিক শব্দ] বি. রাসলীলা পর্য্যাপ্ত বোধ না হওয়ায় অতৃপ্ত মনোরথ পূর্ণ করণার্থ পুনর্ম্মিলনের আবেশ। প্র—"পূর্ব্বরঙ্গ রসোদ্গার মাথুর বিরহ আর হরিভক্তি যাহাতে প্রকাশ।"—অ. ম।

রসোদ্ভব (রশোদ্‌ভব) [রস (পারদ)—হইতে উদ্ভব] বি. ক্লী. হিঙ্গুল। ২। বিণ. রসজাত।

রসোপল (রশোপল্) [রস (জল)+উপল (প্রস্তর)] বি. ক্লী. মুক্তা।

রস্য (রোশ্‌শ) [রস্ (আস্বাদন করা) + য (কর্ম্মে)] বিণ, আস্বাদ্য। ২। বি, রসজ্ঞ ; শোণিত।

রহঃ [সং। প্রা-বাং। আধু-বাং—অপ্র] বিণ, গোপনীয় ; গোপ্য ; গুপ্ত। প্র—"রহঃ কথা কহিবারে বসিলেন গিয়া।"—চৈতন্যভাগবত।

রহন (ন্) [রহা দ্রঃ] বি, স্থিতি ; অবস্থান।

রহনি, রহনী [প্রা-বাং—প্রাদে] বি, গূঢ়রহস্য বা তত্ত্ব। ২। ক্রীড়া ; কৌতুক। প্র—"দুই পাল্যের কন্ধে দিয়া দুই পাও। আমার কন্ধেতে বসি রহনি খেলাও॥"—কবিক। ৩। পরিহাস।

রহর (রূহর্) [হি] বি, অড়হর কলাই।

রহস (শ) [রম্ (ক্রীড়া দ্বারা) + অস্ (ভাবে)] বি, ক্লী, সংসর্গ ; সহবাস। প্র—"পুরুষ রহসে তার গেল চারি মাস।"—কবিক। ২। [অস্—কর্ম্মে] গোপনীয় ধর্ম্মতত্ত্ব।

রহসি (শি) [সং। রহঃ দ্রঃ ; ৭মী বিভক্তি রূপ] অ, নির্জ্জনে ; গোপনে। প্র—"কত পরবোধি না মানে রহসি না করে ভোজন পান।"—বি, প। ২। রহস্য ; কৌতুক ; আনন্দ ; রসবোধ। প্র—"রোখ সমাপি পুন রহসি পসারল—বি, প।

রহস্য (রহশ্‌শ) [রহস (গোপন) + য (ভবার্থে—যণ্)] বি, মর্ম্ম ; গূঢ় তাৎপর্য্য। ২। গুপ্তকথা ; অপ্রকাশ্য বিষয়। ৩। পরিহাস ; কৌতুক। ৪। নির্জ্জনভাব। ৫। রসিকতা। ৬। উপনিষৎ ; বেদান্ত। **রহস্যভেদ**—বি, গূঢ়তত্ত্বের মর্ম্মগ্রহ ; গুপ্তবিষয়ের প্রকাশ। **রহস্যময়**—বিণ, রহস্যপূর্ণ ; রহস্যাবৃত। ২। দুর্ব্বোধ্য।

রহস্যালাপ (রহশ্‌শালাপ্) [রহস্য (দ্রঃ) + আলাপ] বি, নায়ক নায়িকার গোপনে প্রেমালাপ। ২। রঙ্গ রসিকতা।

রহা (র্) [হি—রহ্‌না = থাকা। উ-পু—রহি। ম-পু—রহ ; রহন্ (রো) ; র। প্র-পু—রহে ; রহেন। অস-ক্রি—রহিতে ; রহিয়া, রহে (রো)। ণিজন্ত—রহান (নো)] ক্রি, থাকা ; অবস্থিতি করা ; তিষ্ঠান। প্র—"নিশিদিন রহ পাশে"—রবি। ২। পড়িয়া থাকা ; দূরে অজ্ঞাতসারে থাকা। প্র—কে কোথায় রহিল তাহার ঠিক হইল না। ৩। থামা ; নিবৃত্ত হওয়া। প্র—"দ্রুত গমনে কি এত প্রয়োজন * * * * রহ রহ রহ করি দরশন হে"—গান। ৪। অপেক্ষা করা। প্র—রহ শীঘ্রই আসিতেছি। [ব্রজ] **রহ**—রহে। প্র—"অতএ সে দুঃখ রহ"—বি, প।

রহই—রহে। প্র—"বালাজন সঞে যব রহই"—বি, প। **রহব**—রহিবে। প্র—"কতদিনে মাধব রহব মথুরাপুর"—বি, প। **রহবি**—রহিবি। **রহয়ে**—রহে। **রহল**—রহিল। প্র—"নহি নহি কহয়ে নয়নে ঝরে লোর। শুতি রহল রাই শয়নক ওর॥"—বি, প। "হিয়ার ভিতর পাঁজর কাটিয়া মরমে রহল পশি।"—চণ্ডীদাস। **রহলা**—রহিল প্র—"কৈছে মিলব হামে সো ধনী অবলা। চিত নয়ন মঝু দুহুঁ তাহে রহলা॥"—বি, প **রহলু,—লুঁ, রহনু**—রহিলাম। প্র—"শুতি রহলুঁ আঁচল ঝাঁপাই"—বি, প **রহসি**—রহিতেছে। **রহু, রহুঁ**—রহ। ২। রহুক। ৩। রহে ; থাকে। প্র—"কুচ ভয়ে কমল কোরক জলে মুদি রহুঁ ঘট পরবেশে হুতাশে।"—বি, প।

রহান (নো) [রহা (দ্রঃ) ণিজন্ত রূপ। প্রা-বাং] ক্রি, থাকান ; যাইতে বাধা দেওয়া। প্র—"দুই হাতে আগুলিয়া মুনিরে রহায়।"—ভাগবত (গৌরাঙ্গদাস)। ২। থামান নিরস্ত করা। প্র—"শিব বলে মথ সিন্ধু রহাইলে কেনে।"—মহা-কাশী-আদি। ৩। আটকান ; আটক করা ; রোধ করা। প্র—"দেশের কাঁকড়া রাঁড় চোয়াড়েতে খায়। এ দেশের কাঁকড়া নুহিত রহায়॥"—কবিক। "দাড়ায় ধরিয়া তার বহিত্র রহায়।"—ঐ।

রহি (রো) [রহা (দ্রঃ) ধাতুর উ-পু রূপ] ক্রি, থাকি। ২। অস-ক্রি, রহিয়া। **রহিরহি**—থাকিয়া থাকিয়া। প্র—"রহি রহি রাগ রচয়ে রসবন্ত।"—জ্ঞানদাস।

রহিত (রো) [রহ্ (ত্যাগ করা) + ত (কর্ম্মে —ক্ত)] বিণ, বর্জ্জিত ; বিহীন ; ত্যক্ত। প্র—"কলঙ্ক রহিত পরিণত শত বিধু নিন্দিত বদনী"—গান। ২। বিণ, খণ্ডিত।

রহিয়াবসিয়া (রোহিআবসিআ) [গ্রা—রহেবসে, রয়েবসে] ক্রি-বিণ, দীর্ঘসূত্রিতা দ্বারা ; ধীরেসুস্থে ; চিরকারিতা দ্বারা। তুল—"এড়াইয়া গড়াইয়া"।

রা [সং—রাঃ = রব] বি, শব্দ ; ডাক। প্র—"মেঘ বাঘ পলায় প্রমাদে ছাড়ি রা।"—ধ, ম। "সিংহ তুমি মহাতেজা * * * * শুনিয়া তোমার রা কাঁপায়ে সবার গা কি কারণে ভয় কর নরে।"—কবিক। ২। বাক্য ; কথা। প্র—"মুখে না নিঃসরে রা"—চণ্ডীদাস। "মুখে নাই রা"—শিবায়ন। "ছল ছল নয়ন বয়ানে নাহি রা।"—ঘনরাম।

রা—বাঙ্গালা বহুবচন-বিভক্তি। জীব বাচক বিশেষ্য পদের বহুবচন নিষ্পন্ন করিবার জন্য যুক্ত হয়, অকারান্ত শব্দের পরে এরা ও অন্য স্বরান্ত শব্দের সঙ্গে রা যুক্ত হয়। যথা—বালকেরা ; বালিকারা। কথিত ভাষায় প্রভেদ বড় থাকে না (তুল—ছাত্ররা ছাত্রেরা)।

রাঅগড় (ড়) [প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"কোটা মেটা রাঅগড় তোজনা আর বোর।"—শূ-পু।

রাই [রাধিকার সংক্ষেপ। রাধিকা—রাধিআ—রাহি—রাই] বি, রাধিকা। প্র—"শুন শুন সুন্দর কানাই। তোঁহে সোঁপলু ধনি রাই॥"—বি, প। "অপরূপ এ কি রূপ কৃষ্ণের রূপ লিখেছ গো রাই।"—গান।
দেখবো বলেছে তাই এসেছিলাম এ গোকুলে। আমায় স্থান দিও রাই চরণতলে"—বঙ্কিম।

রাই [রাজিকা শব্দজ] বি, রাইসরিষা।

রাই [রাজা—রাজ— রায়—রাই] বি, রায় ; রাজা। প্র—"সীতাপতি রঘু রাই"—গান।

রাইঅত, রাইয়ত, রৈয়ৎ (ত্) [আ—রঈয়ৎ। গ্রা—রেয়ত] বি, যিনি স্বয়ং চাষ কবিবার জন্য অথবা নিজ স্বার্থে অন্যের দ্বারা চাষ করাইবার জন্য ভূমিস্বত্ব লাভ করেন। **উঠবন্দী রাইয়ত**—যে রাইয়ত প্রতিবৎসর ভিন্ন ভিন্ন জমি চাষ করে। **কোর্ফারাইয়ত**—রাইয়তের অধীনে ভূমিভোগী। **খুদকস্তা-রাইয়ত**—যে রাইয়ত নিজ বসত গ্রামের জমী চাষ করে। **দখলিরাইয়ত**—যে জমিতে প্রজার মালিকানা স্বত্ব থাকে না অথচ পুত্র পৌত্রাদি ক্রমে চাষের স্বত্ব থাকে সেই প্রজাকেই দখলি প্রজা বা রাইয়ত বলে। **পাইকস্তা-রাইয়ত**—যে রাইয়ত এক জমিদারের জমিতে বাস করে ও অপর জমিদারের জমি চাষ করে বা জমি জমা রাখে। **মোকররীরাইয়ত**—যে রাইয়ত চিরকাল একনির্দ্দিষ্ট খাজনায় জমি ভোগ করে।

রাইঅতি [হি,—রৈয়তী] বি, প্রজাস্বত্ব। ২। চাষ করণের ভূমিস্বত্ব।

রাইকিশোরী [রাই (রাধিকা) কিশোরী (কিশোর বয়স্কা)] বি, স্ত্রী, কিশোরী রাধিকা ; নবযৌবনা রাধা।

রাইখড়া [প্রাদে] বি, রাইসরিষার ডাঁটা।

রাউটি [হি] বি, ছোট তাঁবু ; গোল বৃক্ষাকৃতি তাঁবু।

রাউত (ত্) [রাজপুত শব্দের অপভ্রংশ] বি, রাজপুত ; উত্তর পশ্চিমাঞ্চলে রাজপুতের উপাধি। প্র—"রাউত মাহুত দূত আরো সৈন্যগণ।"—কাঞ্চীকাবেরী।

রাউল, রাওল (ল্) [হি—রাবল্] বি, রাজা ; রায়।

রাও [রাত্রি—রাত—রাও] বি, রাত্রি। প্র—"হায় হায় স্বামীধন কাড়িলু কাল রাও।"—মাণিকচাঁদের গান।

রাও [রব হইতে। রা দ্রঃ] বি. ডাক। ২। সংবাদ। প্র—"যত জ্ঞাত্তাসগ আনিল রাও দিয়া"—মাণিকচাঁদের গান। রাও করা—শব্দ করা ; উত্তর করা ; ডাকিলে সাড়া দেওয়া।

রাওয়া [রাব হইতে। প্রাদে—বরিশাল] বি. কুক্কুট।

রাওয়ান (নো) [রাওয়া (দ্রঃ) শব্দের ণিজন্ত-রূপ] ক্রি. শব্দ করান ; কথা বলান। ২। [বরিশাল অঞ্চলে ভূতের কীর্ত্তি এখনও শুনা যায়। ভূতে ধরা পুরুষ বা স্ত্রীকে সুস্থ করিবার জন্য রোজা (ওঝা) যে প্রক্রিয়া করেন তাহার নাম রাওয়ান বা ভূত রাওয়ান]।

রাওয়ারাই [রাও (রাব, রব) + আ—রাই (রাব, রব)] বি. উচ্চৈঃস্বরে। প্র—"পুত্র শোকে যেন হেথা কাঁদে রাওয়ারাই"—ঘনরাম। ২। চেঁচামেচি ; গণ্ডগোল। প্র—"বাদ্যরবে ছুটে সবে করি রাওয়ারাই"—শিবায়ন।

রাং [রঙ্গ শব্দজ] বি. রাঙ্গ ধাতু।

রাংচিতা [রক্তচিত্রক শব্দজ। গ্রা—রাংচিত্তির] বি. চিতাগাছ।

রাংঝাল (ল্) বি. ধাতুময় দ্রব্য জুড়িবার বা ছিদ্ররোধ জন্য রাঙের পাইন।

রাংতা, রাঙ্গতা [রাং (রাঙ্গ) + তা (পাতা সংক্ষেপে)] বি. রাং নির্ম্মিত পাতলা পত্রবিশেষ ; ইহা দ্বারা প্রস্তর বা মৃন্ময় দেবদেবী মূর্ত্তি সাজান হয়।

রাঁড়, রাঁঢ় (ড়্, ঢ়্) [সং—রণ্ডা] বি. বিধবা। প্র—"আমি রাঁড় হয়েছি, আমার শাড়ী পরা ঘুচে গেছে।—নবীনতপস্বিনী। ২। বেশ্যা ; উপপত্নী। রাঁড় হওয়া—বিধবা হওয়া ; রাঁড় হাত—আয়তির চিহ্ন স্বরূপ বলয় লৌহাদিবর্জ্জিত হস্ত ; আভরণশূন্য হস্ত ; শুধু হাত। রাঁড় মানুষ -বিধবা স্ত্রীলোক। রাঁড় হয়ে ষাঁড় হওয়া—বিধবা হওয়ার পর স্বাধীন-ভাবে ঘুরিয়া বেড়ান ও দুর্দ্দান্তপনা করা। রাঁড়খোর—যে নিয়ত বেশ্যালয়ে গমন করে ; বেশ্যাসক্ত ; লম্পট। রাঁড়বাজ—রাঁড়খোর। রাঁড় রাখা—বেশ্যা পোষণ করা। কড়ে রাঁড়—বালবিধবা। বাঁধা রাঁড়—রক্ষিত বেশ্যা। রাঁড়ের বাড়ী—বেশ্যালয়। রাঁড়ের বাড়ী যাওয়া—ব্যভিচারার্থ বেশ্যালয়ে গমন করা।

রাঁড়া [সং—রণ্ডা] বি. ফলপুষ্পহীন বৃক্ষ ; যে সকল বৃক্ষে ফল হয় না। ২। বিণ. অফলা। ৩। গর্ভধারণে অক্ষমা স্ত্রী ; বন্ধ্যা নারী।

রাঁড়ি, রাঁড়ী [রাঁড় (দ্রঃ) + ই, ঈ (রাঁড় এই পুংলিঙ্গবৎ ও কড়া উচ্চারণকে স্ত্রীলিঙ্গবৎ ও কোমল করণার্থে)] বি. স্ত্রী. বিধবা। প্র—"হিন্দুর ঘরের রাঁড়ী সিন্দূর পরিবে।"—ঈশ্বর গুপ্ত।

রাঁধন (ন্) [রন্ধন শব্দজ] বি. রন্ধন ; পাককরণ।

রাঁধনি—রাঁধুনী দ্রঃ।

রাঁধনিআ [হি—রন্ধনীয়া] বি. পাচক ; রসুইআ।

রাঁধা [রন্ধন হইতে ক্রি. রান্ধা—রাঁধা]। উ-পু—রাঁধি। ম-পু—রাঁধ ; রাঁধুন ; রাঁধ্। প্র-পু—রাঁধে, রাঁধেন। অস-ক্রি—রাঁধিতে ; রাঁধিয়া, রেঁধে।
রাঁধান (নো)] ক্রি. রন্ধন করা ; পাক করা। প্র—"একটি কন্যা রাঁধেন বাড়েন একটি কন্যা খান।"—ছড়া। রাঁধাবাড়া—রন্ধন ও পরিবেশন করা। প্র—"রাঁধা বাড়া হবে সব আমি নেয়ে এলে"—ঈশ্বর গুপ্ত।

রাঁধান (নো) [রাঁধা দ্রঃ] উ-পু—রাঁধাই। ম-পু—রাঁধাও ; রাঁধান ; রাঁধা। প্র-পু—রাঁধায় ; রাঁধান্। অস-ক্রি—রাঁধাইতে ; রাঁধাইয়া, রাঁধিয়ে] ক্রি. রন্ধন করান পাক করান।

রাঁধুনী (রাঁ) [রন্ধন কার্য্যে ব্যবহৃত হয় বলিয়া নাম] বি. অজমোদা ; বনযমানী ; ধান্যাদিবর্গের ওষধি শাকবিশেষ। ইহার ফলে রন্ধনের মসলা হয়। ২। পুং, স্ত্রী. পাচক ; পাচিকা। প্র—"যার হাতে খাইনি সে বড় রাঁধুনি"—প্রবচন। ৩। [হি—রন্ধনিয়া—সংক্ষেপে ব্যবহার] বিণ. যে রন্ধন করে ; রন্ধনকারী। প্র—রাঁধুনি বামুন।

রাকড়ান (রাক্‌ড়ানো) [রাকাড় + আন—রাকাড়ান—দ্রুত উচ্চারণে। উ-পু—রাকড়াই। ম-পু—রাকড়াও। প্র-পু—রাকড়ান্। অস-ক্রি—রাকড়াইতে ; রাকড়াইয়া, রাকড়ে] ক্রি. উত্তর দেওয়া। ২। তত্ত্ব লওয়া। ৩। সংস্রব রাখা ; সম্বন্ধ রাখা। ৪। বলা ; কথা কহা ; ডাকা। প্র—"বলগে বালাই মোরে যাব তার ঠাঁই। রাঁড়ের মেয়েকে তুই রাকড়িস নাই॥" শিবায়ন।

রাকা (রা) [গ্রা। খ=ক] ক্রি. রাখা দ্রঃ।

রাকা (রাকা) [সং] বি. স্ত্রী. পূর্ণিমা তিথি। প্র—"ওগো সজনি! রাইঅঙ্গ সাজাব, দিয়ে কি ভূষণ। ও যার রূপে, রইল ঢাকা, রাকা শশীর কিরণ॥"—দাশরথি রায়। ২। নব ঋতুমতী স্ত্রী। ৩। নদীবিশেষ।

রাকাড় (ড়্) [রাকাড়া, রাকড়ান দ্রঃ] বি. কথাবার্ত্তা। ২। সংস্রব ; সম্বন্ধ। ৩। সাড়া ; উত্তর। ৪। তত্ত্ব। ৫। ডাক। প্র—"সাত রাকাড়ে সাড়া নাই রাত্রি বয়ে যায়।"—হেম বন্দ্যো।

রাকাড়া [রা (রব) কাড়া (করা, ব্যবহার করা ; বাহির করা) ; উ-পু—রাকাড়ি। ম-পু—রাকাড় ; রাকাড়ুন ; রাকাড়্। প্র-পু—রাকাড়ে। অস-ক্রি—রাকাড়িতে ; রাকাড়িয়া] ক্রি. শব্দ করা ; রব করা। ২। বুলি বাহির করা ; কথা কহা ; বাক্য বলা। প্র—"আর যদি কাড় রা বসন্তের মাথা খা।"—কবিক। ৩। সাড়া দেওয়া ; উত্তর দেওয়া। প্র—"জিজ্ঞাসিলে যে নাহি কাড়ে রা।"—কবিক। ৪। তত্ত্ব লওয়া ; সংবাদ রাখা। ৫। সংস্রব রাখা। ৬। ডাকা। ৭। জিজ্ঞাসা করা ; প্রশ্ন করা।

রাকাপতি (পো) [রাকা (পূর্ণিমা তিথি) পতি (প্রভু) ৬তৎ] বি. পুং. চন্দ্র। প্র—"রাকাপতি বেড়ি যেন ফিরায়ে বলাকা।"—কবিক।

রাক্ষস (রাক্‌খশ্) [রক্ষ্ (রক্ষা করা) + অস (অপাদানে—অসুন্) যাহা হইতে যজ্ঞীয় হবিঃ রক্ষা করা হয়] বি. পুং. নিশাচর ; কর্ব্বুর। ২। নরখাদক নর। ৩। [কর্ত্তৃ—অস্] কুবেরের ধনরক্ষক। ৪। [রক্ষস্ + অণ্] বলপূর্ব্বক বিবাহ। ৫। বিণ. রক্ষঃসম্বন্ধীয়। স্ত্রী. রাক্ষসী [গ্রা—"রাক্‌সী] রাক্ষসপত্নী ; রাক্ষসনারী। ২। সন্ধ্যাকাল। ৩। [বৈদ্যকে] চোর নামক গন্ধদ্রব্য।

রাক্ষসেন্দ্র (রাক্‌খশেন্দ্র) [রাক্ষসের ইন্দ্র (রাজা)—৬তৎ] বি. পুং. রাক্ষসের প্রধান ; রাক্ষসশ্রেষ্ঠ। ২। রাবণ।

রাক্ষসেশ্বর (রাক্‌খশেশ্‌শর্) [রাক্ষসের ঈশ্বর—৬তৎ] বি. রাক্ষসেন্দ্র ; রাবণ।

রাখআল (খ, ল) [রাখ (রক্ষা)—আল (বাল—কর্ত্তা)] বি. রক্ষাকর্ত্তা। প্র—"আমি নহি এখানে চণ্ডীর রাখ-আল।"—ধর্ম্মমঙ্গল (সীতারাম)।

রাখন, রাখোন (ন্) [রক্ষণ শব্দজ] বি. রক্ষা করণ। ২। স্থাপন।

রাখনি, রাখনী—[গ্রা। রাখন (দ্রঃ) + ই, ঈ (বৃত্তি অর্থে)] বি. রক্ষণকার্য্য। ২। রক্ষণাবেক্ষণের বেতন। ৩। রাখালের বেতন। ৪। (রাখ্‌নি) রক্ষিতা ; উপপত্নী।

রাখন্ত, রাখন্তি, রাখেন্ত—[প্রা-বাং—রাখা দ্রঃ] ক্রি. রাখেন। প্র—"হেন মতে যৌবনাশ্বে সে অশ্ব রাখন্ত।"—মহা (শ্রীকর)।

রাখা (রা) [সং—রক্ষ্ (রক্ষা করা) ধাতুজ ; হি—রাখ্‌না। উ-পু—রাখি। ম-পু—রাখ ; রাখুন ; রাখ্। প্র-পু—রাখে। রাখেন। অস-ক্রি—রাখিতে ; রাখিয়া। রেখে। ণিজন্ত—রাখান (নো)] ক্রি. স্থাপন

করা ; রাখিয়া দেওয়া। প্র—বইখানা টেবিলে রাখ। "কালী পদে রাখ প্রীতি।"—রামপ্রসাদ। ২। প্রাণ রক্ষা করা ; বাঁচান। প্র—"সর্ব্ববীর চলি আইল রাখিতে অর্জ্জুন।"—মহা (বিজয়)।" বিনাশি দেবি ; রক্ষঃকুল ; রাখ ত্রিভুবন।"—মেঘনাদ। "কালী নামের জোরে বেঁধে তোরে সাজা দিলে রাখবে কেটা।" রামপ্রসাদ। ৩। ত্রাণ করা ; বিনাশের হস্ত হইতে রক্ষা করা। প্র—"মরণ মাঝারে শরণ দাও হে রাখ এ দুর্ব্বল ক্ষীণ জনে।"—রবি। ৪। বিশুদ্ধ রাখা ; কলুষিত বা নষ্ট হইতে না দেওয়া; এই অর্থে বাঁচান ; পতন হইতে রক্ষা করা ; পূর্ব্ববৎ বজায় রাখা। প্র—"কুহতানে আকুল করে প্রাণ। বুঝি রাখতে নারি কুল মান॥"—গিরিশ। "লজ্জা রাখ শিবরাণী, ওমা লজ্জানিবারিণি। গর্ভবতী পতি-হারা বন মাঝে পাগলিনী॥"—ঐ। ৫। ধারণ করা। প্র—"সাগর ছেঁচে রতন নিব কণ্ঠে রাখব নিশি দিবে।"—বঙ্কিম। ৬। থাকিতে দেওয়া। প্র—"রাই-শত্রু রেখো না হে শ্যাম রায়।"—গদাধর (গান)। "কালী নামে মেরে ডঙ্কা যমের শঙ্কা রাখবো দূরে।"—নবীন চক্রবর্ত্তী। ৭। নিবারণ করা ; নিরস্ত করা ; রোধ করা ; বাধা দেওয়া ; ঠেকান। প্র—"জোয়ার গাঙ্গে জল ছুটেছে রাখিবে কে হবে মুরারে হরে মুরারে।"—বঙ্কিম। ৮। যাইতে না দেওয়া ; আটক করা। প্র—"আমার যাবার সময় হ'ল আমায় কেন রাখিস ধরে।"—রবি। ৯। আশ্রয় দেওয়া ; স্থান দেওয়া। প্র—"ডাকলে হরি রইতে নারে রাখ্‌বে তোরে রাঙ্গা পায়।" আমি ভবে একা দাওহে দেখা প্রাণসখা রাখ পায়।"—গিরিশ। ১০। পোষা ; পালন করা। ১১। নিযুক্ত করা। প্র—লোক রাখা ; চাকর রাখা। ১২। ছাড়া ; অবশিষ্ট রাখা। প্র—"খাতক গেল মিছে খত রেখে।"—গদাধর (গান)। ১৩। জীবিত রাখা জিয়াইয়া রাখা। প্র—"গেলই প্রাণ আশা দেই রাখই দশ নখে লিখই ভুজঙ্গ।"—বি, প। ১৪। মজুত রাখা। প্র—ছেলেদের জন্য খাবার দাবার ঘর করে কিছু রাখা উচিত। ১৫। থামা ; চুপ করা ; কোন বিষয়ের উল্লেখ না করা ; যাহা গ্রাহ্য বা বিশ্বাস্য নহে তাহার কথা না বলা ; উত্থাপন না করা। প্র—"ও কথা এখন রাখ। ১৬। দাঁড় করান ; থামান। প্র—"রথ রাখ, বংশী বদন হেরিব বদন"—মধুকান। ১৭। শোনা ; গ্রাহ্য করা। মানা। প্র—"রথ রাখ, কথা রাখ একবার মোরা দেখি দেখ।'—মধুকান। "কথার মত কথা হলে রাখতে পারা যায়।"—১৮। পোষণ করা ; হৃদয়ে বা অন্তরে রাখা। প্র—সেকি কাহার ভয় রাখে? সে উহার প্রতি বিলক্ষণ আক্রোশ রাখে। হিংসা রাখা। রাগ রাখা ইত্যাদি। ১৯। বিণ, রাখিবার মত ; রাখিবার জন্যই ; রক্ষণোপযোগী। প্র—মন রাখা কথা। **কথা রাখা**—কথা শোনা ; অনুরোধ রক্ষা ; আদেশ পালন করা ; কথানুসারে কাজ করা। **চোখরাখা**—নজর রাখা ; সতর্ক বা সাবহিত দৃষ্টি রাখা ; কোন দোষ করে কিনা তাহা ধরিবার জন্য প্রস্তুত থাকা। **নাম রাখা**—এমন কাজ করা যাহাতে লোকে নাম করে ; যশস্বী হওয়া [সুযশ ও কুযশ উভয় পক্ষেই প্রযুক্ত হইলেও সাধারণতঃ সুনামই বুঝায়]। ২। নামকরণ করা ; নাম দেওয়া। **ফেলিয়া রাখা**—ব্যবহারে না আনা ; যেখানে আছে সেইখানেই থাকিতে দেওয়া। ২। পদোন্নতি করিতে না দেওয়া। ৩। অবশিষ্ট বা বাকী রাখা। **বলিয়া রাখা**—কোন কার্য্য করিবার পূর্ব্বে জানান দেওয়া ; পূর্ব্বে সাবধান করা। পূর্ব্ব হইতে অনুরোধ বা আদেশ করিয়া রাখা ; শাসান ; ভয় দেখান। **ভাব রাখা**—সদ্ভাব পোষণ করা। বিণ, প্রকাশ্যে বা মৌখিক (যাহা আন্তরিক নহে) সদ্ভাব রক্ষণোপযোগী। প্র—"এমন ভাব-রাখা ভাব কোথা শিখিলে।"—রাম বসু। **মন রাখা**—নিজের প্রতি অন্যের যাহাতে মন থাকে, অন্যের বিরাগ না জন্মে তাহার উপায় করা ; তোষামোদ করা। ২। বিণ, খোসামুদে ; মনস্তুষ্টিজনক। প্র—মন রাখা কথা। **মনে রাখা**—স্মরণে রাখা ; ভুলে না যাওয়া। ২। অনুকূল থাকা। প্র—"রেখো মা দাসেরে মনে এ মিনতি করি পদে সাধিতে মনের সাধ ঘটে যদি পরমাদ মধুহীন করোনা গো তব মন-কোকনদে।"—মাইকেল। **মান রাখা**—সম্মান রক্ষা করা। ২। পদোচিত মান দান করা। ৩। এমন কাজ করা বা এরূপ ভাবে কৃতকার্য্য হওয়া, যে অপ্রস্তুত বা অপ্রতিভ হইতে না হয়। ৪। বিণ, যাহাতে মান থাকে এমন ; মান বজায়কারী। প্র—"মান-রাখা প্রাণ চাই না হরি।"—ভোলা ময়রা। **রাখিয়া দেওয়া, রেখে দেওয়া, রেখে বসা**—যাহা বিশ্বাস যোগ্য বা সম্ভব নহে তাহার উল্লেখ করণে অশ্রদ্ধা বা অবজ্ঞা সূচক নিষেধ বাক্য ; উল্লেখ না করিতে বলা। **শ্যাম রাখি কি কুল রাখি**—দুই বিপরীত পক্ষের কোন পক্ষ অবলম্বন করি তাহার নির্দ্ধারণ করিতে না পারার অবস্থা ; সমস্যায় পতিত হইবার অবস্থা ; অনিশ্চয়তার ভাব। প্র—"এখন শ্যাম রাখি কি কুল রাখি গো সই।"—গান। [শ্যাম রাখিলে কুল থাকে না, কুল রাখিলে শ্যাম থাকে না অর্থাৎ শ্যামকে ছাড়িতে হয়। একদিকে শ্যামের আকর্ষণ অতি প্রবল, পক্ষান্তরে কুল কামিনীর কুল রাখা অপরিহার্য্য]। [ব্রজ] **রাখই, রাখত, রাখয়ে**—রাখে। প্র—"রাখই আমার জীউ।"—বি, প। "আশা দেই রাখই।"—ঐ। **রাখনু, রাখলুঁ**—রাখিলাম। প্র—"লাখ লাখ যুগ হিয়ে হিয়ে রাখনু।"—বি, প। **রাখব**—রাখিবে। প্র—"জীউ নিকলব যব রাখব কোই।"—বি, প। **রাখবি**—রাখবি। **রাখল**—রাখিল।

রাখান (রাখানো) [রাখা (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ ; উ-পু—রাখাই। ম-পু—রাখাও ; রাখান্ ; রাখা। প্র-পু—রাখায় ; রাখান। অস-ক্রি—রাখাইতে ; রাখাইয়া, রাখায়ে] ক্রি, রাখিতে বাধ্য করা।

রাখারাখি [রাখা (দ্রঃ)—রাখি (পরস্পরার্থে ব্যাপ্ত্যর্থে দ্বিত্ব)] বি, একবার এখানে একবার ওখানে রাখা। ২। পরস্পর রক্ষা করা।

রাখাল (ল্) [রক্ষক শব্দজ। হি—রাখবাল্] বি, গোরক্ষক ; গোপালক। প্র—"রাখাল গরুর পাল লয়ে যায় মাঠে। শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে॥"—মদনমোহন তর্কালঙ্কার। "বেরোরে রাখালের রাজা শ্রীনন্দের নন্দন।"—গান।

রাখালিয়া [রাখাল+ইয়া (উপযোগী)] বিণ, রাখালের উপযুক্ত। প্র—"হেরি রাখালিয়া ভাব কত ভাব আবির্ভাব"—ঈশ্বর গুপ্ত।

রাখালী [রাখাল+ঈ (বৃত্তি অর্থে)] বি, রাখালের কর্ম্ম ; গোরক্ষা ; গোপালন ; গোচারণ। প্র—"একটি দরিদ্র মুসলমান বালক গোরুর রাখালী করিত।"—বাঙ্গালার সামাজিক ইতিহাস।

রাখি, রাখী [রক্ষী হইতে] বি, রক্ষা-বন্ধন সূত্র। প্র—"মনে সে যে পূত রাখীর রাঙা সুতো বাঁধন দিয়েছিনু হাতে।"—রবি। **রাখিপূর্ণিমা**—বি, শ্রাবণ মাসের পূর্ণিমা তিথি, এই তিথিতে শ্রীকৃষ্ণের ঝুলনযাত্রা শেষ হয় ও রক্ষাবন্ধন করিতে হয়।

রাখোয়াল (ল্) [হি] বি, গো-রক্ষক রাখাল। প্র—"অটবীর পক্ষী কান্দে বলে রাখোয়াল"—মহা (বাসুদেব)। ২। রক্ষক।

রাখোয়ালি [রাখোয়াল (দ্রঃ)+ই (কর্ম্ম অর্থে)] বি, রক্ষাকার্য্য। ২। রাখালের কর্ম্ম।

রাগ (গ্) [রন্‌জ্ (রং করা)+অ (করণে—ঘঞ্)] বি, পুং, রঞ্জন দ্রব্য। ২। রক্ত-বর্ণ ; রক্তিমা। প্র—"অধরে বিদ্রুম দ্যুতি তাম্বুলের রাগ তথি নাসাগ্রে মাণিক মনোহারী।"—কবিক। "বেড়েছে কপোল রাগ

শ্রবণ বিভায়।'' ৩। অনুরাগ : প্রেম। প্র—'রাগে ডগমগ প্রভু দেয় সম্ভবণ। পাড়ে দাঁড়াইয়া যত ভক্তগণ॥''—গোবিন্দ কড়চা। ৪। মায়া : মোহ : মমতা : আসক্তি। প্র—''চণ্ডী করে গণ্ডগোল ভূত ভৈরবের রোল কোন সুখে আছ কোন রাগে॥''—অন্নদামঙ্গল। ৫। বিষয়স্পৃহা : বিষয়াসক্তি। ৬ [আবু-বাং-য়] কোধ : কোপ। প্র—''এবা ভাল ভাব পেয়েছি * * * তাই রাগ দ্বেষ লোভ ত্যেজে সত্ত্বগুণে মন দিয়েছি।''—রামপ্রসাদ। ৭। [প্রাদে] বিরাগ : বিরক্তি। ৮। মাৎসর্য্য : দ্বেষ। প্র—''হের দেখ টানিয়া ফেলিল শালগ্রাম। রাগে মত্ত হইয়া ছাড়িল হরিনাম॥''—অন্নদামঙ্গল। ৯। উৎসাহ। ১০। রাজা। ১১। চন্দ্র। ১২। স্বর ; যে স্বর লোকের চিত্তরঞ্জন করে। রাগ ছয় প্রকার। ব্রহ্মার মতে—''শ্রী (শীতে গেয়), বসন্ত (বসন্তে গেয়), পঞ্চম (গ্রীষ্মে গেয়) ভৈরব (শরতে গেয়), মেঘ (বর্ষায় গেয়) ও নট নারায়ণ (হেমন্তে গেয়)। প্র—''ছত্রিশ রাগিণী মেলে ছয় রাগ সদা খেলে অনুরাগ যে সব রাগিণী।''—অ, ম। ভরত ও হনুমন্মতে—ভৈরব, মালবকোষ, হিন্দোল, দীপক, শ্রী ও মেঘ। সোমেশ্বর মতে—ভৈরব, মালব, শ্রী, হিন্দোল, দীপক ও মেঘ। মতান্তরে—বসন্ত, বৃহন্নট, মল্লার, মালব, প্রদীপ ও কৌশিক। মতান্তরে—ভৈরব, কৌশিক, হিন্দোল, দীপক, শ্রী ও মেঘ। মতান্তরে—ভৈরব, মালব, সারঙ্গ, হিন্দোল, দীপক, মেঘ। সঙ্গীতশাস্ত্রে—প্রত্যেক রাগের ছয় ছয় রাগিণী কল্পিত হইয়াছে। ভৈরবের—ভৈরবী, বাঙ্গালী, সৈন্ধবী, গুণকেলী, গুজ্জরী, রামকেলী। মেঘের—মল্লারী, সৌরবী, সায়েরী, কৌশিকী, গান্ধারী, হরশৃঙ্গার। নটনারায়ণের—কামোদী, কল্যাণী, আভিরী, নাটিকা সারঙ্গী ও হাম্বীর। শ্রীরাগের—মালশ্রী, ত্রিবর্ণী, গৌরী, কেদারী, মধুমাধবী, পাহাড়ী। বসন্তের—দেশী, দেবকিরী, বরাটী, তোড়ী, ললিতা, হিন্দোলী। পঞ্চমের—বিভাষ, ভূপালী, কর্ণাটী, বড়হংসিকা মালবী ও পঠমঞ্জরী (ভারতকোষ)। **রাগ করা**—কোপ করা : ক্রুদ্ধ হওয়া। ২। অভিমান করা। **রাগদ্বেষ**—ক্রোধ ও বিদ্বেষ। **রাগ পড়া**—ক্রোধের শান্তি হওয়া। **রাগ চাপা**—ক্রোধে ভাব গোপন করা বা মনে মনে রাখা। **রাগ সামলান**—ক্রোধ সম্বরণ করা। **রাগ হওয়া**—ক্রোধের উদ্রেক হওয়া : কোধ জন্মান। ২। অভিমান হওয়া।

রাগচূর্ণ (গ্‌ ন্‌) [রাগ (রক্তবর্ণ) যে চূর্ণ কর্ম্মধা] বি, পুং, রক্তবর্ণ চূর্ণ : ফাগ। ২। লাক্ষারস।

রাগত (রাগোতো) [রাগতস্‌—রাগতঃ ; বাং-য় ঃ লোপ] বিণ, রাগান্বিত ; ক্রুদ্ধ।

রাগন (ন্‌) [রাগা দ্রঃ] বি, ক্রোধ করণ।

রাগমালা (গ্‌) বি, বর্ণিত বিষয় কতিপয় রাগে বদ্ধ করিয়া তালযোগে পর্য্যায়ক্রমে গান করণ।

রাগসূত্র (রাগ্‌শুৎত্র) [রাগ—সূত্র] বি, ক্লী, রং করা সূতা। ২। পট্টসূত্র। ৩। নিক্তির সূতা বা তরাজুর দড়ি।

রাগা [রাগ (দ্রঃ) + অ (ক্রি-বিভক্তি)। উ-পু—রাগি। ম-পু—রাগ ; রাগুন্‌ : রাগ্‌। প্র-পু—রাগে : রাগেন। অস-ক্রি—রাগিতে : রাগিয়া, রেগে। ণিজন্ত—রাগানো (নো)] ক্রি, ক্রোধ করা ; কোপ করা ; রুষ্ট হওয়া। প্র—"ওঠ, ওঠ ভাই জাগো, মনে মনে খুব রাগো।"—মানসী (রবি)।

রাগান্ধ [রাগ (ক্রোধ) দ্বারা অন্ধ, ৩তৎ] বিণ, ক্রোধে দৃষ্টিশূন্য ; ক্রোধান্ধ।

রাগান্বিত [রাগ দ্বারা অন্বিত (যুক্ত)—৩তৎ] বিণ, ক্রোধযুক্ত ; ক্রুদ্ধ ; রুষ্ট।

রাগারু [সং—"আশাং দত্বা দানবিমুখঃ"—শব্দকল্প। বাং-য়—প্র-অ] বিণ, যে ব্যক্তি আশা দিয়া দানে বিমুখ হয়।

রাগার্হ [রাগের—অর্হ (যোগ্য)] বিণ, যে আশা দিয়া নিরাশ করে ; ধোঁকাবাজ।

রাগাল [রাগ—আল। হি—বালা] বিণ, রাগী ; রাগান্বিত।

রাগী [রাগ (অনুরাগ) + ইন্‌ (অস্ত্যর্থে) = রাগিন্‌ ১মা, ১ব] বিণ, রাগযুক্ত ; অনুরক্ত ; অনুরাগী। প্র—"কিয়ে ধনী রাগী বিরাগিণী হোয়"—বি, প। ২। কামুক। ৩। রঞ্জনকারী। ৪। ক্রোধী ; রোষপরবশ ; ক্রোধপরায়ণ। ৫। ক্রুদ্ধ ; রুষ্ট ; রাগান্বিত। স্ত্রী, **রাগিণী**—বিণ, অনুরাগিণী। ২। কোপান্বিতা। ৩। অভিমানিনী। ৪। বি, মেনকার জ্যেষ্ঠা কন্যা।

রাগিণী [রাগ দ্রঃ] বি, স্ত্রী, শ্রী, ভৈরব বসন্তাদি ছয় রাগের পত্নী : ৩৬টী স্বরবিশেষ। প্রাচীনগণের উদ্ভাবিত উক্ত রাগিণী ব্যতীত পরবর্ত্তীকালে দেশে ও সম্প্রদায় ভেদে ও ব্যক্তিবিশেষ দ্বারা বহু নূতন নূতন রাগিণীর সৃষ্টি হইয়াছে। যথা—বাঙ্গালী, বরাড়ী, কর্ণাটী, গুজরাটী, কাহারুয়া বা কাহার্বা, আলাইয়া, বাউল, রামপ্রসাদী ইত্যাদি।

রাঘব (ব্‌) [রঘু (রঘুবংশ) + অ (অপত্যার্থে অণ্‌)] বি, পুং, রামচন্দ্র। ২। রঘুবংশীয় রাজা। ৩। রাঘববোয়াল নামক বৃহৎ মৎস্য। প্র—"সমুদ্রে সম্বর শিশু ফেলিলেন হটে। রহিবেন রতিনাথ রাঘবের পেটে॥"—শিবায়ন। ৪। অনিমন্ত্রণে আহারোপজীবী ব্রাহ্মণ। রায়ভাট। ৫। বিণ, রঘুবংশীয়।

রাঙ (রাং) বি, রঙ্গধাতু : ত্রপু : tin.

রাঙচিতা (রাং) [সং—রঙ্গ (রাঙ্গ) হইতে রাঙ এবং সং—চিত্রক হইতে চিতা] বি, সবুজবর্ণ সরল সরু সরু দণ্ডবৎ শাখার ক্ষীরী ক্ষুপ : ক্ষীরী বলিয়া উৎকলে নাম "ক্ষীরসমুদ্র।" **রাঙচিতার বেড়া**—সারি সারি রাঙচিতা গাছের বেষ্টনী।

রাঙ্ড়া, রাঙ্গড়া [রাঙ (রক্তবর্ণ) ড়া (টা—প্রায়, ঈষৎ অর্থে)] বিণ, ঈষৎ রক্তবর্ণ : লালাভ।

রাঙঢাল (ঙ্‌, ল্‌) [গ্রা—ঝাল—ঢাল] বি, রাংঝাল দ্রঃ।

রাঙতা, রাঙ্গতা (ঙ্‌) [রাঙ, রাঙ্গ (রঙ্গধাতু) তা (পাতা)] বি, রঙ্গধাতু পিটিয়া নির্ম্মিত সূক্ষ্মপত্র ; tin foil. প্র—"কিনা বিধাতা তাঁকে সং গড়িয়া রাঙ্গতা দিয়া সাজান নাই"—চন্দ্রশেখর।

রাঙন (ন্‌) [রাঙ্গ হইতে] বি, রক্তবর্ণ পুষ্পবিশেষ। ২। বিণ, লালবর্ণ ; রাঙা। প্র—"কান্দি বান্ধি নিল সাধু রাঙন নারিকেল।"—কবিকঙ্কণ।

রাঙ্গবরুলে (রাংবোরুলে) [উচ্চারণ ভেদে র‍্যাংবরুলে। গ্রা, প্রাদে—বাঁকুড়া অঞ্চলে] বিণ, প্রাকৃতজনসুলভ রঙ্গতামাসাকারী ; রহস্যপ্রিয়।

রাঙা [রাঙ—আ (সাদৃশ্যার্থে)] বিণ, রক্তবর্ণ ; লালবর্ণ ; রাঙ্গা দ্রঃ। প্র—"রাঙা মেঘ ছড়িয়ে দেছে আকাশের গায়"—গান। "সম্পদ আমার ও রাঙ্গাপদ শিব ধরেন যা হৃদ্‌কমলে।"—রামপ্রসাদ। স্ত্রী, **রাঙী**। **রাঙাবাস**—রাঙ্গাবাস দ্রঃ। **রাঙামুখ**—রাঙ্গামুখ দ্রঃ।

রাঙান (নো) [রাঙ্গান দ্রঃ] ক্রি, রাঙা করা ; লাল রঙে রঞ্জিত করা। ২। রোষ কষায়িত করা ; ক্রোধে রক্তবর্ণ করা ; আরক্ত করা। প্র—"আমি নই আটাশে ছেলে। ভয়ে ভুলব নাকো চোখ রাঙালে"—রামপ্রসাদ। বি, **রাঙানি**।

রাঙ্কব (ব্‌) [রঙ্কু (মৃগবিশেষ) + অ (সম্বন্ধার্থে—অণ্‌)] বি, ক্লী, শাল ; পশু রোম নির্ম্মিত বস্ত্রাদি। ২। বিণ, রঙ্কু সম্বন্ধীয়।

রাঙ্গা [রঙ্গ + আ (তদ্বর্ণযুক্তার্থে)] বিণ, লাল বর্ণবিশিষ্ট ; রক্তিম। প্র—"না বলিতে রাঙ্গা ঠোঁট ফুলায় অমনি"—হেম বন্দ্যো। "সম্পদ আমার ও রাঙ্গা পদ শিব ধরেন যা হৃদ্‌কমলে।"—রামপ্রসাদ। ২। আপাত মনোরম ; নয়ন ভুলানিয়া ; যাহা উপরের লাল বর্ণে মোহিত করে। প্র—রাঙ্গা ফল ; রাঙ্গা মুলা।

রাঙ্গান (নো) [রাঙ্গা (দ্রঃ) + আন (ক্রি-বিভক্তি) উ-পু—রাঙ্গাই। ম-পু—রাঙ্গাও। প্র-পু—রাঙ্গায়। অস-ক্রি—রাঙ্গাইতে ;

রাঙ্গাইয়া, রাঙ্গিয়ে] ক্রি, রক্তবর্ণে রঞ্জিত করা। **চোক রাঙ্গান**—চক্ষু লাল করিয়া ভয় দেখান।

রাঙ্গাআলু [রাঙ্গা (লাল)—আলু (দ্রঃ)] বি, লাল বা পীতাভ বর্ণের আ। নামক মূল-বিশেষ : শকরকন্দ আলু।

রাঙ্গাটিয়া [(রাঙ্গা (লাল) । আটিয়া (প্রত্যয় —ঈষদর্থে) গ্রা "রাঙ্গড়াটে"] বিণ, লালাভ : লালচে।

রাঙ্গাফল (ল্) [রাঙ্গা (লাল)—ফল, কর্ম্মধা] বি, যে ফল উপরের লাল বর্ণে নয়ন মন মোহিত করে কিন্তু খাইলে বিষবৎ কার্য্য করে ; বর্ণে লোভনীয় কিন্তু গুণে বিষ। প্র—' সংসার-রাঙ্গাফলে ভুলিব না আর খাইয়ে দেখেছি তাহে কিছুই নাহি সুতার॥"—গান (রামদত্ত)।

রাঙ্গাবাস, রাঙাবাস (শ্) [রাঙ্গা (লাল) বাস (বস্ত্র)] বি, রক্তবস্ত্র ; গেরুয়া। প্র—"বিরতি আহারে রাঙ্গা বাস পরে যেমন যোগিনী পারা।"—

রাঙ্গামুখ (খ্) বিণ, লালবর্ণ মুখবিশিষ্ট। ২। রোষরক্তিম মুখমণ্ডল। ৩। য়ুরোপবাসী : সাহেব।

রাঙ্গামুলা [রাঙ্গা (লালবর্ণ) মুলা] বি, লাল বর্ণ মুলা। ২। [রাঙ্গাফল দ্রঃ] লাল বর্ণে নয়ন ভুলানিয়া কিন্তু স্বাদে কটু। ৩। [লক্ষণায়] নির্গুণ সুন্দর পুরুষ ; কেবল "রূপ সুন্দর" ব্যক্তি।

রাঙ্গী [গ্রা—রাঙী] বি, রক্তবস্ত্রবিশেষ ; অঙ্গা-বরণবিশেষ ; বীরধটী। প্র—"গায়ে আরোপিল রাঙ্গী ভূষণ্ডী ডাবুস ঢাঙ্গী তবক বেলক চক্রবাণ" —কবিক। ২। লালবর্ণ গাভী।

রাজ (জ্) [রাজ্ (দীপ্তি পাওয়া) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, রাজা ; প্রভু। প্র—"আজ মোর অঙ্গ দেখল যুবরাজ"—বি, প। ২। রাজত্ব। প্র—"ওহে ব্রজরাজ ! কি সুখে বিরাজ কর তুমি রাজ সিংহাসনে।"—দাশরথি। ৩। বিণ, শ্রেষ্ঠ। প্র—ঋতুরাজ ; রাজরাজ। ৪। শোভমান। ৫। বি, পাকা বাড়ী নির্ম্মাণকারী মিস্ত্রী। স্থপতি ; architect. ৬। ক্রি, বিরাজ কর। [ব্রজ] বিরাজ করে। প্র—"ঋতুপতি রাতি রসিকবর রাজ। রসময়-রাস-রভস-রস মাঝ॥"—বি, প। **রাজ আজ্ঞা; রাজ আদেশ**—রাজার আজ্ঞা ; রাজার হুকুম। ২। আদালতের হুকুম।

রাজক (ক্) [রাজন্ + ক (সমূহার্থে)] বি, স্ত্রী, রাজসমূহ। ২। [রাজ + ক (স্বার্থে)] পুং, রাজা। ৩। [রাজ্ + অক (কর্ত্তৃ)] বিণ, দীপ্তিশালী। ৪। শাসনকর্ত্তা।

রাজকদম্ব (জ্) বি, পুং, কদম্ববিশেষ।

রাজকন্যা (রাজ্‌কোনৃন্যা) বি, স্ত্রী, রাজপুত্রী।

রাজকবি (রাজ্‌কোবি) বি, রাজার নিযুক্ত ও রাজসম্মানিত কবি ; poet laureate.

রাজকর (জ্, র্) বি, রাজস্ব। প্র—"মদন তা বুঝে না বল্লে শুনে না আমার ঠাঁই চাহে রাজকর।"—গান।

রাজকার্য্য (রাজ্‌কার্জো) [রাজার কার্য্য বা রাজ (রাজ্য) সংক্রান্ত কার্য্য, ৬তৎ বা ম-প-লো, কর্ম্মধা] বি, রাজ্য পরিচালনের অনুকূল নানা বিভাগীয় কার্য্য : রাজ্য পরিচালনা : রাজকীয় কর্ম্ম।

রাজকীয় (জ্) [রাজক (শাসন কর্ত্তা) + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, রাজসম্বন্ধীয়।

রাজকুমার (জ্, র্) [রাজার কুমার] বি, পুং, যুবরাজ ; রাজপুত্র।

রাজগদি (রাজগোদি) বি, রাজতক্ত ; রাজ-পাট।

রাজগাঁড় (জ্, ড়) [রাজ—গণ্ড] বি, উদরস্থ স্ফোটক।

রাজগিরি (জ্) বি, পুং, মগধস্থ পর্ব্বতবিশেষ। ২। শাকবিশেষ।

রাজগ্রীব (রাজগ্‌গ্রিব্) [রাজ (শোভিত) গ্রীবা যাহার, বহু] বি, পুং ফলুই মাছ।

রাজঘরানা (জ্) বি, রাজবংশ।

রাজচিহ্নক (রাজ্‌চিন্‌হক্) [রাজ (প্রধান) চিহ্নক (চিহ্ন)—কর্ম্মধা] বি, স্ত্রী ও পুং চিহ্ন ; উপস্থ।

রাজচত্র, রাজচ্ছত্র (জ্) বি, রাজার মস্তকে ধৃত ছত্র। ২। রাজচিহ্ন। ৩। রাজ্যশাসন।

রাজজম্বু (রাজ্‌জোম্‌বু) বি, পুং, গোলাপ জাম।

রাজজোটক (জ্, ক্) [রাজ (প্রধান, শ্রেষ্ঠ) জোটক (জ্যোতিষিক মিলন)] বি, বর কন্যার সর্ব্বতোভাবে শুভসূচক রাশ্যাদি জ্যোতিষিক যোগ।

রাজটীকা (জ্) বি, ললাটে অঙ্কিত রাজচিহ্ন রাজতিলক। ২। রাজ্যাভিষেক।

রাজড়া (জ্) [রাজ + ড়া (ক্ষুদ্রার্থে)] বি, ক্ষুদ্ররাজা ; রাজন্য।

রাজতক্ত (জ্) [রাজ + আ—তখ্‌ৎ] বি, রাজসিংহাসন।

রাজত (ত্) [রজত (রৌপ্য) + অ (নির্ম্মিত অর্থে—অণ্)] বিণ, রজতনির্ম্মিত।

রাজতন্ত্র (জ্) বি, স্ত্রী, রাজ্যশাসন প্রণালী। ২। রাজার শাসিত রাজ্য।

রাজতরু (রাজতোরু) বি, পুং, কর্ণিকার বৃক্ষ ; সোঁদাল গাছ

রাজতাল (জ্, ল্) বি, পুং, গুবাকবৃক্ষ : সুপারিগাছ। ২। বৃহৎ তালবৃক্ষ।

রাজতিনিশ (জ্, শ্) বি, কাঁকুড়।

রাজত্ব (রাজোৎত্তো) [রাজন্ + ত্ব (ভাবে)] বি, ক্লী, রাজ্য : রাজপদ। ২। রাজ্যশাসন ও প্রজাপালন। প্রা-বাং প্রাকৃ—**রাজত্থি**। প্র—"এ তিন ভুবন জিনি রাজত্থি তুষ্কার।"—শূ, পু।

রাজদণ্ড (জ্) বি, ক্লী, রাজচিহ্নসূচক দণ্ড : রাজার শাসন দণ্ড। ২। রাজাদেশে অপরাধীর দণ্ড। ৩। ললাটে নাসিকার মূল হইতে উর্দ্ধরেখা চিহ্ন।

রাজদন্ত (জ্) [দন্তের রাজা (শ্রেষ্ঠ) ৬তৎ পরনিপাত, অথবা রাজ (শোভমান) যে দন্ত—কর্ম্মধা] বি, পুং, উপর পঙ্‌ক্তির সম্মুখবর্ত্তী দন্ত বা দন্তদ্বয় বা সম্মুখের দন্ত চতুষ্টয়।

রাজদরবার (রাজ্‌দর্‌বার্) [রাজার্ দরবার (সভা) ৬তৎ] বি, রাজসভা। ২। রাজার বিচার সভা ; আদালত।

রাজদল (জ্, ল্) বি, ধান্যবিশেষ। প্র—"রাজদল মৌকলস বুনেন এক ভিতে।"—শূ, পু।

রাজদূত (জ্, ত্) বি, রাজার নিযুক্ত দূত : ambassador.

রাজদুলাল (জ্, ল্) [রাজার দুলাল—৬তৎ] বি, রাজকুমার।

রাজদ্বার (রাজদ্দার্) বি, রাজসভা : রাজ-দরবার : আদালত। ২। রাজসন্নিধান।

রাজদ্রোহ (রাজদ্দ্রোহ) বি, রাজার বিরুদ্ধাচরণ ; রাজবিপ্লব ; sedition ; treason বিণ, **রাজদ্রোহী**।

রাজধর্ম্ম (জ্) [রাজার ধর্ম্ম] বি, পুং, রাজার কর্ত্তব্য কর্ম্ম ; প্রজা পালনাদি কর্ম্ম।

রাজধানক, রাজধানিকা (জ্, ক্) বি, রাজধানী।

রাজধানী (জ্) বি, রাজনগরী ; যে সহরে রাজপাট এবং যাবতীয় রাজকার্য্যের কেন্দ্র স্থাপিত হয় ; রাজধানী—যেস্থানে রাজা বা রাজপ্রতিনিধি বাস করেন ; প্রধান নগরী। metropolis.

রাজনন্দন (জ্, ন্) [রাজার নন্দন, ৬তৎ] বি, রাজপুত্র। স্ত্রী, **রাজনন্দিনী**—রাজ-কুমারী ; রাজবালা।

রাজনীতি (জ্) [রাজার নীতি] বি, স্ত্রী, রাজ্যশাসননীতি ; যে নীতি দ্বারা রাজকার্য্য নির্ব্বাহ হয়। সাম, দান, ভেদ ও দণ্ড এই চতুর্ব্বিধ রাজ্যশাসন উপায়।

রাজনীল (জ্, ল্) [রাজ (শোভমান) নীল (নীলবর্ণবিশিষ্ট) কর্ম্মধা] বি, ক্লী, মরকতমণি, ইন্দ্রনীলমণি।

রাজন্য (রাজোনন্) [সং] বি, পুং, সামন্ত রাজা। ২। রাজপুত্র। ৩। ক্ষত্রিয়। ৪। অগ্নি। ৫। ক্ষীরিকা বৃক্ষ।

রাজন্যক (রাজোন্নক্) [রাজন্য। ক (সমূহার্থে)] বি, ক্লী, ক্ষত্রিয়সমূহ।

রাজপটোল (জ্, ল্) বি, পুং, এক প্রকার কাঁকুড়।

রাজপট্ট (জ্) [রাজার পট্ট (পাগড়ি)] বি, পুং, রাজমুকুট। ২। রাজসনন্দ। ৩। কৃষ্ণবর্ণ রত্নবিশেষ। ৪। রাজসিংহাসন।

রাজপত্নী (রাজ্‌পোৎনি) বি, রাজমহিষী; রাজরাণী।

রাজপথ (জ্, থ্) [পথের রাজা (শ্রেষ্ঠ) ৬তৎ। পরনিপাত] বি, পুং, রাজমার্গ; অতিবিস্তৃত অর্থাৎ ৪০ হস্ত প্রশস্ত পথ; বড় রাস্তা।

রাজপরিচ্ছদ (জ, পো, দ্) [রাজার পরিচ্ছদ, ৬তৎ] বি, ক্লী, রাজপোষাক; রাজবেশ।

রাজপাট (জ্ ট্) [রাজার পাট (সিংহাসন) প্র—"রাজা হয়ে রাজ্য কর বৈস রাজপাটে।" —কৃত্তিবাস।

রাজপুত (জ্, ত্) [সং—রাজপুত্র অপভ্রংশে "রাজপুত"। বাংলা—প্রাদে বিকারে রজপুত (রোজ্‌পুত্)] বি, রাজপুত্র। ২। ক্ষত্রিয় জাতিবিশেষ।

রাজপুত্র (রাজপুৎত্র) [রাজার পুত্র, ৬তৎ] বি, পুং, রাজকুমার; যুবরাজ। ২। [রাজা (চন্দ্র) ৬তৎপুত্র] বুধগ্রহ। ৩। রাজপুত দ্রঃ। স্ত্রী, রাজপুত্রিকা—রাজকন্যা। ২। শরালি পাখী। ৩। তিত লাউ।

রাজপুত্রী (রাজপুৎত্রি) [রাজপুত্র+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, রাজকন্যা।

রাজপুরপ্রবেশন্যায় (জ্, র্, শ্, য়্) বি, রাজপুর প্রবেশকালে যেমন অগ্রপশ্চাৎ শৃঙ্খলার সহিত শ্রেণীবদ্ধ ভাবে গমন করিতে হয়, তদ্রূপ কার্য্যকারণের শ্রেণীবদ্ধ ভাব থাকিলে এই ন্যায়ের প্রয়োগ করা যায়।

রাজপুরী (জ্) বি, রাজার পুরী; রাজপ্রাসাদ।

রাজপুরুষ (জ্, ষ্) [রাজার পুরুষ (কর্ম্মচারী) ৬তৎ] বি, পুং, রাজকর্ম্মচারী; শান্তিরক্ষক। ২। রাজপরিবারস্থ লোক; রাজবংশীয় বা রাজার জাতীয় পুরুষ।

রাজপুষ্প (জ্) বি, পুং, নাগকেশর পুষ্পবৃক্ষ।

রাজপ্রাসাদ (রাজ্‌প্রাশাদ্) বি, রাজবাড়ী; যে অট্টালিকায় রাজা ও রাজপরিবার বাস করেন।

রাজফল (জ্, ল্) বি, ক্লী, পটোল।

রাজবংশ (জ্) [রাজার বংশ, ৬তৎ] বি, রাজকুল।

রাজবংশী (রাজবোংশি) বিণ, রাজবংশোদ্ভব। ২। রাজবংশ সম্বন্ধীয়। ৩। হিন্দু জাতিবিশেষ।

রাজবংশীয় (জ্, বোং) [রাজবংশ+ঈয় (সম্বন্ধে)] বিণ, রাজকুল সংক্রান্ত। ২। রাজবংশজাত।

রাজবংশ্য (জ্) [রাজবংশ+য (ভবার্থে—যৎ)] বিণ, রাজবংশোৎপন্ন।

রাজবর্ত্ম (রাজ্‌বর্ত্ত) [রাজার বর্ত্ম, ৬তৎ] বি, ক্লী, যে পথ রাজার গমনাগমনের জন্য নির্ম্মিত; বড় রাস্তা; রাজপথ। ২। ৪০ হাত চওড়া রাস্তা।

রাজবলা (জ্) বি, স্ত্রী, গন্ধভাদালিয়া লতা।

রাজবল্লভ (জ ভ্) [প্রা-বাং] বি, ডিঙ্গা-বিশেষ; অর্ণবপোতবিশেষ। প্র—"তবেত রাজবল্লভ রাজহংস ভরা সব"—মনসামঙ্গল (বংশীবদন)। ২। রাজার প্রিয়পাত্র।

রাজবল্লী (জ্, বো) [রাজ (দীপ্তিশীল) বল্লী (লতা) ৬তৎ] বি, স্ত্রী, তিক্তফলবিশেষ; উচ্ছে।

রাজবাটি, রাজবাড়ী (জ্) [রাজার বাটী বা বাড়ী, ৬তৎ] বি, স্ত্রী, রাজার প্রাসাদ; রাজভবন। প্র—"আমি নিত্য নূতন রাজবাটীর ফুল, যোগাই কেমন করে"—গান (গোপাল উড়ে)।

রাজবান্ (জ্) [রাজন্+বৎ (অস্ত্যর্থে—বতু)=রাজবৎ ১মা, ১ব] বিণ, যে দেশে রাজা আছে।

রাজবাহ (জ্) [রাজার বাহ (বাহন) ৬তৎ] বি, পুং, ঘোটক; অশ্ব। ২। রাজহস্তী।

রাজবাহ্য (রাজ্‌বাজ্‌ঝ) [রাজার বাহ্য (বহনকারী) ৬তৎ] বি, পুং, রাজাকে বহনকারী; হস্তী। ২। বিণ, রাজার বহনযোগ্য।

রাজবিপ্লব (জ্, ব্) [রাজার বিপ্লব, ৬তৎ] বি, পুং, রাজার বিরুদ্ধাচরণ; রাজদ্রোহ; রাজ্য শাসনের প্রচলিত প্রণালীর বিপর্য্যয়

রাজবীজী (জ্) [রাজ—বীজ+ইন্ (অস্ত্যর্থে) =রাজবীজিন্ ১মা, ১ব] বিণ, রাজবংশীয়।

রাজবৃক্ষ (রাজ্‌বৃক্‌খ) [রাজ (দীপ্তিশালী) যে বৃক্ষ, কর্ম্মধা] বি, পুং, পিয়ালবৃক্ষ। ২। সোঁদালগাছ। ৩। লঙ্কাসিজের গাছ।

রাজবৃত্ত (জ্) [রাজার বৃত্ত (চরিত্র) ৬তৎ] বি, ক্লী, রাজার চরিত্র; রাজোচিত আচরণ। ২। ন্যায়ার্জ্জিত ধন রক্ষণ, বৃদ্ধি করণ, সৎকার্য্যে ব্যয় ও সৎপাত্রে দান।

রাজভাষা (জ্) বি, রাজার মাতৃভাষা; রাজার জাতীয় ভাষা।

রাজভূষা (জ্) [রাজার ভূষা—৬তৎ] বি, স্ত্রী, রাজপরিচ্ছদাদি; রাজবেশ।

রাজভোগ (জ্, গ্) [রাজ (রাজার) ভোগ] বি, রাজার ভোগের উপযোগী সামগ্রী। ২। অতুল ঐশ্বর্য্য; পরম সুখ ও সৌভাগ্য। ৩। রাজার গ্রহণযোগ্য আহারীয়।

রাজভোগ্য (রাজ্‌ভোগ্‌গ) [রাজার ভোগ্য, ৬তৎ] বিণ, রাজার উপভোগের উপযুক্ত সামগ্রী। ২। স্ত্রী, পিয়ালবৃক্ষ। ৩। জাতীকোষ।

রাজমজুর (রাজ্‌মোজুর্) [রাজ ও মজুর] বি, মিস্ত্রী ও মিস্ত্রীর কার্য্যে যোগাড় দিবার লোক।

রাজমণ্ডল (রাজ্‌মোন্‌ডল্) [রাজার মণ্ডল (সমূহ) ৬তৎ] বিণ, দ্বাদশ প্রকার রাজা, যথা—(১) অরি, (২) মিত্র, (৩) অরির মিত্র, (৪) মিত্রের মিত্র, (৫) অরি মিত্রের মিত্র, (৬) পার্ষ্ণিগ্রাহ, (৭) আক্রন্দ, (৮) পার্ষ্ণিগ্রাহাসার, (৯) আক্রান্দাসার, (১০) বিজিগীষু, (১১) মধ্যম, ও (১২) উদাসীন।

রাজমহল (রাজ্‌মোহোল্) বি, রাজার অন্তঃপুর; রাজবাটী। প্র—"ভালবাসেন রাজনন্দিনী, করি রাজমহলে যাওয়া আসা"—গান (গোপাল উড়ে)।

রাজমার্গ (জ্) [রাজার মার্গ (পথ) ৬তৎ] বি, পুং, রাজপথ।

রাজমাষ (জ্, ষ্) [রাজ (বৃহদর্থে) যে মাষ (মাষজাতীয়কলাই)—কর্ম্মধা] বি, পুং, বরবটি কলাই।

রাজমিস্ত্রী (জ্) [রাজ (প্রধান, সর্দ্দার) মিস্ত্রী] বি, স্থপতি; বাস্তুশিল্পী; mason architect.

রাজমুদ্রা (রাজ্‌মুদ্‌দ্রা) বি, রাজার নামাঙ্কিত মুদ্রা।

রাজযক্ষ্মা (রাজ্‌জক্‌খা) [রাজ (চন্দ্র) যক্ষ্মা, ৬তৎ। চন্দ্রের এই ক্ষয় হইয়াছিল বলিয়া ইহার নাম রাজযক্ষ্মা] বি, অতি শীঘ্র আয়ুক্ষয়কারী শ্বাসযন্ত্রের রোগ।

রাজযোগ (রাজ্‌জোগ্) বি, যোগমার্গবিশেষ; ইহার নামান্তর রাজবিদ্যা; কর্ম্মযোগের চরম অবস্থা; কর্ম্মযোগ রাজযোগের কারণ বা পূর্ব্বাবস্থা।

রাজরঙ্গ (জ্) [রাজ (দীপ্তিশীল) রঙ্গ, কর্ম্মধা] বি, ক্লী, রজত; রৌপ্য।

রাজরাজ [রাজার রাজা, ৬তৎ] বি, পুং, রাজাধিরাজ; সম্রাট্। ২। কুবের। ৩। চন্দ্র। ৪। পরমেশ্বর; বিশ্বরাজ। প্র—"শান্তং শিবং অদ্বিতীয় রাজরাজ চরণে।"—ব্রহ্মসঙ্গীত।

রাজরাজড়া (জ্ জ্) বি, বহুবচন, রাজা ও তত্তুল্য পদস্থ; রাজা এবং রাজন্যবর্গ। ২। ধনিসম্প্রদায়।

রাজরাজেশ্বর (রাজ্‌রাজেশ্‌শর্) [রাজার রাজা—তাহার ঈশ্বর, ৬তৎ] বি, পুং, রাজাধিরাজ; সম্রাট্। প্র—"অযোধ্যা নগরে কিবা রত্ন সিংহাসনোপরে রাজরাজেশ্বর রঘুবর বিরাজ করে।"—গান।

রাজরাজেশ্বরী (রাজ্‌রাজেশ্‌শোরি) [রাজরাজেশ্বর দ্রঃ] বি, স্ত্রী, দশ মহাবিদ্যার অন্তর্গত দেবীবিশেষ। প্র—"দেখি ভয়ে পলাইতে চান পশুপতি। রাজরাজেশ্বরী হয়ে দেখা দিলা সতী। রক্তবর্ণা ত্রিনয়না ভালে সুধাকর, চারিহাতে শোভে পাশাঙ্কুশ ধনুঃশর। বিধি বিষ্ণু ঈশ্বর মহেশ রুদ্র পঞ্চ, পঞ্চ প্রেত নিয়মিত বসিবার মঞ্চ।"—অ, ম। "আমার উমা সামান্যা মেয়ে নয় * * * রাজরাজেশ্বরী হয়ে হাস্য বদনে কথা কয়।"—গান। ২। মহারাণী: empress.

রাজরাণী (জ্) বি, রাজমহিষী। ২। অতুল ঐশ্বর্য্যশালিনী।

রাজরীতি (জ্) বি, স্ত্রী, পিত্তলবিশেষ।

রাজর্ষি (রাজোর্ষি) [রাজা অথচ ঋষি—কর্ম্মধা] বি, পুং, যে রাজা ঋষিবৎ আচরণ করেন তাহাকে রাজর্ষি বলে। যথা—জনক। ২। ক্ষত্রিয় ঋষি।

রাজলক্ষ্মী (রাজ্‌লোকখিঁ) [রাজার লক্ষ্মী—৬তৎ] বি, স্ত্রী, রাজশ্রী।

রাজশফর (জ্, র্) বি, পুং, ইলিশমাছ।

রাজশয্যা (রাজসোজ্‌জ্যা) [রাজার শয্যা—৬তৎ] বি, স্ত্রী, সিংহাসন। ২। রাজোচিত শয়ন।

রাজশৃঙ্গ (জ্) বি, মাগুরমাছ।

রাজস, রাজসিক (রাজশ্, রাজশিক্) [রজস্ +অ,—ইক (সম্বন্ধার্থে—অণ্, ইকণ্)] বিণ; রজোগুণাত্মক। ২। রজোগুণপ্রধান। ৩। গর্ব্ব, খ্যাতি, দম্ভাদিমূলক কর্ম্ম।

রাজসই (রাজ্‌শোই) বি, রাজার উপযোগী; রাজতুল্য।

রাজসদন (রাজ্‌শদন্) [রাজার সদন—৬তৎ] বি, ক্লী, রাজপ্রাসাদ : রাজবাড়ী।

রাজসভা (রাজ্‌শভা) [রাজার সভা—৬তৎ] বি, রাজদরবার ; রাজবিচারালয়।

রাজসর্ষপ (রাজ্‌শশপ্) বি, পুং, রাই সরিষা। ২। পরিমাণবিশেষ।

রাজসাক্ষিক (রাজ্‌শাক্‌খিক্) [স্মৃতিঃ পরিঃ] বি, "ত্রিবিধ দলিলের অন্যতম ; ব্যবহারিক লেখ্যবিশেষ ; "রাজ-বিচারালয়ে রাজ নিযুক্ত কায়স্থ-লিখিত বিচারালয়াধ্যক্ষের হস্ত ইত্যাদি দ্বারা চিহ্নিত লেখ্য।"—বিষ্ণু-সংহিতা (বঙ্গবাসী)। "আধুনিক রেজেষ্টারি দখিল"—রত্নমালা। [দ্রঃ—অন্য লেখ্যদ্বয় সসাক্ষিক (যে কোন স্থানে যে কোন ব্যক্তির লিখিত সাক্ষিগণের হস্তচিহ্নিত লেখ্য। (২) অসাক্ষিক স্বহস্তলিখিত লেখ্য)]।

রাজসাপ (রাজ্‌শাপ্) বি, রাজসর্প : ৪ হস্ত দীর্ঘ বিষধর সর্পবিশেষ ; শঙ্খিনী।

রাজসাযুজ্য (রাজ্‌শাজুজ্‌জ) বি, ক্লী, রাজা সমতুল্যতা। ২। রাজত্ব।

রাজসারস (রাজ্‌শারশ্) [রাজ (রাজকীয) সারস (পক্ষী) ৬তৎ] বি, পুং, ময়ূর।

রাজসিংহাসন (রাজ্‌শিংহাশন্) বি, রাজতক্ত ; রাজার দরবারে বসিবার আসন।

রাজসী (রাজশি) [রজস্ + অ (সম্বন্ধার্থে—অণ্)—ঈপ্ স্ত্রী] বিণ, রজোগুণ সম্বন্ধিনী। ২। রজোগুণময়ী প্রকৃতি : রজোগুণাত্মিকা দেবী।

রাজসূয় (রাজ্‌শুয়) [রাজন্—সু (প্রসব করা)+য (অধি—ক্যপ্) নিপাতন] বি, পুং, ক্লী, অধীন ও করদ রাজগণ দ্বারা পরিবেষ্টিত হইয়া সম্রাট কর্ত্তৃক সম্পাদ্য সামবেদোক্ত যজ্ঞবিশেষ।

রাজস্থান (রাজস্‌থান্) বি, রাজপুতজাতির জন্ম ও বাসভূমি ; উদয়পুর, জয়পুর, যোধপুর প্রভৃতি রাজ্য ; রাজবাড়া : রাজপুতানা। ২। কর্ণেল টড প্রণীত রাজস্থানের ইতিহাস ও রাজপুত জাতির বীরকীর্ত্তিকাহিনী।

রাজস্ব (রাজোশ্‌শ) [রাজার—স্ব (ধন)] বি, ক্লী, রাজকর ; প্রজাদিগের নিকট হইতে রাজার প্রাপ্য ধন।

রাজহংস (রাজ্‌হংশ) [রাজ (শ্রেষ্ঠ), হংসের ৬তৎ (পরনিপাত) কিম্বা রাজার হংস, ৬তৎ] বি, পুং, পাতিহাঁস অপেক্ষা বড় হাঁস। ইহাদের গ্রীবা দীর্ঘ, দেহ শুভ্রবর্ণ ও চক্ষু এবং চঞ্চু লালবর্ণ হয় : কলহংস : রাজহাঁস। স্ত্রী, **রাজহংসী**।

রাজহস্তী (রাজ্‌হোস্‌তি) বি, রাজবাহ্য হস্তী : যে হাতীর পৃষ্ঠে রাজা আরোহণ করেন।

রাজা [রাজ্ (দীপ্তি পাওয়া) + অন (কর্ত্তৃ) =রাজন্ ১মা, ১ব] কিম্বা রন্‌জ্ (প্রীত করা) + অন] বি, পুং, যিনি প্রকৃতি পুঞ্জের মধ্যে দীপ্তি পাইয়া থাকেন ; প্রজারঞ্জক নৃপতি ; দেশপতি। ২। প্রভু। ৩। ইন্দ্র। ৪। ক্ষত্রিয়। ৫। চন্দ্র। ৬। [অন্য শব্দের পূর্ব্বে বা পরে থাকিলে] শ্রেষ্ঠ ; প্রধান। **রাজাউজীর**—রাজা ও মন্ত্রী। ২। বড় বড় লোক বা মহামহা ধনী ব্যক্তি। **রাজা করা**—রাজপদে অভিষেক বা বরণ করা। প্র—"বঁধু তোমায় করব রাজা তরুতলে"—রবি। ২। রাজার মত ঐশ্বর্য্যশালী করা ; ধনী করা। ৩। সকল সুখে সুখী করা ; সকল ধনে ধনী করা। **রাজারাজড়া**—রাজ রাজড়া দ্রঃ। **রাজা প্রজা**—রাজা ও প্রজা : শাসক ও শাসিত ; সর্ব্বসাধারণ। **রাজার হাল**—রাজার অবস্থা ; রাজভোগ। **রাজা বাবু**—রাজামহাশয় ; রাজার ন্যায় শ্রীমান্।

রাজাই [রাজা + ই (কর্ম্মে, আচার অর্থে) গ্রা—"রাজগিরি"] বি, রাজত্ব। ২। রাজসম্মান : রাজপদবী। প্র—"স্বদেশে রাজাই পায় দোয়া দিয়া ঘরে যায় ফরমান ফরমাহ তায়।"—অ, ম।

রাজাদন (ন্) বি, পিয়াল বৃক্ষ।

রাজাধিরাজ (জ্) [রাজার—অধিরাজা, ৬তৎ] বি, পুং, সম্রাট : সার্ব্বভৌম নরপতি।

রাজান্ন [রাজার—অন্ন] বি, পুং, অন্ধ্‌ দেশজ উৎকৃষ্ট ধান্যবিশেষ। [দ্রঃ—বৈষ্ণব শাস্ত্রে ইহার অন্ন গ্রহণে নিষেধ আছে]। ২। রাজপ্রদত্ত অন্ন।

রাজার্হ [রাজা—অর্হ] বিণ, রাজযোগ্য।

রাজাবর্ত্ত [সং] বি, বহুমূল্য উপরত্নবিশেষ ; রেউটী পাথর ; রত্ন দ্রঃ।

রাজি, রাজী [রাজ্ (দীপ্তি পাওয়া) + ই (কর্ত্তৃ)] বি, স্ত্রী, আলি ; সারি : শ্রেণী। প্র—"মানস মোহকর নবদ্রুম-রাজি, প্রকাশিল সুন্দর কিশলয়ে সাজি।"—বৃত্রসংহার। ২। আঁজি ; রেখা।

রাজি, রাজী [আ—রাজী] বিণ, তুষ্ট : প্রীত। প্র—"ওগো জেনেছি জেনেছি তারা তুমি জান মা ভোজের বাজি। যে তোমায় যেমনি ভাবে তাতেই তুমি হও মা রাজি॥"—গান। ২। সম্মত : স্বীকৃত। প্র—"রাধা বলে এখন তাতে মোটেই রাজি নই"—দ্বিজেন্দ্র রায়। **রাজিনামা, রাজীনামা**—মকদ্দমা বাদী ও প্রতিবাদীর মধ্যে আপসে নিষ্পত্তি করিবার জন্য আদালতে যে আবেদন করা হয় : রফানামা ; সম্মতিপত্র। **নিমরাজী**—অর্দ্ধ সম্মত : প্রায় সম্মত।

রাজিকা [সং] বি, স্ত্রী, রাইসরিষা। ২। ক্ষেত্র। ৩। পঙ্‌ক্তি : শ্রেণী।

রাজিত [রাজ্ (দীপ্তি পাওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বি, স্ত্রী, শোভিত : ভূষিত। প্র—"রাজিত তহিঁ কনকমণি ভূষণ"—রামপ্রসাদ। ২। বিরাজিত।

রাজিল (ল্) [সং] বি, পুং, ঢোঁড়া সাপ।

রাজীব (ব্) [রাজী + ব (সংজ্ঞার্থে)] বি, ক্লী, পদ্ম। প্র—"রাজীবলোচন"। "সে নীল রাজীবরাজী রাজে রে॥"—অ, ম। ২। বৃহৎ মৎস্য।

রাজীবরাজ (ব্, জ্) [রাজীব (পদ্ম) তাহার রাজা (শ্রেষ্ঠ)—৬তৎ রাজা = রাজ] রক্ত পদ্ম : কমল শ্রেষ্ঠ। প্র—"চরণ রাজীব রাজে মনঃশিলা পাছে বাজে হৃদে ধরি লহবে বহিয়া।"—অ, ম।

রাজুক (ক্) [পালি—সং—রজ্জুক] বি, প্রাচীন ভারতের রাজ্য-শাসন-ভারপ্রাপ্ত কর্ম্মচারী ; governor.

রাজে [বিরাজে শব্দের সংক্ষেপ] ক্রি, বিরাজ করে ; শোভা পায়। প্র—"রতন আসনে রতন ভূষণে যুগল রতন রাজে। আহা কি মধুর, চরণে নূপুর রুণু রুণু রুণু বাজে॥"—রাজ রায়। "শ্বেত অলি শিব যে নীল রাজীব রাজী রাজেরে।"—অ, ম।

রাজেন্দ্র [রাজার মধ্যে ইন্দ্র (প্রধান) ৭তৎ] বি, পুং, রাজাধিরাজ ; সম্রাট্।

রাজ্ঞী [রাজন্ + ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, রাজমহিষী ; রাণী।

রাজ্য (রাজ্‌জ) [রাজন্ + য (ভাবে)] বি, ক্লী, রাজার অধিকার ; রাজত্ব। ২। লক্ষ গ্রামের আধিপত্য। ৩। রাজকার্য্য। ৪। দেশ।

রাজ্যচ্যুত (রাজ্‌জচ্চুত) [রাজ্য হইতে চ্যুত, ৫তৎ] বিণ, রাজ্যভ্রষ্ট ; রাজ্য হইতে বঞ্চিত।

রাজ্যতন্ত্র (রাজ্জ) বি, ক্লী, রাজ্যশাসন ধারা ; দেশ শাসন পদ্ধতি।

রাজ্যভার (রাজ্‌জভার্) বি, রাজ্যপরিচালন কার্য্যের দায়িত্ব ; শাসনভার।

রাজ্যভ্রষ্ট (রাজ্‌জোভ্রোশ্‌ট) [রাজ্য হইতে ভ্রষ্ট] ৭তৎ] বিণ, রাজ্যচ্যুত।

রাজ্যাঙ্গ (রাজ্‌জ্যাংগ) [রাজ্যের অঙ্গ—৬তৎ] বি, ক্লী, স্বামী, মন্ত্রী, সুহৃৎ, ধন, দেশ, দুর্গ, সৈন্য, প্রকৃতি ও তপস্বী এই নয়টী।

রাড় (ড়) [রূঢ় শব্দজ] বিণ, গোঁয়ার। প্র—"বিমলা বলেন প্রভু বাথা বড রাড়। ভেঙ্গে বাথে পাছে বুড়া বলদের ঘাড়॥"—শিবায়ন। ২। ইতর। প্র—"ব্যাধ গো হিংসক রাড় চৌদিকে পশুর ছাড শ্মশান সমান এই স্থান।"—কবিক। ৩। [রাষ্ট্র শব্দজ—রাট্ট—রাড়] বর্দ্ধমানবিভাগ ; রাঢ়। **রাড়চোয়াড়**—[চুয়াড় দ্রঃ। রূঢ় হইতে রাড়—রাঢ়] বিণ, অতিশয় গোঁয়ার। ২। ইতর জাতি।

রাঢ় (ঢ়) বি, পুং, বাঙ্গালার মধ্যে গঙ্গার পশ্চিম দিকস্থিত দেশ ; বর্ত্তমান বর্দ্ধমান বিভাগ। বাঁকুড়া ; বীরভূম ; উত্তরপশ্চিমবঙ্গ। **রাঢ়বঙ্গ**—পশ্চিম ও পূর্ব্ববঙ্গ। প্র—"লস্কর আসিত সঙ্গে শব্দ হইত রাঢ়েবঙ্গে।"—ভারতচন্দ্র।

রাঢ়ী, রাঢ়ীয় [গ্রা—"রেঢ়ো।" রাঢ় (দেশ বিশেষ) + ঈ, ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, রাঢ় দেশীয়। ২। রূঢ়।

রাণা (না) [রাজা শব্দের বিকার। "রাণীর" পুংবাচক] বি, পুং, রাজা। ২। উদয়পুরের রাজাদিগের উপাধি।

রাণা (না) [প্রাদে] বি, চাতাল ; সোপানের চত্বর। ২। দালান। প্র—"ব্রাহ্মণ পণ্ডিত ঘরের রাণায় বসিয়া শাস্ত্রীয় বিচার করিতেছেন, দেখিলাম।"—ইন্দিরা (বঙ্কিম)।

রাণী (রানি) [রাজ্ঞী শব্দজ] বি, স্ত্রী, মহিষী ; রাজ্ঞী। প্র—"কোন্ রাণী, কহ শশিমুখি, হেন চিত্তবিনোদন বৈতালিক গীতে খোলে আঁখি?"—মেঘনাদ। প্রা-বাং—**রানী**। প্র—"পশ্চিম দুআরে রাজা হৈল উপনীত। "আমিনি সন্ন্যাসী রানী পণ্ডিত সহিত॥"—শূ, পু।

রাণ্ডী [প্রা-বাং। রাঁড়ী দ্রঃ। রাঁড়ী বিধবা। প্র—"অতি দীঘলী হয় রাণ্ডী।"—ডাক। "বিধাতা আমারে দণ্ডী জীয়ন্ত ভাতারে রাণ্ডী কৈল দৈব দুঃখের ভাজন।"—কবিক।

রান্নাঘর (রান্নাঘর্) [রান্নাঘর দ্রঃ] বি, পাকশালা। প্র—"ইচ্ছা করে ধন্নাপাড়ি রান্না ঘরে ঢকে।"—ঈশ্বর গুপ্ত।

রাত, রাতি (রাত্) [রাত্রি অপভ্রংশে বি, রাত্রি ; রজনী। প্র—"পাখী সব করে রব রাতি পোহাইল।"—শিশুশিক্ষা। **রাত করা**—অধিক রাত্রি ক্ষেপণ বা অতিবাহন করা। ২। রাত্রিকালে অধিক বিলম্ব করা রাত্রি বৃদ্ধি করা। **রাত জাগা**—রাত্রিতে না ঘুমান। **রাতকাটান**—রাত্রিযাপন করা। **রাতভিখারী**—এক শ্রেণীর ভিখারী (সাধাঃ মুসলমান) যাহারা রাত্রিতে ভিক্ষায় বাহির হয়। **রাতচোরা**—রাত্রিচর। ২। পেচক, বাদুড় প্রভৃতি যাহারা রাত্রিতে ফলাদি চুরি করিয়া খায়। **রাত হওয়া**—রাত্রি অধিক হওয়া।

রাতকাণা, রাতকানা (ত্ না) [রাত (রাত্রিতে) কাণা (অন্ধ)] বিণ, যে রাত্রিতে দেখিতে পায় না ; রাত্র্যন্ধ।

রাতা (প্রা-বাং। রক্ত শব্দজ। সদৃশ বা বিশিষ্ট অর্থে আ যোগ] বিণ, রক্তবর্ণ ; রাঙা ; লাল। প্র—"নীরে নীরঞ্জন লোচন রাতা সিন্দুরে মণ্ডিত জনু পঙ্কজ পাতা॥"—বি, প। "শাশুড়ী ননদী নাহি নাহি তোর সতা। কার সনে দ্বন্দ্ব করয়া চক্ষু কৈলি রাতা॥"—কবিক। "রাতা উৎপল অধর যুগল।"—পদকল্পতরু।

রাতারাতি [রাত্রি + রাত্রি (বিদ্যমানার্থে দ্বিত্ব) হইতে অথবা রাত + আ (হি—"ও"র অনুকরণে) + রাত (হি—৭মী বিভক্তি "হী"র অনুকরণে)—বিদ্যমানার্থে দ্বিত্ব। তুল—হি রাতোঁরাত, রাতহী রাত] ক্রি-বিণ, রাত্রি থাকিতে থাকিতে ; রাত্রির মধ্যে ; রাত্রি না পোহাইতে পোহাইতে। প্র—"আনিতে ঔষধ যদি পার রাতারাতি। চারি যুগ থাকিবেক তোমার সুখ্যাতি॥"—কৃত্তিবাস।

রাতি [রাত্রি অপভ্রংশে। পদ্যে] বি, স্ত্রী, রাত্রি ; রজনী। প্র—"পাখী সব করে রব রাতি পোহাইল।"—মদনমোহন তর্কালঙ্কার। "তরুণ অরুণ নবীন ভাতি পূর্ণিমাপ্রসন্ন রাতি।"—রবি। **রাতিকাণা** [গ্রা—রাতকাণা। রাতি (রাত্রিতে) কাণা (দৃষ্টিহীন)] বিণ, রাত্র্যন্ধ।

রাতিয়া [রাত্রি—রাতি + আ (হি-র অনুকরণে) হি বিশেষ্য পদে কথ্য ভাষায় আ যোগ হয়)। ব্রজ] বি, রাত্রি। প্র—"বিদ্যাপতি কহ কৈছে গোঙায়বি হরি বিনে দিন রাতিয়া।"—বি, প। "ও সুখ সায়রে লুবধ জগজন মুগধ ইহ দিন রাতিয়া।"—গোবিন্দদাস।

রাতুল (ল্) [রক্তালু—রাতালু—রাতুল] বিণ, রক্তবর্ণ ; লাল। প্র—"ধরি সে রাতুল পদ লুটাইনু ধরণী।"—অশোকগুচ্ছ। "তনুরুচি জবাফুল জিনিয়া রাতুল স্থূল গজেন্দ্র বদন লম্বোদর।"—ঘনরাম। "কান্ধে শোভে শিঙ্গা বেত্র ঘূর্ণিত রাতুল নেত্র রাতা উতপল আর কাণে।"—মাধবদাস।

রাত্রি, রাত্রী [সং] বি, স্ত্রী, রজনী। প্র—"রাত্রি ব'য়ে যায়।"—হেম বন্দ্যো।

রাত্রিক (রাৎত্রিক্) [স্মৃতিঃ পরিঃ] বি, ক্লী, পঞ্চরাত্র। ২। বর্ষকাল বেশ্যাগৃহবাসী ব্যক্তি।

রাত্রিচর (রাৎত্রিচর্) [রাত্রি—চর্ (গমন করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, নিশাচর ; রাক্ষস। ২। চৌর। ৩। নিশাকালে যাহারা বিচরণ করে এবং আহার অন্বেষণ করে ; রজনী সময়ে বিচরণকারী। প্র—রাত্রিচর পশু। স্ত্রী, **রাত্রিচরী**—নিশাচরী ; রাক্ষসী।

রাত্রিবাস (রাৎত্রিবাশ্) [রাত্রি (রাত্রিতে) বাস (স্থিতি)] বি, রজনীতে স্থিতি বা অবস্থান ; রাত্রিযাপন ; নিশাতিবাহন। প্র—আজ আর এখানে রাত্রিবাস করা হবে না। ২। [রাত্রিবাসঃ দ্রঃ] বি, রাত্রিকালে পরিহিত বা পরিধেয় বস্ত্র। প্র—রাত্রিবাসখানা ছেড়ে একখানা কাচা কাপড় পর।

রাত্রিবাস (রাৎত্রিবাশ্) [গ্রা-রাত্তির বাস। রাত্রিতে—বাসস্ (পরিধেয় বস্ত্র)—রাত্রিবাসঃ] বি, ক্লী, রাত্রিতে পরিধেয় বস্ত্র।

রাত্র্যন্ধ (রাৎত্রোন্ধ) [রাত্রিতে অন্ধ, ৭তৎ] বিণ, রাতকাণা।

রাদ্ধ [রাধ্ (নিষ্পন্ন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিষ্পন্ন ; সিদ্ধ।

রাধন (ন্) [রাধ্ (সিদ্ধ করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, আরাধনা ; পূজা। ২। সাধন। ৩। প্রাপ্তি।

রাধা [রাধ্ (আরাধনা করা) + অ (কর্ম্মে—অন্) আপ্, স্ত্রী] বি, মথুরার নিকটবর্ত্তী গোকুল গ্রামের গোপরাজ বৃষভানুর কন্যা ; অভিমন্যু (আয়ান)-পত্নী। ইনি কৃষ্ণপ্রেমে সর্ব্বত্যাগিনী ; ইঁহার বহু নামের মধ্যে রাধা, রাধিকা, রাই ও প্যারী নামই সাহিত্যে প্রচররূপ। প্র—"নব অনুরাগিণী রাধা কছু নাহি

মানয়ে বাধা।"—বি, প। "অপরূপ রাধা-মাধব সঙ্গ।"—বি, প। সম্বোধনে—রাধে। প্র—"যখন রাধে বলে বাজে বাঁশী তখন নয়ন-জলে আপনি ভাসি।"—বঙ্কিম।

রাধাকান্ত [রাধার—কান্ত (প্রিয়) ৬তৎ] বি, পুং, শ্রীকৃষ্ণ।

রাধাকৃষ্ণ—বি, রাধিকা ও শ্রীকৃষ্ণ। ২। কৃষ্ণ-রাধিকার যুগলমূর্ত্তি। ৩। অপরাধ বা পাপ খণ্ডনার্থ রাধা ও কৃষ্ণ নাম উচ্চারণ। রাধা কৃষ্ণ বল—প্রস্তাবিত বা উল্লিখিত কথা বা মিথ্যা কথা না বলিয়া রাধা কৃষ্ণ নাম উচ্চারণ কর। তুল—রাম বল।

রাধানাথ (থ্) [রাধার নাথ (প্রিয়) ৬তৎ] বি, পুং, শ্রীকৃষ্ণ।

রাধাবল্লভ (ভ্) [রাধার—বল্লভ (প্রিয়) ৬তৎ] বি, পুং, শ্রীকৃষ্ণ। রাধাবল্লভী লুচী—লুচী দ্রঃ।

রাধাষ্টমী (রাধাষ্টোমি) বি, ভাদ্রমাসে শুক্লাষ্টমী তিথি ; এই তিথিতে বৃষভানু কন্যা রাধা, মহিষী কৃত্তিকার গর্ভে জন্মলাভ করেন সুতরাং ঐ তিথিই রাধাষ্টমী নামে খ্যাত।

রাধাপদ্ম (পদ্দঁ) [রাধার ন্যায় গৌরবর্ণ) + পদ্ম] বি, স্বনামপ্রসিদ্ধ শ্বেতপদ্ম। ২। সূর্য্য-মুখীফুল।

রাধিকা [সং] বি, বৃষভানুনন্দিনী রাধা। প্র—"রাধিকা আদেশে মনের হরিষে কুসুম রচনা করে"—চণ্ডীদাস। কৃষ্ণরাধিকা—রাধাকৃষ্ণ ; শ্রীকৃষ্ণ ও শ্রীরাধার যুগল মূর্ত্তি।

রাধেয় [রাধা + এয় (অপত্যার্থে—এয়ণ্)] সূত্রধর জাতীয় সারথি অধিবথের পত্নী রাধার পালিতপুত্র ; কর্ণ।

রান্ধা [রন্ধন হইতে। উ-পূ—রান্ধি। ম-পু—রান্ধ। প্র-পু—রান্ধে। অস-ক্রি—রান্ধিতে রান্ধিয়া, রেন্ধে। ণিজন্ত—রান্ধান] ক্রি, রন্ধন করা ; পাক করা। রান্ধাবাড়া—রন্ধন ও পরিবেশন করা। প্র—"রান্ধাবাড়া থাবা দিবা করে নিরন্তর।"—শিবায়ন।

রান্না [রন্ধন শব্দজ] বি, অন্ন ব্যঞ্জনাদি পাক-করণ। রান্নাঘর—পাকশালা। প্র—"রান্না ঘরে কান্নাহাটি চোখের মাথা খেয়ে"—হেম বন্দ্যো। রান্নাবাড়া—রান্ধা বাড়া দ্রঃ।

রাব (ব্) [রু (শব্দ করা)] বি, পুং, রব ; শব্দ। প্র—"শ্রবণ রহল ঐছে শুনইতে রাব, চলইতে চাহি চরণ নাহি জাব।"—বি, প। ভ্রমরা ভ্রমরী করত রাব। পিক কুহু কুহু করত গাব।"—বলরামদাস।

রাব (ব্) [হি] বি, মাতগুড় ; তাতরসি ; treacle.

রাবড়ী (ব্) [হি] বি, জ্বাল দেওয়া গাঢ় দুগ্ধের সরে চিনি মিশ্রিত করা মিষ্টান্ন ; চিনি-মিশ্রিত মালাই।

রাবণ (ন্) [রু + ণিচ্ = রাবি (শব্দ করান) + অন (কর্ত্তৃ)] বি, পুং, লঙ্কাধিপতি ; দশানন। প্র—"মা, রাবণ রাজা অন্তিমকালে রঘুনাথের রণস্থলে দুর্গা বলে ডেকেছিল বদনে।"—গান। রাবণমুখা—উগ্রমূর্ত্তি। স্ত্রী, রাবণমুখী। রাবণের চিতা, রাবণের চুলি—যে চিতার আগুন নির্ব্বাণ-প্রাপ্ত হয় না। ২। চির অশান্তি। রাবণ-গঙ্গা—সিংহলদ্বীপস্থ নদীবিশেষ।

রাবণারি [রাবণের অরি—শত্রু, ৬তৎ] বি, পু, রামচন্দ্র।

রাবণি (নি) [রাবণ + ই (অপত্যার্থে—ইন্)] বি, পুং, রাবণ-নন্দন ; মেঘনাদ।

রাবিশ (শ্) [ইং—rubbish] বি, পাকা বাড়ীর ভগ্নাবশেষ ; ভাঙ্গা ইট চূণ সুরকি। ২। বিণ, নিকৃষ্ট অকিঞ্চিৎকর। ৩। অপদার্থ ; অকর্ম্মণ্য।

রাভসিক (শিক্) [রভস + ইকণ্] বিণ, হঠকারী ; গোঁয়ার।

রাম (ম্) [রম্ (ক্রীড়া করা) + অ (কর্ত্তৃ—ঘঞ্)—যিনি রমার (লক্ষ্মীর) সহিত রমণ করেন] বি, পুং, বিষ্ণুর তিন অবতার—পরশু-রাম, দাশরথি রাম ও বলরাম। সাধারণতঃ দাশরথি অর্থাৎ সীতাপতি-রামচন্দ্রবাচক। ২। বিণ, রমণীয়। ৩। অ, "রাম বল" (দ্রঃ) ; সঙ্কট হইতে উদ্ধার বা মুক্তিলাভে আনন্দসূচক উক্তি। তুল—শ্রীবিষ্ণু, দুর্গা বল ইত্যাদি। প্র—"সদাগর এই কথা শুনিয়া মনে মনে বিবেচনা করিলেন যে রাম বাঁচা গেল আর ভয় নাই।"—কামিনীকুমার। রাম বল—মুখে রাম নাম গ্রহণ কর ; পাপ কথা বা পাপ চিন্তায় যে মুখ ও মন কলুষিত হইয়াছে তাহা রাম নাম করিয়া শুদ্ধ কর। না রাম না গঙ্গা—হিন্দুর মরণকালে অর্থাৎ চরমে রামনাম ও গঙ্গানাম অবশ্য গ্রহণীয় তাহা উচ্চারণ না করা, সম্পূর্ণনির্ব্বাক হওয়া বা মৌনাবলম্বনের লক্ষণ। ২। কোন কিছু না মানা ; ধর্ম্মের ধার না ধারা। প্র—"মানুষের একটা ত ধর্ম্মের পরিচয় আছে। না রাম, না গঙ্গা, মা গো এ কেমন তর।"—গোরা (রবি)। রাম না হতে রামায়ণ—কারণের পূর্ব্বে কার্য্যের সম্ভাবনা। সে রামও নাই সে অযোধ্যাও নাই—সে রকম প্রজারঞ্জক রাজাও নাই আর সে সুখের রাজ্যও নাই। অর্থাৎ সুখের দিন চলিয়া গিয়াছে। প্র—"পল্লীগ্রামের পূর্ব্ব গৌরব নষ্ট হইয়াছে কারণ আর "সে রামও নাই সে অযোধ্যাও নাই।"—বাঙ্গালী (১৩২৩)।

রাম (ম্) [বিষ্ণুর অবতার পুরুষশ্রেষ্ঠ রামচন্দ্র হইতে। শব্দের সহিত যুক্ত হইয়া শ্রেষ্ঠার্থে গ্রা প্রয়োগ] বিণ, শ্রেষ্ঠ ; প্রধান ; ধাড়ী। প্র—মদ্দারাম ; বোকারাম [তুল—ফা—খাঁ—(জবরদস্ত খাঁ) ; সং ও বাং-য় বাগীশ (ব্যস্ত বাগীশ) ; সিংহ, সিং (পালোয়ান সিং), চন্দ্র (বোকাচন্দ্র)]। ২। বৃহৎ। প্র—রাম-ছাগল ; রাম-শিঙ্গা ; রাম-দা। ৩। ছোট। প্র—রাম-বেগুন। ৪। [তুচ্ছার্থে বা নগণ্য অর্থে, বিদ্রূপে] বি, ব্যক্তি ; জন ; fellow. প্র—মস্তরাম ; বাঁটুলরাম ; গোঁড়ারাম ; ঢোসারাম ইত্যাদি। ৫। [ব্যাকরণে] অনির্দিষ্ট ব্যক্তি ; দৃষ্টান্তস্বরূপ উক্ত লোকের নাম। ৬। সাধারণ জন ; বিশেষত্ববিহীন জন। এই অর্থে রামের সহিত "শ্যাম" শব্দ যুক্ত হয়। রাম শ্যাম—রাম ও শ্যাম। ২। তুমি আমি ; যে সে। প্র—একি রাম শ্যামের কথা যে নাই বা শুনলে। এ স্বয়ং রাজার আদেশ ! শুনতেই হবে।

রামবাঁশ (ম্, শ্) [রাম (সুন্দর, রমণীয়) বাঁশ (বংশ তৃণ)] বি, তৃণবিশেষ ; গাছ আনারসের মত মধ্যে একটী বাঁশের মত সরল দণ্ড পুষ্পগুচ্ছ মাথায় করিয়া উঠে। ভারতের পশ্চিমাঞ্চলে পথিপার্শে দৃষ্ট হয়।

রামকর্পূর (রাম্‌কোর্পুর্) [রাম (মনোহর) কর্পূর] বি, পুং, সুগন্ধ তৃণবিশেষ।

রামকলা (ম্) [রাম (মনোহর) [কলা দ্রঃ] বি, কদলীবৃক্ষবিশেষ ; ইহার দণ্ড পত্রের শিরা ও পাকা ফল লালবর্ণ।

রামকান্ত (ম্) [রাম কান্ত (পতি) রামের মত পতি নারীর বাঞ্ছনীয় কিন্তু সীতা রামের হাতে পড়িয়া অনেক লাঞ্ছনাই সহ্য করেছিলেন তাহা হইতে বিদ্রূপার্থে বা বিপরীতার্থে] বি, লগুড় ; হুড়ো ; কোঁৎকা।

রামকিরী (রাম্‌কিরি) বি, স্ত্রী, সঙ্গীতের রাগিণীবিশেষ ; রামকেলী।

রামকুঁড়ে (ম্) বি, ছোট কুঁড়ে ঘর ; ক্ষুদ্র-গৃহ ; ক্ষুদ্রকুটীর।

রামখড়ি (ম্) [রাম (সুন্দর) খড়ি] বি, গৌরবর্ণ খড়িমাটীবিশেষ ; পূর্ব্বকালে এই খড়ি দ্বারা শিশুদিগের হাতে খড়ি হইত।

রামখিলিকা (ম্) বি, সাধুসন্ন্যাসীদিগের পরিধেয় হাত কাটা ও স্কন্ধ হইতে জানুর নিম্ন পর্য্যন্ত লম্বমান অঙ্গরাখা ; আল্‌খাল্লা। প্র—"তোমার নাকাল রামখিলিকা গলার মাঝত দিয়া।"—মাণিকচাঁদের গান।

রামগিরি (ম্) [রাম—গিরি, ৬তৎ] বি, পুং বুন্দেলখণ্ডস্থিত চিত্রকূট পর্ব্বত ; রাম বন গমন কালে এই পর্ব্বতে বিশ্রাম করিয়াছিলেন বলিয়া ইহার নাম রামগিরি।

রামচন্দ্র (ম্) [রামচন্দ্র (যিনি চন্দ্রের ন্যায় আহ্লাদক) কর্ম্মধা] বি, পুং, দশরথের পুত্র শ্রীরাম।

রামচাকি, রামচাকী (ম্) বি, রাম নামের ছাপ দেওয়া চক্রাকার উৎকৃষ্ট সন্দেশ। ২। নাগরদোলা।

রামছাগল (ম্, ল্) [রাম (বৃহৎ) ছাগল] বি, বৃহৎ জাতীয় ছাগবিশেষ।

রামজননী (ম্) [রামের জননী (মাতা)—৬তৎ] বি, স্ত্রী, রেণুকা ; পরশুরামের মাতা। ২। অযোধ্যাপতি রামচন্দ্রের মাতা ; কৌশল্যা। ৩। বলদেব মাতা ; রোহিণী।

রামদা (ম্) [রাম (দ্রঃ)—দা (দাক্—কাদা—কর্ত্তরী)] বি, বড় কাটারী। প্র—সে দিন সে সবইনস্পেক্টারকে একখানা রামদা লইয়া তাড়া করায় তিনি গুলি করিতে বাধ্য হইয়াছিলেন।"—হিতবাদী।

রামধনু, রামধনুক (রাম্‌ধোনু, ধোনুক) বি, ইন্দ্রধনু (দ্রঃ)।

রামনবমী (রাম্‌নবোমি) [গ্রা—রামনৌমী। নবমী—নউমী—নৌমী] বি, স্ত্রী, চৈত্রমাসের শুক্লা নবমী ; ঐ তিথিতে শ্রীরামের জন্ম হয়।

রামপাখী (ম্) বি, কুক্কুট।

রামবল্লভ [রাম—বল্লভ (প্রিয়) যাহার, বহু] বি, পুং, ভূর্জপত্র। ২। বিণ, রামপ্রিয়।

রামবেগুন (ম্, ন্) বি, বেগুন গাছের মত কিন্তু বড় কণ্টকাকীর্ণ পত্র ও বেগুনের মত, কিন্তু ছোট ফল শ্বেতফুল বন্য শাকবিশেষ : solanum ferox.

রামমাটি (ম্) বি, তিলকাদি করিবার উপযোগী হরিদ্রাবর্ণের মৃত্তিকাবিশেষ ; রামরজঃ।

রামমালা (ম্) বি, ছোট নারিকেল মালা।

রামরহীম (রাম্‌রোহীম্) [রাম ও রহীম] বি, হিন্দু ও মুসলমানের ঈশ্বর। ২। ভেদভাব।

রামরাজ্য (রাম্‌রাজ্জো) [রামের রাজ্য, ৬তৎ] বি, রামচন্দ্রের অধিকৃত রাজ্য ; অযোধ্যা রাজ্য। ২। সুখ ও শান্তির রাজ্য ; নীতি ধর্ম্মের রাজ্য।

রামরাজ্যে বাস—রামের ন্যায় প্রজারঞ্জক রাজার অধিকারে বা শাসনাধীনে বাস।

রামরাম (ম্, ম্) [রাম দ্রঃ] অ, ঘৃণা, বিস্ময় অনুতাপ প্রভৃতি সূচক। প্র—"রাম রাম এ বড় কুস্থান, পোড়া হাড় ছড়াছড়ি মড়া নিয়ে কাড়াকাড়ি করিতেছে শৃগালের বিতান।" ২। নমস্কার ; অভিবাদন শব্দ। প্র—"রাজসভা প্রবেশ করিতে তড়বড়ি। রাম রাম প্রণাম সেলাম হুড়াহুড়ি॥"—ঘনরাম।

রামলীলা (ম্) [রামের লীলা, ৬তৎ] বি, রামচন্দ্রের জন্মাবধি স্বর্গারোহণ পর্য্যন্ত ঘটনার অভিনয় ; রামচরিত্রাভিনয়।

রামশিঙ্গা (ম্) বি, যন্ত্রবিশেষ ; ইহা তাম্র বা কাংস্যনির্ম্মিত। হরিনাম কীর্ত্তনকালে বৈষ্ণবগণ এই যন্ত্রের ব্যবহার করিয়া থাকেন।

রামসখ [রামের সখা (মিত্র)—৬তৎ, সখি—সখ] বি, পুং, সুগ্রীব।

রামসালিক (রাম্‌শালিক্) বি, সারসের ন্যায় দীর্ঘচঞ্চু ও দীর্ঘপদ কৃষ্ণবর্ণ, মস্তক ও পুচ্ছ ও অবশিষ্ট অঙ্গ শ্বেতবর্ণ পক্ষিবিশেষ।

রামা [রম্ (ক্রীড়া করা)+অ (কর্ত্তৃ, ঘঞ্), আপ্ স্ত্রী] বি, স্ত্রী, নারী। প্র—"হেন কালে এক রামা স্নান করি যায়।"—অ, ম।

রামাৎ—বি, রামোপাসক বৈরাগীবিশেষ। ২। রামানুজী বৈষ্ণব সম্প্রদায়।

রামানন্দী (রামানোন্দি) বি, রামানন্দ প্রবর্ত্তিত রামোপাসক সম্প্রদায়ভুক্ত বৈষ্ণব। ইঁহাদের তিলকের বাহিরের রেখা শ্বেতবর্ণ।

রামানুজী—বি, রামানুজ প্রবর্ত্তিত বৈষ্ণব। ইঁহারা শ্বেত রেখার মধ্যে রামমাটির রেখাযুক্ত তিলক ধারণ করেন।

রামায়ণ (ন্) [রাম—অয়ন (যে গ্রন্থ রামকে অধিকার করিয়া কৃত হইয়াছে] বি, ক্লী, মহর্ষি বাল্মীকিপ্রণীত রামচরিতমূলক মহাকাব্য।

রায় (য়্) [আ] বি, অভিপ্রায় ; অভিমত ; মত। ২। বিচারফল ; নিষ্পত্তিবাক্য। প্র—"তাহার জোরেই হাকিমের রায় ফিরিয়া যায়।"—নীলদর্পণ। "দিলেন হাকিম তখন রায় তার এই স্থল মর্ম্ম।"—দ্বিজেন্দ্র রায়। ৩। শ্রেষ্ঠ ; চূড়ামণি। প্র—"দেখিয়া সে শোভা জগমনো-লোভা ভুলিল নাগর রায়।"—চণ্ডীদাস। ৪। বাক্য। ৫। উপাধিবিশেষ। ৬। [রাজা—রায়া বা রাঅ, রায়] রাজা। প্র—"শিশু সঙ্গে পড়ে বৈকুণ্ঠের রায়।"—চৈ, ভা। ৭। বিণ, প্রবৃত্ত ; উদ্যত। প্র—"ধরিয়া কোদালি পেলে এ ষাটি সহস্র ছেলে কাটিতে সাগর হৈল রায়॥"—ঘনরাম।

রায়জাদা (য়্) [রায়—জাদা (ফা—জাদ, জাদা)] বি, রায়ের পুত্র। ২। রাজপুত্র। প্র—"উজীর হল রায়জাদা।"—কবিক।

রায়বাঘিনী (য়্) বি, রাজব্যাঘ্রী ; অতি বৃহৎ জাতীয়া ব্যাঘ্রী ; royal tiger. ২। অতি ক্রূরা নারী ; আক্রমণশীলা, উগ্রচণ্ডা স্ত্রী।

রায়বার (য়্, র্) বি, যশ ; সুখ্যাতি ; স্তুতি-গান। প্র—"প্রবেশ করিতে হাট দেখা পাইল রাজভাট রায়বার পড়ে ঊর্দ্ধ হাত।"—কবিক। "বিপ্রগণ বেদ পড়ে ভাটে রায়বার"—চৈ-ভা। "ভাট পড়ে রায়বার যশ বর্ণাইয়া।"—অ-ম। ২। স্তুতিপাঠক। প্র—"প্রভাতে করি স্নান দ্বিজে করিল দান রায়বারে দিল গজ ঘোড়া।"—কবিক। ৩। দৌত্য ; রাজবার্ত্তা। প্র—"অঙ্গদের রায়বার"—কৃত্তিবাস।

রায়বাঁশ (য়্, শ্) বি, দীর্ঘবংশযষ্টি। ২। ভল্লাস্ত্র-বিশেষ। প্র—"বাজন নূপুর পায় বীর ঘটা পাইক ধায় রায় বাঁশ ধরে থরশাণ।—কবিক।

রায়বাঁশিয়া, রায়বেঁশে—বিণ, দীর্ঘ বংশযষ্টিধারী পাইক ; লাঠিয়ালবিশেষ। প্র—"মণ্ডলী করিয়া, ধায় রায়বাঁশিয়া কেহ ধায় ফিরায়ে নেজা।"—কবিক। "তবকী ধানুকী ঢালী রায়বেঁশে মাল।"—অ, ম। 'ধানুকী বন্দুকী ঢালী রায়বেঁশে ফরিকালি রাহুত মাহুত সমুদায়।"—ঘনরাম।

রায়বাহাদুর (য়্, র্) বি, রাজদত্ত সম্মানজনক উপাধিবিশেষ। প্র—"রায়বাহাদুর নামটাও ছি না পাইলে শেষে।"—হেম বন্দ্যো।

রায়ভাট (য়্, ট্) [গ্রা—রেয়োভাট] বি, হিন্দুজাতিবিশেষ। ২। স্তুতিপাঠক। ৩। রাজদূত।

রায়ভাটী (য়্) বি, নদীর আওড়।

রায় রায়াঁ, রায় রায়ান (য়্, ন্) [রায় (রাজা)+রায়ান (হি—বহুব, রূপ ; অর্থ—রাজ-গণ) রাজাদিগের মধ্যে রাজা] বি, সম্মানিত উপাধিবিশেষ। ২। মুসলমান রাজত্বে প্রধান রাজস্ব মন্ত্রীর উপাধি ; দিওয়ান।

রাল (ল্) [সং, হি] বি, পুং, ধূনা।

রাশ (শ্) [রশ্মি বা রশনা হইতে] বি, অশ্ববল্গা।

রাশ (শ্) [রাশি শব্দজ] বি, স্তূপ ; পুঞ্জ ; গাদা। ২। [জ্যোতিষে] রাশি। রাশনাম—জন্ম রাশি অনুযায়ী নাম ; জ্যোতিষ গণনায় নির্দ্ধারিত কোষ্ঠীগৃত নাম ; ডাকনামের বিপরীত নাম ; অপ্রচলিত নাম। প্র—"রাশ নাম ডাকনাম ছিলাম ধারিণী"—অশোকগুচ্ছ।

রাশভারি, রাশভারী—বিণ, যাহার প্রকৃতি অতিশয় গম্ভীর ; সিংহাদি রাশির প্রকৃতি যুক্ত ; যাহার স্বভাব হালকা নহে। প্র—"তিনি অতি রাশভারি লোক ছিলেন। পরিবার পরিজন তাঁহার ভয়ে ভীত থাকিত। পরিবারস্থ বালকগণ তাঁহার ভয়ে অসৎপথে পদার্পণ করিতে সাহসী হইত না।"—শিবনাথ শাস্ত্রী।

রাশহাল্‌কা—বিণ, লঘুচিত্ত ; যাহার সম্মুখীন হইতে বা যাহার সহিত আলাপ করিতে কোন সঙ্কোচ বোধ হয় না।

রাশি [অশ্ (ব্যাপা)+ই (কর্ত্তৃ) নিপাতন] বি, পুং, সমষ্টি ; স্তূপ ; পুঞ্জ ; গাদা। ২। [গণিতে] সংখ্যা ; number. ৩। [জ্যোতিষে] জ্যোতিশ্চক্রের অন্তর্গত মেষ, বৃষ, মিথুন, কর্কট, সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, ধনুঃ,

মকর, কুম্ভ ও মীন এই দ্বাদশ চিহ্ন। ৪। বিণ নিরেশ। ৫। মিশ্রিত। ৬। পুঞ্জীকৃত স্তূপীকৃত। **রাশিসন্দেশ**—বি, ছানা বিরল অল্প মূল্যের সন্দেশ। **রাশিভোগ**—সূর্য্য চন্দ্রাদি গ্রহের রাশিচক্রপথে ভ্রমণকালে মেষ বৃষাদিচিহ্নিত পথে স্থিতি। **রাশিরাশি**—অসংখ্য; গাদা গাদা। প্র—"রাশি রাশি কুসুম পড়েছে তরুমূলে"—মেঘনাদ। "রাশি রাশি মিল করিয়াছি জড়"—রবি।

রাশিচক্র (চক্রো) [রাশি (জ্যোতিষিক চিহ্ন) চক্র (বৃত্ত)] বি, ক্লী, দ্বাদশ রাশি-যুক্ত জ্যোতিশ্চক্র। প্র—"রজনীতে তারকায়, যেখানে গগন-গায় সিংহের আকার ধরি রাশি-চক্র ফিরিত"—দশমহাবিদ্যা।

রাশীকৃত (রাশীক্রিতো) [রাশি—কৃত (মধ্যে ঈ) অভূততদ্ভাবার্থে (চ্বি)] বিণ, কৃতস্তূপ; পুঞ্জীকৃত।

রাষ্ট (রাশ্‌টো) [রাষ্ট্র শব্দের গ্রাম্য উচ্চারণ] বি, প্রচার; সাধারণের কর্ণগোচর; প্রকাশ।

রাষ্ট্র [রাজ্ (দীপ্তি পাওয়া) + ষ্ট্র (কর্ত্তৃ—ষ্ট্রন্)] বি, পুং, ক্লী, রাজ্য; সাম্রাজ্য। ২। দেশ; জনপদ। ৩। প্রকাশ; প্রচার। ৪। সংক্রামক রোগ, মহামারী, দুর্ভিক্ষাদি উপদ্রব। ৫। বিণ, প্রসিদ্ধ; খ্যাত; সুপ্রকাশ। প্র—"স্পষ্ট সেত নন্দসুত রাষ্ট্র জগজনে॥"—ভাগবত। **রাষ্ট্র করা**—দেশময় প্রচার করা। **রাষ্ট্রকূট**—দক্ষিণ ভারতের রাজ্য। **রাষ্ট্র হওয়া**—প্রচারিত হওয়া; সর্ব্বসাধারণের গোচরীভূত হওয়া। **রাষ্ট্রপতি**—দেশপতি; রাজা; সম্রাট। প্র—"না মার বাঙ্গালে শুন প্রভু রাষ্ট্রপতি।"—কবিক। "নাপিতের মেয়ে মুরার দুলাল চন্দ্রগুপ্ত রাষ্ট্রপতি"—সত্যেন্দ্রদত্ত। **রাষ্ট্রবিপ্লব**—বি, রাজ্য শাসকের প্রবর্ত্তিত নিয়মের পরিবর্ত্তন।

রাষ্ট্রিক (ক্) [রাষ্ট্র+ইক (সম্বন্ধে)] বিণ, রাষ্ট্রসম্বন্ধীয়। ২। বি, বর্ত্তমান মহারাষ্ট্র দেশবাসীর প্রাচীন নাম।

রাষ্ট্রিয়, রাষ্ট্রীয় [রাষ্ট্র (রাজ্য) + ইয়—ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, রাজ্যসম্বন্ধীয়। ২। [সং—নাটকে] বি, রাজশ্যালক।

রাস (শ্) [রস্ (শব্দ করা) + অ] বি, শব্দ; গণ্ডগোল; কোলাহল। ২। বি, পুং, কার্ত্তিকী পূর্ণিমায় শ্রীকৃষ্ণের রাসলীলা; গোপনারী-দিগের মণ্ডলে কৃষ্ণরাধিকার নৃত্যোৎসব। প্র—"সে দেশে কি রস আছে এদেশেতে রাস।"—ভারতচন্দ্র।

রাসকেল (রাশ্‌কেল্) [ইং—rascal] বি, দুর্ব্বৃত্ত; পাজি।

রাসক্রীড়া (শ্) বি, রাসলীলা। প্র—"কার্ত্তিকী পূর্ণিমা পেয়ে মধুর মুরলী গেয়ে রাস-ক্রীড়া গোপিনী লইয়া।"—অ, ম।

রাসন (রাশন্) [রসনা (জিহ্বা) + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, রসনা সম্বন্ধীয়। ২। বি, রসনেন্দ্রিয় জন্য স্বাদজ্ঞান। **রাসন-প্রত্যক্ষ**—স্বাদজনিত বোধ।

রাসপর্ব্ব (শ্) বি, রাসোৎসব; রাসলীলা।

রাসপূর্ণিমা (শ্) বি, কার্ত্তিকী পূর্ণিমা—যে তিথিতে শ্রীকৃষ্ণের রাসোৎসব হয়।

রাসবিহারী (শ্) বি, যিনি রাসমণ্ডলে বিহার করেন; শ্রীকৃষ্ণ। প্র—"হৃষীকেশ হরি রাসবিহারী রমানাথ রাধামোহন।"—বাং-গান।

রাসভ—বি, পুং, গর্দ্দভ। স্ত্রী, **রাসভী**।

রাসভারি, রাসভারী (শ্) বিণ, গম্ভীর; ধীরগম্ভীর প্রকৃতি; সহসা যাহার সহিত আলাপ করিতে বা যাহার সম্মুখীন হইতে সাহস হয় না।

রাসমণ্ডপ (রাশ্‌মোনডোপ্) বি, ক্লী, কৃষ্ণ রাধিকার রাসলীলার স্থান।

রাসমণ্ডল (রাশ্‌মোনডোল্) [রাসমণ্ডল (চক্র)] বি, শ্রীকৃষ্ণের রাসলীলা করিবার চক্রাকার স্থান।

রাসযাত্রা (রাশ্‌জাৎত্রা) বি, রাসোৎসব; রাসলীলা।

রাসলীলা (শ্) বি, গোপীচক্রে শ্রীকৃষ্ণের মণ্ডলাকারে নৃত্যবিলাস; গোপাঙ্গনাগণ সমভিব্যাহারে শ্রীকৃষ্ণের রসলীলা।

রাসায়নিক (রাশাওনিক্) [রসায়ন + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, রসায়ন বিদ্যা সম্বন্ধীয়। **রাসায়নিক গবেষণা-গৃহ**—রসশালা (দ্রঃ); chemical laboratory. **রাসায়নিক আকর্ষণ**—যে গুণদ্বারা পরস্পর বিভিন্ন প্রকার পরমাণু সকল মিলিত হইয়া একটী স্বতন্ত্র গুণবিশিষ্ট পদার্থে পরিণত হয়।

রাসেশ্বরী (রাশেশ্‌শোরি) রাসের ঈশ্বরী—৬তৎ] বি, স্ত্রী, রাধিকা; রাধা।

রাস্তা (স্তা) [ফা। তুল—গথিক ও প্রা-জর্ম্ম—rosta (a stone erected on the public roads at certain distances in the manner of the modern mile stones)—*Webster.*] বি, পথ; বর্ত্ম; মার্গ। **রাস্তা-ঘাট**—[রাস্তা (প্রশস্তবর্ত্ম) ঘাট (মধ্য পথ, পর্ব্বতমধ্যস্থ পথ)] ছোট বড় রাস্তা; সদর ও গলি পথ।

রাস্না [সং] বি, বৃক্ষোপরি জাত তিক্তরস উষ্ণ-বীর্য্য লতাবিশেষ; vanda roxburghii.

রাহা (হা) [ফা—রাহ্] বি, রাস্তা; পথ। ২। উদ্ধারের পথ; মুক্তিপথ। ৩। উপায়; চারা। ৪। জাতীয় উপাধিবিশেষ। **রাহা-খরচ**—পথখরচ; পাথেয়।

রাহাগির (র্) [ফা—রাহ্‌গির্] বি, পথিক; a way farer.

রাহাজান (ন্) [ফা—রাহ্‌জান্] যে রাজপথে দস্যুবৃত্তি করে; ডাকাত; highway robber.

রাহাজানি [ফা—রাহ্‌জানী] বি, দিনে-ডাকাতি; প্রকাশ্যে দস্যুবৃত্তি; রাজপথে ডাকাতি; highway robbery. প্র—"নির্ব্বোধ! রাণা যখন জিজ্ঞাসা করিবে তোমরা এ পত্র কোথায় পাইলে, তখন কি উত্তর দিবে? তখন কি বলিবে আমরা রাহা-জানি করিয়া পাইয়াছি।"—রাজসিংহ (বঙ্কিম)।

রাহাদার (রাহাদার্) [ফা—রাহ্‌দার] বি, পথকর সংগ্রহকারী কর্ম্মচারী।

রাহাদারি [ফা] বি, পথকর আদায়ের কর্ম্ম; ২। ছাড়পত্র; a passport. বিণ, **রাহাদারী**—পথকর আদায়ের কর্ম্ম বা ছাড় পত্র সম্বন্ধীয়।

রাহিন (ন্) [আ—রহন্ (বন্ধক) হইতে] যে সম্পত্তি বাঁধা রাখে; a mortgage.

রাহী [ফা] বিণ, পথিক; a wayfarer. প্র—"যে কোন রাহীজন পথি মাঝে দরশন করি মণি সযতনে লয়"—বীরবাহ (হেম)। ২। [রাধিকা শব্দ সংক্ষেপে। ব্রজ] বি, রাই; রাধিকা।

রাহু [সং] বি, পুং, সিংহিকার পুত্র; অষ্টম-গ্রহ। প্র—"একি শ্রীবদন ছবি উপরেতে চাঁদ রবি মদন মদন রাজার * * * যেন রাহুর মুখমাঝে বসনরাজি রাজে চাঁদেরে করেছে আহার।"—রামপ্রসাদ। ২। ছায়া-গ্রহ।

রাহুগ্রস্ত (রাহুগ্‌গ্রোস্‌তো) [রাহু কর্তৃক গ্রস্ত (ভক্ষিত) ৩তৎ] বিণ, রাহুর কবলগত চন্দ্র সূর্য্য। ২। রাহুগ্রহের দৃষ্টিতে দুর্দ্দশাপন্ন; রাহুর দশায় বিপাকগ্রস্ত।

রাহুগ্রাহ (রাহুগ্‌গ্রাহ) [রাহুর গ্রাহ (গ্রহণ) রাহু দ্বারা চন্দ্র সূর্য্যের গ্রাস] বি, চন্দ্র সূর্য্যের গ্রহণ।

রাহুত (ত্) [হি—রাবৎ, রাবল্ (যোদ্ধা, বীর) তাহা হইতে বাং-য় অশ্বারোহী বীর] বি অশ্ব সৈনিক; ঘোড়সওয়ার। প্র—"রাহুত মাহুত সাজাইল হাতী ঘোড়া"—কৃত্তিবাস। ২। জাতিবিশেষ। প্র—"ব্রাহ্মণ রজপুত ক্ষত্রিয় রাহুত মোগল মাহুত রণ অনিবারা"—অ, ম। রাহুত মাহুত মাল কেবা ধরে অসি ঢাল বীরের শুনিয়া আইল কথা।"—কবিক।

রাহুসংস্পর্শ (শংস্‌পর্শ) [সং] বি, পুং, উপরাগ; চন্দ্র সূর্য্যের গ্রহণ।

রি (ঋ) বি, সংগীতের ২য় সুর। ২। অনুকার শব্দ।

রিং—রিঙ্গ দ্রঃ।

রিকাব, রিকাবী (ব্) [ফা] বি, পিত্তলাদি নির্ম্মিত ছোট পাত্রবিশেষ ; ডিস ; dish.

রিকিব, রিকিবি (ব্) [গ্রা] বি, রিকাব দ্রঃ : ছোট ডিস।

রিক্ত [রিচ্ (বিযুক্ত হওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বি, শূন্য। প্র—রিক্তহস্ত। ২। দরিদ্র। প্র—"রিক্ত যারা।"—রবি। ৩। নিষ্ফল। বিণ, রিক্তা। **রিক্তহস্ত**—বিণ, শূন্যহস্ত ; যাহার হাতে কিছু নাই। প্র—"রিক্তহস্ত গৃহস্থ দাঁড়াইয়া বুদ্ধি হত।"—অ,ম। ২। নির্ধন।

রিক্তা [রিক্ত দ্রঃ] বি, স্ত্রী, দরিদ্রা। ২। [জ্যোতিষে] চতুর্থী, নবমী ও চতুর্দ্দশী তিথি।

রিক্থ [রিচ্ (সম্পৃক্ত হওয়া) + অক্ (কর্ম্মে)] বি, ক্লী, স্থাবর ও অস্থাবর সম্পত্তি ; ধন ; যোত। **রিক্থহারী**—বিণ, যে ধনের অংশ গ্রহণ করে ; দায়াদ ; উত্তরাধিকারী। ২। ধনহরণকারী।

রিকথী (থি) [রিক্থ (ধন) + ইন্ (অস্ত্যর্থে) = রিকথিন্ ১মা, ১ব] বিণ, ধনী। ২। উত্তরাধিকারী।

রিঙ্খণ, রিঙ্গণ (ন্) [সং] বি, স্খলন ; ভ্রংশ। ২। সম্মান হইতে পতন। ৩। হামাগুড়ি দিয়া চলন।

রিঝ [হৃদয়—রিদ—রিঝ। ব্রজ] বি, হৃদয়। প্র—"বচন মৃদু মর মর কাঁপে রিঝ থর থর শিহরে তনু জর জর কুসুম বন মাঝ।"—বাং-গান (রবি)। "রিঝ মন ভেদন বাঁশরী বাদন কঁহা শিখলি রে কান।"—ঐ।

রিঝি [ব্রজ। হৃদি - রিদি—রিঝি] বি, হৃদি ; হৃদয়। প্র—"ধনী কহে তুয়া গুণে রিঝি প্রসন্ন ভেল, মাগহ মানস গোয়।"—বি, প। ২। তুষ্ট হইয়া। প্র—"তহি বজাওত বীণা সুমাধুরী রিঝি দেয়ল মণিমাল।"—বি, প।

রিঠা, রীঠা [সং—রীঠা করঞ্জ। হি—রীঠা, মঃ—রীঠা] বি, আম ফলের মত গোল কঠিনত্বক্ ফলবিশেষ [ইহা জলে ভিজাইলে সাবানের ফেনার মত ফেনা হয় বলিয়া সং-তে ইহার নামান্তর "ফেনিল" এবং ইং-তে "সাবান ফল" রীঠার জলে পশমী বস্ত্রাদি ধৌত করা হয়। ২। ইটা মাছ।

রিপিট (ট্) [ইং—rivet.] বি, ধাতুপাত মুড়িবার কাঁটা।

রিপু [সং] বি, পুং, বিপক্ষ ; শত্রু। ২। কাম ক্রোধ, লোভ, মোহ, মদ, মাৎসর্য্য এই ছয়টী শরীরস্থ রিপু। প্র—"অনিত্য বিষয় কর সর্ব্বদা চিন্তন * * * মৃত্যুর স্মরণে কাঁপে কাম ক্রোধ রিপুগণ।"—বাং-গান। [জ্যোতিষে] লগ্নের ষষ্ঠ স্থান।

রিপু (রি) [আ—রফু শব্দজ] বি, বস্ত্রাদির ছিন্ন অংশ মেরামত ; পুরাতন বস্ত্রে তালি।

রিপোর্ট, রিপোর্ট্ (র্ট্, ট্) [ইং—report.] বি, সংবাদ ; এত্লা। ২ বিবরণী ; বিবরণ পুস্তক।

রিফু (রি) [আ—রফু] বি, বস্ত্রাদির ছিন্ন অংশ মেরামত।

রিফুগর (র্) [আ—রফু—ফা—গর্] বিণ, যে রিফু করে। বি, **রিফুগরী**—রিফুকর্ম্ম।

রিভর্শনর্ [ইং—revertioner] বি, ভবিষ্যৎ উত্তরাধিকারী]

রিভলভার (র্) [ইং—revolver] বি, বহুনালিক ছোট বন্দুকবিশেষ।

রিম (ম্) [ইং—ream] বি, কুড়ি দিস্তা কাগজের পুলিন্দা।

রিমঝিম (ম্, ম্) [শব্দাত্মক। মৃদুতর শব্দে রিমিঝিমি, মৃদুতম অর্থে রুমঝুম] বি, মৃদু বৃষ্টি পতন শব্দ। ২। মস্তিষ্কের অত্যন্ত দুর্ব্বলতাহেতু কর্ণকুহরে শ্রুত অব্যক্ত শব্দ।

রিরি [ধ্বন্যাত্মক শব্দ] বি, রোমাঞ্চ ; জিহ্বায় ঘৃত, বচ প্রভৃতি স্পর্শ করিলে যেরূপ অনুভূতি হয়।

রিল (ল্) [ইং—reel] বি, কাঠের চাকতিতে গুটান সূতা ; সুতার নুটী।

রিশ [বৈদিক নিরুক্তে—হিংসক ব্যক্তি] বি, হিংসা ; দ্বেষ ; আক্রোশ ; আড়ি।

রিশাল (ল্) বি, পক্ষিবিশেষ ; ইহাঁদের দীর্ঘ পুচ্ছ শ্বেতচন্দ্রক দ্বারা শোভিত। প্র—"বৃক্ষে বৃক্ষে নাচিছে রিশাল।"—রঙ্গমতী। ২। রেশালা দ্রঃ।

রিষ (রিষ্) [সং—ঈর্ষ্যা শব্দ হইতে রীষ কিন্তু ব্যবহারে 'রিস'] বি, হিংসা ; দ্বেষ। প্র—"এখানে আন্‌লে তোমার রিষ হবে না ?" "ফুলের কুঁড়ি ননদ ছুঁড়ী রিসের বিষে জ্বলে।'—অমৃত বসু। ২। আক্রোশ। **রিষ করা**—ঈর্ষা করা। হিংসা করা। **রিষবান্ধা** [তুল—হিংসার পুঁটুলি বাঁধা] বি, প্রতিহিংসার ভাব পোষণ করা ; প্রতিহিংসার জন্য অপেক্ষা করা। প্র—"ঘালি খেয়ে ঘুরে ঘুরে বাধা বান্ধে রিষ।"—ধর্মরাম। **রিষারিষি, রাষারীষী, রেষারেষি**—হিংসাহিংসি ; পরস্পর দ্বেষ।

রিষবৎ [আ] বি, উৎকোচ ; ঘুষ

রিষি—ঋষি দ্রঃ।

রিষ্ট [রিষ্ (বধ করা) + ত (করণে—ক্ত)] বি, ক্লী, পাপ ; কলুষ। ২। খড়্গ। ৩। দৈত্যবিশেষ। ৪। [ভাবে—ক্ত] অভাব। ৫। মঙ্গল ; শুভ ; কল্যাণ। ৬। বিণ, পাপজনক। ৭। অকল্যাণকর।

রিষ্টি [রিষ্ (বধ করা) + তি (করণে—ক্তি)] বি, স্ত্রী, অশুভ ; পাপ। ২। অকল্যাণ। ৩। দুর্ভাগ্য ; দুরদৃষ্ট। ৪। খড়্গ। ৫। কল্যাণ ; শুভ।

রিস (শ্) রিষ দ্রঃ। **রিসারিসি**—রিষ দ্রঃ।

রিসি (শি) [ঋষি শব্দজ। গ্রা-বাং] ঋষি। প্র—"রিসি জে তপসী নহি নহিক বাম্ভন।"—শূ-পু।

রিসিবর (রিশিবর্) [ইং—receiver] বি, মকদ্দমা ঘটিত সম্পত্তি রক্ষণ ও পরিচালনের ভারপ্রাপ্ত আদালত হইতে নিযুক্ত কর্ম্মচারী।

রিহাই, রেহাই [ফা—রিহাঈ] বি, মুক্তি। ২। মাফ। ৩। নিষ্কৃতি। **রেহাই দেওয়া**—মুক্তিদান করা ; নিষ্কৃতিদান করা। ২। মাফ করা।

রীঠা—রিঠা দ্রঃ।

রীত (ত্) [সং—রীতি। হি—রীত] বি, রীতি ; ধারা ; পদ্ধতি। ২। স্বভাব ; প্রকৃতি ; চরিত্র। প্র—"হাম যদি জানিতু কানুক রীত। তব কিয়ে তা সঞে বাঁধয়ে চিত॥"—বি, প। ৩। ব্যবহার ; আচরণ। প্র—"চেট্টে নেট্টে যায় জলে তার তুমি ধর চুলে এমত তোমার কোন রীত"—চণ্ডী। ৪। লক্ষণ। প্র—"দেখি বীর শুভ রীত আনন্দে সরস চিত প্রবেশ করিল বন আগে।"—কবিক। **রীতনীত**—রীতি দ্রঃ।

রীতি [রী (গমন করা) + তি (ভাবে)] বি, স্ত্রী, প্রণালী ; প্রথা ; পদ্ধতি। ২। নিয়ম। ৩। ক্রম। ৪। আচার-ব্যবহার। ৫। স্বভাব ; প্রকৃতি। ৬। গুণ ; ধর্ম্ম। ৭। প্রবৃত্তি। ৮। গতি ; গতিক। প্র—"দেখিয়া জলের রীতি চিন্তা করি নরপতি সন্ধান করিয়া আনে মায়।"—কবিক। ৯। [অলঙ্কার শাস্ত্রে] পদগুম্ফন প্রণালী ; কাব্যাদিরচনা-রীতি। বাং-ভাষায়—রীতি প্রধানতঃ দুই প্রকার—সাধ্বী ও প্রাকৃতী। প্রাকৃতী—কথোপকথনের ভাষা—যাহা নাটকাদিতে সামান্যা স্ত্রী, বালক, বিদুষক, ভৃত্যাদির কথায় দৃষ্ট হয়। সাধ্বী-রীতি সাহিত্যের ভাষায় ব্যবহৃত হয়। ইহা চারি প্রকার বলিয়া নির্দ্দিষ্ট, যথা—(১) দাম্ভোলী (ওজোব্যঞ্জক বর্ণগুম্ফিত সমাসাদি দ্বারা আড়ম্বরবদ্ধ রচনা-পদ্ধতি। ইহার তুল্য সং নাম গৌড়ী অর্থাৎ গৌড়দেশ-প্রচলিত রীতি) ; (২) হৈমী (সমাসহীন বা অল্প-সমাসযুক্ত ললিত রচনা-পদ্ধতি। ইহার তুল্য সং নাম বৈদর্ভী অর্থাৎ বিদর্ভদেশপ্রচলিত রীতি) ; (৩) দ্বৈমাতুরী (দাম্ভোলী ও হৈমী এই দুই রীতির মিশ্রণজাত রীতি। ইহার তুল্য সং নাম পাঞ্চালী) ; (৪) মাদনী (সমাসহীন অর্থাৎ পঞ্চালদেশপ্রচলিত রীতি—

শ্রুতিমাত্র অর্থবোধক পদঘটিত অতি মৃদু ও সুললিত রচনা-পদ্ধতি। ইংার তুল্য সং নাম লাটী অর্থাৎ লাটদেশপ্রচলিত রীতি); style. **রীতিনীতি**—স্বভাব-চরিত্র ও চাল-চলন। **রীতিপদ্ধতি**—প্রথামত আচার ব্যবহার।

রীতি [সং] বি. পিত্তল; brass. ২। মরিচা; ধাতুমল। ৩। সীসা। **রাজরীতি**—উৎকৃষ্ট পিত্তল।

রীতিক (ক্) [সং] বি. স্ত্রী. পিত্তল। ২। স্ত্রী. **রীতিকা**—পুষ্পাঞ্জন।

রুআ [রুহ্ (রোপণে)] রোআ দ্রঃ।

রুআন (নো) ["রুআ"র ণিজন্ত রূপ] ক্রি. রোপণ করান।

রুই [সং—রোহিত] বি. রোহিত মৎস্য। ২। উইপোকা; শ্বেত পিপীলিকা।

রুইদাস, রুহিদাস (শ্) [হি—রয়দাস] বি. চর্মকার জাতির স্বীকৃত আদিপুরুষ।

রুএ [রোয়া দ্রঃ] ক্রি. রুইয়া; রোপণ করিয়া। প্র—"তুই ভিতে রুএ কলা ভিতর হেমগিরি।" —শূ-পু।

রুক (ক্) [সং—বৃক্ষ হইতে প্রাকৃ—রুক। রূপান্তরে বিরুক্] বি. বৃক্ষ।

রুক্ম (রুক্‌ক্‌ম) বি. সুবর্ণ; হেম; সোনা।

রুক্মী (রুক্‌কি) [রুক্ম (স্বর্ণ) + ইন্ (অস্ত্যর্থে) = রুক্মিন্ ১মা. ১ব] বিণ. স্বর্ণযুক্ত; স্বর্ণস্বামী। ২। বি. পুং. নৃপতিবিশেষ; ভিষ্মক রাজের জ্যেষ্ঠপুত্র। স্ত্রী. **রুক্মিণী**—বিদর্ভরাজ ভিষ্মক দুহিতা; দ্বারকাপতি কৃষ্ণের মহিষী। ইনি স্বয়ং লক্ষ্মী অংশে অবতীর্ণা। প্র—"দ্বাপরে হবেন হরি-কৃষ্ণ অবতার। কংসে বধি করিবেন দ্বারকা বিহার॥ রুক্মিণীরে লইবেন বিহার করিয়া।"—অ, ম।

রুক্ষ (রুক্‌খ) [সং] বিণ. অমসৃণ; কর্কশ; খসখসে। ২। কঠোর। ৩। শুষ্ক; নীরস। ৪। তীব্র; উগ্র।

রুখন (ন্) [রুখা দ্রঃ] বি. আক্রমণোদ্যম; কোপ করণ।

রুখলী [ব্রজ] বিণ. রুক্ষ। প্র—"রুখলি ভুখলি দুখলি দেখলি সখিনী সঙ্গ সমেতা।" —বি. প।

রুখা [সং—রুষ্ (রোষ করা) = রুখ। উ-পু—রুখি। ম-পু—রুখ। প্র-পু—রুখে। অস-ক্রি—রুখিতে; রুখিয়া; রুখে] ক্রি. রাগা; কোপ করা। ২। প্রহারোদ্যত হওয়া; মারমুখী হওয়া।

রুখা [রুক্ষ হইতে] বিণ. রুষ্ট। ২। রুক্ষ; উগ্র। ৩। শুষ্ক; নীরস। ৪। বিরক্তিকর।

রুখু, রুক্ষু [গ্রা। সং—রুক্ষ শব্দজ] বিণ. তৈলহীন; শুষ্ক। প্র—"ছেঁড়াবাস দেখি দেহে রুখু রুখু চুল।"—মানকুমারী।

রুগ্‌নি, রুগ্ন [গ্রা। সং—রোগিণী অবজ্ঞার্থে অপভ্রংশ] বি. স্ত্রী. পীড়িতা স্ত্রী। ২। বিণ. পীড়িতা; পুং. রুগী।

রুগি, রুগী [সং—রোগী শব্দের অপভ্রংশ] বি. পীড়িত ব্যক্তি। ২। বিণ. পীড়িত। স্ত্রী. **রুগ্‌ণী**।

রুগ্ন [রুজ্ (পীড়িত হওয়া) + ত (কর্তৃ—ক্ত) জ = গ, ত = ন] বিণ. পীড়িত। ২। ভগ্নস্বাস্থ্য ভগ্নদেহ। স্ত্রী. **রুগ্না**। অবজ্ঞার্থে—**রুগ্নী**

রুচক (ক্) [রুচ্ (রোচক হওয়া) + অক (কর্তৃ)] বি. আস্বাদ্য রস। ২। লবণ। ৩। বৃষ্য বা বলকারক ঔষধ। ৪। মাঙ্গল্য দ্রব্য। ৫। মাল্য। ৬। [বৈদ্যকে] বিড়ঙ্গ। (২) গোরোচনা। ৭। দন্ত। ৮। বিণ. উগ্র; উৎকট। ৯। রুচিকর।

রুচা [রুচ্ (রুচিকর বা রোচক হওয়া) ধাতু প্র-পু—রুচে। অস-ক্রি—রুচিতে। ণিজন্ত—রুচান (নো)] ক্রি. রুচি হওয়া; ভাল লাগা। প্র—"নাহি রুচে অন্ন জল।"—ভারতচন্দ্র। ২। পসন্দ হওয়া।

রুচি, রুচী [রুচ (দীপ্তি পাওয়া) + ই (ভাবে—কি)] প্রভা; দীপ্তি; দ্যুতি। প্র—"সকল অঙ্গুলি ভরি মাণিকের অঙ্গুরী দন্তরুচি ভুবনমোহন।"—কবিক। ২। লালিত্য; মাধুর্য; লাবণ্য। প্র—"অনুপম তনুশ্যাম, নীলোৎপল আভা। মুখরুচি, কত শুচি করিয়াছে শোভা॥"—মহা-কালী। ৩। শোভা। প্র—"রুচি পায়"—বি-প। ৪। ৪। গোরোচনা। ৫। [রুচ্ (রোচা)] আস্বাদ সুতার। ৬। পানাহারে ইচ্ছা; ক্ষুধা। ৭। অভিলাষ; স্পৃহা। ৮। অনুরাগ; প্রীতি।

রুচিত [রুচ্ (রোচক হওয়া) + ইত] বিণ. স্বাদু।

রুচির (র্) [রুচ্ (রোচক হওয়া) + ইর (কর্তৃ—কির)] বিণ. মনোহর; সুন্দর; মনোজ্ঞ। প্র—"রুচির যুগল ভুরু।" "যেই দিকে চাহে বীর কোপদৃষ্টি অতি ধীর কোকনদ রুচির বয়ান।"—কবিক। ২। মধুর; মিষ্ট। ৩। উজ্জ্বল; প্রভান্বিত। ৪। লবঙ্গ পুষ্প। ৫। কুঙ্কুম। স্ত্রী. **রুচিরা**—ত্রয়োদশাক্ষর ছন্দোবিশেষ।

রুচিষ্য [সং] বিণ. রুচির।

রুচ্য (রুচ্‌চ) [রুচ্ + য] বিণ. রুচিকর; স্বাদু। ২। অভিপ্রেত; ঈপ্সিত। ৩। মনোজ্ঞ; সুন্দর; রুচির। ৪। বি. পুং. পতি; কান্ত। ৫। চন্দ্র। ৬। সৌবর্চল। ৭। কতক বৃক্ষ। ৮। শালিধান্য।

রুজি [হি—রোজী শব্দজ] বি. উদরান্ন; আয়; উপার্জন।

রুজু [আ] বিণ. খাড়া; দণ্ডায়মান। ২। সম্মুখীন। ৩। বরাবর; সমান। প্র—"রাম সনে রুজু হৈল সাধু ধনপতি। বনে ছেলি লয়ে যায় ভ্রমিল যুবতী॥"—কবিক। ৩। বি. এক খাতার সহিত অন্য খাতার হিসাবের মিলন। ৪। পেশ; দাখিল; দায়ের। **রুজু রুজ**—সামনা সামনি।

রুটি, রুটী [রোটিকা বা রোটী শব্দজ] বি. আটা, ময়দা বা সুজীর পিষ্টকবিশেষ; চাপাটি; পাঁউরুটী। প্র—"কার তোয়াক্কা রাখি আর। * * * রুটি সেঁটে কোমর এঁটে এক দৌড়ে পগার পার।"—বাং-গান (গি, ঘোষ)।

রুটা [রুষ্ (রুষ্ট হওয়া)। প্রা-বাং] ক্রি. রুষ্ট হওয়া। প্র—"কড়মড় করে দন্ত দন্তী দেখে রুটে॥"—ধ, ম।

রুঠ (ঠ্) [প্রাদে, চট্টল] বিণ. রুক্ষ; রসহীন। ২। বিবাদ।

রুণুঝুণু, রুণুরুণু (নু, নু) [শব্দাত্মক] বি. ক্ষুদ্র ঘণ্টিকার শব্দ; নূপুরাদি অলঙ্কারের মধুর বাদ্য। প্র—রুণু রুণু গুঞ্জন রণগতি স্বননে"—দশমহাবিদ্যা। ২। নূপুরের ধ্বনি। প্র—"গোরার রাঙ্গা পায়ে সোনার নূপুর রুণু ঝুণু বাজে আমার গৌর নাচে।"—কীর্তন। ৩। বীণার মৃদু ঝঙ্কার বা গুঞ্জন। প্র—"রুণু রুণু নিক্বণ কোমলে মিলিয়া, ক্রমে গুরুগর্জন সপ্তমে ছুটিয়া।"—দশমহাবিদ্যা।

রুণ্ড (রুন্‌ড) [রুন্‌ট্ (লুণ্ঠন করা) + অ (কর্তৃ-অচ্) ট—ড] বি. পুং. নিম্মস্তক দেহ; কবন্ধ।

রুণ্ডিকা (সং) বি. স্ত্রী. দ্বারপিণ্ড। ২। চৌকাঠ। ৩। রণক্ষেত্র। ৪। কুট্টিনী।

রুত [রু (রব করা) + ত (ভাবে—ক্ত)] বিণ. শব্দিত; ধ্বনিত। ২। রোদিত। ৩। রোদনকারী। ৪। বি. ধ্বনি; রব। ৫। রোদন। ৬। জীব জন্তুর ডাক। ৭। পাখীর রব; কাকলি।

রুদিত [রুদ্ (রোদন করা) + ত (ভাবে ক্ত)] বিণ. রুত; ক্রন্দিত। ২। রোদনকারী। ৩। বি. রোদন। ৪। [কর্তৃ—ক্ত] বিণ. রোদনকারী।

রুদ্ধ [রুধ্ (রোধ করা) + ত (কর্মে ক্ত)] বিণ. বদ্ধ; বন্ধ। প্র—"আজিকে দুয়ার রুদ্ধ ভবনে ভবনে"—চয়নিকা। ২। কৃতাবরোধ; বেষ্টিত; আবৃত। প্র—পথ রুদ্ধ হওয়া। ৩। নিবারিত; বাধা-প্রাপ্ত। প্র—রুদ্ধ বেগ।

৪। আবদ্ধ। প্র—"করিগণে রুদ্ধ হয়ে হরি যথা রয়, সেইরূপ ছিল হনু পেয়ে বালি ভয়। —রাম (রাজ)। ৫। শুম্ভিত। প্র—রুদ্ধ শ্বাস। রুদ্ধ বায়ু।

রুদ্র (রুদ্‌দ্রো) [রুদ্+ণিচ্=রোদি (রোদন করান)+র (কর্তৃ—রক্)। পুরাণে আছে—ব্রহ্মা কল্পারম্ভে সৃষ্টি চিন্তায় নিমগ্ন আছেন এমন সময় এক বালক-মূর্তি তাঁহার ললাট হইতে আবির্ভূত হইয়া রোদন করিতে করিতে ইতস্ততঃ ছুটাছুটি করিতে লাগিলেন। ব্রহ্মা তাঁহাকে রুদ্র নামে অভিহিত করিয়া রোদনে নিবৃত্ত হইতে বলিলেন এবং তাঁহাকে রুদ্র, ভব, শর্ব্ব, ঈশান, পশুপতি, ভীম, উগ্র ও মহাদেব এই অষ্ট নাম অর্পণ করিলেন। ইনি একাদশ মূর্তিতে একাদশ রুদ্র নামে প্রসিদ্ধ] বি, পুং, শিব; শিবের সংহার মূর্ত্তি। প্র—"রুদ্র তোমার দারুণ দীপ্তি এসেছে দুয়ার ভেদিয়া॥"—রবি। ২। অজ, একপাদ, অহিব্রধ্ন, পিনাকী, অপরাজিত, ত্র্যম্বক, মহেশ্বর, বৃষাকপি, শম্ভু, হর ও ঈশ্বর। মতান্তরে—অজৈকপাদ, অহিব্রধ্ন বিরূপাক্ষ, সুরেশ্বর, জয়ন্ত, বহুরূপ, ত্র্যম্বক, অপরাজিত, বৈবস্বত, সাবিত্র ও হর এই একাদশ গণদেবতা। ৩। [জ্যোতিষে] আর্দ্রা নক্ষত্র। ৪। [বৈদ্যকে] হুড়হুড়ে গাছ। ৫। বিণ, ভীষণ; ভীম। ৬। উগ্র।

রুদ্রজ (রুদ্‌দ্রোজ) [রুদ্র (শিব) হইতে জ (জাত)] বি, পুং, কার্ত্তিকাদি। ২। পারদ (ইহা শিব বীর্য্য হইতে উৎপন্ন বলিয়া পুরাণে উক্ত)। স্ত্রী, রুদ্রজা।

রুদ্রজটা (রুদ্‌দ্রোজটা) [রুদ্রের জটার ন্যায় পিঙ্গল বর্ণ জটা যাহার, বহু] বি, স্ত্রী, লতা-বিশেষ; শঙ্কর জটা; রুদ্রলতা।

রুদ্রতাল (রুদ্‌দ্রতাল্) [সঙ্গীত শাস্ত্রে] বি, অধুনা প্রচলিত ১৬ মাত্রার তাল। ২। শিব নৃত্যের তাল; তাণ্ডব তাল। প্র—"রুদ্রতালে তাল দেয় বেতাল ভৃঙ্গী নাচে অঙ্গ ভঙ্গি ভঙ্গিয়া" —অ, ম।

রুদ্রপত্নী (রুদ্‌দ্রপোত্‌নি) [রুদ্রের—পত্নী] বি, স্ত্রী, রুদ্রাণী; দুর্গা।

রুদ্রপ্রিয়া (রুদ্‌দ্রপ্‌প্রিয়া) [রুদ্রের প্রিয়া, ৬তৎ] বি, স্ত্রী, দুর্গা। ২। [বৈদ্যকে] হরীতকী।

রুদ্রভাব (রুদ্‌দ্রভাব্) [রুদ্রের ভাব, ৬তৎ] বি, উগ্রতা; চণ্ডতা; সংহার মূর্ত্তি। প্র—"দূরে গেল রুদ্রভাব শিব ভাব হয়।"—অ, ম।

রুদ্রসাবর্ণি (রুদ্‌দ্রোশাবোর্নি) বি, পুং, দ্বাদশ মনু।

রুদ্রাক্রীড় (রুদ্‌দ্রাক্‌ক্রীড়) [রুদ্রের আক্রীড় (ক্রীড়াস্থান, লীলাস্থল) ৬তৎ] বি, পুং, শ্মশান; প্রেতভূমি।

রুদ্রাক্ষ (রুদ্‌দ্রাক্‌খ) [রুদ্রের—অক্ষি=অক্ষ। পুরাণে আছে—ত্রিপুরাসুর বধের পর শিবের অক্ষি হইতে অশ্রুবিন্দু পতিত হইয়াছিল। ঐ অশ্রুবিন্দু হইতে এই বৃক্ষ ও ফলের উৎপত্তি] বি, প্রসিদ্ধ বৃক্ষ ও তাহার ফল; elæocarpur ganitrus. প্র—"গলায় রুদ্রাক্ষ মাল অর্দ্ধচন্দ্র শোভে ভাল কলেবরে বিভূতি মাখিয়া।" —অ, ম।

রুদ্রাণী (রুদ্‌দ্রানি) [রুদ্র (শিব)+ঈপ্ স্ত্রী, আন—আগম] বি, স্ত্রী, রুদ্রপত্নী; ভবানী; পার্ব্বতী।

রুদ্রাবাস (রুদ্‌দ্রাবাশ্) [রুদ্রের (শিবের) আবাস (বাসস্থান) ৬তৎ] বি, পুং, কৈলাস। ২। কাশীধাম। ৩। শ্মশান।

রুধা [রুধ্ (আবরণ করা)+আ (বাং-ক্রি-বিভক্তি)] ক্রি, রোধ করা; আটক করা; বন্ধ করা; রুদ্ধ করা; চাপা। প্র—"প্রাণের বাসনা প্রাণের আবেগ রুধিয়া রাখিতে নারি" —রবি। ৩। আবরণ করা। ৫। প্রতিবন্ধকতা করা; প্রতিকূলতা করা।

রুধির (র্) [রুধ্ (আবরণ করা)+ইর (কর্তৃ—কির)] বি, ক্লী, রক্ত; শোণিত; অসৃক্। প্র—"মায়াতে সৃজিল সিন্ধু নাম বৈতরণী। দুর্গন্ধি রুধির বহি বহে সেই পানি॥" শূ-পু। ২। রক্তবর্ণ। ৩। মণিবিশেষ। ৪। কুঙ্কুম। ৫। মঙ্গল গ্রহ। ৬। [বাগ্বোক্তিতে] অর্থ; টাকা। ৭। বিণ, রক্তবর্ণবিশিষ্ট।

রুধিরাখ্য (রুধিরাক্‌খ্য) বি, ক্লী, রক্তবর্ণ মণিবিশেষ।

রুবাই [ফা] বি, বিবাহ উৎসবে গেয় নায়ক-নায়িকার প্রেম-বিষয়ক সঙ্গীতবিশেষ।

রুম (ম্) [ইং—room] বি, কক্ষ; গৃহ; ঘর। প্র—"মার্বেলেতে মলের ঠমক বাজলো রুমে রুমে"—হেম।

রুমঝুম (ম্, ম্) [শব্দাত্মক। মৃদুতর শব্দে রিম্ ঝিম্] বি, অনুকার শব্দ। ২। অলঙ্কার বা বাদ্যযন্ত্রের জমাট কিন্তু অনুচ্চ ধ্বনি: দূর হইতে শ্রুত একতান বাদ্যের সুর-তরঙ্গ ধ্বনি।

রুমা [রু (রব করা)+ম (কর্তৃ)—আপ্, স্ত্রী] বি, স্ত্রী, বৃহস্পতির কন্যা, তারার গর্ভজা এবং সুগ্রীবের পত্নী।

রুমাল (ল্) [ফা—রুমাল্ (রু=মুখ, মাল—মলিদন্=রগড়ান, মোছা)] মুখ মুছিবার বস্ত্র-খণ্ড; handkerchief. প্র—"রুমালে মুছিয়া মুখ ঝাড়িয়া চাপকান, দেহি পদ-পল্লব বলিয়া প্রস্থান।"—হেম। ২। গাত্রবস্ত্রবিশেষ; সালের প্রকার-ভেদ।

রুমালী—বি, রুমালী দস্যু; ঠগ সম্প্রদায়; ইহারা অচকিত অবস্থায় পথিকের গলে রুমাল জড়াইয়া হত্যা করত তাহার সর্ব্বস্ব লুণ্ঠন করিত। এ সম্প্রদায় এক্ষণে প্রায় নির্ম্মূল হইয়াছে।

রুয়া [সং—রুহ্ হইতে] বি, চুল। ২। বীজ। ৩। [প্রাদে] চালের প্রস্থ বাঁশ।

রুয়া, রোয়া [রুহ (রোপণ করা) হইতে। উ-পু—রুই। ম-পু—রোঅ, রোও। প্র-পু—রোয়। অস-ক্রি—রুইতে: রুইয়া, রুয়ে। ণিজন্ত—রুয়ান, রোয়ান (নো)] ক্রি, রোপণ করা। প্র—"রুয়ে কলা না কাট পাত। তাতেই হবে কাপড় ভাত।"—খনা।

রুরু [রু (রব করা)+রু (কর্তৃ—ক্রু)] বি, পুং, কৃষ্ণসার মৃগবিশেষ। ২। দৈত্যবিশেষ।

রুল (ল্) [ইং—rule] বি, উচ্চ আদালতের আদেশ। ২। নজীর; পদ্ধতি। রুল জারি হওয়া—উচ্চ আদালত হইতে আদেশ বাহির হওয়া।

রুল (ল্) [ইং— ruler] বি, কষি টানিবার জন্য ধাতু কাঠাদিনির্ম্মিত সরল দণ্ডবিশেষ। রুল করা—কষি টানা; রেখাপাত করা। রুল টানা—রেখা অঙ্কিত করা।

রুলি, রুলী—বি, লাক্ষার (অধুনা সুবর্ণেরও হইতেছে) চুড়িবিশেষ; ইহা সধবার চিহ্ন। প্র—"তোমার হাতে রুলি রয়েছে, তুমি কি সধবা?"—বিষবৃক্ষ।

রুষিত [রুষ্ (রাগ করা)+ত (কর্তৃ—ক্ত) ই—আগম] বিণ, রোষযুক্ত; কুপিত।

রুষ্ট [রুষ্ (রাগ করা)+ত (কর্তৃ—ক্ত)] বিণ, ক্রুদ্ধ। স্ত্রী, রুষ্টা। বি, রুষ্টি—ক্রোধ; রোষ। প্র—"অনিত্য বিষয় কর সর্ব্বদা চিন্তন * * * ক্ষণে হাস্য ক্ষণে খেদ তুষ্টি রুষ্টি প্রতিক্ষণ।"—বাং-গান।

রুহ [রুহ্ (উৎপন্ন হওয়া)+অ (কর্তৃ—ক)] বিণ, জাত। প্র—সরোরুহ; শিরোরুহ। স্ত্রী, রুহা—দূর্ব্বা।

রুক্ষ (রুক্‌খ) [রুক্ষ্ (কর্কশ হওয়া)+অ (কর্তৃ—অচ্)] বিণ, কর্কশ; কঠিন। ২। শুষ্ক; নীরস। ৩। স্নেহরহিত; অচিক্কণ; অমসৃণ। ৪। নির্দ্দয়; নিষ্ঠুর। ৫। কঠোর ব্রতধারী। ৬। স্নেহশূন্য। ৭। অননুকূল; অপ্রসন্ন; repulsive. ৮। বি, পুং, বৃক্ষ। স্ত্রী, রুক্ষা—দন্তীবৃক্ষ।

রূঢ় [রুহ্ (উৎপন্ন হওয়া)+ত (কর্তৃ—ক্ত)] বিণ, জাত; উৎপন্ন। ২। ব্যুৎপত্তিলভ্য অর্থের অপেক্ষা না করিয়া অন্যার্থ প্রকাশক শব্দ; প্রকৃতি প্রত্যয়ের মিলিতার্থকে অপেক্ষা না করিয়া যে শব্দ অন্য অর্থ প্রকাশ করে তাহাকে রূঢ় শব্দ বলে। প্র—বৃক্ষ; গো প্রভৃতি। ৩। কর্কশ; কঠিন; কঠোর। ৪। অপ্রিয়; বিরক্তিকর; রুক্ষ। ৫। প্রসিদ্ধ।

রূঢ়পদার্থ [রূঢ়—পদার্থ, কর্ম্মধা] বি, যে সকল বস্তু অন্য পদার্থের পরমাণু যোগে উৎপন্ন হয় না তাহাকে রূঢ়পদার্থ বলে ; যেমন স্বর্ণ, রৌপ্য, গন্ধক প্রভৃতি ; অমিশ্র মূলপদার্থ।

রূঢ়মূল (ল্) [রূঢ় (বদ্ধ) হইয়াছে মূল যাহার, বহু] বিণ, বদ্ধমূল।

রূঢ়ি [রুহ্ (প্রাদুর্ভাবে) + তি (ভাবে—ক্তি) হ, ত = ঢ়] বি, স্ত্রী, প্রসিদ্ধি। ২। [রুহ্ (উৎপন্ন হওয়া)] উৎপত্তি ; উদ্ভব। ৩। [ব্যাকরণে] প্রকৃতি প্রত্যয় জাত অর্থ ব্যতীত অন্যার্থবোধক শক্তি।

রূপ (প্) [সং] বি, মূর্ত্তি ; আকৃতি। প্র—"কিবা অপরূপ রূপ হেরি তরুতলে"—ভারতচন্দ্র। ২। শরীর। ৩। স্বভাব ; স্বরূপ। ৪। প্রকার। প্র—কিরূপ। ৫। সৌন্দর্য্য। প্র—"অপরূপ এ কি রূপ কৃষ্ণের রূপ লিখেছ গো রাই"—বাং-গান। ৬। শব্দ বা ধাতুর বিভক্তিযোগে আকারান্তর। ৭। দৃশ্যকাব্য। ৮। নাম। ৯। বর্ণ ; রঙ্। ১০। বিণ, (অন্য শব্দের পর থাকিলে) তৎসদৃশ বা তুল্য। **রূপ করা**—শব্দ ও ধাতুর বিভক্তির প্রত্যয়াদি যোগে পদ সংগঠন করা ; to conjugate. **রূপলাবণ্য**—শ্রী ও কমনীয়তা সৌন্দর্য্য ও মাধুর্য্য। **রূপসুন্দর**—বিণ, যে গুণ-সুন্দর নহে কেবল বাহ্য শ্রীসম্পন্ন দেখিতে সুশ্রী কিন্তু গুণহীন।

রূপকথা (প্) [উপ (গ্রা উচ্চারণে রূপ)—রূপ + কথা] বি, উপকথা ; গল্প।

রূপক (ক্) [রূপ + ণিচ্ = রূপি + অক (কর্ত্তৃ)] বি, ক্লী, আকৃতি ; গঠন। ২। রৌপ্য। ৩। অর্থালঙ্কারবিশেষ ; উপমানের সহিত উপমেয়ের তন্ময়ত্ব নির্দ্দেশ স্থলে এই অলঙ্কার হয়। এই রূপক তিনপ্রকার। যথা—**অধিকারূঢ় বৈশিষ্ট্যরূপক**—উপমেয়ের গুণাদি উপমান অপেক্ষা অতিশয়রূপে বিশেষণ দ্বারা বিশেষিত হইলে এই অলঙ্কার হয়। প্র—"গৌরীর বদন-শশী কলঙ্ক-রহিত। নয়নেন্দীবর তাঁর সদা বিকশিত॥" এখানে বদনে চন্দ্রত্বারোপ ও নয়নে ইন্দীবরত্বারোপ করিবার পর কলঙ্করাহিত্য ও সদা বিকশিত থাকা রূপ বিশেষণ উপমান চন্দ্র ও ইন্দীবরের শোভা অপেক্ষা উপমেয়ের শোভায় আধিক্য সূচনা করিতেছে। **নিরঙ্গরূপক**—অঙ্গের আরোপ না করিয়া যথায় অঙ্গিমাত্রের আরোপ করা হয় তথায় এই অলঙ্কার হয়। ইহা মালারূপ নিরঙ্গ বা মালারূপক ও কেবল নিরঙ্গ বা কেবল রূপকভেদে দুইপ্রকার। কেবল রূপক, যথা—"——চল ত্বরা করি রথিবর ! সাধ কাজ বধি মেঘনাদে, অমরতা লভ দেব, যশঃ-সুধাপানে।" এখানে যশের অন্য কোন অঙ্গের উল্লেখ নাই কেবল তাহাতে সুধামাত্রের আরোপ আছে। **মালারূপক**—আরোপের একটীমাত্র বিষয়কে উদ্দেশ করিয়া তিনটী বা ততোধিক ভিন্ন ভিন্ন উপমানের আরোপ থাকিলে এই অলঙ্কার হয়। যথা—"বামভাগে হর্ম্ম্যশ্রেণী দেখ মহাশয়, মদন ব্যাধের ফাঁদ রসের এ হ্রদ। পিরীতি মণির খনি গণিকা আস্পদ॥" এখানে একটী মাত্র উপমেয়ের হর্ম্ম্যশ্রেণীতে ফাঁদ, হ্রদ, খনি ও আস্পদ এই চারিটি ভিন্ন ভিন্ন উপমানের আরোপ হইয়াছে। **পরম্পরিতরূপক**—এক বস্তুর আরোপ হেতু অন্য বস্তুর আরোপ। যথা—"প্রিয়ে তোমার বদন-সুধাকর সন্দর্শনেই আমার চিত্তচকোর চরিতার্থ হইয়াছে।" এখানে চিত্তে চকোরত্বের আরোপ বদনে চন্দ্রত্বারোপের হেতু। **সাঙ্গরূপক**—অঙ্গীতে কোন পদার্থের আরোপ হেতু তদঙ্গীভূত বস্তুতেও অন্য পদার্থের আরোপ। যথা—"নবজলধর তনু, শিখিপুচ্ছ শক্রধনু পীতধড়া বিজলিতে ময়ূরে নাচাও হে। নয়ন-চকোর মোর, দেখিয়া হয়েছে ভোর মুখ-সুধাকরে হাসি সুধায় বাঁচাও হে॥" এখানে মুখে সুধাকরত্বারোপ হেতু তদঙ্গীভূত হাস্যতেও অমৃতত্বের আরোপ হইয়াছে।—কাব্যদর্পণ।

রূপচাঁদ (প্, দ্) [সং—রূপ্য হইতে রূপ + চাঁদ (চন্দ্র হইতে সাদৃশ্যার্থে বা শ্লেষার্থে) অথবা হি—"চাঁদিকা রূপৈয়া" হইতে] বি, রৌপ্যমুদ্রা ; টাকা। ২। অর্থ ; ধন।

রূপণ (ন্) [রূপ্ + ণিচ্ = রূপি + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, স্বরূপবর্ণন। ২। নিরূপণ। ৩। অনুকরণ ; অভিনয়।

রূপদস্তা (প্) বি, রঙ্গ ও সীসক জাত মিশ্র-ধাতু ; জর্ম্মণসিল্ভর ; pewter.

রূপধারী (প্) [রূপ (আকার, মূর্ত্তি) ধারিন্ (যে ধারণ করে) ১মা, ১ব] বিণ, আকার ধারণকারী ; মূর্ত্তি পরিগ্রহকারী ; সাকার। ২। বেশধারী। ৩। নট। ৪। রূপবিশিষ্ট ; সৌন্দর্য্যশালী।

রূপধেয় [সং] বি, ক্লী, সৌন্দর্য্য।

রূপবতী (রূপোবোতি) [রূপবৎ শব্দ—ঈপ্, স্ত্রী] বিণ, সুরূপা ; সুন্দরী। পুং, রূপবান।

রূপবন্ত [সং—রূপবৎ শব্দের ১মা বহু বচনের রূপ। বাং-য়—সম্ভ্রম ও আদরার্থে] বিণ, রূপবিশিষ্ট ; সুন্দর ; সুরূপ ; সুশ্রী।

রূপবান [রূপ + বৎ (অস্ত্যর্থে—বতু) = রূপবৎ ১মা, ১ব] বিণ, রূপবিশিষ্ট ; সুরূপ ; সুন্দর। ২। রূপধারী ; সাকার। স্ত্রী, রূপবতী।

রূপভাগ (প্, গ্) [গণিতিক পরিঃ] বি, লঘুকরণ ; reduction.

রূপরাশি [রূপের রাশি (আধিক্যার্থে) ৬তৎ] বি, সৌন্দর্য্যরাশি ; লাবণ্যরাশি। প্র—"তরুণ অরুণ নবীন ভাতি, পূর্ণিমা প্রসন্ন রাতি, রূপ-রাশি বিকশিত তনু কুসুম বন।"—ব্রহ্মসঙ্গীত। ২। [গণিতিক পরিঃ] যথার্থ মূল্য নিরূপণের অঙ্ক বা রাশি।

রূপস (শ্) [সং] বিণ, রূপবান ; সুন্দর। প্র—"স্বর্ণরৌপ্য ঘর সব দেখিতে রূপস"—কৃত্তিবাস। "পিতা পুত্রে দুয়ে আঁটি গজালে গাঁথিল পাটি গড়ে ডিঙ্গা দেখিতে রূপস।"—কবিক। স্ত্রী, **রূপীয়সী**—রূপবতী ; সুন্দরী ; কিন্তু বাং য়—ইহার ব্যবহার নাই। বাং-য়—**রূপসী**—প্রচলদ্রূপ। প্র—"কি রূপসী অঙ্গে বসি অঙ্গ খসি পড়ে"—কবিক, বি, সু। সম্বোধনে, "রূপসি।" প্র—"ঐ পোহাল রূপসি নিশি।"—বাং-গান। প্রা-বাং-য়—**রূপসিনী**—এই ব্যাকরণদুষ্ট শব্দও দৃষ্ট হয়। প্র—"অলভ্য আমার বাক্য শুন রূপসিনী"—শীতলামঙ্গল (কবিবল্লভ)। তুল—সুকেশী, সুকেশিনী—মেঘনাদবধ কাব্যে।

রূপা [রৌপ্য বা রূপ্য শব্দজ। গ্রা—উচ্চারণে রূপো] বি, রৌপ্য ; silver.

রূপাকর (র্) [প্রা-বাং। রূপা + কর (সম্বন্ধে)। মধ্য বাং-য়—গর। আধু-বাং-র] বিণ, রূপার। প্র—"রূপাকর পাটএ বেসতির বৈসএ হাট—শূ, পু।

রূপাজীবী [রূপ (সৌন্দর্য্য) দ্বারা আজীবী (যাহারা জীবিকা নির্ব্বাহ করে)] বি, স্ত্রী, বেশ্যা।

রূপান্তর (র্) [রূপ (আকার) অন্তর (অন্য ; ভিন্ন)] বি, ক্লী, ভিন্নমূর্ত্তি ; স্বতন্ত্র আকার ; প্রকারান্তর। ২। অবস্থান্তর। বিণ, **রূপান্তরিত**—ভিন্ন আকারে পরিণত।

রূপালী [গ্রা—রুপুলি] বি, রূপার পাত। ২। বিণ, রূপার পাত মণ্ডিত।

রূপি [সং—রূপ্য। ফা—রুপৈআ] বি, রৌপ্য মুদ্রা ; টাকা।

রূপি [প্রা-বাং] ক্রি, রোপণকারী। ২। রোপণ করিয়া। প্র—"সারি সারি রম্ভা রূপি গুবাক সুন্দর। বনমালা নামে তথি অতি মনুহর॥"—শূ, পু।

রূপিণী [রূপ + ইন্ (অস্ত্যর্থে) + ঈ (প্—স্ত্রী)] বিণ, স্বরূপা ; তুল্যা। প্র—"কালরূপিণী কালী সে ভুবনে হাসিছে"—দশমহাবিদ্যা। "হা যমুনে ! তুমি কি স্রোতস্বিনী না কৃষ্ণ-হৃদয়-বিনোদিনী প্রেমমূর্ত্তি শ্রীরাধিকার অশ্রু-ধারা-রূপিণী ?"—নিশীথচিন্তা। ২। সুন্দরী ; রূপবতী। প্র—"সুমধ্যমা ধন্যা রূপিণী রুক্মিণী অদ্ভুত যেন সুর মেয়া।—শিবায়ন।

রূপিত [রূপ+ইত (যুক্ত)] বিণ, রূপযুক্ত বর্ণিত ; প্রকটিত। প্র—"তাহার উপর আমার এই লিঙ্গ মূর্ত্তিতে শরীর-তত্ত্বের যে ব্যাপারটি রূপিত হইয়াছে তাহাতে আধুনিক মানব-মনে জুগুপ্সা ও লজ্জার উদয় হয়। ধর্ম্মসাধনের কোনও সহায়তা হয় না"—ললিত বন্দ্যো (ফোয়ারা)।

রূপী [রূপ+ইন্ (অস্ত্যর্থে) রূপিন্ ১মা, ১ব] বিণ, রূপবিশিষ্ট ; মূর্ত্তিযুক্ত ; আকৃতিযুক্ত। ২। সাকার। ৩। সৌন্দর্য্যশালী [বিরল]। স্ত্রী. রূপিণী।

রূপী, রূপি—বি. লালমুখ মর্কটবিশেষ ; রূপী বাঁদর। প্র—"রূপি বিনা রূপি ভাব"—ঈশ্বর গুপ্ত।

রূপেয়া [রৌপ্য হইতে। হি—রূপৈয়া। তাহা হইতে ইং—rupee] বি, রৌপ্যমুদ্রা ; টাকা।

রূপ্য (রুপ্‌প) [রূপ্+য] বি, ক্লী, রজত। ২। অলঙ্কারাদি নির্ম্মাণার্থ সংগৃহীত স্বর্ণ বা রৌপ্য।

রূল—রুল দ্রঃ।

রূলি, রূলী—রুলি দ্রঃ।

রূষিত [রূষ্ (ভূষিত করা)+ত (কর্ম্মে)] বিণ, অলঙ্কৃত ; ভূষিত। ২। লেপিত।

রূসী (রুশি) [রুক্ষ হইতে রুক্সু—রুক্সী। পূ-বঙ্গে—রূখী—রূধী—রূসী] বি, খুস্কি ; মাথার মরা মাস।

রে [রু (শব্দ করা)+এ (ভাবে—তে)] অ, অসম্ভ্রমসূচক সম্বোধন। প্র—"মন রে আমার এই মিনতি তুমি পড়া পাখী হও করি স্তুতি।"—রামপ্রসাদ। ২। ঘৃণা, ক্রোধ, আক্ষেপ, প্রভৃতি সূচক সম্বোধন। প্র—"অরে রে অরে দক্ষ দে রে সতীরে"—অ, ম। ৩। বিস্ময়সূচক অব্যয়। ৪। কর্ম্মপদের বিভক্তি কে বাঙ্গালায় বিকল্পে রে হয়। তাহাকে—তাহারে ; তোমাকে—তোমারে ; শিশুকে—শিশুরে। প্র—"তোমারেই করিয়াছি জীবনের ধ্রুব তারা।"—রবি। ৫। [হি-রে] বি, কাচ নির্ম্মাণোপযোগী শুভ্র মাটি ; fullers-earth.

রেউচিনি, রেউচিনী [ফা—রেবন্দ। ইহার সং-নাম পীতমূলী] বি, ভেষজ বৃক্ষবিশেষের কন্দ ; indian rhubarb.

রেউড়ী, রেউরী [হি] বি, গুড়ের পাক করা মিষ্টান্ন। প্র—"চিনি ফেণী ফলা মাখন রসালা রেউরী কদম্ব তিলা।"—কবিশেখর।

রেউলা [হি—রহাউ (বাসস্থান) লা (বালা সংক্ষেপে স্বার্থে বা যোগ্যার্থে) হইতে অথবা মঃ—রাউল (রাজপ্রাসাদ)+আ (স্বার্থে)] বি, অন্তঃপুর ; অবরোধ। প্র—"মহিসীদিগের ন্যায় তোমার পৃথক রেউলা হইবে।"—রাজসিংহ (বঙ্কিম)

রেএটী [প্রা-বাং। সং—রাজাবর্ত্ত, রাজাত্যাবর্ত্তক ; রাজপট্ট। লি—রেবটী, রেউটি বিরাটদেশজ হীরক বলিয়া অন্যনাম বিরাটজ] বি, আবর্ত্তমণি ; ময়ূরকণ্ঠবর্ণাভ উপরত্নবিশেষ ইহা ধারণে সৌভাগ্যজনক বলিয়া রাজার পূর্ব্বে ইহা অঙ্গে ধারণ করিতেন তাহা হইতে সং নাম রাজাবর্ত্ত নৃপাবর্ত্ত ইত্যাদি। প্র—"গঠন বিস্তার মাণিকভাণ্ডার পুষ্করণীর আড়ির উপর। কামিন্যা সম্বর গড়ে ধর্ম্মঘর চিরিআ রেএটী পাথর॥"—শূন্যপুরাণ।

রেওটী—রেএটী দ্রঃ।

রেওভাট (ট্)—রোয়োভাট দ্রঃ।

রেওয়া [ফা] বি, হিসাবের কাগজ ; খতিয়ান হইতে যে কাগজে বাৎসরিক আয়ব্যয়, দেনা পাওনা লাভালাভ প্রভৃতি হিসাব প্রদর্শিত হয় কারবারী নিকাসী জমাখরচ ; সালতামামি।

রেওয়াজ (জ্) [আ—রেবাজ্] বি, রীতি পদ্ধতি ; চাল ; প্রচলিত আচার। ২। দস্তুর।

রেঁদা (র‍্যাঁদা) [ফা, হি—রন্দা] বি, কাঠ চাঁচিয়া মসৃণ বা পাতলা করিবার যন্ত্রবিশেষ ; a carpenter's plane. ক্রি, রেঁদান (নো)। রেঁদা করা—রেঁদা যন্ত্রের দ্বারা কাঠ মসৃণ বা পাতলা করা। রেঁদা ঠেলা, রেঁদা দেওয়া—কাঠের উপর রেঁদা যন্ত্র চালান। রেঁদা মারা—রেঁদা প্রয়োগ করা ; রেঁদা দেওয়া।

রেক (ক্) [প্রাদে] বি, শস্যাদি পরিমাপক বেত্রনির্ম্মিত পাত্রবিশেষ ; চার কুণিকা পরিমাণ পাত্র ; পাঁচ পোয়া পরিমাণ ; কোথাও ৪ ছটাক, কোথাও ২০ ছটাক, কোন স্থানে ২৪ ছটাক এবং কোথাও ৩০ ছটাক।

রেক (ক্) [রেখা—রেখ হইতে। প্রা-বাং] বি, রেখামাত্র। প্র—"নহি রেক নহি রূপ নহি ছিল বন্ন চিন্। রবি সসী নহি ছিল নহি রাতি দিন॥"—শূ-পু।

রেকাব (ব্) [আ—রকাব্] বি, পাদান ; ঘোড়ার উভয় পার্শ্বদেশে অশ্বারোহীর পা রাখিবার জন্য যাহা জিন লগ্ন হইয়া ঝুলে। প্র—"লম্বিত বাজীর গায় রূপার রেকাব।"—ধনরাম। "ঘোঁড়া বলে রায় হে রেকাবে রাখ পা।"—ঐ।

রেকাবী [আ—রকাবী] বি, ছোট থালী ; ডিস ; dish.

রেক্তা [ফা] বি, নায়ক নায়িকার বিরহ বা মিলন সঙ্গীত ; বিবাহ মঙ্গল গীত। ২। রেক্তা ছন্দ ; কবি ও তর্জ্জা গানে এই ছন্দের ব্যবহার আছে।

রেখ (খ্) [রেখা শব্দজ] বি, চিহ্ন ; রেখা। ২। রেখ ; ⁄, ।০ সের। প্র—"চেয়ে দেখ সংসারেতে কতগুলি ছেলে। বল দেখি কি হইবে নয় রেখ ঢেলে॥"—ঈ, গুপ্ত। ৩। চারি কুণিকা বা পাঁচ পোয়া পরিমাণ শস্য মাপিবার বেত্রাদি নির্ম্মিত পাত্র।

রেখা [লিখ্ (লেখা)+অ (কর্ম্মে) আপ্ স্ত্রী, ল=র] বি, স্ত্রী, প্রস্থহীন দীর্ঘচিহ্ন ; কষি ; দাঁড়ি ; আঁজি। ২। চিহ্ন। ৩। শুভাশুভসূচক দৈহিক চিহ্ন। প্র—কররেখা। ৪। শ্রেণী। ৫। স্পর্শমাত্র ; আমেজ ; অত্যল্পমাত্র। ৬। (জ্যামিতিতে) যাহার বিস্তার নাই কেবল দৈর্ঘ্য আছে ; line. রেখাপাত—রেখাচিহ্নকরণ ; রেখাঙ্কন। রেখা চিত্র—কেবল কতকগুলি রেখা টানিয়া যে চিত্র অঙ্কিত হয়। বক্ররেখা—যে রেখার কোন অংশ সরল নহে। সরল রেখা—যে রেখা তাহার প্রান্ত বিন্দুদ্বয়ের মধ্যে সরলভাবে থাকে ; দুই বিন্দুর ক্ষুদ্রতম দূরত্বই সরল রেখা। সমান্তরাল সরলরেখা—এক সমতলস্থ দুই সরল রেখা যদি এরূপে অবস্থিত থাকে যে উহারা উত্তরোত্তর উভয়দিকে বর্দ্ধিত হইলে কখনই মিলিত হয় না তাহা হইলে তাহাদিগকে সমান্তরাল সরলরেখা বলে।

রেখাগণিত (গোণিত্) বি, ক্ষেত্রতত্ত্ব ; জ্যামিতি ; geometry. ২। পরিমিতি ; mensuration.

রেচক (ক্) [রিচ্+ণিচ=রেচি (নিঃসারণ করান)+অক (কর্ত্তৃ)] বিণ, মলভেদক। ২। বি, বিরেচক ঔষধ ; জোলাপ। ৩। জয়পাল বৃক্ষ। ৪। যবক্ষার। ৫। [যোগ শাস্ত্রে] প্রাণায়াম অভ্যাসকালে প্রাণবায়ুর মোচন ক্রিয়া। [দ্রঃ—প্রাণবায়ুর আকর্ষণ বা গ্রহণ বা পূরণ অর্থে "পূরক" এবং ধারণ বা নিশ্চলথাসার্থে "কুম্ভক]।

রেচন (ন্) [রিচ্ (নিঃসরণ হওয়া)+অন (ভাবে, অনট্)] বি, ক্লী, ভেদ। ২। [রিচ ণিচ=রেচি+অন (কর্ত্তৃ)] বিণ, বিরেচক।

রেচিত [রিচ্+ণিচ=রেচি (বিযুক্ত করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বর্জ্জিত ; অপসারিত।

রেজগী, রেজকি, রেজকী (জ্) [ফা—রেজগী, গ্রা—রেজগারী] বি, ক্ষুদ্রমুদ্রা ; এক টাকার নিম্ন মুদ্রা বা টাকার ভাঙ্গানি ; সিকি দুআনি আধুলি প্রভৃতি।

রেজলা (জ্) [আ—রিজালা] বিণ, নীচ ; mean.

রেজা [ফা—রেজা] বি, খুচরা। ২। খণ্ড ; টুকরা। ৩। নিকৃষ্ট দ্রব্য। ৪। [রেঝা দ্রঃ] লক্ষিত স্থান ; নিশানা ; চাঁদমারি। প্র—"ফোঁটা দিয়া বিন্ধে রেজা ঝাড়িতে শিথায় লেজা চামের টোপর দেয় শিরে।"—কবিক। "কেহ বিন্ধে পুঁতিয়া রেজা।"—ঐ।

রেজাই (র‍্যা) [ফা—রজাই] বি. গাত্রবস্ত্র-বিশেষ : দোলাই।

রেজামন্দী, রাজামন্দী (মো) [ফা—রজামন্দী] বি. সম্পত্তি। ২। আপসে মিট মাট।

রেজিষ্টার, রেজেষ্টার [ইং—register] চিঠিপত্রের নকল বহি। ২। হিসাবের খাতা ৩। তালিকাপুস্তক।

রেজিষ্ট্রি, রেজিষ্টিরি [ইং—registry—পুস্তক বা খাতাভুক্ত করণ] বি. রেজিষ্টার বা বহি খাতায় হিসাব পত্র টুকন। **রেজিষ্টিরি করা**—ঐরূপ খাতা বা পুস্তকে হিসাব পত্র বা দলিলাদির বিবরণ লিখিয়া রাখা। ২ রেজিষ্ট্রী আপিসে নিযুক্ত কর্ম্মচারীর সমক্ষে দলিল পাটা পত্র ইত্যাদি লিখিয়া দেওয়া স্বীকার করা ও আদালতের নামাঙ্কিত করাইয়া তাহার স্বত্ব সংরক্ষণ করা।

রেঝা [পাঠান্তরে রেজা (দ্রঃ)] বি. লক্ষিত স্থান ; নিশানা। প্র—"ফোঁটা দিয়া বিন্ধে রেঝা ছাড়িতে শিপয়ে নেজা চামের টোপর শোভে শিরে।"—কবিক।

রেট (ট্) [ইং—rate] বি. হার ; দর। ২। রেওয়াজ ; চাল। ৩। দড়ির মত পাক দেওয়া রূপার কটিভূষণবিশেষ।

রেড়ি [সং—এরণ্ড ইহতে এঁড়ি—রেড়ি] বি. এরণ্ড ফল ; ভেরেণ্ডা গাছ ও ফল। **রেড়ির তেল**—ভেরেণ্ডা বীজের তৈল। প্র—"রেড়ির তেলে আলো জ্বেলে পিরান পোষাক পরে।" —গান।

রেড়ো, রেঢ়ো [রূঢ় হইতে রাঢ়—রাঢ়+উআ =রাঢ়ুআ=রোড়া (গ্রা)] বিণ. রাঢ়ী। ২। রাঢ়দেশ-প্রসিদ্ধ : রাঢ়জ। ৩। অসভ্য : গোঁয়ার ; অশিক্ষিত ; অমার্জ্জিত ; গেঁও ; আনাড়ি। প্র—"হেদে ও সহরবাসি আর কি হাসি হাসবি রেড়ো বলে?"—হেম।

রেণু (নু) [রি (বধ করা) + নু (কর্ত্তৃ)] বি. পুং, স্ত্রী. পাংশু ; ধূলি : ধূলা। প্র—"অবনী লোটায়ে তনু শক্তি-পাদপদ্ম-রেণু ভক্তি যুক্তে বন্দিব সানন্দে।"—ঘনরাম। "ধায় বৎস ধেনু উঠে পদ-রেণু, রেণু ঢাকে ভানু ভাবে ভোর তনু।"—বাংগান। ২। পরাগ। ৩। চূর্ণ ; গুঁড়া।

রেণুক, রেণুকা (নু) [সং—রেণু রেণুকা] বি. স্ত্রী. মরিচাকৃতি ও কটু তিক্ত রস একপ্রকার সুগন্ধি ফল ; piper aurantiacum. ২। পরশুরামের জননী। **রেণুকাসুত**—বি. পুং পরশুরাম।

রেণুসার (রেনুসার্) [সং] বি. পুং. কর্পূর।

রেতঃ [রী (ক্ষরিত হওয়া) + অস্ (কর্ত্তৃ) আগম] বি. ক্লী. বীর্য্য ; শুক্র। ২। পারদ

রেতি [হি—রেতী] বি. উকা। **রেতি করা**—উকা দিয়া ঘষা।

রেতি [হি] বি. উপা যন্ত্র : লৌহ ক্ষয়কারক যন্ত্র ; a file.

রেপার (র‍্যাপার) [ইং —wrapper] বি গাত্রবস্ত্র ; শীতবস্ত্রবিশেষ।

রেফ (ফ্) বি. পুং. বর্ণের মস্তকস্থিত র "ˊ"এই চিহ্ন। জমরাদির মস্তকস্থ রেফাকৃতি শূক বা তীক্ষ্ণ লোম। প্র—দ্বিরেফ।

রেবত (ত্) বি. পুং. বলরামের পত্নী রেবতী পিতা।

রেবতক (ক্) [সং] বি. ক্লী. পারাবত।

রেবতী (রেবোতি) [সং] বি. স্ত্রী. অশ্বিনী ভরণী প্রভৃতি ২৭ নক্ষত্রের শেষ নক্ষত্র। ২ দুর্গা। ৩। মাতৃকাবিশেষ। ৪। রতি কামপত্নী। ৫। বলরামপত্নী। ৬। নদী বিশেষ। **রেবতীরমণ**—বি. পুং. বলরাম ২। চন্দ্র।

রেবা [রেব্ (গমন করা) + অ (কর্ত্তৃ অচ্) আপ্—স্ত্রী] বি. স্ত্রী. নর্ম্মদা নদী। ২। দুর্গা। ৩। কামপত্নী।

রেভণ (ন্) [রেভ্ (শব্দ করা) + অন (ভাবে অনট্)] বি. ক্লী. গোরুর ডাক : হম্বা রব।

রেয়ৎ [রাইয়ৎ দ্রঃ] বি. প্রজা।

রেয়াৎ, রেয়াত (ত্) [আ—রেআয়ৎ] বি. অনুগ্রহ ; দয়া। ২। অব্যাহতি। ৩। চক্ষুর্লজ্জা ; সমীহা। **রেয়াত করা** - চক্ষুর্লজ্জা করা ; সমীহা করা ; মানিয়া চলা। প্র—"অন্যায় দেখিলে তিনি কাহাকেও রেয়াত করেন না।"—লীলাবতী।

রেয়ো, রেও [সং—রবাহূত হইতে] বিণ. রবাহূত : অনিমন্ত্রিত। ২। রায়ভাট (দ্রঃ)।

রেয়োভাট [রায় ভাট (ভট্ট হইতে)] বি. এক শ্রেণীর ভিখারী যাহারা শ্রাদ্ধোপলক্ষে উপস্থিত হইয়া শ্রাদ্ধকর্ত্তার নিকট ভোজ্য ও অর্থাদির প্রার্থনা করে ও তজ্জন্য গণ্ডগোল করে। ২। [লক্ষণায়] নাছোড়বান্দা ভিখারী।

রেয়োৎ, রাইয়ৎ [আ—রইয়ৎ] বি. প্রজা। প্র—"বেগারে হয় রেয়োৎ সাড়া।" —ঈশ্বর গুপ্ত।

রে-রে-রে-রে—অ. অনুকরণ শব্দ। ২। ডাকাইতদের হুঙ্কার। তুল—কুক দেওয়া। প্র—"শুম্ভনিশুম্ভের পালায় যখন রক্তবীজ সাজঘর হইতে 'রে রে-রে-রে' করিয়া ডাকাতি হাঁক দিতে দিতে আসরে আসিত তখন একটা আতঙ্ক উপস্থিত হইত।"—ভারতী, বৈশাখ, ১৩২১।

রেল (ল্) [ইং—rail, railway] বি. রেলপথ ; লৌহবর্ত্ম। ২। রেলের গাড়ি। **রেলগাড়ি**—বাষ্পীয় শকট। **রেলপথ**—বাষ্পীয় শকট গমনাগমনের লৌহবর্ত্ম। **রেল-যোগে**—রেল কোম্পানীর মার্ফৎ ; রেলগাড়ী করিয়া ; by rail. **রেললাইন**—রেলপথ। **রেলরোড**—রেলগাড়ীর পথ। **রেলওয়ে আফিস**—রেল কোম্পানির দপ্তর ; railway office. **রেলওয়ে ষ্টেশন**—রেলগাড়ী করিয়া মাল ও যাত্রী পৌঁছিয়া দিবার ও লইয়া যাইবার এবং তৎসংক্রান্ত কাজকর্ম্ম পরিচালনার স্থান ; railway station.

রেলা (র‍্যালা) [হি—রেলা (বন্যা, প্রবল স্রোত বা ধারা, জীবজন্তুর সারি বা দল)। হি—রেলপেল্ (প্রচুর, ভিড়, জনতা)] বি. ধারা : স্রোত। ২। সমূহ ; রাশি। ৩। জনতা ; ভিড় ; জমায়েৎ। ৪। শ্রেণী ; সারি : দল। প্র—"বেড়ে সাপ গামছ গলায় হাড় মালা। জটায় জাহ্নবী যায় কুম্ভীরের রেলা।"—শিবায়ন। ৫। প্রাচুর্য্য ; বাহুল্য।

রেলিং [ইং—railing] বি. লৌহবেষ্টনী ; লোহার গরাদে।

রেশ (শ্) [সং—বিশ্ (অল্প হওয়া) ধাতুজ। হি—রেশা শব্দজ] বি. রেখা ; সামান্য নিদর্শন। ২। আমেজ ; আভাস। ৩। সুর ; সুরের বিলীন প্রায় অবস্থা। প্র—"মধু কুসুমের মালা সঙ্গীতের রেশ।"—অশোক-গুচ্ছ। ৪। [রিষ দ্রঃ] দ্বেষ : হিংসা।

রেশম (ম্) [ফা—রেশম্] বি. গুটীপোকার লালা-জাত তন্তু বা সূত্র ; silk. বিণ. **রেশমী**—রেশমজাত ; রেশমসূত্রনির্ম্মিত। **রেশম কীট**—তুঁতপোকা ; silkworm. **রেশম বিজ্ঞান**—গুটীপোকার চাস এবং গুটি হইতে সূত্র নির্ম্মাণ সম্বন্ধীয় বিদ্যা। **রেশমশিল্প**—রেশমের চাষ সম্বন্ধীয় শিল্পবিদ্যা।

রেশালা [আ—রিসালা] বি. অশ্বারোহী সৈন্যদল ; cavalry. ২। অশ্বারোহী সৈন্যদলের অশ্বশালা ; ঘোড়াশালা। ৩। বড় পরগুলামাছের মত এক জাতীয় পার্ব্বত্য মৎস্য। কুমার্য অঞ্চলে নৈনিতাল প্রভৃতি সরোবরে জন্মে। **রেশালদার, রেশালাদার**—অশ্বারোহী সৈন্যদলের অধিনায়ক। **রেশালাদারি**—রেশালার অধিনায়কত্ব।

রেষ (ষ্) [রিষ দ্রঃ] বি. হিংসা ; দ্বেষ।

রেষণ (ন্) [রিষ্ (অশ্ব বা সিংহের শব্দ করা) + অন (ভাবে অনট্)] বি. ক্লী. হ্রেষারব। ২। সিংহের গর্জ্জন।

রেষারেষি [রেষ + আ (বীপ্সার্থে) + রেষ + ই (তৎকরণার্থে)] বি. পরস্পর হিংসা-করণ ; দ্বেষাদ্বেষি।

রেসম (শম্) রেশম দ্রঃ।

রেসবৎ (শ্) রিসবৎ দ্রঃ।

রেসিডেণ্ট (রেসিডেন্ট্) [ইং—resident] বি. করদ রাজ্যে অবস্থিত গবর্ণমেণ্ট পক্ষীয় উচ্চ রাজপুরুষ।

রেস্ত (রেস্তো) [পর্তু—resto, ইং—rest (অবশিষ্ট)] বি. অবশিষ্ট সম্বল ; অবশিষ্ট অর্থ। প্র—"যদি কিছু রেস্ত থাকে তবেই পাবে পার, নৈলে তোমার চৌদ্দ পুরুষ সেই খানেই উদ্ধার॥"—বাং-গান।

রেস্পাণ্ডেণ্ট (রেস্পনডেন্ট্) [ইং—respondent] বি. মকদ্দমায় যে পক্ষের বিরুদ্ধে আপীল করা হয় ; বিচারস্থলে যে অভিযোগের উত্তর দেয়।

রেহন (ন্) [আ—রহন্] বি. বন্ধক ; mortgage বিণ. রহীন [আ]—যে বিষয়াদি বন্ধক দেয়। **রেহন-নামা** -বন্ধকী কবালা।

রেহা [রেখা শব্দজ] বি. রেখা ; চিহ্ন। প্র—"নব জলধর বিজরিরেহা, দ্বন্দ্ব পসারিয়া গেল।" —বি.প। "সুজনক পিরীতি পাষাণক রেহা।" —বি. প। ২। [রেখার ভাব হইতে] কলঙ্ক। প্র—"এবে ভেল বিপরীত ঝামর দেহা। দিবসে মলিন জনু চাঁদ কি রেহা॥"—বি. প। ৩। [স্নেহ শব্দজ। সিনেহ=নেহ—লেহ=রেহ] স্নেহ।

রেহাই [ফা—রিহাই] বি. অব্যাহতি ; নিষ্কৃতি ; মুক্তি। উদ্ধার। প্র—"নখিন্দরে খাইতে পারিবে যেই জন। মম বিদ্যমানে রেহাই পাইবে সে জন॥" —ক্ষেমানন্দ —ম. ভা। ২। ছাড় ; exemption.

রেহান (ন) বি. রেহন দ্রঃ।

রেহানাবদ্ধ [রেহন দ্রঃ] বিণ. যে জমী বা জিনিস বন্ধক রাখিয়া টাকা লওয়া হইয়াছে।

রৈ [সং] বি. শব্দ ; রব। ২। [রা (দানে) + ঐ (কর্ম্মে)] স্বর্গ। ৩। ধন।

রৈ [রহি সংক্ষেপে—রই=রৈ। রহা দ্রঃ] ক্রি. রহি ; থাকি। প্র—"ভক্তিভাবে ডাক্‌লে আমি রৈতে পারি কৈ ? ভবে যে ডাকে আমারে আমি তারি হয়ে রৈ।"—ব্রহ্মসঙ্গীত।

রৈখিক (ক্) [রেখা + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ. রেখা সম্বন্ধীয়। ২। রেখা দ্বারা রচিত।

রৈত্য (রৈৎত) [রীতি (পিত্তল) + য (উৎপন্নার্থে)] বিণ. পিত্তলনির্ম্মিত।

রৈবত (ত্) [সং] বি. পুং. বিন্ধ্য পর্ব্বতের পশ্চিমস্থিত পর্ব্বত। ২। শিব। ৩। চতুর্দ্দশ মনুর পঞ্চম মনু। ৪। দৈত্যবিশেষ।

রৈবতক (ক্) বি. পুং. পর্ব্বতবিশেষ।

রৈবতিক (ক্) [রেবতী + ইক (অপত্যার্থে—ইকণ্)] বি. রেবতী নন্দন।

রৈ রৈ [সং—রৈ (শব্দে) + রৈ (ব্যাপ্তি ও আধিক্যার্থে দ্বিত্ব)] বি. উচ্চরব ; বহুলোকের চীৎকার ; কোলাহল। ২। আক্রমণকারীদিগের সমবেত চীৎকার।

রোআ [প্রাদে] বি. চালের আড়াআড়ি ভাবে রক্ষিত লম্বা বাঁশ বা কাঠ ; চালের ঢালু ভাবে বাঁধা বাঁশ।

রোআ—বি. রোয়া দ্রঃ।

রোআ—বি. রোঁআ দ্রঃ।

রোই [ব্রজ। হি—রোনা=ক্রন্দন করা] ক্রি. রোদন করে। প্র—"তাহার দরশ লাগি সোই সখী আগে পুন পুন রোই"—বৈ-পদলহরী। "কুঞ্জ কুটীরে কুলবতী কাতর কানু কানু করি রোই।" ২। রোদন করিয়া। প্র—"নয়নে বারি দরশায়নু রোই"—বি. প।

রোএদাদ (দ্) [আ—রুএ-দাদ্] বি. বিজ্ঞাপন ; বিবরণ।

রোওন (ন্) [রোপণ শব্দজ] বি. রোপণ।

রোঁ—বি. রোম ; রোঁআ দ্রঃ।

রোঁআ, রোঁয়া [সং—রোম হইতে] বি. রোম ; লোম। ২। চোখের পাতার কেশ। ৩। শরীরের সূক্ষ্ম রোম। ৪। জীবজন্তুর গায়ের চামড়া ঢাকা সূক্ষ্ম রোম। ৫। পাখীর পালকের ভিতরের সূক্ষ্ম রোম। ৬। গাছের সূক্ষ্ম রোমরাজী। ৭। অংশু ; শূক।

রোঁদ (দ্) [ইং—round] বি. গুপ্তানুসন্ধান ; প্রহরীরা স্বস্থানে সজাগ থাকিয়া কর্ত্তব্য পালন করিতেছে কিনা তাহার তদন্ত। ২। [প্রাদে] বেড়া।

রোঁয়া—রোঁআ দ্রঃ।

রোক (ক্) [সং—রোষ হইতে হি—রোখ। বাং য়-রোক] বি. ক্রোধ ; আক্রোশ। ২। সাহস। ৩। তেজ। বিণ. **রোকা** [হি—রুখা] তেজস্বী ; সাহসী। **রোক করা**—ক্রোধ প্রকাশ করা। ২। সাহস করা। ৩। আক্রমণ করা। **রোক করে যাওয়া, রুকে যাওয়া**—আক্রমণ করিতে ধাবিত হওয়া। ২। সাহস করিয়া অগ্রসর হওয়া।

রোক (ক্) [হি] বি. পুং. নগদ।

রোক (ক্) [সং] বি. রন্ধ্র ; গর্ত্ত ; ছিদ্র। ২। পাপ।

রোকড় (ড়) [হি—রোকড় শব্দজ] বি. আয় ব্যয় হিসাবের খাতা ; খসড়া হইতে উদ্ধৃত পরিষ্কার করিয়া লেখা জমা খরচের কাগজ ; মহাজন ও জমিদার যে খাতায় খরচ লেখে ; জাবেদা। ২। মহাজনী ব্যবসায়ের টাকাকড়ি। ৩। সোণা রূপার গহনা-পত্র। **রোকড়ের দোকান**—সোণা রূপার দোকান।

রোকণিয়া—বি. যাহারা অলঙ্কারে রং করে। ২। গহনা বসানকারী।

রোকন, রোখন (ন্) [রোক দ্রঃ] বি. আটককরণ ; নিবারণ।

রোকশোধ (ক্, ধ্) [হি—রোক (নগদ টাকা)—শোধ (সং—পরিশোধ)] বি. নগদ টাকা দিয়া ঋণ পরিশোধ। ২। নগদ বিদায়।

রোকসৎ, রোকসদ (রোক্‌শৎ, শদ্) [আ—রুখ্‌সৎ] বি. ছুটী ; অবকাশ। ২। বিদায় ; কর্ম্মচ্যুতি। ৩। নিষ্পত্তি ; মিটমাট। ৪। বিদায়ে অনুমতি।

রোকা, রোক্কা [আ—রুক্‌কা] বি. ক্ষুদ্র পত্র। ২। হ্যাণ্ডনোট ; চিঠা। প্র—"রোকায় আশীর্ব্বাদ জানিবে"—নীলদর্পণ। **রোকা-হুণ্ডি**—বাহক মারফৎ প্রেরিত লিখিত পরিমাণ টাকা নগদ দিবার অনুমতি পত্র।

রোকা—রোখা দ্রঃ।

রোখ (খ্) [সং—রোষ হইতে হি—রোখ] বি. ক্রোধ ; কোপ ; আক্রোশ ; আক্রমণ। প্র—"যে যত শরণাগত তারি পরে রোখ তত পতিত অধমে চায় চরণে দলিতে।"—কাব্য-কুসুমাঞ্জলি। [ব্রজ] **রোখল**—ক্রি. রাগিল ; রুষিল। প্র—"তব কাহে রোখল কান"—বি. প।

রোখা, রোকা [রোষ—রোখ + আ (ক্রিয়ায়)। উ-পু—রুখি। ম-পু—রোখ। প্র-পু—রোখে। অস-ক্রি—রোখিতে ; রোখিয়া, রুখে। ণিজন্ত—রোখান] ক্রি. রুখিয়া উঠা ; ক্রুদ্ধ হওয়া ; মারমুখী হওয়া ; আক্রমণোন্মুখ হওয়া। বিণ. **রোখাল**—উদ্ধত ; প্রচণ্ড ; তীব্রস্বভাব ; তেরিয়া ; ২। ক্রোধান্বিত।

রোগ (গ্) [রুজ্ (রুগ্ন হওয়া) + অ (করণে ঘঞ্) জ্=গ—যাহা দ্বারা রুগ্ন হয়] বি. পুং. পীড়া ; ব্যাধি। ২। কুঅভ্যাস। প্র—"গেল জন্মটা ঐ পোড়া রোগে।"—গান। **রোগ করা**—ব্যাধিগ্রস্ত হওয়া ; অত্যাচার, কুপথ্যাদি দ্বারা রোগে আক্রান্ত হওয়া। **রোগ ঘাঁটা**—রোগীর সেবা করা ও রোগের সংস্রবে থাকা। **রোগ ঘোগ**—[সহচর শব্দদ্বয়] অসুখ বিসুখ। **রোগ ধরা**—রোগ আক্রমণ করা। **রোগ নাড়া**—রোগ ঘাঁটা দ্রঃ। **রোগ ভোগ**—রোগের যন্ত্রণা ভোগ। **রোগশোক**—শারীরিক ও মানসিক ক্লেশ ; ব্যাধি ও মনঃকষ্ট। **রোগ হওয়া**—রোগ প্রকাশিত হওয়া। **রোগে ধরা**—রোগ কর্ত্তৃক আক্রান্ত হওয়া। **রোগে পড়া**—অসুস্থ হওয়া।

রোগঘ্ন [রোগ (পীড়া) ঘ্ন (যে নাশ করে)] বিণ. রোগনাশক। ২। বি. ক্লী. ঔষধ।

রোগন (ন্) [ফা—রওগন্] বি. বার্নিশের তৈল। ২। স্নেহ পদার্থ।

রোগরাজ (গ, জ্) [রোগের রাজা (প্রধান) ৬৩৫। রাজা=রাজ] বি, পুং, রাজযক্ষ্মা; ক্ষয়রোগ।

রোগঘ্ন, রোগহা [রোগ—হন্ (নাশ করা) + অ (কর্তৃ—ড) = হ + কর্তৃ—কিপ্ = হা (নাশকারী)] বিণ, রোগঘ্ন। ২। বি, চিকিৎসক।

রোগা [রুগ্ন শব্দজ] বিণ, পীড়িত; পীড়াগ্রস্ত; রুগ্ন। ২। দুর্বল; কৃশ; কাহিল। রোগা-ঘোগা—রোগ যন্ত্রণা এবং হৃদয়ে আঘাত প্রাপ্ত। রোগ-ভোগা ও ঘা খাওয়া। রোগা-পট্‌কা—রুগ্ন ও দুর্বল। রোগা বেরু, রোগাছেঁয়ে—রোগে ভুগিয়া ভুগিয়া খিট-খিটে।

রোগাটিয়া, রোগাটে [রোগ + আটিয়া, আটে (ঈষৎ যুক্তার্থে)] বিণ রুগ্নপ্রায়। ২। কৃশ। ৩। দুর্বল।

রোগী [রোগ (পীড়া) + ইন্ (অস্ত্যর্থে) = রোগিন্ ১মা, ১ব, গ্রা—"রুগী"] বিণ, রুগ্ন পীড়িত।

রোগ্না, রোগা [সং—রুগ্ন হইতে] বি, যে প্রায়ই রোগ ভোগ করে; রুগ্ন। স্ত্রী, রোগী, রুগী।

রোগ্য (রোগ্গ) [রোগ + য (যোগ্যার্থে)] বিণ, রোগজনক। ২। রোগসম্বন্ধীয়। ৩। অপথ্য।

রোচক (ক্) [রুচ্ + ণিচ্ = রোচি (রোচক হওয়া) + অক (কর্তৃ)] বিণ, রুচিকর; রোচ্য। ২। প্রীতিজনক। ৩। দীপক। ৪। বি, পুং, ক্ষুধা। ৫। চাটনি। ৬। [বৈদ্যকে] কদলী। ৭। গ্রন্থিপর্ণবিশেষ; এক প্রকার গেঁটেলা। ৮। পলাণ্ডুবিশেষ।

রোচন (ন্) [রুচ্ + ণিচ - রোচি (দীপ্তি পাওয়া) + অন (কর্তৃ)] বিণ, রোচক দ্রঃ। ২। [বৈদ্যকে] গেঁটেলাবিশেষ। ৩। কার্পাস বৃক্ষবিশেষ। ৪। বায়ুরেচক ঔষধ।

রোচনা—বি, স্ত্রী, গোরোচনা। ২। রক্ত কহ্লার।

রোচনী [সং] বি, স্ত্রী, পুদিনা শাক (রুচিকর ও অগ্নিবর্দ্ধক বলিয়া)। ২। গোরোচনা। ৩। আমলকী।

রোচমান (ন্) [রুচ্ (দীপ্তি পাওয়া) + আন (কর্তৃ—আনশ্)—ম—আগম]। ২। বিণ, দীপ্যমান। ৩। বি, অশ্বকণ্ঠস্থ রোমাবর্ত্ত-বিশেষ।

রোচা [রুচা দ্রঃ। রুচ্ (রুচিকর হওয়া) ধাতুজ। প্র-পু—রোচে (পদ্যে—"রোচয়ে")] ক্রি, রুচি হওয়া; ভাল লাগা। প্র—"অন্ন পানি কারো নাহি রোচয়ে শরীরে"—চৈতন্য ভাগবত।

রোচিঃ [রুচ্ (দীপ্তি পাওয়া) + ইস্ (ভাবে) = রোচিস্ ১মা, ১ব] বি, স্ত্রী, কান্তি। ২। দীপ্তি।

রোচিষ্ণু (রোচিস্‌নুঁ) [রুচ্ (দীপ্তি পাওয়া) + ইষ্ণু (কর্তৃ)] বিণ কান্তিবিশিষ্ট।

রোচ্য (রোচ্চ) [রুচ্ (দীপ্তি পাওয়া) + য (কর্ম্মে)] বিণ, রোচক দ্রঃ। ২। রুচির যোগ্য।

রোজ (জ্) [ফা—রোজ্] বি, তারিখ; দিবস। ২। দিনমজুরি। ৩। ক্রি-বিণ, প্রত্যহ। প্র—"সে রোজ এই পথ দিয়া যায়। রোজ করা—রোজের মত ধার্য্য করা বা নিয়ম বাঁধিয়া দেওয়া। প্র—"করুণা লাবণ্য দেখি রাজা হল মুগ্ধ। রোজ করি দিল সাত মহিষের দুগ্ধ॥"—ঘনরাম। রোজ গণা—দিন গণনা করা। রোজ রোজ—প্রতিদিন; প্রত্যহ। প্র—"আহা তায় রোজ রোজ কত রোজ ফুটে।"—ঈশ্বরগুপ্ত।

রোজ (জ্) [ই—rose] বি, গোলাপ ফুল।

রোজগার (জ্, র্) [ফা—রোজগার্] বি, আয়; উপার্জ্জন। প্র—"বৃদ্ধকাল আপনার নাহি জানি রোজগার চাস বাস বাণিজ্য ব্যাপার।—অ, ম।

রোজনামা, রোজনাম্‌চা (জ্) [ফা রোজ্‌নাম্‌চা] বি, দৈনিক হিসাবের বহি; দিন-লিপি; দৈনিক বিবরণ পুস্তক; ডায়রী।

রোজা [ফা—রোজা] বি, মুসলমানদিগের উপবাস রূপ ব্রতবিশেষ। প্র—"বড়ই দানিশ-বন্দ কাহাকে না করে ছন্দ প্রাণ গেলে রোজা নাহি ছাড়ে।"—কবিক। "মুসলমানের রোজা ভাঙ্গে না ছমাস।"—দীনবন্ধু মিত্র। "দেব দেবী পূজা বিনা কি হবে রোজায়।"—অ, ম।

রোজা [হি—ওঝা (সং—উপাধ্যায়) শব্দজ] বি, ওঝা; বিষবৈদ্য; ভূতপ্রেতাবিষ্টের চিকিৎসক।

রোজিনা [ফা—রোজ়ানা] বি, দৈনিক বৃত্তি; দৈনিক খোরাকি।

রোটি, রোটিকা [হি—রুটী দ্রঃ] বি, স্ত্রী, গোধূমচূর্ণ-নির্ম্মিত পিষ্টকবিশেষ; রুটী।

রোড (ড্) [ই—road] বি, রাস্তা; সড়ক; পথ। রোডসেস—বি, পথ প্রস্তুত, মেরামত ও রক্ষার জন্য রাজকর; পথকর।

রোড়া [হি] বি, ইট পাথরের ছোট ছোট টুকরা; খোয়া; বড় বড় কাঁকর; নুড়ি। ২। রোড়া গাছ; amoora rohitaka.

রোঢ়া [হি] বিণ, অদন্ত; দন্তহীন। প্র—"আর যুবতী বলে সই মোর পতি রোঢ়া।"—কবিক। ২। রোহিতক বৃক্ষ; রয়না; কড়ার; ora rohitaka.

রোথো [গ্রা—রদ্দী হইতে] বিণ, মন্দ; খারাপ; ওঁচা। ২। অকেজো।

রোদ (দ্) [রৌদ্র শব্দজ] রৌদ্র। প্র—"এক ছাদ রোদ আছে—অশোকগুচ্ছ। রোদ উঠা—রৌদ্রের উদয় হওয়া; সূর্য্য প্রকাশিত হওয়া। দিবা দ্বিপ্রহর পর্য্যন্ত উঠা বলে। রোদ পড়া—দিবা দ্বিপ্রহরের পর হইতে সূর্য্যের অস্ত গমনের সঙ্গে সঙ্গে রৌদ্রের পতন হওয়া। রোদ পোয়ান—আতপ সেবন। রোদ লাগান—সূর্য্য কিরণ স্পর্শ করান। রোদে দেওয়া—সূর্য্য কিরণে শুষ্ক হইতে দেওয়া।

রোদন (ন্) [রুদ্ (রোদন করা) + অন (ভাবে অনট্)] বি, স্ত্রী, ক্রন্দন; কাঁদন।

রোদ্দি, রোদ্দি [গ্রা—রদ্দী] বিণ, অকেজো, অচল। ২। খারাপ; বস্তা-পচা।

রোদিতি [সং—রুদ্ ধাতুজ। পদ্য] ক্রি, রোদন করে; রোদন করিতেছে। প্র—"রোদিতি রাধা শ্যাম করি কোর। হরি হরি কাহা গেও প্রাণনাথ মোর॥"—বি, প। "রোদিতি পিঞ্জরে শুক"—বি, প।

রোদ্ধা [রুধ্ (রোধ করা) + তৃ (কর্তৃ—তৃচ্) = রোদ্ধৃ ১মা, ১ব] বিণ, রোধকারী, বাধা দানকারী।

রোধ, রোধঃ (ধ্) [রুধ্ (আবরণ করা) + অ (ভাবে—অল—অস্)—রোধস্] বি, পুং, অবরোধ। প্র—"কত কষ্টে করেছিনু অশ্রু বারি রোধ"—রবি। ২। বিঘ্ন; বাধা। ৩। [করণে—অল্—অস্] তীর; কূল। প্র—"হায় লো স্বজনি, দিন দিন হীন-বীর্য্য রাবণ দুর্ম্মতি যাদঃপতি রোধঃ যথা চলোর্ম্মি আঘাতে।"—মেঘনাদ।

রোধক (ক্) [রুধ্ (অবরোধ করা) + অক (কর্তৃ)] বিণ, রোধকারী; বিঘ্নকারী। ২। অবরোধ কর্ত্তা। ৩। নিবারক।

রোধন (ন্) [রুধ্ (অবরোধ করা) + অন (কর্তৃ)] বিণ, অবরোধক। ২। [অন—ভাবে] বি, রোধ। ৩। অবরোধকরণ। ৪। বাধা প্রদান।

রোধবতী (ধ্, বো) [রোধ (তীর) + বৎ (অস্ত্যর্থে বতু) + ঈপ্—স্ত্রী,] বি, স্ত্রী, নদী।

রোধা [রুধ্ (আবরণ করা) ধাতুজ। উ-পু—রোধি। ম-পু—রোধ। প্র-পু—রোধে। অস-ক্রি—রোধিতে; রোধিয়া] ক্রি, রোধ করা; আটক করা। ২। বাধা দেওয়া; গতি নিবারণ করা। প্র—"এ যৌবন-জল-তরঙ্গ রোধিবে"—বঙ্কিম।

রোধী [রুধ্ (আবরণ করা) + ইন্ (কর্তৃ ণিন্) = রোধিন্ ১মা, ১ব] বিণ, রোধকারী।

রোধ্র [রুধ্ (রোধ করা) + র (কর্তৃ)] বি, লোধ্রবৃক্ষ। ২। [করণে—র, যাহা দ্বারা স্বর্গ রোধ হয়] পাপ।

রোপ (প্) [রুহ্ + ণিচ = রোপি + অল্ (ভাবে)] বি, রোপণ। ২। [রূপ্ (মূর্চ্ছিত হওয়া) + অ (করণে অল্)] শর ; বাণ।

রোপণ (ন্) [রুহ্ (উৎপন্ন হওয়া) + ণিচ্ = রোপি (জন্মান) + অন (ভাবে অনট্)। প্রা·বাং—রোপন] বি, ক্লী, বপন ; আজ্ঞান। ২। স্থাপন। প্র—"সুনার ঘটত বারি করিআ রোপন। অগর চন্দন ফুল নেতর বসন ॥"—শূ·পু।

রোপা [রোপ (রোপণ) + আ (করা অর্থে)। উ·পু—রোপি। ম·পু—রোপ। প্র·পু—রোপে। অস·ক্রি—রোপিতে ; রোপিয়া। ণিজন্ত—রোপান] ক্রি, রোপণ করা ; বীজ বপন করা। ২। বিণ, যাহা রোপণ করা হইয়াছে ; রোপিত। [ব্রজ] **রোপব**—রোপণ করিব। প্র—"কদলী রোপব"—বি, প। **রোপল**—রোপণ করিল। প্র—"আদলি উপরে কেবা কদলী রোপলু রে ঐছণ দেখি উরযুগ।"

রোপিত [রুহ + ণিচ্ = রোপি + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, উপ্ত ; কৃত-রোপণ। ২। প্রোথিত ; পোতা। ৩। আরোপিত। ৪। স্থাপিত ; অর্পিত।

রোম (ম্) [রু (শব্দ করা) + মন্ (কর্ম্মে) = রোমন্ ১মা, ১ব] বি, ক্লী, লোম ; রোঁয়া। ২। [ইং—Rome] ইতালি দেশের রাজধানী রোমক নগর।

রোমক (ক্) [ইং—Rome] বি, ক্লী, ইতালী দেশের রাজধানী রোম নগর। ২। [ইং—roman] রোম-নিবাসী ; রোম রাজ্যের অধিবাসী। **রোমক পত্তন**—রোমরাজ্য। Roman Empire.

রোমকূপ (ম্, প্) [রোমের—কূপ (বিবর) ৬তৎ] বি, পুং, লোমকূপ ; রোমবিবর।

রোমজ (জ্) [রোম (লোম) হইতে জ (উৎপন্ন)] বিণ, পশুলোম নির্ম্মিত ; উনী ; পশমি।

রোমন্থ, রোমন্থন (ন্) [সং] বি, পুং, ভুক্তবস্তু উদ্গার করিয়া পুনরায় চর্ব্বণ ; জাওর কাটা ; rumination.

রোমন্থক, রোমন্থিক (ক্) [রোমন্থ + ক —ইক] বি, পুং, যে পশু রোমন্থন করে ; গবাদি পশু ; ruminata.

রোমরাজি (ম্) [রোমন্—রাজি (শ্রেণী) ৬তৎ] বি, স্ত্রী, লোমাবলী।

রোমবান্ [রোমন্ + বৎ (অস্ত্যর্থে—বতু) = রোমবৎ ১মা, ১ব] বিণ, লোমশ।

রোমবিক্রিয়া (রোম্‌বিক্‌কৃআ) [রোমন্ (লোমের) বিক্রিয়া (বিকৃতি) ৬তৎ] বি, স্ত্রী, লোমহর্ষণ ; গায়ে কাঁটা দেওয়া।

রোমশ (শ্) [রোমন + শ (অস্ত্যর্থে)] বিণ রোমবান্ ; লোমবহুল। স্ত্রী, **রোমশা**—দগ্ধবৃক্ষ। **রোমশফল**—বি, পুং, টিণ্ডিশবৃক্ষ

রোমহর্ষ, রোমহর্ষণ (ম্, ন্) [রোমন্ (লোমের) হর্ষ, হর্ষণ—৬তৎ] বি, রোমাঞ্চ পুলকোদ্গম ; শিহরণ ; লোমস্ফুরণ · **রোমহর্ষ হওয়া**—গায়ে কাঁটা দেওয়া।

রোমহর্ষণ (ম্, ন্) বি, মহাভারতোক্ত প্রসিদ্ধ মুনিবিশেষ ; ব্যাসদেবের শিষ্য সুত। ২। রোমহর্ষ দ্রঃ।

রোমাঞ্চ [রোমন্—অন্‌চ্ (গমন করা) + ঘ (ভাবে—অল্)] বি, পুং, রোমহর্ষণ পুলকোদ্গম। বিণ, **রোমাঞ্চিত**—পুলকিত শিহরিত।

রোমালি,—লী [রোমন্ (লোমের) আলি, আলী (শ্রেণী)—৬তৎ] বি, স্ত্রী, রোমাবলী।

রোমাবলি,—লী (রো) [রোমন্ (লোমের) আবলি—আবলী (শ্রেণী) ৬তৎ] বি, স্ত্রী, হৃদয় মধ্য হইতে নাভি পর্য্যন্ত লম্বিত সূক্ষ্ম রোম-রাজী। প্র—"ধরেছে কুন্তল তার রোমাবলী ছলে"—অ, ম।

রোমালু [রোমযুক্ত যে আলু, কর্ম্মধা] বি, পুং, পিণ্ডালু ; চুবড়ী আলু।

রোমীয়সম্প্রদায় (শম্‌প্রোদায়) [ইং—Romish church] বি, রোমান ক্যাথলিক ধর্ম্মমতাবলম্বী খৃষ্টান ; রোমের প্রধান ধর্ম্মযাজক পোপের প্রাধান্য ও শ্রেষ্ঠত্ব স্বীকারকারী খৃষ্টধর্ম্ম সম্প্রদায়।

রোমোদ্গম, রোমোদ্ভেদ (ম্) [রোমন্ (লোমের) উদ্গম ; উদ্ভেদ—৬তৎ] বি, পুং, লোমহর্ষণ।

রোয়া (য়) [হি—রোনা (রোদন করা) —ব্রজ] ক্রি, রোদন করা। প্র—"পথ নিরখিয়ে রোয়"—বি, প। **রোয়ই, রোয়ত**—রোদন করে। প্র—"চোর রমণী জনু মনে মনে রোয়ই"—বি, প। "ফুকরই রোয়ত"—ঐ। **রোয়সি**—রোদন করিতেছে। প্র—"রোয়সি কহে"—বি, প। **রোয়ে**— রোদন করে।

রোয়া [রোপণ শব্দজ। উ·পু—রুই। ম·পু —রোও। প্র·পু—রোয়। অস·ক্রি—রুইতে ; রুইয়া ; রুয়ে। ণিজন্ত—রোয়ান] ক্রি, ধান্যবীজ রোপণ করা ; বীজ বপন করা ; পোঁতা। প্র—"গাছ রুইলে বড় কর্ম্ম। মণ্ডপ দিলে বড় ধর্ম্ম ॥"—ডাকের বচন। ২। চারা ধান গাছ নাড়িয়া পোতা ; গুছি গাড়া। [ব্রজ] **রোয়ল**—রোপণ করিল ; রোপিল। ২। স্থাপন করিল। প্র—"রোয়ল ঘট উচল করি ঠাম"—বি, প।

রোয়া [প্রাদে] বি, কোয়া ; কাঁঠালের কোষ।

রোয়াক (ক্) [রক দ্রঃ] বি, ঘরের সামনের পাকা দালান ; ইষ্টক বা প্রস্তরনির্ম্মিত দ্বারপিণ্ডী। প্র—"বেণী বাবু রোয়াকে বসিয়া শুদ্ধ হইয়া রহিলেন"—টেকচাঁদ।

রোয়ে রোয়ে [রহা দ্রঃ। রহিয়া রহিয়া গ্রা—রূপ] ক্রি-বিণ, থাকিয়া থাকিয়া ; মধ্যে মধ্যে। প্র—"রোয়ে রোয়ে চিত হয় চমকিত কেঁদে কেঁদে প্রাণ উঠে সঘনে।"—বাং·গান।

রোরুদ্যমান (রোরুদ্দমান্) [রুদ্ (যঙন্ত) = রোরুদ্য (পুনঃপুনঃ রোদন করা) + আন (কর্ত্তৃ—আনশ্)] বিণ, যে উচ্চৈঃস্বরে কাঁদিতেছে ; ক্রন্দনশীল।

রোল (ল্) বি, অব্যক্ত শব্দ ; রব। প্র—"তা সহ মিশিয়া ভাসিল নূপুরধ্বনি কিঙ্কিণীর রোল ঘোর রোলে।"—মেঘনাদ।

রোলা, রুলা [ইং—roller mill] বি, গমভাঙ্গা যাঁতার কল। **রোলার আটা**—কলে ভাঙ্গা গমের আটা।

রোশন (ন্) [ফা] বি, আলোক।

রোশনচৌকী (ন্) [ফা] বি, তাসা, মন্দিরা ও সানাইযোগে ঐকতানবাদ্যকারী দল।

রোশনাই, রোশনি (শ্) [ফা] বি, আলোক ; আলোক উৎসব। প্র—"ঝাড় লণ্ঠন বাতির আলো কাজ কি রে তোর সে রোশনায়ে"—রামপ্রসাদ। ২। [আলোকের ভাব হইতে, যাহা মনের অন্ধকার দূর করে] যাহা আলোকের ন্যায় উজ্জ্বল। ৩। লিখিবার কালী ; লালকালী ; লাল রোশনাই। প্র—"সমস্ত সেনার পথ আলোকযুক্ত হয়, এমন রোশনাইয়ের সরঞ্জম সঙ্গে কিছুই নাই" (রাজসিংহ) বঙ্কিম। **বাঁধা রোশনাই** —যে পথে উৎসব হইবে যে পথ দিয়া মিছিল যাইবে তাহাতে সারবন্দী আলোক মালার সজ্জা। প্র—"বাঁধা রোশনাই আলো সব কি গেল ফেঁসে।"—হেম বন্দ্যো।

রোষ (ষ্) [রুষ্ (রাগ করা) + অ (ভাবে —অল্)] বি, পুং, কোপ ; রাগ ; ক্রোধ। প্র—"আপনি বিচার কর পরিহর রোষ।"—অ, ম। "রোষের ছলনা করি দূরে যাই চাই ফিরি চরণ বারণ তরে উঠে উঠে উঠে না।" —বাং·গান। বিণ, রুষ্ট।

রোষণ (ন্) [রুষ্ (রাগ করা) + অন (কর্ত্তৃ)] বিণ, কোপন ; রাগী। ২। বি, পুং, পারদ। ৩। কষ্টিপাথর।

রোষাল [রোষ—আল (যুক্তার্থে)] বিণ, রোষযুক্ত ; কোপান্বিত।

রোষিণী [রোষকারিণী অর্থে] বিণ, রোষ-পরায়ণা ; ক্রুদ্ধা ; রুষ্টা। প্র—"গণতোষিণি ! ঘনঘোষিণি ! হঠদোষিণি ! শঠরোষিণি ! গৃহ-পোষিণি ! গো।"—অ, ম।

রোষিত [রোষ+ইত (যুক্তার্থে)] বিণ. রুষ্ট ; কুপিত।

রোষ্ট, রোস্ট্ [ইং—roast] বি. ঝলসান মাংস।

রোহ [রুহ্ (উৎপন্ন হওয়া)+অ (কর্তৃ)] বি, পুং, অঙ্কুর। ২। আরোহণ।

রোহক (ক্) [রুহ্ (উঠা)+অক (কর্তৃ)] বিণ, রোহণকারী ; যে আরোহণ করে।

রোহণ (ন্) [রুহ্ (উৎপন্ন হওয়া)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আরোহণ। ২।

রোহিণ (ন্) [রোহিণী+অ (দেবতার্থে অণ্)] বি, রোহিতকবৃক্ষ। ২। দিবসের নবম মুহূর্ত।

রোহিণী (নি) [রুহ্ (উৎপন্ন হওয়া)+ইন্ (কর্তৃ)+ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, পঞ্চতারকাময় নক্ষত্রপুঞ্জবিশেষ। ২। দক্ষ প্রজাপতি কন্যা ও চন্দ্র পত্নী। ৩। বলরাম জননী। ৪। বিদ্যাধরীবিশেষ। ৫। পূর্ণ ৯ বৎসর হইতে ৯ বৎসর ১১ মাস ২৯ দিন পর্য্যন্ত বয়স্কা কন্যা। ৬। বিদ্যুৎ। ৭। গাভী। ৮। মঞ্জিষ্ঠা। ৯। বিণ, লোহিতা ; রক্তবর্ণা। ১০। আরোহণকারিণী ; যিনি আরোহণ করেন। প্র—"শিবগেহিনী! শিবদেহিনি! শিবরোহিণি!"—অ, ম। **রোহিণীকুণ্ড**—শ্রীক্ষেত্রস্থ কুণ্ডবিশেষ। প্র—"রোহিণী কুণ্ডের কথা, কি কব দেখিনু তথা কাক মরি হৈল নারায়ণ।"—অ, ম। **রোহিণীপতি, রোহিণীবল্লভ**—বি, পুং, চন্দ্র। ২। বসুদেব।

রোহিৎ [রুহ্ (গমন করা)+ইৎ (সংজ্ঞার্থে)] বি, পুং, সূর্য্য। ২। রুইমাছ। ৩। লোহিত।

রোহিত, রোহিতক (ত্, ক্) [সং] বি, লোহিতবর্ণ। ২। শোণিত। ৩। পদ্মরাগ মণি। ৪। কুঙ্কুম। ৫। রুইমাছ। প্র—"রোহিত মহামীন"—শিবায়ন। ৬। হরিণবিশেষ। প্র—"মহিষ ছাগ মেষ রোহিত রাজহংস শতেক দিল বলিদান।"—কবিক। ৭। রোঢ়াগাছ। ৮। বিণ, রক্তবর্ণবিশিষ্ট : রোহিত। স্ত্রী, **রোহিতা**—রক্তবর্ণা।

রোহিতাশ্ব (তাশ্‌শ) [রোহিত (রক্তবর্ণ) হইয়াছে অশ্ব (যাহার, বহু)] বি, পুং, অগ্নি। ২। রাজা হরিশ্চন্দ্রের পুত্র।

রোহী [রুহ্ (উৎপন্ন হওয়া)+ইন্ (কর্তৃ—ণিন্)] বিণ, আরোহণকারী : আরোহী।

রোহেলা, রোহিলা—বি, রোহিলখণ্ডবাসী। প্র—"উজবক কজলবাসে ঘেরিয়াছে চারিপাশে রোহেলা জল্লাদ আদি যত।"—অ, ম।

রৌক্ষ্য (রৌক্‌খ) [রুক্ষ+য (ভাবে—যণ্)] বি, ক্লী, রুক্ষভাব।

রৌদ্র (রৌদ্‌দ্র) [রুদ্র (শিব)+অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, ক্লী, আতপ। ২। পুং, যম। ৩। হেমন্ত ঋতু। ৪। ক্রোধ। ৫। শৃঙ্গারাদি নয় রসের মধ্যে এক রস—ইহাতে ক্রোধ স্থায়ী ভাব, আলম্বন বিভাব শত্রু, শত্রুর চেষ্টা ও প্রহারাদি উদ্দীপন বিভাব। প্র—"আবার সে ভঙ্গী গত যেন রৌদ্র রসে রত উগ্রভঙ্গী অপাঙ্গ যুগলে" ৬। বিণ, রুদ্র সম্বন্ধীয়। ৭। উগ্র ; তীব্র ; ভয়ানক : প্রচণ্ড। স্ত্রী, **রৌদ্রা**—দুর্গা ; চণ্ডী। ২। রুদ্রজটা।

রৌপ্য (রৌপ্‌প) [রূপ্য+অ (স্বার্থে অণ্)] বি, ক্লী, রজত। ২। খনিজ লবণবিশেষ।

রৌরব (ব্) [রুদ্ (রোদন করা) নিপাত কিম্বা রু (যঙ লুগন্ত)=রোরু-কিপ (অধি, যেখানে পুনঃ পুনঃ রোদন করে)+অ (স্বার্থে—অণ্)] বি, পুং, নরকবিশেষ ; যে নরকে গো, স্ত্রী, ভিক্ষুক, ভ্রূণ ও ব্রাহ্মণ হত্যাকারী এবং অগম্যাগামী, তীর্থপ্রতিগ্রাহীরা গমন করে। ২। নরকযন্ত্রণা ; অসহনীয় যাতনা। প্র—"শ্বশুর তোমার দক্ষ সম্বন্ধ গৌরব। ইহারে উচিত নহে এতেক রৌরব॥"—অ, ম। ৩। বিণ, ভয়ঙ্কর। ৪। [রুরু+অণ্] রুরু সম্বন্ধীয়।

রৌশন (ন্) [ফা—রওশন্] বি, আলো ; রোশনাই। প্র—"আন্ধারে কি কর রোজ রৌশনে আন্ধার। হুপ হাপ দুপ দাপ হুঙ্কার হাঁকার॥"—অ, ম।

রৌহিণ (ন্) [সং] বি, রোহিণ দ্রঃ। ২। চন্দনতরু।

রৌহিণেয় (নেয়) [রোহিণী+এয় (অপত্যার্থে—এয়ণ্)] বি, পুং, রোহিণীনন্দন ; বলরাম। ২। বুধগ্রহ। ৩। স্ত্রী, গোবৎস। ৪। ক্লী, মকরত মণি।

রৌহিষ্ [সং] বি, রোহিত ; রুই মাছ। ২। মৃগবিশেষ। ৩। তৃণ।

র‍্যাপার (র্) [ইং—wrapper] বি, গাত্রবস্ত্র ; পশুলোমজাত শীতবস্ত্র।

ল—ব্যঞ্জন বর্ণমালার অষ্টাবিংশ এবং অন্তঃস্থ তৃতীয় বর্ণ। সাধারণতঃ উপরের দন্তপঙ্‌ক্তির পশ্চাতে জিহ্বাগ্র স্পর্শ করিয়া ইহা উচ্চারণ করিতে হয়। এই হেতু ইহা দন্ত্যবর্ণ। কিন্তু প্রকৃতপক্ষে দন্ত, ওষ্ঠ, তালু যে কোন স্থানে জিহ্বা স্পর্শ দ্বারা ইহাকে উচ্চারণ করা যায় এইজন্য শিশুরা "ল" উচ্চারণ সহজেই করিতে পারে এবং দুরূহাচার্য্য বর্ণের পরিবর্ত্তে ল বলিয়া ফেলে। সং-প্রাকৃতে ত, দ, ড ও র স্থানে ল হয়। বাং-প্রাকৃতে ল স্থানে প্রায় ন এবং ন স্থানে ল হয়। যথা—নায়ক স্থলে লাএক ("ভক্তলাএকে ধর্ম্ম করিব কল্যাণ"—শূ-পু), নৌকার্থক না স্থলে লা ("লাএ দিল ভর"—শূ-পু) ; আধু-বাং-য়ও নবীন, নদেরচাঁদ স্থলে লবীন, লদেরচাঁদ ; লঙ্কা, লতা স্থলে নঙ্কা, নতা ("বৈকুণ্ঠেতে বসে আছেন নক্ষ্মী লারায়ণ"—গান)। দ্রঃ—গ্রা-অশিক্ষিত পুরুষের মুখে ন স্থলে ল এবং নারীর মুখে ল স্থানে ন শুনা যায়।

ল [সং—"লঃ শক্রে লা তু দানে স্যাদ্ গ্রহণেঽপি নিগদ্যতে"—মেদিনী] বি, শক্র ; ইন্দ্র। ২। দান। ৩। গ্রহণ। ৪। [তন্ত্রে] তন্ত্রোক্ত মন্ত্রবিশেষ ; পৃথ্বীবীজ। ৫। [বাং-য়] বর্ত্তমান বা অদ্যতন অতীত কালের ক্রিয়া-বিভক্তি। যথা,—হইল, করিল। ৬। [ব্রজ ও প্রা-বাং-য় অতীতকালের ক্রিয়া-বিভক্তি। যথা,—সাজল ; পেখল। ৭। [হি—বালা—বাল—আল প্রত্যয়ের সংক্ষেপ] অস্ত্যর্থক বা যুক্ত্যর্থক প্রত্যয়। যথা,—মাতল (মত্ত), হাপল, চোখল, মুখল ইত্যাদি। ৮। তরলতা, কোমলতা, চঞ্চলতা, লৌল্য ও ক্ষীণতাবোধক। যথা,—টলটল, টল টল, লটপট্, লচ্‌পচ্, লক্‌লক্, লগ্‌বগ্ ইত্যাদি। **লকার**—ল এই বর্ণ। **লফলা**—অন্য বর্ণের নিম্নে ল যোগ। যথা, অম্ল। **ল ল করা**—বায়ুভরে ঈষৎ হিল্লোলিত হওয়া : টলটল করা। প্র—"শুশুনি কলমি ল ল করে"—ব্রতমালা। "ধানের ক্ষেত ল ল করিতেছে"—সনাতনী।

ল [ইং—law] বি, আইন। প্র—তিনি ল পাশ করেছেন।

লআ, লওয়া [লহা, নেওয়া দ্রঃ। সং—লা ("লা তু দানে স্যাদ্ গ্রহণেঽপি নিগদ্যতে"—

মেদিনী) অথবা লভ্ (প্রাপ্তিতে, লাভে) ধাতু হইতে। হি—লেনা। উ-পু—লই, লেই, লি। ম-পু—লও, লেও ; লউন, লন, লেন, লয়েন ; ল, লে। প্র-পু—লয়, লেয় ; লন, লয়েন। অস-ক্রি—লইতে ; লইয়া, লই, লয়ে, লিয়া, লিয়ে। বৈ—সা-তে লই'ঞা। ণিজন্ত —লঅান, লওয়ান (নো)। সং—লা ধাতুজ লওয়া এবং সং—নী ধাতুজ নেওয়া ধাতুদ্বয়ের মধ্যে পার্থক্য বাং-উচ্চ সাহিত্য ব্যতীত লক্ষিত হয় না] ক্রি, গ্রহণ করা। প্র—"লও লও হে অনাথের উপহার।"—ব্রহ্মসঙ্গীত। "এমন গোকুলে মাতা পূজা লেয় যদি"—শীতলামঙ্গল (নিত্যানন্দ)। ২। বলপূর্ব্বক গ্রহণ করা ; হরণ করা ; কাড়া। প্র—"দেখরে কে লয়ে গেল প্রতিমা সোণার"—দ্বিজেন্দ্র ঠাকুর। 'উহারে লইয়া যাই পলাইয়া সাগর পারে॥"—ভারতচন্দ্র। ৩। বহন করা। প্র—"মা আমি পাপের আসামী এই লোকসানি মহাল লয়ে বেড়াই আমি"—রামপ্রসাদ। ৪। অনুসরণ করা। প্র—সদৃষ্টান্ত লওয়া ; সোজা পথ লওয়া। ৫। সম্বল করা ; ভরসা, প্রবোধ, সহায়, তৃপ্তি, সান্ত্বনা স্বরূপ আশ্রয় করা। প্র—"হারায়ে তোমায় কি লয়ে রহিব হে নাথ" —কালীপ্রসন্ন ঘোষ। ৬। সঙ্গে গ্রহণ করা ; সঙ্গে রাখা। প্র—"শ্যাম ফিরিছে অঙ্গেরে লয়ে"—হরুঠাকুর। ৭। মুখে বা জিহ্বায় গ্রহণ করা ; উচ্চারণ করা ; জপা। প্র—"নাম ল'য়ে শ্যামা মার"—রামপ্রসাদ। "হরি-নাম লইতে অলস করোনা রসনা।"—গান। ৮। মূল্য দিয়া গ্রহণ করা ; ক্রয় করা। প্র—বাজার হইতে জিনিসপত্র লওয়া। মাছের জন্য আর বাজার যাইতে হয় নাই, ঘরেই লওয়া হইয়াছে। ৯। আদায় করা। উসুল করা। প্র—খাজনা লওয়া ; জরিমানার টাকা লওয়া। ১০। রন্ধনের জন্য গ্রহণ করা ; রন্ধন করা। প্র—আজ কয়জনের চাল লইয়াছে। ১১। ঋণ গ্রহণ করা ; ধার করা। নূতন মহাজনের কাছে টাকা লইয়া তবে সে তাহার পূর্ব্ব ঋণ শোধ করিয়াছে। ১২। ভোজনার্থ বা পানার্থ গ্রহণ করা। প্র—ছেলেরা ক্রমাগত দৈ আর সন্দেশ লইতেছে। তুল—to take meals. ১৩। স্বীকার করা ; অঙ্গীকার করা। প্র—মত লওয়া। কষ্ট লওয়া। "রামপ্রসাদের কথা লাও মা"—গান। ১৪। ধারণ করা। প্র—"হাতে লয়ে দীপ অগণন"—ব্রহ্মসঙ্গীত। বোঝা মাথায় লওয়া। "ওঢ়নি লেহ অঙ্গে"—গীতগোবিন্দ (গিরিধর)। ১৫। ক্রিয়া সমাপ্তি অর্থে। প্র—গণিয়া লওয়া ; দেখিয়া লওয়া ; ভাবিয়া লওয়া। "ডেকে লও দয়া করে আমারে ভিতরে"—ব্রহ্মসঙ্গীত। ১৬। গ্রাহ্য হওয়া। প্র—ও কথা আমার মনে লয় না। ১৭। ব্যবহার করা। প্র—গোলাপ লওয়া ; স্নানের সময় গামছা লওয়া ভাল। **মনে লওয়া**—পসন্দ হওয়া ; গ্রাহ্য হওয়া। **মাথায় লওয়া**—মস্তকে ধারণ করা। **মাথায় করিয়া লওয়া**—শিরোধার্য্য করা ; মান্য করা। **হাতে লওয়া**—কার্য্যের ভার গ্রহণ করা। ২। কার্য্য আরম্ভ করা। [ব্রজ] **লব**—লইবে। প্র—"হারে হরি বল মন"—বি-প। **লেই**—লইয়া। প্র—"মুকুর লেই অব করত সিঙ্গার"—বি,প। ২। লও। প্র—"ত্রিভুবন ভরি গণো লেই"—বি-প। ৩। লয়। প্র—"আবেশে হিয়ার মাঝারে লেই"—বি-প। **লেও**—লইও। **লেওত**—লয়। ২। লইও। প্র—"বলে নাহি লেওত জীবন হামার।"—বি, প। **লেয়ব**—লইবে। প্র—"কোলে লেয়ব সখি তুহুঁক পিয়া"—বি, প। **লেয়ল**—লইল। প্র—"সব রস লেয়ল রসিক মুরারি"—বি, প। [দ্রঃ—লওয়া = লেওয়া স্থানে নেওয়া (কথ্য বাং-য়)।

লইয়া (লোইআ) [গ্রা—ল'য়ে। লঅা দ্রঃ] অ, দ্বারা। প্র—"প্রীতি কুসুম লয়ে, পূজিব নিত্য মহেশে"—ব্রহ্মসঙ্গীত।

লওয়া—লঅা দ্রঃ।

লওন (ন্) [নয়ন শব্দজ] বি, গ্রহণ ;ধারণ। ২। স্বীকার করণ।

লওয়াজিমা [আ—লবাজিম্, ফা—লবাজিমা] বি, প্রয়োজনীয় জিনিসপত্র। ২। জমীদারী সংক্রান্ত কাগজপত্র।

লওয়ান (নো) [লওয়া (দ্রঃ) ধাতুর ণিজন্ত রূপ। উ-পু—লওয়াই। ম-পু—লওয়াও ; লওয়ান্ ; লওয়া। প্র-পু—লওয়ায় ; লওয়ান্। অস-ক্রি—লওয়াইতে ; লওয়াইয়া, লইয়ে] ক্রি, গ্রহণ করান। ২। ধারণ করান। ৩। স্বীকার করান। ৪। পরামর্শ বা উৎসাহ দিয়া প্রবৃত্ত করা।

লংক্লথ (থ্) [ইং—longcloth] বি, সূতী বস্ত্রবিশেষ ; ধোয়া মার্কিন বস্ত্র।

লক (ক্) [হি—লক্। ফা—লখ্] বি, মাঞ্জা দেওয়া রেশমের সূতা। প্র—"শ্যামাপদ-আকাশেতে মন-ঘুড়ি আমার উড়তেছিল। * * ঘুড়ির লক ছিল তায় সত্ত্বগুণে ছজনাতে আনলে টেনে।"—নীলাম্বর মুখোপাধ্যায়।

লকপক (ক্, ক্) [লগবগ দ্রঃ। লক্ (আস্বাদনে) বগ্ (ব্যগ্র অর্থে (=বক্=পক্ স্বাদগ্রহণে ব্যগ্র] বিণ, লালসাযুক্ত ; লুব্ধ। প্র—"রূপে গুণে অনুপম ধর্ম্মের সেবক। দেখিয়া বুড়ীর প্রাণ করে লকপক॥"—ঘনরাম।

লকলক (লক্লক্) [শব্দাত্মক] বিণ, পাতলা লম্বমান এবং দোদুল্যমান ; লোল। প্র—"লক্লক ফণিজটা বিরাজ তক্ তক্ তক্ রজনীরাজ"—অ, ম। [লক লক শব্দ সূক্ষ্মতর হইয়া বা অধিক পাতলা হইয়া লিকলিক শব্দে পরিণত হয়]।

লকাটিয়া, লকাট [ইং—locket হইতে] বিণ, কৌটাবৎ। প্র—"বাবুরাম অধোমুখে শীঘ্র একখানা লকাটে রকম কেরাঞ্চিতে ঠকচাচা প্রভৃতিকে লইয়া উঠিলেন"—টেকচাঁদ।

লকুচ (লোকুচ্) [সং] বি, মাদার ফল।

লকেট (ট্) [ইং—locket] বি, স্বর্ণাদি-নির্ম্মিত ছোট কৌটা ; ধুক্ধুকি ; দোলায়মান পদক। ২। [হি—লুকাট্] গোলাবজাম সদৃশ ফলবিশেষ।

লক্কা [আ] বি, ঘন ও বিস্তৃত-পুচ্ছ পারাবত-বিশেষ ; লক্কা পায়রা। ২। [লক্ষণায়] লক্কা পায়রার মত পোষাকে স্ফীত ; ফুলবাবু ; গর্ব্বিত যুবক।

লক্তক (ক্) [সং] বি, পুং, জীর্ণবস্ত্র খণ্ড ; নেকড়া। ২। অলক্তক ; আলতা।

লক্ষ (লোক্খ) [লক্ষ্ (দর্শন করা, চিহ্ন করা) +অ (কর্ম্মে—অল্)] বি, ক্লী, দৃষ্টি। ২। লক্ষ্য স্থল ; দর্শনীয় বিষয় বা স্থান। ৩। শরব্য। ৪। চাতুরী। ৫। শত সহস্র সংখ্যা ; ১,০০,০০০। ৬। বহু ; অসংখ্য। প্র—"সোণার মধু লক্ষধারে লাগে ঝুরিতে"—রবি। **লক্ষপুর**—অসংখ্য পুট। ২। ঘন ; নিবিড়। প্র—"কন্যারে বেড়িল সবে করি লক্ষপুর"—কাশীরাম।

লক্ষ (লোক্খ) [প্রা-বাং। লাক্ষা (দ্রঃ) অপভ্রংশে] বি, লাক্ষা ; লাক ; গালা। প্র—"হৃদয়ে পরিল সবে লক্ষের কাচুলি।" "লক্ষের জাদ দিয়া কুন্তল বান্ধিল।"—ভাগবত (শঙ্কর দাস)।

লক্ষক (লোক্খক্) [লক্ষ্ + ণিচ্ = লক্ষি + অক (করণে)] বিণ, লক্ষণা দ্বারা অর্থ প্রকাশক।

লক্ষণ (লোক্খোন্) [লক্ষ্ (দর্শন করা চিহ্ন করা) + অন] বি, ক্লী, চিহ্ন। ২। ভাব। প্র—"তমোগুণে প্রলয় কৈবল্য পরিণাম। বুঝহ লক্ষণে আর মোক্ষ কার নাম॥"—অ, ম। ৩। পরিচয়। ৪। ব্যাকরণের সূত্র। ৫। পরিচ্ছেদ করণ। ৬। [কর্ত্তৃ—অন] বি, পুং, শ্রীরামের ভ্রাতা। ৭। মঙ্গলাচার। বিণ, **লক্ষণীয়**।

লক্ষণা (লোক্খোনা) [লক্ষণ (দ্রঃ) + আপ্, স্ত্রী] বি, স্ত্রী, শব্দশক্তিবিশেষ ; শব্দের প্রকৃতার্থের বোধ হইলে তাহা দ্বারা তাৎপর্য্য বোধ না হইলে প্রয়োজন বশতঃ যদ্দারা অন্য অর্থের প্রতীতি জন্মে ; ব্যঞ্জনা (যথা—"তিনি গঙ্গায় বাস করেন"—এখানে গঙ্গাতীর অর্থে গঙ্গা শব্দের প্রয়োগ)। প্র—"বিচার করিয়া দেখ

লক্ষণ লক্ষণা। জাতি গুণ দ্রব্য কিবা বুঝায় ব্যঞ্জনা”—অ, ম। ২। সারসী; হংসী। [প্র-অ] **লক্ষণামূলাব্যঞ্জনা**—যে প্রয়োজনবশতঃ লক্ষণা স্বীকার করা যায়, যদ্দ্বারা সেই প্রয়োজন সিদ্ধ হয়।

লক্ষিত (লোক্‌খিত) [লক্ষ্ +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কৃত-লক্ষ্য। ২। দৃষ্ট। ৩। উদ্দিষ্ট। ৪। অনুমিত। ৫। অনুভূত। ৬। লক্ষণা-বৃত্তি দ্বারা বিশেষিত। ৭। বি, শরব্য চিহ্ন। স্ত্রী, **লক্ষিতা**—পরকীয়া নায়িকা ভেদ। প্র—“পরপতি রতি চিহ্ন ঢাকিতে যে পারে। লক্ষিতা করিয়া কবিগণ বলে তারে॥”—রসমঞ্জরী।

লক্ষিত-লক্ষণা (লোক্‌খিতলোক্‌খোনা) বি, স্ত্রী, লক্ষণাবিশেষ। যথা—“দ্বিরেফ” এখানে দুইটী রেফ আছে যাহাতে এই বহুব্রীহি সমাস ও লক্ষণাশক্তি হেতু রেফদ্বয়যুক্ত ভ্রমর শব্দের অভিধা-শক্তি-দ্বারা ভৃঙ্গ পদার্থের জ্ঞান হইল।

লক্ষ্ম (লোক্‌খ) [লক্ষ্ (চিহ্ন করা) + মন্ (কর্ম্মে) = লক্ষ্মন্ ১মা, ১ব] বি, ক্লী, লক্ষণ ; চিহ্ন।

লক্ষ্মণ (লক্‌খন) [লক্ষ্মন্ + অ (অস্ত্যর্থে অণ্)] বি, পুং, সুমিত্রাদেবীর গর্ভজ দশরথ রাজার পুত্র ; রামচন্দ্রের বনবাসের সঙ্গী। ২। (লোক্‌খোন্) চিহ্ন। ৩। ভাব-গতিক। ৪। স্বরূপ। ৫। নাম। ৬। সৌভাগ্য ; শ্রী। প্র—লক্ষ্মণাক্রান্ত। স্ত্রী, **লক্ষ্মণা**—দুর্য্যোধনের কন্যা, কৃষ্ণের পুত্র শাম্বের পত্নী। ২। বিণ, লক্ষণযুক্তা।

লক্ষেশ্বরী (লোক্‌খেশ শোরি) [লক্ষ (বহু ধন, ঐশ্বর্য্য) তাহার ঈশ্বরী] বি, স্ত্রী, লক্ষপতির গৃহিণী ; মহা ধনবতী ; অতুল ঐশ্বর্য্যশালিনী নারী। প্র—“অদ্য লক্ষেশ্বরী হয়্যা সুখে কর ঘর॥”—সত্যনারায়ণ (রামেশ্বর)।

লক্ষ্মী (লোক্‌খি) [সং। পা—লখ্‌খী তাহা হইতে বাং-গ্রা—লক্‌খি] বি, স্ত্রী, কমলা ; শ্রী ; রমা ; ধন ঐশ্বর্য্য সম্পদের অধিষ্ঠাত্রী দেবী। ২। রাজশ্রী। ৩। সৌভাগ্য। ৪। ঐশ্বর্য্য, সম্পদ। ৫। শোভা ; সৌন্দর্য্য। ৬। ঋদ্ধিনামৌষধ। ৭। স্থল পদ্মিনী। ৮। অন্ন। ৯। ধান্যভেদ। প্রা-বাং-য় **লক্ষী**। প্র—“বুঝি আজান লক্ষী বুলেন বাসমতী”—শূ-পু। ১০। বিণ, শান্ত ; শিষ্ট [বাঙ্গালায় পুং ও স্ত্রী উভয় লিঙ্গেই ব্যবহৃত হয়। প্র—লক্ষ্মীছেলে ; লক্ষ্মীমেয়ে। **লক্ষ্মীটি**—স্নেহপাত্র বা নিম্ন পদস্থকে বিশেষ করিয়া অনুরোধ বা সাধ্য সাধন করিতে উক্ত হয়।

লক্ষ্মীবিলাস (লোক্‌খী বিলাস্) বি, সুন্দর সুচিক্কণ বস্ত্রবিশেষ। প্র—“লাক্ষার কাঁচুলি চমকে বিজুলি বসন লক্ষ্মীবিলাস।”—ভারত-চন্দ্র। ২। কবিরাজী তৈলবিশেষ। ৩। জ্বরঘ্ন বটিকাবিশেষ। **লক্ষ্মীকান্ত**—বি, পুং, নারায়ণ। **লক্ষ্মীছাড়া**—শ্রীভ্রষ্ট : দুর্ভাগ্য। প্র—“সবে বলে ব্যাস তুমি বড় লক্ষ্মীছাড়া। অন্ন উড়ি যায় তুমি যাহ যেই পাড়া॥”—অ, ম। ২। দারিদ্র্য। ৩। আক্‌খুটে। **লক্ষ্মী-জনার্দ্দন**—বিশেষ লক্ষণাক্রান্ত শালগ্রাম ; ইঁহার এক এক দ্বারে চারিটী করিয়া চক্র থাকে, এবং নূতন মেঘের তুল্য কৃষ্ণবর্ণ। **লক্ষ্মী-নারায়ণ**—বিষ্ণু ও লক্ষ্মীর যুগলমূর্ত্তি। **লক্ষ্মী তোলা**—পূজার জন্য যে লক্ষ্মী পাতা (দ্রঃ) হইয়াছিল তাহা পূজান্তে লক্ষ্মীর হাঁড়ীতে উঠাইয়া রাখা। **লক্ষ্মীপতি**—নারায়ণ। **লক্ষ্মী পাতা**—লক্ষ্মী পূজার জন্য ধান, কড়ি, সিন্দূর কৌটা, গাছ কৌটা, স্বর্ণ বা রৌপ্য মুদ্রা, শঙ্খ ইত্যাদি—আলিপনা শোভিত কাষ্ঠাসনে সাজাইয়া রাখা। **লক্ষ্মী-পূজা**—গৃহস্থের মঙ্গলার্থ ধন সম্পদের অধিষ্ঠাত্রী দেবীর পূজা। **লক্ষ্মীফল**—বি পুং, বিল্ব-বৃক্ষ। **লক্ষ্মীবার**—লক্ষ্মীপূজার নির্দ্ধারিত দিন : বৃহস্পতিবার। **লক্ষ্মীমণি**—আদর বিজ্ঞাপক উক্তি। প্র—“যা লক্ষ্মী স্কুলে যা, লক্ষ্মীমণিটি আমার”।

লক্ষ্মীবান্ (লোক্‌খিঁ) [লক্ষ্মী + বৎ (অস্ত্যর্থে বতু) —লক্ষ্মীবৎ, ১মা, ১ব। বহুবচনে— **লক্ষ্মীবন্ত**—বাং-য় লক্ষ্মীমন্ত সকল বচনেই চলে] বিণ, সম্পৎশালী ; শ্রীমন্ত ; সৌভাগ্যবান্।

লক্ষ্মীমন্ত (লোক্‌খিঁমোন্তো) [লক্ষ্মীবান্ দ্রঃ] বিণ, শ্রীমন্ত। ২। কড়ি কপালিয়া। ৩। সুলক্ষণাক্রান্ত।

লক্ষ্মীশ (লোক্‌খিঁশ) [লক্ষ্মীর—ঈশ (প্রভু) —৬তৎ] বি, পুং, লক্ষ্মীপতি ; নারায়ণ। ২। ধনপতি।

লক্ষ্য (লোক্‌খ) । লক্ষ্ (দর্শন করা) । য (কর্ম্মে—ধ্যণ্)] বিণ, লক্ষিতব্য ; দ্রষ্টব্য। ২। উপলক্ষিতব্য। ৩। শরব্য : বেধ্য। ৪। লক্ষণা দ্বারা জ্ঞেয়। ৫। বি, টিপ। ৬। চিহ্ন। ৭। আদর্শ। ৮। উদ্দেশ্য।

লক্ষ্যাসন (লোক্‌খ্যাশন্) [তন্ত্রের পরিঃ] বি, রুদ্র যামলোক্ত আসনবিশেষ।

লখা [সং—লক্ষ্ (দর্শন করা) ধাতুজ। উ-পু —লখি। ম-পু—লখ। প্র-পু—লখে। অস-ক্রি —লখিতে (ব্রজ—লখই) ; লখিয়া, লখি। প্রা-বাং পদ্যে। আধু-বাং-পদ্যে বিরল] ক্রি, লক্ষ্য করা ; দর্শন করা ; দেখা। প্র—লখিতে নারিনু তনু”—চণ্ডী। “রক্ষক তক্ষক তুল্য লখিল নিশ্চয়”—শিবায়ন। “লখ প্রভাত প্রকৃতিকী শোভা”—ব্রহ্মসঙ্গীত। ২। অনুমান করা ; বোধ করা। প্র—“করে শঙ্খ দেখি, হেন মনে লখি, উর্ব্বশী আইলা আপনি।”—কবিক। ৩। বুঝা ; নির্দ্ধারণ করা ; স্থির করা। প্র—‘লখই না পারিয়ে জ্যেঠ কনেঠ” —বি, প। “হেন আমি লখি অনুমানে”—কবিক। ৪। চেনা ; জানা। প্র—“পাণ্ডব বলিয়া কেহ না পারে লখিতে”—মহা (সারল কবি কৃত), ১৭শ শতাব্দী।

লগ [ব্রজ। লগ্ন শব্দজ, লাগ দ্রঃ] বি, লাগ : স্পর্শ ; যোগ। ২। নিকট ; সঙ্গ। প্র—“লগ নাহি সরয়ে শুনয়ে নাহি বোল”—বি, প। বিণ, **লগিত**।

লগন (ন্) [হি। সং—লগ্ন হইতে] বি, লগ্ন।

লগনসা (ন্‌শা) [সং—লগ্নময়—অপভ্রংশে। মেয়েলি—নগোন্‌সা] বি, লগ্নকাল ; যে সময় অনেকগুলি লগ্ন আছে।

লগবগ, (গ্, গ্) [লগ—লক্ (আস্বাদনে, বগ্ (ব্যগ্র শব্দের সংক্ষেপ) । বগ শব্দের সহিত দ্রুত বা একত্র উচ্চারণ হেতু লক স্থলে লগ] বি, লৌল্য ; বেত বা কঞ্চির মত ছিপ্‌ছিপে ভাব।

লগবগে (লগ্ বোগে) [লগবগ (দ্রঃ) + ইয়া] বিণ, লোলুপ : লালসাযুক্ত ; লালায়িত। ২। লোল জিহ্বার মত চঞ্চল বা দোলায়মান। প্র—লোকটা ঢেঙ্গা পাতলা ছিপ্‌ছিপে ; লগবগ করে চলে।

লগভগ, লগভগি (গ্, গ্) [হি। সাঁওতাল পরগণার কথ্য বাং-য় ব্যবহার] বিণ, কাছা-কাছি। ২। তুল্য ; সদৃশ।

লগা, লগি, লগী (লোগি) [লগ্ন শব্দজ] বি, আকর্ষী : আঁকসি। ২। নৌকাবাহন বংশদণ্ড।

লগুড় (লোগুড্) [লগ্ (লাগা) + উল (কর্ত্তৃ) ল = ড়] বি, পুং, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ : ইহার সর্ব্বাঙ্গ লৌহময়। ইহার পাদদেশ সরু, মস্তক ও অগ্রভাগ লৌহদ্বারা আবদ্ধ। স্কন্ধ স্থূল, ইহা লম্বে দুই হস্ত পরিমিত অত্যন্ত দৃঢ়। দৃঢ়দেহ পদাতি সৈন্যেরাই ইহার দ্বারা যুদ্ধ করিত। ২। স্থূল নাতিদীর্ঘ যষ্টি ; মোটা লাঠি।

লগেজ, লাগেজ (জ্) [ইং—luggage] বি, ভার ; বোঝা ; পুঁটুলি ; সঙ্গের আসবাব পত্র। **লগেজ করা**—মালপত্র চালান দিবার মাল সরবরাহ কোম্পানীর দপ্তরে মাল ওজন করিয়া মাশুল জমা দেওয়া। **লগেজ ভাড়া**—মাল পত্র রেল ষ্টীমারাদি যোগে এক স্থান হইতে অন্য স্থানে পৌঁছিয়া দিবার মাশুল। **লগেজ ঘর,—রুম**—যে দপ্তর ঘরে লগেজ করা হয়। **লগেজ দেওয়া**—মাল পত্র সঙ্গে না রাখিয়া যাত্রী গাড়ির বা জাহাজাদির নির্দ্দিষ্ট কামরায় কোম্পানীর হেপাজতে রাখা।

লগেলগে [হি। লগা দ্রঃ] ক্রি-বিণ, সুবিধা মত ; সুযোগ ক্রমে ; তাকে তাকে। ২। অনুসারে। ৩। সঙ্গে সঙ্গে। প্র—"লগে লগে রগে রগে যেন লাগে টান"—চন্দন।

লগ্ন [লগ্ (লগ্ন হওয়া, যুক্ত হওয়া) + ত (কর্ত্তৃ —ক্ত)] বিণ, যুক্ত ; মিলিত। ২। [অধি, ক্ত] বি, সূর্য্যের রাশ্যন্তর সঞ্চার বা সংক্রমণ মুহূর্ত্ত। ৩। মেষাদি রাশির উদয়কাল। ৪। পুং, স্তুতি পাঠক। **লগ্নজ্যা**—[গণিত পরিঃ] যে সরল রেখা বৃত্ত ভেদ না করিয়া তাহাকে স্পর্শমাত্র করে ; স্পর্শজ্যা ; স্পর্শিণী ; tangent. **লগ্নদণ্ড**—ভুল—হি—লাগডাঁট] দণ্ডে অবিচ্ছেদে সংলগ্নবৎ সঙ্গীতের স্বরের অবিচ্ছিন্ন প্রবাহ। **লগ্নপত্র**—জ্যোতিষিক গণনায় নির্দ্ধারিত বিবাহের শুভকালজ্ঞাপক পত্র। প্র—"লগ্ন পত্র করিয়া নারদ মুনি যায়।"—অ. ম। **লগ্নস্ফুট**—দ্বাদশ রাশির উদয় সকল দেশে সম সময়ে সমভাবে দৃষ্ট না হওয়ায় লগ্নমান ও (দ্রঃ) সর্ব্বত্র সমান হয় না ; সুতরাং উদয়কালে রবি যে রাশির যত অংশে স্থিতি করে প্রাতঃকালে সেই লগ্নের তত অংশ গত হয়। ইহাই অবলম্বন করিয়া রাশি সকলের ভোগ্যকালের সূক্ষ্ম গণনা। **লগ্নমণ্ডল**—রাশিচক্র ; the zodiac. **লগ্নমান**—প্রত্যেক নাক্ষত্রিক অহোরাত্র মধ্যে মেষ বৃষাদি দ্বাদশ রাশির উদয় পরিমাণ কাল। **শুভলগ্ন**—মাঙ্গলিক কর্ম্মানুষ্ঠানের শুভ মুহূর্ত্ত। ২। সুযোগ। বিপরীত—অশুভ লগ্ন।

লগ্নক (ক্) [সং] বি, পুং, জামীন।

লগ্নিকা (লো) [সং] নগ্নিকা দ্রঃ] বি, স্ত্রী, অজাতরজস্কা ; দশমবর্ষীয়া কন্যা।

লঘিত্র (লোঘিৎত্র) বি, ন্যুব্জাকার গুরুভার-যুক্ত অস্ত্রবিশেষ ; পৃষ্ঠভাগ স্থূল, সম্মুখভাগ তীক্ষ্ণ অর্থাৎ ধারাল, ইহার ব্যাস ৫ আঙ্গুল, বর্ণ কাল, মুঠ অতি বৃহৎ ; ইহা মহিষাদি স্থূল স্কন্ধ বৃহৎ পশু ছেদন করিবার উপযোগী। দুই হস্তে উত্তোলন ও প্রহার ইহার কার্য্য।

লঘিমা (লো) [লঘু + ইমন্ (ভাবে) = লঘিমন্ ১মা, ১ব] বি, পুং, লঘুত্ব। ২। যোগের ঐশ্বর্য্যবিশেষ ; শরীরকে লঘু করিবার শক্তি। ৩। গুরুত্বহানি ; মান সম্ভ্রমের হ্রাস ; অগৌরব।

লঘিষ্ঠ, লঘীয়ান (লো) [লঘু + ইষ্ঠ, ঈয়স্ (অতিশয়ার্থে) = লঘীয়স্ ১মা, ১ব] বিণ, অতিশয় লঘু। বিপরীতে—গরিষ্ঠ।

লঘু (লো) [লন্‌ঘ্ (অগ্রীকরণে) + উ (কর্ত্তৃ কু)] বিণ, অল্পতাজনিত গুরুত্বহীন ; ভার-শূন্য ; হাল্কা (ওজন সম্বন্ধে)। ২। পরিমিত ; অল্প (ভার বা চাপের বিপরীত—আহারাদি সম্বন্ধে)। ৩। সত্ত্বহীন ; অসার ; অন্তঃসার-শূন্য। ৪। [লন্‌ঘ্ ধাতু পোষণে] শুষ্ক। ৫। ক্ষুদ্র। ৬। হ্রস্ব ; খর্ব্ব। ৭। সূক্ষ্ম। ৮। গৌরবহীন ; মানহীন ; অনাদৃত ; অপ-মানিত। প্র—"এত লঘু হয়ে জীব কিসের কারণ"—কাশীরাম। ৯। তরল। ১০। মৃদু ; মন্দ। ১১। ক্ষিপ্র ; ত্বরিত। ১২। [জ্যোতিষে] পুষ্যাদি নক্ষত্র। ১৩। [বৈদ্যকে] কৃষ্ণ অগুরু। বি, **লঘুতা, লঘুত্ব, লাঘব**। **লঘুকায়**—বি, ক্ষুদ্রদেহ ; হাল্কাশরীর ; খর্ব্ব আকৃতি। ২। বিণ, খর্ব্ব বা ক্ষুদ্র দেহযুক্ত। **লঘুগণ**—[জ্যোতিঃ পরিঃ] অশ্বিনী, পুষ্যা, হস্তা নক্ষত্র। **লঘুগতি**—বি, দ্রুত গমন। ২। বিণ, শীঘ্রগামী। ৩। ক্রি-বিণ, ত্বরিত গতিতে, শীঘ্র। প্র—"দূতের বচনে ভাঁড় আইসে লঘু গতি। **লঘুগামী**—দ্রুতগমন-শীল। স্ত্রী, **লঘুগামিনী**। **লঘু লঘু**—মৃদু মৃদু ; মন্দ মন্দ। ২। পুনঃ পুনঃ। **লঘুচিত্ত**—সংকীর্ণ-হৃদয় ; নীচমনা। স্ত্রী, **লঘুচিত্তা**। **লঘুচেতাঃ,—চেতা**—বিণ, নীচ-অন্তঃকরণ। গাম্ভীর্য্যহীন। **লঘু পঞ্চমূল**—শালপর্ণী, পৃশ্নিপর্ণী, কণ্টকারী, বৃহতি ও গোক্ষুরযুক্ত পঞ্চমূলের পাচন। **লঘুজ্ঞান**—হীনবোধ ; ঘৃণা ; অবজ্ঞা। **লঘুপাক**—যাহা সহজে জীর্ণ হয় ; যাহা গুরুপাক বা দুষ্পাচ্য নহে। ২। হাল্কা জ্বাল। **লঘু পাপ**—সামান্য অপরাধ। **লঘু পাপে গুরু দণ্ড**—সামান্য দোষের জন্য অধিক শাস্তি ; অন্যায় দণ্ড। **লঘুভার**—সামান্য ওজনের বস্তু ; হাল্কা মোট। ২। সামান্য দায়িত্ব। **লঘুমূল্য**—অল্পদাম। **লঘুরাশি**—অনধিক সংখ্যাপাত ঘটিত গণিত। **লঘুবৃত্তি**—নীচকর্ম্ম। **লঘুহস্ত**—বিণ, ক্ষিপ্র হস্ত। ২। অচিরকারী ; শীঘ্রকারী। ৩। শীঘ্র শীঘ্র শরত্যাগে সিদ্ধ হস্ত। প্র—"দোঁহার বিচিত্র শিক্ষা দোঁহে লঘুহস্ত॥"—মহা (কাশী-দাস)।

লঘূকরণ (লো, ন্) [গণিতঃ পরিঃ] বি, রাশির গুরুত্ব, মূল্য প্রভৃতির হ্রস্বীকরণ বা সরলতাপাদন ; এক মূল্যের রাশি ভিন্ন মূল্যের রাশিতে পরিবর্ত্তিত বা পরিণত করণ ; reduction.

লঘ্বী (লোব্‌ঘি) [লঘু + ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, কৃশা কোমলাঙ্গী নারী ; সুন্দরী। ২। নারী-জনবাহন শকট ; শিবিকা ; ডুলী। ৩। [প্রা-বাং] আধু প্রাদে, গ্রা] প্রস্রাব ; মূত্র ত্যাগ।

লঙ্কা [সং] বি, স্ত্রী, রাক্ষসরাজ রাবণের পুরী। বাল্মীকির রামায়ণে বর্ণিত লঙ্কা লবণ সমুদ্র-বেষ্টিত ত্রিকূট পর্ব্বতের উপরিস্থিত বিশ্বকর্ম্মা নির্ম্মিত পুরী—প্রস্থে দশ ও দৈর্ঘ্যে বিশ যোজন (১ যোজন = ৪ ক্রোশ) স্বর্ণপ্রাচীরবেষ্টিত। ইহার পর নক্র কুম্ভীর পূর্ণ পরিখা। চতুর্দ্দিকে চারি স্বর্ণ দ্বার, প্রত্যেক দ্বারে শত্রুবিনাশী প্রশস্ত যন্ত্রসেতু, বিবিধ ঐশ্বর্য্যের আগার। সুরম্য হর্ম্ম্যশ্রেণী, সুসজ্জিত রাজপথ এবং অষ্ট-তল পর্য্যন্ত অট্টালিকায় শোভিত। ইহা পানাগার, পুষ্পাগার, চিত্রশালা, উদ্যান, বৃক্ষ-বাটিকা, লতাগৃহ, ভূমধ্যস্থ গৃহ, রঙ্গভূমি, চৈত্য, বিমান প্রভৃতিতে সজ্জিত এবং রাত্রিকালে সর্ব্বত্র দীপালোকে আলোকিত থাকিত। বর্ত্তমান সিংহল দ্বীপই পৌরাণিক লঙ্কা বলিয়া কথিত আছে। কলম্বোর জ্ঞানাদর্শ নামক মাসিক পত্রিকার সম্পাদক শ্রীযুক্ত মুদলিয়র গুণশেখর কর্ত্তৃক আবিষ্কৃত "কাদয়েমপোত" নামক একখানি সিংহলী পাণ্ডুলিপিতে লঙ্কার প্রাচীন ইতিহাস পাওয়া গিয়াছে। **লঙ্কাকাণ্ড**—রামায়ণোক্ত লঙ্কার অগ্নিদাহ পর্ব্ব। ২। [লক্ষণায়] আগুন লাগাইয়া চারিদিক ছারখার করা। ৩। তুমুল ঝগড়া ; মারামারি কাটাকাটি ব্যাপার। **লঙ্কাধিপতি, লঙ্কাপতি**—বি, পুং, দশানন ; রাবণ। **লঙ্কেশ**—লঙ্কার ঈশ। **লঙ্কেশ্বর**—লঙ্কার ঈশ্বর ; রাবণ। প্র—"তোমা হইতে সবংশে মজিল লঙ্কেশ্বর"—ধর্ম্ম-ম। **লঙ্কাপোড়া**—যে লঙ্কা দগ্ধ করিয়াছিল ; হনূমান্। ২। চতুর্দ্দিকে বিভ্রাটঘটনাকারী ব্যক্তি।

লঙ্কা, লঙ্কামরিচ (মো, চ্) [সম্ভবতঃ লঙ্কা-দ্বীপ হইতে প্রথম আমদানী হওয়ায়] বি, লাল-মরিচ ; লতামরিচ (গোলমরিচ হইতে পৃথক করিবার জন্য অন্য নাম) গাছমরিচ ; capsicum ; chilli ; long pepper ; **ধানীলঙ্কা**—অতিক্ষুদ্র অতিশয় ঝাল লঙ্কা। **পাহাড়ীলঙ্কা**—ফাঁপা মোটা অল্প ঝাল লঙ্কা ইহাকে কাফরী লঙ্কাও বলে। **সূর্য্যমণিলঙ্কা**—[গ্রা—সুজ্জিমনি] ধানী অপেক্ষা কিছু বড় ও খুব ঝাল লঙ্কা। **লঙ্কার ঝাল**—ব্যঞ্জনাদিতে লালমরিচ মিশ্রণ হেতু ঝাল। **লঙ্কাবাটা**—পিষ্ট লালমরিচ। **লঙ্কায় সোণা সস্তা** [রাবণের রাজ্যে লঙ্কাদ্বীপে স্বর্ণের প্রাচুর্য্য বশতঃ প্রবাদ] যে দেশে যাহা প্রচুর আছে বা জন্মে সেখানে তাহা সুলভে বা অল্প মূল্যে প্রাপ্তব্য কিন্তু অন্যত্র নহে।

লঙ্গ [লন্‌গ্ (লাগিয়া যাওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, সঙ্গ ; মিলন। ২। [হি—লাগ্‌না] উপপতি ; নাঙ্। ৩। [হি—লঙ্গড়] পঙ্গুতা।

লঙ্গ [মেয়েলি লঙ্গ। সং—লবঙ্গ] বি, লবঙ্গ।

লঙ্গর (র্) [ফা—লঙ্গর্] বি, নঙ্গর দ্রঃ।

লঙ্ঘন (লংঘোন্) [লনঘ্ (উপবাস করা) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. উপবাস। ২। [লন্ঘ্ ধাতু গমনে] অতিবাহন। ৩। লম্ফন ; ডিঙ্গন। ৪। অশ্বগতিবিশেষ। ৫। অতিক্রম। ৬। দংশন।

[সং—লঙ্ঘ্ ধাতুজ। উ-পু—লঙ্ঘি। ম-পু—লঙ্ঘ। প্র-পু—লঙ্ঘে। অস-ক্রি—লঙ্ঘিতে ; লঙ্ঘিয়া ; লঙ্ঘি (পদ্যে)। ণিজন্ত—লঙ্ঘান (নো)] ক্রি. লঙ্ঘন করা : লাফাইয়া যাওয়া ; ডিঙ্গান। প্র—"তবে বীরবর বায়ে করি ভর ফলঙ্গে লঙ্ঘিল তায়।"—ঘনরাম। ২। অতিক্রম করা। প্র—"হেলায় লঙ্ঘেচ শত যোজন সাগর।"—ঘনরাম। ৩। উপবাস করা। ৪। দংশন করা। প্র—"কেহ বলে বালকের পুনঃ জন্ম হৈল। কেহ বলে জাতি সর্প তেঁই না লঙ্ঘিল।"—চৈতন্য ভাগবত।

লঙ্ঘান (লংঘানো) [লঙ্ঘা (দ্রঃ) শব্দের ণিজন্ত-রূপ কিন্তু উভয়ার্থে ব্যবহার আছে। উ-পু— । ম-পু—লঙ্ঘাও। প্র-পু—লঙ্ঘায়। অস-ক্রি—লঙ্ঘাইতে : লঙ্ঘাইয়া] ক্রি. উপবাস করা ও করান। ২। লম্ফ দেওয়া ও দেওয়ান ; ডিঙ্গন ; ডিঙ্গাইতে বাধ্য করা। প্র—"পঙ্কে বদ্ধ কর করী পঙ্গুকে লঙ্ঘাও গিরি কারে দেও মা ইন্দ্রত্ব পদ, কাবে কর অধো-গামী॥"—দেওয়ান রামদুলাল। ৩। দংশন করা ; দংশান। ৪। অতিক্রম করা ; অতিক্রম করান।

লচ্‌পচ্ [লচ্ (সং—লস্ লাস্যভাবে অথবা হি—লচ্, লচক্ নমনীয়তার্থে) পচ্ (বিনাশোন্মুখীভাবে) পতনের বা ঝুঁকার ভাব] বি. যৌবনরসভারনত কোমলাঙ্গের ভাঙ্গিয়া পড়িবার ভাব : দোদুল গমনভঙ্গী। বিণ. **লচ্‌পচে**-তুল—হি—লচক্‌দার (লগবগে)।

লছমী, লছিমী (লোছ্‌মি) [সং—লক্ষ্মী হইতে হি। ব্রজ—লছিমী] বি. স্ত্রী. লক্ষ্মী। প্র—"লছিমী চাহিতে দারিদ্র্য বেঢ়ল মাণিক হারাণু পেয়ে।"—চণ্ডীদাস।

লছিমা (লোছিমা) [সং—লক্ষ্মী হইতে ব্রজ বুলিতে] বি, স্ত্রী, কবি বিদ্যাপতির পৃষ্ঠপোষক রাজা শিবসিংহের পত্নী। প্র—রাজা শিবসিংহ লছিমা দেবী ভনয়ে বিদ্যাপতি মনহুঁ সঙ্গ বিশঙ্কা—বি. প। "রায় শিবসিংহ রূপ-নারায়ণ। লছিমা দেবী পরমাণ।"—বি. প।

লজঞ্জুস, রজঞ্জুস (শ্) [ইং—lozenges] বি. বিবিধবর্ণে রঞ্জিত বিভিন্ন আকারের চিনির মিঠাই।

লজ্জমান (ন্) [লস্‌জ্ (লজ্জিত হওয়া) + আন (কর্তৃ—আনশ্)] বিণ. লজ্জাশীল ; লাজুক। স্ত্রী. **লজ্জমানা**।

লজ্জা [সং—লস্‌জ্ (লজ্জা করা) + অঙ্ (ভাবে)। মেয়েলি—নজ্জা] বি. স্ত্রী. হৃদয়ের যে কোমল বৃত্তি অন্যের সমক্ষে বা জ্ঞাতসারে কোন কর্ম্ম করিতে সঙ্কোচ আনয়ন করে ; পর-পরিজ্ঞান ভয় ; ব্রীড়া ; সরম ; সম্ভ্রম ; হায়া। ক্রি. **লজ্জা করা, লজ্জান** [নামধাতু —গ্রা—হি—লাজানা। ব্রজ—লজাই, লজায় ইত্যাদি]। [দ্রঃ—কাহার কাছে মনের কথা বলিতে বা কিছু করিতে ঔচিত্যানৌচিত্য বোধে যে বাধা তাহাই **কুণ্ঠা**। হৃদয় বলিতে চাহে কিন্তু মুখ ফুটিয়া বলিতে না পারা **লজ্জা**। কোন কাজ করায় ইতস্ততঃ করণ এবং কথা বলায় জড়ীভাব তাহা **সঙ্কোচ**। লজ্জার সহিত বিনয় এবং জড়ীভাবের যে মিশ্রণ তাহার নাম **ব্রীড়া**]। **লজ্জাকর,—জনক** —বিণ যাহাতে লজ্জা জন্মে ; ব্রীড়াজনক। **লজ্জাবোধ**—সঙ্কোচজ্ঞান ; কুণ্ঠাবোধ। **লজ্জা দেওয়া**—নিন্দা বা ভর্ৎসনা দ্বারা অপ্রস্তুত করা। **লজ্জা পাওয়া**—পর-পরিজ্ঞান-ভয় পাওয়া। **লজ্জার কথা**—লজ্জিত হইবার বা লজ্জা পাইবার মত বিষয় ; নিন্দার কথা। **লজ্জার মাথা খাওয়া** —নির্লজ্জ হওয়া ; বেসরম হওয়া। **লজ্জা রহিত,—বিহীন, —শূন্য, —হীন**—নির্লজ্জ ; বেহায়া।

লজ্জাবান্ [লজ্জা + বৎ (অস্ত্যর্থে) ১মা. ১ব] বিণ. পুং. লজ্জাশীল ; লাজুক। স্ত্রী. **লজ্জাবতী**—লজ্জাশীলা। ২। লতাবিশেষ (যে লতা স্পর্শ করিলে তাহার পাতাগুলি গুটাইয়া যায়)। প্র—"ছুঁইওনা ছুঁইওনা উটি লজ্জাবতী লতা"—হেম।

লজ্জালু [লজ্জা + আলু (প্রত্যয়)] বিণ. লাজুক। ২। লজ্জাবতী লতা। **লজ্জালু-লতা**—লজ্জাবতী লতা।

লজ্জাশীল (শিল্) [লজ্জা—শীল (স্বভাব) যাহার, বহু] বিণ. লাজুক। স্ত্রী. **লজ্জাশীলা**—ব্রীড়া-সঙ্কুচিতা। ২। সাধ্বী। বি. **লজ্জাশীলতা**—লাজুকতা। ২। সতীত্ব। **লজ্জাশীলতার হানি করা**—বেআবরু করা ; সম্ভ্রম নষ্ট করা। ২। সতীত্ব নাশ করা।

লটকান (ট, নো) [হি—লট্‌কানা] ক্রি. ঝুলান ; লম্বিত করা ; টাঙ্গান। বি. **লটকন**—ঝুলন।

লট্‌কান্ [মেয়েলি—নট্‌কান] বি. বিদেশী গাছবিশেষ, ইহার ফল রক্তবর্ণ, বহুবীজ ও কাঁকরোল আকৃতি হয়, ফল পাকিলে ফাটিয়া যায়। ইহার বীজ জলে গুলিলে যে লাল রঙ্গ হয় তাহাতে লোকে বস্ত্রাদি রঞ্জিত করে।

লট্‌খট্, লট্‌খটী [নটখট দ্রঃ] বি. ঝঞ্ঝাট ; বিঘ্ন ; উৎপাত।

লটপট, লটাপট (ট্, ট্) [লট্ = লড্ (বিলাসে) পট্ (গমনে, বেষ্টনে) বিলাসযুক্ত গমনের ভাব : শিথিলভাবে বেষ্টিত বা লগ্ন হওয়ার ভাব। হি—লোটপোট] বি. লুণ্ঠন ; লুটাইয়া পড়ন। প্র—"লটাপট জটাজুট সঙ্ঘট্ট গঙ্গা।"—অ. ম। ২। বিণ. শিথিল-ভাবে যাহা ঝুলিয়া আন্দোলিত বা লুণ্ঠিত হইয়াছে ; দোদুল্যমান। প্র—"লটপটতার বেশ"—চণ্ডীদাস। ৩। লম্পট ; lewd. বি. **লটপটি, লটাপটি**। ক্রি. **লট-পটান** (নো)।

লটা [সং] বি. স্ত্রী. চূর্ণকুন্তল। ২। কুসুমফুল। ৩। নাটাকরঞ্জ। ৪। গ্রাম্য চটক পক্ষী। ৫। কামুকী। পুং. **লট**—লম্পট ; lewd.

লটুয়া [লড (বিলাসে) লট + উয়া] বিণ. লম্পট ; কামুক।

লড় (ড়) [লড্ (স্পন্দনে—কম্পনে) রড় দ্রঃ। প্রা-বাং] বি. দৌড়। প্র—"এতবলি লড় দেই ধবে সর্পগণে"—চৈ-ভা। "লড় দিয়া চলে গেল ভাই দুইজন"—রামা (দ্বিজ লক্ষ্মণ)। ২। স্পন্দন ; কম্পন ; আন্দোলন ; নড়ন। ক্রি. লড়া। **লড়চড়**—[নড়চড় দ্রঃ] বি. ব্যতিক্রম ; খেলাপ ; অন্যথা। **লড়লড়**—নড়নড় দ্রঃ।

লড়কান (লড়্‌কানো) [হি—লড়কানা] ক্রি. লোভান ; লোভ দেখান। ২। মাছের আহার দেওয়া।

লড়ন (ন্) [লড দ্রঃ] বি. স্পন্দন ; আন্দোলন। ২। [লড্ উৎক্ষিপ্তভাবে] যুদ্ধকরণ। ৩। সমবয়স্ক দুইজনের মধ্যে শক্তি পরীক্ষা ; কুস্তি খেলা। **লড়ন চড়ন**—চলন ফিরন ; গতি। ২। আন্দোলন ; স্পন্দন।

লড়বড় (ড়) [নড়বড় দ্রঃ। লড্ (বিলাসে, কম্পনে) বট্ (বেষ্টনে, সঞ্চালনে)] বি. শিথিলভাবে বেষ্টন করিয়া নড়িবার ভাব। ২। লোল বা শিথিলভাবে আন্দোলিত হওয়ার ভাব। বিণ. **লড়বড়িয়া, লড়্‌বড়ে**। ক্রি. **লড়্‌বড়ান** (নো) লড়বড় করা। প্র—"মস্তকে আঙ্গুল ফিরে জিহ্বা লড়বড়ি"—কাশী-মহা-আদি। ৩। [শব্দাত্মক] দোদুল্য-মান বস্তুর দোলন শব্দ। **লড়রবড়র**—ক্রমাগত লড়বড় করিতে থাকার ভাব।

লড়া, লঢ়া [লড্ (উৎক্ষেপণে) ধাতুজ। উ-পু—লড়ি। ম-পু—লড় ; লড়ন্ ; লড়্। প্র-পু—লড়ে ; লড়েন। অস-ক্রি—লড়িতে ; লড়িয়া, লড়ি, লড়ে। ণিজন্ত—লড়ান। হি—লড়্‌না। প্রা-বাং লঢ়া] ক্রি. যুদ্ধ করা ; রণ করা। প্র—"কালকেতু বড় লড়ে"—কবিক।

২। পরস্পর শক্তি পরীক্ষা করা। বি, লড়াই যুদ্ধ। ২। বিবাদ; শত্রুতা। বিণ, লড়াইয়া, লড়ায়ে—যুদ্ধকারী; জঙ্গী; যুঝারিয়া। ২। কাহার পক্ষাবলম্বন করিয়া অন্যের সহিত বিবাদ বা ঝগড়া করিতে তৎপর। প্র—"আমি তোমার লড়ায়ে ম্যাড়া"—নবীন তপস্বিনী।

লড়া [লড় দ্রঃ] ক্রি, স্পন্দিত হওয়া; আন্দোলিত হওয়া। সরিয়া যাওয়া বা আসা; সরা: move. বি, লড়ন।

লড়াক (ক্) [হি—লড়াকু=যুদ্ধপটু: কলহ পটু] বিণ, সমরপটু: বিবাদে তৎপর, রণদক্ষ। ২। বীর।

লড়ান, লঢ়ান (নো) [লড়া দ্রঃ। হি—লঢ়ানা। উ-পু—লড়াই। ম-পু—লড়াও। প্র-পু—লড়ায়। অস-ক্রি—লড়াইতে; লড়াইয়া, লড়িয়ে] ক্রি, যুদ্ধ করান; যুদ্ধ বাধান। ২। পরস্পরকে লড়িতে দিয়া শক্তি পরীক্ষা করা। প্র—"লয়ে নিজ পারাবত, চলে ধনপতি দত্ত, লঢ়াইতে নগরিয়া সাথে।"—কবিক।

লড়ালড়ি [লড় (দ্রঃ) + আ (পরস্পর অর্থে) —লড়ি (লড়াই)] বি, পরস্পর যুদ্ধ; যুঝাযুঝি। ২। দৌড়াদৌড়ি; রড়ারড়ি।

লড়ী (লোড়ি) [সং—যষ্টি, প্রাকৃ—লট্ঠী—লড়ী অথবা নড় দ্রঃ (নল শব্দজ)] বি, লগুড়; লাঠি। প্র—"ডানি করে ভাঙ্গা লড়ী বাম কক্ষে ঝুড়ী"—অ. ম। অন্ধের লড়ী—অন্ধের নড়ী দ্রঃ।

লড্ডু, লড্ডুক (লো, ক্) [সং] বি, মোদক; লাড়ু। প্র—"নানা জাতি পিষ্টক লড্ডুক নানাবিধ"—শিবায়ন।

লণ্ঠন (লন্ঠন্) [ইং—lantern] বি, কাচ-বেষ্টিত দীপাধার। ঝাড় লণ্ঠন—বেলোয়ারী কাচের ঝাড় বা দীপধারা। হাত লণ্ঠন—হাতে ঝুলাইয়া লইয়া যাইবার লণ্ঠন। হারিকেন লণ্ঠন—ঝড়ে দীপ নিবিয়া যায় না এরূপ লণ্ঠন; hurricane lantern.

লণ্ড, লণ্ডা [সং] বি, স্ত্রী, কঠিন অথচ দণ্ডাকৃতি মল; ল্যাড়।

লণ্ডভণ্ড [সং—লণ্ড্ (উৎক্ষেপণে) ধাতুজ) ভণ্ড (ভণ্ডন—যুদ্ধ)] ক্রি, ছারখার; তছনছ্। ২। বিশৃঙ্খল এবং বিপর্যস্ত।

লণ্ডন [ইং—London হইতে সং—লণ্ডন] বি, ইংলণ্ডের রাজধানী লণ্ডন। লণ্ডনজ—লণ্ডন দেশজাত।

লতা, লতিকা (লোতিকা) [লত্ (বেষ্টন করা) + অ (কর্তৃ—অচ্) + ক—স্বার্থে আ (ঈ) —টাপ্—স্ত্রী] বি, স্ত্রী। যাহা বৃক্ষাদি বেষ্টন করিয়া ঊর্দ্ধে উত্থিত হয় অথবা ভূমিতে বিস্তৃত হয়; ব্রততী; বল্লী; creeper. ২। [লক্ষণায়] নারী। ৩। [কু'র সুনাম দেওয়ার প্রাচীন প্রথা। গ্রীক euphemism; মেয়েলি—লতা] বি, সর্প। ক্রি, লতান (নো)—লতার মত বিস্তার লাভ করা; লতার মত জড়ান বা বেষ্টন করা। বিণ, লতানিয়া, লতানে—যাহা লতাইয়া যায়; লতার প্রকৃতি যুক্ত। আশা-লতা—লতার ন্যায় আশ্রয়-কারিণী ও বর্দ্ধনশীলা বা ব্যাপিকা আশা। প্র—"রোপণ করেছি আমি আশা-লতা প্রেম বনে।"—গান। লতাইয়া যাওয়া—লতার মত গড়াইয়া বিস্তৃত হওয়া। লতার মত পাকাইয়া যাওয়া। ৩। কৃশ হওয়া। লতাইয়া পড়া, লতিয়ে পড়া—অবসন্ন হইয়া বসিয়া বা শুইয়া পড়া। ২। পদানত হওয়া। লতাজিহ্ব—যাহার জিহ্বা লতার মত; সর্প। লতাতরু—যে সকল বৃক্ষ লতা দ্বারা প্রায়ই বেষ্টিত হয়। ২। শাল গাছ (২) তালগাছ (৩) কমলালেবুর গাছ। লতাপনস—তরমুজ গাছ। লতাপাতা—লতা ও পাতা; লতানিয়া গাছপালা। লতাচক্রা—পিড়িং শাক। লতা-প্রতানিনী—বি, স্ত্রী, গুল্মিনী; বহু শাখায় বিস্তৃত লতা। লতাফট্‌কী—বন উচ্ছের গাছ। ২। জ্যোতিষ্মতী লতা। লতাফল—পটোল। লতাভদ্রা—ভদ্রালী গাছ। লতামণি—প্রবাল। লতামৌ—ধান্য-বিশেষ। প্র—"লতামৌ মৌকলস আর খেজুর ছড়ি।"—শূ-পু। লতাযষ্টি—মঞ্জিষ্ঠা। লতাবেষ্টিতক—আলিঙ্গনবিশেষ। লতা-শঙ্খ—শালবৃক্ষ; শালগাছ। লতাসাধন—তান্ত্রিক বীরাচারের সাধনাবিশেষ; নায়িকা সাধন।

লত্তা [হি। সং—লত্তক] বি, লেতা দ্রঃ।

লত্তিকা (লো) [সং] টিক্‌টিকী। ২। গিরগিটী।

লপন (ন্) [লপ্ (বলা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ভাষণ; কথন। বিণ, লপিত—উক্ত; ভাষিত। ২। বি, ভাষণ; উক্তি।

লপলপ (প্, প্) [শব্দাত্মক] বি, আহার কালে চর্ব্বণ বা লেহনের শব্দ; জিহ্বা ব্যাপার-জনিত অনুকার শব্দ; আধিক্যে ও দ্রুত অর্থে—লপালপ।

লপেট (ট্) [লিপ্ত শব্দজ। হি] বি, বেষ্টন; আবরণ। বিণ, লপেটা—লিপ্ত। ২। গুটান। ৩। বি, জুতাবিশেষ; যে জুতার অগ্রভাগ শুঁড়ের মত উপর দিকে গুটান থাকে; শুঁড় উল্‌টানা চটি।

লপ্টান (নো) [হি—লপট্না। সং—লিপ্ত হইতে] ক্রি, লিপ্ত হওয়া; জড়াইয়া থাকা। ২। ভাঁজ করা; পাট্ করা। বি, লপ্টন, লপ্টানি।

লপ্সিকা (লো) [সং] বি, মোহনভোগ; হালুয়া।

লব (ব্) [সং] সূক্ষ্ম কাল। ২। অল্পমাত্র; কণা; লেশ। প্র—"বসনে বান্ধিয়া সব না রহিল একা লব লইয়া চলিল আর বলে।"—কবিশেখর। ৩। পুষ্পরেণু। ৪। [গণিতে] বিভাজ্য অঙ্ক। ৫। রামচন্দ্রের দ্বিতীয় পুত্র। ৬। পক্ষিবিশেষ। ৭। [বৈদ্যকে] লবণ। (২) লবঙ্গ। (৩) জায়ফল।

লব [লওয়া (দ্রঃ) ধাতুর উ-পু, ভবিষ্যৎকালের রূপ লইব, সংক্ষেপে লব। "ব" ভবিষ্যৎ কাল-বাচক ক্রিয়া-বিভক্তি] ক্রি, লইব। ম-পু, তুচ্ছার্থে লবি—লইবি (তুই)। প্র—"নিবৃত্তিকে সঙ্গে লবি।"—রামপ্রসাদ। সমানার্থে—লবে=লইবে (তুমি); সম্ভ্রমার্থে—লবেন=লইবেন (আপনি)। প্র-পু—লবে =লইবে (তুমি); সম্ভ্রমার্থে—লবেন (তিনি) =লইবেন। ২। অতিবাহিত করিবে; কাটাইবে। প্র—"চিন্তায় অলসে যদি বৃদ্ধকাল লবে।"—ধনরাম।

লবঙ্গ, লবঙ্গক (ক্) [মলক্কা—মলঙ্গা হইতে সং—বলঙ্গ পরে বর্ণ বিপর্যয়ে লবঙ্গ ও লবঙ্গক; হি—লওয়াঙ্গ্] বি, বৃক্ষবিশেষ ও তাহার সুগন্ধ পুষ্প; ইহার অন্যনাম—দেবকুসুম; লঙ্গ; লব। ইহা মলক্কা দ্বীপের বৃক্ষ। লবঙ্গ-কলিকা—লবঙ্গ গাছের শুষ্ক পুষ্পমুকুল:—যাহা বাজারে বিক্রয় হয়; cloves. লবঙ্গ-লতা,—লতিকা—সুগন্ধ ফুল ও ফলদ কণ্টকী বৃক্ষবিশেষ। ২। লবঙ্গ দিয়া বেঁধা ঘিয়ে ভাজা মিষ্টান্নবিশেষ।

লবণ (ন্) [লূ (ছেদন বা বিশ্লেষণ করা) + অন (কর্তৃ—অনট্)] বি, ক্লী, ক্ষাররসযুক্ত দ্রব্য-বিশেষ; নুণ। সৌবর্চ্চল, সৈন্ধব, বিট, ঔদ্ভিদ্ ও সামুদ্রভেদে লবণ পাঁচ প্রকার। ২। লবণ সমুদ্র। ৩। কুম্ভীনসী রাক্ষসের পুত্র। ৪। বিণ, লবণাক্ত; লোনা। স্ত্রী, লবণা—নদী-বিশেষ। লবণ-ধেনু—ধেনুদান হেতু লবণ-নির্ম্মিত কল্পিত ধেনু।

লবণিয়া (নি) [লবণ + ইয়া, হি—লুনিয়া] বি, লবণ ব্যবসায়ী। ২। লবণ প্রস্তুতকারক; লুনিয়া।

লবণোদক (নোদক্) [লবণ (লোনা) হইয়াছে উদক (জল) যাহার, বহু] বি, পুং, লবণ সমুদ্র।

লবলী বি, স্ত্রী, নোয়াড়ি গাছ।

লবলেশ (শ্) [লব (দ্রঃ) ও লেশ (দ্রঃ)] বি, কিছুমাত্র ; চিহ্নমাত্র। প্র—"পুরী দেউল কিছু নাহি লবলেশ"—আটিয়া পরগণায় ব্যবহৃত।

লবাদা—লবেদা দ্রঃ।

লবান (ন্) [আ—লুবান্] বি, frankincense ; olibanum.

লবান (ন্) [আ] সুগন্ধ বৃক্ষনির্য্যাসবিশেষ ; গুগ্‌গুলবিশেষ (হিন্দুগৃহে ধুনা পুড়াইবার মত মুসলমানদিগের গৃহে লবান পুড়ান হয়)।

লবেজান (ন্) [ফা—লব্ (ওষ্ঠ)-ই-জান্ (প্রাণ) ফা—জান-ব-লব্] বিণ, ওষ্ঠাগত প্রাণ। **লবেজান করা**—প্রাণ ওষ্ঠাগত করা ; প্রাণে মারা। প্র—"বিবিজান চলে যান লবেজান করে"—ঈশ্বর গুপ্ত।

লবেদা (দ্) [পর্ত্তু—loba (ঢলঢলে পোষাক) +abada (গুটান প্রান্ত পরিচ্ছদ)—ফা—লবাদা] বি, চোগা জাতীয় বড় ও ঢিলা জামা) মুসলমানদের সচরাচর ব্যবহারের লম্বা তুলা ভরা কিম্বা মোটা জামা। ২। বর্ষার বারি হইতে আত্মরক্ষার উপযোগী গলা হইতে পা পর্য্যন্ত ঢাকা জামা ; বর্ষাতি ; water proof-cloth. **লবেদার**—[বাং-য়] বিণ, পোষাকী বাবু ; ফুলবাবু।

লব্ধ [লভ্ (পাওয়া)+ত (কর্ম্মে—ক্ত), যাহা পাওয়া গিয়াছে] বিণ, প্রাপ্ত ; গৃহীত। ২। উপার্জ্জিত। স্ত্রী, **লব্ধা**—নায়িকাবিশেষ। **লব্ধকাম**—যাহার কামনা পূর্ণ হইয়াছে। **লব্ধপ্রতিষ্ঠ**—যাহার প্রতিষ্ঠা লাভ হইয়াছে ; প্রথিতযশা। **লব্ধপ্রবেশ**—যিনি ভিতরে প্রবেশ করিতে পারিয়াছেন। **লব্ধবর্ণ**—[লব্ধ—বর্ণ (যশঃ)] বিণ, যশস্বী। ২। পণ্ডিত।

লব্ধি (লো) [লভ্ (পাওয়া)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, প্রাপণ ; প্রাপ্তি ; লাভ। ২। ধারণ ; গ্রহণ।

লব্ধোদয় (য়্) [লব্ধ (প্রাপ্ত) হইয়াছে উদয় (উৎপত্তি) যৎ কর্ত্তৃক, বহু] বিণ, উদিত ; উদ্গত ; সমুৎপন্ন।

লভ্য (লোভ্‌ভ) [লভ্ (পাওয়া)+য (কর্ম্মে)] বিণ, লাভের উপযুক্ত। ২। যাহা লাভ হইবে বা হওয়া উচিত ; প্রাপ্য। ৩। বি, লাভ ; প্রাপ্তি। প্র—"স্বপ্নে রাজ্য লভ্য যেমন, নিদ্রা ভঙ্গে ভাব কেমন।"—রামপ্রসাদ। ৪। বৃদ্ধি ; সুদ ; interest. **আসল লভ্য**—অধমর্ণের নিকট হইতে প্রাপ্য আসল টাকা ও তাহার সুদ ঘটিত গণিত।

লম্প [ইং—lamp মেয়েলি—নম্প] বি, দীপস্বরূপ জ্বালাইবার টিনের ডিবা ; কেরোসীন তৈলের আবরণহীন দীপ।

লম্পট (ট্) [রম্ (অনুরক্ত হওয়া)+অট (কর্ত্তৃ অটন্) প আগম, র=ল] বি, পুং, কামুক ; লোচ্চা। পরস্ত্রী লোলুপ। প্র—"লম্পট পুরুষ আসে বারবধূজন বৈসে এক-ভিতে তার অধিষ্ঠান।"—কবিক। "এ বড় চতুর চোর গোকুলে নন্দকিশোর। * * সে দেখে সবারে কে দেখে তাহারে লম্পট কাল কঠোর॥"—বাং-গান।

লম্ফ [রন্ফ্ (লাফ দেওয়া)+অ (ভাবে অল্), র=ল] বি, পুং, উল্লম্ফন ; লাফ। [তুল—ইং leap ; এ্যাং-স্যা-অতীতে, hleop ; ল্যা—rampa (a paw) শব্দজ ইং—ramp (a leap) ; হি—লপক (লম্পক) ; এ্যাং-স্যা—hleapan (উল্লম্ফন) জর্ম্ম—laufen (দৌড়)]। **লম্ফঝম্প**—বি, লাফ ঝাঁপ ; লাফালাফি। প্র—"সে বিশাল লম্ফে ঝম্পে আতঙ্কে ধরণী কম্পে"—প্রেম ও ফুল।

লম্ব [লন্ব্ (লম্বিত হওয়া)+অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, দীর্ঘ ; সরুভাবে বিস্তৃত। ২। লম্বিত ; স্রস্ত। ৩। দোলায়মান। ৪। বি, বিস্তার ; দৈর্ঘ্য। ৫। অবলম্বন। ৬। [রেখা গণিতে] এক রেখার উপর ঋজুভাবে অবস্থিত রেখা ; ত্রিভুজ ক্ষেত্রের লম্বিত বাহুদ্বয়। **লম্বকর্ণ**—বিণ, দীর্ঘকর্ণবিশিষ্ট। ২। গর্দ্দভ। ৩। শশক। ৪। ছাগ। ৫। হস্তী। ৬। গণেশ। ৭। রাক্ষস। **লম্বকেশ**—দীর্ঘ অগ্রবিশিষ্ট কুশ নির্ম্মিত আসন। **লম্বদন্তা**—বিণ, দীর্ঘদন্তবিশিষ্টা। ২। বি, সৈংহলী পিপ্পলী।

লম্বন (ন্) [লন্ব্ (লম্বিত হওয়া) অন (ভাবে অনট্)] বি, ক্লী, দোলন ; ঝুলন। ২। আশ্রয় গ্রহণ ; অবলম্বন। ৩। [কর্ত্তৃ—সংজ্ঞার্থে অন] নাভি পর্য্যন্ত লম্বিত হার।

লম্বমান (ন্) [লন্ব্ (লম্বিত হওয়া)+আন (কর্ত্তৃ) ম্ আগম] বিণ, দোলায়মান। প্র—"অর্জ্জুন গর্জ্জন করে বান্ধে বীর গোধিকারে ধনুকেতে লম্বমান রাখে।"—কবিক। ৩। বিলম্বিত ; লম্বভাবে স্থাপিত বা শোভিত। প্র—"ফোঁটা কাটা মহাদন্ত ছিঁড়া ধুতি কোচা লম্ব শ্রবণে কলম লম্বমান।"—কবিক।

লম্বরদার (র) [হি—লম্বর (ইং—number হইতে)—ফা—দার ; করদাতাদিগের মুখপাত্র স্বরূপ যাহার নাম খাজনার খাতায় দাখিল থাকে] বি, করদাতাদিগের মধ্যে যে ব্যক্তি খাজনা আদায় করিয়া গবর্ণমেণ্টে দাখিল করে ; গ্রামের মণ্ডল। [দ্রঃ—"The member of a coparcenary whose name is entered on the rent-role of government, and through whom the rent is paid"—Bengal.—*Glossary, V. J. & R. Terms, 1875.*]

লম্বা [লন্ব্ (লম্বিত হওয়া)+অ (কর্ত্তৃ অচ্) আপ্—স্ত্রী] বিণ, দীর্ঘ ; long. ২। একটানা। ৩। বি, স্ত্রী, দুর্গা। ৪। লক্ষ্মী। ৫। তিত লাউ। **লম্বা করা**—প্রহারে ধরাশায়ী করা। **লম্বা দেওয়া**—দৌড়িয়া পলায়ন। ২। প্রস্থান ; চম্পট। **লম্বা দৌড়**—দীর্ঘ পথে একটানা দৌড়। **লম্বা লম্বা** [বহুবচনার্থে দ্বিত্ব] লম্বাকৃতি অনেক গুলি। **লম্বা লম্বা কথা**—অবস্থার অতিরিক্ত বাক্য ; গর্ব্বোক্তি। ২। অপ্রীতিকর এবং মর্য্যাদার হানিকর উক্তি। ৩। বড় মানুষী কথা। প্র—তাহার লম্বা লম্বা কথা শুনিয়া চটিয়া উঠিল। **লম্বালম্বি**—ক্রি-বিণ, লম্বাদিকে ; লম্বাভাবে। ২। উভয় দিকে দৈর্ঘ্য পরিমাণে। **লম্বা হওয়া**—হাত পা ছড়াইয়া শয়ন করা।

লম্বাই [লম্বা+ই (পরিমাণার্থে)] বি, লম্বা দিকের মাপ ; দীর্ঘ পরিমাণ। **লম্বাই চওড়াই**—দীর্ঘ ও প্রস্থ পরিমাণ। ২। বড় মানুষী কথা। ৩। আস্ফালন ; গর্ব্বোক্তি। প্র—"তাহাদের কাছে সে তখন খুব লম্বাই চওড়াই করিতে লাগিল।

লম্বাটিয়া [লম্বা+আটিয়া। গ্রা—লম্বাটে] বিণ, অনেকটা লম্বা ; লম্বা ধরণের ; প্রায় লম্বা।

লম্বিকা (লো) [লম্ব্ (লম্বিত হওয়া)+অক (কর্ত্তৃ)+আপ্, স্ত্রী] বি, স্ত্রী, আল্‌জিভ।

লম্বিত (লো) [লম্ব্ (লম্বিত হওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা ঝুলিতেছে ; যাহা ঝোলান হইয়াছে। প্র—"আজানু লম্বিত বাহু সুললিত কোদণ্ড শোভিত তাহে।"—বাং-গান। ২। অবলম্বিত। ৩। অধঃপতনোন্মুখ।

লম্বোদর (র্) [লম্ব (বিস্তৃত) হইয়াছে উদর যাহার, বহু] বি, পুং, গণেশ। ২। বিণ, ঔদরিক ; পেটুক। ৩। স্থূলোদর।

লম্বোষ্ঠ [লম্ব (দীর্ঘ) হইয়াছে ওষ্ঠ যাহার, বহু] বি, পুং, উষ্ট্র ; উট।

লম্ভন (ন্) [লন্ভ্ (প্রাপ্ত হওয়া, শব্দ করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রাপণ। ২। শব্দ। ৩। লাঞ্ছনা। বিণ, **লম্ভিত**।

লয় (য়্) [লী (মিলিত হওয়া)+অ (ভাবে—অল্) মেয়েলি—নয়। প্র—নয়-নেত্য] বি, পুং, তৌর্য্যত্রিকের ক্রিয়াকালের সমতা। লয়—দ্রুত, মধ্য ও বিলম্বিত ভেদে ত্রিবিধ। ২। কালের নিরবচ্ছিন্ন গতি। ৩। অভিনয়। ৪। মিলিয়া যাওয়া ; লীন হওয়া। ৫। প্রলয় ; ধ্বংস ; বিনাশ। ৬। মৃত্যু। প্র—"প্রার্থনা এই মা তব অভয়পদকমলে করি। * * * আকিঞ্চন লয়কালে যেন মুখে বলে হরি হরি॥"—বাং-গান। ৭। আলয় ;

আবাস। ৮। বিলাস। **লয় করা**—নাশ করা। **লয় দেওয়া**—গায়কের কণ্ঠ বা নর্ত্তকের পদন্যাসের সহিত সুর তালাদির মিল রাখা। ২। মতে মত দেওয়া : সায় দেওয়া। **লয়নৃত্য**—[মেয়েলি ; নয়-নেত্য] প্রলয়নৃত্য ; তাণ্ডব। ২। একাকার। **লয়পুত্রী**—নটী ; নর্ত্তকী। **লয়মাফিক**—যথাসময়ে : যথাক্ষেত্রে : সুযোগমত।

লয়া [সং—নবা হইতে হি—নওয়া (নূতন), বাং-গ্রা—অশিক্ষিতের উচ্চারণে লয়া। ন =ল] বিণ, নূতন ; নব। **লয়া লয়া**—নব নব ; নূতন নূতন। প্র—"আমার লয়া লয়া সাপ"—রাজকৃষ্ণ রায়।

ললজ্জিহ্ব (জ্জিব্‌ভ, ভ.) [ললৎ (দোলায়মান, লেহনকারী) জিহ্বা যাহার, বহু] বিণ, যাহার জিহ্বা লক্‌লক্‌ করে বা করিতেছে। ২। রক্তলোলুপ জিহ্বা ; হিংস্র। ৩। বি, কুকুর। ৪। উষ্ট্র।

ললৎ [লড়্‌ (উৎকণ্ঠিত হওয়া) + অৎ (কর্ত্তৃ—শতৃ)] বিণ, লেলিহান ; দোলায়মান। ২। লোলুপ ; লালসাযুক্ত। ৩। বিলাস-যুক্ত। [দ্রঃ—এই শব্দ অন্য শব্দের পূর্ব্বে যুক্ত হইয়া অর্থ প্রকাশ করে যথা—ললজ্জিহ্ব : ললৎকর্ণ]।

ললন (ন্‌) [লল্‌ (কটাক্ষাদি ভঙ্গী বা বিলাস প্রদর্শন করা) + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, বিলাস। ২। কেলি। ৩। দোলন ; কম্পন।

ললনা ["বিশেষাস্ত্বঙ্গনা * * * ললনা চ নিতম্বিনী"—অমর। "অঙ্গনাদয়ো যোষি-দ্বিশেষাঃ"—অমরটীকা। "ললনা সুকুমারাঙ্গী"—রত্নকোষঃ] বি, স্ত্রী, সুকুমারাঙ্গী নারী। ২। পত্নী। ৩। জিহ্বা। **ললনাপ্রিয়**—বিণ, নারীপ্রিয়। ২। পত্নীপ্রিয়। ৩। বি, পুং, কদম্ব। ৪। ক্লী, হ্রীবের ; বালা গন্ধ-দ্রব্যবিশেষ। **ললনাসুহৃদ্‌**—রমণীর বন্ধু। ২। নারীর হিতকারী।

ললন্তিকা [ললৎ (কম্পমান) + ক = আপ্‌, স্ত্রী, নিপাতনে] বি, স্ত্রী, নাভিদেশ পর্য্যন্ত লম্বিত হার। ২। গিরগিটী।

ললাট (ট্‌) [লল্‌ (ইচ্ছা করা) + অট (ভাবে—অটন্‌) + অ = আ সংজ্ঞার্থে] বি, ক্লী, কপাল। ২। অদৃষ্ট ; ভাগ্য। প্র—"কান্দে বীর লাউসেন রায়, এই ছিল আমার ললাটে"—ঘনরাম। **ললাটপট্ট**—বি, কপালের বিস্তার। ২। বিস্তৃত ললাট।

ললাটক (ক্‌) [ললাট + ক] বি, প্রশস্ত কপাল।

ললাটিকা [ললাট + ক + আপ্‌, স্ত্রী, অ = ই] বি, স্ত্রী, তিলক। প্র—"ভালে দাও এক ললাটিকা।"—অশোকগুচ্ছ। ২। ললাট-ভূষণ। প্র—"যোগীর ধ্যানের ধন ললাটিকা মেয়ে"—সারদামঙ্গল।

ললাম (ম্‌) [লল্‌ (ক্রীড়া করা) + আম (সংজ্ঞার্থে)] বি, ললাটের ভূষণ। ২। ললাটস্থিত চিহ্ন ; পুণ্ড্র। ৩। অশ্বের কিম্বা বৃষের ললাটস্থিত রঞ্জিত চিহ্ন। ৪। ধ্বজা। ৫। প্রভাব। ৬। শ্রেণী। ৭। বিণ, শ্রেষ্ঠ। ৮। রমণীয় ; মনোজ্ঞ।

ললামক—বি, ক্লী, ললাটশোভী মাল্য।

ললামী—কর্ণভূষণবিশেষ।

ললিত (লোলিত্‌) [লল্‌ (বিলাসে) + ত (ভাবে)] বিণ, মনোহর ; সুন্দর। ২। কমনীয় ; কোমল। ৩। প্রিয় ; ঈপ্সিত ; বাঞ্ছিত। ৪। চঞ্চল। ৫। বি, লাস্য ; স্ত্রীনৃত্য। ৬। ["স্ত্রীণাং বিলাসবিব্বোক-বিভ্রমা ললিতস্তথা। হেলা লীলেত্যমী হাবাঃ ক্রিয়াঃ শৃঙ্গারভাবজাঃ॥"—অমর] বিলাস ; হাব ; স্ত্রীজাতির শৃঙ্গারভাবজ ক্রিয়াবিশেষ। ৭। রাগিণীবিশেষ।

ললিতকান্তা (লো, ত্‌) বি, স্ত্রী, মঙ্গল-চণ্ডিকা।

ললিতা (লো) [লল্‌ (ইচ্ছা করা) + ত (কর্ত্তৃ—ক্ত) আপ্‌ স্ত্রী] দুর্গা। ২। রাধা সহচরী গোপীবিশেষ। ৩। ললনা। ৪। নদীবিশেষ।

ললিতাসপ্তমী—বি, স্ত্রী, ভাদ্র মাসের শুক্লা সপ্তমী তিথি এবং উক্ত তিথিতে অনুষ্ঠেয় ব্রত।

লশুন, লশূন (লোশুন্‌) [সং—রসুন হইতে র = ল] বি, উগ্রগন্ধ শ্বেত কন্দবিশেষ ; রশুন ; garlic.

লষিত (লো) [লষ্‌ (অভিলাষ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বাঞ্ছিত ; অভিলষিত।

লসৎ, লসত [লস্‌ (ক্রীড়া, বিলাস) + অৎ (কর্ত্তৃ—শতৃ)] বিণ, বিলসিত ; লীলা-পরায়ণ। প্র—"কনক খঞ্জপর লসত কঞ্চুকি নাচত চরত ফণী।"—জ্ঞান। ২। শোভমান।

লসা (শা) বি, হরিদ্রা।

লসিকা (লোসিকা) [রস্‌ (আস্বাদন করা) + ইক (করণে) আপ্‌—স্ত্রী-র = ল] বি, স্ত্রী, লালা। ২। শরীরস্থ পীতাভ স্বচ্ছ তরল পদার্থ ; রস ; lymph.

লসিত (লোশিত) [লস্‌ (ক্রীড়া করা, দীপ্তি পাওয়া) + ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, বিলাস। ২। লাস্য। ৩। উল্লাস। ৪। বিণ, বিলসিত। ৫। শোভিত। প্র—"সুললিত লসিত সুন্দর সর্ব্বগাত্র।"—জ্ঞানদাস। "হরিনাম লিখন লসিত অঙ্গস্থলে॥"—শিবায়ন। ৬। উল্লসিত ; হৃষ্ট। প্র—"পান করি লসিত অন্তর।"—কাক্ষীকাবেরী।

লস্কর (লশ্‌কর্‌) [ফা—লশ্‌কর্‌] বি, সেনা ; ফৌজ। প্র—"তবু অকাতর ভূপতি লস্কর দুষ্কর সাহসে লড়ে।"—ঘনরাম। "বিস্তর লস্কর সঙ্গে অতিশয় জুম। আসিয়া ভুবনেশ্বরে করিলেক ধূম॥"—অ, ম। ২। নৌসৈন্য। ৩। [ইং—lascar—a native sailor] জাহাজের দেশীয় নাবিক ; খালাসী। ৪। জাতীয় উপাধিবিশেষ।

লহ [লওয়া দ্রঃ] ক্রি, লও ; গ্রহণ কর। প্রাচীন গদ্যে ও পদ্যে এবং আধুনিক পদ্যে ব্যবহৃত। **লহে**—লয় ; গ্রহণ করে। তুল—রহ।

লহনা [লভ্‌ (লাভে) ধাতুজ লভনীয় (লভ্য) —লহনীয়। ভ = হ] বি, খাজনা ব্যতিরেকে অন্যান্য বাকী পাওনা। প্র—"লাভের জন্য ব্যবসা করিলাম সব লহনা বাকি"—গদ্যপদ্য (বঙ্কিম)। ২। লভ্য ; প্রাপ্য। ৩। কবি-কঙ্কণের চণ্ডী কাব্যোক্ত ধনপতি সওদাগরের প্রথমা পত্নী।

লহমা [আ—লম্‌হা—বর্ণবিপর্য্যয়ে—লহ্‌মা] বি, মুহূর্ত্ত ; ক্ষণ। প্র—"এক লহমাও স্থির থাকে না"—টেকচাঁদ।

লহর (র্‌) [সং—লহরী] বি, তরঙ্গ। প্র—"পিরীতি লহরে আকুল হইয়া"—চণ্ডী। "সাগর কূলে বসিয়া বিরলে হেরিব লহর মালা" বাং-গান। "যমুনার লহর লহুতে হৈল লাল।"—অ, ম।

লহরি, লহরী [সং] বি, স্ত্রী, তরঙ্গ ; ঢেউ। প্র—"বদন ইন্দু ঢল ঢল ঢল, শিরে দ্রবময়ী করে টল টল, লহরি উঠিছে কল কল কল, জটাজূট মাঝে থাকিয়া।"—রামপ্রসাদ।

লহু (লো) [লঘু শব্দজ] বিণ, মৃদু ; মন্দ ; লঘু। **লহুলহু**—মৃদু মৃদু। প্র—"বচনক চাতুরী লহুলহু হাস"—বি, প। "থরহরি কাঁপল লহুলহু ভাষ"—ঐ।

লহু (লো) [সং—লোহিত অপভ্রংশে হি-তে—লহু বাং-য়—অতি সংক্ষেপে লো, লৌ] বি, রক্ত ; শোণিত। প্র—"যমুনার লহর লহুতে হৈল লাল।"—অ, ম।

লা [সং—লাক্ষা। ফা—লা, লাহা—লা। হি—লাক, লা। ওড়ি—লাক। ইং—lac] বি, লাক্ষা ; গালা ; জতু।

লা [সং—নৌ শব্দজ নাবঃ হইতে না = লা। তুল—নৌকা অশিক্ষিত গ্রা—লোকের মুখে প্রায়ই লৌকো] বি, তরী ; নৌকা ; তরণী ; না। প্র—"এক মনে দানপতি লাএ দিল ভর—শূ, পু। 'মধ্য হ্রদে ভাঙ্গা লায় ভেসে যায় সে"—শিবায়ন। "কাণ্ডার ভাই রাখ লা যথা পাও স্থল।"—কবিক।

লা [আ—লা। বাং—না, যথা—লাচার = নাচার] অ, অভাবাত্মক উপসর্গ না ; শূন্য ;

ব্যতীত। লা-ওয়ারিস—উত্তরাধিকারী শূন্য ; বেওয়ারিস ; heirless. লা-ইলাজ —বিণ, অচিকিৎস্য। ২। অপ্রতিবিধেয়। লা-খিরাজ—নিষ্কর ; rent free. লা-চার—বি, নিরুপায়। ২। অসহায়। ৩। অনন্যোপায়। বি, লাচারি। লা-জবাব —নিরুত্তর। ২। অতুলনীয়। লা-দাওয়া —যাহার ঔষধ নাই। ২। চিকিৎসাহীন। লা-দাবি, দাবী—দাবি দাওয়া হীন ; unclaimed. লা-পাতা—নিরুদ্দেশ। লা-শরীক—অংশীদার হীন।

লা [গ্রা। লো দ্রঃ। মেয়েলি ভাষায়—অব-জ্ঞার্থে] অ, লো। প্র—হাঁ লা ; কেন লা।

লাই [সং—লাজা হইতে হি—লাই (খই)= তাহার মণ্ড হি-তে—"লেই"] বি, খই, ময়দা প্রভৃতির কাই ; আটা।

লাইন (ন্) [ইং—line] বি, লম্বা কসি ; প্রস্থহীন দৈর্ঘ্য ; রেখা। ২। রেলপথ। ৩। জীবনের পথ। ৪। একদিক ; পার্শ্ব। ৫। সূত্র। লাইনডোরি—তাঁবু ও তাহার আনুসাঙ্গিক দড়াদড়ী।

লাইনিং [ইং—lining. দর্জ্জির ভাষায়] বি, জামা প্রভৃতির ভিতরে লাগাইবার কাপড় ; অস্তর।

লাইফ (ফ্) [ইং—life] বি, জীবন। ২। চৈতন্য। ৩। আয়ু। ৪। জীবনচরিত। লাইফ্‌বেল্ট—[ইং—life-belt] ভগ্ন তরীর আরোহীর জীবন রক্ষার্থ জলে ভাসাইয়া রাখিবার উপযোগী কোমরবন্ধ। লাইফ্-বোট—[ইং—life boat] জাহাজ ডুবিলে বিপন্ন আরোহীর প্রাণরক্ষক নৌকা। লাইফ সাইজ্—[ইং—life size] বি, জীবৎ পরিমাণ মূর্ত্তি বা প্রতিকৃতি প্রমাণ।

লাইবেল (ল্) [ইং—libel] বি, মানহানি।

লাইব্রেরী [ইং—library] বি, গ্রন্থাগার ; পুস্তকালয় ; পুস্তকালয়-সম্বলিত পাঠাগার। প্র—"চৈতন্য লাইব্রেরী", "রামমোহন লাইব্রেরী," "রমেশচন্দ্র লাইব্রেরী"।

লাইসেন্স্ [ইং—license, বাং-গ্রা—লাইসেনি, নী] বি, ব্যবসায় করিবার রাজ-অনুমতি। ২। বন্দুক তরবারী প্রভৃতি বিশেষ বিশেষ নিষিদ্ধ দ্রব্য রাখিবার ও ব্যবহার করিবার জন্য রাজার অনুমতি।

লাউ [সং—অলাবু ; পা—লাবু, ব=উ] বি, প্রতানী শাকবিশেষ ও তাহার ফল ; অলাবু ; তুম্বী ; কদু। প্র—"দুটা লাউ বান্ধা কান্ধে কাঠ একখান। বাজাইয়া নাচিয়া নাচিয়া করে গান॥"—অ, ম। লাউডগা—লাউগাছের ডগার মত বর্ণ ও আকৃতি সর্পবিশেষ।

লাউসালী (শালি) [প্রা-বাং] বি, ধান্য-বিশেষ। প্র—"উড়াসালী বিষ্ণুসালী আর লাউসালী।"—শূ-পু।

লাএক (ক্) [সং—নায়ক শব্দের প্রা-বাং রূপ] বি, নায়ক (শূ-পু, ল দ্রঃ)। ২। লায়েক দ্রঃ।

লাওয়ারিশ (শ্) [আ—লা-বারিস্]—লা দ্রঃ।

লাক (ক্) [লাক্ষা দ্রঃ] বি, গালা ; জৌ ; lac.

লাক্ষণিক (ণিক্) [লক্ষণ+ইক] বিণ, লক্ষণ সম্বন্ধীয়। ২। লক্ষণযুক্ত। ৩। লক্ষণজ্ঞ ; [illegible]। ৪। লক্ষণা দ্বারা প্রকাশিত বা প্রতিপাদিত।

লাক্ষণ্য (লাক্‌খোনন) [লক্ষণ+য] বিণ, লক্ষণ সম্বন্ধীয়। ২। লক্ষণযুক্ত। ৩। লাক্ষণিক ; দৈবজ্ঞ।

লাক্ষা [সং—নামান্তর—রাক্ষা, জতু, অলক্ত, দ্রুমাময়, রক্তমাতৃকা, রক্তমাতা, কৃমিজা ইত্যাদি। বি, স্ত্রী, লোহিত বর্ণের বৃক্ষ নির্য্যাস-বিশেষ ; জৌ ; লা। অশ্বত্থ বকুল প্রভৃতি বৃক্ষের শাখায় পুঞ্জীভূত কীটবিশেষের দেহজ আঠা, উহা গন্ধক দ্রাবক মিশ্রিত জলে সিদ্ধ করিলে যে রক্তবর্ণ রঙ্গ প্রস্তুত হয় তাহাতে কার্পাসপত্র সিক্ত করিয়া আলতা তৈয়ার করে এবং সিটায় গালা প্রস্তুত করে। লাক্ষাতরু বি, পলাশবৃক্ষ। লাক্ষারস—বি, অলক্ত রস ; আলতা।

লাক্ষিক (ক্) [লক্ষ বা লাক্ষা+ইক] বিণ, লক্ষসংখ্যক। ২। গালা-নির্ম্মিত।

লাখ (খ্) [লক্ষ শব্দজ। হি—লাখ, বাং-গ্রা—লাক, গ্রা—মেয়েলি নাক] বি, লক্ষ এই সংখ্যা ; ১,০০,০০০। ২। বিণ, শত সহস্র সংখ্যা ; দশ অযুত। প্র—"লাখ বয়ান বিহি না দিল হামায়"—বি, প। ৩। বহু ; অসংখ্য ; বিস্তর। প্র—"লাখ কথা না হইলে বিয়ে হয় না। ৪। যতবার ইচ্ছা ; যত ইচ্ছা। প্র—"সোই কোকিল অব লাখ ডাকউ লাখ উদয় করু চন্দা"—বি, প। লাখো—[হি—লাখো শব্দের অনুকরণে] বিণ, বহু লক্ষ। ২। অসংখ্য। প্র—এমন লাখো লোক দেখা আছে। লাখ কথার উপর এক কথা —বহু তর্কবিতর্কের মধ্যে উক্ত সার বা শ্রেষ্ঠ কথা। লাখ টাকার স্বপ্ন দেখা—দরিদ্রের ধনের কল্পনা বা কথা। হাওয়ায় অট্টালিকা নির্ম্মাণ। লাখপতি—বি, লক্ষ-পতি ; লক্ষাধিকারী। ২। প্রভূত ধনশালী। লাখেলাখ, লাখে লাখে—লক্ষ লক্ষ ; অসংখ্য। ২। ঝাঁকে ঝাঁকে। প্র—"দংশ মশা মক্ষিকা পাঠাবে লাখে লাখে॥"—শিবায়ন।

লাখরাজ, লাখেরাজ (খ, জ্) [আ—লাখিরাজ্। লা দ্রঃ] বি, নিষ্কর ; rent free. ২। নিষ্কর জমী ; rent free land. বিণ, লাখরাজী।

লাগ (লাগ্) [লাগা দ্রঃ] বি, স্পর্শ। ২। সন্ধান। প্র—"ইতস্ততঃ খুঁজিয়া না পাইল রাধা লাগ।"—গী, গো, গি। পাণ্ডুবংশ শত্রু দুষ্ট, তার লাগ পাই"—মহা-কাশী। ৩। সমীপ-বর্ত্তিতা ; নিকট। ৪। সাক্ষাৎ ; দেখা। প্র—"তত্ত্ব করি ত্রিপুরা বুড়ার পাইল লাগ॥"—শিবায়ন। "একঠাঁই হৈল ছাগ সর্ব্বথী না পাইল লাগ।"—কবিক। ৫। সঙ্গ। প্র—"ইহার বেগের কথা, উপমা যে দিব কোথা লাগ নিতে নারে হনুমান।"—কবিক। লাগাল ; পৌঁছ। প্র—"দুচারি যোজন ধায়, তবে মোর লাগ পায়।"—কবিক। [তুল—প্রা-ফ্রে—loge ; প্রা-উচ্চ-জর্ম্ম—lodge place of meeting, সাক্ষাৎ স্থান]।

লাগৎ [হি] বি, খরচ খরচা ; মূল্য।

লাগন (ন্) [লগ্ ধাতুজ] বি, সংযোগ হওন ; মিলন। ২। বেদনাবোধ হওন ; ক্লেশন।

লাগসৈ (লাগ্‌শোই) [হি—লাগসহী] বিণ, যাহাতে লাগে ; যথা-প্রয়োজন ; উপযুক্ত ; যথা-উপায়ে ; যথা-বিধি বা কৌশলে। প্র—"যদি বুঝি টান নাহি দাও লাগসৈ। পরে উঠিবেনা কিছু বড়শীটী বৈ॥"—দ্বি-রায়।

লাগা [সং—লগ্=লাগা, স্পর্শ করা ; লগ্ন হওয়া, যুক্ত হওয়া। হি—লগ্‌না। উ-পু—লাগি। ম-পু—লাগ ; লাগুন্ ; লাগ্। প্র-পু—লাগে ; লাগেন। অস-ক্রি—লাগিতে ; লাগিয়া, লাগি (পদ্যে), লেগে (গ্রা)। ণিজন্ত—লাগান (নো)] ক্রি, যুক্ত হওয়া ; আঁটিয়া যাওয়া ; লিপ্ত হওয়া ; জড়িয়া যাওয়া। প্র—"টিকিট খামে লাগা ; কাপড়ে তেল লাগা ; গায়ে ধুলা লাগা। ২। সঙ্গত হওয়া ; খাটা ; প্রযুক্ত হওয়া। প্র—ও অর্থটি এখানে কোন মতেই লাগে না ; শব্দটী বাক্যের মধ্যে বেশ লেগে গেছে। "প্রয়োজনীয় সাধারণ দ্রব্য সামগ্রীর আপনাদের মধ্যে কখনই অপ্রতুল হয় না, প্রত্যুত বিদেশী জনগণের ব্যবহারে লাগিয়া থাকে।"—সনাতনী। ৩। প্রতিদ্বন্দ্বিতায় সম তুল্য হওয়া ; তুলনায় আদর পাওয়া বা তিষ্ঠিতে পারা। প্র—"কালী যার হৃদে জাগে, তর্ক তার কোথা লাগে।"—রামপ্রসাদ। ৪। নিযুক্ত হওয়া ; জুটিয়া যাওয়া। প্র—সোমবার হইতে সে কাজে লেগেছে ; বাড়ীতে রাজমজুর লেগেছে। "পারিজাতের কুঞ্জবনে স্বর্গপুরীতে। মৌমাছিরা লেগে ছিল মধু চুরিতে।"—রবি।

৫। একটা উদ্দেশ্য লইয়া অবিরত তাহার সাধনে প্রবৃত্ত হওয়া ; মত্ত হওয়া ; মাতা জুড়ে যাওয়া। প্র—এখন তিনি মকদ্দমাতেই লেগেছেন। ৬। আরম্ভ করা। প্র—সে তখন ভাবিতে লাগিল। ৭। অধিকারে আসা ; আয়ত্ত বা প্রাপ্ত হওয়া। প্র—কাজটার জন্য সে অনেক চেষ্টা করেছিল, কিন্তু লাগিল না। ৮। বোধ হওয়া ; অনুভূত হওয়া। প্র—গান শুনিয়াছ,—কেমন লাগিল? শীত লাগিলে জামা গায়ে দিও ; ক্ষুধা লাগা। (২) রসবোধ বা স্বাদ বোধ হওয়া। ৯। বেদনা বা ক্লেশ উৎপাদন করা ; ব্যথা দেওয়া। প্র—"মা ব'লে তো ডাকব না আর লাগে কি না দেখব তোমার"—গি. ঘোষ। ফোড়া কাটিবার সময় তাহার খুব লাগিয়াছিল। ১০। খুঁটি নাটি করা ; কলহ করা। প্র—সে অতি নিরীহ তাহার সঙ্গে লাগা কেন? ১১। বিবাদ বাধা। প্র—"এই লাগে ত এই লাগে ; দুই পক্ষে তখন খুব লাগিয়া গেল। ১২। নিবিষ্ট হওয়া। প্র—যাহাতে উন্নতি ও আনন্দ নাই এমন কর্ম্মে মন লাগে না। ১৩। অঙ্গ স্পর্শ করা। প্র—কোন্ দেমাগী অহঙ্কারী গরব ক'রে যায়। দেখিস্ যেন চলে যেতে জল লাগে না গায়।" —ঈ. গুপ্ত। "মেখে ফুলের রেণু মলয় লাগে গায়।"—গি. ঘোষ। ১৪। থামা ; সংলগ্ন হওয়া। প্র—নৌকা ঘাটে লাগিয়াছে ; জাহাজ বন্দরে লাগিল ; ডাকগাড়ী সকল ষ্টেশনে লাগে না। ১৫। শিকড় দিয়া মাটি ধরা। প্র—সে দিনের বৃষ্টিতে বেগুন চারাগুলি সব লাগিয়াছে। ১৬। ঘটা। প্র—গ্রহণ লাগিয়াছে। ১৭। বাধা পাওয়া ; ধাক্কা বা ঠোকর পাওয়া। প্র—কাপড়টা খোঁচা লাগিয়া ছিঁড়িয়া গেল ; জাহাজখানা চড়ায় লাগিল। ১৮। একে অন্য বস্তু বলিয়া ভ্রম হওয়া। প্র—"সোণার কাটারি কুচযুগগিরি, কনকমন্দির লাগে।"—চণ্ডী। ১৯। [ঠেকা, স্পর্শ করার ভাব হইতে] সুনজরে পড়া ; পসন্দ হওয়া ; সুখকর হওয়া। প্র—"নয়নে লেগেছে ভাল"—রাম বসু। ২০। বিদ্ধ হওয়া। প্র—গোলাপ বা কেয়া ফুল তুলতে হাতে কাঁটা লাগে ; মাছ খাইতে তাহার গলায় কাঁটা লাগিয়াছে। ২১। জমা ; জমাট বাঁধা। প্র—ফাঁকা জায়গায় গান লাগে না। ২২। আবশ্যক বা প্রয়োজন হওয়া ; কাজে আসা। প্র—ফল গছানর ব্রততে কি কি ফল লাগে? পুস্তকগুলি ক্রয় করিতে যাহা লাগে দিব। ২৩। ফলদায়ক হওয়া ; অশান। যাহার দোষ নাই তাহাকে অভিশাপ লাগে না। ২৪। বিশেষ অনুভূতি জন্মান [ধরা দ্রঃ]। প্র—ওল লাগা ; শুপারি লাগা ; বিছুটী লাগা। ২৫। (প্রহার বা শাসন উদ্দেশ্যে) অঙ্গে পতিত হওয়া। প্র—বেত যখন লাগবে তখন টের পাবে। ২৬। [হি—লগ্না= সম্বন্ধিত হওয়া। প্রাদে] জ্ঞাতিত্বে সম্পর্কিত হওয়া। ২৭। অতিবাহিত হওয়া ; ব্যয় হওয়া। প্র—তথায় যাইতে পাঁচ দিন লাগে। ২৮। নিকটবর্ত্তী হওয়া ; ঘনাইয়া আসা ; প্র—দিন লাগা। **আগুন লাগা**—আগুন ধরা। ২। তুমুল ঝগড়া বাধা। ৩। অন্তরে অন্তরে ক্রোধাগ্নি প্রজ্বলিত হওয়া। **উঠে পড়ে লাগা**—অনন্যকর্ম্মা হইয়া নিয়ত প্রবৃত্ত বা রত থাকা ; সমূহ উদ্যোগ ও অধ্যবসায়ের সহিত কোন কর্ম্মে প্রবৃত্ত হওয়া। **এঁড়ে লাগা**—কোলের শিশু মায়ের গর্ভাবস্থায় স্তন্য পান করিয়া অজীর্ণাদি রোগগ্রস্ত হয় এবং ক্রমেই শীর্ণ ও দুর্ব্বল হইয়া পড়ে—তাহার আকৃতির বৈলক্ষণ্য ঘটে। ইহাকে এঁড়ে লাগা বলে। **গলায় লাগা**—কোন কিছু গলাধঃকরণকালে সেই বস্তু কণ্ঠনালীতে বদ্ধ হইয়া যে ক্লেশ উৎপাদন করে তাহাকে গলায় লাগা বলে। **গায়ে লাগা**—আঘাত লাগা ; ঠেশ লাগা ; ইঙ্গিতে দোষারোপ হইতেছে মনে লওয়া। প্র—সে উহাকে বলিতেছে, তোমার কেন গায়ে লাগে। ২। গাত্র স্পর্শ করা। ৩। গাত্রে বেদনা বোধ হওয়া ; দেহ আড়ষ্ট হওয়া। **গায়ে মাংস লাগা**—দেহের মাংস ভাগ বৃদ্ধি হওয়া ; দেহ স্থূল হওয়া ; মোটা হওয়া। **ঘুর লাগা**—যে অবস্থায় মাথা ও সর্ব্বশরীর ঘুরিতেছে বলিয়া মনে হয় ; সর্ব্বাঙ্গ ঝিম ঝিম করে, পা টলিয়া পড়ে, সেইরূপ অবস্থা হওয়া (নেশায় ঘুর লাগে বা নাগর দোলা প্রভৃতিতে ঘুরিলে ঘুর লাগে, কাহারও রেল গাড়ীতে বা জাহাজে ভ্রমণ করিলে ঘুর লাগে) ; গা ঘোরা। **ঘুম লাগা**—ঘুম পাওয়া ; তন্দ্রা আসা ; শরীরের যে অবস্থায় ঘুমাইতে ইচ্ছা হয়, দেহ ঢুলিয়া পড়ে চক্ষু বুজিয়া আসে সেই অবস্থা প্রাপ্ত হওয়া। **চমক লাগা**—বিস্ময়ের উদ্রেক হওয়া ; হঠাৎ কোন অভাবনীয় দৃশ্য বা ঘটনায় চমকিত বা আশ্চর্য্যান্বিত হওয়া। **চূণ কালি লাগা** (মুখে)—[অপদস্থ হওয়ার লক্ষণ] অপমানিত, লজ্জিত বা অপ্রতিভ হওয়া। **চোখ লাগা**—শ্লেষ্মাবশতঃ বা চক্ষু উঠা প্রভৃতি হেতু চোখের পাতা নেত্রমলে জুড়িয়া বদ্ধ হওয়া। ২। নজর লাগা। **জোড়া লাগা**—ভগ্নাংশগুলি একত্র সম্বদ্ধ হওয়া। ২। জীব জন্তুর মধ্যে স্ত্রী পুরুষে সঙ্গত হওয়া ; pairing. ৩। মনান্তর বা প্রণয় ভঙ্গের পর মিলন হওয়া। প্র—ভাঙ্গা মন জোড়া লাগে না। **তাক লাগা**—চমক লাগা ; অবাক্ করা ; বিস্ময়বশে কোন অভাবনীয় অদ্ভুত বিষয় বা ঘটনার প্রতি বিস্ফারিত নেত্রে চাহিয়া থাকা। **তালা লাগা**—[তালা লাগাইলে দ্বার বদ্ধ হওয়ার ভাব হইতে] শ্রুতিপথ রুদ্ধ হওয়া ; বধির হওয়া। **দিন লাগা**—লগ্ন উপস্থিত হওয়া। ২। মৃত্যু লগ্ন ঘনাইয়া আসা। প্র—"বৃকোদর বলে বেটীর বড় না দেখি ত্বরা। অপচ করে এমন কথা দিন লেগেছে পারা।"—শিবায়ন। **দাগ লাগা**—দোষ বা কলঙ্ক স্পর্শ করা। **দাঁতি লাগা**—মূর্চ্ছা বা বিকারাদি হেতু উপর পাটীর সহিত নীচের পাটীর দাঁত দৃঢ় বদ্ধ হইয়া চুয়ালের খিল আটকাইয়া যাওয়া। **দাঁতে দাঁতে লাগা**—অত্যন্ত শীত অনুভব করায় সর্ব্বাঙ্গ কাঁপিতে থাকা ও তৎসঙ্গে দাঁতে দাঁতে ঘন ঘন স্পর্শজনিত অব্যক্ত ধ্বনি হওয়া। **নজর লাগা**—ডাইনের মন্ত্রপূত দৃষ্টি (কুদৃষ্টি) প্রাপ্ত হওয়া। ২। হিংসা দৃষ্টি পতিত হওয়া। ৩। লুব্ধ দৃষ্টি পড়া ; অন্তর্ভেদী খরদৃষ্টি পড়া। **নোনা লাগা**—এঁড়ে লাগার মত শিশুদিগের বা গৃহপালিত পশুপক্ষীর দেহ যে রোগবশতঃ জীর্ণ শীর্ণ হইয়া যায় তাহা প্রাপ্ত হওয়া। **পাক লাগা, প্যাঁচ লাগা**—কোন বিষয় পরবর্ত্তী কোন কারণে বাধা প্রাপ্ত হওয়া ; জটিল ও কষ্ট সাধ্য হওয়া। **পিছু বা পেছু লাগা**—ক্রমাগত দোষ ধরা ; বিপক্ষতাচরণ করা ; প্রতিকূল হওয়া ; নিন্দা বা বিদ্রূপ করিতে থাকা ; অপদস্থ করিতে চেষ্টা করা। প্র—"তা না—যাই কিছু আগেকার মত না হল, তখনি লোক তার পিছু লাগলো। এই মেঘনাদ বধ কাব্য যা তোদের বাঙ্গালা ভাষার মুকুটমণি তাকে অপদস্থ করতে কিনা ছুঁচোবধ কাব্য লেখা হোল।—৺রামকৃষ্ণ পরমহংস। **বিষম লাগা**—গলাধঃকৃত দ্রব্যের ক্ষুদ্রাংশ শ্বাসনালীর মধ্যে প্রবেশ করিয়া কাশ আদি বিশেষ শারীর ক্রিয়া উৎপাদন করা। **ভাঙ্গা কাঁচ জোড়া লাগা**—মনান্তর বা প্রণয়ভঙ্গের পর মিলন হওয়া। **ভাব লাগা**—ভাপ বা তাপ বোধ হওয়া। ২। রসাবেশ হওয়া। **ভেল্কী লাগা**—কোথা হইতে কি হইল, এরূপ কার্য্য কারণের সম্বন্ধ নির্ণয়ে অক্ষম হইয়া হতবুদ্ধি হওয়া ; যাদু ক্রিয়ায় মুগ্ধ হওয়া ; নজরবন্দী হওয়া। **মন লাগা**—প্রবৃত্তি হওয়া। **মনে লাগা**—পসন্দ হওয়া ; মনের মত হওয়া **মুখ লাগা**—সর্ব্বদা সম্মুখে থাকিয়া মুখামুখী বাক্যালাপ দ্বারা প্রিয়পাত্র হওয়া ; আস্কারা বা সাহস পাওয়া। ২। ওল প্রভৃতি খাইবার সময় মুখ ও গলা কুটকুট করা। **লাগিয়া থাকা**—না ছাড়া। **লাগালাগি**—পরস্পরে নিন্দা পরস্পরের কাণে তোলা। **হাত লাগা**—অধিকৃত হওয়া ; আয়ত্ত হওয়া। (ণিজন্ত) **লাগান**। বি. **লাগন**।

[ব্রজ] লাগ—লাগে। প্র--"গোপত মদন শর কাহে না লাগ।"—বি. প। লাগয়, লাগয়ে—লাগে ; লাগিবে। প্র—"আপন মনে ধরি বুঝ অবগাহে, ভ্রমরবধ পাপ লাগত কাহে।"—বি. প। লাগল—লগ্ন হইল। প্র—"পাশে লাগল পিয়া কিছুই না দেখি।"—বি. প।

লাগাইল, লাগাল, নাগাইল, নাগাল (ল্) বি. পৌঁছে ; নিকট ; লাগ। প্র—"দিগন্তের অন্তে গেলে লাগাল কি পাব ওর ?" —আলো ও ছায়া।

লাগাও [হি—লাগাও] বিণ. সংযুক্ত ; মিলিত ; পাশাপাশি।

লাগাড় (ড়্) [লাগ (দ্রঃ)+আড়। হি—"লাগা তার"] বি. অবিশ্রান্ত ; নিরবচ্ছিন্ন। ২। অবিরামতা ; ক্রম ; প্রবাহ। লাগাড় মরা—ধারাবাহিকতায় বিচ্ছেদ হওয়া ; প্রবাহ সমাপ্ত হওয়া।

লাগাৎ—লাগায়েৎ দ্রঃ।

লাগান (ন্) বি. জোগাড় ; জুটি বা জোট ; supply.

লাগান (লাগানো) [হি—লাগানা, লাগা ধাতুর ণিজন্তরূপ। উ-পু—লাগাই। ম-পু—লাগাও ; লাগান ; লাগা। প্র-পু—লাগায় ; লগান। অস-ক্রি—লাগাইতে ; লাগাইয়া, লাগিয়ে] ক্রি. সংলগ্ন করা ; জোড়া ; জড়ান। প্র—টিকিট লাগান ; পুস্তকে মলাট লাগান। ২। স্পর্শ করান ; ছোঁয়ান ; ঠেকান। প্র—গায়ে গা লাগান। ৩। সেবন করা। প্র—রোদ লাগান ; হিম লাগান। ৪। মাখান ; মালিশ করা ; ধরান। প্র—কপাটে রং লাগান ; রুমালে আতর লাগান ; কালি লাগান। ৫। প্রহার করা ; মারা। প্র—বেত লাগান ; ঘাকতক লাগান ; লাঠি লাগান। ৬। বাধাইয়া দেওয়া ; আরম্ভ করান। প্র—ঝগড়া লাগান। ৭। আটকান। প্র—"লাগিয়ে দিলে হুক"—হেম। ৮। নিবেশ করা ; সংলগ্ন করা। প্র—মনটাকে ভাল করে লাগাতে পারলে শক্ত বিষয়ও সরল হয়ে আসে। ৯। রোপণ করা ; পোঁতা। প্র—গোলাপ টবে লাগাও এবং বেড়ার ধারে ধারে মেদি গাছ লাগাও। ১০। কর্ম্মে নিযুক্ত করা। প্র—যাহাকে যেমন বুঝিবে তাহাকে সেইরূপ কাজে লাগাইবে। ১১। সুদে কর্জ্জ দিয়া টাকা বৃদ্ধি করা ; খাটান। প্র—ব্যবসায়ে টাকা লাগান। ১২। প্রয়োগ করা। প্র—দড়িতে পাক লাগান ; ক্ষত স্থানে পটি লাগান। গাঁজায় দম লাগান। ১৩। একজনের বিরুদ্ধে তাহার অসাক্ষাতে অন্যকে বলা। প্র—লাগাইয়া লাগাইয়া তাহার কানভারী করিয়াছে। 'বাবা বুঝি লাগাইয়াছেন"—সধবার একাদশী। ১৪। [থামান অর্থে] সংলগ্ন করা। প্র—ঘাটে নৌকা লাগাও ; গাড়ী দ্বারে লাগাও। ১৫। সঙ্গত ভাবে উপযুক্ত ক্ষেত্রে প্রয়োগ করা বা খাটান। প্র—শব্দটী বাক্যের মধ্যে লাগাও দেখি কেমন লাগে। ১৬। পরের স্কন্ধে চাপান ; আরোপ করা। প্র—কাহার চরিত্রে কলঙ্ক বা দাগ লাগান। ১৭। কুপরামর্শ দেওয়া (নিয়ে লাগান ভাঙ্গান দ্রঃ)। আগুন লাগান—অগ্নি সংযোগ করা। ২। ঝগড়া বাধান ; কোন কথা বলিয়া কাহার মন কলুষিত করত তাহার ক্রোধাগ্নি প্রজ্বলিত করা। উস্কি লাগান—প্রদীপে কাটি দিয়া, উনুনে খোঁচা দিয়া যেমন অগ্নির তেজ বৃদ্ধি হয় তেমনি বিশেষ কোন বাক্য প্রয়োগ দ্বারা কোন মন্দ কার্য্যকরণে উত্তেজিত করা। ঘুম লাগান—নিদ্রা যাওয়া। চুনকালি লাগান—(মুখে, গালে)—অপদস্থ করা ; অপমানিত করা। তাক লাগান—বিস্মিত করা ; অবাক করা। তালা লাগান—কুলুপ দেওয়া। ২। বধির বা কালা করিয়া দেওয়া। দম লাগান—ঘড়ি প্রভৃতির স্প্রীংএর প্যাঁচ ঘুরাইয়া কল চলিবার শক্তি সম্পাদন করা। ২। গঞ্জিকা প্রভৃতির ধূম বিলক্ষণ উদরস্থ করিবার জন্য শোস টান দেওয়া অর্থাৎ পূর্ণ শ্বাস গ্রহণ করা। নজর লাগান—তীব্র লুব্ধদৃষ্টিপাত করা। ২। অমঙ্গলজনক বা রোগোৎপাদক কুদৃষ্টি কাহারও প্রতি নিক্ষেপ করা। ৩। প্রণয়ঘটিত সঙ্কেত দৃষ্টি করা। পাকলাগান—দড়ি প্রভৃতি পাকান। ২। কোন বিষয় জটিল করিয়া তোলা ; নূতন নূতন বিঘ্ন বিপত্তি জড়িত করা। প্যাঁচ লাগান—পাক লাগানর অর্থেই প্রযুক্ত। ২। ঘুঁড়ির লড়ায়ে কাটাকাটির উদ্দেশ্যে সুতায় সুতায় জড়াইয়া দেওয়া। ভেল্কী লাগান—কোথা হইতে কি হইল তাহার কার্য্য কারণ নির্ণয়ে অক্ষমতা জনিত হতবুদ্ধি করা ; তাক লাগান। মুখ লাগান—আস্কারা বা নাই দেওয়া। লাগান ভাঙ্গান—কাহার দোষের কথা অন্যের কানে তুলিয়া মন ভঙ্গ করা বা উভয়ের মধ্যে সদ্ভাব ভঙ্গ করা।

লাগাম (ম্) [ফা] বি. বল্গা ; মুখস। ২। রাশ। প্র—"লম্বিত বাজীর পাশে রূপার রিকিব। অনুপাম লাগাম বাজীর বদনে বাঙ্কা জিব॥"—ঘনরাম। রোধ ; সংযম ; check. প্র—তার মুখের লাগাম নাই যা মুখে আসে তাই বলে। লাগাম দেওয়া—অশ্বাদির মুখে লাগাম পরাইয়া দেওয়া ; মুখস আঁটা।

লাগায়েৎ [হি—লগাৎ] অ. পর্য্যন্ত ; অবধি। প্র—"মবারক ! সন্ধ্যা লাগায়েৎ শক্তি পাইতে পারি ; ততক্ষণ বিলম্ব করিতে পারিবে কি ?" —রাজসিংহ (বঙ্কিম)।

লাগি [গ্রা। সাহিত্যে অপ্র] বি. মত্ততা ; নেশা।

লাগি, লাগিয়া, লাগিয়ে—[হি—লাগি ; লগ্‌না=সম্বন্ধিত হওয়া। বাং, গ্রা—লেগে, নেগে] অ. জন্য ; হেতু ; উদ্দেশ্যে ; প্রয়োজনে। প্র—"সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু অনলে পুড়িয়া গেল"—চণ্ডী। "তুয়া লাগি"—বি. প। "যাহার লাগিয়ে জাগিয়ে যামিনী রয়েছ বসিয়ে শ্যাম-সোহাগিনী।"—নিত্যানন্দ বৈরাগী। "আমি তব লাগি সর্ব্ব ত্যাগি হোলেম কালাচাঁদ।"—বাং-গান। ২। দিকে ; প্রতি। প্র—"মহলত লাগিয়া ময়না চলিল হাটিয়া"—মাণিকচাঁদের গান। ৩। [ব্রজ] বিণ. লগ্ন। প্র—"তিতিল বসন তনু লাগি।"—বি. প। ৪। বি. লাগ ; সাক্ষাৎ ; দেখা। প্র—"দুহাতে দাদালে হাসে যার লাগি পায়"—ঘনরাম।

লাগে [লগ্ যুক্ত হওয়া, ঠেকা ইত্যাদি] অ. লেগে যাক ; আরম্ভ হউক। ২। [কোন ভাল বা মন্দ কর্ম্ম করিতে বিশেষতঃ মারপিট বা কোন দৈহিক বল প্রয়োগের কার্য্যে] উত্তেজনা বা উৎসাহদান বাক্য। ৩। [ব্রজ] জন্য। প্র—"মাধব লাগে"—বি. প। ৪। কাছে।

লাগেজ—লগেজ দ্রঃ।

লাঘব (ব্) [লঘু+অ (ভাবে, অণ্)] বি. ক্লী. লঘুভাব ; লঘুত্ব। ২। ক্ষিপ্রতা ; শীঘ্রতা। ৩। অগৌরব ; অপমান। প্র—"দারুণ চাপড়ে সব দন্ত নড়ে লাঘবের নাহি অন্ত।"—কবিক। ৪। সুস্থতা। ৫। [গ্রা-বাং] বিণ. অবজ্ঞাত ; অপমানিত ; লাঞ্ছিত [অপ্র]। প্র—"এমন শুনিয়া বীর ভাড়ুর বচন লাঘব করিয়া তারে দিল বিসর্জ্জন।"—কবিক।

লাঙ্গরখানা (র্) [ফা—লঙ্গর (দরিদ্রাবাস, অন্নসত্র)+খানা (আগার)] বি. অতিথি-শালা ; সরাই। ২। অন্নসত্র।

লাঙ্গল (ল্) [লঙ্গ (গমন করা)+অল (কর্ত্তৃ কল)] বি. ক্লী. হল ; ভূমিকর্ষণ যন্ত্রবিশেষ। ২। প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ ; সীর দ্রঃ। বিণ. লাঙ্গলী—হলবাহী। বি. কৃষক। লাঙ্গল করা—ভূমি কর্ষণ করা ; জমী চসা। লাঙ্গল গড়া—হল নির্ম্মাণ করা। লাঙ্গলগ্রহ—বি. হলধর ; লাঙ্গলগ্রাহী ; কৃষক। লাঙ্গল টানা—ফলা দ্বারা মাটী খুঁড়িতে খুঁড়িতে লাঙ্গল টানিয়া যাওয়া। ২। বিণ. যে হল কর্ষণ করে। প্র—লাঙ্গল টানা গরু। লাঙ্গল দণ্ড—বি. লাঙ্গলের মধ্যস্থ কাষ্ঠ ; লাঙ্গলের ঈষ। লাঙ্গল দেওয়া—ক্ষেত্রে হল চালনা করা ; মাটি চষা।

লাঙ্গল পদ্ধতি—লাঙ্গলের পদ্ধতি বা রেখা : সীতা রেখা।

লাঙ্গলিক (ক্) [লাঙ্গল+ইক] বি, পুং, হলধর ; কৃষক ; চাষা। ২। বিণ, লাঙ্গল সম্বন্ধীয়।

লাঙ্গলিয়া, লাঙ্গলা [লাঙ্গল+ইআ—আ (ব্যবসায়ার্থে, ব্যবহারার্থে)] বি, হলধর ; কৃষক ; চাষা। ২। অভব্য ; অমার্জ্জিত। তুল—ধাঙ্গড়, ধাঙ্গড়া।

লাঙ্গলি [লাঙ্গল+ই (ক্ষুদ্রার্থে)] বি, ছোট লাঙ্গল ; হ্রস্ব-ঈষ লাঙ্গল। ২। [জাঙ্গলী দ্রঃ] ঈশলাঙ্গলা নামক বৃক্ষমূল : উপবিষবিশেষ : gloriosa superba.

লাঙ্গলী [লাঙ্গল (হল)+ইন্ (অস্ত্যর্থে)= লাঙ্গলিন্ ১মা, ১ব] বি, পুং, হলী ; কৃষক। ২। হলযন্ত্রধারী ; সীরপাণি ; বলরাম। ৩। উপবিষ জাতীয় বৃক্ষমূলবিশেষ : বিষলাঙ্গুলা : ঈশ লাঙ্গলা : gloriosa superba. ৪। লাঙ্গলাকার পুষ্পদ জলশাকবিশেষ।

লাঙ্গুল, লাঙ্গূল (ল্) [লিনগ (আসক্ত হওয়া) +উল—উল (কর্ত্তৃ)] বি, ক্লী, পুচ্ছ ; লেজ।

লাঙ্গুলিকা [বৈদ্যকে] বি, স্ত্রী, পৃশ্নিপর্ণী।

লাঙ্গুলী [লাঙ্গুল (লেজ)+ইন্ (অস্ত্যর্থে) =লাঙ্গুলিন্ ১মা, ১ব] বি, পুং, লাঙ্গুলবিশিষ্ট। ২। বানর। ৩। ঋষভ নামক ঔষধ। ৪। নারিকেল ফল।

লাচার (র্) [আ—লা (নাই)+ফা—চারা (উপায়)—যাহার কোন চারা নাই। লা দ্রঃ] বিণ, নিরুপায় ; সহায়হীন ; উপায়বিহীন : অক্ষম। প্র—"সে বিলাতীয় সংবাদ পত্রের নাশের জন্য যদি কেহ আমাদিগকে পীড়াপীড়ি করেন তবে আমরা লাচার হইব"—লোকরহস্য (বঙ্কিম)।

লাজ (জ্) [লাজ্ (ভর্জ্জন করা)+অ (কর্ম্মে —অল্, সং-তে নিত্য বহুবচনে ব্যবহৃত] বি, পুং, ভাজা ধান ; খৈ। প্র—"মোদক আর লাজে পূজিল দেবরাজে কন্যার গন্ধাধিবাসন।" —কবিক। ২। শস্য। ৪। ক্লী, বেনার মূল ; উশীর। **লাজ পেয়া**—খইয়ের মণ্ড। **লাজভক্ত**—আচাঁকা খইসিদ্ধ। **লাজমণ্ড**—অত্যল্প জলে সিদ্ধ করিয়া ছাঁকিয়া লওয়া খই ; খইয়ের মণ্ড।

লাজ (জ্) [লজ্জা শব্দজ] বি, লাজ ; লজ্জা। প্র—"কত দুঃখ লাজ দারিদ্র্য সঙ্কট আর জানাইব কারে।"—রবি। **লাজ খেয়ে, লাজের মাথা খেয়ে**—নির্লজ্জ হয়ে : লজ্জা ত্যাগ করে। প্র—"কাজ ভাল নয় কিন্তু লাজ খেয়ে কই"—শিবায়ন। **লাজ না বাসা**—লজ্জা বোধ না করা। প্র—"দুর্গম চাপাই যেতে লাজ নাহি বাস"—ঘনরাম।

লাজ বন্ধন—খয়ে বন্ধন দ্রঃ। **লাজ মুষ্টি**—একমুষ্টি খই। **লাজ লজ্জা**—লজ্জা সরম। প্র—"হইয়াছে লাজ লজ্জা পুড়ে ছারখার"—ফুলরেণু।

লাজউলী (জ্) [প্রা-বাং। সং—লাজ+ উলী, হি—বালী (বিশিষ্টা) ; পুং—লাজবালা] বিণ, লজ্জাবতী। প্র—"বেশ্যা হইয়া লাজউলী মুখ পোড়াহ তার আগুন জ্বালি"—ডাক।

লাজবাব (ব্) [আ—লা-জবাব্] বিণ, লা দ্রঃ।

লাজা [সং] বি, লাজ ; খৈ। প্র—"নারী দিব্য গন্ধপুষ্প লাজা বরিসন্ত।"—মহা- (শ্রীকরণ)।

লাজান (নো) [প্রা-হি—ও ব্রজ—লজানা শব্দের অনুকরণে পদ-সাহিত্যে। লাজ (লজ্জা) +আন (ক্রিয়ায়)] ক্রি, লজ্জা দেওয়া ; লজ্জায় ফেলা। **লাজওলি**—লজ্জিত হইল। **লাজায়ল**—লজ্জা দিল।

লাজুক (ক্) [লাজ (লজ্জা)+উক] বিণ, লজ্জাযুক্ত ; লজ্জাশীল। প্র—"লুকায়ে লাজুক মেয়ে করে দেব পূজা"—অশোক গুচ্ছ। ২। মুখ চোরা।

লাঞ্ছন (ন্) [লাঞ্ছ্ (চিহ্ন করা)+অন (করণে অনট্)] বি, ক্লী, চিহ্ন। প্র—শ্রীবৎলাঞ্ছন। ২। কলঙ্ক। প্র—শশলাঞ্ছন। ৩। উপাধি : নাম : an appellation. ৪। ধ্বজ।

লাঞ্ছনা [লাঞ্ছন (কলঙ্ক)+আ (আরোপ করণার্থে)] বি, ভর্ৎসনা ; দোষারোপ ; অপমান। প্র—"ছিন্ন শীর্ণ জীবনের শত লক্ষ ধিক্কার লাঞ্ছনা উৎসর্জ্জন করি।"—রবি। **লাঞ্ছনার একশেষ**—যৎপরোনাস্তি লাঞ্ছনা।

লাঞ্ছিত [লাঞ্ছ্ (চিহ্ন করা)+ত (কর্ম্মে— ক্ত)] বিণ, চিহ্নিত। ২। ধ্বজযুক্ত। ৩। নামাঙ্কিত। ৪। কলঙ্কিত। ৫। ভর্ৎসিত। অপমানিত। স্ত্রী, **লাঞ্ছিতা**।

লাট (ট্) বি, দেশবিশেষ ; বর্ত্তমান গুজরাট। বিণ, **লাটী**—লাটদেশসম্বন্ধীয়। ২। লাট- দেশজ। ৩। লাটদেশপ্রচলিত। **লাটী- রীতি**—রীতি দ্রঃ।

লাট (ট্) [সং—লট্ট (নষ্ট স্বভাব, দুর্জ্জন)] বি, নষ্ট ; দুষ্ট। ২। [বাং-য় রঙ্গ বা ব্যঙ্গচ্ছলে ব্যবহৃত] ইয়ার।

লাট (ট্) [সং—লট্ (কথনে) ধাতুজ] বি, পণ্ডিত ; বিদগ্ধজন ; রসজ্ঞ। ২। বৃথা বাক্য।

লাট (ট্) [গ্রা—নাট (ন=ল। মূলে নষ্ট হইতে) ; সং—লাট (বস্ত্র) জীর্ণভূষণ। তাহা হইতে জীর্ণ বস্ত্র। হি—লত্তা (মলিন, জীর্ণবস্ত্র)] বি, জীর্ণবস্ত্র। ২। [বাং-য়] বিণ জীর্ণ ; পাট ভাঙ্গা ; বিপর্য্যস্ত ; ন্যাকসা ; মলিন। প্র—কাপড়খানা বেশ পাট করা আছে লাট করে ফেলোনা। **লাট করা**—লাটবন্দী করা। ২। পাট ভাঙ্গা ; পাট খুলিয়া বিশৃঙ্খল করা। ৩। ধরাশায়ী করা ; বিছাইয়া দেওয়া। **লাট খাওয়া** [গ্রা—নাট খাওয়া] না ফুটিয়া বসিয়া যাওয়া বা প্রকাশ না পাওয়া যেমন হাম। **লাট পাট**—উলটি পালটি ; লুটো- পুটি। প্র—"জলের হিল্লোলে দুহে করে লাট পাট।"—শূ-পু।

লাট [হি—লাঠ্] বি, স্তম্ভ ; a pillar ; colum. **অশোক লাট**—সম্রাট অশোকের অনুশাসন স্তম্ভ। **জয়ৎলাট**—জয়স্তম্ভ।

লাট (ট্) [ইং—lord] বি, প্রভু ; সর্ব্বময় কর্ত্তা। ২। উচ্চপদস্থ ব্যক্তি। ২। [বিলাতের রাজন্য বা জমীদার বংশীয় লর্ড উপাধিক রাজ- পুরুষ ভারতের শাসনকর্ত্তা হইবার প্রথা হইতে] সর্ব্বপ্রধান শাসনকর্ত্তা ; দেশশাসক। প্র— "রাজার উপর ও যে রাজা লাট সাহেবের লাট" —গদ্য-পদ্য (বঙ্কিম)। **লাট করা**— অত্যুচ্চ পদে উন্নত করা। **ছোটলাট**— বড়লাটের অধীন শাসনকর্ত্তা। **জঙ্গীলাট**— সামরিক বিভাগের সর্ব্বময় কর্ত্তা। **বড়লাট** —সর্ব্বপ্রধান দেশশাসক। **লাটবাহাদুর** —সম্মানিত লাট। **লাটসাহেব**—লাট মহোদয়।

লাট (ট্) [ইং—lot] বি, গুচ্ছ ; তাড়া সমষ্টি। ২। জমীদারির অংশ ; খণ্ডভূসম্পত্তি। ৩। নিলামে বিক্রেয় দ্রব্যের পৃথক্ পৃথক্ গুচ্ছ। ৪। চিহ্নিত মহাল। ৫। নির্দ্ধারিত দিনে দেয় রাজস্ব। প্র—"লাটের দিন খাজনা হয় না আর"—ঈশ্বরগুপ্ত। **লাটবন্দী**—বাকী খাজনার দায়ে নিলামে বিক্রয়ের জন্য তালিকা- ভুক্ত।

লাটানুপ্রাস (সুপ্প্রাণ্) বি, লাটী রীতিসম্মত অনুপ্রাসালঙ্কার। রীতি দ্রঃ। ২। তাৎপর্য্য ভেদাত্মক শব্দার্থের পৌনরুক্ত্যরূপ শব্দালঙ্কার- বিশেষ।

লাটিম, লাটীম (ম্) [সং—লট্ট, লাট ; হি —লাট্টু] বি, দড়ী দিয়া জড়াইয়া পরে দড়ীর প্রান্ত ধরিয়া বেগে নিক্ষেপ করিলে ঘুরিতে থাকে যে কাঠের ছোট খেলনা ; a top. ২। শিশুর খেলিবার লাক্ষা বা লাক্ষার বর্ণ দ্বারা রঞ্জিত লাঠী ; ছড়ী। লাটী দ্রঃ।

লাটী [সং—লাক্ষা—লা+পাটি (পাতি) হি— পট্টি] বি, লাক্ষা ; গালা। প্র—"চিনির বদলে দানা কর্পূর আলতার বদলে লাটী।"— কবিক।

লাটী [লাট দ্রঃ] বিণ, লাটদেশ প্রচলিত। ২। সংস্কৃত রচনারীতিবিশেষ। বাং-য় ইহার তুল্য রীতি "মাদনী" (রীতি দ্রঃ)।

লাট্টু, লাট্ট্যু [হি—সং—লট্টু] বি, লাটিম দ্রঃ। **লাট্টুদার, লাট্ট্যুদার**—বিণ, যাহা লাটিমের মত ভ্রমর যন্ত্রে খরাদ করা ; কুণ্ডলী পাকান। প্র—"সর্ব্বদাই ইজের ও চাপকান পরা ও লাট্ট্যুদার পাগ্‌ড়ি মাথায়"—টেকচাঁদ।

লাঠরি (ল্য) [প্রা-বাং] বি, ক্রীড়াবিশেষ ; গুল দাড়া বা গুলি ডাণ্ডা খেলা। প্র—"৭ দাঁড়া নিয়া রাম লাঠরি খেলান।"—কৃত্তিবাস।

লাঠা [হি—লাঠ্‌ঠা] বি, বৃহৎ মোটা লাঠি ২। [লাঠির আকৃতি হইতে] শোল্‌মাছের মত কিন্তু ক্ষুদ্র পঙ্কচর মৎস্যবিশেষ ; লেঠা মাছ।

লাঠান (নো) [লাঠা (লাঠি) + আন (হি—লাঠীয়ানা), উ-পু—লাঠাই। ম-পু—লাঠাও। প্র-পু—লাঠায়। অস-ক্রি—লাঠাইতে ; লাঠাইয়া, লাঠিয়ে] ক্রি, লাঠি দ্বারা প্রহার করা ; লাঠি মারা। প্র—লাঠিয়ে মাথা ভাঙ্গিয়া দেওয়া।

লাঠি, লাঠী [সং—লগুড় অথবা যষ্টি হইতে ; যষ্টি—যট্টি—লটি, য = ল] বি, দণ্ড ; বাড়ি। **লাঠালাঠি**—পরস্পর লাঠির আঘাত ; লাঠি লইয়া দাঙ্গা। **লাঠি খেলা**—লাঠি ঘুরাইয়া যুদ্ধাভিনয় ; লাঠি চালাইবার বিবিধ পেঁচ বা কৌশল প্রদর্শন। **লাঠিঠেঙ্গা, ঠেঙ্গালাঠি**—ছোট বড় লাঠি। **লাঠি-সোঁটা**—সরু মোটা প্রভৃতি লাঠি।

লাঠিম (ম্‌) [লাটিম দ্রঃ] বি, দড়ী জড়াইয়া ঘুরাইবার খেলনা। প্র—"তুই তো পশু, পক্ষী, মৎস্য, লাঠিম, কিম্বা ফানুস।"—দ্বিজেন্দ্র রায়।

লাঠিম ঘুরান—হস্ত কৌশলে লাঠিম ঘুরাইয়া খেলা করা।

(ল্‌) [হি—লাঠি + আল (হি—বালা)। প্রা—লেঠেল] বি, লাঠি খেলায় পটু ব্যক্তি ; ঠেঙ্গাড়িয়া ; দস্যু ; গুণ্ডা। প্র—কুঠিয়ালের মেজেষ্টারি লাঠিয়ালের রেজেষ্টারি।" —ঈশ্বরগুপ্ত।

লাঠেড়া, লেঠেড়া [হি—লাঠিআড়া। বাং-য় ঠেঙ্গাড়িয়া, ঠেঙ্গাড়ে শব্দ প্রচর] বি, দস্যু ; গুণ্ডা ; লেঠেল।

লাড়া [সং—লাড্‌ ধাতু কম্পনে। প্রা-বাং-য় নাড়া। উ-পু—লাড়ি। ম-পু—লাড় ; লাড়্‌ন্‌ ; লাড়্‌। অস-ক্রি—লাড়িতে ; লাড়িয়া, লাড়ি, লেড়ে। ণিজন্ত—লাড়ান] ক্রি, কাঁপান ; দোলান। ২। চালা ; স্থানান্তরিত করা। প্র—"ধান লাড়া" "ডাল লাড়া"—বি, লাড়ন। **লাড়াচাড়া**—একাধিক বার এক স্থান হইতে অন্য স্থানে লওয়া। ২। আন্দোলন। ৩। বেগ ; ধাক্কা। **লাড়া-লাড়ি**—একাধিক বার স্থানান্তরিত করণ। **ঠাঁই লাড়া**—ঠাঁই নাড়া দ্রঃ। **লাড়ার মার ভাঁড়া**—যে নারী সন্তানাদি বা জিনিস পত্র একবার এখানে একবার ওখানে রাখিতে অভ্যস্ত তাহার ভাণ্ডার। **বেরাল লাড়া-লাড়ি**—বেরাল যেমন বাচ্ছাদের নানা স্থানে গোপন করিয়া রাখে তদ্রূপ ক্রমাগত স্থানান্তর করণ।

লাড়া [প্রা—নাড়া। সং—লাড্‌ ধাতু লালনে। হি—লাড (সস্নেহ পালন)] ক্রি, আদর যত্নে পালন করা। প্র—কচি পোয়াতির ছেলে-লাড়ার ধকল বড়।

লাড়া—নাড়া দ্রঃ।

লাড়ু [সং—লড্ডুক। হি—লাড্ডু] বি, গোলাকার মিষ্টান্নবিশেষ ; মোদক। **আনন্দ লাড়ু**—চালের গুঁড়ি, নারিকেল-কোরা ও তিল গুড়ে মাখিয়া লাড়ুর আকারে পাকান তেলে ভাজা মিঠাই। **খয়ের লাড়ু**—খই চূর্ণ করিয়া চিনির রসে পাক করা লাড়ু। **ঝাল লাড়ু**—চালভাজার গুঁড়া, নারিকেল কোরা ও লঙ্কাচূর্ণ একত্রে মিশ্রিত করিয়া গুড়ে পাক করা মিঠাই। **তিল লাড়ু**—তিল ভাজিয়া গুঁড়াইয়া রসে পাক করা মিঠাই। **নারিকেল লাড়ু**—নারিকেল কোরা গুড়ে পাক করিয়া প্রস্তুত মোদক। **মুগের লাড়ু**—সোণামুগ চূর্ণের মিঠাই (বেসমের লাড়ু সাধারণতঃ মুগের লাড়ু বলিয়া বিক্রয় হয়)। **লাড়ু পাকান**—গোল করিয়া পাকাইয়া লাড়ু তৈয়ার করা। ২। গোল বা জটিল করিয়া ফেলা।

লাড়ুগোপাল—ব, কৃষ্ণের শৈশব মূর্ত্তি ; যে মূর্ত্তিতে তিনি এক হাঁটু পাতিয়া দক্ষিণ হস্তে লাড়ু খাইতেন। ২। এক হাঁটু পাতিয়া দক্ষিণ হস্তে লাড়ুর পরিবর্ত্তে ভারি ইষ্টক দিয়া গ্রাম্য পাঠশালার দুষ্ট ছাত্রকে শাস্তিদানের প্রণালীবিশেষ।

লাথ, লাথি, লাথী (থ্‌) [হি—লাত্‌। ফা—লকদ্‌। বাং-য়—মানুষের পদাঘাত অর্থে লাথি, জন্তুর পদাঘাত অর্থে উভয় লাথ ও লাথি। প্রা—নাতি] বি, পদাঘাত ; পায়ের দ্বারা প্রহার। প্র—"পূর্ব্বের পাতকে পরিত্যাগ দিল পতি। তাতে হৈল ত্রিগুণ তোমারে মাইমু লাথি।"—শিবায়ন। "ভুত ভাগ পায় লাগ লাথি কীল মারিছে।"—অ, ম। ২। চরণ ; পা। **লাথি ওঁচান**—পদাঘাতের ইঙ্গিত স্বরূপ কাহার প্রতি পা তোলা। **লাথি মারা**—পদাঘাত করা। **লাথি লাগা**—পা ঠেকিয়া যাওয়া। **লাথি খাকুয়া,—খেকো**—যে সর্ব্বদা কুকর্ম্মের জন্য পদাঘাত প্রাপ্ত হয় ; অতি নীচ। **লাথির ঢেঁকী চড়ে ওঠে না**—[ঢেঁকীতে পা দিবার প্রথা হইতে] পদাঘাতের যোগ্য ব্যক্তি চড় খাইয়া কাজ দেয় না, অর্থাৎ লঘু শাসন মানে না।

লাদ (দ্‌) [হি—লাদ (অন্ত্র, কোঠ) লীদ (অশ্বাদির পুরীষ) ; বাং-য় লাদী কিন্তু গ্রা, রূপ "নাদ" ও "নাদী" প্রচর] বি, হস্তী, অশ্ব প্রভৃতির পুরীষ। নাদ দ্রঃ।

লাদা [হি—লাদ্‌না বোঝাই করা—বাং-গ্রা—নাদা] ক্রি, ভার চাপান ; বোঝাই করা। প্র—"কুম্ভরে লাদিয়া লহ যত আছে ধন।"—কবিক। **লাদিয়া দেওয়া** [গ্রা—নেদে দেওয়া। প্র—সোণা নেদে দেবে] বোঝাই করিয়া দেওয়া।

লাপাতা—লা দ্রঃ।

লাফ (ফ্‌) [লম্ফ শব্দজ] বি, লম্ফ ; উৎপ্লব। **লাফ ঝাঁপ**—[সহচর শব্দদ্বয়] লম্ফ ও ঝম্প। প্র—"দেয় কোটাল লাফ ঝাঁপ অন্তরে হতেছে কাঁপ আশ্বাস করয়ে সেনাগণে।"—কবিক। **লাফালাফি ঝাঁপাঝাঁপি**—হুটাপাটি। **লাফ ডিংরা, লাফডিংরে**—যে লাফাইতে, ডিঙ্গাইতে পটু ; ডাংপিটে ; দুরন্ত। **লাফালাফি**—চতুর্দ্দিকে লাফাইয়া বেড়ান ; হুটাপাটি ; দুপাদুপি। ২। অস্থিরতা। প্র—জিনিসটা একটু পরেই পাবে, তার জন্য অত লাফালাফি কেন ? ৩। আস্ফালন।

লাফরা, নাফরা (ফ্‌) [সং—লাবু (লাউ) + বা (লাউঘটিত) লাবুরা—দ্রুত উচ্চারণে লাবরা (বা লাবড়া) লাফরা, নাফরা, মেয়েলি উচ্চারণে ন্যাবড়া। তুল—ন্যাবড়া (জগন্নাথের ব্যঞ্জনপ্রসাদ-বিশেষ। লাউঘটিত বলিয়া এই নাম। তুল—আ—লফীফ্‌ (মিশ্র, পাঁচ মিশালি)] বি, লাউ এবং পাঁচরকম তরকারির ঘণ্ট ; বিবিধ তরকারির মিশ্রণে প্রস্তুত ব্যঞ্জন। প্র—'লাফরা খায়েন প্রভু ভক্তগণ হাসে।"—চৈতন্য ভাগবত। "সার্ব্বভৌম পরিবেশন করেন আপনে। প্রভু কহে মোরে দেহ লাফ্‌রা ব্যঞ্জনে।"—চৈতন্যচরিত। ২। [লাউয়ের আকৃতি বা সাদৃশ্যহেতু] খুব মোটা বেগুন ; মুক্তকেশী বেগুন ; লাফা (দ্রঃ) বেগুন।

লাফা [প্রাদে। লাফ হইতে। শীঘ্র বৃদ্ধি পায় বলিয়া] বি, শাকবিশেষ। ২। লাফরা বেগুন ; খুব বড় বেগুন। প্র—"লাফা বাগুন দীর্ঘে করি চারি খণ্ড।"—মনসামঙ্গল (বংশীবদন)।

লাফান (নো) [সং—লম্ফ হইতে লাফ+আন (ক্রি-বিভক্তি)। উ-পু—লাফাই। ম-পু—লাফাও; লাফান্; লাফা। প্র-পু—লাফায়; লাফান্। অস-ক্রি—লাফাইতে; লাফাইয়া; লাফিয়ে] ক্রি. লম্ফ দেওয়া। প্র—"দেখিয়াছি খেলাইতে এক পায় লাফাইতে"—চন্দন। ২। বি. উৎপতন; লম্ফন।

লাফানি—বি. লাফ; লম্ফ। ২। আস্ফালন। স্ত্রী. আস্ফালনকারিণী।

লাব (ব্) [সং] বি. বটের পাখী।

লাবড় (ড়্)—নাবড় দ্রঃ।

লাবণ (ন্) [লবণ+অ (সম্বন্ধার্থে অণ্)] বিণ. লবণসম্বন্ধীয়। ২। লবণাক্ত।

লাবণিক (নিক্) [লবণ+ইক (সম্বন্ধার্থে ইকণ্)] বিণ. লবণসম্বন্ধীয়। ২। লবণাক্ত; লোনতা বা লোণা (বস্তুবিচারে)। ৩। বি. পুং. লবণ ব্যবসায়ী।

লাবণী [সং—লাবণ্য। ব্রজ—কোমলরূপ] বি. লাবণ্য; মাধুর্য্য; সৌন্দর্য্য। প্র—"তপন-নন্দিনী তীরে ভাসবনি ভুবন-মোহন লাবণী"—গোবিন্দদাস। "ঢলঢল কাঁচা অঙ্গের লাবণী অবনী বহিয়া যায়।"—ঐ।

লাবণ্য (লাবোন্‌নো) [লবণ (লুণ)+য (ভাবে—যণ্)] বি. ক্লী. লবণত্ব। ২। সৌন্দর্য্য; কান্তি; চাক্‌চিক্য। [দ্রঃ—লবণ ব্যতীত কিছু স্বাদু হয় না, দেহ লবণহীন হইলে জীবনীশক্তি-সহ সৌন্দর্য্য মাধুর্য্য সমস্ত নষ্ট হইয়া যায় এই হেতু লাবণ্য অর্থে লবণত্ব; লবণের ভাব। (শব্দকল্পে) "মুক্তার অভ্যন্তর হইতে যেরূপ তরল আভা দৃষ্ট হয় অঙ্গে সেইরূপ সুন্দর তরল আভা প্রতিভাত হইলে তাহাকে লাবণ্য বলে।"—উজ্জ্বল নীলমণি]। লাবণ্য বর্জ্জিত—সৌন্দর্য্যহীন। লাবণ্যময়—সৌন্দর্য্যশালী। স্ত্রী. লাবণ্যময়ী। লাবণ্যগর্ব্বিত—সৌন্দর্য্য হেতু গর্ব্বযুক্ত। লাবণ্যার্জ্জিত—শ্বশুর শাশুড়ী নববধূর মুখ দেখিয়া যে ধন দান করেন। লাবণ্যো-জ্জ্বল—সৌন্দর্য্যে উদ্ভাসিত।

লাবু, লাবূ [লূ (ছেদন করা)+উণ্—উণ্] বি. লাউ; তুম্বী।

লাভ (ভ্) [লভ্ (পাওয়া)+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. প্রাপ্তি। ২। ক্ষতির বিপরীত; মূলের অতিরিক্ত প্রাপ্তি। ৩। উপস্বত্ব; আয়। ৪। উপার্জ্জন। ৫। স্বার্থ। লাভ লোকসান, লাভালাভ—লাভ ও ক্ষতি; ক্ষতি বৃদ্ধি। লাভে মূলে—মূলধন ও তাহার উপস্বত্ব এই উভয় সম্বন্ধে।

লাম (ম্) বি. বাং-ক্রিয়ার উ-পু. অতীত কালের বিভক্তি। প্র-দেখিলাম।

লামা [তিব্বতী—লামা] বি. তিব্বতীয় বৌদ্ধ পুরোহিত।

লাম্পট্য (লাম্‌পোট্‌টো) [লম্পট+য (ভাবে)] বি. ক্লী. লম্পটের ভাব; কামুকতা; lewdness.

লায়েক (ক্) [আ—লায়েক্ ('অক' এবং 'এক' এর মাঝামাঝি উচ্চারণ] বিণ. উপযুক্ত; যোগ্য। প্র—কাজের লায়েক। ২। সাবালক। প্র—লায়েক ছেলে। ৩। পারগ; সমর্থ। বিপরীত—নালায়েক। লায়েক জমি—বি. আবাদ করিলে ফসল জন্মিতে পারে এমন জমি।

লাল (ল্) [সং—লালা শব্দজ] বি. মুখজাত জল; লালা; মুখামৃত; থুথু। লাল কাটা—মুখ দিয়া সূতার আকারে লালা নির্গত হওয়া। লাল গড়ান,—পড়া—নিদ্রিত অবস্থায় মুখ দিয়া লালা নির্গত হওয়া। লাল ঝরা—লাল কাটা। লাল কাটান,—ঝরান—ঔষধাদি দ্বারা মুখ দিয়া লালা বা শ্লেষ্মা বাহির করিয়া দেওয়া। লাল ফেলা—মুখ হইতে লালা শরীরে বা পরিধেয় বস্ত্রে পড়িতে দেওয়া।

লাল (ল্) [ফা—লাল্। সং—লোহিত] বিণ. লোহিত; রক্তবর্ণ। ২। সুন্দর। ৩। প্রিয়; প্রিয়তম; beloved. ৪। উৎকৃষ্ট। ৫। উর্ব্বর; ৬। কুঁচ; রতি। লাল মোহন—[লাল (প্রিয়) মোহন (মনোহর) অতি প্রিয় খাদ্য] মিষ্টান্নবিশেষ। লাল রতন—লালমণি; ruby.

লাল কামিনী [প্রাদে। প্রা-বাং] বি. ধান্যবিশেষ। প্র—"লালকামিনী সোলপনা বুনে"—শূ-পু।

লালগুরু (ল্) [হি] বি. মেথরদিগের ধর্ম্ম-যাজক।

লালচ (চ্) [লালসা শব্দজ হি—লালচ্] বিণ. ইচ্ছা; লোভ; স্পৃহা। ২। বিণ. লালচিয়া, লালচী (হি). লালচে।

লালজমি (লালজোমি) [জমীঃ পরিঃ] বি. উর্ব্বরভূমি।

লালন (ল্) [লাড়ি (পালন করা)+অন (ভাবে—অনট্) ড়=ল] বি. ক্লী. অতিযত্নে পালন। প্র—"লালন পালন পাঠ ক্রমে সাঙ্গ পায়।"—অ. ম। ২। প্রসিদ্ধ ফকীর লালন সা।

লালপোশ, পোষ (ল্, শ্) [ফা] বিণ. লাল পরিচ্ছদ পরিধেয়;— লাল পোষাকপরা। প্র—"আসে চলে লালপোশ খাশ বরদার।"—অ. ম।

লালমোহন—লাল দ্রঃ।

লালস (শ্) [লস্ (যঙলুগন্ত)+অ] বিণ. লোলুপ।

লালসা (শা) [লালস (দ্রঃ)+আ (ভাবে) বি. স্ত্রী. লোভ; স্পৃহা; লিপ্সা। ২। ঔৎসুক্য। প্র—"অসীম লালসা মোর শুনিতে কাহিনী।"—মেঘ। ৩। গর্ভিণী-দোহদ।

লালসানি (লাল্‌শানি) [লাল (লালা) সা (সদৃশ) নি (পানি সংক্ষেপে) গ্রা—লালসানি, ল্যাল্‌সানি] বি. লালাযুক্ত জল; পিচ্ছিল ক্লেদ।

লালসীক (শিক্) [সং] বি. পিচ্ছিল।

লালা [লল্ (ঈপ্সায়, লালসায়), তুল—লোভে জিহ্বায় লাল পড়া] বি. মুখজাত জল; লাল। লালাক্লিন্ন—লালাসিক্ত। লালাবিষ—[লালায় বিষ থাকা হেতু] মাকড়সা প্রভৃতি জীব।

লালা [হি] বি. প্রিয়। ২। মহাশয়; বাবু; শ্রীযুত। ৩। মুহুরি; কেরাণী; নকলনবীশ। ৪। পশ্চিমা কায়স্থের জাতীয় উপাধি। সম্মানার্থে লালাজী, লালাসাহেব।

লালাটিক (ক্) [ললাট+ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ. ললাট সম্বন্ধীয়। ২। ভাগ্যাপেক্ষী; অদৃষ্টলব্ধ। ৩। ললাট ভূষণ।

লালিকা [সং] বি. আমোদজনক উত্তর। ২। দ্ব্যর্থ রহস্য। প্র—"মদন হৃদয় লালিকা।"—বাসবদত্তা।

লালিত [লালন দ্রঃ। লাড়্+ণিচ্—লাড়ি (সস্নেহে পালন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যত্নে প্রতিপালিত।

লালিত্য (ত্ত) [ললিত (কোমল)+য (ভাবে—যণ্)] বি. ক্লী. সৌন্দর্য্য; মাধুর্য্য। ২। কমনীয়তা। ৩। মনোহারিত্ব।

লালু, লালুয়া [লাল (সং—লালা)+উয়া। সংক্ষেপে লালু; গ্রা—নালু; অবজ্ঞার্থে—লেলো; গ্রা—নেলো] বিণ. যাহার মুখ দিয়া লাল পড়ে। ২। বি. শৈশবে যাহার খুব লাল পড়ে, প্রায় তাহার জনক জননী-প্রদত্ত আদরের নাম; সাধুভাষায় লালবিহারী; সংক্ষেপে—লালু।

লাশ, লাস (শ্) [ফা—লাশ্] বি. মৃত-দেহ; শব।

লাস (শ্) [লস্ (ক্রীড়া করা)+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. স্ত্রীলোকের নৃত্য। ২। বিলাস। বিণ. লাসক, লাসিক—নর্ত্তন-কারী। ২। বি. পুং. নর্ত্তক। স্ত্রী. লাসিকা, লাসিকী। লাসবেশ—নর্ত্তকীর বেশ; নাচের সজ্জা। প্র—"অশেষ বিশেষ করি লাস বেশ নাচিতে চলিল নটী।"—ঘনরাম। ২। বিলাসবেশ। প্র—"দূরে গেল লাসবেশ কেশ নাহি বান্ধে।"—ঐ। "সওদাগর আইলে দেশ ঘুচিবেক লাসবেশ পাবি শাস্তি ইহার যেমতি।"—কবিক।

লাস্য (লাশ্‌শ) [লস্‌ (ক্রীড়া করা) + য (ভাবে—ঘ্যণ্‌)] বি, স্ত্রী, স্ত্রীলোকের নৃত্য (পুরুষের নৃত্যকে তাণ্ডব বলে)।

লাহা [সং—লাক্ষা শব্দজ] বি, লাক্ষা ; জৌ : গালা। ২। জাতীয় পদবীবিশেষ।

লাহোরী [হি] বিণ, লাহোর নগরসম্বন্ধীয়। ২। লাহোরজাত। ৩। বি, লাহোরের অধিবাসী।

লি [চীনা—লি = এক ক্রোশের দ্বাদশভাগের এক ভাগ] বি, দূরত্ব পরিমাণ ; ১২ লি = ১ ক্রোশ। বৌদ্ধ সাহিত্যে দূরত্ব পরিমাণ-নির্ণয়ে এবং চীন পরিব্রাজকদিগের ভারত ভ্রমণাদি গ্রন্থের বঙ্গানুবাদে ব্যবহৃত হইয়াছে। ৪০০০লি = ৩৩৩ ক্রোশ।

লিক (ক্‌) [হি। সং—রেখা অপভ্রংশে। গ্রা-বাং—নিক (দ্রঃ)] বি, ভিজা মাটিতে গাড়ির চাকার দাগ ; মাটির উপর গভীর রেখা।

লিকলিক (ক্‌, ক্‌) [শব্দাত্মক] বি, অত্যন্ত পাতলা ও লম্বা বস্তুর আন্দোলন শব্দ ; ছাঁচি বেতের আন্দোলন শব্দ। ২। অপ্রাপ্তব্য বস্তু প্রাপ্তির জন্য বায়না হেতু ছেলেদের অসন্তোষজনক অব্যক্ত শব্দ।

লিকি [লিক্ষা শব্দজ। বাং-গ্রা—নিকি] বি, উকুনের ক্ষুদ্র ডিম্ব ; ক্ষুদ্র উকুন।

লিক্ষা, লীক্ষা [সং] বি, ক্ষুদ্র উকুন : লিকি। ২। পরিমাণবিশেষ।

লিখন (ন্‌) [লিখ্‌ (লেখা) + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, আঁচড়ন। ২। অক্ষরবিন্যাস। ৩। চিত্রাঙ্কন। ৪। [কর্ম্মে—অনট্‌] লেখ ; লিপি ; পত্র ; চিঠি। লিখন প্রণালী—লিখিবার পদ্ধতি ; লিখিবার ধারা ; style of writing.

লিখা, লেখা [সং—লিখ্‌ ধাতু লিখনে। উ-পু—লিখি। ম-পু—লিখ ; লিখুন ; লেখ্‌। প্র-পু—লিখে ; লিখেন। অস-ক্রি—লিখিতে ; লিখিয়া, লিখি, লিখে। ণিজন্ত—লিখান] ক্রি, অক্ষরবিন্যাস করা ; লিপি করা। ২। পত্রব্যবহার করা। ৩। রচনা করা। ৪। বর্ণনা করা। ৫। পত্র দ্বারা জ্ঞাত করা। ৬। চিহ্ন করা। ৭। অঙ্কন করা ; আঁকা ; চিত্র করা। প্র—অপরূপ এ কিরূপ কৃষ্ণের রূপ লিখেছে গো রাই।"—গান। ৮। গণনা করা। ৯। হিসাব করা। ১০। গণ্য করা। প্র—"যতেক কায়স্থ দেখ, ভাঁড়ুর পশ্চাতে লেখ"—কবিক। ব্রজ—লিখই—লেখে। প্র—"অঙ্গুলি দেই ক্ষিতি পর লিখই" —বি, প। লিখইতে—লিখিতে। লিখু—লেখে। লেখি—লেখে ; প্র—অবনত বদনী ধরণী নখে লেখি"—বি, প। লিখালিখি—পরস্পর পত্রব্যবহার। ২। মসীযুদ্ধ। লিখে উঠা—লিখিয়া শেষ করা। লিখে দেওয়া—কাহার জন্য বা পক্ষ হইতে লিখা। ২। দানপত্র স্বাক্ষর করিয়া বিষয়সম্পত্তি আদি দান করা ; আইনসঙ্গত উপায়ে লিখিয়া দান করা। এক কলম লিখে দেওয়া—স্বীয় বচন সত্য হইবেই হইবে এই স্থির বিশ্বাসসূচক উক্তি। লিখে রাখা—স্মরণার্থ টুকিয়া রাখা ; নোট করা। ল্যাখ রে ল্যাখ ["লিখ রে লিখ" পূর্ব বঙ্গীয় উচ্চারণে] ছাত্র বা সন্তানাদির শিক্ষার প্রকৃত যত্ন না লইয়া মৌখিক বা দায়টালা গোছ তত্ত্বাবধান ও শাসন করা। প্র—"গুরু মহাশয় * * * দেয়ালে ঠেসান দিয়া ঢুলছেন ও বলছেন ল্যাখ রে ল্যাখ।"—টেকচাঁদ (আলাল)।

লিখিত [লিখ্‌ (লেখা) + ত (কর্ম্মে—ক্ত)] যাহা লেখা হইয়াছে। ২। রচিত। প্র—লিখিত প্রবন্ধ। ৩। বিণ, অঙ্কিত। প্র—"লেখা ভালে অঞ্জনের রেখা"—মেঘনাদ। ৪। বি, পুং, ধর্ম্মশাস্ত্রপ্রণেতা মুনি। ৪। [ভাবে ক্ত] বি, ক্লী, লিখন।

লিখিতব্য—বিণ, লিখিবার উপযুক্ত। ২। যাহা লিখিতে হইবে।

লিখিয়ে [হি—লিখইয়া, লিখউয়া] বিণ, লিপিকুশল ; লিখনপটু ; সুলেখক।

লিগ (গ্‌) [হি—লিক] বি, জমির উপর গাড়ির চাকার চিহ্ন ; দগড়া ; লিক দ্রঃ। প্র—মাঠের উপর দিয়া লিগ ধরিয়া যাও।

লিগা [প্রাদে] বি, অক্ষদণ্ড। ২। গাড়ির চাকার আইল।

লিঙ্গ [লিঙ্গ্‌ (গমন করা) + অ (অচ্‌)] বি, ক্লী, চিহ্ন ; নিদর্শন। ২। শিবমূর্ত্তিবিশেষ। ৩। সন্ন্যাসী। প্র—লিঙ্গবৃত্তি। ৪। কারণ ; হেতু। ৫। [সাংখ্যমতে] প্রকৃতি। ৬। অনুমান। ৭। অর্থদ্যোতক শক্তি ; সামর্থ্য। ৮। শিশ্ন। লিঙ্গপুরাণ—বি, ব্যাসপ্রণীত মহাপুরাণ। লিঙ্গবৃত্তি—সন্ন্যাসীর বেশধারী ; ধর্ম্মধ্বজী ; কপট সন্ন্যাসী।

লিঙ্গা [গ্রা-বাং] বি, বাদ্যযন্ত্রবিশেষ। প্র—'বাজএ রণসিঙ্গা খমক ভেরি লিঙ্গা দুন্দুভি জগঢাক দামামা।"—শূ, পু।

লিঙ্গায়েৎ [হি] বি, শিবলিঙ্গপূজক ; লিঙ্গোপাসক শৈব।

লিঙ্গী [লিঙ্গ + ইন্‌ (অস্ত্যর্থে) = লিঙ্গিন্‌ ১মা, ১ব] বিণ, ভেকধারী কপট সন্ন্যাসী ; ধর্ম্মধ্বজী। ২। হস্তী। স্ত্রী, লিঙ্গিনী—লতাবিশেষ।

লিচু [চীনা—লিচি] বি, প্রসিদ্ধ সুস্বাদু ফলবিশেষ।

লিডার [ইং—leader] বি, সংবাদ পত্রের স্তম্ভে লিখিত প্রধানতম, সুদীর্ঘ বা দীর্ঘতম এবং সর্ব্বাপেক্ষা প্রয়োজনীয় সম্পাদকীয় মন্তব্য। ২। নায়ক ; দলপতি।

লিথো, লিথোগ্রাফী, লাইথো [ইং—lithography] বি, পাষাণ লেখ বিদ্যা ; যে শিল্পবিদ্যা দ্বারা প্রস্তরে খোদন, অঙ্কন এবং তাহা হইতে ছাপ গ্রহণ করা যায়।

লিনিমেণ্ট (মেন্‌ট্‌) [ইং—liniment. বাং-গ্রা—লিলিমেন্‌ট্‌] বি, মালিশের তৈল ; শ্লেষ্মাশোষক ও দৈহিক বেদনা প্রশমক বিবিধ ঔষধমিশ্রিত প্রলেপ।

লিপা [সং—লিপ্‌ ধাতু লেপনে] ক্রি, লেপন করা। বি, লিপন—আলিম্পন। বিণ, লিপ্ত। লিপা পোঁছা—মার্জ্জন ও লেপন করা।

লিপি,—পী [সং] বি, অক্ষরবিন্যাস ; লিখন। ২। অঙ্কন। ৩। বি, পত্র ; লেখ। লিপিকর, লিপিকার—যে লিপি প্রস্তুত করে ; নকলনবীশ ; copyist. ২। লেখক। ৩। চিত্রকর।

লিপিবদ্ধ [লিপি দ্বারা বদ্ধ—৩ তৎ] বিণ, লিখিত। ২। পত্রগত।

লিপ্ত [লিপ্‌ (লেপন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সংযুক্ত ; সংমিলিত। ২। প্রলিপ্ত ; কৃতলেপন। ৩। সম্বন্ধিত, জড়িত। ৪। বিষাক্ত। লিপ্তপাদ—বি, হংসের ন্যায় যাহাদের পদাঙ্গুলি চর্ম্মদ্বারা যুক্ত এরূপ প্রাণী। ২। বিণ, হংসপদী। লিপ্তহস্ত—যাহাদের করাঙ্গুলি চর্ম্মদ্বারা লিপ্ত।

লিপ্তক (ক্‌) [লিপ্ত (দ্রঃ) ক (সংজ্ঞার্থে)] বি, বিষাক্ত শর।

লিপ্সা (লিপ্‌শা) [লভ্‌ (পাওয়া) + স (ইচ্ছার্থে—সন্‌) + অ (ভাবে)—আপ্‌ স্ত্রী, লভ্‌ = লিপ্‌] বি, স্ত্রী, লোভ ; স্পৃহা ; লালসা। ২। কামনা। বিণ, লিপ্সিত। লিপ্সাশূন্য—নিস্পৃহ ; নির্লোভ।

লিপ্সু (লিপ্‌শু) [লভ্‌ (পাওয়া) + স (ইচ্ছার্থে—সন) + উ (কর্ত্তৃ) লভ্‌ = লিপ] বিণ, স্পৃহাবান ; লোলুপ ; লুব্ধ ; লোভী ; গৃধ্নু।

লিভার, লিবার (র্‌) [ইং—liver] বি, যকৃৎ ; কালখণ্ড। প্র—"লাথি কিল পটাপট জুতো চড় চটাচট লিভার পিলে ফটাফট আপনি যেত ফেটে।"—হেম। লিভারের দোষ—যকৃতের ক্রিয়া-বিকার ; liver complaint.

লিভার (র্‌) [ইং—lever] বি, উত্তোলক যন্ত্র ; চাড় দিয়া ভার তুলিবার যন্ত্র।

লিয়া, লিয়ে [হি—লিয়ে] অ. হেতু ; জন্য কারণে।

লিষ্ট, লিস্‌ট (ষ্ট, লিস্‌ট) [ইং—list. গ্রা—লিস্টি] বি. তালিকা ; ফর্দ্দ।

লীঢ় [লিহ্‌ (লেহনে)+ত (কর্ম্মে)] বিণ. যাহা লেহন করা হইয়াছে ; আস্বাদিত।

লীন (ন্‌) [লী (লীন হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত) ত=ন] বিণ. মগ্ন ; লয়প্রাপ্ত ; মিলিত ; লুপ্ত ; অদৃশ্য। প্র—ভগবানে লীন হওয়া। "ছাতার ভিতরে লীন ধায় গৃহ মুখে"—রবি। ২। সংসক্ত। ৩। শয়িত। স্ত্রী. লীনা।

লীলা [সং—লী ধাতু আলিঙ্গনে, লা গ্রহণে] বি. স্ত্রী. শৃঙ্গার-রস-জনিত ক্রিয়াবিশেষ ; বিভ্রম ; ভঙ্গী ; হাবভাব। ২। কেলি। প্র—"ভেবে দেখহে গোকুলে হোলো কি কি লীলে তাকি তোমার মনে পড়ে না।"—বাং-গান। ৩। দেবতা বা অবতারের কার্য্যকলাপ। ৪। বিলাস। ৫। শোভা। ৬। প্রকাশ। ৭। ব্যাপার। লীলা-কমল—কেলি পদ্ম ; a toy lotus লীলা-খেলা—ক্রীড়া কৌতুক : আমোদ আহ্লাদ। ২। জীবন যাত্রা ; জন্ম হইতে মৃত্যুর অব্যবহিত পূর্ব্ব পর্য্যন্ত অর্থাৎ সারা-জীবনের কার্য্যাবলী। প্র—"দেখ লীলা, লীলা-খেলা নিখিল জগতে এতদিন পরে বুঝি ফুরাইল মোর"।—লীলাবতী। লীলাখেলা সাঙ্গ হওয়া—জীবনের অন্ত হওয়া ; মৃত্যু হওয়া। লীলাগতি—মনোহর ভঙ্গীসংকারে গমন। জীবলীলা—জীবন। মানবলীলা—মানব-জীবন। লীলাসম্বরণ—মরণ।

লীলাবতী (বো) [লীলা+বৎ (অস্ত্যর্থে—বতু)=লীলাবৎ+ঈপ্‌ স্ত্রী] বি. স্ত্রী. বিলাসবতী স্ত্রী। ২। শৃঙ্গার-ভাব-চেষ্টান্বিতা। ৩। ভাস্করাচার্য্যের কন্যা। ৪। ভাস্করাচার্য্য কর্ত্তৃক রচিত পাটীগণিত ও বীজগণিত সম্বন্ধীয় সুপ্রসিদ্ধ গ্রন্থ। ৫। ন্যায়গ্রন্থবিশেষ।

লীলোদ্যান (লিলোদ্দ্যান্‌) [লীলার উদ্যান (বন) ৬তৎ] বি. ক্লী. কেলি-উদ্যান ; ক্রীড়ার্থ উপবন ; a pleasure garden.

লু, লুঁ [হি-র—অনুকরণে প্রা-বাং] বি. বাং-—ক্রিয়া-বিভক্তি ; উত্তম পুরুষ বাচক. যথা,—কহলুঁ, দেখলুঁ ইত্যাদি আধু-বাং—"লাম" যথা,—কহিলাম, দেখিলাম ইত্যাদি।

লুই [লোমন্‌ শব্দজ—লোহী. লোই—লুই] বি. পশুলোমনির্ম্মিত শীতনিবারক স্থূল বস্ত্রবিশেষ।

লুকান, (নো) [হি—লুকানা। লুক্কায়িত দ্রঃ। উ-পু—লুকাই। ম-পু—লুকাও ; লুকান্‌ ; লুকো। প্র-পু—লুকায় ; লুকান। অস- ক্রি—লুকাইতে ; লুকাইয়া, লুকিয়ে। গ্রা—ব্যবহারে ল স্থলে ন। সকর্ম্মক ও অকর্ম্মক উভয়ার্থেই প্রযুক্ত হয়] ক্রি. প্রচ্ছন্ন-ভাবে অবস্থান করা বা করান ; গোপনে অবস্থান করা। ২। গোপন করা অগোচর রাখা। ৩। আড়ালে থাকা ; গা ঢাকা দেওয়া। ৪। না জানান। বি. লুকান, লুকাওন (ন্‌), লুকানি। ব্রজ—লুকাওয়ে—লুকায় ; গোপন করে। প্র—"বেকতয় হৃদয় লুকাওয়ে লাজ"—বি. প। লুকাওল—লুকাইল। প্র—"মরমহি লুকাওল মাধব বুকে"—বি. প। লুকায়নু—গোপন করিলাম। প্র—"হাম লুকায়নু হাস।"—বি. প। লুকায়লি—লুকাইল। প্র—"আধ লুকায়লি আধ উদাস"—বি. প। মুখ লুকান—পৃথিবী হইতে অন্তর্দ্ধান করা ; মরা। লুকাছাপা—গোপন ; অজ্ঞাত ; ঢাকাঢাকি। প্র—"সর্ব্বলোকে জানে মোকে লুকাছাপা নাই॥"—শিবায়ন।

লুকলুকানি (ক্‌) [প্রাদে] বি. লুকোচুরি খেলা। প্র—"খেলে লুকলুকানি আপনি হয়ে বুড়ী। এক চোর সবাকারে করে তাড়াতাড়ি॥"—শিবায়ন।

লুকি [সং—লুক্কায়িত সংক্ষেপে] বি. আত্ম-গোপন ; অন্তর্ধান ; অন্তরালে স্থিতি। প্র—"শুকের পক্ষের আড়ে শারী কৈল লুকি"—কবিক। ২। লুক্কায়িত ; গুপ্ত ; অদৃশ্য। প্র—"হেতে চান লুকি"—সা. প. প। 'লুকি রহল মঝুপিঠ।"—কবিশেখর। "হইলেন লুকি"—মহা-কালী-আদি।

লুকিকায়—বিণ. অদৃশ্য শরীর ; নয়নের অগোচর। প্র—"লুকিকায় হও পশু বলেন অভয়া"—কবিক।

লুকী [লুকি দ্রঃ] বিণ. লুক্কায়িত। প্র—"আঁটনি করিয়া বাঙ্কে ঢালে হয়ে লুকী॥"—ঘনরাম।

লুকোচুরি [লুকন+চুরি] বি. যে খেলায় একজন চোর হয় এবং অপরে তাহাকে ধরা না দিবার জন্য লুকায়। ২। পরস্পরের মধ্যে কোন বিষয় গোপন করণ।

লুকোনো—লুকান দ্রঃ

লুক্কায়িত [লুক্‌—কায়=লুক্কায়+ইত (যুক্তার্থে)] বিণ. অন্তর্হিত ; প্রচ্ছন্ন।

লুচি [লেচী দ্রঃ। হি—লুচুইয়া] বি. ময়ান দ্বারা কোমল করা ময়দার ঘৃতপক্ক রোটিকা। প্র—"দুধে গমে ঘিয়ে ভাজা নাম যার লুচি"—ঈশ্বর গুপ্ত।

লুট, লুঠ (ট্‌, ঠ্‌) [লুট্‌ (বিলোড়নে)] বি. ভূমিতে বিলোড়ন ; লোটন। ২। বিতরণ। ৩। প্রসাদ বিতরণ। প্র—হরির লুট।

লুট, লুঠ (ট্‌, ঠ্‌) [সং—লুণ্ঠ ধাতু। লুটা দ্রঃ] বি. লুণ্ঠন ; বলে গ্রহণ ও আত্মসাৎ করণ ; ডাকাতি।

লুটা, লুঠা [সং—লুণ্ঠ (লুণ্ঠন করা) ধাতুজ। উ-পু—লুটি। ম-পু—লুট। প্র-পু—লুটে। অস-ক্রি—লুটিতে ; লুটিয়া, লুটে। ণিজন্ত—লুটান] ক্রি. বলে গ্রহণ করা ; কাড়া ; ডাকাতি করিয়া লওয়া। ব্রজ—লুটল, লুঠল—লুট করিল। লুট করা—বলপূর্ব্বক হরণ করা। লুট তরাজ—লুণ্ঠন এবং অপহরণ ; চুরি ডাকাতি। লুটপাট—লুণ্ঠন এবং অপহরণার্থ দ্রব্যাদি বন্ধন। লুট হওয়া—লুণ্ঠিত হওয়া ; দস্যু কর্ত্তৃক বলে অপহৃত হওয়া। দুহাতে লুট করা—নির্ব্বিকারে অবাধে এবং অপরিমিত পরিমাণে লুণ্ঠন করা।

লুটা, লুঠা (ট্‌, ঠ্‌) [সং—লুট্‌ ধাতু বিলোড়নে, লোটনে। উ-পু—লুটি। ম-পু—লুট। প্র-পু—লুটে। অস-ক্রি—লুটিতে ; লুটিয়া, লুটিয়ে। ণিজন্ত—লুটন, লুটান, লুটোনো। ম-পু—লুটাও। প্র-পু—লুটায়। অস-ক্রি—লুটাইতে ; লুটাইয়া, লুটায়ে] ক্রি. বিলোড়িত হওয়া ; গড়াগড়ি যাওয়া ; অবলুণ্ঠিত বা বিলুণ্ঠিত হওয়া। প্র—"ধূলায় পড়ে লুটাত"—গান। ২। বিতরিত হওয়া। প্র—"ভাণ্ডার দ্বার খুলেছে জননী অন্ন যেতেছে লুটিয়া"—রবি। বি. লুটন, লুঠন। ব্রজ—লুটই, লুঠই—গড়াগড়ি যায় ; লোটে প্র—"বিষজল পানে ছুটই কোই লুটই"—মাধব দাস। "সহচরী সঙ্গে রাই ক্ষিতি লুটই"—ঐ। লুঠত—লুণ্ঠিত হয়। প্র—"লুঠত মহীধামে"—বি. প। লুঠয়ে—লুটাইয়া পড়ে। প্র—"পদতলে লুঠয়ে নাগর কান"—বলরাম দাস। লুটাপুটি—লুণ্ঠিত হইয়া পতন ; গড়াগড়ি। লুটাপুটি খাওয়া—অবলুণ্ঠিত হওয়া। লুটালুটি—গড়াগড়ি।

লুটাতি [লুট (দ্রঃ)+আতি (কারী এই অর্থে)] বি. যে লুট করে ; লুণ্ঠনকারী : ডাকাত। প্র—"হেদেরে লুঠাতি তোর কোন দেশে ঘর। বিদেশে বিক্রম এত বুকে নাহি ডর॥"—ঘনরাম।

লুটি [গ্রা—নুটি। বৈদ্যকে লুণ্ডিকা. নুড়ির আকৃতি হইতে?] বি. তৃণাদির গুটিকা ; ছিন্ন বস্ত্রাদির ক্ষুদ্র গোলক।

লুটেরা, লুঠেরা [হি—লুঠি আরা] বিণ. যে লুট করে ; দস্যু ; ডাকাত ; লুণ্ঠক।

প্র—"কখন লুটেরা কখন পসারী। কভু চোর কভু চর হে।"—অ, ম।

লুটেল, লুঠেল (ল্) [হি—লুঠিআল] বি, লুণ্ঠনকারী; দস্যু। প্র—"একেত মাগ্‌গি গণ্ডা লুটেল তায় কুঠেল বণ্ডা"—ঈশ্বর গুপ্ত।

লুটোনো—লুটান দ্রঃ।

লুঠিত, লুণ্ঠিত [লুঠ্, লুণ্ঠ্ (ভূমে বিলোড়িত হওয়া)+ত (কর্তৃ)] বিণ, অবলুণ্ঠিত; গড়াগড়ি যাওয়া। প্র—"লোল-জটাপুট-লুণ্ঠিত হে"—বাসবদত্তা। ২। [লুণ্ঠ্ (হরণে)] বলে হৃত; দস্যু কর্তৃক অপহৃত।

লুড়া [নুড়া দ্রঃ। লুড়ির ন্যায় গুটিকাকৃতি বলিয়া?] বি, গোলক; গুটি; আটী; গোছা। প্র—"উমার মুখ চাঁদের চূড়া বুড়ার দাড়ী শনের লুড়া"—অ, ম।

লুড়ি, লুড়ী [সং—লোষ্ট্র হইতে] বি, উপল খণ্ড; ক্ষুদ্র প্রস্তর খণ্ড; **লুড়লুড়ী**—নুড়নুড়ি দ্রঃ।

লুণ (ন্) [সং—লবণ; পা—লোণ] বি, লবণ; ক্ষার; salt. প্র—"বুকেতে মারিয়া চাবুকের ঘা তাহাতে লুণের ছিটে।"—চণ্ডীদাস।

লুণ্টক (ক্) [সং] বি, নটিয়া শাক।

লুণ্ঠক (ক্) [লুণ্ঠ্ (অপহরণে)+অক (কর্তৃ)] বিণ, লুঠকারী; দস্যু; চোর। ২। (গড়াগড়ি দেওয়া) ধাতুজ] যে গড়াগড়ি দেয়।

লুণ্ঠন [লুন্ঠ্ (চুরি করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অপহরণ। ২। ভূমিতে অবলম্বন; লোটা; গড়াগড়ি। বিণ, **লুণ্ঠিত**। স্ত্রী, **লুণ্ঠিতা**।

লুনার্তী [লুন (লবণ)+আতি (ব্যবসায়ী অর্থে)] বি, লবণবিক্রেতা; লুনিয়া।

লুপা—লুফা দ্রঃ।

লুপা, লুফা, লোপা, লোফা [সং—লম্ফ—লাফ দিয়া ধরিবার ভাব হইতে অথবা লপ্ (উৎপতনে) ধাতুজ। তুল—হি—লোক্‌না (ধরা) উ-পু—লুপি, লুফি। ম-পু—লোপ, লোফ। প্র-পু—লোপে, লোফে। অস-ক্রি—লুপিতে, লুফিতে; লুপিয়া, লুফিয়া; লুপে, লুফে। ণিজন্ত—লুপান, লুফান, লোফান (নো)] ক্রি, উর্দ্ধে নিক্ষিপ্ত বস্তু শূন্য হইতে ধরিয়া ফেলা; খেলিবার গোলক শূন্য হইতে ভূমিতে পতিত হইবার পূর্ব্বে লম্ফ দিয়া ধরা। প্র—"কাটা মুণ্ড লোফে দানা"—কবিক।

লুফালুফি, লোফালুফি, লোপালুপি—পরস্পরের নিক্ষিপ্ত বস্তু শূন্য হইতে পরস্পর কর্তৃক ধৃত করণ। **লুফিয়া ধরা**—নিক্ষিপ্ত বস্তু শূন্য হইতে ধরিয়া ফেলা। প্র—"ফুলের গেড়ু য়া লুফিয়া ধরয়ে"—চণ্ডীদাস। **লুফিয়া লওয়া**—লুফিয়া ধরা দ্রঃ। ২। বাক্য মুখ হইতে বাহির হইতে না হইতে বক্তব্য বুঝিয়া লওয়া। "ডিউকের মুখের কথা লুফিয়া লইয়া কহিলেন"—ভারতী, বৈশাখ, ১৩২১।

লুপ্ত [লুপ্ (লোপ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, গুপ্ত। ২। অপহৃত। ৩। লোপপ্রাপ্ত। ৪। অদৃশ্য; বিলীন। ৫। আচ্ছন্ন; আবৃত।

লুবধ [রূপান্তরে **লুবুধি**। লুব্ধ শব্দের কোমল-রূপ। ব্রজ পদ্যে] বিণ, লোভী; মুগ্ধ; লোলুপ। প্র—"লুবধ মতি"—বি, প। "প্রেম-পরিমল লুবধ ভ্রমর"—চণ্ডী। "লুবুধি মুগুধি ভেল সোয়"—বি, প। ক্রি **লুবধাই**—লুব্ধ হইয়া; মুগ্ধ হইয়া। প্র—"আপন গুণ লুবধাই।"—বি, প। **লুবধল**—লুব্ধ হইল। প্র—তুয়া গুণে লুবধল সুন্দর কান"—বি, প।

লুব্ধ (লুব্‌ধ) [লুভ্ (লাভের আকাঙ্ক্ষা করা)+ত (কর্তৃ—ক্ত, ভ—ব=ব্ধ)] বিণ, মুগ্ধ; লোভী; লোলুপ। প্র—"লুব্ধ ভক্ষণের আসে ঝাঁকে পাখী জালে বৈসে"—কবিক। ২। লম্পট। ৩। বি, পুং, লুব্ধক; ব্যাধ। ৪। নক্ষত্রবিশেষ।

লুব্ধক (ক্) [লুব্ধ+ক (স্বার্থে)] বিণ, ব্যাধ। প্র—'শিবরাত্রি সে দিন লুব্ধক অনাহারে।"—শিবায়ন। ২। লম্পট।

লুম (ম্) [হি—লুঁ; প্রা-বাং লাঞ। আধু সাধু বাং—লাম। প্রা-বাং ও আধু গ্রা—প্রাদে—লেম, লুম। মেয়েলি—নু] বি, বাঙ্গালা ক্রিয়ার উ-পু, অতীত কালবাচক বিভক্তি। প্র—"তে কারণে দেখিলুম কৃষ্ণগদাধর"—মহা (শ্রীকরণ)।

লুলা [হি—লুলা। প্রা-বাং—নুলা] বি, খাবা ২। নড়া; হস্তের অগ্রভাগ। ৩। [হি—লুলা (ছিন্ন হস্ত)। সং—লূন (ছিন্ন)] ছিন্ন হস্ত; ভগ্ন হস্ত।

লুলা [সং—লুল্ (আলোড়নে, সঞ্চালনে) ধাতুজ। প্র-পু—লুলে। অস-ক্রি—লুলিয়া, লুলি (পদ্যে)। অন্যান্য রূপের প্র-অ। ণিজন্ত—লুলান] ক্রি, আন্দোলিত করা; আলোড়িত করা; সঞ্চালিত করা। ২। লক্‌লকে জিহ্ব পুনঃপুনঃ বাহির করিয়া লেহন বা আস্বাদন করা। প্র—"হিমাস্তে অহি ভ্রমে উর্দ্ধ-ফণা ত্রিশূলসদৃশ জিহ্বা লুলি অবলেপে!"—মেঘনাদ।

লুলিত [লুল্ (বিলোড়নে)+ত] বিণ, মর্দ্দিত। ২। কম্পিত। ৩। আন্দোলিত। ৪। যাহা লক্‌লক্ করে; ললৎ; লোল। ৫। লুঠিত। প্র—"বাম করে কপোল লুলিত কেশ ভার"—বি, প। ৬। রম্য।

লুষা, লুসা, লোসা [সং—লূষ্ (হিংসায়, চর্ব্বণে)] ক্রি, ভক্ষণ করা; চর্ব্বণ করা। প্র—"প্রায় তুলসী তলায় বসে, কসে মালপো লুসে নদেবাসী দিচ্ছে হরিবোল।"—গান। "মণ্ডা লোষা দধি চোষা"—ঈশ্বর গুপ্ত।

লুণ (ন্) বি, লবণ।

লুণিয়া (নি) [হি] বি, অম্লাস্বাদ শাকবিশেষ। ২। লবণ-প্রস্তুতকারী। ৩। লবণ-বিক্রেতা।

লূতা, লূতিকা [সং] বি, স্ত্রী, মাকড়সা।

লূতাতন্তু—বি, মাকড়সার জাল। **লূতাতন্তু-ন্যায়**—লূতা (মাকড়সা) যে ভাবে আপন দেহ হইতে সূত্র বাহির করিয়া জাল নির্ম্মাণ করে এবং সময়ে আপন দেহ নিঃসৃত সূত্রজাল বিনষ্ট করে, সেইরূপ সৃষ্টিকর্ত্তা আপন শক্তি প্রভাবে জগতের সৃষ্টি করেন এবং সময়ে জগৎ সংহার করেন এই ন্যায়—বেদান্তসার টীকা।

লূমবিষ (ম্, ষ্) [লূমে (লেজে) বিষ যাহার, বহু] বি, পুং, যে সকল প্রাণীর লেজে বিষ আছে; বৃশ্চিক।

লেআ [লঅা (দ্রঃ)। হি—লেনা। প্রা-বাং—নেআ, নেওআ। উ-পু—লেই। ম-পু—লেও, লেহ; লেন, লেউন; লে। প্র-পু—লেয়; লেন (ল্যান)। অস-ক্রি—লেইতে; লেইয়া, লেই। ণিজন্ত—লেআন] ক্রি, লওয়া; গ্রহণ করা। প্র—"মুকুর লেই অব করত সিঙ্গার।"—বি, প।

লেই, লেহাই [হি—লেই=কাই] বি, মণ্ড; মাড়; কাই।

লেউটন (ন্) [লেউটা দ্রঃ। হি—লৌটনা] বি, প্রত্যাবর্ত্তন। ক্রি, **লেউটা**—ফেরা। **লেউটিয়া**—ফিরিয়া। প্র—"লেউটিয়া মোর পানে চাহ চারু মুখে।"—কাশী-মহা।

লেওয়া [লেপ—প্রলেপ। প্রা-বাং—নেওয়া (মাণিকচাঁদের গান)] বি, প্রলেপ।

লেকট (ল্যাকট্) [মেয়েলি নেকট (ন্যাকোট্) হি—লপটা (সংলিপ্ত)] বিণ, কাই কাই; গলিত ও লিপ্ত। প্র—ভাত লাগিয়া লেকট হইয়া গিয়াছে।

লেখ (খ্) [লিখ্ (লেখা)+অ] বি, পুং, লিখন। ২। পত্র; লিপি। ৩। লিখিত বিষয়। ৪। গণনা; হিসাব; পরিমাণ। ৫। গণন; নির্দ্ধারণ। ৬। রেখা। ৭। বিণ, লেখ্য।

লেখক (ক্) [লিখ্ (লেখা)+অক (কর্তৃ)] বি, পুং, যে লেখে; লিপিকর। ২। গ্রন্থ-প্রবন্ধাদি রচনাকারী; গ্রন্থকার; author. ৩। সুলেখক। প্র—"লেখকের হাতে পড়িলে ঐ গ্রন্থই কত উপাদেয় হইত।" তুল—মাঝির হাতে হাল। ৪। চিত্রশিল্পী।

৫। কেরাণী ; a writer. ৬। নকলনবীস ; a copyist.

লেখকাণু (ণু) [লেখকের মধ্যে অণু (অতিক্ষুদ্র)] বি. ক্ষুদ্র বা নগণ্য লেখক ; সামান্য নকলকার : প্র—"আর যদি রচনা গ্রন্থান্তরে প্রক্ষেপ করিতেই হয়, তবে বাঙ্গালী লেখকাণুর পক্ষে রামায়ণের মত গ্রন্থের লোভ সংবরণ করা বড়ই কঠিন।"—হী. দত্ত (সা-প-প ১৩০৯)।

লেখতি [প্রা-বাং। লিখিত বর্ণবিপর্য্যয়ে] বিণ. লিখিত ; অঙ্কিত। প্র—"তাহার পিরীতি পাষাণে লেখতি মুছিলেও নাহি ঘুচে।"—চণ্ডীদাস।

লেখন (ন্) [লিখ্ (লেখা) + অন (ভাবে —অনট্)] বি. ক্লী. রেখাঙ্কন ; অক্ষরবিন্যাস। ২। লিখনপত্র। ৩। চিত্রাঙ্কন। ৪। বিলেখন ; আঁচড়ান বা আকর্ষণ।

লেখনী [লেখন + ঈ (করণে)] বি. লেখন-সাধন যন্ত্র ; কলম ; বর্ণ তুলিকা। ২। চিত্রকরের বর্ত্তিকা ; তুলি।

লেখনিক (নিক্) [লেখন (পত্র) + ইক] বিণ. লেখক ; লিপিকর। ২। চিত্রশিল্পী। ৩। পত্রবাহক। যে অন্যের দ্বারা লেখাইয়া নিজে স্বাক্ষর বা কোন চিহ্নে চিহ্নিত করে।

লেখনীয় [লিখ্ (লেখা) + অনীয় (কর্ম্মে)] বিণ. লিখনোপযোগী ; লিখিতব্য ; লেখ্য।

লেখহার, লেখহারক (র্, রক্) [লেখ (পত্র) হৃ (হরণ—বহন করা) + অক, কর্ত্তৃ] বি. পুং. পত্রবাহক ; peon.

লেখা [লিখ্ (লিখনে) + অ (ভাবে) + আপ্ স্ত্রী। পূঃ. বঙ্গের উচ্চারণে 'ল্যাখা'] বি. সংখ্যা ; গণনা। প্র—"প্রেত-ভূত-পিশাচের লেখা নাহি জানি।"—কবিক। "আর কতজন কে করু লেখা।"—চণ্ডী। ২। হিসাব। প্র—'দিয়াছিলে যত দ্রব্য লেখা করে লও।"—শিবায়ন। "লেখা করি বীরে দিল সাত-কোটী ধন।"—কবিক। ৩। পরিমাণ ; সীমা ; ইয়ত্তা। প্র—'নিন্দিলে দক্ষের দশা বন্দিলে বন্দনা ভুষা সেবিলে সুখের নাহি লেখা।"—শিবায়ন। ৪। তুলনা। প্র—"উচ্চৈঃশ্রবা উচ্চৈঃশ্রবা অশ্বের লেখায়।"—অ. ম। ৫। লিখন, হস্তলিপি ; হস্তাক্ষর। ৬। লিপি ; পত্র ; খত। ৭। রচনা ; প্রবন্ধ। ৮। বর্ণনা। ৯। চিত্রকর্ম্ম ; অঙ্কন। ১০। চিত্র ; ছবি। ১১। রেখা। ১২। চিহ্ন। ১৩। শ্রেণী ; পঙ্‌ক্তি। **লেখা করা**—হিসাব করা। ২। হাতের লেখা তৈয়ার করা। **লিখা, লেখা জোখা**—সংখ্যা ও পরিমাণ। ২। গণনা ; হিসাব। প্র—লেখা জোখা জানি নাহি রাম রস পেয়ে।"—শিবায়ন। ৩। নিদর্শন পত্র। **লেখা লিখি**—লিখা দ্রঃ। **কপালের লেখা**—অদৃষ্টের লিখন ; ভবিতব্য। **খাতা লেখা**—হিসাববহিতে আয় ব্যয়, ক্রয় বিক্রয়, ও লেন দেন প্রভৃতি বিবরণ লিপিবদ্ধ করা। **পাঁতিলেখা**—ব্রাহ্মণ পণ্ডিত কর্ত্তৃক শাস্ত্রীয় ব্যবস্থা লিপিবদ্ধ করা। **লেখাপড়া**—লিখন পঠন ; বিদ্যানুশীলন।

লেখার্হ [লেখ + অর্হ (যোগ্য)] বিণ. লেখ-যোগ্য ; লিখিবার উপযুক্ত ; লেখনীয়।

লেখিত [লিখ্ + ণিচ্ = লেখি + ত (কর্ম্মে)] বিণ. যাহা লেখান হইয়াছে। ২। লিখিত।

লেখ্য (লেক্‌খ) [লিখ্ (লেখা) + য (কর্ম্মে —ঘ্যণ্)] বিণ. লেখার্হ ; লেখনীয়। ২। বি. লিখিত পত্র। ৩। দলিল দস্তাবেজ। ৪। চিত্র ; আলেখ্য। ৫। স্বাক্ষর। **লেখ্য পত্র**—লিখিবার তালপাতা। ২। লিখিত পত্রাদি দলিল দস্তাবেজ। **লেখ্যস্থান**—দপ্তরখানা ; আফিস।

লেঙ্গ (ল্যাং) [সং—লঙ্ঘন শব্দজ। তুল—ফলঙ্গ] বি. প্রায় ২॥ হস্ত পরিমাণ ব্যবধান। প্র—"ঘন সরিষা পাতলা রাই। লেঙ্গে লেঙ্গে কাপাস বাই॥"—খনা।

লেঙ্গচা (ল্যাংচা) বি. রসে ফেলা পান্তুয়ার মত মিষ্টান্নবিশেষ ; লম্বাকৃতি পান্তুয়া। ২। বিণ. খঞ্জ।

লেঙ্গচান (ল্যাংচানো) [প্রা—ন্যাংচানো। হি—লেঙ্গড়ান] ক্রি. লেঙ্গড়ার মত অর্থাৎ খোঁড়াইয়া চলা।

লেঙ্গট (ট্) [ফা—লঙ্গ্ (ধুতি) ; কৌপীন। হি—লঙ্গোট] বি. ছিন্নমলিন বস্ত্রখণ্ড ; লেংটি ; কৌপীন। ২। যে বস্ত্রখণ্ড পরিধান করিলে প্রায় উলঙ্গই দেখায় ; কাচ অপেক্ষাও ছোট বস্ত্র। প্র—"লেঙ্গট উন্মত্ত বেশ সদা অনাহারে।"—কাশী-মহা-আদি। ৩। (ল্যাংটো) [মেয়েলি ভাষায় ন্যাংট] বিণ. নগ্ন।

লেঙ্গটা (ল্যাংটা) [উলঙ্গ শব্দজ। মেয়েলি ভাষায় ন্যাংটা] বিণ. উলঙ্গ ; নগ্ন। প্র—"মেনকা দেখিলা চেয়ে জামাই লেঙ্গটা"—অ. ম। ২। সন্ন্যাসী। ৩। নিঃস্ব। **লেঙ্গটার নাই বাটপাড়ে ভয়**—যাহার কিছুই নাই এমন কি পরিধানের বস্ত্রও নাই, তাহার ডাকাত হইতে ভয় নাই।

লেঙ্গটি, লেংটি [লেঙ্গট অপেক্ষা ক্ষুদ্র] বি. কৌপীন।

লেঙ্গড়া (ল্যাংড়া) [হি—লঙ্গ্‌ড়া (খঞ্জ)] বিণ. খঞ্জ ; খোঁড়া। ২। বি. কাশী মালদহ প্রভৃতির প্রসিদ্ধ আম্রবিশেষ।

লেঙ্গা (ল্যাংগা) [সং—উলঙ্গ] বিণ. নগ্ন।

লেঙ্গুড় (ড়) [সং—লাঙ্গুল হইতে] বি. লেজ ; পুচ্ছ। প্র—"ভাবাবেশে মুরারি গুপ্ত হৈল হনুমান। লেঙ্গুড় বাড়াইল হস্ত দ্বাদশ প্রমাণ।"—চৈ. ম (জয়ানন্দ)। লেঙ্গুড়ে জড়িয়া নিব মহোদধি জলে।"—মহা (শ্রীকরণ)।

লেচী [হি—লচ্ছী (মাখা ময়দাদির গুটিকা) তুল—হি—লোচ (শ্বেতসার ; মণ্ড ; কাই ; starch) লোচা—খানিকটা থল্‌থলে মাংস] বি. জলমিশ্রিত করিয়া উত্তমরূপে মর্দ্দিত এবং কর্দ্দমের মত কোমলকৃত আটা বা ময়দা।

লেজ (ল্যাজ্) [সং—লগ্ন। নেজ দ্রঃ] বি. পুচ্ছ ; লাঙ্গুল। প্র—"আজ আমি তোরে বধি রাজধানে যাব। পণের নিশান তোর লেজ কাণ নিব।"—ঘনরাম। **লেজগুটান**—[কুকুরাদি জন্তুর স্বভাব যাহাকে অধিক বলবান দেখে তাহার নিকট লেজ গুটাইয়া জড় সড় হইয়া পড়ে, সেই ভাব হইতে] পরাজিত হওয়া ; হারা। ২। বিনীত হওয়া। ৩। ভীত হওয়া। ৪। প্রতিদ্বন্দ্বিতা করিতে করিতে হারিয়া নিরস্ত হওয়া। প্র—"দাদা লেজ গুটালে কেন"—ঈ-গুপ্ত। **লেজ-ঝোলা**—বিণ. যাহার লেজ ঝোলা বা লম্বা ; লম্বপুচ্ছ ; বৃহল্লাঙ্গুল। প্র—"আয়রে পাখী লেজ-ঝোলা খোকনকে নিয়ে দে দোলা"—ছেলেভুলান ছড়া। **লেজসাট**—পুচ্ছ আছড়ান বা তাড়না। প্র—"লেজ সাটে নাসিকা নিশ্বাসে বহে ঝড়।"—ঘনরাম। **লেজেগোবরে**—[গবাদির ভয়ে পুচ্ছ না তুলিয়া পুরীষ ত্যাগের ভাব হইতে] ভয়ে অভিভূত হইয়া পড়া ; বিব্রত হওয়া : তুল—"কাছায় হাগা" (গ্রা)। **লেজে খেলা**—চাতুরী বা কৌশলে কাজ করা।

লেজা (ল্যাজা) [গ্রা—নেজা] বি. মৎস্যের পুচ্ছদেশ ; শেষভাগ। **লেজামুড়া**—পুচ্ছ ও মুণ্ড ; উভয় প্রান্ত ; আগাগোড়া। **লেজামুড়া বাদ**—মস্তক এবং লেজ বর্জ্জিত ; মধ্যভাগ। ২। কোন বিষয়ের মধ্য স্থল। ৩। অসম্পূর্ণ বাক্য ; কাহিনীর অংশ। প্র—লেজা মুড়া বাদ দিয়া বলিলে বুঝিব কিরূপে।

লেজার (র্) [ইং—ledger] বি. প্রতি বস্তু বা ব্যক্তির নামে স্বতন্ত্র হিসাব ; উক্ত হিসাবের খাতা।

লেজুড় (ড়) [লেজ + উড় (ব্যাপ্ত্যর্থে)] বি. লেজ ; পুচ্ছ। ২। পশ্চাতে যাহা যুক্ত হয়। ৩। [ব্যঙ্গার্থে] উপাধি। ৪। বিণ. পশ্চাদ্বর্ত্তী।

লেট (ট্) [ইং—late] বি. বিলম্ব ; দেরি।

লেটা (ল্যাটা) [লেঠা দ্রঃ] বি. বিরোধ ; বিবাদ। প্র—"বহুকাল বিলাস করিলি বটে

বেটা। বিধাতা বিমুখ আজি মোর সনে লেটা।"—ঘনরাম।

লেটা (ল্যাটা) [গ্রা—নেটা (দ্রঃ) । অস—লেবেয়া-হাত। তুল—হি, বাঁয়্‌হাত্তা] বিণ, বামবাহুদক্ষ।

লেটারবক্স্‌ (স্‌) [ইং—letter box] বি, ডাকে পাঠাইবার অথবা ডাকঘর হইতে প্রাপ্য চিঠি সংগ্রহ করিবার আধার।

লেঠা (ল্যাঠা) [হি—লতাড়্‌ (ঝঞ্ঝাট, উৎপাত, সঙ্কট) হইতে ? অস—লেঠা কিন্তু তাহা বাং হইতে] বি, ঝঞ্ঝাট। প্র—"যাও আন বাটে, গেলে এ ঘাটে, বড়ই বাধিবে লেঠা"—চণ্ডীদাস। ২। উৎপাত। প্র—"বিরোধ বিষম লেঠা"—বিহারী চক্রবর্তী। ৩। গোলযোগ। প্র—"কালি সব ঘুচালি লেঠা"—বাং-গান। ৪। মুস্কিল। ৫। সঙ্কট। ৬। ল্যাটা মাছ ; গড়ই।

লেড়া (ল্যাড়া) [নেড়া দ্রঃ] বিণ, মুণ্ডিত মস্তক। ২। বি, চৈতন্যদেবের জনৈক ভক্ত ও তৎপ্রবর্তিত সম্প্রদায়।

লেডী [ইং—lady] বি, য়ুরোপীয় মহিলা ; সম্ভ্রান্তা রমণী।

লেডকিনি,—কেনি,—কেনিং [ভারতের ভুতপূর্ব বড় লাট লর্ড ক্যানিং মহোদয়ের পত্নী লেডি ক্যানিং (Lady Canning) ১৮৬১ খ্রীঃ অব্দের নভেম্বর মাসে জ্বর রোগে কলিকাতায় প্রাণত্যাগ করেন। তাঁহার নাম চির স্মরণীয় করিবার জন্য "লেডি ক্যানিং" নামক মিষ্টান্ন প্রস্তুত হইয়াছিল] বি, প্রসিদ্ধ মিষ্টান্নবিশেষ।

লেণ্ড [সং] বি, ক্লী, বিষ্ঠা ; ন্যাড়।

লেণ্ডী [হি—লেঁড়ী বাং—গ্রা—নেড়ী] বি, অপকৃষ্ট জাতীয় কুকুর ; নেড়ী কুকুর ; paria dog. **লেণ্ডীমারা**—অতি অপকৃষ্ট ; নিকৃষ্ট ; অধম।

লেতি [হি—লত্তী] বি, লাটীম ঘুরাইবার দড়ী ; নেতি। ২। [লেতা অপেক্ষা ক্ষুদ্র অর্থে] ছিন্ন বস্ত্রের জলসিক্ত ক্ষুদ্রগুটিকা।

লেদাড়ে (ল্যা) [লতাড়িয়া ; নেদাড়ে দ্রঃ] বি, অলস ; দীর্ঘসূত্রী।

লেন (ন্‌) [ইং—lane] বি, সরুপথ ; গলি।

লেনদেন (ন্‌, ন্‌) [হি—লেন—লেনা (গ্রহণ করা) দেন—দেনা (দান করা)] বি, ধনগ্রহণ ও পরিশোধ ; আদান প্রদান ; দেনা পাওনা। ২। কারবার। প্র—"মাহতাব। কার সঙ্গে তার লেন দেন ? গুরগণ খাঁ। মুঙ্গেরের বড় কুঠির সঙ্গে।"—বঙ্কিম (চন্দ্রশেখর)।

লেন্স [ইং—lens] বি, স্ফীত বা সম্বৃত-মধ্য কাচ ; কাচপুটক।

লেপ (প্‌) [সং—লিপ্‌ (লেপন করা) + অ (ভাবে—অল্‌)] বি, পুং, লেপন ; প্রলেপ ; বিলেপন। ২। চূর্ণ ; চুণ। ৩। [সং—লিপ্‌ (আবরণে)। হি—লেহাফ] বি, আবরণ ; রেজাই ; তুলাভরা শীত নিবারক গাত্র বস্ত্র। প্র—"লেপ তুলি শয্যায় হাতাড়ে খুঁজে কোল" —ধ, ম। বিণ, **লেপী**—লেপক।

লেপক (ক্‌) [লিপ্‌ (লেপন করা) + অক (কর্তৃ)] বিণ, লেপনকর্তা।

লেপন (ন্‌) [লিপ্‌ (লেপন করা) + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, বিলেপন ; ম্রক্ষণ। ২। লেপনের দ্রব্য ; প্রলেপ।

লেপা [সং—লিপ্‌ (লেপন করা) ধাতুজ। হি—লিপ্‌না ; বাং-গ্রা—নেপা (ন্যাপা)] উ-পু—লেপি। ম-পু—লেপ ; লেপুন ; লেপ্‌। প্র-পু—লেপে ; লেপেন। অস-ক্রি—লেপিতে ; লেপিয়া. লেপি। গিজন্ত—লেপান (নো)] ক্রি, লেপন করা ; নিকানো। ২। প্রলেপ দেওয়া। ৩। বিণ, লিপ্ত। [ব্রজ] **লেপই**—লেপন করে। **লেপল**—লেপন করিল। প্র—"চন্দন অঙ্গে লেপল মোর"—বি, প। **লেপা পোঁছা**—পরিষ্কার করা। ২। বিণ, পরিষ্কৃত ; নিকান। ৩। লিপ্ত ও অদৃশ্য।

লেপ্‌চ, লেপ্‌চা, লেপ্সা (লেপ্‌শা) [লিপ্সা হইতে] বি, স্পর্শ ; সংস্রব ; সম্পর্ক। প্র—সে তাহাদের কোন লেপ্‌চে থাকে না।

লেপ্য (লেপ্‌প) [লিপ্‌ (লেপন করা) + য (কর্মে—ঘ্যণ্‌)] বিণ, লেপনীয় ; লেপনের উপযুক্ত। **লেপ্যময়ী** [যাহাতে বর্ণ মৃত্তিকা প্রভৃতি লেপন করা হয়] মাটির বা কাঠের পুতুল খেলনা ইত্যাদি। ৩। দেবতার মূর্তি ; বিগ্রহ।

লেফাফা [ফা—লিফাফাহ্‌] বি, পত্রাদির আবরণ ; মোড়ক ; খাম। **লেফাফা দুরস্ত,—দোরস্ত**—বাহিরের পারিপাট্যে নির্ভুল ; উপর উপর পরিষ্কার পরিচ্ছন্ন কিন্তু ভিতরে মলিন। ২। বাহিরের আচরণ ; মৌখিক ভদ্রতা, আদব কায়দা প্রভৃতি ত্রুটিশূন্য কিন্তু কার্য্যক্ষেত্রে বিপরীত।

লেফ্‌টেনেণ্ট (ন্যান্ট্‌) [ইং—lieutenant, হি—লফ্‌টন্‌] বি, প্রধানের অব্যবহিত নিম্নস্থ কর্মচারী ; প্রথম সহকারী ; ডেপুটী। **লেফ্‌টেনেণ্ট গবর্ণর**—গবর্ণরের অধীন গভর্ণর ; ডেপুটী গবর্ণর।

লেবু [নেবু দ্রঃ। হি—লেমু হইতে। প্রাচীন সং-তে জম্বীরাদি শব্দই পাওয়া যায়। নেবু বা লেবুর সং—রূপ "নিম্বূ," "নিম্বু," "লিম্পাক" অপ্রাচীন। মঃ—লিংবে ; কর্ণাটী—নিংবু এবং বাং-র নেবু। কিন্তু হি-র অনুকরণে লেবু ও নেবু] বি, প্রসিদ্ধ অম্লরস ফলবিশেষ ; জামীর ; নেবু ; lime ; lemon. পাতি, কাগজি, গোঁড়া, টাবা, চীনা, মিঠা কমলা, কলম্ব, নারাঙ্গী, বাতাবী প্রভৃতি ভেদে লেবু বিবিধ প্রকার।

লেবেল, লেভেল (ল্‌) [ইং—label] বি, অঙ্কপত্র ; নাম ও ঠিকানা লিখিত চিরকুট ; টিকিট। **লেবেল আঁটা,—মারা,—লাগান**—পরিচয় পত্র বা নাম ও ঠিকানা যুক্ত টিকিট সংযুক্ত করা।

লেভেল, লেবেল (ল্‌) [ইং—level] বিণ, চৌরস ; সমতল ; সমান ; পেলেন ; সমভূমি। ২। বি, সমতলক্ষেত্র ; চৌরস জমী। ক্রি—**লেভেল করা।**

লেয়ো [গ্রা—নেও (দ্রঃ) । লাউয়া (লাউএর মত)] বিণ, তুম্ববৎ ; লাউ সদৃশ। **লেয়ো পেট**—লাউয়ের মত উদর। বিণ, লেয়ো পেটা।

লেলা (ল্যালা) [সং—লোহল ("লোহল স্যাদস্ফুট বাগ্‌") অপভ্রংশে লেলা (অস্ফুট বক্তা—হাবা) অথবা আ—পুপু (পাগল, বোকা) । তুল—ভুলো, ভুলুয়া, a fool] বি, হাবা ; বোকা ; হাবা গঙ্গারাম ; হাব্‌লা। **লেলা ক্ষেপা**—লেলা ও ক্ষেপা (পাগল) ; ক্ষ্যাপা পাগল ; হাব্‌লা গোব্‌লা ; আউলিয়া।

লেলান (নো) [হি—লে (লেলা—ধর, আক্রমণ কর্‌)—লে (উত্তেজনা বা উৎসাহ দানার্থে পুনরুক্ত) । উ-পু—লেলাই। ম-পু—লেলাও। প্র-পু—লেলায়। অস-ক্রি—লেলাইতে ; লেলাইয়া, লেলিয়ে] ক্রি, টুস্কাইয়া দেওয়া ; টুস্কান ; উস্কান।

লেলিহান (ন্‌) [লিহ্‌ (যঙলুগন্ত) = লেলিহ (পুনঃ পুনঃ লেহন করা) + আন (কর্তৃ) . গুলা দ্রঃ] বিণ, পুনঃ পুনঃ লেহনকারী ; বারংবার আস্বাদনকারী। ২। যাহার জিহ্বা লক্‌লক্‌ করিতেছে ; প্র—"অবলাও আকাঙ্ক্ষার শিখা লেলিহান। নূতনের পরে শুধু নূতন সে চায়।"—ফুলরেণু। স্ত্রী—লেলিহানা অঙ্গুল্যাদি মুদ্রাবিশেষ। ২। সর্প।

লেলো [লাল + উয়া = লালুয়া সংক্ষেপে লেলো ; গ্রা—নেলো] বিণ, লালাযুক্ত। ২। লাল্‌ দ্রঃ।

লেল্‌লেলিয়া, লেল্লেলে (ল্যাল্‌লে) [লাল (সং—লালা) + লাল। ইয়া (লালার আধিক্যবশতঃ দ্বিত্ব] বিণ, লালাযুক্ত, পিচ্ছিল। ক্রি—**লেল্‌লেলান**—শিশুদিগের লাল ফেলিতে ফেলিতে অস্ফুট শব্দ করা। বি, **লেল্‌লেলানি**—লেল্‌লেল্‌ শব্দ করা। ২। লালাযুক্ততা ; পিচ্ছিলতা। লালসানি (দ্রঃ)।

লেশ (শ্‌) [লিশ্‌ (অল্প হওয়া) + অ (কর্তৃ—অচ্‌) গ্রা, রেষ] বি, পুং, বিন্দু ; অত্যল্প ; সামান্য মাত্র ; চিহ্নমাত্র ; রেখা। প্র—

ব্রজের রাজ্য ছিল রামরাজ্যের প্রায়, নাহি ছিল দুঃখের লেশ।"—বাং-গান।

লেস (স্) [ইং—lace] বি, ফিতা ; কাপড়ের বা জামায় বসাইবার সুতায় পাতা ফুল প্রভৃতি তোলা পাড়, পটি বা ফিতা। **লেস বসান** —জামা কাপড় প্রভৃতিতে লেসের পাড় বা পটি খুড়িয়া দেওয়া। **লেস বোনা**—বোনার কাঠি দ্বারা কার্পাস রেশমাদির সুতায় ফাঁস দিয়া লেস প্রস্তুত করা।

লেসা (লেশা, ল্যাশা) [গ্রা। লইয়া আসা সংক্ষেপে—লয়ে আসা। উ-পু—লেসি (লয়ে আসি)। ম-পু—লেস (লয়ে এস) প্র-পু—লেসে (লয়ে আসে)। অস-ক্রি—লেস্তে (লয়ে আসতে বা এস্তে) ; লেসে (লয়ে এসে)] ক্রি, লইয়া আসা।

লেহ [লিহ্ (আস্বাদন করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, জিহ্বা দ্বারা গ্রহণ ও আস্বাদন ; লেহন ; চাটা। বিণ, **লেহী**—লেহনকারী।

লেহ [সং—স্নেহ হইতে প্রাকৃ, ব্রজ, সিনেহ—নেহ=লেহ] বি, স্নেহ ; মায়া ; ভালবাসা ; প্রেম ; প্রীতি। প্র—"ঐছন কানুর লেহ" —চণ্ডী। 'হৃদয়ে লাগল লেহ।"—জ্ঞান। "রহিতে সোয়াথ নাহি নৌতুন লেহ"—বি, প। বিণ, **লেহী**—স্নেহকারী।

লেহন (ন্) [লিহ্ (আস্বাদন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আস্বাদন ; রস গ্রহণ ; জিহ্বা দিয়া চাটন। ২। চাটিয়া খাওন।

লেহা [লেহ দ্রঃ। লিহ=লেহা (রেহা, নেহা দ্রঃ)] বি, স্নেহ ; প্রীতি ; ভালবাসা। ২। সাধ ; বাসনা। প্র—"মনে ছিল না টুটব লেহা। সুজনক পিরীতি পাষাণক রেহা॥"—বি, প। "তেজিয়া সব লেহা পিরীতি কৈনু"—চণ্ডীদাস।

লেহু [লহু (দ্রঃ) উচ্চারণ বিকারে] বি, শোণিত ; রুধির ; রক্ত। প্র—"নিরাশার ওই সূর্পনখা বেশ লেহু বহে নাসিকায়।"—অশোক গুচ্ছ।

লেহ্য (লেঝ্‌ঝ) [লিহ্ (আস্বাদন করা) + য (কর্ম্মে—য্যণ্)] বিণ, যাহা লেহন করিয়া খাইতে হয় ; লেহন-যোগ্য। ২। আস্বাদনীয়।

লেহ্য (লেঝ্‌ঝ) [সং—ন্যায্য হইতে এবং গ্রা—উচ্চারণে নেজ্জো হইতে সাধু ভাষার অনুকরণ করিতে গিয়া ভুলক্রমে লেজ্‌ঝ পরে উচ্চারণ সাদৃশ্যে লেহ্য] বিণ, ন্যায্য ; উচিত।

লৈঙ্গ [লিঙ্গ + অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, লিঙ্গ সম্বন্ধীয়। ২। বি, লিঙ্গপুরাণ।

লো [সং—হলা হইতে ওলো, সংক্ষেপে লো। অবজ্ঞায় লা (দ্রঃ)। মিথিলার ভাষায় এই সম্বোধন শব্দ স্ত্রী ও পুরুষ উভয়ার্থেই ব্যবহৃত হয়] অ, সমবয়স্কা স্ত্রীগণের প্রতি পরস্পর সম্বোধন শব্দ। প্র—"—লো সহচরি, এত-দিনে আজি ফুরাইল জীবলীলা জীবলীলাস্থলে আমার"—মেঘনাদ। ২। স্ত্রীলোকের প্রতি দূর আহ্বান ও উত্তর বা সাড়া দিবার শব্দ। প্র—ওলো, হ্যাঁলো, কিলো। ৩। [মৈথিল ভাষায় অনির্দ্দিষ্টার্থক অব্যয়] রে ; গো। প্র—"দুহু মুখ হেরইতে দুহু সে আকুল রে॥" —বি, প। "হসি হসি কী দহু বোলে, জিব ডোলে লো।"—বি, প।

লো [সং—লোতস্ (নেত্রাম্বু) ; হি—লোহ : ব্রজ—লোহ ; সংক্ষেপে লৌ, লো] বি, চক্ষের জল ; অশ্রু। প্র—"ঝলকে ঝলকে বহে নয়নের লো॥"—কবিক। "মহারাজ ছল ছল লোয়ে"—ঘনরাম।

লোআ [সং—লৌহ, লোহ—বাং—লোহা—লোআ ; গ্রা—নোআ, নোয়া] বি, লৌহ।

লোই [লুই দ্রঃ] বি, পশুলোমজাত শীতবস্ত্র-বিশেষ ; কম্বলবিশেষ।

লোউ [লহু দ্রঃ] বি, শোণিত। ২। [লো দ্রঃ] অশ্রু।

লোক [সং—লুক্ (দেখা) + অ। "লোকস্তু ভুবনে জনে"—অমর। "ভূর্লোকোহথ ভুব-র্লোকঃ স্বর্লোকোহথ মহর্জনঃ। তপঃ সত্যঞ্চ সপ্তৈতে দেবলোকাঃ প্রকীর্ত্তিতাঃ॥"—মৎস্য-পুরাণ। "ভূর্লোক (ভুভারত=আর্য্যাবর্ত্ত, দক্ষিণাপথ ও পূর্ব্বোপদ্বীপসনাথ ভারত) ভুব-র্লোক (অন্তরিক্ষ—তুরস্ক, পারস্য ও অপোগ-স্থান) স্বর্লোক (ত্রিনাক—তিব্বত, তাতার ও মঙ্গোলিয়া) মহর্লোক, তপোলোক ও ব্রহ্মলোক অর্থাৎ সমস্ত সাইবিরিয়া (ত্রিদিব) জনলোক (বর্ত্তমান চীন)"—মানবের আদি জন্মভূমি] বি, পুং, জগৎ ; ভুবন, স্বর্গ, মর্ত্ত্য, পাতাল—এই তিন লোক ; ভূঃ, ভুবঃ, স্বঃ, মহঃ, জনঃ, তপঃ ও সত্য এই সপ্তলোক। ২। সমূহ। ৩। মনুষ্য। ৪। জন ; ব্যক্তি। প্র—"দুঃখীলোকে দয়া করে ভয়ালকে ভয় হরে"—কবিক। ৫। ভৃত্য ; অনুচর। ৬। মজুর ; মুটে ; কুলি। প্র—"সঙ্গে লোক আছে? না থাকে একজন ডাক।" ৭। বর্ণ ; জাতি। প্র—তাহারা কি লোক। ৮। জন্ম। প্র—পরলোক ; মনুষ্যলোক। **লোকচক্ষুঃ** —সূর্য্য। ২। সাধারণের দৃষ্টি। প্র—লোক চক্ষুর অন্তরালে। **লোকজন**—বি, একাধিক লোক ; লোকবল। ২। মনুষ্য সমাগম। প্র—যেখানে লোকজন নাই এমন স্থান। **লোক-জিৎ**—বি, পুং, বুদ্ধদেব। ২। বিণ, ভুবন-জয়ী। **লোকনাথ**—জগৎপতি। ২। ব্রহ্মা ; বিষ্ণু ; শিব। ৩। বুদ্ধ। ৪। নরনাথ ; পৃথিবী-পতি ; রাজা। **লোকপাল**—শিব, কুবের, ইন্দ্র, বরুণ, অগ্নি, বায়ু, যম ও নৈর্ঋত এই অষ্ট দিক্‌পাল। ২। মহীপাল ; রাজা। **লোকপালক**—প্রজাপালনকারী ; রাজা। **লোকপ্রবাদ**—জনশ্রুতি ; যাহা লোক সমাজে প্রচলিত। **লোকপ্রসিদ্ধ**—জগ-দ্বিখ্যাত ; বিশ্ববিশ্রুত। **লোকপ্রিয়**—জন-প্রিয় ; সাধারণের প্রীতিভাজন। **লোক-বন্ধু**—বিশ্বমিত্র ; সর্ব্বসাধারণের বন্ধু ; নর-হিতৈষী ; philanthropist. **লোকবান্ধব** —সূর্য্য। ২। পরহিতৈষী। **লোকবিদ্বিষ্ট** —সাধারণের অপ্রিয়। **লোকবিশ্রুত**—জগদ্বিখ্যাত। **লোকমত**—জনসাধারণের অভিমত ; লোকের কথা ; প্রজাসাধারণের উক্তি। **লোকযাত্রা**—সংসারযাত্রা ; জীবন ব্যাপার। **লোকযাত্রাবিধান**—সংসারযাত্রা নির্ব্বাহের বিধিদর্শক নীতিশাস্ত্র-বিশেষ ; political economy. **লোক-রঞ্জন**—লোকের প্রীতি সম্পাদন ; লোকের সন্তোষ সাধন। **লোকলজ্জা**—জন-সাধারণের নিন্দার ভয়। **লোকলস্কর**—[ফা—লাও লস্কর ও বাং-য় লোকজন এই দুয়ের মিলনে] চাকর নফর ; অনুচরবর্গ ; লোকজন। **লোকলোচন**—লোকচক্ষুঃ ; সাধারণের দৃষ্টি। ২। সূর্য্য। **লোক-লৌকতা**—লোকের সহিত লৌকিক ব্যবহার ; সামাজিক আদানপ্রদান। **লোকহাসান**—এমন কাজ করা, যাহাতে লোকে উপহাস করে ; মন্দবুদ্ধি হেতু লোকের উপহাস বা বিদ্রূপ অর্জ্জন করা। **লোকে বলে**—সাধারণের মত এই।

লোকন (ন্) [লুক্ (দেখা) + অন (ভাবে —অনট্)] বি, ক্লী, অবলোকন ; দর্শন।

লোকবাহিত (ক্) [লোক্ (মনুষ্য) দ্বারা বাহিত, ৩তৎ] বিণ, নরবাহিত ; যাহা মানুষে টানে বা বহন করে।

লোকবাহ্য [লোকের বাহ্য (বহির্ভূত)] বিণ, সাধারণ্যে যাহা দৃষ্ট হয় না ; লোক বহির্ভূত ; সৃষ্টি ছাড়া। ২। আচারভ্রষ্ট। ৩। [বাহ্য (বহন যোগ্য)] লোক দ্বারা বহনীয় ; নরবাহ্য।

লোকব্রত (লোক্‌ব্রোত) [লোকের (সর্ব্ব-সাধারণের) ব্রত, ৬তৎ] বি, নরনারীর কর্ত্তব্য পূজা বা ধর্ম্মানুষ্ঠান। প্র—"হয়ে মোর ব্রতদাস মোর পূজা পরকাশ মরত ভুবনে গিয়া কর। লোকব্রত পরকাশি পুনঃ হবে স্বর্গবাসী আমি সঙ্গে রব নিরন্তর॥"—অ, ম।

লোকমাতা (ক্) [লোকের মাতা—৬তৎ] বি, স্ত্রী, কমলা ; লক্ষ্মী।

লোকস্থিতি (ক্) [লোকের স্থিতি (মর্য্যাদা) ৬তৎ] বি, স্ত্রী, মানব সমাজ ; জনসমাজ। ২। মনুষ্যাবাস। ৩। জগতের স্থায়িত্ব বা রক্ষা।

লোকসান (লোক্‌শান্‌) [আ—মুক্‌সান্‌ হইতে বাং—নোকসান (গ্রা) সাধুভাষ করিতে গিয়া লোকসান] বি. ক্ষতি। লাভ লোকসান—ব্যবসায়ে লাভ ও ক্ষতি ২। ক্ষতিবৃদ্ধি; স্বার্থ। লোকসান করা—ক্ষতিগ্রস্ত হওয়া। লোকসান জমা—মৃত বা পলাতক প্রজার জমিজমা বিলি না হওয়া পর্য্যন্ত তাহাতে চাষ অধিকার স্বত্ব। লোকসান জরিপ—প্রজার ফৌত ফেরার হওয়ার জন্য লোকসান জমার মহালের পৃথক্‌ পৃথক্‌ পরিমাণ লোকসান দেওয়া—ক্ষতিগ্রস্ত হওয়া লোকসানি মহাল—যে মহালের কর আদায়ের আর উপায় নাই। প্র—"মা আমি পাপের আসামী। এই লোকসানি মহাল লয়ে বেড়াই আমি॥"—রামপ্রসাদ।

লোকান্তর (র্‌) [লোকের—অন্তর (অন্য) —৬তৎ] বি, ক্লী, পরলোক। ২। অন্যভুবন। ৩। মৃত্যু। বিণ, লোকান্তরিত।

লোকাপবাদ (দ্‌) [লোক+অপবাদ] বি, লোকনিন্দা; অখ্যাতি।

লোকায়ত [লোক—আয়ত] বি, ক্লী, নাস্তিক্য; বেদবর্জ্জিত দর্শনশাস্ত্র। ২। নাস্তিক: চার্ব্বাক শিষ্য। বিণ, লোকায়তিক—চার্ব্বাক-মতাবলম্বী; নাস্তিক; জড়বাদী; materialist; atheist.

লোকারণ্য (রোন্‌নো) [লোকের বা লোক দ্বারা অরণ্য (বন) ৬তৎ, ৩তৎ] বি, ক্লী, জনতা; লোকসঙ্ঘ।

লোকালয় (য়্‌) [লোকের—আলয়—৬তৎ] বি, মনুষ্যাবাস; জনপদ।

লোকালোক (ক্‌) [লুক্‌ (দেখা)+অ=লোক+অলোক—যাহার কোন স্থান সূর্য্যালোক স্পর্শে দৃষ্ট হয় এবং কোন স্থান সূর্য্যকিরণপাত না হওয়ায় দৃষ্ট হয় না] বি, যে পর্ব্বতের এক-দিকে আলোক অন্যদিকে অন্ধকার; ব্রহ্মাণ্ড-বেষ্টন পর্ব্বতবিশেষ। ইহার উপত্যকা দেবতা-দিগের ক্রীড়া-স্থল বলিয়া উক্ত [শিবতন্ত্র]। ২। চক্রবাল; horizon

লোকিত (লোকন দ্রঃ) বিণ, দৃষ্ট।

লোকেশ (শ্‌) [লোকের—ঈশ (প্রভু) ৬তৎ] বি, পুং, ব্রহ্মাণ্ডপতি; জগদীশ। ২। ব্রহ্মা। ৩। বুদ্ধবিশেষ। ৪। লোকপাল; রাজা।

লোকোত্তর (র্‌) [লোকের উত্তর (অতীত) ৬তৎ] বিণ, লোকাতীত; অলৌকিক। ২। [লোক—উত্তর (উত্তম) ৭মী তৎ] লোক-শ্রেষ্ঠ; অসাধারণ লোক।

লোচ (চ্‌) [সং] বি, নয়নজল; অশ্রু। ২। [সং —লোচক। হি—লোচ] থলথলে মাংসখণ্ড।

লোচক (ক্‌) [সং] বি, পুং, শ্লথমাংস; মাংসপিণ্ড। ২। কদলী। ৩। নির্ম্মোক। ৪। নারীর ললাটভূষণ। ৫। কর্ণভূষণ। ৬। কজ্জল। ৭। ভ্রূভঙ্গ। ৮। নয়নমণি।

লোচন (ন্‌) [লুচ্‌ (দেখা)+অন (করণে—অনট্‌)—যাহা দ্বারা দেখা যায়] বি, ক্লী, চক্ষু: নয়ন। প্র—"যেন তারা উদয় লোচনে।"—কবিক। ২। [ভাবে—অনট্‌] বিলোচন; দর্শন; দেখা। ৩। আলোচনা। স্ত্রী, লোচনী—নয়না; নয়নী। ২। বিশালাক্ষী। লোচনকোণা—[ব্রজ] নয়নকোণ; নেত্র-প্রান্ত। ২। কটাক্ষ। প্র—"ঢুলহ লোচন-কোণা।"—বি, প।

লোচা [লোচ দ্রঃ। হি—লচ্ছা=গুচ্ছ শব্দজ] বি, গোছা; থোপ। ২। বড় লেচি। ৩। ১৬ পণ পরিমাণ (পূ-বঙ্গ)। লোচা লোচা —থোপা থোপা; গোছা গোছা।

লোচিকা [বৈদ্যকে। লুচি দ্রঃ] বি, স্ত্রী, লুচি।

লোচ্চা [ফা—লুচ্চা শব্দজ; বাং-গ্রা—নোচ্চা] বিণ, লম্পট; কামুক; নোচ্চা। বি, লোচ্চামী—লাম্পট্য; লম্পটপণা।

লোট (ট্‌) [লুট দ্রঃ] বি, লোটন; গড়াগড়ি। প্র—"পড়িল ইছার মুণ্ড ভূমে যায় লোট।"—ঘনরাম। ২। [গ্রা—নোট] অঞ্জলি। প্র—এক লোট জল।

লোট (ট্‌) [গ্রা] বি, নোট (দ্রঃ); currency note.

লোটন (ন্‌) [লুট দ্রঃ। লুণ্ঠন হইতে] বি, লুটকরণ; অপহরণ। ২। ধরাশয়ন: লুণ্ঠিত হওয়া; গড়াগড়ি। ৩। পায়রার জাতিবিশেষ; লোটন পায়রা; ground tumbler.

লোটন (ন্‌) [হি—লৌটন (উল্টান) চুল পাকাইয়া বা ফিরাইয়া বন্ধন] বি, বিননীহীন খোঁপা; হাত ফেরান খোঁপা। প্র—"কন্যা পতিব্রতা বটে লোটন লম্বিত।"—মনসামঙ্গল (কেতকাদাস)। "মার্জ্জনা করিয়া কেশ লোটন বান্ধিল পাশে।"—মহাভারত (চন্দন-দাস)। "বিনোদ লোটন"—জ্ঞানদাস।

লোটা [লুটা দ্রঃ] ক্রি, লুট করা। ২। গড়াগড়ি দেওয়া; অবলুণ্ঠিত হওয়া। ৩। মাথা ঘুরান বা মাথা চালা। ৪। বিণ, ফেরান; উল্টান; ঝোলা। প্র—"লোটা কাণ দুটা।"—ধ, ম (মাণিক)।

লোটা [হি] বি, ছোট গোলাকার ধাতুপাত্র-বিশেষ; ঘটীবিশেষ; ক্ষুদ্রার্থে লোটিয়া, লুটিয়া—সন্ন্যাসীদের জলপাত্র। প্র—"তুলে নে লোটা আর কম্বল"—রজনী।

লোটান (নো) [লুটান দ্রঃ। লোটার ণিজন্ত রূপ] ক্রি, লুটাইয়া দেওয়া; লুট করান। ২। ছড়ান। ৩। অতিব্যয় করা। ৪। গড়াগড়ি দেওয়ান।

লোড়া [লোষ্ট্র হইতে। ক্ষুদ্রার্থে লুড়ী] বি, শিলাখণ্ড। ২। পেষণ শিলা [পূ-বঙ্গে পুতা (শিলাপুত্র হইতে) হি—লোড়া]। লোড়া লুড়ী—ছোট বড় শিলাখণ্ড। শিল লোড়া—পেষণ করিবার শিলাপট এবং পেষণ শিলা।

লোণ (ন্‌) [প্রাকৃ—লোণ; সং—লবণ] বি, লবণ; লুণ; নুণ। ২। কৃতজ্ঞতা-ঋণ; কৃত-উপকার স্বরূপ ঋণ। প্র—"পাণ লহ আরে দ্রোণ শোধহ আমার লোণ শীঘ্র চল চণ্ডিকার সঙ্গে।"—কবিক। বিণ, লোণা—লবণাক্ত; লোণ্‌তা। লোণা লাগা—শিশুর অজীর্ণ; অজীর্ণ। প্র—"তাঁহাদের মধ্যে অনেকেরই অজীর্ণ রোগ হইত। এ পীড়াকে লোণালাগা কহিত।"—শিবনাথ শাস্ত্রী।

লোণী, লোণীশাক (নি, ক্‌) [সং। হি—লুনিয়া] বি, লূনী শাক; নুনী শাক; portulaca quadrifida; Indian purslane

লোৎ, লোত, লোথ [সং—লোতস্‌ (স্তেয় ধন)] বি, চোরাই মাল; অপহৃত বস্তু; স্তেয় ধন। প্র—"লোৎ পেয়ে বাঁধে সদাগরে॥" —কবিক। 'হাতে লোথে ধরিয়াছে আর কি উপায় আছে।"—ভারতচন্দ্র। হাতে লোতে—হস্তে চোরাই মাল থাকিতে; বমাল। ২। চিহ্ন।

লোতক (ক্‌) [সং] বি, নেত্রাম্বু; অশ্রু। প্র—"নয়নে লোতক ঝরে।"—মহা, কাশী।

লোধ, লোধ্র (ধ, লোধ্‌ধ্র) [রুধ্‌ (আবরণ করা)+অ (কর্ত্তৃ) র=ল মল-রোধক বলিয়া নাম, রোধ্র ও বলে] বি, পুং, লোধ গাছ। শ্বেত ও রক্তবর্ণ ভেদে দ্বিবিধ; symplocos raccueosa. প্র—"নীপ লোধ্র অরুন্বর পিয়াল পিয়ালহর পারি-ভদ্র প্রঙ্কৃত মালা।"—কাঞ্চীকাবেরী।

লোপ (প্‌) [লুপ্‌ (ছেদন করা, নাশ করা)+অ (ভাবে—অল)] বি, পুং, ছেদন [বিরল] ২। নাশ। ৩। তিরোধান; অন্তর্ধান; অদর্শন। ৪। [ব্যাকরণে] বর্ণের বিলোপ বা অদর্শন। লোপ করা—মুছিয়া ফেলা। ২। নাশ করা।

লোপা, লোফা—লুপা দ্রঃ।

লোপাট (ট্‌) [লোপ্ত্র (লুট) শব্দজ] বি, সমুদয় আত্মসাৎ করা; লুণ্ঠন করা। ২। চিহ্নমাত্র না রাখা; লোপ করা; উড়াইয়া দেওয়া। লোপাট করা।

লোপাপত্তি (পোত্তি) [সং—লোপ্ত্রী, লোপ্ত্র (দ্রঃ) হইতে গ্রা। লোপাট দ্রঃ] বি, লোপাট; লুণ্ঠন; আত্মসাৎ। ২। বিলোপ।

লোপামুদ্রা—বি, স্ত্রী, অগস্ত্যের পত্নী।

লোপ্ত্র [লুপ্ (লোপ করা) + ত্র (কর্ম্মে—ষ্ট্রন্) যাহা লোপ বা অপহরণ করা হয়] বি, ক্লী, চোরাই মাল ; লুণ্ঠনের দ্রব্য। স্ত্রী. **লোপ্ত্রী**।

লোব (ব্) [গ্রা। সং—লোভ হইতে] বি, লোভ।

লোবান (ন্)—লবান দ্রঃ।

লোভ (ভ্। ইংরেজী ভাষাভিজ্ঞের উচ্চারণে প্রায়ই লোভ্.) [লুভ্ (লাভের আকাঙ্ক্ষা করা) + অ (ভাবে অল্)] বি, পুং, আকাঙ্ক্ষা : অন্যের দ্রব্য গ্রহণের অভিলাষ ; লালসা ; লিপ্সা। ক্রি, **লোভান**—লোভ দেখান : প্রলুব্ধ করা। **লোভায়, লোভয়ে**—লোভ দেখায়। **লোভে**—লোভ করে। **লোভা**—বিণ, লোভনীয় ; রম্য ; মোহকর। প্র—"কিবা শোভা মনোলোভা অতি চমৎকার"। ২। লুব্ধ ; লোলুপ। **লোভাত্তি** [গ্রা] লোভের আতিশয্য ; অতি লোভ। **লোভানি** [গ্রা] লোভ দেখাইবার বস্তু। ২। মাছের চার বা টোপ।

লোভনীয় [লুভ্ + ণিচ্ = লোভি + অনীয় (কর্ত্তৃ)] বিণ, স্পৃহনীয় ; লোভ উৎপাদক : লালসাবর্দ্ধক। স্ত্রী. **লোভনীয়া**।

লোভাত্তি, লোভাত্তে [লোভার্ত্ত হইতে] বিণ, লোভাভিভূত ; অতিশয় লোভী।

লোভী [গ্রা—লুভী। লোভ + ইন (অস্ত্যর্থে) = লোভিন্ ১মা, ১ব] বিণ, লুব্ধ ; লোলুপ।

লোভ্য (লোভ্‌ভ) [লুভ্ (লোভ করা) + য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, লোভনীয়।

লোম (ম্) [লূ (ছেদন করা) + মন্ (কর্ম্মে মন্) = লোমন্ ১মা, ১ব] বি, শরীরজাত সূক্ষ্মকেশ ; রোঁয়া ; রোম। প্র—"নাভির উপরে লোমলতাবলী সাপিনী আকার শোভা।"—চণ্ডীদাস। ২। পুচ্ছ ; লেজ। **লোমকর্ণ**—খরগোশ ; শশক। ২। বিণ, যাহার কর্ণ অনেক লোমবিশিষ্ট। **লোমকূপ**—রোমাধার ; লোমের মূলে বিন্দুর আকার গর্ত্ত। **লোমফোড়া**—লোম ছিঁড়িয়া যে ব্রণ উৎপন্ন করে। **লোমবিষ**—যে জন্তুর লোম বিষাক্ত ; ব্যাঘ্র প্রভৃতি।

লোমজ [লোম হইতে জ (যে জন্মে)] বিণ, লোমজাত ; লোম দ্বারা নির্ম্মিত ; পশমী।

লোমপাদ (ম্, দ্) বি, পুং.—রামায়ণোক্ত রাজাবিশেষ, অঙ্গদেশের ঋষ্যশৃঙ্গ মুনি ইঁহার পালিতা কন্যা রামচন্দ্রের ভগিনী শান্তাকে বিবাহ করেন। ২। [লোম (বহু লোমযুক্ত) পাদ (চরণ) যাহার—বহু] বিণ, বহুলোমযুক্ত চরণবিশিষ্ট।

লোমশ (শ্) [লোমন্ + শ (বহুলার্থে) ন্ লোপ] বিণ, বহু লোমবিশিষ্ট ; লোমবহুল। বি, পুং, মুনিবিশেষ ; মার্কণ্ডেয়ের কনিষ্ঠ ভ্রাতা। ২। মেষ। স্ত্রী. **লোমশা**—লোম বহুলা। ২। [বৈদ্যকে] কাকজঙ্ঘা। (২) বচা। (৩) শূকশিম্বি।

লোমহর্ষণ (ম্, ন্) [লোমের হর্ষণ (হৃষ্ট হওন) ৬তৎ। পদ্যে ছন্দের অনুরোধে "লোমহরিষণ।" প্র—"দুইজনে মহাযুদ্ধ লোমহরিষণ"—মহা (বিজয়)] বি, ক্লী, রোমাঞ্চ। ২। [লোমের হর্ষণ (রোমাঞ্চ) যাহার, বহু] বি, পুং, সূত। ইনি পুরাণবক্তা মুনি ব্যাসদেবের শিষ্য। কূর্ম্মপুরাণ মতে ইঁহার মধুর বাক্য দ্বারা শ্রোতৃবর্গের লোমহর্ষণ (রোমাঞ্চ) হইত বলিয়া নাম লোমহর্ষণ। ৩। বিণ, রোমাঞ্চকারক।

লোমাঞ্চ—রোমাঞ্চ দ্রঃ।

লোয়া [গ্রা—নোয়া] বি, লোহা দ্রঃ।

লোর, লোরা (র্) [সং—লোতক। হি—লোরা (অশ্রু)] বি, নয়নবারি ; লোচনজল ; অশ্রু। প্র—"নয়নে গলয়ে লোর"—কবিক। দর দর দর ঝরত লোর"—পদাবলী। "কবির আঁখিতে বহে হরষের লোর"—অশোক গুচ্ছ। "ঢরি ঢরি পড় লোরা"—বি, প।

লোল (ল্) [সং] বিণ, চঞ্চল ; আন্দোলিত। ২। ললৎ ; লকলকে। প্র—লোল রসনা। ৩। লোলুপ। ৪। শিথিল ; ঝোলা ; ঢিলা। **লোলজিহ্বা**—লকলকে জিহ্বা যাঁহার ; লেলিহান রসনা। প্র—"লোলজিহ্বা এলোকেশী ভালে শশী অট্টহাসি বিকট দন্ত।"—বাং-গান।

লোলা [লোল + আ, স্ত্রী = লোলা। গ্রা—নোলা] বি, রসনা ; জিহ্বা। ২। লোভ : লালসা। ৩। লক্ষ্মী।

লোলান (লো) [লোল (চঞ্চল) + আন (ক্রিয়ায়)] প্র-পু—লোলায়। অস-ক্রি—লোলাইয়া, লোলায়্যা, লোলায়ে] ক্রি, আন্দোলিত করা। ২। সঞ্চালন করা। প্র—"মুরলী অধরে লেহ এই রঙ্গে, ফুক দেহ অঙ্গুলি লোলায়্যা দিব আমি।"—জ্ঞানদাস। বিণ, **লোলিত**—চালিত। ২। কম্পিত। ৩। বিলম্বিত ; শ্লথ। প্র—"লোলিত রসনা গলিত কেশ"—গান।

লোলায়মান (ন্) [লোল (চঞ্চল) + আয় = লোলায় (নাম ধাতু) + আন (কর্ত্তৃ—আনশ্) ম আগম] বিণ, যাহা আন্দোলিত হইতেছে ; দোলায়মান।

লোলার্ক [সং] বি, পুং, সূর্য্য।

লোলী [লোল (চঞ্চল) + ঈ (বিশিষ্টার্থে), ত্রজ] বি, চঞ্চলা ; চপলা ; বিদ্যুৎ। ২। লক্ষ্মী। প্র—"সব যোনি পালটি ভুলালি আওত মানবী ভাণত লোলী।"—বি, প।

লোলুপ (প্) ["সমৌ লোলুপলোলুভৌ"। লুপ্ (যঙ লুগন্ত) = লোলুপ + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, লোলুভ ; অতিলোভী ; লালসান্বিত।

লোষ্ট, লোষ্ট্র [সং] বি, মৃৎখণ্ড ; ডেলা ; ঢিল। ২। ক্লী, তুচ্ছ। প্র—"এই হেতু আমি ধনকে লোষ্ট্র জ্ঞান করি।"—পুরুষ-পরীক্ষা।

লোসকান (লোশ্‌কান) [লোকসান দ্রঃ। বর্ণবিপর্য্যয়ে] বি, ক্ষতি।

লোহ, লোহক [সং—"লোহোঽস্ত্রী শস্ত্রকং তীক্ষ্ণং পিণ্ডং কালায়সাঽয়সী অশ্মসারো"—অমর] বি, লৌহ ; লোহা। ২। [সর্ব্বং স্যাত্তৈজসং লৌহং] ধাতু। ৩। অস্ত্র। **লোহকার**—কর্ম্মকার : কামার। **লোহকিট্ট**—লৌহমল ; লোহার মরিচা। **লোহচূর্ণ**—লোহাচুর। ২। লোহার গুঁড়া ; মরিচা।

লোহ [সং—লোতক—লোত হইতে] বি, নয়নজল ; অশ্রু। প্র—"এতবলি কান্দে রাজা চক্ষে বহে লোহ"—ঘনরাম। "কেবল কন্যার মোহে লোহে গেল ভরি"—শিবায়ন। ২। [সং—লোহিত। হি—লহু। সংক্ষেপে—লো] রক্ত। প্র—"লোহ সহ মিশি অশ্রু-ধারা,—অনর্গল বহি হায় আর্দ্রিল মহীরে।"—মেঘনাদ। ৩। রক্ত চন্দন। ৪। [অগুরু রাজার্হ লোহং—অমর] অগুরু।

লোহ [সং—লোভ—হইতে প্রা-বাং—প্রাক্] বি, লোভ। প্র—"লোহ মোহ কাম ক্রোধ দূরত তেআগিঅ।"—শূ, পু।

লোহা [সং—লোহ শব্দজ। গ্রা—নোয়া] বি, কঠিন, ভারী কৃষ্ণবর্ণ ধাতুবিশেষ : iron. ২। সধবার চিহ্নস্বরূপ চুড়ীর মত লৌহময় করাভরণ। প্র—"আয়তির চিহ্নমাত্র লোহা একগাছি"—অ, ম। **লোহালক্কড়**—লোহা ও লকড় (কাঠ) ; লৌহ কাষ্ঠ প্রভৃতি। ২। লোহার জিনিষপত্র। **কড়া লোহা**—ইস্পাত। **কান্তলোহা**—ভ্রমরকৃষ্ণ চুম্বকের গুণবিশিষ্ট লোহা ; magnetic iron. এই লোহায় নির্ম্মিত কড়াকে "কান্তি কড়া" বলে। **পেটালোহা**—কান্ত লোহা। **মুগুালোহা**—নরম লোহা যাহা সহজে বাঁকান যায় ; wrought iron.

লোহার (র্) [হি। লোহ-কার—লোহআর = লোহার] বি, কর্ম্মকার।

লোহিত (ত্) [সং। "রোহিতো লোহিতো রক্তঃ শোণঃ কোকনদচ্ছবিঃ।"—অমর] বি, রক্তবর্ণ। ২। ["রুধিরেঽসৃগ্লোহিতাস্র-রক্তক্ষতজশোণিতম্।"—অমর] শোণিত ;

রক্ত। **লোহিত চন্দন**—রক্তচন্দন। ২। কুঙ্কুম। **লোহিত-লোচন**—রক্তবর্ণ চক্ষু। **লোহিতাক্ষ**—লালবর্ণ চক্ষু। ২। বিষ্ণু। **লোহিতাঙ্গ**—রক্তবর্ণ দেহ। ২। মঙ্গলগ্রহ।

লোহিতক (ক্) [সং—শোণরত্নং লোহিতকঃ পদ্মরাগঃ।"—অমর] বি, পদ্মরাগমণি।

লৌ [লহ দ্রঃ] বি, রক্ত। ২। [লৌহ সংক্ষেপে] লৌহময় অস্ত্র। ৩। লৌহঘটিত ঔষধবিশেষ॥

লৌকতা [লৌকিকতা অপভ্রংশে। গ্রা—নৌকতা] বি, লৌকিক আচার ব্যবহার। ২। সামাজিক (দ্রঃ)। **লোক লৌকতা**—লোক ব্যবহার। লোকের মানসম্ভ্রম রক্ষা ও মর্য্যাদা দান।

লৌকিক (ক্) [প্রা-বাং] বিণ, লোক সম্বন্ধীয়। ২। লোক সাধারণের; প্রাকৃত জনোচিত। ৩। সাংসারিক; worldly. ৪। বাগ্য। ৫। বি, প্রাকৃত ভাষা। প্র—"একেত অধিকার নাই ভাষার বিচার। বুঝিয়া মরম অর্থ করি ব্যবহার। লৌকিক বলিয়া না করিও উপহাসে। লৌকিক মন্ত্রে সিদ্ধ সাপের বিষ নাশে।"—ভাগবত (দৈবকী নন্দন)।

লৌকিকতা [লৌকিক (দ্রঃ)+তা (ভাবে)] বি, বিবাহাদি কর্ম্মে কর্ম্মকর্ত্তা ও তাঁহার সম্পর্কীয় যথাযোগ্যকে অর্থ বস্ত্রাদি দান। ৩। দেশাচার অনুযায়ী পরস্পরের মান সম্ভ্রম প্রদান। ৩। আপ্যায়ন; অভ্যর্থনা। ৪। কুটুম্বিতা। ৫। সাংসারিকতা।

লৌল্য (লৌল্ল) [লোল (দ্রঃ)+য (ভাবে)] বি, চাপল্য। প্র—"ইন্দ্রিয় লৌল্য জন্য মন অশুচি হইলে পরম পবিত্র ব্রহ্মানন্দ উপভোগ করিতে সামর্থ্য থাকে না।"—ব্রাহ্মধর্ম্ম।

লৌহ [লোহ (দ্রঃ)+অ (স্বার্থে—ষ্ণ)। "সর্ব্বং স্যাত্তৈজসং লৌহং"] বি, লোহ ধাতু; আয়স। ২। সকল প্রকার ধাতুদ্রব্য; তৈজস। **লৌহকিট্ট**—মরিচা। **লৌহ-বর্ত্ম**—লৌহময় রেলপথ; railway. **লৌহভাণ্ড**—লৌহের পাত্র। ২। হামাম দিস্তা। **লৌহমল**—মরিচা।

লৌহিত্য (হিৎত) [লোহিত+য (ভাবে—ষ্ণ্য)] বি, রক্তবর্ণত্ব। ২। ব্রহ্মপুত্র নদ।

ল্যাংবোট (ট্) [ইং—long-boat.] বি, জাহাজের পশ্চাতে যে সরু ও লম্বা বোট থাকে। ২। [লক্ষণায়] পরের লেজধরা লোক; অন্যাশ্রয়ী ব্যক্তি; যে সর্ব্বদা এক-জনের পিছনে পিছনে ফিরে; নির্ভরশীল নিত্য সঙ্গী (ব্যঙ্গোক্তিতে)।

ল্যাভেণ্ডার, ল্যাবেণ্ডার (র্) [ইং—lavender.] বি, ল্যাভেণ্ডার পুষ্পের তৈল-জাত সুগন্ধি দ্রব্য। ২। ল্যাভেণ্ডারের গন্ধযুক্ত জল; lavender water.

ল্যালা, ল্যালাক্ষেপা—লেলা দ্রঃ।

ব

ব—ব্যঞ্জন বর্ণমালার উনত্রিংশ এবং ককারাদি বর্গের অন্তঃস্থ চতুর্থ বর্ণ। উপর পঙ্‌ক্তির দন্ত অধরের উপর সরল ও লঘুভাবে স্পর্শ করিবা-মাত্র দন্ত এবং ওষ্ঠ পৃথক্ করিলে উচ্চারিত হয় বলিয়া উহার নাম দন্তৌষ্ঠ্য বর্ণ। বর্গীয় ব (দ্রঃ), ফা—"বে" ও ইং—"b"র মত উচ্চারিত হয়। অন্তঃস্থ ব, ফা—ওয়াও এবং ইং—"w" ও "v"র মাঝামাঝি উচ্চারণ প্রকাশ করে। বাং-য় উভয় 'ব'য়ের উচ্চারণ ও আকারগত পার্থক্য না থাকায় অন্তঃস্থ ও বর্গীয় বকারাদি শব্দ "ফ"র পর সন্নিবিষ্ট হইয়াছে। কিন্তু অধুনা যেমন "ইয়" উচ্চারণদ্যোতক সং-য় স্থলে বাং "য়" আদিক শব্দের প্রচলন হইতেছে, তদ্রূপ ফা—"ওয়া" এবং ইং—"w" ও "v"র মধ্যবর্ত্তী উচ্চারণ মূলক বৈদেশিক শব্দ অন্তঃস্থ ব যোগে লিখিবার চেষ্টা হইতে অন্তঃস্থ বকারাদি শব্দের সংখ্যা ক্রমশঃ বৃদ্ধি পাইতেছে। বাং-য় ব-ফলাযুক্ত শব্দে বর্গীয় ব স্পষ্ট উচ্চারিত হয়, যথা—সম্বল; কম্বল; নম্বর কম্বু প্রভৃতি। কিন্তু কতকগুলি অন্তঃস্থ বয়ের উচ্চারণ বর্গীয় "ব"র মত হয়, যথা—দুর্ব্বোধ; উদ্বৎ; উদ্বর্ত্ত ইত্যাদি এবং কতকগুলির উচ্চারণই হয় না, যথা—বিশ্ব, বিল্ব, চত্বর, দ্বাপর ইত্যাদি। বর্ত্তমান বাং-য় তান্ত্রিক (technical) শব্দ ও বৈদেশিক নাম প্রভৃতির উচ্চারণ পরিভাষিত করিবার জন্য ফলা স্থানে ও পদমধ্যে অন্তঃস্থ "ব"র প্রয়োগ চলিয়াছে। তুল—ওয়ারিস স্থলে বারিস, উই-লিয়মস্ স্থলে বিলিয়মস্ (williams.), ওয়েবর (weber) স্থলে বেবর, নসরওয়ানজী বা নসরবাঁজী স্থলে নসরবানজী ইত্যাদি। কিন্তু উভয় ব'য়ের আকৃতিগত পার্থক্য না থাকায় এরূপ প্রয়োগের সার্থকতা নষ্ট হয়। এইহেতু ব'র নিম্নে একটী বিন্দযোগে ইহাকে বর্গীয় হইতে পৃথক্ করা হইয়াছে।

বকালৎ [ফা—বকালৎ] বি, উকিলের পেশা; ওকালতী; pleading. **বকালৎনামা**—উকিলের পূর্ণ ক্ষমতা-সূচক পত্র।

বকীল (ল্) [আ] বি, মোকদ্দমা মামলার তদ্বিরকারক ও বাদী অথবা প্রতিবাদীর পক্ষ সমর্থক ও স্বার্থরক্ষক; attorney; pleader.

বক্ত [আ—বক্‌ৎ] বি, সময়। ২। সুযোগ। **বে-বক্ত**—বে দ্রঃ। **বক্ত-বে-বক্ত**—সময় অসময়; যখন তখন।

বগয়রা [ফা—বগয়্‌রহ্] অ, ইত্যাদি; et cetera.

বজন (বজ্‌ন্) বি, ওজন দ্রঃ। বিণ, **বজনী**।

বজীফা (ফা) [আ—বজীফা] বি, বৃত্তি; পেন্সন; উপহার স্বরূপ দত্ত ভূসম্পত্তি।

বজীর (র্) [আ—বজীর্] বি, মন্ত্রী; minister.

বজু (বজু্)—উজু দ্রঃ

বলী [আ] বি, সাধু; পীর; সিদ্ধপুরুষ; saint. ২। অভিভাবক; guardian.

বসিকা (শি) [আ] বি, দলীল; বন্ধকীপত্র; তমসুক; bond; document.

বসীয়ৎ (শী) [ফা] বি, ইচ্ছাপত্র বা উইল দ্বারা প্রদত্ত ধনসম্পত্তি; legacy **বসীয়ৎ-নামা**—শেষ ইচ্ছা-পত্র; শেষ দনা-পত্র; last will.

বসূল (বশুল) [আ] বি, উশুল দ্রঃ।

বাইন [ইং—wine. বাং-য় সাধাঃ ওআইন, ওয়াইন] বি, মদ্য। **বাইন্ গ্লাস**—মদ্যপান পাত্র। ২। শুদ্রপান পাত্র; wine glass. **বাইন্ মার্চেনট**—মদবিক্রেতা; wine merchent.

বাঃ বাঃ [আ] অ, বাঃ বেশ; বাহবা; bravo; well done.

বাকিফ (ফ্) [আ—বাকিফ্] বিণ, ওয়াকিব; জ্ঞাত; অভিজ্ঞ; দক্ষ। বি, **বাকফিয়ৎ**। **বাকিফকার** (বাকিফ্‌কার্)—অভিজ্ঞ। **বাকিফহাল** (বাকিফ্‌হাল্)—অবস্থাভিজ্ঞ।

বাকেনবীশ (নোবিশ্) [ফা] বি, বাদশাহের যাবতীয় হুকুম লেখক, তাঁহার রোজনামচা অর্থাৎ দিনলিপি রক্ষক এবং বাদশাহের নিকট প্রত্যহ যে সকল আবেদন উপস্থিত হয় তাহার হিসাব ও হুকুমলেখক।

বাচ (বাচ্) [ইং—watch] বি, টেঁকঘড়ী। বাচকেস—ছোট ঘড়ী রাখিবার বাক্স বা পুটক।

বাচ্‌টাউবর [ইং—watch tower] বি, রক্ষীস্তম্ভ; যে উচ্চ স্তম্ভাকার গৃহে উঠিয়া প্রহরীরা পাহারা দেয়।

বাচ্‌ডগ্ [ইং—watch dog] বি, প্রহরী কুকুর; রক্ষীকুকুর।

বাচবার্ড (বাচ্‌বার্ড্) [ইং—watchword] বি, সাঙ্কেতিক শব্দ।

বাজীব্ [আ] বিণ, যোগ্য; উপযুক্ত; হক; proper.

বাটারপ্রুফ (ফ্) [ইং—water poorf] বি, জলরোধক বস্ত্রাদি; যাহার মধ্য দিয়া জল চুয়ায় না।

বাপস (শ্) [ফা—বাপস্] ক্রি-বিণ, ফেরৎ; return; back; refund. বি, বাপ্‌সী—প্রত্যাবর্ত্তন। ২। বিণ, ফেরতা।

বার্‌সী—বি, হাজী বারিস্ আলী সাহের প্রবর্ত্তিত ধর্ম্মমতাবলম্বী; প্রেমপন্থী।

বারিস্ (শ্) [আ—বারিস্] বি, উত্তরাধিকারী। বহুবচনে বারিসন্। ২। স্বামী।

বারেন্ট্ [ইং—warrant, বি, আদালতের হুকুম-নামা; পরোয়ানা। ২। গ্রেপ্তারী পরোয়ানা।

বার্ড (বার্ড্) [ইং—ward, বি, অভিভাবকের অধীন নাবালক। ২। চিকিৎসাগারের বা হাঁসপাতালের অংশ বা বিভাগ। ৩। মুনিসিপালিটির অধিকৃত নগরাংশ। ৪। বিভাগ।

বালা [হি] বিণ, বিশিষ্ট। ২। সম্বন্ধীয়। ৩। বিক্রেতা।

বালিদ (দ্) [আ] বি, পিতা। স্ত্রী, বালিদা—[ফা] মাতা। বালিদেঁ—[আ] পিতামাতা; parents.

বালী [ফা] বি, প্রভু; রাজা; শাসক। ২। স্বামী। ৩। অভিভাবক।

বাল্‌দীয়ৎ [ফা] বি, বংশ; কুল: pedigree; descent.

বাষ্ [ইং—wash] বি, ধোয়াট্; প্রক্ষালন। ক্রি, বাষ করা—ধুয়ে দেওয়া।

বাষ্‌ষ্ট্যাণ্ড্ (বাষ্‌স্ট্যান্ড্) [ইং—washstand] বি, হাতমুখ ধুইবার জলপাত্রাধার; প্রক্ষালনের মেজ।

বাসিল (শিল্) [আ—বাসিল্] বি, আদায়; ।।

বাসিল-বাকী (শিল্) [আ—বাসিল্ বাকী] বি, আদায় ও অনাদায়।

বাসিলাৎ (শি) [আ] বি, মোট আদায় বা তপ্‌সিল্।

বাস্তে [হি] অ, জন্য: হেতু আপ্-কে-বাস্তে—আপনারই জন্য, তোমাদের বাণী; চাটুক্তি।

বিডো [ইং—widow] বি, বিধবা।

বাইফ্ (ফা) [ইং—wife] বি, স্ত্রী, পত্নী।

বিরাসৎ (শ) [ফা] পৈতৃকসম্পত্তি; heritage. বিরাসৎ-নামা—পৈতৃক সম্পত্তিতে উত্তরাধিকারপত্র; deed of inheritance.

বিলায়ৎ [ফা] য়ুরোপ; বিদেশ; a foreign country; sovereignty.

বিলায়তী [আ] বিণ, foreign. ২। [গ্রা-বাং—বিলিতি] য়ুরোপীয়; ইংলণ্ডীয়; European; English.

বুইন্‌ড্ [ইং—wind] বি, বায়ু। বুইন্‌ড্ পাইপ্—শ্বাসনালী; wind-pipe. বুইন্‌ড্ ব্যাগ্—বায়ুপূর্ণথলি; wind-bag. বুইন্‌ড্ মিল্—বায়ুবলে চালিত যন্ত্র; wind-mill.

বুইল্ [ইং—will] বি, ইচ্ছাপত্র।

বেট্ [ইং—wait] বি, অপেক্ষা। ক্রি, বেট্ করা।

বেট্ [ইং—weight] বি, ওজন; ভার।

বেটিংরুম্ [ইং—waiting room] বি, যাত্রীর গাড়ীর জন্য অপেক্ষা করিয়া থাকিবার ও বসিবার ঘর।

বেদারকক্ (র্) [ইং—weather cock] বি, বায়ুর গতি নির্দ্দেশক বা বায়ুপ্রবাহের দিঙ্-নির্ণায়ক যন্ত্র।

বেদারপ্রুফ্ (র্, ফ্) [ইং—weather-proof] বি, ঝড়ে যাহার কোন অনিষ্ট করিতে পারে না।

বে-বিল (ল্) [ইং—way bill] বি, আরোহী বা মালের তালিকা; চালান।

বের্‌হাউস (স্) [ইং—ware-house] বি, মাল গুদাম; পণ্যের কুঠী।

বেস্‌ট্‌কোট্ [ইং—waist coat] কোটের নীচে ও সার্টের উপর পরিধান করিবার হাতা হীন কোমর পর্য্যন্ত লম্বা জামা।

ব্যাগন্ [ইং—wagon] বি, চার চাকার মালবাহী গাড়ী।

ব্যাগনেজ্ [ইং—wagonage] বি, মাল ঢোলাই খরচ।

ব্যাগনেট্ [ইং—wagonette] বি, ছোট ব্যাগন্। ২। ব্যাগনের আকারে নির্ম্মিত চার চাকার উঁচু লম্বাটে সওয়ারী গাড়ী।

শ

শ—ব্যঞ্জনবর্ণমালার ত্রিংশ বর্ণ। তালু (কণ্ঠ ও মূর্দ্ধার মধ্যস্থল, টাকরা) ইহার উচ্চারণ স্থান বলিয়া ইহার নাম তালব্য শ। কিন্তু বাংয় 'শ', 'ষ', 'স' এই তিনটী মূর্দ্ধা হইতে উচ্চারিত হয় সুতরাং ষ'র মত শুনায়। স দ্রঃ। ইং—sh বা ফা ও আ—যীন্'এর উচ্চারণ পরিভাষিত করিবার জন্য এই গ্রন্থের সর্ব্বত্র "শ" (ব হিন্দী খ'র মত অনেক সময় উচ্চারিত হয় বলিয়া) ব্যবহৃত হইয়াছে। প্রকৃতপক্ষে শ'র যথাবৎ উচ্চারণ বাংয় হয় না। রফলা ও লফলা যোগে 'শ'র উচ্চারণ স'র মত, অর্থাৎ ইং—s বা ফা ও আ—"সীন" এর মত হয়। যথা—শ্রম, শ্রীল (=স্রম, স্লীল)। ২। [সং—তে] বিষ্ণু। (২) শিব। (৩) সুখ। (৪) শাসক; শাস্তা। (৫) শুভ। (৬) শস্ত্র। (৭) শয়ন।

শ [সং—শত সংক্ষেপে। হি—সও] বি, শত সংখ্যা; ১০০। বিণ, শতসংখ্যক।

শউল (শোউল্) [সং—শকুল। হি—শৌলী, শৌরী] বি, মসৃণ লম্বাকৃতি উপরিভাগ কৃষ্ণবর্ণ ও নিম্নাবয়ব শ্বেতপীতাভ কর্দ্দমচর মৎস্যবিশেষ; শোলমাছ।

শংসন (শংশন্) [শন্‌স্ (বলা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রশংসা; সুখ্যাতি। ২। আশীর্ব্বাদ। ৩। ভাষণ; কথন; বাক্য। ৪। ইচ্ছা; অভিলাষ। ৫। সূচনা। বিণ, শংসিত।

শঁক্ শঁক্ (শোঁক্ শোঁক্) [অপভ্রংশে—ছোঁক্ ছোঁক্] [সং—শিজ্ঘ্ (আঘ্রাণে), হি—সুঙ্‌ঘ্‌না; বাংয় শোঁকা (দ্রঃ)] বি, ক্রমাগত শুঁকিবার ভাব; পুনঃপুনঃ ঘ্রাণ লওয়া। শঁকশঁক করা—চতুর্দ্দিকের আঘ্রাণ লওয়া। ২। লোভবশতঃ দ্রব্যাপহরণ মানসে সন্ধান করা।

শক (ক্) বি, পুং, শক নামক রাজা : শালিবাহন নৃপতি ; ইঁহার রাজত্ব কালেই শকাব্দা নামক বৎসর সংখ্যা আরম্ভ হয়। ২। দেশ-বিশেষ। ৩। জাতিবিশেষ। ৪। শক দেশজাত লোক (এই অর্থে সংস্কৃতে বহুবচন হয়)। ৫। শক বৎসর সংখ্যা ; শকাব্দ দ্রঃ। প্র—"সেই শকে এই গীত ভারত রচিলা"—ভারতচন্দ্র।

শকট (ট্) [শক্+অট (কর্ত্তৃ, সংজ্ঞার্থে, অটন)] বি, পুং, অসুরবিশেষ ; কংসানুচর। প্র—"শকট ভাঙ্গিয়া রঙ্গি যমল অর্জ্জুন ভঙ্গি তৃণাবর্ত্তে নিধন করিলা।"—অ, ম। ২। পুং, ক্লী, গাড়ি; যান। স্ত্রী, **শকটিকা, শকটী**।

শকটাহ্বা (শকটাব্‌হ্বা) বি, পঞ্চতারাবিশিষ্ট শকটাকার রোহিণী নামক নক্ষত্র।

শকটিকা [শকট+ক (সংজ্ঞার্থে) আপ্, স্ত্রী, অ=ই] বি, স্ত্রী, খেলিবার গাড়ী। ২। [+ক ক্ষুদ্রার্থে] ছোট গাড়ী ; ছাকড়া গাড়ী।

শকতি [সং—শক্তি। বাং-পদ্যে কোমলরূপ] বি, শক্তি ; সামর্থ্য।

শকদ্রুম (ম্) [সং—শক্রদ্রুম] বি, বকুলগাছ। প্র—"দুই তটে সুশোভন নিবিড় অরণ্যগণ শকদ্রুমে অপরূপ শোভা।"—কাঞ্চীকাবেরী (রঙ্গলাল)।

শকরকন্দ (শকর্‌কন্দ্) বি, মিষ্টআলু ; রাঙ্গা-আলু।

শকল (ল্) [শক্+অল্ (করণে)] বি, পুং, ক্লী, শল্ক ; আঁইস। ২। চর্ম্ম ; ত্বক্ ; ছাল। ৩। খণ্ড ; অংশ। ৪। রঙ্‌বিশেষ।

শকলী [শকল (শল্ক আঁইস্) +ইন (অস্ত্যর্থে) = শকলিন্ ১মা, ১ব] বি, পুং, যাহার আঁইস আছে ; মৎস্য ; মাছ।

শকাব্দ, শকাব্দা [শকের (শক নামক রাজার) অব্দ (প্রচলিত বৎসর) ৬তৎ ; বহু-বচনে শকাব্দার সংক্ষেপে "শক"] বি, শক নামক নৃপতি প্রবর্ত্তিত বৎসর। ১৩৫ সম্বতের ও খ্রীষ্ট জন্মের ৭৮ বৎসর পরে এবং বঙ্গাব্দের ৫১৫ বৎসর পূর্ব্বে ইহার আরম্ভ সুতরাং শকাব্দ =সম্বৎ - ১৩৫, খ্রীষ্টাব্দ - ৭৮, বঙ্গাব্দ+৫১৫।

শকার (র্) [শ (ত্রিংশ ব্যঞ্জনবর্ণ) +কার স্বরূপার্থে] বি, পুং, শ এই বর্ণ। ২। [সং—নাট্যে] নীচ, মূর্খ, অভিমানমত্ত রাজশ্যালক।

শকার-বকার (র্, ব্) [শালা এবং বাঞ্চৎ (হি—বহিন্‌চোদ্) এই শব্দদ্বয়ের আদ্যবর্ণ শ ও ব হইতে] বি, অশ্লীল গালি বলিয়া তাহার ইঙ্গিত বা সংক্ষেপোক্তি। **শকার বকার করা**—শালা বাঞ্চৎ বলিয়া গালি দেওয়া : অশ্লীল গালাগালি করা। প্র—"ও তুই শকার বকার বল্‌তে পারিস্ বল্‌তে নারিস দুর্গাশিব"—রামপ্রসাদ।

শকারি [শকের শকদেশীয় লোকের অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, রাজা বিক্রমাদিত্য।

শকুন (শোকুন) [শক্+উন (কর্ত্তৃ)] বি, পুং, পক্ষী। ২। গৃধ্র। ৩। [হি—সগুন্] নিমিত্ত ; শুভাশুভসূচক চিহ্ন ; নেত্র বাহু প্রভৃতির স্পন্দন, কাকাদি দর্শন ইত্যাদি। প্র—'অলৌকিক শুভ শকুন দেখিয়া উক্ত গোপনন্দনকে যৌবরাজ্যে বরণ করেন॥"—কাঞ্চীকাবেরী।

শকুনজ্ঞ (শোকুনগ্‌গ) [শকুন (শুভাশুভচিহ্ন) জ্ঞ (জ্ঞা—জানা) +অ (কর্ত্তৃ—ড) যে শুভাশুভচিহ্ন দেখিয়া জানে] বিণ, চিহ্নজ্ঞ ; নিমিত্তজ্ঞ। স্ত্রী, **শকুনজ্ঞা**—শকুন পত্নী। ২। টিকটিকী ; জ্যেঠী।

শকুনি (শো) [শক্+উনি (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, সুবল রাজপুত্র ; দুর্য্যোধনের মাতুল ; সৌবল। প্র—"শকুনি বলেন বুদ্ধি, মুক্তি জ্ঞান উপায় শুদ্ধি মোর সম নাহি পাশোয়ার"—মহা (বিজয়)। ২। বিকুক্ষি রাজার পুত্র। ৩। গৃধ্রপক্ষী। ৪। পক্ষী। ৫। [জ্যোতিষ] করণবিশেষ। স্ত্রী, **শকুনী**—শ্যামাপাখী। **শকুনীশ্বর**—বি, পক্ষিরাজ গরুড়।

শকুন্ত (শো) [শক্ (সমর্থ হওয়া) +উন্ত। যাহারা গগনমার্গে বিচরণ করিতে সমর্থ হয়] বি, পুং, পক্ষী ; পাখী। ২। শকুনি। ৩। ভাস নামক পক্ষী।

শকুন্তলা (শো) [শকুন্ত (পক্ষী) কর্ত্তৃক লা (লালন করা ; পালন করা) +অ (কর্ম্মে সংজ্ঞার্থে) আপ্ স্ত্রী—যে পক্ষী কর্ত্তৃক লালিতা হইয়াছিল)] বি, স্ত্রী, রাজা দুষ্মন্তের মহিষী ; রাজা ভরতের মাতা ; মেনকার গর্ভে বিশ্বামিত্রের ঔরসে ইঁহার জন্ম হয়, জন্মমাত্র মাতাপিতা কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া শকুন্ত অর্থাৎ পক্ষিকর্ত্তৃক রক্ষিত হইয়াছিল ; মহর্ষি কণ্ব বালিকাকে তদবস্থায় দেখিয়া আনয়ন করেন এবং তাহার শকুন্তলা এই নাম রাখিয়া স্বীয় কন্যার ন্যায় লালন পালন করেন।

শকুল, সকুল (শোকুল্) [সং] বি, পুং, শাল মাছ। প্র—"করিয়া কণ্টকহীন আম্রে শকুল মীন খরলোণ দিয়া ঘন কাঠি।"—কবিক।

শকৃৎ [শক্ (বাহির হইতে সমর্থ হওয়া) + ঋৎ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) যে বাহির হইতে সমর্থ হয়] বি, ক্লী, বিষ্ঠা ; পুরীষ। **শকৃদ্দ্বার**—মল নির্গমদ্বার ; অপান স্থান ; গুহ্যদেশ।

শক্কর (শক্‌কর্) বি, পুং, ষাঁড় ; বৃষভ। স্ত্রী, **শক্করী**, চণ্ডালী। ২। ছন্দোবিশেষ। ৩। নদীবিশেষ। ৪। মেখলা ; কটিভূষণ।

শক্কর (র্) [সং—শর্করা (দ্রঃ)] বি, চিনি। sugar. ২। [প্রাদে] অপরিষ্কৃত চিনি-বিশেষ।

শক্ত [শক্ (সমর্থ হওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সমর্থ ; পারগ। ২। পটু ; উপযুক্ত। প্র—"শুন শুন অরে নন্দী তুমি বড় ভক্ত। সিদ্ধি ঘুঁটি দিতে মোরে তুমি বড় শক্ত।"—অন্নদামঙ্গল। ৩। শক্তিযুক্ত ; বলবান ; শক্তিমান। ৪। পরিশ্রমী। ৫। কঠিন। ৬। জবরদস্ত। প্র—"আমি যেই তোর শক্ত মাসী এনেছি তাই করে যতন।"—বাং-গান। ৭। কঠোর প্রকৃতি ; যে সহজে নত বা আয়ত্ত হয় না। ৮। বদ্ধমুষ্টি ; কৃপণ। **শক্তঘানী**—যে কঠোরতার সহিত নিষ্পেষণ করে ; জবরদস্ত লোক।

শক্তি (শো) [শক্ (সমর্থ হওয়া) +তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, প্রভাবজ, উৎসাহজ ও মন্ত্রজ এই তিন প্রকার রাজশক্তি। ২। পরাক্রম ; বল। ৩। [ন্যায় দর্শনে] চেষ্টার হেতুভূত ধর্ম্ম। ৪। সামর্থ্য ; ক্ষমতা। ৫। [পদার্থ বিদ্যায়] কাজ করিবার ক্ষমতার নাম শক্তি। শক্তিমত্তা জড় পদার্থের একটি ধর্ম্ম। ৬। শব্দবিশেষ হইতে অর্থবিশেষের প্রতীতি ; শব্দ হইতে অর্থবিশেষের অভেদাত্মিকা শক্তি। শব্দালঙ্কারে ইহা ত্রিবিধ—অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনা। ৭। দেবীবিশেষ। ৮। প্রকৃতি। ৯। স্ত্রী দেবতা। ১০। গৌরী। ১১। কমলা ; লক্ষ্মী। **শক্তিগ্রহ**—শক্তি অস্ত্রধারী ; শক্তিধর। ২। শিব। ৩। শব্দের অর্থবোধক বৃত্তির পরিজ্ঞান। **শক্তিধর**—দেবসেনাপতি ; স্কন্দ ; কার্ত্তিকেয়। ২। বিণ, শক্তিশালী ; ক্ষমতাবান্। **শক্তিপাণি**—বি, শক্তিধর ; কার্ত্তিকেয়। ২। বিণ, শক্তি-অস্ত্রধারী। **শক্তি প্রয়োগ**—বি, বল-প্রয়োগ ; শক্তিনিয়োগ। ২। সামর্থ্যপ্রদর্শন। **শক্তিবিহীন**—বিণ, হীনবল ; দুর্ব্বল ; অসমর্থ। স্ত্রী, **শক্তিবিহীনা**। **শক্তিমত্তা**—বি, কর্ম্মদক্ষতা। ২। বলবত্তা ; বলশালিতা। **শক্তিময়**—বিণ, ক্ষমতাপন্ন ; বলবিশিষ্ট ; সামর্থ্যযুক্ত। স্ত্রী, **শক্তিময়ী**। **শক্তি-শালী**—বিণ, ক্ষমতাবিশিষ্ট ; বলবান্ ; শক্তি-মান্। স্ত্রী, **শক্তিশালিনী**। **শক্তি-সম্পন্ন**—বিণ, ক্ষমতাশালী। ২। শক্তিময়। **শক্তিসামর্থ্য**—বি, শারীরিক বল এবং কার্য্যসম্পাদনের ক্ষমতা।

শক্তি (শোক্‌তি) বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্র-বিশেষ। ইহা অনধিক দুইহাত লম্বা, সিংহ মুখাকৃতি, তীক্ষ্ণ নখর ও জিহ্বাবিশিষ্ট, মুঠা করিয়া ধরিবার জন্য বৃহৎ হাতলবিশিষ্ট, ঘণ্টা-নাদ দ্বারা ভয়জনক, শত্রুরক্তে রঞ্জিতাঙ্গ, অস্ত্র-জালে বিজড়িত গাঢ় নীলবর্ণ, অত্যন্ত দূরগামিনী, তীর্য্যক্‌গতিযুক্ত, পর্ব্বতেন্দ্র হিমগিরিকেও বিদীর্ণ করিতে সমর্থ, যুদ্ধে জয়দায়িনী, দেখিতে অতি

ভীষণ, ইহা দুই হাতে উঠাইয়া প্রেরণ করিতে হয়—রত্নমালা।

শক্তিমান্ (শো) [শক্তি (বল)+মৎ (অস্ত্যর্থে মতু)=শক্তিমৎ ১মা, ১ব। যাহার শক্তি আছে] বিণ: বলবান্; ক্ষমতাশালী; শক্তিসম্পন্ন; পরাক্রমী। ২। প্রতাপশালী: প্রভাবশালী। স্ত্রী, **শক্তিমতী**।

শক্তিশেল (শো, ল্) [শক্তি (দুর্গা) প্রদত্ত যে শেল (বাণ) কর্ম্মধা] বি, পুং, ক্লী, মহাস্ত্রবিশেষ। ইহার আঘাতে মহাবল লক্ষ্মণ ধরাশায়ী হইয়াছিলেন।

শক্তু (শো) [সং] বি, যবাদিচূর্ণ; ছাতু।

শক্ত্রি (শোক্ত্রি) বি, পুং, বশিষ্ঠ ঋষির জ্যেষ্ঠ পুত্র।

শক্য (শোক্‌ক্য) [শক্ (সমর্থ হওয়া)+য (কর্ম্মে)] বিণ, যাহা করা সম্ভব; সাধ্য। ২। শক্তি দ্বারা বোধ্য। ৩। [প্রা-বাং] বি, সামর্থ্য। প্র—"নারিবে অর্জ্জুনেরে কুমারগণ শক্যে।"—কাশী, মহা, আদি।

শক্র [শক্ (সমর্থ হওয়া)+র (কর্ত্তৃ) সংজ্ঞার্থে (রক্)] বি, পুং, ইন্দ্র; বাসব। ২। কূটজ বৃক্ষ; কুড়চি গাছ। ৩। অর্জ্জুন গাছ। ৪। জ্যেষ্ঠা নক্ষত্র। স্ত্রী, **শক্রাণী**—ইন্দ্রাণী; শচী। **শক্রগোপ**—রক্তবর্ণ কীট; ইন্দ্রগোপ। **শক্রজিৎ**—বি, পুং, ইন্দ্রজিৎ: মেঘনাদ। ২। বিণ, বাসববিজয়ী। **শক্রদ্রুম**—বি, পুং, দেবদারু বৃক্ষ। **শক্রধনু**—ইন্দ্রধনুঃ; রামধনু। প্র—"নব জলধর তনু শিখিপুচ্ছ শক্রধনুঃ পীত ধড়া বিজুলিতে ময়ূরে নাচাও হে॥"—অ, ম। **শক্রধ্বজ**—ভাদ্রমাসের শুক্ল দ্বাদশীতে পূজ্য ধ্বজাকার স্তম্ভ। **শক্রবল্লী**—বি, স্ত্রী, ইন্দ্রবারুণী। **শক্রবাহ, শক্রবাহন**—ইন্দ্রবাহন: মেঘ। **শক্রশরাসন**—বি, মেঘধনু: ইন্দ্রধনু। **শক্রশালা**—হোম গৃহ: যজ্ঞাগার। **শক্রসারথি**—বি, পুং, মাতলি।

শগড়, শগড়া [সং—শকট। ক=গ, ট=ড়। হি—ছক্‌ড়া—ছগ্‌ড়া (ভারবাহী শকট)] বি, ভারবাহী শকট; গরুর গাড়ী।

শঙ্কট (শংকট্) বি, বিপদ: বিপত্তি। প্র—"গোবিন্দ জানিলা ব্যাস পড়িল শঙ্কটে,"—অ, ম। "বিষম শঙ্কটে"—মেঘনাদ।

শঙ্কনীয় [শন্‌ক (ভীত হওয়া)+অনীয় (কর্ম্মে)] বিণ, আশঙ্কার বিষয়: ভয়ের যোগ্য। ২। সন্দেহের বিষয়ীভূত; সন্দেহস্থল।

শঙ্কর (শংকর্) [শম্ (মঙ্গল) কর (যে করে)] বি, পুং, শিব। প্র—"জয় শিবেশ শঙ্কর বৃষধ্বজেশ্বর মৃগাঙ্কশেখর দিগম্বর।"—অ, ম। ২। বিণ, মঙ্গলজনক: শুভকারক। স্ত্রী, **শঙ্করী**। **শঙ্করচিল**—বি, শুভসূচক পক্ষিবিশেষ। **শঙ্করজটা**—জটাবৎ গ্রন্থিলবৃন্ত ক্ষুপবিশেষ; uraria picta. **শঙ্করমাছ**—বি, অশ্বত্থ পত্রাকৃতি বৃহৎ সামুদ্রিক মৎস্যবিশেষ। ইহার পুচ্ছ দীর্ঘ রজ্জুবৎ। লেজে চাবুক হয়। ইহার সরু মুখ দুই পাশে তীক্ষ্ণ করাতীয়া দাঁত এবং নাক চেপটা।

শঙ্করাচার্য্য—বি, পুং, অদ্বৈতবাদী বেদান্তভাষ্যকর্ত্তা।

শঙ্করাবাস (শংকরাবাশ্) [শঙ্করের আবাস (বাসস্থান) ৬তৎ] বি, পুং, কৈলাস। ২। [কৈলাস পর্ব্বতের মত শুভ্র বলিয়া] কর্পূরবিশেষ।

শঙ্করাভরণ (ন্) বি, রাগিণীবিশেষ।

শঙ্করী (শংকোরি) [শঙ্কর (শিব)+ঈপ্ (ভার্য্যার্থে)] বি, স্ত্রী, ভবানী; শিবপ্রিয়া; ঈশানী। ২। শমী। ৩। মঞ্জিষ্ঠা। ৪। বিণ, স্ত্রী, শুভঙ্করী।

শঙ্কা (শংকা) [শন্‌ক্+অ (ভাবে) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, আশঙ্কা; ভীতি; ত্রাস; ভয়। প্র—"কালের শঙ্কা কে না রাখে।"—গান। ২। সম্ভাবনা। ৩। সংশয়: সন্দেহ: বিতর্ক।

শঙ্কান্বিত (ন্নি) [শঙ্কা দ্বারা অন্বিত (যুক্ত) ৩তৎ] বিণ, ভীত; ত্রাসিত।

শঙ্কাসূচক—বিণ, ত্রাসকর; ভীতিব্যঞ্জক।

শঙ্কাহর, শঙ্কাহরণ—বিণ, ভয়নাশক। স্ত্রী, **শঙ্কাহরা**। প্র—"শঙ্কাহরা কোথা তুমি! অঙ্কে লহ তুলে।"—সত্যেন্দ্র দত্ত।

শঙ্কিত (শোংকিত) [শন্‌ক্+ইত (কর্ত্তৃ)] বিণ, ভীত; ত্রস্ত। ২। অবিশ্বস্ত। ৩। সন্দিগ্ধ। ৪। বিতর্কিত। স্ত্রী, **শঙ্কিতা**।

শঙ্কু (শোংকু) [শন্‌ক্ (ভীত হওয়া)+উ (অপা) যাহা হইতে ভয় পাওয়া যায়] বি, পুং, শল্যরূপ অস্ত্রবিশেষ। ২। শেল; বধা; সড়কি। ৩। কীলক; গোঁজ। ৪। ঘড়ির কাটা। ৫। দ্বাদশাঙ্গুল কাঠি। ৬। পাতার শির। ৭। শিব; শঙ্কর। ৮। শঙ্করের অনুচর জনৈক গন্ধর্ব্ব। ৯। মহারাজা বিক্রমাদিত্যের নবরত্ন সভার অন্যতম রত্ন। ১০। লিঙ্গ; পুংচিহ্ন। ১১। গন্ধদ্রব্যবিশেষ। ১২। বল্মীক। ১৩। মাথা ভাঙ্গা বা মুড়া গাছ। ১৪। শঙ্করমাছ। ১৫। ত্রিশঙ্কু রাজা। ১৬। [ভাবে (উ)] শঙ্কা; ভয়। ১৭। পাপ।

শঙ্কুকর্ণ (শোংকুকর্ণ) [শঙ্কু অস্ত্রবিশেষ তাহার মত কর্ণ (কাণ) যাহার, বহু] বি, পুং, গর্দ্দভ। ২। বিণ, যাহার কর্ণ গোঁজের মত।

শঙ্কুপট্ট (শোংকুপট্‌ট) বি, দণ্ডপলাদি অঙ্কিত শঙ্কুদণ্ডের আধার; সূর্য্যঘড়ী; dial.

শঙ্কুলা (শোংকুলা) [শন্‌ক্+উল (অপা) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, যন্ত্রী; সুপারি কাটা কল; জাঁতি।

শঙ্খ (শংখ) [শম্ (শান্ত হওয়া)+খ (কর্ত্তৃ)] বি, পুং, যে আপন মধুর শব্দ দ্বারা জগৎ শান্ত করে; সামুদ্রিক প্রাণিবিশেষ; শাঁখ। ২। স্ত্রীলোকের শঙ্খনির্ম্মিত করভূষণ; শাঁখা। ৩। ললাটের অস্থি। ৪। কুবেরের নিধিবিশেষ। ৫। রণবাদ্য-যন্ত্রবিশেষ। ৬। সংখ্যাবিশেষ; ১,০০০০০,০০,০০০০০। ৭। নাগবিশেষ। ৮। ধর্ম্মশাস্ত্র-প্রণেতা মুনিবিশেষ। ৯। হস্তিদন্তদ্বয়ের মধ্যভাগ। ১০। গন্ধদ্রব্যবিশেষ। ১১। নখী। **শঙ্খচক্রগদাপদ্মধারী**—বি, পুং, বিষ্ণু: নারায়ণের চতুর্ভুজ মূর্ত্তি; পাঞ্চজন্য শঙ্খ, সুদর্শন চক্র, কৌমোদকী গদা, এবং পদ্ম পুষ্প (নিধি অথবা লক্ষ্মীর রূপক) এই চারি বস্তু যাঁহার চতুর্ভুজে শোভা পায়। **শঙ্খচিল**—[শঙ্কর চিল দ্রঃ] শুভসূচক পক্ষিবিশেষ। **শঙ্খধ্বনি**—বি, শাঁখের শব্দ; শঙ্খনাদ। **শঙ্খপ্রস্থ**—বি, পুং, চন্দ্রস্থিত চিহ্ন। **শঙ্খবলয়** (শংখবলয়্)—বি, শাঁখের বালা; শাঁখা। **শঙ্খবেলান্যায়**—যেখানে বেলাবিশেষে শঙ্খধ্বনি বিশেষের নিয়ম আছে সে স্থলে শঙ্খধ্বনি দ্বারা বেলা-বিশেষের নিরূপণ হয়, যেমন বর্ত্তমান রাজনিয়মে তোপধ্বনি দ্বারা বেলার নিশ্চয় হয়। এইরূপ চৈত্রের পর বৈশাখ বৈশাখের পর জ্যৈষ্ঠ ইত্যাদি স্থলে এই ন্যায়ের বিষয়।—মলমাসতত্ত্ব। **শঙ্খমালা**—শাঁখের মালা; অশ্বের আভরণবিশেষ। ২। হাড়ের মালা।

শঙ্খক (শংখক্) [শঙ্খ+ক (জাতার্থে)] বি, ক্লী, শঙ্খের করালঙ্কার; শাঁখা। ২। কম্বু; শাঁখ। ৩। কপাল: ললাট। ৪। শিরোরোগবিশেষ।

শঙ্খকার (শংখকার্) [শঙ্খ—কৃ (করা)+অ (কর্ত্তৃ—অন্) যে শঙ্খ নির্ম্মাণ করে] বি, পুং, শঙ্খবণিক্; শঙ্খব্যবসায়ী। ২। জাতিবিশেষ: শাঁখারি।

শঙ্খচূড় [শঙ্খাকৃতি চূড়া (ফণা) যাহার, বহু] বি, পুং, সর্পবিশেষ। ২। অসুরবিশেষ। ৩। শঙ্খাকৃতিশীর্ষ ডিঙ্গাবিশেষ।

শঙ্খচূর্ণী (র্নি) [মৃত্যুকালে যাহার হাতে সধবার চিহ্ন শঙ্খ (শাঁখা) ছিল] বি, স্ত্রী, সধবা নারীর প্রেতাত্মা: শাঁখচুন্নী।

শঙ্খদ্রাবী—বি, পুং, অম্লবেতস।

শঙ্খনখ (খ্) [শঙ্খের নখ (ছোট) ৬তৎ] বি, পুং, ক্ষুদ্র শঙ্খ; জোংড়া নামক জলজন্তুবিশেষ, যাহা পোড়াইয়া চূণ হয়। ২। [শঙ্খের ন্যায় নখ যাহার, বহু] বৃহন্নখী। ৩। গন্ধদ্রব্য-

বিশেষ ; নখী। স্ত্রী. শঙ্খনখী—নখী নামক গন্ধদ্রব্য।

শঙ্খবণিক (শংখবোনিক্) [শঙ্খের বণিক্ (ব্যবসায়ী)—৬তৎ] বি. পুং. শঙ্খব্যবসায়ী শাঁখারি। প্র—"শঙ্কর ধরিলা শঙ্খবণিকের রূপ।"—শিবায়ন।

শঙ্খবিষ (শংখবিষ্) বি. স্থাবর বিষবিশেষ ; শেঁকোবিষ।

শঙ্খিকা (শোংখিকা) [সং] বি. স্ত্রী. এক প্রকার ঘাস।

শঙ্খিনী (শোংখিনী) [শঙ্খ+ইন্ (সংজ্ঞার্থে) =শঙ্খিন্+ঈপ্, স্ত্রী] বি. স্ত্রী. শাঁকচুন্নী ; সধবানারীর প্রেতাত্মা। ২। স্ত্রীজাতি-ভেদ ; নাতিস্থূলা নাতিকৃশা দীর্ঘকায়া দীর্ঘকেশা কোপনস্বভাবা রতি-সমুৎসুকা স্ত্রী। ৩। চোর-পুষ্পী। ৪। শ্বেতপুন্নাগ। ৫। বুদ্ধিশক্তিবিশেষ। ৬। শ্বেতবৃন্দা। শঙ্খিনীফল—বি. শিরীস-গাছ। শঙ্খিনীবাস—বি. পুং. শাঁখোট-বৃক্ষ ; শেওড়া গাছ।

শঙ্খী (শোংখী) [শঙ্খ+ইন্ (অস্ত্যর্থে)= শঙ্খিন্ ১মা, ১ব] পুং. শঙ্খধারী : বিষ্ণু। ২। শঙ্খব্যবসায়ী ; শাঁখারি। ৩। যাহাতে শঙ্খ আছে : সমুদ্র। ৪। বিণ. শঙ্খবিশিষ্ট। স্ত্রী. শঙ্খিনী।

শচি, শচী (শোচী) [সং] বি. স্ত্রী. ইন্দ্রের পত্নী : পুলোমজা ; ইন্দ্রাণী। প্র—"ঐরাবতে দেবকুলপতি সঙ্গে বরাঙ্গনা শচী অনন্তযৌবনা" —মেঘনাদ। ২। চৈতন্যদেবের জননী। ৩। শতমূলী। শচীনন্দন—বি. ইন্দ্রতনয় জয়ন্ত। ২। চৈতন্যদেব। শচীপতি—বি. পুং. বাসব ; দেবরাজ ; ইন্দ্র। শচীমাতা—বি. স্ত্রী. চৈতন্যদেবের জননী।

শজারু, সজারু (শ) [সং—ছেদার। শ. স=ছ] বি. সর্ব্বাঙ্গ কাঁটার মত সূক্ষ্ম মুখ বড় বড় শলাকায় আবৃত প্রসিদ্ধ জন্তু : সল্লকী, porcupine.

শটা [শট্ (গমন করা, বৃদ্ধি পাওয়া)+অ (কর্ত্তৃ)] বি. স্ত্রী. পশুলোম ; কেশর। ২। জটা।

শটিত (শো) [সং] বিণ. পর্য্যুসিত ; পচা।

শটী (শো) [সং] বি. কর্পূরগন্ধী কন্দবিশেষ ; গন্ধমুলী।

শঠ (ঠ্) [শঠ্ (বঞ্চনা করা)+অ (কর্ত্তৃ—অচ্) যে অপরকে বঞ্চনা করে] বিণ. খল ; বঞ্চনাকারী ; ধূর্ত্ত। প্র—"শঠের স্বভাব ভাল না হয় কখনে।"—বাং-গান। ২। যে নায়ক মুখে এক পত্নীকে বাহ্য ভালবাসা জানাইয়া অন্তরে অন্যকে ভালবাসে। প্র—"ধৃষ্ট শঠ দক্ষিণ না হয় তার তুল"—অ. ম। ৩। মন্দলোক ; দুর্জ্জন। বি. শঠতা।

শঠতা [শঠ+তা (ভাবে)] বি. স্ত্রী. প্রবঞ্চনা : প্রতারণা। ২। ক্রূরতা : ধূর্ত্ততা ; শাঠ্য।

শঠা [শঠ (দ্রঃ)+আ (তুচ্ছার্থে)] বিণ. বঞ্চক : শঠ। প্র—"সিংহলে সজ্জন নাহি সব লোক শঠা।"—কবিক।

শণ (ন্) [শণ্ (সূত্র দান করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) অচ্] বি. ক্লী. যে ক্ষুদ্র বৃক্ষ হইতে শণসূত্র জন্মে : শণ গাছ।

শণতন্তু (শোনতোনতু) বি. শণসূত্র। শণ-তান্তব—বিণ. শণসূত্রে নির্ম্মিত ; শণতন্তু-জাত। শণপাট—গাছপাট : শণ ; the san hemp. শণসূত্র—শণের সূতা। ২। শণনির্ম্মিত জাল।

শণলুড়ি (শোন্) [গ্রা—শনলুড়ি] বি. শুভ্রবর্ণ শণের আটি। প্র—"বায়ুতে পাকিয়া চুল হৈল শণলুড়ি।"—অ. ম।

শণ্ড, শণ্ঢ [সং] বি. পুং. অন্তঃপুর-স্ত্রী-রক্ষক : খোজা। ২। নপুংসক ; হিজ্‌ড়ে। ৩। মাতাল।

শণ্ডিল (শোনডিল্) [শণ্ড (নপুংসক)+ইল (ব্যবহারার্থে)—যে নপুংসকের মত ইন্দ্রিয়ের প্রতি ব্যবহার করে] বি. পুং. ঊর্দ্ধরেতা মুনি-বিশেষ।

শত [সং। গ্রা-সংক্ষেপে শ] বি. দশগুণ দশ-সংখ্যা ; ১০০ এই সংখ্যা। ২। বিণ. শত-সংখ্যক।

শতক (ক) [শত+ক (পরিমাণার্থে] বিণ. শতপরিমিত ; শতসংখ্যাবিশিষ্ট। ২। শত কবিতা সম্বলিত কাব্য। প্র—"শান্তিশতক", "সদ্ভাবশতক।" ২। ক্লী. শতসংখ্যা ; ১০০।

শতকরা (৲) অ. শতসংখ্যা করিয়া : শত-সংখ্যা প্রতি ; প্রতি শতে ; per cent.

শতকিয়া [শতক+ইয়া। গ্রা—শট্‌কে] বি. একশত পর্য্যন্ত গণনা। ২। এক হইতে শত পর্য্যন্ত সংখ্যা।

শতকীর্ত্তি [শত—শতসংখ্যক—কীর্ত্তি (কীর্ত্তি-জনক কার্য্য) যাহার (বহু)] বি. পুং. যিনি বহু যশস্কর কার্য্য করিয়া কীর্ত্তিমান্ হইয়াছেন ; সৎকর্ম্মের দ্বারা যিনি বহুকীর্ত্তি অর্জ্জন করিয়াছেন। ২। জৈন সন্ন্যাসী। ৩। বৌদ্ধ ক্ষপণক। ৪। জৈন ভবিষ্য গুরুর নাম।

শতকুম্ভ—বি. পুং. স্বর্ণখনি পর্ব্বতবিশেষ।

শতকোটি—বি. পুং. একশত কোটি সংখ্যা ১০,০০,০০,০০,০০০ ; বৃন্দ। ২। শতধারাযুক্ত বজ্রাস্ত্র।

শতক্রতু (শতক্রোতু) [শত হইয়াছে ক্রতু (অশ্বমেধযজ্ঞ) যাহার, বহু] বি. পুং. শত অশ্বমেধযজ্ঞসম্পন্নকারী ইন্দ্র ; বাসব।

শতগাঁটি [শত হইয়াছে গাঁট (গ্রন্থি) যাহাতে, বহু] বিণ. শতগ্রন্থিযুক্ত। প্র—"শত গাঁটি ছিঁড়া টেনা করি পরিধান।"—অ. ম।

শতগ্রন্থি (গ্রোন্‌থি) [শত হইয়াছে গ্রন্থি যাহাতে, বহু] বি. স্ত্রী. দূর্ব্বা। ২। বহু সংখ্যক গাঁইটবিশিষ্ট।

শতঘ্নী (শতোঘ্‌নি) [শত—হন্ (বধ করা) —অ+(কর্ত্তৃ)—ঈপ্, স্ত্রী। এককালে শত সৈন্য হননকারী বলিয়া।—"a cann called shataghnee or the weapon that kills one hundred men at Halhead's code of gentoo laws] কণ্টকিত লৌহসার-নির্ম্মিত, মুদ্গার তুল্য, সুদৃঢ় ও বর্ত্তুল, প্রমাণ চারি হস্ত, মুঠযুক্ত, গদাযুদ্ধের বলগণ অর্থাৎ প্রয়োগকালীন আস্ফালন যেরূপ ইহার বলগণও সেইরূপ.—বৈশম্পায়নোক্ত ধনুর্ব্বেদ, ৫ অধ্যায়। মহাভারত মতে ইহা আগ্নেয় দ্রব্যবল প্রযোজ্য। নীলকণ্ঠ ভট্টের টীকায় "আধুনিক কামান সদৃশ অস্ত্র"।

শতচ্ছদ (দ্) [শত+ছদ (পত্র) যাহার (বহু)] বি. পুং শতদল পদ্ম। ২। কাঠ-ঠোক্‌রা পাখী।

শততম [শত+তম (পূরণার্থে তমট্)] বিণ. শতসংখ্যার পূরক।

শততারা—বি. স্ত্রী. অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত শততারাবিশিষ্ট মণ্ডলাকার নক্ষত্র : শতভিষা নক্ষত্র।

শতদল (ল্) [শত দল যাহার, বহু] বি. বহু-সংখ্যক পাপ্‌ড়িবিশিষ্ট পদ্ম। প্র—"হৃদে আছে শতদল সে কমল ফুটিবে প্রেম-পীযূষ ঘটিবে।"—বাং-গান।

শতদ্রু [শত—দ্রু (বেগে গমন করা)+উ (কর্ত্তৃ)] বি. স্ত্রী. পঞ্জাবের অন্তর্গত নদীবিশেষ : the sutlej.

শতধা [শত+ধা (প্রকারার্থে ধাচ্)] অ. শত প্রকারে। ২। শতদিকে। ৩। শতখণ্ডে। ৪। শতবারে।

শতধামা [শত হইয়াছে ধামন্ (তেজঃ বা দেহ) যাহার, বহু] বি. পুং. বিষ্ণু ; নারায়ণ।

শতধার (র্) [শত হইয়াছে ধারা প্রান্তভাগ যাহার, বহু] বি. ক্লী. অশনি : বজ্র। ২। বিণ. শতধারাময় : বহুধারাবিশিষ্ট।

শতপত্র [শত হইয়াছে পত্র (দল—পাপড়ি, কিম্বা পক্ষ, পাখা) যাহার, বহু] বি. ক্লী. শতদল ; পদ্ম। ২। যাহার শত পালক আছে ; ময়ূর। ৩। সারস। ৪। শুক। ৫। কাঠঠোক্‌রা। স্ত্রী. শতপত্রী—সেঁউতী-ফুল।

শতপথ (থ্) [শত হইয়াছে পথ (উপদেশ) যাহাতে, বহু] বি. পুং. যজুর্ব্বেদের অন্তর্গত ব্রাহ্মণাংশবিশেষ

শতপথিক (পোথিক্) [শতপথ+ইক] বিণ, যে নানাপথে বিচরণ করে ; বহু মার্গাবলম্বী ; নানামতাবলম্বী।

শতপদ (দ্) [শত হইয়াছে পদ (প্রকোষ্ঠ) যাহাতে, বহু] বি, স্ত্রী. নামকরণার্থ প্রথমবর্ণ সূচক শত প্রকোষ্ঠযুক্ত চক্রবিশেষ। স্ত্রী, **শতপদী**—[শত হইয়াছে পদ (পা) যাহার, বহু] বৃশ্চিক ; বিছা। ২। কেন্নো ; centipede. ৩। কানকোটারী।

শতপর্ব্বা [শত (অনেক) পর্ব্ব (গ্রন্থি—গাঁইট) যাহার। বহু=শত পর্ব্বন, ১মা, ১ব] বি, পুং, বংশদণ্ড ; বাঁশ। ২। ইক্ষু। স্ত্রী, **শতপর্ব্বা**—কোজাগর পূর্ণিমা। ২। দূর্ব্বা।

শতপাদিকা [শত—পাদ পা যাহার, বহু, ক—যোগ : আপ্ স্ত্রী, ই আগম] বি, স্ত্রী, বৃশ্চিক। ২। কানকোটারী। ৩। কন্দ-বিশেষ : কাকোলী।

শতবীর্য্যা (বীর্জ্যা) [শত হইয়াছে বীর্য্য (বীজ) যাহার, বহু] বি, স্ত্রী, শ্বেতদূর্ব্বা। ২। শতাবরী।

শতভিষা—শততারা দ্রঃ।

শতভীরু—বি, স্ত্রী, মল্লিকা।

শতমান (ন্) [শত হইয়াছে মান (পরিমাণ) যাহার, বহু] বি, পুং, আঢ়ক পরিমাণ। ২। এক পল পরিমাণ রৌপ্য।

শতমারী [শত—মারী (হন্তা)] বিণ, শত-জনের প্রাণনাশক। ২। [শত (শতবার) মারী (রস মারক, পারদ শোধক (killer of mercury) যিনি ঊর্দ্ধপাতন, অধঃপাতন, তির্য্যক্‌পাতন এই ত্রিবিধ জটিল প্রক্রিয়া দ্বারা শোধিত পারদ কাচের বোতলে বদ্ধ করতঃ ক্রমাগত অগ্নিতে জ্বাল দিয়া রসসিন্দূর নামক শ্রেষ্ঠ রসায়ন প্রস্তুত করণরূপ সর্ব্বাপেক্ষা দুরূহ পরীক্ষায় উত্তীর্ণ হন তিনি বৈদ্যপদবাচ্য এবং ঐরূপ সহস্রবার কৃতকার্য্য হইলে চিকিৎসক পদবাচ্য হন। তুল—"শতমারী ভবেৎ বৈদ্যঃ সহস্রমারী চিকিৎসকঃ"] বি, বৈদ্য।

শতমুখ (খ্) [শত হইয়াছে মুখ যাহার, বহু] বিণ, শতমুখযুক্ত : বহুমুখবিশিষ্ট। ২। বাচাল। স্ত্রী, **শতমুখী**—ঝাঁটা।

শতমূলা [শত (অনেক) হইয়াছে মূল যাহার, বহু] বি, স্ত্রী, দূর্ব্বা। ২। বচা।

শতমূলী [শত (অনেক) মূল হইয়াছে যাহার, বহু] বি, স্ত্রী, লতাবিশেষ ; শতাবরী।

শতযষ্টিক (জোষ্টিক্) [শত যষ্টি (গুচ্ছ) হইয়াছে যাহার, বহু, সমাসে অন্তে—ক] বি, পুং, কণ্ঠভূষণবিশেষ ; একশত নর হার।

শতরঞ্চ, শতরঞ্জ (শৎরন্‌জ্) [সং—চতুরঙ্গ হইতে আ—শৎরঞ্জ্] বি, উভয় পক্ষে চতুরঙ্গ সেনা অর্থাৎ হস্তী, অশ্ব, রথ ও পদাতি লইয়া মন্ত্রী বা দাবা সহ রাজায় রাজায় যুদ্ধের অনুকরণে দুই পক্ষের খেলা ; চতুরঙ্গ খেলা ; দাবা খেলা বা দাবা বোড়ে ; chess [দ্রঃ—এই খেলার ৬৪টী ঘর কাটা ছকের (chess board) এক দিকে এক রঙ্গের রাজা, তাঁহার বল অর্থাৎ মন্ত্রী (দাবা, the queen) ২ গজ (পীল, the bishop) ২ ঘোড়া (অশ্ব, the knight) ও ২ নৌকা (কিশ্‌তি—রথ স্থলে, the rook or castle) এবং ৮ বোড়ে (পদাতি, a pawn) সাজাইয়া তাহার বিপরীত দিকে ভিন্ন বর্ণের রাজা ও তাঁহার বল ও বোড়ে সাজাইতে হয়। অতঃপর প্রত্যেক ঘুঁটিকে যথাবিধি গতি অনুসারে চালিয়া রাজাকে বন্দী করিবার অভিপ্রায়ে একপক্ষ অপর পক্ষকে আক্রমণ করে। বোড়ে ও বল বিপক্ষের আক্রমণে পরাজিত হইয়া হ্রাস প্রাপ্ত হইলে সেই দুর্ব্বল রাজাকে বোড়ে বা বল আক্রমণ করে এই আক্রমণকে কিস্তি দেওয়া বলে ; রাজাকে তখন আক্রমণকারীর সম্মুখ হইতে সরাইয়া অন্য ঘরে বসান হয়, কিন্তু যখন চতুর্দ্দিকে এমন ভাবে আক্রমণ করা হয় যে রাজাকে আর কোন ঘরে সরাইয়া বসাইবার উপায় থাকে না তখন "কিস্তিমাৎ" হইয়া যায় অর্থাৎ রাজা বন্দী ও বিপক্ষ পক্ষের জিত হয়। বলহীন না হইয়াও এইরূপ মাৎ হইলে "সবলে মাৎ" বলে। রাজাকে বোড়ের চারিদিকে ঘুরিতে হইলে রাজার "চতুরং" হার হয় ; পীল অর্থাৎ গজের চারিদিকে ঘুরিতে হইলে "পীলুড়ী" বা "গজচক্র" হার হয় ; এইরূপ "অশ্বচক্র" (অশ্বচক্র) প্রভৃতি পরাজয়ের নাম আছে]।

শতরঞ্জ-বাজ—[ফা—শৎরঞ্জ্ বাজ্] বিণ, দাবা খেলায় দক্ষ।

শতরঞ্চি, শতরঞ্জি, শৎরঞ্জী (শৎরোন্‌জি) [আ—শত্‌রঞ্জী। শতরঞ্জ খেলার ছকের মত ঘর কাটা বুনানির জন্য নাম] বি, মোটা সূতার লম্বা আসন। **শতরঞ্চি পাতা**—শয়ন উপবেশনাদির জন্য শতরঞ্চি বিছান।

শতরূপা [শত (বহু) রূপ যাহার, বহু] বি, স্ত্রী, ব্রহ্মাণী। ২। স্বায়ম্ভুব মনুর [ ]।

শতশঃ [সং] অ, শত শত করিয়া। ২। শত প্রকারে [আধু-বাং-য় বিরল]।

শতশৃঙ্গ [শত হইয়াছে শৃঙ্গ (চূড়া) যাহার, বহু] বি, পুং, স্বনামখ্যাত পর্ব্বত।

শতসহস্র (শতশহস্র) [শতের সহস্র গুণ বা সহস্রের শতগুণ, ৬তৎ] বি, লক্ষ সংখ্যা ; ১,০০,০০০। ২। বহু ; অনেক ; অসংখ্য ; অগণ্য। প্র—শত সহস্র বার বলা। শত সহস্র বৎসর ধরিয়া থাকা।

শতহ্রদা [শত হইয়াছে হ্রদ (আলোক) যাহার, বহু] বি, স্ত্রী, বজ্র ; অশনি। ২। বিদ্যুৎ। ৩। দক্ষ দুহিতাবিশেষ।

শতাংশ [শত+অংশ] বিণ, শত ভাগ ; শত খণ্ড।

শতাঙ্গ (শতাংগ) [শত—অঙ্গ (অবয়ব) যাহার, বহু] বি, পুং, রথ।

শতানন (ন্) [শত আনন (মুখ) যাহার, বহু] বি, শতমুখ ; বহু আনন ; বহুমুখ (তুল —পঞ্চানন)। প্র—"এক মুখে কি কহিব হলে শতানন। তথাপি না পারিব কহিতে আমি কখন॥"—নিধুবাবু।

শতানন্দ [শত—আনন্দ যাহার, বহু] বি, পুং, জনৈক ঋষি ; জনক রাজার পুরোহিত।

শতানীক (ক্) [শত+অনীক, যাহার, বহু] বিণ, বৃদ্ধ। ২। শতসৈন্যযুক্ত। ৩। বি, পুং, একশত সৈন্যের অধিনায়ক। ৪। ব্যাস-শিষ্য মুনিবিশেষ। ৫। রাজা সুদাসের পুত্র।

শতাবরী [শত (শত মূল) দ্বারা—আ—বৃ (আবরণ করা) + অ (কর্ত্তৃ সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, যে শতমূল দ্বারা ভূমি আবরণ করে ; শত-মূলী। ২। শটী। ৩। ইন্দ্রাণী।

শতাব্দ, শতাব্দী [শত যে অব্দ (সংবৎসর) তাহার সমাহার (দ্বিগু)] বি, স্ত্রী, এক শত বৎসরব্যাপী কাল ; century.

শতায়ুঃ [শত—শতবর্ষ—আয়ুঃ (আয়ুস্) যাহার, বহু] বিণ, শতবর্ষজীবী। ২। দীর্ঘজীবী।

শতিক (শোতিক্) [শত+ইক (সম্বন্ধার্থে)] বিণ, যাহার আয়ু শতবর্ষ পর্য্যন্ত ; শতবর্ষায়ুষ্ক ব্যক্তি। ২। যাহার নির্দ্ধারিত কর শত মুদ্রা। ৩। শত মুদ্রায় ক্রীত। ৪। শত সম্বন্ধীয়। ৫। [গ্রা] এক শত ; শতশত : বহু ; অসংখ্য। প্র—শতিক জাত মেলা।

শতেক (ক্) [শত+এক। শতিক দ্রঃ] বিণ, একশত। ২। শত শত ; বহু শত। প্র—"শতেক যুগের কবিদলে মিলি আকাশে, ধ্বনিয়া তুলিছে মত্ত মদির বাতাসে, শতেক যুগের গীতিকা।"—চয়নিকা। **শতেক খাকী, খাগী**—যে নারী শত বা বহু স্বজন বা প্রিয়জনের 'মাথা খাইয়াছে' অর্থাৎ মৃত্যু দেখিয়াছে। **শতেক খোয়ারী**—মেয়েলি গালিবিশেষ ; যাহার অদৃষ্টে অনেক খোয়ার বা দুর্দ্দশা আছে ; অভাগী ; পোড়া কপালী ; প্র—পোড়ার মুখী শতেক খোয়ারী, * * দূর হয়ে যা !"—ভারতী, ১৩২০।

শতেশ্বরী (শতেশ্‌শোরি) বি, শতনরী হার। প্র—"বেশর খচিত শতেশ্বরী পহিরল" —বি, প।

শত্তুর (শোৎতুর্) [শত্রু দ্রঃ] বি, বৈরী। ২। দুঃখদাতা ; ক্লেশদাতা। **শত্তুর মুখে**

ছাই—শত্রু দ্রঃ। পেটের শত্তুর—সন্তান শৈশবে মাতার জীবিতকালেই মরিয়া যায়। ২। যে জননীকে দুঃখ ক্লেশ দেয়।

শত্রু (শোৎত্রু) [প্রা—শত্তুর। শদ্ (গমন করা)+রু (কর্ত্তৃ রুক্), দ=ত। যে প্রতিকূলে গমন করে] বি, পুং, বৈরী; দ্বেষ্টা বিপক্ষ; রিপু। ২। জ্যোতিষ মতে ল' হইতে ষষ্ঠ স্থান। ঘরের শত্রু বরযাত্র—কন্যার আলয়ে নিমন্ত্রিত বরযাত্রগণের উপদ্রব ও অত্যাচার হইতে প্রবাদের সৃষ্টি শত্রুমিত্র—আত্মপর; পক্ষ ও বিপক্ষ বৈরী ও সুহৃদ্। শত্রুমুখে ছাই দিয়া—সন্তানের প্রতি কুদৃষ্টিপাতকারী বা তাহার অমঙ্গলকামীর মৃত্যু কামনা করিয়া সন্তানের স্বাস্থ্যাদির উল্লেখ করার মেয়েলি প্রথা হইতে। প্র—শত্রুমুখে ছাই দিয়া যেটের কোলে পাঁচু এই দশ বছরে পা দিয়াছে''—ভারতী, বৈশাখ, ১৩২১। শত্রুনাশ—বি, বৈরিনাশ; শত্রু সংহার। শত্রুপক্ষ—বি, বৈরিপক্ষ; বিপক্ষ দল; অরিদল। শত্রুবল—বি, অরাতি-বিক্রম; শত্রুর শক্তি। ২। শত্রু-সৈন্য; বিপক্ষ সেনা। শত্রুমর্দ্দন—বৈরীনিগ্রহ। ২। বিণ, অরিনাশকারী। শত্রুসঙ্কুল—অরাতি পূর্ণ: বিপক্ষ পূর্ণ।

শত্রুঘ্ন (শোৎত্রুঘ্ন) [শত্রু (বিপক্ষ)—ঘ্ন (হন্—নাশ করা)+টক্ (কর্ত্তৃ)—যে শত্রু দিগকে নাশ করে] বিণ, শত্রুনাশকারী; বৈরীনাশক। ২। বি, পুং, সুমিত্রা তনয়; দশরথ রাজার চতুর্থ পুত্র।

শত্রুজিৎ (শো) [শত্রু—জি (জয় করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, শত্রু জয়কারী; বিপক্ষ জয়ী। ২। বি, পুং, নৃপতিবিশেষ।

শত্রুঞ্জয় (শোৎত্রুনজয়্) [শত্রু—জি (জয় করা)+অ (কর্ত্তৃ—অচ্) ম্—আগম] বিণ, শত্রুজয়কারী; রিপুজয়ী। ২। বি, পুং, বিমলাদ্রি।

শত্রুতা (শোৎত্রুতা) [শত্রু+তা (ভাবে)] বি, স্ত্রী, বৈরিতা; বিপক্ষতা। শত্রুতাচরণ—বৈরভাবে আচরণ করা; প্রতিকূলতা করা।

শনশন, শন্‌শন্ (ন্‌ন্) [শব্দাত্মক] বি, বায়ুস্তর ভেদ করিয়া বেগে গমনের সংঘর্ষ শব্দ; গুলি, তীর প্রভৃতির গতিবেগজনিত অনুকার শব্দ। প্র—"শন্‌শন্ শবদে সেনের বাণ ছোটে" —ঘনরাম। ২। ক্রি-বিণ, শনশন শব্দে। শনশনে—ক্রি-বিণ, শন্‌শন্ শব্দ করিয়া। প্র—"বিদ্যুৎ ঝলা সম চকমকি উড়িল কলম্ব-কুল অম্বর-প্রদেশে শনশনে।"—মেঘনাদ।

শনি (শো) [সং] বি, পুং, সূর্য্যতনয়; সপ্তম গ্রহ। ছায়া ইঁহার জননী। ২। শনি গ্রহের ভোগ্যদিন; সপ্তাহের শেষ দিন ৩। শত্রু: অরি। শনির দশা—শনি গ্রহের ভোগ কাল; অভাবের সময়। শনির দান—শনিগ্রহের প্রীত্যর্থে ব্রাহ্মণকে ধন রত্নাদি দান। শনির দৃষ্টি—শনিগ্রহের ক্রূর বা প্রতিকূল দৃষ্টি (শনির দৃষ্টির ফলে পার্ব্বতী-পুত্র গণেশের মাথা উড়িয়া গিয়াছিল)। ২। [লক্ষণায়] ধনক্ষয় ও সর্ব্বনাশ-কর দৃষ্টি। শনি ধরা,—লাগা—শনি আশ্রয় করা যাহার ফলে লোক শ্রীভ্রষ্ট, ধনে বঞ্চিত ও বিপন্ন হয়। ধন স্থানে শনি—লগ্নরাশির ২য় রাশিতে শনির স্থিতি রন্ধ্রগত শনি—জন্মরাশি হইতে অষ্টম স্থানের রাশি (রন্ধ্র) আশ্রিত শনি গ্রহ ইহা জাতকের প্রাণহানিকর। শনিপ্রিয় নীলকান্তমণি। শনিগ্রহের প্রীতিকর বলিয়া এই নাম।

শনিবার (শোনিবার্) [শনির বার (দিন) ৬তৎ] বি, শনিগ্রহের ভোগ্যদিন; রবিবার হইতে আরম্ভ করিয়া সপ্তাহের শেষ দিন: Saturday. শনিবারের মড়া—শনি বারে মৃত ব্যক্তির শব। ইহা দোষ পাইয়া অন্যব্যক্তির মৃত্যুর কারণ হয়—ইহা শাস্ত্রের উক্তি, তাহা হইতে প্রবাদ—"শনিবারের মড়া দোসর চায় বা খোঁজে"।

শনৈঃ, শনৈঃশনৈঃ [সং] অ, উত্তরোত্তর; ক্রমে ক্রমে; অল্পে অল্পে।

শনৈশ্চর (র্) [শনৈঃ (অল্প অল্প) চর (গমন করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে অচ্) যে মন্দ গমনে রাশিচক্র ভ্রমণ করে] বি, পুং, শনিগ্রহ; সপ্তমগ্রহ। ২। শত্রু: সর্ব্বনাশকর ব্যক্তি।

শপ (প্) [সং—শপ্প (উলুখড়)] বি, তৃণ-বিশেষ দ্বারা নির্ম্মিত বড় মাদুর।

শপতি (পো) [সং—শপথ হইতে। ব্রজ] বি, পুং, প্রতিজ্ঞা; দিব্য; শপথ। প্র—"শপতি করিয়া বলি দাঁড়াইয়া না রব এ পাপ ঘরে।"—চণ্ডীদাস।

শপথ, শপন (থ্, ন্) [শপ্ (দিব্য করা)+অথ (ভাবে—অথন্)+অন (ভাবে—অনট)] বি, প্রতিজ্ঞা; দিব্য।

শপথি [শপথ (দ্রঃ)+ই (উ-পু, ক্রি-বিভক্তি)] ক্রি, শপথ করি; দিব্য করি। প্র—"বংশী পরশি শপথি শত শত তবহি প্রতীত নহি বোলে।"—বি, প। ২। [অস-ক্রি—'শপথিয়া' সংক্ষেপে] শপথ করিয়া। ৩। [ব্রজ] বি, শপথ; শপতি দ্রঃ।

শপমান (ন্) [শপ্—আন (কর্ত্তৃ—আনশ্] বিণ, শপথকারক; প্রতিজ্ঞাকারী।

শপ্ত [শপ্ (শাপ দেওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে অভিশাপ দেওয়া হইয়াছে: অভিশপ্ত: শাপগ্রস্ত।

শপ্প [সং] বি, তৃণবিশেষ; উলুখড়।

শফ (ফ্) [সং] বি, পুং, ক্লী, অশ্বাদি পশুর খুর। ২। গাছের গোড়া। একশফ—অশ্বাদির ন্যায় যে সকল পশুর খুর অবিভক্ত। দ্বিশফ—গবাদির ন্যায় যে সকল পশুর খুর খণ্ডিত বা দুইভাগে বিভক্ত।

শফর (র্) [আ—সফর্] বি, ভ্রমণ; পর্য্যটন tour; journey. শফর খরচ—পাথেয়।

শফরী—সফরী দ্রঃ।

শব (ব্) [শব্ (বিকার প্রাপ্ত হওয়া)+অ (কর্ত্তৃ—অচ্) যে শরীর বিকৃতি প্রাপ্ত হইয়াছে] বি, পুং মৃতদেহ: মড়া। ২। ক্লী, জল। শবদহন—শবদাহ দ্রঃ। শব দহনাশৌচ—বি, শবদহন হেতু অশৌচ বা দেহাশুদ্ধি। [দ্রঃ—নিকটাত্মীয়ের দাহক্রিয়া সম্পন্ন করিলে ত্রিরাত্র এবং দূর সম্পর্কীয়ের দাহ জন্য শবদহনকারীর একদিন মাত্র অশৌচ বহনের নিয়ম]। শবদাহ—বি, শবদহন: মৃত সৎকার; মড়াপোড়ান। শবদাহ স্থান—বি, শ্মশান; মড়া পোড়াইবার স্থান। শব-ব্যবচ্ছেদ—বি, শারীর-বিজ্ঞান শিক্ষার্থে অথবা অস্বাভাবিক ভাবে মৃতব্যক্তির মৃত্যুর কারণ নির্ণয়ের জন্য মৃতদেহ ব্যবচ্ছিন্নকরণ; মড়াকাটা। শবযান—মৃতদেহ বহনোপযোগী দ্রব্য; মড়াফেলা খাট প্রভৃতি। শবরথ—শবযান দ্রঃ। শবরূপা—শবাকৃতি: মড়ার মতন। প্র—"তিনের জানিতে সত্ব জানাইলে নিজতত্ব শবরূপা হইলা কপটে।" —অ, ম। শব সাধন—অপঘাত মৃতের মুড়ার উপর উপবিষ্ট হইয়া মন্ত্র জপকরণ।

শবর (র্) [শব (মৃত পশু বা পক্ষী) র (রা গ্রহণ করা)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, যে মৃত পশু বা পক্ষী আহারার্থ গ্রহণ করে: ব্যাধ; কিরাত। ২। [শব্ (গমনে)+র (কর্ত্তৃ)] বি, পুং, শিব। ৩। মীমাংসাকারক পণ্ডিতবিশেষ। ৪। শাস্ত্রবিশেষ। স্ত্রী, শবরী—ব্যাধনারী। ২। ত্রিকালদর্শিনী তাপসীবিশেষ।

শবল (ল্) [সং] বিণ, কর্ব্বুর বর্ণ। ২। বিবিধ বর্ণাঙ্কিত। স্ত্রী, শবলা, শবলী—বশিষ্ঠ ঋষির কামধেনু; কর্ব্বুরবর্ণা গাভী।

শবাধার (র্) [শব (শবের)+আধার ৬তৎ] বি, মৃতদেহ রক্ষা করিবার পাত্র; মৃত্তিকা মধ্যে প্রোথিত করিবার সময় যাহার মধ্যে মৃত দেহ রাখা হয়।

শবানুযাত্রী (শবানুজাৎত্রি) [শবের—অনুযাত্রী] বি, শববাহক। ২। যাহারা শব,

বাহকদিগের পশ্চাৎ পশ্চাৎ শ্মশানে গমন করে।

শবাসনা (শবা) [শব হইয়াছে আসন যাহার বহু. আপ্, স্ত্রী] বি. স্ত্রী. শবোপরি অবস্থিতা : শবারূঢ়া। ২। কালিকাদেবী। প্র—কালী এই বাসনা কৃপা কর শবাসনা রসনা এই লইবে।"—বাং-গান।

শবেবরাত (ত্) [ফা—শব্ (রাত্রি) ইং—বরাত্ অপভ্রংশে সুব রাৎ] বি. শাবনমাসের চতুর্দ্দশ দিবস—যে দিবস মুসলমানগণ মৃতের শ্রাদ্ধশান্তি করিয়া থাকেন।

শব্দ [শব্দ্ (শব্দ করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. বিভক্তিরহিত নাম। ২। ধ্বনি ; রব ; শ্রবণেন্দ্রিয়গ্রাহ্য পদার্থ। ৩। অর্থবোধক ধ্বনি। ৪। খ্যাতি ; যশঃ। **শব্দকাণ্ড**—বি. কোলাহল ; গোলমাল ; চেঁচামেচি। ২। শব্দসাধন ; শব্দাধ্যায়। **শব্দকোষ**—বি. শব্দার্থনির্ণায়ক গ্রন্থ ; অভিধান; dictionary. **শব্দচোর**—বি, পুং, লিখনাপহারক ; ভাষাচোর ; গ্রন্থতস্কর ; যে অন্যের রচনা নিজের বলিয়া প্রকাশ করে। **শব্দ প্রবৃত্তি**—বি. শব্দের উৎপত্তি ; বৈখরী, মধ্যমা. পশ্যন্তী এবং সূক্ষ্মা এই চতুর্ব্বিধ বাঙ নিষ্পত্তি। **শব্দবিন্যাস**—বি. শব্দ রচনা ; শব্দযোজনা ; শব্দে অর্থবোধক বর্ণের শৃঙ্খলাপূর্ব্বক স্থাপন। **শব্দবোধ**—শব্দের জ্ঞান। **শব্দবোদ্ধা**—বি. শব্দজ্ঞ। ২। শব্দজ্ঞ ব্যক্তি। **শব্দব্রহ্ম**—বি. পুং. শব্দাত্মক ব্রহ্ম। ২। শ্রুতি ; বেদ। **শব্দশক্তি**—বি. স্ত্রী. অভিধা, লক্ষণা ও ব্যঞ্জনা প্রভৃতি শব্দের অর্থবোধক বৃত্তি। **শব্দশাস্ত্র**—বি. শব্দের ব্যুৎপাদক শাস্ত্র ; ব্যাকরণাদি শব্দ বিজ্ঞান ; philology. **চুঁশব্দ, টুঁশব্দ**—অত্যল্পমাত্র শব্দ ; অতিক্ষীণ শব্দ। **ভীম শব্দ**—ভয়ানক শব্দ।

শব্দগ্রহ (শব্দগ্‌গ্রোহ) [শব্দের গ্রহ, ৬তৎ, গ্রহ (গ্রহণ করা) + অ (করণে—অল্) যাহা দ্বারা শব্দ গ্রহণ করা হয়] বি. পুং. শ্রবণেন্দ্রিয় ; শ্রুতি ; কর্ণ। ২। শব্দের বোধ ; শব্দের তাৎপর্য্যজ্ঞান।

শব্দবেধী [শব্দ—ব্যধ্ (বিদ্ধ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = শব্দবেধিন্ ১মা. ১ব] বি. পুং. শব্দানুসারে বিদ্ধকারী ; শব্দভেদী। ২। রাজা দশরথ। ৩। অর্জ্জুন। ৪। বাণবিশেষ। ৫। যাঁহার শব্দে শত্রুর ভীতি জন্মে।

শব্দভেদী [শব্দ—ভিদ্ (ভেদ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = ভেদিন্ ১মা. ১ব] বিণ. শব্দানুসারে যিনি লক্ষ্যবিদ্ধ করিতে পারেন : শব্দবেধী। ২। বি. পুং. অর্জ্জুন। ৩। রাজা দশরথ। ৪। বাণবিশেষ।

শব্দময় (য়) [শব্দ + ময়ট্ (পূর্ণার্থে)] বিণ. ধ্বনিবিশিষ্ট ; শব্দপূর্ণ।

শব্দযোনি (জো) [শব্দের যোনি, ৬তৎ] বি. স্ত্রী. শব্দের উৎপত্তি স্থান ; যাহা হইতে ধ্বনি উৎপন্ন হয়। ২। [ব্যাকরণে] শব্দের মূল ; ধাতু ; প্রকৃতি ; root.

শব্দশূন্য [শব্দ দ্বারা শূন্য, ৩তৎ] বিণ. নীরব ; নিঃশব্দ ; শব্দহীন।

শব্দাধিষ্ঠান (ন্) [শব্দের অধিষ্ঠান (আশ্রয়) ৬তৎ] বি. ক্লী. শ্রবণেন্দ্রিয় ; কর্ণ।

শব্দানুশাসন (শন্) [শব্দের অনুশাসন, ৬তৎ] বি. ক্লী. শব্দের ব্যুৎপত্তি, রূপান্তর প্রয়োগ প্রভৃতির বিধিনিষেধবোধক শাস্ত্র ; ব্যাকরণ শাস্ত্র।

শব্দায়মান (ন্) [শব্দ + য (করা অর্থে ক্যঙ্) = শব্দায় (নামধাতু) + আন (কর্ত্তৃ—আনশ্) ম্ আগম] বিণ. যে শব্দ করে ; শব্দকারী ; যে শব্দ করিতেছে। স্ত্রী. **শব্দায়মানা**।

শব্দালঙ্কার (র্) [শব্দ (ঘটিত) অলঙ্কার, ম-প-লো. কর্ম্মধা] বি. অনুপ্রাস, যমক, শ্লেষ, কাকু, বক্রোক্তি প্রভৃতি শব্দের শোভা সম্পাদনকারী কাব্যাঙ্গবিশেষ।

শব্দিত (শো) [শব্দ্ (শব্দ করা) + ত (কর্ম্ম—ক্ত) কিম্বা শব্দ + ইত] বিণ. কৃতশব্দ ; ধ্বনিত ; নিনাদিত।

শব্‌নম্ [ফা—শব্ (রাত্রি) নম্ (আর্দ্রতা, জল)] বি. নিশাজল ; শিশির ; dew. ২। অতি সূক্ষ্ম বস্ত্রবিশেষ : ঢাকাই মসলিন্‌বিশেষ। এই বস্ত্র ঘাসের উপর বিছাইয়া দিলে শিশির পড়িয়াছে বলিয়া ভ্রম হইত বলিয়া মুসলমান বাদশাহ ও নবাবগণ কর্ত্তৃক এই নাম প্রদত্ত হইয়াছিল। এখন এরূপ সূক্ষ্মবস্ত্র-বয়নশিল্প লোপ পাইয়াছে।

শম (ম্) [শম্ (শান্ত হওয়া) + অ (ভাবে—অল্)] বি. পুং. নিবৃত্তি ; শান্তি ; উপশম। ২। চিত্তের স্থিরতা ; নিরুপদ্রব। ৩। মোক্ষ ; মুক্তি। ৪। মনঃসংযম ; নিরন্তর বাসনা ত্যাগ। প্র—"বিষয়ের বারম্বার দোষ দর্শন করিয়া মন যখন স্বীয় লক্ষ্য বস্তু পরব্রহ্মে নিরত ভাবে অবস্থান করে তখন তাহাকে শম বলা যায়। শম ও দম (মনঃসংযম ও ইন্দ্রিয়সংযম) এই উভয় উপায়েই মনকে বিষয় হইতে বিনিবৃত্ত করিবার চেষ্টা করা আবশ্যক।" ৫। মঙ্গল ; কল্যাণ। ৬। সুখ।

শমক (ক্) [শম্ + অক (কর্ত্তৃ)] বিণ. উপশমকারী ; শান্তিকারক।

শমতা [শম + তা (ভাবে)] বি. স্ত্রী. নিবৃত্তি। ২। শান্তি। ৩। উপশম। ৪। মুক্তি।

শমতি (শ্‌মোতি) [শম + তি (= তা—ভাবে)। ব্রজ। তুল—হি—শমাই] বি. শমতা ; উপশম ; বিরাম। প্র—"শমতি না দেই দিন রজনী রোয়।"—জ্ঞানদাস।

শমথ [সং] বি. শমতা। ২। সচিব ; মন্ত্রী।

শমন (ন্) [ইং—summons) বি. সমন দ্রঃ।

শমন (ন্) [শম্ + ণিচ্ = শমি (শান্ত হওয়ান) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. দমন ; প্রশমন ; নিবারণ। ২। মনঃশান্তি। ৩। ৪। ভৎর্সনা ; তিরস্কার। ৫। দ্বেষ ; হিংসা। ৬। যজ্ঞের নিমিত্ত পশুহনন। ৭। ক্ষতি। ৮। [কর্ত্তৃ—অন] পুং. যম ; কৃতান্ত। প্র—"দানব দমনী শমনশমনী ভবানী ভব সংসারে গো।"—অ. ম। ৯। মৃগবিশেষ। ১০। কলায় ; কড়াই। ১১। আঘাত। ১২। চর্ব্বণ। স্ত্রী. **শমনী**—কালরূপিণী। প্র—"শমন শমনী ভবানী" —অ. ম। ২। নিশি ; রাত্রি। **শমনদ্বার**—যমপুরীর দ্বার ; কৃতান্ত ভবনের প্রবেশপথ ; যমের দুয়ার। ২। মৃত্যু। **শমনভবন**—কৃতান্তপুরী ; যমের বাড়ী। **শমনসদন**—কৃতান্তভবন ; যমালয় ; যমপুরী। **শমনস্বসা**—সূর্য্যতনয়া কালিন্দী নদী ; যমভগ্নী ; যমুনা।

শময়িতা [শম্ + ণিচ্ = শমি (শান্ত হওয়ান) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) ই—আগম = শময়িতৃ ১মা. ১ব] বিণ. উপশম কারক ; দমনকারক ; নিবারক। ২। বিনাশকারী। স্ত্রী. **শময়িত্রী**।

শমার্থী [শমের শান্তির অর্থী অর্থিন্ ১মা. ১ব. (প্রার্থী) ৬তৎ] বিণ. সন্ধিপ্রার্থী ; শান্তিপ্রয়াসী।

শমি, শমী (শো) [সং] বি. স্ত্রী. বাবলাজাতীয় বৃক্ষবিশেষ ; ইহার কাষ্ঠ যজ্ঞাদিতে প্রয়োজন হয়।

শমিত (শো) [শম্ + ণিচ্ = শমি (শান্ত হওয়ান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহাকে উপশম করান হইয়াছে ; দমিত। ২। নিবারিত। ৩। বিনাশিত। ৪। নিবৃত্ত।

শমির, শমীর (শোমির) [শমি, শমী (শাঁই গাছ)—র (তুল্য হওয়া) ড প্রত্যয়ান্ত রা ধাতুজ কিম্বা ক্ষুদ্রার্থে র প্রত্যয়] বি. পুং. ক্ষুদ্র কণ্টকবৃক্ষবিশেষ ; ক্ষুদ্র শমী ; ছোট শাঁইগাছ।

শমী [শম (শমগুণ) + ইন্ (অস্ত্যর্থে) কিম্বা শম্ (শান্ত হওয়া) + ইন্ (কর্ত্তৃ—ণিন্, শীলার্থে) = শমিন্ ১মা. ১ব] বিণ. যাহার শমগুণ আছে ; শমগুণবিশিষ্ট ; শান্ত। ২। সংযমী ; জিতেন্দ্রিয় ; ধীর। **শমীগর্ভ**—অগ্নি। ২। ব্রাহ্মণ। **শমীধান্য**—মটর মাসকলাই প্রভৃতি শস্য। **শমীপত্রা**—লজ্জাপু বা লজ্জাবতী নামক লতা।

শমীক (শোমিক্) [শম্ (শান্ত হওয়া) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, ঋষিবিশেষ। ইঁহারই গলদেশে মৃতসর্প লম্বিত করিয়া প্রস্থান করায় শাস্তিস্বরূপ রাজা পরীক্ষিত ইঁহার পুত্র শৃঙ্গীমুনি কর্ত্তৃক অভিশপ্ত হইয়া সপ্তাহ মধ্যে সর্পাঘাতে প্রাণ হারাইয়াছিলেন।

শম্পা [সং] বি, বিদ্যুৎ ; ক্ষণপ্রভা।

শম্ব [শম্ব্ (রাশি করা) + অ (কর্ত্তৃ—অল্)] বি, পুং, লৌহময়াগ্রভাগ মুদ্গর। ২। মুষলাদির অগ্রলৌহমণ্ডল ; শুলো। ৩। লৌহময় কাঞ্চি। ৪। বজ্র ; অশনি। ৫। [ভাবে—অল্] দ্বিতীয়বার কর্ষণ। ৬। [শম্ (সুখ) + ব (অস্ত্যর্থে)] বিণ, যাহার সুখ আছে ; সৌভাগ্যশালী ; ভাগ্যবান্।

শম্বর (র্) [শম্ব্ (গমন করা) + অর (অরন্) যে হিংসার্থ গমন করে] বি, পুং, অসুরবিশেষ। প্র—"শম্বর দানব বড় হইবে দুর্জ্জন। মদনের হাতে তার মৃত্যু নিয়োজন॥"—অ, ম। ২। বৌদ্ধবিশেষ। ৩। বৌদ্ধব্রতবিশেষ। ৪। মৃগবিশেষ। ৫। মৎস্যবিশেষ। ৬। চিত্রক বৃক্ষ। ৭। অর্জ্জুন বৃক্ষ। ৮। লোধ্রবৃক্ষ। ৯। ধন। ১০। জল। ১১। পর্ব্বতবিশেষ। শম্বরসূদন—বি, পুং, শম্বর দৈত্যকে যিনি বধ করিয়াছিলেন ; কন্দর্প ; কামদেব।

শম্বরারি [শম্বরের অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, কন্দর্প।

শম্বল (ল্) [শম্বর দ্রঃ। র = ল] বি, পুং, ক্লী, পথখরচ ; পাথেয়। স্ত্রী, শম্বলী—কুটিনী।

শম্বু, শম্বূ (শোম্বু) [শম্ (শান্ত হওয়া) + উ—ঊ (কর্ত্তৃ), ব্ আগম,] বি, পুং, স্ত্রী, ক্ষুদ্র শঙ্খ। শম্বুক। ৩। দৈত্যবিশেষ। ৪। গজকুম্ভের অগ্রভাগ।

শম্বুক, শম্বূক (শোম্বুক্) [শম্—উক্—ঊক্ (কর্ত্তৃ), ব্ আগম] বি, পুং, স্ত্রী। উগ্রতপাঃ শূদ্র তাপসবিশেষ। শূদ্রের তপস্যায় অধিকার নাই জানিয়াও হেঁটমুণ্ডে ঊর্দ্ধপদে তপস্যা করার অপরাধে অযোধ্যাপতি রামচন্দ্রের হস্তে নিহত হন। ২। জলজন্তুবিশেষ ; শামুক।

শম্ভ [শম্ (কল্যাণ) ভা (দীপ্তি পাওয়া) + অ (কর্ত্তৃ—ড)] বিণ, মঙ্গলযুক্ত, কল্যাণময়। ২। শড়কীর ফলা। ৩। বজ্র ; অশনি।

শম্ভু (শো) [শম্ (কল্যাণ) ভূ (হওয়া) + উ (অপাদানে ডু)—যাহা হইতে কল্যাণ হয়] বি, পুং, শিব ; মহেশ্বর। ২। বিষ্ণু। ৩। ব্রহ্মা। ৪। বুদ্ধ। শম্ভুপ্রিয়া—বি, স্ত্রী, ভবানী ; দুর্গা। ২। আমলকী।

শয় (য়) [শী (শয়ন করা) + অ (অধি—অচ্) যাহাতে শয়ন করা হয়] বি, পুং, শয্যা। ২। [(করণে অচ্)—যাহার দ্বারা অর্থাৎ যাহার আক্রমণবশতঃ শয়ন করা হয়] নিদ্রা। ৩। পণ। ৪। হস্ত। ৫। সর্প। ৬। [ভাবে—অচ] শয়ন। ৭। [কর্ত্তৃ—অচ্] বিণ, শয়নকারী।

শয়চান (ন্) [শ্যেন শব্দজ] বি, শ্যেনপক্ষী ; শিক্রা পাখী। প্র—"শিবি রাজা সংসারে প্রশংসে যার কর্ম্ম। যার সত্য বুঝিতে শয়চান হ'ল ধর্ম্ম॥"—ঘনরাম।

শয়তান (ন্) [ইং—Satan] বি, ভূতপ্রধান ; ভূতরাজ দায়াবল। ২। পাপাত্মা। প্র—"শয়তান দিল দাগা ভূতেরে পূজায়।"—অ, ম। ৩। অতি দুষ্ট।

শয়তানি, শয়তানী (য়) [শয়তান দ্রঃ ই, ঈ (কর্ম্ম বা আচরণার্থে)] বি, শয়তানের আচরণ ; বদমাইসি ; নষ্টামি ; অত্যন্ত অসদাচারণ। ২। বি, স্ত্রী, দুষ্টস্বভাবা নারী ; নারকী। প্র—"পিশাচী নই শয়তানী নই—বীরেন্দ্র সিংহের বিধবা স্ত্রী"—দুর্গেশনন্দিনী।

শয়ন (ন্) [শী (শয়ন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নিদ্রা। ২। [অধি—অনট্, শয়ন করা হয় যাহাতে] শয্যা। ৩। খাট, পালঙ্ক প্রভৃতি। ৪। মৈথুন ; স্ত্রীসহবাস। শয়নকক্ষ—বি, শয়নাগার ; শয়নপ্রকোষ্ঠ ; শুইবার ঘর। শয়নকর্ত্তা—শায়িত ব্যক্তি ; শয়নকারী ব্যক্তি। শয়নাকাঙ্ক্ষা—বি, শয়নাভিলাষ ; নিদ্রা যাইবার ইচ্ছা ; ঘুমাইবার ইচ্ছা। বিণ, শয়নাকাঙ্ক্ষী—শয়নেচ্ছুক। শয়নকাল—নিদ্রার নিরূপিত সময় ; শুইবার সময়। শয়নকুটীর—বি, শয়ন গৃহ। শয়নজনক—বিণ, নিদ্রা উৎপাদক ; নিদ্রাকারক। শয়নজন্য—বি, নিদ্রাজাত ; নিদ্রা হইতে উদ্ভূত ; শয়নমূলক। শয়ননিবর্ত্তক—বিণ, নিদ্রার ব্যাঘাতক ; নিদ্রা প্রতিবন্ধক ; নিদ্রার বাধাপ্রদানকারী। শয়ননিবৃত্তি—বি, নিদ্রাত্যাগ ; নিদ্রাভঙ্গ। শয়নভঙ্গ—বি, নিদ্রাভঙ্গ ; ঘুমভাঙ্গা। শয়নভঞ্জন—বি, নিদ্রাভঙ্গকরণ ; ঘুমভাঙ্গান। বিণ, শয়নভঞ্জক। শয়নমন্দির—বি, শয়নাগার ; শয়নগৃহ। শয়নাগার—বি, শয়নগৃহ। শয়নার্থী—বিণ, নিদ্রাভিলাষী ; শয়নেচ্ছু।

শয়নীয় [শী (শয়ন করা) + অনীয় (কর্ত্তৃ)] বিণ, শয়নের উপযোগী ; শয়নযোগ্য। ২। [(অধি—অনীয়) যাহাতে শয়ন করা যায়] বি, ক্লী, শয্যা ; শয়নস্থান ; পালঙ্কাদি।

শয়নৈকাদশী (দোশি) [শয়ন (হরিশয়ন সময়ে পালনীয়) একাদশী] স্ত্রী, আষাঢ় মাসীয় শুক্লা একাদশী।

শয়নোপক্রম (ম্) [শয়ন + উপক্রম] বি, শয্যা গ্রহণের উদ্যোগ। ২। নিদ্রার উদ্যোগ।

শয়স্ত—বিণ, নিদ্রালু। ২। যে শয়ন করিয়া আছে।

শয়ান (ন্) [শী (শয়ন করা) + আন (কর্ত্তৃ—আনশ্)] বিণ, নিদ্রিত। ২। যে শয়ন করিয়া আছে ; শায়িত। প্র—
"জানি হে নাথ পুণ্য পাপে হৃদয় মোর সতত শয়ান আছে তব নয়ান সমুখে।"—রবি।

শয়ালু [শী (শয়ন করা) + আলু (কর্ত্তৃ—শীলার্থে)] বিণ, শয়নশীল ; যে সর্ব্বদা শয়ন করে। ২। নিদ্রালু। ৩। কুক্কুর। ৪। ভুজঙ্গ ; অজগর।

শয়িত (শো) [শী (শয়ন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, যে শয়ন করিয়াছে ; সুপ্ত ; নিদ্রিত। ২। যে নিদ্রা বা বিশ্রামার্থ শয্যাদিতে দেহপাত করিয়াছে।

শয়িতবৎ (শো) [শী + তবৎ (কর্ত্তৃ)—ই আগম] বিণ, শয়িতবান ; সুপ্ত ; নিদ্রিত।

শয্যা (শোজ্জা) [শী (শয়ন করা) + য (অধি—ক্যপ্)—যাহাতে শয়ন করা হয়। গ্রা—শেজ] বি, স্ত্রী, শয়নস্থান। ২। খাট পালঙ্কাদি। ৩। তল্প ; বিছানা। ৪। [+ য—ভাবে] শয়ন। শয্যা করা—বিছানা পাতা। শয্যা লওয়া—শয়ন করা ; শয্যার অশ্রয় লওয়া। শয্যাগুরু—বি, স্বামী ; পতি। শয্যাতল—বি, বিছানার তলদেশ ; পালঙ্কের নিম্নদেশ। শয্যারচনা—বি, শয্যা প্রস্তুত করণ ; বিছানা পাতা। শয্যাসঙ্গিনী—বি, স্ত্রী, ভার্য্যা ; বনিতা ; পত্নী। শয্যাসহচর—বি, শয্যাসঙ্গী ; ভর্ত্তা ; স্বামী। স্ত্রী, শয্যাসহচরী।

শয্যাগত (শোজ্জাগত) [শয্যাকে গত (প্রাপ্ত) ২য়া তৎ] বিণ, পীড়াদি হেতু উত্থানশক্তি রহিত ; শয্যাশায়ী ; বিছানায় শায়িত। স্ত্রী, শয্যাগতা।

শয্যাগার [শয্যা + আগার] বি, শয়নাগার ; শয়নকক্ষ ; শয্যাগৃহ।

শয্যাশায়ী [শয্যা—শায়িন্ শব্দ ১মা, ১ব] বিণ, শয্যায় শায়িত ; শয্যাগত। স্ত্রী, শয্যাশায়িনী।

শয্যাস্তরণ (শোজ্জাস্তরন্) [শয্যার আস্তরণ, ৬তৎ] বি, শয্যাচ্ছাদন ; বিছানার চাদর।

শর (র্) [শৄ (হিংসা করা) + অ (করণে—অল্) যাহা দ্বারা প্রাণিহিংসা করা হয়] বি, পুং, বাণ ; ইষু ; তীর। ২। বাণতৃণ ; খাক্‌ড়াগাছ ; মুঞ্জতৃণ।

শর (র্) [সং] বি, দধি দুগ্ধাদির সারভাগ ; দুগ্ধাদির উপরিভাগের ঘন আবরণ। **শর-পূরি,—পূরিয়া**—পুরির আকৃতি শরের মিষ্টান্ন। **শরভাজা**—দুধের শর চিনির রসে পাক করিয়া ঘৃতে ভাজা মিষ্টান্নবিশেষ।

শরজ (জ্) [শর—দধি দুগ্ধাদির অগ্রভাগ—জ—জন্ (জন্মান ; কর্ত্তৃ—ড প্রত্যয়ান্ত) তাহা হইতে জাত] বি, ক্লী, হৈয়ঙ্গবীন ; সদ্যোজাত ঘৃত। ২। [শর (খাক্‌ড়া গাছ) তাহা হইতে জ (উৎপন্ন)] ষডানন ; কার্ত্তিকেয়।

শরজন্মা [শর—খাক্‌ড়া গাছ তাহা হইতে জন্মন্ জন্ম যাহার, বহু] বি, পুং, কার্ত্তিকেয় ; ষড়ানন। প্র—"লক্ষ্মী বাণী আদি করি আর যত সহচরী লয়ে শরজন্মা লম্বোদর।"—কবিক।

শরজাল (ল্) [শর+জাল (সমূহ)] বি, বাণসমূহ। প্র—"দিনে থাকি গৃহ কাজে সকল সখীর মাঝে যামিনী আইলে মোর কাল। জ্বালায় মন্দির পথে প্রবেশ করিব তাতে হিমকর-কর-শরজাল॥"—কবিক।

শরট, সরট [শৃ, সৃ (বধ করা)+অট (কর্ত্তৃ —অটন্)] বি, পুং, কৃকলাস ; কাঁকলাস। প্র—"শরট কমঠ ভেট দিয়া কৈল মাথা হেট সোমাই ওঝা করিল কল্যাণ।"—কবিক। "বরমিহ তব তীরে শরট করট ফিরে ন পুনঃ ভূপতি তব দূরে।"—অ, ম। ২। কুসুম্ভ শাক।

শরণ (ন্) [শৃ (হিংসা করা—রক্ষা করা)+অন (কর্ত্তৃ—অনট্)] বি, ক্লী, রক্ষাকর্ত্তা ; রক্ষক। ২। [ভাবে—অনট্] রক্ষা। প্র—"শরণ, পালন কর হয়ে কৃপান্বিত"—কাশী-মহা-আদি। ৩। আশ্রয়। প্র—"তাপহরণ তোমার চরণ অসীম শরণ দীন জনার"—রবি। ৪। গৃহ। ৫। বধ ; হনন ; বিনাশ। স্ত্রী, **শরণা**।

শরণাগত [শরণ (রক্ষা, আশ্রয়) আগত (প্রাপ্ত) ২ তৎ] বিণ, রক্ষার্থী ; যে আত্মরক্ষার জন্য আসিয়াছে। ২। [শরণে (আশ্রয়ে) আগত —৭ তৎ] আশ্রিত ; শরণাপন্ন। **শরণাগতপালক**—বিণ, আশ্রিতপালক ; শরণাপন্ন রক্ষক। স্ত্রী, **শরণাগত-পালিকা**। বি. **শরণাগতপালন**।

শরণাপন্ন [শরণ (আশ্রয়) আপন্ন (প্রাপ্ত), ২তৎ] বিণ, আশ্রিত ; শরণাগত।

শরণার্থী [শরণের (আশ্রয়ের) অর্থী (যাচক), ৬তৎ] বিণ, রক্ষাপ্রার্থী ; আশ্রয়যাচক ; অভয়প্রার্থী। স্ত্রী, **শরণার্থিনী**।

শরণি, শরণী [শৃ+অনি (কর্ম্মে) যাহাকে গমনার্থ আশ্রয় করা হয়] বি, স্ত্রী, পথ ; বর্ত্ম ; মার্গ ; রাস্তা। প্র—"সঙ্গে সখা নিত্যানন্দ ভুবনে আনন্দকন্দ মুকুতির দেখালে শরণি।"—কবিক। ২। ইন্দ্রদুহিতা জয়ন্তী। ৩। জয়ন্তীবৃক্ষ। ৪। প্রসারিণী ; গন্ধভাদালিয়া।

শরণ্য (শরোন্‌ন) [শরণ+য] বিণ, রক্ষণে সমর্থ ; রক্ষণের যোগ্য ; রক্ষাকর্ত্তা। প্র—"তোমারই শরণ্য দয়ালু নাহি আর।"—চৈ-ভা। ২। রক্ষণ। ৩। আশ্রয়। স্ত্রী, **শরণ্যা**—দুর্গা ; ভবানী।

শরৎ [সং] বি, শরৎকাল ; বর্ষাত্যয়।

শরৎকাল (ল্) বি, শরৎ ঋতু, বর্ষাবসান। **শরৎ পর্ব্ব**—বি, শরৎকালের উৎসব ; কোজাগর পূর্ণিমা। **শরৎ শশী**—বি, শরচ্চন্দ্র ; শরৎকালের চাঁদ। প্র—"পাইবে সেই শরৎ শশী সুধার আধার যিনি।"—গান।

শরদ্ [সং] বি, স্ত্রী, শরৎ ঋতু ; ভাদ্র এবং আশ্বিন—এই দুই মাস ; (মতান্তরে) আশ্বিন ও কার্ত্তিক।

শরদ (দ্) [সং] বি, শারদীয় বীণাযন্ত্র।

শরদন্ত [শরতের (শরৎ ঋতুর) অন্ত (অবসান) হয় যাহা দ্বারা, বহু] বি, পুং, হেমন্ত ঋতু।

শরদিন্দু [শরৎ+ইন্দু] বি, শরৎশশী ; শরৎকালীন চন্দ্র। **শরদিন্দুনিভানন**—বি, শরৎশশী সদৃশ মনোহর-বদন ; শরতের চাঁদের মত সুন্দর মুখ। ২। বিণ, শরচ্চন্দ্রের ন্যায় মনোহর আননবিশিষ্ট। স্ত্রী, **শরদিন্দু-নিভাননা**। প্র—"শূন্যপথে চলিলা ইন্দিরা শরদিন্দুনিভাননা—বৈজয়ন্তধামে"—মেঘনাদ।

শরদ্বান্ (শরদ্‌বান্) [জন্ম সময়ে হাতে শর থাকায় এই নাম] বি, পুং, গৌতম মুনির পুত্র।

শরধি [শর (বাণ) ধা (ধারণ করা)+ই (অধি—কি) শরের ধি (আধার) ৬তৎ] বি, পুং, তূণ ; বাণাধার।

শরবর্ষণ (ন্) [শরের বর্ষণ, ৬তৎ] বি, এক কালে বহুবাণ নিক্ষেপ।

শরবিদ্ধ [শর দ্বারা বিদ্ধ, ৩ তৎ] বিণ, বাণ-বিদ্ধ ; শরাহত।

শরব্য (শরব্‌ব) [শর (বাণ)+য (কর্ম্মে ষ্য)] বি, ক্লী, যাহার প্রতি শরক্ষেপ করা যায়, বাণের নিশানা ; শরের লক্ষিত বিষয় বাণের লক্ষ্য।

শরভ (ভ্) [শৃ (হিংসা করা)+অভ (কর্ম্মে অভচ্) যাহাকে বধ করা হয়] বি, পুং, মৃগ-বিশেষ। প্র—"শরভে শরভে মারে ঢসাইয়া মুণ্ডে"—কবিক। ১। করিশাবক ; হস্তি-শাবক। ২। উষ্ট্র। ৩। পতঙ্গবিশেষ। ৪। বানরবিশেষ। ৫। দানববিশেষ ৬। শিশুপালের পুত্র।

শরভঙ্গ (শরভংগ) বি, পুং, ঋষিবিশেষ।

শরভূ [শর (শরতৃণবন) তাহাতে ভূ (উৎপত্তি) যাহার, বহু] বি, পুং, শরজন্মা ; কার্ত্তিকেয়।

শরম (ম্) [ফা—শর্‌ম্। সরম দ্রঃ] বি, ত্রপা ; ব্রীড়া ; লজ্জা। প্র—"শরমে সরমা সই মরি লো স্মরিলে তার কথা"—মেঘনাদ। 'কহি যদি হিন্দুপতি পাইবে শরম।"—অ, ম।

শরমল্ল [শর (বাণ) মল্ল (যোদ্ধা)] বি, পুং, বাণ দ্বারা যুদ্ধকারী ; তীরন্দাজ।

শরযু (জু) [সং] বি, স্ত্রী, অযোধ্যা দেশে প্রবাহিতা নদী।

শরল (ল) [সং] বি, পুং, দেবদারু গাছ।

শরশয্যা (শরশোজ্‌জ্যা) [শর দ্বারা রচিত শয্যা, ৩ তৎ, ম, প, লো—কর্ম্মধা] বি, বাণ দ্বারা রচিত শয্যা ; শররচিত শয়ন স্থান ; যুদ্ধক্ষেত্র। প্র—"কেন না শুইনু আমি শরশয্যোপরি হৈমলঙ্কা-অলঙ্কার বীরবাহু সহ রণভূমে!"—মেঘনাদ। **শরশয্যাশায়ী**—বিণ, বাণ দ্বারা রচিত শয্যায় শয়নকারী। ২। ভীষ্ম। স্ত্রী, **শরশয্যাশায়িনী**।

শরসন্ধান (শরশন্ধান্) [শরের সন্ধান, ৬তৎ] বি, বাণনিক্ষেপ।

শরস্তম্ভবিদ্যা—বি, যে বিদ্যা দ্বারা শরচালনা করিবার শক্তি ব্যাহত করা যায়। প্র—"আদ্যা শক্তি মোর মনে না হয় পতরা। শর স্তম্ভ বিদ্যা জান হেন বুঝি পারা॥"—কবিক।

শরা [সং—শরাব] বি, মৃত্তিকানির্ম্মিত পাত্র-বিশেষ। প্র—"নিরন্তর থাকি দেখি নহি সতন্তরা। হাঁড়ির মুখের মত হয়ে গেল শরা॥"—শিবায়ন। "ধরা দেখিস্ শরার মত"—গান।

শরাণ (ন্) [গ্রা। সং—সরণি শব্দজ] বি, পথ ; বর্ত্ম ; প্রশস্ত রাস্তা।

শরাপ, শরাব (প্, ব্) [আ—শরাব্। আ—শরব্ (পানীয়) হইতে] বি, সুরা ; মদিরা ; মদ্য। বিণ, **শরাবী**—মদ্যপায়ী ; সুরাসক্ত। **শরাবখানা**—বি, মদের দোকান ; শৌণ্ডিকালয়। **শরাব খোর**—[আ—শরাব্‌খোআর্] বিণ, সুরাপায়ী ; মাতাল। বি, **শরাবখোরী**—সুরাপান।

শরাব (ব্) [শর (দধি প্রভৃতির অগ্রভাগ) অব্ (রক্ষা করা)+অ (অধি—অল্) যাহাতে দধ্যাদির সর রাখা হয়] বি, পুং, মৃত্তিকা-নির্ম্মিত পাত্রবিশেষ ; শরা। ২। সের পরিমাণ।

শরাবতী [সং] বি, স্ত্রী, নদীবিশেষ।

শরারু [শৃ (হিংসা করা)+আরু (কর্ত্তৃ শীলার্থে) হিংসা করাই যাহাদের স্বভাব) তুল —আ—শরীর (দুর্ব্বৃত্ত)] প্রাণহিংসাকারী ; হিংস্র। ২। অনিষ্টকারী ; অহিতকারক।

শরাল (ল্) [সং—শরাটি, শরাড়ি, শরাতি ; শরারি, শরালি, শরালী] বি, স্ত্রী, জলচর পক্ষি-বিশেষ ; শরাড় পক্ষী।

শরাসন (শরাশন্) [শরের আসন, ৬তৎ যাহাতে বাণ রাখিয়া নিক্ষেপ করা হয়। কিম্বা

শর—অস্ (ক্ষেপণ করা)+অন (করণে—অনট্) যাহা দ্বারা শর নিক্ষেপ করা হয়] বি, স্ত্রী, শরারোপ; ধনুক; কার্ম্মুক।

শরিক, শরীক (শোরিক্) [ফা—শরীক্] বি, অংশীদার; a partner.

শরিকী, শরীকী—বি, অংশীদারিত্ব; ভাগীদারী। ২। ভাগের; যাহার মধ্যে অনেক অংশ আছে; যাহার অনেক ভাগীদার। ৩। বিণ, শরীকসম্বন্ধীয়।

শরিফ, শরীফ (শোরিফ্) [আ—শর্ফ (উচ্চ, মহান্) হইতে শরীফ্ (মহানুভব ইত্যাদি)] বিণ, মহানুভব; noble. ২। ভদ্র; gentle. ৩। সম্ভ্রান্ত; কুলীন; high born.

শরীর (শোরীর্) [শৃ (বধ করা—নষ্ট হওয়া) +ঈর (কর্ম্মে সংজ্ঞার্থে ঈরন্) যাহা ব্যাধি কর্ত্তৃক নষ্ট হয়] বি, ক্লী, কায়া; দেহ; বিগ্রহ; কলেবর। **শরীরগ্রন্থি**—বি, দেহগ্রন্থি; দেহের সন্ধিস্থান। **শরীরগত**—বিণ, দেহমধ্যস্থ; দেহাভ্যন্তরে অবস্থিত। **শরীরপাত**—বি, দেহ পতন; শরীর নাশকরণ; দেহ বা শারীরিক স্বাস্থ্য নষ্ট; দেহক্ষয়। **শরীর রক্ষক**—দেহরক্ষাকারী সৈন্য; শরীররক্ষী; bodyguard. **শরীরসংস্কার**—দেহপ্রসাধন; দেহের শোভা বৃদ্ধিকরণার্থ অঙ্গরাগ করণ। ২। দেহশুদ্ধি; শরীরের পবিত্রতা সাধন।

শরীরজ (শো) [শরীর—জ (ড প্রত্যয়ান্ত জন্ ধাতুজ) যে শরীর হইতে জন্মে, ৫ তৎ] বি, পুং, আত্মজ; পুত্র। ২। রোগ; পীড়া। ৩। কাম; মনসিজ; কন্দর্প। ৪। বিণ, শরীরোৎপন্ন; দেহজ; দেহোদ্ভূত। স্ত্রী, **শরীরজা**।

শরীরভাক্ (শোরীর্) [শরীর—ভজ্ (ভজনা করা)+বিণ (কর্ত্তৃ) যে শরীরকে ভজনা অর্থাৎ আশ্রয় করিয়া থাকে] বি, জীবাত্মা; মনুষ্য। ২। শরীরধারী; দেহধারী; দেহী।

শরীরী (শো) [শরীর+ইন্ (অস্ত্যর্থে)=শরীরিন্ ১মা, ১ ব, যাহার শরীর আছে] বি, পুং, দেহধারী; মূর্ত্তিমান; দেহী। ৩। মনুষ্য। ৪। প্রাণী; জীব; জন্তু।

শরু (শো) [শৃ (বধ করা)+উ (কর্ত্তৃ) বি, পুং, বজ্র। ২। বাণ। ৩। অস্ত্র।

শরু (শো) [শর+উ (সাদৃশ্যে) শরের ন্যায় শীর্ণ] বিণ, শীর্ণ; সূক্ষ্ম; পাতলা। **শরুঙ্গে** [শরু—অঙ্গ—ইয়া] বিণ, শীর্ণাঙ্গ; ছিপছিপে।

শরোকার (র্) [ফা—সরোকার্] বি, সংস্রব; সম্বন্ধ; যোগাযোগ।

শর্কর (র্) [শর্করা দ্রঃ] বি, মিষ্টদ্রব্য; চিনি। প্র—"নিম্বতরু যদি রোপণ হয় শত ভার শর্করে। সে মিষ্ট রস না হয় কখন নিজ গুণ প্রকাশ করে।"—গান। **শর্করজা**—বি, স্ত্রী, মধুশর্করা; সিতাখণ্ড।

শর্করা, শর্করা [সং। প্রা—শক্কর, সক্কর প্রা·বাং—শক্রা] প্র—"ঘৃতে ভাজি শক্রাতে ফেলহ ফুলবড়ি।"—কবিকঙ্কণ। বাং—প্রাকৃ—শাকর। প্র—"সুমধুর মধুর লীলা হইব তোমার, শাকর হইতে তুমি কাঁকর আকর।"—গি, গীতগোবিন্দ] বি, স্ত্রী, চিনি; খাঁড়। ২। দানা। ৩। কাঁকর। ৪। খোলা; খাবরা। ৫। খণ্ড। ৬। পীড়াবিশেষ। [তুল—ফা—শাকর, শক্কর; আ—সক্কর, আসক্কর; ল্যা—saccharum; ডেনিশ sukker; স্পে ও পোর্ত্ত—azucar ফ্রেঞ্চপ্র—sucre; সুইডিশ্—socker; রুশ—sachar; ইতা—zucchero; ইং—sugar; জর্ম্ম—zucker]। **শর্করাচল**—বি, দানের নিমিত্ত শর্করা নির্ম্মিত কৃত্রিম পাহাড়। **শর্করা ধেনু**—বি, দানের নিমিত্ত শর্করানির্ম্মিত ধেনু।

শর্করিক, শর্করিল (ক্, ল্) [শর্করা (চিনি, কাঁকর)+ইক, ইল (অস্ত্যর্থে)] বিণ, চিনিযুক্ত। ২। কাঁকরযুক্ত, কাঁকুরে।

শর্করী [সং] বি, স্ত্রী নদীবিশেষ। ২। মেখলা; পর্ব্বতের নিতম্বদেশ। ৩। ছন্দোবিশেষ। ৪। লেখনী; কলম।

শর্দী—সর্দী দ্রঃ।

শর্ব্ব [শৃ (হিংসা করা)+ব (কর্ত্তৃ) শৃ=শর্ (যিনি অবসানে সংহার করেন)] বি, পুং, মহাদেব; শঙ্কর; শিব। প্র—"সেবি শর্ব্ব করে গর্ব্ব কেমন বটি সই।"—শিবায়ন। "মহামায়া হিমালয় আলয়ে জন্মিলা। * * * তাঁহার সহিত হবে শিবের বিবাহ। তবে সে শর্ব্বের হবে সংসার নির্ব্বাহ॥"—অ, ম। স্ত্রী, শর্ব্বাণী।

শর্ব্বর (র্) [শৃ—(হিংসা করা)+বর (কর্ত্তৃ, সংজ্ঞার্থে), শৃ=শর্ (যে সকল জীবকে হিংসা করে) কিম্বা শর্ব্ব (শিব) র (রা দান করা, কর্ত্তৃ ড) যে শিবকে পর্য্যন্ত আপনার কুবৃত্তি দান করে] বি, পুং, কামদেব; কন্দর্প; মদন। ২। তিমির; অন্ধকার।

শর্ব্বরী [শর্ব্বর (দ্রঃ)+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, রাত্রি; রজনী; বিভাবরী; নিশা। প্র—"কোথা পোহালে শর্ব্বরী ওহে রাধার বংশীধারী।"—বাং·গান। "শ্রাবণের শর্ব্বরীতে কালিন্দীর কূলে, চারি চক্ষে চেয়ে দেখা কদম্বের মূলে।" ২। বধূ; নারী। ৩। হরিদ্রা।

শর্ব্বলা [সং] বি, স্ত্রী, তোমর নামক অস্ত্র; শাবল।

শর্ব্বাণী [শর্ব্ব (শিব)+আনী (পত্নী অর্থে)] বি, স্ত্রী, শিবানী; রুদ্রাণী; পার্ব্বতী।

শর্ম্ম [সং। "শর্ম্মশাতসুখানি চ"—অমর] বি, ক্লী, বি, সুখ। ২। মঙ্গল। প্র—"পৃথিবীর ভার গেল ভাল হৈল কর্ম্ম। আর কিছু করি আমি অসুরের শর্ম্ম।"—শিবায়ন। **শর্ম্মবান**—বিণ, হৃষ্ট; সুখী; আনন্দিত। ২। ভাগ্যবান; সৌভাগ্যশালী। স্ত্রী, **শর্ম্মবতী**।

শর্ম্মদ [শর্ম্মন্ (সুখ) দ (কর্ত্তৃ ড প্রত্যয়ান্ত দা ধাতু)—যে সুখ দান করে] বি, পুং, বিষ্ণু; নারায়ণ। ২। বিণ, সুখদায়ক।

শর্ম্মন্ [সং। প্রা—শর্ম্মা, তুল—বর্ম্মন্ হইতে বর্ম্মা] বি, শর্ম্মা; ব্রাহ্মণের উপনাম।

শর্ম্মা [বৈদিক নিরুক্তে শর্ম্ম=গৃহ+আ=শর্ম্মা =গৃহী, গৃহস্থ] বি, গৃহস্থ। ২। [প্রাদে] এজনা; ইনি; স্বয়ং; ব্রাহ্মণ (দ্রঃ)। প্র—"শর্ম্মা আর ও মুখো হচ্চেন না। ৩। [শর্ম্মন্—শৃ (হিংসা করা)+মন্ (কর্ত্তৃ)—যিনি ব্রহ্ম জ্ঞান দ্বারা অমঙ্গল নাশ করেন] ব্রাহ্মণ। ৪। [নামের পর বসিলে ব্রাহ্মণ বাচক হয়] ব্রাহ্মণের উপাধি। ৫। সুখ। ৬। কল্যাণ। ৭। বিণ, সুখী।

শর্ম্মিষ্ঠা (শো) বি, স্ত্রী, দৈত্যরাজ বৃষপর্ব্বের দুহিতা; যযাতি রাজার কনিষ্ঠা মহিষী।

শর্য্যাতি (শর্য্যাতি) বি, পুং, বৈবস্বত মনুর পুত্র।

শর্ষে (শো) [সর্ষপ শব্দজ] বি, সরিষা। প্র—"শর্ষে ক্ষেতে উঠেচে মেতে মৌমাছিরা।"—রবি।

শল (ল্) [সং—শ্লথ,—শ্লঅ—শল। তুল—ইং slack সহল দ্রঃ] বিণ, শ্লথ; শিথিল; ঢিলা।

শলভ (ভ্) [শল+অভ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে] বি, পুং শস্যনাশকারী পতঙ্গ বা ঈতিবিশেষ; পঙ্গপাল। ২। ফড়িং।

শলল [শল্ (গমন করা)+অল (সংজ্ঞার্থে)] বি, ক্লী, শল্লকীলোম; শজারুর কাঁটা। স্ত্রী, **শললী**।

শলা [সং—শল্য বা শলাকা হইতে] বি, শঙ্কু; কীলক; শল্য। ২। শর; কাঠি; শিক; শড়কে। ৩। ছিঁচকে।

শলা [আ—সুলহ্] বি, সন্ধি; পুনর্ম্মিলন বিবাদ ভঞ্জন। ২। পরামর্শ; মন্ত্রণা। প্র—"উকিল মোক্তারদের এমন শলা পরামর্শ দিয়াছিল যে তাহার জোরেই হাকিমের রায় ফিরিয়া যায়।"—নীলদর্পণ।

শলাকা [শল্ (গতি, বেগ)+আক—আপ্, স্ত্রী] বি, স্ত্রী, শল্য; শেল। ২। অঙ্কুর; নল; কাঁটা; ছাতার শিক, কাঠি প্রভৃতি। ৩। বাণ; তীর। ৪। অস্থি; হাড়। ৫। দেশলাই।

৬। শল্লকী ; সজারুর কাঁটা। ৭। খড়িকা। ৮। ক্ষুদ্র যষ্টি ; ছোট লাঠি। ৯। তুলি। ১০। কুপণ খেলা (পাশা)। **শলাকা-পুরুষ**—বৌদ্ধদিগের ত্রিষষ্টি দৈব পুরুষ।

শলাট (ট্) [শৃ (হিংসা করা)+আট ; শৃ=শর্, র্=ল, কিম্বা শল্ (গমন করা)+আট] বি. পুং, একখানি গাড়িপরিমিত দ্রব্য ; এক-গাড়ি জিনিস।

শলাটু [শল্ (গমন করা)+আটু] বি, পুং, মূলবিশেষ। ২। কাঁচা ফল।

শলি (শো) বি, ধান্যাদির পরিমাণবিশেষ। **শলিদড়ী** (শোলিদোড়ী)—বি, হালে গরু বাঁধিবার রজ্জু।

শলিতা (শো) [সলিতা দ্রঃ] বি, প্রদীপের পলিতা ; ল্যাম্পের বাতি। ২। বিণ, অতি কৃশ ; পলিতা সদৃশ সরু।

শলী [শলা দ্রঃ কোমলার্থে ঈ] বি, পরামর্শ ; যোগ ; মিলন ; সদ্ভাব। প্র—"পুন খেলে গৌরী দশ দুই চারি খেলিল করিয়া শলী॥"—কবিক।

শল্ক [শল্+ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, আঁইস। ২। বল্কল। ৩। খণ্ড।

শল্কদেহ [শল্ক—আঁইস আছে দেহে শরীরে যাহার, বহ্] বিণ, যে সকল জীবের শরীর আঁইসযুক্ত।

শল্কল (ল্) [সং] বি, ক্লী বৃক্ষত্বক্ ; বল্কল ; বাকল। ২। মৎস্যত্বক্ ; আঁইস।

শল্কলী, শল্কী (শোলকী) [শল্কল, শল্ক+ইন্ (অস্ত্যর্থে)=শল্কলিন শল্কিন্, ১মা, ১ব, যাহার শরীরে আঁইস আছে] বি, পুং, মৎস্য মাছ। ২। আঁইসবিশিষ্ট ; শল্কযুক্ত। ৩। ত্বক্‌শালী।

শল্য (শোল্‌ল) [শল্ (গমনে, বেগে)+য (কর্ম্মে)] বি, শঙ্কু ; শেল ; শলাকা। ২। তোমরাস্ত্র ; শাবল। ৩। শর ; বাণ। ৪। কীলক। ৫। কণ্টক ; কাঁটা। ৬। মদনবৃক্ষ ; ময়না গাছ। ৭। অস্থি। ৮। বিষ ; গরল। ৯। দুর্ব্বাক্য। ১০। ভাগাড়। ১১। সীমা। ১২। [শল+য (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] সজারু। ১৩। মদ্র দেশের রাজা ; নকুল সহদেবের মাতুল।

শল্যক (শোল্‌লক্) [শল্য+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, শজারু। ২। ময়না গাছ। ৩। কাঁটাগাছ।

শল্যকণ্ঠ (শোল্‌ল) [শল্য (শলাকা) আছে কণ্ঠ (কণ্ঠদেশ পর্য্যন্ত) যাহার, বহ্] বি, পুং, যাহার সর্ব্বদেহ কণ্টকাবৃত ; সজারু।

শল্যবিদ্যা (শোল্‌লবিদ্‌দ্যা) বি, দেহে অস্ত্রোপচার বিদ্যা ; ব্যবচ্ছেদবিদ্যা ; surgery.

শল্যোদ্ধার (শোল্‌লোদ্‌ধার্) [শল্যের উদ্ধার, ৬তৎ] বি, পুং, প্রোথিত শল্যাদির উৎপাটন। ২। বাস্তু গৃহ হইতে মনুষ্য বা পশুর অস্থিরূপ শল্যের উত্তোলন।

শল্ল [শল্+ল (সংজ্ঞার্থে) কিম্বা শল্ল্+অ] বি, পুং, শল্ক ; আঁইস। ২। ত্বক ; ছাল। ৩। ভেক ; ব্যাঙ।

শল্লক (ক) [শল্ল+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, শল্ক ; আঁইস। ২। ত্বক্ ; বল্কল। ৩। শণগাছ।

শল্লকী [শল্লক (কণ্টক)+ঈপ্] বি, স্ত্রী, শজারু। ২। বাবলা গাছ।

শল্ব, শাল্ব—বি, পুং, উত্তর ভারতস্থ দেশবিশেষ।

শশ [শশ্ (লম্ফ দিয়া যাওয়া)+অ (কর্ত্তৃ—অচ্)] যে লম্ফ দিয়া গমন করে] বি, পুং, শশক ; খরগোশ। ২। শশজাতীয় পুরুষ। ৩। ধুনা ; রজন। ৪। লোধগাছ। ৫। চন্দ্রের লাঞ্ছন।

শশক (ক) [শশ+ক (স্বার্থে)] বি, পুং, খরগোশ নামক দ্রুতগামী তীক্ষ্ণদন্ত জন্তু। প্র—"শশক শার্দ্দূল শিবা শত শত ধায়।"—ঘনরাম।

শশধর (র্) [শশ (খরগোশ) ধর—ধৃ (ধারণ করা)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে—অচ্)] বি, পুং, শশভৃৎ ; শশাঙ্ক ; চন্দ্র। ২। কর্পূর।

শশবিন্দু [শশ (খরগোশ) বিন্দু (চিহ্ন) যাহার, বহ্] বি, পুং, মৃগলাঞ্ছন ; শশাঙ্ক ; চন্দ্র। ২। বিষ্ণু। ৩। রাজন্যবিশেষ।

শশবিষাণ (ন্) [শশের বিষাণ (শৃঙ্গ) ৬তৎ] বি, ক্লী, শশকের শৃঙ্গ—যাহা হয় না। সুতরাং অসম্ভব বা অলীক বিষয়ের দৃষ্টান্ত স্থলে এই শব্দের প্রয়োগ হয়। প্র—"এই বন্ধ্যা-পুত্র আকাশকুসুম-নির্ম্মিত চূড়া দ্বারা মস্তকের শোভা জন্মাইয়াছে এবং কূর্ম্মলোম-নির্ম্মিত বসন পরিধান করতঃ শশশৃঙ্গের ধনুক ধারণ করিয়া যাইতেছে।"

শশব্যস্ত (শশব্‌ব্যাস্‌ত) [শশ তুল্য ব্যস্ত (চঞ্চল) ম-প-লো, কর্ম্মধা] বিণ, ত্রস্ত ; অতি ত্বরান্বিত। প্র—"সবাই হল শশব্যস্ত অস্ত দেখ গগন-শশী।"—গান।

শশভৃৎ [শশ (খরগোশ) ভৃ (ধারণ করা)+(কর্ত্তৃ—ক্বিপ্) ৎ—আগম] বি, পুং, চন্দ্র।

শশলাঞ্ছন [শশ হইয়াছে লাঞ্ছন (চিহ্ন) যাহার, বহ্] বি, পুং, শশাঙ্ক ; চন্দ্র ; মৃগাঙ্ক ; কলানিধি ; ওষধিপতি।

শশা [শশ (দ্রঃ)+আ (তুচ্ছার্থে)] বি, খরগোশ।

শশাঙ্ক [শশ রহিয়াছে অঙ্কে (ক্রোড়ে) যাহার, বহ্] বি, পুং, শশলাঞ্ছন দ্রঃ।

শশাদ, শশাদন (ন্) [শশ—অদ্ (ভক্ষণ করা)+অ (কর্ত্তৃ অচ্, অন)] বি, পুং, যে শশক ভক্ষণ করে ; বাজপাখী। ২। রাজা ইক্ষ্বাকুর পুত্র।

শশারু [শশ (দ্রঃ) সজারু উচ্চারণ ভেদে] বি, সজারু।

শশিকর (শোশিকর্) [শশী (চন্দ্র) কর (কিরণ) ৬তৎ] বি, চন্দ্রের কিরণ ; চাঁদের আলো।

শশিকলা (শো) [শশির কলা, ৬তৎ] বি, চন্দ্রের অংশ। ২। পঞ্চদশাক্ষর ছন্দোবিশেষ ; যাহার সকল অক্ষর লঘু কেবল শেষ অক্ষর গুরু।

শশিকরোজ্জ্বল (শো, ল্) [শশিকর দ্বারা উজ্জ্বল ৩তৎ] বিণ, চন্দ্রকরোদ্ভাসিত ; জ্যোৎস্নালোকিত ; চন্দ্রকিরণে উজ্জ্বল।

শশিকান্ত (শো) [শশী (চন্দ্র) হইয়াছে কান্ত (প্রিয়) যাহার, বহ্] বি, পুং, চন্দ্রকান্ত মণি। ২। কুমুদ।

শশিজীবন [শশী (চন্দ্র হইয়াছে জীবন স্বরূপ যাহার) বহ্] বি, কুমুদ। ২। ওষধি। ৩। এই নামে একজন সুবিখ্যাত নৈয়ায়িক ছিলেন, তাঁহার উপাধি তর্করত্ন।

শশিপ্রভ (শোশিপ্‌প্রোভ) [শশির প্রভার ন্যায় প্রভা যাহার, বহ্ সমাসে প্রভা=প্রভ] বি, পুং, চন্দ্রকান্ত মণি। ২। মুক্তা।

শশিপ্রভা (শোশিপ্‌প্রোভা) [শশী দ্বারা প্রভা যাহার (যে চন্দ্রকিরণ দ্বারা প্রস্ফুটিত হয়)—বহ্] বি, স্ত্রী, কুমুদ। ২। চন্দ্র কিরণ ; চাঁদের আলো ; জ্যোৎস্না।

শশিবদনা (শো) [শশী সদৃশ বদন যাহার, বহ্] বি, স্ত্রী, ষড়ক্ষর চ্ছন্দোবিশেষ ; যাহার আদি ৪বর্ণ লঘু কিন্তু ৫ম ও ৬ষ্ঠ বর্ণ গুরু। ২। বিণ, চন্দ্র সদৃশ মনোহর মুখবিশিষ্টা ; বিধুমুখী ; চন্দ্রাননা।

শশিভালিনী, শশিভালী (শো) [শশী যাহার ভালে আছে, বহ্] বিণ, যাঁহার ললাটে চন্দ্র বিরাজিত। ২। বি, স্ত্রী, দুর্গা ; কালী। প্র—"জটজালিনি শিরমালিনি শশিভালিনি সুখশালিনি করবালিনি গো!"—ভারতচন্দ্র। "আদিভূতা সনাতনী, শূন্যরূপা শশিভালী, যখন ব্রহ্মাণ্ড না ছিল গো মা, মুণ্ডমালা কোথা পেলি"—কমলাকান্ত।

শশিভূষণ (শোশিভূষণ্) [শশী (চন্দ্র) হইয়াছে ভূষণ (শিরোভূষণ, চূড়া) যাহার, বহ্] বি, পুং, চন্দ্রচূড় ; চন্দ্রমৌলী ; শিব।

শশিভৃৎ (শোশিভ্‌ভৃৎ) [শশী (শশিন্ শব্দজ) ভৃ (ধারণ করা)+(ক্বিপ কর্ত্তৃ) যিনি চন্দ্রকে ললাটে ধারণ করিয়াছেন] বি, পুং, চন্দ্রচূড় ; শশিশেখর ; মহাদেব।

শশিমুখী (শো) বিণ. চন্দ্রমুখী ; চন্দ্রাননা।
শশিশেখর (শোশিশেখর্) [শশী হইয়াছে শেখর (চূড়া) যাহার, বহু] বি, পুং, শিব ; চন্দ্রমৌলি ; শশাঙ্কশেখর।
শশী (শো) [শশ=ইন্ (অস্ত্যর্থে)] বি, ক্ষয় রোগ নিবৃত্তির জন্য যাহার অঙ্কে শশ আছে ; শশধর ; নক্ষত্রেশ ; চন্দ্র। ২। কর্পূর।
শশ্বৎ (শশ্‌শৎ) [শশ্ (প্লুত গতি অর্থে) +বৎ] অ, বারংবার ; সর্ব্বক্ষণ ; সর্ব্বদা।
শষ্প, শস্প [শষ্, শস্ (বধ—নাশ করা)+ প (করণে)—যাহা দ্বারা পশুকুল ক্ষুধা নাশ করে] বি, ক্লী, নবতৃণ ; কচিঘাস। শষ্পসমন্বিত—কচি ঘাসযুক্ত।
শষ্পাবৃত—বি, নবীন তৃণাচ্ছাদিত ; কচিঘাসে ঢাকা।
শসন (শশন্) [শস্ (বধ করা)+অন (ভাবে —অনট্)] বি, ক্লী, যজ্ঞকার্য্যে পশুহনন ; পশুবধ ; বিনাশ ; মারণ।
শসা (শা) [সং—ত্রপুষী] বি, কাঁকুড় জাতীয় ফলবিশেষ ; cucumis sativus. পাঁড়শসা—বীজ লইবার জন্য রক্ষিত পূর্ণাঙ্গ পাকা শসা। পালাশসা—যে শসার গাছ মাচায় উঠে। ভুঁইশসা—যে শসার গাছ মাটিতে লতাইয়া যায়।
শস্ত [শন্‌স্ (সুখী করা, আশীর্ব্বাদ করা)+ত (কর্ম্মে—ক্ত) যাহাকে আশীর্ব্বাদ কিম্বা সুখ দান করা হইয়াছে] বিণ, সুখী ; মঙ্গলযুক্ত ; কল্যাণবিশিষ্ট। ২। প্রশস্ত। ৩। স্তুত। উৎকৃষ্ট। বি, শস্তি।
শস্তক (ক্) [শস্ত+ক (স্বার্থে)] বি, ক্লী, অঙ্গুলিত্র ; অঙ্গুলিত্রাণ ; দস্তানা।
শস্ত্র [শস্ (বধ করা)+ত্র (ষ্ট্রন্—করণে) যদ্দারা বধসাধন করা হয়] বি, ক্লী, প্রহরণ ; আয়ুধ ; অস্ত্র দ্রঃ। ২। লোহ। ৩। [আয়ুর্ব্বেদীয় অস্ত্রচিকিৎসায়] অস্ত্রোপচারসাধক যন্ত্র। [দ্রঃ—অস্ত্র প্রয়োগ কল্পে সুশ্রুত ১২৫ প্রকার অস্ত্রের উল্লেখ করিয়াছেন, সেগুলি আবার দুইভাগে বিভক্ত—যন্ত্র (দ্রঃ) ও শস্ত্র। শস্ত্র সর্ব্বসমেত ২৪ প্রকার—কর্ত্তরিকা, মণ্ডলাগ্র, কুশপত্র, শরা বিমুখ, সূচিশস্ত্র, ঈশানী, অন্তমুখ, নখ, করপত্র, বৃদ্ধিপত্র প্রভৃতি—ভারতী, ১৩২০, বৈশাখ। শস্ত্রকারক—অস্ত্রনির্ম্মাতা ; শস্ত্রাদি প্রস্তুতকারী। শস্ত্রজীবী—বি, পুং, যাহারা শস্ত্র ব্যবহার করিয়া জীবিকা নির্ব্বাহ করে ; শস্ত্রাজীব ; সৈনিক। শস্ত্রবিহীন—বিণ, শস্ত্রশূন্য ; নিরস্ত্র। শস্ত্রধর, শস্ত্রপাণি—বি, শস্ত্রভৃৎ।
শস্ত্রক (ক্) [শস্ত্র (লোহ)+ক (স্বার্থে)] বি, ক্লী, লৌহ ; লোহা।

শস্ত্রভৃৎ [শস্ত্র—ভৃৎ (ভৃ ধারণ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) যে অস্ত্র ধারণ করে—উপপদ] বি, পুং, শস্ত্রধর পুরুষ ; অস্ত্রধারী ব্যক্তি। ২। বিণ, আয়ুধযুক্ত ; শস্ত্রপাণি।
শস্ত্রাজীব (শস্‌ত্রাজীব্) [শস্ত্রদ্বারা আজীব (জীবিকা) যাহার, বহু] বি, পুং, যুদ্ধব্যবসায়ী ; সৈনিক।
শস্ত্রী (শোসত্রি) [শস্ত্র+ঈ (ক্ষুদ্রার্থে)] বি, স্ত্রী, ক্ষুদ্রঅস্ত্র ; ছুরি। ২। [শস্ত্র+ইন্ (অস্ত্যর্থে)] বিণ, শস্ত্রপাণি ; আয়ুধধারী।
শস্য (শোশ্‌শ) [শস্ (বধ করা—হিংসা করা) +য (কর্ম্মে) প্রাণী সকল যাহাকে হিংসা করিয়া অর্থাৎ ভক্ষণ করিয়া জীবন ধারণ করে] বি, কৃষিকর্ম্ম দ্বারা উৎপন্ন ফসল। ২। ফলের সারাংশ ; শাঁস। ৩। বৃক্ষাদির ফলপুষ্প। শস্যক্ষেত্র—বি, কৃষিক্ষেত্র ; ফসল উৎপন্ন হইবার উপযুক্ত জমী। শস্যজনক—বিণ, ধান্যাদি ফসল উৎপাদক। শস্যনিমিত্তক—বিণ, ফসলজাত। শস্যসংস্থান—বি, ধান্যাদি ফসল একত্র করিয়া গোলাজাত করণ ; শস্য সঞ্চয়।
শহর (র্) [ফা—শহর্] বি, মহানগর ; রাজধানী। সহর-কোতয়াল—[গ্রা—সহরকোটাল] নগররক্ষক ; নগরাধ্যক্ষ ; নগরের প্রধান শান্তিরক্ষক। শহর-কোতয়ালী—বি, নগরের প্রধান শান্তি রক্ষকের পদ। ২। শহরের প্রধান শান্তি-রক্ষকের কর্ম্ম ; নগর কোটালী। শহরতলী—বি, নগরের নিকটবর্ত্তী স্থান। শহরস্থ—বিণ, নগরমধ্যবর্ত্তী ; নগরমধ্যস্থ ; সহরের। শহরীয়—[গ্রা—শহুরে] বিণ, নগরসম্বন্ধীয়।
শহীদ (শোহীদ্) [আ] বিণ, রণশায়ী ; সমরশায়ী। প্র—"কারবালার যুদ্ধের সময় জয়পাল রোগে ভুগিতেছিলেন বলিয়া শহীদ হন নাই।"—মতিচূর।
শহুরে (শো) [শহর—উআ] বিণ, শহরবাসী। ২। নগরজাত ; সহরে উৎপন্ন।
শাংশপ (প্) [শিংশপ হইতে] বিণ, শিশুকাষ্ঠজাত ; শিশুকাষ্ঠ দ্বারা নির্ম্মিত।
শাঁশাঁ [শব্দাত্মক] বি, অনুকার শব্দ ; প্রবল বেগে বায়ু বহিবার শব্দ। ২। দ্রুতধাবন শব্দ।
শাঁই [সং—শমীর অপভ্রংশ ; ওড়ি—শুমী] কণ্টকী বৃক্ষবিশেষ ; বি, শমী বৃক্ষ ; prosopis spicigera. শাঁই কাঁটা গাছ—শাঁই অপেক্ষা ছোট কাঁটা গাছবিশেষ ; শমীর ; acacia suma.
শাঁই শাঁই [শব্দাত্মক] বি, অনুকার শব্দ ; বায়ুসঞ্চালন শব্দ। ২। শ্লেষ্মাধিক্যবশতঃ শ্বাস রোধ শব্দ। ৩। অতি-বেগজনিত শরাদির সহিত বায়ুস্তরের সংঘর্ষণ শব্দ ; শন্ শন্ দ্রঃ।

শাঁক, শাঁখ (ক্, খ্) [শঙ্খ শব্দজ] বি, কম্বু ; শঙ্খ। প্র—"ঘোর জাঁক বাজে শাঁক" —ঈশ্বরগুপ্ত। শাঁখে ফুঁ পাড়া—শাঁক বাজান। প্র—"শাঁখেতে পাড়িতে ফুঁক চূড়ান্ত নিপুণ"—হেম বন্দ্যো। শাঁকের, শাঁখের করাত—শাঁখ কাটিবার করাত বা কাতি যাহার দাঁত এরূপভাবে নির্ম্মিত যে সম্মুখ ও পশ্চাতে চালাইলে উভয় দিকেই কাটে। লক্ষণায় উভয় সঙ্কট। শাঁখ-আলু—বি, শঙ্খবৎ শ্বেতবর্ণ ও প্রায় শঙ্খাকৃতি মধুরাস্বাদ কন্দবিশেষ। শাঁখ ঘণ্টা—শঙ্খ ও ঘণ্টা। শাঁকচুন্নী, শাঁখচূর্ণী—শঙ্খচূর্ণী দ্রঃ।
শাঁখা [শাঁখ (শঙ্খ)+আ (নির্ম্মিতার্থে)। রাঢ়ীয় প্রাদে—শেঁকা, শেঁখা। প্র—'শীতলা বলেন ঘুচাইব সোণা শেঁকা"—শীতলামঙ্গল] বি, শঙ্খনির্ম্মিত হস্তাভরণ ; শঙ্খের বলয়।
শাঁখারি, শাঁখারী—বি, শঙ্খকার ; শঙ্খবণিক্ ; শঙ্খ ব্যবসায়ী। প্র—"শেষে হয়ে শাঁখারী সেখানে যাবে তুমি, চাতুরী করিবে যেন চিনে নাই মামী"—শিবায়ন। স্ত্রী, শাঁখারিণী।
শাঁখিনী [সং—শঙ্খিনী। শঙ্খচূর্ণী দ্রঃ] বি, স্ত্রী, দুর্গার অনুচরী। প্র—"চলে ডাকিনী যোগিনী ঘোর বেশে। চলে শাঁখিনী পেতিনী মুক্ত কেশে॥"—অন্নদামঙ্গল। ২। স্ত্রীপ্রেতযোনি বা পেত্নীবিশেষ।
শাঁটা [শদ্ (ছেদনে, পতনে) ধাতুজ] বি, কণ্ডিত ; কাঁড়া ; ছাঁটা। আশাঁটা—যাহা কাঁড়া হয় নাই। আড়ন শাঁটা—আড়ঙ্গে কণ্ডিত এবং সম্পূর্ণ তুষহীন নহে। ঢেঁকী শাঁটা—ঢেঁকীতে কুটিয়া সম্পূর্ণভাবে তুষশূন্য ও পরিষ্কৃত করা।
শাঁস (শ্) [শস্য শব্দজ] বি, ফলাদির সারাংশ ; ফলের বা বীজের কোমল অংশ। বিণ, শাঁসাল—শাঁস বা সারাংশবিশিষ্ট।
শাক (ক্) [শক্ (শক্য হওয়া)+অ (কর্ম্মে ঘঞ্) "শক্যতে ভোক্তুমনেনেতি শাকং"—অমর টীকা। মনুষ্যাদি যাহা ভোজন করিতে সমর্থ হয়] বি, ফল, ফুল, বৃন্ত, মূল, কন্দ ও পত্র যাহা ব্যঞ্জনরূপে ব্যবহৃত হয় ; তরকারি। ২। [প্রসিদ্ধার্থে] পত্রশাক। ৩। নিরামিষ আহার্য্য। শাক পাত—আহার্য্য লতাপত্র ; ফল পত্রশাক প্রভৃতি। শাক মাছ—বিবিধ তরকারী যোগে পক্ব মৎস্য। শাকসবজী—রন্ধন করিয়া খাইবার মত উদ্ভিজ্জ লতা ফলাদি ; green vegitables. শাকতরু—বি, সেগুন গাছ। শাক পাতাড়—[সহচর

শব্দ] শাকসব্‌জী ; তরিতরকারী। "শাক পাতাড়ে টান"—হেম। **শাকবর্ণ**—[শাক স্থলে শাক] বি. শ্বেতবর্ণ। ২। বিণ. ত্রাস কিম্বা লজ্জা প্রযুক্ত রক্তহীন ও বিবর্ণ ; ফ্যাকাসে ; পাংশুবর্ণ। **শাকমূর্ত্তি**—[শাকবর্ণ দ্রঃ] বিণ. লজ্জা-ভয়াদি হেতু বিবর্ণাকৃতি। প্র—"হেরিয়ে সে শাকমূর্ত্তি, রাহুগ্রস্ত শশী যেন, মাতা কহে একি মা ! একি মা !"—অশোক-গুচ্ছ। **শাক দে মাছ ঢাকা**—গুরুতর কলঙ্ক সামান্য উপায়ে বা সহজে ঢাকিবার চেষ্টা। প্র—"আর কেন প্রাণ বিধুমুখি ! শাক দে মাছ ঢাক"—বাং-গান। **শাকে বালি**—ভোজনে বিঘ্ন।

শাকট (ট্) বিণ, শকটসম্বন্ধীয়।

শাকটায়ন (ন্) [সং] বি. পুং. জনৈক প্রসিদ্ধ বৈয়াকরণিক।

শাকটিক (ক্) [শকট (গাড়ি) + ইক] বিণ. শকটারোহী ; যান আরোহণকারী।

শাকটীন (ন্)[শকট + ঈন] বি. পুং. বিংশতি তুলা পরিমাণ। ২। একখানি গাড়ী পরিমিত দ্রব্য। ৩। শকটসম্বন্ধীয়।

শাকদ্বীপী (শাকদ্‌দীপি) [ভারতের উত্তর পশ্চিমস্থ প্রাচীন দেশবিশেষের নাম শাকদ্বীপ। অনেকে উহা প্রাচীন সাইথিয়া বলিয়া নির্দ্দেশ করেন, মতান্তরে পারস্য দেশ। প্রকৃতিবাদ অভিধানে "কাশ্মীরের উত্তরস্থ পুণ্যভূমি বলিয়া উক্ত হইয়াছে। গান্ধার (বর্ত্তমান কান্দাহার) দেশীয় মহর্ষি পাণিনি শাকদ্বীপী ব্রাহ্মণবংশীয় ছিলেন। এই বংশের আদি-পুরুষ ঋজিভ মুনি] বি. মগব্রাহ্মণ।

শাকম্ভরী [শাক—ভৃ (পোষণ করা) + অ (কর্ত্তৃ—প) ম্—আগম ; ঈপ্, স্ত্রী] বি. স্ত্রী. শিবা ; দুর্গা। প্র—"শর্ব্বানী সর্ব্বথা শক্তি-রূপা শাকম্ভরী"—কবিক। ২। স্বনামখ্যাত তীর্থ। ৩। শম্বর হ্রদজাত লবণ।

শাকম্ভরীয় [শাকম্ভরী (নগরবিশেষ) + ঈয় (তত্র জাতার্থে)] বি. ক্লী. লবণবিশেষ ; শাম্বর লবণ।

শাকর [সং—শর্করা (দ্রঃ)। ফা—শাকর্] বি. শর্করা। প্র—"ক্ষীর সর নবনী ছেনা দধি শাকর দেয়ল সব রস সার।"—গোবিন্দ দাস।

শাকান্ন [শাক + অন্ন] বি. শাকের সহিত অন্ন ; শাক ভাত। ২। সাধাসিধা বা সহজলভ্য ও অনাড়ম্বর ভোজ্য। ৩। নিরামিষ আহার।

শাকাম্ল [শাক + অম্ল] বি. তেঁতুল।

শাকুন (ন) [শকুন (পক্ষী) + অণ্ (সম্বন্ধার্থে)] বি. পুং. পশুপক্ষীর ডাক প্রভৃতি লক্ষণ দ্বারা মনুষ্যের শুভাশুভ নির্ণায়ক শাস্ত্র। ২। কাক-চরিত্র গ্রন্থ। ৩। বিণ. নিমিত্তজ্ঞ। ৪। পক্ষি-সম্বন্ধীয়। ৫। পরপীড়ক।

শাকুনিক (ক্) [শকুন (পক্ষী) + ইক (হননার্থে ইকণ্)] বিণ. যাহারা পক্ষী বধ করে ; ব্যাধ ; পক্ষিমারক। ২। শকুনজ্ঞ ; নিমিত্তজ্ঞ। ৩। বি. শকুনিসমূহ। স্ত্রী. **শাকুনিকী**।

শাকুন্তলেয় [শকুন্তলা + এয় (অপত্যার্থে)] বি. পুং. শকুন্তলা-তনয় ; মহারাজ ভরত।

শাকুলিক [শকুল (মৎস্য) + ইক (জীবত্যর্থে)] বি. পুং. মৎস্যজীবী ; জেলে।

শাক্ত [শক্তি (দুর্গা) + অ (অণ্—উপাসকার্থে) ই লোপ] বিণ. পুং. শক্তির উপাসনাকারী, শক্তি-মন্ত্রে দীক্ষিত। ২। তন্ত্রসাধক। প্র—বুড়ী ছিল পরম বৈষ্ণব বুড়ো ছিল ভারি শাক্ত" —দ্বিজেন্দ্র রায়।

শাক্য (শাক্‌ক) [শাক (বংশবিশেষ) + যণ্ (তত্র ভবার্থে)] বি. পুং শাকবংশোৎপন্ন ; বুদ্ধদেব। **শাক্যমুনি**—বি. পুং. বুদ্ধদেব। **শাক্যসিংহ**—বি. পুং. শাক্যশ্রেষ্ঠ ; বুদ্ধ।

শাখা [সং। বাং পদ্যে শাখ। ফা—শাখ্] বি. স্ত্রী. বিটপ ; গাছের ডাল। ২। বাহু। ৩। একাংশ ; একদেশ। ৪। বেদাংশবিশেষ। ৫। গ্রন্থ পরিচ্ছেদ ; অধ্যায়। ৬। পক্ষান্তর।

শাখাগ্র (শাখাগ্‌গ্র) [শাখার অগ্র—৬তৎ] বি. ক্লী. শাখার অগ্রভাগ ; ডালের আগা। ২। করাগ্রভাগ ; করাঙ্গুলি। **শাখাচ্যুত**—বিণ. শাখা হইতে স্খলিত ; শাখাভ্রষ্ট ; যাহা ডাল হইতে পড়িয়া গিয়াছে।

শাখানগর (র্) [নগরের শাখা—৬তৎ, শাখা শব্দের পূর্ব্ব নিপাত] বি. ক্লী. উপনগর।

শাখান্তরাল (ল্) [শাখার অন্তরাল—৬তৎ] বি. ডালের আড়াল।

শাখামৃগ (শাখাম্‌মৃগ) [শাখার মৃগ (পশু) ৬তৎ কিম্বা শাখাস্থিত যে মৃগ—কর্ম্মধা] বি. পুং. বানর।

শাখী [শাখা + ইন্ (অস্ত্যর্থে)] বি. পুং. যাহার শাখা আছে ; তরু ; গাছ। প্র—"উর্দ্ধ মুখে চাহে শাখী বধে নানা জাতি পাখী সাত নলা জাল আঠা ফাঁদে।"—কবিক। ২। বেদ। ৩। বিণ. যুক্ত ; ডালবিশিষ্ট।

শাখোট (ট্) [শাখা + ওট (সংজ্ঞার্থে)] বি. পুং. শেওড়াগাছ।

শাগ (গ্) [শাক (দ্রঃ) অপভ্রংশে। হি—সাগ] বি. শাক।

শাগরেদ (শাগ্‌রেদ্) [ফা—শাগির্দ্। গ্রা-শাক্‌রেদ্] বি. শিষ্য ; চেলা। **শাগরেদি**—বি. শিষ্যত্ব ; চেলাগিরি।

শাঙন [সং—শ্রাবণ হইতে। প্রা-বাং ; ব্রজ] বি. শ্রাবণ মাস। প্র—"শাঙন ঘন সম ঝরু দুনয়ান।"—বি. প। "রজনী শাঙন ঘন দেয়া গরজন।"—জ্ঞানদাস।

শাঙর [সং—শ্যামল—শামর—শাঙর। ব্রজ] বি. শ্যামবর্ণ ; শ্যামল। প্র—"সুন্দর বদনে সিন্দূর-বিন্দু শাঙর চিকুরভার।"—বি. প।

শাঙল [সং—শ্যামল। বি. হি—শাওঁলা] বিণ. শ্যামল। স্ত্রী. **শাঙলী**—শ্যামলা গাভী। তুল—হি. শামলী, শাওঁলী।

শাঙ্কর (শাংকর্) [শঙ্কর (মহাদেব) + অণ্ (সম্বন্ধার্থে)] বিণ. শঙ্কর সম্বন্ধীয়। **শাঙ্কর-ভাষ্য**—বি. শঙ্করাচার্য্যকৃত ভাষ্য।

শাঙ্খিক (শাংখিক্) [শঙ্খ + ইক (পণ্যার্থে—ইকণ্) শঙ্খ যাহাদের ব্যবসায় দ্রব্য] বি. পুং. শাঁখারী ; শঙ্খ ব্যবসায়ী ; শঙ্খকার।

শাজাদা—শাহ দ্রঃ।

শাজাহান—শাহজাহান দ্রঃ।

শাট (ট্) [শট্ (গমন করা) + অ] বি. পরিধেয় ; ধুতি। স্ত্রী. **শাটী**—সাড়ী ; স্ত্রীলোকের পরিধেয় বসন।

শাটক (ক্) [শট্ (গমন করা) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি. ক্লী. ধুতি। স্ত্রী. **শাটিকা**—সাড়ী।

শাঠ্য (শাঠ্‌ঠ) [শট (ধূর্ত্ত) + য (ভাবে)] বি. ক্লী. শঠতা ; প্রতারণা। ২। খলতা।

শাড়ী [শাটী শব্দজ] বি. স্ত্রীলোকের পরিধান যোগ্য বস্ত্র ; সাটী। প্র—"চলে নীল শাড়ী নিঙ্গাড়ি নিঙ্গাড়ি পরাণ সহিত মোর॥"—চণ্ডীদাস। **আটপৌরে সাড়ী**—স্ত্রীলোক-দিগের সর্ব্বদা পরিধানের বস্ত্র। প্র—"পরি এক আটপৌরে সাড়ী।"—অশোক গুচ্ছ।

শাণ (ন্) [মশান সংক্ষেপে শান, ন—ণ] বি. মশান। প্র—"মুণ্ডমালা গাথিয়া দক্ষিণে দেই শাণে। যার যত রক্ত দেই ভৈরবীর স্থানে॥" —মনসামঙ্গল (বংশীবদন)।

শাণ (ন্) [শো (তীক্ষ্ণ করা) + ণ (অধি)—যাহাতে ছুরি কাঁচি প্রভৃতি শাণিত করে] বি. পুং. ঘর্ষণ-যন্ত্র ; অস্ত্রাদি শাণাইবার পাথর। ২। পাষাণ। ৩। কষ্টিপাথর। ৪। করাৎ। **শাণকার**—যে শাণ দেয়। **শাণ দেওয়া**—শাণান ; পাথরে ঘষিয়া ধার করা।

শাণ (ন্) [শণ (দ্রঃ) + অন্ (কৃতার্থে)] বি. শণের সূতায় নির্ম্মিত বস্ত্র।

শাণাজীব (না, ব্) [শাণ + আজীব] বি. অস্ত্রমার্জ্জক।

শাণিত [শাণ + ইত (জাতার্থে) কিম্বা শণ্ + ণিচ্ = শাণি + ত (কর্ম্মে—ক্ত) বিণ. ধারাল।

শাণী [সং] বি. হস্ত কটাক্ষাদি সূচনা ; ইসারা। ২। বস্ত্রাবাস ; তাবু। ৩। ছিন্নবস্ত্র ; ছেঁড়া কাপড়।

শাণ্ডিল্য (শান্‌ডিল্‌ল) [শাণ্ডিল (মুনি) + অণ্ (অপত্যার্থে)] বি, পুং, গোত্রকারক মুনি। ২। অগ্নির মূর্ত্তিবিশেষ। ৩। বিল্বতরু।

শাত [শো (তীক্ষ্ণীকরণে) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, শাণিত। ২। সুন্দর। ৩। ক্ষীণ। ৪। দীপ্তিশালী। ৫। সুখী। ৬। পতিত। **শাতকুম্ভ**—বি, সুবর্ণ।

শাতকর্ণি (শাতকোর্ণি) বি, পুং, ঋষিবিশেষ।

শাশন (ন্) [শদ্+ণিচ্=শাদি (পতিত হওয়ান) + অনট্, ভাবে, নিপাতন-সিদ্ধ] বি, ক্লী, পাতন। ২। বিনাশন। ৩। ছেদন; ছিন্নকরণ। ৪। চাঁচা।

শাতি [শাস্তি হইতে] বি, শাস্তি; দণ্ড। প্র—"সাধু আসুক দেশে ঘুচাইব নাস কেশে, ইহার উচিত দিব শাতি।"—কবিক। "রস নাহি হোয়ল কয়ল যে শাতি। মদন লতা জনু দংশল হাতী।"—বি, প।

শাত্রব (শাৎত্রব) [শত্রু + অ (অণ্)] বি, পুং, বৈরতা; শত্রুতা। ২। শত্রুসমূহ।

শাদা, সাদা [ফা—সাদাহ্] বিণ, কারচুপী-হীন; অনলঙ্কৃত; plain; unadorned. ২। অকপট; সরল; artless; simple. ৩। শূন্য; অলিখিত; খালি; blank. ৪। শ্বেত। **শাদাটিয়া, শাদাটে**—সম্পূর্ণ শ্বেত নহে কিন্তু যাহা অধিকাংশ ভাগ শ্বেতবর্ণ। **শাদা মাটা**—মাট দ্রঃ। শাদা সিধা। **শাদা সিধা,—শিদা,—সিদে,—শিদে**—সোজাসুজি; সরল। প্র—"সখের প্রাণ শাদা শিদে বলছে যেন হাসি।"—হেম বন্দ্যো। **শাদা শাদা**—মধ্যে মধ্যে শ্বেতবর্ণ; শাদাটিয়া। প্র—শাদা শাদা দাগ।

শাদি, শাদি [মুসলমানী বাং। ফা—শাদি] বি, পরিণয়; বিবাহ। **শাদি করা**—বিবাহ করা।

শাদ্বল (শাদ্‌বল্) [শাদ (নবতৃণ) + বল (অস্ত্যর্থে)] বি, শ্যামল তৃণাচ্ছাদিত স্থান।

শান (ন্) [সং। শাণ (পাষাণ) দ্রঃ] বি, পাষাণ-ইষ্টকাদি-নির্ম্মিত স্থান; পাকা-মেঝে। প্র—"ঘাটের শানে বাজচে কলস ক্ষণে ক্ষণে।"—রবি। ২। অস্ত্রাদি ঘষিয়া ধারাল করিবার পাষাণ। ৩। কষ্টি পাথর; নিকষ। ৪। করাত।

শানক (ক্) [আ—সহনক্] বি, নির্ম্মিত ভোজনপাত্র; মাটির থালা।

শানকি, শানকী [শানক দ্রঃ, ক্ষুদ্রার্থে ই, ঈ] বি, মৃত্তিকা-নির্ম্মিত অপেক্ষাকৃত ক্ষুদ্রায়তন ভোজনপাত্র; মাটীর শানক অপেক্ষা ছোট থালা।

শানা [সং—শানী—প্রাবরণ—বস্ত্রাবরণ—অঙ্গাবরণ] বি, বর্ম্ম; সাঁজোয়া। "গায়েতে পরিল শানা মাথায় টোপর"—কৃত্তিবাস।

শানা [বয়ন শিল্প—পরিঃ] বি, তাঁত বুনিবার যন্ত্রের অংশবিশেষ বিদা কাঠির মত দাড়াযুক্ত শলাকাবৎ যন্ত্র। ইহার দাড়ার ভিতর দিয়া টানার সূতা চালাইতে হয়। প্র—"মন তাঁতি কি বুনতে এলি তাঁত। * * * ও তোর শানার সুতো মানায় না ত রে পোড়া পোড়েন হল না জাত্।"—বাং-গান। **শানাকর**—শানানির্ম্মাতা। **শানার্গাঁথা**—শানায় সূতা চালান।

শানাই, সানাই (শা) [সং—সানেয়ী] বি, বংশীবিশেষ।

শানান (নো) [শান (দ্রঃ) + আন (ক্রিয়ায়)]। উ-পু—শানাই। ম-পু—শানাও; শানান্; শানা। প্র-পু—শানায়; শানান্। অস-ক্রি—শানাইতে; শানাইয়া, শানিয়ে] ক্রি, শাণ দেওয়া; শাণে ঘষিয়া ধার করা। ২। তীক্ষ্ণ করা। ৩। [ঘষিয়া ক্ষয় করার ভাব হইতে] প্রবৃত্তি, ক্ষুধাতৃষ্ণাদির ক্ষয় হওয়া; পরিতৃপ্ত হওয়া; শান্ত হওয়া; মেটা। প্র—"সে যে-রকম খাইয়ে তাতে তার এক-আধসের সন্দেশে শানায় না।

শান্ত [শম্ (শান্ত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, শান্তিযুক্ত। ২। শমতা-প্রাপ্ত; নিবৃত্ত। ৩। শমগুণযুক্ত। প্র—"শান্ত দাস্য সখ্য আর বাৎসল্য মধুর রস হরি।"—বাং-গান। ৪। জিতেন্দ্রিয়। ৫। স্থিরমনাঃ। ৬। সৌম্য। ৭। অনুদ্ধত। ৮। ধীর। ৯। শিষ্ট। ১০। বিনীত। ১১। দমিত। ১২। বিনাশিত। ১৩। নিন্দিত; তিরস্কৃত। ১৪। মৃত। ১৫। বিশুদ্ধীকৃত। ১৬। পরিষ্কৃত। ১৭। [শম্+ণিচ=শানি+ত (কর্ম্মে—ক্ত)] বি, পুং কাব্য-রসবিশেষ; তত্ত্বজ্ঞানাদি জন্য যে বৈরাগ্য ও শান্তভাবের উদয় হয়। **শান্তশিষ্ট**—ধীর ও সুচরিত; বিনীত ও সৎস্বভাব। **শান্তস্বভাব**—সৌম্য প্রকৃতি; ধীর স্বভাব; বিনীত স্বভাব; অনুদ্ধত-প্রকৃতি। স্ত্রী, **শান্তস্বভাবা**।

শান্তনব (ব্) বি, পুং, শান্তনুতনয়; ভীষ্ম।

শান্তনু (ন্তো) বি, পুং, মহারাজ প্রতীপের পুত্র; ভীষ্মের পিতা।

শান্তা [শান্ত+আ—আপ্] বি, স্ত্রী, রাজা দশরথের কন্যা; ঋষ্যশৃঙ্গ মুনির পত্নী। ইনি পিতৃসুহৃদ অঙ্গাধিপতি লোমপাদের নিকট প্রতিপালিতা হইয়াছিলেন এবং তাঁহারই ইচ্ছানুসারে মহাতপাঃ ঋষ্যশৃঙ্গমুনির সহিত পরিণীতা হইয়াছিলেন।

শান্তান (নো) [শান্ত+আন (ক্রি-বিভক্তি)]। উ-পু—শান্তাই। ম-পু—শান্তাও। প্র-পু—শান্তায়। অস-ক্রি—শান্তাইতে, শান্তাইয়া] ক্রি, শান্তি দান করা; শান্ত করা; সান্ত্বনা প্রদান করা। প্র—"কেহ কারে না শান্তায় সবে অচেতন।"—কৃত্তিবাস। যদ্যপি শাস্তাইল মুনি বহুল বচনে। তথাপিহ শান্ত নহে ধর্ম্মরাজ মনে।"—মহা (স্ত্রীকরণ)।

শান্তি [শম্+তি (ভাবে, ক্তি)] বি, স্ত্রী, শমগুণ। ২। চিত্ত-স্থৈর্য্য। ৩। বিষয়াদি হইতে ইন্দ্রিয়ের নিবৃত্তি; নিস্পৃহতা। ৪। সৌভাগ্য। ৫। মুক্তি। ৬। বিশ্রাম; নিবৃত্তি। ৭। বিঘ্ননাশ; মঙ্গল। ৮। নিরুপদ্রব। ৯। তৃষ্ণাক্ষয়। ১০। বিনাশ; বিধ্বংস। **শান্তিকর**—বিণ, শান্তিজনক; হিতকর; মঙ্গলপ্রদ। ২। চিত্তস্থৈর্য্যসম্পাদনকারী। ৩। বিঘ্নবিনাশক। ৪। তৃপ্তিপ্রদ। **শান্তিজল**—পূজা-যজ্ঞাদি-শেষে মন্ত্রপূত জল, যাহার স্পর্শে সুখ শান্তি হয়। **শান্তিনিকেতন**—বি, শান্তিময় স্থান; শান্তির আলয়; বিঘ্নশূন্য স্থান; মঙ্গলালয়। **শান্তিপ্রিয়**—যে শান্তি ভালবাসে বা চায়। **শান্তিভঙ্গ**—অশান্তি উৎপাদন; শান্তিনাশ। ২। বিদ্রোৎপাদন। ৩। উপদ্রবকরণ। **শান্তিময়**—বিণ, শমগুণাত্মক। ২। শান্তিপূর্ণ। ৩। নির্বিঘ্ন। **শান্তিরক্ষক**—বি, অশান্তি ও উপদ্রব নিবারক পুলিস-কর্ম্মচারী। **শান্তিরক্ষা**—বি, উপদ্রব নিবারণ; বিঘ্ননাশকরণ। **শান্তিস্থাপন**—বি, অশান্তি দূরকরণ; গোলযোগ নিবারণ। ২। সন্ধিস্থাপন। **শান্তি-স্বস্ত্যয়ন**—বি, গ্রহাদি জন্য পীড়া প্রভৃতি বিপৎ শান্তি হেতু হোম যাগাদি ক্রিয়া; শান্তি হোম। **শান্তিহীন**—বিণ, অশান্ত; অস্থির; শান্তি বিরহিত।

শান্ত্যুদকুম্ভ (দ) [শান্তির নিমিত্ত=উদক্ (জল) ৪তৎ=শান্ত্যুদক (শান্তি জল) তাহার কুম্ভ (কলস) ৬তৎ—সমাসে উদক্=উদ] বি, পুং, র্ণ কলস।

শাপ (প্) [শপ্ (দিব্য করা, শাপ দেওয়া) +অ (ভাবে ঘঞ্)] বি, পুং, অভিসম্পাত। ২। দিব্য; শপথ। বিণ, শপ্ত। **শাপগ্রস্ত**—বিণ, অভিশপ্ত; যাহাকে অভিসম্পাত করা হইয়াছে। **শাপভ্রষ্ট**—বিণ, অভিসম্পাত নিমিত্ত হীনদশাপ্রাপ্ত। স্ত্রী, **শাপভ্রষ্টা**।

শাপা [শাপ (দ্রঃ) + আ (ক্রি-বিভক্তি), পদ্যে। উ-পু—শাপি। ম-পু—শাপ। প্র-পু—শাপে। অস-ক্রি—শাপিতে; শাপিয়া, শাপি। ণিজন্ত—শাপান] ক্রি, অভিশাপ দেওয়া। প্র—"ক্রুদ্ধ হইয়া গর্গ মুনি চন্দ্রকে শাপিল।"—মহা (বিজয়)। "সাবিত্রী শাপিলা কেন আদ্য কথা বলি শুন সৃষ্টারম্ভে ব্রহ্মাণী নিয়মে।"—শিবায়ন। **শাপান্ত**—বি, শাপাবসান। **শাপাস্ত্র**—অভিসম্পাতকে সহায়রূপ অস্ত্র-

স্বরূপ ব্যবহার করেন ; ঋষি। শাপিবেন্ত—[প্রা-বাং। আধু-বাং শাপিবেন] শাপ দিবেন ; অভিসম্পাত করিবেন। প্র—"পুত্র শোকে কুন্তী দেবী মোকে শাপিবেন্ত"—মহা (শ্রীকর)।

শাপিত [শপ্+ণিচ্=শাপি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিন্দিত। ২। তিরস্কৃত।

শাফেদ, শফেদ (দ্) [সং—শ্বেত অপভ্রংশে হি—সুফয়েদ, সফেদ] বিণ, শ্বেত ; শুক্ল ; সাদা।

শাব [শব+অ (সম্বন্ধার্থে অণ্)] বিণ, শব সম্বন্ধীয়।

শাবক (ক্) [শব্ (গমন করা) +অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—ঘঞ্) = শাব+ক (অল্পার্থে) যে অল্পে অল্পে গমন করিতে পারে] বি, পুং, শিশু ; পশ্বাদির বৎস বা ছানা।

শাবন (ন্) [সং—শ্রাবণ হইতে গ্রা-হি—বাং প্রাকৃ] বিণ, শ্রাবণ মাস। ২। হিন্দুস্থানে শ্রাবণ মাসের ঝুলন উৎসব ; বর্ষা উৎসব। শাবন গাওয়া—ঝুলনের সময় কাজ্‌রী গান গাওয়া।

শাবর (র্) [শবর (নীচ জাতি) +অ (সম্বন্ধার্থে অণ্)] বিণ, শবর সম্বন্ধীয়। ২। বি, পুং, পণ্ডিত শবরস্বামিকৃত ভাষ্যগ্রন্থ। ২। মৃগচর্ম্ম। ৩। পাপ। ৪। অপরাধ। ৫। লোধ্রতরু ; লোধ গাছ।

শাবল (ল্) [শর্ব্বলা শব্দজ] বি, তোমরাস্ত্র। ২। খনিত্র ; খননাস্ত্র।

শাবান (ন্) [আ—শাআবান্] বি, মুসলমান বৎসরের অষ্টম মাস।

শাব্দ [শব্দ+অ (সম্বন্ধার্থে অণ্)] বিণ, শব্দ সম্বন্ধীয়। শাব্দবোধ—শব্দসংক্রান্ত জ্ঞান। ২। শব্দার্থ পরিজ্ঞান।

শাব্দিক (ক্) [শব্দ+ইক (জ্ঞাতার্থে ইকণ্)] বিণ, শব্দশাস্ত্রজ্ঞ ; শব্দশাস্ত্রবিৎ ; বৈয়াকরণ। ২। বিণ, শব্দাড়ম্বরকারী। প্র—"সে শাব্দিক ও মস্তিষ্কের দোষ ঘটিত।"—টেকচাঁদ। বি, শাব্দিকতা—শব্দবাহুল্য ; শব্দাড়ম্বর। প্র—"এই শ্রেণীর লেখকেরা অতিশয় শাব্দিকতা প্রিয়।"—চন্দ্রনাথ বসু।

শামর [সং—শ্যামল হইতে, ব্রজ] বিণ, শ্যামল ; শ্যাম। প্র—"শ্যামর মেঘ সৌদামিনী মণ্ডিত" —বি, প। স্ত্রী, শামরী—শ্যামলী ; শ্যামা। প্র—"শামরী রে ঝামরী তোর দেহা"—বি, প।

শামলা (য্) [সং—শ্যামল হইতে] বিণ, শ্যামবর্ণ ; কৃষ্ণবর্ণ।

শামলা, শাম্‌লা (য্) [আ] বি, চিকনের কাজ করা কিনারাদার সরু শালের পাগড়ী ; মোড়াশা পাগড়ী। প্র—"সুখ নেই আর উকিল মহলে * * * * * * * * * * * উকিলেরা বেচে শামলা ভাবচে বসে যত আমলা কিসে দিন চলে"—গান।

শামা [সং—শ্যামা শব্দের গ্রা-কথ্য রূপ] বি, স্ত্রী, শ্যামা ; কালিকা। ২। বিণ, কৃষ্ণবর্ণা। শামাচরণ—শ্যামা দ্রঃ। শামাপূজা —শ্যামা দ্রঃ।

শামা [আ] বি, বাতি ; প্রদীপ। শামাদান —(ন) বাতিদান।

শামা [শামী দ্রঃ] বি, লৌহবলয়।

শামান (শামানো) [সং—শম্ (উপশমে, শান্তভাবে, নিবৃত্তি, অর্থে) ধাতুজ। হি—সামানা। উ-পু—শামাই। ম-পু—শামাও। প্র-পু—শামায়। অস-ক্রি—সামাইতে ; সামাইয়া] ক্রি, প্রশমিত করা ; নিবৃত্ত করা। ২। আধারগত হওয়া ; প্রবিষ্ট হওয়া ; to be held in. প্র—"পিরীতি বেয়াধি যদি অন্তরে শামাইল। ঔষধ খাইতে তবে পরাণ জারি গেল॥"—চণ্ডীদাস। বি, শামাই—ধৈর্য্য ; সহ্য। তুল—হি—সমাই।

শামিয়ানা, শামীয়ানা [ফা] বি, চাঁদনি ; চাঁদোয়া ; আচ্ছাদন।

শামিল (ল্) [সামিল দ্রঃ] বিণ, অন্তর্গত। ২। সদৃশ।

শামুক (ক্) [সং—শম্বুক] বি, শম্বুক ; জলশুক্তি।

শাম্বরী [শম্বর (অসুর বিশেষ) +অ (কৃতার্থে অণ্) = শাম্বর—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, কুহক-বিদ্যা ; মায়াবিদ্যা ; ঐন্দ্রজাল।

শাম্বুক, শাম্বূক (ক্, ক্) [শম্বুক—শম্বূক +অ (স্বার্থে—অণ্)] বি, পুং, শামুক।

শাম্ভব (ব্) [শম্ভু (শিব) +অ (পূজকার্থে)] বি, পুং, শম্ভুর উপাসক ; শৈব। ২। [অপত্যার্থে অণ্] শম্ভুপুত্র ; শাঙ্করি। ৩। [বৈদ্যকে] বিষবিশেষ। (২) দেবদারু বৃক্ষ। (৩) গুগ্‌গুল। (৪) কর্পূর। ৪। বিণ, শম্ভুসম্বন্ধীয়। স্ত্রী, শাম্ভবী—শিব-শক্তি ; দুর্গা। ২। নীলদূর্ব্বা।

শায়ক (ক্) [শো (তীক্ষ্ণ করা) +অক (কর্ত্তৃ, সংজ্ঞার্থে) শো=শা] বি, পুং, বাণ ; তীর ; শর। ২। খড়্গ।

শায়িত [শী+ণিচ্=শায়ি (শোয়ান) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিপাতিত। ২। যাহাকে শয়ন করান হইয়াছে এরূপ।

শায়েস্তা [ফা—শৈস্তা] বিণ, শিক্ষিত ; শিক্ষা-প্রাপ্ত।

শারঙ্গ [সং—শারঙ্গী] বি, বেহালার আকৃতি তন্তযন্ত্রবিশেষ ; সারেঙ।

শারঙ্গ—সারঙ্গ দ্রঃ।

শারদ (দ্) [শরদ্ (শরৎকাল বা বৎসর) + অ (স্বার্থে—অণ্)] বি, শরৎকাল, ভাদ্র আশ্বিন মাস। ২। বৎসর। ৩। পীড়া ; রোগ। ৪। শরৎকালীন ধান্যবিশেষ। ৫। শ্বেতপদ্ম। ৬। বকুল। ৭। শরৎকালজাত শস্য। ৮। ঘেসোমুগ। ৯। বিণ, শরৎ-কালীন। ১০। নবীন ; নূতন। ১১। প্রশস্ত। ১২। বিনীত। ১৩। অপ্রতিভ। ১৪। সাম্বৎ-সরিক। শারদনিশা,—যামিনী—বি, শারদীয়া যামিনী ; শরৎকালীন রাত্রি। প্র—"কেন নীরব ঝিল্লী নিকর নিদ্রিত শারদ নিশায়।"—গান। "আর সে শারদ যামিনী" —বি, প। শারদ শশী—বি, শরচ্চন্দ্র ; শরৎকালের চাঁদ।

শারদা [সং] বি, স্ত্রী, দেবী ভগবতী ; দুর্গা। ২। বাক্‌দেবী ; ভারতী ; সরস্বতী। ৩। সারিবা ; শ্যামালতা। ৪। ব্রাহ্মী।

শারদী (রো) [সং] বি, স্ত্রী, শরৎপর্ব্ব ; কোজাগর পূর্ণিমা। ২। ছাতিমগাছ।

শারদীয় [শারদ+ঈয় (যুক্তার্থে)] বিণ, শরৎ কালীন। প্র—"আছে ত তোমার সেই কনক বরণ * * * সেই সে গগন গায় শারদীয় পূর্ণিমায় আঁকা শশী হেসে চায় ঢেলে দেয় রজত কাঞ্চন"—বাং-গান। স্ত্রী, শারদীয়া। প্র—"তাহে শোভিত মূরতি কমলার আজি শারদীয়া পূর্ণিমার॥"—বাং-গান। শারদীয়া পূজা—শরৎকালীন দুর্গাপূজা।

শারি, শারী [সং] বি, পুং, শারিকা ; শালিক ; ময়না। প্র—"শারী বলে আমার রাধা বামে যতক্ষণ, নৈলে শুধুই মদন।"—বাং-গান (গোবিন্দ অধিকারী)।

শারি, শারী [সং] বি, পাশার গুটিকা। ২। লড়ায়ে হাতীর পিঠের পালান। ৩। সারি (দ্রঃ) গান। ৪। নিন্দাবাদ। ৫। প্রতারণা ; কপটতা। শারীফল—ফলক —পাশার গুটি।

শারিকা [সং] বি, শালিকপাখী।

শারিঙ্গী [সং—শারঙ্গী অপভ্রংশে] বি, সারঙ্গ দ্রঃ।

শারীর (র্) [শরীর+অ (সম্বন্ধে জাত অর্থে)] বিণ, শরীর হইতে উৎপন্ন ; দেহজাত। ২। শরীর সম্বন্ধীয়। ৩। বি, পুং, দৈহিকতত্ত্ব ও সমস্ত যন্ত্রাদির বর্ণনামূলক গ্রন্থ। ৪। বেদান্ত সূত্র। ৫। জীবাত্মা। ৬। বৃষ। শারীর তত্ত্ব, শারীরস্থান—দৈহিকতত্ত্বনির্ণায়ক শাস্ত্র ; শারীরিকতত্ত্ববিধায়ক শাস্ত্র। শারীর বিধান—বি, শরীরস্থান বিদ্যা ; দৈহিকতত্ত্ব-নিরূপণ শাস্ত্র ; physiology. শারীরশাস্ত্র —শরীর সংস্থান ও শরীরস্থ রাসায়নিক ক্রিয়া পরিজ্ঞাপক শাস্ত্র।

শারীরক (ক্) [সং] বি, বেদান্ত মীমাংসা সম্বন্ধীয় শঙ্করভাষ্য।

শারীরিক (ক্) [শরীর+ইক (ইদমর্থে—ইকণ্)] বিণ, শরীর সম্বন্ধীয় ; দৈহিক ; কায়িক। ২। দেহোৎপন্ন ; শরীরজাত। ৩। বি, বেদান্তসূত্র। ৪। জীবাত্মা।

শারেঙ [সং—শারঙ্গী হইতে গ্রা] বি, সারঙ্গ দ্রঃ। প্র—শারেঙ বাজিয়ে গান করা।

শার্কর (র্) [শর্করা (চিনি বা কাঁকর) +অ (যুক্তার্থে অণ্)] বিণ, শর্করা সম্বন্ধীয়। ২। শর্করাবিশিষ্ট ; শর্করা-মিশ্রিত। ৩। কাঁকর-যুক্ত ; কাঁকরমিশ্রিত ; কাঁকুরে। ৪। দানাদার।

শার্ঙ্গ [শৃঙ্গ (শিং) +অ (সম্বন্ধার্থে অণ্)] বিণ, শৃঙ্গজাত ; শৃঙ্গদ্বারা নির্ম্মিত। ২। শৃঙ্গ সম্বন্ধীয়। ৩। বি, পুং, বিষ্ণুর ধনুঃ ; ধনুক। **শার্ঙ্গক**—বি, পুং, শার্ঙ্গপাণি ; ধনুর্দ্ধর। **শার্ঙ্গধন্বা**—বি, পুং, শার্ঙ্গধনুর্ধারী ; বিষ্ণু। **শার্ঙ্গপাণি**—বি, পুং, বিষ্ণু। ২। ধনুর্দ্ধারী।

শার্ঙ্গী [শার্ঙ্গ+ইন্ (অস্ত্যর্থে) = শার্ঙ্গিন্ ১মা, ১ব] বি, পুং, শার্ঙ্গপাণি।

শার্ট [ইং—shirt] বি, কামিজ ; পিরান।

শার্দ্দূল (ল্) [শৃ (হিংসা করা) +দূল (কর্ত্তৃ সংজ্ঞার্থে দুলচ্)] পুং, ব্যাঘ্র। ২। শরভ। ৩। রাক্ষস। ৪। পক্ষিবিশেষ। ৫। শব্দের পর যুক্ত হইয়া ইহা শ্রেষ্ঠত্ববাচক হয়। প্র—নরশার্দ্দূল। স্ত্রী, **শার্দ্দূলী**—ব্যাঘ্রী। প্র—"* * * বাহিরিলা আশুগতি দোঁহে শার্দ্দূলী অবর্ত্তমানে ; নাশি শিশু যথা নিষাদ ;"—মেঘনাদ।

শার্দ্দূলবিক্রীড়িত (শার্দ্দূলবিক্রীড়িত) বি, ক্লী, উনবিংশাক্ষর ছন্দোবিশেষ।

শার্ব্বর (র্) [সং। শর্ব্বরী দ্রঃ] বিণ, শর্ব্বরী সম্বন্ধীয়। ২। নৈশ ; নিশাকালীন। ৩। বিনাশক ; হননকারী ; ঘাতক। ৪। বি, ঘোরতিমির ; নিবিড় আঁধার। স্ত্রী, **শার্ব্বরী**—রাত্রি ; যামিনী।

শাল (ল) [শাল্ (গমন করা) শাল্ (শ্লাঘা করা) +অ (সংজ্ঞার্থে—ঘঞ্)] বি, পুং, শালিবাহন নৃপতি। ২। শোলজাতীয় বৃহৎ মৎস্যবিশেষ। ৩। স্বনামখ্যাত বৃক্ষ। প্র—"বন-সুশোভন শাল ভূপতিত আজি"—মেঘনাদ। ৪। অস্ত্রবিশেষ। ৫। দুঃখ ; ব্যথা। প্র—"যৌবনে মরণকাল, হৃদয়ে রহিল শাল প্রবোধ পরাণে নাহি মানে"—কবিকঙ্কণ। ৬। আঘাত ; তালা। প্র—"কর্ণে লাগে শাল"—কাশী-মহা-বিরাট। ৭। প্রাচীর। ৮। বৃহৎ শূল। প্র—শালে চড়ান। **শালে দেওয়া,—চড়ান**—বৃহৎ শূলের উপর বসাইয়া হত্যা-করণরূপ দণ্ড। **শালে ভর দেওয়া**—লোহার ধারাল ঊর্দ্ধমুখ গজাল সমূহ যে তক্তার উপর সারি দিয়া আঁটা তাহার উপর পতিত হইয়া তপস্যা করা। **শাল-কোঁড়া**—বি, শালগাছের তেজাল চারা। প্র—"রূপগুণশীল বাড়া বাড়ে যেন শাল কোঁড়া জিনি শ্যাম চামরকুন্তল।"—কবিক।

শাল (ল্) [ফা] বি, তিব্বতীয় ছাগলোমজাত শীতবস্ত্রবিশেষ। **কাশ্মীরি শাল**—কাশ্মীরের নির্ম্মিত শাল। ইহা উৎকৃষ্ট ও মূল্যবান এবং প্রসিদ্ধ। **একরোকা শাল**—একদিকে ফুল তোলা বা একপিট সোজা এক পিঠ উল্টা বুননের শাল। **দোরোকা শাল**—দুই পিঠ সোজা বুনানের বা দুইপিঠে ফুল তোলা শাল। **দোশালা, শালের জোড়া**—দুই ফর্দ্দ শাল। **শাল দুশালা, দোশালা**—শাল, শালের জোড়া প্রভৃতি বহুমূল্যবান্ গাত্রবস্ত্র। প্র—"কেহ উড়ায় শাল দুশালা কেহ পায়না ছেঁড়া টেনা।"—রামপ্রসাদ। **বুটিদার শাল**—ছুঁচে তোলা ছোট ছোট ফুলদার শাল। **চিড়িয়াবুটি শাল**—মাছির মত বুটিযুক্ত শাল। **শালের রুমাল বা রূমাল**—পিঠ ঢাকা ছোট শাল। **পাল্লাদার বা পাল্লেদার শাল**—যে শালের কোণে ফুল পাতা কাটা চওড়া আঁচলা আছে। **কুঞ্জদার শাল**—যে শালের কোণে ফুল তোলা বা কাটা থাকে। **ডুরিদার শাল**—যে শালে রেশমী সুতার কাজ করা থাকে, সুতার ফলপাতাদি তোলা শাল। যে শাল প্রচুর ফুল লতাপাতাদিতে পূর্ণ থাকে তাহার নাম **জামিয়ার**।

শাল (ল্) [সং—শালা হইতে] বি, আগার ; শালা ; আলয়। প্র—ঘোড়াশাল ; হাতী-শাল ; পাঠশাল। ২। কারখানা ; কামার-শাল। প্র—"ঘাত করে ঘরে তারে পাতাইব শাল। শূল ভাঙ্গি সাজসজ্জা করাইব কাল।" শিবায়ন। "আদেশিল মহীপাল তথায় পাতিল শাল গড়ে কলধৌত কারিগর।"—কবিক।

শালগম (ল্, ম্) বি, মূল-শাকবিশেষ turnip.

শালগ্রাম (ল্, ম্) [সং। গ্রা—শালগেরাম] বি, বিষ্ণুপুরাণোক্ত তীর্থবিশেষ এখানে ঋষভ-দেবের ভক্ত ভরত তপস্যা করিয়াছিলেন। ২। গণ্ডকীতীর্থে উৎপন্ন শিলাময়ী বিষ্ণু মূর্ত্তিভেদ। **শালগ্রাম শিলা**—গণ্ডকী নদীগর্ভজ সচ্ছিদ্র মসৃণ গোল কৃষ্ণপ্রস্তর। **শাল গ্রামের শোয়া বসা সমান**—[গোলাকার বলিয়া—তাহা হইতে] সকল অবস্থায় সমভাব ; বিশেষত্বহীন। **সব নুড়ো শালগেরাম নয়**—শিলাখণ্ড হইলেই হয় না, একমাত্র গণ্ডকীতীর্থে নদীগর্ভজ শিলাখণ্ড যাহার অঙ্গে শঙ্খচক্র গদাপদ্মাকৃতি রেখা ও ছিদ্রাদি থাকে তাহাই শালগ্রাম বলিয়া বিশেষিত হয় (তুল—"সকল গজে মোতি নাহি মানি"—বি, প)।

শালজ (জ) [শাল (মৎস্য বিশেষ) জ (তাহা হইতে জাত)] বি, পুং, শালমাছ।

শালতি (ল্) [শাল (বৃক্ষবিশেষ) +তি] বি, শালকাটের নৌকাবিশেষ ; ডোঙ্গা।

শালনির্য্যাস (শালনির্জ্জ্যাশ্) [শালের—নির্য্যাস—৬তৎ] বি, পুং, শালগাছের আঠা ; ধুনা।

শালভঞ্জি, ভঞ্জিকা, ভঞ্জী (ল, ভো) [শাল (বৃক্ষ) ভন্জ (ভাঙ্গা—নির্ম্মাণ করা) +অ (কর্ম্মে অল্) = শালভঞ্জ+ঈপ্, স্ত্রী, আপ্] বি, স্ত্রী, কাষ্ঠপুত্তলিকা ; কাষ্ঠখোদিত মূর্ত্তি। প্র—"জিজ্ঞাসিলা শূলপাণি কহ জয়া সত্যবাণী শালভঞ্জী কাহার নির্ম্মিত।"—কবিকঙ্কণ।

শালা [শল্ (গমন করা) +অ (অধি, সংজ্ঞার্থে) —বিশ্রামার্থ গমন করা হয় যেখানে ; আপ্, স্ত্রী] বি, স্ত্রী, গৃহ ; আলয় ; ঘর ; নিবাস। ২। গৃহাংশ ; ঘরের একদিক। ৩। বড় ডাল।

শালা [সং—শ্যালক] বি, পুং, পত্নীর ভ্রাতা। ২। স্ত্রীর ভাই বলিয়া গালি ; সম্বন্ধী। **শালা ঝি**—শ্যালক পুত্রী। **শালাপো**—শ্যালক পুত্র। **শালা বাঞ্চোৎ**—অশ্লীল গালি। শকার বকার দ্রঃ। **শালা ভগ্নীপতি**—ভগ্নীর ভ্রাতা ও পতি। **শালা সম্বন্ধী**—সহচর শব্দদ্বয়।

শালাজ (জ্) [শ্যালক জায়া হইতে] বি, স্ত্রী, শ্যালকের স্ত্রী ; পত্নীর ভ্রাতৃজায়া।

শালাঞ্চি—বি, স্ত্রী, শাকভেদ ; শাঞ্চে শাক

শালামৃগ—বি, শৃগাল।

শালাবৃক—বি, বানর। ২। কুকুর। ৩। বিড়াল। ৪। শিয়াল।

শালি—বি, সরু আমন ধান্যবিশেষ। প্র—"কনকের থালে ওদন শালি। কাঞ্জিকা সহিত করিয়া মেলি॥"—কবিক। ২। যাহাতে আমন ধান্য জন্মে।

শালিক (ক্) [সং—শারিকা] বি, পক্ষি-বিশেষ।

শালিকা (ক্) [সং] বি, স্ত্রী, আধার। প্র—"ভারত রচিল ফুল-কবিতা কবিতা-রসের শালিকা।"—অ, ম। ২। একপ্রকার চারা গাছ।

শালিনী [শালিন্+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, একা-দশাক্ষর ছন্দোবিশেষ। ২। বিণ, যুক্তা ; মিলিতা ; বিশিষ্টা। প্র—"জটাজালিনী শির-

মালিনি শশিভালিনি সুখশালিনি করবালিনি গো!"—ভারতচন্দ্র। "চন্দ্রমাশালিনী যা মধুযামিনী"—গান (বঙ্কিম)।

শালিপর্ণী (পো) বি, স্ত্রী, মাষপর্ণী।

শালিবাহন (ন) [শালি (সিংহ) বাহন যাহার—বহু] বি, পুং, নৃপতিবিশেষ। [প্রসিদ্ধি আছে যে এই রাজা শৈশবে সিংহরূপী এক যক্ষকে বাহন করিয়া ভ্রমণ করিতেন তদনুসারে ইঁহার নাম শালিবাহন হয়। ইঁহার প্রবর্ত্তিত অব্দের নাম শকাব্দা।

শালী [শালা (গৃহ)+ইন্ (অস্ত্যর্থে) কিম্বা শাল্ (শ্লাঘা করা)+ণিন্ (কর্ত্তৃ)=শালিন্ ১মা, ১ব] বিণ, শোভমান। ২। যুক্ত; বিশিষ্ট। ৩। বি, কৃষ্ণজীরক; কালজীরা।

শালী [শ্যালিকা বা শ্যালী শব্দজ] বি, স্ত্রী, পত্নীর সহোদরা অথবা ভগিনী স্থানীয়া। প্র—"এত প্রথম কলি বৈত নয় পরেই বা কি হয়; * * * * * * * বাপের বেটী মুড়কি পায় না শালীর মোণ্ডা রোজ, সহোদরের মুখ দেখে না শালার গোলাম হয়েরয়:"—বাং-গান (রূপচাঁদ পক্ষী)। **শালি-ঝী**—বি, স্ত্রী, শ্যালিকা কন্যা; স্ত্রীর বোন-ঝী। **শালীপতি**—বি, পুং, স্ত্রীর ভগ্নীপতি। **শালীপতি ভাই**—বি, পুং, শ্যালিকা-পতি; স্ত্রীর ভগিনীপতি সম্বন্ধে ভ্রাতা; ভায়রা ভাই। **শালী-পো**—শ্যালীর পুত্র।

শালীন (ন্) [সং। (গৃহ)+ঈন] বিণ, লজ্জাশীল; লাজুক। ২। বিনীত; বিনয়যুক্ত। ৩। তুল্য; সদৃশ। স্ত্রী, **শালীনা**—শতপুষ্পা। বি, **শালীনতা**—বি, স্ত্রী, নম্রতা; বিনীতভাব। ২। লজ্জাশীলতা; লাজুকতা।

শালু [সালু দ্রঃ] বি, লাল কাপড়বিশেষ।

শালুক, শালূক (ক্) [শল্ (গমন করা)+উক: উক; সংজ্ঞার্থে] বি, স্ত্রী, জলজ পুষ্পবিশেষ; হেলাফুল; কুমুদ ফুল। ২। পদ্মাদির মূল।

শালুর, শালূর (র্) [শল্ (গমন করা)+উর, উব (কর্ত্তৃ, সংজ্ঞার্থে) যে লম্ফ দিয়া শীঘ্র গমন করে] বি, পুং, ভেক: বেঙ্। প্র—"মলগণ শালুর, সেনেরে দেপে অহি।"—ঘনরাম।

শালেয় [শালি (ধান্য)+এয় (তৎক্ষেত্রার্থে এয়ণ্)] বিণ, যে ক্ষেত্রে শালি জন্মে: শালি ধান্যের উপযোগী ক্ষেত্র বা ভূমি। ২। বি, পুং, মধুরিকা: মৌরি।

শালোত্তরীয় [শালা (গুরুগৃহ) উত্তরীয় (উত্তীর্ণীকৃত) হইয়াছে যৎকর্ত্তৃক, বহু; অর্থাৎ যিনি নির্বুদ্ধিতাবশতঃ গুরুগৃহ পরিত্যাগ করিয়া শিবোপাসনায় বিদ্যা উপার্জ্জন করিয়াছিলেন] বি, পুং, শালোত্তর মুনির শিষ্য; বিখ্যাত ব্যাকরণকার মুনি পাণিনি।

শাল্‌তী [শাল শব্দজ] বি, শালবৃক্ষনির্ম্মিত ক্ষুদ্র ডোঙ্গা; শালতি দ্রঃ।

শাল্মল (ল্) [শাল্+মলচ্ (সংজ্ঞার্থে)] বি, শিমুলগাছ। ২। সপ্তদ্বীপান্তর্গত দ্বীপবিশেষ।

শাল্মলি, শাল্মলী [শাল্ (দৈর্ঘ্য হেতু দূরে গমন করা)+মলি=শাল্মলি, শল+ণিচ্=শালি+কিপ্ (ভাবে)=শাল—মল্+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) অল্=শাল্মল+ই (সংজ্ঞার্থে)] বি, পুং-স্ত্রী, সপ্তদ্বীপান্তর্গত দ্বীপবিশেষ। ২। শিমুলগাছ। ৩। গরুড়। **শাল্মলিপত্রক**—বি, পুং, সপ্তচ্ছদ বৃক্ষ: ছাতিমগাছ। **শাল্মলীবেষ্ট**—বি, পুং, শিমুলের আঠা।

শাল্ব (শাল্ল) [শাল+ব (সংজ্ঞার্থে)] বি, পুং, মেরুপ্রদেশের অধীশ্বর। ২। উত্তর ভারতস্থ দেশবিশেষ।

শাশ (শ্) [সং—শ্বশ্রূ। হি—শাশ] বি, স্ত্রী, শ্বশ্রূ; শাশুড়ী। প্র—"কত দুঃখে আয়ল পিয়া মথু লাগি। দারুণ শাশ রহল জাগি॥"—বিদ্যাপতি। **খুড়শাশ**—খুড় শাশুড়ী। **জাঠশাশ, জেঠশাশ**—স্ত্রীর বা স্বামীর জ্যাঠাই। **পিস্‌শাশ**—স্ত্রীর বা স্বামীর পিসি। **মাস্‌শাশ**—স্ত্রী বা স্বামীর মাসী।

শাশী, শার্শী [ইং—sash door, শিশা দ্রঃ] বি, কাচপট্ট; পরকলা, কাচের দ্বার বা জানালা।

শাশুড়ি, শাশুড়ী [শ্বশ্রূ শব্দজ] বি, স্ত্রী, স্ত্রীপক্ষে স্বামীর ও স্বামীপক্ষে স্ত্রীর জননী। প্র—"করিব গো অহোরাত্রি শাশুড়ীর চরণ বন্দন"—অশোকগুচ্ছ। **খুড় শাশুড়ী**—স্ত্রীপক্ষে স্বামীর ও স্বামীপক্ষে স্ত্রীর খুল্লতাত পত্নী। **জ্যেঠ শাশুড়ী**—স্ত্রীপক্ষে স্বামী ও স্বামীপক্ষে স্ত্রীর জ্যেষ্ঠতাত পত্নী।

শাশ্বত, শাশ্বতিক (শাশ্‌শত, শাশ্‌শোতিক্) [শশ্বৎ (সর্ব্বদা)+অ, ইক (ভবার্থে অণ, ইকণ্)] বিণ, অবিনশ্বর; নিত্য। ২। বি, পুং, বেদব্যাস মুনি।

শাস, শাসা—বি, শ্বাস। প্র—"তৈপনে ক্ষীণ ভেল শাসা।"—বিদ্যাপতি।

শাসন (শাশন্) [শাস্ (উপদেশ করা, শাসন করা)+অন] বি, ক্লী, দমন। ২। আদেশ। প্র—"কি কাজ করিব নাথ করহ শাসন।"—কবিক। ৩। উপদেশ। ৪। প্রতিপালন। ৫। অনুশাসন; সনন্দ। ৬। লিখিত পত্র। ৭। রাজদত্ত ভূমি। বিণ, **শাসিত**। **শাসনতন্ত্র**—বি, রাজ্যশাসন প্রণালী। **শাসনপত্র**—বি, হুকুমনামা; পরওয়ানা। **শাসনহর,—হারক,—হারী**—আজ্ঞাবাহক; বার্ত্তাবহ; রাজদূত: পেয়াদা।

শাসনীয় (শ) [শাস্ (শাসন করা)+অনীয় (কর্ম্মে)] বিণ, শাস্য; শাসনযোগ্য; দমনীয়।

শাহ (হ্) [ফা—শাহ্] বি, রাজা। **শাহজাদা**—রাজপুত্র। **শাহজাদী**—রাজকন্যা। **শাহানশাহ**—রাজাদিগের উপর রাজা; বাদশাহ; সম্রাট। বিণ, **শাহানশাহী**—বাদশাহী। প্র—"হুকুম শাহানশাহী আর কিছু নাহি চাহি"—অ, ম।

শাহজাহান (ন্) [ফা—জাহানের (পৃথিবীর) শাহ্ (রাজা)] বি, পৃথিবীপতি। ২। দিল্লীর সম্রাট আকবরের পৌত্র।

শাসা (শাশা) [শাসন হইতে। উ-পু—শাসি। ম-পু—শাস। প্র-পু—শাসে। অস-ক্রি—শাসিতে, শাসিয়া] ক্রি, শাসন করা। প্র—শাসিল সুন্দরী যদি সেঁচিতে না জান।"—শিবায়ন।

শাসান, শাঁসান (শাশানো) [শাসন+আন (করা অর্থে), সংক্ষেপে। উ-পু—শাসাই। ম-পু—শাসাও। প্র-পু—শাসায়। অস-ক্রি—শাসাইতে; শাসাইয়া, শাসিয়ে] ক্রি, শাসন করা। ২। তর্জ্জন গর্জ্জন করিয়া ভয় দেখান; তিরস্কার করা। বি, **শাসানি**—দণ্ডের ভয় প্রদর্শন; তিরস্কার; তাড়না। প্র—"নাড়ী টিপে জারি কত, ঘরেতে শাসানি"—হেম বন্দ্যো।

শাসিতা [শাসিতৃ শব্দ] বিণ, শাসনকর্ত্তা; শাস্তা। ২। বি, শিক্ষক।

শাসিয়াল (শাশিআল্) [শাসন শব্দজ। প্রা-বাং] বিণ, ক্ষমতাশালী; তেজস্বী। প্র—"শাসিয়াল ঘর তুমি বিবাদে আগল।"—পদ্মা-পুরাণ (বিজয়)।

শাস্তা [শাস্তৃ শব্দ ১মা, ১ব] বিণ, শাসক। ২। গুরু। ৩। পিতা। ৪। রাজা। ৫। শাক্যসিংহ। ৬। শাস্তিদায়ক। প্র—"শাস্তিব শাস্তায় আমি দণ্ডিব দাম্ভিকে বীরেন্দ্র!"—রঙ্গমতী।

শাস্তি [শাস্ (শাসন করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, নিগ্রহ; দণ্ড। ২। নিয়ম।

শাস্ত্র [শাস্+ত্র (করণে) যাহা দ্বারা শাসন বা শিক্ষা করান হয়] বি, ক্লী, বেদ, তন্ত্র, দর্শন, পুরাণাদি পুস্তক। ২। যাহা সত্যবিদ্যাপ্রতিপাদনযুক্ত এবং যাহা দ্বারা মনুষ্যের সত্যাসত্য শিক্ষালাভ হয় তাহা শাস্ত্র। ৩। অনুশাসন গ্রন্থ। **শাস্ত্রকার, শাস্ত্রকৃৎ**—বি, শাস্ত্রপ্রণেতা ঋষি। **শাস্ত্রতত্ত্ব**—শাস্ত্রের তাৎপর্য্য; শাস্ত্রের গূঢ় মর্ম্ম। **শাস্ত্রতত্ত্বজ্ঞ**—শাস্ত্রদর্শী। **শাস্ত্রবিহিত,—সঙ্গত,—সম্মত**—বিণ, শাস্ত্রনির্দ্দিষ্ট।

শাস্ত্রমর্ম্ম—বি. শাস্ত্রের গূঢ় রহস্য ; শাস্ত্রের তাৎপর্য্য।

শাস্ত্রজ্ঞ [শাস্ত্র—জ্ঞ (জ্ঞা—জানা + ড—কর্ত্তৃ) উপপদ] বিণ. শাস্ত্রজ্ঞানসম্পন্ন।

শাস্ত্রবিদ্ [শাস্ত্র—বিদ্ (জানা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ. শাস্ত্রজ্ঞ : শাস্ত্রজ্ঞানসম্পন্ন।

শাস্ত্রানুমোদিত [শাস্ত্র + অনুমোদিত] বিণ. শাস্ত্রসম্মত : শাস্ত্রনির্দ্দিষ্ট।

শাস্ত্রানুশীলন (ন্) [শাস্ত্র + অনুশীলন] বি. শাস্ত্রালোচনা। বিণ. **শাস্ত্রানুশীলিত**।

শাস্ত্রী [শাস্ত্র + ইন্ (জ্ঞাতার্থে) - শাস্ত্রিন্ ১মা. ১ব] বি. পুং. শাস্ত্রজ্ঞানসম্পন্ন পণ্ডিতের উপাধি। ২। বিণ. শাস্ত্রবিদ্। ৩। শাস্ত্রের তাৎপর্য্যজ্ঞানী।

শাস্ত্রীয় [শাস্ত্র + ঈয়] বিণ. শাস্ত্রবিহিত। ২। শাস্ত্রোক্ত। ৩। শাস্ত্রসম্বন্ধীয়।

শাস্য (শাশ্‌শ) [শাস্ (শাসন করা) + য (কর্ম্মে ঘ্যণ্)] বিণ. শাসনীয় ; শাসনযোগ্য। ২। শিক্ষণীয়।

শাহিদ (দ্) [ফা] বি. সাক্ষী।

শিউরান (নো) [সং—শিহরণ অপভ্রংশে শিঅরণ. শিউরণ + আন (ক্রিয়া-বিভক্তি)] ক্রি. ভয়ে কণ্টকিত হওয়া।

শিউলি [সং—শেফালি] বি. শেফালিকা ফুল।

শিং [সং—শৃঙ্গ হইতে। ব্রজ—সীঁগ। প্র—সিআর কা অক্রো সীঁগ জনমএ"] বি. শৃঙ্গ। **শিং বাঁকান**—শিং বিঁধাইয়া দিবার জন্য ঘাড় বাঁকান।

শিং—সিং দ্রঃ।

শিংশপা [সং] বি. শিশুগাছ।

শিঁড়ি—সিঁড়ি দ্রঃ।

শিক (ক্) [ফা—সীখ্ হইতে। হি—সীক] বি. শলাকা। দীর্ঘ লৌহদণ্ড। **শিককাবাব**—শলাকাবিদ্ধ মাংস পোড়া। **শিকপোড়া**—শলাকাবিদ্ধ করিয়া অগ্নিতে দগ্ধমাংস ; শিক কাবাব। প্র—"সজারু করহ শিকপোড়া।"—কবিক।

শিকড় (ড়) [সং—শৃঙ্খল—শিকল হইতে] বি. বৃক্ষের মূল।

শিকদার (র্) [ফা] বি. শান্তিরক্ষক কর্ম্মচারি-বিশেষ। প্র—"কেহবা ধরিয়া লয় শিকদার স্থানে"—চৈ-ভা। ২। মুসলমান রাজাদিগের আমলে রাজকর্ম্মচারীর উপাধিবিশেষ। তাহা হইতে এক্ষণে কৌলিক উপাধিবিশেষ।

শিকল, শিকলি (ল্) [শৃঙ্খল শব্দজ] বি. জিঞ্জির ; নিগড়।

শিকস্তী [ফা—শিকস্ত্] বিণ. ভগ্ন। **শিকস্তী জমী**—নদ্যাদির জলের আঘাতে যে জমী নষ্ট হইয়াছে।

শিকা, শিকে [শিক্য শব্দজ] বি. বিবিধ দ্রব্যাদি রক্ষণের জন্য রজ্জুনির্ম্মিত আধার। প্র—"দুর্গাকালী শিব নাম শিকেয় তুলে রাখি।" -হেম বন্দ্যো। "ঝোলা গুড় তোলা ছিল শিকের উপর।"—ঈশ্বর গুপ্ত।

শিকার (র্) [ফা—শিকাব্] বি. মৃগয়া।

শিকি, শিকে [সিকী দ্রঃ] বি. ক্ষুদ্র রৌপ্য মুদ্রা। প্র—"তুমি ষোল আনা মাত্র নহ পাঁচ শিকে।"—কণিকা।

শিকিরা [শিকারী হইতে] বি. শিকারী পাখী : শিক্‌রে। প্র—"শিকিরা বাজ হৈল ময়না মূরত বদলাইয়া॥"—মাণিকচাঁদের গান।

শিক্থ (ক্) [শিচ্ (সেক করা) + থ (সংজ্ঞার্থে থক্)] বি. ক্লী. মোম।

শিক্নি [সং—শিঙ্ঘাণ) বি. নাসিকাপথ দিয়া নির্গত শ্লেষ্মা।

শিক্য (শিক্‌ক) [শক্ (পারগ হওয়া) + য (কর্ত্তৃ. নিপাতনে) : শক্ = শিক্ যাহা ভার ধারণে পারগ হয়] বি. ক্লী. দড়ির শিকা। স্ত্রী. **শিক্যা**।

শিক্ষক (শিক্‌খক্) [শিক্ষ্ + ণিচ্ = শিক্ষি (উপদেশ দেওয়া) + অক (কর্ত্তৃ)] বিণ. শিক্ষা-দাতা ; অধ্যাপক। ২। শাস্তা ; শাসনকর্ত্তা।

শিক্ষণ (ন্) [শিক্ষ্ (শিক্ষা দেওয়া) + অন (ভাবে অনট্)] বি. ক্লী. অধ্যাপনা। ২। অধ্যয়ন ; শিক্ষা। ৩। অভ্যাস। ৪। উপদেশ। ৫। দমন।

শিক্ষণীয় [শিক্ষ্ + অনীয় (কর্ম্মে)] বিণ. শিক্ষার উপযোগী। ২। শিক্ষাদান কর্ত্তব্য।

শিক্ষয়িতা [শিক্ষ্ + ণিচ্ = শিক্ষি (শিক্ষা-দেওয়া) + তৃ (কর্ত্তৃ—তৃচ্ = শিক্ষয়িতৃ ১মা. ১ব.] বিণ. অধ্যাপক : শিক্ষাগুরু ; শিক্ষক। স্ত্রী. **শিক্ষয়িত্রী**—অধ্যাপিকা।

শিক্ষা (শিক্‌খা) [সং—শিক্ষ্ (উপদেশ দানে) ধাতুজ] বি. স্ত্রী. বেদের উচ্চারণ শিক্ষা বিষয়ক গ্রন্থ। ২। [ভাবে—অ] অভ্যাস। ৩। উপদেশ। ৪। দমন ; দণ্ড। ৫। শ্যোনাকবৃক্ষ। ৬। [শিখা হইতে প্রাদে] টিকি। প্র—"আমরা হাটের নেড়া শিক্ষে ধরে, ভিক্ষে করে বেড়াই সবে।"—ঈশ্বর গুপ্ত। **শিক্ষাগুরু**—বি. শিক্ষক ; অধ্যাপক। ২। উপদেষ্টা। **শিক্ষাদীক্ষা**—বি. অধ্যয়ন ও মন্ত্রগ্রহণ। **শিক্ষাসভা, সমিতি**—বি. শিক্ষাবিভাগীয় ব্যবস্থাপক সভা। **উচ্চশিক্ষা**—য়ুরোপীয় জ্ঞান-বিজ্ঞানের উন্নত শিক্ষা। **নিম্নশিক্ষা**—প্রাথমিক বা প্রারম্ভিকশিক্ষা। **অন্তঃপুর-শিক্ষা**—পর্দ্দানসীন স্ত্রীলোকদিগের শিক্ষা। **স্ত্রীশিক্ষা**—মেয়েদের শিক্ষা। **লোক-শিক্ষা**—জন সাধারণের শিক্ষা।

শিক্ষিত [শিক্ষ্ + ত (কর্ম্মে—ক্ত) কিম্বা শিক্ষা + ইত (অস্ত্যর্থে)] বিণ. বিদ্বান্ : কৃতবিদ্য। ২। শিক্ষাপ্রাপ্ত। ৩। বিনীত। ৪। নিপুণ দক্ষ। ৫। বশ্য। ৬। উপদেশপ্রাপ্ত ; উপদিষ্ট।

শিখ (খ্) বি. গুরুগোবিন্দের শিষ্যসম্প্রদায়।

শিখণ্ড, শিখণ্ডক, শিখণ্ডিক (ক্) [সং] বি. পুং. ময়ূরপুচ্ছ : ময়ূরের পাখা। প্র—"চূড়া ময়ূর শিখণ্ডক মণ্ডিত"—জ্ঞানদাস। ২। শিখা ; চূড়া। ৩। কাকপক্ষ ; জুল্‌পী। ৪। ময়ূর। প্র—"শিখরে শিখণ্ডরোল।"—জ্ঞানদাস।

শিখণ্ডী [শিখণ্ড + ইন্ (অস্ত্যর্থে) = শিখণ্ডিন্ ১মা. ১ব] বিণ. শিখাযুক্ত : চূড়াধারী। বি. পুং. বিষ্ণু। ২। দ্রুপদ রাজার পুত্র। ৩। কুক্কুট : মোরগ। ৪। ময়ূর। ৫। শর ; তীর। স্ত্রী. **শিখণ্ডিনী**—ময়ূরী। ২। মল্লিকা ফুল।

শিখন (ন্) বি. শিক্ষণ দ্রঃ।

শিখর (র্) [শিখা (চূড়া) + র (সংজ্ঞার্থে আ লোপ] বি. শীর্ষস্থান ; চূড়া। ২। পর্ব্বতের শৃঙ্গ। ৩। বৃক্ষাদির অগ্রভাগ ; আগা। ৪। খড়্গের অগ্রভাগ। ৫। দাড়িম বীজের আভাবিশিষ্ট রত্ন। ৬। শুষ্কতৃণ। স্ত্রী. **শিখরা**। **শিখরবাসিনী**—কৈলাস-বাসিনী ; পার্ব্বতী।

শিখরী [শিখর + ইন্ (অস্ত্যর্থে) = শিখরিন্ ১মা. ১ব] বিণ. শিখরবিশিষ্ট ; অগ্রভাগযুক্ত। ২। বি. পর্ব্বত। ৩। পর্ব্বত দুর্গ। ৪। তরু ; বৃক্ষ। স্ত্রী. **শিখরিণী**—মল্লিকাফুল। ২। সপ্তদশাক্ষর ছন্দোবিশেষ। ৩। উত্তমা নারী।

শিখা [শী (শয়ন করা) + খ (সংজ্ঞার্থে) আপ্ ; শী = শি] বি. স্ত্রী. চূড়া, অগ্রভাগ। ২। কিরীট। ৩। শিখি ; মৌলি। টিকী। ৪। জ্বালা ; অর্চ্চি : আগুনের শীষ। ৫। শাখা। ৬। পাদাগ্র। ৭। প্রধান। **শিখাধর,—ধার,—ধারক**—চূড়াধারী। ২। ময়ূর।

শিখা [গ্রা—শেখা। শেকা। সং—শিক্ষ্ ধাতুজ্। উ-পু—শিখি। ম-পু—শিখ ; শিখুন : শিখ্। প্র—পু—শিখে : শিখেন্। অস-ক্রি—শিখিতে ; শিখিয়া, শিখে। ণিজন্ত—শিখান] ক্রি. শিক্ষা পাওয়া ; বিদ্যাদি আয়ত্ত করা।

শিখান (নো) [শিক্ষণ দ্রঃ। শিখা ধাতুর ণিজন্ত রূপ। উ-পু—শিখাই। ম-পু—শিখাও। প্র-পু—শিখায়। অস-ক্রি—শিখাইতে ; শিখাইয়া। শিখিয়ে] ক্রি—শিক্ষাদান করা ; উপদেশ দেওয়া ; জ্ঞান দেওয়া। প্র—শিখায়েছে তারা বুলি তাই ডাকি মা তারা তারা।"—বাং-গান। ২। চৈতন্য সম্পাদন করা।

শিখাবান্ [শিখা + বৎ (অস্ত্যর্থে বতু) = শিখা-বৎ ১মা, ১ব] বি. পুং. কেতুগ্রহ। ২। অগ্নি। ৩। চিত্রকবৃক্ষ। ৪। বিণ. শিখাবিশিষ্ট।

শিখিকণ্ঠ [শিখী (ময়ূর) তাহার কণ্ঠের বর্ণ যাহার, ম, প, লো, বহু] বি, ময়ূর-কণ্ঠ। ২। তুঁতিয়া।

শিখিধ্বজ, শিখিবাহন (ন্) [শিখী ময়ূর হইয়াছে বাহন যাহার, বহু] বি, পুং, দেব-সেনাপতি কার্ত্তিকেয়।

শিখিপুচ্ছ [শিখীর (ময়ূরের) পুচ্ছ (পাখা) ৬তৎ] বি, ময়ূরপুচ্ছ। প্র—"শিরে শিখিপুচ্ছ বনমালী পীতাম্বর।"—বাং-গান।

শিখী [শিখা+ইন্ (অস্ত্যর্থে) = শিখিন্ শব্দ ১মা, ১ব] বিণ, শিখাবিশিষ্ট। ২। বি, পুং, অগ্নি। প্র—"ডাল কাটি জ্বালে শিখী সূতিকা ভবনে।"—কবিক। ৩। কেতুগ্রহ। ৪। ব্রাহ্মণ। ৫। বৃষ। ৬। অশ্ব। ৭। ময়ূর। প্র—"দেখিবে শিখীর নাদ ভেক মকমকি।" —অ, ম। ৮। পর্ব্বত। ৯। মোরগ। ১০। বৃক্ষ। ১১। সুষুণী শাক। ১২। চিত্রক। স্ত্রী, **শিখিনী**—ময়ূরী। প্র—"শিখী সহ সুখিনী শিখিনী"—মেঘনাদ।

শিঙ (ঙ্) [সং—শৃঙ্গ হইতে] বি, শৃঙ্গ; বিষাণ। বিণ, **শিঙাল, শিঙেল** (ল্) শৃঙ্গযুক্ত। ক্রি, **শিঙান, শিঙোন** (নো) —শৃঙ্গোদগম হওয়া। ২। শৃঙ্গাঘাত করা; গুঁতান। **শিঙ ভাঙ্গা**—শৃঙ্গ ভগ্ন করা। **শিঙ ভাঙ্গিয়া বাছুরের দলে যাওয়া** —অধিক বয়সে আত্মমর্যাদা নষ্ট করিয়া বালকের দলে মেশা। **শিঙ দেখান**—গুঁতাইবার ভয় দেখান।

শিঙলি, লী [সং—শাল্মলী হইতে, ব্রজ] বি, শাল্মলি বৃক্ষ; শিমুল গাছ। প্র—"চন্দন ভরমে শিঙলি আলিঙ্গনু শেল রহলহি কাটে।"—বি-প।

শিঙ্গ (শিংগ্) [সং—শৃঙ্গ হইতে] বি, শৃঙ্গ; শিঙ্ দ্রঃ।

শিঙ্গা [শৃঙ্গ শব্দজ] বি, শৃঙ্গ-নির্ম্মিত বাদ্য যন্ত্র-বিশেষ। প্র—"বাজরে শিঙ্গা বাজ এই রবে"—হেম। **শিঙ্গা ফুঁকা**—শেষ নিঃশ্বাস বাহির করিয়া দেওয়া; মরা। প্র—"মনরে ওরে শিঙ্গে ফুঁকে শিঙ্গে পাবি ডাক কেলে মারে॥"—রামপ্রসাদ।

শিঙ্গাড়া [গ্রা—শিঙেড়া। হি—শিঙ্ঘাড়া। সং—শৃঙ্গাটক] বি, শৃঙ্গাটক ফল; পানিফল; water nut. ২। মসলাযুক্ত আলুর পুর দেওয়া ঘৃতে ভাজা ময়দার পানিফলাকৃতি খাদ্যবিশেষ।

শিঙ্গাদার (র্) [শিঙ্গা (দ্রঃ) + ফা—দার] বি, শৃঙ্গব্যবসায়ী। প্র—"শৃঙ্গের পসরা দেয় ফুল্লরা বাজারে। পণ দরে শিঙ্গ জোড়া লয় শিঙ্গাদারে॥"—কবিক।

শিঙ্গার, সিঙ্গার (র্) [সং—শৃঙ্গার] বি, নায়ক নায়িকার বেশবিন্যাস। ২। রাত্রিবেশ।

শিঙ্গী [সং—শৃঙ্গী] বি, মাগুর জাতীয় কিন্তু তদপেক্ষা কৃশ আঁইষহীন মৎস্যবিশেষ; শিঙি মাছ; saccobranchus fossilis.

শিঙ্ঘিত [শিন্ঘ্ (আঘ্রাণ করা) + ত (কর্ম্মে ক্ত)] বিণ, যাহার ঘ্রাণ লওয়া হইয়াছে; আঘ্রাত।

শিঞ্জন (ন্) [শিন্জ্ (অব্যক্ত শব্দ) + অন] বি, অব্যক্ত মধুরধ্বনি; ভূষণ শব্দ। বিণ, **শিঞ্জিত**—মধুর শব্দে শব্দিত। ২। মুখর। ৩। বি, ভূষণধ্বনি। ৪। ধনুর্গুণ।

শিঞ্জা [শিন্জ্ (অব্যক্ত মধুর ধ্বনি করা) + অ (ভাবে) + আপ্] বি, ভূষণধ্বনি।

শিঞ্জিনী [শিঞ্জিন্ + ঈপ্] বি, স্ত্রী, নূপুর। ২। ধনুর্গুণ; ধনুকের ছিলা। প্র—"গিরিবর ধনু শেষ শিঞ্জিনী"—অ, ম। "শিঞ্জিনীতে বৈসে শেষ ভৈরবী উন্মত্ত বেশ; যতক্ষণ মহাবীর যুঝে।"—কবিক। ৩। আঙ্‌টা।

শিঞ্জী [শিঞ্জা + ইন্ (অস্ত্যর্থে) কিম্বা শিন্জ্ (অব্যক্ত শব্দ করা) + ণিন্ (কর্ত্তৃ) = শিঞ্জিন্ ১মা, ১ব] বিণ, অব্যক্ত মধুর শব্দ-কারী। ২। অলঙ্কার শব্দযুক্ত।

শিটা, শিটে [সং—শিষ্ট (অবশিষ্ট) হইতে] হি—সীঠ, সীঠা] বি, গাদ; কাইট।

শিটি [শব্দাত্মক। হি—সীটি (বংশী)] বি, শিশ; বাঁশীর শব্দে ডাক বা সঙ্কেত। প্র—"তাদের শিটির বিকট স্বর শুনলে যেন প্রাণ কেঁপে উঠে।"—চীনভ্রমণ।

শিতান, শিথান (ন্) [গ্রা—শেতান, শিতেন; সেতেন। সং—শিরঃস্থান হইতে] বি, শিয়র; শিরঃস্থান। প্র—"ময়নার ডাইন হস্তেতে রাজা শিতান দিল।"—মাণিকচাঁদের গান। ২। মাথার বালিশ। প্র—"পিরীতি পালঙ্কে শয়ন করিব পিরীতি শিথান মাথে।"—চণ্ডী-দাস। "শিথান হইতে মাথাটী বাহুতে"—ঐ।

শিতিকণ্ঠ [শিতি (কৃষ্ণবর্ণ) কণ্ঠ—গলা যাহার, বহু] বি, পুং, নীলকণ্ঠ; শিব। ২। ময়ূর। ৩। ডাকপাখী।

শিথিল (ল্) [সং—শ্লথ, পা—শিলিথ = শিথিল (বর্ণ বিপর্য্যয়ে)] বিণ, শ্লথ; ঢিলা; লোল। প্র—"বলিঅঙ্কিত শিথিল চর্ম্ম"—রবি। ২। অবসন্ন; ক্লান্ত। ৩। ক্ষীণ; দুর্ব্বল। ৪। অলস। ৫। আলুলায়িত; এলো। প্র—"অলস অঙ্গ শিথিল কবরী"—গান (রমাপতি বন্দ্যো)। বি, **শিথিলতা**।

শিন্নী [ফা—শিরীনী] বি, মুসলমানের পীরের ও হিন্দুর সত্যনারায়ণের তৃপ্তিকর নৈবেদ্য; শিরনী। **শিন্নী দেওয়া**—পীরের বা সত্য-নারায়ণের ভোগ দেওয়া। **শিন্নী মানা**—অভীষ্ট সিদ্ধি কামনায় পীরের বা সত্যনারায়ণের পূজা দিবার প্রতিজ্ঞা করা। **শিন্নী বাঁটা**—পীরের পূজার পর শিরনী বিতরণ করা।

শিপ্রা (শিপ্‌প্রা) বি, নদীবিশেষ। ইহার তটে প্রসিদ্ধ উজ্জয়িনী নগর অবস্থিত। **শিপ্রা-তট**—শিপ্রা নদীর কূল। **শিপ্রা-সলিল** —শিপ্রা নদীর জল।

শিব (ব্) [সং] বি, পুং, মহাদেব; উমাপতি। ২। পারদ। ৩। মোক্ষ; মুক্তি। ৪। বেদ। ৫। বিষ্কুম্ভাদির অন্তর্গত শিবনামক যোগ। ৬। শিবলিঙ্গ। ৭। সৈন্ধব; সমুদ্র-লবণ। ৮। জল। ৯। শুভ; মঙ্গল। প্র—"আমরা এ ক্ষুদ্র জীব, কিবা শিব কি অশিব"—প্রভাস। ১০। সুখ। ১১। বিণ, রমণীয়। ১২। সুখ-প্রদ। **শিবচতুর্দ্দশী**—ফাল্গুন মাসের কৃষ্ণা চতুর্দ্দশী। **শিবজ্ঞান**—বি, ক্লী, মঙ্গল জ্ঞান। ২। শুভাশুভ কালবোধক শাস্ত্র।

শিবত্র (শিবোৎত্র) [সং] বি, শিবপূজার্থ দত্ত নিষ্কর ভূমি। **শিবদ্রুম**—বি, পুং, বেলগাছ। **শিবধর্ম্ম**—তন্ত্র শাস্ত্র। ২। উপপুরাণবিশেষ। **শিবধাতু**—পারদ। **শিবপুরী**—কাশী; বারাণসী। **শিব-বাহন**—বি, পুং, বৃষ; ষাঁড়। **শিববীজ** —পারদ। **শিবরাত্রি**—ফাল্গুনের কৃষ্ণ চতুর্দ্দশীর রাত্রি। **শিবলিঙ্গ**—শিবের প্রস্তর বা মৃত্তিকাময় লিঙ্গমূর্তি। **শিবসাযুজ্য**—শিবপদ; শিবত্ব।

শিবত্ব [শিব + ত্ব (ভাবে)] বি, ক্লী, শিবপদ; । ২। মৃত্যুঞ্জয়ত্ব; অমরত্ব। প্র—"মরতে শিবত্ব মিলে শিব সাধনায়"—মানকুমারী।

শিবপ্রিয় (শিবপ্‌প্রিয়) [শিবের প্রিয়, ৬তৎ] বি, ক্লী, রুদ্রাক্ষ। ২। ধুস্তূর। ৩। স্ফটিক। ৪। বকবৃক্ষ। ৫। বিল্বপত্র। ৬। বিণ, শিবের প্রিয় দ্রব্য। স্ত্রী, **শিবপ্রিয়া**—ভবানী।

শিবরোহিণী [শিব—রোহিণী (আরোহণ কারিণী)] বি, স্ত্রী, মহাকালী। প্র—"শিব-রোহিণি! শিবদেহিনি! শিবরোহিণি।"—অ, ম।

শিবসোহিনী—বি, স্ত্রী, দুর্গা। বিণ, শিব সোহিনি! শিবমোহিনি! গো।"—অ, ম।

শিবা [শিব + আপ্] বি, স্ত্রী, দুর্গা; ভবানী। শিবানী। ২। মোক্ষ; মুক্তি। ৩। শৃগালী। ৪। [বৈদ্যকে] হরীতকী। আমলকী। হরিদ্রা। মেথী। শমী। শ্যামালতা। ভুঁই-আমলা। আমড়া। গোরোচনা। নীলদূর্ব্বা।

শিবাক্ষ [শিবের—অক্ষির ন্যায় অক্ষি যাহার, বহু] বি, ক্লী, রুদ্রাক্ষবীজ।

শিবানী [শিব + ঈপ্—আন্ আগম (অপ প্রয়োগ)] বি, স্ত্রী, শিবপত্নী; শিবপ্রিয়া।

প্র—"শিবানী ঘোর রূপা ইঙ্গিতে কর কৃপা কলুষনাশিনী দুখহরা।"—শূ.পু।

শিবালয় (য়্) [শিবের—আলয়, ৬তৎ] বি, পুং, শিবস্থান; শিবমন্দির। ২। স্ত্রী, প্রেতভূমি; শ্মশান। ৩। রক্ত তুলসী।

শিবি—বি, পুং, নৃপতিবিশেষ: উশীনর রাজার পুত্র; নানা সদ্‌গুণের জন্য ইনি বিশেষ প্রসিদ্ধ ছিলেন। ২। হিংস্র জন্তু। ৩। দেশবিশেষ। ৪। ভূর্জ্জ পত্র।

শিবিকা [শিবি (সুখদানার্থক নাম ধাতু) +অক (কর্ত্তৃ)—আপ্] বি, স্ত্রী, পাল্কী: ডুলি। **শিবিকারোহণ**—পাল্কী চড়া।

শিবির (র্) [শী (শয়ন করা, বিশ্রাম করা) +ইর—অধি, সংজ্ঞার্থে—শী=শি, ব্ আগম] বি, ক্লী, সেনাগণের বিশ্রাম-স্থান; সেনানিবেশ; ছাউনি। ২। তাঁবু।

শিবেতর (র্) [শিবের (কল্যাণের) ইতর, ৬তৎ] বিণ, অশিব; অশুভ।

শিবোত্তর (র্) [সং—শিব (শিব পূজার্থ) উত্তর—উৎসর্গ করা হইয়াছে যাহা] বি, নিত্য শিবপূজা ও তাহার ব্যয় নির্ব্বাহার্থ দত্ত ভূমি।

শিম (ম্) [সং—শিম্ব] বি, শিম গাছ; dolichos lablab.

শিমুল, শিমূল (ল্) [ব্রজ—শিঙলী। হি—সেমুল, শিমুর] বি, শাল্মলী বৃক্ষ ও পুষ্প।

শিম্ব [সং] বি, শিম গাছ। স্ত্রী, **শিম্বা, শিম্বি, শিম্বিকা, শিম্বী**।

শিয় (শিজ্) [সং—শয্যা অপভ্রংশে। প্রা-বাং] বি, শয্যা। **কেলি-শিয**—বিলাস শয্যা; রতি ক্রীড়ার জন্য রচিত শয্যা। প্র—"বঞ্জুল কুঞ্জের মাঝে, নিরমিত কেলি-শিযে সংপ্রতি করিল অবস্থিতি॥"—গীতগোবিন্দ (গিরিধর)।

শিয়র, শিঅর (র্) [শীর্ষ শব্দজ] বি, শয়নকারীর যে দিকে মস্তক থাকে: মস্তকের পার্শ্ব। প্র—"শিয়রে মনসা তোর চক্ষু মিলে চাও"—বিজয়গুপ্ত (মনসামঙ্গল)। ২। মাথার বালিস। প্র—"সসিত অসিত হেম রচিত শিয়র"—ঘনরাম। ৩। সন্নিকট। প্র—"শিয়রে কলিঙ্গ রাজা বড়ই দুর্ব্বার।"—কবিক।

শিয়া [আ—শিআহ্] বি, মুসলমানদিগের সম্প্রদায় ভেদ; আলীর দলভুক্তগণ। মহরমের সময় এই সম্প্রদায় তাজিয়া পর্ব্ব পালন করে। **শিয়া মজ্‌হব**—শিয়া সম্প্রদায়ের ধর্ম্ম।

শিয়াকুল, শেয়াকুল (ল্) [গ্রা—শেকুল] বি, কণ্টকী বৃক্ষবিশেষ।

শিয়ান, শিয়ানা (ন্) [সেয়ানা দ্রঃ] বিণ, চতুর। প্র—"শিয়ান দেখিয়া দাসী আনিল ডাকিয়া"—কবিক। 'তাহা হৈতে ভাইপো হয়্যাছ শিয়ানা"—ঐ।

শিয়াল (ল্) [সং—শৃগাল। ব্রজ—সিআর। প্র—"সিআর কা জক্ষো সীঁগ জনমএ"—পদাবলী। গ্রা—শেয়াল] বি, পুং, শিবা শৃগাল। **শিয়াল কাঁটা, শিয়া কাঁটা, শেয়াল কাঁটা**—শৃগাল কণ্টক; বন্য ক্ষুপবিশেষ; mimosa rubricaulis.

শিয়াল, শিয়ালি [শিকল (দ্রঃ)—শিকলি] বি, হাতের শিকলি করিয়া জড়াইয়া পদধারণ। ২। মাথা দিয়া ভূমি স্পর্শ করিয়া ঠাকুর দেবতা ও গুরুজনকে প্রণাম করণ।

শির, শিরঃ [শিরস্ শব্দ। শ্রি (সেবা করা) ধাতুজ] বি, ক্লী, উত্তমাঙ্গ: মাথা। প্র—"শূন্য শির দেখি শিব হৈলা চিন্তাবান। হিমালয় পর্ব্বতে বসিলা করি ধ্যান॥"—অ, ম। ২। বৃক্ষাগ্র। ৩। অগ্রভাগ। ৪। প্রধান অধ্যক্ষ। ৫। সৈন্যের অগ্রবর্ত্তী দল। ৬। পিপ্পলীর মূল। ৭। অজগর। ৮। শয্যা। **শিরঃকপালী**—নরমুণ্ডমালী সন্ন্যাসী। **শিরঃশূল**—বি, মস্তিষ্ক পীড়াবিশেষ। প্র—শিরঃ শূলে চক্ষু গেল কুঁজা কৈল কুঁজে।"—অ, ম।

শিরজ [শির (মস্তক)+জ—যে মস্তকে জন্মে] বি, পুং, মূর্দ্ধজ: মাথার চুল। ২। বিণ, মস্তকোৎপন্ন; মস্তকজাত।

শিরণি, শিরণী (র্) [গ্রা—শিন্নী। ফা—শিরীনী; শীর (মিষ্ট, চিনি)] বি, চিনি, ময়দা, কলা প্রভৃতি ঘটিত নৈবেদ্য। প্র—"তোমার রমণী করিল শিরণি বাঁচিলে তাহার পাকে।"—সত্যনারায়ণ কথা (কবিচন্দ্র অযোধ্যারাম)।

শিরনামা, শিরোনামা (র্) [শিরোনামন শব্দজ। গ্রা—শিন্নামা] বি, চিঠির উপরের নামযুক্ত লেখ।

শিরপা, শিরোপা [শিরঃপদ শব্দজ] বি, অশ্বের অগ্রপদ উত্তোলন। ২। পারিতোষিক: বক্‌শিস্। প্র—"দেখিতে পাইতুঁ শিরোপা করিতুঁ এমতি মন যে করে।"—চণ্ডী। "শিরপা করিল সাল সরবন্ধ জোড়া"—ঘনরাম। ৩। মুকুট; উষ্ণীষ; পাগড়ী। প্র—"যশের শিরোপা শিরে ধর"—অশোকগুচ্ছ।

শিরপেচ (র্, চ্) [ফা—সর্‌পেচ্] বি, পাগড়ী; উষ্ণীষ।

শিরমালিনী, শিরোমালিনী [শিরোমালা (মুণ্ডমালা)+ইন্ (অস্ত্যর্থে)=শিরোমালিন্ ঈপ্ স্ত্রী] বিণ, স্ত্রী, মুণ্ডমালাধারিণী। প্র—"জটজালিনি! শিরমালিনি শশিভালিনি!"—অ, ম।

শিরসিজ (শিজ্) [শিরসি (মস্তকে)+জ (কর্ত্তৃ—ড প্রত্যয়ান্ত জন্‌ধাতু)—যে জন্মে, অলুক্ সমাস)] বি, পুং, মাথার কেশ; চুল।

শিরস্ত্র [শিরস্—ত্রৈ (ত্রাণ করা)+ড] বি, ক্লী, উষ্ণীষ।

শিরস্ত্রাণ (ন্) [শিরস্—ত্রৈ (ত্রাণ করা)+অন (করণে, অনট্) যাহা দ্বারা মস্তক রক্ষা করা যায়] বি, ক্লী, উষ্ণীষ; পাগড়ী।

শিরা [শৃ (হিংসা করা, গমন করা)+অ (করণে) শৃ=শির্ (যাহা দ্বারা শরীরস্থ রক্ত গমনাগমন করে)] বি, ধমনী; শোণিতবহা নাড়ী।

শিরাল [শিরা+ল (অস্ত্যর্থে)] বিণ, শিরাবিশিষ্ট; শিরাবহুল। ২। বি, ক্লী, কামরাঙ্গা।

শিরোধার্য্য (র্জ্জ) [শিরস্ (মস্তক) তাহাতে ধার্য্য, ৭তৎ] বিণ, মস্তকে ধারণ যোগ্য। ২। অতিশয় মান্য।

শিরোমণি (মোনি) [শিরস্ (মস্তক) তাহার মণি (রত্ন) ৬তৎ—কিম্বা শিরে বা শিরস্থ মণি, ৭তৎ] বি, পুং, পণ্ডিতের উপাধিবিশেষ। ২। শিরোরত্ন; কিরীটস্থিত রত্ন। প্র—"জীবনস্বরূপা সে স্বামীর শিরোমণি।"—অ, ম। "এ রমণী যার রমণী সে যে শিরোমণি।"—বাং-গান। ৩। শ্রেষ্ঠ। স্ত্রী, **শিরোমণী**।

শিরোরত্ন [শিরস্ (মস্তক) তাহার রত্ন,—৬তৎ কিম্বা ৭তৎ] বি, পণ্ডিতের উপাধিবিশেষ। ২। শিরোভূষণ; মাথার মণি।

শিরোরুহ [শিরস্—রুহ্ (আরোহণ করা জন্মান)+অ (কর্ত্তৃ)] বি, পুং, কেশ। প্র—"খঞ্জন গঞ্জন আঁখি অকলঙ্ক শশিমুখী শিরোরুহ অসিত চামর।"—কবিক।

শিরোস্থি [শিরস্ (মস্তক) তাহার অস্থি (হাড়) ৬তৎ] বি, ক্লী, মাথার খুলি; করোটি।

শির্ণি [ফা—শিরীনী] বি, শিন্নী দ্রঃ। প্র—"মার শির্ণি মেনে, নাহি দিল বেনে, পূর্ব্ব বিবরণ কই।"—সত্যনারায়ণ কথা (অযোধ্যারাম)।

শিল (ল্) [শিল্ (গৃহীত শস্যের শেষাংশ আহরণ করা)+অ (ভাবে—ক)] বি, উঞ্ছবৃত্তি। [দ্রঃ—ধান্যকর্ত্তনের পর গাছে যে ধান্য থাকে তাহা খুঁটিয়া লওয়া "শিল" এবং ক্ষেত্রে পতিত ধান্য খুঁটিয়া লওয়া "উঞ্ছ"]।

শিলা [শিল্+অ (ক—সংজ্ঞার্থে) আপ্] বি, স্ত্রী, পাষাণ; পাথর। ২। মনঃশিলা। ৩। দ্বারের নিম্নস্থ কাষ্ঠ। ৪। স্তম্ভশীর্ষ; থাম; খুঁটি প্রভৃতির উপরস্থ কাষ্ঠখণ্ড বা পাইড়। **শিলাকুট্টক**—পাষাণ-ভেদকারক অস্ত্র। **শিলাধাতু**—গৈরিক। ২। খড়ী। **শিলাপট্ট**—পেষণশিলা; শিল। ২। ঘর্ষণ-শিলা; চন্দন পিঁড়ি। **শিলাপুত্র**—শিলের নোড়া। **শিলাবৃষ্টি**—বৃষ্টির সহিত করকাপাত। **শিলারস**—বি, শৈলের

নামক গন্ধদ্রব্য। শিলালিপি—বি. পাষাণে ক্ষোদিত লিপি।

শিলাজতু (জো) [শিলা (পর্ব্বত) জ (জাত)—জতু (লাক্ষার স্থায় দ্রব্য) ; হি—শিলাজিৎ] বি, ক্লী. পার্ব্বত্য উপধাতুবিশেষ।

শিলাত্মজ (শিলাৎতজ্) [শিলার—আত্মজ —৬তৎ, যে শিলা হইতে জন্মে] বি. ক্লী. লৌহ।

শিলাময় (য়্) [শিলা + ময় (ময়ট্)] বিণ. পাষাণনির্ম্মিত ; প্রস্তর। প্র—"চৌদিগে সহর পনা দ্বারে চৌকী কত জনা মুরুচা বুরুজ শিলাময়।"—অ. ম।

শিলীপদ [সং] বি. পাদস্ফীতি ; গোদ।

শিলীমুখ (খ্) [শিলী (হুল) মুখে যাহার, বহু] বি. পুং. বাণ ; শর। ২। ভ্রমর।

শিলেয়—শৈলেয় দ্রঃ।

শিলোচ্চয় (য়্) [শিলা—উচ্চয় (রাশি) ৬তৎ] বি. পুং. শৈল। ২। পর্ব্বতচূড়া ; গিরিশৃঙ্গ।

শিলোঞ্ছ, শীলোঞ্ছ [শিল (গৃহীত শস্তের আহরণ) উঞ্ছ (পতিত ধান্য খুঁটিয়া লওয়া) +অ (ভাবে—ঘঞ্)] বি. উঞ্ছবৃত্তি। প্র—"শীলোঞ্ছ বৃত্তিতে রাজা বঞ্চে বহু ক্লেশ।"—কাশী-মহা আদি।

শিল্প [শিল্ (নিপুণ হওয়া) +প (ভাবে—পক্)] বি. ক্লী. বস্তুনির্ম্মাণকার্য্য ; কারুকর্ম্ম ; কারিকুরি। ২। [কর্ম্মে—পক্] শিল্পদ্রব্য। শিল্পকার—শিল্পী। শিল্পকৌশল—শিল্পকার্য্যে দক্ষতা। শিল্পবিদ্যা—বস্তু নির্ম্মাণ ও চিত্রাদি অঙ্কনবিদ্যা। শিল্পবিদ্যালয়—শিল্পকর্ম্ম শিক্ষার স্কুল। শিল্পযন্ত্র—কল ; machine. শিল্পলিপি —শিলালিপি ; প্রস্তরাদিতে উৎকীর্ণ লেখ। শিল্পশালা—শিল্পাগার ; কারখানা ঘর। শিল্পশাস্ত্র—শিল্পবিদ্যা। শ্রমশিল্প—পরিশ্রমসাধ্য শিল্প ; industry. সূক্ষ্ম শিল্প—চিত্রবিদ্যাদি কলাশিল্প ; fine art.

শিল্পিক (ক্) [শিল্প + ইক (অস্ত্যর্থে)] বিণ. শিল্পী।

শিল্পী [শিল্প + ইন্ (অস্ত্যর্থে) = শিল্পিন্ ১মা. ১ব] বিণ. শিল্পকর্ম্মকারী। ২। বি. কারিকর।

শিল্পোন্নতি [শিল্প + উন্নতি] বি. শিল্পকর্ম্মের উৎকর্ষ ; শিল্পের শ্রীবৃদ্ধি।

শিশ্, শিস্ [শব্দাত্মক] বি. শি শি এইরূপ শব্দ : ওষ্ঠ ও জিহ্বাযোগে বংশীবৎ ধ্বনি। প্র—"দয়েল বলিছে ঠারে শিস্ দিয়ে তায়।"—কুসুম। শিস্ দেওয়া—শিস্ বাদ্য করা।

শিশা [ফা—শীশা] বি. কাচ। ২। আর্শী ; দর্পণ। ৩। কাচের বোতল। শিশামহল [ফা—শিশ্‌মহল] বি. কাচের বাড়ী ; দর্পণের গৃহ।

শিশি, শিশী [শিশা দ্রঃ] বি. কাচের ছোট বোতল ; অতি ক্ষুদ্র বোতলাকৃতি কাচাধার।

শিশির (র্) [সং] বি. নিশাজল ; হিম ; নীহার ; dew. প্র—"শিশির-ভেজা ঘাসে ঘাসে।"—রবি। ২। শীতঋতু ; পৌষ ও মাঘ মাস ; (মতান্তরে) মাঘ ও ফাল্গুন মাস। ৪। [লক্ষণায়] অশ্রু। প্র—"আমার কপোল ভরে শিশির পড়িবে ঝরে।"—রবি।

শিশু [শিশ্ (গমন করা) +উ (কর্ত্তৃ)] বি. পুং. শাবক। ২। ৮ (মতান্তরে ১৬) বৎসরের অনধিক-বয়স্ক বালক। ২। ডিম্ব। ৩। বিণ. বয়সে অতি ছোট ; দুধের। এই অর্থে পুং স্ত্রী—উভয় লিঙ্গে ব্যবহার। প্র—শিশু পুত্র বা শিশুকন্যা। স্ত্রী. শিশুনী [প্রাচী বাং। আধু-বাং-য় অপ্র] প্র—"দুগ্ধ পোষ্য শিশুনী দেখিয়া জলপতি। ক্রোড়ে করি নিজালয়ে গেলা শীঘ্রগতি॥ বারুণীকে সমর্পিলা সে কন্যা রতন।"—রামরত্ন গীতা (ভবানীদাস)। শিশুকাল—বাল্যকাল। শিশুপাঠ—শিশুদিগের পাঠ্য গ্রন্থ। বিণ. শিশুপাঠ্য—শিশুর পাঠোপযোগী। শিশুপ্রকৃতি,—স্বভাব—শিশুর স্থায় সরল ও সদানন্দ ; শিশুর চরিত্র। ২। শিশুর প্রকৃতিবিশিষ্ট। শিশুশশী—অর্দ্ধচন্দ্র। প্র—"কি শোভা মহিষমর্দ্দিনী * * * শিশুশশী ভালে চাঁচর কুন্তলে মণিতে গ্রথিত সুবেণী।"—বাং-গান। শিশুসুলভ —শিশু প্রকৃতিতে অবিরল দৃষ্ট ; শিশুর পক্ষে সহজ বা সাধারণ। শিশুহৃদয়—শিশুর স্থায় সরল ও নির্ম্মল হৃদয়।

শিশু [সং—শিংশপা। হি—শিশম্] বি. বৃক্ষবিশেষ। ইহার কাঠ সারবান, কঠিন ও দীর্ঘস্থায়ী। ইহার বর্ণ কৃষ্ণাভ রক্ত ; dalbergia sissoo.

শিশুক (ক্) [শিশু + ক (স্বার্থে)] বি. শাবক। ২। শিশুমার নামক জলজন্তু ; Ganjetic dolphin. ৩। শিশুনামক বৃক্ষ।

শিশুত্ব [শিশু + ত্ব (ভাবে)] বি. ক্লী. শিশুর ভাব ; বালকত্ব ; শৈশব।

শিশুপাল (ল্) [শিশু—পা + ণিচ্ = পালি +অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে) অল্] বি. পুং. চেদিবংশীয় নৃপতিবিশেষ।

শিশুপালক (ক্) [শিশুপাল + ক] বি. রাজা শিশুপাল। ২। বিণ. শিশু পালনকারী ; শিশুরক্ষক।

শিশুমার (র্) [শিশু—মার (মৃ + ণিচ্ = মারি + অ, কর্ত্তৃ)] বি. পুং. জলজন্তুবিশেষ ; শুশুক। ২। তারকাচক্রবিশেষ। প্র—"কৃপাময় অবতার, হৈল প্রভু শিশুমার, ঊর্দ্ধ পুচ্ছ হেট যার মাথা॥"—কবিক।

শিশ্ন [শশ (গমন করা) + ন (কর্ত্তৃ, সংজ্ঞার্থে নক্), শ = শি] বি. পুং. পুরুষচিহ্ন ; মেঢ্র।

শিষ, শীষ (ষ্) [শীর্ষ শব্দজ] বি. ধান্যাদির শীর্ষ ; মঞ্জরী। ২। শিখা। প্র—প্রদীপের শিষ।

শিষ্ট [শাস্ (শাসন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সুশীল ; শান্ত ; সুবোধ ; ধীর। ২। বিনীত ; শিক্ষিত। ৩। নীতিমান্। ৪। বশীভূত। ৫। আজ্ঞাধীন। ৬। [শিষ্ (শেষ হওয়া) ত (কর্ত্তৃ—ক্ত)] অবশিষ্ট। বি. শিষ্টতা।

শিষ্টাচার (র্) [শিষ্টের আচার—আচরণ, ৬তৎ] বি. পুং. ভদ্রতা ; সদাচরণ। বিণ. শিষ্টাচারী—সদাচারপরায়ণ ; ভদ্র।

শিষ্য (শিশ্য) [শাস্ + য (কর্ম্মে—ক্যপ) । গ্রা—শিস্যি] বি. পুং. অন্তেবাসী ; ছাত্র। ২। যিনি কায়মনোবাক্যদ্বারা দেবতা, আচার্য্য ও গুরুর শুশ্রূষা করেন, যিনি নির্ম্মলচিত্ত, যিনি শ্রমশীল এবং যিনি বুদ্ধিমান্।—স্মৃতি। ৩। শাসনযোগ্য। ৪। শিক্ষার উপযোগী ; শিক্ষণীয়। ৫। উপদেশ্য। মন্ত্র-শিষ্য—গুরুর নিকট ইষ্টমন্ত্রে দীক্ষিত ব্যক্তি।

শিহরা [উ-পু—শিহরি। ম-পু—শিহর। প্র-পু —শিহরে। অস-ক্রি—শিহরিতে ; শিহরিয়া, শিহরি (পদ্যে)। ণিজন্ত—শিহরান] ক্রি. শিহরিত হওয়া ; ভয়, বিস্ময়, হর্ষ আদি হেতু রোমাঞ্চিত হওয়া। প্র—"শঙ্করীর শিহরিল গা"—শিবায়ন। বি. শিহরণ।

শিহরান (নো) [শিহরা দ্রঃ। উ-পু—শিহরাই। ম-পু—শিহরাও। প্র-পু—শিহরায়। অস-ক্রি—শিহরাইতে ; শিহরাইয়া। কথ্য বাং-য়—শিহরা অর্থে শিহরান এই ণিজন্ত ক্রিয়া-পদের ব্যবহার আছে] ক্রি. রোমাঞ্চিত করা।

শিহালা [শেওলা দ্রঃ। সং—শৈবাল হইতে] বি. শেওলা ; জলজ উদ্ভিদ্। প্র—"গুরুজন জ্বালা জলের শিহালা পড়সী জীয়ল মাছে।" —চণ্ডীদাস।

শীকর (র্) [শীক্ (শেক করা) + অর (কর্ত্তৃ)] বি. পুং. বায়ুচালিত জলবিন্দু ; জলকণিকা।

শীঘ্র (শিগ্‌গ্র) [সং। গ্রা—শীগ্‌গীর] ক্রি-বিণ. আশু ; ক্ষিপ্র। ২। বিণ. সত্বর ; ত্বরিত। বি. শীঘ্রতা। শীঘ্র শীঘ্র—তাড়াতাড়ি ; অতি ত্বরা। শীঘ্রকারী—ক্ষিপ্র কর্ম্মসম্পাদক ; অনলস ; অচিরকারী।

শীঘ্রগ (শীগ্‌গ্রগ্‌) [শীঘ্র—গম্‌ (গমন করা) +অ (কর্ত্তৃ—ড)] বিণ, ত্বরিত-গতি ক্ষিপ্রগামী।

শীঘ্রায়মান (ন্‌) [শীঘ্র+আয়=শীঘ্রায় (নাম ধাতু)+আন (কর্ত্তৃ—আনশ্‌), ম্‌—আগম] বিণ, সত্বরগামী।

শীত (ত্‌) [সং] বি, হিম-ঋতু ; শীতকাল ; পৌষ মাঘ মাস ; (মতান্তরে) মাঘ ফাল্গুন। ২। শৈত্যগুণ ; শীতলতা। ৩। জল। ৪। কর্পূর। ৫। বেতগাছ। ৬। বিণ, শীতল ; ।। **শীত কাটা**—শীত ঋতু চলিয়া যাওয়া। ২। শীতের কষ্ট দূর হওয়া। প্র— লেপে যেমন শীত কাটে কম্বলে তেমন নয়। **শীত করা**—শীত বোধ হওয়া। **শীত-কাতর, শীতকাতুরে**—শীতে কাতর ; শীতক্লিষ্ট। **শীতকাল**—শীত ঋতু ; শিশির। **শীত ধরা**—শীত আক্রমণ করা ; শীতের আক্রমণ বোধ হওয়া। প্র—তাহার শীত ধরিয়াছে। **শীত পড়া**—শীত ঋতুর আবির্ভাব হওয়া। ২। শীতের প্রকোপ হওয়া। **শীত পাওয়া,—লাগা**—শীত ধরা। **শীতবাত**—বি, হিম বায়ু ; ঠাণ্ডা হাওয়া।

শীতকর (র্‌) [শীত (শীতল) কর (কিরণ) যাহার, বহু] বি, পুং, শীতরশ্মি ; চন্দ্র ; হিমকর। ২। কর্পূর।

শীতল (ল্‌) [শীত (দ্রঃ) ল (অস্ত্যর্থে)] বিণ, শৈত্যগুণবিশিষ্ট ; ঠাণ্ডা। প্র—শীতল জল। ২। শান্তিপ্রাপ্ত ; নিরুদ্বেগ। প্র— "চল সে অমৃতধামে শান্তিহারা নরনারী॥ শীতল হবে যদি চল সবে ত্বরা করি।"—ব্রহ্ম-সঙ্গীত। ৩। বি, চন্দন। ৪। চন্দ্র। ৫। বেণার মূল। ৬। শৈলেয়। ৭। অচলপর্ণী।

শীতল (ল্‌) [প্রাদে] বি, ঠাকুরের সন্ধ্যারতি ও লঘু ভোগ। **শীতল পাটি**—[পাটি দ্রঃ। শৈত্যগুণ হেতু শীতল] বি, বেত জাতীয় গাছের ত্বকে নির্ম্মিত পাতলা ও মসৃণ মাদুর-বিশেষ। **শীতল ভোগ**—বি, জলযোগ। (তুল—মহাপ্রভু জগন্নাথদেবের উপলভোগ)।

শীতলা [সং] বি, বসন্তরোগের অধিষ্ঠাত্রী দেবীবিশেষ। **শীতলা মঙ্গল**—শীতলা-দেবীর মাহাত্ম্য বর্ণনাত্মক বাঙ্গালা কাব্য-বিশেষ।

শীতলান (নো) [শীতল (ঠাণ্ডা) +আন (করা অর্থে)—ঠাণ্ডা করা। গায়ের গরমে যাহা গরম থাকে তাহাকে অঙ্গ হইতে খুলিয়া রাখিলেই ঠাণ্ডা হয় সেই ভাব হইতে] ক্রি, দেহ হইতে অলঙ্কার খুলিয়া রাখা। প্র— "কঙ্কণাদি আভরণ শীতলিয়া রাখে।"— শিবায়ন।

শীতাগম (ম্‌) [শীত+আগম] বি, হিমঋতুর আবির্ভাব।

শীতার্ত্ত [শীত দ্বারা—ঋত (পীড়িত) ৩তৎ] বিণ, শীতদ্বারা পীড়িত ; শীতে কাতর।

শীতোত্তম (ম্‌) [শীত+উত্তম] বি, জল।

শীৎকার (র্‌) [শীৎ (অনুকরণ শব্দ) কার (করা) বি, পুং, শ্রেষ্ঠস্ত্রীদিগের রতিকালীন ধ্বনি ; শিহরণ। ২। "শ্‌", "স্‌", "ইস্‌" বা "শীৎ" এইরূপ শব্দ। প্র—"কভু রোমহর্ষ কভু করায় শীৎকার"—গিরিধর (গীতগোবিন্দ)। বিণ, **শীৎকৃত**।

শীৎকৃতি [শীৎকার দ্রঃ] বি, "শীৎ" এইরূপ ধ্বনি করণ।

শীতাশ্মা (শীতাশ্‌শা) [শীত (শীতল) যে অশ্মন্‌ (প্রস্তর) কর্ম্মধা] বি, চন্দ্রকান্ত মণি।

শীধু [শী (শয়ন করা) +ধু (করণে—ধুক্‌) যাহা শয়ন করায়] বি, মধু ; মদ্য। ২। পক্ক ইক্ষু রসজাত মদিরা।

শীর (র্‌) [শী (শয়ন করা) +র (কর্ত্তৃ— সংজ্ঞার্থে)] বি, পুং, অজগর ; বৃহৎকায় সর্প।

শীরিণি,—ণী,—নী [শির্নি, শিরণী দ্রঃ। ফা—শিরীনী, শীরীঁ] বি, মুসলমানের পীর ও হিন্দুর সত্যনারায়ণের তৃপ্তিকর দুধ কলা ময়দা ও চিনির মিশ্রিত নৈবেদ্য। প্র—"সাঁজে ডালা দেই হাটে পীরের শীরিণী বাঁটে"—কবিক।

শীর্ণ [শৄ (হিংসা করা) +ত (কর্ত্তৃ—ক্ত) ত্ব= '=ন] বিণ, ক্ষীণ ; কৃশ। ২। শুষ্ক। স্ত্রী, **শীর্ণা**। বি, **শীর্ণতা**।

শীর্ষ [শিরস্‌ স্থানে শীষ] বি, ক্লী, মস্তক ; মাথা। ২। চূড়া ; শীষ।

শীর্ষক (ক্‌) [শীর্ষ+ক] বি, ক্লী, করোটি ; মাথার খুলি। ২। মস্তক। ৩। টোপর, মুকুট প্রভৃতি। ৪। পাগড়ী।

শীর্ষবর্ত্তন (ন্‌) [স্মৃতিঃ পরিঃ] বি, "যদি এব্যক্তি অপরাধী বলিয়া প্রতিপন্ন না হয় ত আমি দণ্ড গ্রহণ করিব এই স্বীকারোক্তি"— —বিষ্ণুসংহিতা (বঙ্গবাসী)।

শীল (ল্‌) ["চরিতে শীলম্‌"—অমর] বি, স্বভাব ; চরিত্র। প্র—"নিষেধ করিল লখে তোর শীল জেনে।"—ঘনরাম। ২। কৌলীন্য। প্র—"জীবন যৌবন কুলশীল সঁপি শ্যামের কোমল করে।"—বাং-গান। ৩। অজগর। ৪। জাতীয় উপাধিবিশেষ। ৫। বিণ, বিশিষ্ট। স্ত্রী, **শীলা**—কৌণ্ডিন্য মুনির পত্নী।

শীল (ল্‌) [ইং—seal] বি, মুদ্রাঙ্কন ; মোহর ; stamp. ২। ঋণদায়ে সম্পত্তি আটক। **শীল আংটী**—নামাঙ্কিত অঙ্গুরী। **শীল করা**—আদালতের হুকুমে সম্পত্তি আটক করা। **শীলমোহর**—পুলিন্দা পত্রাদি মুড়িয়া তাহার উপর নামের ছাপ দেওয়া।

শীল (ল্‌) [ইং—seal] বি, সীল (দ্রঃ) নামক সামুদ্রিক মৎস্য।

শীলন (ন্‌) [শীল্‌+অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, অভ্যাস। ২। আলোচনা। ৩। পরিদর্শন। ৪। প্রবর্ত্তন। বিণ, **শীলিত**।

শীলবান্‌ [শীল (স্বভাব) +বৎ (অস্ত্যর্থে— বতু)] বিণ, চরিত্রবান ; সুস্বভাববিশিষ্ট। স্ত্রী, **শীলবতী**—সাধ্বী। প্র—"জো গৃহে প্রবেশ করে তবে শীলবতী।"—কবিক।

শীষ (ষ্‌) [শীর্ষ শব্দজ] বি, শীষ ; অগ্রভাগ। ২। শিখা।

শুআ, শুঁআ—শুয়া দ্রঃ।

শুআর—শুয়ার দ্রঃ।

শুঁটী [প্রা] বি, কলায়শুঁটী। ২। [সং—শুণ্ঠী হইতে শুঁঠাকৃতি বলিয়া হি—ছীমি (সং—শমী হইতে)] বি, লম্বাকৃতি বীজপুট।

শুঁঠ (ঠ্‌) [শুণ্ঠী শব্দজ] বি, শুক্‌না আদা। ইহা ঔষধার্থে ব্যবহৃত হয়।

শুঁড় (ড়্‌) [সং—শুণ্ড] বি, হস্তিশুণ্ড ; হাতীর শুঁড়।

শুঁড়ী [সং—শৌণ্ডিক] বি, মদ্যবিক্রেতা। ২। জাতিবিশেষ।

শুঁয়া, শুঙ্গা [সং—শুক, শূক] বি, শস্যাদির সূক্ষ্ম অগ্রভাগ ; শূক।

শুক (ক্‌) [শুভ্‌ (দীপ্তি পাওয়া) +ক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে), ভ্‌ লোপ] বি, পুং, ব্যাসদেবের পুত্র। ২। রাবণের মন্ত্রী। ৩। পক্ষিবিশেষ ; টিয়াজাতীয় পাখী। প্র—"শুক সঙ্গে শাস্ত্র কথা কহে কুতূহলে।"—ভারতচন্দ্র। ৪। শিরীষবৃক্ষ। স্ত্রী, **শুকী**—কশ্যপপত্নী।

শুকতারা (ক্‌) [শুক (সং—শুক্র) তারা (নক্ষত্র)] বি, শুক্রতারা। প্র—"ওই কে অমর বালা দাঁড়ায়ে উদয়াচলে। * * * * সর্ব্বাঙ্গে গোলাপ আভা সীমন্তে শুকতারা জ্বলে॥"—সারদামঙ্গল।

শুকনা (ক্‌) [শুষ্‌ ধাতুজ শুষ্ক হইতে শুক। বাং-য় শুক+না যোগ (তুচ্ছার্থে। তুল— পাখা হইতে পাখ পরে পাখ্‌না)] বিণ, শুষ্ক ; রসহীন ; নীরস। ২। ম্লান। **শুকনা মুখনা**—[গ্রা—কথ্য] শুষ্কমুখ।

শুকনাস (ক্‌, শ্‌) [শুকের ন্যায় নাসা (নাসিকা) যাহার, বহু] বি, পুং, তারাপীড় রাজার মন্ত্রী। ৩। বিণ, টিয়াপাখীর ন্যায় নাসিকাবিশিষ্ট।

শুকা, শুখা [সং—শুষ্ক হইতে প্রা] বি, বৃষ্টির অভাবে শস্যহানি। প্র—"অনেক

আয়াসে চাষে শস্য উপস্থিত। শুখা হাজা পড়িল পশ্চাতে বিপরীত॥"—শিবায়ন। ২। বিণ, শুষ্ক।

শুকান (নো)—শুখান দ্রঃ।

শুক্তি, শুক্তিকা [সং] বি. স্ত্রী. ঝিনুক। ২। শঙ্খ। ৩। করোটী ; কপালখণ্ড। ৪। চারি তোলা পরিমিত গন্ধদ্রব্যবিশেষ। **শুক্তিবীজ**—মুক্তাফল ; মৌক্তিক।

শুক্তো [সুক্ত দ্রঃ] বি. তিক্তাস্বাদ ব্যঞ্জনবিশেষ ; শুক্তানি। "আমাদের যেমন শাকের ঘণ্ট, শুক্তো প্রভৃতি আছে, সেও sauce ও মশলা দিয়া সেই ধরণের এক একটা জিনিস প্রস্তুত করিত।"—ভারতী, ১৩২০, আশ্বিন।

শুক্‌টি, টী [বর্ণবিপর্য্যয়ে শুট্‌কী। সং—শুষ্কীকৃত। হি—শুটক্‌কী] বিণ, যাহাকে শুষ্ক করা হইয়াছে ; শুষ্কীকৃত। ২। বি, শীর্ণা ও রুক্ষা স্ত্রী। পুং, **শুকটিয়া, শুকটে, শুট্‌কে**। **শুকটি মাছ, শুট্‌কী মাছ**—শুষ্কীকৃত মৎস্য।

শুক্‌ন, শুক্‌না (নো) [শুকনা দ্রঃ] নীরস ; শুষ্ক। প্র—"নিতাই কি যাদু জানে, নিতাই কি ভেল্কি জানে, শুক্‌ন কাঠে ফল ধরাল ফুল ফুটাল পাষাণে"—গান। **শুক্‌ন ডাঙ্গা**—শুষ্কভূমি ; তীর। প্র—"যাদু চিন্তে তো পার নাই আমি শুক্‌ন ডাঙ্গায় পান্সী চালাই।"—গান।

শুক্র (শুক্‌ক্র) [শুচ্‌ (শুচি হওয়া) + র (সংজ্ঞার্থে রক্‌)] বি, পুং, গ্রহবিশেষ। ২। অগ্নি। ৩। দৈত্যগুরু ভার্গব ; শুক্রাচার্য্য। ৪। জ্যৈষ্ঠ মাস। ৫। যোগবিশেষ। ৬। বীর্য্য ; রেতঃ ; শরীরস্থিত ধাতুবিশেষ। ৭। চক্ষুপীড়াবিশেষ।

শুক্রবার (র্) [গ্রা—শুকুরবার। শুক্র (গ্রহবিশেষ) বার (দিন) ৬তৎ] বি, পুং, শুক্রগ্রহের ভোগ্য দিন ; Friday.

শুক্ল [শুচ্‌ (নির্ম্মল হওয়া) ধাতুজ] বি, পুং, শুভ্রবর্ণ ; শ্বেতবর্ণ। ২। সিতপক্ষ। ৩। শুদ্ধ ; পবিত্র। ৪। রৌপ্য। ৫। চক্ষুপীড়াবিশেষ। ৬। যোগবিশেষ। ৭। নবনীত ; ননী। ৮। বিণ, শ্বেতবর্ণবিশিষ্ট। স্ত্রী, **শুক্লা**—বাগ্দেবী ; সরস্বতী। ২। বিণ, শ্বেতবর্ণা। **শুক্লধাতু**—বি, খড়ী। **শুক্লপক্ষ**—বি, শুক্ল প্রতিপদ অবধি পূর্ণিমা পর্য্যন্ত ১৫ তিথি। এই পক্ষে চন্দ্রের জ্যোৎস্না দ্বারা পৃথিবী শুক্লবর্ণ দেখা যায় বলিয়াই ইহার এই নাম।

শুক্লিমা [শুক্ল + ইমন্ (ভাবে) = শুক্লিমন, ১মা, ১ব] বি, পুং, শুক্লত্ব ; শ্বেতত্ব। প্র—"গঙ্গার শুক্লিমার অপেক্ষা অধিক শুক্ল হইয়াছে"।

শুখা [শুষ্ক দ্রঃ] বিণ, শুষ্ক। ২। অনাবৃষ্টি। প্র—হাজা শুখা।

শুখান (নো) [শুষ্ক হইতে শুক্কান—শুখান] বিণ, শুষ্কীকৃত। প্র—"শুখান বালির চুলা নূতন নির্ম্মাণ"—ঘনরাম। ২। (ন্) বি, অনাবৃষ্টি ; শুখা বা জলাভাব জনিত অজন্মা এবং দুর্ভিক্ষ। প্র—"শুখানের দিনে"।

শুখান (নো) [শুষ্ক + আন (বাং-ক্রি-বিভক্তি)। উ-পু—শুখাই। ম-পু—শুখাও ; শুখান ; শুখা। প্র-পু—শুখায় ; শুখান। অস-ক্রি—শুখাইতে ; শুখাইয়া, শুখিয়ে (গ্রা)] ক্রি, শুষ্ক করা। ২। উপবাস করা।

শুঙ্গ, শুঙা [সং—শুঙ্গ] বি, শূক ; শুঁয়া।

শুঙা [গ্রা—শোঁঙা। সং—শিঙ্ঘ্‌ ধাতুজ] বি, আঘ্রাণ করা।

শুচ্‌ [শুচ্‌ (শোক করা) + ক্বিপ্‌ (ভাবে)] বি, স্ত্রী, শোক ; মনস্তাপ।

শুচি [শুচ্‌ (নির্ম্মল হওয়া) + ই (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, সূর্য্য। ২। চন্দ্র। ৩। অগ্নি। ৪। বৃহস্পতি। ৫। মহাদেব। ৬। ব্রাহ্মণ। ৭। গ্রীষ্মকাল। ৮। জ্যৈষ্ঠ ও আষাঢ় মাস। ৯। অন্নপ্রাশনকালীন হোম। ১০। সদাচার। ১১। শুক্লবর্ণ। ১২। শৃঙ্গার রস। ১৩। স্ত্রী, কশ্যপঋষির পত্নী। ১৪। বিণ, পবিত্র ; শুদ্ধ। ১৫। অনুপহত। ১৬। নির্ম্মল। ১৭। নির্দ্দোষ। ১৮। শুভ্র। ১৯। অনুকূল।

শুচিতা [শুচি + তা (ভাবে)] বি, স্ত্রী, পবিত্রতা ; নির্ম্মলতা ; শুদ্ধতা। **শুচিদ্রুম**—বি, অশ্বত্থবৃক্ষ। **শুচিবাই**—শুচিতা রক্ষার জন্য যে পাগল বা বায়ুগ্রস্ত। গ্রা—ছুঁচিবাই।

শুঝা [হি—সুঝনা (দৃষ্ট হওয়া ; বোধ হওয়া) বুঝা শব্দের সহচররূপে বাং-য় ব্যবহৃত হয়। হি-তে স্বতন্ত্র ব্যবহার আছে] ক্রি, দর্শন করা বা দৃষ্টিগোচর হওয়া। ২। বোঝা বা বোধগম্য হওয়া।

শুণ্ঠি, শুণ্ঠী [শুন্ঠ্‌ (শোষণ করা) + ই (কর্ম্মে, সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, শুষ্ক আর্দ্রক ; শুঁঠ।

শুণ্ড [শুণ্‌ (গমন করা) + ড (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি, পুং, হাতীর শুঁড়।

শুণ্ডী [শুণ্ডা + ইন্ (অস্ত্যর্থে) = শুণ্ডিন্ ১মা, ১ব] বি, পুং, শৌণ্ডিক। ২। হস্তী। প্র—"পরিহরি শুণ্ডী ধরিয়া চণ্ডী বাড়িয়া ভাঙ্গিল দন্ত।"—কবিক।

শুদ্ধ [শুধ্‌ (শুদ্ধ হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, নির্দ্দোষ। ২। নিষ্পাপ ; নিষ্কলঙ্ক ; নিরঞ্জন। প্র—"আত্মা অবিনাশী অপক্ষয়শূন্য, শুদ্ধ অর্থাৎ নিরঞ্জন, অদ্বিতীয়, বিজ্ঞাতা, সর্ব্বাশ্রয় বিকারবর্জ্জিত, আত্মজ্যোতি সকলের হেতু, অসঙ্গ এবং অনাবৃত।"—টেকচাঁদ। ৩। পবিত্র। প্র—"কৃষ্ণচন্দ্র মহারাজ শুদ্ধ শান্তমতি"—অ, ম। ৪। শুভ্র। ৫। উজ্জ্বল। ৬। অমিশ্রিত ; খাঁটি। ৭। নির্ভুল। ৮। কেবল।

শুদ্ধান্ত [শুদ্ধ (পবিত্র) অন্ত (অন্তঃপুর)—কর্ম্মধা] বি, পুং, অন্তঃপুর। প্র—"শুদ্ধান্তে যেরূপ সভা দুতও তেমন অনুরূপ হয়ে তার কৈলা আগমন।"—রামা (রাজ)। স্ত্রী, **শুদ্ধান্তা**—রাজপত্নী ; রাজ্ঞী। ২। রাজরক্ষিতা স্ত্রী।

শুদ্ধান্তবাসিনী—অন্তঃপুরবাসিনী। প্র—"তখন শুদ্ধান্তবাসিনীগণের পদ্মহস্তবৃষ্ট অজস্র পুষ্পদলে স্যন্দনদৃশ্য সুচারু হইয়া উঠে।"

শুদ্ধি [শুধ্‌ (শুদ্ধ হওয়া) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সংস্কারবিশেষ। ২। পবিত্রতা। ৩। স্বচ্ছতা ; নির্ম্মলতা। ৪। পরিষ্কার ; মার্জ্জনা। ৫। তত্ত্ব। প্র—"কোটিবৃহস্পতি জিনি অদ্বৈতের বুদ্ধি। ভালমতে জানে সেই চৈতন্যের শুদ্ধি॥"—চৈ-ভা। "কোন শাস্ত্রে পাইলা হেন শুদ্ধি"—মহা (বিজয়)। ৬। দুর্গা।

শুধরান (নো) [শুদ্ধকরণ সংক্ষেপে গ্রা। শুধরণ ; ণিজন্তরূপ শুধরান। উ-পু—শুধরাই। ম-পু—শুধরাও প্র-পু—শুধরায়। অস-ক্রি—শুধরাইতে ; শুধরাইয়া, শুধরে (গ্রা)] ক্রি, শুদ্ধ করা ; সংশোধন করা।

শুধান (নো) [সুধান দ্রঃ। সং—শুধ্‌ (সংশোধনে) তাহা হইতে জিজ্ঞাসাবাদ দ্বারা চিত্তের ভ্রমশোধন বা সন্দেহ দূর করা। উ-পু—শুধাই। ম-পু—শুধাও। প্র-পু—শুধায়। অস-ক্রি—শুধাইতে ; শুধাইয়া] ক্রি, জিজ্ঞাসা করা। প্র—"কথাটি আমি শুধাবনাক তোমারে"—রবি।

শুধি [শুদ্ধি। প্রা-বাং] বি, শুদ্ধি। প্র—"তেজ্রি সে আজ্রি হো নাহি হয় জল শুধি।"—ভাগবত (দেবকীনন্দন)।

শুধু [সং—শুদ্ধ (অবিকৃত, অমিশ্র) হইতে] ক্রি-বিণ, কেবল ; মাত্র। প্র—"শুধু পেটের অন্ন লইয়া যদি কথা হইত তাহা হইলে এক রকম চলিয়া যাইত।"—ভারতী, ১৩২০। "কাঁদিবার নাই অবসর কথা নাই শুধু ফাটে বুক"—রবি।

শুন, শুনক (ক্) [শ্বন্ শব্দজ] বি, পুং, কুকুর। ২। ক্রি, গ্রহণ কর। প্র—"আমার বচন শুন ছাড় অভিমান। শ্রীমন্ত সাধুকে তুমি কর কন্যাদান॥"—কবিক। ৩। শ্রবণ কর।

শুনা [শ্বন্ (কুকুর)] বি, কুকুর। প্র—"জিহ্বা বাড়াইয়া শুনা জল খায় ঘাটে।"—মনসামঙ্গল (কেতকাদাস)।

শুনা, শোনা [সং—শ্রু ধাতুজ হি—শুন্‌না। উ-পু—শুনি। ম-পু—শুন ; শোন ; শুন্‌ন ; শোন (তুল—সং—শৃণোতু। প্রাকৃ—সুণাদু ; হি—শুন্)। প্র-পু—শুনে ; শোনে ; শুনেন ; শোনেন। অস-ক্রি—শুনিতে,

শুনতে (গ্রা); শুনিয়া, শুনে (গ্রা), শুনি (পদ্যে)। ণিজন্ত—শুনান] ক্রি, শ্রবণ করা; কর্ণগোচর করা। ২। আদেশ পালন করা। ৩। মন দেওয়া; মনোনিবেশ করা। ৪। কথা মান্য করা; উপদেশ গ্রহণ করা। ৫। বিণ, শ্রুত; যাহা কর্ণগোচর হইয়াছে। প্র—শুনা কথা। প্রা-বাং—**শুনন্ত**, **শুনিলেন্ত**—শুনিলেন। প্র—"শুনন্ত ভারত তবে অতি পুণ্য কথা।"—মহা (শ্রীকরণ)। ব্রজ—**শুনই**—শুনিতে। ২। শুনিয়া। প্র—"শুনই বাঁশী তব পিককুল গাওল"—রবি। **শুনমু**, **শুনলুঁ**—শুনিলাম। **শুনতহি**—শুনিয়া। প্র—"শুনতহি কানু মিলিল ধনী পাশ"—বি, প। **শুনল**—শুন। প্র—"শুনল শুনল বালিকা, রাখ কুসুম মালিকা"—রবি।

শুনানি [শুনা (দ্রঃ)+আনি (বাং-প্রত্যয়—ভাব বা কর্ম্ম অর্থে)] বি, কর্ণপাত; শ্রবণ। ২। [আদাঃ পরিঃ] বিচারক কর্ত্তৃক উভয় পক্ষের বক্তব্য শ্রবণ; hearing.

শুনী (নী) [শুন (কুকুর)—শ্বন্+ঈপ্—স্ত্রী, শ্ব=শু] বি, স্ত্রী, কুক্কুরী। প্র—"শুনী যেন হবি খায় পাইয়া নির্জ্জনে"—কাশী-মহা-সভা।

শুপুন্নে [সং—শ্বেতপুনর্নবা। সংক্ষেপে শ্বেত-পুণ্যা—বাংয়—অতি সংক্ষেপে—শেপুন্নে। শে=শু] বি, পুনর্নবা শাক।

শুবা, শুবে [আ—শুবাহ্ (সন্দেহ) উ—শুবে] বি, সন্দেহ; আদাঃ কাগজপত্রে বাং-য় "শুবে" অধিক ব্যবহৃত।

শুভ [শুভ্ (দীপ্তি পাওয়া)+অ (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, ক্লী, কল্যাণ; মঙ্গল। প্র—"ভৈরব কপিলাম্বর শুভ যাঁরে সেবি।"—অ, ম। ২। যোগবিশেষ। ৩। সুখ। ৪। ক্ষেমঙ্কর। ৫। সুন্দর। ৬। সুখী। স্ত্রী, **শুভা**—পার্ব্বতীর সখী।

শুভগ্রহ (শুভগ্‌গ্রোহ) [গ্রা—শুভগেগরো, শুভগ্র। শুভদায়ক যে গ্রহ—কর্ম্মধা] বি, পুং, শুভসূচক গ্রহ।

শুভঙ্কর (র্) [শুভ (মঙ্গল) কর (কৃ+অ, কর্ত্তৃ ট), ং আগম] বিণ, মঙ্গলজনক; প্র—"জ্ঞাতি বন্ধু ধরি ছল নাহি খাবে অন্নজল তাহে তুমি হবে শুভঙ্কর।"—কবিক। ২। বি, পুং, জনৈক অঙ্কশাস্ত্রজ্ঞ পণ্ডিত। স্ত্রী, **শুভঙ্করী**—পার্ব্বতী।

শুভদ [শুভ (মঙ্গল) দ (দা=দান করা+অ, কর্ত্তৃ—ড)] বিণ, মঙ্গলজনক; শুভপ্রদ। ২। অশ্বত্থবৃক্ষ। স্ত্রী, **শুভদা**—শুভদায়িনী; মঙ্গলা।

শুভসূচনী (শু) [শুভ (মঙ্গল) সূচনী (যে সূচনা করে) ৬তৎ] বি, স্ত্রী, সুবচনী নামক দেবী।

শুভাকাঙ্ক্ষী [শুভ+আকাঙ্ক্ষী] বি, হিতৈষী। স্ত্রী, **শুভাকাঙ্ক্ষিণী**। বি, **শুভাকাঙ্ক্ষা**।

শুভানুধ্যায়ী [শুভ+অনুধ্যায়ী] বিণ, হিতকামী; মঙ্গলাকাঙ্ক্ষী। স্ত্রী, **শুভানুধ্যায়িনী**। বি, **শুভানুধ্যান**।

শুভ্র [শুভ্+রক্] বি, পুং, শ্বেতবর্ণ; শুক্ল-বর্ণ। ২। ক্লী, অভ্রক। ৩। চন্দন। ৪। বিণ, শ্বেতবর্ণবিশিষ্ট।

শুম্ভ—বি, পুং, অসুরবিশেষ।

শুয়া [সং—শুক হইতে] বি, শুকপাখী। প্র—"নিজবোলে ডাকে পিক পড়ে শারি শুয়া।"—ঘনরাম। "তুমি কার কথায় ভুলেছ রে মন ওরে আমার শুয়া পাখী।"—রাম প্রসাদ। ২। সুয়া; সোহাগী। প্র—"শুয়া মাগু রান্ধি দেয় পঞ্চাশ ব্যঞ্জন।"—কবিক।

শুয়া, শুয়াপোকা [শূক হইতে শুয়া] বি, শূককীটবিশেষ; caterpiller.

শুরমা, শুর্ম্মা (র্) [সুর্ম্মা দ্রঃ] বি, রসাঞ্জন।

শুরু [আ—শুরূ] বি, আরম্ভ; সূত্রপাত। **শুরু করা**—আরম্ভ করা।

শুলকান (শুল্‌কানো) [হি—সুল্‌গানা] ক্রি, প্রজ্বলিত করা। প্র—"শাল কাঠে আগুন দিল শুলকাইয়া।"—মাণিকচাঁদের গান।

শুলুক (ক্) সুলুক দ্রঃ।

শুল্ক [শল্ (গমন করা)+ক (সংজ্ঞার্থে) শ=শু কিম্বা শুল্ক্ (সৃষ্টি করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, ক্লী, দ্রব্যাদির আমদানী রপ্তানির জন্য মাসুল। ২। বিবাহের পণ; যৌতুক। **শুল্কালয়**—শুল্ক আদায়ের দপ্তর; চুঙ্গীঘর। প্র—শুল্কালয়ে বেশী বিলম্ব হয় না।

শুল্‌পী [সং—শূল হইতে] বি, শস্ত্রবিশেষ; বেধনাস্ত্র। প্র—"শুল্‌পীতে শূয়র সম বিঁধিয়া পরাণ।"—চন্দন।

শুল্‌ফা [গ্রা—শুলপো। সং—শতপুষ্পা। হি—শোয়া বা শুয়া] তীব্রগন্ধ ক্ষুদ্র শাকবিশেষ; sowa.

শুশ্রূষণ [শ্রু (শুনা)+সন্ (ইচ্ছার্থে দ্বিত্ব)=শুশ্রূষ+অন (ভাবে অনট্)] বি, ক্লী, শ্রবণের ইচ্ছা। ২। [শ্রু+সন্—উপাসনার্থে] পরিচর্য্যা।

শুশ্রূষা [শ্রু+সন্ (ইচ্ছার্থে দ্বিত্ব)=শুশ্রূষ+অ (ভাবে) আপ্ স্ত্রী] বি, স্ত্রী, শ্রবণের ইচ্ছা। ২। কথন। ৩। সেবা; পরিচর্য্যা। **শুশ্রূষাপ্রণালী**—বি, পীড়িত ব্যক্তির যথোচিত সেবার নিয়ম; nursing.

শুষা [শুষ্ (শোষণে) ধাতুজ। উ-পু—শুষি। ম-পু—শুষ। প্র-পু—শুষে। অস-ক্রি—শুষিতে; শুষিয়া, শুষে (পদ্যে)] ক্রি, শোষণ করা; নীরস করা। প্র—"ষড়িবা শুষিয়া বাণ, গোধিকার লই প্রাণ, নাহি ছাড়ি দিব সুখ জালে;"—কবিক।

শুষির (র্) [শুষ্ (শুষ্ক হওয়া)+ইর (সংজ্ঞার্থে)] বি, ক্লী, অগ্নি। ২। ছিদ্র; রন্ধ্র। ৩। ফুঁ দিয়া বাজাইতে হয় এরূপ বাদ্যযন্ত্র। বিণ, ছিদ্রবিশিষ্ট। স্ত্রী, **শুষিরা**—নদীবিশেষ।

শুষ্ক [শুষ্ (শুষ্ক হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত); ত=ক] বিণ, নীরস; শুক্‌না। ২। শীর্ণ। ৩। নিরর্থক; অহেতুক।

শূক (ক্) [শো (তীক্ষ্ণ করা)+উক (কর্ত্তৃ)] বি, শস্যাদির সূক্ষ্ম অগ্রভাগ; শুঁয়া। ২। শিখা। **শূককীট**, **শূককীটক**—বি, পুং, শুয়াপোকা। **শূকধান্য**—বি, ধান্য, যব, গোধূমাদি।

শূকর (র্) [শূক+র কিম্বা শূ (অনুকার শব্দ করা)+কর (কৃ—করা, কর্ত্তৃ—অচ্)] বি, পুং, শূয়ার। স্ত্রী, **শূকরী**।

শূক্ষ্ম (শুক্‌খঁ) [সূচ্ (জ্ঞাপন করা)+স্মন্ (কর্ম্মে) সূ=শূ, চ্=ক্] বিণ, মিহি। ২। পাতলা।

শূদ্র (শুদ্‌দ্রো) [শুচ্ (পবিত্র হওয়া)+র (কর্ত্তৃ, সংজ্ঞার্থে রক্), শু=শূ, চ্=দ্] বি, পুং, চতুর্থবর্ণ। স্ত্রী, **শূদ্রা**—শূদ্রজাতীয়া স্ত্রী। শূদ্র-পত্নী বুঝাইতে **শূদ্রী**; **শূদ্রাণী**।

শূন (ন্) [সং—শূন্য অপভ্রংশে—শূন, হি—শুন্] বিণ, শূন্য। প্র—"শূন ভেল মন্দির, শূন ভেল নাগরী শূন ভেল দশদিশ শূন ভেল সাগরী॥"—বিদ্যাপতি। "শূন যে হিয়া রহিল পড়িয়া।"—চণ্ডীদাস।

শূনা [সং—শূন্য (গ্রা—শূনা, শুনু] বিণ, শূন্য। ২। নির্জ্জন। প্র—"কি করিয়া শূনা মাঠে থাকিবিরে শু'য়ে।"—প্রেম ও ফুল।

শূন্য [সু (অতিশয়)=শু—উন=শূন+য] বি, ক্লী, রিক্ততাসূচক চিহ্ন; বিন্দু। ২। নির্জ্জন স্থান। ৩। আকাশ। ৪। অভাব। ৫। বিণ, নির্জ্জন। ৬। রিক্ত। ৭। তুচ্ছ। ৮। রহিত। স্ত্রী, **শূন্যা**—বন্ধ্যা। ২। নলী। ৩। ফণীমনসা। **শূন্যগর্ভ**—[শূন্য (খালি) গর্ভ মধ্য যাহার, বহু] বিণ, শূন্য-মধ্য; ফাঁপা। স্ত্রী, **শূন্যগর্ভা**।

শূপকার (র্) [শূপ (ডাল) কার (কৃ—করা+অ, কর্ত্তৃ অণ্) যে বেতন গ্রহণ করিয়া পাক করে] বি, পুং, পাচক।

শূয়ার (র্) [শূকর শব্দজ] বি, বরাহ; শূকর। **বুনোশূয়ার**—বন্য বরাহ।

শূর (র্) [শূর্ (সাহসী হওয়া)+অ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে অচ্)] বি, পুং, সূর্য্য। প্র—"শূর হেরি কুমুদ মুদিত নাহি ভেল।"—জ্ঞান।

২। কৃষ্ণের পিতামহ। বিণ, শৌর্য্যশালী বলবান্। প্র—"গুহার ময়ূর খাইতে বড় শূর সর্প খেদাড়িয়া খায়।"—কবিক।

শূরণ (ন্) [সং] বি, পুং, ওল।

শূরতা [শূর+তা (ভাবে)] বি, স্ত্রী, শৌর্য্য

শূরসেন (শেন্) বি, পুং, যদুবংশীয় নৃপ-বিশেষ। ২। মথুরা।

শূর্প [শৄ (হিংসা করা, বর্জ্জন করা)+প (সংজ্ঞার্থে); শৄ=শূর্। হি—সূপ্] বি, পুং, ক্লী, তণ্ডুলাদি পরিষ্কার-সাধন বংশনির্ম্মিত পাত্র; কুলা।

শূর্পকর্ণ [সং—শূর্প (কুলা) তৎসদৃশ কর্ণ (কাণ) যাহার, বহ্] বি, পুং, যাহার কর্ণ কুলার ন্যায় বৃহৎ; হস্তী। ২। গণেশ। ৩। বিণ, শূর্প তুল্য কর্ণযুক্ত; কুলাকাণি।

শূর্পণখা [শূর্প কুলা—শূর্পের মত নখ যাহার, বহ্] বি, স্ত্রী, লঙ্কাপতি রাবণের ভগ্নী।

শূল (ল্) [শূল্ (রোগগ্রস্ত হওয়া)+অ (কর্তৃ সংজ্ঞার্থে)] বি, পুং, ক্লী, উদরজাত বেদনা-রোগ। ২। ব্যথা। ৩। শূলাকৃতি অস্ত্র; ত্রিশূল। ৪। মৃত্যু। ৫। ধ্বজ। ৬। পুং যোগবিশেষ। ৭। চিহ্ন। ৮। মুনিবিশেষ। ৯। সন্তানপ্রসবজন্য বেগ। প্র—"বল হয় অন্নমূল, কার বলে দিবে শূল, দিন দিন দেখি ক্ষীণ বলে।"—কবিক। স্ত্রী, **শূলা**—কীলক শঙ্কু। **শূলধর**—বি, পুং, যিনি জগৎ সংহারক শূল ধারণ করেন; শিব। ২। বিণ, শূলধারী। স্ত্রী, **শূলধরা**—শূলধারিণী দুর্গা। **শূলপাণি**—বি, পুং, শূলহস্ত; শূলধর শিব। প্র—"অসুর দলবলহারিণী দেবদল-পালিনী হৃদয়ে ধরে পদ যুগল শূলপাণি॥"—বাং-গান।

শূল্য [শূল+য (কৃতার্থে)] বিণ, শলাকাবিদ্ধ দগ্ধমাংস; শিককাবাব।

শূলি (শূল (দ্রঃ), ক্ষুদ্রার্থে—ই] বি, শূলদণ্ড। প্র—"অবিচারে মহারাজা দিতে বলে শূলি।"—ধনরাম।

শূলী [শূল+ইন্ (অস্ত্যর্থে)=শূলিন্ ১মা, ১ব] বি, পুং, শিব। ২। শূলরোগী। ৩। বিণ, শূলহস্ত; শূলধারী। স্ত্রী, **শূলিনী**—বিণ, শূলধারিণী। ২। বি, দুর্গা।

শৃগাল, স্ব (ল্) [সৃজ্ (চাতুরী, সৃষ্টি করা)+আ, সৃজ্=শৃগ্—ল, লা (গ্রহণ করা)+অ (কর্তৃ—ড)] বি, পুং, শিবা; শিয়াল। ২। [লক্ষণায়] খল; ধূর্ত্ত।

শৃগালকণ্টক (শৃগাল কন্টক্) [শৃগাল—শিয়াল কণ্টক (কাঁটা)] বি, পুং, শেয়াল কাঁটা গাছ; ইহার পাতা কাঁটাকাঁটা। ফুলের বর্ণ পীত; meticar poppy.

শৃগালকোলি (সৃ, ল্) [সং] বি, শেয়াকুল গাছ: কণ্টকী লতা। পাতা রোমশ ও ফুল পীতাভ, ফল কুঁচবৎ ক্ষুদ্র ও গোল; zizyph oenoplia.

শৃগালিকা, শৃগালী [শৃগাল—ক (আপ্) অ=ই] বি, স্ত্রী, খেঁকশিয়ালী। ২। স্ত্রী, শৃগাল।

শৃঙ্খল (স্, ল্) [শৃঙ্গ (শিকলের কড়া) খল্ (গ্রহণ করা)+অ (করণে অল্) নিপাতন-সিদ্ধ। ক্ষুদ্রার্থে—**শৃঙ্খলক**] বি, পুং, ক্লী, শিকল; নিগড়। লৌহময় পদবন্ধনী। ২। বন্ধন। প্র—অকূলে না কূল পায় দারুণ শৃঙ্খল পায়।"—বাং-গান।

শৃঙ্খলা (স্) [শৃঙ্খল (দ্রঃ) স্ত্রী, আপ্] বি, স্ত্রী, ধারা; রীতি; নিয়ম। ২। বন্ধনী; ব্র্যাকেট চিহ্ন।

শৃঙ্খলিত (সৃংখোলিত) [শৃঙ্খল+ইত (সংযুক্ত, সংবদ্ধ)] বিণ, নিগড়বদ্ধ; শিকল-বদ্ধ।

শৃঙ্গ (সৃংগ) [শৃ (হিংসা করা)+গক্ (নিপাতন-সিদ্ধ)] বি, ক্লী, বিষাণ; শিঙ্গা। প্র—"ভেড়ার শৃঙ্গে হীরার ধার কতক্ষণ রয়।"—বাং-গান। ২। পর্ব্বত শিখর; পর্ব্বতের চূড়া। ৩। শৃঙ্গ দ্বারা প্রস্তুত বাদ্যযন্ত্র; শিঙ্গা। ৪। শরাগ্রভাগ। ৫। তীক্ষ্ণাগ্রভাগ। ৬। পিচকারী যন্ত্র। ৭। চিহ্ন। ৮। কামোদ্রেক। ৯। প্রাধান্য। ১০। প্রভাব। ১১। প্রভুত্ব। ১২। জীবক নামক ওষধিমূল। ১৩। কূর্চ্চ শীর্ষক বৃক্ষ। ১৪। কৃত্রিম ফোয়ারা। **শৃঙ্গ-গ্রাহিতান্যায়**—দুর্দ্দান্ত বৃষাদির কৌশল-ক্রমে প্রথমে একটী শৃঙ্গ গ্রহণ করিয়া পরে অন্য শৃঙ্গ গ্রহণ করিবার ন্যায়।

শৃঙ্গজ (স্) [শৃঙ্গ—জ (জাত)] বিণ, শৃঙ্গজাত; শৃঙ্গনির্ম্মিত। ২। বি, বাণ। ৩। অগুরু।

শৃঙ্গধর (স্, র্) [শৃঙ্গ—ধর (যে ধরে)] বি, পুং, পর্ব্বত।

শৃঙ্গবান (স্) [শৃঙ্গ+বৎ (বতু—অস্ত্যর্থে)] বি, পুং, পর্ব্বতবিশেষ। ২। বিণ, শৃঙ্গযুক্ত চূড়াবিশিষ্ট।

শৃঙ্গবেরপুর (সৃংগবেরপুর্) বি, কোশল রাজ্যের সীমার বাহিরে গঙ্গাতীরবর্ত্তী নগরী, নিষাদরাজ গুহকের পুরী। রাম সারথি সুমন্ত্রকে এইখানে বিদায় দিয়া বন গমন করেন।

শৃঙ্গাট (সৃংগাট্) [শৃঙ্গ (শিং) অট (গমন করা)+অ (কর্তৃ—অচ্)] বি, ক্লী, কামাখ্যা দেশস্থ পর্ব্বতবিশেষ। ২। চতুষ্পথ; চৌরাস্তা। ৩। জলকণ্টক; পানিফল। ৪। পুং, পানিফলের গাছ।

শৃঙ্গাটক (স্, ক্) [সং] বি, পানিফল।

শৃঙ্গার (সৃংগার্) [সং] বি, কাব্যের প্রধান রস; আদিরস। অনুরাগ ইহার স্থায়িভাব। ২। নাট্যরস। ৩। রমণ; রতিক্রীড়া। ৪। সন্ধ্যার পর ঠাকুরের মোহন বেশ; জগন্নাথ দেবের রাত্রি বেশ বা সাজ পরিবর্ত্তন। গ্রা-কথায় শিঙ্গার। ৫। রাজমস্তকে সিন্দূরাদির সজ্জা। ৬। সুগন্ধিচূর্ণ। ৭। [বৈদ্যকে] সিন্দূর। ২। লবঙ্গ। **শৃঙ্গারভূষণ**—বি, সিন্দূর।

শৃঙ্গি (স্) [সং] বি, স্ত্রী, শিঙ্গী মৎস্য। ২। লতাবিশেষ।

শৃঙ্গী [শৃঙ্গ (অগ্রভাগ বা শিং)=ইন্ (অস্ত্যর্থে) শৃঙ্গিন্ ১মা, ১ব] বি, পুং, মুনিবিশেষ। ২। শিখরী; পর্ব্বত। ৩। বৃক্ষ। ৪। লতা-বিশেষ। ৫। স্ত্রী, মৎস্যবিশেষ। ৬। বিণ, শৃঙ্গযুক্ত। স্ত্রী, **শৃঙ্গিণী**—গাভী। ২। জ্যোতিষ্মতী গাছ। ৪। মল্লিকাগাছ।

শৃণি (সৃণি) [সং] বি, অঙ্কুশ।

শেঁকো [সং—শঙ্খ। হি—সঙ্খিয়া] বি, শঙ্খবিষ; white arsenic.

শেখ (খ্)—সেখ দ্রঃ।

শেখর (র্) [শিখ্ (গমন করা)+অরণ্ (কর্তৃ, সংজ্ঞার্থে)] বি, পুং, শিরোভূষণ; কিরীট। ২। শিখাস্থিত মাল্য। ৩। চূড়া।

শেখা [শিখা গ্রা উচ্চারণে] ক্রি, শিক্ষা করা।

শেজ (জ্) [সং—শয্যা অপভ্রংশে] বি, শয্যা। প্র—"আজ রচয়ে বাসক শেজ।"—চণ্ডীদাস। "শেজ পরশ নাহি পাবই।"—বিদ্যাপতি। **শেজ করা**—শয্যা রচনা করা। **শেজ-তুলুনী,—তোলানী**—যে বাসর শয্যা তোলে। **শেজতোলা**—শয্যা গুটাইয়া বা উঠাইয়া রাখা। **শেজতোলানি**—বিবাহ বাসরে বর কন্যার শয্যা তুলিবার পারিশ্রমিক। **শেজমাজুর**—শয্যা ও তাহার উপকরণাদি।

শেঠ (ঠ্) [সং—শ্রেষ্ঠী] বি, বণিক। ২। জাতীয় উপাধিবিশেষ।

শেতখানা—সেতখানা দ্রঃ।

শেপুন্নে—শুপুন্নে দ্রঃ।

শেফ (ফ্) [সং—শেফস্ শব্দ। শী (শয়ন করা)+ফ—যে শুক্র পাতান্তে শয়ন করে] বি, ক্লী, শিশ্ন। তুল—শুনঃ-শেফ। ২। বিণ, শয়নকর্ত্তা। তুল—শেফালিকা।

শেফালি, লী [শেফ (শয়ন করা) মধুগন্ধে আকৃষ্ট হইয়া ভ্রমর যাহাতে শয়ন করিয়া মধুপান করে, বহ্] বি, স্ত্রী, শেফালিকা; শিউলী ফুল। ২। শিউলী ফুলের গাছ। ৩। নীল সিন্ধুবার।

শেফালিকা [শেফালি+ক—আপ্, স্ত্রী] বি, স্ত্রী, শেফালি দ্রঃ। প্রা—শেফালিকে। প্র—"জাতি যুতি শেফালিকে টগর গোলাপ কাট মল্লিকে।"—বাং-গান।

শেব (ব্) [শেফ দ্রঃ। ফ=ব] বি, পুং, শিশ্ন।

শেব (ব্) বি, শেউফল ; আপেল।

শেয (শেজ্) [সং—শয্যা] বি, শয্যা। প্র—"দ্রুতগতি শেয করত পুন চমকই নিরখত তুয়া পথ পানে।"—গীতগোবিন্দ (গিরিধর)।

শেয়ান (ন্) [সেয়ানা দ্রঃ] বিণ, চতুর চালাক ; ধূর্ত্ত ; চতুর।

শেয়ালা [শৈবাল শব্দজ] বি, জলঘাস ; শৈবাল শেওলা।

শের (র্) [সং—শরাবঃ (কুড়বদ্বয়পরিমাণম্। তৎ তু চতুঃষষ্টি তোলকাত্মকম্ সের ইতি ভাষা।"—শব্দকল্পে)] বি, সের দ্রঃ।

শেরা [সং—শ্রেষ্ঠ বা শীর্ষ হইতে] বিণ, শ্রেষ্ঠ ; প্রধান। মাথাল ; শীর্ষস্থানীয়।

শেলেট—সেলেট দ্রঃ।

শেরিফ (ফ্) [এ্যাং স্যা—scir (ইং—shire) serefa (a governor)] বি, জেলার শাসনকর্তা ; নগরের প্রধান পুরুষ ; নগরপাল।

শরিফ (ফ্) [আ—শরীফ্] বি, মুসলমান-ধর্ম্মপ্রবর্ত্তক হজরৎ মহম্মদের কন্যা ফাতিমা-গতজ সন্তান। ২। মক্কার শাসনকর্তা।

শল (ল্) [শূল শব্দজ] বি, শল্যাস্ত্র ; শূল।

শল (ল্) [ইং—shell] বি, কামানের গোলাবিশেষ।

শলেখানা [সেলেখানা দ্রঃ] বি, অস্ত্রাগার।

শেষ (ষ্) [শিষ্ (নাশ করা) +অ (কর্তৃ, সংজ্ঞার্থে অচ্)] বি, পুং, সর্পরাজ ; অনন্ত-নাগ। প্র—"শিঙ্গিনীতে বৈসে শেষ ভৈরব উন্মত্ত বেশ যতক্ষণ মহাবীর যুঝে।"—কবিক। ২। বলরাম। ৩। [ভাবে—অল্] বিনাশ ; ধ্বংস। ৪। অন্ত। ৫। নিষ্পত্তি ; সমাপ্ত। প্র—"আশা করি অদূর ভবিষ্যতে এই বাহিনীর শেষ শুনিতে পাইব।"—বসুমতী—২৭ মাঘ ১৩১৮। ৬। অবশেষ। প্র—"শেষে প্রভু লয় কালে।"—বাং-গান। ৭। [অল্, কর্তৃ] বিণ, পরিত্যক্ত। ৮। উচ্ছিষ্ট। ৯। অবশিষ্ট। শেষ-বয়ঃ—বৃদ্ধ। স্ত্রী, শেষবয়ী—বৃদ্ধা। প্র—"বলক্ষবরণ কেশবেশ শেষবয়ী।—ঘনরাম।

শেহালা [সং—শৈবাল—শেআলা, শেহালা] বি, শৈবাল ; শেওলা। প্র—"শুন শুন দিদি প্রেম সুধানিধি কেমন তাহার জল। কেমন তাহার গভীর গম্ভীর উপরে শেহালা দল।"—চণ্ডীদাস।

শৈত্য (শৈৎত) [শীত (শীতল) +য (ভাবে, যণ্)] বি, ক্লী, শীতলতা ; জাড্য।

শৈথিল্য [শিথিল+য (ভাবে—যণ্)] বি, ক্লী, শিথিলতা ; আলগা ভাব। ২। অসম্বরতা। ৩। অবসন্নতা। ৪। অমনোযোগ।

শৈব [শিব+অ (উপাসকার্থে—সম্বন্ধার্থে)] বিণ, শিবসম্বন্ধীয়। ২। বি, শিবোপাসক। প্র—"এইরূপে শৌনকাদি শৈবগণ।"—অ, ম। ৩। শিবপুরাণ।

শৈবলিনী [শৈবল (শেয়ালা) + ইন্ (অস্ত্যর্থে) ঈপ্] বি, স্ত্রী, নদী। প্র—"সুরশৈবলিনী জগৎ জননী শঙ্কর-মৌলি-নিবাসিনী গঙ্গে।"—বাং-গান।

শৈবাল, শৈবল (ল্) [শী (শয়ন করা) + বাল, বল (কর্তৃ) যে জলে শয়ন করে] বি, পুং, ক্লী, জলজ উদ্ভিজ্জবিশেষ ; শেয়ালা ; blyxa octandra.

শৈব্য (শৈব্‌ব) [শিব+য (সম্বন্ধার্থে) যণ্] বিণ, শিবসম্বন্ধীয়।

শৈব্যা (শৈব্‌ব্যা) বি, স্ত্রী, রাজা হরিশ্চন্দ্রের পত্নী।

শৈরিক (ক) [শিরা+ইক] বিণ, শিরাত্মক। প্র—"ধমনী শৈরিক রন্ধ্রে গরজিয়া মেঘ মন্দ্রে।"—কুঙ্কুম। ২। শিরা সম্বন্ধীয়।

শৈল [শিলা (প্রস্তর) +অ] বি, পুং, পর্ব্বত ; গিরি। ২। শৈলেয় নামক গন্ধদ্রব্য। ৩। শিলা সম্বন্ধীয়। ৪। পার্ব্বতীয়।

শৈলধর (র্) বি, পুং, গিরিধারী ; বিষ্ণু।

শৈলরাজ—বি, পুং, পর্ব্বতরাজ হিমালয়।

শৈলসুতা—বি, স্ত্রী, হিমালয় কন্যা পার্ব্বতী ; দুর্গা। ২। গঙ্গা।

শৈলজ [শৈল (পর্ব্বত) জ (কর্তৃ—ড প্রত্যয়াগু) জন্ ধাতুজ] বি, ক্লী, পার্ব্বতীয় গন্ধদ্রব্য। বিণ, পার্ব্বত্য ; পর্ব্বতজাত। স্ত্রী, শৈলজা —গিরিসুতা ; পার্ব্বতী।

শৈলাখ্য (শৈলাক্‌খ) [শৈল—পাষাণ আখ্যা নাম যাহার, বহু] বি, ক্লী, শৈলেয় ; শিলাজতু।

শৈলাদি [শিলাদ+ই (অপত্যার্থে)] বি, পুং, শিবানুচর নন্দী।

শৈলী [সং] বি, সদ্ব্যবহার ; সদ্ভাব।

শৈলুষ (ষ্) [সং] বি, নৃত্যজীবী নট-বিশেষ। প্র—"বধবন্ধনজীবী, শৈলুষ, শৌণ্ডিক * * *"—ব্যাস সংহিতা। ২। ভীলজাতি। স্ত্রী, শৈলুষী—নটীবিশেষ। প্র—"নটী শৈলুষী * * বেণুজীবিনী"—সংবর্ত্ত সংহিতা।

শৈলেন্দ্র [শৈলের মধ্যে ইন্দ্র (প্রধান) ৭তৎ] বি, পুং, পর্ব্বত শ্রেষ্ঠ ; হিমালয়।

শৈলেয় [শৈল (পর্ব্বত) +এয় (ভব বা জাত অর্থে)] বিণ, পার্ব্বত্য ; পর্ব্বতজাত। ২। শৈল সম্বন্ধীয়। ৩। বি, পার্ব্বত্য গন্ধৌষধি-বিশেষ। ৪। সৈন্ধব লবণ। স্ত্রী, শৈলেয়ী—পার্ব্বতী ; দুর্গা।

শৈল্য (শৈল্‌ল) [শিলা+য (সম্বন্ধার্থে)] বিণ, শিলা সংক্রান্ত।

শৈশব (ব্) [শিশু+অ (ভাবে)] বি, ক্লী, শিশুত্ব ; বাল্যাবস্থা। শৈশবলীলা—ছেলেখেলা।

শৈশির (র্) [শিশির+অ (সম্বন্ধার্থে)] বিণ, শিশির সম্বন্ধীয়।

শো, শো-পোকা [শুয়া দ্রঃ] বি, শুয়াপোকা।

শোআ, শোওয়া [সং—শী (শয়ন করা)= শু ধাতুজ। উ-পু—শুই। ম-পু—শোও ; শুউন, শোউন, শুন্ ; শো। প্র-পু—শোয় ; শোন্। অস-ক্রি—শুইতে ; শুতে (প্রা) ; শুইয়া ; শু'য়ে (প্রা)। ণিজন্ত—শোয়ান] ক্রি, শয়ন করা। ২। [হি, হইতে প্রা-বাং-য়] নিদ্রা যাওয়া। ৩। [বাং-গ্রা। মেয়েলি—সঙ্গমার্থ শয়নের ভাব হইতে] সঙ্গম ; সুরত। শোওয়াবসা—শোয়া দ্রঃ।

শোআন, শোওয়ান, শোয়ান (নো) [শোআ দ্রঃ। উ-পু—শোয়াই। ম-পু—শোয়াও ; শোয়ান ; শোয়া। প্র-পু—শোয়ায় ; শোয়ান। অস-ক্রি—শোয়াইতে ; শোয়াইয়া, শুইয়ে (প্রা)] ক্রি, শুইতে বাধ্য করা ; শয়ন করান।

শোঁ [শুঙ্গ হইতে] বি, শুঁয়া দ্রঃ। ২। [শব্দাত্মক] অনুকরণ শব্দ।

শোঁপোকা—বি, শোয়াপোকা ; caterpiller.

শোঁশোঁ [শব্দাত্মক] বি, বেগে বায়ু বহিবার শব্দ। ২। বায়ুবেগে গমনের শব্দ।

শোঁকা, শুঁকা [সং—শিঙ্ঘ্ (আঘ্রাণে) ধাতুজ। উ-পু—শুঁকি। ম-পু—শুঁক ; শোঁক ; শুঁকুন ; শোঁক্ ; প্র-পু—শুঁকে ; শোঁকে ; শুঁকেন ; শোঁকেন। অস-ক্রি—শুঁকিতে ; শুঁকিয়া, শুঁকে (প্রা)। ণিজন্ত—শোঁকান] ক্রি, আঘ্রাণ করা।

শোঁকান (নো) [শোঁকা দ্রঃ। উ-পু—শোঁকাই। ম-পু—শোঁকাও ; শোঁকান্ ; শোঁকা। প্র-পু—শোঁকায় ; শোঁকান। অস-ক্রি—শোঁকাইতে ; শোঁকাইয়া, শুঁকইয়ে (প্রা)] ক্রি, গন্ধ গ্রহণ করিতে দেওয়া ; আঘ্রাণ করান।

শোক (ক্) [শুচ্ (শোক করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, প্রিয়বিরহ কিম্বা অন্য দুঃখাদি জন্য চিত্তবৈকল্য।

শোঙা [শুঙ্গা দ্রঃ। উ-পু—শুঙি। ম-পু—শুঙ ; শুঙুন ; শোঙ্। প্র-পু—শুঙে ; শোঙে ; শুঙেন ; শোঙেন। ণিজন্ত—শোঙান] ক্রি, আঘ্রাণ করা। কুকুরশোঙা—কুক্‌সিমের গাছ।

শোচন, শোচনা (ন্) [শুচ্ (শোক করা) +অন (ভাবে)] বি, স্ত্রী, অনুতাপ; অনুশোচনা। বিণ, শোচনীয়।

শোচ্য [শুচ্+য (কর্ম্মে)] বিণ, শোকের উপযুক্ত; অনুশোচনীয়। ২। বি, শোকের বিষয়।

শোচ্যদেশ—বি, অপবিত্র দেশ। প্র—"বৈষ্ণব জন্মায়ে কেন শোচ্য দেশেতে"—চৈ, ভা।

শোঝা [শুঝা দ্রঃ] ক্রি, বোধ করা; বুঝা। প্র—"কামানের ধুমে, তম রণভূমে, আত্মপর নাহি শুঝে।"—অন্নদামঙ্গল।

শোণ (ন্) [শোণ্ (রক্তবর্ণ হওয়া বা করা) +অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, রক্তবর্ণ। ২। অগ্নি। ৩। রক্ত। ৪। সিন্দুর। ৫। পাটনার নিকটস্থ নদী। ৬। বিণ, লোহিতবর্ণযুক্ত; রক্তবর্ণবিশিষ্ট। শোণপত্র—রক্তপুনর্নবা। শোণরত্ন—পদ্মরাগ মণি।

শোণক, শোণাক (ক্) [সং] বি, পুং, শোণালগাছ।

শোণিত (ত্) [শোণ (রক্তবর্ণ)+ইত জাতার্থে] বি, ক্লী, রক্ত; রুধির। প্র—"লোল রসনা করালবদনী শোণিতের ধারা বহে বিম্বাধরে।"—বাং-গান। ২। কুঙ্কুম। ৩। বিণ, রক্তবর্ণবিশিষ্ট; লোহিত। শোণিতপুর—বাণরাজার পুরী।

শোণিতাক্ত [শোণিত দ্বারা অক্ত, ৩তৎ] বিণ, রুধিরস্নাত; রক্তাক্ত।

শোথ (থ্) [শু (বৃদ্ধি পাওয়া)+থ (সংজ্ঞার্থে)] বি, পুং, দেহে জলসঞ্চার হেতু স্ফীতিরোগ; স্ফীততা; ফুলারোগ; dropsy ২। [সং—শ্লীপদ] গোদ।

শোধ (ধ্) [সং—শুধ্ (শুদ্ধি) ধাতুজ ঋণাদি হইতে শুদ্ধিলাভ বা মুক্তি] বি, পরিশোধ; ঋণোদ্ধার। প্র—"পিরীতি এই করিলে বাধিত এ দুঃখ ঋণে কত নয়নের নীরে শ্যাম, শোধ দিব কতদিনে॥"—বাং-গান। ২। প্রতিশোধ। জন্মের শোধ—জন্মঋণ পরিশোধস্বরূপ; জন্মের মত। প্র—"জনমেরি শোধ ডাকি মা তোরে কোলে তুলে নিতে আয় মা।"—গান। শোধ দেওয়া—ঋণ পরিশোধ করা। ২। অনিষ্টের প্রতিশোধ বা প্রতিহিংসা করা। শোধবোধ—প্রতিশোধ বা পরিশোধ এবং তজ্জনিত প্রবোধ। ২। পরিশোধ ও পরস্পরের মধ্যে বোঝাপড়া। বোধশোধ—বুদ্ধি শুদ্ধি দ্রঃ। শোধ যাওয়া—পরিশোধ হওয়া। প্র—তাহার ধার আর শোধ যায় না।

শোধক (ক্) [শুধ্+ণিচ্=শোধি (শুদ্ধ করা)+অক (কর্ত্তৃ)] বিণ, বিশুদ্ধি কারক; সংস্কারক; পবিত্রকারী; পাবন।

শোধন (ন্) [শুধ্ (শুদ্ধ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নির্দ্দোষ করণ; সংশোধন; সংস্কার। ২। ঋণ পরিশোধ। ৩। প্রতিশোধ। ৪। পরিষ্কার করণ। ৫। বিরেচন। ৬। অপনয়ন। ৭। মল; বিষ্ঠা। স্ত্রী, শোধনী—যাহা দ্বারা গৃহাদি শোধন করা হয়; সম্মার্জ্জনী; ঝাঁটা। ২। বিণ, শুদ্ধিকারক; শোধক।

শোধনীয় [শুধ্+ণিচ্=শোধি+অনীয় (কর্ম্মে)] বিণ, শোধনের যোগ্য।

শোধরান (শোধরানো) [হি—সুধারনা। সং—শুধ্ (শোধনে) ধাতুজ। সুধরান দ্রঃ] ক্রি, সংশোধন করা।

শোধিত [শুধ্+ণিচ্=শোধি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, বিশুদ্ধীকৃত; সংস্কৃত; মার্জ্জিত। ২। অপনীত।

শোধ্য (শোধ্ধ) [শুধ্+ণিচ্=শোধি+য (কর্ম্মে)] বিণ, শোধনীয়; সংস্কার্য্য।

শোনা [সং—শ্যোনাক] বি, দীর্ঘবৃন্ত নাগফণাবৎ মঞ্জরীযুক্ত ক্ষুদ্র বৃক্ষবিশেষ; orofylum indicum.

শোভন (ন্) [শুভ্+ণিচ্=শোভি (দীপ্তি পাওয়া)+অন (কর্ত্তৃ)] বিণ, শোভাজনক; শোভাযুক্ত। প্র—"ঐ যে দেখা যায় আনন্দধাম, অপূর্ব্ব শোভন ভব-জলধির পারে জ্যোতির্ম্ময়।"—রবি। ২। সুন্দর; মনোজ্ঞ। ৩। বি, পুং, যোগবিশেষ। ৪। গ্রহ। ৫। ৫। ক্লী, পদ্ম। স্ত্রী, শোভনা—হরিদ্রা। ২। গোরোচনা। কবিবর মাইকেল মধুসূদন স্ত্রীলিঙ্গে শোভিনী শব্দের প্রয়োগ করিয়াছেন। প্র—"বনশোভিনী"—ব্রজাঙ্গনা। "বনসুশোভিনী"—মেঘনাদ। [দ্রঃ—শুভ্+অ (ভাবে—ঘঞ্)=শোভ+ইন্ (অস্ত্যর্থে) =শোভিন্-ঈপ্=শোভিনী—শোভাবিশিষ্টা এই অর্থে কবির প্রয়োগ সাধু কিন্তু শোভন শব্দের স্ত্রীলিঙ্গে শোভিনী সাধু নহে]।

শোভনক (ক্) [শোভন দ্রঃ] বিণ, শোভাজনক। ২। শোভাঞ্জনবৃক্ষ; শজিনাগাছ।

শোভা [শুভ্ (দীপ্তি পাওয়া)+অ (ভাবে—অঙ্) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, দীপ্তি; কান্তি। ২। সৌন্দর্য্য; বাহার। ৩। হরিদ্রা। ৪। গোরোচনা। ক্রি, শোভে, শোভয়ে—[পদ্যে] শোভা পায়। প্র—"বানর মুখে কি শোভয়ে পান।"—বি, প। অস-ক্রি, শোভিতে—শোভা পাইতে। শোভিল—শোভা পাইল; শোভা ধারণ করিল। শোভা পাওয়া—মানান; সুন্দর দেখান; সাজা। শোভাযাত্রা—সমারোহের সহিত বহু লোকের একত্র সুশৃঙ্খলাবদ্ধ গমন; সংযাত্রা; মিছিল। প্র—"এই সময় রাজন্যবৃন্দ এক বিরাট শোভাযাত্রা করিয়া রাজপ্রতিনিধির অনুগমন করিবেন।"—সঞ্জীবনী।

শোভানুভাবকতা [শোভা+অনুভাবকতা] বি, যে বৃত্তিদ্বারা সৌন্দর্য্য অনুভব করা যায়।

শোভিক [শোভা+ইক] বিণ, শোভন; সুন্দর।

শোভিত [শুভ্+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সজ্জিত; ভূষিত।

শোয়া [শয়ন দ্রঃ। হি—শোনা (নিদ্রা যাওয়া)। উ-পু—শুই। ম-পু—শোও; শোউন; শুন; শো। প্র-পু—শোয়। অস-ক্রি—শুইতে; শুইয়া, শু'য়ে। ণিজন্ত—শোয়ান (শোআন দ্রঃ)] ক্রি, শয়ন করা। ২। নিদ্রা যাওয়া। প্র—"পল্লব শয্যায় রামা শোয় তরুতলে"—কবিক। ৩। [গ্রা] সঙ্গম করা। ৪। বি, শয়ন। ব্রজ—শুতি, শুতিয়া—শয়ন করিয়া। প্র—শুতি কানু মুখে আঁচল ঝাঁপাই।"—বি, প। "শুতিয়া আছিনু সই"—চণ্ডীদাস। "একলি শুতিয়া ছিনু কুসুম-শয়নে।"—বি, প। শুতায়ল—শোয়াইল। প্র—"সব সখী মেলি শুতায়ল পাশ।"—বি, প। শোয়া বসা—শয়ন ও উপবেশন। শোআ দ্রঃ।

শোয়াস (শ্) [সং—শ্বাস। পদ্যে কোমলরূপ] বি, শ্বাস। প্র—"তুলাখানি দিলে নাসিকা মাঝে। তবে সে বুঝিনু শোয়াস আছে॥"—চণ্ডীদাস।

শোর (র্) [শূকর হইতে শুআর সংক্ষেপে শোর] বি, শূকর।

শোর (র্) [ফা—শোর্] বি, চীৎকার; হাঁকডাক। প্র—"হাঁক ডাক জোর জার করে কত শোর শার লেগে যায় মহাগণ্ডগোল"—ঈশ্বর গুপ্ত। "ছাড় শোর হৈল ভোর দিব চোর ভূপে।"—অ, ম। শোরগোল—গণ্ডগোল; হাঁকাহাঁকি ডাকাডাকি। শোর শরাবত—হাঁক ডাক; গলাবাজি। প্র—"বাটীতে এমনি শোর শরাবত হইতে লাগিল যে পাড়ার নেড়ি কুকুর ও চৌকিদার ভেগে গেল।"—টেকচাঁদ।

শোরৎ [শ্রুতি শব্দজ। হিন্দীতে শ্রুতিতে শোরৎ বলে] বি, সুরের সূক্ষ্মাংশ।

শোরৎ [আ+শোহ্‌রৎ] বি, প্রসিদ্ধি; খ্যাতি; নামডাক।

শোরা—সোরা দ্রঃ।

শোল (ল্) [শউল দ্রঃ] বি, শকুল মৎস্য।

শোলা [সলিল হইতে সলিলা—সোলা (হি)] বি, জলজ ক্ষুপবিশেষ; the spong-wood. কাঠ শোলা—দীর্ঘ ও অপেক্ষাকৃত কঠিনত্বক সরুদণ্ড শোলা গাছ। ফুলসোলা—কোমলত্বক শোলাগাছ। চকমকির আগুনের ফিন্‌কি ধরিবার জন্য ইহার প্রয়োজন।

শোলার খেলনা তৈয়ার করিতেও এই শোলার ব্যবহার।

শোশুচ্যমান (ন্) [যঙন্ত শুচ্ (শোক করা)+আন (কর্ত্তৃ আনশ্) [দ্বিত্ব=শোশুচ্য আগম] বিণ, অতিশয় শোককারী। তুল—রোরুদ্যমান।

শোষ (ষ্) [শুষ্+ণিচ=শোষি (শুষ্ক হওয়া) +অ (ভাবে—অল্)] বি, পুং, শুষ্কতা; নীরসতা। ২। রসাকর্ষণ। ৩। তৃষ্ণা; পিপাসা। ৪। যক্ষ্মারোগ। প্র—"নাহি হবে দ্বাদশ বৎসর ভুখ শোষ।"—কবিক।

শোষক (ক্) [শুষ্+ণিচ্=শোষি (শুষ্ক করা)+অক (কর্ত্তৃ)] বিণ, যে শোষণ করে; জল বা রসাকর্ষক।

শোষণ (ন্) [শুষ্+ণিচ্=শোষি+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, রসাকর্ষণ। প্র—"আষাঢ়ে জোঁকের মতন রক্ত শোষণ বিলিতি লুট চলছে এখন।"—গান (মনোমোহন বসু)। ২। [কর্ত্তৃ—অন] পুং, মদনের বাণবিশেষ। ৩। শ্যোনাক বৃক্ষ। ৪। বিণ, শোষণকর্ত্তা।

শোষিত (শুষ্+ণিচ্=শোষি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, শুষ্কীকৃত: নীরসীকৃত।

শোহা [সং—শোভা (ভ্র:) ভ=হ] ক্রি, শোভা পাওয়া। প্র—"ঐছন সকল শোহে।"—শোহে—শোভা পায়। শোহই—শোভা পায়। প্র—"হরশির শোহই।"—বি, প।

শৌকর (র্) [শূকর+অ (সম্বন্ধার্থে—অণ্) শূ=শৌ] বিণ, শূকর সম্বন্ধীয়। ২। বি, ক্লী, তীর্থবিশেষ।

শৌক্তিকেয়, শৌক্তেয় [শুক্তিকা—শুক্তি +এয় (সম্বন্ধার্থে এয়ণ্)] বি, ক্লী, মুক্তা। ২। বিণ, শুক্তি সম্বন্ধীয়।

শৌক্ল্য [শুক্ল+য (ভাবে)] বি, ক্লী, শুক্লতা; শুভ্রত্ব।

শৌচ (চ্) [শুচি (পবিত্র)+অ (ভাবে)] বি, ক্লী, শুদ্ধি; শুচিতা; পবিত্রতা। ২। নির্ম্মলতা। ৩। যথাশাস্ত্র দেহশুদ্ধি।

শৌণ্ড [শুণ্ডা (মদ্য)+অ (উৎপন্নার্থে—অণ)] বিণ, মত্ত; মাতাল। ২। অত্যাসক্ত। ৩। বিখ্যাত।

শৌণ্ডিক (শৌন্ডিক্) [শুণ্ডা (মদ্য)+ইক যাহারা মদ্যের ব্যবসা করে] বি, ক্লী, শুঁড়ি।

শৌণ্ডী [শুণ্ডা (মদ্য)+ইন্ (জীবত্যর্থে)—শৌণ্ডিন্ ১মা, ১ব] বি, পুং, শুঁড়ি; মদ্যব্যবসায়ী।

শৌদ্ধোদনি [শুদ্ধোধন (ইক্ষ্বাকুবংশীয় নৃপতিবিশেষ)+ইন্ (অপত্যার্থে)] বি, পুং, রাজা শুদ্ধোদনের পুত্র বুদ্ধদেব।

শৌদ্র (শৌদ্দ্র) [শূদ্র+অ] বি, পুং, ব্রাহ্মণাদির ঔরসে শূদ্রাগর্ভজাত পুত্র। ২। শূদ্রসংক্রান্ত।

শৌনক (ক্) [শুনক+অ (অপত্যার্থে)] বি, পুং, পুরাণবক্তা মুনিবিশেষ।

শৌরি [শূর (শূরসেন, সূর্য্য)+ই (অপত্যার্থে)] বি, পুং, শৌরসেনি; কৃষ্ণ। ২। শনিগ্রহ।

শৌর্য্য (শৌর্জ) [শূর (বীর)+য (ভাবে—ঘণ্)] বি, ক্লী, বীরত্ব; বীর্য্য; বল। ২। সাহস।

শৌল্ক [শুল্ক+অ] বিণ, শুল্ক সম্বন্ধীয়। ২। শুল্ক আদায়কারী কর্ম্মচারী; toll collector.

শৌল্কিক (ক্) [শুল্ক+ইক] বিণ, শুল্ক সম্বন্ধীয়। ২। শুল্ক আদায়কারী কর্ম্মচারী; toll collector.

শ্মশান (শ্শান্) [শ্ম (শব) শান (শয়নস্থান)] বি, ক্লী, শবদাহ স্থান; প্রেতভূমি। প্র—"তিনি শ্মশানে মশানে ফিরে ঘরের ভাবনা ভাবে না।"—রামপ্রসাদ। "শ্মশান ভাল বাসিস বলে মা শ্মশান করেছি হৃদি।"—গান। শ্মশানকালী—শ্মশানবাসিনী কালিকাদেবী। শ্মশানবাসী [শ্মশানবাসিন ১মা, ১ব] বি, পুং, ভূতনাথ; শিব। ২। বিণ, যে শ্মশানে বসতি করে। স্ত্রী, শ্মশানবাসিনী—কালী; শিবা। প্র—"শ্মশানবাসিনী শ্যামা নাচবি বলে নিরবধি।"—গান।

শ্মশ্রু (শোস্স্রু) [শ্মন্ (মুখ) শ্রি (আশ্রয় করা)+উ (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—ডু)] বি, ক্লী, গোঁপদাড়ী।

শ্মশ্রুল (শোস্স্রুল্) [শ্মশ্রু+ল (অস্ত্যর্থে)] শ্মশ্রুধারী; গোঁপদাড়ীযুক্ত; দেড়ে।

শ্যাকুল (ল্) [শৃগালকোলি শব্দজ] বি, শেয়াকুল নামক কণ্টকময় লতা।

শ্যাঙল (ল্) [সং—শ্যামল হইতে ব্রজ রূপ] বিণ, শ্যামল। প্র—"শ্যাঙল ঘন সম ঝরু ভুনয়ান।"—বি, প।

শ্যামর (র্) [সং—শ্যামল। প্র—"শ্যামর ঝামর কুটিল কেশ।"—বি, প।

শ্যাম (ম্) [সং] বিণ, শ্যামল: মেঘবর্ণ; ধূসর বর্ণ; কৃষ্ণবর্ণযুক্ত। প্র—নবঘন শ্যাম। ২। হরিৎবর্ণযুক্ত। প্র—নব দূর্ব্বাদল শ্যাম। ৩। বি, পুং, কৃষ্ণবর্ণ। ৪। হরিৎবর্ণ। ৫। কোকিল। ৬। মেঘ। ৭। প্রয়াগস্থ বটবৃক্ষবিশেষ। ৮। শ্যামাক তৃণ। ৯। সামুদ্র লবণ। ১০। পুং, শ্রীকৃষ্ণ। প্র—"সই কেবা শুনাইল শ্যাম নাম।"—চণ্ডীদাস। শ্যামচাঁদ—শ্রীকৃষ্ণ। প্র—"কানড়া কুসুম জিনি শ্যামচাঁদের বদনখানি"—চণ্ডীদাস। শ্যামপত্র—তমাল বৃক্ষ। শ্যামপর্ণী—চা; tea. শ্যামসুন্দর—বি, পুং, শ্রীকৃষ্ণ।

শ্যামক, শ্যামাক (ক্) [সং] বি, পুং, ধান্যবিশেষ; panicum frumentaceum roxburghii.

শ্যামল (ল্) [শ্যাম (কৃষ্ণবর্ণ) ল (অস্ত্যর্থে)] বিণ, কৃষ্ণবর্ণবিশিষ্ট। ২। হরিৎবর্ণবিশিষ্ট। স্ত্রী, শ্যামলা—দুর্গা; কালী। ২। বিণ, কৃষ্ণবর্ণা। শ্যামলিকা—নীলী।

শ্যামলতা [শ্যামল+তা (ভাবে)] বি, স্ত্রী, কালিমা।

শ্যামা [শ্যাম (দ্র:)+আপ্] বি, স্ত্রী, কালিকা দেবী। ২। দৃষ্টার্ত্তবা মধ্যমা স্ত্রী। ৩। তপ্তকাঞ্চনবর্ণাভা নারী; সুন্দরী। ৪। কৃষ্ণাঙ্গী। ৫। যমুনা নদী। ৬। [বৈদ্যকে] প্রিয়ঙ্গু, (২) গুড়ূচী, (৩) কৃষ্ণত্রিবৃৎ, (৪) পিপ্পলী, (৫) হরিদ্রা, (৬) নীলপুনর্নবা, (৭) তুলসী, (৮) পদ্মবীজ, (৯) নীলা, (১০) কস্তুরী, (১১) গোরোচনা, (১২) সোমলতা, (১৩) গুল্ম, (১৪) লতাকস্তুরী, (১৫) অজশৃঙ্গী, (১৬) বীজতারক, (১৫) কাকজঙ্ঘা, (১৮) শিংশপা, (১৯) সোমরাজী, (২০) গুগ্গুলু, (২১) হরিতাল। ৭। কোকিলা। ৮। শ্যামাপাখী। শ্যামালতা—অনন্তমূলজাতীয় লতাবিশেষ; প্রিয়ঙ্গুলতা; অতিমুক্তলতা; ichnocarpus frutescens. শ্যামাবীজ—বীজতারক গাছের বীজ। শ্যামাপূজা—কালীপূজা।

শ্যামাঙ্গ [শ্যাম (কৃষ্ণবর্ণ) অঙ্গ যাহার, বহু] বিণ, কৃষ্ণাঙ্গ; যাহার রং কাল; শ্যামলাঙ্গ। স্ত্রী, শ্যামাঙ্গী—শ্যামাঙ্গিনী (বাং-য়)।

শ্যামাঢকী [সং] বি, কৃষ্ণপুষ্পবিশিষ্ট অড়হর।

শ্যামাদিবর্গ [বৈদ্যকে] বি, শ্যামা, মহাশ্যামা, তেউড়ী, দন্তী, শঙ্খিনী, তিল্লক, কম্পিল্লক, রম্যক, ক্রমুক, পূগশ্রেণী, গবাক্ষ, রাজবৃক্ষ, করঞ্জ, ডহরকরঞ্জ, গুড়ূচী, সপ্তলা, ছগলাণ্ডী, সুধা ও সুবর্ণক্ষীরা এই কয়টী দ্রব্য।

শ্যামান ([শ্যামবর্ণ)+আন (করা অর্থে), উ-পু—শ্যামাই। ম-পু—শ্যামাও। প্র-পু—শ্যামায়। অস-ক্রি—শ্যামাইতে; শ্যামাইয়া। সত্যেন্দ্রনাথ ঠাকুর মহাশয় কর্ত্তৃক উদ্ভাবিত শব্দ] ক্রি, শ্যামবর্ণে রঞ্জিত করা। ২। শ্যামল ছায়ায় ঢাকা; সন্ধ্যার শ্যামলতায় আবৃত করা। প্র—"সন্ধ্যা ঘনাইয়া এল শ্যামাইয়া তরু।"—সত্যেন্দ্রনাথ ঠাকুর।

শ্যামিকা [শ্যামা+ক—আপ্ আ=ই] বি, স্ত্রী, শ্যামবর্ণত্ব; শ্যামলতা; মালিন্য। ২। খাদ।

শ্যাল, শ্যালক (ল, ক্) [সং। গ্রা—শালা] বি, পুং, পত্নীর ভ্রাতা। স্ত্রী, শ্যালী, শ্যালিকা [গ্রা—শালী] পত্নীর ভগিনী। শ্যালীপতি—পত্নীর ভগ্নীপতি। শ্যালীপতিভাই—ভায়রা ভাই।

শ্যেত (শেত্) [সং] বি, পুং, শ্বেতবর্ণ ; শুভ্র বর্ণ ; শাদা। ২। বিণ, শ্বেতবর্ণযুক্ত।

শ্যেন (ন্) [শ্যৈ (গমন করা)+ইন (কর্ত্তৃ) যে হিংসার্থে গমন করে] বি, পুং, প্রসহজাতীয় পক্ষিবিশেষ ; বাজপক্ষী ; শিকরে পাখী। ২। যজ্ঞবিশেষ। স্ত্রী. শ্যেনী—বাজপক্ষিণী।

শ্রদ্দধান (শ্রোদ্দোধান্) [শ্রৎ (ভক্তি) ধা (ধারণ করা)+আন (কর্ত্তৃ—শান)] বিণ, শ্রদ্ধাপূর্ণ ; ভক্তিযুক্ত।

শ্রদ্ধা (শ্রোদ্‌ধা) [শ্রৎ (ভক্তি) ধা (ধারণ করা)+অ (ভাবে—অঙ্) আপ্] বি, স্ত্রী, চিত্তপ্রসন্নতা ; মনের নির্ম্মলতা। ২। ভক্তি। ৩। নিষ্ঠা। ৪। বিশ্বাস ; প্রত্যয়। ৫। সমাদর।

শ্রদ্ধালু (শ্রো) [শ্রৎ (ভক্তি) ধা+আলু (কর্ত্তৃ—শীলার্থে)] বিণ, ভক্তিযুক্ত। ২। বি, স্ত্রী, কোন দ্রব্যে স্পৃহাবতী গর্ভিণী।

শ্রদ্ধাবান্ (শ্রো) [শ্রদ্ধা+বৎ (অস্ত্যর্থে—বতু)=শ্রদ্ধাবৎ] বিণ, ভক্তিযুক্ত ; শ্রদ্ধান্বিত।

শ্রব (শ্রোব্, ব) [শ্রবস্ শব্দ] বি, পুং, শ্রবণ ; কর্ণ। ২। স্রাব ; ক্ষরণ। ৩। প্রসিদ্ধি। ৪। কীর্ত্তি।

শ্রবণ (শ্রোবন্) [শ্রু (শুনা)+অন (করণে—অনট্) যাহার দ্বারা শুনা যায়] বি, ক্লী, শ্রবণেন্দ্রিয় ; কর্ণ। ২। [ভাবে—অনট্] আকর্ণন ; শুনন। স্ত্রী. শ্রবণা—অশ্বিন্যাদি নক্ষত্রের মধ্যে দ্বাবিংশতি নক্ষত্র [সং=তে জ্যোতিষশাস্ত্রে ইহার ক্লীবলিঙ্গের ও ব্যবহার দেখা যায়]। শ্রবণ পথ—শব্দগমনপথ ; কর্ণ। শ্রবণবিবর—কর্ণের ছিদ্র ; কর্ণরন্ধ্র। শ্রবণবেধ—কর্ণবেধ ; কাণ বিঁধান ; কাণ ফোড়ান। প্র—"করিল শ্রবণবেধ পঞ্চম বরষে।"—কবিক।

শ্রবণী (শ্রো) [শ্রবণ (দ্রঃ), বাং-য় যে করে অর্থে ঈ ("নী", "উনী"ও হয়। তুল—করুনী ; ভুলুনী, দিউনী)] বিণ, শ্রবণকারিণী। প্র—"অচক্ষে হেরিণী, অকর্ণে শ্রবণী।"—দেওয়ান রামদুলাল।

শ্রবণীয় (শ্রো) [শ্রু+অনীয় (কর্ম্মে)] বিণ, শ্রবণযোগ্য ; শুনিবার উপযুক্ত।

শ্রবণেন্দ্রিয় (শ্রোবোনেন্‌দ্রিও) [শ্রবণরূপ ইন্দ্রিয়—কর্ম্মধা] বি, ক্লী, কর্ণ ; কাণ।

শ্রবায্য (শ্রোবাজ্জ) [শ্রব—আয্য] বি, পুং, যজ্ঞে বলি দিবার যোগ্য পশু।

শ্রবিষ্ঠা (শ্রো) [শ্রব+বৎ (অস্ত্যর্থে)=শ্রববৎ=ইষ্ঠ (প্রকর্ষার্থে) বৎ লোপ] বি, স্ত্রী, ধনিষ্ঠা নক্ষত্র।

শ্রব্য (শ্রোব্‌ব) [শ্রু (শুনা)+য (কর্ম্মে)] বিণ, শ্রোতব্য, শুনিবার যোগ্য। শ্রব্য-কাব্য—নাটক ভিন্ন কাব্য ; উপন্যাসাদি। তুল—দৃশ্যকাব্য (নাটক)।

শ্রম (শ্রোম্) [শ্রম্ (পরিশ্রম করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, পরিশ্রম ; মেহনত ২। অভ্যাস ; শাস্ত্রাভ্যাস। শ্রমবারি, শ্রমজল—স্বেদ ; ঘর্ম্ম ; ঘাম। শ্রম-বিভাগ—ভিন্ন ভিন্ন শ্রমিকের পরিশ্রম দ্বারা সম্পাদনার্থ এক কর্ম্ম বিভিন্ন অংশে বিভক্ত করিয়া একাধিক লোকের মধ্যে বণ্টন division of labour.

শ্রমণ (শ্রোমোন্) [শ্রম্ (ক্লান্ত হওয়া)+অন (কর্ত্তৃ)] বি, পুং, বৌদ্ধ যোগী ; ভিক্ষু ; বৌদ্ধ সন্ন্যাসী। স্ত্রী. শ্রমণা—বৌদ্ধ সন্ন্যাসিনী। ২। শবরীবিশেষ।

শ্রমী (শ্রোমি) [সং—শ্রমিন্ ১মা, ১ব] বিণ, শ্রমশীল ; যে পরিশ্রম করিয়া জীবিকার্জ্জন করে।

শ্রমোপজীবী (শ্রো) [শ্রম—উপ—জীব্ (জীবনধারণ করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=শ্রমোপজীবিন্ ১মা, ১ব] বিণ, যে পরিশ্রম দ্বারা জীবিকা নির্ব্বাহ করে ; শ্রমী।

শ্রয় (স্রয়্) [শ্রি (আশ্রয় করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, আশ্রয় ; বাস। প্র—"অগম্য জলেতে মীনের শ্রয় জেলে জাল ফেলেছে ভুবনময়॥"—বাং-গান।

শ্রয়ণ (স্রয়ন্) [শ্রি (আশ্রয় করা)+অন (ভাবে—অনট্)] বি, পুং, আশ্রয়।

শ্রাদ্ধ (স্রাদ্ধ) [গ্রা—ছেরাদ্দ, ছরাদ্দ। শ্রদ্ধা অণ্ (দানার্থে)] বি, ক্লী, মৃতের প্রতি শ্রদ্ধা প্রযুক্ত যাহা দান করা বা যে অনুষ্ঠান করা যায় ; পিতৃকৃত্য। ২। [শ্রাদ্ধকালে পিতৃগণের নামোল্লেখ করতঃ একই মন্ত্রের পুনঃপুনঃ আবৃত্তি হইতে] অপ্রীতিকর ও অনাবশ্যক পুনরাবৃত্তি ; বাগাড়ম্বর ; বাগ্‌বাহুল্য। প্র—"আবার কথার শ্রাদ্ধ আরম্ভ কল্লে একটা সামান্য বিষয় দুকথায় বুঝিয়ে দিতে পার না?" শ্রাদ্ধ করা—পরেত পিতৃগণকে নিবাস দান করা ; পিতৃমাতৃকৃত্য করা। ২। [গালিতে] মৃত্যু ঘটাইয়া প্রেতকৃত্য পর্য্যন্ত সমাপন করা। প্র—তার শ্রাদ্ধ করে তবে ছাড়ব। শ্রাদ্ধ খাওয়া—শ্রাদ্ধের নিমন্ত্রণে ভোজন করা। শ্রাদ্ধ গড়ান—শ্রাদ্ধকালে দান উপলক্ষে রেওভাটের গণ্ডগোল বকাবকি গালাগালি শেষে শ্রাদ্ধের উৎসব কান্নাকান্নিতে পরিণত হওয়া। শ্রাদ্ধদেব—বি, পুং, বৈবস্বত মনু ; পিতৃলোক। ২। যম। শ্রাদ্ধ-শান্তি—প্রেতকৃত্য ও মৃতের আত্মার শান্তি কামনা ; শ্রাদ্ধতর্পণ। ভূতের বাপের শ্রাদ্ধ—বিশৃঙ্খল ব্যাপার। শ্রাদ্ধের চাল চড়ান [গালিতে] মারিয়া শ্রাদ্ধের যোগাড় করা। কার শ্রাদ্ধ কে বা করে খোলা কেটে বামুন মরে—এক রাজার পিতৃশ্রাদ্ধ উপলক্ষে রাজপুরোহিত কলার খোলা কাটিতেছিলেন, এমন সময় রাজসভার জনৈক সভ্য সেই দিক্ দিয়া যাইতে যাইতে খোলায় পা দিয়া ফেলেন, তিনি অন্ধ ছিলেন। রাজপুরোহিত তাহাতে ক্রুদ্ধ হইয়া তাঁহাকে শাসন করেন। অন্ধ তখন বিরক্তির সহিত বলেন—"কার শ্রাদ্ধ কেবা করে খোলা কেটে বামুন মরে।" এই কথা রাজার কর্ণগোচর হইলে তিনি অন্ধকে ডাকাইয়া এরূপ উক্তির কারণ জিজ্ঞাসা করেন। অন্ধ বলেন—তিনি রাজপুত্র নহেন। রাজা পরে স্বীয় জননীর নিকট তাঁহার জন্মইতিহাসের গুপ্তকথা শ্রবণ করিয়া শ্রাদ্ধ রহিত করিয়া দেন। এই গল্প হইতে প্রবাদের উৎপত্তি। ব্যবহারিক অর্থে—অনুষ্ঠের কর্ম্মের মূলে গলদ থাকায় তাহার সম্পাদনে বিশৃঙ্খলা ঘটে এবং পরিণামে সে কর্ম্ম পণ্ড হয়, সুতরাং উদ্যোগ ও আয়োজনকারীরই পণ্ডশ্রম মাত্র সার হয় ; যাহার কার্য্য তাহারই ঠিক নাই অন্যের তজ্জন্য বৃথা চিন্তা ও শ্রম।

শ্রাদ্ধিক (স্রাদ্‌ধিক্) [শ্রাদ্ধ+ইক] বিণ, শ্রাদ্ধ সম্বন্ধীয়। ২। শ্রাদ্ধে ভোজনকারী। ৩। বি, শ্রাদ্ধে দেয় বস্তু।

শ্রান্ত (স্রান্ত) [শ্রম্ (ক্লান্ত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, শ্রমযুক্ত ; ক্লান্ত।

শ্রান্তি (স্রান্তি) [শ্রম্+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, শ্রম। ২। ক্লেশ। ৩। নিবৃত্তি। ৪। বিরাম ; বিশ্রাম।

শ্রায় (স্রায়্) [শ্রি (আশ্রয় করা)+অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, আশ্রয়। ২। [শ্রী (লক্ষ্মী)+অ (সম্বন্ধার্থে—অণ্) ঈ=ঐ=আয়] বিণ, শ্রী সম্বন্ধীয়।

শ্রাব (স্রাব্) [শ্রু (শুনা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, শ্রবণ। ২। ক্ষরণ।

শ্রাবক (স্রাবক্) [শ্রু (শুনা)+অক (কর্ত্তৃ)] বিণ, শ্রোতা। ২। বি, কাক। ৩। বুদ্ধদেবের শিষ্য।

শ্রাবণ (স্রাবন্) [শ্রবণা নক্ষত্রযুক্ত মাস বলিয়া নাম] বি, পুং, বৈশাখ হইতে গণনা করিলে বৎসরের চতুর্থ মাস। ২। বিণ, শ্রবণা নক্ষত্র সংক্রান্ত। ৩। [শ্রবণ+অন্] শ্রবণেন্দ্রিয়-গ্রাহ্য জ্ঞান [প্র-অ]। স্ত্রী. শ্রাবণী—শ্রাবণ মাসের পূর্ণিমা।

শ্রাবণিক (স্রাবনিক্) [শ্রাবণী (শ্রাবণ দ্রঃ)+ইক] বি, পুং, শ্রাবণ মাস।

শ্রাবস্তী (স্রাবোস্তি) বি, ধর্ম্মপত্তন নামক পুরীর নামান্তর ; উত্তর কোশলস্থ লবের পুরী ; রামায়ণোক্ত নগরীবিশেষ।

শ্রাবিত (স্রা) [শ্রাবি (শুনান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা কর্ণগোচর করান বা শুনান হইয়াছে।

শ্রাব্য (শ্রাব্ব) [শ্রু (শুনা)+য (যোগ্যার্থে কর্ম্মে—ঘ্যণ্)] বিণ. শ্রোতব্য; শ্রবণীয়; শুনিবার উপযুক্ত। ২। শুনাইবার উপযুক্ত। অশ্রাব্য—শুনিবার অযোগ্য। সুশ্রাব্য—শুনিতে মধুর; শ্রবণ-সুখকর।

শ্রিত (স্রিত) [শ্রি (আশ্রয় করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, আশ্রিত; অবলম্বিত। ২। সেবিত।

শ্রী (স্রি) [শ্রি (সেবা করা)+ক্বিপ্ (কর্ম্মে); শ্রি=শ্রী। যাহাকে সকলে সেবা করে। গ্রা—ছিরি] বি, স্ত্রী, লক্ষ্মী। ২। শোভা। ৩। লাবণ্য; সৌন্দর্য্য। ৪। সম্পদ; ঐশ্বর্য্য। ৫। কীর্ত্তি। ৬। বুদ্ধি। ৭। বেশবিন্যাস। ৮। আকৃতি। চেহারা। ৯। সঙ্গীতের রাগবিশেষ। ১০। সরস্বতী। ১১। আলোক; দীপ্তি। ১২। সৌভাগ্য। ১৩। [জীবনালোক অর্থে] শ্রীযুক্ত শব্দের সংক্ষেপ। ইহা জীবিত ব্যক্তির নামের পূর্ব্বে ব্যবহৃত হয়। ১৪। ত্রিবর্গ—ধর্ম্ম, অর্থ, কাম। ১৫। [বৈদ্যকে] বিল্ববৃক্ষ। (২) লবঙ্গলতা। (৩) পদ্ম। (৪) ঋদ্ধি। (৫) সরল বৃক্ষ। শ্রীঅঙ্গ—দেবতা, গুরু, রাজা প্রভৃতির পবিত্র দেহ। শ্রীকান্ত—লক্ষ্মীকান্ত; বিষ্ণু। শ্রীখণ্ড—চন্দন কাঠ। প্র—"বানর কটক বহু আনিল শ্রীখণ্ড।"—কৃত্তিবাস। "বাসয়ে শ্রীখণ্ড হেম রত্নদণ্ড চামর ঢুলায় মাতলি।"—কবিক। শ্রীগর্ভ—বি, পুং, বিষ্ণু। ২। খড়্গ। শ্রীগ্রহ—পক্ষীর পানীয় শালা। শ্রীঘন—বি, পুং, বুদ্ধদেব। ২। স্ত্রী, দধি। শ্রীঘর—[বিদ্রূপার্থে] কারাগৃহ; জেলখানা। প্র—"বাজার দেনায় ইনি ঢোকেন শ্রীঘরে।"—হেম। "বিচারে তাহাকে ৪ মাসের জন্য শ্রীঘরে পাঠান হইয়াছে।"—বাঙ্গালী, ১৩২৩। শ্রীধর—বি, পুং, বিষ্ণু। প্র—"হরি বিশ্বম্ভর বংশীধর শ্রীধর গিরিধারণ।"—বাং-গান। ২। শালগ্রাম মূর্ত্তিবিশেষ। ৩। ভাগবত প্রভৃতি বৈষ্ণব পুরাণের প্রসিদ্ধ টীকাকার। শ্রীনাথ, শ্রীপতি—বিষ্ণু। প্র—"তুমি অনাথের নাথ শ্রীপতি শ্রীনাথ দীননাথ দীন তারণ।"—বাং-গান। শ্রীধর্ম্মপাদুকা—ধর্ম্মঠাকুরের পাদুকা। প্র—"এক মনে পুজা কর শ্রীধর্ম্ম-পাদুকা।"—শূ-পু। শ্রীনগর—কাশ্মীরের রাজধানী। শ্রীনন্দন—লক্ষ্মীর পুত্র; মদন। শ্রীনিকেতন—লক্ষ্মীর আলয়। ২। শ্রীনিবাস; বিষ্ণু। শ্রীপথ—বি, পুং, রাজপথ। শ্রীপঞ্চমী—[শ্রীর সহিত কার্ত্তিকেয়ের মিলন দিন বলিয়া এই নাম অথবা যে পঞ্চমী তিথিতে শ্রীর অর্থাৎ সরস্বতীর পূজা হয়] মাঘ মাসের শুক্লপক্ষীয় পঞ্চমী তিথি। শ্রীপর্ণ—[শ্রী (লক্ষ্মী, সরস্বতীর) আসন যাহার পর্ণ, বা শোভাযুক্ত পর্ণ (পত্র) যাহার] বি, পদ্ম। শ্রীপুত্র—বি, পুং, কামদেব। শ্রীপুষ্প—লবঙ্গ। ২। পদ্মকাষ্ঠ। শ্রীফল [পুরাণে আছে যে শ্রী আপন স্তন কর্ত্তন করিয়া শিবের সন্তোষার্থ উপহার দিয়াছিলেন; শিব সন্তুষ্ট হইয়া উহার শ্রীফল নাম রাখিলেন] বি, বেল। ২। বি, পুং, বেলগাছ। শ্রীফাঁদা—শ্রীলেখা। দুর্গা নাম লিখিবার পূর্ব্বে শ্রীলেখা। সকল লেখার পূর্ব্বে শ্রীদুর্গা বা শ্রীহরি বা শ্রীশ্রীঈশ্বর ইত্যাদি লিখিবার প্রথা হইতে—লেখারম্ভ করা। শ্রীমুখ—বি, শোভাযুক্ত আনন। ২। পত্রপৃষ্ঠে লিখিত "স্বস্তি" ও "আয়ুঃ" বাচক "শ্রী" শব্দ। প্র—"শ্রীমুখ খাম করি করিলেন ইতি"—কবিক। শ্রীমূর্ত্তি—লক্ষ্মী মূর্ত্তি। ২। বিষ্ণু প্রতিমা। ৩। বিগ্রহ। শ্রীরাগ—বি, পুং, সঙ্গীতের ছয় রাগের তৃতীয় রাগ। শ্রীরাম—সীতাপতি রামচন্দ্র। শ্রীরামনবমী—[গ্রা—রামনৌমী] বি, স্ত্রী, চৈত্র মাসের শুক্ল পক্ষীয় নবমী। শ্রীবরাহ—বি, পুং, বিষ্ণুর বরাহ অবতার; বিষ্ণু। শ্রীবৃক্ষ—বি, পুং, বিল্ববৃক্ষ। ২। অশ্বত্থ-বৃক্ষ। শ্রীশ্রী—দেবতার নামের পূর্ব্বে এবং দেবকল্প নরপতিগণের নামের পূর্ব্বে ব্যবহৃত উপাধি। সম্মানের বৃদ্ধি সহ শ্রী শব্দের সংখ্যা বৃদ্ধির প্রথা আছে। যথা, "শ্রীশ্রীশ্রী," "পঞ্চশ্রী" "শ্রী ১০৮" "কোটি শ্রী" ইত্যাদি।

শ্রীকণ্ঠ (স্রি) [শ্রী (শোভা—নীলবর্ণের) কণ্ঠে যাহার, বহু] বি, পুং, নীলকণ্ঠ; শিব। ২। কবি ভবভূতির নামান্তর। শ্রীকণ্ঠসখা—বি, পুং, কুবের।

-র—(স্রিকর্) [শ্রী (সৌভাগ্য) কর (যে করে)] বি, পুং, বিষ্ণু। ২। রক্তোৎপল। ৩। বিণ, শোভাজনক; সৌন্দর্য্যবর্দ্ধক। ৪। জনৈক স্মার্ত্ত পণ্ডিত।

শ্রীদ (স্রি) [শ্রী (ধন, ঐশ্বর্য্য, শোভা) দ (যে দান করে)] বিণ। ২। ধনদ; ধনদাতা। শোভাদায়ক। ৩। বি, পুং, কুবের।

শ্রীদাম (স্রিদাম্) বি, পুং, কৃষ্ণসহচর গোপবালক।

শ্রীপর্ণী (স্রিপোর্নি) [শ্রীপর্ণ+ইন্ (অস্ত্যর্থে) =শ্রীপর্ণিন্ ১মা, ১ব] বি, স্ত্রী, গাম্ভারী বৃক্ষ। ২। কটফল বৃক্ষ। ৩। শাল্মলী। ৪। পৃশ্নিপর্ণী। ৫। চাকুলে।

শ্রীবৎস (স্রিবৎশ) [শ্রী (লক্ষ্মী) বৎস (প্রিয়)—৬তৎ] বি, পুং, বিষ্ণু। ২। বিষ্ণুর বক্ষঃস্থলস্থ দক্ষিণাবর্ত্ত লোমাবলী। ৩। প্রাগ্‌দেশ-পতি, মতান্তরে, অযোধ্যার পুরাণপ্রসিদ্ধ নরপতি। ইঁহার পত্নীর নাম চিন্তা। শ্রীবৎসকী—যে অশ্বের বক্ষঃস্থলে রোমাবর্ত্ত আছে। শ্রীবৎস-লাঞ্ছন—যাঁহার বক্ষে শ্রীবৎস চিহ্ন আছে; বিষ্ণু; কৃষ্ণ। প্র—"পীতবাস পরিধান শ্রীবৎসলাঞ্ছন।"—কাশী, মহা। শ্রীবৎসাঙ্ক—বি, পুং, বিষ্ণু।

শ্রীবাস (স্রিবাশ্) [শ্রী (লক্ষ্মী) তাহাতে বাস (অবস্থান) যাহার, বহু] বি, পুং, বিষ্ণু। ২। শিব। ৩। [শ্রী (সরল বা দেবদারু বৃক্ষ) হইয়াছে বাস (বাসস্থান যাহার) বহু] সরল বৃক্ষের নির্য্যাস; টার্পিন্। ৪। [শ্রীর বাস (বাসস্থান)] শ্রীপর্ণ; কমল। ৫। গৌরাঙ্গের একজন প্রিয় সহচর।

শ্রীমৎ (স্রি) [শ্রী+মৎ] বিণ, শ্রীযুক্ত। বাং-য় সাধু সন্ন্যাসী প্রভৃতির নামের পূর্ব্বে বসে। প্র—শ্রীমৎ স্বামী অচ্যুতানন্দ ইত্যাদি।

শ্রীমতী (স্রিমোতি) [শ্রী+মতু (অস্ত্যর্থে) ঈপ্, স্ত্রী] বি, শ্রীযুক্তা; সধবা স্ত্রীর নামের পূর্ব্বে ব্যবহার্য্য উপাধি। বিধবার নামের পূর্ব্বে শ্রীমত্যা—লিখিবার প্রথা আছে। কিন্তু ইহা "শ্রীমতী" শব্দেরই ষষ্ঠীর ১ব রূপ, সুতরাং অপপ্রয়োগ। ২। রাধিকা। প্র—আমি ব্রজের সেই বৃন্দে বিক্রীত শ্রীমতীর পদারবিন্দে।"—বাং-গান। ৩। সুন্দরী। প্র—"শ্রীমতীর কুন্তলের বাসী ফুলের গোঁটা"—হেম বন্দ্যো। পুং, শ্রীমান্।

শ্রীমন্ত [শ্রীমৎ শব্দ] বিণ, লক্ষ্মীবন্ত; ঐশ্বর্য্যশালী। ২। জনৈক বাঙ্গালী বণিক; শ্রীমন্ত সওদাগর। কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্ত্তী প্রণীত চণ্ডীকাব্যে ইহার কথা আছে।

শ্রীমান্ (স্রি) [শ্রী+মৎ (অস্ত্যর্থে মতু)] বিণ, শ্রীযুক্ত। ২। সুশ্রী; সুন্দর। ৩। ঐশ্বর্য্যশালী; সম্পন্ন; ধনী। ৪। বিষ্ণু। ৫। শিব। ৬। কুবের। স্ত্রী, শ্রীমতী।

শ্রীযুত, শ্রীযুক্ত (স্রিজুক্ত) [শ্রী (লক্ষ্মী) দ্বারা যুত, যুক্ত, ৩তৎ] বিণ, শ্রীমান্; লক্ষ্মীবান্। ২। শোভাযুক্ত; সৌন্দর্য্যশালী। ৩। জীবিত পুরুষের নামের পূর্ব্বে ব্যবহৃত উপাধি। শ্রী দ্রঃ। স্ত্রী, শ্রীযুক্তা।

শ্রীল (স্রিল) [শ্রী (ভাগ্য)+ল (অস্ত্যর্থে)] বিণ, সৌভাগ্যবান্; শ্রীযুক্ত। ২। অধিক মান্য ব্যক্তির শ্রীযুক্ত নামের পূর্ব্বে ব্যবহার্য্য উপাধি। প্র—শ্রীল শ্রীযুক্ত।

শ্রীশ (স্রিশ্) [শ্রী (লক্ষ্মী)র ঈশ (পতি)—৬তৎ] বি, পুং, বিষ্ণু।

শ্রুত (শ্রু) [শ্রু (শুনা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা কর্ণ গোচর হইয়াছে ; যাহা শুনা গিয়াছে। ২। বিশ্রুত ; বিখ্যাত ; প্রসিদ্ধ। ৩। জ্ঞাত। ৪। [যাহা গুরু পরম্পরায় শ্রুত] বি. বেদ ; শাস্ত্র।

শ্রুতকীর্ত্তি (শ্রু) [শ্রুত (প্রসিদ্ধ) হইয়াছে কীর্ত্তি (যশঃ) যাহার. বহু] বিণ. প্রথিত-যশা ; কীর্ত্তিশালী। ২। রাজা কুশধ্বজের কন্যা ও শত্রুঘ্নের পত্নী। ৩। দেবর্ষিবিশেষ।

শ্রুতদেবী (শ্রু) [শ্রুত (বেদ)—দেবী] বি. স্ত্রী. সরস্বতী।

শ্রুতবান্ (শ্রু) [শ্রু (শ্রবণ করা) + তবৎ (কর্ত্তৃ—ক্তবতু)] বিণ. যে শুনিয়াছে। ২। [শ্রুত (শাস্ত্র) + বতু (অস্ত্যর্থে) = শ্রুতবৎ ১মা. ১ব] শাস্ত্রজ্ঞ।

শ্রুতবোধ (শ্রুতবোধ্) [শ্রুত (শ্রবণ) দ্বারা বোধ (জ্ঞান) হয় যে পুস্তকের. বহু] বি. কবি কালিদাসকৃত ছন্দোগ্রন্থবিশেষ। ২। বিণ. যাহা দ্বারা শ্রবণমাত্র অর্থবোধ হয় ও জ্ঞান জন্মে।

শ্রুতর্ষি (শ্রুতোর্ষি) বি. পুং. সুশ্রুতাদি ঋষি।

শ্রুতশালী [শ্রুত (শাস্ত্র) -শালিন্ ১মা. ১ব] বিণ. শাস্ত্রজ্ঞ ; পণ্ডিত।

শ্রুতার্থ (শ্রু) [শ্রুত + অর্থ] বি. পুং. শ্রবণমাত্র যাহার অর্থবোধ হয় ; শুনিলেই যাহা বুঝা যায়।

শ্রুতি (শ্রু) [শ্রু (শ্রবণ করা) + তি (কর্ম্মে—ক্তি) যাহা গুরুশিষ্যানুক্রমে পরম্পরায় চলিয়া আসিয়াছিল] বি. বেদ। প্র—"যাহার বর্ণনে বয় শ্রুতি মনস্তাপে।"—গান। ২। পুরুষ-পরম্পরাগত প্রবচন ; কিম্বদন্তী ; জনশ্রুতি। ৩। সঙ্গীতে একস্বর হইতে স্বরান্তর প্রকাশ কালে উভয়ের মধ্যে যে অতি সূক্ষ্ম স্বরাংশ সকল শ্রুত হয়। ইহাদের সংখ্যা ২২ বলিয়া নির্দ্দিষ্ট হইয়াছে। ৪। শ্রবণেন্দ্রিয় ; কর্ণ। প্র—শ্রুতিগোচর। শ্রুতিকলা—সূক্ষ্ম স্বরাবয়ব ; শ্রুতি। প্র—"সপ্তস্বর তিন গ্রাম মূর্চ্ছনা একুশ নাম শ্রুতিকলা সতত সঙ্গিনী॥" —অ. ম। শ্রুতিকটু—শ্রবণ-কঠোর ; শুনিতে কর্কশ। ২। [অলঙ্কারে] কষ্ট-শ্রাব্যতা দোষ।

শ্রুতিধর, শ্রুতধর (শ্রুতিধর্) [শ্রুতি (শ্রবণ মাত্র) ধর (যে স্মৃতি বা হৃদয়ে ধারণা করে)] বিণ. শ্রবণমাত্র অভ্যাসকারী। ২। যে পণ্ডিত কোন কিছু শুনিবামাত্র তাহা কণ্ঠস্থ করিতে বা মনে রাখিতে পারেন।

শ্রুতিমূল (শ্রুতিমূল্) [শ্রুতির (কর্ণের) মূল] বি. কর্ণমূল। ২। শ্রুতি (বেদ) মূল যাহার. বহু] যজ্ঞ। শ্রুতিমূলক—বেদাত্মক

শ্রুতিবেধ—কর্ণবেধরূপ সংস্কার।

শ্রুব (শ্রু)—শ্রুব দ্রঃ।

শ্রূয়মাণ (শ্রুয়মান্) [শ্রু (শুনা) + আন (কর্ম্মে—আনশ্) য. ম—আগম] বিণ. যাহা শুনা যায় বা যাইতেছে।

শ্রেঢ়ী (শ্রে) [শ্রেণি—ঢৌক্ (গমন করা) + অ (কর্ত্তৃ—ড) ঈপ্] বি. স্ত্রী. লঘু গুরু পরিমাণ-ক্রমে পরে পরে বিন্যস্ত রাশিঘটিত, বা ক্রমবৃদ্ধি-মূলক গণিত ; progression. ধারাবাহিক শ্রেঢ়ী—harmonic progression সমগুণশ্রেঢ়ী—geometrical progression. সমান্তর শ্রেঢ়ী—arithmetical progression.

শ্রেণি, শ্রেণী (শ্রে) [শ্রি (সেবা করা) + নি (কর্ত্তৃ)] বি. স্ত্রী. পঙ্‌ক্তি ; সারি। ২। দল। ৩। জাতি ; সম্প্রদায় ; সমধর্ম্মী বা সমব্যবসায়ী সম্প্রদায়।

শ্রেয় [সং—শ্রেয়স্ শব্দ = শ্রেয়ঃ। প্রশস্য (= শ্র) + ঈয়স্] বিণ. প্রশস্ত ; সঙ্গত ; উপযুক্ত। ২। শ্রেষ্ঠ। ৩। শুভকর ; হিতজনক। ৪। বি. ধর্ম্ম। ২। মুক্তি ; অপবর্গ। ৩। পুণ্য। ৪। সুখ ; সৌভাগ্য। পুং ; শ্রেয়ান্। স্ত্রী. শ্রেয়সী। শ্রেয়ঃকল্প—শ্রেষ্ঠতুল্য ; মঙ্গল স্বরূপ।

শ্রেয়স্কর (শ্রেঅশ্‌কর্) [শ্রেয়স্ (কল্যাণ, হিত) যে করে] বিণ. শুভকর ; কল্যাণজনক।

শ্রেষ্ঠ (শ্রে) [প্রশস্য (= শ্র) + ইষ্ঠ (অত্যর্থে) প্রশস্য স্থানে শ্র] বিণ. সর্ব্বপ্রধান। ২। উৎকৃষ্ট। ৩। বিষ্ণু। ৪। নৃপতি। ৫। ব্রাহ্মণ। স্ত্রী. শ্রেষ্ঠা। বি. শ্রেষ্ঠতা, শ্রেষ্ঠত্ব—প্রাধান্য। ২। উৎকর্ষ।

শ্রেষ্ঠাশ্রম (শ্রেশ্‌ঠাস্‌সম্) [শ্রেষ্ঠ (প্রধান, উৎকৃষ্ট) যে আশ্রম—কর্ম্মধা] বি. পুং. গৃহস্থাশ্রম ; গার্হস্থ্য ধর্ম্ম।

শ্রেষ্ঠী (শ্রে) [শ্রেষ্ঠ (প্রধান) + ইন্ = শ্রেষ্ঠিন্ ১মা. ১ব] বি. বণিক্ প্রধান ; মহাজন ; শেঠ। ২। মহাধনী ব্যক্তি (তুল—হি—ধন্না সেঠ্)।

শ্রোণি, শ্রোণী (শ্রোনি) [শোণ্ (রাশি করা. স্থূল হওয়া) + ই (কর্ত্তৃ) মাংস যেখানে রাশীকৃত বা স্থূল হইয়াছে] বি. স্ত্রী. নিতম্বদেশ। শ্রোণিফলক—কটিদেশের নিম্নভাগ। শ্রোণিবিম্ব—কটিভূষণ ; কটিসূত্র ; মেখলা। শ্রোণিসূত্র—ঘুনসী।

শ্রোতব্য (শ্রোতব্‌ব) [শ্রু (শুনা) + তব্য (কর্ম্মে)] বিণ. শ্রাব্য ; শুনিবার উপযুক্ত।

শ্রোতা (শ্রো) [শ্রু + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = শ্রোতৃ ১মা. ১ব] বিণ. যে শ্রবণ করে ; শ্রবণকর্ত্তা। বহুবচনে—শ্রোতৃগণ,—বৃন্দ,—মণ্ডলী ইত্যাদি।

শ্রোত্র (শ্রোৎত্র) [শ্রু + ত্র (করণে ত্রণ্) যাহা দ্বারা শুনা যায়] বি. ক্লী. শ্রবণেন্দ্রিয় ; কর্ণ। ২। বেদ ; শ্রুতি।

শ্রোত্রিয় (শ্রোৎত্রিয়) [শ্রোত্র (শ্রুতি) + ইয়] বিণ. কুলশীলসম্পন্ন। ২। বেদজ্ঞ ; বেদাধ্যায়ী। ৩। বি. বেদজ্ঞ এবং কুলশীল-সম্পন্ন ব্রাহ্মণ। ৪। ব্রাহ্মণের শাখাবিশেষ। ইহারা কুলীনের ঘরে কন্যাদান করিতে পারেন কিন্তু কুলীনের কন্যা ঘরে আনিতে অর্থাৎ বিবাহ করিতে পারেন না।

শ্রৌত (শ্রৌ) [শ্রুতি (বেদ) + অ (কৃতার্থে অণ্)] যজ্ঞাগ্নিত্রয় (গার্হপত্য, আহবনীয় ও দক্ষিণ)। ২। বিণ. শ্রুতিনির্দ্দিষ্ট ; বেদসম্মত।

শ্লথ (শ্লোথ) [শ্লথ্ (শিথিল হওয়া) + অ (কর্ত্তৃ)] বিণ. শিথিল ; ঢিলা ; লোল।

শ্লাঘা (শ্লা) [শ্লাঘ্ (প্রশংসা করা) + অ (ভাবে ঘঞ্) আপ্] বি. স্ত্রী. প্রশংসা। ২। আত্মগুণ কথন। আত্মশ্লাঘা—আত্ম-প্রশংসা ; নিজ গুণ ব্যাখ্যা।

শ্লাঘ্য (শ্লাগ্‌ঘ) [শ্লাঘ্ + য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ. প্রশংসনীয়। ২। প্রশস্ত। ৩। বাঞ্ছিত।

শ্লাঘনীয় (শ্লা) [শ্লাঘ্ + অনীয় (কর্ম্মে)] বিণ. শ্লাঘ্য ; প্রশংসার্হ।

শ্লিষ্ট (শ্লি) [শ্লিষ্ (আলিঙ্গন করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. আলিঙ্গিত। ২। সংমিলিত ; সংযুক্ত ; সংস্পৃষ্ট। ৩। শ্লেষযুক্ত ; দ্ব্যর্থবাচক ; অনেকার্থবাচক।

শ্লীপদ (শ্লীপদ্) [শ্রী (বৃদ্ধি. স্ফীতি) পদ। শ্রী = শ্লী] বি. ক্লী. পাদ শোথরোগ ; গোদ।

শ্লীল (শ্লীল্) [শ্রী (সৌভাগ্য) + ল (অস্ত্যর্থে) র = ল] বিণ. শ্রীল ; শ্রীযুক্ত। ২। শিষ্ট ; ভদ্র।

শ্লেট (ট্) বি. স্লেট দ্রঃ।

শ্লেষ (শ্লেষ্) [শ্লিষ্ (আলিঙ্গন করা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. আশ্লেষ ; আলিঙ্গন। ২। সংযোগ ; সংশ্রব। ২। [কাব্যে] কাব্যের গুণবিশেষ ; যে গুণবশতঃ রচনার পদসমূহের কতকগুলি ভিন্ন ও কতকগুলি অল্প সমাসযুক্ত হইয়াও গুম্ফন কৌশলে একপদবৎ প্রতীয়মান হয় যথা—"কুহরত হুত কোক শোক, জাগত অব সবহু লোক। শুকসারিকা পিককাকলী নিধুবন ভরি বাজে॥"—জগদানন্দ পণ্ডিত। ৩। শব্দালঙ্কারবিশেষ ; এক শব্দ একাধিক অর্থে প্রযুক্ত হইলে শ্লেষ অলঙ্কার হয়। যথা—"অতি বড় বৃদ্ধপতি সিদ্ধিতে নিপুণ। কোন গুণ নাই তাঁর কপালে আগুন॥" [অতি বড় বৃদ্ধ = অতিশয় বুড়া. (২) সর্ব্বজ্যেষ্ঠ ও মান্য। সিদ্ধি = ভাঙ. (২) সাফল্য। কোন গুণ নাই = কোন যোগ্যতা নাই. (২) নির্গুণ। কপালে

আগুন=পোড়া কপাল, (৪) ভালে অগ্নি বিরাজিত]। শ্লেষকটুস্বর—শ্লেষযুক্ত কর্কশ কণ্ঠ; বিদ্রূপাত্মক মর্ম্মভেদী স্বর। প্র—"মালতী শ্লেষকটু স্বরে বলিল ছি! ওকি! তোমরা সব পুণ্যাত্মা মানুষ! মেলেচ্ছ খৃষ্টানের পায়ে হাত দিতে আছে"—ভারতী।

শ্লেষ্মা (স্লেশ্‌শা) [সং] বি, পুং, কফ; সর্দ্দি। শ্লেষ্মল—শ্লেষ্মাযুক্ত।

শ্লৈষ্মিক (শ্লৈশ্‌শিক্) [শ্লেষ্মন্+ইক (ভবার্থে ইকণ্)] বিণ, শ্লেষ্মাসম্বন্ধীয়। শ্লৈষ্মিক-ঝিল্লী—দেহাভ্যন্তরস্থ শ্লেষ্মা উৎপাদক ও নিঃসারক সূক্ষ্ম জালবৎ আবরণ; mucous membrane.

শ্লোক (শ্লোক্) [সং—শ্লোক্ (গ্রন্থনে, ছন্দোবদ্ধবাক্য রচনায়)। মহর্ষি বাল্মীকি ব্যাধ-নিহত কামমোহিত ক্রৌঞ্চের পত্নী ক্রৌঞ্চীর শোকে সন্তপ্ত ও ব্যাধের ব্যবহারে মর্ম্মাহত হইয়া ব্যাধকে "মা নিষাদ প্রতিষ্ঠাং ত্বমগমঃ শাশ্বতীঃ সমাঃ। যৎ ক্রৌঞ্চমিথুনাদেকমবধীঃ কামমোহিতম্॥"—এই অভিশাপ দেন। এই শাপবাণী মহর্ষির বীণাযন্ত্রের লয়যুক্ত কবিতাচ্ছন্দে নিঃসৃত হয় এবং তখন হইতে শ্লোকের সৃষ্টি হয়, শোক হইতে উৎপন্ন বলিয়া এইরূপ ছন্দোবদ্ধ রচনার নাম শ্লোক] বি, কবিতা। ২। [শ্লোক্ (প্রথিত হওয়া)] যশঃ, খ্যাতি। ৩। কীর্ত্তি। পুণ্য-শ্লোক—পুণ্যকীর্ত্তি।

শ্বগণ (শ্‌গন্) [শ্বন্ (কুকুর) গণ (সমূহ)—৬৩৫] বি, পুং, কুকুরসমূহ।

শ্বদন্ত (শ্) [শ্বন্ (কুকুর) দন্ত, ৬৩৫] বি, যে দন্ত কুকুরের ন্যায় সূচল; কুকুরে দাঁত; cannine tooth.

শ্বপচ, শ্বপাক (শ্‌ পচ্,ক্) [শ্বন্ (কুকুর) পচ্ (পাক করা বা স্বীয় ধনের ন্যায় রক্ষা করা+অ (কর্ত্তৃ—অচ্, ঘঞ্); চ=ক] বি, পুং, চণ্ডাল। ২। ব্যাধ।

শ্ববৃত্তি (শ) [শ্বন্ (কুকুর) বৃত্তি (ব্যবহার) —৬৩৫] বি, স্ত্রী, সেবা; চাকরী। ২। পদ-লেহন; চাটুতা।

শ্বশুর (শোশুর্) [শু (মাঙ্গার্থক অব্যয় শব্দ) —অশ্ (ব্যাপা)+উর—(কর্ত্তৃ) নিপাতন] বি, পুং, স্বামী বা স্ত্রীর পিতা। ২। মান্যব্যক্তি। ৩। গ্রাম্য গালিবিশেষ। স্ত্রী, শ্বাশুড়ী, শাশুড়ী—শ্বশুর পত্নী। শ্বশুর্য্য—[শ্বশুর+য (অপত্যার্থে)] বি, শ্বশুর পুত্র; ভাসুর; দেবর; শ্যালক।

শ্বশ্রূ (শোস্‌স্রু) [শ্বশুর+উঙ্ (পত্নী অর্থে)] বি, স্ত্রী, স্বামী ও পত্নীর মাতা; শাশুড়ী।

শ্বসন (শ্‌শন্) [শ্বস্ (নিশ্বাস ফেলা)+অন (করণে অনট্)] বি, পুং, বায়ু। ২। শ্বাস গ্রহণ ও ত্যাগ; জীবন। বিণ, শ্বসিত—জীবিত। ২। নিশ্বাস।

শ্বসমান (শ্‌শমান্) [শ্বস্ (নিশ্বাস টানা ও ফেলা)+আন (কর্ত্তৃ—আনশ্) ম্ আগম] বিণ, যে শ্বাস গ্রহণ ও ত্যাগ করিতেছে, যে নিশ্বাস ফেলিতেছে।

শ্বা (শা) [শ্বি (বৃদ্ধি পাওয়া)+অন্ (কন্—কর্ত্তৃ, সংজ্ঞার্থে) নিপাতন] বি, পুং, কুকুর। প্র—"কেহ বলে খেলে শিবা শ্বা কঙ্ক শার্দ্দূল কিবা।"—ঘনরাম। স্ত্রী, শুনী—কুক্কুরী।

শ্বান (শান্) [শ্বন্+অ (স্বার্থে অণ্)] বি, পুং, কুকুর। স্ত্রী, শুনী—কুকুরী।

শ্বাপদ (শাপদ্) [শ্বন্ (কুকুর) সদৃশ পদ (পা—থাবা) যাহার, বহু, নিপাতনসিদ্ধ] বি, পুং, শিকারী জন্তু। যে সকল পশু মাংস আহার করিয়া দেহ ধারণ করে। ২। (শ্বাপদ+অণ্) বিণ, শ্বাপদ সম্বন্ধীয়।

শ্বাস (শাশ্) [শ্বস্ (নিশ্বাস ফেলা)+অ (ঘঞ্)। গ্রা—শোয়াস] বি, নিশ্বাস। শ্বাস প্রশ্বাস ধারণ—বি, ক্লী, শ্বাসের গ্রহণ ও ত্যাগ উভয়ই; প্রাণায়াম; নিরোধ। শ্বাসারি—পুষ্করমূল।

শ্বিত্র (শিৎত্র) [শ্বিৎ (শুক্লবর্ণ হওয়া)+রক্ (করণে) যাহা দ্বারা শরীর শুক্লবর্ণ হয়] বি, পুং, ধবলরোগ। বিণ, শ্বিত্রী—শ্বেতকুষ্ঠরোগী।

শ্বেত (শেৎ) [শ্বিৎ (শুক্লবর্ণ হওয়া)+অ (কর্ত্তৃ—অচ্)] বি, শুক্লবর্ণ; শুভ্রবর্ণ; শাদা রঙ্। ২। শঙ্খ। ৩। শিবের অবতারবিশেষ। ৪। রাজাবিশেষ। ৫। রজত; রৌপ্য। ৬। মিছরি। ৭। কপর্দ্দক। ৮। কর্পূর। ৯। বিণ, শুভ্র; শাদা। স্ত্রী, শ্বেতা—কড়ী। ২। [বৈদ্যকে] শরীরের তৃতীয় ত্বক্। (২) ফটকিরী, (৩) অপরাজিতা, (৪) শ্বেতকণ্টকারী, (৫) শর্করা, (৬) শ্বেত দুর্ব্বা। ৩। বিণ, শ্বেত-বর্ণযুক্তা। ৪। শ্বেতবর্ণ পারাবত। প্র—'ইছানি নগর মুখে শ্বেতা ধায় অন্তরীক্ষে উর্দ্ধমুখে ধায় সদাগর।"—কবিক। শ্বেতকণ্টকারী—শ্বেতবর্ণ পুষ্পযুক্ত কণ্টকারী; শাদা কণ্টিকারী। শ্বেতকরবীর, শ্বেত-করবী (গ্রা)—শাদা করবীপুষ্প ও বৃক্ষ। শ্বেতকুঞ্জর—শ্বেতবর্ণ হস্তী। ২। ঐরাবত। শ্বেতকুরুণ্টক, শ্বেতঝিণ্টী—শাদা কাঁটাফুল ও গাছ। শ্বেতকুষ্ঠ—ধবল। শ্বেতকেতু—বি, পুং, ঋষিবিশেষ। ২। জনৈক বৌদ্ধ। শ্বেতকেশ—পাকা চুল। শ্বেতখদির—পাপড়ি খয়ের। শ্বেত খানা—[সং—স্বেদ=মল (অপভ্রংশে শ্বেত) —ফা—খানা] পায়খানা, মলত্যাগ স্থান। প্র—"দশের মাঝে চেনা শুনা পায়খানা কি শ্বেত-খানা।"—বাং-গান। শ্বেতগঙ্গা—শ্রীক্ষেত্রের তীর্থবিশেষ; মার্কণ্ডেয় সরোবর। প্র—"শ্বেতগঙ্গা মার্কণ্ডেয় স্নান কৈলে যম জেয় পুনর্জ্জন্ম না হয় আপদ।"—অ, ম। শ্বেত-গুঞ্জা—শাদা কুঁচ; white abrus precatorius. শ্বেতঘণ্টা—শাদা ঘোষা লতা। শ্বেতচন্দন—শাদা চন্দন; santalum album. শ্বেতচর্ম্ম—বি, যাহাদের গাত্রচর্ম্ম শুভ্র; য়ুরোপীয়। প্র—"অমনি তাই বুঝে যাবে যত শ্বেতচর্ম্ম।"—দ্বিজেন্দ্র রায়। ২। শাদা চামড়া। শ্বেতচামর—শাদা চুলের চামর। ২। কাশতৃণ; কেশেঘাস। শ্বেতচ্ছদ [শ্বেত—ছদ (পত্র, পক্ষ)] হংস। ২। বিণ, শুক্লবর্ণ পক্ষযুক্ত। শ্বেত জীরক—শাদা জীরে; সাজীরে। শ্বেত-টঙ্কা—শাদা সোহাগা। শ্বেতদূর্ব্বা—শাদা দুর্ব্বাঘাস। শ্বেতদ্বীপ—বি, পুং, চন্দ্রদ্বীপ। ২। বৃটেন দ্বীপ; the White Island perhaps Albion, বা Britain (*Wilford*). শ্বেতধাতু—বি, পুং, খটিকা; খড়ী। ২। রজত। শ্বেতধামা—বি, পুং, চন্দ্র। শ্বেত-নীল—বি, পুং, মেঘ। ২। শুভ্র ও নীল মিশ্রবর্ণ। শ্বেতপদ্ম—শুভ্রবর্ণ কমলপুষ্প; white lotus. শ্বেতপাথর—শুভ্রবর্ণ পাষাণ; শ্বেতমর্ম্মর। শ্বেতপুনর্নবা—শাদা শুণ্‌পুনে। শ্বেতপুষ্পা—বি, ক্লী, শাদা ফুল। ২। সিন্ধুবার বৃক্ষ। শ্বেতবরাহ—কল্পবিশেষ; যে কল্পে বিষ্ণুর তৃতীয় অবতার আবির্ভূত হইয়াছিলেন; বর্ত্তমান কল্প। প্র—শ্বেতবরাহ কল্পাব্দ। শ্বেতবর্ণ—শাদা রঙ্; শুক্লবর্ণ। শ্বেতবাহন—চন্দ্র। ২। [শ্বেতাশ্বরথারোহী বলিয়া] অর্জ্জুন। ২। মকর। শ্বেতরক্ত—বি, পুং, পাণ্ডুরবর্ণ; পাটলবর্ণ; গোলাপি রং। ২। বিণ, পাটলবর্ণবিশিষ্ট। শ্বেতশাল্মলী—শাদা শিমুল; white cotton tr... শ্বেতশিম্বী—শাদা বড় শিমগাছ ও ফল; রাজশিম্বী। শ্বেতশিলা শাদা পাথরকুচি। শ্বেতশৈল—শ্বেতবর্ণ পর্ব্বত; ধবলগিরি। শ্বেতশূরণ—শাদা ওল; বুনো ওল। শ্বেতশোণিত—শ্বেত রক্ত ক্রঃ। ২। শুক্র ধাতু। শ্বেতশ্মশ্রু—পাকাদাড়ী। শ্বেতসর্ষপ, সরিষা—রাই সরিষা। শ্বেত সরসিজনিবাসিনী—[শ্বেতপদ্মাসনা বলিয়া] সরস্বতী। প্র—"শ্বেতবর্ণ শ্বেতবাস শ্বেতবীণা শ্বেতহাস শ্বেত সরসিজনিবাসিনি।"—অ, ম। শ্বেতসার—শস্য ফল মূলাদির শ্বেতাংশ; starch. ২। খদির বৃক্ষ।

শ্বৈত্য (শৈৎত) [শ্বেত+য (ভাবে)] বি, ক্লী, শ্বেতত্ব; শুভ্রতা; শুক্লতা; ধবলিমা। ৩। নির্ম্মলতা।

ষ

ষ—ব্যঞ্জন বর্ণমালার একত্রিংশ বর্ণ। ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। বাং-য় তিনটির মধ্যে এই ষ যথাযথ উচ্চারিত হইয়া থাকে। [হি-তে ষ স্থলবিশেষে "খ"র মত উচ্চারিত হয়। তাহার অনুকরণে ব্রজ বুলিতে এবং পরে প্রা-বাং-য় চলিত হইয়াছিল। প্র—বি-প-তে—বিষাদ স্থলে বিখাদ। রোষ স্থলে রোখ। সুষমা স্থলে সুখমা। ট বর্গীয় বর্ণের পূর্ব্বে ষ যুক্ত হয়। এই নিয়মে ইং—"st" বাং-য় ষ্ট দ্বারা পরিভাষিত হয়। কিন্তু স্‌ট হওয়া উচিত। "ষকারঃ কীর্ত্ত্যতে শ্রেষ্ঠে ষ্‌ শ্চ গর্ভবিমোচনে"—পাঠান্তরে, "ষশ্চ গম্ভীরলোচনে। উপসর্গে পরোক্ষে চ ষকারঃ পরিকীর্ত্তিতঃ"—একাক্ষরকোশ। সংস্কৃত ভাষায় এই বর্ণ স্বর্গ, মুক্তি, ধ্বংস, নিদ্রা, ধৈর্য্য, শ্রেষ্ঠ প্রভৃতি অর্থের দ্যোতনা করে কিন্তু বাঙ্গালা ভাষায় ইহার স্বতন্ত্র ব্যবহার নাই। বাঙ্গালায় ব্যবহৃত মূর্দ্ধণ্য ষকারাদি শব্দ প্রায় সমস্তই ছয় সংখ্যা বাচক ষষ্‌ শব্দ যোগে এবং অবশিষ্ট কয়েকটী, ষণ্‌ (দান করা) ও ষ্ঠীব্‌ (থুথু ফেলা) ধাতু যোগে নিষ্পন্ন।

ষকার (র্‌) বি, ষ এই বর্ণ।

ষট্‌ [শব্দাত্মক] বি, অনুকার শব্দ। ২। চকিতের মধ্যে প্রস্থানের ভাববোধক; ছুট; ষট্‌কান।

ষট্‌ [ষষ্‌ (ষো=নাশ করা) + (ক্বিপ্‌) কর্ত্তৃ—নিপাতন] বি, ছয়। ষট্‌কর্ম্ম—ছয়টি কর্ত্তব্য কর্ম্ম। ২। [স্মৃতিতে] যজন, যাজন, অধ্যয়ন, অধ্যাপন, দান, প্রতিগ্রহ। ৩। তন্ত্রে] মারণ, উচ্চাটন, স্তম্ভন, বিদ্বেষণ, বশীকরণ ও শান্তি। ষট্‌কোণ—বিণ, ছয়কোণযুক্ত; ছকোণা। ২। [জ্যোতিষে] বি, লগ্ন হইতে ৬ষ্ঠ স্থান। ৩। হীরক। ষট্‌চক্র—দেহাভ্যন্তরস্থ সুষুম্না নাড়ীর মধ্যবর্ত্তী অতি সূক্ষ্ম পদ্মাকৃতি ৬টী চক্র। ষট্‌চত্বারিংশ—বি, ছচল্লিশ; ৪৬ এই সংখ্যা। ২। বিণ, ৪৬ সংখ্যক। ষট্‌চরণ—বিণ, ছয়পদবিশিষ্ট। ২। বি, ভ্রমর। ৩। আরশোলা। ৪। উকুণ। ষট্‌পদ—বিণ, ছয় পদবিশিষ্ট; ছপেয়ে। ২। বি, ভ্রমর। স্ত্রী, ষট্‌পদী—ভ্রমরী। ২। ছয় চরণযুক্ত ছন্দঃ। ষট্‌পদা—গঙ্গাফড়িং। ষট্‌পদাধার—কদম্ব বৃক্ষ। ষট্‌পদানন্দবর্দ্ধন—অশোক বৃক্ষ। ষট্‌পদানন্দা—মল্লিকা। ষট্‌ত্রিংশ [প্রাকৃ—ছত্তিংসো] বি, ছত্রিশ; ৩৬ সংখ্যা। ২। বিণ, ৩৬ সংখ্যক। ষট্‌পঞ্চাশৎ—ছয় অধিক পঞ্চাশ; ছাপ্পান্ন; ৫৬। ষট্‌প্রজ্ঞ—বি, চতুর্ব্বর্গ (ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ), লোকাচার ও তত্ত্বজ্ঞান এই ছয় বিষয়ে অভিজ্ঞ। ২। লম্পট। ষট্‌ক [ষষ্‌ (ছয়) + ক (ণ্‌)] বিণ, ছয় সংখ্যা; ৬। ২। [বৈদ্যকে] বি, শুঁঠ, পিঁপুল, মরিচ, চই, চিতামূল ও পিঁপুল-মূল।

ষট্‌কান (নো) সটকান দ্রঃ।

ষড়্‌ (ড়্‌) [ফা—শলাহ্‌ = শল্‌—ষড়্‌] বি, গুপ্ত পরামর্শ।

ষড়্‌ [সং—ষষ্‌ (ছয়) শব্দ] বিণ, ছয়। ষড়্‌-গয়া—বি, গয়াগজ, গয়াদিত্য, গায়ত্রী, গদাধর, গয়াধাম ও গয়াসুর এই ষড়্‌বিধ গয়া। ষড়্‌গুণ—বিণ, ছগুণ; ৬ সংখ্যা দ্বারা গণিত; ছয়ডবল; six times; six fold. বি, ষাড়্‌গুণ্য। ২। বি, ছয়টি রাজগুণ—সন্ধি, বিগ্রহ, যান, আসন দ্বৈধ ও আশ্রয়। ষড়্‌-দর্শন—সাংখ্য, পাতঞ্জল, পূর্ব্বমীমাংসা, বেদান্ত, বৈশেষিক ও ন্যায় এই ছয় দর্শনশাস্ত্র; six systems of Hindu philosophy. ষড়্‌দুর্গ—ধনুর্দুর্গ, গিরিদুর্গ, নৃদুর্গ, মৃদ্দুর্গ, বারিদুর্গ ও বনদুর্গ। মতান্তরে—ধনুর্দুর্গ, নৃদুর্গ, মহীদুর্গ, বারিদুর্গ, বৃক্ষদুর্গ ও গিরিদুর্গ, এই ছয় প্রকার দুর্গ। ষড়্‌বর্গ—বি, কামাদি ছয়রিপু। ষড়্‌বক্ত্র—বিণ, ছয় মুখবিশিষ্ট। ২। বি, ষড়ানন। ষড়্‌বিধ—বিণ, ছয় প্রকার; ছ-রকম। ষড়্‌বিন্দু—ছয়টি বিন্দু, ছফোঁটা। ২। বিষ্ণু। ৩। কবিরাজী পাকতৈলবিশেষ। ৪। কীটবিশেষ। ষড়্‌-ভুজ—বিণ, ছয় হাতবিশিষ্ট। ২। বি, চৈতন্যদেব। স্ত্রী, ষড়্‌ভুজা—ছয় হস্তা। ২। খরবুজা ফল। ষড়্‌রস—বি, ছয় রস; লবণ, অম্ল, মধুর, কটু, কষায় ও তিক্ত। ষড়্‌লবণ—সৈন্ধব, সামুদ্র, বিট, সৌবর্চ্চল, মৃৎ ও কাচ এই ছয়প্রকার লবণ।

ষড়ঙ্গ [ষষ্‌ (ছয়) অঙ্গ] বি, দেহের ছয়টী অংশ বা অবয়ব; মস্তক, হস্তদ্বয়, কটি ও পদদ্বয়। ২। বেদের ছয় বিভাগ—শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ ও জ্যোতিষ। প্র—"তদ্রূপ ষড়ঙ্গসমন্বিত সরহস্য নিখিল বেদ।"—বশিষ্ঠ সংহিতা (বঙ্গবাসী)। ৩। ছয় গব্য; পঞ্চগব্য (গোমূত্র, গোময়, দুগ্ধ, ঘৃত, দধি) এবং গোরোচনা। ৪। বিণ, ছয় অঙ্গবিশিষ্ট।

ষড়ঙ্গক [ষষ্‌ (ছয়) অঙ্গ + ক (স্বার্থে)] বি, চিত্রের ছয় অঙ্গ। [দ্রঃ—"বাৎস্যায়ন কাম-সূত্রের প্রথম অধিকরণে, তৃতীয় অধ্যায়ের টীকায় যশোধর পণ্ডিত আলেখ্যের এই ছয় অঙ্গ নির্দ্দেশ করিয়াছেন যথা—প্রথম রূপভেদ, দ্বিতীয় প্রমাণ, তৃতীয় ভাব, চতুর্থ লাবণ্য-যোজন, পঞ্চম সাদৃশ্য, ষষ্ঠ বর্ণিকাভঙ্গ।"—শ্রীঅবনীন্দ্রনাথ ঠাকুর]।

ষড়জ [ষড় (ছয়) জ—কণ্ঠ, তালু, জিহ্বা, দন্ত, নাসা এবং উরঃস্থল এই ছয় হইতে জন্মে বলিয়া এই নাম। "ষড়্‌জং রৌতি ময়ূরঃ।" হি-তে—খড়জ্‌, খরজ; ষ=খ] বি, কণ্ঠস্বরবিশেষ। ইহা ময়ূরকণ্ঠধ্বনি সদৃশ; সঙ্গীতের আদ্যস্বর; ইহার সঙ্কেত "সা"।

ষড়্‌ধা [ষষ্‌ (ছয়) + ধা (চ্‌—প্রকারার্থে)] অ, ছয়প্রকার। ২। ছয় বিষয়ে। ৩। ছয় বার।

ষড়যন্ত্র (ষড়জন্ত্র) বি, ষড়্‌বিধ কূট কৌশল; অন্যায় করিয়া ফাঁদে ফেলিবার জন্য কুমন্ত্রণা বা কৌশল জাল।

ষড়ভিজ্ঞ [ষষ্‌ (ছয়) অভিজ্ঞ] বিণ, ছয় বিষয়ে অভিজ্ঞ; আত্মজ্ঞান, জাতিস্মরতা, পরচিত্ত-জ্ঞান, দিব্যদৃষ্টি, দিব্য শ্রোত্র, বিয়দ্গতি (শূন্যে গমন ও ইচ্ছামত দেহধারণ) এই ছয় বিদ্যায় পারদর্শী। ২। বি, বুদ্ধদেব। ৩। বৌদ্ধ।

ষড়শীতি [ষষ্‌ (ছয়) অশীতি] বি, ছয় অধিক আশী সংখ্যা; ৮৬। ষড়শীতিচক্র—কন্যা, মিথুন, ধনু ও মীন রাশিগত রবির ফলাফলসূচক নক্ষত্রাঙ্গ নরাকৃতি চক্র।

ষড়ানন (নন্‌) [ষষ্‌ (ছয়) আনন] বি, পুং, কার্ত্তিকেয়। ২। বিণ, ছমুখো।

ষড়াম্নায় (য়্‌) [ষষ্‌ (ছয়) আম্নায় (আগম, তন্ত্রশাস্ত্র)—শিবের ছয় মুখ হইতে নিঃসৃত বলিয়া এই নাম] বি, ছয়প্রকার তন্ত্রশাস্ত্র।

ষণ্ড (ষন্‌ড) [সং] বি, ষাঁড়। ২। স্বাধীন-ভাবে বিচরণকারী বৃষ; ধর্ম্মের ষাঁড়। ৩। ষণ্ড; নপুংসক। ৪। বৃক্ষ। ৫। যোনি-রোগবিশেষ। ৬। দৈত্যগুরু শুক্রাচার্য্যের পুত্র; প্রহ্লাদের শিক্ষাগুরু।

ষণ্ডা [সং—ষণ্ড (বৃষ) + আ (সাদৃশ্যার্থে)] বিণ, বৃষবৎ বলবান্‌; গোঁয়ার ও বলিষ্ঠ; পালোয়ান। বহুবচনে—ষণ্ডাষণ্ডা।

ষণ্ডামার্ক [সং—ষণ্ড + অমর্ক = ষণ্ডামর্ক। বাং-য়—আ যোগ] বি, শুক্রাচার্য্যের পুত্রদ্বয়

ষণ্ড এবং অমর্ক। ইঁহারা প্রহ্লাদের শিক্ষাগুরু ছিলেন। ইঁহাদের প্রকৃতি ষণ্ড বা ষাঁড়ের মত যেমন উগ্র ও একগুঁয়ে ছিল ইহাঁরা তেমনি বলিষ্ঠ ছিলেন। ২। [লক্ষণায় বাং-য়] বিণ, দৃঢ়দেহ এবং উগ্রপ্রকৃতি ; একগুঁয়ে ও বলিষ্ঠ।

ষণ্ঢ [সং] বি, নপুংসক।

ষণ্মাস (ষন্মাশ্) [ষষ্ (ছয়) মাস] বি, ছয় মাস ; অর্দ্ধ বৎসর। **ষণ্মাস্য**—বিণ, ছয় মাসসাধ্য।

ষষ্টি (ষোশ্‌টি) [ষষ্ (ছয়)] বি, ৬০ এই সংখ্যা ; ছয় দশ। ২। বিণ, ৬০ সংখ্যক। **ষষ্টিতম**—ষাট সংখ্যার পূরণ। **ষষ্টিধা**—৬০ রকম। ২। ৬০ বার। **ষষ্টিসহস্র**—ষাট হাজার ; ৬০০০০। **ষষ্টিক**—বিণ, ৬০ সংখ্যা দ্বারা প্রাপ্ত বা ক্রীত। ২। বি, ৬০ দিনে গর্ভস্থ অবস্থাতেই পরিপক্ব হয় এমন ধান্য ; সেটে ধান। **ষষ্টিকান্ন**—সেটে ধানের ভাত। **ষষ্টিক্য**—ষাষ্টক ধান উৎপাদন-যোগ্য ক্ষেত্র।

ষষ্ঠ [ষষ্ (ছয়) থ (পূরণার্থে)] বি, ছয় সংখ্যার পূরক। **ষষ্ঠাংশ**—ছয়ভাগের এক ভাগ ; one sixth.

ষষ্ঠী [গ্রা—ষষ্টি, ষষ্টিবুড়ী] বি, স্ত্রী, ব্রহ্মবৈবর্ত্ত পুরাণ মতে সাবিত্রীগর্ভজা ব্রহ্মার কন্যা দেবসেনার নামান্তর ; মহাষষ্ঠী। ইনি মাতৃকা-শ্রেষ্ঠা ও শিশুপালিকা। ইঁহার সহিত কার্ত্তিকেয়ের বিবাহ হয়। [দ্রঃ—অপুত্রক গৃহস্থ সন্তানকামনায় কার্ত্তিকপূজার অনুষ্ঠান করেন]। (২) মতান্তরে জরা রাক্ষসীর নামান্তর। ইনি গৃহস্থের গৃহে গৃহে ভ্রমণ করিতেন বলিয়া ব্রহ্মা ইঁহার নাম গৃহদেবী রাখিয়াছিলেন। মহা-আদি-তে উক্ত হইয়াছে যে, যে ব্যক্তি নবযৌবনসম্পন্না সপুত্রা ইঁহার মূর্ত্তি গৃহে লিখিয়া রাখে, তাহার গৃহ সতত ধন-ধান্য, পুত্র কলত্রাদিতে পরিপূর্ণ থাকে। ইনিই ষষ্ঠী নামে বিখ্যাতা। (৩) মতান্তরে—কার্ত্তিকেয় কৃত্তিকাদি যে ছয় মাতৃকার স্তন্যে পালিত হইয়াছিলেন তাঁহাদের সমবেত মূর্ত্তি। **ষষ্ঠীতলা**—সাধারণতঃ বট ও অশ্বত্থ বৃক্ষতলে ষষ্ঠীদেবীর স্থাপনা হেতু উক্ত বৃক্ষতল বা ষষ্ঠীদেবীর স্থান। **ষষ্ঠীপূজা**—সন্তান ভূমিষ্ঠ হইবার এক মাস পরে তাহার মঙ্গল ও দীর্ঘ জীবন কামনায় ষষ্ঠীদেবীর পূজা। **মা ষষ্ঠী**—দেবী মাত্রেই মা (তুল—মাদুর্গা, মাকালী), অথবা শিশুপালিকা মাতৃকা বলিয়া। **ষষ্ঠীর দাস**—ষেটের বাছা দ্রঃ।

ষষ্মাহী [ফা] বিণ, ষাণ্মাসিক। ২। [জমীদারী পরিঃ] ষাণ্মাষিক রাজস্ব।

ষাঁড় (ড়) [সং—ষণ্ড] বি, ষণ্ড ; বৃষ। ২। লম্পট পুরুষ। ৩। গোঁয়ার ও অসংযত পুরুষ। ৪। বিণ, যথেচ্ছ বিহার বা বিচরণকারী ; অসংযত। **গোকুলের ষাঁড়**—গোকুলের স্বেচ্ছাবিহারী বৃষ। ২। অসংযত বা স্বৈরচারী পুরুষ। **দাগাষাঁড়**—শ্রাদ্ধের বৃষোৎসর্গের ত্রিশূল চিহ্নে চিহ্নিত যথেচ্ছ বিচরণকারী বৃষ। **ধর্ম্মের ষাঁড়**—ধর্ম্মঠাকুরের নামে মুক্ত বৃষ। **ষাঁড়ের গোবর**—যে গোময়ে শাস্ত্রীয় কর্ম্ম হয় না। ২। যে লোক কোন কাজে আসে না। **ষাঁড়াষাঁড়ি**—ষাঁড়ে ষাঁড়ে যুদ্ধকালীন তাহাদের গর্জ্জন ও আকৃতির মত গর্জ্জনকারী জলোচ্ছ্বাসযুক্ত বন্যা।

ষাট, ষাটি (ট্) [পূ-বঙ্গের উচ্চারণে ষাইট। সং—ষষ্টি হইতে] বি, ছয় দশ ; ৬০। ২। ষষ্টিক দ্রঃ ; সেটেধান ; আশুধান্য।

ষাট (ট্) [সং—ষষ্ঠী। গ্রা—ষেটে] বি, ষষ্ঠীদেবী। ২। [ষষ্ঠীদেবী সন্তানের পক্ষে শুভজনক বা বিপদাপদ নাশক বলিয়া তাঁহার নাম গ্রহণার্থে। তুল—দুর্গা শ্রীহরি। জৈমিনী জৈমিনী ইত্যাদি] স্বস্তি : ষষ্ঠীদেবী বাঁচাইয়া রাখুন। ৩। [বিদ্রূপে] ষষ্ঠীর বরপুত্র হয়ে বেঁচে থাক : ষষ্ঠীর কোল জুড়ে বা জুড়াইয়া থাক। প্র—"বালাই ! ষাট, তুমি কেন বঁধু হইতে যাইবে ?"—কমলাকান্তের দপ্তর। **ষাট ষাট**—ষষ্ঠী ষষ্ঠী ; স্বস্তি স্বস্তি। তুল—বজ্রনিবারক নাম "জৈমিনী জৈমিনী।" **ষাটের কোলে, ষেটের কোলে**—ষষ্ঠীদেবীর কৃপারূপ অঙ্কে। প্র—"শক্রমুখে ছাই দিয়ে ষেটের কোলে পাঁচু এই দশ বছরে পা দিয়েছে"—ভারতী, বৈশাখ, ১৩২১। **ষেটের বাছা**—ষষ্ঠীর বৎস। প্র—"বালাই ষেটের বাছা"—নীলদর্পণ। **ষেটের বাছা ষষ্ঠীর দাস**—ষষ্ঠীদেবীর অনুগৃহীত সন্তান ও সেবক।

ষাড়্গুণ্য (গুনন্) [ষড়গুণ (দ্রঃ] + য (স্বার্থে—ষ্যঞ্)] বি, সন্ধি বিগ্রহাদি ছয় গুণ। ২। ষড়গুণের ভাব।

ষাড়ব (ব্) [বৈদ্যকে] বি, অম্ল, মধুর, লবণাদি ছয় রসযুক্ত নানা সুগন্ধিযুক্ত দ্রব্য-বিশেষ।

ষাণ্মাতুর (ষান্মাতুর) [ষষ্ (ছয়) মাতুর (মাতৃ—অ, অপত্যার্থে)] বিণ, যাহার ছয় মাতা। ২। [ছয় মাতৃকা (কৃত্তিকাত্রয়, দুর্গা, গঙ্গা, পৃথ্বী) দ্বারা পালিত বলিয়া] বি, কার্ত্তিকেয়।

ষাণ্মাষিক (ষান্মাসিক্) [ষষ্ (ছয়) মাস—ষণ্মাস + ইক (ভাবে—ষ্ণিক)] বিণ, ছয় মাস সম্বন্ধীয়। ২। প্রতি ছয় মাসে করণীয়। ৩। বি, ছয় মাস অন্তর কর্ত্তব্য শ্রাদ্ধাদি। প্র—"ত্রিপক্ষ শ্রাদ্ধ, ষাণ্মাসিক, মাসিক এবং আব্দিক শ্রাদ্ধে ভোজন"—অত্রিসংহিতা (বঙ্গবাসী)। ৪। প্রতি ছয় মাস অন্তর প্রকাশ্য পত্রিকাদি ; sixmonthly journal. তুল—ত্রৈমাসিক।

ষিড়্গ [সং] বি, লম্পট। ২। জার ; উপপতি।

ষেটে [গ্রা। সং—ষষ্টিক] বি, আশুধান্য ; ষাটি দ্রঃ।

ষেটেরা [ষষ্ঠ রাত্রি সংক্ষেপে] বি, শিশুর জন্মের ষষ্ঠ রাত্রিতে করণীয় সংস্কারবিশেষ। **ষেটেরা পূজা**—জন্মের ষষ্ঠ রাত্রে শিশুর কল্যাণ কামনায় যে পূজা হয়।

ষোড়শ (শ্) [সং] বি, ষড়দশ ; ছয় অধিক দশ ; ১৬ এই সংখ্যা। ২। বিণ, ষষ্ঠদশ-সংখ্যক ; ১৫ সংখ্যার পরবর্ত্তী। ৩। ১৬ ভাগের একভাগ। ৪। শ্রাদ্ধের ১৬টী বিশেষ উপকরণ। **ষোড়শ উপচার, ষোড়শোপচার**—পূজার ১৬টী দ্রব্য (আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, স্নানীয়, বসন, ভূষণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, মধুপর্ক, তাম্বুল, তর্পণ ও নতি। মতান্তরে—আসন, স্বাগত, পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, পুনরাচমনীয়, স্নান, বসন, আভরণ, গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, নৈবেদ্য ও চন্দন (দ্রঃ—শক্তিপূজায়—আসন ও স্বাগত স্থলে নৈবেদ্য ও পুনরাচমনীয় এবং মধু স্থলে মদ্য)। **ষোড়শ কলা**—চন্দ্রের ১৬ অংশ ; the 16 digits of the moon. **ষোড়শ মাতৃকা**—গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, কুলদেবতা ও আত্মদেবতা এই ষোল মাতৃকা।

ষোড়শাখ্য [স্মৃতিঃ পরিঃ] বি, ষোড়শ দিনসাধ্য ব্রতবিশেষ। প্র—মণ্ডুক, নকুল, কাক * * * হনন করিলে ষোড়শাখ্য মহাব্রত করিবে।"—উশন সংহিতা (বঙ্গবাসী)।

ষোড়শাঙ্গ [ষোড়শ + অঙ্গ] বিণ, ১৬টী অবয়ব যুক্ত ; ১৬টী উপকরণ দ্বারা প্রস্তুত। ২। বি, ১৬ প্রকার সুগন্ধ দ্রব্যে প্রস্তুত ধূপ। **ষোড়শাঙ্গ ধূপ**—দৈব এবং পৈত্র্য কর্ম্মে প্রশস্ত ধূপবিশেষ। ইহা গুগ্গুলু, সরল, দারু (দেবদারু), পত্র (তেজপত্র), মলয়-সম্ভব (চন্দন), হ্রীবের (সুগন্ধ বালা) অগুরু, কুষ্ঠ, গুড়, সর্জ্জরস, ঘন, হরীতকী, নখী, লাক্ষা, জটামাংসী, ও শৈলজ দ্বারা প্রস্তুত হয়।

ষোড়শিকা—বি, স্ত্রী, পল পরিমাণ। (২) ২ তোলা পরিমাণ। (৩) ৮ তোলা পরিমাণ।

ষোড়শী—বি, স্ত্রী, ষোল বৎসর-বয়স্কা নারী ; পূর্ণযুবতী। ২। দশমহাবিদ্যার অন্তর্গত তৃতীয় মহাবিদ্যাবিশেষ। প্র—"শ্বেতবরণা বামা পূর্ণকলা কামিনী। প্রেম সঞ্চারি হৃদে জীবগণে ডোরে বেঁধে ঐখানে রাজিছে ষোড়শী রূপিণী।"—হেম বন্দ্যো।

ষোঢ়াসিদ্ধ (শি) বি, দেবাধিষ্ঠিত পুরুষ-বিশেষ। ইঁহারা যাহাদিগকে প্রণাম করেন, যদি তাহাদিগের শরীরে দৈবশক্তির আবির্ভাব না থাকে, তাহা হইলে, প্রণাম করিবামাত্র বিধ্বস্ত হইয়া যায়। প্র—"নিত্যানন্দ মহাপ্রভুর অভিরাম গোস্বামী নামে একজন ষোঢ়াসিদ্ধ শিষ্য ছিলেন।"—ভূদেব (পারিবারিক প্রবন্ধ)।

ষোল (ষোলো) [সং—ষোড়শ। হি—ষোলহ] বি. ছয় অধিক দশ সংখ্যা। ১৬। ২। [১৬ আনায় টাকা পূর্ণ এবং ১৬ কলায় চন্দ্র পূর্ণ হওয়ার ভাব হইতে] পূর্ণ সংখ্যা ; সমস্ত ; সকল। ৩। বিণ, ১৬ সংখ্যক। **ষোল আনা**—পুরাপুরি ; সম্পূর্ণ। প্র—ষোল আনা মন দিয়া কাজ করা। **ষোল কড়াই কানা**—সকল গুলিই ত্রুটিযুক্ত। **ষোল আনা**—একটাকা ; a rupee. ২। [১৬ আনায় এক রৌপ্য মুদ্রা পূর্ণ হয় বলিয়া] পুরাপুরি ; সম্পূর্ণ।

ষ্কুল—স্কুল দ্রঃ।

ষ্ক্রু, ষ্ক্রুপ—ইস্ক্রুপ দ্রঃ।

ষ্টাম্প—ইষ্টাম্প দ্রঃ।

—ইস্টিমার দ্রঃ।

ষ্টীলপেন—ইস্টিলপেন দ্রঃ।

ষ্টেট (স্টেট্) [ইং—state, estate] বি, রাজ্য। ২। জমিদারী ; ভূসম্পত্তি। ৩। বিষয়সম্পত্তি।

ষ্টেসন—ইস্টেশান দ্রঃ।

ষ্টোভ (ভ্) [ইং—stove] বি, বিলাতী উনান। স্টোভ্ দ্রঃ।

ষ্ঠীবন (ন্) বি, নিষ্ঠীবন ; থুথু।

স—ব্যঞ্জনবর্ণমালার দ্বাত্রিংশ ব্যঞ্জন ও উষ্মবর্ণ পঞ্চকের (শ দ্রঃ) তৃতীয়, অল্পপ্রাণ বর্ণ। জিহ্বার অগ্র দন্তমূলে লঘু স্পর্শদ্বারা উচ্চারিত হয় বলিয়া ইহা দন্ত্যবর্ণ। "শ" ও "ষ"র মত "স"ও শব্দাত্মক পদে পবনের সহিত সংঘর্ষের তীব্রতা দ্রুততা, আকস্মিকতা ও ব্যাপ্তি সূচিত করে। যথা—সাঁই সাঁই, সন্ সন্, সোঁ সোঁ। "স"র প্রকৃত উচ্চারণ হি-তে এবং হি-র অনুকরণে ব্রজবুলিতে, প্রা-বাং—বৈষ্ণব পদাবলীতে এবং বাং-য় স্ত ও স্থ এই যুক্ত বর্ণে পাওয়া যায়। তখন ইহা ইং—"s" বা ফা—"সিন্" ও "সে" বর্ণের তুল্য। কিন্তু বাঙ্গালীর দ্বারা তালু বা মূর্দ্ধা স্পর্শে ইহা "শ" বা "ষ"র মত উচ্চারিত হয়। আরবী "সে" বর্ণ যেমন সা-তে "থ" (ইং—think শব্দের 'th'এর মত) ও ফা-তে—"সীন"এর মত উচ্চারিত হয়। তদ্রূপ বাঙ্গালা "স" প্রাকৃতে—দন্তাগ্র জিহ্বাগ্রে ঈষৎ স্পৃষ্টহওয়ায় "থ" ও "শ"র মাঝামাঝি এবং অসমীয়াতে "শ" ও "চ"র মাঝামাঝি উচ্চারণ প্রকাশ করে। বাং—"সজিনা" = অস—চাজনা : হি—আসী – অস—আচী ; ফা—কিস্‌মিস্ = অস—কিচ্‌মিচ্ ইত্যাদি। প্রা-বাং—অর্থাৎ বাং-প্রাকৃতে শব্দের বানানে কেবল "স"ই দৃষ্ট হয়। প্রা-বাং—পুথিগুলির নকল করিবার কালে সংস্কৃতজ্ঞ নকল নবীশদিগের দ্বারা বহু সংস্কৃত শব্দের শ ও ষ স্থলে 'স'র পরিবর্ত্তে বিশুদ্ধ বানান সন্নিবেশিত হওয়ায় বাং-প্রাকৃতে যে কেবল 'স'র ব্যবহারই ছিল তাহা সহজে ধরা যায় না। প্রা-বাং-য়—শত স্থলে সত, শশী স্থলে সসী, শীষ স্থলে সিস, ষোল স্থলে সোল। পরবর্ত্তী নকল নবীশের হাতে ঐ সকল স্থলের বানান সংশোধিত দৃষ্ট হয়। সংস্কৃতেতর যাবতীয় ভাষার শব্দে বাং বানানে (সম্ভবতঃ বাং-প্রাকৃতের অনুকরণে) "শ", "ষ", ও "স"র উচ্চারণ পার্থক্যের প্রতি দৃষ্টি না রাখিয়া "স" লিখিবার প্রথা চলিয়া যায়। তুল—ফা—কিষ্‌মিষ্, শরীক্, শাবাশ্, বাং-য়—কিসমিস, সরিক, সরীক, সাবাস ; আ—শাম্‌লা, বাং-য়—সামলা ; ইং—shirt, বাং-য়—সার্ট ; স্পে হইতে ইং—sherry বাংয়—সেরি ইত্যাদি। কিন্তু অধুনা শিক্ষিত সমাজে মূলের বিশুদ্ধ উচ্চারণ বজায় রাখিবার ঝোঁক দেখা যাইতেছে এবং তদনুসারে কেবল স স্থলে বানানে 'শ, ষ, ও স' এই তিনটিই চলিতে আরম্ভ হইয়াছে।

স [সং] উপ, সহ ; সহিত। প্র—সজলনয়ন ; সমৃণাল কমল ; সপুত্র ; সটীক। ২। সমান ; অভিন্ন ; এক। প্র—সগোত্র ; সোদর ; সজাতি ; সধর্ম্ম। ৩। সত্তা সদ্ভাব বা বিদ্যমানতা এবং নঞ্ এর বিপরীতার্থে। প্র—সজীব ; সক্ষম। ৪। [গ্রাম্য] আতিশয্য বাচক ; উক্তি বলবৎ করিবার অভিপ্রায়বোধক প্র—সঠিক ; সটাট্‌কা, স-জীয়ন্ত। ৫। [বাং প্রত্যয়। তুল—হি—সা, সী] প্রায় ; তুল্য ; সদৃশ। প্র—মুখস ; খোলস। ৬। [সং] সো (গতিতে) + অ (কর্ত্তৃ) যে গমন করে। বাং-য় প্র-অ] বি, বায়ু, চন্দ্র, শিব, বিষ্ণু, জীবাত্মা, জ্ঞান, চিন্তা, দীপ্তি, সর্প। স্ত্রী, **সা**—গৌরী, (২) লক্ষ্মী, (৩) শান্তি। ২। [সা দ্রঃ] স, সেই স্ত্রীলোক।

স (শ) [সহা দ্রঃ] ক্রি, সহ ; সহ্য কর। প্র—কত সইবি স দেখি।

সই (শোই) [সং—সখী—প্রাকৃ—সহী (অভি শকুন্তলে) সঙ্গ] বি, স্ত্রী, সখী ; বয়স্যা ; সঙ্গিনী। প্র—"তোরা কেনে সখি! বলিস রাধার জয়, তোরা বল্‌গো সই! শ্যামচাঁদের জয়।"—দাশরথি রায়। **প্রাণসই** [গানে]—প্রাণ তুল্য প্রিয়সখী ; প্রাণসজনী। **সই সাঙ্গাতি**—পাতান বন্ধু।

সই (শোই) [আ—সহীহ্] বি, স্বাক্ষর ; দস্তখত ; signature. প্র—"আপনার কাগজ পত্র গোছাবে (শেষে) কোরে গোটা দুই সই।"—দ্বিজেন্দ্র রায়। ২। স্বীকার। প্র—"কি করি! তবে না হয় মন্ত্রীপুত্রই সই!"—দ্বিজেন্দ্ররায়। ৩। সম্মতি ; মত। এই অর্থে বাং-য় প্রায়ই "সায়" শব্দ চলিত। সায় দ্রঃ। **ঢেরা সই**—স্বাক্ষরের পরিবর্ত্তে অশিক্ষিত লোকের স্বহস্তের × এইরূপ চিহ্ন ; স্বাক্ষর স্বরূপ ঢেরা দাগ। **টিপসই**—হাতের বুড়া আঙ্গুলের মাথার ছাপ ; thumb impression.

সই [সং—শায়ী অপভ্রংশে শই—সই] বিণ, শায়িত ; মধ্যগত ; সাৎ ; মধ্যে নিক্ষিপ্ত। প্র—তাহাকে জল সই করে দিলে ; মাটিসই ; ভূতলসই।

সই [আ—সহীম্ (সমান) হইতে হি—সহী] বিণ, উপযোগী ; অনুরূপ ; মত ; fit. প্র—মাপ সই। ২। প্রমাণ ; পর্য্যন্ত। প্র—মাথা সই ; হাত-সই জল।

সই (শোই) [হি—সহী] বিণ, ঠিক। **সই সই**—ঠিক ঠিক কমও নয় বেশীও নয়।

সই (শোই) [সং—সহ] বিণ, সহ ; সহন যোগ্য। প্র—টেঁক সই। ২। [সহি সংক্ষেপে ক্রি, উ,পু—সহ্য করি।

সইতর (শোইতর্) [সহি—সইত—সাত (সঙ্গ)+র, সম্বন্ধে ৬ষ্ঠী বিভক্তি চিহ্ন। প্রা-বাং] সঙ্গের ; সাথের। প্র—"সইতর দানপতি।" —শূ-পু।

সইয়া (শোইয়া) বি. সওয়াইয়া দ্রঃ।

সইলা (শোইলা) [সই (সখী) লা (আলা —ভাবে)] বি. সখীত্ব।

সইস (শোইশ্) [ফা—সাইস] বি. অশ্বপালক। ২। অশ্বচালক। বিণ. **সইসী**—সইস সংক্রান্ত। **সইসগিরি**—সইসের কর্ম্ম ; সইসি।

সইসি (শোইশি) [সইস (দ্রঃ)+ই (কর্ম্মার্থে)] বি. সইসের কর্ম্ম।

সঈ (শোই) [সখী শব্দজ] বি. বয়স্যা। সঙ্গিনী।

সওগাৎ, সওগাদ্, সওগাদ (ত্, দ্) [তুর্কী—সওগৎ] বি. উপঢৌকন

সওদা (শ) [ফা—সওদা] বি. খরিদ ; ক্রয়। ২। বাণিজ্য ; ব্যবসায় ; কেনা বেচা ; trade. প্র—"আমা সঙ্গে সওদা করি না পাবে কপট" —কবিক। "না জানিলে সওদা কেমনে বল হয়"—কাঞ্চীকাবেরী (রঙ্গলাল)। ২। বাণিজ্য দ্রব্য ; পণ্য। **সওদাসুলুপ**—[ফা—সওদা সুলফ্] খরিদ পত্র ; পণ্য ক্রয়াদি। **সওদাপত্র**—দ্রব্যাদি খরিদ।

সওদাগর (শওদাগর্) [ফা—সওদাগর্] বি. বণিক্ ; সাধু ; বড় ব্যবসায়ী ; merchant. বিণ. **সওদাগরী**—সওদাগর সংক্রান্ত।

সওদাগরি (শওদাগোরি) [সওদাগর (দ্রঃ) +ই (বৃত্তি অর্থে)] বি. সওদাগরের বৃত্তি বা ব্যবসায় ; বণিগ্‌বৃত্তি ; বাণিজ্য।

সওয়া, সওয়াই (শ) [সং—সপাদঃ— পাদেন সহ বর্ত্তমানঃ স তু চরণযুক্তশ্চতুর্ভাগ সহিতশ্চ।"—শব্দকল্পে। হি—সওয়াই] বি. একাধিক চতুর্থাংশ ; এক ও তাহার চতুর্থাংশ পাঁচ সিকিভাগ।

সওয়াইয়া, সোয়াইয়া, সইয়া (শো) [সওয়া (দ্রঃ) ইয়া] বি. এক ও সিকির অঙ্ক। কোন অঙ্কে তাহার চৌথাই যোগে যে অঙ্ক হয়, তাহার ধারা। প্র—"সইয়া একে সইয়া, সইয়া দ্বিগুণে আড়াইয়া, তিন সইয়া পৌণে চার, চারি সইয়া পাঁচ" ইত্যাদি।

সওয়ার (শওআর্) [ফা—সবার্। প্রা—হি —আসবার্ তাহা হইতে প্রা-বাং আসোয়ার] বি. আরোহী ; চড়নদার। ২। অশ্বারোহী। ৩। বিণ. আরূঢ় ; কৃতারোহণ। প্র—তিনি ঘোড়ার উপর সওয়ার হইয়াছেন। **ঘোড় সওয়ার**—অশ্বারোহী। **হাতীসওয়ার**—হস্ত্যারোহী।

সওয়ারি (শ) [ফা—সবারী] বি. গাড়ী ; পাল্কী প্রভৃতি যান। ২। [রাজারা যানবাহনে সওয়ার হইলে বাজিত বলিয়া নাম] দামামা ; নাগাড়া ডঙ্কা প্রভৃতি বাদ্যযন্ত্র যাহা রাজাগণের বহির্গমনকালে বাদিত হইত। ৩। [সওয়ার অর্থে] বিণ. আরূঢ়। প্র—বাদ্ধিয়া বাজীর সাজ রাবণে যোগায়। জয় ধর্ম্ম বলিয়া সওয়ারি হইল রায়।"—ঘনরাম।

সওয়াল (শওয়াল্) [আ—সবাল্] বি. প্রশ্ন। ২। প্রার্থনা ; আবেদন। ৩। অনুরোধ। ৪। জেরা ; cross examination. প্র— "আমি নই আটাশে ছেলে * * * এবার করব নালিশ নাথের আগে ডিক্রী লব এক সওয়ালে।"—রামপ্রসাদ।

সওয়ালজবাব (শওয়াল্ জবাব্) [ফা— সবাল্‌জবাব্] বি. প্রশ্নোত্তর ; তর্কবিতর্ক। প্র—"মায়ের এম্নি বিচার বটে, * * * সওয়াল জবাব করব কি মা বুদ্ধি নাইকো আমার ঘটে" —রামপ্রসাদ।

সং [সং] বি. উপসর্গ। সম্ দ্রঃ। ২। [বাং] সঙ্ দ্রঃ।

সংক্রম, সংক্রাম (শংক্রোম্) [সং—ক্রম্ [গমন করা] +অ (ভাবে—অল্, ঘঞ্)] বি. সঞ্চরণ ; গমন। ২। প্রবেশ। ৩। কোন রাশিতে সূর্য্যাদিগ্রহের সঞ্চার। ৪। [করণে—অল্, ঘঞ্] সেতু।

সংক্রমণ (সংক্রোমোন্) [সং—ক্রম্+অন (ভাবে—অনট্)] বি. সঞ্চরণ ; গমন। ২। প্রবেশকরণ। ৩। সংক্রান্তি ; সূর্য্যাদি গ্রহের একরাশি হইতে অন্য রাশিতে গমন।

সংক্রমিত, সংক্রামিত (শংক্রোমিত) [সং—ক্রম+ত, সং—ক্রম্+ণিচ্+ক্রামি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সঞ্চারিত ; প্রবিষ্ট। ২। প্রতিফলিত। ৩। স্থাপিত।

সংক্রান্ত (শং) [সং—ক্রম্+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. সম্বন্ধিত ; সম্বন্ধীয়। ২। সঞ্চারিত ; ব্যাপ্ত। ৩। সংপ্রাপ্ত ; গত। ৪। প্রবিষ্ট।

সংক্রান্তি (শং) [সং—ক্রম্+তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. সূর্য্যাদিগ্রহের একরাশি হইতে অন্য রাশিতে গমন বা প্রবেশ। ৩। মাসের শেষ দিন।

সংক্রামক (শংক্রামোক্) [সং—ক্রম্+অক (কর্ত্তৃ)] বিণ. ব্যাপক ; সঞ্চারক। ২। সংসর্গে উৎপন্ন ; infectious.

সংগৃহীত (শং) [সং (সমূহ ; একত্র) গৃহীত] বি. সমাহৃত। ২। সঙ্কলিত। বি. সংগ্রহ।

সংগোপন (শংগোপন্) [সং—গুপ্ (গোপন করা) +অন (ভাবে—অনট্)] বি. সর্ব্বতোভাবে গোপন; সম্পূর্ণভাবে অদৃশ্যকরণ ; লুকান। বিণ. **সংগোপিত**—লুক্কায়িত। ক্রি-বিণ. **সংগোপনে**—অন্যের অগোচরে ; লুকাইয়া।

সংগ্রহ (শংগ্রোহ) [সং (সম্—সম্যক্, সমূহ, একত্র) গ্রহ্ (গ্রহণ করা) +অ (ভাবে —অচ্)] বি. ইতস্ততঃ বিক্ষিপ্ত দ্রব্য সমূহের সংক্ষেপে একত্রীকরণ ; আহরণ ; সঙ্কলন। ২। চয়ন। ৩। সঞ্চয়। ৪। সংক্ষেপ। ৫। মুষ্টিবন্ধ। ৬। সমুচ্চয় ; রাশীকরণ। ৭। উচ্চতা। ৮। মহোদ্যম।

সংগ্রহণী (সংগ্রোহোনি) [সং] বি. স্ত্রী. গ্রহণীরোগ। ২। সংগ্রহ। ৩। একত্রীকরণ।

সংগ্রহীতা (শংগ্রোহিতা) [সং—গ্রহ্+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=সংগ্রহীতৃ ১মা, ১ব] বিণ. সংগ্রাহক ; সংগ্রহকর্ত্তা।

সংগ্রাম (শংগ্রাম্) [সংগ্রাম্ (যুদ্ধ করা) +অ (ভাবে—অল্)] বি. পুং. যুদ্ধ। **সংগ্রাম-পটহ**—রণঢক্কা ; battle drum.

সংগ্রাহ (শং) [সং—গ্রহ্ (গ্রহণ করা) + অ (ভাবে ঘঞ্)] বি. পুং. মুষ্টিবন্ধন। ২। মুষ্টি। ৩। অস্ত্র ফলকাদির যেস্থান মুঠা করিয়া ধরিতে হয়।

সংগ্রাহক (শংগ্রাহোক্) [সংগ্রহ্+অক (কর্ত্তৃ)] বিণ. সংগ্রহকর্ত্তা ; সংগ্রহীতা। স্ত্রী. **সংগ্রাহিকা।**

সংগ্রাহী (শং) [সংগ্রাহ+ইন্ (অস্ত্যর্থে) = সংগ্রাহিন্ ১মা, ১ব] বিণ. সংগ্রাহক ; সংগ্রহকারী। ২। [বৈদ্যকে] বি. কুড়চি গাছ।

সংচূর্ণিত (শং) [সং (সম্—সম্যক্) চূর্ণিত] বিণ. বিচূর্ণিত ; বিদলিত ; সম্যক্‌প্রকারে পিষ্ট।

সংঘাত (শংঘাত)—সঙ্ঘাত দ্রঃ।

সংজাত (শং) [সং—সংযাত্র অপভ্রংশে] বি. অনুযাত্রিক ; দলবল। প্র—"সংজাত সহিত লয়ে চলিল ভুভুক্।"—ঘনরাম।

সংজ্ঞপ্তি (শংগোপ্‌তি) [সং—জ্ঞপি (জানান) +তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. বিজ্ঞাপন।

সংজ্ঞা (শোংগ্যাঁ) [সং—জ্ঞা (জানা) +অ (করণে অঙ্) যাহা দ্বারা জানা বা চেনা যায়] বি. অভিধা ; নাম। ২। চৈতন্য ; চেতনা। ৩। জ্ঞান ; বুদ্ধি। ৪। গায়ত্রী। ৫। সঙ্কেত। ৬। বিশেষ্যপদ ; noun. ৭। সূর্য্যপত্নী ; যম, যমুনা ও মনু ইঁহার গর্ভে জন্মে। প্র— "দ্বাদশ মূরতি গ্রহগণ-পতি সংজ্ঞা ছায়া নারী ধন্যা।"—অ. ম।

সংজ্ঞান (শংগ্যান) [সং—জ্ঞা+অন (ভাবে —অনট্)] বি. ক্লী. চেতনা। ২। জ্ঞান। ৩। সঙ্কেত।

সংজ্ঞাপন (শংগ্যাঁপন্) [সং—জ্ঞাপি (জানান) +অন (ভাবে—অনট্)] বি. ক্লী. বিজ্ঞাপন।

সংজ্ঞু (শোংগু) [সং (মিলিত) জানু যাহার, বহ—জানু=জ্ঞু] বিণ, মিলিত জানুদ্বয়।

সংজ্বর (শংজর্) [সম্ (সম্যক্) জ্বর্ (জ্বরাক্রান্ত হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, প্রবল বা বিসমজ্বর ; অতিশয় সন্তাপ।

সংতরাস—বঙ্গতরাশ দ্রঃ।

সংবৎ (শং) [সং] বি, উজ্জয়িনীরাজ বিক্রমাদিত্য প্রবর্ত্তিত অব্দ। ২। বৎসর।

সংবৎসর (শংবৎশর্ [সম্ (সম্পূর্ণ) বৎসর (বস্=বাস করা + সর, অধি—যাহাতে সমস্ত ঋতু বাস করে) । প্রা—সোম্বৎসর। (২) সোমবচ্ছর। (৩) সোঁত্ বচর] বি, যে সময়ের মধ্যে সূর্য্য দ্বাদশ রাশি অতিক্রম করেন ; পূর্ণ এক বৎসর। **সংবৎসর ধরিয়া**—বৎসরব্যাপী।

সংবর—সম্বর দ্রঃ।

সংবরণ (শংবরন্) বি, সম্বরণ দ্রঃ। বিণ, **সংবরিত**।

সংবর্ত্ত (শং) [সং—বৃৎ + অ (কর্ত্তৃ—অল্)] বি, পুং, মেঘনায়কবিশেষ ; প্রলয়-মেঘবিশেষ। প্র—"সম্বর্ত্ত পুষ্করমেঘ ডাকিতে ডাকিতে"—বৃত্রসংহার। ২। [ভাবে, অল্] প্রলয়। ৩। ধর্ম্মশাস্ত্র প্রয়োজক মুনিবিশেষ।

সংবর্ত্তক (শং, ক) [সংবর্ত্ত + ক (সংজ্ঞার্থে)] বি, পুং, বলরাম। ২। বলরামের হলাস্ত্র। ৩। বাড়বানল।

সংবর্ত্তি সংবর্ত্তিকা (শংবোর্তি) [সং] বি, স্ত্রী, দীপশিখা ; দীপাদির দশা।

সংবর্দ্ধক (শংবর্ধক্) [সং—বৃধ্ (বর্দ্ধিত হওয়া) + অক (কর্ত্তৃ)] বিণ, অতিশয় বৃদ্ধিকারী। ২। সংবর্দ্ধনাকারী ; সম্মানকারী।

সংবর্দ্ধন (শংবর্ধন্) [সং—বৃধ্ (বর্দ্ধিত হওয়া) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অতিশয় বৃদ্ধিকরণ। ২। বাড়ান। ৩। সম্মান করণ। স্ত্রী, **সংবর্দ্ধনা**—সম্মাননা। বিণ, **সংবর্দ্ধিত**।

সংবহ (শং) [সং—বহ্ (বহন করা) + অ (ভাবে, অল্)] বি, বিশেষভাবে বহন। ২। শরীরস্থ পঞ্চবায়ুর অন্যতম ; সমান বায়ুর নামান্তর। [অপর ৪টী বায়ু উদ্বহ=উদান, বিবহ=ব্যান, আবহ=অপান, প্রবহ=প্রাণ] ২। মেঘ পরিচালক বায়ুবিশেষ।

সংবাদ (শংবাদ্) [সং—বদ্ (বলা) + অ (ভাবে ঘঞ্)] বি, পুং বৃত্তান্ত ; খবর। ২। সম্ভাষণ। ৩। কথোপকথন ; আলাপ। **সংবাদপত্র**—খবরের কাগজ ; newspaper. **সংবাদ-বহ, —বাহক, —বাহী**—যে একস্থানের সংবাদ বহন করিয়া অন্যত্র লইয়া যায় ; ডাকহরকরা।

সংবাদী (শংবাদি) [সং (সহিত) বাদ + ইন্ (অস্ত্যর্থে) = সংবাদিন্ ১মা, ১ব] বিণ, সমান ; সদৃশ ; অবিসংবাদী।

সংবাস (শংবাশ্) [সং (সমাবৃত) বাস (বাসস্থান)] বি, গৃহ। ২। [সং=সহিত একত্র বাস করিবার উপবেশন করিবার স্থান] বিহার স্থান। ৩। সভা।

সংবাহ, সংবাহন (শং, ন্) [সং (সম্যক্) বহ্ + ণিচ্ =বাহি (বহনে, প্রাপণে—আরাম পাওয়ান) + অ, অন (ভাবে)] বি, পুং, ভারবহন। ২। গা টেপা ; পা টেপা। বিণ, **সংবাহিত**—কৃতবহন। ২। কৃতসংবাহন ; মর্দ্দিত।

সংবাহক (শংবাহক্) [সংবাহ (দ্রঃ)—অক (কর্ত্তৃ)] বিণ, যে বহন করে ; বাহক। ২। অঙ্গ-মর্দ্দনকারী। স্ত্রী, **সংবাহিকা**।

সংবিগ্ন (শং) [সং] বিণ, উদ্বিগ্ন।

সংবিদ্, সংবিদা [সং—বিদ্ (জানা) + ক্বিপ্, স্ত্রী, আ] বি, স্ত্রী, জ্ঞান। ২। চেতনা। ৩। অভিধা ; নাম। ৪। সঙ্কেত। ৫। সম্ভাষণ। ৬। সিদ্ধি ; ভাং।

সংবিদিত (শং) [সং—বিদ্ (জানা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, জ্ঞাত। ২। প্রতিজ্ঞাত।

সংবিধান (শংবিধান্) [সং—বি—ধা (ধারণ করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, সংঘটন ; ২। ব্যবস্থা ; যোগাড় ; আয়োজন। ৩। রচনা। ৪। উপচার।

সংবিভক্ত (শং) [সং—বি—ভজ্ (ভাগ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পৃথক্কৃত ; কৃতবিভাগ।

সংবীক্ষণ (শংবিক্‌খন্) [সং (সম্যক্) বি—ঈক্ষ্ (দর্শন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সন্দর্শন। ২। পর্য্যবেক্ষণ।

সংবৃত (শং) [সং (সম্যক্) বৃ (আচ্ছাদন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সমাবৃত ; আবৃত। সংবেষ্টিত। ২। লুক্কায়িত ; গুপ্ত। বি, **সংবৃতি**—আচ্ছাদন ; আবরণ। ২। গোপন।

সংবৃত্ত (শং) [সং—বৃৎ (হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সঞ্জাত। ২। সিদ্ধ ; নিষ্পন্ন। ৩। লুক্কায়িত ; গোপিত। বি, **সংবৃত্তি**।

সংবেগ (শংবেগ্) [সং—বিজ্ (ভয়ে, উদ্বেগে, চলনে) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, আবেগ। ২। ভয়। ৩। ভয়নিমিত্ত বেগ ; ত্রস্তভাব ; অতিত্বরা।

সংবেদ, সংবেদন (শংবেদ্—দন্) [সং—বিদ্ (জানা) + অ, অন (ভাবে, ঘঞ্, অনট্)] বি, ক্লী, জ্ঞান। ২। অনুভব। স্ত্রী, **সংবেদনা**। বিণ, **সংবেদ্য**—অনুভবনীয়। ২। জ্ঞেয়।

সংবেশ (শংবেশ্) [সং—বিশ্ (প্রবেশ করা) + অ, (ভাবে—ঘঞ্)] বি, পুং, উপবেশন। ২। আসন। ৩। শয্যা। ৪। শয়ন।

সংবেশন (শংবেশন্) [সং—বিশ্ (প্রবেশ করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, সঙ্গম ; সুরত।

সংমার্জ্জন (শ, র্) [সং—মার্জ্জন] বি, পরিষ্করণ।

সংমার্জ্জনী (শং) [সং—মার্জ্জনী] বি, ঝাঁটা ; খ্যাংরা। প্র—"সুবর্ণ সংমার্জ্জনীতে সারি সমার্জ্জন। গঙ্গা জলে গুলে ফেলে কুঙ্কুম চন্দন॥"—শিবায়ন।

সংযত (শংজত) [সং—যম্ (নিবৃত্ত করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিবৃত্ত ; কৃতসংযম। ২। নিয়ন্ত্রিত ; নিয়মিত। ৩। রুদ্ধ ; কৃতরোধ। ৪। প্রশমিত। ৫। বশীভূত। **সংযত-চিত্ত**—যাহার চিত্ত বশীভূত হইয়াছে। **সংযত-ব্রত**—কৃতসংযম। **সংযতাত্মা**—সংযত চিত্ত ; স্থিরচিত্ত। বিণ, যাহার চিত্ত সংযম হইয়াছে। **সংযতেন্দ্রিয়**—যে ইন্দ্রিয়গণকে স্বীয় বশে আনিয়াছে ; জিতেন্দ্রিয়।

সংযম (শংজম্) [সং—যম্ (নিবৃত্ত হওয়া) + অ (ভাবে—অল্)] বি, নিয়ম ; ব্রতপালন। ২। রোধ ; বন্ধন। ৩। ইন্দ্রিয় দমন ; ইন্দ্রিয় নিগ্রহ। ৪। ব্রতাদির পূর্ব্ব দিবসের কৃত্য। ৫। যোগ। ৬। চতুঃশাল গৃহ।

সংযমন (শংজমন্) [সং—যম্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সংযম (দ্রঃ) অভ্যাস। ২। ব্রতসাধন। ৩। নিয়ম পালন।

সংযমনী (শংজমনি) [সংযমন + ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, যমপুরী।

সংযমিত (শংজোমিত) [সং—যম্ + ণিচ্ = যমি (নিবৃত্ত করাণ) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কৃত সংযম। ২। নিয়মিত। ৩। রুদ্ধ ; বদ্ধ।

সংযমী (শংজোমি) [সংযম + ইন্ (অস্ত্যর্থে) = সংযমিন্ ১মা, ১ব] বিণ, সংযমকারী। ২। সংযতেন্দ্রিয় ; জিতেন্দ্রিয়। ৩। যোগী।

সংযাত (শংজাত) [সং—সংযাত্র দ্রঃ] বি, অনুযাত্রিক। প্র—"সংযাত সাজিয়া সব দ্বারিকেশ্বর বেয়ে। করিবে ধর্ম্মের পূজা চাঁপায়েতে যেয়ে॥"—ঘনরাম।

সংযাত্রা (শংজাৎত্রা) [সং—যা (গমন করা) + ত্র (ভাবে)] বি, স্ত্রী, অনুযাত্রা। ২। জলপথে দলবদ্ধ হইয়া গমন।

সংযান (শংজান্) [সং—যা (গমন করা) + অন (ভাবে—অনট্)] বি, বিশেষভাবে গমন। ২। সম্মিলন। ৩। সূচী।

সংযাব (শংজাব্) [সং—যু (মিশ্রিত করা) + অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, ঘৃত, দুগ্ধ ও ময়দা ঘটিত খাদ্যবিশেষ। প্র—"সংযাব গোরসে কদলী সন্দেশে মিশ্রিত করিয়া দিবা"—সত্য-নারায়ণ পাঁচালী।

সংযুক্ত (শংজুক্ত) [সং—যুজ্ (যোগ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যুক্ত ; মিলিত ; সংলগ্ন। ২। সম্মিলিত ; একত্র। ৩। লিপ্ত। ৪। সংসৃষ্ট ; সংক্রান্ত। ৫। বিশিষ্ট ; সহ ; সহিত। স্ত্রী, **সংযুক্তা**—বিশিষ্টা। ২। বি, রাজা জয়চন্দ্রের কন্যা ও পৃথ্বীরাজের পত্নী।

সংযুগ (শংজুগ্) [সং—যুজ্ (যোগ করা) + অ, জ্ =গ। প্রা—সঞ্জুগ, সঞ্জুত] বি, পুং, সংযোগ। ২। যোগাড়যন্ত্র। ৩। দ্বন্দ্ব ; যুদ্ধ।

সংযোগ (সংজোগ্) [সং—যুজ্ + অ (ভাবে —ঘঞ্) জ্ =গ] বি, পুং, সম্মিলন। ২। সংঘটন। ৩। মিশ্রণ। ৪। সম্পর্ক। প্র— "অতিথি আপন হবে উপোসি কেমনে রবে অন্নের সংযোগ মোর নাই।"—অ, ম। ৫। যোগাড়। বিণ, **সংযোগিত**—সংযোগযুক্ত। (২) সংযুক্ত।

সংযোগী (শংজোগি) [সংযোগ + ইন্ (অস্ত্যর্থে) =সংযোগিন্ ১মা, ১ব] বিণ, সংযোগকারী। ২। সংযোগযুক্ত।

সংযোজন (শংজোজন্) [সং—যুজ্ (যোগ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সংঘটন। ২। সম্মিলন। ৩। একত্রকরণ ; মিশ্রণ। ৪। সংযুক্তকরণ ; সংলগ্নকরণ। ৫। মৈথুন। স্ত্রী, **সংযোজনা**—আয়োজন ; যোগাড়। প্র—"আনন্দিত সদাগর ভেটিব সিংহলেশ্বর ভেট দ্রব্য করে সংযোজনা।"—কবিক। বিণ, **সংযোজিত**।

সংরক্ষ (শংরোক্খ)—সংরক্ষণ দ্রঃ।

সংরক্ষণ (শংরোক্খন্) [সং—রক্ষ্ (রক্ষা করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, রক্ষাকরণ। ২। তত্ত্বাবধারণ ; রক্ষণাবেক্ষণ। **সংরক্ষণ-নীতি**—যে নীতি দ্বারা দেশের বাণিজ্যের স্বার্থ রক্ষা হয়।

সংরম্ভ (শং) [সং—রন্ভ্ (ক্রোধ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, ক্রোধ। ২। বেগ। ৩। সম্ভ্রম। ৪। সংগ্রাম ; যুদ্ধ। ৫। উৎসাহ। বিণ, **সংরম্ভী**—ক্রুদ্ধ। ২। বেগবান্। ৩। উৎসাহী। প্র—"যে রাজা ধর্ম্মার্থচিন্তক ও ধর্ম্ম সংরম্ভী হইয়া এইরূপ অর্থ দৃষ্টি করিতে আরম্ভ করেন, তিনি বিপুল অর্থভোগ করিতে পারেন।"—মহা—শান্তি (বর্দ্ধ)।

সংরাধন (শংরাধন্) [সং—রাধ্ (আরাধনা করা) + অন (ভাবে—অনট্)] বি, অর্চনা ; আরাধনা। বিণ, **সংরাধিত**।

সংরাব (শংরাব্) [সং—রু (শব্দ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, নিনাদ ; আরাব ; শব্দ। বিণ, **সংরাবী**—মহা শব্দকারী।

সংরুদ্ধ (শং) [সং—রুধ্ (রোধ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অবরুদ্ধ। ২। প্রতিবদ্ধ।

সংরূঢ় (শং) [সং—রুহ্ (উৎপন্ন হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সঞ্জাত ; উৎপন্ন। ২। অঙ্কুরিত।

সংরোধ (শংরোধ্) [সং—রুধ্ (রোধ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, নিরোধ ; প্রতিরোধ। ২। প্রতিবন্ধ।

সংরোহ (শং) [সং—রুহ্ (উৎপন্ন হওয়া) + অ (ভাবে—অল্)] বি, উৎপত্তি। ২। [কর্ত্তৃ—অচ্—যে উদ্গত হয়] অঙ্কুর।

সংলগ্ন (শং) [সং—লগ্ (লাগিয়া থাকা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সঙ্গত ; মিলিত ; সংযুক্ত ; বিজড়িত।

সংলাপ (শংলাপ্) [সং—লপ্ (বলা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, আলাপ ; পরস্পর কথাবার্ত্তা।

সংশপ্তক (শং, ক্) [সং] জয়ের জন্য দৃঢ়প্রতিজ্ঞ সেনাদল ; যে সমুদয় সৈন্য সংগ্রামে অবিচলিত থাকে। ২। নারায়ণী সেনাবিশেষ।

সংশয় (শংশয়্) [সং] বি, পুং, দ্বৈধজ্ঞান ; সন্দেহ।

সংশয়াকুল (শং, ল্) [সংশয় দ্বারা আকুল, ৩ তৎ] বিণ, সন্দেহক্লিষ্ট।

সংশয়াত্মা (শংশয়াৎতা) [সংশয় + আত্মা] বিণ, যাহার মন সন্দেহযুক্ত ; সন্দিগ্ধচিত্ত।

সংশয়াম্বিত (শংশয়ান্বিত) [সংশয় দ্বারা অন্বিত—৩ তৎ] বিণ, সন্দেহযুক্ত ; সন্দিগ্ধ।

সংশয়ালু (শং) [সংশয় + আলু (যুক্তার্থে)] বিণ, সন্দেহযুক্ত ; সংশয়ান্বিত।

সংশিত (শোং) [সং—শো (নাশ—সমাপ্তি অর্থে, নির্ণয়ে) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সম্পূর্ণ। ২। সম্পাদিত। ৩। নির্দ্ধারিত। ৪। নিষ্ঠাবান্। **সংশিতব্রত**—বিণ, ব্রতনিষ্ঠ ; যথানিয়মে ব্রতাচরণকারী।

সংশোধক (শং, ক্) [সং—শুধ্ (শোধন করা) + অক (কর্ত্তৃ)] বিণ, বিশোধক ; শাসনকারী। ২। ভ্রমাপনোদক ; নির্ভুলকারক। ৩। পরিষ্কারক। ৪। সংস্কারক।

সংশোধন (শংশোধন্) [সং—শুধ্ (শোধন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বিশুদ্ধ করণ ; পরিষ্কার করণ। ২। সংস্কারকরণ। ৩। পরিমার্জ্জন। ৪। ভ্রমাপনোদন ; ভ্রান্তিদূর করণ ; ভুল শোধন। বিণ, **সংশোধিত**—বিশুদ্ধীকৃত। ২। পরিমার্জ্জিত। ৩। নির্ভুলীকৃত।

সংশ্রব, সংস্রব (শংস্রব্) [সং—শ্রু, স্রু (গমনে) + অ (ভাবে)] বি, পুং—সম্বন্ধ ; সম্পর্ক। ২। মিলন।

সংশ্রয় (শংস্রয়্) [সং] বি, হেতু। ২। অবলম্বন ; আশ্রয়। বিণ, **সংশ্রিত**—আশ্রিত।

সংশ্লিষ্ট (শংশ্লিষ্ট) [সম্—শ্লিষ্ (আলিঙ্গন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সম্পর্কিত ; সম্বন্ধযুক্ত। ২। সংযুক্ত ; মিলিত। ৩। আশ্লিষ্ট [বাং-য় বিরল]। বি, **সংশ্লেষ**।

সংসক্ত (শংশক্ত) [সং (সম্যক্) সনজ্ (আসক্ত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, আসক্ত। ২। সংযুক্ত ; সংমিলিত। ৩। সম্পৃক্ত। ৪। পরিব্যাপ্ত। বি, **সংসক্তি**—আসক্তি। ২। [বিজ্ঞানে] যে গুণ থাকায় পরমাণু সকল মিলিত হয়।

সংসর্গ (শংশর্গ) [সং (সহিত) সৃজ্ (সৃষ্টি করা) + অ (ভাবে—অল্)। সং পূর্ব্বক সৃজ্ ধাতু সঙ্গমার্থে] বি, পুং, একত্রবাস ; সহবাস। ২। সঙ্গম। ৩। সংস্রব ; সম্বন্ধ। বিণ, **সংসর্গী**—সহবাসকারী। ২। সম্বন্ধী।

সংসর্গাভাব—ন্যায়দর্শনোক্ত ত্রিবিধ অভাব —প্রাগভাব, ধ্বংস ও অত্যন্তাভাব।

সংসর্প (শংশর্প) [সং—সৃপ্ (গমন করা) + অ (ভাবে)] বি, সম্যক্গতি ; গমন। ২। সংপ্রসারণ ; বিস্তার। ৩। সর্পগতিতে গমন। বিণ, **সংসর্পী**।

সংসার (শংশার্) [সং—সৃ (গমন করা) + অ (অধি)—যেখানে প্রাণিগণ গমনাগমন করে] বি, পুং, মায়া-পরিবৃত স্থান। ২। মায়াবন্ধন। ৩। নরজগৎ ; মর্ত্ত্যধাম। ৪। পরিবার। ৫। পরিণয়। **সংসার কারা**—মায়া বা অবিদ্যা রূপ শৃঙ্খলে বদ্ধ কয়েদীর মত থাকিবার কারাগার তুল্য জগৎ। **সংসারগুরু**—জগৎগুরু ; পরমেশ্বর। ২। কন্দর্প। **সংসার-পথ**—জীবনযাত্রা নির্ব্বাহের পথ। প্র—"সংসারের পথ দীর্ঘে বড় প্রস্থে ছোট,তাই হেথা এত আগু পিছু।"—রবি। **সংসার-বন্ধন**—মায়ার বন্ধন; অবিদ্যাবন্ধন। ২। পারিবারিক বন্ধন। **সংসার-মরু**—মরুভূমির মত শুষ্ক এবং হৃদয়হীন বা সহানুভূতিশূন্য জগৎ। **সংসারমার্গ**—জগতে আগমনের পথ; যোনি। **সংসার-অর্ণব, —সমুদ্র, —সাগর**—অবিদ্যারূপ জলধি ; অপার সাগর তুল্য মায়াময় জগৎ।

সংসারী (শংশারি) [সংসার + ইন্ (অস্ত্যর্থে) =সংসারিন্ ১মা, ১ব] বি, পুং, যে সংসারে আছে ; জগতস্থ। ২। সংসার ধর্ম্মপালনকারী ; গৃহস্থ ; যাহার গৃহ পরিবার আছে। ৩। দেহধারী ; দেহী। ৪। বিষয়াসক্ত। **ঘোর সংসারী**—বিষয় মোহে আচ্ছন্ন ; অতিশয় বিষয়ানুরক্ত।

সংসিক্ত (শংশিক্ত) [সং (সম্যক্) সিচ্ (জলাদি সেক করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সম্পূর্ণ আর্দ্র।

সংসিদ্ধ (শংশিদ্ধ) [সং (সম্যক্) সিদ্ধ] বিণ, সম্যক্‌রূপে সিদ্ধ; সুসম্পন্ন। বি, সংসিদ্ধি।

সংসৃতি (শংসৃতি) [সং—সৃ (গমন করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সঙ্গে গমন। ২। প্রবাহ। বিণ, সংসৃত।

সংসৃষ্ট (শংসৃষ্ট) [সং—সৃজ্ (সঙ্গমার্থে)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সম্পর্কিত; সম্বদ্ধিত। ২। সংমিলিত; সংযুক্ত। ৩। কৃত সহবাস; কৃত সংসর্গ। বি, সংসৃষ্টি—সহবাস। ২। সংস্রব। ৩। [কাব্যালঙ্কারে] কাব্যের কোন স্থানে একাধিক অলঙ্কারের প্রাধান্য সূচনা।

সংস্কর্ত্তা (শংশ্‌কর্ত্তা) [সং (উচিত, প্রকর্ষ, সংগত) কৃ (করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্) স্ আগম=সংস্কর্ত্তৃ ১মা, ১ব] বিণ, সংস্কারকারী।

সংস্কার (শংশ্‌কার্) [সং (সম্=সংযোগ, সমুচ্চয়, সঙ্গত, শোভন প্রভৃতি অর্থে) কৃ (করা)+অ (ভাবে—ঘঞ্) স আগম] বি, শুদ্ধি। ২। মন্ত্রাদি দ্বারা শোধন। ৩। বিবাহাদি দশবিধ সামাজিক অনুষ্ঠান; (বিবাহ, গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, অন্নপ্রাশন, চূড়াকরণ, উপনয়ন, সমাবর্ত্ত)। ৪। পরিষ্করণ; মার্জ্জন। ৫। ব্যাকরণাদির শুদ্ধি; ভুল সংশোধন। ৬। জীর্ণোদ্ধার; মেরামত। ৭। ব্যুৎপত্তি। ৮। পূর্ব্বজ্ঞান, কর্ম্ম ও স্মৃতিজ মনোবৃত্তি; পূর্ব্বকর্ম্মজ বাসনা; স্বাভাবিক জ্ঞান; instinct. ৯। আজন্ম ধারণা। প্র—"যে শ্রেণীর লোকের চিরন্তন সংস্কার এই যে, অধ্যয়ন কার্য্য লোক সাধারণের নহে শ্রেণীবিশেষের"—চন্দ্রনাথ বসু। সংস্কারক—যে সংস্কার করে। সংস্কারজ—সংস্কার দ্বারা সংঘটিত। সংস্কার-বর্জ্জিত—জাতকর্ম্ম উপনয়নাদি দশবিধ সংস্কারহীন।

সংস্কৃত (শংশ্‌কৃত) [সং (সম্—সম্যক্, বিশুদ্ধ) কৃ (করা)+ত (কর্ম্মে—ক্ত) স্ আগম] বিণ, সংশোধিত; বিশুদ্ধ। ২। মন্ত্রপূত। ৩। সজ্জিত; অলঙ্কৃত। ৪। বি, ভাষাবিশেষ; আর্য্যজাতির আদিভাষা; দেবভাষা; পরিমার্জ্জিত ও ব্যাকরণশুদ্ধ ভাষা। সুপ্রসিদ্ধ জর্ম্মণ ভাষাতাত্ত্বিক পণ্ডিত ও সমালোচক তৎপ্রণীত সাহিত্যের ইতিহাসে বলিয়াছেন—"এককালে সংস্কৃত ভাষাই পৃথিবীর একমাত্র ভাষা ছিল" "justly it is called sanskrit i. e. perfect finished." অধ্যাপক বপ বলেন—"গ্রীক ও ল্যাটিন ভাষা অপেক্ষাও ইহা পূর্ণাবয়বসম্পন্ন, অধিকতর ভাব-দ্যোতক, সৌন্দর্য্যশালী এবং শব্দপ্রাচুর্য্যময়।

সংক্রিয়া (শংশ্‌কৃআ) [সং] বি, স্ত্রী, সংস্কার। ২। শবদাহাদি ক্রিয়া।

সংস্তুত (শং) [সং—স্তু (স্তব করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কৃতস্তুতি; স্তুত; পূজিত। ২। প্রশংসিত।

সংস্থ (শং) [সং—স্থা (থাকা)+অ (কর্ত্তৃ—ড)] বিণ, সংস্থিত; অবস্থিত। ২। সমাপ্ত। স্ত্রী, সংস্থা—অবস্থান; স্থিতি। ২। সচ্চরিত্র। ৩। সমাপ্তি; শেষ। ৪। যজ্ঞবিশেষ। ৫। চতুর্ব্বিধ প্রলয় (নিত্য, নৈমিত্তিক, প্রাকৃতিক, আত্যন্তিক)। ৬। সাদৃশ্য। ৭। আকৃতি। ৮। ব্যবস্থা। ৯। সমাজ। ১০। জমা। প্র—"হিন্দুশাস্ত্রমত করদ রাজারা মোট সংস্থার ২০ ভাগের ৭ ভাগ পাইতেন। রাজা তোডরমল সেই স্থলে সুমার জমার এক তৃতীয়াংশ জমীদারের প্রাপ্য নির্দ্দেশ করিয়াছিলেন। তোডরমল যে প্রজাসহ রাজস্ব ধার্য্য করিয়াছিলেন, জমিদারগণের সংস্থা নিরূপণ করাই তাহার প্রধান উদ্দেশ্য ছিল।"

সংস্থান (শংস্‌থান্) [সং—স্থা (থাকা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ব্যবস্থা; আয়োজন। ২। স্থিতি। ৩। সঞ্চয়। ৪। সন্নিবেশ। ৫। বিন্যাস। ৬। চতুষ্পথ।

সংস্থাপন (শংস্‌থাপন্) [সং—স্থাপি (স্থিতি করান)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সন্নিবেশ। ২। প্রতিষ্ঠা; স্থাপনা। বিণ, সংস্থাপিত।

সংস্থিত (শং) [সং—স্থা (থাকা)+ত (কর্ত্তৃ—ক্ত] বিণ, সন্নিবিষ্ট। ২। অবস্থিত। ৩। আশ্রিত। বি, সংস্থিতি।

সংস্পর্শ (শংশ্‌পর্শ) [সং (সম্যক্) স্পৃশ্ (স্পর্শ করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, সংস্রব; সংশ্লেষ; সম্বন্ধ; সংযোগ। বিণ, সংস্পৃষ্ট।

সংস্ফুট (শংশ্‌ফুট) [সং—স্ফুট্ (বিকশিত হওয়া)+অ (কর্ত্তৃ—ক)] বিণ, প্রস্ফুটিত; বিকসিত।

সংস্ফোট (শংশ্‌ফোট্) [সং—স্ফুট্+অ (অধি—ঘঞ্)] বি, পুং, বিগ্রহ; যুদ্ধ।

সংস্মৃতি (শং) [সং—স্মৃ (স্মরণ করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, স্মরণ। ২। পূর্ব্ব সংস্কারগত জ্ঞান। বিণ, সংস্মৃত।

সংস্রব (শংস্রব্) সংস্রব দ্রঃ।

সংহত (শং) [সং—হন্ (আঘাত করা)+ত (কর্ম্মে)] বিণ, সম্যক্ আঘাত-প্রাপ্ত। ২। বিনষ্ট। ৩। সংমিলিত; সমবেত; সঙ্ঘবদ্ধ; যোটবদ্ধ। ৪। ঘনীভূত; জমাট। বি, সংহতি—সঙ্ঘাত। ২। সঙ্ঘ। ৩। সমূহ; গণ। ৪। ঘন সন্নিবেশ; নিবিড়তা; রন্ধ্রহীনতা। ৫। যে গুণ হেতু সমধর্ম্মী পরমাণু সমূহ জমাট বাঁধে। ৬। সহিত; সঙ্গে। প্র—"সংহতি বিজয়া জয়া কুবেরে করিয়া দয়া অন্নদা করিলা অধিষ্ঠান।"—অ, ম। "খলের সংহতি"—চণ্ডীদাস। ৭। নিকট।

সংহনন (শংহনন্) [সং—হন্+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বিনাশ; বধ। ২। উপর্য্যুপরি আঘাত। ৩। [ভৌগোলিক পরিঃ] শৈত্য প্রভাবে দ্রব পদার্থের সংঘাত-কঠিন অবস্থা প্রাপ্তি।

সংহর (শং) [সং—হৃ (হরণ করা)+হি—লোট] ক্রি, সংযত কর। প্র—"অকালে প্রলয় হৈল কি কর কি কর। না ছাড় সংহার-শূল সংহর সংহর॥"—অ, ম। ২। [সং—হৃ+অ (কর্ত্তৃ—অচ্) যিনি সংহার করেন] বি, সংহারকর্ত্তা; শিব। প্র—"স্মরহর বর বরপিতা পুরহর। পিতামহ সংহর প্রপিতামহ হর॥"—অ, ম।

সংহরণ (শংহরন্) [সং—হৃ (হরণ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বধ; বিনাশ; সংহার। ২। আহরণ। ৩। সঙ্কোচ; সঙ্ক্ষেপ।

সংহর্ত্তা (শং) [সং—হৃ (হরা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=সংহর্ত্তৃ ১মা, ১ব] বিণ, সংহারকারী; প্রলয়কর্ত্তা। স্ত্রী, সংহর্ত্রী।

সংহর্ষ (শং) [সং—হৃষ্ (তুষ্ট থাকা)+অ (ভাবে)] বি, পুং, সম্যক্ হর্ষ; সন্তুষ্টি। ২। রোমাঞ্চ। বিণ, সংহৃষ্ট।

সংহার (শংহার্) [সং—হৃ+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, বিনাশ; ধ্বংস। ২। প্রলয়। ৩। প্রত্যাহার; প্রত্যাকর্ষণ। ৪। সঙ্কোচ। ৫। সংক্ষেপ। ৬। [কর্ত্তৃ—ঘঞ্] শিবের মূর্ত্তিভেদ; ভৈরববিশেষ। ৭। [অধি—ঘঞ্] নরকবিশেষ। ৮। সংগৃহীত বস্তু। প্র—"ছায়ের কারণে পক্ষ আনিল তাহার। ভাগিনা আহার করে ছায়ের সংহার॥"—ঘনরাম। ৯। বিণ, সংহারক; প্রলয়কর। প্র—"না ছাড় সংহার শূল সংহর সংহর। সংহারমুদ্রা—সাধন-মুদ্রাবিশেষ।

সংহিতা (শং) [সং] বি, স্ত্রী, মন্বাদিকৃত স্মৃতিশাস্ত্র; বেদের কর্ম্মকাণ্ডমূলক শাস্ত্র।

সংহূতি (শং) [সং] বি, বহুলোকের সমবেত আহ্বান।

সংহৃত (শং) [সং—হৃ (হরণ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কৃতসংহার; বিনষ্ট। ২। সঙ্কলিত; সংগৃহীত। ৩। সঞ্চিত। ৪। প্রত্যাকৃষ্ট। ৫। সঙ্কুচিত; সংক্ষিপ্ত। বি, সংহৃতি।

সঁপা (শোঁপা) [সমর্পণ করা সংক্ষেপে হি—সোঁপনা। উ-পু—সঁপি। ম-পু—সঁপ। প্র-পু

—সঁপে। অস-ক্রি—সঁপিতে, সঁপিয়া, সঁপে (সোঁপে)] ক্রি, সমর্পণ করা ; রাখা ; স্থাপন করা ; প্রদান করা। প্র—"সঁপিল আপন তনু চণ্ডিকার পায়"—কবিক। ২। বিসর্জ্জন করা। প্র—"সতীত্ব রতন করিতে রক্ষণ রাজপুত সতী আজি কে কেমন সঁপিছে পরাণ অনল-শিখে।"—জ্যোতিঃ ঠাকুর। ৩। আত্মদান করা। প্র—"কুমুদিনী কায় মন সঁপে শশধরে—ভুবনমোহন!"—ব্রজাঙ্গনা। **সঁপে দেওয়া**—সঁপা ; সমর্পণ করা। **হাতে হাতে সঁপে দেওয়া**—যাহাকে অর্পণ করা হইবে তাহার হস্তে অর্পণকারী কর্ত্তৃক স্বহস্তে সমর্পণ করা।

সক (শক্) [আ—শৌক্, শওক্] বি, অভিরুচি ; পসন্দ। প্র—সকের জিনিস। ২। অভিলাষ ; ইচ্ছা : লালসা। ৩। যশ। প্র—"যে হয় সে হয় আজ সংগ্রামে একক। পরাণ হারাই কিম্বা রেখে যাই সক॥"—ঘনরাম। ৪। জোঁক। ৫। সুখভোগ ; বিলাস। ক্রি, **সখকরা**।

সকড়ি, সঁকড়ি (শো, শোঁ) [সং—সঙ্কার] বি, উচ্ছিষ্ট। ২। ভাত [হিন্দুস্থানে রূটি] ৩। ভাতের স্পর্শ দুষ্টতা। **এড়া সঁকড়ি**—বাসী সকড়ি।

সকণ্টক (শকনটক্) [স (সহ) হইয়াছে কণ্টক (কাঁটা) যাহার, বহু] বিণ, কণ্টকযুক্ত।

সকর (শকর্) [করের সহিত] বিণ, করসহ : হস্তযুক্ত। ২। রাজস্ববিশিষ্ট। ৩। শুণ্ডবিশিষ্ট।

সকর্ম্মক (শকর্ম্মক্) [স (সহিত) কর্ম্ম যাহার, বহু ; ব্যাকরণে] বি, যে ক্রিয়ায় কর্ম্ম আছে ; active transitive.

সকল (শকল্) [সহিত কলা] বিণ, সম্পূর্ণ ; সমস্ত ; সমগ্র ; সমুদয়। ২। কলা সহিত। [ব্রজ] **সয়ল**—সকল। প্র—"একল রামাই পণ্ডিত সয়ল অবধান।"—বঙ্গভাষা ও সাহিত্য।

সকল (শকল্) [সং] বিণ, সমস্ত ; সব ; সমগ্র। [দ্রঃ—বাং-য় বিণ শব্দ ও প্রত্যয় রূপে ব্যবহৃত। প্র—সকল লোক, লোক সকল।

সকাম (শকাম্) [স (সহিত) কাম (কামনা) যাহার, বহু] বিণ, কামনাযুক্ত।

সকাল (শকাল্) [সং] বি, প্রত্যূষ ; প্রাতঃকাল। ২। বিণ, সত্বর। প্র—"পরভুর মালঞ্চএ জাগন্তি নন্দি মহাকাল। পরনাম করিঞা বুলে ফুল লহত সকাল॥"—শূ-পু। **সকাল সকাল**—শীঘ্র শীঘ্র।

সকাশ (শকাশ্) [স (সহিত) কাশ (দীপ্তি, প্রকাশ) আধু গদ্যে বিরল। পদ্যে এখনও চলিত] বি, সন্নিধি ; সমীপ। প্র—"দুঃখিনী ফুল্লরা মোর আছে প্রতি আশে। আজ কি কহিব যায়্যা তাহার সকাশে॥"—কবিক।

সকুনৎ (শো) [ফা] বি, বাসস্থান।

সকুল্য (শকুল্ল) [স (সমান) কুল্য (বংশ) যাহার, বহু] বি, পুং, সগোত্র ; সপিণ্ড।

সকৃৎ (শ) [সং। বার অর্থে 'এক' শব্দের উত্তর স প্রত্যয় করিয়া নিপাতন-সিদ্ধ] অ, বারেক ; একবার। প্র—"আশুতোষ উমাপতি যদি দিলা কয়ে। ষড়ঙ্গ সাধিল সকৃৎ পাংশুমুষ্টি খেয়ে"—শিবায়ন। 'সকৃৎ শুনিলে মাত্র ঠাকুর ধরেন"—চৈ.ভা। ২। সর্ব্বদা। ৩। বি, বিষ্ঠা।

সক্কা (শ) [ফা] ভিস্তি। প্র—"সক্কা হৈল বরুণ পবন ঝাড়ুকশ। চন্দ্র সূর্য্য মশালচী মশাল ওজস॥"—অ, ম।

সক্ত (শ) [সন্জ্ (আসক্ত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, আসক্ত। ২। নির্দ্দিষ্ট। ৩। লগ্ন। বি, **সক্তি**।

সক্তু (শো) [সং] বি, পুং, যবচূর্ণ ; ছাতু।

সখা (শ) [সং—সখি শব্দ। মিত্র দ্রঃ] বি, পুং, বয়স্য ; বন্ধু। ২। সহচর।

সখিতা, সখিত্ব (শো) [সখি + তা, ত্ব (ভাবে)] বি, সখ্য।

সখী (শা) [সখি + ঈপ্ স্ত্রী, সম্বোধনে **সখি!**] বি, স্ত্রী, বয়স্যা। ২। সহচরী ; সঙ্গিনী। প্র—"সখিরে, বন অতি রমিত হইল ফুল ফুটনে"—ব্রজাঙ্গনা।

সখ্য (শোক্খ) [সখি + য (ভাবে—যণ্)] বি, বন্ধুত্ব ; সৌহৃদ্য ; মিত্রতা। ২। [অলঙ্কার শাস্ত্রে] কাব্যরসবিশেষ। প্র—"শান্ত দাস্য সখ্য আর বাৎসল্য মধুর রস"—গান।

সগ [প্রা-বাং। সগর দ্রঃ] বিণ, সমস্ত ; সব ; সকল। প্র—"যত জ্ঞাত্যা সগ আনিল রাও দিয়া।"—মাণিকচাঁদের গান।

সগড়া (শগ্ড়া) [সং—শকট হইতে হি—সগড়া তাহা হইতে বাং-য় ছক্ড়া] বি, শকট : গাড়ি। ২। [প্রাদে] দগড়া দ্রঃ।

সগন্ধ (শ) [স (সমান) গন্ধ (সম্পর্ক—আঘ্রাণ) যাহার, বহু] বিণ, গন্ধযুক্ত। ২। গন্ধের সহিত। ৩। সগোত্রজ ; একবংশোৎপন্ন : জ্ঞাতি।

সগর (শগর্) [স (সহ) গর (বিষ)—বিষের সহিত জাত বলিয়া] বি, পুং, সূর্য্যবংশীয় বাহু রাজার পুত্র ; ইনি গর্ভে থাকিতে ইঁহার গর্ভিণীকে সপত্নী ভোজ্য দ্রব্যের সহিত বিষ দিয়াছিল : কিন্তু ঐ বিষে গর্ভ ও গর্ভিণী কাহারও মৃত্যু না হইয়া যথা সময়ে বিষের সহিত উৎপন্ন হওয়ায় এই নাম। ২। বিণ, বিষযুক্ত।

সগর [সগ দ্রঃ। সকল হইতে হি—সগর, ক = গ, ল = র। ব্রজ। স্ত্রী, সগরি। তুল—"সগরি রাতিয়া।"] বি, সকল ; সমুদয় ; সব। প্র—"অরুণ পূরব দিশ বহল সগর নিশ"—বি, প। "সগর বচন কহু নত করু মাথ॥"—বি, প।

সগর্ভ (শ) [স (সহিত, সমান) গর্ভ (উদর) যাহার, বহু] বিণ, গর্ভসহ ; গর্ভযুক্ত। ২। বি, সহোদর। স্ত্রী, **সগর্ভা**—সহোদরা। ২। সূক্ষ্মপত্রাদি গর্ভে আছে এমন কুশ বা দর্ভ। ৩। বিণ, গর্ভিণী ; অন্তঃসত্ত্বা।

সগল্লাদ (শগল্লাদ্) [প্রা-বাং] বি, মূল্যবান্ রেশমী বস্ত্রবিশেষ ; গরদ। প্র—"চামর চামরী ভোট সগল্লাদ গজঘোট করভ পট্টিশ অঙ্গ রাখি।"—কবিক। "সগল্লাদ বদনে চামরি দিবে"—ঐ। [দ্রঃ—কবিকঙ্কণে "সগোল্লাদ" ও চৈতন্যমঙ্গলে "সকলাত" শব্দ ব্যবহৃত হইয়াছে]।

সগুণ (শগুন্) [স (সহিত) গুণ (সত্ত্বাদি ত্রিগুণ)] বি, সত্ত্ব রজঃ তমঃ এই ত্রিগুণ সহিত : ত্রিগুণাত্মক। প্র—"নির্গুণাব্যক্ত সাধন স্থূল তুষার ঘাতন। সগুণ সাধনে সদা কররে যতন॥"—গান।

সগোত্র (শগোৎত্র) [স (সমান) গোত্র (বংশ) যাহার, বহু] বি, পুং, সপিণ্ড ; জ্ঞাতি ; স্ববংশীয়। স্ত্রী, **সগোত্রা**।

সগ্গ (শগ্গো) [সং—স্বর্গ হইতে প্রা] বি, স্বর্গ। **সগ্গ হাতে পাওয়া**—অপ্রত্যাশিত দুর্লভ বস্তু লাভ করা। **সগ্গে যাওয়া**—মরা। **সগ্গের সিঁড়ি করা**—রাবণ চিরজীবন স্বর্গের সিঁড়ি করিবার সঙ্কল্প পোষণ করিয়াও দীর্ঘসূত্রতাহেতু পারে নাই। তদ্রূপ কোন কিছু করিব বলিয়া ফেলিয়া রাখিলে তাহা আর ঘটিয়া না উঠা।

সঘন (শঘন্) [সং] ক্রি-বিণ, ঘনঘন : অবিরত ; নিরন্তর। প্র—"সঘনে বদনে বলরে কালী"—গান। ২। [বাং-য়] উচ্চ শব্দে। প্র—"কঙ্কণ কিঙ্কিণী ধ্বনি বাজিবে লো সঘনে।"—ব্রজাঙ্গনা। "কুলায়ে কাঁপিছে কাতর কপোত দাদুরী ডাকিছে সঘনে"—রবি।

সঘন (শ) [স (সহিত, সমাবৃত) ঘন (মেঘ)] বিণ, ঘনাবৃত ; মেঘাচ্ছন্ন। প্র—"গগন সঘন মহী পঙ্কা"—বি, প।

সঙ, সঙ্গ (শং) [হি—সবাং, সোআং। সং-স্বাঙ্গ] বি, হাস্যকৌতুককারী ; রঙ্গস্থলে যে নানা বেশ ভূসা, বিবিধ অঙ্গভঙ্গী ও রঙ্গকৌতুক করিয়া লোকের হাস্যোদ্রেক এবং মনোরঞ্জন করে ; নট। **সঙ্ করা**—সঙের অভিনয় করা। **সঙ দেওয়া**—অভিনয় ক্ষেত্রে সঙ বাহির করা। **সঙ সাজা**—বিচিত্র বেশ ভূষা ও অঙ্গ চিত্রিত করিয়া নটরূপে দেখা দেওয়া।

সঙিন, সঙীন (শোঙিন্) [সঙ্গিন দ্রঃ] বিণ, ভয়ানক ; সাঙ্ঘাতিক ; বিপজ্জনক ; বিষম। প্র—"কিন্তু অবস্থা ক্রমেই সঙিন হইয়া উঠিতে লাগিল"—ভারতী, ১৩২০। "কিন্তু একটা সঙিন কথা স্ত্রীজাতির স্বাধীনতা"—দ্বিজেন্দ্র রায়।

সঙে (শ্‌) [সং—সঙ্গ হইতে। সঙ্গে শব্দের প্রা-বাং কোমলরূপ, সঙে, সঞ্রে, সনে] সঙ্গে ; সহিত। প্র—"হেথা সুবদনী সখী সঙে বাণী কহয়ে কাতর ভাষে।"—চণ্ডীদাস।

সঙ্কট (শংকট) [সং (সম্যক্‌) কট (আবরণে) + অ (কর্তৃ)—যাহা এতদূর আবৃত যে দুর্গম বা অভেদ্য বলা যায়] বিণ, নিবিড়। ২। অভেদ্য। ৩। অনতিক্রম্য। ৪। অতিশয় অপ্রশস্ত ; সঙ্কীর্ণ। ৫। বিপজ্জনক। ৬। বি, দুঃখ ; কষ্ট। ৭। ভিড় ; জনতা। ৮। বিপদ্‌। প্র—"তবে সে জানিবে মোরে পড়িয়া সঙ্কটে।"—অ, ম। ৯। উপস্থিত ; আসন্ন। প্র—"সঙ্কট সঙ্কটে এই আর আছে কত।"—ঘনরাম। স্ত্রী, সঙ্কটা—দেবীবিশেষ। ২। অষ্ট-যোগিনীর অন্যতমা। সঙ্কটস্থল—যোজক ; ভূকস্করা। গিরি-সঙ্কট—দুই পর্ব্বতের মধ্যবর্ত্তী অতি সঙ্কীর্ণ পথ ; mountain pass.

সঙ্কর (শংকর্‌) [সং (সম্—মিলন) কৃ (করা) + অ] বি, পুং, মিশ্রণ। ২। বিরুদ্ধ পদার্থদ্বয় বা সমূহের সংযোগ বা মিশ্রণ। ৩। অনুলোম বা বিলোম বর্ণের মিলনজাত মিশ্রজাতি ; বর্ণ-সঙ্কর জাতি। ৪। [সং—কৄ (বিক্ষেপে)—সম্মার্জ্জনী দ্বারা বিক্ষিপ্ত হয় বলিয়া] অবস্কর ; ধূলি। স্ত্রী, সঙ্করী—নবদুস্তিা কন্যা। বিণ সঙ্কীর্ণ।

সঙ্করীকরণ (শংকোরীকরন) [সঙ্কর—করণ, মধ্যে ঈ (চ্বি, অভূততদ্ভাবার্থে) আগম] বি, মিশ্রণ। ২। জাতিভ্রংশকরণ।

সঙ্কর্ষণ (শংকর্ষন্‌) [সং (সম্যক্‌) কৃষ্‌ (চসা) + অন] বি, পুং, সম্পূর্ণভাবে কর্ষণ। ২। আকর্ষণ। ৩। কৃষিকর্ম্ম। ৪। [সঙ্কর্ষণঃ সীরপাণিঃ কালিন্দীভেদনো বলঃ॥"—অমর] বলরাম।

সঙ্কলন (শংকলন্‌) [সং—কল্‌ (গণনা করা) + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, বিক্ষিপ্ত ও বিস্তৃতের মধ্য হইতে সংক্ষেপে গ্রহণ ; সংগ্রহ। ২। সংযোগ ; সংমিলন। ৩। [গণিতে] যোগ করণ ; তেরিজ ; addition. [ইহার বিপরীত ব্যবকলন অর্থাৎ বিয়োগ ; subtraction]। বিণ, সঙ্কলিত—সংগৃহীত। ২। তেরিজ বা যোগ দ্বারা যে অঙ্কফল পাওয়া গিয়াছে। ৩। সংযোগজাত ; মিশ্রণ বা মিলনসম্ভূত।

সঙ্কল্প (শংকল্প) [সং—কৢপ্‌ (মনে মনে ইচ্ছা করা) + অ (ভাবে—অল্‌)] বি, পুং, মনে মনে নিষ্কারণ ; মনোরথ ; বাসনা ; ইচ্ছা। ২। পূজাদির পূর্ব্বে যে মানস করিয়া পূজাদি করা হয় তাহার উল্লেখ। প্র—"সঙ্কল্প সমাচরি গন্ধাধিবাস করি বিধানবিজ্ঞ ভাল বিধি।"—অ, ম। বিণ, সঙ্কল্পিত। সঙ্কল্পজন্মা—মনোজ ; কাম।

সঙ্কাশ (শংকাশ্‌) [সং—কাশ্‌ (দীপ্তি পাওয়া) + অ (কর্তৃ—অচ্‌)] বিণ, সমপ্রভ ; সদৃশ। ২। সন্নিধি ; সমীপ। স্ত্রী, সঙ্কাশা—সদৃশী ; তুল্যপ্রভা ; সমানকান্তি। প্র—"বিধি মুখে বেদবাণী বন্দ মাতা বীণাপাণি ইন্দুকুন্দ তুষার সঙ্কাশা।"—কবিক।

সঙ্কীর্ণ (শংকীর্ণ) [সঙ্কর দ্রঃ। অনুরোধে বা কোমালার্থে পদ্যে ছন্দের অনুরোধে বা কোমলার্থে 'সঙ্কীরণ'। প্র—"করই সঙ্কীরণ রস নিরবাহ"—বি, প] বিণ, মিলিত ; মিশ্রিত। ২। অপ্রশস্ত ; সঙ্কুচিত। ৩। অনুদার। ৪। নিবিড়। ৫। সমাকীর্ণ ; পরিব্যাপ্ত। ৬। জনতাযুক্ত। ৭। সঙ্কট। ৮। [সঙ্গীতে) বি, মিশ্ররাগ। ৯। [স্মৃতিতে] বর্ণসঙ্কর জাতি।

সঙ্কীর্ত্তন (সংকীর্ত্তন্‌) [সং—কৃৎ (গুণানুবাদে, প্রশংসায়) + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, গানে দেবমাহাত্ম্যকথন বা গুণগান ; বিশেষভাবে দেবতার নাম গান। ২। [সঙ্কীর্ণার্থে] বৈষ্ণব-গণকর্তৃক হরিনাম ও গুণকীর্ত্তন ; হরিসঙ্কীর্ত্তন। ৩। বর্ণন। ৪। উচ্চারণ। বিণ, সঙ্কীর্ত্তিত।

সঙ্কুচিত (শংকু) [সং (সম্যক্‌) —কুচ্‌ (কোঁকড়ান) + ত (কর্তৃ—ক্ত)] বিণ, সঙ্কীর্ণ। ২। সঙ্ক্ষিপ্ত। ৩। অপ্রসারিত। ৪। কুণ্ঠিত ; জড়সড়। ৫। নিমীলিত ; মুদিত। ৬। অপ্রস্ফুটিত।

সঙ্কুল (শোংকুল্‌) [সং—কুল্‌ (রাশি করা) + অ (কর্তৃ—ক)] বিণ, ব্যাপ্ত ; সমাকীর্ণ ; পূর্ণ। প্র—"অলিকুল সঙ্কুল"—। "মদকল কোকিল কলরব সঙ্কুল।"—মদনমোহন তর্কালঙ্কার। ২। একত্র বিদ্যমান ; মিশ্রিত। প্র—"প্রবেশি নন্দন বনে কুমার হরিষ মনে ছয় ঋতু দেখিল সঙ্কুল।"—কবিক। ২। সঙ্কীর্ণ। ৩। বি, দ্বন্দ্ব ; যুদ্ধ। ৫। জনতা।

সঙ্কেত (শংকেত্‌) [সং (সংক্ষেপ) কিৎ (বলা) + অ (ভাবে—অল্‌)] বি, পুং, সংক্ষেপে অভিপ্রায় প্রকাশক চেষ্টা ; ইসারা ; ইঙ্গিত। ২। শব্দার্থজ্ঞাপক শক্তি ; অভিধা-শক্তি। ৩। বোধ। ৪। সন্ধান। ৫। চিহ্ন। ৬। গুপ্তস্থান। ৭। নায়ক নায়িকার নির্দ্দিষ্ট মিলনস্থান। বিণ, সঙ্কেতিত—কৃতসঙ্কেত।

সঙ্কোচ (শংকোচ্‌) [সং—কুচ্‌ (কুঞ্চনে) + অ (ভাবে—অল্‌)] বিণ, বিস্তৃতকে সঙ্কীর্ণকরণ বা বহুর অল্পীকরণ ; সঙ্ক্ষেপ। ২। কুণ্ঠা ; জড়সড়ভাব। ৩। অস্ফুটন ; মুদ্রণ। ৪। বন্ধন। বিণ, সঙ্কোচ্য।

সঙ্কোচন (শংকোচন্‌) [সঙ্কোচ দ্রঃ + অন (ভাবে—অনট্‌)] বি, সঙ্কোচ করণ।

সঙ্ক্রন্দন (শংক্রো) [সং—ক্রন্দ্‌ (রোদন করা) + অন (ভাবে)] বি, ক্লী, অতিরোদন। ২। পুং, ইন্দ্র।

সঙ্ক্রম (শংক্রম্‌) [সং—ক্রম্‌ (গমন করা) + অ (ভাবে)] বি, পুং, সঞ্চার। ২। পর্য্যটন। ৩। গ্রহগণের রাশ্যন্তরে গমন। ৪। প্রতিহত গতি। ৫। প্রাপ্তি। ৬। অতিক্রম। ৭। গমনোপায় ; সোপান, সেতু প্রভৃতি। ৮। উপায়। ৯। সমসাময়িকতা। বিণ, সঙ্ক্রমিত।

সঙ্ক্রমণ (শংক্রোমন্‌) [সাধাঃ—সংক্রমণ। সং—ক্রম্‌ (গমন করা) + অন (ভাবে—অনট্‌)] বি, ক্লী, সঞ্চরণ। ২। পর্য্যটন। ৩। গ্রহাদির সংক্রম। ৪। প্রাপণ। ৫। অতিক্রমণ। ৬। প্রতি বিম্বপাত। ৭। প্রবেশ। বিণ, সঙ্ক্রমিত।

সঙ্ক্রান্তি (সংক্রান্তি) [সং—ক্রম্‌ (গমন করা) + তি (ভাবে)] বি, স্ত্রী, রবির এক রাশি হইতে অন্যরাশিতে গমন ; গ্রহগণের রাশ্যন্তর গমন। ২। মাসের শেষ ; মাসকাবার। ৩। সঞ্চার। ৪। বিস্তার ; ব্যাপ্তি। ৫। প্রতিবিম্বন। ৬। অবস্থান্তর প্রাপ্তি।

সঙ্ক্রামক—সংক্রামক দ্রঃ।

সঙ্ক্রামণ—সঙ্ক্রমণ দ্রঃ। বিণ, সঙ্ক্রামিত।

সঙ্ক্ষিপ্ত (শংখিপ্ত) [সং (সঙ্গত, সংগত ভাবে) ক্ষিপ্‌ (ক্ষেপণে) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সঙ্কুচিত ; অল্পীকৃত। ২। [সং—সম্যক্‌] পরিত্যক্ত ; নিক্ষিপ্ত। বি, সংক্ষেপ।

সঙ্ক্ষুব্ধ (শংখুব্ধ) [সং—ক্ষুভ্‌ (চঞ্চল হওয়া) + ত (কর্তৃ—ক্ত) বিণ, আন্দোলিত ; আলো-ড়িত। ২। চঞ্চল। ৩। আকুল।

সঙ্ক্ষেপ (শংখেপ্‌ [সং—ক্ষিপ (ক্ষেপণে) + অ (ভাবে—অল্‌)] বি, পুং, নিক্ষেপ। ২। অল্পতা ; হ্রস্বতা। ৩। চুম্বক ; abstract. ৪। সঙ্কোচ। বিণ, সংক্ষিপ্ত।

সঙ্ক্ষোভ (শংখোভ্‌) [সং—ক্ষুভ্‌ (চঞ্চল হওয়া) + অ (ভাবে—অল্‌)] বি, পুং, অতিশয় ক্ষোভ ; মনস্তাপ। ২। অত্যুদ্বেগ। ৩। অতিচাঞ্চল্য। ৪। গর্ব্ব। ৫। বর্ষণ। বিণ, সঙ্ক্ষুব্ধ।

সঙ্খ, সংখ (শংখ) [সং—শঙ্খ অপভ্রংশে প্রা-বাং] বি, শঙ্খ ; শাঁখ। প্র—"চারিদিকে জয় জয় সঙ্খর বাদন।"—শূ-পু। "জয় সংখ ধ্বনি দিলএ তুষ্ট নিরঞ্জন।"—ঐ।

সঙ্খ্য (শোংখ্য) [সংখ্যা দ্রঃ] বি, রাশি, অঙ্ক ২। গণনা। ৩। বিচার। বিণ, সঙ্খ্যাত।

সঙ্খ্যান (শোংখ্যান) বি, গণনা। ২। বিচারণা।

সঙ্খ্যেয় (শোংখেঅ) বিণ, গণনীয়।

সঙ্গ (শংগ) [সনজ্‌ (আসক্ত হওয়া) + অ (ভাবে—ঘঞ্‌)] বি, পুং, সংযোগ ; মিলন।

। সহযোগ। ৩। সংসর্গ ; সহবাস। ৪। ঙ্গ ; সংস্রব। ৫। অনুরাগ। ৬। বন্ধুত্ব। । সঙ্গম ; একাধিক নদীর মিলনস্থান।

ত (শংগত) [সং—গম্ (গমন করা) + ত কর্তৃ—ক্ত)] বিণ. মিলিত ; যুক্ত। ২। যুক্তি ; উপযুক্ত। ৩। (শংগৎ) [সঙ্গীতে] তবাদ্যের সুর তালের মিলন ; সঙ্গীতের বিরোধ ধারা।

তি (শংগোতি) [সং—গম্ + তি (ভাবে—)] বি, স্ত্রী, মিলন। ২। সহবাস। প্র— জকী সঙ্গতি চণ্ডীদাস গতি রচিল আনন্দ ট।"—চণ্ডীদাস। ৩। সংস্থান ; সঞ্চয়। —"যজ্ঞের যতেক দ্রব্য করিল সঙ্গতি।"— ত্তিবাস। ৪। সামঞ্জস্য ; পূর্বাপর সম্বন্ধ। । জ্ঞান। ৬। যোগ্যতা ; ক্ষমতা ; সাধ্য।

ম (শংগম্) [সং—গম্ + অ (ভাবে—অল্)] , পুং, নদ্যাদির মিলন। প্র—"যে ভাল জিতে পারে পতিভাব কর তারে সিন্ধু সঙ্গে প্রতি সঙ্গম।"—অ, ম। ২। স্ত্রী পুরুষের ঙ্গ ; সম্ভোগ ; সুরত। ৩। সহবাস।

হি [সং—সঙ্গ + হি (হি—৭মী বিভক্তি)] অ, সঙ্গে। প্র—"জনু রবি শশী সঙ্গহি ল পিছে করি আন্ধিয়ার॥"—বি, প।

তি [ব্রজ। সং—সঙ্গতি] বি, সঙ্গতি ; লন। প্র—"ভাগ্যে মিলয়ে হেন প্রেম ঙ্গাতি। ভাগ্যে মিলয়ে এহ সুখময় রাতি॥" —বি, প।

ন, সঙ্গীন (শোংগিন্) [প্রা—সঙ্গিন্। —সঙ্গিন্ (ফা—সঙ্গ = পাষাণ ; ভার) = পাষাণময় বা পাষাণবৎ কঠিন, (২) গুরুভার। ল—ইং—sanguine] বিণ, কঠিন ; শক্ত। । গুরুতর ; ভয়ানক ; সাঙ্ঘাতিক ; serious. । ভারী ; weighty. ৪। বন্দুকের মুখে লগ্ন কিরিচ ; bayonet. প্র—"সঙ্গীন াড়া দেখ্‌লেই মনে লাগে একটা ধন্ধ।"— জেন্দ্র রায়।

ী (শোংগি) [সঙ্গ + ইন্ (অস্ত্যর্থে) = ঙ্গিন্ ১মা, ১ব] বিণ, যে সঙ্গে থাকে ; সমভি- াহারী ; সাথী ; সহচর। স্ত্রী, সঙ্গিনী— হচরী ; সখী। প্র—"হরপ্রিয়া মন্দাকিনী সুভগে ব সঙ্গিনী অর্পেন সাগর করে তিনি তব পাণি।" —ব্রজাঙ্গনা।

গীত (শোংগিত) [সং (সম্যক্) গীত] বিণ, সম্যক্ প্রকারে গীত। ২। বি, তৌর্য্যত্রিক (নৃত্য, গীত, বাদ্য)। ৩। গান। সঙ্গীত বিদ্যা,—শাস্ত্র—যে বিদ্যা বা শাস্ত্র দ্বারা গীত বাদ্য নৃত্য বিশেষরূপে জানিতে পারা যায়।

ঙ্গুপ্ত (শংগুপ্ত) [সং—গুপ্ (গোপন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সঙ্গূঢ় ; লুক্কায়িত। ২। বি, পুং, বুদ্ধ।

সঙ্গূঢ় (শংগূঢ়) [সং—গুহ্ (গোপন করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ ; সঙ্গুপ্ত ; লুক্কায়িত। ২। সমাবৃত ; সমাচ্ছাদিত।

সঙ্গোপন (শংগোপন্) [সং—গুপ্ (গোপন করা) + অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, সম্পূর্ণ- ভাবে গোপন ; অন্যের অলক্ষিত স্থান। প্র— "সঙ্গোপনে সুদর্শনে হবে আলাপন। তা না হলে বলো কিসে রবে মম পণ॥"—বাং-গান। ক্রি-বিণ, সঙ্গোপনে—গুপ্তভাবে ; লুকাইয়া। ২। গুপ্তস্থানে।

সঙ্ঘ (শংঘ) [সং—হন্ (আঘাতে) + অ (কর্ম্মে)] বি, পুং, সমূহ। ২। দল ; সম্প্রদায়। ৩। ভিক্ষু সমাজ। ত্রিরত্নের একটী রত্ন। অন্য দুইটি ধর্ম্ম ও বুদ্ধ।

সঙ্ঘট, সঙ্ঘট্ট (শংঘট্ট)—সঙ্ঘটন দ্রঃ।

সঙ্ঘটন (শংঘটন্) [সং—ঘট্ (চেষ্টা করা) + অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, যোজন ; সংযোগ ; মেলন। ২। ঘটনা। ৩। গঠন। ৪। সংঘর্ষ। স্ত্রী, সঙ্ঘটনা।

সঙ্ঘটিত (শংঘোটিত) [সং—ঘট্ (ঘটা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, গঠিত ; নির্ম্মিত। ২। অনুষ্ঠিত। ৩। সম্ভাবিত।

সঙ্ঘট্ট (শংঘট্ট) [সঙ্ঘট দ্রঃ] বি, ঘটনা। ২। সঙ্ঘর্ষ। বিণ, সঙ্ঘট্টিত।

সঙ্ঘর্ষ (শংঘর্ষ) [সং—ঘৃষ্ (ঘষণ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, পরস্পর ঘর্ষণ। ২। ঘোটন। ৩। মর্দ্দন। ৪। দ্বন্দ্ব।

সঙ্ঘর্ষণ (শংঘর্ষন্) [সং—ঘৃষ্ (ঘর্ষণ করা) + অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, সঙ্ঘর্ষ। ২। পরস্পর আঘাত বা মর্দ্দন ; সংঘাত।

সঙ্ঘাত (শংঘাত) [সং—হন্ (আঘাত করা, বধ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং আঘাত। ২। বধ। ৩। নিবিড়তা ; ঘনত্ব। ৪। সমূহ।

সঙ্ঘুষিত, সঙ্ঘুষ্ট (শংঘু) [সং (সম্যক্) ঘুষ্ (ঘোষণা করা) + ত (কর্ম্মে—ক্ত) ই— আগম] বিণ, বিঘোষিত। ২। শব্দিত ; নিনাদিত।

সঙ্ঘৃষ্ট (শংঘৃ) [সং—ঘৃষ্ (ঘষা) + ত (কর্ম্মে —ক্ত)] বিণ, বিশেষভাবে ঘর্ষিত ; বিমর্দ্দিত।

সচ, সচা (শচ্) [সং—সত্য হইতে হি— সচ্, সাচ্চা] বিণ, সত্যপরায়ণ ; খাঁটি। প্র— দোকান পাতিল কর্ম্মী কর্ম্মে বড় সচ।"— ঘনরাম। ২। সত্য। প্র—সচ কথা।

সচকিত (শচোকিত্) [স—চকিত] বিণ, ভয়- চঞ্চল ; ত্রস্ত।

সচঞ্চল (শচন্‌চল্) [স—চঞ্চল] বিণ, অস্থির ; চঞ্চল।

সচরাচর (শচরাচর্) [স (সহিত) চর— অচর (স্থাবরাস্থাবর) যে চরাচরের সহিত বর্ত্তমান] বি, জগৎ। ২। [বাং-র] অ, স্থাবর জঙ্গমাত্মক জগতে ; (তাহা হইতে) সাধারণতঃ।

সচল (শচল্) [স (সহ) চল—যাহা চলৎ- শক্তিসহ বিদ্যমান। বিপরীতার্থে অচল] বিণ, যাহা চলিতেছে বা চলে ; চলন্ত।

সচি, সচী (শোচি) [সং—শচি দ্রঃ। "শচী" বানান সাধারণ] বি, স্ত্রী, পুলোমনন্দিনী ইন্দ্রাণী। সচীনন্দন—জয়ন্ত। ২। চৈতন্যদেব। সচী- পতি—ইন্দ্র। ২। চৈতন্যদেবের পিতা পণ্ডিত জগন্নাথ মিশ্র।

সচিব (শোচিব্) [সচ্ (সম্বন্ধ করা) + ই (ভাবে) + অ (কর্তৃ—ড)] বি, পুং, মন্ত্রী ; অমাত্য। ২। সহায়।

সচেতন (শচেতন্) [স (সহ) চেতনা যাহার, বহু] বিণ, যাহার চেতনা আছে ; চৈতন্যযুক্ত। ২। জীবন্ত। ৩। সজাগ। সচেতনদৃষ্টি— তীক্ষ্ণ চঞ্চল ; সজাগ ; সচকিত। প্র—"নব- কিশোরের সচেতন দৃষ্টি হইতে এ সকলের কিছুই এড়াইল না।"—ভারতী, ১৩২০।

সচেল (শচেল্) [স (সহিত) চেল (বস্ত্র) —উপপদ] ক্রি-বিণ, বস্ত্রের সহিত ; সবস্ত্র। প্র—"পর পুরুষের পবন পরশে সচেলে সিনান করি।"—গোবিন্দদাস।

সচেস্ট (শ) [স (সহিত) চেষ্টা (যত্ন) যাহার, বহু] বিণ, চেষ্টাযুক্ত ; চেষ্টান্বিত ; উদ্যোগী।

সচ্চিৎ (শ) [সৎ (নিত্য) চিৎ (জ্ঞান) কর্ম্মধা] বি, নিত্য এবং জ্ঞানময় বা নিত্য চৈতন্যস্বরূপ।

সচ্চিদানন্দ (শ) [সৎ (নিত্য) চিৎ (জ্ঞান) আনন্দ (সুখ) (কর্ম্মধা)] নিত্য জ্ঞানময় ও সুখস্বরূপ ব্রহ্ম। [দ্রঃ—নৈয়ায়িক মতে সৎ (নিত্য) চিৎ (জ্ঞান) এবং আনন্দ যাহার এই বহুব্রীহি সমাসনিষ্পন্ন সচ্চিদানন্দ শব্দের অর্থ নিত্য জ্ঞান এবং আনন্দবিশিষ্ট ব্রহ্ম] ।

সচ্ছল, স্বচ্ছল (শচ্ছল্) [সং— সচ্ছীল হইতে। বিপরীতে অসচ্ছল] বিণ, ধনবান ; সঙ্গতিপন্ন। ২। ব্যয়শীল। বি, সচ্ছলতা—প্রয়োজন মত ব্যয় করিবার সঙ্গতিযুক্ত অবস্থা ; অভাবশূন্য অবস্থা।

সজন (শজন্)[স (সহিত) জন (মনুষ্য)] বি, লোকজন সহ ; জনসমাজ। প্র—"কি সজনে কি বিজনে গ্রাম নগর কাননে, বিরাজিত যথা যাই তোমার প্রেম-আনন।"—বাং-গান।

সজনী (শজনি) [সং—স্বজন (আত্মীয়) হইতে হি—সজন, সাজন (প্রণয়ী, পতি), স্ত্রী, সজনী, সাজনী, মৈ, ব্রজ—সাজনী। বাং-র— সজনী] বি, স্ত্রী, প্রণয়িনী। ২। সখী ;

সঙ্গিনী ; সহচরী। প্র—"বর সরোজিনী ধনী তুমি হে তার সজনী।"—ব্রজাঙ্গনা। সম্বোধনে —সজনি। প্র—"চললো নিকুঞ্জে পুজি শ্যাম রাজে, সজনি"—ব্রজাঙ্গনা। "সজনি সজনি রাধিকা লো দেখ অবহুঁ চাহিয়া"—রবি।

সজল (শজল্) [স (সহিত) জল] বিণ, জলপূর্ণ ; আর্দ্র। প্র—"সজল আঁখি মলিন বদন" —গান।

সজাগ (শজাগ্) [স (সহ) জাগ (জাগরণ)] বিণ, জাগ্রত। ২। উদ্বুদ্ধ। ৩। সতর্ক। ৪। জাগ্রতবৎ। সজাগ ঘুম—যে ঘুম সহজে ভাঙ্গে।

সজাতি (শ) [স (সমান) জাতি—কর্ম্মধা] বিণ, সমজাতি ; সমশ্রেণী। ২। বি, এক জাতীয় দম্পতীর সন্তান।

সজাতীয় (শ) [স (সমান) জাতি+ঈয়] বিণ, এক জাতিসম্বন্ধীয়। ২। এক শ্রেণীস্থ। ৩। সমধর্ম্মী। ৪। তুল্য। স্ত্রী, সজাতীয়া।

সজারু (শ) [সং—শল্য, ছেদার। শসারু দ্রঃ] বি, শাকসবজীখাদক কণ্টকিত-দেহজন্তুবিশেষ। the Bengal porcupine. প্র—"বরাহ কুকুর ভেড়া খটাস সজারু"—অ, ম।

সজীব (শজীব্) [স (সহ) জীব (জীবন যাহার, বহু] বিণ, জীবিত ; জীবন্ত। বিপরীতে -নির্জ্জীব

সজ্জ (শ) [সং—সস্জ্ (সজ্জিত হওয়া)+ অ (কর্ত্তৃ)] বিণ, সজ্জিত। ২। প্রস্তুত।

সজ্জ (শ) [হি—সব্জী হইতে] বি, শাকসব্জী ; ফলমূলাদি। প্র—"শাক বেগুন কচু মূলা এঁটে থোড় কাঁচকলা নানা সজ্জ ভরে আনে পাতি।"—কবিক।

সজ্জন (শজ্জন) [সৎ (সাধু) যে জন (লোক) কর্ম্মধা] বিণ, সুজন ; সাধু। ২। সৎকুলজাত। সাধু সজ্জন—সহচর শব্দদ্বয় ; সুজাত ও সাধুচরিত্র।

সজ্জা (শ) [সস্জ্ (সুসজ্জিত হওয়া)+অ (ভাবে, অঙ্) আপ্ স্ত্রী] বি, স্ত্রী, সাজ ; বেশভূষা। ২। উদ্যোগ। ৩। আয়োজন। বিণ, সজ্জিত।

সঞে (সঞঁ) [প্রা-বাং পদ্যে। সঙ্গে শব্দের অপভ্রংশ] ক্রি-বিণ, সঙ্গে : সহিত। প্র—"যেদিন দেখিব আপন নয়নে তা সঞে কহিতে কথা" —চণ্ডীদাস। ২। [হি—পঞ্চমী বিভক্তি "সে" হইতে সঞ, ব্রজ] অ, হইতে ; থেকে। প্র— "শুনি কহে জটিলা ঘটিল কি অকুশল ঘর সঞে বাহির হোয়।"—বি, প।

সঞ্চ (শ) [সং] বি, পুং, লিখিবার পত্র ; তালপাতা।

সঞ্চ (শ) [সং—সন্ধি হইতে] বি, সন্ধিস্থান ; জোড় ; গ্রন্থি। প্র—"দাসী সনে ছিল কিছু সঙ্কেত সরস। সঞ্চ জানি হানি চোট বাড়ালে পৌরুষ।"—ঘনরাম। সঞ্চে সঞ্চে—প্রতিগ্রন্থিতে। প্র—"যার যেবা হস্তপদ লাগে সঞ্চে সঞ্চ। গায়ে উপজিল মাংস পড়িল লোমঞ্চ।"—কবিক।

সঞ্চয় (শন্চয়্) [সং—চি (একত্র করা)+ অ (ভাবে—অল্)] বি, পুং, সংগ্রহ। ২। সমূহ ; রাশি। ৩। বিদ্যমানতা ; সদ্ভাব। প্র—"খিড়কি উত্তর ভাগে জলহরি তার আগে প্রতি বাড়ী কূপের সঞ্চয়।"—কবিক।

সঞ্চয়ন (শন্চয়ন্) [সং—চি (একত্র করা) +অন (ভাবে—অনট্)] বি, সঞ্চয়করণ।

সঞ্চয়ী (শন্চোঈ) [সঞ্চয়+ইন্ (অস্ত্যর্থে) =সঞ্চয়িন্, ১মা, ১ব] বিণ, সঞ্চয়কারী ; যে সংগ্রহ করিয়া রাখে ; মিতব্যয় দ্বারা যে উদ্বৃত্ত ধনাদি রক্ষা ও বৃদ্ধি করে।

সঞ্চর (শন্চর্) [সং—চর্ (গমন করা)+অ (করণে—অল্) যাহা দ্বারা গমন করে] বি, পুং, শরণি ; পথ। ২। সেতু। ৩। সঞ্চার ; গতি। কম্পন। বিণ, সঞ্চরিত।

সঞ্চরণ (শন্চরন্) [সং—চর্ (গমন করা) +অন (করণে—অনট্)] বি, ক্লী, বিচরণ। ২। গমন। ৩। পথ।

সঞ্চরা (শন্চরা) [সঞ্চর (দ্রঃ)+আ (ক্রিয়ার্থে)। উ-পু—সঞ্চরি। ম-পু—সঞ্চর। প্র-পু—সঞ্চরে। অস-ক্রি—সঞ্চরিতে ; সঞ্চরিয়া, সঞ্চরি] ক্রি, সঞ্চরণ করা ; বিচরণ করা। ব্রজ—সঞ্চরু—সঞ্চরণ করে। প্র— "খরতর বেগ সমীরণ সঞ্চরু চঞ্চরীগণ করু রোলে।"—বি, প।

সঞ্চলন (শন্চলন্) [সং—চল্ (গমন করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আন্দোলন ; কম্পন ; দোলন। ২। প্রচলন।

সঞ্চা (শ) [সং—সন্ধি হইতে সঞ্চ+আ] বি, সন্ধিস্থান ; জোড় ; গ্রন্থি। প্র—সঞ্চা নড়ে যাওয়া। ২। [বাং-য়] ক্রি, সঞ্চিত হওয়া।

সঞ্চান (শন্চান্) [সং—শ্যেন। প্রা-বাং] বি, পুং, শ্যেনপক্ষী। প্র—"আদি দেব ধর্ম্মরায় হইল সঞ্চান কায় কপোত করিল পুরন্দরে।" —কবিক।

সঞ্চার (শন্চার্) [সং—চর্ (গমন করা)+ অ (ভাবে, ঘঞ্)] বি, পুং, ব্যাপ্তি ; প্রসার। ২। সংক্রম ; গ্রহাদির একরাশি হইতে রাশ্যন্তরে গমন। ৩। গমন। ৪। উত্তেজনা ; উদ্রেক। ৫। চালন। ৬। শরণি ; পথ। ৭। প্রচার। প্র—"তাহা হৈতে হইবেক পূজার সঞ্চার। কুবেরের সুতে শাপ দিবা পুনর্ব্বার।" —অ, ম। ৮। আবির্ভাব। প্র—নারিকেল ফলে যেন জলের সঞ্চার"। ৯। ফাঁক ; প্রবেশ পথ ; রন্ধ্র। বিণ, সঞ্চারিত।

সঞ্চারণ (শন্চারন্) [সং—চর্ (গমন করা) +অন] বি, ক্লী, সঞ্চার।

সঞ্চারা (শ) [সঞ্চার (দ্রঃ)+আ (ক্রিয়ার্থে)। উ-পু—সঞ্চারি। ম-পু—সঞ্চার। প্র-পু— সঞ্চারে। অস-ক্রি—সঞ্চারিতে ; সঞ্চারিয়া, সঞ্চারি] ক্রি, সঞ্চার করা ; বিস্তার করা ; ব্যাপা। ২। প্রয়োগ করা। প্র—"কল্য হবে ঘোর রণ সঞ্চারিব অস্ত্রগণ যাহা কেহ নিবারিতে নারে।"—কাশী-মহা-আদি।

সঞ্চারিকা (শ) [সং—চর্ (গমন করা)+ অক, আপ্ স্ত্রী, ই আগম] বি, স্ত্রী, দূতী। ২। যে নারীর ইতস্ততঃ গতিবিধি আছে। ৩। বায়ু।

সঞ্চারী (শ) [সং—চর্ (গমন করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=সঞ্চারিন্ ১মা, ১ব] বিণ, সঞ্চরণশীল। ২। বিস্তারী ; প্রসারী। ৩। অস্থায়ী। ৪। [অলঙ্কার শাস্ত্রে] বি, ব্যভিচারী ভাব ; আবেগ, উন্মাদ, ঘর্ম্ম অপস্মার প্রভৃতি অস্থায়ী ভাব। ৫। বায়ু। ৬। সঙ্গীতে শ্লোকের ন্যায় চারিটি চরণ থাকে, প্রথম চরণের নাম অস্থায়ী, দ্বিতীয় চরণের নাম অন্তরা, তৃতীয় চরণের নাম সঞ্চারী, চতুর্থ চরণের নাম আভোগ। ৭। ধূপ। স্ত্রী, সঞ্চারিণী।

সঞ্চিত (শো) [সং—চি (একত্র করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, স্তূপীকৃত ; রাশীকৃত। ২। সংগৃহীত। ৩। সঞ্জাত ; সম্ভূত।

সঞ্চেয় (শ) [সং—চি (চয়নে)+য (কর্ম্মে)] বি, সঞ্চয় যোগ্য।

সঞ্জবন (শন্জবন্) [সং] বি, ক্লী, চতুর্দ্দিকেই প্রাঙ্গণের অভিমুখ গৃহ ; চকমিলান ঘর।

সঞ্জয় (শন্জয়্) বি, বিদুরের পুত্র যিনি ধৃতরাষ্ট্রকে কুরুক্ষেত্র যুদ্ধের কথা শুনাইয়াছিলেন। ২। ভাষা মহাভারত লেখক। শ্রীহর্ষ, কৃত্তিবাস ভারতচন্দ্র যে বংশে জন্মিয়াছিলেন সেই ভরদ্বাজ বংশে ইঁহার জন্ম। প্র—"ভারতের পুণ্যকথা নানা রসময়। সঞ্জয় কহিল কথা রচিল সঞ্জয়।" —মহা, সঞ্জয় (বেঙ্গল গবর্ণমেণ্ট লাইব্রেরীর পুঁথি—বঙ্গভাষা ও সাহিত্য)।

সঞ্জাত (শ) [সং—জন্ (উৎপন্ন হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উৎপন্ন ; জাত।

সঞ্জাত (শ) [সং—সংযত। প্রা-বাং] বি, সংবরণ ; সংযত। প্র—"হে ধনি মানিনি করহ সঞ্জাত।"—বিদ্যাপতি।

সঞ্জাব (শন্জাব্) [ফা—সন্জাফ্] বি, পোষাকাদির ভিতরের কাপড় ; আস্তর ; lining. ২। কাপড়ের কিনারায় লাগান পটি বা পাড়।

(শন্জীবন্) [সং—জীব+ণিচ্ = জীবি (বাঁচন)+অন (কর্ত্তৃ)] বিণ, জীবন সঞ্চারকারী। ২। [ভাবে—অনট্] জীবন-

ধারণ। স্ত্রী. সঞ্জীবনী—জীবনদায়িনী ওষধি-বিশেষ। প্র—"উশনা কুশপাণি চিন্তি সঞ্জীবনী মন্ত্রিত কৈল কুশজল।"—কবিক। সঞ্জীবনী-পুর,—পুরী—যমপুরী; যমালয়। প্র—"দিয়া বহুতর ক্লেশ লুটিব তাহার দেশ পোড়াইব সঞ্জীবনীপুর।"—কবিক।

সঞ্জুক, সঞ্জুগ, সঞ্জুত (শোনজুক্, গ. ত্) [সং—সংযোগ। তুল—ফা—আঞ্জাম] বি, যোগাযোগ; আয়োজন; ব্যবস্থা। ষোল সঞ্জুক—ষোড়শোপচার; পূর্ণ আয়োজন। সাজ সঞ্জুক—সাজসজ্জা।

সট্ (শ) [শব্দাত্মক] বি, অনুকরণ শব্দ। ২। ত্বরাবোধক শব্দ। প্র—সে তখন সট করিয়া পলাইল। ৩। মাকুর চলাচল শব্দ। তুল—ইং—shuttle. ৪। ক্রি-বিণ, অবিলম্বে। সটাসট—ক্রমাগত সট্সট্ শব্দ। ২। তদ্রূপ শব্দ করিয়া।

সট, সটা (শট্) [ছটা দ্রঃ] বি, শিখা; জটা; সিংহাদির কেশর। প্র—"কনক-ছটা জিনি-বরণা। চামর-সটা কচ রচনা।"—বাসবদত্তা।

সটকা (শট্) [হি—সট্ সট্ শব্দ হইতে] বি, গুড়গুড়ির লম্বা নল। প্র—"কৃষ্ণকান্ত রায় * * উপাধানে পৃষ্ঠ রক্ষা করিয়া সটকায় তামাক টানিতেছেন।"—বঙ্কিম। ২। মাছ ধরিবার কাঠিকল।

সটকান, সট্‌কান (শট্‌কানো) [সং—সৃ বা সৃপ্ =সর্, সর্প (গতি, ধারণ অর্থে) ধাতুজ। হি—সরক্‌না। উ-পু—সট্‌কাই। ম-পু—সট্‌কাও। প্র-পু—সট্‌কায়। অস-ক্রি—সট্‌কাইতে; সট্‌কাইয়া, সট্‌কে (শোট্‌কে)] ক্রি, সরিয়া পড়া; পলায়ন করা। ২। [সট্‌কান্] বি, পলায়ন। প্র—এমন সট্‌কানটা সট্‌কেছে। "মানটা রেখে প্রাণটা নিয়ে সট্‌কেছি কেমন।"—রবি।

সটাং (শ) [সটান দ্রঃ] বিণ, সোজা ও লম্বা একটানা। ২। লম্বা (দৌড়)। প্র—"একেবারে বাহিরেতে সটাং দিয়ে পাড়ি।"—দ্বিজেন্দ্র রায়।

সটান (শটান্) [স—টান (দ্রঃ)। গ্রা—সংক্ষেপে—সটাং] বিণ, একটানা; সোজা; লম্বা। প্র—"আশার কাঞ্চন তরী বাহিয়া সটান।"—অশোকগুচ্ছ; ২। টানটান; আঁটা; আল্‌গা বা ঢিলা নয়।

সটি, সটী (শোটি)] সং] বি, স্ত্রী. বনআদা।

সটীক (শটিক্) [স (সহিত) টীকা (টিপ্পনী) যাহার, বহু] বিণ, টীকাসহিত; টীকা-সম্বলিত; anotated. ২। [সঠিক শব্দের স্থলে উচ্চারণ সাদৃশ্যে, ভ্রমে] ঠিক ঠিক; সত্য; যথার্থ। প্র—"বুঝা যায় সটীক স্ফটিক জল ডাকে।"—কবিরঞ্জন।

সটে পটে, সট্টে পট্টে (শ) [হি—সটাবটা] বি, যোগসাজস্; ষড়যন্ত্র শঠতা। ২। বাং-র, অর্থ সম্প্রসারণে] সাক্ষাৎ প্রমাণ। প্র—"কথা নাহি খাটে পাছে হয় চটে মায়ের দেখা পেলে ধরি সটে পটে।"—বাং-গান।

সট্টক (শট্টক্) [সং] বি, প্রাকৃত ভাষায় রচিত দৃশ্যকাব্য।

সঠিক (শঠিক্) [হি—ঠিকসা (যথাবৎ) ঠিক ঠিক অর্থে সঠিক। তুল—টান টান অর্থে সটান; ছিদ্র ছিদ্র অর্থে সচ্ছিদ্র)] বিণ, ঠিক ঠিক; যথাবৎ; প্রকৃত। প্র—ব্যাপারটা কি হয়েছিল সঠিক বল দেখি।

সড় (শড়্) [আ—সর্ (গুপ্ত কথা) এবং আ—সলাহ্ (সন্ধি) শব্দদ্বয়ের অর্থের মিশ্রণ-জাত ভাব হইতে] বি, গুপ্তমন্ত্রণা। ২। ষড়যন্ত্র। পরামর্শ। সড় করা—ষড়যন্ত্র করা; গোপনে পরামর্শ করা। সড় থাকা—গোপনে মিল বা যোগ থাকা; গুপ্তসন্ধি থাকা।

সড়ক (শড়ক্) [সং—সরক, হি—সড়ক্] বি, সরণি; বড়রাস্তা; রাজপথ।

সড়কা (শড়্কা) [প্রাদে। সং—শর (তৃণ) কা (সাদৃশ্যার্থে) শরকাঠি সদৃশ] বি, আগাছা। ২। সড়্‌কি অপেক্ষা বড় বেধনাস্ত্র: বড় বর্ষা।

সড়কি (শোড়্‌কি) [সড়কা দ্রঃ] বি, বেধনাস্ত্র-বিশেষ; বল্লম; বর্ষা। সড়কিওয়ালা—বল্লমধারী সৈন্য।

সড়গড় (শ) [সং—স্মৃতিগত হইতে] বিণ, স্মৃতিগত; মুখস্থ; রপ্ত; অভ্যস্ত। ২। অবাধ গতি।

সড়ঙ্গা (শড়ংগা) [সং—শীর্ণ হইতে সরু + অঙ্গ + আ বা অঙ্গিয়া—অঙ্গে তাহা হইতে গ্রা—"সড়ুঙ্গে"। অথবা হি—শল (শলাকায়) অঙ্গ হইতে র, ল=ড়] বিণ, শলাকার অঙ্গ; দীর্ঘ সরুদেহ।

সড়ন (শ্‌ড়োন্) [হি—সড়্‌না (পচা)] বি, পচন; গলন; নষ্ট হওন।

সড়সড় (শড়্‌শড়্) [শব্দাত্মক; সরসর দ্রঃ] বি, শুষ্ক পাতালতাদির উপর দিয়া সর্পাদির দ্রুত গমন শব্দ। ২। [সং—সৃ (গতিঅর্থে) ধাতুজ। সৃ=সর্=সড়] সরীসৃপাদির গমন। ৩। অঙ্গের উপর দিয়া সরীসৃপ ও কীটাদি চলিয়া বেড়াইলে যে অনুভূতি জন্মে। সড়সড় করা—সড়সড়ান দ্রঃ।

সড়সড়ান (শড়্‌শড়ানো) [সড় সড় (দ্রঃ) + আন (ক্রিয়ার্থে)। উ-পু—সড়সড়াই। ম-পু—সড়সড়াও। প্র-পু—সড়সড়ায়। অস-ক্রি—সড়সড়াইতে; সড়সড়াইয়া, সড়সড়িয়ে] ক্রি, সরীসৃপ বা পোকামাকড়ের গতিতে চলা ফেরা। ২। চুলকান। প্র—মার খাইবার জন্য পিঠ সড় সড়ান। ৩। শিহরণ বা রোমাঞ্চকর স্পর্শানুভূতি উৎপাদন করা; সড়সড় করা। অপেক্ষাকৃত সুখকর ও মৃদুতর অর্থে সুড়সুড়ান (দ্রঃ)। বি, সড়সড়ানি।

সড়সড়ি [শড়্‌শোড়ি, দ্রুত উচ্চারণে শশ্‌শোড়ি) [সং—সৃ (গমন করা, সরা)=সর্ ধাতুজ। সিদ্ধ করিয়া ভাজা বা ছেঁচকি করা হেতু ব্যঞ্জনের একটি খণ্ড আর একটির সহিত লিপ্ত না হইয়া পৃথক্ পৃথক্ বা সার সার বা ঝুরঝুরে থাকে বলিয়া নাম] বি, শুষ্কীকৃত সিদ্ধব্যঞ্জন-বিশেষ। শাক সড়সড়ি—শাক ভাজা। মোচা সড়সড়ি—মোচা ছেঁচকি।

সড়া (শ) [সট্ (রোগে, অবসাদে) ধাতুজ; উ-পু—সড়ি। ম-পু—সড়। প্র-পু—সড়ে। অস-ক্রি—সড়িতে; সড়িয়া, সড়ে (শোড়ে)। ণিজন্ত—সড়ান (নো)] ক্রি, পচিয়া যাওয়া; গলিত হওয়া; নষ্ট হওয়া। প্র—"নাহি পচে নাহি সড়ে পরম সুন্দর।"—মনসামঙ্গল। "সড়ে মাংস পড়ে হাড় ছাড়ে নাই শূলী।"—শিবায়ন। ২। বিণ, পচা; গলিত। ৩। নষ্ট।

সড়া (শ্‌ড়া) [প্রাদে। গ্রা—হি—রসরী, রস্‌সা—বর্ণ বিপর্যয়ে সড়া] বি, রজ্জুবিশেষ।

সড়াক, সড়াৎ (শ) [শব্দাত্মক] বি, সড়্ বা সট্ শব্দ। ২। অতিদ্রুত চালিত হইয়া সট্ শব্দে আঘাত।

সড়াসড় (শড়াশড়্) [হি—সড়াসড়্। শব্দাত্মক] বি, অনুকরণ শব্দ; রন্ধ্রাদির ভিতর দিয়া দড়িদড়া টানিবার শব্দ। ২। দ্রুতগতিতে সরীসৃপের মত বুকে ভর ও হাতে পায়ে জোর দিয়া গমন করা। প্র—"তাহারা বাঁশ বাহিয়া সড়াসড় উপরে উঠিয়া গেল।

সড়িত (শো) [সড়া দ্রঃ] গলিত; পচিয়া দুর্গন্ধযুক্ত। প্র—"নখাই সড়িত হইল দেবীর কৃপায়।"—মনসারভাসান, কেতকাদাস।

সণ্ডিশ (শোনডিশ্) [সং—সন্দংশ] বি, পুং, সাঁড়াশি।

সতত (শ) [সং—তন্ (বিস্তার করা) + ত (ভাবে—ক্ত)] ক্রি-বিণ, সদা; নিরন্তর; সর্বদা।

সতরঞ্চ (শ) [শতরঞ্চ দ্রঃ। গ্রা—সতরঞ্চি] বি, সূত্রনির্মিত আসনবিশেষ। প্র—"ফরাসে ও সতরঞ্চে একেকোমর মাটি।"—দ্বিজেন্দ্র রায়। ৩। চতুরঙ্গ ক্রীড়া; শতরঞ্জ বা দাবা খেলা।

সতরঞ্জ (শ) [আ—শৎ রঞ্জ] বি, শতরঞ্জ দ্রঃ।

সতর্ক (শ) [স (সহিত) তর্ক (সংশয়)] বিণ, সাবধান।

সতা (শ) [সপত্নী হইতে সতীন (সংক্ষেপে সতা)] বি, স্ত্রী, সপত্নী। প্র—"গঙ্গানামে সতা তার তরঙ্গ এমনি। জীবনস্বরূপা সে স্বামীর শিরোমণি॥"—অ, ম। "সাত সতা গৃহে বাস বিষম জঞ্জাল।"—কবিক।

সতাই (শ্) [সতীন মা, মার সতীন অর্থে] বি, স্ত্রী, বিমাতা। প্র—"শ্রীরাম বলেন শুন সুমিত্রা সতাই।"—কৃত্তিবাস।

সতানন্দ (শ) [সৎ—উত্তম আনন্দ যাহার, বহু] বিণ, গৌতম মুনির পুত্র। ইনি মিথিলা-পতি জনক রাজার পুরোহিত ছিলেন।

সতি (শোতি) [প্রা-বাং। সং—সৎ] বিণ, সৎস্বভাব। প্র—"মাণিকচন্দ্র রাজা বঙ্গে বড় সতি"—মানিকচন্দ্র রাজার গান। "অসতি রাজা হৈল রাজ্যের ভিতর॥"—ঐ। ২। [সং—সত্য হইতে। প্রা-বাং] সত্য। প্র—"সে কি সতি বোলইতে পারে।"—জ্ঞান।

সতিন, সতিনী, সতীন (শোতিন) [সপত্নী শব্দজ] বি, স্বামীর অন্যপত্নী। প্র—"সতিনী বলিয়া বাছা পাছে ছাড় দয়া।"—ধনরাম। "এত বলি দুসতীনে করিলা প্রণতি।"—ঐ। **সতীন-ঝি**—সপত্নীকন্যা। **সতিন-পো**—বি, সপত্নী পুত্র।

সতী (শোতি) [সৎ+ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, দক্ষের কন্যা; শিবানী। প্র—"লুকাইয়া দশ মূর্ত্তি সতী হৈলা সতী।"—অ,ম। ২। সৌরাষ্ট্রের মৃত্তিকা। ৩। সাধ্বী: পতিব্রতা স্ত্রী। প্র—"মাতার স্নেহ মূরতি সতীর পবিত্র প্রীতি, স্তুতি গীত তোমারি হে জীব-হৃদয়-রঞ্জন॥"—বাং-গান। ৪। স্বামীর মৃত্যুতে যে স্ত্রী সহমৃতা হয়; অনুমৃতা স্ত্রী। তুল ইং—she became a *suttee* on her husbands funeral pile". এই অর্থে ক্রমে অপ্র হইয়া আসিতেছে। প্র—"রাজকন্যা সতী হৈল ঈশ্বরীর বোলে।"—কবিবল্লভ। **সতীপণা**—সতীত্ব: সতীত্বের বড়াই। প্র—"তোর সতীপণা, সব গেল জানা, শঙ্খ পরিবে ত পর।"—শিবায়ন। **সতী-মন্দির**—সহমৃতার সমাধিমন্দির। সতীর চিতাভস্ম প্রোথিত করিয়া তাহার উপর নির্ম্মিত স্মারক মন্দির। **সতীমা**—মা দুর্গা (সতী)র উপাসক: কর্ত্তাভজার শ্রেণীবিশেষ। **সতী-লক্ষ্মী**—লক্ষ্মীস্বরূপা সাধ্বী। প্র—"তুমি সতীলক্ষ্মী ভাগ্যিমানি। তুমি আশীর্ব্বাদ কর ওর মতিগতি ফিরবে।"—ভারতী, ১৩২০। **সতী-সাধ্বী**—[সহচর শব্দদ্বয়] সতী লক্ষ্মী।

সতীত্ব (শোতিৎত) [সতী+ত্ব (ভাবে)] বি, ক্লী, সতী স্ত্রীর ধর্ম্ম। প্র—"নাসিকা মোদিত মন্দারের পরিমলে। সতীত্ব সৌরভ যায় হৃদয়-অঞ্চলে॥"—লীলাবতী॥

সতীন (শোতিন্)—সতিন দ্রঃ।

সতীর্থ (শ) [স (সমান) তীর্থ (অধ্যাপক) যাহার, বহু] বি, পুং, সমকালে এক অধ্যাপকের ছাত্র; সহাধ্যায়ী; একপাঠী। প্র—"তুমি আমি দূরে দূরে আজ, সতীর্থ আমার।"—আলো ও ছায়া। "নিষাদরাজ হিরণ্যধনুর পুত্র একলব্য দ্রোণ সন্নিধানে সমাগত হইল,—সে সাধারণের সতীর্থ ও সমতুল্য হয় ইহা নিতান্ত অনভিপ্রেত।"—মহা (বর্দ্ধ)।

সতুষ (শতুষ্) [স (সহিত) তুষ] বিণ, তুষের সহিত; তুষযুক্ত। ২। বি, তুষযুক্ত শস্য; ধান্য।

সতৃষ্ণ (শতৃষ্ণ্ট) [স (সহিত) তৃষ্ণা (পিপাসা) যাহার, বহু] বিণ, তৃষ্ণাযুক্ত; পিপাসাযুক্ত। ২। পিপাসু; সস্পৃহ; অতিশয় আগ্রহযুক্ত।

সতেজ (শতেজ্) [স (সহিত) তেজঃ (বল) যাহার, বহু=সতেজস্ ১মা, ১ব, সতেজাঃ, বাং-য় সতেজ] বিণ, তেজাল; বীর্য্যশালী। ২। বলবান্।

সতের (শ) [সং—সপ্তদশ] বি, সাত অধিক দশ সংখ্যা, ১৭ এই সংখ্যা। ২। বিণ, ১৭ সংখ্যক।

সৎ (শৎ) [অস্ (হওয়া)+অৎ (কর্ত্তৃ—শতৃ) আদি "অ" লোপ] বিণ, সত্য। ২। নিত্য। ৩। বর্ত্তমান। ৪। সাধু। ৫। প্রশস্ত। ৬। মান্য। ৭। শুভ। ৮। শোভন। ৯। বি, ব্রহ্ম। **সৎকর্ম্ম**—সাধুকার্য্য। ২। বেদাদি শাস্ত্রবিহিত ক্রিয়াকর্ম্ম। **সৎক্রিয়া**—সাধু-কর্ম্ম। ২। সৎকার। **সৎছেলে**—সতীন-পুত্র। **সৎপুত্র**—সুসন্তান। **সৎমা**—বিমাতা। প্র—"আনাইব তোমার জননী সৎমার।"—কবিক। **সৎবাপ**—বিপিতা; জননীর অন্যপতি। প্র—"কে পাড়িবে সৎবাপ মায়ের কল্যাণে।—ঈশ্বর গুপ্ত।

সৎকার (শৎকার্) [সৎ—কার (ক্রিয়া)] বি, পুং, শুভকর্ম্ম; মঙ্গলক্রিয়া। ২। পূজা; সম্মান। ৩। সেবা। ৪। শবদাহন কর্ম্ম। ৫। পুরস্কার। বিণ, **সৎকৃত**।

সত্তম (শৎতম্) [সৎ+তম (অতিশয়ার্থে)] বিণ, অত্যুত্তম। ২। সাধুত্তম; অতিশয় সাধু। প্র—"অতএব সাবধানে শুনহে সত্তম। সুরসাল সৎকথা প্রসঙ্গ অনুত্তম॥"—শিবায়ন। ৩। মহামান্য; পূজ্যতম।

সত্তা (শৎতা) [সৎ (বিদ্যমান)+তা (ভাবে)] বি, স্ত্রী, অস্তিত্ব; বিদ্যমানতা। ২। নিত্যতা। ৩। শ্রেষ্ঠতা; উৎকর্ষ। ৪। সাধুতা। ৫। উৎপত্তি।

সত্ত্ব, সত্ত (শৎত) [সৎ+ত্ব (ভাবে)। (২) ৎ লোপ] বি, বিদ্যমানতা। ২। স্থিতি। ৩। আত্মা। ৪। চৈতন্য। ৫। প্রাণ। ৬। বল; শক্তি; তেজঃ; পরাক্রম। ৭। ধৈর্য্য। ৮। উৎসাহ। ৯। স্বভাব। ১০। পদার্থ। ১১। ধন। ১২। সাহস। ১৩। মন। ১৪। সত্ত্ব রজঃ তমঃ—প্রাকৃতিক ঐ গুণত্রয়ের মধ্যে শ্রেষ্ঠ গুণ। ইহা মানব হৃদয়ের সত্য, ন্যায়, দয়া, ধর্ম্ম, শ্রদ্ধাভক্তি ঔদার্য্যাদি পবিত্র ভাবোৎপাদন করে। প্র—"গুণ সত্ত্বতমোরজে হরিহর কমলজে কহিলেন তপ তপ তপ।"—অ, ম। ১৫। রস; নির্য্যাস। প্র—"ধুতুরার সত্ত্ব তাতে শিব দিল ঘসে।"—শিবায়ন। ১৬। [আ—শর্ত হইতে বাং—সর্ত বা সর্ত্ত শব্দ ভ্রমে] কড়ার; নিয়ম। প্র—"পশুপতি পার্ব্বতী পাসরে কোন সত্বে।"—শিবায়ন। ১৭। স্বত্ব। প্র—"তিনের জালিত সত্ত্ব জানাইতে নিজ তত্ত্ব শবরূপা হইলা কপটে।"—অ, ম। **সত্ত্ববান্**—সত্ত্বপ্রকৃতি; সত্ত্বগুণান্বিত। ২। স্থায়িত্বশীল। ৩। বীর্য্যবান; শক্তিশালী। ৪। ধার্ম্মিক। **সত্ত্বস্থ**—বিণ, সত্ত্বগুণ-প্রধান। ২। ধর্ম্মশীল।

সত্ত্র, সত্র (শৎত্র) [সদ্ (গমন করা)+ত্র (অধি) প্রা—ছত্র] বি, ক্লী, যজ্ঞ। ২। সদাব্রত। ৩। আচ্ছাদন। ৪। আশ্রম। ৫। অরণ্য। বিণ, **সত্ত্রী, সত্রী**—যজ্ঞশীল। ২। গৃহস্থাশ্রমী। **সত্রশালা**—অন্নাদি বিতরণ স্থান। ২। যজ্ঞাগার।

সত্রাজিৎ (শ) বি, পুং, সত্যভামার পিতা।

সত্র—সত্ত্র দ্রঃ।

সত্য (শোৎত) [সৎ+য] বিণ, প্রকৃত; যথার্থ। ২। বি, সৎ; নিত্যতা; অনশ্বরত্ব। ৩। বিষ্ণু। প্র—"তিনি সত্যে ও সত্য তাঁহাতে প্রতিষ্ঠিত আছে এই নিমিত্ত তাঁহার নাম সত্য"—মহাভারত (বর্দ্ধ)। ৪। যাথার্থ্য। ৫। যথার্থ জ্ঞান; বিজ্ঞান। প্র—"পারমার্থিক সত্যের ক, খ, গ, ঘও আজ পর্য্যন্ত বিজ্ঞানের আয়ত্তের মধ্যে ধরা দিল না"—দ্বিজেন্দ্র ঠাকুর। ৬। প্রতিজ্ঞা; সপথ; দিব্য। প্র—"ধন দিয়া সত্য কৈল নগেন্দ্র নন্দিনী"—কবিক। ৭। আদিযুগ; কৃতযুগ। ১০০৬২৮০০০ বৎসর ব্যাপীকাল। ৮। সপ্ত-লোক বা ভুবনের অন্যতম ভুবন; সর্ব্বলোকের উপরিস্থিত লোক। ৯। অ, নিশ্চয়; ঠিক কথা। **তিন সত্য, ত্রি-সত্য**—তিন-বার সত্য বলিয়া দিব্য বা শপথ। ২। সত্য-প্রতিজ্ঞা। **সত্যনারায়ণ**—মুসলমানের সত্যপীরই হিন্দুর সত্যনারায়ণ। **সত্যপীর**—মুসলমানের পূজ্য পীরবিশেষ। প্র—"সত্যপীর নামের তাৎপর্য্য শুন আগে। মিথ্যার বিনাশ হেতু সত্যপুর ভাগে॥ নারায়ণ নামে সিন্নি না হয় সম্ভব। পীর হলে প্রাণ গেলে না পুজে হিন্দব॥ অতএব নারায়ণ নাম।"—রামেশ্বর। **সত্যপুর**—বিষ্ণুর পুরী; বৈকুণ্ঠ। **সত্যফল**—বিল্ববৃক্ষ।

সত্যমিথ্যা—প্রকৃত বা অপ্রকৃত। **সত্য-যৌবন**—স্থির-যৌবন। ২। বিদ্যাধর। **সত্য-সত্য, সত্য সত্য সত্য**—অতি সত্য ; খুব ঠিক ; নিঃসন্দেহ। প্র—"সত্য সত্য পুনঃ সত্য উৰ্দ্ধ হস্তে কহি।"—শিবায়ন।

সত্যবতী (শোৎতোবোতি) [সত্য+বৎ (অস্ত্যর্থে)=সত্যবৎ+ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, ধীবর কন্যা মৎস্যগন্ধা ; মহর্ষি কৃষ্ণদ্বৈপায়ন বেদব্যাসের জননী। ২। নারদ মুনির পত্নী। ৩। ঋচিক মুনির পত্নী।

সত্যবাক্ [সত্যবাচ্ শব্দ ১মা, ১ব] বিণ, সত্যবাদী। ২। বি, মুনি ; ঋষি।

সত্যবাদী (শোৎতোবাদি) [সত্য—বদ্ (বলা) +ইন্ (কর্ত্তৃ—শীলার্থে, ণিন্)=সত্যবাদিন্ ১মা, ১ব] বিণ, যে সত্যকথা বলে ; যথার্থ-বাদী।

সত্যবান (শোৎতোবান্) [সত্য+বৎ (অস্ত্যর্থে)=সত্যবৎ ১মা, ১ব] বিণ, সত্য-পরায়ণ। ২। বি, সাবিত্রীর পতি ; পরম ধার্ম্মিক রাজাবিশেস। ২। মুনিবিশেষ।

সত্যব্রত (শোৎতোব্‌ব্রোতো) [সত্য হইয়াছে ব্রত (নিয়ম) যাহার, বহ্] বিণ, সত্যনিষ্ঠ। ২। বি, ভীষ্মের নামান্তর।

সত্যভামা (শোৎত) বি, স্ত্রী, সত্রাজিৎ রাজার কন্যা ও কৃষ্ণের অন্যতমা পত্নী।

সত্যলোক—বি, পুং, সপ্ত ভুবনের উপরিস্থিত ভুবনবিশেষ।

সত্যসন্ধ (শোৎতোশন্ধ) [সত্যে সন্ধা (প্রতিজ্ঞা) যাহার, বহ্] বিণ, সত্যপ্রতিজ্ঞ।

সত্যি, সত্তি (শোৎতি) [সং—সত্য হইতে প্রা—সত্যি। প্রা-বাং—সত্তি] বিণ, সত্য ; প্রকৃত। প্র—"কিন্তু সব সত্যি, সব সত্যি, সব সত্যি কথা ভাই"—দ্বিজেন্দ্র রায়। **সত্যিযুগ, সত্তিযুগ**—[প্রা-বাং] সত্যযুগ ; আদি বা কৃতযুগ। প্র—"সত্তি জুগে সাঁজা দিল বসুয়া আমনি। সেতাই পণ্ডিত সেথা করিল সংখধ্বনি"—শূ, পু।

সত্যাগ্নি (শোৎত্যাগ্নি) বি, পুং, অগস্ত্য মুনি ; কুম্ভযোনি।

সত্যানৃত (শোৎত্যান্‌নৃত) [সত্য—অনৃত (মিথ্যা) যাহাতে, বহ্] বি, ক্লী, সত্য মিথ্যা। ২। বাণিজ্য ; বণিগ্‌বৃত্তি।

সত্ব (শৎত) সত্ত্ব।

সত্বর (শৎতর্) [স (সহিত) ত্বরা (শীঘ্রতা)] ক্রি-বিণ, ক্লী, শীঘ্র ; ত্বরান্বিত। [বাঙ্গালায় সত্বর স্থানে সত্বরেও হয়]। প্র—"কোকিলা ডাকিলে তিনি আসেন সত্বরে"—ব্রজাঙ্গনা।

সদত (শ) [সং—সতত] ক্রি-বিণ, সতত ; নিয়ত ; সর্ব্বদা। প্র—"সম্বোধন করিয়ে সদত ইহা কয়"—শিবায়ন।

সদন (শদন্) [সদ্ (গমন করা)+অন (অধি—অনট্)] বি, গৃহ ; আলয় ; আশ্রম। প্র—"মুনির সদনে সবে মিলিল আসিয়া"—কাশী-মহা। ২। নিকটে ; কাছে। প্র—"তব কূলে কল্লোলিনি, ভ্রমি আমি একাকিনী অনাথা অতিথি আমি তোমার সদনে।"—ব্রজাঙ্গনা।

সদয় (শদয়্) [স (সহিত) দয়া] বিণ, দয়ালু ; ২। অনুকূল ; অনুগ্রহকারী।

সদর (শদর্) [আ—সদর্] বিণ, প্রকাশ্য। ২। প্রধান। ৩। রাজকার্য্য পরিচালনার কেন্দ্র বা প্রধান স্থান ; headquarters. ৩। বিভাগীয় প্রধান জেলার প্রধান নগর ; সহর। ৪। বহির্বাটী ; বারবাড়ী। **সদর দরজা**—বহির্বাটীর দ্বার ; বাটীর বহির্দ্বার বা প্রবেশের প্রধান দ্বার। **সদর দেওয়ানী আদালত**—সর্ব্বোচ্চ বিচারালয় ; হাইকোর্ট। **সদর মাল গুজার—সদর অন্দর**—বাড়ীর বাহির ও ভিতর ; ভদ্রাসনের বহির্বাটী ও অন্তঃপুর। **সদর আমীন**—রাজস্ব বিভাগীয় নিম্নশ্রেণীর বিচারক ; মুন্সিফ। **সদর আলা**—জেলাজজের নিম্ন পদবীর বিচারক। সবজজ। subordinate judge. **সদরজমা**—সরকারী রাজস্ব ; যে কর গবর্ণমেণ্টের খাজনাখানায় জমা দিয়া আসিতে হয়।

সদস্য (শদশ্‌শ) [সদস্ (সভা)+য] বি, পুং, যজ্ঞকর্ম্মের সহায়ক ; যজ্ঞকর্ম্ম সম্পাদক-গণের ভ্রম-সংশোধক ও বিধিপ্রদর্শক। ২। সভাসদ্ ; সভ্য ; member. প্র—"পাতশা অধ্যক্ষ দরবার পূজা স্থান। সদস্য কেবল দস্যু মোগল পাঠান॥"—অ, ম।

সদা (শ) [সং] বি, সর্ব্বদা ; সকল সময়। **সদাকাল**—সর্ব্বসময় ; নিয়ত। ২। চিরকাল।

সদাগতি—বিণ, সর্ব্বদা গতিশীল। ২। বি, বায়ু। প্র—"কার্ম্মুক অক্ষয় গুণ বাণ পূর্ণ দুই তূণ চণ্ডিকারে দিলা সদাগতি।"—কবিক। ৩। আত্মা। ৪। ঈশ্বর। **সদাদান**—সদাব্রত দ্রঃ। **সদাপুষ্পা**—বিণ, সর্ব্বদা কুসুমযুক্ত। ২। বি, নারিকেল গাছ। **সদাযোগী**—শিব। ২। বিষ্ণু। **সদাশিব**—মহাদেব। ২। [লক্ষণায়] বিণ, উদার, শান্ত, প্রসন্ন ও অক্রোধন। **সদাসর্ব্বদা**—সর্ব্বক্ষণ ; অহরহঃ ; নিরন্তর।

সদাগর (শদাগর্) [গ্রা। ফা—সওদাগর্] বাণিজ্যব্যবসায়ী ; বণিক ; সওদাগর। প্র—"আমি সদাগরের ঝি। আমি কি অম্নি রেঁধেচি॥"—ছড়া।

সদাচার (শদাচার্) [সৎ (সাধু) যে আচার, কর্ম্মধা] বি, পুং, শাস্ত্রবিহিত আচার ; শুদ্ধাচার। ২। সদ্ব্যবহার। ৩। সাধুর আচরণ।

সদাতন (শদাতন্) [সদা (সর্ব্বদা)+তন (ভবার্থে)] বিণ, চিরস্থায়ী ; নিত্য। ২। ক্রি-বিণ, সর্ব্বক্ষণ ; সর্ব্বদা। প্র—"গুরুর গঞ্জন সহি সদাতন না জানিনু সেই রসে।"—চণ্ডীদাস।

সদাত্মা (শদাৎতাঁ) [সৎ—আত্মা (চিত্ত) যাহার—বহ্] বিণ, সাধু ; সদন্তঃকরণ।

সদানন্দ (শ) [সদা (সর্ব্বদা) আনন্দ (হর্ষ) যাহার, বহ্] বিণ, নিত্যহর্ষযুক্ত ; সর্ব্বদা আনন্দ-ময়। প্র—"সৌদামিনী ঘন সনে ভ্রমে সদানন্দ মনে।"—ব্রজাঙ্গনা। ২। বি, শিব ; ব্রহ্ম ; পরমাত্মা। প্র—"সদা আনন্দে সদানন্দে হৃদয় প্রাণ ভরে ডাক ও আমার মন।"—ব্রহ্ম-সঙ্গীত।

সদানীরা (শদা) [সদা (সর্ব্বদা নীর (জল) যাহাতে, বহ্। শ্রাবণ মাসে সকল নদী রজস্বলা হইলেও করতোয়ানদী নির্ম্মলজলবাহিনী থাকায় এই নাম] বি, স্ত্রী, করতোয়া নদী।

সদীয়াল (শোদিয়াল্) [শত একশত (সেনা)+বাল] বি, শতসেনানায়ক। প্র—"দফাদার জমাদার চলে সদীয়াল।"—অ, ম। ২। কোম্পানীর আমল ও তৎপূর্ব্বের কর আদায়-কারী কর্ম্মচারী।

সদৃশ (শদৃশ) [স (সমান) দৃশ (দর্শন—আকৃতি) যাহার, বহ্] বিণ, সম ; তুল্য ; অনুরূপ ; সমান। ২। যোগ্য।

সদ্‌গতি (শদ্‌গোতি) [সৎ (উত্তম) যে গতি (গমন) কর্ম্মধা] বি, স্ত্রী, উত্তম গতি ; স্বর্গ-লাভ ; নির্ব্বাণ ; মুক্তি।

সদ্ধর্ম্ম [সৎ—ধর্ম্ম] বি, সাধুধর্ম্ম ; শ্রেষ্ঠধর্ম্ম। ২। [বৌদ্ধ ত্রিরত্নের (বুদ্ধ, সঙ্ঘ, ধর্ম্ম) অন্যতম রত্ন ধর্ম্ম] বৌদ্ধধর্ম্ম। **সদ্ধর্ম্মবিশারদ**—বৌদ্ধ সন্ন্যাসীর উপাধিবিশেষ। ২। বিণ, বৌদ্ধধর্ম্মে পারদর্শী।

সদ্‌বৃত্ত (শদ্‌বৃত্ত) [সৎ (সাধু) যে বৃত্ত (স্বভাব) কর্ম্মধা] বি, ক্লী, সাধু আচরণ ; সৎস্বভাব। ২। [সৎ (সাধু) বৃত্ত (বৃত্তি, স্বভাব) যাহার, বহ্] বিণ, সচ্চরিত্র। বি, **সদ্‌বৃত্তি**।

সদ্ভাব (শদ্‌ভাব্) [সৎ (সাধু) হইয়াছে ভাব (উৎপত্তি) যাহার, বহ্] বি, পুং, সত্তা ; বিদ্যমানতা ; অভাবের বিপরীত। ২। সাধুতা। ৩। সদ্বৃত্ত। ৪। সদ্বৃত্তি।

সদ্ম (শদ্দঁ) [সদ্ (গমন করা)+মন্—অধি, মানবগণ যেখানে গমন করিয়া বিশ্রাম করে] বি, ক্লী, আলয় ; গৃহ ; ভদ্রাসন ; নিকেতন। প্র—"প্রাণপণে পূজিয়া প্রভুর পাদপদ্ম পুনঃ পুনঃ বলে আজি শুদ্ধ হল সদ্ম।"—শিবায়ন।

সদ্য, সদ্যঃ (শোদ্‌দ) [সংস্কৃত সদ্যস্ শব্দ সমান দিন অর্থে নিপাত হয়] উপস্থিত ; তৎক্ষণে ; এইক্ষণ। **সদ্যোজাত**—বিণ, এইক্ষণ বা তৎক্ষণে উৎপন্ন।

সদ্যঃশৌচ [সদ্যঃ—শৌচ হয় যাহার, বহু] বি, যাহার শুদ্ধ হইতে বিলম্ব হয় না। প্র—"যাহাদের গৃহে ব্রহ্মচারী অগ্নিতে হোম করেন আর কোন সম্পর্ক রাখেন না, তাঁহাদের অশৌচ নাই। * * শিল্পকর, কারুকর, বৈদ্য, দাসী, দাস, নাপিত, শ্রোত্রিয় এবং রাজা ইঁহারা সদ্যঃশৌচ।"—পরাশরসংহিতা (বঙ্গবাসী)।

সধবা (শ্ধোবা) [স (সহিত) ধব (পতি) যাহার, বহু—আপ্ স্ত্রী] বি, স্ত্রী, যে নারীর পতি জীবিত ; পতিবত্নী ; এয়স্ত্রী।

সধর্ম্মা (শ) [স (সমান) ধর্ম্ম যাহার—বহু = সধর্ম্মন্ ১মা, ১ব] বিণ, সমধর্ম্মী ; একধর্ম্মাবলম্বী। ২। একরূপগুণবিশিষ্ট ; একলক্ষণাক্রান্ত। **সধর্ম্মচারিণী**—স্বামীর সমান ধর্ম্মানুষ্ঠানকারিণী ; সহধর্ম্মিণী।

সধর্ম্মী (শধোর্মি) [স (সমান) ধর্ম্ম+ইন্ (অস্ত্যর্থে) = সধর্ম্মিন্ ১মা, ১ব] বিণ, সমধর্ম্মী : এক ধর্ম্মাবলম্বী। ২। সমগুণবিশিষ্ট ; একলক্ষণাক্রান্ত। স্ত্রী, **সধর্ম্মিণী**—সহধর্ম্মিণী ; ভার্য্যা।

সন্ (শন্) [শব্দাত্মক] বি, পবন শব্দ। ২। দ্রুতগমন জনিত শব্দ। ব্যাপ্ত্যর্থে **সন্ সন্** ; **সন সন**—পবন সঙ্কুলন শব্দ। প্র—"দুলিছে পবনে সন্ সন্ বনবীথিকা—গীতময় তরু লতিকা।"—রবি। ২। [চঞ্চল শব্দের বিকারে চন্ চন্ পরে সন সন] অ, আন্ চান্ : অস্থিরতা প্রকাশ। প্র—"পূজার সজ্জ দেখি দ্বিজ মন সন্ সন্ করে।"—কবিশেখর।

সন (শ) [সম—হইতে হি—সন্, সিন] বিণ, সম : সদৃশ : তুল্য ; প্রকার : মত। প্র—"তুমি সন শীঘ্র হস্ত না পাই দেখিতে॥"—মহা (বিজয়)। স্ত্রী, **সনি**—সমা।

সন (শন্) [সং] বি, ঘণ্টাপাটলি গাছ। ২। [ব্যাকরণে] ইচ্ছা বোধক প্রত্যয়।

সন (শন্) [আ] বি, সাল ; অব্দ ; বৎসর। প্র— "সহরে সকল প্রজা সুখে কর ধর। তিন সন অপর না লয় রাজকর॥"—ধনরাম। বিণ, **সনা**—বার্ষিক [দ্রঃ—সন ও সাল একই অর্থ সুতরাং বাং-য় সনের উল্লেখ করিয়া শেষে সাল লেখার প্রথা দুষ্ট প্রয়োগ]। **সন তারিখ**—বৎসর ও তারিখ। **বাঙ্গালা সন**—বঙ্গাব্দ। ইহা মুসলমান বৎসর (সৌর) আকবর বাদশাহের সময় প্রবর্ত্তিত। **হিজরী সন**—মুসলমান চান্দ্র বৎসর। হজরৎ মহম্মদের মক্কা হইতে মদিনা পলায়নের তারিখ হইতে ইহার আরম্ভ। **ইংরেজী সন**—খ্রীষ্টীয় বৎসর ; খৃষ্টাব্দ। **সনপতিত**—[আদাঃ পরিঃ] এক বৎসরের পতিত। **সন সন**—প্রতি সন : প্রতি বৎসর ; annually. **সনহাল**—বর্ত্তমান বৎসর ; চলতি বৎসর।

সনক (শণক্) [সং] বি, পুং, ব্রহ্মার মানসপুত্রবিশেষ।

সনৎ (শ) [সন্ (দান করা) + অৎ (কর্ত্তৃ)] বি, পুং, ব্রহ্মা। **সনৎকুমার**—বি, পুং ব্রহ্মার পুত্র ; মুনিবিশেষ।

সনদ (শনদ্) [আ—সনদ্] বি, দলিল।

সনন্দ (শ) [স (সহিত) নন্দ (আহ্লাদ) যাহার, বহু] বিণ, হর্ষযুক্ত। ২। বি, পুং, ব্রহ্মার পুত্র।

সনন্দ (শ) [আ—সনদ্] বি, হুকুমনামা দস্তখৎ হইয়া বাদশাহী পাঞ্জাযুক্ত বা ছেপ্ত করা লেখ্য ; প্রামাণিক লেখ্য ; সনদ। প্র—"করে স্বহস্তে সই শিবকে চরণ দিয়েছ সনন্দ লিখে।"—বাং-গান।

সনা (শনা) [সং—স্বর্ণ হইতে সোনা—সনা (প্রা-বাং)] বি, সুবর্ণ। প্র—"দর্পন রূপা সনা কজ্জল গোরচনা দুর্ব্বা ধান তত পরে।" —শূ-পু। **সনাখড়কি**—বাটাজাতীয় স্বর্ণবর্ণ সরু ছোট মাছ। ২। ধান্যবিশেষ। ৩। [সন দ্রঃ] বিণ, সন সম্বন্ধীয় ; বার্ষিক। প্র—পাঁচ সনা (পঞ্চ বার্ষিক)।

সনাক্ত (শ) [ফা—সনাক্ত্] বি, নিসানদিহি ; অভিজ্ঞান ; চিহ্নিত।

সনাতন (শতাতন্) [সদা (নিত্য) + তন (বিদ্যমানার্থে) সদা = সনা (বিকল্পে)] বি, নিত্য ; চিরস্থায়ী ; চিরদিনের। প্র—"এ ফের বুঝিবে কেবা, তারে বুঝে সুঝে যেবা, নিত্য নিরঞ্জন সত্য সনাতন মিথ্যা যত দেবী দেবা॥"—অ, ম। ২। ব্রহ্মার পুত্র। ৩। শিব। ৪। বিষ্ণু। প্র—"রামকৃষ্ণ জনার্দ্দন লক্ষীকান্ত সনাতন হৃষীকেশ বৈকুণ্ঠ বামন।"—অ, ম। স্ত্রী, **সনাতনী**—দুর্গা। প্র—"চিন্ময়ী সনাতনী নির্গুণা চৈতন্য রূপিণী কে বুঝিতে পারে তত্ত্ব অতি গহনা।"—বাং-গান। ২। সরস্বতী। ৩। লক্ষ্মী। ৪। গৌড়রাজ হুসেন সাহের জনৈক কর্ম্মচারী পরে বৈষ্ণবচূড়ামণি বৃন্দাবনবাসী সনাতন গোস্বামী।

সনাথ (শনাথ্) [স (সহিত) নাথ (প্রভু) যাহার, বহু] বিণ, নাথবান্ : নাথযুক্ত ; সহায়বিশিষ্ট (অনাথের বিপরীত)। ২। বিশিষ্ট ; যুক্ত ; সহিত। প্র—"শশি সনাথ যামিনী"—রবি।

সনাল (শনাল্) [স (সহিত) নাল (মৃণাল)] বিণ, নালের সহিত ; মৃণালযুক্ত। প্র—"সনাল কমল সনাল উৎপল দুপানি করে শোভিত।"—অ, ম।

সনি—সন দ্রঃ।

সনীড় (শনীড়্) [নীড়ের (পাখীর বাসার) —স (সহিত)] বিণ, নীড়সহ ; নীড়যুক্ত। ২। নিকট ; সমীপ (প্র-অ)।

সনে [সঙ্গে শব্দের পদ্যে কোমলরূপ। ব্রজ—সঙে, সঙ্গে, সনে] ক্রি-বিণ, সঙ্গে : সহিত ; সহ। প্র—"বসাইত ফুলাসনে এ দাসীরে তব সনে তুমি নবজলধর এ তব অধীনা!"—ব্রজাঙ্গনা।

সনেট (শনেট্) [ইং—sonnet] বি, চৌদ্দ অক্ষরযুক্ত ছত্রের ১৪ ছত্রে লিখিত কবিতা। প্র—"বন্দী হয়ে সনেটের ক্ষুদ্র কারাগারে কাঁদে যথা সুকবিতা গুমরে গুমরে।"—অশোকগুচ্ছ।

সন্ত (শন্ত) [সং—সৎ শব্দ বহুবচনে। হি—সন্ত্] বি, সাধু ; সন্ন্যাসী ; পুণ্যাত্মা। **সাধুসন্ত**—সাধুসন্ন্যাসী।

সন্তত (শ) [সং—তত (বিস্তৃত)] বিণ, পরিব্যাপ্ত ; অতি বিস্তৃত। ২। নিয়ত ; নিরন্তর। ৩। বহুল। ৪। অনাদি অনন্ত।

সন্ততি (শন্তোতি) [সং (সম্যক্) ততি (তন্—তি) যাহারা বহু বিস্তৃত হয়] বি, স্ত্রী, সন্তান ; পুত্র বা কন্যা। ২। গোত্র ; বংশ। ৩। পারম্পর্য্য। ৪। পঙ্ক্তি। ৫। ধারা। ৬। ব্যাপ্তি ; বিস্তার।

সন্তপ্ত (শ) [সং—তপ্ (উত্তপ্ত বা দগ্ধ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সন্তাপক্লিষ্ট ; মনস্তাপযুক্ত। ২। উত্তপ্ত। ৩। পথশ্রান্ত। ৪। দগ্ধ। ৫। জ্বলন্ত।

সন্তমস (শন্তমশ্) [সং (অধিক) তমস্ (অন্ধকার)] বি, ক্লী, ঘনান্ধকার ; নিবিড় অন্ধকার। ২। [লক্ষণায়] অতিশয় মোহ বা মহামায়া রূপ অন্ধকার ; মোহঘোর।

সন্তরণ (শন্তরন্) [সং—তরণ] বি, ক্লী, দেহ ভাসাইয়া জল কাটিয়া গমন ; সাঁতার দেওয়া। প্র—"নামসুধা-সিন্ধু মাঝে সুখে কর সন্তরণ।" —বাং-গান। বিণ, **সন্তরিক**—সাঁতার পটু ; সন্তরণদক্ষ। **সন্তরণ করা**—সাঁতার কাটা।

সন্তর্পণ (শন্তর্পন্) [সং (সম্যক্) তর্পণ (তোষণ—তৃপ্তিদান)] বি, সন্তোষণ ; সম্যক্ তৃপ্তিদান ; সন্তৃপ্ত করণ। ২। [সন্তোষণের জন্য অতিশয় যত্নের ভাব হইতে] সাবধানতাবলম্বন ; সতর্কতাবলম্বন। প্র—অতি সন্তর্পণে পা ফেলিয়া চলিতে লাগিল। ৩। বিণ, তৃপ্তিদায়ক। অস-ক্রি, **সন্তর্পি, সন্তর্পিয়া** [পদ্যে] সন্তৃপ্ত করিয়া ; তুষ্ট করিয়া। প্র—"সন্তর্পিয়া পাঠাইল ধর্ম্মের নন্দন॥"—মহা (শ্রীচরণ)।

সন্তলন, সন্তোলন (সন্তলন্) [সং—সম্—হি—তল্না (তেলে ভাজা, আধভাজা করা)] বি, তেল বা ঘিয়ে অল্প ভাজিয়া লওন। ক্রি, **সন্তোলা**—সাঁতলান দ্রঃ। অস-ক্রি,

সন্তোলিয়া—সাঁতলাইয়া। প্র—"রান্ধিে মসুর সুপ দিয়া লবঙ্গজাল। সন্তোলিয়া দিবে তথি মরিচের ঝাল॥"—কবিক।

সন্তান (শন্তান্) [সং—তন্ (বিস্তার করা +অ (করণে—ঘঞ্) যাহা দ্বারা বং বিস্তার হয়] বি, পুং, অপত্য : পুত্র ; কন্যা প্র—"সন্তান হইবে যত সবে হবে অনুগত জনেক হইবে রাজা তার।"—অ, ম। ২ বংশ। ৩। ব্যাপ্তি ; বিস্তার। ৪। ধারা প্রবাহ। ৫। দেবদারুবিশেষ : কল্পবৃক্ষ বিণ, **সন্তানিত**—ব্যাপ্ত : বিস্তৃত। ২ সন্তানবিশিষ্ট। **কন্যাসন্তান**—মেয়ে **নিঃসন্তান**—সন্তানহীন। **পুত্রসন্তান**—ছেলে ; বেটা।

সন্তানবান্ (শন্তান্) [সন্তান+বৎ (অস্ত্যর্থে)=সন্তানবৎ ১মা, ১ব] বিণ, যাহার সন্তান আছে ; সন্তানবিশিষ্ট। স্ত্রী, **সন্তানবতী**।

সন্তাপ (শন্তাপ্) [সং—তপ্ (উত্তপ্ত করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উত্তাপ। ২। মনস্তাপ : অনুতাপ ; অন্তর্দাহ। বিণ, **সন্তাপিত**—প্রতপ্ত। ২। পরিতাপযুক্ত : দুঃখিত।

সন্তাপন (শন্তাপন্) [সং—তপ্+ণিচ্=তাপি+অন (ভাবে—অনট্)] বিণ, সন্তাপদায়ক। ২। বি, তাপদান। ৩। মদনের পঞ্চবাণের অন্যতম ; কামশরবিশেষ।

সন্তুষ্ট (শ) [সং—তুষ্ট] বিণ, পরিতৃপ্ত। ২। হৃষ্ট। বি, **সন্তুষ্টি**—তৃপ্তি : সন্তোষ। ২। হর্ষ ; আহ্লাদ।

সন্তোক (শন্তোক্) [প্রা-বাং। সন্তোষশব্দের হিন্দি উচ্চারণ। ষ=ক, খ] বি, সন্তোষ : তৃপ্তি। প্র—"সন্তোক বৈরাগ্য দেহ"—ব্রহ্মসঙ্গীত। ২। কৌতুক ; পারিতোষিক। প্র—"সন্তুষ্ট হইয়া রাজা দিলেন সন্তোক"—কৃত্তিবাস।

সন্ত্রাস (শন্ত্রাশ্) [সং (সম্যক্)—ত্রাস] বি, পুং, অতিশয় ভয়। বিণ, **সন্ত্রাসিত**—যাহাকে বিলক্ষণ ভয় দেখান হইয়াছে বা যে অতিশয় ভয় পাইয়াছে।

সন্দ (শ) [সন্দেহ হইতে প্রা-বাং-গ্রা] বি, সন্দেহ। প্র—"কিবা সন্দভাব ভাব সখ্য শিশুগণ।"—ভাগবত (নরহরি দাস)। "বৃন্দে এই সন্দ হয়"—গান।

সন্দংশ (শ) [সম্ (সম্যক্) দংশ—যে সম্যক্ দংশন করে] বি, পুং, সাঁড়াশি। ২। চিমটা। ৩। সন্না। ৪। জাঁতি। **সন্দংশপ্রাপিত ন্যায়**—সাঁড়াশীর দুই দিক চাপিয়া ধরিয়া তবে অন্য বস্তু ধারণ করা হয় ; তাহার সদৃশ ক্ষেত্রে প্রযোজ্য ন্যায়। **সন্দংশযাতন** নরকবিশেষ।

সন্দর্ভ (শ) [সং—দৃভ্ (সংগ্রহ করা)+অ (ভাবে—অল) শব্দ ও অর্থ সম্যক্ প্রকারে গ্রথিত হওয়ার ভাব] বি, পুং, রচনা ; প্রবন্ধ নিবন্ধ। ২। রহস্য ; গূঢ়ার্থ। প্র—"সঘনে ঢুলায় শির নাড়া নাড়া বোলে। নাড়ার সন্দর্ভ কেহ না বুঝে সকলে॥"—চৈ-ভা। প্র—"দ্ব দিয়া কীর্ত্তনের সন্দর্ভ জানিল।—ঐ।

সন্দর্শন (শনদর্শন্) [সং (সম্যক্) দর্শন] বি ক্লী, সম্যক্‌দর্শন ; অবলোকন ; নিরীক্ষণ। ২ পরীক্ষা।

সন্দষ্ট (শ) [সং (সম্যক্) দষ্ট] বিণ, কৃত দংশন ; বিশেষভাবে দংশিত।

সন্দিগ্ধ (শ) [সং (সম্যক্) দিহ্ (সংশয় করা +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সন্দেহবিশিষ্ট সংশয়যুক্ত। স্ত্রী, **সন্দিগ্ধা**। বি, **সন্দিগ্ধত**—সন্দেহ ; সংশয়।

সন্দিষ্ট (শ) [সং—দিশ্ (আদেশ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, গৃহীতাদেশ ; আদিষ্ট।

সন্দিহান (শোন্দিহান্) [সং—দিহ্+আন (কর্ত্তৃ—আনশ্)] বিণ, সন্দিগ্ধ ; সংশয়যুক্ত।

সন্দীপ্য (শনদীপ্‌প) বি, পুং, ময়ূর শিখাবৃক্ষ

সন্দেশ (শন্দেশ্) [সং—দিশ্+অ (ভাবে —ঘঞ্)] বি, পুং, সংবাদ : বার্ত্তা : খবর। ২। আজ্ঞা ; আদেশ। ৩। চিনি বা গুড়ের সহিত পাক করা, নারিকেল, ছানা প্রভৃতি ঘটিত মিষ্টান্নবিশেষ। প্র—"খাইতে ধরিল লুচি, ও ছোকা ও সন্দেশ থাল থাল তখন সকলে বলিল বাহবা বাহবা নন্দলাল।"—দ্বিজেন্দ্র রায়। **আঁব সন্দেশ**—আঁবের আকারে প্রস্তুত সন্দেশ। ঐরূপ "আতা সন্দেশ" "তাল শাঁস সন্দেশ" ইত্যাদি। **চিনির সন্দেশ**—অল্প ছানাযোগে চিনিতে প্রস্তুত সন্দেশ। **নারিকেল সন্দেশ**—চিনির সহিত নারিকেল কোরায় প্রস্তুত সন্দেশ। **গুপো বা দেদো সন্দেশ**—সন্দেশের উপর ডায়মনের মত টোপতোলা বলিয়া এই নাম। **রাম চাকী সন্দেশ**—চক্রাকৃতি সন্দেশের উপর রাম নামের ছাপ থাকে বলিয়া এই নাম। **গোল্লা বা মোণ্ডা সন্দেশ**—বর্ত্তুলাকার সন্দেশ। ক্ষুদ্রার্থে **মুণ্ডি সন্দেশ**। অধিক ছানা ও অল্প চিনিযোগে বিশেষ পাকের সন্দেশকে **কাঁচাগোল্লা** বলে। **দৈ সন্দেশ**—দধি ও সন্দেশ। **লুচি সন্দেশ**—লুচি এবং সন্দেশ। ২। [নিমন্ত্রণ স্থলে] ভাত বা চিঁড়া মুড়কী অথবা লুচি চিনি ইত্যাদি নহে তাহারই ইঙ্গিত। ৩। [খাদ্যবিচারার্থে, গ্রা] উত্তম উত্তম খাদ্য। **সন্দেশ মোণ্ডা**—উৎকৃষ্ট উৎকৃষ্ট এবং মুখরোচক খাদ্য : সুখাদ্য।

সন্দেশবহ (শন্দেশ্) [সন্দেশ (বার্ত্তা) বহ (যে বহন করে)] বি, পুং, সংবাদবাহক : বার্ত্তাবহ ; দূত। প্র—"কহ রে সন্দেশবহ।"—মেঘনাদ।

সন্দেশহর (শন্দেশ্‌হর্) [সন্দেশ (সংবাদ) হর (যে লইয়া যায়)] বি, পুং, সন্দেশবহ (দ্রঃ) দূত। ৪। সংবাদবাহক ; হরকরা।

সন্দেহ (শ) [সং—দিহ্ (দ্বৈধভাবে)+অ (ভাবে—অল্)] বি, পুং, সংশয়। ২। অর্থালঙ্কারবিশেষ।

সন্দোহ (শ) [সং—দুহ্ (পূরণ করা)+অ (কর্ম্মে—অল্)] বি, পুং, সমূহ ; রাশি। প্র—আনন্দ সন্দোহ। ২। যাহা সম্যক্ দোহন করা হইয়াছে। ৩। দুগ্ধ [অপ্র]।

সন্ধ (শ) [সং—সন্দেহ হইতে সন্দ দ্রঃ] বি, সন্দেহ। প্র—"শমন আসার পথ ঘুচেছে। আমার মনের সন্ধ দূরে গেছে॥"—রামপ্রসাদ।

সন্ধাতব্য (শনধাতোব্‌ব) [সং—ধা (ধারণ করা)+তব্য (কর্ম্মে)] বিণ, সন্ধির উপযুক্ত পাত্র ; যাহার সহিত সন্ধি করা কর্ত্তব্য।

সন্ধান (শনধান্) [সং—ধা+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মিলন ; সংযোজন। ২। মিশ্রণ। ৩। অন্বেষণ ; তল্লাস ; খোঁজ। ৪। সংঘটন। ৫। যোজনা ; ধনুকে বাণ যোজনা। প্র—"সম্মোহন বাণ করিয়া সন্ধান শিবের ভাঙ্গহ ধ্যান।"—অ, ম। ৬। সাজ সজ্জা ; ঘটা। প্র—"দেখিয়া সন্ধান করি অনুমান আইসে কলিঙ্গ নৃপবর।"—কবিক। ৭। ভেদ : তত্ত্ব। প্র—"কোথা দিয়া সেথা প্রবেশিতে নাই সন্ধান লব বুঝিয়া।"—রবি। ৮। মদ্যপান। বিণ, **সন্ধানী**—যে সন্ধান করে ; খোঁজকারী। **ঘর সন্ধান, ঘর সন্ধানী**—যে ঘরের সকল গুপ্ত বিষয় জানে : ঘরের খবর যাহার জানা আছে ; ঘরের গুপ্ত বিষয়ের প্রকাশক ; গৃহচ্ছিদ্রজ্ঞ। প্র—ঘর সন্ধানে রাবণ নষ্ট। **সন্ধানপুরা**—ধনুকের ছিলা টানিয়া বাণযোজনা করা। প্র—"মহা কোলাহল করি আকর্ণ সন্ধান পুরি চতুর্দ্দিকে বাণ বরিষণ।"—শিবায়ন। **সন্ধান সুলুক**—[সন্ধান ও সুরাখ (সন্ধি, ছিদ্র)] খোঁজখবর। ২। কল-কৌশল।

সন্ধানিত (সন্ধান+ইত (যুক্তার্থে)] বিণ, সংমিলিত ; সংযোজিত। ২। অন্বেষিত।

সন্ধি (শো) [সং—ধা (ধারণ)+ই (ভাবে—কি)] বি, সংযোগ ; নিয়ম। ২। [স্মৃতিতে] এক যুগের অবসান এবং অন্য যুগের আরম্ভকাল ; সত্য ত্রেতাদি যুগের পরস্পর মিলন সময়। ৩। মিলন স্থান ; জোড় বা সংযোগের স্থান।

৪। [শারীর বিদ্যায়] শরীরের মিলন স্থান ; দেহগ্রন্থি। ৫। [রাজনীতিতে] বিপক্ষদ্বয়ের বা বিরুদ্ধ পক্ষ সমূহের মধ্যে ঐক্যস্থাপন : treaty ; peace. ৬। [ব্যাকরণে] বর্ণদ্বয়ের সংযোগজাত রূপান্তর। ৭। [অলঙ্কারে] নাটকাংশবিশেষ। ৮। সন্ধান ; রহস্য ; তত্ত্ব। প্র—"সঙ্গেতে দামাল নন্দী যে জানে স্বপ্নের সন্ধি"—কবিক। "পূর্ব্বে সন্ধি কহিয়াছি কেন বিস্মরণ"। ৯। যুক্তি। ১০। সাধন। ১১। সুরঙ্গ : সিঁধ। ১২। দ্বার। বিণ, সংহিত—সংমিলিত ; যুক্ত। ২। সন্ধি দ্বারা পুনর্মিলিত। ৩। সংবদ্ধ। **সন্ধিচৌর**—সিঁদাল চোর। **সন্ধিজীবক**—মিলন সংঘটক ; কোটনা। **সন্ধিপূজা**—মহাষ্টমী ও মহানবমীর সন্ধি সময়ের পূজা ; অষ্টমীর শেষ দণ্ড হইতে নবমীর প্রথম দণ্ড মধ্যকালীন দুর্গাপূজা। **সন্ধিবদ্ধ**—মিলিত। **সন্ধিবন্ধন**—মিলন। ২। শিরা। **সন্ধিবেলা**—দিন রাত্রির মিলন কাল ; সন্ধ্যা। **সন্ধিহারক** সিঁদাল চোর।

সন্ধিৎসু (শোন্‌ধিৎশু) [সং—ধা (সন্ধান করা)+সন্ (ইচ্ছার্থে)=সন্ধিৎস+উ (কর্ত্তৃ)] বিণ, সন্ধান করিতে ইচ্ছুক।

সন্ধিনী (শো) [সন্ধা (মিলন)+ইন্ (কর্ত্তৃ ণিন্) ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, বৃষ দ্বারা আক্রান্ত ঋতুমতী গাভী।

সন্ধুক্ষিত (শোন্‌ধুক্‌খিত) [সং—ধুক্ষ্ (দীপ্তি পাওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, প্রজ্বলিত। ২। উত্তেজিত।

সন্ধেয় (শ) [সং—ধা+য (কর্ম্মে)] বিণ, সন্ধি করিবার বা স্থাপনের উপযুক্ত।

সন্ধ্যা (শোন্‌ধ্যা) [সং—ধ্যৈ (ধ্যান করা)+অ (অধি—অঙ্), আপ্] বি, স্ত্রী, দিবা ও রাত্রির সন্ধি কাল। ইহা ত্রিবিধ,—প্রাতঃসন্ধ্যা (উষার পূর্ব্ববর্ত্তীকাল) সায়ং সন্ধ্যা (সূর্য্যের অস্তগমনের পরবর্ত্তী দিবাবসান কাল) এবং ঠিক মধ্যাহ্নকাল। সাধারণতঃ প্রাতঃসন্ধ্যা ও সায়ংসন্ধ্যা এই দ্বিবিধ। প্র—"মিলে মিশে দুই সন্ধ্যা খাই"—অশোকগুচ্ছ। ২। যুগসন্ধি ; সত্য ত্রেতাদি যুগের মিলন কাল। ৩। উপাসনা। ৪। উপাস্য মন্ত্ররূপ দেবতা। ৫। [দিবাবসানকালের ভাব হইতে রূপকার্থে] জীবনের অবসান কাল ; আয়ু-সূর্য্যের অস্ত গমন কাল। **সন্ধ্যা আহ্নিক, সন্ধ্যাহ্নিক**—সন্ধ্যার উপাসনা এবং আহ্নিককৃত্য। **সন্ধ্যা করা**—প্রাতঃ, সায়ং ও মধ্যাহ্নকালে উপাসনা করা। **সন্ধ্যাকৃত্য**—সন্ধ্যাপূজাদি। **সন্ধ্যাবন্দনা**—সন্ধ্যাকালীন উপাসনা ও দেবতার অর্চ্চনা। **ত্রিসন্ধ্যা, তিন সন্ধ্যা**—প্রাতঃসন্ধ্যা মধ্যাহ্ন ও সায়ংসন্ধ্যা। **চার সন্ধ্যা**—প্রাতঃ এবং সায়ং সন্ধ্যা, ও মধ্যাহ্ন এবং মধ্যরাত্র।

সন্ধ্যাংশ [সন্ধ্যার (সত্য ত্রেতাদি যুগসন্ধ্যা) অংশ—৬তৎ] বি, পুং, সত্য ত্রেতা দ্বাপর ও কলি এই চারি যুগের প্রথম ও শেষ ভাগ।

সন্ধ্যামণি (শোন্‌ধ্যামোনি) বি, লালবর্ণ পুষ্পবিশেষ ; কৃষ্ণকলি ফুল।

সন্নতি (শন্নোতি) [সং (সম্যক্) নম্ (নত হওয়া, নমস্কার করা)+তি (ভাবে)] বি, স্ত্রী, অতিশয় নত হওয়ার ভাব ; অবনতি ; বিনতি। ২। প্রণাম ; প্রণতি। ৩। নম্রভাব ; বিনয়। ৪। হোমবিশেষ। ৫। শব্দ। বিণ, **সন্নত**—প্রণত। ২। শব্দিত।

সন্নদ্ধ (শ) [সং—নহ্ (বন্ধন করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সংবদ্ধ। ২। বর্ম্ম ও অস্ত্রাদিতে সজ্জিত ; সাঁজোয়া পরা ; বর্ম্মিত। ৩। বাংদেশে কবচ বদ্ধ। ৪। শ্রেণীবদ্ধ। ৫। ব্যূহিত।

সন্না (শোন্না) [সং—সন্দংশ হইতে] বি, ছোট চিমটা।

সন্নাহ (শ) [সং (সম্যক্)— নহ্ (বন্ধনে) +অ (করণে—ঘঞ্)] বি, পুং, বর্ম্ম ; সাঁজোয়া। ২। কবচ।

সন্নিকর্ম (শ) [সং—নি—কৃষ্ (আকর্ষণ করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, সান্নিধ্য। ২। ন্যায়মতে সামান্য লক্ষণা, জ্ঞান লক্ষণা ও যোগজ এই ৩ প্রকার অলৌকিক প্রত্যক্ষ সাধন উপায়।

সন্নিকর্ষণ (শ, ন্) [সং—নি—কৃষ্ (আকর্ষণ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, নৈকট্য ; সন্নিধান।

সন্নিকৃষ্ট (শ) [সং—নি—কৃষ্+ত (কর্ম্মে —ক্ত)] বিণ, অতিশয় নিকটবর্ত্তী ; সন্নিহিত।

সন্নিধান (শন্নিধান্) [সং—নি—ধা+অন (কর্ম্মে—অনট্)] বি, নিকট ; সন্নিধি ; সমীপ। ২। সমাগম। ৩। আশ্রয়।

সন্নিধাপন (শন্নিধাপন্) [সং—নি—ধা+ণিচ্=ধাপি (ধারণ করান)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সমীপ রক্ষা ; সংস্থাপন।

সন্নিধি (শ) [সং—নি—ধা+ই (কর্ম্মে—কি)] বি, পুং, সমীপ ; সন্নিধান।

সন্নিপতিত (শ, পো) [সং (সম্যক্)—নি পত্ (গমনে পতনে)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পতিত। ২। আপতিত ; আগত। ৩। অবতীর্ণ। ৪। সংমিলিত।

সন্নিপাত (শ, ত্) [সং—নি—পত্ (গমন করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, আপতন। ২। অবতরণ। ৩। বিনাশ। ৪। সমূহের মিলন : সমষ্টি ; সমূহ। ৫। বাত পিত্ত কফের সংমিলনজাত বিকাররোগ।

সন্নিপাতন (শ, ন্) [সং—নি—পত্ (গমন করা)+ণিচ্=পাতি+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, আপতন। ২। অবতরণ। ৩। সংমিলন।

সন্নিবদ্ধ (শ) [সং (সম্যক্)—নি—বন্ধ্ (বন্ধন করা)+ত (কর্ম্মে—ক্ত) ত=ধ] বিণ, একত্র বদ্ধ ; সম্বদ্ধ ; সন্নিবিষ্ট। দৃঢ়বদ্ধ। ৩। গ্রথিত।

সন্নিবন্ধ (শ) [সং (সম্যক্)—নি—বন্ধ্ (বন্ধন করা)+অ (ভাবে—অল্)] বি, সন্নিবেশ। ২। গ্রন্থন। ৩। দৃঢ়বন্ধন। ৪। প্রবন্ধ রচনা।

সন্নিবন্ধন (শ, ন্) [সন্নিবন্ধ (দ্রঃ)+অন (ভাবে)] বি, গ্রন্থন ; সংকলন। ২। দৃঢ়বন্ধন। ৩। নিবন্ধন (দ্রঃ)।

সন্নিবিষ্ট (শ) [সং (সম্যক্—নি—বিশ্ (প্রবেশ করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সমুপস্থিত। ২। সন্নিকটস্থ। ৩। প্রবিষ্ট। ৪। উপবিষ্ট।

সন্নিবৃত্ত (শ) [সং—নি—বৃত্+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রত্যাগত। ২। বিরত।

সন্নিবৃত্তি (শ) [সং—নি—বৃৎ+তি (ভাবে —ক্তি)] বি, স্ত্রী, সম্যক্ নিবৃত্তি ; বিরতি। ২। প্রত্যাবর্ত্তন।

সন্নিবেশ (শন্নিবেশ্) [সং—নি—বিশ্ (প্রবেশ করা)+অ (ঘঞ্)] বি, পুং, সংস্থাপন ; সংস্থিতি। ২। বিন্যাস। ৩। সংযোগ ; মিলন। ৪। সন্নিধি ; সমীপ। ৫। আশ্রম। ৬। নগরের বহির্দ্দেশস্থ প্রদেশ। ৭। নগরের বহির্দ্দেশস্থ বিহারভূমি। ৮। সমষ্টি।

সন্নিভ (শ) [সং—নি—ভা (দীপ্তি পাওয়া) +অ (কর্ত্তৃ—ড)] বিণ, তুল্য ; সদৃশ।

সন্নিহিত (শ) [সং—নি—ধা (ধারণ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সন্নিবেশিত ; সংস্থাপিত। ২। সমীপবর্ত্তী ; নিকটস্থ।

সন্ন্যস্ত (শ) [সম্—নি—অস্ (ক্ষেপণ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, গচ্ছিত ; সংরক্ষিত। ২। সমর্পিত। ৩। নিক্ষিপ্ত।

সন্ন্যাস (শোন্ন্যাশ্) [সং—নি—অস্ (ক্ষেপণ করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, সর্ব্বত্যাগ। ২। সংসার বাসনা ত্যাগ। চতুর্থ আশ্রম ; ভিক্ষুধর্ম্ম। প্র—"সম্ভাবনা শিবের সন্ন্যাসী নাহি জান। কপট সন্ন্যাস করি কষ্ট পাও কেন?"—শিবায়ন। ২। গচ্ছিত স্বরূপ ধারণ বা রক্ষণ। ৩। সমর্পণ। ৪। রোগবিশেষ ; যে রোগে হঠাৎ মৃত্যু হয় ; apoplexy.

সন্ন্যাসী (শোন্ন্যাশি) [সন্ন্যাস+ইন্ (অস্ত্যর্থে)=সন্ন্যাসিন্ ১মা, ১ব। প্রা—সন্নিসি]

বিণ, চতুর্থাশ্রমী ; যে সংসার আশ্রম ত্যাগ করিয়া ভিক্ষু হইয়াছে। প্র—"সন্তাবনা শিবের সন্ন্যাসী নাহি জান। কপট সন্ন্যাস করি কষ্ট পাও কেন?"—শিবায়ন। ২। সর্ব্বত্যাগী : বিরাগী। প্র—"হবে কোন বিদেশী প্রণয়ের সন্ন্যাসী"—গান। ৩। চৈত্রমাসে গাজনোৎসবে ব্রতী ; গাজনের সন্ন্যাসী। স্ত্রী, **সন্ন্যাসিনী**। **মূল সন্ন্যাসী**—গাজনের সন্ন্যাসীদিগের প্রধান ; সর্দ্দার সন্ন্যাসী।

অনেক সন্ন্যাসীতে গাজন নষ্ট—[লক্ষণায়] ব্রতীর সংখ্যাধিক্যবশতঃ নানা মতের গণ্ডগোল ও বিশৃঙ্খলা হেতু ব্রত পণ্ড হয়।

সন্মতি (শ) [সং—সম্মতি শব্দের স্থলে গ্রা—প্রয়োগ] বি, সম্মতি ; অনাপত্তি। বিণ, **সন্মত**—সম্মত (দ্রঃ) ; স্বীকৃত।

সন্মান (শন্মান্) [সং—সৎ+মান=সন্মান (উত্তম মান্য)। বাং-য় এই অর্থে প্রয়োগ নাই কিন্তু সং সম্মান (দ্রঃ) শব্দের স্থলে গ্রা প্রয়োগ আছে] বিণ, সম্মান : মান্য। বিণ, **সন্মানিত**।

সন্মার্গ (শ) [সৎ (উত্তম) যে মার্গ (পথ) কর্ম্মধা] বি, পুং, সৎপথ ; সুপন্থা। বিণ, **সন্মার্গী**—সৎপথের পথিক ; সচ্চরিত্র।

সন্মুখ (শন্মুখ্) [সং—সম্মুখ শব্দের গ্রা—প্রয়োগ] বি, সম্মুখ।

সপ (শপ্) [আ—সফ্] বি, বড়মাদুর। প্র—"বিচিত্র চন্দ্রাতপ টাঙ্গায়ে ফেলে সপ প্রশস্ত পরম যতনে"—ধর্ম্ম-ম।

সপক্ষ (শপোক্খ) [স (সহিত) পক্ষ (সহায়) যাহার, বহু] বিণ, সদল ; সহায় বা দলবলসহ। ২। [স (সমান) পক্ষ] পক্ষাবলম্বী। ৩। অনুকূল। এই অর্থে গ্রা—ব্যবহারে **সাপক্ষ**। প্র—"তবে তার কারে ভয় যারে সাপক্ষ হইয়ে হরি দেন পদ অভয়"—গান। ৪। [স (সহিত) পক্ষ (পাখা)] পাখাযুক্ত। বি, **সপক্ষতা**—পক্ষাবলম্বন। ২। আনুকূল্য।

সপত্ন (শ) [সং। সপত্নী+অ—সপত্নী তুল্য] বি, পুং, শত্রু। প্র—"সপত্নভয়হারিণী"—বাসবদত্তা।

সপত্নী (শপোৎনি) [স (সমান) পতি (স্বামী) যাহার, বহু—ঈপ্ স্ত্রী, ন আগম] বি, স্ত্রী, পতির অন্যপক্ষের স্ত্রী ; সতীন।

সপন (শপোন্) [ছয় (৬) পণ (২০ গণ্ডা) =ছপন=সপন, ছ=স] বিণ, ১২০ গণ্ডা। প্র—"দোলায় চেপে সপন কড়ি গুণতে গুণতে যায়"—ছড়া।

সপরিবার (শপোরিবার্) [স (সহ) পরিবার (স্ত্রী)] বি, সস্ত্রীক ; স্ত্রীপুত্রাদিসহ। প্র—"সেদিন শ্বশুরালয়ে রহিলা সপরিবারে।"—শিবায়ন। ২। গোষ্ঠী সহিত।

সপর্য্যা (শপোর্জ্জা) [সং] বি, স্ত্রী, পূজা।

সপসপ, সপ্‌সপ্ (শপ্‌শপ্) [শব্দাত্মক বি, অনুকরণ শব্দ। ২। শ্বাস গ্রহণের সঙ্গে সঙ্গে অন্নাদি দ্রুতবেগে গলাধঃকরণ করা। ৩। সম্পূর্ণ সিক্ত। প্র—ভিজে সপ্‌সপ্ করুচে। ক্রি, সপসপান (শপ্‌শপানো)। অস-ক্রি—**সপসপিয়া**—সপসপ করিয়া।

সপাসপ—সরস বা জলীয় পদার্থসহ অন্নাদি দ্রুত গলাধঃকরণ।

সপাং (শ) [শব্দাত্মক] বি, বায়ুমণ্ডলে ছাঁচি বেত বা চাবুক আস্ফালন শব্দ। ২। কশাঘাত শব্দ। প্র—তাহাকে সপাং সপাং করিয়া ঘাকতক বেত মারিল।

সপাৎ (শ) [শব্দাত্মক] বি, সপাং দ্রঃ।

সপিণ্ড (শ) [স (সমান) পিণ্ড যাহার, বহু] বি, পুং, সপ্তম পুরুষান্তর্গত জ্ঞাতি ; এক বংশ।

সপিণ্ডীকরণ (শো, ন্) [সপিণ্ড—করণ, মধ্যে ঈ (চ্বি)] বি, ক্লী, পিতৃপিণ্ডের সহিত প্রেতপিণ্ডের মিশ্রণ ; প্রেতত্ব মোচনার্থ মৃত্যুর এক বৎসর পরে কৃত্য শ্রাদ্ধ। বিণ, **সপিণ্ডীকৃত**।

সপিনা (শো) [ইং—subpœna] বি, বিচারালয়ে হাজির হইবার আদেশ পত্র বা হুকুমনামা। **সপিনা দেওয়া, সপিনা ধরান**—আদালতের তলবনামা ব্যক্তিবিশেষের উপর জারি করা। এখন আবার সাক্ষ্যের সপিনা ধরাইয়া ও কি মুস্কিল।"—গল্পগুচ্ছ (রবি)।

সপ্ত (শ) [সপ্ (সমবায়ে)+তন্ (কর্ম্মে) =সপ্তন্ ১মা বহুবচনে ন্ লোপ] বি, সাত সংখ্যক ; সাত। **সপ্তগ্রন্থিশুণ্ড**—সাতটী গাঁটযুক্ত শুণ্ডবিশিষ্ট জীব। ২। বৃশ্চিক। **সপ্তচত্বারিংশৎ**—সাত অধিক চল্লিশ ; ৪৭। **সপ্তদশ**—সতর সংখ্যার পূরক। ২। বি, সতর সংখ্যা ; ১৭। **সপ্তদ্বীপ**—বি, পুং, সসাগরা পৃথিবীকে প্রাচীন আর্য্য ঋষিরা সাত মহা বিভাগে বিভক্ত করেন। উহারাই সপ্ত দ্বীপ নামে খ্যাত ; (১) জম্বু (২) কুশ (৩) প্লক্ষ। (৪) শাল্মলী (৫) ক্রৌঞ্চ (৬) শাক ও (৭) পুষ্কর এই সাতটী। প্র—"সপ্তদ্বীপ মাঝে ধন্য ধন্য জম্বুদ্বীপ। তাহাতে ভারতবর্ষ ধর্ম্মের প্রদীপ।"—অ, ম। **সপ্তদীধিতি** [সপ্ত—দীধিতি (প্রভা) যাহার, বহু] বি, পুং, অগ্নি। **সপ্তধাতু**—রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা ও শুক্র শরীরের এই সাতধাতু। **সপ্ততাল**—সাতটী তালগাছ। প্র—"সুগ্রীবের পক্ষ হৈলা সপ্ততাল ভেদ কৈলা।"—অ, ম। ২। [সং—সপ্ত—হি—তালাব—তাল। ক্ষুদ্রার্থে—তালাইয়া] সপ্ত সরোবর ; সাত পুকুর। প্র—"সপ্ততাল হয়ে গেল মগরায় জল।"—কবিক। **সপ্তনাড়ীচক্র**—ফলিত জ্যোতিষোক্ত সর্পবলয়াকৃতি গণনা-চক্রবিশেষ। **সপ্তপাতাল**—সাতটী অধোভুবন ; তল, অতল, বিতল, সুতল, তলাতল, মহাতল, রসাতল। **সপ্তপ্রকৃতি**—পঞ্চভূত ও মহৎ এবং অহঙ্কার। **সপ্তরক্ত**—করতল, পদতল, অপাঙ্গ, জিহ্বা, তালু, ওষ্ঠ ও নখ এই সপ্ত শরীরস্থান। **সপ্ত লোক**—ভূঃ, ভুবঃ স্বঃ, মহঃ, জন, তপঃ, ও সত্য এই সাতভুবন। **সপ্তসাগর**—লবণ, ইক্ষু, সুরা, সর্পি, দধি, দুগ্ধ, জল এই সপ্ত ; ৭ সমুদ্র। **সপ্তসিন্ধু**—সাতসমুদ্র ; সপ্ত সাগর দ্রঃ।

সপ্তক (শপ্তক্) [সপ্তন্+ক্] বিণ, সপ্তসংখ্যা বিশিষ্ট ; সাতের পূরক। ২। [সঙ্গীতশাস্ত্রে] স, র, গ, ম, প, ধ, ন এই সাতটি সুর লইয়া এক একটি সপ্তক হয়। মন্দ্র—মধ্যতার=খাদ, মাঝারি, উচ্চ এই তিন সপ্তক, খাদ—সপ্তকের সুরের চিহ্ন হসন্ত, উচ্চ সপ্তকের সুরের চিহ্ন রেফ, মাঝারি সপ্তকের সুরে কোন চিহ্ন দিতে হয় না, যথা—স্, স, র্স। এই তিন সপ্তকের অধিক যদি কখনও সুরের ব্যবহার আবশ্যক হয়, তখন রেফ কিম্বা হসন্তের সংখ্যা বাড়াইলেই চলিবে।

সপ্তকী (শপ্‌তোকি) [সপ্তক+ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, সাতনরী কটিভূষণ বা কাঞ্চী।

সপ্তচ্ছদ (শ, দ্) [সপ্ত (সাত) ছদ (পত্র) যাহার, বহু] বি, পুং, সপ্তপর্ণবৃক্ষ ; ছাতিম গাছ।

সপ্তজিহ্ব (শ) [সপ্ত (সাত) জিহ্বা যাহার, বহু] বিণ, সাতটী জিহ্বা অর্থাৎ শিখাবিশিষ্ট। ২। অগ্নি (অগ্নির সাতটী জিহ্বার নাম—কালী, করালী, মনোজবা, সুলোহিতা, সুধূম্রবর্ণা, উগ্রা এবং প্রদীপ্তা। মতান্তরে উগ্রা ও প্রদীপ্তা স্থলে স্ফুলিঙ্গিনী ও বিশ্বরূপিণী। সাত্বিকগণের যাগকর্ম্মে নামান্তরে—হিরণ্যা, কনকা, রক্তা, কৃষ্ণা, সুপ্রভা, বহুরূপা, অতিরক্তা এবং কাম্যকর্ম্মে—পদ্মরাগা, সুবর্ণা, ভদ্রলোহিতা, লোহিতা শ্বেতা, ধূমিনী ও করালিকা এই সাতটী জিহ্বা)।

সপ্তজ্বাল (শপ্তজ্‌জাল) [সপ্ত (সাত) জ্বালা (অগ্নি শিখা) যাহার, বহু] বি, পুং, সপ্তজিহ্ব (দ্রঃ) অগ্নি।

সপ্ততি (শপ্‌তোতি) [সপ্ত (সাত)+দশতি)] বি, স্ত্রী, সত্তর সংখ্যা : ৭০।

সপ্ততিতম (শপ্‌তোতি) [সপ্ততি+তমট্ (পূরণার্থে)] বিণ, সপ্ততি সংখ্যার পূরক। ৭০ সখ্যক।

সপ্তদ্বীপা (শ) [সপ্ত (সাত) দ্বীপ—যাহাতে, বহু] বি, স্ত্রী, পৃথিবী।

সপ্তধা (শ) [সপ্তন্+ধা (প্রকারার্থে) ন্ লোপ] অ, সাতদিকে। ২। সাতপ্রকারে। ৩। সাতবার।

সপ্তপদী (শপ্তপোদি) [সপ্ত—পদী] বিণ, সাতটী পাদবিশিষ্ট। ২। বি, বিবাহে মণ্ডলিকায় বরবধূর এক সঙ্গে সাতপা গমন।

সপ্তম (শপ্তম্) [সপ্তন্ (সাত) + ম (পূরণার্থে)] বিণ, সাত সংখ্যার পূরক। স্ত্রী, সপ্তমী—বি, স্ত্রী, তিথিবিশেষ।

সপ্তর্ষি (শ) [জ্যোতিষে। সপ্ত (সাত) ঋষি (মুনি) কর্ম্মধা] বি, পুং, মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ এই সাতটি নামে খ্যাত সাতটী তারকা—সাতটী ঋষি বলিয়া প্রসিদ্ধ : চিত্রশিখণ্ডী : ursa major. **সপ্তর্ষি-মণ্ডল**—সপ্তর্ষির অবস্থিতি স্থান।

সপ্তলা (শ) [সং] বি, স্ত্রী, কোমল রোমশ যূথির ন্যায় পত্রবিশিষ্ট পুষ্পবৃক্ষ ও জাতিফুল : বড় কুন্দ ; নবমালিকা।

সপ্তশতী (শপ্‌তোশোতি) [সাত শত শ্লোক হেতু নাম] বি, চণ্ডিকা মাহাত্ম্যসূচক গ্রন্থ ; চণ্ডী। প্র—"পূজার পদ্ধতি ধরে পুরোধা ব্রাহ্মণ। সাবধানে সপ্তশতী পড়ে কত জন॥" —ধর্ম্মমঙ্গল (রামনারায়ণ)। "শতেক ব্রাহ্মণে পাঠ করে সপ্তশতী।"—কবিক। ২। সপ্তশত।

সপ্তশলাক (শ,ক্) [জ্যোতিষে] বি, পুং, বিবাহের নির্ণয়াত্মক চক্রবিশেষ।

সপ্তস্বরা (শপ্তশ্‌শরা) [সপ্ত (সাতটী) স্বর (যাহাতে) বহু] বি, স্ত্রী, কাংস্য প্রভৃতি সাতটী পাত্রে যথাযোগ্য জলপূর্ণ করিয়া পাত্রের প্রান্তে কাঠির আঘাত দ্বারা বাজাইবার বাদ্য যন্ত্র-বিশেষ ; জলতরঙ্গ বাদ্য।

সপ্তা—সপ্তাহ দ্রঃ।

সপ্তাংশু (শ) [সপ্ত (সাত) অংশু (কিরণ) যাহার, বহু] বি, পুং, অগ্নি। **সপ্তাংশু-পুঙ্গব**—[সপ্তাংশু—পুঙ্গব (প্রধান)] শনি-গ্রহ।

সপ্তাঙ্গ (শ) [সপ্ত (সাত) অঙ্গ যাহার, বহু] বি, ক্লী, সাতটী রাজ্যাঙ্গ—স্বামী, অমাত্য, সুহৃৎ, কোষ, রাষ্ট্র, দুর্গ ও বল।

সপ্তার্চ্চিঃ (শ) [সপ্ত (সাতটী) অর্চ্চি (প্রভা) যাহার, বহু] বি, পুং, অগ্নি ; সপ্তজিহ্ব দ্রঃ।

সপ্তাশ্ব (শ) [সপ্ত (সাত) অশ্ব যাহার, বহু] বি, পুং, সূর্য্য। **সপ্তাশ্ববাহন**—[সাতটী অশ্ব হইয়াছে বাহন যাহার, বহু] সূর্য্য।

সপ্তাহ (শ) [প্রা—সপ্তা। সপ্ত (সাত) যে অহন্ (দিন) কর্ম্মধা। অহন্—অহ] বি, ক্লী, সাতদিন। প্র—"এইরূপে মজুমদার সপ্তাহ যাবত। যোগাইলা যত দ্রব্য কি কব তাবত॥" —অ, ম।

সপ্রতিভ (সপ্‌প্রোতিভ) [স (সহিত) প্রতিভ (প্রতিভাযুক্ত)] বিণ, প্রতিভান্বিত। ২। অসঙ্কুচিত ; স্বচ্ছন্দ। প্র—"তথাপি সে সমস্তই অগ্রাহ্য করিয়া সপ্রতিভ ভাবে বড় গলা করিয়া ডাকিল—মা!"—ভারতী, ১৩২০। ৩। অসাধারণ বুদ্ধিমান।

সফর (শফর্) [আ—সফর্] বি, বিদেশ ভ্রমণ : পর্য্যটন। প্র—"এবার সফরে পাঠাও অন্যজন।" —কবিক। ২। সহর ; নগর। প্র—"শিবা ভট্ট মহানট্ট হস্তিনা নগরী আর যত সফর কহিতে কত পারি॥"—কবিক। বিণ, **সফরিয়া**—ভ্রমণকারী। ২। সওদাগর। প্র—"সফরিয়া নানা দ্রব্য আনয়ে জাহাজী।"—অ, ম। **সফরি আম**—পেয়ারা। **সফরি কলা**—মর্ত্তমান কলা। **সফরি গুয়া**—সুপুরি।

সফরী (শফোরি) [সং] বি, প্রোষ্ঠী ; পুঁটি-মাছ। প্র—সফরী কি ধরে প্রাণ বারির বিহনে।" —ব্রজাঙ্গনা। **সরল সফরী**—সরল পুঁটি। প্র—"সরল সফরী ভাজা চিংড়ী।"—কবিক।

সফল (শফল্) [স (সহিত) ফল যাহার, বহু] বিণ, ফলবান্ ; ফলবিশিষ্ট। ২। সুসিদ্ধ। ৩। লাভজনক।

সফা (শ) [আ—সফা] বি, পৃষ্ঠা।

সফিনা (শো) [আ—সফিনা] বি, আদালতের তলবানা : বিচারালয়ে হাজীর হইবার আদেশ-পত্র ; সপিনা দ্রঃ।

সফেদ (শফেদ্) [ফা—'সফেদ্' ও 'সুফ্এদ্' এর মাঝামাঝি উচ্চারণ] বিণ, শুভ্র ; শ্বেত।

সফেদা (শ) [উ—সফেদা। শ্বেতবর্ণ বলিয়া নাম] বি, চালের গুঁড়ী। ২। লক্ষ্ণৌএর প্রসিদ্ধ খরমুজাবিশেষ। ৩। লক্ষ্ণৌএর প্রসিদ্ধ আম্রবিশেষ ; সফেদা আম। ৪। সীসক ধাতু-জাত শ্বেতবর্ণ দ্রব্য ; white lead.

সফেদী (শ) [উ—সফেদী] বি, কলিচূণ গোলা জল। **সফেদী করা,—ধরান,—লাগান**—চূণকাম করা।

সফেন (শফেন্) [স (সহিত) ফেন] বিণ, ফেনযুক্ত : ফেনাময়। প্র—"সফেন তরঙ্গ ছুটে মহাবলে।"—প্রেম ও ফুল।

সব্ (শব্) [ইং—sub] বিণ, অধঃস্তন : নিম্নস্থ ; অধীন ; under. **সব্‌ইনস্‌পেক্টর**—ইনস্‌পেক্টরের নিম্নস্থ কর্ম্মচারী। sub-inspector. **সব্ এসিষ্টাণ্ট**—সহকারীর নিম্নপদস্থ ; sub assistant. **সব্ জজ**—দেওয়ানী নিম্ন আদালতের জজ ; subordinate judge. **সব্‌জুডিস্**—বিচারাধীন : sub-judice. **সব্‌ডেপুটী**—ডেপুটীর সহকারী বা অব্যবহিত অধস্তন কর্ম্মচারী ; sub-deputy. **সব্‌রেজিষ্ট্রার**—রেজিষ্ট্রারের সহকারী বা নিম্ন পদস্থ কর্ম্মচারী।

সব (শব্) [সং—সর্ব্ব হইতে সব, সবা। প্রা-বাং সভে, সভা, সমা। "আমা সবার দুর্গতি হরুকা সে ভগবতী।"—দুর্গামঙ্গল। অনুবাজি তারে সভে গেলা কপোদূর।"—চৈ, ম। সভায় পূরিল অভিলাষ।"—চৈ, ম] বিণ, সকল, সমগ্র ; সমস্ত। প্র—"কালী সব ঘুচালে লেটা।"—রাম প্রসাদ। "ফেলিয়া দিয়াছি আমি যত অলঙ্কার রতন মুকুতা হীরা সব আভরণ।"—ব্রজাঙ্গনা। ২। গণ : সমূহ। প্র—"পাখী সব করে রব রাতি পোহাইল।"—মদনমোহন তর্কালঙ্কার। ৩। বি, সর্ব্বজন ; সকল ব্যক্তি। ৪। সর্ব্বস্ব। প্র—সে সব খুইয়ে এখন পথের ভিখারী হয়েছে। ৫। [প্রা-বাং-য়] শব। প্র—"ত্রিলোচন বোলেন শুন আজ্ঞার বচন। সব রূপী হএ ভেসে আসিল নারায়ন॥"—শূ-পু। সম্বন্ধে—সবার, সবাকার। **আমা সব**—আমরা সকলে। **আমাসবাকার**—আমাদের সকলের। **তুমি সব** [প্রা-বাং। ম-বাং। পদ্যে—তোমা সবে] তোমরা সকল বা সকলে। প্র—"তুমি সব শোক কর কিসের কারণ।"—মহা—বিজয়। **তো সবা**—তোরা সকলে। **তো সবার**—তোদের সকলের। **সবচিন**—বিণ, সকলের সহিত যাহার চেনা পরিচয় আছে ; সর্ব্ব-পরিচিত। ২। যে সকল স্থান, সকল লোক ও সকল দ্রব্য চেনে। **সবচুল**—সমগ্রকেশ।

সবজান, সবজান্তা—যে সব জানে ; সর্ব্বজ্ঞ। ২। [বিদ্রূপোক্তিতে] যে কিছুই ভাল করিয়া জানে না অথচ জানে এরূপ ভাণ করিয়া সকল বিষয়ে দখল দিতে যায়।

সবলোট—যে সকল মজা লোটে : লম্পট।

সবক (শবক্) [সেবক অপভ্রংশে প্রা-বাং] বি, সেবক। প্র—"যোগনিদ্রা কর ভঙ্গ, সবকর দেখ রঙ্গ ; পরিহার তব চরণে।"—ধর্ম্মপূজা পদ্ধতি (রামাই)।

সবন (শবন্) [সু (প্রসব করা) + অন] বি, ক্লী, যজ্ঞ। ২। যজ্ঞস্নান। ৩। সোমরস পান। ৪। চন্দ্র। ৫। প্রসব।

সবনম, সবনাম (শব্‌নম্) [শব্ = রাত্রি, নম্ = শিশির = নিশির শিশির)] যে কাপড় এত সূক্ষ্ম যে ঘাসের উপর বিছাইয়া রাখিলে, রাত্রির শিশির পড়িয়া কাপড় দেখা যায় না, ঘাসের উপর শিশির পড়িয়া আছে বলিয়া বোধ হয় ; ঢাকার উৎকৃষ্ট সূক্ষ্ম বস্ত্রবিশেষ।

সবয়াঃ (শ) [সং—সবয়স্ শব্দ] বিণ, সমবয়স্ক। ২। সমসাময়িক। ৩। বি, বয়স্য ; সহচর।

সবর্ণ (শ) [স (সমান) বর্ণ (জাতি) যাহার, বহু] বি, সমবর্ণ ; সমজাতি। ২। [ব্যাকরণে] সমোচ্চার্য্য বর্ণ ; একস্থান হইতে উচ্চার্য্য বর্ণ। ৩। বিণ, সমান বর্ণবিশিষ্ট। ৪। সদৃশ। স্ত্রী, **সবর্ণা**—সমবর্ণবিশিষ্টা। ২। সজাতীয়া। ৩। বি, সূর্য্যপত্নী ছায়া।

সবল (শবল্) [স (সহিত) বল (শক্তি) যাহার—বহু] বিণ. বলবান ; শক্তিশালী। দলবল সহ। ৩। সৈন্যসহ। ক্রি-বিণ. **সবলে**—জোরে ; বলপ্রয়োগ করিয়া। ২। সসৈন্যে।

সবাই (শ) [সং—সর্ব—সব—সবা+ই (নির্দ্ধারণে, নির্বিশেষে)] বিণ সকলেই সর্ব্বজনমাত্র।

সবাস (শবাশ্) [স (সহিত) বাস (বস্ত্র, গৃহ, গন্ধ) যাহার, বহু] বিণ. সবস্ত্র ; বস্ত্র পরিহিত। ২। গন্ধযুক্ত। ৩। আশ্রমযুক্ত ; গৃহস্থ।

সবাসা (শবাশা) [স (সহ) বাসস্ (বস্ত্র) যাহার, বহু] বিণ. বস্ত্র পরিহিত ; পিহিত বাস।

সবিকল্পক (শ, ক্) [স (সহিত) বিকল্প (ইচ্ছানুযায়ী কল্পনা) + ক (সংজ্ঞার্থে)] বিণ. দ্বৈধজ্ঞানযুক্ত ; সন্দিগ্ধ। ২। [বেদান্তে] বি. জ্ঞাতা ও জ্ঞেয়ের ভেদ জ্ঞান। ৩। [ন্যায় দর্শনে] বিশেষণযুক্ত বিশেষ্যের জ্ঞান।

সবিকাশ (শ, শ্) [স (সহিত) বিকাশ (প্রসার) যাহার, বহু] বিণ. বিকাশপ্রাপ্ত ; বিস্তারিত। ২। প্রফুল্ল।

সবিগ্রহ (শবিগ্‌গ্রোহ) [স (সহিত) বিগ্রহ (অবয়ব) যাহার, বহু] বিণ. মূর্তিমান্ ; শরীরী ; দেহবিশিষ্ট। ২। দেবমূর্তিসহ। ৩। [ব্যাকরণে] সমাস বা ব্যাসবাক্যযুক্ত। ৪। অর্থদ্যোতক ; তাৎপর্য্যসূচক।

সবিতা (শো) [সূ (প্রসব করা) + তৃ (কর্তৃ —তৃচ) = সবিতৃ ১মা, ১ব] বিণ. প্রসবকারী ; জনয়িতা। ২। বি. পুং. ঈশ্বর। ৩। সূর্য্য। প্র—"বিশ্বের রক্ষিতা বিশ্বের সবিতা তাই সে সবিতা নাম।" প্র—"ওই হের স্নিগ্ধ সবিতা উদিছে পূর্ব্ব গগনে।"—রজনী সেন। ৪। অর্কবৃক্ষ ; আকন্দ গাছ।

সবিতৃদৈবত (শোবিৎতৃ) [সবিতৃ (সূর্য্য) দৈবত (দেবতা) যে নক্ষত্রের, বহু] বি. পুং. হস্তানক্ষত্র।

সবিত্রী (শোবিৎত্) [সূ (প্রসব করা) + তৃ (কর্তৃ) = সবিতৃ + ঈপ্, স্ত্রী] বি. স্ত্রী প্রসূতি ; জননী ; মাতা। ২। গাভী।

সবিশেষ (শবিশেষ্) [স (সহ) বিশেষ] বিণ. বিশেষরূপে। প্র—"রায় বলে ভাল কালী দিলেন উদ্দেশ। ইহা হৈতে বিদ্যার শুনিব সবিশেষ॥"—অ, ম।

সবিস্ময় (শবিশ্‌শঁয়) [স (সহিত) বিস্ময় (আশ্চর্য্য) যাহার, বহু] বিণ. বিস্ময়যুক্ত ; আশ্চর্য্যান্বিত। ক্রি-বিণ. **সবিস্ময়ে**—সাশ্চর্য্য হইয়া ; বিস্ময়ের সহিত।

সবুজ (শোবুজ) [ফা—সব্‌জ্] বিণ. হরিৎবর্ণ বিশিষ্ট। ২। [ফা—সব্‌জা] বি. সবুজবর্ণ ; হরিৎ।

সবুর (শোবুর্) [আ—সবুর্] বি. ধৈর্য্য সহ্য। ২। কালবিলম্ব ; অপেক্ষা। **সবুর করা**—কালবিলম্ব করা ; ধৈর্য্যধারণ করা প্র—"উতলাব কাজ নয় রে যাদু সবুর কর মনকে রাখ প্রবোধিয়ে।"—বাংগান **সবুর সহে না**—কালবিলম্ব বা অপেক্ষা সহ্য হয় না। **সবুরে মেওয়া ফলে**—ধৈর্য্য ধরিয়া থাকিলে সুফল দর্শে।

সবৃদ্ধিক (শ, ক্) [স (সহিত) বৃদ্ধি + ক বিণ. বৃদ্ধি বা সুদ সহিত ; সুদে আসলে।

সবে (শ্) [সর্ব শব্দজ। পদ্যে। গদ্যে—বিরল] স. সকলে ; সর্ব্বজন। প্র—"চল ভাই সবে মিলে যাই সে পিতার ভবনে"—ব্রহ্মসঙ্গীত। ২। সকল বস্তু ; সমুদয় দ্রব্য প্র—"আর কি এ সবে সাধ আছে গো রাধার" —ব্রজাঙ্গনা। ৩। অ, সর্ব্বসাকল্যে সব লইয়া ; মোটে। ৪। মাত্র ; কেবল শুদ্ধ। প্র—"সে মর্ম্ম জানেন সবে সহস্র বদন॥"—চৈ-ভা। **সবে মাত্র**—কেবল এক ; একমাত্র। প্র—"সবে মাত্র তুমি মগ্নী"—কমলাকান্ত। **সবে ধন নীলমণি**—ধনের মধ্যে এক নীলমণি মাত্র সম্বল ; ধনরত্নের মধ্যে যাহা কিছু ঐ এক।

সবে (শ) [সহ্য দ্রঃ। সহিবে সংক্ষেপে] ক্রি, সহিবে ; সহ্য করিবে ; সহ্য হইবে। প্র—"পরে পরিবাদ দিলে ধরমে সবে কেমনে" —চণ্ডী। ২। [ভার সম্বন্ধে] ধারণ-ক্ষম হইবে।

সবেবরাৎ, সবেববরাত, সুবরাৎ, সুবেরাৎ (শ, ত্) [আ—শব্ (রাত্রি) -ই-বরাৎ (স্খালন, মুক্তিদান)—পাপ মোচনের রাত্রি] বি. মুসলমানের পর্ব্ববিশেষ।

সব্জী, সবজী (শোব্‌জী) [ফা—সব্‌জী] বি, শাক ; রন্ধনোপযোগী কাঁচা ফল ; vegitable fruit. **শাক সবজী**—শাক-পাতা ; রন্ধনের আনাজ ; vegitables.

সববস্‌স (শব্বোশ্‌শো) [সং—সর্ব্বস্ব শব্দের প্রাকৃত রূপ। শকুন্তলায় "সব্বস্‌স"] বি. সর্ব্বস্ব। **সব্বস্‌সান্ত** [গ্রা। সং—সর্ব্বস্বান্ত] সর্ব্ব সম্পত্তির নাশ ; সর্ব্বনাশ প্রাপ্ত।

সব্য (শোব্‌ব) [সূ (প্রসব করা) + য (কর্ম্মে)] বিণ. বাম। প্র—"দেব মাতা সব্য হাতে ধান্য দূর্ব্বা লৈয়া"—চৈ-ভা। "দেখিল রুচির তনু রূপে জিনি কামধেনু সুবর্ণ গোধিকা সব্য ভাগে।"—কবিক। ২। দক্ষিণ। প্র—"শিব শক্তি সব্যে বামে জাহ্নবী যমুনা নামে সরস্বতী মধ্যে শোভা করে।"—রামপ্রসাদ। ৩। পশ্চাৎ। ৪। প্রতিকূল।

সব্যকর—দক্ষিণহস্ত ; ডানহাত। প্র—"বামকক্ষে নিল মাতা রঙ্গীন চুপড়ি। সব্য করে নিল মাতা শিঙ্গা বেত্র নড়ী॥"—কবিক। ২। উভয়হস্ত।

সব্যসাচী—বি. পুং. যিনি উভয় (দক্ষিণ ও বাম) হস্তে বাণ নিক্ষেপে পটু ; অর্জ্জুন।

সব্যাজ (শব্‌ব্যাজ্) [স (সহিত) ব্যাজ (ছল) যাহার, বহু] বিণ. ছলযুক্ত।

সব্রীড় (শব্‌রিড়) [স (সহিত) ব্রীড়া লজ্জা, যাহার, বহু] বি. সলজ্জ ; লজ্জাযুক্ত। প্র—"সব্রীড় কটাক্ষ করি কৃষ্ণ পানে চান।"—শিবায়ন।

সভ (শভ্) [সং—সর্ব—সব—সভ। প্রা ও মধ্য বাং-য়—সাধু কিন্তু আধু-বাং-য়—গ্রা] বি, সমস্ত ; সমুদয় ; সকল ; সভা দ্রঃ। [দ্রঃ—সম্বন্ধে ৬ষ্ঠী বিভক্তি 'র' ও 'কার' যোগে **সভার, সভাকার** এবং কর্ত্তা ও কর্ম্মে 'এ' বিভক্তি যোগে **সভে**। প্র—সে সভার, তোমা সভাকার (অর্থাৎ সকলের)। সভে মিলে অর্থাৎ সকলে মিলিয়া। প্র—"আনন্দজুত হএ চলিল সভে লএ, পবেসে কামার ঘরে।" —শূ, পু। নিশ্চয়ে ই যোগে **সভি**—সবই ; সমস্তই। প্র—"সরগ মরত নহি ছিল সভি ধুন্ধুকার।"—শূ, পু]।

সভর্ত্তৃকা (শভোর্তৃকা) [স (সহিত) ভর্তৃ (স্বামী) যাহার, বহু—ক যোগে আপ্, স্ত্রী] বি, স্ত্রী, যে নারীর ভর্তা জীবিত ; সধবা।

সভা (শ) [স (সহিত) ভা (দীপ্তি পাওয়া) +কিপ্ (অধি) আপ, স্ত্রী] বি. স্ত্রী. কোন কার্য্য বা উদ্দেশ্য সিদ্ধির জন্য যথায় বহু লোক সমবেত হয় ; পরিষদ্। ২। সমাজ ; গোষ্ঠী ; সমিতি। ৩। জনসমূহ। ৪। শালা ; গৃহ। ৫। [প্রা-বাং] শোভা। প্র—"ইলা মণ্ডপে দপ্পন সভা করে।"—শূ-পু। ৬। [সং—সর্ব্ব হইতে সবা—সভা [ম-বাং-য়—সাধু ব্যবহারে প্রচর আধু-বাং- গ্রা] সকল ; সমুদয়। প্র—তা সভার রণসাধ পণ্ডাইবার তরে।"—মহা (শ্রীকরণ)। "সভার পূজিত শ্রীমন্ত মহাশয়" —চৈ-ভা। **সভাআহ্বান**—সভার অধিবেশনের জন্য সভ্যগণকে আহ্বান ; সভ্যগণের সমবেত উপবেশন ও পরামর্শ আলোচনাদির জন্য আহ্বান। **সভাধিবেশন**—সভার অধিবেশন ; সভার বৈঠক। **সভানায়ক**—সভার সর্ব্বপ্রধান কার্য্যপরিচালক ; সভাপতি। **সভাভঙ্গ**—সভার কার্য্য শেষে সভ্যগণের সভাস্থান ত্যাগ। **সভারম্ভ**—সভার কার্য্য আরম্ভ। **সভাসমিতি**—একার্থক সহচর শব্দদ্বয় ; ছোট বড় সভা।

সভাজন (শভাজন্) [স (সহিত) ভাজন (পাত্র)] বিণ. পাত্রযুক্ত। ২। [সভার জন, ৬তৎ] বি, সভাসদ ; সভ্য। প্র—"শুন শুন নিবেদন সভাজন সব। যেরূপে প্রকাশ অন্নপূর্ণা

মহোৎসব॥"—অ, ম। "সভাজন শুন জামাতার গুণ বয়সে বাপের বড়।"—ঐ। ৩। ভদ্র সাধারণ ; ভদ্রগণ। ৪। [সভাজ্ (সেবা করা) + অন (ভাবে)] সেবা। ৫। সুহৃদাদির প্রতি সৌজন্য প্রকাশ দ্বারা প্রীণন ; প্রিয় সম্ভাষণ, কুশল প্রশ্ন আলিঙ্গনাদি দ্বারা সম্বর্দ্ধনা।

সভাপতি (শভাপোতি) [সভার—পতি—৬তৎ] বি, সভানায়ক ; সভার কর্ম্মকর্ত্তা ; president.

সভাসদ্ (শভাশদ্) [সভা—সদ্ (গমন করা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, সভায় গমনকারী। ২। বিজ্ঞ। ৩। বি, সভ্য।

সভাসত (শভাশত্) [গ্রা। সভাসদ্ শব্দজ] বি, সভ্য ; সভাজন ; পরিষদ্। প্র—"ভণে দ্বিজ রামেশ্বর ভেবে ভাগবত। যশোবন্ত সিংহ নরেন্দ্রের সভাসত॥"—শিবায়ন।

সভিক, সভীক (শভিক) [সভা + ইক—ঈক] বি, পুং দ্যূতসভাধ্যক্ষ।

সভ্য (শোভ্ভ) [সভা + য (সাধ্বর্থে)] বিণ, সুজন ; সাধু ; সজ্জন। ২। শিষ্ট ; ভদ্র ; ভব্য। ৩। সভ্বংশীয়। ৪। সভাসদ্। ৫। সভাসংক্রান্ত। বি, **সভ্যতা**—ভদ্রতা ; শিষ্টাচার ; সৌজন্য। ২। সামাজিক উৎকর্ষ ; সাহিত্য, বিজ্ঞান দর্শন, সুক্ষ্মশিল্প, শ্রমশিল্প, ধর্ম্ম, নীতি ও বিবিধ বিদ্যার অনুশীলন হেতু হৃদয় মনের উৎকর্ষ এবং তদনুযায়ী লোকযাত্রা ; civilization. **সভ্যভব্য**—শিষ্টশান্ত। ২। ভদ্র।

সম্ (শ) [সং] বি, উপসর্গবিশেষ। ২। অ, সম্যক্। প্র—সম্পাক ; সম্প্রহার। ৩। সহিত। প্র—সম্পর্ক। ৪। একসঙ্গে। প্র—সম্ভাষণ। ৫। সমীপ। প্র—সমুপস্থিত। ৬। সঙ্গত। প্র—সমীপ। ৭। আভিমুখ্য। প্র—সম্মুখ। ৮। সমান। ৯। সমূহ। প্র—সমাজ্ঞা। [দ্রঃ—সং-তে সন্ধির নিয়মে যথায় ম স্থলে ং হয় বাং-য় তথায় স্থলবিশেষে বিকল্পে গ্রা ব্যবহারে ম পরবর্ত্তী 'ব'য়ে যুক্ত হয় 'য'র পূর্ব্বে ঞ বা ন হয় যথা—সংযম স্থলে সঞ্জম ; সংযুত বা সংযুগ স্থলে সন্যুত বা সঞ্জুত, সংবৎসর, সংবাদ, বশংবদ ইত্যাদি স্থলে সম্বৎসর, সম্বাদ, বশম্বদ]।

সম (শ) [সম্ (তুল্য হওয়া) + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, তুল্য ; সদৃশ ; সমান। ২। যুগ্ম। ৩। অবন্ধুর। ৪। সমগ্র। ৫। সম্পূর্ণ। প্র—সমকন্যা। ৬। [কাব্যালঙ্কারে] "যোগ্য কর্ম্মদ্বারা অনুরূপ বস্তুদ্বয়ের শ্লাঘনীয় মিলন"—কাব্যদর্পণ। ৭। [সঙ্গীতে] তালের প্রথম উৎপত্তি স্থান। ৮। [গণিতে] বর্গমূল আনয়নার্থ ঋজুরেখাবিশেষ।

সম (ম্) [প্রা-বাং। সময় সংক্ষেপার্থে 'য়' লোপ] বি, সময় ; কাল। প্র—"হেন সমে যায় বীর অরণ্য প্রবাসে"—চণ্ডীকাব্য—মাধবাচার্য্য, ১৫৭৯ খৃষ্টাব্দ। ২। [সহিত সঙ্গ ; সঙ্গ হইতে]। প্র—"ভীষ্ম সমে অর্জ্জুনের হৈল মহারণ।"—মহা (কবীন্দ্র পরমেশ্বর)।

সমকক্ষ (শমকোক্খ) [সম (তুল্য)—কক্ষ (বিরোধী, প্রতিযোগী)] বিণ, তুল্য প্রতিযোগী। ২। সমান বলশালী।

সমকন্যা (শমকোন্ন্যা) [সম (সম্পূর্ণ) কন্যা (কুমারী)] বি, স্ত্রী, বিবাহের সম্পূর্ণ যোগ্যা কুমারী।

সমকেন্দ্রিক (শমকেন্দ্রিক্) [সম—কেন্দ্র—ইক] বি, যাহাদের কেন্দ্র একস্থানে অবস্থিত ; concentrical.

সমকোণ (শ, ন্) [সম (সমান) কোণ] বি, ঋজুরেখার উপর পতিত ঋজুরেখা দ্বারা জাত কোণ ; right angle.

সমক্ষ (শ) [সম্ (অভিমুখ) অক্ষি (চক্ষুঃ) অব্যয়ী] অ, অক্ষির সম্মুখে ; চখের উপর ; সম্মুখে। ২। [সম্—অক্ষ] বিণ, প্রত্যক্ষ। ৩। বাং-য় **সমক্ষে**—শব্দের ব্যবহার।

সমগ্র (শমগ্‌গ্র) [সম (সমূহ) গ্রহ্ (গ্রহণ করা) + অ (কর্ত্তৃ—ড)] বিণ, সমুদায় ; সম্পূর্ণ ; সমস্ত ; সকল।

সমজ (শমজ্) [হি—সমঝ্ (সম্—বুধ্ = বোঝা)] বি, বোধ ; বুদ্ধি ; বিবেচনা। **সমজদার** [হি—সমঝ্। ফা—দার] বুদ্ধিমান ; যে বোঝে ; বুঝদার।

সমজা (শমজা) [গ্রা। হি—সমঝ্না (বুঝা)। উ-পু—সমজি। ম-পু—সমজ। প্র-পু—সমজে। অস-ক্রি—সমজিতে ; সমজিয়া ; সমজে। ণিজন্ত—সমজান (নো)] ক্রি, বুঝা ; হৃদয়ঙ্গম করা।

সমজান (শমজানো) [হি—সমঝানা (বুঝান) উ-পু—সমজাই। ম-পু—সমজাও। প্র-পু—সমজায়। অস-ক্রি—সমজাইতে, সমজাইয়া] ক্রি, বোঝান ; হৃদয়ঙ্গম করান। প্র—সে যে রকম গোঁয়ার তাকে সমজান দায়।

সমঞ্জস (শমন্‌জশ্) [সং (সম্পূর্ণ) অঞ্জস্ (ঔচিত্য) যাহার, বহু] বিণ, সমুচিত ; উপযুক্ত ; যোগ্য। ২। সমীচীন। ৩। সদৃশ ; তুল্য। ৪। ঠিক ; যথার্থ। ৫। সমান। ৬। মিটমাট ; মীমাংসা ; আপোস। প্র—"বুঝিয়া কার্য্যের গতি আসি তথা লক্ষপতি কন্দল ভাঙ্গিল সমঞ্জসে।"—কবিক। বিণ, **সমঞ্জসীভূত** [সমঞ্জস—ভূত মধ্যে ঈ (চ্বি) আগম] মিলিত।

সমঝ, সমুঝ (শমঝ্) [সং—সম্—বুধ্ হইতে হি—সমঝ, সমুঝ। প্রা-বাং ও ব্রজ বুলিতে প্রচরদ্রূপ। আধু-প্রা—সমজ] বি, বোধ ; বিবেচনা ; বুদ্ধি।

সমঝা, সমুঝা (শ) [সমঝ দ্রঃ। হি—সমঝ্না। উ-পু—সমঝি। ম-পু—সমঝ। প্র-পু—সমঝে। অস-ক্রি—সমঝিতে ; সমঝিয়া ; সমঝে] ক্রি, বুঝা ; হৃদয়ঙ্গম করা। প্র—"বাইরে যা পাই সমঝে নেব তারি আইন কানুন"—রবি। "সচী সমঝে সহস্র লোচন। বীর সমঝে বীরবালা।"—রাজসিংহ (বঙ্কিম)। "প্রভুর গম্ভীর বাক্য আচার্য্য সমুঝে"—চৈ, চ। ণিজন্ত—**সমঝান, সমুঝান** (নো) বুঝান ; হৃদয়ঙ্গম করান।

সমতল (শ, ল্) [সম (অবন্ধুর) তল (স্থল)] বিণ, অবন্ধুর ; plain. ২। সমানভূমি।

সমতা (সমতা) [সম (সমান) + তা (ভাবে)] বি, স্ত্রী, একরূপতা ; সাম্য ; তুল্যতা।

সমতি (শ) [সম্মতি হইতে। ব্রজ] বি, সম্মতি। প্র—"না দেই সমতি"—বি, প। ২। উত্তর ; সাড়া। প্র—"ডাকিলে সমতি না দেয় আঁখি মেলি কান্দে॥"—জ্ঞান।

সমতীত (শ) [সম্ অতীত (গত)] বিণ, বিগত ; অতীত।

সমতুল্য (শমতুল্‌ল) [সম (তুল্য)—তুল্য। দুষ্ট প্রয়োগ কিন্তু প্রচরদ্রূপ] বিণ, সমান সমান ; তুল্য। ২। সমকক্ষ।

সমত্ত, সোমত্ত (শোমোত্তো) [সং—সমর্থ হইতে সমথ পরে সমত্ত অথবা সমত্ত (সম = সম্পূর্ণ ; বিবাহযোগ্য। তুল—সমকন্যা) হইতে] বি, যুবতী।

সমদর্শন (শ, ন্) [সম (তুল্য) দর্শন (দৃষ্টি) যাহার, বহু] বিণ, ভেদজ্ঞানরহিত ; পণ্ডিত। ২। তত্ত্বজ্ঞান।

সমদর্শী (শমদোর্শি) [সম (তুল্য) দৃশ্ (দেখা) + ইন (কর্ত্তৃ—ণিন্) = সমদর্শিন্ ১মা, ১ব] বিণ, ভেদজ্ঞান রহিত ; পণ্ডিত। স্ত্রী, **সমদর্শিনী**।

সমধান (শ, ন্) [সং—সন্ধান হইতে ব্রজ] বি, সন্ধান। প্র—"সারঙ্গ তসু সমধানে" —বি, প।

সমধিক (শ, ক্) [সং—অধিক] বিণ, অত্যধিক ; অনেক বেশী।

সমন (শমোন) [ইং—summons] বি, সাক্ষী কিম্বা আসামীকে আদালতে হাজির হইবার হুকুমনামা বা তলবানা।

সমন্তাৎ (শ) [সং। আধু-বাংয়—অপ্র] অ, সর্ব্বতঃ ; চতুর্দ্দিকে।

সমন্তপঞ্চক (শ, ক্) বি, স্ত্রী, কুরুক্ষেত্রের নিকটস্থ তীর্থবিশেষ।

সমন্তভদ্র (শ, ভদ্‌দ্র) বি, পুং, বুদ্ধদেব।

সমস্তভুক্ (শ) [সমস্ত (সমুদায়) ভুক্ (যে ভক্ষণ করে)] বিণ. সর্ব্বভক্ষ্য। ২। বি. অগ্নি।

সমন্বয় (শমন্নয়) [সং—অন্বয় (সম্বন্ধ)] বি. পুং. অবিরোধ ; মিলন। ২। ধারাবাহিক কার্য্যকারণ সম্বন্ধ। ৩। পঞ্চায়েত। বিণ. **সমন্বিত**।

সমপন (শ, ন্) [সং—সমর্পণ হইতে ব্রজ] বি. সমর্পণ। **সমপিনু**—সমর্পণ করিলাম। প্র—"তোহে বিসরি মন তাহে সমপিনু"—বি. প। সমপিনু স্থলে মিথিলার ভাষায় "সমপল।"

সমপন (শ, ন্) [প্রা-বাং। সং—সমাপন] বি. সমাধা ; সমাপ্তি ; শেষ। প্র—"ছাগ বলি দিআ করে জজ্ঞ সমপন।"—শূ-পু।

সমপৃষ্ঠ (শ) [সম—পৃষ্ঠ যাহার, বহু] বিণ. সমতল ; অবন্ধুর।

সমবধান (শ, ন্) [সং (সম্যক্) অবধান] বি. স্ত্রী. সম্পূর্ণ মনঃসংযোগ।

সমবর্ত্তী (শমবোর্ত্তি) [সম—বৃৎ+ইন্=সমবর্ত্তিন্ ১মা, ১ব] বিণ. সমভাবে অবস্থিত। বি. **সমবর্ত্তিতা**।

সমবস্থা (শ) [সং—অবস্থা] বি. স্ত্রী. সমান অবস্থা।

সমবস্থান (শ, ন্) [সম্—অবস্থান] বি. স্ত্রী. সমভাবে স্থিতি।

সমবায় (শমবায়) [সম্—অব—ই (গমনে) +অ (ভাবে)] বি. মিলন। ২। সম্বন্ধ। ৩। [দর্শনশাস্ত্রে] দ্রব্যেতে গুণ ও কর্ম্মের নিত্য সম্বন্ধ ; অবয়বাবয়বীর সম্বন্ধ। ৪। বিণ. সমবেত ; যৌথ। ৫। দলবদ্ধ। প্র—"ঢাল খাঁড়া লই সভে হও সমবায়"—চৈ-ভা।

সমবেত (শ•) [সং—অব—ই (গমন করা) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. নিত্য সম্বন্ধিত। ২। সম্বন্ধ ; সংমিলিত।

সমবেদনা (শ) [সম—বেদনা] বি. সহানুভূতি ; sympathy.

সমভাব (শ, ব্) [সম (তুল্য) ভাব যাহার —বহু] বি. পুং. অপরিবর্ত্তনীয় ভাব ; সাম্য। ২। সাদৃশ্য ; একরূপতা।

সমভিব্যাহার (শমভিব্‌ব্যাহার্) [সং—অভি—বি—আ—হৃ (হরণ করা)+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. সাহচর্য্য ; সঙ্গ। একত্রাবস্থিতি। **গ্রা—সমিভ্যার**। বিণ. **সমভিব্যাহৃত**—সঙ্গযুক্ত ; সমভিব্যাহারে চলিত। ২। সহিত।

সমভিব্যাহারী (শমভিব্‌ব্যাহারি) [সমভিব্যাহার+ইন্ (অস্ত্যর্থে) =সমভিব্যাহারিন্ ১মা, ১ব] বিণ. সহগামী ; সঙ্গী ; সাথী।

সমমণ্ডল (শমমোন্ডল্) বি. গ্রীষ্মমণ্ডলের উত্তর ও দক্ষিণে হিমমণ্ডলের সীমা পর্য্যন্ত দুই ভূভাগ ; Temperate zone.

সময় (শময়) [সং (সমান) ই (গমন করা) +অ (কর্ত্তৃ—অচ্) যে সমভাবে গমন করে] বি. পুং. কাল। ২। অবকাশ ; অবসর। ৩। উপযুক্ত কাল। প্র—"একি তোমার মানের সময় সমুখে বসন্ত।"—বাং-গান। ৪। সুযোগ। প্র—সময় বুঝে চেষ্টা করলেই কাজ হাসিল হবে। ৫। সত্য ; প্রতিজ্ঞা: নিয়ম। প্র—"সত্যবাদী যুধিষ্ঠির করেছে সময়। ত্রয়োদশ বৎসর যাবৎ পূর্ণ নয়॥ তাবৎ হস্তিনা না আসিবে কদাচন।"—মহা-কাশী। ৬। অন্তিমকাল ; মরিবার সময়। প্র—তার সময় হয়েছিল, চলে গেছে, আর দুঃখ ক'রে কি হবে। ৭। নির্দ্দেশ। ৮। সঙ্কেত। ৯। আচার ব্যবহার। **একতিল সময়, তিলমাত্র সময়**—অত্যল্প কাল। **মরিবার সময় না থাকা**—দেহ হইতে প্রাণের বিচ্ছেদ অর্থাৎ মৃত্যু, যাহা এক মুহূর্ত্তেরও অল্প সময়ে ঘটে সেই অত্যল্পকালের অবসরেরও অভাব হওয়া। **সময় অসময়**—সুসময় এবং দুঃসময় ; কালাকাল ; সুবিধা অসুবিধা। **সময় নাই অসময় নাই**—যথাকাল ও অযথা কাল ; যখন তখন।

সমর (শমর্) [সম্—ঋ (গমন করা) +অ (অধি—অল্)] বি. পুং. স্ত্রী. রণ ; যুদ্ধ ; সংগ্রাম। প্র—"সমরে পশিয়া অন্তরে রুষিয়া দুইদলে গালাগালি।"—অ. ম। **সমর-পোত**—যুদ্ধজাহাজ। **সমরশায়ী**—[শমরশায়িন্ শব্দ ১মা, ১ব] বিণ. সমরক্ষেত্রে দেহপাতকারী ; রণস্থলে প্রাণত্যাগকারী। স্ত্রী. **সমরশায়িণী**। **সমর সচিব**—যুদ্ধ মন্ত্রী ; সন্ধিবিগ্রহ সম্বন্ধে পরামর্শদাতা ; war minister.

সমরাঙ্গন (শ, ন্) [সমরের—অঙ্গন—৬তৎ] বি. স্ত্রী. রণভূমি ; যুদ্ধস্থল ; রণক্ষেত্র।

সমরাশি (শ) [গণিতে] বি. দুই সমান অংশে বিভাজ্যরাশি। যথা—২, ৪, ৬, ৮, ১০ প্রভৃতি। ২। [জ্যোতিষে] মেষাদি দ্বাদশ রাশির মধ্যে দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ, অষ্টম, দশম ও দ্বাদশ রাশি।

সমর্থ (শ) [সং—অর্থ (যাচ্ঞা করা) +অ (কর্ত্তৃ—অচ্)] বিণ. ক্ষমতাশালী ; বলবান ; শক্তিসম্পন্ন। ২। উপযুক্ত ; যোগ্য। ৩। যুক্তিযুক্ত ; সঙ্গত। বি. **সমর্থতা**।

সমর্থন (শ, ন্) [সম্—অর্থ (যাচ্ঞা করা] +অন (ভাবে—অনট্)] বি. স্ত্রী. যাচ্ঞা। ২। দৃঢ়ীকরণ। ৩। বিবাদভঞ্জন। ৪। সম্ভাবনা। স্ত্রী. **সমর্থনা**।

সমর্থক (শ, ক্) [সং) বি. স্ত্রী. চন্দনকাষ্ঠ। ২। [বাং-য়, অপপ্রয়োগ] বিণ. সমর্থনকারী।

সমর্থিত (শ) [সং—অর্থ (যাচ্ঞা করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. কৃতসমর্থন ; যাচিত। ২। দৃঢ়ীকৃত। ৩। পৃষ্ঠপোষিত। ৪। মীমাংসিত।

সমর্পণ (শ, ন্) [সম্—অর্পণ] বি. স্ত্রী. স্বত্ব ছাড়িয়া দান। ২। অর্পণ ; স্থাপন। বিণ. **সমর্পিত**—সংন্যস্ত। ২। অর্পিত ; দত্ত। ৩। স্থাপিত।

সমর্য্যাদ (শমোর্জ্জাদ্) [স (সহিত) মর্য্যাদা (সীমা) যাহার, বহু] বিণ. সীমাযুক্ত। ২। নিকটস্থ ; সন্নিহিত। ৩। মর্য্যাদাযুক্ত ; সচ্চরিত্র।

সমল (শমল্) [স (সহিত) মল (ময়লা) যাহার, বহু] বিণ. মলযুক্ত ; মলিন ; আবিল ; ২। বি. স্ত্রী. বিষ্ঠা।

সমষ্টি (শ) [সম্—অশ্ (ব্যাপ্ত করা) +তি (কর্ম্মে—ক্তি)] বি. স্ত্রী. সাকল্য ; মোট।

সমষ্ঠিলা, সমষ্ঠীল (শ) [সং] বি. স্ত্রী. যে সকল তৃণ জলাভূমিতে জন্মে ; জলাভূমিজাত দূর্ব্বা। ২। একজাতীয় কাঁকুড়।

সমসর (শমশর্) [সম—সর (সদৃশ হইতে) প্রা-বাং (তুল—সমতুল্য আধু বাং)] বিণ. সমান সমান ; উপযুক্ত। প্র—"তুমি রাজা হইলে আজ তার সমসর।"—মহা (শ্রীকরণ) ২। তুল্য ; সদৃশ। প্র—"যাহা প্রভু নখীন্দর প্রাণ সমসর।"—মনসামঙ্গল (নারায়ণ দেব)।

সমসাময়িক (শমশাময়িক্) [সম (তুল্য) সাময়িক (সময়ে স্থিত)] বিণ. সমকালিক ; এক সময়ের ; contemporary.

সমস্ত (শোমোস্ত) [সম্ (সম্যক্) অস্ (ক্ষেপণে) +ত (কর্ত্তৃ)] বিণ. যাবতীয় ; সমুদয় ; সকল। ২। সম্পূর্ণ। ৩। একত্রীকৃত। ৪। যুক্ত। ৫। [ব্যাকরণে] সমাস যুক্ত। **সমস্ত পদ**—সমাসবদ্ধ পদ ; compo rd.

সমস্থলী (শমস্থোলি) [সম—স্থল-ঈপ্ স্ত্রী] বি. স্ত্রী. গঙ্গা ও যমুনার মধ্যবর্ত্তী ভূভাগ ; দোয়াব।

সমস্বামিত্ব (শমশামিৎত) [সমস্বামী-ত্ব (ভাবে)] বি. স্ত্রী. সমানাধিকার ; তুল্যস্বত্ব।

সমস্যা (শমশ্‌শ্যা) (সম্—অস্+য (কর্ম্মে)—আপ্ স্ত্রী. শ্লোকের পাদপূরণের জন্য প্রশ্ন। ২। কঠিন প্রশ্ন ; জটিল বিষয় যাহার মীমাংসা করা দুরূহ।

সমা (শ) [সম্ (তুল্য হওয়া) +অ (কর্ত্তৃ—অচ্)] বি. স্ত্রী. বৎসর। প্র—"একলা রাখিয়া মোরে গেলে পিঞ্জরের তরে গোঙাইলে তপা

এক সমা।"—কবিক। "কেহ না বুঝালো আমা গত হৈল দশ সমা তথাচ না কৈল কন্যা-দান।"—ঐ। ২। [সম শব্দে আকার যোগ করিয়া স্ত্রীলিঙ্গবাচক পদ সিদ্ধ করিয়া বাঙ্গালায় তুল্যার্থে সমা শব্দের প্রাদেশিক ব্যবহার আছে] বিণ, তুল্যা ; সদৃশী। প্র—"অনির্ব্বাচ্যা নিরুপমা আপনি আপন সমা সৃষ্টি স্থিতি প্রলয় আকৃতি।"—অ, ম।

সমাই (শ) [প্রা-বাং। সং—সর্ব্ব হইতে সবা+ই (নিশ্চয়ে)—সবাই বিকারে সমাই] সবাই ; সকল।

সমাকর্ষী (শমাকোর্ষি) [সম্—আ—কৃষ্ (আকর্ষণ বা গমন করা) +ইন্ (কর্ত্তৃ—ণিন্)] বিণ, সম্যক আকষণকারী। ১। অতি দূরগামী গন্ধ।

সমাকুল (শ, ল্) [সম্ (সম্যক্) আকুল] বিণ, অতিকাতর ; উৎকণ্ঠাযুক্ত। ২। হত-বুদ্ধি। ৩। সন্দেহাকুল ; সংশয়যুক্ত।

সমাক্রান্ত (শমাক্‌ক্রান্ত) [সং (সম্যক্) আক্রান্ত] বিণ, গৃহীত। ২। আক্রান্ত। ৩। পরিব্যাপ্ত।

সমাখ্যা (শমাক্‌খ্যা) [সং—আ—খ্যা (বলা) +অ (ভাবে—অঙ্)] বি, স্ত্রী, বিবৃতি ; আখ্যা। ২। কীর্ত্তি।

সমাগত (শ) [সং—আ—গম্ (গমন করা) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, নিকটাগত ; সমুপস্থিত। ২। সমবেত ; মিলিত। বি, **সমাগতি**।

সমাগম (শমাগম্) [সং—আগম (আগমন)] ২। সংমিলন, সঙ্গম। ৩। গমনাগমন ; গতায়াত। ৪। সঞ্চার।

সমাচার (শ, র্) [সং—আ—চর্ (গমন করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, শিষ্টাচার। ২। [প্রাদে] সংবাদ ; বার্ত্তা ; খবর।

সমাচ্ছন্ন (শ) [সং—আচ্ছন্ন (আবৃত)] বিণ, সমাবৃত ; আচ্ছাদিত। ২। অভিভূত।

সমাজ (শমাজ্) [সং—অজ্ (গমন করা) +অ (অধি—ঘঞ্)] বি, পুং, গণ ; সমূহ। ২। দল। ৩। সম্প্রদায় ; সঙ্ঘ। প্র—"হের দেখ ডালে আছে মুনির সমাজ"—সত্যনারায়ণ (রামেশ্বর)। ৪। পরিষদ্ ; সভা। প্র—"হিমগিরিরাজ করিয়া সমাজ বসি পুরোহিত সাথ।"—অ, ম। "প্রহেলিকা কহে শুক রাজার সমাজে।"—কবিক। ৫। বৈষ্ণবগণের সমাধিস্থান। ৬। এক ধর্ম্ম ও আচারসম্পন্ন লোকসমষ্টি ; সমধর্ম্ম ও আচারাবলম্বী জনগোষ্ঠী। প্র—"তুমি আমি রাম শ্যাম এই দুই চারিজন লইয়া সমাজ নহে দশজনের সমষ্টিই সমাজ।"—জাতিভেদ। ৭। [প্রাচীন সং—সাহিত্যে] উৎসব ; মেলা। [দ্রঃ—"সমাজ প্রধানতঃ আমোদ প্রমোদের জন্যই অনুষ্ঠিত হইত, ইহাতে অবাধে সুরাপানাদি চলিত। Buehler মেলা অর্থে এবং Senart ও Vincent Smith উৎসব অর্থে ব্যবহার করিয়াছেন। প্রাচীন গ্রন্থাদিতে কোন কোন স্থলে উৎসব ও সমাজ একার্থে ব্যবহৃত হইয়াছে। যথা—"যাত্রা সমাজোৎসব, ইহা অপেক্ষাও সমাজের আর একটী প্রাচীন অর্থ আছে। মঞ্চবেষ্টিত বিস্তীর্ণ প্রাঙ্গণ মধ্যে মনুষ্য বা পশুদিগের পরস্পর শক্তি পরীক্ষাকে সমাজ বলিত।"—অশোক অনুশাসন (টীকা)।

সমাজপতি (শমাজ্‌পোতি) [সমাজের পতি (নায়ক)—৬তৎ] বি, পুং, সমাজের নেতা ; জননায়ক। প্র—"নদীয়া প্রভৃতি চারি সমাজের পতি। কৃষ্ণচন্দ্র মহারাজ শুদ্ধ শান্ত মতি॥"—অ, ম।

সমাদর (শমাদর্) [সং—আদর (সম্মান)] বি, পুং, অতিশয় আদর ; সম্বর্দ্ধন ; সম্মান ; বিণ, **সমাদৃত**। স্ত্রী, **সমাদৃতা**।

সমাদ্দার (শ, র্) বি, জাতীয় উপাধিবিশেষ।

সমাধা (শ) [সং—আ—ধা (ধারণ করা) +অ (ভাবে—অঙ্) আপ্ স্ত্রী] বি, স্ত্রী, সমাপন। ২। নিষ্পত্তি। ৩। মীমাংসা।

সমাধান (শ, ন্) [সং—আ—ধা (ধারণ করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মীমাংসা ; সিদ্ধান্ত ; বিরোধ ভঞ্জন। ২। কার্য্য সমাপন। প্র—"শুন গো শুন গো খুড়ি যত কার্য্য ছিল দেরি করিলাম সব সমাধান।"—কবিক। ৩। নিষ্পত্তি। প্র—ভাল ভেল অলপে করল সমাধান।"—জ্ঞান। ৪। ধ্যান। ৫। চিত্তের একাগ্রতা। ৬। নিবারণ। প্র—অগ্নি সেবা করি শীত করি সমাধান।"—কবিক। ৭। প্রতিকার। প্র—"আর কিছু না বলিহ কর সমাধান।"—কবিক। "কর সমাধান বুঝিলাম কান আর না বলিহ মোরে।"—চণ্ডীদাস। ৮। অবসান ; শেষ। প্র—"অনলে সলিলে প্রাণ নহে সমাধান। আর মরণের সন্ধি আছে কি বিধান॥"—বাং-গান। ৯। সমর্থন। ১০। [প্রা-বাং] সেবা। ১১। [প্রা-বাং। কৃষ্ণচন্দ্র চরিতে] শুছান ; শৃঙ্খলা স্থাপন।

সমাধি (শ) [সং—আ—ধা (ধারণ করা) +ই (অধি) যাহাতে মন সমাহিত করা যায়] বি, পুং পরমাত্মার সহিত জীবাত্মার ঐক্যভাব। ২। এক বিষয়ে মনোনিবেশই একাগ্রতা, একাগ্রতা বদ্ধমূল হইলেই তাহার নাম ধারণা, ধারণা বদ্ধমূল হইলেই তাহাকে ধ্যান বলে, ধ্যান বদ্ধমূল হইলেই ঐ ধ্যানকে সমাধি বলে। সমাধি দশায় অহং জ্ঞান থাকে না কেবলমাত্র ধ্যেয় বস্তুরই আভাস থাকে। প্র—"বসুন্ধর বসুন্ধরা অন্নদার শাপে, সমাধিতে দিয়া মন তনু ত্যজে তাপে॥"—অ, ম। ৩। ইন্দ্রিয়ের সংযম। ৪। বাক্‌সংযম ; মৌনাবলম্বন। ৫। কাব্যের গুণবিশেষ। যে গুণ থাকিলে রচনার মধ্যে কোথাও গাঢ়তা কোথাও শিথিলতা প্রকাশ পায়। ৬। অর্থালঙ্কারবিশেষ ; দৈবানু-কূল্যে হঠাৎ অন্য উপায় হইয়া আরব্ধ বিষয় অনায়াসে সম্পন্ন হইলে সমাধি অলঙ্কার হয়। যথা—"হেন বাণী শুনি কৌরব মণি ঘুড়িল যেমন চাপে অশনি। খরবাত সহ অমনি রড়ে দানবনগরে উলকা পড়ে॥"—নিবাতকবচবধ কাব্য। ৭। বিবাদ ভঞ্জন। ৮। আরোপ। ৯। মৃতদেহ ভূগর্ভে নিহিত করিবার স্থান ; কবর ; গোর। ১০। অসাধ্য বিষয়ে অধ্যবসায়। ১১। ভবিষ্যযুগের জৈন মুনিবিশেষ। ১২। সমাধান। ১৩। [সমাধিয়া সংক্ষেপে] অস-ক্রি, সমাপন করিয়া। প্র—ভোজন সমাধি সবে কৈল আচমন।"—কবিক। **সমাধিক্ষেত্র, —স্থান**—যে স্থানে মৃত দেহ ভূগর্ভে নিহিত করা হয় ; গোরস্থান। **সমাধিমন্দির**—মৃতদেহ ভূগর্ভস্থ করিয়া তদুপরি নির্ম্মিত মঠ। **সমাধিস্তম্ভ**—সমাধির উপর নির্ম্মিত স্তম্ভ।

সমাধিস্থ (শ) [সমাধি—স্থা (থাকা) +অ (কর্ত্তৃ—ড)] বিণ, ধ্যানস্থ ; যোগের চরমাবস্থায় অবস্থিত। ২। ধ্যানযোগে ইন্দ্রিয় বিষয় বিরহিত অবস্থায় ব্রহ্মে লীন থাকার অবস্থাপন্ন।

সমাধ্মাত (শমাধ্‌ধাঁত) [সং—আ—ধ্মা (শব্দ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিনাদিত ; শব্দিত।

সমান (শমান্) [স (সমান) মান (পরিমাণ) যাহার, বহু] বিণ, সম ; সদৃশ ; তুল্য ; এক-রূপ ; অভিন্ন। প্র—"প্রভাত কালে ভানু, সমান সুন্দর তনু, সুন্দরীর শিল্পতা সম্ভব।"—শিবায়ন। ২। [সং—অন্ (বাঁচা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, শরীরস্থ পঞ্চ বায়ুর অন্তর্গত নাভিদেশস্থিত বায়ুবিশেষ। **সমান-কালীন**—এক সময়োৎপত্তিক। **সমান-বর্ণ**—এক স্থান হইতে উচ্চার্য্যমান বর্ণ। **সমান সমান**—সদৃশ ; সমতুল্য দ্রঃ।

সমান (শমানো) [সামান দ্রঃ। উ-পু—সমাই। ম-পু—সমাও। প্র-পু—সমায়] ক্রি, প্রবেশ করা। ২। লয় পাওয়া। প্র—"তোহে জনমি পুন তোহে সমাওত সাগরী লহরী সমানা॥"—বি, প।

সমানয়ন (শমানয়ন্) [সং—আ—নী (লইয়া যাওয়া) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সম্যক্‌ভাবে আনয়ন। ২। সঙ্গতি। বিণ, **সমানীত**।

সমানাধিকরণ (শ্ন্) [সমান (এক) হইয়াছে অধিকরণ (আধার) যাহার, বহু] বি, ক্লী, যে সাধারণ গুণ থাকায় পদার্থ সমূহ একজাতীয় বলা যায় ; তুল্যাধিকরণ।

সমানুপাত (শ, ত্) [সম—অনুপাত] একাধিক অনুপাতের সমানত্ব সম্বন্ধ।

সমানে (শ্মান্ [স (সহ) মানে (মানে—বিভক্তি এ অতিরিক্ত গ্রা—মেয়েলি] ক্রি-বিণ, সহমান ; মানে মানে ; আপনার ও পরের মান রেখে। প্র—যদি সমানে কাজটা করে দিত বা মিট মাট করে নিত তা'হলে আর এত হেঙ্গাম হবে কেন।

সমানোদক (শ্ক্) [সমান—উদক যাহার, বহু] বি, পুং, সপিণ্ড ; চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত তর্পণ্য জ্ঞাতি।

সমান্তরশ্রেঢ়ী (শমান্তর্স্রেঢ়ি) [গণিতিক পরিঃ] বি, পরবর্ত্তী রাশি হইতে সমপরিমাণে গুরুতর বা লঘুতর রাশিসমূহ ; arithmetical progression.

সমান্তরাল (শমান্তরাল্) [বি, যে ঋজুরেখা-দ্বয়ের উভয় প্রান্ত ক্রমাগত বৃদ্ধি করিতে থাকিলেও পরস্পর মিলিত হয় না ; parallel.

সমাপক (শ, ক্) [সং—আপ্+ণিচ্=আপি (পাওয়া)+অক (কর্ত্তৃ)] বিণ, যে সমাধা করে ; সমাপনকারী।

সমাপন (শ, ন্) [সং—আপ্+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সমাধা ; সমাপ্তি ; শেষ। ২। উদ্‌যাপন।

সমাপন্ন (শ্) [সং—আ—পদ্ (গমন করা) +ত] বিণ, লব্ধ ; প্রাপ্ত। ২। আপন্ন ; বিপদ্‌গ্রস্ত। ৩। নিষ্পাদিত ; নির্ব্বাহিত ; সাধিত।

সমাপিকা (শ্ব) [সমাপক শব্দের স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী, বাক্যসম্পূরণকারক ক্রিয়া ; বাক্যার্থ সমাপক-ক্রিয়া।

সমাপিত (শ) [সং—আপ্+ণিচ্=আপিত] বিণ, নিষ্পাদিত। ২। সমাপ্ত। ৩। মারিত।

সমাপ্ত (শ) [সং—আপ্ত] বিণ, কৃতশেষ ; সম্পূর্ণ।

সমাপ্তি (শ্) [সং—আপ্+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সম্পূরণ ; সমাপন ; শেষ। ২। প্রাপ্তি।

সমাবর্ত্তন (শ্ন) [সং—আ—বৃৎ)+অন (ভাবে—অনট্)] বি, প্রত্যাবর্ত্তন ; প্রত্যাগমন। ২। ব্রহ্মচর্য্যাবসানে গৃহস্থাশ্রমে প্রবেশ। প্রথমা-শ্রমের পর দ্বিতীয়াশ্রম অর্থাৎ গৃহধর্ম্মে প্রবৃত্তি। বিণ, **সমাবৃত্ত**।

সমাবিষ্ট (শ) [সং—আ—বিশ্ (প্রবেশ করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রবিষ্ট। ২। একাগ্রচিত্ত ; অভিনিবিষ্ট।

সমাবৃত (শ) [সং—আ—বৃ (আবরণ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সম্পূর্ণভাবে আবৃত ; পরিবেষ্টিত।

সমাবেশ (শমাবেশ্) [সং—আ—বিশ্ (প্রবেশ করা)+অ] বি, পুং, সংস্থান। ২। একত্র অবস্থান। ৩। একত্রস্থাপন। ৪। মনোনিবেশ ; মনঃসংযোগ। ৫। প্রবেশ। ৬। সংগ্রহ। প্র—"পাছে তুমি কড়ি মোর দিও সমাবেশে।"—চৈ-ভা। বিণ, **সমাবেশিত**।

সমারোহ (শ) [সং] বি, অত্যুন্নতি। ২। আরোহণ। ৩। জাঁকজমক ; আড়ম্বর।

সমাশ্রয় (শমাস্স্রয়্) [সং—আশ্রয়] বি, পুং, অবলম্বন ; আশ্রয়। বিণ, **সমাশ্রিত**—অবলম্বিত। ২। রক্ষিত।

সমাস (শমাশ্) [সং—অস্ (সংক্ষেপ করা) +অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, সঙ্ক্ষেপ। ২। সংগ্রহ। ৩। মিলন। ৪। সমর্থন। ৬। [ব্যাকরণে] দুই বা ততোধিক পদের মধ্যস্থিত বিভক্তি লোপ করিয়া এক পদ করাকে সমাস বলে। সমাস—কর্ম্মধারয় (২) তৎপুরুষ (৩) দ্বিগু (৪) দ্বন্দ্ব (৫) অব্যয়ীভাব। (৬) বহুব্রীহি এই ছয় প্রকার [ব্যাকরণ দ্রষ্টব্য]।

সমাসক্ত (শমাশক্ত) [সং—আসক্ত] বিণ, অত্যাসক্ত। ২। সুসংলগ্ন। ৩। অভিনিবিষ্ট। বি, **সমাসক্তি**।

সমাসঙ্গ (শমাশঙ্গ) [সং—আ—সনজ্ (আলিঙ্গন করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, অত্যাসক্তি। ২। সংমিশ্রণ ; সংমিলন ; সংযোগ। ৩। অভিনিবেশ।

সমাসন্ন (শমাশন্ন) [সং—আসন্ন] বিণ, সম্প্রাপ্ত। ২। অতি নিকটবর্ত্তী ; সন্নিহিত।

সমাসাদিত (শমাশাদিত) [সং—আসাদিত (প্রাপ্ত)] বিণ, সম্প্রাপ্ত। ২। সমাহৃত। ৩। উদ্ধৃত। ৪। বিশেষভাবে আনীত।

সমাসার্থ (শমাশার্থ) [সমাসের অর্থ, ৬তৎ] বি, পুং, সংক্ষেপার্থ। ২। সমস্যা। ৩। কর্ম্ম-ধারয়াদি সমাসের অর্থ।

সমাসীন (শমাশীন্) [সং—আসীন (উপবিষ্ট)] বিণ, উপবেশনশীল ; উপবিষ্ট।

সমাসোক্তি (শমাশোক্তি)] সমাসের উক্তি (কথন) ৬তৎ] বি, স্ত্রী, কর্ম্মধারয় প্রভৃতি সমাসের কথা। ২। কাব্যালঙ্কারবিশেষ। "সমান কার্য্য সমলিঙ্গ ও সমানবিশেষণ দ্বারা প্রস্তুত পদার্থে অপ্রস্তুত পদার্থের ব্যবহার সম্যক্ রূপে আরোপিত হইলে সমাসোক্তি বলা যায়॥"

সমাহত (শ) [সম—আহত (আঘাতপ্রাপ্ত)] বিণ, সম্যক্ রূপে আহত। ২। তাড়িত।

সমাহার (শমাহার্)] সম—আ—হৃ (হরণ করা)+অ (ভাবে ঘঞ্)] বি, পুং, সম্যক্-হরণ। ২। সংগ্রহ ; অধ্যাহার। প্র—"নানা সংহিতা হইতে প্রমাণ সমাহার করিয়াছেন।" —উমেশ বিদ্যারত্ন। ৩। সংক্ষেপ। ৪। সমূহ। ৫। দ্বিগু সমাসবিশেষ। ৬। দ্বন্দ্ব সমাসবিশেষ।

সমাহিত (শ) [সম—আহিত] বিণ, নিষ্পাদিত। ২। অভ্রান্তচিত্ত। ৩। একাগ্রচিত্ত ; অবহিত। ৪। সংস্থাপিত। ৫। মীমাংসিত। ৬। দৃঢ় ; অবিচলিত। ৭। সমাধিনিষ্ঠ। ৮। সমাধি-ক্ষেত্রে নিহিত।

সমাহৃত (শ) [সম্—আহৃত] বিণ, সংপ্রাপ্ত। ২। সংমিলিত। ৩। কৃত আহরণ ; সংগৃহীত। ৪। সক্ষিপ্ত। ৫। একত্রীকৃত। ৬। আনীত। ৬। আয়োজিত। বি, **সমাহৃত**।

সমিক (শোমিক্) [সং] বি, ক্লী, বেধনাস্ত্র-বিশেষ ; বঁড়্শা।

সমিত (শো) [পারিভাষিক শব্দ] বি, সমত্বসূচক চিহ্ন ; তুল্যতাজ্ঞাপক চিহ্ন ; (=) এই চিহ্ন।

সমিতি (শ) [সং—ই (গমন করা)+তি (অধি—ক্তি) যেখানে সকলে গমন করে] বি, স্ত্রী, সভা ; পরিষদ্। ২। সঙ্গ।

সমিদ্ধ (শ) [সং—ইন্ধ্ (দীপ্তি পাওয়া) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, প্রজ্বলিত। ২। উত্তেজিত।

সমিধ্ (শো) [সং—ইন্ধ্ (দীপ্তি পাওয়া)+ ক্বিপ্ (করণে) যাহা দ্বারা অগ্নি প্রজ্বালিত হয়] বি, স্ত্রী, যজ্ঞীয় কাষ্ঠ। ২। অগ্নি প্রজ্বালনার্থ তৃণাদি।

সমিহা (শো) [সং—সমীক্ষা (দ্রঃ) (বিচার—তাহা হইতে বাছবিচার) হইতে] বি, সম্ভ্রম ; সঙ্কোচ। প্র—"অর্জ্জুন মারুক মোরে সমিহা উপেক্ষি॥"—মহা (বিজয়)।

সমীকরণ (শোমীকরন্) [সম—করণ, মধ্যে ঈ (চ্বি) আগম] বি, ক্লী, সদৃশীকরণ ; এক জাতীয় করণ। ২। [গণিতে] কোন নির্দ্দিষ্ট রাশি গ্রহণ করিয়া তত্তুল্য কোন অনির্দ্দিষ্ট রাশির পরিমাণ নির্ণয় করণ ; অজ্ঞাত রাশির নির্ণায়ক গণিত ; equation.

সমীক্ষ, সমীক্ষ্য (সোমীক্খ) [সং—ঈক্ষ্ (দেখা)+অ (করণে অল্) যাহা দ্বারা দর্শন করে] বি, ক্লী, সাঙ্খ্য দর্শন। **সমীক্ষ্যকারী**—পূর্ব্বাপর বিবেচনা করিয়া কার্য্যকারী। **সমীক্ষ্যবাদী**—পূর্ব্বাপর বিবেচনা করিয়া যে কথা কহে।

সমীক্ষণ (শোমীক্খন্) [সং—ঈক্ষ্ (দেখা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সম্যক্ দর্শন। ২। আলোচনা। ৩। অনুসন্ধান। বিণ, **সমীক্ষিত**।

সমীক্ষা (শোমীক্খা) [সমীক্ষ (দ্রঃ)+আপ্ স্ত্রী] বি, দর্শন। ২। অন্বেষণ। ৩। সম্যক্ জ্ঞান। ৪। বিবেচনা ; বিচার। ৫। মীমাংসা

দর্শন। ৬। বুদ্ধি আদি চতুর্বিংশতি তত্ত্ব। ৭। প্রকৃতি।

সমীচীন (শ ন্) [সম্—অঞ্চ্ (গতি, পূজা) +ঈন্=সমীচীন, সম=সমী] বিণ. যোগ্য; উপযুক্ত। ২। সঙ্গত। ৩। যথার্থ; সত্য। ৪। উত্তম।

সমীপ (শোমিপ্) [সং] বিণ. নিকট।

সমীর (শোমীর্) [সম্—ঈর্ (গমন করা)+অ (কর্তৃ—অচ্)] বি, পুং, বায়ু। ২। শমীবৃক্ষ।

সমীরণ (শোমীরন্) [সং—ঈর্ (গমন করা) +অন (কর্তৃ)] বি, পুং, বায়ু।

সমীরিত (শো) [সং—ঈর্ (প্রেরণ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. প্রেরিত। ২। উচ্চারিত।

সমীহ (শো) [গ্রা] সমীহা দ্রঃ।

সমীহা (শো) [সং—ঈহ্ (চেষ্টা করা)+অ (ভাবে—অঙ্) আপ্, স্ত্রী] বি, স্ত্রী, সম্যক্ ইচ্ছা।

সমীহিত (শো) [সং (সম্যক্) ঈহ্ (চেষ্টা করা)+ত (কর্ম্মে—ক্ত) বিণ. সম্যক্ চেষ্টিত: কৃতযত্ন। ২। রঞ্জিত: অভীষ্ট। প্র—"সত্য কৃষ্ণ সকল শাস্ত্রের সমীহিত।"—চৈ-ভা। ৩। বি, ক্লী. ইচ্ছা। প্র—"তার ঠাঞি পড়িতে প্রভুর সমীহিত॥"—চৈ-ভা। ৪। চেষ্টা। ৫। মর্ম্ম; তাৎপর্য্য। প্র—"করে সর্ব্ব শাস্ত্রের বুঝিয়া সমীহিত।"—চৈ-ভা। ৬। মন্তব্য। প্র—"শব্দ সনে বাখানেন কৃষ্ণ সমীহিত।"—চৈ-ভা।

সমুখ (শমুখ্) [স (সহিত) মুখ] বিণ. মুখবিশিষ্ট। ২। [সম্মুখ হইতে। গ্রা। উচ্চারণ ভেদে **সুমুক**] বি, সম্মুখ: অভিমুখ। ক্রি-বিণ. **সমুখে**—সম্মুখে; অগ্রে। প্র—"সমুখে রাখিয়া করে বসনের বা।"—চণ্ডী। "সমুখে দেখেন চক চাঁদনী সুন্দর।"—অ, ম। ২। আগত: উপস্থিত; বিরাজমান। প্র—"একি তোমার মানের সময় সমুখে বসন্ত। দেখ কুসুম কাননে বিহরয় অলিগণে হরিষ নিতান্ত॥"—গান। **সমুখ বা সুমুক করিয়া বসা**—মুখ দেখিয়া বসা; সম্মুখে ফিরিয়া বসা। **সমুখ দিয়া যাওয়া**—সম্মুখে আসিয়া পশ্চাতে বা পার্শ্বে ফেলিয়া চলিয়া যাওয়া।

সমুচয় (শোমুচয়্) [সমুচ্চয় দ্রঃ] বিণ. সমুদয়; সমস্ত। ২। বি, সমাহার।

সমুচিত (শ ত্) [সম্—উচিত] বিণ. যথা—কর্ত্তব্য; উপযুক্ত। প্র—সমুচিত সম্মান প্রদর্শন। ২। উপযুক্ত। প্র—অপরাধীর সমুচিত দণ্ড-বিধান করা কর্ত্তব্য। ৩। যোগ্য; শোভন। প্র—"অবাক মিলন সমুচিত হোয়।"—বি, প।

সমুচ্চয় (শমুচ্‌চয়্) [সং—উৎ—চি (একত্র করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, সংগ্রহ; সমাহার; সংযোগ। ২। সমূহ। প্র—"মোকে বলি আইসে দেখ সৈন্য সমুচ্চয়।"—মহা (শ্রীকরণ)। ৩। পরিমাণ; গণনা; ইয়ত্তা। প্র—"অতএব পড়ুয়ার নাহি সমুচ্চয়।"—চৈ-ভা। ৪। চিহ্ন। প্র—"আছাড়ের সমুচ্চয় নাহিক শ্রীঅঙ্গে।"—চৈ-ভা। ৫। [ব্যাকরণে] তথা, আর এবং প্রভৃতি পদের দ্বারা বহু পদার্থের এক ক্রিয়াতে অন্বয়। ৬। [কাব্যালঙ্কারে] কার্য্য যথায় একটিমাত্র কারণ দ্বারা সিদ্ধ হইতে পারে তথায় একাধিক কারণের সমাবেশ। প্র—"একে সে মোহন যমুনার কূল, আর সে কেলিকদম্বের মূল, আর সে বিবিধ ফুটল ফুল, আর সে শারদ যামিনী।"—জ্ঞানদাস। বিণ. **সমুচ্চিত**—সংগৃহীত। ২। স্তূপীকৃত।

সমুচ্ছলিত (শমুচ্ছোলিত) [সম্-উৎ-শল্ (গমন করা)+ত (কর্তৃ—ক্ত)] বিণ. স্ফীত হইয়া চতুর্দ্দিকে বিস্তীর্ণ: পরিব্যাপ্ত; উদ্ভাসিত হইয়া প্লাবিত।

সমুচ্ছেদ (শ দ্) [সং—উৎ—ছিদ্ (ছেদন করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, মূলোৎপাটন; উন্মূলন। ২। সমূলে বিনাশ।

সমুচ্ছ্রয়, সমুচ্ছ্রায় (শমুচ্ছ্রয়্) [সম্ উৎ—শ্রি (সেবা করা)+অ (ভাবে—অল্, ঘঞ্)] বি, পুং, অতিস্ফীতি; অতিবৃদ্ধি। ২। উৎসেধ; উচ্চতা। ৩। অত্যুন্নতি। বিণ. **সমুচ্ছ্রিত**—অত্যুন্নত; অতি উচ্চ। ২। সংবর্দ্ধিত।

সমুচ্ছ্বাস (শমুচ্ছাশ্) [সং—উৎ—শ্বস্ (নিশ্বাস প্রশ্বাস ফেলা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, প্রবল শ্বাস প্রশ্বাস। ২। আবেগ। ৩। স্ফূর্ত্তি। ৪। স্ফীতি। বিণ. **সমুচ্ছ্বসিত**।

সমুজ্ঝিত (শ) [সং—উজ্ঝ্ (ত্যাগ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. পরিত্যক্ত।

সমুঝ—সমঝ দ্রঃ।

সমুঝা [গ্রা-বাং। সমঝা দ্রঃ। উ-পু—সমুঝি। ম-পু—সমুঝ। প্র-প্র—সমুঝে] ক্রি, বুঝা। ণিজন্ত—**সমুঝান**—বুঝান। ব্রজ—**সমুঝনু**—বুঝিলাম। প্র—"সমুঝনু তব হাম সুকপট সোয়"—বি, প। **সমুঝব** বুঝিবে। প্র—"কো ইহা সমুঝব অপরূপ কাজ"—বি, প। **সমুঝাই**—বুঝাইয়া। ২। বুঝাও। প্র—"রোয়সি কাহে মোহে সমুঝাই"—বি, পু।

সমুড্ডীন [সং—উৎ—ডী+ত (কর্তৃ—ক্ত)] বিণ. উর্দ্ধাকাশে উত্থিত (পক্ষী); যে অতি উর্দ্ধে উঠিয়াছে।

সমুৎকীর্ণ (শ) [সং—উৎ—কৄ (বিক্ষেপ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. বিকীর্ণ; বিক্ষিপ্ত। ২। বিশেষভাবে উৎকীর্ণ; ক্ষোদিত। ৩। বিদীর্ণ।

সমুৎক্রম (শ, ম্) [সং—উৎ—(উর্দ্ধে) ক্রম্ (গমন করা)+অ (ভাবে—অল্)] বি, পুং, উর্দ্ধগতি; উচ্চ বা উপরদিকে গমন।

সমুৎক্রোশ (শ, শ্) [সং—উৎ—কুশ্ (রোদন করা)+অ (ভাবে)] বি, পুং, উচ্চনাদ; চীৎকার।

সমুত্থ (শ) [সং—উৎ স্থা (থাকা)+অ (কর্তৃ—ড)] বিণ. উদ্গাত; উৎপন্ন। ২। উত্থিত।

সমুত্থান (শ ন্) [সং—উৎ—স্থা (থাকা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উদ্গমন; সমুৎপত্তি। ২। উদয়। ৩। গাত্রোত্থান। ৪। বিদ্রোহাচরণের বিরুদ্ধে উত্থান। ৫। উদ্যোগ। ৬। রোগ শয্যা হইতে উত্থান; রোগমুক্তি।

সমুত্থিত (শ) [সং (সম্যক্) উত্থিত] বিণ. সমুদ্গত; সমুৎপন্ন। ২। দণ্ডায়মান। ৩। বিরুদ্ধে দণ্ডায়মান; বিদ্রোহাচরণে উদ্যমযুক্ত। ৪। উত্তোলিত।

সমুৎপত্তি (শ, পো) [সং—উৎ—পদ্ (গমন করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সমুত্থান। বিণ. **সমুৎপন্ন**—সমুদ্ভূত; উৎপন্ন; জাত। ২। সংঘটিত। ৩। উপস্থিত।

সমুৎপাটন (শ, ন্) [সং—উৎ—পট্+ণিচ্=পাটি+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মূলোৎপাটন; উন্মূলন। বিণ. **সমুৎপাটিত**—উন্মূলিত।

সমুৎসাদিত (শমুৎশাদিত) [সং—উৎ—সাদি (গমন করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. প্রেরিত। ২। উন্মূলিত। ৩। বিনাশিত। বি, **সমুৎসাদন**।

সমুৎসুক (শমুৎশুক্) [সং—উৎসুক] বিণ. অতি উৎকণ্ঠিত; অতিশয় চিন্তিত। ২। সাগ্রহ।

সমুৎসৃষ্ট (শ) [সং—উৎ—সৃজ্ (ত্যাগ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সম্যক্ পরিত্যক্ত।

সমুৎসেধ (শমুৎশেধ্) [সং—উৎ সিধ্+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উচ্ছ্রয়; সমুন্নতি। ২। অতি স্ফীতি বা বৃদ্ধি।

সমুদ্ভূত (শ) [সং—উদ্ভূত] বিণ. সমুৎপন্ন; সঞ্জাত। ২। সমুদিত।

সমুদয়, সমুদায় (শোমুদয়) [সং—উৎ—ই (গমন করা) + অ (ভাবে—অল্, ঘঞ্)] বি, পুং, সমুত্থান ; উদয়। ২। উন্নতি। ৩। সমস্ত ; সকল। ৪। সমূহ। ৫। উন্নতি ; অভ্যুদয়। ৬। দিবস। ৭। যুদ্ধ। ৮। পশ্চাদ্‌ভাগস্থ সৈন্য। ৯। [জ্যোতিষে] লগ্ন।

সমুদিত (শ) [সং—উৎ—ই (গমন করা) + ত (কর্তৃ—ক্ত)] বিণ, সম্যক্ উদিত। ২। জাত ; উৎপন্ন। ৩। অভ্যুদিত ; সমুন্নত। ৪। [সং—বদ্ (বলা) + ত (কর্মে=ক্ত)] সম্যক্ কথিত।

সমুদীরিত (শ) [সং—উদীরিত] বিণ, সম্যক্ উচ্চারিত ; কথিত। বি, **সমুদীরণ**—সম্যক্ কথন।

সমুদ্‌গত (শ) [সং—উৎ—গম্ + ত (কর্মে—ক্ত)] বিণ, উৎপন্ন। ২। উদিত। ৩। মৃত্তিকাদি ভেদ করিয়া উত্থিত।

সমুদ্‌গম (শ, ম্) [সং—উৎ গম্ + অ (ভাবে—অল্)] বি, পুং, উদয়। ২। উৎপত্তি।

সমুদ্‌গীত (শ) [সং—উৎ গীত] বিণ, উচ্চৈঃস্বরে গীত।

সমুদ্‌গীর্ণ (শ) [সং—উদ্গীর্ণ] বিণ, কৃতোদ্‌গার ; বমিত। ২। উক্ত ; উচ্চারিত ; কথিত।

সমুদ্দিষ্ট (শ) [সং—উৎ—দিশ্ (বলা) + ত (কর্মে—ক্ত)] বিণ, সম্যক্ উদ্দিষ্ট ; কৃতোদ্দেশ। কৃতানুসন্ধান ; অন্বেষিত। বি, সমুদ্দেশ।

সমুদ্ধত (শ) [সং—উদ্ধত (উন্নত, ধৃষ্ট)] বিণ, উদ্ধত। ২। উৎক্ষিপ্ত। ৩। অহঙ্কৃত ; গর্বিত। ২। অবিনীত ; অশিষ্ট। ৫। অশান্ত ; উগ্র।

সমুদ্ধরণ (শ, ন্) [সং—উৎ—ধৃ (ধারণ করা) অথবা—হৃ (হরণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উন্মূলন। ২। বমন। ৩। মোচন। ৪। সম্যক্ উদ্ধার করণ ; quotation.

সমুদ্ধর্ত্তা (শ) [সং—উৎ—হৃ (লওয়া) + তৃ (কর্তৃ—তৃচ্) = সমুদ্ধর্তৃ ১ মা, ১ব] বিণ, সমুদ্ধারকারী ; উদ্ধার কর্তা। মুক্তিদাতা।

সমুদ্ধার (শ, র্) [সং—উৎ—ধৃ (ধারণ করা) কিম্বা—হৃ (হরণ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উত্তোলন। ২। মুক্তি। ৩। ঋণ-মুক্তি। ৪। উদ্ধার ; সমুদ্ধরণ দ্রঃ ; quotation. ৫। অংশক্রমে গ্রহণ। বিণ, **সমুদ্ধৃত**।

সমুদ্ভব (শ, ভ্) [সং—উৎ—ভূ (হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, উদ্ভব ; জন্ম ; । ২। সম্ভাবনা।

সমুদ্ভাবিত (শ) [সং—উদ্ভাবিত] বিণ, সম্যক্ কল্পিত। বি, **সমুদ্ভাবনা**।

সমুদ্ভাসিত (শ, শি) [সং—উদ্ভাসিত (দীপ্ত)] বিণ, উজ্জ্বলীকৃত ; আলোকিত ; প্রদীপ্ত। ২। সুপ্রকাশিত। ৩। শোভিত।

সমুদ্ভূত (শ) [সং—উদ্ভূত] বিণ, জাত ; সমুৎপন্ন।

সমুদ্যত (শমুদ্দত) [সং—উদ্যত (উদ্যুক্ত)] বিণ, সম্যক্ উদ্যুক্ত। ২। উত্তোলিত ; উত্থিত।

সমুদ্যম (শমুদ্দম্) [সং—উদ্যম] বি, পুং, চেষ্টা। ২। আরম্ভ।

সমুদ্র (শোমুদ্রো) [সং—উন্দ্ (স্ফীত হওয়া) + র (অপা—রক্) ন্—লোপ, কিম্বা সং—উৎ (উদ্গত) র (বহ্নি) যাহা হইতে, বহু, অথবা সং—উৎ—রা (দান করা) + অ (কর্তৃ) যে রত্ন ও জল দান করে। গ্রা—**সমুদ্দুর**, **সুমুদ্দুর**] বি, পুং, যে, বিশাল জলরাশি ভূমণ্ডল পরিবেষ্টিত করিয়া আছে ; সাগর ; রত্নাকর। **সমুদ্রকফ**—সমুদ্রের ফেন। **সমুদ্রকান্তা**—বি, স্ত্রী, নদী। **সমুদ্রগ**—বিণ, সমুদ্রগামী। ২। বি, নাবিক। পোত-বণিক্। স্ত্রী, **সমুদ্রগা**—নদী। **সমুদ্রগৃহ**—বি, ক্লী, জলমগ্ন গৃহ। ২। বরুণালয়। **সমুদ্রমেখলা**—বি, স্ত্রী, পৃথিবী। **সমুদ্রযান**—বি, অর্ণবপোত ; জাহাজ। **সমুদ্রের ঢেউ**—সাগর-তরঙ্গ ; উত্তাল তরঙ্গ। **সমুদ্রের ঢেউ খাওয়া**—সাগর তরঙ্গে স্নান করা। **সমুদ্র তীর**—সমুদ্রের উপকূল। **সাত সমুদ্র তের নদী পার হওয়া**—[বাংগ্ন সাত ও তের বহু অর্থে প্রযুক্ত। বহু সাগর নদী উত্তীর্ণ হইতে বহু বিস্তীর্ণ ভূভাগ অনেক কষ্টে অতিক্রম করিতে হয়। সুতরাং তাহার ভাব হইতে] অনেক দূরদেশ হইতে আসা। **সমুদ্রে পাদ্য অর্ঘ্য**—সমুদ্রে বিন্দুপাত। **সমুদ্রে বিন্দু পাত**—বিশাল জলরাশির মধ্যে এক ফোঁটা জল গণনায় আসে না। **সমুদ্রে ঝাঁপ দেওয়া**—বিপদসঙ্কুল অগাধ জলে ইচ্ছা করিয়া পড়া। ২। প্রাণ সঙ্কটে বা বিপদের মধ্যে আত্ম সমর্পণ করা।

সমুদ্র (শমুদ্রো [স—মুদ্রা] বিণ, মুদ্রাযুক্ত। ২। মুদ্রাঙ্কিত ; printed.

সমুদ্রাম্বরা (শোমুদ্রাম্বরা) [সমুদ্র হইয়াছে অম্বর (বস্ত্র) যাহার, বহু (আপ্—স্ত্রী)] বি, স্ত্রী, পৃথিবী।

সমুদ্রীয় (শোমুদ্দৃজ) [সমুদ্র + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, সাগর সম্বন্ধীয় ; সামুদ্রিক।

সমুদ্বহ (শ) [সং—উৎ—বহ্ (বহন করা) + অ (কর্তৃ—অচ্)] বিণ, বহনকারী।

সমুন্নত (শ) [সং—উন্নত] বিণ, সু-উচ্চ ; অতিশয় উন্নত ; ২। মহৎ। ৩। সমৃদ্ধ। ৪। উচ্চপদস্থ।

সমুন্নতি (শমুননোতি) [সং—উন্নতি। ২ অভ্যুৎকর্ষ। ৩। উচ্চপদ। ৪। উচ্চতা। ৫। মহত্ত্ব।

সমুন্নয় (শ, য়) [সং—উৎ—নী (লওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, সমুন্নয়ন (দ্রঃ)।

সমুন্নয়ন (শ, ন্) [সং—উৎ—নী (লওয়া) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উৎক্ষেপণ ; উচ্চকরণ। ২। সম্প্রাপ্তি। ৩। উদ্ভাবন।

সমুপচিত (শ) [সং—উপ—চি (একত্র করা) + ত (কর্মে—ক্ত)] বিণ, সম্যক্ উপচিত ; বৃদ্ধিপ্রাপ্ত। ২। বহুলীকৃত।

সমুপধান (শ, ন্) [সং—উপ—ধা (ধারণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সমুৎপাদন। ২। স্থাপন।

সমুপেত (শ) [সং—উপেত] বিণ, সমাগত।

সমুল্লসিত (শমুল্লোশিত) [সং—উৎ—লস্ (ক্রীড়া করা) + ত (কর্মে—ক্ত)] বিণ, অতিশয় উল্লাসযুক্ত ; সমুৎফুল্ল।

সমুল্লেখ (শ, খ্) [সং—উৎ—লিখ্ (লেখা) + অ (ভাবে—অল্)] বি, পুং, লেখন। ২। উল্লেখ ; কথন। ৩। খনন ; খোদন। ।। আকর্ষণ ; আঁচড়ান। ৫। কুন্দন ; চাঁচন।

সমুল্লেখন (শ, ন্) [সং—উৎ—লিখ্ + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সমুল্লেখ দ্রঃ।

সমূল (শ, ল্) [স (সহিত) মূল] বিণ, মূলসহিত। ২। সত্য। সকারণ। **সমূলে নির্মূল**—মূলোচ্ছেদ ; মূলের সহিত বিনষ্ট। প্র—"মারিতে লইলা হাতে প্রলয়ের শূল। করিতে যবন সব সমূলে নির্মূল॥"—অ, ম।

সমূহ (শো) [সং—বহ্ (বহন করা) + অ (কর্মে—ঘঞ্)] বি, পুং, রাশি। ২। সমুদায়। ৩। গণ। ৪। অনেক ; বহু ; বিস্তর। প্র—সমূহ ক্ষতি।

সমূহ (শো) [সং—উহ্ (তর্ক করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, সাতিশয় সন্দেহ। ২। সম্যক্ তর্ক।

সমৃদ্ধি (শ) [সং—ঋধ্ (বৃদ্ধি পাওয়া) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সম্যক্ বৃদ্ধি ; সমুন্নতি। ২। ঐশ্বর্য্য ; সম্পত্তি। ৩। মঙ্গল ; কল্যাণ ; শ্রেয়ঃ। বিণ, **সমৃদ্ধ**—বৃদ্ধিপ্রাপ্ত।

২। সম্পন্ন। **সমৃদ্ধিমত্তা**—বি. ঐশ্বর্য্যশালিতা।

সমে (শ) [প্রা-বাং। সমেত সংক্ষেপে] ক্রি. বিণ. সমেত ; সহিত। প্র—"গুণ সমে কাটি পড়ে হাতের কোদণ্ড"—মহা—অশ্বমেধ (শ্রীকরণ)। ২। [সমা দ্রঃ] বৎসরে।

সমেত (শমেত্) [সম্—আ—ই (গমন করা) +ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. মিলিত ; যুক্ত ; সঙ্গত : সহিত। প্র—"অভাবের মধ্যে দাঁড়িয়ে যখন দেখি তখন সমস্ত ডাল পালা সমেত একটা বটগাছকে এমন প্রকাণ্ড যাদু বলে বোধ হয়"—রবি। ২। সংপ্রাপ্ত। ৩। সমুপস্থিত।

সমোদক (শ. ক্) [সম্ (তুল্য) উদক (জল) যাহার, বহু] বি. ক্লী. অর্দ্ধভাগ জল যুক্ত ঘোল।

সম্পত্তি (শম্পোত্তি) [সং—পদ্ (গমন করা, সমৃদ্ধ হওয়া) +তি (করণে ক্তি)] বি. স্ত্রী. ধন ; লক্ষ্মী। ২। ঐশ্বর্য্য . বিভূতি। ৩। গৌরব। ৪। শোভা। **সম্পত্তিশাস্ত্র**—ধনবিজ্ঞান।

সম্পদ্ (শ) [সং—পদ্ (সমৃদ্ধ হওয়া) +ক্বিপ্ (করণে)] বি. স্ত্রী. ঐশ্বর্য্য। ২। গৌরব। ৩। সম্পত্তি : ধন। ৪। বিভূতি।

সম্পন্ন (শ) [সং—পদ্ (গমন করা, সমৃদ্ধ হওয়া) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সম্পত্তিশালী : ঐশ্বর্য্যযুক্ত। ২। বিশিষ্ট। ৩। সম্পূর্ণ। ৪। সম্পাদিত : নিষ্পন্ন।

সম্পর্ক (শ) [সম্ (সহিত) পৃচ্ (যুক্ত হওয়া) +অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. সংস্রব . সম্বন্ধ। ২। সংসর্গ। ৩। স্ত্রীসংসর্গ। ৪। সংযোগ। বিণ. **সম্পর্কী**—সম্বন্ধযুক্ত : সম্বন্ধী।

সম্পর্কীয় (শ) [সম্পর্ক + ঈয়] বিণ. সম্বন্ধীয়। ২। সংসৃষ্ট।

সম্পা (শ) [সং] বি. বিদ্যুৎ।

সম্পাট (শম্পাট্) [সং] বি. তর্ক্ : টেকো।

সম্পাত (শ. ত) [সম্ -পৎ (পতিত হওয়া) +অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. পতন। ২। সমূহ। ৩। অভিসম্পাৎ : শাপ। **সম্পাত বচন**—শাপবাক্য।

সম্পাতি (শ) [সং] বি. পুং. গরুড়ের পুত্র : জটায়ু পক্ষীর অগ্রজ।

সম্পাদক (শ. ক্) [সম্—পদ্ + ণিচ্ = পাদি (গমন করান) + অক (কর্ত্তৃ)] বিণ. নিষ্পাদক : সভাসমিতি বিদ্যালয় প্রভৃতি অনুষ্ঠানের কার্য্যনির্ব্বাহক ; secretary. ২। গ্রন্থাদির সংস্করণ ও সঙ্কলনকর্ত্তা : এডিটর (দ্রঃ) ; editor. ৩। সংবাদ বা সাময়িকপত্রের প্রধান লেখক ও পরিচালক। **সম্পাদকতা**—সম্পাদকের কর্ম্ম ; এডিটরি।

সম্পাদন (শ. ন্) [সম্—পদ্ + ণিচ্ = পাদি (গমন করান) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. সমাধান ; সমাপন ; নির্ব্বাহ। ২। গ্রন্থাদির সংস্করণ ও সঙ্কলন ; editing. বিণ. **সম্পাদিত**—নির্ব্বাহিত : নিষ্পাদিত। ২। কৃতসম্পাদন ; সঙ্কলিত ; edited.

সম্পীড়ন (শ. ন্) [সম্ (সম্যক্) পীড়ন] বি. নিষ্পীড়ন : অতিশয় পীড়ন। ২। নিংড়ান।

সম্পুট, পুটক (শম্পুট, টক্) [সং—পুট (লগ্ন হওয়া) + অ (কর্ত্তৃ)] বি. পুং. পুটক ; কৌটা : ঠোঙ্গা ; খুঙ্গি. পেটরা এই অর্থে **সম্পুটক** ও হয়। ২। বিণ. যুক্ত : মিলিত। প্র—"রচিয়া সম্পুটপাণি মৃদু মন্দ সুভাষিণী সম্মুখে রহিলা নারায়ণী।"—কবিক।

সম্পূর্ণ (শ) [সং—পৃ + ত (কর্ত্তৃ—ক্ত) পৃ = পুর্—ত = ন] বিণ. পরিপূর্ণ। ২। সমাপ্ত। ৩। উদ্‌যাপিত। ৪। সমগ্র। ৫। [সঙ্গীতে] বি. পুং. সপ্তস্বরবিশিষ্ট রাগ।

সম্পূর্ণা (শ) [সম্পূর্ণ (দ্রঃ) + আপ্ স্ত্রী] বি. সূর্য্যোদয়ের দুই মুহূর্ত্ত পূর্ব্ব হইতে আরব্ধ একাদশী।

সম্পৃক্ত (শ) [সম্—পৃচ্ (মিলিত হওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ. সম্বন্ধিত ; সংসৃষ্ট : সংক্রান্ত। ২। সংযুক্ত : মিলিত। ৩। গ্রথিত : জড়িত।

সম্পোষ্য (শ) [সম্ (সম্যক্, সম্পূর্ণ) পোষ্য (পোষণ-যোগ্য)] যাহাতে কাহার সম্পূর্ণ ভাবে অভাব দূর হইয়া যায়] বিণ. অভাব-পূরণ-যোগ্য ; জীবনযাত্রা বা সংসারযাত্রা নির্ব্বাহের সুবিধাজনক ; কুলাইবার মত। ২। অভাব পূরণ-ক্ষমতা বা যোগ্যতা। গ্রা—**সম্পোষ, সম্পুষ্যি।** **জল সম্পোষ্য**—জলাভাব পূরণ-যোগ্যতা। **স্থান সম্পোষ্য**—স্বচ্ছন্দে বাস করিবার উপযোগী স্থান। ২। স্থানাভাব দূরকরণ-ক্ষমতা। প্র—ওখানে স্থানসম্পোষ্য কিরূপ।

সম্প্রতি (শম্প্রোতি) [গ্রা—সম্প্রিতি, মেয়েলি—সম্পিতি। সম্—প্রতি (দ্বন্দ্ব)] অ. বর্ত্তমানে ; অধুনা ; আজিকালি। ২। উপস্থিত : এক্ষণে.

সম্প্রতিপত্তি (শম্প্রোতিপোত্তি) [সম্ (এক সঙ্গে) প্রতিপত্তি] বি. স্ত্রী. সম্যক্‌জ্ঞান। ২। স্বীকার : অভিমত। ৩। অভিযোগকারীর অভিযোগ-প্রতিবাদীর স্বীকারকরণ। ৪। চুক্তি। ৫। সাহচর্য্য। ৬। সম্পাদন। ৭। আক্রমণ।

সম্প্রতীতি (শম্প্রোতীতি) [সম্—প্রতীতি] বি. স্ত্রী. প্রত্যয়সিদ্ধ জ্ঞান। ২। প্রসিদ্ধি।

সম্প্রদাতা (শম্প্রোদাতা) [সং—প্র—দা (দান করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = সম্প্রদাতৃ ১মা, ১ব] বিণ. সম্প্রদানকর্ত্তা।

সম্প্রদান (শম্প্রোদান) [সম্—প্র—দা (দান করা) + অন (সম্প্রদানে অনট্)] বি. ক্লী. সম্পূর্ণভাবে দান ; সমর্পণ। ২। [ব্যাকরণে] কারকবিশেষ।

সম্প্রদায় (শম্প্রোদায়) [সম্—প্র—দা (দান করা) + অ (কর্ম্মে, ঘঞ্) য আগম] বি. পুং. সমাজ ; দল ; থাক। ২। গোষ্ঠী। ৩। গুরুপরম্পরাগত সদুপদেশ।

সম্প্রধারণ (শম্প্রোধারণ) [সম্—প্র—ধৃ + ণিচ্ = ধারি (ধারণ করান) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. অবধারণ ; কর্ত্তব্য নির্দ্ধারণ ; সদসৎ নির্ণয়। স্ত্রী. **সম্প্রধারণা।**

সম্প্রয়োগ (শ. গ্) [সম্—প্র—যুজ্ (যোগ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. বিনিয়োগ ; প্রয়োগ। ২। ধনের বিনিয়োগ : ধনাদির বৃদ্ধি হেতু নিয়োগ বা খাটান। ৩। বশীকরণাদি ক্রিয়া। ৪। ইন্দ্রজাল। ৫। সম্বন্ধ। ৬। সংসর্গ ; স্ত্রীসঙ্গম · লাম্পট্য। বিণ. **সম্প্রয়োগী**—সম্প্রয়োগকারী। ২। লম্পট। ৩। ঐন্দ্রজালিক।

সম্প্রসারণ (শম্প্রোশারন্) [সম্—প্র—সৃ + ণিচ্ = সারি (গমন করান) + অন (ভাবে—অনট্)] বি. ক্লী. বিস্তারণ : প্রসার। ২। [ব্যাকরণে] ই, উ, ঋ, ৯ স্থলে য, ব, র, ল হওয়া।

সম্প্রহার (শম্প্রোহার্) [সম্—প্রহার] বি. পুং. সম্যক্ প্রহার। ২। হনন ; মারণ। ৩। যুদ্ধ।

সম্প্রাপ্ত (শ) [সম্ (সম্যক্)—প্রাপ্ত] বিণ. সম্যক্ লব্ধ। ২। সমাগত। বি. **সম্প্রাপ্তি**—লাভ ; প্রাপ্তি। ২। উপস্থিতি।

সম্প্রীত (শম্প্রীত্) [সং—সম্প্রীতি (দ্রঃ)। গ্রা] বি. প্রণয়।

সম্প্রীতি (শ) [সম্ (সম্যক্)—প্রী (তুষ্ট হওয়া) + তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. প্রণয় ; সদ্ভাব। ২। সন্তোষ ; আনন্দ। বিণ. **সম্প্রীত**—সন্তুষ্ট। ২। প্রীতিযুক্ত।

সম্প্লব (শ. ব্) [সম্—প্লু (গমন করা) + অ (ভাবে—অল্)] বি. পুং. সম্যক্ প্লাবন ; বন্যা। ২। চাঞ্চল্য।

সম্বৎ (শ) [সং—সংবৎ (দ্রঃ)] বি. খ্রীষ্ট জন্মের ৫৭ বৎসর পূর্ব্ব হইতে রাজা বিক্রমাদিত্য কর্ত্তৃক প্রবর্ত্তিত অব্দ। সম্বত অব্দ পাইতে হইলে খৃষ্টাব্দ + ৫৭ বৎসরের যোগফল লইতে হইবে।

সম্বৎসর (শোম্বৎশর্) [সং—সংবৎসর] বি. পূর্ণ বৎসর।

সম্বদ্ধ (শ) [সম্ (সম্যক্)—বন্ধ্ (বন্ধন করা) + ত] বিণ. দৃঢ়বদ্ধ। ২। সংযুক্ত : সংমিলিত। ৩। সম্বন্ধযুক্ত।

সম্বন্ধ (শ) [সং (সহিত) বন্ধ্ (বন্ধন করা) +অ (ভাবে, অল্)] বি, পুং, সম্পর্ক ; সংসর্গ। ২। সংযোগ ; মিলন। ৩। সজ্ঘটন। ৪। সমীচীনতা ; উপযুক্ততা। ৫। [করণে —অল্] আত্মীয়তা ; মিত্রতা ; সখ্য ; ৬। কুটুম্বিতা। ৭। [ব্যাকরণে] কার্য্যকারণতা বা জন্য জনকতার ভাব। বিণ, **সম্বন্ধী**—সম্বন্ধবিশিষ্ট। ১। বি, কুটুম্ব। ৩। [বাং-য়] শ্যালক।

সম্বন্ধী (শম্‌বোন্‌ধি) [সম্বন্ধ+ইন্ (অস্ত্যর্থে) =সম্বন্ধিন্ ১মা, ১ব] বিণ, সম্বন্ধবিশিষ্ট ; সম্বন্ধশালী ; সম্পর্কী। ২। কুটুম্ব। ৩। বিদ্বান্। ৪। সদ্গুণবিশিষ্ট। ৫। সুদৃশ্য।

সম্বর (শম্‌বর্) [সং—সম্ব (গমন করা) + অর] বি, জল। ২। অসুরবিশেষ। এই অসুরকে বিনাশ করিয়া মদনের সম্বরারি নাম হয়। ৩। পঞ্জাবস্থ লবণ হ্রদবিশেষ। ৪। মৃগবিশেষ ; chamois. ৫। মৎস্যবিশেষ। ৬। বৌদ্ধ ব্রতবিশেষ।

সম্বরণ (শম্‌বরন্) [সম্—বৃ (আবরণ করা) +অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, আবরণ। ২। গোপন। ৩। দমন। প্র—লোভ সম্বরণ করা। ৪। সংযমন : ইন্দ্রিয় সংযম। ৫। বরণ। ৬। বরমাল্যদান।

সম্বরা (শ) [সং—বৃ (আবরণে) ধাতুজ। উ-পু—সম্বরি। ম-পু—সম্বর। প্র-পু—সম্বরে। অস-ক্রি—সম্বরিতে ; সম্বরিয়া, সম্বরি] ক্রি, আবরণ করা। ২। গোপন করা। প্র—"প্রবোধিয়া দিলা বর রূপ সম্বরিয়া"—অ, ম। ৩। সংযমন করা ; ইন্দ্রিয় দমন করা। প্র—"কে সম্বরে স্মরশরে এ তিন ভুবনে"—ব্রজাঙ্গনা। ৪। সংযত করা ; গুছান। প্র—"আলু থালু থলি চালু চন্দ্রচূড় হাসে। শৈলসুতা এসে সব সম্বরিলা শেষে॥"—শিবায়ন। ৫। [ব্যঞ্জনাদির স্বাদাল্পতা, অপ্রীতিকর গন্ধাদি যাবতীয় ত্রুটি আবরণ করা অর্থে] সন্তোলন করা ; সাঁৎলান। ৬। বি, ফোড়ন।

সম্বরারি (শ) [সম্বর (দৈত্য) অরি (শত্রু) ৬তৎ] বি, পুং, মদন ; কন্দর্প।

সম্বর্দ্ধন (শ, ন্ [সং—সংবর্দ্ধন] বি, অতিশয় বৃদ্ধি।

সম্বর্দ্ধনা (শ) [সং—সংবর্দ্ধনা] বি, সাদর অভ্যর্থনা। সম্মাননা।

সম্বল (শ, ল) [সম্ব্ (গমন করা, পথ চলা] +অল (করণে)] বি, পুং, পথের অবলম্বন ; পাথেয়। ২। পুঁজি। প্র—"ভিখারীর মাগু হয়ে পাশার প্রবল। কি খেলা খেলিতে যদি থাকিত সম্বল॥"—কবিক। ৩। জীবিকা ; জীবনোপায়। প্র—"বৃদ্ধ পিতামাতা ঘরে আকুল অন্নের তরে ঘুঁটে বেচা আমার সম্বল।"—অ, ম। ৪। যোগ্যতা ; সামর্থ্য। ৫। সংস্থাপন। প্র—"পুত্রসহ সম্বল করহ নৃপমণি।"—কাশী—মহা—আদি।

সম্বলিত (শম্‌বোলিত) [সং—সংবলিত] বিণ, বিশিষ্ট ; সহিত। ২। সংযোজিত।

সম্বাদ (শম্‌বাদ্) [সং—সংবাদ] বি, পুং, সংবাদ ; বার্ত্তা ; খবর। প্র—"আমার সংবাদ কহ রাজার গোচরে। কৌশল্যা নামেতে কন্যা সমর্পিব তারে॥"—কৃত্তিবাস (বটতলা সং)। ২। কথা। ৩। সাদৃশ্য। বিণ, সম্বাদী। প্রা-বাং—ক্রি-বিণ, **সম্বাদে**—সংবাদ লইয়া। প্র—"আমার সম্বাদে যাহ তাহার গোচরে। কৌশল্যা নামে কন্যা তরে বিভা দিব তাঁরে॥"—কৃত্তিবাস (৯০ বৎসরের পুঁথি। সা-প-প- ১৩০১)।

সম্বাদী (শ) [সম্বাদ (দ্রঃ) + ইন্ (অস্ত্যর্থে) =সম্বাদিন্ ১মা, ১ব] বিণ সম্বাদকারী। ২। সদৃশ ; সম। বিপরীত—বিসম্বাদী। ৩। [সঙ্গীতে] বাদীর সহগামী সুর।

সম্বাধ (শম্‌বাধ) [সম্—বাধ্ (পীড়ন করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, সম্যক্ বাধা ; বিশেষ বিঘ্ন। ২। ভিড় ; জনতা। ৩। সঙ্কট। ৪। ভয়। ৫। সজ্ঘর্ষ। ৬। বিণ, সঙ্কীর্ণ ; অপ্রশস্ত।

সম্বায় (শম্‌বায়) [সং—সমবায়] বিণ, সমবায় ; যৌথ। ২। মিলিত। প্র—"মুনিগণ দেবগণ সম্বায় হইয়া।"—কাশী—মহা—আদি।

সম্বাহ (শ) [সং—সমবায় হইতে সম্বায় পরে সম্বাহ] বি, মিলিত ; প্র—"বাঘে না খাইবে মৃগ কেশরী বারণে। তুরঙ্গ মহিষ যে সম্বাহ একস্থানে॥"—কবিক। ২। [সং—বহ + ণিচ=বাহি+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, গাত্র মর্দ্দন ; গা ডলা।

সম্বিৎ, সম্বিত (শোমবিৎ) [সং—বিদ্ (জানা) +ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, স্ত্রী জ্ঞান ; চৈতন্য। প্র—"হা কৃষ্ণ বলিয়া কান্দে নাহিক সম্বিৎ।" চৈ-ভা। "ক্ষণেকে সম্বিত পেয়ে লাগিলা কান্দিতে।"—অ, ম। "শঙ্খ দেখি সুন্দরী সম্বিত হৈল হারা।"—শিবায়ন। ২। সম্মান ; অভ্যর্থনা। প্র—"আইস আইস বলি রাজা করিল সম্বিত।"—কবিক।

সম্বিধান (শম্‌বিধান্) [সং—সংবিদা শব্দজ] বি, চৈতন্য ; জ্ঞান। ২। অবধান ; মনোযোগ। ৩। [সং—সংবিধান] আয়োজন ; উদ্যোগ। প্র—"এত চিন্তি বিশ্বামিত্র করে সম্বিধান।"—কাশী—মহা—আদি। ৪। সংঘটনা। ৫। বৈচিত্র্য। ৬। উপচার। ৭। বিধান ; ব্যবস্থা।

সম্বুদ্ধ (শ) [সং—(সম্যক্) বুধ্ (জানা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উদ্বুদ্ধ ; জাগরিত। ২। চেতনাযুক্ত। ৩। সম্যক্ জ্ঞানী। ৪। বি, পুং, বুদ্ধাবতার।

সম্বুদ্ধি (শ) [সং—বুধ্ (জানা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সম্বোধন। ২। [ব্যাকরণে] সম্বোধনের ১ বচন।

সম্বেশ (শম্‌বেশ্) [সং—সংবেশ] বি, নিদ্রা। প্র—"শার্দ্দূল অশন পেয়ে সম্বেশ গেছিল।"—ধ, ম (মাণিক)।

সম্বোধন (শ, ন্) [সং—বুধ্ (জানা) + অন (ভাবে)] বি, অভিমুখীকরণ। ২। অভিভাষণ। ৩। আহ্বান। ৪। আমন্ত্রণ। ৫। বিশেষণ। ৬। [ব্যাকরণে] বিভক্তিবিশেষ।

সম্বোধা (শ) [সং—সম্বোধন হইতে সম্বোধ + আ (ক্রিয়ায়) । উ-পু—সম্বোধে। ম-পু—সম্বোধ। প্র-পু—সম্বোধি। অস-ক্রি—সম্বোধিতে ; সম্বোধিয়া, সম্বোধি] ক্রি, সম্বোধন করা। প্র—"প্রিয়ংবদা * * রাজাকে সম্বোধিয়া কহিলেন।"—বিদ্যাসাগর (শকুন্তলা)।

সম্ভব (শ, ব্) [সং—ভূ (হওয়া) + অ] বি, জন্ম ; উৎপত্তি। ২। কারণ ; হেতু। ৩। যোগ্যতা। ৪। যুক্তি। ৫। হইতে পারে বা এইরূপ অনুমান। প্র—ইহা ঘটা সম্ভব (অর্থাৎ ঘটিতে পারে এরূপ অনুমান। ৬। উপায়। ৭। বর্ত্তমান যুগের তৃতীয় জৈনাবতার। ৮। বিণ, অনুমান-যোগ্য।

সম্ভব্য (শম্‌ভোব্‌ব) [সং (সহিত) ভু (হওয়া) +য (কর্ম্মে) ভূ=ভব্] বিণ, হইতে পারে এরূপ অনুমেয়। ২। সংঘটনীয়।

সম্ভাবন (শ, ন্) [সং—ভাবি (চিন্তা করা) +অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, চিন্তা। ২। ধ্যান ; পূজা। ৩। যোগ্যতা। ৪। যদি হয় এরূপ সংশয়। ৫। সম্পাদন।

সম্ভাবনা (শ) [সম্ভাবন (দ্রঃ) । আপ স্ত্রী] বি সম্যক্‌ভাবনা ; চিন্তা। ২। যোগ্যতা। ৩। যদি হয় এরূপ সংশয় বা তর্ক ; নিশ্চয়-প্রধান জ্ঞান। ৪। অভিসন্ধি। ৫। কাব্যালঙ্কারবিশেষ। ৬। [ব্যাকরণে] ক্রিয়ায় অধ্যবসায় বা যোগ্যতা। ৭। [প্রা-বাং] সম্পত্তি ; সম্বল। প্র—"সম্ভাবনা কেবল বলদ।" —পদ্মাপুরাণ। "কৃষ্ণ আর কৃষ্ণা পাণ্ডবের সম্ভাবনা।"—কাশী, মহা। বিণ, **সম্ভাবিত**।

সম্ভান (শম্‌ভানো) [প্রা-বাং। সং—সম্ব্ (গমন করা) ধাতুজ। উ-পু—সম্ভাই। ম-পু—সম্ভাও। প্র-পু—সম্ভায়] ক্রি, ভিতরে গমন করা ; প্রবেশ করা। প্র—"ভল্লুক সম্ভায় গাড়ে ভয়ে কম্পবান। তাড়িয়া মহিষ ধরে উপরে বিষাণ॥"—কবিক। ২। বিরাজ করা। প্র—"তড়িত-লতাতলে তিমির সম্ভায়ল আঁতরে সুরধুনী ধারা"—বি, প।

সম্ভার (শরভার্) [সং—ভৃ (ধারণ করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, সামগ্রী ; দ্রব্যজাত ; দ্রব্যের ভার। প্র—"শকটে সম্ভার কত যায় ভারী ভারী।"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

"সবলে সম্ভায় আনি দেই সেই ক্ষণে।"—চৈ-ভা। ৩। উপকরণ। ৪। সম্বল। ৫। পরিপূর্ণতা। ৬। সরবরাহ। ৭। আয়োজন; বন্দোবস্ত; যোগাড়যন্ত্র। প্র—"এথা রাজা যুধিষ্ঠির করেন সম্ভার। যজ্ঞের মণ্ডপ তোল এ অদ্ভুত আকার॥"—মহা (শ্রীকরণ)।

সম্ভাষ (শম্ভাষ্) [সম্—ভাষ্ (বলা)+অ (ভাবে অল্)] বি, পুং, আলাপ; কথোপকথন। স্ত্রী, **সম্ভাষা**—আলাপ; সম্ভাষণ। প্র—"হেন নাহি তিলার্দ্ধ সম্ভাষা যারে করি।" —চৈ-ভা।

সম্ভাষণ (শ্ ন্) [সং—ভাষ্ (বলা)+অন (ভাবে)] বি, কথোপকথন; আলাপ। ২। সম্বোধন।

সম্ভাষা (শ) [সম্ভাষ+আ (ক্রিয়ায়)। উ-পু—সম্ভাষি। ম-পু—সম্ভাষ। প্র-পু—সম্ভাষে। অস-ক্রি—সম্ভাষিতে; সম্ভাষিয়া. সম্ভাষি (পদ্যে)] ক্রি, সম্বোধন করিয়া কথা কহা; কিছু বলা; আহ্বান করা। প্র—"তরুরাজ যুদ্ধ আগে তোমারে যদি সম্ভাষে বজ্রাঘাতে যেয়ো তার করিয়া দলন।"—ব্রজাঙ্গনা। "বাপ মায় প্রণমিয়া দুই নারী সম্ভাষিয়া আরোহিলা পালকী উপর।"—অ, ম।

সম্ভূত (শ) [সং—ভূ (হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, উদ্ভূত; জাত।

সম্ভূতি (শ) [সং—ভূ (হওয়া)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, উৎপত্তি। ২। বিভূতি। ৩। ঐশ শক্তি: ঐশ্বর্য্যবিশেষ।

সম্ভূয়সন্ধান (শ, শ, ন্) [সম্ (একত্র) ভূ (হওয়া)+য=সম্ভূয়—সন্ধান (সন্ধিকরণ)] বি, মিলিত সন্ধিকরণ।

সম্ভূয়সমুত্থান (শ, শ, ন্) [সম্ভূয় (মিলিত) সমুত্থান] বি, সংমিলিত উত্থান। ২। যৌথ ব্যবসায়; বহু অংশীদারের মিলিত বাণিজ্যকরণ।

সম্ভৃতি (শ) [সং—ভৃ (ভরণে)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, সম্যক্ভরণ; পরিপোষণ: প্রতিপালন। বিণ, **সম্ভৃত**।

সম্ভেট (শ, ট্) [প্রা-বাং। উৎকলে ভূরি প্রয়োগ] বি, সাক্ষাৎকার। প্র—"জগন্নাথের আজ্ঞা সার্ব্বভৌমে কপাট ফেট। চৈতন্য গোসাঞি করাহ সম্ভেট॥"—চৈতন্য-মঙ্গল।

সম্ভেদ (শ, দ্) [সং—ভিদ্ (মিলিত হওয়া)+অ (ভাবে—ঘঞ্)] বি, ক্লী, মিলন। প্র—"বিদ্যাপতি কহে না করহ খেদ। ঐছন হোয়ল পহিল সম্ভেদ।"—বি, প। ২। নদীর মিলন। ৩। স্ফুটন: ভেদন। ৪। সাগর সঙ্গম। ৫। বিধান: ঘটনা। ৬। বিড়ম্বনা। প্র—"নাহক চিতহি অতিশয় খেদ। জ্ঞানদাস কহে বিহিক সম্ভেদ।"—জ্ঞান।

সম্ভোগ (শ, গ্) [সং (সম্যক্) ভোগ বি, পুং, উপভোগ। ২। রতিক্রিয়া। ৩। হর্ষ।

সম্ভ্রম (শম্ভ্রোম্) [সম্—ভ্রম্ (ভ্রমণ করা। তুল—"সখি মুরলে কিমপি সংভ্রান্তেব"—উ-চরিত, ৩য় অঙ্ক)+অ (ভাবে—অল্)] বি, পুং, ভ্রমণ; ঘূর্ণন। ২। ভ্রান্তি। [বিরল]। ৩। ভ্রমণ অর্থ হইতে বেগ, সংবেগ, ত্বরা, ভয়, আদর। "সংভ্রমো ভীতৌ সংবেগাদরয়োরপি" —হেম। "সংবেগাদরয়োরপি"—বিশ্ব; মেদিনী। "সম্ভ্রমস্ত্বরা" "সংবেগসম্ভ্রমৌ"—অমর। সংস্কৃত হইতে প্রা-বাংতে ভয় অর্থে প্রচলিত ছিল, আধু-বাং-অপ্র] বি, পুং, ভয়। প্র—"সম্ভ্রম না করে ভীষ্ম হাতে ধনুঃশর।"—মহা (কবীন্দ্র)। ৪। ভয় বা ভক্তিজনিত ব্যস্ততা বা উদ্বেগ। প্র—"কি কারণে সম্ভ্রম কর মহাশয়।"—মহা (কাশীদাস)। "মদন মোহন হর দেখি বিদ্যমান। সম্ভ্রমে পাসরে গৌরী পূজার বিধান।"—কবিক। তাঁহাকে দেখিবামাত্র কর্ম্মচারী সম্ভ্রমের সহিত উঠিয়া দাঁড়াইলেন। ৫। আদর; সম্মান; গৌরব; মর্য্যাদা; সমাদর। প্র—"বহুল সম্ভ্রম পাইল কর্ণের নন্দন।"—মহা (শ্রীকরণ)। ৬। সাবধান। প্র—"তবে অষ্টরথী দুর্য্যোধন সনে। অর্জ্জুনেরে বেড়িল পরম সম্ভ্রমে।"—মহা (বিজয়)। ৭। ভদ্রতা: আবরু; মান (তুল—'মানসম্ভ্রম')। প্র—ঋণের দায়ে সমাজে তাঁহার এখন সম্ভ্রম বজায় রাখা ভার হয়েছে। যে রকম দিন কাল পড়েছে তাহাতে সামান্য আয়ে গৃহস্থের আর মান সম্ভ্রম থাকে না। ৮। [ইং—credit অর্থে] বিশ্বাস; বাজারসম্ভ্রম। প্র—ব্যবসায়ে ক্রমাগত ক্ষতিগ্রস্ত হইয়া তাঁহার এমন অবস্থা হয়েছে যে বাজারে এইবার তাঁহার সম্ভ্রম নষ্ট হইবে। কথার ঠিক রাখিতে না পারিলে কোন দোকানদারেরই বাজার সম্ভ্রম থাকে না। **সম্ভ্রম করা**—ক্রি, আদর করা: সম্মান করা। ২। ভক্তির সহিত ভয় করা (তুল—সমীহ করা) বিণ, সম্ভ্রান্ত।

সম্ভ্রান্ত (শম্ভ্রানতো) [সম্ভ্রম+ত (কর্ত্তৃ—ক্ত)। অপ্র] বি, ভীত; সন্ত্রস্ত। ২। মান্য মর্য্যাদা সম্পন্ন: গৌরবান্বিত। ৩। কুলীন; সদ্বংশজাত; উচ্চবংশজাত; noble. ৪। আদরণীয়। ৫। ত্বরাযুক্ত; ত্বরান্বিত; ব্যস্ত। ৬। সম্যক্ ভ্রান্ত। **সম্ভ্রান্ততন্ত্র**—অভিজাত সম্প্রদায়ের হস্তগত রাজ্যশাসন; beaurocracy. **সম্ভ্রান্তসমাজ**—অভিজাতদিগের সভা।

সম্মত (শম্মত) [সং—মন্ (জ্ঞান করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অনুমত। ২। স্বীকৃত ৩। অভিপ্রেত।

সম্মতি (শম্মোতি) [সং—মন্ (জ্ঞান করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, অভিমত। ২। আত্মবোধ। ৩। আদেশ। ৪। ইচ্ছা; অভিপ্রায়। ৫। ঐকমত্য। ৬। সম্মান।

সম্মদ (শম্মদ্) [সং—মদ্ (হৃষ্ট হওয়া)+অ (ভাবে—অল্)] বি, পুং, আহ্লাদ; আমোদ; হর্ষ। ২। বিণ, আনন্দিত; সুখী।

সম্মর্দ্দ (শম্মরদ) [সং (সম্যক্) মর্দ্দ্ (মর্দ্দন করা)+অ (অল্) যেখানে পরস্পর সংঘর্ষ হয়] বি, পুং, সঙ্ঘর্ষ। ২। সংগ্রাম। ৩। জনতা।

সম্মাতুর (শম্মাতুর) [সৎ (সাধু) মাতৃ (মাতা)+উর (অপত্যার্থে—ডুর)] বি, পুং পতিব্রতাতনয়; সতীপুত্র।

সম্মাদ (শম্মাদ্) [সং—মদ্ (গর্ব্ব করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, মত্ততা; উন্মাদ।

সম্মান (শম্মান্) [সং (সম্যক্) মান (পূজা করা)+ণিচ্=মানি+অ (ভাবে—অল্)] বি, পুং, গৌরব সমাদর; পূজা। ২। [সং—মা (পরিমাণ করা)+অন্ (ভাবে—অনট্)] বি, ক্লী, সম্যক্ পরিমাণ।

সম্মানন (শম্) [সং—মান্ (পূজা করা)+ণিচ্=মানি+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সম্মানকরণ। ২। সম্যক্ পরিমাণ। স্ত্রী, **সম্মাননা**—গৌরব।

সম্মানিত (সম্মানিত) [সং—মান্ (পূজা করা)+ণিচ্=মানি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, পূজিত; আদৃত; সৎকৃত।

সম্মার্জ্জক (শম্মারজক্) [সম্—মৃজ্ (শুদ্ধ করা, মার্জ্জনা করা)+অক (কর্ত্তৃ)] বিণ, শুদ্ধকারক; পরিষ্কারক। ২। বি, পুং, সম্মার্জ্জনী; ঝাঁটা।

সম্মার্জ্জন (শম্মার্জ্জন্) [সং—মৃজ্ (শুদ্ধ করা, মার্জ্জনা করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পরিষ্করণ; মার্জ্জন; শোধন। ২। [করণে—অনট] যাহা দ্বারা পরিষ্কার করে। স্ত্রী, **সম্মার্জ্জনী**—মার্জ্জনী; শোধনী; ঝাঁটা।

সম্মিত (শোম্মিত) [সং (সহিত) মিত (পরিমিত)] বিণ, সদৃশ। ২। তুল্যপরিমাণ; পরিমিত।

সম্মিলন (শম্মিলন্) [সং—মিল্ (লগ্ন হওয়া)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মিশ্রণ; একত্র হওন।

সম্মিলিত (শম্) [সং—মিল্ (সংযুক্ত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সংযুক্ত: মিলিত; একত্রিত।

সম্মিশ্র (শম্মিসস্র) [সং—মিশ্র (মিলন)] বিণ, মিলিত; মিশ্রিত; সংযুক্ত।

সম্মুখ (শম্‌মুখ) [সং—মুখ] বিণ, অভিমুখ সমক্ষ ; মুখামুখি। প্র—"সম্মুখ সমরে পড়ি বীরচূড়ামণি বীরবাহু"—মেঘনাদ। ২। সাক্ষাৎ দৃষ্ট ; সদয়। প্র—"কাননে পুজিয়া তোমা হবে পতি প্রাণসমা তারে তুমি হইবা সম্মুখ।" কবিক।

সম্মুখীন (শম্) [সম্মুখ + ঈন] বিণ, সম্মুখবর্ত্তী।

সম্মূঢ় (শম্মূঢ়) [সং—মুহ্ (মুগ্ধ হওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, মোহবিশিষ্ট ; মুগ্ধ। ২ অজ্ঞান ; নির্ব্বোধ।

সম্মূর্চ্ছন (শম্মূর্ছন্) [সং—মূর্চ্ছ্ (মূর্চ্ছিত হওয়া) + অন (ভাবে—অনট্)] বি, স্ত্রী, মূর্চ্ছা ; মোহ ; অচৈতন্যতা। স্ত্রী, **সম্মূর্চ্ছনা**।

সম্মৃষ্ট (শম্মৃষ্ট) [সং—মৃজ্ (শুদ্ধ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, মার্জ্জিত ; পরিষ্কৃত ; নির্ম্মলীকৃত।

সম্মোদ (শম্মোদ্) [সং—মুদ্ (হৃষ্ট হওয়া) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, আনন্দ ; হর্ষ ; প্রীতি।

সম্মোহ (শম্মোহ) [সং—মোহ] বি, পুং, মুগ্ধকরণ।

সম্মোহন (শম্মোহন্) [সং—মোহি (মোহ করান) + অন (ভাবে)] বি, মোহজনক ; মুগ্ধকরণ। ২। [কর্ত্তৃ—অন] কন্দর্পের শরবিশেষ। প্র—সম্মোহন বাণ করিয়া সন্ধান শিবের ভাঙ্গহ ধ্যান।"—অ, ম। ৩। বিণ, মোহজনক।

সম্রাট (শম্‌ম্রাট্) [সম্ (সম্যক্) রাজ্ (দীপ্তি পাওয়া) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, রাষ্ট্রপতি ; রাজাধিরাজ ; সার্ব্বভৌম ; সসাগরা-ধরাধিপতি রাজসূয়যজ্ঞকারী দ্বাদশরাজমণ্ডলের অধিপতি এবং সমস্ত রাজন্যবর্গের নিয়োগকর্ত্তা ; emperor.

সম্রাজ্ঞী (শম্‌ম্রাগ্‌গি) [সম্ + রাজ্ঞী - সংরাজ্ঞী সুতরাং "সম্রাজ্ঞী" সংস্কৃত-ব্যাকরণ-শুদ্ধ পদ নহে ; কিন্তু বৈদিক মন্ত্রে ও বাংলা চলিত। শুদ্ধরূপ সম্রাজ্ঞী ; কিন্তু বাংলায় ইহার বিরল ব্যবহার] বি, স্ত্রী, সম্রাটপত্নী ; মহারাণী ; empress.

সম্মিষ্ট (শম্মিষ্ট) [সং (সম্যক্) ম্লেচ্ছ (মিলিত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, সংমিলিত ; মিশ্রিত। ২। অস্পষ্ট।

সম্যক্ (শোম্মক্) [সং (সহিত) অন্চ্ (গমন করা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] অ, সর্ব্বপ্রকারে ; সমগ্ররূপে। ২। উপযুক্তরূপে ; উত্তমরূপে। ৩। যথার্থ। ৪। সুন্দর ; মনোজ্ঞ। ৫। যোগ্য ; সঙ্গত। ৬। সম্পূর্ণ ; সমুদয়।

সয়তান (শয়্তান্) [শয়তান দ্রঃ] বি, পাপ পুরুষ ; দুরাচার ; satan. প্র—"সয়তান লাগিয়া পিছে।"—কস্তুরী।

সয়তানি (শয়) [সয়তান (দ্রঃ) + ই (বৃত্তি অর্থে)] বি, সয়তানের বৃত্তি ; অকৃতজ্ঞতা।

সয়া (শয়া) [সহা (দ্রঃ)—সআ—সয়া। উ-পু সই। ম-পু—সও। প্র-পু—সয়। অস-ক্রি —সইতে ; সইয়া ; সয়ে। পিজন্ত—সয়ান] ক্রি, সহ্য করা ; বরদাস্ত করা। প্র—"সয় বলে কি এতই প্রাণে সয়।"—গান। "কোন মতে ঘটে যদি থাক দুদিন সয়ে।" —গান।

সয়া (শয়া) [সং—সখা হইতে সআ—সয়া] বি, পুং, সইএর স্বামী। ২। মিত্র।

সর (শর্) [সৃ (গমন করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, দধিদুগ্ধাদির সার। ২। সরোবর। ৩। নির্ঝর। ৪। জল। ৫। মাল্য। ৬। বিণ, গমনকারী। ৭। [ভাবে—অল্] পুং, গমন ; চলন ; গতি।

সরঃ, সরস্ (শরঃ, শরশ্) [সৃ (গমন করা) + অস্—অধি। যেখানে স্নান বা জলপানের জন্য গমন করে] বি, ক্লী, সরোবর ; পুষ্করিণী। ২। [কর্ত্তৃ—সংজ্ঞার্থে, অস্] জল। ৩। দধির অগ্র।

সরকার (শরকার্) [ফা] বি, প্রভু ; lord. ২। স্বামী ; মালিক ; owner. ৩। শাসনকর্ত্তা ; governor. ৪। রাজস্ব আদায়কারী কর্ম্মচারী। ৫। গৃহস্থ সংসারের আয় ব্যয়ের হিসাবরক্ষক ; পাওনা টাকা আদায় এবং সাধারণ কাজকর্ম্মের পরিদর্শনকারী কর্ম্মচারী ; মুহুরীর উপরিতন কর্ম্মচারী। ৬। গবর্ণমেণ্ট ; government. প্র—"খুঙ্গি পুথি রত্ন ভারে দিতে হবে সরকারে"—অ, ম। ৭। রাজস্ব আদায়ের বিভাগস্বরূপ পরগণার সমষ্টি বা সুবার অংশবিশেষ। ৮। লেখাপড়ায় অভিজ্ঞ সম্ভ্রান্ত হিন্দু বা মুসলমানদিগের উপাধিবিশেষ। ৯। [প্রাদে] পাঠশালার গুরুমহাশয়। **রাজ সরকার**—রাজসংসার। ২। রাজ্যশাসনতন্ত্র ; গবর্ণমেণ্ট ; government. **বিল সরকার**—যে বিল সাধে ; বিলের আদায়কারী কর্ম্মচারী। **সিপ সরকার, শিব সরকার**—[সিপ, শিব ইং—ship হইতে] জাহাজের মাল বিক্রয়ের টাকা আদায়কারী।

সরকারি (শর্) [সরকার (দ্রঃ) + ই (বৃত্তি অর্থে)] বি, সরকারের কর্ম্ম। ২। গবর্ণমেণ্ট সম্বন্ধীয়।

সরকারী (শর্) [সরকার (দ্রঃ) + ঈ (সম্বন্ধে)] বিণ, সরকার সম্বন্ধীয়। ২। গবর্ণমেণ্ট সংক্রান্ত ; রাজকীয়। ৩। সাধারণের ; ব্যক্তিবিশেষের নহে ; সর্ব্বসাধারণের প্রয়োজনসাধক।

সরখত (শরখত্) [ফা] বি, আসামী প্রভৃতির নিয়োগপত্র।

সরখেল (শরখেল্) [ফা—সর্‌খয়ল্] বি, সামরিক উপাধিবিশেষ।

সরগরম (শরগরম্) [ফা—সর্‌গর্ম্ = অত্যাগ্রহান্বিত ; প্রেমবিহ্বল কিন্তু বাঙ্গালায় অর্থান্তর প্রয়োগ] বিণ, উৎসাহপূর্ণ। ২। গুলজার ; জমজমে ; জীবন্ত।

সরজ (শ) [সর (দুগ্ধ দধির সার) তাহা হইতে জ (যে জন্মে)] বি, ক্লী, নবনীত ; ননী। ৩। বিণ, সরজাত।

সরজমিন, সরেজমিন (শর্—শ্রেজোমিন্) [ফা—সর্‌জমীন্] বি, পৃথিবী। ২। দেশ ; রাজ্য। ৩। সীমা ; সরহদ্দ।

সরজাঃ (শ) [স (সহিত) রজস্ (ঋতু) যাহার (বহু), ক প্রত্যয় যোগ হইলে সরজস্ক] বিণ, ধূলিবিশিষ্ট ; রজোযুক্ত। স্ত্রী, **রজস্কা** —ঋতুমতী স্ত্রী।

সরঞ্জাম (শরন্‌জাম্) [ফা—সর্ অন্‌জাম্] বি, উপকরণ। ২। আয়োজন। প্র—"পাতসাহী সরঞ্জাম যত আছে ধুমধাম ভূত দিয়া সব লুঠাইব।"—ভারতচন্দ্র। বিণ, **সরঞ্জামী**। **সরঞ্জামী খরচ**—আদায় তহসীল বাবদ যে খরচ।

সরট (শরট্) [সৃ (গমন করা) + অট (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি, পুং, কৃকলাস ; টিকটিকীজাতীয় সরীসৃপবিশেষ। ইহাদের পুচ্ছ দেহের প্রায় দ্বিগুণ দীর্ঘ।

সরণ (শরন্) [সৃ (গমন করা) + অন (ভাবে —অনট্)] বি, ক্লী, গমন। ২। লৌহমল ; মরিচা। ৩। [কর্ত্তৃ—অন] বিণ, গমনশীল। স্ত্রী, **সরণা**—গন্ধভাদালি। ২। [ব্রজ—সরণা] পথ। প্র—"ভীমভুজঙ্গমসরণা। কত সঙ্কট তাহে কোমলচরণা।"—বিদ্যাপতি।

সরণি, ণী (শরনি) [সৃ (গমন করা) + অনি (করণে) যাহা দ্বারা গমন করে] বি, স্ত্রী, বর্ত্ম ; পথ। প্র—"সরণি আগুলি কহে করি যোড়হাত"—ঘনরাম। "আগে যেয়ে আগুলিল সূর্য্যের সরণি"—ঘনরাম। "আগুলয়ে সিংহের সরণি।"—কবিক।

সরণ্যু (শরন্নু) [সৃ (গমন করা) + অন্যু (সংজ্ঞার্থে)] বি, পুং, মেঘ। ২। জল। ৩। বায়ু। ৪। অগ্নি। ৫। বসন্ত।

সরত (শরত্) [প্রা-বাং। শরৎ দ্রঃ] বি, শরৎকাল। প্র—"সরতর কিআ তুলে বসন্তর মালী। নানাবর্ন ফুল তুলে হইএ কুতুহলী।" —শূ, পু।

সরত্নি (শরত্‌নি) [সৃ (গমন করা) + অত্নি] বি, পুং, বদ্ধমুষ্টি হস্ত।

সরদার, সর্দার (শর্‌দার্) [ফা—সর্‌দার্। প্রা—সদ্দার] বি, গ্রামের বা জাতির প্রধান

ব্যক্তি; দলপতি। ২। নায়ক। স্ত্রী, সরদারণী। বিণ, সরদারী—সরদার সম্বন্ধীয়। সরদার পড়ুয়া—প্রধান ছাত্র। ডাকাতের সরদার—দস্যু-দলপতি।

সরদারি (শর্) [সরদার (দ্রঃ)+ই (বৃত্তি অর্থে)] বি, সরদারের কর্ম্ম; মোড়োলী।

সরপত্রিকা (শরপোত্‌রিকা) [সং] বি, স্ত্রী, পদ্মপত্র।

সরপুরি (শর্‌পুরি) বি, মিষ্টান্নবিশেষ; লুচির আকারে প্রস্তুত ঘিয়ে ভাজা দুধের শর।

সরপেচ (শর্‌পেচ্) [ফা—সর্‌পেচ্] বি, শিরোভূষণবিশেষ; পাগড়ীর চারিদিকে জড়াইবার রেশমী বা জরীর ফিতা। প্র—"ছত্রদণ্ড আড়ানী চামর মোরছল। সরপেচ মোরছা কলগী নিরমল।"—অ, ম।

সরপেঁচ (শর্‌পেঁচ্) [ফা] বি, নারীদিগের মস্তক বা কবরীবেষ্টনের পুষ্পমাল্য।

সরপোষ (শর্‌পোষ্) [ফা] বি, আচ্ছাদনী। ২। গেলাস বা ঘটি প্রভৃতি পাত্রের ঢাকনি।

সরফরাজি (শর্‌ফরাজি) [ফা—সর্‌ফরাজী বা সর্‌আফ্‌রাজী (উন্নতি, প্রসিদ্ধি, স্পর্দ্ধা)] বি, প্রাধান্য; মুরুব্বিগিরি; মোড়লি। বিণ, সরফরাজ।

সরবৎ (শর্) [আ—শর্বৎ] বি, শর্করাদি মিশ্রিত শীতল পানীয়; পানা।

সরবতী (শর্‌বোতি) [সরবৎ (দ্রঃ)+ঈ] সরবৎঘটিত। ২। সরবতের প্রয়োজনার্থ। ৩। বি, লেবুবিশেষ।

সরবন্ধ (শ) [ফা—সর্+হি—বন্ধ্] বি, পাগড়ী। প্র—"শিরপা করিলা সাল সরবন্ধ জোড়া"—ঘনরাম। "সরবন্দ বান্ধিতে স্মরণ করে হরি।"—ঐ।

সরবরাহ (শর্) [ফা—সরবরাহ। গ্রা-বাং—সরবরা] বি, যোগান; supply.

সরভাজা (শর্) [সর দ্রঃ—ভাজা] বি, মিষ্টান্নবিশেষ; ঘিয়ে ভাজা দুধের সর।

সরম (শরম্) [ফা—শরম্] বি, ব্রীড়া; লজ্জা। প্র—"শুনিয়া কহেন শিব পাইয়া সরম।"—অ, ম। "যদি সরম লাগে মুখে চাহিব না"—রবি। সরমহি [ব্রজ] সরমে; লজ্জায়। প্র—"সরমহি লুকাইল মাধব বুকে।"—বি, প।

সরমা (শ) বি, কশ্যপকন্যা। ২। বিভীষণ পত্নী। ৩। কুক্কুরী।

সরযু (শরজু) [সৃ (গমন করা)+যু (কর্ত্তৃ, সংজ্ঞার্থে)] বি, পুং, বায়ু। স্ত্রী, সরযূ—অযোধ্যা প্রদেশস্থ নদী। প্র—"মহানন্দে মজ্জনার নানা কুতূহলে। করিলেন স্নান দান সরযূর জলে।"—অ, ম।

সরল (শরল্) [সৃ (গমন করা)+অল (কর্ত্তৃ)] বি, পুং, শালগাছ। ২। দেবদারু গাছ। ৩। বিণ, অবক্র; সোজা। ৪। অকপট। ৫। সাধু। ৬। উদার। স্ত্রী, সরলা—অকুটিলা কাপট্যহীনা।

সরলদ্রব (শরলদ্‌দ্রোব) [সরল (বৃক্ষ) দ্রব (রস)] বি, পুং, সরলবৃক্ষের নির্যাস; টার্পিন।

সরলাঙ্গ (শরলাংগ) বি, পুং, টার্পিন।

সরস (শরশ্) [স (সহিত) রস, (জল, যাহার, বহ্)] বি, ক্লী, সরসী। প্র—"মানস সরসে সখি ভাসিছে মরাল রে, কমল কাননে।"—ব্রজাঙ্গনা। "পিরীতি সরসে সিনান করিব।"—চণ্ডীদাস। ২। বিণ, রসযুক্ত। প্র—কৃষ্ণচন্দ্র ভক্তি আশে ভারত সরস ভাবে রাজা কৃষ্ণচন্দ্রের আদেশে।" অ, ম। ৩। সুস্বাদ; মধুর। ৪। নূতন। ৫। সম্মতি। প্র—"সভার সরস বুঝি দিল অনুমতি।"—ঘনরাম। ৬। উত্তম। প্র—ভাণ্ডার পুত্রাদি রক্ষায় সরস।"—বাং-গান। ৮। রসাল। প্র—"প্রয়াগে দু হাতের অঙ্গুলী সরস। তাহাতে ভৈরব দশ মহাবিদ্যা দশ।" —অ, ম। স্ত্রী, সরসা—শ্বেতত্রিবৃতা।

সরসিজ (শরশিজ্) [সরসি (সরোবরে) জ (যে জন্মে)—উপপদ] বি, ক্লী, সরোজ; পদ্ম। প্র—"সুধাসিন্ধু সরসিজে সদানন্দ নিত্য ভজে।"—গান। "আসনে বসিল দ্বিজ পূর্ব্ব মুখ সরসিজ।"—কবিক।

সরসিয়া (শ) [সরস+ইয়া (অতিরিক্ত)] বিণ, রসযুক্ত; সরস। প্র—"নর মাথা খায় যেন সরসিয়া গুয়া।"—কবিক।

সরসী (শরশী) [সৃ (গমন করা)+অস্—অধি (ঈপ্, স্ত্রী) যেখানে স্নান বা জলপানের জন্য গমন করে] বি, সরোবর; পুষ্করিণী। প্র—"সরসী আরসি মোর।"—মেঘনাদ।

সরসীরুহ (শরশী) [সরসী (সরোবর) তাহাতে রুহ (জন্ম) যাহার, বহ্] বি, ক্লী, কমল; পদ্ম। প্র—"মিথ্যা অপবাদে রামা কান্দে অভিমানে। বদন সরসীরুহ ঝাঁপিয়া বসনে।"—কবিক।

সরস্বতী (শরশ্‌শোতী) [সরস্বৎ+ঈপ্] বি, বি, স্ত্রী, বাগ্দেবী। প্র—"বিদ্যা নামে তাঁর কন্যা আছিল পরম ধন্যা রূপে লক্ষ্মী গুণে সরস্বতী।"—অ, ম। ২। বাণী; বাক্য। প্র—"আকাশসম্ভূতা সরস্বতী"—কুমারসম্ভব (রঙ্গলাল)। ৩। রুদ্রাণী। ৪। ব্রহ্মাণী। ৫। উত্তমা স্ত্রী। ৬। মুনিপত্নীবিশেষ। ৭। সোমলতা। ৭। নদীবিশেষ। ৮। জৈনদিগের দেবীবিশেষ।

সরস্বান (শরশ্‌শান্) [সরস্ (জল)+বৎ (অস্ত্যর্থে বতু)=সরস্বৎ ১মা, ১ব] বিণ, সরস; রসযুক্ত। ২। বি, সমুদ্র। ৩। নদ। ৪। সরোবর।

সরহদ্দ (শর্‌হদ্‌দো) [আ—সর্‌হদ্] বি, সীমানা: চতুঃসীমা।

সরহস্য (শরহশ্‌শ) [স (সহিত) রহস্য] বিণ, সমগুপ্ত; মন্ত্রযুক্ত। ২। সোপনিষৎ।

সরা (শরা) [সং—সরাব দ্রঃ] বি, মৃন্ময় পাত্রবিশেষ; হাঁড়ীর মুখের মাটির ঢাক্‌নি। প্র—"ধরা যার কাছে সরা জ্ঞান হয়"—ব্রহ্মসংগীত।

সরা (শ) [সৃ (গমনে) ধাতুজ] বি, স্ত্রী, গন্ধভাদালি। ২। ঝরণা।

সরা (শ) [সৃ (গমনে) ধাতুজ। হি—সরক্‌না। উ-পু—সরি। ম-পু—সর। প্র-পু—সরে। অস-ক্রি—সরিতে; সরিয়া, সরে। ণিজন্ত—সরান] ক্রি, চলা; নড়া। ২। ব্যবহার করা।

সরাই (শ) [ফা] বি, পান্থশালা; পথিকদিগের বিশ্রাম স্থান। প্র—"সরাই সরাই ক্রমে গেলা বর্দ্ধমান। পার হৈলা দামোদর করি স্নান দান।"—অ, ম।

সরাক (শরাক্) [সং—শ্রাবক। হি—সরাবক্, সংক্ষেপে সরাক] বি, জৈন সম্প্রদায়ের লোক; নিরামিষাশী জৈনী। প্র—"সরাক বসে গুজরাটে জীবজন্তু নাহি কাটে সর্ব্বকাল করে নিরামিষ।" —কবিক।

সরাগ (শরাগ্) [স (সহিত) রাগ (অনুরাগ যাহার, বহ্] বিণ, অনুরক্ত। ২। অভিলাষী। ৩। রঞ্জিত।

সরাণ (শ্‌রান্) [সং—সরণি] বি, পথ।

সরাব (শরাব্) [সর (জল) অব্ (রক্ষা করা, রাখা)+অ (অধি—অল্) যাহাতে জল রাখা যায়] বি, পুং, মৃত্তিকা-নির্ম্মিত পাত্রবিশেষ; মাটির সরা।

সরাব (শ্‌রাব্) [আ—শর্‌ব্ (পানীয়) হইতে আ—শরাব্] বি, আসব; মদিরা; মদ্য। সরাব-খোর—মদ্যপায়ী; মাতাল।

সরাসর (শরাশর্) [হি] ক্রি-বিণ, আগাগোড়া। ২। বরাবর।

সরাসরি (শরাশোরি) [হি। তুল ইং—summary] বি, সংক্ষেপ। ২। ক্রি-বিণ, মোটে; স্থূলভাবে। সরাসরি বিচার—আদালতের নিয়মমত বাদী প্রতিবাদীর জবানবন্দি, জেরা প্রভৃতি বিস্তারিত না লিখিয়া সংক্ষেপে মোকদ্দমার নিষ্পত্তি।

সরি, রী (শোরি) [সৃ (গমন করা)+ই (অপা) যাহা হইতে জল সরে বা ঝরে] বি, ঝরণা।

সরিৎ (শো) [সৃ (গমন করা)+ইৎ (কর্ত্তৃ)] বি, স্ত্রী, নদী। প্র—'পার হয়ে সরিৎ সমরে দিল হানা।"—ঘনরাম। সরিৎপতি—বি, পুং, সাগর; সমুদ্র।

সরিষা (শোরিষা) [সং—সর্ষপ শব্দজ, প্রাকৃ—সরিস্] বি, স্বনামপ্রসিদ্ধ শস্য; সর্ষপ।

সরীসৃপ (শোরীসৃপ্) [যঙ্ লুগন্ত সৃপ্ (গমন করা) ধাতু, দ্বিত্ব, ঈ আগম, কর্ত্তৃ—অ (অচ্ —যাহারা পুনঃ পুনঃ বুকে ভর করিয়া গমন করে] বি, পুং, সর্প বৃশ্চিকাদি। ২। যাহারা লম্ফ দিয়া চলে ; ভেক প্রভৃতি। ৩। [জ্যোতিশ শাস্ত্রে] কর্কট, বৃশ্চিক, ও মীনরাশি।

সরু (শোরু) [শর (শরতৃণদণ্ডবৎ শীর্ণ) + উয় =শরুয়া=শরু (সংক্ষেপে)। শ=স] বিণ, শীর্ণ। ২। [প্রা-বাং] ক্ষুদ্র। প্র—"সরিধাতে সরু ডুবলাতে হীন।"—মাণিকচাঁদের গান ৩। সূত্রবৎ ; পাত্‌লা ; মিহি। **সরু চাল**—সরু ধানের চাল ; মিহি চাউল। **সরু চাকলি**—ডাল ও চাউল যোগে প্রস্তুত পাৎলা রুটীর আকৃতি পিঠা। **সরু মোটা**—সূক্ষ্ম ও স্থূল। **সরু সরু**—সূক্ষ্ম সূক্ষ্ম সূত্রবৎ ২। পাতলা পাতলা। **সরু সুর**—মিহি কণ্ঠস্বর ; নিম্নগ্রামের স্বর ; নারীকণ্ঠ।

সরুআ (শোরুয়া) [সরু দ্রঃ] বিণ, সরু ; পাতলা। প্র—"মিঠ রান্ধে সরুআ কাটে।" ২। শীর্ণ। প্র—"হাত নলি নলি পা সরুআ"।

সরুঙ্গে (শো) [সরু—অঙ্গ—ইআ] বিণ, শীর্ণ।

সরূপ (শোরূপ্) [স (সমান) রূপ যাহার, বহু] বিণ, সদৃশ ; সমানরূপ। বি, **সরূপতা**—সাদৃশ্য। **সারূপ্য**—মুক্তিবিশেষ।

সরেজমিন (শরেজোমিন্) [সরজমিন দ্রঃ] বি, ভূভাগ। ২। দেশ। ৩। চতুঃসীমা ; চৌহদ্দী। প্র—"সরেজমিন তদারক হইলে প্রকাশ হইবে" —নীলদর্পণ।

সরোজ (শরোজ্) [সরসি (সরোবরে) জ (জাত) জন্+অ (কর্ত্তৃ—ড)] বি, পদ্ম। প্র—"হৃদয়-সরোজে চিন্তি শিবের চরণ। দৃঢ় করি ভগবতী পরিলা বসন॥"—কবিক।

সরোজিনী (শ) [সরোজ (পদ্ম)+ইন্ (সমূহার্থে) ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, কমলিনী ; পদ্মিনী ; পদ্মের ঝাড়। ২। পদ্ম-বহুল পুষ্করিণী।

সরোবর (শরোবর্) [সরস্ (পুষ্করিণীর) বর (শ্রেষ্ঠ) ৬তৎ] বি, পুং, পদ্মাদিযুক্ত পুষ্করিণী।

সর্করা (শ) [শর্করা দ্রঃ] বি, চিনী ; sugar. প্র—"নানা দব্ব জত আনএ সত সত সর্করা পুরিআ থালা।"—শূ-পু।

সর্গ (শ) [সৃজ্ (সৃষ্টি করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, উৎপত্তি। ২। নির্ম্মাণ ; সৃষ্টি। ৩। মোক্ষ। ৪। স্বভাব। ৫। নিয়ম। ৬। নিশ্চয়। ৭। গ্রন্থের পরিচ্ছেদ ; অধ্যায়। ৮। অনুমতি। ৯। ত্যাগ। **সর্গবন্ধ**—অধ্যায়বিশিষ্ট গ্রন্থ ; মহাকাব্য।

সর্জ্জ, শর্জ্জ [সৃজ্ (সৃষ্টি করা)+অ (কর্ত্তৃ অচ্)] বি, পুং, শাল গাছ। ২। শালগাছের আঠা ; ধূনা। **সর্জ্জরস**—ধূনা। **সর্জ্জগন্ধা**—রাস্না।

সর্জ্জক (শর্জ্জক্) [সং] বি, পুং, পীতশাল।

সর্জ্জন (শর্জন্) [সৃজ্ (ত্যাগ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সৈন্যের পশ্চাদ্ভাগ

সর্জ্জি (শো) [সৃজ্ (ত্যাগ করা)+ই] বি, স্ত্রী, ক্ষারবিশেষ ; সাজী মাটী।

সর্জ্জিকাক্ষার (শোর্জ্জিকাক্‌খার্) বি, সোডা ; soda.

সর্দ্দল (শর্দল্) [হি] বি, দ্বারের উপরের কাঠাদি নির্ম্মিত আধার ; lintel of a door.

সর্দ্দার (শর্দার্) [ফা] বি, পুং, প্রধান পুরুষ , নায়ক। ২। জমাদার। ৩। বিণ, প্রধান। স্ত্রী, সর্দ্দারণী। **সর্দ্দারি**—সর্দ্দারের কর্ম্ম ; সর্দ্দারগিরি মোড়োলি।

সর্দ্দী, সর্দী (শোর্‌দি) [ফা] বি, আর্দ্রতা। ২। শৈত্য।

সর্প (শ) [সৃপ্ (গমন করা)+অ (কর্ত্তৃ, অল্)] বি, পুং, ভুজঙ্গ ; সাপ। ২। গমন।

সর্পদংষ্ট্র (শ) [সর্পের ন্যায় দংষ্ট্রা (দন্ত) যাহার, বহু] বি, পুং, দন্তীবৃক্ষ। স্ত্রী, **সর্পদংষ্ট্রা**—বৃশ্চিকালী। **সর্পদংষ্ট্রিকা**—অজশৃঙ্গী। ২। সাপের দাঁত।

সর্পভুক্ (শ) [সর্পভুজ্ শব্দজ] বি, পুং, সর্পভক্ষক ; গরুড়। ২। ময়ূর।

সর্পরাজ (শর্পরাজ্) [সর্পের রাজা, ৬তৎ] বি, পুং, বাসুকি ; শেষনাগ।

সর্পসত্র (শর্পশৎত্র) [সর্পের—সত্র (যজ্ঞ) ৬তৎ] বি, ক্লী, সর্পকুলধ্বংসের নিমিত্ত যজ্ঞ।

সর্পসত্রী (শর্পশোৎতৃ) [সর্পসত্র (সর্পযজ্ঞ)+ ইন্ (অস্ত্যর্থে) = সর্পসত্রিন্ ১মা, ১ব] বি, পুং, সর্পযজ্ঞকারী রাজা জনমেজয়।

সর্পহা (শ) [সর্প—হন্+ক্বিপ্ (কর্ত্তৃ) = সর্পহন্ ১মা, ১ব] বি, পুং, নকুল ; বেঁজী। ২। বিণ, সর্পঘাতক।

সর্পাক্ষ (শর্পাক্‌খ) [সর্পের অক্ষির ন্যায় অক্ষি (চক্ষু) যাহার, বহু, অক্ষি = অক্ষ] বি, ক্লী, সর্পের চক্ষু। ২। রুদ্রাক্ষ। স্ত্রী, **সর্পাক্ষী**—গন্ধনাকুলী।

সর্পাশন (শর্পাশন্) [সর্প—অশন (যে সর্প ভোজন করে) বহু] বি, পুং, গরুড়। ২। ময়ূর। ৩। নকুল ; বেঁজী।

সর্পিঃ (শো) [সৃপ্ (গমন করা)+ইস্ (কর্ত্তৃ)] বি, ক্লী, ঘৃত ; হবিঃ। প্র—"অগ্নি জ্বালি সর্পিঃ ঢালি দক্ষ দেহ পুড়িছে"—অ, ম।

সর্পিণী (শো) [সর্প+ঈপ্, ইন্ আগম] বি, স্ত্রী, স্ত্রীসর্প ; ফণিনী। ২। [গ্রা—সাপিনী] অতি ক্রূরা নারী।

সর্পী (শো) [সৃপ্ (গমন করা)+ইন্ (কর্ত্তৃ) = সর্পিন্ ১মা, ১ব] বিণ, গমনশীল।

সর্ব্ব (শ) [সর্ব্ব (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, নারায়ণ ; বিষ্ণু। ২। শিব। প্র—"সর্ব্বাত্মা ও সর্ব্ব বিখ্যাত প্রত্যেকরূপে সকল ব্যাপিয়া আছেন বলিয়া শিব। তিনি সমুদয় কার্য্য কারণের মূলীভূত ও সর্ব্বজ্ঞ বলিয়া তাঁহার নাম সর্ব্ব"—মহাভারত। ৩। ইং—'সাইপ্রেস বৃক্ষ। প্র—"উঠিয়াছে সর্ব্ব তরু নিঝরের কাছে। তার তলে কোন রামা পসরা দিয়াছে॥"—শূরসুন্দরী (রঙ্গলাল)। ৪। বিণ, সমুদয় ; সমগ্র।

সর্ব্বংসহ (শর্বংশহ) [সর্ব্ব (সকল) সহ (যে সহ্য করে)] বি, পুং, সকল সহিষ্ণু। স্ত্রী **সর্ব্বংসহা**—বসুন্ধরা ; পৃথিবী।

সর্ব্বকর্ম্মী (শর্বকোর্ম্মী) [সর্ব্ব (সকল) কর্ম্ম (কার্য্য)+ইন্ (অস্ত্যর্থে) = সর্ব্বকর্ম্মিন্ ১মা, ১ব] বিণ, সকল কর্ম্মক্ষম।

সর্ব্বগ (শ) [সর্ব্ব (সকল) গম্ (গমন করা) +অ (কর্ত্তৃ, ড)] বিণ, সর্ব্বত্রগামী। সর্ব্বব্যাপী। ২। বি, পুং, শিব। ৩। আত্মা। ৪। বায়ু। ৫। ক্লী, জল। স্ত্রী, **সর্ব্বগা**—প্রিয়ঙ্গুলতা। ২। বিণ, সর্ব্বত্রগামিনী।

সর্ব্বগত (শ) [সর্ব্ব—গত (যে সর্ব্ব স্থানে গিয়াছে)] বিণ, সর্ব্বত্রস্থিত। ২। সর্ব্বব্যাপী।

সর্ব্বগ্রাস (শর্বগ্‌গ্রাশ্) [সর্ব্ব—গ্রাস] বি, পুং সমস্ত অদৃশ্য হওন। ২। সমুদয় আত্মসাৎ করণ।

সর্ব্বজনীন (শর্বজোনীন্) [সর্ব্বজন+ঈন (হিতার্থে)] বিণ, সকলের হিতকারী। সর্ব্বলোকহিতসাধক। ২। বিখ্যাত ; সর্ব্বপ্রসিদ্ধ।

সর্ব্বজ্ঞ (সর্বগ্‌গঁ) [সর্ব্ব (সকল) জ্ঞা (জানা) +অ (কর্ত্তৃ—ড) যিনি সকল জানেন] বিণ, সকল বিষয়ে অভিজ্ঞ ; যিনি সব জানেন। ২। বি, পুং, ব্রহ্ম। ৩। শিব। ৪। বুদ্ধ। স্ত্রী, **সর্ব্বজ্ঞা**—দুর্গা।

সর্ব্বতঃ (শ) [সর্ব্ব+তস্ (সপ্তমী পঞ্চমী স্থানে) অ, সম্পূর্ণরূপে। ২। সকলপ্রকারে। ৩। সকল বিষয়ে। ৪। সকলদিকে।

সর্ব্বতন্ত্র (শ) বি, সাধারণ তন্ত্র ; যে কথা স্বয়ং প্রসিদ্ধ—যাহাতে অন্য কোন প্রমাণ আবশ্যক হয় না।

সর্ব্বতোভদ্র (শ) [সর্ব্ব+তস্ = সর্ব্বতস্ (চারিদিকে) ভদ্র (মঙ্গলজনক দ্বার উপশোভা ধ্বজ-পতাকা যেখানে, বহু] বি, পুং, দুর্গা পূজা কালে অষ্টমী পূজা দিনে পঞ্চবর্ণ দ্বারা অঙ্কিত

মণ্ডলবিশেষ। প্র—'সর্ব্বতোভদ্র নাম মণ্ডল চিত্র ধাম লিখিলা আপনি বিধাতা।"—অ,ম। ২। দেবগৃহবিশেষ। ৩। বিষ্ণুরথ। ৪। ব্যূহ-বিশেষ। ৫। নিমগাছ। ৬। বাঁশ। ৭। বিণ, সর্ব্বত্র মঙ্গলদায়ক। স্ত্রী, **সর্ব্বতো-ভদ্রা**—গাম্ভারী।

সর্ব্বতোমুখ,—মুখী (শর্বতোমুখ্) [সর্ব্বতস্ (চতুর্দ্দিকে) মুখ (বদন) যাহার, বহু] বিণ, সর্ব্বদিগ্‌বর্ত্তী। ২। সর্ব্ব বিষয়ে স্থিত। ৩। মহাদেব; পঞ্চানন। ৪। ক্লী, জল। ৫ অগ্নি। ৬। আত্মা। ৭। আকাশ। ৮ স্বর্গ। ৯। ব্রাহ্মণ।

সর্ব্বত্যাগী (শর্বত্‌ত্যাগী) [সর্ব্বত্যাগ+ইন্ (অস্ত্যর্থে)=সর্ব্বত্যাগিন্ ১মা, ১ব] বিণ, সমস্ত ত্যাগকারী। প্র—"দে গো বৃন্দে আমারে যোগী সাজায়ে। সর্ব্বত্যাগী হব আমি শ্রীরাধা-মানের দায়ে॥"—বাং-গান।

সর্ব্বত্র (শর্বৎত্র) [সর্ব্ব+ত্র (সপ্তমীস্থানে) অ, সকলদিকে; সকল স্থানে; সকল বিষয়ে সর্ব্ব কালে।

সর্ব্বথা (শ) [সর্ব্ব+থাচ্ (প্রকারার্থে)]অ সর্ব্বপ্রকারে। ২। অতিশয়। ৩। হেতু ৪। স্বীকার। ৫। নিশ্চয়।

সর্ব্বদমন (শর্বদমন্) [সর্ব্ব (সকল) দমন (শাসনকারী)] বি, পুং, শকুন্তলা-গর্ভজাত দুষ্মন্ততনয় ভরত। ২। বিণ, সকলের দমনকারী

সর্ব্বদর্শী (শর্বদোর্শী) [সর্ব্ব—দৃশ্ (দেখা+ইন্ (অস্ত্যর্থে)=সর্ব্বদর্শিন্ ১মা, ১ব] বিণ সর্ব্বদ্রষ্টা; যিনি সমুদয় দর্শন করেন। ২। বি, পুং, জগদীশ্বর। ৩। বুদ্ধ।

সর্ব্বদা (শ) [সর্ব্ব (সকল)+দা কালার্থে অ, সকল সময়ে; সদা।

সর্ব্বদেবমুখ (শর্বদেব্‌মুখ্) [সর্ব্বদেবের (সকল দেবতার) মুখ (বদন) ৬তৎ] বি, অগ্নি।

সর্ব্বধুরীণ (শর্বধুরীন্) [সর্ব্ব (সকল) ধুর্ (ভার)—ঈন (ঈন-বহন করে অর্থে)] বিণ, সকল ভারবাহক।

সর্ব্বনাম (শর্ব্বনাম্) [সর্ব্বনামন্ (নাম)] বি, ক্লী, সকলের সংজ্ঞা; সকলের নাম। ২। [ব্যাকরণে] বিশেষ্যের পরিবর্ত্তে ব্যবহৃত সংজ্ঞাবিশেষ।

সর্ব্বনাশ (শর্বনাশ্) [সর্ব্ব (সকলের) নাশ (ধ্বংস) ৬তৎ] বি, পুং, সর্ব্বক্ষয়; সকল ধ্বংস। প্র—"ব্যভিচার কুদৃষ্টান্তে প্রবল কলঙ্ক স্রোতে করিতেছে সর্ব্বনাশ ঘোর অনিষ্টসাধন" —বাং-গান।

সর্ব্বনাশী [সর্ব্ব—নাশিন্ হইতে] বি, সর্ব্ব-নাশকারী; প্রলয়ঙ্করী। ২। মহাকালী। প্র—"থাক্‌লে এসে দিত দেখা সর্ব্বনাশী বেঁচে নাই।"—রামপ্রসাদ।

সর্ব্ববেদ (শর্ববেদ) [সর্ব্ব—বিদ্ (জানা)+অ (কর্ত্তৃ)] বি, পুং, সমুদয় বেদবেত্তা ব্রাহ্মণ। ২। বিণ, সর্ব্বজ্ঞ।

সর্ব্ববেদী (শ) [সর্ব্ব—বিদ্ (জানা)+ইন্ (অস্ত্যর্থে)=সর্ব্ববেদিন্ ১মা, ১ব] বি, পুং, সর্ব্বজ্ঞ। ২। বি, পুং, পরমেশ্বর।

সর্ব্ববেশী (শ) [সর্ব্ব (সকল) বেশ (পরিচ্ছদ)+ইন্ (অস্ত্যর্থে)=সর্ব্ববেশিন্ ১মা, ২ব] বি, পুং, যে সকল প্রকার বেশ ধারণ করে; নট। ২। বহুরূপী।

সর্ব্বভক্ষ (শর্বভোক্‌খ) [সর্ব্ব (সকল) হইয়াছে ভক্ষ (ভোজ্য) যাহার, বহু। বি, পুং বহ্নি; হুতাশন। ২। যে সমুদায় বস্তু খায়। ৩। সমস্ত আত্মসাৎকারী। প্র—"সাজোয়াল হইল সুজন সর্ব্বভক্ষ।"—অ, ম।

সর্ব্বমঙ্গলা (শর্বমোংগলা) [সর্ব্ব (সকল) হইয়াছে মঙ্গল (মোক্ষ) যাহার, বহু] বি, স্ত্রী, দুর্গা।

সর্ব্বময় (শর্বময়্) [সর্ব্ব+ময় (অপৃথক্ ভাবার্থে)] বি, পুং, পরমেশ্বর। ২। বিণ, সর্ব্বাত্মক।

সর্ব্বমূল্য (শর্বমূল্‌ল) [সর্ব্ব (সকল দ্রব্যের) মূল্য ৬তৎ] বি, ক্লী কপর্দ্দক; কড়ি।

সর্ব্বরস (শর্বরশ্) [সর্ব্ব (সকলের) রস আস্বাদ হয় যাহা হইতে—বহু] বি, পুং, লবণ রস। ২। বিদ্বান্। ৩। ধুনা। বাদ্যযন্ত্রবিশেষ।

সর্ব্বরসোত্তম (শর্বরশোৎতম্) [সর্ব্ব রসের মধ্যে উত্তম] বি, পুং, লবণ রস।

সর্ব্বরী (শ) [সৃ (গমন করা)+বরিপ্ (কর্ত্তৃ) ঈপ্—স্ত্রী] বি, স্ত্রী, রজনী; রাত্রি।

সর্ব্বল, সর্ব্বলা (শ) [সর্ব্ব (সকল) লা (লওয়া)] বি, স্ত্রী, তোমরাস্ত্র; শাবল। প্র—"চলে গদা ঘুরাইয়া কত দল বল চলিল বিস্তর হস্তে সর্ব্বল কেবল।"—রঙ্গলাল (কাঞ্চী-কাবেরী)।

সর্ব্বলোক (শর্বলোক্) [সর্ব্ব (সকল) লোক (জগৎ) কর্ম্মধা] বি, পুং, নিখিল ব্রহ্মাণ্ড। ২। সকল ব্যক্তি। **সর্ব্বলোক-পিতামহ**—বি, পুং, ব্রহ্মা; বিধাতা।

সর্ব্বশঃ (শ) [সর্ব্ব+শস্] অ, সাধারণরূপে; সর্ব্বপ্রকারে।

সর্ব্বশুচি (শ) [সর্ব্ব (সকল) হইয়াছে শুচি (যাহার) বহু] বি, পুং, অগ্নি।

সর্ব্বসঙ্গত (শর্বশংগত) বিণ, সর্ব্বত্রোচিত।

সর্ব্বসমতা (শর্বশমতা) বি, স্ত্রী, সকলের প্রতি সমব্যবহার; সকলকে সমজ্ঞান।

সর্ব্বসহ [শর্বশহ) বি, পুং, সকলসহিষ্ণু। ২। গুগ্‌গুল।

সর্ব্বসিদ্ধ (শর্বশিদ্ধ) বিণ, সমস্ত সাধনক্ষম। ২। ভৈরববিশেষ। প্র—"বৈদ্যনাথে হৃদয় ভৈরব বৈদ্যনাথ। দেবী তাহে জয় দুর্গা সর্ব্ব-সিদ্ধ সাথ॥"—অ, ম।

সর্ব্বসিদ্ধি (সর্বশিদ্‌ধি) [সর্ব্ব—সিদ্ধি] বি, পুং, শ্রীফল। ২। সকল সাধন।

সর্ব্বস্ব (শর্‌বোশ্‌শো) [সর্ব্ব—স্ব (ধন)] বি, ক্লী, সমুদয় ধন; সকল সম্পত্তি। ২। সার। ব্রজ—**সরবস**। প্র—"হৃদয়ক মৃগমদ গীমক হার। দেহক সরবস গেহক সার॥"—বি, প।

সর্ব্বস্ব-দক্ষিণ (শর্‌বোশ্‌শদোক্‌খিন্) [সর্ব্বস্ব (সমস্ত সম্পত্তি) হইয়াছে দক্ষিণা যাহার—বহু] বি, পুং, যে যজ্ঞে সর্ব্বস্ব দক্ষিণা দান করিতে হয়; বিশ্বজিৎ যজ্ঞ।

সর্ব্বস্বী (শর্বোশ্‌শি) [সর্ব্বস্ব+ইন্ (অস্ত্যর্থে)] বি, পুং, বর্ণসঙ্করজাতিবিশেষ।

সর্ব্বাঙ্গ (শর্বাংগ) [সর্ব্ব (সকল) যে অঙ্গ (অবয়ব) কর্ম্মধা] বি, ক্লী, সকল অবয়ব; সর্ব্বশরীর।

সর্ব্বাঙ্গ-সুন্দর (শর্বাংগ শুন্দর্) [সর্ব্বাঙ্গ (সকল অবয়ব) হইয়াছে সুন্দর যাহার, বহু] বিণ, যাহার অবয়বের মধ্যে কোন খুঁত নাই; মনোহর অবয়ববিশিষ্ট। ২। বি, স্বর্ণাদি ধাতু-ঘটিত আয়ুর্ব্বেদীয় ঔষধবিশেষ।

সর্ব্বাঙ্গীণ (শর্বাংগীন্) [সর্ব্বাঙ্গ+ঈন (সম্বন্ধার্থে)] বিণ, সমগ্র অবয়বীয়; সর্ব্বাবয়ব সম্বন্ধীয়। ২। সর্ব্বাঙ্গ হিতকারক। ৩। সর্ব্বাঙ্গ ব্যাপক। ৪। সম্পূর্ণ; নিখুঁত।

সর্ব্বাণী (শর্বানি) [সর্ব্ব (শিব)+আন—ঈ স্ত্রী,] বি, স্ত্রী, দুর্গা; ঈশানী। প্র—"এমা জগৎ জননি! ওগো মা! নগেন্দ্রনন্দিনী! তারিণি! সর্ব্বাণি!—বাং-গান।

সর্ব্বাদৃত (শ) [সর্ব্বের (সকলের) আদৃত (আদরপ্রাপ্ত) ৬তৎ] বিণ, সকলের আদৃত; সর্ব্বাংশে আদৃত; সকলের পূজ্য। প্র—"দারু-ব্রহ্ম সর্ব্বাদৃত বিষ্ণু পঞ্জরেতে কৃত ইন্দ্রদ্যুম্ন স্থাপিত সম্পন্ন।"—অ-ম।

সর্ব্বাধিকারী (শ) [সর্ব্ব—অধিকার+ইন্ (অস্ত্যর্থে)=সর্ব্বাধিকারিন্ ১মা, ১ব] বিণ, সর্ব্বাধিকারসম্পন্ন। ২। বি, মন্ত্রী প্রভৃতি। ৩। উপাধিবিশেষ।

সর্ব্বানন্দ (শ) [সর্ব্ব+আনন্দ] বিণ, যাহার সকল বিষয়ে আনন্দ। ২। বি, ভৈরব-বিশেষ।

সর্ব্বানুভূতি (শ) [সর্ব্ব+অনুভূতি] বিণ, যাহার সকল বিষয়ে জ্ঞান আছে ; তত্ত্বজ্ঞানী। ২। বি, সর্ব্ববিষয়বোধ। ৩। জৈনবিশেষ।

সর্ব্বাবসর (শর্বাবশর্) [সর্ব্ব (সকলের) অবসর (অবকাশ) যে সময়ে, বহু] বি, পুং, নিশীথ ; অর্দ্ধরাত্র।

সর্ব্বাভিসন্ধী (শর্বাভিশোন্ধি) [সর্ব্বাভিসন্ধিন্—১মা, ১ব] বি, পুং, কপটসন্ন্যাসী ; বিড়াল-তপস্বী।

সর্ব্বাভিসার (শর্বাভিশার্) [সর্ব্ব—অভি—সৃ (গমন করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, চতুরঙ্গ-সেনাসন্নিবেশ।

সর্ব্বার্থ (শ) [সর্ব্ব (সমস্ত) অর্থ (প্রয়োজন, অভিলাষ ইত্যাদি) কর্ম্মধা] বিণ, চরিতার্থ। প্র—"মিথিলায় বামস্কন্ধ দেবী মহাদেবী মহোদর ভৈরব সর্ব্বার্থ যাঁরে সেবি॥"—অ, ম। ২। বি, সকল প্রয়োজন ; সমস্তাভিলাষ।

সর্ব্বার্থসাধিকা (শ, শ) [সর্ব্ব (সকল) অর্থের (বিষয়ের) সাধিকা (সিদ্ধিদায়িনী)] বি, স্ত্রী, যিনি সর্ব্বাভিলাষ পূর্ণ করেন ; দুর্গা।

সর্ব্বার্থসিদ্ধ (শ, শি) [সর্ব্ব (সকল) অর্থে (বিষয়ে) সিদ্ধ (সফল) ৭তৎ] কিম্বা সর্ব্ব (সকল) অর্থ (বিষয়) সিদ্ধ (সম্পন্ন) হইয়াছে যাহার, বহু] বি, পুং, বুদ্ধ। ২। বিণ, সকল প্রয়োজনসিদ্ধিযুক্ত ; পূর্ণকাম।

সর্ব্বাহ্ন (শর্বান্হ) [সর্ব্ব (সকল) যে অহন্ (দিন) কর্ম্মধা] বি, পুং, সমস্ত দিবস।

সর্ব্বেশ্বর (শর্বেশ্শর্) [সর্ব্বের (সকলের) ঈশ্বর (প্রভু) ৬তৎ] বি, পুং, সার্ব্বভৌম। ২। মহাদেব। ৩। বিণ, সকলের প্রভু।

সর্ব্বোত্তর (শর্বোৎতর্) [সর্ব্বের (সকলের) উত্তর (প্রধান)] বিণ, সর্ব্বশ্রেষ্ঠ।

সর্ব্বৌষধি (শ) [সর্ব্ব—ওষধি] বি, স্ত্রী, কুষ্ঠ, মাংসী, হরিদ্রা, বচা, শৈলেয়, চন্দন, চম্পক, মুরা, শঠী ও মুস্তা।

সর্ষপ (শর্ষপ্) [সৃ (গমন করা)+অপ (সংজ্ঞার্থে) ষ আগম] বি, পুং, সরিষা। শ্বেত-কৃষ্ণ ভেদে সর্ষপ দুইপ্রকার।

সল (শল্) [সং—সল্ (গমনে)] বি, জল ; সলিল।

সল (শল্) [আ—সহল্] বিণ, সহজ ; সড়-গড়। ২। ঢিলা।

সলজ্জ (শ) [স (সহিত) লজ্জা যাহার, বহু] বিণ, সব্রীড়।

সলা (শ) [আ—সলাহ্] বি, যুক্তি ; মন্ত্রণা ; পরামর্শ। ২। ষড়যন্ত্র। ৩। বন্ধুত্ব। **সলা কলা**—কলাকৌশল। চাতুরী।

সলাজ (শলাজ্) [স (সহিত) লাজ (লজ্জা) যাহার—বহু] বিণ, সব্রীড়। প্র—"তাহারি সলাজ আঁখি দিনে দিবে যাওয়া।"—ফুলরেণু।

সলি (শো) [শলা দ্রঃ] বি, ক্ষুদ্র শলা ; শলাকা ২। বিণ, শলাকাবৎ ; সরু। প্র—"দুগাছি সলি দড়ি।"—শূ, পু।

সলিতা (শো) [হি—সিলবট্ (দড়ির ন্যায় পাক) হইতে] বি, সূক্ষ্মবস্ত্রখণ্ডে পাকান বাতি ; সরু পলিতা। প্র—"ঝি-মারে বসায়ে দূরে সলিতা পাকায় ধীরে"—অশোকগুচ্ছ।

সলিল (শোলিল্) [সল্ (শীঘ্র গমন করা)+ ইল (কর্ত্তৃ) যে শীঘ্র গমন করে] বি, ক্লী, জল ; উদক ; বারি। প্র—"অনলে সলিলে প্রাণ নহে সমাধান। আর মরণের পথি আছে কি বিধান॥"—বাং-গান। বিণ, **সলিলী**—জলীয় ; জল সম্বন্ধীয়। প্র—"মাতিল তরঙ্গগণ সলিলী সংগ্রামে।"—রঙ্গমতী (নবীন)।

সলিলকুন্তল—শৈবাল ; শেওলা।

সলিলক্রিয়া (শোলিলক্রিয়া) উদকক্রিয়া ; তর্পণাদি। ২। বারি দ্বারা চিতা ধৌতকরণ। ৩। জলসেক।

সলিলজ (শো) [সলিলে (জলে) জ (যে জন্মে)] বি, ক্লী, পদ্ম। ২। বিণ, জলজাত।

সলীল (শলীল্) [স (সহিত) লীলা (ক্রীড়া) যাহার, বহু] বিণ, লীলাযুক্ত ; ক্রীড়াশীল। ২। ভঙ্গীবিশিষ্ট। ৩। কৌতুহলী।

সল্লকী (শল্লোকি) [সল্ (গমন করা)+ অক (কর্ত্তৃ) ল দ্বিত্ব। ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, সজারু। ২। কণ্টকীবৃক্ষবিশেষ ; বাব্লা গাছ।

সশঙ্ক (শশংক) [স (সহিত) শঙ্কা (ভয়) যাহার, বহু] বিণ, ভীত ; ত্রস্ত ; শঙ্কান্বিত।

সশল্য (শশোল্ল) [স (সহিত) শল্য (শেল) যাহার, বহু] বিণ, শেলবিদ্ধ। ২। পীড়াদায়ক ; দুষ্কর ; কষ্টজনক।

সসজ্জ (শশোজ্জ) [স (সহিত) সজ্জা যাহার, বহু] বিণ, সজ্জিত ; সজ্জাবিশিষ্ট।

সসত্ত্ব (শশৎত) [স (সহিত) সত্ত্ব (জন্তু) যাহার, বহু] বিণ, প্রাণিযুক্ত। স্ত্রী, **সসত্ত্বা**—গর্ভবতী ; গর্ভিণীস্ত্রী।

সসাক্ষিক (শশাক্খিক্) [স্মৃতিঃ পরিঃ] বি, যে কোন স্থানে যে কোন ব্যক্তির লিখিত সাক্ষিগণের হস্ত চিহ্নিত লেখ্য ; রাজসাক্ষিক দ্রঃ। প্র—"লেখ্য অর্থাৎ দলিল ত্রিবিধ, রাজসাক্ষিক, সসাক্ষিক এবং অসাক্ষিক।"—বিষ্ণুসংহিতা (বঙ্গবাসী)।

সসৌষ্ঠব (শশৌষ্ঠব্) [স (সহিত) সৌষ্ঠব (বেগ) যাহার, বহু] বিণ, বেগগামী। ২। পরম সুন্দর।

সস্তা (শস্তা) [হি] বিণ, সুক্রেয় ; সুলভ ; cheap. **সস্তাদরে**—সুলভে। প্র—"সস্তাদরে মস্ত মজা কিনে নিলে ভাই"—হেম বন্দ্যো। **সস্তার তিন অবস্থা**—কম দামের জিনিষ বেশী দিন যায় না অথবা শীঘ্রই নষ্ট হয়।

সস্ত্রীক (শস্ত্রিক্) [স (সহিত) স্ত্রী যাহার, বহু] বিণ, সপত্নীক ; ভার্য্যাসহ।

সস্পৃহ (শস্পৃহ) [স (সহিত) স্পৃহা (ইচ্ছা) যাহার, বহু] বিণ, লোভী ; স্পৃহাযুক্ত ; সাভিলাষ।

সস্মিত (শশ্শিত) [স (সহিত) স্মিত (ঈষৎহাস্য) যাহার, বহু] বিণ, ঈষৎ হাস্যযুক্ত ; সহাস্য।

সশা (শশা) [শসা দ্রঃ] বি, স্বনামখ্যাত ফল।

সস্য (শোশ্শ) [সং। শস্য দ্রঃ] বি, ক্লী, ধান্যাদি। ২। বৃক্ষাদির ফল। ৩। ফলাদির অভ্যন্তরস্থ কোমল অংশ ; শাঁস। ৪। উৎকৃষ্টতা।

সস্বেদ (শশ্শেদ্) [স (সহিত) স্বেদ (ঘর্ম্ম) যাহার, বহু] বিণ, ঘর্ম্মাক্ত ; ঘর্ম্মবিশিষ্ট। স্ত্রী, **সস্বেদা**—ধর্ম্মক্লিন্না। ২। দূষিতা কুমারী।

সস্রেক (শস্রেক্) [সহস্র+এক, পদ্যে সংক্ষেপে] বিণ, এক সহস্র। প্র—"ক্ষেমিমু তাহার সস্রেক অপরাধ।"—মহা (শ্রীকরণ)।

সহ (শ) [সহ্ (সহ্য করা)+অ (ভাবে)] বি, সহ্য করার ভাব। ২। শক্তি। ৩। সহায়। ৪। সম্বন্ধ। ৫। সাদৃশ্য। ৬। বিণ, সহিষ্ণু। ৭। সমর্থ। ৮। অ, সহিত ; সঙ্গে। স্ত্রী, **সহা**—পৃথিবী। ২। [বৈদ্যকে] মুসব্বর। (২) নগী। (৩) শুষ্ক যব।

সহকার (শ-কার্) [সহ (সহিত) কৃ (বিক্ষেপ করা)+অ (কর্ত্তৃ)] বি, পুং, সুগন্ধ আম্র বৃক্ষ। ২। আম্র-পল্লব। ৩। [সহ—কৃ (করা)+অ (ভাবে ঘঞ্)] সাহায্য।

সহকারী (শ) [সহ (সহিত) কৃ (করা) +ইন্ (কর্ত্তৃ—ণিন্)=সহকারিন্ ১মা, ১ব] বিণ, সহায়ক। প্র—"অন্তরে জ্বলিছে অতি বিরহ অনল। নিশ্বাস পবন তাহে সহকারী ভাল॥"—বাং-গান। ২। [দর্শনমতে] কারণ-বিশেষ।

সহকৃৎ (শ) [সহ (সহিত) কৃ (করা)+ ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, সাহায্যকারী।

সহগমন (শহগমন্) [সহ (সহিত) গমন] বি, ক্লী, সহিত গমন। ২। সহমরণ ; স্বামীর সহিত একচিতাগ্নিতে দেহত্যাগ ; সহানুগমন।

সহচর (শহচর্) [সহ (সহিত) চর্ (গমন করা)+অ (কর্ত্তৃ)] বিণ, অনুগামী ; সঙ্গী। ২। সখা ; বয়স্য। স্ত্রী, **সহচরী**—সঙ্গিনী ; সখী। ২। সহধর্ম্মিণী ; পত্নী।

সহচারী (শ) [সহ (সহিত) চর্ (গমন করা) +ইন্ (কর্ত্তৃ—শীলার্থে) = সহচারিন্ ১মা, ১ব] বিণ, সঙ্গী ; সাথী।

সহজ (শহজ্) [সহ (সহিত) জ (জন্ (জন্মান) + অ (কর্ত্তৃ) যে জাত] বি, পুং, এক মাতৃগর্ভোৎপন্ন ভ্রাতা ; সহোদর। ২। স্বভাব। ৩। বিণ, স্বাভাবিক ; অকৃত্রিম। প্র—"সহজে সবার বিকট আকার সহিতে না পারে আর।"—অ, ম। "যাঁহার সহজরূপে খণ্ডে অন্ধকার।"—ঘনরাম। ৪। সুলভ ; অনায়াস-সিদ্ধ। ৫। সরল ; সোজা। ৬। অকঠিন ; সুবোধ্য। ৭। [জ্যোতিষে] জন্মলগ্ন হইতে তৃতীয়স্থান। ৮। তন্ত্রাচার ভেদ। প্র—"বাণের সহিত সদাই সাজিতে সহজের এই রীতি।"—চণ্ডীদাস। ৯। প্রেম। প্র—"সহজ সহজ সবাই কহয়ে সহজ জানিবে কে।"—চণ্ডীদাস। ক্রি-বিণ, **সহজে**—অনায়াসে ২। স্বভাবে। প্র—"কবে সহজে মা বলে জুড়াব প্রাণ।"—বাং-গান। ৩। বেগ না দিয়া ; অক্লেশে ; সরলভাবে। প্র—তাহাকে সহজে ছাড়া হইবে না। **সহজ কথা**—সোজা কথা ; সরল উক্তি। ২। ধীর বা শান্ত বাক্য ; অনুদ্ধত বচন। **সহজ উপায়**—সরল ও সুলভ উপায় ; সুগম পন্থা। **সহজমিত্র**—স্বাভাবিক মিত্র (ভাগিনেয়, পিতার ভগিনীপুত্র, মাতার ভগিনীপুত্র—ইহারা বিষয়ের গৌণ অংশভাগী বলিয়া)। **সহজ-শত্রু**—স্বাভাবিক শত্রু (বৈমাত্রেয়, পিতৃব্য ও তাহার পুত্রাদি—ইহারা ধনের অংশীদার বলিয়া)।

সহজই, সহজহি (শ) [সহজ (দ্রঃ) + হি = ই] বিণ, স্বভাবে ; সহজে ; স্বভাবতঃ। প্র—' সহজই কাঞ্চন গোর।"—গোবিন্দদাস। "সহজহি বিরহিণী জগমাহা তাপিনী"—বি, প।

সহজেতর (শ, বৃ) [সহজ—ইতর] বিণ, অলৌকিক ; অস্বাভাবিক।

সহদেব (শহদেব্) বি, পুং, মাদ্রীর গর্ভজ পাণ্ডুর ক্ষেত্রজ কনিষ্ঠ পুত্র ; পঞ্চম পাণ্ডব। ২। মগধাধিপতি জরাসন্ধের পুত্র।

সহধর্ম্মিণী (শহধোর্ম্মিনি) [সহ (সহিত) ধর্ম্ম + ইন্ = সহধর্ম্মিন্ + ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, ভর্ত্তার সহিত ধর্ম্মানুষ্ঠানকারিণী পত্নী।

সহন (শহন্) [সহ্ (সহ্য করা) + অন (কর্ত্তৃ)] বিণ, সহিষ্ণু। ২। প্রতীক্ষা। ৩। [ভাবে—অনট্] বি, ক্লী, সহ্য করা। প্র—"হাসিতে হাসিতে মান সহনে না যায়। করিয়ে অমিয় পান বিষ কোথা খায়॥"—বাং-গান

সহনীয় (শ) [সহ্ (সহ্য করা) + (অনীয়) কর্ম্মে] বিণ, সহনযোগ্য।

সহবত (শহবৎ) [আ—সোহ্বৎ] বি, সঙ্গ ; সংসর্গ। ২। সংসর্গজাত শিক্ষা বা তদ্বিৎ। প্র—"যেমন সহবত পাইয়াছিল"—টেকচাঁদ।

সহবতি (শহবোতী) [সহবত দ্রঃ] বিণ, সঙ্গী সহকারী। প্র—"চক্রবর্ত্তী গোপাল দেয়ান সহবতি। রায় বক্সী মদন গোপাল মহামতি।"—অ, ম।

সহবাস (শহবাস) [সহ (সহিত) বস্ (বাস করা) + অ (ভাবে ঘঞ্)] বি, পুং, এক সঙ্গে অবস্থান ; সংসর্গ। ২। পতি-পত্নীরূপে বাস।

সহভাবী (শ) [সহ (সহিত) ভূ (হওয়া) + ইন্ = সহভাবিন্ ১মা, ১ব] বিণ, সাহায্য-কারী ; আনুকূল্যকারক। ২। সহজাত। ৩। সহোদর ; সোদর। ৪। সহচর।

সহমরণ (শ, ন্) [সহ (সহিত) মরণ] বি, ক্লী, স্বামীর সহিত একচিতারোহণে দেহত্যাগ ; অনুমরণ।

সহমৃতা (শ) [সহ (সহিত) মৃতা] বি, স্ত্রী, মৃত স্বামীর অনুগমনকারিণী স্ত্রী।

সহযায়ী (শহজায়ী) [সহ (সহিত) যা (যাওয়া) + ইন্ (কর্ত্তৃ শীলার্থে) = সহযায়িন্ ১মা, ১ব] বিণ, সঙ্গে গমনকারী ; যাহারা মিলিত হইয়া গমন করে।

সহর (শহর্) [শহর দ্রঃ] বি, নগর ; রাজ-নগরী। প্র—"তাড়াতাড়ি যায় বাড়ী তোল-পাড় করিয়া সহর।"—চন্দন। **সহরবাসী**—সহরে বাসকারী ; সহরে লোক। প্র—"হেদে ও সহরবাসী আর কি হাসি হাসবি রেড়ো বলে।"—হেম বন্দ্যো।

সহর্ষ (শ) [স (সহিত) হর্ষ (আনন্দ) যাহার, বহু] বিণ, আহ্লাদিত ; হর্ষযুক্ত।

সহল (শহল্) [আ—সহল্] বিণ, আলগা ; লঘুস্পর্শ। ক্রি-বিণ, **সহলে**—লঘুভাবে ; কোমল স্পর্শে। প্র—"উরুতের উপরে উমার হস্ত রাখি। সহলে সহলে মলে তেলে জলে মাখি॥"—শিবায়ন।

সহসা (শহশা) [সং] অ, অকস্মাৎ ; হঠাৎ। প্র—' কৃষ্ণচন্দ্র নরপতি গীতে দিলা অনুমতি। করিলাম আরম্ভ সহসা।"—অ, ম।

সহসাৎ [সহসার প্রা-বাং-রূপ] ক্রি-বিণ, সহসা ; হঠাৎ। প্র—"উঠিয়া সহসাৎ।"—দুর্গামঙ্গল। "মহাকোপে বারে রণে ভীষ্মে সহসাৎ।"—মহা (কবীন্দ্র) ১৬শ শতাব্দী]

সহস্র (শহস্র) [স (সমান) হস্ (হাস্য করা) + র (সংজ্ঞার্থে)] বি, ক্লী, দশ শত সংখ্যা ; ১০০০ হাজার। ২। হাজার সংখ্যাবিশিষ্ট। ৩। অসংখ্য। **সহস্রকর**—সূর্য্য। **সহস্র-কৃত্ব**—হাজারবার। ২। অসংখ্যবার ; বারবার। **সহস্রনয়ন**—বি, পুং, ইন্দ্র। **সহস্রপতি**—সহস্রলোকের বা সহস্র গ্রামের শাসনকর্তা। **সহস্রপত্র**—সহস্রদলযুক্ত পদ্ম। **সহস্র পাদ**—বি, পুং, বিষ্ণু। ২। সূর্য্য। **সহস্র ভুজ**—বি, পুং, বিষ্ণু। ২। কার্ত্তবীর্য্যার্জ্জুন। স্ত্রী, **সহস্রভুজা**—মহিষাসুরবিনাশিনী দেবী। **সহস্রলোচন**—বি, পুং, সহস্রাক্ষ ; দেব-রাজ ইন্দ্র। **সহস্রবদন**—বি, পুং, বিষ্ণু ; নারায়ণ। **সহস্রবাহু**—বি, পুং, কার্ত্ত-বীর্য্যার্জ্জুন। ২। বিষ্ণু। **সহস্রবীর্য্যা**—বি, স্ত্রী, দূর্ব্বা। **সহস্রশীর্ষ**—নারায়ণ।

সহস্রধা (শহস্স্রধা) [সহস্র + ধা (বারার্থে)] অ, হাজার বার। ২। হাজার দিক। ৩। হাজার রকম।

সহস্রাংশু (শহস্স্রাংশু) [সহস্র হইয়াছে অংশু (রশ্মি) যাহার, বহু] বি, পুং, সূর্য্য।

সহস্রাক্ষ (শহস্স্রাক্খ) [সহস্র (হাজার) অক্ষ (চক্ষুঃ) যাহার, বহু] বি, পুং, ইন্দ্র। ২। বিষ্ণু।

সহস্রানীক (শহস্স্রানিক্) বি, পুং, শতানীক রাজার পুত্র।

সহস্রার (শহস্স্রার্) [সহস্র—আর (কোণ) যাহার, বহু] বি, ক্লী, শিরোমধ্যস্থ সুষুম্না নাড়ীস্থিত সহস্রদল পদ্ম। প্র—"মূলাধারে কুণ্ডলিনী সহস্রারে গুরু।"—শিবায়ন। ' দিবা নিশি ভাবরে মন অন্তরে করালবদনা, মূলাধারে সহস্রারে বিহরে সে মন জান না।"—রামপ্রসাদ।

সহস্রাস্য (শহস্স্রাশ্শ) [সহস্র (হাজার) আস্য (মুখ) যাহার, বহু] বি, পুং, বিষ্ণু।

সহা (শ) [সংগ্রহ—সাধা—সহা। জল দ্রঃ] ক্রি, সংগ্রহ করা ; সাধা। প্র—"কক্ষে হেম ঝারি রাজার সুন্দরী জল সহে ঘরে ঘরে।"—কবিক। ২। সহ্য করা বা সহ্য হওয়া। **গা-সহা**—অভ্যস্ত। প্র—"উপবাস আমার গা-সহা। এই বলিয়া নানা অছিলায় মাঝে মাঝে উপবাস দিতে লাগিল।"—ভারতী, ১৩২০।

সহা (শ) [সং—সহ্ (সহ্য করা) ধাতুজ। উ-পু—সহি। ম-পু—সহ। প্র-পু—সহে। অস-ক্রি—সহিতে ; সহিয়া, সহি (পদ্যে) ; সয়ে (গ্রা)। ণিজন্ত—সহান] ক্রি, সহ্য করা। ২। অপেক্ষা করা ; সমীহা করা ; ক্ষমা করা। প্র—"শাস্ত্র চর্চা হলে ব্রহ্মারেও নাহি সহী"—।

সহাধ্যায়ী (শহাধ্ধ্যাঈ) [সহ (সহিত) অধ্যায়ী (যে অধ্যয়ন করে)] বি, পুং, এক অধ্যাপকের ছাত্র ; সহপাঠী। স্ত্রী, **সহা-ধ্যায়িনী**।

সহানুভূতি (শ) [সহ + অনুভূতি] বি,

অন্যের সুখে সুখী দুঃখে দুঃখী হওয়ার ভাব; সম সুখ দুঃখানুভাবকতা।

সহায় (শহায়্) [সহ (সহিত) ই (গমন করা)+অ (কর্ত্তৃ)] বি, পুং, সহচর। ২। সহায়তাকারী। ৩। অবলম্বন। স্ত্রী, সহায়া।

সহায় সম্পত্তি, সহায় সম্পদ—সহায় স্বরূপ জন ও ধন; জনবল ও ধনবল।

সহায়তা (শ) [সহায়+তা (ভাবে)] বি, স্ত্রী, আনুকূল্য; সাহায্য। ২। সহায়সজ্য।

সহি (শো) [আ—সহী] বি, স্বাক্ষর; দস্তখৎ; সই। ২। স্বীকার।

সহি—সহী দ্রঃ।

সহিত (শোহিত্) [সহ (সঙ্গে)+ইত (কর্ত্তৃ)] বিণ, সমভিব্যাহৃত। ২। [সম্—হিত] ইষ্ট-সাধক; হিতজনক। ৩। সংযুক্ত।

সহিতা (শো) [সহ্ (সহ্য করা)+তৃ (কর্ত্তৃ) =সহিতৃ ১মা, ১ব] বিণ, সহিষ্ণু। ২। প্রতীক্ষা-শীল। ৩। ক্ষমাশীল।

সহিলা, সইলা (শো) [সং—সখী হি—আলা হইতে] বি, স্ত্রী, সখীত্ব।

সহিষ্ণু (শোহিষ্‌টু) [সহ্ (সহ্য করা)+ইষ্ণু (কর্ত্তৃ, শীলার্থে)] বিণ, সহনশীল; ক্ষমা-বান্; প্রতীক্ষাশীল; ধৈর্য্যশালী।

সহিষ্ণুতা (শোহিষ্‌টু) [সহিষ্ণু+তা (ভাবে)] বি, স্ত্রী, সহনশীলতা; ক্ষমা; প্রতীক্ষা।

সহিস (শোহিশ) [ফা—সাইস্ হইতে, সইস দ্রঃ] বি, অশ্বরক্ষক; অশ্বপালক। প্র—"এক দিন গরজিয়া কহিল মহিষ, ঘোড়ার মতন মোর রহিবে সহিস।"—কণিকা।

সহী (শোহি) [সই দ্রঃ। সং—সখী হইতে] বি, সই।

সহুব (শ) [ব্রজ] ক্রি, সহিব। প্র—"বিহর সে হরখি হেরনে কৈছে কাম। সো নাহি সহব হি হামার পরাণ॥"—বি, প।

সহুরে (শো) [সহর+উয়া] বিণ, সহরবাসী। প্র—"এখানে এসে সহরে বলে নাম কেনার ঝোঁক বেজায়।"—ভারতী, বৈশাখ, ১৩২১। "দয়াল বাঁড়ুয্যের ছোট বৌ সহুরে মেয়ে কিনা"—ভারতী।

সহৃদয় (শহৃদয়্) [স (সহিত) হৃদয় অন্তঃ-করণ) যাহার, বহু] বিণ, হৃদয়বান্; সদন্তঃকরণ-বিশিষ্ট। ২। প্রশস্তচিত্ত। ৩। সামাজিক; রসাভিজ্ঞ। ৪। পরিপকবুদ্ধি। ৫। বিদ্বান্।

সহেলী [হি—সহেলী, সং—সখী—আলী] বি, স্ত্রী, সখী; সহচরী। প্র—"যুবতী সহেলী বান্দী"—অ, ম।

সহোক্তি (শ) [সহ (সহিত) উক্তি (বচন)] বি, স্ত্রী, যে অলঙ্কারে সহ শব্দার্থ দ্বারা একটী পদ দুই বিষয়ের বাচক হয় তাহাকেই সহোক্তি অলঙ্কার বলে।

সহোটজ (শহোটজ্) [সহ—উটজ] বি, পুং, স্ত্রী, পর্ণকুটীর; পাতার কুঁড়ে ঘর।

সহোঢ় (শ) [সহ (সহিত) ঊঢ়া (বিবাহিতা)] বি, পুং, গর্ভবতী কুমারীর বিবাহের পর জাত পুত্র। ২। চৌর্য্যলব্ধ দ্রব্যসহ ধৃত চোর।

সহোঢ়জ (শ) [সহ (সহিত)+ঊঢ়া (বিবাহিতা) জ যে জন্মে] বিণ, অজ্ঞাত-গর্ভ পরিণীতার পুত্র।

সহোত্থায়ী (শ) [সহ (সহিত) উত্থায়ী যে উত্থান করে)] বিণ, সঙ্গে সঙ্গে উত্থান-কারী; সমকালে বর্দ্ধমান।

সহোদর (শহোদর্) [সহ (সমান) উদর (গর্ভ) যাহার, বহু] বি, পুং, একমাতার গর্ভজাত পুত্র; সোদর। স্ত্রী, সহোদরা—একমাতার গর্ভজাতা কন্যা। ২। সুসদৃশ; রূপে ও গুণে সমতুল্য। প্র—"তিল ফুল জিনি নাসা, বসন্ত কোকিল ভাষা, ভ্রূযুগল চাপ-সহোদর।"—কবিক।

সহোর (শহোর্) [সহ্ (সহ্য করা)+ওর সংজ্ঞার্থে] বিণ, সাধু; ধর্ম্মাত্মা।

সহ্য (শোজ্ঝ) [সহ্ (সহ্য করা)+য (কর্ম্মে)] বিণ, সহনযোগ্য; সহনীয়। ২। বি, স্বীকার; বরদাস্ত। ৩। ধৈর্য্য। ৪। ক্ষমা। ৫। ভারতবর্ষস্থ পর্ব্বতবিশেষ।

সা (শা) [সং—তদ্ শব্দের স্ত্রীলিঙ্গের ১মা, ১ব রূপ। পুং—সে। "হোমিওপ্যাথিক-ভৈষজ্য-রত্নাবলীর সিদ্ধিপ্রদ লক্ষণচয়" প্রভৃতি গ্রন্থ-প্রণেতা ডাক্তার শ্রীযুক্ত চন্দ্রশেখর কালী, এল, এম, এস মহাশয় বাং ভাষায় ইহার ব্যবহার করিয়াছেন। তাঁহার প্রবর্ত্তিত স্ত্রী-সর্ব্বনামের পরিভাষা—সা (=সেই স্ত্রীলোক, she), তস্যাকে (=সেই স্ত্রীলোককে, her), তস্যা কর্ত্তৃক, দ্বারা (=সেই স্ত্রী কর্ত্তৃক; by her), তস্যাকে (to her), তস্যা হইতে (=সেই স্ত্রী হইতে, from her), তস্যার (সেই স্ত্রীর, her), তস্যাতে (=সেই স্ত্রীতে, in her)। সম্মানার্থে যোগে সাঁ, তাঁস্যাকে, তাঁস্যার ইত্যাদি পুং,—তিনি, তাঁহার ইত্যাদি। এই পরিভাষা বঙ্গের বহু প্রসিদ্ধ লেখক ও পণ্ডিত কর্ত্তৃক সমাদৃত হইলেও এখনও ইহা বাং ভাষায় প্রবেশলাভ করে নাই] স, সেই স্ত্রীলোক; সেই মহিলা; she. প্র—"সা নিশ্চয় মগধরাজ কন্যা। তস্যার আক্রমণ অতীব সাংঘাতিক।" —হোমিও, ভৈ, সিদ্ধিপ্রদ লক্ষণচয়; পৃ, ১২।

সাইবানী [প্রা-বাং। ফা—সাহেবা হইতে সাহেবানী শব্দের দ্রুত উচ্চারণ] বি, স্ত্রী, রাণী। প্র—"যদি ভিক্ষা দেন তোমার সাইবানী সকল।"—মাণিক, গান।

সাইল (শাইল) [প্রা-বাং] বি, শালবৃক্ষ। প্র—"তোআল পিআল সাইল ছুহি আকড়।" —শূ-পু।

সাউদ (শাউদ্) [সাধু অপভ্রংশে। প্রা-বাং] বি, সাধু। প্র—"বন্দরর সাউদ মহাজনক আনিল ডাকিয়া॥"—মাণিক, গান।

সাএল (শাএল্) [আদাঃ পরিঃ। আ—সাআএল্। মুসলমানী বাংয় ছাএল, ছায়েল] বি, আবেদনকারী; petitioner. ২। প্রশ্ন-কর্ত্তা; a querist.

সাওন, সাঙন [ব্রজ। সং—শ্রাবণ হইতে] বি, শ্রাবণমাস। প্র—"সাওন ঘন সম ঝরু দুনয়ান।"—বি, প।

সাং, সাঙ (শাং) [সাঙ্গ (দ্রঃ) হইতে] বি, ভারবহন দণ্ড। প্র—"ষোল সাঙের শিলা আছে আখড়ার ঘরে"—ধনরাম। ২। [প্রাদে] বড় জালা।

সাংক্রামিক (শংক্রামিক্) [সং—ক্রাম+ইক (ইকণ্)] বিণ, সংক্রমণশীল; ছোঁয়াচে; যাহা স্পর্শেতে উৎপন্ন হয়।

সাংগ্রামিক (শাংগ্রামিক্) [সংগ্রাম+ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, সমর সম্বন্ধীয়। ২। রণকুশল; সমরনিপুণ। ৩। যুদ্ধোপযোগী। ৪। সৈন্যাধ্যক্ষ; সেনানায়ক।

সাংঘাতী (শাং) [সং—সাংঘাতিন্] বিণ, নিবিড়; জমাট। প্র—"শীৎকারে ছিঁড়িছে শিরা সাংঘাতী কৌতুক"—ফুলরেণু।

সাংড়া, সাঙ্গারা [Mc crindles periplus] বি, যোড়া নৌকা; গঙ্গা হইতে সমুদ্রগামী বাণিজ্যপোতবিশেষ।

সাংদৃষ্টিক (শাংদৃষ্টিক্) [সংদৃষ্টি+ইক] বি, কার্য্যে আপাত দৃষ্ট ফল।

সাংবৎসর (শাংবৎশর্) [সংবৎসর (বর্ষ)+অ (অণ্)] বিণ, বার্ষিক।

সাংবৎসরিক (শাংবাৎশোরিক্) [সংবৎসর (বর্ষ)+ইক (ভবার্থে)] বিণ, সংবৎসর সম্বন্ধীয়; বার্ষিক। ২। বি, বার্ষিক শ্রাদ্ধ।

সাংবাদিক (শাংবাদিক্) [সংবাদ (খবর)+ইক] বিণ, সংবাদদাতা। ২। নৈয়ায়িক।

সাংযাত্রিক (শাংজাত্‌তৃক্) [সংযাত্রা (দ্বীপান্তর গমন)+ইক (প্রয়োজনার্থে)] বি, পুং, জলপথে বাণিজ্যকারী; পোতবণিক্।

সাংশয়িক (শাংশইক্) [সংশয় (সন্দেহ)+ইক] বিণ, সংশয় সম্বন্ধীয়। ২। সন্দেহ-যুক্ত; সন্দিহান। ২। অকৃতনিশ্চয়।

সাংসর্গিক (শাংশোর্গিক্) [সংসর্গ (সম্বন্ধ) +ইক (সম্বন্ধার্থে ইকণ্)] বিণ, সংসর্গ-সম্বন্ধীয়। ২। সংসর্গজাত।

সাংসারিক (শাংশারিক্) [সংসার+ইক (সম্বন্ধার্থে ইকণ্)] বিণ, সংসার সম্বন্ধীয়। ২। সংসারের উপযুক্ত।

সাংস্থানিক (শাং,ক্) [সংস্থান+ইক (সম্বন্ধার্থে ইকণ্)] বিণ, একদেশীয়; একস্থানীয়। ২। সংস্থান সম্বন্ধীয়।

সাঁই (শাঁ) [শব্দাত্মক] বি, পত্র পল্লবাদির ফাঁকের মধ্য দিয়া বায়ু প্রবাহিত হইবার শব্দ। বেগ ও ব্যাপ্তি অর্থে সাঁই সাঁই। ২। [স্বামী হইতে সাঁই] স্বামী; প্রভু। ৩। [গোস্বামী "গোঁসাই"—সংক্ষেপে সাঁই] গোসাঁই; বৈষ্ণব সন্ন্যাসী। ৪। মুসলমান ফকীর; দরবেশ। ৫। কুলপদবীবিশেষ। প্র—"চোট চণ্ডী পল সাঁই দীর্ঘাড়ী কুসুম গাঁই সাঁই সাঁই কুলভি পড়াল।"—কবিক।

সাঁইত্রিশ (শাঁইত্রিশ্) [সং—সপ্তত্রিংশ] বি, তিন দশ এবং সাত সংখ্যা।

সাঁই সাঁই (শাঁইশাঁই) [শব্দাত্মক] বি, শ্লেষ্মার ভিতর দিয়া শ্বাস চলাচলের শব্দ। প্র—সর্দ্দীতে তাহার গলা সাঁই সাঁই করিতেছে। ২। বেগে বায়ু বহিবার শব্দ।

সাঁও (শাঁ) [প্রা-বাং—মাণিকচন্দ্র রাজার গানে। হি—সাঁপ। সং—সর্প] বি, সাপ।

সাঁওতাল, সাঁওতালী (শঁ, ল্) [হি—সাম্ভাল (মহৎ; প্রধান)। তুল—তুকী—আগা (উচ্চ, প্রভু)] বি, ভারতের আদিম জাতিবিশেষ; সাঁওতাল পরগণায় আদিম অধিবাসী। ইহারা কোল, ভীল, মুণ্ডা আদির ন্যায় অন্যান্য আদিম জাতির মধ্যে আপনাদের প্রাধান্য বা শ্রেষ্ঠত্ব-সূচক সাম্ভাল নামে পরিচিত হইয়াছিল। প্র—"এখনও এখনও তুমি কি রঙ্গে নাচ মা কালি। * * * বলে ন্যাংটা মেয়ের খ্যাম্‌টা বাই ও যে পাগলি সাঁওতালী।"—বাং-গান। ২। পূর্ব্বে বঙ্গের অধুনা বিহার প্রদেশের জেলাবিশেষ; সাঁওতাল পরগণা নামক ভূভাগ। স্ত্রী, **সাঁওতালনী**।

সাঁকাল, সেঁকেল (শাঁ, ল্) [প্রাদে] বি, ধান ভানিবার সময় গড়ের মধ্যে হাত দিয়া ধান নাড়িয়া দেওন।

সাঁকো (শাঁ) [সং—সংক্রম] বি, সেতু; পুল।

সাঁগা (শাঁ) [সাঙ্গা দ্রঃ] বি, সাঙ্গা; উপপতি। প্র—"জন্মায়তি বটি বাগ্‌দির সাঁগা আছে সাঁগা করি সয়ার সকল মজে পাছে॥"—শিবায়ন। ২। বিধবা বিবাহবিশেষ; নিকা।

সাঁচ (শাঁচ্) [সং—সঞ্চ] বি, লিখিবার তাল বা কলাপাতা। ২। পত্র; পাতা প্র—"প্রসাদ বলে আমার হৃদয় অমল কমল সাঁচ।"—বাং-গান।

সাঁচ (শাঁচ্) [সং—সত্য—হি—সাচ্চা। মৈ—সাঁচ] বিণ, সত্য; যথার্থ। প্র—"বিদ্যাপতি কহে বুঝলহুঁ সাঁচ কলহুঁ না মিঠাই হোয়ত কাঁচ॥"—বি, প।

সাঁচ (শাঁচ্) [সাঁচা দ্রঃ] বি, ছাঁচ। প্র—"তুমি সেই সাঁচে নির্ম্মিতা হোয়ে মনোময়ী হয়ে নাচ।"—রামপ্রসাদ।

সাঁচা (শাঁ) [সং—সত্য হইতে সাচ্চা—পরে সাঁচ্চা—সাঁচা] বিণ, যথার্থ; সত্য; আসল; খাঁটী। প্র—"তবে জানি জ্ঞানী জনে সাঁচা কথা কহে।"—চৈ-ভা। "ভালমতে বুঝিনু তোমার দেবী সাঁচা॥"—অ, ম।

সাঁচা (শাঁ) [সঞ্চয় হইতে। মৈ] ক্রি, সঞ্চিত করিয়া রাখা। প্র—"দুহুঁ ভুজ চাপি জীবন ধন সাঁচে॥"—বি, প।

সাঁচি (শাঁ) [সং—সত্য হইতে হি—সচ্চী ক্রমে সাঁচি পরে ছাঁচি (গ্রা), স=ছ] বিণ, সত্য, খাঁটী; আসল। ২। শ্রেষ্ঠ; ছাঁচি দ্রঃ।

সাঁচ্চা (শাঁ) [প্রাকৃ—সচ্চং—সং—সত্যং] বি, সত্য; অকৃত্রিম; আসল।

সাঁজ (শাঁজ্) [সং—সন্ধ্যা হইতে সঞ্ঝা—সাঁঝ, সাঁজ] বি, সন্ধ্যাকাল। প্র—"সাঁজেতে উদয় সুধু সুধাময়"—চণ্ডীদাস। ২। সন্ধ্যার বাতি, সন্ধ্যা। প্র—"পীরের মোকামে দেই সাঁজ।"—কবিক। **সাঁজসেঁজুতি**—অগ্রহায়ণ মাসের সন্ধ্যাকালে অনুষ্ঠেয় ব্রত। প্র—"এখন আর কি তারা সাজি নিয়ে সাঁজ সেঁজুতির ব্রত গাবে?"—ঈশ্বর গুপ্ত। **সাঁজের বাতি**—সন্ধ্যার আলো।

সাঁজ (শাঁজ্) [প্রা-বাং। সাঁজা দ্রঃ] বি, দম্বল। প্র—"যতন করিয়া বেসালি ধুইয়া সাঁজে সাজাইনু দুধ।"—চণ্ডীদাস।

সাঁজা (শাঁ) [সং—সন্ধ্যা—সঞ্ঝা—সাঁঝা—সাঁজা] বি, সন্ধ্যা। ২। সন্ধ্যার প্রদীপ। প্র—"সাঁজা দেহ গতি ভাই আনন্দিত মন। জয় সংখ ধ্বনি দিলএ তুষ্ট নিরঞ্জন॥"—শূ-পু।

সাঁজা [প্রা-বাং] বি, দম্বল।

সাঁজাকুড়া (শাঁ) [সাঁজা (সাঁজোয়া হইতে) —কুড়া] বি, অস্ত্র নিবারণার্থ কবচ; সাঁজোয়া। প্র—"কনকের সাঁজাকুড়া বিচিত্র পাটের গড়া সাঁজাকুড়া হীরায় জড়িত"—কবিক।

সাঁজাড়ান, সাঁজুড়ান (শাঁ, নো) [প্রা-বাং। সজ্জিত করণ হইতে। উ-পু—সাঁজাড়াই; সাঁজুড়াই। অস-ক্রি—সাঁজাড়িয়া, সাঁজুড়িয়া] ক্রি, সজ্জিত করা। ২। জড় করা; একত্র করা। প্র—"সাঁজুড়িয়া পালে পালে আনয়ে চামরী। লেজ কাটি গছায় ফুল্লরা বরাবরি॥"—কবিক।

সাঁজাল (শাঁজাল্) [প্রাদে] বি, গোয়াল ঘরে মশা নিবারণ করিবার জন্য শুষ্ক গোময় জ্বালাইয়া ধূঁয়া দেওয়া।

সাঁজুড়িয়া, সাজুড়িয়া (শাঁ, শা) [প্রা-বাং] বি, ভারবাহক। প্র—"সাঁজুড়িয়া ভারে নিল মাছ।"—কবিক।

সাঁজো—সাজো দ্রঃ।

সাঁজোয়া (শাঁ) [সজ্জা শব্দজ] বি, বর্ম্ম।

সাঁঝ, সাঁঝা (শাঁঝ্) [প্রাকৃ—সঞ্ঝা; সং—সন্ধ্যা শব্দজ] বি, সন্ধ্যা। প্র—সাঁঝের প্রদীপ জ্বালি আমিও আবার করিতে লাগিনু ঘর"—অশোকগুচ্ছ। "পশ্চিমে সুবন্ন দীপ জ্বালিয়া সাঁঝাকালে"—শূ-পু। **সাঁঝা দেওয়া**—সন্ধ্যার সময় দীপ ও ধূপ ধূনা জ্বালাইয়া, গৃহদ্বারে গঙ্গাজল ছিটান ও শঙ্খ-ধ্বনি করা রূপ হিন্দু গৃহস্থের অবশ্য কর্ত্তব্য দৈনিক কার্য্য। প্র—"পচ্চিমে সুবন্ন দীপ জ্বালিয়া সাঁঝাকালে সাঁঝা দিলে হয় সুমঙ্গল।"—শূ-পু।

সাঁট (শাঁট্) [সং—সঙ্কেত হইতে] বি, সঙ্কেত। ২। সঙ্ক্ষেপ। ৩। সাপ্‌টা হিসাব; গড়।

সাঁটা (শাঁ) [সট্ট (হিংসনে) ধাতুজ? ণিজন্ত—সাঁটান] ক্রি, কণ্ডন করা; ছাঁটা; ছোলা। ২। আঁটা; সংলগ্ন করা। ৩। কষা; টানা। ৪। কর্ত্তন করা। ৫। যাহা ছাঁটা হইয়াছে; কণ্ডিত। প্র—সাঁটা চাল। ৬। চর্ব্বণ করা; খাওয়া। **আসাঁটা**—যাহা কণ্ডিত হয় নাই। **আড়ঙ্গ সাঁটা**—আড়ঙ্গে যাহা সাঁটা হইতেছে। **ঢেঁকি সাঁটা**—যাহা ঢেঁকিতে কুটিয়া পরিষ্কৃত করা হইয়াছে।

সাঁড়ক (শাঁড়ক্) বি, তৃণাচ্ছাদিত ঘরের চালের চওড়া বাঁখারি প্র—"জোয়ের সাঁড়ক কৈল জোয়ের ঝনকাট।"—কবিক।

সাঁড়াশী (শাঁ) [সং—সন্দংশ, পা—সণ্ডাসো] বি, লৌহময় যন্ত্রবিশেষ; যে যন্ত্র দ্বারা লোহা চাপিয়া ধরিয়া তাহাতে কাজ করা হয়। নানা প্রকার কাজের জন্য সাঁড়াশী নানা প্রকার হয়। প্র—"বন্দার দেহ ছিঁড়িল ঘাতক সাঁড়াশী করিয়া দগ্ধ।"—কথা (রবি)। **পাক সাঁড়াশী**—কোন যন্ত্র ঘষিতে হইলে এই যন্ত্র দিয়া ধরিতে হয়; বাইশ (ইহা বাইশমানী কার্য্যে ব্যবহৃত হয়); vice.

সাঁতলান (শাঁতলানো) [সন্তলন (দ্রঃ) হইতে। উ-পু—সাঁতলাই। ম-পু—সাঁতলাও;

প্র-পু—সাঁতলায়। অস-ক্রি—সাঁতলাইতে সাঁতলাইয়া ; সাঁতলে] ক্রি. তপ্ত তৈলাদিতে মৎস্যাদি ভর্জ্জিত-প্রায় করা। ২। আমিষ ও নিরামিষ ব্যঞ্জনাদি সুগন্ধ করণোদ্দেশে উত্তপ্ত ঘৃত অথবা তৈলে ফোড়ং বা সম্বরা দেওয়া।

সাঁতার (শাঁতার) [সন্তরণ শব্দজ] ক্রি. হস্ত পদ সঞ্চালন দ্বারা জলের উপর ভাসিয়া থাকা বা জল পার হওয়া। প্র—"থলের কথায় পাথারে সাঁতারি উঠিতে নারিনু ভিতে।"—চণ্ডীদাস। "রুধিরের নদীতে সাঁতারে ঘোড়া হাথী।"—কবিক। "সাঁতার ভুলে ডুবে রব" —ব্রহ্মসঙ্গীত। সাঁতার জল, সাঁতার পানি—বি. এত জল যে সন্তরণ দ্বারা পার হইতে হয়, হাঁটিয়া পার হওয়া যায় না ; গভীর জল। ২। চখের জলে ভাসমান ; জলের স্রোত। প্র—"ব্যাঙ্গের শোকে সাঁতার পানি হেরি সাপের চোকে।"—নবীনতপস্বিনী।

সাঁধান (শাঁধানো) [সন্ধান দ্রঃ। গ্রা—সেঁদুনো] ক্রি. সন্ধিগত হওয়া ; প্রবেশ করা ; ঢোকা। প্র—"ভাবিতে ভাবিতে ব্যাধি সাঁধাইল অন্তরে।"—চণ্ডীদাস।

সাঁধি (শাঁ) [সন্ধি শব্দজ] বি. ছিদ্র ; ফোকর। ২। সরুগলি।

সান্ধান (শান্ধানো) [সন্ধি হইতে] ক্রি. প্রবেশ করা। প্র—"ভাবিতে ভাবিতে ভয় শরীরে সান্ধায় "—ঘনরাম।

সাঁপ (শাঁপ্) [সং—শাপ] বি. অভিশাপ ; অভিসম্পাৎ। প্র—"গজ বক্ত্র গৌরীপুত্র, সবে মুখ নাই মাত্র, সাবিত্রীর সাঁপের কারণ।"—শিবায়ন।

সাঁপড়ি (শাঁ) [সং—সম্পুট হইতে] বি. কৌটা ; শর তৃণাদি নির্ম্মিত ক্ষুদ্র পেটিকা। প্র—"মনে বড় কুতুহলী কাক্ষেতে কড়ির থলী সাঁপড়ি তরাজু লয়্যা হাথে।"—কবিক।

সাঁপি (শা) [সাঁপ হইতে। সর্পাকৃতি বলিয়া] বি. হাড়িকাঠের মাথার বলয়াকার কাষ্ঠখণ্ড। ২। যূপকাষ্ঠ।

সাঁপুড়া (শাঁ) [সং—সম্পুট হইতে] বি. সম্পুট ; কৌটা। প্র—"অঙ্গদ কঙ্কণ হার লম্বমান মতিয়ার কিনে বীর কনক সাঁপুড়া।" —কবিক।

সাঁপুড়ী (শাঁ) [সং—সম্পুট হইতে] বি. পেটরা। প্র—"সাঁপুড়ী চুণাতি বাটা নির্ম্মায় ঝাঘর ঘণ্টা সিংহাসন পঞ্চপ্রদীপ।"—কবিক।

সাঁস (শাঁস্) [শস্য হইতে। গ্রা] বি. ফলাদির ভিতরের কোমল অংশ ; শস্য।

সাকাঙ্ক্ষ (শাকাংখ্য) [স (সহিত) আকাঙ্ক্ষা যাহার] বিণ. সস্পৃহ ; লালসাযুক্ত ; লোভী ; আকাঙ্ক্ষাবিশিষ্ট।

সাকার (শাকার্) [স (সহিত) আকার (মূর্ত্তি) বহু] বিণ. মূর্ত্তিমান ; আকৃতিবিশিষ্ট, স্ত্রী. সাকারা—মূর্ত্তিমতী। প্র—"অকিঞ্চনে কয় সামান্যা ত নয় ব্রহ্মময়ী উদয় হয়েছেন সাকারে।"—বাং-গান। "নিরাকার ব্রহ্ম তিনি রূপেতে সাকার। সত্ত্ব রজ তমো গুণ প্রকৃতি তাঁহার।"—অ, ম।

সাকিন, সাকিম (শাকিন্, শাকিম্) [আ—সাকিন্] বি. ঠিকানা ; বাসস্থান। প্র—"সাকিন মঙ্গল কোট উজ্জয়িনী গ্রাম।"—কবিক।

সাক্ষর (শাক্খর্) [স (সহিত) অক্ষর (বর্ণ) যাহার বহু] বিণ. অক্ষর সম্বলিত। ৩। বিদ্বান্। ২। স্ত্রী. নিজের নাম লিখন ; সহিকরণ।

সাক্ষাৎ (শা) [স (সহিত) অক্ষ (অক্ষি শব্দজ, চক্ষুঃ) অৎ (গমন করা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] অ. প্রত্যক্ষীভূত। ২। স্বয়ং। ৩। মূর্ত্তিমান্। ৪। সমান ; সদৃশ ; তুল্য। ৫। প্রত্যক্ষ ; সম্মুখ।

সাক্ষাৎকার (শাক্খাৎকার্) [সাক্ষাৎ—কার (করণ)] বি. পুং. প্রত্যক্ষ করা। ২। দেখা করা।

সাক্ষী (শাক্খী) [সাক্ষাৎ + ইন্ (সাক্ষাৎ = সাক্ষ্) = সাক্ষিন্ ১মা, ১ব] বিণ. সাক্ষাৎকারী ; স্বয়ংদ্রষ্টা ; প্রত্যক্ষদর্শনকারী। ২। উপদর্শনকারী। ৩। বৃত্তান্তজ্ঞ। প্র—"গাছ দাপে ডাল ভাঙ্গে লোকে করে সাক্ষী।"—কবিক।

সাক্ষ্য (শাক্খ) [সাক্ষিন্ + য (ভাবে যণ্)] বি. স্ত্রী. প্রমাণ গ্রহণ। ২। সাক্ষীর কার্য্য।

সাখী (শা) [ব্রজ। সাক্ষী হইতে] বিণ. সাক্ষী ; স্বয়ংদ্রষ্টা। প্র—"বিদ্যাপতি কন ভাখী। রূপ নারায়ণ সাখী।"—বিদ্যাপতি। "পাষাণে নিশান তার সাখী।"—চণ্ডীদাস।

সাগর (শাগর্) সগর (রাজা) + অ (সম্বন্ধার্থে)] বি. পুং. সমুদ্র। প্র—"সাগর উদ্দেশে নদী ভ্রমে দেশে দেশে, রে, অবিরাম গতি।"—ব্রজাঙ্গনা। [ব্রজ—সাঅর—প্র—"সে সুখ সাঅর দৈবে শুকায়ল তিয়াষে পরাণ যায়।"—চণ্ডীদাস। ২। সংখ্যাবিশেষ ; দশ পদ্ম সংখ্যা। সাগরগামিনী—বিণ. সমুদ্রে গমনকারিণী। বি. স্ত্রী. নদী। পুং. সাগরগামী। সাগর-মেখলা- সমুদ্র যাহার কটিভূষণস্বরূপ ; ধরা ; পৃথিবী। সাগরশাখা—যে অপ্রশস্ত সাগরাংশ স্থলভাগে প্রবিষ্ট হইয়াছে।

সাগরাম্বরা (শা) [সাগর হইয়াছে অম্বর (বস্ত্র) যাহার, বহু ; সাগরাম্বর + আপ্, স্ত্রী] বি. স্ত্রী. পৃথিবী।

সাগরালয় (শা) [সাগর (সমুদ্র) হইয়াছে আলয় (বাসস্থান) যাহার, বহু] বি. পুং. জলাধিপতি ; বরুণ।

সাগরোত্থ (শাগরোত্থ) [সাগর (সমুদ্র) উত্থ (উৎপন্ন)] বি. স্ত্রী. সমুদ্রজাত লবণ।

সাগা (শা) [সাঙ্গা দ্রঃ। সং—সঙ্গ হইতে] বি. নিম্নশ্রেণীর হিন্দু বিধবাবিবাহবিশেষ ; সাঙ্গা। ২। কাহার প্রভৃতি জাতির বিবাহ-প্রথাবিশেষ।

সাগু (শা) [মালয়—'ছাউ' হইতে পর্ত্তু—sagu. ইং—sago] বি. বৃক্ষবিশেষের মজ্জার পালো হইতে প্রস্তুত বীজাকার লঘুপথ্যবিশেষ ; সাগু-দানা।

সাগ্নিক (শাগ্‌নিক্) [স (সহিত) অগ্নি (আগুন) + ক (সংজ্ঞার্থে)] বিণ. অগ্নিহোত্রী : রক্ষাকারী ; যে ব্রাহ্মণের যজ্ঞাগ্নি নির্ব্বাপিত হয় নাই। ২। নিরত যোগশীল ও যজ্ঞনিষ্ঠ দ্বিজ।

সাঙন [ব্রজ। শাঙন দ্রঃ] বি. শ্রাবণ।

সাঙর [ব্রজ। শ্যামল—শামর—সাঙর] বি. শ্যামল।

সাঙরি, সোঙরি [ব্রজ। স্মৃ—ধাতু হইতে স্মরি—সুমরি, সঙরি, সাঙরি, সোঙরি] ক্রি. স্মরণ করি। ২। অস-ক্রি, স্মরণ করিয়া ; স্মরিয়া। প্র—"কহ সখি সাঙরি ঝামরি দেহা। কোন পুরুখ সঞে নয়লি লেহা।"—বি, প। "সে সব সোঙরি, চিত বেয়াকুল। কেমনে আছয়ে পিয়া।"—জ্ঞানদাস।

সাঙলা (শাঁ) [সং—শ্যামলা] বিণ. শ্যামলা ; শ্যামবর্ণবিশিষ্টা ; শ্যামা। প্র—"মন্দার অশোক ধূপ শেফালিকা সাঙলা ফুল আর যত বনফুল ডালে।"—চণ্ডী। পুং—সাঙল—শ্যাম।

সাঙলি, লী (শা) [শ্যামলী হইতে] বিণ. শ্যামবর্ণা ; কৃষ্ণবর্ণা ; কাল। ২। বি. শ্যাম-গাভী ; কাল গাই। প্র—"শিঙ্গা বেণু লাখে লাখে বাজায় ব্রজবালকে ডাকে সভে সাঙলি বলিয়া।"—জ্ঞানদাস।

সাঙ্কর্য্য (শাং) [সঙ্কর (মিশ্রণ) + য] বি. স্ত্রী. সঙ্করত্ব। ২। মিশ্রণ।

সাঙ্কেতিক (শাংকেতিক্) [সঙ্কেত + ইক] বিণ. সঙ্কেতকারক। ২। সংক্ষিপ্ত উপায়ে অঙ্কের সমাধান।

সাঙ্ক্ষেপিক (শাংখেপিক্) [সঙ্ক্ষেপ + ইক] বিণ. সংক্ষিপ্ত। ২। সংক্ষেপ কারক।

সাঙ্খ্য (শাংখ্য) [সংখ্যা + অ (অণ্—গ্রহণার্থে)] বি. স্ত্রী. কপিলমুনিকৃত প্রকৃতি, বুদ্ধিতত্ত্ব, অহঙ্কার, সূক্ষ্মপঞ্চভূত, স্থূল পঞ্চভূত, একাদশ ইন্দ্রিয় ও পুরুষ—এই পঞ্চবিংশতি সংখ্যক তত্ত্বমূলক দর্শনশাস্ত্র ; কাপিল দর্শন।

সাঙ্গ (শাংগ) [স (সহিত) অঙ্গ (অবয়ব) যাহার (বহু)] বিণ. অঙ্গবিশিষ্ট ; পূর্ণাঙ্গ ; যাহার অবয়বের মধ্যে কোন অঙ্গ বিকল নহে।

২। দণ্ড। প্র—"বিপরীত বেশ তাহার হাতে লোহার সাঙ্গ।"—মনসামঙ্গল (বিজয় গুপ্ত)। ৩। চারিজনবাহ্য ভারদণ্ডবিশেষ (ইহা দুইটী বাঁশে ঝুলান দড়ির ঝোলার মত, তাহার মধ্যে ভার বা বোঝা চাপাইয়া বাঁশ দুইটীর চারি প্রান্তে চারিজন বাহক কাঁধ দিয়া ইহা লইয়া যায়)। প্র—"বুকে তুলি দিল দশ সাঙ্গের পাথর।"—কবিক। ৪। শেষ; সমাপ্ত। প্র—"জীবনের কাজ সাঙ্গ হয় যবে মরণের পথ দিয়া প্রবাসী মানবে বিধাতার দূত স্ব আলয়ে যায় নিয়া।"—আলো ও ছায়া। "সাঙ্গ হয়েছে রণ।"—রবি।

সাঙ্গা (শাংগা) [সং—সঙ্গ হইতে। মুসলমানদিগের মধ্যে যেরূপ নিকা, হিন্দু নিম্ন শ্রেণীর তদ্রূপ সাঙ্গা] বি. বিধবাবিবাহ; নিকা। প্র—"থাকুক অন্ত্যজন শুনহ রাজন ব্রাহ্মণের হবে সাঙ্গা।"—ঘনরাম।

সাঙ্গা (শাংগা) [সাঙ্গ দ্রঃ। ক্ষুদ্রার্থে] বি. দণ্ড। ২। দেয়ালের গায়ে সংলগ্ন তক্তা বা বাঁশের আধার যাহার উপর হাঁড়ি কলসী তুলিয়া রাখে; পেতেন। প্র—"কুটীরের এক পাশে একটী বাঁশের সাঙ্গা। সাঙ্গার উপর কতকগুলি হাঁড়িকলসী।"—ভারতী—১৩২১।

সাঙ্গাত, সেঙ্গাত, স্যাঙাত (শ্যাঙাৎ) [সঙ্গত হইতে] বি. সহচর; সখা; বন্ধু। প্র—"নিরঞ্জন জানি কান তহি উপনীত সহচর সুবল সাঙ্গাত।"—জ্ঞান। স্ত্রী. সাঙ্গাতী, সাঙ্গাতিনি (প্রা—স্যাঙাৎনী)—বন্ধুপত্নী। ২। সখী; মিতিনী।

সাঙ্গাতি (শাংগাতি) [সাঙ্গাত (দ্রঃ) ই] বি. বন্ধুত্ব; মিত্রতা। প্র—"ভাগ্যে মিলয়ে ইহ প্রেম সাঙ্গাতি।"—বি. প। "রসের আবেশে দুহুঁ অঙ্গ হেলাহেলি বিছুরল প্রেমসাঙ্গাতি।"—চণ্ডী। **সই সাঙ্গাতি** [সহচর শব্দ] মিতালি; বন্ধুত্ব।

সাঙ্গী (শাংগী) বি. প্রহরণবিশেষ। প্র—"কেহ মারে শেল সাঙ্গী ভাবুষ পট্টিষ টাঙ্গী পরশ্বধ কুঠার তোমর।"—শিবায়ন।

সাঙ্গোপাঙ্গ (শাংগোপাংগ) [স (সহিত)+অঙ্গ+উপাঙ্গ (অঙ্গের অঙ্গ)] ক্রি-বিণ. অঙ্গ প্রত্যঙ্গসহ বর্ত্তমান; স্বগণসহ। প্র—"সাঙ্গোপাঙ্গ অবতীর্ণ হন অবনীতে।"—চৈ-ভা। [দ্রঃ—নিত্যানন্দ অদ্বৈত আচার্য্য অঙ্গ এবং শ্রীবাস আদি উপাঙ্গ]। **সাঙ্গোপাঙ্গ বেদ**—ঋক্, যজুঃ সাম রূপ অঙ্গ এবং শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দঃ, জ্যোতিষ রূপ উপাঙ্গ সহ সমগ্র বেদভাগ।

সাজ্ঘাতিক (শা. ক্) [সঙ্ঘাত+ইক (সম্বন্ধে)] বিণ. সঙ্ঘাত সম্বন্ধীয়। ২। প্রাণসঙ্কট; মারাত্মক। ৩। [জ্যোতিষে] বি. জন্মরাশি হইতে ষোড়শ নক্ষত্র। ৪। [প্রাণিবিদ্যায়] সমষ্টিবদ্ধ ক্ষুদ্র ঝিনুকবিশেষ।

সাচা, সাচ্চা (শা) [সত্য—সচ্চা হি—সচ্চা—সচা] বিণ. খাঁটি; অবিমিশ্র; অকৃত্রিম। ২। সত্য।

সাচার (শাচার্) [স (সহিত) আচার (সৎ ব্যবহার] বিণ. আচারবান্; আচারবিশিষ্ট। প্র—"পরম সাচার সর্ব্বলোকে অপেক্ষিত" চৈ. ভা।

সাচিব্য (শাচিব্ব) [সচিব (মন্ত্রী)+য (ভাবে—যণ্)] বি. ক্লী. মন্ত্রিত্ব; সচিবত্ব। ৩। সস্তা; সুলভ। ২। সহায়তা; সাহায্য।

সাচ (চ্) [সং—সত্য—সচ্চ—সাচ্ (হি), সাচ (প্রা-বাং)] হি. সত্য। ২। খাঁটী; প্রকৃত; আসল। প্র—"পলতা শাক রুহি মাছ। বলে ডাক বেগুন সাছ।"—ডাক।

সাজ (শাজ্) [সজ্জা শব্দজ] বি. সজ্জা দ্রব্য। প্র—সাজ সরঞ্জাম। ২। অলঙ্কার, ভূষণ। প্র—ডাকের সাজ। ৩। পরিচ্ছদাদি; বেশ। প্র—যুদ্ধ সাজ। "আমি সাজব এমন সাজ যাতে ভুলবে রসরাজ"—তরুবালা। ৪। অস্ত্রশস্ত্রাদি যুদ্ধোপকরণ। ৫। উপকরণ। **সাজ ঘর**—অভিনেতা অভিনেত্রীদিগের সাজ সজ্জা করিবার গৃহ; green room. **সাজ গোজ,—গোচ**—সাজ সজ্জা; বেশ পারিপাট্য। **সাজসজ্জা**—সাজ গোজ। **সাজ সরঞ্জাম**—সজ্জা করিবার উপকরণাদি; সজ্জার আয়োজন।

সাজ, সাজা (শাজা) [সং—সদ্যোজাত বা সদ্য হইতে। প্রাদে রূপান্তর] বিণ. সদ্যোজাত; নূতন; টাট্কা। প্র—"সাজা ঘৃত দিয়া রান্ধে গিমা তিতা শাক।"—মনসামঙ্গল (বিজয় গুপ্ত)। "সাজ কটু তৈল"—ঐ।

সাজন (শাজন) [সাজ—দ্রঃ] বি. সজ্জা। প্র—"জলের উপরে করু ছিষ্টি সাজন।"—শূ. পু।

সাজন্ত (শাজোন্তো) [সাজ—অন্ত। প্রা] বিণ. শোভন; মানানসই। বিপরীত—**অসাজন্ত**—গরমানান।

সাজশ (শাজোশ্) [ফা—সাজিশ্] বি. সহযোগ। ২। কুকর্ম্মে বা কুমন্ত্রণায় যোগ।

সাজা, সাজাই (শা) [ফা—সাজা] বি. শাস্তি; দণ্ড। প্র—"কটু বলবি সাজাই পাবি মাকে দিব কয়ে।"—রামপ্রসাদ।

সাজা (শা) [সং—সজ্জা; ফা—সাজ্; হি—সাজ্না (সজ্জা করা); উ-পু—সাজি। ম-পু—সাজ; সাজুন; সাজ্। প্র-পু—সাজে; সাজেন। অস-ক্রি—সাজিতে; সাজিয়া, সেজে] ক্রি. সজ্জা করা; সজ্জিত হওয়া; বেশ ভূষণে শোভিত হওয়া। ২। প্রস্তুত হওয়া। প্র—"সাজহে বীরেন্দ্রবৃন্দ লঙ্কার ভূষণ"—মেঘনাদ। "রোষে লাজ ভয় ত্যজি, সাজে তেজস্বিনী প্রমীলা।"—মেঘনাদ। ৩। শোভা পাওয়া; মানান। প্র—"রাই রমণীর শিরোমণি ও অঙ্গে সাজে না মণি, যার ভূষণ শ্যাম চিন্তামণি চিন্তে মুনিগণ"—দাশরথি রায়। "যেখানে যা সাজে যত ভাঙ্গিয়া ভাণ্ডার। গিরীন্দ্র গৌরীর গায়ে দিল অলঙ্কার।"—শিবায়ন। ৪। কপট করা; ভাণ করা। প্র—সাধু সেজে বসে আছে। ৬। বেশ ও রূপ ধারণ করা। প্র—রাজা সাজা; সং সাজা।

সাজাকুড়া (শা) [সজ্জা হইতে সাজা—কুড়া] বি. সাঁজোয়া; বর্ম্ম। প্র—"কনকের সাজাকুড়া বিচিত্র পাটের গড়া হীরাময় রতন জড়িত"—কবিক।

সাজাত্য (শাজাৎত) [সজাতি+য (ভাবে—যণ্)] বি. ক্লী. সজাতীয়তা; একজাতীয়তা।

সাজান (শাজানো) [সাজা (দ্রঃ)র ণিজন্তরূপ। উ-পু—সাজাই। ম-পু—সাজাও। প্র-পু—সাজায়। অস-ক্রি—সাজাইতে; সাজাইয়া। সাজিয়ে] ক্রি. শৃঙ্খলা পূর্ব্বক দ্রব্যাদির সংস্থান। প্র—"এজগতের মাঝে যেখানে যা সাজে তাই দিয়া তুমি সাজিয়ে রেখেছ।"—ব্রহ্মসঙ্গীত। ২। বসন ভূষণাদি সজ্জা দ্রব্য দ্বারা সজ্জিত করা। ৩। মিথ্যা রচনা করা; জাল করা। প্র প্র—মামলা সাজান; সাক্ষী সাজান। ৪। পাতা। প্র—"যতন করিয়া বেসালি ধুইয়া সাঁজে সাজাইনু দুধ।"—চণ্ডীদাস। ৫। বিণ. । ৬। মিথ্যা; জাল। প্র—সাজান মোকদ্দমা।

সাজাল (শাজাল্) [জ্বাল হইতে। প্রাদে] বি. জ্বাল; আগুন। প্র—"তুষের সাজাল বুকে।"—মনসামঙ্গল।

সাজি (শা) [সজ্জা হইতে। পুষ্প যাহাতে সজ্জিত হয়] বি. পুষ্প রাখিবার বংশ নির্ম্মিত পাত্র; ফুলের ডালা। প্র—"বাম করে লয়ে সাজি তুমি তুলিছ পুষ্পরাজি।"—রবি। "সাজি দণ্ড হাতে করি কাননে কাননে ফিরি অনুদিন যেন মালাকর।"—কবিক।

সাজুড়িয়া (শা) বি. ব্যাধ। প্র—"সাজুড়িয়া পালে পালে আনয়ে চামরী। লেজ কাটি গছায়ে ফুল্লরা বরাবরি॥"—কবিক।

সাজো (শা) [সং—সদ্য হইতে] বিণ. সদ্য। অদ্যকার। ২। টাট্কা; তাজা। **সাজো কাপড়**—অদ্যকার বা সদ্য পরিষ্কৃত কাপড় বিপরীতে—বাসি কাপড়। **সাজো দই**—সদ্য পাতা দধি।

সাজোয়ান (শাজোআন্) [সা—জুয়ান। সা—অতিশয়ার্থে] বিণ. সাতিশয় বলবান।

সাজোয়াল (শাজোয়াল্) [সাঁজোয়ালও বলে] বি. সাঁজোয়াযুক্ত বা বর্ম্মধারী পুরুষ; বর্ম্ম-

পরিহিত সেনা। ২। তহশীলদার। প্র—"লিখি দিলা সেই রাজা দিব বার লক্ষ। সাজোয়াল হইল সুজন সর্ব্বভক্ষ।"—অ, ম।

সাঞ্চারিক (শান্চারিক্) [সঞ্চার+ইক] বিণ, সঞ্চারযোগ্য; সঞ্চারণীয়।

সাট (শাট্) [সাপ্‌টা দ্রঃ] বি, সংক্ষেপ; স্বল্পতা। ২। সর্ব্বশুদ্ধ; সমস্ত; সবগুলি। প্র—"তোমার কথায় টাকা লয়ে গেনু জানি পাকা তামা বলি ফিরে দিল সাটে।"—অ, ম। ৩। শ্রেণী বিভাগ। প্র—"কদম্ব বকুল রূপি নানা ফুল নানাচিত্ত কৈল সাট।"—শূ-পু।

সাট (শাট) [ছাট দ্রঃ] বি, ছড়ি; বেত্র। প্র—"ধরিতে চলিলা শচী হাতে সাট করি।"—চৈ, মঙ্গল।

সাটা (শা) [শাসন করা অর্থে বাং-ক্রিয়ায় শাসা—তাহা হইতে সাটা (প্রা-বাং-য়)] ক্রি, শাসন করা। প্র—"যে নারী কাটন নাহি কাটে। রাতি পোহাইলে পোপানকে সাটে।"—ডাক।

সাটিন (শাটিন্) [ইং—satin; চীনা—'ছাটিন' হইতে] বি, পুরু রেশমনির্ম্মিত সুচিকণ বস্ত্র-বিশেষ।

সাটী (শা) [শাটী দ্রঃ] বি, সধবা নারীর পরিধেয় পাড়যুক্ত বস্ত্র; শাড়ী। প্র—"বলিহারী কিবা সাটী দুকূল বাহার"—হেম বন্দ্যো।

সাটোপ (শাটোপ্) [স (সহিত) আটোপ (গর্ব্ব) যাহার, বহু] বিণ, সাহঙ্কার; গর্ব্বিত। ২। বিকৃত; বিকট।

সাঠা (শা) [সাঁটা দ্রঃ] ক্রি, দৃঢ়লগ্ন হওয়া: সংলিপ্ত হওয়া। প্র—"ফুয়ল বসন হিয়া ভুজে রহু সাঠি। বাহিরে রতন আঁচরে দেই গাঠি।"—বি, প।

সাড় (শাড়্) [সং—স্বর হইতে] বি, শব্দ। ২। [সার হইতে] চৈতন্য; স্পর্শানুভূতি। ৩। স্পন্দন। [বিপরীত—অসাড়—নিঃস্পন্দ]।

সাড়া (শা) [সাড় দ্রঃ] বি, শব্দ; ধ্বনি। প্র—"এ হেন সহরে নাই মনুষ্যের সাড়া। সহর করেছে নষ্ট বাঘে দিয়া তাড়া।"—ঘনরাম। ২। উত্তর। প্র—"আমার বলে ছিল যারা আর ত তারা দেয় না সাড়া কোথায় তারা কোথায় তারা কেঁদে কেঁদে কারে ডাকি।"—গান। ৩। আহ্বান; হাঁক ডাক। প্র—"সাজ সাজ বলিয়া পড়িয়া গেল সাড়া"—কবিক। ৪। আনন্দ সংবাদের কোলাহল; সোর সরাবৎ। প্র—"নবকিশোর অন্দরে গিয়া উপস্থিত হইতেই চারিদিকে একটা সাড়া পড়িয়া গেল।"—ভারতী, ১৩২০। সাড়া দেওয়া—উত্তর দেওয়া। সাড়াশব্দ—কথার শব্দ বা নড়াচড়ার শব্দ; উচ্চবাক্য।

সাড়ে, সাঢ়ে (শা) [সং—সার্দ্ধ] বিণ, অর্দ্ধ সহ। প্র—সাড়ে চার (অর্দ্ধ অধিক চার)। [দ্রঃ—অর্দ্ধসহ এককে সাড়ে এক বলিবার প্রথা নাই, উহাকে 'দেড়' বলে। তদ্রূপ অর্দ্ধসহ দুইকে আড়াই বলে]।

সাড়ী (শা) [সাটী দ্রঃ] বি, স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র। প্র—"নীল সাড়ী মোহনকারী উছলিতে দেখি পাশ।"—চণ্ডীদাস।

সাৎ (শাৎ) [আত্মসাৎ দ্রঃ] অ, লাভ; গ্রহণ। প্র—"বড় সাপ্টা দরে সাৎ করিলে খেতাব সি, এস, আই"—হেম। ২। প্রাপ্ত। প্র—"সকল কৃষ্ণের সাৎ হইল আমার।"—চৈ, ভা।

সাত, সাথ (শাত) [সং—সহিত—সাথ, সাত] ক্রি-বিণ, সহিত। প্র—"বনের হরিণী থাকে কিরাতের সাতে"—চণ্ডীদাস।

সাত (শাত্) [সাত (সুখী হওয়া)+অ (ভাবে) অল্] বি, ক্লী, সুখ; শর্ম্ম। ২। মঙ্গল। ৩। হর্ষ।

সাত (শাত্) [সং—সপ্তন্—প্রাকৃ—সত্ত] বি, ৭ এই সংখ্যা। ২। বিণ, সাত সংখ্যক। ৩। বহু। সাত কথা শুনান—নানা কটু কথা বলা; বহু দোষারোপ বা অনুযোগ করা। সাত কথার এক কথা—নানা কথার মধ্যে সার বচন; অনেক বাজে কথার মধ্যে একটা কাজের কথা। সাতকাণ্ড—[রামায়ণের সাতকাণ্ড হইতে] বৃহৎ ব্যাপার। সাত ঘাটের জল খাওয়ান—বালী লেজে বাঁধিয়া রাবণকে যেমন সাত সমুদ্রের জল খাওয়াইয়াছিল তদ্রূপ নাকালের একশেষ করা। সাত চড়ে রা বেরোয় না—প্রহারের উপর প্রহারেও মুখ বুজিয়া সহ্য করে এমন নিরীহ। সাতদেশ—নানা স্থান। ২। বহুদেশ। সাত নকলে আসল খাস্তা—নকল দ্রঃ। সাতনর—সপ্তলহর হার-বিশেষ। ক্ষুদ্রার্থে—সাতনরী। সাতনলা—পাখী মারা নলযন্ত্রবিশেষ; আঠাকাঠি। প্র—'ব্যাধে যথা সাতনলাতে পাখী মারে"—গান। সাতপাঁচ—বহুবিধ; নানাপ্রকার। প্র—"শুনি মনে ভাবনা বাড়িল সাতপাঁচ।"—ঘনরাম। ২। [একবার সাত একবার পাঁচ] অগ্র-পশ্চাৎ। প্র—"আগু পাছু সাত পাঁচ ভেবে করি মানা"—অ, ম।

সাত (শাত্) [সং—সপ্ত। প্রা-বাং] বি, সপ্তবার। প্র—"সাত দিয়া সাতজনা গর্জ্জিয়া সোঙ্গাইল"—মাণিকচাঁদের গান। সাত-পুরুষ—পিতা পিতামহ প্রপিতামহাদি ক্রমে সপ্ত পুরুষ; বংশাবলী। প্র—"সাত পুরুষে সভ্য মোরা হলেম গুদামজাত"—হেম বন্দ্যো। সাত সতীনের ঘর—বহু পত্নীর সংসার; বহু হিংসা দ্বেষ ও কলহের স্থান। প্র—"নিম তেতো নিশিন্দে তেতো তেতো মাকাল ফল। তার চেয়ে অধিক তেতো বোন, সাত সতীনের ঘর।"—প্রবচন। সাত-সতের—নানান্। ২। বহু অয়োজন। সাতে নাই পাঁচেও নাই—কোন সংস্রবে নাই। সাতসয়ালী—পক্ষিবিশেষ; the minivet.

সাতই, সাতুই (শা) [সাত—ই (দিন সংখ্যার্থে)] বি, মাসের সপ্তম দিন।

সাতচল্লিশ (শাত্‌চোলিশ্) [সপ্ত চত্বারিংশৎ] বি, ৪৭; সাত অধিক চল্লিশ। ২। ৪৭ সংখ্যক।

সাতত্য (শাতৎত) [সতত+যণ্] বি, ক্লী, বিচ্ছেদ রহিত; অখণ্ড।

সাতন্ত্র্য (শাতনত্র) [সতন্ত্র+যণ্] বি, ক্লী, স্বেচ্ছাচারিত্ব।

সাতবাহন (শাতবাহন্) [সাত (সিংহরূপী গন্ধর্ব্ব) হইয়াছে বাহন যাহার, বহু] বি, পুং, শালিবাহন রাজা; ইনি শৈশবকালে এই গন্ধর্ব্বকে বাহন করিয়া ভ্রমণ করিতেন।

সাতভাইয়া, সাতভেয়ে (শাত্) বি, ছাতারিয়া পাখী; ছাতার দ্রঃ। ২। সপ্ত-তারাযুক্ত কৃত্তিকা নক্ষত্র (অম্বা, দুলা, নিতত্নী, অভ্রয়ন্তী, মেঘয়ন্তী, বর্ষয়ন্তী, চুপুণীকা এই সাতটি তারা)।

সাতয় (শাতয়্) [সাতি (সৌত্র ধাতু তুষ্ট হওয়ান)+অ] বিণ, সুখকর।

সাতষট্টি (শাতষোট্টি) [সপ্তষষ্টি শব্দজ] বিণ, ৬৭ সংখ্যক। ২। বি, ছয়দশ সাত সংখ্যা।

সাতাত্তর (শাতাৎতর্) [সপ্ত সপ্ততি শব্দজ] বিণ, ৭৭ সংখ্যক। ২। সাতদশ সাত সংখ্যা।

সাতান, সাতোয়ান (শাতান্, শাতোয়ান্) [সা—তুয়ান (সমর্থ)। নাতোয়ান (দ্রঃ) এর বিপরীত] বিণ, সমর্থ; সঙ্গতিপন্ন; ধনশালী।

সাতানই, সাতানব্বই (শা) [সং—সপ্তনবতি] বি, ৯৭ সংখ্যা; সাত অধিক নব্বই। প্র—"সাত নই বন্দে বিশাই টাঙ্গাইল দড়ি।"—কবিক।

সাতান্ন (শাতান্ন) [সং—সপ্তপঞ্চাশৎ] বিণ, পাঁচদশ সাত সংখ্যক। ২। বি, ৫৭ সংখ্যা।

সাতাল (শাতাল্) [সপ্ততাল ভেদ ব্যাপারের ইঙ্গিত] বি, বাহ্বাস্ফোট পূর্ব্বক আঘাত। প্র—"সুমেরু পর্ব্বতে যেন করিতে সাতাল"—কৃত্তিবাস।

সাতাশ (শা) [সং—সপ্তবিংশ] বি, সংখ্যা-বিশেষ; দুইদশ সাত। ২। বিণ, ২৭ সংখ্যক।

সাতাশি (শ) [সপ্তবিংশতি শব্দজ। ছন্দের অনুরোধে ই যোগ] বি, সাতাশ; ২৭। প্র—"বিশবাড়ী মুরুচা বুরুজ বার রাশি। গোলন্দাজ নবগ্রহ নক্ষত্র সাতাশি।"—অ, ম।

সাতাশি, সাতাশী (শা) [সপ্ত অশীতি হইতে] বি, সাত অধিক আশী। ২। বিণ, ৮৭ সংখ্যক।

সাতি (শা) [সো (নাশ করা) + তি (ভাবে —ক্তি)] বি, স্ত্রী, বিনাশ। ২। অবসান : শেষ। ৩। পীড়া। ৪। [সম্ (দান করা) + ক্তি (ভাবে)] দান।

সাতিশয় (শাতিশয়্) [স (সহিত) অতিশয় (অধিক)] বিণ, অত্যন্ত অধিক।

সাতিসার (শাতিশার্) [স (সহিত) অতিসার (উদরাময় রোগ) যাহার, বহু] বিণ, উদরাময়বিশিষ্ট ; অতিসার রোগাক্রান্ত।

সাত্ত্বিক (শাৎতিক্) [সত্ত্ব (গুণ দ্রঃ) + ইক] বিণ, সত্ত্বগুণ সম্বন্ধীয়। ২। সত্ত্বগুণজাত। ৩। সত্য ; সৎ। ৪। সাধু। ৫। ফলাকাঙ্ক্ষারহিত ; নিঃস্বার্থ। ৬। বি, স্তম্ভ, স্বেদ, রোমাঞ্চ, স্বরভঙ্গ, কম্প, বৈবর্ণ্য, অশ্রু ও প্রলয় (মূর্চ্ছা) এই অষ্টবিধ অন্তঃকরণের ভাববিশেষ। ৭। ব্রহ্মা। স্ত্রী, সাত্ত্বিকা—দুর্গা।

সাত্যকি (শাত্তকি) [সত্যক (বৃষ্ণিবংশীয় কোন ব্যক্তি) + ই (অপত্যার্থে—ইণ্)] বি, পুং, যদুবংশীয় বীরবিশেষ ; কৃষ্ণের সারথি।

সাত্যবত (শাত্যবৎ) [সত্যবতী + অ (অপত্যার্থে —অণ্)] বি, পুং, সত্যবতী নন্দন বেদব্যাস।

সাত্বৎ (শা) [সাত্ব—অৎ (সতত গমন করা) + ক্বিপ (কর্ত্তৃ)] বি, পুং, যদুবংশীয় লোক। ২। যাদবগণের দেশবিশেষ। ৩। [সাতি (সুখী করান) + বৎ] বি, পুং, পূজক।

সাত্বত (শাৎতৎ) [সাত্বৎ + অ] বি, পুং, বলদেব। ২। বিষ্ণু। ৩। বিষ্ণুভক্তবিশেষ। ৪। সত্বৎদেশীয় লোক।

সাত্বতী (শাৎততী) [সাত্বত + ঈপ] বি, স্ত্রী, শিশুপালের জননী। ২। নাটকীয় বৃত্তিবিশেষ।

সাথ (শাথ্) [সহিত শব্দজ] ক্রি-বিণ, সঙ্গে : সহিত। প্র—"জীবন পথে থেক সাথে সাথে।" —ব্রহ্ম সঙ্গীত।

সাদ (শাদ্) [সদ্ (অবসন্ন হওয়া) + অ (ভাবে —ঘঞ্)] বি, পুং, অবসন্নতা ; আলস্য। ২। গর্ভিণীর স্পৃহা ; দোহদ। ৩। বিশুদ্ধতা। ৪। অভিলাষ ; ইচ্ছা। ৫। হিংসা। প্র— এত বড় তার সাদ তোমা সনে করে বাদ করিবেক ব্যাস বারাণসী।"—অ, ম। ৬। ক্ষীণতা। ৭। বিনাশ।

সাদন (শাদন্) [সদ্ + ণিচ্ = সাদি (গমন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সদন আলয়। ২। দূরীকরণ। ৩। উচ্ছেদকরণ ; বিনাশন। ৪। ক্লান্তকরণ।

সাদর (শাদর্) [স (সহিত) আদর যাহার, বহু] বিণ, আদরের সহিত ; আদরবিশিষ্ট।

সাদা (শা) [ফা—সাদাহ্] বিণ, শুভ্র ; সরল। ২। সহজ। ৩। ষ্ট্যাম্পহীন কাগজ। ৪। [সং—সিত] শুভ্র। সাদা কথা—স্পষ্ট সরল বাক্য। সাদা কাগজ —যে কাগজে লেখা হয় নাই। সাদা কাপড়—অরঞ্জিত বস্ত্র। সাদা মন— সরল মন। সাদা মাঠা—মাঠা দ্রঃ সাদা রোসনাই—কাগজ ও আলোর খরচ। সাদাসিধা, সাদাসিদে—বিণ সরল ; সোজাসুজি। প্র—"সাদাসিদে লোক আমি উপমার ঘটা নাহি জানি।"—অশোক-গুচ্ছ। ২। আড়ম্বরশূন্য। সাদা হাত— সধবার চিহ্ন শূন্য হস্ত ; রাঁড় হাত।

সাদি, সাদী (শা) [সদ্ (গমন করা) + ই (কর্ত্তৃ) সদ্ + ইন্ (কর্ত্তৃ—শীলার্থে,—ণিন্) = সাদিন্ ১মা, ১ব] বি, পুং, অশ্ব, গজ অথবা রথারোহী যোদ্ধা। ২। সারথি। ৩। বিণ, ক্লান্ত ; আসন্ন।

সাদিত (শা) [সদ্ + ণিচ্ = সাদি (গমন করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অবসাদ প্রাপিত। ২। দুর্ব্বলীকৃত। ৩। বিনাশিত ; বিধ্বস্ত। ৪। ভগ্ন ; ছিন্ন।

সাদিনা (শা) [সাতদিন—আ] বি, সাতদিন ব্যাপী উৎসব। প্র—"সাতদিন পর্য্যন্ত রাজা সাদিনা কোরাইল।"—মাণিকচাঁদের গান।

সাদৃশ্য (শাদৃশ্‌শ) [সদৃশ (তুল্য) + য (ভাবে —যণ্)] বি, ক্লী, তুল্যতা। ২। আলেখ্য।

সাধ (শাধ) [সং—সাধ] বি, ইচ্ছা ; কামনা : অভিলাষ। ২। স্পৃহা। ৩। গর্ভিণীর ভোজনেচ্ছা ; দোহদ ; গর্ভিণীর ইচ্ছামত ভোজনোৎসব। ৪। আদর ; যত্ন। প্র— "সাধের তরণী আমার কে দিল তরঙ্গে।"— বঙ্কিম। সাধ করা—ইচ্ছা করা ; বাঞ্ছা করা। ২। গর্ভিণীর তৃপ্তিকর ভোজনোৎ-সবের অনুষ্ঠান করা। সাধ খাওয়া— গর্ভিণীর বাসনায় তৃপ্তিজনক ভোজ্য ভোজন করা। সাধ দেওয়া—গর্ভিণীকে তাহার তৃপ্তিকর ভোজ্য দানের উৎসব করা। সাধ মেটা—বাসনার পরিতৃপ্তি হওয়া ; ইচ্ছা পূর্ণ হওয়া।

সাধক (সাধক্) [সাধ্ + ণিচ্ = সাধি (সিদ্ধ করান) + অক (কর্ত্তৃ)] বিণ, আরাধনাকারী ; সেবক, অর্চ্চনাকারী। ৩। সিদ্ধকারক ; সাধন। ২। মন্ত্রাদি সিদ্ধিকারক। স্ত্রী, সাধকা—দুর্গা।

সাধন (শাধন্) [সাধ (নিষ্পন্ন করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, সাধনা ; সিদ্ধি ; ২। আরাধনা। ৩। নিষ্পাদন ; সম্পাদন ; ৪। বিনাশন ; বধ। ৫। ধাতুমারণ ; পারদাদি-শোধন। ৬। অন্ত্যেষ্টিক্রিয়া। ৭। অনুগমন। ৮। [করণে—অনট্] মন্ত্রসিদ্ধকরণ। ৯। কারণ : হেতু। ১০। উপায় ; সহায়। ১১। উপকরণ। ১২। করণকারকবিশেষ। ১৩। প্রমাণ। ১৪। সম্পত্তি। ১৫। যুদ্ধোপকরণ। ১৬। বাহন। ১৭। সৈন্য। ১৮। মেঢ্র। সাধনক্ষম—সাধন কর্ম্মে সমর্থ। সাধন নিষ্ঠা—সাধন-পরায়ণতা বা একাগ্রতা ; সাধনানুরাগ। প্র—"এই সাধন নিষ্ঠা ও স্বাবলম্বন তাঁহার দ্বিতীয় মৌলিকতা"—ভারতী, ৩৬শ বর্ষ। সাধনভজন—পূজা আরাধনা; ২। যোগার্চ্চনা ; তপজপ। প্র—"সাধনভজন জানি না মা"—আণ্ট নি ফিরিঙ্গী। স্বার্থ সাধন—স্বপ্রয়োজন সিদ্ধি ; স্বকার্য্য সম্পাদন।

সাধনা (শা) [সাধন (দ্রঃ) + আপ্ স্ত্রী] বি, স্ত্রী, উপাসনা ; আরাধনা। প্র—"মা যদি জেগেছে সাধিবে কি সাধনায়।"—গান। ২। সিদ্ধি লাভের জন্য চেষ্টা ও বিহিত প্রক্রিয়া। ৩। সিদ্ধি। সাধ্যসাধনা—অনুনয় বিনয়। ২। যোগ-যাগ।

সাধনী (শা) [সাধ (দ্রঃ) + নী (কারিণী অর্থে)] বি, স্ত্রী, সাধকারিণী ; অভিলাষিণী ; বিলাসিনী। প্র—"সাধের সাধনী সব কোথা যাও মা"—ঘনরাম।

সাধনীয় (শা) [সাধ + ণিচ = সাধি (সিদ্ধ কবান) + অনীয় · কর্ম্মে] বিণ, আরাধনার যোগ্য ; আরাধনীয়। ২। সাধনোপযোগী। ৩। নিষ্পাদ্য।

সাধর্ম্ম্য (শা) [সধর্ম্ম (ধর্ম্মের সহিত) + য (ভাবে যণ্)] বি, ক্লী, সমধর্ম্মবত্তা।

সাধস (শাধশ্) [সাধ্বস শব্দজ] বি, ভয় ; ত্রাস। প্র—"সাধস না কর চলু পিয় পাশ।" —বি, প।

সাধা (শা) [সাধ্ (সাধনে, নিষ্পাদনে) ধাতুজ উ-পু—সাধি। ম-পু—সাধ ; সাধুন ; সাধ্। প্র-পু—সাধে ; সাধেন। অস-ক্রি—সাধিতে ; সাধিয়া ; সেধে। ণিজন্ত—সাধান] ক্রি, সাধন করা ; সম্পাদন করা। ২। সমাধান করা। প্র—ব্যাকরণের পদ সাধা ; ধাতু সাধা ; গণিতের অঙ্ক সাধা। ৩। সংগ্রহ করা ; আদায় করা। প্র—চাঁদা সাধা। ৪। অভ্যাস দ্বারা সিদ্ধিলাভ করা। ৬। ঘটান। প্র—বাদ সাধা। ৬। স্বতঃপ্রবৃত্ত হওয়া ; যাচা। প্র—সাধিয়া কথা কহা। ৭। সিদ্ধ করা ; সম্পূরণ করা প্র—"মন দিয়া তুয়া মোর সাধহ কামনা।"— কবিক। ৮। উপায় করা ; বিধান করা ; বিহিত করা। ৯। প্রয়োগ করা। প্র— "ঔষধ সাধিয়া মোর স্বামী কর বশ।"—কবিক ১০। সাধ্য সাধনা করা ; অনুনয় বিনয় করা। প্র—"ও যে সাধা মন রাখা ছলনা চাতুরী মাখা।"—কুঙ্কুম। "সাধ করে সাধি গিয়ে ভাসিয়ে দিয়ে কুলমান।"—গান। ১১। অর্জ্জন

করা ; উপার্জ্জন করা। প্র—"হাল থানায় মাসরা সাধে দেড় বুড়ি কড়ি।"—মাণিকচন্দ্র রাজার গান। ১২। আচরণ করা। প্র—"তোহারি বিরহে যব তেজব পরাণ। তুহুঁ কা সঞে সাধবি মান॥"—বি, প।

সাধারণ (শাধারন্) [স (সহিত) ধারণা+অণ্] বিণ, সামান্য ; সবিশেষ ; সকলের মধ্যে বিদ্যমান। ২। তুল্য ; একবিধ। ৩। অনেকের সম্বন্ধীয়। ৪। [ন্যায় দর্শনে] হেত্বাভাসবিশেষ

সাধারণতন্ত্র—যেখানে রাজা নাই, জনসাধারণের মতানুসারে এবং প্রজা সাধারণের প্রতিনিধিবর্গের দ্বারা যথায় সমুদয় রাজকার্য্য নির্ব্বাহিত হয় ; democracy, republic.

সাধারণধর্ম্ম—চাতুর্ব্বর্ণের প্রতিপাল্য ধর্ম্ম

সাধারণস্ত্রী—বারবিলাসিনী ; গণিকা।

সাধারণ্য (শাধারন্য) [সাধারণ+য (ভাবে)] বি, স্ত্রী, যে গুণ বা দোষ সকলেতে আছে সাধারণের ধর্ম্ম।

সাধিকা [সাধ্ (নিষ্পন্ন করা) +অক (কর্ত্তৃ) —আপ স্ত্রী] বি, স্ত্রী, সাধনকর্ত্রী। ২। গাঢ় নিদ্রা ; সুষুপ্তি।

সাধিত (শাধিত) [সাধ্+ণিচ=সাধি (সিদ্ধ করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিষ্পাদিত সম্পাদিত। ২। প্রমাণসিদ্ধ।

সাধিষ্ঠ (শা) [সাধু+ইষ্ঠ (অতিশয়ার্থে)] বিণ, অতিশয় সাধু। ২। যোগ্যতম। ৩। ন্যায্যতম। ৪। [বাঢ়+ইষ্ঠ ; বাঢ়=সাধ] অত্যতিশয় ; সাতিশয়। ৫। কঠিন।

সাধিষ্ঠান (শাধিশ্ঠান্) [স (সহিত) অধিষ্ঠান] বি, ক্লী, দেহস্থিত ষট্চক্রের মধ্যস্থিত চক্রবিশেষ।

সাধীয়ান্ (শাধীয়ান্) [সাধু+ঈয়সু (অতিশয়ার্থে)=সাধীয়স্ ১মা, ১ব] সাধিষ্ঠ দ্রঃ।

সাধু (শা) [প্রাকৃ—সাহু। সাধ্ (সিদ্ধ করা) +উ (কর্ত্তৃ)] বিণ, ধর্ম্মপরায়ণ ; ধার্ম্মিক। প্র—"সাধু ব্যক্তির বিশেষত্বটি এই যে, তাঁহার বিবেকবুদ্ধিই তাঁহার জীবনের নেতা ; তাঁহার ভাগ্যে যাহা কিছু আইসে, তাহাতেই তিনি সন্তুষ্ট ; বহির্ব্বিষয়ের কোলাহলে অবিচলিত থাকিয়া, তিনি তাঁহার অন্তর্দ্দেবতাকে পরিশুদ্ধ রাখেন, শান্ত রাখেন এবং তাঁহার আদেশবাণী দেববাণীর ন্যায় পালন করেন। বাক্যে তিনি সত্যপরায়ণ কার্য্যে তিনি ন্যায়পরায়ণ হয়েন।"—মার্কাস অরিলিয়াস। ২। সদ্বংশজাত। ৩। সদাশয় ; সজ্জন, ভদ্র। ৪। সুন্দর। ৫। উত্তম। ৬। ব্যবসায়ী ; বণিক্। ৭। সুদখোর। ৮। উপযুক্ত ; যোগ্য। ৯। দক্ষ ; নিপুণ। ১০। উচিত। ১১। বি, পুং, শাক্যমুনি ; বুদ্ধ। সাধু-সংসর্গ—সাধুজনের সহবাস ; সাধুচরিত্র ব্যক্তির সঙ্গ। প্র—"সাধুগণ সদা সাধু-সংসর্গ দ্বারা পূত, সুভাষিত বাক্যরূপ বারি দ্বারা আপনাকে পবিত্রীকৃত বোধ করেন।"—মহা (বর্দ্ধমান)।

সাধুতা (শাধুতা) [সাধু+তা (ভাবে)] বি, স্ত্রী, ধার্ম্মিকতা। ২। সদ্ব্যবহার। ৩। শিষ্টতা ; সৌজন্য ; ভদ্রতা।

সাধুবাদ (শাধুবাদ্) [সাধু—বদ্ (বলা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, "সাধু সাধু" বলিয়া ধন্যবাদ ; প্রশংসা।

সাধুবাহ, বাহী (শা) [সাধু (সুন্দর ভাবে) বাহ, বাহী (যে বহন করে)] বি, পুং, সুশিক্ষিত অশ্ব।

সাধুবৃত্ত (শাধুবৃত্ত) [সাধু (সৎ) বৃত্ত (চরিত্র শীল) যাহার, বহু] বিণ, সচ্চরিত্র ; সৎস্বভাব।

সাধুয়াল (শাধুয়াল) [সাধু—আলা—আল=য়াল] বি, সওদাগরী ; প্র—"ধিক্ সাধুয়াল দুঃখে গেল কাল বেরুণীয়া ভাল জীয়ে।"—কবিক।

সাধে (শা) ক্রি-বিণ, সাধ করিয়া ; ইচ্ছায়। সাধে কি ?—[কি প্রশ্নচ্ছলে নঞ্ অর্থক] ইচ্ছায় নহে, বাধ্য হইয়া। প্র—সাধে কি ওখানে আর যাই না ?

সাধ্বস (শাদ্ধশ্) [সাধু (সজ্জন) অস্ (ক্ষেপণ করা)+অ (কর্ম্মে)] বি, ক্লী, সম্ভ্রম। ২। শঙ্কা ; ত্রাস। প্র—"তথাপি সাধ্বস করে দেখি সর্ব্বজন।"—চৈ-ভা। ৩। মনের আবেগ ; ব্যাকুলতা।

সাধ্বী (শাদ্ধী) [সাধু+ঈপ্] বি, স্ত্রী, সতী ; পতিব্রতা। ২। সাধুর স্ত্রী। প্র—"শুভ সমাচারে সাধ্বী দূতে দিল যোড়া।"—রামেশ্বরী সত্যনারায়ণ। ৩। শ্রেষ্ঠানারী ; উত্তমা।

সাধ্য (শাদ্ধ) [সাধ্+য (কর্ম্মে) ঘ্যণ্] বি, পুং, যোগবিশেষ। ২। [করণে—ঘ্যণ্] শর। ৩। মনঃ, মন্তা, প্রাণ, নর, পান, বীর্য্যবান্, বিনির্ভয়, নয়, দংশ, নারায়ণ, বৃষ, প্রভু এই দ্বাদশ প্রকার গণদেবতাবিশেষ। ৪। বিণ, সাধনযোগ্য। ৫। সম্পাদ্য। ৬। প্রতিবিধানযোগ্য। ৭। প্রতিপাদ্য। ৮। শক্য। ৯। নিবর্ত্তনীয়। ১০। জ্ঞেয়।

সান (শান্) [প্রা-বাং। সং—শানী। ফা—সয়ন্। আধু বাং-গ্রা—ছানি। প্র—হাতছানি দিয়া ডাকা] বি, ইঙ্গিত ; ইসারা। প্র—ওড়ন কাড়ে বলে সানে। তাক লইয়া ঘর কেনে॥" —ডাক। "দেই রামা হাত সান ধনপতি ত্যজি মান দণ্ডবতে পড়িল চরণে।"—কবিক। ২। সড় ; গোপন পরামর্শ। প্র—"শঙ্খ দত্ত তারে কয় জলের পরীক্ষা নয় পথিক সহিত ছিল সান।"—কবিক।

সান (শান্) [স্নান শব্দজ। গ্রা—ছান, চান] জলে অবগাহন ; স্নান। প্র—"ছাড়িয়া সুন্ন পরভু ধবল সিংহাসন। সান কইতে পরভু করিলা গমন॥"—শূ-পু।

সান (শান্) [সং—সংজ্ঞা বা সজ্ঞান হইতে] বি, সংজ্ঞা ; চেতনা ; সাড়া। ২। অনুভূতি ; অনুভবশক্তি।

সান (শান্) শাণ দ্রঃ।

সান (শান্ [ছাদন হইতে] বি, অবগুণ্ঠন ; ঘোমটা। সান কাড়া—ঘোমটা দেওয়া।

সানক (শানোক্) [আ—সহ্নক্। সানকী (দ্রঃ) অপেক্ষা বড়] বি, পোড়া মাটির থালা বা রেকাবী। প্র—"সানক পিয়ালা নেও লেখা যোখা করি।"—মনসামঙ্গল (বংশীবদন)।

সানন্দ (শানন্দ) [স (সহিত) আনন্দ (হর্ষ) যাহার, বহু] বিণ, সহর্ষ ; আনন্দযুক্ত। ২। [সঙ্গীতে] বি, পুং, ধ্রুবকবিশেষ।

সানা (শা) [ছাদন হইতে সান+আ] বিণ, বিবিধ অস্ত্র সংযুক্ত দুর্ভেদ্য বর্ম্ম। প্র—"সে মোর পরম বন্ধু বান্দে বীরপণা। প্র—"তাহার উপরে তুমি হয়ে থাও সানা।"—ঘনরাম। ২। তাঁত-যন্ত্রের অঙ্গবিশেষ। "তাঁতির তাঁতের সানা লাউ সেন বলে।"—ঘনরাম।

সানাই (শা) [সং] বি, বংশীবিশেষ। প্র—"মঙ্গল শঙ্খের সঙ্গে করিতে লড়াই রঙ্গে ভঙ্গে আইসে সানাই।"—অশোকগুচ্ছ।

সানাকর (শা, র্) [সানা (দ্রঃ)+কর (যে করে)] বি, সানা নির্ম্মাণকারী জাতিবিশেষ। প্র—"সানা বান্ধিয়া নাম ধরে সানাকর। জীবন-উপায় তার পায়্যা তাঁতি ঘর॥"—কবিক।

সানান (শানানো) [শাণ দ্রঃ। প্র-পু—সানায়। অস-ক্রি—সানাইতে ; সানাইয়া, সানিয়ে] ক্রি, শান্ত হওয়া ; পর্য্যাপ্ত হওয়া। প্র—"অম্বরি অথবা ভেলসায় সানে না।"—টেকচাঁদ।

সানাসানি (শানাশানি) [সান (ইঙ্গিত)+আ+সান (দ্রঃ)+ই] বি, ইসারা।

সানি (শা) [আ। আদাঃ—পরিঃ] বি, দ্বিতীয়বার। ২। ভিজা খৈলের সহিত বিচালি মাখা ; গবাদির আহার। ৩। ইঙ্গিত ; ইসারা। সানিবিচার—পুনর্ব্বিচার।

সানিকা, সানেয়িকা, সানেয়ী (শা) [সং] বি, স্ত্রী, সানাই ; বংশী।

সানী (শা) [সানাই সংক্ষেপে] বি, সানাই। প্র—"মৃদঙ্গ মন্দিরা বাজে সানী।"—কবিক।

সানু (শা) [সন্ (দান করা)+উ (কর্ত্তৃ)] বি, গিরিতট ; প্রস্থ ; পর্ব্বতস্থ সমতল ভূমি। প্র—"সমতা করি দূর ছাড় হে এই পুর শরণ করহ সানু।"—কবিক। ২। সূর্য্য। ৩। বাত্যা। ৪। পথ। ৫। বন। ৬। বিদ্বান্ ; পণ্ডিত। ৭। কিশলয়। ৮। অগ্রভাগ।

সানুকম্পা (শা) [স (সহিত) অনুকম্পা (দয়া) বহু] বিণ, দয়ার সহিত ; সদয়া কৃপান্বিতা । প্র—"শুনিয়া তাহার কথা হৃদয়ে ভাবিয়া ব্যথা সানুকম্পা বলেন ভবানী।" —কবিক।

সানুজ (শানুজ) [সহ—অনুজ] বিণ, অনুজ সহিত। ২। সানু হইতে উৎপন্ন।

সানুমান্ (শা) [সানু + মৎ (মতু—অস্ত্যর্থে) =সানুমৎ ১মা, ১ব] বি, পুং, পর্ব্বত ; ভূধর ; শৈল। ২। বিণ, সানুবিশিষ্ট।

সান্‌কী (শান্‌কি) [আ—সহ্‌নক্, বি, ক্ষুদ্রার্থে ঈ] বি, শানকি দ্রঃ।

সান্তপন (শান্তপন্) [সম্—তপ্ + অন (ভাবে, অনট্) = সন্তপন + অণ্] বি, ব্রতবিশেষ। প্র—"গব্য দুগ্ধ, গব্য-দধি, গোমূত্র, গোময়, এবং গব্যঘৃত এই পঞ্চগব্য পান করিয়া পরদিন নিরম্বু উপবাস করিবে, ইহা সান্তপন ব্রত।"—অত্রি সংহিতা (বঙ্গবাসী)।

সান্তর (শানতর্) [স (সহিত) অন্তর (ব্যবধান) যাহার, বহু] বিণ, সচ্ছিদ্র। ২। ব্যবধান-বিশিষ্ট ; বিরল। ৩। গর্ত্ত করা। বি, **সান্তরতা** —যে গুণ দ্বারা পরমাণু সকলের কিঞ্চিৎ ব্যবধানতা থাকে।

সান্তানিক (শা) [সন্তান + ইক (সম্বন্ধার্থে) (ইকণ্)] বিণ, সন্তান সম্বন্ধীয়।

সান্তি (শা) [শান্তি দ্রঃ। প্র—বাং] প্র— "সোল সান্তি লব লাভ বাহাত্তরি কোঠা। সনিবারে নিঅ এহি নিঅমর ফোটা॥"—শূ-পু।

সান্ত্ব (শা) [সান্ত্ব্ (শান্ত করা) + অ (ভাবে—অল্)] বি, স্ত্রী, প্রবোধ বাক্য। ২। প্রিয়-বাক্য ; প্রাতিদায়ক কথা। ৩। সন্ধি। ৪। বিণ, অভিমত। ৫। প্রিয়।

সান্ত্বন (শানতন্) [সান্ত্ব্ (শান্ত করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রিয়বাক্য দ্বারা প্রবোধ দেওয়া ; সান্ত্বনা দান। ২। প্রণয়। ৩। সস্নেহ সাদর সম্ভাষণ ও কুশল প্রশ্ন। স্ত্রী, **সান্ত্বনা**।

সান্দীপণি (শান্দিপোনি) বি, পুং, মুনি-বিশেষ। শ্রীকৃষ্ণ ইঁহার নিকট শিক্ষালাভ করিয়াছিলেন।

সান্দ্র (শা) [স (সহিত) অন্দ্ (বন্ধন করা) + রক্ (কর্ত্তৃ)] বিণ, ঘন ; নিবিড়। ২। মনোরম। ৩। বি, কানন।

সান্ধা (শা) [প্রা-বাং—প্র-পু। সান্ধে। অস-ক্রি—সান্ধিতে ; সান্ধিয়া (প্রা-সেঁদিয়ে)। ণিজন্ত—সান্ধান (নো)] ক্রি, প্রবেশ করা। প্র—"সপ্তদশ বাণ সান্ধে একবারে।"—মহা (বিজয়)। "অতি ক্রোধে অর্জ্জুন সান্ধিয়া মারে শর।"—মহাভারত।

সান্ধান (শান্ধানো) [সন্ধি হইতে। প্রা-বাং গ্রা—সেঁদুনো। সান্ধা দ্রঃ। উ-পু—সান্ধাই। ম-পু—সান্ধাও। প্র-পু—সান্ধায়। অস-ক্রি —সান্ধাইতে ; সান্ধাইয়া] ক্রি, প্রবেশ করা। প্র—"নারিকেলে সান্ধাইল পানী"—কবিক। "ভল্লুক সান্ধায় গর্ত্তে ভয়ে কম্পমান।"— ঐ। ২। [সন্ধান হইতে] সন্ধান করা ; লক্ষ্য করা।

সান্ধিক (শা) [সন্ধা (চোয়ান) + ইক] বি, পুং, শৌণ্ডিক ; শুঁড়ি। ২। [সন্ধি + ইক] বিণ, সন্ধিকারী।

সান্ধিবিগ্রহিক (শান্ধিবিগ্‌গ্রোহিক্) [সন্ধি-বিগ্রহ + ইক (কর্ত্তৃ—ইকণ্)] সন্ধিবিগ্রহ সম্বন্ধে অভিজ্ঞ।

সান্ধ্য (শা) [সন্ধ্যা + অ (ভবার্থে)] বিণ, সায়ংকালীন। ২। সন্ধ্যাসম্বন্ধীয়।

সান্নিধ্য (শান্নিদ্ধ) [সন্নিধি (নিকট) + য (স্বার্থে—ষণ্)] বি, ক্লী, সামীপ্য ; সন্নিধান।

সান্নিপাতিক (শা, ক্) [সন্নিপাত (একত্র মিলন) + ইক (ভবার্থে—ইকণ্)] বিণ, ত্রিদোষজ ; বাত পিত্ত কফজ ; সাজ্বাতিক। ২। সমষ্টিজাত ; মিশ্রিত।

সান্বয় (শান্নয়) [সহ—অন্বয়] বিণ, সবংশ। ২। সম্বন্ধযুক্ত।

সাপ (শাপ্) [সং—সর্প] বি, সর্প ; ভুজঙ্গ।

সাপের ছুঁচো গেলা—সাপ মূষিক বলিয়া ছুঁচা ধরিলে দুর্গন্ধে গিলিতে চায় না কিন্তু সাপের দাঁত ভিতর দিকে বক্র বলিয়া মুখ হইতে বাহির করিয়া দিতেও পারে না অবশেষে গিলিতেই বাধ্য হয় তদ্রূপ নিতান্ত অনিচ্ছায় বাধ্য হইয়া কোন কাজ করা। **সাপ খোপ**—সর্পাদি ; সাপ ও তত্তুল্য জীবজন্তু। **সাপও মরে লাঠিও না ভাঙ্গে**—এক দিকে ক্ষতি না করিয়া অন্যদিকে শত্রু নাশ করা ; দুই দিক বজায় রাখা। **সাপের পাঁচ পা দেখা**—যাহা হয় না গর্ব্বান্ধ হইয়া তাহারই সম্ভাবনা দেখা। **সাপের হাই বা হাঁচি বেদেয় চেনে** —বেদে সর্পপ্রকৃতি ভাল রকমই জানে তাহা হইতে যে যাহা লইয়া থাকে তাহার সম্বন্ধে অন্য অপেক্ষা অধিক জানে। **সাপের হাঁড়ি**—বিষধর সাপ হাঁড়ির মধ্যে আবদ্ধ থাকিলে হাঁড়ির মুখ খুলিলেই সে ফোঁস ফোঁস করিতে থাকে, সেই ভাব, তাহা হইতে অতি কোপনা স্ত্রী, যে নারী নাগিনীর মতই তর্জ্জন গর্জ্জন করে।

সাপক্ষে (শা) [গ্রা] ক্রি-বিণ, স্বপক্ষে দ্রঃ।

সাপট (শাপট্) [শব্দাত্মক। সর্পাদির ল্যাজের আস্ফোটন শব্দ হইতে] বি, ঝাপট। প্র—"লেজের সাপটে উড়ে পাদপ পাথর"— কৃত্তিবাস। ২। মুখতাড়া ; ধমকানি। প্র—"মুখের সাপটে দড় বিপদে অজ্ঞান।"— হেম বন্দ্যো।

সাপটান, সাপুটান (শাপ্‌টানো) [সাপট (দ্রঃ) + আন (ক্রিয়ায়)] ক্রি, জাপটাইয়া ধরা। প্র—"অঙ্গদ সে চারি জনে ধরিয়া সাপুটে একলাফে প্রাচীরের উপরেতে উঠে।" —কৃত্তিবাস। "গর্জ্জি গজ সাপটে প্রমদে মুদ্গার"—মেঘনাদ।

সাপত্ন, সাপত্ন্য (শ) [সপত্নী + য, অ (অপত্যার্থে—ষণ্—অণ্)] বি, পুং, সপত্নী পুত্র ; সতীনের ছেলে। ২। অরি ; শত্রু। ৩। বৈরতা। ৪। বহুপত্নীকতা। ৫। বিণ, সপত্নীজাত।

সাপরাধ (শা, ধ্) [স (সহিত) অপরাধ যাহার, বহু] বিণ, দোষযুক্ত ; অপরাধী।

সাপিণ্ড (শা) [সপিণ্ড (জ্ঞাতি) + য (ভাবে— ষণ্)] বি, ক্লী, সপিণ্ডতা। ২। জ্ঞাতিত্ব।

সাপুড়া (শা) [সং—সম্পুট হইতে] বি, কৌটা। প্র—"লম্বমান মতি যার অঙ্গদ কঙ্কণ হার কিনে বীর কনক সাপুড়া।"—কবিক।

সাপুড়িয়া, সাপুড়ে (শা) [সং—সর্পহার] বি, যাহারা সাপ খেলাইয়া বেড়ায়। প্র— "আহা মরি বাছা উমা কি তপ করিলে। সাপুড়ের ভূতুড়ের কপালে পড়িলে॥"—অ, ম। ২। সাপ ধরিতে দক্ষ লোক। প্র—"কেহ বলে ডাক দিয়া আন সাপুড়িয়া"—অ, ম।

সাপেক্ষ (শাপেক্‌খ) [স (সহিত) অপেক্ষা যাহার, বহু] বিণ, পরস্পরাপেক্ষী ; অপেক্ষা-যুক্ত।

সাপোট (শাপোট্) [সাপট দ্রঃ] আস্ফালন ; বড়াই। প্র—মুখ সাপোটে দড়।

সাপ্টা (শাপ্‌টা) [সং—সমেত। হি— সমেট] বিণ, সাঁট। ২। সস্তা। প্র—"বড় সাপ্টা দরে সাৎ করিলে খেতাব সি, এস্, আই" —হেম বন্দ্যো।

সাপ্তপদীন (শাপ্তপোদীন্) [সপ্ত (সাত) পদ (পদক্ষেপ) + ঈন (প্রাপ্তার্থে খীন)] বি, ক্লী, মিত্রতা ; সৌহার্দ্দ ; সখ্য। ২। সাতটী-মাত্র কথায় যে বন্ধুত্ব উৎপন্ন হয়।

সাফ (শাফ্) [আ—সাফ্] বিণ, পরিষ্কার। ২। স্পষ্ট। **সাফবিক্রয়** [আদাঃ পরিঃ] সর্ত্তরহিত বিক্রয়।

সাফল্য (শাফল্ল) [সফল + য (ভাবে— ষণ্)] বি, ক্লী, ফলোৎপত্তি ; সুসিদ্ধি ; সফলতা।

সাফসুৎরা—বিণ, পরিস্কৃত ; আবর্জ্জনা রহিত ; নির্ম্মল।

সাফা [আ—সাফ্+ক্রি—আ (গ্রা)] বিণ, পরিষ্কৃত ; নির্ম্মল। ২। স্পষ্ট।

সাফাই (শা) [আ—সাফাই] বি, পরিষ্করণ। ২। বিণ, অপরাধমুক্ত ; নির্দ্দোষ।

সাবকাশ (শাবকাশ্) [স্ব+অবকাশ] বি, শুভ অবসর ; সুযোগ। ২। বিণ, সুযোগ-বিশিষ্ট ; অবসরপ্রাপ্ত।

সাবধান (শাবধান্) [স (সহিত) অবধান (মনোযোগ) যাহার, বহু] বিণ, অপ্রমত্ত ; সতর্ক ; সচেতন। প্র—"অতএব সাবধান ত্যজ দম্ভ অভিমান বৈরাগ্য অভ্যাস কর সত্যেতে নির্ভর।"—বাংগান। ২। আ মনোযোগী। প্র—"শুন রাজা সাবধানে পূর্ব্বে ছিল এই স্থানে বীরসিংহ নামে নরপতি।" —অ, ম।

সাবন (শাবন্) [সু (প্রসব করা) +অন] বি, সূর্য্যোদয় হইতে আবার সূর্য্যোদয় পর্য্যন্ত কাল ; এক সাবন দিন ; এক অহোরাত্র। ২। ত্রিশ দিবারাত্রাত্মক মাস ; এক সাবন মাস। ৩। যজ্ঞার্থ পুরোহিত নিয়োগকারী ব্যক্তি ; যজমান। ৪। বরুণ। ৫। যজ্ঞ-বিশেষ। ৬। যজ্ঞ সমাপ্তি। ৭। শ্রাবণ মাস। প্র—সাবণ মাসেত ধান হইলেন গছা। ধান দেখিআ পরভুর মনে বোড় ইচ্ছা।"— ৮। বিণ, সবন সম্বন্ধীয়। ৯। সূর্য্য সম্বন্ধীয়।

সাবর (শাবর্) [শাবর দ্রঃ] বি, পুং, অপ-রাধ ; দোষ ; পাপ। ২। পশুবিশেষের কোমলীকৃত চর্ম্ম। ৩। লোধগাছ।

সাবর্ণ (শা) [সবর্ণ (সদৃশ—পূর্ব্বজের সদৃশ) +অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, দ্বিতীয় মনু।

সাবর্ণি (শা) [সবর্ণা (সূর্য্যের পত্নী) +ই (অপত্যার্থে ইঞ্)] বি, পুং, অষ্টম মনু ; সূর্য্যপত্নী সবর্ণার গর্ভজাত পুত্র। ২। গোত্র-বিশেষ।

সাবল (শাবল্) [শাবল দ্রঃ] বি, লৌহনির্ম্মিত খননাস্ত্রবিশেষ। প্র—"আজ্ঞা দিল বুহিতাল কামারে পাতিল শাল সাবল তাতায় হুতাশনে।" —কবিক।

সাবশেষ (শাবশেষ্) [স (সহিত) অবশেষ] বিণ, অবশিষ্ট ; অসমাপ্ত।

সাবহিত (শা) [স (সহিত) অবহিত] বিণ, সতর্ক ; সাবধান ; অবহিত। প্র—"আপনার বনে তুমি থাক সাবহিতে।"—কবিক। "ঘট ভরি গঙ্গা জল দিলা সাবহিত।"—চৈ-ভা। ক্রি-বিণ, **সাবহিতে**—সাবধানে।

সাবাড় (শাবাড়) [সং—সর্ব্বান্ত হইতে] বিণ, সমাপ্ত ; শেষ। প্র—"যাহোক ডিনার সাবাড় করি সুরাপানে রত"—দ্বিজেন্দ্র রায়।

সাবান (শাবান্) [আ—সাবুন, ফ্রে—savon, ইং—soap. গ্রা-বাং—সাবাং] বি, তৈল ক্ষার প্রভৃতি দ্বারা প্রস্তুত মলহারক দ্রব্য। প্র—"রাধা বলে—হাঁ আজ সাবান মাখিনি তবু"—দ্বিজেন্দ্র রায়।

সাবানি (শা) বি, মুসলমান সম্প্রদায়বিশেষ ; পাঠানজাতীর উপবিভাগবিশেষ। প্র—"সাবানি লোহানি আর, লোদানি সুরয়ানি চার, পাঠান বসিল নানা জাত।"—কবিক।

সাবাস (শাবাশ্) [ফা—শাবাশ্] বি, প্রশংসাব্যঞ্জক শব্দ ; ধন্যবাদ। প্র—"সাবাস ইংরেজ জাতি সাবাস বুকের ছাতি।"—হেম বন্দ্যো। "মামী মোর সাবাস জাতির বেটি বটে।"—শিবায়ন।

সাবাসি (শাবাশি) [সাবাস+ই (ক্রিয়া পদের উ-পু—বিভক্তি)] ক্রি, ধন্য ধন্য প্রশংসা করি ; ধন্য বলিয়া মানি। প্র—"এ ছয় সতিনী মনে নাহি গণি সাবাসি মোর পরাণী।"— কবিক। 'সাবাসি তোর বীরপণা।"— মেঘনাদ। ২। বি, প্রশংসা। **সাবাসি দেওয়া**—প্রশংসা করা ; ধন্যবাদ দেওয়া। প্র—"নারদের ঢেঁকি লয়ে ধান ভানে ভূত। শঙ্কর সাবাসি দেন বটে মোর পুত॥"—শিবায়ন।

সাবিত্র (শাবিৎত্র) [সবিতৃ (সূর্য্য) +অ] বি, পুং, সবিতা ; সূর্য্য। ২। মহাদেব ; শিব। ৩। বসুবিশেষ। ৪। ব্রাহ্মণ। ৫। যজ্ঞোপবীত। ৬। গর্ভ। ৭। বিণ, সবিতৃ সম্বন্ধীয়।

সাবিত্রী (শাবিৎত্রি) [সবিতৃ (সূর্য্য) +অ, ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, সূর্য্যের অধিষ্ঠাত্রী দেবী। ২। গায়ত্রী ; বেদমাতা। ৩। ব্রহ্মার পত্নী। ৪। বেদমন্ত্রবিশেষ। ৫। অশ্বপতি রাজার কন্যা ; রাজা সত্যবানের সহধর্ম্মিণী। **সাবিত্রী-পতিত**—যথাকালে যাহার উপনয়ন হয় নাই। **সাবিত্রীব্রত**—জ্যৈষ্ঠমাসের কৃষ্ণা চতুর্দ্দশীতে অনুষ্ঠেয় নারীব্রতবিশেষ। **সাবিত্রীসূত্র**—যজ্ঞোপবীত ; পৈতা।

সাবুত, সাবুদ (শাবুত্, দ) [আ—সুবুত্] বি, প্রমাণ। ২। বিণ, প্রমাণীকৃত ; প্রমাণ দ্বারা দৃঢ় ; confirmed.

সাবুত (শাবুত্) [হি] বি, সমস্ত ; গোটা।

সাবেক (শাবেক্) [আ—সাবিক্] বিণ, পুরাতন ; পূর্ব্বের। প্র—"তোমরা সাবেক ভাবে সমাজটিকে রাখ্‌তে চাও খাড়া, তা সে হবে কেন ?"—গান। ২। অবশিষ্ট।

সাব্যস্ত (শাব্‌বস্ত) [আ—সুবুত (প্রমাণ) হইতে আ—সাবিৎ (প্রমাণ দ্বারা দৃঢ়)] বিণ, প্রমাণিত ; নির্দ্ধারিত ; সুনিশ্চিত।

সাভারি (শা) [সা (আতিশয্য অর্থে। তুল —সাধারণে) ভারি] বিণ, গুরুভার। প্র— ক্ষণে পুলকিত তনু বহসি সাভারি"—জ্ঞান।

সাম (শাম্) [সো (পাপের অবসান) +মন (করণে)] বি, ক্লী, সামবেদ। ২। সামবেদ মন্ত্র। ৩। সামগান। ৪। প্রিয়বাক্য। ৫। সন্ধি। **সামগর্ভ** (শাম্) বি, পুং, বিষ্ণু। **সামগান**—সামবেদের মন্ত্র ছন্দঃ প্রভৃতি যোগে গান। **সামবাদ**—প্রিয়বাক্য। **সাম-বেদ**—চতুর্ব্বেদের মধ্যে সাম নামক বেদ। **সামমন্ত্র**—সামবেদোক্ত মন্ত্র।

সামক (শামক্) [সো (নাশ করা) +অক (নিপাতনে)] বি, তর্কুশান ; টেকোর বাঁটুল। ২। শাণ পাথর। ৩। আসলটাকা ; মূল ঋণ।

সামগ (শামগ) [সামন্ (সামবেদ) গৈ (গান করা) +অ (কর্ত্তৃ—টক্)] বি, পুং, সামবেদা-ধ্যায়ী ব্রাহ্মণ ; সামবেদী ব্রাহ্মণ ; সামগানকারী ব্রাহ্মণ। স্ত্রী, **সামগী**—সামগায়ক ব্রাহ্মণের পত্নী।

সামগ্রী (শামগ্‌গ্রি) [সং। গ্রা—সামিগ্রী, সামিগ্‌গিরি] বি, বস্তু ; দ্রব্য।

সামগ্র্য (শামগ্‌গ্র) [সমগ্র (সকল) +যণ্] বি, ক্লী, কারণকলাপ। ২। বস্তু ; দ্রব্য ; ৩। ভাণ্ডার।

সামঞ্জস্য (শামন্‌জোশ্‌শ) [সমঞ্জস (উচিত) +য (ভাবে—যণ্)] বি, ক্লী, মিল। ২। সমী-চীনতা। ৩। ঔচিত্য।

সামধেনী (শাম্) [সমিধ্ (অগ্নি প্রজ্বালনের তৃণাদি) —আ—ধা (ধারণ করা) +অ (করণে—অন) ঈপ্ স্ত্রী,] বি, স্ত্রী, যজ্ঞাগ্নি প্রজ্বালনের মন্ত্রবিশেষ।

সামনা (শাম্‌না) [সং—সম্মুখ। গ্রা] বি, সম্মুখ। ২। সম্মুখ ভাগ বা দিক্। **সামনা করিয়া**—সম্মুখ বা মুখ ফিরিয়া। **সামনা সামনি**—পরস্পর মুখামুখী।

সামনী (শা) [সো (নাশ করা) +মন—ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, পশ্বাদি বন্ধনের রজ্জু।

সামনে (শাম্‌নে) [সং—সম্মুখ হইতে গ্রা— সম্মুখ ; হি—সামনা] ক্রি-বিণ, সম্মুখে। প্র— "তৃণে পুলকিত যে মাটীর ধরা লুটায় আমার সামনে"—রবি।

সামন্ত (শা) [সম্ (সংলগ্ন) অন্ত (একদেশ) যাহার, বহু] বি, পুং, সামান্য রাজা। ২। অধীন রাজা। প্র—"অনেক সামন্ত সেনা বারি গড়ে দিয়া থানা অনুক্ষণ করে গণ্ডগোল।"— কবিক। ৩। অধিনায়ক ; প্রধান সেনাপতি। প্র—"যেই প্রেমশশী ছিল সদয় তখন। বসন্ত সামন্ত হয়ে দহিছে এখন॥"—গান। "সম্মুখে সামন্ত ধাইল বসন্ত কোকিল ভ্রমর সাতে।" —অ, ম। ৪। শ্রেষ্ঠ প্রজা ; মণ্ডল। ৫। প্রতিবেশী। ৬। সামীপ্য। ৭। জাতীয় উপাধিবিশেষ। ৮। বিণ, নিকটবর্ত্তী।

সামন্তেশ্বর (শামনতেশ্‌শর্‌) [সামন্তের (সামান্য রাজার ঈশ্বর—৬তৎ)] বি, পুং, সম্রাট্‌; রাজাধিরাজ।

সামন্য (শামন্‌ন) [সামন্‌ (সামবেদ)+য (জ্ঞাতার্থে)] বি, পুং সামবেদ-বিশারদ ব্রাহ্মণ।

সামবায়িক (শামবায়িক্‌) [সমবায়+ইক (কর্ত্তৃ—ইকণ্‌)] বি, পুং, নায়ক; দলপতি। ২। সচিব; মন্ত্রী। ৩। বিণ, সমবায় সম্বন্ধীয়।

সামর [ব্রজ। শ্যামল হইতে] বিণ, শ্যামল; শ্যামসুন্দর। প্র—"সামর পুরুসা মঝু ঘরে পাওন।"—বিদ্যাপতি।

সাময়িক (শাময়িক্‌) [সময়+ইক (যোগ্যার্থে ইকণ্‌)] বিণ, কালোপযোগী; সময়োচিত। ২। নিয়মানুযায়ী।

সামরিক (শ, ক্‌) [সমর+ইক (সম্বন্ধে)] বিণ, সমরসম্বন্ধীয়। ২। সমরোপযোগী। সামরিক পোত—রণপোত; যুদ্ধ জাহাজ।

সামর্থ্য (শামোর্থো) [সমর্থ (বলবান্‌)+য (ভাবে—যণ্‌)] বি, ক্লী, ক্ষমতা; যোগ্যতা। ২। বল; শক্তি। ৩। শব্দের প্রতিপাদ্য।

সামলান (শাম্‌লানো) [হি—সম্ভাল্‌না] ক্রি, রক্ষা করা। ২। সম্বরণ করা। ৩। অপেক্ষাকৃত সুস্থ হওয়া।

সামা (শা) [শামা দ্রঃ] বি, মুষলাদির অগ্রভাগে বেষ্টিত লৌহ বলয়। প্র—"ঢেঁকি বলে সামা দিলে দিও যখন দেও। সংপ্রতি সুন্দর করি সাজাইয়া লও॥"—শিবায়ন।

সামান (শামানো) [সং—সম্বরণ হইতে। উ-পু—সামাই। ম-পু—সামাও। প্র-পু—সামায়। অস-ক্রি—সামাইতে, সামাতে (সংক্ষেপে); সামাইয়া, সামিয়ে (সংক্ষেপে)] ক্রি, সম্বরণ করা; সামলান। প্র—"এক আসামী ছয়টা প্যায়দা বল মা কিসে সামাই করি"—রামপ্রসাদ। ২। [সন্ধি হইতে সান্ধান—সামান] প্রবেশ করা। প্র—"নাকে হাত এয়োগণ বলে আই আই। মেদিনী বিদরে যদি তাহাতে সামাই॥"—অ, ম। "রহ রহ ডাক ছাড়ি সামাইল রণ।"—মহা-কালী। "সামাতে সূতিকাগারে চোর কাটে সিঁদ"—ঘনরাম।

সামাজিক (শামাজিক্‌) [সমাজ (সভা)+ইক (সম্বন্ধে—ইকণ)] বিণ, সমাজ সম্বন্ধীয়। ২। [সাধু অর্থে—ইকণ্‌] সহৃদয়; রসজ্ঞ। ৩। বি, সভাসদ্‌; সভ্য। ৪। সমাজের প্রথাগত মর্য্যাদা; লৌকিকতা। বি, সামাজিকতা—সমাজ ব্যবহার। ২। সহৃদয়তা। ৩। লৌকিকতা। সামাজিক তন্ত্র—সামাজিক বিধি; সমাজ সম্বন্ধীয় বিধান। সামাজিক নিয়ম—সমাজের যে নির্দ্ধারিত বিধিব্যবস্থা দ্বারা জনসাধারণ পরিচালিত হয়। সামাজিক মৃত্যু—রাজদ্রোহাদি অপরাধের নিমিত্ত দোষীকে সমাজ হইতে বহিষ্করণ; civil death.

সামান্য (শামান্‌ন) [সমান (সাধারণ) য (ভাবে—যণ্‌)] বিণ, সর্ব্ববিষয়ক। ২। সাধারণ; সচরাচর। ৩। তুচ্ছ। প্র—"শমনে সামান্য গণে।"—বাং-গান। ৪। বি, কাব্যালঙ্কারবিশেষ। ৫। যেখানে সাধারণ ধর্ম্মবলে বহু বস্তু একত্র সম্বদ্ধ হয়। ৬। গোত্ব মনুষ্যত্বাদি জাতিসাধর্ম্য। ৭। সামগ্র্য। ৮। প্রকার। [দ্রঃ—ব্যাপক বা বৃহত্তর সাধারণ লক্ষণগত সংজ্ঞাকে সামান্য—বলে এবং ক্ষুদ্রতর বা সঙ্কীর্ণ সাধারণ লক্ষণগত সংজ্ঞাকে বিশেষ বলে। "রাম, শ্যাম, যদু, গোপাল এক ব্যক্তি। উহারা জাতিতে ব্রাহ্মণ। ব্রাহ্মণ আর্য্যজাতির, আর্য্য ককেশীয় জাতির, ককেশীয় মনুষ্য জাতির, মনুষ্য প্রাণীর, প্রাণী জীবের অন্তর্গত। ইহাদের মধ্যে আরও নানা বিভাগ থাকিতে পারে। যেমনই হউক, যেটি যার অন্তর্গত, সেটি সংখ্যায় অল্প, যার অন্তর্গত সেটি অধিক। ন্যায়শাস্ত্রে বৃহত্তরটির নাম সামান্য। ক্ষুদ্রটির নাম বিশেষ। তবেই মনুষ্য সামান্য নাম, আর্য্য বিশেষ নাম; আর্য্য সামান্য নাম, ব্রাহ্মণ বিশেষ নাম; ব্রাহ্মণ সামান্য নাম, রাম বিশেষ নাম।"—যোগেশচন্দ্র রায় (প্রদীপ, ১ম বর্ষ)। সামান্যলক্ষণা—যে লক্ষণা বা উপায় দ্বারা বস্তুর সজাতীয়ত্বের জ্ঞান জন্মে।

সামান্যা (শামান্‌ন্যা) [সামান্য+আপ্‌, স্ত্রী] বি, স্ত্রী, সাধারণী স্ত্রী; বারবিলাসিনী।

সামাল (শামাল্‌) [হি—সম্ভাল। প্রা-বাং—সাম্ভাল (দ্রঃ)] অ, সাবধান; সতর্ক হও; রক্ষার উপায় দেখ। প্র—"হঠাৎ পড়িল ডাক সামাল সামাল।"—হেম বন্দ্যো। "সামাল সামাল ডুবলো তরী।"—রামপ্রসাদ। ২। সম্বরণ। ৩। বেগ ধারণ; বিপরীতে "অসামাল" (বেগ ধারণে অক্ষমতা অর্থে)। ৪। ধৈর্য্য।

সামালা (শা) [সামাল (দ্রঃ)+আ (ক্রিয়ায়)। উ-পু—সামালি। ম-পু—সামাল। প্র-পু—সামালে। অস-ক্রি—সামালিতে। সামালিয়া, সামালি (সংক্ষেপে)] ক্রি, সাবধান হওয়া; সতর্ক হওয়া। ২। বাঁচা; আত্মরক্ষা করা। প্র—"লাউসেন বলে বাঘা আপনা সামাল।"—ঘনরাম। ৩। নিরস্ত করা; নিবারণ করা; থামান। প্র—"আপনা আপনি বিবাদ বাধায়। কারে সামালিব একি হল দায়।" ৪। সম্বরণ করা, গোপন করা। প্র—"সামালিতে না পারিল লজ্জা গেল দূর।"—কাঞ্চীকাবেরী (রঙ্গলাল)।

সামিল (শামিল্‌) [আ—শামিল্‌] বিণ, অন্তর্ভুক্ত; এক সঙ্গের। প্র—"কৃষ্ণপ্রসাদ চরটি পূর্ব্বে নোয়াখালি জেলার সামিল ছিল।"—উপাসনা, ৬ষ্ঠ বর্ষ। "স্বরাজ্যের সামিল করিয়া লন।"—রঙ্গলাল। ২। সংক্রান্ত। ৩। সম্বলিত। ৪। মিশাল; সংস্রব। প্র—"ফিরছে শমন বাগে বাগে, যাস্‌নে নারকী সামিলে।"—বাং-গান। ৫। সদৃশ; সমান।

সামীপ্য (শামিপ্‌প) [সমীপ (নিকট)+য (স্বার্থে)] বি, সান্নিধ্য; নৈকট্য।

সামুদ্র (শামুদ্‌দ্র) [সমুদ্র+অ (সম্বন্ধার্থে—অণ্‌)] বিণ, সমুদ্রজাত; সমুদ্র হইতে উৎপন্ন। ২। সমুদ্র সম্বন্ধীয়। ৩। বি, সমুদ্র ফেন। ৪। সমুদ্রযাত্রী। ৫। শরীরস্থ চিহ্ন। ৬। শরীরস্থিত চিহ্ন ঘটিত শুভাশুভ-লক্ষণ-সূচক শাস্ত্র। ৭। সমুদ্রশাস্ত্র-ব্যবসায়ী।

সামুদ্রক, সামুদ্রিক (শামুদ্‌দ্রক্‌, দ্রিক্‌) [সমুদ্র (চিহ্ন)+ক, ইক] বি, কর চরণাদির রেখা, অঙ্গস্থ তিলাদি চিহ্নাদি হইতে দেহীর শুভাশুভ জ্ঞানোৎপাদক শাস্ত্র। ২। বিণ, সমুদ্রসম্বন্ধীয়।

সাম্পরায়িক (শাম্‌পরায়িক্‌) [সম্পরায় (যুদ্ধ)+ইক (স্বার্থে—ইকণ্‌)] বি, সমর সম্বন্ধীয়। ২। পারলৌকিক।

সাম্ভান (শাম্ভানো) [সামান দ্রঃ] ক্রি, প্রবেশ করা। প্র—"সমুদ্র সাম্ভায় রাজা মোর এই পেটে।"

সাম্ভাল (শাম্‌ভাল্‌) [হি। সামাল দ্রঃ] বি, সাবধানতা। ২। অ, সতর্ক হও; হুসিয়ার; সাবধান। প্র—"পড়িতে পড়িতে উঠে বলিয়া সাম্ভাল।"—চৈ-মঙ্গল।

সাম্য (শাম্‌ম) [সম (তুল্য)+য (ভাবে—যণ্‌)] বি, ক্লী, সাদৃশ্য; তুল্যতা। ২। সান্ত্বনা। প্র—"ছোট ভাইয়ে সাম্য বাক্যে নিবারিল ক্রোধ।"—কবিক।

সাম্রাজ্য (শাম্‌ম্রাজ্‌জ) [সম্রাজ্‌ (রাজাধিরাজ)+য (সম্বন্ধার্থে—যণ্‌)] বি, ক্লী, সম্রাটের শাসনাধীন রাজ্য।

সায় (শায়্‌) [সো (নাশ করা)+অ (কর্ত্তৃ—ঘঞ্‌) প্রা-বাং—সাঅ ("কহেন রামাই পণ্ডিত ধানর জনম সাঅ।"—শূ-পু] বি, পুং, সন্ধ্যাকাল; সায়াহ্ন; দিনান্ত। ২। সমাপ্ত; শেষ; সাঙ্গ। প্র—"হরি হরি বল সবে পালা হল সায়।"—অন্নদামঙ্গল। "দুই মাসের মধ্যে একখানি পুস্তক সায় করেছে।"—নবীন তপস্বিনী। ৩। নাশ। ৪। সমর্থন। ৫। স্বীকার। ৬। সম্মতি। প্র—"অধিক দিতে চাহে রায় দ্বিজ নাহি দিল সায় দিল দান তিন পদ ক্ষিতি।"—কবিক। "হিমালয় মেনকা যদ্যপি দিলা সায়, লগ্ন পত্র করিয়া নারদ মুনি

যায়।"—অ, ম। "তখনি স্বজনি সায় তাহে দিনু আমি।"—মেঘনাদ। ৭। শোধ : নিঃশেষ : বেবাক। প্র—"বিচারিয়া কেহ দেখে কাগজে আকর লেখে সায় করি বেগে দেছে টাকা।"—কবিক।

সায়ক (শায়ক্) [সো (নাশ করা)+অক (করণে)] বি, পুং, বজ্র। ২। খড়্গ। ৩। শর : বাণ। স্ত্রী. সায়িকা—ক্রমে ক্রমে অবস্থিতি।

সায়ন্তন (শায়ন্তন্) [সায়ম্+তন (তবার্থে টন্)] বিণ, সায়ংকালীন।

সায়বানা [ফা—সাএবান্] বি, চন্দ্রাতপ : সামিয়ানা। প্র—"সায়বানা টানাইয়া।"—সূর্য্যমঙ্গল।

সায়বাণী (য়্) [ফা—সাহেবান্+ঈ (হি)] বিণ, সম্ভ্রান্ত বা ধনিগণের ব্যবহার-যোগ্য : বহু-মূল্য

সায়র (শায়র্) [সং—সাগর হইতে] বি, সাগর। প্র—"সে রূপ সায়রে নয়ন ডুবিল সে গুণে বাহিল হিয়া।"—চণ্ডীদাস। ২। সরোবর। এই অর্থে "সায়রও" হয়।

সায়াহ্ন (শায়ান্‌হ্) [সায় (শেষ) অহন্ (দিন) +অ] বি, দিনান্ত : দিনের শেষ পঞ্চমাংশ : সায়ংকাল।

সাযুজ্য (শাজুজ্‌জ) [স (সহিত) যুজ্ (যোগ করা)+কিপ্ (কর্ত্তৃ)=সযুজ্ (যুক্ত) যণ্ (ভাবে)] বি, পঞ্চবিধ মুক্তির মধ্যে এক প্রকার মুক্তি। ২। অভেদ ; সহযোগ। ৩। সাম্য : সাদৃশ্য।

সাযোগ (শাজোগ্) [সং—সংযোগ হইতে] বি, ষড়যন্ত্র ; অবৈধযোগ।

সার (শার্) [সৃ (গমন করা)+অ (কর্ত্তৃ—ঘঞ্)] বি, পুং, শ্রেষ্ঠাংশ। ২। ভূমির উর্ব্বরতাসাধক পদার্থ। ৩। বৃক্ষাদির উত্তেজক পদার্থ। ৪। বৃক্ষের মজ্জা। ৫। দুগ্ধাদির সর ; নবনীত। ৬। বল : তেজঃ। ৭। বীর্য্য ; বীরত্ব। ৮। [ভাবে—ঘঞ্] কাঠিন্য : দঢ়তা। ৯। [কর্ত্তৃ—ঘঞ্] জল। ১০। বায়ু। ১১। ধন। ১২। পীড়া। ১৩। উপযুক্ততা। ১৪। তত্ত্বার্থ। ১৫। রহস্য। ১৬। অলঙ্কারবিশেষ। ১৭। উৎকর্ষ। ১৮। বিণ, স্থায়ী। ১৯। শ্রেষ্ঠ ; উৎকৃষ্ট। ২০। ন্যায্য। স্ত্রী. সারা। প্র—"সারদা সকল সারা সর্ব্বত্র সঞ্চার।"—অন্নদামঙ্গল।

সার (শার্) [সৃ (গমনে) ধাতুজ] বি, গোময় ; গোবর। সারকুড়—গোময় রাখিবার স্থান।

সারক (শারক্) [সৃ+ণিচ্=সারি (গমন করান)+অক্ (কর্ত্তৃ)] বিণ, বিরেচক ; ভেদকারক।

সারকচু (শারকোচু) [প্রাদে। সোলাকচুর মত নহে কিন্তু স্থিরাংশ অধিক সারবান্ বলিয়া অথবা মূলে সার (ছাই) পড়ে বলিয়া ?] বি, মানকচু। প্র—"শাক বেগুণ সার কচু, খায় আলু কিনে কিছু, বিশা দুই তিন কিনে লুণ।" —কবিক। "সার কচু মিশাইয়া করঞ্জ আমড়া।"—ঐ।

সারখদির (শারখোদির্) বি, পুং, বিটখদির।

সারগন্ধ (শা) [সার (শ্রেষ্ঠ) গন্ধ (ঘ্রাণ) যাহার, বহু] বি, পুং, চন্দন ; শ্রীখণ্ড।

সারগ্রাহী (শার্) [সার—গ্রাহী (যে গ্রহণ করে)] বিণ, সারগ্রাহক ; শ্রেষ্ঠাংশ গ্রহণ-কারী।

সারঙ্গ (সারংগ) [সৃ (গমন করা)+অঙ্গচ্ (কর্ত্তৃ)] বি, পুং, রাগবিশেষ। ২। বাদ্য-যন্ত্রবিশেষ। ৩। শঙ্খ। ৪। ধনুক। ৫। মণি। ৬। ছত্র। ৭। বস্ত্র। ৮। কেনা। ৯। বৃক্ষ। ১০। পুষ্প। (২) পদ্ম। প্র—"সারঙ্গ উপর উগল দশ সারঙ্গ"—বি, প। ১১। চন্দন। ১২। কর্পূর। ১৩। রাত্রি। ১৪। পৃথিবী। ১৫। জ্যোতিঃ। ১৬। স্বর্গ। ১৭। কন্দর্প। প্র—"সারঙ্গ সারঙ্গ তসু সম-ধানে"—রবি। ১৮। হস্তী। ১৯। সিংহ। ২০। হরিণ। প্র—"সারঙ্গ নয়ন"—বি, প। ২১। ময়ূর। ২২। রাজহংস। ২৩। ভ্রমর। প্র—"উগল দউ সারঙ্গ, কেলি করথি মধুপানে"—বি, প। ২৪। চাতক পাখী। ২৫। কোকিল। প্র—'সারঙ্গ বচন জনু"—বি, প। ২৬। স্বর্ণ। ২৭। বিণ, বিবিধবর্ণ।

সারঙ্গধর (শারংগধর্) [সারঙ্গ (শঙ্খ, পদ্ম, ধনুঃ)—ধর (যে ধারণ করে)] বি, পুং, বিষ্ণু। প্র—"সারঙ্গধর তুয়া চরণে"—চৈ, ভা।

সারঙ্গিক (শারংগিক্) [সারঙ্গ+ইক] বি, পুং, ব্যাধ : নিষাদ।

সারঙ্গী (শারংগী) [সারঙ্গ+ইন্=সারঙ্গিন ১মা, ১ব] বি, পুরাকালীন বাদ্যযন্ত্রবিশেষ। ২। [গ্রা—সারিঙ্গী] সারঙ্গ বাদক।

সারজ (শা) [সার (দধিদুগ্ধাদির সর) জ (উৎপন্ন)] বি, ক্লী, মাখন ; ননী।

সারট (শারট্) [সরট+অ (স্বার্থে)] বি, টিক্‌টিকীর মত জীব : বহুরূপা : গোধা।

সারণ (শারন্) [সৃ+ণিচ্=সারি (গমন করান)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, অপসৃত করণ : সরাইয়া দেওয়া। ২। সংশোধন ; শোধরান। ৩। [কর্ত্তৃ—অন] বি, পুং, অতিসার রোগ। ৪। লঙ্কাপতি রাবণের অমাত্য। ৫। রাক্ষসবিশেষ।

সারণি (শা) [সৃ+ণিচ্=সারি (গমন করান)+অনি (সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, ক্ষুদ্র-নদী।

সারণিক (শারনিক্) [সরণি (পথ)+ইক] বি, পুং, পান্থ : পথিক।

সারণ্ড (শা) [সৃ+ণিচ=সারি (গমন করান)+অণ্ড] বি, পুং, সর্পাণ্ড।

সারতরু [সার—তরু, কর্ম্মধা] বি, পুং, ভূমির উর্ব্বরতা বৃদ্ধিকারক বৃক্ষ : কদলীবৃক্ষ।

সারথি (শারো) [স (সহিত) রথ যাহার, বহু =সরথ (অশ্ব)+ইণ্ (চালন বা প্রেরণার্থে)] বি, পুং, রথচালক।

সারথ্য (শারথ্থ) [সারথি+য (ভাবে)] বি, রথাদি চালন। ২। সহায়তা ; সাহায্য।

সারদা (শারো) [সার (শ্রেষ্ঠাংশ) দা (দান করা)+অ (কর্ত্তৃ—ড)—আপ্, স্ত্রী] বি, স্ত্রী, দুর্গা। ২। বাগ্দেবী ; সরস্বতী। ৩। বীণা-বিশেষ।

সারদ্র (শারদ্‌দ্র [স (সহিত)+আরদ্র (পীত বর্ণ) যাহার, বহু] বিণ, পীত : হরিদ্রাময়। প্র—"আরদ্র মাখিয়া কেবা সারদ্র বনাইল রে ঐছন দেখি পীতাম্বর।"—চণ্ডীদাস।

সারদ্রুম (শারদ্রুম্) [সার—দ্রুম, কর্ম্মধা] বি, পুং, খদিরবৃক্ষ।

সারবন্দি (শারবোন্দি) [সং—শ্রেণী হইতে সারি—সার—বন্দি (বদ্ধ)] বিণ, সারি সারি ; শ্রেণীবদ্ধভাবে।

সারমেয় (শা) [সরমা (কুক্কুরী)—এয় (অপত্যার্থে—এয়ণ্)] বি, পুং, কুক্কুর। স্ত্রী সারমেয়ী—কুক্কুরী।

সারলোহ (শার্) [সার (সারাংশ) লোহ (লৌহ)] বি, ক্লী, ইস্পাত।

সারল্য (শারোল্‌ল) [সরল+য (ভাবে)] বি, ক্লী, অকপটতা : সরলতা।

সারস (শারশ্) [সরস্ (সরোবর)+অ (তাহাতে বিচরণ করে অর্থে অণ্)] বি, পুং, জলচর পক্ষিবিশেষ। প্র—"সারস সরসীজলে দিতেছে সাঁতার।"—পদ্যপাঠ। ২। হংস। ৩। [সহ—রস=সরস+অণ্] চন্দ্র। ৪। পদ্ম। ৫। বিণ, সরসীসম্বন্ধীয়। স্ত্রী. সারসী।

সারসন (শারশন্) [সার (শক্তি) সন্ (দান করা)+অ (করণে—অণ্)] বি, ক্লী, পুরুষের কটিবন্ধন। প্র—"পরিহিত বীরধটী সারসনে বদ্ধকটি, বারবাণে আবৃত শরীর।"—কাঞ্চীকাবেরী। ২। গোট চন্দ্রহার প্রভৃতি স্ত্রীলোকের কটিভূষণ।

সারস্বত (শারশ্‌শত্) [সরস্বতী (বাক্‌দেবী +অ (সম্বন্ধার্থে) অণ্] বিণ, সরস্বতী সম্বন্ধীয়। ২। বিদ্বান্। ৩। [সরস্বৎ+ অণ্] সমুদ্র সম্বন্ধীয়। ৪। ব্রহ্মার দিনরূপ কল্পবিশেষ। ৫। সারস্বতদেশীয় ব্রাহ্মণ। ৬। মুনিবিশেষ। ৭। ব্যাকরণবিশেষ। ৮। বেলের লাঠি।

সারা (শা) [সংস্কার হইতে সার+আ (ক্রিয়ায়) উ·পু—সারি। ম·পু—সার। প্র·পু—সারে। অস·ক্রি—সারিতে; সারিয়া; সারি (পদ্যে), সেরে (গ্রা)। ণিজন্ত—সারান] ক্রি, সংস্কার করা; মেরামত করা। ২। সংশোধন করা; শোধরান। ৩। গঠন করা; গড়া। প্র—"সালুক সুন্দিরফুলে সারিয়্যা লইব হার।"—শূ. পু। ৪। শেষ করা: সমাপ্ত করা; প্র—"রামাই পণ্ডিত টীকা সারিল আপুনি।"—শূ. পু। ৫। অপনোদন করা; মুছিয়া ফেলা। ৬। দুঃখ যন্ত্রণা দূর করা। ৭। রোগ-মুক্ত হওয়া; সামলান। প্র—"সারিয়া পরিল খুঞ্যা খুল্লনা সুন্দরী।"—কবিক। ৮। দূর হওয়া; বিমোচিত হওয়া। ৯। অকর্ম্মণ্য করা। ১০। প্রাণান্ত করা: মারিয়া ফেলা। ১১। বিণ, ক্লিষ্ট: অত্যন্ত আঘাত প্রাপ্ত; মৃত-প্রায়: প্রাণান্ত; অতি দুর্দ্দশাপন্ন। প্র—"ত্রিবিধ তাপেতে তারা নিশি দিন হতেছি সারা—বাং·গান। "নবীন ধান্য দুলে দুলে সারা"—রবি। ১২। [হি—সারা—সারী] সমস্ত: সকল। প্র—"সারা রাত কি পাগ্‌লা নিয়ে যায় গো মা জাগা।"—গি. ঘোষ। "সারা বরষ দেখিনে মা মা তুই আমার কেমন ধারা।"—গান (রবি)। ১৩। সমগ্র: নিখিল। প্র—"পাশে আছে যারা তাদেরি হারায়ে ফিরে প্রাণ সারা গগনে।"—রবি। **সারা হওয়া**—আকুল হওয়া: মৃতবৎ হওয়া। প্র—"সে অবধি সই ভয়ে ভয়ে রই আঁখি মেলিতে ভেবে সারা হই।"—বাং·গান।

সারাকালি (শা) [গণিত পরিঃ] বি, জমীর দৈর্ঘ্য প্রস্থাদির পরিমাণের গুণফল।

সারাখুণ্ডি (শা) [সং—সর্ব্বক্ষণ অপভ্রংশে] বি, দিনরাত: সারাদিন: সর্ব্বক্ষণ। প্র—"মোরা হলাম পত্তিবাসী, সারাখুণ্ডি যাওয়া আসা কত্তি লেগিচি।"—নীলদর্পণ।

সারান (নো) [সারা দ্রঃ] ক্রি মেরামত করা: সংস্কার করা। ২। বিণ, সংস্কৃত; যাহা মেরামত করা হইয়াছে।

সারাল (শারালো) [সার+আল (বালা)] বি, পুং, তিল শস্য। ২। বিণ, সারবিশিষ্ট।

সারি (শা) [সৃ+ণিচ্=সারি (গমন করান] ই (সংজ্ঞার্থে)] বি, স্ত্রী, পাৰ্শি; পাশক। ২। শালিখ পক্ষিণী। ৩। পঙ্‌ক্তি: শ্রেণী: সার। প্র—"সারি গায় দুই সারি গাবরে।" ৪। [গ্রা-বাং] কুৎসা: নিন্দা। ৫। [শ্রেণী শব্দজ] শ্রেণীবদ্ধ ভাবে যে গান গীত হয়: মাঝি কৃষক বা মজুরের দল সমস্বরে যে গান গায়: মাঝিমাল্লাদিগের গীত। প্র—"রামপ্রসাদ বলে কালী নামে যাওরে সারি গেয়ে।" ৬। ক্রি, সমাপ্ত করি; শেষ করি। ৭। সংশোধন করি। ৮। সংস্কার করি; মেরামত করি প্র—"নটীয়া কাঁঠাল বীচ সারি গোটা দশ ঘৃত সম্বরিয়া দিবা জামিরের রস।"—কবিক। **সারি সারি**—শ্রেণীবদ্ধভাবে। প্র—"এই যে বিটপী শ্রেণী হেরি সারি সারি। কি আশ্চর্য্য শোভাময় যাই বলিহারি॥"—পদ্যপাঠ।

সারিকা (শা) [সারি+ক, আপ্ স্ত্রী] বি, স্ত্রী, পক্ষিণীবিশেষ; স্ত্রী, শালিক। প্র—"সারিকা অধীর ভাবি কুসুম কাননে, রাধিকা অধীর ভাবি রাধাবিনোদনে।"—ব্রজাঙ্গনা। ৩। পাৰ্শি; পাশগুটিকা।

সারিগান (শারিগান্) [সারি দ্রঃ] বি, মাঝি মাল্লারা সমস্বরে যে গান গায়। প্র—"সারি গানে দাঁড়িগণ অঙ্গ দোলাইয়া ক্ষেপণী ক্ষেপিতে ছিল ধীরে শ্লথ করে।"—রঙ্গমতী।

সারিগামা (শা) [গ্রা—সারেগামা। হি—সারিগম। সঙ্গীতের প্রথম চারি স্বরগ্রাম—ষড়জ, ঋষভ, গান্ধার ও মধ্যম—সংক্ষেপে স—রি—গ—ম] বি, সপ্তস্বরগ্রামের প্রথম চারিটী; সাঙ্কেতিক বর্ণ দ্বারা সমগ্র স্বরগ্রামের ইঙ্গিত: সঙ্গীতের সপ্তস্বর। **সা-রি-গা-মা সাধা**—সঙ্গীত শিক্ষা করা; আলাপচারি করা; সুর ভাঁজা।

সারিন্দা (শা) [সারঙ্গ শব্দের অপভ্রংশ] বি, বাদ্যযন্ত্রবিশেষ।

সারিবা (শা) [সং] বি, স্ত্রী, অনন্তমূল গাছ।

সারূপ্য (শারূপ্‌প) [সরূপ (সমানরূপ)+য (ভাবে—যণ্)] বি, ক্লী, সাদৃশ্য; তুল্যতা। ২। মুক্তিবিশেষ; যাহাতে ঈশ্বরের তুল্যরূপ প্রাপ্ত হয়।

সারেং, সারেঙ্গ, সারেঙ (শারেং) [ফা—সৱহঙ্গ] বি জাহাজ পরিচালক।

সার্কাস (শার্কাস্) [ইং—circus.] বি, ব্যায়াম-কৌশলপ্রদর্শন: সিংহ ব্যাঘ্র অশ্বাদির ক্রীড়াচক্র। প্র—"সার্কাস জাননা তাও কি?"—দ্বি. রায়।

সার্জ্জ্ [ইং—serge] বি, পশমী বস্ত্রবিশেষ।

সার্জ্জন, সারজন (ন) [ইং—surgeon] বি, অস্ত্রচিকিৎসক। **সিবিল সার্জ্জন**—জেলার প্রধান চিকিৎসক; civil surgeon.

সার্জ্জন (সার্জন্) [ইং—sergeant] বি, পুলিশের কর্ম্মচারিবিশেষ। প্র—"একজন সারজন ও কয়েকজন পিয়াদা।"—টেকচাঁদ।

সার্ট [ইং—shirt] বি, কামিজ; পিরান।

সার্টিফিকেট (ট্) [ইং—certificate] বি, প্রশংসাপত্র। ২। নিদর্শনপত্র; প্রমাণপত্র।

সার্থ (শা) [স (সহিত) অর্থ (ধন) যাহার, বহু] বি, পুং, বণিক্ সমূহ; বাণিজ্যকারী। ২। সাথী। ৩। সমূহ। ৪। জীব সমুদয়। ৫। বিণ, ঐশ্বর্য্যশালী; অর্থশালী; ধনবান্।

সার্থক (শার্থক) [স (সহিত) অর্থ (শব্দের প্রতিপাদ্য) যাহার, বহু, ক যোগ] বিণ, অর্থযুক্ত ২। অন্বর্থ। ৩। সফল; সুসিদ্ধ। ৪। বণিক্‌দিগের অধিনায়ক।

সার্থবাহ (শা) [সার্থ (সমূহ) বাহ (যে বহন করে)] বি, পুং, বণিকের দল; দলবদ্ধ বণিক্। ২। পথপ্রদর্শক।

সার্দ্ধ (শা) [স (সহিত) অর্দ্ধ] বিণ, অর্দ্ধযুক্ত; অর্দ্ধ সহিত; সাড়ে।

সার্ব্ব (শা) [সর্ব্ব (সকল)+অ (জ্ঞাতার্থে, অণ্)] বি, পুং, বুদ্ধ। ২। সর্ব্ব সম্বন্ধীয়। ৩। সর্ব্বহিতকর। **সার্ব্বকালিক**—বিণ, সর্ব্বকাল সম্বন্ধীয়। ২। যাহা সকল ঋতুতে জন্মে; সর্ব্বদা প্রাপ্তব্য। **সার্ব্বজনীন**—বিণ, সর্ব্বসাধারণের হিতকর। ২। সর্ব্বজন-বিদিত। ৩। সর্ব্বজনের প্রয়োজনীয়। **সার্ব্বধাতুক**—বিণ, সর্ব্বধাতু সম্বন্ধীয়। **সার্ব্ববিভক্তিক**—বিণ, সর্ব্ববিভক্তিজাত। **সার্ব্ববেদ্য**—বি, পুং, সর্ব্ববেদবিৎ ব্রাহ্মণ। **সার্ব্বলৌকিক**—বিণ, সর্ব্বলোক সম্বন্ধীয়। ২। সর্ব্বলোক-পরিচিত; সর্ব্বজন-বিদিত। ৩। সর্ব্বত্রপ্রসিদ্ধ; সর্ব্বত্র পরিচিত। ৪। সকলের উপর।

সার্ব্বত্রিক (শার্বত্‌ত্রিক্) [সর্ব্বত্র (সকল স্থান)+ইকণ্] বিণ, সকল স্থানের উপযোগী। ২। সর্ব্বত্রস্থিত; সর্ব্বত্রব্যাপী।

সার্ব্বভৌম (শা) [সর্ব্বভূমি (সকল স্থান)+অ (অধিপতি অর্থে—অণ্)] বি, পুং, সম্রাট্; চক্রবর্ত্তী; সমুদয় ভূমির রাজা। ২। উত্তরদিগ্‌গজ; কুবেরের হস্তী। ৩। বিণ, জগদ্বিখ্যাত; বিশ্বব্যাপী।

সার্ষপ (শার্ষপ্) [সর্ষপ+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, সর্ষপ সম্বন্ধীয়। ২। সর্ষপজাত। ৩। বি, সরিষার তৈল।

সার্ষ্টি (শার্ষ্‌টি) [স (সহিত) ঋষ্টি] বি, স্ত্রী, মুক্তিবিশেষ; ঈশ্বরের তুল্য ঐশ্বর্য্য লাভ। প্র—"বৈরাগীর বৈরাগ্যলাভ শাক্তের সার্ষ্টি: * যোগীর * * মোক্ষ * * তাহাদের স্ব স্ব শাস্ত্র বিহিত কর্ত্তব্য।"—গৃহস্থ, ১৩২০।

সাল (শাল্) [সল্ (গমন করা)+অ (অধি—ঘঞ্)] বি, পুং, সর্জ্জবৃক্ষ। ২। প্রাচীর; দেওয়াল। ৩। কামারশাল। প্র—"বার গাছি সিমুল তেরগাছি ডাল। তাহার তলায় বিসাই পাতিল সাল॥"—শূ·পু। স্ত্রী, **সালা**—গৃহ।

সাল (শাল্) [ফা] বি, আকবর শাহ প্রবর্ত্তিত অব্দ। ২। বৎসর। এই বৎসর গণনা করিতে হইলে শকাব্দা হইতে ৫১৫বৎসর বাদ দিতে হয়।

সালগুজস্তা (শাল্) [ফা—গুজশ্‌তা (গত সাল আদাঃ পরিঃ] বি, গতবৎসর।

সালঙ্ক (শালংক) [সালঙ্কার (দ্রঃ) সংক্ষেপে বি, অলঙ্কার ; ভূষণ। প্র—"কুলের কলঙ্ক করিনু সালঙ্ক তবু যে না পানু হরি।"— চণ্ডীদাস

সালঙ্কার (শালংকার্) [স (সহিত) অলঙ্কার, বহু] বিণ, অলঙ্কারযুক্ত ; ভূষণবিশিষ্ট ; ভূষিত ২। [স্ব—অলঙ্কার। প্রা-বাং—সালঙ্ক দ্রঃ বি, ভূষণ। প্র—"তোমারি বচন সালঙ্কার মোর"—চণ্ডীদাস। স্ত্রী. **সালঙ্কারা**—গহনায় ভূষিতা ; অলঙ্কৃতা। প্র—"সালঙ্কারা কন্যা বরে দিস সমর্পিয়া।"—ঘনরাম।

সালতামামি (শাল্) [সাল (বর্ষ) তামাম (কাবার) + ই] বি, বার্ষিক বিবরণ। ২। বর্ষের শেষ। ৩। সমস্ত বৎসর।

সালতি (শাল্‌তি) [সাল (শালগাছ) + তি (নির্ম্মিত অর্থে)] বি, শালকাঠ নির্ম্মিত সরু ডোঙ্গা।

সালনির্য্যাস (শাল্‌নির্জ্যাশ্) [সাল (বৃক্ষ) নির্য্যাস (আঠা)—৬তৎ] বি, পুং, সাল গাছের আঠা, ধুনা।

সালপানী (শালপানি) [সং—সালপর্ণী] বি, বন্য ক্ষুপবিশেষ ; desmodium gangeticum.

সালবোট (শাল্‌বোট্) [ইং—salver] বি, রেকাবির আকার পিত্তলাদি ধাতুর বৃহৎ পাত্র।

সালভঞ্জিকা (শাল্‌ভোন্‌জিকা) [সাল (বৃক্ষ) ভনজ্ (রেঁদা করা) + অক, আপ্ স্ত্রী] বি, স্ত্রী, সালকাষ্ঠনির্ম্মিত পুত্তলিকা ; কাঠের পুতুল। ২। গণিকা।

সালমমিছরী (শালম্, ছ) [আ—সালম-মিসরী] বি, ঈষৎ মিষ্টরস শাককন্দবিশেষ ; orchis mascula.

সালসা (শাল্‌শা) [পর্ত্তু—salsa] বি, রক্তশোধক বৃষ্য ঔষধবিশেষ ; sarsaparilla.

সালাদ (দ্) [ইং—salad] বি, বৈদেশিক শাকবিশেষ। সালাদের পাতা য়ুরোপীয়গণ কাচায় ও রাঁধিয়া খায়।

সালিক (শালিক্) [সং—সারিকা] বি, ময়নাজাতীয় সাধারণ গ্রাম্যপক্ষিবিশেষ ; শালিক দ্রঃ। ইহারা খুব পোস মানে ও পড়ে।

সালিয়ানা [শা) [হি—সালানা ; সাল দ্রঃ] বি, বাৎসরিক বৃত্তি। ২। বিণ, বার্ষিক।

সালিশ, সালিস (শালিশ্) [আ] বি, মধ্যস্থ। বিণ, **সালিসী**—মধ্যস্থ দ্বারা বিচার্য্য। **সালিসনামা**—মধ্যস্থ দ্বারা বিচারের রায়। **সালিসি ফয়সালা**—বি, মধ্যস্থ দ্বারা মোকদ্দমার নিষ্পত্তি।

সালিসি (শালিশি) [সালিশ (দ্রঃ) + ই (কর্ম্ম, অর্থে)] বি, মধ্যস্থতা।

সালুক (শালুক্) [শালুক দ্রঃ] বি, কুমুদকন্দ। প্র—"সালুক সুন্দির ফুলে সারিয়া লইব হার। অাহাত হইব তুষ্ট অনাদ্য করতার।"—শূ-পু।

সালুর (শালুর্) [সং] বি, ইন্দুর ; মূষিক। প্র—"মহাদর্পে সর্পে গিয়া ধরিছে সালুর।"—ঘনরাম।

সালোক্য (শালোক্‌ক) [স (সহিত) লোক (ভুবন) + য (নিবাসার্থে—ষণ্)] বি, স্ত্রী, একলোকে ইষ্টদেবতার সহিত বাসরূপ মুক্তিবিশেষ।

সাল্ব (শাল্‌ল) [সাল + ব] বি, পুং, দেশবিশেষ। ২। নৃপতিবিশেষ।

সাল্বহা (শাল্‌লহা) [সাল্ব (দৈত্যবিশেষ) হা—হন (বধ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, সাল্বনিসূদন বিষ্ণু।

সাল্মিক (শাল্‌লিক্) [সং] বি, পুং, সালিক পাখী।

সাশ্রয় (শাস্‌স্রয়) [স্ব—আশ্রয়] বি, উপচয় ; অপচয় হইতে রক্ষা। ২। লাভ।

সাষ্টাঙ্গ (শাষ্‌টাংগ) [স + অষ্টাঙ্গ] বিণ, মস্তক, গ্রীবা, বক্ষ, পার্শ্ব, পৃষ্ঠ, উদর, হস্ত ও পদ দেহের এই অষ্ট অঙ্গের সহিত। ২। জানু, পদ, হস্ত, বক্ষ, শির, দৃষ্টি, বুদ্ধি ও বাক্য সহযোগে। ৩। অষ্টাঙ্গযোগে প্রণাম ; প্রণিপাত।

সাস্তর (শাস্‌তর্) [সং—শাস্ত্র অপভ্রংশে] বি, শাস্ত্র। প্র—"চারিবেদ নাহি ছিল সাস্তর বিচার। গুপত বেদ করিলেন্ত পরভু করতার।"—শূ পু।

সাস্না (শা) [সস্ (নিদ্রিত হওয়া) + নণ্ (কর্ত্তৃ) আপ্ স্ত্রী] বি, স্ত্রী, গো-গলকম্বল ; গরুর গলার লোলচর্ম্ম।

সাস্র (শাস্‌স্র) [স (সহিত) অস্র (চক্ষুর জল)] বিণ, অশ্রুসহ ; চোখের জলের সঙ্গে। ২। শোণিতসহ ; সরক্ত। ৩। রোরুদ্যমান্ ; রোদনপরায়ণ। ৪। কোণ সহিত ; কোণবিশিষ্ট। **সাস্রনয়ন**—সজল চক্ষু।

সাহঙ্কার (শাহংকার্) [স (সহিত) অহঙ্কার (গর্ব্ব) যাহার, বহু] বিণ, অহঙ্কৃত। স্ত্রী. **সাহঙ্কারা**।

সাহচর্য্য (শাহচোর্জ্জ) [সহচর (সঙ্গী) + য (ভাবে—ষণ্)] বি, স্ত্রী, সঙ্গ ; সহচরত্ব। ২। সংসর্গ ; সংস্রব।

সাহজিক (শাহজিক্) [সহজ + ইক] বিণ, স্বাভাবিক ; প্রকৃতিসিদ্ধ।

সাহস (শাহশ্) [স্মৃতিঃ পরিঃ। সহসা + অ (কৃতার্থে—অণ্)] বি, সাধারণের দ্রব্য অথবা পরকীয় দ্রব্যের বলপূর্ব্বক হরণ ; দস্যুতা। প্র—"যে সাহস করে তাহার, হৃতদ্রব্যের মূল্য অপেক্ষা দ্বিগুণ দণ্ড, আর যে সাহস করিয়া অপলাপ করে, কৈ আমি ত এমন কার্য্য করি নাই' তাহার চতুর্গুণ অর্থদণ্ড হইবে।"—যাজ্ঞবল্ক্য সংহিতা (বঙ্গবাসী)। ২। ভয়রাহিত্য ; নির্ভীকতা। ৩। বিক্রম ; শৌর্য্য। ৪। দস্যুবৃত্তি। ৫। অত্যাচার। ৬। অনৌচিত্য। ৭। অবিমৃষ্যকরণ ; সহসা কৃত কর্ম্ম। ৮। বলপূর্ব্বক কৃত দুষ্কর্ম্ম। ৯। দ্বেষ। ১০। ধৃষ্টতা। ১১। পুং, অগ্নিবিশেষ। ১২। বিণ, অবিমৃষ্যকারিতা।

সাহসাঙ্ক (শাহশাংক) [সাহস (বিক্রম) অঙ্ক (চিহ্ন)] বি, পুং, রাজা বিক্রমাদিত্য।

সাহসিক (শাহশিক্) [সাহস + ইক (কর্ত্তৃ)] বিণ, যে সাহসের কর্ম্ম করে।

সাহসী (শাহসী) [সাহস + ইন্ (অস্ত্যর্থে) = সাহসিন্ ১মা, ১ব] বিণ, নির্ভীক ; সাহসিক।

সাহস্র (শাহশ্‌স্র) [সহস্র + অ (সমূহার্থে—অণ্)] বি, স্ত্রী, সহস্র সৈনিক সংখ্যাত সেনা। ২। সহস্র সংখ্যায় সংখ্যাত দল। ৩। বহু সহস্র। ৪। সহস্রমাত্র। ৫। সহস্র সম্বন্ধীয়। ৬। বিণ, সহস্র মুদ্রায় ক্রীত।

সাহা (শা) [সং—সাধু (দ্রঃ) হইতে সাহু—সাহা] বি, সাহাকার জাতি ; বাণিজ্য ব্যবসায়ী জাতিবিশেষ। ২। জাতীয় উপাধিবিশেষ।

সাহানা (শা) [আ—শাহ্‌নহ্। আদা : পরি]। বি, গ্রাম্য চৌকীদার।

সাহায্য (শাহাজ্জ) [সহায় + যণ্ (ভাবে)] বি, স্ত্রী, সহায়তা ; আনুকূল্য।

সাহারা (শা) [ইং—Sahara.] বি, আফ্রিকা মহাদেশস্থ প্রসিদ্ধ মরুভূমি। প্র—"হৃদয়ে উড়ায় বালু শত সাহারার।"—প্রেম ও ফুল।

সাহিত্য (শাহিৎত) [সহিত + য (ভাবে, ষ্য)] বি, স্ত্রী, সঙ্গ ; সংসর্গ ; সাহচর্য্য। ২। মিলন। প্র—"এই দুইয়ের সাহিত্য অথবা পার্থক্যে শ্রবণ এবং চিন্তন করিবেক।"—রাজা রামমোহন রায়। ৩। [অলঙ্কার ব্যাকরণ ছন্দাদির সহিত পাঠ্য বলিয়া] কাব্যশাস্ত্র ; কাব্যকবিতাদি রচনা ; pure literature. ৪। [বিশদার্থে] মানবের ব্যক্তিগত বা জাতীয় চিন্তা লিখিত ভাষায় ব্যক্ত হইলে সাহিত্যের সৃষ্টি করে। [দ্রঃ—এই অর্থে ইংরেজীতে literature শব্দ ব্যবহৃত হয়। সাহিত্যমঙ্গলকারমতে —"কর্ম্মশাস্ত্র, ধর্ম্মশাস্ত্র, যোগশাস্ত্র, বিয়োগশাস্ত্র, কাব্যকবিতা, গণিত জ্যোতিষ—সকলই মোটের উপর সাহিত্যেরই অধিকারাধীন। ভাগ বিভাগ, শ্রেণী, অঙ্গ, প্রত্যঙ্গাদি ভেদে সাহিত্যেরই ভিন্ন ভিন্ন নাম প্রযুক্ত হয়। তুল—ইং— pure literature (বিশুদ্ধ সাহিত্য), scientific literature (বৈজ্ঞানিক সাহিত্য), historical literature (ঐতিহাসিক সাহিত্য), religious literature (ধর্ম্ম সাহিত্য)।

সাহু (শা) [সং—সাধু] বি. বণিক্; মহাজন। সাহেব (শাহেব্) [আ—সাহব] বি. সম্ভ্রান্ত ব্যক্তি; সম্মানিত ব্যক্তি। এই অর্থে স্ত্রী—বিবি, বীবী। ২। প্রধান ব্যক্তি। ৩। প্রভু। প্র—"ভূত বলি দেবীরে সাহেব গালি দিলা।" —অ, ম। ৪। য়ুরোপীয়। এই অর্থে স্ত্রী—মেম (দ্রঃ)। ৫। সম্মানসূচক উপাধি; মহাশয়। প্র—"বাবু সাহেব, মেম সাহেব। "ফরমানী মহারাজ মনসবদার। সাহেব নহবৎ আর কান-গোই ভার॥"—অ, ম। ৬। রাজপুরুষ। প্র—"কৃতাঞ্জলি দ্বারা সাহেব সুবাদিগকে বশীভূত করিয়াছিলেন।" স্ত্রী. সাহেবা। সাহেব-আনা, সাহেবিয়ানা—সাহেবের আচরণ; সাহেবী চাল। সাহেবসুবা—সম্ভ্রান্ত রাজ পুরুষাদি। বাবুসাহেব—বাবু মহাশয়।

সাহেবান্ (শা) [সাহেব (দ্রঃ) শব্দের বহুবচনে] বি. মান্যব্যক্তিগণ। সাহেব সমূহ।

সি (শি) [হি—র অনুকরণে। প্রা-বাং] স, সে। প্র—"যাহার পাপ তাকে সি পায়॥"—ডাক। ২। [সং—সিপ্ হইতে সি] মধ্যম পুরুষ, বর্তমান কালবাচক ক্রিয়া-বিভক্তি। প্র—"তোর মাতামহ মুই না চিনসি মোক।" "এহিক্ষণে মোকে যদি না দেয়সি বিহা।"—মহা (শ্রীকরণ)।

সিঅলি, সিআলি (শি) [সং—সেফালিকা] বি. স্ত্রী. শেফালিকা; শিউলি। প্র—"প্রণমেত কোঙর বক নাপালি সিঅলি। কালা কাসন্দর ইন্দীবর ফুল লইল তুলি॥"—শূ-পু।

সিউনি (শি) [সং—সেচনী] বি. সেচনী; বারি-সেচন-পাত্র।

সিউলি, শিউলি (শি) [সিঅলি দ্রঃ] বি. শেফালিকাপুষ্প। প্র—"উষার মেদুর বায় হয়ে গেল ভরপুর কামিনী ও সিউলির বাসে।"—অশোকগুচ্ছ। ২। শৈবাল; শেয়ালা।

সিউলা (শি) [প্রাদে] বি. জাতিবিশেষ; ইহারা খেজুর গাছ কাটে ও গুড় তৈয়ারি করে প্র—"সিউলী নগরে বৈসে খাজুরের কাটি রসে গুড় করে বিবিধ বিধানে।"

সিংহ (শিং) [হিন্স্ (হিংসা করা) + অ (কর্তৃ—অচ্) নিপাতন] বি. পুং. অতিবলবান বিড়াল জাতীয় হিংস্র পশু; পশুরাজ; কেশরী; ২। [অন্য শব্দের পর যুক্ত হইলে] শ্রেষ্ঠ। ৩। [জ্যোতিষে] পঞ্চম রাশি। ইহাতে ভাদ্রমাসও বুঝায়। প্র—"ককচ সিংহেতে যেন জলদ বরিষে।"—মহা-আদি (কাশী)। স্ত্রী. সিংহী। সিংহ কেশর—বি. পুং. সিংহের জটা। ২। বকুল গাছ। সিংহতল—বি. পুং. বদ্ধাঞ্জলি। সিংহদ্বার—বি. সিং দরজা; সিংহ মূর্তি চিহ্নিত ফটক; প্রধান প্রবেশদ্বার। সিংহধ্বনি, সিংহনাদ—বি. কেশরী গর্জন; সিংহের ডাক। ২। [সিংহের ন্যায় ধ্বনি—নাদ (শব্দ) ৬তৎ] আস্ফালন-সূচক শব্দ; হুঙ্কার; ভীম রব। প্র—"আইলেন প্রভঞ্জন সিংহনাদ করি ঘন, যথা ভীম ভীমসেন কৌরব সমরে।"—মাইকেল। সিংহমুখ—বি. সিংহের মুখ। ২। হস্তীর ভূষণবিশেষ।

সিংহল (শিংহল্) [বঙ্গীয় রাজপুত্র বিজয় সিংহ এই দ্বীপ জয় করিলে তাঁহার নামে দ্বীপের 'সিংহল' নাম হয়] বি. ক্লী. ভারতবর্ষের দক্ষিণ পূর্ব প্রান্তস্থ দ্বীপবিশেষ; লঙ্কা দ্বীপ; Ceylone. ২। পিত্তল। ৩। ক্লী. রাঙ্; রঙ্গ। ৪। টিন।

সিংহবাহিনী (শিং) [সিংহ—বাহ + ইন্ (অস্ত্যর্থে) = সিংহবাহিন + ঈপ্ স্ত্রী] বি. স্ত্রী. ভবানী; দুর্গা।

সিংহবিক্রান্ত (শিং) [সিংহের ন্যায় বিক্রান্ত] বিণ. সিংহের ন্যায় পরাক্রমশালী; ভীম-পরাক্রান্ত। ২। বি. পুং. অশ্ব।

সিংহাণ (শিংহান্) [সিংহ—আণ] বি. পুং. সিংহনাদ; কেশরী গর্জন।

সিংহান, সিঙ্ঘান (শিং) [শিন্‌ঘ্ (আঘ্রাণ করা) + আন (কর্মে), নিপাতন] বি. ক্লী. শ্লেষ্মা; সিক্‌নি; নাসিকামল। ২। লৌহমল; লোহার মরিচা।

সিংহাসন (শিংহাশন্) [সিংহ (সিংহযুত বা সিংহচিহ্নিত) যে আসন, কর্মধা] বি. ক্লী. নৃপতির আসন; রাজাসন।

সিংহিকা, সিংহী (শিং) [সিংহী (রাহুর মাতা) + ক (স্বার্থে)—আপ্ স্ত্রী] বি. স্ত্রী. কশ্যপ পত্নী; রাহুর জননী। ২। সিংহের স্ত্রী।

সিঁআ (শিঁ) [সং—সীবন হইতে] ক্রি. সেলাই করা। বি. সিঁআই—সেলাই।

সিঁউলি (শিঁ) [সিউলী দ্রঃ। প্রাদে] বি. শৈবাল। প্র—"সন্তাপে সিনুলা ভাসে সোঁতের সিঁউলি।"—ঘনরাম।

সিঁচগাড়ী (শিচ্ [সিঁচ (সেচন) গাড়ি (গাড ক্ষুদ্রার্থে গাড়ি। সং—গর্ত)] বি. সিঞ্চিত জল যে গর্তে পতিত হয়। প্র—"যোগেশ্বর জল সেঁচে জলাধিপে কম্প। সিঁচ গাড়ী সমীপে সফরী দিল লম্ফ।"—শিবায়ন।

সিঁচা, সেঁচা (শিঁ, শেঁ) [সং—সিঞ্চন হইতে সেচন—সেঁচা] ক্রি. সেচন করা। প্র—'বাঁধ বেঁধে বিধুমুখী সিঁচে ফেলে পয়।"—শিবায়ন। "শিব মোর কি করিবে তাকে আমি জানি। আনুগে তো তাকে ডেকে সে সিঁচে দিক পানি॥—ঐ। ২। বিণ. সিঞ্চিত।

সিঁড়ি, সিঁড়ী (শিঁ) [সং—শ্রেণী; হি—সীঁঢ়ি; প্রা-বাং—সিঁঢ়ি] বি. সোপান; পইঠা। প্র—"গিরি পরে উঠে গিরি স্বর্গের শ্যামল সিঁড়ি।"—কস্তুরী।

সিঁথি (শিঁ) [সীতা দ্রঃ সীতা রেখাবৎ বলিয়া] বি. কেশবীথি; সীমন্ত। প্র—"সিঁথির সিঁদুর-টুকু সত্যই যেন তাঁহার রূপে হাসিতেছিল।"—ভারতী, ১৩২০।

সিঁদ (শিঁদ্) [সিধ দ্রঃ সন্ধি হইতে] বি. সন্ধি; প্রাচীরাদিতে গর্ত। সিঁদ কাটা—সন্ধি খনন করা। সিঁদ দেওয়া—সিঁদ কাটা। গ্রা. কথ্য—সিঁদ মারা। সিঁদকাটি, সিঁধকাঠি—বি. লৌহ নির্মিত খননাস্ত্রবিশেষ; যে যন্ত্র দ্বারা চোরেরা গৃহ ভিত্তিতে ছিদ্র করিয়া প্রবেশের পথ করে।

সিঁদুর (শিঁদুর্) [সং—সিন্দুর] বি. রক্তবর্ণ চূর্ণবিশেষ; এয়োতির লক্ষণ স্বরূপ হিন্দু রমণী ইহা সীমন্তে ও ললাটে ধারণ করে।

সিঁধ (শিঁধ্) [সং—সন্ধি] বি. সন্ধি; সুড়ঙ্গ।

সিঁধাল (শিঁধাল্) [সিঁধ (দ্রঃ) + আল (হি—বালা)] বিণ. যে সিঁধ দিয়া চুরি করে; সিঁধ কাটিতে দক্ষ চোর।

সিকঞ্জা (শিকন্‌জা) [ফা—শিকন্‌জা] বি. পুস্তকাদি বাঁধাইয়ের জন্য চাপ যন্ত্র।

সিকড় (শিকড়্) [শিকড় দ্রঃ] বি. মূল। প্র—"চন্দন বানাঅ তুলি বেলাল সিকড়। তো আল পিআল সাইল দুহি আকড়॥"—শূ-পু।

সিকতা (শি) [সং] বি. বালুকা। ২। বালুকা-ময় ভূমি। সিকতাবান্—বালুকাযুক্ত; বেলে। সিকতাময়—বালুকাময়; সৈকত। ২। সমুদ্রোপকূল।

সিকতিল (শি, ল) [সিকতা + ইল (যুক্তার্থে)] বিণ. সিকতাময়; বেলে; বালিযুক্ত।

সিকস্ত (শিকস্ত্) [ফা—শিকস্ত] বি. ধ্বংস; ভাঙ্গন। ২। নদ্যাদির তট ধসিয়া পড়ন। ৩। উৎসাহ ভঙ্গ; হতাশ; জেরবার। প্র—"অনেকের উপর পীড়ন হওয়াতে প্রজারা সিকস্ত হইয়া পড়িল।"—টেকচাঁদ। ৪। আদালতের টানা জড়ানে লেখা।

সিকা (শি) [সং—চতুষ্কা] বি. চতুর্থাংশ।

সিকায়ৎ (শি) [আ—শিকায়ৎ] বি. দোষারোপ।

সিকি, সিকী (শি) [সং—চতুষ্কা] বি. চতুর্থাংশ। ২। টাকার চতুর্থাংশ রৌপ্যমুদ্রা; টাকার চারিভাগের এক ভাগ। ৩। পোয়া; এক সেরের চারিভাগের একভাগ।

সিক্কা (শি) [আ] বি. বাদশাহী মুদ্রা। ২। টাকা। ৩। ইষ্টইণ্ডিয়া কোম্পানীর টাকা। বিরাশি সিক্কার ওজন—চলিত ওজন ৮০ তোলায় এক সের কিন্তু তাহার অপেক্ষা

। ২। অধিক ভারী। প্র—৮২ সিক্কা ওজনের এক কিল তাহার পৃষ্ঠে পড়িল।

সিক্ত (শিক্ত) [সিচ্ (সেক করা)+ত (ক্ত)] বিণ, আর্দ্রীকৃত ; ভিজা।

সিক্‌থ (শি) [সিচ্ (সেক করা)+থক্—কর্তৃ] বি, পুং, মোম। ২। নীলি ; নীলবড়ি।

সিক্‌থক (শি, ক্) [সিক্‌থ+ক] বি, স্ত্রী, মোম ; মধুথ।

সিক্‌নি (শি) [সিঙ্ঘান শব্দজ] বি, নাসিকা-নির্গত শ্লেষ্মা ; নাসিকা-মল।

(শি) [আদাঃ পরি। ফা—শিক্‌মী (গুপ্ত)] বি, যে মধ্যসত্তের রাজস্ব জমীদারের মার্ফৎ গভর্ণমেণ্টকে দেওয়া হয়।

সিক্য (শিক্ক) [সং] বি, খাদ্যাদি বিড়ালাদি হইতে রক্ষা করিবার জন্য শূন্যে ঝুলাইয়া রাখিবার রজ্জু নির্ম্মিত আধার ; শিকে।

সিগারেট (ট্) [ইং—cigarette.] বি, ছোট চুরুট। প্র—"পা ফাঁক করে সিগারেট খেতে বড্ডই ভালবাসি।"—দ্বিজেন্দ্র রায়।

সিঙ্গার (র্) [শৃঙ্গার দ্রঃ। ব্রজ—সিঙার] বি, শৃঙ্গার : বেশবিন্যাস। প্র—"মুকুর লেই অব করত সিঙ্গার।"—বি, প।

সিচিকাবাড়ি (শি) [শিক (দ্রঃ) ক্ষুদ্রার্থে শিকচা—বাড়ি (কাঠি)] বি, ছিঁচকে ; হুঁকার নল পরিষ্কার করিবার শলাকা : ২। সম্মার্জ্জনী ; খেঙরা।

সিজ, সাজ (শিজ্) [সং—সীহুণ্ড, হি—সীজ] ইহার সর্ব্বাঙ্গ ক্ষীরী বলিয়া ইহার নাম "সমস্ত দুগ্ধা"] বি, কণ্টকবিশিষ্ট তেশিরা গাছ ; সুহী বৃক্ষ ; মনসা সিজ ; মনসা গাছ : euphorbia nerrifolia. ঘোড়া সিজ—সর্ব্বাপেক্ষা বৃহৎ জাতীয় সুহী। তেকাটা সিজ—ত্রিশিরা মনসার গাছ। লঙ্কাসিজ—পত্রহীন সরু সরু শাখার ক্ষীরী ক্ষুপবিশেষ।

সিজা (শিজ্) [সং—সিদ্ধ হইতে গ্রা। সিঝই দ্রঃ] বি, সিদ্ধ হওয়া। ২। সিদ্ধ করা।

সিজান (শিজানো) [সিদ্ধ অপভ্রংশে] বিণ, সিদ্ধ। প্র—"সিজান ধান্যেতে যদি অঙ্কুর নিঃসরে।"—মনসামঙ্গল (কেতকা দাস)।

সিজিল (ল্) [আ] বি, সেরেস্তার খাতাপত্র।

সিজে (শি) [সং—শীর্ণ হইতে] বি, কৃশ ; শীর্ণ। প্র—"দেখা দেখি সাধয়ে যোগ, সিজে কায়া বাড়য়ে রোগ, ওরে মিছে মিছি কর্ম্ম ভোগ গুরু বিনে প্রসাদ বলে।"—বাং-গান।

সিজ্জন (শিজ্‌জন্) [সং—সর্জ্জন হইতে (সৃজন দ্রঃ) প্রা-বাং-প্রা] বি, সৃজন ; সৃষ্টি।

সিঝা (শিঝ্) [সং—সিদ্ধ—সিধ—সিঝ+আ (ক্রিয়ায়)। উ-পু—সিঝি। ম-পু—সিঝ। প্র-পু—সিঝে। অস-ক্রি—সিঝিতে ; সিঝিয়া। ণিজন্ত—সিঝান] ক্রি, সিদ্ধ করা। ২। বিণ, সিদ্ধ। প্র—সিঝা ধান। সিঝা পোড়া—সিদ্ধ ও দগ্ধ।

সিঞা (শিঞা) [সং—সীবন হইতে] ক্রি, সীবন করা ; সেলাই করা। প্র—"সূক্ষ্মতর তৎপর আনিয়া খড়িকা। হাতাহাতি পত্র সিঞে সুরিক্ষা নায়িকা।"—ঘনরাম।

সিঞ্চন (শিন্‌চন্) [সিচ্ (সেক করা)+অন (ভাবে—অনট্)। ভুল প্রয়োগ, সেচন সাধু] বি, ক্লী, সেচন ; জলসেক।

সিঞ্চা (শি) [সং—সিচ্ (সিঞ্চনে) ধাতুজ। উ-পু—সিঞ্চি। ম-পু—সিঞ্চ। প্র-পু—সিঞ্চে। অস-ক্রি—সিঞ্চিতে ; সিঞ্চিয়া। ণিজন্ত—সিঞ্চান] ক্রি, সিঞ্চন করা ; সেচন করা। প্র—"শুষ্ক হৃদয় মম কঠিন পাষাণ সম প্রেম সলিলধারে সিঞ্চহ শুষ্ক নয়নে।"—গান।

সিট (শিট্) [ইং—seat] বি, স্থান। সীট দ্রঃ।

সিটকান (শিট্‌কানো) [সং—সঙ্কোচন হইতে। উ-পু—সিটকাই। ম-পু—সিটকাও। প্র-পু—সিটকায়। অস-ক্রি—সিটকাইতে ; সিটকাইয়া, সিটকে] ক্রি, কুঞ্চিত করা ; কোঁচকান ; কোঁকড়ান। ২। (শিট্‌কান্) [গ্রা—স্যাট্‌কান্] বি, কুঞ্চন ; ঘৃণা বা অবজ্ঞায় ওষ্ঠাদি বক্রকরণ। নাক সিটকান ঘৃণা বা অবজ্ঞায় নাসিকা কুঞ্চন।

সিটি (শি) [শব্দাত্মক। 'সি' শব্দের অনুকৃতি] বি, বংশীধ্বনি। ২। সিস্ দিবার যন্ত্র। প্র—"বিপুল রবে সিটি দিয়া, 'কুইন নামক' ষ্টীমার খানি ক্যানেল বন্দর হইতে ছাড়িল"—বিলাত ভ্রমণ (ডাঃ মল্লিক)।

সিটে (শি) [হি—সীঠা। সং—(অব) শিষ্ট] বি, কোন বস্তুর বর্জ্জনীয় অসার ভাগ ; শিঠা। প্র—"আমাদের দেশের লেখকদিগকে আমি তেঁতুল বলিয়া গণি, নিজের সম্পত্তি খোলা আর সিটে"—কমলাকান্তের দপ্তর। ২। কাইট।

সিত (শি) [সো (নাশ করা)+ত (কর্ত্তৃ—ক্ত) সো=সি] বি, পুং, বাণ ; শর। ২। শুভ্রবর্ণ ; শ্বেতবর্ণ। ৩। চন্দন। ৪। রৌপ্য ; রজত। ৫। বিণ, শুভ্রবর্ণবিশিষ্ট ; শাদা। প্র—"দুই পক্ষ চন্দ্রের অসিত সিত হয়।"—অন্নদামঙ্গল। ৬। [সি (বন্ধন করা)+ত কর্ম্মে—ক্ত] বদ্ধ। ৭। সমাপ্ত ; শেষ। ৮। বিনাশ। ৯। বিদিত। ১০। সম্পন্ন। স্ত্রী, সিতা—সুন্দরী ; নারী। ২। চন্দ্রিকা। ৩। মল্লিকা। ৪। শ্বেতদূর্ব্বা। ৫। মিছরী। ৬। সুরা। সিতকণ্ঠ—বি, পুং, দাত্যূহ পক্ষী ; ডাকপাখী। সিতকুঞ্জর—শ্বেত হস্তী। ২। ইন্দ্র। সিতগুঞ্জা—বি, সাদা কুঁচ। সিতশূক—যব।

সিতকর (শিতকর্) [সিত (শাদা) কর (কিরণ) যাহার, বহু] বি, পুং, চন্দ্র ; শশী। ২। কর্পূর।

সিতকার (শিত্‌কার্) [সং—সীৎকার] বি, অব্যক্ত মুখশব্দরূপ কামজ ব্যাপার। প্র—"চুম্বনে বদনে রচয়ে সিতকার"—জ্ঞান।

সিতচ্ছদ (শিতচ্‌ছদ্) [সিত (শাদা) ছদ (পক্ষ) যাহার, বহু] বি, পুং, রাজহাঁস। স্ত্রী, সিতচ্ছদা—শ্বেতদূর্ব্বা।

সিতপক্ষ (শি) [সিত (শাদা) পক্ষ (মাসার্দ্ধ)] বি, পুং, জ্যোৎস্নাপক্ষ ; শুক্লপক্ষ। ২। রাজহংস।

সিতপুষ্প (শি) [সিত (শ্বেতবর্ণ) পুষ্প যাহার—বহু] বি, ক্লী, কাশ। ২। মুস্তকবিশেষ। ৩। তগর বৃক্ষ। স্ত্রী, সিতপুষ্পা—মল্লিকা। সিত পুষ্পী—শ্বেত অপরাজিতা।

সিতমণি (শিতমোনি) [সিত (শাদা) যে মণি (কর্ম্মধা)] বি, পুং, চন্দ্রকান্তমণি। ২। সিতোপল : স্ফটিকমণি।

সিতরশ্মি (শিতরোশ্‌শিঁ) [সিত (সাদা) রশ্মি (কিরণ) যাহার, বহু] বি, পুং, চন্দ্র। ২। কর্পূর।

সিতাংশু (শি) [সিত (শাদা) অংশু (কিরণ) যাহার, বহু] বি, পুং, চন্দ্র। ২। কর্পূর।

সিতাখণ্ড (শি) [সিত (শাদা) আখণ্ড (শর্করা)] বি, পুং, মধুশর্করা। ২। মিষ্টান্ন-বিশেষ।

সিতাঙ্ক (শিতাংক) [সিত (শাদা) অঙ্ক (চিহ্ন বা স্থান) যাহার, বহু] বি, পুং, বেলেমাছ।

সিতাদি (শি) [সং] বি, গাঁড় ; গুড়।

সিতান, সিথান (শি, ন্) [শিতান দ্রঃ] বি, শিয়র। প্র—"সঙ্কীর্ণ রহিল স্থান সিতানের পাশে।"—কাশী—মহা—উদ্যোগ।

সিতানন (শিতানন্) [সিত (শাদা) আনন (মুখ) যাহার, বহু] বি, পুং, পক্ষীন্দ্র গরুড়। ২। বিণ, শ্বেত আননবিশিষ্ট।

সিতাপাঙ্গ (শিতাপাংগ) [সিত (শাদা) অপাঙ্গ (চক্ষুর প্রান্তভাগ যাহার, বহু] বি, পুং, শিখী।

সিতাব (শিতাব্) বি, অনুতাপ। প্র—"সিতাব করি ভজে হাড়ির চরণ"—মাণিকচাঁদের গান।

সিতাব্জ (শি) [সিত (শ্বেত)—অব্জ (পদ্ম)] বি, ক্লী, শ্বেতমন্দারক। ২। শ্বেতকমল।

সিতাভ (শি) [সিত (শাদা) আভা (দীপ্তি) যাহার, বহু] বি, পুং, চন্দ্র। ২। কর্পূর। ৩। বিণ, শুভ্র ; সাদা। স্ত্রী, সিতাভা

সিতাভোগ (শি, গ্) বি, সীতাভোগ দ্রঃ।

সিতাভ্র (শিতাভ্‌ভ্র) [সিত (শাদা) অভ্র (মেঘ) কর্ম্মধা] বি, কর্পূর।

সিতাম্বর (শিতাম্‌বর্‌) [সিত (শাদা) অম্বর (বস্ত্র) যাহার, বহু] বি, পুং বিশদবস্ত্র পরিহিত ব্রতী। ২। বিণ, শুক্লবসনাবৃত ; শ্বেতবস্ত্র পরিহিত।

সিতাম্ভোজ (শিতাম্‌ভোজ্‌) [সিত (শাদা) অম্ভোজ (পদ্ম) কর্ম্মধা] বি, ক্লী, শ্বেতপদ্ম।

সিতাসিত (শিতাশিত) [সিত (শুভ্র বর্ণ দেহ) অসিত (কৃষ্ণবর্ণ বস্ত্র) যাহার, বহু] বি, পুং, হলধর ; বলরাম। ২। শুক্রসহিত শনি। ৩। বিণ, শুক্ল ও কৃষ্ণ। প্র—"শ্রাবণে বরিষে মেঘ দিবস রজনী। সিতাসিত দুই পক্ষ একই না জানি॥"—কবিক।

সিতি (শি) [সি (বন্ধন করা) + তিক্‌ (কর্ত্তৃ)] বি, পুং শ্বেতবর্ণ। ২। নীলবর্ণ। সিতিকণ্ঠ—শ্বেতকণ্ঠ। ২। নীলকণ্ঠ। ৩। শিব। ৪। ময়ূর। ৫। ডাকপাখী।

সিতিমা (শি) [সিতি + ইমন্‌ (ভাবে) = সিতিমন্‌ ১মা, ১ব] বি, পুং, শুক্লতা ; শ্বেতত্ব। ২। কৃষ্ণতা।

সিতেতর (শিতেতর্‌) [সিত (শাদা) ইতর (বিপরীত) ৬তৎ] বিণ, কৃষ্ণবর্ণবিশিষ্ট। ২। বি, পুং, শ্যামশালি। ৩। কুলথ কলায়।

সিতোপল (শিতোপল্‌) [সিত (সাদা) উপল (প্রস্তর) কর্ম্মধা] বি, সিতমণি ; স্ফটিকমণি। ২। ক্লী, খড়ী। স্ত্রী, সিতোপলা—শর্করা ; চিনি।

সিথান (শিথান্‌) [সি (শিয়র—শির) থান (স্থান)] বি, শিয়র ; প্র—"নেতের বালিস দিল সিথানে পৈথানে।"—রামায়ণ (অদ্ভুতাচার্য্য)।

সিদ্ধ (শিদ্‌ধ) [সিধ্‌ (নিষ্পন্ন হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বি, পুং, দেবযোনিবিশেষ। ২। ত্রিকালজ্ঞ মুনি। প্র—"সিদ্ধগণে নমস্কার কৈলা বীর পথে।"—কবিক। ৩। তপঃপরায়ণ ঋষি ; যোগী। ৪। মাহেন্দ্রাদি যোগের অন্তর্গত যোগবিশেষ। ৫। সৈন্ধব লবণ। ৬। বিণ, প্রসিদ্ধ ; খ্যাত। প্র—"কর সিদ্ধ অসিদ্ধ এ গীত নিচয়।"—বাংগান। ৭। নিপুণ। ৮। সম্পন্ন। ৯। পারদর্শী] ১০। মন্ত্রসিদ্ধিযুক্ত। ১১। কৃতবিদ্য। ১২। প্রতিপাদিত। ১৩। প্রমাণীকৃত। ১৪। পরিশোধিত। ১৫। ফলিত। ১৬। প্রস্তুত। ১৭। পক্ব। ১৮। মিশ্রিত। ১৯। নিত্য। ২০। দীপ্তিবিশিষ্ট। ২১। মুক্ত। স্ত্রী, সিদ্ধা—যোগিনীবিশেষ। ২। ঋদ্ধি।

সিদ্ধগঙ্গা (শিদ্‌ধগংগা) [সিদ্ধ (আকাশস্থ) যে গঙ্গা—কর্ম্মধা] বি, স্ত্রী, মন্দাকিনী ; সুরনদী।

সিদ্ধদেব (শিদ্ধদেব্‌) [সিদ্ধ (যোগী) দেব] বি, পুং, মহাদেব ; মহেশ্বর।

সিদ্ধধাতু, সিদ্ধরস (শি) [সিদ্ধ (রসায়ন দ্বারা সম্পন্ন) যে ধাতু, রস—কর্ম্মধা] বি, পুং, পারদ ; পারা।

সিদ্ধপীঠ (শিদ্‌ধপীঠ্‌) [সিদ্ধ যে পীঠ (স্থান)] বি, পুং, ক্লী, যেস্থানে কোন সাধক কর্ত্তৃক যথানিয়মে লক্ষ বলি, কোটি হোম, তৎপরিমিত মহাবিদ্যা জপের অনুষ্ঠান করা হইয়াছে।

সিদ্ধবিদ্যা (শিদ্‌ধবিদ্‌দ্যা) [সিদ্ধা যে বিদ্যা—কর্ম্মধা] বি, স্ত্রী, দশমহাবিদ্যা।

সিদ্ধসাধ্য (শিদ্‌ধশাদ্‌ধ) [সং] বি, পুং, মন্ত্রবিশেষ।

সিদ্ধসিন্ধু (শিদ্‌ধশিন্‌ধু) [সিদ্ধ (আকাশস্থ) যে সিন্ধু] বি, স্ত্রী, মন্দাকিনী। ২। গঙ্গা।

সিদ্ধসেন (শিদ্‌ধশেন্‌) [সিদ্ধ—সেনা] বি, পুং, দেব সেনাপতি ; কার্ত্তিকেয়।

সিদ্ধান্ত (শি) [সিদ্ধ (সম্পন্ন) হইয়াছে অন্ত (শেষ) যাহার—বহু] বি, পুং, মীমাংসা। ২। জ্যোতিষশাস্ত্রবিশেষ। ৩। বিণ, প্রতিপন্ন। সিদ্ধান্তপঞ্চানন,—বাগীশ,—রত্ন,—সাগর—প্রাচীন আর্য্য শাস্ত্রীয় মীমাংসকগণের উপাধিবিশেষ। প্র—"স্বরূপ সনাতন-রূপরঘুনাথ ভট্টযুগ লোকনাথ সিদ্ধান্ত সাগর।"—নরোত্তম। সিদ্ধান্তমুক্তাবলী—ন্যায়দর্শনের গ্রন্থবিশেষ।

সিদ্ধান্তাচার (শি, র্‌) [সিদ্ধান্ত—আচার] বি, পুং, তন্ত্রোক্ত আচারবিশেষ।

সিদ্ধান্তী (শি) [সিদ্ধান্ত + ইন্‌ (অস্ত্যর্থে) = সিদ্ধান্তিন্‌ ১মা, ১ব] বি, পুং, সিদ্ধান্তকারী ; মীমাংসক।

সিদ্ধাপগা (শি) [সিদ্ধা (আকাশস্থিত) আপগা (নদী) কর্ম্মধা] বি, স্ত্রী, মন্দাকিনী।

সিদ্ধার্থ (শি) [সিদ্ধ (সম্পন্ন) হইয়াছে অর্থ (প্রয়োজন) যাহার, বহু] বিণ, সিদ্ধকার্য্য ; কৃতার্থ। ২। প্রসিদ্ধার্থ। ৩। বি, পুং, বুদ্ধদেব। ৪। সরিষা। প্র—"রজত কাঞ্চন তাম্র গোরচন সিদ্ধার্থ চামর দর্পণ।"—কবিক।

সিদ্ধি (শি) [সিধ্‌ (নিষ্পন্ন হওয়া) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, মোক্ষ ; মুক্তি। ২। যোগবিশেষ সাধন। প্র—"অতি বড় বৃদ্ধপতি সিদ্ধিতে নিপুণ।"—অ, ম। ৩। সফলতা। ৪ নিষ্পত্তি। ৫। জয়লাভ। ৬। পুরুষার্থ। ৭। অণিমাদি অষ্টবিধ ঐশ্বর্য্য। ৮। নৃপতিগণের প্রভাবসিদ্ধি, মন্ত্রসিদ্ধি ও উৎসাহসিদ্ধি-নামক ত্রিবিধ সিদ্ধি। ৯। ঐশ্বর্য্য। ১০। জ্ঞান। ১১। শুদ্ধি। ১২। বৃদ্ধি। ১৩। অন্তর্দ্ধান। ১৪। পাক। ১৫। [করণে—ক্তি] যাহা চরণে ধারণ করিলে সুখে গমন করা যায় ; পাদুকা। ১৬। ভাঙ্গ। প্র—"কোন গুণ নাই যেথা সেথা ঠাঁই সিদ্ধিতে নিপুণ দড়।"—অ, ম। ব্রজ—সিধি—সিদ্ধি। প্র—"চণ্ডীদাস কহে সে ভাল বিধি। এই অনুরাগে সকল সিধি।"—চণ্ডীদাস।

সিদ্ধিদ (শি) [সিদ্ধি—দ (যে দান করে)] বিণ, বাঞ্ছিতপূরক ; সিদ্ধিদাতা। ২। পুং, বটুক ভৈরব। স্ত্রী, সিদ্ধিদা।

সিদ্ধিদাতা (শি) [সিদ্ধি (অভীষ্ট সাধন) দাতা (যিনি দান করেন)] বি, পুং, গণেশ। প্র—"হে সিদ্ধ পুরুষ গণেশ তুমি জ্ঞান গৌরবাশ্রয়। * * * শুধু ভরসা তোমার হে সিদ্ধিদাতা কর সিদ্ধি, অসিদ্ধ এ গীত নিচয়।"—বাংগান।

সিদ্ধিযোগ (শিদ্‌ধিজোগ্‌) বি, পুং, জ্যোতিষ শাস্ত্রোক্ত যোগবিশেষ। [দ্রঃ—শুক্রবারে—প্রতিপৎ, একাদশী ও ষষ্ঠী ; বুধবারে—দ্বিতীয়া, দ্বাদশী ও সপ্তমী ; শনিবারে—চতুর্থী, নবমী, ও চতুর্দ্দশী ; মঙ্গলবারে—তৃতীয়া, অষ্টমী ও ত্রয়োদশী ; বৃহস্পতিবারে—পঞ্চমী দশমী অমাবস্যা ও পূর্ণিমা তিথি থাকিলে সিদ্ধি যোগ হয়]।

সিদ্ধেশ্বরী (শিদ্‌ধেশ্‌শোরী) [সিদ্ধা—ঈশ্বরী, কর্ম্মধা] বি, স্ত্রী, দেবীবিশেষ।

সিধা (শি) [ঋজু হইতে ? হি—সীধা] বিণ, সোজা ; সরল। প্র—"হোক্‌রে সিধা কুটিল দ্বিধা যত।"—রবি। সিধাসিধি—একেবারে সোজা ভাবে।

সিধা (শি) [সং—সিদ্ধ হইতে সিদ্ধ করিবার অন্ন] বি, পাক করিয়া খাইবার মত দত্ত চাউল, ডাইল, ঘৃত, লবণ আলু প্রভৃতি ভোজ্য।

সিধ্য (শিদ্‌ধ্য) [সিধ্‌ (নিষ্পন্ন করা) + য (কর্ত্তৃ—ক্যপ)] বিণ, কার্য্যনিষ্পাদক। ২। বি, পুং, পুষ্যানক্ষত্র।

সিধ্র (শিধ্‌র) [সিধ্‌ (নিষ্পন্ন হওয়া) + র (কর্ত্তৃ—রক্‌) [বি, পুং, ধর্ম্মনিষ্ঠ ; সাধু। ২। বৃক্ষ ; গাছ।

সিন (শিন্‌) অ, বরং। প্র—"আমিত চরণতলে পড়েই আছি। তুমিই সিন পায় রাখতে চাওনা॥—লীলাবতী। ২। সন্দেহে ; যদি এরূপ হয় তবে না ? প্র—কল্লে সিন্‌ ; বল্লে সিন্‌ ; গেলে সিন্‌। এইরূপ স্থলে হি-তে 'সহী'র প্রয়োগ আছে।

সিনান (শিনান্‌) [সং—স্নান হইতে প্রাকৃ—সিনান। ব্রজ] বি, স্নান ; অবগাহন। প্র—'তুমি কোন দিনে যমুনা সিনানে গিয়াছিলা নাকি একা।"—চণ্ডীদাস। "অমিয়া সাগরে সিনান করিতে সকলি গরল ভেল।"—ঐ। ২। (সিনানো) ক্রি, স্নান করা। অস-ক্রি—সিনানিয়া, সিনিয়া—সিনান করিয়া ;

স্নান করিয়া। প্র—"সিনিয়া উঠিতে নিতম্ব তটীতে পড়েছে চিকুর রাশি।"—চণ্ডীদাস।

সিনেট্ [ইং—senate] বি. মন্ত্রিসভা।

সিন্দাল (শিন্দাল্) [সং—সন্ধি+আল] বিণ. সিঁধেল; সিঁদ দিয়া চুরি করিতে দক্ষ। প্র—"তোর পারা নাহি চোর ডাকাত সিন্দাল।"—ঘনরাম।

সিন্দুক, সিন্দুবার (শিন্দুক্, শিন্দুবার্) [সং] বি. পুং. নিসিন্দা গাছ।

সিন্দুক (শিন্দুক্) [ফা—সন্দূক। ক্ষুদ্রার্থে ফা—সিন্দুক্‌চী] বি. বড় বাক্‌স। প্র—লোহার সিন্দুক।

সিন্দুর (শিন্দূর্) [সং] বি. স্ত্রী. রক্তবর্ণ চূর্ণ-বিশেষ; সিঁদুর। প্র—"সিন্দুর চন্দন ভালে সুশোভন রবি শশী এক ঠাঁই।"—অ. ম। স্ত্রী. সিন্দূরী—রক্তাম্বর; লাল কাপড়।

সিন্দূরতিলক (শিন্দূর্‌তিলক্) [সিন্দুর দ্বারা তিলক (চিহ্ন—ফোঁটা) যাহার—বহু] বি. পুং. হস্তী। ২। সিঁদুরের ফোঁটা। স্ত্রী. সিন্দূরতিলকা—এয়োতির চিহ্ন সিন্দুরের ফোঁটা যাহারা ধারণ করে; সধবা নারী।

সিন্ধু (শি) [সং। ফা—হিন্দু। স=হ। সপ্তসিন্ধু=হপ্তহিন্দ] বি. পুং. স্বনাম খ্যাত নদ। ২। ভারতের উত্তর পশ্চিমস্থ প্রদেশ-বিশেষ। ৩। সিন্ধুদেশের অধিবাসী। ৪। সাগর; জলধি; সমুদ্র। ৫। রাগবিশেষ। ৬। গজ। ৭। গজমদ। ৮। নদী। সিন্ধু-কফ—বি. পুং. সাগরফেনা। সিন্ধুনন্দন—বি. পুং. চন্দ্র। ২। কর্পূর। স্ত্রী. সিন্ধু-নন্দিনী—কমলা; লক্ষ্মী। সিন্ধুনাথ—বি. পুং. সরিৎপতি; সমুদ্র। সিন্ধুপুত্রী—বি. স্ত্রী. সাগরতনয়া লক্ষ্মী; ইন্দিরা।

সিন্ধুজ (শি) [সিন্ধু (সমুদ্র) জ (যে জন্মে)] বি. স্ত্রী. উচ্চৈঃশ্রবা। ২। সিন্ধুদেশ-জাত লবণ; সৈন্ধব লবণ। ৩। পুং. চন্দ্র। ৪। কর্পূর। ৫। বিণ. সমুদ্রোৎপন্ন। স্ত্রী. সিন্ধুজা—সাগরতনয়া লক্ষ্মী।

সিন্ধুজন্মা (শি) [সিন্ধু (সমুদ্র) হইতে জন্ম (উৎপত্তি) যাহার, বহু] বিণ. সমুদ্রজাত; সাগরোদ্ভূত। ২। বি. পুং. চন্দ্র। ৩। সিন্ধুদেশ-জাত লবণ; সৈন্ধব লবণ।

সিন্ধুবল (শিন্ধুবল্) [সিন্ধু সদৃশ বল যাহার, বহু] বিণ. সাগরতুল্য বলশালী। প্র—"হস্তি ঘোড়া পয়দল জেন দেখি সিন্ধুবল থাকুক অন্যে কে জোগাব পানি।"—শূ-পু।

সিন্ধুবার (শিন্ধুবার্) বি. পুং. সিন্ধুদেশীয় উত্তম অশ্ব। ২। নিসিন্দা গাছ।

সিন্ধুর (শিন্ধুর্) [সিন্ধু (মদ জল)+র—অস্ত্যর্থে] বি. পুং. হস্তী।

সিন্নি (শিন্‌নি) বি. শিরণী দ্রঃ। প্র—সিন্নি দেখে এগোয় কোঁৎকা দেখে পেছোয়।

সিপ (শিপ্) [সং—সীপ] বি. তাম্র রৌপ্যাদি ধাতুময় নৌকাকার বা ঝিনুকের খোলার মত যজ্ঞপাত্রবিশেষ; কোশা। প্র—"রজতের সিপে কেহ করয়ে তর্পণ।"—কবিক। ২। ঝিনুক। প্র—"সিপের বোতাম।

সিপাই, সিপাহী, সিফাই (শি) [ফা—সিপাহী] বি. পুং. সৈনিক; দেশীয় পদাতিক সৈন্য। প্র—"বাজিকবে বেড়ে বীর সিফাই হাজার।"—ঘনরাম। ২। শান্তিরক্ষক অস্ত্র-ধারী পুরুষ। সিপাই শাস্ত্রী—সৈন্য ও প্রহরী।

সিপ্পি (শি) [সং—সীপ, সিপী হইতে প্রাকৃ-সিপ্পি, শিপ্পী] বি. সিপ দ্রঃ।

সিপ্রা (শিপ্‌প্রা) বি. স্ত্রী. উজ্জয়িনীনগরসমীপ-বর্ত্তী নদীবিশেষ।

সিভিলকোর্ট (ল্, র্ট) [ইং—civil court] বি. দেওয়ানী আদালত।

সিম (শিম্) [সি (বন্ধন করা)+মন্ (কর্ত্তৃ)] বিণ. সমুদয়; সমস্ত।

সিমন্তিনী (শি) [সীমন্তিনী দ্রঃ] বি. স্ত্রী. বধূ। প্র—"সিমন্তিনী লইয়া কেশ সাজাইয়া। সিন্দুর দেহ যে সীঁথায়।"—চণ্ডীদাস।

সিয়ন (শিয়ন্) [সীবন শব্দজ] বি. শেলাই।

সিয়া (শিয়া) [সং—ছিন্ন হইতে] বিণ. ছিন্ন; ছেঁড়া। প্র—"সিয়া পাতে খায় দুধ। বলে ডাক সে বড় অবুধ॥"—ডাক।

সিয়ান, সিয়ানা (শিয়ান্, শি) [সেয়ান দ্রঃ সং—সজ্ঞান হইতে হি—সয়ান; ওড়ি—সিয়ানা] বিণ. চালাক; চতুর। ২। ধূর্ত্ত স্ত্রী. সিয়ানী।

সির (শির্) [সি (বন্ধন করা)+র (রক্)] বি. পুং. পিপ্পলীমূল। স্ত্রী. সিরা—নাড়ী [প্র-অ]। ২। বারিবহনোপযোগী চর্ম্ম-নির্ম্মিত পাত্র; ভিস্তী।

সিরজন (শির্‌জন্) [সিজন দ্রঃ] বি. সৃজন; সৃষ্টি। প্র—"ছিস্‌টির সিরজন কৈল"—শূ-পু।

সিরপা (শি) [শিরপা দ্রঃ] বি. পাগড়ী। প্র—"পাতসাহী সিরপা"—অ. ম।

সিরিশ, সিরিষ (শিরিশ্) [ফা—সিরেশ্] বি. গবাদির শৃঙ্গ চর্ম্মাদিজাত আঠা; glue. সিরিষকাগজ—সিরিষ আঠা দ্বারা লিপ্ত কাচচূর্ণময় কাগজ। ইহা দ্বারা কাষ্ঠাদি ঘসিয়া মসৃণ করা হয়।

সির্কা (শি) [ফা—সির্কা] বি. ইক্ষুরসাদির অম্ল; vinegar.

সিণি (সিরনী) [শিরণি দ্রঃ] বি. সিন্নি। প্র—"দ্বিজ স্থানে ভেদ পেয়ে সাতজন কাঠুরিয়ে সিণি দিয়ে পূজে সত্যপীর।"—ভারতচন্দ্র (সত্যপীর)।

সিল, শীল (ল্) শীল দ্রঃ।

সিলন্ধ (শি) [সং] বি. আড় মৎস্যজাতীয় বৃহদাকার শল্কহীন মৎস্য; silmedia ganjetica.

সিল্ক (শিল্‌ক্, সিল্‌ক্) [ইং—silk] বি. রেশম।

সিস (শীশ্) [সং—শীর্ষ] বি. শীর্ষ; অগ্রভাগ। প্র—"অঘানে পকএ সিস নামএ পড়এ কলা॥"—শূ-পু।

সিহরা (শি) [শিহরা দ্রঃ] ক্রি. লোমাঞ্চিত হওয়া। প্র—"সিহরিল অঙ্গ ধ্যান হৈল ভঙ্গ নয়ন মিলিলা হর।"—অ. ম।

সিহ্লু, সিহ্লক (শিল্‌হ, শিল্‌হক্) [স্নিহ্ (স্নিগ্ধ হওয়া)+ল (নিপাতন) ক যোগ] বি. পুং. সর্জ্জরস; ধুনা।

সীঁতা, সীঁতি (শীঁ) [সং—সীমন্ত হইতে] বি. সীমন্ত; সিঁথি। প্র—"সীঁতায় সিন্দুর নয়ানে কাজর মুকুতা শোভিত নথে।"—চণ্ডীদাস। "যামিনী লাঞ্ছিত চিকণ চিকুরে ওই সরু রেখা সীঁতিতে।"—অবসর।

সাঁথি (শীঁ) [সীঁতা দ্রঃ] বি. সীমন্ত-দেশের অলঙ্কার। প্র—"সুবর্ণ সীঁথি শিরে অঙ্গুরী দিল করে করিল আশীষ যোজনা।"—কবিক।

সীঁদ (শীঁদ্) [সং—সন্ধি হইতে] বি. চোর কর্ত্তৃক প্রাচীরাদিতে খোদিত সন্ধি। প্র—"মানসে কাটিল সীঁদ।"—চণ্ডীদাস।

সীকপোড়া (শীক্) [শিক দ্রঃ] বি. শিক-কাবাব। প্র—"কাতলা ভেকুট কই ঝাল ভাজা কোল। সীকপোড়া ঝুরী কাঁটালের বীজে ঝোল॥"—অ. ম।

সীকর (শী) [সীক্ (জলসেক করা)+অর (কর্ত্তৃ—অরণ্)] বি. পুং. বারিকণা।

সীঞা [সীতা। হি—সীয়া প্রা-বাং—অনু-নাসিক যোগ সীঁয়া] বি. সীতা। প্র—"আজি হৈতে নহ সীঞা আমার ঘরণী।"—কৃত্তিবাস।

সীট (ট্) [ইং—seat] বি. বসিবার স্থান। ২। আসন।

সীঠ (শীঠ্) [সং—অবশিষ্ট—শিষ্ট—শিট—সীঠ] বি. সারহীন দ্রব্য; দ্রব্যাদির বর্জ্জনীয় অংশ; সিটা। ২। বিণ. রসকষহীন; নীরস। প্র—"মোদক আনিয়া ভিয়ান করিয়া এবে সে লাগিল সীঠ।"—চণ্ডীদাস।

সীতা (শী) [সি (ভূমি খনন করা)+ক্ত+আ স্ত্রী. নিপাতনে] বি. স্ত্রী লাঙ্গল চিহ্নিত রেখা; লাঙ্গলপদ্ধতি; furrow. ২। ["সীতা-মুখোত্তবাৎ সীতা।" যজ্ঞভূমি কর্ষণকালে লাঙ্গলের মুখে পৃথিবী হইতে সমুদ্ভূতা বলিয়া]

বৈদেহী ; জানকী। ৩। স্বর্গগঙ্গা মন্দাকিনীর শাখাবিশেষ। ৪। লক্ষ্মী। ৫। মদ্য।

সীতাপতি—বি, পুং, রামচন্দ্র।

সীতাকুণ্ড (শী) বি, উষ্ণ প্রস্রবণবিশেষ ; বিহার প্রদেশের অন্তর্গত মুঙ্গেরস্থ তীর্থবিশেষ। প্র—"স্নেহে ফুটে সীতাকুণ্ডে উষ্ণ প্রস্রবণ"—ফুলরেণু।

সীতাভোগ—শ্বেতবর্ণ মিহিদানার মিঠাই-বিশেষ।

সীতাসালী (শীতাশালি) বি, ধান্যবিশেষ। প্র—"বঙ্কি বাঁস গজা আর সীতাসালী।"—শূ-পু।

সীৎকার, সীতকার (শীত্‌কার্) [সিৎ সিত (অব্যক্ত শব্দ) কার (করা)] বি, বরাঙ্গনাদিগের অধর ও দন্ত হইতে 'সীৎ' রূপ অব্যক্তশব্দ ; উত্তমা স্ত্রীদিগের রমণাদিকালে অনুরাগজনিত সুখব্যঞ্জক অস্ফুটধ্বনিবিশেষ। প্র—"দারুণ কোকিল ভ্রমর ঝঙ্কার। মলয় পবনে ধনী করু সীতকার॥"—বলরাম।

সীৎকৃত (শী) [সীৎ (অনুকরণ শব্দ) কৃত (যাহা করা হইয়াছে)] বিণ, কৃত সীৎকার। ২। বি, সীৎকার

সীৎকৃতি—বি, সীৎকার দ্রঃ।

সীদতি (শী) [সদ্ (গতি, অবসাদ) +তি (লট্) সদ্=সীদ। এই সংস্কৃত পদ প্রা-বাং পদ্যে সংস্কৃতজ্ঞ কবিদিগের রচনায় পাওয়া যায়। অধুনা অপ্র] ক্রি, অবসন্ন হইতেছে। ২ বিষাদপূর্ণ হইতেছে। প্র—"হৃদি সীদতি আমার যেমতি তেমতি পুড়ুক সে।"—চণ্ডীদাস। ৩। শিহরিয়া উঠিতেছে।

সীধু (শী) [সীধ্+উ (কর্ম্মে)] বি, ক্লী, মদ্য ; গুড়জাত মদ্য।

সীধুগন্ধ (শী) [সীধু (মদ্যবিশেষ) তাহার গন্ধের মত গন্ধ যাহার, বহু] বি, পুং, বকুল ফুলের গাছ। ২। বকুল ফুল। ৩। মদগন্ধ।

সীপ (শীপ্) [সং] বি, পুং, কোষা নামক ধাতুনির্ম্মিত জলপাত্র। প্র—"কাঁসারি পাতিয়া শাল ঝারী পুরী গড়ে থাল বাটী খোরা বড় হাঁড়ী সীপ।"—কবিক।

সীফল (শীফল) [সং—শ্রীফল। প্রা-বাং] বি, বিল্বফল ; বেল। প্র—"ডাড়িম্ব সীফল রূপি বিকল নানাফুল মনোহর।"—শূ-পু।

সীবন (শীবন) [সিব্ (সেলাই করা) +অন ভাবে—অনট্)] বি, ক্লী সূচীকর্ম্ম ; সেলাই।

স্ত্রী, সীবনী [করণে—অনট্] সূচী। ২। লিঙ্গাগ্র হইতে গুহ্য পর্য্যন্ত সীবন।

সীম (শীম্) [সীমা দ্রঃ] বি, সীমা ; প্রান্ত। প্র—"পহিলহি বৈঠবি শয়নক সীম। আধ নেহারবি বঙ্কিম গীম।"—বি, প।

সীমন্ত (শী) [সীমন্ (কেশের সীমা) +অন্ত (শেষ) নিপাতন] বি, পুং, কেশবীথি ; সিঁথি। প্র—ওই কে অমর বালা দাঁড়ায়ে উদয়াচলে। * * * সর্ব্বাঙ্গে গোলাপ আভা সীমন্তে শুকতারা জ্বলে।"—সারদামঙ্গল। ২। শীর্ষ ; মস্তক। ৩। গর্ভবতীর সংস্কার-বিশেষ ; সীমন্তোন্নয়ন।

সীমন্তক (শীমন্তক্) [সীমন্ত+ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, যাহা সীমন্তে ধারণ করা হয় ; সিন্দূর।

সীমন্তিত (শী) [সীমন্তি (সীমন্তযুক্ত করান) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সিঁথিকাটা। ২। দুই অংশে বিভক্ত।

সীমন্তিনী (শী) [সীমন্ত (সিঁথি) +ইন্ =সীমন্তিন্—ঈপ্, স্ত্রী] বি, স্ত্রী, এয়োতির চিহ্ন সিন্দূর বিন্দুতে যাহার সীমন্ত উজ্জ্বল ; সধবা নারী। প্র—"সেজেছ মা ভাল শিবসীমন্তিনী" —বাং-গান। "সম্প্রতি সম্বন্ধ বাক্য শুন সীমন্তিনী। অবিবাহ এত বড় তোমার ভগিনী॥" —ঘনরাম। সম্বোধনে—সীমন্তিনি। প্র—"তুমি তারে ঘৃণা কেনে কর সীমন্তিনি।"—ব্রজাঙ্গনা।

সীমন্তোন্নয়ন (শী, ন্) [সীমন্ত (সিঁথি) উন্নয়ন (উত্তোলন) করা হয় যাহাতে, বহু] বি, ক্লী, গর্ভবতীর চতুর্থ বা ষষ্ঠ মাসে কর্ত্তব্য সংস্কার-বিশেষ।

সীমা (শী) [সি (বন্ধন করা) +মন্=সীমন্ ১মা, ১ব] বি, পুং, প্রান্ত। ২। অন্ত ; শেষ ; অবধি। প্র—"পাপ বলে আমার প্রজার সংখ্যা সীমা নাই। পুণ্য বলে নরক-রাশি এত অধিক তাই॥"—বাং-গান। সমুদ্রবেলা ; তীর। ৪। ক্ষেত্র। ৫। স্থিতি। ৬। ক্লী, মর্য্যাদা।

সীমানা (শী) [সীমন্ শব্দজ] বি, গ্রামাদির নির্ণীত অন্তভাগ ; প্রান্ত। প্র—"আকাশ যুড়ে মেঘের খেলা কোথায় বা সীমানা।"—রবি। ২। শেষ ; অবধি। ৩। সরহদ্দ।

সীমাবিবাদ (শীমাবিবাদ্) বি, পুং, ভূমির সীমা সম্বন্ধে অভিযোগ।

সীয়া (শী) [সং—সীবন] ক্রি, সেলাই করা। প্র—"দরজী কাপড় সীয়ে বেতন করিয়া জীয়ে গুজরাটে বৈসে এক পাশে।"—কবিক।

সীর (শীর্) বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ ; লাঙ্গলাস্ত্র। ইহা দুই স্থানে বাঁকা ও শিখা শূন্য। মূলাংশ ও মুখ লৌহ বদ্ধ, সার্দ্ধ ত্রিহস্ত পরিমিত দীর্ঘ, ও স্নিগ্ধ। ইহার কার্য্য—আকর্ষণ ও নিপাতন। ২। সূর্য্য।

সীরক (শীরক্) [সীর (লাঙ্গল) +ক (উপমানার্থে)] বি, পুং, জলজন্তুবিশেষ ; শুশুক।

সীরধ্বজ (শী) [সীর (লাঙ্গল) ধ্বজা (চিহ্ন) যাহার, বহু] বি, পুং মিথিলার রাজা জনক ; সীতার পিতা।

সীরপাণি, সীরী (শীর্) [সীর (হল) পাণিতে (হস্তে) যাহার, বহু, সীর (হল) + ইন্ অস্ত্যর্থে=সীরিন্ ১মা ১ব] বি, পুং, হলধর ; বলদেব।

সীরী (শী) [সং] বি, লাঙ্গলিকা ; ঈষলাঙ্গলা।

সীলন্ধ (শী) [সং] বি, পুং, শল্ক হীন আড় মাছ সদৃশ বৃহৎ মৎস্য ; সিলিন্দা মাছ।

সীসক (শীশক্) [সং] বি, সীসধাতু। মারণাদি দ্বারা শোধিত সীসক ঔষধাদিতে ব্যবহৃত হইয়া থাকে ; plumbum ; lead.

সীসা (শীশা) [সং—সীসক, গ্রা—সীসে] বি, ধাতুবিশেষ।

সু (শু) [সং] অ, মঙ্গল ; শুভ। প্র—সুখবর। সুযোগ। ২। সুন্দর ; মনোহর ; শোভন। প্র—সুদর্শন। ৩। উত্তম ; ভাল। প্র—সুচরিত্র। ৪। অধিক ; অতিশয় ; অত্যন্ত। প্র—সুতীক্ষ্ণ। ৫। অনায়াস। প্র—সুকর। ৬। উৎকট। ৭। সহজ। প্র—সুলভ। ৮। গুণাধিক্য অর্থে সু বিশেষণপদের আদিতে যুক্ত হয়। যথা—"সুপাপিষ্ঠ জ্যৈষ্ঠ মাস প্রচণ্ড তপন।"—কবিক। ৮। ছন্দের অনুরোধে বিশেষ্য বা বিশেষণ পদের আদিতে যুক্ত হয়। প্র—"সুতরঙ্গ, সুপ্রফুল্ল।"—ব্রজাঙ্গনা।

সুংখে (শু) [প্রা-বাং। গ্রা—সুমুখ ; সং—সম্মুখ। প্র—"যাত্রা কর সুংখে।"—সূর্য্যের গান। "পিছে আছিল কন্যা সুংখে দাঁড়াইল।"—শিবের গাজন, বরিশাল (বঙ্গ সাহিত্য পরিচয়)।

সুঁড়ী, সুড়ি (শুঁ) [সং—শুণ্ডাকৃতি ; শুঁড়ের ন্যায় সরু] বিণ, শুণ্ডাকৃতি ; সঙ্কীর্ণ ও লম্বা ; সরু। ২। বি, সঙ্কীর্ণ রাস্তা ; গলিপথ।

সুঁতী (শুঁ) [সং—স্রোতস্ হইতে প্রা- সোত] বি, অপ্রশস্ত জলনিঃসরণ পথ। নালা।

সুঁদী [সৌগন্ধিক শব্দ] বি, শ্বেতোৎপল ; কুমুদ। প্র—"মর্দ্দিত বরাহপদে বিশুষ্ক পঙ্কলে হ্রদে শাপলা শালুক সুঁদী জাগে পদ্মবন।"—চন্দন। ২। [প্রাদে] কচ্ছপবিশেষ।

সুঁদরী (শুঁ) [সং—সিন্দুর হইতে সিঁদুরী—উচ্চারণ-বিকারে সিঁদুরী সিঁদুরবর্ণ বলিয়া অথবা সুন্দরবনজাত বলিয়া সুন্দরী—সুঁদরী] বি, বৃক্ষবিশেষ; ইহার শাখা প্রশাখায় জ্বালানি কাঠ হয়।

সুঁধী (শুঁ) [সৌগন্ধিক] বি, উৎপল ; শালুক ফুল। নীল সুঁধী—নীলোৎপল। লাল সুঁধী—রক্তোৎপল।

সুঁপা (শুঁ) [সং—সমর্পণ হইতে সমর্পা—সঁপা —সুঁপা] ক্রি, সমর্পণ করা। প্র—"শাস্তি দিবা যদি মনে আছে। সুঁপে দেহ শমনের কাছে।"—অ, ম। "ভাল মন্দ না জানিয়া সুঁপেছি হে মন।"—চণ্ডীদাস।

সুকতলা, সুখতলা (শু) [সুখ (সুখকর আরামজনক) তলা (পদতলের চর্ম্ম)] বি, জুতার ভিতরে যে কোমল চর্ম্মের উপর পদতল রক্ষিত হয়।

সুকর (শুকর্) [সু (অনায়াসে) কৃ (করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ, অনায়াসসাধ্য ; সুখকর ; সুসাধ্য। স্ত্রী. **সুকরা**—সুশীলাগাভী।

সুকর্ম্মা (শু) [সু (উত্তম) কর্ম্মন্ (কর্ম্ম) যাহার, বহু] বিণ, সৎকর্ম্মশীল ; সুকর্ম্মান্বিত। ২। কর্ম্মক্ষম ; কার্য্যকুশল। ৩। বি, [জ্যোতিষে] যোগবিশেষ।

সুকল (শুকল্) [সু (উত্তম) কল্ (শব্দ করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, মধুরাস্ফুট ধ্বনিকারী। ২। অবিকল। ৩। দাতা ও ভোক্তা। ৪। দানশীল। প্র—মঞ্চ পরে দূত সুকল ধরএ ছাতা।"—শূ, পু।

সুকাণ্ড (শু) [সু (সুন্দর) কাণ্ড যাহার, বহু] বি, পুং, সুন্দর কাণ্ডযুক্ত বৃক্ষবিশেষ। স্ত্রী. **সুকাণ্ডিকা**—লতাবিশেষ।

সুকাণ্ডী (শু) [সু (উত্তম) কাণ্ড+ইন্= সুকাণ্ডিন্ ১মা, ১ব] বি, পুং, মধুকর ; ভৃঙ্গ।

সুকান্তি (শু) [সু (সুন্দর) কান্তি যাহার] বিণ, সুশ্রী। ২। বি, সুন্দর কান্তি।

সুকুমার (শুকুমার) [সু (অত্যন্ত) কুমার (কোমল বালক) কর্ম্মধা] বিণ, অতিশিশু ; অতিবালক। ২। সুন্দর বালক। ৩। অতি কোমল। স্ত্রী. **সুকুমারা**—জাতীপুষ্প। ২। কদলী। **সুকুমারী**—সুকন্যা। **সুকুমার-বিদ্যা**—বি, স্ত্রী, কলাবিদ্যা।

সুকুমারক (শুকুমারক্) [সুকুমার+ক (সংজ্ঞার্থে)] বি, পুং, সুন্দরবালক।

সুকৃৎ (শু) [সু (শুভ) কৃৎ (যে করে)] বিণ, পুণ্যাত্মা ; পুণ্যবান্ ; ধার্ম্মিক। ২। সৌভাগ্যবান্।

সুকৃত (শু) [সু (শুভ) কৃত (যাহা করা হইয়াছে)] বি, ক্লী, ধর্ম্ম। ২। সৎকর্ম্ম ; পুণ্য। ৩। দানশীলতা ; বদান্যতা। ৪। দয়া। ৫। ভাগ্য। ৬। পুরস্কার। ৭। বিণ, সৌভাগ্যশালী। ৮। সুনির্ম্মিত। ৯। সুসম্পন্ন। ১০। সুবিহিত। ১১। ধার্ম্মিক ; পুণ্যাত্মা।

সুকৃতপরিণাম (শুকৃতপোরিনাম্) [সুকৃতের (পুণ্যের) পরিণাম, ৬তৎ] বি, পুং, পুণ্যফল।

সুকৃতি (শু) [সু (উত্তমরূপে) কৃতি (করণ)] বি, স্ত্রী, ধর্ম্ম। ২। সৎকর্ম্ম ; পুণ্য। প্র—"পূর্ব্ব কিঞ্চিৎ সুকৃতি বলে, হলো মানব দেহের ঘটন।"—গান। ৩। মঙ্গল ; শুভ। ৪। ভাগ্য।

সুকৃতী (শু) [সুকৃত (পুণ্য) + ইন্ (অস্ত্যর্থে) = সুকৃতিন্ ১মা, ১ব] বিণ, ধার্ম্মিক ; পুণ্যাত্মা ; সৌভাগ্যশালী। প্র—"সুকৃতী পুরুষ জীয়ে সুখভোগ হেতু। দুঃখভোগ করিবারে জীয়ে কালকেতু॥"—কবিক। ৩। মঙ্গলময় ; শুভযুক্ত।

সুকেশী (শু) [সু (উত্তম) কেশ (চুল) যাহার, বহু] বি, স্ত্রী, অপ্সরাবিশেষ। ২। বিণ, রমণীয় কেশবিশিষ্টা নারী।

সুক্তা (শু) [গ্রা—সুক্তো। সং—সুতিক্ত] বি, তিক্তাস্বাদ ব্যঞ্জনবিশেষ। **সুক্তোনি**—সুক্তার ঝোল। গ্রা—সুক্তুনি।

সুখ (শুখ্) [সু (উত্তম) খন্+অ (কর্ত্তৃ—ড) কিম্বা সুখ (হৃষ্ট করা) + অ (ভাবে—অল্)] বি, ক্লী, স্বর্গ। ২। স্বাচ্ছন্দ্য। ৩। আনন্দ ; প্রীতি। ৪। জল। ৫। [কর্ত্তৃ—অচ্] বিণ, সুখজনক ; সুখপ্রদ। ৭। সুখী। ৮। মধুর। ৯। মনোহর ; প্রিয়।

সুখকর (শুখকর) [সুখ—কর (যে করে)] বিণ, সুখপ্রদ ; সুখজনক। ২। শুভজনক। ৩। অনায়াসসাধ্য ; সুসাধ্য।

সুখচর (শুখ্‌চর্) [সুখ—চর্ (গমন করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বিণ, সুখগামী ; সুখে বিচরণকারী।

সুখচার (শুখ্‌চার্) [সুখ (আনন্দ) চর (গমন করা) + অ (কর্ত্তৃ—ঘঞ্)] বি পুং, শ্রেষ্ঠ অশ্ব।

সুখজাত (শু) [সুখ—জাত (উৎপন্ন)] বিণ, সুখোদ্ভূত ; সুখী।

সুখদ (শু) [সুখ—দ (যে দান করে)] বি, পুং, বিষ্ণু। ২। বিণ, আনন্দপ্রদ ; হর্ষদায়ক ; সুখদায়ক। প্র—"এমন সুখদ সময়ে কোথা যে ত্যজিয়ে এ সুখ বৃন্দাবন।"—বাং-গান। "কিন্তু এই নূতন যানের নামও যেমন শ্রুতিসুখদ, ইহাতে আরোহণের সুখও সেই অনুপাতে আরাম দায়ক।"—ললিত বন্দ্যো (ফোয়ারা)। স্ত্রী. **সুখদা**—স্বর্গবেশ্যা। ২। শমীবৃক্ষ।

সুখভাক্ (শু) [সুখ—ভজ্ (ভোগ করা) + ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, সুখভাগী।

সুখরাত্রি (শু) বি, স্ত্রী, দীপান্বিতা অমাবস্যাতে পূজ্যা লক্ষ্মী। ২। সুখ বা আরামজনক রাত্রি।

সুখাবহ (শু) [সুখ—আ—বহ্ (বহন করা) + অ (কর্ত্তৃ—অচ)] বিণ, সুখজনক ; সুখপ্রদ।

সুখী (শু) [সুখ+ইন্ (অস্ত্যর্থে) = সুখিন ১মা, ১ব] বিণ, সন্তুষ্ট ; সুখভাগী ; প্রীতিমান। প্র—"তাঁহার আদেশে ধনপতি বৈসে যাঁরে সুখী নৃপবর।"—কবিক। ২। পুং, যতি। স্ত্রী. **সুখিনী**—সুখভাগিনী। প্র—"বনবিহারিণী ধনী বসন্তের সখী রে শুকের সুখিনী।"—ব্রজাঙ্গনা।

সুখোৎসব (শুখোৎশব্) [সুখ (আনন্দ) উৎসব,—৬তৎ] বি, পুং, আনন্দোৎসব। ২। [সুখ—উৎসব যাহার, বহু] বি, পুং, স্বামী ; পতি।

সুখোদক (শুখোদক) [সুখ—উদক] বি, ক্লী, গরম জল।

সুখ্যাতি (শুখ্‌খ্যাতি) [সু—খ্যাতি (যশঃ)] বি, স্ত্রী, প্রশংসা ; সুযশ।

সুগত (শু) [সং] বি, পুং, বুদ্ধদেব। ২। বিণ, সুন্দর গতিবিশিষ্ট।

সুগন্ধ (শু) [সু (উত্তম) গন্ধ যাহার, বহু] বি, পুং, চন্দন বৃক্ষ। ২। গন্ধক। ৩। সুবাস ; সৌরভ। ৪। গন্ধবণিক। ৫। ক্লী, নীলপদ্ম। ৬। গন্ধ-তৃণবিশেষ। ৭। জিরা। ৮। বিণ, সৌরভবিশিষ্ট ; সদ্গন্ধযুক্ত। স্ত্রী. **সুগন্ধা**—মাধবী লতা। ২। শ্যামালতা। ৩। তুলসী। ৪। মল্লিকা। ৫। রুদ্রজটা। ৬। বন্ধ্যা কর্কোটকী।

সুগন্ধবহ (শু) [কবিবর মাইকেল মধুসূদন কর্ত্তৃক গন্ধবহ স্থলে ছন্দের অনুরোধে ব্যবহৃত] বি, বায়ু। **সুগন্ধবহ-বাহন**—বায়ুবাহন ; মেঘ। প্র—"সুগন্ধবহবাহন সৌদামিনীসহ ঘন ভ্রমিতেছে মন্দগতি প্রেমানন্দ মনে।"—ব্রজাঙ্গনা।

সুগন্ধি (শুগোনধি) [সু (উত্তম) গন্ধ যাহার, বহু+ই] বিণ, সুরভি ; সুবাসযুক্ত ; সৌরভময়। প্র—"মধুমাস প্রফুল্ল কুসুম উপবন। সুগন্ধি মধুর মন্দ মলয় পবন॥"—অ, ম। ২। ধর্ম্মাত্মা। ৩। বি, পুং, পরমাত্মা। ৪। গন্ধতৃণবিশেষ। ৫। সুগন্ধ ভেসজাদি। ৬। পিপ্পলী মূল। ৭। ধনিয়া।

সুগন্ধিমূষিকা (শুগোন্ধি) [সুগন্ধি (সুগন্ধযুক্তা) মূষিকা (ইন্দুর), কর্ম্মধা] বি, স্ত্রী, ছুছুন্দরী ; ছুঁচা।

সুগম্ (শুগম্) [সু (উত্তমরূপে) গম্ (গমন করা, জানা, প্রাপ্ত হওয়া) + অ (কর্ম্মে—খল্)] বিণ, সহজবোধ্য ; সুজ্ঞেয়। ২। সুগম্য। ৩। অনায়াসলভ্য।

সুগৃহীত (শুগ্‌গৃহীত) [সু (উত্তমরূপে) গৃহীত (যাহা গ্রহণ করা হইয়াছে)] বিণ, উত্তমরূপে ধৃত।

সুগৃহীতনামা (শুগ্‌গৃহীত) [সু (শুভ) গৃহীত (ধৃত) নামন্ (নাম) যাহার, বহু—সুগৃহীত নামন্ ১মা, ১ব] বিণ, প্রাতঃস্মরণীয়।

সুগ্রীব (শুগ্‌গ্রিব্) [সু (সুন্দর) গ্রীবা (ঘাড়) যাহার, বহু] বি, পুং, বানররাজ বালীর ভাই। ২। পর্ব্বতবিশেষ। ৩। অস্ত্রবিশেষ। ৪। বিণ, সুন্দর গ্রীবাবিশিষ্ট, স্ত্রী, **সুগ্রীবী**—কশ্যপতনয়া।

সুগোচ (শুগোচ্) [সু—গোচ (গুচ্ছ—শৃঙ্খলা)] বি, সুবন্দোবস্ত ; সুশৃঙ্খলা। ২। সুযোগ ; সুবিধা। ৩। সদুপায়।

সুঘট্টিত (শুঘোট্‌টিত) [সু—ঘট্টিত] বিণ, উত্তমরূপে কল্পিত। ২। উত্তমরূপে সংযোজিত। ৩। উত্তমরূপে সজ্জিত।

সুঘড় (শু) [হি] বিণ, সুনিপুণ। প্র—"শ্যাম সুঘড় নাগর রস শেখর বাস করব বন মাঝে।" জ্ঞান। "শ্যাম সুঘড় বর সুন্দর রসরাজ সুন্দরী মিলই রসাল।"—চণ্ডীদাস। "যমুনাক তীর রমণ অতি সুঘড় সুরস রসের ওর।" —জ্ঞানদাস।

সুচরিত (শুচোরিত) [সু (সুন্দর) যে চরিত (আচরণ)] বি, ক্লী, সদ্ব্যবহার; সদাচরণ। ২। [সু (উত্তম) চরিত (চরিত্র) যাহার, বহু] বিণ, সৎপ্রকৃতি সম্পন্ন; সচ্চরিত্র।

সুচরিত্রা (শুচোরিৎত্রা) [সু (উত্তম) চরিত্র (স্বভাব) যাহার, বহু—আপ্ স্ত্রী] বি, স্ত্রী, সাধ্বী; সৎস্বভাবা নারী।

সুচর্ম্মা (শু) [সু (সুন্দর) চর্ম্মন্ (চর্ম্ম—গাত্রাবরণ) যাহার, বহু] বি, পুং, ভূর্জ্জবৃক্ষ। ২। বিণ, সুন্দর চর্ম্মবিশিষ্ট।

সুচারু (শু) [সু (অতিশয়) যে চারু (মনোহর), কর্ম্মধা] বিণ, অতি রমণীয়; অতিশয় সুন্দর।

সুচিত্রক (শুচিৎত্রক্) [সু (অতিশয়) চিত্রক (চিত্রযুক্ত)] বি, পুং, কালনাগিনী সর্প। ২। চিত্র সর্প। ৩। মাছরাঙ্গা পাখী। ৪। বিণ, সুন্দর চিত্রিতাঙ্গ। স্ত্রী, **সুচিত্রকা**—কাঁকুড়।

সুচির (শু) [সু (অতিশয়) চির (দীর্ঘকাল)] বিণ, অতিদীর্ঘস্থায়ী। ২। দীর্ঘকালব্যাপী। ক্রি-বিণ, **সুচিরে।**

সুচিরায়ুঃ (শু) [সু (অতিশয়) চির (দীর্ঘকাল) আয়ুস্ (জীবন) যাহার, বহু=সুচিরায়ুস্ ১মা, ১ব] বি, পুং, অমর; দেবতা।

সুচুটী (শু) [প্রাদে] বি, স্ত্রী, চিমটা।

সুচেতা (শু) [সু (উত্তম) চেতস্ (মনঃ) যাহার, বহু] বিণ, সন্তুষ্ট চিত্ত; প্রফুল্ল মনাঃ। ২। সাবধান; সতর্ক।

সুচেল (শুচেল্) [সু—চেল (বস্ত্র)] বি, সুন্দর বস্ত্র। প্র—"শিরে রণ-টোপ সুচেল গাত্র।"—ধর্ম্মমঙ্গল (মাণিক)।

সুচেলক (শুচেলক্) [সু (উত্তম) চেল (বস্ত্র) কর্ম্মধা+ক] বি, পুং, সুন্দর বস্ত্র; ভাল কাপড়।

সুছন্দ (শু) [সু—ছন্দ (গঠন)] বিণ, সুন্দর; সুগঠন; সুছাঁদ। প্র—"জোরি ভুজ যুগ মোরি বেঢ়ল ততহি বয়ান সুছন্দ।"—বি. প।

সুছাঁদ (শুছাঁদ্) [সুছন্দ দ্রঃ] বি, সুগঠন; সুন্দরাকৃতি। প্র—"মুগ্ধ হৈল সর্ব্বজন দেখিয়া সুছাঁদ॥"—অ, ম।

সুজন (শুজন্) [সু (উত্তম) জন (লোক), কর্ম্মধা] বিণ, ধার্ম্মিক; সাধু; সজ্জন; ভদ্র।

সুজনতা (শু) [সুজন+তা (ভাবে)] বি, স্ত্রী, সাধুতা; ভদ্রতা; সৌজন্য।

সুজন্মা, সুজাত (শু) [সু (শোভন) জন্মন্ (উৎপত্তি) যাহার, বহু] বিণ, সৎকুলোদ্ভব; সদ্বংশজাত। ২। সম্যক্ উৎপন্ন। ৩। বিবাহিত স্বামীর ঔরসজাত। ৪। সুন্দর; মনোহর।

সুজয়, সুজেয় (শুজয়্, শু) [সু (অনায়াসে) জয়, জেয়—যাহাকে জয় করা যায়)] বিণ, সহজে যাহা জয় করা যায়।

সুজাত (শু) [সং] বিণ, সদ্বংশীয়। ২। সুন্দর। প্র—"গ্রীবা বাঁকাইয়া সুজাত সুশুভ্র অশ্ব বেগে বায়ুগামী।"—অমিতাভ। ৩। কুলীন।

সুজাতা (শু) বি. স্ত্রী, জনৈকা পুণ্যবতী বৌদ্ধ-রমণী।

সুজান (শুজান্) [সুজন শব্দজ] বিণ, জ্ঞানী। প্র—"সো বর নাগর রসিক সুজান। হাম অবলা অতি অল্প গেয়ান॥"—বি, পতি। "হামরা দুহুঁ জন পথে একু মেলি। সুজান জন সঞে করু আন কেলি॥"—জ্ঞানদাস।

সুজিন (শুজিন্) বিণ, উত্তম হাওদাযুক্ত। প্র—"খাসা ঘোড়া খাসা জোড়া সুজিন কুঞ্জর। কারিগরে আনি দিল সুবর্ণ পিঞ্জর॥"—কবিক।

সুঝা (শু) [হি—সুঝ্না। শুধ্ ধাতুজ শুধা দ্রঃ। উ-পু—সুঝি। ম-পু—সুঝ। প্র-পু—সুঝে। অস-ক্রি—সুঝিতে; সুঝিয়া। ণিজন্ত—সুঝান] ক্রি, মনোযোগ করা; কর্ণপাত করা। প্র—"বুঝালে না বুঝে কহিলে না সুঝে তাহারে বলি যে কালা।"—চণ্ডীদাস। **বুঝাসুঝা**—বোধ করা ও শোনা।

সুড়ঙ্গ (শুড়ংগ) [সং—সুরঙ্গ] বি, সন্ধি; সিঁদ। ২। সুঁড়ী পথ। প্র—"মালিনী বিদ্যার ঘরে হইল সুড়ঙ্গ।"—অ, ম।

সুড়সুড় (শুড়্‌শুড়্) [সু ধাতুজ সর সর দ্রঃ] বি, গাত্রচর্ম্মের উপর কীটাদির চলাচল জনিত অনুভূতিবিশেষ। ২। নিঃশব্দে লঘুপদে গমন। প্র—"সুড় সুড় করিয়া পলায়ন। **সুড় সুড়ানি**—সুড় সুড় করণ। ২। রোমাঞ্চ। **সুড়সুড়ি**—রোমাঞ্চ; কণ্ডূতিবোধ। স্পর্শ-বোধে অস্থিরতা। **সুড়সুড়ি দেওয়া**—লঘু স্পর্শ দ্বারা রোমহর্ষ উৎপাদন করা।

সুড়া (শু) [শুণ্ডবৎ—সুঁড়ী দ্রঃ] বি, সঙ্কীর্ণ পথ; সরু গলি। প্র—"পাতিয়া বাগুরা দড়া আগুলি বনের সুড়া কাননে করিল মহা মার।" কবিক।

সুডীন (শুডীন্) [সু—ডী (আকাশ গমন)+ত (ভাবে, ক্ত) ত=ন] বি, পুং, পক্ষীর গতি-বিশেষ।

সুডৌল (শুডৌল্) [সু—ডৌল (দ্রঃ)] বিণ, সুন্দর অবয়ব; সুগঠন।

সুত (শু) [সু (প্রসব করা)+ত (কর্ম্মে—ক্ত)] বি, পুং, পুত্র; তনয়। প্র—"ভূরিশিটে ভূপতি নরেন্দ্র রায় সুত। কৃষ্ণচন্দ্র পাশে রবে হয়ে রাজ্যচ্যুত॥"—অ, ম। "দুটি সুতে সপ্ত মুখ পঞ্চমুখ পতি।"—শিবায়ন। ২। রাজপুত্র; যুবরাজ। ৩। বিণ, উৎপন্ন। স্ত্রী, **সুতা**—কন্যা; দুহিতা।

সুতক (শুতক্) [সুত+ক] বি, ক্লী, জননা-শৌচ।

সুতনু (শুতোনু) [সু (সুন্দর) তনু (দেহ) —কর্ম্মধা] বি, পুং, স্ত্রী, সুঅঙ্গ; সুন্দর দেহ। ২। কৃশাঙ্গ। ৩। [সু (অতিশয়) তনু (কৃশ) —কর্ম্মধা] বিণ, অতিশয় কৃশ। স্ত্রী, **সুতনূ**—শোভনাঙ্গী; সুন্দরী।

সুতপাঃ (শু) [সু (অতিশয়) তপ্ (উত্তপ্ত করা)+অস্ (কর্ত্তৃ সংজ্ঞার্থে)=সুতপস্ ১মা, ১ব] বি, পুং, তপন; সূর্য্য। ৩। [সু (অতিশয়) তপস্ (তপস্যা) যাহার, বহু] উগ্রতপাঃ মুনি। ২। [কর্ম্মধা] ক্লী, উত্তম তপস্যা।

সুতবান্ (শু) [সুত+বৎ (অস্ত্যর্থে—বতু)] বিণ, যাহার পুত্র আছে।

সুতরাং (শু) [সু (অতিশয়)+তরাম্] অ, অবশ্য। ২। অগত্যা। ৩। অতিশয়। ৪। নির্দ্ধারিত; নির্ণীত। ৫। অর্থের অতিশয় ঔচিত্য।

সুতল (শুতল্) [সু (অতিশয়) তল (অধোভাগ, কর্ম্মধা] বি, পুং, ষষ্ঠপাতাল। প্র—"পাতাল সকল সৃজিল হেলে। অতল বিতল সুতল তলে॥"—শিবায়ন। ২। অট্টালিকার সর্ব্বনিম্নতল; মূল পত্তন। ৩। বিণ, উত্তম তলযুক্ত (গৃহাদি)।

সুতহিবুক (শু, ক্) [সং] বি, পুং, [জ্যোতিষে] বৈবাহিক যোগবিশেষ।

সুতাত্মজ (শুতাৎতজ্) [সুতার (কন্যার), সুতের (পুত্রের) আত্মজ (পুত্র)—৬তৎ] বি, পুং, কন্যার পুত্র; দৌহিত্র। ২। পুত্রের পুত্র; পৌত্র। স্ত্রী, **সুতাত্মজা**—দৌহিত্রী; পৌত্রী।

সুতার (শুতার্) [সু তার (স্বাদ)] বি, সুস্বাদ। প্র—"সংসার রাঙ্গা ফলে ভুলিব না আর। খাইয়ে দেখিছি তাহে কিছুই নাহি সুতার॥"—গান।

সুতি (শু) [সং—সূত্র] বিণ, সূত্রনির্ম্মিত; সুতায় বোনা। প্র—"পরণেতে ধুতি গরদ কিম্বা সুতি।"—দ্বিজেন্দ্র রায়।

সুতিকা (শু) [সং] বি, প্রসব-গৃহ; আঁতুড়। ২। প্রসবান্তে প্রসূতির রোগবিশেষ।

সুতিকামন্দির—বি, সুতিকাগার ; প্রসব-গৃহ। প্র—"আমারে দেখিতে আইল তুরিতে সুতিকামন্দির ঘরে।"—চণ্ডীদাস।

সুতিক্ত (শু) [সু (অতিশয়) তিক্ত] বিণ অতিরিক্ত। ২। বি, নিম্ব। (২) পর্পট। (৩) পারিভদ্র। স্ত্রী, **সুতিক্তা**—কোষাতকী।

সুতী (শু) [সুত+ইন্ (অস্ত্যর্থে)=সুতিন্ ১মা, ১ব] বিণ, পুত্রবান্ ; পুত্রবিশিষ্ট ; যাহার পুত্র আছে।

সুতী (শু) [সুতি দ্রঃ] বি, সুত্রনির্ম্মিত বস্ত্র। প্র—"একখানা সুতী দিলে তবু পরার মত হ'ত"—ভারতী, ১৩২০।

সুতীক্ষ্ণ (শু) [সু (অত্যন্ত) তীক্ষ্ণ, কর্ম্মধা] বিণ, অতিশয় ধারাল ; অতি তীক্ষ্ণ।

সুতুঙ্গ (শু) [সু (অতিশয়) তুঙ্গ (উচ্চ)] বিণ, অত্যুচ্চ। ২। [জ্যোতিষে] বি, গ্রহ-গণের উচ্চাংশবিশেষ।

সুতুলি (শু) [সূত্রালি। হি—সুত্‌লি] বি, শণসূতায় নির্ম্মিত সরু দড়ি।

সুদ (শুদ্) [ফা] বি, বৃদ্ধি ; কুসীদ। **সুদ-খোর**—কুসীদজীবী। **সুদসুদ্ধ**—বিণ, মূল ও সুদ ; অতিরিক্ত ; অধিক। প্র—"সুদসুদ্ধ আদায় করিয়া তবে ছাড়িবে।" —ভারতী, ১৩২০।

সুদক্ষিণ (শুদোক্‌খিন্) [সু (অত্যন্ত) দক্ষিণ (নিপুণ) কর্ম্মধা] বি, পুং, বিদর্ভদেশের নৃপতিবিশেষ। ২। উদারপ্রকৃতি ; বদান্য। স্ত্রী, **সুদক্ষিণা**—দিলীপ রাজার পত্নী। ২। বিণ, উদারস্বভাবা স্ত্রী।

সুদম (শু) [সু (অনায়াসে) দম্ (দমন করা)+অ (কর্ম্মে—অল্)] বিণ, সহজে দমনীয়।

সুদর্শ, সুদর্শন (শুদর্শন্) [সু (সুন্দর) দৃশ্ (দেখা)+অ—অন (কর্ম্মে—অল, অনট্)] বি, পুং, বিষ্ণুর প্রসিদ্ধ চক্রাস্ত্র। প্র—"জয় জয় জগন্নাথ সুভদ্রা বলাই সাথ জয় লক্ষ্মী জয় সুদর্শন।"—অ, ম। ২। শালগ্রামবিশেষ। ৩। সুমেরু। ৪। বর্ত্তমানকালের অষ্টাদশ জৈন মুনির পিতা। ৫। বিণ, সুদৃশ্য : দেখিতে উত্তম ; শোভাজনক। প্র—"সেরূপ রামের গৃহ নরনারীগণে। হয়েছিল সুদর্শন দেখিতে নয়নে।"—রামায়ণ (রাজ)। স্ত্রী, **সুদর্শনী**—অমরাবতী।

সুদর্শনা (শু) [সুদর্শন+আ, স্ত্রী] বি, স্ত্রী, সুন্দরী নারী। ২। বৃক্ষবিশেষ। ৩। ঔষধ।

সুদামা (শু) [সু (উত্তম) দামন (রজ্জু) কিম্বা সু—দা (দান করা)+মন্ (কর্ত্তৃ)= সুদামন্ ১মা, ১ব] বি, পুং, গোপবিশেষ। ২। ব্রাহ্মণবিশেষ। ৩। পর্ব্বত। ৪। মেঘ। ৫। সমুদ্র। ৬। ঐরাবত। ৭। বি, স্ত্রী, নদী-বিশেষ। ৮। অতিশয় দানশীল ; শ্রেষ্ঠ দাতা।

সুদি (শু) [হি] বি, সিতপক্ষ ; জ্যোৎস্নাপক্ষ। তুল—বদি (কৃষ্ণপক্ষ)।

সুদিন (শুদিন্) [সু—দিন] বি, ক্লী, শুভদিন। ২। সুসময় ; সৌভাগ্যের উদয়।

সুদীর্ঘ (শু) [সু (অতিশয়) দীর্ঘ (লম্বা) —কর্ম্মধা] বিণ, অতিশয় দীর্ঘ।

সুদুঃখিত (শু) [সু (অতিশয়) দুঃখিত, কর্ম্মধা] বিণ, সমধিক দুঃখপ্রাপ্ত ; সাতিশয় ক্লিষ্ট ; নিতান্ত ব্যথিত।

সুদুর্লভ (শু, ভ্) [সু (অত্যন্ত) দুর্লভ (দুষ্প্রাপ্য) কর্ম্মধা] বিণ, অতিশয় দুষ্প্রাপ্য।

সুদুশ্চর (শুদুশ্‌চর্) [সু (অতিশয়) দুর্ (দুঃখ) চর্ (গমন করা)+অ (কর্ম্মে—অল্)] বিণ, অতিশয় ক্লেশগম্য ; অতি দুর্গম।

সুদুষ্কর (শুদুষ্‌কর্) [সু (অত্যন্ত) দুষ্কর (দুঃসাধ্য)—কর্ম্মধা] বিণ, অতিশয় কষ্টসাধ্য।

সুদুস্তর (শুদুস্‌তর্) [সু (অত্যন্ত) দুস্তর (দুষ্পার) কর্ম্মধা] বিণ, অতি দুস্তর ; অনতি-ক্রমণীয় ; যাহা পার হওয়া দুষ্কর।

সুদূর (শুদুর্) [সু (অত্যন্ত) দূর] বিণ, বহুদূরস্থিত ; অতিশয় দূরবর্ত্তী।

সুদূরপরাহত (শুদুর্) [সুদূর—পরাহত] বিণ, একান্ত নিরস্ত ; সম্ভাবনা-বিরহিত।

সুদৃক্, সুদৃশ্ (শু) [সু (উত্তম) দৃশ্ (দেখা)+কিপ (ভাবে বা করণে)=সুদৃক্ (সুদৃষ্টি বা চক্ষুঃ) যাহার, বহু] বিণ, সুনয়ন ; সুন্দর চক্ষুযুক্ত।

সুদৃঢ় (শু) [সু (অত্যন্ত) দৃঢ় (কঠিন) —কর্ম্মধা] বিণ, অতিশয় দৃঢ় ; সুকঠিন।

সুদৃশ্য (শুদৃশ্‌শ) [সু (উত্তম) দৃশ্য (দর্শন-যোগ্য)—কর্ম্মধা] বিণ, সুন্দর ; নয়নাভিরাম।

সুদ্দুর (শুদ্দুর্) [সং—শূদ্র হইতে পা—সুদ্দ] বি, শূদ্র।

সুদ্ধ [হি—সুদ্ধা। সহিত শব্দের বিকার] অ, সহিত ; সমেত।

সুদ্যুম্ন (শুদ্‌দুমন) বি, পুং, বৈবস্বত মনুর পুত্র।

সুধন্বা (শু) [সু (উত্তম) ধনুস্ (ধনুক) যাহার, বহু=সুধন্বন্ ১মা, ১ব] বি, পুং, নৃপতি-বিশেষ। ২। বিশ্বকর্ম্মা। ৩। অনন্তদেব। ৪। শ্রেষ্ঠ ধানুকী।

সুধর্ম্মসভা (শুধর্মশভা) [সং] বি, দেবসভা ; সুরসভা। প্র—"সুধর্ম্ম সভায় নাচ হয়ে থলমতি। মানব হইয়া জন্ম লহ বসুমতী॥"—কবিক।

সুধর্ম্মা (শু) [সু (অত্যন্ত) ধর্ম্ম যাহাতে—বহু= সুধর্ম্মন্ ১মা, ১ব] বি, পুং, সুরসভা ; দেবরাজ ইন্দ্রের সভা। ২। শেষ জৈনের অনেক শিষ্য। গৃহস্থ। ৪। বিণ, অতি ধার্ম্মিক।

সুধা (শু) [সু (সুখে) ধে (পান করা)+অ (কর্ম্মে—ড) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, অমৃত। প্র—"আয় নিবিরে ভাই নামের সুধা নিবি আয়।"—বাং-গান। ২। জ্যোৎস্না। ৩। গঙ্গা ; ভাগীরথী। ৪। জল। ৫। পুষ্পরস। ৬। বিদ্যুৎ। ৭। চূণ। ৮। মূহী। ৯। হরীতকী।

সুধাংশু (শু) [সুধা (অমৃত) হইয়াছে অংশু (কিরণ) যাহার, বহু] বি, পুং, চন্দ্র ; সুধাকর। প্র—"অস্তাচল শশী সমান হইতেছে ম্লান মায়ের সুধাংশু বয়ান রে।"—বাং-গান।

সুধাকর (শুধাকর্) [সুধা (অমৃতময়) কর (কিরণ) যাহার—বহু] বি, সুধাংশু ; চন্দ্র। প্র—"পদতল নব-প্রভাকর-কর দশ সুধাকর শোভিছে নখরে।"—বাং-গান। "পরিধান পীতাম্বর অধর বান্ধুলীবর মুখ-সুধাকরে সুধাহাস।"—অ, ম। "তুলনা যে দিতে নারি তাতে অতি মনোহারী যেন সুধাকর তারা মাঝে।"—কবিক।

সুধাজীবী (শু) [সুধা (চূণকাম) দ্বারা জীবী (যে জীবিকা নির্ব্বাহ করে)] বি, রাজমিস্ত্রী।

সুধাধার (শুধাধার্) [সুধার (অমৃতের) আধার, ৬তৎ] বি, পুং, শশী ; সুধাকর।

সুধান (শুধানো) [হি—সুধানা। শুধান দ্রঃ। উ-পু—সুধাই। ম-পু—সুধাও। প্র-পু—সুধায়। অস-ক্রি—সুধাইতে ; সুধাইয়া] ক্রি, জিজ্ঞাসা করা। প্র—"সুন্দরী সুধান শিবে সত্য কহ শূলী। কারে মেরে ধন হরে পূরে ছিলে ঝুলি॥"—শিবায়ন।

সুধানিধি (শু) [সুধার (অমৃতের) নিধি (আশ্রয়)—৬তৎ] বি, পুং, চন্দ্র। প্র—"বয়ন শরদ সুধানিধি নিষ্কলঙ্ক। মনমথ মথন অলপ দিঠি বঙ্ক॥"—জ্ঞানদাস।

সুধান্বিত (শুধান্বিত) [সুধা (অমৃত) অন্বিত (যুক্ত)—৩তৎ] বিণ, অমৃতময় ; সুধাময় ; প্র—"সুধান্বিত প্রভাত ভানু।"—অ, ম।

সুধাবর্ষী (শুধাবোর্শী) [সুধা (অমৃত) বৃষ্ (বর্ষণ করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=সুধাবর্ষিন্ ১মা, ১ব] বি, পুং, সুধাকর ; চন্দ্র। ২। ব্রহ্মা। ৩। বুদ্ধবিশেষ। ৪। বিণ, অমৃত-বর্ষণকারী।

সুধাবাস (শুধাবাশ্) [সুধার—আবাস (আশ্রয়) —৬তৎ] বি, পুং, সুধাকর ; চন্দ্র।

সুধাময় (শুধাময়্) [সুধা (অমৃত)+ময় (প্রস্তুতার্থে ময়ট্)] বিণ, অমৃতময়। প্র— "সুধাময় হাস সুধাময় ভাষ দৃষ্টিতে সুধা

প্রকাশ।"—অ, ম। ২। চূর্ণময়; চূর্ণবিশিষ্ট। ৩। বি, পুং, সৌধ; প্রাসাদ।

সুধার (শুধার্) [সু—ধার (প্রান্ত)] বিণ, সুতীক্ষ্ণ; খুব ধারাল। প্র—"এত বলি নন্দীকে দিলেন আঁখি ঠার। চলিলেন নন্দী অসি লইয়া সুধার॥"—কবিক।

সুধারা (শু) [সু—ধারা] বি, সুব্যবস্থা। ২। সুধারা। ৩। [সুধাধারা হইতে] বিণ, সুমধুর। প্র—"ভাঁড় কলাবত নাচত গায়ত ভাবত অভিমত গীত সুধারা।"—অ, ম।

সুধাসমুদ্র (শুধাশোমুদ্দ্র) বি, সপ্তসমুদ্রের অন্যতম। প্র—"সুধা সমুদ্রের মাঝে, চিন্তামণি বেদী সাজে, কল্পতরু কদম্ব কানন।—অ, ম।

সুধাসিন্ধু (শু) [সুধার সিন্ধু—৬তৎ] বি, পুং, অমৃত সাগর। প্র—"সুধাসিন্ধু সরসিজে সদানন্দ নিত্য ভজে পঞ্চাশৎ মাতৃকা রূপা চন্দ্রার্দ্ধধারিণি মা।"—বাং-গান।

সুধাহর, সুধাহৃৎ (শু) [সুধা (অমৃত) হর—হৃৎ (যে হরণ করে)] বি, পুং, গরুড়।

সুধি (শু) [সং—শুদ্ধি। হি—সুধি] বি, বোধ; চৈতন্য। প্র—"দেখিতে দেখিতে বাঢ়ল ব্যাধি। যত তত করি নাহিয়ে সুধি॥"—চণ্ডীদাস। ২। স্মৃতি।

সুধী (শু) [সু (শোভন) ধী (বুদ্ধি) যাহার, বহু] বি, পুং, বিদ্বান্; জ্ঞানী; পণ্ডিত। ২। স্ত্রী, শুদ্ধ বুদ্ধি; সৎবুদ্ধি; সুবুদ্ধি। প্র—"বালীকে বিড়ম্বি বিধি, না, মানে জায়ার সুধী, সমরে পড়িল রাম শরে।"—কবিক। ৩। বিণ, সাতিশয় বুদ্ধিমান্; সুবুদ্ধিবিশিষ্ট।

সুধীর (শুধীর্) [সু—ধীর] বিণ, শান্ত; নম্র। বি, **সুধীরতা**। প্র—"সুশীলতা সুধীরতা, স্নেহ করুণা মমতা যে রূপ কিরূপে কব দেখিলে বোধ সে হয়।"—বাং-গান।

সুধু (শু) [সং—শুদ্ধ শব্দজ] বিণ, মাত্র; কেবল।

সুনন্দ (শু) [সু (উত্তম রূপে) নন্দ + ণিচ্ = নন্দি (আনন্দিত করান) + অচ্ (কর্ত্তৃ)] বি, স্ত্রী, শ্রীকৃষ্ণের পার্শ্বচর। ২। বলদেবের মুষলাস্ত্র। ৩। বিণ, আনন্দদায়ক; হর্ষজনক। স্ত্রী, **সুনন্দা**—পার্ব্বতী। ২। দুর্গার সখী।

সুনয়ন (শুনয়ন্) [সু (উত্তম) নয়ন (চক্ষু) যাহার, বহু] বি, পুং, মৃগ; হরিণ। ২। বিণ, সুন্দর চক্ষু; সুনেত্র। স্ত্রী, **সুনয়না**—সুলোচনা স্ত্রী।

সুনা (শু) [সং—শূন্য] বি, শূন্য; খালি। ২। [শুক্‌না হইতে। হি] বি, শুষ্ক ভূমি; শুক্‌না ডাঙ্গা। ৩। [স্বর্ণ হইতে। প্রা-বাং] স্বর্ণ। **সুনার**—স্বর্ণময়।

সুনাজমী—বি, রবিশস্য, আউস, ইক্ষু ও তামাকের উৎপাদনক্ষম জমী।

সুনাভ (শু) [সু (সুন্দর) নাভি যাহার, বহু বি, পুং, হিমালয়াত্মজ; মৈনাক পর্ব্বত। ২ বিণ, সুন্দর নাভিযুক্ত; চক্রাকৃতি নাভিবিশিষ্ট।

সুনায়র (শুনায়র্) [সু—নায়র (নাগর হইতে] বি, পুং, সুনাগর। স্ত্রী **সুনায়রী**—সুনাগরী। প্র—"মনমথ যন্ত্র সুধীর সুনায়রী শ্যাম সুন্দর রস সীম।"—জ্ঞানদাস।

সুনাসিকা (শু) [সু (সুন্দর) যে নাসিকা (নাক)] বি, স্ত্রী, সুন্দর নাসিকা। ২। বিণ, শোভন নাসাযুক্ত; সুন্দর নাসিকাবিশিষ্ট।

সুনাসীর (শুনাশীর্) [সু (উত্তম) নাসীর (পুরোবর্ত্তী সৈন্য) যাহার, বহু] বি, পুং, ইন্দ্র।

সুনিশ্চিত (শু) [সু (সম্পূর্ণরূপে) নিশ্চিত (স্থিরীকৃত)] বিণ, সুনির্দ্ধারিত; অবধারিত।

সুনীতি (শু) [সু (উত্তম) যে নীতি—কর্ম্মধা] বি, স্ত্রী, উত্তম নীতি। ২। উত্তানপাদ রাজার জ্যেষ্ঠা মহিষী; ধ্রুবের জননী। ৩। [সু—নীতি যাহার, বহু] বিণ, নীতিমান্; উত্তম নীতি-বিশিষ্ট।

সুন্দ (শু) [সুন্দ্ + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, অসুরবিশেষ। ২। বানরবিশেষ।

সুন্দর (শুন্দর্) [সু (উত্তমরূপে) দৃ (আদর করা) + অ (কর্ম্মে) ন্ আগম, যাহাকে আদর করা হয়] বিণ, মনোহর; সুরূপ; রমণীয়। প্র—"খর্ব্ব স্থূল কলেবর গজ মুখ লম্বোদর মহাযোগী পরম সুন্দর।"—অ, ম। ২। [সু (উত্তমরূপে) দৃ (বিদারণ করা) + অ (কর্ত্তৃ) ন্ আগম] বি, পুং, মন বিদারক বলিয়া কন্দর্প। ৩। গুণসিন্ধুরাজার পুত্র। প্র—"সুন্দর তাঁহার সুত বড় রূপ-গুণ-যুত বিদ্যায় সে জিনিবে বিদ্যায়।"—অ, ম। স্ত্রী, **সুন্দরী**—বিণ, রূপবতী; সুরূপা। ২। বি, রমণী; কামিনী; নারী। প্র—"নাচিত যেমতি যত গোকুল-সুন্দরী।"—ব্রজাঙ্গনা। সম্বোধনে—**সুন্দরি**। প্র—হে সুন্দরি, প্রভু মম রবি-কুল-রবি।"—মেঘনাদ বধ।

সুন্নত (শুন্নত) [আ] বি, মুসলমানদিগের লিঙ্গত্বকচ্ছেদরূপ সংস্কারবিশেষ। প্র—"আমার বাসনা হয় যত হিন্দু পাই। সুন্নত দেওয়াই আর কলমা পড়াই॥"—অ, ম।

সুপক্ক (শুপক্ক) [সু (উত্তমরূপে) যে পক্ক—কর্ম্মধা] বিণ, সুপরিণত। ২। সুসিদ্ধ।

সুপচ (শুপচ্) [সু—পচ্ (পাক করা) + অ (কর্ম্মে—খল্)] বিণ, যাহা সহজে পরিপাক হয়; লঘুপাক দ্রব্য।

সুপত্র (শুপত্ত্র) [সু (উত্তম) পত্র (পাত) —কর্ম্মধা] বি, স্ত্রী, তেজপত্র। ২। বিণ, সুন্দর পত্রবিশিষ্ট। ৩। সুন্দর পালকবিশিষ্ট। ৪। সুন্দর বাহনযুক্ত। স্ত্রী, **সুপত্রা**—শাল-পর্ণী। ২। রুদ্রজটা। ৩। শতমূলী।

সুপথ (শুপথ্) [সু (উত্তম) পথিন্ (রাস্তা) —কর্ম্মধা; পথিন্ = পথ] বি, পুং, সন্মার্গ। ২। সুপ্রণালী; সুরীতি। ৩। সদাচার।

সুপদ্ম (শুপদ্দঁ) [শোভন—পদ্ম] বি, ক্লী, সুন্দর পদ্ম। ২। পুং, পদ্মনাভ দত্ত কৃত ব্যাকরণ। স্ত্রী, **সুপদ্মা**—বচ নামক ঔষধ।

সুপর্ণ (শু) [সু (সুন্দর) পর্ণ (পাখা) যাহার, বহু] বি, পুং, স্বর্ণচূড় পক্ষী। ২। পক্ষীন্দ্র; গর। প্র—"ভুখিল সুপর্ণ যেন ভুজঙ্গ পাইয়া।"—কাশী, মহা, বনপর্ব্ব। "জটায়ু সম্পাতি লিখে সুপর্ণ কিঙ্করে।"—কবিক। ৩। মোরগ। ৪। বিণ, সুন্দর পক্ষবিশিষ্ট। স্ত্রী, **সুপর্ণা, সুপর্ণী**—পদ্মিনী। ২। গরুড়-মাতা। **সুপর্ণকেতু**—বি, পুং, গরুড় ধ্বজ; বিষ্ণু।

সুপর্ণক (শুপর্ণক) [সু (সুন্দর) পর্ণ (পাখা) যাহার (ক স্বার্থে)] বি, পুং, পক্ষিরাজ; গরুড়। ২। সপ্তচ্ছদবৃক্ষ; ছাতিম গাছ।

সুপর্ব্বা (শু) [সু (উত্তম) পর্ব্বন্ (গাঁইট) যাহার, বহু = সুপর্ব্বন্ ১মা, ১ব] বি, পুং, বংশ; বাঁশ। ২। বাণ। ৩। দেবতা। ৪। তিথিবিশেষ। ৫। ধূম। ৬। স্ত্রী, শ্বেতদূর্ব্বা; (২) সুন্দর পর্ব্ববিশিষ্টা।

সুপাত্র (শুপাৎত্র) [সু (উত্তম) পাত্র (ভাজন) —কর্ম্মধা] বি, পুং, উপযুক্ত পাত্র; উত্তম-ভাজন। ২। কন্যা সমর্পণের যোগ্য বর। প্র—"যত কন্যামাত্র দেখিয়া সুপাত্র বলে এ কেমন বর।"—অ, ম। স্ত্রী, সুপাত্রী।

সুপারিণ্টেণ্ডেণ্ট (শু) [ইং—superintendent.] বি, অধ্যক্ষ; পরিচালক।

সুপারিস, সুপারীস (শুপারিশ্) [ফা—সিফারিশ্] বি, অনুরোধ; উপরোধ।

সুপারী, সুপুরী (শু) [হি—সুপারী। দেশী ভাষায়—গুয়া। বিদেশী বা জাহাজী আমদানী বলিয়া সফরী হইতে?] বি, গুবাক ফল; গুয়া।

সুপার্শ্ব (শু) [সু (সুন্দর) পার্শ্ব যাহার, বহু] বি, পুং, সপ্তম জৈনমুনি। ২। সম্পাতিপক্ষীর পুত্র। ৩। বর্ত্তমান খান্দেশ।

সুপ্ত (শু) [স্বপ্ (নিদ্রা যাওয়া) + ত (ভাবে —ক্ত)] বি, ক্লী, নিদ্রা; ঘুম। ২। ইন্দ্রিয়-জ্ঞানবর্জ্জিত; অচৈতন্য। ৩। শয়ন। ৪। [কর্ত্তৃ—ক্ত] বিণ, নিদ্রিত। **সুপ্তজন**—নিদ্রিত ব্যক্তি। ২। [সুপ্ত হয় লোক জন যে কালে, বহু] অর্দ্ধরাত্র; নিশীথ। **সুপ্তজ্ঞান**—স্বপ্ন।

সুপ্তি (শুপ্ তি) [স্বপ্ (নিদ্রিত থাকা) + তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, তন্দ্রা ; নিদ্রা ; ঘুম। ২। স্বপন।

সুপ্রতিভা (শু) [সু (উত্তম) প্রতিভা (বুদ্ধি) কর্ম্মধা] বি, স্ত্রী, মার্জ্জিত বুদ্ধি ; উজ্জ্বলবুদ্ধি।

সুপ্রতিষ্ঠা (শুপ্রোতিষ্ ঠা) [সু—প্রতিষ্ঠা] বি, স্ত্রী, সুপ্রসিদ্ধি ; সুখ্যাতি। ২। [সু (অতিশয়) প্রতিষ্ঠা (খ্যাতি) যাহার—বহু —আপ্—স্ত্রী] বিণ, যশস্বিনী ; সুবিখ্যাতা। তুল—সং—সুপ্রতিষ্ঠাং সুলোচনাং।

সুপ্রতীক (শুপ্রোতীক্) [সু (সুন্দর) প্রতীক (অবয়ব) যাহার, বহু] বি, পুং, কন্দর্প ; কামদেব। ২। ঈশান কোণস্থ দিগ্‌-গজ। ৩। বিণ, সুনির্ম্মিত। ৪। সুন্দর অবয়ব ; শোভনাঙ্গ।

সুপ্রতীত (শুপ্ প্রোতীত) [সু (উত্তমরূপে) প্রতীত (জ্ঞাত)] বিণ, স্পষ্ট প্রমাণীভূত ; সুপরিজ্ঞাত।

সুপ্রভ (শু) [সু (উত্তম) প্রভা (দীপ্তি) যাহার, বহু] বিণ, সুন্দর প্রভাযুক্ত। স্ত্রী, **সুপ্রভা**—সুন্দর দীপ্তিশালিনী। ২। বি, অগ্নির জিহ্বাবিশেষ।

সুপ্রভাত (শুপ্ প্রোভাত্) [সু (শুভ) যে প্রভাত (প্রাতঃকাল)—কর্ম্মধা] বি, ক্লী, শুভ-সূচক প্রাতঃকাল। ২। [সু (অতিশয়) প্রভাত (দীপ্তি) যাহার, বহু] বিণ, সাতিশয় আভাযুক্ত ; অতিশয় দীপ্তিশালী। স্ত্রী, **সুপ্রভাতা**—নদীবিশেষ।

সুপ্রসন্ন (শুপ্রোশন্ন্) [সু (উত্তমরূপে) প্রসন্ন (হৃষ্ট)] বিণ, সম্যক্ তুষ্ট ; পরিতুষ্ট।

সুপ্রাতঃ (শু) [সু (উত্তম) প্রাতঃ (প্রাতঃ-কাল)] বিণ, সুপ্রভাত ; শুভসূচক প্রাতঃ-কাল।

সুফল (শুফল্) [সু (সুন্দর) ফল—কর্ম্মধা] বি, পুং, কার্য্যসিদ্ধি। ২। শ্রীফল ; বেল। ৩। দাড়িম্ব। ৪। শিম্বীবিশেষ। ৫। [সুন্দর ফল যাহার, বহু] বিণ, সুমিষ্ট ফলোৎপাদক ; উত্তম ফলযুক্ত। স্ত্রী, **সুফলা**—বিণ, ফলবান্ : ফলবিশিষ্ট। ২। বি, দ্রাক্ষাবিশেষ। ৩। কদলী ; কলা। ৪। অলাবু ; লাউ।

সুফেন (শুফেন্) [সু (উত্তম) ফেন—কর্ম্মধা] বি, ক্লী, সাগরফেনা।

সুবচন (শুবচন্) [সু (উত্তম) বচন (বাক্য) —কর্ম্মধা] বি, ক্লী, শুভবাক্য ; হিত কথা ; শোভন উক্তি।

সুবচনী (শু) [শুভ সূচনী শব্দজ] বি, স্ত্রী, মঙ্গলদায়িনী দেবীবিশেষ।

সুবন্ধ (শু) [সু (উত্তম) বন্ধ (বন্ধন) যাহার, বহু] বি, পুং, তিল। ২। যত্ন। ক্রি-বিণ—**সুবন্ধে**—যত্ন করিয়া। প্র—"কহিল পোড়াও মাছে সুবন্ধে রাখহ কাছে স্নান করি আসি নদীজলে।"—কবিক।

সুবন্ন (শু) [সং—সুবর্ণ হইতে প্রা-বাং] বি, স্বর্ণ। **সুবন্নদীপ**—সুবর্ণ প্রদীপ। প্র—"পশ্চিমে সুবন্নদীপ জ্বালিয়া সাঁঝাকালে। সাঁঝা দিলে হঅ সুমঙ্গলে॥"—শূ-পু।

সুবর্চ্চক (শুবর্চক্) বি, পুং, সর্জ্জিকাক্ষার।

সুবর্চ্চল (শুবর্চ্চল্) [সু (উত্তমরূপ) বর্চ্চ্ (দীপ্তি পাওয়া) + অল্] বি, পুং, দেশবিশেষ। স্ত্রী, **সুবর্চ্চলা**—সূর্য্যপত্নী। ২। সূর্য্যমুখী পুষ্প। ৩। অতসী। ৪। তিসি ; মসিনা। ৫। ব্রাহ্মী। ৬। আদিত্যভক্তা।

সুবর্ণ (শু) [সু (সুন্দর) বর্ণ (রং) যাহার—বহু] বি, ক্লী, কাঞ্চন ; স্বর্ণ ; সোনা। প্র—"সুবর্ণ দহনে সুবর্ণ হয়।"—বাং-গান। ২। ১৬ মাসা পরিমিত সোনা। ৩। স্বর্ণমুদ্রা ; মোহর। ৪। সম্পত্তি ; ধন। ৫। কর্ষ পরিমাণ। ৬। পুং, যজ্ঞবিশেষ। ৭। গৈরিক : গিরিমাটী। ৮। হরিচন্দন। ৯। ধুস্তুর। ১০। বিণ, সুন্দর বর্ণ ; সুরূপ। ১১। সুন্দর অক্ষরবিশিষ্ট। ১২। শ্রেষ্ঠ জাতিতে উৎপন্ন। স্ত্রী, **সুবর্ণা**—হরিদ্রা। **সুবর্ণকদলী**—বি, স্ত্রী, চাঁপা কলার গাছ। ২। চাঁপাকলা। **সুবর্ণকার**—বি, পুং, সেক্‌রা। **সুবর্ণবণিক্**—বি, পুং, জাতিবিশেষ ; সোণার বেনিয়া। **সুবর্ণ-বর্ণ**—বিণ, কনক বরণ ; স্বর্ণের আভাযুক্ত। স্ত্রী, **সুবর্ণবর্ণা**—হরিদ্রা।

সুবর্ণক (শু) [সুবর্ণ + ক (সাদৃশ্যার্থে)] বি, ক্লী, পিত্তল ; পিতল। ২। সোঁদালি গাছ। স্ত্রী, **সুবর্ণকা**—মনোহর বর্ণবিশিষ্টা। দুঃখী তুমি মনে।"—ব্রজাঙ্গনা। স্ত্রী, **সুভগা**—পতি-সোহাগিনী রমণী। ৩। সন্ত্রান্ত গৃহিণী। ৩। সৌভাগ্যবতী। প্র—"সুভগা সরলা আজি রহিল বিধবা সাজি, রাবণের শতচিতা হৃদয়ে বহিয়া।"—মানকুমারী। [সম্বোধনে] সুভগে। প্র—"হরপ্রিয়া মন্দাকিনী সুভগে, তব সঙ্গিনী।"—ব্রজাঙ্গনা।

সুবলিত (শুবোলিত) [সু—বল + ইত (যুক্তার্থে)] বিণ, বলবিশিষ্ট ; শক্তিমান। প্র—"সুবলিত ভুজ সহিত অম্বুজ কনক মৃণাল রাজে।"—অ, ম।

সুবসন্তক (শুবশ্ নতক্) [সু (উত্তম) বসন্ত (বসন্তকাল) + ক (সংজ্ঞার্থে)] বি, মদনোৎসব।

সুবহ (শু) [সু (সুখে) বহ্ (বহন করা) + অ] বিণ, সুখবাহ্য। ২। সুখে বহনকারী ; অবলীলাক্রমে বহনক্ষম।

সুবা (শু) [আ] বি, প্রদেশ ; province. প্র—"লুঠিয়া ভুবনেশ্বর যবন পাতকী। সেই পাপে তিন সুবা হইল নারকী॥"—অ, ম।

সুবা, সুবো (শুবা, শুবো) [সং—সভ্য] বি, সভ্য। ২। রাজপুরুষ ; য়ুরোপীয়। প্র—"যত কালের যুবো যেন সুবো ইংরাজী কয় বাঁকা ভাবে।"—ঈশ্বর গুপ্ত।

সুবাদ (শুবাদ্) [সং—সম্বন্ধ] বি, সম্বন্ধ। প্র—"আমাকে কি পর মনে করো ? বড় দায় আমার সঙ্গে কি সুবাদ ছিল তা তুমি যত জানো তত তো আর কেউ জানে না।"—ভারতী।

সুবাদার (শুবাদার্) [ফা—সুবাহ্ দার্] বি, প্রাদেশিক শাসনকর্ত্তা। ২। দেশীয় সৈন্য-বিভাগের অধিনায়কবিশেষ। বিণ, **সুবাদারী**—সুবাদার সম্বন্ধীয়।

সুবাদারি (শু) [সুবাদার (দ্রঃ) + ই (কর্ম্মার্থে)] বি, সুবাদারের কর্ম্ম।

সুবাস (শুবাশ্) [সু (উত্তম) বাস (গন্ধ) —কর্ম্মধা] বি, পুং, সুগন্ধ ; সৌরভ। ২। উত্তম বাসস্থান। ৩। [সু—বাস (গন্ধ) যাহার, বহু] বিণ, সুগন্ধি ; সুগন্ধযুক্ত।

সুবাসিত (শুবাশিত) [সুবাস + ইত (যুক্তার্থে)] বিণ, সৌরভিত ; সুগন্ধি।

সুবাসিনী (শুবাশিনী) [সু (সুখে) বস্ (বাস করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = সুবাসিন্ + ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, পিত্রালয়নিবাসিনী স্ত্রী। ২। সৌরভময়ী।

সুবিকট (শুবিকট্) [সু (অতি) বিকট (ভয়ঙ্কর)] বিণ, অতি ভয়ঙ্কর। প্র—"পুটকিত শিরজট বিঘটিত সুবিকট লটপট কমঠ ভুজঙ্গে।"—অ, ম।

সুবিচার (শুবিচার্) [সু (উত্তম) বিচার (মীমাংসা)—কর্ম্মধা] বি, পুং, উত্তম বিচার ; ন্যায় বিচার ; সূক্ষ্ম মীমাংসা।

সুবিদিত (শু) [সু (উত্তমরূপে) বিদ্ (জানা) ইত (যুক্ত)] বিণ, সুপরিজ্ঞাত। প্র—"বিরিঞ্চি পুরোহিত বিধাত সুবিদিত পূজক আপনি মহেশ।"—অ, ম।

সুবিধা (শু) [সু (উত্তম) বিধা (প্রকার) —কর্ম্মধা] অ, সুযোগ।

সুবিধি (শু) [সু (উত্তম) বিধি (বিধান) —কর্ম্মধা] বি, পুং, সুনিয়ম ; সুপ্রণালী ; উত্তম বিধান।

সুবিনীত (শু) [সু (অতিশয়) বিনীত] বিণ, অতিশয় নম্র ; বিনম্র। স্ত্রী, **সুবিনীতা**।

সুবুদ্ধি (শু) [সু (উত্তম) বুদ্ধি (জ্ঞান) যাহার, বহু] বিণ, সৎবুদ্ধিশালী ; উত্তম বুদ্ধি-বিশিষ্ট।

সুবৃত্ত (শুবৃৎত) [সু (উত্তম) বৃত্ত (চরিত্র) যাহার, বহু] বিণ, সচ্চরিত্র ; সাধু। ২। উত্তম বর্ত্তুল। স্ত্রী, **সুবৃত্তা**—শতপত্রী। ২। কাকলী দ্রাক্ষা।

সুবে (শু) [সুবা দ্রঃ] বি, প্রদেশ।

সুবেল (শুবেল্) [সু (উত্তমরূপে) বেল্ (চঞ্চল হওয়া) + অ] বিণ, শান্ত। ২। বি, ত্রিকূটপর্ব্বত।

সুবেশ (শুবেশ্) [সু (উত্তম) বেশ (সজ্জা) —কর্ম্মধা] বি, ক্লী, উত্তম সজ্জা। ২। বিণ, উত্তম বেশযুক্ত।

সুবেশী (শু) [সুবেশ + ইন্ (অস্ত্যর্থে) = সুবেশিন্ ১মা, ১ব] বিণ, উত্তম বেশযুক্ত ; সুপরিচ্ছদবিশিষ্ট।

সুবোধ (শুবোধ্) [সু—বোধ (বুদ্ধি)] বি, পুং, জ্ঞান ; সুবুদ্ধি। ২। জাগরণ। ৩। বিণ, সাতিশয় বুদ্ধিমান্ ; সৎবুদ্ধি সম্পন্ন ; শিষ্ট।

সুব্যক্ত (শুব্বক্ত) [সু—ব্যক্ত (প্রকাশিত)] বিণ, সুপ্রকাশিত ; প্রকটিত ; উদ্‌ঘাটিত। ২। ক্রি-বিণ, স্পষ্টরূপে।

সুব্রত (শুব্রোত) [সু (উত্তম) ব্রত (নিয়ম) যাহার, বহু] বিণ সৎব্রতের অনুষ্ঠানকারী ; সুনিয়ত। ২। পুং, বর্ত্তমান কল্পের ২০শ জৈন। ৩। ভবিষ্যকল্পের এক জৈনমুনি। স্ত্রী, **সুব্রতা**—বর্ত্তমান কল্পের ১৫শ জৈন মুনির জননী। ২। সচ্চরিত্রা পত্নী ; সাধ্বী স্ত্রী। ৩। সুদোহা গাভী।

সুভগ (শু) [সু (উত্তম) ভগ (শ্রী, কাম, মাহাত্ম্য প্রভৃতি) যাহার, বহু] বিণ, নয়নাভিরাম। ২। সুখদ। ৩। প্রিয়। ৪। ভাগ্যবান্। প্র—"তবে যদি সুভগ, এ অভাগীর দুঃখে দুঃখী তুমি মনে।"—ব্রজাঙ্গনা। স্ত্রী, **সুভগা**। সম্বোধনে—**সুভগে**—সৌভাগ্যবতী।

সুভট্ট (শু) [সু—ভট্ট] বিণ, রণপণ্ডিত ; যুদ্ধ-পটু। প্র—সুভট্ট গগনে হানে শিখিবাণ।'—কবিক।

সুভদ্র (শুভদ্‌দ্রো) [সু (অতিশয়) ভদ্র (সৌভাগ্য) যাহার, বহু] বি, পুং, বিষ্ণু। ২। নৃপতিবিশেষ। ৩। সুমঙ্গল। ৪। উত্তম। ৫। অতিশয় শুভজনক।

সুভদ্রক (শুভদ্‌দ্রক্) [সুভদ্র + ক] বি, পুং, বিমান ; ব্যোমযান। ২। বেলগাছ।

সুভদ্রা (শুভদ্‌দ্রা) [সুভদ্র + আপ্, স্ত্রী] বি, স্ত্রী, কৃষ্ণ বলরামের ভগিনী ; অর্জ্জুনের পত্নী।

সুভাষিত (শু) [সু (উত্তমরূপে) ভাষ্ (বলা) + ত (কর্ম্মে—ক্ত) ই আগম] বিণ, সুব্যক্ত। ২। বি, ক্লী, সুবচন।

সুভিক্ষ (শুভিক্‌খ) [সু—ভিক্ষ (ভক্ষ্য)] বি, অন্নপ্রাচুর্য্য। প্র—"দুর্ভিক্ষ দেশ ত্যাগ করিয়া চিরবিদায় গ্রহণ করিল, সুভিক্ষ দেশে প্রতিষ্ঠিত হইল।"—গৃহস্থ, ১৩২০। "দুর্ভিক্ষ সময়ে অন্নদাতা, সুভিক্ষ সময়ে সুবর্ণদাতা এবং অরণ্যে জলদাতা স্বর্গলোকে আদৃত হয়"—অত্রিসংহিতা (বঙ্গবাসী)। ২। বিণ, প্রচুর ভক্ষ্যবিশিষ্ট।

সুভৃশ (শু) [সু—ভৃশ (অতিশয়)] বিণ, অত্যতিশয় ; সমধিক।

সুভ্রূ (শু) [সু (সুন্দর) ভ্রূ (চক্ষের ভুরু) যাহার, বহু] বি, স্ত্রী, সুন্দরী রমণী। সম্বোধন —সুভ্রু। প্র—"কহ সুভ্রু কেন কান্দ কি উঠিল মনে"—শিবায়ন।

সুমতি (শুমোতি) [সু (উত্তম) মতি (বুদ্ধি) কর্ম্মধা] বি, স্ত্রী, সুবুদ্ধি। ২। বর্ত্তমান-কালের ৫ম জৈনমুনি। ৩। অতীতকল্পের এক জৈনমুনি। ৪। দয়া। ৫। মিত্রতা। ৬। [সু (সুন্দর) মতি (বুদ্ধি) যাহার, বহু] বিণ, সুন্দর বুদ্ধিবিশিষ্ট ; সুধী।

সুমধুর (শুমোধুর্) [সু (অতিশয়) মধুর (মিষ্ট)—কর্ম্মধা] বিণ, অতি মধুর ; সুমিষ্ট।

সুমধ্যম (শুমোধ্‌ধম্) [সু (উত্তম) মধ্যম (মধ্যদেশ—কটি) যাহার, বহু] বিণ, উত্তম কটিযুক্ত ; যাহার কটিদেশ সুন্দর। স্ত্রী, **সুমধ্যমা**—ক্ষীণকটি ; যে নারীর কটিদেশ কৃশ। ২। সুন্দরী।

সুমনা (শুমোনা) [সু (উত্তম) মনস্ (মন) যাহার, বহু = সুমনস্ ১মা, ১ব] বি, পুং, দেবতা। ২। বিদ্বান্ ; জ্ঞানী ; পণ্ডিত। ৩। বিল্ববৃক্ষ। ৪। [সুন্দর মন হয় যদ্দর্শনে, বহু] পুষ্প ; ফুল। ৫। মালতী ফুল। ৬। ফুলের মালা। ৭। বিণ, মহাত্মা ; মহামনা ; মনস্বী। ৮। প্রীত ; আনন্দযুক্ত।

সুমন্ত্র (শু) [সু (উত্তম) মন্ত্র (মন্ত্রণা) যাহার, বহু] বি, পুং, রাজা দশরথের মন্ত্রী ও সারথি।

সুমন্দ (শু) [সু (আধিক্যার্থে) + মন্দ (অল্প)] বিণ, মন্দ মন্দ ; ধীর ; মৃদু। প্র—"সুমন্দ মলয় আনে ও নিনাদ মোর কাণে আমি শ্যামদাসী"—ব্রজাঙ্গনা। "নিরুপম পরকাশ সুমন্দ মধুর হাস ভঙ্গী নব শিখিবার আশে।"—কবিক।

সুমার (শুমার্) [ফা] বি, সংখ্যা ; গণনা। প্র—"কালরূপে জীবগণে আনি নিত্য পুরে। সুমার করেন ধর্ম্মাধর্ম্মের বিচারে॥"—কবিক। ২। সমষ্টি ; মোট। প্র—"সাজিয়া সুমার হল নব লক্ষ সেনা।"—ঘনরাম। **আদম সুমার**—লোকগণনা।

সুমিত্রা (শুমিৎত্রা) [সু (উত্তম) মিত্র (বন্ধু) + আপ্, স্ত্রী] বি, স্ত্রী, লক্ষ্মণ শত্রুঘ্নের জননী ; রাজা দশরথের কনিষ্ঠা মহিষী।

সুমুখ (শুমুখ্) [সু—মুখ যাহার, বহু] বিণ, সুন্দর মুখবিশিষ্ট ; সুবদন। ২। সুন্দর। ৩। বিদ্বান্। ৪। নাগবিশেষ। ৫। গরুড় নন্দন। স্ত্রী, **সুমুখা**, **সুমুখী**—সুবদনা।

সুমেধাঃ (শু) [সু (উত্তম) মেধা (বুদ্ধি) যাহার, বহু = সুমেধস্ ১মা, ১ব] বিণ, সুন্দর মেধাবিশিষ্ট ; সুবুদ্ধি।

সুমেরু (শু) [সু—মি (কিরণ) + রু] বি, পুং, পৃথিবীর উত্তর কেন্দ্র। ২। সুবর্ণগিরি ; হেমাদ্রি। পুরাণমতে এই পর্ব্বতে বিশ্বদেব বসু ও মরুদ্‌গণ সন্ধ্যাকালে সূর্য্যের উপাসনা করেন, তৎপরে সূর্য্যদেব অস্তাচলে গমন করেন। ইহার শিখরদেশে জ্যোতির্ম্ময় ব্রহ্মালয় আছে। প্র—"সেই ষষ্টি সহস্রের মাঝারে সুমেরু। সর্ব্বশ্রেষ্ঠ বলি গণ্য মূর্ত্তি তার চারু॥"—রা, রাজ। ৩। জপমালা মধ্যবর্ত্তী গুটিকা। "মালাতে সুমেরু করিলেন মহাজ্ঞানী।"—মহা, কাশী। ৪। সর্ব্বপ্রান্ত। **সুমেরুবৃত্ত**—উত্তর মেরু হইতে ২৩৷৷০ অক্ষাংশ দূরস্থ রেখা। **সুমেরু সমুদ্র**—বি, পৃথিবীর উত্তর-মেরু-দেশব্যাপী সমুদ্র।

সুযাত্র (শুজাৎত্র) [সু—যাত্রা (গমন) যাহার, বহু] বি, পুং, সুধ্যা। ২। বিণ, সুন্দর গতিবিশিষ্ট।

সুয়া (শু) [সোহাগী শব্দের অপভ্রংশ] বিণ, প্রিয়া ; সোহাগিনী। প্র—"পদ্মমুখী যুবতী রহিলা এইমত। সুয়াভাবে মজুন্দার তাহে অনুগত॥"—অ, ম। "সুয়া জায়া রেন্ধে দেক ব্যঞ্জন পঞ্চাশ।"—কবিক। "দেখিব সুয়ার কিল যেমত যন্ত্রণা"—ঐ। ২। শুক পাখী। প্র—"কেহ লহ পড়া পঞ্জর সুয়া। কেহ লহ পাণ কর্পূর গুয়া॥"—অ, ম।

সুয়েমজমী (শুএমজোমি) [ফা—সোএম (তৃতীয়) জমীঃ পরিঃ] বি, তৃতীয় শ্রেণীর জমি ; প্রায় অনুর্ব্বর জমি।

সুযোগ (শুজোগ্) [সু (উত্তম) যোগ (উপায়)—কর্ম্মধা] বি, ক্লী, শুভক্ষণ ; সুবিধা ; সুসময়। ২। সদুপায়।

সুযোধন (শুজোধন্) [সু (উত্তমরূপে) যুধ্ (যুদ্ধ করা) + অন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, কুরুরাজ দুর্য্যোধন অর্থে। যুধিষ্ঠির দুর্য্যোধনকে প্রায়ই এই বলিয়া সম্বোধন করিতেন। মন্দ নাম ভাল করিয়া বলার প্রথা য়ুরোপেও প্রচলিত ছিল ; তুল—Greek euphemism.

সুর (শু) [সু (আধিপত্য করা) + র (কর্ত্তৃ—রক্)] বি, পুং, দেবতা ; অমর। ২।

দিবাকর ; সূর্য্য। ৩। জ্ঞানী ; পণ্ডিত। ৪। [স্বর শব্দজ] সঙ্গীতের স্বর। প্র—"রাখ রাখ আজ তুলিও না সুর ছিন্ন বীণার তারে।" —রবি। স্ত্রী. সুরী—দেবী। প্র—"কে মোহিনী ভালে ভাল শশী * * * সুরী কি অসুরী কি পন্নগী কি মানুষী।"—বাং-গান। সুরগুরু—বি, পুং, দেবাচার্য্য ; বৃহস্পতি। সুরজ্যেষ্ঠ—বি, পুং, সর্ব্বলোকপিতামহ ; প্রজাপতি ; ব্রহ্মা। সুরতরু—বি, কল্প-বৃক্ষ। প্র—"সুর তরুমূলে বিহরে বামা।"—বাং-গান। সুরদীর্ঘিকা—বি, স্ত্রী, সুর-নদী ; মন্দাকিনী। সুরধনুঃ—ইন্দ্রধনুঃ ; মেঘধনু ; রামধনুক। সুরনদী—বি, স্ত্রী, গঙ্গা ; ভাগীরথী। প্র—"পবিত্র করিয়া ধরা সুরনদী তীর্থবরা আইল সাগর সন্নিধান।"—কবিক। সুরপতি—বি, পুং, দেবরাজ ; ইন্দ্র। প্র—"মন্ত্রণা করিয়া মদনে ডাকিয়া সুরপতি দিলা পান।"—অ, ম। সুরপথ—বি, ক্লী, দেবপথ ; আকাশ। সুরপর্ণিকা—বি,স্ত্রী, পুন্নাগবৃক্ষ। সুরপাদপ—কল্প-তরু, মন্দার, পারিজাত, সন্তান ও হরিচন্দন এই পাঁচটি নন্দনকাননস্থ বৃক্ষ। সুরবর্ত্ম—বি, ক্লী, দেবপথ ; আকাশ। সুরবস্ত্র—বি, বল্কলনির্ম্মিত বস্ত্র ; বাকল বসন। সুরবৈরী—বি, পুং, সুররিপু ; অসুর। সুরভূমি—বি, ত্রিদিব ; অমরালয় ; স্বর্গ। ২। প্লক্ষাদি দ্বীপ। সুরমৃত্তিকা—বি, স্ত্রী, মৃত্তিকাবিশেষ ; তুবরী। সুররাজ—বি, পুং, দেবরাজ ; ইন্দ্র। প্র—"কোথা গেল সুররাজ মোর মুণ্ডে হানি বাজ সিদ্ধ কৈলা আপনার কর্ম্ম?"—অ, ম। সুররিপু—বি, পুং, দেবশত্রু ; অসুর। প্র—"লকলক্ রসনে কড়মড় দশনে রণভূমি খণ্ডিত সুররিপু মুণ্ডে।"—অ, ম। সুরলতা—বি, স্ত্রী, মহা জ্যোতিষ্মতী লতা। সুরলোক—বি, পুং, অমরলোক ; দেবভূমি ; স্বর্গ। সুর-শৈবলিনী—বি, স্ত্রী, সুরধুনী ; গঙ্গা। প্র—"সুরশৈবলিনী জগত জননী শঙ্কর-মৌলি-নিবাসিনী গঙ্গে"—গান। সুরসদ্ম—বি, ক্লী, দেবলোক। সুরসরিৎ—বি, স্ত্রী, জাহ্নবী ; গঙ্গা।

সুরক্ত (শু) [সু (উত্তমরূপে) রনজ (অনু-রক্ত হওয়া) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অতিশয় অনুরক্ত। ২। উত্তমরূপে রঞ্জিত। ৩। সুস্বর।

সুরঙ্গ (শুরংগ) [সু (উত্তম) রঙ্গ (রং) যাহার, বহু] বি, ক্লী, হিঙ্গুল। প্র—"স্ফটিক দিয়া রাজহংসগণ। প্রবালে গড়িলা ঠোঁট সুরঙ্গ চরণ॥"—অ, ম। ২। হিঙ্গুলবর্ণ। প্র—"মুখরুচি মনোহর অধর সুরঙ্গ। ফুটল বান্ধুলি কমলক সঙ্গ॥"—বি, প। ৩। [কর্ম্মধা] অতি উজ্জ্বল রং। ৪। ভাল লাল রং। প্র—"পাটে ভরি নিল খই ঘড়া ভরি ঘৃত দই সাজায়ে সুরঙ্গ নিল বাছা।"—কবিক। ৫। কমলা লেবু। ৬। সুড়ঙ্গ। ৭। বিণ, সুলোহিত। প্র—"সুরঙ্গ সিন্দুর ভালে কপালে কুন্তল দোলে অভিনব বিজুলি সঞ্চার।"—কবিক। সুরঙ্গধাতু—বি, গৈরিক।

সুরঙ্গা, সুরুঙ্গা (শুরংগা) [সুরঙ্গ দ্রঃ] বি, স্ত্রী, বেলোয়ারি কাচ। ২। সন্ধি ; সিঁধ। ২। সুড়ঙ্গ।

সুরঙ্গী (শুরোংগী) [সু—রঞ্জ্ ধাতু] বিণ, মনোরম ; সুন্দর। প্র—"চলনভঙ্গী অতিসুরঙ্গী চাপটিলে জীবন মোর।"—চণ্ডীদাস।

সুরত (শুরৎ) [সু—রম্ (ক্রীড়া করা) + ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, রতিক্রীড়া ; রমণ। ২। সুখ। ৩। [শুরত] বিণ, অতিশয় অনুরক্ত।

সুরৎ, সুরত (ত্) [আ—সুরৎ] বি, আকৃতি ; মূর্ত্তি ; গঠন। ২। মুখভঙ্গী। ৩। প্রতিকৃতি ; আলেখ্য। ৪। ধরণ ; ঢঙ্গ। ৫। প্রকার। ৬। উপায়। ৭। অবস্থা। সুরৎ বদলান—চেহারা বদল করা ; আকারান্তর ধারণ করা। সুরৎ বেগড়ান—সৌন্দর্য্য নষ্ট করা ; চেহারা খারাব করা। সুরৎ হারাম—বর্ণচোরা ; ধোঁকাবাজ। উপরে সুন্দর ভিতরে ভীষণ। সুরৎ হাল—[আদাঃ পরিঃ। উচ্চারণ বিকারে "সুর-পাল"] ঘটনাস্থলে এজাহার গ্রহণ। ২। বর্ত্তমান অবস্থা।

সুরৎ [ফা—শোহ্‌রৎ অপভ্রংশে] বি, চেঁচামেচি ; রব ; গোল। ডাক সুরৎ—[সহচর শব্দ-দ্বয়] হাঁক ডাক। ২। শোরগোল।

সুরতি (শুরো) [সু (ছন্দের অনুরোধে। সু দ্রঃ) —রতি] বি, রতি ; আলিঙ্গন। প্র—"পতি অনুমতি কৈল ধর্ম্মকে সুরতি দিল যাতে হৈল রাজা যুধিষ্ঠির।"—শিবায়ন। "চাহিলেন সুরতি না দিনু যে পাপমতি দেখিনু কানু দোয়জ পহরে।"—চণ্ডীদাস।

সুরথ (শুরথ্) [সু (সুন্দর) রথ যাহার—বহু] বি, পুং, চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ। ইনি লক্ষ বলি দ্বারা দুর্গার উপাসনা করিয়াছিলেন। ২। বিণ, সুন্দর রথবিশিষ্ট।

সুরধুনী (শু) [সুরের (দেবতার) ধুনী (নদী) —৬তৎ] বি, স্ত্রী, সুরনদী ; গঙ্গা ; ভাগীরথী। প্র—"ধনী সুরধুনী উদ্ভব যার পায় সে পড়ে চরণে তুচ্ছ মানের দায়॥"—বাং-গান।

সুরবল্লী (শুরোবোল্লি) [সং] বি, বহুপুষ্পী কষায়-রস ক্ষুপবিশেষ ; oldenlandia umbellata. সুরবল্লীকষায়—সুরবল্লীর রস ঘটিত রক্ত-দোষাদি-নাশক আয়ুর্ব্বেদীয় ঔষধবিশেষ।

সুরবাহার (শুরবাহার্) [সুর (সং—স্বর) বাহার (ফা)] বি, বাদ্যযন্ত্রবিশেষ।

সুরভি (শুরোভি) [সু—রভ্ (হৃষ্ট হওয়া) + ই (অপাদানে) যাহা হইতে হৃষ্ট হয়] বি, পুং, সৌরভ ; সুবাস। ২। সুগন্ধ দ্রব্য। ৩। বকুল বৃক্ষ। ৪। চম্পক বৃক্ষ। ৫। কদম ফুলের গাছ। ৬। শমীবৃক্ষ। ৭। গন্ধতৃণ। ৮। ধুনা। ৯। গুগ্‌গুল। ১০। জাতীফল। ১১। জাতীফল বৃক্ষ। ১২। গন্ধক। ১৩ স্বর্গ। ১৪। চৈত্রমাস। ১৫। বিণ, সুবাসিত ; সুগন্ধি। ১৬। প্রসিদ্ধ ; বিখ্যাত। ১৭। জ্ঞানী ; পণ্ডিত। ১৮। ধার্ম্মিক। ১৯। রমণীয়। স্ত্রী. সুরভি, সুরভী—দেবগাভী কামধেনু। ২। ধরিত্রী ; পৃথিবী। ৩। মাতৃকা বিশেষ। ৪। তুলসী। ৫। ঔষধের গাছড়া। ৬। মল্লিকা ফুল। ৭। সুরা।

সুরভিত (শু) [সুরভি + ইত (যুক্তার্থে) কিম্বা সু—রভ্ (হৃষ্ট হওয়া) + ত (কর্ম্মে)] বি, সুবাসিত ; সৌরভবিশিষ্ট ; সুগন্ধি। ২। প্রসিদ্ধ ; যশস্বী।

সুরয়ানি (শু) বি, পাঠানের উপজাতিবিশেষ ; মুসলমান সম্প্রদায়বিশেষ। প্র—"সাবানি লোহানি আর লোদানি সুরয়ানি চার পাঠান বসিল নানা জাত।"—কবিক।

সুরর্ষি (শু) [সুর (দেবতা যে ঋষি (মুনি) —কর্ম্মধা] বি, পুং, নারদাদি দেবর্ষি।

সুরলাসিকা (শুরলাশিকা) [সং] বি, স্ত্রী, বংশীধ্বনি।

সুরস (শুরশ্) [সু (উত্তম) রস যাহার, বহু] বি, পুং, সুমিষ্ট রস। ২। সিন্ধুবার বৃক্ষ। ৩। গন্ধতৃণ। ৪। বল্কল ; গাছের ছাল। ৫। বিণ, সুস্বাদু ; মিষ্টস্বাদযুক্ত। স্ত্রী. সুরসা—নদীবিশেষ। ২। ছন্দোবিশেষ। ৩। দুর্গা। ৪। মেদিনী। ৫। নাগমাতা। ৬। তুলসী। ৭। মহাশতাবরী।

সুরসুন্দরী (শুরশুনদোরি) [সুরের—সুন্দরী —৬তৎ] বি, স্ত্রী, সুরাঙ্গনা ; দেবকন্যা। ২। অপ্সরা ; স্বর্গবেশ্যা। ৩। দুর্গা ; ভগবতী। ৪। যোগিনীবিশেষ। ৫। [কবিবর মাইকেল মধুসূদন কর্ত্তৃক উদ্ভাবিত অর্থ] উষা। প্র—"কনক উদয়াচলে তুমি দেখা দিলে হে সুর-সুন্দরি ?"—ব্রজাঙ্গনা।

সুরা, সুরী (শুরা, শুরী) [সু (প্রসব করা) + র (কর্ত্তৃ) আপ্, ঈপ্ স্ত্রী। যে মত্ততা

জন্মায়] বি, স্ত্রী, আসব ; মদ্য। ২। পৈষ্টী মদিরা। প্র—"ক্ষত্রিয় ও বৈশ্য যদি * দেবতার উদ্দেশ্য ব্যতিরেকেও সুরা ভিন্ন অন্য মদ্য পান করেন * * *।"—রাজা রাম মোহন রায়। ৩। পানপাত্র। ৪। সর্পিণী
সুরাপান—মদ্যপান।

সুরাখ (শুরাখ্) [ফা—সুরাখ্] বি, ছিদ্র ; রন্ধ্র। ২। প্রশস্ত রাস্তা ; পথ। প্র—"কোটাল বিদ্যার ঘরে সুরাখ সন্ধান করে।"—অ, ম। "সাপ নর কিন্নর গন্ধর্ব্ব যদি হয়। সুরাখ পেয়েছি পাব আর কারে ভয়॥"—অ, ম।

সুরাচার্য্য (শু, র্জ) [সুরের আচার্য্য—৬তৎ] বি, পুং, দেবগুরু ; বৃহস্পতি।

সুরাজীব (শুরাজীব্) [সুরা—আজীব] বি, পুং, মদ্যবিক্রেতা ; শুঁড়ি।

সুরাপ (শুরাপ্) [সুরা—প (যে পান করে)] বিণ, সুরাপায়ী ; মদ্যপ ; মাতাল। ২। [সুরা—প (রক্ষক)] মদ্যরক্ষক।

সুরারি (শু) [সুরের—অরি—৬তৎ] বি, পুং, অসুর।

সুরালয় (শুরালয়্) [সুরের (দেবতার)—আলয় (আবাস)—৬তৎ] বি, পুং, অমরালয় ; দেবভূমি ; স্বর্গ। ২। সুবর্ণগিরি ; সুমেরু পর্ব্বত। ৩। [সুরার (মদ্যের) আলয়] মদিরাগৃহ ; শুঁড়ির দোকান।

সুরাষ্ট্র (শু) [সু (উত্তম) রাষ্ট্র (দেশ)—কর্ম্মধা] বি, পুং, সৌরাষ্ট্র ; সুরাটদেশ।

সুরাষ্ট্রজ (শু) [সুরাষ্ট্র—জ (জাত)] বিণ, সৌরাষ্ট্রদেশজাত। ২। বি, বিষবিশেষ। ৩। কৃষ্ণমুগ। স্ত্রী, সুরাষ্ট্রজা—তুবরিকা।

সুরু (শু) [আ। শুরু দ্রঃ] বি, আরম্ভ ; প্রথম। প্র—"সেই সুরু থেকে সূর্য্যিঠাকুর উদয় হন পূবে"—রজনী সেন।

সুরূপ (শুরূপ্) [সু (উত্তম) রূপ যাহার, বহু] বিণ, রূপবান। প্র—"কিরীটকোণায় পড়ে কিরীট সুরূপ। ভুবনেশী দেবতা ভৈরব-সিদ্ধ রূপ।—অ, ম। "সুরূপে কন্দর্প যেন বুদ্ধে বৃহস্পতি।"—মহা (বিজয় পণ্ডিত)। ২। পণ্ডিত ; বিচক্ষণ ; জ্ঞানবান্। স্ত্রী, সুরূপা—বিণ, স্ত্রী, রূপবতী ; সুন্দররূপবিশিষ্টা। প্র—"ধনি! তুই যেমন সুরূপা"—গান (গোপাল উড়ে)।

সুরেন্দ্র (শু) [সুরের—ইন্দ্র—৬তৎ] বি, পুং, সুরপতি ; ইন্দ্র।

সুরেশ্বর (শুরেশ্শর্) [সুরের—ঈশ্বর—৬তৎ] বি, পুং, মহাদেব ; শিব। ২। সুরপতি ইন্দ্র। স্ত্রী, সুরেশ্বরী—ভগবতী। ২। ভাগীরথী ; গঙ্গা।

সুর্কী (শু) [ফা—সুর্খী (লাল)—তাহা হইতে ইটের লাল গুঁড়া] বি, ইষ্টকচূর্ণ। চুণ সুর্কী—উপযুক্ত ভাগ চূণমিশ্রিত সুর্খী।

সুর্ত্তি (শু) [পর্ত্তু—sorte] বি, ভাগ্য পরীক্ষা কৌশল বা ক্রীড়াবিশেষ ; lottery.

সুর্ত্তী, সুর্ত্তি (শুর্তি) [হি] বি, তামাকবিশেষ। ২। শুষ্ক তামাকচূর্ণবিশেষ।

সুর্ম্মা (শু) [ফা] বি, রসাঞ্জন ; antimony. ২। রসাঞ্জনের সূক্ষ্মচূর্ণ দ্বারা প্রস্তুত অঞ্জন।

সুলক্ষণ (শুলোক্খন্) [সু (উত্তম) লক্ষণ (চিহ্ন) যাহার, বহু] বিণ, উত্তম লক্ষণযুক্ত শুভ লক্ষণাক্রান্ত। ২। বি, শুভলক্ষণ। স্ত্রী, সুলক্ষণা—পার্ব্বতীর সখী।

সুলতান (ল্) [তুর্কী—সুলতান্] বি, তুরুস্কের অধিপতি। স্ত্রী, সুলতানা। বিণ, সুলতানী—সুলতান সম্বন্ধীয়।

সুলতানৎ [সুলতান (দ্রঃ) আৎ (ফা)] ২। সুলতানের অধিকার ; সাম্রাজ্য। প্র—"পাতসাহী শিরপা সুলতানী সুলতানৎ।"—অ, ম।

সুলভ (শুলভ্) [সু (সুখে) লভ্ (পাওয়া) +অ (কর্ম্মে—খল্)] বিণ, সুখলভ্য ; অনায়াস-লভ্য। ২। সস্তা ; অল্পমূল্যে প্রাপ্তব্য। প্র—"কর্পূর চন্দন চুয়া লঙ্গ জায়ফল। সুলভ দেখিনু হাটে নাহি যায় ফল॥"—ভারতচন্দ্র। স্ত্রী, সুলভা—মাসপর্ণী

সুললিত (শুলোলিত্) [সু (অতিশয়) ললিত] বিণ, অতি কোমল ; সুকোমল ; অতিসুন্দর। প্র—"আজানুলম্বিত বাহু সুললিত কোদণ্ড শোভিত তাহে।"—বাং-গান।

সুলীলায়ে (শু) [সু (সহজ) লীলা+এ (প্রকারার্থে)] ক্রি-বিণ, অবলীলাক্রমে। প্র—"যে বিগ্রহে সভার প্রকাশ সুলীলায়ে।"—কবিক।

সুলেহ (শু) [ব্রজ। সু—স্নেহ—নেহ—লেহ] বি, সুস্নেহ ; অনুরাগ। প্র—"মাধব অপরূপ তোহারি সুলেহ।"—বি, প।

সুলোচন (শুলোচন্) [সু (সুন্দর) লোচন (নেত্র) যাহার, বহু] বি, পুং, মৃগ ; হরিণ। ২। সুনেত্র ; সুন্দর লোচনবিশিষ্ট। স্ত্রী, সুলোচনা—সুনয়না ; সুনেত্রা নারী। ২। হরিণী।

সুলোহক (শুলোহক্) [সু (উত্তম) লোহ (ধাতু)+ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, পিতল।

সুলোহিত (শুলোহিত্) [সু (অত্যন্ত) লোহিত (রক্তবর্ণ) যাহার, বহু] বিণ, গাঢ় লাল ; অতিশয় রক্তবর্ণ। স্ত্রী, সুলোহিতা—অগ্নির জিহ্বাবিশেষ।

সুশর্ম্মা (শু) [সু (অত্যন্ত) শর্ম্মন্ (সুখ) যাহার, বহু=সুশর্ম্মন্ ১মা, ১ব] বি, পুং, তৃতীয় মনুর পুত্র। ২। ত্রিগর্ত্ত দেশাধিপতি। ৩। নিন্দিত ব্রাহ্মণবিশেষ। ৪। বিণ, অতিশয় সুখী।

সুশিক্ষিত (শু) [সু (উত্তমরূপে) শিক্ষিত (শিক্ষাপ্রাপ্ত)] বিণ, সুশিক্ষাসম্পন্ন ; উত্তম শিক্ষাপ্রাপ্ত।

সুশিখ (শু) [সু (সুন্দর) শিখা যাহার, বহু] বি, পুং, বহ্নি ; অগ্নি। ২। বিণ, উত্তম শিখাবিশিষ্ট।

সুশীত (শু) [সু (অতিশয়) শীত (শীতল)—কর্ম্মধা] বিণ, বি, চন্দনবিশেষ। ২। বিণ, অতি শীতল ; খুব ঠাণ্ডা। প্র—"যথা হরষিত তৃষিত সুশীত পেয়েপয়।"—মদনমোহন তর্কালঙ্কার। স্ত্রী, সুশীতা—শতপত্রী।

সুশীতল (শুশীতল্) [সু (অতিশয়) শীতল (ঠাণ্ডা)—কর্ম্মধা] বিণ, অত্যন্ত ঠাণ্ডা ; অতিশয় শৈত্যগুণবিশিষ্ট।

সুশীল (শুশীল্) [সু (উত্তম) শীল (স্বভাব) যাহার, বহু] বিণ, সৎস্বভাব সম্পন্ন ; সচ্চরিত্র। প্র—"দেখে তোদের রাজা সুশীল। আগে দিয়েছি কুল শীল।"—বাং-গান। ২। পুং, বিষ্ণুর পার্শ্বচরবিশেষ। স্ত্রী, সুশীলা—যমপত্নী। ২। কৃষ্ণের অষ্টতমা পত্নী।

সুশীলতা (শু) [সুশীল+তা (ভাবে)] বি, স্ত্রী, সৎস্বভাব ; সচ্চরিত্রতা ; নম্রতা ; বিনয়।

সুশোভিত (শু) [সু (অতিশয়) শোভিত শোভাযুক্ত] বিণ, মনোহর শোভাসম্পন্ন ; সুসজ্জিত। প্র—"বহুতর সুশোভিত শির পর তাজে।"—অ, ম।

সুশ্রাব্য (শুস্স্রাব্ব) [সু (উত্তম রূপ) শ্রু (শ্রবণ করা)+য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, সুমধুর।

শ্রী, সুশ্রীক (শুস্স্, ক্) [সু (উত্তম) শ্রী (কান্তি) যাহার, বহু+ক] বিণ, সুন্দর ; শ্রীমান্।

সুশ্রুত (শুস্স্রুত্) [সু (উত্তম) শ্রুত (যাহা শ্রবণ করা হইয়াছে] বি, পুং, প্রসিদ্ধ চিকিৎসা-গ্রন্থকারবিশেষ। ২। সুশ্রুত রচিত চিকিৎসা গ্রন্থ। ৩। [কর্ত্তৃ—ক্ত] বেদবিশারদ। ৪। [কর্ম্মে—ক্ত] যাহা উত্তমরূপে শুনা হইয়াছে।

সুশ্লিষ্ট (শু) [সু (অত্যন্ত) শ্লিষ্ট (সংযুক্ত)] বিণ, দৃঢ়রূপে সংযুক্ত ; সুসংশ্লিষ্ট।

সুষম (শু) [সু (সুন্দর) সম (সমান)+অ] বিণ, সদৃশ। ২। শোভন ; সুন্দর। স্ত্রী, সুষমা—পরম শোভা।

সুষি, সুষির (শুষির্) [শুষ্ (শুষ্ক হওয়া)+ই, ইর। শ=স] বি, স্ত্রী. বিবর গর্ত্ত। ২। বংশীবিশেষ। প্র—"শ্রুত হয় কোন স্থানে, বাজে বাদ্য একতানে আনদ্ধ সুষির, তত ঘন।"—কাঞ্চীকাবেরী।

সুষীম (শু, ম্) [সু (সুন্দর) সীমা (প্রান্ত)] বিণ, সুন্দর ; শোভন। ২। সুন্দর সীমাযুক্ত। ৩। শীতল ; ঠাণ্ডা।

সুষুণী (শু) [সং—সুনিষণ্ণ (সু—উত্তম—নিষণ্ণ—মদ্য বা নিদ্রাকর্ত্তৃক আনমন)] বি, শাক-বিশেষ ; সুনিষণ্ণক। প্র—"সুষুণীর শাক।"—দীনবন্ধু মিত্র।

সুষুপ্ত (শু) [সু (অত্যন্ত) স্বপ্ (নিদ্রিত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, গভীর নিদ্রায় অভিভূত। বি, **সুষুপ্তি**—গাঢ়নিদ্রা।

সুষুম্না (শু) [সুষু (অব্যক্ত শব্দ) ম্না (অনুশীলন করা)+অ (কর্ত্তৃ—ড) আপ্—স্ত্রী] বি, স্ত্রী, মেরুদণ্ডের বহির্ভাগে ঈড়া ও পিঙ্গলা নাড়ীর মধ্যবর্ত্তী নাড়ী। ২। সূর্য্যরশ্মিবিশেষ।

সুষেণ (শুষেন) [সু (উত্তম) সেনা (সৈন্য) যাহার, বহু] বি, পুং, বিষ্ণু। ২। চিকিৎসা বিদ্যায় নিপুণ বানরবিশেষ।

সুষ্ঠু (শুষ্‌ঠু) [সু (উত্তম) স্থা (থাকা)+উ (কর্ত্তৃ—ডু)] বিণ, প্রধান ; শ্রেষ্ঠ। ২। সত্য। ৩। অতীব মনোহর ; পরম সুন্দর। বি. **সৌষ্ঠব**।

সুসংযত (শুশংজত) [সু—সংযত] বিণ, সুনিয়মিত ; দৃঢ়বদ্ধ।

সুসংস্কৃত (শুশংশ্‌কৃত) [সু (উত্তমরূপ) সংস্কৃত (পক্ব)] বিণ, ঘৃতাদি দ্বারা সুন্দররূপে পক্ব। ২। বিশুদ্ধীকৃত। ৩। সুসংস্কারযুক্ত। বিলক্ষণ ব্যুৎপন্ন।

সুসঙ্গ (শু) বি, সন্ধি ; মিল ; যোড। প্র—"খুল্লনা ফেলিল পাশা পড়িল বা পঞ্চ। চার পাঁচ বান্ধে রামা করিয়া সুসঙ্গ॥"—কবিক। ২। সুন্দর সংস্থান।

সুসমৃদ্ধ (শুশমৃদ্‌ধ) [সু—সং—ঋদ্ধ] বিণ, মহা ঐশ্বর্য্যশালী ; অতিশয় সমৃদ্ধ।

সুসম্পন্ন (শুশম্‌পন্‌ন) [সু—সং—পন্ন] বিণ, উত্তমরূপে নিষ্পন্ন ; সুনিষ্পন্ন। ২। অতিশয় সমৃদ্ধিশালী ; বহু সম্পত্তিশালী ; ধনাঢ্য।

সুসহ (শুশহ) [সু (সুখে) সহ্ (সহ্য করা)+অ (কর্ম্মে—খল্)] বিণ, অনায়াসে সহনীয় ; যাহা অক্লেশে সহ্য করা যায়।

সুসাধ্য (শুশাদ্‌ধ) [সু (সুখে) সাধ্য] বিণ, সহজ।

সুসাম্য (শুশাম্‌ম) [সু—সাম্য (শান্তি ও শান্ত অর্থে) প্রা-বাং] বিণ, প্রশান্ত। প্র—"জল পাইয়া যেন অগ্নি সুসাম্য হইল।"—চৈ, ভা। ২। বি, অতিশয় সমতা ; প্রশান্তি।

সুসার (শুশার্) [সু—সার (শ্রেষ্ঠ)] বিণ, সর্ব্বোৎকৃষ্ট ; সর্ব্বোত্তম। ২। প্রতুল। সুবিধা ; সুযোগ। প্র—"বাসার সুসারে হবে আশার সুসার।"—অ, ম। প্র—"আমার এক ভিক্ষা বাছা তুমি তার সুসার করিলেই কৃতার্থ হই"—নবীন তপস্বিনী।

সুসার, সুসারা (শুশার্) [সু—সার। প্রা-বাং] বি, সুদৃঢ় ; মজবুত। প্র—"গাব কস দিয়া নাও করহ সুসারা॥"—মনসামঙ্গল (বংশীবদন)। ২। নির্ম্মল ; শুভ্র। ("শরদমলমধ্যাহ্নসন্নিভম্"—টীকা, দোহাকোষ, বৌদ্ধগান ও দোহা, শাস্ত্রী)।

সুসারিত (শুশারিত) [প্রা-বাং—মহা—সঞ্চয়] বিণ, শ্রেষ্ঠ।

সুস্থ (শুস্‌থ) [সু (উত্তমরূপে) স্থা (থাকা)+অ (কর্ত্তৃ—ড)] বিণ, স্বাস্থ্যসম্পন্ন ; নীরোগ। ২। সুস্থির ; শান্ত। ৩। স্বচ্ছন্দ। ৪। সুন্দর। ৫। সুখী। বি, সুস্থতা।

সুস্থির (শুস্‌থির্) [সু (সুখে) স্থা (থাকা)+ইর (কর্ত্তৃ)] বিণ, অচঞ্চল ; অক্ষুব্ধ। ২। বদ্ধমূল ; দৃঢ়। ৩। সুস্থ।

সুস্নাত (শুস্‌নাত) [সু (উত্তমরূপে) স্না (স্নান করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, মাঙ্গল্য দ্রব্য দ্বারা সুন্দররূপে কৃত-স্নান। ২। [ভাবে—ক্ত] বি, ক্লী, উত্তম স্নান।

সুস্পষ্ট (শুস্‌পশ্‌ট) [সু (অতিশয়) স্পষ্ট] বিণ, অত্যন্ত স্পষ্ট ; সুব্যক্ত ; সুপ্রকাশিত।

সুস্মিতা (শুস্‌সিঁতা) [সু—স্মিতা (হাস্যযুক্তা)] বিণ, সুন্দর অথচ ঈষৎ হাস্যযুক্তা। ২। বি, স্ত্রী, উত্তমা নারীবিশেষ।

সুহিত (শু) [সু (উত্তমরূপে) হিত (ধৃত)] বিণ, অতিহিত। ২। সন্তুষ্ট। ৩। [কর্ম্মে—ক্ত] সুসম্পাদিত ; বিহিত। ৪। সমীচীন ; উপযুক্ত। স্ত্রী, **সুহিতা**—অগ্নির জিহ্বাবিশেষ।

সুহৃদ (শু) [সু (উত্তম) হৃদ্ (মনঃ) যাহার, বহু] বি, পুং, মিত্র ; সখা। ২। সহায়। ৩। সহৃদয়। ৪। [জ্যোতিষে] লগ্ন হইতে চতুর্থ স্থান।

সুহৃদয় (শুহৃদয়) [সু (উত্তম) হৃদয় (মনঃ) যাহার, বহু] বিণ, নির্ম্মলচিত্ত ; বিশুদ্ধমনাঃ। ২। উদারচিত্ত ; সদন্তঃকরণবিশিষ্ট ; প্রশস্তমনাঃ।

সুহৃদ্বল (শুহৃদ্‌বল্) [সুহৃদ্ (মিত্র) রূপ—বল (সৈন্য)] বি, ক্লী, বন্ধুরূপ শক্তি। ২। মিত্র-সৈন্য।

সুহ্ম (শুহ্ম) [সং] বি, দেশবিশেষ। ২। যবনজাতিবিশেষ।

সূ (শূ) [সূ (প্রসব করা)+ক্বিপ্ (ভাবে) বি, স্ত্রী, প্রসব। ২। বিণ, যে প্রসব করে ; প্রসূ।

সূঁই (শুঁ) [সং—সূচী। প্রাদে] বি, সীবনার্থ লৌহশলাকা ; সূচী ; সূঁচ।

সূকর (শূকর্) [শূকর দ্রঃ ; শূ=সূ] বি, পুং, বরাহ। ২। মৃগবিশেষ।

সূক্ত (শু) [সু (উত্তম) উক্ত (কথিত] বি, ক্লী, বেদবাক্য ; বেদের মন্ত্রাদি। ২। সমীচীন বাক্য ; সদ্বাক্য। স্ত্রী, **সূক্তা**—শারিকা।

সূক্তি (শূ) [সু (উত্তম) উক্তি (বাক্য) কর্ম্মধা] বি, স্ত্রী, সুবচন ; সদ্বাক্য। ২। বেদমন্ত্র।

সূক্ষ্ম (শুক্‌খঁ) [সূচ্ (জ্ঞাপন করা)+স্ম (কর্ম্মে—স্মন্)] বিণ, ক্ষীণ। ২। মিহি ; সরু। ৩। ক্ষুদ্র ; অল্প। ৪। অতীন্দ্রিয় ; ইন্দ্রিয়ের অগোচর। ৫। বি, পুং, অধ্যাত্মবস্তু। ৬। অধ্যাত্মশাস্ত্র। ৭। অলঙ্কারবিশেষ। ৮। অণু। ৯। কাপট্য। স্ত্রী, **সূক্ষ্মা**—শব্দ প্রবৃত্তি-বিশেষ। ২। বালুকা। ৩। মল্লিকা। ৪। যূথিকা। **সূক্ষ্মকোণ** [জ্যামিতিতে] সমকোণাপেক্ষা ক্ষুদ্র কোণ। **সূক্ষ্মদর্শন-যন্ত্র**—বি, অণুবীক্ষণ যন্ত্র। **সূক্ষ্মবিচার**—বি, ন্যায়বিচার। প্র—"ভূপতি সেই প্রজার প্রতি সূক্ষ্মবিচার কেমন করে?"—গান। **সূক্ষ্মবুদ্ধি**—বি তীক্ষ্ণধী। বিণ, তীক্ষ্ণধী-সম্পন্ন। **সূক্ষ্মভূত**—বি, ক্ষিত্যাদি পঞ্চ স্থূল ভূতের সূক্ষ্মাংশবিশেষ। **সূক্ষ্মশরীর**—আত্মার সপ্তদশ ভোগদেহ ; পঞ্চপ্রাণ, দশ ইন্দ্রিয়, মন ও বুদ্ধি এই সপ্তদশ।

সূক্ষ্মদর্শী (শুক্‌খঁদোর্‌শি) [সূক্ষ্ম—দৃশ্ (দেখা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্)=দর্শিন্ ১মা, ১ব] বিণ, অতিশয় বুদ্ধিমান ; বিলক্ষণ বিচক্ষণ। স্ত্রী, **সূক্ষ্মদর্শিনী**—সাতিশয় বুদ্ধিসম্পন্না নারী। বি, **সূক্ষ্মদর্শিতা**—সাতিশয় বুদ্ধিমত্তা। ২। অতিবিচক্ষণতা। ৩। সুবিচার।

সূক্ষ্মদেহী (শুক্‌খঁ) [সূক্ষ্মদেহ+ইন্ (অস্ত্যর্থে)=দেহিন্ ১মা, ১ব] বিণ, অণুবীক্ষণ যন্ত্রের সাহায্য ব্যতীত দৃষ্ট হয় না এমন ক্ষুদ্র দেহবিশিষ্ট জীব।

সূচ (শুচ্) [সং—সূচী] বি, সীবনী ; সূচী। প্র—"আর একজনে সাধ করি মনে লইল সোণার সূচ।"—চণ্ডীদাস। ২। ক্ষুদ্রশলাকা।

সূচক (শুচক্) [সং] বিণ, জ্ঞাপক। ২। সূচনাকারী। ৩। কথক। ৪। বি, পুং, সূচীকর্ম্মকারক ; দরজী। ৫। সীবনী। ৬। সূত্রধর। ৭। শিক্ষক। ৮। দলপতি। ৯। বুদ্ধ। ১০। পিশাচ। ১১। কুকুর। ১২। বিড়াল। ১৩। কাক।

সূচন (শুচন্) [সূচ (জানান)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ইঙ্গিত ; সঙ্কেত। ২।

জ্ঞাপন। ৩। কথন। ৪। হিংসন। ৫। দোষদর্শন। ৬। বিদ্ধকরণ। ৭। দুষ্টামি।

সূচনা (শু) [সং] বি. অভিনয়। ২। জ্ঞাপন। ৩। সূচন।

সূচিক (শুচিক্) [সূচী (ছুঁচ)+ইক (শিল্পার্থে—ইকণ)] বি. পুং. সূচীকর্ম্মকারী; দরজী। স্ত্রী. সূচিকা—সীবনী। ২। হাতীর শুঁড়।

সূচিকাভরণ (শুচিকাভরন্) [সূচিকা—ভরণ] বি. ক্লী. আয়ুর্বেদীয় সর্পবিষঘটিত ঔষধবিশেষ। ইহা সূচ্যগ্র পরিমাণ মাত্র সেব্য বলিয়া এই নাম।

সূচিকামুখ (শুচিকামুখ্) [সূচিকা (সূক্ষ্ম) মুখ যাহার, বহু] বি. ছুঁচের সূক্ষ্ম মুখ। ২। শঙ্খ।

সূচিত (শু) [সূচ্ (জানান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. প্রকাশিত। ২। বিজ্ঞাপিত। ৩। প্রস্তাবিত। ৪। কথিত। ৫। যোগ্য। ৬। হিংসিত

সূচিরোমা, সূচীরোমা (শু) [সূচি (ছুঁচের মত) রোমন্ (লোম) যাহার, বহু= সূচিরোমন্ ১মা, ১ব] বি. পুং. শূকর। ২। বিণ. ছুঁচের মত তীক্ষ্ণ লোমযুক্ত।

সূচী, সূচি (শু) [সিব্ (সেলাই করা)+চ (করণে—চট্) ই. সিব্=সূ] বি. স্ত্রী. সীবনী: ছুঁচ। ২। সূক্ষ্ম অগ্রভাগ; তীক্ষ্ণ অগ্রভাগ। ৩। সূচ্ (সূচনা করা)+ই (করণে)] জ্ঞাপনী। সূচীজীবী—বি. পুং. দরজী। সূচীমুখ—বি. ক্লী. ব্যূহবিশেষ। ২। মণি; রত্ন। ৩। বাণবিশেষ।

সূচ্য (শুচ্চ) [সূচ্ (জানান)+য (কর্ম্মে)] বিণ. জ্ঞাপনীয়: বোদ্ধব্য। ২। সূচিতব্য; সূচনীয়। ৩। কথনীয়।

সূচ্যগ্র (শুচ্চগ্‌গ্র) [সূচি+অগ্র] বি. সূচীর অগ্রভাগ; ছুঁচের আগা।

সূত (শু) [সূ (প্রসব করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ. উৎপন্ন: প্রসূত; জাত। ২। উৎপাদিত। ৩। প্রেরিত। ৪। বি. পুং. সূর্য্য। ৫। পুরাণকথক মুনিবিশেষ। ৬। সূত্রধর জাতি। ৭। বন্দনাকারী; স্তুতিপাঠক; বন্দী। ৮। সারথি। ৯। পারদ। স্ত্রী. সূতা—সূতিকা।

সূতক (শুতক্) [সূত+ক] বি. ক্লী. জননাশৌচ। ২। উৎপত্তি; জন্ম। ৩। পারদ।

সূতকাশৌচ (শু.চ্) [সূতক—অশৌচ] বি. প্রসব হেতু যে অশুদ্ধি; জননাশৌচ। প্র—"যদি বালক গর্ভেই মৃত হয়, অথবা যদি গর্ভস্রাব হয়, তাহা হইলে স্ত্রীলোকের যে কয়মাস গর্ভ, সেই কয় দিন সূতকাশৌচ।"—পরাশর-সংহিতা (বঙ্গবাসী)।

সূতপুত্র (শুতপুৎত্র) [সূতের (সূর্য্যের) পুত্র, ৬তৎ] বি. পুং. সূর্য্যতনয়। ২। কুন্তিপুত্র কর্ণ।

সূতলী (শু) [সং—সূত্র—সূত+লী (সূক্ষ্মার্থে)] বি. শণসূত্রনির্ম্মিত দড়ী।

সূতা, সূতিকা (শু) [সূ (প্রসব করা)+ত (কর্ত্তৃ—ক্ত)+ক, আপ্ স্ত্রী] বি. স্ত্রী. নবপ্রসূতা স্ত্রী—যাহার প্রসবের পর দশ দিন অতিবাহিত হয় নাই। ২। প্রসূতির রোগবিশেষ; প্রসবের পর প্রসূতির যত্ন না হইলে শরীর রক্তহীন হয় এবং পুরাতন জ্বর-উদরাময় ও শোথ জন্মে। ইহাকে সূতিকার রোগ বা সূতিকার ব্যায়রাম ও বলে।

সূতা [সং—সূত্র] বি. তন্তু: সূত্র; সুতা।

সূতি (শু) [সূ (প্রসব করা)+তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. প্রভব; জন্ম; উৎপত্তি। ২। প্রসব। ৩। সন্তান। ৪। সীবন; সেলাই করা। ৫। বিণ. সূত্রনির্ম্মিত। সূতিগৃহ, সূতীগৃহ—সূতিকাগার; আঁতুড় ঘর।

সূতিকাগার, সূতিকাগৃহ (শুতিকাগার্) [সূতিকার (প্রসবের) আগার—গৃহ (ঘর) —৬তৎ] বি. ক্লী. প্রসবগৃহ; আঁতুড় ঘর।

সূত্যাশৌচ (শুত্‌ত্যাশৌচ্) [সূতির (সন্তান প্রসবের) অশৌচ (অপবিত্রতা)—৬তৎ] বি. ক্লী. সন্তান-জন্ম-হেতু অশৌচ; শুভ অশৌচ।

সূত্র (শুৎত্র) [সিব্ (সেলাই করা)+ত্র সিব্=সূ] বি. ক্লী. তন্তু: সুতা। ২। দর্শনাদি শাস্ত্রকারের প্রথম প্রণীত সংক্ষিপ্ত বাক্য। ৩। শাস্ত্র। ৪। ব্যবস্থা-শাস্ত্র-বিষয়ক নিষ্পত্তি বা মীমাংসা। ৪। বিষয় নির্দ্দেশ। প্র—"এই যে কহিল সূত্র সংক্ষেপ করিয়া"—চৈ-ভা। ৫। নাট্য শাস্ত্রের উপক্রম। ৬। যজ্ঞসূত্র; পৈতা। ৭। সংক্ষিপ্ত। প্র—"এবে কহি চৈতন্যলীলা ক্রম অনুবন্ধ। প্রথমেতে সূত্র রূপে করিব গণন: পাছে বিস্তারিঞা তার করিব বিবরণ।"—চৈ-চরিতামৃত। ৮। সংক্ষিপ্ত বাক্য। প্র—"প্রভুর মধ্য শেষ লীলা স্বরূপ দামোদর: সূত্র করি গাঁথিলেন গ্রন্থের ভিতর। সেই দুইজনের সূত্র দেখিয়া শুনিয়া" চৈ-চরিতামৃত।

সূত্রক (ক্) [সূত্র+ক (কর, উৎপাদকার্থে)] বি. যাহা হইতে সূত্র উৎপন্ন হয় (বস্তুবিচারে)।

সূত্রকোণ (শুৎত্রকোন্) বি. পুং. ডমরু নামক বাদ্যযন্ত্র।

সূত্রগণ্ডিকা (শুৎত্রগোন্‌ডিকা) [সং] বি. স্ত্রী. সুতার নলী।

সূত্রধার (শুৎত্রধার্) [সূত্র (প্রয়োগানুষ্ঠান) ধৃ (ধারণ করা)+অ (কর্ত্তৃ—অণ্)] বি. পুং. ইন্দ্র। ২। সূত্র প্রণয়নকর্তা; শাস্ত্রাদির সংক্ষিপ্ত বাক্যপ্রণেতা। ৪। সূত্রধর জাতি; ছুতার। ৩। নাট্যপ্রস্তাবক; প্রধান নট।

সূত্রপাত (শুৎত্রপাত) [সূত্র—পাত] বি. কার্য্যারম্ভ; কার্য্যের সূচনা।

সূত্রপুষ্প (শুৎত্র) [সূত্র (সুতা) হয় পুষ্প (ফুল) হইতে যাহার, বহু] বি. পুং. কার্পাস বৃক্ষ।

সূত্রলা (শুৎত্রলা) [সূত্র (সুতা)—লা (পাওয়া)+অ (কর্ত্তৃ—ক) আপ্ স্ত্রী] বি. স্ত্রী. তুলার পাঁইজ। ২। টেকো।

সূত্রালী (শুৎত্রালী) [সূত্র (সুতা) আলী (শ্রেণী)] বি. স্ত্রী. গলসূত্র; কণ্ঠস্থিত সুতা।

সূত্রী (শুৎতৃ) [সূত্র (সুতা)+ইন্ (অস্ত্যর্থে) =সূত্রিন্ ১মা, ১ব] বি. পুং. বায়স; কাক। ২। বিণ. সূত্রযুক্ত।

সূদ (শুদ্) [সূদ্+ণিচ্=সূদি (হিংসা করা) +অ (কর্ত্তৃ—অচ্)] বি. পুং. স্ত্রী. পাপ; অপরাধ। ২। সারথ্য। ৩। কর্দ্দম। ৪। [কর্ম্মে—অল্] ব্যঞ্জন। ৫। চাটনি। ৬। সূপকার; পাচক।

সূদন (শুদন্) [সূদ্+ণিচ্=সূদি (হিংসা করা)+অন (কর্ত্তৃ)] বিনাশক; হন্তা। ২। [ভাবে—অনট্] বি. ক্লী. বধ: হনন। ৩। নিরাস: নিক্ষেপ। ৪। অঙ্গীকার করা। সূদশালা—বি. রন্ধনশালা।

সূন (শুন্) [সূ (প্রসব করা)+ত (ভাবে—ক্ত) ত=ন] বি. ক্লী. প্রসব। ২। [কর্ত্তৃ—ক্ত] প্রসূন; পুষ্প। ৩। বিণ. জাত: উৎপন্ন। ৪। শূন্য: খালি; রিক্ত। ৫। প্রফুল্ল; প্রস্ফুটিত। স্ত্রী. সূনা—বি. স্ত্রী. মাংসবিক্রয়-স্থান। ২। বধ্যভূমি। ৩। সম্মার্জ্জনী।

সূনু (শু) [সূ (প্রসব করা)+নু (কর্ম্মে—নুক্)] বি. পুং. তনয়; পুত্র। প্র—"বৃক নামে অসুর আছিল একজন। শকুনির সূনু শুন তার বিবরণ॥"—শিবায়ন। ২। কনিষ্ঠ ভ্রাতা। ৩। দৌহিত্র। ৪। সূর্য্য। স্ত্রী. সূনু, সূনূ—তনয়া; কন্যা।

সূনৃত (শুনৃত) [সু—নৃৎ (নৃত্য করা)+(কর্ত্তৃ—ক) সু=সূ] বি. ক্লী. সত্য অথচ প্রিয় বাক্য। ২। সত্য এবং প্রিয় বক্তা। ৩। শুভ; হিত; মঙ্গল। ৩। বিণ. প্রিয়। ৪। সত্য।

সূপ (শুপ্) [সূ (প্রসব করা)+প (কর্ম্মে—পক্)] বি. পুং. ঝোল। ২। ব্যঞ্জনবিশেষ; ডাল। প্র—"রান্ধিবে মসুর সূপ দিয়া লঘু

ঝাল। সম্ভোলিয়া দিবে তথি মরিচের ঝাল॥"
—কবিক। ৩। ভাণ্ড।

সূপকার, সূপকারী (শু) [সূপ (ব্যঞ্জন) কার—কারী (যে করে)] বি, পুং, রন্ধন-কর্ত্তা; পাচক।

সূর (শুর্) [সূ (প্রসব করা)+র (কর্ত্তৃ—রক্)] বি, পুং, রবি; সূর্য্য। ২। [সুর্+অ (কর্ত্তৃ—ক)] জ্ঞানী। ২। বর্ত্তমান কল্পের সপ্তদশ জৈনের পিতা।

সূরণ (শুরন্) [সুর (বধ করা)+অন (ভাবে—অনট্)] বি, পুং, ওল প্রভৃতি কন্দ। ২। উশীর মূল; বেণামূল। ৩। বৃক্ষবিশেষ।

সূরি (শু) [সুর+ই (কর্ত্তৃ)] বি, পুং, শ্রীকৃষ্ণ। ২। [সূ (প্রসব করা)+ই কর্ত্তৃ] সূর্য্য। ৩। কবি। ৪। বিদ্বান্; জ্ঞানী; পণ্ডিত। ৫। জৈন গুরুগণের সাধারণ উপাধি।

সূরী (শূ) [সং—সূরিন্ ১মা, ১ব] বিণ, বিচক্ষণ; পণ্ডিত; বিদ্বান্।

সূর্প (শূ) [সূর্প্ (পরিমাণ করা)+অ (সংজ্ঞার্থে)] বি, পুং, ক্লী, তণ্ডুলাদি পরিষ্কার করিবার পাত্র: কুলা। স্ত্রী, সূর্পী—ক্ষুদ্র কুলা।

সূর্পণখা (শু) [শূর্পের (কুলার) মত নখ যাহার, বহু] বি, স্ত্রী, রাবণের ভগিনী।

সূর্ম্মীযন্ত্র (শুর্মিজন্ত্র) ["জ্বলন্তী লৌহময়ী স্থূণা সূর্ম্মী"। কৃষ্ণ যজুর্ব্বেদীয় যুগে] বি, নালিকাস্ত্র বা বন্দুক, যাহার লোহ-নলের মধ্য দিয়া জ্বলন্ত সীসক পিণ্ড বাহির হইয়া শত্রু হনন করে।

সূর্য্য (শূর্জ) [সৃ (আকাশে গমন করা)+য (কর্ত্তৃ—ক্যপ্) নিপাতন] বি, পুং, আদিত্য; রবি; দিবাকর; ভানু। ২। বালির পুত্র। স্ত্রী, সূর্য্যা—সূর্য্যপত্নী। ২। নববিবাহিতা বধূ। সূর্য্যকান্ত—বি, মণিবিশেষ; আতস মণি। সূর্য্যকাল—বি, দিবস। সূর্য্যগ্রহ—বি, পুং, সূর্য্য; দিবাকর। ২। রাহু ও কেতু। ৩। সূর্য্যগ্রহণ। সূর্য্যগ্রহণ—পৃথিবীর ছায়া দ্বারা সূর্য্যকে আবরণ; solar eclipse. সূর্য্যতনয়—সূর্য্যের পুত্র। ২। কৃতান্ত; যম। ৩। শনিগ্রহ। ৪। মনুবিশেষ। ৫। কর্ণ। ৬। সুগ্রীব। স্ত্রী, সূর্য্যতনয়া—যমুনা নদী। ২। তপতী। ৩। বিদ্যুৎ। সূর্য্যপ্রভ—বিণ, সূর্য্য সদৃশ জ্যোতিষ্মান্। সূর্য্যভক্ত—বিণ, সূর্য্যোপাসক; সূর্য্যের আরাধনাকারী; সৌর। ২। বন্ধুক ফুলের গাছ। সূর্য্যমণি—[গ্রা—সুর্জ্জিমণি] বি, সূর্য্যকান্তমণি; আতসীমণি। ২। পুষ্পবৃক্ষবিশেষ। ৩। খুব ঝাল ছোট লঙ্কাবিশেষ। সূর্য্যমণ্ডল—বি, সূর্য্যের পরিবেশ। সূর্য্যমুখী—বি, স্ত্রী, পুষ্পবিশেষ। সূর্য্যলোক—বি, সৌরজগত।

সূর্য্যাবর্ত্ত (শূ) [সূর্য্য—আ—বৃত্ (বেষ্টন করা)+অ (কর্ত্তৃ—অচ)] বি, পুং, সূর্য্যমুখী ফুলের গাছ।

সূর্য্যাস্ত (শূর্জ্যাস্ত) [সূর্য্য+অস্ত] বি, সূর্য্যের অস্তগমন: সূর্য্যের মধ্যগগন হইতে পশ্চিমে অদৃশ্য হওন।

সূর্য্যেন্দুসঙ্গম (শূর্জেন্দুশংগম্) [সূর্য্য (রবি) ইন্দু (চন্দ্র) এই উভয়ের সঙ্গম (মিলন) হয় যে সময়ে, বহু] বি, পুং, অমাবস্যা।

সূর্য্যোঢ় (শূ) [সূর্য্য—ঊঢ়] বি, পুং, অস্তগত সূর্য্য। ২। সূর্য্যাস্তের পর আগত তিথি।

সূর্য্যোদয় (শূর্জোদয়্) [সূর্য্য+উদয়] বি, সূর্য্যের প্রকাশ।

সূর্য্যোপাসনা (শূর্জোপাশনা) [সূর্য্যের উপাসনা, ৬তৎ] বি, সূর্য্যের অর্চ্চনা; সূর্য্য-পূজা। বিণ, সূর্য্যোপাসক।

সৃকণ্ডু (সৃকোন্ডু) [সং] বি, স্ত্রী, কণ্ডুরোগ; চুলকণা।

সৃক্ক, সৃক্কন্ (শৃক্ক,—ন্ [সৃজ্ (সৃষ্টি করা) +ক (কর্ত্তৃ—কন্)] বি, ক্লী, ওষ্ঠপ্রান্ত। প্র—"মুখ অতি সুবিস্তার সৃক্কেতে রক্তের ধার শব-শিশু শ্রবণে কুণ্ডল।"—অ, ম।

সৃক্কনী [সৃজ্+কণিন্ (কর্ত্তৃ)=সৃক্কনিন্ ১মা, ১ব] বি, স্ত্রী, ওষ্ঠের প্রান্তভাগ। প্র—"একে বামা শোভিছে শ্যামা * * * সৃক্কণী ক্ষরিত ধারা রুধিরে বহে দুধারা শোণিত পিয়েছে মাতি অতি অসীমা॥"—বাং-গান।

সৃগাল (শৃগাল্) [সৃজ্ (সৃষ্টি করা)+কালন্ (কর্ত্তৃ)] বি, পুং, শিয়াল। স্ত্রী, সৃগালী—সৃগালিকা।

সৃজন (ন্) [প্রা-বাং—শ্রজন, সিজন =সৃজন। প্র—"মন পবন দুই হেলএ সিজন করিল।"—শূ-পু। "হাড়িপা মনুষ্য নহে হাড়ের শ্রজন"—গোবিন্দচন্দ্রের গীত (দুর্ল্লভ মল্লিক)। সৃজ্ (সৃষ্টি করা)+অন (ভাবে—অনট্)=সর্জ্জন। কিন্তু 'সৃজন' ৺অক্ষয়কুমার দত্ত কর্ত্তৃক আধু-বাং সাহিত্যে প্রবর্ত্তিত] বি, ক্লী, নির্ম্মাণ; রচনা; সৃষ্টি। প্র—"চাঁদেতে কলঙ্ক আছে বিধির সৃজন।"—বাং-গান। "আমারে অখিল বন্ধু বলে দেবগণ। সৃজন পালন আমি প্রলয় কারণ॥"—ধর্ম্ম, ম। ২। বর্দ্ধণ।

সৃজা [সৃজ্ ধাতুজ। উ-পু—সৃজি। ম-পু—সৃজ। প্র-পু—সৃজে। অস-ক্রি—সৃজিতে; সৃজিয়া। সৃজি (পদ্যে)] ক্রি, সৃজন করা; সৃষ্টি করা। প্র—"যেই বিধি সৃজিলেন কমলে কণ্টক। "সৃজিয়ে সংসার করহে পালন।"—বাং-গান। ব্রজ—সিরজা—প্র—"পিরীতি বলিয়া এ তিন আখর সিরজিল কোন ধাতা।" জ্ঞানদাস।

সৃজ্যমান (সৃজজোমান্) [সৃজ্ (সৃজন করা) +আন (কর্ম্মে—শান) য, ম আগম] বিণ, যাহাকে সৃজন করা হইতেছে।

সৃণিকা [সৃ (গমন করা)+নি+ক] বি, স্ত্রী, থুথু; লালা।

সৃত [সৃ (গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিগত।

সৃতি [সৃ (গমন করা)+তি (করণে—ক্তি)] বি, স্ত্রী, পথ। ২। গমন। ৩। ক্ষতিকরণ। ৪। আঘাতকরণ।

সৃষ্ট [সৃজ্ (সৃষ্টি করা)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, বিধিনির্ম্মিত। ২। নির্ম্মিত; রচিত। ৩। পরিত্যক্ত। ৪। মিলিত; যুক্ত।

সৃষ্টি [সৃজ (সৃষ্টি করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, অভূত-পূর্ব্ব পদার্থের উৎপাদন। ২। নির্ম্মাণ; রচনা। ৩। জগৎ। ৪। শিল্প। ৫। [কর্ম্মে—ক্তি] স্বভাব। [দ্রঃ—অন্য কোন বস্তুর সাহায্য ব্যতিরেকে স্বীয় ইচ্ছা দ্বারা বস্তুর উৎপাদন করার নাম সৃষ্টি; মৃৎপাষাণ লৌহাদি দ্বারা দ্রব্যবিশেষ গঠন করার নাম নির্ম্মাণ। ঈশ্বর সৃষ্টি করেন। মানুষে নির্ম্মাণ করে]।

সে (শ) [সং—তদ্ শব্দজ সঃ হইতে প্রা-বাং—সো পরে সে] স, উল্লিখিত ব্যক্তি। যে সে—অপরিচিত ব্যক্তি। ২। সামান্য ব্যক্তি। ৩। বাজে লোক; অনাবশ্যক ও অনাহূত। সেহেন (শ) [সে—হেন] ক্রি-বিণ, তাদৃশ; সেইরূপ। প্র—"সেহেন কালিয়া নিঠুর হইল কি শেল লাগিল যেন।" —চণ্ডীদাস।

সে [সঙ্গে—সঞে—সেঁ—সে] অ, সঙ্গে; সহিত। প্র—"পর সে পিরীতি আঁধার ঘরে সাপ।"—চণ্ডীদাস। ২। মাত্রালঙ্কারবিশেষ। প্র—"সে গৃহ গৃহ নিত উৎসব।"—বি, প।

সেই (শ) [সে (দ্রঃ)+ই (নির্দ্ধারণে বা নির্দ্দেশে)। সেহি দ্রঃ] স, নির্দ্দিষ্ট ব্যক্তি বা বস্তু। প্র—"সেই বটে এই চোর মানুষ ত নয়"—ভারতচন্দ্র। "তুমি জানাও যারে সেই জানে"—ব্রহ্মসঙ্গীত। ২। তাহাই। ৩। ক্রি-বিণ, তৎক্ষণাৎ; তন্মুহূর্ত্তে। প্র—"যেই সে সহানুভূতির বাক্য শুনিল, সেই তাহার চেহারা ফিরিয়া গেল।"—সঞ্জীবনী, ১৩ চৈত্র ১৩১৪। সেই ত—পরিচিত বা উল্লিখিত বা নির্দ্দিষ্ট জনসম্বন্ধে নিশ্চয়তাসূচক।

সেইত (শেইৎ) [সং—শ্বেত হইতে] বি. শ্বেত বর্ণ। ২। বিণ. শ্বেত : ধবল। প্র—"বসুআ আপুনি আইল সেইত বরণর চনা।"—শূন্যপুরাণ।

সেউ (শে) [সেব্] বি. নাসপাতি ফল : আপেল।

সেউনি (শে) [সং—সেচনী] বি. সেচনী। প্র—"নাহি পাতি ঘরে বিশাই না ধরে সেউনি, অঞ্জলি করিয়া হনুমান তোলে পানি।"—কবিক।

সেওয়ায় (শে) [ফা—সিবা : হি—সিবায়্] অ. ভিন্ন : ব্যতীত।

সেওলা (শে) [শৈবাল হইতে—সেবালা] বি. শৈবাল। সেওলা পড়া,—ধরা কোন স্থানের উপর সেওলা জন্মিয়া তাহা আচ্ছাদন করা।

সেঁউতী (শেঁ) [সেচনী শব্দজ] বি. নৌকা-মধ্যস্থ জল সেচনার্থে লৌহ-কাষ্ঠাদি-নির্ম্মিত সেচনী। প্র—"সেঁউতী উপরে রাখ ও রাঙ্গা চরণ।"—অন্নদামঙ্গল। "কাঠের সেঁউতী মোর হৈলা অষ্টাপদ।"—ভারতচন্দ্র।

সেঁওতি (শেঁ) [সেবন্তী শব্দজ] বি. পুষ্প-বিশেষ : একপাটি দলের শ্বেত গোলাপ ফুল।

সেঁওলা [সেওলা দ্রঃ] বি. শৈবাল। প্র—"সোতের সেঁওলা ভাসাইয়া কালা কাটিলা প্রেমের ডোর।"—চণ্ডীদাস।

সেঁকটন (শেঁকটন্) [সিটকান দ্রঃ] বি. মুখ নাসিকা বিকৃতকরণ।

সেঁকেত, সেঁকে [হি—সঁকেৎনা] বি. ঢেঁকিতে ধান ভানিবার কালে গড়ে ধান নাড়া। সেঁকে দেওয়া—ক্রি. ঢেঁকির গড়ে ধান্য নাড়িয়া দেওয়া।

সেঁজতি, সেঁজুতি (শেঁজোতি) [সন্ধ্যাবাতি অপভ্রংশে সংক্ষেপে] বি. সন্ধ্যাদীপ : সাঁঝের বাতি।

সেঁটে (শেঁ) [সাঁট+ইয়া। হি—সাঁটনা (সংলগ্ন করা)—সটান করা, আঁটা] ক্রি-বিণ. সংলগ্ন করিয়া : আঁটিয়া : কষিয়া। প্র—"ছাড়িয়ে সাড়ী গাউন সেঁটে, বুকে বুরুচ দিলে এঁটে, ব্রুম মাখিয়ে রাঙ্গা ঠোঁটে, বাড়ালে হে নারীর মান॥"—বাংগান। এঁটে সেঁটে—এঁটে দ্রঃ।

সেঁতান (শ্যাঁতানো) [সং—সিক্ত+আন (ক্রিয়ায়) যাহা সিক্ত করা হইয়াছে] বিণ. সিক্তপ্রায় : স্যাঁৎসেঁতে।

সেঁধন, সেঁধুনো (শেঁ) [সন্ধি হইতে সান্ধান (সন্ধিগত হওয়া) গ্রা ব্যবহারে রূপান্তর] ক্রি. প্রবেশ করা : ঢোকা।

সেক (শেক্) [সিচ্ (সেক করা)+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. সিঞ্চন। প্র—"করিনু সলিলসেক তুলিলাম শর।"—অশোকগুচ্ছ। "অর্ঘ্য পুজা মানসে সেক দিআ ইন্দ্রর জল।"—শূ. পু। ২। [বাংয় বিপরীতার্থে] উত্তাপ দেওয়া। প্র—"মুখে দিয়ে তাম্বুল সেনের সেকে গাল।"—ঘনরাম। সেকপাত্র—বি. জলসেচনের পাত্র : সিউনি। সেক দেওয়া—গরম জলের ভাপ প্রয়োগ করা : fomenting.

সেকরা (শ্যাক্‌রা) [স্বর্ণকার শব্দ] বি. স্বর্ণকার। স্ত্রী. সেকরাণী।

সেকাল (শেকাল্) [সে (অতীত, গত) কাল] বি. পূর্ব্বকাল : প্রাচীনকাল।

সেকেণ্ড (নড্) [ইং—second.] বি. মুহূর্ত্ত : মিনিটের ৬০ভাগের একভাগ।

সেকেন্দর (শে, র্) [ফা—সিকন্দর্. গ্রী. আলেক্‌সান্দ্রস্ বা ফ্রে—আলেক্‌সাঁদ্র্ হইতে বাং—অলিকসন্দর (সত্যচরণ শাস্ত্রী)। ইং—Alexander.] বি. ম্যাসিডোনিয়ার রাজা ফিলিপের পুত্র প্রসিদ্ধ গ্রীক সম্রাট। বিণ. সেকেন্দরী—সেকেন্দর সম্বন্ধীয়। ২। সেকেন্দর বাদশাহের সময়ের : তুল—আকবরী। প্র—"সেকেন্দরী গজের দেড় গজ ঘোমটা দাও"—দীনবন্ধু।

সেকেলে (শে) [সে—কাল—ইয়া] বিণ. প্রাচীনকালের : পুরাতন সময়ের। প্র—"রাম কালীপদ হরিচরণ, নাম এসব সেকেলে ধরণ।" দ্বি. রায়। "মনে নাই সেকেলে সে আদর মমতা।"—ফুলরেণু।

সেক্রেটারী [ইং—secretary] বি. কার্য্য-নির্ব্বাহক : সম্পাদক : কার্য্যাধ্যক্ষ।

সেখ (শেখ্) [আ—শেখ্] বি. মহম্মদবংশীয় মুসলমানজাতিবিশেষ। ২। মহম্মদীয় পুরোহিত : ৩। প্রাচীন ব্যক্তি : বৃদ্ধব্যক্তি। ৪। প্রধান ব্যক্তি।

সেখানে (শে) [সে (তদ্ শব্দজ) থান (স্থান শব্দজ)] ক্রি-বিণ. তথায় : সেই স্থলে।

সেগুণ (শেগুন্) [হি—সাগবান্, সাগুন] বি. এক প্রকার সারবান বৃক্ষ।

সেঘরা (শে) [ফা—সে (তিন)—ঘর+আ (যুক্তার্থে)] বি. তিনকামরাযুক্ত ইষ্টক-গৃহ। প্র—"তাঁহার কাছারীর জন্য মালখানগর গ্রামে তিনি এক সেঘরা * * * নির্ম্মাণ করিয়াছিলেন। সেই সেঘরার মধ্য দ্বারের উপরিভাগে তিনখানা বাঙ্গালাভাষায় খোদিত ইষ্টক-ফলক ছিল।"—বিক্রমপুরের ইতিহাস।

সেঙাৎ (শ্যাঙাৎ) [সঙ্গ হইতে সাঙ্গাৎ দ্রঃ] বি. সখা : সুহৃদ্ : মিত্র। স্ত্রী. সেঙাতিন, সেঙাতিনী, সেঙাৎনী—সেঙাতের স্ত্রী।

সেঙাতি (শ্যা) [স্যাঙাৎ দ্রঃ] বি. বন্ধুবান্ধবগণের সন্তোষার্থ দানের উপযুক্ত দ্রব্য। প্র—সম্ভ্রমে ফুল্লরা চলে সখীর দুয়ার ; ভেট দিয়া সেঙাতি সে করে নমস্কার।"—কবিক। সই সেঙাতি—[সহচর শব্দ] পাতান বন্ধুত্ব।

সেচক (শেচক্) [সিচ্ (সেক করা) +অক (কর্ত্তৃ) যে জল বর্ষণ করে] বিণ. জল-সেককারী।

সেচন (শেচন্) [সিচ্ (সেক করা)+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. সিঞ্চন : সেক। ২। বর্ষণ। ৩। ক্ষরণ : নিঃসরণ। ৪। আর্দ্রীকরণ। স্ত্রী. সেচনী—সেচনপাত্র : সিউনি। প্র—"প্রযত্ন-সেচনী ধরি বিবেক-বৈরাগ্য-বারি প্রাণপণে প্রতিক্ষণে কর রে সিঞ্চন।"—বাংগান।

সেচা (শে) [সিচ্ (সিঞ্চন করা) ধাতুজ] ক্রি. সেচন করা।

সেচান (শেচান্) [শ্যেন শব্দজ] বি. শ্যেন বা বাজ পাখী। প্র—"উড়াইল পারাবতে দৈবে গগন পথে আসি তাড়া দিলেক সেচান।"—কবিক।

সেজ (শেজো) [ফা—সে (তৃতীয়), সং—জ (জাত)] বি. তৃতীয়জাত। সেজ ছেলে বা মেয়ে—পিতার তৃতীয়জাত পুত্র বা কন্যা। সেজ ভাই—তৃতীয় ভ্রাতা। সেজ বৌ—সেজ ছেলের স্ত্রী। অনাদরে "সেজ্‌কী"।

সেট [ইং—set] বি. এক রকমের কয়েকটি : একজাতীয় কতকগুলি। প্র—"ডায়মণ্ড কাটা সোণার বোতাম দিও এক সেট কতই বা দাম?"—রজনী সেন।

সেটকান (শেট্‌কানো) [সিটকান দ্রঃ] ক্রি. কুঞ্চিত করা : বিকৃত করা : ভঙ্গী করা।

সেটে (শে) [সে—স্থান—ঠা—ঠে=টে] ক্রি-বিণ. তথায় : সেখানে। প্র—সেটে আছে বনর বাঘ"—মাণিকচাঁদের গান।

সেতখানা (শেত্) [আ—ফা—সিহৎখানা, সেহৎখানা] বি. পায়খানা : privy.

সেতার (শেতার) [ফা—সে (তিন)] বি. ত্রিতারযুক্ত বাদ্যযন্ত্র। সং-নাম—"ত্রিতন্ত্রী বীণা"। অধুনা পাঁচটি তারযুক্ত। বৃহৎ যন্ত্রে, পাঁচের অধিক তিন চারিটী ক্ষুদ্র ক্ষুদ্র তার যুক্ত হয়। অতিরিক্ত তারগুলির নাম "চিকারী" বা "পার্শ্বতন্ত্রিকা।" সেতারের ভিন্ন ভিন্ন অবয়বের নাম—খোল (ধ্বনিকোষ, লাউ দ্বারা নির্ম্মিত, প্রায়ই গোল ; কচ্ছপী বীণার খোল চেপ্টা)। তবলী (খোলের উপরিস্থিত চক্রাকার কাষ্ঠফলক)। পস্থি (তবলীর গোড়ায় আবদ্ধ অস্থি বা কাষ্ঠাদি খণ্ড যাহাতে তার সমূহ যুক্ত থাকে)।

সওয়ারী (তব্লীর মধ্যস্থ অস্থিময় চতুষ্কোণ পদার্থ যাহার এক এক পদার্থের সারি সারি খাঁজের মধ্য দিয়া তারগুলি গিয়া পম্থিতে বদ্ধ হয়)। মান্কা (তারের স্বর উচ্চ নিম্ন করিবার জন্য পম্থি সন্নিহিত ও সওয়ারীর নিম্নে তব্লীর উপরস্থ হস্তিদন্তাদি নির্ম্মিত অংশ। যাহার ভিতর দিয়া নায়কী বা অন্য তার যায়)। নায়কী (সেতারের জুড়ীর মধ্যম করিয়া বাঁধিবার পাকা লোহার প্রধান তার)। জুড়ী (সেতারের যে দুইটী পিতলের তার সম সুরে বাঁধিতে হয়)। দাণ্ডা (খোল ও তব্লীর সহিত যষ্টির মত যে দীর্ঘ শূন্যগর্ভ কাষ্ঠখণ্ড যুক্ত থাকে, ইহার পশ্চাদ্ভাগ প্রায়ই গোল ও সম্মুখ ভাগ সমতল)। পর্ট্রি বা সারিকা-স্থান (দাণ্ডার সমতল বা সম্মুখভাগ)। পর্দ্দা (পর্টরির উপর ধাতুনির্ম্মিত যে ১৬ বা ১৭টি পলতোলা রেখা সারি সারি বসান থাকে তাহাদের এক একটি)। আড়ি (পর্দ্দাগুলির অব্যবহিত উপরেই যে দুই কাঠ, ধাতু বা অস্থি-ফলক—প্রথমখানি অপেক্ষাকৃত উচ্চ—যাহারা সমান্তরালভাবে বসান থাকে)। কাণ (আড়ির পর অস্থি বা কাষ্ঠাদি নির্ম্মিত চাবি যাহাতে তার জড়ান থাকে ও যাহা ঘুরাইয়া তার টান বা ঢিলা করা যায়। কাণ সাধারণতঃ পাঁচটি, অধিকও হয় : তন্মধ্যে দুইটি উপরে ও তিন বা তাহার অধিক পার্শ্বে সংলগ্ন থাকে)। তাঁন্তবসূত্র (দাণ্ডার পশ্চাতে যে এক একটি তন্তু বা রেশমের সূত্রগুচ্ছ দ্বারা সারিকা আবদ্ধ থাকে)।—যন্ত্রক্ষেত্রদীপিকা।

সেতু (শে) [সং] বি, পুং, সাঁকো : পুল। ২। জলবন্ধ : বাঁধ। ৩। ক্ষেত্রাদির আলি।

সেথা, সেথায় (শে, য়) [সে—স্থান—থা] ক্রি-বিণ, সে স্থানে : তথায়। সেথাকার .—সেস্থানের।

সেথো (শে) [সং—সহিত—সাথ] বি, সঙ্গী : সহচর।

সেন (শেন্) [সং] বি, প্রধান। ২। বীর : শূর। প্র—ভীম সেন। ৩। অধিনায়ক। ৪। রাজা : ভূপ। ৩। জাতীয় উপাধিবিশেষ।

সেনা (শে) [সং] বি, সৈন্য। সেনাপতি —সৈন্যাধ্যক্ষ : সেনানী দ্রঃ। সেনামুখ— সেনাগ্রভাগ। ২। ২ হস্তী, ৩ রথ, ৯ অশ্ব ও ১৫ পদাতির সমষ্টি। সেনাগ্রভাগ—বি, সেনামুখ।

সেনাক্ত (শে) [ফা—সনাক্ত্] বি, চিহ্নিত।

সেনাঙ্গ (শেনাংগ) [সেনার—অঙ্গ (অবয়ব) —৬তৎ] বি, ক্লী, হস্তী, অশ্ব, রথ, ও পদাতিরূপ সৈন্যদলের অঙ্গ বা অবয়ব। চারিটি অঙ্গ পূর্ণ হইলে চতুরঙ্গ সেনা বলে।

সেনানিবেশ (শে, শ্) বি, পুং, সৈন্য-সন্নিবেশ-স্থান : শিবির : ছাউনি।

সেনানী (শে) [সেনা—নী (লইয়া যাওয়া) +ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, দেবসেনাপতি কার্ত্তিকেয়। ২। সেনানায়ক : সৈন্যাধ্যক্ষ।

সেপত্তনী (সেপৎতোনী) [ফা—সে (তিন)। গ্রা—ছেপত্তনী] বি, দর-পত্তনীদারের নিকট হইতে গৃহীত পত্তনী।

সেপাই (শে) [ফা—সিপাহী] বি, পুং, সিপাহী। নাম কাটা সেপাই— সৈন্যদল হইতে খারিজ করা বা বহিষ্কৃত সৈন্য। লক্ষণায় দল বা সম্প্রদায় হইতে বহিষ্কৃত : দলছাড়া (বিদ্রূপার্থে প্রয়োগ)। প্র— "বিলাত ফেরত অর্থাৎ ব্রাহ্মণ সমাজের নাম কাটা সেপাই"—ভারতী ১৩২১।

সেপায়া [ফা—সে (তিন) +পায়া (পদ)। গ্রা—ছেপায়া] বি, তিনটী পায়াবিশিষ্ট কাষ্ঠাধার।

সেফ (শেফ্) [সং] বি, পুং, শিশ্ন।

সেফালিকা (শে) [সং] বি, শিউলী ফুল।

সেফাহী (শে) [সিপাহী দ্রঃ] বি, সৈন্য। ২। শান্ত্রী। প্র -"সেফাহীর জমাদার মামুদ জাফর।"—অ, ম।

সেবঃ (শ) [ফা—সে (তিন) বং] অ, তৃতীয়বার।

সেবক (শেবক্) [সেব্ (সেবা করা) + (অক—কর্ত্তৃ)] বিণ, সেবাকারী : শুশ্রূষা-কারী। ২। ভৃত্য : পরিচারক। ৩। [সিব্ (সেলাই করা) + (অক—কর্ত্তৃ)] সীবন স্ত্রী, সেবকা, সেবিকা।

সেবধি (শে) [সেব্ (সেবা) ধা (ধারণ করা) +ই (কর্ত্তৃ—কি)] বি, পুং, শঙ্খ, পদ্ম, রত্ন প্রভৃতি কুবেরের নিধি।

সেবন (শেবন্) [সেব্ (সেবা করা) +অন (ভাবে—অনট্)] বি, ক্লী, উপাসনা : আরাধনা : সেবা। প্র—"কত মতে স্বামীর সেবন করে তারা"—অ, ম। "জীব শিব হয় শিব সেবনে।"—বাংগান। ২। উপভোগ। ৩। ঔষধাদি পান। ৪। [সিব্ (সেলাই করা) +অনট্—ভাবে] সীবন : সেলাই। স্ত্রী, সেবনা—উপাসনা। সেবনী— সূচী।

সেবা (শে) [সেব্ (সেবা করা) +অ (ভাবে —অঙ্)] বি, স্ত্রী, উপাসনা। প্র—"ভারত ভূতলে যে কয়ে যে বলে সব ঈশ্বরের সেবা।" —অ, ম। ২। শুশ্রূষা : পরিচর্য্যা। ৩। উপভোগ। ৪। আশ্রয়। ৫। ভক্ষণ : ভোজন। প্র—"বর্দ্ধমানের মহারাজ রঘুনাথকে বলিয়াছিলেন—"ভট্টাচার্য্য, এই কাঁচালটী সেবা করুন, ভট্টাচার্য্য রাজাজ্ঞা লঙ্ঘন করিতে পারিলেন না—সমস্ত কাঁচাল খোসা ভুতুড়ি সমেত উদরস্থ করিলেন।' — ভারতী ১৩২১। ৬। পূজা : অর্চ্চনা। ৭। অনুশীলন। ৮। আজ্ঞা পালন : আদেশ পালন। সেবা করা—ক্রি, পরিচর্য্যা করা : শুশ্রূষা করা। ২। পূজা করা। ৩। আজ্ঞা পালন করা। ৪। অনুশীলন করা। পদ সেবা—পদ মর্দ্দন, পা টেপা। উদরসেবা —ভোজন : আহার। ইন্দ্রিয়সেবা— ইন্দ্রিয় পরায়ণতা, বিলাসভোগ : স্ত্রী-সম্ভোগ : রতি-পরায়ণতা। সেবাদাসী—পরি-চারিকা। ২। [প্রাদেশিক] বৈষ্ণবী (সেবা ও সম্ভোগ উভয়ার্থে)।

সেবা (শে) [সেব্ (সেবা করা) ধাতুজ। উ-পু—সেবি। ম-পু—সেব : সেবুন : সেব। প্র-পু—সেবে : সেবেন] ক্রি, সেবা করা দ্রঃ। প্র—"সেবে তোমা রতি যথা সেবেন মদনে।" —ব্রজাঙ্গনা।

সেবাত, সেবাইত (শেবাত্) [সেবক শব্দজ] বিণ, পাণ্ডা : পূজারী।

সেবাতি (শে) [সেবাত দ্রঃ] বি, সেবাইত : পূজারী। প্র—"পুজে ভাব ছিল তার ধর্ম্মের সেবাতি"—ঘনরাম।

সেবায়ত (শেবায়ত্) [সেবাত দ্রঃ] বিণ, পাণ্ডা : পূজারী।

সেবায়মান (শে, ন্) [সেবা (দ্রঃ)— আন (কর্ত্তৃ, শান)] বিণ, সেবাকারী : শুশ্রূষারত। প্র—"সেবায়মান কৃতজ্ঞের মুখ-মণ্ডলের সৌন্দর্য্য—ভাষায় ব্যক্ত করা যায় না" —সনাতনী।

সেবিত (শে) [সেব্ +ত (কর্ম্মে—ক্ত)] বিণ, আরাধিত : পূজিত : উপাসিত। ২। ব্যবহৃত। ৩। উপভুক্ত। ৪। আশ্রিত। ৫। রক্ষিত। ৬। অভ্যস্ত।

সেব্য (শেব্ব) [সেব্ (সেবা করা) +য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ, প্রভু : স্বামী। ২। সেবার যোগ্য : পূজ্য : আরাধ্য। প্র—"সেই মত শিবাধিক সেব্য নাহি আর।"—শিবায়ন। ৩। সেবনীয় : সেবন যোগ্য। ৪। যত্ন করার যোগ্য। ৫। অনুশীলনযোগ্য। ৬। ব্যবহার্য্য।

সেব্যমান (শেব্বমান্) [সেব্ (সেবা করা) +আন (কর্ম্মে—আনশ্) য-ম্ আগম] বিণ, আরাধ্যমান। ২। যাহা সেবন করা যাইতেছে।

সেমতি (শে) [প্রা-বাং—সেমন্ত—সেমত— সেমতি] বিণ, তদ্রূপ। প্র—"আমার পরাণ যেমতি করিছে সেমতি হউক সে।"—চণ্ডীদাস।

সেমন্ত (শে) [এমন্ত দ্রঃ। প্রা-বাং। সে—মন্ত] ক্রি, বিণ, তদ্রূপ : তদ্বৎ।

সেমন্তী (শে) বি, স্ত্রী, সেঁউতী (দ্রঃ) ফুল।

সেমাহী (শে) [ফা—সে—মাহ্+ঈ] বিণ, ত্রৈমাসিক।

সেমিজ (শেমিজ্) [ইং—chemise] বি, স্ত্রীলোকদিগের শাড়ীর নিম্নে পরিধানযোগ্য গাত্রাবরণবিশেষ। প্র—"নূতন প্রেমিক কেহ সেমিজে কামিজে রুচি তার।"—চন্দন।

সেয়াকুল (শে, ল্) বি, কণ্টকী ক্ষুপবিশেষ।

সেয়ান, সেয়ানা (শেয়ান্) [সং—সজ্ঞান হইতে] বিণ, চতুর। প্র—"মেয়েটী সেয়ানা কিছু চাই"—মানকুমারী। "ধর্ম্মকেতু ভায়া সঙ্গে ছিল নানা দেনা। তাহা হৈতে দেখি বাপা বড়ই সেয়ানা॥"—কবিক। ২। জ্ঞানবান। ৩। বয়স্ক ; সোমত্ত। **সেয়ান পাগল**—যে বাস্তবিক পাগল নয় অথচ কার্য্যোদ্ধারের জন্য পাগলামির ভাণ করে। **সেয়ানে সেয়ানে কোলাকুলি**—চতুরে চতুরে আলিঙ্গন বা মিলন।

সেয়ানী (শে) [সেয়ান (দ্রঃ) শব্দ স্ত্রীলিঙ্গে] বিণ, চতুরা। প্র—"বিদ্যাপতি কহ তুহুঁ অগেয়ানি। দুহুঁ একযোগ ইহকে কহে সেয়ানী॥"—বি, প। সম্বোধনে—**সেয়ানি**। প্র—"পুছইতে কুশল উলটায়বি পানি। বচন না বান্ধবি শুনহ সেয়ানি॥"—বি, প।

সেরা (শে) [সং—শ্রেষ্ঠ হইতে] বিণ, প্রধান ; শ্রেষ্ঠ।

সেরেস্তা (শে) [ফা—সিরিস্তা] বি, কার্য্যালয় ; অফিস। ২। বিভাগ।

সেরেস্তাদার (শে, র্) [সেরেস্তা (দ্রঃ) + ফা—দার] বিণ, কার্য্যালয় পরিদর্শক ; সেরেস্তা রক্ষক। বি, **সেরেস্তাদারি**—সেরেস্তাদারের কার্য্য।

সেলাই (শে) [হি—সিলাই। সং—সীবন] বি, সীবন কার্য্য। **চণ্ডীপাঠ হইতে জুতা সেলাই**—সকল কাজ। প্র—"জ্যোতি বাবুদের সে চণ্ডীপাঠ হইতে জুতা সেলাই পর্য্যন্ত প্রায় সমস্তই করিত।"—ভারতী, ১৩২০।

সেলাবরদার (শে,লাবর্দার্) [আ—সিলাহ্ (অস্ত্র), ফা—বরদার্ (বাহক)] বি, অস্ত্রবাহক।

সেলাম (শেলাম্) [আ—সলাম্ (কুশল, শান্তি) বি, মুসলমানদিগের নমস্কার বা অভিবাদনসূচক উক্তি ; good morning. **সেলাম আলেকুম্**—[সং—"শান্তিরস্তু"] আপনার কুশল হউক বলিয়া অভিবাদন ; good morning.

সেলামৎ (শে) [আ—সলম্ (শান্তি) হইতে] বি, শান্তি। ২। কুশল ; মঙ্গল। ৩। স্বাস্থ্য। ৪। মুক্তি।

সেলামী (শ) [আ—সলাম্ হইতে] বি, নজর ; উপহার ; উপঢৌকন। প্র—"সেলামী দিলেক সবে চতুর্গুণ তার"—অ, ম। ২। [জমীঃ পরিঃ] জমী জমা খরিদ বিক্রয়কালে বা ভোগানুমতি পত্র গ্রহণকালে জমিদারকে যে অর্থ বা উপঢৌকন দেওয়া হয় ; নজরানা। প্র—"সেলামী বাঁশগাড়ী নানাবাবে যত কড়ী না লইব গুজরাট বাসে।"—কবিক। **আক্কেল সেলামী**—বুদ্ধির অভাবে ক্ষতিগ্রস্ত হইয়া বা ঠকিয়া আক্কেল লাভ করার মূল্য ; নির্ব্বুদ্ধিতার দণ্ড। তুল—ঝকমারীর মাশুল।

সেলেখানা (শ) [আ—সিলাহ্ (অস্ত্রশস্ত্র) ফা—খানা (আগার)] বি, অস্ত্রাগার ; armoury ; arsenal. প্র—"দুর্গানামের দুর্গ গেঁথে রেখেছি মা সেলেখানা। তাতে গুলি গোলা সকল তোলা ভক্তি অস্ত্র আছে শানা॥" —রামপ্রসাদ।

সেলেট, শ্লেট [ইং—slate] বি, কোমল পাথরে প্রস্তুত লিখনপট্ট। **সেলেট পেনসিল, শ্লেট পেন্সিল**—সেলেটে লিখিবার সেলেট পাথরে নির্ম্মিত লেখনী।

সেলেরবন্দী (শেলের্‌বোন্দী) [জমীঃ পরিঃ] বি, পত্তনীর পাট্টা ও কবুলিয়ত লেখা পড়ার পূর্ব্বে গ্রহণ কর্ত্তার নাম স্বাক্ষরিত মুসাবিদা।

সেসন (সেশন্) [ইং—sessions] বি, ফৌজদারী মামলার নিষ্পত্তির জন্য বিশিষ্ট বিচারপতির অধীনে বিচার সভার অধিবেশন। এইরূপ বিচারপতির নাম **সেসন জজ** (sessions judge) এবং তাঁহার কাছারির নাম **সেসন্ কোর্ট** বা **সেসন্ আদালৎ** (Sessions Court)—দায়রা দ্রঃ।

সেহ (শেহ) [সে—হ (নির্দ্ধারণে)] ক্রি-বিণ, সেই। প্র—"সেহ ঠাঁই এক্ষণে সেই রাশি ডুবেছে"—হেমচন্দ্র। "বেণ্যানী কহয়ে হিয়ার ভিতরে বড় ধন আছে সেহ।"—চণ্ডীদাস। ২। [প্রা-বাংর "ও" স্থলে "হ" যোগ] স, সেও ; সে ব্যক্তিও।

সেহলা (শে) [শৈবাল দ্রঃ] বি, সেওলা। প্র—"স্রোতের সেহলার মত মাগো ফিরিতেছি ভেসে।"—বাংগান।

সেহা [ফা] বি, খাজনা আদায়ের দৈনিক হিসাব। ২। প্রজার খাজনা আদায়ের হিসাব পুস্তক। **সেহা করা**—সেহা বহিতে হিসাব লেখা। **সেহা নবিস,—নবীস**—যে কর্ম্মচারী সেহাবহিতে হিসাব লেখে ; খাজনা আদায়ের হিসাব রক্ষক। **সেহাবহি**—উক্ত হিসাবের খাতা বহি।

সেহি (শে) [সে—হি (নিশ্চয়ে)। পদ্যে] স, সেই। প্র—"সেহি অস্ফুটদল কলিকা বিমল মৃদু বিচলিত পবনে"—বিজয় মজুমদার।

সৈংহ (শৈং) [সিংহ+অ (সম্বন্ধার্থে অণ্)] বিণ, সিংহ সদৃশ ; কেশরী তুল্য। ২। সিংহ সম্বন্ধীয়।

সৈংহিক, সৈংহিকেয় (শৈংহিক্) [সিংহিকা +ইক, অ (অপত্যার্থে)] বি, পুং, সিংহিকাসুত ; রাহুগ্রহ।

সৈকত (শৈকত্) [সিকতা (বালুকা) +অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, ক্লী, সিকতাময় তট ; পুলিন। ২। বিণ, বালুভূমি ; সিকতাবান্।

সৈকতিক (শৈকতিক্) [সিকতা (বালুকা ভূমি)+ইক (সংসৃষ্টার্থে—ইকণ্)] বি, পুং, বৌদ্ধ সন্ন্যাসী। ৩। বিণ, শ্রমজীবী। ৪। সংশয়জীবী।

সৈকতিল (শৈকতিল্) [সিকতা (বালুকা) +ইল (যুক্তার্থে)] বিণ, সিকতাময় ; বালুকাবিশিষ্ট।

সৈতবাহিনী (শৈ) [সিত=সেত (শুভ্র)—বাহিনী+অণ্ (স্বার্থে)] বি, স্ত্রী, বাহুদানদী।

সৈতান (শৈতান্) [হি—সয়্‌তান, ইং—Satan] বি, শয়তান দ্রঃ। প্র—"মাংস হেতু যুদ্ধ করে সৈতানে সৈতানে"—কবিক।

সৈনাপত্য (শৈনাপোৎত) [সেনাপতি+য (ভাবে—যণ্)] বি, ক্লী, সেনাপতির পদ। ২। [কর্ম্মে—যণ্] সৈন্যাধ্যক্ষতা ; সেনাপতির কর্ম্ম। ৩। [সম্বন্ধার্থে—যণ্] বিণ, সেনাপতি সম্বন্ধীয়।

সৈনিক (শৈনিক্) [সেনা+ইক (স্বার্থে—ইকণ্)] বি, পুং, সৈন্যদল-ভুক্ত ব্যক্তি ; যোদ্ধ পুরুষ। ২। প্রহরী। ৩। সেনারক্ষক। ৪। বিণ, সেনা সম্বন্ধীয়।

সৈন্ধব (শৈন্‌ধব্) [সিন্ধু—সমুদ্র+অ (নিবাসার্থে —অণ্)] বি, পুং, ক্লী, সমুদ্রোৎপন্ন লবণ। ২। সিন্ধুদেশজাত ঘোড়া। প্র—"আনিয়াছে বাজ ? তুর্কী আর তাজ ? সম্রাজ্ঞী সৈন্ধব সেরা।"—কর্ম্মদেবী। ৩। বিণ, সমুদ্রজাত ; সাগরোৎপন্ন। ৪। সিন্ধু দেশোৎপন্ন। স্ত্রী, **সৈন্ধবী**—রাগিণীবিশেষ।

সৈন্য (শৈনন) [সেনা+য (স্বার্থে—যণ্)] বি, পুং, যুদ্ধকামী অস্ত্রধারী পুরুষ ; সেপাই। soldier. **সৈন্য সমাবেশ**—সেনাব্যূহ রচনা। **সৈন্যসামন্ত**—সৈন্যদল এবং অধীন রাজগণ বা প্রধান প্রজাসমূহ।

সৈন্যাধ্যক্ষ (শৈনন্নাধ্‌ধোক্‌খ) [সৈন্য+অধ্যক্ষ] বি, সেনানায়ক ; সেনাপতি।

সৈবাল (শৈবাল্) [সৈবাল (সেবা—অল) সেবাল (ভূষিত করা)+অন্ (কর্ত্তৃ)] বি, ক্লী, শৈবাল ; শেওলা।

সৈমন্তিক (শৈমন্তিক্) [সীমন্ত (কেশবীথী সিঁদূর দিবার স্থান) + ইক (সম্বন্ধার্থে ইকণ্)] বি, স্ত্রী, সিঁদূর।

সৈয়দ (শৈয়দ্) [আ] বি, মুসলমান ধর্ম্ম-প্রবর্ত্তক মহম্মদের দৌহিত্র হুসেনের বংশধর-দিগের উপাধি। ২। মান্যব্যক্তি : প্রধান ব্যক্তি। ৩। মুসলমান সম্প্রদায়বিশেষ।

সৈরন্ধ্র (শৈ) [সৈর (ইচ্ছামত) ধৃ (ধারণ করা) + অণ্ (নিপাতনে)] বি, কৃষক ; চাষা। স্ত্রী, **সৈরন্ধ্রী, সৈরিন্ধ্রী**—শিল্প কর্ম্মদক্ষা পরগৃহস্থিত স্ববশা শিল্পকারিণী। প্র—"তাঁকে কব সৈরন্ধ্রীর কর্ম্ম আমি জানি।" —কাশী-মহা-বিরাট।

সৈরিক (শৈরিক্) [সীর (লাঙ্গল) + ইক (সংসৃষ্টার্থে—ইকণ্)] বিণ, লাঙ্গল সম্বন্ধীয়। ২। বি, পুং, লাঙ্গলিয়া : চাষা। ৩। হেলে গরু।

সোআগী (শো) সোহাগী দ্রঃ।

সোঁকা [সং—শিঙ্ঘ্ ধাতুজ। শোঁকা দ্রঃ] ক্রি, আঘ্রাণ করা।

সোঁটা (শোঁ) [হি] বি, লাঠী ; প্র—"শিবের সাক্ষাতে বল সে মারিবে সোঁটা"—শিবায়ন।

সোঁত (শোঁ) [সং—সমস্ত হইতে সোম (তুল —সোমবৎসর সোঁত)] বি, সমস্ত ; সমুদয় ; সারা। প্র—সোঁত মাস : সোঁত বছর।

সোঁৎ (শোঁ) [সং—স্রোত] বি, স্রোত। প্র—"গোৎ করে সোঁৎ ঠেলে ভাটি গাং ছেড়ে" —ঈশ্বর গুপ্ত।

সোঁসর (শোঁশর্) বিণ, সদৃশ ; তুল্য ; সমান। প্র—"এইরূপে হরিহোড় পেয়ে ধনবর। ধনে ধান্যে পরিপূর্ণ কুবের সোঁসর॥"—অ, ম। ২। অবলম্বন : আশ্রয়। প্র—"বিদ্যানাম সোঁসর দোসর নাই সাতে। কথার দোসর মাত্র শুক পক্ষী হাতে॥"—অ, ম।

সোঁদা (শোঁ) [সং—সৌগন্ধ—সোঁদ + আ (যুক্তার্থে)] বি, দগ্ধ বা শুষ্ক মৃত্তিকার জল পড়িলে যে সৌগন্ধ বাহির হয়।

সোঁদাল (শোঁদাল্) [সং—স্বর্ণালু হইতে অথবা ফল বৃহৎ কঠিন শুঁটী বা সোঁটার মত বলিয়া সোঁটাল পরে সোঁদাল ?] বি, যষ্টির মত লম্বা কঠিন দল সোণালী রঙ্গের ফুল-বৃক্ষ-বিশেষ ; cursia fistula.

সোঁপল (শোঁ) [সমর্পণ হইতে। ব্রজ] ক্রি, সমর্পণ করিল। প্র—"বিধি বড় দারুণ বধিতে রসিক জন সোঁপল তোহার নয়নে।"—বি, প। **সোঁপলু**—সমর্পণ করিলাম। প্র—"শুন শুন সুন্দর কানাই। তোহে সোঁপলু ধনী রাই॥"—বি, প।

সোঙরি (শোঁ) [সং—স্মৃ (স্মরণ করা) ধাতুজ। স্মরি—সমরি—সঙরি—সোঙরি] অস-ক্রি, স্মরণ করিয়া, মনে করিয়া। প্র— "কানন করয়ে আলো কপালের ছাঁদে। সোঙরি তাহার রূপ প্রাণ মোর কাঁদে॥"—কবিক। "কহই বিদ্যাপতি সোঙরি চরিত। সোসব গণইতে ভেলি মূরছিত॥"—বি, প।

সোজা (শো) [সহজ হইতে] বিণ, অবক্র ; ঋজু : সরল। ২। অকুটিল। প্র—"চেন না আমারে শমন চিন্‌লে পরে হবে সোজা।"— বাং-গান। ৩। সরল প্রকৃতি।

সোডা (শো) [ইং—soda] বি, সর্জ্জিকা-ক্ষার। **সোডাওয়াটার**—সর্জ্জিকাক্ষার-যুক্ত জল ; soda water.

সোণা, সোনা (শোনা) [সং—স্বর্ণ হইতে বাং প্রাকৃ—সন্ন : হি—সোনা : প্রা-বাং— সুনা। বাং-য় যাবতীয় স্বর্ণশব্দজ যৌগিক শব্দের দুই প্রকারে রূপই প্রচলিত] বি, সুবর্ণ ধাতু ; কাঞ্চন। **সোনা কষা**—সোনার মূল্য নির্দ্ধারণার্থ কষ্টিপাথরে ঘষিয়া দেখা। ২। নির্দ্দিষ্ট দরে সোনার মূল্য নির্দ্ধারক গাণিতিক প্রক্রিয়া বিশেষ। **সোনা গালান**— আগুনের উত্তাপে সোনা তরল করা। **সোনা চাঁপা**—স্বর্ণচাঁপা ফুল। **সোনা দানা**— সোনার গহনা পত্র : স্বর্ণালঙ্কারাদি। **সোনা ভস্ম**—স্বর্ণ পুড়াইয়া ভস্ম হওয়া। **সোনা-মুখী**—সুন্দর মুখবিশিষ্টা। পুং, **সোনামুখ, —মুখো**। **কাঁচা সোনা**—বিশুদ্ধ অমিশ্র স্বর্ণ (কোমল বলিয়া কাঁচা)। **পাকা সোনা** —খাদহীন স্বর্ণ ; বিশুদ্ধ স্বর্ণ। **গিনি সোনা** —গিনি দ্রঃ। **মেকি সোনা**—সোনা বলিয়া ভ্রম জন্মে এরূপ ধাতু ; জাল সোনা। **সোনা বাহিরে আঁচলে গিরে**—অঞ্চলের নিধি বাহিরে থাকিতে দিয়া অঞ্চলে বৃথা গ্রন্থি দেওয়া। **সোনায় সোহাগা**—সোহাগা যোগে সোণা সহজে গলিয়া যায় বলিয়া শুভ সংযোগ। **সোনার অঙ্গ**—স্বর্ণবর্ণ দেহ ; বরাঙ্গ। **সোনার কাঠি রূপার কাঠি** [গল্পের সোনা রূপার কাঠির লক্ষণায়] মরণ বাঁচনের উপায় স্বরূপ। **সোনার গহনা**— স্বর্ণালঙ্কার। **সোনার জল**—স্বর্ণবর্ণে রঞ্জিত করিবার রাসায়নিক জল ; রসান দ্রঃ। **সোনার যাদু**—আদরের নাম ; সোহাগের সম্বোধন। **সোনার পাত**—সোনার অতি সূক্ষ্ম পত্র। **সোনার পাথর বাটী**— অসঙ্গত ও অসম্ভব। **সোনার বরণ,— বর্ণ**—স্বর্ণবৎ পীতবর্ণ ; স্বর্ণ চম্পকের বর্ণ। **সোনার বেণে**—সুবর্ণ বণিক্। **সোনার লঙ্কা**—স্বর্ণময় লঙ্কাপুরী। ২। ঐশ্বর্য্যের আগার। **সোনার সংসার**—সকল ঐশ্বর্য্য ও সুখের গৃহস্থলী।

সোনামুখী (শো) [সোনা দ্রঃ। হি—সন্নামকী। বাং-য়—**সোনাপাত** ও বলে। সং— নাম আবর্ত্তকী। ইং—cassia senna] বি, কোকণদেশজ বিরেচনগুণবিশিষ্ট কাঞ্চনাদি বর্গের তিক্তাস্বাদ লতাবিশেষ।

সোত (শোত্) [সং—স্রোত] বি, স্রোত : প্রবাহ। প্র—"সোতের সেঁওলা ভাসাইয়া কালা কাটিলা প্রেমের ডোর।"—চণ্ডীদাস। "ভুলে মরতের পথে ভাসিয়া আসিয়া সোতে" —কস্তুরা।

সোৎকণ্ঠ (শো) [স (সহিত) উৎকণ্ঠা (উদ্বেগ) যাহার, বহু] বিণ, উদ্বিগ্ন ; উৎকণ্ঠা-যুক্ত।

সোৎপ্রাস (শোৎ) [স (সহিত)—উৎ— প্র—অস্ (হওয়া) + অ (ভাবে ঘঞ্) = উৎপ্রাস (অতি উদ্যম) যাহার, বহু] বি, পুং, স্ত্রী, শ্লেষবাক্য ; ঈষদ্ধাস্যযুক্ত কথা। ২। বিণ, বৃদ্ধিযুক্ত। ৩। পরিহাসযুক্ত (বাক্য)।

সোৎসুক (শোৎশুক্) [স—উৎসুক] বিণ, ঔৎসুক্যের সহিত : সাগ্রহ। উৎকণ্ঠিত ভাব। প্র—"গিন্নি ভাঁড়ারঘরে ছিলেন ;—স্বামীর ডাকে বঁটি তরকারী ফেলিয়া সোৎসুকে দালানের দিকে ছুটিলেন।"—ভারতী, ১৩২০।

সোদর (শোদর্) [স (সমান) উদর (পেট) যাহার, বহু] বি, পুং, এক গর্ভজাত ভ্রাতা ; সহোদর ভাই। স্ত্রী, **সোদরা**—সহোদরা ভগ্নী।

সোদর্য্য (শোদর্জ্জ) [স (সমান) উদর (পেট) যাহার = সোদর + য (স্বার্থে)] বি, পুং, সহোদর। স্ত্রী, **সোদর্য্যা**—সহোদরা।

সোণামুগ, সোনামুগ (শো, গ্) [সোণা (দ্রঃ) র বর্ণ বলিয়া] বি, পীতবর্ণ মুগ কলাই।

সোণার, সোনার (শোনার্) [সং—স্বর্ণকার] বি, স্বর্ণকার ; সেকরা। প্র—"সই মদন সোণারে না চিনে সোণা সোণা যে বলিয়া পিতল আনিয়া গড়ি দিল যে গহনা।"—পদাবলী। স্ত্রী, **সোনারণী** (র্)।

সোণালী, সোনালি, সোণালি (শো) [শোনা—বালী (যুক্তার্থে)] বিণ, সুবর্ণমণ্ডিত। প্র—"মাতা ভগ্নী কন্যা জায়া। মায়ার সোনালি কায়া॥"—মহিলা। ২। সুবর্ণময় ; স্বর্ণবর্ণবিশিষ্ট। প্র—সোণালী রংয়ের জ্বলন্ত কিরণ সেই মেয়েটির চাঁপা ফুলের মত শরীরের উপর পড়িয়া তাহার চারিদিকে যেন একটা জ্যোতি বিচ্ছুরিত করিয়া ধরিয়া

ছিল"—ভারতী, ৩৬শ বর্ষ। ৩। সোনার পাত। ৪। সোনা রঙ্গের জরী।

সোনা—সোণা দ্রঃ।

সোন্না (শোন্‌না) [সং—সন্দংশ হইতে] বি, স্বর্ণকারের চিম্‌টা।

সোন্দান (শোন্দানো) [গ্রা—সেঁদুনো। সন্ধান দ্রঃ] ক্রি, প্রবেশ করা। প্র—"সাত দিয়া সাত জনা গর্জ্জিয়া সোন্দাইল।"—মাণিক চাঁদের গান।

সোন্ধা (শোন্‌ধা) [সং—সৌগন্ধ হইতে] বিণ, সুগন্ধযুক্ত। প্র—"সোন্ধা কুঙ্কুম, কর্পূর চন্দন আনিল মুখাশিকড়।"—চণ্ডীদাস।

সোন্মাদ (শোন্মাদ্) [স (সহিত) উন্মাদ (বাতুলতা) যাহার, বহু] বিণ, উন্মাদগ্রস্ত : পাগল।

সোপপ্লব (শো) [স (সহিত) উপপ্লব (রাহু) যাহার, বহু] বিণ, রাহুগ্রস্ত চন্দ্র অথবা সূর্য্য।

সোপরদ্দ (শো) [ফা—সুপুর্দ] বি, বিচারার্থে সমর্পণ। প্র—"সরোজিনী দাসী এখানে উপস্থিত নাই, থাক্‌লে হাকিমকে ফৌজদারী সোপরদ্দ ক'রতে বল'তুম।"

সোপাধিক (শোপাধিক্) [স (সহিত) উপাধি যাহার, বহু + ক] বিণ, উপাধিবিশিষ্ট।

সোপান (শোপান্) [স (সহিত) উপ (উর্দ্ধে) অন্ (গমন করা) + অ (করণে—অল্)] বি, ক্লী, সিঁড়ী [আরোহণী দ্রঃ]।

সোবে (শো) [সুবা দ্রঃ] বি, সন্দেহ।

সোম, সোমন্ (শোম্) [সু (প্রসব করা) + ম, মন্ (কর্তৃ)] বি, পুং, চন্দ্র। ২। বসু-বিশেষ। ৩। [স (সহিত) উমা যাহার, বহু] মহাদেব ; শিব। ৪। যম। ৫। কুবের। ৬। বায়ু। ৭। পর্ব্বত। ৮। বানরবিশেষ। ৯। বারবিশেষ। ১০। সোমলতা। ১১। বিণ, রমণীয় ; সৌম্য।

সোম (শোম্) [সং] বি, জল। ২। অমৃত। ৩। কর্পূর। ৪। সোমলতা। **সোমরস**—সোমলতার রস।

সোমক্ষয় (শোমক্‌খয়) [সোমের (চন্দ্রের) ক্ষয় হয় যে সময়ে, বহু] বি, পুং, অমাবস্যা।

সোমগিরি (শোম্) বি, উত্তর সমুদ্রস্থিত অলজ্ঘ্য পর্ব্বত। ২। [রামায়ণ মতে] উত্তর সীমান্তে অবস্থিত পর্ব্বত ; ইহা দেবাদিদেব শঙ্করের আলয়।

সোমজ (শো) [সোম (চন্দ্র) হইতে জ (উৎপন্ন)] বিণ, চন্দ্রোদ্ভূত ; চন্দ্রজাত। ২। বুধগ্রহ। ৩। গজ। ৪। দুগ্ধ।

সোমতীর্থ (শোম্) [সোম (চন্দ্র) তীর্থ (পুণ্যস্থান) ৬তৎ] বি, পুং, ভারতের পশ্চিম প্রদেশস্থ তীর্থবিশেষ ; প্রভাস ক্ষেত্র।

সোমধারা (শোম্) [সোমের (চন্দ্রের) ধারা (যে ধারণ করে)] বি, স্ত্রী, অন্তরীক্ষ ; আকাশ।

সোমপ (শো, প্) [সোম (সোমলতার রস) প (যে পান করে)] বি, পুং, যজ্ঞীয় সোমরস-পানকারী।

সোমপা (শো) [সোম—পা (পান করা) + ক্বিপ্ (কর্তৃ)] বি, পুং, যজ্ঞে সোমরসপায়ী।

সোমপায়ী (শো) [সং—সোমপায়িন্, ১মা, ১ব] বিণ, সোমপ দ্রঃ।

সোমপূতিকা (শোম্) [সং] বি, স্ত্রী, পূতি-করঞ্জ লতা ; ইহা সোমলতার অভাবে ব্যবহৃত হইয়া থাকে।

সোমবন্ধু (শোম্‌বোন্ধু) [সোম (চন্দ্র) হইয়াছে বন্ধু যাহার, বহু] বি, ক্লী, সূর্য্য। ২। কুমুদ পুষ্প।

সোমবার (শোম্‌বার্) [সোম দ্রঃ] বি, রবিবারাদিক সপ্তাহের দ্বিতীয় দিন ; Monday.

সোমযাগ (শোম্ জাগ্) [সোম—যাগ (যজ্ঞ)] বি, সোমরস পানাঙ্গক বর্ষত্রয়-সাধ্য যজ্ঞবিশেষ।

সোমযাজী (শোম্‌জাজী) [সোম (সোমরস) —যজ্ (যাগ করা) + ইন্ (কর্তৃ) = সোম-যাজিন্ ১মা, ১ব] বি, পুং, সোমযাগকারী।

সোমরাজ (শোম্‌রা, জ্) [সং—সোমরাজী] বি, বাকুচী।

সোমরাজী (শোম্) [সোম (চন্দ্র) রাজ্ (দীপ্তি পাওয়া) + ইন্ = সোমরাজিন্ ১মা, ১ব] বি, পুং, সোমরাজ দ্রঃ। কালজীরার মত বীজপ্রসূ শাকবিশেষ ; বাকুচী দ্রঃ।

সোমলতা (শো) [সোম (চন্দ্র) লতা। যাহার ১৫টী পত্র কৃষ্ণ ও শুক্লপক্ষে চন্দ্রকলার সঙ্গে সঙ্গে হ্রাস বৃদ্ধি প্রাপ্ত হয়] বি, আকন্দ পুষ্পবৎ পুষ্পদ পত্রহীন ক্ষীরী লতাবিশেষ।

সোমসিদ্ধান্ত (শোম্‌শিদ্ধান্ত) বি, পুং, চন্দ্র-প্রণীত জ্যোতিষ গ্রন্থবিশেষ। ২। শৈবমতাব-লম্বী পণ্ডিতবিশেষ।

সোমসিন্ধু (শোম্‌শিন্ধু) বি, পুং, নারায়ণ।

সোমসূত্র (শোম্‌শুৎত্র) [সং] বি, ক্লী, জল নির্গম স্থান।

সোমোদ্ভবা (শো) [সোম (চন্দ্র) হইতে উদ্ভব (উৎপত্তি) যাহার, বহু] বি, স্ত্রী, নর্ম্মদা নদী।

সোয়াতি (শো) [সং—স্বস্তি। ব্রজ] বি, সোয়াস্তি ; চিত্তস্থৈর্য্য ; শান্তি। প্র—"জনম অবধি না পাই সোয়াতি কাঁদিয়া মরি যে নিতি।" —চণ্ডীদাস।

সোয়াথ (শোয়াথ্) [স্বস্তি হইতে—সোয়াস্তি সোয়াথি—সোয়াথ] বি, সুস্থতা ; চিত্তের শান্তি। প্র—"রহিতে সোয়াথ নাহি নৌতুন লেহ।"—বি, পতি। "সোয়াথ না পায় মনে।"—পদরত্নাবলী।

সোয়াদ (শোয়াদ্) [সং—স্বাদ। বি, স্বাদ। প্র—"লহনার বোলে সাধু না পায় সোয়াদ।" —কবিক।

সোয়ামী (শো) [সং—স্বামী। গ্রা-রূপ] বি, স্বামী ; ভর্ত্তা।

সোয়ার (শোয়ার্) [ফা—সবার্ ; হি—আস-ওয়ার ; সং—অশ্বারোহী হইতে] বি, অশ্বারোহী সেনা ; সাদি। প্র—"ভোজপুরে সোয়ার বোঁদেলা শত শত।"—অ, ম। বিণ, **সোয়ারী** —আরোহণযোগ্য ; আরোহীর উপযোগী। প্র—"সোয়ারী গাড়ী। ২। বি, যানবিশেষ।

সোয়ারা (শো) [সোয়ার (দ্রঃ) [আ (পদ্যে) হি—অনুকরণে মাত্রা স্বরূপ] বি, অশ্বারোহী ; সওয়ার। প্র—"পয়দল কলবল ভূতল টলমল সাজল দলবল অটল সোয়ারা।"—অ, ম।

সোয়ারি (শো) [হি—সবারী] বিণ, আরোহী ; যানাদিতে আরোহণকারী। প্র— "নব বাবুরা ঐ সোয়ারি দেখিবামাত্র দৌড়ে গিয়ে চারিদিকে ঘেরিয়া ফেলিল ও বেহার দিগকে মারপিট করিল।"—টেকচাঁদ। ২। আরোহণ। প্র—"সোয়ারির অশ্ব আনে গমনে বাতাস।"—অ, ম।

সোয়াল (শোয়াল্) [সওয়াল দ্রঃ] বি, প্রশ্ন। ২। বাদী প্রতিবাদীকে আদালত যে প্রশ্ন করেন। প্র—"সাক্ষিগণের প্রতি অনেক সোয়াল হইয়াছিল।"—নীলদর্পণ। **সোয়াল জবাব**—প্রশ্নোত্তর।

সোয়াস্তি (শো) [সং—স্বস্তি অপভ্রংশে] বি, চিত্তের স্থিরতা ; স্বস্তি ; শান্তি। প্র—"শয়নে সোয়াস্তি নাই বিরাম নিদ্রায়।"—হেম বন্দ্যো। "খাইতে সোয়াস্তি নাই নাহি টুটে ভুক্।"—চণ্ডীদাস।

সোর (শোর্) [শোর দ্রঃ] বি, কোলাহল ; গোল। প্র—"বাসাড়ে বাসিন্দে বেওয়া বেশ্যা করে সোর।"—হেম।

সোরা (শো) [সং—সর্জ্জিকাক্ষার। ফা— শোরা] বি, ক্ষারবিশেষ ; যবক্ষার।

সোরাই (শো) [ফা—সুরাহি] বি, গলা সরু লম্বা ও পেট-মোটা মাটির জলপাত্র ; কুঁজা।

সোলা (শো) [শোলা দ্রঃ] বি, সচ্ছিদ্র লঘু ও কোমল কাষ্ঠ। প্র—"আমি প্রদীপ তেল চকমকি সোলা সকলি আনিয়া রাখিয়াছি"— মৃণালিনী। "পলায় বাঙ্গাল ভাই ফেলাইয়া

সোলা।"—কবিক। **সোলা কচু**—সোলার ন্যায় সচ্ছিদ্র ও লঘু কচুবিশেষ।

সোলে (শো) [আ—সল্হ্ : সলাহ্] বি. আপোষে নিষ্পত্তি ; compromise. **সোলেনামা**—আপোষে নিষ্পত্তি-সূচক পত্র ; deed of compromise.

সোল্লুণ্ঠ, সোল্লুণ্ঠন (শোল্লুণ্ঠ, ন্) [স (সহিত) উল্লুণ্ঠ (পরিহাস) যাহাতে, বহু] বি, ক্লী, ঈষদ্ধাস্যযুক্ত বাক্য ; পরিহাসযুক্ত বাক্য। ২। [অলঙ্কারে] ব্যাজস্তুতি।

সোসর (শোশর্) [সং—সদৃশ] তুল্য সমান। প্র—"নৃপতি-সেনারে বীর করিছে উত্তর। তোহার বেটার সনে হইল সোসর॥"—কবিক। "যমদূত দোসর সোসর কেহ যম"—ঘনরাম। "সেই সর্ব্বশ্রেষ্ঠ তার নাহিক সোসর"—চৈ, ভা। ২। সহায় ; সাহায্যকারী। প্র—"একলা জিনয়ে সভে কেহ নহে সোসর"—মহা, বিজয়।

সোসরি (শোশরি) [সোসর (দ্রঃ)—ই (ব্রজ)] বিণ, সোসর ; সদৃশ। প্র—"কেশরী সোসরি মাঝারি অঙ্গ। ত্রিবলী যৌবন জনি তরঙ্গ॥"—জ্ঞানদাস।

সোহহং (শো) [সঃ+অহং, সঃ=সো+অহং, অ লোপ করিয়া সোঽহং, অ লুপ্ত ইহা বুঝাইবার জন্য 'ঽ' এই চিহ্ন ব্যবহৃত হয়] ব্রহ্ম ও আমি অভিন্ন। মতান্তরে—ব্রহ্ম আর আমি (জীব)।

সোহরৎ, সোহরত (শোহোরৎ) [আ—শোহ্রৎ] বি, ঘোষণা ; ঢেঁড়া পিটাইয়া ঘোষণা।

সোহাগ (শোহাগ্) [সং—সৌভাগ্য হইতে] বি, আদর ; অতি স্নেহ। প্র—"সোহাগ তরঙ্গ রাশি অঙ্গখানি দিবে গ্রাসি।"—রবি। "বল মা আমি দাঁড়াই কোথা * * * মার সোহাগে বাপের আদর এ দৃষ্টান্ত যথা তথা।"—রামপ্রসাদ। বিণ, **সোহাগিয়া।**

সোহাগা (শো) [সং—সৌভাগ্য] বি, ক্ষারবিশেষ ; টঙ্কণ ; borax. **সোনায় সোহাগা**—সোণা দ্রঃ।

সোহাগী (শো) [গ্রা—সোআগী। সোহাগ (দ্রঃ) স্ত্রীলিঙ্গে। পদ্যে কোমলার্থে—**সোহাগিনী**] বিণ, আদরিণী ; সোহাগ প্রাপ্তা। ২। বি, স্ত্রী, সৌভাগ্যবতী স্ত্রী ; সুভগা নারী। প্র—"সোহাগী মরিল পুড়ি হরিহোড় লয়ে।"—অ, ম। "আইসহ শ্যামসোহাগিনী"—চণ্ডীদাস। "রাজার সাধের সোহাগিনী"—ঐ। পুং, **সোহাগিয়া,** **সোহাগে** [গ্রা—সোয়াগে] সোহাগকারী। ২। সোহাগপ্রাপ্ত।

সোহায়ল (শো) [শোভা হইতে নামধাতু—শোভায়ল ; ভ=হ] ক্রি, শোভা করিল। প্র—"বদন সোহায়ল শ্রমজল বিন্দু। মদন মোতি লেই পুজল ইন্দু॥"—বি, প।

সোহিনী (শোহিনী) [শোভিনী হইতে। শোভা =সোহা। হি—সোহাবনী] বি, শোভিনী। প্র—"নব নাগরী নাগর মোহিনী। রূপ নিরুপম সোহিনী॥"—ভারতচন্দ্র। "হেরত শ্যাম ভরম কাঁতি বুঝি আয়ল সোহিনী।"—গোবিন্দদাস। ২। রাগিণীবিশেষ।

সোহেলা (শো) [হি] বি, উৎসবকালীন আনন্দগীতি।

সৌকর্য্য (শৌকোর্জ) [সুকর+য (ভাবে)] বি, ক্লী, সুবিধা ; সুসাধ্যতা।

সৌকুমার্য্য (শৌকুমার্জ) [সুকুমার (অতি মৃদু) + য (ভাবে—যণ্)] বি, ক্লী, সুকুমারতা ; কমনীয়তা ; মার্দ্দব। ২। যৌবন।

সৌখিন, সৌখীন (শৌখিন্) [আ—শৌকীন্ (সখযুক্ত)] বিণ, রসজ্ঞ। ২। বাসনাযুক্ত ; অভিলাষযুক্ত। ৩। বিলাসী প্র—"যাহারা সৌখিন ভাই কিন্তু হাতে পয়সা নাই তারা নেয় গিলটি কিনিয়া"—চন্দন। বি, **সৌখীনতা।**

সৌখ্য (শোক্‌খ) [সুখ+য (স্বার্থে)] বি, ক্লী, সুখধারা।

সৌগত (শৌ) [সুগত (বুদ্ধ)+অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, পুং, বৌদ্ধ : নিরীশ্বর বাদী।

সৌগতিক (শৌগোতিক্) [সুগত (বুদ্ধ) + ইক (ইকণ্)] বি, পুং, বৌদ্ধ সন্ন্যাসী। ২। সন্ন্যাসী ব্রাহ্মণ। ৩। ঈশ্বরে অবিশ্বাস। ৪। সন্দেহ।

সৌগন্ধ, সৌগন্ধ্য (শৌ) [সুগন্ধ+অ—য (স্বার্থে—অণ্—যণ্)] বি, ক্লী, সৌরভ ; সদ্গন্ধ ; সুবাস।

সৌগন্ধিক (শৌগোন্ধিক্) [সু (মনোহর গন্ধ (ঘ্রাণ) + ইক (যুক্তার্থে—ইকণ্)] বি, পুং, গন্ধবণিক্ : সুগন্ধ দ্রব্যব্যবসায়ী। ২। নীলোৎপল। ৩। কহ্লার। ৪। পদ্মরাগমণি। ৫। পুং, গন্ধক।

সৌচি, সৌচিক (শৌ. ক্) [সূচী (ছুঁচ)+ ই, ইক (জীবিকার্থে—ইণ্, ইকণ্)] বি, পুং, দরজী ; সূচীকর্ম্মকারী।

(শৌজনন্) [সুজন+য (ভাবে—যণ্)] বি, ক্লী, ভদ্রতা ; সুজনতা ; শিষ্টাচার ; সদাচরণ।

সৌত্র, সৌত্রিক (শৌৎত্র, শৌৎত্রিক্) [সূত্র +অ—ইক (অণ্—ইকণ্)] বিণ, সূত্র সম্বন্ধীয়। ২। সূত্রানুযায়ী। ৩। [ব্যাকরণে] ধাতুবিশেষ।

সৌদামিনী (শৌ) [সং] বি, স্ত্রী, বিদ্যুৎ ; বিজলী ; তড়িৎ। প্র—"সৌদামিনী ঘন সনে ভ্রমে সদানন্দ মনে"—ব্রজাঙ্গনা। "সেজেছ শ্যাম-জলদের বামে রাধে! সৌদামিনী"—দাশরথি রায়।

সৌদায়িক (শৌ, ক্) [সুদায় (যৌতুক ধন) + ইকণ্] বিণ, পিতা মাতা অথবা স্বামীর নিকট প্রাপ্ত স্ত্রীধন।

সৌধ (শৌধ) [সুধা (চূণ)+অ (অণ্)] বি, পুং, ক্লী, প্রাসাদ ; ইষ্টকাদি নির্ম্মিত ভবন ; হর্ম্ম্য ; সুধা-ধবলিত গৃহ।

সৌধময় (শৌধময়্) [সৌধ (দ্রঃ) + ময়ট্] বি, চূণকাম করা বাড়ী। প্র—"ঘর বাড়ী নগর সকল সৌধময়।"—ঘনরাম।

সৌনন্দ (শৌ) [সং] বি, ক্লী, বলরামের মুষল।

সৌন্দর্য্য (শৌন্দোর্জ) [সুন্দর+য (ভাবে—যণ্)] বি, ক্লী, সুন্দরতা ; শোভা।

সৌপর্ণ (শৌ) [সুপর্ণ (গরুড়)+অ (স্বার্থে, অণ্)] বিণ, সুপর্ণ সম্বন্ধীয়। ২। বি, পুং, পক্ষীন্দ্র ; গরুড়। ৩। মরকতমণি।

সৌপর্ণেয় (শৌ) [সুপর্ণী (বিনতা) + এয় (অপত্যার্থে—এয়ণ্)] বি, পুং, বিনতানন্দন ; গরুড়। ২। গায়ত্র্যাদি ছন্দ। ৩। মরকত মণি। ৪। বিণ, সুপর্ণ সম্বন্ধীয়।

সৌপ্তিক (শৌপ্‌তিক্) [সুপ্ত (নিদ্রা—নিদ্রিত) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বি, ক্লী, মহাভারতের অষ্টাদশ পর্ব্বের অন্যতম। ২। নিশা-রণ ; রাত্রির যুদ্ধ। ৩। বিণ, সুপ্ত সম্বন্ধীয়।

সৌবর (শৌবর্) [স্বর+অ (সম্বন্ধার্থে—অণ্)] বিণ, স্বরসম্বন্ধীয়।

সৌবর্গ (শৌ) [স্বর্গ+অ (সম্বন্ধার্থে অণ্)] বিণ, স্বর্গীয়। ২। বি, দেবতা ; সুর।

সৌবর্চ্চল (শৌবর্চ্চল্) [সুবর্চ্চল (দেশ-বিশেষ) + অ (সম্বন্ধার্থে—অণ্)] বি, ক্লী, সচ্‌লবণ ; সোরা।

সৌবর্ণ (শৌ) [সুবর্ণ (সোনা)+অ (বিকারার্থে—অণ্)] বিণ, স্বর্ণনির্ম্মিত ; কাঞ্চনময়।

সৌবস্তিক (শৌবোস্‌তিক্) [স্বস্তি (মঙ্গল) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] ব=উব] বি, পুং, পুরোহিত ; যাজক। ২। স্বস্তিবাচক ; মঙ্গল-পাঠক। ২। বিণ, হিতকারক।

সৌবীর, সৌবীর্য্য (শৌবীর্) [সুবীর (দেশ) + অ, য (স্বার্থে—অণ্—যণ্)] বি, পুং, সিন্ধুনদের সন্নিকটস্থ দেশ। ২। [সংজ্ঞার্থে—অণ্, যণ্] কুল; বদর।

সৌবীরক (শৌবীরক্) [সং] বি, ক্লী, অঞ্জন-বিশেষ; সৌবীরাঞ্জন। ২। বি, পুং, কুল গাছ।

সৌবীরাঞ্জন (শৌ, ন্) [সং] বি, ক্লী, অঞ্জন-বিশেষ।

সৌভ (শৌ) [সং] বি, ক্লী, নৃপতিবিশেষ। ২। রাজা হরিশ্চন্দ্রের পুরী।

সৌভদ্র, সৌভদ্রেয় (শৌভদ্দ্র) [সুভদ্র (কৃষ্ণভগিনী) + অ—এয় (অপত্যার্থে—অণ—এয়ণ্)] বি, পুং, সুভদ্রাকুমার; অভিমন্যু।

সৌভাগিনেয় (শৌ) [সুভগা + ইনেয় (অপত্যার্থে)] বি, পুং, সুভগা কামিনীর পুত্র; সৌভাগ্যবতীর তনয়। স্ত্রী, **সৌভাগিনেয়ী**।

সৌভাগ্য (শৌভাগ্‌গ) [সুভগ (ভাগ্যবান্) + য (ভাবে—যণ্)] বি, ক্লী, শুভাদৃষ্ট। ২। যোগবিশেষ। ৩। সৌন্দর্য্য: শোভা। ৪। প্রিয়ত্ব। **সৌভাগ্যবান্**—যাহার ভাগ্য সুপ্রসন্ন; সৌভাগ্যযুক্ত। স্ত্রী, **সৌভাগ্য-বতী**। **সৌভাগ্যলক্ষ্মী**—বি, সৌভাগ্যের অধিষ্ঠাত্রী দেবী।

সৌভিক (শৌভিক্) [সৌভ + ইক] বি পুং, বাজীকর।

সৌভ্রাত্র (শৌ) [সু (উত্তম) ভ্রাতা + য (ভাবে—যণ্)] বি, ক্লী ভ্রাতৃগণের পরস্পর প্রীতি; সুভ্রাতৃত্ব।

সৌমনস্য (শৌমনশ্‌শ) [সুমনস্ (প্রীত) + য (ভাবে—যণ্)] বি, ক্লী, সন্তোষ; প্রসন্নতা। ২। ভালবাসা: প্রীতি।

সৌমিত্র, সৌমিত্রি (শৌমিত্ত্র) [সুমিত্রা + অ, ই (অপত্যার্থে—অণ্—ইণ্) সুমিত্রা-তনয়] বি, পুং, লক্ষ্মণ। প্র—"কহ সৌমিত্রিরে তুমি পশিতে নগরে নির্ভয়ে"—মেঘনাদ। ২। শত্রুঘ্ন।

সৌমেধিক (শৌমেধিক্) [সু (শ্রেষ্ঠ) মেধা (ধারণাবতী বুদ্ধি) + ইক (যুক্তার্থে ইকণ্)] বি, পুং, সিদ্ধজ্ঞানসম্পন্ন ব্যক্তি। ২। সিদ্ধ তাপসাদি। ৩। বিণ, উত্তম-মেধাবিশিষ্ট।

সৌম্য (শৌম্‌ম) [সোম (চন্দ্র) + য (অপত্যার্থে যণ্)] বি, পুং, চন্দ্রতনয়: সোমপুত্র; বুধগ্রহ। ২। বিপ্র। ৩। বিণ, সুদৃশ্য: মনোজ্ঞ; কমনীয়। ৪। শান্ত। ৫। প্রসন্ন। ৬। নিপুণ; দক্ষ।

সৌর (শৌ) [সুর (সূর্য্য) + অ (অপত্যার্থে বা সম্বন্ধার্থে বা উপাসক অর্থে—অণ্)] বি, পুং, সূর্য্যতনয়; যম। ২। সূর্য্যোপাসক। ৩। বৈবস্বত মনু। ৪। শনি। ৫। বালী। ৬। সুগ্রীব। ৭। বিণ, সূর্য্য সম্বন্ধীয়। **সৌর জগৎ**—বি, সূর্য্য এবং গ্রহ উপগ্রহাদির মণ্ডল।

সৌরভ (শৌরভ্) [সুরভি (সুগন্ধ) + অ (যুক্তার্থে—অণ্)] বি, ক্লী, সুগন্ধ। প্র—"সৌরভ জনমে ফুলে।"—ব্রজাঙ্গনা। "কি ফুল ফুটেছে মজার * * * সৌরভে গা উলসে উঠে লাগলে গায়ে ফুলের হাওয়া॥"—বাং-গান। ২। সৌন্দর্য্য। ৩। কুঙ্কুম।

সৌরভেয় (শৌ) [সুরভি (গাভি) + এয় (অপত্যার্থে—এয়ণ্)] বি, পুং, বৃষ। স্ত্রী, **সৌরভেয়ী**—গাভী। ২। সুরভিকন্যা নন্দিনী। ৩। বিণ, সুরভিসম্বন্ধীয়।

সৌরভ্য (শৌরভ্‌ভ) [সুরভি (সুগন্ধ) + য (ভাবে—যণ্)] বি, ক্লী, সুগন্ধ; সুবাস। ২। সৌন্দর্য্য: শোভা। ৩। কুঙ্কুম।

সৌরাজ্য (শৌরাজ্‌জ) [সু—রাজন্ + য (ভাবে—যণ্)] বি, ক্লী, সুরাজত্ব।

সৌরাষ্ট্র (শৌ) [সুরাষ্ট্র (সুরাজ্য) + অণ্] বি, পুং, সুরাট্ দেশ। ২। সুরাট্দেশবাসী। স্ত্রী, **সৌরাষ্ট্রী**—সৌরাষ্ট্র দেশের সুবাসিত মাটি।

সৌরাষ্ট্রিক (শৌরাশ্‌ট্রিক্) [সুরাষ্ট্র (দেশ-বিশেষ) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বিণ, সুরাষ্ট্র দেশ সম্বন্ধীয়।

সৌরি (শৌ) [সুর (সূর্য্য) + ই (অপত্যার্থে—ইণ্)] বি, পুং, যম। ২। শনি। ৩। [সূরি + ই—(সম্বন্ধার্থে—ইণ্)] বিণ, সূর্য্য সম্বন্ধীয়।

সৌরিক (শৌরিক্) [সুর (দেবতা) সুরা (মদ্য) + ইক (সম্বন্ধার্থে—ইকণ্)] বি, পুং, স্বর্গ। ২। মদ্যবিক্রেতা। ৩। বিণ, সুরা সম্বন্ধীয়। ৪। স্বর্গীয়।

সৌষ্ঠব (শৌষ্‌ঠব্) [সুষ্ঠু + অ (ভাবে—অণ্)] বি, ক্লী, সৌন্দর্য্য। ২। সুগঠন।

সৌসাদৃশ্য (শৌশাদৃশ্‌শ) [সুসদৃশ + য (ভাবে—যণ্)] বি, ক্লী, ঐক্যভাবাপন্ন; উত্তম মিল; সম্পূর্ণ সাদৃশ্য।

সৌহার্দ্দ, সৌহার্দ্দ্য (শৌ) [সুহৃদ্ (মিত্র) + অ, য (ভাবে—অণ্, যণ্)] বি, ক্লী, মিত্রতা; বন্ধুত্ব: প্রণয়; সখ্য। ২। সৌজন্য।

সৌহৃদ্য (শৌহৃদ্দ) [সুহৃদ্ (মিত্র) + য (ভাবে—যণ্)] বি, ক্লী, মিত্রতা; বন্ধুত্ব।

সৌহিত্য (শৌহিত্‌ত) [সুহিত (তৃপ্ত) + য ভাবে—যণ্)] বি, ক্লী, সন্তোষ; পরিতৃপ্তি। ২। পর্য্যাপ্ত আহার। ৩। [ভাবে—অল] গতি। ৪। পারদ।

সৌরসেন (শৌরশেন্) [সং] বি, পুং, দেব-সেনাপতি কার্ত্তিকেয়।

স্কন্দ [স্কন্দ্ (গমন করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, ষড়ানন: কার্ত্তিকেয়। ২। নৃপতি; রাজা। ৩। দেহ: শরীর। ৪। জ্ঞানী; বিদ্বান্।

স্কন্দন (ন্) [স্কন্দ্ (গমন করা, শোষণ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, গমন: গতি। ২। বিরেচন। ৩। শৈত্যপ্রয়োগ দ্বারা রক্তস্রাব নিবারণ। ৪। শোষণ।

স্কন্ধ [ক (মস্তক) ধা (ধারণ করা) + অ (কর্ত্তৃ—ড) স্ আগম] বি, পুং, শরীর: দেহ। ২। কাঁধ। ৩। শাখা ও প্রকাণ্ডের (গুঁড়ির) সংযোগ স্থল। ৪। ককুদ; ষাঁড়ের ঝুঁটি। ৫। গ্রন্থের পরিচ্ছেদ বা অধ্যায়। ৬। ছন্দোবিশেষ। ৭। [বৌদ্ধ দর্শনে] জ্ঞানের পঞ্চমাংশ, যথা—(১) রূপ স্কন্ধ (বিষয় প্রপঞ্চ), (২) বেদনা স্কন্ধ (বিজ্ঞান প্রপঞ্চ), (৩) বিজ্ঞান স্কন্ধ (আলয় বিজ্ঞান প্রপঞ্চ), (৪) সংজ্ঞা স্কন্ধ (নাল প্রপঞ্চ), (৫) সংস্কার স্কন্ধ (বাসনা প্রপঞ্চ)। ৮। [দর্শন শাস্ত্রে] রূপ রসাদি পঞ্চেন্দ্রিয় বিষয়। ৯। সমূহ। ১০। বর্ত্ম; পথ। ১১। ব্যূহ। ১২। রাজা। ১৩। সেনাপতি। ১৪ সেনাবিভাগ। ১৫। যুদ্ধ। ১৬। অভিষেক দ্রব্য। স্ত্রী, **স্কন্ধা**—শাখা। ২। লতা।

স্কন্ধচাপ (প্) [স্কন্ধ (কাঁধ) চাপ (ধনুক)] বি, পুং, ভারবহন যষ্টি; বাঁক।

স্কন্ধতরু (তোরু) [স্কন্ধ (গাছের গুঁড়ি) তরু (বৃক্ষ)] বি, পুং, নারিকেল বৃক্ষ।

স্কন্ধদেশ (শ্) [স্কন্ধ—দেশ (অংশ)—কর্ম্মধা] বি, পুং, কন্ধর; কাঁধ। ২। বৃক্ষের শাখা ও প্রকাণ্ডের সংযোগস্থল। ৩। হস্তিস্কন্ধ; যে স্থানে হস্তিপক উপবেশন করে।

স্কন্ধবাহ, স্কন্ধবাহক [স্কন্ধ (কাঁধ) বাহ—বাহক (যে বহন করে)] বি, পুং, যে স্কন্ধ দ্বারা শকটাদি বাহন করে; বৃষ; বলদ। ২। বিণ, ভারবাহী।

স্কন্ধশাখা [স্কন্ধ (গুঁড়ি) শাখা, ৬তৎ] বি, স্ত্রী, বৃক্ষ শাখা: গাছের ডাল।

স্কন্ধাগ্নি [স্কন্ধ + অগ্নি] বি, পুং, বৃহৎ বৃক্ষ-কাণ্ডের অগ্নি।

স্কন্ধাবার (র্) [স্কন্ধ (রাজা) আ—বৃ (আবরণ করা) + অ (কর্ত্তৃ—ঘঞ্), যাহারা রাজাকে আবরণ করিয়া যুদ্ধে গমন করে] বি, পুং, সৈন্য। ২। শিবির: সেনানিবেশ: ছাউনি; cantonment. ৩। রাজধানী।

স্কন্ধিক (স্কোন্দিক্) [স্কন্ধ (কাঁধ) + ইক] বি, পুং, স্কন্ধবাহক; শকটাদিবাহী বৃষ।

স্কন্ধী (স্কোন্ধী) [স্কন্ধ (গাছের গুঁড়ি)+ইন্ (অস্ত্যর্থে)=স্কন্ধিন্ ১মা, ১ব] বি, পুং, যাহার গুঁড়ি আছে ; বৃক্ষ ; গাছ। ২। বিণ, স্কন্ধ সম্বন্ধীয়।

স্কন্ন [স্কন্দ্ (গমন করা)+ত (কর্ত্তৃ—ক্ত) বিণ, গত ; প্রস্থিত। ২। পতিত ; স্খলিত বিচ্যুত। ৩। শুষ্ক ; শুকন। ৪। ক্ষরিত

স্কলারসিপ (রশিপ্) [ইং—scholarship বি, ছাত্রবৃত্তি ; পরীক্ষায় পারদর্শিতার সহিত উত্তীর্ণ হওয়ায় পুরস্কার স্বরূপ দত্ত নির্দ্দিষ্টকাল ব্যাপী বৃত্তি যদ্দ্বারা ছাত্র উচ্চতর পরীক্ষার জন্য অধ্যয়ন করিতে পারে।

স্কুল (স্কুল্) [ই—school] বি, বিদ্যালয় ইস্কুল দ্রঃ। **স্কুল ঘর**—বিদ্যালয়গৃহ ; **স্কুল মাষ্টার**—[ইং school master] বি, বিদ্যালয়ের শিক্ষক।

স্খলন (ন্) [স্খল্ (পিছলিয়া যাওয়া)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, পতন ; ভ্রংশ। ২। পিছ্লন। ৩। পায়ের বৃদ্ধাঙ্গুলিতে ঠোকর লাগা ; উছট খাওয়া। ৪। ধাক্কা। ৫। প্রতিঘাত। ৬। ধর্ম্মচ্যুতি। ৭। স্থানচ্যুতি। ৮। ভ্রান্তি। ৯। বার্দ্ধক্যবশতঃ অর্দ্ধ উচ্চারণ। ১০। ভ্রমজনিত অনুদ্দিষ্ট বাক্য কথন। ১১। বিকৃতি। ১২। আঘাতাদি দ্বারা চাঞ্চল্য। ১৩। মোচন। ১৪। বিফল হওন। ১৫। বিরুদ্ধাচরণ।

স্খলিত (স্খোলিত) [স্খল (পতিত হওয়া)+ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, ভ্রংশ ; পতন। ২। চলন। ৩। স্খলন। ৪। যুদ্ধে কূট প্রয়োগ। ৫। [কর্ত্তৃ—ক্ত] বিণ, চ্যুত ; ভ্রষ্ট ; পতিত। ৬। গত, প্রস্থিত। ৭। বিচলিত। ৮। কুণ্ঠিত। ৯। বিকৃত। ১০। প্রতিহত। ১১। অর্দ্ধোচ্চারিত। ১২। মত্ত।

স্তন (ন্) [স্তন্ (শব্দ করা)+অ (কর্ম্মে—অল্)] বি, পুং, পয়োধর ; কুচ ; মাই। **স্তনমণ্ডল**—স্তনের পরিধি। **অজাগল-স্তন**—কোন কোন ছাগলের গলার স্তন (স্তনাকৃতি মাংসপিণ্ড সদৃশ নিষ্ফল) অকর্ম্মণ্য। প্র—"বৈছে অজাগলস্তন।"—চৈ, চরিত।

স্তনন (ন্) [স্তন্ (শব্দ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ধ্বনি ; শব্দ ; রব। ২। কাতর শব্দ ; কাতরানি। ৩। মেঘধ্বনি ; মেঘের ডাক। **স্তনমুখ, স্তনবৃন্ত** (খ্) [স্তনের মুখ—বৃন্ত (বোঁটা, ৬তৎ)] স্তনের বোঁটা ; চুচুক।

স্তনন্ধয় (য়) [স্তন+ধে (পান করা)+অ (কর্ত্তৃ—খশ্)] বি, পুং, স্তন্যপায়ী। ২। অতি শিশু। স্ত্রী, **স্তনন্ধয়ী**।

স্তনপ [স্তন+পা (পান করা)+অ (কর্ত্তৃ—ড)] বি, পুং, অতিশিশু ; দুধের ছেলে। ২। বিণ, স্তনপানকারী ; দুগ্ধপোষ্য। স্ত্রী, **স্তনপা**।

স্তনয়িত্নু [স্তন্ (শব্দ করা, ক্ষরণ করা)+ণিচ্=স্তনি+ইত্নু (কর্ত্তৃ)] বি, পুং, মেঘ।

স্তনান্তর (র্) [স্তনের অন্তর (মধ্যভাগ) ৬তৎ] বি, ক্লী, স্তনদ্বয়ের মধ্যভাগ ; বক্ষঃস্থল। ২। স্তনদ্বয়ের মধ্যবর্ত্তী বৈধব্যসূচক চিহ্নবিশেষ।

স্তনিত (স্তো) [স্তন্+ণিচ্=স্তনি (শব্দ করান) ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, মেঘধ্বনি ; মেঘের ডাক। ২। বজ্রনিনাদ ; বজ্রধ্বনি। ৩। করতালি ধ্বনি। ৪। রতি শব্দ। ৫। [কর্ম্মে—ক্ত] শব্দিত।

স্তন্য (স্তোন্ন) [স্তন+য (সম্বন্ধার্থে)] বি, ক্লী, স্তনদুগ্ধ ; মাই দুধ। ২। বিণ, স্তনজাত। ৩। স্তনসম্বন্ধীয়। **স্তন্যজীবী, স্তন্যপায়ী**—বি, পুং, যাহারা স্তন্যপান করিয়া বর্দ্ধিত হয় ; মনুষ্য ; গো ; অশ্ব, বাদুড় প্রভৃতি জরায়ুজ প্রাণী।

স্তব (ন্) [স্তু (স্তব করা)+অ (ভাবে—অল্) । তুল—ল্যা—"stabat mater" (মাতৃস্তব)] বি, মাহাত্ম্যকীর্ত্তন ; স্তুতি ; প্রশংসা। প্র—"চারি মুখে ব্রহ্মা তবে করেন স্তবন।"—কৃত্তিবাস। **স্তবস্তুতি**—বি, গুণকীর্ত্তন ও অনুনয়।

স্তবক (ক্) বি, পুং, গ্রন্থপরিচ্ছেদ ; অধ্যায়। ২। গুচ্ছ ; থলো। ৩। [স্তব+ক (স্বার্থে)] স্তব স্তুতি। ৪। সমূহ। ৫। বিণ, স্তুতিকারক।

স্তবকিত [স্তবক+ইত] বিণ, স্তবকবিশিষ্ট ; গুচ্ছীকৃত ; তোড়া বাঁধা।

স্তবন (ন) [স্তু (স্তব করা)+অন (ভাবে)] বি, স্তুতি করণ ; স্তব করণ।

স্তব্ধ [স্তন্ভ্ (স্থির হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, স্থিরীভূত ; স্পন্দহীন ; স্তম্ভিত। ২। মূর্চ্ছিত ; অচৈতন্য। ৩। দৃঢ়ীভূত। ৪। বধির। ৫। গর্ব্বিত। **স্তব্ধকর্ণ**—বিণ, স্থির উর্দ্ধকর্ণ।

স্তম্ব [স্থা (থাকা)+অম্ব (কর্ত্তৃ—অম্বচ্)] বি, পুং, অচৈতন্যাবস্থা ; মূর্চ্ছাবিস্থা। ২। গজবন্ধন স্তম্ভ। ৩। স্তম্ভ ; থাম ; খুঁটি। ৪। গোছা ; তৃণাদির আটি। ৫। কাণ্ডহীন বৃক্ষ ; ঝাড়। ৬। ধান্যাদি গাছের ডাঁটা। প্র—"শস্যস্তম্ব দেখি কিন্তু নিন্দিল সবাই"—পদ্যপাঠ ২য় ভাগ (যদুগোপাল)।

স্তম্ভ [স্তন্ভ্ +অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, বৃক্ষকাণ্ড ; গাছের গুঁড়ি। ২। থাম ; খুঁটি। ৩। ইন্দ্রজাল দ্বারা চেষ্টা রোধ। ৪। [ভাবে—অল্] অচঞ্চলতা ; স্থিরীভাব। ৫। জড়ীভাব। প্র—"রায়ের বিক্রম দেখি রাজা হল স্তম্ভ।"—ঘনরাম। ৬। শীত জনিত জাড্য। ৭। পীড়া প্রভৃতিতে অচৈতন্য অবস্থা। ৮। বিঘ্ন ; প্রতিবন্ধ।

স্তম্ভন (ন্) [স্তন্ভ্ (স্থির থাকা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ইন্দ্রজাল দ্বারা চেষ্টা রোধ। ২। নিবারণ ; থামান। ৩। অবরোধ। ৪। স্থিরীকরণ। ৫। দৃঢ়ী করণ। ৬। জড়ীকরণ। ৭। রক্তের গতিরোধ। ৮। তন্ত্রে ষট্‌কর্ম্মান্তর্গত অভিচারবিশেষ। ৯। [করণে—অনট্] জড়ীকরণ সাধন। ১০। [কর্ত্তৃ—অন] কন্দর্পের বাণবিশেষ।

স্তম্ভিত (স্তো) [স্তন্ভ+ণিচ্=স্তন্ভি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিবারিত। ২। জড়ীকৃত। ৩। স্থিরীকৃত। ৪। দৃঢ়ীকৃত। ৫। অবরুদ্ধ।

স্তর (র্) [স্তৃ (আস্তরণ করা)+অ (কর্ম্মে—অল্)] বি, পুং, ভূম্যাদির বিভাগবিশেষ। ২। থাক ; স্তবক। ৩। বিছানা। **স্তরে স্তরে**—পরতে পরতে। প্র—"রন্ধ্রে রন্ধ্রে উঠে ছন্দের ঝঙ্কার। স্তরে স্তরে ফুটে নিখাদ গান্ধার।"—বাং-গান।

স্তাবক (ক্) [স্তু (স্তব করা)+অক (কর্ত্তৃ)] বি, পুং, স্তুতিকারক ; গুণকীর্ত্তক।

স্তাবেলা [ইং—stable এর বাং—উচ্চারণ] বি, আস্তাবল ; থান ; ঘোড়াশাল ; হাতিশাল। প্র—"স্তাবেলায় হাতী ঘোড়া হাঁড়ালে বিড়াল।"-ধর্ম্মমঙ্গল (নরসিংহ)।

স্তিমিত [স্তিম্ (ক্লিন্ন হওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, নিশ্চল ; স্থির। প্র—"কত যোগীন্দ্র ঋষি মুনিগণ না জানি কি ধ্যানে মগন স্তিমিত-লোচন কি অমৃত রস পানে।"—বাং-গান। ২। সিক্ত ; আর্দ্র ; ভিজা। ৩। নিশ্চলতা ; জড়তা। ৪। [ভাবে—ক্ত] বি, ক্লী, আর্দ্রতা।

স্তুত [স্তু (স্তব করা) ত] বিণ, সঙ্কীর্ত্তিত ; প্রশংসিত।

স্তুতি [স্তু (স্তব করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, স্তব ; গুণকীর্ত্তন ; মহিমাকীর্ত্তন।

স্তুতিপাঠক, স্তুতিব্রত (ক্) [স্তুতি (স্তব) পাঠক, উপপদ সমাস, স্তুতি (স্তব) হইয়াছে ব্রত যাহার, বহু] বি, পুং, বীরকীর্ত্তিগায়ক ; মহিমাকীর্ত্তক ; বন্দী। ২। মাগধ ; সূত।

স্তুতিবাদ (দ্) [স্তুতি (স্তব) বদ্ (বলা)+অ (কর্ম্মে—ঘঞ্)] বি, পুং, প্রশংসাবাদ। ২। অতি রঞ্জিত কথা।

স্তুত্য (স্তুত্ত) [স্তু (স্তব করা)+য (কর্ম্মে—ক্যপ্) ৎ—আগম] বিণ, স্তবার্হ।

স্তূপ (প্) [স্তূপ্ (উন্নত হওয়া, রাশি করা) +অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, রাশীকৃত ; ঢিবী। ২। সমূহ ; রাশি।

স্তূয়মান্ [স্তু (স্তব করা) + আন (কর্ম্মে—আনশ্) য, ম্ আগম, উকারের দীর্ঘত্ব] বি, যাহার স্তুতি করা হইতেছে।

স্তেঁহ—স্নেহ দ্রঃ।

স্তেন [স্তেন (চুরি করা) + অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, তস্কর ; চোর। ২। [ভাবে—অল্] ক্লী, চুরি ; চৌর্য্য। ৩। দেবাদিকে নিবেদন না করিয়া যে অন্নাদি ভোজন করে। ৪। বর্ণসঙ্কর জাতি।

স্তেয় [স্তেন (চুরি) + য (ন—লোপ)] বি, ক্লী, অপহরণ : চুরি।

স্তেয়ী [স্তেয় (চৌর্য্য) + ইন্ (অস্ত্যর্থে) = স্তেয়িন্ ১মা, ১ব] বি, পুং, তস্কর ; অপহারক ; চোর। ২। স্বর্ণকার ; সেকরা।

স্তৈন, স্তৈন্য [স্তেন (চোর) + অ (ভাবে—অন্—ষণ্)] বি, ক্লী, চৌর্য্য।

স্তৈমিত্য (স্তৈমিৎত) [স্তিমিত + য (ভাবে—যণ্)] বি, ক্লী, স্তিমিত ভাব : জড়তা। ২। আর্দ্রতা।

স্তোক (ক্) [সং—স্তুচ্ (প্রসাদ) ধাতুজ] বি, স্তুতি। ২। প্রলোভন। ৩। প্রবোধ। প্র—স্তোক দিয়া রাখা। **স্তোক বাক্য**—প্রবোধ বচন। ২। মন ভুলানিয়া মিষ্ট কথা : স্তোভ।

স্তোক (ক্) [সং। "স্তোকাঽল্পক্ষুল্লকাঃ * * * লবলেশকণাঽণবঃ"—অমর] বিণ, অল্প ; ঈষৎ। ২। জলবিন্দু ; বারিকণা।

স্তোতা [স্তু (স্তব করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = স্তোতৃ, ১মা, ১ব] বিণ, স্তুতিকারক। ২। বন্দী : সূত : মাগধ।

স্তোত্র (স্তোৎত্র) [স্তু (স্তব করা) + ত্র (ভাবে—ত্রণ্)] বি, ক্লী, আরাধনা বাক্য ; স্তব।

স্তোভ (ভ্) [স্তুভ্ (ক্রিয়ানিরোধে) + অ (ভাবে—অল্)] বি, স্তম্ভন। ২। নিরর্থক বাক্য। ৩। কোন কর্ম্ম হইতে বিরত করিবার বা থামাইয়া রাখিবার জন্য প্রবোধ বচন।

স্তোম (ম্) [স্তোম্ (প্রশংসা করা) + অ (কর্ম্মে—অল্)] বি, পুং, যজ্ঞ। ২। [ভাবে—অল্] স্তব। ৩। রাশি ; সমূহ। ৪। মস্তক। ৫। ভাটক। ৬। শস্য। ৭। [কর্ম্মে—অল্] ধন।

স্ত্রী [স্ত্যৈ (শব্দ করা) + র (কর্ম্মে—ড্রট্) ঈপ্ স্ত্রী। ব্রজ—তিরি : তিরী গ্রা-বাং—স্তিরি, ইস্তিরি] বি, স্ত্রী, জায়া : পত্নী : সহধর্ম্মিণী। ২। নারী। সীমন্তিনী ; বধূ। **স্ত্রী-আচার**—বিবাহকালীন সধবা স্ত্রীদিগের অনুষ্ঠিত মঙ্গলাচরণ-বিশেষ। প্র—"নানাবিধ স্ত্রী-আচার মঙ্গলাচরণ করি বধূগণে ত্বরা করিলা গ্রহণ॥" —রামায়ণ (রাজ)। **স্ত্রী-চিহ্ন**—যোনি ; ভগ। **স্ত্রীচৌর**—বি, পুং, লম্পট। **স্ত্রীজননী**—বি, স্ত্রী, কেবল কন্যা-প্রসবিনী। **স্ত্রীজাতি**—নারী জাতি। **স্ত্রীজিত**—বি, পুং, স্ত্রৈণ ; স্ত্রীর বশীভূত পুরুষ। **স্ত্রীধন**—বি, স্ত্রীলোকের স্বত্ববিশিষ্ট বস্তু ; স্ত্রীলোকের নিজস্ব সম্পত্তি। **স্ত্রীধর্ম্ম**—বি, রজঃ ; ঋতু। ২। স্ত্রীলোকের কর্ত্তব্য কর্ম্ম। **স্ত্রীধর্ম্মিণী**—বি, স্ত্রী, রজস্বলা ; ঋতুমতী। **স্ত্রীপুংস**—বি, পুং, স্ত্রীপুরুষ ; মিথুন। **স্ত্রীপুংসলক্ষণা**—বি, স্ত্রী, স্ত্রী-পুরুষ উভয় লক্ষণযুক্তা নারী। **স্ত্রী-পুরুষ**—নর-নারী। ২। পতি-পত্নী। **স্ত্রীপূর্ব্ব**—বি, পুং, স্ত্রীজিত : স্ত্রৈণ। **স্ত্রীপ্রিয়**—বিণ, নারীপ্রিয় ; রমণী-প্রিয়। **স্ত্রীবশ**—স্ত্রীজিত : স্ত্রৈণ। **স্ত্রীরত্ন**—রমণীরত্ন ; বরনারী। **স্ত্রীলক্ষণ**—স্ত্রীচিহ্ন : যোনি। ২। নারীপ্রকৃতি। **স্ত্রীলিঙ্গ**—[ব্যাকরণে] স্ত্রীবাচক শব্দ ; feminine gender. ২। স্ত্রীচিহ্ন। **স্ত্রীসঙ্গ**—বি, পুং, সম্ভোগ ; রমণ। **স্ত্রীসুলভ**—বিণ, নারীজনোচিত ; স্ত্রীজাতির স্বভাবসিদ্ধ। **স্ত্রীস্বভাব**—অন্তঃপুররক্ষক : কঞ্চুকী। **স্ত্রীস্বাধীনতা**—নারীজাতির স্ববশবর্ত্তিতা : female liberty. **স্ত্রীহরণ**—পরনারী অপহরণ। ২। নারীর সতীত্বনাশ।

স্ত্রীত্ব (স্ত্রৎত) [স্ত্রী + ত্ব (ভাবে)] বি, ক্লী, স্ত্রীধর্ম্ম ; নারীত্ব। ২। স্ত্রীলিঙ্গ।

স্ত্রৈণ (ন্) [স্ত্রী + ন (ভাবে—নন্) = স্ত্রীণ + অ (অণ্)] বি, ক্লী, স্ত্রীর বশীভূত ; স্ত্রীজিত পুরুষ। ২। স্ত্রীসমূহ। ৩। নারীপ্রকৃতি ; স্ত্রী-স্বভাব ; স্ত্রীত্ব। ৪। বিণ, স্ত্রী সম্বন্ধীয়। বি, **স্ত্রৈণতা**—স্ত্রীর বশ্যতা।

স্থ [স্থা (থাকা) + অ (কর্ত্তৃ—ড)] বিণ, বিদ্যমান : বর্ত্তমান। ২। স্থিত।

স্থগিত (স্থোগিত্) [ব্রজ—থকিত। প্র—"কালা নাম শুনিয়া থকিত হয় চিত।"—জ্ঞান। স্থগ্ (আচ্ছাদন করা) + ত (কর্ম্মে—ক্ত)। গ্রা—থগিত্] বিণ, ক্ষান্ত ; নিবৃত্ত। ২। অবরুদ্ধ। ৩। আচ্ছাদিত। ৪। তিরোহিত।

স্থণ্ডিল (ল্) [স্থা (থাকা) + অণ্ডিল] বি, ক্লী, যজ্ঞার্থ নির্ম্মিত পরিষ্কৃত ভূমি ; সংস্কৃত ভূমি। প্র—"শিবনাম স্মৃতিমাত্র করে রাত্রি কালে। স্থণ্ডিলে বা কুশে শুয়ে সংস্কৃত স্থলে॥" —শিবায়ন। ২। বালুকাদি নির্ম্মিত হোমার্থ মণ্ডলবিশেষ। ৩। সীমা। **স্থণ্ডিলশায়ী**—বিণ, যজ্ঞভূমিতে শয়নকারী ব্রতী।

স্থপতি (পো) [স্থ (স্থিত) পতি (প্রভু) কর্ম্মধা] বি, পুং, বার্হস্পত্য যজ্ঞকর্ত্তা। ২। কুবের। ৩। বৃহস্পতি। ৪। সৌধনির্ম্মাতা রাজমিস্ত্রী ; mason. ৫। ঘরামি। ৬। সূত্রধর। ৭। অধিপতি। ৮। মন্ত্রী ; সচিব। ৯। সারথি।

স্থপুট (ট্) [স্থ (স্থিত) পুট্ (সংলগ্ন হওয়া) + অ] বি, ক্লী, অস্থির সন্ধিস্থান। ২। বিষম স্থানে সঞ্চারী (জীব)। ৩। দুঃখাদিতে নম্রীভূত বা কুব্জীকৃত। ৪। কষ্টজীবী। ৫। উন্নতানত ; উঁচু নীচু।

স্থবির (স্থোবির্) [স্থা (থাকা) + ইর (কর্ত্তৃ) স্থা = স্থব] বি, পুং, ব্রহ্মা। ২। প্রাচীন ব্যক্তি ; বৃদ্ধ ব্যক্তি। ৩। দশবর্ষাধিক সন্ন্যাস-ধর্ম্ম-পালনকারী বৌদ্ধ। ৪। বিণ, অতিবৃদ্ধ। ৫। স্থির : অচল। স্ত্রী, **স্থবিরা**—বৃদ্ধা। ২। মহাশ্রাবণী : বড় থুলকুড়ি। **স্থবির-লগুড়-ন্যায়**—"বৃদ্ধের হস্তস্থিত যষ্টি যেরূপ কোন স্থানে পতিত কোন স্থানে পতিতও হয় না। সেইরূপ লক্ষ্য স্থানে লক্ষণের প্রবেশ না হওয়া এই ন্যায়ের বিষয়।"—কলাপ, টীকা।

স্থবিষ্ঠ, স্থবীয়ান (স্থো) স্থূল + ইষ্ঠ—ঈয়সু (অত্যর্থে) স্থূল = স্থব = স্থবীয়স্ ১মা, ১ব] বিণ, অতিশয় স্থূল ; অত্যন্ত মোটা।

স্থল (ল্) [স্থল্ (স্থিতি করা) + অ (কর্ত্তৃ—অচ্) গ্রা—থল] বি, ক্লী, স্থান। ২। জল-হীন অকৃত্রিম ভূমি। ৩। কূল : তট ; তীর ৪। প্রদেশ। ৫। পাত্র। ৬। আসন প্র—"দুর্ব্বলা ফিরিলা স্থল বসিলা ভোজনে"—কবিক। ৭। থলী ; স্থালী। ৮। ঢিবি। ৯ পুস্তকের অংশ। ১০। অবস্থা। ১১। আশ্রয় ১২। বিবাদ বা বর্ণনার বিষয়। ১৩। তাম্বু ১৪। নিকট। প্র—"গৌরীর বচনে জয়া পুত্র লয়ে কোলে। পুনর্ব্বার যান তবে মহেশের স্থলে॥"—কবিক। স্ত্রী, **স্থলী**—প্রদেশ। **স্থল কূল**—[গ্রা—থলকুল] আশ্রয়। **স্থলচর**—যাহারা স্থলে বিচরণ করে। **স্থলপদ্ম**—প্রসিদ্ধ পুষ্পবিশেষ। মতান্তরে—গোলাপ। **স্থলপদ্মিনী**—বি, স্ত্রী, স্থলপদ্মসমূহ। ২। স্থলপদ্মযুক্ত বৃক্ষ। **স্থলসঙ্কট**—বি, যোজক ; ভূকন্ধরা।

স্থলীয় (স্থোলীয়) [স্থল + ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, স্থানীয়। ২। স্থলসম্বন্ধীয়।

স্থা [স্থা (থাকা) + ক্বিপ্ (ভাবে)] বি, স্ত্রী, স্থিতি : অবস্থান ; থাকা।

স্থাণু [স্থা (থাকা) + নু (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি, পুং, কূটস্থ নিত্য বলিয়া শিব। ২। বল্মীক ;

উই ঢিবি। ৩। স্তম্ভ। ৪। গোঁজ; খোঁটা। ৫। বর্শা; সড়কি। ৬। পুং, ক্লী, শাখাশূন্য বৃক্ষ; মুড়ো গাছ। ৭। বিণ, স্থির। ৮। স্থবির। ৯। স্তম্ভিত। প্র—"দেখি কোটি কোটি হরে, স্থাণু স্থাণু হৈলা ডরে।"

স্থাণ্ডিল (ল্) [স্থণ্ডিল—অণ] বি, যজ্ঞভূমিতে শয়নকারী ব্রতী। ২। বৌদ্ধ সন্ন্যাসী; ভিক্ষু।

স্থাণ্বীশ্বর (স্থান্নীশ্‌শর্) বি, পুং, শিবলিঙ্গ-বিশেষ।

স্থাতব্য (স্থাতোব্‌ব) [স্থা+তব্য (কর্ম্মে)] বিণ, স্থিতিযোগ্য; অবস্থানের উপযোগী।

স্থাতা [স্থা (থাকা)+তৃ (কর্তৃ—তৃচ্)= স্থাতৃ ১মা, ১ব] বিণ, অবস্থানকারী।

স্থান (ন্) [স্থা (থাকা)+অন (অধি—অনট্) তুল—সুই— sta, ডে—stae, ল্যা—stare, প্রা-উচ্চজর্ম্ম, গথ, এং-স্থা—standan, প্রাদে-জর্ম্ম—staan, মধ্য উচ্চ, জর্ম্ম—stan] বি, ক্লী, স্থল; ভূমি; জায়গা। ২। নগর মধ্যস্থ পরিষ্কৃত ভূমি। ৩। বাসস্থান। ৪। নগর। ৫। ঠাঁই; আসন। ৬। গৃহ; বাড়ী। ৭। গ্রন্থ সন্ধি। ৮। নিকট। ৯। আধার। ১০। পাত্র; ভাজন। ১১। ব্যবসায়; কর্ম্ম। ১২। [ভাবে—অনট্] বাস; স্থিতি। ১৩। স্থৈর্য্য। ১৪। সন্নিবেশ। ১৫। সাদৃশ্য। ১৬। অবকাশ; ফাঁক। ১৭। পদ; অধিকার। ১৮। পরিবর্ত্ত। বিণ, **স্থানী**—স্থানবিশিষ্ট। ২। স্থিতিশীল। ক্রি-বিণ, **স্থানে**—উপযুক্ত স্থলে। ২। পরিবর্ত্তে। **স্থান করা**—ক্রি, আহারের স্থান করা; ঠাঁই করা। প্র—"পরিপাটি পাঁচরস করিয়া রন্ধন। স্থান করি সেনে আসি করে নিবেদন॥"—ঘনরাম। **স্থানচ্যুত**—বিণ, পদচ্যুত। **স্থানাবরোধকতা**—বি, জড় পদার্থের গুণবিশেষ: যে গুণ দ্বারা জড় পদার্থ স্থান ব্যাপিয়া থাকে।

স্থানিক (ক্) [স্থান+ইক] বি, পুং, স্থানাধ্যক্ষ। ২। বিণ, স্থান সম্বন্ধীয়। ৩। স্থানীয়।

স্থানীয় [স্থা (থাকা)+অনীয় (কর্ম্মে)] বিণ, স্থান সম্বন্ধীয়। ২। স্থানস্থিত। ৩। অবস্থানের উপযুক্ত; স্থিতিযোগ্য। ৪। ক্লী, নগর।

স্থানে—অ, তদনুসারে। ২। উচিত। ৩। যোগ্য। ৪। সুতরাং। ৫। যুক্ত। ৬। ক্রি-বিণ, স্থলে।

স্থাপক (ক্) [স্থা+ণিচ্=স্থাপি (রাখা) +অক (কর্তৃ)] বিণ, প্রতিষ্ঠাকর্ত্তা; সংস্থাপক। ২। [নাট্যে] সূত্রধারান্তে কাব্যার্থ-স্থাপক নট।

স্থাপত্য (স্থাপোৎত) [স্থপতি+য (কর্ম্মে—যণ্)] বি, পুং, স্থপতির কর্ম্ম; গৃহ নির্ম্মাণাদি কার্য্য।

স্থাপন (ন্) [স্থা+ণিচ্=স্থাপি+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রতিষ্ঠা। ২। রক্ষণ: রাখা। ৩। অর্পণ। ৪। নিবেশন; নিয়োগ করণ। ৫। আরোপণ।

স্থাপনা [স্থাপন (স্ত্রঃ)+আ] বি, প্রতিষ্ঠা। ২। রক্ষণ। ৩। নিয়োগকরণ।

স্থাপা [স্থাপন দ্রঃ। উ-পু—স্থাপি। ম-পু—স্থাপ। প্র-পু—স্থাপে। অস-ক্রি—স্থাপিতে; স্থাপিয়া। গ্রা—থুয়া, থোয়া] ক্রি, স্থাপন করা।

স্থাপিত [স্থা+ণিচ্=স্থাপি+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, গচ্ছিত; ন্যস্ত; অর্পিত। ২। আরোপিত। ৩; নিবেশিত। ৪। নিশ্চিত।

স্থাবর (র্) [স্থা (থাকা)+বর (স্থিতিশীলার্থে)] বিণ, যে দীর্ঘকাল স্থায়ী থাকে; অচল। ২। বি, পুং, পর্ব্বত। প্র—"আমি স্থাবরের মধ্যে হিমালয়"—গীতা ১০ অ। ৩। বৃক্ষাদি স্থিতিশীল পদার্থ। ৪। ক্লী, ধনুকের ছিলা। **স্থাবর-জঙ্গম**—বি, স্থিতি ও গতিশীল পদার্থ। জীব ও জড়।

স্থাবির, স্থাবির্য্য (র্) [স্থবির (বৃদ্ধ)+অ য (ভাবে—অণ্, যণ্)] বি, ক্লী, পুরুষের ৭০ ও স্ত্রীর ৫০-এর উর্দ্ধ বয়স; বার্দ্ধক্য; স্থবিরত্ব।

স্থায়িভাব (ব্) [স্থা+ইন্ কর্তৃ (ণিন্)= স্থায়িন্ ১মা, ১ব, স্থায়ী (স্থিতিশীল) যে ভাব (গুণ) কর্ম্মধা] বি, পুং, শৃঙ্গারাদি নয় রসের অবস্থান কাল পর্য্যন্ত থাকে যে রতি, হাস, শোক, ক্রোধ, উৎসাহ, ভয়, জুগুপ্সা, বিস্ময় ও শম এই নয়টী গুণ ইহাদের নাম স্থায়িভাব। ২। ভারমধ্যের সহিত নিম্নভাগের সংযোগ।

স্থায়ী [স্থা (থাকা)+ইন্ কর্তৃ (ণিন্—ভবিষ্যৎ কালার্থে) য আগম=স্থায়িন্ ১মা, ১ব] বিণ, স্থিতিবিশিষ্ট; অচল। ২। স্থির। ৩। টেঁকসই; মজবুত। ৪। বি, [কাব্যে] অপরিবর্ত্তনীয়; রসানুকুল ভাব।

স্থাল (ল্) [স্থা (থাকা)+ল অধিকরণার্থে—যাহাতে অন্নাদি থাকে] বি, ক্লী, অন্নাদির আধার; থালা। স্ত্রী, **স্থালী**—রন্ধন পাত্র; পাক পাত্র; হাঁড়ী। থালী।

স্থিত [স্থা (থাকা)+ত (কর্তৃ—ক্ত)] বিণ, স্থিতিশীল; স্থিতিবিশিষ্ট। ২। স্থির। ৩। উপস্থিত; বর্ত্তমান। ৪। ঘটিত। ৫। অভিযুক্ত। ৬। আক্রান্ত। ৭। দণ্ডায়মান।

স্থিতি [স্থা (থাকা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, অবস্থান; বিশ্রাম; থাকা। ২। দশা; অবস্থা। ৩। [অধি—ক্তি] স্থান। ৪। অবধারণ। ৫। স্থিরতা। ৬। সীমা। ৭। মর্য্যাদা। ৮। নিষ্পত্তি। ৯। নিবৃত্তি। ১০। পালন। **স্থিতিবিরোধ**—দুই পরস্পর বিরোধী পদার্থের একাধারে ও এককালে অনবস্থান। **স্থিতিস্থাপক**—বিণ, অভিঘাত, আকর্ষণ, আকুঞ্চন, প্রসারণ আদি ক্রিয়ার পর যে দ্রব্য পূর্ব্বাবস্থা প্রাপ্ত হয়। বি, **স্থিতিস্থাপকতা**—যে গুণ থাকায় বস্তু আকুঞ্চন প্রসারণাদির পর পূর্ব্বাবস্থা প্রাপ্ত হয়।

স্থিতু [স্থিত+উ। গ্রা] বিণ, স্থায়ী। ২। স্থায়ী বাসিন্দা। প্র—"দাদা থাক্‌লে এত দিনে ওকে বাড়ী ঘর দোর করে দে স্থিতু কর্‌তেন।"—গিরিশ (গৃহলক্ষ্মী)।

স্থির (র্) [স্থা (থাকা)+ইর (কর্তৃ)] বিণ, অচঞ্চল; নিশ্চল। ২। স্থায়ী। ৩। ধীর। প্রশান্ত। ৪। কঠিন। ৫। অবিচলিত; দৃঢ়। ৬। বিশ্বাসযোগ্য। ৭। নিয়ত। ৮। ধার্য্য; নিশ্চিত; নির্দ্ধারিত। ৯। ধৈর্য্যশীল। ১০। শিব। ১১। পর্ব্বত; অচল। ১২। বৃক্ষ। স্ত্রী, **স্থিরা**—অচলা: পৃথিবী। বি, **স্থিরতা**। **স্থিরচ্ছায়**—যাহার ছায়া চিরস্থায়ী। ২। ছায়া-প্রধান বৃক্ষ। ৪। বট বৃক্ষ। **স্থিরতর**—বিণ, অতিশয় স্থির। ২। অধিক দৃঢ়। ৩। চিরস্থায়ী। ৪। অতিশয় ধীর। ৫। সুনিশ্চিত। **স্থিরদংষ্ট্র**—দৃঢ় দন্ত। ২। সর্প। ৩। বরাহরূপী বিষ্ণু। **স্থিরপত্র**—হিন্তালবৃক্ষ। **স্থিরপুষ্প**—বি, পুং, চম্পকবৃক্ষ। ২। বকুল। **স্থিরপুষ্পা**—তিলকবৃক্ষ। **স্থিরমতি**—বি, স্ত্রী, নিশ্চলা বুদ্ধি। **স্থির-যৌবন**—যাহাদের যৌবন নষ্ট হয় না; চিরস্থায়ী যৌবনবিশিষ্ট। ২। বি, পুং, বিদ্যাধর। স্ত্রী, **স্থির যৌবনা**। **স্থিরায়ুঃ** [স্থির (স্থায়ী) আয়ুঃ (জীবনকাল) যাহার, বহু] বিণ, চিরায়ু; দীর্ঘজীবী।

স্থিরীকৃত [স্থির—কৃত (যাহা করা হইয়াছে) মধ্যে (চ্বি) আগম, চ্বি=ঈ] বিণ, কৃতনিশ্চয়। ২। নির্ণীত। ৩। দৃঢ়ীকৃত।

স্থূণ (ন্) [সং] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্র-বিশেষ। ইহা রক্তবর্ণ ঘনগ্রন্থিল ও পুরুষ-প্রমাণ লম্বা লৌহময়। ইহার কার্য্য ভ্রামণ ও নিপাতন।

স্থূণা (না) [স্থা (থাকা)+ন (অধি) আপ্ স্ত্রী] বি, স্ত্রী, আয়সী প্রতিমা। ২। ঘরের খুঁটী। ৩। কামারের হাপর।

স্থূল (ল্) [স্থূল্ (বৃদ্ধি পাওয়া)+অ (কর্তৃ—অচ্)] বিণ, অসূক্ষ্ম: মোটা। প্র—স্থূলদেহ। ২। ঘন; পুরু; thic. ৩। অতীক্ষ্ণ। প্র— । ৪। ইন্দ্রিয়গ্রাহ্য। প্র—স্থূল স্থূল বিষয় বা বস্তু। ৫। মন্দ। বি, **স্থূলতা, স্থূলত্ব**। **স্থূলকোণ**—বি, সমকোণ

অপেক্ষা বৃহৎকোণ ; obtuse angle. স্থূলচর্ম্মী—বিণ, যাহাদের দেহ স্থূল চর্ম্মে আবৃত ; স্থূলত্বক্। ২। বি, পুং, হস্তী, খড়্গী, শূকর প্রভৃতি জন্তু। স্থূলচাপ—বি, পুং, ধুনুখারা ; তূলা ধুনিবার ধনুক। স্থূলনাস, স্থূলনাসিক—স্থূল নাসিকাবিশিষ্ট। ২। বি, পুং, শূকর। স্থূলপাদ—বিণ, স্থূল চরণবিশিষ্ট ; গোদা। ২। হস্তী ; গজ। স্থূলপুষ্প—বি, পুং, বকবৃক্ষ। স্ত্রী, স্থূলপুষ্পা—অপরাজিতা। স্থূলভূত—ক্ষিত্যপ্‌তেজাদি পঞ্চভূত। স্থূললক্ষ, ক্ষ্য—(লোক্‌খ) [স্থূল (সমূহ) লক্ষ, লক্ষ্য (নিদর্শন)] বিণ, বিদ্বান্। ২। বদান্য। ৩। কৃতজ্ঞ।

স্থেয় [স্থা (থাকা) + য (অধি)] বিণ, স্থাপনযোগ্য ; স্থাপ্য। ২। স্থিরতর। ৩। বি, পুং, পুরোহিত। ৪। মধ্যস্থ ; জুরি।

স্থৈর্য্য [স্থির + য (ভাবে—ষণ্‌)] বি, ক্লী, স্থিরতা ; স্থায়িত্ব। ২। ধৈর্য্য। ৩। দৃঢ়তা।

স্থৌল্য (ল্ল) [স্থূল + য (ভাবে—যণ্‌)] বি, ক্লী, স্থূলত্ব।

স্নাপিত [স্না + ণিচ্ = স্নাপি (স্নান করান) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, কৃত-স্নান। ২। কৃতাভিষেক। ৩। ক্ষালিত। ৪। সিক্ত।

স্নাত [স্না (স্নান করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, কৃতস্নান ; ধৌত। প্র—"পুণ্য জ্যোৎস্নায় স্নাত—অনন্ত মানব।"—কুরুক্ষেত্র। ২। অভিষিক্ত।

স্নাতক (ক্) [স্নাত + ক (সংজ্ঞার্থে)] বি, পুং, ব্রহ্মচর্য্য সমাধানান্তে গৃহস্থাশ্রমে সমাবর্ত্তনকারী দ্বিজ। স্নাতকব্রত—স্নাতক ব্রহ্মচারীর কর্ত্তব্য ব্রত।

স্নান (ন্) [স্না (স্নান করা) + অন (ভাবে—অনট্) প্রা—স্তান, চান। ব্রজ—সিনান (দ্রঃ)] বি, অবগাহন। ২। সর্ব্বাঙ্গ প্রক্ষালন। স্নানযাত্রা—বি, স্ত্রী, জ্যৈষ্ঠমাসের পূর্ণিমায় জগন্নাথের স্নানোৎসব।

স্নানীয় [স্না (স্নান করা) + অনীয়] বিণ, স্নানের উপযুক্ত। ২। স্নান করিবার জল। ৩। গন্ধ চূর্ণাদি।

স্নাপক (ক্) [স্না + ণিচ্ = স্নাপি (স্নান করান) + অক (কর্ত্তৃ)] বিণ, যে স্নান করায়।

স্নায়বীয়—স্নায়ু দ্রঃ।

স্নায়ী [স্না (স্নান করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) য় আগম = স্নায়িন্ ১মা, ১ব] বিণ, স্নানকারী ; অবগাহক।

স্নায়ু [সং] বি, সর্ব্বদেহব্যাপী সূত্রবৎ অস্থিবন্ধনীয় নাড়ী ; ligament. ২। পেশীবন্ধনী নাড়ী ; tendons. ৩। শিরা ; nerve. বিণ, স্নায়বীয়। স্নায়ু-মণ্ডলী— nervous system.

স্নিগ্ধ [স্নিহ্ (স্নেহনে) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, স্নেহযুক্ত। ২। কোমল ; মেদুর। ৩। চিক্কণ ; মসৃণ। ৪। মধুর। ৫। শীতলকারক। ৬। বি, মোম। ৭। ভাতের মাড়। ৮। বয়স্য। স্ত্রী, স্নিগ্ধা—মজ্জা। বি, স্নিগ্ধতা, স্নৈগ্ধ্য। স্নিগ্ধতণ্ডুল—মেটে ধান।

স্নিগ্ধতা স্নিগ্ধ—দ্রঃ।

স্নুষা [সং] বি, স্ত্রী, পুত্রবধূ। ২। [বৈদ্যকে] স্নুহী বৃক্ষ।

স্নুহি, হী [সং] বি, স্ত্রী, ক্ষীরীবৃক্ষবিশেষ ; মনসাগাছ ; সিজ।

স্নেহ [স্নিহ্ (স্নিগ্ধ হওয়া) + অ (ভাবে—ঘঞ্)] ব্রজ—(১) সিনেহ, (২) সুনেহ (ধিক রহুঁ ঐছন তোমারি সুনেহ।"—বি, প)] (৩) সুরেহ ("ভণহ্ঁ বিদ্যাপতি এতনি সুরেহ।"—বি, প)। নেহ, নেহা ("ভণই বিদ্যাপতি তীনিক নেহ। নাগর কাঁথিক নারি সিনেহ।"—বি, প)। প্রা—বিকারে লেহ, লেহা ("রাধা মাধব ঐছন লেহ"— বি, প)। বঙ্গীয় সংস্করণে বিদ্যাপতির পদাবলীতে "লেহ, লেহা" পাওয়া যাইলেও মিথিলায় প্রয়োগ নাই] বি, তৈল ঘৃতাদি পদার্থ। ২। চিক্কণতা। ৩। বাৎসল্য। প্র—"মাতার স্নেহ। ৪। প্রেম ; প্রীতি। ৫। [ন্যায় দর্শনে] গুণবিশেষ। স্নেহবীজ—বিণ, স্নেহের কারণ। ২। বি, পুং, পিয়াল বৃক্ষ। স্নেহ করা—ভালবাসা ; প্রীতি করা। স্নেহপদার্থ—তৈলাদি বস্তু। স্নেহপাত্র—ভালবাসার পাত্র ; প্রীতিভাজন। স্নেহময়—প্রীতি পূর্ণ। স্নেহমাখা—তৈলাক্ত। ২। স্নেহপূর্ণ ; প্রীতি-মধুর ; সুকোমল।

স্নেহন (ন্) [স্নিহ্ (স্নিগ্ধ হওয়া) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, প্রীতিকরণ ; প্রীণন। ২। তৈলাদি ম্রক্ষণ।

স্নেহবান্ [স্নেহ + বতু (অস্ত্যর্থে) = স্নেহবৎ ১মা, ১ব] বিণ, স্নেহবিশিষ্ট। স্ত্রী, স্নেহবতী।

স্নেহল (ল্) [স্নেহ + ল (যুক্তার্থে)] বিণ, স্নেহপূর্ণ। প্র—"দয়ার আধার দেব ঋষি শ্বেতকেতু। অনুক্ষণ আর্দ্রীভূত স্নেহল নয়ন॥"—আলো ও ছায়া।

স্নেহী [স্নেহ + ইন্ [অস্ত্যর্থে) = স্নেহিন্ ১মা, ১ব] বিণ, স্নেহ পদার্থযুক্ত ; তৈলাক্ত। ২। স্নেহশীল ; প্রেমিক। ৩। বি, পুং, বয়স্য।

স্নৈগ্ধ্য [স্নিগ্ধ দ্রঃ] বি, স্নিগ্ধতা। ২। মাধুর্য্য।

স্নৈহিক (ক্) [স্নেহ + ইক] বিণ, স্নেহসম্বন্ধীয়। ২। তৈলাক্ত। ৩। শীতলকারক।

স্পন্দ, স্পন্দন (শ্‌পন্দন্) পুং, ক্লী, [স্পন্দ (কম্পিত হওয়া) + অ—অন (ভাবে—অল, অনট্)] বি, স্ফুরণ ; নড়ন চড়ন ; ঈষৎ কম্পন।

স্পন্দিত (শ্‌পো) [স্পন্দ্ (কম্পিত হওয়া) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, কম্পিত। ২। আন্দোলিত। ৩। স্ফুরিত। স্ত্রী, স্পন্দিতা।

স্পর্দ্ধা [স্পর্দ্ধ্ (পরাজয় করিতে ইচ্ছা) + অ (ভাবে—অঙ্)—আপ্, স্ত্রী। প্রা—আস্পদ্দা] বি, স্ত্রী, মৎসরতা। ২। প্রতিযোগিতায় আস্ফালন। ৩। অহঙ্কার ; বড়াই। প্র—"সম্পন্ন ও মেধাবী হইলেও প্রভুগুণের স্পর্দ্ধা করিবে না।"—শুক্রনীতি (রত্নমালা)।

স্পর্দ্ধী (শ্‌পোর্ধি) [স্পর্দ্ধা (দ্রঃ) + ইন্ (অস্ত্যর্থে) = স্পর্দ্ধিন্ ১মা, ১ব] বিণ, স্পর্দ্ধাযুক্ত। ২। আস্ফালনকারী। ৩। প্রতিযোগী। ৪। সদৃশ।

স্পর্শ (শ্‌পর্শ) [স্পৃশ্ (স্পর্শ করা) + অ (ভাবে—অল্) প্রা—পশ] বি, পুং, জড়ের গুণবিশেষ ; ত্বগিন্দ্রিয়গ্রাহ্য গুণ ; ছোঁয়া। ২। বায়ু। ৩। যোগ। ৪। [ব্যাকরণে] স্পর্শবর্ণ ; বর্গীয় পঞ্চবিংশতিবর্ণ। স্ত্রী, স্পর্শা—বেশ্যা। স্পর্শজ্যা—বি, বৃত্তের পরিধি স্পর্শকারী। কিন্তু বর্দ্ধিত করিলে বৃত্ত ছেদনকারী নহে, এরূপ সরলরেখা ; স্পর্শিনী। স্পর্শতন্মাত্র—বি, ক্লী, বায়ুর উপাদান কারণ। সূক্ষ্মভূতবিশেষ। স্পর্শমণি—বি, পুং, পরশ পাথর। যাহা স্পর্শমাত্রে স্বর্ণে পরিণত করে। স্পর্শরেখা—বি,—স্পর্শজ্যা। স্পর্শলজ্জা—বি, স্ত্রী, লজ্জালুবৃক্ষ।

স্পর্শক (ক্) [স্পৃশ্ (স্পর্শ করা) + অক (কর্ত্তৃ)] বিণ, স্পর্শকারী।

স্পর্শন (শ্‌পরশন্) [স্পৃশ্ (স্পর্শ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, ছুঅন। ২। মিলন ; যোগকরণ। ৩। গ্রহণ। ৪। পুং, বায়ু।

স্পর্শিনী (শ্‌পোর্‌শিনি) [জ্যামিতি পরিঃ (ব্রহ্মমোহন মল্লিক)। স্পর্শ দ্রঃ] বি, স্ত্রী, স্পর্শরেখা ; স্পর্শজ্যা।

স্পর্শী (শ্‌পোর্‌শি) [স্পৃশ্ (স্পর্শ করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = স্পর্শিন্ ১মা, ১ব] বিণ, স্পর্শকারী। ২। স্পৃষ্ট।

স্পষ্ট (শ্‌পষ্‌ট) [স্পশ্ (পরিষ্কার করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, সুব্যক্ত ; স্ফুট। ২। জ্ঞানেন্দ্রিয়গোচর। স্পষ্টকথা—সরল স্ফুটবাক্য ; খোলা কথা ; প্রকাশ্য উক্তি। স্পষ্টবক্তা—স্ফুটবাদী। স্পষ্টাস্পষ্টি—খোলাখুলি ; প্রকাশ্যভাবে।

স্পষ্টীকৃত (শ্‌পোষ্টীকৃত) [স্পষ্ট—কৃত (মধ্যে চ্বি (চ্বি = ঈ))] বিণ, যাহা স্পষ্ট করা হইয়াছে;

প্রকাশ্যভাবে উক্ত। ২। বিশদভাবে বর্ণিত ; ব্যাখ্যাত।

স্পিরিট (ট্) [ইং—spirit] বি. উগ্র সুরা ; আরক। ২। সার।

স্পৃশ্য (শ্ পৃশ্ শ) [স্পৃশ্ (স্পর্শ করা)+ য (কর্ম্মে—ক্য)] বিণ. স্পর্শযোগ্য।

স্পৃষ্ট (শ্ পৃষ্ট) [স্পৃশ্ (স্পর্শ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহা ছোঁয়া হইয়াছে। ২। সংলগ্ন ; যুক্ত। ৩। ব্যাপ্ত। স্পৃষ্টা-স্পৃষ্ট, স্পৃষ্টাস্পৃষ্টি—পরস্পর স্পর্শ ; ছোঁয়াছুঁয়ি।

স্পৃষ্টি (শ্ পৃষটি) [স্পৃশ্ +তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. স্পর্শন।

স্পৃহনীয় (শ্ পৃহোনিঅ) [স্পৃহ্ +ণিচ্ =স্পৃহি (বাঞ্ছা করা)+অনীয় (কর্ম্মে)] বিণ. স্পৃহার যোগ্য ; কাম্য ; বাঞ্ছনীয়। ২। লোভনীয়। ৩। শ্লাঘ্য।

স্পৃহয়ালু (শ্ পৃ) [স্পৃহ্ +ণিচ্ =স্পৃহি (বাঞ্ছা করা)+আলু (কর্ত্তৃ—শীলার্থে)] বিণ. স্পৃহাযুক্ত ; লোলুপ।

স্পৃহা (শ্ পৃহা) [স্পৃহ্ +ণিচ =স্পৃহি+অ (ভাবে—অঙ্) আপ্ , স্ত্রী] বি. স্ত্রী. অভিলাষ ; ইচ্ছা ; বাঞ্ছা। ২। লোভ।

স্ফট (ট্) [স্ফট শব্দজ] বি. পুং. সর্পের ফণা। স্ত্রী. স্ফটা—ফণা।

স্ফটি, স্ফটী (শ্ ফোটি) বি. স্ত্রী. ফটকিরি।

স্ফটিক, স্ফটীক (শ্ ফোটিক্) [সং। গ্রা—ফটিক] স্বচ্ছ শুভ্র প্রস্তরবিশেষ। বি. পুং. সূর্য্যকান্তমণি। স্ফটিকময়—বিণ. স্ফটিক দ্বারা রচিত। স্ফটিকাচল [স্ফটিক+অচল] কৈলাস পর্ব্বত। স্ফটিকাভ্র [স্ফটিক+অভ্র] কর্পূর।

স্ফটিকারি (শ্ ফো) বি. পুং. ফট্‌কিরি ; alum.

স্ফাটিক, স্ফাটীক (শ্ ফাটিক্) [স্ফটিক+অ (স্বার্থে—অণ্)] বি. ক্লী. স্ফটিকমণি। ২। বিণ. স্ফটিক প্রস্তরে নির্ম্মিত। স্ফাটি-কোপল—স্ফটিকমণি।

স্ফাতি (শ্ ফা) [স্ফায় (বৃদ্ধি পাওয়া)+তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. স্ফীতি ; বৃদ্ধি। বিণ. স্ফাত—স্ফীত। ২। বৃদ্ধিযুক্ত।

স্ফার (শ্ ফার্) [স্ফুর্ (স্ফূর্ত্তি পাওয়া)+ ণিচ্ =স্ফারি+অ (ভাবে—ঘঞ্)] বি. বিস্ফার ; বিস্তৃতি। ২। বিকাশ। বিণ. স্ফারিত—বিস্তৃত ; বিস্ফারিত। প্র—"তেজস্বী তরুণ ঋষি স্ফারিত লোচনে নেহারিছে উভয়েরে"—আলো ও ছায়া।

স্ফারণ (শ্ ফারন্) [স্ফুর্ (স্ফূর্ত্তি পাওয়া) +ণিচ্ =স্ফারি (চঞ্চল হওয়ান)+অন (ভাবে—অনট্)] বি. ক্লী. স্ফূর্ত্তি। ২। বিস্তার। ৩। আস্ফালন।

স্ফাল (শ্ ফাল্) [স্ফল্ (চালিত হওয়া)+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. আস্ফালন।

স্ফিক্ (শ্ ফিক্) [স্ফায় (বৃদ্ধি পাওয়া)+ ডিচ্ =স্ফিচ্ ১মা. ১ব] বি. স্ত্রী. নিতম্বদ্বয় ; পাছা।

স্ফীত (শ্ ফী) [স্ফায় (বৃদ্ধি পাওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত), স্ফায়্ =স্ফী] বিণ. ফুলা ; ফাঁপা। ২। বর্দ্ধিত। ৩। স্থূল। ৪। অধিক। বি. স্ফীতি।

স্ফুট (শ্ ফু) [স্ফুট্ (বিকশিত হওয়া)+অ (কর্ত্তৃ—ক)] বিণ. স্পষ্ট। প্র—"স্ফুট করি নাহি কয়েন গুণ দোষ বিচার"—চৈ. চরিত। ২। ফুল্ল : বিকশিত। ৩। বিশদ। ৪। শুভ্র ; নির্ম্মল। ৫। রন্ধ্রযুক্ত ; ফুটা। ৬। বিদীর্ণ। ৭। বি. সর্পফণা।

স্ফুটন (শ্ ফুটন্) [স্ফুট্ (বিকসিত হওয়া) +অন (ভাবে—অনট্)] বি. ক্লী. স্ফুরণ ; বিকশন। ২। ব্যক্ত হওন। ৩। বেধন ; ফুটান ; ছিদ্রকরণ।

স্ফুটানি [স্ফুটিত দ্রঃ। গ্রা] বি. বাক্‌স্ফূর্ত্তি ; ফুটানি। ২। [ফটা দ্রঃ] কামড়।

স্ফুটি (শ্ ফু) বি. স্ত্রী. ফুটিফল। ২। পাদ-স্ফোট রোগ।

স্ফুটিত (শ্ ফু) [স্ফুট্ (বিকশিত হওয়া) +ত (কর্ম্মে—ক্ত)] বিণ. স্পষ্টীকৃত। ২। বিকশিত। ৩। বিদীর্ণ। ৪। ছিদ্রিত : ফুটা।

স্ফুৎকার (শ ফুৎকার্) [স্ফুৎ (অনুকরণ শব্দ) কার (করা)] বি. পুং. বেগে মুখ মারুত ত্যাগ ; ফুৎকার ; ফুঁ। স্ফুৎকার করা—ফুঁ দেওয়া।

স্ফুরণ (শ্ ফুরন্) [স্ফুর্ (চঞ্চল হওয়া)+ অন (ভাবে)] বিণ. বিকসন ; প্রকটন। ২। স্ফূর্ত্তি। ৩। উদ্রেক। ৪। কম্পন। ৫। দীপ্তি।

স্ফুরা (শ্ ফুরা) [সং—স্ফুর্ ধাতুজ। উ-পু—স্ফুরি। ম-পু—স্ফুর। প্র-পু—স্ফুরে। অস-ক্রি—স্ফুরিতে ; স্ফুরিয়া ; স্ফুরে] ক্রি. স্ফূর্ত্তি প্রাপ্ত হওয়া ; প্রকাশ পাওয়া। প্র—"মুক্তি যে শিক্ষাইমু তোরে স্ফুরুক সকল"—চৈ. চরিত। ২। স্পন্দিত হওয়া।

স্ফুরিত (শ্ ফু) [স্ফুর্ (চঞ্চল হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বি. ক্লী. স্ফূর্ত্তি প্রাপ্ত। ২। কম্পিত। ৩। উদ্রিক্ত। ৪। প্রতিবিম্বিত। ৫। দীপ্ত।

স্ফুলিঙ্গ (শ্ ফু) [স্ফু (অনুকরণ শব্দার্থ) স্ফুৎ শব্দজ স্ফু—লিন্‌গ (গমন করা)+অ (কর্ত্তৃ—অচ্)। অপভ্রংশে—ফুল্কি, গ্রা-বিকারে ফিন্‌কি] বি. পুং. অগ্নিকণা ; আগুনের ফিন্‌কী।

স্ফুলিঙ্গিনী (শ্ স্ফু) [স্ফুলিঙ্গ+ইন্ (অস্ত্যর্থে) =স্ফুলিঙ্গিন্+ঈপ্ স্ত্রী] বি. স্ত্রী. অগ্নির সপ্ত জিহ্বার অন্যতম জিহ্বা।

স্ফূর্ত্তি (শ্ ফু) [স্ফুর্ (চঞ্চল হওয়া)+তি (ভাবে—ক্তি) উ=ঊ] বি. স্ত্রী. স্ফুরণ। ২। স্পন্দন। ৩। হর্ষ। ৪। বিকাশ। ৫। প্রতিভা।

স্ফূর্ত্তিমান্ (শ্ ফু) [স্ফূর্ত্তি+মৎ (অস্ত্যর্থে—মতু)=স্ফূর্ত্তিমৎ ১মা. ১ব] স্ফূর্ত্তিযুক্ত। ২। প্রফুল্ল। ৩। প্রতিভাযুক্ত। ৪। বিকাশশীল।

স্ফোট (শ্ ফোট্) [স্ফুট্ (বিকশিত হওয়া) +অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. স্ফোটক : ফোড়া। ২। অর্ব্বুদ ; আব। স্ত্রী. স্ফোটা—সর্প ফণা।

স্ফোটক (ক্) [স্ফুট্ (বিকসিত হওয়া)+ অক (কর্ত্তৃ)] বি. পুং. অর্ব্বুদ। ২। ফোড়া।

স্ফোটন (শ্ ফোটন্) [স্ফুট্ +ণিচ্ =স্ফোটি +অন (ভাবে—অনট্)] বি. ক্লী. বোধন ; ফোড়ন। ২। বিদারণ ; ভঙ্গ। ৩। স্ফুরণ ; প্রকটন ; প্রকাশন। স্ত্রী. স্ফোটনী—ছিদ্রকরণ যন্ত্র ; বেধনী। ২। তুরপুন।

স্মঙরা (শ্) [স্মরা দ্রঃ] ক্রি. স্মরা : স্মরণ করা : মনে পড়া। প্র—"শিব বলে সই তোর বুদ্ধি নাই কিছু। সুন্দর পাইলে সুখ স্মঙরিবে পিছু॥"—শিবায়ন।

স্মর (শর) [স্মৃ (স্মরণ করা)+অ (কর্ম্মে—অল্)] বি. পুং. কামদেব। প্র—"কে সম্বরে স্মরশরে এ তিন ভুবনে।"—ব্রজাঙ্গনা। "দেখিয়া সুন্দর রূপ মনোহর স্মরে জর জর যত রমণী।"—অ. ম। ২। স্মৃতি। ৩। বিণ. স্মরণকর্ত্তা। স্মরগুরু—বি. পুং. বিষ্ণু। স্মরদশা—দশ প্রকার কামদশা (১) নয়ন-প্রীতি, (২) চিন্তাসঙ্গ, (৩) সঙ্কল্প, (৪) অনিদ্রা, (৫) ক্ষীণতা, (৬) বিষয় নিবৃত্তি, (৭) ত্রপানাশ, (৮) উন্মাদ, (৯) মূর্চ্ছা ও (১০) মৃত্যু। স্মরধ্বজ—বি. পুং. কামদেবের রথধ্বজ ; মীন। ২। পুংচিহ্ন ; মেঢ্র। ৩। ক্লী. স্ত্রীচিহ্ন। স্মরপ্রিয়া—রতি। স্মরবল্লভ—প্রদ্যুম্নের পুত্র ; অনিরুদ্ধ। স্মরবীথিকা—বেশ্যা। স্মর-সখ—কামবন্ধু। ২। বসন্ত। ৩। চন্দ্র।

স্মরহর—মদনকে যিনি ভস্ম করিয়াছিলেন। শিব। প্র—"দোলনে স্মরহর মন হরে"—গান। **স্মর-হরপ্রিয়া**—দুর্গা। প্র—"———হাসিয়া কহিলা, চাহি স্মর-হর প্রিয়া স্মর-প্রিয়া পানে"—মেঘনাদ।

স্মরারি [স্মরের—অরি—৬তৎ] বি, পুং, শিব।

স্মরণ (শঁরন্) [স্মৃ (স্মরণ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মনে মনে পূর্ব্বানুভূত বিষয়ের আবৃত্তি; স্মৃতি। ২। ধ্যান; চিন্তা।

স্মরণার্থ (শঁ) [স্মরণ+অর্থ (হেতু)] অ, স্মরণ করার জন্য; স্মৃতির উদ্রেক হেতু। প্র—"সে সবো এখন হইল স্বপন স্মরণার্থ রয়েছে আমার।"—বাং-গান।

স্মরণীয় (শঁ) [স্মৃ (স্মরণ করা)+অনীয় (কর্ম্মে)] বিণ, স্মরণের যোগ্য; স্মর্ত্তব্য।

স্মরা (শঁ) [স্মৃ ধাতুজ। উ-পু—স্মরি। ম-পু—স্মর। প্র-পু—স্মরে। অস-ক্রি—স্মরিতে; স্মরিয়া; স্মরি (পদ্যে)। ণিজন্ত—স্মরান। প্রা-বাং—স্মঙরা, সুমরা, সোঙরা] ক্রি, প্র—"স্মরি রাধিকার দুঃখ—ব্রজাঙ্গনা। "হায় লো সখি! কি হবে স্মরিলে গত সুখ" —ঐ।

স্মরাঙ্কুশ (শঁ, শ্) [স্মরের (কামদেবের) অঙ্কুশ (ডাঙ্গশ) ৬তৎ] বি, পুং, নখর; নখ। ২। লম্পট।

স্মরাসব (শঁরাশব্) [স্মরের (কামদেবের) আসব (মদ্য) ৬তৎ] বি, পুং, মুখামৃত; লালা।

স্মর্ত্তব্য (শঁর্‌ত্তোব্‌ব) [স্মৃ (স্মরণ করা)+তব্য (কর্ম্মে)] বিণ, স্মরণীয়।

স্মারক (শাঁরক্ [স্মৃ+ণিচ্=স্মারি (স্মরণ করান)+অক (কর্ত্তৃ)] বিণ, স্মৃতির উদ্বোধক; স্মৃতিকারক। **স্মারকলিপি**—স্মৃতিজনক লেখ; memorandum.
—কোন কিছু স্মরণ করাইবার জন্য নির্ম্মিত স্তম্ভ।

স্মারিত (শাঁ) [স্মৃ+ণিচ্=স্মারি (স্মরণ করান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহা স্মরণ করাইয়া দেওয়া হইযাছে।

স্মার্ত্ত (শাঁ) [স্মৃতি+অ (জ্ঞাতার্থে—অণ্)] স্মৃতি শাস্ত্রজ্ঞ পণ্ডিত। প্র—"স্মার্ত্ত রঘুনন্দন। ২। স্মৃতি সম্বন্ধীয়।

স্মিত (শিঁত) [স্মি (ঈষৎ হাস্য করা)+ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, ঈষৎ হাস্য। প্র—"স্মিত প্রকাশিত ক্ষণপ্রভাংশু মুক্তিকারদে!" —অ, ম। ২। [(কর্ত্তৃ—ক্ত)] বি, ঈষৎ হসিত। ৩। হাস্যোজ্জ্বল। ৪। [লক্ষণায়] উদ্ভাসিত। প্র—"এ শুভ্র নিশীথে আজি স্মিত চন্দ্র করে কে কোথায় বাজায় বাঁশী কি মোহন স্বরে।"—বাং-গান। **স্মিতহাস্য**—ঈষৎ-হাস্য; মৃদুহাস্য। প্র—"দ্বিধায় জড়িত পদে, কম্প্র বক্ষে নম্র নেত্রপাতে, স্মিত হাস্যে নাহি চল সলজ্জিত বাসর শয্যাতে স্তব্ধ অর্দ্ধ রাতে।" —উর্ব্বশী (রবি)।

স্মৃত (সৃঁত) [স্মৃ (স্মরণ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যাহাকে স্মরণ করা হইয়াছে; স্মরণের বিষয়ীভূত।

স্মৃতি (সৃঁ) [স্মৃ (স্মরণ করা)+তি (ভাবে—ক্তি)] বি, স্ত্রী, পূর্ব্বানুভূতবিষয়ের জ্ঞান; স্মরণ। প্র—"মা মা, কি স্মৃতি চিহ্ন রাখিব তোমার!" —বাং-গান। ২। [কর্ম্মে—ক্তি। বেদে যাহা আছে তাহার মর্ম্ম স্মরণ করিয়া রক্ষিত বলিয়া] মন্বাদি কৃত ধর্ম্মশাস্ত্র; ধর্ম্ম সংহিতা। ৩। মেধা: বুদ্ধি।

স্মৃতিমান্ (সৃঁ) [স্মৃতি (স্মরণ)+মতু (অস্ত্যর্থে) =স্মৃতিমৎ ১মা, ১ব] বিণ, স্মরণশক্তিবিশিষ্ট। ২। মেধাবী। স্ত্রী, **স্মৃতিমতী**। **স্মৃতি-বিরুদ্ধ**—ধর্ম্মশাস্ত্রের বিরোধী। **স্মৃতিরত্ন**—স্মার্ত্ত পণ্ডিতের উপাধিবিশেষ। ২। স্মৃতিরত্ন-উপাধিক পণ্ডিত। প্র—"স্মৃতিরত্নের ছেলে" —ভারতী, আষাঢ় ১৩১৯। **স্মৃতিহেতু**—বি, পুং, স্মরণ কারণ।

স্মের (শেঁ) [স্মি (ঈষৎ হাস্য করা)+র (কর্ত্তৃ—শীলার্থে)] বিণ, স্মিত; মৃদু হাস্যযুক্ত। ২। স্ফুট। ২। বিকসিত।

স্যন্দ (শ্ব) [স্যন্দ্ (গমন করা—ক্ষরিত হওয়া) +অ (ভাবে—অল্)] বি, পুং, গতি; বেগ। ২। ক্ষরণ। ৩। [করণে—অল্] রথ। বিণ, **স্যন্দী**—গতিশীল। ২। ক্ষরণশীল।

স্যন্দন (শন্‌দন্) [স্যন্দ্ (গমন করা)+অন (ভাবে—অনট্)] বি, গমন; গতি; বেগ। ২। ক্ষরণ। ৩। রথ।

স্যন্ন (শন্ন) [স্যন্দ্ (ক্ষরিত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত) ন লোপ, দ্—ত=ন্ন] বিণ, ক্ষরিত। ২। পতিত।

স্যমন্তক (শমন্তক্) [সং] বি, পুং, শ্রীকৃষ্ণের হস্তস্থিত মণিভূষণ। ২। বৃক্ষবিশেষ।

স্যমীক (শোমীক্) [স্যম্ (শব্দ করা)+ঈক (সংজ্ঞার্থে)] বি, পুং, বল্মীক। ২। মেঘ।

স্যাঁৎ স্যাঁৎ (শ্যাঁ) [সেঁতান দ্রঃ। প্রায় বা অল্পার্থে দ্বিত্ব] ক্রি-বিণ, সিক্তপ্রায়; ভিজা-ভিজা। বিণ, **স্যাঁৎসেতে**—সিক্তপ্রায়। প্র—"গলির মধ্যে একটি ছোট স্যাঁৎসেঁতে বাড়িতে এই ক্ষুদ্র পরিবার আশ্রয় গ্রহণ করিল।"—গল্পগুচ্ছ (রবি)।

স্যাঙাৎ (শ্যা) [সাঙ্গাত দ্রঃ] বি, বয়স্য; সখা।

স্যূত (শূত) [সিব্ (সেলাই করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, গ্রথিত। ২। যাহা যোনা হইয়াছে; সেলাই করা; রিপু করা। বি, স্যূতি—সীবন। ২। সূত্রনির্ম্মিত বস্ত্র।

স্রংসন (স্রোংশন্) [স্রন্‌স্ (পতিত হওয়া)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, স্খলন। ২। পতন; বিচ্যুতি।

স্রংসী (স্রোংশি) [স্রন্‌স্ (পতিত হওয়া)+ইন (কর্ত্তৃ—ণিন্)=স্রংসিন্ ১মা, ১ব] বিণ, স্খলনশীল; পতনশীল। ২। ভ্রষ্ট।

স্রক্ (স্রোক্) [সৃজ্ (সৃষ্টি করা)+ক্বিপ্ (কর্ম্মে)] বি, স্ত্রী, মাল্য। **স্রক্‌চন্দন**—মালাচন্দন।

স্রগ্ধর (স্রোগ্‌ধর্) [স্রক্ (মাল্য) ধর (যে ধরে)] বিণ, মাল্যধারী। স্ত্রী, **স্রগ্ধরা**—একবিংশতি অক্ষর ছন্দোবিশেষ। ২। বিণ, মাল্য-ধারিণী।

স্রব, স্রবণ (স্রোব, ন্) [স্রু (ক্ষরিত হওয়া) +অ—অন (ভাবে—অল্, অনট্)] বি, পুং, ক্লী, ক্ষরণ; চুয়ন; গলন। ২। উৎস; ফোয়ারা।

স্রবন্তী (স্রোবোন্তি) [স্রবৎ+ঈপ্] বি, স্ত্রী, স্রোতস্বিনী; নদী।

স্রষ্টা (স্রো) [সৃজ্ (সৃষ্টি করা)+তৃ (কর্ত্তৃ—তৃচ্)=স্রষ্টৃ ১মা, ১ব] বিণ, সৃষ্টিকর্ত্তা। ২। বিধাতা; ব্রহ্মা।

স্রস্ত (স্রোস্‌ত) [স্রন্‌স্ (পতিত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, স্খলিত; চ্যুত; ক্ষরিত; গলিত। ২। বিচ্যুত; বিযুক্ত। ৩। স্থলভ্রষ্ট।

স্রাব (স্রাব্) [স্রু (ক্ষরিত হওয়া)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, ক্ষরণ; পতন। ২। ভ্রংশ; বিচ্যুতি।

স্রাবক (ক্) [স্রু (ক্ষরিত হওয়া)+অক (কর্ত্তৃ—ণক)] বিণ, ক্ষরণশীল।

স্রুক্, স্রুচ্ [স্রু (ক্ষরিত হওয়া)+ক্বিপ—করণে—চ্ আগম, চ্=ক্] বি, স্ত্রী, যজ্ঞীয় পাত্রবিশেষ। প্র—"স্রুক্ স্রুব হস্তে যজ্ঞ আপনে করিয়া।"—চৈ-ভা।

স্রুত [স্রু (ক্ষরিত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, স্খলিত; ক্ষরিত; গলিত। ২। পতিত। বি, **স্রুতি**—স্খলন। পতন; ক্ষরণ।

স্রুব [স্রু, (ক্ষরিত হওয়া)+অ (করণে—সংজ্ঞার্থে) স্রু=স্রুব্] বি, কাষ্ঠনির্ম্মিত যজ্ঞ-পাত্রবিশেষ; স্রুক্। প্র—"ভাঙ্গিল দশন ভিগিল বসন মারিয়া স্রুবের বাড়ী।"—কবিক। "স্রুক স্রুব হস্তে যজ্ঞ আপনে করিয়া।"—চৈ-ভা। স্ত্রী, **স্রুবা**—বিকঙ্কত বৃক্ষ। ২। শল্লকী। ৩। মূর্ব্বালতা।

স্রু [স্রু (ক্ষরিত) (হওয়া)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বি, স্ত্রী, যজ্ঞপাত্রবিশেষ; স্রুব।

স্রোত, স্রোতঃ (ত্) [স্রোতস্ শব্দ হইতে স্রোতঃ ; বাং-য় স্রোত] বি, ক্লী, জলপ্রবাহ। ২। প্রবাহ। ৩। গজের সপ্তবিধ মদক্ষরণ। **স্রোতঃপথ**—পয়ঃ প্রণালী। নর্দমা। প্র—"স্রোতঃপথে জল যথা বরিষার কালে।"—মেঘনাদ।

স্রোতস্বতী, স্রোতস্বিনী (স্রোতো-শ্শোতি, স্রোতোশ্শিনি) [স্রোতস্+বৎ (বতু), বিণ (অস্ত্যর্থে)+ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, প্রবাহিণী: নদী। সম্বোধনে—**স্রোতস্বতি।** প্র—"এই কি উচিত তব ওহে স্রোতস্বতি?"—ব্রজাঙ্গনা। ২। বিণ, স্রোতযুক্ত। পুং, **স্রোতস্বান্, স্রোতস্বী**—স্রোতবিশিষ্ট। **স্রোতোঞ্জন** (ন্) [যমুনার স্রোতে সৌবীর দেশে উৎপন্ন বলিয়া নাম] বি, অঞ্জন-বিশেষ : সৌবীরাঞ্জন।

স্রোতোবহা [স্রোতস্—বহ্ (বহন করা) + অ (=কর্তৃ—অচ্) আপ্ স্ত্রী] বি, পুং, নদী।

স্ব (শ্ব) [স্বন্(শব্দ করা)+অ (কর্তৃ—ড)] বি, স্বয়ং : আত্মা। ২। জীবাত্মা। ৩। ধন। প্র—সর্বস্ব : নিঃস্ব। ৪। আত্মীয় : কুটুম্ব। প্র—স্বজন। ৫। বিণ, স্বকীয় : নিজ। প্র—স্বনাম : স্বাধিকার। **স্ব-কার্য্য**—আপনার কর্ম্ম। ২। স্বার্থ ; আত্মপ্রয়োজন। প্র—স্ব-কার্য্য-সাধনে রত। **স্ব-ঘর**—স্বগৃহ। ২। কন্যা আদান প্রদানাদি বিষয়ে করণীয় বংশ : নিজকুল। **স্ব-চক্ষে**—নিজের চক্ষে : নিজের সমক্ষে : প্রত্যক্ষ। **স্ব-তন্ত্র**—বি, আত্ম-তন্ত্র : autonomous. ২। বি, স্বায়ত্ত-শাসন : autonomy. **স্ব-শ্রেণী**—আপনার সমাজ : স্বীয় সম্প্রদায়। ২। স্বজাতি। **স্ব-স্ব**—নিজ নিজ। ২। স্বতন্ত্র স্বতন্ত্র : পৃথক্ পৃথক্। **স্ব-স্ব প্রধান**—প্রত্যেকেই স্বতন্ত্র এবং অপরাধীন।

স্বঃ (শ্ব) [সং] বি, স্বর্গ : দ্যুলোক। ২। নির-বচ্ছিন্ন সুখ। ৩। ব্যাহৃতিবিশেষ।

স্বকীয় (শোক্) [স্ব (আপন)+কীয় (সম্বন্ধার্থে)] বিণ, নিজ : স্বীয় : আপন।

স্বকৃত (শ) [স্ব (নিজ)—কৃত (অনুষ্ঠিত)] বিণ, আপনার দ্বারা অনুষ্ঠিত ; নিজকৃত।

স্বখাত (শখাত্) [স্ব—খন্ (খনন করা) +ত (কর্ম্মে—ক্ত)] বি, নিজ কর্তৃক খনিত জলাশয়।

স্বখাদ (শখাদ্) [স্বখাত হইতে, গ্রা উচ্চারণে ত=দ] বি, নিজ কর্তৃক খাত জলাশয় (স্বখাত দ্রঃ) । প্র—"দোষ কারো নয় গো মা আমি স্বখাদ সলিলে ডুবে মরি শ্যামা!"—বাং-গান (দাশু রায়)।

স্বগত (শ) [স্ব আত্মাকে গত (প্রাপ্ত)—২তৎ] বিণ, আত্মগত। ২। মনোগত। ৩। [নাট্যে] অভিনেতা বা অভিনেত্রীর অন্যের অগোচরে আত্মসম্ভাষণ : soliloquy.

স্বগৃহ (শগ্গৃহ) [স্ব—গৃহ] বি, পুং, কলিকার নামক পক্ষিবিশেষ। ইহারা ক্ষুদ্র ক্ষুদ্র পক্ষী ও পতঙ্গাদি মারিয়া আহারান্তে স্ব স্ব বাসার নিকট কণ্টকে বিদ্ধ করিয়া রাখে : the forked-tailed shrike. ২। নিজগৃহ ; স্বালয় : আপন ভবন।

স্বঙ্গ (শংগ) [সু (সুন্দর) যে অঙ্গ (অবয়ব) —কর্ম্মধা] বিণ, সুন্দর অবয়বযুক্ত।

স্বচ্ছ (শচ্ছ) [সু (অতিশয়) অচ্ছ (নির্ম্মল)] বিণ, যাহাতে প্রতিবিম্ব পতিত হয় ; অতি নির্ম্মল। ২। অনাবিল। ৩। শুভ্র। ৪। স্ফটিক। ৫। নীরোগ : স্বাস্থ্যসম্পন্ন। স্ত্রী, **স্বচ্ছা**—শ্বেত-দূর্ব্বা।

স্বচ্ছতা (শচ্ছতা) [স্বচ্ছ+তা (ভাবে)] বি, স্ত্রী, অনাবিলতা : নির্ম্মলতা। ২। শুভ্রতা। ৩। প্রতিবিম্বধারণ-ক্ষমতা। ৪। সরলতা। প্র—"যদ্যপি নির্ম্মল রাধার সৎ-প্রেম-দর্পণ : তথাপি স্বচ্ছতা তার বাড়ে ক্ষণে ক্ষণ।"—চৈ-চরিতামৃত।

স্বচ্ছন্দ (শ) [স্ব (নিজের) ছন্দ (অভিলাষ) যাহার, বহু] বিণ, স্বেচ্ছানুবর্ত্তী : স্বাধীন। ২। অনায়াস লভ্য। ৩। সুস্থ। ৪। অযত্নজাত। ৫। [৬তৎ] বি, স্বেচ্ছা : স্বেচ্ছাচার।

স্বচ্ছন্দাচার (শ্, র্) [স্বচ্ছন্দ (দ্রঃ)+ আচার যাহার, বহু] বিণ, স্বেচ্ছাচার : স্বাধীন। ২। [স্বচ্ছন্দ যে আচার—কর্ম্মধা] বি, স্বেচ্ছাচার : অপরাধীনতা।

স্বচ্ছন্দানুবর্ত্তিতা (শচ্ছন্দানুবোর্ত্তিতা) [স্বচ্ছন্দ (দ্রঃ)+অনুবর্ত্তিতা] বি, ব্যক্তিত্ব : individuality. ২। আত্মবশতা : liberty.

স্বচ্ছপত্র (শচ্ছপৎত্র) [স্বচ্ছ—পত্র (পাতা) (স্তর) যাহার, বহু] বি, ক্লী, অভ্রক ধাতু।

স্বজ (শ) [স্ব (আত্মা) জ (জাত)] বি, ক্লী, আত্মজ ; পুত্র। ২। স্বেদ : ঘর্ম্ম। ৩। শোণিত : রক্ত। ৪। বিণ, আত্মোৎপন্ন : শরীর জাত। স্ত্রী, স্বজা—কন্যা।

স্বজন (শজন্) [স্ব (নিজের) জন (লোক)—৬তৎ] বি, পুং, আত্মীয় ; আপনার লোক। ২। কুটুম্ব। ৩। মিত্র।

স্বজনি, স্বজনী (শ) [স্বজন+ঈপ্, স্ত্রী (সজনী দ্রঃ) সম্বোধনে স্বজনি] বি, স্ত্রী, কুটুম্বিনী : আত্মীয়া। ২। সখী ; সহচরী। প্র—"স্বজনি ! ভাল করি পেখন না ভেল।"—বি, প। "কেও বাজাইছে বাঁশী, স্বজনি, মৃদু মৃদু স্বরে নিকুঞ্জ বনে?"—ব্রজাঙ্গনা।

স্বজাতি (শ) [স্ব (নিজের) জাতি (শ্রেণী)—৬তৎ] বি, স্ত্রী, নিজশ্রেণী ; স্বশ্রেণী। বিণ, স্বজাতীয়—স্বশ্রেণীস্থ ; নিজ জাতির। ২। স্বজাতি-সম্বন্ধীয়। স্ত্রী, **স্বজাতীয়া। স্বজাতি-প্রেম**—স্বজাতিপ্রীতি : নিজ জাতির প্রতি অনুরাগ।

স্বতঃ (শতঃ) [স্ব (আপনি)+তস্ (পঞ্চমী স্থানে)] অ, স্বয়ং : আপনা হইতে : নিজ হইতে ; নিজে নিজে। **স্বতঃপরতঃ**—আপনা হইতে বা অন্য দ্বারা। **স্বতঃপ্রবৃত্ত**—বিণ, আপনা হইতে বা স্বেচ্ছায় ব্যাপৃত ; স্বেচ্ছাচালিত। **স্বতঃসিদ্ধ**—বিণ, যাহা প্রমাণের অপেক্ষা রাখে না : স্বভাবসিদ্ধ ; axiomatic.

স্বতন্তর (শতন্তর্) [সং—স্বতন্ত্র। গ্রা] বিণ, স্বাধীন। প্র—"রোহিণী কিঙ্কর হল নৃপবর স্বতন্তর মহাশূর।"—ঘনরাম। স্বামী দেশান্তর সতা স্বতন্তর নিত্য দেয় মোরে দুখ।"—কবিক। ২। ভিন্ন : পৃথক্। স্ত্রী, **স্বতন্তরা, স্বতন্তরী**—স্বাধীনা ; স্বেচ্ছাধীনা : স্বৈরিণী। প্র—"নারী যার স্বতন্তরা সেজন জীয়ন্তে মরা।"—অ, ম। নহি স্বতন্তরী গুরুজনে ডরি।"—চণ্ডীদাস। ২। ভেদভাবাপন্না। ৩। বিচ্ছিন্না।

স্বতন্ত্র (শ) [স্ব (আপন) তন্ত্র (ইচ্ছা) যাহার, বহু] বিণ, আত্মবশ : স্ববশ : স্বাধীন। ২। স্বেচ্ছাচারী। বি, **স্বতন্ত্রতা।**

স্বত্ব (শৎত) [স্ব (নিজে)+ত্ব (ভাবে)] বি, ক্লী, ধনাদিতে অধিকার। ২। দ্রব্যাদির ক্রয় বিক্রয়াধিকার। **স্বত্বত্যাগ**—নিজের অধিকার বর্জ্জন ; দখলত্যাগ। **স্বত্বত্যাগ-পত্র**—দান পত্র, বিক্রয়-কোবালা।

স্বত্বাধিকার (শৎতাধিকার) [স্বত্ব+অধিকার] বি, ভোগ দখল ও দানবিক্রয়াদির অধিকার। বিণ, **স্বত্বাধিকারী**—দখলীকার ; দান বিক্রয়ের অধিকারপ্রাপ্ত। স্ত্রী, **স্বত্বাধি-কারিণী।**

স্বদার (শদার্) [স্ব—দার (পত্নী)] বি, নিজের স্ত্রী : বিবাহিতা পত্নী।

স্বদেশ (শদেশ্) [স্ব (নিজ) দেশ] বি, মাতৃভূমি : নিজের দেশ : জন্মভূমি। **স্বদেশ-দ্রোহী**—বিণ, স্বীয় জন্মভূমির অনিষ্ট চিন্তা-কারী : নিজের দেশের বিপক্ষতাচরণকারী। স্ত্রী, **স্বদেশদ্রোহিণী।** বি, **স্বদেশদ্রোহ, স্বদেশদ্রোহিতা। স্বদেশপ্রিয়**—বিণ, স্বদেশবৎসল ; নিজের দেশের প্রতি অনুরক্ত : স্বীয় জন্মভূমির প্রতি প্রীতিবিশিষ্ট। **স্বদেশপ্রেম**—বি, নিজের দেশের প্রতি ভালবাসা : স্বদেশপ্রীতি : স্বদেশানুরাগ। বিণ, **স্বদেশপ্রেমিক। স্বদেশভক্ত**—বিণ, স্বদেশানুরাগী ; a patriot. বি, **স্বদেশ-ভক্তি। স্বদেশানুরক্ত**—স্বদেশভক্ত। বি, **স্বদেশানুরক্তি। স্বদেশানুরাগ**

—স্বদেশপ্রেম। বিণ. **স্বদেশানুরাগী** স্ত্রী. **স্বদেশানুরাগিণী।**

স্বদেশী (খ) [স্বদেশিন্ শব্দ, ১মা, ১ব] বিণ স্বদেশজাত ; নিজের দেশে উৎপন্ন। ২। স্বদেশবাসী। স্ত্রী. **স্বদেশিনী।**

স্বদেশীয় (শ) [স্বদেশ (দ্রঃ) + ঈয়] বিণ. স্বদেশোৎপন্ন। ২। স্বদেশ সম্বন্ধীয়।

স্বধর্ম্ম (খ) [স্ব—ধর্ম্ম, ৬তৎ] বি, পুং, আত্মধর্ম্ম। ২। বেদাদিবিহিত ধর্ম্ম। ৩। স্ববর্ণাচার। ৪। স্বভাব : প্রকৃতি। ৫। [যোগ শাস্ত্রে] প্রাণকায্য : প্রাণায়াম। **স্বধর্ম্ম-নিরত**—বিণ, আত্মধর্ম্মপালনতৎপর : আত্মধর্ম্মে নিষ্ঠাবান্। স্ত্রী. **স্বধর্ম্মনিরতা।**

স্বধা (শ) [স্বদ্ (আস্বাদন করা) + আ (কর্ম্মে) দ = ধ] দেবতার উদ্দেশে হবিঃ প্রদান। ২। পিতৃলোকের উদ্দেশে প্রদত্ত জল পিণ্ডাদি। ৩। [করণে—আ] দেবতা এবং পিতৃলোকের উদ্দেশে জল পিণ্ডাদি দানের মন্ত্র। ৪। [স্ব (নিজ) ধা (ধারণ করা) + অ (কর্ত্তৃ—ড) আপ্ স্ত্রী] অগ্নির পত্নী : স্বাহা। ৫। মাতৃকা-দেবীবিশেষ ; পিতৃলোক-পত্নী।

স্বধাপ্রিয় (শধাপ্রৃয়) [স্বধা প্রিয়া যাহার—বহু] বি, পুং, অগ্নিদেব। ২। কৃষ্ণতিল।

স্বধাভুক্ (খ) [স্বধা ভুজ্ (ভোজন করা) + কিপ্ (কর্ত্তৃ)] বি, পুং, হবির্ভুক্ ; দেবতা। ২। পিতৃলোক।

স্বন (শন্) [স্বন্ (শব্দ করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, শব্দ : ধ্বনি : স্বর। ২। ক্রি-বিণ, **স্বনে।** প্র—"স্বন, স্বন, স্বনে, শুন বহিছে পবন, সই গহন কাননে।"—ব্রজাঙ্গনা। বিণ. **স্বনিত**—শব্দিত : ধ্বনিত। ২। বি, বজ্রনাদ। ৩। নিনাদ।

স্বনন (শনন্) [স্বন দ্রঃ] বি ধ্বনন : স্বন স্বন্ শব্দকরণ। ২। ধ্বনি ; রব।

স্বনাম (শনাম্) [স্ব (নিজ)—নাম] বি, আত্মনাম : নিজের নাম। **স্বনামখ্যাত**—স্বনাম-প্রসিদ্ধ—নিজ নামে সর্ব্বত্র পরিচিত ; নিজ নামে সর্ব্বত্র প্রশংসিত ; **স্বনাম-ধন্য**—স্বীয় কীর্ত্তিতে চরিতার্থ ; সার্থক নামা ; স্বনাম-খ্যাত।

স্বপক্ষ (শপোক্খ) [গ্রা—স্বাপক্ষ। স্ব (নিজ) পক্ষ (দল)] বি, নিজের দল। প্র—"এই কি তোমার কুব্জা এই কি তোমায় কু বুঝায়। দেখ দেখি রাই পক্ষে আর স্বপক্ষে তার কে বুঝায়॥"—বাংগান।

স্বপন, স্বপ্ন (শপোন্, শ) [স্বপ্ (নিদ্রিত হওয়া) + ন, অন (ভাবে)। গ্রা-বাং—"সুইনা"। প্র—নিংদ বিহনে সুইনা জইসো" (অর্থাৎ নিদ্রা বিহনে স্বপ্ন যেমন)—বৌদ্ধগান ও দোহা] বি, ক্লী, পুং, নিদ্রিতাবস্থায় বিষয়ের অনুভব। প্র—"নিশার স্বপন সম তোর এ বারতা।"—মেঘনাদ। ২। নিদ্রিতাবস্থায় দেবতার আদেশ। প্র—"স্বপ্ন হৈল গোবিন্দের।"—অ, ম। "কৃষ্ণ দেখিবারে খেদ, স্বপনে পাইল ভেদ। নীলমাধবের এই স্থান।"—অ, ম। ৩। অসম্ভব কল্পনা : মিথ্যা আশা। **স্বপন দেখা,—স্বপ্ন দেখা**—জাগ্রৎ অবস্থায় সংঘটিত, আলোকিত বা চিন্তিত এবং অদ্ভুত বিষয় ব্যাপার নিদ্রিতাবস্থায় যথাবৎ অথবা অসম্ভাবিত রূপে প্রত্যক্ষবৎ দর্শন করা। ২। বৃথা কল্পনা বা আশা করা। **স্বপ্নদোষ**—নিদ্রিত অবস্থায় রেতঃস্খলন। **স্বপ্নলব্ধ**—দৈবানুগ্রহে স্বপ্নে প্রাপ্ত।

স্বপ্নাদ্য, স্বপ্নাদ্যে (শ) [স্বপ্ন—আদ্য (মূলক)] বিণ, স্বপ্নমূলক। ২। স্বপ্নলব্ধ।

স্ববশ (শবশ্) [স্ব (নিজের) বশ (অধীন) —৬তৎ] বিণ, আত্মবশ ; নিজায়ত্ত।

স্ববাসিনী (শবাশিনি) [স্ব (জ্ঞাতি মধ্যে) বস্ (বাস করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = স্ববাসিন্ + ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, আজন্ম পিতৃগৃহবাসিনী কন্যা।

স্বভাজন (শভাজন্) [সং] বি, ক্লী, আনন্দন ; আপ্যায়ন। ২। সৌজন্য।

স্বভাব (শভাব্) [স্ব (নিজের) ভাব, ৬তৎ] বি, পুং, স্বরূপ : আত্মভাব ; প্রকৃতি। প্র—"যার যেবা ভাব সেই রূপ লাভ শঠের স্বভাব ভাল না হয় কখনে॥"—বাংগান। [দ্রঃ—"যাবৎ যে বস্তু থাকে তাবৎ উহার যে গুণ অপগত হয় না সেই গুণই তাহার স্বভাব, যথা অগ্নিতে রূপ ও দাহ গুণ]] ২। অভিপ্রায় : উদ্দেশ্য। ৩। স্বাভাবিক অবস্থা। ৪। ব্রাহ্মণের অভঙ্গ কৌলীন্য [যে কুল ভাঙ্গিয়া স্বভাবে নাই সে ভঙ্গ কুলীন]। **স্বভাব-চরিত্র**—রীতি নীতি ; চাল চলন। যাহা শিক্ষা বা সংসর্গে গঠিত বা জাত নহে তাহা স্বভাব বা প্রকৃতি। যাহা শিক্ষা ও অভ্যাসাদি দ্বারা এবং সঙ্গগুণে গঠিত তাহা চরিত্র। **স্বভাব প্রকৃতি**—রীতিচরিত্র। **স্বভাব-বিরুদ্ধ**—অস্বাভাবিক : প্রকৃতির বিপরীত। **স্বভাব শোভা**—বি, প্রাকৃতিক সৌন্দর্য্য : নৈসর্গিক শোভা। ২। অকৃত্রিম সৌন্দর্য্য। **স্বভাব-সিদ্ধ**—বিণ, প্রকৃতিগত। **স্বভাবসুন্দর**—বিণ, স্বভাবতঃ মনোহর ; অকৃত্রিম শোভা-সম্পন্ন। **স্বভাবসুলভ**—বিণ, প্রকৃতি-সিদ্ধ ; স্বভাবজাত।

স্বভাবজ (শ) [স্বভাব—জ (জাত)] বিণ, প্রাকৃতিক : স্বাভাবিক। ২। প্রকৃতিগত ; স্বভাবসিদ্ধ।

স্বভাবতঃ (শ) [স্বভাব + তস্] অ, প্রকৃতি-বশে ; স্বাভাবিক ভাবে ; naturally.

স্বভাবোক্তি (শ) [স্বভাবের উক্তি—কথন, ৬তৎ] বি, স্ত্রী, কাব্যালঙ্কারবিশেষ : কোন বস্তুর যথাযথ বর্ণনা।

স্বভূ (শ) [স্ব (নিজ) ভূ (হওয়া) + কিপ্ (কর্ত্তৃ) যে স্বয়ং উৎপন্ন হইয়াছে] বি, পুং, আত্মভূ ; স্বয়ংভূ : ব্রহ্মা। ২। বিষ্ণু। ৩। মহেশ্বর। ৪। মনসিজ : কন্দর্প।

স্বয়ং (খ) [সু + অয়ং] অ, নিজে : আপনি। **স্বয়ংকৃত**—বিণ, স্বকৃত : আত্মকৃত ; স্বানুষ্ঠিত। ২। স্বাভাবিক। ৩। বি, পুং, পুত্রবিশেষ ; কৃত্রিমপুত্র। **স্বয়ংদত্ত**—[স্মৃতিমতে] যে পিতৃমাতৃহীন হইয়া কিম্বা জনকজননী কর্ত্তৃক পরিত্যক্ত হইয়া অন্যকে আত্মদান করত পুত্রত্ব স্বীকার করে। **স্বয়ং-প্রকাশ**—স্বশক্তিতে প্রকাশিত ; আপনার জ্যোতিতে আপনি প্রকাশমান। ২। বিষ্ণু। **স্বয়ংপ্রধান**—অন্য কর্ত্তৃক প্রাধান্য দানের অপেক্ষা না রাখিয়া নিজেই প্রধান।

স্বয়ংপ্রভ (শয়ংপ্রোভো) [স্বয়ং প্রভা যাহার] বিণ, স্বীয় প্রভায় প্রভান্বিত। ২। স্বয়ং-প্রকাশ। স্ত্রী, **স্বয়ংপ্রভা**—স্বপ্রভায় প্রভান্বিতা। ২। অপ্সরাবিশেষ।

স্বয়ংবর, সয়ম্বর (শয়ংবর্) [বাং-য়—চলিত বানান সয়ম্বর। স্বয়ং—বর (বরণ, মনোনীত করণ)] বি, নিমন্ত্রিত বিবাহার্থীদিগের সভায় স্বয়ং কন্যা কর্ত্তৃক স্বীয় পতি মনোনীত করণার্থ উৎসব। প্র—"রাজ অনুমতি মতে, সব সভ্যগণ। সয়ম্বর লাগি করে, নানা আয়োজন॥"—বাসবদত্তা। ২। স্বয়ংবর সভা বা স্থান।

স্বয়ংবরা, সয়ম্বরা (শ) [স্বয়ং (আপনি) বৃ (মনোনীত করা) + অ (কর্ত্তৃ—অচ্), আপ্ স্ত্রী। বাং-য়—চলিত বানান সয়ম্বরা] বি, স্ত্রী, স্বয়ংবর সভায় স্বয়ং পতি বরণকারিণী স্ত্রী : স্বনির্ব্বাচিত পতিগ্রহণকারিণী স্ত্রী। ২। নিমন্ত্রিত বিবাহার্থিগণের সভায় স্বয়ং কন্যা কর্ত্তৃক বরবরণ। প্র—"সন্ধ্যাসহ বন্ধ্যা আশা, হইয়া সত্বরা। নৃপগণে করিতে আইল স্বয়ম্বরা॥"—বাসবদত্তা। ২। স্বয়ংবরস্থান : স্বয়ংবর সভা। প্র—"স্বয়ম্বরা যেতে ত্বরা, পরিল বসন।"—বাসবদত্তা।

স্বয়ম্ভু, স্বয়ম্ভূ (শ) [স্বয়ম্ (নিজে) ভূ (হওয়া) + উ, ০ (কর্ত্তৃ—ড়ু, কিপ্)] বিণ, স্বয়ং জাত : স্বয়ং উৎপন্ন। ২। স্বভাবে উদ্‌গত ; স্বভাবজ। প্র—"সুন্নত স্বয়ম্ভু শম্ভু কুচ হৃদিমূলে। ধরেছে কামের কেশ লোমাবলি ছলে॥"—অ, ম। ৩। বি, পুং, ব্রহ্মা : আত্মভূ। [দ্রঃ—সৃষ্টি সম্বন্ধে রজোগুণাত্মক

"ব্রহ্মা" স্থিতি বা পালন সম্বন্ধে সত্ত্বগুণাত্মক "বিষ্ণু" এবং প্রলয় বা সংহার সম্বন্ধে তমোগুণাত্মক "মহেশ্বর" কিন্তু, বাং-য়—চলিতার্থ ব্রহ্মা]। ৪। কামদেব। ৫। কাল

স্বয়ম্ভুলিঙ্গ—স্বয়ম্ভূত আদিলিঙ্গ।

স্বয়ম্ভুব (শয়ম্ভুব্) [স্বয়ম্ভু (ব্রহ্মা)+ (স্বার্থে—অণ্)] বি, পুং, ব্রহ্মা। ২ [অপত্যার্থে—অণ। স্বায়ম্ভুব দ্রঃ] আদি বা প্রথম মনু। স্ত্রী, স্বয়ম্ভুবা—তামাকপাতা

স্বযোনি (শজোনি) [স্ব (নিজের) যোনি (উৎপত্তিস্থান)] বি, আপনার উৎপত্তিস্থান নিজজন্মহেতু ; আপনার জন্মস্থান।

স্বর্ (শর্) [স্বৃ (শব্দ করা)+বিচ্ (অধি ঋ=অর্—বিচ্ লোপ] অ, স্বর্গ ; সুরলোক। ২। নিরবচ্ছিন্ন সুখ ; নিত্য সুখ। ৩। পরলোক। ৪। আকাশ। ৫। সূর্য্য এবং ধ্রুব নক্ষত্রের মধ্যস্থান। ৬। জ্যোতিঃ ; প্রভা।

স্বর (শর্) [স্বৃ (শব্দ করা)+অ (ভাবে) স্ব=অর] বি, শব্দ ; ইহা ত্রিবিধ—(১) উদাত্ত (উচ্চ) (২) অনুদাত্ত (নিম্ন বা অনুচ্চ) (৩) স্বরিত (মধ্যম অর্থাৎ উচ্চও নহে নিম্নও নহে কিন্তু উদাত্ত এবং অনুদাত্তের মিলন বা সন্ধি)। ২। [ব্যাকরণে] যে সকল বর্ণ অন্য বর্ণের উচ্চারণ ব্যতিরেকে উচ্চারিত হয়। অকারাদি ঔ পর্য্যন্ত এবং অং, অঃ এই ১৬টী বর্ণ। (২) হ্রস্ব, দীর্ঘ ও প্লুত এই ত্রিবিধ স্বর। এক মাত্রায় উচ্চারণ হ্রস্ব, দ্বিমাত্রায় দীর্ঘ এবং ত্রিমাত্রায় প্লুত। ব্যঞ্জন অর্দ্ধমাত্রা বলিয়া পরিগণিত। ৩। [সঙ্গীতে] ষড়্জ, ঋষভ, গান্ধার, মধ্যম, পঞ্চম, ধৈবত ও নিষাদ এই সপ্ত স্বর বা সুর। ইহার সঙ্ক্ষেপ ষ (=স), ঋ, গ, ম, প, ধ, নি। ● প্র—"সপ্তস্বর তিন গ্রাম মূর্চ্ছনা একুশ নাম শ্রুতি কলা সতত সঙ্গিনী।"—অ, ম। ৪। [তন্ত্রে] শরীরস্থ পঞ্চবায়ু (প্রাণাদি ক্রিয়ার নাম স্বরোদয়)। স্বরগ্রাম—সঙ্গীতের স্বরশ্রেণী ; গ্রাম দ্রঃ। স্বরবিকার—কণ্ঠস্বরের বিকৃতি ; স্বরের বৈলক্ষণ্য। স্বরভঙ্গ—স্বরনাশক ব্যাধিবিশেষ ; যে রোগে কণ্ঠস্বর ক্ষীণ ও কষ্টে নিঃসারিত হয়। স্বরভঙ্গী—স্বরের বৈলক্ষণ্য ; স্বরবিকার। ২। পক্ষিবিশেষ। স্বরভেদ—স্বরভঙ্গরোগ। স্বরমণ্ডল—বীণাবিশেষ। স্বরযোগ—সঙ্গীতে সুরসংযোগ ; লয়।

স্বরলাসিকা (শরলাশিকা) [স্বর (সুর) লস্ (লীলা করা)+অক (করণে)] বি, স্ত্রী, বংশী ; বাঁশরী।

স্বরলিপি (শ) [স্বরবিজ্ঞাপক বা সম্বন্ধীয়—লিপি ম-প-লো, কর্ম্মধা] বি, সুর, তাল, লয়, মাত্রা প্রভৃতি জ্ঞাপক পাঠ ; ভিন্ন ভিন্ন সঙ্গীতাচার্য্যের নির্দ্দেশ মতে স্বরলিপি। কসিমাত্রিক, বিন্দুমাত্রিক, আকারমাত্রিক প্রভৃতি ভেদে বিভিন্ন প্রকার।

স্বরস (শরশ্) [স্ব (নিজের) রস (অভিলাষ), ৬তৎ] বি, পুং, স্বেচ্ছা ; স্বাভিলাষ। ২। শিলায় কুটিয়া পিষিয়া পরে ছাঁকিয়া যে রস গৃহীত হয়।

স্বরাজ (শরাজ) [স্বরাজ্য দ্রঃ। আধু-বাং] বি, নিজেদের পরিচালিত রাজতন্ত্র ; স্বায়ত্তশাসন : self government ; autonomy.

স্বরাজ্য (শরাজ্জ) [স্ব (নিজ) রাজ্য] বি, নিজরাজ্য। ২। নিজেদের বা স্বদেশী ও স্বজাতি-পরিচালিত রাজ্য।

স্বরানুভাবকতা (শ) বি, স্বরবোধজনক বৃত্তি।

স্বরাষ্ট্র (শ) [স্ব (নিজ) রাষ্ট্র (সাম্রাজ্য)] বি, স্বীয় সাম্রাজ্য ; নিজরাজ্য।

স্বরিত (শো) [স্বর (গীতধ্বনি)+ইত—যুক্তার্থে] বি, পুং, উদাত্ত এবং অনুদাত্তের মধ্যবর্ত্তী স্বর ; স্বর দ্রঃ। ২। বিণ, স্বরযুক্ত। ৩। উচ্চারিত।

স্বরীশ্বর (শোরীশ্শর্) [স্বর্ (স্বর্গ) ঈশ্বর (প্রভু) ৬তৎ] বি, পুং, সুরপতি ; ইন্দ্র।

স্বরুচি (শ) [স্ব (আপন) রুচি (অভিপ্রায়), ৬তৎ] বি, স্ত্রী, স্বাভিমত ; স্বেচ্ছা। ২। বিণ, স্বতন্ত্র ; স্বেচ্ছাবর্ত্তী ; স্বৈর।

স্বরূপ (শোরূপ্) [স্ব (নিজের) রূপ (আকৃতি), ৬তৎ] বি, ক্লী, স্বাভাবিক অবস্থা। ২। প্রকৃতি। ৩। পণ্ডিত। ৪। [স্ব—রূপ্+ণিচ+অ (কর্ত্তৃ অচ্)] বিণ, মনোজ্ঞ ; সুন্দর। ৫। প্রকৃত ; যথার্থ ; ঠিক। প্র—"শাশুড়ী ননন্দ কিবা কৈল মন্দ স্বরূপ কহ আমারে।"—কবিক। "এক্ষণে আমি যাহা ব্যক্ত করব তাহা স্বরূপ।"—নবীন-তপস্বিনী। ৬। তুল্য ; সদৃশ। স্বরূপযোগ্য—বিণ, কার্য্যসাধনের উপযোগী। বি, স্বরূপযোগ্যতা। স্বরূপসম্বন্ধ—অভিন্ন সম্বন্ধ। স্বরূপোৎপ্রেক্ষা—কাব্যে উৎপ্রেক্ষা অলঙ্কারের প্রকারভেদ। স্বরূপোপনিষদ্—উপনিষদ্বিশেষ।

স্বরূপত, স্বরূপতঃ (শ) [স্বরূপতস্ শব্দ] বিণ, যথার্থতঃ, প্রকৃতপক্ষে। প্র—"স্বরূপত মৃগ নহে হবে দুষ্ট জন।"—কৃত্তিবাস।

স্বরূপতা, স্বরূপত্ব (শরূপোৎত) [স্বরূপ+তা, ত্ব (ভাবে)] বি, স্বীয় রূপের ভাব ; ২। অনন্যতা ; identity.

স্বরেণু (শ) [সং] বি, স্ত্রী, সূর্য্যপত্নী ; সংজ্ঞা।

স্বর্গ (শর্গ) [সু (সুখ) ঋজ্ (প্রাপ্ত হওয়া)+অ (অধি)—যথায় নিরবচ্ছিন্ন সুখ প্রাপ্ত হওয়া যায়। পদ্যে স্বরগ। প্রা—সগ্গ] বি, সুরলোক ; দেবতাদিগের বসতিস্থান। ২। [পুরাণে] সুকৃতকারীর সুখভোগের স্থান। এখানে রোগ, শোক, ক্ষুৎপিপাসা, গ্লানি, জন্ম, জরা, মৃত্যু নাই। সূর্য্যের উপরিভাগে ধ্রুবের সংস্থান পর্য্যন্ত স্থান। ৩। জীবের বিশিষ্ট সুখসৌভাগ্য ও সুখ-ভোগের সামগ্রী লাভ। প্র—স্বর্গ হাতে পাওয়া। স্বর্গকাম—স্বর্গলাভের কামনাকারী। স্বর্গখণ্ড—পদ্ম পুরাণের অন্তর্গত বিভাগবিশেষ। তুল—পাতালখণ্ড। স্বর্গগতি—স্বর্গে গমন। স্বর্গগামী—স্বর্গগমনকারী। স্ত্রী, স্বর্গগামিনী। স্বর্গতরু—পারিজাত। ২। কল্প বৃক্ষ। স্বর্গদ্বার—স্বর্গ প্রবেশের পথ। স্বর্গধেনু—কামধেনু। স্বর্গপতি—দেবরাজ ; ইন্দ্র। স্বর্গপুরী—অমরাবতী। স্বর্গবধূ—বি, স্ত্রী, অপ্সরা। স্বর্গবাসী—স্বর্গলোকে বাসকারী। ২। সুকৃতদিগের পরলোক। ৩। সুখ ও শান্তির স্থান। প্র—"হয়ে বনবাসী হলো স্বর্গবাসী।"—বাং-গান। স্বর্গরাজ্য—স্বর্গলোক। স্বর্গলোক—দেবলোক ; স্বর্গ। স্বর্গস্থ—স্বর্গে অবস্থিত। ২। স্বর্গগত ; মৃত। স্বর্গে বাতি—স্বর্গে আনন্দোৎসব। ২। [প্রাদে। প, বঙ্গে] আকাশ প্রদীপ। স্বর্গে তুলে দেওয়া—প্রশংসার অতিরঞ্জনে উন্নতপদবীর চরমে তোলা ; গুণকীর্ত্তন দ্বারা উর্দ্ধে উন্নীত করা।

স্বর্গঙ্গা (শরগংগা) [স্বর্ (স্বর্গের) গঙ্গা—, ৬তৎ] বি, স্ত্রী, মন্দাকিনী নদী।

স্বর্গণিকা (শরগোনিকা) [স্বর্ (স্বর্গের) গণিকা (বেশ্যা), ৬তৎ] বি, স্ত্রী, অপ্সরা।

স্বর্গত (শ) [স্বর্ (স্বর্গে) গত (যে গিয়াছে)] বিণ, স্বর্গগত ; মৃত।

স্বর্গতি (শর্গোতি) [স্বর্ (স্বর্গে) গতি (গমন)—৭তৎ] বি, স্ত্রী, স্বর্গে গমন ; মৃত্যু। ২। উৎকৃষ্টগতি ; পারলৌকিক সুখ।

স্বর্গিরি, স্বর্গিরি (শ) [স্বর্গ—স্বর্ (স্বর্গের) গিরি (পর্ব্বত)—৬তৎ] বি, পুং, সুমেরু পর্ব্বত।

স্বর্গাচল (শর্গাচল্) [স্বর্গের অচল (পর্ব্বত), ৬তৎ] বি, পুং, সুমেরু পর্ব্বত।

স্বর্গী (শো) [স্বর্গ+ইন্ (অস্ত্যর্থে)=স্বর্গিন্ ১মা, ১ব] বি, পুং, স্বর্গবাসী ; দেবতা। ২। স্বর্গত। ৩। বিণ, মৃত।

স্বর্গীয় (শোর্গিঅ) [স্বর্গ+ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, স্বর্গ সম্বন্ধীয়। ২। স্বর্গস্থ ; স্বর্গগত ;

স্বর্গলোকপ্রাপ্ত ; মৃত। ৩। স্বর্গসুলভ ; স্বর্গসুখজনক। প্র—"গাও মা স্বর্গীয় গীত জগতে আবার।"—বাং-গান। স্ত্রী. স্বর্গীয়া।

স্বর্গ্য (শ) [স্বর্গ+য (সম্বন্ধে)] বিণ. স্বর্গীয় দ্রঃ।

স্বর্জ্জিক (শোর্জিক্) [সং] বি. পুং. সর্জ্জিকাক্ষার।

স্বর্ণ (শর্ন) [সু (সৌন্দর্য্য—ঋণ্ (পাওয়া)+অ (কর্ত্তৃ) যে সৌন্দর্য্য প্রাপ্ত হইয়াছে, কিম্বা সু (সুন্দর) হইয়াছে অর্ণ (বর্ণ) যাহার, বহু। প্রাকৃ—সন্ন। প্রা-বাং—সুনা। প্র—"সুনার কলসি নিল নেতর বসন।"—শূ-পু। আধু বাং-গ্রা—সোণা, সোণা] বি. সুবর্ণ ; কনক ; সং—পর্য্যায়—স্বর্ণ, সুবর্ণ, কলস ; কাঞ্চন ; হিরণ্য, হাটক, হেম, গাঙ্গেয়, তপনীয়, কলধৌত, শাতকুম্ভ, চামীকর, জাম্বুনদ, জাতরূপ, কার্ত্তস্বর, মহারজত, অষ্টাপদ। স্বর্ণকণ—বি. কণগুগ্গুলু। স্বর্ণকায়—বিণ. সুবর্ণময় শরীর। ২। বি. পুং. গরুড়। স্বর্ণজ—বি. ক্লী. টিন ধাতু। স্বর্ণদীধিতি—[স্বর্ণ—দীধিতি (কিরণ) যাহার, বহু] বি. অগ্নি ; বহ্নি। স্বর্ণপক্ষ—সুবর্ণপক্ষশালী। ২। বি. গরুড়। স্বর্ণপুষ্প—বি. পুং. চম্পকবৃক্ষ। ২। সোনালি গাছ। ৩। বাবলা গাছ। স্ত্রী. স্বর্ণপুষ্পা—বিষলাঙ্গলিয়া। স্বর্ণফলা—চাঁপা কলা। স্বর্ণবর্ণা—বি. স্ত্রী. হরিদ্রা। ২। বিণ ; সুবর্ণবর্ণবিশিষ্টা ; হেমাঙ্গিনী। পুং. স্বর্ণবর্ণ—হেমকান্তি। স্বর্ণবিন্দু—স্বর্ণরেণু। ২। বিষ্ণু। স্বর্ণবীজ—ধুতুরাবীজ। স্বর্ণভূমি—বি. সুফলাভূমি ; উর্ব্বরাভূমি। ২। প্রাকৃতিক সৌন্দর্য্যে মনোহর প্রদেশ। ৩। যে ভূমিতে সোনার খনি আছে। স্বর্ণভূষণ—স্বর্ণালঙ্কার ; সোনার গহনা। স্বর্ণলতা—বি. স্ত্রী. জ্যোতিষ্মতী লতা ; আলোক লতা। ২। সুন্দরী ললনা ; কান্তিমতী যুবতী। স্বর্ণসিন্দুর—পারদ ঘটিত আয়ুর্ব্বেদীয় ঔষধবিশেষ ; রসসিন্দুরবিশেষ।

স্বর্ণকার, স্বর্ণকৃৎ (শ) [স্বর্ণ—কৃ (করা)+অণ্, ক্বিপ্ (কর্ত্তৃ)] বি. পুং. সেকরা জাতি।

স্বর্ণচূড় (শ, ড়্) [স্বর্ণ (সোনার বর্ণ) চূড়া (শিখা) যাহার, বহু] বি. পুং. কুক্কুট। ২। ভাসপক্ষী।

স্বর্ণদী, স্বনদী (শর্নোদি)] স্বর্ (স্বর্গের) নদী—৬তৎ] বি. স্ত্রী. স্বর্গঙ্গা ; মন্দাকিনী।

স্বর্ণবণিক্ (শ, বো) [স্বর্ণের—বণিক্ (ব্যবসায়ী), ৬তৎ] বি. পুং. সোনার বেনিয়া জাতি।

স্বর্বধূ (শর্বোধূ) [স্বর্ (স্বর্গের) বধূ—৬তৎ] বি. স্ত্রী. অপ্সরা।

স্বর্বাপী (শ) [স্বর্ (স্বর্গের) বাপী (জলাশয়), ৬তৎ] বি. স্ত্রী. গঙ্গা।

স্বর্বৈদ্য (শর্বৈদ্দ) [স্বর্ (স্বর্গের) বৈদ্য (চিকিৎসক), ৬তৎ] বি. পুং. স্বর্গের চিকিৎসক ; অশ্বিনীকুমারদ্বয়।

স্বর্ভানু (শ) [স্বর্ (স্বর্গে) ভানু (কিরণ) যাহার, বহু] বি. পুং. রাহুগ্রহ।

স্বর্যাত (শজাত) [স্বর্ (স্বর্গে) যাত (গত), ৭তৎ] বি. স্বর্গগত ; মৃত।

স্বর্লোক (শর্লোক্) [স্বর্ (স্বর্গ) লোক (ভুবন), কর্ম্মধা] বি. পুং. স্বর্গ।

স্বল্প (শ) [সু (অতিশয়) অল্প] বিণ. অতি অল্প ; একটু। ২। অতিক্ষুদ্র।

স্বসা (শশা) [সং—স্বসৃ শব্দ, ১মা, ১ব] বি. স্ত্রী. ভগিনী।

স্বস্তি (শোস্তি) [সু (শুভ) অস্ (হওয়া)+তি (ভাবে—ক্তি)] অ. মঙ্গল ; শুভ। ২। মঙ্গল কর্ম্মে স্বস্তি শব্দযুক্ত মন্ত্র। প্র—"সমুখে হেমঘট আচ্ছাদি চারুপট পড়িয়া স্বস্তি ঋদ্ধি বিধি।" ৩। আশীর্ব্বাদ। ৪। পুণ্যাদি। সন্তোষ। ৬। আরাম ; শান্তি। ৭। দানগ্রহণ। ব্রাহ্মণ কর্ত্তৃক স্বস্তি পাঠরূপ মন্ত্র। স্বস্তিবাচন—মঙ্গল কর্ম্মারম্ভে স্বস্তি শব্দের উচ্চারণ। ২। দেবতার আশীর্ব্বাদ প্রার্থনা। স্বস্তিবাচনিক—বিণ. স্বস্তিবাচনকারক। ২। স্বস্তিবাচন সম্বন্ধীয়।

স্বস্তি—শান্তি, কল্যাণ ও সন্তোষ জড়িত অবস্থা ; প্র—"সুখের চেয়ে স্বস্তি ভাল।"—প্রবচন। "ধনী-নির্ধনে, শিক্ষিতে-অশিক্ষিতে, বলবান্-দুর্ব্বলে এইরূপ সামঞ্জস্য সাধন, শৃঙ্খলা-বন্ধন না থাকিলে, কখনই সমাজে শান্তি, স্বস্তি, মঙ্গল থাকিতে পারে না।"—সনাতনী। "যদি সুখ, স্বস্তি শান্তি চাও"—ঐ।

স্বস্তিক (শোস্তিক্) [স্বস্তি+ক] বি. পুং. মাঙ্গলিক দ্রব্য ; পিটুলি নির্ম্মিত মাঙ্গল্য দ্রব্য-বিশেষ ; পূর্ণ কুম্ভাদি। প্র—"স্বস্তিক সিন্দূর কজ্জল কর্পূর শঙ্খ দিল যথাবিধি।"—কবিক। ২। সর্পফণা। ৩। সর্পফণাকৃতি অঙ্গুলি। ৪। শল্যোদ্ধারণ যন্ত্র। ৫। শুভসূচক চিহ্ন-বিশেষ ; বজ্রচিহ্ন। ৬। চৌরাস্তা ; চতুষ্পথ। ৭। পিষ্টকবিকার। ৮। শুষুনি শাক। ৯। রসোন। ১০। পুং, ক্লী. গাড়ীবারান্দা-যুক্ত প্রাসাদ। ১১। [তন্ত্রে] যোগের আসন-বিশেষ। ১২। বুদ্ধদেবের চরণযুগলের ছাপ।

স্বস্তিকমণ্ডলী—বিষ্ণুপূজার যন্ত্র। প্র—"দেখ গৃহে করেন যে স্বস্তিকমণ্ডলী"—চৈ, ভা। ২। ভূতমণ্ডল রচনাবিশেষ।

স্বস্তিমুখ (শো, খ্) [স্বস্তি শব্দ মুখে যাহার, বহু] বি. পুং. ব্রাহ্মণ। ২। স্তুতিপাঠক। ৩। [লিপির আদিতে স্বস্তি লিখিবার প্রথা হইতে] লিপি ; লেখ।

স্বস্ত্যয়ন (শোস্তয়ন্) [স্বস্তি (মঙ্গলের) অয়ন (আগমন) হয় যাহা দ্বারা, বহু] বি. কুগ্রহ শান্তি কামনায় হোমাদি বেদবিহিত মঙ্গল কর্ম্মের অনুষ্ঠান। ২। দানগ্রহীতা ব্রাহ্মণগণের আশীর্ব্বাদ।

স্বস্থ (শ) [স্ব—স্থা (থাকা)+অ (কর্ত্তৃ)] বিণ. সুস্থির ; উদ্বেগরহিত ; নিশ্চিন্ত। ২। সুখে অবস্থিত। ৩। নীরোগ ; সুস্থ। ৪। সন্তুষ্টচিত্ত। ৫। সমাহিতচিত্ত।

স্বস্রীয় (শোস্স্রিয়) [স্বসৃ (ভগিনী)+ঈয় (অপত্যার্থে)] বি. পুং. ভগিনীর পুত্র। ২। বিণ. ভগিনী সম্বন্ধীয়। স্ত্রী. স্বস্রীয়া—ভগিনীর কন্যা।

স্বাক্ষর (শাক্খর্) [স্ব—অক্ষর] বি. পুং. সহি ; দস্তখত।

স্বাগত (শাগত) [সু (শুভ) আগত (আগমন)] বি. ক্লী. শুভাগমন। ২। কুশলপ্রশ্ন।

স্বাচ্ছন্দ্য (শাচ্) [স্বচ্ছন্দ+য (ভাবে—যণ্)] বি. ক্লী. স্বাস্থ্য ; সুস্থতা। ২। স্বাধীনতা ; স্বচ্ছন্দতা।

স্বাতন্ত্র্য (শাতন্ত্র) [স্বতন্ত্র (স্বেচ্ছাচারী)+য (ভাবে—যণ্)] বি. ক্লী. স্বাধীনতা ; আত্মবশতা ; স্বতন্ত্রতা।

স্বাতি, স্বাতী (শা) [সু (শুভ) অৎ (গমন করা)+ই (করণে—সংজ্ঞার্থে)] বি. স্ত্রী. সূর্য্যপত্নী। ২। পঞ্চদশ নক্ষত্র। ৩। খড়্গ। ৪। বংশাখ তৃণবিশেষ।

স্বাদ (শাদ্) [স্বদ্ (আস্বাদন করা)+অ (ভাবে—ঘঞ্)] বি. পুং. রসগ্রহণ। ২। [কর্ম্মে—ঘঞ্] আস্বাদ।

স্বাদন (শাদন্) [স্বদ্ (আস্বাদন করা)+ণিচ্+অন্ (ভাবে—অনট্)] বি. ক্লী. রসগ্রহণ ; আস্বাদন। ২। [কর্ম্মে—অনট্] রস।

স্বাদিত (শা) [স্বাদি (আস্বাদ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. আস্বাদিত ; গৃহীতস্বাদ। ২। ভক্ষিত।

স্বাদু (শাদু) [স্বাদি (আস্বাদন করা)+উ (কর্ত্তৃ—উন্) তুল—গথ svotis, ডে—söd, ল্যা—swadvis, ইং—sweet.] বিণ. সুস্বাদ ; মিষ্টস্বাদ ; মধুর। প্র—

"স্বাদু নহিল জাতি যে গেল ব্যঞ্জন খাইবে কে।"—চণ্ডীদাস। ২। মনোজ্ঞ। ৩। বি, পুং, মধুর রস। ৪। মধু; গুড়। ৫। ওষধিবিশেষ; জীরক। স্ত্রী, স্বাদু, স্বাদ্বী—দ্রাক্ষা।

স্বাদুপানা (শা) বি, মিষ্টত্ব; মধুরতা। প্র—"বিতণ্ডা ত্যজিয়া পাণ্ডা কিনয়ে অমৃত মণ্ডা হাটে চাকি বুঝি স্বাদুপানা।"—কবিক।

স্বাদ্বম্ল (শাদ্দম্ল) [স্বাদু (মিষ্ট) অথচ অম্ল (টক) কর্ম্মধা] বি, পুং, ডালিমগাছ। ২। অম্লমধুর রস।

স্বাধিকার (শাধিকার্) [স্ব (নিজের) অধিকার—৬তৎ] বি, পুং, আপনার অধিকার

স্বাধিষ্ঠান (শাধিস্‌ঠান্) [স্ব (আত্মার) অধিষ্ঠান (আশ্রয়)] বি, ক্লী, লিঙ্গমূলস্থিত সুষুম্না নাড়ীর অন্তর্গত ষট্‌দল পদ্মবিশেষ।

স্বাধীন (শাধীন্) [স্ব (নিজের) অধীন (বশ), ৬তৎ] বিণ, স্ববশ; নিজাধীন; স্বতন্ত্র; স্বেচ্ছাচারী।

স্বাধীনতা (শা) [স্বাধীন+তা (ভাবে)] বি, স্ত্রী, আত্মবশতা; স্বাতন্ত্র্য।

স্বাধীনপতিকা,—ভর্তৃকা (শাধিন্‌পো,—ভো) [স্ব (নিজের) অধীন (বশ) হইয়াছে পতি ভর্তা (স্বামী) যাহার, বহু+ক, আপ্ স্ত্রী] বি, স্ত্রী, যে নায়ক নায়িকার বশীভূত হইয়া সততই পার্শ্বচরভাবে অবস্থান করে। প্র—"স্বাধীন ভর্তৃকা কেবা সমান তোমার।"—অ, ম।

স্বাধ্যায় (শাধ্‌ধ্যায়্) [সু (সুকৃতির জন্য) আ (আবৃত্তিপূর্ব্বক) অধ্যায় (অধ্যয়ন) যাহার, বহু] বি, পুং, আবৃত্তিপূর্ব্বক বেদাধ্যয়ন; বেদপাঠ। ২। বেদ; বেদাংশবিশেষ। ৩। যোগ। ৪। জপ; জাপ। ৫। বিধিপূর্ব্বক ও বিশিষ্টরূপে শাস্ত্রাধ্যয়ন। স্বাধ্যায়সেবা—বেদাধ্যয়ন। প্র—"ত্রিবর্গসেবা, সর্ব্বদা অন্ন দান, দেবপূজা, ব্রাহ্মণসৎকার স্বাধ্যায়সেবা এবং পিতৃতর্পণ, যথাবিধি এই সকল কার্য্য করিলে, গৃহস্থ ইন্দ্রলোকে গমন করে।"—বিষ্ণুসংহিতা (বঙ্গবাসী)।

স্বাধ্যায়বান্, স্বাধ্যায়ী (শাধ্‌ধ্যায়্) [স্বাধ্যায় (বেদপাঠ)+বৎ—ইন্ (অস্ত্যর্থে)=স্বাধ্যায়বৎ, স্বাধ্যায়িন্ ১মা, ১ব] বিণ, বেদপাঠক।

স্বান (শান্) [স্বন্ (শব্দ করা)+অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, ধ্বনি।

স্বাপদ (শাপদ্) [শ্বাপদ দ্রঃ] বি, পুং, সিংহ ব্যাঘ্রাদি হিংস্র বন্যজন্তু।

স্বাভাবিক (শাভাবিক্) [স্বভাব (প্রকৃতি)+ইক (ভবার্থে—ইকণ্)] বিণ, স্বভাবসিদ্ধ, নৈসর্গিক; প্রকৃতিসিদ্ধ। ২। স্বভাবজাত; প্রকৃতিগত

স্বামিত্ব (শামিত্‌ত) [স্বামিন্+ত্ব (ভাবে)] বি, ক্লী, কর্তৃত্ব; প্রভুত্ব। ২। অধিকার; স্বত্ব।

স্বামী (শা) [হি—উচ্চারণের অনুকরণে স্ব=সোবা=সোয়া হইতে বাং—গ্রা—সোয়ামী। প্র—"ওই ছাড়াইবে তোমা সোয়ামীর কোল"—কবিক। স্ব (ধন)+মিন্ (অস্ত্যর্থে)=স্বামিন্ ১মা, ১ব] বি, পুং, পতি; ভর্তা। ২। প্রভু; অধিপতি। প্র—"দীনবন্ধু হে সেই দিন দেখ্‌ব তোমায় কেমন পরম বন্ধু তুমি। * * * * দাস গোবিন্দ তোমার তুমি হে স্বামী॥"—বাংগান। ৩। নৃপতি; রাজা। ৪। অধিকারী; দলপতি। ৫। গুরু। ৬। শিব। ৭। বিষ্ণু। ৮। কার্ত্তিকেয়। ৯। বাৎস্যায়ন মুনি। ১০। পণ্ডিত ব্রাহ্মণ। ১১। পরমহংস। স্ত্রী, স্বামিনী।

স্বায়ম্ভুব (শায়ম্ভুব্) [স্বয়ম্ভু (ব্রহ্মা)+অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, স্বয়ম্ভুর পুত্র; আদি মনু। ২। স্বয়ম্ভু সম্বন্ধীয়। স্ত্রী, স্বায়ম্ভুবী—ব্রহ্মা।

স্বারাজ্য (শারাজ্‌জ) [স্বরাজ্+য (ভাবে—যণ্)] বি, ক্লী, স্বর্গরাজ্য। ২। ঈশ্বরত্ব। ৩। স্বর্গের আধিপত্য; ইন্দ্রত্ব।

স্বারোচিষ (শারোচিষ্) [স্বরোচিষ+অ (অপত্যার্থে—অণ্)] বি, পুং, দ্বিতীয় মনু।

স্বার্জ্জিত (শা) [স্ব—অর্জ্জিত] বি, স্বোপার্জ্জিত; স্বয়ংলব্ধ।

স্বার্থ (শার্থ) [স্ব (নিজের) অর্থ (প্রয়োজন), ৬তৎ] বি, পুং, নিজ প্রয়োজন; নিজ কার্য্য। ২। স্বীয় অর্থ। ৩। লিঙ্গার্থবিশেষ। ৪। বিশেষণ।

স্বার্থপর (শার্থপর্) [স্বার্থ—পর, পরায়ণ (তৎপর)—৭তৎ] বিণ, স্বকার্য্য সাধনে তৎপর; স্বার্থপরায়ণ; নিজ প্রয়োজন সিদ্ধি-বিষয়ে তৎপর।

স্বার্থিক (শার্থিক্) [স্বার্থ+ইক (কর্ম্মে—ইকণ্)] বিণ, স্বার্থে বিহিত (ব্যাকরণের প্রত্যয়)। ২। স্বার্থপর। ৩। নিজ অর্থে সম্পন্ন।

স্বাশ্রয় (শাস্রয়্) [স্ব+আশ্রয়] বি, আপনার আশ্রয়; স্বাবলম্বন। ২। বিণ, নিজ আশ্রয়বিশিষ্ট।

স্বাস্থ্য (শাস্থ্য) [সুস্থ+য (ভাবে—যণ্)] বি, ক্লী, নিরাময়তা; আরোগ্য; সুস্থতা। ২। নিরুদ্বেগ; নিশ্চিন্ততা। ৩। সুখ। ৪। সন্তোষ।

(শা) [সু (শুভ) আ—হ্বে (আহ্বান করা)+অ (করণে—ড) যাহা দ্বারা দেবতাকে আহ্বান করা হয়] বি, দেবতার উদ্দেশে হবিরাহুতি প্রদান মন্ত্র। ২। অগ্নির দাহিকাশক্তি। ৩। অগ্নিদেবের পত্নী। ইঁহাদের তিন পুত্র—দক্ষিণ, গার্হপত্য ও আহবনীয়। ৪। [চণ্ডী ১।৫৪] দুর্গা।

স্বাহানাথ, স্বাহাপতি, স্বাহাপ্রিয় (শাহানাথ্, শাহাপোতি, শাহাপ্‌প্রিয়) [স্বাহার নাথ, পতি, প্রিয় (স্বামী), ৬তৎ] বি, পুং, অগ্নি। প্র—"ইহা বলি নিজস্থানে যান স্বাহানাথ। খুলনা প্রত্যয় হেতু তহি দিল হাত॥"—কবিক।

স্বাহাভুক্ (শা) [স্বাহা—ভুজ্ (ভোজন করা)+ক্বিপ্ (কর্ত্তৃ)] বিণ, দেবতা।

স্বিন্ন (শিন্‌ন) [স্বিদ্ (ঘর্ম্মাক্ত হওয়া)+ত (কর্ত্তৃ—ক্ত) দ্—ত=ন্ন] বিণ, ঘর্ম্মাক্ত; স্বেদবিশিষ্ট। ২। স্বেদযুক্ত; ক্লিন্ন। ৩। আর্দ্র; সিক্ত। ৪। পক্ব।

স্বীকর্ত্তব্য (শিকর্‌তোব্‌ব) [স্বীকার (দ্রঃ)—তব্য (বিহিতার্থে)] বিণ, স্বীকার্য্য; স্বীকার-যোগ্য।

স্বীকার (শীকার্) [স্ব (আপনার) কার (করণ) মধ্যে—চ্বি=ঈ] বিণ, গ্রহণ। ২। অঙ্গীকার; প্রতিশ্রুতি। ৩। পরিগ্রহ। ৪। বশীকরণ। ৫। প্রতিগ্রহ। ৬। আয়ত্তীকরণ। ৭। সম্মতি।

স্বীকার্য্য (শিকার্জ) [স্বীকার দ্রঃ+য (যোগ্যার্থে)] বিণ, স্বীকারযোগ্য।

স্বীকৃত (শি) [স্ব—কৃত মধ্যে ঈ (অভূততদ্ভাবার্থে চ্বি)] বিণ, যাহা স্বীকার করা হইয়াছে। বি, স্বীকৃতি।

স্বীয় (শীয়) [স্ব (নিজ)+ঈয় (সম্বন্ধার্থে)] বিণ, নিজ; আপন; স্বকীয়; আত্মীয়। স্ত্রী, স্বীয়া—স্বামীর প্রতি অনুরক্তা নায়িকা।

স্বেচ্ছা (শে) [স্ব (নিজের) ইচ্ছা (বাসনা), ৬তৎ] বি, স্ত্রী, নিজ ইচ্ছা। ২। যদৃচ্ছা। ৩। স্বচ্ছন্দ। স্বেচ্ছাচার—নিজের ইচ্ছা-মত আচরণ; স্বৈরাচার। স্বেচ্ছাচারী—বিণ, যথেচ্ছাচারী; স্বাধীন; স্বেচ্ছানুবর্ত্তী; আপন ইচ্ছানুরূপ আচরণকারী। ২। অবাধ্য। স্ত্রী, স্বেচ্ছাচারিণী। স্বেচ্ছাধীন—বিণ, আপন ইচ্ছানুসারে কার্য্যকারী। স্বেচ্ছানুবর্ত্তী [স্বেচ্ছা+অনুবর্ত্তী] বিণ, স্বেচ্ছাচারী; স্বাধীন। ২। অবাধ্য। স্ত্রী, স্বেচ্ছানুবর্ত্তিনী। বি, স্বেচ্ছানুবর্ত্তিতা। স্বেচ্ছামৃত্যু—বিণ, স্বইচ্ছায় মরণ; যাহার আপন ইচ্ছায় মৃত্যু হয়। ২।

ভৃত্য। স্বেচ্ছাসেবক—বি, পুং, আর্তের সহায়ক সম্প্রদায়বিশেষ। ২। বিণ, নিজ ইচ্ছায় আর্তের পরিচর্য্যাকারী ; স্বেচ্ছাপ্রণোদিত সেবাকারী।

স্বেতখানা (শেৎ) [আ—সেহত্‌খানা। সেতখানা দ্রঃ] বি, পায়খানা ; মলত্যাগের স্থান। প্র—"গড়ি ছার জাতি স্বেতখানা নিকাইয়া না করে স্নান। বাইশ দণ্ড রাজা হইয়া করিমু হাড়িক প্রণাম॥"—মাণিক-চাঁদের গান।

স্বেদ (শেদ্) [স্বিদ্ (ঘর্ম্মাক্ত হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, ক্লেদ। ২। ঘর্ম্ম ; ঘাম। ৩। বাষ্প। ৪। উষ্মা ; তাপ ; ভাব্‌রা। বিণ, স্বেদ্য—স্বেদের উপযুক্ত। ২। স্বেদজনক। স্বেদজল,—বারি—ঘর্ম্ম। স্বেদস্রাব—প্রচুর ঘর্ম্ম নির্গমন।

স্বেদজ (শে) [স্বেদ (ক্লেদ) হইতে জ (যে জন্মে)] বিণ, যাহারা স্বেদ হইতে জন্মে। ২। কৃমি দংশ মশক মক্ষিকাদি প্রাণী। স্বেদজ শাক—ছত্রক ; ছাতা।

স্বেদন (শেদন্) [স্বিদ্ + ণিচ্ = স্বেদি (ঘর্ম্মাক্ত করান) + অন (ভাবে)] বি, ক্লী ; স্বেদ নিঃসারণ ; ভাপ্‌রা। ২। স্বেদোৎপত্তি। স্ত্রী, স্বেদনী—লৌহনির্ম্মিত পাকপাত্র। স্বেদন যন্ত্র—স্বেদ্য ঔষধ পাক করিবার বৈদ্যক শাস্ত্রোক্ত যন্ত্রবিশেষ ; দোলাযন্ত্র।

স্বৈর (শৈ) [স্ব—ঈর্ (গমন করা) + অ (ভাবে—অল্)] বি, ক্লী, স্বেচ্ছাচার ; স্বাধীনতা। ২। স্বাচ্ছন্দ্য। ৩। বিণ, স্ববশ ; স্বাধীন। স্বৈরগতি—স্বাধীনগতি ; স্বচ্ছন্দ-গতি ; স্বৈরবৃত্তি—স্বাধীনবৃত্তি ; স্বেচ্ছাচার। বিণ, স্বৈরবৃত্ত।

স্বৈরচারী (শৈ) [স্বৈর—চর্ (গমন করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = চারিন্ ১মা, ১ব] বিণ, অবাধ্য ; স্বেচ্ছাচারী ; যথেচ্ছাচারী। স্ত্রী, স্বৈরচারিণী—ব্যভিচারিণী।

স্বৈরতা, স্বৈরিতা (শৈ) [স্বৈর—স্বৈরিন্ + তা (ভাবে)] বি, স্ত্রী, স্বাধীনতা ; যথেচ্ছা-চারিতা ; অবাধ্যতা। ২। ব্যভিচারিতা।

স্বৈরন্ধ্রী—সৈরিন্ধ্রি দ্রঃ।

স্বৈরপেশী (শৈ) [শরীর বিজ্ঞান পরিঃ] বি, হৃদয় ও পাকযন্ত্রের পেশী।

স্বৈরাচার (শৈরাচার্) [স্বৈর + আচার] বি, যথেচ্ছাচার। প্র—"বর্ত্তমান সময়ে বঙ্গ-সাহিত্যে লেখকগণের স্বৈরাচারের মাত্রা দিন দিন বাড়িয়া যাইতেছে।"—মর্ম্মবাণী, ১৩২২।

স্বৈরিণী (শৈরিনি) [স্বৈরী (দ্রঃ) স্ত্রীলিঙ্গে] বি, স্ত্রী, স্বাধীনা। ২। ব্যভিচারিণী ; কুলটা। প্র—"হায়, ভোজবালা কুন্তী কে না জানে তারে স্বৈরিণী"—বীরাঙ্গনা।

স্বৈরিতা—স্বৈরতা দ্রঃ।

স্বৈরিন্ধ্রী (শৈ) [স্বৈর (স্বাচ্ছন্দ্য) ধৃ (ধারণ করা) নিপাতনে] বি, স্ত্রী, যে নারী পরগৃহে স্বাধীনভাবে বাস করিয়া প্রসাধনানুলেপনাদি শিল্পকর্ম্ম করে।

স্বৈরী (শৈরী) [স্বৈর + ইন্ (কর্ত্তৃ—ণিন্)] বিণ, অবাধ্য ; স্বেচ্ছাচারী ; যথেচ্ছাচারী। ২। ব্যভিচারী। স্ত্রী, স্বৈরিণী।

স্বোপার্জ্জিত (শো) [স্ব (নিজের) + উপার্জ্জিত (সংগৃহীত)] বিণ, নিজের অর্জ্জিত ; স্বয়মুপার্জ্জিত। প্র—"পিতা স্বোপার্জ্জিত ধন পুত্রগণের মধ্যে যদৃচ্ছা বিভাগ করিয়া দিতে পারেন কিন্তু পিতামহ ধনে তাঁহার সেরূপ অধিকার নাই।"

হ

হ—ব্যঞ্জন বর্ণমালার ত্রয়স্ত্রিংশ এবং বর্ণমালার শেষ বর্ণ। কণ্ঠ হইতে উচ্চারিত হয় বলিয়া ইহা কণ্ঠ্যবর্ণ, অ উচ্চারণে শ্বাসবায়ু নিঃশেষিত প্রায় হইয়া আসিলে অবশিষ্ট বায়ু কণ্ঠ হইতে জোরে বাহির করিবার কালে হ উচ্চারিত হয়। এজন্য কোন কোন ভাষাতত্ত্ববিদ্ ইহাকে ব্যঞ্জন মধ্যে গণনাই করেন না। তাঁহাদের মতে ইহা "অ" এই স্বরের মহাপ্রাণ উচ্চারণ, হি-র অনুকরণে বঙ্গের কোন কোন স্থানে 'হ' স্থলে "অ" এবং কোথাও "অঃ" উচ্চারিত হয়। হি-তে "ঃ" স্থলে "হ" উচ্চারিত হয়। শ্বাস ত্যাগের সহিত ইহার অধিক সম্বন্ধ। কণ্ঠস্থ বায়ু নিঃশেষে বা খুব জোরে নাসিকারন্ধ্র দিয়া নির্গত হইলে হুঙ্কার বা হুঁ, হুম্ শব্দ হয়। উহা মুখব্যাদান করিয়া বহির্গত হইলে হাঁক বা হাঁকার, হাস্য, হায় হুতাশ প্রভৃতির শব্দে এবং ক্ষীণভাবে যুগপৎ নাসারন্ধ্র দিয়া ও ওষ্ঠদ্বয় ভেদ করিয়া বহির্গত হইলে হাঁফ বা হাঁপানির শব্দে পরিণত হয়। ২। [সং-তে] বি, শিব। (২) বিষ্ণু। (৩) চন্দ্র। (৪) স্বর্গ। (৫) মঙ্গল। (৬) রক্ত। (৭) শূন্য। ৩। অ, হঠাৎ। ৪। বিস্ময়-বাচক অব্যয়। ৫। খেদ। ৬। হর্ষ। ৭। হাস্য। ৮। নিন্দা ; ছিঃ। ৯। ত্যাগ। ১০। সম্মতি। ১১। সম্বোধন। ১২। পাদপূরণার্থে মাত্রাস্বরূপ। যথা, সেহ। ১৩। নিশ্চয়। ১৪। সন্দেহাত্মক প্রশ্নে ; বটে ; তাই নাকি। ১৫। যদ্যপি ; তথাপি। প্র—"দৃঢ় পাপী হলে হ আমার দণ্ড্য নয়"—শিবায়ন। ১৬। [প্রা-বাং। সং—অপি] এবং ; ও। প্র— "জর মরণহ"—বৌদ্ধ গান ও দোঁহা। ১৭। অনুজ্ঞা। প্র—রাখহ ; ধরহ। ১৮। বলদ মহিষ প্রভৃতিকে স্থির হইবার বা দাঁড়াইবার সঙ্কেত শব্দ। ১৯। ক্রি, হওয়া (দ্রঃ) ধাতুর ম-পু-রূপ, অসম্ভ্রমার্থে। মান্যার্থে—হন, হউন সমানার্থে—হও।

হআ [প্রা-বাং। সং—ভূ ধাতুজ] ক্রি, হওয়া দ্রঃ।

হই (হৈ) [সং—ভূ ধাতুজ। হি—হোয়] ক্রি, হওয়া (দ্রঃ) ধাতুর উ-পু—বর্ত্তমান-কালের রূপ। ২। হইব। প্র—"যষ্টি-গাছা অবলম্বন করিয়া যে অগ্রসর হই, হাতে সে শক্তি ছিল না।"—প্রদীপ, ১ম বর্ষ।

হইতে, হতে (হো) [সং—ভূ ধাতুজ ভবতঃ শব্দের উচ্চারণ বিকারে ভইতে—হইতে। অথবা ভবতঃ প্রাকৃতে হিন্তো বা হিংতো হইতে প্রাক্ হি—হন্তো হঁতো হুঁতো (ঠেঁট হি) আধু, অসঃ—হন্তে, প্রা-বাং—হন্তে ("হাড় হন্তে নির্ম্মিয়া করয় পুনি হাড়"—পদ্মাবতী. আলোয়াল) হইতে প্রা-বাং-য়—'হনে' ("সেই হনে প্রাণ মোর আছে বা না জানি"—মহা, সঞ্জয়) এবং মধ্য ও আধু বাং—হতে (কা হতে জনমিল জগতের যাতনা"—হেম বন্দ্যো ; সাধু ভাষায়—হইতে] অ, বাঙ্গালা ৫মী বিভক্তি চিহ্ন ; থেকে। হনে, হন্তে দ্রঃ।

হওত (তো) [হওয়া দ্রঃ। সাহেবী বাং ও তাহার অনুকরণে আধু-বাং-য় (কিন্তু বিরল)। তুল—করত] অস-ক্রি, হইয়া। প্র—"বৃদ্ধ পিতামাতা ও সতী স্ত্রীকে পরিত্যাগ পূর্ব্বক মদোন্মত্ত এবং দুষ্ক্রিয়ের সক্ত হওত আপনার তুল্য প্রকৃতি একটী ইতর জাতীয়া দাসীতে আসক্ত হয়"—পৌরাণিক ইতিবৃত্ত (স্মিথ), ১২৭৭ সাল।

হওন (ন্) [হওয়া দ্রঃ] বি, বর্ত্তন ; স্থিতি-

করণ। ২। জন্মগ্রহণ। ৩। সংঘটন। ৪। কোন ভাবে অবস্থায় বা আকারে পরিণত হওয়া। প্র—"কেবল ধার্ম্মিক হওনের বাঞ্ছা করিলেই ধার্ম্মিক হওয়া যায় না।"—টেকচাঁদ।

হওয়া [সং—ভূ ধাতুজ। হি—ভওয়া। উ-পু—হই। ম-পু—হও : হউন : হ। প্র-পু—হয় ; হয়েন। অস-ক্রি—হইতে : হ'তে : হইয়া : হ'য়ে সংক্ষেপে। ণিজন্ত—হওয়ান। বর্ত্তমানের রূপ—হইতেছে : হচ্চে। অতীতে—হইয়াছে ; হয়েছে : হইয়াছিল : হয়েছিল ; হইত। ভবিষ্যতে—হইবে : হবে] ক্রি, বর্ত্তমান থাকা : বিদ্যমান থাকা। ২। জন্মান। প্র—তাহার পুত্র সন্তান হইয়াছে। "যখন পুঁটু আমার হয় নাই, ভিখারীতে ভিখ নেয় নাই, ভাগ্যে পুঁটু হয়েছে, ভিখারীতে ভিখ নিয়েছে"—ছড়া। ৩। ঘটা। প্র—কি হবে কে জানে। ৪। আসা। প্র—যখন সময় হবে। ৫। জমা : সঞ্চিত হওয়া। প্র—তাহার হাতে টাকা হইয়াছে। ৬। অধিক হওয়া ; বাড়া। প্র—এখন বয়স হয়েছে আর বেশী পরিশ্রম করিতে পারে না : বেলা হল ; রাত হয়েছে। ৭। সঙ্কুলান হওয়া : কুলান। প্র—যে অল্প জিনিস এখন সকলের হইলে হয়। ৮। কার্য্য সিদ্ধি হওয়া ; সকল দিক্‌ রক্ষা হওয়া। প্র—সে সময়ের মধ্যে আসিলে হয়। ৯। পরিণত হওয়া। প্র—রক্ত জল হয়েছে। ১০। সম্পাদিত হওয়া। প্র—এ কাজটা কয় ঘণ্টায় হইল। ১১। পতিত হওয়া ; পড়া। প্র—এক পসলা জল হয়ে গেল ; বৃষ্টি হওয়া। ১২। প্রকাশ পাওয়া : উদয় হওয়া। প্র—রৌদ্র হওয়া : দিন হওয়া : সকাল হওয়া। ১৩। ব্যাপা। প্র—জ্বর কয় দিন হইল। ১৪। অতিবাহিত হওয়া : কাটা। প্র—এক মাস হইল তাহার দেখা নাই। ১৫। সম্পূর্ণ হওয়া। ১৬। [আশঙ্কার্থে] অনর্থপাত হওয়া। প্র—তবেই হয়েছে ; ওমা কি হবে। ১৭। নিজস্ব হওয়া ; আত্মীয় বা আপনার হওয়া। প্র—"নবীন নীরদে প্রাণ, তুই করেছিস দান সে কি তোর হবে ?"—ব্রজাঙ্গনা। ১৮। সম্ভাবনা। প্র—হয় হবে না হয় না হবে। রাম বলিল ব্যাপার এই, শ্যাম বলিল হবে (সম্ভব হইতেও পারে)। ১৯। সত্য বলিয়া গ্রাহ্য করা ; স্বীকার করা। প্র—তাহাই যেন হইল। ২০। উদয় হওয়া। প্র—মনে হয়। ২১। মেলা ; জোটা। প্র—তাহার একটা চাকরি হয়েছে। হয় আর কি, হয় হয় —হওয়া পক্ষে বিলম্বের অভাবসূচক ; সমাপ্ত-প্রায় হওয়া। প্র—"হয় হয় প্রায় ভোর, ভাঙ্গো ভাঙ্গো ঘুম ঘোর, সুস্বপ্ন-রূপিণী উনি উষারাণী সবে বলে।"—সারদামঙ্গল। হ'ল বলে—সমাধা পক্ষে আর বিলম্ব নাই। হ'লে হয়—সমাধার জন্য উদ্‌গ্রীব হওয়ার ভাব। হয় বা না হয়—হওয়া সম্বন্ধে সন্দেহ বা অনিশ্চয়। হয়কে নয়—হয় দ্রঃ। হয়ে আসা—মৃত্যু ঘনাইয়া আসা : শেষ নিকটবর্ত্তী হওয়া। প্র—ওর হয়ে এসেছে আর বড় বেশী দেরী নেই। ২। [প্রাদে—মেয়েলী] আর কিছু না থাকা : হরি ভক্তি উড়ে যাওয়া : অশ্রদ্ধা বা ঘৃণা হওয়া। প্র—"মালতীর উত্তর না পাইয়া ক্ষমা জনান্তিকে বলিল—উঃ ওমর দেখলে হয়ে আসে।"—ভারতী।

হংকার (হৃ) [সং—অহঙ্কার। প্রা-বাং] বি, অহঙ্কার। প্র—কিঅ মূলণাল হংকারবি জা(অ)ই"—বৌদ্ধগান ও দোহা।

হংস (শ) [সং] বি, পুং, লিপ্তপদ প্লবজাতীয় জলচর পক্ষিবিশেষ : হংস : হাঁস। ইহারা আকার, বর্ণ, গলদেশ, চঞ্চু ও পদের বিভিন্নতায় বহু শ্রেণীভুক্ত ও ভিন্ন ভিন্ন নামে অভিহিত। ২। পরমাত্মা : পরব্রহ্ম। ৩। বিষ্ণু। ৪। শিব। ৫। ব্রহ্মা। ৬। সূর্য্য। ৭। অশ্ব। ৮। মহিষ। ৯। মাৎসর্য্য। ১০। মেরুর উত্তরস্থ পর্ব্বতবিশেষ। ১১। গুরু। ১২। নরপতি। ১৩। সিতবর্ণ, পিঙ্গলচক্ষু, তাম্রবর্ণ শৃঙ্গ এবং বৃহৎ মুখ গাভী। ১৪। শরীরস্থ বায়ুবিশেষ : প্রাণবায়ু। ১৫। [তন্ত্রে] অজপা মন্ত্র : হং মন্ত্রে শ্বাস গ্রহণ বা প্রাণবায়ুর অন্তরে প্রবেশ এবং সঃ মন্ত্রে প্রশ্বাসের বহির্গমন হয় বলিয়া এই নাম। ১৬। [হিংসাবর্জ্জিত এবং হংসবৎ উৎপীড়ন সহ্যকারী বলিয়া নাম] অবধূতবিশেষ। ইঁহারা গৃহহীন লোকসম্পর্কশূন্য, ত্যাগী, স্ত্রীসহবাসবিরত, ধ্যানধারণারহিত, স্ববংশচিহ্নবর্জ্জিত, ক্রোধ, মোহ, চেষ্টা ও কামনা-রহিত এবং সদাসন্তুষ্ট। ইঁহারা যথালব্ধ ভক্ষ্য পানীয় দ্বারা জীবন ধারণ করেন। ১৭। [অন্য শব্দের পর যুক্ত হইলে] উৎকৃষ্ট ; শ্রেষ্ঠ ; প্রধান। স্ত্রী, হংসী—স্ত্রী হাঁস। ২। মৃদুগামিনী নারী। হংসকূট—বি, পুং, পর্ব্বতবিশেষ। ২। ককুৎ। হংসগদ্‌গদা —বি, স্ত্রী, হংসবৎ গদ্‌গদনাদিনী : মধুর ভাষিণী। হংসগমন—হংসের ন্যায় লীলায়িত ভাবে গমন। প্র—"হংস গমনে চলিল রাই"—গোবিন্দদাস।

হংসক (হংশক্) [হংস+ক, সংজ্ঞার্থে] বি, পুং হংসাকৃতি পাদাভরণবিশেষ ; ইহা রবশূন্য ("হংসকাদিদ্বয়ং রবশূন্যে হংসাকৃতি চরণভূষণে"—ভরত)। মতান্তরে—পাঁইজোর ; নূপুর। ২। [সঙ্গীতে] তালবিশেষ। ৩। রাজহংস। স্ত্রী, হংসিকা—হংসী।

হংসগামিনী (শ) [হংসগামিন্ শব্দ স্ত্রী, ঈপ্] বি, স্ত্রী, হংসবৎ গমনশীলা নারী। পুং, হংসগামী। হংসডিম্ব—হাঁসের ডিম

হংসনাদিনী (শ) [হংসনাদিন্ শব্দ – ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, হংসের ন্যায় মধুর নাদিনী : হংস গদ্‌গদা। ২। পরমা সুন্দরী স্ত্রী : ক্ষীণমধ্যা, বিপুলনিতম্বা হস্তীর ন্যায় মন্থরগামিনী এবং কোকিলকণ্ঠা স্ত্রী। হংসনাভ—মার্কণ্ডেয় পুরাণোক্ত পর্ব্বতবিশেষ। হংসপক্ষ—শুভসূচক কররেখাবিশেষ। হংসপথ—আকাশপথবিশেষ। হংসপদ—দুই তোলক পরিমাণ। হংসপাক যন্ত্র—বৈদ্যকোক্ত ঔষধ পাক করিবার যন্ত্রবিশেষ। হংসপাদী—গোয়ালে লতা। হংসবাহন—ব্রহ্মা। স্ত্রী, হংসবাহিনী—সরস্বতী। হংসমালা—বি, স্ত্রী, হংসশ্রেণী। ২। পাতিহাঁস। হংসযান—হংসবাহন : ব্রহ্মা। হংসরথ—বি, পুং, হংসবাহন ব্রহ্মা। হংসরাজ—ফল-পুষ্পহীন উদ্ভিদ্‌বিশেষ : maiden-hair fern. হংসরুত [হংস—রুত (শব্দ)] হংসধ্বনি। ২। ছন্দোবিশেষ। স্ত্রী, হংসরুতা—হংসের ন্যায় কলনাদিনী।

হংসাণ্ড (শা) [হংসের অণ্ড, ৬তৎ] বি, হাঁসের ডিম।

হংসাবলী (হংশাবোলি) [হংস + আবলী] বি, হংসমালা দ্রঃ।

হংসারূঢ় (শা) [হংসে আরূঢ়—৭তৎ] বি, পুং, ব্রহ্মা। স্ত্রী, হংসারূঢ়া—ব্রহ্মাণী।

হংসোদক (শোদক্) [হংস (শ্রেষ্ঠ) উদক (জল—পানীয়)] বি, নির্ম্মল জল : স্বচ্ছ বারি।

হক (ক্) [আ—হক্] বিণ, যথার্থ ; সত্য ; ন্যায্য। ২। বি, স্বত্ব : দাবী : ন্যায্য প্রাপ্য। প্র—"আমি জাল করি, চুরি করি, আপনারই হকের জন্য, তুমি চুরি করিয়াছ কার হকের জন্য ?"—কৃষ্ণকান্তের উইল। হকদার —ন্যায্য দাবীদার ; ন্যায্য অধিকারী। হক সফা—[আদাঃ পরিঃ] কোন বস্তু ক্রয় করিতে অন্যাপেক্ষা অধিক স্বত্ব ; right of preemption.

হকিকত (হো, ত্) [আ—হকীকৎ। আ—হক্ হইতে] বি, যাথার্থ্য ; ন্যায়। ২। ঠিক ঠিক বিবরণ ; বয়ান।

হকিয়ত (হোকিয়ৎ) [আ—হকীয়ৎ] বি, যাথার্থ্য ; সত্য : বাস্তবতা। ২। [আদাঃ পরিঃ] স্বত্বাবধারণের মোকদ্দমা ; স্বত্ব সাব্যস্তের নালিশ।

হকু (হো) [হউক—প্রাদে উচ্চারণ বিকারে] অ, হউক। প্র—"অস্তিক অগস্ত্য হকু অথবা দুর্ব্বাসা"—ধর্ম্মমঙ্গল (মাণিক)।

হকু (হো) [প্রা-বাং। হওয়া ধাতু। বর্ণ বিপর্য্যয়ে হউক (আধু-বাং)] ক্রি, হউক। প্র—"আমার লাগুক কড়ি তোমার হকু যশঃ" —কবিক। "হর প্রীতে হরি বল পাপ হকু ক্ষয়।"—শিবায়ন।

হকুক (হোকুক্) [আ—হক্‌ক্] বি, ন্যায্য অধিকার বা স্বত্ব।

হচ্ছে (হো) [হওয়া দ্রঃ] ক্রি, হইতেছে। হচ্ছে হবে—দীর্ঘ সূত্রতাসূচক : এড়াইয়া গড়াইয়া হইতেছে এবং এইরূপেই সমাধা হইবে। প্র—"হচ্ছে হবে, খাচ্চি খাব"—টেকচাঁদ।

হজ (জ্) [আ—হজ্ (স্থান প্রদক্ষিণ করা বা কোথাও যাওয়া)] বি, মক্কা তীর্থ দর্শন ও বিহিত কৃত্য সম্পাদন। প্র—"মক্কা থেকে 'হজ' করে ভাই, ফিরো নিজগ্রাম।"—রজনী সেন। হজ করা—মক্কাতীর্থ করা।

হজম (ম্) [আ—হজ্‌ম্] বি, পরিপাক। ২। আত্মসাৎ করণ। বিণ, হজমী—পরিপাক-জনক। হজমীগুলি—পরিপাককর বটিকা।

হজরত (হজ্‌রৎ) [আ—হজ্‌রৎ] বি, উপস্থিতি। ২। প্রভু। প্র—"দেখা কৈল হজরতে বজা আনে খেদমতে গোলামের এ বড় ইনাম।"—অ-ম। ২। মহাপুরুষের নামের পূর্ব্বে সম্মানার্থ ব্যবহৃত হয়। যথা—হজরত মহম্মদ। ৩। মহাশয় ; সম্মানসূচক সম্বোধন।

হজ্জত (ত্) [আ—হুজ্জৎ] বি, হুজ্জৎ দ্রঃ।

হট (ট্) [হঠ দ্রঃ] বি, চাতুরী ; ছল ; ছলনা। প্র—"নিবাসে নাহিক কাজ বীর সনে হট।"—কবিক। ২। হঠাৎ। হট করে—ক্রি-বিণ, শীঘ্র ; থপ করে। প্র—"হট করে হৈমবতী দিতে আনে ভাত। শার্দ্দূল ঝম্পনে সব আগুলিল পাত।"—শিবায়ন।

হটকঠ্যাং (টোক্) [হট্‌কা (ঢেঙ্গা) ঠ্যাং (পা)] বি, যাহার খুব রোগা ঢেঙ্গা ঢেঙ্গা পা : সৌন্দর্য্যহীন হাড়সার লম্বা পা। ২। এক দিকের পায়া বেশী উঁচু বলিয়া উঁচু নীচু ও নড়-নড়িয়া।

হটর হটর (হটোর্ হটোর্) [শব্দাত্মক। হট্ হট্ করিয়া ক্রমাগত শব্দ অর্থে হটর ; দীর্ঘপথ চলা অর্থে দ্বিত্ব] অ, গরু মহিষাদির গাড়ী হট হট করিয়া চাকার শব্দ করিতে করিতে ঢিকাইতে ঢিকাইতে চলা।

হটন (ন)—হঠা দ্রঃ।

হটা—হঠা দ্রঃ

হট্‌কা [হড্ডিকা (হাড়সার কৃশ) হইতে ? বি, দীর্ঘ ও কৃশ। ঢেঙ্গা হট্‌কা—রোগা ও লম্বা।

হট্ট [হট্ (প্রকাশ পাওয়া) + ট (কর্ত্তৃ)] বি, বি, পুং, সাধারণের জন্য ক্রয় বিক্রয়ের মুক্ত স্থান : হাট। হট্টগোল—বি, হাটে যেরূপ গোলমাল হয় সেইরূপ গোলমাল : গণ্ডগোল গোলমাল। প্র—"৩০ জন বালক এক শ্রেণীতে পড়িলে হট্টগোল হয়।"—আলাল (টেকচাঁদ)। হট্টবিলাসিনী—বি, স্ত্রী, বেশ্যা : বারাঙ্গনা ২। গন্ধৌষধিবিশেষ। হট্টমন্দির—হাট চালা : হাটের যে গৃহে বসিয়া হাটুয়ারা পণ্য বিক্রয় করে।

হট্টা [হঠ (দ্রঃ) বিকারে] বি, হঠকারী গোঁয়ার। প্র—"এত হট্টের সঙ্গে থেকে শিখেছে হট্টতা কিরূপে তাহারা শিখিবে সভ্যতা।"—রূপচাঁদ পক্ষী।

হঠ (ঠ্) [হঠ্ (বলাৎকার করা) + অ (ভাবে—অল্)] বি, পুং, বলপ্রয়োগ ; বল-প্রকাশ। প্র—"গরবে না কর হঠ লুবধ মুরারি॥"—বি, প। ২। পশ্চাদ্‌গতি। ৩ পরাজয় ; হারি। প্র—"হঠ নাহি মান।"—বি, প। ৪। অবিবেচনা ; অবিমৃষ্যকারিতা। ৫। ক্রি-বিণ, বলপূর্ব্বক। ৬। উপেক্ষা। প্র—"এ ধনি সুন্দরি করে ধরি তোর হঠ না করহ মহত রাখ মোর॥"—বি, প। ৭। বিবাদ ; শত্রুতা। প্র—"আমা সনে করে হঠ চরণে লঙ্ঘয়ে ঘট হৈল বেটা এত অহঙ্কারী।"—কবিক। হঠ বন্দী করা—বলপূর্ব্বক কারারুদ্ধ করা। হঠসঞে—[হঠ—সঞে = হি-সে (সঙ্গে, সহ)] অ, হঠাৎ। প্র—"হঠ সঞে পৈঠয়ে শ্রবণক মাঝে তৈখনে বিগলিত তনু মন লাজে।"—বি, প।

হঠকারী [হট (দ্রঃ) কারী] বিণ, অবিমৃষ্য-কারী ; অবিবেচক ; যে ভাবিয়া চিন্তিয়া কাজ করে না। ২। বলপ্রকাশকারী। ৩। অন্যায়কারী। ৪। অভদ্র ; গোঁয়ার। বি, হঠকারিতা—অবিবেচনা। ২। অন্যায়। ৩। বলাৎকার। ৪। অভদ্রতা ; । ৫। হঠাৎকার।

হঠা [হটা দ্রঃ। সং—হঠ্ (গতি অর্থে)। উ-পু —হঠি। ম-পু—হঠ ; হঠুন ; হঠ্। প্র-পু —হঠে ; হঠেন। অস-ক্রি—হঠিতে ; হঠিয়া হঠি (পদ্যে) হঠে (গ্রা) সংক্ষেপ। ণিজন্ত—হঠান (দ্রঃ)] ক্রি, পশ্চাদ্গমন করা ; পিছনে হাঁটা। ২। পরাভূত হওয়া ; পরাস্ত হওয়া। প্র—"হিন্দুরা বাছা বাছা যোয়ান আর সংখ্যাতে বেশী মুসলমানেরা তাহাদিগের কাছে হটি-তেছে।"—সীতারাম (বঙ্কিম)। ৩। স্থানান্তরে যাওয়া : সরা।

হঠাৎ [সং] অ, ক্রি-বিণ, অকস্মাৎ : দৈবাৎ।

হঠাৎকার (র্) [হঠাৎ (দ্রঃ) কার] বি, হঠকারিতা : অবিবেচনা : গোঁয়ারতমি। প্র—"যে কালের যে উচিত সেই সে কর্ত্তব্য। হঠাৎকারে করে কর্ম্ম সে অতি অভব্য।"—রামা (জগৎরাম)। ২। অচিরাৎ : সহসা। ৩। কৌশল, শঠতা ; চাতুরী। প্র—"লক্ষ্মী সরস্বতী শঙ্খ দুটী বাই পরি। হঠাৎকারে হরির লইল মন হরি।"—শিবায়ন

হঠান, হঠানো [হঠা (দ্রঃ) ধাতুর ণিজন্তরূপ। উ-পু—হঠাই। ম-পু—হঠাও। প্র-পু—হঠায়। অস-ক্রি—হঠাইতে : হঠাইয়া ; হঠায়ে] ক্রি, পশ্চাদ্গমনে বাধ্য করা। ২। পরাস্ত করা ; পরাভব করা। ৩। স্থানান্তরিত করা : সরান।

হড়কা (ড্) [হোড় দ্রঃ] বিণ, পিচ্ছিল। ২। [হি—ঝিড়কা] হঠাৎ আকর্ষণ ; ঝট্‌কা। ৩। হড়পা দ্রঃ।

হড়কান (হড়্‌কানো) [হড়কা (দ্রঃ) + আন (ক্রিয়ায়) । উ-পু—হড়কাই। ম-পু —হড়কাও ; প্র-পু—হড়কায়। অস-ক্রি—হড়কাইতে : হড়কাইয়া : হড়কে (হোড়্‌কে)] ক্রি, গড়ানিয়া বা পিচ্ছিল স্থানে পিছলান বা স্থানভ্রষ্ট হওয়া।

হড়গড়ান (হড়্‌গড়ানো) [শব্দাত্মক। তুল —হড়হড়, গড়গড়] ক্রি, ঢালু স্থানে গড়াইয়া পড়া। বিণ, হড়গড়ানিয়া, হড়-গড়ানে।

হড়পা (ড়) [প্রাদে] বি, নদীতে যে বান হঠাৎ আসে। প্র—বর্ষাকালে হড়পা আসে।

হড়পি, হড়পী (হোড়্‌পি) [সাঁপুড়া (দ্রঃ) হইতে হাপুড়া ক্রমে হড়পা পরে হড়পি (ক্ষুদ্রার্থে ই, ঈ যোগ)] বি, সর্প রাখিবার পেড়ী ; সাঁপুড়া। প্র—"সুখে নিদ্রা যাও তুমি হড়পি ভিতরে।"—মনসার ভাসান (ক্ষেমানন্দ)। ২। সম্পুট ; পেড়ী। প্র—"মনে বড় কুতুহলী কান্ধেতে কড়ির থলী হড়পী তরাজু করি হাতে।"—কবিক। ৩। [টানিবার 'হড় হড়' শব্দ হইতে ?] দেরাজের টানা বাক্স বা খোপ।

হড়বড় (ড্, ড্) [হি। হড়—হঠ (দ্রুত-গতি) ধাতুজ, বড় (হি, বর্, বড়্, বকা অর্থে)] বি, অস্পষ্ট দ্রুত কথন। বিণ, হড়বড়িয়া, হড়বড়ে।

হড়বড়ান (হড়্‌বড়ানো) [হি—হড়বড়ানা। হড়বড় দ্রঃ] ক্রি, গোলমাল করিয়া অতিদ্রুত কথা বলা। ২। অতি ব্যস্ততা হেতু বিশৃঙ্খল ভাবে কার্য্য করা।

হড়মড় (ড়, ড়) [শব্দাত্মক] অ. শুষ্ক চর্ম্মাদির নাড়ানাড়ির শব্দ। প্র- "শিলা পড়ে তড় তড়, ঝড় বহে ঝড় ঝড়, হড়মড় কড়মড় বাজে।" —অ. ম। ক্রি. হড়মড়ান (নো)। বি. হড়মড়ী (মো)। প্র -"হড়মড়ী মেঘের ভেকের মকমকী।"—অ. ম।

হড়হড় (ড়, ড়) [হড়কা দ্রঃ। ক্রমাগত অর্থে দ্বিত্ব] বি. পিচ্ছিলতা। ২। ঢাল বা পিচ্ছিল পথে গড়াইবার অবস্থা। ৩। জোরে টানিবার শব্দ : হিড়হিড় দ্রঃ। বিণ. হড়হড়িয়া, হড়হড়ে—পিচ্ছিল। ক্রি. হড়হড়ান (নো) পিচ্ছিল হওয়া। ২ পিচ্ছিল পথে গড়াইয়া যাওয়া।

হড়া [হি—অড়হর, হোরা] বি. গাছ সহিত অড়হর, মটর, ছোলা প্রভৃতি। হড়া-পোড়ান—গাছ সহিত অড়হর, ছোলা মটরাদি কলাই দগ্ধ করা।

হড়িক (হোড়িক্) হড়িক দ্রঃ।

হড়িয়াল (হো, ল্) বি. হরিয়াল পক্ষী।

হড্ড [সং] বি. ক্লী. অস্থি : হাড়।

হড্ডক (ক্) [সং] বি. পুং. হাড়িজাতি।

হড্ডজ [হড্ড (হাড়) জ (জাত)] বি. ক্লী. মজ্জা।

হড্ডিক (হোড্‌ডিক্) [সং] বি. পুং. হাড়ি-জাতি। ২। মলগ্রাহী : ঝাড়ুদার : sweeper স্ত্রী. হড্ডিকা—হাড়িনী। প্র—"বল্লালের হড্ডিকা সংস্রব ঘটিলে"—বাঙ্গালার সামাজিক ইতিহাস।

হড্ডিপ (হোড্ডিপ্) [সং] বি. পুং. হাড়ি।

হণ্ডে [সং] অ. দাসীকে সম্বোধন করিবার শব্দ।

হণ্ডা [হণ্ডিকা দ্রঃ। হি—হাণ্ডা] বি. হণ্ডী অপেক্ষা বৃহৎ পাত্র ; হাঁড়া।

হণ্ডিকা, হণ্ডী (হো. হো) [হণ্ডা+ক—আপ্ স্ত্রী. পক্ষে ঈপ্] বি. স্ত্রী. মৃৎপাত্র-বিশেষ ; হাঁড়ী।

হত [হন্ (বধ করা) +ত (কর্ম্মে—ক্ত)] বি. নিহত ; নাশপ্রাপ্ত ; বধপ্রাপ্ত। ২। বিনষ্ট। ৩। আহত। ৪। ব্যাহত। ৫। প্রতিহত। ৬। বিগত। ৭। মৃত। ৮। মন্দ। প্র—হতভাগ্য। ৯। কুৎসিত। হতজীবিত—বিণ. মৃত ; গতায়ু। ২। ক্লী. নৈরাশ্য। হতজ্ঞান—বি. অবজ্ঞা। ২। বিণ. অচৈতন্য ; জ্ঞানশূন্য। হতপুত্র—যাহার পুত্র হত হইয়াছে ; পুত্রহীন। প্র—"তুম্মি পুত্রে হেন আহ্মি হতপুত্র হইল।"—মহা (শ্রীকর)। হতবুদ্ধি—নষ্টবুদ্ধি ; কিংকর্ত্তব্যবিমূঢ়। হতভাগ্য—মন্দভাগ্য ; দুরদৃষ্ট। স্ত্রী—হতভাগা। হতমূর্খ—হস্তিমূর্খ ; অতিশয় মূর্খ ; গণ্ডমূর্খ।

হতচ্ছাড়া, হতচ্ছারা [সং—হতশ্রী অপ-ভ্রংশে হতচ্ছিরি—হতচ্ছিরা, র—ড] বিণ. লক্ষ্মীছাড়া : নষ্টশ্রী : হতভাগ্য। প্র—"দুনিয়ার যত হতচ্ছাড়া বখা"—ভারতী ১৩২১। "হায় গো কোন পাপে হতচ্ছারা কাপে কুলীনের মেয়ে কি নিয়ে বিয়ে দিলেন বাপে" —দ্বিজেন্দ্র রায়।

হতত্রপা (হততত্রপা) [হত (গত) হইয়াছে ত্রপা (লজ্জা) যে নারীর] বিণ. লজ্জাহীনা : নির্লজ্জা। প্র —"গতভক্তে হতত্রপা হৈতে গেল স্নানা॥" শিবায়ন। "হতত্রপা গোয়ালিনী যুবতী উন্নত-স্তনী বসেছে ব্রহ্মার কাছে ঠেসে।"—শিবায়ন। পুং. হতত্রপ—বেহায়া : নির্লজ্জ।

হতভম্ব, হতভোম্বা [হত—ভম্ব (মতি—বুদ্ধি হইতে ?)] বিণ. কিং কর্ত্তব্যবিমূঢ় : হতবুদ্ধি। প্র—"কবি গৈল হতভোম্বা চিত্তুর পন্দা ফাঁক।"—হেম বন্দ্যো। "বামার মা হতভম্ব হইয়া মুক্তির সেই জ্বলন্ত চোখের পানে চাহিয়া রহিল।"—ভারতী, ১৩২০।

হতস্মর (হতশ্‌শর) [হত (বিনষ্ট) স্মর (কাম-দেব) যৎ কর্ত্তৃক, বহু] বি. পুং. কন্দর্পনাশন : শিব।

হতাদর (র্) [হত (বিনষ্ট) যে আদর, কর্ম্মধা] বি. অনাদর ; অপমান : অমর্য্যাদা। ২। বিণ. অনাদৃত : অবজ্ঞাত।

হতাধ্বর (হতাদ্ধর) [হত (বিনষ্ট) হইয়াছে অধ্বর (যজ্ঞ) যৎ কর্ত্তৃক, বহু] বি. পুং. মহাদেব।

হতাশ (শ্) [হত (বিনষ্ট) আশা (আকাঙ্ক্ষা) যাহার, বহু] বিণ. নষ্ট আশা ; নিরাশ। ২। ভগ্নহৃদয়। ৩। নিষ্ফল। ৪। অবসন্ন।

হতে (হো) [হইতে (দ্রঃ) শব্দের সঙ্কুচিত আকার মনে করিয়া হ'তে এইরূপ লিখিত হয়] অ. হইতে ; থেকে। প্র—"কা হতে জনমিল" —হেম বন্দ্যো।

হতে, হ'তে (হো) [হওয়া দ্রঃ] অস-ক্রি. জন্মিতে ; ঘটিতে : থাকিতে ইত্যাদি। হতে কর্ত্তে,—কত্তে—আনুপূর্ব্বিক কার্য্য সামাধা হইতে ; কার্য্যপরম্পরা গতিতে। প্র—"হতে কত্তে যতদিন যায় তাহার পরে ডিক্রি হউক বা ডিস্‌মিসই হউক।"—টেকচাঁদ। হতে পারে —হওয়ার সম্ভাবনাবোধক ; সম্ভবতঃ। হতে হতে—হইবার কালে ; কার্য্যারম্ভের পর ও সমাধার পূর্ব্বে।

হতোঽস্মি (হতোশ্‌শি) [হত (বিনষ্ট) অস্মি (অহং—আমি) মধ্যবাং-য় ইহার ভূরি প্রচলন ছিল, আধু-বাং-য় অপ্র হইয়া আসিতেছে] বিণ. আমি বিনষ্ট হইলাম এই খেদোক্তি। হা হতোঽস্মি—হায় হায় মরিলাম। হা দ্রঃ। স্ত্রী. হতাস্মি।

হতৌজাঃ [হত (বিনষ্ট) ওজস্ (বল) যাহার, বহু] বিণ. নিস্তেজ।

হত্তা [সং—হর্ত্তার গ্রা উচ্চারণ] বিণ. হর্ত্তা দ্রঃ। হত্তা কত্তা বিধাতা—হর্ত্তা দ্রঃ।

হত্তুকি (হোৎতুকি) বি. হরীতকী দ্রঃ।

হত্তেল (হোৎতেল্) বি. হরিতাল দ্রঃ।

হত্যা [হোৎত্যা) [হন্ (বধ করা) +য. ভাবে (ক্যপ্) : ন—ত] বি. স্ত্রী. প্রাণনাশ : বধ। ২। হিংসা। হত্যা করা—বধ করা। হত্যাকারী—ঘাতক।

হত্যে (হোৎতে) [সং—হত্যা। গ্রা] বি. হত্যা। হত্যে দেওয়া—ধন্না দেওয়া।

হতে (হোৎতে) ["হইতে" দ্রুত উচ্চারণে ; প্রাদে] অ. হইতে। প্র—"সৎ কথা শ্রবণ হতে হয় হরিভক্তি।"—শিবায়ন।

হদন (ন্) [সং—হদ্ (মলত্যাগে) +অন (ভাবে)] বি. মলত্যাগ।

হদিস, হদিশ (হোদিশ্) [আ—হদীস্] বি. মুসলমান ইতিহাস। ২। হজরত মহম্মদ হইতে পরম্পরাগত উক্তি : মুসলমান স্মৃতিশাস্ত্র। প্র—"কালে * * হাকিমী বা চিকিৎসা গ্রন্থ এবং হদিস্ বা ধর্ম্মশাস্ত্রীয় গ্রন্থ প্রভৃতির অনুবাদ ও ব্যাখ্যা সঙ্কিত দেখিতে পাইব।"— ৩। তত্ত্ব : খোঁজ খবর ; সন্ধান। প্র—"দুই বৎসরের মধ্যে বহু চেষ্টা করিয়াও সরলা তাহার কোন হদিশ পায় নাই।"—স্বর্ণলতা।

হদ্দ [আ—হদ্] বি. সীমা। ২। শেষ : পর্য্যন্ত। ৩। চরম : চূড়ান্ত। প্র—হদ্দ মজা। ৪। বড়জোর : বেশী হইলেও। প্র—"আবাদ হদ্দ ২০ বিঘা"—নীলদর্পণ। "আয়েস খালি খোঁপা বাঁধা নয় বিনন ঝারা, হদ্দ হলো কচি ছেলে টেনে এনে মারা!"—হেম বন্দ্যো। ৫। নিন্দার একশেষ : খারাবির চূড়ান্ত। প্র— "হদ্দ করলি পদ্মদিদি অম্বলে দিলি আদা"—। হদ্দজবাব—প্রত্যুক্তি। হদ্দতলব—পাওনার তলব। হদ্দমজা—আমোদের এক শেষ বা রসিকতার চূড়ান্ত। বেহদ্দ—[বে দ্রঃ] অতিরিক্ত। প্র—"বেখ্যার বেহদ্দ পেশা কথা বেচে খায়"—হেম বন্দ্যো। সরহদ্দ—সীমা ; ক্ষেত্রের চতুঃসীমা।

হন [শব্দাত্মক ; শন্ বা স্বন্ হইতে] বি. বেগে হাঁটিবার শব্দ। ব্যাপ্ত্যর্থে—হন্ হন্। প্র—"হ্যালো হন্ হন্ করে কোথায় চলেছিস্।" ভারতী, ১৩২০।

হন (ন্) [হওয়া (দ্রঃ) ধাতুর প্র-পু রূপ, সম্ভ্রমার্থে)] ক্রি. হয়েন। প্র—"নিত্যা হন্ তিনি জগৎরূপিণী তাঁহে ব্যাপ্ত এই সব।"—চণ্ডী (মহেন্দ্রনাথ মিত্র)। ২। [হউন সংক্ষেপে] হওয়া ধাতুর ম-পু, সম্ভ্রমার্থক রূপ। প্র—আপনি রাজাই হন আর যাই হন বিনি

রাজার রাজা তাঁর আদেশ আপনাকে মানিতেই হইবে।

হনন (নন্) [হন্ (বধ করা) + অন (ভাবে—অনট্)] বি, ক্লী, মারণ ; ঘাতন ; বধ। ২। নিষ্পীড়ন ; নিষ্পেষণ। প্র—"অনন্তর বলবান্ জিষ্ণু বক্ষোদ্বারা কিরাতকে হনন করিলে, বলশালী কিরাতও বিচেষ্টমান অর্জ্জুনকে বক্ষোদ্বারা হনন করিলেন। তাঁহাদিগের পরস্পর হস্ত-নিষ্পেষণ ও বক্ষস্থল-সজ্ঘর্ষণে উভয়ের গাত্রে অঙ্গারধূমযুক্ত অগ্নি উৎপন্ন হইতে লাগিল।" মহা-বন (বর্দ্ধমান)। ৩। [গণিত-পরিঃ] পূরণ ; গুণন।

হনু, হনূ (হোনু) [সং] বি, কপোলের উপরিভাগ ; চোয়াল ; প্র—"ভগ্ন হনু উচ্চ হনু শীর্ণ তনু ফুল্ল তনু, কত জাতি বানর বিহরে।"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)। ২। হনুমান দ্রঃ।

হনু (হোনু) [হওয়া দ্রঃ। হইলাম—হইনু—হনু (সংক্ষেপ)] ক্রি, হইলাম। প্র—"বাহির হনু তিমির রাতে"—রবি।

হনুমন্ত (হো) বি, হনুমানের সম্মানসূচক প্রতি শব্দ। প্র—"সেই বনে আছে মহাবল হনুমন্ত" —মহা-বিজয়।

হনুমান, হনূমান (হো) [হনু + মৎ (মতু) (অস্ত্যর্থে) = হনুমৎ ১মা, ১ব] বি, পুং, অঞ্জনা-বানরীগর্ভজ পবনপুত্র।

হনে [প্রা-বাং হন্তে। প্রাদে, পূঃ বঙ্গে। প-বঙ্গে—সাধু হইতে, প্রা—হতে। হইতে দ্রঃ] অ, হইতে ; থেকে। প্র—"বস্তা হনে খাইলে ভুটী" —মনসামঙ্গল (বংশীবদন), ১৬শ শতাব্দী।

হন্তব্য (হন্তোব্ব) [হন্ (বধ করা) + তব্য (কর্ম্মে)] বিণ, বধ্য ; হননযোগ্য।

হন্তা [হন্ (বধ করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = হন্তৃ ১মা, ১ব] বিণ, হননকারী, যে হনন করে ; ঘাতক। ২। বিনাশক। ৩। বিঘ্নকারী। স্ত্রী, হন্ত্রী। **পিতৃহন্তা**—পিতৃহত্যাকারী। **মাতৃহন্তা**—মাতৃহত্যাকারী। **হন্তা খন্তা** —[গ্রা] খুন করিলে লোক যেরূপ অব্যবস্থিত-চিত্ত ও ত্রস্ত হয় ; ভীতত্রস্ত।

হন্তারক (ক্) [বাং-য়। সং—হন্তা] বি, বিনাশক ; বধকর্ত্তা ; মারক। প্র—"সেই হন্তারক প্রাণে"—গান।

হন্তি (হোন্তি) [প্রা-বাং হওয়া ধাতুতে সম্ভ্রমার্থ অন্তি যোগে। হয়েন্ত দ্রঃ] ক্রি, হয়েন ; হন। প্র—"অর্জ্জুনের মাও কুন্তী বাপের ভগিনী হন্তি শুন মাও আহ্মার বচন।"—মহা (শ্রীকরণ)।

হন্তে—হইতে দ্রঃ।

হন্দর (র্) [ইং—hundredweight.] বি, ১১২ পাউণ্ড ওজন ; প্রায় একমণ ১৫ সের। ২। [ইং—hundred] তাস খেলায় শত (টেক্কা, সাহেব, বিবি, গোলাম ও দশ অথবা ক্রমোচ্চ বা ক্রমনিম্ন ৫ খানা তাস এককালে হাতে আসিলে শ হয় এইরূপ ৪ টেক্কায়, ৪ সাহেবে, ৪ বিবিতে, ৪ গোলামে ইত্যাদি বিভিন্ন খেলায় ভিন্ন ভিন্ন গণনায় শ হয়)।

হন্যমান (হোন্নোমান্) [হন্ (বধ করা) + আন (কর্ম্মে আনশ্) য ম আগম] বিণ, যে, নিহত হইতেছে ; যাহাকে বধ করা যাইতেছে। প্র—"নিজ সৈন্য হন্যমান দেখিয়া রুষিল বাণ।" —শিবায়ন।

হন্যে, হন্নে (হোন্নে) [সং—হন্তা = হন্না, গ্রা—উচ্চারণ বিকারে হন্নে, সং—হনন (হত্যা) + বাং—ইয়া (কর্ত্তৃ, কারী অর্থে)—হননিয়া = হন্যে (সংক্ষেপে)] বিণ, হত্যাকারী ; ঘাতক ; খুনী। ২। ক্ষিপ্ত। **হন্নে হওয়া**—হনন বা দংশন করিবার জন্য ক্ষেপিয়া উঠা। ২। খুন চাপা।

হপ্তা [ফা—হফ্‌তা] বি, সপ্তাহ ; সপ্তা দ্রঃ। **হপ্তার বাজার,—হাট**—যে বাজার বা হাট সাত দিন অন্তর বা প্রতি সপ্তাহে একবার বসে। **হপ্তা হপ্তা**—প্রতি হপ্তা।

হফ্‌সট (শট্) [প্রা-বাং] বি, মন্ত্রপূত করিয়া স্থাপন। প্র—"পচ্ছিম দুআরে পণ্ডিত সৈতাই জার চারি সব গতি। হফ্‌সট দিআ তাহাক রহাইল মণ্ডপে হইল উপনীতি॥"—শূ-পু।

হব, হইব (বো) [হওয়া (দ্রঃ) ধাতুর উ-পু ভবিষ্যৎকালের রূপ। কিন্তু হি-র অনুকরণে প্রা-বাং-য় প্র-পু—রূপ "হইবে" অর্থে প্রচলিত ছিল] ক্রি, হইবে। প্র—"তার এক পুত্র হইব বিখ্যাত ভুবনে॥"—মহা (বিজয়)। "অর্জ্জুনের বাণে তার হব শিরশ্ছেদ"—ঐ। "একজন নিলে আনেরমনে দুঃখ হব।" —চৈ-চরিত। ২। হওয়া ধাতুর উ-পু—ভবিষ্যৎ কালবাচক পদ। প্র—"আমরাও হব হে অমর" —হেম বন্দ্যো। [দ্রঃ—হবো বানানও চলে] প্র—"আমরাও হবো বরণীয়"—হেম বন্দ্যো।

হব, হবন (ন্) [হু (হোম করা) + অ, অন (কর্ম্মে—অল্, অনট্)] বি, হোম ; যজ্ঞ।

হবচন্দ্র, হবুচন্দ্র (হো) [হাবা (বোকা অর্থে) হইতে হব, হবু (আদরার্থে) + চন্দ্র (শ্রেষ্ঠার্থে বা ভব্যতার্থে)] বি, কবিকল্পিত জনৈক মূর্খ ও নির্ব্বোধ রাজা। ২। [লক্ষণায়] হাবারাম ; হাঁদা। **হবুচন্দ্র রাজার গবুচন্দ্র মন্ত্রী**—যেমন হাঁদারাম রাজা তেমনি তাঁর গাধারাম মন্ত্রী।

হবনীয় [হু (হোম করা) + অনীয় (কর্ম্মে)] বিণ, হোম করিবার উপযুক্ত ; যজ্ঞীয়। ২। [করণে অনীয়] হব্য। ৩। চরু। ৪। হবা [আ—হবা। ইং—eve] বি, আদি মানব আদমের স্ত্রী ; আদি মানবী। খৃষ্টান ও মুসলমান পুরাণে ইনি মানবজাতির জননী।

হবিঃ, হবি (হো) [হু (হোম করা) + ইস্ (করণে)—হবিস্] বি, ক্লী, হোমের ঘৃত ; হব্য। প্র—"ঢাল ঢাল হবি আর চন্দন কাষ্ঠের ভার পাবকে প্রবল কর মনের মতন।"—বাং-গান। ২। হোম। ৩। ঘৃত। **হবিরশন**—[হবিঃ + অশন] ঘৃত-ভোজন। ২। [হবিঃ অশন (ভক্ষ্য) যাহার, বহু] অগ্নি। **হবির্গন্ধা**—[হবিস্ [ঘৃতের) মত গন্ধ যাহার, বহু] শমী। **হবির্গেহ**—[হবিঃ + গেহ] হোমের উপকরণ রক্ষা করিবার গৃহ ; যজ্ঞগৃহ। **হবির্ভুক্**—[হবিঃ + ভুক্ (ভোজনকারী)] দেবতা। ২। অগ্নি। **হবির্মন্থ**—[হবিঃ + মন্থ] গণিকারী বৃক্ষ।

হবিত্রী (হোবিৎত্রি) [হু (হোম করা) + ইত্র (অধি) ঈপ্, স্ত্রী, হোমকুণ্ড।

হবিষ্য (হোবিশ্‌শ) [হবিস্ (ঘৃত) + য (ভবার্থে যৎ) গ্রা—হবিখ্যি ; হবিষ্যি] বি, ক্লী, আমিষ বর্জ্জিত সঘৃত আতপান্ন।

হবিষ্যান্ন (হোবিশ্‌শান্ন) [হবিষ্য + অন্ন] বি, হবিষ্য দ্রঃ। প্র—"হায়রে তাহারি জন্য একাহারে হবিষ্যান্ন।"—কুঙ্কুম।

হবিষ্যি, হবিখ্যি (হোবিশ্‌শি, হোবিখ্‌খি) বি, হবিষ্য দ্রঃ। **হবিষ্যি করা**—ব্রহ্মচর্য্য রক্ষা করিয়া সর্ব্বপ্রকার আমিষ বর্জ্জিত সঘৃত আতপান্ন প্রত্যহ একবার ভোজন করা।

হবু (হো) [হওয়া ধাতুজ। ভবিষ্যৎ অর্থে হইবে, —হবে—প্রা-বাং-য় হব + উ (কর্ত্তৃ। তুল—হি ইআ বা উআ, যথা,—হৈয়া = হোনেবালা, যাহা হইবে)] বিণ, যাহা হইবে ; যিনি হইবেন বা যে হইবে ; ভাবী। প্র—হবু বিবাহ। হবু জামাই।

হবুথবু (হো, থো) [জবুথবু দ্রঃ। হবু (হাবা, নির্ব্বাক্) থবু (স্থবির)] বিণ, জড়সড় ; হতভম্ব। প্র—"সবাই তুফান ভাবে ভয়ে হবু থবু"—হেম বন্দ্যো।

হব্য (হোব্ব) [হু (হোম করা) + য (করণে)] বি, ক্লী, হবনীয় দ্রব্য ; হবি ; ঘৃত। ২। [ভাবে য] হোম। ৩। চরু। ৪। বিণ, হোমযোগ্য ; যজ্ঞীয়। ৫। [কর্ত্তৃ—য] বি, পুং, শাকদ্বীপাধিপতি। **হব্যকব্য**—[হব্য (ঘৃত) এবং কব্য (পিতৃশ্রাদ্ধীয় দ্রব্য), দ্বন্দ্ব] বি, হোমের ঘৃত এবং পিতৃ শ্রাদ্ধের দ্রব্য। প্র—"যজ্ঞগেহ ভাঙ্গি কেহ হব্যকব্য খাইছে।"—অ, ম। **হব্যপাক**——হোমের জন্য পক্ক দ্রব্য ; চরু। ২। হব্য

পাক করিবার পাত্র। হব্যবাহ—হোমের ঘৃত বহনকারী ; হোমাগ্নি ; অগ্নি।

হম (ম্) [প্রা-বাং-পদাবলীতে। হাম দ্রঃ] সং—আমি। প্র—"সখি। হম জীয়ব কথি লাগি।"—বি, প। সম্বন্ধে হমার, হমারি=আমার। প্র—"বলে নাহি লেওত জীবন হমার" —বি, প। "আকুল করি গেও হমারি পরাণ"—ঐ। কর্ম্মে—হমে=আমাকে। হমহুঁ=আমিও।

হম্বা [হাম্বা দ্রঃ] বি, অনুকরণ শব্দ। ২। গরুর ডাক।

হ-য-ব-র-ল (হজোবরোল) [বর্ণ মালার শেষ ভাগে অন্তস্থ বর্ণ য র ল ব শ ষ স হ এইরূপ ক্রমে বিন্যস্ত আছে কিন্তু সেই শৃঙ্খলা ভগ্ন করিয়া শেষের বর্ণ প্রথমে বসাইয়া মধ্যের বর্ণ উল্টা পাল্টা করিয়া এবং কয়েকটি বাদ দিয়া বিশৃঙ্খল করিয়া ফেলা অর্থে] বি, বিশৃঙ্খলা ; ক্রমভঙ্গ হেতু গোলমাল ; জড়িপটি। ২। কিংকর্ত্তব্য-বিমূঢ়। । প্র—"পূজারি ব্রাহ্মণ হ, য, ব, র, ল, প্রসাদাৎ ক্ষণেককাল হ-য-ব-র-ল, হইয়া থাকিলেন"—টেকচাঁদ।

হয় (য়্) [হয় (গমন করা)+অ (কর্ত্তৃ অচ্)] বি, পুং, অশ্ব ; ঘোটক। প্র—"হয়-বলে আগুদলে রাঘব ঘোষাল।"—কবিক। ২। ইন্দ্র। ৩। ৭ সংখ্যা। স্ত্রী, হয়া—অশ্বিনী। হয়গ্রীব—অশ্বের গ্রীবাবৎ গ্রীবাবিশিষ্ট। ২। বি, শালগ্রাম মূর্ত্তিবিশেষ। ৩। নৃসিংহাবতার। ৪। রাজর্ষিবিশেষ। ৫। দৈত্যবিশেষ। স্ত্রী, হয়গ্রীবা—দুর্গা। হয়জ্ঞ—অশ্বায়ুর্ব্বেদবিৎ; অশ্বতত্ত্বজ্ঞ। ২। অশ্বপাল ; সহিস। হয়মুখ —ঘোড়ামুখ। ২। রাক্ষসবিশেষ। হয়মেধ —অশ্বমেধ যজ্ঞ। হয়শীর্ষ—অশ্বের মস্তক। ২। শালগ্রাম মূর্ত্তিবিশেষ। ৩। বিষ্ণু।

হয় (য়্) [হওয়া দ্রঃ। সং—ভবতি হইতে প্রাকৃ—ভোদি ; হি—ভয়, হোই, হোয় ; বাং—হয়] ক্রি, ঘটে। ২। জন্মে। প্র—"এই খেদ হয় সকল লোকে কয় শ্মশানবাসী মৃত্যুঞ্জয়।"—রাম বসু। ৩। উচিত হয়। প্র—"হৃদয়বাসিনী তুমি, হয় হে বুঝিতে"—নিধুবাবু। ৪। প্রতিপন্ন হয় ; সিদ্ধান্ত হয়। প্র—"অতএব এই হয় দেখ কেহ কার নয়"—নিধুবাবু। ৪। বি, যাহা হইয়াছে বা হইবে ; প্রকৃত ঘটনা ; সত্য। হয়কে নয়—সত্যকে মিথ্যা। প্র—"ধনে দুর্ব্বলের বল হয় ধনে হয়কে করে নয়। ধনে কুরূপকে সুরূপ করে নির্গুণকে গুণময়।"—বাং-গান।

হয়ত (হয়্‌তো) [হয়—ত (সম্ভাবনা বা সন্দেহার্থে] অনিশ্চয়ে ; সম্ভবতঃ ; হইতেও পারে।

হয়রান (হয়্‌রাণ্) [আ] বিণ, হতবুদ্ধি। ২। আক্রান্ত। ৩। উৎপীড়িত ; নাকাল। বি, হয়রাণী। হয়রান পরেশান—[আ—হৈরান্ ও পরেশান] বিণ, নাকালের একশেষ ; জেরবার।

হয়েন্ত [প্রা-বাং। সং—ভবন্তি হইতে। হওয়া ধাতুর প্র-পু রূপ সম্ভ্রমার্থে—তাহা হইতে আধু-বাং-য় হয়েন, সংক্ষেপে হন] ক্রি, হয়েন।

হর (র্) [হৃ (হরণ করা)+অ (কর্ত্তৃ—অচ্)] বি, পুং, যিনি সকল সংহার করেন বলিয়া সংহারকর্ত্তা ; শিব। প্র—"হর হর মোর দুঃখ হর" —অ, ম। "পিতামহ সংহর প্রপিতামহ হর।" —ঐ। ২। ভাজক অঙ্ক ; ভগ্নাংশ সম্বন্ধীয় রাশি যত সমান অংশে বিভক্ত হয়। ৩। ভাগ। ৪। বিণ, হরণকারী। প্র—"স্মরহর বর বরপিতা পুরহর।—অ, ম। ৫। যে লইয়া যায় ; বাহক। ৬। বিনাশক। ৭। ক্রি, হরণ কর ; দূর কর। প্র—হর পাপ হর তাপ। হরগুণ—শিবের স্বাভাবিক গুণ। হরগৌরী—শিবদুর্গা। ২। অর্দ্ধ নারীশ্বরমূর্ত্তি। ৩। অর্দ্ধশ্বেত ও অর্দ্ধ হরিতালবর্ণ। হরচূড়ামণি—হরশিরশোভী মণি ; চন্দ্র। হরনেত্র—বি, স্ত্রী শিবচক্ষুঃ। ২। ত্রিনেত্র। ৩। সংখ্যাত্রয়। হরবীজ—পারদ। হরশেখরা—বি, স্ত্রী, জাহ্নবী ; গঙ্গা। হর হর বম্‌বম্—শিব নাম জপ। হর হর হর—রাজপুতদিগের যুদ্ধ নাদ। প্র—"হর হর হর শব্দে পূরিল গগন।"—পদ্মিনী উপাখ্যান।

হর (র্) [ফা—হর্] বিণ, প্রতি ; every. প্র—হর রোজ। ২। বিবিধ ; নানা। প্র—হর রকমের জিনিষ। হরকসম, হরকিসম —[আ—হর্‌কিস্‌ম্] নানা প্রকার। হরতরফ—নানাদিক ; সবদিক। হরদফা—প্রতিবার। হররঙা—নানা রঙে রঞ্জিত সবরঙ্গা। হররোজ—প্রতিদিন।

হরকৎ (র্) [আ—হর্কৎ। গ্রা—হরকৎ] প্রতিবন্ধক ; বিঘ্ন। ২। ক্ষতি।

হরকরা (র্) [ফা। ল্যা—heraldus. ইং—herald] বি, সংবাদবাহক ; পত্রাদিবাহক। ২। প্রতিহারী ; দূত ; চর। প্র—"থানায় থানায় নিয়োজিত হরকরা"—ভারতচন্দ্র।

হরখ (খ্) [প্রা-বাং—পদাবলীতে। সং—হর্ষ—কোমলার্থে হরষ। হি-তে—ষ=খ] বি, হর্ষ ; আনন্দ। ক্রি-বিণ, হরখি—হর্ষে ; আনন্দে। প্র—"সখী পরবোধিয়ে যতনে আনি। পিয়াহিয় হরখি ধরল নিজপাণি"—বি-প।

হরজ, হরজা (হরজ্, হর্জা) [ফা] বি ক্ষতি। ২। অনিষ্ট। ৩। বিঘ্ন।

হরণ (ন্) [হৃ (হরণ করা)+অন (ভাবে—অনট্)] বি, ক্লী, বলে গ্রহণ ; কাড়িয়া লওন। ২। আকর্ষণ ; মোহন। ২। অপহরণ ; চুরি। ৩। বঞ্চিতকরণ। ৪। বাহন। ৫। [গণিতে] ভাগকরণ। ৬। বিয়োগ। হরণপূরণ—যোগ বিয়োগ।

হরদম (হর্দম্) [হর—দম্ (কাল, ক্ষণ)] প্রতিক্ষণ ; সর্ব্বদা।

হরপ, হরফ (প্, ফ্) [আ—হর্ফ্] বি, বর্ণমালা ; অক্ষর। প্র—"হরপের এক অক্ষর যার পেটে নাই"—হেম বন্দ্যো।

হরবোলা (র্) [হর (বহু, বিবিধ) বোলা (যে বলে)] বি, যে নানা বুলি বলে। ২। বহুরূপী। প্র—"ব্রজেশ্বর মনে করিল, বুঝি দেবী চৌধুরাণী হরবোলা মায়াবিনী"—দেবী চৌধুরাণী।

হরষ (ষ্) [সং—হর্ষ (পদ্যে কোমল রূপ)] বি, হর্ষ ; আনন্দ। বিণ, হরষিত—আনন্দিত ; হৃষ্ট।

হরা [সং—হৃ (হরণ করা)। উ-পু—হরি। ম-পু—হর ; হরুন ; হর্। প্র-পু—হরে ; হরেন। অনুজ্ঞার্থে—হরুক ; হরুকা (প্রা-বাং —"আমা সবার দুর্গতি হরুকা সে ভগবতী"—দুর্গামঙ্গল)। অস-ক্রি—হরিতে ; হরিয়া ; হরি (পদ্যে) ; হরে (গ্রা)] ক্রি, হরণ করা ; লুণ্ঠন করা। প্র—শিবের সর্ব্বস্ব ধন মায়ের চরণ যদি আনতে পারি হ'রে।"—রামপ্রসাদ। ২। চুরি করা। ৩। আকর্ষণ করা। ৪। বঞ্চিত করা। ৫। বি, হরণ করা এই কার্য্য ; হরণ। ৬। বিণ, হারিণী। প্র—"ভজহ কালিকা তারা কল্যাণী কলুষহরা"—অ, ম। দুঃখহরা। পুং, হর—হারী।

হরাদ্রি (হরাদ্‌দ্র্) [হরের অদ্রি, ৬তৎ] বি, পুং, কৈলাস পর্ব্বত।

হরি (রি) [হৃ (হরণ করা)+ই (কর্ত্তৃ) যে সকলের হৃদয় হরণ করে] বি, পুং, বিষ্ণু ; কৃষ্ণ। ২। ব্রহ্মা। ৩। মহেশ্বর ; শিব। ৪। সূর্য্য। ৫। চন্দ্র। ৬। ইন্দ্র। ৭। বায়ু। ৮। যম। ৯। পণ্ডিত ভর্তৃহরি। ১০। সিংহ। প্র—"কেহ কহে কুঞ্জরে কুমার হবে হরি।"—ঘনরাম। ১১। অশ্ব। ১২। পশু। ১৩। বানর। ১৪। ময়ূর। ১৫। পিক ; কোকিল। ১৬। হংস। ১৭। শুকপক্ষী। ১৮। সর্প। ১৯। মণ্ডুক ; ভেক। ২০। কিরণ। ২১। নববর্ষের একটী ; হরিবর্ষ। ২২। বিণ, হরিৎবর্ণ ; সবুজবর্ণ। ২৩। কপিলবর্ণ। ২৪। পিঙ্গলবর্ণ। ২৫। ধান্যবিশেষ। প্র—"হরি, মহীপাল, বাঁকসাল বুনে মঙ্গলন।"—শূ, পু। হরিকুল—যদুকুল। হরিগুণ—হরি

সঙ্কীর্ত্তন ; হরিনাম। প্র—"হয়েছি অজরা মর হরিগুণ গেয়ে।"—শিবায়ন। **হরি-ঘোষের গোয়াল**—কলিকাতায় হরিঘোষ নামক জনৈক ধনীর গৃহ অতিথি অভ্যাগত ও পরিচিত অপরিচিত বহু নিষ্কর্ম্মা লোকের পক্ষে অবারিত ছিল। গো-গৃহে যেরূপ গোপাল থাকে তদ্রূপ এই সকল নিষ্কর্ম্মা প্রতিপালিত হইয়া গল্প গুজব ও কোলাহল করিয়া জীবন-যাপন করিত। ২। [লক্ষণায়] নিষ্কর্ম্মার দলের বৃথা কোলাহলময় স্থান। **হরিচন্দন**—বি, দেবতরুবিশেষ। ২। [হরি (কপিল বর্ণ) যে চন্দন, কর্ম্মধা] শ্বেতচন্দনবিশেষ। ৩। গোশীর্ষ। ৪। কুঙ্কুম। ৫। পদ্মকেশর। ৬। জ্যোৎস্না। **হরিনীল**—ইন্দ্রনীল। **হরিনেত্র**—শ্বেতপদ্ম। ২। [হরি (সবুজ বর্ণ) নেত্র যাহার, বহু] বি, পুং, পেচক ; পেঁচা। **হরিপ্রস্থ**—বি, রাজা যুধিষ্ঠিরের রাজধানী ; ইন্দ্রপ্রস্থ। **হরিপ্রিয়**—হরিভক্ত। ২। বি, কদম্বতরু। ৩। স্ত্রী, কৃষ্ণ-চন্দন। ৪। পীত ভৃঙ্গরাজ। ৫। করবীর। ৬। শঙ্খ। স্ত্রী, **হরিপ্রিয়া**—লক্ষ্মী। ২। তুলসী। **হরিবংশ**—শ্রীকৃষ্ণের বংশধরগণ ; হরিকুল। ব্যাসকৃতগ্রন্থ ; মহাভারতের পরিশিষ্টভাগ। **হরিবর্ষ**—জম্বুদ্বীপের নববর্ষের অন্তর্গত বর্ষ-বিশেষ, ইহার দক্ষিণে ইলাবৃত বর্ষ। **হরি-বল্লভা**—বি, স্ত্রী, লক্ষ্মী। ২। তুলসী। ৩। জয়া। **হরিবাসর**—বি, ক্লী, একাদশী যুক্ত দিন। ২। দ্বাদশীর প্রথমপাদ। ৩। হরিসভা। **হরিবাহন**—বি, পুং, গরুড়। **হরিবীজ**—বি, হরিতাল। **হরিবোল**—হরি এই নাম ডাক ; হরিনাম উচ্চারণ ; হরিধ্বনি। **হরিবোল দেওয়া**—মুহুর্মুহু হরিনাম উচ্চারণ করা ; হরি হরি বলা। ২। "বল হরি হরিবোল" এই বলিতে বলিতে শ্মশানে শব লইয়া যাওয়া। **হরি-বোল হরি**—কর্ম্মশেষসূচক হরিধ্বনি। ২। নৈরাশ্য, বিস্ময়াদিসূচক অব্যয়। **হরিবোলা**—যে হরি হরি বলে ; হরিনাম যাহার জপমালা। **গোলে হরিবোল**—যে কীর্ত্তন করিতে জানে না সে পাঁচজনের মিশালে হরিনাম গান গাহিলে আর ধরা পড়ে না। ২। গোঁজামিল দিয়া কাজ বাজান ; কাজে ফাঁকি দেওয়া। **হরিব্যাসী**—নিম্বার্ক বৈষ্ণব সম্প্রদায়ের অন্তর্গত হরিব্যাস-প্রবর্ত্তিত ধর্ম্মসম্প্রদায়বিশেষ। **হরিভক্ত**—বিণ, হরির প্রতি ভক্তিযুক্ত। ২। বি, বিষ্ণুভক্ত ; বৈষ্ণব। **হরিমটর**—হরিনাম। প্র—"অদ্য বৃহৎ রোহিত মৎস্যের পোলাও ভক্ষণ আর কল্য হরিমটরে উদর পূরণ শাস্ত্র নিষিদ্ধ"—হরিদেব শাস্ত্রী। **হরিমন্দির**—বিষ্ণুমন্দির। **হরি মুদ্গ**—হালিমুগ। **হরির খুড়ো**—যাহার সহিত কোন সম্পর্ক বা পরিচয় নাই। **হরির লুঠ**—শ্রীহরির প্রসাদী বাতাসা তুলসীতলায় ছড়াইয়া দিলে আনন্দ কোলাহল করিয়া গ্রহণ ; হরিকে নিবেদিত মিষ্টান্ন বিতরণ ও লুণ্ঠন। **হরিশয়ন**—আষাঢ় মাসের শুক্লা দ্বাদশী হইতে কার্ত্তিক মাসের শুক্লা দ্বাদশী পর্য্যন্ত চারিমাসকাল ; বিষ্ণুর নিদ্রা। ২। আষাঢ়ের শুক্লা দ্বাদশী হইতে কার্ত্তিকী শুক্লা দ্বাদশী পর্য্যন্ত কাল। **হরিসঙ্কীর্ত্তন**—শ্রীহরিনামোচ্চারণ। ২। বৈষ্ণবমণ্ডলী কর্ত্তৃক খোলকরতালাদি যোগে হরিনাম গান। **হরিসভা**—হরিনাম সংকীর্ত্তন, বিষ্ণুভক্তি প্রচার আদি উদ্দেশে বৈষ্ণবগণের যে সম্মিলন বা সভা।

হরিকালী (হো) [প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"হকুলি, হরিকালী, বুলেন কুসুমমালী।"—শূ-পু। ২। স্ত্রীলোকের নাম।

হরিণ (হোরিন্) [হৃ (হরণ করা) + ইন্ (কর্ত্তৃ) যে সকলের মন হরণ করে] বি, পুং, কোমলাঙ্গ দ্রুতগামী তৃণভোজী চিত্রাঙ্গ পশু-বিশেষ ; কুরঙ্গ ; মৃগ। দ্রঃ—হি—হরণা। প্রা-বাং (বৌদ্ধ যুগ) ও ব্রজ—**হরিণা, হরিনা**। প্র—"বনাচারি (=বনচারি) বক্কে বনে হরিনা হরিনি। ডালে বক্কে সারি শুখ পুরুষ রমনি॥"—গোবিন্দ গীত। ২। পাণ্ডুবর্ণ। ৩। বিণ, পাণ্ডুবর্ণবিশিষ্ট। স্ত্রী, **হরিণী**—কুরঙ্গিণী ; মৃগী। ২। পদ্মিনী প্রভৃতি চতুর্ব্বিধ নায়িকার মধ্যে চিত্রিণী স্ত্রী। ৩। তরুণী। ৪। বরনারী। ৫। হরিদ্বর্ণা স্ত্রী। ৬। অপ্সরোবিশেষ। ৭। [ছন্দঃ] ১৭ অক্ষরের ছন্দোবিশেষ। **হরিণনর্ত্তক**—বি, পুং, কিন্নর। স্ত্রী, **হরিণনর্ত্তকী**—কিন্নরী। **হরিণহৃদয়**—বিণ, ভীরু।

হরিণাক্ষী (হোরিনাক্‌খি) [হরিণের ন্যায় অক্ষি (চক্ষুঃ) যাহার, বহু] বিণ, মৃগনয়না। ২। বি, স্ত্রী, সুনয়না স্ত্রী ; সুনেত্রা। ৩। বারাঙ্গনা। ৪। সুগন্ধিবিশেষ।

হরিণাঙ্ক (হোরিনাংক) [হরিণ হইয়াছে অঙ্ক (চিহ্ন) যাহার, বহু] বি, পুং, মৃগচিহ্ন ; মৃগাঙ্ক ; চন্দ্র।

হরিৎ (হো) [হৃ (লওয়া) + ইৎ (কর্ত্তৃ)] বি, পুং, সবুজবর্ণ ; নীল ও পীতের মিশ্রণজাত বর্ণ। ২। সবুজবর্ণ দূর্ব্বাদি। ৩। বিণ, হরিদ্বর্ণবিশিষ্ট।

হরিত (হো) [হৃ (লওয়া) + ইত (কর্ত্তৃ)] বি, সবুজবর্ণ। ২। বিণ, হরিদ্বর্ণবিশিষ্ট।

হরিতক (হোরিতক্) [হরিত + ক (সংজ্ঞার্থে)] বি, ক্লী, হরিদ্বর্ণ তৃণ পত্রাদি। ২। শাক। ৩। [বৈজ্ঞানিক পরিঃ] ক্লোরিণ্ নামক উপধাতুবিশেষ।

হরিতাল (হো, ল্) বি, পারদগর্ভ বিষাক্ত ধাতু-বিশেষ ; হরতেল। প্র—"এক ভালে হরিতাল সুশোভন আধই সিন্দুর পুরি রে।"—অ, ম। ২। হরিতাল নামক পীতবর্ণ পক্ষিবিশেষ।

হরিতালী, হরিতালিকা [সং] বি, আকাশমার্গে উত্তরদক্ষিণব্যাপী শ্বেত রেখা ; ছায়াপথ ; আকাশগঙ্গা ; দুধপথ ; the milkyway. ২। ভাদ্রমাসীয়া শুক্লা চতুর্থী। ৩। দূর্ব্বা।

হরিতাশ্ম (হোরিতাশ্‌শ) [হরিত (সবুজ-বর্ণ) অশ্মন্ (প্রস্তর) কর্ম্মধা] বি, পুং, মরকতমণি। ২। তুঁতিয়া।

হরিদশ্ব (হোরিদশ্‌শ) [হরিৎ (সবুজবর্ণ) অশ্ব যাহার, বহু] বি, পুং, সূর্য্য।

হরিদ্রা (হোরিদ্‌দ্রা) [হরি (পীতবর্ণ) দ্রু (প্রাপ্ত হওয়া) + অ (কর্ত্তৃ—ড)] বি, স্ত্রী, হলুদ। ইহা চারিপ্রকার যথা—হরিদ্রা, বন-হরিদ্রা, দারুহরিদ্রা, কর্পূরহরিদ্রা। [সংস্কৃত পর্য্যায়—কাঞ্চনী, বরবর্ণিনী, পীতা, ক্রিমিঘ্না, হরবিলাসিনী ; যোষিৎপ্রিয়া, হলদী এবং রাত্রি-বাচক শব্দ]। প্রা-বাং-প্রাকৃ—**হরিদা**। প্র—"হরিদা কুঙ্কুম চুয়া চন্দন বাসর।"—শূ, পু। **হরিদ্রারাগ**—বি, হলুদবর্ণ। ২। বিণ, অস্থায়ী অনুরাগযুক্ত।

হরিদ্রাঙ্গ (হোরিদ্‌দ্রাংগ) [হরিদ্রা (পীতবর্ণ) অঙ্গ (অবয়ব) যাহার, বহু] বি, পুং, হরিয়াল পাখী।

হরিদ্রাভ (হোরিদ্‌দ্রাভ) [হরিদ্রার মত আভা (দীপ্তি) যাহার, বহু] বিণ, পীতবর্ণ-বিশিষ্ট ; হলুদের আভাযুক্ত।

হরিদ্বার (হোরিদ্‌দার্) [হরির (বিষ্ণুর) দ্বার —৬৩৫, মতান্তরে হরদ্বার (হি—হরদোয়ারা) হরি বা হরের আলয় বা স্বর্গে যাইবার দ্বার-স্বরূপ] হিমালয়ের পাদমূলস্থ নগরীবিশেষ ; হিন্দুর মহাতীর্থবিশেষ।

হরিন্মণি (হোরিন্‌মোনি) [হরিৎ (সবুজবর্ণ) যে মণি (পাথর), কর্ম্মধা] বি, পুং, বহুমূল্য হরিদ্বর্ণ প্রস্তরবিশেষ ; মরকতমণি।

হরিপাদী (হোরিপোদি) [জ্যোতিঃ পরিঃ] বি, অয়নমণ্ডলের পশ্চিমভাগ—যথায় বিষুব রেখা মিলিত হইয়াছে।

হরিমন্ (হো) বি, হরিদ্বর্ণ রোগ।

হরিয়ুপীয়া (হো) [সং। ল্যা—Europa] বি, বেদোক্ত মহাজনপদবিশেষ ; আধুনিক য়ুরোপ বলিয়া অনুমিত (মানবজাতির আদি জন্মভূমি) ; Europe.

হরিশ্চন্দ্র (হো) [হরিরিব (হরির ন্যায়) চন্দ্র (রমণীয়), উপমিত] বি, পুং, ত্রেতাযুগের সূর্য্যবংশীয় রাজা ত্রিশঙ্কুর পুত্র। বিণ, **হরিশ্চন্দ্রী**—[গ্রা—হরিশ্চন্দী] রাজা হরিশ্চন্দ্রের উপাসক সম্প্রদায়বিশেষ।

হরিষ (হোরিষ্) [সং—হর্ষ হরষ—হরিষ (পদ্যে কোমলার্থে)] বি, হর্ষ ; আনন্দ। প্র—"পুত্রের কল্যাণে মোকে ফেলে রাখ পাশে। পদতলে পড়ে থাকি পরম হরিষে॥"—শিবায়ন। **হরিষ বিষাদ**—হর্ষ ও বিষাদের মিশ্রণ। প্র—"হরিষ বিষাদে রামা গেল নিজালয়।"—অ, ম। **হরিষে বিষাদ**—হর্ষে বিষাদ ; আনন্দ বিষাদে পরিণত বা হর্ষশোকের মিশ্রণ।

হরিহয় (হোরিহয়) [হরি (সবুজবর্ণ) হয় (ঘোড়া) যাহার, বহু] বি, পুং, ইন্দ্র। প্র—"চৌদিকে জয়জয় পুজেন হরিহয় অনন্য-ভাবে ভূতনাথ।"—কবিক। ২। সূর্য্য।

হরিহর (হোরিহর্) বি, হরি ও হর ; বিষ্ণু ও শিব। ২। বি, পুং, সংযুক্ত হরিহর মূর্ত্তি। ৩। পুরুষের নাম। **হরিহর আত্মা**—অচ্ছেদ্য বন্ধুত্ব ; অভিন্নহৃদয় সখ্যতা ; একাত্মা।

হরীতকী (হোরিতোকি) [পীতবর্ণ ফল বলিয়া অথবা হরি (যে ব্যাধি হরণ করে) তকী (দীপ্ত) গ্রা—হত্তুকি] বি, স্ত্রী, বৃক্ষবিশেষ ও তাহার ফলবিশেষ। [দ্রঃ—সংস্কৃত পর্য্যায় ; অভয়া, অমৃতা, অব্যথা, পথ্যা, পূতনা, চেতকী, কায়স্থা, শিবা, বয়ঃস্থা, শ্রেয়সী, জীবন্তী, বিজয়া, হৈমবতী এবং রোহিণী। হি—হর্, হর্রা]। আয়ুর্ব্বেদে হরীতকী ৭ প্রকার বর্ণিত হইয়াছে বিজয়া (লাউয়ের মত), রোহিণী (সম্পূর্ণ গোল), পূতনা (সূক্ষ্ম কিন্তু বীজবড়,) অভয়া (উপরে পাঁচটী রেখা), অমৃতা (বীজ ছোট শস্য অধিক), জীবন্তী (স্বর্ণের ন্যায় পীতবর্ণ), চেতকী (তিনটী রেখাবিশিষ্ট), এই সাত প্রকারের মধ্যে বিজয়া সর্ব্বোৎকৃষ্ট কারণ ইহা সর্ব্ব রোগে হিতকর।

হরু (হো) [ব্রজ] ক্রি, হরণ করে। প্র—"পুকথি হরু ধনী"—বি, প। ২। হরণ করে। ৩। বিণ, হৃত। প্র—"প্রেম পরতাপে চেতন হরু দীনা"—বি, প।

হরেক (ক্) [ফা—হর্+এক] বিণ, প্রত্যেক। ২। নানাপ্রকার। "খাবারের দোকানে থরে থরে হরেক রকম খাবার সাজান।"—ললিত বন্দ্যো (ফোয়ারা)।

হরেণু (ণু) [সং] বি, স্ত্রী। রেণুকা নামক গন্ধদ্রব্য। ২। তাম্রবর্ণ মৃগী। ৩। পুং, লঙ্কাদ্বীপ। ৪। গ্রামের সীমা-বিচ্ছিন্ন-কারিণী লতা। ৫। কুলস্ত্রী।

হর্ত্তা [হৃ (হরণ করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = হর্ত্তৃ ১মা, ১ব, গ্রা—হত্তা] বিণ, হরণকর্ত্তা। ২। অপহারক, চোর। ৩। গ্রহণকারী। ৪। সংহারক ; বিনাশক। ৫। বহনকারক। **হর্ত্তা কর্ত্তা**—সংহার ও সৃষ্টিকর্ত্তা। **হর্ত্তা-কর্ত্তা বিধাতা**—হরণ, সৃজন ও বিধান-কর্ত্তা ; সৃষ্টিস্থিতিপ্রলয়কর্ত্তা ; সর্ব্বময় কর্ত্তা। গ্রা—হত্তা-কত্তা-বিধাতা।

হর্ম্ম্য (হোর্ম) [হৃ (হরণ করা) + মন্ (কর্ত্তৃ) য আগম। মনোহর বলিয়া] বি, ক্লী, সুদৃশ্য প্রাসাদ ; সৌধ ; অট্টালিকা

হর্য্যক্ষ (হোর্জোক্খ) [হরি (পিঙ্গলবর্ণ) অক্ষি (চক্ষু) যাহার—বহু, অক্ষি = অক্ষ] বি, পুং, সিংহ। প্র—"হর্য্যক্ষ পড়ে বৃষস্কন্ধে"—মেঘনাদ।

হর্ষ [হৃষ্ (তুষ্ট হওয়া) + অ (ভাবে—অল্)] বি, পুং, আনন্দ।

হর্ষক (ক্) [হৃষ্ (হৃষ্ট হওয়া) + অক (কর্ত্তৃ)] বি, আনন্দজনক ; হর্ষোৎপাদক। ২। বি, পুং, পর্ব্বতবিশেষ।

হর্ষণ (ন্) [হৃষ্ (আনন্দিত হওয়া) + অন (ভাবে—অনট্) । পদ্যে কোমলার্থে "হরিষণ" বিণ, আনন্দজনক। ২। বি, পুলক ; আনন্দ। ৩। [হৃষ + ণিচ্ = হর্ষি (হৃষ্ট হওয়ান) + অন (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] পুং, বিষ্কম্ভাদি যোগের চতুর্দ্দশ যোগ।

হর্ষমাণ (ন্) [হৃষ্ (তুষ্ট হওয়া) + আন কর্ত্তৃ (আনশ্)] বিণ, পুলকিত ; হৃষ্ট।

হর্ষিত (হো) [হৃষ্ + ণিচ্ = হর্ষি (হৃষ্ট হওয়ান) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, আমোদিত। ২। [হর্ষ + ইত (যুক্তার্থে)] পুলকিত ; হৃষ্ট।

হল (ল্) [হল্ (কর্ষণ করা) + অ (করণে—অল্) যাহা দ্বারা কর্ষণ করে] বি, ক্লী, ভূমি-কর্ষণ যন্ত্র ; লাঙ্গল। ২। [ব্যাকরণে] ব্যঞ্জন বর্ণ, ক হইতে হ পর্য্যন্ত বর্ণ। **হলধর, হলভৃৎ**—বিণ, লাঙ্গলধারী ; হালিক ২। বি, কৃষক ; চাষী। ৩। বলরাম। **হলভূতি, হলভৃতি**—বি, পুং, কৃষিকর্ম্ম।

হল (ল্) [ইং—hall] বি, বহু লোক সমা-গমের উপযোগী সুবৃহৎ গৃহ ; দীর্ঘায়তন কক্ষ ; ২। ঘেরা দালান। **হলঘর**—দালানের মত লম্বা ও বিস্তৃতায়তন গৃহ।

হল (ল্) [আ—হল্ (দ্রবীকরণ, solution)] বি, রসান। ২। সোনালি। **হল করা**—সোনালি দ্রাবকে বা সোনার জলে কলাই করা।

হলকষা (ল্) বি, হলঘষা নামক গুল্মবিশেষ ; phlomis zeylanica.

হলকা (ল্) [আ—হল্কা (সমূহ, পাল)] বি, দল ; সমূহ ; দঙ্গল ; পাল। প্র—"যোড়শ হলকা হাতী অযুত তুরঙ্গ সাথী।"—অ, ম। ২। [আ—হল্কা (চক্র, circle)] অশ্বাদির গলবেষ্টনী।

হলন্ত [হল্ (ব্যঞ্জনবর্ণ) অন্ত] (যথা,—দিক্ ; বলবান্) বিণ, ব্যঞ্জনান্ত। প্র—হলন্ত শব্দ। ২। হসন্তযুক্ত ; স্বরযোগহীন (ব্যঞ্জনবর্ণ)। প্র—হলন্তবর্ণ (যথা,—ক্ খ্ ইত্যাদি)।

হলপ, হলফ (প্ ফ্) [আ—হলফ্] বি, শপথ। ৩। আদালতে সত্য বলিবার জন্য ইষ্ট দেবতার নামে বা ধর্ম্মগ্রন্থ অথবা তামা তুলসী গঙ্গাজল ইত্যাদি স্পর্শ করিয়া শপথ করিবার পাঠ। প্র—"একজন মুহুরি তখন হলফ পড়াইতে আরম্ভ করিল।"—কমলাকান্তের দপ্তর। **হলপ করা, হলফ করা**—শপথ করা ; শপথের পাঠ উচ্চারণ করা। **হলফ দেওয়া**—আদালতে শপথ করান। **হলফ নামা**—যে প্রতিজ্ঞাপত্রে সত্য বলি-বার জন্য শপথের পাঠ লেখা থাকে।

হলফল (ল্ ল্) [দেশী প্রাকৃ—হল্লপ্ফল ; (উৎসুক) ; হি—হলবলানা ; বাং-প্রাদে (মালদহ)] বি, ধড়ফড় ; হাঁকপাঁক। প্র—সে শুনিয়া হলফল করিতে লাগিল।

হলহল (ল্ ল্) [শিথিল হইতে। হিলহিল দ্রঃ] বি, স্থূল আধারে কৃশ ও লঘু দ্রব্যের নড়াচড়ার শব্দ। ২। বিণ, ঢিলা।

হলা [সং। অনাদরে বা অতি পরিচয়ে হ্যাঁলা। হালো দ্রঃ] নারী সম্বোধন ; সখীর প্রতি আহ্বানসূচক শব্দ ; ওলো ; লো। ২। সখী। ৩। পৃথিবী। ৪। মদ্য।

হলায়ুধ (ধ্) [হল (লাঙ্গল) হইয়াছে আয়ুধ (অস্ত্র) যাহার, বহু] বি, পুং, বলরাম। ২। রাজা লক্ষ্মণ সেনের ধর্ম্মাধ্যক্ষ ও ব্রাহ্মণসর্ব্বস্ব প্রভৃতি গ্রন্থকর্ত্তা।

হলাহল (ল্) বি, পুং, ক্লী, কালকূট বিষ। ২। বিষ।

হলাহলি (হোলি) [হলা (সখীকে সম্বোধন—ওলো) হলা + ই (ভাবে)] বি, পরস্পর সখ্যভাব। **হলাহলি গলাগলি**—(পরস্পর সখ্য রসে দ্রবীভূত হওয়ার ভাব হইতে অথবা পরস্পর কণ্ঠালিঙ্গন করিয়া থাকার ভাব হইতে গলাগলি] অতিশয় সখ্য ও প্রণয় ; ঘনিষ্ঠ বন্ধুত্ব। প্র—"দুইদিনের মধ্যেই হলাহলি গলাগলি ভাব হইল।"—আলাল।

হলি (হো) [হল্ (কর্ষণ করা) + ই (কর্ম্মে)] বি, পুং, হলকৃত রেখা। ২। [ভাবে ই] কৃষি।

৩। [করণে ই] বৃহৎ হল। বিণ, **হলিয়া**—কৃষি সংক্রান্ত। ২। লাঙ্গল সম্বন্ধীয়।

হলিপ্রিয় (হোলিপ্‌প্রিও) [হলিন্ (বলরাম) তাহার প্রিয়—৬তৎ] বি, পুং, কদমগাছ। স্ত্রী, **হলিপ্রিয়া**—রেবতী। ২। মদিরা।

হলী (হো) [হল (লাঙ্গল) + ইন্ (অস্ত্যর্থে) = হলিন্ ১মা ১ব] বিণ, হলধারী ; হলচালক ; কৃষক ; চাষা। ২। বি, পুং, কৃষক। ৩। বলরাম। ৪। স্ত্রী, কলিকারী বৃক্ষ।

হলীমক (হোলিমক্) [সং] বি, পাণ্ডুরোগের বৃদ্ধিজনিত রোগবিশেষ ; কামলা রোগ।

হলীশা, হলিষা (হো) [হল—ঈশা, ঈষা (দণ্ড)—৬তৎ] বি, স্ত্রী, লাঙ্গলের দণ্ড।

হলুদ, হলদী (হোলুদ্, হোলদি) [সং—প্রাকৃ —দারু হলিদ্দা—হলদী পরে হলুদ] বি, হরিদ্রা। ইহার বর্ণ হেতু নাম—পীতা, পীতিকা ; স্বর্ণবর্ণা, সুবর্ণা, বর্ণদাত্রী ; turmeric. বিণ, **হলদিয়া, হলদে, হলুদে, হল্দে**—হলুদবর্ণ ; গাঢ় পীত। হলুদের গন্ধযুক্ত। **হলদীকান্ত**—বেণে বউ পাখী। ২। হলুদবর্ণ ফুল, ক্ষুদ্র শাকবিশেষ। **হলুদে যুঁই**—[সং—হেমপুষ্পিকা] পীতবর্ণ জোড়া জোড়া পাতার যূথিকাজাতীয় পুষ্প।

হলকা, হল্কা [ঝলক (দ্রঃ) হইতে] বি, আগুনের শিখা। ২। আঁচ ; তাত ; ঝাঁঝ।

হল্‌দে (হো) [হলুদ দ্রঃ] বিণ, হরিদ্রাবর্ণবিশিষ্ট। ২। হরিদ্রাবর্ণে রঞ্জিত। প্র—হল্‌দে কাপড়।

হল্য (হোল্ল) [হল (লাঙ্গল) + য] বিণ, হলসম্বন্ধীয়। ২। কর্ষণযোগ্য ; লাঙ্গল দিবার মত। ৩। হলকৃষ্ট। ৪। বি, কর্ষিতভূমি ; চষা ক্ষেত। ৫। বৈরূপ্য। স্ত্রী, **হল্যা**—হলসমূহ।

হল্লক (ক্) [সং] বি, রক্ত কহ্লার ; রক্ত কৈরব ; লাল হেলা ফুল।

হল্লা [হি—হল্লা ; ফা—বাল্‌বালা। তুল—বাং —বোলবোলা] বি, কোলাহল শব্দ ; গোলমাল। প্র—"তাহাতে সেই সভা স্থলে ঘোরতর আরাবসম্বলিত হলহলা শব্দ উঠিল।"—মহা (বর্দ্ধ)। ২। চীৎকার। প্র—"গুণগুণের দলে * * * ফুলগাছ ছাড়িয়া আমার কুটীরের ভিতর হল্লা করিতে আরম্ভ করিয়াছে।"—কমলাকান্তের দপ্তর।

হল্লীষ, হল্লীস (হোল্লিষ্) [সং] গীতি নাট্যবিশেষ। ২। একজন পুরুষ ও ৭ হইতে ১০ জন পর্যন্ত স্ত্রীলোকের মণ্ডলাকারে হাবভাব যুক্ত নৃত্য ও গীত।

হসই [ব্রজ। হস (হাস) + ই (ক্রিয়ায়)] ক্রি, হাসে ; পরিহাস করে। প্র—"হরি বড় গরবী গোপী মাঝে বসই। ঐছে করবি যৈছে বৈরী না হসই॥"—বি, প।

হসন (হশন্) [হস্ (হাস্য করা) + অন (ভাবে —অনট্)] বি, হাস্য।

হসিত (হোশিত) [হস্ (হাস্য করা) + ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, হাস্যযুক্ত ; সহাস্য ; সস্মিত। প্র—"হসিত বয়ানে চাহে মেঘ পানে কি কহে দুহাত তুলি।"—চণ্ডীদাস। ২। ফুল্ল ; বিকসিত। ৩। [ভাবে—ক্ত] বি, ক্লী, হাস্য।

হস্ত [সং] বি, পুং, মণিবন্ধ হইতে অঙ্গুলির অগ্রপর্য্যন্ত ; কর ; হাত। ২। হস্তীর শুণ্ড। ৩। ২৪ অঙ্গুলি পরিমাণ। স্ত্রী, **হস্তা**—অষ্টাবিংশতি নক্ষত্রের মধ্যে ত্রয়োদশ নক্ষত্র। **হস্তকুশল**—হস্তলাঘব। **হস্তকৌশল**—হাতের কায়দা। **হস্তকৃত, হস্তগত**—করায়ত্ত ; অধিকৃত। **হস্তগীর**—হাতের খেলায় দক্ষ ; হস্তকুশল। **হস্তগ্রাহ্য**—হস্ত দ্বারা গ্রহণীয়। **হস্তচ্যুত**—হস্ত হইতে বিচ্যুত ; করভ্রষ্ট। ২। অধিকারচ্যুত। **হস্তধারণ**—করাবলম্বন। ২। হস্তগ্রহণ। **হস্তপুচ্ছ**—বি, হাতের পোঁছা। **হস্তবান্**—বিণ, হাতযুক্ত। ২। লঘুহস্ত। ৩। কৃতহস্ত। **হস্তবারণ**—আক্রমণকারী বা প্রহারোদ্যত ব্যক্তিকে বাধা প্রদান। **হস্তরেখা**—করতলের শুভাশুভ রেখা। **হস্তলিপি, হস্তলেখ**—হাতের লেখা। ২। মক্স। **হস্তসিদ্ধি**—বেতন ; ভৃতি। **হস্তাক্ষর**—স্বহস্তলিখিত অক্ষর। ২। হাতের লেখা। **হস্তান্তর**—এক হস্ত হইতে অন্য হস্তে ; অধিকার পরিবর্তন। **হস্তামলক**—পাণিতলে ধৃত আমলকী। ২। [লক্ষণায়] করায়ত্ত। ৩। প্রত্যক্ষ। ৪। শঙ্করাচার্য্যকৃত অদ্বৈতবাদ গ্রন্থ।

হস্তক (ক্) [হস্ত + ক (স্বার্থে)] বি, হস্ত ; ভুজ। প্র—"আপাদ মস্তকে করে হস্তকে তেমন। জানিল যুবতীজনে জাগিল মদন॥"—শিবায়ন।

হস্তবুদ (দ্) [ফা—হস্ত্ (বর্তমানতা, স্থিতি) ও বুদ (অতীত)] বি, বর্তমান ও অতীতের হিসাব ; হালের ও পেছলি হিসাব। ২। জমিদারের মোট আয়।

হস্তাবর্ত্তন (ন্) [হস্ত দ্বারা আবর্তন—৩তৎ] বি, ক্লী, হাতবুলান।

হস্তিনপুর, হস্তিনাপুর (হো, র্) [হস্তিন (চন্দ্রবংশীয় সুহোত্র রাজপুত্র হস্তিনামক রাজার পুর (নগর), ৬তৎ] বি, ক্লী, বর্তমান দিল্লী।

হস্তিপ, হস্তিপক (হোস্‌তিপ্, পক্) [হস্তিন্ (হাতী) পা (পালন করা) + অ (কর্ত্তৃ—ড) + ক] বি, পুং, হস্তিপালক ; মাহুত।

হস্তী (হোস্তি) [হস্ত (শুণ্ড) + ইন্ (অস্ত্যর্থে) = হস্তিন্ ১মা ১ব] বি, পুং গজ ; করী। ২। হস্তিনাপুর নির্ম্মাতা চন্দ্রবংশীয় সুহোত্র-রাজপুত্র। স্ত্রী, **হস্তিনী**—করিণী ; করেণু। ২। পদ্মিনী-আদি চারিজাতীয়া স্ত্রীর অন্যতমা স্ত্রী। [দ্রঃ—হস্তী চারি জাতি, যথা,—**ভদ্র**—যাহাদের দন্ত মধুর ন্যায় আভাযুক্ত, যাহারা বর্ত্তুলাকার, বলবান ও সমান অঙ্গ প্রত্যঙ্গযুক্ত। উঁচে সাত হাত, দৈর্ঘ্যে আট হাত। উদরের পরিধি দশ হাত। **মন্দ্র**—যাহারা স্থূলোদর, সিংহদৃষ্টি, বৃহৎ চর্ম্ম ও গলদেশ, দীর্ঘশুণ্ড, দীর্ঘাবয়ব। উচ্চতা ও উদরের পরিধি প্রমাণে ভদ্র হইতে এক এক হাত কম। দৈর্ঘ্যে ভদ্রের সমান। **মৃগ**—যাহাদের কণ্ঠ, দন্ত, কর্ণ ও শুণ্ড ক্ষুদ্র, চক্ষু স্থূল ও আকার খর্ব্ব। প্রমাণে ভদ্র হইতে এক এক হাত কম। **মিশ্র**—উক্ত তিনপ্রকার লক্ষণমিশ্রিত হস্তী ; মিশ্র-মাতলী। মতান্তরে গজ আট প্রকার ;—(১) **ঐরাবত**—সমস্ত দেহ পাণ্ডুবর্ণ, দীর্ঘ, শুভ্রদন্তযুক্ত, অল্পলোমশালী, স্বল্পভোজী, বহু-মদবারি সিঞ্চনকারী। (২) **পুণ্ডরীক**—কোমল-দেহ, তীক্ষ্ণ দন্ত, পদ্মগন্ধযুক্ত, মদবারি, জলপানে অত্যধিক ইচ্ছা যুক্ত, পরিশ্রমে অকাতর। (৩) **বামন**—কর্কশদেহ, খর্ব্ব, অধিক জলপানে বিরত, লোমশ, পুচ্ছ ও কর্ণ হ্রস্ব। (৪) **কুমুদ**—দীর্ঘদেহ, কুদন্ত, স্থূলগণ্ড, মলপূর্ণ দেহ, অতিশয় কোপনস্বভাব, অন্য হস্তী দেখিলেই তাহাকে আক্রমণ করিতে উদ্যত। (৬) **পুষ্পদন্ত**—অনূদেশজাত, শীঘ্রগামী, হ্রস্বপুচ্ছ। (৬) **সার্ব্বভৌম**—মরুপ্রদেশে বিচরণকারী, দীর্ঘকায়, কর্কশদেহ, যাহাদের মধ্যে গজমুক্তার উদ্ভব হয়, যাহাদের আহার পান সমধিক। (৭) **সুপ্রতীক**—দীর্ঘশুণ্ড, স্থূলগণ্ড, স্ত্রী-গজসমূহে অত্যধিক আসক্ত, সদা ভক্ষ্যপ্রিয়। (৮) **অঞ্জন**—স্নিগ্ধদেহ, শ্রম-বিমুখ, স্থূলদন্ত, জলাভিলাষী। অধুনা পশ্চিমাঞ্চলের হস্তিচালকগণ সাধারণতঃ ইহাদিগকে পাঁচ শ্রেণীতে পৃথক্ করে, যথা,—"বেহেদর"—যে হস্তীর কাণের উপর বৃহৎ মুক্তাকৃতি শ্বেতবর্ণ আঁচীল হয়। ইহারা দীর্ঘকায়। ইহাদের চক্ষু বড় বড়। "মুণ্ড"—বিরাট বপু, কৃষ্ণবর্ণ, পীতবর্ণচক্ষু হস্তী ; ইহারা প্রায়ই দুর্দ্ধর্ষ হয়। "মুরগ"—শ্বেতাভ কৃষ্ণবর্ণ হস্তী। "মীঢ়"—পাংশুবর্ণ সহজে বাধ্য হস্তী। "রাজতুম"—সর্ব্বাপেক্ষা দীর্ঘজীবী ও শান্তপ্রকৃতি হস্তী]। **হস্তিকর্ণ**—বি, পুং, এরণ্ড বৃক্ষ। ২। উপদেবতাবিশেষ। **হস্তিদন্ত**—হাতীর দাঁত ; ivory. ২। নাগদন্ত ; গৃহ সামগ্রী রাখিবার জন্য দেয়ালে পোঁতা খোঁটা বা গোঁজ।

৩। মূলা। হস্তিনখ—বি, পুরদ্বারস্থিত মৃন্ময় স্তূপ ; বুরুজ। প্র—"কৃতান্তের দ্বারসম চারি পুরীদ্বার। হস্তিনখে সুশোভিত তার দুইধার॥" —রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)। হস্তিপর্ণিকা —বি, স্ত্রী, রাজকোশাতকী। হস্তিপর্ণী— বি, স্ত্রী, মোরালতা। হস্তিবাহ—হস্তিচালন দণ্ড ; ডাঙ্গশ। হস্তিমদ—হস্তী মত্ত হইলে তাহার গণ্ডদ্বয়, চক্ষুর্দ্বয়, শিশ্ন ও গুহ্য রন্ধ্রদ্বয় হইতে যে উৎকট গন্ধযুক্ত জল ক্ষরিত হয়। হস্তিমল্ল—রণহস্তী ; ঐরাবত হস্তী। ২। মহামল্ল। ৩। ভগ্ন স্তূপ। ৪। ধূলিবর্ষণ। হস্তিমূর্খ —মহামূর্খ ; অতিশয় নির্ব্বোধ হস্তিশালা—বারি ; হাথিশাল। হস্তি-শিক্ষা—হস্তিপালন, পরিচালন ও তাহার শুভাশুভ লক্ষণ সংক্রান্ত বিদ্যা। হস্তিশুণ্ডা —বি, স্ত্রী, হাতি শুঁড়ার গাছ। ২। হাতীর শুঁড়। হস্তিহস্ত—হাতীর শুঁড়। প্র— হস্তিহস্ত হেতে যোঁক ধরে নাভিস্থলে।"— শিবায়ন।

হস্তোদক (ক্) [হস্ত+উদক্] বি, করতলস্থ জল। ৩। হাতের জল।

হস্ত্য [হস্ত+যণ্] বিণ, হস্ত দ্বারা কৃত ; হস্ত-নির্ম্মিত। হস্ত্যাধ্যক্ষ—গজাধ্যক্ষ। হস্ত্যশ্ব —হস্তী এবং অশ্ব ; হাথি ঘোড়া।

হস্ত্যাজীব (ব্) [হস্তী+আজীব] বি, হস্তি-জীবী ; হস্তিব্যবসায়ী।

হস্ত্যায়ুর্ব্বেদ (দ্) [হস্তী—আয়ুর্ব্বেদ] বি, হস্তি চিকিৎসা শাস্ত্র।

হস্ত্যারোহ [হস্তিন্ (হাতী) আ—রুহ্ আরোহণ করা)+অ (কর্ত্তৃ—অল্)] বি, হস্তিপৃষ্ঠে আরূঢ় ব্যক্তি। ২। মাহুত। বিণ, হস্ত্যারোহী—হস্তিপৃষ্ঠে আরোহণকারী।

হা [হা (ত্যাগ করা)+অ (ভাবে—ড)] অ, যন্ত্রণাসূচক ; শোকসূচক। ২। আনন্দ-সূচক। ৩। বিষাদসূচক ; হায়। ৪। নিন্দা-সূচক। হা-মা-কা—["হাতেমাথা কাটা"র সংক্ষেপ] যথেচ্ছ অত্যাচার। ২। হাহাকার। হা-যো—কাতরোক্তি ; ব্যাকুল প্রার্থনা ; কাকুতি মিনতি। হা-জল যো-জল— জলের জন্য ব্যাকুল প্রার্থনা। প্র—"যাহাদের জল নহিলে অচল, তাহাদের সুবিধামত জল বিতরণের ব্যবস্থা করিলে * * * বাসিন্দা-দিগকে আর চাতকের ব্রত গ্রহণ করিয়া হা জল! যো জল! করিতে হয় না।"—বাঙ্গালী (২৬ বৈশাখ, ১৩২৩)। হা হতোঽস্মি (হতোশ্মি) [সং। হা—হতঃ—অস্মি] বি, হায় মরিলাম ; হাহুতাশ। প্র—"ইঁহারা * * * ব্যাকরণের অবমাননায় ম্রিয়মাণ হয়েন, মাতাপিতৃভক্তির পরিবর্ত্তে পিতৃমাতৃ-ভক্তির প্রয়োগ দেখিলে হা হতোঽস্মি করিয়া থাকেন।"—বাঙ্গালা রচনা, সা-প-প ১৩০১।

হা—হাই তুলিবার শব্দ ; মুখ দিয়া জোরে শ্বাস পতন শব্দ। হা দেওয়া—গানাদির অবসানে সমে আনিয়া বা তাল বিরামে যে স্থান হইতে তাল গ্রহণ হইয়াছে সেই স্থানে ওজন মত 'হা' এই শব্দ করা। ২। হা হা করিয়া মুখ মারুত ও মুখের বাষ্প প্রয়োগ করা। চূণে জিহ্বা বা গাল পুড়িয়া গেলে তেলের উপর হা দিতে হয়, তাহাতে চূণ মুখের বাষ্পের সঙ্গে বাহির হইয়া তেলের উপর আসিয়া পড়ে। কাচের উপর হা দিলে মুখের বাষ্প লাগিয়া কাচ ঘোলা পড়ে। সেই বাষ্প না শুকাইলে বা না মুছিলে স্বচ্ছ হয় না।

হাই [সং—হাফিকা, হৃম্ভা। ইং—yawn] বি, আলস্য বা তন্দ্রাবেশজনিত মুখব্যাদান ; জৃম্ভণ। প্র—"হাসি হাসি হাই ছাড়ে"—অ, ম। "চৌদ্দজুগ রই পরভু তুলিলেন হাই।"— শূ-পু। হাইতোলা—জৃম্ভণ করা ; মুখব্যাদান করিয়া আলস্য ত্যাগ করা।

হাইআমলা, হাইআমলাতি (স্) [সং —হস্তামলক শব্দজ অথবা হাই (জৃম্ভণ) আমলাতি (আমলকী মেথি আদি)] বি, বরবশীকরণের উদ্দেশ্যে ব্যবহৃত পিষ্ট আমলকী মেথি প্রভৃতি কয়েকটী দ্রব্য। বিবাহের সময় হাইআমলা বাটিয়া পানের সহিত বরের গায়ে স্পর্শ করাইলে হস্তামলকের মত বর বধূর করায়ত্ত হয় অথবা যাহার প্রয়োগে বধূ হাই তুলিলে বর তাহা ধরিবে অর্থাৎ সর্ব্বদা কাছে কাছে থাকিবে এই বিশ্বাসজনিত তুক। প্র—"সাধুর কপালে যবে দিব পুনর্ব্বসু। আনিল পাকড়ি ডাল হাইআমলাতি"—কবিক।

হাইকোর্ট (র্ট্) [ইং—Highcourt] বি, উচ্চ আদালত ; চরম বিচারালয়।

হাইফেন (ন) [ইং—hyphen] বি, ক্ষুদ্রতম যোজক চিহ্ন (-)। ইহা দুটী শব্দ বা বর্ণ সংযুক্ত করিবার জন্য ব্যবহৃত হয়।

হাইবাস (শ) [সং—সহবাস হইতে। স= হ। প্রা-বাং] বি সহবাস। প্র—"তার হাইবাসে রব তোমারে পাসরি"—গোবিন্দ-চন্দ্রের গীত (শিব)।

হাইর (র্) [হারি শব্দের পূ-বঙ্গীয় উচ্চারণ] বি, হার ; পরাভব ; পরাজয়।

হাইল (ল্) [হাল দ্রঃ] বি, নৌকাপরিচালন দণ্ড ; নৌকার কর্ণ।

হাউই [ফা—হবাই (যাহা শূন্যে যায়)] বি, আকাশগামী আতসবাজিবিশেষ। প্র— "চরখি হইয়া চলে কেহো সাথে সাথে। হাউই হইয়া অন্য ধায় শূন্যপথে॥"—শিবায়ন।

হাউঁ [প্রা-বাং। হাঁউ দ্রঃ] ক্রি, হও। প্র— "তু লো ডোম্বী হাউঁ কপালী"—বৌদ্ধগান ও দোহা।

হাউচাউ [গ্রা—হৈ চৈ অপেক্ষা উচ্চশব্দে] বি, হট্টগোল ; কোন বিষয় প্রকাশ করণোদ্দেশে গণ্ডগোল।

হাউড়বাউড় (ড়, ড়) [আউল হইতে হাউড় বাউল হইতে বাউড়] বি, পুং, আউলিয়া বাউলিয়া ; ক্ষেপা পাগলা। প্র—"কেহ বলে কালা বুড়া কেহ বলে বোবা। কেহ বলে হাউড় বাউড় কেহ বলে হাবা॥"—শিবায়ন।

হাউড়ে [প্রাদে। আউলিয়া হইতে] বি, যে হাউ হাউ করিয়া পেটের কথা ব্যক্ত করে।

হাউমাউ [শব্দাত্মক] বি, বহুজনের একসঙ্গে ক্রন্দনের উচ্চরোল। হাউমাউখাঁউ— গল্পের রাক্ষসীর উক্তি। ইহা 'আউমাউগাঁউ' অর্থাৎ "আমি মানুষ খাই বা খাইব" এই উক্তির সংক্ষেপ।

হাউলে-হাউলে [হি—হৌলে (হাল্কা-ভাবে)] ক্রি-বিণ, আস্তে আস্তে ; হালকা-হালকা ; লঘুলঘু।

হাউস (শ) [ইং—house] বি, হৌস দ্রঃ।

হাউহাউ [শব্দাত্মক] বি, হা হা করিয়া উচ্চ-রবে প্রচুর ক্রন্দন। ২। অনুকার শব্দ।

হাওদা [আ] বি, হস্তিপৃষ্ঠে বসিবার চৌকি ; বরগুরু। ২। [লক্ষণায়। গ্রা] বিস্তৃত পরিসর বস্তু। ৩। [বিদ্রূপে। গ্রা] অতি স্থূলোদর ব্যক্তি।

হাওয়া [ফা—হাবা] বি, বায়ু ; বাতাস। প্র—"তাহার চরণ-রেণু তাহার হাওয়ায়। মরণ মরিয়া যায় কহে দেবতায়॥"—ফুলবেণু। ২। ছুত ; স্পর্শ। ৩। শিক্ষা, সংস্কার, ভাব ও কল্পনা সম্বন্ধীয় অবস্থা ; atmosphere, প্র—পাশ্চাত্য শিক্ষার গুণে এখানকার হাওয়া বদল হইয়া গিয়াছে। ৪। জল বায়ু ; climate, হাওয়া করা—বাতাস করা। হাওয়া খাওয়া—বায়ু সেবন করা। হাওয়াখুরি,—খোরি— বায়ুসেবন। হাওয়া খোলা—মুক্ত স্থান পাইয়া হাওয়া চলাচল হওয়া। হাওয়া চলা,—হওয়া —বায়ু বহা। হাওয়াদার—বায়ু চলাচলের উপযোগী ; চতুর্দ্দিক মুক্ত।

হাওয়াল, হাওয়ালে [আ—হাবালাহ্ (রক্ষণ ; custody)] বি, তত্ত্বাবধান ; অধিকার ; খবরদারি। ২। জিম্মা। প্র— "মহাল হাওয়ালে হয়"—অ, ম। ৩। চির-

স্বত্বযুক্ত জমী। **হাওয়ালা করা**—জিম্মায় রাখা।

হাওলাজমী (জো) [জমীঃ পরিঃ] বি, ১৭৮৭-৮ অব্দের পূর্ব্বে প্রচলিত আইনে বিলি করা নিষ্কর ভূমি যাহার খাজনার পরিবর্ত্তে গবর্ণমেণ্টের প্রয়োজনকালে জমীদার সাহায্য করিতে বাধ্য হইতেন।

হাওলাৎ [আ—হাবালাৎ] বি, ন্যাস। ২। জিম্মা। ৩। ঋণ। বিণ, **হাওলাতী**—ন্যাসস্বরূপ রক্ষিত ; ধার করা। **হাওলাৎ করা**—জিম্মায় রাখা।

হাওলে [আ—হওল্ (প্রতারণা ; (২) ভীতি) হি—ইয়া=এ (সংক্ষেপে)] বিণ, ভয়ানক ; ভয়াল। ২। প্রবঞ্চক ; পরস্বাপহারী ; শঠ। প্র—"তিন সন কাগজ বুঝহ কালে কালে। পাত্র হল ইন্দ্রজাল কোটাল হাওলে॥"—ঘনরাম।

হাঁ [সং—হর্ম্ম (হাই) হইতে হা হাঁ] বি, মুখ-ব্যাদান। প্র—হাঁ কর দেখি। ২। স্বীকারোক্তি। প্র—হাঁ আমিই যাইব। ৩। স্মরণার্থে ; এই অর্থে প্রায় হাঁ হাঁ। প্র—হাঁ হাঁ মনে পড়েছে। ৪। নিবারণার্থ। এই অর্থে দ্বিত্ব। প্র—হাঁ হাঁ কর কি। ৫। ডাকের সাড়া দিবার শব্দ ; আহ্বান বা সম্বোধনের উত্তরার্থে। ৬। অবধারণে ; সন্দেহমোচনে ; নিশ্চয়ে। প্র—হাঁ তাহারই এ কাজ। ৭। আত্মপ্রসাদলাভে ; সন্তোষ বা তৃপ্তি অর্থে। প্র—হাঁ এইবার ঠিক হইয়াছে। **হাঁ করা**—মুখ খোলা ; মুখ ব্যাদান করা। ২। বিণ, হাঁদা। **হাঁ গা** [অতি পরিচয়ে] কথা বলিবার পূর্ব্বে সম্বোধন। **হাঁ-গো**—প্রশ্নের উত্তরে জোরের বা বিরক্তির সহিত স্বীকারোক্তি। প্র—হাঁগো, কতবার করে বলব। **হাঁ না**—সম্মতি অসম্মতি ; মতামত ; বাক্যমাত্র। প্র—সে হাঁ না কিছু বলে না। **হাঁ হাঁ**—হাঁ দ্রঃ।

হাঁইফাঁই [সং—শ্বাস-প্রশ্বাস অপভ্রংশে, হাস্‌ফাস্ (পরে চন্দ্রবিন্দু যোগ) হইতে] বি, অতিরিক্ত ভোজনজনিত শ্বাসপ্রশ্বাসে কষ্ট ; হাঁসফাঁস। প্র—"অন্তকালে মরে যবে করে হাঁই ফাঁই। সবাকারে দেখি মাত্র নারায়ণ নাই॥"—শিবায়ন। ২। অতিশয় শ্রমজনিত হাঁপানি। প্র—"কর্ম্ম করি কামিলা করিল হাঁইফাঁই।" শিবায়ন।

হাঁউ [প্রা-বাং। হাউঁ দ্রঃ] ক্রি, উ-পু, হই। ২। [সং—অহং] স, আমি। প্র—"এতকাল হাঁউ অচ্ছিলেঁ স্বমোহেঁ। এবে মই বুঝিল সদগুরু বোহেঁ॥"—বৌদ্ধ গান ও দোহা।

হাঁক (ক্) [সং—হ্বে (আহ্বানে), সং—হুঙ্কা—হাঁকার—হাঁক (সংক্ষেপে) মূলে শব্দাত্মক প্রা-বাং—হাক ("হাক পড়য় চৌদীস"—বৌদ্ধ গান)] বি, দীর্ঘ চীৎকার ; হৈ হৈ শব্দ হাঁক ডাক। প্র—"হাঁকে হাঁকে ঝাঁকে ঝাঁকে ডাকে ডাকে জাগে"—অ, ম। ২ উচ্চৈঃস্বরে আহ্বান ; ডাক। **হাঁক-ডাক**—দীর্ঘ স্বরে সাড়া শব্দ ; শোরসরাবৎ ; হৈ চৈ। **হাঁক দেওয়া**—হো বা হৈ শব্দে সাড়া বা ডাক দেওয়া। ২। চৌকি দেওয়া। প্র—চৌকিদার হাঁক দিচ্ছে। **হাঁক পাড়া**—উচ্চৈঃস্বরে ডাকা। **হাঁক পাড়াপাড়ি**—ক্রমাগত হাঁক পাড়া। **হেঁকে যাওয়া**—সজাগ করিবার জন্য ডাক দিয়া যাওয়া।

হাঁকন (ন্) [হাঁকা দ্রঃ] বি, হৈ হৈ শব্দে চীৎকার করণ ; উচ্চৈঃস্বরে ডাকন।

হাঁকপাঁক (ক, ক্) বি, হাঁকুপাঁকু দ্রঃ।

হাঁকা [হি—হাঁক্‌না। হাঁক (দ্রঃ) + আ (ক্রিয়ায়)]। উ-পু—হাঁকি। ম-পু—হাঁক ; হাঁকুন্ ; হাঁক্। প্র-পু—হাঁকে ; হাঁকেন। অস-ক্রি—হাঁকিতে ; হাঁকিয়া ; হেঁকে। ণিজন্ত—হাঁকান] ক্রি, হাঁক দেওয়া ; উচ্চৈঃস্বরে ডাক দেওয়া। ২। চীৎকার করা ; হৈ হৈ শব্দ করা। ৩। তাড়না করা। ৪। চালান। প্র—"দারুক সারথি রথ হাঁকে কুতুহলে"—শিবায়ন।

হাঁকান (নো) [হি—হাঁকানা। হাঁকা দ্রঃ। উ-পু—হাঁকাই। ম-পু—হাঁকাও ; হাঁকান্ ; হাঁকা। প্র-পু—হাঁকায়। অস-ক্রি—হাঁকাইতে ; হাঁকাইয়া, হাঁকাইয়ে, হাঁকিয়ে] ক্রি, প্রেরণ করা ; চালান। প্র—গাড়ি হাঁকান। ২। পরিচালনা করা। প্র—"কলম হাঁকিয়ে ফেরা"—রবি। ৩। হুঙ্কার শব্দে তাড়না। প্র—লোক গুলাকে এখান হইতে হাঁকাইয়া দাও। ৪। হাঁক দিয়া ; ডাকিয়া।

হাঁকার (র্) [হুঙ্কার হইতে] বি, হুঙ্কার। ২। উচ্চৈঃস্বরে ডাক। প্র—"কোটাল কোটাল বলি দিলেক হাঁকার।"—ধর্ম্মমঙ্গল (রামনারায়ণ)। ক্রি, **হাঁকারা**—হুঙ্কার করা। ২। চীৎকার করিয়া ডাক পাড়া ; উচ্চৈঃস্বরে আহ্বান করা। উ-পু—হাঁকারি। ম-পু—হাঁকার। প্র-পু—হাঁকারে। অস-ক্রি—হাঁকারিতে ; হাঁকারিয়া। প্র—"দানা হাঁকারিয়া যত আনিল ছাগল।"—কবিক।

হাঁকাহাঁকি [হাঁক + আ (ব্যাপ্ত্যর্থে) হাঁক—ই (ভাবে)] বি, ডাকাডাকি ; ডাক পাড়াপাড়ি। প্র—অনেক সময় খরিদ্দারে হাঁকাহাঁকি করিলে তবে চমক ভাঙ্গিত"—ভারতী, ১৩২১।

হাঁকুপাঁকু [সাঁওতালী ভাষায়—"হাঁকো পাঁকো" হইতে। মূলে—আকুল ব্যাকুল? আঁকুবাঁকু দ্রঃ] বি, অতিশয় ব্যস্ত ; আকুলতা ও উদ্বেগজনিত অস্থিরতা। প্র—"সন্তরণ অপটু লোকেরও জীবন রক্ষা হইতে পারে। হাঁকু পাঁকু না করিয়া স্থির থাকিতে পারিলেও অপেক্ষাকৃত অধিকক্ষণ জীবনরক্ষা হয়"—ভৌতিক তত্ত্ব।

হাঁচন [হক্কি শব্দজ] বি, ক্ষুৎকরণ ; হাঁচা।

হাঁচা [সং—হক্কি (ক্ষুৎ)। তুল—সং—ছিক্কা হইতে হি—ছিঁক (হাঁচির শব্দ হইতে)। উ-পু—হাঁচি। ম-পু—হাঁচ ; হাঁচুন , হাঁচ্। প্র-পু—হাঁচে। অস-ক্রি—হাঁচিতে ; হাঁচিয়া ; হেঁচে। ণিজন্ত—হাঁচান] ক্রি, ক্ষুৎ করা। প্র—"চতুর কুমার ভাবে জীব বাক্যে মান যাবে হাঁচিলেন নাকে কাঠি দিয়া।"—ভারতচন্দ্র। ২। অতিশয় শ্রমসাধ্য কাজ লইয়া হাঁসফাঁস করা। **হাঁচিয়ে দেওয়া**—ক্ষুৎকরণে বাধ্য করা। প্র—নাকে নস্য দিয়া তাহাকে হাঁচাইয়া দাও, খানিকটা সর্দ্দী বাহির হইয়া যাইবে। **হেঁচে যাওয়া**—ভারি জিনিস তুলিয়া বা নাড়ানাড়ি করিয়া ক্লান্ত হইয়া পড়া।

হাঁচি [সং—হক্কি হইতে] বি, ক্ষুৎ। হাঁচা দ্রঃ। প্র—"নেতে খেতে যেতে পড়বে টিকটিকি আর হাঁচি"—দ্বিজেন্দ্র রায়।

হাঁটন, হাঁটনা (ন্) [হাঁটা দ্রঃ] বি, পদব্রজে গমন ; চলন। প্র—"যে যারে দেখতে নারে সে তারে হাঁটনায় খোঁড়ে"—নবীন তপস্বিনী।

হাঁটা [হি—হাট্‌না। সং—হিন্ড্ বা হেড (গমনে) ধাতুজ। উ-পু—হাঁটি। ম-পু—হাঁট ; হাঁটুন ; হাঁটু। প্র-পু—হাঁটে ; হাঁটেন। অস-ক্রি—হাঁটিতে ; হাঁটিয়া ; হেঁটে। ণিজন্ত—হাঁটান] ক্রি, পদব্রজে গমন করা ; চলা। ২। পদব্রজে গমনাগমনের উপযোগী ; পায়ে চলা। প্র—তাহারা হাঁটা পথ দিয়া গিয়াছে। **হাঁটাহাঁটি**—পদব্রজে ক্রমাগত গমনাগমন। ২। তাগাদার জন্য উপর্য্যুপরি আসা যাওয়া।

হাঁটু, হাঁঠু [সং—অষ্ঠি—আঁটু দ্রঃ] বি, জানু-অস্থি ; জানু ; আঁটু। প্র—"হাঁটু পাড়ে হুক লাগে হাঁ করিয়া রয়।"—শিবায়ন। "লক্ষে লক্ষ যোজন যে জন যায় ফেন্দে। শক্তি খাট হলে হাঁটু ধরে উঠে কান্দে॥"—ঐ। **হাঁটুগাড়া,—পাড়া,—পাতা**—জানুর উপর ভর দিয়া থাকা। প্র—"আবার চলিতে চলিতে তাঁহার জুতার ফিতা খুলিয়া গেল, বীর

পুরুষ হাঁটু গাড়িয়া বসিয়া সেই ফিতাটি সযত্নে বাঁধিয়া ছিলেন।"—বিলাতভ্রমণ (ডাঃ মল্লিক)। **হাঁটুজল**—হাঁটু পর্য্যন্ত ডুবজল। **হরেদরে হাঁটুজল**—জলের হ্রাস বৃদ্ধিতে হাঁটুতে পর্য্যন্ত জল থাকার ভাব। **হেঁটে যাওয়া**—পায়ে চলিয়া যাওয়া।

হাঁটকান (নো) [সং—উদ্ঘাটন হইতে। হি—উঠকানা] বি, দ্রব্যাদি উদ্ঘাটন করিয়া দেখা; নাড়ানাড়ি করিয়া এবং তুলিয়া তুলিয়া অনুসন্ধান করা; ওটকান দ্রঃ।

হাঁড়ল (হাঁড়োল্) [হাঁড়িয়া দ্রঃ। সাদৃশ্যে ল যোগ] বি, বিস্তৃত পরিসর গহ্বর; বৃহৎ গর্ত্ত। ২। [প্রাদে] বৃহৎ জন্তুবিশেষ।

হাঁড়া [সং—হণ্ডিকা। হি—হাণ্ডা শব্দজ] বি, হাঁড়ী অপেক্ষা বৃহৎ মৃৎপাত্রবিশেষ। ২। ধাতুনির্ম্মিত বৃহদাকার এবং স্থূলোদর কলস।

হাঁড়ি, হাঁড়ী [সং—হণ্ডী শব্দজ] বি, অন্নাদি পাকপাত্রবিশেষ। ইহা সাধারণতঃ মৃত্তিকা-নির্ম্মিত হয়। পাকের দ্রব্য ও আধেয় ভেদে হাঁড়ীর আকৃতি ও নাম ভিন্ন ভিন্ন। যথা,—ভাতের হাঁড়ী, তিজেল বা পাতিল, তোলো হাঁড়ী, সখের তিজেল, মুঙ্গলি হাঁড়ী, দয়ের হাঁড়ী ইত্যাদি। প্র—"খুলি হাঁড়ি ঢাকনি বাহির করয়ে ফণী তুলিয়া লইল এক গলে।"—চণ্ডীদাস। **হাঁড়ীকুঁড়ী**—হাঁড়ী কলসী প্রভৃতি। প্র—"কুম্ভকার গুজরাটে হাঁড়িকুঁড়ী গড়ে পিটে"—কবিক। **হাঁড়ীগড়া**—হাঁড়ী নির্ম্মাণ করা। **হাঁড়াখাওয়া**—গোপনে হাঁড়ী হইতে তুলিয়া খাওয়া; চুরি করিয়া খাওয়া। **হাঁড়ীখেকো**—যে হাঁড়ী খায়। স্ত্রী, **হাঁড়ীখাকী**। **হাঁড়ীমুখ**—বৃহৎ গোল মুখ। ২। অভিমান বা ক্রোধে অন্ধকারময় মুখ। **হাঁড়ীমঙ্গলানো**—বিবাহে মঙ্গলক্রিয়াবিশেষ; ঘরমোঙ্গলানো। প্র—"যোড় হয়ে জল সয়ে মঙ্গলিলা হাঁড়ী। হেন-কালে হইল বরের তড়বড়ি॥"—শিবায়ন। **নাতাকাতার হাঁড়ী**—বাজে জিনিস সঞ্চয় করিয়া রাখিবার হাঁড়ী। **হাঁড়ীভাঙ্গা**—গুপ্ত বিষয় ব্যক্ত করা; প্রকাশ করিয়া দেওয়া। প্র—হাটের মাঝে হাঁড়ী ভাঙ্গা।

হাঁড়িচাঁচা [হাঁড়িচাচা ভুষারবর্ণ বলিয়া ?] বি, পক্ষিবিশেষ। ইহাদের চঞ্চু, কণ্ঠ, পুচ্ছপ্রান্ত কাল, বাকী ধূসরবর্ণ; the indian tree-pie.

হাঁড়িয়া, হেঁড়ে [হাঁড়ি+আ (সাদৃশ্যে)] বিণ, হাঁড়ীর মত: ফাঁদাল। ২। বৃহৎ; প্রকাণ্ড। প্র—"ফুল্লরা পসরা করে নগর চাতরে। হাঁড়ীয়া চামর বেচে চারিপণ দরে।" হাঁড়িয়া তাল। ৩। বি, গাড়ীর চাকার নাভী।

হাঁড়ুলে [গ্রা। সং—হিণ্ডন (ভ্রমণ) হইতে] ক্রি-বিণ, বেড়াইয়া। **হাঁড়ুলে হাঁড়ুলে**—বেড়াইয়া বেড়াইয়া।

হাঁতা [সং—হন্তা হইতে] বি, হন্তা; মারক; ঘাতক। ২। সাঙ্ঘাতিক বিঘ্নকারী; বিষম প্রতিবন্ধক। ৩। [সঙ্ঘাত—ঘাত—হাঁত+আ] মর্ম্মান্তিক আঘাত। প্র—"তবে আমি শুধু এক ধুতি গামছার অনুরোধে বসিয়া প্রাণটার উপর হাঁতা দিই কেন বলুন।"—পাঁচু ঠাকুর (ইন্দ্রনাথ বন্দ্যো)।

হাঁদা [হি—ভান্দা] বি, স্থূলোদর; ভোঁদা। ২। স্থূলবুদ্ধি; বোকা। ৩। হাবলা। **হাঁদারাম**—হাঁদার প্রধান। **হাঁদাপেট**—পেটমোটা; জালাপেটা। স্ত্রী, **হাঁদী**।

হাঁদু—হিঁদু দ্রঃ।

হাঁপ, হাঁফ (প্) [রুদ্ধপ্রায় শ্বাস ত্যাগের শব্দ হইতে। হাইফাঁই দ্রঃ] বি, শ্বাস ত্যাগ; শ্রম জন্য দীর্ঘ নিঃশ্বাস। ২। শ্বাসবেগ। **হাঁপ-ধরা**—কষ্টে শ্বাসের বেগ আক্রমণ করা। **হাঁপছাড়া**—সরলভাবে শ্বাস ত্যাগ করা। ২। রুদ্ধশ্বাস ত্যাগ করিয়া হৃদয় লঘু করা। ৩। শ্বাস রোধকারী বদ্ধ স্থান হইতে মুক্ত বায়ুতে উন্মুক্ত স্থানে আসা। ৪। অবকাশ লওয়া। **হাঁপফেলা**—হাঁফছাড়া। প্র—"কাহারও মুহূর্ত্তের হাঁফ ফেলিবার ফুরসৎ নাই"—ভারতী, ৩৬ বর্ষ।

হাঁপান (নো) [হাঁপ দ্রঃ। উ-পু—হাঁপাই। ম-পু—হাঁপাও। প্র-পু—হাঁপায়। অস-ক্রি—হাঁপাইতে; হাঁপাইয়া; হাঁপিয়ে] ক্রি, রুদ্ধপ্রায় শ্বাসজনিত ক্লেশ হওয়া; দম বন্ধপ্রায় হওয়া; কষ্টে শ্বাস প্রশ্বাস হইতে থাকা; ধুঁকিতে থাকা। ২। অতি ব্যগ্র হওয়া। **হাঁফাই হাঁফাই**—শ্বাস রুদ্ধপ্রায় হওয়া; দম আটকাইয়া প্রাণ যায় যায় হওয়ার অবস্থা; শ্বাস প্রশ্বাসের জন্য অস্থিরতা। প্র—"নিত্যই যদি কার্য্য না পাই। প্রাণটা করে হাঁফাই হাঁফাই॥"—দ্বিজেন্দ্র রায়।

হাঁপানি [হাঁপ দ্রঃ] বি, শ্বাসকষ্টজনক রোগ-বিশেষ; asthma. **হাঁপানি কাস,—কাসি**—শ্বাসকাস।

হাঁপাহাপি [গ্রা। হাঁপান দ্রঃ] বি, অতিশয় ব্যগ্রভাব; উৎকট অস্থিরতা।

হাঁফাল (ল্) [সং—উৎফাল] বি, লম্ফ; লাফ। প্র—"মারিছে হাঁফাল"—ঘনরাম। "হাঙ্ হাঙ্ হাঁফালে ধরিতে যায় ঘাড়ে।"—ঐ। ২। [প্রাদে, গ্রা] বয়স অপেক্ষা দেহায়তনের আধিক্য। প্র—মেয়েটা বড় হাঁফাল হয়ে উঠেছে।

হাঁম (ম্) হাম দ্রঃ।

হাঁস (শ্) [হংস দ্রঃ] বি, হংস; মরাল। **হাঁসের পাল**—ধর্ম্মজ্ঞানহীন, অসংযমী, আচারভ্রষ্ট, স্বেচ্ছাচার-পরায়ণ হইয়া ঘরে ঘরে হাঁসের পালের সৃষ্টি করিয়া আমরা আমাদের দারিদ্র্য দুঃখ ও শক্তিহীনতা কেবলই বৃদ্ধি করিতেছি"—সাবিত্রীতত্ত্ব (চন্দ্রনাথ বসু)।

হাঁসকল (হাঁশ্‌কল্) [হাঁস (হংসাকৃতি) কল] বি, যে বক্র লৌহ খণ্ডের উপর দ্বারের কপাট ঝুলান হয়।

হাঁসপাতাল (শ্, ল্) [ইং—hospital] বি, রোগীদিগের চিকিৎসালয়।

হাঁসফাঁস (শ্, শ্) [সং—শ্বাস-প্রশ্বাস হইতে] বি, কষ্টশ্বাস; হাঁইফাঁই; রুদ্ধশ্বাস ত্যাগ জনিত শ্বাসবেগ। প্র—"হাঁসফাঁস করে দৌড়ে ষ্টেশনে গেলাম"—লীলাবতী (দীনবন্ধু মিত্র)। ক্রি, **হাঁসফাঁসান** (নো)।

হাঁসহাঁস (শ্, শ্) [গ্রা। শব্দাত্মক] বি, অন্নাদি অতি দ্রুতবেগে এবং রুদ্ধশ্বাসে গলাধঃকরণ শব্দ। প্র—হাঁস হাঁস করে কতকগুলো খেয়ে ফেলা।

হাঁসা (শা) [হাঁস (হংস)+আ (তদ্বর্ণযুক্তার্থে)] বিণ, হংসবর্ণ; শ্বেত; ধবল। প্র—"হাঁসা ঘোড়া খাসা জোড়া হুজিন কুঞ্জর।"—কবিক।

হাঁসা (শা) [হাস্য—হাস+আ] ক্রি, হাস্য করা; হাসা দ্রঃ। ২। [হস্ (বিকসিতী করণে)] বিকসিত করা। ৩। কাটিয়া বাহির করা।

হাঁসান (হাঁশানো) [হস্ (বিকসিতীকরণে)। উ-পু—হাঁসাই। ম-পু—হাঁসাও। প্র-পু—হাঁসায়। অস-ক্রি—হাঁসাইতে; হাঁসাইয়া; হাঁসায়ে] ক্রি, বিকাশ করা। ২। কাটিয়া বাহির করা। প্র—সে তাহার পেট হাঁসাইয়া দিবে বলিয়াছে। ৩। [হাসা দ্রঃ] হাসান; হাসিতে বাধ্য করা।

হাঁসিয়া (শি) [আ—হাশিয়া] বি, বস্ত্রাদির কিনারা বা পাড়। ২। শাল আলোয়ান প্রভৃতির কল্কাদার পাড়। **হাঁসিয়াদার**—কিনারাদার। ২। কল্কাদার পাড়যুক্ত।

হাঁসিয়া (শি) [হি। হাঁসের গলার মত বক্র বলিয়া] বি, বোঁটি। ২। কাস্তিয়া।

হাঁসিল—হাসিল দ্রঃ।

হাঁসুয়া (শু) হেঁসো দ্রঃ।

হাঁসুলি (শু) [হি—হঁস্‌লী। হাঁস (হংস) উল (গল)+ই (সাদৃশ্যার্থে)—হংসগল সদৃশ অর্দ্ধচন্দ্রাকার] বি, অর্দ্ধচন্দ্রাকার কণ্ঠাভরণ-বিশেষ। প্র—"রজত হাঁসুলি সম বাঁকা শশী মনোরম শোভিয়াছে সুনীল গলায়।"—চন্দন।

হাঁহাঁ [অনুকরণ শব্দ। হাঁ দ্রঃ] বি, বেদনা বা সহানুভূতি হেতু নিবারণে বা বিরত করণে। প্র—"চারিহস্ত আছে যবে হেন কালে হর। হাঁহাঁ করে ধরিল কৃষ্ণের দুটী কর॥"—শিবায়ন।

হাকণ্ড [প্রা-বাং] বি, দেশবিশেষ। প্র—"তরী আরোহণে যাবে হাকণ্ড ভুবন।"—ধর্ম্মমঙ্গল (নরসিংহ রায়)। ২। পুরাণবিশেষ। প্র—হাকণ্ড-পুরাণ।

হাকান, হাঁকান (নো) [প্রা-বাং। হি—হাঁক্‌না] বি, চুলান ; সঞ্চালন করা ; ব্যজন করা। প্র—"তাহাকে আন তুমি চামর হাকাইয়া।"—মাণিকচাঁদের গান।

হাকিনী [সং] বি, স্ত্রী, বৃহন্নন্দিকেশ্বর পুরাণোক্ত চতুঃষষ্টি প্রধানা দুর্গাসহচরী বা যোগিনীর অন্যতমা।

হাকিম (হাকিম্) [আ—হাকিম্] বি, ন্যায়াধীশ ; বিচারপতি। ২। শাসনকর্ত্তা ; শাসন ভারপ্রাপ্ত কর্ম্মচারী। ৩। রাজকীয় উচ্চপদস্থ ব্যক্তি। প্র—"করে হাকিম হয়ে সাকিম নষ্ট।"—ঈশ্বর গুপ্ত। হাকিমি—হাকিমের কাজ। ২। বিচার। খুদ-হাকিমি—আপন হাতে বিচার। হাকিমী—হাকিম সম্বন্ধীয়। হাকিম নড়ে ত হুকুম নড়ে না—বিচারকের বদল হয় কিন্তু তিনি যে আদেশ দিয়া যান তাহার পরিবর্ত্তন হয় না।

হাকীম (ম্) [আ—হকীম্] বি, চিকিৎসক ; বৈদ্য। হাকীমি—চিকিৎসা। হাকীমী—হকীম সম্বন্ধীয়।

হাকুচ (চ্) [হাকচ ও বলে। বৈদ্যকমতে সং—বাকুচী হইতে] বি, তিক্তবীজ গুল্মবিশেষ ; হাকুচবীজ ; বুচ্‌কীদানা ; সোমরাজী ; serratula anthelmintica. ২। [লক্ষণায়] অতিশয় তিক্তাস্বাদ। হাকুচকাঁটা (চ্) বি, কণ্টকময় ক্ষুপবিশেষ।

হাকুলি [প্রাদে] বি, পরিমাণবিশেষ। প্র—ধান দাইলেন আড়াই হাকুলি।"—শূ-পু।

হাকুলি [সং—আকুল হইতে] বি, আকুলতা। হাকুলিবিকুলি—আকুলতা ব্যাকুলতা ; কাতরতা প্রকাশ। আকুল দ্রঃ।

হাগন (ন্) [গ্রা। সং—হদন শব্দজ] বি, পুরীষোৎসর্গ ; মলত্যাগ। ক্রি, হাগা—মল ত্যাগ করা। প্র—"একি মত খায় হাগে আর কাজে নাহি লাগে এদের জীবন শুধু বিষ্ঠা মূত্রময়।"—চন্দন। বিণ, হাগু, হাগুয়া, হেগো—যে উদরাময় রোগ হেতু ক্রমাগত হাগে ; অতিসার রোগী। স্ত্রী, হাগী

হাগা করা—মল ত্যাগ করা ; বাহ্যে করা। ২। অতিসার বা উদরাময় হওয়া। হাগা পাওয়া—বাহ্যের বেগ হওয়া। হাগা মোতা—মল মূত্র ত্যাগ করা। কাছায় হাগা—ভীরুতা বা কাপুরুষতা প্রকাশ করা ; ভয় খাওয়া। বিণ, কাছায় হেগো—কাপুরুষ ; ভীরু। হেগোকুড়,—ডাঙ্গা,—পড়া—যে স্থানে লোকে মল ত্যাগ করে ; যথায় চতুর্দ্দিকে বিষ্ঠা পড়িয়া থাকে বা ফেলা হয়। হেগোরুগী—উদরাময় রোগী। হেগোরুগী মুখ সাপটে দড়,—মুখে দড়,—কথায় টনক—অতিসাররোগীর মৃত্যুকালেও বাক্‌রোধ হয় না। ২। [লক্ষণায়] দুর্ব্বল-দেহ ব্যক্তি হাত পা চালাইবার ক্ষমতা থাকে না কেবল বকিতে পারে। ৩। অকর্ম্মণ্য লোক বাক্‌সর্ব্বস্ব হয়। হাগারে নাই বাগার ভয়, হাগার চেয়ে কি বাগার ভয়—লোকের বাহ্যের পীড়া হইলে বাঘের ভয় না রাখিয়া যেখানে সেখানে মল ত্যাগ করিতে বাহির হয়। ইহা পল্লিগ্রামের প্রবাদ।

হাঘরে [হা (হায়—শূন্য) ঘর + ইয়া—যে ঘরের জন্য হায় হায় করে বা যাহার ঘরের অভাব] বিণ, গৃহশূন্য ; আশ্রয়হীন ; ভবঘুরে। প্র—"সে তপস্বী নয় * * * সে হাঘরেদের ছেলে।"—নবীন তপস্বিনী।

হাঙ্‌হাঙ্‌, হাঙুহাঙু [শব্দাত্মক] বি, বাঘের ডাক। প্র—"হাঙ্ হাঙ্ হাঁফালে ধরিতে যায় ঘাড়ে।"—ঘনরাম। "হাঙু হাঙু হাঁফালে হাথির ঘাড়ে চড়ে।"—ঐ।

হাঙ্গর (র্) [গ্রা—হাঙর্। হাং (অনুকরণ শব্দ) করিয়া গর (যে গ্রাস করে)] বি, পুং, তীক্ষ্ণদন্ত বৃহদাকার মৎস্যজাতীয় হিংস্র জন্তুবিশেষ ; মকর দ্রঃ ; the shark.

হাঙ্গলা (হাংলা) হেঙ্গলা দ্রঃ।

হাঙ্গামা [ফা] বি, দাঙ্গা ; লড়াই। ২। আক্রমণ ; উপর চড়াও। ৩। চীৎকার গোলমাল। হাঙ্গামা হুজ্জৎ—বাদ বিসম্বাদ ; বকাবকি লড়ালড়ি।

হাজত, হাজৎ (ত্) [আ] বি, বিচারের পূর্ব্বে অপরাধীকে পুলিশের জিম্মায় যথায় আটক রাখা হয় ; দণ্ডার্হ ব্যক্তির অস্থায়ী কারাগার। হাজৎ হওয়া—পুলিশের জিম্মায় রক্ষিত কারাগৃহে আটক হওয়া। হাজতে দেওয়া—অপরাধীকে ধৃত করিয়া বিচার নিষ্পত্তির পূর্ব্ব পর্য্যন্ত পুলিশের রক্ষিত কারাগৃহে নিক্ষেপ করা।

হাজরা (জ্) [হাজার, হাজারি দ্রঃ। গ্রা—হাজ্‌রা] বি, হাজার সৈন্যের অধিনায়ক। ২। হাজার গ্রামের মণ্ডল। ৩। সহস্রাধিপের বা সহস্রাধিকারীর উপাধি। ৪। জাতীয় উপাধিবিশেষ।

হাজরি (জ্) [হাজির দ্রঃ] বি, উপস্থিতি। ২। য়ুরোপীয়দিগের ভোজন। ছোটহাজরি—লঘু ভোজন ; প্রাতরাশ। বড়হাজরি—গুরু ভোজন ; মধ্যাহ্ন ভোজন ; dinner.

হাজা [হোড় দ্রঃ। অথবা মজ্জন হইতে মাজা—আজা—হাজা] বি, জলপ্লাবনে পচন। প্র—"হাজা পড়িলে পশ্চাতে বিপরীত।"—শিবায়ন। ২। [মৈথিল হজ = পঙ্ক ও গাঁজ] জলক্ষত ; পাঁকুই। হাজা হওয়া—জলে কর চরণে জলক্ষত হওয়া। (২) জলপ্লাবনে শস্যাদি পচিয়া যাওয়া। ক্রি, হাজান (নো)—জলে পচান। ২। জলপ্লাবিত করা ; ডুবাইয়া দেওয়া। প্র—"হইয়া উন্মত্ত বেশ হাজালে কলিঙ্গ দেশ। তবে বৈসে গুজরাট্ পুরে।"—কবিক। "প্রাণের বহিনী গঙ্গে চল আমার সঙ্গে হাজাও রাজ্য কলিঙ্গ রাজার।"—ঐ। হাজান মজান—পচান ও ডুবান।

হাজাম (ম্) [আ—হাজ্জাম্] বি, মুসলমান নাপিত। প্র—"সুন্নত করিয়া নাম বোলাল্য হাজাম।"—কবিক।

হাজার (র্) [ফা—হাজার্] বি, দশশত সংখ্যা ; ১০০০। ২। বিণ, সহস্র ; দশশত সংখ্যক। ৩। বহু ; অনেক ; বিস্তর। ৪। যে পরিমাণ ; যে সংখ্যক ; যত ; যতই। প্র—হাজার বল ভবী ভোলবার নয়। "ধনুর্ব্বাণধারী চলে হাজারে হাজার। দোকানী পসারী চলে লইয়া বাজার॥"—রঙ্গলাল (কাঞ্চী-কাবেরী)।

হাজারি, হাজারী [ফা—হাজারি] বি, সহস্র সৈন্যের অধিনায়ক। প্র—"হাজারি পঞ্চম সিংহ ইন্দ্রসেন সুত।"—অ, ম। "আগে পাছে হাজারীর হাজার হাজার।"—ঐ। ২। সহস্রাধিকারী। ৩। সহস্র গ্রামের মণ্ডল। ৪। জাতীয় উপাধিবিশেষ ; হাজরা দ্রঃ।

হাজি, হাজী [আ—হজ্ (মক্কা তীর্থে গমন) হইতে আ—হাজী (হজকারী)] বি, মক্কা তীর্থে গমনকারী ; মোল্লা। প্র—"হাঁসন হোঁসেন হাজি হান হান হাঁকে। ডোমনী উপরে শর রাখে ঝাঁকে ঝাঁকে॥"—ঘনরাম। "কত কত হাজী কত কত কাজী খাইল ছাড়ি নমাজে।"—অ, ম।

হাজির (র্) [আ—হাজির্] বিণ, উপস্থিত। প্র—"রাজা বলে বন্দীকে হাজির কর ডাকে"—ঘনরাম। ২। প্রস্তুত ; ইচ্ছুক ; তৎপর। হাজির করা—উপস্থিত করা ; সম্মুখে

আনয়ন করা। হাজির জবাব—উপস্থিত মত উত্তর দানে পটু; উপস্থিত বক্তা হাজির জামিন—আদালতে অন্যের উপস্থিতির জন্য যে দায়িত্ব গ্রহণ করে হাজির জামিনি—নির্দ্দিষ্ট সময়ে আসামীকে আদালতে হাজির করিবার জন্য জামিন হওয়া বা অঙ্গীকার পত্র লিখিয়া দেওয়া। হাজির বাস—উপস্থিত। হাজিরবাসি—উপস্থিতি। হাজির হওয়া—উপস্থিত হওয়া সম্মুখে আসা। গর হাজির [আ—গয়র্ (না)] অনুপস্থিত। হাজিরি—উপস্থিতি ২। উমেদারী। গর হাজিরি—অনুপস্থিতি। হাজিরি দেওয়া—উমেদারী করা। ২। উপস্থিত হওয়া।

হাট (ট্) [সং—হট্ট] বি. সাধারণের ক্রয়-বিক্রয় স্থান। প্র—"রমণীতে বেচে রমণীতে কেনে লেগেচে রমণী রূপের হাট।"—বঙ্কিম "সেথা বিকিকিনি করে হাটে"—রবি। [বাজার প্রায়ই স্থানীয়। হাট বহু স্থানের লোকের সমাগমস্থল। হাটে নানা স্থান হইতে ক্রেতা ও পণ্যবিক্রেতা আসিয়া উপস্থিত হয় এবং ক্রয়বিক্রয় শেষে দোকান-পাট তুলিয়া সকলে স্ব স্ব স্থানে চলিয়া যায়। বাজারে বিপণির অধিকাংশ স্থায়িভাবে অবস্থান করে। হাটে প্রায় সকল দ্রব্যসামগ্রী সদ্য ক্রয়বিক্রয়ের উপযোগী। বাজারে প্রয়োজনীয় মহামূল্যবান্ হইতে সুলভ সকল দ্রব্যই সর্ব্বদা প্রাপ্তব্য। প্রায়ই হাটে বাজার অপেক্ষা অধিক লোকসমাগম হইয়া থাকে। অধিকাংশ হাটই নির্দ্দিষ্ট বারে বসে]। হাট করা—হাটে খরিদ বিক্রয় করা। ২। কোলাহল করা; গোলমাল করা। হাট-চালা—হট্টমন্দির দ্রঃ। হাট করিয়া দেওয়া—গুপ্ত বিষয় চেঁচাইয়া সকলের কাণে তোলা; প্রকাশ করিয়া দেওয়া। হাট তোলা—হাট হইতে বিক্রয়াবশিষ্ট জিনিষ-পত্র তুলিয়া লইয়া যাওয়া; হাট উঠান। ২। হাটে বসিয়া বিক্রয় করিবার জন্য বিক্রেতার নিকট হইতে শুল্ক স্বরূপ দ্রব্য বা অর্থ সংগ্রহ করা। হাট বসা—হাটে ক্রয় বিক্রয় আরম্ভ হওয়া। হাট বসান—হাট স্থাপন করা। ২। হাটের মত চেঁচামেচি গণ্ডগোল্ করা। কেঁদে হাট করা—ক্রন্দনের রোলে কোলাহলের সৃষ্টি করা। ভাঙ্গা হাট—যে হাটে ক্রয়বিক্রয় প্রায় শেষ হইয়া আসিয়াছে; উঠতি হাট।

হাটক (ক্) [হট্ (দীপ্তি পাওয়া) + অক (কর্ত্তৃ—সংজ্ঞার্থে)] বি. ক্লী. স্বর্ণ; সোণা ২। পুং. দেশবিশেষ। প্র—"নগর হাটক নিবাসী গুহ্যক জিনি পাইল বহু ধন।"—কাশী. মহা. সভা। ৩। ধুস্তুর। ৪। বিণ. স্বর্ণ-নির্ম্মিত। হাটকেশ্বর—হাটক দেশে প্রতিষ্ঠিত শিব।

হাটুয়া, হেটো [হাট (দ্রঃ) + উয়া। গ্রা—হেটো] বিণ. হাটসম্বন্ধীয়। ২। হাটে বিক্রেয়; হাটে প্রাপ্তব্য খেলো ও সুলভ প্র—হেটো কাপড়। ৩। বাজে।

হাটুরা, হাটুরিয়া, হাটুরে [হাট (দ্রঃ) + উরিয়া] বি. যে পণ্য বিক্রয়ার্থ হাটে যাতায়াত করে। ২। বিণ. হাটে বিক্রেয় পণ্যবাহী। প্র—"হাটুরিয়া নৌকা হটর হটর করিয়া যাইতেছে।"—বিষবৃক্ষ।

হাট্য (হাট্‌ট) [হাট + য] বি. যে. হাটে বিক্রয়ার্থ পণ্য আনয়ন করে; হাটুরিয়া। প্র—"পীঠে চুণ মাখি হাট্য চলিলা আহ্লাদে।"—কবিক।

হাড়, হাড়া (ড়) [সং—হড্ড হইতে হি—হড্ডী। গ্রা—হাড়] বি. অস্থি; bone. প্র—"ভীম বলে জানবি যখন ভেঙ্গে দিব হাড়" —শিবায়ন। ২। শরীরের অন্তরতম বা গভীরতম স্থান; হাড়ের ভিতরস্থ মজ্জা। প্র—হাড়ে হাড়ে অনুভব করা; হাড় জ্বলে যাওয়া। ৩। [হাতে স্থলে হাড়ে] হাতে হাতে এবং বর্ণে বর্ণে; অবিলম্বে এবং অনুযায়ী। প্র—শাপ তার হাড়ে হাড়ে ফলে গেল। ৪। আদি; মূল; আভ্যন্তরীণ বিষয় ব্যাপার; ভিতরের কথা। প্র—হাড় হদ্দ জানিয়া দেওয়া। ৫। [শরীরের প্রধান অবলম্বন হাড়—লক্ষণায়] ক্ষমতা; শক্তি; সামর্থ্য। প্র—ও কাজ তার হাড়ে হবে না। হাড় জুড়ান—[হাড় দেহের প্রধান অবলম্বন ও সারবস্তু বলিয়া হাড়ের জ্বালা নিবারিত হইলে সমস্ত দেহের অন্তর্দ্দাহ নিবারিত হয়] শান্তি ও আরাম পাওয়া। হাড়গোড় ভাঙ্গা দ—হাত পা ভাঙ্গা দ সদৃশ। প্র—"হাড়গোড় ভাঙ্গা দ'টী হব তাড়িয়ে যদি ধরে"—নবীন তপস্বিনী। হাড়কালী হওয়া—মনের কষ্টে বা খাটিয়া খাটিয়া যে অস্থি স্বভাবতঃ শ্বেতবর্ণ তাহাও কৃষ্ণবর্ণ হওয়া। হাড়-জোড়া—ভগ্নাস্থি জোড়া লাগা। ২। অস্থিসন্ধিক নামক গাছ; হাড় ভাঙ্গাও বলে; vitis quadrangularis. (বৈদ্যকে) হাতি-শুঁড়ার গাছ। হাড়-কাট—পশুচ্ছেদনার্থ যূপস্তম্ভ। হাড়িকাট দ্রঃ। হাড়কাটা—যাহারা হাড় শিং প্রভৃতি কাটিয়া দ্রব্যাদি নির্ম্মাণ করে। ২। কসাই। হাড় কাটে ত মাস কাটে না—ভার হেতু হাড় ভাঙ্গে কিন্তু ধার না থাকায় মাস কাটে না; ভোঁতা ভারি অস্ত্র। হাড় এক ঠাঁই মাস এক ঠাঁই করা—এত প্রহার করা যে হাড় হইতে মাস ছাড়িয়া পৃথক্ হওয়া। হাড় গুঁড়া করা—প্রহারে অস্থি চূর্ণ করা। হাড়গোড়—অস্থি ও গুল্ফ। ২। [হাড় (হাত গোড়ের ড় সহিত মিল হেতু ত স্থলে ড়) গোড় (পা)] হাত পা। হাড় জ্বালান—এত কষ্ট বা যন্ত্রণা দেওয়া যে অস্থি পর্য্যন্ত জ্বলিয়া যায়; অত্যন্ত জ্বালাতন করা। প্র—"হাড় জ্বালাতে পারেন খালি এনে নখির গোছা"—হেম বন্দ্যো। হাড় জ্বালানিয়া, হাড় জ্বালানে—যে হাড় জ্বালায়; উপদ্রবকারী; অত্যাচারী। স্ত্রী. হাড়জ্বালানী। প্র—"পোড়ারমুখী শতেকখোয়ারী, হাড়জ্বালানী! দূর হয়ে যা! দূর হয়ে যা!"—ভারতী, ১৩২০। হাড়পেকে—যাহার হাড় কষ্ট সহিয়া সহিয়া পাকিয়া দৃঢ় হইয়া গিয়াছে। ২। অনাহারে ও কষ্ট সহিয়া যাহার হাড় দড়ীর মত পাকাইয়া হাড়সার হইয়া গিয়াছে; অতি কৃশ। হাড়পেকের বোঝা ["বাঁকুড়া জেলাতে কোন কোন স্থানে উভয় প্রতিদ্বন্দ্বী পক্ষের মধ্যে হার হইলে তাহাকে পাক খাইতে হয় ও তৎকালে তাহার মস্তকে বোঝা চাপান হয়। এই প্রথা হইতে কষ্ট-করত্বব্যঞ্জক হাড়পেকের বোঝা বাক্যের উৎপত্তি হইয়াছে।"—মেঘনাথ ভট্টাচার্য্য, সা-প-প] গুরুভার। পাকা হাড়—বৃদ্ধ। হাড়ভাঙ্গা—ক্রি. প্রহারে অস্থি ভগ্ন করা। ২। বিণ. অস্থিচূর্ণকারী; অতিশয় শ্রমসাধ্য। প্র—হাড় ভাঙ্গা মেহনত। ৩। বি. হাড়মোড়া গাছ; অস্থিসংহার; (হি) হুরশঙ্করী; বৈদ্যকে হাতিশুঁড়া গাছ; vitis quadragularis. হাড় ভাজা ভাজা হওয়া—অতিশয় জ্বালাতন হওয়া; হাড়ের ভিতর জ্বলিয়া যাওয়া। হাড় মাটি করা—দেহপাত করা। হাড়ে দূর্ব্বা গজান [জমী পড়িয়া থাকিলে তাহাতে ঘাস জন্মে.—লক্ষণায়] অত্যন্ত কুঁড়ের লক্ষণ। হাড়ে নাড়ে জ্বালান—অস্থি ও নাড়ী পর্য্যন্ত দগ্ধ করা; অতিশয় উপদ্রব হেতু প্রাণান্ত করা। হাড়হদ্দ—শরীরের গভীরতম দেশস্থ অস্থিসীমা পর্য্যন্ত; আদ্যন্ত; নাড়ীনক্ষত্র।

হাড়গিলা (ড়) [হাড় (অস্থি) গিলা (যে গিলিয়া ফেলে)] বি. স্থূল, বৃহৎ, দৃঢ়-চঞ্চু,

মাংসাশী পক্ষিবিশেষ। ইহাদের গলায় থলি ঝুলিতে থাকে ; the adjutant.

হাড়াইডোমাই [হাড়ি—আই (আচরণার্থে) ডোম—আই] বি. হাড়ি ডোমের আচরণ ; হাড়িহাটা : ইতরামো : হেড়োমো। প্র—"নাত জামাইকে আর অপমান করিস নে হাড়াই-ডোমাই ভাল দেখায় না।"—জামাই বারিক।

হাড়ি, হাড়ী [সং—হড্ডিক শব্দজ] বি. কাষ্ঠযন্ত্রবিশেষ ; হাউড়। ২। জাতিবিশেষ। ইহারা অধিকাংশ শূকর পালন করে। শ্রেণী-ভেদে ভিন্ন ভিন্ন নামে পরিচিত।—তাল কাটা হাড়ি—যাহারা তালগাছে উঠিয়া তাল কাটে, খেজুর রস সংগ্রহ করে ও তাড়ী প্রস্তুত করে। নাড়ী কাটা হাড়ী—যাহারা নবজাত শিশুর নাড়ী কাটে। প্র—"হাড়ি দিল মহাবীরে হৈল উভমুণ্ড।"—কবিক। স্ত্রী. হাড়িনী। হাড়ি ঝী—তন্ত্রসিদ্ধা প্রসিদ্ধা হাড়িকন্যা (মন্ত্রে—"হাড়িঝী চণ্ডীর আজ্ঞা")। প্র—"সুন্দরী স্মরণ করে হাড়ী ঝিয়ের পা"—ধ. ম (মাণিক)।

হাড়িকাট, হাড়িকাঠ (ট্, ঠ্) [কাটের উপর ঘাড় রাখিয়া কাটা হয় বলিয়া "ঘাড়কাট"। ঘ=হ] বি. পশুচ্ছেদনার্থ কাষ্ঠযন্ত্রবিশেষ। প্র—"পাঁটা হাড়িকাঠে ফেলিয়াছি"—কমলাকান্তের দপ্তর। ২। পাদবন্ধনকাষ্ঠ। হাড়িকাটে গলা দেওয়া—মৃত্যু নিশ্চয় জানিয়াও উদ্যত খড়্গের তলে মাথা পাতা। ২। [লক্ষণায়] বিপদ্ জানিয়াও বিপদের সম্মুখীন হওয়া।

হাড়িপা, হাড়িফা ["দিল্লীর পশ্চিমস্থ অভোর গ্রামের যোগীদের নাম—হরূপ যোগী। 'রংপুরের ভাষায় অকার প্রায়শ আকার হয়, ও রকার ড়কারে পরিবর্ত্তিত হয়, তদ্দ্বারা হরপা সহজেই হাড়পা বা পাড়িপা হইতে পারে : অতএব জানা যাইতেছে 'হাড়িপা'—হরপা যোগী ছিলেন"—গোবিন্দ গীত, টীকা, পৃ ২০)] বি, পুং, রায় শরচ্চন্দ্র দাস বাহাদুরের মতে সিন্ধু-দেশের তট্ট নামক নগরের (আধুনিক নগরতট্ট) শূদ্র জাতীয় বৌদ্ধ যোগী। ইঁহার প্রকৃত নাম সিদ্ধ বালপাদ। ইনি প্রাচীন বৌদ্ধ বাঙ্গালা গ্রন্থাদিতে মহাজ্ঞানী বলিয়া উক্ত। প্র—"হাড়িপা কানুপা বন্দিলাম জ্ঞানবিন্দ। গুণ্ড্য-রাজ বন্দো আর রাজা গোবিন্দ চন্দ॥—গোবিন্দ গীত, পৃ, ২৩। "হাড়ি নহে হাড়িপা বাউল ব্রহ্মজ্ঞানী"—ঐ, পৃ, ৫৮।

হাড়িয়া [প্রাদে—গ্রা] বি. ঈশান কোণ। প্র—'হাড়িয়া কোণে যেন দেওয়া গর্জ্জিল।"—মাণিকচাঁদের গান।

হাড়ুডুডু [শব্দাত্মক] বি. অনুকার শব্দ। ২। কপাটি খেলা।

হাণ্ডিয়া [সং—হণ্ডীকা] বি. হাঁড়ী। প্র—'তবে আর কি তোমায় বৃথা ডাকাডাকি। ঘর করিতে হাণ্ডিয়ে হাণ্ডিয়ে হয় ঠেকাঠেকি"—শিবায়ন। ২। [গ্রা—হাঁড়িয়া] বি. সাঁওতাল ও ধাঙ্গড়দিগের গৃহজাত মদ্য।

হাণ্ডী (হান্ডি) [সং] বি. হাঁড়ী। প্র—"হিণ্ডীর সমীপে চণ্ডী দিল হাণ্ডী ভরি। ছাঁকে তাকে শিব বাপে পোয়ে বস্ত্র ধরি॥"—শিবায়ন।

হাণ্ডুল বাণ্ডুল, হণ্ডল মণ্ডল (ল্, ল্, ল্, ল্) [হি—হড্‌বড়ানা, হাণ্ডানা (বাহির করিয়া ফেলা)। হাঁটকান দ্রঃ] বিণ, বিশৃঙ্খল ; বিপর্য্যস্ত ; এলোমেলো।

হাত (ত্) [সং—হস্ত—প্রাকৃ—হত্থ—হইতে—হাত ও হাথ] বি, স্কন্ধ-প্রান্ত হইতে হস্ত ; বাহু ও কর। প্র—উপর হাত ও নীচের হাতের গহনা। ২। কনুই হইতে অঙ্গুলি পর্য্যন্ত অঙ্গ প্রত্যঙ্গ : পাণি ; কর। ২। অধিকার ; ক্ষমতা ; কর্ত্তৃত্ব। ৩। দাঁও ; সুযোগ। হাত আসা—অভ্যাস হওয়া। হাতকড়ী—হস্তদ্বয় বন্ধনের লৌহ বলয় ; hand cuff. হাত করা—হস্তগত করা ; আয়ত্ত করা। ২। স্বপক্ষে আনা। হাত করাত—ছোট করাত। হাত-কাটা—স্কন্ধ হইতে কনুই পর্য্যন্ত ; অর্দ্ধহস্ত-প্রমাণ ; বাহু পর্য্যন্ত লম্বা। প্র—হাত-কাটা জামা। ২। ছিন্নহস্ত ; নুলা। হাত কাটিয়া বসা—হস্তক্ষেপ করিবার উপায় না রাখা। হাত কামড়ান—প্রতিকারের অবসর বা ক্ষমতা হইতে বঞ্চিত হইয়া আপশোষে স্বহস্তে দংশন করা। হাত খরচ—খুচরা ব্যয়। হাত খালি করা—রিক্ত হস্ত হওয়া ; হাত শূন্য করা। হাত খোলা—অভ্যাসে হাতের সঙ্কোচ না করা। হাত গুটান—নিরস্ত হওয়া। হাত গোনা—জ্যোতিষ বিদ্যাবলে ভূত ভবিষ্যৎ গণনা করা। হাত ঘোরান—শিশুর হাত ঘুরাইয়া খেলা। হাত চলা—মারিবার জন্য সহজে হাত উঠা। ২। কার্য্য সম্পাদনে দ্রুত-হস্ত হওয়া। হাত চালা—চোর ধরিবার জন্য মন্ত্রবলে হাত প্রসারিত করা। হাত চালান—শীঘ্র কার্য্য সম্পাদন করা। ২। হস্ত সঞ্চালন করা। হাত চুলকানি—হস্তকণ্ডূতি ; হাত নিস্‌পিস্। হাত ছাড়া—হস্তচ্যুত ; বেহাত ; হস্তান্তর ; হাতের বাহির। হাতছানি—[হাত—শানি]—হাত তুলিয়া ইঙ্গিত ; ইসারা। প্র—"একটী চতুর্দ্দশবর্ষীয়া বালিকা প্রফুল্লকে হাতছানি দিয়া ডাকিল।"—কৃষ্ণকান্তের উইল। হাত জোড় করা—ক্ষমা প্রার্থনা করা। ২। মিনতি করা। ৩। নমস্কার করা। ৪। যুক্তকর হওয়া। হাত জোড়া থাকা—হাতে কাজ থাকা। ২। কাজে লিপ্ত বা নিযুক্ত থাকা : অবসর না থাকা। হাত ঝাড়া দিলে পর্ব্বত—ধনাধিক্যের চিহ্ন : সঙ্গে এত অর্থ থাকে যে তাহাই সাধারণের পক্ষে পর্ব্বত প্রমাণ অর্থাৎ অনেক বেশী। হাত টান—যাহার হাত দিয়া খরচের টাকা সহজে বাহির হয় না ; কৃপণ। ২। চুরির অভ্যাস। হাত ঠার—হাত নাড়িয়া ইঙ্গিত : হাতের ইসারা। প্র—"লাজে মুখ বাঁকা করে হাত ঠারে হাসে।"—শিবায়ন। হাত তালি—করতলদ্বয়ের পরস্পর আঘাতজাত শব্দ ; করতালি। হাত তোলায় থাকা—পরে হস্ত তুলিয়া যাহা দিবে বা করিবে তাহার অধীন থাকা। হাত থাকা—অধিকার থাকা ; আয়ত্ত থাকা। হাত দিয়া হাতী ঠেলা—সামান্য উপায়ে বিরাট্ ব্যাপার নিষ্পাদন করা ; অসম্ভবকে সম্ভব করিতে যাওয়া। হাত দেওয়া—স্পর্শ করা ; ছোঁয়া। ২। হস্তক্ষেপ করা ; দখল দেওয়া ; সাহায্য করা। হাত দেখা—কর-রেখা দর্শনে অদৃষ্ট গণনা করা। হাত ধরা—হস্ত গ্রহণ অর্থাৎ অন্যের হস্ত অবলম্বন করা। ২। সহযোগিতা করা ; যোগ দেওয়া। ৩। বিণ, বশীভূত। প্র—"বাজারের ব্যাপারী যারা আমার তো হাত ধরা তারা।"—গান। হাত বসা—আশা ত্যাগ করা। ২। সম্পূর্ণ সংস্রব ত্যাগ করা। হাত নাড়া—হস্ত সঞ্চালন করা ; হাত দোলান। হাত নিশ্‌পিশ্ করা—কোন কিছু করিবার জন্য হাত চঞ্চল বা অস্থির হওয়া। হাত পা না আসা—সাহসহীন হওয়া ; ভরসা না থাকা। হাত পা বাঁধা থাকা—পরাধীনতা, শাসন, প্রতিশ্রুতি প্রভৃতির বন্ধনহেতু স্বেচ্ছামত বা স্বাধীনভাবে কার্য্য করিবার ক্ষমতা না থাকা। হাত পড়া—হস্তক্ষেপ হওয়া। ২। ব্যবহারে বা দখলে আসা। হাত পা বাঁধিয়া জলে ফেলা—নাচার অবস্থায় অর্থাৎ উদ্ধারের পথ না রাখিয়া প্রাণান্তকর স্থানে নিক্ষেপ বা অপাত্রে ন্যস্ত করা। প্র—মেয়েটিকে হাত পা বাঁধিয়া জলে ফেলিয়া দেওয়া হইয়াছে। হাত পা বাহির করা—কল্পনা যোগে প্রকৃত বিষয়কে অতিরঞ্জিত করা। হাত পাকান—অভ্যাস দ্বারা সিদ্ধহস্ত হওয়া। ২। মক্স করিয়া

লিখনকার্য্যে পাকা হওয়া। হাত পাত—প্রার্থনা করা। ২। গ্রহণার্থ করতল ন্যস্ত করা। হাত ফেরান—হাত বদল করা হস্তান্তর করা। হাত বদল—হস্তান্তর এক হস্ত হইতে অন্য হস্তে গমন। প্র—"হাত বদল করিতে বেণের হৈল মন"—কবিক। ২ হস্ত পরিবর্ত্তন। হাত বদলাবদলি—হস্তান্তর করণ। হাত বাক্স—খুচরা খরচে টাকাকড়ি রাখিবার বাক্স। হাত বাড়ান—হস্ত প্রসারণ করা। হাত বাতি, হাত লণ্ঠন—ল্যাম্প—হাতে ঝুলাইয়া লইয়া যাইবার মত বাতি বা আলোকাধার। হাত ভারি—যাহার হাতে টাকা আছে অথচ হাত তুলিয়া দিতে হাত উঠে না; কৃপণ। প্র—"বড় হাত ভারি—বাক্স থেকে টাকা বাহির করিতে হইলে বিষম দায় হয়"—টেকচাঁদ। হাতমাটি করা—মল ত্যাগান্তে জলশৌচ করত হাতে মাটি মাখিয়া ধুইয়া ফেলা। হাতযশ—কৃত কার্য্যতার খ্যাতি; সিদ্ধ-হস্ত বলিয়া সুনাম হাত রাঁড় করা—হাত শুধু করা দ্রঃ হাত লাগা—হাত ঠেকা; স্পর্শ হওয়া। ২ হস্তগত হওয়া। হাত লাগান—ছোঁয়া। ২। কাজে হাত দেওয়া। ৩। সাহায্য করা। হাতশানি,—সানি—হাতের ইঙ্গিত। হাত তুলিয়া অঙ্গুলি সঞ্চালনে আহ্বান। হাত শুধু করা—হাত সধবার চিহ্ন (লৌহ অলঙ্কার) শূন্য করা। প্র—"এখানে এসে হাত শুধু করে থান ত পরেছে"—ভারতী, ১৩২০। হাত সই—এক হাত পরিমাণ। হাত সড়সড় করা—হাত চুলকান। হাত সাফাই—হস্ত লাঘব। হাতে কলমে করা—কেবল পড়িয়া ও শুনিয়া শেখা নয় নিজের হাতে কাজ করিয়া শিক্ষাকে কার্য্যকরী করা। হাতে খড়ি—বিদ্যারম্ভ। প্র—"কত দিনে মিশ্র পুতের হাতে খড়ি দিল।" চৈ, চরিত। হাত খোলা—হস্তে ভিক্ষা-পাত্র সুতরাং সর্ব্বস্বান্ত। হাতে গড়া—স্বহস্তে নির্ম্মিত। ২। স্বয় শিখাইয়া পড়াইয়া মানুষ করা। হাতে চাঁদ দেওয়া—দুরাশা পূর্ণ করা। হাতে থাকা—সঞ্চিত থাকা। ২। অনুকূল থাকা। ৩। বশে থাকা। হাতে ধরা—সনির্ব্বন্ধ অনুরোধ করা; মিনতি করা। হাতে পাওয়া—আপন অধিকারে প্রাপ্ত হওয়া; হস্তগত করা। হাতে পাঁজি মঙ্গলবার—পাঁজি হাতে থাকা সত্ত্বেও কি বার তাহা লইয়া গোল; জানিবার উপায় থাকিতে বৃথা তর্ক। হাতে মাথা কাটা—এত উদ্ধত যে অস্ত্র আনিবার অপেক্ষা না করিয়া হাতেই মাথা উড়ান; ঘোরতর অত্যাচারী। হাতে মারা নয় ভাতে মারা—প্রহার না করিয়া অনাহারে রাখিয়া প্রাণে মারা। হাতে লওয়া—গ্রহণ করা। ২। আরম্ভ করা; কার্য্যের সূত্রপাত করা। হাতে নোতে,—নাতে—[সং—লোপ্ত্র=চোরাই মাল] হাতে চুরি করা মাল সহিত; বমাল; red handed. প্র—চোর * * গাড়ীর চাকা হইতে রবার খুলিয়া লইতেছিল। সে তখনই হাতে-নোতে গ্রেপ্তার হয়।"—বাঙ্গালী, ১৩২৩। হাতে হাতে—হস্তান্তর হইবার পূর্ব্বেই; অবিলম্বে; তোকা-তুকি। হাতে হাতে ফল—সদ্য ফল। প্র—"ঘটে তার ভাগ্যেতে প্রেম তরঙ্গে হাতে হাতে ফল"—গান। হাতে হেতেরে,—হেতুড়ে—হাতে হাতিয়ার বা অস্ত্র লইয়া; স্বহস্তে যন্ত্রপাতি ব্যবহার করিয়া। হাতের জল না গলা—বদ্ধমুষ্টি হওয়া; কৃপণতা করা। হাতের ঢিল ছুঁড়লে আর না ফেরা—কোন কাজ করে ফেল্লে আর তাহাকে ফেরান বা অকৃত করা যায় না; যাহা করা হয় তাহা হইতে আর পিছাইবার যো না থাকা। হাতের পাঁচ—[তাস খেলার ভাষায়] অবশিষ্ট সম্বল; শেষ ভরসা। প্র—"আপন দোষে হারাইলি হাতের পাঁচ"—গান। হাতের লক্ষ্মী পায়ে ঠেলা—উপস্থিত সুযোগ ত্যাগ করা। প্র—"হাতের লক্ষ্মী পায়ে ঠেলেছ, ঠেল, একদিন পস্তাবে"—ভারতী, ১৩২১। কপালে হাত—অদৃষ্টের দোহাই দিতে। ২। আক্ষেপে; খেদে। কাঁচা হাত—অনভ্যস্ত হস্ত; অসিদ্ধ হস্ত। গালে হাত—বিস্ময়ে। ডান হাতের ব্যাপার—ভোজন ব্যাপার; আহার। পাকা হাত—সিদ্ধ হস্ত। পায়ে হাত—নমস্কার অর্থে। ২। শপথার্থে। বুকে হাত—সাহস প্রকাশে। ২। আন্তরিকতা প্রকাশে। মাথায় হাত—দুর্ভাবনায়। ২। শপথ করণে।

হাতড়ান, হাতড়ানো (হাৎড়ানো) [হাত—আন (বাং-কৃৎ প্রত্যয়), মধ্যে ড় আগম গ্রা-ব্যবহারে] ক্রি, হাত বুলাইয়া অনুসন্ধান করা। প্র—"এই আছে এই হাতড়ে পাসনে, তাই বলি মন, আর হাতড়াসনে।"—রজনীসেন।

হাতড়ী—হাতুড়ী দ্রঃ।

হাতব্য (হাতোব্‌ব) [হা (ত্যাগ করা)+তব্য (কর্ম্মে)] বিণ, ত্যাগযোগ্য; ত্যক্তব্য।

হাতল (হাতোল্) [ইং—handle] বি, হাত দিয়া ধরিবার কড়া; আংটা।

হাতা [সং—হস্ত—হাত+আ (সাদৃশ্যে)] বি, দর্ব্বি। প্র—"রত্ন হাতা ডানি হাতে সঘৃত পলান্ন তাতে।"—ভা-চন্দ্র। ২। [হন্তা শব্দজ] বিণ, হন্তা; প্রতিবন্ধক। প্র—"এক জন করে দান আর জন হয় হাতা।"—গোবিন্দ-চন্দ্রের গীত। "কি তোর যোগ্যতা শ্যালী হতে এলি হাতা॥"—ধর্ম্মমঙ্গল (ঘনরাম)।

হাতান (নো) [হাত—আন (ক্রিয়ায়)] ক্রি, হস্তগত করা।

হাতাল (ল্) [হাত—আল (সাদৃশ্যে)] বি, যাহা তাতাইয়া রাঙ্গ ঝাল প্রভৃতি দেওয়া হয়। আগুনে তাতাইয়া প্রয়োগ করা হয় বলিয়া ইহার অন্য নাম তাতাল।

হাতাহাতি (হ্‌াতা) [হাত+আ—হাত+ই (ব্যাপারার্থে)] ক্রি-বি, হাতে হাতে; অবিলম্বে; শীঘ্র। প্র—"হাতাহাতি হুকুমে হইল গড় বাড়ী"—ঘনরাম। "মুকেদে মহল তুলে দিব হাতাহাতি।"—ঐ। ২। হাত ধরাধরি। প্র—"গোপী কৃষ্ণ নাচে গায় করি হাতাহাতি"। ৩। পরস্পরের অঙ্গে পরস্পরের হস্তক্ষেপ; মারামারি।

হাতিপাঞ্জর (র্) [প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"গুজুরা, বোআলি দাড়, হাতিপাঞ্জর। বুড়ামাস্তা, ধান বুনেন দেখিতে সুন্দর॥"—শূন্যপুরাণ।

হাতিয়ার (র্) [হি—হাথিয়ার্—হস্ত হইতে—হাথ—অস্ত্র হইতে—আর। গ্রা—হেতের] বি, অস্ত্র; যুদ্ধের উপকরণ। ২। শিল্পসাধন যন্ত্র; শিল্পাস্ত্র।

হাতী (হ্‌াতি) [সং—হস্তী] বি, হস্তী; করী। হাতী বাঁধা—ঐশ্বর্য্যলক্ষণ, কারণ ঐশ্বর্য্য-শালী ব্যতীত হাতীর খরচ যোগাইতে পারে না। হাতী শুঁড়—শুঁড়ের মত বাঁকা ও লম্বা পাতা ছোট গাছ। ২। জলস্তম্ভ। হাতীর খোরাক—হাতীর মত বহু-ভোজী; যাহার অন্ন যোগাইতে বিস্তর ব্যয় হয়। হাতীর গলায় ঘণ্টা—[লক্ষণায়] বৃহতের সহিত ক্ষুদ্রের সংযোগ। হাতী পোষা—বহু ব্যয়-সাধ্য কাজ করা।

হাতুড়িয়া (হ্‌া) [হি—হত্যা হইতে হত্যারা (হত্যাকারী) অপভ্রংশে হাতুরিয়া পরে হাতুড়িয়া] বিণ, আনাড়ী চিকিৎসক। ২। অশিক্ষিত।

হাতুড়ী [হি—হথৌড়ী] বি, কামারশালের লোহা পিটিবার যন্ত্র; লৌহ দ্রব্য গঠনকারী (fireman)—যে একস্থানে বসিয়া কার্য্য করে, সে এই যন্ত্র ব্যবহার করে। [দ্রঃ—যে দাঁড়াইয়া লোহা পেটে সে হাম্বর ব্যবহার করে]।

হাত্যারা (হাৎত্যারা) [হত্যা—ৰারা (কারী অর্থে)] বি. হত্যাকারী ; ঘাতক ; খুনী। ২। [হাতিয়ারা হইতে] হাতিয়ারবিশিষ্ট ; অস্ত্রধারী। প্র—"গজশালে গজ মরে হাত্যারা হাত্যার করে"—কবিক।

হাথা [হাথ+আ (সাদৃশ্যে)] বি. জামার হাত। প্র—"ছেঁড়া পচা কামেজ তাহার নেই হাথা।" —ঈশ্বরগুপ্ত। ২। [হি] অধিকার। ৩। সীমা।

হাথাড়িয়া [হাতড়ান দ্রঃ] অস-ক্রি. হাতড়াইয়া ; হাত বুলাইয়া। প্র—"দেখিতে না পায় ইন্দ্র হাথাড়িয়া বুলি"—কাশী-মহা-আদি।

হাথান (নো) [হাথ—আন (ক্রিয়ায়)]। উ-পু —হাথাই। ম-পু—হাথাও। প্র-পু—হাথায়। অস-ক্রি—হাথাইতে : হাথাইয়া : হাথিয়ে] ক্রি. হাথ করা : হস্তগত করা। প্রা-বাং— **হাথাএ্যা** — হাথাইয়া। প্র—"দুর্ব্বলা হাথাএ্যা তায় ঢালি দেয় পানি।"—কবিক।

হা ধিক্ [প্রাকৃ—হদ্দি] অ. আত্মগ্লানিসূচক অব্যয় ; অনুতাপ। ২। নিন্দায়। প্র—"হা ধিক ওহে জলদলপতি।"—মেঘনাদ। ৩। ভৎ'সনায়।

হান (ন্) [হা (ত্যাগ করা) + অন (ভাবে—অনট্)] বি. স্ত্রী. ত্যাগ। ২। বিক্রম। ৩। ক্ষতি ; হানি। ৪। [হানা দ্রঃ] ক্রি. নিক্ষেপ কর ; মার। আধিক্য উৎসাহার্থে **হান্‌হান্** —মার মার : ক্রমাগত অস্ত্র মার। প্র— "মার মার ঘের ঘার হান্ হান হাঁকিছে।" —অ. ম।

হানন (ন্) [হন্ ধাতুজ হানা দ্রঃ] বি. প্রহারণ : আঘাতকরণ। ২। নিক্ষেপকরণ।

হানন্তি (নো) [প্রা-বাং। সম্মানার্থে বহুবচনের ক্রি-বিভক্তি] ক্রি. হানেন ; নিক্ষেপ করেন ; প্রহার করেন। প্র—"হানন্তি সপ্ত তি বাণে দেব চক্রপাণি।"—মহা (বিজয়)।

হানা [হাঁতা দ্রঃ। হন্ ধাতুজ] বি. তর্জ্জনগর্জ্জন করিয়া আক্রমণ ; হুঙ্কার সহ পশ্চাদ্ধাবন ; তাড়া। প্র—"রণমাঝে দেয় হানা বাহুমূলে বান্ধে বাণা দেখি পাইক রণে অকাতর।"— কবিক। ২। জল-স্রোতে উৎপন্ন গর্ত্ত। ৩। অমঙ্গল। ৪। প্রতিবন্ধক ; বিঘ্ন ; ব্যাঘাত। ৫। উপদেবতার অধিষ্ঠান হেতু বধ্য ; ভূতাবিষ্ট ; ভূতাশ্রিত ; haunted. প্র—হানা বাড়ী।

হানা [আ—হনক্। ফা—হানা] বি. কণ্ঠদেশ ; গলা। প্র—"রত্নভরা খুঙ্গী পুঁথি ঘোড়ার হানায়।"—অ-ম।

হানা [হন্ ধাতুজ। উ-পু—হানি। ম-পু— হান ; হামুন : হান্। প্র-পু—হানে ; হানেন। অস-ক্রি—হানিতে ; হানিয়া, হেনে। ণিজন্ত— হানান] ক্রি. আঘাত করা ; নিক্ষেপ করা ; মারা। প্র—"কপালে আঘাত হানি জুড়িল ক্রন্দন"—কবিক। "ক্রোধে বলে হানিয়া দশনে"—ঐ। "হানিতে চাপড় চাহে বুকে" —ঐ।

হানি [হা (ত্যাগ করা) + তি (ভাবে—ক্তি) ত= ন] বি. স্ত্রী. নাশ। প্র—প্রাণ হানি। ২। ক্ষতি ; অপচয়। ৩। দোষ ; ত্রুটি।

হানী [কবিবর মাইকেল মধুসূদন হননকারী অর্থে হানী শব্দের প্রয়োগ করিয়াছেন] বি. ঘাতক ; হন্তা। প্র—"পুত্রহানী শত্রু সে দুর্ম্মতি।"—মেঘনাদ।

হানুক (ক্) [হন্ (বধ করা) + উক (কর্ত্তৃ)] বিণ. হত্যাকারী ; ঘাতক ; হন্তা। ২। ক্ষতিকারক। ৩। [হানা দ্রঃ] ক্রি. আঘাত করুক।

হাপ, হাফ (প্, ফ্) [ইং - half] বি. অর্দ্ধ ; অর্দ্ধেক। **হাপইয়ার্লি**—[half yearly]বিণ. ষাণ্মাসিক। **হাপগিনি**—[half guinea] চলিত ইং স্বর্ণমুদ্রার অর্দ্ধেক মূল্যের মুদ্রা : ৭॥০ টাকা। **হাপটিকিট**—[ইং—half ticket] পুরা টিকিটের অর্দ্ধ মূল্যের টিকিট। **হাপ ডে** [half day] অর্দ্ধেক দিন। **হাপ নোট**— [half note] নোটের অর্দ্ধেকভাগ। **হাপ পে**—[half pay] অর্দ্ধেক বেতন। **হাপ প্রাইস**—[half price] অর্দ্ধ মূল্য। **হাপ স্কুল**—[half school] বিদ্যালয়ের পড়িবার দৈনিক পূর্ণ সময়ের প্রথমার্দ্ধ শেষ করিয়া ছুটী। প্র—"বক্রেশ্বর বাবুকে বলিয়া কহিয়া হাপস্কুল করিয়া বাটী যায়।"—টেকচাঁদ। **হাপ হলিডে**—[half holiday] অর্দ্ধদিনের ছুটী।

হাপর (র্) [খর্পর হইতে] বি. ধাতু গলাইবার নিমিত্ত নির্ম্মিত মাটির পুরু লেপ দেওয়া গামলা : এই গামলায় আগুন থাকে ও তন্মধ্যে মুচি রাখিয়া তাহাতে ধাতু গলান হয়। ঐ গামলার তলদেশে ছিদ্র থাকে, আগুনে হাওয়া দিবার জন্য ভস্ত্রা বা চামড়ার থাঁতার মুখ সেই ছিদ্রে সংলগ্ন থাকে। ২। [প্রাদে] বাঁশের চটায় নির্ম্মিত মৎস্য জিয়াইয়া রাখিবার বৃহৎ পিঞ্জর। জেলেরা উহা জলে ডুবাইয়া রাখে এবং প্রয়োজন মত মাছ বাহির করিয়া লয়।

হাপু, হাফু [হাঁপ (দ্রঃ) হইতে হাপু] বি. হা হুতাশ। ২। দুশ্চিন্তা ; ভাবনা ; প্রমাদ। প্র—"মালিনী বলিছে বাপু এত কেন ভাব হাপু আমি হাট বাজার করিব।"—অ. ম। **হাপুগোণা**—নৈরাশ্যে হা হুতাশ করা ; হাঁপান ; প্রমাদ গণনা করা।

হাপুতি [হা (অভাবে—হায় হায় অথবা বিহীন অর্থে—অ) পুতি (পুত্র)] বি. স্ত্রী. পুত্রহীনা। প্র—"হাপুতির পুত্র যেন দরিদ্রের কড়ি"—কাশী-মহা-আদি। "হাপুতির পুত্র যেন নির্ধনের ধন"—শিবায়ন। "রঞ্জাবতী হাপুতি হইল এতকালে"—ঘনরাম।

হাপুস (শ্) [শব্দাত্মক] বি. উষ্ণ বা তরল অন্ন ব্যঞ্জনাদি গ্রাস করিবার কালে মুখশব্দ। উপর্য্যুপরি ঐরূপ শব্দে **হাপুস হুপুস**।

হাপুসনয়ন (হাপুশ্‌নয়ন্) [বাষ্প হইতে হাপুষ] বি. বাষ্পাকুল নেত্র ; অশ্রুপূর্ণ নয়ন। প্র—"শাশুড়ীর মুখে এই কথা শুনে তার মাথায় যেন বজ্রাঘাত হলো হাপুস নয়নে কাঁদিতে লাগলেন "—নবীনতপস্বিনী।

হাফ্‌টোন (হাফ্ বা হাপ্‌টোন্। ইং শিক্ষিতদের দ্বারা "হাফ্" উচ্চারিত হয়) [ইং —half-tone] বি. বর্ণবিন্দু বা সূক্ষ্মরেখাসমষ্টি দ্বারা রচিত আলোকচিত্র। উজ্জ্বল বর্ণ বা আলো এবং গাঢ়বর্ণ বা ছায়ার মধ্যবর্ত্তী বর্ণের বিন্দু বা রেখাপাত হইতে এই নাম। [দ্রঃ—In a photograph, or in a black and whit drawing, the shades of colour betw een light and shadow termed ' half-tones", and it is ly possible t reproduce these half-tones in relief blocks for letter-press p inting by means of a graduated g , or by fine lines, or by tiny dots of varying size."—The Half-tone Press by Julius Verfasser. 5th Edition, London.]

হাফিজ (জ্) [আ—হাফ়িজ্] বি. রক্ষক। ২। যাঁহার সমস্ত কোরাণ কণ্ঠস্থ আছে ; কোরাণজ্ঞ। ৩। পারস্যদেশীয় প্রসিদ্ধ কবি মহম্মদ শামসুদ্দীন হাফিজ।

হাব (ব্) [হু (হোম করা) + অ (অধি— ঘঞ্)] বি. পুং. স্ত্রীলোকের শৃঙ্গারভাবজাত বিলাস ; লীলা। ২। [হ্বে (আহ্বান করা) +ঘঞ্ (ভাবে)] আহ্বান।

হাবড়হাটী (ড়) [হোড় দ্রঃ] বি. জল কাদা : কাদা কিচেল। প্র—"তবে কেন আমি এত হাবড়হাটি লিখিয়া মরি ?"—বিষবৃক্ষ।

হাবলা (ব্) [হাবা দ্রঃ। স্নেহার্থে বা অবজ্ঞার্থে লা] বিণ. স্থূলবুদ্ধি ও নিরীহ ; অচতুর ; আউলিয়া। ২। [প্রাদে, গ্রা] কাঙাল ; বড় বা চওড়া মুখ এই অর্থে "হাবলা মুখ" বলে। **হাবলা গোবলা**—হাবা গঙ্গারাম ; অচতুর, শান্তবুদ্ধি ও স্বার্থবোধহীন ; হাবাগোবা দ্রঃ।

হাবশী, হাবসী (হাব্‌শি) [আ। ইং— Abyssinian] বি. আফ্রিকা মহাদেশের অন্তঃপাতী আবিসিনিয়া দেশের অধিবাসী ; কাফ্রি। প্র—"হাবসী ইমাম বক্স হাবশী প্রধান।"—

অ, ম। "পৌরবর্গ খোজা হাবসী প্রভৃতি সকলেই প্রমোদে ব্যস্ত।"—দুর্গেশনন্দিনী। **হাবশিখানা**—হাবশিদিগের বাসস্থান। প্র—"দিলেক হাবশিখানা অন্নজল কৈল মানা দ্রব্যজাত লুঠিয়া লইল।"—অ, ম।

হাবা [অবাক্ হইতে হাবা] বিণ. বাক্‌শক্তিহীন ; মূক। ২। মুখচোরা ; বাক্যভীরু। ৩। নির্ব্বোধ ; স্বার্থবোধহীন। প্র—'কেহ বলে কালা বুড়া কেহ বলে বোবা। কেহ বলে হাউড় বাউড় কেহ বলে হাবা॥"—শিবায়ন। **হাবা কালা**—মূক ও বধির। **হাবা গঙ্গারাম** [গঙ্গারাম নামক কোন ব্যক্তির দৃষ্টান্ত] গঙ্গারামের মত মুখচোরা বা বাক্‌শক্তিহীন।

হাবাগোবা [হাবা ও গোবা (গবা গোরু বা গর্দ্দভ)] বিণ. বাক্‌শক্তি ও বুদ্ধিবৃত্তি হীন। প্র—"হীরা বলে অবা, হাবা গোবা বোবা বিধাতা ঘটালো মোরে। সেবি সেই স্বামী বোবা হই আমি কথা কহি ঠারে ঠোরে॥"—ঘনরাম।

হাবাত (ত্) [হা=হায় (অভাবে) বাত=ভাত (অন্ন) প্রা] বিণ. অন্নহীন ; অন্নের সংস্থান শূন্য ; হতভাগ্য। প্র—"হাবাতের হাতে যায় অভাগীর প্রাণ"—ঈশ্বর গুপ্ত।

হাবাতকুড়ে [হাবাত (হাভাত দ্রঃ) কুড়ে (কুঁড়ে—অলস)] বি, পুং, "হা-অন্ন" দশাগ্রস্ত অলস ; হাভাতিয়া কুঁড়ে। স্ত্রী. হাবাতকুড়ী।

হাবাতিয়া, হাবাতে [হাভাতিয়া হইতে। হাভাত দ্রঃ] বিণ. যে ব্যক্তি অন্নাভাবে হা অন্ন যো অন্ন করে ; নিরন্ন ; নির্ধন। ২। হতভাগ্য ; দুরদৃষ্ট। **হাবাতে যদ্যপি চায় সাগর শুকায়ে যায়**—দুরদৃষ্টব্যক্তি জলপিপাসার্ত হইয়া সমুদ্রের নিকট জল চাহিলে সাগরের জলও শুষ্ক হইয়া যায় ; হতভাগ্য জন সর্ব্বত্রই বঞ্চিত বা নিরাশ হয়।

হাবাল (ল্) [আ—হবাল্] বি. জিম্মা। প্র—"পাত্র মিত্র দিল সায়, নাজীরের হাবালে করিল।"—ভারতচন্দ্র।

হাবেলী [আ—হবেলী] বি. অট্টালিকা ; পাকাবাড়ী। ২। বাসস্থান।

হাবাশ, হাবেশ (শ্) [আ—হাবাশ্। প্রা ও মধ্য-বাং-য়] বি, অভিলাষ ; কাম। ২। কৌতুহল। ৩। উচ্চাভিলাষ। ৪। উৎকণ্ঠা। প্র—"বাহ বাহ কর্ণধারে ঘন ডাকে উচ্চৈঃস্বরে দেশের হাবেশে ধনপতি।"—কবিক।

হাবিলাষ (ষ্) [অভিলাষ প্রা—উচ্চারণবিকারে] বি, বাসনা ; অভিলাষ। প্র—"পুরি নেল মনের হাবিলাষ"—ময়নামতীর গান।

হাবুজখানা (জ্) [আ—হ্‌ব্‌স্ (জেল, কয়েদ) খানা (গৃহ)] বি, কারাগার ; কয়েদখানা। জেলখানা। প্র—"কাজি সাহেব তাহার কবরের হুকুম দিয়াছেন। সে এখন হাবুজখানায় আছে।"—সীতারাম (বঙ্কিম)।

হাব্যাস (হাব্‌ব্যাশ্) [হাইবাস দ্রঃ। প্রা-বাং] বি, আশা ; আশ্বাস। ২। উদ্দেশ। প্র—মায়ের হাব্যাসে মরি ত্বরায় সাজায়ে তরি দেখিব মায়ের মুখ শশী।"—কবিক। "পিতার হাবাসে পুত্র সদা ভাবে দুঃখ"—কাশী-মহা-আদি।

হাভাত (ত্) [গ্রা—হাবাত। হা (হায়, অভাবে) ভাত (অন্ন)—অন্নহীন] বি, নিরন্ন দশা : অন্নের জন্য হায় হায়। বিণ. **হাভাতিয়া, হাভাতে**—নিরন্ন ; নির্ধন ; হতভাগ্য। প্র—"হাভাতে যদ্যপি চায় সাগর শুকায়ে যায় হেদে লক্ষ্মী হৈল লক্ষ্মীছাড়া।"—অ, ম। স্ত্রী. **হাভাতী**—হতভাগী ; ভাগ্যহীনা। প্র—"হায় হায় হায় হেদে হাভাতীর ঝি। নিরগুণে নিন্দ ভাল নির্ব্বাচিলে কি॥"—শিবায়ন।

হাম (ম্) [আ—হাম্মা (জ্বরবিশেষ) হইতে কিম্বা ঘামাচি বা আমবাতের মত হয় বলিয়া নাম? হি—মিল্‌মিলা] বি, চর্ম্মরোগবিশেষ ; "শ্বাস নালীর সর্দ্দি সহবর্ত্তী এবং চর্ম্ম ও শ্লৈষ্মিক ঝিল্লির বিশেষ প্রদাহযুক্ত গুটিকা নির্গমকারী তরুণ, সংক্রামক ও সাতিশয় স্পর্শাক্রামক অবিরাম জ্বর।"—ডাঃ কর ; measles.

হাম (ম্) [সং—অহম্ হইতে হি ও প্রা-বাং-য় হম্ (হম্ নহ শঙ্কর হ বরনারী—বি, প) এবং হি-র উচ্চারণানুকরণে হাম] স, আমি ; প্র—"আজু রজনী হাম ভাগ্যে পোহায়নু পেখনু পিয়া মুখ চন্দা।"—বি, প। ২। আমার। প্র—"দুখ হাম পাপ"—বি, প। সম্বন্ধকারক—**হামার, হামারি**—আমার। প্র—"এ সখি হামারি দুখের নাহি ওর।"—বি, প। কর্ম্মকারক—**হামক**—আমাকে। প্র—"হামক মন্দিরে যব আওব কান।"—বি, প। "করে ধরি হামক বৈঠায়ব কোর।"—ঐ। **হামে**—আমাকে। প্র—হামে হেরে বিহসলি থোরি" —বি, প।

হামড়ান (হাম্‌ড়ানো) [হামড়ি দ্রঃ] ক্রি, হামড়ি খাওয়া ; উপুড় হইয়া ঝুকা। **হামড়িয়া পড়া, হামড়ে পড়া**—হেঁট মুখ হইয়া বা উপুড় হইয়া পড়া ; হামাগুড়ির ভাবে হাত পা গুড়াইয়া পড়া।

হামড়ি (ম্) [উপুড় দ্রঃ] বি, উপুড় ; হামাগুড়ি। **হামবড়া**—আমি বড় এই ভাব ; আত্মম্ভরি। প্র—"তোমারই নামটা "হামবড়া" প্রেসে সোণার অক্ষরে ছাপ্‌ব"—রজনী সেন। "আর ঐ হামবড়া ভাব মোদের অস্থি রক্ত মাংস পেশীময়।"—বাং-গান।

হামলান (ম্, নো) [সং—হম্বা বা হাম্ব+আন। ব=ল। উ-পু—হামলাই। ম-পু—হামলাও। প্র-পু—হামলায়] ক্রি, বাছুরের অদর্শনে গাভীর হম্বারবে চীৎকার করা। ২। [লক্ষণায়। বিদ্রূপে] বাঞ্ছিতের অদর্শনে বা প্রিয়বিরহে অস্থির হইয়া ডাকাডাকি।

হামা [হাঁটুভরে গমন—সংক্ষেপে হামা] বি, করতল ও জানুতলে ভর দিয়া অবস্থান। **হামাগুড়ি**—গোড় অর্থাৎ পা মুড়িয়া হাঁটু ও হাতে ভর দিয়া হেঁটমুখে অবস্থান। **হামা দেওয়া, হামাগুড়ি দেওয়া**—হাতের তলা ও গোড় (পা) অর্থাৎ জানু বা পদতলে ভর করিয়া চলা। প্র—"কোল হইতে নামে কার স্নেহের তরল হার নিঝরিণী খুকীরাণী হামাগুড়ি দিয়া।"—কস্তুরী।

হামান (ন) [প্রা-বাং] বি, তাঁতের বোনা গাত্রবস্ত্রবিশেষ।

হামানদিস্তা, হামামদিস্তা (ন, ম্) [হি। ফা—হাবন্‌দস্তাহ] বি, হাত দিয়া কঠিন দ্রব্যাদি চূর্ণ করিবার লৌহপাত্র ও লৌহমুষল। প্র—"মেয়েটি হামানদিস্তায় ফেলে পেঁতো করে ফেলুন"—লীলাবতী।

হামাম (ম্) [আ—হাম্মাম্] বি, উষ্ণজলের স্নানাগার। ২। উষ্ণজলে স্নান।

হামার (র্) [হি—অম্বার। সং—মরার] বি, ধান্যাদি সঞ্চিত করিবার মরাই ; গোলা। প্র—"ধান্য চাল্ সরিষাতে পুরিবে হামার"—কবিক। ২। বৃহৎ স্তূপ ; পাহাড়বৎ স্তূপ। প্র—এত জিনিসপত্র এসে পড়েছে যে হামার হয়ে গেছে।

হামাল (ল্) [আ—হম্‌ল্, হামাল্] বি, বোঝা ; পেটের বোঝা ; জরায়ুস্থিত শিশু।

হামি [আ—হামী] বি, পুং, রক্ষক ; সহায়ক। প্র—"মা আমি পাপের আসামী। * * * আমি মোলে এ মহলে, আর নাই হামি।"—রামপ্রসাদ। ২। পৃষ্ঠপোষক। স্ত্রী. **হামিয়া** [আ] রক্ষয়িত্রী। **হামি হওয়া**—বিষয়াধিকার বা প্রাপ্তি হেতু দাঁড়ান।

হামিলা [আ] বি, স্ত্রী, অন্তঃসত্ত্বা ; পোয়াতি।

হামেশা, হামেসা (শা) [ফা—হ্‌মেশা] ক্রি-বিণ, সর্ব্বদা। প্র—"ওরে! হামেসা তুই দেখিস্ ধরম-দিগ্-দর্শনের কাঁটা"—রজনী সেন। ২। চিরকাল ; অনবরত।

হামেহাল (ল্) [ফা—হামা (প্রত্যেক ; সকলে) আ—হাল (কাল, অবস্থা)] ক্রি-বিণ, সকল অবস্থায়। ২। সর্ব্বকাল ; সদাসর্ব্বদা ; অবিরত।

হাম্বড়া—হাম দ্রঃ।

হাম্বর (হাম্‌বোর্) [ইং—hammer] বি. লোহা পিটিয়া বিস্তৃত করিবার লোহার বড় হাতুড়ী।

হায় (য়্) [হা শব্দজ] অ. খেদ; অনুতাপ; আক্ষেপ।

হায়ন (ন্) [সং] বি. বৎসর; বর্ষ। প্র—"হায়নের অগ্র অগ্রহায়ণ জানিয়া। শুভদিনে পুণ্যাহ করিলা বিচারিয়া"—অ. ম। ২। ধান্যবিশেষ। বিণ. হায়নী।

হায়রান (হায়্‌রান্) [আ] বি. ক্লেশদান; নাকাল; উৎপীড়ন। হায়রান করা—নাকাল করা। হায়রান পরেশান—হায়রান হওয়া—ব্যতিব্যস্ত হওয়া; উত্যক্ত হওয়া।

হায়া [আ] বি. লজ্জা; সরম।

হার (র্) [হৃ (হরণে)+অ (কর্ত্তৃ) যাহা লোকের মন হরণ করে] বি. কণ্ঠ হইতে লম্বিত বক্ষোভূষণবিশেষ; মাল্য। পুষ্পহার—ফুলের মালা। ২। স্বর্ণহারবিশেষ। রত্নহার—হীরা মুক্তাদি জড়িত স্বর্ণহার। স্বর্ণহার—সুবর্ণনির্ম্মিত কণ্ঠভূষণ। মুক্তার হার—মুক্তার মালা; মুক্তাবলী। হার গাঁথা—মাল্য রচনা। হার গড়া—ধাতু রত্নাদি নির্ম্মিত হার নির্ম্মাণ করা। ভিন্ন বস্তুর নাম ও আকৃতির অনুকরণে হারের বহুবিধ আকার ও নাম আছে এবং লোকের রুচিক্রমে তাহার সংখ্যা দিন দিন বৃদ্ধি পাইতেছে। যথা,—কড়া হার (কড়ার মালার আকৃতি); কেবল হার (ইং cable; জাহাজের কাছির আকার); গোট হার (গোল কড়ার শিকলাকার); গোঁফ হার (গোঁফের চুলের মত সরু তারে নির্ম্মিত); চন্দ্র হার (চাঁদ বসান বলিয়া)। এইরূপ তারা হার, সূর্য্য হার, চেন হার (শিকলাকার); দড়া হার (মোটা দড়ার আকার); বিছে হার (বৃশ্চিকাকৃতি)। ঐরূপ সাপ হার, হেলে হার। মেথি হার (মেথির আকার টোপ তোলা)। ঐরূপ—কাঁইবিচি হার, বিস্কুট-হার ইত্যাদি। হেঁসোহার (হাঁসিয়া আকৃতি)। এতদ্ব্যতীত দমাহার, ফুলো হার, বিনোদবেণী, সরস্বতী প্রভৃতি বহুবিধ হার আছে।

হার (র্) [হৃ (হরণে) প্রতিদ্বন্দ্বিতায় শক্তি হরণে] বি. পরাজয়। প্র—যুদ্ধে তাহার হার হয়েছে; পরীক্ষায় হার হয়েছে। ২। [গণিতে] হরণ; ভাগ। ৩। [প্রাদে] ধান্য মাপিবার পাত্র; আড়ি। প্র—"আলি হৈতে হারে মাপি দিল তাহার টাকা।"—কবিক। ৪। হিসাব; দর; অনুপাত; rate. ৫। বিণ. ভাজক। ৬। হারক; অপহারক। ৭। বাহক। হার জিৎ—জয় পরাজয়। হার মানা—পরাজয় স্বীকার করা। হার হওয়া—পরাজয় প্রতিপন্ন হওয়া বা সাব্যস্ত হওয়া।

হারক (ক্) [হৃ (হরণ করা)+অক (কর্ত্তৃ)] বিণ. হরণকারী। ২। বাহক; বহনকারী। ৩। [গণিতে] বি. ভাজক; divisor. ৪। চোর।

হারমদ, হারমাদ, হারামদ (র্‌দ্) [স্পে ও পর্ত্তু armada (নৌসেনাবাহী জাহাজ) শব্দের বিকারে] বি. পর্ত্তুগীজ্ জলদস্যু। প্র—"ফিরাঙ্গির দেশখান বাহে কর্ণধারে। রাত্রিতে বাহিয়া যায় হারামদের ডরে॥"—কবিক।

হারা [হৃ (হরণে) ধাতুজ। উ-পু—হারি। ম-পু—হার; হারুন্; হার্। প্র-পু—হারে; হারেন। অস-ক্রি—হারিতে। হারিয়া; হেরে। ণিজন্ত—হারান] ক্রি. পরাজয় স্বীকার করা। প্র—"দশে মিলে করি কাজ হারি জিতি নাহি লাজ"—প্রবচন। ২। প্রতিযোগিতায় পশ্চাৎপদ হওয়া। ৩। বিণ. যাহা বা যে হারাইয়া গিয়াছে; বিযুক্ত; শূন্য; বিহীন। প্র—মা-হারা ছেলে। ৪। বিস্মৃত। প্র—"আপনহারা।"—গান। হারাধন, হারানো ধন—হৃত বস্তু। ২। পুনঃপ্রাপ্ত রত্ন। প্র—"হারানো ধন ফিরিয়া পাইতে তার যত্ন বাড়ে।"—ভারতী ১৩২১। হারা মরা—পূর্ব্বজ সন্তানগণ হইয়া শৈশবে মরিয়া যাইবার পর জাত।

হারাঙ (ঙ্) [প্রা-বাং। হি—হারাউ (হারাই) অনুকরণে] ক্রি. হারাইয়া ফেলি; হারাই। হারাঙ হারাঙ—হারাই হারাই; পাছে হারাইয়া ফেলি। প্র—"হিয়ার ভিতরে থুইতে নহে পরতীত। হারাঙ হারাঙ হেন সদা করে চিত।"—বলরাম।

হারান (নো) [হৃ (হরণে) ধাতুজ। উ-পু—হারাই। ম-পু—হারাও। প্র-পু—হারায়। অস-ক্রি—হারাইতে; হারাইয়া; হারিয়ে] ক্রি. পরাস্ত করা; পরাভব করা। ২। বিস্মৃত হওয়া; ভোলা। ৩। বঞ্চিত হওয়া; খুঁজিয়া না পাওয়া; সন্ধান না পাওয়া; খোয়ান; অজ্ঞাত সারে হস্তচ্যুত করা। প্র—জিনিস হারান। ৪। ভ্রষ্ট হওয়া। প্র—জাত হারান। ৫। হস্তচ্যুত হইতে দেওয়া; ত্যাগ করা। প্র—সুযোগ হারান। ৬। নষ্ট করা। প্র—অপব্যয়ে সম্পত্তি হারান। ৭। ঠিক না রাখা; বিকৃত করা। প্র—মাথা হারান; বুদ্ধি হারান।

হারাবলী (বো) [হার—আবলী] বি. স্ত্রী. মুক্তাবলী।

হারাম (ম্) [আ] বি. মুসলমান ধর্ম্মবহির্ভূত; অবৈধ। ২। মুসলমানদিগের অস্পৃশ্য জন্তু; শূকর। প্র—"কূপী ভরি গিলাইব হারামের হাড়। ফতমা বিবির আজ্ঞা ছাড় ছাড় ছাড়॥"—অ. ম। ৩। যাহা ধর্ম্মসঙ্গত নহে; অধর্ম্মানুমোদিত। হারামজাদা—[জাদ দ্রঃ] নীচোদ্ভব; দুর্ব্বৃত্ত; পাজী। প্র—"জান বাচ্ছা একথাদে গাড়িব হারামজাদে তবে সে জানিবি মোর দন্ত।"—ভারতচন্দ্র। স্ত্রী. হারামজাদী। হিন্দুর গরু মুসলমানের হারাম—হিন্দুর পক্ষে গরুর মত মুসলমানের পক্ষে শূকর অভক্ষ্য; তাহা হইতে যাহা উভয়েরই পক্ষে অবৈধ ও ত্যাজ্য।

হারাহারি [হার (পরাজয়)+আ (পরস্পরার্থে)—হার (পরাজয়)+ই (ব্যাপারার্থে)—একবার একপক্ষে হার একবার অন্য পক্ষে হার] বি. জয় পরাজয়; হার জিৎ। ২। [হার (ভাগ)+আ—হার+ই] ভাগাভাগি।

হারি, হারী [হৃ (হরণ করা)+ইঞ্ (ভাবে)] বি. স্ত্রী. পরাভব। প্র—"অন্য যত শিশুগণ সব হারি বলে।"—চৈ, ভা। ২। বিণ. মনোহর; রুচির। স্ত্রী. হারী—মুক্তা।

হারিত (ত) [হৃ+ণিচ্=হারি (লওয়ান)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. চোরায়িত। ২। পরাস্ত; পরাজিত। ৩। [হরিত+অণ্] সবুজ। ৪। পুং, শুকপক্ষী।

হারিদ্র (হারিদ্‌দ্রো) [হরিদ্রা+অণ্] বিণ. হরিদ্রাবর্ণবিশিষ্ট।

হারী [হৃ (হরণ করা)+ইন্ (কর্ত্তৃ—ণিন্) =হারিন্ ১মা, ১ব] বিণ. মনোহর। ২। বাহক। ৩। অপহারক। ৪। [হার+ইন্ (অস্ত্যর্থে)] হারবিশিষ্ট।

হারীত (ত্) [হরিত (সবুজবর্ণ)+অণ্, ই=ঈ] বি. পুং, শুকপক্ষী। ২। মুনিবিশেষ।

হার্দ্দ, হার্দ্দ্য (হার্দ) [হৃদ্ (অন্তঃকরণ)+অ—য (ভাবে—অণ্, যণ্)] বি. ক্লী. স্নেহ; প্রীতি; প্রণয়; হৃদ্যতা। প্র—"হার্দ্দ করি বসাইল হিরণ্যের খাটে।" "হাতে ধরি হার্দ্দ্য করি বসাইলা হর।"—শিবায়ন। ২। সহৃদয়তা। ৩। বিণ. হৃদ্গত। ৪। হৃদ্য। মনোরম।

হার্দ্দী (হার্দি) [হার্দ্দ+ইন্ (অস্ত্যর্থে)=হার্দ্দিন ১মা, ১ব] বিণ. সহৃদয়; স্নেহবান্।

হার্ম্মনিয়াম, হার্ম্মোনিয়ম, হারমনিয়া (ম্) [ইং—harmonium] বি, য়ুরোপীয় বাক্সাকার বাদ্যযন্ত্রবিশেষ। ইহাতে অঙ্গুলি চালনাকৌশলে চাবি টিপিয়া স্বর বাহির করিতে হয়। প্র—"ও হার্ম্মোনিয়মে তোর প্রাণ বেজে উঠে মোর"—চন্দন।

হার্য্য (হার্জ) [হৃ (হরণ করা) + য (কর্ম্মে, ঘ্যণ্)] বিণ, হরণযোগ্য; অপহরণীয়। ২। গ্রহণীয়। ৩। বাহ্য; বহনযোগ্য। ৪। [গণিতে] বিভাগযোগ্য; ভাজ্য।

হাল (ল্) [সং—হল (লাঙ্গল) + অ (স্থানে)] বি, লাঙ্গল। প্র—"হাল পিছে এক তঙ্কা"—কবিক। ২। গাড়ীর চাকায় লোহার বেড়। বিণ, **হালিক, হালিয়া, হেল্যে, হেলে**—কৃষক। ২। হালসম্বন্ধীয়।

হাল (ল্) [আ—হাল্] বি, অবস্থা: দশা। প্র—"রাণীর দেখিয়া হাল জিজ্ঞাসয়ে মহীপাল, কেন কেন কহ সবিশেষ।"—অ, ম। ২। বর্ত্তমান কাল। ৩। বিণ, বর্ত্তমান; উপস্থিত। ৪। আধুনিক। **হাল খাতা**—চলতি হিসাবের খাতা। ২। নূতন খাতা; নব বৎসরের হিসাবের খাতা। **হাল চাল**—অবস্থা ও সংসার নির্ব্বাহ। **হাল জমা**—চলতি আবহাল বৎসরের খাজনা জমা। **হাল নিকাস,—সি**—চলতি আয় ব্যয়ের হিসাব নিকাস। **হাল্‌ফিল্**—[আ—ফিল্‌হাল্ বাং-য় শব্দবিপর্য্যয়ে] উপস্থিত, এখন। **হাল বকেয়া, হাল বাকী**—বর্ত্তমান হিসাবে যাহা বাকী পড়ে। **বেহাল**—বে দ্রঃ। **রাজার হাল**—চূড়ান্ত সুখের অবস্থা; সৌভাগ্য। **হাড়ীর হাল**—অতিশয় দুঃখের অবস্থা; দুর্দ্দশার একশেষ।

হালক (ক্) [সং] বি, পুং পীতহরিদ্বর্ণ অশ্ব।

হালা [সং] বি, স্ত্রী, মদিরা। ২। তাড়ী।

হালা [পুলা দ্রঃ। হি—হালিয়া (পাল, দল)] পরিমাণবিশেষ; মুষ্টিপরিমিত শস্যগুচ্ছ; ভড়পা; ২০ আটি বা তাড়া। প্র—"চারি হালা খড়ে বিশাই ছাইল চারি পাট"—কবিক। "নিহুড়ি চলিল ধেয়ে, দুদণ্ডে নিলেক দায়ে, হইল আড়াই হালা মাত্র।"—শিবায়ন।

হালাক (ক্) [আ—হলাক্] বি, সর্ব্বনাশ। ২। বধ; হত্যা। প্র—"হালালনা করি করে নাহক হালাক।"—অ, ম। বিণ, **হালাকু**—খুনী।

হালাকান (ল্) [আ] বিণ, নাকাল; প্রাণান্ত; আক্রান্ত; হাল্লাক (দ্রঃ)।

হালাল (ল্) [আ] বিণ, বৈধ; যাহা ধর্ম্মসম্মত। ২। বি, মুসলমান ধর্ম্মের নিয়মানুযায়ী পশু পক্ষ্যাদির কণ্ঠচ্ছেদন। প্র—"হালাল না করি করে নাহক হালাক।"—অ, ম। ৩। বধ; হত্যা। ৪। বি, পুং, চিত্রবর্ণ ঘোটক।

হালাহল (ল্) [হলাহল + অণ্] বি, পুং, ক্লী, কালকূটবিশেষ; হলাহল।

হালাহোল (ল্) [সং—হলহলা (আনন্দ কোলাহল)] বি, আমোদ আহ্লাদ; আনন্দ। প্র—"সুবর্ণপত্র ঝোলঝালে কুটুম্বিতা হালাহোলে পরকালে কেহ কারো নয়।"—ঘনরাম। "চিত্ত মজাইয়া চোর ভুঞ্জে হালাহোলে।"—ঐ। প্র—"রাজা রাণী সহিতে করেন হালাহোল কেহ করে দণ্ডবৎ, কেহ করে কোল।"—ঐ।

হালি [আ—হাল্ (হাল দ্রঃ) হইতে] বিণ, নূতন; নববর্ষোৎপন্ন।

হালি [হাল হইতে হাইল—হালি] বি, হাল: লাঙ্গল। ২। নৌকাদণ্ড; বহিত্র। ৬। [হালা দ্রঃ] পরিমাণবিশেষ। ২০ ভড়পা। প্র—"ভীম খেতী ধান দাইলেন আড়াই হালি।"—শূ, পু।

হালি [সং—হরিৎ—হইতে হি—হরি (সবুজ) উচ্চারণে হারি—হালি] বিণ, হরিৎবর্ণ: সবুজ। ২। ক্ষেত হইতে টাট্‌কা তোলা; তাজা: সবুজ ও কাঁচা। ৩। কাঁচাটে গন্ধযুক্ত; সব্‌জি বা শাক শাক গন্ধযুক্ত। ৪। মুগবিশেষ; ঘোড়া মুগ।

হালিক (ক্) [হল (লাঙ্গল) + ইক (বহত্যর্থে—ইকণ্)] বিণ, হলবাহী: হলচালক; কৃষক; হালিয়া। ২। হলসম্বন্ধীয়।

হালিয়া [হাল (লাঙ্গল) + ইয়া] বিণ, হল সংক্রান্ত। ২। হলধর; কৃষক; হালিক দ্রঃ।

হালিসা, হালসিয়া, হাল্‌সে (শা, শি, শে) [হালি (দ্রঃ) + সা (সাদৃশ্য, ঈষৎ প্রভৃতি অর্থে)—ইয়া (যুক্তার্থে)] বিণ, ক্ষেতের সদ্য তোলা আনাজের কাঁচাটে বা শাক শাক গন্ধযুক্ত। বি, **হালিসানি, হাল্‌সানি**—হাল্‌সে গন্ধ। **হালসানি মারা**—কাঁচাটে বা শাক শাক গন্ধ ছাড়া।

হালু [গ্রা। হাল (হি—হিল্‌না ধাতুজ) উ] বি, নড়া: চঞ্চল হওয়া। **হালুচালু**—উসখুস; অস্থির; চঞ্চল। **হালুচালু করা**—চঞ্চল হওয়া; নড়াচড়া। ২। এদিক ওদিক করিয়া বেড়ান।

হালুইকর (র্) [আ—হল্‌বাই (যে হালুয়া—তাহা হইতে মিষ্টান্ন, প্রস্তুত করে)] বি, মিঠাই প্রস্তুতকারক; মোদক; ময়রা।

হালুয়া [আ—হল্‌বা] বি, মোহনভোগ; শুজী ঘৃত চিনি দুগ্ধযোগে প্রস্তুত মিষ্টান্নবিশেষ।

হালুয়া [হাল + উয়া] বি, হলধর; হলচালক। প্র—"ভীম আছে হালুয়া আর অনির্ব্বাহ কি। হর বলে হদ্দ কৈলে হেমন্তের ঝি।"—শিবায়ন।

হালো [গ্রা-বাং। আধু-বাং হ্যাঁলো বা হাঁলো] অ, সম্বোধন শব্দ। প্র—"হালো ডোম্বী তো পুছমি সদভাবে"—বৌদ্ধগান।

হালকা [আ—হাল্‌কা] বি, গ্রামমণ্ডলী; শাসন, রাজস্ব বা পরিদর্শন সম্বন্ধীয় অধিকারগত প্রাদেশিক উপবিভাগ; চক্র; circle; circuit. [দ্রঃ—a village circuit, a boundary line which includes all the lands and dwellings of a village or hamlet, a circle or estate including many villages *Wilson (Glossary V. J. & Rev. terms)*. **হাল্‌কাবন্দী**—পৃথক্ পৃথক্ হাল্‌কার গ্রামসমূহের বিভাগ।

হাল্কা, হাল্‌কা [সং—লঘুক—প্রাকৃ—হলক্ক হইতে হলুক (হি-তে হাল্‌ক্)—হালকা] বিণ, লঘু: পাতলা। ২। স্বল্পভার। ৩। স্বল্পমূল্যের। ৪। অস্থায়ী; ক্ষণস্থায়ী। ৫। নিরেশ: খেলো। ৬। যাহার উপর নির্ভর করা যায় না। গুরুত্বহীন; অসার। প্র—হাল্কা কথা। ৭। ভার শূন্য; খালি। প্র—হৃদয় হাল্কা করা। মাথা হাল্কা করা। **পেট হাল্কা**—যে কোন কথা গোপন রাখিতে পারে না: পেটে যাহার কথা থাকে না। **পেট হাল্কা করা**—হাউ হাউ করিয়া বকিয়া বা পরের কাছে মনের কথা সমস্ত ব্যক্ত করিয়া ফেলা। **হাল্কা লোক**—গাম্ভীর্য শূন্য: সহজে নমনীয়; তরলপ্রকৃতি। **হাল্‌কাপনা, হালকামি**—লঘুতা; অর্ব্বাচীনতা; ছেলেমানুষী।

হাল্লাক (ক্) [আ—হালাকান্ (হায়রান worried) অথবা আ—হালাক্ (বধ; প্রাণান্ত)] বিণ, প্রাণান্ত: হায়রান্। প্র—"বাছা ডাকা ডাকি করে হাল্লাক"—সধবার একাদশী।

হাস (শ্) [হস্ (হাস্য করা) + অ (ভাবে—ঘঞ্)] বি, পুং, হাস্য। ২। উপহাস।

হাসপাতাল (শ্, ল্) [ইং—hospital] বি, রুগ্নাবাস; চিকিৎসাগার। গ্রা-ব্যবহারে হাঁসপাতাল।

হাসা (শা) [হাস (হাস্য) + আ (করা অর্থে ক্রিয়ায়)। উ-পু—হাসি। ম-পু—হাস, হাসুন; হাস্। প্র-পু—হাসে; হাসেন। অস-ক্রি—হাসিতে; হাসিয়া, হাসি (পদ্যে), হেসে (গ্রা)। ণিজন্ত—হাসান] ক্রি, হাস্য করা। ২। উপহাস করা। প্র—"সকল পাষণ্ড মেলি বৈষ্ণবেরে হাসে"—চৈ-ভা। ৩। বিণ, বিকসিত। ৪। ধবল; শ্বেত। **হাসাহাসি**—হাসি দ্রঃ।

হাসান (হাশানো) [হাসা দ্রঃ। উ-পু—হাসাই। ম-পু—হাসাও; হাসান্; হাসা। প্র-পু—হাসায়; হাসান। অস-ক্রি—হাসাইতে; হাসাইয়া; হাসিয়ে] ক্রি. হাসিতে বাধ্য করা। প্র—"তখনকার ছেলেরা বুড়া সং সাজিয়া গাঁয়ের লোককে হাসাইত।"—ভারতবর্ষ। লোক হাসান—সাধারণের উপহাস্য হওয়া।

হাসি (শি) [হস্ (হাস্য করা) ধাতুজ] বি. হাস্য; হাস। অট্টহাসি—উচ্চহাস্য। কাষ্ঠহাসি—[নীরস অর্থে কাষ্ঠ] লোক দেখান হাসি: দাঁতের হাসি। দেখন হাসি—দৃষ্টিমাত্র যাহার মুখ হাস্যময় হয়। দেঁতোর হাসি—হাসির অনুকরণে দাঁত দেখান মাত্র আন্তরিক নহে: কাষ্ঠহাসি। মধুর হাসি—মনোমুগ্ধকর হাস্য। মিষ্ট হাসি—মধুর হাসি। মুচ্‌কে হাসি—মুখ চাপিয়া হাসি; ঈষৎ হাস্য; ঠোঁট চাপা হাসি। বিদ্রূপের হাসি—বিদ্রূপ করিবার উদ্দেশে হাসি; উপহাস। ম্লান হাসি—বিষাদ-মলিন মুখের হাসি। ২। অতিশয় দুঃখে অদৃষ্টের প্রতি বিদ্রূপের হাসি। লোক হাসাহাসি—লোকের মাঝে উপহাস্য হওয়া; ঢলাঢলি। হাসিকান্না—হাস্য ও ক্রন্দন; বিষাদানন্দের মিশ্রভাবের প্রকাশ। হাসিখুসি—হাস্য ও হর্ষ; আমোদপ্রমোদ; আহ্লাদ আমোদ। হাসি ঠাট্টা—হাস্য উপহাস: ঠাট্টা বিদ্রূপ। হাসি তামাসা—হাস্য কৌতুক: রঙ্গরসিকতা। হাসি ধরে না—মুখমণ্ডল হাস্যপূর্ণ হইয়া যেন ছড়াইয়া পড়িবার মত হওয়া। হাসি ফুটা—মুখে বা অধরে হাস্য বিকশিত হওয়া বা প্রকাশ পাওয়া। হাসি মুখ—সহাস্য বদন; প্রফুল্লমুখ। হাসির কথা—উপহাসের বিষয়। হাসির গটরা,—গর্রা—হাসির গিটকিরি বা গর্‌গর্ শব্দ; হাসির ঘটা,—ছটা—আলোকের মত হাসির দীপ্তি ও শোভা।

হাসিকা (শি) [হস্+ণিচ্=হাসি (হাস্য করান)+অক (কর্ত্তৃ) আপ্ স্ত্রী] বি. স্ত্রী. বচন চাতুর্য্য বা অঙ্গভঙ্গী দ্বারা হাস্যোদ্রেক-কারিণী দাসী; বিদূষিকা।

হাসিল (শিল্) [আ—হাসিল্] বি. বুদ্ধি ও কৌশলপূর্ব্বক কার্য্য উদ্ধার। ২। আদায়; ৩। উৎপন্ন দ্রব্য; লভ্য। ৪। কল্যাণ; মঙ্গল; ভাল। প্র—"সাহেব করেগা তেরা নিয়ত হাসিল।"— ৫। বিণ. পূর্ণ; সিদ্ধ; সমাপ্ত। প্র—"এক দিলে অল্প ধনে যে তোমারে সিন্নি মানে হাসিল করহ তার কাম।"—সত্যনারায়ণ "এখন দাঁড়াও সরে বুড় দিদি হাসিল হল কাজ" —হেম বন্দ্যো। হাসিল জমী—আবাদি জমী।

হাস্তিক (ক্) [হস্তিন্ (হাতী)+ইক (সমূহার্থে)] বি. ক্লী. হাতীর পাল। ২ পুং. হস্ত্যারোহী; হাতি-সওয়ার। ৩। বিণ. হস্তিসম্বন্ধীয়।

হাস্তিন (ন্) [হস্তিন্ (রাজাবিশেষ)+অ (কৃতার্থে—অণ্)] বি. ক্লী. হস্তিনাপুর। ২। বিণ. হাতিপ্রমাণ।

হাস্তিয়া [হস্ত+ইয়া (অস-ক্রি-বিভক্তি)—হস্তিয়া—হাস্তিয়া। প্রা-বাং] অস-ক্রি. হাত করিয়া; হাতাইয়া। ২। হস্তসঞ্চালন করিয়া; হাতড়াইয়া। প্র—"তৈলর মাঝ ত বেড়ায় হাস্তিয়া।"—মাণিক চাঁদের গান।

হাস্য (হাশ্‌শ) [হস্ (হাস্য করা)+য (ভাবে ঘ্যণ্) বিকসিত। হাস্য করণের ভাব হইতে] বি. ক্লী. হাসি। ২। [হস+যণ্] বিণ. হাস্য-রস। ৩। [কর্ম্মে—ঘ্যণ্] বিণ. উপহসনীয়; পরিহসনীয়। উচ্চহাস্য—অট্টহাসি; ঘোর শব্দ করিয়া হাসি। হাস্য করা—হাসা। হাস্য-বদন—হাসিমুখ: স্মিতমুখ; প্রফুল্লমুখমণ্ডল। হাস্যচ্ছটা—হাসির ঘটা: হাসির স্ফুরণ; হাসির শোভা।

হাহা [হা (বিষাদসূচক অব্যয়—হা (পাওয়া) +ক্বিপ্ কর্ত্তৃ] বি. পুং. কুবেরের অনুচর; গন্ধর্ব্ব। ২। অ. শোক দুঃখ বিস্ময় ও সম্ভ্রমসূচক শব্দ। ৩। খেদোক্তি; বিলাপ; হায় হায়। প্র—"হাহা বিহি মোরে এত দুখ দেল।"—বি. প। "হাহা ধর্ম্ম বৃকোদর নকুল কুমার হাহা কুন্তি জননী লক্ষ্মী অবতার।"—মহা (বিজয়)। ৪। অনুতাপে; অনুশোচনায়। ৫। অভাবের কষ্ট। প্র—এত রোজগার তবু তাদের সংসারে হাহা আর ঘুচে না।

হাহা দৈ দৈ—[হাহা (অভাবার্থে) দেহি দেহি—অপভ্রংশে] অভাব পূরণার্থ কাতর প্রার্থনা।

হাহাকার (র্) [হাহা (শোক ধ্বনি) কার (করা)] বি. হায় হায় শব্দ: কাতর ক্রন্দনের উচ্চ শব্দ। প্র—"টানিয়া আনিয়া বুকে করি হাহাকার।"—প্রেম ও ফুল। "চির নিরন্নের নিত্য হাহাকার।"—বাং-গান। ২। আক্ষেপ ধ্বনি। ৩। কোলাহল শব্দ। ৪। শোক-ধ্বনি; মর্ম্মভেদী ক্রন্দনের রোল। প্র—"আজি নহে সত্যভামা মানিনী তোমার উঠিয়াছে প্রাণে তার বড় হাহাকার।"—প্রভাস (নবীন)।

হি [সং] অ. নিশ্চয়; অবধারণে। ২। পাদ-পূরণে। ৩। প্রশ্নে। ৪। লঘুহাস্যে; হিহি দ্রঃ। [দ্রঃ—শোক, ব্যগ্রতা, হেতু, বিশেষ প্রভৃতি অর্থে সংতে ব্যবহার আছে। মৈথিল এবং প্রা-বাং পদ সা-তে—(১) কথার মাত্রাস্বরূপ যথা,—"সেহি"। (২) নিশ্চয়ার্থে। যথা—"গেলহি"। (৩) অনুজ্ঞায়। প্র—"শুনহি" (৪) ৭মীবাচক। যথা,—"অধরহি"]।

হিং, হিঙ্গ্—হিঙ্গু দ্রঃ।

হিংচা, হিঞ্চা [সং—হিলমোচিকা] বি. জলজ কষায় তিক্ত শাকবিশেষ। হেলেঞ্চা শাক।

হিংলী [হিঙ্গলী দ্রঃ] বি. হিঙ্গলী নামক তামাক গাছ। হিংলীকোটা তামাক—হিঙ্গলী পাতা কুটিয়া প্রস্তুত তামাক।

হিংসক (শক্) [হিন্‌স্ (বধ করা)+অক (কর্ত্তৃ)] বিণ. হিংসাকারী; ঈর্ষাপরায়ণ। ২। হন্তা; ঘাতক। ৩। বি. হিংস্র জন্তু। ৪। শত্রু। ৫। অথর্ব্ব-বেদ-বেত্তা ব্রাহ্মণ।

হিংসা (শা) [হিন্‌স্ (বধ করা)+অ (ভাবে অঙ্) আপ্ স্ত্রী] বি. স্ত্রী. প্রাণবধ; মারণ ২। ঈর্ষা; বিদ্বেষ। ৩। অনিষ্ট; ক্ষতি। হিংসাকর্ম্ম—মারণ, উচ্চাটন, সম্মোহন, স্তম্ভন, বিদ্বেষণ এবং বশীকরণ এই ছয় প্রকার অভিচার কর্ম্ম।

হিংসারু (শা) [হিংসা—ঋ (গমন করা)+উ (কর্ত্তৃ) যে হিংসার জন্য গমন করে] বিণ. হিংস্রক। ২। ব্যাঘ্র।

হিংসালু (শা) [হিন্‌স (হিংসা করা)+আলু (কর্ত্তৃ, শীলার্থে)] বিণ. হিংস্রপ্রকৃতি; হিংসাশীল। ২। বিদ্বেষশীল।

হিংসিত (শি) [হিন্‌স্ (হিংসা করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. যাহাকে হিংসা করা হইয়াছে। ২। বিনাশিত; নিহত।

হিংস্থক (শি) [হিংসা+উক (শীলার্থে)] বিণ. হিংসাশীল; পরশ্রীকাতর। ২। ঘাতক।

হিংসুটে (শু) [হিংসা হইতে। প্রা—বর্ণ বিপর্য্যয়ে হিসকুটে] বিণ. হিংসাশীল; হিংস্থক। প্র—"দ্বিতীয় পত্নী বড়ই হিংসুটে ও দুষ্ট ছিল" —সাহিত্য।

হিংস্য (হিংশ্‌শ) [হিন্‌স্ (হিংসা করা)+য (কর্ম্মে—ঘ্যণ্)] বিণ. হিংসার উপযোগী; বধ্য।

হিংস্র, হিংস্রক (ক্) [হিন্‌স্ (হিংসা করা) +র (কর্ত্তৃ—শীলার্থে)+ক] বিণ. প্রাণহারক; বিনাশক। ২। হিংসাশীল। ৩। প্রাণহিংসা-কারী জীবজন্তু। হিংস্রপশু—সিংহ, ব্যাঘ্রাদি প্রাণহারক পশু; মাংসাশী পশু। হিংস্র-প্রকৃতি,—স্বভাব—হিংসা করা যাহাদের স্বভাব।

হিঃ—অ. হাস্যে। ২। অবজ্ঞায়; ঘৃণায়।

হিঁচড়ন (চ্, ন) [হেঁচড়ান দ্রঃ] বি, বলে আকর্ষণ ; ধৃত ব্যক্তির অনিচ্ছায় তাহার ক্লেশ উৎপাদন করিয়া সবলে আকর্ষণ বা টানিয়া লইয়া যাওয়ার ভাব। ক্রি, **হিঁচড়ান** (নো)। **হিঁচড়াহিঁচড়ি**—পরস্পরের ক্লেশোৎপাদক টানাটানি।

হিঁদু [ফা—হিন্দু (দ্রঃ)। গ্রা—হিঁদু। বিদ্রূপে—হাঁদু, হ্যাঁদু] বি, হিন্দু। প্র—"হিঁদুর দেবতা সম"—ঈ, গুপ্ত। [দ্রঃ—এমেরিকায় "হিন্দু" অর্থে ভারতবাসী। ভারতীয় মুসলমানও তথায় হিন্দু নামে অভিহিত। তথায় ইণ্ডিয়ান অর্থে এমেরিকার আদিম নিবাসী]। **হিঁদুয়ানি**—হিন্দুর ধর্ম্মাচরণ ; হিন্দুধর্ম্ম-শাস্ত্রানুযায়ী আচার বিচার। প্র—"তোতে মোতে থাকি আয় হিঁদুআনি ছেড়ে।"—ঈ, গুপ্ত।

হিঁয়ালি [সং—প্রহেলিকা] বি, প্রহেলিকা ; কূটার্থ ; গূঢ়ার্থ প্রশ্ন ; riddle.

হিকমত, হেকমত (হিক্‌মৎ) [আ] বি, চাতুর্য্য ; কায়দা ; কৌশল। ২। উপায়। বিণ, **হিকমতী**—কৌশলী।

হিক্কা [হিক্ক (শব্দ করা) + অ (ভাবে) আপ্ স্ত্রী] বি, স্ত্রী, হেঁচ্‌কী। প্র—"দেখিতে দেখিতে কণ্ঠ অন্তিম হিক্কায় কাঁপিয়া উঠিল।"—প্রেম ও ফুল।

হিঙ্গলী (হিঙ্‌লি) [সং] বি, বঙ্গদেশজাত তামাক গাছবিশেষ।

হিঙ্গু (হিংগু) [সং। গ্রা, হিং, হিঙ্গ্] বি, বাণিজ্যদ্রব্যবিশেষ ; পারস্যদেশজ শাকবিশেষের মূলজাত কটু তিক্তাস্বাদ উগ্রগন্ধ নির্য্যাস ; ঔষধার্থে এবং ব্যঞ্জনাদির স্বাদবৃদ্ধির জন্য ব্যবহৃত হয় ; হিং ; asafœtida. **হিঙ্গু-নির্য্যাস**—বি, পুং, হিঙ্গুরস। ২। নিম্ববৃক্ষ। **হিঙ্গুপত্র**—বি, পুং, ইঙ্গুদীবৃক্ষ।

হিঙ্গুল, হিঙ্গুলি (ল্) [সং] বি, পারদবহুল ঘোর লোহিতবর্ণ খনিজ পদার্থবিশেষ ; cinnabar. সংস্কৃত নাম হিঙ্গুল ; দরদ ; চিত্রাঙ্গ ; ম্লেচ্ছ ; চূর্ণ পারদ। ইহার রূপভেদে নামভেদ যথা—শ্বেতবর্ণের নাম চর্ম্মার, পীতবর্ণ হিঙ্গুলের নাম তণ্ডুক, গাঢ়রক্ত বর্ণের নাম হংসপাদ। **হিঙ্গুলিকা**—বি, স্ত্রী, কণ্টকারী।

হিঙ্গুলী [সং] বি, স্ত্রী, বেগুন-বিশেষ।

হিজড়া, হিজড়ে (জ্) [হি—হিজ্‌ড়া] বি, ক্লী, নপুংসক ; খোজা ; পুরুষ হিজড়া ; পুংস্ত্বহীন নর। স্ত্রী, **হিজড়ানী, হিজড়ী**—মেয়ে হিজড়া ; স্ত্রীত্বহীন নারী।

হিজরা, হিজরী, হিজিরা (জ্) [আ—হিজ্‌রী] বি, খ্রীষ্ট জন্মের ৬২২ বৎসর পরে মক্কা হইতে হজরৎ মহম্মদের মদিনায় পলায়নের পর হইতে আরব্ধ অব্দ ; মুসলমানী অব্দ।

হিজল (ল্) [সং—হিজ্জল] বি, অম্বুজবৃক্ষ প্রায় জলের ধারে জন্মে একপ্রকার বৃক্ষ Barring tonia acutangula. প্র—"আকণ্ঠ মগন জলে হিজল উদার"—প্রেম ও ফুল।

হিজলী (জ্) বি, বাদামবিশেষ

হিজিবিজি [আঁজিপুঁজি দ্রঃ—তাদৃশ রেখাব অথবা অবোধ্য (তুল—অবোধ=অবুঝ, তু —আজবোঝ) হইতে?] বিণ, আঁকা বাঁকা রেখায় অস্পষ্ট ও অর্থহীন লেখা। ২ অবোধ্য। প্র—"হিজিবিজি মন্ত্র পাঠ করে' —অশোকগুচ্ছ।

হিজ্জল (ল্) [সং] বি, হিজলগাছ।

হিঞ্চে [সং—হিলমোচিকা] বি, হেলেঞ্চা শাক। প্র—"হিঞ্চে কলমী লল করে"—ছড়া।

হিঞ্জীর (র্) [সং—হিণ্ডীর ও ফা—জন্‌জীর্ এই শব্দদ্বয়ের মিশ্রণ জাত?] বি, হস্তিপদের বন্ধন শৃঙ্খল বা রজ্জু।

হিজ্জুল (ল্) বি, নিচুল গাছ।

হিড়িক (ক্) [হি—হুড় (প্রতিযোগিতা) হইতে? হুড়ুক দ্রঃ] বি, গুঁতা ; ঠেলা ; ঠোকর। প্র—"নাগা মুগা কিল গুঁতা হিড়িক জুতার"—ধনরাম। ২। [সং—হিড়ি (গতি) হইতে?] টান ; স্রোত। ৩। সুযোগ। "এ হিড়িকে দাঁড়ালে না একটা কিছু হয়ে।"—হেম বন্দ্যো।

হিড়িম্ব—বি, পুং, রাক্ষসবিশেষ। স্ত্রী, হিড়িম্বা—হিড়িম্ব রাক্ষসের ভগ্নী ও ভীমপুত্র ঘটোৎকচের মাতা।

হিণ্ডন (ন্) [হিন্ড্ (গমন করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, ভ্রমণ। ২। [প্রা-বাং] ক্রীড়ন। প্রা-বাং—ক্রি, **হিণ্ডই**—("হিণ্ডতি ক্রীড়তি"—টীকা, চর্য্যাচর্য্যবিনিশ্চয়ঃ")—ক্রীড়া করে। প্র—"একেলী সবরী এবণ হিণ্ডই কর্ণকুণ্ডল বজ্রধারী"—"বৌদ্ধগান ও দোহা।

হিণ্ডী [সং] বি, স্ত্রী, দুর্গা।

হিণ্ডীর (র্) [সং] বি, সমুদ্র ফেনা। ২। হাড়বিশেষ। ৩। পুরুষ। প্র—"হিণ্ডীর সমীপে চণ্ডী দিল হাণ্ডী ভরি। ছাঁকে তাকে শিব বাপে পোয়ে বস্ত্র ধরি॥"—শিবায়ন।

হিত (ত্) [হি + ত (ভাবে—ক্ত)] বি, ক্লী, ইষ্টসাধন ; উপকার। ২। মঙ্গল ; কল্যাণ। প্র—"জগতের হিতে মন, উর্দ্ধবাহু হয়ে কন, ধর্ম্মে মতি হউক সবার।"—অ, ম। ৩। [ধা (পোষণ করা) + ত (কর্ম্মে—ক্ত)] বিণ, যোগ্য। ৪। পথ্য ; মঙ্গলজনক ; কল্যাণকর। প্র—হিতকথা। ৫। প্রিয়। ৬। অনুকূল। ৭। ধৃত। **হিতকথা**—কল্যাণকর বাক্য। ২। সৎপরামর্শ। **হিতকর**—মঙ্গলদায়ক ; উপকারজনক। **হিতকাম**—বিণ, হিতৈষী। **হিতকারী**—বিণ, উপকারক। **হিতবাদী**—বিণ, যে হিতকথা বলে ; সৎপরামর্শদায়ক ; হিতকথনশীল। **হিতে বিপরীত**—ভাল করিতে মন্দ।

হিতাকাঙ্ক্ষী [হিত + আকাঙ্ক্ষিন্] বিণ, হিতকামী ; হিতার্থী।

হিতার্থী [হিত (মঙ্গল) অর্থী (যে প্রার্থনা করে)] বিণ, হিতকামী ; মঙ্গলাকাঙ্ক্ষী ; কল্যাণপ্রার্থী।

হিতাশী [সং—হিতৈষী শব্দজ] বিণ, হিতাকাঙ্ক্ষী ; হিতৈষী। প্র—"বাঁচাও হিতাশী মাসী উপায় বলিয়া"—ভারতচন্দ্র।

হিতাহিত (ত্) [হিত + অহিত] বি, মঙ্গলামঙ্গল। ২। পথ্যাপথ্য।

হিতৈষণা (না) [হিত—ইষ্ + ণিচ্ = ইষি (ইচ্ছা করান) + অন (ভাবে) স্ত্রী—আপ্] বি, স্ত্রী, হিতেচ্ছা ; পরের উপকার করিবার প্রবৃত্তি।

হিতৈষী [হিত (মঙ্গল) ইষ্ (ইচ্ছা করা) + ইন্ (কর্ত্তৃ—ণিন্) = হিতৈষিন্ ১মা, ১ব] বিণ, হিতাভিলাষী ; হিতেচ্ছাকারী ; হিতাকাঙ্ক্ষী।

হিতোক্তি [হিত (মঙ্গলকর) উক্তি (কথন)—কর্ম্মধা] বি, স্ত্রী, হিতকথা। ২। সৎপরামর্শ।

হিতোপদেশ (শ্) [হিত (মঙ্গলকর) যে উপদেশ (পরামর্শ)—কর্ম্মধা] বি, পুং, সৎপরামর্শ। ২। বিষ্ণুশর্ম্মাকৃত নীতিগ্রন্থবিশেষ।

হিন্তাল, হীন্তাল (ল্) [সং] বি, পুং, হেঁতাল গাছ। প্র—"শাল তাল তমাল হিন্তাল কত শত। লতাগুল্মে কুঞ্জবন করিয়াছে কত॥"

হিন্দু [ফা] বি, পুং, বেদ, পুরাণ, স্মৃতি ও তন্ত্র-নির্দ্দিষ্ট ধর্ম্মাচারী ভারতীয় আর্য্যজাতিবিশেষ ; হিঁদু। [দ্রঃ—হিব্রুভাষায় ভারতবর্ষের নাম হন্দ্=গৌরবান্বিত রাজ্য। জেন্দ্ ভাষায় হিন্দব। গ্রীকভাষায় হন্দ্‌কোশ, ইন্দিকোস্ Indikos ও ইণ্ডিওস্ Indios. জেন্দ্—হন্দ্ (গৌরবান্বিত রাজ্য), ঐ রাজ্যের বা দেশের অধিবাসী হন্দু বা হিন্দু। পস্তুভাষায় ভারতকে হিন্দ্ বলে সুতরাং হিন্দ্-এর অধিবাসী হিন্দু। অথবা সিন্ধুনদী-বিধৌত দেশ সিন্ধুস্থান বা হিন্দুস্থান। স=হ (ফা-তে)]। **হিন্দুর গরু মুসলমানের হারাম**—হারাম দ্রঃ।

হিন্দোল, হিন্দোলা (ল্) [সং—হিন্দোল, হিণ্ডোল] বি, দোলা ; ঝুলন। ২। ঝুলন-

যাত্রার যান ও আসনবিশেষ : দোলমঞ্চ। ৩ রাগবিশেষ। স্ত্রী. হিন্দোলী—ডুলী। ২ ঝুলি।

হিন্দোলক (ক্) বি, পুং, যানবিশেষ ডুলি।

হিবা, হেবা [আ] বি, দানপত্র। হিবা-নামা—স্বত্বাধিকার দানসূচক লেখা।

হিবুক (ক্) [সং] বি, ক্লী. লগ্নের চতুর্থ স্থান।

হিব্রু [ইং—Hebrew হিব্রু—এব্‌্‌রা—ই.ব্রী, ই.ব্রানী] বি, য়িহুদীজাতি। ২। য়িহুদীজাতির মাতৃভাষা।

হিম (ম্) [হি (বৃদ্ধি পাওয়া, গমন করা, প্রেরণ করা) + ম (কর্ত্তৃ, সংজ্ঞার্থে—মক্)] বি, পুং, হিমঋতু ; শীতকাল। ২। শিশির ; নীহার ; তুষার। ৩। শীতলতা ; শৈত্য। ৪। চন্দনবৃক্ষ। ৫। কর্পূর। ৬। চন্দ্র। ৭। চন্দনপঙ্ক। ৮। শীতস্পর্শ। ৯। মুক্তা। ১০। বিণ, শীতল ; ঠাণ্ডা। প্র—হাত পা হিম হইয়া গিয়াছে। হিমকটিবন্ধ—উদীচ্যবৃত্ত। হিমকর—বি, পুং, যাহার কিরণ শীতল ; চন্দ্র। প্র—"জ্বালায় মন্দির পথে, প্রবেশ করিব তাতে, হিমকর-কর শরজাল।"—কবিক। ২। কর্পূর। ৩। বিণ, শীতল কিরণবিশিষ্ট ; শীতলস্পর্শ। হিমকরশেখর—বি, পুং, চন্দ্রশেখর ; শিব। প্র—"হিমকর-শেখর শঙ্কর।"—অ, ম। হিমগিরি—হিমালয় পর্ব্বত। প্র—"আজিও বহিছে গঙ্গা গোদা-বরী যমুনা নর্ম্মদা সিন্ধু বেগবান ওই, আরাবলি তুঙ্গ হিমগিরি, করোনা করোনা তার অপমান।" —বাং-গান। হিমজ—হিমজাত। ২। হিমালয় পর্ব্বতজাত। ৩। বি, হিমালয়পুত্র মৈনাক পর্ব্বত। স্ত্রী. হিমজা—পার্ব্বতী ; দুর্গা। হিমতৈল—কর্পূরতৈল। হিম-দ্যুতি—হিমকিরণ ; চন্দ্র। হিমদ্রুম—মহানিম্ব। হিমপ্রস্থ [হিম—প্রস্থ (স্থান)] হিমালয় পর্ব্বত। হিমমণ্ডল—হিমকটিবন্ধ ; arctic zone. হিমবালুকা—কর্পূর। হিমশর্করা—যাবনালী। হিমশিলা—করকা ; বরফ। হিমশৈল—হিমালয়পর্ব্বত। হিমশৈলজা—হিমালয়কন্যা ; পার্ব্বতী। হিমসংহতি—তুষাররাশি ; হিমানী।

হিমবান্ [হিম (তুষার) + বৎ (অস্ত্যর্থে—বতু) = হিমবৎ ১মা, ১ব] বি, পুং, হিমালয় পর্ব্বত। ২। বিণ, শীতল ; ঠাণ্ডা।

হিমসিম (হিম্‌শিম্) বি, নাকাল ; ক্লান্তি। হিমসিম খাওয়া—নাকাল হওয়া ; পরি-শ্রান্ত ও ঘর্ম্মাক্তকলেবরে উর্দ্ধশ্বাস হওয়া।

হিমাংশু [হিম (শীতল) অংশু (কিরণ) যাহার, বহু] বি, পুং, শীতরশ্মি চন্দ্র। ২। কর্পূর।

হিমাগম (ম্) [হিমের (তুষারের) আগম (আগমন) হয় যে কালে, বহু] বি, পুং, হেমন্তকাল। ২। শীতঋতু ; শিশির।

হিমাঙ্গ [হিম (শীতল) যে অঙ্গ (অবয়ব), কর্ম্মধা] বি, ক্লী, তাপহীন দেহ। ২। মৃত্যু লক্ষণবিশেষ। ৩। বিণ, হিমকায়। ৪। মৃত।

হিমাদ্রি (হিমাদ্‌দ্রি) [হিমের (তুষারমণ্ডিত) অদ্রি (পর্ব্বত) ৬তৎ, কিম্বা হিম (শীতল) যে অদ্রি, কর্ম্মধা] বি, পুং, হিমগিরি ; হিমালয়। হিমাদ্রিজা—বি, স্ত্রী, হিমালয়-কন্যা ; পার্ব্বতী।

হিমানী [হিম (তুষার) + আন (সমূহার্থে) ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, হিমসংহতি ; তুষার।

হিমালয় (য়) [হিমের (তুষারের) আলয় (আবাস), ৬তৎ] বি, পুং, ভারতবর্ষের উত্তর-সীমাস্থিত পর্ব্বতমালা।

হিমাহ্ব, হিমাহ্বয় (য়) [হিম (তুষার) আহ্বা (নাম) যাহার, বহু] বি, পুং, বর্ষ-বিশেষ। ২। কর্পূর।

হিমিকা [হিম (শিশির) + ক আপ্ স্ত্রী—ই আগম] বি, স্ত্রী, কুজ্ঝটিকা ; কুয়াশা ; শিশির।

হিম্মত, হিম্মৎ (ত্) [আ] বি, সাহস। ২। ক্ষমতা ; বীর্য্য ; বীরত্ব। ৩। পৌরুষ। বিণ, হিম্মতী—সাহসী। হিম্মতওয়ালা —সাহসী। ২। মনস্বী।

হিম্য (হিম্‌ম্) [হিম (তুষার) + য (জাতার্থে)] বিণ, হিমজ। ২। শীতল।

হিয়, হিয়া [প্রা-বাং। সং—হৃদয়—হিঅঅ—হিঅ, হিআ—হিয়া, হিয়] বি, হৃদয় ; বক্ষঃস্থল ; বুক। প্র—"তনু শুক বসন তনু হিয় লাগি"—বি, প। "হিয়া দগদগি পরাণ পোড়নি কি দিলে হইবে ভাল"—চণ্ডীদাস। প্রা—হিয়ে। প্র—"বঁধু সেই বারি দিয়ে চরণ পাখালিয়ে, এস ব'স আমার হিয়ে পাতা রয়েছে॥"—স্বপ্নবিলাস (কৃষ্ণকমল)। ২। [হি—হিয়াও] সাহস ; ভরসা ; বুকের পাটা। হিয়এ—[এ দ্রঃ] হৃদয়ে। প্র—"হিয়এ পইসই"—বৌদ্ধগান ও দোহা।

হিরণ (ন্) [সং] বি, ক্লী স্বর্ণ। ২। পীত। প্র—"কালিয় বরণ হিরণ পিঁধন যখন পড়য়ে মনে।"—চণ্ডীদাস। ৩। কড়ি।

হিরণ্ময় (হিরন্‌ময়) [হিরণ্য (স্বর্ণ) + ময় (বিকারার্থে—ময়ট্) য্ লোপ] বিণ, স্বর্ণময় ; স্বর্ণনির্ম্মিত। ২। বি, পুং, ব্রহ্মা। ৩। ক্লী, নববর্ষ মধ্যে বর্ষবিশেষ। হিরণ্ময়কোষ—সূক্ষ্ম দেহবিশেষ ; আত্মার সপ্ত আবরণের অন্যতম।

হিরণ্য (হিরোন্‌ন) [হিরণ + য (সংজ্ঞার্থে) বি, ক্লী. সুবর্ণ। ২। রৌপ্য। ৩। ধুতুরা। ৪। কড়ি। ৫। ধন। ৬। দ্রব্য। ৭। রেতঃ। ৮। পরিমাণবিশেষ। হিরণ্য-গর্ভ—বি, পুং, ব্রহ্মা। ২। শিলাবিশেষ। ৩। বিণ, স্বর্ণগর্ভ। হিরণ্যদ—রত্নাকর ; সমুদ্র। স্ত্রী, হিরণ্যদা—পৃথিবী। হিরণ্যনাভ—বি, পুং, মৈনাক পর্ব্বত। হিরণ্যবাহ—শোণনদ। হিরণ্যবাহু —বি, পুং, শোণনদ। ২। শিব। হিরণ্যরেতা—বি, পুং, অগ্নি। ২। শিব। ৩। সূর্য্য। ৪। চিত্রকবৃক্ষ। হিরণ্যবর্ণা—স্বর্ণবর্ণবিশিষ্টা। ২। নদী।

হিরণ্যকশিপু (হিরোন্‌নোকোশিপু) বি, পুং, প্রহ্লাদের পিতা ; স্বনামপ্রসিদ্ধ দানব।

হিরণ্যাক্ষ (হিরোন্‌নাক্‌খ্) [হিরণ্য (স্বর্ণ) অক্ষ (অক্ষি) যাহার, বহু] বি, পুং হিরণ্য-কশিপুর ভ্রাতা।

হিরাকশ (শ্) [ফা—হিরাকস্। সং—কাশীশ] বি, লৌহের কষ বা উপরসবিশেষ ; green vitriol.

হিলমোচি, হিলমোচিকা, হিলমোচী (ল্) [সং] বি, স্ত্রী, হেলঞ্চা শাক ; হিংচা।

হিলহিল (ল্, ল্) [সং—শিথিল] অ, বড় খোলের মধ্যে সরু জিনিসের নড়া চড়ার ভাব ; ঢিলঢিল, ঢলঢল দ্রঃ। ২। সর্পাকৃতি লম্বা সরু জীবজন্তু বা দ্রব্যাদির, বিদ্যুতের মত গমনভঙ্গী। বিণ, হিল্‌হিলা, হিলহিলে।

হিলা [হেলা দ্রঃ। হি—হিল্‌না। সং—হিল্ ধাতুজ] ক্রি, নড়া। ২। হেলিয়া পড়া ; ঝুঁকা।

হিলান (নো) ['হিলা'র ণিজন্ত রূপ। হি—হিলানা। উ-পূ—হিলাই। ম-পূ—হিলাও প্র-পূ—হিলায়। অস-ক্রি—হিলাইতে ; হিলাইয়া ; হিলিয়ে] ক্রি, নাড়া ; নড়ান। ২। দোলান। ৩। কাত করিয়া বা আড়ভাবে রাখা ; ঠেসাইয়া রাখা ; ঝুঁকাইয়া রাখা। ৪। [প্রা-বাং] লেলান ; লেলাইয়া দেওয়া ; টোয়ান। প্র—"রাজাক হিলায় কুকুর।"—মাণিক, গান।

হিলিমিলি [হিলহিল দ্রঃ [আঁকাবাঁকা, ডোরা কাটা ; রেখাঙ্কিত।

হিল্লোরা [সং—হিল্লোল হইতে পদ-সা-তে] বি, আন্দোলন। ২। দোলন।

হিলোল (ল্) [হিল্লোল—পদ্যে কোমলার্থে] বি, হিল্লোল। প্র—"তরঙ্গ হিলোলে"—গোবিন্দ-দাস।

ক্রি, হিল্লোলা। অস-ক্রি, হিলোলি—হিল্লোলিত হইয়া ; আন্দোলিত হইয়া : টলিয়া। প্র—"ঢলঢল কষিত কাঞ্চন তনু গোরী। ধরণী পড়িছে নব যৌবন হিলোলি।"—জ্ঞান।

হিল্লে [আ—হীল। উর্দ্দু—হিলা] বি, অবলম্বন ; আশ্রয়। ২। উপায়।

হিল্লোল (ল্) [সং] বি, আন্দোলন ; দোলন। ২। তরঙ্গ : ঢেউ। প্র—"অলি পিয়ে মকরন্দ কমলিনী কোলে। সুখে দোলে মন্দ বায়ে জলের হিল্লোলে।"—অ, ম।

হিল্বলা (হিল্‌ব্‌লা) [সং] বি, স্ত্রী, মৃগশিরা নক্ষত্রের শিরোদেশস্থ পঞ্চতারকা।

হিল্‌সা (শা) [হি-তে ও পূ-বঙ্গে হিল্‌সা] বি, ইলীশমাছ।

হিষ্টীরিয়া (হিস্‌টিরিআ) [ইং—hysteria] বি, মূর্চ্ছারোগবিশেষ ; মৃগীরোগবিশেষ।

হিষ্ট্রী (হিস্‌ট্রি) [ইং—history] বি, ইতিহাস।

হিসাব (হিশাব্) [আ] বি, গণনা ; অঙ্ক ; calculation. ২। আয়ব্যয় গণনা ; জমা-খরচ ; account. ৩। হার ; rate. ৪। পরিমাণ ; সংখ্যা ; সীমা। ৫। বিচার। হিসাব করা—গণনা করা। ২। পরিমাণ করা। ৩। বিচার করা। হিসাব কিতাব—জমা খরচ বা দেনা পাওনা সম্বন্ধীয় হিসাব পত্র। হিসাব চুকান,—মেটান—প্রাপ্য আদায় ও দেনা শোধ করা। হিসাব দিহি—দায়িত্ব ; জবাবদিহি। ২। বিণ, দায়ী। হিসাব দেওয়া—জমাখরচ বুঝাইয়া বলিয়া বা লিখিয়া দেওয়া। হিসাব নিকাস,—নিকাশ—আয় ব্যয় বা জমা-খরচের লিখিত বিবরণ। প্র—"আয় ব্যয়ের একটা হিসাব লিখিয়া রাখিবে।"—হরিদেব শাস্ত্রী। হিসাব লওয়া—দেনা পাওনা বুঝিয়া লওয়া ; জমাখরচের কৈফিয়ৎ লওয়া। গর হিসাব,—বেহিসাব—অযথা ব্যয় ; আয়ের অতিরিক্ত ব্যয়। ২। বিণ, জমাখরচের সামঞ্জস্যহীন। গর হিসাবী—অমিতব্যয়ী ; গরমিল হিসাব—যে হিসাবে জমার সহিত খরচের মিল নাই বা গোজামিল আছে।

হিস্যা, হিস্‌সা, হিস্‌সে (হিশ্‌শা) [আ—হিস্‌সা] বি, ভাগ ; অংশ। হিস্যাদার, হিস্‌সাদার—অংশীদার ; shareholder.

হি হি [শব্দাত্মক। শীত শীত শব্দজ] বি, শীতে কম্পজাত মুখশব্দ। প্র—"শীতকালে ভোরে যখন সহরবাসী লেপ মুড়ী দিয়া শীতে হি হি করে তখন কলে জল থাকে।"—বাঙ্গালী (২৬ বৈশাখ, ১৩২৩)। ২। আনন্দ-প্রকাশক অনুচ্চ বা লঘু হাস্যধ্বনি। উচ্চশব্দে "হাহা" অত্যুচ্চ শব্দে "হো হো"। প্র—"হিহি করি হাসিল ব্রাহ্মণ ইহা শুনি"—শিবায়ন। ৩। উপেক্ষা বিদ্রূপাদি প্রকাশক হাস্যধ্বনি।

হী [শব্দাত্মক] বি, হাস্য, বিষাদ, শোক বিস্ময়াদিসূচক অব্যয়।

হীন (ন্) [হা (ত্যাগ করা) + ত (কর্ম্মে—ক্ত) আ = ঈ ; ত = ন] বিণ, শূন্য ; বিরহিত ; উন। ২। পরিত্যক্ত ; বর্জ্জিত। ৩। নীচ ; অধম ; নিন্দনীয়। ৪। দীন। হীনবর্ণ—বি, পুং, নীচজাতি। হীনবল—দুর্ব্বল ; শক্তিশূন্য। হীনবাদী—বিপরীত বাদী। ২। বাক্‌শক্তি-হীন ; মূক। হীনবেশ—মলিন ছিন্ন স্বল্প বস্ত্র পরিহিত ; দীনবেশ। হীনভাব—দৈন্য। হীনমতি—নীচমতি ; দুর্ব্বুদ্ধি। ২। বুদ্ধি বিবেক শূন্য। হীনাঙ্গ—[হীন + অঙ্গ] বিণ, অঙ্গহীন ; বিকলাঙ্গ। হীনাবস্থ—[হীন + অবস্থা যাহার, বহু] বিণ, দরিদ্র ; দীন।

হীনিত [সং] বি, বিয়োগচিহ্ন ; "—" এই রূপ চিহ্ন ; minus.

হীন্তাল (ল্) [সং] বি, পুং, হেঁতালগাছ।

হীয়মান (ন্) [হা (ত্যাগ করা) + আন (কর্ম্মে) য, ম আগম] বিণ, যাহা হ্রাসপ্রাপ্ত হইতেছে ; যাহা ক্ষয় পাইতেছে।

হীরক (ক্) [সং] বি, ক্লী, রত্নবিশেষ ; হীরা। diamond. হীরকখণ্ড—হীরার টুকরা।

হীরা, হীরে [সং—হীরক। গ্রা—হীরে] বি, হীরক। প্র—"নামটী যেমন হীরে তোমার, কথায় তেমনি হীরের ধার।"—বাং-গান। হীরা-ধার—হীরকের সূক্ষ্ম মুখবৎ অতিশয় ধারাল। প্র—"তব নথ হীরাধার দশন বজ্রের সার কি কারণে ভয় কর নরে।"—কবিক। হীরামণি—হীরক রত্ন। ২। মণি-মাণিক্য ; মণিরত্ন। হীরার টুকরা—হীরকখণ্ড। ২। অতি মূল্যবান্ সামগ্রী। ৩। তীক্ষ্ণ মেধা ও বুদ্ধি সম্পন্ন ; প্রখর বুদ্ধি ; প্রতিভান্বিত।

হীরামন, হীরেমন্ [হি—হীরামন্] বি, শুক-বিশেষ ; তোতাপাখী।

হী হী [হী (দ্রঃ) আনন্দের আধিক্যার্থে দ্বিত্ব] বি, হাস্যধ্বনি। ২। হাস্যস্রোত।

হু—বি, অনুকরণ শব্দ। ২। অ, যন্ত্রণাবাচক অব্যয়। ৩। অবজ্ঞায় ; ঘৃণার্থে। ৪। উপেক্ষার্থে। ৫। [ব্রজ। হি'র অনুকরণে] নিশ্চয়ার্থে। যথা—"অতিহু" (বি, প)। (৩) ৭মী বাচক। যথা—"বনহু" (বি, প)।

হুআ [প্রা-বাং। ভূ ধাতুজ। হি—ভওয়া, ভয়া] অস-ক্রি, হইয়া। প্র—"ধর্ম্মরাজে সেবএ লোক হুআ মতিমান।"—শূ-পু।

হুইল (ল্) [ইং—wheel] বি, মাচ ধরিবার বড় ছিপের লম্বা সূতা গুটাইবার ও ছাড়িবার চক্র। ২। সূতা গুটাইবার ও ছাড়িবার চক্র-যুক্ত ছিপ। হুইলে মাছ ধরা—হুইল ছিপে মাছ ধরা।

হুঁ [শব্দাত্মক। হুম্ দ্রঃ] অ, অনুকরণ শব্দ ; হুম্ শব্দ। ২। সম্মতিসূচক ধ্বনি। ৩। নিশ্চয় বাচক শব্দ। হু দ্রঃ। ৪। সন্দেহসূচক শব্দ। ৫। সংকল্প স্থির করণসূচক শব্দ। ৬। কোপ প্রকাশক শব্দ। ৭। প্রতিশোধ বা প্রতি-বিধান করিবার ভয় প্রদর্শক শব্দ। ৮। হুঙ্কার শব্দে তাড়না বা তর্জন গর্জ্জনসূচক শব্দ। প্র—"বৈরিপক্ষ যক্ষ রক্ষ রুদ্রবর্গ ডাকিয়া। যাও যাও হুঁ দিখাও দক্ষ দেই হাঁকিয়া।"—অ, ম। ৯। অস্পষ্ট সঙ্গীত আলাপে ; গুন্ গুন্ শব্দে গান করণে। ১০। নিষেধে। ১১। [প্রা-বাং] বাক্যালঙ্কারে। হুঁ হুঁ—স্বীকার বা সম্মতির দৃঢ়তাব্যঞ্জক। ২। বাধা দানে ; নিষেধে ; নিবারণে। ৩। সন্তোষসূচক শব্দ।

হুঁকা, হুঁকো [আ—হুক্কা] বি, তামাকের ধূম পান করিবার যন্ত্র। প্র—"হুঁকো টেনে কসে ভাঙ্গা চ্যারে বসে।"—দ্বিজেন্দ্র রায়। হুঁকাকলিকা, হুঁকোকল্‌কে—হুঁকা যন্ত্রসহ তামাক ও আগুনের আধার। হুঁকার খোল—হুঁকার জল রাখিবার নারিকেলের মালা। হুঁকার নলিচা,—নল্‌চে—এক প্রান্তে খোলের সহিত অন্য প্রান্তে কলিকার সহিত যুক্ত থাকে যে নল। ডাবা হুঁকো—বড় খোল ও ছোট নলিচা যুক্ত হুঁকা। থেলো হুঁকো—স্থালীর মত আকৃতি হুঁকা। হুঁকাবরদার—হুঁকা-বাহক ; যে ভৃত্য তামাক সাজে ও হুঁকার জল ফিরাইয়া ধূমপানের জন্য প্রস্তুত করে।

হুঁকারি [হুঁকা—আরী (পটু। তুল—অর্থাৎ জুয়ার দক্ষ)] বি, হুঁকা টানিতে দক্ষ ; তামাক খোর। প্র—"বাবুরাম বাবু ঘোর হুঁকারি দুই এক টান টানিয়া বলিলেন, ওহে হুঁকাটা জীবন জীবন বলছে খুড়া খুড়া বলছে না কেন?"—আলাল (টেকচাঁদ)।

হুঁশ (শ্) [হোশ দ্রঃ] বি, চৈতন্য ; চেতনা।

হুঁসিয়ার (হুঁশিয়ার্) [ফা—হোশ্‌ইয়ার্] বিণ, সচেতন। ২। চতুর ; চালাক ; বুদ্ধি-মান। ৩। অ, সাবধান হও ; সতর্ক হও। প্র—"হুঁসিয়ার খবরদার পহরী পহরা।"—অ, ম। অপভ্রংশে হুসার—হুঁসিয়ার ; সাবধান॥ প্র—"হেসে বলে হুঁসার হুঁসার বট ভাই। বিদেশে ভরসা ভাল এইরূপ চাই।"—ঘনরাম।

হুক (ক্) [হি—হুক] বি, ফিক বেদনা। প্র—"কার কেশে ধরে কীল গোটা পাঁচ ছয়। হাঁটু পাড়ে হুক লাগে হা করিয়া রয়।"—শিবায়ন।

হুক (ক্) [ইং—hook] বি, লোহার বক্রমুখ কীলক। ২। হাঁসকল। ৩। অঙ্কুশ; আঁকড়ী।

হুক, হুঁক, হক [ব্রজ। হ, হু দ্রঃ] বি, নিশ্চয়ার্থক ৬ষ্ঠী বিভক্তিচিহ্ন। যথা—"মুনী-হুক"—বি, প।

হুকুম (ম্) [আ—হুকুম্] বি, আদেশ; আজ্ঞা; অনুমতি। প্র—"হুকুম শাহনশাহী আর কিছু নাহি চাহি"—অ, ম। ২। নিয়তি; অদৃষ্টের পরিণাম; decree; doom. ৩। বিচার ফল। হুকুম করা—আদেশ করা; আজ্ঞা করা। হুকুম চালান—হুকুম করা। ২। শাসন করা। হুকুমজারি—আদেশপ্রচার। হুকুম তামিল—আদেশ মত কার্য; আদেশপালন। হুকুম দেওয়া—আদেশ দান করা। হুকুম নামা—আজ্ঞাপত্র। হুকুম বরদার—আজ্ঞাবাহক। হুকুম বাজান—আজ্ঞাপালন করা। হুকুম মানা—আদেশ মান্য করা; আজ্ঞাপালন করা। হুকুম রদ—আদেশ রহিত। হুকুম লওয়া—আদেশ গ্রহণ করা। আলী হুকুম—উদার আদেশ। জো হুকুম—যে আজ্ঞা। হাকিম নড়ে ত হুকুম নড়ে না—হাকিম দ্রঃ।

হুকুমত, হুকুমৎ (ত্) [আ] বি, প্রভুত্ব; রাজত্ব; শাসন; অধিকার। হুকুমৎ করা—শাসন করা; কর্তৃত্ব করা। ২। হুকুম চালান।

হুকুলি [প্রা-বাং] বি, ধান্যবিশেষ। প্র—"হুকুলি হরিকালী বুনেন কুসুমমালী।"—শূ-পু।

হুঙ্কার, হুঙ্কৃতি (র্) [হুম্ (অনুকার শব্দ) কার, কৃতি (করণ)] বি, হুম্ এই অনুকার শব্দ। ২। গর্জ্জন। প্র—"ভ্রূকুটি ভয়াল ভীষণ আকার ঘনে ঘনে স্বনে বিকট হুঙ্কার।"—বাং-গান। বিণ, হুঙ্কৃত—গর্জ্জিত। ২। হুঙ্কার। হুহুঙ্কার—উচ্চ শব্দে হুঙ্কার; উপর্য্যুপরি হুঙ্কার।

হুজুক, হুজ্জুক, হুজুগ (ক্, গ্) [আ—হুজুম্ (ভীড়, গোলমাল) হইতে অথবা আ—হুজ্জৎ (বাক্‌বিতণ্ডা, গণ্ডগোল) হইতে? তুল—"হিকমতে চীন হুজুকে বাঙ্গালী" অন্যত্র "হুজ্জতে বাঙ্গালী"] বি, জনসংঘ। ২। কোলাহল; গোলমাল ব্যাপার; গণ্ডগোল। প্র—হুজুকে মাতা। ৩। গুজব; জনরব জল্পনা; রটনা। প্র—একটা হুজুক নিয়ে থাকা; হুজুকে মাতা। হুজুক পেয়ারা—হুজুকপ্রিয়। প্র—"কোন হুজুগ পেয়ারা লোক গুজব রটাইয়া থাকিবে।"—বাঙ্গালী (১ম বর্ষ, ২১৭ সংখ্যা)।

হুজুর (র্) [আ—হুজুর্] বি, সম্মানসূচক সম্বোধন; মহাশয়। ২। প্রভু; your honour. প্র—"কোটাল করিল লয়ে রাজার হুজুর। দ্বিজ নৃপ সভা বন্দি দাঁড়াল কর্পূর।"—ঘনরাম। "হুজুরে হাজির আছি"—ভারতচন্দ্র। তালুক—যে তালুকের রাজস্ব সোজা গবর্ণমেণ্টে দাখিল করা হয়। হুজুরী মালগুজার—হুজুরী তালুকের রাজস্ব দাখিলকার।

হুজ্জৎ [আ] বি, যুক্তি; প্রমাণ। ২। তর্ক। ৩। বচসা; বকাবকি। বিণ, হুজ্জতী—হুজ্জত সম্বন্ধীয়। ২। সুতার্কিক; অভ্রান্ত যুক্তিকারী; নৈয়ায়িক; a sound reasoner. ৩। ঝগড়াটিয়া।

হুজ্জুত, (ত্) [আ—হুজ্জৎ (বিচার, তর্ক, বিতণ্ডা)] বি, বিচার; তর্ক; যুক্তি। ২। কলহ; কোন্দল। প্র—"হুজ্জুতে হারিলে কেঁদে পাড়া করে জড়।"—হেম বন্দ্যো।

হুট (ট্) [শব্দাত্মক। তুল—ইং—hoot. হি—হুট] অ, উপেক্ষা ও অবজ্ঞাসূচক শব্দ। ২। দূর। ৩। হুড় দ্রঃ। হুটপাট—উৎপতন হুড়াহুড়ি; ঠেলাঠেলি ও লাফালাফি।

হুটার (র্) [সং—উৎসার হইতে। উছট দ্রঃ] বি, উৎসারণ। ক্রি, হুটারা—উছট খাইয়া পড়া। প্র—"ভাবকী লাগিয়া সবে পলাইয়া যায়। হুতাশে হুটারে হাথী পড়ে ঠায় ঠায়।"—ঘনরাম।

হুড় (ড়্) [সং—হুড্ হুড্ (সংহতি অর্থে)] বি, ভিড়; জনতা। ২। সৈন্যসংঘ। ৩। সৈন্যগণের আশ্রয় স্থান। ৪। লৌহদণ্ড; লৌহের হুড়কা। ৫। ঠেলা; বেগ। ৬। তাড়না। বিণ, হুড়িয়া, হুড়ে—হুড়কারী; মত্ত। হুড় দঙ্গল—ভিড় ও ঠেলাঠেলি। হুড়মুড়—[হেঁটমুড় (মুণ্ড) হইতে] হুমড়ি খাইয়া অর্থাৎ হেঁটমুণ্ড হইয়া পতন শব্দ। রূপান্তরে "ঘাড়মোড়"—তুল—ঘাড়মোড় গুঁজে পড়া। হুড়হুড়—প্রবল বেগে জল-ধারার পতন শব্দ। ২। অজীর্ণ বশতঃ পেটের সাড় বা ডাক। ৩। মেঘের ডাক। প্র—হুড়হুড় গুড়গুড় করে আকাশ ডাকছে। বিণ, হুড়হুড়িয়া, হুড়হুড়ে।

হুড়কা, হুড়ুকা, হুড়কো (ড়্) [সং—হুডুক্ক। গ্রা—হুড়কো মূলে, শব্দাত্মক] বি, দ্বার রুদ্ধ করিবার দীর্ঘ কাষ্ঠ বা লৌহাদির অর্গল। প্র—"————অমনি দুয়ারী টানিল হুড়ুকা ধরি হড় হড় হড়ে"—মেঘনাদ-বধ। ২। স্থূল দীর্ঘ দণ্ড।

হুড়্কা, হুড়্কো (ড়্) [সং—উৎকা হইতে বাং-গ্রা—উট্‌কা, উট্‌কো ক্রমে হুড়্কা, হুড়্কো] বি, পিত্রালয়ে যাইবার জন্য অধীরা বা তথায় স্বজনবর্গের দর্শনোৎকণ্ঠিতা বধূ; পতিগৃহ হইতে যে হুট্ হুট্ করিয়া বাপের বাড়ী পলাইয়া যায়। প্র—হুড়্কো বউ। ৩। স্বামীর সংসর্গে ভীতা বধূ। প্র—"হুড়্কা মেয়ে ঝম্‌কে উঠে খসম কাছে এলে"—দীনবন্ধু মিত্র।

হুড়হুড়া [বৈদ্যকে হুরহুরা] বি, রোমশ পত্র পিচ্ছিল রস বন্য শাকবিশেষ; হুড়হুড়ের গাছ।

হুড়া [হুড় দ্রঃ] বি, ঠেলা; বেগ। ২। গুঁতা। প্র—"বুলায়ে বসুধাতলে বুকে মারে হুড়া। গড়াগড়ি যায় যেন গৃহস্থের পুড়া।"—শিবায়ন। হুড়াতাড়া, হুড়োতাড়া, তাড়াহুড়া—গুঁতার আঘাত ও তাড়না; শীঘ্র শীঘ্র কাজ করিবার জন্য তাড়না। প্র—"দিয়ে হুড়োতাড়া প্রদীপ করেম খাড়া।"—দ্বিজেন্দ্র রায়। ২। তাড়াতাড়ি; ক্ষিপ্রকারিতা।

হুড়ান (নো) [হুড় (দ্রঃ)+আন (ক্রিয়ায়) উ-পু—হুড়াই। ম-পু—হুড়াও। প্র-পু—হুড়ায়। অস-ক্রি—হুড়াইতে; হুড়াইয়া, হুড়িয়ে] ক্রি, হুড় করা; তাড়না করা। ২। তাড়াইয়া একত্র করা বা জড় করা। ৩। হুড়োতাড়া দিয়া মজুর খাটান। ৪। অতিবৃদ্ধি লাভ করা; অতিশয় বাড়া। হুড়াইয়া যাওয়া—গাছ পালার অযথা বৃদ্ধি পাওয়া; শস্যাদির বাড় অতিরিক্ত হওয়ায় ফল ফুল না হওয়া।

হুড়াহুড়ি [হুড় দ্রঃ] বি, ঠেলাঠেলি; মারামারি। প্র—"মাধব শাঁখারী লয়ে শঙ্খের চুপড়ি। শাশুড়ীর সহিত করিছে হুড়াহুড়ি।"—শিবায়ন। ২। ভিড়ের মধ্যে অগ্রবর্ত্তী হইবার জন্য ঠেলাঠেলি। প্র—"রাজ সভা প্রবেশ করিতে তড়বড়ি। রাম রাম প্রণাম সেলাম হুড়াহুড়ি।"—ঘনরাম।

হুড়ুক (ক্) [শব্দাত্মক; হুড় দ্রঃ] বি, বেগ। প্র—"বজ্রবাণ এড়ে রাম বজ্রের হুড়ুকে।"— ।২। ঠেলা। ৩। হঠাৎ টান; হেঁচকা।

হুড়ুক্ক, হুড়ুক্ক [হুড়ুক, হুড়ুক (অনুকরণ শব্দ)+ক] বি, পুং, হুড়কা। ২। বাদ্য-বিশেষ। ৩। হুড়ে বা মাতামাতিকারী ব্যক্তি; মত্তব্যক্তি। ৪। ডাক পাখী।

হুড়ুৎ—বি. অনুকার শব্দ। ২। হঠাৎ বেগে আধার উপুড় করিয়া জল ফেলিয়া দেওয়ার শব্দ। প্র—হুড়ুৎ করে জল গড়ান।

হুড়ুম, হুড়িম, হুড়ুম্ব (ম্) [সং—হুড়ুম্ব। মূলে শব্দাত্মক] বি. মুড়ির মত ফুলা করিয়া ভাজা চিঁড়া। ২। [বরিশালে] মুড়ি। ৩। অনুকরণ শব্দে লাফালাফি দুপাদুপি। প্র—হুড়ুম দুড়ুম করা। ৪। জল মধ্যে মাছের ঘাই দেওয়ার শব্দ।

হুড়ো—হুড়া দ্রঃ।

হুণ্ড (হুন্‌ড) [সং। বাং-গ্রা—হুণ্ডা] বিণ. মূর্খ। ২। গুণ্ডা : গোঁয়ার। [দ্রঃ—সং-তে ব্যাঘ্র, রাক্ষস, গ্রাম্যশূকর প্রভৃতি অর্থে ব্যবহার আছে]।

হুণ্ডি, হুণ্ডী [ফা] বি. টাকা-কড়ির দেনা-পাওনা সম্বন্ধীয় কারবারের চিঠি ; স্থানান্তরে টাকা দিবার বরাতী চিঠি ; bill of exchange. ২। [সং—হুন্‌ড্ (সংঘাতে)] রাশি। থাড়া হুণ্ডি, দর্শনী হুণ্ডি—যে বরাতী চিঠি প্রদর্শন মাত্র টাকা পাওয়া যায়। a bill payable at sight. মুদ্দতি হুণ্ডি, মিয়াদী হুণ্ডি—নির্দ্ধারিত দিনে বা দিনের পর যে হুণ্ডির টাকা পাওয়া যায় ; a bill payable after date. হুণ্ডিআনা—অন্যত্র বরাতী চিঠি দেখাইয়া অর্থ বাহির করিবার জন্য একস্থানে টাকা জমা দেওয়া। হুণ্ডিওয়াল—হুণ্ডির কারবারী মহাজন। হুণ্ডি করা, হুণ্ডি ভাঙ্গান—হুণ্ডি দেখাইয়া টাকা আদায় করা। ২। টাকা রাশীকৃত করা।

হুত [হু (হোম করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ. মন্ত্র উচ্চারণ করিয়া দেবতার উদ্দেশে দত্ত (হবিঃ)। প্র—"মহা ক্রোধে হইলা যেন হুত হুতাশন"—মহা (শ্রীকরণ)। ২। কৃত হোম। ৩। [অধি—ক্ত] বি. হোমের অগ্নি। ৪। [ভাবে—ক্ত] ক্লী. হোম।

হুতভুক্, হুতবহ [হুত (হব্য) ভুক্ (যে ভোজন করে) বহ (যে বহন করে)] বি. পুং. হোমাগ্নি ; অগ্নি। প্র—"জ্বালিলেন হুতভুক্ নৃপতি আপনি"—কৃত্তিবাস।

হুতা [প্রা-বাং। সং—হুতাশ হইতে] বি. হোমাগ্নি। প্র—"হনুমান টানে জাঁতা হুতার লহরি। বিসাই গঠিল তাম্র সাদা মাটা করি॥"—শূ-পু।

হুতাশ (শ্) [হুত (হবিঃ)+অশ্ (ভোজনে) +অ (কর্ত্তৃ)] বি. হোমাগ্নি ; অগ্নি ; অনল। প্র—"ঘট পরবেশ হুতাশে"—বি. প।

হুতাশ, হুতাস (শ্) [সং—হতাশ বা হতোঽস্মি হইতে। বাং-গ্রা—হুতোশ] বি. ভয় : আতঙ্ক ; দুর্ভাবনা : প্রিয়জনের বিরহে বা পুনর্দর্শনাশায় নিরাশ হইবার ভয় ও ভাবনা : প্রমাদ। প্র—"কেঁদে ছিলাম কত হুতাশে"—গান। "হুতাশে হুটারে হাথী পড়ে ঠায় ঠায়"—ঘনরাম। হুতোশ লাগা—শিশুদিগের প্রিয়জনের অদর্শনে ভয় ও ভাবনা জনিত স্বাস্থ্যহানি।

হুতাশন (ন্) [হুত (হবিঃ) অশ্ (ভোজন) +অন (কর্ত্তৃ—অনট্) কিম্বা হুত অশন যাহার, বহু] বি. হোমাগ্নি। ২। প্র—"হুতাশন তেজে গলে লৌহ"—মেঘনাদ।

হুতি [হু (হোম করা)+তি (ভাবে—ক্তি)] বি. স্ত্রী. হোম।

হুতুম, হুতোম (ম্) [শব্দাত্মক] বি. ভীষণ রবকারী দীর্ঘাকার পেচকবিশেষ : পেঁচা দ্রঃ। হুতুমপেঁচা, হুতোমপ্যাঁচা—হুতুম-জাতীয় পেঁচা। হুতোম প্যাঁচার নক্সা—সামাজিক ব্যঙ্গ কাব্যবিশেষ।

হুনর, হুনুর (র্) [ফা—হুনর্। বাং-গ্রা—হুনুর] বি. বিদ্যা ; কলাজ্ঞান। ২। কর্ম্ম-দক্ষতা ; শ্রমশিল্পে কুশলতা। প্র—"সাধারণে কথায় বলেন হুনরে চীন ও হুজ্জুতে বাঙ্গাল কিন্তু হুতোম বলেন হুজুকে কলকেতা"—হুতুমপেঁচার নক্সা। বিণ. হুনরী, হুনুরি, রী (গ্রা) কলাজ্ঞানসম্পন্ন ; শিল্পী। ২। দক্ষ। হুনুরিকর্ম্ম—হাতের কাজ ; শ্রম-শিল্প। প্র—"ভাগ্যে কিছুদিন মামার বাড়ী ছিলাম তাই একটু লেখাপড়া ও হুনুরি কর্ম্ম শিখিয়াছি"—টেকচাঁদ।

হুনা [প্রা-বাং। হুত (দত্ত আহুতি) হইতে অথবা হ্বে (আহ্বান করা)+ত=হূত (কৃত-আহ্বান) হইতে। ত=ন। উ-পু—হুনি। ম-পু—হুন। প্র-পু—হুনে ; হুনয়ে (পদ্যে)। অস-ক্রি—হুনিতে ; হুনিয়া ; হুনি] ক্রি. হোম করা ; হবন করা ; অগ্নিতে আহুতি দেওয়া। প্র—"দুর্ব্বাসা হুনয়ে হবি মুষলের ধারে"—কাশী-মহা। "বিপ্রগণ বেদমন্ত্রে জ্বালিল আগুনি। লইয়া নাগের নাম যজ্ঞকুণ্ডে হুনি।"—ঐ।

হুপ [গ্রা। উপ্ দ্রঃ] বি. অনুকরণ শব্দ ; হনুমানের ডাক। প্র—"হুপ হাপ দুপ দাপ আশ পাশ ঝাঁকিছে।"—অ. ম। ২। [সং—উপ (আশ্চর্য্যকরণার্থক অব্যয়। উপ দ্রঃ] হঠাৎ আবির্ভাব ; ঝুপ্। প্র—কোথা থেকে হুপ্ করে এসে উপস্থিত হল।

হুপ (প্) [তুল—সং—উপ (ইচ্ছাজ্ঞাপক অব্যয়)। ইং—hope হইতে আধু-গ্রা-বাং] বি. আশা ; ভরসা। প্র—"যাহার হুপ আর বুক তাহারি জয়"—টেকচাঁদ। ২। সাহস ; বুক।

হুপো (হ্) বি. দণ্ডচারিবর্গের পক্ষিবিশেষ।

হুবহু (বো) [আ—হু (সে হয়) ব (যথাযৎ) হু (সে)—সে ঠিক তাহার অনুরূপ] অ. আদশানুরূপ : অবিকল ; অভিন্ন।

হুম্, হুঁম্ [সং। হুঁ দ্রঃ] অ. অনুকরণ শব্দ। ২। সম্মতি। ৩। নিষেধ। ৪। সংশয় ; বিতর্ক। ৫। অস্পষ্টভাবে বা নাসিকাযোগে সঙ্গীতে স্বর আলাপ। ৬। স্মৃতি। ৭। প্রশ্ন। ৮। অসূয়া। ৯। হুঙ্কার। প্র—হুম হাম থুম থাম ভীম শব্দ ভাষিছে।"—অ. ম। ১০। নিশ্চয়বাচক শব্দ। ১১। ক্রোধ ; কোপপ্রকাশ। ১২। প্রতিবিধানার্থ শাসন ; ভয়প্রদর্শন।

হুমড়ান (হুমড়ানো) [উপুড় দ্রঃ। হুমড়ি দ্রঃ] ক্রি. উপুড় হইয়া পড়া ; হেঁটমুণ্ড হইয়া পড়া।

হুমড়ি (ম্) [উপুড় দ্রঃ। ব্রজ—ঊমড়ি] বি. হেঁটমুণ্ড : উপুড়। হুমড়ি খাওয়া—উপুড় হওয়া।

হুমা [ধূম হইতে। ধূম+আ (সাদৃশ্যে)] বি. বন্যা। হুমাহুমি—ধূমাধূমি (দ্রঃ) ; তুমুল ঝগড়া।

হুমা [হোম অপভ্রংশে হুম+আ (ক্রিয়ায়)] ক্রি. হোম করা ; আহুতি দেওয়া। প্র—"কাটিয়া তুরঙ্গ রাজা হুমিল অগ্নিতে"—মহা-আদি-কাশী।

হুমা, হুমো [ফা—হুমা (শুভসূচক কাল্পনিক পক্ষী)। তুল—সং—বিহঙ্গম] বি. পাখী। ২। [হুম্ শব্দে] হুম্‌হুম্ শব্দকারী পক্ষিবিশেষ। প্র—"আয়রে পাখী হুমো, আমার গোপালকে নিয়ে ঘুমো।"—ছড়া। ৩। হুতোম প্যাঁচা। ৪। [তিরস্কারে, তাড়নায়। প্রাদে] হঁশো ; গোঁয়ার ; অকর্ম্মণ্য বুড়ো। প্র—হুমো ছেলে।

হুমকি, কী [সং—হুঙ্কার ; হুঙ্কৃতি] বি. হুম্ শব্দে তাড়না ; তর্জ্জন ; ধমকি ; ভয়প্রদর্শন। প্র—"এ ত ছেলের হাতের মোয়া নয় যে খাবে হুমকি দিয়ে"—রামপ্রসাদ।

হুরমুৎ (র্) [আ] বি. সম্ভ্রম ; মান। হুরমুৎদার—সম্ভ্রান্ত ; মান্য। হুরমুতের দাবী দিয়া নালিশ—মানহানির জন্য খেসারতের দাবী করিয়া মকদ্দমা রুজু করা।

হুরী [আ] বি. স্বর্গস্থ পরী।

হুল, হূল (ল্) [সং—অল] বি. সূক্ষ্মাগ্রভাগ ; সূচী। প্র—"নিকুঞ্জে পশিলে ভুলে সর্ব্বাঙ্গে বিঁধিয়া হুলে মৃগের আক্রমে যথা মধুকর শ্রেণী।"—অশোকগুচ্ছ। ২। ধনুকের সূক্ষ্মাগ্র ; কোটি।

হুলস্থুল (ল, ল্) [সং—হুলহুলী বা হলহলা হইতে] বি. গোলমাল ; গোলযোগ। প্র—"হুলস্থুল সহর শুনিয়া সেই শব্দ"—ঘনরাম।

পদ্যে কোমলার্থে—হুলথুল। প্র—"হুলথুঃ কুল কুল ব্রহ্মডিম্ব ফুটিছে।"—অ. ম।

হুলহুলী—হুলাহুলী দ্রঃ।

হুলা [হুলো দ্রঃ] বি, পুং, বিড়াল।

হুলান (নো) [হিলান দ্রঃ। হি—হুল্‌না] ক্রি, পশ্চাতে তাড়না করা: পিছনে তাড়া করিয়া যাওয়া; টুয়ান। প্র—"হুলিয়া গুতিয়া নেহ বাহের করিয়া।"—মাণিকচাঁদের গান। "বসি অমারী ঘরপর আমীর বহুতর হুলায় গজবর রাজে।"—অ. ম।

হুলাস (শ্) [সং—উল্লাস] বি, উল্লাস; স্ফূর্ত্তি।

হুলাহুলি [সং—হুলহুলী। শব্দাত্মক] বি, নারীদিগের ওষ্ঠদ্বয় সঙ্কুচিত করিয়া জিহ্বাগ্র সঞ্চালন দ্বারা কৃত আনন্দসূচক ধ্বনি; উলুধ্বনি; মঙ্গলধ্বনি। প্র—"হুলাহুলি করি সবে কৈল হরিধ্বনি॥"—শিবায়ন। "দেব কন্যা মেলি দিয়া হুলাহুলি আনন্দেতে ঢেঁকী মঙ্গলিয়া।"—শূ-পু। ২। হল্লা: কোলাহল। প্র—"যুধিষ্ঠিরের বাহিনী করিয়া হুলাহুলি।"—মহা (বিজয়)।

হুলি—হোলাকা দ্রঃ।

হুলিয়া [আ—হুল্যাহ্] বি, শরীরলক্ষণ। ২। পলাতক আসামীকে সনাক্ত করিবার জন্য তাহার আকার ও দেহচিহ্ন বিজ্ঞাপক বিবরণী। প্র—অপরাধীদিগের হুলিয়া বাহির হইয়াছে।

হুলিয়া বিগড়ান—চেহারা খারাব করা; প্রহার দ্বারা দেহের সৌন্দর্য্য নষ্ট করা।

হুলু, হুলুই [শব্দাত্মক। হুলাহুলি দ্রঃ] বি, স্ত্রীলোকদিগের আনন্দসূচক মুখধ্বনি; মঙ্গলধ্বনি: উলুধ্বনি। প্র—"কোকিল দিতেছে হুলু"—কুঙ্কুম। "আপনি দিলেন হুলু নাড়ীচ্ছেদ করি। দুঃখেতে স্মরিয়া হরি নাম দিলা হরি॥"—অ. ম। "পণ্ডিতে বেদ গান, নিছিয়া পেলেন পান, হুলুই পড়এ ঘনে ঘন।"—শূ-পু। "সঘনে হুলুই পড়ে রতি চতুর্দ্দোলে চড়ে ইন্দ্রের হৃদয়ে বাজে শাল।"—কবিক।

হুলো [সং—হীল ("শুক্রে ধাতৌ রেতসি"—বাচস্পতি)—তাহার আধার বা আশ্রয় অর্থে হোল? তুল—আ—হওল্ (বীর্য্য)—তাহা হইতে পুরুষত্ব। হোল (দ্রঃ) উয়া (বিশিষ্টার্থে) =হোলুয়া—সংক্ষেপে হুলো। সংস্কৃতে একটি উদ্ভট শ্লোক আছে তাহার তাৎপর্য্য এই যে বিড়াল বলিতেছে "বৃষ আদি প্রাণীর বড় হোল (অণ্ডকোষ) থাকা সত্ত্বেও তাহারা হুলো বলিয়া কথিত হয় না, কিন্তু বিধাতার কি বিড়ম্বনা, আমার অণ্ডকোষ অন্য প্রাণীর তুলনায় ক্ষুদ্রতর হইলেও আমি হুলো নামে অভিহিত হইতেছি"। কিন্তু পুংবিড়ালের ঘোরাল কণ্ঠরব হইতে নহে ত? তুল—মিঁ মিউ বা ম্যাও ম্যাও করে বলিয়া মেনি বেরাল হোল শব্দ মুষ্ক অর্থে সং-অভিধানে নাই এবং পূর্ব্বোক্ত উদ্ভট শ্লোক অর্ব্বাচীন] বি, পুং, বিড়াল। স্ত্রী, গ্রা, হুলী—বড় মাদি বিড়াল বিড়ালী।

হুল্লোড় (ড়্) [হল্লা এবং হুড় মিশ্রিত হইয়া। হি—হল্লড়] বি, কোলাহল। ২। ভিড়। ৩। সংঘ

হুশিয়ার (র্) [ফা—হুশ্‌য়ার্। গ্রা হুঁসিয়ার] বিণ, সতর্ক; সাবধান। ২। চতুর বুদ্ধিমান: চালাক। বি, হুশিয়ারী—সতর্কতা, সাবধানতা। ২। চতুরতা; বুদ্ধিমত্তা।

হুস্‌হুস্ (শ্‌শ্) বি, অনুকরণ শব্দ। ২। ঘন ঘন বাষ্প নির্গমন শব্দ।

হুহু, হুহূ [সং] বি, পুং, গন্ধর্ব্বিশেষ।

হুহু [শব্দাত্মক] অ, অনুকরণ শব্দ। ২। বেগে পবন সঞ্চালন শব্দ। প্র—"সমীর ধায় হুহু, গর্জ্জে মুহুঃ"—প্রেম ও ফুল। ৩। জল প্রবাহ বা স্রোতের শব্দ। ৪। ক্লেশ, যন্ত্রণা, জ্বালা, শোকপ্রভৃতিব্যঞ্জক শব্দ। ৫। অগ্নি প্রজ্জ্বলন-বেগ শব্দ।

হূ [সং] অ, আহ্বান, শোক, গর্ব্ব, ঘৃণা, অবজ্ঞা বিদ্রূপ প্রভৃতি সূচক অব্যয়।

হূঙ্কার, হূঙ্কৃত (র্) [হূম্ (অনুকরণ শব্দে) কার কৃত (করা)] বি, "হূম্" এই ধ্বনি করণ।

হূণ—হূন দ্রঃ।

হূত [হ্বে (আহ্বান করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, আহূত। ২। [ভাবে—ক্ত] বি, ক্লী, আহ্বান।

হূতি [হ্বে (আহ্বান করা)+তি (ভাবে—ক্তি] বি, স্ত্রী, আহ্বান; ডাকা। ২। আহুতি। বিণ, হূত।

হূন, হূণ (ন্) [সং] বি, পুং, ভারতের উত্তরস্থ চীন পার্শ্ববর্ত্তী ম্লেচ্ছদেশবিশেষ। ২। ম্লেচ্ছ জাতিবিশেষ। ৩। হূনদেশের অধিবাসী। ৪। হূনরাজ্যপতি।

হূয়মান (ন্) [হ্বে (আহ্বান করা)+আন (কর্ম্মে—আনশ্) য্ ম্ আগম] বিণ, আহূয়মান; যাহাকে আহ্বান করা যাইতেছে।

হূরব (ব্) [হূ (অনুকরণ শব্দ) রব যাহার। তুল—ফেরব] বি, পুং, শৃগাল।

হূহু, হূহূ [শব্দাত্মক] অ, হাওয়ার সহিত সংঘর্ষসূচক শব্দ। ২। প্রবাহ, নির্গমন বেগ ও শব্দসূচক অব্যয়। প্র—বাতাস হূহূ করিয়া বহে; রক্ত হূহূ করিয়া নির্গত হয়; জল হূহূ করিয়া বহিয়া যায়। ৩। দ্রুতবেগ বা শীঘ্র গতিসূচক অব্যয়। প্র—হূহূ করিয়া মেঘ বা ধোঁয়া উড়িয়া যায়; হূহূ করিয়া আগুন জ্বলিয়া উঠিল। ৪। অন্তর্দাহ বা যন্ত্রণাসূচক অব্যয়। ৫। দহন শব্দ। ৬। শূন্যবোধ: হতাশ। প্র—প্রাণ মন হূহূ করা।

হৃৎ [হৃ (হরণ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) ৎ আগম] বিণ, হরণকারী; হারক।

হৃৎকম্প—বি, পুং, হৃদয়কম্পন; ভয়ে হৃদ্‌পিণ্ডের স্পন্দন; অতিশয় ভয়।

হৃৎপিণ্ড—বি, হৃদয়ের মধ্যস্থিত শোণিতাধার: heart.

হৃত [হৃ (হরণ করা)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, অপহৃত। ২। আনীত। ৩। আকৃষ্ট।

হৃদ্, হৃদয় (য়্) [হৃ (হরণ করা)+ক্বিপ্ (কর্ত্তৃ) ৎ আগম, ৎ=দ্, হৃ+অয়—কর্ত্তৃ (কয়ন্) দ্ আগম] বি, ক্লী, বক্ষঃস্থল। ২। দয়া, প্রেম প্রভৃতির স্থান: চিত্ত; অন্তঃকরণ। ৩। বিণ, হৃদয়িক, হৃদয়ী—হৃদয়বান্।

হৃদয়গ্রন্থি—বি, পুং, হৃদ্বন্ধ। হৃদয়জ—বক্ষোজ; স্তন। প্র—"হৃদয়জ মুকুলি হেরি থোর থোর। ক্ষণে আঁচর দেই ক্ষণে হোয় ভোর॥"—বি, প।

হৃদয়গ্রাহী (য়্) [হৃদয়—গ্রহ্ (গ্রহণ করা) +ইন্ (ণিন্)=হৃদয়গ্রাহিন্ ১মা, ১ব] বিণ, মনোহারী।

হৃদয়ঙ্গম (ম্) [হৃদয় (অন্তঃকরণ) গম (যে গমন করে)] বিণ, মনোগত; হৃদ্য; হৃদয়গত। ২। বোধগম্য; চিত্তস্থ।

হৃদয়বান্ (য়্) [হৃদয় (অন্তঃকরণ)+বৎ (প্রশস্তার্থে—বতু)=হৃদয়বৎ ১মা, ১ব] বিণ, ; মনস্বী; সদন্তঃকরণ; প্রেমিক; বদান্য; মহাপ্রাণ।

হৃদয়স্থান—বি, বক্ষঃস্থল; বুক।

হৃদয়ালু (ক্) [হৃদয় (অন্তঃকরণ)+আলু (অস্ত্যর্থে)] বিণ, হৃদয়বান্; সদন্তঃকরণ; প্রশস্তহৃদয়; উদার।

হৃদয়েশ (শ্) [হৃদয়ের (অন্তঃকরণের) ঈশ (ঈশ্বর), ৬তৎ] বি, পুং, সর্ব্বান্তঃকরণে পূজার ও প্রেমের পাত্র; প্রাণেশ; হৃদয়বল্লভ। ২। কান্ত; স্বামী; ভর্ত্তা। স্ত্রী, হৃদয়েশা—শী—প্রণয়িনী।

হৃদি [সং] বি, হৃদয়। প্র—"হৃদি সীদতি আমার যেমতি তেমতি পুড়ুক সে।"—চণ্ডীদাস। ২। বক্ষঃস্থল। প্র—"হৃদি-বিলাস পট্টবসনা কুচকলসে কৃত-বাস্থনা"—বাসবদত্তা।

হৃদিসরোবর—সরোবরতুল্য হৃদয়। প্র—"কমলাকান্তের হৃদি-সরোবরে কমল মাঝারে করে উদয়।"—বাং-গান।

হৃদিস্পৃক্ [হৃদি (হৃদয়) স্পৃক্ (যে স্পর্শ করে)] বিণ, প্রাণস্পর্শী; হৃদ্য; প্রিয়; মনোমত।

হৃদিকা [সং] বি. স্ত্রী. কৃপাচার্য্যের মাতা। হৃদিকাসুত—বি. পুং. কৃপাচার্য্য।
হৃদ্গত [হৃদ্ (অন্তঃকরণ) গত (প্রাপ্ত)] বিণ. হৃদয়স্থ ; মনোগত।
হৃদ্য (হৃদ্দ) [হৃদ্ (অন্তঃকরণ) + যৎ] বিণ. রুচ্য ; মনোমত ; প্রিয়। ২। মনোজ্ঞ। রুচির। স্ত্রী. হৃদ্যা—বৃদ্ধিনামক ওষধি।
হৃদ্যতা (হৃদ্দোতা) [হৃদ্য + তা (ভাবে)] বি. স্ত্রী. হার্দ্দ ; প্রণয় ; সদ্ভাব।
হৃল্লাস (শ্) [সং] বি. হিক্কা।
হৃষিত [হৃষ্ (হৃষ্ট হওয়া) + ত] বিণ. হৃষ্ট প্রফুল্ল ; পুলকিত। স্ত্রী. হৃষিতা।
হৃষীক (ক্) [সং] বি. ক্লী. ইন্দ্রিয়।
হৃষীকেশ (শ্) [হৃষীকের (ইন্দ্রিয়ের) ঈশ (ঈশ্বর), ৬তৎ] বি. পুং. পরমাত্মা ; বিষ্ণু। প্র—"হৃষীকেশ বৈকুণ্ঠ বামন।"—অ, ম।
হৃষ্ট [হৃষ্ (হর্ষান্বিত হওয়া) + ত (কর্ত্তৃ)] বিণ. হর্ষযুক্ত ; প্রফুল্ল। বি. হৃষ্টি। হৃষ্টরোমা—পুলককণ্টকিত ; রোমাঞ্চিত।
হে [সং] অ. সম্বোধনে বা আহ্বানে ; ওহে। ২। পাদপূরণে। ৩। (হেঃ) অবজ্ঞা বা ঘৃণায়।
হেঁ (হ্যাঁ) অ. সম্মতি বা স্বীকারে ; হাঁ। হেঁ গা, —গো—স্নেহসূচক ও কোমল সম্বোধন। হেঁ মা—কন্যা বা মাতৃস্থানীয়া নারী সম্বোধনে। হেঁ দেখ—সতর্কীকরণে। ২। ভয়প্রদর্শনে। অবজ্ঞার্থে হেঁ দেখ্। হেঁরে—অবজ্ঞার্থক পুং সম্বোধনে। হেঁলা—অবজ্ঞা বা অতিপরিচয়ার্থক নারীসম্বোধন, সমানার্থে—হেঁলো। হেঁহে, হ্যাঁহে—পুং সম্বোধনে বা প্রশ্নে।
হেঁই—অ. ব্যাকুল প্রার্থনা ; হেঁ হেঁ করিয়া যাচ্ঞা ; সনির্ব্বন্ধ অনুরোধ। প্র—"হেঁই খুড়া তোর পায়ে ধরি।"—ছড়া। ২। জেদে। ৩। বল প্রয়োগকালীন শব্দে। হেঁইও, হেঁইয়োঁ—গুরুভার তুলিতে বা ঠেলিতে শ্রমলাঘব ও বলসঞ্চয়ার্থক মুখশব্দ। হেঁইগো হেঁইগো, হেঁই মা, হেঁই হেঁই—সনির্ব্বন্ধ অনুরোধ। ২। অতিলোভব্যঞ্জক প্রার্থনা।
হেঁট (ট্) [হেট দ্রঃ] বিণ. অবনত। প্র—একবার হেঁট নয়নে চেয়ে দেখ মা."—বাংগান। "মৌন তুণ্ড হেঁট মুণ্ড"—অ, ম। ২। বিনীত। ৩। বি. পরাজয়। প্র—"নাহি মানে হেঁট।"—ঘনরাম। হেঁট করা—নোয়ান। ২। উপুড় করা। হেঁট মাটী উপর—ওলট পালট। হেঁট হওয়া—নত হওয়া। মাথা হেঁট করা—লজ্জা দেওয়া। মাথা হেঁট হওয়া—লজ্জার অধোবদন হওয়া।
হেঁটরে হেঁটরে (ট্, ট্) [ওঠরে ওঠরে হইতে] ক্রি-বিণ. পুনঃ পুনঃ উঠরে উঠরে বলিয়া বা অনুরোধ দ্বারা কার্য্যে প্রবৃত্ত করিয়া।
হেঁটে—অস-ক্রি, হাঁটিয়া। ২। ক্রি-বিণ. পদব্রজে।
হেঁটে [হেঁট দ্রঃ] ক্রি-বিণ. নিম্নে। ২। বি. হেটে দ্রঃ। প্র—হেঁটে কাঁটা উপরে কাঁটা।"—গল্প।
হেঁড়াল (ল্) [হি—ঘড়িয়াল—হাঁড়িয়াল—হেঁড়াল] বি. বৃহৎ কুম্ভীর। প্র—"ঠকাইল কচ্ছপ কুম্ভে কুম্ভীর হেঁড়াল।"—ঘনরাম।
হেঁড়েল (ল্) [হাঁড়িয়াল] বিণ. প্রকাণ্ডগভীর গর্ত্ত। ২। হাঁড়ির মত। প্র—হেঁড়েল মাথা।
হেঁতাল (হ্যাঁতাল্) বি. হেতাল দ্রঃ বৃক্ষ।
হেঁয়ালি [সং—প্রহেলিকা] বি. হিঁয়ালি দ্রঃ ; প্রহেলিকা ; সমস্যা। প্র—তারকের কাছে নবকিশোর যতই দুর্ব্বোধ হেঁয়ালি বলিয়া বোধ হইতে লাগিল ততই সে নবকিশোরের সঙ্গ চাপিয়া ধরিতে লাগিল।"—ভারতী, ১৩২০।
হেঁসেল, হেঁশেল (হেঁশেল্) [হাঁড়িশাল হইতে] বি. রন্ধনাগার।
হেঁসো (হেঁশো) [হাঁস (হাঁসের গলার মত বাঁকা) + উয়া (যুক্তার্থে) যে হার] বি. কণ্ঠের হারবিশেষ ; হাঁসুলি। ২। বড় কাস্তে।
হেঁঙ্গলা (হ্যাংলা) [হাঙ্গলা দ্রঃ ; যে হাঁইঢাঁই বা হাঙ্ হাঙ্ করে] বিণ. খাদ্যলোভী ; কাঙ্গলা।
হেট্—অ. অনুকরণ শব্দ। ২। অশ্বাদি চালনা শব্দ। ৩। তাড়াইয়া লইয়া যাইবার ইঙ্গিত। এই অর্থে দ্বিত্ব—হেট্ হেট্।
হেট (ট্) [পা—হেট্টা (নীচ, অবনত)] বিণ. নত ; অবনত। প্র—"লজ্জাভয়ে মহাবীর হেট কৈল মাথা।"—কবিক। হেটমুখ—অধোমুখ। প্র—"দেবতা সম্মুখ হন হেটমুখ"—ঘনরাম। হেটমুণ্ড—অবনত মস্তক। প্র—"হেটমুণ্ড করি হেট মিছা কর।"—রবি।
হেটে [হেট দ্রঃ] বি. নিম্নদেশ ; তলদেশ। প্র—"এ সপ্ত পাতাল হেটেতে জল।"—শিবায়ন।
হেটে ট্যাংরা, হ্যাটা ট্যাঙ্গরা—হটকঠ্যাং দ্রঃ। উঁচুনীচু ; অসমান ; আবুড়াখাবুড়া
হেঠ (ঠ্) হেট দ্রঃ।
হেড (ড্) [ইং—head] বি. মাথা। ২। বুদ্ধি ; মেধা। বেহেড—বে দ্রঃ।
হেতা [হেথা দ্রঃ] বি. অত্র ; এখানে। প্র—"সে কথা বলিতে হেতা"—শিবায়ন।
হেতার (র্) [হি—হাথিয়ার] বি. হাতিয়ার ; অস্ত্র ; শিল্পসাধন যন্ত্র। প্র—"কোন দেব দয়া করি দিয়াছে হেতার।"—ঘনরাম।
হেতাল (ল্) বি. হিন্তাল বৃক্ষ। হেতালের বাড়ি, হেতাল বাড়ি—হিন্তাল গাছের লাঠি। প্র—"হাতে হেতালের বাড়ি পেয়ে।"—ঘনরাম। প্র—"হেতালবাড়ি কান্ধে করি চলে সদাগর।"—মনসামঙ্গল (বিজয়গুপ্ত)।
হেতালবেদনা, হেতালব্যথা (হ্যাতাল ব্যাথা) [প্রসবান্তকাল হইতে?] বি. ফুল পড়িবার পর জরায়ুর সঙ্কোচনকালে জরায়ু মধ্যস্থ জমাট রক্ত প্রভৃতি বাহির করিয়া দিবার উপায় স্বরূপ মুহুর্মুহু বেদনা ; ভাদালে কামড়।
হেতু [সং] বি. যুক্তি। ২। কারণ ; মূল। ৩। প্রয়োজন। ৪। [কাব্যালঙ্কারে] কারণের সহিত কার্য্যের অভেদকথন। হেতুবাদ—হেতুকথন ; যুক্তি তর্ক।
হেতুক (ক্) [হেতু + ক (স্বার্থে)] বি. পুং. কারণ। ২। বিণ. হেতুসম্বন্ধীয়।
হেতের (র্) [হি—হাথিয়ার] বি. অস্ত্র। ২। শিল্পসাধন যন্ত্র।
হেত্বাভাস (হেৎতাভাশ্) [হেতুর ন্যায় আভাস (অনুরূপতা) যাহার, বহু] বি. পুং. কুতর্ক ; ন্যায়ের ফাঁকি। ২। ব্যভিচার, বিরুদ্ধতা, অসিদ্ধি, সৎপক্ষতা ও বাধা এই পাঁচপ্রকার ন্যায়দর্শনোক্ত হেতুদোষ ; fallacy.
হেথা [প-বঙ্গে। সং—অত্র বা এস্থান হইতে এথা—হেথা] ক্রি-বিণ. অত্র ; এখানে। প্র—"হেথা কি আসিতে আছে"—চয়নিকা।
হেদান (হ্যাদানো) [বিকারে হেদুনো, হেদোনো] ক্রি, ব্যাকুল হওয়া। প্র—"হেদাইল ছেলে দুটী হারাইয়া হরে।"—শিবায়ন।
হেদে (হ্যা) [হেঁ দেখ সংক্ষেপে] অ. সম্বোধনে। প্র—"হায় হায় হায় হেদে হাভাতীর ঝি।"—শিবায়ন। "হেদে ও সহরবাসী।"—হেম বন্দ্যো। হেদেলো—নারীসম্বোধন ; দেখ লো। প্র—"হেদেলো সুন্দরী প্রেমের আগোরি শুনহ নাগর কথা।"—চণ্ডীদাস। হেদেহে—পুরুষ সম্বোধনে। প্র—"হেদেহে নিলাজ বঁধু লাজ নাহি বাস।"—চণ্ডী।
হেন (হ্যানো) [সং—ইদম্ শব্দের তৃতীয়া বিভক্তির রূপ "অনেন" বা এতৎ = এন (আদেশে)—হেন অথবা ঈদৃশ হইতে প্রাকৃ—এদিসো—এইসো (হি—ঐসো, ঐসন্, ঐসিন্) এই = ঐ। পরে, প্রা-হি—ঐসন্, ঐসনে হইতে এহন, এহনে, বর্ণবিপর্যয়ে বাং-য় এহেন—হেন] বিণ, ঈদৃশ ; এমন। ২। যেন ; ঠিক। প্র—"হেন চাঁপা ফুল"—ঘনরাম। এহেন—[এহন দ্রঃ] এরূপ ; এবম্প্রকার। সেহেন—তদ্রূপ।
হেনস্তা (হ্যানোস্তা) [হীন অবস্থা হইতে প্রা—মেয়েলি] বি. হীনাবস্থা ; দুর্দ্দশা। ২। [দেশী প্রাকৃ—হন্ (দূর) হইতে হনস্থ (দূরস্থ)] দূরীকরণ ; ঘৃণা ; অবজ্ঞা।
হেপা, হেঁপা (হ্যাঁপা) [হাঁপ—শ্বাসবেগ,—বেগ, দম, ঝোঁক, ঝুকি] বি. দম ; প্ররোচনা।

প্র—হেঁপায় পড়ে কাজ করা। ২। ঝোঁক দায়। প্র—"কারবারের হেপায় আগুন হইয়া গেল"—টেকচাঁদ। ৩। বেগ; ঠেলা; টান প্র—যখন সকলে মিলে তাড়া করবে তখন তা হ্যাঁপা সাম্‌লান ভার হবে।

হেপাজৎ [আ—হিফাজৎ] বি, রক্ষণাবেক্ষণ ২। বন্দোবস্ত।

হেবা [হিবা দ্রঃ] বি, মুসলমানদিগের স্থাবর অস্থাবর সম্পত্তির স্বামিত্ব দান; gift. **হেবা নামা**—দানপত্র; deed of gift.

হেব্‌ভই, হেবুই [প্রা-বাং] ক্রি, হেরে দেখে। প্র—"জোই ভুসুকু হেবুই অন্ধকারা" (জোই = যোগী)—বৌদ্ধগান ও দোহা।

হেম (ম্) [হি (গমন করা) + ম (কর্তৃ)] বি ক্লী, স্বর্ণ। ২। ধুস্তুর। ৩। মাষপরিমাণ। **হেমকান্তি**—স্বর্ণপ্রভা। ৪। দারুহরিদ্রা। **হেমকার**—স্বর্ণকার; সেকরা। **হেমকূট**—হিমালয়োত্তরস্থ পর্ব্বতবিশেষ; সুমেরু। প্র—"হেমকূট হৈম শিরে শৃঙ্গবর যথা তেজঃপুঞ্জ।"—মেঘনাদ। **হেমচন্দ্র**—সোনার চাঁদ। **হেমদুগ্ধ**—উড়ুম্বর বৃক্ষ। **হেমপীঠ**—স্বর্ণাসন। প্র—"বসান হেম পীঠে"—কবিক। **হেমপুষ্প**—চম্পকবৃক্ষ। ২। অশোক পুষ্প। স্ত্রী, **হেমপুষ্পা**—মঞ্জিষ্ঠা। ২। স্বর্ণজীবন্তী। **হেমকলা**—বি, স্বর্ণকদলী। **হেমমালা**—যমের পত্নী। **হেমমালী**—সূর্য্য। ২। আকন্দ গাছ। **হেমমুকুলিকা**—স্বর্ণনির্ম্মিত পুষ্পকলিকা। প্র—"শ্রবণ উপর দেশে হেমমুকুলিকা ভাসে"—কবিক। **হেমঝারি**—স্বর্ণঘট। প্র—"পূজিল হেমঝারি জোড়া।"—কবিক। **হেমসার**—বি, ক্লী, স্বর্ণমাক্ষিক; তুঁতে। **হেমলতা**—স্বর্ণজীবন্তী। ২। স্বর্ণলতা।

হেমন্ত [হিমের—অন্ত (শেষ) হয় যে সময়ে, বহু] বি, পুং, হিমঋতু; অগ্রহায়ণ ও পৌষ মাস। ২। হিমালয় পর্ব্বত। প্র—"দক্ষ গৃহ ছাড়ি হেমন্তেরই বাড়ী জনমিলা সতী আসি।" "পরিতুষ্ট হেমন্তের ঝি"—ঘনরাম। **হেমন্তের ঝি**—পার্ব্বতী। প্র—"হর বলে হন্দ কৈলে হেমন্তের ঝি।"—শিবায়ন।

হেমলক (ম্‌, ক্) [ইং—hemlock] বি, বিষবৃক্ষবিশেষ।

হেমা [সং] বি, স্ত্রী, অপ্সরাবিশেষ। ২। হেমাঙ্গীনারী; সুন্দরী স্ত্রী। ৩। পুং, বুধগ্রহ।

হেমাঙ্গ [হেম (সুবর্ণবর্ণ) হইয়াছে অঙ্গ (অবয়ব) যাহার, বহু] বি, পু., হিরণ্যগর্ভ; ব্রহ্মা। ২। বিষ্ণু। ৩। গরুড। ৪। [হেম (সুবর্ণ) অঙ্গ যাহার, বহু] হেমাদ্রি; সুমেরুপর্ব্বত। ৫। স্বর্ণ অঙ্গ। ৬। বিণ, সুবর্ণকায়। স্ত্রী, **হেমাঙ্গী**—সুবর্ণদেহা। ২। সুন্দরী। বাং-য়—**হেমাঙ্গিনী**ও হয়।

হেমাদ্রি (দ্‌দ্) [হেম (স্বর্ণ) অদ্রি (গিরি) —৬তৎ] বি, পু, সুমেরুপর্ব্বত।

হেমাহ্ব (হেমাভ্) [হেম—আহ্বা (নাম) যাহার, বহু] বিণ, স্বর্ণপ্রভ। ২। বনচম্পক। ৩। ধুস্তুর। স্ত্রী, **হেমাহ্বা**—স্বর্ণ জীবন্তী। ২। বিণ, স্বর্ণবর্ণা।

হেয় (য়) [হা (ত্যাগ করা) + য (কর্ম্মে)] বিণ, ঘৃণ্য; ত্যাজ্য; তুচ্ছ।

হেরফের (র্‌র্) [হি] বি, অদলবদল।

হেরম্ব [দেশী প্রাকৃ—হেরিম্বো] বি, পুং, বিনায়ক; গণেশ। ২। মহিষ।

হেরা [পদ্যে। হি—নিহারনা—হেরনা। উ-পু —হেরি। ম-পু—হের। প্র-পু—হেরে। অস-ক্রি—হেরিতে; হেরিয়া] ক্রি, দেখা। প্র—"হের ভাই কর্ণধার, অপরূপ দেখ আর"—কবিক। ২। অনুসন্ধান করা। ব্রজ—**হেরই**—দেখে। প্র—"নিরজনে উরজ হেরই কত বেরি"—বি, প। **হেরইতে**—দেখিতে। প্র—"দুহুঁ মুখে হেরইতে উপজিল হাস"—বি, প। **হেরত**—দেখে। **হেরন**—দর্শন। প্র—"হেরনে কোমল মুখ"—বি, প। **হেরনু**—দেখিলাম। প্র—"স্বপনহি হেরনু নাগররাজ"—বি, প। **হেরব**—দেখিবে। প্র—"কৈছনে হেরব বয়ান"—বি, প। ২। দেখিব। প্র—"দিঠি ভরি হেরব" বি, প। **হেরবি**—দেখিবি। প্র—"মো বিনু স্বপনে না হেরবি আন"—বি, প। **হেরয়ে**—দেখে, দেখিতে পায়। প্র—"হেরয়ে জনি কেহ"—বি, প। **হেরল**—দেখিল। **হেরলি**—দেখিল। প্র—"কবরী হেরলি, বুঝি না করলি কাজ"—চণ্ডী। **হেরসি**—দেখিতেছ। প্র—"নহি হেরসি তাক বয়ান"—বি,প। **হেরহ**—দেখ। **হেরহু**—দেখ। প্র—"হেরহ মুরারি" —বি, প। **হেরি**—দেখে। **হেরিলোঁ**—দেখিলাম। প্র—"কি হেরিলোঁ অপরূপ গোরী" —বি, প। **হেরু**—দেখে। প্র—"গলার উপর মণিময় হার গগন মণ্ডল হেরু।"—চণ্ডীদাস।

হেরিণী [বাং। ব্রজ—নেহারণী] বিণ, দৃষ্টিকারিণী। প্র—"অচক্ষে হেরিণী, অকর্ণে শ্রবণী, সর্ব্ব আত্মরূপিণী।"—বাং-গান।

হেরুক (ক্) [সং] বি, পুং, মহাকালগণ। ২। শিবলিঙ্গবিশেষ। ৩। বুদ্ধবিশেষ। ৪। [হেরা দ্রঃ] ক্রি, দর্শন করুক; দেখুক।

হেলঞ্চী [সং—হিল মোচিকা, ওড়ি—হিরমিচা] বি, স্ত্রী, হিলমোচিকা; হেলাঞ্চা; হিঞ্চে; fuhydra heloncha.

হেলন (ন্) [হেড্ (ঘৃণা করা) + অন (ভাবে অনট্)] বি, ক্লী, অনাদর; অবজ্ঞা। প্র—"কত শত বার তোমায় করেছি হেলন।"—বাং-গান। ২। অবহেলা। ৩। [হেলা দ্রঃ] ঠেস; ঝুঁকন।

হেলা [হেড্ (ঘৃণা করা) + অ (ভাবে) আপ্ স্ত্রী, ড = ল] বি, স্ত্রী, অবজ্ঞা; অশ্রদ্ধা। প্র—"তত্ত্ব না করিলে হেলে, বিনা নিমন্ত্রণে গেলে, বাক্‌শেলে বধিবে অধমা।"—ঘনরাম। ২। অবলীলা। ৩। স্ত্রীলোকের ভাববিশেষ; লীলা। **হেলা গোছা**—কতক একত্র সম্বদ্ধ কতক শিথিলভাবে; বিশৃঙ্খল; এলোমেলো। **হেলা ফেলা**—ছড়াছড়ি; ফেলা ছড়া। ২। লীলা খেলা; জলকেলি। প্র—"হেলা ফেলা সারাবেলা এ কি খেলা আপন মনে।"—গান (রবি)। ৩। অবজ্ঞা; তুচ্ছতাচ্ছিল্য। প্র—"আমায় হেলা ফেলা যা করে সে বুক পেতে সব।"—গান (অমর দত্ত)।

হেলা (হ্যা) [শালুক হইতে] বি, শালুক।

হেলা [হি—হিল্‌না। দেশী প্রাকৃ—হেলা (গমনে) উ-পু—হেলি। ম-পু—হেল; হেলুন; হেল্। প্র-পু—হেলে; হেলেন। অস,ক্রি—হেলিতে; হেলিয়া, হেলি (পদ্যে), হেলে। ণিজন্ত—হেলান (নো)] ক্রি, ঝুঁকা; ঠেস দিয়া বক্রভাবে অবস্থান করা। **হেলাহেলি**—পরস্পরের অঙ্গে পরস্পরের নির্ভর। প্র—"অঙ্গ হেলাহেলি গদগদ ভাষ।"—বি, প।

হেলাঞ্চা [হেলঞ্চী শব্দজ] বি, হিংচা শাক।

হেলান (নো) [হি—হিলানা, হিলা দ্রঃ] ক্রি, ঝুঁকাইয়া রাখা; বাঁকা করিয়া ঠেস দিয়া রাখা। ২। দোলান। ৩। (হেলান্) বি, ঠেসান; ঠেস। প্র—"হেলান দিলেন, মুখটি ঢেকে হাতের বহি দিয়ে।"—দ্বিজেন্দ্র রায়।

হেলায় (য়) [হেলা শব্দজ] ক্রি-বিণ, অনায়াসে; অক্লেশে। প্র—"ভেলা বেন্ধে হেলায় হাঁপালে হও পার"—ঘনরাম। ২। অশ্রদ্ধায়; অবহেলায়। প্র—হেলায় হারান।

হেলি, হেলী [সং] আলিঙ্গন। ২। হেলা; হাবভাব।

হেলে [হেলায় দ্রঃ] ক্রি-বিণ, অবহেলা করিয়া। ২। অক্লেশে; অনায়াসে। প্র—"ব্রহ্মা মহেশ্বর যে দুর্লভ লোকে বলে। তাহা আমি তোমায় আনিয়া দিব হেলে।" চৈ-ভাগবত।

হেলে (হে) [হেলা (তুচ্ছার্থে) হইতে?] বি, নির্ব্বিষ সাপবিশেষ। ২। হেলে সাপের আকৃতি হার। **হেলে ধরিতে পারে না কেউটে ধরিতে যায়**—সহজ কাজে শক্তি নাই, কঠিন কাজ করিতে অগ্রসর হয়।

হেষা [হ্রেষা দ্রঃ] বি, স্ত্রী, অশ্বধ্বনি। ২। ক্রি, অশ্বধ্বনি করা। প্র—"হেষে অশ্ব"—মেঘনাদ।

হেষাণি (নি) [হেষা (অশ্বধ্বনি) নি (স্বার্থে)] বি, হ্রেষা রব ; ঘোড়ার ডাক। প্র—"তোমারে দেখিয়া বাজী জানাবে হেষাণি।"—ঘনরাম।

হেস্ত নেস্ত (স্তো) [ফা—হেস্ত্ নেস্ত্ (থাকা না থাকা] অ, হয় নয় ; এস্পার কি উস্পার ; শেষ নিষ্পত্তি।

হৈ [হ্বে (আহ্বান করা) + ঐ (ভাবে উ) অ, সম্বোধন ; আহ্বান। ২। পাদ পূরণার্থক শব্দ। ৩। নিষেধে। ৪। সতর্কীকরণে। হৈ হৈ—বি, অনুকরণ শব্দ ; উচ্চ রব ; গণ্ডগোল। হৈ হৈ রৈ রৈ—বহু দূর ও কালব্যাপী বহু লোকের "হৈ হৈ" বা "হা হা" "রহ রহ" রবে চীৎকার ; হট্টগোল। প্র—"নূতন বন্দোবস্তে চারিদিকে একটা হৈ হৈ রৈ রৈ পড়িয়া গিয়াছে"—বঙ্গবাসী।

হৈড়িম্ব—বি, পুং, হিড়িম্বার পুত্র ; ঘটোৎকচ। প্র—"হৈড়িম্ব নিশাচর।"—মহা (বিজয়)।

হৈতুক (ক্) [হেতু (কারণ) + ক (কণ্)] বিণ, হেতু সম্বন্ধীয় ; যুক্তি সম্বন্ধীয়। ২। বি, হেতু প্রদর্শন দ্বারা সদনুষ্ঠানে সংশয়কারী ব্যক্তি।

হৈতে [প্রা-বাং] অ, হইতে ; প্র—"প্রভু গিয়াছেন হৈতে নাহিক ভোজন"—চৈ-ভা।

হৈম [হেমন্ (স্বর্ণ) + অ (বিকারার্থে অণ্)] বিণ, হেমময় ; হিরণ্ময়। প্র—হৈম জ্যোতি। ২। স্বর্ণনির্ম্মিত ; সোনার। প্র—হৈম অলঙ্কার। ৩। স্বর্ণ সম্বন্ধীয়। ৪। [হিম (তুষার) + অণ্ (সম্বন্ধার্থে)] হিম সম্বন্ধীয়। (২) শীতল। (৩) বি, শিশির। ৫। ভূনিম্ব।

হৈমন্ত (মো) [হেমন্ত (হিম ঋতু) + অ (ভবার্থে অণ্)] বিণ, হেমন্ত সম্বন্ধীয়। ৩। অগ্রহায়ণ মাস। ৩। শীত ঋতু।

হৈমন্তিক (মো, ক্) [হেমন্ত + ইক (জাতার্থে)]. বি, স্ত্রী, আমন ধান্য। ২। বিণ, হেমন্ত সম্বন্ধীয়। ৩। হেমন্ত কালীন।

হৈমবত (ত্) [হিমবৎ (হিমালয় পর্ব্বত) + অ (সম্বন্ধে ণ্)] বিণ, হিমালয় সম্বন্ধীয়।

হৈমবতী (বোতি) [হিমবৎ (হিমালয় পর্ব্বত) + অ (জাতার্থে অণ্) ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, পার্ব্বতী ; দুর্গা। ২। গঙ্গা। ৩। হরীতকী।

হৈয়ঙ্গবীন (ন্) [সং] বি, ক্লী, সদ্যোজাত ঘৃত।

হৈহয়, হৈহেয় (য়) [সং] বি, পুং, দেশবিশেষ। ২। রাজা কার্ত্তবীর্য্য।

হো [হ্বে (ডাকা) + ও (ভাবে ডো)] অ, সম্বোধনে। ২। আহ্বানে। ৩। বিস্ময়ে। উত্তর দানে। ৫। [প্রা-বাং। হি-তে ভূরি ব্যবহার] অ, ও। প্র—"তবে হো জিনিতে নারে পাণ্ডুর নন্দন।"—মহা (কবীন্দ্র)। ৬। [সং—ভবতি এই অর্থে প্রাকৃ—হোদি—"হোই"] হয়। প্র—"অপ্যণু না হো অন্নবিরুদ্ধ"—বৌদ্ধ গান ও দোহা। ৭। অট্টহাস্য।

হোই [প্রা-বাং। সং—ভবতি] ক্রি, হয়। প্র—"সো অজরামর হোই"—বৌদ্ধগান ও দোহা ২। [সং—ভব] হও (বৌদ্ধগান)। এই অর্থে, উক্ত পুস্তকে "হোইঅ", "হোহিসি", "হোহী" এবং "হোহ" শব্দ পাওয়া যায়। প্র—"হোহিসি একুমণা", "দাহিন বাম মা হোহী", "হোহ ভান্তো"।

হোউ [প্রা-বাং] অ, আমি। প্র- "তোবি নিলাজই ভনই হউ পণ্ডিঅ"—বৌদ্ধগান ও দোহা। ২। হউক (দ্রঃ)।

হোঁতকা, হোঁৎকা [সং—হস্ত (বৃষ) + ক, কা সাদৃশ্যে)] বিণ, ষাঁড়ের মত মোটা ও গোঁয়ার। প্র—"বুদ্ধি হোঁতকা হয়"—টেকচাঁদ। হোঁৎকা এঁড়ে।

হোঁদড় (ড্) [হি, হোন্দর্] বি, সম্মুখের পদদ্বয় অপেক্ষাকৃত দীর্ঘ—কুক্কুরবৎমুখ বাঘবিশেষ।

হোঁদল (ল্) [ভুঁড়িয়াল (হি—তোঁদল)—ভুঁড়ল—ভোঁদল—হোঁদল বিদ্রূপে] বিণ, স্থুলোদর।

হোঁদল কুৎকুৎ—কদাকার ভাবে স্থূল মাংসপিণ্ডবৎ দেহ এবং ঘোর কৃষ্ণবর্ণ জন্তু। (২) বিদ্রূপার্থে তৎসদৃশ আকৃতিবিশিষ্ট ব্যক্তি।

হোঁদলা [হোঁদল (দ্রঃ) + আ (সাদৃশ্যে)] বিণ, কুৎসিৎ স্থুল। প্র—হোঁদলামুখ।

হোক, হোকু (ক্) [হউক দ্রঃ। হওয়া ধাতুজ। পশ্চিম রাঢ়ীয়—গ্রাম্য উচ্চারণ] ক্রি, হউক। হোকগে—[হউক গিয়া] উপেক্ষায় ; বয়ে গেল ; দূর হোকগে ছাই—চিত্ত বা কর্ত্তব্য স্থির করিতে না পারায় বিরক্তি বা উপেক্ষায়। প্র—"তখন সে দূর-হোক-গে-ছাই বলিয়া আবার চিত্ত স্থির করিবার জন্য বসিয়া যাইত"—ভারতী, ১৩২১।

হোগল, হোগলা (ল্) [সং—গুন্দ্রমূলা হইতে?] বি, জলপ্রায় স্থানের বৃহৎ অসিপত্রবৎ তৃণবিশেষ ; এরকা। প্র—"রক্ত পড়ে দাঁড় কাকে গাঢ় করে খেয়ে। হোগলের বনে বৃক্ষ লুকাইল গিয়ে।"—শিবায়ন।

হোড়, হোঢ় (ড়) [হোড়্ (গমন করা) + অ (অল্)] বি, পুং, বড় নৌকা ; ভড়। ২। জাতীয় পদবীবিশেষ। ৩। ক্লী, লোপ্ত্র ; চোরাই মাল। ৪। পঙ্ক ; সজল কর্দ্দম।

হোড় [সং হুড়, হোড়্ (১) নিমজ্জনে (২) সংঘাতে ; রাশীকরণে, হুড় দ্রঃ] বি, দঙ্গল ; ঠেল ; ভিড়। ২। [হার জিতের ভাব] প্রতিযোগিতা ; টক্করাটক্করী। প্র—"মন্মাধুর্য্য রাধার প্রেম, দোহে হোড় করি, ক্ষণে ক্ষণে বাড়ে দোঁহে কেহ নাহি হারি।"—চৈ, চরিতামৃত। ৩। মজ্জন। প্লাবন। ৪। বিণ, প্লাবিত ; জলময়। হোড় করা—জল কাদায় প্লাবিত করা। হোড় হাবড়—[হোড় এবং হাবড় (আবিল—হাবিড়—হাবড়)] পঙ্কিল।

হোড়া [হুডি (হরণে) + তৃ (কর্ত্তৃ তৃচ্) হোড়্ ১মা, ১ব] বি, পুং, পরস্বাপহারক ; চোর।

হোতা [হু (হোম করা) + তৃ (কর্ত্তৃ—তৃচ্) = হোতৃ ১মা, ১ব] বিণ, যজ্ঞকর্ত্তা। ২। বি, যজমান। ৩। যজ্ঞকালে ঋক্ প্রযোক্তা, ৪। ঋক্‌বেদজ্ঞ পুরোহিত।

হোত্র (হোৎত্র) [হু (হোম করা) + ত্র] বি, ক্লী, হোম ; যজ্ঞ। ২। হব্য।

হোত্রী (হোৎ তৃ) [হোত্র + ইন্ (অস্ত্যর্থে) = হোত্রিন্ ১মা, ১ব] বি, পুং, যজ্ঞকর্ত্তা। ২। স্ত্রী, যজমান রূপা শিবমূর্ত্তি।

হোত্রীয় (হোৎ-তৃ অ) [হোত্র (হোম) + ঈয়] বিণ, হোম সম্বন্ধীয়। ২। [হোতৃ + ঈয়] যজ্ঞকর্ত্তা সম্বন্ধীয়। ৩। বি, হব্য রাখিবার গৃহ।

হোথা [তথা হইতে, গ্রা। হো (ওই) থা (স্থান)] অ, হেথা দ্রঃ। তত্র ; সেখানে ; ওখানে। দ্রঃ—দূরস্থ অর্থে হোথা এবং নিকটস্থ অর্থে হেথা। প্র—"ওইরে বারিধি হোথা, তটিনী হেথায়! কে আনিল মাঝে তার মরুর প্রান্তর?"—বাসবদত্তা (বিজয় মজুমদার)।

হোন্তি [সং—ভবন্তি হইতে প্রা-বাং] ক্রি, হয়।

হোম (ম্) [হু (হোম করা) + ম (ভাবে)] বি, পু, মন্ত্রোচ্চারণপূর্ব্বক দেবোদ্দেশ্যে যজ্ঞীয় অগ্নিতে ঘৃতাহুতি দান। বিণ, হোমক, হোমী—হোতা ; হোমকর্ত্তা। হোমকুণ্ড—বি, হোমার্থ কুণ্ড। হোম ধান্য—তিল।

হোমরাচোমরা (ম্ ম্) [আ—আমীর-উমরাহ্ হইতে অথবা সম্ভ্রান্ত হইতে সোমরা—হোমরা—সাদৃশ্যার্থে চোমরা (সম) বা হোমরার সহিত মিল হেতু)] বিণ, সম্ভ্রান্ত ও সৌষ্ঠব সম্পন্ন। প্র—"এই কোপানলে পড়ে হোমরা চোমরা কত হয়ে গেল ভস্মি,"—রজনী সেন। ২। [তুল—লম্বশাটপটাবৃত] ভবিষ্যুক্ত।

হোমিওপ্যাথি [ইং—homeopathy] বি, হানিম্যান সাহেব কর্ত্তৃক উদ্ভাবিত সূক্ষ্ম চিকিৎসা-প্রণালী ; যে দ্রব্য যে রোগের উৎপাদক, সেই দ্রব্য প্রয়োগে সেই রোগের চিকিৎসা প্রণালী। বিণ, হোমিওপ্যাথিক।

হোম্য (হোম্ম) [হোম + মন্ (কর্ম্মে)] বিণ, হবনীয় ; হোমযোগ্য। ২। হোমসম্বন্ধীয়। ৩। বি, হবনীয় ঘৃত।

হোয়, হোয়ে (য়) [ব্রজ। হওয়া দ্রঃ] ক্রি, হয় ; হইয়া থাকে। প্র—"ক্ষণে আঁকর দে ক্ষণে হোয় ভোর"—বি, প। "তিরপিত না হোয়ে নয়ান"—বি, প। হোয়ত—হয়। হোয়ব—হইবে। হোয়বি—হইবি। হোয়ল হইল।

হোয়াক্—ওয়াক্ দ্রঃ।

হোরা [ভাষাবিদ্গণের মতে ইহা গ্রীক হইতে সং-তে গৃহীত। বি, স্ত্রী, রাশিচক্রাদিগণনা সম্বন্ধীয় শাস্ত্রবিশেষ। ২। রাশিপরিমাণের অর্দ্ধাংশ। ৩। ২। দণ্ড পরিমিত কাল); ঘণ্টা; hour. **হোরাবিজ্ঞান**—জ্যোতিষিক-কালনির্ণয়াত্মক শাস্ত্র।

হোরি, হোলি [হি। হোলাকা দ্রঃ] বি, বসন্তোৎসব। প্র—"হোরি খেলক আমরা রাজপুতানী"—অশোকগুচ্ছ।

হোল (ল্) [সং, হীল ("শুক্রে ধাতৌ রেতসি"—বাচস্পতি): শব্দকল্পেও আছে কিন্তু অমরাদি প্রাচীন অভিধানে নাই। হীল স্থান বলিয়া হোল? অথবা, আ—হওল্ (বীর্য্য; ক্ষমতা)—পুরুষত্ব হইতে?] বি, অণ্ডকোষ।

হোলা [হুলো দ্রঃ] বি, বিড়াল। ২। [প্রাদে, নোয়াখালি অঞ্চল] পুত্র।

হোলা [হি—হোল্সা রুটী লুচী বেলিবার চাকী)] বি, বিস্তৃতমুখ গোল মৃন্ময় পাত্রবিশেষ; মালসা। প্র—"পান্ত খাবার হোলা গেল একি মনস্তাপ।"—কবিক।

হোলা [হল হল দ্রঃ] বিণ, ঢিলা।

হোলাকা [অপভ্রংশে হোলি, হুলি] বি, হিন্দুস্থানে দোলপূর্ণিমার সন্ধ্যাকালে তৃণ কাষ্ঠাদি পুঞ্জীকৃত করিয়া পূজাদি সমাপন করিয়া তাহাতে অগ্নিসংযোগকরণরূপ উৎসব। [বঙ্গদেশের স্থানবিশেষে দোল-পূর্ণিমার পূর্ব্বদিন প্রদোষে সদ্যোনির্ম্মিত ক্ষুদ্র পর্ণকুটীরে ঐ রূপ অগ্নিসংযোগ করিয়া তাহা ভস্মীভূত করার প্রথা আছে। ইহার নাম বহ্ন্যুৎসব। সাধারণতঃ দোলযাত্রাপর্ব্বে আবির বা পিচকারী করিয়া রঙ্গ নিক্ষেপ-রূপ উৎসবকেই হোলি বলা হয়। ইহা হোলাকার অপভ্রংশ]।

হোলী [হোলাকা দ্রঃ] বি, দোলযাত্রা; বসন্তোৎসব।

হোশ (শ্) [ফা- হোশ্] বি, চেতনা; চৈতন্য জ্ঞান। ৩। বুদ্ধি।

হো-হো [হো দ্রঃ] অ, উচ্চ হাস্যধ্বনি। ২। কর্ম্ম ও চিন্তাশূন্য ব্যক্তির হাসি খুসী; হট্ট গোল। **হো-হো করিয়া বেড়ান**—নিষ্কর্ম্মা হইয়া হাসিয়া খেলিয়া টো টো করিয়া ঘুরিয়া বেড়ান।

হৌ [সং। ও দ্রঃ] অ, সম্বোধন; আহ্বান

হৌক (ক্) হোউক দ্রঃ।

হৌজ (জ) [আ—হৌজ্] বি, বৃহৎ জলাধার; ক্ষুদ্র জলাশয়: বড় চৌবাচ্ছা।

হৌম্য (হৌম্‌ম্) [হোম+য (যোগ্যার্থে—যণ্)] বিণ, হোমযোগ্য। ২। বিণ, হোমসম্বন্ধীয়। ৩। বি, হবনীয় ঘৃত।

হৌস (শ্) [ইং—house] বি, বাণিজ্যকুঠী। ২। বণিক সম্প্রদায়।

হ্যস্তন (হ্যস্তন্) [হ্যস্ (গতদিনে)+তন ভবার্থে (ট্যুন্)। ব্যাকরণের পরিভাষা] বিণ, পূর্ব্ব দিবসীয়; গত দিবসীয়।

হ্যাঁকোঁচ—বি, অনুকার শব্দ। **হ্যাঁকোঁচ কোঁকোচ**—কোঁচ কোঁচ শব্দ; যানাদির আন্দোলন শব্দ।

হ্যাঁগা [হ্যাঁ=হাঁ (বাক্যারম্ভের পূর্ব্বে আহ্বান-সূচক শব্দ) গা=হে (সম্বোধনে) তুল—"শুনচ গা"—গৃহলক্ষ্মী] অ, সম্বোধন। প্র—"হ্যাঁগা, তা ক'দিন থেকে শুনচি বটে নীরদ সব ক'চ্চে কম্মাচ্চে,"—গৃহলক্ষ্মী।

হ্যাঁচকান (চ্, নো) [সং—হিক্কা; হি—হিচ্কানা] ক্রি, হঠাৎ জোরে টানা; ঝট্‌কা মারা।

হ্যাট [ইং—hat] বি, সাহেবী উঁচু টুপী। প্র—"বৃথা অই হ্যাট্ কোট্ বিজাতী কথার চোট্, হৃদয়ে নাহিক মোট জ্ঞানের উদয়।"—চন্দন।

হ্যাদান, হ্যাদানো (নো) [সং—হৃদবেদনা। উ-পু—হ্যাদাই। ম-পু—হ্যাদাও। প্র-পু—হ্যাদায়। অস-ক্রি—হ্যাদাইতে; হ্যাদাইয়া] ক্রি, প্রিয়বিরহজনিত হৃদয়ে বেদনা অনুভব করা; ব্যাকুল হওয়া। প্র—"হবেক বিবাহ তুমি হ্যাদাইয় নাই॥"—শিবায়ন।

হ্রদ (দ্) [সং] বি, পুং, স্বভাবজাত বৃহৎ জলাশয়; সরোবর; lake. ২। কিরণ; রশ্মি।

হ্রদিনী (হ্রোদিনি) [হ্রদ+ইন্ (যুক্তার্থে)=হ্রদিন্ ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, নদী। ২। বিদ্যুৎ।

হ্রসিমা (শি) [সং—হ্রস্ব+ইমন্=হ্রসিমন্ ১মা, ১ব] বি, খর্ব্বতা; হ্রাস; লঘুত্ব।

হ্রস্ব (হ্রশ্‌শ) [হ্রস্ (খর্ব্ব হওয়া)+ব (কর্ত্তৃ)] বিণ, ক্ষুদ্র; খর্ব্ব; ছোট। ২। লঘু। ৩। বি, একমাত্রা কালোচ্চার্য্য স্বরবর্ণ; অ, ই, উ, ঋ, ঌ। ৪। বামন; বেঁটে। ৫। ক্লী, পরিমাণবিশেষ। বি, **হ্রস্বতা, হ্রস্বত্ব**—হ্রাস; লঘুতা। **হ্রস্বদীর্ঘজ্ঞান**—ছোট বড় বিচার; গুরু লঘু জ্ঞান; common sense.

হ্রাদ (দ্) [হ্রাদ্ (শব্দে)+অল্ (ভাবে)] বি, পুং, ধ্বনি। ২। পুং, হিরণ্যকশিপুর পুত্র।

হ্রাদিনী [হ্রাদ (শব্দ)+ইন্ (অস্ত্যর্থে)=হ্রাদিন্+ঈপ্ স্ত্রী] বি, স্ত্রী, বিদ্যুৎ। ২। বজ্র। ৩। নদী।

হ্রাদী [হ্রাদ (শব্দ)+ইন্ (অস্ত্যর্থে)=হ্রাদিন্ ১মা, ১ব] বিণ, হ্রাদযুক্ত; আরাবী।

হ্রাস (শ্) [সং] বি, পুং, খর্ব্বতা; ক্ষয়; ক্ষীণতা। বিণ, হ্রস্ব।

হ্রিত [হ্রী (লজ্জিত হওয়া)=হ্রি+ত (কর্ত্তৃ—ক্ত)] বিণ, লজ্জিত। ২। [হৃ (হরণে)=হ্রি+ত] অংশিত। ৩। বাহিত; নীত।

হ্রিবের, হ্রীবের (র্) [সং] বি, ক্লী, বালা নামক গন্ধ দ্রব্য; সুগন্ধ বালা।

হ্রী [হ্রী (লজ্জিত হওয়া)] বি, স্ত্রী, লজ্জা; ব্রীড়া।

হ্রীজিত [হ্রী (লজ্জা) কর্ত্তৃক জিত তৎ] বিণ, লজ্জার বশীভূত; লাজুক। স্ত্রী, **হ্রীজিতা**—লজ্জাশীলা।

হ্রীমান [হ্রী (লজ্জা) মৎ (অস্ত্যর্থে=মতু)-হ্রীমৎ ১মা, ১ব] বিণ, লজ্জাযুক্ত।

হ্রেষা, হেষা [হ্রেষ্, হেষ্ (অশ্বধ্বনি)+অ (ভাবে—অঙ্)+আপ্ স্ত্রী] বি, স্ত্রী, অশ্বধ্বনি।

হ্লাদ, হ্লাদন (দ্, ন্) [হ্লাদ্ (আনন্দিত হওয়া)+অ, অন (ভাবে—অল্, অনট্)] বি, পুং, ক্লী, হর্ষ; আনন্দ; আহ্লাদ।

হ্লাদিত [হ্লাদ্ (আনন্দিত হওয়া)+ত (কর্ম্মে—ক্ত)] বিণ, আনন্দিত; হৃষ্ট।

হ্লাদিনী [হ্রাদিনী দ্রঃ। র=ল] বি, স্ত্রী, নদী।

হ্লাদী [হ্লাদ+ইন্ (অস্ত্যর্থে)=হ্লাদিন্ ১মা, ১ব] বিণ, আহ্লাদযুক্ত; হৃষ্ট। ইহা হইতে গ্রা- **আল্লাদী** (স্ত্রী)। পুং, **আল্লাদে**।

বাঙ্গালাভাষার অভিধান

পরিশিষ্ট ভাগ।

কোষ পরিশিষ্ট।

[শব্দ, ব্যুৎপত্তি, অর্থ ও প্রয়োগ—যাহা মূল অভিধানে ছাড় পড়িয়াছিল, এবং পরে সঙ্কলিত শব্দসমূহ, এখানে অকারাদিক্রমে সন্নিবিষ্ট হইল]

অ [প্রা-বাং-য়, অই (এই, ঐ) সংক্ষেপে অ] বিণ, ঐ, এই, সেই। প্র—"সরিষার রূপ হয়্যা ডুবায় লুকাইল। অ কারণে খেতু কান্দিবার লাগিল।"—মাণিকচাঁদের গান।

অইস, অইসেঁ, অইসো [ঐছন দ্রঃ। অই =ঐ=ওই]—ঈদৃশ। সহস্রবর্ষ পূর্ব্বের বাং-য় ব্যবহৃত ছিল (বৌদ্ধ গান ও দোহা)।

অকট, অক্কট ["অকটেতি—আশ্চর্য্যং" (চর্য্যাচর্য্যবিনিশ্চয়ঃ টীকা), "অকট ইত্যাশ্চর্য্যং (অদ্বয়বজ্রকৃত টীকা)] বিণ, আশ্চর্য্য। প্র—"অকট করুণা ডমরুলি বাজঅ," "অক্কট পণ্ডিঅ" (অ=ত)—বৌদ্ধগান ও দোহা।

অক্ষটী (অক্খোটি) [আখেটিক দ্রঃ] বি, শিকারী। প্র—"অক্ষটীর ভাস্যা গেল হাতের সাতলা"—বঙ্গ-সাহিত্য-পরিচয়, ১৩৮২ পৃ।

অগণ্য [দ্রঃ]—[দ্রঃ—যাহা গণনা করা সম্ভব নয় বা যাহা গণিয়া শেষ করা যায় না। **নগণ্য**—যাহা গণনার যোগ্য নয় বা যাহাকে গণনার মধ্যে ধরা যায় না। প্রথমটি সংখ্যার পরিমাণবাচক : দ্বিতীয়টী সমাদর তুলনা প্রভৃতি-বাচক। প্র—আকাশে অগণ্য তারা : সমাজের নগণ্য ব্যক্তি। **অবজ্ঞেয়**—যে অবজ্ঞা বা ঘৃণার উপযুক্ত পাত্র। নগণ্য অর্থে ইহার ব্যবহার আছে, কিন্তু নগণ্য হইলেই যে অবজ্ঞার পাত্র হয় তাহা নহে। প্র—সমাজে অনেক নগণ্য ব্যক্তি আছে কিন্তু কাহাকেও অবজ্ঞা করা উচিত নহে]।

অগোর (র্) [অঘোর দ্রঃ] বিণ, অজ্ঞানমুগ্ধ ; মোহাচ্ছন্ন। প্র—"অহর্নিশি রহত অগোর" —গোবিন্দদাস।

অচিন্ত [২। দ্রঃ]—প্র—"অন্তে ন জানহুঁ অচিন্ত জোই" (=যোগী) "সরহ ভণতি অচিন্ত সো ধাম॥"—বৌদ্ধগান ও দোহা।

অছা [দ্রঃ] — বৌদ্ধগান ও দোহা (মহা-মহোপাধ্যায় পণ্ডিত হরপ্রসাদ শাস্ত্রী মহাশয় সম্পাদিত) গ্রন্থে দৃষ্ট হয়, সহস্রবর্ষ পূর্ব্বের বাং-য়, সং—অস্ ধাতুজ হি—অছ্‌না এবং বাং—অছা ধাতুর নিম্নোদ্ধৃত রূপ গুলির ব্যবহার ছিল ; —অচ্ছ, অচ্ছই, অচ্ছউ, অচ্ছও, অচ্ছন্ত, অচ্ছন্তে = আছে। অচ্ছ, অচ্ছহুঁ=থাক। অচ্ছিলেঁ=ছিলাম। তুল — হি—অছলোঁ।। অচ্ছু+আছে, অছিলে=আছিল, ছিল।

অছিপছি (ওছিপোছি) [প্রা-বাং। উজল পাজল (দ্রঃ) হইতে] ক্রি-বিণ, উদ্বেলিত ; আকুলিব্যাকুলি। প্র—"বিকল্যা মাএর প্রাণ অছিপছি করে॥"—সখীসেনা, বঙ্গ-সাহিত্য-পরিচয়।

অতও [অতএ দ্রঃ। এ=ও] অ, অতএব। ২। তদবধি। প্র—"অতও সে মঝু মন জ্বলতহি অনুখন"—গোবিন্দদাস।

অদুনা, উদুনা (ও) [সং—উদয়না হইতে মতান্তরে আদরিণী হইতে আদুনি—অদুনা] বি, আদরের নাম ; আদরিণী। ২। ঢাকাজেলার অন্তর্গত সাভারের রাজা হরিশ্চন্দ্র পালের (মাণিক চন্দ্র রাজার গানে 'হরিচন্দ্র') পরমাসুন্দরী কন্যা এবং রাজা গোপীচন্দ্রের পত্নী। পদুনা দ্রঃ।—Martin's Eastern India vol iii, p. 409.

অধিকাই (ও) [প্রা-বাং। অধিক+আই (ভাবে, হি-র অনুকরণে)] আধিক্য। ২। বিণ, অধিক। প্র—"তাহা হইতে রাধা গুণ শত অধিকাই।"—চৈ-চরিত।

অনার্য্যচরিত [অনার্য্য দ্রঃ]—অসচ্চরিত্র ; দুরাত্মা। প্র—"রে অনার্য্যচরিত! আমাকে বিবস্ত্রা করিস্ না, ক্ষান্ত হ।"—মহা (বর্দ্ধ)।

অনুকম্পা [দ্রঃ]—দ্রঃ—অনুকম্পা পরের দুঃখে দুঃখ অনুভব করায় অর্থাৎ সহানুভূতির উদ্রেক করায়। **অনুগ্রহ**—পক্ষাবলম্বন বিচার সাপেক্ষতা সদয়ভাব আনুকূল্য অভীষ্ট বা হিতসাধন বুঝায়। **দয়া** (দ্রঃ) পরক্লেশ বা দুঃখ দূর করণের প্রবৃত্তি। ইহা স্বাভাবিক ও ও স্থায়ী চিত্তবৃত্তি। ভাব ভাষা ও আকৃতিতে ইহার প্রকাশ। **কৃপা**—ক্ষণস্থায়ী দয়া। কার্য্যে ইহার প্রকাশ। **করুণা**—পরদুঃখে যাহার হৃদয় দ্রব করে। দুঃখ যন্ত্রণার আতিশয্য দেখিয়া করুণার ভাব বৃদ্ধি পায়।

অনুবধি (ওনুবোধি) [প্রা-বাং] অ, নিরবধি ; চিরকাল ; নিরন্তর। প্র—"যেই কথা অনুবধি কহে মুনিগণ।"—মহা—কাশী।

অন্তস্পট (ট্) [অন্তঃ+পট। প্রা-বাং] বি, অন্তঃপুরের পর্দ্দা। প্র—"শশিপ্রভা আগু হৈল অন্তস্পট তুলি॥"—মনসামঙ্গল (বংশীবদন)।

অন্তস্পুরি (শ্) [অন্তঃপুর দ্রঃ। প্রা-বাং] বি, স্ত্রী, অন্তঃপুরবাসিনী ; পুরমহিলা। প্র—"রুক্মিণী প্রভৃতি নারী, জত সব অন্তসপুরি, সবে মিলি দ্রৌপদী সেবিবা।"—মহা (শ্রীকরণ)।

অন্য [দ্রঃ]—[প্রা-বাং-য় এই শব্দের "অণ," "অণা," "অণ্ণ," "অণ্য" "অন," "অন্ন," ও "আন" রূপ দৃষ্ট হয়। প্র—"অণ চাহন্তে ; "অন্ন বা কোই" ; "ন অণামিত্তি" (অনন্ত) ; "অন উপায়ে" ; "অন্ন বিরুদ্ধ" ইত্যাদি।—বৌদ্ধ গান ও দোহা]।

অন্যন্তর (ওন্‌নোৎতর্) [সং—অন্যত্র অপভ্রংশে। গ্রা] ক্রি-বিণ, অন্যস্থান ; অপরের নিকট। প্র—"আপন আপন স্থানে করেছ শ্রবণ॥ অন্যন্তরে স্ফূরতি নাহি কর্য় এই ধ্বনি।"—প্রেমবিলাস (যুগলকিশোর)।

অন্যান্তর [দ্রঃ]—২। অন্য নায়িকায় আসক্ত। প্র—"ষট্‌পদ মধুকর নিরন্তর অন্যান্তর"—রামনিধি গুপ্ত।

অপচ্ছরা [অপ্সরা দ্রঃ। অপভ্রংশে] বি, স্ত্রী, অপ্‌সরা : সুরসুন্দরী। প্র—"সহস্রেক নারী মধ্যে রূপে অপচ্ছরা।"—মহা (শ্রীকরণ)।

অপজ্ঞান (ন্) [অপ (অপকৃষ্টভাবে) জ্ঞান (বোধ)] বি, অবজ্ঞা। প্র—"হাত পাও বাঁকা দেখি অপজ্ঞান মনে।"—মনসা-মঙ্গল (বংশীবদন)।

অপণা, অপনা [প্রা-বাং। অপা দ্রঃ] বিণ, স্বীয় ; আপনার। ২। স, আপনি ; স্বয়ং। প্র—"মিছেঁ লোঅ বন্ধাবএ অপনা"—বৌদ্ধ-গান ও দোহা। "লইআঁ অপনা"---ঐ, পৃ-৪১।

অপরশ (শ্) [অ—পরশ (স্পর্শ)] ক্রি-বিণ, অস্পর্শ ; কাহাকে স্পর্শ না করিয়া বা কাহার দ্বারা স্পৃষ্ট না হইয়া। প্র—"অপরশ যান প্রভু মনুষ্য গহনে।"--চৈ, চরিত।

অপহার (র্) [অপহরণ অপভ্রংশে] বি, চুরি। ক্রি, **অপহারা**—অপহরণ করা। প্র—"বিবাহের কালে, সর্ব্বধন অপহারে।"—কাশী, মহা, আদি।

অপা [প্রা-বাং। সং—আত্মন্ হইতে প্রাকৃ—অপ্‌পণ্, অপ্‌পন্॥ আত্মা—অপ্‌পা—অপা। প্র—"হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা" গ্রন্থে আত্মা অর্থে "অপা," "অপ্পাণ," "অপ্পে," "অপ্য," "অপ্যা," শব্দের প্রয়োগ দৃষ্ট হয়। এবং আপনি অর্থে "অপা," "অপ্‌পণু" "অপ্যণু," "অপ্যা" ; আপনা অর্থে "অপ্যনা"; আপনাকে অর্থে "অপ্যনু" 'অপ্যান' এবং আপনার অর্থাৎ স্বকীয় অর্থে "অপণু" শব্দের প্রয়োগ দৃষ্ট হয় ("একু দেব ব২ অঙ্গম দীসই। অপণু ইচ্ছেঁ ফুড পড়িহাসই॥")] বি, আত্মা। প্র—"ন জানমি অপা কঁহি গই পইঠা" (=প্রবিষ্ট)।"—বৌদ্ধগান ও দোহা। ২। আপনি। **অপণে অপা**—আপনা আপনি। প্র—"অপনে অপা বুঝতু নিঅমণ" (=নিজ মন)—বৌদ্ধগান ও দোহা।

অবসাদ (শাদ্) [অবসাদ দ্রঃ। প্রা-বাং-য় বিশেষার্থে] বি, অপমান। প্র—"নাগরথে গেলা দেবী পায়্যা অবসাদ।"—মনসামঙ্গল (বিজয়গুপ্ত)।

অবিয়ত [অবিবাহিত অপভ্রংশেও সংক্ষেপে] বিণ, অবিবাহিত : অবিবাহিতা। প্র—"মহাশয়ের অবিয়ত কন্যা একটী আছে। সম্বন্ধ করিতে আমি এলাম তোমার কাছে॥" --কুলীনের সম্বন্ধ নির্ণয় (বঙ্গসাহিত্যপরিচয়, পৃ, ১৪৩২)।

অবিশেষ (ষ্) [অ—বিশেষ (প্রভেদ)] বিণ, প্রভেদরহিত ; সমান। প্র—"সহরের শোভা যেন স্বর্গ অবিশেষ। দ্বিতীয় অমরাবতী ভূপতির দেশ।"—ঘনরাম।

অভিসরণ [দ্রঃ]—প্র—"তাহাতে দুঃশাসন রোষভরে গর্জ্জন করিতে করিতে বেগে তাঁহার পশ্চাতে অভিসরণ করিল।"—মহা (বর্দ্ধ)।

অর্থবাদ (দ্) বি, বেদের ব্রাহ্মণভাগের একাংশ (অন্য অংশের নাম বিধি) ; স্তুতিবাদ।

অর্দ্ধচন্দ্র [দ্রঃ]—৮। অর্দ্ধচন্দ্রাকৃতি সৈন্যব্যূহ। প্র—"অর্দ্ধচন্দ্রব্যূহ করি সৈন্য কৈল স্থির॥ বাম শৃঙ্গে ভীম সেন সমরে দুর্জ্জয়। দক্ষিণশৃঙ্গে রাখে ধৃষ্টদ্যুম্ন মহাশয়॥ মধ্যে রৈল ধনঞ্জয় মহা ধনুর্দ্ধর। পৃষ্ঠে যুধিষ্ঠির আর দুই সহোদর। উত্তমৌজা যুধামন্যু দুই মহাবীর। অর্জ্জুনের কাছে চক্রবদ্ধ হৈল স্থির॥"—মহা (বিজয়)।

অশ্লীলতা [দ্রঃ]—সাহিত্যদর্পণকারমতে "সভ্য বক্তার অনভিমত, অসভ্য সমাজে প্রচলিত কুৎসিত অর্থের প্রকাশকে অশ্লীলতা বলে।" "যাহা ইন্দ্রিয়াদির উদ্দীপনার্থে বা গ্রন্থকারের হৃদয়-স্থিত কদর্য্যভাবের অভিব্যক্তি জন্য লিখিত হয় তাহাই অশ্লীলতা।"—বঙ্কিম।

অসুসার (অশুশার্) [অ—সুসার (দ্রঃ)। প্রা-বাং] বি, অস্বস্তি। ২। অসুবিধা। ৩। ক্লেশ ; দুর্গতি। প্র—"সেই শাল মুক্ত হইল আমার। আজি হনে আমার ঘুচিল অসুসার॥" —মহা, বিরাট (বিশারদ। বঙ্গসাহিত্য-পরিচয়, পৃ, ৭০২)।

অস্বতন্ত্র [দ্রঃ]—প্র—"অস্বতন্ত্র ব্যক্তি পরের ধন পণ রাখিতে পারে না।"—মহা (বর্দ্ধ)।

অস্বাধীন (অশ্‌শাধিন্) [অ (নহে) স্বাধীন (স্ববশ)] বিণ, পরবশ ; পরাধীন। প্র—"অস্বাধীন শত্রুগণ তোমার কি করিবে।"—মহা (বর্দ্ধ)।

আউয়াছিয়া [প্রাং-বাং। 'আইআই—ছি-ছি" হইতে পূ-বঙ্গ প্রাদে, গ্রা সংক্ষেপ] অ, ছি ছি শব্দ। প্র—"পাগ্‌লা জামাই দেখ্যা সবে আউয়াছিয়া করে॥"—শিবের গান (বঙ্গসাহিত্য-পরিচয়, পৃ, ১৩০)।

আও [রব—রাও—আও] বি, রব : বোল। প্র—"আউ ঢাউ শুকাইল মুখে না আইসে আও।"—মাণিকচাঁদের গান।

আকারি [অকণ্ডিত অপভ্রংশে। প্রা-বাং] বিণ, আসাঁটা ; আছাঁটা। প্র—"আকারি ধানর চাউল দিলে।"—মাণিকচাঁদের গান।

আখুটী [আখুটী দ্রঃ]—২। ঝগড়া ; বিবাদ। প্র—"কড়ী পাইবারে কত করিনু আখুটী।" —রঙ্গলাল॥

আচাভূয়া [দ্রঃ]—২। প্র--"মন্ত্রী আচাভুয়া হেন, কিছুই না জানে যেন, বিদায় হইল করি ভান।"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)। ৩। অজানা ; অপরিচিত।

আড়ই [প্রা-বাং] বি, অড়হর : অড়র। প্র—"আড়ই—বেচি।"—মাণিক, গান।

আত্মা [দ্রঃ]—৯। প্র—কৃষ্ণাত্মা [জটাধর]। দ্রঃ—"বৌদ্ধগান ও দোহা" গ্রন্থে দৃষ্ট হয় সহস্র বর্ষ পূর্ব্বের বাং-য় আত্মা অর্থে—অপা, অপ্প, অপ্পণ, অপ্য, অপ্যা, অধ্যা শব্দের ব্যবহার ছিল]।

আত্মাপুরুষ [দ্রঃ]—[পণ্ডিত রামগতি ন্যায়রত্ন মহাশয় কর্ত্তৃক উদ্ভাবিত ও তৎপ্রণীত রোমা-বতী গ্রন্থে ব্যবহৃত।

আধহারা (ধ্) [একহারা দ্রঃ। আধ—হার (পরিমাণ) + আ] বিণ, অতিকৃশ।

আনদ্ধ [দ্রঃ]—প্র—"শ্রুত হয় কোন স্থানে বাজে বাদ্য কি তানে আনদ্ধ সুষির, তত ঘন।'—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

আনাজ (জ্) [হি] বি, শস্য। ২। তরকারী ; সব্‌জী। বিণ, **আনাজি, জী**—আনাজের উপযোগী। ২। আনাজ সম্বন্ধীয়। **আনাজি কলা**—কাঁচকলা।

আপন [দ্রঃ]—প্রা-বাং, অউণ। প্র—"অউণ রুঅ" অর্থাৎ আপনরূপ (বৌদ্ধগান ও দোহা)। তুল—হি—অপন। ওড়ি—অপণ। অস--আপুনি।

আমল [দ্রঃ]—**আমলদার**--খাজনা আদায়কারী কর্ম্মচারী ; tax collector. ২। শাসনকর্ত্তা ; রাজা ; a ruler. বিণ, **আমল-দারী**। **আমলদারি**—বি, শাসন। ২। শাসনতন্ত্র। ৩। রাজস্ব। ৪। রাজস্ব কর্ম্মচারীর পদ।

আমলা [দ্রঃ]—২। [আ—আমালা, গ্রা—আম্‌লা, আ—"আম্‌ল্" শব্দের ব২ব] রাজস্ব আদায়কারী কর্ম্মচারী। ৩। দপ্তর office. **আমলা-ফয়লা** [দ্রঃ]—[আ—আম্‌লা —ফিআলা]।

আম্‌পা বড়াই [হামবড়া ও আপ্‌নি বড় শব্দ দ্বয়ের মিশ্রণে প্রাদে গ্রা রূপ] প্র—"ধুয়া মুলা কুলীনগুলা আম্‌পাবড়াই।"—বঙ্গসাহিত্য-পরিচয়, পৃ, ১৪৩৩।

আরতি [দ্রঃ]—৯। [সং আর্ত্তি হইতে। সা, প, প, ১৩২৩, ১ম সংখ্যা, পৃ, ১৮] ব্যাকুলতা, কাতর্য্য। প্র—"একে কুলবতী, চিতের আরতি, বিধি বিড়ম্বিত কাজে"—জ্ঞানদাস।

আরবেলা (বৃ) [আলবালা দ্রঃ]। প্রা-বাং —প্র—"চৌদ্দ শত দরবেশ চলে আরবেলা হাতে।"—মনসামঙ্গল (ষষ্ঠীবর)।

আলা [৫। দ্রঃ]—[হি-র অনুকরণে। তুল—উপরবালা (উপরিস্থিত), দহিনাবালা (দক্ষিণস্থিত), আচ্ছাবালা (যেটা ভাল) লাম্বাবালা (যেটা লম্বা) ইত্যাদি। বালা = আলা] সম্বন্ধীয়। (২) স্বার্থে। (৪) ইদমর্থে, (৫) স্থিত অর্থে ; দিকেস্থিত ; দিকের প্র—"উত্তর আলা কদম গাছটী দক্ষিণ আলা বাওরে। গা তোল গা তোল সূর্য্যাই ডাকে তোমার মাওরে।"—প্রাচীন সূর্য্যের গান, বরিশাল। (বঙ্গসাহিত্যপরিচয়, পৃ, ১৬৪)।

আলা [দ্রঃ]—৮। আতপচাউল। ৯। [প্রাদে, যশোহর] অস্পৃষ্ট। (২) এলো ; শিথিল ; (৩) প্রায় পচা।

আলিকান (নো) [প্রা-বাং] ক্রি, ভেঙ্গচান ; মুখভঙ্গী করা। প্র—"বানরের মুখ করি তারে আলিকায়।"—মুকুন্দমঙ্গল (হরিদাস)।

আলিকালি [দ্রঃ]—স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণমালা। প্র—"আলিকালি বেণি সারি সুণেঅ।" টীকা "আলিকালি বর্ণাক্ষরাণাং মধ্যে সারাক্ষরমকারং")—বৌদ্ধগান। পৃ, ৩০। বেণি = দুয়ের মিলন। সারি = সার। সুণেঅ = শুনিয়া।

আলেখা [প্রা-বাং (কাশী, মহা)। আ (ঈষৎ) লেখা] বিণ, ঈষৎ লিখিত ; অল্প পরিদৃষ্ট।

আশোবার [আসোয়ার দ্রঃ] বি, সওয়ার। প্র—"দেখিয়াছি আশোবার অনেক অনেক।" —রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

আশ্চর্য্য [দ্রঃ]—৪। বি, আশ্চর্য্যের বিষয়। প্র—"ইহাতে আশ্চর্য্য কি ?"—টেকচাঁদ।

ই [দ্রঃ]—অসমাপিকা ক্রিয়া বিভক্তি ইআ বা ইয়ার সংক্ষেপ, পদ্যে প্রচলিত। প্র—করি = করিয়া, দেখি = দেখিয়া। অতি প্রা-বাং-য় ও ইহার ব্যবহার ছিল। প্র—"বীঅ লই" (বৌদ্ধগান ও দোহা) = বীজ লইয়া। ১৫। [প্রা-বাং] বিশিষ্টার্থক "ইত" [সং—কর্ম্মে-ক্ত) প্রত্যয়ের সংক্ষেপ। প্র—"বিকসই" = বিকসিত ("জিণরঅণ বিকসই সা"—বৌদ্ধগান ও দোহা)। ইত = ইঅ = অই। ১৬। নামধাতু গঠনে সং—"তি" ও "তে" হইতে প্রাকৃ নিয়মে "ই" বিভক্তি। যথা—অমৃত হইতে অমৃতায়তে, অলীক হইতে অলীকায়তে, চিহ্ন হইতে চিহ্নয়তি, পল্লব হইতে পল্লবয়তি ইত্যাদি। প্রাচীন বাং-য় ইহার ভূরি প্রচলন ছিল। শাস্ত্রী মহাশয় সম্পাদিত "হাজার বছরের পুরাণ বাঙ্গালা ভাষায় বৌদ্ধগান ও দোহা গ্রন্থ হইতে কতকগুলি আধু-বাং-য় ব্যবহৃত নামধাতুর তৎকাল-প্রচলিতরূপ প্রদত্ত হইল ;—

করিঅই, করিজ্জই, কীঅই-করা যায়। কহই, কহেই—কহে। কহিজ্জই, কহিটঅই—কহা যায়। খজ্জই—খায়। খাই—খায়। খেলই—খেলে। গজিই —গজায়, গজিয়ে উঠে। গটই—গড়ে। গমই—গমন করে। গাহই—গহণ করে। ঘুমই—ঘুমায়। চিন্তই, চিন্তজ্জই, —চিন্তা করে ; চিন্তা করা যায়। চ্ছড়ই —ছাড়ে। চ্ছিজ্জই—ছেঁড়ে। ছুপই— ছোঁয়। জাঅই—যায়। জাণই—জানে। জীবই—বাঁচে। ঠাই—থাকে। তুটই, —টুটে। থিপ্যই—লেপন করে। থক্কই—থাকে। দেই—দেয়। দেখই —দেখে। ধরই, ধরিজ্জই—ধরে, ধরা যায়। ধাবই—ধাবন করে। পইঠঠই, পইসই, পইসঈ—পশে ; প্রবেশ করে। পতিআঈ—প্রত্যয় করে। পতেই— পতিত হয়। পাবিঅই, পাবিজ্জই —পায়, পাওয়া যায়। পিবই—পান করে। পুচ্ছই—প্রশ্ন করে। বক্খাণই, বক্খানিজ্জই—ব্যাখ্যান করে ; ব্যাখ্যা করা যায়। বট্টই—বর্ত্তন করে। বসই —বসে ; বাস করে। বহই—বহন করে। বাহই—বাহন করে। বিণাসই—বিনাশ করে। ভাবই—ভাবে। মণঅই—মনে হয়। মরই—মরে। মরিআই—মরে যায় (তুল—হি—মর্ মরায় গয়ে)। মাণই —মাণে। মারই—মারে। মিলন্তেই —মেলে। রজ্জই—রাজে, বিরাজে, শোভে। ২। প্রবৃত্ত হয়। নিরজ্জই— নিবৃত্ত হয়। লক্খই—লক্ষ্য করে। লব্বই, লাভই—লাভ করে, লভে। বোলই— বলে। ষজ্জই—সাজে। সকই—শক্য হয় ; পারে। সিজ্ঝই—সিঝে ; সিদ্ধ করে।

ইকি [একি দ্রঃ। "ইহা কি" সংক্ষেপ] একি। প্র—"মনে ভাবে অনুসাল ইকি বিপরীত।"— মহা (শ্রীকরণ)।

ইতুনিদকুড়ে [প্রা। ইতি-উতিকারী, বা অত্যন্ত কুঁড়ে হইতে ?] দীর্ঘসূত্রী ; নিড়বিড়ে।

ইৎসা (শা) [প্রা-বাং] বি, ইচ্ছা ; কামনা। প্র—"তুমি দেব-দেব হরি, সঙ্গে যুদ্ধ ইৎসা করি, তব অস্ত্রে যেন যায় প্রাণ।"—রামায়ণ (কৃষ্ণদাস পণ্ডিত)।

ইন্তিকাল (ল্) [আ—ইন্তিকাল্ (মৃত্যু, হস্তান্তর ইত্যাদি) আদাঃ পরিঃ। ফা—ইন্তিকাল -ই-জাএদাদ্ (transfer of property) সংক্ষেপ, বাং-য়] বি, মকদ্দমা নিষ্পত্তি হইবার পূর্ব্বে ক্রোক ; হস্তান্তর।

ইন্দি [সং—ইন্দ্রিয় (বীর্য্য) তাহা হইতে প্রা-সংক্ষেপে] বি, বীর্য্য ; সামর্থ্য ; শক্তি। প্র— "পোঁদে নাই ইন্দি ভজরে গোবিন্দি।"— প্রবচন। ২। [প্রা-বাং] ইন্দ্রিয়। প্র— "পাঞ্চ ইন্দি" বৌদ্ধগান ও দোহা। ইন্দ্রিয় দ্রঃ।

ইন্দ্রিয় [দ্রঃ]—প্রা-বাং-য় এই অর্থে "ইন্দী", "ইন্দি," "ইন্দিয়" "ইন্দীয়" শব্দ প্রচলিত ছিল। প্র—"ইন্দীবিসঅ বিগারঅ" ("ইন্দিয়-বিষয়বিকল্পবিভ্রমরূপং,") "পাঞ্চ ইন্দি" "ইন্দীঅ-বিষয়-গাম" ("ইন্দ্রিয়-বিষয়-গ্রাম") —টীকা, বৌদ্ধগান ও দোহা।

ইন্দু [দ্রঃ]—ইন্দুকলা, ইন্দুদল, ইন্দুরেখা, ইন্দুলেখা—ইন্দুকলা দ্রঃ ; digit of the moon. ইন্দুমণ্ডল—উপচন্দ্রক ; চন্দ্রমণ্ডল ; disc of the moon.

ইষ্টিকা, ইষ্টিকাচূর্ণ [রাসাঃ পরিঃ] বি, ইষ্টকের গুড়া ; সুরকি ; brickdust.

ঈক্ষণ [দ্রঃ] প্র—"অতিশয় স্নেহভরে করেন ঈক্ষণ।"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

ঈশ্বর [দ্রঃ]—ব্রহ্মের যে অংশ সৃষ্টিকার্য্যে ব্যাপৃত তাহাই ঈশ্বর ; সৃষ্টিশক্তি ; মায়ার আধার চৈতন্য, ব্রহ্মাদি এই সৃষ্টিশক্তির গুণবিশেষ হইতে উৎপন্ন, সুতরাং ঈশ্বর হইতে স্বতন্ত্র ; সমুদয় সৃষ্টিশক্তি ও তাহার আধার চৈতন্য ; ব্রহ্মাদি তাঁহার অংশবিশেষ। প্র—"বিধি বিষ্ণু ঈশ্বর মহেশ রুদ্র পঞ্চ। পঞ্চ প্রেত নিরমিত বসিবার মঞ্চ॥"—অ, ম। ১৩। [প্রা-বাং-য় বিশেষার্থে] গুরু। প্র—"ঈশ্বরের স্ত্রী সনে করে পরিহাস। গাভুর বয়সে যাতে কাশ॥ গুরুজনকে করে উপহাস। বলে ডাক তার নাই জীবনের আশ॥"—ডাক।

উকাশ (শ) [প্রকাশ অপভ্রংশে পকাশ, পকাস—উকাশ। প্রা-বাং] বি, প্রকাশ। ক্রি, উকাশা—প্রকাশ করা। প্র—"ক্রুর শঠের গুণডোরে, হাতে গলে বান্ধি মোরে, রাখিয়াছে নারি উকাশিতে।"—চৈ, চরিত।

উখর (বৃ) [উগ্র অপভ্রংশে ? তুল—হি—উপড়া = উৎপাটিত—নির্গত] বিণ, উঁচু ; বহির্গত। প্র—"দন্ত উখর আর উর্দ্ধমুখে চায়।"—মনসা মঙ্গল (বংশীবদন)।

উগল [ব্রজ। উগা দ্রঃ] ক্রি, উদিত হইল। প্র—"কতএ অরুণ উদয়াচল উগল কতএ পছিম গেল চন্দা।"—বি, প।

উচ্‌কপালিয়া [উচ্চকপাল+ইয়া (যুক্তার্থে)। গ্রা—উচ্‌কপালে] বিণ, যাহার কপাল অশোভন ভাবে উঁচু। স্ত্রী, উচ্‌কপালী—অশোভনভাবে উঁচু ললাটযুক্তা নারী।

উছল [দ্রঃ]—২। উচ্চ। প্র—"একবুক উছল"—মাণিক, গান।

উজু, উজূ [দ্রঃ। সং—ঋজু। প্রা-বাং—উজা (দ্রঃ)] বিণ, সোজা। প্র—"গাঙ্গের দুই কূল ভাঙ্গিয়ে বেকা করে উজু"—মনসামঙ্গল (বিজয় গুপ্ত)। সহস্রবর্ষ পূর্ব্বের বাং-এও ইহার ব্যবহার ছিল। প্র—"উজুরে উজু ছাড়ি মা লেহুরে বঙ্ক"—বৌদ্ধগান ও দোহা। উজুবাট—ঋজুপথ। প্র—"জে জে উজু বাটে গেলা"—বৌদ্ধগান।

উঞ্চলপাঞ্চল (ল্‌, ল্‌) [উজলপাজল (দ্রঃ) শব্দের প্রা-বাং রূপ] বি, ওলটপালট। প্র—"তথসে মুষা উঞ্চলপাঞ্চল। সদ্গুরু বোহে করিহ সো নিচ্চল॥"—বৌদ্ধগান ও দোহা।

উঞ্চট (ট্) [উচোট দ্রঃ] চুটকি। প্র—"উঞ্চট পরিল রত্নময়"—মনসামঙ্গল (বংশীবদন)।

উটনচালাক (ন্‌, ক্‌) [উড়ন দ্রঃ] বিণ, উপর চালাক; ফাজিল।

উঠান [দ্রঃ]—হাত উঠান—হাত দ্রঃ। [দ্রঃ—নিম্ন হইতে গ্রহণ অর্থে "তোলা"; উর্দ্ধে প্রেরণ অর্থে "উঠান"]।

উড়শী (ড্‌) [হি—উরদ্] বি, কাল কলায়; মাসকলাই। প্র—"শিদ্ধ উড়শী দাল বাটি"—মনসামঙ্গল (বংশীবদন)।

উড়োভাষা [গ্রা। উড়া (দ্রঃ) ভাষা—যে ভাষা বা কথা লোকের মুখে মুখে উড়িয়া বেড়ায়, যাহার মূল বা জনকের নির্ণয় নাই] বি, কিম্বদন্তী; জনশ্রুতি।

উৎকল (ল্‌) [উৎকল দ্রঃ]—[উৎ (উত্তর) কল (কলিঙ্গ) সংক্ষেপে] বি, উত্তর কলিঙ্গ; কোচবিহার ও আসামের উত্তরে অবস্থিত কলিঙ্গ বন (পরিঃ দ্রঃ)।

উৎকলিত [দ্রঃ]—প্র—"নিদ্রাভঙ্গে তদুভয়, উৎকলিত অতিশয়, চিন্তায় চঞ্চল অহরহ।"—রঙ্গলাল (কাঞ্চীকাবেরী)।

উৎসন্ন [দ্রঃ]—প্র—"তুই যখন সভামধ্যে কুরুপুঙ্গবগণের ভার্য্যা, বিশেষত ধর্ম্মপত্নী দ্রৌপদীকে কটূক্তি করিতেছিস তখন তুই উৎসন্ন হইলি"—মহা-সভা (বৰ্দ্ধ)।

উদকদান (ক্‌, ন্‌) [উদক দ্রঃ] বি, গঙ্গাজল হাতে করিয়া সঙ্কল্প করতঃ ব্রাহ্মণকে দান।

উদস্ত [দ্রঃ]—প্র—"উদস্ত নাহি কিছু"—বি, প।

উদয্য (উদোবৃজ) [শরীর বিজ্ঞাঃ পরিঃ] বি, উদরের মাংস।

উদাম [দ্রঃ]—২। উদ্দাম দ্রঃ। প্র—"নন্দরাজ ঘরে নবনী খাইয়া, হৈয়াছ উদাম ষাঁড়া।"—পংকল্পতরু (সা, প, প, ১৩২৩, ১৯ পৃ)।

উদিসা (শা) [প্রা-বাং। প্রাদে] বি, উচ্ছে। প্র—"ঘৃতে ভাজে নিমপাত উদিসা উরসী তাত"—মনসা-মঙ্গল (বংশীবদন)।

উদীচ্য (উদীচ্‌চ) [দ্রঃ—"শরাবত্যাস্তু যোহবধেঃ। দেশঃ প্রাগ্‌দক্ষিণঃ প্রাচ্য উদীচ্যঃ পশ্চিমোত্তরঃ॥"—অমরকোষ] বি, শরাবতী নদীর পশ্চিমোত্তর দেশ উদীচ্য নামে অভিহিত। ইহার অপর নাম উদগ্‌দেশ।

উদ্ভট [দ্রঃ]—৭। ক্রি-বিণ, আশ্চর্য্যরূপে। প্র—"সদা আমা নানা নৃত্যে নাচায় উদ্ভট"—চৈ, চরিত।

উদ্ভিদ্ [দ্রঃ]—উদ্ভিদ্ দুইপ্রকার,—বন্ধ্য (যাহাদের ফল পুষ্প হয় না) ও অবন্ধ্য (যাহাদের ফুল ও ফল হয়)। ইহারা ৪ শ্রেণীতে বিভক্ত,—বৃক্ষ, ক্ষুপ, লতা, এবং ওষধি। বৃক্ষ ৪ প্রকার,—(১) বনস্পতি (যাহাদের ফুল ব্যতীত ফল হয়, যথা—অশ্বত্থ, বট, ডুমুর প্রভৃতি); (২) বৃক্ষ (যাহাদের ফুল হইতে ফল হয়, যথা—আম্রাদি); (৩) স্থাণু (যাহাদের মূল হইতে অগ্রপ্রদেশ পর্য্যন্ত একটী মাত্র প্রকাণ্ড অর্থাৎ শাখা-প্রশাখাদি নাই, যথা তাল নারিকেলাদি); (৪) তৃণ (দূর্ব্বা, মুস্তক, ইক্ষু, বংশাদি)। ক্ষুপ—গুল্মাকৃতি ও ক্ষুদ্র বৃক্ষাকৃতি (ঘেঁটু, ঝিন্টী প্রভৃতি)। লতা ৩ প্রকার,—(১) বহুশাখ অর্থাৎ বীরুধ্-জাতীয়; (২) শাখাহীন লতা অর্থাৎ বল্লী-জাতীয়; (৩) মূলদেশ হইতে একাধিক লতায় বিস্তৃত অর্থাৎ গুল্মিনী জাতীয়। ওষধি দ্বিবিধ,—ধান্যশ্রেণী, যাহা এক বৎসরের অধিক বাঁচে না (শূক ও শিম্বী জাতীয়); কদলী-শ্রেণী, যাহা ধান্য অপেক্ষা দীর্ঘায়ু এবং যাহার একটি ফলের মধ্যে বহুবীজ থাকে (কলায়াদি)। অঙ্কুর—নবজাত উদ্ভিদ্; কল। কর্ণিকা—বীজকোষ। কলিকা—কোরক। কাণ্ড—নাড়ী দ্রঃ। কুট্মল—মুকুল; অল্প প্রস্ফুটিত কলি। কেশর—পুষ্পরেণুর আধার-দণ্ড। কোরক—কুঁড়ি: পুষ্পিত হইবার পূর্ব্বে যাহা আবরণ ভেদ করিয়া প্রথম বাহির হয়। ক্ষারক—পুষ্প যখন সবুজবর্ণ আচ্ছাদন দ্বারা আবৃত থাকে, কলির সেই প্রথমাবস্থা। গুচ্ছ—একবল্লরীতে জাত বহু পুষ্পের স্তবক। নাড়ী—শতপর্ব্বা-জাতীয় উদ্ভিদের একপর্ব্ব হইতে অন্য পর্ব্ব পর্য্যন্ত স্থান; নল; নালা; কাণ্ড। পরাগ—পুষ্পরেণু বা রজঃ। পর্ব্ব—তৃণজাতীয় উদ্ভিদের পাব বা গ্রন্থি: সন্ধি; কাণ্ড। পর্ব্বযোনি—ইক্ষুনল। প্রকাণ্ড—বৃক্ষের গুড়ি। প্ররোহ—বীজোৎপন্ন নবোদ্ভিদ্। বৃন্ত, বোঁটা—বীজ, অঙ্কুর, পত্র, পুষ্প ও ফলের বন্ধনী। মঞ্জরী—এক বৃন্তে জাত বহু উপবৃন্ত, পত্র ও পুষ্প। শতপর্ব্বা—বাঁশ। স্কন্ধ—শাখা ও প্রকাণ্ডের সন্ধিস্থল।

উপনয় (পো, য়্‌) [উপ—নী (লওয়া)+অ (ভাবে)] বি, উপনয়ন-সংস্কার। ২। আগমন। ৩। [তর্কের পরিঃ] ন্যায়ের প্রতিজ্ঞাবিশেষ; হেতুর উপসংহার। the fourth member of a complete syllogism.

উপপুত্র (পুৎত্র) [উপ (দ্রঃ) পুত্র (দ্রঃ)। বৌদ্ধ ভাষায়] বি, শিষ্য।

উপস্পর্শ [দ্রঃ। ৫। [স্মৃতিঃ পরিঃ] বি, কুলকুচা। প্র—"যে ব্যক্তি ভোজনগৃহে বা আসনে অবস্থিত হইয়া উপস্পর্শ করে।"—অত্রিসংহিতা (বঙ্গবাসী)।

উভান (নো) [প্রা-বাং। সং—উচ্চ হইতে উভ+আন (বাং-ক্রি-বিভক্তি)] ক্রি, উচ্চ করা; উভ করা। ২। উঠান; উত্তোলন করা। প্র—"বার ভার উভাইল।"—মাণিক-চন্দ্ররাজার গান।

উলমা [উলা দ্রঃ। প্রা-বাং] ক্রি, অবতরণ করা; নামা। প্র—"বানর বালক গাছ উপর বসিএা। উলমিছে কেহো কেহো লাঙ্গুল ধরিয়া॥"—মুকুন্দমঙ্গল (বঙ্গসাহিত্য-পরিচয়, ৮৪ পৃঃ)।

উষত [প্রা-বাং। উল্লসিত অপভ্রংশে] বিণ, উল্লাসিত। প্র—"গোধন লইয়া বনে যাও আইস শিশুসনে দেখিয়া উষত বাসি মনে।"—ভাগবত (শ্যামদাস)।

ঋষভ [১০। দ্রঃ]—প্র—"অভিমানে মহামানী বীরকুলর্ষভ রাবণ কহিলা বলী সিন্ধু পানে চাহি;"—মেঘনাদ।

একত্রিত [একত্র দ্রঃ]—পণ্ডিত রামগতি ন্যায়রত্ন মহাশয় একত্র অর্থে একত্রিত শব্দ ব্যবহার করিয়াছেন। আধু-বাং সাহিত্যে ক্রমে উহার ভূরি প্রচলন দৃষ্ট হয়।

একেশ্বর [দ্রঃ]—স্ত্রী, একেশ্বরী—একাকিনী। প্র—"সদা পরাধিনী ঘরে রহে একেশ্বরী"—পদকল্পতরু (সা, প, প, ১৩২৩ পৃ, ১৯)।

এথানে [এথান (দ্রঃ) +এ (অধি; এ=তে=হি—"তি" মালদহ অঞ্চলে "এপতি"। তুল—হি—একয়্‌তি] ক্রি-বিণ, এইস্থানে; অত্র। সম্বন্ধে—এথানের [এথানকার দ্রঃ]।

এণ্ডা [সং—এরণ্ড হইতে। প্রা-বাং] বি, এরণ্ড বৃক্ষ। প্র—"এণ্ডার ঠাল (=ডাল) লইয়া আসা (=দণ্ড) করিয়া"—মাণিকচাঁদের গান।

এথা [দ্রঃ]– সহস্রবর্ষ পূর্ব্বের বাং-য় "এথু," "থু," "থো"ও দৃষ্ট হয় (বৌদ্ধগান ও দোহা)।

এবমস্তু (মো) [সং—এবম্+অস্তু] এই রূপই হউক। প্র—"এবমস্তু বলি অগ্নি সেই বর দিল"—মহা. কাশী, অশ্বমেধপর্ব্ব [বপ্র]।

এন্দে [আদাঃ পরিঃ। আ—ইন্দ্ (ভিতরে, মধ্যে)] অ. মধ্যে।

এলায় (য়্) [প্রা-বাং। এবেলায় সংক্ষেপে ?] ক্রি-বিণ, এখন। প্র—"এলায় যদি আমি যাই জলক লাগিয়া।"—মাণিকচাঁদের গান।

এহেন (এহ্যানো) বিণ. হেন এবং এহন দ্রঃ।

ও [দ্রঃ]—১৬। [প্রা-বাং] ত. প, ব ও ম স্থলে "ও" ব্যবহার ছিল। প্রাদে কথ্য ভাষায় এখনও আছে। প্র—ঘাত স্থলে ঘাও, বাত স্থলে বাও, দাত্র স্থলে দাও, তাপ স্থলে তাও ; ভাব স্থলে ভাও ; গ্রাম স্থলে গাঁও।

ওয়ারা [উহারা উচ্চারণ সংক্ষেপে] স, উহারা। প্র—"ওয়ারা জিজ্ঞাসিলে আমি কি দিব উত্তর।"—মনসামঙ্গল (নারায়ণ দেব)।

কআ [কয়া দ্রঃ। প্রা-বাং। কচা দ্রঃ। হি—কচ্চা হইতে "কআ" পরে "কয়া"] বিণ, কচি।

কওঁ [হি—কহুঁ—কহিমু—কমু ; প্রা-বাং] ক্রি, কহিব। প্র—"তোক জ্ঞান শিখিবার কওঁ খোলা হাড়ির ঠাঞি।"—মাণিকচাঁদের গান।

কঠিয়া (কো) [কণ্ঠিয়া অপভ্রংশে] বি, কণ্ঠী ; কণ্ঠের মালা। ২। কণ্ঠিধারী ; বৈষ্ণব। প্র—"কঠিয়া তেলির বাড়ীক লাগিয়া গেল চলিয়া। কঠিয়া তেলির মাচাত থাকিল বসিয়া।"—মণিকচাঁদের গান।

কড়ছ (ছ্) [কোঁচড় দ্রঃ। কোড হইতে হইতেও পারে কিন্তু সম্ভবতঃ সং—"কক্ষতট" —প্রাকৃ. "কঁচ্ছতড়"—সংক্ষেপে কচ্ছঅড়, "কচ্ছড়" বর্ণবিপর্য্যয়ে—কড়ছ (সা. প. প. ১৩২৩, পৃ ১৯)] বি, কটিতট। প্র—"বসন খসয়ে অঙ্গুলি চাপয়ে কর সে কড়ছে থুইয়া"—চণ্ডীদাস।

কড়ুই (কো) [প্রাদে] বি. লবণ, চিনি ও সরিষা বাটা মিশ্রিত করিয়া তেলে ভাজা ঝিঙ্গা, থোড় প্রভৃতির ব্যঞ্জন। **দুগ্ধ কড়ুই**—ঝিঙ্গার কড়ুই ; ইহার অন্যনাম দুধকঁই (দ্রঃ)।

কথা [কোথা দ্রঃ। প্রা-বাং] ক্রি-বিণ, কোথায়। প্র—"কথাএ পাইলা তুমি অপূর্ব্ব মণিহার।"—মহা (রাজেন্দ্র দাস)। "কথা স্বর্গ মেনকা কথা বিশ্বামিত্র ঋষি।"—মহা—ঐ।

কপিনাস (কো, শ্) [সা-পা-প, ১৩২৩, পৃ, ১৯ দ্রঃ] বি, বাদ্যযন্ত্রবিশেষ। প্র—"বীণ রবাব মুরজ কপিনাস। বিবিধ যন্ত্র লেই করয়ে বিলাস॥"—জ্ঞানদাস।

কবড়ী [সং—কপর্দ্দক হইতে হি ও প্রা-বাং-য় কবডী, হি-তে পরে কৌডী, বাং-য় কডী] বি, কপর্দ্দক। প্র—"কবড়ী ন লেই"—বৌদ্ধগান ও দোহা।

কয়াচি [কহিয়াছি শব্দের সংক্ষেপ] ক্রি, কহিয়াছি ; বলেছি। প্র—"অর্জ্জুন বদতি পূর্ব্বে কয়াচি তোমাকে।"—মহাভারত (বিশারদ)।

করট (ট্) [হি—করবট্] বি, পার্শ্ব। প্র—"ঐত ধর্ম্মী রাজা করট ফিরিল।"—মাণিকচাঁদের গান।

করায়ন্ত [প্রা-বাং রূপান্তরে করাইলেন্ত] ক্রি, করাইলেন। প্র—"বাম হাতে তার করে ধরি ততক্ষণ। করায়ন্ত যুধিষ্ঠির রাজা দয়াবান॥" —মহা (শ্রীকরণ)।

করুণা [দ্রঃ]—প্রা-বাং—রুণা। প্র—"সুন তান্তি ধনি বিলসই রুণা।"—বৌদ্ধগান ও দোহা। সুন=শূন্য। তান্তি=তন্ত্রী। ধনি =ধ্বনি]

কহল [দ্রঃ]—২। [কহন, কহনে দ্রঃ। কহ +ল (যোগ্য অর্থে)] বলা ; কহা। প্র—"সেই ভূতের কথা ভাই! কহল ন যায় :" —চৈ-চরিত।

কহিল (কো) [কহনে দ্রঃ। কহ+ইল (ইব —মত, যোগ্য অর্থে)] বিণ, কহিবার মত ; কহন যোগ্য। প্র—"মনের উল্লাস, যত কহিল না হোয়।"—জ্ঞানদাস। (সা-প-প, ১৩১৩, পৃ, ২০)।

কাউঠা [সং—কমঠ হইতে। কেটো দ্রঃ। প্রা-বাং] বি, কচ্ছপ। প্র—"কাউঠার রান্ধে মাংস তৈল ডিম্ব দিয়া"—মনসামঙ্গল (বংশীবদন)।

কাওলি [কাপালি হইতে] বি, বস্ত্রবয়নকারী নিম্নশ্রেণীর জাতিবিশেষ। প্র—"নয় শত কাওলি চলে তেব শত নর (নট)॥—মনসামঙ্গল (বিজয় গুপ্ত)।

কাঁড়ার (র্) [সং—কাণ্ডার] বি, হাইল। প্র—ভয়ঙ্কর অন্ধকারে চাক ভাউরি ফিরে কাঁড়ার রাখন নাহি যায়॥"—মনসামঙ্গল (বংশীবদন)।

কাঙ্ক্ষা [দ্রঃ]—[প্রা-বাং-য়. "কংখা"। প্র—টুটি গেল কংখা"—বৌদ্ধগান ও দোহা]।

কাজেই [কাজ,—"কাজে কাজে" দ্রঃ] অ, সুতরাং। প্র—"শাস্ত্রে আছে, কাজেই এ কাজটা করিতে হইবে : ও কাজটা নিষেধ আছে, কাজেই সে কাজটা করা হইবে না।" —সনাতনী।

কাটিয়ার (র্) [হি—কাটিয়াবাড়] বি, রাজপুতানার অন্তঃপাতী ভূভাগবিশেষ। ২। কাটিয়াবাড় প্রদেশের প্রসিদ্ধ ঘোটক। প্র—"কাটিয়ার, আসোয়ার, তরবার হস্তে"—পদ্মিনী উপাখ্যান।

কর্ণ [৬। দ্রঃ]—**বিষমকর্ণ**—সমকোণী ত্রিভুজের কর্ণ : hypotenuse of a right-angled triangle. **অক্ষকর্ণ** — বিক্ষেপকেন্দ্র ; পতনকেন্দ্র : argument of the latitude.

চলকর্ণ—ক্ষিতিমণ্ডল হইতে গ্রহের দূরত্ব : true distance of a planet from the earth

কাতর (র্) [৩ দ্রঃ]—৭। প্রতিযোগিতায় প্রাণভয়ে ভীত ব্যক্তি। প্র—"পথ বন্ধ করি আমি রহিলাম এই। রণে মুক্ত করি যাবে বীর বংশ যেই॥ নতুবা কাতর বলি করিব ঘোষণ। ক্ষত্রিয় সমাজে আর না পাবে আসন॥"—কণ্মদেবী।

কানূপা, কানূফা [কানু (কৃষ্ণ হইতে) উপা—উপাধ্যায় (আচার্য্য)—কৃষ্ণাচার্য্য। প্রাচীন বৌদ্ধ-বাঙ্গালা গ্রন্থাদিতে উল্লেখ] বি. সিদ্ধবালপাদ ওরফে "হাড়িপা"র শিষ্য ব্রাহ্মণ-কুমার কৃষ্ণাচার্য্য নামক বৌদ্ধ তান্ত্রিক। ইঁহার প্রকৃত নাম শিশুপাদ। প্র—"হাড়িপা কানূপা বন্দিলাম জ্ঞানবিন্দ। গুক্ষারাজ বন্দো আর রাজা গোবিন্দচন্দ॥"—গোবিন্দ গীত, পৃ ২৩। সিদ্ধবালপাদ মালবদেশে অবস্থানকালে ইঁহাকে পবিত্র সম্প্রদায় বা সঙ্ঘে গ্রহণ করেন। এবং এই ব্রাহ্মণকুমার তন্ত্রে নিপুণতা লাভ করিয়া কৃষ্ণাচার্য্য নামে অভিহিত হন (রায় বাহাদুর শরচ্চন্দ্র দাস। গোবিন্দ গীত, টীকা, পৃ, ৪৫)।

কান্দনা [কান্না দ্রঃ] বি. ক্রন্দন ; কান্না। প্র—"কান্দনা শুনিয়া বাহির হয়।"—ডাক।

কান্ধার (র্) [কাঁধার দ্রঃ] বি, কিনারা ; ধার। প্র—"জলের কান্ধাবে, কেশের আন্দারে সাপিনী লাগয়ে মোয়"—চণ্ডীদাস।

কাল (ল্) [কাল দ্রঃ] মুসলমান ভিক্ষুক সম্প্রদায়। প্র—"নিশাকালে ভিক্ষা মাগে নাম ধরে কাল"—কবিক।

কালক (ক্) [প্রা-বাং। কাল (মৃত্যু)+ক (কর্ত্তৃ)] বি. মহাকাল। প্র—"মার মার করি ডাকে কালক দুর্জ্জয়।"—শিবায়ন (রামকৃষ্ণ, ১৭ শ শতাব্দী)।

কালপূত (ল্, ত্) [প্রা-বাং। কালবিন্দু হইতে ?] বি, জটুল ; জড়ুর। প্র—"কপালেতে কালপূত জিহ্বা নীল রেখ।"—মনসামঙ্গল (বংশীবদন)।

কালরাত্রি [দ্রঃ]—৬। বিবাহ রাত্রি হইতে তৃতীয় রাত্রি।

কালিয়া [দ্রঃ]—**বাপ কালিয়া**—বাবার কালের ; বাবা-কেলে। প্র—"বাপ কালিয়া পণ্ডিতক হাজির করিমু।"—মাণিকচাঁদের গান।

কিঞ্চন [দ্রঃ]—২। ["কিঞ্চনো ধনিনি স্মৃতঃ"—ধরণিঃ] বিণ, ধনী। প্র—"বরণ আশ্রম, কিঞ্চন অকিঞ্চন, কারো কোন দোষ নাহি মানে।"—পদকল্পতরু (সা. প. প, ১৩২৩, পৃ, ২০)।

কিমধিকমিতি (মো) [সং—কিম্—অধিকম্—ইতি। অধুনা বিরল ব্যবহার] বি, পত্র সমাপ্তির পাঠ। আধু-বাং-য় "অধিক আর কি লিখিব, ইতি"। তুল—অলমতি-বিস্তরেণ।

কিমিতি [ইং—chemistry শব্দের বাং-বর্ণাগুরীকরণে] বি, রসায়ন ; কিমিয়া দ্রঃ।

কিমিয়া, কিমিয়াবিদ্যা [আ—কিমিয়া, গ্রী—আল্‌-কীমিয়া—ইং— alchemy (the infant stage or principles of chemistry) হইতে বাং-য় কিমিয়া বিদ্যা] বি, রসায়ন : কিমিতি দ্রঃ ; chemistry. [দ্রঃ—শ্রীরামপুর কলেজের শ্রীযুক্ত জন ম্যাক্ সাহেব কর্তৃক রচিত ও গৌড়ীয় ভাষায় অনুবাদিত কিমিয়া বিদ্যার সার (Principles of chemistry by John Mac of Serampur college, pt. I, Serampur Press 1834) পুস্তকে রসায়ন সম্বন্ধে কয়েকটী পারিভাষিক শব্দ প্রথম প্রবর্ত্তিত হয় যথা,—heat অর্থে তাপক ; temperature, তাপ ; gas, আকাশ ; gaseous, আকাশীয় ; vapour, বাষ্প ; barometer, বারোমেতর ; thermometer, তেরেমোমেতর ; experiment, পরীক্ষা ; ether, ইতর ; radiation, কিরণ'ঽ ; pump, বোমা ; violet, বিওলা ; handle, হাতোল ; furnace, অগ্নিকুণ্ড]।

কিরাসুন্দ (শুদ্দ) [প্রা-বাং] বি, ক্ষৌরী। প্র—"নাপিতক আনিল ডাকিয়া ॥ রাজা কিরাসুন্দ করিবার লাগিল।"—মাণিকচন্দ্র রাজার গান।

কিসকে (স) [প্রা-বাং। হি-র অনুকরণে] অ, কি কারণে ; কেন। প্র—"কিসকে হরিল ঘোড়া কারণ কি তার।"—মহা (শ্রীকরণ)। "তুহ্মি দিলে রথ আহ্মি কিসকে গ্রহিব।"—ঐ।

কুকুর-আলু (র্) বি, বুনো আলুবিশেষ।

কুটুম্বিনী [দ্রঃ]—প্র—"কুটুম্বকামিনী যত কুটুম্বিনীগণ। করিতে লাগিল উমাদেহ প্রসাধন॥"—কুমারসম্ভব (রঙ্গলাল)।

কুন্ত [সং] বি, পক্ষী। প্র—"পশুগণ আদি কুন্ত আর, কান্দে দুঃখ দেখিয়া সীতার॥"—রামায়ণ (দয়ারাম)।

কুন্দ [দ্রঃ। গ্রা—কুঁদো]—৬। অপরাধীকে দণ্ড দিবার যন্ত্রবিশেষ।

কুরব [দ্রঃ]—৭। কুবাক্য ; কুকথা। প্র—"কুরব শ্রবণে রায় নীরব বদন॥"—ভাগবত (রাধাকৃষ্ণ দাস)।

কুলাঙ্কুর (র্) [কুল+অঙ্কুর। প্রা-বাং (মহা, কাশী)] বি, বংশধর।

কুশিয়ারি [কুশর দ্রঃ। প্রা-বাং] বি, ইক্ষু। প্র—"কুশিয়ারি খান খান"—মনসামঙ্গল (বংশীবদন)।

কৃৎ [২। দ্রঃ]—প্র—"তাহা হইলে গ্রন্থকৃৎ পরমোপকৃত হইবে"—জয়গোপাল গোস্বামী (কাব্যদর্পণ)।

কৃত্যা [কৃত্য—স্ত্রী দ্রঃ] ৫। মিথ্যা ; অসত্য ; কারসাজি। প্র—"কৃত্যা করি যবে, জিনিল মূঢ় তবে, কৃত্যাতে পুত্র নহেন নিপুণ।"—মহা—বিজয়।

কৃত্যাএ [কৃত্যা দ্রঃ] ক্রি-বিণ, মিথ্যাচারে ; কপটতা দ্বারা। প্র—"কৃত্যাএ জিনিল রাজ্য রাজা দুর্য্যোধন"—মহা (বিজয়)।

কৃষ্ণাচার্য্য ["কৃষ্ণ—ইন্দ্রজাল বিদ্যা, ইং the black art, আচার্য্য—the performer of black majic",—রায় বাহাদুর শরচ্চন্দ্র দাস, সি, আই, ই। বৌদ্ধযোগী সিদ্ধবাল-পাদ ওরফে "হাড়িপা"র শিষ্য কৃষ্ণাচার্য্য ওরফে কানুপা বা কানুফা ইন্দ্রজাল বিদ্যায় পারদর্শী ছিলেন বলিয়া, লক্ষণায়] বি, ঐন্দ্রজালিক (গোবিন্দ গীত, টীকা)।

কেহ [কে দ্রঃ। গ্রা—কেউ] স কোন ব্যক্তি। ২। কোন আত্মীয় ; কোন সম্বন্ধে আপনার জন। প্র—"মহাশয় আপনি যে ঘোর দায় হৈতে এ দাসের প্রাণ রক্ষা করিলেন ইহাতে বোধ হয় আপনি জন্মান্তরে এ দীনের কেহ ছিলেন"—কামিনীকুমার।

কেহ্নে (কেম্‌হে) [প্রা-বাং] অ, কেমনে। প্র—"হেন যুক্তি কেহ্নে তোর মনে লয়।"—মহা (শ্রীকরণ)।

কৈল [দ্রঃ]—২। [প্রা-বাং] করিব। ৩। করিলাম। প্র—"রস আস্বাদিতে আমি কৈল অবতার"—চৈ, চরিত (১৬১০ অব্দের পুঁথি)।

কোচড়া (চ্) [প্রা-বাং। কচ হইতে] বি, বেণীর মত পাকান দড়ী। প্র—"বাওয়ান্ন কুটি কোচড়া পাকাও তেপথিত বসিয়া।"—মাণিকচাঁদের গান।

কোঞরভোগ [কোঙর দ্রঃ] বি, কুমার ভোগ নামক আমিষ ব্যঞ্জনবিশেষ। প্র—"বাগুণ দিঞও করি তাত লাউ যোগ। মাগুর মৎস্য সহ রান্ধে কোঞর ভোগ॥"—মনসা-মঙ্গল (বংশীবদন)।

কোটিজ্যা (টিজ্‌জ্যা) [রেখাগণিত পরিঃ। গোলাধ্যায়] বি, প্রতিশিঞ্জিনী ; প্রতিজ্যা ; cosine.

কোটে, কোনটে (ন্) [প্রা-বাং। সং—কুত্র। কো (কোন) টে (ঠে—ঠাঁই—ঠান—স্থান)] ক্রি-বিণ, কোথা। প্র—"কোটে আছে তোমার পিতা আইস উল্লাস করিয়া॥"—মাণিকচাঁদের গান।

কোটেকার, কোনটেকার (র্) [প্রা-বাং গ্রা] বি, কোথাকার। প্র—"কোটেকার মহারাজা চলিয়া আসিল।"—মাণিক, গান। "কোনটেকার অতিথি আইছে বিদায় করি দাও॥"—ঐ।

কোথিকা, কোথাথিকা [প্রা-বাং। আধু-বাং-গ্রা—"কোথেকে"। কোথা (কুত্র) থিকা (থিকা দ্রঃ)] ক্রি-বিণ, কোথা হইতে। প্র—"কোথাথিকা আইছরে"—সূর্য্যমঙ্গল।

কোরণী (নি) [করণী। প্রা-বাং] বি, বিবাহ ঘটনাকারিণী ; ঘটকী। প্র—"জানিঞা আদেশ কর পাঠাও কোরণী।"—মনসামঙ্গল (যষ্ঠীবর)।

কোলম্বক [দ্রঃ] প্র—"কেহ ধরে করে দ্বিরদ-রদ-নির্ম্মিত, মুকুতা-খচিত কোলম্বক।"—মেঘনাদ।

কোষ [দ্রঃ]—৬। [গণিত পরিঃ—সা-প-প] বি, বন্ধনী ; bracket.

কৌতুক (ক্) [কৌতুক দ্রঃ। কাতা দ্রঃ] বি, বিবাহসূত্র। প্র—"আসিয়া উমার ধাত্রী কৌতুক অন্তরে। যথাস্থানে কৌতুক বান্ধিল তার পরে।"—কুমারসম্ভব (রঙ্গলাল)।

ক্ষেপা [ক্ষেপ দ্রঃ] ক্রি, নিক্ষেপ করা। ২। ক্ষেপণ করা।

ক্ষমা [দ্রঃ। বাং-য়—বিরল] পৃথিবী। প্র—"শীতগুণে চন্দ্র যেন ক্ষমা গুণে ক্ষমা।"—মহা কাশী, উদ্যোগ পর্ব্ব।

খঞ্জিয়া [খঞ্জ (দ্রঃ)+ইয়া (বাং-য় নাম ধাতু গঠনার্থে] অস-ক্রি, খোঁড়াইয়া। প্র—"খঞ্জিয়া খঞ্জিয়া আসি কার্ত্তিকের আগে"—মনসামঙ্গল (বংশীবদন)।

খাঁও [হি—খাউঁ। প্রা-বাং] ক্রি, খাই। প্র—"তোর বাপর খাঁও না তোর রাজার বাপর খাঁও।"—মাণিকচাঁদের গান।

খাটুনা খাটা [গ্রা] ক্রি, চড়ক পূজায় ঢাকের তালে তালে গাজনের সন্ন্যাসীদের নানা তাণ্ডব নৃত্য করা। ২। [গৌণার্থে] পরিশ্রমের কাজ করা ; খাটা খাটুনির কাজ করা।

খাদি [খাদি দ্রঃ। খাড়ু দ্রঃ। বৈদিক খাদি (ঋগ্বেদে হিরণ্যখাদির উল্লেখ) প্রাক্—খাড়ি পরে খাড়ু—বিজয়চন্দ্র মজুমদার] বি, মণিবন্ধের বলয়াকৃতি অলঙ্কার।

খান (ন্) [খাঁ দ্রঃ] বি, মুসলমানদিগের মধ্যে উচ্চ উপাধিবিশেষ। প্র—খান বাহাদুর (সংক্ষেপে খাঁ বাহাদুর)। ২। পাঠানদিগের জাতীয় উপাধি। ৩। মুসলমান রাজদত্ত উপাধি। বহু হিন্দু সৎকার্য্যের জন্য মুসলমান রাজাদিগের সময় খান বা খাঁ-যুক্ত উপাধি অথবা

কেবল খাঁ উপাধি প্রাপ্ত হইতেন। যথা,—গুণরাজ খাঁ, যশরাজ খান, পুরন্দর খাঁ, বুদ্ধিমন্ত খাঁ।

থাপ খাওয়ান [থাপ—৩। দ্রঃ]—প্র—"যে সকল সংস্কৃত শব্দকে কোন লেখক জোর করে বাঙ্গালা ভাষার ভিতর প্রবেশ করিয়েছেন, অথচ থাপ খাওয়াতে পারেন নি"—সাহিত্য, ১৩১৯।

থাসি (শি) ["খোস" প্রাদে উচ্চারণ বিকারে খাসি] বি, খোস ; চুলকণা ; পাঁচড়া। প্র—"খাসি দাউদ খণ্ডিবেক ই বস্ত্রের ঘশে।"—মনসামঙ্গল (বংশীবদন)।

খেপা [পদ-সা-তে। ক্ষেপা (দ্রঃ) হইতে] নিক্ষেপ করা। প্র—"খেপিল বাণ"—পদকল্পতরু (সা, প, প, ১৩২৩, পৃ-২১)।

খেমি [সং—ক্ষৌম] বি, ক্ষৌমবস্ত্র। প্র—"বিচিত্র ননদ খেমি দিয়েছিল তায়।"—মনসামঙ্গল (কেতকাদাস)।

খেলি [খেল+ই (যে করে), প্রা-বাং] বি, খেলার সাথী। প্র—"যার খেলি এই গেড় লুফিতে নারিবে। লুফিতে নারিলে তারা সভাই হারিবে।—ভাগবত (নরহরি দাস)।

খোচা [কঞ্চী হইতে খোঁচা দ্রঃ] বি, কঞ্চীকাঠী প্র—"এক মুট খোচা লইল হস্তত করিয়া।"—মাণিকচাঁদের গান।

খ্রিষ্ট—খৃষ্ট ও খ্রীষ্ট দ্রঃ। **খ্রিষ্টাব্দ, খ্রীষ্টাব্দ**—খৃষ্টাব্দ দ্রঃ। দ্রঃ—খৃ, খ্রি, খ্রী এই তিনরূপই বাঙ্গালা গ্রন্থাদিতে ব্যবহৃত। অধুনা খৃ বানান প্রসার ও প্রাধান্য লাভ করিতেছে।

গঅ [প্রা-বাং। জ=অ] বি, গজ (দ্রঃ)। প্র—"গঅবর"—বৌদ্ধগান ও দোহা, পৃ, ৩০।

গআ, গা [গমনার্থক প্রা-বাং ধাতু। সং—গা (গমনে) ধাতুজ আধু-বাং-য়, এই ধাতুজ গেল, গেলি, গেলে, গেলাম, গিয়ে, গত, গলান (রন্ধ্রাদি পথ দিয়া গমন করান বা যাওয়ানর ভাব) গেলু, গেলা, প্রভৃতি শব্দের প্রয়োগ আছে। হি—গয়া, গয়ো গয়ু গওয়া, গও, গয়ল, গই, গইলি প্রভৃতির অতীতার্থে ব্যবহার আছে। বৈ-পদ-সাহিত্যে গেও, গেলি, রূপই সাধারণতঃ পাওয়া যায়। কিন্তু আরও প্রাচীন বাং-য়—গাঅ (যায়), গউ (গত, তুল—হি, গয়ু), গই (গিয়া) শব্দেরও ব্যবহার ছিল] ক্রি, গমন করা ; যাওয়া। প্র—"স গাঅ" "গউ নিবাণে" "কা গই"—বৌদ্ধগান ও দোহা।

গজ [দ্রঃ]—৯। [সন্ধ্যাভাষায়] চিত্ত। গঅ দ্রঃ।

গড় (ড়) [গড় দ্র] বিণ, ভূমিষ্ঠ। প্র—"গড় হইয়া পরণাম করেন যাব গলত মালা।"—মাণিকচাঁদের গান।

গন্তুকাম (গো, ম্) [সং] বিণ, গমনোৎসুক। প্র—"স্বামী গন্তুকাম জানি, ভক্তি করে কহে বাণী"—মহা (শ্রীকরণ)।

গবালি [গো—গো—আলি] বি, গোয়ালা। **গবালি থান**—গয়ালি ঘর। প্র—"দেখি না গবালিথান"—চণ্ডীকাব্য (হরিরাম)।

গবী [দ্রঃ]—[প্রা-বাং গবিআ। প্র—"বলদ বিআএল গবিআ বাঁঝে"—বৌদ্ধগান ও দোহা]।

গম্ভির [দ্রঃ]—২। বি, মধ্য গৃহ ; মন্দির ; গম্ভিরা দ্রঃ। প্র—"ধ্যানে বৈসে ময়ণা মন্দ্রি আপন গম্ভিরে।"—গোবিন্দগীত।

গম্ভীরা [দ্রঃ]—৬। মশারী ; পর্দ্দা। প্র—"গম্ভীরা ভিতরে রাত্রে নাহি নিদ্রা লব। ভিতে মুখ শির ঘষে ক্ষত হয় সব।"—চৈ, চরিত।

গয়ার পাপ, গয়ার ভূত [গয়া দ্রঃ]—গয়ায় পিণ্ডদানে পাপ পুরুষ বা প্রেতপুরুষ উদ্ধার লাভ করে, কিন্তু, গয়াতে মরিয়া যে ভূত হয় তাহাকে তাড়ান কঠিন।

গরসাল (গর্শাল্) বি, মুসলমান সম্প্রদায়-বিশেষ : হিন্দু হইতে মুসলমান ; নওমস্‌লিম্।

গহ্বর [দ্রঃ]— [প্রা-বাং-য়—গওভর। প্র—"জোগেতে রহিল বসী গওভর ভিতরে।"—গোবিন্দগীত। অধুনা ইংরেজী-শিক্ষিতের মুখে ইহার উচ্চারণ—"গভ্‌ব্‌র" এবং ইংরেজী অনভিজ্ঞের এবং সংস্কৃতজ্ঞের মুখে গওভর্]।

গা [গে দ্রঃ। প্রাদে] গিয়া। প্র—"জিজ্ঞাসা করুন গা"—প্রা-বাং-গদ্য (বঙ্গসাহিত্যপরিচয়, পৃ, ১৬৮১)।

গা ঢাকা [গা দ্রঃ] —প্র—"রাজচন্দ্র তোমায় এতদিন দেখি নাই কেন?' 'একটু গা ঢাকা হইয়াছিলাম।'"—রজনী।

গাইন (ন্) [প্রা-বাং] বি, মুষল। প্র—কলোই কাড়া গাইন নিয়া যে আইল।"—মাণিকচাঁদের গান।

গায়ে পড়া [গা দ্রঃ]—যাচিয়া বা সাধিয়া আলাপ করা। প্র—"আজ এই গায়ে পড়িয়া সাধিয়া ভাব করিতে আসার উদ্দেশ্য মালতী বেশ বুঝিতে পারিয়াছিল।" **গায়ে পড়া**—বিণ, সেধো।

গার (র্) [গাঢ়া দ্রঃ] বি, গর্ত্ত। প্র—"গুরুর বচন বাবু পাষাণর গার।"—গোবিন্দচন্দ্রের গীত।

গিরস্থ [গৃহস্থ অপভ্রংশে। প্রা-বাং] বি, গৃহস্থ। প্র—"দশ গিরস্থ বলিবে অতিথ নারী চোরা।"—মাণিকচাঁদের গান।

গিরি [গৃহ হইতে প্রা বাং] বি, ঘর : গৃহ। প্র—"দশ গিরির মাও বইন রবে স্বামী লইবে কোলে।"—মাণিকচাঁদের গান। ২। [গৃহী হইতে] গৃহী ; গৃহস্থ। প্র—"গিরি লোকের বাড়ী গেলে গুরু স্বামী বলিমু।"—মাণিকচাঁদের গান।

গুটি [গুটি, গোটা, টা, টী দ্রঃ]—৬। নির্দ্দেশার্থে টি। প্র—"দন্দবাদ না করিবি তুই গুটি ভাই"—অনন্ত রামায়ণ।

গুণরাজ (ন, জ্) বি, প্রাচীন বাঙ্গালার রাজদত্ত উপাধিবিশেষ। ভাগবতের শ্রীকৃষ্ণবিজয়-নামক অনুবাদ গ্রন্থের কর্ত্তা কবি মালাধর বসু বঙ্গাধিপ হোসেনশাহ কর্ত্তৃক পঞ্চদশ শতাব্দীর শেষার্দ্ধে "গুণরাজ খাঁ" উপাধিতে ভূষিত হইয়াছিলেন।

গুরুচাণ্ডালী [অলঙ্কার শাস্ত্রে পতৎপ্রকর্ষতা-দোষ দ্রঃ] বি, সাধু ভাষার সহিত অপভাষা ব্যবহাররূপ ভাষাদোষবিশেষ। "প্র—সংস্কৃত শব্দের সহিত দেশজ শব্দ মিলাইয়া গুরুচাণ্ডালী দোষের সৃষ্টি করিব কেন।"—গৃহস্থ, ১৩২০। ২। [জ্যোতিষে] বৃহস্পতি রাহু এক রাশিস্থ হইলে গুরুচাণ্ডালী যোগ হয়, এই দোষ জাতকের অশুভকর।

গুণোত্তর (গুনোৎতর্) [গণিত পরিঃ লীলাবতী] বি, সমগুণশ্রেঢ়ী (শ্রেঢ়ী দ্রঃ)। geometrical progression.

গেড়ুয়া [গেণ্ডু দ্রঃ। গেণ্ডুক হইতে] বি, ফুলের গোলা বা বল। প্র—"খেলিব গেড়ুয়া আজি কহে নন্দবালা।"—ভাগবত (নরহরি দাস)।

গেরস্ত (গেরোস্‌তো) [গৃহস্থ অপভ্রংশে] বি, গৃহস্থ।

গোত্র (গোৎত্র) [প্রা-বাং। গোত্র দ্রঃ] বি, পুরুষ। প্র—"মাতৃ পক্ষে পক্ষ গোত্র ত্যজিবেক নারী।"—মনসামঙ্গল (বংশীবদন)।

গোলা (ল্) বি, বঙ্গের মুসলমান সম্প্রদায়-বিশেষ। প্র—"রোজা নামাজ করি কেহ হইল গোলা"—কবিক।

গোলা খেলা [গোলা দ্রঃ]—ইংরেজীতে পোলো (polo) বলে। প্রাচীন ভারতে গোলা খেলা বলিয়া প্রচলিত ছিল। ভারত হইতে উহা সমস্ত য়ুরোপে বিস্তার লাভ করে। বাদশাহ আকবর রাত্রিতেও এই ক্রীড়া করিবার জন্য পলাশকাঠের গোলা নিৰ্ম্মাণ করিয়া তাহাতে আগুন ধরাইয়া খেলিতেন। পলাশ-কাঠের অগ্নি বহুক্ষণ স্থায়ী হইত।

গৌড়ীয়ভাষা—[গৌড়ীয় দ্রঃ]—২। উত্তর ভারতের পঞ্চগৌড়ের ভাষা। আধুনিক বাঙ্গালা, হিন্দুস্থানী, পঞ্জাবী, সৈন্ধবী, গুজরাটী ও মহারাষ্ট্রী ইহার অন্তর্গত, তন্মধ্যে বাঙ্গালা বা গৌড়ীয় সর্ব্ব প্রধান।

গ্রহ [দ্রঃ]—১০ [নবগ্রহ হইতে] নয় সংখ্যা ; ৯। ১১। বিণ, নয় ; ৯ সংখ্যক। প্র—"বসুপণ মাগে নায়্যা গ্রহপণ দি।"—ভাগবত (জীবন চক্রবর্ত্তী), ১১০৩ সনের পুঁথি, (বঙ্গ সাহিত্যপরিচয়, পৃ, ৯১৪)।

গ্রামার (র্) [ইং—grammar. ল্যা gramma (অক্ষর বা বর্ণ হইতে] বি, যে শাস্ত্র, ভাষা শুদ্ধরূপে বলিতে লিখিতে ও পড়িতে

শিক্ষা দেয় : ভাষাবিজ্ঞান : ভাষাতত্ত্ব ; ভাষা-বোধ। ইহা সাধারণতঃ ৪ ভাগে বিভক্ত :—অর্থোগ্র্যাফি (orthography শিক্ষা শাস্ত্র), ইটিমলোজি (etymology ব্যাকরণ) সিন্ট্যাক্স (syntax বাদার্থ) এবং প্রসোডি (prosody ছন্দঃশাস্ত্র)। অধুনা পাংচুয়েশন (punctuation বিরাম চিহ্ন সন্নিবেশের নিয়মনির্দ্দেশক শাস্ত্র) কম্পোজিশান্ (composition রচনাশিক্ষাপ্রণালী) এবং ফিগার্স্ অফ্ স্পীচ্ ও রেটরিক্ (figures of speech and rhetoric অলঙ্কার শাস্ত্র) ও ইহার অন্তর্ভুক্ত করা হয়। সুতরাং ব্যাকরণ গ্রামারের একাংশ মাত্র।

গ্রিদা [ফা—গির্দা (গোল)। গ্রা—গিরদে] বি, তাকিয়া : ঠেসান দিবার মোটা গোল বালিশ।

ঘটনাচক্র [দ্রঃ]—[ঘটনার চক্র, ৬তৎ] বি, ঘটনাক্রম ; ঘটনা জাল ; ঘটনা-পরম্পরা। ক্রি-বিণ, ঘটনাচক্রে।

ঘর থাকিতে বাবুই ভেজা [ঘর দ্রঃ] বাবুই পাখী অতি সুন্দর বাসা নির্ম্মাণ করে, কিন্তু বৃষ্টির সময় বাসার ভিতর না থাকিয়া বাহিরে বসিয়া ভিজিতে থাকে। [লক্ষণায়] উপায় থাকিতে তাহার সদ্ব্যবহার না করা।

ঘরণী [দ্রঃ]—[প্রা-বাং—ঘরিণি, ঘরিণী]।

ঘাঁটঘিলা (ট্) [প্রাদে] বি, স্ত্রীলোকদিগের গাত্রপরিষ্কারক ফলবিশেষ। প্র—"ঘাঁট ঘিলা দিয়া স্নান, করি বস্ত্র পরিধান, রাঁধিবারে যায় সুবদনী"—মনসামঙ্গল (বংশীবদন)।

ঘাড়কাতা (ড়) [প্রা-বাং। ঘাড় ধাক্কা দ্রঃ] বি, গলাধাক্কা। প্র—"চোপাড় চাপড় মারে দেয় ঘাড় কাতা।"—মনসামঙ্গল (বিজয় গুপ্ত)।

ঘেণি [প্রা-বাং। গ্রহণ হইতে গহন—ঘন। প্রাদে] অস-ক্রি, গ্রহণ করিয়া। প্র—"ফল ঘেনি কুমার লেউটি গলা পথ"—গোবিন্দ চন্দ্রের গীত।

ঘেণি, ঘেনি [ঘুণ হইতে ?] বি, ক্ষুদ্র ; tiny.

ঘোঙ্গট (ট্) [ঘোমটা দ্রঃ। হি, সং—"(অব) গুন্টিকা" হইতে] বি, ঘোমটা। ঘোঙ্গট কাড়া—ঘোমটা টানা ; ঘোমটা দেওয়া। প্র—"ঘোঙ্গট কাড়িতে রূপ, নয়ানে লাগিয়া গেল"—পদকল্পতরু (সা, প, প, ১৩২৩, পৃ, ২১)।

ঘোর [দ্রঃ]—৭। অন্ধকার। প্র—"তোমা ঘর হৈল ঘোর, কি করিব রাজ্যধনে।"—কাশী, মহা দ্রোণ।

চকুই [সং—চক্রবাক হইতে। প্রা-বাং। হি—চক্বী (=চকুই)] বি, স্ত্রী, চক্রবাকী ; চকী। পুং, চকুয়া (হি—চক্বা)—চক্রবাক। চকুয়া-চকুই—চক্রবাক মিথুন : চকাচকী। প্র—"চকুয়া চকুই বণি সঞ্চাল ডাহস॥"—গোবিন্দ-চন্দ্রের গীত। (১১-১২শ শতাব্দীর বাং)। [দ্রঃ—বাং-প্রাদে ব্যবহারে চকোর চকোরী অর্থেও ব্যবহার আছে। চক্রবাক দ্রঃ]

চক্র [চক্র (১২) দ্রঃ] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ। ইহা কুণ্ডলাকার, প্রান্তভাগ উত্তম কোণযুক্ত ও ধারাল, নীল জলের ন্যায় বর্ণ এবং মণ্ডল পরিমাণে দুই প্রাদেশ। চক্রের কার্য্য ছেদন, ভেদ করণ, নিপাতন, ভ্রামণ ও শায়িত করণ।—রত্নমালা। সুদর্শনচক্র—সুন্দর-দর্শন অতিশয় তীক্ষ্ণ এবং অব্যর্থ চক্রাস্ত্র। ইহা শ্রীকৃষ্ণ ব্যবহার করিতেন।

চঙকি [সং—চমৎ (আশ্চর্য্য)। হি—চমক্—চৌক ; বাং-নামধাতু—চমকি (চমকিয়া—চমকিত হইয়া)—বৈ, পদ, সা—চঙকি ; ব্রজ—ম=ঙ] অস-ক্রি, চমকিত হইয়া ; চমকিয়া। প্র—"চঙকি উঠিয়া তবে চৌদিকে হেরি।"—গোবিন্দদাস।

চতুষ্কভবন [চতুষ্ক দ্রঃ]—চকমিলান বাড়ী। প্র—"কুসুম-রচিত চারু চতুষ্ক ভবন"—কুমার-সম্ভব (রঙ্গলাল)।

চন্দ্রকাইট (ট্) [প্রা-বাং] বি, পিষ্টক-বিশেষ। প্র—"ঘৃতপোয়া চন্দ্রকাইট আর দুগ্ধপুলী।"—মনসামঙ্গল (বংশীবদন)।

চতুরা (চো) [চতুর (দ্রঃ) স্ত্রী, চতুরা, হি, ও ব্রজ চতুরী, সম্বোধনে চতুরি] বিণ, চতুরা। প্র—"এ ধনি চতুরি না কর চাতুরী"—পদ-কল্পতরু (সা-সা-প, ১৩২৩, পৃ-২১)।

চতুরস্র [দ্রঃ]—৫। [গণিত পরি : লীলাবতী] চতুর্ভুজ ; চতুষ্কোণ ক্ষেত্র : quadrilateral. সমচতুরস্র—সমচতুর্ভুজ ; [square]. দ্বিসম চতুরস্র—দুইটি সমানবাহু চতুর্ভুজ : quadrilateral having two equal sides. ত্রিসম চতুরস্র—তিনটী সমবাহু চতুর্ভুজ : quadrilateral having three equal sides.

চরাট, চেরয়াট (ট্) [প্রাদে] বি, নৌকার গলুইবরযুক্ত কাষ্ঠবিশেষ : পাটাতন।

চা [ফা—চাহে)] বি, ক্ষুদ্রার্থক প্রত্যয়বিশেষ। যথা—বাগ-বাগিচা (বড় ও ছোট বাগান), শিক্চা (বর্ণবিপর্যয়ে প্রা-বাং শিচিকা—গ্রা-ছিঁচকা—ছোট শিক)।

চাঁদমালা (দ্) [মালা দ্রঃ] বি, শোলা এবং রাঙ্তা-নির্ম্মিত চন্দ্রের মাল্য। ইহা ডাকের গহনার অন্তর্গত।

চাকি [সং—চক্র। প্রা-বাং] বি, উপর কর্ণের অলঙ্কারবিশেষ। প্র—"উপর কর্ণে চাকি পরে নাম্বা কর্ণে বলি।"—মনসামঙ্গল (জগজ্জীবন)।

চাঙ্গী [চক্রাঙ্গ হইতে ?] বি, স্বর্ণ-নির্ম্মিত চক্রাকার রাজসজ্জাবিশেষ। প্র—"তথায় সুরুঙ্গ ভাঙ্গি, যবন উঠায়ে চাঙ্গী নগরেতে করিল প্রবেশ।"—রঙ্গলাল।

চাপাসিয়া [চাপ+আসিয়া। এইরূপ ক্রিয়া-পদে সন্ধি প্রা-বাং-য় প্রায় দৃষ্ট হয়। তুল—দেখসিয়া (=দেখ+আসিয়া)] ক্রি, আসিয়া চাপ। প্র—"হারিলাম হারিলাম ভাই কান্ধে চাপাসিয়া॥"—ভাগবত (নরহরি দাস)।

চামার আলু (র্) বি, আলু জাতীয় লোমশ মূলবিশেষ। ইহার সর্ব্বাঙ্গ শূকরের লোমের ন্যায় রোমাবৃত থাকে বলিয়া অন্য নাম "ঘৃষ্টি" (দ্রঃ)।

চ্যাঁক চোঁক্ [অনুকার শব্দ] বি, দুগ্ধদোহন শব্দ। কেঁড়ে বা ঘটিতে দুধ দুহিবার সময় প্রথমে এইরূপ শব্দ হয় পরে পাত্রে দুধের পরিমাণ অধিক হইলে তাহার শব্দের নাম "গাবুর গুবুর", তাহা হইতে গ্রাম্যভাষায় দুগ্ধ-দোহন শব্দের নাম "চ্যাঁক চোঁক্ গাবুর গুবুর"। দুইহাতে গোস্তনের বাঁট ধরিয়া পরে পরে আকর্ষণ করা হয় বলিয়া দ্বিরুক্ত।

চিড়িপো [প্রা-বাং] বি, ছেলে পুলে। প্র—"চিড়িপো কাহাকে না পুছে। ডাক বলে বিভা কৈলে মিছে॥"—ডাক।

চিতা [দ্রঃ]—৬। উল্কি। প্র—"ভালে চিতা যেন ফুল কমলেতে অলি।"—রঙ্গলাল।

চিত্তগুরু [অক্ষয়কুমার সরকার মহাশয় কর্ত্তৃক উদ্ভাবিত] বি, বিবেক, conscience. প্র—"এবং সেই চিত্তগুরু, যদি ভাল কাজ করিতে যাও, তবে বলিবে, সাবাস্ সাবাস্। আর যদি মন্দ কাজ করিতে যাও, তবে বলিবে, খবরদার বেটা এ কাজ করিস্ না।"—সনাতনী।

চিত্র [দ্রঃ]—চিত্রবৎ—চিত্রপটে অঙ্কিতবৎ ; স্পন্দহীন। চিত্রবিৎ—চিত্রশিল্পী : আলেখ্য বিদ্যায় পারদর্শী। চিত্রপুত্তলিকা—পটে অঙ্কিত মূর্ত্তি। চিত্রশিল্পী—চিত্রকলায় দক্ষ ; উৎকৃষ্ট চিত্রকর। চিত্রসূচী—পুস্তকাদির কোন স্থানে কোন চিত্র সন্নিবিষ্ট আছে তাহার তালিকা। রেখা-চিত্র—কতকগুলি রেখা মাত্র দ্বারা অঙ্কিত চিত্র।

চিত্র (চিৎত্র) [সং—চিত্ত হইতে। প্রা-বাংয়। আধু-প্রা-বাং-য় চিত্তির] বি, চিত্ত। প্র—"পক্ষরব শুনি চিত্র হইল চঞ্চল।"—গোবিন্দ গীত।

চিনির পুতুল [চিনি দ্রঃ]—যাহা জল লাগিলে গলিয়া যায় : (লক্ষণায়) যে অল্প শ্রমে বা সামান্য কষ্টে ভাঙ্গিয়া পড়ে।

চিপট (ট্) [সং—চিপিটক] বি. চিঁড়ে। প্র—"চিপট মুড়কি তাহে মোলাম সন্দেশ।" —মনসামঙ্গল (কেতকাদাস)।

চী [তুর্কী] বি. কর্তাবোধক তদ্ধিত প্রত্যয়। যথা,—চিলমচী (দ্রঃ), মশালচী, বাবরচী।

চুওয়াল (ল্) [চু—চুওন+ওয়াল (হি—ওয়ালা)] বি. যাহারা মদ চুয়ায় ; শুঁড়ী।

চেরেট (ট্) [ইং—chariot] বি. চার চাকার লঘু যান ; চেরেট গাড়ী।

চৌকি [চৌকী দ্রঃ] বি. ফাঁড়ী ; থানা ; প্রহরীর আড্ডা। প্র—"পড়িল চৌকীতে ধরা হাড়িপার চেলা। কোটাল ধরিয়া তারে দুহাতে বান্ধিলা॥"—গোবিন্দ গীত।

চৌঙকি [দ্রঃ]—২। [চৌকী ২। দ্রঃ। বৈ. পদ সা-তে—অনুনাসিক ব্যবহারে চৌকী —চৌঙকি] বি. প্রহরী। প্র—"চৌঙকি রয়েছে সেথা"—চণ্ডীদাস।

চৌঠ [দ্রঃ]—২। বিণ. চতুর্থ। প্র—"ইহা আস্বাদিতে আর নাহি চৌঠ জন"—চৈ. চরিত।

চৌদুন [দুন দ্রঃ] বি. সঙ্গীতের সময় অবলম্বিত লয় অনুসারে তাহারই অনুদ্রুত গতি অর্থাৎ অনুমাত্রা বা অর্দ্ধমাত্রার অর্দ্ধমাত্রা।

ছল [দ্রঃ]—বিণ. **ছলী**—ছলকারী ; শঠ। ব্রজ—**ছলিয়া**—ছলনাকারী ; কপটী ; শঠ. প্র—"চিত মোর হরিয়া নিলে ছলিয়া নাগর ছলে।"—জ্ঞানদাস।

ছাবনী [সং—ছাদনী হইতে ছাঅনী ; রূপান্তরে ছাউনী ; ছামনী, সাউনী] বি. আচ্ছাদনী ; ঢাক্‌নি। প্র—"উপরর ছাবনী মারিল তুলিয়া॥"—মাণিকচাঁদের গান।

ছামু [সম্মুখ অপভ্রংশে সমুখ—ছামুখ সংক্ষেপে ছামু+র (সম্বন্ধে)] বিণ. সম্মুখের ; সামনের। প্র—"ছামুর ছুয়টা দন্ত ফেলাইমু ভাঙ্গিয়া"—মাণিকচাঁদের গান

ছেফলাঁ (ফ্) [সং—সফরী। ছেব্‌লা দ্রঃ] বি. সফরী ; পুঁটী মাছ। প্র—"ছেফলা মৎস্য হইয়া জলত ভাঙ্গিবার লাগিল॥"—মাণিকচন্দ্র রাজার গান।

ছেব্‌লা [দ্রঃ]—[সং—সফরী হইতে প্রা-বাং য়—ছাফালিয়া, ছাফাল্যা, ছাফ্‌ল্যা, ছেফলাঁ।

ছেমরী (ম্) [প্রাদে—পূ-বঙ্গ। ছেমড়া দ্রঃ] তুল—হি—শ্যামলিয়া—শ্যামরিয়া — সামরী—ছেমরী] বি, স্ত্রী. নবযুবতী : প্র—"মনাছিব ছেমরী পাল্যে দরদ্ ছাড়ে কেডা ?"—(সা. প. প)।

ছোড়ান [২। দ্রঃ]—প্র—"বিন ছোড়ানে ধর্ম্মর কপাট আপনে লাগিল।"—মাণিকচন্দ্র রাজার গান।

জননাশৌচ [দ্রঃ]—প্র—"যদি সন্তান হয় তবে সেই সন্তান বাঁচিলে সমুদায় গোত্রের এবং সেই সন্তান মরিলে, জননীর জননাশৌচ হয়।"—পরাশরসংহিতা (বঙ্গবাসী)।

জনু [দ্রঃ]—৪। [মৈথিল] না। প্র—"ভনই বিদ্যাপতি জনু হরডাবহ" বি. প (নগেন্দ্রনাথ গুপ্ত মহাশয়ের টীকা—জনু হরডাবহ = হরবড়িও না অর্থাৎ ব্যস্ত হইও না)।

জমা [জমা দ্রঃ] ক্রি. সঙ্গীতের স্বর বা গানের সঙ্গে বাদ্যের বা নৃত্যগীত বাদ্যে মিল বা সঙ্গতি হওয়া ; জমিয়া যাওয়া।

জমাত (ত্) [হি—জমায়েৎ] বি. সম্মিলন ; সমিতি ; সভা। প্র—"কাজিবে বেড়িয়া যেন সেখের জমাত॥"—মনসামঙ্গল (বংশীবদন)।

জলময় (য়) [সং—জলময়] বিণ. জলময় ; জলপ্লাবিত।

জল্পনা [দ্রঃ]—৩। বৃথা তর্ক। প্র—"শাস্ত্র দ্বারা ধর্ম্মাধর্ম্মের মীমাংসা হইবে'—এ কথায় লোকের আর মন বুঝে না—কাজেই কিসের দ্বারা হইবে, এই প্রশ্নেরই জল্পনা হইতে লাগিল।"—সনাতনী।

জাঁহাপানা—বি. জাঁহাপনা দ্রঃ। প্র—"মানসিংহ যোড়হাতে অঞ্জলি বান্ধিয়া মাতে কহে জাঁহাপানা সেলামত।"—অ. ম।

জাগর [দ্রঃ]—৪। [প্রাদে] ঘুম ভাঙ্গাইবার গান।

জান [দ্রঃ। প্রা-বাং] — ৫। প্র—জর্থা আইলেসি তথা জান। মাসং থাকী সঅল বিহাণ॥"—বৌদ্ধগান ও দোহা। ৬। মার্গ। প্র—"জান বিড়ম্বিঅ" (="মার্গবিড়ম্বিতং" —টীকা)—ঐ। ৭। [বৌদ্ধগান ও দোহা গ্রন্থে বানান "জাণ"। প্র—"হোই জাণ" (=' ভবতি জ্ঞানং'—টীকা)] জ্ঞান।

জানি [বাং-প্রাদে। না জানি অর্থে] অ. না জানি ; কি জানি। ২। [না যেন হইতে সং—যন্ন অপভ্রংশে। সা-প-প. ১৩২৩, পৃ. ২২)] অ. না যেন। প্র—"কুলবতী হইয়া রসের পরাণ আর কার জানি হয়॥"—জ্ঞানদাস।

জিম, জিমহু [প্রা-বাং। তুল—ঠেট হি—জিমি, জেমা, জেমে ; যেম, যেমত, যেমতি (দ্রঃ)] যেমন ; যথা। প্র—"উদক চান্দ জিম সাচন মিচ্ছা।" "দোরে দ্বারে চন্দমণি জিম উজ্জোঅ করেই।"—বৌদ্ধগান ও দোহা। **জিম তিম**—যেমন তেমন। প্র—"জিম বাহিরে তিম অব ভন্তরু"—বৌদ্ধগান ও দোহা। "জিম তিম হো"—ঐ।

জুড়ী [দ্রঃ] — ৫। [সেতার দ্রঃ] সেতারের সমস্বরে বাঁধিবার পিতলের তারদ্বয়।

জোগান [দ্রঃ]—২। সাহায্যার্থ বা শূন্যস্থান পূরণার্থ মজুদ সৈন্য ; reserve. প্র—"জোগান চলিল ভাই একশত জন।"—মহা. কাশী।

জ্ঞাত (গ্যাত্) [গ্রা। জ্ঞাতি অপভ্রংশে] বি. জ্ঞাতি। **জ্ঞাতগস্ত**—[সহচর শব্দদ্বয়] জ্ঞাতি গোত্র ; আত্মীয় কুটুম্ব।

জ্ঞাস্তা [প্রা-বাং। সগোত্র হইতে? জ্ঞাতগস্ত দ্রঃ] বি. জ্ঞাতি ; আত্মীয়। প্র—"যত জ্ঞাস্তা সগ আনিল রাও দিয়া'—মাণিকচাঁদের গান। "ছোট জ্ঞাস্তা উঠে বলে বড় জ্ঞাস্তা ভাই। ফিক দেও ফিক দেও জ্ঞাস্তা সকল।"—ঐ।

ঝাড়া [দ্রঃ] ৮। যথাবৎ নিঃশেষে। প্র—ঝাড়া মুখস্থ বলা। ৯। পূর্ণ। প্র—ঝাড়া দুঘণ্টা।

ঝান [দ্রঃ] — ২। [প্রা-বাং—(বৌদ্ধগান ও দোহাগ্রন্থে বানান—ঝাণ)] বি. জ্ঞান। ২। ধ্যান।

ঝিকটী ঘর (কো, র্) [প্রাদে—পূ-বঙ্গে] ইষ্টকনির্ম্মিত দোতালা গৃহের চাল। প্র—"ছাতের মধ্যস্থলে যে মঠটি ছিল তাহার উচ্চতা চতুর্দ্দিকস্থ ঝিকটি ঘর হইতে অধিক ও মাটি হইতে প্রায় শতাধিক হস্ত উচ্চ ছিল।"—বিক্রমপুরের ইতিহাস।

ঝিকুট [দ্রঃ]—ঝিঁক ও ঝিঁকুর দ্রঃ।

ঝোকা-বাড়ি [প্রাদে] বি. নৌকার হাইল-সংলগ্ন কাঠবিশেষ।

ঝোলঙ্গা [প্রা-বাং] বি. ঝোলা। প্র—"ঝোল কাহন কড়ি দিল ঝোলঙ্গায় সাজাইয়া।" —মাণিকচাঁদের গান।

ঝলম (ম্) [প্রাদে। প্রা-বাং] নৌকায় তক্তা আবদ্ধ রাখিবার জন্য কাঠ। প্র—"ঝলম গড়িল সারি সারি"—মনসামঙ্গল (বংশীবদন)।

টাট্‌কা [টাটকা দ্রঃ]—[তপ্ত শব্দের অপভ্রংশে]।

টীক্‌খর [টেকর এবং তিরিক্‌খি দ্রঃ। সম্ভবতঃ তীক্ষ্ণ—তীক্ষ্ণকর—তীক্‌খর—টীক্‌খর, টেক্‌খর, টেকর (টেকর রদ্দুর অর্থাৎ তীক্ষ্ণ রৌদ্র)] বিণ. তীক্ষ্ণ ; তীব্র ; উগ্র। প্র—টীক্‌খর্ মেজাজ।

টু [দ্রঃ]—৪। ফাঁকি ; ধোঁকা। **টু দেখান** [প্রাদে] ফাঁকি দেওয়া ; কলা দেখান ; বৃদ্ধাঙ্গুষ্ঠ প্রদর্শন। প্র—"যমের দুতক টু দেখাই হেয়ো পাব॥"—মহাভারত (বাসুদেব আচার্য্য)।

টুগবুগুনি (গ্) [গ্রা। টগবগ দ্রঃ। আগুনের তাপে জল বা ভাত ফুটিবার শব্দ হইতে] বি. অনুকার শব্দ। ২। [পরিপাক না হইলে পেটের ভিতর অন্ন যেমন ফুটিতে থাকে কোন গোপনীয় কথা বা ভাব প্রকাশ করিবার আগ্রহে অন্তরে যেন পরিপাক পায় না এবং বাহির হইয়া পড়িবার জন্য যেন ফুটিতে থাকার ভাব] অন্তরের কথা ব্যক্ত করিবার জন্য ব্যাকুলতা বা অস্থিরতা।

টেংরাগেঁটে [গ্রা—টেংরি বা টেঙ্গরি (ছাগল ভেড়া প্রভৃতি পশুর পায়ের অস্থি-সন্ধিযুক্ত নিম্নাংশ) + আ (যুক্তার্থে) = টেঙ্গরিয়া, সংক্ষেপে টেংরা + গেঁটে (গাঁইট + ইয়া = গাঁইটিয়া বা গাঁটিয়া, সংক্ষেপে গেঁটা বা গেঁটে অর্থাৎ গ্রন্থিল)] বিণ, গেঁটাগোঁটা ; বেঁটে দৃঢ়দেহ।

টোন (ন্) [তূণ—অপভ্রংশে। প্রা-বাং] তূণ ; বাণাধার। প্র—"অক্ষয় দুই টোন আর বল চিত্রদণ্ড।"—মহাভারত (বিশারদ)।

ঠাক্ [প্রা-বাং। আবু ওড়িয়া ভাষায়—ঠারু সংক্ষেপে ঠুঁ পঞ্চমী বিভক্তি চিহ্ন] অ, হইতে : অপেক্ষা। প্র—পিতামাতা ঠারু গুরু বড় বোলি জান।"—গোবিন্দচন্দ্রের গীত (ময়ুরভঞ্জ হইতে প্রাপ্ত ২০০ বৎসরের পুরাতন পুথি —বঙ্গসাহিত্য-পরিচয়)।

ঠাসন (শন্) [ঠাসা দ্রঃ। প্রা-বাং] বি, চাপন : চর্বণ। প্র—"এক ঠাসন দুই ঠাসন তিন ঠাসন দিল।"—মাণিক, গান।

ঠুনি [প্রা-বা। সং—স্থাণু হইতে] বি, স্তম্ভ : থাম : ঠেক্না। প্র—"সুবর্ণের পুরী থান সুবর্ণের ঠুনি"—মনসামঙ্গল (বংশীবদন)।

ঠেলার নাম বাবাজী [ঠেলা দ্রঃ]—সঙ্কটে পড়িলেই লোকে বাপ বাপ করে। তুল—চাপ পড়লেই বাপ বলে।

ডঁপ (প্) ডেঁপ দ্রঃ।

ডবী (ডো) [ইং—duff (Dr. Alexander Duff)—ডব + ঈ (সম্বন্ধে)] বিণ, খৃষ্টীয় মিশনরী ডব সাহেবের স্কুলে বা নিকট তালিম প্রাপ্ত : অকালপক্ক : ডেঁপো। প্র—"যত সব ডবী ছেলে"—ঈশ্বর গুপ্ত।

ডম্ফ [দম্ভ শব্দের অপভ্রংশে] বি, দম্ভ। প্র—'নারী লয়্যা কাল হয়্যা ডম্ফ হেন করে।"—মহা (দ্বিজ অভিরাম)।

ডাকা [ডাকা দ্রঃ] ক্রি, অমঙ্গল বা আশঙ্কার বাণী উত্থিত হওয়া। তুল—'মনের ভিতর কু গাওয়া'। প্র—"পূর্বেই আমার মনে ডাকিছে তখনে॥"—মনসামঙ্গল (বংশীবদন)।

ডাঙ্গর (র্) [ডাগর, ডাঙ্গর দ্রঃ। প্রা-বাং] বি, ডাগর ; বৃহৎ : বড়। ২। বৃদ্ধ। প্র—"জ্ঞানত ডাঙ্গর"—মাণিক, গান।

ডারবিনতত্ত্ব (ডারুউইন্) [ইং—darwinism শব্দের অনুবাদ] বি, ডারবিন্ সাহেব কর্তৃক উদ্ভাসিত যৌন নির্বাচন এবং বানর হইতে মনুষ্যোৎপত্তিবিষয়ক মতামত। প্র—"ইউরোপ খণ্ডে ডারবিনতত্ত্ব লইয়া বিষম আন্দোলন চলিতেছিল"—ভারতী।

ডিহান, ডেহান (নো) [প্রাদে। প্রা-বাং। ডিঙ্গান (দ্রঃ)—ডিহান—ডেহান] ক্রি, ডিঙ্গান। ২। লঙ্ঘন করা। প্র—"তাহা ডেহাইতে মোর মনে নাহি স্ফুরে।"—মহা, বিজয়।

ডেঁপ [দ্রঃ] বিষধর সর্পের ছানা : শোলুই।

ডেঁপো [দ্রঃ। ডেঁপ + উয়া = ডেঁপুয়া = ডেঁপো অঙ্কুরোদ্গমের ভাব হইতে অথবা ডবী (দ্রঃ) হইতে ?] অকালপক্কতা জন্মানর ভাব।

ঢলাঢলি [দ্রঃ]—২। [ঢলঢল দ্রঃ। ঢল + আ (ব্যাপ্ত্যর্থে) + ঢল + ই (ভাবার্থে)] এক অঙ্গের অঙ্গে ঢলিয়া পড়নের ভাব।

ঢলোপড়ো [প্রা-বাং] ক্রি-বিণ, টলমল। প্র—"রাজার শরীর শোকে ঢলোপড়ো করে॥"

ঢল্কে দেওয়া [ঢক্কান দ্রঃ]—আধারে ধাক্কা বা নাড়া দিয়া পাত্রস্থ তরল পদার্থের কতকটা চালিয়া ফেলা বা চক্কাইয়া ফেলা। ঢল্কে যাওয়া—ধাক্কা বা নাড়া পাইয়া আধার হইতে তরল বস্তু চক্কাইয়া পড়া।

ঢস্কা [ঢোস্কা দ্রঃ] বিণ, ধস্কা দ্রঃ।

ঢাউস (স্) [হি—ঢব্বুস্] বি, ফাঁপা : মোটা : অতি স্থূলদেহ। ২। প্রকাণ্ড ঘুড়ী।

ঢাকাইমস্লিন্ (মো) [ঢাকা দ্রঃ] ঢাকায় নির্মিত অতি সূক্ষ্মবস্ত্র : ঢাকার মল্মল্ : মলমল দ্রঃ। এখানকার মল্মল্ জগদ্বিখ্যাত ছিল—উৎকর্ষের পার্থক্য অনুসারে সেই সকল বস্ত্রের ভিন্ন ভিন্ন নাম ছিল, তন্মধ্যে প্রসিদ্ধ মলমলের নাম,—আব্‌রোয়াঁ (আব্-এ-রবাঁ), কামিজ, খাসা, চারখানা, জামদানি, ডুরিয়া, তন্‌জেব্, নয়নসুখ্, বদন-খাস্, মলমলখাস্, রহমান্, শব্‌নম্, শর্‌বতী, শর্‌বন্দ্, শর্‌বুটি, সরকার আল্ প্রভৃতি।

ঢাকের বাঁয়া [ঢাক দ্রঃ। লক্ষণায়]—যাহার ব্যবহার নাই, অথচ হাতের কাছে থাকে।

তকদির (তোক্‌দির্) [আ—তক্‌দীর্] বি, ভাগ্য : অদৃষ্ট।

তকল্লবী,—ল্লুবী, তবল্লক (লক্) [আ—তকল্লুব্ (পরিবর্তন)] বিণ, পরিবর্তিত : ভিন্ন। প্র—"তকল্লবী ছাঁদে বসন পিন্ধে"—পদকল্পতরু। "আপন বসন সুচায়ে তখন * * * তবল্লক ছাঁদে বসন পিঁধে, সঙ্গে চলয়ে হাটি॥"—চণ্ডীদাস, বৈ, পদলহরী। ২। [আ- -তকল্লুফ্] কষ্টকর। ৩। কেতা-দুরস্ত।

তন্, তন (ন্) [তনু দ্রঃ] বি, দেহ। প্র—তন মন সমর্পণ করা।

তন (ন্) বি, বাং প্রত্যয় ; কালবাচক। প্র—অধুনাতন : ইদানীন্তন।

তন্ত্র [দ্রঃ]—২০। সাম, দানাদি রাজনীতি-চতুষ্টয় : রাজ্যশাসন ও পালন এবং পররাষ্ট্রসহ সম্বন্ধবিষয়ক মন্ত্রণাকৌশল ; diplomacy.

তপ্ত [দ্রঃ]—৮। নূতন ; টাটকা। প্র—মরুক আমার স্বামী খ্যায়া বিষখণ্ড। বাপের বাসেতে যাব হৈয়া তপ্ত রাণ্ড।"—ধর্মরাজের গীত। (গোবিন্দরাম)।

তবল্লক—তকল্লবী দ্রঃ।

তরই (তরোই) [তরই (দ্রঃ) অর্থে পূ-বঙ্গে। উ-বঙ্গে—রাম তরই, ধিয়ে ঝিঙ্গা] বি, ঢেঁড়স। প্র—"বাগুণ তরই ঝিঙ্গা।"—মনসামঙ্গল।

তরাজ (জ্) [ফা—তারাজ্] বি, লুণ্ঠন ; লুটতরাজ—লুট দ্রঃ।

তর্কবিজ্ঞান (ন্) [তর্ক দ্রঃ] বি, আন্বীক্ষিকী logic. [দ্র—তর্কবিজ্ঞানের পারিভাষিক শব্দ—অনুমান, অনুমিতি—deduction. অন্তরাবর্তন—inversion. অবগতি—judgment. অর্থাপত্তি eduction, আবর্তন—conversion, আভাস—fallacy. উদ্দেশ্য— subject, উন্মান induction. উপসংহার—conclusion, দ্যোতন—connotation. নাম—term, নিগমন—উপসংহার দ্রঃ। ন্যায়—syllogism. পক্ষ—minor term, পদ—term. প্রতিজ্ঞা, বাক্য—proposition, প্রত্যয়—idea, বিধেয়—predicate. বিভাগাভাস—fallacious division. বিশেষ—species, ব্যাবর্তন—obversion. যুক্তি — reasoning. লক্ষণাভাস — fallacious definition. সংজ্ঞা—definition. সংযোজক—pula. সংজ্ঞাভাস—লক্ষণাভাস দ্রঃ। সাধ্য—major term. সামান্য—genus. হেতু—middle term. হেত্ববয়ব—premise. হেত্বাভাস— fallacious middle term—সা, প, প, ১২২০।

তলাঞ্চিয়া [গ্রা। সংক্ষেপে "তলাঞ্চে"। সং—অঞ্চলতল হইতে তলাঞ্চল—তলাঞ্চে] বি, আঁচলতলা। ২। তলায় সঞ্চিত গাদ বা কিট্ট।

তলবকার (র্) [সং] বি, সামবেদের অন্তর্গত উপনিষদবিশেষ ; কেনোপনিষৎ।

তলিত (তো) [হি—তল্না ধাতু প্রা-বাং] বিণ, তৈলে ভর্জিত : তেলে ভাজা। প্র—"বড় বড় ইছা মাছ করিল তলিত।"—মনসামঙ্গল।

তা [সং-ব্যাকরণে] বি, তদ্ধিত প্রত্যয়বিশেষ, ভাবার্থে শব্দের উত্তর যুক্ত হয়। যথা—সাধুতা।

তাইরে নাইরে [সংক্ষেপে তারেনারে। তানা-না-না দ্রঃ]বি, বাজে কাজে কাল-ক্ষেপ। ২। [আধ্যাত্মিক অর্থে "নেতি নেতি" ভাব হইতে] তন্ন তন্ন করিয়া পরমার্থের অনুসন্ধান-জনিত অন্তর-রাজ্যে প্রবৃত্তি ও নিবৃত্তির দ্বন্দ্বসূচক এবং নিবৃত্তির জয়ঘোষক বৈরাগ্য সঙ্গীতের সুর। প্র—"অন্তরে মোর বৈরাগী গায় তাইরে নাইরে নাইরে না।"—রবি।

তাগুত, তাহুত, তাউত (ত্) [ফা—তাগ ও দও] বি, যত্ন, শুশ্রূষা।

তাফ্‌তা [ফা—তাফ্‌তহ্] বি, ধূপ-ছায়া চেলী, কপোতকণ্ঠ বর্ণের রেশমী বস্ত্রবিশেষ।

তাবৎ [৩। দ্রঃ] —প্র—"তাবৎ চরাচরকে ব্রহ্মরূপে জ্ঞান করিবে" "যে হেতু তাবৎ বিধি আছে"—রাজা রামমোহন রায়।

তার্ক্ষ্য (তার্খ) [সং] বি, গরুড়। প্র—"নাগেরে গিলিল তার্ক্ষ্য, নিকটে পাইয়া ভক্ষ্য, রামকৃষ্ণদাস রস ভাষে।"—শিবায়ন (রামকৃষ্ণ দাস)।

তাল [দ্রঃ]—"গীতাদির সমকালে তাল গ্রহণের নাম "সমগ্রহ"; পূর্ব্বে গীতারম্ভ পশ্চাৎ তাল গ্রহণের নাম "অতীতগ্রহ"; পূর্ব্বে তালগ্রহণ পশ্চাৎ গীতাদির আরম্ভের নাম "অনাগত" এবং অতীত ও অনাগত এই দুয়ের মধ্যকালে তাল গ্রহণের নাম "বিষমগ্রহ"।—যন্ত্রক্ষেত্রদীপিকা।

তাল [দ্রঃ]—১৪। এক বিতস্তি; অর্দ্ধহস্ত। **চৌদ্দতাল**—সাত হাত। প্র—"চৌদ্দ তাল জলের মধ্যে ময়না আসন করিল।"—মাণিকচন্দ্র রাজার গান।

তাহারদের [তাহার দ্রঃ]—প্র—"উত্তর দালানে সমস্ত দুগ্ধবতী গাভীগণ থাকে দক্ষিণভাগে ঘোড়া ও গাধাগণ পশ্চিমের দালানে হাতি উট তাহারদের সাতে ২ আর ২ অনেক ২ পশুগণ।" "নওবৎখানার উপরে ঘড়িঘর। সে স্থানে ঘড়িয়ালেরা তাহারদের ঘড়িতে নিরীক্ষণ করিয়া থাকে দণ্ডপূর্ণ হবামাত্রেই তারা তাহারদের ঝাঁজের উপর মুদ্গর মারিয়া জ্ঞাত করায় সকলকে।"—প্রতাপাদিত্য-চরিত পৃ ১৩৬ (১৮০১ অব্দে শ্রীরামপুর প্রেসে মুদ্রিত গ্রন্থ)।

তি [ব্যাকরণে। ক্তি দ্রঃ] বি, অবস্থা বা ভাবার্থক তদ্ধিত প্রত্যয়বিশেষ। প্র—ঘট্‌তি বাড়্‌তি (হ্রাস, বৃদ্ধি), খাক্‌তি (অভাব), গল্‌তি (গলদ অর্থে), কাট্‌তি (বিক্রয়)। ৩। নির্ম্মাণ-অর্থক প্রত্যয়। প্র—শাল্‌তি। ৩। ক্রিয়ার অসমাপ্তিবোধক কৃৎপ্রত্যয়বিশেষ। কিন্তু প্রয়োগে বিশেষণ-রূপে ব্যবহৃত হয় সুতরাং ইহা ইং—participial adjective এর এবং ing প্রত্যয়ের অনুরূপ যথা,—চল্‌তি খাতা (যে খাতায় হিসাবের কাজ চলিতেছে)। ৪। ক্ষুদ্রার্থক প্রত্যয়। প্র—চাক্‌তি (ছোট চাকা), তক্‌তি (ছোট তক্তা), খুন্‌তি (ছোট খন্তা)।

তিরতিয়া [ত্রেতা হইতে] বি, ত্রেতাযুগ। প্র—"সত্য গেল দোয়া পইল তিরতিয়া হইলে। কলিযুগ পড়ে বেটা বিবাহ সকালে॥"—মাণিকচাঁদের গান।

তিসি [সং—তৃষ্ণা শব্দের প্রা-বাং রূপ] বি, তৃষ্ণা। **তিসিঅণে**—তৃষ্ণায়। প্র—"জিম তিসি তিসিঅণে ধাবই।"—বৌদ্ধগান ও দোহা। **তিসিএ**—তৃষ্ণাতে।

তীরজুত (র্, ত্) [গ্রা। তীর ও যোত্র হইতে] বি, ছুতারের কাঠে ছিদ্র করিবার তীর ধনুকাকৃতি যন্ত্র।

তীলা [প্রাদে। প্রা-বাং] বি, ফাঁক। প্র—'গবাক্ষের তীলা দিয়া চাহে নারীগণ।"—মহা (শ্রীকরণ)।

তুমিসব (শব্) [তুমি শব্দের বহুবচন। প্রা-বাং। মধ্য-বাং—তোমাসব। আধু-বাংয় তোমরা সবে] স, তোমরা সকলে। প্র—"এত রাত্রে তুমি সব আইলা কি কারণ।"—মহা (বিজয়)।

তুরুম [দ্রঃ]—[গ্রা-ফ্রে trone (ত্রঁ) ইং trunk (উচ্চারণে trungk) ক্রং—তুরুম্।]

তুর্কি, তুর্কী [তুবুকি দ্রঃ]—**তুর্কি নাচন**—তাতারদিগের সুরপাক দিয়া উদ্দণ্ড নৃত্য; তাহা হইতে সুরপাক খাওয়া। ইহা হইতে গ্রা-ব্যবহারে চর্কী নাচন। প্র—"নইলে সবাই দেখিয়ে দিত বিষম তুর্কী নাচন।"—রবি।

তুর্য্য [দ্রঃ]—৩। [গণিত পরিঃ গোলাধ্যায়] বৃত্ত বা বৃত্ত পরিধির চতুর্থাংশ; বৃত্তপাদ; quadrant.

তুলারাম খেলারাম [তোলা হইতে তুলা এবং ফেলা হইতে খেলা (রাম আধিক্যার্থে)] বি, অতিশয় তোলা পাড়া বা উদ্বেগ; তোলপাড়।

তেত্‌কে [প্রা-বাং। তৎক্ষণাৎ হইতে, গ্রা—"সেই তক্কে"—এই অর্থে প্রযুক্ত হয়] ক্রি-বিণ, সেই কালে; তৎক্ষণাৎ। প্র—"তেত্‌কে হীরা নটী পাও গিসিয়া বৈসে॥"—মাণিক, গান।

তোকাতুকি [তৎক্ষণাৎ "তখনি তখনি" সংক্ষেপে] ক্রি-বিণ, তৎক্ষণাৎ; অবিলম্বে।

তোখড় (ড়্) [তুখড় দ্রঃ]—[সং—তীক্ষ্ণ-কর্ম্মা বা তীক্ষ্ণকর হইতে তীখর বিকারে তোগড়] বিণ, তীক্ষ্ণ-বুদ্ধি; চতুর; চালাক।

তৈলঙ্গা [তৈলপায়িকা হইতে] বি, তেলাপোকা। প্র—"তৈলঙ্গা রূপ হইল ময়না মুরত বদলাইয়া।"—মাণিকচাঁদের গান।

ত্রিরত্ন [ত্রি (তিন) রত্ন (শ্রেষ্ঠ—উপাস্য)] বি, রত্নত্রিতয়। ২। বৌদ্ধ ত্রিত্ব (trinity); বুদ্ধ, ধর্ম্ম (বুদ্ধবাক্য), সঙ্ঘ (পবিত্র সম্প্রদায়, বৌদ্ধসম্প্রদায়)।

ত্রিশা [ত্রিশাহ] বি, ত্রিশ দিনব্যাপী উৎসব। প্র—"ত্রিশদিনে রাজা ত্রিশা করিল সঙ্কীর্ত্তন করিবার লাগিল।"—মাণিকচাঁদের গান।

ত্ব (ত্ত) [সং। তা দ্রঃ] বি, তদ্ধিত প্রত্যয়বিশেষ। শব্দের উত্তর ভাবার্থে এই প্রত্যয় যুক্ত হয়। যথা—দেবত্ব, কাণত্ব, খঞ্জত্ব, ধর্ম্মত্ব। প্র—"গুণাবলীর রসধর্ম্মত্ব থাকিলেও।"—কাব্য-দর্পণ।

থার (র) [ব্রজ। থাল দ্রঃ] বি, থালা। প্র—"অবশেষে যো কিছু রহল থার পর।"—গোবিন্দদাস।

দক্ষ (দোক্‌খ) [দক্ষ দ্রঃ। সং। প্রা-বাং] বি, দক্ষিণ। প্র—"দক্ষ করে রজকেরে করিয়া ধারণ।"—ভাগবত (ঈশ্বরচন্দ্র সরকার)।

দন্তকণ্টক (কন্‌টক্) বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ। ইহার শরীর দণ্ডাকার সর্ব্বাঙ্গ লৌহ কণ্টকিত, আগা মোটা, গোড়া সরু, বাহু-পরিমাণ লম্বা, ধরিবার মুঠ অতি সুন্দর, বর্ণ অঙ্গার তুল্য কৃষ্ণবর্ণ। ইহার কার্য্য নিক্ষেপ করণ ও গ্রন্থন অর্থাৎ বিঁধিয়া গাঁথিয়া ফেলা।—রত্নমালা।

দম্প [প্রা-বাং। দম্ভ হইতে] বি, দম্ভ; অহঙ্কার। ২। বিণ, দাম্ভিক; অহঙ্কৃত। প্র—"দম্প কথা বলিছে রাজা আমার বরাবর।"—মাণিকচাঁদের গান।

দর [দ্রঃ]—২। [হার (দ্রঃ)। সং—ধরণ (পরিমাণ-নির্দ্ধারণ-পদ্ধতি) হইতে (?) হি—দর্ =দর, ভাও] নিরিখ। **দর দাম** [দ্রঃ]—হার ও মূল্য; নিরিখ মল্য; rate and price.

দরপত্তনী [দ্রঃ] পত্তনী দ্রঃ।

দরপত্তনিদার [পত্তনী দ্রঃ] প্র—"সম্পত্তি তাঁহারই। আমি তাঁহার দরপত্তনিদার ছিলাম মাত্র। তুমি ক্রয় করায় আইন অনুসারে আমার স্বত্ব লোপ হইয়া যায়।"—বিমলা (দামোদর মুখো)।

দশা [দশাহ হইতে। প্রা-বাং] বি, দশদিনব্যাপী উৎসব; দশাহ উৎসব। প্র—"দশদিন পরে রাজা এ দশা করিল।"—মাণিকচাঁদের গান।

দশা [২ দ্রঃ] প্র—"দেখ দশা দশা প্রায় পড়ে আছি আমি হায়।"—কুমারসম্ভব (রঙ্গলাল)।

দা-কুমড়া সম্বন্ধ [দা দ্রঃ]—ছেদ্য-ছেদক সম্বন্ধ; প্রাণান্তকর শত্রুতা।

দাও [দায় উচ্চারণ বিকারে। প্রা-বাং] বি, দায়; দাবী; দায়িত্ব। প্র—"আগে মা দাও দিয়া পশ্চাৎ ভিক্ষা লমু।"—মাণিকচাঁদের গান।

দাঁতে দড়ি দিয়া পড়িয়া থাকা [দাঁত দ্রঃ] দড়ি দিয়া বাঁধিয়া নড়ন চড়ন রহিত করার ভাব হইতে—দাঁতে দাঁতে বদ্ধ করিয়া, অর্থাৎ পানাহার ত্যাগ করিয়া, শয়ন করিয়া থাকা।

দাঁত্যা [দ্রঃ]—ভূমির সহিত সমান্তরাল প্রাচীর-লগ্ন কাষ্ঠখণ্ড। প্র—"তাল তরু সম উচ্চ করিল প্রাচীর। পাথরের দাঁত্যা দিল হনুমান বীর।"—কবিক।

দাতাকর্ণ [দাতা দ্রঃ]—কর্ণের ন্যায় দাতা : এমন দাতা যেমন সাক্ষাৎ কর্ণসেন ; অতিশয় বদান্য। প্র—"রাজা আজি দাতাকর্ণ।"—চয়নিকা।

দান (ন্) [দান দ্রঃ। প্রা-বাং]—১১। পারিশ্রমিক। প্র—"আপনার দান লেহ সভা পার করি দেহ বিলম্ব না করহ কর্ণধার।"—ভাগবত (জীবন চক্রবর্ত্তী)। ১২। রাজনৈতিক উপায়-বিশেষ। প্রবল বা দুরন্ত শত্রুর সন্তোষবিধান করিবার এবং অনুকূল না হইলেও তাহাকে নিরপেক্ষ রাখিবার জন্য নির্দ্দিষ্ট কর বা গ্রাম নগরাদি দান।

দানাদার (র্) [দানা দ্রঃ] বি, দানাযুক্ত।

দায়মাল (য়্, ল্) [দায় (দ্রঃ)—মাল] বি, দাবির মাল ; চোরাই মাল। প্র—'দায়মাল কিন্তু ধরা পড়িল না।"—স্বর্ণলতা।

দারি [দ্রঃ]—৩। [প্রা-বাং। দারা দ্রঃ] নারী। প্র—"কেস হিন মস্তক জোবন হিনা (হীনা) দারি।"—গোবিন্দগীত।

দারুকা [প্রা-বাং। ডাড়ুকা, দাড়ুকা দ্রঃ] বি, লৌহদণ্ড ; বেড়ী ; শৃঙ্খল। প্র—"হস্তীর দারুকা দিলে কাটিয়া। দূর হইতে আইসে হস্তী আইল চড়িয়া"—মাণিকচাঁদের গান।

দাস্যা (দাশ্‌শ্যা) [দাসী শব্দ ৬ষ্ঠী ১ব রূপ দাস্যাঃ হইতে] বি, শূদ্রার উপাধি দাসী অর্থে পূর্ব্বে ব্যবহৃত হইত। সংস্কৃতের অনুকরণে বাং-য় প্রথমে "দাস্যাঃ" ও পরে "দাস্যা" চলিত হয়। শেষে "দাসী" সধবার এবং "দাস্যা" বিধবার উপাধিবাচক বলিয়া প্রচলিত হয়। অধুনা এই ভুল সংশোধন করিবার চেষ্টা হইতেছে। ফলে গ্রন্থ পত্রাদিতে "দাস্যা" শব্দের ব্যবহার উঠিয়া যাইতেছে এবং মহিলাগণ প্রায়ই স্বামীর জাতীয় পদবী ব্যবহার করিতে আরম্ভ করিতেছেন। এইরূপে "দেব্যা" স্থলে "দেবী"র প্রচলন হইতেছে। শ্রীমত্যা দ্রঃ।

দিট (ট্) [দিঠ দ্রঃ। প্রা-বাং। সং—দৃষ্টি—দিট্টি—দিট (দিঠ, দিঠি ও হয়)] বি, দৃষ্টি। প্র— "হই খাইলে যোজন দিট।"—ডাক।

দিনগত পাপক্ষয় [দিন দ্রঃ]—প্রাত্যহিক পাপ নাশের জন্য প্রাত্যহিক কৃত্য : নিত্যকৃত্য। লক্ষণায়, বিশেষত্বহীন ভাবে রোজের কাজ রোজ শেষ করা মাত্র।

দিনে ডাকাতি [দিন দ্রঃ]—অতিশয় সাহস ও জুলুমের কাজ। ২। জ্ঞাতসারে পরস্ব আত্মসাৎ করণ।

দিনে তারা দেখা [দিন দ্রঃ]—অসম্ভব সম্ভব হইতে দেখিয়া গর্ব্ব বা উৎসাহে স্ফীত হওয়া।

দিয়াটী [সং—দীপবর্ত্তী—দিয়া বাতী (হি)। রূপান্তরে দিয়টী, দেউটী] বি, দীপ। প্র—"দুইটা চক্ষু দিয়াটী করিয়া ভ্রূকুটি"—রায়মঙ্গল (কৃষ্ণরাম)। ২। [দিয়া (দীপ) কাটি (তুল—পাঁকাঠি)। রূপান্তরে, দেকাটি] দেশলাই কাঠি।

দিয়ে [দিয়া দ্রঃ] অ, দিয়া ; দ্বারা। প্র—"শূন্য দিয়ে শূন্য ঢাকা।" "ছোট ছেলে অন্ধকারটাকে সত্য পদার্থ বলে গ্রহণ করে বলেই তাকে ভূতের ভয় দিয়ে ভরিয়ে তোলে।"—রবি, (ভারতী, ১৩২০)।

দীয়াধারী [দীয়া দ্রঃ] বি, স্ত্রী, দীপধারিণী স্ত্রী। ২। [লক্ষণায়] বিণ, বিবিধ কলায় প্রভাম্বিতা প্র—"দীয়াধারী নামধরা বুদ্ধিবৃত্তি খরতরা, কেশ বনাইতে সুনিপুণা"—কম্বদেবী।

দুই নৌকায় পা দেওয়া [নৌকা দ্রঃ]—দুই প্রতিকূল বিষয়ে মন দেওয়া এবং দুই নৌকায় পা দিলে যেমন জলমগ্ন হওয়া অবশ্যম্ভাবী তদ্রূপ বিপন্ন বা নষ্ট হওয়া।

দুঃখের উপর টনকের ঘা [দুঃখ দ্রঃ]—কষ্টের উপর যন্ত্রণা।

দুখের দুখী [দুখ দ্রঃ]—অবস্থার অনুসরণকারী : অন্যের দুঃখে দুঃখকারী : সহানুভাবী।

দুগ্ধমুখ (খ্) [প্রা-বাং] অতিশয় কোমল কচি। প্র—"দুগ্ধমুখ শিশুগণ ধরে হস্তে গলে"—মহা-কাশী।

দুধকঁই (দুধ্‌কোই) [প্রাদে। কড়ুই দ্রঃ] বি, দুগ্ধকড়ুই। প্র—"কাঁচা কলা ভাজে দুধকঁই"—মনসামঙ্গল (বংশীবদন)।

দুধ [দ্রঃ]—আধু-বাং-য় আদরার্থে 'দুধি" (গ্রা—দুদি, দুদিভাতি), "দুধু" (গ্রা—দুদু, দুদু ভাতু)। প্রা-বাং গ্রন্থে "দুধু" শব্দের ব্যবহার ছিল। প্র—"দুহিল দুধু কি বেণ্টে ষামায়" (অর্থাৎ দোহা দুধ কি গায়ের বাঁটে পুনঃপ্রবেশ করে ?)—বৌদ্ধগান ও দোহা। **দুধ কলা দিয়ে সাপ পোষা**—বিনাশের হেতু স্বরূপ যত্ন করিয়া খল বা শত্রুকে পালন করা। **দুধের মাছি**—যে মাছি কেবল দুধের উপর উড়িয়া বসে, জঘন্য দ্রব্যের রস খায় না। লক্ষণায়—লোকের ভাল সময়ে যে আসিয়া জুটে। তুল—সুখের পায়রা।

দুবলা (র্) [প্রা-বাং। দূর্ব্বা—দুবরা—দুবলা সংক্ষেপে দুব্ব, দুব] বি, দূর্ব্বা। প্র—"সরিষাতে সরু দুবলাতে হীন"—মাণিকচাঁদের গান। ২। [হি। সং—দুর্ব্বল হইতে দুবল +আ (স্বার্থে)] দুর্ব্বল। ৩। কৃশ।

দুরাচার [দ্রঃ] —পণ্ডিত রামগতি ন্যায়রত্ন মহাশয়, বাং-য় "দুরাচারিণী" শব্দ স্ত্রীলিঙ্গার্থে ব্যবহার করিয়াছেন।

দুলাল [দ্রঃ]—[সং—দুর্লভ (প্রিয়—আদুরে) হইতে দুল্লভ পরে দুলাল]।

দূন (ন্) [দূ (আক্ষেপে) + ত (কর্ত্তৃ)] বিণ, দুঃখিত ; পরিতপ্ত ; ক্ষুব্ধ। ২। [প্রা-বাং-য়] বি, আক্ষেপ ; খেদ ; পরিতাপ। প্র—"প্রভু পুনর্ব্বার জীবেক আমার তোমরা না কর দূন"—মনসামঙ্গল (কেতকাদাস)।

দূরবীণ (ব্, ন্) [দূরবীক্ষণ (দ্রঃ) সংক্ষেপে] বি, দূরবীক্ষণ যন্ত্র। **দূরবীণ কষা**—দূরবীক্ষণ যন্ত্রের পেঁচ ঘুরাইয়া তাহার দৈর্ঘ্যের হ্রাস-বৃদ্ধি করত ব্যবহারোপযোগী অবস্থায় আনিয়া দূরের বস্তু দেখা।

দেই [সং—দেবী হইতে প্রা-বাং] বি, স্ত্রী, দেবী। প্র—"মুকুতা দেই।" "মহাদেই"—গোবিন্দ-গীত (বৌদ্ধযুগের বাং)।

দেওয়া [দেয়া দ্রঃ] বি, মেঘ। প্র—"হাড়িয়া কোণে যেন দেওয়া গর্জ্জিল।'—মাণিকচাঁদের গান।

দেওয়ালী [হি—দিবালী। সং—দীপাবলী—দীপালী হইতে] বি, দীপালি দ্রঃ। ২। [প্রা-বাং। হি—দোহরী (ডবল) হইতে?] বি, বড়। প্র—"ধরর দেওয়ালী গামছা রাজা খেতুক ফেলাইয়া দিল।"—মাণিক, গান।

দেখ্‌তে তোর না দেখ্‌তে মোর [দেখা দ্রঃ]—চখের আড়াল হইলেই বা সামান্য ফাঁক পাইলেই যাহারা পরস্ব আত্মসাৎ করে তাহাদের আচরণ।

দেখ্‌সিঁদূরে (দ্যাখ্‌শিঁদুরে) [গ্রা—"দেখিতে সুন্দর" সংক্ষেপে] বিণ, রূপসুন্দর ; বাহ্য-সৌন্দর্য্যবিশিষ্ট।

দেদো [দাদ (দ্রঃ)—উয়া = দাদুয়া সংক্ষেপে] বিণ, দাদ রোগাক্রান্ত। **দেদোর মর্ম্ম দেদোয় জানে**—ভুক্তভোগীই ব্যথা বুঝে : সমান অবস্থায় পড়িলে লোক পরস্পরের মর্ম্মানুভব করিতে পারে।

দেব্যা (দেব্‌ব্যা) [দেবী শব্দ ৬ষ্ঠী, ১ব,—দেব্যাঃ হইতে] বি, ব্রাহ্মণ কন্যার উপাধি। যে কারণে "দাস্যা" বিধবার ও দাসী সধবার উপাধি অর্থে ব্যবহৃত হইতে থাকে, সেই কারণে "দেবী" সধবার ও "দেব্যা" বিধবার উপাধি রূপে ব্যবহৃত হয়। কিন্তু অধুনা "দেব্যা" স্থলেও "দেবী" শব্দের প্রয়োগ দেখা যাইতেছে। দাস্যা দ্রঃ।

দেয়ান করা [দেয়ান দ্রঃ]—দরবার করা : সভা করা। প্র—"বাহির মণ্ডপে সাধু করিলেক দেয়ান।"—মনসামঙ্গল (ষষ্ঠীবর)।

দেশাত্মবোধ (ধ্) [দেশ—আত্মবোধ (আত্মানুভূতি)] বি, দেশের সহিত আপনার অভেদজ্ঞান : আমার দেশমাতা আমি দেশ-মাতার, যাহা দেশের তাহাই আমার এবং যাহা আমার তাহাই দেশের এইরূপ বোধ।

দেহর (র্‌) [দেহার দ্রঃ। দেবালয় হইতে দেউল—দেউর্‌—দেহর] বি. দেবমন্দির। প্র—"দেউল প্রাচীর ভাঙ্গে দেবের দেহর"—কাশী-মহা-মুষলপর্ব্ব।

দেহারা [দ্বার হইতে। প্রা-বাং] বি. দ্বার। প্র—"দেহারা দেউল নহি পরবত সকল।"—শূন্য-পুরাণ।

দেহুরী [সং—সিংহ দ্বার হইতে। দেহুড়ী দ্রঃ] বি. সিংহদ্বার : দেউড়ী : ফটক। প্র—"দেখি দেহুরীতে তারা আইল শীঘ্রগতি"—হরিলীলা (জয় নারায়ণ)।

দৈতা [দ্রঃ]—[প্রা-বাং—দত্ত। আধু গ্রা ও মেয়েলি উচ্চারণে "দোত্তো"। প্র—"তেন দুসই সঅল জানই সো দত্ত"—বৌদ্ধগান ও দোহা]। **দৈত্যকুলে প্রহ্লাদ**—বিষ্ণু-দ্বেষিকুলে বিষ্ণুভক্ত সন্তান : বংশের বিপরীত প্রকৃতি ও লক্ষণাক্রান্ত সন্তান।

দোমনা (না) [দুই=দু=দো] বিণ. দুমনা দ্রঃ।

দোমুখো [দুই—মুখ—উয়া সংক্ষেপে] বিণ. দুমুখা দ্রঃ।

দোয়া [দ্রঃ]—২। দেবতার আশীর্ব্বাদ ভিক্ষা : মঙ্গল প্রার্থনা। প্র—"মুখে দোয়া করে কাজী হাতে ত কোরাণ॥"—মনসামঙ্গল (ষষ্ঠীবর)।

দোয়া [দ্বাপর শব্দজ। প্রা-বাং] বি. দ্বাপর যুগ। প্র—"সত্য গেল দোয়া পইল তিরতিয়া হইলে। কলিযুগ পড়ে বেটা বিবাহ সকালে॥"—মাণিকচাঁদের গান।

দ্বিজ [দ্রঃ]—দুইটি : দুইখানি। প্র—"দ্রোণ দ্বিজ ধনুর্ব্বেদ পাঠাইলা ক্রমে।"—মহা (বিজয়)।

ধওলা [ধল দ্রঃ। প্রা-বাং] বিণ. ধবল : শ্বেত-বর্ণ। প্র—"ধওলা পাঁঠা লেন রণী সাইঙ্গ করিয়া।"—মাণিকচন্দ্র রাজার গান।

ধড়ি [ধটী দ্রঃ। প্রা-বাং] বি. ধুতি। প্র—"মাথায় বেড়িয়া বান্ধ রাত্রি-বাস ধড়ি।"—মনসামঙ্গল (বংশীবদন)।

ধনুর্ভঙ্গপণ [ধনুক দ্রঃ। ধনুঃ—ভঙ্গ—পণ। ধনুক না ভাঙ্গিলে সীতাকে কেহ বিবাহ করিতে পাইবে না এই প্রতিজ্ঞা হইতে] বি. দৃঢ়-প্রতিজ্ঞা। প্র—"এমনই তাহার ধনুর্ভঙ্গ পণ"—ভারতী, ১৩২০।

ধন্দ [দ্রঃ]—৪। অসৎ ; মিথ্যা : মিছা। প্র—"সত্য এক নারায়ণ আর সব ধন্দ"—মনসা-মঙ্গল (বংশীবদন)।

ধম্মিল (ধোম্‌মিল্‌) [ধম্মিল্ল দ্রঃ] বি. কেশ। প্র—"ধম্মিল লোল ঝুট করি বন্ধ। পহিরল বসন আন করি ছন্দ॥"—বি. প।

ধর্ম্মিষ্টি (ধো) [ধর্ম্ম দ্রঃ। সং—ধর্ম্মিষ্ঠ অপভ্রংশে] বিণ. ধার্ম্মিক ; পুণ্যাত্মা। প্র—"নে ভাই তোর ঠাট্টা রাখ, আমরা আবার ধর্ম্মিষ্টি কিসে"—ভারতী।

ধরাকে সরা দেখা [ধরা, সরা দ্রঃ]—গর্ব্বে অন্ধ হওয়া : সমস্ত পৃথিবীকেই অগ্রাহ্য করা।

ধরি মাছ না ছুঁই পানি [ধরা দ্রঃ]—জলকাদা মাখারূপ কষ্টের কাজ এড়াইয়া মাছধরারূপ আমোদ বা সুখের ভাগ লওয়া ; অতিশয় চতুরতা বা বাহাদুরী।

ধর্ম্মপুত্র যুধিষ্ঠির [ধর্ম্মপুত্র দ্রঃ]—আদর্শ সত্যবাদী (বিদ্রূপোক্তি)।

ধর্ম্মমঙ্গল (মোংগোল্‌) বি. ধর্ম্ম ঠাকুরের গান : ধর্ম্মঠাকুরের মাহাত্ম্য বর্ণনাত্মক গীত। ইহা ধর্ম্মের পূজা বা কাহার মানত হেতু খোল ও মন্দিরাযোগে গান করার প্রথা আছে। রমাই পণ্ডিত, ঘনরাম, ময়ূরভট্ট, মাণিকচন্দ্র প্রভৃতির ধর্ম্মমঙ্গল প্রসিদ্ধ।

ধর্ম্ম [দ্রঃ]—**ধর্ম্মের কল বাতাসে নড়ে**—ধর্ম্মের এমনই যন্ত্র যে তাহা অন্যের অপেক্ষা রাখে না, সামান্য বাতাসের ভরেই চলিতে থাকে ও তাহার ফলে পুণ্য কর্ম্মও চাপা থাকে না করা শত চেষ্টা করিলেও পাপকার্য্য গোপন এবং যায় না। সাধারণতঃ পাপকর্ম্ম সম্বন্ধেই উক্ত হয়। **ধর্ম্মের ঘরে কুটের অভাব নাই**—ধর্ম্মসমাজে বা তীর্থস্থানে গুপ্ত পাপ কার্য্যে কুষ্ঠব্যাধিগ্রস্ত (লক্ষণায়) কপট ধার্ম্মিকের সংখ্যা বিরল নয়। **ধর্ম্মের ঢাক আপনি বাজে**—"ধর্ম্মের কল বাতাসে নড়ে" দ্রঃ।

ধস্কা [দ্রঃ] বিণ. ভঙ্গপ্রবণ ; ধসিয়া পড়িবার মত : কমজোর। ২। দুর্ব্বল।

ধাউড় [দ্রঃ]—৩। [ধূর্ত্ত হইতে] বিণ. কপট : শঠ। প্র—"কুটিলা কুমতি বিষের মুরতি, সেহ সে ধাউড় বড়।"—পদকল্পতরু (সা-প-প, ১৩২৩, ২৪ পৃ)।

ধারকর্জ্জ (র্‌) [সহচর শব্দদ্বয়। কথ্য] বি. ধারধোর : দেনাপত্র। প্র—"এদিকে ধার-কর্জ্জের মাত্রা যখন নিতান্তই বাড়িয়া চলিল"—ভারতী (১৩২০)।

ধিক [৫। দ্রঃ]—[অধিক শব্দের প্রা-বাং সংক্ষেপ] প্র—"আলিঙ্গিল নরপতি প্রেমভাবে ধিক"—মহা (শ্রীকরণ)।

ধিকাধিক (ক্‌) [ধিক (দ্রঃ) + অধিক, অধিকের অধিক] বিণ. সর্ব্বপ্রধান ; শ্রেষ্ঠ। প্র—"ঘরের প্রধান তুমি সভাকার ভাল। কুলে ধিকাধিক দেখ্যা তোমা বিভা দিল॥"—মনসামঙ্গল (কেতকাদাস)।

ধুমুল (ল) [ধুম্বল দ্রঃ] প্র—"দক্ষিণ দুয়ারে দিত দুসন্ধ্যা ধুমুল"—ধর্ম্ম-মঙ্গল (মাণিক)।

ধূত [ধূত দ্রঃ। প্রা-বাং। ধূর্ত্ত অপভ্রংশে] বিণ. ধূর্ত্ত (রসমঞ্জরী, পীতাম্বর)।

ধূপ [দ্রঃ। প্রা-বাং]—২। রৌদ্র। প্র—"চারি মাস ধূপে পথ অনলের প্রায়।"—গোবিন্দ গীত।

ধূম্রল (ধুম্‌রল্‌) [ধূম্র দ্রঃ] বিণ. ধূম্রবর্ণ ; মেঘ-ধূসর। প্র—"পশ্চাতে ধূম্রল ব্যোম শোভে"—প্রভাস (নবীন)।

নওবৎখানা [নওবৎ (দ্রঃ)। ফা—খানা (আলয়—স্থান)] বি. নহবৎ বাদ্যের মঞ্চগৃহ। প্র—"নওবৎখানার উপর ঘড়িঘর।"—প্রতাপাদিত্য-চরিত্র, পৃঃ ১৫৬।

নগ্না [নগ্ন (দ্রঃ) + আ (স্ত্রীলিঙ্গে)] বিণ. অনাবৃতা : উলঙ্গী ; বিবস্ত্রা। ২। লজ্জাহীনা। ৩। বি. স্ত্রী. বেশ্যা। [দ্রঃ—বৈদিক যুগে' বিশ্যার (বেশ্যা) অন্য নাম ছিল 'রামা' এবং ন-গ্না। 'গ্না' শব্দের অর্থ প্রথমে ছিল সম্মানিতা মহিলা এবং পরে অর্থ হইয়াছিল দেব-পত্নী। যাহা-দিগের পক্ষে গ্না হওয়া সম্ভব ছিল না, তাহারাই হইত ন-গ্না। কালক্রমে ব্যবহারের নির্লজ্জ-তার হিসাবে নগ্না অর্থ লজ্জাহীনা হইয়াছিল এবং ঐ শব্দের একটী পুং বাচক নূতন শব্দ সৃষ্ট হইয়া পরিচ্ছদ শূন্য অর্থে 'নগ্ন' শব্দ রচিত হইয়াছিল।"—বিজয়চন্দ্র মজুমদার (প্রবাসী, ১৩২০)]।

নটনসূর (শূর্‌) [নটন দ্রঃ] বি. নৃত্যবীর ; নর্ত্তক-শ্রেষ্ঠ। প্র—"নাচে নটিনী নটনসুর"—জ্ঞানদাস।

নড় [দ্রঃ]—[নল শব্দজ। ল=ড]।

নত [দ্রঃ]—[বৈদিক ন্যোচনী হইতে প্রাকৃ—ন্যোতীন (বিজয় মজুমদার) : পরে হি-তে—নথুন, নথ ও বাং-য়—নত ও নথ]।

নতুন [দ্রঃ]—**নতুনখাতা**—বৎসরান্তে নূতন হিসাবের খাতা খুলিবার উৎসব ; বৎসরের প্রথম দিন (১লা বৈশাখ) কিম্বা অক্ষয়-তৃতীয়ার দিন এবং কোথাও উভয় দিনেই এই উৎসব হইয়া থাকে। **নতুনবউ, বৌ**—নববধূ : নবৌয়ের পরবর্ত্তী ও ছোট বৌয়ের পূর্ব্ববর্ত্তী বধূ।

নতুনী (নোতুনি) [নতুন (দ্রঃ) + ঈ (স্ত্রীলিঙ্গে)] বিণ. নবীনা। প্র—"নতুনী যৌবনী তুমি কাঁচা সোণা গা"—ঘনরাম। ২। বি. স্ত্রী. নবীনা নারী : নবযুবতী। তুল—হি—পুরাণী (বৃদ্ধা)।

ননী [ননি দ্রঃ] — [দ্রঃ—মতান্তরে কাঁচা দুধ হইতে উৎপন্ন স্নেহ "ননী" এবং দধি হইতে উৎপন্ন স্নেহ "মাখন"। অসমীয়া ভাষায় দুগ্ধজাত স্নেহের নাম "মাখন" (হেম-কোষ)]। **ননীর পুতুল**—যাহা সামান্য আঁচে বা রৌদ্রের তাপে গলিয়া যায় : আদুরে গোপাল।

নবাব [দ্রঃ]—৪। [বিদ্রূপার্থে] নবাবের মত ভোগী : বিলাসী ও মুক্তহস্ত ; আরামপ্রিয় অমিতব্যয়ী

ব্যক্তি। প্র—নবাব আর কি? নবাব আর কোথায় আছে? ওঃ ভারি ত নবাব ইত্যাদি।

নবাব-পুত্র [বিদ্রূপে—গ্রা—নবাবপুত্তুর] যে ছেলে নবাবী চালে চলে; অমিতব্যয়ী ব্যক্তি।

নয়দুআরী, নয়দোয়ারী,—রি (য়্) [নয় (বহু অর্থে) দুআর (দ্বার) ঈ, ই] বিণ, যে দ্বারে দ্বারে ভিক্ষা করিয়া বেড়ায়; যে এক আশ্রয় হইতে বিতাড়িত হইয়া অন্য আশ্রয় লইতে যায় এবং এইরূপে বহুলোকের দ্বারে যায়; গ্রাম্য গালিবিশেষ। তুল—শতেক খোয়ারী (শতেক দ্রঃ)।

নরসানি (নরশানি) [সং—নরসিংহ] বি, নরসিংহ নামক কাটারি। প্র—"নরসানি কাটারি দিয়া মার আগে মোরে।"—ভাগবত (অচ্যুতদাস)।

নষ্ট [দ্রঃ]—[প্রা-বাং-য়, নঠ (দ্রঃ)। অতি প্রা-বাং-য়, ণঠ ণঠা]। প্র—"এবেঁ চিঅরাঅ (সং—চিত্তরাজ) মকু (সং—মম) ণঠা (সং নষ্ট)"—বৌদ্ধগান ও দোহা।

নহবৎ [নওবৎ দ্রঃ] কথিত আছে এই বাদ্য আলেকজাণ্ডার বাদশাহ কর্তৃক প্রথম প্রবর্তিত হয়।

নহলী [দ্রঃ]—২। [প্রা-বাং] স্ত্রী, নবীনা। প্র—"তুমি শিশু সীমন্তিনী নহলী যৌবনী।"—মনসামঙ্গল (কেতকাদাস)।

না [দ্রঃ]—১৪। ক্ষুদ্রার্থক প্রত্যয়বিশেষ। যথা—পাথ্‌না। (২) স্বল্পার্থে। যথা—ভাবনা। **না-কেন** [কেন-না দ্রঃ]—প্র—"তাহারা অপরাপর জল-চর পক্ষীর ন্যায় জলাশয়ে সন্তরণ করিতে সমর্থ না হউক না কেন,"—অক্ষয়-কুমার দত্ত।

না পড়ে পণ্ডিত [পণ্ডিত দ্রঃ]—শিক্ষা বা অধ্যয়ন নাই অথচ কৌলিক উপাধি "পণ্ডিত" বলিয়া পণ্ডিত। পশ্চিমে ব্রাহ্মণমাত্রেরই উপাধি পণ্ডিত। ২। কোন বিষয় না জানিয়াই তাহাতে পাণ্ডিত্য প্রকাশকারী।

নাকা [হি—লায়েক হইতে নায়েক—নাকা] অ, সদৃশ: ন্যায়: মত। প্র—"আমার নাকা পাঁচ পুত্র।"—ময়নামতীর গান।

নাকাল (ল্) [নাকা ও নাগাল দ্রঃ। প্রা-বাং] বিণ, তুল্য: সদৃশ: মত। প্র—"তোমার নাকাল রামখিলিকা গলার মাঝত দিয়া। তোমার নাকাল ডোর কৌপীন বান্ধিমু ভিড়িয়া।"—মাণিকচাঁদের গান।

নাগফট (গ্‌, ট্) [সং—নাগ (সর্প) ফট (ফণা)] বি, নাগফণার ন্যায় নাসিকা: ফ্যাটা নাক। প্র—"বুক উচা নাগফট চিরণ দাঁত যার।"—মনসামঙ্গল (বংশীবদন)।

নাটকী (নাটক+ঈ (স্ত্রী)। নাটুয়া দ্রঃ] বি, স্ত্রী, নর্ত্তকী: নাচনী: নৃত্যকারিণী। প্র—"বৃহন্নলা নাটকী যে সমুখে পলান।"—মহা (সঞ্জয়)।

নাটোয়া [নাট+উয়া—নাটুয়া—টু=টো] বি, নৃত্যকারী; নর্ত্তক। প্র—"অর্জ্জুন নাটোয়া এহি দেখিয়াছ ভাল"—মহা (সঞ্জয়)।

নাম্বা [দ্রঃ] বিণ, নিম্ন। প্র—"উপর কর্ণে চাকি পরে নাম্বা কর্ণে বলি।"—মনসামঙ্গল (জগজ্জীবন)।

নারী [দ্রঃ]—[বৈদিক অর্থ "নেত্রী", তাহা হইতে পারিবারিক বিষয়ে নেত্রী, তাহা হইতে স্ত্রীজাতি—(বিজয় মজুমদার, প্রবাসী, ১৩২০)]।

নাহ [দ্রঃ]—২। নাগর; নায়ক। প্র—"সুচতুর নাহ করয়ে অনুরোধ, অভিনব নায়রী না মানয়ে বোধ।"—জ্ঞানদাস।

নি [প্রা-বাং প্রাদে] অ, কিনা। প্র—"বিবাহ নি করিয়াছে পুত্র লক্ষ্মীন্দর।"—মনসামঙ্গল (ষষ্ঠীবর)।

নি [দ্রঃ] অ, বাঙ্গালা নঞ্ অর্থক বা অভাবার্থক উপসর্গবিশেষ। **নিকামাইয়া**—যাহার হাতে কাজ নাই: কর্ম্মহীন; নিকর্ম্মা। **নিখাকুআ, নিখেকো**—যে খায় না। ২। অল্পাহারী। স্ত্রী, **নিখাকী**। **নিঝঞ্ঝাট**—নির্ব্বিবাদ। ক্রি-বিণ, **নিঝঞ্ঝাটে**—অক্লেশে; নির্ব্বিবাদে। **নিসেধো**[নি—সাধ—উয়া]—যাহার কোন সাধ আহ্লাদ নাই।

নিকুচি [গ্রা। সং—নিকৃতি (ভর্ৎসনা, দুরবস্থা, বহিষ্করণ, নিগ্রহ ইত্যাদি অর্থ হইতে?)] বি, ছেলে মেয়েদের তিরস্কার বা ভর্ৎসনাবাক্য। ছেলেদের দোষের জন্য তাড়না বা দণ্ড ভয় প্রদর্শনবাক্য।

নিঘাবান্ (ন্) [ফা—নিগাহ্‌দার, হি—নিগাহ্‌বান। ফা—নিগাহ্ (দৃষ্টি, খবরদারি) হইতে নিঘা+বান (সং)] বি, চৌকীদার: প্রহরী। প্র—"ডাকিয়া কহিয়া দিল শক্ত নিঘাবানে। সাবধান দিবানিশি রাখিবা নয়নে॥"—হরিলীলা (জয়নারায়ণ)—বঙ্গ-সাহিত্যপরিচয়।

নিচোল [দ্রঃ]—৫। বস্ত্রাঞ্চল; আঁচল। প্র—"তিতিল নিচোল তার নয়নের জলে।"—কৃত্তি-বাস। "মাথ আধ পর রহল নিচোল।"—জ্ঞানদাস।

নিত [নিতে দ্রঃ। প্রা-বাং] অ, বিনা। প্র—"নিত কলঙ্কে মরণ হউক স্বামীর পদতলে।"—মাণিকচাঁদের গান।

নিদম (ম্) [প্রা-বাং। নির্ধূম অপভ্রংশে] বিণ, ধূমহীন। প্র—"সাতদিন পর্য্যন্ত জ্বাল দেয় নিদম করিয়া।"—মাণিকচাঁদের গান।

নিন (ন্) [নিদ্রা—নিদ—নিন। প্রা-বাং] বি, নিদ্রা। প্র—"চক্ষত আইল নিন।"—মাণিক চাঁদের গান।

নিভৃত [দ্রঃ]—[প্রা-বাং নিহুর। প্র—"নিহুরে গিঅ মন" (গিঅ=নিজ)—বৌদ্ধগান ও দোহা]।

নিমান (নো) [নির্ম্মাণ হইতে নিম্মান—নিমান। প্রা-বাং] ক্রি, নির্ম্মাণ করা। প্র—"লঙ্কা নিমাঞা দিব যত গেছে পুড়্যা।"—রামায়ণ (কবিচন্দ্র)।

নিরল (ল্) [বিরল—বিরলা—নিরালা—নিরল] বি, নির্জ্জন; বিরল। প্র—"দুঃখ মোর কপালে লিখিয়াছে ওরে বিধি নিরলে বসিয়া।"—মাণিকচাঁদের গান।

নিরা [সং—নিরম্বু হইতে] বি, নিরম্বু উপবাস। ২। বিণ, উপবাসী। প্র—"রবিবার দিন নিরা থাকিয়া পারণা গঙ্গা যান চলিয়া।"—মাণিকচন্দ্র রাজার গান।

নিরানব্বুয়ের ধাক্কা [নিরানব্বুই দ্রঃ]—জনৈক বণিক তাহার এক প্রতিবেশীকে যত্র আয় তত্র ব্যয় করিতে দেখিয়া তাহার অলক্ষ্যে ৯৯ টাকার একটি থলি তাহার নিকট ফেলিয়া আইসে। প্রতিবেশী সে টাকা লইয়া আসিলে বণিক তাহার টাকা নহে বলিয়া ফিরাইয়া দেয়। ফলে প্রতিবেশী সেই ৯৯ টাকাকে পূর্ণ শত ও শত হইতে সহস্র করিবার ঝোঁকে বা লোভে পড়িয়া পূর্ব্বাপেক্ষা অধিক পরিশ্রম ও আয় অপেক্ষা অল্প ব্যয় করিতে থাকে। পরে সে পূর্ব্ব প্রকৃতি ত্যাগ করিয়া সঞ্চয়ের লোভ জীবনে আর সামলাইতে পারে নাই। তাহার মত অবস্থায় পড়িলেই লোক বলে নিরানব্বুয়ের ধাক্কায় পড়িয়াছে।

নিরুঝম্প [ব্রজ.] বিণ, স্খলিত। প্র—"পরশে অবশ তনু বেশ নিরুঝম্প"—জ্ঞানদাস।

নির্গম (ম্) [প্রা-বাং। নির্ (নাই)—গম্‌ধাতু] বি, দুর্গম। প্র—"কাম্যক বনের মধ্যে করেন আশ্রয়। বড়ই নির্গম বন নাহি কোন ভয়।"—মহা-কাশী।

নির্য্যাণ [৪। দ্রঃ]—মৃত্যু: নিধন। প্র—"চরণ প্রহারে কত সৈন্যের নির্য্যাণ।"—মহা (শ্রীকরণ)।

নিল্লয় (য়্) [নির্ণয় শব্দের গ্রা উচ্চারণ] বি, নির্ণয়; নির্দ্ধারণ। প্র—"পণগণ দান আদি নিল্লয় হইল।"—ভাগবত (রাধাকৃষ্ণদাস)।

নিশ্চিন্দিপুর (র্) [গ্রা। সং—নিশ্চিন্ত-পুরী] বি, যমালয়; যমের বাড়ী।

নিসারা [প্রা-বাং। সং—নিষ্কর্ষ হইতে?] বি, নির্ণয়; সংখ্যা। প্র—"পইঠেল গরাহক নাহি নিসারা॥"—বৌদ্ধগান ও দোহা।

নিহুরি [মৈ ; হি—নিহুরনা (হেঁট হওয়া)] ক্রি, হেঁট হইয়া ; ঝুঁকিয়া। প্র—"সাজনি নিহুরি ফুহু আগি। তোহর কমল ভ্রমর দেখল মদন উঠল জাগি।"—বিদ্যাপতি।

নুনখর [নুণ দ্রঃ]—[খর (প্রখর)] অধিক লবণাক্ত ; অধিক নুন হেতু প্রখর বা তীব্র।

নে [নেহ দ্রঃ] বি, স্নেহ ; নে দ্রঃ।

নেও [দ্রঃ]—৩। ক্রি, নাহাইও ; স্নান করিও (নাওয়া দ্রঃ)। প্র—"সে জলে আর কেহ নেও না।"—সুপ্রভাত, ১৩২০।

নেকড়ার আগুন [নেকড়া দ্রঃ]—যাহা সহজে নিবে না এবং ধুমাইয়া ধুমাইয়া জ্বলিতে থাকে ; যাহা সহজে ছাড়ে না।

নেকার [দ্রঃ]—নেকার মাত—[নেকার ও মাত (বাস্ত—বাঁত—মাত)] প্রচুর পরিমাণে বমন করিয়া ছড়ানর ভাব, অর্থাৎ ব্যাপ্ত্যর্থে একার্থক শব্দদ্বয়ের প্রয়োগ। মাত নেকারের সহচর।

নেত (ত্) [দ্রঃ]—২। কাপড় ; বস্ত্র। প্র—"নেত ছিড়িয়া বিপুলা জ্বালাইল বাতি।"—মনসামঙ্গল (নারায়ণ দেব)।

নেদান (ন্যাদানো) [ফা—লকদ্ (লাথ) + আন (হি)—লাথান] ক্রি, পদাঘাত করা ; লাথান। প্র—"চিতর করিয়া ফেলাইয়া যমক নেদাবার লাগিল।"—মাণিকচাঁদের গান।

নেঅন্ত [সং—নী (লওয়া) ধাতুর প্র-পু—নেয় ; প্রা-বাং সম্ভ্রমার্থে নেঅন্ত। তুল—লয়েন্ত] ক্রি, গ্রহণ করেন ; লয়েন। প্র—"প্রবীরে নেয়ন্ত ঘোড়া ধরি ততক্ষণ॥"—মহা (শ্রীকরণ)।

ন্যায় [দ্রঃ]—৮। তর্ক ; বাদানুবাদ ; বচসা। প্র—"গর্ব্বিত সনে ন্যায় করি না হয় উচিত।"—কৃত্তিবাস।

পঞ্চকল্যাণ [কো, ন্] [গ্রা—পাঁচ্ কল্যান। পঞ্চকল্যাণ (শুভ চিহ্নযুক্ত)] শ্বেতবর্ণ পদ-চতুষ্টয় ও নাসিকাগ্রভাগবিশিষ্ট অশ্ব। এই অশ্ব অতিসুলক্ষণাক্রান্ত বলিয়া উক্ত হইয়াছে। প্র—"পদ্মিনীর প্রিয় শ্রীপঞ্চকল্যাণ।"—পদ্মিনী উপাখ্যান।

পঞ্চসারপানক (শার্, ক্) [পঞ্চ (৫ দ্রব্যের সার দ্বারা প্রস্তুত) পানক] বি, খর্জ্জুরি, গাম্ভারীদল, দ্রাক্ষা, ফল্সা ও মৌলফলের রস সহ এলাচী, কর্পূর, গোলমরিচ, চিনি, তেজপত্র, দারুচিনি ও নাগকেশর মিশ্রিত পানীয় বা সরবৎ।

পদউধ [দ্রঃ]—[পদ + আয়ুধ = পদায়ুধ হইতে। সা, প, প, ১৩২৩, ৩৭ পৃ। বৈষ্ণব পদলহরী প্রভৃতি গ্রন্থের টীকায় "দোয়েল পাখী" আছে বটে, কিন্তু তাহাতে অর্থসঙ্গতির অভাব দৃষ্ট হইতেছে। অভিধানে "চরণায়ুধ" "নখরায়ুধ" দ্রঃ] কুক্কুট।

পদুনা, পুদুনা (পো) ["পুদয়না" মতান্তরে পদ্মিনী হইতে পদুম্নিনী আদরার্থে—পুদুনা] বি, স্ত্রী, অদুনার সহোদরা এবং সপত্নী। অদুনা দ্রঃ। অদুনার সহিত রাজা মাণিকচন্দ্রের বিবাহে পদুনা যৌতুক স্বরূপে প্রদত্তা হইয়াছিলেন। প্র—"উদুনা করিয়া বিভা পুদুনা পাইলাম দান।"—গোবিন্দ গীত। "অদুনাক দিয়া বিবাহ পদুনাক দিল দানে।"—মাণিকচন্দ্র রাজার গান।

পতন (ন্) [জ্যো ; পরিঃ] বি, গ্রহের বিক্ষেপ বা ক্ষেপ ; latitude of a planet.

পরম [দ্রঃ]—[ব্রজ—পরুম। প্রা-বাং—পরু। প্র—"সহজ স্বভাবেঁ সো পরু রজ্জই॥" ("স উত্তমপুরুষঃ সহজস্বভাবেষু রজ্যতে ক্রীড়তে ইতি যাবৎ"—টীকা)—বৌদ্ধগান ও দোহা] ।

পরিবার [দ্রঃ]—৪। সমূহ ; সকল ; গণ। প্র—"এত বলিয়া হাসেন ব্রাহ্মণ পরিবার"—মহা, বিজয়।

পরের ধনে পোদ্দারি [পোদ্দারি দ্রঃ]—অন্যের টাকা অন্য কাজে খরচ করিবার কালে স্বেচ্ছামত কম বা বেশী খরচ বা দান করা।

পর্ব্বতের বা পাহাড়ের আড়ালে থাকা [পর্ব্বত, পাহাড় দ্রঃ]—লক্ষণায়, এমন অভিভাবকের রক্ষণে থাকা যে সংসারের কোন অভাবই পোহাইতে হয় না।

পাক্ড়ী [পাকড়ি দ্রঃ]—[পক্ষ (পালক) হইতে পাখড়া (দ্রঃ) কোমলার্থে পাপড়ী পরে পাক্ড়ী] ফুলের দল ; পাবড়ী। প্র—"চাঁপার পাক্ড়ী দিয়া গড়িল অঙ্গুলী"—বিদ্যাসুন্দর।

পানশিঅলী, পানশিউলী [পানি (জল) শিঅলী (শেফালী ফুলের বোঁটার বর্ণ সাদৃশ্য হেতু)] বি, জলজ শাকবিশেষ ; কালানুসারিকা, তগরপাদিকা বা শিউলি ছোপ।

পান্তুয়া [হি—পানি (চিনির রস—লক্ষণায়) + ফা—তবা (= তুয়া)—তলা (রসের খুলির তলা)—যাহা রসে ভিজিয়া খুলির তলায় পড়িয়া থাকে] বি, ছানা ও সফেদা দ্বারা প্রস্তুত ও ঘিয়ে ভাজা এবং চিনির রসে ভিজান মিষ্টান্নবিশেষ।

পাপের ধন প্রায়শ্চিত্তে যায় [পাপ দ্রঃ]—লক্ষণায় ; অসদুপায়ে ধন উপার্জ্জন করিতে নাই কারণ তাহা ভোগ হয় না।

পার্য্যমাণে (পার্জোমানে) [সং—পার্য্যমাণ তাহা হইতে গ্রা—পার্জ্জিমান। নাপার্জ্জিমানে দ্রঃ] ক্রি-বিণ, পারিলে ; পারতপক্ষে।

পালি [দ্রঃ]—১২। [গণিত পরিঃ, সা, প, প] পরিধি ; পরিবেষ্টন ; circumference.

পাশ (শ্) [পাশ দ্রঃ] বি, প্রাচীন ভারতের যুদ্ধাস্ত্রবিশেষ। ইহা লম্বায় দশ হাত, গুণরজ্জু, কার্পাস রজ্জু, মুঞ্জরজ্জু, পশুবিশেষের স্নায়ু বা আকন্দবৃক্ষের সূত্র ও চর্ম্মবিশেষের সূক্ষ্ম ৩০গাছি তন্তু একত্র উত্তমরূপে পাক দিয়া প্রস্তুত করিতে হয়। ইহা কক্ষপ্রদেশে রক্ষিত হয় ও প্রয়োগের সময় কুণ্ডলাকৃতি করিয়া মস্তকের উপর একবার ঘুরাইয়া প্রক্ষেপ করিতে হয়। ইহা দ্বারা শত্রুকে ইচ্ছানুরূপ বন্ধনপূর্ব্বক সকাশে আকর্ষণ করিয়া পশ্চাৎ কৃপাণ দ্বারা বধ করা হয়।—রত্নমালা।

পি-পু ফি-শু ["পিঠ পুড়ে ফিরে শো" সংক্ষেপে। দুই কুঁড়ে শুইয়া আছে এমন সময় ঘরে আগুন লাগে। প্রথম কুঁড়ের পিঠ পুড়িতে থাকিলে দ্বিতীয় কুঁড়েকে সংক্ষেপে জানাইল "পি পু"। অন্যও সেইরূপই কুঁড়ে। সে বলিল "ফি শু" অর্থাৎ পাশ ফিরিয়া শোও। লক্ষণায়] বি, কুঁড়ের বেহদ্দ ; কুঁড়ের বাদশা।

পিয়ল [পিউলী দ্রঃ] বিণ, পীতাভ ; পীত। প্র—"পিয়ল বরণ বসনখানিতে মুখানি আমার মুছে।"—চণ্ডীদাস (সা, প, প, ১৩২৩ পৃ ৩৮)। [দ্রঃ—পাঠান্তরে 'পিঙল" (দ্রঃ)]।

পুকুর চুরি [পুকুর দ্রঃ]—অসম্ভবরূপে চুরি ; আধার আধেয় প্রভৃতির নাম গন্ধ এমন কি স্থানের চিহ্ন পর্য্যন্ত না রাখিয়া সমস্ত অপহরণ ; আগা গোড়া ফাঁকি।

পুতিকা [প্রা-বাং। সং—পতঙ্গ হইতে পতঙ্গিকা—পুতিকা] বি, ক্ষুদ্র মক্ষিকা। প্র—"বেহুল তাড়েন যত নহে নিবারণ। পুতিকা প্রবেশে তাহে মশক-নন্দন॥"—মনসামঙ্গল (কেতকাদাস)।

পুত্র [দ্রঃ]—২। শিষ্য। প্র—"চার দিগে চাহি জোগী ধ্যান আরম্ভিল। হুঙ্কারে বৃক্ষ সব ভূমেতে ঠেকিল॥ হেটমুণ্ড হইল গাছ লোটে ভূমিতল। ছিণ্ডিয়া পুত্রের হাথে দিল নানা ফল॥"—গোবিন্দ গীত।

পুনিম [পূণিম দ্রঃ] বি, পূর্ণিমা।

পুয়া [দ্রঃ]—৩। [সং—পূপ হইতে] পূপ ; পিষ্টকবিশেষ, মালপুয়া দ্রঃ।

পুরস্কার [দ্রঃ]—৫। [প্রা-বাং] বিণ, প্রশংসিত। প্র—"জগতে তোমার নাম যেন (= যেমন) পুরস্কার। এবার জানিব গতি মহিমা তোমার॥"—সারদামঙ্গল (দয়ারাম, ১৭ শতাব্দী)।

পুরাতন পাপী [পুরাতন দ্রঃ]—বহুদিন পূর্ব্বে বহু পাপ কার্য্য করিয়া এখন যে বৃদ্ধ হইয়াছে অথবা প্রথম জীবনে বহু পাপ করিয়া পরে সাধু জীবন যাপনকারী।

পুষ্পিকা [সং] বি, অধ্যায় বা গ্রন্থ সমাপন কালে গ্রন্থকারের নামোল্লেখাত্মক বাক্য। ২। ছ্যাৎলা ; দন্তাদিমল।

পূণিম [দ্রঃ]—প্র—"অমিয়া বরিখে জনু শরদ পূণিম-শশী"—বি, প (বৈষ্ণবপদলহরী)।

পেটের ভাত চাল হওয়া—[পেট দ্রঃ] দুর্ভাবনায় ভুক্ত অন্ন পরিপাক না হওয়া; (লক্ষণায়) অত্যন্ত দুর্ভাবনা হওয়া।

পেতেন (ন্) [পাতান দ্রঃ] বি, সাঙ্গা দ্রঃ।

পেলান (নো) [পেল দ্রঃ] ক্রি, ধাক্কা দিয়া ফেলিয়া দেওয়া। প্র—"জুগীর নিকটে আনি পেলাইয়া দিল॥"—গোবিন্দ গীত।

পৈশাচিকা, পৈশাচী—বি, প্রাকৃত ভাষা-বিশেষ। সুপ্রসিদ্ধ কথাসরিৎসাগর নামক গ্রন্থ পৈশাচী প্রাকৃতে লিখিত।

পোকা [দ্রঃ]—পোকা পড়া—কোন দ্রব্য পচিয়া তাহাতে পোকা ধরা। পোকা পাড়া—পোকার অবতারণা করা: পোকা ধরান: পচান। জীয়ন্তে পোকা পাড়া—যাহা জীবন্ত তাহাকে মরিয়া পোকা ধরিয়াছে বলা: হয়কে নয় করা। প্র—জ্যান্ত মাছে পোকা পাড়া। পোকা বাছুনি করা—কোন দ্রব্যে পোকা ধরিলে যেমন লোক এক একটি করিয়া পোকা বাছিয়া ফেলিতে ধৈর্য্যসহ তন্ন তন্ন করিয়া অন্বেষণ করে, সেইরূপ তন্ন তন্ন করিয়া ও বিচারের সহিত নির্ব্বাচন করা। কাণের পোকা বাহির করা—এমন চীৎকার বা বিকট শব্দ করা অথবা ক্রমাগত বকর বকর করিয়া কথা কহিতে থাকা যে তাহা কাণের ভিতর প্রবেশ করায় ভিতরে পোকা থাকিলে তাহাও যেন আঘাত পাইয়া বা উত্যক্ত হইয়া বাহির হইয়া পড়ে। বয়ের পোকা—কেতাব-কীট দ্রঃ। যে দিন রাত অধ্যয়ন করে। পোকার মত পড়িয়া থাকা—[লক্ষণায়] নির্ব্বাক নড়নচড়নরহিত হইয়া শয়ন করিয়া থাকা; শিশুর নিঃশব্দে স্থিরভাবে শুইয়া থাকা।

পোতামাজী [পোতামাঝি দ্রঃ] বি, কারা-রক্ষক। প্র—"পাত্রের হুকুম হল্য পোতামাজী-গণে। * * * লাউসেনে এখনি থালাস কর‍্যা দেও। এত শুনি পোতামাজী করিল গমন। সেনের ডাটুকা কাটি বত্রিশ বন্ধন। কর্ণসেনে পুনশ্চ দিলেক সেই বেড়ী।"—ধ, ম, (নরসিংহ)—১৭৩৭ পৃঃ অঃ, বঙ্গসাহিত্য-পরিচয়।

প্রতিজ্ঞা [দ্রঃ]—৬। [তর্ক বিজ্ঞানের পরিঃ] বাক্য; proposition. [দ্রঃ—অন্বয়ী প্রতিজ্ঞা—affirmative sition. অব্যাপক প্রতিজ্ঞা—particular proposition. নিরপেক্ষ প্রতিজ্ঞা—categorical proposition. বিপরীত প্রতিজ্ঞা—contrary proposition. বিরুদ্ধ প্রতিজ্ঞা—contradictory proposition. বিশ্লেষক প্রতিজ্ঞা—analytical proposition. বৈকল্পিক প্রতিজ্ঞা—disjunctive proposition. ব্যতিরেকী প্রতিজ্ঞা—negative proposition ব্যাপক প্রতিজ্ঞা—universal proposition. সংশ্লেষক প্রতিজ্ঞা—synthetical proposition, সকল্পন প্রতিজ্ঞা—conditional proposition, সান্তর প্রতিজ্ঞা—hypothetical proposition —সা, প, প, ১৩২০ (বনমালী বেদান্ততীর্থ)]।

প্রতিবেশ-প্রভাব (প্রোতিবেশ্‌প্রোভাব্‌ [theory of environment শব্দের অনুবাদ বি, চতুষ্পার্শ্বস্থ সমসাময়িক ব্যাপারাত্মক শক্তিবাদ। প্র—"তখন ইউরোপ প্রতিবেশ প্রভাব এবং অবস্থার আনুগত্য এই দুইটা সিদ্ধান্ত ধরিয়া আন্দোলন আরম্ভ করিয়া ছিল—ভারতী।

প্রথম [দ্রঃ]—[প্রা-বাং—"পঢম", "পঢ়ম" প্র—"সিদ্ধিবথু মই পঢমে পঢ়িঅউ" (=পড়িয়াছিলাম)—বৌদ্ধগান ও দোহা।

প্রাকৃত [৬। দ্রঃ। অপভাষা দ্রঃ]—পূর্ব্বে বাঙ্গালা ভাষা প্রাকৃত ভাষা বলিয়া গণ্য ছিল। ইহাকে দেশী ভাষাও বলিত [ভাষা দ্রঃ। বঙ্গ ভাষা ও সাহিত্য গ্রন্থে ইহা বিশেষ ভাবে আলোচিত হইয়াছে]। প্র—"ইহা বলি গীতার পড়িল এক শ্লোক। প্রাকৃত প্রবন্ধে কহি শুন সর্ব্বলোক।"—চৈতন্যমঙ্গল, মধ্যখণ্ড (লোচন দাস)। "তাহা অনুসারে লিখি প্রাকৃত কথনে।"—কৃষ্ণকর্ণামৃত। "প্রাকৃত লিখিয়া বুঝি এই মোর সাধ।"—গোবিন্দলীলামৃতের বঙ্গানুবাদ (যদুনন্দন দাস)। "পরাকৃত পদবন্ধে রাজেন্দ্র দাসে কহে।"—সঞ্জয়কৃত মহাভারত। "সপ্তদশ পর্ব্ব কথা সংস্কৃত ছন্দ। মূর্খ বুঝাবার কৈল পরাকৃত ছন্দ।"—অশ্বমেধ পর্ব্ব (রামচন্দ্র খান)।

বগদুল (বগ্‌দুল্‌) [প্রা-বাং] বি, কঙ্কপক্ষী: বৃহৎ বক। প্র—"বগদুল রূপ হইয়ে স্বর্গত উড়ে গেল।"—মাণিক, গান।

বঙ্গালী [বঙ্গ, বাঙ্গালা, বাঙ্গালি দ্রঃ]—সহস্র বর্ষের পুরাতন বাং গ্রন্থেও বঙ্গবাসীকে বঙ্গালী (সং—বঙ্গা) বলিত। প্র—"আজি ভুসু বঙ্গালী ভইলী"—বৌদ্ধগান ও দোহা। ভুসু=ভুসুক নামক প্রাচীন বাঙ্গালী বৌদ্ধাচার্য্য ও প্রসিদ্ধ বৌদ্ধগ্রন্থলেখক।

বঞ্জারা [সং—বণিজ্‌ (বাণিজ্য ব্যবসায়ী) শব্দজ। হি—বঞ্জারা (বেণেমসলা শস্য প্রভৃতির ব্যাপারী) হি-তে, স্ত্রী, বঞ্জারী] বি, পুং, বাণিজ্য দ্রব্য ভারবাহী পশু ও স্ত্রীপুত্র পরিবার সহ যে বণিকদল নানাস্থানে তাঁবু ফেলিয়া ভ্রমণ করিয়া বেড়ায়; বেপারীর দল; সার্থবাহ। প্র—"বিদেশী বঞ্জারা বলদ ভরিয়া"—কাশীখণ্ড (রাজা জয়নারায়ণ ঘোষাল)।

বড়মানুষ, বড়লোক [বড় ও বড়লোক দ্রঃ] —প্র—"যে যথার্থ বড় লোক হয়—বড় মানুষ নয়—সে উপাধির দিকে ফিরিয়াও তাকায় না"—বাঙ্গালী, ১৩২৩।

বয়ার [দ্রঃ]—প্র—"গণ্ডার কিসের মধ্যে হাতী কোন্‌ ছার। তৃণবৎ দেখি যেন বনের বয়ার॥"—রায়মঙ্গল (কৃষ্ণদাস)।

বয়েল (ল্‌) [সং—বলীবর্দ্দ—বইল্ল] বি, বলদ।

বর্ণ [২। দ্রঃ]—[দ্রঃ—"বর্ণয়তি বিস্তারয়তীত্যর্থঃ" —কণ্ঠ তালু মূর্দ্ধাদি হইতে যাহা বিস্তৃত হয়। ইহার বোধক চিহ্ন বা সঙ্কেতের নাম "অক্ষর" কিন্তু বাং-য় অক্ষরার্থে বর্ণ শব্দের ব্যবহার আছে। [৪। দ্রঃ]—[দ্রঃ—অগ্নিপুরাণে দ্বাদশ আদিত্যের বর্ণ প্রসঙ্গে যে সকল বর্ণের উল্লেখ আছে, তাহা হইতে সূর্য্যের সপ্তরশ্মির রক্ত (লোহিত, red) কপিল (orange) পীত (yellow) হরিৎ (green) নীল (blue) মহানীল (dark blue) ও ধূম্র (violet) এই ৭টি বর্ণ বলা যাইতে পারে। তন্ত্রে ও পুরাণে আরও বহুবিধ বর্ণের উল্লেখ আছে—যথা সিত (শ্বেত, white) কৃষ্ণ (dark) ঈষদ্রক্ত (অরুণ, reddish) পাণ্ডুর (পাণ্ডু, yellowish), ধূসর (grey), শুক্রাভ (কপিশ, dark green), পাটল (pink) পিঙ্গল (কপিল, brown, orange নীললোহিত (dark red, purple, red and blue) কৃমিজ রঙ্‌ (carmine, crimson, deep red, গাঢ় লাল) ইত্যাদি। এই সকল বর্ণের অল্পাধিক মিশ্রণ-জাত অসংখ্য বর্ণের উৎপত্তি হইতে পারে।

বর্ত্তি [দ্রঃ]—বৈদিক অর্থ গৃহ। বর্ত্তান (দ্রঃ) —মূলার্থে, গৃহে থাকার ভাব?

বসন [দ্রঃ]—বিণ, বসনী—বসনাবৃতা: বাসা। প্র—"আঁচল ঝলে আকাশ-তলে রৌদ্র-বসনী"—রবি।

বসু [দ্রঃ]—২। প্র—"বসু পণ কর‍্যা কড়ি লব জনে জনে॥"—ভাগবত (জীবন চক্রবর্ত্তী) —বঙ্গসাহিত্য-পরিচয়।

বহ্বায়াসসাধ্য (বব্‌ভায়াশ্‌শাধ্‌ধ) [বহু+আয়াস=বহ্বায়াস দ্বারা সাধ্য (৩তৎ)] বিণ, অনেক কষ্টে সম্পাদ্য। প্র—"যদি বহ্বায়াস-সাধ্য এই কাব্যদর্পণ সভ্য সমাজে অরুচিকর না হয়"—জয়গোপাল গোস্বামী।

বাজ্‌ড়ংশ (শো) [প্রা। সং—বায়ু (বায়ু রোগ)+অংশ=বাযংশ—(যু=জ্জ)] বি, বাতিক।

বাজা [৪। দ্রঃ]—৮। [প্রা-বাং। সং—বাধ্‌ (পরিঃ, সং—ধাতুমালা দ্রঃ) হইতে। ধ=ঝ

=জ]। বাধিয়া যাওয়া ; বাধা। প্র—"ঘরেল্যা বারাইতে তার চালে বাজে দশ্ব।"—শিবের গান (বঙ্গসাহিত্য-পরিচয়, ১৬০)।

বাড়া ভাতে ছাই [ভাত দ্রঃ]—প্রস্তুত অন্ন গ্রহণ কালে নষ্ট হওয়া। যাহা হইতে কার্য্য সুসম্পন্ন করিয়া ফল প্রাপ্তির মুখে বিঘ্ন বা প্রতিবন্ধক। প্র—"বাড়া ভাতে ছাই তব বাড়া ভাতে ছাই, পড়েছ নীলের হাতে আর রক্ষা নাই।"—নীলদর্পণ।

বাণ [৫। দ্রঃ] — প্র—শতবাণ, নাগবাণ ইত্যাদি। —৬। [সং—বর্ণ হইতে] বর্ণ; কান্তি।

বাদার্থ [বাদ (বাক্য) + অর্থ] বি, যে শাস্ত্রে বাক্যের অর্থসঙ্গতিযুক্ত পদযোজনার নিয়ম শিক্ষা দেয় ; syntax, ব্যাকরণ দ্রঃ।

বান (ন্) [বাণ দ্রঃ] বি, বর্ণ ; কান্তি। প্র—"হেম ধরউ নিজ বান"—পদকল্পতরু (সা, প, প, ১৩২৩, পৃ, ৩৯)।

বামণ [দ্রঃ]—বামণের গরু—যে গরু অল্প খায়, নাদে বেশী, দুধ দেয় কলসী কলসী। তাহা হইতে যাহার প্রতি অল্প ব্যয় হইবে কিন্তু যে অধিক কাজ দিবে। বামণ গেল ঘর ত লাঙ্গল তুলে ধর—যাহার কাজ সে প্রস্থান করিলে বেতনভোগী ব্যক্তিরা কাজে ফাঁকি দেয়।

বারাসিয়া, বারাসে (শিয়া, শে) [বারমাসি, বারমাস্যা (দ্রঃ) হইতে] বিণ, বারমাস সম্বন্ধীয় ; দ্বাদশমাসিক।

বারোমেতর (র্) [ইং—barometer হইতে] বি, বায়ুমান যন্ত্র।

বালির বাঁধ [বালি দ্রঃ]—যাহা ক্ষণস্থায়ী।

বিওলা [ইং violet শব্দের বাং লিপ্যন্তর। শ্রীরামপুর কলেজের অধ্যাপক জন ম্যাক্ কর্ত্তৃক বাঙ্গালা গ্রন্থে প্রথম ব্যবহৃত] বি, নীল-লোহিত বর্ণ। ২। বিণ, ধূমল।

বিক্রমপুর (বিক্‌ক্রোম্‌পুর্) বি, পূর্ব্ববঙ্গের প্রাচীন রাজধানী। ২। [ব্যঙ্গার্থে। তুলনা—নিশ্চিন্তপুর] বিক্রয় স্থান। বিক্রমপুর পাঠান—বিক্রয় করা।

বিক্ষেপ [দ্রঃ]—৫। [সেতার বাদ্যে] কোন একটী সুরে আঘাত করিয়া সেই সুর হইতে এক দুই বা তাহার অধিক সুর ব্যবধানে বাম হস্তের অঙ্গুলীর ঘর্ষণ যোগে উর্দ্ধগতিতে অপর সুরে গমন। ইহার বিপরীত ভাবে অধোগতির নাম প্রক্ষেপ (যন্ত্রক্ষেত্রদীপিকা)।

বিগান (ন্) [বি (বিপরীত) গান] বি, নিন্দা। বিণ, বিগীত (দ্রঃ)।

বিছিয়া [বিছা দ্রঃ। হি] বি, হিন্দুস্থানের নারীদিগের চরণালঙ্কারবিশেষ। পাদাঙ্গুষ্ঠের আনত অলঙ্কারের সহিত বিছার মত জড়িত থাকে। প্র—"পাদাঙ্গুলে আনট বিছিয়া করে শোভা"—কাশীবর্ণনা (জয়নারায়ণ ঘোষাল)।

বিড়ালের আড়াই পা [বিড়াল দ্রঃ]—বিড়াল আড়াই পা যাইতে না যাইতেই তাড়না ভুলিয়া গিয়া আবার ফিরিয়া আইসে। লক্ষণায়, ক্ষণকাল পরেই যে মান অভিমান ক্রোধ প্রতিজ্ঞা প্রভৃতি বিস্মৃত হয়।

বিদুরের খুদ [বিদুর দ্রঃ]—ভক্তিভরে ও বিনয় সহকারে যাহা দান করা যায় (যেমন বিদুর ভক্তিপূর্ব্বক শ্রীকৃষ্ণকে খুদ খাইতে দিয়াছিলেন এবং যাহা তিনি ভক্তের দান বলিয়া সাগ্রহে গ্রহণ করিয়াছিলেন)।

বিদ্যা [দ্রঃ]—প্রা-বাং "বিজ্জ", অবিদ্যা = অবেজ্জ (বৌদ্ধগান ও দোহা) তুল—বিদ্যাপতি = মৈ—বিজ্জাবই। প্রাকৃতে —দ্য = জ্জ। তুল—অদ্য = অজ্জ (আজ)।

বিদ্যাশূন্য ভট্টাচার্য্য—[বিদ্যার্থে] না পড়ে পণ্ডিত দ্রঃ। তুল—ভূমিশূন্য রাজা।

বিবেক [দ্রঃ]—মানব হৃদয়ের মধ্যে থাকিয়া যে অনির্ব্বচনীয় পদার্থ মানুষকে সৎকার্য্যে উৎসাহ এবং কুকার্য্যে নিরুৎসাহ দান করে, যাহা অন্তরের মধ্যে সৎকার্য্য হেতু সন্তোষ এবং কুকার্য্য হেতু গ্লানি উৎপাদন করে ; conscience.

বিলান [দ্রঃ]—প্র—"আমি এখন অন্ন অন্যকে বিলাই"—বাং-গান।

বিসাবর (শা, র্) [বিশ্বম্ভর অপভ্রংশে প্রা-বাং] বি, বিশ্বম্ভর ; নারায়ণ। প্র—"বিসাবর কাণ্ডারী"—মাণিকচাঁদের গান।

বেঙ্গের আধুলি [বেঙ্গ দ্রঃ]—গল্পের বেঙ্গের আধুলির মত যে সামান্য ধনে লোক অহঙ্কৃত হয় ও ধরাকে সরা দেখে।

বেদনী (দো) [ব্রজ। বেদন (দ্রঃ। সমবেদনা) + ঈ (কারিণী অর্থে)] বিণ, সমবেদনাকারিণী ; ব্যথার ব্যথী নারী। প্র—"তুমি সে বেদনী সই"—পদকল্পতরু (সা, প, প, ১৩২৩, পৃ, ৪৭)।

বেয়াজ [দ্রঃ]—২। ব্যাজ দ্রঃ।

বৈদগধি—বৈদগ্ধ দ্রঃ।

বৈদ্য [দ্রঃ]—চন্দ্রবৈদ্য—[প্রাদে, শ্রীহট্ট। ময়মনসিংহের অঞ্চলবিশেষ] নাপিত জাতির নামান্তর। বিষবৈদ্য, বিষহর বৈদ্য—জাঙ্গুলিক, বেদে। মালবৈদ্য—সর্পবিষ চিকিৎসক ; সাপের ওঝা। রোগহর বৈদ্য—আয়ুর্ব্বেদীয় চিকিৎসাব্যবসায়ী ভিষক্ জাতি ; অম্বষ্ঠ দ্রঃ। লতাবৈদ্য—বারুই জাতির নামান্তর। শঙ্কুহরবৈদ্য—নাপিত জাতির নামান্তর। সোমবৈদ্য—চন্দ্রবৈদ্যের নামান্তর।

ব্যাকরণ [দ্রঃ]—দ্রঃ—সংস্কৃত ব্যাকরণ কেবল শব্দের ব্যুৎপত্তি ও পদরচনা প্রণালী শিক্ষা দেয় ; ইহা প্রকৃত পক্ষে শব্দব্যুৎপত্তি শাস্ত্র। বাং-য় কিন্তু, "ব্যাকরণ" ইং "গ্রামার" (দ্রঃ) অর্থে ব্যবহৃত এবং তাহার অনুসরণ ক্রমে সং "শিক্ষা শাস্ত্র", "বাক্যরচনা বা বাদার্থ", ছন্দোশাস্ত্র এমন কি অলঙ্কারাদি এবং ভাষা শুদ্ধ করিয়া লিখিতে বলিতে ও পড়িতে শিখাইবার যাবতীয় শাস্ত্র সাধারণতঃ ব্যাকরণের অন্তর্ভুক্ত করা হয়। অধুনা ইং-গ্রামারের ইটিমলোজি ভাগ "শব্দতত্ত্ব" এবং গ্রামার "ভাষাতত্ত্ব", ভাষা-বিজ্ঞান" "ভাষা শিক্ষা" প্রভৃতি নামে অভিহিত হইতেছে]।

ব্যানবেলা [বিহান দ্রঃ। গ্রা] বি, প্রভাত বেলা।

ব্যূহ [দ্রঃ]—যুদ্ধাদি সময়ে সেনাপতি কর্ত্তৃক বিশেষ বিশেষ কৌশলে বিন্যস্ত সৈন্যসমূহ। সাধারণতঃ ব্যূহ ৬ প্রকার, যথা—বজ্র, মকর, শকট, শ্যেন, সর্ব্বতোভদ্র এবং সূচী বা সূচীমুখ। পাণ্ডবগণ কুরুক্ষেত্র যুদ্ধে বজ্রব্যূহ নির্ম্মাণ করিয়াছিলেন। মহাভারতাদিতে উল্লিখিত অন্যান্য ব্যূহের নাম—অর্দ্ধচন্দ্র, ক্রৌঞ্চারুণ, গারুড়, চক্র, চক্রশকট, পদ্ম, ব্যাস, মণ্ডল, শৃঙ্গাটক এবং সাগর।

ব্রহ্মচুল (ব্রোম্‌হোচুল্) [ব্রহ্ম (ব্রহ্মতালুস্থ) চুল। প্রা-বাং "বঁমচুলি"। প্র—"সকল চুল কামাইও রাখিও বঁমচুলি।"—মাণিক, গান] বি, শিখা ; টিকি।

ভদরকুঁড়ে (র্) [ভদর (ভাদ্র হইতে) কুঁড়ে (অলস) ভাদ্রমাসের দিন যেমন এড়াইয়া গড়াইয়া যায় তদ্রূপ। এই অর্থে ভাদুরে কুঁড়েও বলে] বিণ, দীর্ঘসূত্রী ; অত্যন্ত অলস।

ভাঁড়ে মা ভবানী [ভাঁড় দ্রঃ]—ভাণ্ডার শূন্য।

ভাগের মা গঙ্গা পায় না [ভাগ দ্রঃ] ভাগাভাগির সংসারে একাধিক সন্তানের মার অন্তিমকালে সহোদরগণের মধ্যে এক অন্যের অপেক্ষা করিতে করিতে মার মৃত্যু হয় গঙ্গাযাত্রা করা আর ঘটিয়া উঠে না। লক্ষণায়, ভাগা-ভাগির কাজে কাহারও আন্তরিকতা না থাকায় কাজ সুসিদ্ধ হয় না।

ভাজা [ব্রজ। হি—ভাজ্‌না ভোগ্‌না হইতে, ভাগা দ্রঃ), মূলে ভঞ্জ ধাতু] ক্রি, ভাগা প্রস্থান করা ; পলায়ন করা। প্র—"রতি পতি ভয়ে ভাজে"—পদকল্পতরু (সা, প, প, ১৩২৩, পৃ ৪১)।

ভায়ই [ব্রজ। সং—ভ্রাতৃজায়া হইতে হি—ভাওয়াজ্, ভৌজাঈ। হি-তে ভাদ্রবধূ অর্থে ভাবী] বি, ভাতৃজায়া ; ভাজ। ২। ভাদ্রবধূ। প্র—"লোক চরচাতে ভাসুর ভায়ই, এমতি থাকিব আমি"—পদকল্পতরু (সা, প, প, ১৩২৩, পৃ ৪১)।

ভাসুর ভাদ্দর বৌ-সম্পর্ক [ভাসুর দ্রঃ]—হিন্দু সমাজে ভাদ্রবধূকে ভাসুরের সহিত কোন সংস্রব রাখিতে নাই এমন কি ছায়া পর্য্যন্ত মাড়াইতে নাই। তাহা হইতে যে সম্বন্ধে সান্নিধ্যও আপত্তিজনক।

ভিজা বিড়াল, ভিজে বেরাল [ভিজা দ্রঃ]—বিড়াল জলে ভিজিলে নিতান্ত নিরীহের মত জড়সড় ও শান্তভাবে থাকে কিন্তু ভিতরে ভিতরে তাহার হিংস্র প্রকৃতি যায় না: কারে পড়িয়া যে ভালমানুষের মত হয়।

ভূষণাই (য্) [ভূষণা (পরগণা ও নগর-বিশেষ; পরিঃ দ্রঃ)+আই (জাতার্থে)] বি, ভূষণায় নির্ম্মিত প্রসিদ্ধ মূল্যবান বস্ত্রবিশেষ। প্র—"বনাত মখ্‌মল্ পটু ভূষণাই খাসা। বুটাদার ঢাকাইয়া দেখিতে তামাসা॥"—রামপ্রসাদ সেনের বি, সু।

ভেদ [দ্রঃ]—শুক্রনীতি মতে প্রবল শত্রুর আশ্রয় গ্রহণ এবং অপেক্ষাকৃত হীন ব্যক্তির প্রবলী-করণ (রত্নমালা)।

ভ্রান্তিবিলসিত (বিলোশিত) [ভ্রান্তি—বিলসিত (দ্রঃ)] বিণ, ভ্রমাত্মক; ভ্রমসঙ্কুল। প্র—"আদ্যরসের উল্লেখ করিতে হইলে যে লেখনী ঘৃণাকর ও লজ্জাজনক বিষয় সকল উদ্‌গীর্ণ করিবে ইহা কেবল ভ্রান্তিবিলসিত।"—জয়গোপাল গোস্বামী।

ম [দ্রঃ] — প্রা-বাং—উ-পু — ভবিষ্যৎকালের ক্রিয়া বিভক্তি। প্রা-বাং "ইম" ও আধু-বাং প্রাদে—"ইমু" সংক্ষেপে। যথা—খাইমু=খাম। প্র—"সাপ খাম বিষ পেম চারি যুগে মুক্তি জীম"—মনসামঙ্গল (বিজয়) খৃঃ ১৫শ শতাব্দী।

ম [আমি দ্রঃ, ম ৭। দ্রঃ]—[দ্রঃ—সহস্রবর্ষ পূর্ব্বের বৌদ্ধ বাং-য় আমি অর্থে "মই," "মোএ," আমার অর্থে "মকু," "মহু," "মোর," "মোরি," "মোহোর," (দ্রঃ); আমার দ্বারা অর্থে "মই," "মহু," "মাই," "মাএ"; আমাকে অর্থে "মোহ"; আমাতে অর্থে "মঝি" শব্দের ব্যবহার ছিল। "মকু পঠা," "মই অহারিল গঅণত গণিআঁ" "তোএ সম করিবে ম সাঙ্গ" ইত্যাদি প্রয়োগ "বৌদ্ধগান ও দোহা" গ্রন্থে দ্রষ্টব্য]।

ম [সং—মা] অ, নিষেধে; না। প্র—"ম করহ" (করিও না। টীকায়—"মা করিষ্যসি")—বৌদ্ধগান ও দোহা।

মণ্ডল [দ্রঃ]—"দ্বাদশ রাজক" (বিশ্ব); সামন্ত রাজা; কামন্দকীয় নীতি (৮।১) মতে মণ্ডলাধিপের কোষ-দণ্ড-অমাত্য-দুর্গাদি সহায় থাকিত। তিনি দুর্গে থাকিয়া শাসন কার্য্য পরিচালন করিতেন।

মণ্ডল [দ্রঃ]—১৭। [গণিত পরিঃ (সা-প-প)] বি, পরিধি (দ্রঃ); great circle. খণ্ড মণ্ডল—বৃত্তখণ্ড sector of a circle segment of a circle. দৃঙ্মণ্ডল—দৃগ্‌-গোল; small circle. ১৮। [জ্যোঃ পরিঃ] প্রতিসূর্য্যক: উপসূর্য্যক; disc of the sun. (২) ইন্দুমণ্ডল; disc of the moon..

মৎস্যণ্ডিকা, মৎস্যণ্ডী (মোৎশোনডি) ["মৎস্যাণ্ডাকারত্বাৎ মৎস্যণ্ডী"—শব্দকল্পে] বি, খণ্ডবিকার; মিছরি। ২। নবাৎ, পাটালী। ৩। সারগুড়।

মদ্দনা [মদ্দানি দ্রঃ। মর্দ্দ+আনা—আনি (মর্দ্দের মত আচরণ) অপভ্রংশে মদ্দানা, মদ্দানি। পরে মদ্দনা] বি, পৌরুষ। প্র—"বলিলাও রাবণা দেখি মদ্দনা তোমার।"—রামা (কবি-চন্দ্র), ১৬শ শতাব্দীর বাং।

ময়নামন্তি, ময়নামন্ত্রী [ময়না দ্রঃ] বি, স্ত্রী, ময়নামতী। রায়বাহাদুর শরচ্চন্দ্র দাস মহাশয়ের মতে ইনি মালবরাজ ভর্ত্তৃহরির ভগিনী, বাঙ্গালী রাজা গোবিন্দচন্দ্রের মাতা এবং রাজা মাণিক-চন্দ্রের পত্নী। ঘনরামের ধর্ম্মমঙ্গলে ইঁহার নাম রঞ্জাবতী। ইনি খৃঃ একাদশ শতাব্দীর মধ্যভাগে বর্ত্তমান ছিলেন। প্র—"ধ্যানে বৈসে ময়ণামন্তি আপন গম্ভিরে।"—গোবিন্দচন্দ্র গীত। "ব্রহ্মা বলেন শুন ময়নামন্ত্রী রাণী"—ঐ (বঙ্গসাহিত্য-পরিচয়)। [দ্রঃ—মাণিকচন্দ্র রাজার গানে ইনি 'ময়না' ও 'ময়নামতি'; গ্রেজিয়রের—'মিনবতি' * * মালবের শ্রীপাল রাজার কন্যার নাম 'ময়নসুন্দরী'; * * কারওব্যূহের ভূমিকায় ধৃত বিজয়রাজ্যান্তর্গত ভক্তপুরের দুই রাণীর নাম, 'শ্রীময়নালক্ষ্মী', 'ময়না লক্ষ্মী'। মিঃ গ্রিয়ার্সন্ বলিয়াছেন 'রংপুরের উত্তর পশ্চিমে সব্‌ডিবিশনাল্ হেডকোয়াটরের ৯।১০ মাইল দক্ষিণ পূর্ব্বে ধর্ম্ম-পালের নগর। এই নগরের দুই মাইল পশ্চিমে মাণিকচন্দ্রের নগর। উহা এক্ষণে তাঁহার প্রসিদ্ধা স্ত্রীর নামে—'ময়নামতির কোট' বলিয়া কথিত হয়। এই মহিলা আরও অনেক বিশিষ্ট নগর নির্ম্মাণ করিয়াছিলেন, সেই সকল নগরের নাম, যাহা অদ্যাপি পাওয়া যায়, তন্মধ্যে আমি 'ময়নাতলীর হাট' ও 'ময়নাগুড়ী'র উল্লেখ করিতে পারি'—শিবচন্দ্র শীল মহাশয়ের টীকা, গোবিন্দচন্দ্র গীত, পৃঃ ৪১-৫২]।

মরণ [দ্রঃ]—**মরণকামড়**—মৃত্যু নিশ্চয় অথবা এই শেষবার জানিয়া প্রতিহিংসার জন্য প্রাণপণ চেষ্টা। **মরণবাড়**—বিনাশের পূর্ব্বলক্ষণ-স্বরূপ অতিবৃদ্ধি বা অতিশয় দর্প।

মশা মারিতে কামান পাতা [মশা দ্রঃ]—সামান্য কার্য্যে বৃহৎ আয়োজন করা (উপহাসার্থে)।

মহতী [মহৎ দ্রঃ]—প্র—"বাজত বীণ মহতী কপিনাস"—বি, প।

মহাভাব (মো, ব্) [মহা, দ্রঃ] বি, রাগাত্মিকা প্রেমভক্তির চরম দশা।

মহেষাস [দ্রঃ]—প্র—"নাদিলা ভৈরবে মহেষাস দূরে হেরি রামানুজ।"—মেঘনাদ।

মা [দ্রঃ]—[সং মা (নিষেধে) প্র—"মা কুরু ধনজন-যৌবনগর্ব্বং"। প্রা-বাং-য়—এই অর্থে প্রচলিত ছিল। প্র—"উজুরে উজু ছাড়ি মা লেহরে বঙ্ক"—বৌদ্ধগান ও দোহা।

মাগ্‌নার উপর টাক্‌না—যাহা মাগিয়া অর্থাৎ ভিক্ষা করিয়া আনা হইয়াছে তাহাতে ভাগ বসান।

মাতা [দ্রঃ]—৩। বিণ, মত্ত। প্র—"চলে যেন গজরাজ মাতা"—পদকল্পতরু (সা, প, প, ১৩২৩ পৃ, ৪১)।

মাৎস্যন্যায়—বৃহৎ মৎস্য যেমন ক্ষুদ্র মৎস্যকে গ্রাস করে তাহার ন্যায় বলবান কর্ত্তৃক দুর্ব্বলকে নাশ বা গ্রাস করা। প্র—"খৃষ্টীয় অষ্টম শতাব্দীতে মাৎস্য ন্যায় প্রচলিত হইয়াছিল"—সাহিত্য, ১৩২০।

মাথায় পা দিয়া ডুবান [মাথা দ্রঃ]=বামন-দেব কর্ত্তৃক বলিরাজার মাথায় পা দিয়া পাতাল প্রেরণের ভাব হইতে—সর্ব্বস্বান্ত করিয়া বিপদ-সাগরে ডুবান।

মার্গ [দ্রঃ]—প্রা-বাং—মাই। প্র—"জোইনি-মাই' (=যোগিনীমার্গ)—বৌদ্ধগান ও দোহা। [দ্রঃ—এই অর্থে উদ্ধৃত গ্রন্থে "মাগ" এবং "মাগা" শব্দও ব্যবহৃত হইয়াছে।

মিছরি [দ্রঃ]—[সং—মৎস্যাণ্ডী (পরিঃ দ্রঃ) হইতে মচ্ছণ্ডী—মিছরী, মিছরি। তুল—মৎস্যাক্ষী (হিঞ্চে শাক) হইতে হি-তে মচ্ছেচ্ছী ও মচ্ছরিয়া]।

মিনতি [দ্রঃ]—২। [সং—বিজ্ঞপ্তি হইতে প্রাকৃ—বিণত্তি, বিন্নত্তি—বিনতি—মিনতি (সা, প, প, ১৩২৩, পৃ ৫৪)] নিবেদন।

মুখসর্ব্বস্ব (মুখ্‌শর্বোশ্‌শো) [মুখ অর্থাৎ মুখের কথাই যাহার সর্ব্বস্ব বা সব] বিণ, যে মুখে খুব কাজের বড়াই করে অথচ কাজে কিছু করে না; বচনবাগীশ।

মুদামী [আ] বি, মুদাম দ্রঃ।

মূর্চ্ছল (ল্) [মুর্চ্ছল দ্রঃ] বি, বাদ্যযন্ত্রবিশেষ। প্র—"করতাল ভেঁউড় মুর্চ্ছল বাজে ঠাক্রি ঠাক্রি॥"—মাণিক, গান।

মুশখ্‌খসী (খো) [আ—মুশখ্‌খস্। আদা পরিঃ] বিণ, নির্দ্ধারিত; অপরিবর্ত্তনীয়; চিরস্থায়ী।

মুষা, মুসা [মুষিক হইতে। সন্ধ্যাভাষায়] বি, চিত্ত পবন। প্র—"মুসা পবণা" "তবসে মুষা উঞ্চল পাঞ্চল"—বৌদ্ধগান ও দোহা।

মেড়া [২। দ্রঃ]—প্র—"পৃথিবীর সকল ভেড়াই যদি মেড়া হয়ে ওঠে ত তা মারামারি করেই মেষবংশ নির্ব্বংশ হবে।"—সাহিত্য, ১৩০৯।

মেনে [দ্রঃ]—[সং—মন্ (জ্ঞানে, অববোধে, সম্ভাবনায়) ধাতুজ]।

মোগল [দ্রঃ]—তুর্কিস্থানে প্রাচীন আর্য্যজাতির শাখা বাস করিত। তাতারীরা তুর্কিস্থানে বিবাহাদি করিয়া ও ভাষা শিখিয়া মিলিয়া মিশিয়া যে জাতিতে পরিণত হয়, তাহা তুর্ক নামে অভিহিত হয়। মোঙ্গোলিয়া বা তাতারের বন্য জাতি হইতে এই তুকরা সম্পূর্ণ স্বতন্ত্র।

মোল্লার দৌড় মস্‌জিদ পর্য্যন্ত [মোল্লা দ্রঃ]—মোল্লার কাজ মস্‌জিদে নেমাজ পড়া ও পড়ান সুতরাং মস্‌জিদের খবরই তাঁহার ভাল রকম জানা থাকে তিনি বাহিরের খবর রাখেন না। তাহা হইতে যে যা কাজ করে সেই পর্য্যন্তই তার জ্ঞানের সীমা।

মৌটুস্‌কি [গ্রা। মৌ (মধু) টুস্‌কি (টুস্কি দ্রঃ) যে নারীর মুখের কথা মধুর মত টুস টুস করিয়া ক্ষরিত হয়। তুল—মুখের মধু] বিণ, যে স্ত্রীর মুখ দিয়া মধু ক্ষরিত হয়; মধুমুখী; অন্তরে যাহাই থাকুক বাহিরে যে মধুরভাষিণী; মুড়কীমুখী (দ্রঃ)।

মৌলিল [মউল দ্রঃ। প্রা-বাং] বিণ, মুকুলিত হইল। প্র—"নানা তরুবর মৌলিলরে"—বৌদ্ধগান ও দোহা (শাস্ত্রী)।

ম্যাণ্ডারিন্ [ইং—mandarin. সং—"মন্ত্রিন্" ম্যালেয়ান "মান্ত্রী" পর্ত্তু "মন্দারিম্" হইতে] বি, চীন দেশীয় উচ্চপদস্থ রাজকর্ম্মচারী। প্র—"সুশিক্ষিত ম্যাণ্ডারিন্‌গণ দ্বারা শাসনকার্য্য পরিচালিত হওয়ায় চীনের সমাজ ব্যবস্থা প্লেটোর আদেশানুযায়ী বলিয়া মনে হয়"—মানসী ও মর্ম্মবাণী, ১৩২৩, পৌষ।

ম্যাজ্‌ম্যাজ্ [মৃদু হইতে ম্যাজ, ভাবার্থে দ্বিত্ব। হি—মধ্যিম্। অসমীয়া ভাষায় মিজিং মাজাং। গ্রা] বি, মৃদু মৃদু ভাব; টিস্‌টিস্; মাটি মাটি। প্র—গা ম্যাজ ম্যাজ করা। বিণ, ম্যাজ্‌মেজে—মন্থর; টিসটিসে; sluggish.

যদুবংশ [যদু দ্রঃ]—যদুকুলের মত বহুবিস্তৃত বংশ।

যমের দোসর [যম দ্রঃ]—দোসর যম; দ্বিতীয় যম স্বরূপ; অতিশয় ভয়ানক লোক।

যাচিয়া মান কাঁদিয়া সোহাগ [যাচা দ্রঃ] যাহা আপনা হইতে আসিবে তাহা ভিক্ষা করিয়া বা কান্নাকাটি করিয়া লওয়ায় ফল নাই কারণ তাহাতে প্রকৃত বস্তু পাওয়া যায় না।

যুড়া [দ্রঃ]—৬। প্রাপ্তি হওয়া; লাভ হওয়া; মেলা; জুটা। প্র—"অনায়াসে যেবা যুড়ে তাহা মাত্র খায়"—ভাগবত (পরশুরাম)—বঙ্গ-সাহিত্যপরিচয়, পৃ ৮৯৮।

যো [দ্রঃ]—যো-সো—যেমন তেমন। যো-সো করিয়া [সং—"যেন তেন প্রকারেণ", যেমন তেমন করিয়া; কোন রকমে। প্রা-বাং—জোষো (বৌদ্ধগান ও দোহা)।

যোধপতি (জো, পো)—যোদ্ধৃপতি দ্রঃ। প্র—"সোই যোধপতি"—পদকল্পতরু। (সা, প, প, ১৩২৩)।

রড় [দ্রঃ]—লড (কম্পনে) ধাতুজ। লড় দ্রঃ।

রাইফেল (ল) [ইং—rifle] বি, পাক দেওয়া বা পেঁচান গর্ত্ত নালিকাস্ত্র বা বন্দুক-বিশেষ।

রাক্ষসী বেলা [রাক্ষস দ্রঃ]—পঞ্চদশ ভাগে বা মুহূর্ত্তে বিভক্ত দিবামানের শেষ তিন মুহূর্ত্ত কাল।

রাজি, রাজ্জি [রাজ্য হইতে, ব্রজ—রাজি, প্রা রাজ্জি] বি, রাজ্য। প্র—"মজিল গোকুল রাজি"—পদকল্পতরু (সা-প-প, ১৩২৩, পৃ, ১২)। রাজ্জির—রাজ্যের; রাশীকৃত। প্র—এক রাজ্জির জিনিস এনে ফেলেছে।

রাতবিরাত (ত, ত) [গ্রা—"দিন অদিন" এর ন্যায় "রাত অরাত" স্থলে "রাত বিরাত"। রাত (এখানে শুভ রাত্রি)—বি (বিপরীত অর্থাৎ অ=অশুভ কু ইত্যাদি অর্থে)—রাত] ক্রি-বিণ, শুভ অশুভরাত্রি; অনুকূল, প্রতিকূল নিশাকাল; সুরাত্রি ও কালরাত্রি।

রামরাজ্য [রাম দ্রঃ]—পরম সুখের রাজ্য।

রাহুর দশা [রাহু দ্রঃ]—যে গ্রহের দশায় লোকে প্রাণ পর্য্যন্ত হারায়; অত্যন্ত কষ্টের দশা। তুল—শনির দশা।

রাহুগ্রাস (রাহুগ্‌গ্রাশ্) [জ্যোঃ পরিঃ] বি, রাহুগ্রাহ; গ্রহণ; eclipse.

রিঝা [রিঝ (দ্রঃ)+আ (বাং-ক্রিয়ায়)] ক্রি, হৃদয়ঙ্গম করা; বুঝা। প্র—"দুঃখের সময় বিনা যথার্থ না বুঝে। কৃষ্ণ নাহি লয় মন শুনিলে না রিঝে।"—ভক্তমাল।

রুলিং [ইং—ruling. রুল দ্রঃ] বি, উচ্চ আদালতের বিধান। প্র—"রেখে দাও তোমার হাইকোর্টের রুলিং বা বিধান শিকেয় তুলে। এই রুলিং ঠাকুর গাঁ সম্বন্ধে, কিষণ-গঞ্জ সম্বন্ধে নহে"—নায়ক, অগ্রহায়ণ, ১৩২৩।

রে [দ্রঃ]—৬। নিমিত্তার্থক চতুর্থী বিভক্তি চিহ্ন। তুল—"কে" (জলকে যাব)। প্র—"কি ক্ষেণে জলেরে গেলুঁ।—পদকল্পতরু (সা-প-প, ১৩২৩, পৃ, ৪৩)।

ল [দ্রঃ]—৯। যোগ্যার্থক ক্রি-বিভক্তি। প্র—কহল; কহিল (দ্রঃ)। "লখিল নহে রূপ লখিল নয়"—পদকল্পতরু।

লক্ষ্মী [দ্রঃ]—লক্ষ্মীর বরযাত্রী [গ্রা—লোকখির বরযাত্তর]—যাহারা সুসময়ে অনুসরণ করে বা সঙ্গ লয় এবং দুঃসময়ে পরিত্যাগ করে; সুখের পায়রা। লক্ষ্মীর ভাণ্ডার—যে ভাণ্ডার কখনও শূন্য হয় না।

লড় (ড়) [লাড়া দ্রঃ। সং—লাড্ ধাতু লালনে তাহা হইতে হি—লাড (স্নেহ, লালন। তুল—লাড পেয়ার), প্রা-বাং—লড] বি, স্নেহ—তাহা হইতে দুগ্ধের স্নেহ। প্র—"দুধ মাঝেঁ লড় গচ্ছংতে দেখই"—বৌদ্ধগান ও দোহা।

লয়েন্তু [লওয়া ধাতুর প্র-পু—সম্ভ্রমার্থে লয়েন। প্রা-বাং—লয়েন্তু] ক্রি, লয়েন; গ্রহণ করেন; নেয়ন্ত দ্রঃ।

লহাই [প্রা-বাং। সং—নবীন—হি, নবল—ব্রজ—নয়লি—নহলী (দ্রঃ)—নহাই—লহাই] বিণ, নবীন; নূতন। প্র—"লহাই যৌবন পুড়্যা হবে ছারখার।"—গোবিন্দচন্দ্রের গান, বঙ্গ সাহিত্যপরিচয়, ১০৫।

লাটসাহেব [লাট দ্রঃ]—২। [বিদ্রূপার্থে] হর্ত্তাকর্ত্তা বিধাতাস্বরূপ। তুল—নবাব।

লামা [দ্রঃ]—তিব্বতী লাম্ (উচ্চ গুণসম্পন্ন ব্যক্তি)। সং—গুরু শব্দের সমার্থক (শরচ্চন্দ্র দাস, সি, আই, ই)] বৌদ্ধ হিনযানের পণ্ডিত ভিক্ষু।

লুকাঞ্জন (ন্) বি, যে অঞ্জন চখে পরিলে অন্যের অদৃশ্য থাকিয়া সমস্ত দেখা যায়। চোরেরা এই অঞ্জন ব্যবহার করে এরূপ প্রবাদ আছে। প্র—"কিরূপে আমার পুরে চুরি কৈল হার। * * * লুকাঞ্জন ভুচরী কি গুটিকা দ্বারায়।"—হরিলীলা (জয়নারায়ণ) বঙ্গ-সাহিত্যপরিচয়।

লে [নে দ্রঃ। নেহ=লেহ=লে] বি, স্নেহ; প্রীতি; প্রণয়। প্র—"সখি কে বলে মোহিনী সে, যদি সে সদয়ে অনুমতি দেয় তার সনে করি লে।"—চণ্ডীদাস।

লোটান [৪। দ্রঃ]—প্র—"দুর্য্যোধন-সহোদর পাপিষ্ঠ দুর্ম্মতি; কর্ণসনে তাহারে লোটাইব বসুমতী।"—মহা (বিজয়)।

শই, সঅ, সই [প্রা-বাং। সং—স্ব] বিণ, আপন। প্র—"শই পর রজ্জহ" (রজ্জহ =রম, অনুরক্ত হও), "সঅসম্বেঅণ" (স্বীয় সম্বেদন), "সই সম্বিতি ম করহু রে ধন্ধা"—বৌদ্ধগান ও দোহা।

শক্তের ভক্ত নরমের যম [শক্ত দ্রঃ] —প্রবলের নিকট বিনীত এবং দুর্ব্বলের নিকট সিংহবিক্রম প্রকাশকারী।

শিউলিছোপ (প) [ফুলের বোঁটায় শিউলীর মত পীতবর্ণ বলিয়া] বি, জলজ শাক-বিশেষ; তগরপাদিকা।

শিমুল ফুল [শিমুল দ্রঃ]—২। [দেখিতে সুন্দর কিন্তু গন্ধ হীন, লক্ষণায়] সুশ্রী কিন্তু গুণহীন। তুল—মাকালফল; রাঙ্গা মূলা।

শিয়ান (ন্) [সং—শ্যেন হইতে] বি, শ্যেন পাখী ; বাজ পাখী। প্র—"উড়াইল পারাবতে দৈবে গগনপথে আসি তাড়া দিলেক শিয়ান।" —কবিক।

শিয়াল [দ্রঃ]—**শিয়ালের ডাক**—একটা শিয়াল ডাকিলে সব শিয়াল ডাকিয়া উঠে। তাহা হইতে একজনকে কিছু বলিতে শুনিলে বা করিতে দেখিলে সঙ্গের সকলেই সেই মত বলে বা করে। **শিয়ালের যুক্তি**—গল্পের শিয়ালের মত নিত্য পরামর্শ হয় কিন্তু যুক্তিমত কাজ হয় না। **সব শিয়ালের এক রা**—শিয়ালের ডাকের মত একজন যেমন সুর ধরে স্বসম্প্রদায়ের সকলেই সেই সুরে যোগ দেয়।

শিরে সংক্রান্তি [শির দ্রঃ]—বিপদ মাথার উপর ; আসন্ন বিপদ।

শিব গড়িতে বাঁদর [শিব দ্রঃ]—ভাল করিতে মন্দ। প্র—"শিব গড়িতে বাঁদর হল এই কি বিধির বিড়ম্বনা।"—বাংগান।

শুঁড়ীর সাক্ষী মাতাল [শুঁড়ী দ্রঃ]—শুঁড়ী সর্ব্বদা মাতাল লইয়াই থাকে সুতরাং তাহার যাহা কিছু ঘটে মাতালেই দেখে ও মাতালই শুঁড়ীর মামলায় সাক্ষ্য দেয়।

শূয়ারে গোঁ [শূয়ার দ্রঃ]—ভয়ানক জেদ।

শেয়াকুল (ল্) [সং—শৃগালকোলি] বি, শ্যাকুল (দ্রঃ) নামক কাটা গাছ। **শেয়াকুল কাঁটা**—যে কাঁটায় কাপড় একবার জড়াইয়া গেলে সহজে ছাড়ান যায় না। [লক্ষণায়] যে লোক সহজে ছাড়ে না ; না-ছোড় বান্দা হইয়া বেড়িয়া ধরে।

শ্রীখণ্ডী (খো) [প্রা বাং] বি, মঙ্গলকর্ম্মে ব্যবহার্য্য বস্ত্রবিশেষ। ২। বিবাহে বরণের জন্য আলিপনা দেওয়া পিঁড়ি।

শ্রীহট্টিয়া (স্রহোট্টিয়া) বিণ, শ্রীহট্ট সম্বন্ধীয়। ২। বি, শ্রীহট্টের লোক।

শ্রেষ্ঠতর [শ্রেষ্ঠ দ্রঃ]—দ্রঃ—সং—ব্যাকরণানুসারে অশুদ্ধ, ইং-তেও শ্রেষ্ঠ শব্দ superlative degree. সুতরাং তাহাতে তর তম যোগ অতিরিক্ত। কিন্তু বাং-য় শ্রেষ্ঠ, শ্রেষ্ঠতর, শ্রেষ্ঠতম এই তিনরূপই প্রচলিত আছে। প্র—"মানব! চেতনাযুক্ত, বিবেকী, স্বাধীন জড় ওই সূর্য্য হ'তে কত শ্রেষ্ঠতর।"—রৈবতক (নবীনচন্দ্র সেন)। "শ্রেষ্ঠতম এ সৃষ্টিতে"—মাইকেল।

শোধক (ক্) [গণিত পরিঃ (ব্রহ্মস্ফুট সিদ্ধান্ত)] বি, কোন রাশি বা সংখ্যা হইতে কৃতবিযুক্ত রাশি বা সংখ্যা ; বিযোজ্য সংখ্যা বা রাশি ; subtrahend.

সকই (শ) [প্রা-বাং। সং—শক্ (সমর্থ হওয়া) হইতে হি—সক্না (পারা)] ক্রি, সমর্থ হয় ; পারে। প্র—"কহণ ণ সকই"—বৌদ্ধগান ও দোহা।

সক্ষম (শক্খম্) [সং—ক্ষম, মধ্য-বাং গদ্যে —ক্ষমযুক্ত (ক্ষম দ্রঃ), পরে কালীপ্রসন্ন ঘোষ বিদ্যাসাগর মহাশয় কর্ত্তৃক উদ্ভাবিত সক্ষম শব্দের প্রচলন হয়] বিণ, সমর্থ।

সঙ্কীর্ণ [দ্রঃ]—১০। মদমত্ত। প্র—"সঙ্কীর্ণ হস্তীর আধোরণের ন্যায় মদোদ্ধত, অন্যায়বৃত্ত রাজার নেতৃবর্গ নিন্দাভাগী হয়"—কামন্দকীয় নীতি (রত্নমালা)।

সঙ্গদোষ [সঙ্গ দ্রঃ]—কুসংসর্গের দোষ। **সঙ্গ দোষে গ্রাম নষ্ট**—কুসংসর্গের ফলে সমস্ত গ্রামের লোক অধঃপতিত হয়।

সতী সাবিত্রী [সতী দ্রঃ]—সাবিত্রী সমান সতী।

সদর মাল গুজার [সদর দ্রঃ] যিনি সাক্ষাৎ সম্বন্ধে গভর্ণমেণ্ট ট্রেজারিতে রাজস্ব দাখিল করেন।

সন্ [সন্ত (দ্রঃ) হইতে। প্রা-বাং] বি, সাধু পুণ্যাত্মা। প্র—"সন্ সন্ন্যাসী লইয়া বাল চলেন শিবের বাস॥"—শিবের গাজন (বঙ্গসাহিত্যপরিচয়, পৃ ১৫১)।

সন্ধ্যাভাষা (শো) [সন্ধ্যা দ্রঃ। সং চট্টল ও ত্রিপুরার চাক্‌মাভাষায় অপভ্রংশে "চন্দভাস"। তুল—বাং-য় ছন্দ বা ছাঁদে বলা] বি, সন্ধ্যার আলো আঁধারি বা আবছায়ার ন্যায় যে ভাষা কতক সহজ-বোধ্য কতক দুর্ব্বোধ্য অর্থাৎ স্পষ্টার্থ এবং গূঢ় ও অস্পষ্টার্থাত্মক ভাষা।

সফরিয়া [দ্রঃ]—৩। বিণ, সওদাগরী জাহাজী ; বাণিজ্য সংক্রান্ত। প্র—"সফরিয়া যত বস্ত্র"—মনসা-মঙ্গল (বংশীবদন)।

সভ্যাভিমানী (শোভ্ভ্যা) [সভ্য + অভিমানী] বিণ, সভ্য বলিয়া যাহার আত্মাভিমান আছে ; স্বীয় সভ্যতার গর্ব্বকারী। প্র—"সভ্যাভিমানী অনেকেও প্রবল নাস্তিকতাবশতঃ ধর্ম্মাধর্ম্মের বিচার ভুলিয়া যান"—সনাতনী। স্ত্রী, **সভ্যাভিমানিনী**।

সমকোষ্টমিতি (শ) [গণিত পরিঃ] বি, কালি ; ক্ষেত্রফল ; ফল ; area.

সমান-লম্ব-চতুর্ভুজ (শ, চো, জ্) [চতুর্ভুজ দ্রঃ। গণিত পরিঃ। লীলাবতী] বি, যে চতুর্ভুজের কোনও দুই বাহুই সমান্তরাল নহে ; trapezium.

সম্পাৎ (শ) [সং—অভিসম্পাত সংক্ষেপে। প্রা-বাং] বি, অভিশাপ। প্র—"গোক্ষনাথের সম্পাতে ভাণ্ডারে কিছু নাক্রি।"—গোবিন্দ-গীত।

সম্ভবনা (শ) [প্রা-বাং। সম্ভাবনা শব্দের পাঠান্তর। সম্ভাবনা ৭। দ্রঃ] বি, সম্পত্তি ; সম্বল। প্র—"সভে মাত্র নৃপতির সম্ভবনা এই॥"—সারদা মঙ্গল (দয়ারাম) বঙ্গসাহিত্যপরিচয়, পৃ, ১৪০২।

সরাসর [দ্রঃ]—২। প্র—"এই সংবাদ প্রাপ্ত হইয়া তিনি সরাসর লাহোরে যাত্রা করিলেন ; দেখিলেন লাহোর নিরাপদ।" —আইন-ই-আকবরী (বসুমতী)। বিণ, **সরাসরি**। প্র—"পুরির তিন ভিতে উত্তর পশ্চিম দক্ষিণ ভাগে সবাসরি লম্বা তিন দালান তাহাতে পশুগণের রহিবার স্থল"—প্রতাপাদিত্যচরিত্র, ১৫৩পৃ (১৮০১অব্দে শ্রীরামপুর প্রেসে মুদ্রিত)।

সসেমিরা (শশেমিরা) বি, ব্যাঘ্রভয়ে একবৃক্ষে গৃহীত-আশ্রয় গল্পের রাজপুত্র বিশ্বাসঘাতকতা করিয়া মিত্র ভল্লুককে বাঘের মুখে ফেলিয়া দিতে চেষ্টা করিলে ভল্লুক রাজপুত্রের গালে স সে মি রা বলিয়া চারিটি চপেটাঘাত করিয়াছিল, তদবধি রাজপুত্র গৃহে ফিরিয়া ঐ চারিটি শব্দ ব্যতীত আর কিছুই বলিতেন না। সকলে তাঁহাকে পাগল স্থির করিলে তাঁহার বহু চিকিৎসা হয়, কিন্তু তাহাতে কোন ফল হয় না। অবশেষে জনৈক পণ্ডিত ঐ চারিটি বর্ণাদিক চারিটি সংস্কৃত শ্লোকে বিশ্বাসঘাতকতার পাপ ও তাহার প্রায়শ্চিত্ত বিধি বুঝাইয়া দিলে রাজপুত্রের রোগ ভাল হয়। তাহা হইতে—বাক্‌স্ফূর্ত্তিহীনের অবস্থা। প্র—এক রকম সসেমিরে হয়েথাকা।

সা [হি—সা (সাদৃশ্যার্থে, সমানার্থে)। সং—সঃ (সমানার্থে)। প্রা-বাং] বিণ, তাদৃশ ; তেমন। প্র—"জিন রঅণ বিকসই সা"—বৌদ্ধগান ও দোহা। [রঅণ=রত্ন, বিকসই —বিকসিত]।

সাক্ষীগোপাল (শাক্‌খিগোপাল্) [অন্তর্যামী গোপাল ঠাকুর যিনি লোকের শুভাশুভ কর্ম্মের সাক্ষীস্বরূপ মাত্র অবস্থান করেন, পাপ পুণ্যের দণ্ড পুরস্কার দান করেন না। শ্রীক্ষেত্রে যাইবার পথে সাক্ষীগোপালের বিগ্রহ প্রতিষ্ঠিত আছে। শ্রীক্ষেত্র করিয়া ফিরিবার কালে যাত্রিগণের সাক্ষীগোপাল দর্শন করিয়া যাইবার বিধি আছে] বি, পুং, বিষ্ণুর মূর্ত্তিভেদ। ২। [লক্ষণায়] স্বয়ং নিষ্কর্ম্মা কিন্তু অন্যের কার্য্য দর্শনকারী ব্যক্তি।

সাট্টা [আদাঃ পরিঃ। হি—সট্টা (হি—সিট্টা =ধান্যাদির শীষ) হইতে] বি, অগ্রিম টাকা লইয়া শস্য দিবার চুক্তি পত্র বা একরার-নামা।

সাতখুন মাপ [সাত দ্রঃ]—সাতজনকে হত্যা করিয়াও দণ্ড হইতে অব্যাহতি। ইহা হত্যাকারীর প্রতি অথবা স্নেহ বা তাহার ধনবত্তা, ক্ষমতা, লোকরঞ্জকতা প্রভৃতির ফল।

সাতগাঁইয়া (শাত্) [সপ্তগ্রাম (বাঙ্গালার প্রসিদ্ধ হিন্দুপ্রধান গণ্ডগ্রামবিশেষ। এ গ্রামের

লোকেরা বিলক্ষণ চতুর বলিয়া প্রসিদ্ধ)—সাতগাঁ (অপভ্রংশে)+ইয়া। প্রা—সাত গেঁয়ে] বিণ. সপ্তগ্রামী; সপ্তগ্রামবাসী।

সাত গেঁয়ের কাছে মাম্‌দো বাজী—মামুদা দ্রঃ।

সাতলা (শাত্) [সাত নলা সংক্ষেপে] বি. পাখী মারা সাত নলা নামক যন্ত্র। প্র—"অক্ষটীর ভাস্যা গেল হাতের সাতলা॥"—বঙ্গসাহিত্য-পরিচয়, পৃ-১৩৮২ [অক্ষটী=আখেটিক, ভাস্যা=ভাসিয়া]।

সাদালতি (শাদালুতি, লোতি) [আ—সদারৎ (সভাপতিত্ব—মোড়লি) হইতে?] বি. সরফরাজি; অনাহূত মোড়লি।

সাধব (শাধব্) [সাধু (দ্রঃ) শব্দের বহুব] বি. সাধুগণ।

সাপে নেউলে [সাপ দ্রঃ]—স্বভাব শত্রুতার অবস্থা; চির শত্রুতার স্থল।

সাম [দ্রঃ]—৫। অতঃপর পরস্পর অনিষ্ট চিন্তা না করিয়া বরং সহায়তা করিব এইরূপ প্রতিজ্ঞা দ্বারা শত্রুর সহিত সন্ধি। ৬। [সায় দ্রঃ। সম্মতি—সমতি—সম—সাম] সম্মতি: সায়। ৭। [সঙ্গ—সাঙ্গ—সাঙ—সাম] যোগ। প্র—"অশেষ করুণা করে রাণী কেন্দে সারা। সামান্তের প্রায় তায় সাম দেন তারা॥"—কালিকামঙ্গল (দ্বিজ কালিদাস)—বঙ্গসাহিত্য-পরিচয়।

সামান [দ্রঃ]—৩। [সং—সংমান (সং—মা=পরিমাণ করা, ধারণ করা—অনট্) হইতে হি—সমানা] ধারণ করা: ধারণ করান: ধরিয়া যাওয়া: স্থান হওয়া। বি. সামাই।

সায় [দ্রঃ]—৪। [সহি—সই—সায় অথবা সম্মতি—সমতি—সাম—সায়]।

সারখত (শারখত্) [আদাঃ পরিঃ। সরখত দ্রঃ] বি. লিখিত চুক্তিপত্র।

সিধারা [ব্রজ। হি—সিধারনা (প্রস্থান করা; যাওয়া)। সং—সিধ্ (গমনে) ধাতুজ] ক্রি. গমন করা; প্রস্থান করা। প্র—"রাই মানাইতে, আপে সিধারহ কান।"—পদকল্পতরু (সা-প-প, ১৩২৪, পৃ. ৫৭)।

সূচীখাত (শু, ত্) [গণিত পরিঃ। লীলাবতী। কোণ দ্রঃ] বি. সমকোণী ত্রিভুজ কর্ত্তৃক সমকোণ সন্নিহিত একতর বাহু ধরিয়া পরিভ্রমণ হইতে উৎপন্ন ঘনক্ষেত্র; মোচার অগ্রভাগ পার্শ্বাপার্শ্বি ভাবে ছেদন করায় উৎপন্ন ক্ষেত্র: সূচী: cone.

সুলুক (শুলুক্) [আ—সুলূক্ (পথ)] বি. পথ; সন্ধান: উপায়। ২। [ফা—সুরাখ্ (সন্ধি)] রন্ধ্র: প্রবেশপথ। **সন্ধান সুলুক**—সন্ধান ও সন্ধি দ্রঃ। তুল—অন্ধি সন্ধি।

সেই [দ্রঃ]—**সেই সে**—[পদ্যে। সে—ই=হি (নিশ্চয়ার্থে, বলপ্রয়োগার্থে), পরবর্ত্তী "সে" অতিরিক্ত] স. সেই; সেহি দ্রঃ।

সেসি [সে হি দ্রঃ। অতি প্রা-বাং-য় সহি (সং—সএব), প্রা-বাং-য় (১৭ শতাব্দী) সেসি। প্রা-বাং-য় "সি"=হিন্দী ও ব্রজ—"হি"=আধু-বাং "ই" (তুল—ভৈলেসি=হইলেই—বৌদ্ধগান ও দোহা)] স. সেই: সেইসে। প্র—"যাকে যার অভিরুচি সেসি তারে ভায়ে।"—গোপালবিজয়, দৈবকীনন্দন (বঙ্গসাহিত্য-পরিচয়, পৃ. ৮৪৩)।

হাইবাস [দ্রঃ]—২। [অধ্যাস হইতে?] ভ্রম। প্র—"হরের ধনুক ভাঙ্গি আমা বিভা কৈলে। আমার হাইবাসে প্রভু বুকে কোল দিলে॥"—রামা. ঘনশ্যাম দাস (বঙ্গসাহিত্য-পরিচয়)। ৩। [অভাব বা হা হুতাশ হইতে?] বিয়োগ-দুঃখ: শোক। প্র—"আপনি মরিল রাজা রামের হাইবাসে"—ঐ, পৃ. ১৩৫৩।

হাজত [দ্রঃ]—২। [আ] প্রয়োজন। **হাজত ইর্সাল**—[জমীঃ পরিঃ] মালিকের প্রয়োজন মত দ্রব্যাদি পরিদ দ্বারা যে মুনফা রাজস্ব স্বরূপ গ্রাম হইতে জমীদারের নিকট অথবা জেলা ট্রেজারীতে এবং তথা হইতে গবর্ণমেন্টের প্রধান তহবিলে প্রেরিত হয়।

হোর (হ্) [প্রা পঞ্জাবী—হোর, হৌর (আর দ্রঃ)] অ. আর। প্র—"হোর দেখ নব নব গৌরাঙ্গ মাধুরী"—পদকল্পতরু (সা-প-প ১৩২৩ পৃ. ৪৬)।

সমোচ্চার্য্য শব্দাভিধান

অংশ—বিভাগ।
অণু—সূক্ষ্মতম পদার্থ।
অদিন—অশুভ দিন।
অনিল—বায়ু।
অন্ন—আহার্য্য।
অন্নদা—অন্নদাত্রী।
অন্নপুষ্ট—আহারপুষ্ট।
অবশ—অবাধ্য; অনধীন।
অভিত—সম্মুখে; চতুর্দ্দিকে।
অমুক—নির্দ্দিষ্ট।
অর্ঘ—মূল্য।
অলিক—কপাল।
অশক্ত—অক্ষম।
অশঙ্ক—শঙ্কাহীন।
অশন—ভোজন।

অংস—স্কন্ধ।
অনু—পশ্চাৎ।
অদীন—অকাতর; ধনী।
অনীল—নীল নহে।
অন্য—অপর।
অন্যদা—অন্যদিন।
অন্যপুষ্ট—পরভৃৎ।
অবস—রাজা; সূর্য্য।
অভীত—নির্ভয়।
অমূক—মূক নহে।
অর্ঘ্য—পূজা।
অলীক—মিথ্যা।
অসক্ত—নির্লিপ্ত।
অসংখ্য—সংখ্যাহীন।
অসন—ত্যাগ।

অশিত—ভক্ষিত।
অশীলতা—অশিষ্টতা।
অশূর—অবীর।
অশ্ব—ঘোড়া।
আণ—শব্দ।
আণক—ক্ষুদ্র।
আপণ—দোকান।
আভাষ—আলাপ।
আশা—ভরসা।
আশি, আশী—৮০।
আশিয়া, আসিয়া—প্রাচীন মহাদেশ।
আশীস্—আশীর্ব্বাদ।
আস্তিক—বেদবিশ্বাসী।
আহুতি—হোম।

অসিত—কৃষ্ণ।
অসিলতা—তরবাল।
অসুর—দৈত্য।
অস্ব—নিজের নয়।
আন—অন্য।
আনক—দুন্দুভি।
আপন—স্বীয়।
আভাস—ঈষৎ প্রকাশ।
আসা—আগমন।
আসি—আগমন করি।
আসিয়া—আগমন করিয়া।
আশীষ—আশীর্ব্বাদ।
আস্তীক—মুনি জরৎকারুর পুত্র।
আহূতি—আহ্বান।

ইতি—এই পর্য্যন্ত।	ঈতি—ষড়্‌বিধ শস্যন্ন উৎপাত।
ইষ—আশ্বিন।	ইস্—বিস্ময়ে। ঈশ—ঈশ্বর।
ইহা—এই।	ঈহা—ইচ্ছা ; চেষ্টা।
উনি—তিনি।	ঊণী—পশমী।
ঋণ—কর্জ্জ।	রীণ—গত ; ক্ষরণশীল।
ঋত—সত্য।	রীত—প্রথা।
ঋতি—পথ ; গতি।	রীতি—প্রথা।
ঋষ্টি—যমধার অসি।	রিষ্টি—অমঙ্গল।
এত—এ পর্য্যন্ত, এ পরিমাণ।	এত—ইহা বা এই ত।
এণ—কৃষ্ণসার মৃগ।	এন—দোষ ; পাপ।
কটি—কোমর।	কোটি, টী—শতলক্ষ ; অগ্র।
কশা—চাবুক।	কষা—কষায় রস। কসা—আঁটাল।
কাচ, কাঁচ—পরকলা।	কাচ—কৌশল।
কুল—বংশ।	কূল—তট।
কৃত—সৃষ্ট।	ক্রীত—মূল্যে গৃহীত।
কৃতদাস—ভৃত্যে পরিণত।	ক্রীতদাস—গোলাম।
কৃত্ত—কর্ত্তিত।	কৃত্য—করণীয়।
কোণ—বিদিক্।	কোন্—কে, অনির্দ্দিষ্ট।
কোষ্ঠী—জন্মপত্রিকা।	কষ্টি—কষ্টি পাথর।
খরা—রৌদ্র।	ক্ষরা—ক্ষরণ করা।
গড়ুর—গাড়ু।	গরুড়—খগপতি।
গিরিশ—শিব।	গিরীশ—বাক্‌পতি : শিব ; হিমালয়।
গোলক—ভাঁটা।	গোলোক—বিষ্ণুলোক।
চতুর্—চার।	চতুর—চালাক।
চিৎ—চেতনা।	চিত—চিত্র ; কৃত চয়ন।
চিত্ত—মন।	চিত্য—অগ্নি।
চির—দীর্ঘ।	চীর—বস্ত্রখণ্ড।
চূত—আম্র।	চ্যুত—স্খলিত।
জব—বেগ।	যব—যব ধান্য।
জাত—উৎপন্ন।	যাত——গত।
জাত (ত্)—জাতি।	যাত—যন্ত্র ; যাতি।
জাতি—বর্ণ ; সম্প্রদায়।	জাতী—পুষ্পবিশেষ।
জান—প্রাণ।	যান—বাহন।
জাল—ফাঁদ।	জ্বাল—অগ্নিশিখা।
জালা—বৃহৎ কলস।	জ্বালা—দহন।
জিন—বুদ্ধ।	জীন—জীর্ণ।
ঠক্—শব্দ।	ঠগ—শঠ।
তদীয়—তাহার।	ত্বদীয়—তোমার।
তক্—পর্য্যন্ত।	ত্বক—দেহাবরক চর্ম্ম।
দশন্—দশ।	দশন—দাঁত।
দশাশ্ব—চন্দ্র।	দশাস্য—দশমুখ ; রাবণ।
দার—পত্নী।	দ্বার—দরজা।
দারা—পত্নী ; নারী।	দ্বারা—কর্ত্তৃক।
দিন—দিবস।	দীন—দরিদ্র।
দ্বিপ—হস্তী।	দ্বীপ—জলবেষ্টিত ভভাগ।

দুকুল—দুই বংশ।	দুকূল—দুইতট ; ক্ষৌমবস্ত্র।
দুর্—বহিষ্করণে।	দূর—ব্যবধান ; তফাৎ।
দূত—চর।	দ্যূত—পাশাখেলা।
দেশ—ভূভাগ।	দ্বেষ—ঈর্ষা।
ধন—সম্পত্তি।	ধ্বন্—শব্দ।
ধনি—সুন্দরী।	ধনী—ধনবান্। ধ্বনী—শব্দ।
নিরাশ—হতাশ।	নিরাস—বর্জ্জন। নীরাশ—জলাহার।
নিবার—বারণ।	নীবার—উড়ি ধান্য।
পক্ষ—পাখা ; মাসার্দ্ধ ; দল।	পক্ষ্ম—চক্ষুপত্রস্থ রোম।
পদ্য—কবিতা।	পদ্ম—কমল।
পরশ্ব—পরদিন।	পরস্ব—পরধন।
পলল—মাংস ; পঙ্ক।	পল্বল—ডোবা।
পাণি—হস্ত।	পানি—জল।
পিতা—জনক।	পীতা—হরিদ্রা।
পিন—সূচী।	পীন—স্থূল।
পুৎ, পুত—পুত্র।	পূত—পবিত্র।
বঙ্গ—বাঙ্গালা দেশ।	ব্যঙ্গ—বিকলাঙ্গ। ব্যঙ্গ্য—ব্যঞ্জনা-বৃত্তিবোধ্য।
বন্ধ—বাঁধন।	বন্ধ্য—নিষ্ফল।
বর্জ্জ্য—ত্যাজ্য।	বর্য্য—শ্রেষ্ঠ।
বর্ণ—রঙ্।	ব্যর্ণ—ক্লিষ্ট।
বাণ—শর।	বান—বন্যা।
বলি—অর্ঘ্য।	বলী—বলবান্।
বলিন—শ্লথমাংসযুক্ত।	বলীন—বৃশ্চিক।
বাণি, বাণী—সরস্বতী ; বাক্য।	বানি—পারিশ্রমিক ; শুল্ক।
বাণ—শর।	বান—বন্যা।
বিট—লম্পট : বিট পালম শাক ; বিট চিনি।	বীট—বিট পালম : বিট চিনি।
বিদুর—পাণ্ডুভ্রাতা ; জ্ঞানী।	বিদূর—সুদূর।
বিনা—ব্যতীত।	বীণা—তন্ত্রী বাদ্য।
বিবর—গর্ত্ত।	বীবর—জলজন্তুবিশেষ।
বিল্—চালান ; রসীদ।	বিল—জলাভূমি ; বিল্ল।
বিল্ল—নিম্ন জলাভূমি।	বিল্ব—বেল।
বিশ—২০।	বিষ—গরল। বিস—মৃণাল।
বেণ—পৃথুরাজার পিতা।	বেন—বিমান।
ব্যসন—দুঃখ ; বিপদ।	বসন—বস্ত্র।
ভাণ—ছল।	ভান—প্রকাশ।
ভাষণ—কথন।	ভাসন—আভাস : দীপ্তি।
ভাষা—কথা।	ভাসা—প্রকাশ ; আভা ; অমঞ্জন।
মণ—৪০ সের।	মন—চিত্ত।
মতি—বুদ্ধি।	মোতি—মুক্তা।
মহিত—পূজিত।	মোহিত—মুগ্ধ।
মাণ—কচু।	মান—পরিমাণ ; মান্য ; অভিমান।
যজ্ঞ—হোম।	যোগ্য—উপযুক্ত।

যতি—মুনি। জ্যোতিঃ—দীপ্তি।
যাগ—যজ্ঞ। জাগ—জাগরিত হওয়া।
রাগিণী—সঙ্গীতের রাগপত্নী। রাগি নি—রাগ করি নাই।
লক্ষ—শতসহস্র। লক্ষ্য—দ্রষ্টব্য ; উদ্দেশ্য।
লক্ষণ—চিহ্ন। লক্ষ্মণ—রাম ভ্রাতা।
শং—ভাল ; সুখ। সং—সম্যক্। সঙ্—বিদূষক।
শক—শকাব্দ। সক—বাসনা ; সাধ।
শকট—গাড়ী। সকট—সেওড়া গাছ।
শকল—খণ্ড। সকল—সমস্ত।
শকুল—শোলমাছ। সকুল—একগোষ্ঠী।
শকৃৎ—বিষ্ঠা। সকৃৎ—একবার।
শক্ত—সমর্থ। সক্ত—আসক্ত।
শঙ্কর—শিব। সঙ্কর—মিশ্র।
শঙ্খ—শাঁখ। সংখ্য ; সঙ্খ্য—সংখ্যাযোগ্য।
শঙ্খক—হাতের শাঁকা। সঙ্খ্যক ; সংখ্যক—সংখ্যাবিশিষ্ট।
শন—পাট। সন—বৎসর। স্বন—শব্দ।
শত—১০০। স্বতঃ—আপনা হইতে।
শতী—শতযুক্ত। সতী—সাধ্বী।
শপ্ত—শাপগ্রস্ত। সপ্ত—সাত : ৭।
শব—মৃতদেহ। সব—সমস্ত।
শবল—কর্ব্বুরবর্ণ। সবল—বলবান্।
শম—শান্তি। সম—তুল্য।
শমন—যম। সমন—আদালতের ডাক।
শম্বর—শম্বরাসুর ; মৃগ। সম্বর—জল ; সংবরণ।
শয্যা—বিছানা। সজ্জা—পোষাক।
শর—বাণ। সর—মাখন। স্বর—কণ্ঠধ্বনি।
শরণ—আশ্রয়। স্মরণ—স্মৃতি।
শর্ব্ব—শিব। সর্ব্ব—সমস্ত।
শশা—ফলবিশেষ। স্বসা—ভগিনী।
শরল—বৃক্ষবিশেষ। সরল—ঋজু ; অকপট।
শান—পাথর। সান—সংজ্ঞা। স্বান—শব্দ।
শাত—সুখ। সাত—৭।
শাদ—কর্দ্দম ; শষ্প। স্বাদ—আস্বাদন।
শাদি, শাদী—বিবাহ। সাদী—অশ্বারোহী।
শান্ত—শিষ্ট। সান্ত—অন্তযুক্ত।
শাপ—অভিশাপ। সাপ—সর্প। স্বাপ—নিদ্রা।
শাম—শান্তি। শ্যাম—কৃষ্ণ। সাম—বেদ, মন্ত্র, গান।
শাম্ভবী—দুর্গা। সাম্ভবী—সম্ভাবনা ; রক্তলোধ্র।
শার—কর্ব্বুর বর্ণ ; সতরঞ্চ খেলার বোড়ে। সার—মজ্জা ; নির্য্যাস।
শারদা—দুর্গা। সারদা—সরস্বতী।
শারি—পাশার গুটি। সারি, সারী—শালিক পাখী ; শ্রেণী।

শাল—শাল গাছ ; পশমী গাত্র-বস্ত্রবিশেষ। সাল—বৎসর ; পশমী গাত্র-বস্ত্রবিশেষ।
শিক—শলাকা। সিক—নানকপন্থী শিখ।
শিকার—মৃগয়া। স্বীকার—অঙ্গীকার।
শিক্যা—ঝুলা, শিকে। সিক্কা—কোম্পানীর মুদ্রা।
শিতি—কালবর্ণ। সিতি—শ্বেতবর্ণ।
শিল—পাষাণ। শীল—চরিত্র। সীল—জলজন্তু-বিশেষ।
শিষ, শীষ—শীধ ; শূক। সিস, শিশ—বংশীধ্বনি।
শীত—জাড্য। সিত—ধবল।
শুঁড়ি—মদ্যবিক্রেতা। সুঁড়ি—সরু।
শুক—টিয়াপাখী। শূক—শুঁয়া। সূক—বাণ ; পদ্ম।
শুক্ত—তিক্ত ঝোল। সূক্ত—সুন্দরভাবে উক্ত ; বেদাংশ।
শুক্তা—তিক্ত ঝোল। সূক্তা—সালিক পাখী।
শুক্তি—ঝিনুক। সূক্তি—সুবচন ; বেদমন্ত্র।
শুচি—শুদ্ধ। সূচী—ছুঁচ ; শলাকা ; নির্ঘণ্ট।
শুনা—শ্রবণ করা। সূনা—কন্যা।
শুনু—শূন্য। সুনু—জল। সূনু—পুত্র। সূনূ—কন্যা।
শুষির—সরন্ধ্র। সুশির—সুমস্তক।
শূর—বীর। সুর—দেব ; স্বর। সূর—সূর্য্য।
শোর—শুয়ার। সোর—গোল।
শ্যেন—বাজ পাখী। সেন—শূর ; জাতীয় উপাধি।
শ্রবণ—কর্ণ। স্রবণ—ক্ষরণ।
শ্রুত—আকর্ণিত ; প্রসিদ্ধ। স্রুত—ক্ষরিত।
শ্বশ্রূ—শাশুড়ী। শ্মশ্রু—গোঁপ দাড়ী।
সত্ত্ব—আত্মা ; প্রাণী ; বল। সত্য—প্রকৃত। স্বত্ব—স্বামিত্ব।
সদ্ম—আলয়। সদ্য—এখনি ; উপস্থিত।
সপুত্র—পুত্রসহ। স্বপুত্র—নিজপুত্র।
সর্গ—সৃষ্টি ; পরিচ্ছেদ। স্বর্গ—দেবলোক।
সহিত—সহ। স্বহিত—আত্মকল্যাণ।
সামি—অর্দ্ধাংশ। স্বামী—পতি, প্রভু।
সার্থ—বণিক্। স্বার্থ—স্ব প্রয়োজন।
সুত—পুত্র। সূত—সারথি। সূতো—সূত্র।
সুদ—কুসীদ। সূদ—পাচক।
হারি—পরাজয়। হারী—হারযুক্ত ; গ্রাহী।
হালি—নূতন ; হাল। হালী—হলধর ; চাষা।
হুতি—হোম। হূতি—আহ্বান।
হুন—মুদ্রাবিশেষ। হূন—ম্লেচ্ছজাতিবিশেষ।

সংস্কৃত ধাতু ও ধাত্বর্থ

(বৈ=বৈদিক ধাতু। সৌ=সৌত্র ধাতু)

অংশ—বিভাজন।
অংস—বিভাজন, সমাঘাত।
অংহ—গতি।
অক্—বক্রগতি, চিহ্নকরণ।
অক্ষ্—ব্যাপন, সংহতি।
অগ্—বক্রগতি, গমন।
অঘ্—পাপকরণ, গমন।
অঙ্ক্—গতি, চিহ্নীকরণ, অঙ্কন্।
অঙ্গ্—গতি।
অঙ্ঘ্—গতি।
অচ্—পূজা ; গমন।
অজ—ক্ষেপণ, গতি।
অঞ্চ্—পূজা, গতি, যাচন, অব্যক্ত শব্দ।
অঞ্জ্—প্রকাশ, গতি, কান্তি, ম্রক্ষণ, মষণ।
অট্—গতি, ভ্রমণ।
অট্ট্—অনাদর, হিংসা, অতিক্রম।
অঠ্—গতি।
অড্—উদ্যম।
অড্ড্—নির্বাহ, অভিযোগ।
অণ্—শব্দ,জীবন।
অণ্ঠ্—গতি।
অত্—ভ্রমণ, নিরন্তর গমন, প্রাপণ।
অন্তি—বন্ধন।
অদ্—ভক্ষণ।
অদি—বন্ধন।
অন্—যাচন।
অনজ্—লেপন।
অন্ত্—বন্ধন।
অন্দ—বন্ধন।
অন্ধ্—দৃষ্টিক্ষয়, উপসংহার।
অব্—শব্দ।
অভ্—শব্দ।
অভ্র্—গতি।
অম্—গতি, শব্দ, সেবা, রোগ।
অম্ব্—গতি, শব্দ।
অয়্—গতি।
অর্ক—তাপন, স্তুতি।
অর্ঘ্—পূজন, ক্রয়, হিংসা।
অর্চ্—পূজা।
অর্জ্—লাভ, উপার্জন, সংস্কার।

অর্থ্—যাচন।
অর্দ—যাতনা, গতি, পীড়ন, হিংসা।
অর্ব্—গতি, হিংসা।
অর্হ্—পূজা, সমর্থীভাব।
অল্—ভূষণ, পর্য্যাপ্তি, নিবারণ।
অব্—রক্ষণ, প্রীতি, শোভা, গতি, ঐশ্বর্য্য, তৃপ্তি, প্রবেশ, শ্রবণ, অবগম, সামর্থ্য, অনুষ্ঠান, যাচন, প্রাপ্তি, আদান, ত্যাগ, বৃদ্ধি, দীপ্তি, আলিঙ্গন, হনন, ইচ্ছা।
অবধীর—অবজ্ঞা।
অশ্—ব্যাপন, পূরণ, আচ্ছাদন, রাশীকরণ, সংঘাত, প্রাপ্তি, ভোজন।
অস্—গতি, দীপ্তি, আদান, উৎপত্তি, বিদ্যমানতা স্থিতি, ক্ষেপন।
অস—অনাদর।
অহ্ন—গমন। ২। (বৈ) ব্যাপ্তি।
আঞ্জ, আঞ্জি } দৈর্ঘ্য, আয়াম।
আন্দোল্—দোলন, অনুশীলন।
আপ্—ব্যাপন, প্রাপ্তি।
আস্—উপবেশন, সত্তা, বাস, স্থিতি।
ই—গতি।
ইক্—স্মরণ।
ইখ্, ইখি } গমন।
ইঙ্—অধ্যয়ন।
ইঙ্গ্—গমন।
ইট্—গমন।
ইণ্—গমন, প্রাপ্তি, স্মরণ
ইদি, ইন্দ্ } পরমৈশ্বর্য্য।
ইন্—বিনাশ।
ইন্ধ্—দীপ্তি।
ইন্ব্—ব্যাপ্তি, প্রীণন।
ইল্—নিদ্রা, স্বপ্ন, ক্ষেপণ, প্রেরণ।
ইবি—ব্যাপ্তি।
ইষ্—ইচ্ছা, গমন, পুনঃ পুনঃ করণ।
ঈ—গতি, ব্যাপ্তি, ক্ষেপণ, ইচ্ছা, ভোজন, গর্ভধারণ।
ঈক্ষ্—দর্শন।

ঈখ্, ঈখি } গতি।
ঈঙ্—গতি।
ঈঙ্খ্—গতি।
ঈঙ্গ্—গতি।
ঈজ্, ঈজি, ঈঞ্জ্—গতি নিন্দা
ঈড়্—স্তুতি।
ঈতি—বন্ধন।
ঈন্ত্—বন্ধন।
ঈর—গতি, কম্পন।
ঈর্ক্ষ—অক্ষান্তি।
ঈর্ষ্য—ঈর্ষ্যা।
ঈশ্—ঐশ্বর্য্য, প্রভুতা।
ঈষ্—গতি, হিংসা, উঞ্ছবৃত্তি, দান, দর্শন।
ঈহ্—চেষ্টা, ইচ্ছা।
উ—শব্দ।
উক্ষ্—সেচন, বর্ষণ।
উখ্, উখি } গতি।
উঙ্—শব্দ।
উঙ্খ্—গতি।
উচ্—সমবায়, মিশ্রণ।
উচ্ছ্—বিবাস, নিবাস, সমাপ্তি।
উচ্ছি—উঞ্ছ, শিল।
উজ্ঝ্—ত্যাগ।
উঞ্ছ্—উছি দ্রঃ।
উঞ্ছী—সমাপ্তি, বন্ধন, ত্যাগ, বিবাস।
উঠ্—উপঘাত।
উড়ু—(সৌ) সংহতি।
উদ্—(সৌ) আঘাত।
উধ্রস্—উঞ্ছবৃত্তি।
উন্দ, উন্দী } আর্দ্রীভাব, ক্লেদন।
উন্ভ্—পূরণ।
উভ্—পূরণ।
উব্জ্—সারল্য, আর্জ্জব

উন্দ্—পূরণ।
উর—(সৌ) গতি।
উর্দ্—পরিমাণ, আস্বাদ, ক্রীড়া।
উর্ব্—হনন।
উল—(সৌ) দাহ।
উষ্, উষু } দাহ, বধ।
উহ্, উহির্ } বধ, ভোজন।
ঊঠ্—উপঘাত।
ঊন্—ক্ষয়, হানি
ঊয়্, ঊয়ী } সীবন।
ঊর্জ্—বল, প্রাণন।
ঊর্ণু—আচ্ছাদন।
ঊষ্—রোগ।
ঊহ্—বিতর্ক, সম্ভাবনা।
ঋ—(বৈ) গতি, প্রাপণ।
ঋচ্—স্তুতি।
ঋচ্ছ্—গতি, কাঠিন্যভাব, মূর্ত্তি।
ঋজ্—গমন, স্থিতি, অর্জন।
ঋণ্, ঋণু } গতি।
ঋত্—(সৌ) জুগুপ্সা, কৃপা।
ঋতি—(সৌ) জুগুপ্সা, কৃপা, গতি, বৃদ্ধি, হিংসা।
ঋধ্—বৃদ্ধি।
ঋফ্, ঋম্ফ্ } হিংসা।
ঋষ্—গতি।
ৠ—গতি।
এজ্—কম্পন, দীপ্তি।
এঠ্—শাঠ্য।
এধ্—বৃদ্ধি।
এষ্, এষৃ }
ওখ, ওখৃ } শোষণ, ভূষণ, নিবারণ, সামর্থ্য।
ওজ—বল, তেজঃ।
ওণ্—অপনয়ন।
ওলজি } উৎক্ষেপ।
ওলডি, ওলণ্ড্ } উৎক্ষেপ।

কংস্—কস্ দ্রঃ।
কক্—লৌল্য, চঞ্চলীভাব, গর্ব্ব, ইচ্ছা।
ককি—গমন।
কক্ক্—হসন।
ককৃখ—হসন।
কখ্—হসন।
কগ্—গমন।
কঙ্ক—গমন।
কচ্—বন্ধন, দীপ্তি।
কজ্—মদ।
কজি—(সৌ) জন্ম।
কঞ্চ্—বন্ধন, দীপ্তি।
কট্—গতি, আবরণ, বর্ষণ।
কঠ্—কৃচ্ছ্রজীবন।
কড্—মত্তীভাব, ভক্ষণ।
কড্ড—কর্কশীভাব।
কঠি—কঠ্ দ্রঃ।
কডি—মদ, হর্ষ, ভেদন, রক্ষণ।
কণ্—গতি, শব্দ, আর্ত্তনাদ, সঙ্কোচ, নিমীলন।
কণ্ট্—কট্ দ্রঃ।
কণ্ঠ্—উৎকণ্ঠা, শোক।
কণ্ড্—মদ, হর্ষ, বিতুষীকরণ, ভেদন
কত্থ্—শ্লাঘা।
কত্র—শৈথিল্য।
কথ্—কথন।
কদ্, কদী } কন্দ্ দ্রঃ।
কন্, কনী } দীপ্তি, কান্তি, গতি।
কন্থ্—কথ্ দ্রঃ।
কন্দ্—বৈকল্য, বৈক্লব্য।
কপ্—(সৌ) লৌল্য।
কপি—কম্প্ দ্রঃ।
কব্—বর্ণ, শুক্লাদিকরণ, স্তুতি।
কম্, কমু } কান্তি, ইচ্ছা।
কম্প্—কম্পন, চালন।
কম্ব্—গতি, হিংসা।
কর্ক—(সৌ) হাস।
কর্জ্—পীড়ন, ব্যয়ন।
কর্ণ্—ভেদন।
কর্ত্ত, কর্ত্র—কত্র দ্রঃ।
কর্দ্র—কুৎসিত শব্দ।
কর্ব্—গতি, গর্ব।
কল্—শব্দ, গণনা।
কল—গতি, সংখ্যান।

কল্ল—অব্যক্ত শব্দ, তুষ্ণীম্ভাব, কূজন।
কশ্—শব্দ।
কষ্—হিংসা, পরীক্ষা।
কস্—গতি, শাসন।
—আকাঙ্ক্ষা।
—কঙ্ক্ দ্রঃ।
কাশ্—দীপ্তি, প্রকাশ।
কাস্—কুৎসিত শব্দ।
কাস্থ—কাস্ দ্রঃ।
কি—(বৈ) জ্ঞান।
কিট্—গতি, ত্রাস, ভাষণ।
কিৎ—রোগনির্ণয় ও প্রতিকার, অপনয়ন, নাশন, নিগ্রহ, সংশয়, নিবাস, ইচ্ছা।
কিল্—শুক্লীভাব, ক্রীড়ন, প্রেরণ, ক্ষেপণ।
কিস্ক—হিংসা।
কীট্—বর্ণ, বন্ধ।
কীল্—বন্ধন।
কু—শব্দ, অব্যক্তশব্দ, আর্ত্তনাদ।
কুংশ—কুশি দ্রঃ।
কুক্—গ্রহণ।
কুঙ্—কু দ্রঃ।
কুচ্—উচ্চশব্দ, চিক্কণতা, কৌটিল্য, বিলেখন, প্রতিষ্টম্ভ, সম্পর্ক, সঙ্কোচ।
কুজ্—অপহরণ।
কুজি—কুজ্ দ্রঃ।
কুজু—কুজ্ দ্রঃ।
কুঞ্চ্—কৌটিল্য, অল্পীভাব।
কুঞ্জ্—কুজ্ দ্রঃ
কুট্—কৌটিল্য, ছেদ
কুটি—কুণ্ট্ দ্রঃ।
কুটুম্ব্—পালন, পোষণ, ধারণ।
কুট্ট—ছেদন, পূরণ, ভৎ র্সন।
কুঠ্—(সৌ) ছদন।
কুঠি—কুণ্ঠ্ দ্রঃ, বেষ্টন, রক্ষণ, চূর্ণীকরণ।
কুড্—চাপল্য, ভোজন, কু ও কূ দ্রঃ।
কুডি—কুণ্ট ও কুণ্ড্ দ্রঃ।
কুণ্—শব্দ, উপকৃতি।
কুণ—কেতন, সঙ্কোচ, আমন্ত্রণ।
কুণ্ট্—বিকলীকরণ
কুণ্ঠ্—প্রতিঘাত।
কুণ্ড্—দাহ, রক্ষণ, বৈকল্য, কুডি দ্রঃ।
কুত—(সৌ) আস্তরণ।
কুৎস্—কুৎসা।
কুথ্—পূতীভাব, দৌর্গন্ধ্য, কুন্থ দ্রঃ।

কুথি—হিংসা।
কুদ্—কুন্দ্র দ্রঃ।
কুদ্রি—কুন্দ্র্ দ্রঃ।
কুন্চ—কুঞ্চ্ দ্রঃ।
কুন্থ—হিংসা, সংশ্লেষণ, সংক্লেষণ।
কুন্দ্র্—অসত্য কথন।
কুপ্—কোপ।
কুমার্—ক্রীড়া।
কুম্ব্—আচ্ছাদন।
কুর—শব্দ।
কুর্দ্—ক্রীড়া।
কুল্—সঙ্ঘাত : মৈত্রীকরণ।
কুশ্—যোগ।
কুশি—দীপ্তি।
কুষ্—নিষ্কষ, বহিষ্করণ।
কুস্—কুশ্ দ্রঃ।
কুসি—কুশি দ্রঃ।
কুস্ম্—কুৎসিত হাস।
কুহ্—আশ্চর্য্যজ্ঞান, বিস্মাপন।
কূ—শব্দ।
কূজ্—অব্যক্ত শব্দ, কূজন।
কূট্—আপ্রদান, অপ্রদান, অবসাদন অপ্রসন্নীভাব।
কূড্—সান্দ্রতা।
কূণ্—সঙ্কোচ।
কূল্—আবরণ।
কৃ—কারণ, হিংসা, অনুষ্ঠান, করণ।
কৃঞ্—হিংসা।
কৃড্—সান্দ্রতা, ঘনত্ব।
কৃৎ—ছেদন, বেষ্টন।
কৃতী—বেষ্টন।
কৃন্ব্—গমন, হিংসা, করণ।
কৃপ্—দুর্ব্বলতা।
কৃপূ—কৢপ্ দ্রঃ।
কৃবী—কৃন্ব্ দ্রঃ।
কৃশ্—তনূকরণ।
কৃষ্—বিলেখন, কষণ, প্রাপণ।
কৄ—ব্যাপন, ক্ষেপণ, আচ্ছাদন।
কৄঞ্—হিংসা, জ্ঞান।
কৄৎ—কীর্ত্তন।
কৢপ্—ক্লৃপ দ্রঃ। সামর্থ্য, যোগ্যতা, উৎপাত্ত, সম্পত্তি, পর্য্যাপ্তি।
কেত—নিমন্ত্রণ, শ্রাবণ।

কেপ্, কেপৃ—গতি, কম্পন।
কেল্, কেল্—চলন, গতি।
কেব্, কেবৃ—সেবা।
কৈ—শব্দ।
ক্নংস্—দীপ্তি।
ক্নথ্—বধ।
ক্নস্—কৌটিল্য, দীপ্তি
ক্নু, ক্নূ—শব্দ।
ক্নুব্, ক্নূয়ী—শব্দ, দুর্গন্ধ, ক্লেদ।
ক্মর্—কৌটিল্য।
ক্রথ্—হিংসা।
ক্রদ্, ক্রদি, ক্রন্দ্—ক্রন্দন, আহ্বান, বৈক্লব্য, বিবশতা।
ক্রপ্—কৃপা।
ক্রম্—পাদবিক্ষেপ, গমন, আক্রমণ।
ক্রী—ক্রয়।
ক্রীড়্, ক্রীড়ৃ—ক্রীড়া, বিহার।
ক্রুঞ্চ—কৌটিল্য।
ক্রুড—নিমজ্জন।
ক্রুধ্—ক্রোধ।
ক্রুন্চ—ক্রুঞ্চ্ দ্রঃ।
ক্রুন্থ্—ক্লেশ্, শ্লেষণ।
ক্রুশ—রোদন, আহ্বান।
ক্রূ—শব্দ।
ক্লথ্—হিংসা।
ক্লদ্- ক্লন্দ্ দ্রঃ।
ক্লদি—ক্লন্দ্ দ্রঃ, বৈক্লব্য, বৈকল্য।
ক্লন্দ্—রোদন, আহ্বান।
ক্লপ্—কথন।
ক্লম্—গ্লানি, শ্রম, মূর্চ্ছা, অসামর্থ্য।
ক্লব্—ভয়।
ক্লিদ্—আর্দ্রীভাব।
ক্লিদি, ক্লিন্দ্—পরিদেবন, শোক।
ক্লিশ্—ক্লেশ, বিবাধন, উপতাপ, পীড়ন।

ক্লীব্, ক্লীবৃ—অপ্রগল্ভতা।
ক্লুড়্—গতি।
ক্লেশ্—বধ, পীড়ন, বাধন, অস্ফুট কথন।
ক্বণ—শব্দ।
ক্বথ্—নিষ্পাক, হিংসা।
ক্বেল্—গতি।
ক্ষজ্ঞ্, ক্ষজ্, ক্ষুজি—গতি, দান।
ক্ষণ্—হিংসা
ক্ষদ্, ক্ষদ—(সৌ) সংবরণ।
ক্ষপ্—প্রেরণ, ক্ষেপণ।
ক্ষপি—ক্ষান্তি।
ক্ষম্, ক্ষমু, ক্ষমূষ্—সহন, ক্ষমা, শক্তি।
ক্ষম্প্—ক্ষান্তি, কান্তি।
ক্ষর্—ক্ষরণ, মোচন।
ক্ষল্—সঞ্চলন, সঞ্চয়, শৌচ।
ক্ষি—ক্ষয়, ঐশ্বর্য্য, নিবাস, গতি, হিংসা, বধ
ক্ষিণ, ক্ষিণু—হিংসা।
ক্ষিপ্—ক্ষেপণ, ত্যাগ, প্রেরণ
ক্ষিব্—নিরসন।
ক্ষী, ক্ষীঙ্—ক্ষয়।
ক্ষীজ্—অব্যক্ত শব্দ, হিক্কন।
ক্ষীব—মত্তীভাব, গর্ব্ব, নিরসন, দর্প.
ক্ষু—শব্দ, হাঁচি।
ক্ষুদ্, ক্ষুদির—সম্পেষণ, চূর্ণন।
ক্ষুধ্—ক্ষুধা।
ক্ষুপ্—(সৌ) অবসাদন।
ক্ষুভ্—ক্ষোভ, সঞ্চলন, উদ্বেগ, ব্যথা, বিকার।
ক্ষুর্—বিলেখন, ছেদন।
ক্ষেব্—ক্ষীব্ দ্রঃ।
ক্ষৈ—ক্ষয়।

ক্ষু—তীক্ষ্ণীকরণ।
ক্ষ্মায়—কম্পন, বিধুনন।
ক্ষ্মীল্—নিমেষণ।
ক্ষ্বিড্—অব্যক্ত শব্দ, কূজন, স্নেহন, মোচন।
ক্ষ্বিদ্—অব্যক্ত শব্দ, কূজন, স্নেহন, মোচন, হোমন।
ক্ষ্বেড়্—সিংহনাদ।
ক্ষ্বেল্—চলন, কেল্ দ্রঃ।
খক্থ—হাস্য।
খচ্—বন্ধন, ভূত প্রাদুর্ভাব।
খজ্—বিলোড়ন।
খঞ্জ্—পাঙ্গুল্য, গতিবৈকল্য।
খট্—আকাঙ্ক্ষা।
খট্ট্—গোপন, আচ্ছাদন, সংবরণ।
খড়্—ভেদ, খণ্ডন, ভঞ্জন।
খড়ি—খড্ দ্রঃ; বিলোড়ন।
খণ্ড্—খড্ দ্রঃ।
খদ্—ভক্ষণ, হিংসা, স্থৈর্য্য।
খন—খনন।
খম্ব্—হিংসা, গতি।
খর্জ্—কণ্ডুয়ন, পূজন, ব্যথা, মার্জ্জন।
খর্দ্—দংশন, হিংসা।
খর্ব্—দর্প; গতি।
খল্—চলন, সঞ্চয়।
খব্—অতিক্রান্তোৎপত্তি, খচ্ দ্রঃ। পবিত্রীভাব।
খষ্—হিংসা।
খাট্ট, খাদ—ভক্ষণ।
খিট—ত্রাস।
খিদ্—দৈন্য, পরিঘাত।
খু, খুঙ্—শব্দ।
খুজু, খুড়ি, খুণ্ড্—স্তেয়। খোটন, খঞ্জ ব্যাপার, ভেদ।
খুর্—বিলেখন, ছেদন।
খুর্দ্—কুর্দ্ দ্রঃ।
খেট্, খেড়্—ভক্ষণ।
খেল, খেল্—গতি, ক্রীড়া, চলন, কম্পন।
খেব্—সেবা।
খৈ—হিংসা, খনন, স্থৈর্য্য

খোট—ক্ষেপণ।
খোট্, খোর্ঝ্—খোটন, গত্যাঘাত।
খোড্, খোড়্, খোর, খোল—খোট দ্রঃ।
খ্যা—খ্যাতি, কথন।
গগ্‌ঘ্—হসন।
গন্‌ঘ্—হসন।
গজ্—শব্দ, হর্ষ, মদন।
গঞ্জ্—শব্দ।
গড্—ক্ষরণ, সেচন।
গডি—গণ্ড ব্যাপার।
গণ—গণনা, জ্ঞান।
গণ্ড্—গডি দ্রঃ।
গদ্—কথন, মেঘশব্দ।
গন্ধ্—অর্দ্দন, গন্ধন, গতি, হিংসা।
গম্—গমন, জ্ঞান, প্রাপ্তি।
গম্ব্—গতি, হিংসা।
গর্জ্—শব্দ, গর্জ্জন।
গর্দ্—শব্দ।
গর্দ্ধ—আকাঙ্ক্ষা।
গর্ব্—গর্ব্ব, গতি, মান, অহঙ্কার, দর্প।
গর্হ্—কুৎসা, নিন্দা, ভৎর্সনা, নিষেধ।
গল্—পতন, চরণ, ভক্ষণ।
গল্‌ভ—ধৃষ্টতা, প্রগল্‌ভতা।
গল্‌হ্—কুৎসা।
গবেষ—অন্বেষণ, মার্গণ।
গহ্—গহন, দুর্ব্বোধ।
গা—(বৈ) স্তুতি।
গা, গাঙ্—গতি।
গাত্র—শৈথিল্য, বিচর্ণন।
গাধ্, গাধৃ—গ্রন্থ, রচনা, লিপ্সা, প্রতিষ্ঠা।
গাহ্, গাহৃ—প্রাপ্তি, সেবা, প্রবেশ, বিলোড়ন।
গু—শব্দ, অব্যক্তশব্দ, মলত্যাগ।
গুঙ্—শব্দ।
গুজ্—শব্দ, কূজন।
গুঞ্জ্—অব্যক্ত শব্দ, কূজন।
গুঠি—গুণ্ঠ দ্রঃ।
গুড্—ব্যাঘাত, রক্ষণ।
গুড়ি—গুণ্ড দ্রঃ।
গুণ—অভ্যাস, গুণন, পূরণ, আমন্ত্রণ।
গুণ্ঠ্—বেষ্টন।
গুণ্ড্—পেষণ, চূর্ণীকরণ, রক্ষণ, বেষ্টন।

গুদ্—ক্রীড়া, কূর্দ্দন।
গুধ্—ক্রীড়া, কোপ, পরিবেষ্টন।
গুন্দ্—মিথোক্তি।
গুপ্—গোপন, রক্ষণ, নিন্দা, ব্যাকুলত্ব, দীপ্তি।
গুফ্, গুন্‌ফ্, গুর্, গুরী—উদ্যমন।
গুর্দ্—কুর্দ্ দ্রঃ।
গুর্ব্, গুর্বী—উদ্যম, দণ্ডাদির উর্দ্ধীকরণ।
গুহ্—গোপন, আচ্ছাদন, সংবরণ।
গূ—মলত্যাগ।
গূর্, গূরী—গতি, হিংসা।
গৃর্দ্দ—ক্রীড়া, নিকেতন।
গৃ—সেচন।
গৃজ, গৃজি, গৃঞ্জ—গুজ্ দ্রঃ।
গৃধ্, গৃধু—আকাঙ্ক্ষা।
গৃহ্, গৃহূ—গ্রহণ, গর্হন।
গৄ—শব্দ, উক্তি, স্তুতি, ভক্ষণ, বিজ্ঞাপন।
গেপ্, গেপৃ—গতি, কম্পন।
গেব্—সেবা।
গেষ্, গেষৃ—অন্বেষণ, অনুসন্ধান।
গৈ—গান, কীর্ত্তন, শব্দ।
গোম্—লেপন।
গোষ্ট্—রাশীকরণ।
গ্রথ্, গ্রথি—গ্রন্থ দ্রঃ, গ্রন্থন, রচনা, কুটিলীকরণ।
গ্রন্থ্—গ্রন্থন, বন্ধন, রচনা, সন্দর্ভ।
গ্রস্, গ্রসু—আক্রমণ, ভক্ষণ, গ্রাস, গ্রহণ।
গ্রহ্—গ্রহণ, স্বীকার, প্রাপ্তি, আশ্রয়, উপাদান, অবলম্বন।
গ্রহু—গ্রহণ।
গ্রাম্—আমন্ত্রণ, আভাষণ।
গ্রুচ, গ্রুচ্—গমন, স্তেয়করণ।

গ্লস্—ভক্ষণ।
গ্লহ্—গর্হন।
গ্লহ্ব—আদান।
গ্লুচ, গ্লুচু } গমন, চৌর্য্য।
গ্লুঞ্চ, গ্লুন্চ } গতি।
গ্লেপ্—দৈন্য।
গ্লেপৃ—গতি, কম্পন
গ্লেব্, গ্লেব্ব } সেবা।
গ্লেষ্, গ্লেষ্ } অনুসন্ধান, অন্বেষণ।
গ্লৈ—ধাতুক্ষয়, হর্ষক্ষয়, ক্লম
ঘংষ্—অলঙ্করণ, ক্ষরণ।
ঘংস্—ক্ষরণ।
ঘঘ্, ঘগ্‌গ্ } হসন।
ঘট্—দীপ্তি, চেষ্টা, যত্ন।
ঘটি—ঘণ্ট্ দ্রঃ।
ঘট্ট্—চলন।
ঘণ, ঘণ্ট্ } দীপ্তি।
ঘম্ব্—গতি, হিংসা।
ঘর্ব—গতি।
ঘষি—ক্ষরণ, অলঙ্করণ।
ঘস্, ঘস্‌ল্ } ভক্ষণ।
ঘসি—ক্ষরণ।
ঘিণ্, ঘিণি } গ্রহণ।
ঘু, ঘুং } শব্দ।
ঘুংস্—ঘুসি দ্রঃ।
ঘুট্—প্রত্যাবর্ত্তন, পরিবর্ত্তন।
ঘুড়্—ব্যাঘাত।
ঘুণ্—ভ্রমণ, গ্রহণ।
ঘুণি—গ্রহণ।
ঘুর্—*ভয়ানকরসনিমিত্তীভাব, ধ্বনি, আর্ত্তনাদ।*
ঘুষ্—শব্দ, প্রতিজ্ঞান, কথন, বধ, স্তুতি, বিশব্দন।
ঘুষি, ঘুষির্—ক্ষরণ, কান্তিকরণ, অলঙ্করণ।
ঘূর্, ঘূরী } হিংসা, বয়োহানি।
ঘূর্ণ্—ভ্রমণ

ঘৃ—সেচন, স্রাবণ, আচ্ছাদন, প্রস্রবণ। ২। (বৈ) দীপ্তি, ক্ষরণ।
ঘৃণ্—দীপ্তি, গ্রহণ।
ঘৃণি—গ্রহণ।
ঘৃষ্—সংঘর্ষ, ঘর্ষণ, হিংসা।
ঘৃসি—কান্তিকরণ, অলঙ্করণ।
ঘোর্, ঘোশ্ } গতিচাতুর্য্য।
ঘ্রা—গন্ধ গ্রহণ।
ঙু, ঙুঙ } শব্দ।
চক্—প্রতিঘাত, তৃপ্তি।
চকাস্, চকাস্থ } দীপ্তি।
চকি—(সৌ) ভ্রান্তি
চক্ক্, চিক্ক্, চুক্ক্ } পীড়ন।
চক্ষ, চক্ষিঙ্ } দর্শন, কথন।
চঘ্—বধ।
চঞ্চ—গতি।
চট্—ভেদন, আবরণ, বধ ; বর্ষণ।
চড়ি—চণ্ড্ দ্রঃ।
চণ্—শব্দ, দান।
চণ্ড—ক্রোধ।
চত্, চদ্—যাচন।
চন্—দান।
চন্‌চু—গতি।
চন্দ্—আলোক, দীপ্তি।
চপ্—সান্ত্বনা ; উপশম, চূর্ণীকরণ, শাঠ্য।
চম্—ভক্ষণ।
চম্বু—(বৈ) ভক্ষণ।
চম্প্—গতি।
চম্প্র্—গতি, হিংসা।
চয়্—গতি।
চর্—গতি, ভ্রমণ, ভক্ষণ।
চর্চ্—কথন, ভর্ৎসন।
চর্ব্—গতি, চর্ব্বণ।
চল্—*গতি, কম্পন, ক্রীড়া, বিলাস।*
চষ্—ভক্ষণ, বধ।
চহ্—পরিকল্পন, প্রতারণা, শাঠ্য, দম্ভ।
চায়্—পূজা, চাক্ষুষজ্ঞান।
চি—সঞ্চয়।
চিঞ্—সঞ্চয়, চয়ন।

চিক্ক্—পীড়ন।
চিট্—পরপ্রেষ্য।
চিৎ—জ্ঞান, জাগরণ, সংবেদন, সঙ্কেতন।
চিতি—চিন্ত্ দ্রঃ।
চিতী—চিৎ দ্রঃ।
চিত্র—চিত্রীকরণ, অদ্ভুতদর্শন, ক্ষণিকেক্ষণ।
চিন্ত্—চিন্তা, স্মৃতি।
চিরি—(বৈ) হিংসা।
চিল্—বসন।
চিল্ল্—শৈথিল্য, হাবভাবকরণ।
চীক্—আমর্শন, স্পর্শ।
চীভ্, চীভৃ } কথন, প্রশংসা।
চীয়্—আদান, সংবরণ।
চীব্—দীপ্তি, আদান, সংবরণ
চুক্ক্—পীড়া।
চুচ্য—অভিষব
চুট্—ছেদন, অল্পীভাব।
চুটি—চুণ্ট্ দ্রঃ।
চুট্ট্—অল্পীভাব।
চুড্—সংবরণ।
চুডি—চুণ্ট্ দ্রঃ।
চুড্ড্—অভিপ্রায় সূচন।
চুণ্—ছেদন।
চুণ্ট্—অব্যক্তীভাব, অল্পীভাব
চুৎ, চুতির, চুদ্ } প্রেরণ, নিযোগ, চালান, প্রশ্ন, ক্ষেপণ।
চুন্দ্—বুন্দ্ দ্রঃ।
চুপ্—মন্দ গমন।
চুম্ব্—চুম্বন।
চুর্—চৌর্য্য।
চুল্—উন্নতি।
চুলুম্প্—(সৌ) লোপ।
চুল্ল্—অভিপ্রায় প্রকাশন, বিলাস
চূণ্—সঙ্কোচ।
চূর্, চূরী } *দাহ।*
চূর্ণ—পেষণ, চূর্ণন, প্রেরণ
চূষ্—পান।
চৃৎ, চৃতী } হিংসা, গ্রন্থন, সন্দীপন।

চৃপ্—সন্দীপন।

চেল্
চেল্ — গতি, কম্প।

চেষ্ট্—চেষ্টা, ব্যাপার, যত্ন

চ্যু
চ্যুঙ্ — গমন, পতন, ক্ষরণ।

চ্যুৎ
চ্যুতির্ — ঈষদাত্রীকরণ, ক্ষরণ।

চ্যুস্—হসন, সহন, ত্যাগ।

ছদ্—আচ্ছাদন, গোপন, সংবরণ।

ছদি—দীপ্তি।

ছন্দ্—সংবরণ, আচ্ছাদন, গোপন, দীপ্তি।

ছপি—গতি।

ছম্
ছমু — ভক্ষণ।

ছম্প্—গতি।

ছর্দ্—বমন।

ছল্—ছলনা।

ছষ্—হিংসা।

ছিদ্—ছেদন, দ্বৈধীকরণ।

ছিদ্র—ভেদ, রন্ধ্রকরণ।

ছুট্—ছেদ।

ছুড্—সংবরণ।

ছুপ্—স্পর্শ।

ছুর—ছেদন।

ছৃদ্—দীপ্তি, ক্রীড়ন, বমন।

ছৃদী—সন্দীপন।

ছৃপ্—সন্দীপন।

ছেদ্—ছেদন।

ছো—ছেদন।

ছ্যু
ছ্যুড্ — গতি।

জংস—রক্ষণ।

জক্ষ্—ভক্ষণ, হসন।

জক্ষি
জঙ্ক্ষ্ — গতি, দান।

জজি
জঞ্জ্ — যুদ্ধ।

জট্—সংঘাত।

জন্—জনন, প্রাদুর্ভাব।

জন—(বৈ) জনন।

—জন্ দ্রঃ।

জপ্—জপ, মানস-কথন, পাঠ।

জভ্—রমণ।

জভি—নাশন।

জভী—জম্ভ্ দ্রঃ

জম্
মু — ভক্ষণ।

ম্ভ—জম্ভণ।

জর্চ্
জর্ছ্
রু, ভৎর্সন, তর্জন।

জর্ঝ্
জর্ৎস্

জল্—ঘাতন, আচ্ছাদন, জীবন, সমৃদ্ধি।

জল্প্—জল্পন।

জষ্—মোচন।

জসি—রক্ষণ, মোক্ষণ।

জসু—হিংসা, তাড়ন, অনাদর।

জাগৃ—জাগরণ।

জি—জয়, বশক্রিয়া, অভিভব, ন্যূনীভাব, অতিক্রম, স্বীকরণ।

জিন্ব্—প্রীণন।

জিবি—প্রীণন, দীপ্তি।

জিম্
জিমু — ভক্ষণ।

জিরি—(বৈ) হিংসা

জিষ্ — সেচন।

জীব্—জীবন, প্রাণধারণ

জু—(সৌ) দ্রুতগতি।

জুং—গতি।

জুগি — বর্জ্জন।

জুচি
জুঞ্চ্ — দীপ্তি।

জুড্—মতি, বন্ধন, প্রেরণ, গমন।

জুং
জুত্ — দীপ্তি।

জুন্—গমন।

জুর্ব্
জুর্বী — বধ।

জুল্—পেষণ, চূর্ণীকরণ।

ষ্
ষী — প্রীতি, হর্ষ, ভজন, আশ্রয়, সেবন, পরিতর্কণ, হিংসা, পরিতর্পণ।

জূর্ — হিংসা, বয়োহানি।

জুষ্—হিংসা।

জৃ—হুঙ্কার, ভৎর্সন।

জৃভ্
জৃভি,
জৃভী
জৃম্ভ্ — জৃম্ভন, গাত্রভঙ্গ, প্রকাশ।

জৄ
জৄষ্ — জীর্ণীভাব, জরা, ক্ষয়, পরিপাক বয়োহানি।

জেষ্
জেম্ — গতি।

জেহ
জেহ্ন — গতি, প্রচেষ্টা।

জৈ—ক্ষয়।

জ্ঞপ্—জ্ঞাপন, জ্ঞান।

জ্ঞা—জ্ঞান, বোধ।

জ্যতির্
জ্যত্ — দীপ্তি।

জ্যা—জরা, বয়োহানি।

জ্যু
জ্যুং — গতি।

জ্যুৎ
জ্যুত্ — দীপ্তি।

জ্যো
জ্যোং — নিয়ম, উপনয়ন।

জ্রি—জীর্ণীভাব, অভিভব, বয়োহানি, ন্যূনীকরণ

জ্বর্—রোগ।

জ্বল্—জ্বলন, দীপ্তি, কম্প।

ঝট্—সংঘাত।

ঝম্
ঝমু — ভক্ষণ।

ঝর্চ্
ঝর্ছ্
ঝর্ঝ্ — পরিভাষণ, উক্তি, ভৎর্সন।

ঝষ্—হিংসা, আচ্ছাদন, সংবরণ, গ্রহণ।

ঝু
ঝুঙ্
ঝৃ
ঝৃঙ্ — গতি।

ঝৃষ্—হিংসা।

ঝৄ
ঝৄষ্ — জীর্ণীভাব, বয়োহানি।

ঝ্যৃঙ্
ঝ্যৃ — গতি।

ঞিভী—ভয়।
টক্—বন্ধন।
টকি, টঙ্ক্—বন্ধন।
টল্—ব্যাকুলীভাব, বৈক্লব্য, বিহ্বলীভাব।
টিক্, টীক্, টিক্ক্—গতি।
টিপ্—প্রেরণ।
টীক্—গতি।
ট্বল্—টল্ দ্রঃ।
ডপ, ডম্প—সংঘাত।
ডম্ব্, ম্ব—প্রেরণ।
ডিপ্—সংঘাত, প্রেরণ, ক্ষেপণ।
ডিবি—ডিম্ব দ্রঃ।
ডিভ—রাশীকরণ।
ডিম—(সৌ) হিংসা।
ডিম্প—সংঘাত।
ডিম্ব্—প্রেরণ।
ম্ব—সংঘাত।
ডী, ডীঙ্—উড্ডয়ন, গতি।
ঢুণ্ঢ, ঢুন্ঢ্—অন্বেষণ।
ঢৌক্, ঢৌক্ক—গতি, আবরণ।
ণক্ক—গতি।
ণখ, ণখি—গতি।
ণট্—নর্ত্তন, হিংসা।
ণড্—ভ্রংশ।
ণদ্—নাদ, অব্যক্ত শব্দ, দীপ্তি।
ণভ্—হিংসা।
ণম্—নম্ দ্রঃ।
ণয়্—গতি, রক্ষা।
ণল্—বন্ধন, গন্ধ, দীপ্তি।
ণশ্—নশ্ দ্রঃ।
ণস্—কৌটিল্য।
ণহ্—বন্ধন।
ণাস্থ—শব্দ।
ণিক্ষ্—চুম্বন।

ণিক্ষি—শুদ্ধি।
ণিজির্—নিজ্ দ্রঃ।
ণিট্ট—কুৎসা, সন্নিকর্ষ।
ণিদি—নিন্দ্ দ্রঃ।
ণিদৃ—সন্নিকর্ষ।
ণিল্—গহন, দুর্বোধ।
ণিশ্—সমাধি।
ণিষু—সেচন।
ণিষ্ক্—পরিমাণ।
ণিসি—চুম্বন।
ণীঞ্—প্রাপণ।
ণীল্—নীল্ দ্রঃ।
ণীব্—স্থৌল্য।
ণু—স্তুতি।
ণুদ্—নুদ্ দ্রঃ।
ণূ—স্তবন।
ণেট্ট—নিট্ট দ্রঃ।
ণেদৃ—নিদৃ দ্রঃ।
তংস্—অলঙ্করণ।
তক্—সহন, হসন।
তক্ষ্, তক্ষু—তক্ষণ, কৃশীকরণ; আচ্ছাদন, পরিগ্রহ।
তঙ্ক্—কৃচ্ছ্রজীবন।
তঙ্গ্—স্খলন, কম্প।
তঞ্চ্, তঞ্জ্—সঙ্কোচ, গতি।
তট্—উচ্ছ্রায়।
তড্—তাড়ন, আঘাত, দীপ্তি।
তণ্ড্—তাড়ন, আঘাত।
তত্, তদৃ—অবসাদ, মোহ।
তন্—বিস্তার।
তনু—বিস্তার (উপসর্গ যোগে), হিংসা, আঘাত, বর্দ্ধন, উপকৃতি, শ্রদ্ধা।
তনচু, তনজু—তঞ্চ্ দ্রঃ।
তন্তু—বিস্তার, ধারণ, পোষণ, কুটুম্ব ধারণ।
তন্দ্র, তন্দ্র—মোহ, অবসাদ।
তপ্—দাহ, সন্তাপ, শোক, উপতাপ, অনুতাপ, ঐশ্বর্য্য, তপঃকরণ।
তম, তমু—গ্লানি, আকাঙ্ক্ষা।
তম্ব্—হিংসা।
তয়্—গতি, পালন।

তর্ক—দীপ্তি, বিতর্ক, সংশয়।
তর্জ্—তর্জ্জন, ভৎর্সন।
তর্দ্—হিংসা।
তল্—প্রতিষ্ঠা।
তস্, তসু—বস্তুহানি, উৎক্ষেপণ, অলঙ্কৃতকরণ।
তসি—তংস দ্রঃ।
তায়, তায়্—পালন, বিস্তার, সন্তান।
তিক্—গতি, আস্কন্দন, বধ।
তিক্ক—গতি।
তিগ্—তিক্ দ্রঃ
তিঘ্—ঘাত।
তিজ্—তীক্ষ্ণীকরণ, ক্ষমা, সহন।
তিপ, তিপৃ—ক্ষরণ, স্খলন।
তিম্—আর্দ্রীভাব, ক্লেদন।
তিল—স্নেহন, স্নিগ্ধীভাব, গতি।
তিল্ল—গতি।
তীক, তীকৃ—গতি।
তীম—ক্লেদন।
তীর—উত্তরণ, কর্ম্মসমাপ্তি।
তীব্—স্থৌল্য।
তু—(সৌ) গতি, বৃদ্ধি, জীবন, পূর্ত্তি, হিংসা।
তুঙ্—তুড্ দ্রঃ।
তুজ্—হিংসা।
তুজি—তুঞ্জ দ্রঃ, দান, বাস।
তুঞ্জ্—জীবন, পালন, বল, যাচ্ঞা, হিংসা।
তুট্—কলহকরণ।
তুড, তুড়্—তোড়ন, ভেদ, হিংসা।
তুড্ড্—অনাদর।
তুণ্—কুটিলীকরণ।
তুণ্ড্—নিপীড়ন, বধ।
তুত্থ—আচরণ।
তুদ্—পীড়ন, তাড়ন।
তুন্দ্—চেষ্টা।
তুনপ্, তুনফ্—তুম্প্ দ্রঃ
তুপ্, তুফ্—হিংসা, ক্লেশ

তুবি—তুম্ব্ দ্রঃ।
তুভ্—হিংসা, বধ।
তুম্প্, তুম্ফ্ } হিংসা, ক্লেশ।
তুম্ব্—অর্চ্চন, ব্যথন, অদর্শন।
তুর—(বৈ) ত্বরা।
তুর্ব, তুর্বী } বধ।
তুল্—উন্মান, পরিমাণ।
তুষ্—সন্তোষ, প্রীতি।
তুস্—শব্দ।
তুহ, তুহির্ } হনন, অর্দ্দন।
তুড্—অনাদর।
তূ—অনাদর, তোড়ন, দারণ।
তূণ্—সঙ্কোচ, পূরণ
তূর্, তূরী } হিংসা, ত্বরা।
তূল্—নিষ্কর্ষ : কোষমুক্তকরণ; পরিমাণ, পূরণ।
তূষ্—তুষ্টি।
তৃ—পারগমন।
তৃংহ্—গতি।
তৃক্ষ্—হিংসা।
তৃণ্, তৃণু } ভক্ষণ।
তৃদ্—হিংসা, অনাদর।
তৃনপ, তৃনফ } তৃম্প্ দ্রঃ
তৃপ্—তর্পণ, প্রীণন, সন্দীপন।
তৃফ্—তৃ :।
তৃম্প, তৃম্ফ } তৃপ্তি।
তৃষ্—পিপাসা, আকাঙ্ক্ষা।
তৃহ, তৃহু } হিংসা, বধ।
তৄ—প্লবন, তরণ, অতিক্রমণ, অভিভব।
তেজ্—পালন।
তেপ্, তেপৃ } ক্ষরণ, কম্পন।
তেব্, তেবৃ } ক্রীড়ন, রোদন।

তোড, তোড়্ } অনাদর।
ত্যজ্—ত্যাগ, হানি।
ত্রংস্—দীপ্তি।
ত্রকি, ত্রখ্, ত্রঙ্ক্, ত্রঙ্খ্, ত্রঙ্গ্ } গতি।
ত্রদি, ত্রন্দ } চেষ্টা।
ত্রপ্, ত্রপূষ্ } লজ্জা।
ত্রস্—উদ্বেগ, ভীতি।
ত্রসি—ত্রংস দ্রঃ।
ত্রসী—ত্রস্ দ্রঃ।
ত্রৈ—ত্রাণ, রক্ষণ।
ত্রুট্—ভেদ, ছেদন।
ত্রুনপ, ত্রুনফ } ত্রুপ্ দ্রঃ।
ত্রুপ, ত্রুফ, ত্রুম্প, ত্রুম্ফ্ } হিংসা।
ত্রৈ, ত্রৈং } ত্রাণ, রক্ষণ, পালন।
ত্রৌক্, ত্রৌকৃ } গতি।
ত্বক্ষ, ত্বক্ষ্ } তক্ষণ, তনূকরণ।
ত্বগি—কম্প, গতি।
ত্বঙ্গ্—কম্প।
ত্বচ্—আচ্ছাদন, সংবরণ।
ত্বঞ্চু—গতি।
ত্বনচু—গতি, সঙ্কোচ
ত্বর্—বেগ, সম্ভ্রম, ত্বরা।
ত্বিষ্—দীপ্তি, উজ্জ্বলীভাব
ৎসর্—ছলগতি, ছদ্মগতি।
থুড্—আচ্ছাদন।
থুর্ব্ব্, থুর্বী } হনন।
দংশ্—দন্তব্যাপার, দংশন।

দংস্—দীপ্তি।
দংহ—দাহ, দীপ্তি।
দক্ষ্—গতি, বেগ, বৃদ্ধি, ত্বরাকরণ, হিংসা।
দঘ্—(বৈ) ঘাতন, পালন।
দঘি, দঙ্গ } পালন, বর্জ্জন।
দণ্ড্—দণ্ড নিপাতন।
দদ, দধ্ } দান, ধারণ।
দন্শ্—দংশ দ্রঃ।
দম্ব, দবি } গতি।
দম্—দমন।
দম্ভ্, দম্ভি, দম্ভু } প্রেরণ, রাশীকরণ।
দয়্—পালন।
দরিদ্রা—দুর্গতি, অকিঞ্চনীভাব।
দল্—ভেদ, বিদারণ।
দলুভ—দণ্ড করা।
দশ্—দংশন।
দস্—বস্তুহানি, উৎক্ষেপণ।
দসি—দীপ্তি, দশন, দংশন।
দস্থ—দস্ দ্রঃ।
দহ্—দাহ, সন্তাপ, ভস্মীকরণ।
দহি—দংহ দ্রঃ।
দা, দাণ্ } দান, বিতরণ।
দা, দাপ্ } ছেদন।
দান্—আর্জব, ঋজুকরণ, খণ্ডন, নাশন।
দায়্—দান।
দাশ্—(বৈ) হিংসা।
দাশ্, দাশৃ, দাস, দাস্ব } দান।
দিম্ব্—প্রীণন
দিপ্, দিপৃ } ক্ষরণ।
দিব্—ক্রীড়া, দীপ্তি, কান্তি, স্তুতি হর্ষ, মদ, মত্তীভাব, নিদ্রা, স্বপ্ন, ব্যবহার, বিজয়েচ্ছা, ইচ্ছা, গতি।
দিবি—দিম্ব্ দ্রঃ।

দিবু—দিব্ দ্রঃ ; পীড়ন, মর্দ্দন, অর্দ্দন, যাচন, পরিকূজন।
দিশ্—অতিসর্জ্জন, দান, আদেশ, নির্দ্দেশ, কথন।
দিহ্—উপক্ষয়, লেপন, বৃদ্ধি, বৃদ্ধিকরণ।
দী, দীং — ক্ষয়, দীনভাব।
দীক্ষ্—মুণ্ডন, অভিষেক, উপনয়ন, যজন, নিয়ম গ্রহণ, ব্রতানুষ্ঠান, উপদেশ।
দীধী, দীধীঙ্ — (বৈ) দীপ্তি, ক্রীড়ন।
দীপ্, দীপী — উজ্জ্বলীভাব, জ্বলন, দীপ্তি, শোভা।
দু—গতি, উপতাপ, পরিতাপ, পীড়ন।
দুঃখ—দুঃখকরণ।
দুর্ব, দুর্বী — বধ।
দুল্—উৎক্ষেপ।
দুষ্—দোষ, অশুদ্ধীভাব, বৈকৃত্য।
দৃ—আদর ভয়, হনন। ২। (বৈ) হিংসা।
দৃংহ্—বৃদ্ধি।
দৃঙ্—আদর।
দৃপ্—হর্ষ, গর্ব্ব, দর্প, মোহন।
দৃভ্—গ্রন্থন, সন্দর্ভ।
দৃভী—গ্রন্থন, ভয়।
দৃম্প্—সঙ্ঘাত।
দৃশ্—দর্শন, সাক্ষাৎকার, জ্ঞান।
দৃহ্, দৃহি — বৃদ্ধি।
দৃ—বিদারণ, ভয়।
দে, দেঙ্ — রক্ষণ, পালন।
দেপ্—তেপ্ দ্রঃ।
দেব, দেবৃ — দেবন, ক্রীড়ন, দীপ্তি, রোদন।
দৈ, দৈপ্ — শুদ্ধীকরণ, শোধন।
দো—ছেদন।
দ্যু—অভিগমন।
দ্যুৎ—দীপ্তি, প্রকাশ
দ্যৈ—ন্যক্করণ।
দ্রম্—গতি।
দ্রা—নিদ্রা, পলায়ন।
দ্রাক্ষি—ধ্রাক্ষ্ দ্রঃ।
দ্রাখ্, দ্রাখৃ — শোষণ, নিবারণ, সামর্থ্য, ভূষণ।
দ্রাঘ্—দ্রাঘৃ দ্রঃ, প্রাপ্ত হওয়া।
দ্রাঘৃ—সামর্থ্য, দীর্ঘীকরণ।
দ্রাঙ্ক্ষ্—ঘোর শব্দ, আকাঙ্ক্ষা।
দ্রাড়্, দ্রাড়ৃ — ভেদ, বধ।
দ্রাহ্, দ্রাহৃ — নিক্ষেপ, জাগরণ।
দ্রু—গতি, পলায়ন, দ্রবীভাব, ক্ষরণ, বধ।
দ্রুঙ্—দ্রু দ্রঃ।
দ্রুড্—মজ্জন।
দ্রুণ্—গতি, হিংসা, কৌটিল্য।
দ্রুহ্—জিঘাংসা, অপকার।
দ্রূ—গতি, বধ।
দ্রেক্, দ্রেকৃ — শব্দ, বৃদ্ধি, উৎসাহ, উন্নতি।
দ্রৈ—স্বপ্ন, পলায়ন।
দ্বিষ্—অপ্রীতি, বিদ্বেষ, নিন্দা।
দ্বৃ—আচ্ছাদন, অনাদর।
ধক্—নাশন।
ধণ, ধন্ — শব্দ।
ধন—(বৈ) ধান্য, ধনোৎপাদন।
ধন্ব, ধবি — গতি।
ধম্—(সৌ) ধ্বনি।
ধা—ধারণ, দান, প্রীণন
ধাব্, ধাবু — গতি, বেগ, মার্জ্জন, শুদ্ধীকরণ।
ধি—ধারণ।
ধিক্ষ্—সন্দীপন, ক্লেশন, জীবন
ধিষ—(বৈ) শব্দ।
ধী, ধীঙ্ — আধার, অনাদর, আরাধন।
ধু, ধুঞ্ — কম্পন।
ধুক্ষ্—ধিক্ষ্ দ্রঃ
ধূ, ধূঞ্ — কম্পন, বিধুনন।
ধূপ্—দীপ্তি।
ধূপ—সন্তাপ, সন্তপ্তীকরণ।
ধূর্, ধূরী — গতি, হিংসা।
ধূর্ব, ধূর্বী — হনন।
ধৃশ্, ধৃষ্, ধৃস্ — ভূষণ, কান্তিকরণ।
ধৃ—ধারণ।
ধৃঙ্—অবধ্বংসন, পতন, চূর্ণন, স্থাপন, অবস্থিতি, ধারণ, জীবন।
ধৃঞ্—ধারণ।
ধৃজ্, ধৃজি, ধৃঞ্জ্ — গতি।
ধৃষ—সংহতি, হিংসা, প্রসহন, ধর্ষণ, অমর্ষ, নিঃশঙ্কীকরণ।
ধৄ—বয়োহানি।
ধে—পান।
ধেক্—দর্শন।
ধোয়্, ধোর্ঋ — গতি চাতুর্য্য।
ধ্মা—শব্দ, শঙ্খাদিবাদন, অগ্নিসংযোগ, জ্বলন, দাহ।
ধ্মাঙ্ক্ষ্—দ্রাঙ্ক্ষ্ দ্রঃ।
ধ্যৈ—ধ্যান, চিন্তা।
ধ্রণ্, ধ্রন্ — শব্দ।
ধ্রস্—উঞ্ছবৃত্তি।
ধ্রাখ্—শোষণ, অলমর্থে।
ধ্রিজ্—গতি।
ধ্রু — গতি, স্থৈর্য্য।
ধ্রেক্—দ্রেক্ দ্রঃ।
ধ্রৈ—তৃপ্তি।
ধ্বংস্—গমন, অবস্রংসন, অধঃপতন।
ধ্বজি — গতি।
ধ্বণ্, ধ্বন্ — শব্দ।
ধ্বনস্—ধ্বংস দ্রঃ।
ধ্বাঙ্ক্ষ্—দ্রাঙ্ক্ষ্ দ্রঃ।
ধ্বৃ—কুটিলীকরণ।
নক্ক্—নাশন।
নক্ষ্—গতি।
নক্ষ্—(সৌ) দ্যুতি।
নখ্, নখ্খ্ — গতি।

নজ্—দীপ্তি, লজ্জা, নল্ দ্রঃ।
নট্—বর্ত্তন, হিংসা, ভ্রংশ, নাট্য, অভিনয়, নকল, দীপ্তি।
নড্—ভ্রংশ।
নদ্—অব্যক্ত শব্দ, নিনাদ।
নন্দ্—আনন্দ, সমৃদ্ধি।
নভ্—হিংসা, বধ।
নম্—শব্দ, নম্রীভাব, নমস্করণ।
নম্ব্—গতি।
নয়্—গতি, রক্ষা।
নর্দ্—শব্দ, গর্জ্জন।
নর্ব্—গতি।
নল্,—বন্ধন, গন্ধ, অর্দন।
নশ্—নাশ, ক্ষয়, তিরোভাব, পলায়ন, লুক্কায়ন।
নস্—কৌটিল্য।
নহ—বন্ধন।
নাথ্, নাথ্, নাধ্, নাধৃ—প্রার্থনা, ঐশ্বর্য্য, আশীর্ব্বাদ, উপতাপ।
নাস্, নাস্থ—শব্দ।
নিংস্—চুম্বন।
নিক্ষ্—চুম্বন।
নিজ্—শৌচ, নির্ম্মলীকরণ, পোষণ।
নিজি, নিঞ্জ্—শুদ্ধি।
নিদ্—সন্নিকর্ষ, নিন্দা।
নিন্দ্—নিন্দা।
নিম্ব্—সেচন।
নিল্—গহন, দুর্বোধ।
নিবাস—আচ্ছাদন।
নিশ্—সমাধি।
নিষ্—সেচন।
নিষ্ক্—পরিমাণ।
নিসি—চুম্বন।
নী—প্রাপণ।
নীল্—নীলবর্ণ, নীলবর্ণকরণ।
নু—স্তুতি।
নুভ্—বধ।
নুদ্—প্রেরণ, ক্ষেপণ, অপসারণ।
নূ—স্তবন।

নৃৎ, নৃতী—গাত্রবিক্ষেপ, নর্ত্তন।
নৄ—প্রাপণ, নয়ন।
নেদৃ—নিদ্ দ্রঃ।
নেদ্—নিদ্ দ্রঃ।
নেষ্—নিদ্ দ্রঃ।
পংশ্, পংস্—নাশন।
পক্ষ্—পক্ষ, পরিগ্রহ।
পচ্—পাক, রন্ধন, পরিণাম, বিনাশোন্মুখীভাব
পচি—ব্যক্তীকরণ, বিস্তার।
পজি—(সৌ) রোধ।
পঞ্চ—ব্যক্তীকরণ।
পট্—গতি, দীপ্তি, ছেদন, দারণ, বিভেদ, বেষ্টন
পঠ্—পাঠ, কথন।
পড়ি—রাশীকরণ, নাশন, গতি।
পণ্—ব্যবহার, বাণিজ্য, স্তুতি।
পণ্ড্—গতি।
পৎ, পৎলৃ—গতি, পতন, ভ্রংশ, ঐশ্বর্য্য।
পথ্—গতি, প্রক্ষেপ।
পথি—গতি।
পথে—গতি।
পদ্—গতি, স্থৈর্য্য, প্রাপ্তি।
পন—স্তুতি।
পন্থ্—গতি।
পম্ব্—গতি।
পয়্—গতি।
পর্ণ—হসিত ভাব।
পর্দ্—অপান শব্দ।
পর্প্—গতি।
পর্ব্—গতি, পূরণ।
পর্ষ—স্নেহন।
পল্—গতি, পালন।
পল্যূল্—ছেদ, পবিত্রীকরণ।
পল্ল্—গতি।
পশ্, পষ্—পস্ দ্রঃ, গতি।
পস্—স্পর্শ, গ্রহণ, বন্ধন, পীড়ন।
পা—পান, পালন, রক্ষণ।
পার—শক্তি, কর্ম্মসমাপ্তি।
পাল্—পালন, রক্ষণ।

পি—গতি।
পিংস্—দীপ্তি।
পিচ্ছ্—ছেদন, বাধ।
পিজ্, পিজি—দীপ্তি, বল, নিবাস, আদান, হিংসা।
পিঞ্জ্—বর্ণ, পিঙ্গলীভাব, অব্যক্ত শব্দ, পূজন, সম্পর্ক।
পিট্—সঙ্ঘাত, শব্দ।
পিঠ্—হিংসা, ক্লেশ।
পিডি, পিণ্ড্—সংহতি, পিণ্ডীকরণ।
পিন্ব্—সেচন।
পিবি—সেচন।
পিল্—প্রেরণ।
পিশ্—দীপন, অবয়ব।
পিষ্, পিষ্ল্—হিংসন, পেষণ, ঘর্ষণ, চূর্ণন।
পিস্—গতি, হিংসা, বাস, প্রাণন।
পী, পীঙ্—পান।
পীড্—পীড়ন, ক্লেশ, বধ, অবগাহন।
পীব্—স্থৌল্য।
পীয়—(সৌ) প্রীণন।
পীল্—স্তম্ভন।
পুংস্—বর্দ্ধন, মর্দ্দন।
পুচ্ছ্—প্রমর্দ্দ।
পুট্—দীপ্তি, চূর্ণীকরণ।
পুট—সংশ্লেষণ, সংসর্গ।
পুটি—দীপ্তি।
পুট্ট—অল্পীভাব।
পুড়ি—পুণ্ড্ দ্রঃ।
পুণ্—ধর্ম্মাচরণ।
পুণ্ট্—দীপ্তি।
পুণ্ড্—খণ্ডন, চূর্ণন।
পুস্ত—(সৌ) গতি।
পুথ্—হিংসা, দীপ্তি।
পুথি, পুন্থ্—হিংসা, পীড়ন।
পুর্—অগ্রগতি।
পুর—পূর্ব্ব দ্রঃ।
পুল্—মহত্ব।
পুষ্—পোষণ, বর্দ্ধন, উপচয়, ভরণ, ধারণ।

পুষ্প্—বিকসন।
পুস্—উৎসর্গ, দাহ, বিভাগ।
পুস্ত্—বন্ধন, আদর, অনাদর।
পূ, পূঙ্—পবন, শুদ্ধীকরণ, পবিত্রীকরণ।
পূজ—পূজা, অর্চ্চনা, সম্মান, সমাদর, প্রশংসা
পূঞ্—পূ দ্রঃ।
পূণ—রাশীকরণ।
পূয়, পূয়ী—দুর্গন্ধ, ভেদ।
পূর্, পূরী—পূরণ, বর্দ্ধন, প্রীণন।
পূর্ব্—পূরণ, নিবাস, নিমন্ত্রণ।
পূষ্—বৃদ্ধি।
পৃ—পালন, পূরণ, প্রীণন। ২। (বৈ) প্রীতি।
পৃচ্—সম্পর্ক, সংসর্গ, সংশ্লেষ, যোগ, সংযমন, বন্ধন।
পৃচী—সংশ্লেষ, সম্পর্ক, যোগ।
পৃড্—প্রীণন, সুখন।
পৃণ্—প্রীণন।
পৃথ্—প্রক্ষেপ।
পৃষ্, পৃষু—হিংসা, ক্লেশ, সেক।
পৄ—পূরণ, পালন।
পেণ্—গতি, প্রেরণ, শ্লেষণ।
পেব—সেবা।
পেল্, পেলৃ—গতি, কম্প।
পেষ্—প্রযত্ন
পেস্, পেস্থ—গতি।
পৈ—শোষণ
পৈণ, পৈণৃ—পেণ দ্রঃ।
প্যায়—স্ফীতি, বৃদ্ধি।
প্যুষ্, প্যুষির্—দাহ, ভাগ, উৎসর্গ।
প্যৈ, প্যৈঙ্—বৃদ্ধি।
প্রচ্ছ্—প্রশ্ন, জিজ্ঞাসা, অনুযোগ।
প্রথ্—প্রখ্যান, প্রসিদ্ধি, প্রক্ষেপ।
প্রস্—প্রসব, বিস্তার।
প্রা—পূরণ।
প্রী—তর্পণ।
প্রীঙ্—প্রীণন, প্রীতি, কান্তি।
প্রীঞ্—তর্পণ, প্রীণন, প্রীতি, কামনা
প্রু, প্রুঙ্—গতি।
প্রুষ্, প্রুষু—দাহ, ভস্মীকরণ, সেচন, সেবন, পূরণ, মোচন।
প্রেঙ্খোল—চাপল্য।
প্রেষ্, প্রেষৃ—গতি।
প্রোথ, প্রোথৃ—পর্য্যাপ্তি, পরিপূর্ণতা, সামর্থ্য।
প্লক্ষ্—ভক্ষণ।
প্লব্—গতি।
প্লিহ্—গতি।
প্লী—গতি।
প্লীহ্—দীপ্তি।
প্লু, প্লুঞ্—গতি, লম্ফ, সন্তরণ, উত্তরণ।
প্লুষ্, প্লুষু—প্রুষ্ দ্র
প্লুস্—দাহ, ভাগ।
প্লেব, প্লেবৃ—সেবা।
প্সা—ভক্ষণ।
ফক্ক—মন্দগতি, অসদ্ব্যবহার।
ফণ্—গতি, নিঃস্নেহ, অনায়াসোৎপত্তি।
ফল্—পরিণাম, নিষ্পত্তি, গমন, নিষ্পাদন, ভেদ।
ফুল্ল—বিকাশ।
ফেল্, ফেল্—গতি।
বংহ—বৃদ্ধি।
বট—বন্ দ্রঃ।
বঠ্—স্থৌল্য, সামর্থ্য।
বণ্—বন্ দ্রঃ।
বদ্—স্থৈর্য্য।
বধ্—বন্ধন, বধ, চিত্তবিকার, নিন্দা।
বন্দ—স্থৈর্য্য।
বন্ধ্—বন্ধন।
বভ্র্—বধ দ্রঃ।
বম্ব্—গতি, হিংসা।
বর্ব্—গতি।
বর্হ—কথন, দান, আচ্ছাদন, প্রাধান্য, হিংসা, দীপ্তি।
বল্—জীবন, ধান্যাবরোধন, বেষ্টন, সমৃদ্ধি, প্রতিবন্ধ, নিবাপন, দান, হিংসা।
বষ্, বস্—বৃস্ দ্রঃ।
বহি—বৃদ্ধি
বাড্, বাড়্—উন্মজ্জন, স্নান।
বাধ্, বাধৃ—প্রতিবন্ধ, প্রতিঘাত, পীড়ন।
বাহ্—বাহ্ দ্রঃ
বিট্, বিড্—বিট্ দ্রঃ
বিদি, বিন্দ্—অবয়ব।
বিল্—ভেদ।
বিশ্—গতি।
বিস্—গতি, প্রেরণ।
বীভ্—শ্লাঘা।
বুক্ক্—ভাষণ।
বুঙ্গ্—বৃঙ্গ্ দ্রঃ।
বুট্—হিংসা।
বুড্—ত্যাগ, সংবরণ।
বুধ্—জ্ঞান, বিজ্ঞাপন, অবগম, চেতন, জাগরণ।
বুন্দ্—প্রণিধান, শ্রবণ।
বুন্ধ্—বন্ধন।
বুল্—স্নান।
বুস্—ত্যাগ।
বুস্ত্—পুস্ত দ্রঃ।
বেশ, বেস্—গতি।
ভক্ষ্—ভক্ষণ।
ভজ্—ভক্তি, অনুরাগ, সেবা, আশ্রয়, প্রাপ্তি, বিভাগ, দান।
ভজি—দীপ্তি।
ভঞ্জ্—আমর্দ্দন।
ভট্—ভৃতি, ভরণ।
ভড়ি—ভণ্ড দ্রঃ, কল্যাণ, প্রতারণ।
ভণ্—শব্দ, কথন।
ভণ্ড্—পরিহাস, নিন্দাযুক্ত ভর্ৎসন।
ভদি—ভন্দ্ দ্রঃ।
ভন্জো—ভঞ্জ দ্রঃ।

ভন্দ্—কল্যাণ, সুখ, প্রীণন।
ভৎ'স—তর্জ্জন, ভৎ'সন।
ভর্ব, ভর্ভ্ } হিংসা
ভল্, ভল্ল্ } হিংসা, দান, কথন, নিরূপণ।
ভস্—(বৈ) ভৎ'সন, দীপ্তি।
ভা—দীপ্তি, শোভা।
ভাজ্—পৃথক্করণ।
ভাম্—ক্রোধ।
ভাষ্—কথন।
ভাস্, ভাস্ব } দীপ্তি।
ভিক্ষ্—ভিক্ষা, লাভ, লোভোক্তি, ক্লেশ।
ভিদ্, ভিদির্ } ভেদ, ভঙ্গ, বিদারণ, বিচ্ছেদ, ত্যাগ।
ভিদি, ভিন্দ্ } অবয়ব।
ভিল্—ভেদন।
ভিষ্—(সৌ) রোগ প্রতিকার।
ভী—ভয়।
ভুজ্—বক্রীকরণ, পালন, রক্ষণ, উপভোগ।
ভুজো—বক্রীকরণ।
ভুড়ি, ভুণ্ড্ } তোড়ন, দারণ, ভেদ।
ভূ—সত্তা, বিদ্যমানতা, উৎপত্তি, সম্পন্নতা, ভাব, প্রাপ্তি, চিন্তা, শুদ্ধি, মিশ্রণ।
ভূষ্—ভূষণ।
ভৃ—ভরণ, পূরণ, পোষণ, ধারণ, প্রাপ্তি, গ্রহণ, দান।
ভৃংশ্—দীপ্তি।
ভৃএ্—ভৃ দ্রঃ।
ভৃক্ষ্—ভক্ষণ।
ভৃজ্ } ভর্জন।
ভৃড়—মজ্জন।
ভৃশ্—ভ্রংশ।
ভৃশি—দীপ্তি।
ভৃশু—ভ্রংশ।
ভৄ—পোষণ, ধারণ, ভর্জন, ভৎ'সনা।
ভেষ্, ভেষৃ } ভয়, গতি।
ভ্যস্—ভয়।

ভ্রংশ্, ভ্রংস } অবভ্রংসন, অধঃপতন।
ভ্রক্ষ্—ভক্ষণ।
ভ্রণ্—শব্দ।
ভ্রনশু, ভ্রনস্ত } ভ্রংশ দ্রঃ।
ভ্রম্, ভ্রমু } ভ্রমণ, চলন, ভ্রান্তি।
ভ্রশু—ভ্রংশ দ্রঃ।
ভ্রস্জ্—ভর্জন।
ভ্রাজ্, ভ্রাজৃ } দীপ্তি, শোভা।
ভ্রাশ্—দীপ্তি, শোভা।
ভ্রী—ভরণ, ভয়।
ভ্রূণ্—আশা, বিশঙ্কা।
ভ্রেজ্, ভ্রেজৃ } দীপ্তি।
ভ্রেষ্, ভ্রেষৃ } ভয়, গতি।
ভ্লক্ষ্—ভক্ষণ।
মংহ্—বৃদ্ধি, দীপ্তি।
মঙ্—হিংসা।
মকি—গতি, ভূষণ।
মক্ক্—গতি।
মঙ্ক্—মকি দ্রঃ।
মক্ষ্, মখ্, মখি, মগি } গতি।
মঘি—গতি, আক্ষেপ, নিন্দা, আরম্ভ, ত্বরা, কৈতব।
মঙ্খ্—ভূষণ, গতি।
মঙ্গ্—গতি।
মচ্—শাঠ্য, দম্ভ, উক্তি।
মচি—উচ্ছ্রায়, পূজন, দীপ্তি, ধারণ।
মজি—দীপ্তি, শুদ্ধি। ২। (সৌ) ধ্বনি।
মঞ্চ্—মচি দ্রঃ।
মজ্জ্—স্নান, মজ্জন, শুদ্ধি।
মঞ্জ্—দীপ্তি।
মট্—মর্দ্দন, মদ, নিবাস। ২। (সৌ) অবসাদন।
মঠি—শোক।
মডি—ভূষণ, হর্ষ।

মড়ি—বিভাজন, বেষ্টন।
মণ্—শব্দ।
মণ্ঠ্—শোক।
মণ্ড্—ভূষণ।
মত্—মত্তীভাব, হর্ষ, অববোধ
মথ্—বিলোড়ন।
মন্ত্রি—মন্ত্র দ্রঃ।
মন্—জ্ঞান, মনন, পূজা, গর্ব্ব, সম্ভাবন, ধারণ, মান।
মথি—হিংসা, পীড়ন।
মদি—স্তুতি, মোদ, মদ, গর্ব্ব, নিদ্রা, স্বপ্ন, গতি, কান্তি, জড়ীভাব
মন্ত্র্—মন্ত্রণা।
মন্থ্—মন্থন, বিলোড়ন, সংক্ষোভ।
মন্দ্—মদি দ্রঃ।
মভ্র্—গতি।
মম্ব্—হিংসা।
ময়্—গতি।
মর্ক্—(সৌ) গতি।
মর্চ্—শব্দ।
মর্চ—(সৌ) গ্রহণ।
মর্ব্—গতি, পূরণ।
মল, মল্ল } ধারণ।
মব্, মব্য্ } বন্ধন।
মশ্—শব্দ, রোষ, রোষকৃতশব্দ।
মস্ক্—গতি।
মস্, মসী } পরিণাম।
মহ্—পূজা।
মহি—বৃদ্ধি, দীপ্তি।
মা—শব্দ, মান, পরিমাণ।
মাক্ষ্, মাক্ষি } আকাঙ্ক্ষা।
মাৎ, মাতৃ } মান।
মাথি—মথি দ্রঃ।
মান—পূজা, মীমাংসা, বিচার।
মার্গ্—অন্বেষণ, সংস্কার, সর্পণ।
মার্জ্—মার্জন, শুদ্ধি, শব্দ।
মাহ্—মান।
মি—প্রক্ষেপণ।
মিছ্—উৎক্লেশ।

মিজি
মিঞ্জ } দীপ্তি।
মিট্
মিথ্ } মেধা, হিংসা।
মিদ্—স্নেহন, স্নিগ্ধীভাব।
মিদি—স্নেহ।
মিধ্—মিট্ দ্রঃ।
মিল্—মিলন, সঙ্গম, সংশ্লেষণ
মিল্ল্—পিল্ দ্রঃ।
মিশ্র—মিশ্রণ।
মিষ্
মিষু } সেচন, স্পর্দ্ধা।
মিহ্—ক্ষরণ, সেচন।
মী—হিংসা, গতি, শব্দ।
মীঞ্—হিংসা, বধ।
মীব্—স্থৌল্য।
মীন্—গতি, শব্দ।
মীল্—নিমেষ, সঙ্কোচ
মুচ্—মোক্ষণ, ক্ষেপণ, ত্যাগ, বন্ধনরহিতীভাব।
মুচ্ল্—মুচ্ দ্রঃ।
মুছ্—প্রমাদ।
মুজ্
মার্জন, শব্দ।

্—মুচ্ দ্রঃ।
মুট্—মর্দন, আক্ষেপ।
মুটি—পালন।
মুডি—খণ্ডন, কেশমুণ্ডন, মর্দন, পীড়ন।
মুড়ি—মুণ্ড দ্রঃ। মার্জন, শুদ্ধি, মজ্জন, খণ্ডন, মর্দন, কেশমুণ্ডন।
মুণ্—প্রতিজ্ঞা।
মুণ্ট্—পালন।
মুণ্ড্—পীড়ন, মুডি দ্রঃ।
মুদ্—চিত্তোৎসাহ, হর্ষ, মোদন, মুদ্রা, মিশ্রণ, সংসর্গ।
মুর্—বেষ্টন।
মুর্চ্ছ্
মুর্চ্ছা } দ্রঃ।
মুর্ব্—মূর্ব্ দ্রঃ।
মুল্—মূল দ্রঃ।
মুষ্—খণ্ডন।
মুষু—স্তেয়, লুণ্ঠন।

মুস্—খণ্ডন।
মুস্ত্—রাশীকরণ।
মুহ্—বৈচিত্ত, মোহ, অবিবেক, জ্ঞানরহিতীভাব।
মূ
মূঙ্
মূত্র—প্রস্রাব।
মূর্চ্ছ্—মোহ, উচ্ছ্রায়, বৃদ্ধি, ব্যাপ্তি।
মূর্ব্
মূর্বী } বন্ধন।
মূল্—রোপণ, স্থিতি, প্রতিষ্ঠা।
মূষ্—স্তেয়।
মৃ—মরণ।
মৃক্ষ্—ম্রক্ষণ, স্নেহন, সঙ্ঘাত, অপশব্দ।
মৃগ্
মৃগ } অন্বেষণ।
মৃজ্
শুদ্ধীভাব, মার্জন, শব্দ।

মৃঞ্জ্—শব্দ।
মৃড্—মধুরধ্বনি, হর্ষ, মর্দন।
মৃণ্—হিংসা।
মৃদ্—মর্দন, চূর্ণীকরণ।
মৃধ্
মৃধু } আর্দ্রভাব।
মৃশ্—আমর্দন, স্পর্শ, চিন্তা, পরামর্শ।
মৃষ্
মৃষু } সেচন, ক্ষমা, সহন।
মৄ—হনন।
মে
মেঙ্ } বিনিময়, প্রত্যর্পণ।
মেট্
মেৎ } উন্মাদ।
মেথ্
মেদ্
মেধ্ } স্নিগ্ধীভাব, স্নেহন।
মেপ্
মেপৃ } গতি।
মেব্
মেব্ } সেবা।
মোক্ষ্—মোচন, ক্ষেপ।
ম্না—অভ্যাস, আবৃত্তি।
ম্লক্ষ্—ম্রক্ষণ, সঙ্ঘাত, ম্লেচ্ছন, স্নেহন, অপশব্দ।
ম্রদ্—মর্দন।

ম্রুচ্
ম্রুচু
ম্রুঞ্চ্
ম্রুঞ্চু } গতি।
ম্রেট্
ম্রেড্
ম্রেড় } উন্মাদ।
ম্লক্ষ্—ছেদন।
ম্লুচ্
ম্লুচু
ম্লুঞ্চ্
ম্লুনচু } গতি।
ম্লেচ্ছ্—অস্ফুট শব্দ, অপশব্দ, অসংস্কৃত কথন।
ম্লেট্
ম্লেড্ } উন্মাদ।
ম্লেব্
ম্লেবৃ } সেবা।
ম্লৈ—হর্ষ, ক্ষয়, গ্লানি, কান্তি।
যক্ষ্—পূজা।
যজ্—পূজা, যাগ, দান, সঙ্গম।
যৎ—প্রযত্ন, চেষ্টা, তাড়ন, ভর্ৎসনা, পরিভব, অলঙ্করণ।
যতী—প্রযত্ন, চেষ্টা।
যত্রি
যন্ত্র্ } বন্ধন, সঙ্কোচ।
যভ্—রমণ, বিপরীত রমণ।
যম্—উপরম, নিবৃত্তি, বন্ধন, বেষ্টন, পরিবেষণ।
যস্
যসু } চেষ্টা,
যা—গমন, প্রাপ্তি।
যাচ্—যাচ্ঞা, প্রার্থনা।
যু—মিশ্রণ, অমিশ্রণ, বন্ধন।
যুগি
যুঙ্গ্ } বর্জ্জন।
যুছ্—প্রমাদ।
যুজ্—সমাধি, যোগ, সংযমন, বন্ধন
যুজির্—যোগ, সঙ্গতি।
যুৎ—দীপ্তি।
যুধ্—যুদ্ধ, সম্প্রহার।
যুন্ত্—হিংসা, পীড়ন।
যুপ্
যুপু } বিমোহন।

যুষ্—বধ। ২। (সৌ) ভজন।
যেস্ }
যেষ্ }
যৌট—যোগ।
রংহ্—গতি।
রক্—স্বাদ।
রক্ষ্—রক্ষণ, পালন, সজ্ঘাত, রোধ।
রখ্—গতি।
রগ্—শঙ্কা, স্বাদ, প্রাপ্তি।
রগি—গতি।
রগে—শঙ্কা।
রঘ্—স্বাদ, প্রাপ্তি।
রঘি—দীপ্তি
রঙ্ক্, রঙ্খ্ } গতি।
রচ—রচনা, প্রণয়ন।
রঞ্জ্—অনুরাগ, আসক্তি, বর্ণান্তরোৎপাদন।
রট্, রঠ্ } কথন।
রণ্—শব্দ, গতি।
রদ্—বিলেখন, ভেদ।
রধ্—হিংসা, নিষ্পত্তি, পাক।
রন্জ্—রঞ্জ্ দ্রঃ।
রপ্—উক্তি।
রফ্, রফি } গতি, বধ।
রভ্—
রম্, রমু } ক্রীড়া, রমণ, আসক্তি।
রম্ফ্—গতি, বধ।
রম্ব্, র্ } শব্দ, গতি।
রয়্—গতি।
রস্—শব্দ, আস্বাদন, স্নেহন।
রস—(সৌ) স্বনন।
রহ্, রহ } ত্যাগ।
রহি—দীপ্তি, গতি।
রা—দান, গ্রহণ।
রাখ্—দ্রাখ্ দ্রঃ।
রাঘ্—দ্রাঘ্ দ্রঃ।
রাজ্, রাজ্ঞ্ } দীপ্তি, শোভা।
রাধ্—নিষ্পাদন, সংসিদ্ধি, নিষ্পত্তি।

রাশ্, রাস্ } শব্দ।
রি—গমন।
রিঙ্খি—(বৈ) হিংসা।
রিখ্, রিগি, রিঙ্খ্, রিঙ্গ্ } গতি।
রিচ্—বিয়োজন, সম্পর্ক, বিরেচন, শূন্যীকরণ, পুনঃ পুনঃ পুরীষোৎসর্গ।
রিজ্—ভর্জন।
রিফ্—শ্লাঘা, নিন্দা, হিংসা, যুদ্ধ, দান।
রিফ—(সৌ) ক্ষেপ, কুৎসা।
রিভ্—(সৌ) রব।
রিশ্, রিষ্ } হিংসা।
রিহ্—রিফ্ দ্রঃ, বধ।
রী—শ্রবণ, ক্ষরণ, গতি, বধ, বৃকশব্দ।
রীঙ্—গতি, ক্ষরণ, শ্রবণ।
রীব্, রীবৃ—গ্রহণ।
রু—রব, গতি, হিংসা।
রুংপ্—দীপ্তি।
রুচ্—অভিপ্রীতি, দীপ্তি, কান্তি।
রুজ্—রোগ, ভঙ্গ, হিংসা।
রুজো—রোগ, ভঙ্গ।
রুট্—প্রতিঘাত, পুনর্হনন, শোকাদিহেতু পতন, রোষ, দীপ্তি, উপঘাত।
রুঠ্—প্রতিঘাত, দীপ্তি, শোকাদিহেতু পতন, পরিভাষণ।
রুণ্ট্, রুণ্ড্ } স্তেয়, লুণ্ঠন।
রুদ্, রুদির্ } রোদন
রুধ্—অভিলাষ, রোধ, আবরণ।
রুপ্—বিমোহন।
রুশ্—হনন।
রুশি—দীপ্তি।
রুষ্—হিংসা, রোষ।
রুহ্—বীজজন্ম, উৎপত্তি, প্রাদুর্ভাব, স্ফূর্তি।
রূক্ষ্—অস্নিগ্ধীভাব, পারুষ্য।
রূঙ্—রু দ্রঃ।
রূপ—রূপকরণ, রূপদর্শন।
রূষ্—ভূষণ, বিস্ফুরণ।

রেক্, রেকৃ } শঙ্কা।
রেজ, রেজ্ } দীপ্তি।
রেট্, রেট } কথন, যাচন।
রেপ্—গতি, শব্দ।
রেব্, রেবৃ } প্লুতগতি।
রেভ্, রেভৃ } শব্দ।
রেস্, রেষ্ } বৃকশব্দ, অশ্বশব্দ।
রৈ—শব্দ।
রোড্, রোড়্, রৌট, রৌড্ } উন্মাদ, অনাদর।
লক্—আস্বাদন।
লক্ষ্—চিহ্নীকরণ, অঙ্কন, জ্ঞান, দর্শন, আলোচন।
লখ্, লখি } গতি।
লগ্, লগে } সঙ্গ, মেলন, প্রাপ্তি, স্বাদ।
লগি—লঙ্গ্ দ্রঃ।
লঘ্—উপবাস, অল্পীকরণ।
লঘি—লঙ্ঘ্ দ্রঃ, লঙ্ঘন, দীপ্তি, ভোজন নিবৃত্তি, শোষণ, অল্পীকরণ।
লঙ্খ্—গতি।
লঙ্গ্—গতি, খঞ্জ, প্রাপ্তি।
লঙ্ঘ্—শোষণ, অল্পীকরণ, গতি।
লছ্—লক্ষণ।
লজ্—লজ্জা, ব্রীড়া, ভর্ৎসন, ভর্জন।
লজ—দীপ্তি।
লজি—লজ্ দ্রঃ, দীপ্তি।
লজ্জ্—ব্রীড়া, লজ্জা।
লঞ্জ্—লজ্ দ্রঃ।
লঞ্জ—দীপ্তি।
লট্—বাল্য, ব্যামোহ, কথন।
লড্—বিলাস, উপসেবা, অত্যন্ত পালন, কম্পন, ঈপ্সা, লাভ, চঞ্চল হওন, উৎক্ষেপণ।
লড—পীড়িতীভাব, উৎক্ষিপ্তীভাব, জিহ্বাব্যাপার, আক্ষেপ।
লডি—লণ্ড্ দ্রঃ, কথন।
লণ্ড্—উৎক্ষেপণ।

লত—(সৌ) আঘাত।
লপ্—কথন।
লফ্—প্লুতগতি।
লব—অবলম্বন।
লবি—লম্ব্ দ্রঃ।
লভ্—প্রাপ্তি, লাভ।
লভি—শব্দ।
লম্ব্—শব্দ, অবস্রংসন, লম্বন।
লম্ভ্—শব্দ।
লয়্—গতি।
লর্ব্—গতি।
লল্—লড্ দ্রঃ, লল দ্রঃ, ক্রীড়া।
লল—লাভেচ্ছা, ঈপ্সা।
লশ্—লষ্ দ্রঃ।
লষ্—স্পৃহা, ইচ্ছা, কান্তি, শিল্পযোগ।
লস্—লষ্ দ্রঃ, সংশ্লেষণ, ক্রীড়া, দীপ্তি, শিল্পযোগ।
লস্‌জ্—লজ্জিত হওয়া।
লা—দান গ্রহণ।
লাখ্—দ্রাখ্ দ্রঃ।
লাঘ্—দ্রাঘ্ দ্রঃ।
লাছ্—চিহ্ন।
লাছি—লাঞ্ছ্ দ্রঃ।
লাজ, লাজি } ভর্ৎসন, ভর্জন।
লাঞ্ছ্—চিহ্নীকরণ, লক্ষণ।
লাড্—আক্ষেপ, প্রেরণ, ক্ষেপণ, লাভ।
লিখ্—অক্ষরবিন্যাস, লেখন, চিত্রীকরণ।
লিখি—গতি।
লিগ—গমন।
লিগি—লিঙ্খ্ দ্রঃ।
লিঙ্খ্—গতি, চিত্রীকরণ।
লিপ্—লেপন, উপদেহ, বৃদ্ধি।
লিশ্—অল্পীভাব, গতি।
লিহ্—লেহন, আস্বাদন।
লী, লীঙ্ } লীনভাব, শ্লেষণ।
লুচ্—দূরীকরণ।
লুঞ্চ—অপসারণ, উৎপাটন।
লুজি—তুজি দ্রঃ, দীপ্তি।
লুঞ্জ্—দীপ্তি।
লুট্—লোটন, বিলোড়ন, প্রতিঘাত, দীপ্তি, সঙ্কূর্ণন, চৌর্য্য।
লুটি—স্তেয়।

লুঠ্—উপঘাত, প্রতিঘাত, পতন, বিচেষ্টন, চৌর্য্য, সম্বন্ধীভাব।
লুঠি—আলস্য, প্রতিঘাত।
লুড্—বিলোড়ন।
লুডি—লুটি দ্রঃ।
লুণ্ট্—চৌর্য্য, অবজ্ঞা।
লুণ্ঠ্, লুণ্ঙ্ } স্তেয়, গতি।
লুথি, লুন্থ } হিংসা, সংক্লেশন।
লুপ্—লুপু দ্রঃ, ধ্বংসকরণ।
লুপু—বিমোহন, ব্যাকুলীকরণ।
লুপ্‌লৃ—ছেদন, লোপ।
লুবি—লুম্ব্ দ্রঃ, অদর্শন।
লুভ্—বিমোহন, আকুলীকরণ, লোভ, আকাঙ্ক্ষা।
লুম্ব্—অর্দন।
লুল্—বিলোড়ন, চলন।
লুল—(সৌ) বিমর্দ্দন।
লুষ্—স্তেয়।
লুষ—(সৌ) হিংসন।
লুহ্—লিপ্‌সা।
লূ, লুঙ্ } ছেদন।
লূষ্—ভূষণ, হিংসা, স্তেয়।
লেপ্, লেপৃ } গতি।
লৈণ্—পৈণ্ দ্রঃ।
লোক্—দর্শন, দীপ্তি।
লোকৃ—দীপ্তি, দর্শন।
লোচ্—দর্শন, পর্য্যালোচন।
লোচ্—দর্শন, দীপ্তি।
লোট, লোড্ } উন্মাদ।
লোষ্ট্—সঙ্ঘাত, রাশীকরণ।
লৌক্—উন্মাদ।
ল্পী, ল্যী } শ্লেষণ।
ল্বী—গতি।
বংহ্—গতি, হিংসা।
বকি—কৌটিল্য, গতি।
বক্ষ্—সঙ্ঘাত, কোপ।

বখ, বখি, বগি, বঙ্ক্, বঙ্খ } গতি, বক্রীভাব।
বঙ্গ্—গতি।
বঙ্ঘ্—গতি, গতির আরম্ভ, আরম্ভ, আক্ষেপ নিন্দা।
বচ্—কথন।
বজ্—গতি, গমন, সংস্করণ।
বঞ্চ্—গতি।
বট—বেষ্টন।
বটি—বণ্ট্ দ্রঃ, অসহায় গমন, ঐকচর্য্য। ২। (সৌ) চৌর্য্য।
বঠ্—স্থৌল্য, সামর্থ্য।
বঠি—ঐকচর্য্য।
বড—(সৌ) আরোহণ।
বণ্—শব্দ।
বণ্ট্—বণ্টন, বিভাজন।
বণ্টি—বণ্টন, বিভাগ, বেষ্টন।
বণ্ড্—বেষ্টন, বণ্টন॥
বদ্—কথন।
বদ—সন্দেশকথন।
বদি—বন্দ্ দ্রঃ।
বধ্—হনন।
বন্—শব্দ, সম্ভক্তি, সেবা।
বনু—হিংসা, ব্যাপৃতি, যাচন, শব্দ, ঘাত, শ্রদ্ধা, উপকার।
বনচু—বঞ্চ্ দ্রঃ।
বন্দ্—বন্দনা, স্তুতি, অভিবাদন, নমস্কার।
বপ্—বপন, গর্ভাধান, ছেদন, মুণ্ডন।
বভ্র্—গতি।
বম্—উদ্‌গিরণ, বমন।
বয়্—গতি।
বর—ঈপ্‌সা।
বর্চ্—দীপ্তি।
বর্ণ—বর্ণক্রিয়া, রঞ্জন, বিস্তার, বর্ণন, স্তুতি, দীপন, উদ্‌যোগ, প্রেরণ, রাগ।
বর্দ্ধ—ছেদন, পূরণ।
বর্ফ্—গতি, বধ।
বর্ষ্, বর্হ্ } স্নেহন।
বর্হ্—বর্হ্ দ্রঃ।
বল্—সংবরণ, সঞ্চরণ।

বল্ক—উক্তি।
বল্গ—গতি, প্লুতগতি।
বল্ল্—বল্ দ্রঃ।
বল্হ্—বর্হ দ্রঃ।
বশ্—ইচ্ছা, (বৈ) কান্তি।
বষ্—হিংসা।
বস্—নিবাস, আচ্ছাদন, পবিধান, স্নেহ, প্রীতি, অপহরণ, চ্ছেদ, বধ।
বস—নিবাস।
বঙ্ক্
বস্ক্ } গতি।
বস্ত্—অর্দন।
বহ্—বহন, ধারণ, প্রাপণ।
বহ্ল্—বল্হ্ দ্রঃ।
বাড়্—গতি, সুখ, সেবা।
বাধ্—প্রতিঘাত, প্রতিবন্ধ, পীড়ন।
বাশ্
বাশৃ } শব্দ।
বাস্
বাস—উপসেবা
বাস্থ—শব্দ।
বাহ্
বাহৃ } প্রযত্ন।
বিচ্
বিচির্ } পৃথক্ করণ।
বিছ্—গতি, দীপ্তি
বিজ্
বিজির্ } পৃথক্ করণ।
বিজী—ভয়, উদ্বেগ, চলন।
বিট্—আক্রোশ, শব্দ।
বিড্—আক্রোশ।
বিডম্ব—অনুকরণ।
বিত্ত—ত্যাগ।
বিথ্
বিথৃ } যাচন।
বিদ্—জ্ঞান, সত্তা বিদ্যমানতা, লাভ, বিচারণ, মীমাংসা, চেতন, বাক্য, স্থৈর্য্য, আখ্যান, ব্যথা।
বিধ্—বিধান, ছিদ্রীকরণ, বেধন।
বিপ্—ক্ষেপণ।
বিল্—ভেদন, আচ্ছাদন, পরিধান।
বিশ্—প্রবেশ।
বিষ্
বিষু্ } বর্ষণ, সেচন, ব্যাপ্তি।

বিঙ্ক্—হিংসা।
বিস্ক—দর্শন।
বী—গমন, ব্যাপ্তি, ক্ষেপণ, গর্ভগ্রহণ, ইচ্ছা, আস্বাদন।
বীজ্—গতি, বীজন, কুৎসা।
বীর—শৌর্য্য, উদ্যম।
বুগি
বুঙ্গ্ } ত্যাগ
বুষ্—ব্যুষ দ্রঃ।
বৃ—বৃঞ্ দ্রঃ।
বৃংহ—বৃহ দ্রঃ।
বৃক্—আদান।
বৃক্ষ্—বরণ।
বৃঙ্—সম্ভক্তি, সেবা
বৃচ্
বৃচী } বর্জ্জন, বৃতি।
বৃজ্—বর্জ্জন, বৃতি।
বৃজি—বর্জ্জন।
বৃজী—বৃজ দ্রঃ।
বৃঞ্—আবরণ, রোধ, বরণ, প্রার্থনা।
বৃঞ্জ্—বর্জ্জন।
বৃণ্—ভক্ষণ, প্রীণন।
বৃণু—ভক্ষণ।
বৃৎ—বর্ত্তন, বিদ্যমানতা।
বৃতু—বৃৎ দ্রঃ। দীপ্তি, পালন, জীবন, বর্ণন।
বৃধ্—বৃদ্ধি।
বৃধু—দীপ্তি।
বৃশ্—বরণ।
বৃষ্—বৃষু দ্রঃ, শক্তিবন্ধ।
বৃষু—বর্ষণ, সেচন, গর্ভগ্রহণ, ঐশ্বর্য্য, ক্লেশ; হিংসা।
বৃহ—বৃদ্ধি, শব্দ।
বৃহি—বৃহ্ দ্রঃ, দীপ্তি।
বৃহির্—বৃহ দ্রঃ।
বৄ—বরণ, স্বীকার, প্রার্থনা, ভরণ।
বৄঞ্—বরণ, প্রার্থনা, স্বীকার।
বে
বেঞ্ } তন্তুসন্তান, বয়ন।
বেণ্
বেণৃ } গতি, জ্ঞান, চিন্তা, চাক্ষুষজ্ঞানবাদন।
বেথ্—যাচন।
বেপ্—কম্পন।

বেরী
বেবীঙ্ } গতি, ব্যাপ্তি, ক্ষেপণ, গর্ভগ্রহণ, ইচ্ছা, আস্বাদন।
বেল্—কম্পন।
বেল—সময় কথন।
বেল্ল্
বেহ্ল } কম্পন
বেস্ট্—বেষ্টন।
বেস্
বেস্থ } গতি।
বেহ্
বেহৃ } প্রযত্ন।
বৈ—শোষণ।
ব্যচ্—প্রতারণা।
ব্যথ্—ব্যথা, কম্পন, চলন, ভয়।
ব্যধ্—বেধন, পীড়ন, তাড়ন।
ব্যপ্—ক্ষয়।
ব্যয়্—গতি, ক্ষেপণ, বিত্ত সমুৎসর্গ, বিত্তক্ষয়।
ব্যুষ্—বিভাগ, উৎসর্গ, দাহ।
ব্যে
ব্যেঞ্ } আচ্ছাদন, পরিধান।
ব্রজ্—গতি, সংস্কার।
ব্রণ্—শব্দ, ক্ষত, গাত্রবিচূর্ণন।
ব্রশ্চ—ছেদন।
ব্রী
ব্রীঙ্ } প্রার্থন, যাচন।
ব্রীড্—লজ্জা, ক্ষেপণ, প্রেরণ।
ব্রীস্—বধ।
ব্রুড়্—সংহতি, সংবরণ, নিমজ্জন।
ব্রুস্—বধ।
ব্লী—গমন।
শংস্—ইচ্ছা, আশংসা।
শংস্ত্—শংস্, সংস্ত্ দ্রঃ।
শক্—শক্তি, সামর্থ্য, ক্ষমা, ত্রাস।
শক্ল্—শক্তি, সামর্থ্য।
শকি
শঙ্ক্ } ভয়, সংশয়।
শচ্—কথন।
শচি
শঞ্চ্ } গতি।
শট্—গতি, শ্লাঘা, ভেদ, অবসাদ, রোগ
শঠ্—শাঠ্য, কৈতব, হিংসা, অসংস্করণ, গতি, আলস্য, সম্যগ্ভাষণ, দুর্বাক্য।
শডি—সংঘাত, রোগ।
শণ্—গতি, দান।

শণ্ড্—শডি দ্রঃ।
শত্—হিংসা।
শদ্, শদল্—গতি, পতন, পাতন, ছেদন, বিশীর্ণতা।
শন্স্, শন্স্থ—প্রশংসা, স্তুতি, হিংসা
শপ্—বিরুদ্ধানুধ্যান, শাপ, আক্রোশ, ভর্ৎসনা, শপথকরণ।
শব্দ্—ধ্বনি, শব্দকরণ, ভাষণ, আবিষ্কার।
শম্—দমন, উপশম, নিবৃত্তি, শান্তভাব।
শম্ব্—গতি, হিংসা।
শল্—গতি, বেগ, চলন, সংবরণ, আচ্ছাদন।
শল্ল্—গমন।
শল্ল—(সৌ) গমন।
শল্‌ভ—শ্লাঘা।
শব্—গতি, বিকার।
শশ্—প্লুতগতি।
শষ্—বধ।
শস্, শস্থ—হিংসা, হনন।
শসি—আশংসা, ইচ্ছা
শাখ্, পাখৃ—ব্যাপ্তি।
শাড্, শাড়্—শ্লাঘা।
শান্—তীক্ষ্ণীকরণ।
শান্ত্—সান্ত্বনা।
শার—দৌর্ব্বল্য।
শাল্, শাল্—শ্লাঘা।
শাস্, শাস্থ—শাসন, উপদেশ, অনুশাসন।
শি—তীক্ষ্ণীকরণ।
শিক্ষ্—শিক্ষা, বিদ্যাগ্রহণ
শিঘি, শিঙ্ঘ্—আঘ্রাণ।
শিজি—শিঞ্জ দ্রঃ।
শিঞ্—তনূকরণ।
শিঞ্জ্—অব্যক্ত ধ্বনি, অলঙ্কার শব্দ।
শিট্—অনাদর।
শিল্—উঞ্ছ।
শিষ্—হিংসা, শেষ।
শিষ্‌ল্—বিশেষণ, বিশেষকরণ।
শী, শীঙ্—শয়ন, স্বপ্ন।

শীক্—গতি, সেচন, সেক, দীপ্তি, আমর্শন, স্পর্শ।
শীকৃ—গতি, সেচন।
শীভ্, শীভৃ—কথন।
শীল্—সমাধি, প্রবৃত্তি, সেবা, অনুভাবন
শীল—উপধারণ, অভ্যাস, অনুশীলন, অতিশয়করণ।
শু—গতি।
শুক্—গতি।
শুচ্—শোক, শুদ্ধি।
শুচির্—পূতীভাব, শুদ্ধি, আর্দ্রীভাব, ক্লেদভেদ।
শুচ্য—অভিষব, অবসাদ, স্নান, মন্থন, পীড়ন।
শুঠ্—প্রতিঘাত, আলস্য।
শুঠি—গত্যাঘাত, শোষণ।
শুডি—শুণ্ড্ দ্রঃ।
শুণ্ঠ্—শুঠ্ দ্রঃ।
শুণ্ড্—খণ্ডন, প্রমর্দন।
শুধ্—শুদ্ধি, শৌচ।
শুন্—গতি।
শুন্ধ্—শুদ্ধি, শৌচকর্ম্ম।
শুভ্—শোভা, দীপ্তি।
শুভ, শুন্‌ভ—ভাষণ।
শুল্ক্—অতিস্পর্শন, কথন,
শুল্ব্—সৃষ্টি, মান।
শুষ্—শোষণ।
শূর্, শূরী—বিক্রম, হিংসা, স্তম্ভন, জড়ীভাব।
শূর্প—মান।
শূল—রোগ, সংঘোষ, সংঘাত।
শূষ্—প্রসব।
শৃধু—শব্দ, কুৎসা, প্রহসন।
শৄ—হিংসন।
শেব্, শেব—সেব দ্রঃ।
শৈ—পাক।
শো—তনূকরণ।
শোট্—গর্ব্ব।
শোণ্—রক্তবর্ণ।
শোণৃ—বর্ণ, গতি।
শ্চুতির্, শ্চ্যুতির্—ক্ষরণ।

শ্যৈ—গমন।
শ্যৈঙ্—গতি।
শ্রথ্—যত্ন, পুনঃ পুনঃ হৎ, শ্লথ দ্রঃ।
শ্রথি—শৈথিল্য।
শ্রন্‌ভু—প্রমাদ।
শ্রন্থ—গ্রন্থন।
শ্রম্—আয়াস; পরিশ্রম।
শ্রম্ভ্—প্রমাদ।
শ্রা—স্বেদ, পাক।
শ্রাম—মন্ত্র, অভিমুখীকরণ।
শ্রি, শ্রিঞ্—আশ্রয়, সেবা।
শ্রিষ্, শ্রিষু—দাহ।
শ্রী, শ্রীঞ্—পাক।
শ্রু—শ্রবণ, গতি।
শ্রেক্, শ্রেকৃ—গতি।
শ্রৈ—শৈ দ্রঃ।
শ্রৈক্—গতি।
শ্রোণ্, শ্রোণৃ—সংঘাত।
শ্লকি, শ্লঙ্ক্—
শ্লঙ্গ—গতি।
শ্লথ্—কার্শ্য, শিথিলীভাব, দৌর্বল্য।
শ্লাখৃ, শ্লাখৃ—ব্যাপ্তি।
শ্লাঘ্, শ্লাঘ—কথন, প্রশংসা, শ্লাঘা।
শ্লিষ্—দাহ, আলিঙ্গন, যোগ।
শ্লিষু—দাহ।
শ্লোক্, শ্লোকৃ—সংঘাত, গ্রন্থন, ছন্দোবন্ধ বাক্যরচন।
শ্লোণ্, শ্লোণৃ—সং
শ্বকি, শ্বঙ্ক্—গতি
শ্বচ্, শ্বচি, শ্বঞ্চ্—গতি।
শ্বঠ—সম্যগ্‌ভাষণ, দুর্বচন।

শ্বভ্র্—ছিদ্রকরণ।

শ্বল
শ্বল্ল } আশুগমন।

শ্বি—গতি, বৃদ্ধি।

শ্বস্—নিঃশ্বাস ফেলা, প্রাণন।

শ্বিত্—শুভ্রকরণ।

শ্বিতা—বর্ণ।

শ্বিদি—শৈত্য।

ষগে—সংবরণ, গোপন।

ষঞ্জ—সঙ্গ।

ষট্—অবয়ব।

ষট্ট্—হিংসা।

ষণ্—সম্ভক্তি, সেবা।

ষণু—দান।

ষদ্‌ল্—সদ্ দ্রঃ।

ষপ্—সপ্ দ্রঃ।

ষম্—বৈক্লব্য, বৈকল্য, অবৈকল্য।

ষম্ব্—গতি, সম্বন্ধ।

ষয়্—গতি।

ষর্জ্—অর্জন।

ষর্ব্—গতি, হিংসা।

ষল্—গতি।

ষস্
ষস্তি } (বৈ) স্বপ্ন।

ষহ্—মর্ষণ, শক্তি, সহন, ক্ষমা, তৃপ্তি।

ষাধ্—প্রাপ্তি, সংসিদ্ধি, নিষ্পত্তি, বধ, পরীক্ষা।

ষান্ত্ব্—সান্ত্বনা।

ষিঘ্
ষিচ্ } সেচন, ক্ষরণ।

ষিঞ্ — বন্ধন

ষিট—অনাদর

ষিধ্—গতি।

ষিধু—গতি, শাস্ত্র, মঙ্গলক্রিয়া, নিষ্পত্তি।

ষিভু
ষিন্‌ভু } হিংসা

ষিবি—হিংসা।

ষিবু—সীবন।

ষু—প্রসব, ঐশ্বর্য্য।

ষুঞ্—গতি, স্নান, পীড়ন, যোগ, মন্থন

ষুট্—অনাদর, স্টুট্ দ্রঃ।

ষুর্—দীপ্তি, ঐশ্বর্য্য।

ষুহ—ক্ষমা, দীপ্তি।

ষূঙ্—প্রসব।

ষূদ্—ক্ষরণ, নিরাস, হনন, ছেদন, সঙ্করণ।

ষূর্ক্ষ্—আদর, অনাদর।

ষৃষ্—প্রসব।

ষেবৃ—সেব্ দ্রঃ।

ষো—সো দ্রঃ।

ষ্টক্—প্রতিঘাত।

ষ্টগে—ষগে দ্রঃ।

ষ্টম্—বিহ্বলীভাব, অবৈক্লব্য।

ষ্টভি—স্তম্ভ্ দ্রঃ।

ষ্টিঘ্—আস্কন্দন।

ষ্টিপৃ—ক্ষরণ।

ষ্টিম্
ষ্টীম্ } আর্দ্রীভাব, নিশ্চল।

ষ্টুচ্—প্রসাদ।

ষ্টুজ্—স্তুতি, প্রশংসা

ষ্টুভ্
ষ্টুভু } জড়ীভাব, স্তম্ভ।

ষ্ণুচ্—সেচন।

ষ্টৃপির্—রাশীকরণ

ষ্টেপৃ—ষ্টিপৃ দ্রঃ।

ষ্টৈ—বেষ্টন, শোভা।

ষ্ট্যৈ—ষ্টৈ দ্রঃ।

ষ্টা—স্থা দ্রঃ।

ষ্ঠিব
নিষ্ঠীবন ত্যাগ, ছেপ ফেলা।

ষ্ণস্ত

ষ্ণা—স্না দ্রঃ।

ষ্ণিহ্—স্নিহ দ্রঃ, স্নিগ্ধীভাব।

ষ্ণু—ক্ষরণ।

ষ্ণুস্—অদন, আদান, অদর্শন।

ষ্ণুহ্—উদ্‌গিরণ।

ষ্ণৈ—বেষ্টন

ষ্মিঙ্—ঈষৎ হসন।

ষ্বদ্—স্বদ্ দ্রঃ, ছেদন।

ষ্বল্—গতি।

ষ্বিদা—ঘর্ম্মচ্যুতি।

সংগ্রাম—যুদ্ধ।

সংস্ত—স্বপ্ন।

সঙ্কেত—আমন্ত্রণ।

সঞ্জ্—সঙ্গ।

সট্—অবয়ব।

সট্ট—হিংসা।

সঠ্—শঠ্ দ্রঃ।

সত্র—সন্ততি, সম্বন্ধ।

সদ্—গমন, ভেদ, অবসাদ, বিষাদ।

সন্—সম্ভক্তি, সেবা, দান।

সপ্—সেবন, প্রীতি, দর্শন, সম্বন্ধ, সমবায়, সম্যগবোধ।

সভাজ্—সেবন : দর্শন।

সম্—বৈকল্য, অবৈকল্য।

সম্ব্—গতি।

সয়্—গতি।

সর্জ—অর্জন, উপার্জন।

সর্ব্—গতি।

সল্—গতি

সস্—স্বপ্ন।

সহ্—মর্ষণ, সহন, শক্তি, ক্ষমা।

সাট—প্রকাশন।

সাত—(সৌ) সুখ।

সাধ্—সম্পাদন, সিদ্ধি, নিষ্পত্তি, প্রাপ্তি, গমন, পরীক্ষা, বধ।

সান্ত্ব্—সান্ত্বনা।

সাম—সান্ত্বনা, প্রিয়করণ।

সাম্ব্—গতি।

সার—দৌর্ব্বল্য।

সি—বন্ধন।

সিক—(সৌ) সেচন

সিচ্—সেচন, ক্ষরণ।

সিট্—অনাদর।

সিধ্—গতি, সিদ্ধি।

সিম্ব্—সেচন।

সিভ্
সিম্ভ্ } হিংসা।

সিল্—শিল্ দ্রঃ।

সিব—সীবন, তন্তুসন্তান।

সীক্—গতি, দীপ্তি, সেচন, স্পর্শ, ক্ষমা।

সু—প্রসব, ঐশ্বর্য্য।

সুখ—সুখকরণ।

সুট্—অনাদর, অল্পীভাব, তৌচ্ছ।

সুদ্—দীপ্তি।

সুদি—(সৌ) দ্যুতি।

সুভ্
সুম্ভ্ } শুভ্ দ্রঃ।

স্থুর্—দীপ্তি, ঐশ্বর্য্য।

স্থুহ্—সহ্ দ্রঃ।

সূ—প্রসব, জনন, উৎপাদন।

সূচ—পৈশুন্য, সূচন, জ্ঞাপন।

সূত্র—গ্রন্থন, চেষ্টন, বিলোচন।

সূদ্—হিংসা, ক্ষরণ, নিক্ষেপ, রন্ধন

সূর্—শূর্ দ্রঃ।

সূর্ক্ষ্—আদর, অনাদর।

সূর্ক্ষ্য্—ঈর্ষ্যা।

সূষ্—প্রসব।

সৃ—গতি, আস্তরণ।

সৃজ্—উৎপত্তি, ত্যাগ, নির্ম্মাণ।

সৃপ্ / সৃপ্ল্ — গতি।

সৃভ্ / সৃম্ভু — হিংসা।

সৄ—গতি।

সেল্—শেল্ দ্রঃ।

সেব্—সেবা, ভক্তি, আরাধনা, আশ্রয়।

সৈ—ক্ষয়।

সো—বিনাশ।

স্কদি / স্কন্দ্ — স্কুদি দ্রঃ।

স্কন্‌ভু—(সৌ) গতি, গমন, শোষণ

স্কম্ভু—স্তম্ভন।

স্কুঞ্—উদ্ধার, আবরণ, আপ্লবন।

স্কুদ্—লম্ফন।

স্কুদি / স্কুন্দ্ — উদ্ধার, উৎপ্লুত।

স্কুন্ভ্—(সৌ) ধারণ, রোধন।

স্কুনভু—স্কন্ভু দ্রঃ।

স্কুম্ভ্—স্কুন্ভ্ দ্রঃ।

স্খদ্—হিংসা, বিদ্রাবণ, স্থৈর্য্য, ক্লেশোৎপাদন।

স্খল্—স্খলন, সঞ্চলন, সঞ্চয়।

স্খুড্—সংবরণ, আচ্ছাদন।

স্তক্—প্রতিঘাত।

স্তগ্—সংবরণ, গোপন।

স্তন্—শব্দ, মেঘশব্দ।

স্তভ্—জড়ীভাব।

স্তনভু—(সৌ) গতি।

স্তনভু—(সা) রোধন, আচরণ, নিষ্কোষকরণ।

স্তম্—বিহ্বলীভাব, বৈক্লব্য, অবৈক্লব্য।

স্তম্ভু—স্তম্ভন, জড়ীভাব, ক্রিয়ানিরোধ।

স্তিঘ্—আস্কন্দন।

স্তিপ্—ক্ষরণ।

স্তিম্—আর্দ্রীভাব, নিশ্চল।

স্তীম্—আর্দ্রীভাব, নিশ্চল।

স্তু—স্তুতি, প্রশংসা।

স্তুচ্—প্রসাদ।

স্তুন্ভু—(সৌ) স্তন্ভু দ্রঃ।

স্তুভ্—স্তম্ভ, জড়ীভাব, ক্রিয়ানিরোধ।

স্তু্—স্তুন্ভু দ্রঃ।

স্তূপ / স্তূপির্ — উচ্ছ্রায়, রাশীকরণ।

স্তৃ—আচ্ছাদন, রক্ষা, প্রীতি, প্রাণন।

স্তৃক্ষ্—গতি।

স্তৃঞ্—স্তৃ দ্রঃ।

স্তৃহ্ / স্তৃহ্ব — বধ।

স্তৄ / স্তৄঞ্ — আচ্ছাদন।

স্তৃহ্—বধ।

স্তেন—চৌর্য্য।

স্তেপ্—ক্ষরণ, ক্ষেপ।

স্তৈ—বেষ্টন, শোভা।

স্ত্যৈ—শব্দ, শব্দসংঘাত, সংঘাত।

স্তোম—শ্লাঘা।

স্থগ্ / স্থগে — আচ্ছাদন, সংবরণ, নিবারণ, গোপন।

স্থল্—স্থিতি।

স্থা—গতি, নিবৃত্তি, স্থিতি।

স্থুড্—খুড্ দ্রঃ।

স্থূল্—বৃদ্ধি।

স্নস্—নিবারণ।

স্না—স্নান, শোধন।

স্নিট্—গতি, স্নেহ।

স্নিহ্—প্রীতি, স্নেহ, স্নিগ্ধভাব।

স্নু—ক্ষরণ।

স্নুচ্—প্রসাদ।

স্নুস্—আদান, অদর্শন, অদন।

স্নুহ্—বমন।

স্নৈ—বেষ্টন।

স্পদ্—ঈষৎ, কম্পন।

স্পদি / স্পন্দ্ — স্পন্দন, কম্পন, স্ফুরণ।

স্পর্দ্ধ—সজ্ঘর্ষ, পরাভিভবেচ্ছা, স্পর্দ্ধা।

স্পশ্—প্রকাশ, স্পর্শ দ্রঃ।

স্পর্শ—গ্রহণ, স্পর্শন, শ্লেষণ, পীড়ন, গ্রন্থন।

স্পর্ষ—স্নেহন।

স্পৃ—(বৈ) প্রীতি, জীবন, (বৈ) পালন চলন।

স্পৃশ্—স্পর্শ, আমর্শন

স্পৃহ—স্পৃহা, লোভ।

স্ফট্ / স্ফটি — ভেদ।

স্ফণ্ড্—স্ফর্ দ্রঃ।

স্ফর্ / স্ফল্ — স্ফুর্ দ্রঃ।

স্ফাণ্ট্—স্ফট্ দ্রঃ।

স্ফায় / স্ফায়ী — বৃদ্ধি।

স্ফিট্—হিংসা, বধ, অনাদর, আবরণ।

স্ফিট্ট—হিংসা।

স্ফুট্—স্ফুটির্ দ্রঃ, হিংসা, বাহুতাড়ন।

স্ফুটি—ভেদ।

স্ফুটির্—ভেদন, বিকাশন, প্রফুল্লীভাব।

স্ফুট্ট—অনাদর।

স্ফুড্—সংবরণ।

স্ফুণ্ট্—ভেদ।

স্ফুর্—স্ফুরণ, প্রকাশ, স্ফূর্ত্তি।

স্ফুল্—দীপ্তি, কম্পন স্পন্দন, সঞ্চলন।

স্ফূর্চ্ছ—বিস্মৃতি।

স্ফূর্জ্—বজ্রনির্ঘোষ।

স্মি—ঈষৎ হসন, অনাদর, জুগুপ্সা।

স্মিট্—অনাদর, স্নেহ।

স্মীস্—স্মীল্ দ্রঃ।

স্মৃ—স্মরণ, ধ্যান, চিন্তা।

স্যন্দ্ / স্যন্দূ — ক্ষরণ।

স্যন্ / স্যমু — শব্দ।

স্রংস্—অবস্রংসণ, স্খলন, ভ্রংশ।

স্রংহ্—বিশ্বাস।

স্রক্—গতি।

স্রন্ভু—প্রমাদ, অনবধানতা।
স্রন্স—অধঃপতন, বিশ্বাস, শঙ্কারহিতীভাব।
স্রন্হু—বিশ্বাস।
স্রম্ভ্—প্রমাদ, অনবধানতা।
স্রিভ্, স্রিভু, স্রিন্ভু, স্রিম্ভ্—হিংসা।
স্রিব্, স্রিবু—গতি, শোষণ
স্রু—গতি, প্রবাহ, ক্ষরণ।
স্রেক্—সেক্ দ্রঃ।
স্রৈ—শৈ দ্রঃ।
স্বকি, স্বগি, স্বঙ্ক্, স্বঙ্গ্—গতি।
।—আলিঙ্গন।
স্বঠ্—শট্ দ্রঃ।
স্বদ্—আস্বাদন, অনুভব, প্রীতিকরণ, রুচি।
স্বন্, স্বন—শব্দ।
স্বপ্—শয়ন, নিদ্রা।
স্বর—আক্ষেপ।
স্বর্ত্ত্—গতি, সভয়স্থিতি।
স্বর্দ্—স্বদ্ দ্রঃ।
স্বল্—গতি।
স্বস্ক্—গতি।
স্বাদ্—আস্বাদন।
স্বিদ্—স্নেহন, মোহন, মোচন, গাত্রপ্রক্ষরণ।
স্বিদা—গাত্রপ্রক্ষরণ।
স্বূর্চ্ছ্, স্বৃর্চ্ছ্—বিস্মৃত।
স্বৃ—উপতাপ, শব্দ, হনন।
স্বেক্—সেক্ দ্রঃ।
হঠ্—দীপ্তি, প্লুতি, কেলীবন্ধন, বলাৎকার, শাঠ্য।
হদ্—মলত্যাগ।
হন—গতি, হিংসা, প্রহার, তাড়ন, আঘাত, বধ।
হয্—গতি, শব্দ, ক্লম, ভক্তি।
হর্ম্—গতি।
হর্য্—গতি, কান্তি।
হল্—বিলেখন, কর্ষণ।
হস্, হসে—হসন, উপহাস।
হা—ত্যাগ।
হি—বৃদ্ধি, প্রেরণ
হিংস্—হিংসা।
হিক্ক্—হিংসা।
হিক্ক—হিক্কা, অব্যক্তশব্দ।
হিট্—আক্রোশ।
হিডি, হিণ্ড্—গতি, অনাদর।
হিম্ব্—প্রীণন, দীপ্তি।
হিল্—ভাবকরণ, অভিপ্রায়, সূচন
হিল্লোল্—দোলন।
হিবি—হিম্ব্ দ্রঃ।
হিস—হানি।
হিসি—হিংসা।
হু—দান, প্রক্ষেপ, আদান, প্রীণন, অদন, হোমকরণ।
হুড, হুড—গতি, সংহতি, মজ্জন।
হুডি, হুণ্ড্—সঙ্ঘাত, রাশীকরণ, হরণ, বরণ, স্বীকার।
হুর্চ্ছ্, হুর্চ্ছা—হূর্চ্ছ্ দ্রঃ।
হুল্—গতি, আচ্ছাদন।
হূড্—হুড্ দ্রঃ।
হূর্চ্ছ্—কৌটিল্য, অপসরণ।
হৃ—হৃঞ্ দ্রঃ, সংবরণ, বলাৎকার।
হৃঞ্—হরণ, আনন, স্তেয়, প্রাপণ, স্বীকার।
হৃষ্, হৃষু—মিথ্যা, হর্ষ, তোষ।
হেট্—বাধন, পীড়ন।
হেঠ্—ভূতপ্রাদুর্ভাব, পবিত্রীকরণ, শাঠ্য।
হেড্—বেষ্টন, অনাদর
হেড়—অনাদর।
হেঢ্—ভূতপ্রাদুর্ভাব।
হেষ্, হেষৃ—অশ্বধ্বনি, হ্রেষা
হোড্—বেষ্টন।
হোড়—অনাদর।
হ্নু, হ্নুঙ্—অপহ্নব, চৌর্য্য।
হ্মল্—হ্বল্ দ্রঃ
হ্রগ্, হ্রগে, হ্লগ্, হ্লগে—সংবরণ, আচ্ছাদন।
হ্রপ্—হ্লপ
হ্রস্, হ্রাস—অল্পীভাব, রব।
হ্রাদ্—অব্যক্ত শব্দ, পাদাধ্বনি।
হ্রী—লজ্জা।
হ্রীদ্—লজ্জা
হ্রুড্, হ্রূড্—গতি।
হ্রেপ্—গতি।
হ্রেষ্, হ্রেষৃ—হেষ্ দ্রঃ
হ্রৌড্—গতি।
হ্লগ্—হ্রগ্ দ্রঃ।
হ্লপ্—কথন।
হ্লাদ্, হ্লাদী—আহ্লাদ, সুখ, অব্যক্ত শব্দ।
হ্বল্—চলন।
হ্বৃ—কৌটিল্য।
হ্বে—হ্বেঞ্ দ্রঃ।
হ্বেঞ্—স্পর্দ্ধা, পরাভিভবেচ্ছা, শব্দ, আহ্বান।

বাঙ্গালা ভাষায় প্রচলিত সংস্কৃত, হিন্দী ও বৈদেশিক প্রবচন ও শব্দাদির অভিধান।

অগাধজলসঞ্চারী বিকারী ন চ রোহিতঃ। গণ্ডূষজলমাত্রেণ সফরী ফর্‌ফরায়তে॥ [সং] অগাধ জলে থাকিয়াও বৃহৎ রুই মাছ কিছুমাত্র অহঙ্কৃত হয় না কিন্তু ক্ষুদ্র পুঁটিমাছ এক গণ্ডূষ জলেই গর্ব্বে ফর্‌ফর্ করিয়া বেড়ায়।

অঙ্গারঃ শতধৌতেন মলিনত্বং ন মুঞ্চতি [সং] শতবার ধৌত করিলেও কয়লার ময়লা যায় না ; যাহার যে স্বভাব তাহা কোন মতে যায় না।

অজগরকা দাতা রাম [হি] ঈশ্বরই দীনের অন্নদাতা।—প্রবোধচন্দ্রিকা।

অজ্ঞাতকুলশীলস্য বাসো দেয়ো ন কস্যচিৎ [সং] অচেনাকে গৃহে স্থান দিতে নাই।

অতি দর্পে হতা লঙ্কা [সং] অতি দর্প হেতু সোণার লঙ্কা ছারখার হইয়াছে সুতরাং অত্যহঙ্কার করা অনুচিত।

অতি লোভো ন কর্ত্তব্যঃ লব্ধং নৈব পরিত্যজেৎ [সং] অতিশয় লোভও করিতে নাই লব্ধ বস্তুও ত্যাগ করিতে নাই।

অত্তাস্ কুকুর বত্তাস্ ভূকৈঁ [হি] ভয় পাওয়া কুকুর বাতাসের শব্দে চম্‌কিয়া উঠে ও ঘেউ ঘেউ করিয়া ডাকে। তুল—ঘর-পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ডরায়।

অত্যুচ্ছ্রায়ঃ পতনহেতুঃ [সং] অতিবাড় পতনের হেতু। তুল—pride goes before fall.

অদ্য ভক্ষ্যো ধনুর্গুণঃ [সং] গল্পের ধনুর্গুণ ভক্ষণকারী শৃগালের ন্যায় পরিণাম বা ভবিষ্যৎ না ভাবিয়া কাজ করা অদূরদর্শিতার লক্ষণ। তুল—"আজকের খেয়ে নেড়া নাচে।"

অধনেন ধনং প্রাপ্য তৃণবন্মন্যতে জগৎ [সং] নির্ধনের কড়ি হলে জগতের সকলকে তৃণজ্ঞান করে বা তুচ্ছ করে ; অধমের সামর্থ্য হইলে অহঙ্কারে ধরাকে সরা দেখে।

অধিকন্তু ন দোষায় [সং] প্রয়োজনের অধিক হইলে দোষের হয় না বরং কম হইলেই দোষের হয়।

অনন্তশাস্ত্রং বহুবেদিতব্যম্ [সং] শাস্ত্রের শেষ নাই এবং জানিবার বিষয় অনেক আছে।

অনাথো দেবরক্ষকঃ [সং] অসহায়ের সহায় ভগবান স্বয়ং।

অনায়কা বিনশ্যন্তি নশ্যন্তি শিশু-নায়কাঃ। স্ত্রীনায়কা বিনশ্যন্তি নশ্যন্তি বহুনায়কাঃ॥ [সং] শিশু স্ত্রী এবং বহুজনের দ্বারা পরিচালিত এবং পরিচালকহীন জন বিনাশপ্রাপ্ত হয়।

অন্ধস্য দীপো বধিরস্য গীতং। মূর্খস্য শাস্ত্রং কিমু সানুরাগং [সং] যাহার যে ইন্দ্রিয় বা শক্তি নাই সেই শক্তি বা ইন্দ্রিয়-গ্রাহ্য বিষয় লাভে চেষ্টা বৃথা।

অন্নচিন্তা চমৎকারা [সং—"অন্নচিন্তা চমৎকারা কাতরে কবিতা কুতঃ"। গল্পে আছে কালিদাসের গৃহে একদিন অন্ন না থাকায় সে দিন রাজসভায় তাঁহার প্রতিভার স্ফূর্ত্তি হয় নাই। রাজা তাহার কারণ জিজ্ঞাসা করিলে কবি ঐ শ্লোক বলেন] অন্নচিন্তা এমনি চমৎকার যে তাহাতে কাতর জনের কোন গুণেরই বিকাশ হয় না।

অন্যে পরে কা কথা [সং—"রামো যেন বিড়ম্বিতোঽপি বিধিনা চান্যে পরে কা কথা"] স্বয়ং রামচন্দ্রই যখন বিধাতা কর্ত্তৃক বিড়ম্বিত হইয়াছিলেন তখন, অন্যে হইবে তার আর কথা কি?

অপরং বা কিং ভবিষ্যতি [সং] (যাহা যাহা লোকের বাঞ্ছনীয় নহে সে সবই ত ঘটিল) না জানি পরে আরও কি আছে।

অবশ্যমেব ভোক্তব্যং কৃতং কর্ম্ম শুভাশুভম্ [সং] শুভই হউক আর অশুভই হউক কৃত কর্ম্মের ভোগ জীবকে করিতেই হইবে।

অবিবেকঃ পরমাপদাস্পদম্ [সং] বিবেকবুদ্ধিশূন্যতাই সকল আপদের মূল।

অভ্যুত্থানং হি পতনায় [সং] বৃদ্ধিই পতনের হেতু।

অমৃতং বালভাষিতং [সং] শিশুর আধ আধ বুলি বা ছেলের মুখের কথা বড়ই মধুর।

অমোঘাঃ পশ্চিমে মেঘাঃ [সং] পশ্চিমের মেঘে বারিপাত হইবেই।

অ্যাড ইন্‌ফিনিটাম্ [ল্যা—ad infinitum] ক্রমাগত ; অনন্তকাল ও সংখ্যাক্রমে।

অরসিকে রসস্য নিবেদনং [সং] "ভৈঁসকে আগে বীণ বাজাবে।"—দ্রঃ।

অর্থস্য পুরুষো দাসঃ দাসস্ত্বর্থো ন কস্যচিৎ [সং] পুরুষই অর্থের দাস, অর্থ কখন কাহার দাস নহে।

অর্থেন সর্ব্বে বশাঃ [সং] অর্থ দ্বারা সকলে বশ হয়।

অলমতিবিস্তরেণ [সং] অধিক লিখিবার আবশ্যক নাই ; বাহুল্যে প্রয়োজন নাই।

অল্পবিদ্যা ভয়ঙ্করী [সং] সামান্য বিদ্যা হেতু অল্প জ্ঞানী যে কাজে হাত দেয় তাহাতেই অনর্থপাত করিয়া বসে। তুল—little learning is a dangerous thing.

অশ্বত্থামা হত ইতি গজঃ [সং। সংক্ষেপে "হত গজ"] অসত্যকে কৌশলে সত্যরূপে প্রকাশ করা।

অসম্ভাব্যং ন বক্তব্যং প্রত্যক্ষমপি দৃশ্যতে [সং] প্রত্যক্ষ করিলেও অসম্ভব কথা বলিতে নাই।

অসহ্যং জ্ঞাতিদুর্ব্বাক্যং মেঘান্তরিত-রৌদ্রবৎ [সং] জ্ঞাতির দুরুক্তি মেঘমুক্ত সূর্য্যকিরণবৎ প্রখর এবং অসহনীয়।

অস্তি নাস্তি ন জানন্তি দেহি দেহি পুনঃপুনঃ [সং] আছে কি নাই সে কথা ভাবে না কেবল বলে দাও দাও। ইহা অতিথি বালক রাজা ও পত্নী সম্বন্ধে উক্ত।

অহিংসা পরমো ধর্ম্মঃ [সং] দয়াই পরম ধর্ম্ম।

আগে রাহ্ বতায়্‌কে পাছে গোতা দেয় [হি] তুল—গাছে তুলে মই কেড়ে নেয়।

আজগাম যদা লক্ষ্মীর্নারিকেল-ফলাম্বুবৎ। নির্জগাম যদা লক্ষ্মী-র্গজভুক্তকপিত্থবৎ॥ [সং] লক্ষ্মীর আবির্ভাব হয় যেমন নারিকেল ফলের মধ্যে

জলের সঞ্চার হইয়া থাকে এবং লক্ষ্মী চলিয়া যান বা ছাড়েন যেরূপে কয়েৎবেল গজ কর্তৃক ভক্ষিত হইয়া নিঃসৃত হয়, উভয়ই লোক-লোচনের অগোচর। হাতী কপিথ ফলের শাঁস খাইয়া বেলটি মুখ হইতে বাহির করিয়া দেয় তখন দেখা যায় বেল যেমন ছিল তেমনি আছে কেবল অন্তঃসার শূন্য হইয়াছে।

আতুরে নিয়মো নাস্তি [সং] অসমর্থের পক্ষে নিয়ম খাটে না এবং সে নিয়ম না রাখিতে পারিলে দোষ নাই।

আত্মচ্ছিদ্রং ন জানন্তি পরচ্ছিদ্রানুসারিণঃ,(২) আত্মচ্ছিদ্রং ন জানাতি পরচ্ছিদ্রং পদে পদে [সং] আপনার দোষ জানে না বা দেখতে পায় না, পরের দোষ দেখাতে যায় বা পদে পদে পরের দোষ দেখিতে পায়। তুল—"আপনার কথা কয় না শালী, পরকে বলে টেবোগালী।"

আত্মবন্মন্যতে জগৎ [সং] যে যে রকম হয়, সে জগতের সকলকে সেই রকমই মনে করে।

আত্মানং সততং রক্ষেৎ পশ্চাদ্দার-ধনানি চ [সং] আপনাকে রক্ষা করিয়া পরে স্ত্রী ও ধনাদি। তুল—"আপনি বাঁচলে বাপের নাম।" "চাচা আপনা বাঁচা"।

আপ্‌নে গলিমে কুত্তা শের [হি] আপনার কোটে দুর্ব্বলও সিংহবিক্রম প্রকাশ করে ; নিজের বশে পাইলে ভৃত্যও প্রভুত্ব করে।

আপ্‌নে রামকো ভজে রিঝ ভজে বা খীজ্—আপনার ইষ্টদেবকে যেমন করিয়াই ভজ না তিনি তাহা ঠিক জানিতে পারিবেন।

আপ্ ভলা তো জগ্ ভলা, (২)—সব্ ভলা [হি] নিজে ভাল হলে সে সকলকে ভাল দেখে ও সকলের কাছে ভাল ব্যবহার পায়।

আবৃত্তিঃ সর্ব্বশাস্ত্রাণাং বোধাদপি গরীয়সী [সং] সর্ব্বশাস্ত্র বোধের অপেক্ষা আবৃত্তির গৌরব অধিক।

আয়ুর্ম্মর্ম্মাণি রক্ষতি [সং] আয়ুই সকল সঙ্কট হইতে মর্ম্ম বা প্রাণ রক্ষা করে অর্থাৎ আয়ু থাকিলে কেহ মরে না।

আয়ুর্যাতি দিনে দিনে [সং—"কুতঃ কুশল-মস্মাকং আয়ুর্যাতি দিনে দিনে"] কুশল আর আমাদের কোথায় যার বাড়া নাই আয়ু, তাহাই দিন দিন ক্ষয়ই পাইতেছে।

আরম্ভসদৃশোদয়ঃ [সং] যেমন আরম্ভ তেমনি তাহার শেষ বা সমাপ্তি।

আল্‌মামেটর্ [ল্যা—alma mater] শিক্ষিত ব্যক্তিবর্গ কর্তৃক স্ব স্ব বিদ্যাস্থান (বিশ্ববিদ্যালয়, চতুষ্পাঠী, বিদ্যালয় প্রভৃতি) এই নামে অভিহিত হয়।

আশাবধিং কো গতঃ [সং] আশা অনন্ত তাহার সীমা পর্য্যন্ত কেহ পৌঁছিতে পারে না ; আশার শেষ নাই।

আশা বৈতরণী নদী [সং] পাপী যাহার পার বা শেষ পায় না সেই বৈতরণী নদীর মত আশার অন্ত নাই।

আসন্নকালে বিপরীতা বুদ্ধিঃ [সং] বিপৎকালে বুদ্ধি বিকৃত হয়।

অ্যাড্ লিটারেম্ [ল্যা—ad literam] অক্ষরে অক্ষরে ; অবিকল।

অ্যাড্ লিবিটাম্ [ল্যা—ad libitum] যথেচ্ছ ; ইচ্ছামত।

অ্যাল্‌বাম, এল্‌বাম্ [ইং—album] ছবি রাখিবার পুস্তক ; চিত্রাধার।

ইতো ভ্রষ্টস্ততো নষ্টঃ [সং] একূলও যাওয়া ওকূলও যাওয়া ; সমস্তই পণ্ড হওয়া।

ঈদ্‌কা চাঁদ্ [উর্দ্দ] যে দিন চাঁদ দেখিবার জন্য সমস্ত মুসলমান-জগৎ উদ্‌গ্রীব হইয়া থাকে, অথচ, সহজে যে চাঁদ দেখা যায় না, সে সকলের বাঞ্ছিত ও অতিপ্রিয়দর্শন কিন্তু বিরল-দর্শন, সহজে যাহার দেখা পাওয়া যায় না। তুল—ডুমুরের ফুল।

উক্তস্য পুনঃ কথনং [সং] কথিত বিষয়ের পুনরুক্তি।

উঁচী দুকান্ ফীকি পকান্ [হি] দোকানের জাঁকজমক খুব কিন্তু মিঠাই মিষ্টতা-শূন্য। তুল—ওপরে চেকণ চাকণ ভেতরে খ্যাড়।

উত্থায় হৃদি লীয়ন্তে দরিদ্রাণাং মনোরথাঃ [সং] দরিদ্রের হৃদয়ে বাসনার উদয় হইয়াই লয় পায়। অর্থাৎ ধনাভাবে তাহা কার্য্যে পরিণত করা যায় না

উদারচরিতানান্তু বসুধৈব কুটুম্বকং [সং] উদার-প্রকৃতি লোকের জগতবাসী সকলেই আপনার জন।

উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ। দৈবেন দেয়মিতি কাপুরুষা বদন্তি॥ [সং] উদ্যোগী পুরুষই লক্ষ্মী লাভ করেন, দৈব দিলে অর্থাৎ অদৃষ্টে থাকিলে পাইব ইহা কাপুরুষদিগের কথা।

উপকারো জগত্তাতো বিশ্বস্য জননী দয়া [সং] পরোপকার জগতের পিতা ও দয়া বিশ্বের মাতৃস্বরূপা।

উল্‌টা চৌর কোত্‌বাল্‌কো ডাঁটে [হি] তুল—উল্টে চোরা মশান গায় (দ্রঃ)।

এক্ পন্থ্ দো কাজ [হি] তুল—এক ঢিলে দুই পাখী মারা।

একমেবাদ্বিতীয়ম্—ঈশ্বর এক দ্বিতীয় ঈশ্বর নাই।

এক্‌স্ অফিসিও [ল্যা—ex-officio] কোন বিশেষ পদে থাকা হেতু।

এক্‌স্‌পার্টি [ল্যা—exparte] এক তরফা।

এন্‌ট্রী [ফ্রে—entree] ভোজনের পূর্ব্বে লঘু জলযোগ।

এন্‌রুট্ [en route] যাইতে যাইতে ; যাইবার পথে।

এরণ্ডোঽপি দ্রুমায়তে [সং—"নিরস্ত-পাদপে দেশে এরণ্ডোঽপি দ্রুমায়তে"] যে দেশে বৃক্ষ নাই তথায় ভেরেণ্ডাও পাদপ বা দ্রুম বলিয়া গণ্য।

এরেটাম্ [ল্যা—erratum] ভুল ; অশুদ্ধি ; মুদ্রাকর প্রমাদ।

এল্ ডোরেডো [স্পে—El Dorado] সোনার দেশ ; স্বর্ণভূমি।

ওডিকলোন্ [ফ্রে—eau de cologne] ফ্রান্স দেশীয় সুগন্ধি বারিবিশেষ।

ঔষধার্থে সুরাপানং [সং] রোগের প্রতিকারার্থ ঔষধস্বরূপ মদ্যপানে দোষ নাই।

কণ্টকেনৈব কণ্টকম্ [সং] কাঁটা দিয়া কাঁটা বাহির। লক্ষণায়—শত্রু দ্বারা শত্রু নাশ।

কথং মারাত্মকে ত্বয়ি বিশ্বাসঃ [সং] তোমার মত খুনীকে বিশ্বাস কি ?

কন্‌বা বৈল্ বয়ারে সন্‌কৈ [হি] কাণা গরু বাতাস বহিলেই ভয় পায়। তুল—ঘর-পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ডরায়।

কর্ত্তব্যো নাতি সঞ্চয়ঃ [সং] অতি সঞ্চয় করা উচিত নয়। (কারণ তাহাতে সঞ্চয়ী পুরুষে নানা দোষ আশ্রয় করে। যথা—কার্পণ্য, দুশ্চিন্তা, বিলাসিতা, দম্ভ ইত্যাদি)।

কর্ম্মণা বাধ্যতে বুদ্ধির্ন বুদ্ধ্যা কর্ম্ম বাধ্যতে [সং] বুদ্ধি কর্ম্মের অনুযায়ী হয়, কর্ম্ম বুদ্ধির অনুসরণ করে না। তাহার দৃষ্টান্ত-কর্ম্ম রামচন্দ্রের বুদ্ধির অনুগামী না হইয়া রামচন্দ্রের বুদ্ধিই স্বর্ণমৃগের অনুসরণ করিয়াছিল।

কল্পান্তস্থায়িনো গুণাঃ [সং] সৎকর্ম্ম বা কীর্ত্তি অবিনাশী।

কা কস্য পরিবেদনা [সং] কে কাহার জন্য বেদনা অনুভব করে ? যেমন এক বৃক্ষে গৃহীতাশ্রয় পক্ষিগণ প্রভাত হইলেই নানা দিকে উড়িয়া যায়, যেমন আত্মীয় স্বজন মরিলে, আর

কাহার খোঁজ রাখে না এমন কি প্রাণ বাহির হইলে দেহের সঙ্গে কোনই সম্পর্ক রাখে না তখন কে কার ধার ধারে।

কাচঃ কাচঃ মণির্ম্মণিঃ [সং] যে যা, সে তাই থাকে, কাচ কাচই থাকে মণি মণিই থাকে, কাচ মণি, মণিও কাচ হয় না।

কালস্য কুটিলা গতিঃ [সং] কালের গতি এমন বক্র যে বুঝিয়া উঠা ভার, কারণ কালচক্রে কি ঘটিতে পারে বলা যায় না।

কিং কুর্ব্বন্তি গ্রহাঃ সর্ব্বে যস্য কেন্দ্রী বৃহস্পতিঃ [সং] কেন্দ্রে যাহার বৃহস্পতি, অন্যান্য গ্রহেরা তাহার আর কি করিবে?

কিমাশ্চর্য্যমতঃপরং [সং—"অহন্যহনি ভূতানি গচ্ছন্তি যমমন্দিরম্। শেষাঃ স্থিরত্বমিচ্ছন্তি কিমাশ্চর্য্যমতঃপরম্॥ প্রতিদিনই জীবগণ যমালয়ে যাইতেছে দেখিয়াও অবশিষ্টগণ আপনাদিগকে স্থায়ী মনে করিতেছে—ইহা অপেক্ষা আশ্চর্য্য আর কি আছে] ইহার অধিক আশ্চর্য্যের বিষয় কি আছে? প্র—"কিছুদিন হইল ভারতের বোম্বাই সহরেই একটা জমি বিকাইয়াছিল, প্রত্যেক বর্গফুট দুইশত টাকারও উপর, কিমাশ্চর্য্যমতঃপরম্।"—বঙ্গবাসী।

কিমার্দ্রকবণিজো বহিত্রচিন্তয়া [সং] আদার ব্যাপারীর জাহাজের খবরে কাজ কি?

কীর্ত্তির্যস্য স জীবতি [সং—"চলচ্চিত্তং চলদ্বিত্তং চলজ্জীবনযৌবনম্। চলাচলমিদং সর্ব্বং কীর্ত্তির্যস্য স জীবতি॥"] চিত্ত বিত্ত জীবন ও যৌবন সমস্তই চঞ্চল বা অস্থায়ী, কিন্তু যাঁহার কীর্ত্তি আছে তিনিই অমর।

কেডার্ [ফ্রে—cadre] কর্ম্মচারীদিগের তালিকা।

কুপুত্রেণ কুলং যথা [সং। "একেনাপি কুবৃক্ষেণ কোটরস্থেন বহ্নিনা। দহ্যতে তদ্বনং সর্ব্বং কুপুত্রেণ কুলং যথা"॥] বনের মধ্যে একমাত্র কুবৃক্ষ থাকিলে তাহার কোটরস্থ অগ্নি দ্বারা যেমন সমস্ত বন দগ্ধ হয় তদ্রূপ একজন কুপুত্র জন্মিলে সমস্ত বংশ বিনষ্ট হয়।

কোয়্লাকা ময়্লা ছুটে যব্ আগ্ করে পরবেশ্ [হি] অগ্নিতে শুদ্ধ হইলে তবে কয়লা আপন প্রকৃতিগত মলিনতা ত্যাগ করে। এইরূপ অজ্ঞানতার অন্ধকার কাটে যখন হৃদয়ে জ্ঞানের অগ্নি প্রবেশ করে।

কোয়্লা ধোয়ে না উজ্বরৈ লাশুন্ তজৈ না বোয়্। কুর কুরাই না তজৈ কি বৈঠে ঘর খোয়্॥ [হি] ধুলে কয়লার ময়লা ও রশুনের গন্ধ যায় না, ক্রূর ব্যক্তি নিঃসম্বল হইলেও ক্রূরতা ছাড়ে না। লক্ষণায়—যাহার যাহা স্বভাব সে তাহা ত্যাগ করে না।

ক্ব গতা মথুরাপুরী [সং] ন সদিদং দ্রঃ

ক্ব গতোত্তরকোশলা [সং] ন সদিদং দ্রঃ

ক্ষীণে কস্যাস্তি গৌরবম্ [সং] দুর্ব্বল কোথায় গৌরব অর্জ্জন করিয়া থাকে? সবে সহায়ক সবলকে ইত্যাদি দ্রঃ।

গজভুক্ত কপিত্থবৎ [সং] আজগাম দ্রঃ।

গণ্ডূষ জলমাত্রেণ সফরী ফরফরায়তে—অগাধজলসঞ্চারী দ্রঃ।

গতস্য শোচনা নাস্তি [সং] যাহা হইয়া গিয়াছে তাহার জন্য শোক করিতে নাই কারণ তাহা বৃথা।

গুণী গুণং বেত্তি ন বেত্তি নির্গুণঃ [সং] গুণী ব্যক্তিই গুণবানের মর্য্যাদা বুঝে যে নিজে গুণহীন সে পারে না।

গৃহিণী গৃহমুচ্যতে [সং। "ন গৃহং গৃহমিত্যাহুঃ গৃহিণী গৃহমুচ্যতে। তয়া হি সহিতঃ সর্ব্বান্ পুরুষার্থান্ সমশ্নুতে॥] কেবল গৃহকেই গৃহ বলা চলে না যে গৃহে গৃহিণী আছে তাহাকেই গৃহ বলা চলে, অথবা, গৃহিণীই গৃহপদবাচ্য কারণ গৃহিণীর সহিত একযোগে পুরুষ সকল পুরুষার্থ লাভ করিয়া থাকে।

গৃহীত ইব কেশেষু মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ [সং] যম চুলে ধরিয়া আছে এই ভাবিয়া ধর্ম্মানুষ্ঠান করিবে।

গৈর্ গুড় পুয়া নহী বন্তে হৈ [হি] গুড় না দিলে মাল্পো হয় না। লক্ষণায়—টাকা না থাকলে ভাল কাজ করা যায় না।

ঘরকা মুরগী দাল বরাবর্ [হি] ঘরের মুরগী দালের সমান। লক্ষণায়—সুলভ হইলে মূল্যবান বস্তুরও বিশেষত্ব ও আদর থাকে না।

ঘরে আবে অন্ঘেরী, বাত কহে বনায়, জানিও পুরো বৈরী [হি] অচেনা লোক ঘরে আসিয়া তোষামোদের কথা কহিলে জানিবে সে পুরা শত্রু।

চক্রবৎ পরিবর্ত্তন্তে দুঃখানি চ সুখানি চ [সং] সুখ দুঃখ চক্রের ন্যায় ঘুরিতেছে অর্থাৎ একটির পর অন্যটি ক্রমান্বয়ে আসিতেছে।

চার দিন্কা চাঁদনি ফির্ অঁধেরি রাত্ [হি। চাঁদনি=চন্দ্রালোক, জ্যোৎস্না] লক্ষণায়—সুখের দিন শীঘ্র ফুরায় বলিয়া মনে হয়। ২। [পরিহাসে] সুখের দিন কয়টা কোথা দিয়ে চলে যাবে তাহার পর অন্ধকার রাত্রির মত কষ্টের দিন আসবে তখন টের পাবে।

চিন্তা জ্বরো মনুষ্যাণাং [সং] চিন্তা (দুশ্চিন্তা) মানুষের জ্বর স্বরূপ।

ছিদ্রেষ্বনর্থা বহুলী ভবন্তি [সং] ছেঁড়া কাপড় সেলাই না করিলে যেমন ছিদ্র বাড়িতেই থাকে তেমনি দোষ সংশোধন না করিলে তাহা এক হইতে বহুতে পরিণত হয়।

জননী জন্মভূমিশ্চ স্বর্গাদপি গরীয়সী [সং] জননী ও জন্মভূমি স্বর্গ হইতেও গুরু অর্থাৎ সর্ব্বাপেক্ষা পূজনীয়া।

জলবিন্দুনিপাতেন ক্রমশঃ পূর্য্যতে ঘটঃ [সং] এক এক বিন্দু জল পতিত হইয়া ক্রমে ঘট পরিপূর্ণ হইয়া যায়।

জাতস্য হি ধ্রুবো মৃত্যুঃ [সং] জাতকের মৃত্যু নিশ্চয়: জন্মিলে মরিতে হবে।

জানামি ধর্ম্মং ন চ মে প্রবৃত্তির্জানাম্যধর্ম্মং ন চ মে নিবৃত্তিঃ। ত্বয়া হৃষীকেশ হৃদিস্থিতেন যথা নিযুক্তোঽস্মি তথা করোমি [সং] ধর্ম্ম কি তা জানি কিন্তু তাতে আমার প্রবৃত্তি নাই, অধর্ম্ম যে কি তাও জানি, কিন্তু তাহা হইতে আমার নিবৃত্তিও নাই। হে হৃষীকেশ! তুমি আমার হৃদয়ে থাকিয়া যেমন ভাবে চালাইতেছ আমি সেই ভাবেই চলিতেছি। কিন্তু ত্বয়া হৃষীকেশেত্যাদির প্রকৃত অর্থ—"হে আমার হৃদিস্থিত হৃষীকেশ! তোমার দ্বারা আমি যে ধর্ম্মপথে চালিত হইতেছি, আমি যেন সেই পথে চলিতে পারি"। ইহা প্রভাতে নিদ্রাভঙ্গের পর প্রার্থনা। প্রার্থনায় "লিঙ্" অর্থে "লট্" প্রয়োগ। সুতরাং "করোমি"র অর্থ "কুর্য্যাং"। এই প্রকৃত ক্রিয়ার্থের অবগতি না হওয়ায় "লট্"এর বর্ত্তমানের প্রয়োগ দ্বারা বচনটিকে অনেকেই আত্মদোষ ক্ষালনের উপায়স্বরূপ ব্যবহার করেন এবং এই হেতু এই ভাবগম্ভীর বচনটি ব্যঙ্গার্থেও উক্ত হইয়া থাকে।

জিত্নি চদ্দর্ দেখো উৎনি পৈর্ ফৈলাও [হি] যতদূর চাদর দিয়া ঢাকতে পার ততদূর পা ছড়াও। লক্ষণায়—আয় বুঝে ব্যয় কর। তুল—cut your coat according to your cloth.

জিস্কী লাঠী উস্কী ভৈঁস্—যার লাঠি তার মাটি; জোর যার মুলুক তার।

জিস্দা তেগ্ উস্দা দেগ্ [পঞ্জাবী] যাহার তরবাল বা (বাহুবল) তাহার দেশ; যার লাঠি তার মাটি। তুল—might is right.

জৈসা কা তৈসা [হি] যেমন তেমনি; যে যেমন তার তেমনি; যোগ্যং যোগ্যেন দ্রঃ।

জৈসা দোগে বৈসা পাওগে [হি] যেমন দিবে তেমনি পাবে; আর্শিতে মুখ দেখার ভাব; যেমন কর্ম্ম তেমনি ফল।

জো করে টোট্‌কা উন্‌হীকো ঘুমকে পরৈ ফট্‌কা [হি] পরের অনিষ্ট করিতে গেলে নিজেরই অনিষ্ট হয়।

জো গরজ্‌তা হৈ বহ বরস্‌তা নহী [হি] যে মেঘ গর্জ্জায় সে বর্ষায় না। লক্ষণায়—বহু আড়ম্বরে লঘু ক্রিয়া হয়।

টি ডিয়াম্‌ [ল্যা te deum] ঈশ্বরের স্তুতি।

ট্যাবুলা রেসা [ল্যা—tabula rasa] শাদা পাটা।

ডি ফ্যাক্টো [ল্যা—de facto] প্রকৃত পক্ষে ; বাস্তবিক।

ডোলী ন কহার্‌ বীবী হৈ তৈয়ার [হি] যাইবার জন্য বধূ সাজগোছ করিয়া প্রস্তুত এদিকে না পাল্কী না বাহক। লক্ষণায়—কাজের কোন আয়োজন বা যোগাড় নাই এ দিকে কাজ করিতে উদ্যত হওয়া।

তথাপি কাকো ন চ রাজহংসঃ [সং— "কাকস্য চঞ্চুর্যদি স্বর্ণযুক্তা মাণিক্যযুক্তৌ চরণৌ চ তস্য। একৈকপক্ষে গজরাজমুক্তা তথাপি কাকো ন চ রাজহংসঃ॥"] কাকের চঞ্চু যদি সোনা দিয়া বাঁধান হয়, তাহার পদদ্বয় যদি মণিমাণিক্য খচিত এবং প্রতি পালকে গজমুক্তা থাকে তাহা হইলেও কাক কখন রাজহংস হয় না।

তস্মিন্‌ তুষ্টে জগৎ তুষ্টম্‌ [সং] তাঁহার (ঈশ্বরের) সন্তোষে বিশ্ব তৃপ্ত।

তৃষ্ণাবধিং কো গতঃ [সং] বাসনার শেষ সীমায় কে গমন করিতে পারিয়াছে? কারণ নিঃস্ব শতমুদ্রা কামনা করে, শতাধিকারী সহস্র, সহস্রপতি লক্ষ, লক্ষাধিপ রাজত্ব, রাজা সাম্রাজ্য, সম্রাট্‌ ইন্দ্রত্ব, ইন্দ্র ব্রহ্মপদ, ব্রহ্মা বিষ্ণুপদ, বিষ্ণু শিবত্ব কামনা করেন এইরূপে বাসনা উত্তরোত্তর বৃদ্ধিই পায়।

তেষাং বারাণসী গতিঃ [সং। "যেষামন্যা গতির্নাস্তি তেষাং বারাণসী গতিঃ॥"] যাহার আর কোন গতিই নাই বারাণসীই তাহার এক মাত্র গতি।

তে হি নো দিবসা গতাঃ [সং। রাম চন্দ্র সীতাকে নির্ব্বাসিত করিবার পর অতীত সুখের দিন স্মরণ করিয়া বলিয়াছিলেন] আমাদের সে সকল দিন (আনন্দের ও সুখের দিন) গিয়াছে।

তৃণৈর্গুণত্বমাপন্নৈর্বধ্যন্তে মত্তদন্তিনঃ [সং] যে তৃণ সহজে ছিন্ন করা যায় সেই তৃণের রজ্জু দ্বারা মত্ত হস্তীকে বাঁধা যাইতে পারে।

দরিদ্রান্‌ ভর কৌন্তেয় [সং] হে যুধিষ্ঠির দরিদ্রদিগকে দান কর। অর্থাৎ "তেলা মাথায় তেল দেওয়া" উচিত নয় যাহাদের অভাব আছে তাহারাই প্রকৃত দানের পাত্র।

দর্দ্দুরা যত্র বক্তারস্তত্র মৌনং হি শোভনম্‌ [সং] যেখানে ভেকেরা মকমক করে তথায় চুপ করিয়া থাকাই শোভন।

দাতা দান দেয় ভাণ্ডারী কা পেট্‌ পিরায় [হি] (মহাপ্রাণ) দাতা (সৎ কার্য্যে) ব্যয় করেন, (ক্ষুদ্রপ্রাণ) ভাণ্ডারী তাহাতে কষ্ট বোধ করে এবং বাধা দিতে চেষ্টা পায়।

দারিদ্র্যদোষো গুণরাশিনাশী [সং] কেহ যদি বহু গুণান্বিতও হয় তাহা হইলে এক মাত্র দারিদ্র্যদোষ তাহার সমূহ গুণ নষ্ট করে।

দারুভূতো মুরারিঃ [সং। স্মারং স্মারং স্বগৃহচরিতং দারুভূতো মুরারিঃ] জগন্নাথ শ্রীহরির একপত্নী লক্ষ্মী সদাই চঞ্চলা, দ্বিতীয়া সরস্বতী স্বভাবতঃ মুখরা, পুত্র মদন বিশ্বজয়ী এবং দুরন্ত, নিজের জলধিগর্ভে সর্প শয্যায় শয়ন। এই সকল নিজের ঘরের কথা ভাবিয়া ভাবিয়াই তিনি কাট হইয়া গিয়াছেন।

দাল্‌মে কুছ্‌ কালা হৈ [হি] কোন বিষয়ের ভিতর অজ্ঞাতসারে ভুল চুক বা গলদ থাকা। তুল—"something is rotten in the state of Denmark" screw loose somewhere.

দিল্লীকা লাড্ডু যো খায়া সো পস্তায়া যো ন খায়া সোবি পস্তায়া [হি] জনৈক প্রতারক কাঠের গুঁড়ায় গুড় মাখিয়া তাহাতে লাড়ু পাকাইয়া বিক্রয় করিতে বসে এবং বলে ইহা দিল্লীকা লাড্ডু। নূতন জিনিষ দেখিতে দেখিতে ফুরাইয়া যায় এবং চোর মূল্য সংগ্রহ করিয়া প্রস্থান করে। পরে যাহারা ক্রয় করিতে আসিল তাহারা উক্ত লাড়ু না পাইয়া আপশোষ করিল এবং যাহারা ক্রয় করিয়াছিল তাহারা ঠকিবার জন্য আপশোষ করিল।

দীয়তাম্‌ ভুজ্যতাম্‌ [সং] খাওয়া দাওয়ায় বিস্তৃত আয়োজন এবং ভূরি ভোজনের ব্যাপারবোধক উক্তি।

দুধকা জ্বলা মাঠা ফুঁক্‌ ফুঁক্‌ পীতা হৈ [হি] গরম দুধে যার মুখ পুড়িয়াছে সে ঘোলও ফুঁ দিয়া খায়। তুল—ঘর পোড়া গরু সিঁদুরে মেঘ দেখলে ডরায়।

দুষ্টা ভার্য্যা শঠং মিত্রং ভৃত্যশ্চোত্তর-দায়কঃ। সসর্পে চ গৃহে বাসো মৃত্যুরেব ন সংশয়ঃ॥ [সং] নষ্টা স্ত্রী, বিশ্বাসঘাতক মিত্র ও মুখের উপর জবাবকারী ভৃত্যসহ এবং সর্পসঙ্কুল গৃহে বাস করিলে যে মৃত্যু ঘটিবে তাহাতে সংশয় নাই।

দেবা ন জানন্তি কুতো মনুষ্যাঃ [সং] দেবতারাই জানেন না তায় মানুষ কোথা লাগে।

দেহি দেহি পুনঃ পুনঃ [সং] অস্তি নাস্তি দ্রঃ।

ধর্ম্মস্য সূক্ষ্মা গতিঃ [সং] কর্ম্মের সহিত আপাতদৃষ্ট পরিণামের সামঞ্জস্য না পাওয়ায় উক্ত। বলিরাজ ভগবানকে সমগ্র পৃথিবী দান করিয়া পাতালে গমন করিলেন, আর শচীক মুনি সামান্য শক্তু দান করিয়া স্বর্গে গেলেন, কুন্তী বাল্যকাল হইতে অসতী হইয়াও স্বর্গে গেলেন, আর সীতা পতিব্রতা হইয়াও পাতালে প্রবেশ করিলেন, সুতরাং ধর্ম্মের গতি সুক্ষ্ম।

ধর্ম্মো রক্ষতি ধার্ম্মিকম্‌ [সং] ধর্ম্মই ধার্ম্মিকব্যক্তিকে রক্ষা করেন।

ন কাষায়ৈর্ভবেৎ যতিঃ [সং] কাষায় বস্ত্র ধারণ করিলেই যতি হয় না। তুল—it is not the hood that makes a monk.

নচ দৈবাৎ পরং বলং [সং] "ন চ বিদ্যা সমঃ" দ্রঃ।

ন চ বিদ্যাসমো বন্ধুর্ন চ ব্যাধিসমো রিপুঃ। ন চাপত্যসমঃ স্নেহঃ ন চ দৈবাৎ পরং বলং॥ [সং] বিদ্যা সম বন্ধু নাই, ব্যাধি সম শত্রু নাই, পুত্র সম স্নেহপাত্র নাই, দৈব হইতে শ্রেষ্ঠ শক্তি নাই।

ন জাতু কামঃ কামানামুপভোগেন শাম্যতি। হবিষা কৃষ্ণবর্ত্মেব ভূয় এবাভিবর্দ্ধতে॥ [সং] আগুনে ঘৃত দিলে যেমন অধিকতর জ্বলিয়া উঠিতে থাকে উপভোগের দ্বারা তদ্রূপ কামীর কামনা বাড়ে বৈ কমে না।

ন দুঃখং পঞ্চভিঃ সহ [সং] পাঁচজনের সঙ্গে থাকিলে দুঃখ বোধ বা কষ্ট হয় না।

ন দেবঃ সৃষ্টিনাশকঃ [সং] দেবতা কখন সৃষ্টি নাশ করেন না।

ন ভূতং ন ভবিষ্যতি [সং] হয় নাই হবেও না।

নম্‌ ডি প্লুম্‌ [ফ্রে—nom de plume] উপনাম ; ছদ্ম নাম।

ন যযৌ ন তস্থৌ [সং] কুমার সম্ভবের ছদ্ম সন্ন্যাসীকে সহসা তাঁহার আরাধ্যদেবতা শিব মূর্ত্তিতে দেখিয়া লজ্জাসঙ্কোচজড়িতা পার্ব্বতী গমনের জন্য যেই পা উঠাইলেন তাহা সেই

ভাবেই রহিল। তখন তাঁহার এমন অবস্থা যে আর অগ্রসর হইতেও পারিলেন না আবার স্থির ভাবেও থাকিতে পারিলেন না। লক্ষণায় —না এগুতে না পেছুতে পারা।

নরাণাং মাতুলক্রমঃ [সং] কর্ণ স্বীয় সারথি ও নকুল সহদেবের মাতুল শল্যকে বিদ্রূপচ্ছলে বলিয়াছিলেন—অজ্ঞাত বাস কালে বিরাটভবনে পঞ্চ পাণ্ডবই রাজসেবা করিয়াছিলেন কিন্তু প্রথম তিন ভাই ভাল ভাল কাজের ভার লইয়াছিলেন আর নকুল সহদেব অশ্ব এবং গোরক্ষক হইয়াছিলেন, তাহাতেই দেখা যাইতেছে মানুষ মাতুলের প্রকৃতিই প্রাপ্ত হয়। তাহা হইতে এই উক্তি প্রবাদে পরিণত।

নলিনীদলগতজলবৎ তরলম্ [সং] পদ্মপত্রস্থ জলবৎ ক্ষণস্থায়ী।

নসদিদং জগদিত্যবধারয় [সং। যদুপতেঃ ক্ব গতা মথুরাপুরী রঘুপতেঃ ক্ব গতোত্তরকোশলা। ইতি বিচিন্ত্য কুরুষ্ব মনঃ স্থিরং ন সদিদং জগদিত্যবধারয়॥] কৃষ্ণের মথুরাপুরী বা কোথায় আর রামের অযোধ্যাই বা কোথায় সে সবেরই যখন কিছুই রহিল না তখন জগতটাকে নশ্বর বলিয়া জানিও।

ন সাহসমনারুহ্য নরো ভদ্রাণি পশ্যতি [সং] বিনা সাহসে কেহ বড় কিছু করিতে পারে না।

ন স্বাতন্ত্র্যাৎ পরং সুখম্ [সং] স্বাধীনতা অপেক্ষা শ্রেষ্ঠ সুখ নাই।

ন হি বন্ধ্যা বিজানীয়াৎ গুর্ব্বী প্রসববেদনাং [সং] বন্ধ্যানারী—যাহাকে কখন প্রসব করিতেই হয় নাই সে প্রসববেদনা যে কি গুরুতর তাহা কি বুঝিবে।

ন হি সুখং দুঃখৈর্বিনা লভ্যতে [সং] দুঃখ বিনা সুখ হয় না।

নাচ্ ন আবে আঙ্গন্ টেঢ়্ [হি] নাচতে জানে না উঠান বাঁকা। লক্ষণায়—নিজের কাজ করিবার শক্তি বা বুদ্ধি নাই, অথবা পরকে দোষা : নিজের দোষ ঢাকিতে অন্যের দোষ দেওয়া।

নান্যঃ পন্থা বিদ্যতে অয়নায় [সং] অন্য উপায় বা পথ আর নাই।

নাম বড়া দর্শন থোড়া [হি] যত নাম ডাক কাজে তত নয়।

নায়মাত্মা বলহীনেন লভ্যঃ [সং] দুর্ব্বল জন ব্রহ্ম বা ধর্ম্মলাভে সমর্থ হয় না।

নাহঙ্কারাৎ পরো রিপুঃ [সং] অহঙ্কারের বাড়া রিপু নাই।

নিঃস্পৃহস্য তৃণং জগৎ [সং] বাসনাত্যাগীর পক্ষে জগৎ তৃণবৎ তুচ্ছ।

নিবেদনমিদং [সং] এই নিবেদন।

নিয়তিঃ কেন বাধ্যতে [সং] অদৃষ্টের ফল কে খণ্ডাবে বল; বিধিলিপি কেহ খণ্ডন করিতে পারে না।

নির্ব্বাণদীপে কিমু তৈলদানং চৌরে গতে বা কিমু সাবধানং [সং] দীপ নিবিয়া গেলে আর তাহাতে তেল দিয়া কি হইবে। চোর পলাইলে আর সাবধানে কি ফল।

নীরুজস্য কিমৌষধৈঃ [সং] যাহার রোগ নাই তাহার ঔষধে প্রয়োজন কি?

নেহ ঘটত্ নিত্ পর্ ঘর্ জায়ে [হি] পরগৃহে নিত্য আসা যাওয়া থাকিলে অর্থাৎ অধিক ঘনিষ্ঠতা হইলে আদরের লাঘব হয়; তুল— too much familiarity breeds contempt.

পয়ঃপানং ভুজঙ্গানাং কেবলং বিষবর্দ্ধনম্ [সং] সাপকে দুধ খাওয়ান বিষ বাড়ান মাত্র সার।

পয়সা সিঞ্চতে নিত্যং ন নিম্বং মধুরায়তে [সং। সংক্ষেপে—"ন নিম্বং মধুরায়তে"] দুধে নিত্য ভিজাইয়া রাখিলে (বা গুড় পী নিত্য সিঞ্চন করিলে) নিম কখন মিষ্ট হয় না।

পরহস্তগতং ধনং [সং। "পুস্তকস্থা চ যা বিদ্যা পরহস্তগতং ধনম্। কার্য্যকালে সমুৎপন্নে ন সা বিদ্যা ন তদ্ধনম্॥"] পুঁথিগত বিদ্যা আর পরহস্তগত ধন হঠাৎ প্রয়োজনের সময় পাওয়া যায় না সুতরাং সে বিদ্যা বিদ্যাই নয়, সে ধন ধনই নয়।

পাঁড়ে জী পছ্তায় বহী চণা গুড় খায় [হি] লোকের সাধাসাধি সত্ত্বেও না খাইয়া পশ্চাত্তাপ পাইয়া শেষে নিজ হইতে সেই খাদ্যই ভোজন করা। তুল—সাধলে জামাই খায় না শেষে ঢেঁকিশালে কুঁড়া আঁটে না।

পার্সেনট্ [ল্যা -per cent] শতকরা।

পিতলক কটারী কামে নাহি আবল, উপরহী ঝকমক সার [মৈ] পিতলের কাটারি দেখিতে সুন্দর কিন্তু তীক্ষ, দৃঢ় ও স্থায়ী ধার অভাবে তাহাতে কাজ হয় না। লক্ষণায়—জমকাল চেহারা কিন্তু অকর্ম্মণ্য ব্যক্তি। তুল—রাঙা মূলা। মাকাল ফল।

পুনর্মূষিকো ভব [সং] পুনরায় মূষিক হও। তাহা হইতে যা ছিলে আবার তাই হওয়া।

পোস্ট্মর্টেম্, পোস্ট্মটেম্ [ল্যা--post mortem] মরণোত্তর; তাহা হইতে মরণান্তে শব পরীক্ষা।

প্রতীকর্ত্তুমশক্তস্য জীবিতাৎ মরণং বরম্ [সং] অপমানের বা অন্যায়ের প্রতিকার করিতে অসমর্থ লোকের মরণই শ্রেয়ঃ।

প্রহারেণ ধনঞ্জয়ঃ [সং] গল্পের এক ব্রাহ্মণের ৪ জামাতা শ্বশুরালয়ে বহুকাল বাস করায় শ্যালকেরা তাহাদের তাড়াইতে মনস্থ করে। শেষে অযত্ন অপমান দ্বারা তিনজনকে তাড়ায় কিন্তু চতুর্থ ধনঞ্জয় কিছুতেই যায় না অবশেষে একদিন বিলক্ষণ প্রহার করিলে সেও পলায়ন করে (তাহা হইতে প্রবাদ)।

প্রাইমাফেসী [ল্যা—prima facie] প্রথম দর্শনে; মুখপাতে; আপাততঃ।

প্রাংশুলভ্যে ফলে লোভাৎ উদ্বাহুরিব বামনঃ [সং] দীর্ঘকায় ব্যক্তির প্রাপ্য ফলে লোভ করিয়া বামনের হাত বাড়ানবৎ।

প্রাণমেব পরিত্যজ্য মানমেবাভিরক্ষতু [সং] প্রাণ দিয়াও মান রক্ষা করিবে।

প্রাণান্তেঽপি প্রকৃতিবিকৃতির্জায়তে নোত্তমানাং [সং] উত্তম ব্যক্তিগণের প্রাণান্ত হইলেও স্বভাব নষ্ট হয় না।

প্রাপ্তকালো ন জীবতি [সং। "নাকালে ম্রিয়তে কশ্চিৎ বিদ্ধঃ শরশতৈরপি। কুশাগ্রেণৈব সংস্পৃষ্টঃ প্রাপ্তকালো ন জীবতি॥"] কাল পূর্ণ না হইলে শত শরবিদ্ধ হইয়াও লোক মরে না, কিন্তু সময় হইলে কুশাগ্র বিদ্ধ হইয়াও মরে। অর্থাৎ কাল পূর্ণ হইলে জীব বাঁচে না।

ফলেন পরিচীয়তে [সং] ফলের দ্বারাই গাছের পরিচয়। তুল—tree is known by its fruit.

ফিনিস্ [ল্যা—finis, ইং—finish] বি, শেষ; সমাপ্তি।

ফ্যাক্সিমিলি [ল্যা—fac simile] যথাবৎ অনুকরণ; অনুচিত্র; আদর্শ।

বকধ্যানং [সং] কপট ধ্যান; ধ্যানের ভাণ।

বকঃ পরমদারুণঃ [সং। "নির্জীব ভক্ষকো গৃধ্রঃ সজীবভক্ষকো বকঃ॥" লক্ষ্মণ এই কথা রামচন্দ্রকে বলিয়াছিলেন] বক যে ধার্ম্মিক একথা কে বলিল? সে অতিশয় নির্দ্দয় কারণ গৃধ্র শব দেহই ভক্ষণ করে, কিন্তু বক খায় সজীব প্রাণী।

বকঃ পরমধার্ম্মিকঃ [সং] পম্পা সরোবরে বককে অতি সন্তর্পণে পা ফেলিয়া চলিতে দেখিয়া রামচন্দ্র লক্ষ্মণকে বলিয়াছিলেন পাছে পায়ের চাপে প্রাণী বধ হয় তাই বক এত ধীরে ধীরে চলিতেছে, সুতরাং বক পরম ধার্ম্মিক। লক্ষ্মণের উক্তি—"বকঃ পরমদারুণঃ" দ্রঃ।

বকরা অপনে জান্সে গয়া খানেবালা স্বাদহীন পায়া [হি] ছাগল বলে

প্রাণে মলুম। গৃহস্থ বলে আপুনি গেলুম। লক্ষণায়—অসন্তুষ্ট ব্যক্তিকে প্রাণ দিয়াও তুপ্ত করা যায় না।

বগল্ মে ছুরী মুহ মে রাম রাম [হি] মুখে মধু হৃদয়ে বিষ।

বচনে কো দরিদ্রঃ [সং] কাজে হউক না হউক, "কথায় কাহার ঘটে না অভাব।"

বন্দে মাতরং [সং] জননী জন্মভূমিকে বন্দনা করি।

বরঞ্চ পণ্ডিতঃ শত্রু র্ন চ মূর্খেণ মিত্রতা [সং] পণ্ডিত শত্রু হয় সেও ভাল কিন্তু মূর্খের সহিত বন্ধুত্বও ভাল নয়।

বরং রামান্ন রাবণাৎ [সং। সীতাহরণকালে রাবণ কর্তৃক প্রেরিত মায়ামৃগ মারীচের উক্তি। রাবণের আদেশ না শুনিলে রাবণের হাতে মৃত্যু নিশ্চয় আবার শুনিলে রামের হাতে মরিতে হইবে। অতএব রামের হাতেই মরা ভাল] মৃত্যুও অধম অপেক্ষা উত্তমের হাতেই শ্রেয়ঃ।

বরমেকো গুণী পুত্রঃ ন চ মূর্খশতৈরপি [সং] একশত মূর্খ পুত্র না থেকে গুণবান্ এক পুত্রও ভাল।

বলং বলং বাহুবলং [সং] বাহুবলই বল পদবাচ্য।

বহ্বারম্ভে লঘুঃ ক্রিয়া [সং] অধিক আড়ম্বর ও আস্ফালনে অল্প কাজ।

বাণিজ্যে বসতে লক্ষ্মীঃ [সং] বাণিজ্যে লক্ষ্মীর বাস করেন; অর্থাৎ বাণিজ্যই লক্ষ্মীলাভের মূল।

বাপ্ কা বেটা সিপাহীকা ঘোড়া কুচ্ না হোবে ত থোড়া থোড়া [হি] বেটা বাপের মত হয় আর ঘোড়া সেপাইয়ের চালচলন অনুযায়ী হয় কিন্তু উভয়ের গুণ যদি উভয়ে পূর্ণ মাত্রায় না বর্তায় তাহা হইলে অন্ততঃ কিছু না কিছু দেখা দেয়।

বালানাং রোদনং বলং [সং] অবলাদিগের রোদনই বলস্বরূপ। কথায় বলে কেঁদে জেতা। অন্যার্থ—শিশুদিগের ক্রন্দনই বল।

বিদ্যা কামদুঘা ধেনুঃ সন্তোষো নন্দনং বনং [সং] বিদ্যা কামধেনুর ন্যায় সর্বাভীষ্টদায়িনী এবং সন্তোষই স্বর্গোদ্যানের ন্যায় মনোরম ও শান্তিপ্রদ।

বিদ্যারত্নং মহাধনম্ [সং] বিদ্যাধন সর্বধনের শ্রেষ্ঠ (কারণ দায়াদগণ তাহা বণ্টন করিয়া লইতে এবং চোর চুরি করিতে পারে না। তাহা দান করিলেও ক্ষয়প্রাপ্ত হয় না)।

বিদ্বান্ সর্বত্র পূজ্যতে [সং] স্বদেশে পূজ্যতে ইত্যাদি দ্রঃ।

বিনাশ্রয়ং ন তিষ্ঠন্তি কবয়ো বনিতা লতাঃ [সং] কবি, নারী এবং লতা আশ্রয় (পৃষ্ঠপোষক, প্রতিপালক, অবলম্বন) ব্যতীত থাকিতে পারে না।

বিশিষ্টৈশ্চ বিশিষ্টতাম্ [সং। "হীয়তে হি মতিস্তাত হীনৈঃ সহ সমাগমাৎ। সমৈশ্চ সমতামেতি বিশিষ্টৈশ্চ বিশিষ্টতাম্॥"] লোক হীনের সহবাসে হীন হয়, সমানের সহবাসে সমতা প্রাপ্ত হয় এবং উত্তমের সহবাসে উত্তম হয়।

বিষকুম্ভং পয়োমুখং [সং] মুখে মধু হৃদয়ে বিষ অর্থাৎ বিশ্বাসঘাতক; দাগাবাজ।

বিষবৃক্ষোপি সংবর্দ্ধ্য স্বয়ং ছেত্তুমসাম্প্রতম্ [সং] নিজের হাতে পালন ও পুষ্ট-করা যদি বিষবৃক্ষও হয় তাহা হইলে তাহাকে স্বহস্তে ছেদন করিতে নাই।

বিষস্য বিষমৌষধং [সং] বিষ দিয়াই বিষ নিবারিত হয় কারণ বিষই বিষের ঔষধ। তুল—কণ্টকেনৈব কণ্টকম্।

বুদ্ধির্যস্য বলং তস্য নির্বুদ্ধেস্তু কুতো বলং [সং] যাহার বুদ্ধি আছে তাহার বলও আছে নির্বুদ্ধির আর বল কি অর্থাৎ বুদ্ধি না থাকিলে শারীরিক বলে কাজ হয় না।

বুভুক্ষিতঃ কিং দ্বিকরেণ ভুঙ্ক্তে [সং] ক্ষুধায় পীড়িত হইলে কি আর লোক দুই হাতে খায়।

বৃদ্ধস্য তরুণী বিষং [সং] বৃদ্ধের পক্ষে যুবতী ভার্যা আয়ুঃক্ষয়কর বিষস্বরূপ। তুল—বয়োগতে কিং বনিতাবিলাসঃ।

বৃদ্ধস্য তরুণী ভার্যা [সং] বৃদ্ধের পক্ষে যুবতী স্ত্রী দুর্লভা এবং পরম আদর ও যত্নের পাত্রী। যুবতীর রূপ যৌবনে মুগ্ধ বৃদ্ধপতি সর্বতোভাবে স্ত্রীর সন্তোষবিধানে যত্নপর ও স্ত্রীর ইঙ্গিতে চালিত সুতরাং বিব্রত বলিয়া উপহাসার্থে উক্ত হয়।

বৃদ্ধস্য বচনং গ্রাহ্যং [সং] বহুদর্শনজনিত পরিণত-বুদ্ধি হেতু বৃদ্ধের উপদেশ গ্রহণ করিবে।

বৃদ্ধা বেশ্যা তপস্বিনী [সং। "অশক্তস্তস্করঃ সাধুঃ কুরূপা চেৎ পতিব্রতা। রোগী চ দেবতাভক্তো বৃদ্ধা বেশ্যা তপস্বিনী॥"] চোর চুরি করিতে অসমর্থ হইয়া সাধু হয়, নারী কুরূপা হইলে পতিব্রতা, মানুষ রোগে পড়িয়া দেব ভক্ত এবং বেশ্যা বৃদ্ধা হইলে তপস্বিনী হয়। লক্ষণায়—লোক নাচারে পড়িয়া সৎপথে যায়।

বৃশ্চিকভিয়া পলায়মানস্য অহিমুখে নিপাতঃ [সং] বিছার ভয়ে পলায়মান ব্যক্তির সর্পমুখে পতিত হওয়া। তুল—from the frying pan to the fire.

বোনাফাইড, বোনাফাইডি [ল্যা—bonafide] খাঁটি বা যথার্থবোধে; বাস্তবিক।

ব্যাধিতস্যৌষধং পথ্যম্ [সং] রোগীর পক্ষে ঔষধই পথ্য।

ব্রাহ্মণস্য ব্রাহ্মণো গতিঃ [সং] ব্রাহ্মণই ব্রাহ্মণের আশ্রয়, তাহা হইতে স্বজাতিই স্বজাতির শরণ্য।

ভগবতি বসুধে কথং বহসি [সং] মা ধরিত্রী তোমার এ অসহনীয় ভারস্বরূপকে কেন আর বহন কর। অতিশয় দুর্বৃত্ত নিষ্কর্মা এবং জঘন্য প্রকৃতি নর নারী যাহারা প্রকৃত ভূভার স্বরূপ তাহাদের উদ্দেশে উক্ত হয়।

ভবতি বিজ্ঞতমঃ ক্রমশো জনঃ [সং] কাজ করিতে করিতে মানুষের বিজ্ঞতা উত্তরোত্তর বৃদ্ধি পায় অর্থাৎ কেহ হঠাৎ বা একদিনেই পরম বিজ্ঞ হইয়া উঠে না।

ভবানীভ্রূকুটীভঙ্গিম্ ভবো বেত্তি ন ভূধরঃ [সং] পার্বতীর ভ্রূভঙ্গী শিবই বুঝেন পর্বতরাজ বুঝেন না। লক্ষণায়—প্রকৃত মর্মজ্ঞই মর্মীর মর্ম কথা বুঝিতে পারেন।

ভবিতব্যং ভবত্যেব [সং] যাহা হইবার তাহাই হইবে।

ভস্মাচ্ছাদিতবহ্নিবৎ [সং] ছাই চাপা আগুনের মত। সামান্য বাতাসে ছাই গুলা উড়িয়া গেলেই আগুন বাহির হয়।

ভাইডি [ল্যা videlicet সংক্ষেপে] যথা; যেমন।

ভাইভা ভোসী (ল্যা—viva voce) মৌখিক; মুখে মুখে।

ভাইসি ভার্সা [ল্যা—vice versa] পাল্টাইয়া; ব্যুৎক্রমে।

ভাগ্যং ফলতি সর্বত্র ন বিদ্যা ন চ পৌরুষম্ [সং] অদৃষ্টে যাহা থাকে সর্বত্র তাহাই ঘটে, বিদ্যা বা পুরুষকারে কিছুই হয় না। তাহার সাক্ষ্য সমুদ্র মন্থনে বিষ্ণু লক্ষ্মী লাভ করিলেন কিন্তু শিবের ভাগ্যে বিষ লাভ ঘটিল। তুল—উদ্যোগিনং ইত্যাদি (দ্রঃ)।

ভায়া [ল্যা—via] পথ দিয়া; মধ্য দিয়া; through.

ভার্বেটিম্ [ল্যা—verbatim] অক্ষরে অক্ষরে; ঠিক ঠিক।

ভিন্নরুচির্হি লোকঃ [সং] সকলেই এক প্রকৃতির হয় না লোকের রুচি ভিন্ন ভিন্ন প্রকার।

ভুজঙ্গস্য বিষং দন্তে সর্বাঙ্গং দুর্জনে বিষং [সং] সাপের দাঁতে বিষ কিন্তু দুর্জ্জনের সর্বাঙ্গই বিষময়।

ভূতে পশ্যন্তি বর্ব্বরাঃ [সং—"রাজা পশ্যতি কর্ণাভ্যাং ধিয়া পশ্যতি পণ্ডিতঃ। পশুঃ পশ্যতি গন্ধেন ভূতে পশ্যন্তি বর্ব্বরাঃ" ॥] রাজা চরমুখে কর্ণ দ্বারা, পণ্ডিত বুদ্ধি দ্বারা, এবং পশু গন্ধ গ্রহণ করিয়া দেখিতে পায় ও বুঝিতে পারে কিন্তু মূর্খ কাজ হইয়া গেলে পর পরিণাম দেখিয়া বুঝে পূর্ব্বে তাহার কিছুই বুঝিতে পারে না।

ভৈঁস্‌কে আগে বীন্ বাজে ভৈঁস্ ঠাঢ়্ পগুরায়্ [হি] মোষের কাছে বীণা বাজে মোষ জাবরই কাটিতে থাকে। লক্ষণায়—অজ্ঞের কাছে গুণপনার কদর নাই; বানরের গলায় মুক্তার মালা দেওয়া বৃথা; throwing pearls before swine.

মধুরেণ সমাপয়েৎ [সং] মিষ্টরস আহারীয়ের দ্বারা ভোজন সমাপ্ত করিবে। কারণ, তাহা গুপ্ত-ভোজ্য এবং লবণাম্ল কটু প্রভৃতি রস শেষে ভোজন করিলে উদরে জ্বালা উৎপাদন করে। লক্ষণায়—সকল কাজ সুমধুরভাবে সমাপ্ত করা কর্ত্তব্য। প্র—"তাঁহার স্বভাবসিদ্ধ সুমধুর স্বরে মিষ্ট অথচ ইষ্ট বচন বিন্যাসে 'মধুরেণ সমাপয়েৎ,' করিয়াছিলেন।"—বঙ্গবাসী, ১৩১৮।

মধ্বভাবে গুড়ং দদ্যাৎ [সং] মধু না থাকিলে তাহার পরিবর্ত্তে গুড় ব্যবহার করিবে। লক্ষণায়—কোন মতে কার্য্য উদ্ধারের জন্য একটার অভাবে অন্য একটা দিয়া কাজ সারিবে।

মনঃপূতং সমাচরেৎ [সং] মন যাহাতে পবিত্র হয় এমন কার্য্যের অনুষ্ঠান করা কর্ত্তব্য।

মরদ্ কি বাত্ হাথী কি দাঁত্ [হি] পুরুষের মুখ দিয়া যাহা বাহির হইয়াছে হাতীর দাঁতের মত তাহা আর মুখের ভিতর প্রবেশ করে না অর্থাৎ যে মর্দ্দ হয় সে যাহা বলে তাহা করে তাহার অন্যথা হয় না।

মহাগজাঃ পলায়ন্তে মশকানাং তু কা গতিঃ [সং] যেখান থেকে বড় বড় হাতীই পলায় সেখানে মশার কি দশা হবে।

মহাজনো যেন গতঃ স পন্থাঃ [সং।] মহাজন যে পথে গমন করিয়াছেন তাহাই গন্তব্য পথ।

মা কুরু ধনজনযৌবনগর্ব্বং। হরতি নিমেষাৎ কালঃ সর্ব্বং॥ [সং] ধন জন ও যৌবনের গর্ব্ব করিও না কারণ কাল এক নিমিষের মধ্যে হরণ করিতে পারে।

মাগে ভীখ্ পুঁছৈ গাঁব্ কা জমা [হি] ভিক্ষা মাগিতে আসিয়া গ্রামের জমার কথা জিজ্ঞাসা করে; অর্থাৎ আদার ব্যাপারী জাহাজের খবর লয়।

মিষ্টান্নমিতরে জনাঃ [সং] বিবাহ উপলক্ষে উক্ত। কন্যা চায় বরের রূপ, মাতা বরের ঐশ্বর্য্য, পিতা বরের বিদ্যা, বান্ধবেরা চান বরের কুলমর্য্যাদা, আর অপরাপর লোক চায় মিষ্টান্ন। তাহারা কেবল ভোজন প্রত্যাশী।

মুনীনাঞ্চ মতিভ্রমঃ [সং] মুনিদিগেরও সময় সময় মতিভ্রম হয়। লক্ষণায়—ভুল ভ্রান্তি কার না হয়।

মুষলং কুলনাশনং [সং] ঘৃষ্ট মুষলজাত এরকা দ্বারা অভিশপ্ত যাদবকুল যেমন প্রভাস-ক্ষেত্রে বিনাশপ্রাপ্ত হইয়াছিল তদ্রূপ কুলনাশক মুষলস্বরূপ দুর্ব্বৃত্ত বংশধর।

মূর্খস্য নাস্ত্যৌষধম্ [সং—"সর্ব্বস্যৌষধমস্তি শাস্ত্রবিহিতং মূর্খস্য নাস্ত্যৌষধম্"] শাস্ত্রে সকল রকম প্রতিকার ও সকল রোগের ঔষধের বিধান আছে কিন্তু মূর্খের কোন ঔষধ নাই। গ্রা-বাং-য় ভুলক্রমে ইহা বিকৃত হইয়া "মূর্খস্য লাঠ্যৌষধি" (মূর্খকে তাড়না ব্যতীত উপায় নাই) এইরূপ দাঁড়াইয়াছে।

মেঘান্তরিতরৌদ্রবৎ [সং] অসহ্যং জ্ঞাতি-দুর্ব্বাক্যং ইত্যাদি দ্রঃ।

মেটিরিয়া মেডিকা [ল্যা—materia medica] ভৈষজ্যরত্নাবলী।

মোডাস্ অপর‍্যাণ্ডি [ল্যা—modus operandi] কার্য্যপ্রণালী।

যঃ পলায়তি (পলাতি) স জীবতি [সং] যে পলায়ন করে সেই বাঁচিয়া যায় বা রক্ষা পায়। প্র—"যঃ পলায়তি স জীবতি নীতি অনুসরণ করিয়া লাসা হইতে প্রস্থান করেন।"—বসুমতী, ১৩১৮, ২৭ মাঘ।

যৎ সারভূতং তদুপাসিতব্যম্ হংসো যথা ক্ষীরমিবাম্বুমিশ্রম [সং] নীর-ত্যাগী ক্ষীরগ্রাহী হংসবৎ যাহা সারবস্তু তাহাই গ্রহণ করা কর্ত্তব্য।

যতো ধর্ম্মস্ততো জয়ঃ [সং] ধর্ম্ম যেখানে সেইখানেই জয়।

যথা দৃষ্টং তথা লিখিতং লেখকে নাস্তি দূষণং [সং] যেমনটী দেখিয়াছে তেমনটি নকল করিয়াছে নকল নবীশের দোষ নাই।

যথা পূর্ব্বস্তথা পরঃ [সং] পূর্ব্বেও যেমন পরেও তেমনি অর্থাৎ ভাবান্তর বা অবস্থান্তর নাই।

যস্মিন্ দেশে যদাচারঃ [সং] যে দেশের যেরূপ আচার তাহাই তথায় মান্য এবং সেই মত অনুষ্ঠানে দোষ নাই। তুল—যে দেশে যে ভাগা, হাত থাকতে পায়ে শাঁখা।

যস্য দেবস্য যদ্রূপং তথা ভূষণ-বাহনম্ [সং] যেমন দেবতা তাঁহার ভূষণ ও বাহনও তদ্রূপ।

যথা নিযুক্তোঽস্মি তথা করোমি [সং] জানামি ধর্ম্মং ইত্যাদি দ্রঃ।

যথারণ্যং তথা গৃহম্ [সং। "মাতা যস্য গৃহে নাস্তি ভার্য্যা চাপ্রিয়বাদিনী। অরণ্যং তেন গন্তব্যং যথারণ্যং তথা গৃহম্॥"] যাহার ঘরে মা নাই ও পত্নী অপ্রিয়বাদিনী তাহার বনে যাওয়াই উচিত কারণ তাহার পক্ষে বনও যা, ঘরও তা।

যদুপতেঃ ক্ব গতা মথুরাপুরী [সং] নসদিদং দ্রঃ।

যাদৃশী ভাবনা যস্য সিদ্ধির্ভবতি তাদৃশী [সং] যে যেমন ভাবে সে তেমনি পায়।

যুক্তিযুক্তমুপাদেয়ং বচনং বালকা-দপি [সং] যুক্তিসঙ্গত হইলে বালকের মন্তব্যও আদরণীয়।

যুক্তিহীনবিচারে তু ধর্ম্মহানিঃ প্রজায়তে [সং। "কেবলং শাস্ত্রমাশ্রিত্য ন কর্ত্তব্যো বিনির্ণয়ঃ। যুক্তিহীনবিচারে তু ধর্ম্মহানিঃ প্রজায়তে॥"] কেবল শাস্ত্রের দোহাই দিলে চলিবে না কারণ যুক্তিহীন বিচারে ধর্ম্ম-হানি হইয়া থাকে।

যেন তেন প্রকারেণ কার্য্যসিদ্ধি-র্গরীয়সী [সং] যে কোন প্রকারে কার্য্য সিদ্ধি করাই সর্ব্বপ্রধান।

যো ধ্রুবাণি পরিত্যজ্য অধ্রুবাণি নিষেবতে। ধ্রুবাণি তস্য নশ্যন্তি অধ্রুবং নষ্টমেব চ॥" [সং] নিশ্চয়কে ছাড়িয়া যে অনিশ্চয়ের ভজনা করে তাহার "ইতোভ্রষ্টস্ততো নষ্টঃ" হয়।

যোগ্যং যোগ্যেন যুজ্যতে [সং] যে যাহার যোগ্য তাহার সহিত তাহারই মিলন ঘটে; যোগ্য পাত্রের সহিত তাহার উপযোগী পাত্র জুটিয়া যায়।

রাজদ্বারে শ্মশানে চ যস্তিষ্ঠতি স বান্ধবঃ [সং] আদালতে এবং শ্মশানে যে সহায়তা করে সেই প্রকৃত বন্ধু।

রীস্‌ট্যাগ্ [জর্ম্ম—reichstag] জর্ম্মণ রাজ-দরবার।

রেনেসাঁশ, রেনেসাঁস্ [ফ্রে—renaissance] শিল্প বা সাহিত্যের পুনরুদ্ধার। প্র—"য়ুরোপে যখন একদিন মানুষের হৃদয় প্রবৃত্তিকে অত্যন্ত সংযত ও পীড়িত করিবার দিন ঘুচিয়া গিয়া তাহার প্রবল প্রতিক্রিয়াস্বরূপে রেনে-সাঁশের যুগ আসিয়াছিল শেক্‌স্‌পিয়ারের

সমসাময়িক কালের নাট্য সাহিত্য সেই বিপ্লবের দিনেরই নৃত্যলীলা"—জীবনস্মৃতি (রবি)।

লাভঃ পরং গোবধঃ [সং] কোন বৈদ্য এক মূর্খ রোগীর জন্য গোক্ষুর পাঁচন ব্যবস্থা করায় রোগী গোক্ষুর অর্থে গোক্ষুর বৃক্ষের স্থলে গোরুর ক্ষুর বুঝিয়া একটি গোহত্যা করিয়া তাহার ক্ষুরের পাঁচন সেবন করে। এক দিকে যথাযথ ঔষধ না পড়ায় রোগও ভাল হইল না, অন্যদিকে বৈদ্যের যশোলাভ ত দূরের কথা তাঁহাকে গোহত্যা পাপের ভাগীও হইতে হইল। ইহা হইতেই প্রবচন। প্র—"ছয় মাস প্রাণপণে পরিশ্রম করিয়াছি এক পয়সাও হস্তগত হয় নাই, আবার 'লাভঃ পরং গোবধঃ' প্রাণ নিয়ে টানাটানি এক্ষণে ছেড়ে দিলে কেঁদে বাঁচি"—আলাল (টেকচাঁদ)।

লালচ্ বুরি বলা হৈ [হি] লোভই মানুষের পরম শত্রু।

লোকতঃ ধর্ম্মতঃ [সং] দেবতা ও মানুষের চক্ষে ; সমাজ ও ধর্ম্মের দিক দিয়া।

শতং জীব (সং) তোমার শত বৎসর পরমায়ু হউক ; দীর্ঘজীবী হও।

শতমারী ভবেদ্বৈদ্যঃ সহস্রমারী চিকিৎসকঃ [সং] মূল অভিধানে শত দ্রঃ।

শনৈঃ পর্ব্বতলঙ্ঘনম্ [সং] অল্প অল্প উঠিতে উঠিতে পর্ব্বতকেও অতিক্রম করা যায়।

শরীরং ব্যাধিমন্দিরং [সং] দেহ সকল ব্যাধিরই আধার।

শরীরমাদ্যং খলু ধর্ম্মসাধনং [সং] শরীর রক্ষাই সংসারে সর্ব্বপ্রথম ধর্ম্ম কার্য্য।

শিরো নাস্তি শিরোব্যথা [সং] মাথা নাই তাহার মাথা ব্যথা।

শীলং সর্ব্বত্র ভূষণং [সং] সর্ব্বত্র চরিত্রই লোকের ভূষণ স্বরূপ।

শুভস্য শীঘ্রং অশুভস্য কালহরণং [সং] শুভকাজে বিলম্ব করিতে নাই ; অশুভ কাজেই কালহরণ করিতে হয়।

শ্রেয়াংসি বহুবিঘ্নানি [সং] সৎকাজে অনেক বাধা বিঘ্ন আছে।

শ্রোতব্যঃ শ্রুতিবাক্যেভ্যো মন্তব্য-শ্চোপপত্তিভিঃ [সং] শ্রুতির উক্ত সকল কথাই শুনিবে কিন্তু প্রমাণসহ সমস্তই গ্রহণ করিবে।

ষট্‌কর্ণো ভিদ্যতে মন্ত্রঃ [সং] মন্ত্রণা ছয় কাণ অর্থাৎ তিনজনের কর্ণগত হইলেই সকলে জানিয়া ফেলে। সুতরাং কেবল মন্ত্রীর সহিতই গোপনীয় মন্ত্রণা করা উচিত।

স পাপিষ্ঠস্ততোধিকঃ [সং] সে আবার তাহা অপেক্ষা অধিক পাপিষ্ঠ।

সঞ্চয়ী নাবসীদতি [সং] সঞ্চয়ী ব্যক্তি অবসাদগ্রস্ত হয় না ; যে অর্থ সঞ্চয় করে সে কষ্ট পায় না।

সৎপুত্রঃ কুলদীপকঃ [সং] সুসন্তান কুলের প্রদীপ বা আলোকস্বরূপ।

সত্যং ব্রূয়াৎ প্রিয়ং ব্রূয়াৎ ন ব্রূয়াৎ সত্যমপ্রিয়ং [সং] সত্য ও প্রিয় বাক্য বলিবে কিন্তু সত্য অপ্রিয় হইলে বলিও না।

সফরী ফর্‌ফরায়তে [সং] অগাধজল-সঞ্চারী দ্রঃ।

সব্ লাল হো যাএগা [হি] পঞ্জাবকেশরী রণজিৎ সিংহ ভারতের মানচিত্রে ইংরেজাধিকার ভুক্ত প্রদেশ লোহিত বর্ণে রঞ্জিত দেখিয়া এই বাক্যে ভবিষ্য বাণী করিয়াছিলেন বলিয়া প্রবাদে, লক্ষণায়—সকলেরই এক পরিণতি।

সবৈ সহায়ক সবলকে কোউ ন নিবল্ সহায়্। পবন জগাবত আগ্‌কো দীপহিঁ দেত্ বুঝায়্॥ [হি] সকলেই বলবানের সহায় দুর্ব্বলের কেহ নয় ; বাতাস আগুনকে জ্বালায় কিন্তু দীপ নিবায়। তুল—"নরম মাটিতে বেরালে আঁচড়ায়", "শক্তের সকলেই ভক্ত"

সেভান্ট্ [ই:—savant, ফ্রে.—সাভঁ.] পণ্ডিত।

সারল্যং সরলে কুর্য্যাৎ শঠে শাঠ্যং সমাচরেৎ [সং] সরলের সহিত সরলতা এবং শঠের সহিত শঠতা করাই উচিত। অর্থাৎ যে যেমন তাহার সহিত তেমনি ব্যবহার করিবে।

সর্ব্বং পরবশং দুঃখং সর্ব্বমাত্মবশং সুখং [সং] পরবশে সকল রকম দুঃখ, যাহা কিছু আত্মবশ সমস্তই সুখাবহ।

সর্ব্বঃ স্বার্থং সমীহতে [সং] সকলেই স্বার্থ খোঁজে।

সর্ব্বমত্যন্তং গর্হিতং [সং] অতিরিক্ত কিছুই ভাল নয় (তার সাক্ষ্য "অতি দর্পে হতা লঙ্কা, অতি মানে চ কৌরবাঃ অতিদানে বলির্ব্বদ্ধঃ")।

সহায়ো বলবত্তরঃ [সং] সহায়ই বলবান্ (তা সে যেমনই হউক তাহার সাক্ষ্য তুষ অতি সামান্য সহায় বটে কিন্তু তুষহীন হইলে তণ্ডুল আর অঙ্কুরিত হয় না।

সিরিয়্যাটিম্ [ল্যা—seriatim] ধারাবাহিক ভাবে ; ঠিক পরে পরে।

সুদৃঢ়স্যাপি বন্ধস্য পূর্ব্ববন্ধঃ শ্লথায়তে [সং] বন্ধন দৃঢ় হইলেও যদি তাহার উপর দৃঢ়তর বন্ধন দেওয়া যায় তাহা হইলে পূর্ব্ব বন্ধন শ্লথ হয়।

সেবিতব্যো মহাবৃক্ষঃ ফলচ্ছায়া-সমন্বিতঃ [সং] ধনৈশ্বর্য্যসমন্বিত ব্যক্তিরই আশ্রয় লওয়া উচিত। ২। মহাজনেরই শরণাগত হওয়া কর্ত্তব্য।

স্ত্রীবুদ্ধিঃ প্রলয়ঙ্করী [সং] (বুদ্ধিহীনা) নারীর পরামর্শ বিপথে লইয়া যায়।

স্থানস্থিতঃ কাপুরুষোঽপি সিংহঃ [সং] উপযুক্ত স্থানে থাকিলে ভীরুও সিংহবিক্রম প্রকাশ করে।

স্বদেশে পূজ্যতে রাজা বিদ্বান্ সর্ব্বত্র পূজ্যতে [সং] রাজা নিজের দেশেই পূজা পান কিন্তু বিদ্বান্ ব্যক্তি সকল দেশেই সম্মানিত হন। সুতরাং বিদ্যাবত্তার সহিত নৃপত্ব কখন তুল্য হয় না।

স্বধর্ম্মে নিধনং শ্রেয়ঃ পরধর্ম্মো ভয়াবহঃ [সং] আত্মধর্ম্মে মৃত্যু হয় তাহাও শ্রেয়ঃ তথাপি পরধর্ম্ম অবলম্বন করিতে নাই কারণ পরধর্ম্ম ভয়াবহ।

স্বনামা পুরুষো ধন্যঃ [সং] যে পুরুষ সৎকীর্ত্তির জন্য নিজ নামেই বিখ্যাত তিনিই ধন্য।

স্বভাবো যাদৃশো যস্য ন জহাতি কদাচন [সং] যাহার যে স্বভাব সে তাহা কখনও ত্যাগ করে না।

স্বয়ং অসিদ্ধঃ কথং পরান্ সাধয়েৎ— নিজে যে সিদ্ধ হয় নাই সে পরকে সিদ্ধি দান করিবে কিরূপে ?

স্বল্পা বিদ্যা ভয়ঙ্করী [সং] অল্পবিদ্যা দ্রঃ।

হংসমধ্যে বকো যথা [সং] হংসের পালের মধ্যে বক যেমন দেখায়, সুন্দরের মধ্যে একজন কুরূপ তেমন বিসদৃশ বোধ হয়। প্র—"প্রকৃত সাহিত্যিকগণের আসরে এরূপ সভাপতি নিতান্তই হংস মধ্যে বকো যথা হইয়া পড়েন"—বঙ্গবাসী।

হরিস্মৃতিঃ সর্ব্ববিপদ্‌বিনাশিনী [সং] ভগবানের নাম স্মরণে সকল বিপদ কাটিয়া যায়।

হিতং মনোহারি চ দুর্লভং বচঃ [সং] এককালে হিতকর অথচ মনোহর বাক্য দুর্লভ।

হীনসেবা ন কর্ত্তব্যা কর্ত্তব্যো মহদা-শ্রয়ঃ [সং] নীচের সেবা করা কর্ত্তব্য নহে, মহতের আশ্রয় লওয়াই উচিত।

হুজ্জতে বাঙ্গালা হিক্‌মতে চীন [উর্দ্দু] তর্কাতর্কীতে বা কূটতর্কে বঙ্গদেশ আর কায়দা-কৌশলে বা ফন্দীতে চীন প্রসিদ্ধ।

প্রাচীন ও আধুনিক মুদ্রা, পরিমাণ, সংখ্যা ও পরিমাপবাচক শব্দাভিধান।

অংশ [জ্যোতিষিক বৃত্ত পরিমা] সমকোণের ৯০ ভাগের ১ ভাগ : ডিগ্রি।

অক্ষৌহিণী—চতুরঙ্গিণী সেনার সংখ্যাভেদ ; ১০ অনীকিনী-সংখ্যক সৈন্য : ২,১৮,৭০০ সৈন্য।

অঙ্গুলি (ওংগুলি) আঙুলের প্রস্থ পরিমাণ দৈর্ঘ্য।

অযুত (ওজুৎ) ১০ সহস্র।

অণু (ওনু) [প্রা কাল পরিমা] ২ পরমাণু। ইহা নয়নগোচর হয় না।

অনীকিনী—৩ চমূ সংখ্যক সৈন্য : ২১,৮৭০ সৈন্য।

অনুপল (ও, ল্) [জ্যোতিঃ পরিমা] বিপলের ৬০ ভাগের একভাগ।

অন্ত্য—১০ সাগর বা সহস্র লক্ষ কোটি।

অর্ব্বুদ (ওর্বুদ্) ১০ কোটি।

আউন্স, ঔন্স (ন্স্) [ইং—ounce ব্রিটিশ ফার্ম্মাকোপিয়া প্রচলিত শুষ্ক বা চূর্ণ ঔষধের ওজন] ৪৩৭½ গ্রেণ (ইং grain)। ২। [জলীয় দ্রব্যের ডাক্তারী ওজন] ৮ ড্রাম, ৪৮০ ফোঁটা। ৩। [গুরুভার দ্রব্যের ওজন] ১৬ ড্রাম ; ১ পৌণ্ডের ষোড়শাংশ ; প্রায় অর্দ্ধ ছটাক। ৪। [চামচ পরিমা] ৮ চামচ ৪৮০ ফোঁটা ; ২ টেব্ল্ বা বড় চামচপূর্ণ : মদের পেয়ালার (wine glass) অর্দ্ধ পেয়ালা। ৫। [স্বঃ রঃ] ২০ পেনিওয়েট ; ১ পাউণ্ডের ১২ ভাগের এক ভাগ : ৪৮০ গ্রেণ।

আড়ক, আড়ি, আঢ়ক, আঢ়ি (ক্) [শস্য পরিমা] ২ মণ। ২। ৪ প্রস্থ (অ কোষ)।

আদিত্য (আদিৎত) [মূল্য পরিমা] কড়ার ১২ ভাগের ১ ভাগ।

আধলা, আধেলা (ধ্) [বিহার, যুক্তপ্রদেশ ও পঞ্জাব প্রচলিত মুদ্রা পরিমা] ২ ছিদাম : আধ পয়সা।

আধি, আদ্ধি [বিহার ও পঞ্জাব প্রচলিত মুদ্রা পরিমা] ৫ কড়ী। আধ দামড়ী।

আনা [স্বঃ রঃ] ৪ পাই বা ৬ রতি পরিমাণ ওজন। ২। আনি মুদ্রা ; টাকার ১৬ভাগের একভাগ ; ৪ পয়সা।

আনি—১২ পাই অথবা ৪ পয়সা মূল্য পরিমাণ নিকেল ধাতুখণ্ড ; এক আনি। **দু-আনি** দুই আনা মূল্যের রৌপ্য মুদ্রা। **চার-আনি, সিকি** [হি চুয়ান্নি] ৪ আনা মূল্যের রৌপ্যখণ্ড। **আট-আনি, আধুলি**—আট আনা মূল্যের রৌপ্য মুদ্রা।

ইঞ্চি [ইং inch] ৩ যবোদর-পরিমাণ বিস্তার : ১ বুরুল ; ৪ জ ; ৮ সুত। ১২ লাইন ; ৭২ পয়েন্ট।

ইয়ার্ড্ [ইং yard] ৩৬ ইঞ্চি বা ৩ ফুট পরিমাণ দৈর্ঘ্য ; ২ অঙ্গুলি কম ১ গজ।

ইলাহী গজ—গজ দ্রঃ।

উত্তমসাহস (ম্, শাহশ্) [প্রা তাম্র-মুদ্রা] ১০০০ কার্ষাপণ (স্মৃতিঃ)।

উসভ (উশভ্) [প্রা পথ পরিমা] ২০ যষ্টি ; এক গব্যূতির (৩ মাইল) ৬০ ভাগের এক ভাগ।

ঋতু—কড়ার ছয় ভাগের একভাগ মূল্য পরিমাণ।

একর (র্) [ইং ভূমি পরিমা ; acre] ৪ রুড বা ৪৮০০ বর্গগজ পরিমাণ : ৩ বিঘা আধ কাঠা। ১একর = ৩$\frac{১}{৪০}$ বাঙ্গালা ও মান্দ্রাজ বিঘা = প্রায় ৩ পঞ্জাব বিঘা = ১$\frac{৬}{৮}$ পশ্চিমা বিঘা। ৫ একর = ৮ পশ্চিমা বিঘা = ১৫$\frac{১}{৮}$ বাঙ্গালা বিঘা। ৩০ একর = প্রা ইং ভূমি পরিমাণে "ইয়াড্ অব ল্যাণ্ড্" (a yard of land)। ১০০ একর = প্রা ইং ভূমি পরিমাণে "হাইড অব ল্যাণ্ড"। (a Hide of land) = ১৮০ হইতে ৩৬০ বিঘা প্রাচীন ইংলণ্ডের ভূমি পরিমাণ।

এঞ্জেল (ল্) [ইং মুদ্রা পরিমা ; angel] ১০ শিলিং পরিমাণ মুদ্রা।

এয়র্ (ব্) [ফ্রে.—are. মেট্রিক প্রণালীর বর্গ পরিমা] ১০০ বর্গ মীটর : বর্গ পরিমাণের একক ; ১০ মীটর দীর্ঘবাহু বর্গ ক্ষেত্রের একক ; French uinit of surface measure . square the side of which is 10 metres ong. ২। ১০৭৬.৪৩ বর্গফুট ; ১বর্গ দেকামিটর।

এল (ল্) [ইং ell বস্ত্র পরিমা] ৪৫ ইঞ্চি ; ৫ কোয়ার্টার।

কড়া [মূল্য পরিমা] গণ্ডার ৪ ভাগের ১ ভাগ ; ৩ ক্রান্তি। ২। [সংখ্যা পরিমা] ১টা।

কড়ি, কড়ী, কৌড়ী [ভারতীয় মূল্য পরিমা] লাক্ষাদ্বীপ ও মালদ্বীপ হইতে আমদানীর কম বেশী অনুসারে ইহার মূল্যের হ্রাস বৃদ্ধি হয়। সাধারণতঃ ৮০টা কড়িতে ১ পয়সা হয়।

কণা (না) [প্রা রৌপ্য মুদ্রা] অর্দ্ধরৌপ্য কার্ষাপণ ; ২৮ গ্রেণ বা তাম্র পণ মূল্যের মুদ্রা ; (Cunningham's Archaeo. Survey Reports, vol xiv.

কল্ড্রন্ [ইং chaldron—কয়লার ওজন] ৩৬ বুশেল।

কলা [প্রা কাল পরিমা] ৩০ কাষ্ঠা। ২। [জ্যোতিষিক বৃত্ত পরিমা] ৬০ বিকলা ; অংশ বা ডিগ্রির ৬০ ভাগের ১ ভাগ। ৩। [কলায় দ্রঃ] কড়ার ১৬ ভাগের এক ভাগ মূল্য ১৬ পরিমাণ।

কলায়, কলা (য়্) [মূল্য পরিমা] কড়ার ভাগের এক ভাগ।

কাঁচ্ছা—৪ সিকি বা ১২ মাষা বা ১৬ আনা বা ৯৬ রতি বা ১৮০ গ্রেণ পরিমাণ ওজন।

কাক, কাগ (ক্, গ্) [জমী পরিমা] ১ হাত লম্বা এক হাত চওড়া। ২। [কড়ি গণনায়] ২০ তিল : ধূল ; ৪কাগ—৩ ক্রান্তি !

কাকিনি [প্রা তাম্র মুদ্রা] ৩৫ গ্রেণ ওজনের ও ২০ কড়া কড়ি মূল্যের তাম্র মুদ্রা। অর্দ্ধকাকিনিমুদ্রাও প্রচলিত ছিল (Cunningham's Archaeo. Survey Reports, vol xiv.

কাছি [জাহাজী কাছি—cable's length] কেব্‌ল্ দ্রঃ।

কাঠা [ভূমি পরিমা] ২০ গণ্ডা বা ধূল বা ১৬ ছটাক পরিমাণ : ৮০ হাত × ৪ হাত অথবা ২০ হাত × ১৬ হাত জমী।

কাঠাকে [ভূমি পরিমা] ৪ হাত × ৪ হাত জমী।

কাঠি [বোম্বাই ভূমি পরিমা] ৩৯¼ বর্গ হাত ২০ কাঠি = ১পাণ। ২০পাণ = ১ বিঘা।

কাণি, কানি, কানী [প্রা-বাং—কানি। জমি পরিমা] ১২ নল দীর্ঘ ও ১০ নল বিস্তৃত ভূমি : ২ বিঘা ৩ কাঠা দশ ছটাক। মাদ্রাজে —৬৫০ স্কোয়ার ইয়ার্ড্ (বর্গগজ)।

কানাল (ল্) [পঞ্জাবে ভূমি পরিমা] বিঘা দ্রঃ।

কার্ষাপণ, কার্ষিকাপণ, কার্য্যপণ (ন্) [প্রা তাম্রমুদ্রা] ৮০ রতি তাম্র পরিমাণ মুদ্রা (স্মৃতিঃ)। ২। [প্রা—রৌপ্য মুদ্রা] ৪ মাষা বা ৩২ রতি বা ৫৬ গ্রেণ রৌপ্য পরিমাণ ও ১৬ পণ তাম্র মুদ্রা মূল্য সমান। Laws of Manu, Vol VIII. p p. 134-137, Cunningham, Vol. XIV.

কাষ্ঠা [প্রা কাল পরিমা] ১৮ নিমেষ। ২। ১৫ নিমেষ (ভাগবত)।

কাস্ক্ [ইং—cask] ব্যারেল; পীপা দ্রঃ।

কাহন (ন্) [মূল্য পরিমা] ১৬ পণ; টাকা। ২। [সংখ্যা পরিমা] ১২৮০ টা। ৩। [শস্য পরিমা] ১৬ সলি পরিমাণ; ৮০ মণ; খুঁচির হিসাবে ৬৪০ মণ।

কিউবিট [ইং—cubit] ১৮ ইঞ্চি: এক হাত; দেড় ফুট।

কিলোমিটর, কিলো (র্) ফ্রে—kilometre, kilo] ১০০০ মীটর: ৫ ফার্লং: ১০০০লীটর। ৪ কিলো=৫ মাইল।

কিষ্কু [প্রা দৈর্ঘ্য পরিমা] বিতস্তি দ্রঃ।

কুঁচ (চ্) [স্বঃ রঃ] রতি: ৪ ধান।

কুজ (জ্) [মূল্য পরিমা] কড়ার ১৭ ভাগের এক ভাগ।

কুড়ব, কুড়া (ব্) [ভূমি পরিমা] ২০ কাঠা। ২। [ভার পরিমা] ৪ মুষ্টি (অ, কোষ)।

কুনিকা [শস্য পরিমা] ৫ ছটাক পরিমাণ। ২ কুনিকা=১ খুঁচি। ৪ কুনিকা=১রেক।

কৃষ্ণল (কৃষ্ টল্) [প্রা স্বর্ণমুদ্রা ও স্বর্ণ পরিমা] ৩ যব: ১ রতি বা কুঁচ।

কেব্‌ল্ [ইং cable--সমুদ্রের দূরত্ব পরিমা] জাহাজী কাছি: প্রায় ৪০০ হাত; ১২০ ফেদাম্ (fathom)।

কোটি—১০০ লক্ষ।

কোণা [পাণ পরিমা] ২৮৮ পত্র বা ৯ গোছ পরিমাণ।

কোয়ার্ট [ইং quart—তরল দ্রব্যের ওজন] ২ পাঁইট পরিমাণ; ৭৬ সিক্কা ওজন।

কোয়ার্টার (র্) [ইং quarter—সাধাঃ গুরু ভার ওজন] ২৮ পাউণ্ড অর্থাৎ প্রায় ১৪ সের পরিমাণ ওজন: সিকি হন্দর। ২। [বস্ত্র পরিমা] ৪ নেল বা ৮০ ইঞ্চি; ইয়ার্ডের চতুর্থাংশ। ৩। [শস্য পরিমা] ৮ বুশেল। ৪। [তরল দ্রব্য পরিমা] ১০০ পাউণ্ড ওজন পরিমাণ; এক ব্যারেলের ৩৬ ভাগের ১ ভাগ। ৫। [বোম্বাইয়ে প্রচলিত মুদ্রা পরিমা]. ১০০ রাই বা সিকি; টাকার চতুর্থাংশ।

কোয়্যার (র্) [ইং quire] কাগজের দিস্তা; ২৪ তা দেশী বা ২৫ তা কলের কাগজ সংখ্যা।

ক্যারেট (ট্) [ইং—carat. ইংলণ্ডের স্বর্ণের ওজন পরিমা] ২২ ভাগ খাঁটী সোনার সহিত ২ ভাগ তামা মিশ্রিত করিয়া যে স্বর্ণ হয় তাহার প্রত্যেক ভাগের নাম।

ক্যারোলাস (স্) [ইং মুদ্রা পরিমা—carolus] ২৩ শিলিং পরিমাণ মুদ্রা।

ক্রাউন (ন্) [ইং মুদ্রা পরিমা—crown] ৫ শিলিং। **হাফ্ ক্রাউন, হাপ্ ক্রাউন্**—half crown—২ শিলিং ৬ পেনি পরিমাণ মুদ্রা।

ক্রান্তি—অতি ক্ষুদ্র মূল্য পরিমাণ; কড়ার তিন ভাগের ১ ভাগ; ধূল; ৩ দন্তি।

ক্রোশ (শ্) [প্রাকৃ—করীসং। পথ পরিমা] প্রায় ইং ২ মাইল: ৮০০০ হাত।

ক্ষণ (ন্) [প্রা কাল পরিমা] ২ ঘটিকা; ৬০ কলা। ভাগবতমতে ৩ নিমেষ। ২। [আধু কাল পরিমা] মুহূর্ত্ত: নিমেষ।

খর্ব্ব—সহস্র কোটি; ১০০০,০০।

খাদা [ভূমি পরিমা] ১৬ বিঘা।

খারি [ভার পরিমা] ১॥ সূর্প।

খুঁচি [শস্য পরিমা] ২০ ছটাক; ২ কুনিকা।

গজ (জ্) [দৈর্ঘ্য পরিমা] ২ হাত পরিমাণ লম্বা; বঙ্গে ৩৬ ইঞ্চি=বোম্বাইতে ২৭ ইঞ্চি। ইলাহী গজ=৩৩ ইঞ্চি। ২। [বস্ত্র পরিমা] ১৬ গিরা: ১ ইয়াড্ ৪ কোয়ার্টার্।

গণ (ন্) ৩ গুল্ম-সংখ্যক সৈন্য।

গণ্ডা [মূল্য বা সংখ্যা পরিমা] ৪ টা বা ৪ সংখ্যা; ৪ কড়া বা কড়ি; বুড়ি বা পয়সার ৫ ভাগের ১ ভাগ। ২। [পাণ পরিমা] এক গোছ পানের অষ্টম ভাগ; ৪টি পত্র।

গব্যূতি (গোব্যূতি) [প্রা গাবুৎ। প্রা-পথ পরিমা] ৬০ উসভ্য; ৩ মাইল, ৩২০ পর্চ্চ।

গাড়ী [ভার পরিমা] ১০ ভার (অ, কোষ)।

গাডিড—১০ দিস্তা কাগজ সংখ্যা; আধ রিম।

গাবুত (ত্) [পালি প্রাকৃ] গব্যূতি দ্রঃ।

গিনি [ইং—guinea] ২০ শিলিং মূল্যের স্বর্ণ-মুদ্রা। ভারতে প্রচলিত স্বর্ণমুদ্রা—মূল্য ১৫ টাকা। ইং ১ পাউণ্ডের সমান। ইং-তে ইহার নামান্তর সভারিন; sovereign. ২। [প্রা-ইং—মুদ্রা] ২১ শিলিং। **হাফ্ গিনি, হাপ্ গিনি**—৭॥ টাকা মূল্যের স্বর্ণমুদ্রা; ১০ শিলিং।

গিরা [বস্ত্র পরিমা] ৩ অঙ্গুলি বা ৯ যবোদর পরিমাণ দৈর্ঘ্য; হাতের ৮ ভাগের ১ ভাগ; ইং ১ নেল।

গুর্ব্বক্ষর (র্) [গুরু+অক্ষর] প্রা-কাল পরিমা] আ, ঈ প্রভৃতি দীর্ঘস্বর এবং মহাপ্রাণ ব্যঞ্জন বর্ণ উচ্চারণ করিতে যে সময় লাগে।

গুল্ম—৩ সেনামুখ সংখ্যক সৈন্য।

গোকর্ণ [হস্ত পরিমা] অঙ্গুষ্ঠ ও অনামিকা মধ্যস্থ প্রসারণ পরিমাণ।

গোছ (ছ্) [পাণ পরিমা] ৮ গণ্ডা বা ৩২ পত্র পরিমাণ।

গোণী [ভার পরিমা] ২ খারি (অ, কোষ)।

গৌরসর্ষপ (র্, শ, ষ্) [প্রা-মুদ্রা ও স্বর্ণ পরিমা] ৩ রাজ সর্ষপ; ৭২ ত্রাসরেণু।

গ্যালন (ন্) [ইং gallon—তরল দ্রব্যের ওজন] ৪ কোয়ার্ট পরিমাণ ওজন; প্রায় ৪ সের। ২। [শস্য পরিমা] আধ পেক; এক বুশেলের ৮ ভাগের ১ ভাগ; ২৭৭.২৭৪ ঘন ইঞ্চি।

গ্র্যাম (র্) [ফ্রে gramme মেট্রিক্ প্রণালী] গুরুত্ব পরিমাণের একক; French unit of weight, ১০,০০,০০০ অংশের ১ অংশ ঘন মীটর পরিমাণ বিশুদ্ধ জলের ভার; the cubic centimetre of distilled water. ২। [ইং—ওজন] ১৫.৪৩৪ গ্রেণ।

গ্রেণ (ন্) [ইং—grain] ইংরেজী ওজনের ক্ষুদ্রতম পরিমাণ; এক ড্রামের ৬০ ভাগের এক ভাগ; প্রায় আধ রতি বা ২ ধান।

গ্রোট (ট্) [ইং groat—মুদ্রা পরিমা] ৪ পেনি-পরিমাণ মুদ্রা।

গ্রোস (শ্) [ইং gross] ১২ ডজন; ১৪৪ টি।

ঘটিকা [প্রা কাল পরিমা] দণ্ড; অর্দ্ধক্ষণ; ৩০ কলা। ২। [আধু কাল পরিমা] ৬০ মিনিট; ঘণ্টা; hour.

ঘণ্টা [ইং কাল পরিমা] ৬০ মিনিট; দিনের ২৪ ভাগের ১ ভাগ পরিমাণ; প্রহরের তিন ভাগের এক ভাগ।

ঘনইঞ্চি [ঘন পরিমা] যে সমচতুর্ভুজ ঘন বা কিউবের প্রত্যেক বাহু অর্থাৎ দৈর্ঘ্য, বিস্তার ও বেধ এক ইঞ্চি পরিমাণ।

ঘনগজ (জ্) [ঘন পরিমা] ২৭ ঘন ফুট; ৮ ঘন হস্ত।

ঘনফুট (ট্) [ঘন পরিমা] ১৭২৮ ঘনইঞ্চি; ১২×১২×১২ ইঞ্চি।

ঘুণ (ন) [প্রা মূল্য পরিমা] ২০ বিন্দু।

চমূ (চো) ৩ পৃতনাসংখ্যক সৈন্য।

চুল (ল্) [কাষ্ঠ ও ধাতু দ্রব্যের দৈর্ঘ্য পরিমা] সিকিসূত

চেন (ন্) [ইং জমীঃ পরিমা—chain] ২২ ইয়াড্; ৪ পোল্; এক মাইলের ৮০ ভাগের ১ ভাগ; ১০০ লিঙ্ক্ (link) বা শিকলিকড়া। ১০ চেন=১ ফার্লং।

চোক, চোখ (ক্, খ্) [মূল্য পরিমা] ৪ পণ; ১ সিকি; কাহন বা টাকার চতুর্থাংশ।

ছটাক (ক্) ৪ কাঁচ্চা পরিমাণ ওজন।

ছিদাম (ম্) [বিহার, যুক্তপ্রদেশ ও পঞ্জাবে প্রচলিত মুদ্রা পরিমা] ২ দামড়ী ; ২০ কড়ী ; সিকি পয়সা।

জ—য দ্রঃ।

জরিব (জোরিব্) [যুক্তপ্রদেশে ভূমি পরিমা ২০ বাঁশ ; ৬০ ইলাহী গজ।

জিল (ল্) [ইং gill—তরল দ্রব্যের ওজন] সিকি পাঁইট।

জ্যাকোবাস্ (স্) [ইং jacobus—মুদ্রা পরিমা] ২৫ শিলিং পরিমাণ মুদ্রা।

টঙ্কা [প্রা রৌপ্য মুদ্রা] সিকি রৌপ্য কার্ষাপণ ; ১৪ গ্রেণ রৌপ্য ওজনের ও ৪ তাম্রপণ মূল্যের মুদ্রা (Cunningham's Archaeo. Survey Report, vol. xiv)

টন (ন্) [ইং—ton] ২০ হন্দর ওজন ; প্রায় ২৮ মণ।

টাকা [ভারতীয় মুদ্রা পরিমা] কাহন ; ১৬ আনা বা ৬৪ পয়সা মূল্য পরিমাণ রৌপ্য মুদ্রা ; তঙ্কা। ২। [ওজন পরিমা] তোলা ; ভরি ; ১৮০ গ্রেণ ; টাকায় ১১ ভাগ রৌপ্য ও ১ ভাগ খাদ থাকে। ২। [বিহার, যুক্তপ্রদেশ ও পঞ্জাবে] ২ পয়সা ; আধআনা।

ডজন (ন্) [ইং dozen (12 units)] ১২টি।

ডিকেড (ড্) [ইং decade] ১০ বৎসর কাল পরিমাণ।

ডিগ্রি [ইং degree—জ্যোতিষিক বৃত্ত পরিমা (২) ইং কৌণিক পরিমা] সমকোণের ৯০ ভাগের এক ভাগ ; অংশ ; ৬০ কলা ; ৬০ মিনিট। ২। [অক্ষাংশ পরিঃ] ৬০ নট ; 60 knots.

ডিসীম্ [ফ্রে decime—মেট্রিক প্রণালী] ১০ সেন্টিম্ ; ফ্র্যাঙ্কের ১০ অংশের ১ অংশ।

ড্রাম (ম্) [ইং—dram. শুষ্ক দ্রব্য ওজনে] ৬০ গ্রেণ পরিমাণ ওজন। ২। [তরল দ্রব্য ওজনে] ৬০ মিনিম বা ফোঁটা।

তঙ্কা—টাকা দ্রঃ।

তৎপর (র্) [প্রা-কাল পরিমা] ১০০ ত্রুটি।

তা [ফা—তাহ্ (ভাঁজ, পাতা, তক্তা)] একখানি দেশী বা কলের কাগজ ; কাগজের দিস্তার ২৪ বা ২৫ অংশের ১ অংশ ; পত্র ; sheet.

তাল (ল্) [হস্ত পরিমা] অঙ্গুষ্ঠ ও মধ্যমার মধ্যস্থ প্রসারণ পরিমাণ। ২। [কড়ি গণনায়] ১৬ তিল ; ২৫৬ দুণ ; ৫১২০ বিন্দু। ৫ তাল=৩ ক্রান্তি।

তিথি [মূল্য পরিমা] কড়ার ১৫ ভাগের ১ ভাগ।

তিল (ল্) ৪ রেণু পরিমাণ মূল্য ; কড়ার ৮০ ভাগের এক ভাগ।

তোলা [স্বঃ রঃ] ভরি দ্রঃ দেশী মানে তোলা ভরি অপেক্ষা কিছু বেশী। ২। [শস্য পরিমা] সিকি পল দ্রঃ।

ত্রসরেণু (ত্রোশোরেণু) গবাক্ষপথে বা ছিদ্র-পথে গৃহে প্রবিষ্ট সূর্য্য কিরণে যে সূক্ষ্ম পদার্থ-সমূহ বিচরণ করে তাহাদের মধ্যে ক্ষুদ্রতম একটি ; ৩ দ্ব্যণুক বা ৬ পার্থিব পরমাণু ; ১ ত্রুটির ৩ ভাগের ১ ভাগ।

ত্রুটি [প্রা কাল পরিমা] যে অননুভবনীয় কাল মধ্যে পরমাণু একবার স্পন্দিত হয়, ৩ ত্রাসরেণু অর্থাৎ সূর্য্যের ৩ ত্রাসরেণু পরিমিত স্থান ভ্রমণে যে সময় লাগে।

থান (ন্) [বস্ত্র পরিমা] ২০ গজ বা ৪০ হাত।

দণ্ড [জ্যোতিঃ কাল পরিমা] ৬০ পল পরিমাণ কাল ; প্রহরের ৭½ অংশের ১ অংশ।

দন, দোন (ন্) [দেশীয় শস্য পরিমা] ৪ রেখ বা ২ পালি ; ৫ সের। ২০ দন=১ শলি= প্রায় আড়াই মণ।

দস্তি (দো) কড়ার ৯ ভাগের ১ ভাগ মূল্য পরিমাণ ; ক্রান্তির ৩ ভাগের ১ ভাগ।

দল (ল্) [প্রা মূল্য পরিমা] বিন্দু ; দুণের ২০ ভাগের ১ ভাগ।

দাঁত (ত্) ২ গজ বা ৪ হাত পরিমাণ দৈর্ঘ্য ; ধনু। ২০০০ দাঁতে ১ ক্রোশ।

দাম (ম্) তাম্র মুদ্রাবিশেষ। ৪০ দাম=১ টাকা।

দামড়ী [বিহার, যুক্তপ্রদেশ ও পঞ্জাব প্রচলিত মুদ্রা পরিমা] ২ আদ্ধি ; ১০ কৌড়ী ; আধ ছিদাম।

দিক (ক্) [মূল্য পরিমা] কড়ার ১০ ভাগের এক ভাগ।

দিন (ন্) [জ্যোতিঃ কাল পরিমা] ৮ প্রহর কাল ; সূর্য্যোদয় হইতে সূর্য্যাস্ত পর্য্যন্ত কাল।

দিস্তা—২৪ তা দেশী কাগজ ; ২৫ তা কলের কাগজ ; কোয়্যার ; quire

দ্রোণ (ন্) [ধান্য পরিমা] আঢ়ক। ২। ৮ আঢ়ক (অঃ কোষ)।

দ্বীপ (দীপ্) কড়ার ৭ ভাগের ১ ভাগ।

দ্ব্যণুক (দোনুক্) সংখ্যা পরিমাণবিশেষ ; ২ পার্থিব পরমাণু।

ধনু, ধনুক (ধো, ক্) [প্রা পথ পরিমা] ১ ক্রোশের ৫০০ ভাগের এক ভাগ ; চারি হস্ত পরিমাণ ভূমি।

ধরণ (ন্) [প্রা স্বর্ণ মুদ্রা পরিমা] ১০ নিষ্ক বা পল। ২। [প্রা রৌপ্য মুদ্রা পরিমা] ১৬ রৌপ্য মাষা ; পুরাণ নামক রৌপ্য মুদ্রা। ১০ ধরণে=১ রাজত শতমান।

ধান (ন্) [স্বঃ রঃ] ১ রতি বা কুঁচের চতুর্থাংশ ভাগের ওজন।

ধূল (ল্) [প্রা মূল্য পরিমা] ক্রান্তি ; কড়ার ৩ ভাগের ১ ভাগ।

নট (ট্) [ইং জমী পরিমা—knot] ১ ডিগ্রী অক্ষাংশের ৬০ ভাগের ১ ভাগ। ২। [সমুদ্রাদি জলপথের দূরত্ব পরিমা] সমুদ্রের ১ মাইল ; ২০২৫ গজ ; ৬০৭৫ হইতে ৬০৮০ ফুট।

নাড়িকা [প্রা কাল পরিমা] ১৫ লঘু (ভাগবত)।

নাড়ী [প্রা কাল পরিমা] দণ্ড ; ঘটিকা।

নিখর্ব্ব—দশসহস্র কোটি ; ১০,০০০,০০,০০,০০০।

নিমেষ (ষ্) [প্রা কাল পরিমা] ৩০ তৎপর। ২। [আধু-কাল পরিমা] মুহূর্ত্ত ; second.

নিযুত (জুত্) ১০ লক্ষ।

নিষ্ক [প্রা স্বর্ণমুদ্রা পরিমা (স্মৃতিঃ)] ৪ সুবর্ণ ; ১ পল, ৬৪ মাষা পরিমাণ স্বর্ণে প্রস্তুত প্রাচীন ভারতের স্বর্ণ মুদ্রা। ২। [প্রা রৌপ্য মুদ্রা] ৪ সুবর্ণ পরিমাণ রৌপ্য=১ রৌপ্য নিষ্ক।

নেল (ল্) [ইং nail—বস্ত্র পরিমা] ২০ ইঞ্চি।

নোব্ল্ [ইং মুদ্রা পরিমা—noble] ৬ শিলিং ; ৪ পেনি পরিমাণ মুদ্রা।

পণ (পন, পোন্) [মূল্য পরিমা] ৪ বুড়ি ; ১৬ বা ১৮ বা ২০ বা ২৪ গণ্ডা পরিমাণ ; ১ আনা ; ইং পেনি বা ফার্দিং। ২। [প্রা তাম্র মুদ্রা] ৮০টী কুঁচ ওজনের তাম্র খণ্ড। আধুঃ তের আনা ২ রতি বা দেড় পয়সা ওজনের তাম্রে নির্ম্মিত মুদ্রা। প্রত্নতাত্ত্বিক কনিংহাম সাহেবের মতে ১৪০ গ্রেণ তাম্র ওজনের ভার, ৮০ কড়া কড়ি মূল্যের মুদ্রা [Archaeo. Survey Reports, vol. xiv.)। দ্রঃ—বর্ত্তমানকালে, ইংলণ্ডে স্বর্ণ মুদ্রা ও ভারতে রৌপ্যমুদ্রা যেমন মুদ্রার নিরিখ (standard), পূর্ব্বকালে ভারতে তেমনি তাম্রমুদ্রাই (পণ) ছিল মুদ্রার নিরিখ। সুতরাং এখন এখানে যে পরিমাণ রৌপ্য মুদ্রা বুঝায় তখন সেই পরিমাণ তাম্র মুদ্রা কার্ষাপণ বুঝাইত। অর্দ্ধপণ—৭০ গ্রেণ তাম্র ওজনের ও ৪০ কড়া কড়ি মূল্যের প্রাচীন ভারতীয় তাম্রমুদ্রা।

পণি (নি) [ইং pound] পাউণ্ড দ্রঃ।

পত্তি (পো) সেনাবিশেষ ; ১ রথ, ১ হস্তী, ৩ অশ্ব ও পঞ্চ পদাতিক।

পদ্ম (পদ্দঁ) শত লক্ষ কোটি ; ইং 10 billions ; ১,০০,০০,০০,০০,০০,০০০।

পয়সা (পয়্শা) [বঙ্গদেশে প্রচলিত মুদ্রা পরিমা] ৫ গণ্ডা কড়ি বা (ইং) তিন পাই পরিমাণ তাম্র মুদ্রা। ২। [বিহার, পঞ্জাব, যুক্তপ্রদেশ-প্রচলিত মুদ্রা পরিমা] ৮০ কৌড়ী ; ৪ ছিদাম বা ২ আধেলা। ডবল পয়সা—২ পয়সা মূল্য পরিমাণ তাম্রখণ্ড।

পয়েন্ট্ [ইং point] ইঞ্চির ৭২ ভাগের ১ ভাগ।

পরমাণু [প্রা কাল পরিমা] অননুভবনীয় সূক্ষ্ম-তম কাল পরিমাণ ইহা নয়নগোচর হয় না। অণুর অর্দ্ধেক। ২। লঘুতম, সূক্ষ্মতম পদার্থ। ছিদ্রপথে গৃহ মধ্যে সূর্য্যকিরণ প্রবিষ্ট হইলে যে

সূক্ষ্ম পদার্থ সকল উড়িয়া বেড়াইতে দেখা যায় তাহাদের মধ্যে ক্ষুদ্রতম এক একটীর নাম ত্রসরেণু উহা ৩টি অণু বা ৬টি পরমাণুর সমষ্টি।

পরার্দ্ধ—শত সহস্র লক্ষকোটি ; ইং hundreds of thousands of billion ; ১,০০,০০,০০,০০,০০,০০,০০,০০০।

পল (ল্) [কাল পরিমা] ৬০ বিপল ; একদণ্ডের ৬০ ভাগের এক ভাগ ; ২০ সেকেণ্ড ; ১ বিনাড়ী। ২। [স্বঃ রঃ] ৫৮৫ গ্রেণ পরিমাণ ; ৫ রতি (অমরকোষ)। ৩। [প্রা—স্বর্ণমুদ্রা ও স্বঃ পরিমা] ৪ সুবর্ণ : ১ নিষ্ক। ৪। [শস্য পরিমাণ] ৪ তোলা।

পশুরী (পো) [সং—পঞ্চসেরী হইতে হি—"পন্‌সেরী"] ৫ সের পরিমাণ ওজন।

পাই [ইং—pie] আনার ১২ ভাগের বা পয়সার ৩ ভাগের ১ ভাগ মুল্য পরিমাণ তাম্রখণ্ড। ২। [স্বর্ণ রৌপ্যাদির ওজনে] ১৷৷ রতি পরিমাণ ওজন।

পাউণ্ড, পৌণ্ড, পনি (পাউন্‌ড্) [ইং pound—শুষ্ক দ্রব্যের ডাক্তারী ওজন] ৭০০০ গ্রেণ ; ১৬ আউন্স্। ২। [জলীয় দ্রব্যের ডাক্তারী ওজন] ৮ ড্রাম ; ৪৮০ ফোঁটা। ৪। স্বর্ণ রৌপ্য রত্নাদির ওজন ইং—troy pound ৫৭৬০ গ্রেণ ; ১২ আউন্স। ৫। [মুদ্রা পরিমা] ইংরেজী স্বর্ণমুদ্রাবিশেষ ; ১ সভারিন্; ভারতে প্রচলিত গিনি, ১৫ টাকা (ইং ২০ শিলিং বাটার হার অনুসারে শিলিং তের আনা পর্য্যন্ত চড়ে। পূর্ব্বে ৷৷০ আনা ছিল সুতরাং তখন পৌণ্ডের মুল্য ছিল ১০ টাকা। ইংলণ্ডের গিনি নামক প্রাচীন স্বর্ণমুদ্রার মুল্য ছিল ২১শিলিং)।

পাঁইট্, পাইন্ট্ [ইং pint—তরল দ্রব্যের ওজন] ২০ আউন্স : আধ কোয়ার্ট পরিমাণ ; প্রায় দেড় পোয়া। ২। [ডাক্তারী ওজন] ১২ আউন্স ১ পাঁইট বিশুদ্ধ জল (distilled water) ওজনে—১ পাউণ্ড ১ কোয়ার্টার।

পাগোডা [মান্দ্রাজ প্রচলিত মুদ্রা পরিমা] ৩৷৷০ সাড়ে তিন টাকা পরিমাণ মুদ্রা।

পাণ (ড্) [বোম্বাই ভুমি পরিমা] বিঘা দ্রঃ।

পাদ (দ্) [জ্যোতিঃ বৃত্ত পরিমা] বৃত্ত পরিধির সমচতুর্থাংশের এক অংশ : বৃত্তপাদ।

পাম (ম্) [ইং— palm] ৩ ইঞ্চি।

পালি [শস্য পরিমা] ৪ রেক ; খুঁচির মাপে ২ রেখ পরিমাণ ; আড়ি।

পীপা [তরল দ্রব্যের ওজন] ২ হগ্‌শেড্ ; ১২৬ গ্যালন : ব্যারেল ; কাস্ক (cask)।

পুরুষ, পৌরুষ (ষ্) [হস্ত পরিমা] ঋজু ভাবে উর্দ্ধে উত্তোলিত হস্তের মধ্যাঙ্গুলির অগ্র হইতে পদতল পর্য্যন্ত দৈর্ঘ্য পরিমাণ ; পুরুষ-প্রমাণ।

পুরাণ (ন্) [প্রা রৌপ্য মুদ্রা] রৌপ্য ধরণ ; ১৬ রৌপ্য মাষা।

পৃতনা—২ বাহিনী সংখ্যক সৈন্য ; ২৪৩ হস্তী, ২৪৩ রথ, ৭২৯ অশ্ব, ১২১৫ পদাতি সম্বলিত সৈন্যদল।

পেক (ক্) [ইং peck -শস্য পরিমা] ২ গ্যালন ; আধবুশেল।

পেনি [ইং—penny] এক আনা মূল্যের ইংরেজী মুদ্রা ; ৪ ফার্দ্দিং।

পেনিওয়েট (বেট) [ইং— pennyweight] ২৪ গ্রেণ পরিমাণ ওজন।

পেস্ [ইং— pace সামরিক পাদক্ষেপ পরিমা] আড়াই হইতে ৩ ফুট। ২। [জ্যামিতিক] ৫ ফুট।

পোয়া—৪ ছটাক পরিমাণ ওজন ; সেরের চতুর্থাংশ।

পোল (ল্) ৫৷৷ ইয়াড্ দীর্ঘ পরিমাণ।

পৌটি, পৌটী [শস্য পরিমা] ১৬ বিশা।

প্রকুঞ্চক (প্রো, ক্) [ভার পরিমা] ৪ পল। (অ, কোষ)।

প্রথমসাহস (প্রোথোম্‌শাহশ্) [প্রা তাম মুদ্রা] ২৫০ কার্ষাপণ (স্মৃতিঃ)।

প্রস্থ (প্রো) [ভার পরিমা] ৪ কুডব।

প্রহর (প্রোহর্) [জ্যোতিঃ কাল পরিমা] ৭৷৷০ দণ্ড কাল ; দিবা রাত্রি বা দিনের ৮ ভাগের এক ভাগ।

প্রাণ (ন্) [প্রা কাল পরিমা] ১০ গুর্ব্বক্ষর।

প্রাদেশ (শ্) [হস্ত পরিমা] অঙ্গুষ্ঠ ও তর্জ্জনী প্রসারিত করিলে মধ্যস্থিত যে পরিমাণ হয়।

ফার্দ্দিং [ইং farthing] ১ পয়সা পরিমাণ ইংরেজী মুদ্রা।

ফার্লং [furlong] ৪০ পোল পরিমাণ দৈর্ঘ্য ; ২২০ ইয়ার্ড্ ; মাইলের অষ্টমাংশ।

ফেদাম (ফ্যা, ম্) [ইং গভীরতা পরিমা, fathom] ৪ হাত গভীর ; বাঁও (ব্যাম)। ১২০ ফেদাম্=জাহাজের ১ কাছি। ২। [ভুমির দুরত্ব পরিমা] ৬ ফুট।

ফেরা [১৷৷ হাত লম্বা ২ হাত ২ বুরুল চওড়া ও আধ হাত উঁচু চতুষ্কোণ কাঠাধার-পূর্ণ চুণের পরিমাণ] ১মণ ১০ সের।

ফোঁটা—মিনিম দ্রঃ।

ফ্র্যাঙ্ক্ [ফ্রে franc—মেট্রিক প্রণালীর মুদ্রা পরিঃ] ১০০ সেণ্টীম ; ১০ ডিসীম্ ; ৫ গ্র্যাম্ (ইহাতে—৪.৫ ভাগ রৌপ্য ও .৫ ভাগ খাদ থাকে) ; a unit of money ; ৯½ পেনি।

ফ্লোরিন (ন্) [ইং florin মুদ্রা পরিমা] ২ শিলিং।

বট (ট্) কড়ার ৫ ভাগের একভাগ মুল্য পরিমাণ।

বর্ব্বর (দ্রঃ) প্রাচীনকালের স্বর্ণমুদ্রাবিশেষ।

বস্তু (বোশু) কড়ার ৮ ভাগের ১ ভাগ মুল্য পরিমাণ।

বহর (র্) [মুল্য পরিঃ] ২০ বিন্দু ; ঘুণ।

বাঁশ (শ্) [যুক্ত প্রদেশে জমি পরিঃ] ৩ ইলাহী গজ। ২০ বাঁশ=১ জরিব।

বাহ [ভার পরিমা] ৪ ভার (অ, কোষ)।

বাহিনী—৩ গণ সংখ্যক সৈন্য।

বিঘা [জমী পরিমা] ২০ কাঠা ; ৮০ × ৮০ হাত ; ইং—১৬০০ স্কোয়্যার-ইয়াড (sq. yd.)। ২। [প্রাচীন যুগে] অর্দ্ধ হস্ত (২ বিঘা=১হাত)। পঞ্জাবে—৪ কানাল=১ বিঘা। ২ বিঘা=১ ঘুমা। বোম্বাই প্রদেশে—২০ পাণ=১ বিঘা। ৬ বিঘা=১ রুকা। বিহার ও যুক্তপ্রদেশে ১ বিঘা=৩০২৫ বর্গ-ইয়াড ; পঞ্জাবে—১৬২০ বর্গ-ইয়াড্ ; বোম্বাইপ্রদেশে—৩৯২৭ বর্গ-ইয়াড্ ; মান্দ্রাজে—১৬০০ বর্গ-ইয়াড্।

বিতস্তি (তো) [প্রাকৃ—বিদথি, হি—বীতা। বিস্তৃত করতলের বৃদ্ধাঙ্গুলির অগ্র হইতে কনিষ্ঠাঙ্গুলির অগ্র পর্য্যন্ত ব্যবধান ; বিঘৎ ; ১২ অঙ্গুলি পরিমাণ।

বিন্দু [প্রা মুল্য পরিমা] ক্ষুদ্রতম মুল্যপরিমাণ ; দল : এক ঘুণের ২০ ভাগের এক ভাগ।

বিপল (ল্) [জ্যোতিঃ কাল পরিমা] ৬০ অনু-পল : পলের ৬০ ভাগের একভাগ ; বিনাড়ী।

বিশ (শ্) [শস্য পরিমা] ২০ আড়ি ; ৪০মণ। ২। [সংখ্যা পরিঃ] ২০ সংখ্যা ; কুড়ি।

বিশা [সং—বিংশ] ২০ পল পরিমাণ ; ১৬০ তোলা।

বিশ্ব, বিশ্বা [প্রা পরিমা] এক রতি বা কুঁচের ২০ ভাগের একভাগ ওজন ; এক তিসির ওজন।

বুড়ি [মুল্য পরিমাণ] ৫ গণ্ডা ; ১ পয়সা ; ৩ পাই। ২। [সংখ্যা পরিমা] ২০ টা।

বুরুল (ল্) অঙ্গুষ্ঠের প্রস্থ পরিমাণ ; ৩ যব ; ১ ইঞ্চি।

বুশেল (ল্) [ইং bushel—শস্য পরিমাণ] ৪ পেক ; ৮ গ্যালন। ২২১৮.১৯২ ঘন-ইঞ্চি। ২। [কয়লার ওজন] স্যাকের ৩ ভাগের এক ভাগ। ৩ বুশেল=১ স্যাক্। ৩৬ বুশেল=১ কলড্রন্।

বৃন্দ—শতকোটি।

বেদ (দ্) [মুল্য পরিমা] কড়ার ১৩ ভাগের ১ ভাগ।

বেধ (ধ্) [কাল পরিমাণ] ১০০ ত্রুটি ; ৩০০ ত্রসরেণু।

ব্যাম (ম্) [হস্ত পরিমাণ] স্কন্ধদেশের সহিত ঋজুভাবে প্রসারিত হস্তের এক প্রান্ত হইতে অপর প্রান্ত পর্য্যন্ত বিস্তৃতি পরিমাণ।

ব্যারেল (ল্) [ইং barrel] পীপা দ্রঃ।

ভরি (ভো) [স্বঃ রঃ] ৪ সিকি বা ১৬ আনা বা বার মাষা বা ১৮০ গ্রেণ পরিমাণ ওজন ; তোলা।

ভার (র্) [ভার পরিমা] ১০ গোণী (অ, কোষ)।

ভুবন (ন্) [মুল্য পরিমা] কড়ার ১৪ ভাগের এক ভাগ।

মণ (ন্) [গুরুভার ওজনে] ৪০ সের। ২। [শস্য পরিমাণ] ৮ পালি ; ৩২ রেক।

মধ্য (মোধ্ধ) দশ সহস্র লক্ষ কোটি ; ১০,০০, ০।

মধ্যমসাহস (মোধ্ধম্শাহশ্) [প্রা তাম্র মুদ্রা] ৫০০ কার্ষাপণ (স্মৃতিঃ)।

ময়্ডোর্ [ইং moidore—মুদ্রা পরিমাণ] ২৭ শিলিং পরিমাণ মুদ্রা।

মাইল [ইং mile] ১৭৬০ ইং গজ বা ইয়াড্ ; ৮ ফার্লং ; ৪৮০০ হাত কম আধ ক্রোশ।

মার্ক [ইং mark, merk—মুদ্রা পরিমা] ১৩ শিলিং ৮ পেনি পরিমাণ মুদ্রা।

মার্লা [পঞ্জাবে ভূমি পরিঃ] ৯ সার্সি। ২০ মার্লা = ১ কানাল। ৪ কানাল = ১ বিঘা।

মাষা [স্বঃ রঃ] এক ভরি বা তোলার ১২ ভাগের ২ ভাগ ওজন। ইং ১৫ গ্রেণ পরিমাণ। ২। [স্বর্ণমাষা। প্রা স্বর্ণমুদ্রা ও স্বঃ পরিঃ] ৫ রতি। ৩। [রৌপ্য মাষা। প্রা রৌপ্য মুদ্রা] ১ কৃষ্ণল।

মিনিট্ [ইং minute—কাল পরিমা] ৬০ সেকেণ্ড্ : ঘণ্টার ৬০ ভাগেব এক ভাগ পরিমাণ। ২। [ইং—কৌণিক পরিঃ] ৬০ সেকেণ্ড্ : ডিগ্রির ৬০ ভাগেব ১ ভাগ)।

মিনিম্ [তরল দ্রব্যের ডাক্তারী ওজন ইং—minim, ফ্রে—minime (ক্ষুদ্রতম) ফোঁটা : ডামের ৬০ ভাগের এক ভাগ।

মীটর্ [ফ্রে—metre মেরু হইতে বিষুব রেখা পর্য্যন্ত লম্বিত কাল্পনিক রেখার কোটি অংশের এক অংশ] মেট্রিক প্রণালীর রৈখিক পরিমাণের একক ; ৩৯·৩৭ ইঞ্চি ; ১$\frac{১}{১১}$ গজ

মুট (ট্) মুষ্টি পরিমাণ দৈর্ঘ্য ; ৪ অঙ্গুলি।

মুষ্টি [ভার পরিমা] ৪ প্রকুঞ্চক (অ, কোষ)।

মুহূর্ত [প্রা কাল পরিমা] ২। নাড়িকা (ভাগবত)।

মোহর (মোহোর্) ১৬ টাকা মূল্যের স্বর্ণ মুদ্রা-বিশেষ। স্বর্ণের দর বৃদ্ধির সঙ্গে সঙ্গে মোহরের মূল্য বৃদ্ধি হয়। এইরূপ বৃদ্ধি পাইয়া পূর্ব্বে ২৪ টাকা পর্য্যন্ত ছিল অধুনা ২৬৮০ হইতে ২৮৸ পর্য্যন্ত হইয়াছে। সাধারণতঃ ১ তোলা ওজনের স্বর্ণে নির্ম্মিত। আকবরী মোহর—আকবর বাদশাহের নামাঙ্কিত বিশুদ্ধ স্বর্ণনির্ম্মিত মোহর (ইহার মূল্য অধিক এবং অধুনা দুষ্প্রাপ্য)।

য (জ) [যব দ্রঃ। রৈখিক পরিমা] সিকি ইঞ্চি ; ৩ লাইন ; ৩ সূত ; মতান্তরে ২ সূত বা ৮ চুল।

যব (জব্) [মুল্য পরিমা] কড়ার ৯ ভাগের, মতান্তরে ২৭ ভাগের ১ ভাগ। ২। [দৈর্ঘ্য পরিমা] ১ অঙ্গুলির ৩ ভাগের বা ১ গিরার ৯ ভাগের ১ ভাগ। ৩। [প্রা মুদ্রা ও স্বর্ণ পরিমা] ৪ গৌর সর্ষপ।

যষ্টি (জো) [প্রা পথ পরিমা] ৭ হাত ; ১ উসভের কুড়ি ভাগের ১ ভাগ।

যোজন (জোজন্) [প্রা ও আধু পথ পরিমা] ২ গব্যূতি ; ৪ ক্রোশ।

রতি (রো) [স্বঃ রঃ] ৪ ধান পরিমাণ ওজন ; ১ কুঁচ।

রশি, রসি (রো) [দেশীয় ভূমিঃ পরিমা] ৮০ হাত ; ২০ কাঠা ; ১ বিঘা।

রাই [বোম্বাই প্রচলিত মুদ্রা পরিমা] কোয়ার্টার্ বা সিকির ১০০ ভাগের এক ভাগ। রুপী দ্রঃ।

রাজতশতমান (জত্, ন্) [প্রা রৌপ্য মুদ্রা] ১০ রৌপ্য ধরণ (স্মৃতিঃ)।

রাজসর্ষপ (জ্ শ, প্) [প্রা মুদ্রা ও স্বর্ণ পরিমা] ১ রাইসরিষা ; ৩ লিক্ষ বা ২৪ ত্রাসরেণু।

রিম (ম্) [ইং ream] ২০ দিস্তা বা ৫০০ তা কাগজের সংখ্যা।

রুকা, রুকে [বোম্বাই ভূমি পরিমা] বিঘা দ্রঃ।

রুদ্র (রুদ্দ্র) [মুল্য পরিমা] কড়ার ১১ ভাগের এক ভাগ।

রুপী [সং—রূপ্য হইতে হি—রুপৈয়া হইতে ইং rupee বোম্বাই প্রচলিত মুদ্রা পরিমা] ৪০০ রাই ; ৪ কোয়ার্টার্ ; ১ টাকা ; ১৬ আনা।

রূড (ড্) [ইং rood—ভূমি পরিমা] ৪০ পোল বা ১২০০ বর্গ গজ।

রেক (ক্) [শস্য পরিমা] ৪ কুনিকা ; ২খুঁচি। ২ রেক = ১ পালি।

রোপনী—নেপালী বিঘা পরিমাণ।

লক্ষ (লো) শত সহস্র সংখ্যা ; ১,০০,০০০।

লঘু (লো) [প্রা কাল পরিমা] ১৫ কাঠা।

লব (ব) [প্রা কাল পরিমা] ৩ বেধ।

লাইন [ইং line, ইং দৈর্ঘ্য পরিমা] ইঞ্চির ১২ ভাগের ১ ভাগ।

লাষ্ট্ [ইং last—শুষ্ক দ্রব্য পরিমা] সাধারণতঃ ৪০০০ পাউণ্ড।

লি [চীন দেশীয় দূরত্ব পরিমাণ] মাইলের প্রায় ৬ ভাগের এক ভাগ। য়ুআন্ চুআঙ্ মতে প্রায় ৬ লি = ১মাইল। ফাহিয়েন এবং য়ুআন্ চুআঙ্ উভয়ের হিসাবে ১ যোজন মোটামুটি ৪০ লি'র সমান।

লিক্ষ [প্রা মুদ্রা ও স্বর্ণ পরিমা] ৮ ত্রাসরেণু।

লিঙ্ক্ [ইং link—জমীর মাপ] চেনের ১০০ ভাগের এক ভাগ পরিমাণ ১ শিকলি কড়া।

লিপইয়ার (প্, র্) [ইং leapyear] ৩৬৬ দিনের বৎসর ; যে বৎসর ফেব্রুয়ারী মাস ২৯ দিনে হয়।

লীগ (গ্) [ইং—league] ৩ মাইল পরিমাণ দৈর্ঘ্য।

লীটর্ [ফ্রে litre –মেট্রিক প্রণালী] তরল দ্রব্য পরিমাণের একক ; French unit of capacity ; ১০০০ অংশের ১ অংশ ঘন মীটর ; cubic decimetre = ইং ·০৩৫ ঘন ফুট। ২। [ইং তরল দ্রব্য ও শস্য পরিমা] $১\frac{৩}{৪}$ পাইণ্ট মতান্তরে প্রায় $১\frac{৪}{৫}$ পাইন্ট।

লোড্ [ইং load—শুষ্ক দ্রব্য পরিমা] ৫ কোয়ার্টার বা ৪০ বুশেল্। ২ লোড = ১ লাষ্ট্।

শকট (ট্) [দ্রব্য পরিমা] এক গাড়ী পরিমাণ ; cart-load ; ২০০০ পল পরিমাণ।

শঙ্খ—দশ লক্ষ কোটি ; ১০,০০,০০,০০,০০,০০০।

শত—১০০ সংখ্যা।

শলি, সলি (শোলি) [শস্য পরিমা] ২০ পালি ; কাহণের ১৬ ভাগের ১ ভাগ ; ২০ দল ; প্রায় আড়াই মণ।

শিলিং [ইং shilling] ১২ পেনি মূল্যের ইংরেজী মুদ্রা। পূর্ব্বে ইহার মূল্য ছিল ৷৷০ আনা এক্ষণে ৸০ আনা ; ৶০ পর্য্যন্ত শিলিং এর মূল্য হয়।

শীট, সিট (শিট্) [ইং sheet] তা দ্রঃ।

ষ্টেয়র [ফ্রে stere –মেট্রিক প্রণালী] ঘন পরিমাণের একক ; ১ ঘন মীটর ; a unit of volume, a cubic unit of metric measure ; ইং ৩৫·৩১৫৬ ঘন ফুট।

সমুদ্র (শোমুদ্দ্র) ধূল বা দ্বীপপরিমাণ মূল্য।

সলি (শোলি) শলি দ্রঃ।

সহস্র—দশ শত ; ১,০০০।

সাগর (শাগর্) শত লক্ষ কোটি ; ১০,০০, ০।

সার্সি [পঞ্জাবে ভূমি পরিমা] মার্লার ৯ ভাগের ১ ভাগ ; বিঘার ৭২০ ভাগের ১ ভাগ।

সিকি (শি) চার আনা মূল্যের রৌপ্যমুদ্রা ; টাকার চতুর্থাংশ। ২। [স্বঃ রঃ] ৪ আনা বা ৩ মাষা পরিমাণ ওজন।

সিক্কা (শি) [আ—সিক্কা] বাদশাহী আমলের রৌপ্য মুদ্রা ; কোম্পানীর আমলের ১৭ আনা (১০০ সিক্কা = ১০৬৷৴১৩০)। ২। ওজনবিশেষ। বাঙ্গালা ও ওড়িষায় ভিন্ন ভিন্ন স্থানে ৬০, ৬২, ৮০, ৮২৷৴, ও ১০৫

সিক্কার ওজন প্রচলিত। কলিকাতায় ও বালেশ্বরে ৮০ সিক্কার ওজনই চলিত। নদীয়া, শান্তিপুর এবং লুপ লাইনের অধিকাংশ স্থলে ৬০ সিক্কার ওজন (কাঁচি ওজন) চলে।

সুবর্ণ (শু) [প্রা—স্বর্ণমুদ্রা পরিমা] ১৬ মাষা। (২) ২৫ রৌপ্য কার্ষাপণ=১৪০ গ্রেণ (Cunningham, Archaeo. Survey Reports vol. xiv.) সিকি সুবর্ণ=৩৫ গ্রেণ= ৬¼ রৌপ্য কার্ষাপণ

সূত (শুত্) [রৈখিক পরিমা] ১২ লাইন; ১ ইঞ্চি; ৩ যব।

সূর্প (শু) [ভার পরিমা] ২ দ্রোণ।

সেকেণ্ড্ [ইং second. কাল পরিমা] মিনিটের ৬০ ভাগের এক ভাগ। ২। [ইং কৌণিক পরিমা] ডিগ্রির ৩৬০ ভাগের ১ ভাগ।

সেঞ্চুরী [ইং century] শতাব্দী: শতবর্ষকাল।

সেনামুখ (শে, খ্) ৩ পত্তি সংখ্যক সেনা।

সেন্ট্ [আমেরিকায় প্রচলিত মুদ্রা cent.] ডলারের (৪ শিলিং ২ পেনি) ১০০ ভাগের ১ ভাগ; লঙ্কাদ্বীপে প্রচলিত মুদ্রা: টাকার (rupee) ১০০ ভাগের ১ ভাগ; ইং প্রায় ২ পাই পরিমাণ মুদ্রা।

সেণ্টিম্ [ফ্রে centime. মেট্রিক্ প্রণালী] ফ্রাঙ্কের ১০০০ ভাগের ১ ভাগ।

সের (শের্) [সাধাঃ ওজনে] ৪ পোয়া বা ১৬ ছটাক; ১ মণের ৪০ ভাগের ১ ভাগ। ২। [স্বঃ রঃ] ৮০ ভরি।

স্ক্রুপ্ল্ [ইং scruple. শুষ্ক দ্রব্য পরিমা] ২০ গ্রেণ।

স্কোর (র্) [ইং score] ২০টি; কুড়ি।

স্টেডিয়াম্ [গ্রীক দূরত্ব পরিমাণ] ৬০৬ ফুট ৯ ইঞ্চি।

স্প্যান [ইং span] ৯ ইঞ্চি।

স্যাক্ [ইং sack. শুষ্ক দ্রব্য ও শস্য পরিমা] ৩ বুশেল; ১২ পেক্। ১২ স্যাক=১ কল্ড্রন্।

হগ্‌শেড্, হগ্‌হেড্ [ইং hogshead] ৫২½ হইতে ৬৩ গ্যালন পর্য্যন্ত বা আধ পীপা। ২। [মদের পরিমাণ] বীয়ার মদ্যের ৫৪ গ্যালন; ক্ল্যারেটের—৪৬ গ্যালন। ৩। [তামাকের ওজন] ৭৫০ হইতে ১২০০ পাউণ্ড পর্য্যন্ত।

হন্দর (র্) [ইং—hundredweight] ৪ কোয়ার্টার্ বা ১১২ পাউণ্ড ওজন; ১ টনের ২০ ভাগের এক ভাগ।

হাত (ত্) [প্রা পথ পরিমা] ২ বিঘা; এক যষ্টির ১৪ ভাগের এক ভাগ; রশির ৮০ ভাগের এক ভাগ। ২। [আধু পথ পরিমা] কনুই হইতে মধ্যাঙ্গুলির অগ্র পর্য্যন্ত; ২ বিতস্তি (বিঘৎ)। ৩। [বস্ত্র পরিমা] ৮ গিরা; অর্দ্ধ গজ। ৪। [ঘোড়ার মাপ] ৪ ইঞ্চি।

হুন (ন্) [ভারতের সমুদ্রকূলবর্ত্তী স্থানসমূহে প্রচলিত] স্বর্ণমুদ্রাবিশেষ: পাগোডা।

হেপেনি, হাপ্‌পেনি [ইং—half peny] পেনি বা আনির অর্দ্ধ মূল্য পরিমাণ মুদ্রা: ডবল পয়সা মূল্যের ইংরেজী মুদ্রা।

হ্যাণ্ড [ইং hand অশ্ব পরিমা] ৪ ইঞ্চি।

বাঙ্গালাভাষায় সুপ্রচলিত প্রবাদ বা উল্লেখের সহিত সংসৃষ্ট পৌরাণিক, ঐতিহাসিক ও কাল্পনিক ব্যক্তির নাম।

অগস্ত্য [দ্রঃ] মহর্ষি অগস্ত্য বিন্ধ্যাচল অতিক্রম করিয়া দক্ষিণভারতে সেই যে গমন করিয়াছিলেন আর প্রত্যাগমন করেন নাই তাহা হইতে প্রবাদ "অগস্ত্য যাত্রা" (দ্রঃ)।

অর্জ্জুন—মধ্যম পাণ্ডব। অদ্বিতীয় ধানুকী এবং লক্ষ্যে অব্যর্থ বলিয়া—কেহ উৎকৃষ্ট তীরন্দাজ ও অব্যর্থ লক্ষ হইলে, প্রবাদে, "কলির অর্জ্জুন" বলিয়া অভিহিত হয়।

অহল্যা [দ্রঃ] সকলপ্রকার হল্য বা বিরূপতা শূন্যা অদ্বিতীয়া সুন্দরী বলিয়া, প্রবাদে—"যেন অহল্যা সুন্দরী।"

আজু গোসাঁই—অযোধ্যানাথ গোস্বামীর নাম সংক্ষেপে। আউলিয়া প্রকৃতি হেতু, ইঁহার নাম প্রবাদে পরিণত হইয়াছে, আজু গোসাঁই অর্থে ক্ষেপা পাগল। প্র—"যেন আজু গোসাঁই." "আজু গোসাঁই আর কি" ইত্যাদি।

আবুহোসেন (শেন্) [গিরীশচন্দ্র ঘোষ প্রণীত রঙ্গনাটকে "আবুহোসেন"এর প্রধান চরিত্র। বোগদাদের বিলাসী ধনশালী যুবক, সর্ব্বদা ইয়ার বন্ধু পরিবৃত হইয়া এবং পান ভোজন ও সৌখীনতায় মত্ত থাকিয়া বহু অর্থ নষ্ট করিবার পর আতিথ্যিসৎকার ফলে ছদ্মবেশী পারস্যরাজ হারুণ অলরশীদের নজরে পতিত হন। পান ভোজনের সময় আবুহোসেনের মুখে তাঁহার মাতা জনৈক ইমাম কর্ত্তৃক প্রতারিত হইয়াছেন এবং আবু একদিনের জন্যও রাজা হইলে সেই বঞ্চককে শাস্তি দেন এই বাসনা জানিতে পারিয়া বাদশাহ আবুর মদিরায় অহিফেন মিশ্রিত করত তাঁহাকে নিদ্রিতাবস্থায় স্বীয় প্রাসাদে লইয়া যান ও বেশ পরিবর্ত্তন করাইয়া দেন এবং একদিনের জন্য আবু রাজা হইবেন এরূপ আদেশ দেন। প্রাতে নিদ্রাভঙ্গে আবু দেখেন তিনি রাজবেশে সজ্জিত রহিয়াছেন এবং রোশেনানাম্নী এক সুন্দরী সখী-পরিবৃতা হইয়া তাঁহার পরিচর্য্যা ও চিত্ত-বিনোদনে ব্যাপৃতা রহিয়াছেন, ক্ষণকাল পরে উজীর আসিয়া তাঁহাকে দরবার করিবার জন্য বিনীতভাবে প্রার্থনা করিতেছেন, এই সকল আবু প্রথমে স্বপ্ন মনে করিয়াছিলেন কিন্তু পরে আপনাকে সত্যই বাদশাহ ভাবিয়া দরবারে উপস্থিত হইলেন। তথায় বিচার কার্য্যে স্বীয় বুদ্ধিমত্তার পরিচয় দিলেন এবং ইমামের বিচার করিয়া তাঁহার ২৫ কোড়া লাগাইবার আদেশ দিলেন। পুনরায় নিদ্রাবস্থায় রাজবেশ পরিবর্ত্তন করিয়া আবুকে পূর্ব্ব পরিচ্ছদে তাহার বাড়ী পৌছাইয়া দিলে, নিদ্রাভঙ্গে আবুহোসেন পূর্ব্ব ঘটনা স্বপ্নবৎ ভাবিলেন, কিন্তু তাঁহার কথাবার্ত্তায় বাদশাহী চাল রহিয়া গেল। তাহার মাতা ও প্রতিবেশীরা আবুহোসেনকে পাগলাগারদে পাঠাইয়া দিলেন। এবার আবুহোসেনের পাগলামী ও বাদশাহী চাল গেল কিন্তু রোশেনার স্মৃতি আর গেল না। পুনরায় বাদশাহ ছদ্মবেশে আসিয়া আবুকে পূর্ব্ববৎ অজ্ঞান করিয়া স্বীয় প্রাসাদে লইয়া যান এবং রোশেনার সহিত তাঁহার বিবাহ দিয়া গৃহে পাঠাইয়া দেন। অমিতব্যয়ী আবু টাকা কড়ি উড়াইয়া দিয়া শেষে আত্মীয় স্বজনের মৃত্যু সংবাদ পাঠাইয়া বাদসাহের নিকট হইতে মধ্যে মধ্যে অর্থ সাহায্য আনাইতেন। শেষে স্ত্রী-পুরুষে পরামর্শ করিয়া স্ত্রী মরিয়াছে বলিয়া আবু বাদশাহের নিকট, এবং

স্বামী মরিয়াছে বলিয়া রোশেনা বেগমের নিকট, সংবাদ পাঠাইলেন। বাদশাহ ও বেগম উভয়ে দেখিতে আসিলে আবু ও রোশেনা আপাদ-মস্তক বস্ত্রাবৃত করিয়া মৃতবৎ পড়িয়া রহিলেন। রাজদম্পতি কৌতূহলী হইয়া যখন বলিলেন কে আগে মরিয়াছে বলিতে পারিলে হাজার মোহর পুরস্কার পাইবে তখন দুজনেই উঠিয়া বলিলেন "আমি আগে মরিয়াছি"। এই আবু-হোসেন ইয়ার বন্ধু লইয়া সর্ব্বদা আমোদ-প্রমোদে মত্ত সৌখীনতাপ্রিয় অপব্যয়ী যুবকের উপমাস্থল। ছেঁড়া কাঁথায় শুইয়া যাহারা লাখ টাকার স্বপ্ন দেখে এবং হঠাৎ হাতে ক্ষমতা ও ধন পাইয়া দুইদিনে উড়াইয়া দিয়া বসে তাহা-দিগকে বিদ্রূপচ্ছলে "আবুহোসেন" আখ্যা দেওয়া হয়।

কর্ণসেন--অঙ্গরাজ কর্ণ দানে ও আতিথেয়তায় অদ্বিতীয় ছিলেন। তিনি স্বহস্তে স্বীয় পুত্রকে ছেদন করিয়া ও তাহার মাংসে তৃপ্ত করিয়া অতিথির প্রার্থনা পূরণ করিয়াছিলেন। তাঃ হইতে প্রবাদে "দাতা যেন কর্ণসেন।"

কার্ত্তিক—পার্ব্বতীপুত্র তারকসূদন কার্ত্তিকেয় নিতান্ত সুকুমার ও সুরূপ বলিয়া, প্রবাদে--"ছেলে যেন কার্ত্তিকটি," "কার্ত্তিকের মত রূপ।" বিদ্রূপে--"নব কার্ত্তিক।" কার্ত্তিক ময়ূর-বাহন বলিয়া কুরূপের প্রতি বিদ্রূপে--"ময়ূর-ছাড়া কার্ত্তিক।" তুল--"ডানা-কাটা পরী।"

কালনেমী [গ্রা--কালনিমে] রাবণের মাতুল। লক্ষ্মণকে বাঁচাইবার জন্য হনুমান গন্ধমাদন পর্ব্বতে ঔষধ আনিতে গেলে তিনি রাবণ কর্তৃক পথে হনুমান বধার্থ প্রেরিত হন। হনুমানকে মারিলে লঙ্কার অর্দ্ধ রাজ্য তাঁহাকে ছাড়িয়া দিবেন বলিয়া রাবণ তাঁহার নিকট প্রতিশ্রুত হন। কিন্তু কালনেমী তাহার পূর্ব্বেই লঙ্কা ভাগ করিতে আগ্রহান্বিত হন। অতঃপর হনুমানের হস্তে নিহত কালনেমীর দেহপিণ্ড লঙ্কার রাজসভায় হনুমান কর্তৃক নিক্ষিপ্ত হয়। তাহা হইতে কার্য্যের পূর্ব্বেই তাহার ফলাকাঙ্ক্ষা হাস্যাস্পদ। প্রবাদে--'কালনেমীর লঙ্কা ভাগ।"

কালিদাস—মহাকবি কালিদাস বাগ্দেবীর বরে কবিত্বশক্তি লাভ করিবার পূর্ব্বে এমন মূর্খ ছিলেন যে, কথিত আছে, তিনি একদা কাঠ আহরণ মানসে বৃক্ষে আরোহণ করত একটী শাখায় বসিয়া তাহারই মূলদেশ কর্ত্তন করিতে থাকেন। তাহা হইতে প্রবাদে—"কালিদাস আর কি—যে ডালে বাস সেই ডাল কাটে।"

কুবের [দ্রঃ] ধনাধিপতি যক্ষরাজ কুবের ধন ঐশ্বর্য্যপ্রাচুর্য্যে সর্ব্বশ্রেষ্ঠ বলিয়া প্রবাদে—"কুবেরের ঐশ্বর্য্য," "কুবেরের ভাণ্ডার," "ধনে কুবের তুল্য" ইত্যাদি।

কুম্ভকর্ণ—লঙ্কাপতি রাবণের মধ্যমভ্রাতা। দেহের স্থূলতায়, অতি ভোজনে অদ্বিতীয়, কিন্তু নিদ্রার জন্যই প্রসিদ্ধ। ব্রহ্মার বরে তাঁহার ছয় মাস নিদ্রা ও একদিন মাত্র জাগরণের কথা কিন্তু রামরাবণের যুদ্ধকালে তিনি নয়মাস সুপ্ত ছিলেন, মতান্তরে ছয় মাস নিদ্রাকালের নয়দিন মাত্র অতিবাহিত হইলে তাঁহার নিদ্রা ভঙ্গ করা হয়। "দেখিতে দেখিতে রক্ষ হইল নিদ্রিত। নাক ডাকে শাঁখ যেন, লঙ্কা চমকিত॥ বিরিঞ্চির বর-বলে নিদ্রা তার হয়। কখন সে নিদ্রা তার ভাঙ্গিবার নয়॥" "পরে রাক্ষসেরা শাপ-অভিভূত কুম্ভকর্ণ রাক্ষসের, নিদ্রা ভাঙ্গিবারে অক্ষম হইল যখন করিয়া ঢের," "কেহ কেহ তাঁর মহাকর্ণ দুটা দশনে দংশিল বলে, কেহ কেহ তাঁর কাণের ভিতরে জল ঢালে তুলে তুলে," "ভীষণ মুদ্গার লইয়া আঘাত করিতে লাগিল বলে," "অনেকে শতঘ্নী প্রহার করিল, যত বল আছে গায়, কিন্তু কুম্ভকর্ণ বীরেন্দ্রকেশরী নাহি জাগিলেন তায়," "সহস্র মাতঙ্গ পরে দেহোপরি তার, আরম্ভিল বিচরিতে যত বল যা'র। সেই সব মাতঙ্গের সঞ্চারে তখন স্পর্শসুখ কুম্ভকর্ণ করিয়া গ্রহণ। জাগরিত হইলেন মেলিয়া নয়ন।"—রামা, রাজ। ইহা হইতে প্রবাদে—'কুম্ভকর্ণের নিদ্রা'। প্র—"এত দিন পরে চীন-কুম্ভকর্ণের নিদ্রাভঙ্গ হইয়াছে"—মানসী ও মর্ম্মবাণী, ১৩২৩ পৌষ।

খাঞ্জাখান—প্রকৃত নাম "নবাব খানজাহান্ খাঁ"। সিরাজুদ্দৌলা দ্রঃ।

গদাইলস্কর--গদাধর লস্কর নামক জনৈক বিপুলকায় ধনার মন্থরগতি ও কাজকর্ম্মে ক্ষিপ্র-কারিতার অভাব হইতে প্রবাদে—"গদাই লস্করী চাল।"

গদাধর—তারকনাথ গঙ্গোপাধ্যায়ের স্বর্ণলতা উপন্যাস অবলম্বনে রচিত গিরিশচন্দ্র ঘোষের সরলা নাটকের পুরুষচরিত্র-বিশেষ। নাটকের নায়িকা সরলার শ্বশুর শশিভূষণের শ্যালক—নিরেট মূর্খ, ভগিনীপতির অন্নে পালিত এবং ভগ্নীর অতিরিক্ত আদরে স্ফীত। সে জানিত তাহার দিদিকে বলিয়া দিলেই দিদি তাহার বিহিত করিবে। নির্ব্বোধ গদাধর কিন্তু দুষ্টামিতে পটু, তাহার মুখ দিয়া কথা স্পষ্ট উচ্চারিত হয় না। সে "গডাচড়" বলে গদাধর বলিতে পারে না। তাহার আকারে, কথায়, ভোজনে, চলনে, হাস্যে, অঙ্গভঙ্গি এবং ভীরুতায় কিম্ভূতকিমাকার ও হাস্যাস্পদ হইয়া পড়ে। পুলিশের লোকের সম্মুখ দিয়া ছদ্মবেশে যাইবার কালে তাহার চলনে পুলিশের সন্দেহ হইলে তাহার মা বলিয়া ফেলেন এটি আমার বড় মেয়ে "গদাধর চন্দর"। পুলিশ তাহাকে দাঁড়াইতে বলিলে ঘোমটার ভিতর হইতে গদাধর বলিয়া উঠে "ডিডি চল্লে" পুলিশের লোক অমনি তাহার ঘোমটা তুলিয়া ধরিলে সে দন্ত ও জিহ্বা বাহির করিয়া হাসিতে থাকে। ধৃত হইবার ভয় অর্থে ব্যঙ্গ বা রঙ্গচ্ছলে উক্ত হয় "ডিডি চল্লে।"

গৌরীসেন (খ্যান্) বি, কোম্পানীর আমলে বহরমপুর নিবাসী স্বনাম-প্রসিদ্ধ বদান্য সহৃদয় ব্যক্তি। কলিকাতা আহীরীটোলায় ইঁহার ভদ্রাসন এখনও বিদ্যমান আছে। দেনার দায়ে যাহারা জেলে যাইত এবং অর্থাভাবে যাহাদের উদ্ধারের আর উপায় থাকিত না তাহাদিগকে গৌরীসেন নিজের টাকায় ঋণমুক্ত করিয়া দিতেন। দাতাকর্ণের ন্যায় তাঁহারও নাম প্রবাদ বাক্যে পরিণত হইয়াছে। ২। [লক্ষণায়] নগদ টাকা দিয়া ঋণের দায় হইতে উদ্ধার কর্ত্তা; অন্যের ব্যয় বহনকারী; দাতা কর্ণসেন। প্র—"এই মামলায় অনেক টাকার শ্রাদ্ধ হইবে, তাহা না হইলে গৌরীসেনের টাকার সদ্ব্যবহার হইবে কিরূপে?"—হিতবাদী। প্রবাদে—"লাগে টাকা দিবে গৌরীসেন"। অর্থাৎ টাকার প্রয়োজন হইলে গৌরীসেন রূপে যিনি সকল ব্যয় বহন করিতেছেন তিনিই দিবেন, কোন ব্যক্তির ত আর নিজের ঘর হইতে দিতে হইবে না—এই অর্থে ব্যঙ্গোক্তি।

ঘটিরাম ডেপুটি—দীনবন্ধু মিত্রের "সধবার একাদশী" নামক প্রহসনের চরিত্র 'কেনারাম ঘোষ' মফঃস্বলের ডেপুটি ম্যাজিষ্ট্রেট, একদিন তাঁহার আদালতে "ঘটিরাম" ফরিয়াদির ডাক পড়িলে কেহ উত্তর না দেওয়ায় তিনি মোকদ্দমা খারিজ করেন, পরে "মুচিরাম" তাঁহার সম্মুখে উপস্থিত হয়। তাঁহার ইয়ার জনৈক বেলেল্লা জমীদার ইহার কারণ জিজ্ঞাসা করিলে তিনি বলেন--"আমরা বাঙ্গালা খবরের কাগজ জলের মত পড়তে পারি, কিন্তু ভাই মফোস্বলে গিয়ে দেখলেম হাতের লেখা সেরূপ নয়, বেটারা "মু" লেখে "ঘ"য়ের মত "চ" লেখে "ট"য়ের মত, তাইতে ভুল হলো।" "পেস্কার বল্যে ধর্ম্ম অবতার ঘটিরাম নাম নয়, মুচিরামই ওর নাম—আমি মুখ ভারি করে বল্যেম, তোম্ চুপ রও, আর বল্যেম, মুচিরাম কখন নাম হ'তে পারে না, মুচিরাম যদি নাম হয়, তবে কেন বামনরাম নাম হক্ না? কায়েতরাম নাম হক্ না? তার মোকদ্দমাটি গ্রহণ কল্যেম।" সেই অবধি তাঁহার নাম হইল "ঘটিরাম ডেপুটি।" আর একবার একজন মোক্তার মকদ্দমায় হারিয়া বলেন "কেব্লা হাকিম যা খুসি তাই কর্ত্তে পারেন।" ইহাতে তিনি আদালতের অপমানের অপরাধে মোক্তারের জরিমানা করেন। পেস্কার শেষে তাঁহাকে বুঝাইয়া দেন যে "কেব্লা" মানে 'মহাশয়'। সে দিন হইতে তাঁহার আর এক নাম হয় "কেব্লা হাকিম।"

কথিত আছে গ্রন্থকার কলিকাতাবাসী কোন ডেপুটি ম্যাজিষ্ট্রেটকে লক্ষ্য করিয়া এই চরিত্র অঙ্কিত করেন। মূর্খ বা স্থূলবুদ্ধি হাকিমের উপমাস্থল।

জগদম্বা—দীনবন্ধুমিত্রের নবীনতপস্বিনী নাটকের স্ত্রীচরিত্রবিশেষ। রাজা রমণীমোহনের মন্ত্রী জলধরের যোগ্যা পত্নী। জলধর নিজেই বলিয়াছিলেন "আমার যেমনরূপ আমার জগদম্বারও ততোধিক'; "যেমন দেবা তেমনি দেবী, যেমন জগন্নাথ তেমনি সুভদ্রা, যেমনি জলধর তেমনি জগদম্বা।"—কোকিলগঞ্জিনী-স্বরে না বর্ণে? বয়সে গাছ পাথর নাই, * * চোয়াল দুখানি এমন উঁচু, নয়নযুগল নয়ন-গোচর হয় না : যদি চিৎ হয়ে কাঁদেন, বাছার চক্ষের জল চক্ষে থাকে, গড়াতে পায় না, এমনি খোল ; আহা! যখন হাঁসেন, যেন মূলোর দোকান খুলে বসেন : নাক দেখলে সূর্পণখা লজ্জা পায়, আর কাজে কাজেই গজেন্দ্র-গামিনী কারণ দুই পায়েতেই গোদ আছে ; কথা কন আর অমৃত বর্ষণ হতে থাকে, অর্থাৎ যে কাছে থাকে তার সকল গায় থুতু লাগে।" "অমন কোটর চক্ষু, অমন মণিপুরী নাক, অমন হাব্‌সিয় অধর, অমন মুলদন্ত, জগদম্বা মলে আর নয়নগোচর হবে না।" জগদম্বার এই রূপ, তাহাতে আবার ঘোর কোন্দলপ্রিয়া, কটু-ভাষিণী ও কোপনা. ক্রোধে রসনা ও সম্মার্জ্জনী ব্যবহারে তৎপরা সুতরাং কলহপ্রিয়া ও কুরূপার আদর্শস্থানীয়া।

জগমণি—গিরিশচন্দ্র ঘোষের প্রফুল্ল নাটকের স্ত্রীচরিত্রবিশেষ। দুশ্চরিত্র কাঙ্গালীচরণের পত্নী "মেয়েমর্দ্দানী" আখ্যা পাইবার সর্ব্বতো-ভাবে যোগ্যা। প্রকৃতিতে অতিদুষ্টা, রূপে জগদম্বারই ন্যায় কুৎসিতা এবং মুখরা, দুষ্টবুদ্ধি স্বামীর কুকার্য্যের অদ্বিতীয় সহায়স্বরূপা। এই জগমণিকে চাপরাশী বেশেও দেখা যায়। স্বামী ও স্বামীর কুসঙ্গীদিগকে "ষ্টুপিড" বলিয়া ভর্ৎসনা করিতেও শুনা যায়। অর্থের জন্য যোগেশের সর্ব্বনাশ উদ্দেশ্যে যোগেশের সহোদর রমেশকে অধঃপাতে লইয়া যাইতে, যোগেশের শিশুপুত্র যাদবকে অনাহারে মারিবার জন্য রমেশকে উৎসাহিত করিতে এবং জ্ঞানদার বাড়ী হইতে দলিল চুরি করিবার জন্য মদন ঘোষকে নিযুক্ত করিতে এবং যাবতীয় নীচ ও ভীষণ কার্য্যে লিপ্ত দেখা যায়। রমেশ জগমণিকে "বিদ্যাধরী" বলিয়া ডাকিতেন।

জনক [দ্রঃ] মিথিলার অধিপতি এবং সীতার পালক পিতা। ইঁহার প্রকৃত নাম "সীরধ্বজ" জনক তাঁহার কুলোপাধি। ইনি রাজা হইয়াও মহাযোগী ও নিষ্কামধর্ম্মী ছিলেন। এজন্য তিনি রাজর্ষি নামেই প্রসিদ্ধ। সংসারে থাকিয়া যিনি স্পৃহাহীন অথবা ঐশ্বর্য্যশালী হইয়াও যিনি বিলাসশূন্য ও নির্লিপ্ত তাঁহাকে রাজর্ষি জনকের সহিত তুলনা করা হয়।

জলধর—জগদম্বা দ্রঃ। নবীন তপস্বিনী নাটকে বর্ণিত চরিত্র। The Merry Wives of Windsorএর "ফলস্টাফ্‌" চরিত্রের সদৃশ। রূপে জলধর পত্নী জগদম্বারই সমতুলা। রাজা রমণীমোহনের চরিত্রহীন স্থূলবুদ্ধি মন্ত্রী। ইহার লাম্পট্যের ফলে কুলকন্যাগণ বিব্রত। এই লম্পট একদা রতিকান্ত সওদাগরের সাধ্বী পত্নী মালতীর নিকট গোপনে প্রণয় প্রস্তাব করে এবং তাঁহাকে হস্তগত করিবার জন্য বিবিধ উপায় অবলম্বন করে কিন্তু মালতীর কৌশলে বিবিধ প্রকারে বিড়ম্বিত ও লাঞ্ছিত হয়। তাহার বিশ্বাস ছিল রসিকতায় রমণী বশ হয়। তাই একদা পথে মালতীকে দেখিয়া বলে "মালতী মালতী মালতী ফুল, মজালে মজালে মজালে কুল"। মালতীও তাহার রসিকতার উত্তরে "আমরি আমরি যমেরি ভুল" বলিয়া জলধরের মরণ কামনা করেন। পরে মালতীর কৌশলে জলধর স্বীয় পত্নীর হস্তে যৎপরোনাস্তি তিরস্কৃত এবং সম্মার্জ্জনী দ্বারা প্রহৃত হন। অবশেষে কৌশলে মালতীর স্বামীকে দেশান্তরিত করিবার অভিপ্রায়ে রাজা একবার পীড়িত হইলে, জলধর ঔষধার্থে রতিকান্তকে আরব দেশ হইতে "হোঁদোল কুঁৎকুতের" বাচ্চার তৈল আনিবার জন্য আদেশপত্র অন্যমনস্ক রাজার স্বাক্ষরিত করিয়া লয়েন। রতিকান্তের নিকট এই পত্র পৌঁছিলে মালতী একটী প্রকাণ্ড লৌহ পিঞ্জর নির্ম্মাণ করাইয়া বিদেশ যাত্রাকালে স্বামীকে অন্তরালে রাখিয়া জলধরকে আপনার নিকট আহ্বান করেন। মালতীর আহ্বানে আত্ম-বিস্মৃত জলধর মালতীর গৃহে প্রবেশ করিবামাত্র রতিকান্ত দ্বারে আঘাত করে। প্রাণভয়ে অভিভূত জলধর তখন কলের পুতুলের মত। মালতীর ভগ্নী মল্লিকা তাহাকে আল্‌কাতরার পাত্রে লুকাইতে দিয়া পরে তুলা শণ প্রভৃতি সর্ব্বাঙ্গে লাগাইয়া একটি মুখস পরাইয়া দিয়া খিড়কির দ্বার দিয়া পলাইয়া যাইতে দেন, কিন্তু জলধর পলাইতে গিয়া পূর্ব্ব হইতে রক্ষিত সেই পিঞ্জরের মধ্যে পড়িয়া আবদ্ধ হন। তখন সেই আল্‌কাৎরা মাখান ও তুলা লাগান পিঞ্জরবদ্ধ জলধর হোঁদোল কুৎকুতের বাচ্চা পরিচয়ে রাজসমীপে নীত হইয়া বিশেষভাবে অপমানিত এবং রাজানুগ্রহে মুক্ত হন। কিম্ভূতকিমাকার ও ঘোর কৃষ্ণবর্ণ জীব অর্থে "হোঁদোল কুৎকুতের বাচ্চা" প্রবাদে পরিণত হইয়া গিয়াছে।

তাড়কা [দ্রঃ] অতি দীর্ঘ বিকটাকার রাক্ষসী মুনিগণকে ধরিয়া ভক্ষণ করিবার জন্য হস্ত-প্রসারণ ও মুখ ব্যাদান করিয়া তাড়া করিত বলিয়া নাম। লক্ষণায়, বিদ্রূপে—"যেন তাড়কা রাক্ষসী।" "মাগী যেন তাড়কা।"

দুর্ব্বাসা [দ্রঃ] অত্রিমুনির পুত্র কোপন-স্বভাব মহর্ষি, সামান্য কারণে ক্রুদ্ধ হইয়া শাপ প্রদান করিতেন এই প্রবাদ হইতে তুলনায় "যেন দুর্ব্বাসা মুনি", "দুর্ব্বাসার ক্রোধ বা কোপ"।

দ্রৌপদী [দ্রঃ] পঞ্চস্বামীর পত্নী বলিয়া নারী-ভাষায় নাতিনী বা অন্য ঠাট্টার সম্পর্কীয় কুল-নারীর প্রতি তামাসাচ্ছলে উক্ত হয় (মেয়েলি কথায় "দেরূপোদি"), ব্যঙ্গ বা বিদ্রূপে অসতী অর্থে ব্যবহার। তুল—"তবে যদি অবতীর্ণ ভবে পার্থরূপে, পীতাম্বর, কোথা পদ্মালয়া ইন্দিরা? দ্রৌপদী বুঝি? আঃ মরি কি সতী! শাশুড়ীর যোগ্যবধূ" --বীরাঙ্গনা কাব্য। ২। পাণ্ডবদিগের কাম্যক বনে বাস কালে দশসহস্র তাপস শিষ্য লইয়া দুর্ব্বাসা ঋষি তথায় ভোজনার্থ আগমন করেন। দ্রৌপদী একাকী রন্ধন করিয়া তাঁহাদের ভোজন করান। সূর্য্যের বরে তিনি যাহা রন্ধন করিতেন তাহা তাঁহার যত ইচ্ছা, পরিবেশণ করিতে পারিতেন,--"কৃষ্ণা বলে, মহারাজ করি নিবেদন।" "সূর্য্যের বচন আর তোমার প্রসাদে। দশ লক্ষ হলে ভুঞ্জাইব অপ্রমাদে॥ চিন্তা না করহ কিছু ইহার কারণ। এই দেখ মহারাজ করিতে রন্ধন॥" "একবার এক দ্রব্য করয়ে রন্ধন॥" "আপনার ইচ্ছাবশে যত করে ব্যয়। সূর্য্য অনুগ্রহে পুন পরিপূর্ণ হয়॥" "ভোজন করিল দশ সহস্র তপস্বী॥" "দুর্ব্বাসা বলেন, রাজা তুমি ভাগ্যবান্‌।" "দ্রুপদ নন্দিনী হয় লক্ষ্মীর সমান॥" রন্ধন নৈপুণ্য এবং একাকী রন্ধন করিয়া বহু লোককে ভোজন করাইবার ক্ষমতার প্রশংসাচ্ছলে, প্রবাদে—"রন্ধনে দ্রৌপদী", "দ্রৌপদীর মত রাঁধুনি"। 'দশ পুতুল' ব্রতে মেয়েদের একটী প্রার্থনা "দ্রৌপদীর মত রাঁধুনী হই।"

নদের চাঁদ—নদীয়ার চন্দ্র। চন্দ্র অর্থে আহ্লাদ-জনক বা আনন্দ দায়ক। সুতরাং নদীয়ার আনন্দস্বরূপ গৌরচন্দ্র বা গৌরাঙ্গদেব। শিশু পুত্রের প্রতি আদরার্থে উক্ত হয়। ২। দীনবন্ধু মিত্রের লীলাবতী নাটকের পুরুষচরিত্র-বিশেষ। কোন জীবিত ব্যক্তির প্রকৃত চরিত্রের আদর্শে ইহার সৃষ্টি বলিয়া উক্ত হয়। নদের চাঁদ শ্রীরামপুরের ভোলানাথ চৌধুরীর ভাগিনেয়। ইহার মাসতুতো ভাই হেমচাঁদ ইহার সংসর্গ-দোষে ইহারই অনুরূপ প্রকৃতি প্রাপ্ত হয়। নদেরচাঁদ শ্রেষ্ঠ কুলীন ব্রাহ্মণের সন্তান কিন্তু যেমন দুর্বৃত্ত তেমনি অশিক্ষিত ও অশিষ্ট, যেমন লম্পট তেমনি নেশাখোর এবং ভদ্র নরনারীর সম্মান রাখিয়া কথা কহিতে অনভ্যস্ত। গুলির আড্ডা ইহাদের নিকট "মুক্তিমণ্ডপ" বলিয়া

অভিহিত। নদেরচাঁদ উচ্চ কুলীন বংশোদ্ভূত বলিয়া হরবিলাস শিক্ষিতা সুশীলা কন্যা লীলাবতীকে তাহার হস্তে সম্প্রদান করিতে মনস্থ করিলে হেমচাঁদের সঙ্গে নদেরচাঁদ পাত্রী দেখিতে যায় এবং হরবিলাসের বাড়ী লীলাবতীর লেখা পড়ার পরীক্ষা গ্রহণকালে এবং আপনার বিদ্যা প্রকাশ করিবার ছলে সভাস্থলে এরূপ বর্ব্বরতা ও কুরুচির পরিচয় দেয় যে, লীলাবতী লজ্জায় সে স্থান পরিত্যাগ করিতে বাধ্য হন। শেষে সুশিক্ষিত ও শিষ্ট এবং স্বীয় প্রণয়পাত্র ললিতমোহনের সহিত লীলাবতীর বিবাহ হয়। নদেরচাঁদ বয়াটে বা বেলেল্লা গুলিখোর বা নেশাখোর যুবকের আদর্শ।

নন্দ ঘোষ—শৈশবে শ্রীকৃষ্ণ অতিশয় দুরন্তপনা করিতেন বলিয়া প্রতিবেশী ও প্রতিবেশিনীরা সর্ব্বদাই তাঁহার পালক পিতা নন্দ ঘোষের নিকট অনুযোগ করিত এবং ক্রমে কোন দোষের কাজ হইলেই লোকে না জানিয়া বা অনুসন্ধান না করিয়াই বলিত এ কাজ নন্দ ঘোষের বেটা করিয়া থাকিবে। তাহা হইতে প্রবাদ "যত দোষ নন্দ ঘোষ"। অর্থ সম্প্রসারণে—যে কোন দোষের কাজ হইলেই কোন নিরপরাধ ব্যক্তির স্কন্ধে আরোপ করণার্থে প্রযুক্ত।

নন্দরাণী—যশোদা গোপরাজ নন্দের পত্নী বলিয়া নন্দরাণী। নন্দ রাজার আদরে আদরিণী এবং নীলমণি(কৃষ্ণ)র জননী বলিয়া অতুল গৌরবের অধিকারিণী। তাহা হইতে শিশুকন্যার আদরার্থক প্রয়োগে—"কইরে আমার নন্দরাণী"।

নলদময়ন্তী [নল ও দময়ন্তী দ্রঃ] ইহাদের প্রণয় দাম্পত্য প্রেমের আদর্শ বলিয়া সীতা সাবিত্রী প্রভৃতি দময়ন্তীর সহিত উপমিত হইয়াছেন। পত্নীপ্রেমিকও নিষধরাজ নলের সহিত উপমিত হন।

নারদ [দ্রঃ] পৌরাণিক ত্রিকালজ্ঞ দেবর্ষি, ইনি মেঘে চড়িয়া ত্রিভুবন ভ্রমণ করিতেন এবং বীণা যন্ত্রে গান করিয়া ভুবন মোহিত করিতেন। সংবাদ ও পরামর্শ দান, যুদ্ধ বিগ্রহ বিবাহাদি সংঘটনে তাঁহার কৃতিত্ব অসাধারণ। কোন্দলের দেবতা বলিয়া তাঁহার প্রসিদ্ধি ও ঢেঁকী তাঁহার বাহন বলিয়া প্রবাদ আছে। তাহা হইতে—কোন্দল বাধাইতে হইলে তাঁহার নামমন্ত্র জপ বা নাম স্মরণ করিতে হয় যথা "নারদ নারদ"। কোন্দলের প্রবর্ত্তক বা পরামর্শদাতাকে বিদ্রূপার্থে "নারদ ঠাকুর", "ঢেঁকীবাহন দেবতা", "নারদের ঢেঁকী", "নারদমুনি" প্রভৃতি বলা হয়।

নিমে দত্ত—দীনবন্ধু মিত্রের সধবার একাদশী প্রহসনে পুরুষচরিত্রবিশেষ। ইংরেজী ভাষায় সুশিক্ষিত কিন্তু কুচরিত্র মাতাল ও বেলেল্লাপনায় অগ্রগণ্য। ইনি বলিয়াছিলেন "I read English, write English, talk English, speechify in English, think in English, dream in English"—প্রকৃত চরিত্র অবলম্বনে রচিত বলিয়া উক্ত হয়। শিক্ষিত মাতাল ও বয়াটের আদর্শ।

নীলমণি (স্ন, মো) শ্রীকৃষ্ণ, অঙ্গচ্ছটা নীলাভ বলিয়া নীল এবং পুরুষ শ্রেষ্ঠ (বিষ্ণুর অবতার) বলিয়া মণি (রত্ন)। নন্দরাজ, যশোদা, গোপবালক, ব্রজাঙ্গনা এবং আবালবৃদ্ধ বনিতার আদরের ধন ছিলেন বলিয়া প্রবাদে—"সবে ধন নীলমণি"। শিশুপুত্রের আদরে "কইরে আমার নীলমণি"।

পদ্মলোচন—দীনবন্ধু মিত্রের রচিত প্রহসন জামাই বারিকের পুরুষচরিত্রবিশেষ। ইঁহার দুই স্ত্রী, বগী বিন্দী (বগলা ও বিন্দুবাসিনী)। স্বামীর দক্ষিণার্দ্ধ বগলার ও বামার্দ্ধ বিন্দুবাসিনীর নির্দ্দিষ্ট ছিল। বগী বিন্দির এই ভাগাভাগিতে পড়িয়া পদ্মলোচনের প্রাণান্ত পরিচ্ছেদ হইত। শেষে দুই সতীনের নিত্য কলহে ও দুর্ব্যবহারে বিরক্ত হইয়া পদ্মলোচন সংসার ধর্ম্ম ত্যাগ করিয়া বৃন্দাবনের ব্রজবাসী হন। কিছুকাল পরে পত্নীদ্বয়কে অনুতপ্তা দেখিয়া পুনরায় গৃহে ফিরিয়া যান। দুই সতীনের কলহে বিপর্য্যস্ত স্বামীকে জামাই বারিকের পদ্মলোচনের সহিত তুলনা করা হয়।

পূতনা [দ্রঃ] এই মায়াবিনী দানবী কংস রাজা কর্তৃক শিশু কৃষ্ণকে বধ করিবার জন্য গোকুলে প্রেরিত হইয়াছিল। পূতনা নন্দরাণীকে মায়ায় মুগ্ধ করিয়া ও শিশু কৃষ্ণকে ছল স্নেহ দেখাইয়া তাহার বিষাক্ত স্তন শিশুর মুখে অর্পণ করিয়া স্তন্য দান করিতে থাকে। কিন্তু অন্তর্যামী শ্রীকৃষ্ণ তাহা জানিয়া স্তন্যপান করিতে করিতে তাহার জীবনী শক্তি পর্য্যন্ত শোষণ করিয়া পূতনাকে বধ করেন। মৃত্যুকালে পূতনা স্বীয় দানবীরূপ ধারণ করত বিকট আর্ত্তনাদ করিয়া প্রাণ হারায়। ইহা হইতে শিশুরোগের নাম পূতনা। শিশুকে কপট স্নেহকারিণীর প্রতি বিদ্রূপোক্তি। প্রবাদে—"পূতনা বধ করে ফেলা"।

প্যারী—রাধাপ্যারী ; শ্রীরাধিকা। বৃষভানুরাজনন্দিনী এবং কৃষ্ণসোহাগিনী সুতরাং তাঁহার কার্য্যকলাপ পরের সমালোচনার বহির্ভূত। তাঁহার ত্রুটি ত্রুটিই নয়, তাঁহাকে কাহার কিছু বলিবার অধিকার নাই। তাঁহার কথাই স্বতন্ত্র। তাহা হইতে প্রবাদে—"রাজার নন্দিনী প্যারী যা বলে (বা যা করে) তা শোভা পায়"।

প্রহ্লাদ—দৈত্যপতি হিরণ্যকশিপুর পুত্র। দৈত্যকুল চিরদিনই দেবদ্বেষী বিশেষতঃ হিরণ্যকশিপু ঘোর বিষ্ণুদ্বেষী ছিলেন। তাঁহার ঔরসে এবং অসুরকুলে জন্মিলেও প্রহ্লাদ আশৈশব পরম বিষ্ণুভক্ত হইয়াছিলেন। তাহা হইতে দৈত্যকুলে প্রহ্লাদের জন্ম প্রবাদে পরিণত। জাতি বা কুলের সংস্কারবিরুদ্ধপ্রকৃতিবিশিষ্ট সন্তান বা হীন এবং অসাধু বংশে সুসন্তান জন্মিলে, তাহাকে লোকে "দৈত্যকুলে প্রহ্লাদ" বলিয়া থাকে।

বক্কেশ্বর—দীনবন্ধু মিত্রের কমলে কামিনী নাটকের পুরুষচরিত্রবিশেষ। মণিপুর রাজকুমার মকরকেতনের বয়স্য। অন্তরে ভীরুতা কিন্তু মুখে বীরত্ব প্রকাশে দ্বিতীয় Captain Bobadil, প্রবাদে বীর বক্কেশ্বর।

বিদুর [দ্রঃ] ধর্ম্মপ্রাণ, বিনয়ী বিদুরের ভক্তিভাবে প্রদত্ত তণ্ডুলকণায় ভগবান শ্রীকৃষ্ণ পরিতৃপ্ত হইয়াছিলেন বলিয়া প্রবাদে "বিদুরের খুদ" (দ্রঃ)।

বিদ্যাদিগ্‌গজ—গজপতি বিদ্যাদিগ্‌গজ। বঙ্কিমবাবুর দুর্গেশনন্দিনী উপন্যাসের কৌতুকপ্রদ ব্রাহ্মণ। ইনি ঘোর কৃষ্ণবর্ণ দীর্ঘাকৃতি। বুদ্ধির স্থূলতা ও বিদ্যার অভাবে ইনি কথায় ও কার্য্যে পদে পদে হাস্যাস্পদ হইয়াছেন। প্রথম বয়সে চতুষ্পাঠীতে ব্যাকরণ পড়িতে আরম্ভ করেন। কিন্তু একদিন রাম শব্দের উত্তর অম্ প্রত্যয়ে রামকাণ্ড হয় বলায় অধ্যাপক তাঁহার মেধার পরিচয় পাইয়া অধ্যাপনায় বিরক্ত হন এবং এই বলিয়া বিদায় দেন—"তোমার এখানকার পাঠ সাঙ্গ হইয়াছে ; আমার আর বিদ্যা নাই যে তোমাকে দান করিব"। গজপতি গুরুর নিকট উপাধি প্রার্থনা করিলে অধ্যাপক তাঁহাকে "বিদ্যাদিগ্‌গজ" উপাধি দেন। তখন হইতে তিনি গজপতি বিদ্যাদিগ্‌গজ নামে পরিচিত হন। উপাধি পাইয়া গজপতি গৃহে প্রত্যাবর্ত্তন করেন। তখন তাঁহার স্মৃতিশিক্ষা লাভে অভিলাষ জন্মে। তিনি সুতরাং বিদ্যাদিগ্‌গজ হইয়াও অভিরাম স্বামীর ছাত্রত্ব স্বীকার করেন এবং গড়মান্দারণ দুর্গে বাস করিতে থাকেন। কিন্তু এখানে স্মৃতি শিক্ষার পরিবর্ত্তে অভিরাম স্বামীর সুন্দরী চতুরা কন্যা বিমলার সহিত সময় অসময় রসিকতা করার ফলে তাঁহার "রসিকরাজ রসোপাধ্যায়" উপাধি লাভ হয়। বিমলাকে দেখিয়া গজপতি বলেন—"দাই যেন ভাণ্ডস্থ ঘৃত ; মদন আগুন যত শীতল হইতেছে। দেহ খানি ততই জমাট বাঁধিতেছে।" তখন হইতে বিমলা তাঁহাকে এই উপাধি দান করেন। ইনি বিমলার সহিত রসিকতায়, আসমানির সহিত প্রণয়ালাপ ও তাহার উচ্ছিষ্ট ভোজন ব্যাপারে, বনপথে বিমলা ভূতের ভয় দেখাইলে উর্দ্ধশ্বাসে পলায়নকালে জগৎসিংহের

নিকট যবন বলিয়া পরিচয় দিবার চেষ্টা ও পাণ্ডিত্য প্রকাশকালে যেরূপ পদে পদে উপহাসাস্পদ হইয়াছিলেন তাহাতে "বিদ্যাদিগ্‌-গজ" চরিত্র প্রবাদে পরিণত হইয়াছে ও ব্যঙ্গার্থে "হস্তিমূর্খ" স্থলে ব্যবহৃত হইয়া থাকে।

বিভীষণ (ন্) রাক্ষসরাজ রাবণের কনিষ্ঠ ভ্রাতা ভীষণাকার বিশাল মুখমণ্ডল হইতে প্রবাদে "মুখ বা মূর্ত্তি যেন বিভীষণ"। ইনি জ্যেষ্ঠ ভ্রাতার দুর্ব্যবহারে ক্রুদ্ধ হইয়া তাঁহার শত্রু রামচন্দ্রের আশ্রয় গ্রহণ করেন এবং ক্রমাগত গৃহসন্ধান বলিয়া দিয়া রাবণকে সবংশে বিনাশ করিতে রামচন্দ্রের সহায়তা করেন। তাহা হইতে গৃহশত্রু অর্থে বিভীষণ। প্রবাদে 'ঘর সন্ধানী বিভীষণ", "ঘর শত্রু বিভীষণ"। তুল—"ঘর সন্ধানে রাবণ নষ্ট"। "ঘর ভেদে রাবণ নষ্ট।"

বৃহস্পতি [দ্রঃ] দেবগুরু বৃহস্পতির বুদ্ধির বলেই দৈত্য দানবাদি চরাচরবাসীর মধ্যে শ্রেষ্ঠত্ব ও বিজয়লক্ষ্মী দেবতাদিগের আয়ত্ত। তুলনায় "বুদ্ধিতে বৃহস্পতি"।

ভবচন্দ্র—"ভবচন্দ্র রাজার গবচন্দ্র মন্ত্রী" এই প্রবাদের ভবচন্দ্র। ইনি ত্রিহুত বাঙ্গালা ও কামরূপের রাজা মাণিকচন্দ্রের পৌত্র এবং রাজা গোবিন্দচন্দ্রের পুত্র। ইঁহার প্রকৃত নাম উদয়চন্দ্র, ডাকনাম ভবচন্দ্র। অচতুর বলিয়া ভব স্থলে "হব" (হাবারাম অর্থে) এবং মন্ত্রীর নির্বুদ্ধিতার জন্য "গব" (গবারাম অর্থে) তাহা হইতে—"হবচন্দ্র রাজার গবচন্দ্র মন্ত্রী"।

ভীমসেন—দেহের পুষ্টি ও দৃঢ়তায় ভোজন পটুতায়, বাহুবলে, ক্রোধন স্বভাবে, প্রচণ্ডতায় ভীম আদর্শ বলিয়া প্রবাদে "যেন ভীমসেন"।

ভীষ্ম—গঙ্গানন্দন ভীষ্ম লোকবিস্ময়কর ভীষণ প্রতিজ্ঞা পালনের দৃঢ়তায় অদ্বিতীয় এবং আদর্শ ছিলেন বলিয়া প্রবাদে "ভীষ্মের প্রতিজ্ঞা"।

মন্থরা—ভরত জননী কৈকেয়ীর দাসী। কুব্জা, বিকৃতাকার বক্রদেহা ঈর্ষ্যাপরায়ণা, কূটবুদ্ধিতে পূর্ণা এবং কুমন্ত্রণাদানে নিপুণা, কিন্তু কৈকেয়ীর প্রকৃত হিতাকাঙ্ক্ষিণী। এই দুষ্টার মন্ত্রণা শুনিয়া কৈকেয়ী বলিয়াছিলেন "শম্বরাসুরের সহস্র মায়া তোমার ঐ হৃদয়ে নিবিষ্ট। পৃষ্ঠের উপর যে রথঘোণের স্থায় এই উন্নতাকার মাংসপিণ্ডটী আছে, উহা ঐ সমস্ত মায়া থাকিবার স্থান। উহার মধ্যে তোমার বুদ্ধি ও রাজনীতি বাস করিতেছে ("রামা, অযোধ্যা কাণ্ড)। তাহা হইতে বিদ্রূপে—"মন্থরা দাসী"। ২। বিরোচন দানবের কন্যা। ইনি পৃথিবী ধ্বংসের সংকল্প করিলে ইন্দ্র কর্ত্তৃক নিহত হন (রামায়ণ)।

ময়না, বুড়ময়না—অভিধানে ময়না, ময়না-মতী দ্রঃ।

মহাদেব—শিবের প্রকৃতি হইতে সদানন্দ, প্রশান্ত, তুষ্ট, নির্ব্বিরোধী ব্যক্তির উদ্দেশে বলা হয় "যেন মহাদেব।"

মান্ধাতা [দ্রঃ] সৃষ্টির আদি কালে বৈবস্বত-মনুর অধস্তন ১৯তম পুরুষ, ইক্ষ্বাকুবংশীয় অযোধ্যাপতি ও সপ্তদ্বীপের অধীশ্বর। রামায়ণে আছে রাজা মান্ধাতা ইন্দ্রের অর্দ্ধাসন ও অর্দ্ধরাজ্য ভোগ বাসনায় স্বর্গে যুদ্ধার্থ যাত্রা করেন সুতরাং সে সত্যযুগের কথা। তাহা হইতে প্রবাদে—প্রাচীনকাল বা বহুদিনের কথা এই অর্থে "মান্ধাতার আমল।"

মারীচ [দ্রঃ] সুমালী রাক্ষসের মন্ত্রী মায়াবী রাক্ষস রাবণের আদেশে মায়ামৃগরূপে রামকে ছলনা ও সীতা-হরণে রাবণের সহায়তা করিয়াছিল। আদেশ না শুনিলে রাবণের হাতে মৃত্যু, শুনিলে রামের হাতে মৃত্যু জানিয়া মারীচ মৃত্যুকে বরণ করিয়াছিল। তাহার মত উভয় সঙ্কট অবস্থা হইতে প্রবাদে—"যেন মারীচের মরণ," "মারীচের দশা।"

যশোদা (স্ত্র) নন্দগোপপত্নী এবং শ্রীকৃষ্ণের পালিকা মাতা। কৃষ্ণযাত্রায় যশোদাকে, ঘাগ্‌রা, ওড়না, আঙ্গিয়া প্রভৃতি পরিধানা ব্রজবাসিনী-দিগের অনুকরণে বস্ত্রবাহুল্যে, কপালে সিন্দুরের দীর্ঘ ফোঁটা দিয়া ও সীমন্তে প্রচুর সিন্দুর লেপনে জবড়জঙ্গ করিয়া সাজানর জন্য প্রবাদে—"যেন যশোদা ঠাকরুণ" হয়ে বসে আছেন।" ২। যশোদা পুত্র প্রসব না করিয়াও দেবকী গর্ভজ শ্রীকৃষ্ণকে স্বীয় পুত্র জ্ঞানে লালনপালন করিয়া "মা যশোদা" ও পুত্রবতী বলিয়া পরিচিতা ছিলেন। তাহা হইতে প্রবাদে—"যশোদা কি ভাগ্যবতী, পরের পুতে পুত্রবতী!" অন্যের সন্তানকে আপনার করিয়া লইলে বা পুত্রবৎ পালন করিলে কিম্বা পরের ধনে ধনবান্ বা ধনবতী হইলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

যুধিষ্ঠির (জু, ন্) ধর্ম্মের ঔরসজাত কুন্তিপুত্র, জ্যেষ্ঠ পাণ্ডব। "ধর্ম্মপুত্র" বলিয়া প্রসিদ্ধ। অদ্বিতীয় ধর্ম্মনিষ্ঠা বলিয়া প্রবাদে—"যেন ধর্ম্মপুত্র যুধিষ্ঠির" তাদৃশ সত্যবাদী, ন্যায়নিষ্ঠ ও ধার্ম্মিক হওয়া এযুগে সম্ভবপর নহে বলিয়া বিদ্রূপে—"কলির যুধিষ্ঠির আর কি।"

রাজা তেজচন্দ্র—বর্দ্ধমানের রাজা তেজচন্দ্রের আদর্শানুযায়ী চূড়ান্ত সৌখীন ও মুক্তহস্ত। ২। [তেজ (দর্প) চন্দ্র (শ্রেষ্ঠার্থে)] অতিশয় অহঙ্কৃত বা দর্পী।

রামচন্দ্র—অযোধ্যার রাজা দশরথ পুত্র, সীতাপতি, ত্রেতায় বিষ্ণুর অবতার। দুষ্টের দমন হেতু প্রবাদে—শমনদমন রাবণরাজা রাবণদমন রাম। শিষ্টের পালন ও প্রজা-রঞ্জন হেতু প্রবাদে—রামের মত রাজা, রাম রাজ্য, রাম রাজ্যে বাস ইত্যাদি। রামের স্থায় শৌর্য্য বীর্য্য ঐশ্বর্য্য ও প্রতাপশালী রাজার বংশ ও রাজ্য, কালে, লোপ পাওয়া হেতু প্রবাদে —সে রামও নাই সে অযোধ্যাও নাই। আদর্শ পতি বলিয়া মেয়েলি কথা ও ব্রতে—"রামের মত পতি লক্ষ্মণের মত দেবর" (লক্ষ্মণ দ্রঃ)।

রাবণ (ন্) নিকষা রাক্ষসীর গর্ভে বিশ্বশ্রবা মুনির ঔরসজাত পুত্র। স্বর্ণলঙ্কার অধিপতি। বাহুবলে প্রতাপে ঐশ্বর্য্যে ও দর্পে অদ্বিতীয়। তাহা হইতে প্রবাদে—"অতি দর্পে হতা লঙ্কা," "শমনদমন রাবণরাজা।" ক্রোধোন্মত্ত দশমুণ্ড রাবণের কুড়িহস্ত কুড়িচক্ষু ভীষণাকার ধারণ করিত বলিয়া প্রবাদে—"যেন রাবণমুখ" বা "রাবণমুখী" হয়ে তেড়ে যাওয়া। ২। রাবণ স্বর্গের সিঁড়ী করিব করিব করিয়া রামের হস্তে নিহত হওয়ায় সিঁড়ী করা আর হইল না। তাহা হইতে প্রবাদে—"রাবণের স্বর্গের সিঁড়ী করা।" যে আজ কাল করিয়া কোন কার্য্যে বিলম্ব করে সেই দীর্ঘসূত্রীকে রাবণের সহিত তুলনা করিয়া তৎপ্রতি এই প্রবাদ প্রযুক্ত হয়।

রুদ্র—যুগান্তে কালদণ্ডধারী বিশ্বদহনাগ্নী ভূতগণ-বেষ্টিত ভগবান ত্র্যম্বক। ইনি রোষানলে মদনকে ভস্ম করিয়াছিলেন, নেত্রজ্যোতিতে অন্ধকাসুর বিনাশ করিয়াছিলেন, ললাট-নেত্র হইতে সধূম অগ্নি উদ্গার করেন এবং কুপিত হইলে বিশ্ব-ভয়ঙ্কর মূর্ত্তি ধরেণ বলিয়া, প্রবাদে—"যেন রুদ্রমূর্ত্তি ধারণ করেছে।"

রোঘো ডাকাত—রঘুনাথ নামক বঙ্গের প্রসিদ্ধ ডাকাতবিশেষ। নির্ভীকতায় দুরন্তপনায় এবং লুণ্ঠন ব্যাপারে অদ্বিতীয় ছিল বলিয়া প্রবাদে—"যেন রোঘো ডাকাত।"

লক্ষ্মণ [দ্রঃ] আদর্শ ভ্রাতা ও আদর্শ দেবর ছিলেন বলিয়া প্রবাদে—"দেবর লক্ষ্মণ," "লক্ষ্মণ দেবর" (অর্থাৎ লক্ষ্মণের স্থায় আদর্শ-চরিত্র ভক্তিমান্ ও সর্ব্বতোভাবে অনুগত দেবর), "লক্ষ্মণের মত ভাই" মেয়েলী ব্রতে —"দেবর লক্ষ্মণ" লক্ষ্মণের মত দেওর হওয়া মেয়েদের প্রার্থনার বিষয়।

লক্ষ্মী [দ্রঃ] সর্ব্বসুলক্ষণাক্রান্তা সর্ব্বপ্রকার কল্যাণ ও সর্ব্বপ্রকার ঐশ্বর্য্যসম্পদের অধিষ্ঠাত্রী দেবী বলিয়া প্রবাদে—"লক্ষ্মীশ্রী," "লক্ষ্মীবন্ত (প্রয়োগে লক্ষ্মীমন্ত) পুরুষ"। গৃহবধূ অর্থে "মালক্ষ্মী" "ঘরের লক্ষ্মী"। সুবোধ শান্ত ছেলে মেয়ের প্রশংসা বা আদরার্থে "লক্ষ্মী মেয়ে" 'লক্ষ্মী ছেলে" "লক্ষ্মীটি" "লক্ষ্মীমণি"। ধন সম্পদ অর্থে লক্ষ্মী—"লক্ষ্মীলাভ", "হাতের লক্ষ্মী," "লক্ষ্মীর দৃষ্টি পড়া," "কমলার কৃপা হওয়া," "মা লক্ষ্মীর কৃপা," 'লক্ষ্মী সদয়।" ধনী অর্থে "লক্ষ্মীর বরপুত্র।" লক্ষ্মী সৌন্দর্য্যের অধিষ্ঠাত্রী দেবী বলিয়া প্রবাদে—

"রূপে লক্ষ্মী (গুণে সরস্বতী)।" দরিদ্র অর্থে —"লক্ষ্মী ছাড়া।" প্রাচুর্য্যের অধিষ্ঠাত্রী দেবী বলিয়া প্রবাদে—"লক্ষ্মীর ভাণ্ডার।"

শকুনি মামা [শকুনি দ্রঃ] দুর্য্যোধনের মাতুলের মত কুমন্ত্রী। প্র—যেমন দুর্য্যোধন রাজা, তেমনি তাঁর শকুনি মন্ত্রী জুটেছেন। কালনেমী দ্রঃ।

শঙ্কর চক্রবর্ত্তী—যশোহরের রাজা প্রতাপাদিত্যের সেনাপতি। প্রসিদ্ধ বীর ও অতিশয় সাহসী ছিলেন বলিয়া প্রবাদে—"শঙ্কর চক্রবর্ত্তীকে খেলে বাঘে, অন্য লোকে কোথা লাগে।"

শল্য—নকুল সহদেবের মাতুল শল্য যিনি কর্ণের সারথী হইয়া পাণ্ডবদিগের বিরুদ্ধে কুরুক্ষেত্র সমরে দুর্য্যোধনের পক্ষাবলম্বন করেন, অর্জ্জুন-হস্তে কর্ণ নিধনের পর তিনি রথী হইয়া পাণ্ডবদিগের সহিত সংগ্রাম করিতে গমন করেন। ভীষ্ম, দ্রোণ, কর্ণের ন্যায় মহাবীর যাঁহাদের হস্তে নিহত হন তথায় শল্যের সেনাপতিত্ব গ্রহণ উপহাসের বিষয়, তাহা হইতে প্রবাদে—"ভীষ্ম দ্রোণ কর্ণ গেল শল্য হল রথী। চন্দ্র সূর্য্য অস্ত গেল জোনার পাছে বাতী।" অনুরূপ স্থলে এই প্রবাদ প্রযুক্ত হয়।

সাবিত্রী [দ্রঃ] আদর্শ সতী সাবিত্রীর সহিত তুলনায় "সতী সাবিত্রী", "সাবিত্রী সমান সতী হও", পত্রে সম্বোধনে 'সাবিত্রীসমানেষু'। সীতা রামকে বলিয়াছিলেন—"তুমি আমাকে সত্যবানের সহধর্ম্মিণী সাবিত্রীর ন্যায় তোমারই বশবর্ত্তিনী জানিও।"—রামা, অযোধ্যাকাণ্ড।

সিরাজুদ্দৌলা—বাঙ্গালার স্বনামখ্যাত নবাব উচ্ছৃঙ্খল-প্রকৃতি স্বেচ্ছাচারী এবং যৌবনসুলভ ভোগবিলাসী ছিলেন বলিয়া প্রবাদ আছে। তাহা হইতে লোক বিশেষে ঐরূপ প্রকৃতির বা বিলাস বাহুল্যের সাদৃশ্য দেখিলে উক্ত হয়—"যেন নবাব সিরাজুদ্দৌলা।" এইরূপ বঙ্গের নবাব মুর্শিদকুলি খাঁর প্রতিদ্বন্দ্বী নবাব খাঁন জাহান খাঁর (গ্রা—খাণ্ডাখান) অতিরিক্ত নবাবী চাল চলনের জন্য প্রবাদে "নবাব খাণ্ডাখান এসেছেন"।

সীতা—সতীত্ব রক্ষায় সীতা আদর্শস্থানীয়া বলিয়া প্রবাদ "সীতা সতী" এবং মেয়েদের ব্রত কথায় প্রার্থনীয় বর "সীতার মত সতী হই"।

সুগ্রীব [দ্রঃ] রামমিত্র সুগ্রীব। ইনি মহাবল ছিলেন, কিন্তু জ্যেষ্ঠ ভ্রাতা অদ্বিতীয় বলশালী বালির তাড়নায় সমস্ত পৃথিবী ছুটিয়া বেড়াইতে বাধ্য হইয়াছিলেন। তাহার ফলে তিনি আদ্যোপান্ত ভূবৃত্তান্ত জানিতে পারিয়াছিলেন এবং সেই জ্ঞানানুসারে পৃথিবীর চতুর্দ্দিকে সূক্ষ্মরূপে বিবরণ জানাইয়া সীতান্বেষণার্থ চর পাঠাইতে সমর্থ হইয়াছিলেন। এতদ্ব্যতীত তাঁহার মহাবীর্য্যশালী অসংখ্য বানর সৈন্য রামচন্দ্রের সাহায্যার্থ নিয়োগ করিয়াছিলেন। এদিকে নর বানরের সংগ্রামে নিধনপ্রাপ্তি রাবণের নিয়তি ছিল। তাহা হইতে প্রবাদে —"একে রামে রক্ষা নাই সুগ্রীব তার মিতা।

সূর্পণখা [দ্রঃ] রাবণের বিধবা ভগিনী, কামরূপিণী রাক্ষসী। দণ্ডকারণ্য ইহার বিহার ভূমি ছিল। পঞ্চবটী বনে সীতাকে দেখিয়া সীতার রূপে ঈর্ষ্যান্বিতা হইলে, লক্ষ্মণ সূর্পণখার নাসা-কর্ণ ছেদন করিয়া দিলে এই রাক্ষসী প্রতিহিংসা-বশে সীতাহরণার্থ রাবণকে উৎসাহিত করিয়া জনস্থানে আনয়ন করে। ইহা হইতেই রাবণের সর্ব্বনাশের ও রক্ষোকুল নাশের সূত্রপাত হয়। ঐশ্বর্য্যনাশ এবং বংশনাশ ও সর্ব্বনাশের হেতু-স্বরূপিণী ভগিনীকে বিদ্রূপার্থে "সূর্পণখা", মেয়েলি—"সুপ্প ণখা" বলা হয়। (২) নাসিকা ছেদন হেতু সূর্পণখার অনুনাসিক স্বর অনুমানে রাম যাত্রার সূর্পণখার "দাঁদা গোঁ" চীৎকার লঙ্কার সিংহাসনে রাবণের কর্ণে পৌঁছানর অভিনয় দেখিয়া খোনা স্ত্রীলোককে বিদ্রূপার্থে সূর্পণখা বলে। (৩) নাক কান কাটার ব্যাপার স্মরণে ভর্ৎসনায় বা গালিতে "সূর্পণখা" বলিয়া সম্বোধন।

হনুমান্ [দ্রঃ] রামায়ণের কিষ্কিন্ধ্যাকাণ্ডে আছে হনুমানের বাক্য শুনিয়া রাম লক্ষ্মণকে বলিয়াছিলেন—"ঋগ্বেদজ্ঞ, যজুর্ব্বেদজ্ঞ ও সামবেদজ্ঞ পুরুষ ব্যতীত অপর কেহ ঈদৃশবাক্য প্রয়োগ করিতে পারে না। ইনি অনেক কথা বলিয়াছেন, কিন্তু একটিও অপশব্দ প্রয়োগ করেন নাই। বোধ হয় ইনি ব্যাকরণ প্রভৃতি বিবিধ ব্যুৎপাদক গ্রন্থ বহুবার অধ্যয়ন করিয়াছেন। বক্ষঃস্থল ও কণ্ঠগত মধ্যম স্বর অবলম্বনপূর্ব্বক পদবিন্যাস ক্রম অতিক্রম না করিয়া শ্রুতিকটু-পদশূন্য বাক্য প্রয়োগ করিয়াছেন।" পরাক্রম উৎসাহ বুদ্ধি প্রতাপ সুশীলতা মাধুর্য্য নীতিজ্ঞান গাম্ভীর্য্য চাতুর্য্য বীর্য্য এবং ধৈর্য্য প্রভৃতি গুণে হনুমান অপেক্ষা ইহলোকে কেহই অধিক নাই। * * * ইনি সমস্ত বিদ্যা কি ছন্দ কি তপোবিধান সকল বিষয়েই সুরগুরুকে স্পর্দ্ধা করেন"—রামায়ণতত্ত্ব। "বুদ্ধি ও কার্য্যসিদ্ধি ইঁহারই আয়ত্ত, বল উৎসাহ ও শাস্ত্রবোধ ইঁহারই ছিল (সুন্দরাকাণ্ড)। সর্ব্বগুণে গুণান্বিত হইলেও রামায়ণোক্ত হনুমান কর্ত্তৃক লঙ্কাদগ্ধ ব্যাপার এবং পশুরাজ্যের বানর বংশীয় হনুমানের প্রকৃতি স্মরণ করিয়া লোক অকর্ম্মকারী দুর্ব্বুদ্ধি জনের উদ্দেশে "হনুমান" "হনুমান আর কি" "আস্ত হনুমান্" ইত্যাদি বলিয়া থাকে। হনুমানের এই লঙ্কাদগ্ধব্যাপার স্মরণে সাহিত্যিকেরাও রসিকতা করিতে ছাড়েন না। প্রসিদ্ধ কবি ঈশ্বরচন্দ্র গুপ্ত ও তাঁহার জ্যেষ্ঠভ্রাতপুত্র স্বভাবকবি মহেশচন্দ্রের মধ্যে কবিতার লড়াই হইত, কোন কারণে মহেশচন্দ্র প্রতিজ্ঞা করিয়া ঈশ্বরচন্দ্রের সহিত কবিতার লড়াই বন্ধ করেন। তাহাতে ঈশ্বরচন্দ্র বিদ্রূপ করিয়া লেখেন "দাদা লেজ গুটালে কেন?" মহেশচন্দ্র উত্তর দেন,—"ওরে দুই ভায়ের দুই থাকলে লেজ, থাকত না সংসার। একে তোমার লেজে গেছে মজে, সোণার লঙ্কা ছারেখার।"

হরি ঘোষ—কলিকাতা বাগবাজার কাঁটাপুকুর নিবাসী ও পরে কাশীপ্রবাসী মকরন্দ ঘোষ বংশজ শ্রী হরি ঘোষ বহু অকর্ম্মণ্য আত্মীয় স্বজন প্রতিপালন করিতেন। নিষ্কর্ম্মা ব্যক্তি একবার তাঁহার শরণ লইতে পারিলেই তাঁহার বাড়ীতে আশ্রয় পাইত। ঐ সকল অকর্ম্মণ্য লোকের বাস হেতু তাঁহার বাড়ী গোয়াল নামে প্রসিদ্ধ হইয়াছিল। কথায় "যেন হরি ঘোষের গোয়াল হয়েছে বা করে ফেলেছে।" "হরি ঘোষের গোয়াল পেয়েছে" ইত্যাদি।

বঙ্গীয় নরনারীর প্রচলিত নামসংক্ষেপ ও ডাক নামবোধক শব্দাভিধান।

[মুসলমান নামে "দ্রঃ"="বাঙ্গালী মুসলমানদিগের আরবী ও ফারসী নামের বিশুদ্ধ উচ্চারণসঙ্গত বানান ও অর্থ"-শীর্ষক পরিশিষ্ট দ্রষ্টব্য]

অতুল (ওতুল্) [যাহার তুলনা নাই এই অর্থে] অতুলকৃষ্ণ, অতুলচন্দ্র, অতুলপ্রসাদ, অতুলবিহারী সংক্ষেপে। আদরার্থে "ওতু"। অনাদরে—"ওৎলো"।

অনিল (ও) [পবন, বসু অর্থে] অনিলচন্দ্র বা কুমার সংক্ষেপে। আদরার্থে "অনি"। তুচ্ছার্থে "ওনে"। অনু দ্রঃ।

অনু (ও) [অনিল দ্রঃ। অনুকূল দ্রঃ। আদরার্থে] অনুকূলচন্দ্র তুচ্ছার্থে "ওনো" বা "ওনে"।

অপু (ওপু) [অপূর্ব্ব হইতে, আদরে "অপু"] অপূর্ব্বকুমার,—কৃষ্ণ, —চন্দ্র, —প্রকাশ,—লাল সংক্ষেপে। অনাদরে—"ওপে"। ২। স্ত্রী, অপূর্ব্বকুমারী,—নলিনী,—বালা,—সুন্দরী, সংক্ষেপে। অনাদরে—"অপী" (ওপি)।

অম্বে (ওম্বে) [অম্বিকা = দুর্গা] স্ত্রী. অম্বিকা। ২। পুং অম্বিকাচরণ, —প্রসাদ, সংক্ষেপে, অতি পরিচয়ে "অম্বিকে"। আদরে "অম্বিক" (ওম্বিক্) অনাদরে "ওম্বে"।

অলিমহম্মদ, ওলিমাহাম্মাদ (দ্)—বলি দ্রঃ।

অহিদুদ্দিন, ওহিদুদ্দিন—বহিদ্ দ্রঃ।

অব্বাচ, ওব্বাচ (চ্) [আ—আব্বাস্, (ফুলগাছবিশেষ। তুল—"গুল্-ই—অব্বাস্")] আব্বাস্ দ্রঃ।

আকবর, আকব্বার (র্) অক্‌বর্ দ্রঃ।

আছান (ন্) আহ্‌সান্ দ্রঃ। প্র—আছামুল্লা। স্ত্রী. আছানী।

আজ্‌গর—অস্‌গর্ দ্রঃ।

আজি—মু. পুং নাম অজীম্ (দ্রঃ) বা আজীজ্ (দ্রঃ) অথবা স্ত্রী নাম অজীমন্ বা অজীজন্ অপভ্রংশে ও সংক্ষেপে।

আন্দো—আনন্দকুমার, —চন্দ্র, —মোহন, —লাল, সংক্ষেপে। স্ত্রী. আনন্দী (আনন্দমোহিনী) সংক্ষেপ "আন্দী"।

আন্না [আর না (কালী) অর্থাৎ আর দিও না দেবতা বা আর যেন হয় না বা আর চাই না সংক্ষেপে] উপর্য্যুপরি কন্যা সন্তান বা বহু সন্তান জন্ম হেতু বিরক্ত হইয়া জননী কন্যার নাম রাখেন "আন্নাকালী" সংক্ষেপে "আন্না"। অনাদরে "আন্নী"।

আবদুল (ব্, ল্) অব্দ্ দ্রঃ।

আব্বাছ (ছ্) আব্বাস্ দ্রঃ।

আয়জদ্দিন্ (য়্) আ—ইবজ্ বা এবজ্ (পুরস্কার, উপহার) অদ্-দিন, অপভ্রংশে।

আশু—আশুতোষ সংক্ষেপে। অনাদরে "এশো"।

ইদু [আ—ইদ বা ঈদ্ (অভিধানে দ্রঃ) হইতে ইদী—ঈদ্ পর্ব্বের উপহার। অথবা ঈদ পর্ব্ব দিবসে জন্ম বলিয়া। আদরার্থে "ইদু"।

ইন্দু [চন্দ্র অর্থে] পুং. ইন্দুকুমার, —প্রকাশ, —ভূষণ, —মাধব সংক্ষেপে। অনাদরে "ইন্দে"। ২। স্ত্রী. ইন্দুবালা, —মতী সংক্ষেপে। অনাদরে "ইন্দী"।

উছমান, ওছমান (ছ্, ন) ওস্‌মান্ দ্রঃ।

এছের (র্) অসীর্, ইজ্‌হার প্রভৃতি অপভ্রংশে।

উজির, উজীর (র্)—বজীর্ দ্রঃ। উজিরদ্দি = বজীর-অদ্-দিন্।

উজিল (ল্) বজীর্ অপভ্রংশে।

উদ্দী—অল্ (দ্রঃ) = অদ্ + দিন্ = উদ্দিন্ সংক্ষেপে।

উমা [উমা—পার্ব্বতী] উমাকান্ত, উমাচরণ, উমানাথ, উমাপদ সংক্ষেপে। আদরে "উমা" অনাদরে "উমো" "উমে"। ২। স্ত্রী. উমাসুন্দরী সংক্ষেপে। আদরে "উমো", "উমু"। অনাদরে—"উমী"।

এককড়ি (অ্যাক্‌কোড়ি) কড়ি দ্রঃ।

এজ্‌হার, এঝার (র্) ইজ্‌হার্ দ্রঃ।

এনায়েতুল্লা—ইনায়ৎ-অল্-লাহ্ অপভ্রংশে।

এবাদোল্লা—ই.বাদুল্লাহ্ অপভ্রংশে।

এলেম্—[ই.লম্ (বিদ্যা) অপভ্রংশে] ই.লম্-দাদ খাঁ বা এইরূপ কোন নামের গ্রাম্য মুঃ উচ্চারণ।

ওয়াজেদ (দ্) বাজিদ্ (দ্রঃ) অপভ্রংশে।

কড়ি (কো) যে নারীর সন্তান হইয়া বাঁচে না তাঁহার সন্তানকে কোন প্রতিবেশিনী বা অন্য কোন নারীর নিকট ১ কড়ি, ২ কড়ি, ৩ কড়ি, ৫ কড়ি, ৬ কড়ি, ৭ কড়ি বা ৯ কড়ির বিনিময়ে বিক্রয় করা হয়। সন্তানকে ক্রয়কারিণীকে মা বলিতে শিখান হয়, যাহাতে আর সে মৃতবৎসার সন্তান না থাকায় মৃত্যুকে এড়াইতে পারে। মূল্য পরিমাণ অনুসারে সন্তানের নাম হয় এককড়ি, দুকড়ি বা দোকড়ি, তিনকড়ি, পাঁচকড়ি, ছকড়ি, সাতকড়ি, নকড়ি বা নকুড—সংক্ষেপে "কড়ি"। এইরূপস্থলে বেচু বা কিনু অর্থাৎ বেচারাম বা বেচুলাল ও কেনারাম নামের সংক্ষেপ।

কবিরুদ্দি (কো) কবীর্ দ্রঃ।

কমল (ল্) কমলচন্দ্র, কমলাচরণ, কমলাপ্রসাদ সংক্ষেপে। আদরে কমলু, অতিপরিচয়ে—"কম্‌লা"। অনাদরে—কম্‌লে (কো)। স্ত্রী. কমলমণি, কমলাবালা, সংক্ষেপে, অতিপরিচয় বা অনাদরে—কম্‌লী (কো)।

করিম (কো, ম্) করিম্ দ্রঃ। অনাদরে—করিমে।

কলিমদ্দি (কো, মো) কলিম দ্রঃ।

কাঙ্গালী (কাঙালী) [গ্রা—ক্যাঙালী] কাঙ্গালীচরণ সংক্ষেপে, অনাদরে "ক্যাংলা"।

কাতু—কাত্যায়নী নামের সংক্ষেপ। অবজ্ঞায় "কাতি"।

কাত্তিক (ক্) কার্ত্তিকচন্দ্র সংক্ষেপে। অবজ্ঞায়—কাত্তিকে; অস—কাতীয়া, কাতি (কার্ত্তিকমাসে জাত বলিয়া) : হি—কাতিক।

কাদের (র্) কাদির্ (দ্রঃ) অপভ্রংশে।

কানাই [কৃষ্ণ—কাহ্ন—কানাই] কানাইলাল সংক্ষেপে। অনাদরে—"কানায়ে"।

কান্ত—পুংনামার্থে স্ত্রীনামে যুক্ত হয়। নাথ দ্রঃ।

কাল—কালাচাঁদ (কৃষ্ণচন্দ্র)—আদরার্থে কাল, কচিৎ "কালু", স্নেহার্থে "কালা", অবজ্ঞার্থে "কেলো"।

কালি, কালী—কালীকমল, —কান্ত, —চরণ, —পদ, —প্রসাদ, —বিলাস, —মোহন নামের সংক্ষেপ। আদরার্থে "কালু", কচিৎ স্নেহার্থে "কালা" : অবজ্ঞার্থে "কেলো"।

কালিকা—কালিকাপ্রসাদ। এই নামের অতি সংক্ষেপে "কালি"।

কাশী [তীর্থরাজ বারাণসীধাম] কাশীচন্দ্র, —নাথ, —প্রসন্ন, —প্রসাদ নামের সংক্ষেপ, অবজ্ঞায়—"কেশে"।

কাসেম (ম্) কাসিম দ্রঃ।

কিনু [কড়ি দ্রঃ] কেনারাম সংক্ষেপে, অবজ্ঞায় "কেনা", "কিনে"।

কুড়ানী, কুড়ুনী—যে কন্যাকে যমের পরিত্যক্তা রূপে কুড়াইয়া পাওয়া হইয়াছে। মৃতবৎসার কন্যার নাম। পুং. কুড়ুনে। স্ত্রী.পুং. উভয়ার্থক সংক্ষেপ "কুড়ো"।

কুমুদ (দ্) [পুষ্পার্থে] পুং. কুমুদনাথ, কুমুদবন্ধু, কুমুদিনীকান্ত সংক্ষেপ। অনাদরে "কুমো"। ২। স্ত্রী. কুমুদিনী সংক্ষেপে। অনাদরে কুমী"।

কেতু—কেতকীবালা নামের সংক্ষেপ।

কেবল (বোল্) কেবলরাম সংক্ষেপে, অনাদরে —কেব্‌লা, ক্যাব্‌লা।

কেফাতুল্লা—কিফায়ৎ-উল্লাহ্ অপভ্রংশে।

কেষ্ট, কেষ্টো [শ্রীকৃষ্ণ এবং কৃষ্ণবর্ণ অর্থে] কৃষ্ণকমল, —কান্ত, —কিশোর, —কেশব, —গোবিন্দ, —গোপাল, —চন্দ্র, —চরণ —দাস, —ধন, —নাথ, —পদ, —বিহারী, —মোহন, —রমণ —রাম, —লোচন, —শরণ, —সাধন ;—কালীকৃষ্ণ, রাধাকৃষ্ণ, রামকৃষ্ণ, প্রভৃতি সংক্ষেপে অনাদরে—"কেষ্টা"। স্ত্রী. কৃষ্ণকামিনী, —কালী, —মোহিনী, —ভাবিনী প্রভৃতি নামে "কৃষ্ণ" না বলিয়া অপভ্রংশ সংক্ষেপার্থে উক্ত হয়। অনাদরে—"কিষ্টী"।

কোমরদ্দি (রো) কমর্ (অদ্—দিন) অপভ্রংশে।

ক্যাঁদো [উত্তরবঙ্গে কোচ ভাষায় কর্দ্দম বা কাদাকে ক্যাঁদো বলে তাহা হইতে অথবা গৃহের সার রত্ন বা কর্ত্তা অর্থে, ফা—ক্‌দা (গৃহ) তাহা হইতে ? তুল—মুঃ স্ত্রী নাম "কদ্ বানু" (গৃহের প্রধানা মহিলা, গৃহকর্ত্রী] মু. গ্রা. ডাকনাম।

ক্যামদ্দি (মো) কায়্‌ম্-অদ্-দিন্ অপভ্রংশে।

ক্ষীরো, খীরো—পুং. ক্ষীরোদ সংক্ষেপে, অবজ্ঞায়—ক্ষীরে, খিরে। ২। স্ত্রী. ক্ষীরোদা সংক্ষেপে, অবজ্ঞায় ক্ষীরী, খিরী।

ক্ষুদ, খুদু, খুদো—ক্ষুদ্র অর্থাৎ স্বল্পকায় বলিয়া শৈশবে আদরের নাম। অনাদরে "খুদে"। সম্ভ্রমে খুদীরাম। স্ত্রী. ক্ষুদী, খুদী।

ক্ষেত্তর (খেৎতোর্) [ক্ষেত্রপাল ঠাকুরের ঔষধ খাইয়া প্রসূত সন্তানের নাম] পুং ক্ষেত্রচন্দ্র, —চরণ, —নাথ, —পদ, —প্রসাদ, —হরি

সংক্ষেপে। আদরে "ক্ষেতু"। অনাদরে "ক্ষেত্তরে", "ক্ষেত্তুরে" "ক্ষেতা"। ২। স্ত্রী, ক্ষেত্রদাসী সংক্ষেপে। আদরে "ক্ষেতন্"। অনাদরে "ক্ষেত্তুরী", "ক্ষেতী"।

ক্ষেমী, খেমা—ক্ষেমঙ্করী নামের সংক্ষেপ।

খয়্রাতি—খয়্রাত্ (দ্রঃ) হইতে (ঈশ্বরের দান অর্থে)।

খাতের (র্) খাতর্ (দ্রঃ) অপভ্রংশে।

খাঁদা—পুং, স্ত্রী, ক্ষুদ্র নাসিক অর্থাৎ বসা নাক হেতু আদরের নাম। অধিক আদরে খাঁদু। অনাদরে খ্যাঁদা; স্ত্রী, খাঁদী। গ্রা পুং, খেঁদা (খ্যাঁ), স্ত্রী, খেঁদী।

খিরদ্বখ্ত—খিরদ্-বখ্ৎ। খিরদ্=জ্ঞান, প্রজ্ঞা।

খেয়ালি—আ—খয়্য়ালি (ভাবুক) অপভ্রংশে।

খোকা [দ্রঃ। কোঁখের (কোলের) ছেলে] ছোট ছেলের স্নেহের নাম। অধিক আদরার্থে —খোকন, খোক। অনাদরে—খোক্না। স্ত্রী, খুকী, অধিক আদরে "খুকু", "খুকুন"। অনাদরে "খুক্নী"।

গন (ন্) [দ্রঃ] গণনাথ, গণপতি, গণেশ, গণেন্দ্র, সংক্ষেপে। আদরে "গনু, গুনু"; অনাদরে গণা, গণে (গোনে)।

গদা, গদাই—গদাধর সংক্ষেপে।

গবি, গবু (গো) গোবিন্দ, গবেন্দ্র সংক্ষেপে। আদরে "গবু" অতি পরিচয়ে গবা, গবী; অনাদরে গবে (গো)।

গুই, গুয়ে [গু-ইয়া] [হি—গুহিয়া] পুং, মৃতবৎসার পুত্রের নাম। এই নাম হেতু যম ছুঁইবে না এই বিশ্বাস। স্ত্রী, গুঈ, গুয়ী।

গুণেন (ন্) গুণময়, গুণেন্দ্র, গুণালঙ্কার, গুণদাচরণ আদরে "গুণু"। অনাদরে—"গুণে"। ২। স্ত্রী, গুণমণি সংক্ষেপে, অনাদরে "গুণী"।

গুরু—গুরুচরণ,—দাস,—নাথ,—পদ, —প্রসন্ন, —প্রসাদ,—শরণ সংক্ষেপে। অনাদরে "গুরো"।

গোকুল (ল্) [দ্রঃ]—কৃষ্ণ,—চন্দ্র,—প্রসাদ, —বিহারী সংক্ষেপে। অনাদরে "গোক্লো"।

গোপ (প্)—গোপাল, গোপেন্দ্র সংক্ষেপে। আদরে "গোপ", 'গোপু'। অনাদরে—"গোপ্লা", "গোপালে", "গোপে"।

গোপী, গুপী—গোপীকৃষ্ণ, গোপীমোহন, সংক্ষেপে। অনাদরে—"গোপী", "গুপে"। স্ত্রী, গোপবালা সংক্ষেপে।

গোপীচাঁদ (দ্) গোবিন্দচন্দ্র, সংক্ষেপে, গোবিচন্দ পরে গোপীচাঁদ। বাঙ্গালী রাজা। ইনি ১১ শতাব্দীর শেষ ভাগে দক্ষিণাত্যের রাজা রাজেন্দ্র চোলের হস্তে পরাজিত হন।

গোবি, গোবিন্ [গবি দ্রঃ] গোবিন্দ হইতে (গোবিন্দচন্দ্র গীতে)।

গোবিচন্দ—গোপীচাঁদ দ্রঃ।

চণ্ডী (চোন্ডি) পুং, চণ্ডীকুমার,—চরণ,—দাস, —প্রসাদ সংক্ষেপে। অনাদরে "চণ্ড" "চণ্ডে" (চো)। স্ত্রী, চণ্ডীদাসী সংক্ষেপে।

চট্টো—চট্টোপাধ্যায় সংক্ষেপে।

চন্দর (চন্দোর্) চন্দ্র অপভ্রংশে কথ্য ভাষায়। প্র—রামচন্দর, কেষ্টচন্দর ইত্যাদি। অনাদরে —"চন্দুরে"। স্ত্রী, চন্দুরী।

চন্দ্র [গ্রহ অর্থে] গগনচন্দ্র, চন্দ্রকান্ত, চন্দ্রনাথ, চন্দ্রশেখর, নবীনচন্দ্র, প্রভৃতি চন্দ্র-আদিক বা চন্দ্রান্ত নামের সংক্ষেপ। ২। [আহ্লাদক অর্থে] নয়নচন্দ্র, রমেশচন্দ্র, পরাণচন্দ্র, ইত্যাদি নামের সংক্ষেপ। ৩। [শ্রেষ্ঠ অর্থে] বঙ্গচন্দ্র, ভারতচন্দ্র ইত্যাদি।

চরণ (চরোন্) [পদ দ্রঃ] অন্নদাচরণ, উমাচরণ, করালীচরণ, কামাখ্যাচরণ, কালীচরণ, কৃষ্ণচরণ, গঙ্গাচরণ, গুণদাচরণ, গুরুচরণ, গোঁসাইচরণ, গৌরচরণ, গৌরীচরণ, চণ্ডীচরণ, তারাচরণ, তারিণীচরণ, ত্রিপুরাচরণ, দীনেশচরণ (বিরল) দুর্গাচরণ, দেবীচরণ, নিতাইচরণ, পার্ব্বতীচরণ, বলাইচরণ (বিরল), বামাচরণ, বাসন্তীচরণ (বিরল), ভবানীচরণ, রাইচরণ, রাধা বা রাধিকাচরণ, রামচরণ, ষোড়শীচরণ (বিরল), সত্যচরণ, সাধুচরণ সারদাচরণ, হরচরণ, হরিচরণ, নামের সংক্ষেপ। অবজ্ঞায়—চরণা, চর্ণি, চরুনে (চো)।

চাঁদ (দ্) চন্দ্র অপভ্রংশে। প্র—চাঁদ সওদাগর। ২। কালাচাঁদ, গোরাচাঁদ, রামচাঁদ, শ্যামচাঁদ প্রভৃতি নামের সংক্ষেপার্থে শেষাংশ উল্লেখ করিয়া সম্বোধন। ৩। স্ত্রীলোকের নাম অর্থে চন্দ্রমুখী, চন্দ্রাবলী (হিন্দুনাম), চাঁদরাণী, চাঁদবিবি (মুসলমান নাম), প্রভৃতির সংক্ষেপ, আদরার্থে চাঁদু, চাঁদা। অনাদরে "চাঁদী"।

চারু [সুন্দর সুকুমার অর্থে] পুং, চারুচন্দ্র,—লাল (বিরল) সংক্ষেপে। অনাদরে "চেরো"। ২। স্ত্রী, চারুবালা, চারুশীলা সংক্ষেপে।

চিতু—চিত্তপ্রসাদ, চিত্তরঞ্জন, চিত্তসুখ সংক্ষেপে অনাদরে "চিতে"।

চুনি—চুনিলাল সংক্ষেপে। অনাদরে "চুনে"।

ছকড়ি (কো) [কড়ি দ্রঃ] ৬ কড়িতে বেচা বলিয়া নাম। আদরে "ছকু", অবজ্ঞায় "ছক্ড়া" "ছোক্ড়ে"। স্ত্রী, ছকী। অনাদরে "ছোক্ড়ী"

ছবি (ছো) আ—সব্বির্, "সবীহ্" বা সফী অপভ্রংশে। ২। [সং] হিং নামে কিরণ বা শোভার্থে।

ছিদ্দিকী—সিদ্দিকী (দ্রঃ) অপভ্রংশে।

ছিরে—শ্রী হইতে 'ছিরি', অতিপরিচয় বা অবজ্ঞার্থে "ছিরে"। আদরার্থে "ছিরু"। ২। "চিরায়ু" অপভ্রংশে ছিরাই তাহা হইতে ছিরে। শ্রীমন্ত সওদাগরের ডাক নাম ছিল "ছিরা", "ছিরে"। ৩। "শ্রীধর" সংক্ষেপে।

জগ (গো) [জগৎ অর্থে]—জগৎ-চন্দ্র, জগৎ-কিশোর, জগৎ-বিলাস জগন্নাথ, জগমোহন সংক্ষেপে। আদরে জগু। অনাদরে জগা। স্ত্রী, জগমণি, জগমোহিনী, জগত্তারিণী।

জটী (জো) জটিলা আদরার্থে সংক্ষেপ। রাধিকার ননন্দা জটিলার শৈশবের ডাক নাম। ২। জ্যোতীন্দ্র বা যতীন্দ্রনাথ আদরার্থে "যতী", পরে "জটী"। অবজ্ঞায় "জটে"।

জয়নদ্দি (নো) জয়ন্ (দ্রঃ) অপভ্রংশে।

জয়নাল—"জয়্ন্-অল্-অব্-দিন্" অপভ্রংশে। জয়ন্ দ্রঃ।

জাদু, যাদু [দ্রঃ] পুং, জাদুগোপাল, যাদবচন্দ্র, যাদবেন্দ্র, যাদবেশ সংক্ষেপে। অনাদরে—যেদো, যাদোব। স্ত্রী, জাদুমণি, জাদুবালা নামের সংক্ষেপ। অবজ্ঞার্থে, পুং—"জেদো" স্ত্রী, "জাদী"।

জিতেন (ন্) জিতেন্দ্র সংক্ষেপে। আদরে "জিতু"। অনাদরে "জিতে"।

জেহের (র্) জহির্ (দ্রঃ) অপভ্রংশে।

জোনাব (ব্) জনাব (মহিমা, গৌরব, রাজশ্রী, majesty) আলি সংক্ষেপে।

জ্ঞান (গ্যান্) জ্ঞানচন্দ্র,—দাস, —মোহন, জ্ঞানদাচরণ, জ্ঞানদাপ্রসাদ। ২। জ্ঞানেন্দ্রকুমার,—চন্দ্র,—মোহন, সংক্ষেপে। অতিপরিচয়ে, জ্ঞানেন, আদরে "জ্ঞেনু"। অনাদরে জ্ঞানা।

ঝড়ু [ঝড় হইতে। ঝড়ের সময় জাত বলিয়া] হিন্দু বা মুঃ গ্রা ডাক নাম।

টুনা, টুনী [টুনটুনি পাখীর স্মরণে] খর্ব্বাকৃতি লঘুকায়া কন্যার আদরের নাম।

টেঁপা (টঁ্যাপা) শিশু পুত্রের আদরের নাম। স্ত্রী, টেঁপী।

টেবী—টেবোগাল মেয়ের আদরের নাম। পুং, টেবা (ট্যা)।

তমিজদ্দি—তমিজ্ (কেতা-মত, শিষ্ট)-অদ্-দিন্ অপভ্রংশে।

তারু—পুং, তারক (তারকচন্দ্র, তারকনাথ প্রভৃতি), তারণ (তারণচন্দ্র প্রভৃতি), তারানাথ তারাপদ, তারাপ্রসাদ প্রভৃতি, তারিণীচরণ, তারিণীপ্রসাদ প্রভৃতি নামের সংক্ষেপ। ২। স্ত্রী, তারা ও তারিণী সংক্ষেপে, অবজ্ঞায় "তারী"।

তিতু—সং "তিক্তরাম" (হারা মরা ছেলের নাম) হইতে তিতুরাম নামের সংক্ষেপ। অবজ্ঞা বা অতিপরিচয়ে "তিতে"। স্ত্রী, তেতা (সং—তিক্তা)। তুল—নিমাই।

তিনকড়ি (ন, কো) কড়ি, দ্রঃ। আদরে—তিনু বা কড়ি। অবজ্ঞায়—তিনে বা কড়ে। স্ত্রী, তিনু ও তিনি।

তুলসী (তুলশি) [তুলসীগাছ অর্থে] স্ত্রী, তুলসী-মঞ্জরী—মণি,—সুন্দরী সংক্ষেপে। ২। পুং তুলসীচরণ,—প্রসাদ।

দনাই—দনুজমাধব বা দনৌজমাধব নামের সংক্ষেপ, আদরার্থে দনু, অনাদরে দনা।

দরিয়া [ফা—দরিয়া অর্থে নদী, সমুদ্র] পুং নাম দরিয়া শাহ্। স্ত্রীনাম দরিয়া বিবি।

দলু (দো) দলীল (দ্রঃ) সংক্ষেপে।

দামু—দনাই, দনু (দ্রঃ) অর্থে বিকল্পে ব্যবহৃত। ২। ইন্দ্রনারায়ণ আদরার্থে সংক্ষেপে দামু।

দামু—দামোদর সংক্ষেপে।

দাসু (শু) পুং—জননী কর্ত্তৃক ক্ষেত্রপাল ঠাকুরের ঔষধ খাওয়ায় জাত পুত্রের নাম ক্ষেত্রদাস সংক্ষেপে দাস। আদরার্থে দাসু: অবজ্ঞায় দেসো। ২। দাশরথি সংক্ষেপে। স্ত্রী, দাসী (জননী কর্ত্তৃক ক্ষেত্রপাল ঠাকুরের ঔষধ খাওয়ায় জাত কন্যার নাম ক্ষেত্রদাসী নামের সংক্ষেপ) আদরার্থে 'দাসু', অবজ্ঞায়, ''দাসী''।

দিলু—দিলবর, দিলদার, দিলীর নামের সংক্ষেপ।

দীন (নো) দীনবন্ধু, দীননাথ, দীনতারণ দীনেশ (দীনে) দীনেন্দ্র (দীনেন্) সংক্ষেপে। আদরে "দীনু", অনাদরে "দীনে"।

দুর্গা—স্ত্রী, দুর্গামণি, দুর্গাদাসী, সংক্ষেপে। অনাদরে "দুগী" "দুগগী"। ২। পুং—দুর্গাচরণ, দুর্গাপদ, দুর্গাদাস, দুর্গামোহন সংক্ষেপে। অনাদরে, 'দুগ্গো' ''দুগ্গে''।

দুলা, দুলে, দুলাল—দুলালচন্দ্র, দুলালচাঁদ, রামদুলাল, নন্দদুলাল প্রভৃতি) সংক্ষেপে। স্ত্রী। দুলী (দুলালী)।

দুলো—দুর্লভচন্দ্র সংক্ষেপে।

দেদার (র্) দীদার, দাদার্ সংক্ষেপে।

দেবেন (ন্) দেবেন্দ্র সংক্ষেপে। আদরার্থে—"দেবু", অনাদরে "দেবা"।

দোকড়ি (কো) কড়ি দ্রঃ।

দ্যাখন হাসি (ন, শি) [দ্রঃ] নারীর পাতান নাম।

দ্বারিক (ক্) [দ্বারকা ধাম অর্থে। গ্রা—দোয়ারী] দ্বারিকানাথ,—প্রসাদ সংক্ষেপে। গ্রা, অতিপরিচয়ে দোয়ারিকি, গ্রা—অনাদরে—"দোয়ারকে", "দোয়ারে"।

দ্বিজ (দিজো) [ব্রাহ্মণার্থে] দ্বিজদাস, দ্বিজপদ সংক্ষেপে। ২। দ্বিজেন্দ্র (দ্বিজেন্) সংক্ষেপে। আদরে "দ্বিজু"; অনাদরে "দ্বিজে"।

ধনা, ধোনা—ধনকৃষ্ণ, ধনপতি, ধনেন্দ্র, কালীধন, কৃষ্ণধন, রামধন, হরিধন, হারাধন প্রভৃতি নামের সংক্ষেপ। আদরার্থে "ধনু", অতিপরিচয়ে "ধনা", অবজ্ঞায় "ধনে" (ধো)।

ধরণী (রো) [ধরণী (পৃথিবী ভূ) ধর (ধারী)—পর্ব্বত]—ধর,—নাথ সংক্ষেপে। মেয়েলি—"ধরুণী" অবজ্ঞার্থে—"ধরুনে"।

ধীরা—ধীরেন্দ্র সংক্ষেপে। আদরে "ধীরা" "ধীরু": অতিপরিচয়ে "ধীরেন"। অনাদরে "ধীরে"।

নছরোল্লা—নসরুল্লাহ্ অপভ্রংশে।

নকুড় (নোকুড়্) [কড়ি দ্রঃ] ৯ কড়া কড়ি বিনিময়ে বিক্রীত সন্তানের নাম। অবজ্ঞায় "নকড়া", "নোকড়ে", "নোকড়ো"। ২। নকুল (শিব—নকুলচন্দ্র, নকুলেশ্বর অর্থে, ল=ড়)।

নটু (নো) নটবিহারী, নটবর সংক্ষেপে। অনাদরে "নোটো"।

নন্দ (নন্দো) পুং, নন্দকিশোর, নন্দলাল, আনন্দ, রামানন্দ, সদানন্দ প্রভৃতি নামের সংক্ষেপ। আদরার্থে নন্দী। অনাদরে নন্দে (নো) স্ত্রী, নন্দরাণী সংক্ষেপে।

নব (বো) পুং, নব বা নবীনকুমার,—কৃষ্ণ,—চন্দ্র, সংক্ষেপে। আদরে "নবু"; অনাদরে "নবা", "নোবে"। ২। স্ত্রী, নবকালী,—দুর্গা,—নলিনী সংক্ষেপে। অনাদরে—"নবী"।

নরু (নে) নরেন্দ্র, সংক্ষেপে, আদরার্থে। অনাদরে "নরা" "নোরে", "নোরো"। স্ত্রী, নরী।

নলিন্—পুং, নলিনকান্তি, নলিনবিহারী, নলিন চন্দ্র, নলিনীকান্ত, নলিনীনাথ,—মোহন,—ভূষণ, সংক্ষেপে। অতিপরিচয়ে "নলিন্", আদরে "নলি"। অনাদরে—"নলে"। ২। স্ত্রী, নলিনীবালা, কনকনলিনী, স্বর্ণনলিনী, হেমনলিনী, সংক্ষেপে। অনাদরে "নলী"।

নশু—নাসর্, নসরৎ, নাসির, নসীম, নিসার প্রভৃতি নামের আদরার্থে সংক্ষেপে।

নাছিরদ্দি—নাসির (দঃ)-অদ্-দিন্ সংক্ষেপে।

নাথ—পুং নামাংশ। পুং নামার্থে স্ত্রীনামে যোজ্য।

নারাণ (ন্) নারায়ণ সংক্ষেপে। অনাদরে "নারাণে"। স্ত্রী, নারাণী (নারায়ণী)।

নিতু—নিতাই, নিত্যকৃষ্ণ, নিত্যপ্রসাদ, নিত্যানন্দ প্রভৃতি নামের সংক্ষেপ। অবজ্ঞার্থে—"নিতে"।

নিদু—নিধু দ্রঃ। ২। নিতম্বিনী আদরার্থে নিতুনী, পরে নিদুনী, নিদু, নেদানী। ৩। নিদুম্‌খ্ (দুঃসহরণ)।

নিধি, নিধু—নিধিরাম বা রামনিধি আদরার্থে সংক্ষেপে। তুল—নিধুবাবু (রামনিধি গুপ্ত)। অবজ্ঞার্থে "নিধে"। গ্রা—নিদু।

নিবু—নিবারণ সংক্ষেপে। অনাদরে "নিবে"।

নিমাই—নিম তিক্ত বলিয়া যম কর্ত্তৃক পরিত্যক্ত হইবে এই ভাবিয়া মৃতবৎসা জননী সন্তানের নাম রাখেন।—নিমচাঁদ, নিমাইচাঁদ। সংক্ষেপে "নিমাই", আদরে "নিমু", অবজ্ঞায় "নিমে"। স্ত্রী, "নিমী"। দ্রঃ—চৈতন্যদেবের ডাক নাম ছিল নিমাই। প্র—"আজি শচী মাতা কেন চমকিলে? লুণ্ঠিত অঞ্চলে নিমু নিমু বলে "প্রাণের নিমাই বুঝি ঘরে নাই"—শিবনাথ শাস্ত্রী।

নীরু (নিরো) পুং-স্ত্রী, নীরদ (নীরদচন্দ্র, নীরদবরণ) সংক্ষেপে। অবজ্ঞায় "নীরে"। ২। স্ত্রী, নীরদা (নীরদাসুন্দরী, নীরদবালা,—বরণী, বাসিনী)। অনাদরে—নীরী।

নীলু—নীলকণ্ঠ, নীলমণি (শ্রীকৃষ্ণ, নীলম্), নীলাম্বর (নীল বস্ত্র বা আকাশ, বিষ্ণু), নীলরতন (নীলম্), নীলকান্ত (নীলম্‌মণি, নীল কান্তি যাহার—কৃষ্ণ), তুল—নীলু পাটনী (নীলমণি পাটনী কবিওয়ালা),—সংক্ষেপে। অবজ্ঞায় "নীলে"।

নুটু—নুটবিহারী সংক্ষেপে। অনাদরে "নুটো"।

নেত্য (নেৎতো) পুং, নৃত্যকুমার,—কৃষ্ণ,—বিহারী,—লাল,—হরি সংক্ষেপে। অনাদরে নিত্যে, নেত্তা। ২। স্ত্রী, নৃত্যকালী সংক্ষেপে। অনাদরে "নিত্তী" নেতানী, নেতা (বিরল) তুল—নেতা ধোবানী (মনসার ভাসান)।

নেপ (পো) নৃপবল্লভ, নৃপতিনাথ, নৃপেন্দ্রকুমার,—চন্দ্র,—নাথ, সংক্ষেপে। আদরে "নেপু"। অনাদরে "নেপা"।

নৈমদ্দি—নই-ম্ (দ্রঃ)-অদ্-দিন্ অপভ্রংশে।

পচু (পো) [পচা বলিয়া অনাদৃত সুতরাং যম তাহাকে গ্রহণ করিবে না এই বিশ্বাসে] মৃতবৎসার পুত্রের নাম। অনাদরে "পচা"। অধিক অবজ্ঞায়—"পোচে"। স্ত্রী, পচী।

পঞ্চু (পো) পঞ্চানন ঠাকুরের দ্বার-ধরা পুত্র সন্তান। অনাদরে "পঞ্চা"। স্ত্রী, পঞ্চী। ২। পঞ্চমকুমার নামের সংক্ষেপ। স্ত্রী, পঞ্চমকুমারী সংক্ষেপে "পঞ্চী"।

পটল (ল্) [পটলের মত হ্রস্বকায় ও "গেঁটা গোটা" বলিয়া] আদরের নাম। অনাদরে—পটলা। স্ত্রী, পটলী (পোটু)।

পদ (দো) [পদ=চরণ অর্থাৎ দেবতার চরণ প্রসাদাৎ] কালীপদ, দুর্গাপদ, দেবীপদ, দ্বিজপদ, বিষ্ণুপদ, শিবপদ, শ্যামাপদ, হরিপদ সংক্ষেপে। আদরে—পদু, পদি। অনাদরে—পদা।

পদী (পো) স্ত্রী, পদ্মমুখী, পদ্মিনী বা পদ্মমণি সংক্ষেপে পদ্ম। অতিপরিচয়ে বা অনাদরে "পদী"। পুং, "পদ্ম"।

পদ্ম (পদ্দো) পদ্মনাভ, পদ্মচন্দ্র, পদ্মিনীমোহন প্রভৃতির সংক্ষেপে "পদ্ম"। কথায় "পদ্দ"।

পরবেজ (জ্) ফা—পর্‌বিজ্ (ফা গল্পের প্রসিদ্ধা নায়িকা "শিরিঁন" প্রণয়পাত্র) অপভ্রংশে।

পরাণ [সং—প্রাণ হইতে] হিন্দু ও মুঃ নামের গ্রা রূপ। বাং—মুঃ নাম পরাণ-উদ্দি। তুল —জান্ উল্লা।

পাঁচু—কড়ি দ্রঃ। পাঁচকড়ি সংক্ষেপে। অবজ্ঞায় —"পেঁচো।" ২। পঞ্চানন সংক্ষেপে। ৩। জননী কর্তৃক পাঁচুঠাকুরের ঔষধ খাওয়ায় জাত পুত্রের নাম। পাঁচুগোপাল সংক্ষেপে। স্ত্রী. পাঁচী।

পান্না—পুং. পান্নালাল সংক্ষেপে। আদরে—"পানু।" অনাদরে—"পেনো"। ২। স্ত্রী. পান্নাসুন্দরী, পান্নাময়ী সংক্ষেপে।

পিয়ারী [প্রিয় হইতে] পুং. পিয়ারীচরণ,—চাঁদ বা প্যারীচাঁদ,—লাল,—মোহন সংক্ষেপে অতিপরিচয়ে—"পেয়ারী"। ২। [সং—প্রিয়া +রী (হি) হইতে হিঃ ও বাং-য়—প্যারী] স্ত্রী. রাধাপিয়ারী, রামপিয়ারী, শ্যামপিয়ারী সংক্ষেপে। অতিপরিচয়ে "পেয়ারী"। হি-তে আদরে, বাং-য় অনাদরে "পেয়ারে"।

পিরু—পিরুবখ্শ্ সংক্ষেপে আদরার্থে।

পিজির (র্) ফা—পজির্ (আনন্দদায়ক) হইতে। তুল—দিল্পজির্=প্রাণারাম।

পুঁটী [সং—প্রোষ্ঠী ক্ষুদ্রার্থে] ছোট মেয়ের আদরের নাম। পুং. "পুঁটে," "পোঁটা"।

পুন্ন (পুন্নো) পুং. পূর্ণচন্দ্র সংক্ষেপে। গ্রা—পুন্ন। অনাদরে—"পুন্নে।" ২। স্ত্রী. পূর্ণশশী, পূর্ণপ্রভা সংক্ষেপে। অনাদরে—"পুন্নী।"

পীতেম (ম্) [প্রিয়তম অপভ্রংশে. সংক্ষেপে] প্রীতমলাল গ্রা সংক্ষেপে।

পুঁটে, পোঁটা—পুং. পুঁটী দ্রঃ।

পেমা [সং—প্রেম হইতে] প্রেমগোবিন্দ,—দাস,—নারায়ণ, —লাল, —বিলাস সংক্ষেপে প্রেম: মেয়েলি "পেমো"। অনাদরে "পেমা"। স্ত্রী. প্রেমদাসী বা প্রমীলা সংক্ষেপে, অনাদরে "পেমা", "পিমী" "পিরমী"। আদরে—"পেমু" "পেমো"।

প্রসাদ (প্রোশাদ্) [হাবড়া-আমতা রেল লাইনের সন্নিহিত প্রসাদপুরের ঠাকুরের ঔষধ খাওয়ায় প্রসূত সন্তানের নাম] পুং. প্রসাদদাস, প্রসাদকুমার, প্রসাদচন্দ্র সংক্ষেপে। ২। [দেবতাদির কৃপা বা আশীর্ব্বাদ বা দান প্রভৃতি অর্থে কোন দেব বা দেবী বা তীর্থ বা পুণ্যাত্মার নামের সহিত যুক্ত হয়] কালীপ্রসাদ, কালীপ্রসাদ, কৃষ্ণপ্রসাদ, গণেশপ্রসাদ, গঙ্গাপ্রসাদ, চণ্ডীপ্রসাদ, দেবপ্রসাদ, দেবীপ্রসাদ, বরদাপ্রসাদ, রাধাপ্রসাদ, রাধিকাপ্রসাদ, রামপ্রসাদ, শিবপ্রসাদ, শ্যামাপ্রসাদ, হরিপ্রসাদ, সংক্ষেপে। অনাদরে "প্রসাদে"। গ্রা "পেসাদে"। স্ত্রী. প্রসাদী। গ্রা "পেসাদী"।

প্রিয় (প্রিও) [গ্রা—পিও] পুং. প্রিয়নাথ প্রিয়লাল, প্রিয়মাধব সংক্ষেপে। ২। স্ত্রী. প্রিয়বালা, প্রিয়ম্বদা, হরিপ্রিয়া সংক্ষেপে।

ফকীর (ফো র্) ফকিরচন্দ্র সংক্ষেপে। অনাদরে —"ফোক্রে"।

ফনি (ফো) ফণীভূষণ, ফণীলাল, ফণীন্দ্রনাথ, সংক্ষেপে। অনাদরে—"ফোনে।"

ফেকি [ফিক্ ফিক্ করিয়া যে হাসে] শিশু-কন্যার আদরের নাম। পুং. ফেকা, ফেকো (বিরল)।

ফেলা (ফ্যা) মৃতবৎসার পুত্রের নাম। যাহাকে অনাদরে ফেলিয়া দেওয়া হইয়াছে সুতরাং ফেল্নার দিকে যম চাহিয়া দেখিবে না এই বিশ্বাস। আদরার্থে—"ফেলু"। স্ত্রী. "ফেলী"।

বক্সা আলি—বখ্শ্ আলি অনাদরে।

বঙ্ক, বঙ্কু (বো) বঙ্কবিহারী, বঙ্কুবিহারী, বঙ্কিমচন্দ্র, বঙ্কিমবিহারী। সংক্ষেপে "বঙ্কেশ"। অনাদরে—"বঙ্কা," "বোঙ্কো।"

বদ্রু (বো) বদর্-অদ্-দিন্=বদরুদ্দিন্ হইতে গ্রা সংক্ষেপে।

বদ্দী—বৈদ্যনাথ সংক্ষেপে "বৈদ্য"। গ্রা—বদ্দী। অনাদরে—"বোদ্দে," "বোদে।"

বান্দ্যো (বন্দো) বন্দ্যোপাধ্যায় সংক্ষেপে।

বসন (বশোন্) পুং. বসন্তকুমার, বসন্তলাল নামের সংক্ষেপ। অনাদরে—বস্না, বসা। ২। স্ত্রী. বসন্তী, বসন্তকুমারী, বাসন্তী, সংক্ষেপে। অনাদরে—"বসুনী," "বস্নী," বসী (বো)।

বাবোর (র্) আ—ব্বর্ (সিংহ) শাহ্ ইত্যাদি সংক্ষেপে ও বাং অপভ্রংশে।

বালা—স্ত্রীনামার্থে পুং নামে যুক্ত হয়।

বাসতুল্লা—ব্ আসাৎ-উল্লাহ্ (দ্রঃ) অপভ্রংশে।

বিধু [চন্দ্র অর্থে]—ভূষণ,—শেখর। সংক্ষেপে। গ্রা—"বিদু"। অনাদরে "বিদে"।

বিপিন (ন্) বিপিনকুমার,—চন্দ্র,—বিহারী, সংক্ষেপে। আদরে—"বিপু।" অনাদরে—"বিপে," "বিপ্নে।"

বিরাজ (জ্) [বিরাজ=ঈশ্বর] পুং. বিরাজ-মোহন সংক্ষেপে। অবজ্ঞার্থে, "বিরাজে"। ২। স্ত্রী. বিরাজমোহিনী সংক্ষেপে। আদরে "বিরাজু।" অনাদরে "বিরাজী।"

বিহারী, বেহারী—বিহারীলাল সংক্ষেপে। ২। কুঞ্জবিহারী, কৃষ্ণবিহারী, গোকুলবিহারী, পুলিনবিহারী, বঙ্কিমবিহারী, বঙ্কুবিহারী, বন-বিহারী, রাসবিহারী, লালবিহারী, শ্যামবিহারী, সংক্ষেপে। অনাদরে—"বেহারে।"

বিশু—বিশ্বনাথ সংক্ষেপে। অবজ্ঞায় "বিশে।"

বীরেন (ন্) বীরেন্দ্রকুমার,—চন্দ্র,—নাথ। আদরে "বীরু।" অনাদরে "বীরে।"

বুড়ী—বৃদ্ধার ন্যায় পাকা পাকা কথা ও ধরণ ধারণের অনুকরণ করায় শিশুকন্যার আদরের নাম, অধিক আদরে "বুড়িরাণী"।

বেচু [কড়ি দ্রঃ] সন্তান হইয়া বাঁচেনা বলিয়া যাহাকে বেচিয়া ফেলা হইয়াছে। "বেচুলাল" বা বেচারাম সংক্ষেপে, অবজ্ঞায় "বেচা", "বেচো"। স্ত্রী. "বেচী"।

বেড়ানী (ব্যা) পাড়া বেড়ায় বা বেড়াইতে ভালবাসে এমন কন্যার নাম।

বেণী—বেণীকান্ত, —নাথ, —প্রসাদ —মাধব সংক্ষেপে। অনাদরে "বেণে।"

বেলাৎ, বেলায়েৎ—বিলায়ৎ দ্রঃ।

বোঁচা [যাহার অতি হ্রস্ব ও ডগাহীন নাসিকা বা ভোঁতা নাক] শৈশবের আদরের নাম। আদরে "বুঁচু"। স্ত্রী. বুঁচী।

ব্রজ (ব্রোজো) [গ্রা—বেজো] ব্রজকিশোর, ব্রজকুমার, ব্রজনাথ, ব্রজেন্দ্রকুমার,—চন্দ্র,—নাথ,—লাল, সংক্ষেপে। অতিপরিচয়ে, আদরে "ব্রজেন"। গ্রা—বেজেন। অনাদরে —"বেজা"।

ভজা—ভজহরি সংক্ষেপে "ভজ"। অবজ্ঞায়, অতিপরিচয়ে "ভজা।"

ভব (বো) [শিব, জগৎ, সংসার অর্থে] পুং. ভবনাথ, ভবচন্দ্র, ভবেন্দ্র, ভবতারণ, ভবেশচন্দ্র, ভবানীচরণ সংক্ষেপে। আদরে, ভবু। অনাদরে—ভবা, ভবে (ভো)। স্ত্রী. ভবতারিণী, ভবদারা, ভবানী, ভবরাণী, ভবশঙ্করী, ভবমোহিনী (বিরল) নামের সংক্ষেপ। আদরে "ভবো"। অনাদরে "ভবী" (ভো)।

ভুতো [ভূত হইতে] ভূতনাথ নামের সংক্ষেপ। স্ত্রী, ভুতী।

ভুবন (ন্) পুং. ভুবনকৃষ্ণ,—চন্দ্র,—মোহন সংক্ষেপে। অনাদরে "ভুব্নে"। ২। স্ত্রী. ভুবনবালা, ভুবনমোহিনী সংক্ষেপে। অনাদরে "ভুবনী"।

ভুষণ—পুং. ভূষণচন্দ্র সংক্ষেপে ভূষণ। অনাদরে "ভুষ্নো", 'ভুসুনে" "ভুষো"। ২। স্ত্রী. ভূষণবালা,— কুমারী সংক্ষেপে। অনাদরে "ভুষ্নী"।

ভোঁদা—স্থূলদেহ বা স্থূলবুদ্ধি (ভান্দা, ভোঁতা) মোটা ছেলের আদরের নাম। আদরে "ভোঁদু", অনাদরে "ভুঁদো"। স্ত্রী. "ভুঁদী"।

ভোলা—ভোলানাথ নামের সংক্ষেপ। তুল—কবি ভোলাময়রা। কচিৎ "ভুলো"। তুল—ভুলোর দল।

মকরম হোসেন—মুকর্রম্ দ্রঃ।

মঙ্গল (মোংগোল্) পুং. মঙ্গলবারে জন্ম বলিয়া নাম। ২। মঙ্গলচণ্ডীর ধার-ধরা বলিয়া মঙ্গল

দাস। অনাদরে মোঙ্‌লা। স্ত্রী. মঙ্গলাদাসী সংক্ষেপে। অনাদরে—মুঙ্‌লী।

মট্‌রু (মো) [মটর (কুদ্রার্থে)] হিং. মুং নাম। তুচ্ছার্থে "মট্‌রা"। সাধাঃ পালিত ছাগের নাম।

মটুক (মোটুক্‌) [মুকুট হইতে] হিন্দু. মুং নাম। অনাদরে "মট্‌কা", "মোট্‌কো"।

মণি (মোনি) [রত্ন, শ্রেষ্ঠ অর্থে] মণিভূষণ, মণিমোহন,—লাল, মণীন্দ্র, মণীশ সংক্ষেপে। আদরে "মনু"। অনাদরে "মোনে"।

মধু, মদু (মো) মধুসূদন সংক্ষেপে। অনাদরে "মোধো"। গ্রা—মোদো।

মনিরদ্দি—মুনীর দ্রঃ।

মনে (মো) ময়নামতী সংক্ষেপে, অনাদরে। প্র—"এর মা মনে আছে জানত ডাঙ্গর"—মাণিকচাঁদের গান।

মনো (মো) মনোমোহন সংক্ষেপে। অনাদরে "মোনা"। ২। স্ত্রী. মনোমোহিনী সংক্ষেপে। (২) মনমিছরি সংক্ষেপে আদরার্থে।

ময়না (য়্‌) [সং—মদনাবতী অপভ্রংশে] ময়নামতী, ময়নাসুন্দরী সংক্ষেপে। আদরে "মৈনু"। অনাদরে "মৈনী"। মনে দ্রঃ।

মর্ত্তুজা—মুর্ত্তজা দ্রঃ।

মশু (মো) আ—মস্‌উদ (ভাগ্যবান্‌ অনুকূল, শুভদ) সংক্ষেপে, আদরে।

মাণিক (নিক্‌) মাণিকচন্দ্র সংক্ষেপে। অনাদরে "মান্‌কে"।

মানু—স্ত্রী. মানকুমারী, মানদাসুন্দরী, মানমোহিনী সংক্ষেপে। আদরে "মানু", অনাদরে "মানী"।

মিছরি (ছ্‌) [মিছরির ন্যায় মধুর মন] নারীর পাতান নাম "মন-মিছরি" সংক্ষেপে।

মিঞা—মিঞা জান,—খাঁ ইত্যাদি সংক্ষেপে।

মুখো—মুখোপাধ্যায় সংক্ষেপে।

মুলুক বা মুল্লুক চাঁদ (ক্‌ দ.) আ—মুল্‌ক্‌ (রাজ্য) চাঁদ (চন্দ্র হইতে। হিন্দু. মুং নাম। অনাদরে "মুলুকে"।

মেছের (র্‌) আ—মুসার্‌রৎ (আনন্দ, উল্লাস), মসরুর্‌ (সুখী, প্রফুল্ল, তুষ্ট) বা মনসুর্‌ (দ্রঃ) প্রভৃতি অপভ্রংশে।

মোছন আলি (ন্‌) আ—মুহ্‌সন্‌ (রক্ষিত, পবিত্র) অপভ্রংশে।

যদু (জোদু) যদুগোপাল, যদুনাথ সংক্ষেপে। অনাদরে "যোদো"।

যাদু—জাদু দ্রঃ।

যোগেন (জোগেন্‌) যোগেন্দ্রচন্দ্র,—কুমার,—নাথ,—লাল সংক্ষেপে। আদরে "যোগু"। অনাদরে "যোগা", "যোগে"।

রঘু (রো) রঘুনাথ,—বর,—বীর সংক্ষেপে। অনাদরে "রোঘো", "রোগো"।

রমা—পুং.—রমানাথ,—প্রসাদ সংক্ষেপে। ২। স্ত্রী. রমাসুন্দরী সংক্ষেপে।

রসিক (রোশিক্‌) রসিকচন্দ্র, রসিকমোহন, রসিকলাল, রসিককৃষ্ণ সংক্ষেপে। অনাদরে—রস্‌কে (রোশ্‌কে)

রাই [রাধিকা অর্থে] স্ত্রী. রাইকিশোরী, রাইমণি সংক্ষেপে। পুং রাইচরণ, রাইমোহন সংক্ষেপে।

রাজা—পুং.রাজারাম, রাজকুমার,—কৃষ্ণ,—চন্দ্র,—মোহন; রাজেন্দ্রকুমার, —মোহন, —লাল সংক্ষেপে। আদরে "রাজু"। অনাদরে "রেজো"। ২। স্ত্রী. রাজকুমারী,—বালা,—মোহিনী,—রাণী, সংক্ষেপে। আদরে, "রাজু"। অনাদরে—"রাজী"।

রাম (ম্‌) রামকমল,—কুমার,—চন্দ্র, —জয়,—তনু,—তারণ,—দাস,—দুলাল,—ধন, —নাথ, —প্রসাদ, —প্রাণ, —মোহন, —রতন,—লাল —লোচন,—সদয়,—সহায়,—হরি, সংক্ষেপে। আদরে "রামু", অনাদরে "রামা", "রেমো"। স্ত্রী. রামী, পদ-সা ও গ্রা. মেয়েলি—"রামিনী" (বিরল)।

লক্ষ্মী (লোক্‌খি) [গ্রা—লোক্‌খি] স্ত্রী. লক্ষ্মীমণি, রাজলক্ষ্মী সংক্ষেপে। মেয়েলি—"লোক্‌খি" তাহা হইতে গ্রা. সংক্ষেপে—"নকো"। অনাদরে—নকী। ২। পুং. লক্ষ্মীনারায়ণ, লক্ষ্মীবিলাস, লক্ষ্মীচরণ, লক্ষ্মীপ্রসাদ, লক্ষ্মীকান্ত, সংক্ষেপে। অনাদরে "লকা," "লকে।" মেয়েলি, "নকা," "নকে"।

ললিত (লোলিত্‌) পুং. ললিতকুমার,—চন্দ্র,—মোহন সংক্ষেপে। অনাদরে "লোল্‌তে।" স্ত্রী. ললিতা। অনাদরে 'ললিতে'।

লাডলি—লাডলিমোহন সংক্ষেপে। হি—লাড (সস্নেহে পালন—আদর। তুল—"লাড, পেয়ার")। হিন্দীনাম। বাং-য় এই অর্থে পিয়ারীমোহন,—লাল: লাটু (গ্রা—নাটু। তুল—ছাতুবাবু নাটুবাবু) প্রভৃতি নাম চলিত আছে।

লাল (ল) লালচাঁদ, লালবিহারী সংক্ষেপে। আদরে—লালু (হি—লাল্লন্‌)। অনাদরে "লেলো।" মেয়েলি কথায় আদ্য ল স্থানে 'ন' ব্যবহার।

শচী (শো) পুং. শচীন্দ্রকুমার,—নাথ,—প্রসাদ সংক্ষেপে। আদরে "শচীন্‌।" অনাদরে "শোচে।" ২। স্ত্রী. শচীবালা, শচীন্দ্রবালা,—কুমারী সংক্ষেপে। আদরে—"শচু।" অনাদরে—শচী।

শরৎ—পুং. শরৎকুমার, শরচ্চন্দ্র সংক্ষেপে। আদরে—"শরতি" (শো)। অনাদরে—"শরা," "শরতা।" ২। স্ত্রী. শরৎকামিনী, শরৎকুমারী, শরৎশশী, শরৎপ্রভা। আদরে "শরু," "শরো।" অনাদরে—"শরী।"

শশী, শশি (শোশি) পুং. শশিকুমার,—চন্দ্র,—পদ,—ভূষণ,—শেখর সংক্ষেপে। অনাদরে—"শশে" (শো)। ২। স্ত্রী. শশিমুখী,—শশিবালা সংক্ষেপে।

শাম (ম্‌) পুং শ্যামকুমার, —চন্দ্র, —চাঁদ, —ধন, —প্রসাদ,—বিহারী—মোহন, —রতন, —লাল, —সুন্দর: শ্যামাচরণ, —নাথ, —পদ, —প্রসন্ন সংক্ষেপে। অতিপরিচয় ও স্নেহার্থে—"শামু"। অনাদরে—"শামা"। অবজ্ঞায়—"শেমো"। স্ত্রী. শ্যামা। অনাদরে—"শামী"।

শামসদ্দি (শাম্‌শোদ্দি)—শম্‌স্‌ (দ্রঃ) উদ্দিন্‌ অপভ্রংশে।

শিব (ব্‌) পুং. শিবকুমার,—কৃষ্ণ,—চন্দ্র,—চরণ,—ধন,—নাথ,—পদ,—প্রসাদ,—মোহন,—রতন,— লাল, — সাধন, সংক্ষেপে। আদরার্থে "শিবু"। অনাদরে—"শিবে"। ২। স্ত্রী. শিবরাণী, —মোহিনী, —সুন্দরী সংক্ষেপে "শিবো": অতিপরিচয়ে ও অনাদরে "শিবী"।

শৈল—পুং. শৈলেন্দ্রকুমার, —নাথ,—ভূষণ,—মোহন সংক্ষেপে। আদরে "শৈলেন্‌"। "শয়েল" (বিরল)। অনাদরে—"শৈলে" ২। স্ত্রী. শৈলজা, শৈলবালা,—কুমারী (বিরল) —সুন্দরী সংক্ষেপে। অতিপরিচয়ে ও অনাদরে "শৈলী"।

শোভান, সোভান (ন্‌) আ—সুভান দ্রঃ। স্ত্রী. শোভানী।

সমছদ্দি—শমস্‌ ও শাম্‌সদ্দি দ্রঃ।

সয়া (শ) সহায়চাঁদ সংক্ষেপে, "সয়াচাঁদ" পরে সয়া। ২। সপারাম সংক্ষেপে সয়া।

সতু (শো) সত্যচরণ,—নাথ,—প্রসাদ,—শরণ বা—সত্যেন্দ্র নামের আদরার্থে সংক্ষেপ। অনাদরে—"সোতো" "সোতে"।

সত্য (শোৎতো)—সত্যচরণ,—প্রসাদ,—শরণ —সাধন সংক্ষেপে। ২। সত্যেন্দ্রনাথ,—প্রসাদ,—ভূষণ সংক্ষেপে। আদরে—সত্যেন্‌। অনাদরে "সতে" (শো)।

সদু (শো) সৌদামিনী সংক্ষেপে। অনাদরে "সোদো"। ২। পুং. সদানন্দ সংক্ষেপে আদরার্থে হয় কিন্তু বিরল।

সন্ন (শন্‌নো) [স্বর্ণ হইতে] স্বর্ণকুমারী,—প্রভা,—ময়ী,—লতা সংক্ষেপে। অনাদরে "সন্নী"।

সর (শরো) [সরোবর অর্থে] স্ত্রী. সরসীবালা, (২) সরোজিনী ও সরস্বতী সংক্ষেপে। আদরে "সরু"। অনাদরে "সরী"।

সরোজ (শ. জ্‌) [পদ্ম অর্থে]—কুমার, প্রকাশ; সরোজিনীকান্ত,—নাথ সংক্ষেপে। স্ত্রী. সরোজবালা, সরোজকুমারী, সরোজিনী সংক্ষেপে।

সহায় (শহায়) রামসহায় সংক্ষেপে। রাম দ্রঃ। সহায়চাঁদ সংক্ষেপে। অতিসংক্ষেপে ও অনাদরে "সয়া"।

সাতু (শা) সাতকড়ি সংক্ষেপে। গ্রা—"ছাতু"। অবজ্ঞায়—"সেতো"। কড়ি দ্রঃ।

সিদু, সিধু—সিদ্ধেশ্বর সংক্ষেপে। অবজ্ঞায়—"সিদে"। স্ত্রী. সিদ্ধেশ্বরী। সংক্ষেপে "সিধু", "সিদু"; অবজ্ঞায়—"সিদী"।

সুরেন (শুরেন্) পুং. সুরেন্দ্রকুমার.—কিশোর.—চন্দ্র.—নাথ.—প্রসাদ.—মোহন সংক্ষেপে, আদরে "সুর"। অনাদরে "সুরে"। ২। স্ত্রী. সুরেন্দ্রবালা, সুরেন্দ্রনন্দিনী, সংক্ষেপে। আদরে "সুরো"। অনাদরে "সুরী"।

সোণাউল্লা—সনা (দ্রঃ) অপভ্রংশে।

সোণা (শো)—স্ত্রী. সোণামণি, সোণামুখী, সোণারাণী, সোণাবিবি। ২। সন্ন (দ্রঃ) অর্থে। অনাদরে "সোনী", "সোনী"।

সোহাগী (শো) সোহাগী, সোহাগিনী সংক্ষেপে। আদরে "সোহাগ"।

সোহিনী (শো) শোভিনী (দ্রঃ) সংক্ষেপে সোহাগিনী হইতেও সম্ভব (সোহাইনী, গি=ই আ=ই)।

হর (রো) পুং, হরকুমার, হরচন্দ্র, হরনাথ, হরপ্রসাদ, হরবিলাস, হরমোহন, হরলাল, হরশঙ্কর প্রভৃতি নামের সংক্ষেপ। আদরে "হরু"। অনাদরে "হরা" (হ)। ২। স্ত্রী. হরকালী —কামিনী. — মণি. — ভাবিনী. —মোহিনী সংক্ষেপে।

হরি (হো) পুং. হরিকেশব.—চরণ.—দাস.—ধন.—নাথ.—প্রিয়.—বিলাস.—ভূষণ—মোহন —সাধন.—হর সংক্ষেপে। অনাদরে "হোরে"। ২। স্ত্রী. হরিকালী.—ভাবিনী.—মতী সংক্ষেপে।

হরু (হো) হরেকৃষ্ণ সংক্ষেপ। তুল—হরুঠাকুর (হরেকৃষ্ণ দীর্ঘাড়ী)। অনাদরে "হোরো"।

হরেন (ন্) হরেন্দ্র সংক্ষেপে। অনাদরে "হরনা"।

হাচেম (ম্) হ.শম্ (আ—হশ্মৎ দ্রঃ) অপভ্রংশে।

হাজেরউল্লা—হাজির্ (আ—হজর্—মহাশয়, দরবার, উপস্থিতি) অপভ্রংশে।

হাতেম (ম্) [আ—হ.াতিম্ (বিচারপতি) জনৈক মহানুভব আরব সর্দার হাতিম্ তাই (সাম্প্রদায়িক উপাধিবিশেষ) এর নাম হইতে —উদার, বদান্য] "হাতিম তাই" সংক্ষেপে।

হাফেজ—হাফিজ্ দ্রঃ।

হারু (ন্) হারা মরার সন্তান বলিয়া। হারাণ চন্দ্র, হারাধন সংক্ষেপে "হারাণ",অতিসংক্ষেপে আদরার্থে "হারু"; অবজ্ঞার্থে "হারাণে" "হেরো"। স্ত্রী. "হারাণী" সংক্ষেপে "হারা" অবজ্ঞার্থে বা অতিপরিচয়ে "হারী"।

হালিম (ম্) হলীম্ (দ্রঃ) অপভ্রংশে।

হীরু, হিরু—পুং. হীরালাল, হীরেন্দ্র সংক্ষেপে। অনাদরে—"হীরে"। স্ত্রী. হীরা।

হেম (ম্) হেমকুমার.—চন্দ্র.—দাস. —নাথ.—লাল ; হেমেন্দ্রকুমার. — নাথ. — প্রসাদ সংক্ষেপে। আদরে 'হেমু"। অনাদরে—'হেমা"। ২। স্ত্রী. হেমকুমারী, হেমনলিনী, হেমপ্রভা, হেমাঙ্গিনী। আদরে. "হিমো" "হেমা" "হিমু"। অনাদরে "হিমী"। ক্বচিৎ "হৈমবতী" হইতে এই সকল সংক্ষেপ হয়।

হেরাসতুল্লা—হিরাসৎ (দ্রঃ) অপভ্রংশে।

[দ্রঃ—হিন্দু পুং নামার্থে মূল নামের সহিত কান্ত, কিশোর, কুমার, চন্দ্র, চরণ, ধন, নন্দন, নাথ, পদ, প্রসাদ, বল্লভ, বিলাস, মোহন, রঞ্জন, লাল, সাধন, প্রভৃতি ; হিন্দু স্ত্রী নামার্থে—কামিনী, কালী, কিশোরী, কুমারী, নন্দিনী, বালা, ভাবিনী, মণি, মতি, মোহিনী, রাণী, শশী, সুন্দরী প্রভৃতি ; এবং মুঃ স্ত্রী নামার্থে আরা (শোভিনী অর্থে), খাতুন, জান, নিসা, বিবি, বেগম, মহল্ প্রভৃতি সাধারণতঃ যুক্ত হইয়া থাকে]

বাঙ্গালী মুসলমানদিগের আর্বী ও ফার্সী নামের বিশুদ্ধ উচ্চারণসঙ্গত বানান এবং অর্থ।

[শব্দের আদ্য বা মধ্যস্থ অ বা অকারাণ্ড বর্ণ লঘূচ্চার্য্য দ্রুত "আ" বা "আকারান্তবৎ" এবং অন্তস্থ হসন্তযুক্ত অকারান্ত বর্ণ লঘু "হসন্তযুক্তবৎ" উচ্চারিত হইবে। উকার দ্রুত ও লঘু ওকার এবং উকারের মধ্যবর্ত্তী উচ্চারণ সদৃশ, যথা—মুহম্মদ শব্দের মু=মু এবং মো'র মাঝামাঝি এবং হুসেন শব্দের হু=হু এবং হো'র মাঝামাঝি উচ্চারণ করিতে হইবে। ও্—ওকার এবং উকারের মাঝামাঝি দ্রুত উচ্চারণ চিহ্ন। যথা—মও্লা (ম-ও-লা নহে, মউলাও নহে)। শব্দের আদ্য বর্ণে হসন্তযোগ বল (accent) অর্থে। পদমধ্যস্থ বর্ণে হসন্তযোগ থাকিলে সেই বর্ণ উচ্চারণ করিয়া থামা হইবে না অর্থাৎ পরবর্ত্তী বর্ণ অবকাশ না দিয়াই একটানে উচ্চারণ করিতে হইবে। বা=বাং বাইবেলোক্ত নাম ও বানান]।

অওরঙ্গ্.জে.ব্ [ফা—অওরঙ্গ্ (সিংহাসন) জেব্ (ভূষণ)—সিংহাসনের ভূষণস্বরূপ] স্বনামখ্যাত দিল্লীর সম্রাটের নাম। বাং অপভ্রংশে—আরাঙ্গজেব, আরঙ্গেব, আরাঙ্গিব, ঔরঙ্গজেব।

অক্‌বর [আ—কবির্ (মহৎ, পূর্ণ) হইতে শ্রেষ্ঠার্থে অক্‌বর, বাং গ্রা—আকবর, আকবার, একব্বর (বঙ্গ-সাহিত্যপরিচয় ২য় ভাগ) আকব্বার] আলি,—খাঁ,—হুসেন।

অক্‌রাম্ [ফা। অনুগ্রহ, প্রসাদ] আলি, ইক্‌রাম্ দ্রঃ।

অজ্.হর্ [আ—জাহর্ (সুস্পষ্ট, পরিষ্কার) হইতে অত্যধিকার্থে অজ্.হর্। বাং—এজহার, আজার]—অল্-দিন (অজ্‌হরুদ্দিন্),—অল্-হক্ (অজ্‌হরুল্‌হক্),—হুসেন।

অ.জী.জ. [আ। প্রিয়বন্ধু, আত্মীয়, সম্মানিত, প্রিয়। স্ত্রী. আজীজন্। মু-বাং—আজিজ] —অদ্-দিন্,—অল্-হক্,—অর্-রহ্.মান।

অ.জী.ম্ [আ। উচ্চ, মহৎ, মহামান্য] —অল-দিন (অজীমুদ্দিন), — অল্-শান্ (অজি-মুশ্.শান্ —সম্ভ্রান্ত, মহোচ্চ-পদবীস্থ, মহামান্য)।

অ.তা [আ। অনুগ্রহ, দান, কৃপা]—অর্-রহ্.মান,—উল্লাহ্।

অন্‌বর, অন্‌বার্ [আ—নূর্ (আলোক, জলুস) হইতে, অত্যধিকার্থে]—অদ্-দিন,—অল্-হক্,—আলি।

অন্.স.ারী [আ—নাসর্ (সাহায্যকারী, বন্ধু) শব্দের বহুবচনে আন্.স.ার্] যাহারা মক্কা হইতে মদিনায় পলায়নকালে মহম্মদকে সাহায্য করিয়াছিল তাহাদের বংশাবলী বা সম্প্রদায় অন্‌সারী নামে প্রসিদ্ধ। ইঁহাদের নামের শেষে এই শব্দ যুক্ত হয়।

অফ্‌.জ.ল্‌ [আ—ফজ্‌ল্‌ (মহত্ত্ব, গুণাবলী, অনুগ্রহ হইতে অত্যধিকার্থে]—অদ্‌-দিন,—আলি,—হুসেন।

অবু [আ। আব্‌ (পিতা) দ্রঃ]—কাসিম্‌,—খয়্‌র্‌,—নইম্‌,—বকর্‌,—মহম্মদ্‌,—সালেক্‌,—সালেহ্‌,—হুসেন।

অব্দ্‌ [আ—অব্দ্‌, প্রা-আ—অব্দ্‌ (গোলাম, সেবক, পূজক, সাধু)]—অন্‌-নবী,—অর্‌-রউফ্‌,—রজ্‌জাক্‌,—রব্‌ —রশীদ্‌,—রহ্‌মান্‌,—রহীম্‌,—অল্‌-অজীজ্‌,—আব্‌বল্‌—আব্বাস্‌,—আলিম্‌,—করীম্‌,—কায়্‌ম্‌,—খয়্‌র্‌,—খালিক্‌,—গনী,—গফ্‌ফার্‌,—গফ্‌র্‌,—জব্‌বার্‌,—জলীল,—ফত্তাহ্‌,—মজীদ্‌,—মৎলব্‌,—মন্‌সুর্‌,—মুগনী,—লতীফ্‌,—বদুদ্‌,—বহাব্‌,—বাজিদ্‌,—বাহিদ্‌,—শুক্‌র্‌,—হক্‌,—হকীম্‌,—হাই,—হাফিজ্‌,—হামিদ্‌,—হুসেন,—অস্‌-সমদ্‌,—সুভান্‌।

অ.ব্‌বাস্‌ [আ। লাল ফুলগাছবিশেষ। তাহা হইতে আব্‌বাসি অর্থে লালবর্ণ। "গুল্‌-ই-অব্‌বাস্‌" লাল গোলাববিশেষ ; the marvel of Peru] আলি। স্ত্রী, অব্‌বাসী। তুল—বাং—গোলাপী।

অব্রাহম্‌ [বা] ইব্রাহিম্‌ দ্রঃ।

অমিন্‌ [আ ; বিশ্বস্ত, মুরব্বী, রক্ষক]—অল্‌-ইস্‌লাম্‌।

অল্‌ [আ। লঘু আ=ইং—ul বৎ উচ্চারণ। বিশেষ, সম্বন্ধ প্রভৃতিবাচক শব্দসংযোজক অব্যয়। ইং—the, of] ইহা আরবী নামবাচক শব্দসহ যুক্ত হইয়া রূপান্তরিত হয়। অল্‌ দকারাদি শব্দের পূর্ব্বে যুক্ত হইলে "অদ্‌," নকারাদির পূর্ব্বে "অন্‌," রকারাদির পূর্ব্বে "অর্‌," লকারাদির পূর্ব্বে "অল্‌," শকারাদির পূর্ব্বে "অশ্‌" এবং সকারাদি শব্দের পূর্ব্বে যুক্ত হইলে "অস্‌" হয়, কিন্তু সংযুক্ত নাম উচ্চারণকালে অ "উ"বৎ উচ্চারিত হয়, যথা—জমীর্‌-অল্‌-দিন্‌ = জমীর-অদ্‌-দিন্‌ = জমীরুদ্দিন্‌, জেব্‌-অল্‌-নিসা = জেব্‌-অন্‌-নিসা = জেব্‌ উন্নিসা, অব্দ্‌-অল্‌-রহ্‌মান্‌ = অব্দ্‌-অর্‌-রহ্‌মান্‌ = অব্দুর্‌রহ্‌মান্‌, অব্দ্‌-অল্‌-লতীফ্‌ = অব্দুল্লতীফ্‌, অজীম্‌-অল্‌-শান্‌ = অজীম্‌-অশ্‌-শান্‌ = অজীমুশ্‌শান্‌, অব্দ্‌-অল্‌-সমদ = অব্দ্‌-অস্‌-সমদ = অব্দুস্‌সমদ্‌। অন্যত্র অল্‌ অবিকৃত থাকে।

অমীর্‌ [আ। উচ্চপদস্থ, সম্ভ্রান্ত, ভদ্র, উদার]—অদ্‌-দিন্‌,—আলি,—খাঁ,—হুসেন্‌।

অশ্‌রফ্‌ [আ—শরীফ্‌ (মহৎ, ভদ্র, মহাপ্রাণ) হইতে অত্যধিকার্থে]—অদ্‌-দিন্‌,—আলি,—খাঁ,—হুসেন।

অস্‌গ.র্‌ [আ—সাগির্‌ (ক্ষুদ্র, শিশু) হইতে অতিশয়ার্থে। তুল—ছোটু খাঁ, ননকু, ক্ষুদিরাম ইত্যাদি]—আলি,—হুসেন্‌।

অহ্‌মদ্‌ [আ। অতিশয় প্রশংসনীয়]—আলি, হ্‌সন্‌,—হুসেন্‌। দ্রঃ—প্রায়ই "উদ্দিন" যুক্ত নামের পর ব্যবহৃত হয়। প্র—জহিরুদ্দিন্‌ অহ্‌মদ্‌।

আকবর—অক্‌বর্‌ (দ্রঃ) শব্দের বাংলায় প্রচলিত বানান।

আজ.র্‌ [আ] বাইবেলোক্ত অব্রাহমের পিতার নাম।

আজ.াদ্‌ [ফা। স্বাধীন, স্বাধীন চিন্তাকারী] কোন কোন নামের পর যুক্ত হয়।

আফ্‌.তাব্‌ [ফা। সূর্য্য]—অল্‌-দিন,—আলি।

আব্‌ [আ—অব্‌, অবু (পিতা)। ফা—আব্‌ (সম্মান, চরিত্র, জলুস, তরবারির তীক্ষ্ণধার) হইতেও হয় কিন্তু মুসলমানের নাম প্রায় সমস্তই আরবী শব্দ মূলক]—অল্‌-খয়্‌র্‌ (সংক্ষেপে আবুল্‌-খয়্‌র্‌),—ফজ্‌ল্‌,—বশর্‌ (মানবের আদি পিতা। আদমের উপাধিবিশেষ)।

আরজু.মন্দ্‌ [ফা] আকাঙ্ক্ষিত, বাঞ্ছিত। প্র—আর্‌জুমন্দ বানু বেগম।

অ.লা [আ। উচ্চতা, মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব, গৌরব]—অল্‌-হক্‌।

আলাব্‌বল্‌ [আ—অল্‌ (ইং—the) অব্‌বল্‌ (awwal)] প্রথম, প্রধান, শ্রেষ্ঠ, উৎকৃষ্ট। গ্রা-বাং—আলাওল, আলওয়াল।

অ.লি [আ—অলি, আলি (আ—উলু—উচ্চ, মহান, উদার) হইতে]—অমজদ্‌ হুসেন,—অহ্‌মদ্‌,—জান্‌,—নবাজ্‌,—রজা,—মুহম্মদ,—হয়্‌দর্‌,—হুসেন্‌।

আশক.্‌ [আ—ই-শক্‌ (প্রেম, ভালবাসা) হইতে]—আলি,—মহম্মদ,—হুসেন।

আশ্‌ফ.াক.্‌ [আ—শফ্‌ক্‌ (দয়া, অনুগ্রহ) হইতে] আলি।

আস.ফ.্‌ [আ। সুলেমান্‌ বাদশাহের প্রধান মন্ত্রীর নাম "আসফ্‌-বিন্‌-বর্‌খিয়া। তিনি অতি বিচক্ষণ ছিলেন বলিয়া আসফ্‌ এই নাম, বুদ্ধিমান পরামর্শদাতা বা মন্ত্রী অর্থে প্রযুক্ত হয়] অদদৌলা (=আসফুদ্দৌলা)।

আস্‌মানী [ফা—আস্‌মান্‌ (আকাশ, স্বর্গ) হইতে] স্ত্রীনাম।

আহ্‌সান্‌ [আ। উৎকৃষ্ট, সুন্দর, মনোহর]—উল্লাহ্‌—খাঁ।

ইক্‌.বাল্‌ [আ। সৌভাগ্য, ঐশ্বর্য্য]—হুসেন্‌।

ইক্‌রাম্‌ [আ। সম্ভ্রম, সমাদর, অনুগ্রহ, প্রসাদ] আলি,—রসুল্‌,—হুসেন্‌। দ্রঃ—আলি, রসুল্‌ বা হুসেনের প্রসাদ অর্থে। তুল—ভগবানপ্রসাদ, দেবীপ্রসাদ।

ই.জ্‌.জ.ৎ [আ। সম্ভ্রম, গৌরব, সম্মান]—হুসেন্‌।

ইজ্‌.হার্‌ [আ। প্রত্যাদেশ, ঈশ্বরপ্রকটিত সত্য]—হুসেন্‌।

ই.ৎরৎ [আ—ই.ৎর্‌ (সুগন্ধ, গন্ধসার) হইতে]—হুসেন্‌।

ইনা'ম্‌ [আ—উপহার, অনুগ্রহ, দান]—অল্‌-হক্‌,—মুহম্মদ্‌।

ই.নায়্‌ৎ [আ। দয়া, অনুগ্রহ, উপহার, দান]—অল্‌—হক্‌,—উল্লাহ্‌,—হুসেন্‌।

ইব্‌রাহিম্‌ [আ। হিব্রু অব্রাহাম্‌ (বা)]—আলি,—খাঁ।

ই.বাদুল্লাহ্‌ [আ—অব্দ্‌ (দ্রঃ) হইতে ই.বাদ্‌ + উল্লাহ্‌]—খাঁ।

ইম্‌দাদ্‌ [আ। সহায়, দান]—আলি,—হুসেন্‌।

ইর্‌শাদ্‌ [আ। আদেশ, আজ্ঞা, ইচ্ছা]—আলি।

ইরাদৎ [আ। অভিলাষ, প্রসাদ]—আলি।

ইস্‌মাইল্‌ [আ—ইস্‌ম্‌ (নাম) হইতে? বাইবেলোক্ত পুং নাম]—খাঁ। ইং Ishmael.

ইস্‌লাম্‌ [আ। মুহম্মদীয় ধর্ম্ম] ইহা প্রায়ই অল্‌ যোগে নামের পর যুক্ত হয়।

ইস্রায়েল্‌ [আ। মৃত্যুর দূত। বাইবেলোক্ত পুং নাম। ইং Israel]—হক্‌। মুহম্মদ ইস্রায়েল।

ইস্‌হাক্‌ [আ। বাইবেলোক্ত পুং নাম। ইং Isaac]—খাঁ।

ইহ্‌সান্‌ [আ। অনুগ্রহ, প্রসাদ]—অহ্‌মদ্‌,—আলি।

উজ্‌.—অল্‌ দ্রঃ।

উদ্‌—অল্‌ দ্রঃ।

উদ্দিন্‌ [অল্‌-দিন্‌]—অল্‌ দ্রঃ।

উন্‌—অল্‌ দ্রঃ।

উর্‌—অল্‌ দ্রঃ।

উল্‌—অল দ্রঃ।

উল্‌ফ.ৎ [আ। বন্ধুত্ব, প্রেম, আসক্তি, ভালবাসা]—হুসেন্‌।

উল্লাহ্‌ [আ—অল্‌-লাহ্‌]—অল্‌ দ্রঃ। বাং গ্রা ব্যবহারে ভুলে ওল্লা। যথা,—এবাদোল্লা, এনাজোল্লা, সর্ফতোল্লা ইত্যাদি।

উস্‌—অল্‌ দ্রঃ।

উবয়্‌দ্‌ [আ—অব্দ্‌ (দ্রঃ) হইতে]—অল্‌—অক্‌বর,—উল্লাহ্‌। গ্রা—ওবয়েদোল্লা।

ওস্‌মান্‌ [আ—উচ্চারণ "ওথ্‌মান্‌। পুং নাম]—আলি,—খাঁ।

কবীর্‌ [আ। মহৎ, প্রবীন, সম্ভ্রান্ত ব্যক্তি]—অদ্‌-দিন্‌।

ক.মর্ [আ। চন্দ্র]—অদ্‌-দিন, —অল্‌-হক্‌,—আলি।

কমাল্ [আ। পূর্ণ, শ্রেষ্ঠ, বিস্ময়]—অদ্‌-দিন্।

ক.ম্বর্ [আ। চাতক]—আলি।

করম্ [আ—কৃপা, ঔদার্য্য, মহত্ত্ব]—অদ্‌-দিন্,—আলি।

করামৎ [আ। মহত্ত্ব, অলৌকিক ক্রিয়া]—আলি—হুসেন্। (বাং-য় কেরামৎ। প্র—"কেরামৎ জানরে বান্দা কত কেরামৎ জান"।

করিম্ [আ। উদার, মহাপ্রাণ, সদয়। স্ত্রী, করিমা]—অদ্‌-দিন,—দাদ্—খাঁ।

কলিম্ [আ। কথোপকথনকারী, পরিচিত]—অদ্‌-দিন।—অল্‌-লাহ্‌ (=কলিমুল্লাহ্‌—যিনি ঈশ্বরের সহিত কথা কহেন, মুসার (Moses) নামান্তর।

ক.ব.বা.ম্ [আ। শাশ্বত স্থায়]—অদ্‌-দিন্।

ক.সীম্ [আ—কিস্‌ম্ (প্রকৃতি)]—অদ্‌-দিন্।

ক.াদির্ [আ—কদ্‌র্ (উচ্চপদ, সম্মান, গুণ, সম্ভ্রম) হইতে। দক্ষ, পরাক্রান্ত, কুশল]—বখ্‌শ্।

কামিল্ [আ। অখণ্ড, জ্ঞানময়, পূর্ণ] পুং নাম। স্ত্রী, কামিলা।

ক.ায়.ম্ [আ। স্থির, দৃঢ়, অক্ষয়]—অদ্‌-দিন,—আলি।

ক.াসিম্ [আ—বিভাগ, প্রকার]—আলি।

কিফায়.ৎ [আ। লাভ]—উল্লাহ্।

কু.ৎব্ [আ। ধ্রুব তারা, প্রধান নায়ক]—অদ্‌-দিন্। বাং-গ্রা—কুতুবুদ্দিন, কোৎবুদ্দীন (বঙ্গসাহিত্য পরিচয় ৭৩০ পৃ)।

কু.র্বান্ [আ। বলি, অর্ঘ]—আলি।

কু.দ্‌সিয়া [আ—কু.দ্‌সী (পবিত্র, স্বর্গীয়) হইতে] স্ত্রী নাম। প্র—কু.দ্‌সিয়া বেগম।

খ.বীর্ [আ—খবর্ (সংবাদ, তত্ত্ব) হইতে। জ্ঞানী, পণ্ডিত]—অদ্‌-দিন।

খ.য়.র্ [আ। কুশল, সুখ। খয়.র্-অল্‌-বশর্ (মানবজাতির মধ্যে উৎকৃষ্ট)। হজ্‌.রৎ মুহম্মদের উপাধিবিশেষ। তুল—"পুরুষেষু বিষ্ণু] সাধাঃ নামের পর যুক্ত হয় যথা—অবুল্ খয়.র্।

খ.য়.রাত্ [আ—দান, ভিক্ষা]—আলি,—হুসেন্।

খ.লিক্. [আ—খলক্ (লোক, মানবজাতি) হইতে। সাধুস্বভাব, অমায়িক] নামের সহিত ব্যবহার আছে, কিন্তু বিরল। খালিক্ দ্রঃ।

খ.লীল্ [আ। ঈশ্বরের বন্ধু। অব্রাহমের উপাধিবিশেষ]—অজ্‌.-জমা, —অজ্‌.-জমান্,—খাঁ।

খাঁ, খ.ান্ [ফা—খান্ (প্রভু, রাজা, পাঠানদিগের জাতীয় উপাধি) সংক্ষেপে খাঁ] মুহম্মদীয় সাধাঃ নামের সহিত যুক্ত হয়। স্ত্রী, খানম্।

খ.াতির্ [আ। মহিমান্বিত]—আলি।

খ.াতুন্ [আ। সম্ভ্রান্তমহিলা, মান্যা। "খাতুন্-ই-জন্নাৎ" (স্বর্গের রাণী)—হজ্‌.রৎ মুহম্মদের কন্যা ফাতিমা বিবির নামান্তর।

খ.াদিম্ [আ—খিদ্‌মৎ (সেবা) হইতে। ভৃত্য। স্ত্রী, খাদিমা]—আলি—হুসেন।

খ.ানম্ [আ—'খান্ (দ্রঃ) হইতে। মহিলা, মান্যা স্ত্রী, রাণী] স্ত্রীনামের পর যুক্ত হয়।

খ.ালিক্ [আ—খিলক্ (বিশ্ব, সৃষ্টি)। সৃষ্টিকর্ত্তা] সাধাঃ নামের পূর্ব্বাংশের সহিত যুক্ত হয়। প্র—মুহম্মদ খালিক্, অব্দুল্ খালিক্।

খি.জ.র্ [আ। মুসার (Moses) জনৈক সহচর, the Prophet Elias]—খাঁ।

খু.দা [আ। ঈশ্বর]—দাদ্ (দত্ত),—য়ার্ (বন্ধু)।

খু.দাদাদ্ [আ। স্বভাবজাত, ঈশ্বরদত্ত]—খাঁ।

খু.র্‌র্‌ম্ [ফা। প্রফুল্ল, প্রসন্ন] পুং নাম।

খু.র্‌শয়.দ্, খু.র্‌শিদ্, খু.র্‌শেদ্ [আ। সূর্য্য]—আলি।

খু.শ.নূদ্ [ফা—পরিতৃপ্ত, তুষ্ট]—আলি।

খ্বা.জ.া (খোয়াজা এবং খাজার মধ্যবর্ত্তী উচ্চারণ) [আ। ভদ্রলোক, বড়মানুষ, ধনী]—আলি।

গ.ওহর্ [ফা। প্রকৃতি, সার]—আলি। স্ত্রী নামে "জান" যুক্ত হয় যথা—গ.ওহর্‌জান্।

গ.ওস্ [আ। মুসলমান সাধুদিগের উপাধিবিশেষ] পুং নামের সহিত যুক্ত হয়।

গ.জ.ন.ফ.র্ [আ—গজন্‌ফর্ (সিংহ, দিগ্বিজয়ী বীর, champion) অপভ্রংশে]—আলি,—হুসেন্।

গ.নী [আ। স্বাধীন, আঢ্য]—মুহম্মদ্। সংক্ষেপে গনী মিঞা। নামের শেষেও যুক্ত হয়। যথা,—অব্দুল্ গনী।

গ.ফূ.র্ [আ—গফ্‌র্ (পাপ মার্জ্জনা) হইতে। পাপীকে ক্ষমাকারী]—আলি,—হুসেন্। সাধাঃ পুং নামের শেষে যুক্ত হয়।

গ.ফ্‌.ফ.র্ [আ। দয়ালু] পুং নামের শেষে সাধাঃ যুক্ত হয়। যথা,—অব্দুল্ গফ্‌ফর্।

গ.য়াস্ [গে ও গ'র মাঝামাঝি উচ্চারণ, আ উচ্চারণ গয়াথ্। সহায়, রক্ষক, উপায়]—অদ্‌-দিন্।

গ.াজি. [আ। ধর্ম্ম যুদ্ধে অভিযানকারী; যোদ্ধা, বীর]—অদ্‌-দিন।

গ.ালিব্ [আ। জয়ী]—আলি।

গু.লাম্, গে.লাম্ [আ। কৃতদাস, ভৃত্য, বালক]—আলি, —ক্বাদির্,—নবী,—মওলা, —মহ্‌দী, —মুহম্মদ,—রসূল,—হুসেন্। দ্রঃ—ঈশ্বর, পয়্‌গম্বর বা পীরাদির গোলাম অর্থে সেই সকল নামের পূর্ব্বে যুক্ত হয়।

জন্নাৎ [আ। উদ্যান, স্বর্গ, সুখের স্থান] সাধাঃ নারী নামের সহিত যুক্ত হয়।

জ.ফ.র্ [আ। জয়, লাভ]—অদ্‌-দিন (বাং-গ্রা—জফরুদ্দি —বঙ্গসাহিত্য-পরিচয়, পৃ, ১৬৫৩),—আলি।

জব্বার্ [আ। পরাক্রান্ত, বিজয়ী]—খাঁ। সাধারণতঃ নামের প্রথমাংশের সহিত যুক্ত হয়।

জম্‌শেদ্ [ফা—পারস্য দেশের প্রাচীন রাজাবিশেষের নাম]—আলি।

জমাল্ [আ। সৌন্দর্য্য, সুষমা]—অদ্‌-দিন।

জ.মীর্ [আ। বিবেক, চিত্ত, বোধ]—অদ্‌-দিন্।

জ.য়.ন্ [আ। অলঙ্কার, ভূষণ]—অদ্‌-দিন।—অল্‌-অব্‌দিন্ (বাং গ্রা—জয়নাল আবেদিন)।

জলাল্ [আ। মহিমা, গৌরব, মর্য্যাদা]—উদ্দিন্। দ্রঃ—সৈয়্‌দ্ জলাল্ বুখারী সম্প্রদায়বিশেষের প্রবর্ত্তক। তাঁহার মতাবলম্বীদিগের উপাধি জলালী। জলালী অর্থে আ-তে ঐশ্বরিক।

জলীল্ [আ। মহিমান্বিত, গৌরবান্বিত]—অল্‌-কদ্‌র্।

জব্‌হর্, জবাহির্ [আ—জবাহির (রত্ন), জব্‌হর্ (রত্ন, ধর্ম্ম, গুণ, জ্ঞান)]—আলি।

জবাদ্ [আ। উদার, সদয়]—আলি

জহান্ [আ। জগৎ, সৃষ্টি]—আরা, বখ্‌শ্।

জ.হির্ [আ। সহযোগী, সহকারী]—অদ্‌-দিন।

জ.হূর্ [আ। প্রকাশ (manifestation)]—অল্‌-ইস্‌লাম্।

জান্ [ফা। প্রাণ, প্রিয়]—আলি,—মুহম্মদ্।

জা'ফ.র্ [আ। নদী]—আলি।

জি.নৎ, জি.ন্নৎ [আ—জিনৎ (অলঙ্কার, সৌন্দর্য্য, শোভা)]—আলি (পুং নাম), -ই-মহল (স্ত্রী নাম)।

জি.য়া [আ। আলোক, প্রভা]—অল্‌-হক্।

জু.ল্‌ফি.কার্‌অ.ালী [ফা। তলবার]—আলী।

জে.ব্ [ফা। অলঙ্কার, সৌন্দর্য্য, শোভা]—অন্‌-নিসা (নারীকুলের অলঙ্কার, স্ত্রীজাতির মধ্যে রত্নস্বরূপ), সাধাঃ স্ত্রী নামে যুক্ত হয়।

তকী [আ। পুণ্যাত্মা, ধর্ম্মভীরু]—আলি।

তজম্মুল্ [আ। উচ্চপদ, মহত্ত্ব]—হুসেন্।

তফ.জ.জুল্ [আ। আশীর্ব্বাদ, অনুগ্রহ, দান]—আলি,—হুসেন।

ব্.বর্ [আ। সাহসী]—আলি,—হসেন্।

তাজ্ [ফা। মুকুট]—অদ্‌-দিন্,—বখ্‌শ্ (মুকুটদাতা, সম্রাট)।

তার্ [ফা। মুকুট, শীর্ষ]—মুহম্মদ্।

তাহির্ [আ। পবিত্র, chaste]—রজ়া।

তৈয়্‌ব্ [আ। সাধু, অমির] সাধাঃ নামের পর যুক্ত হয় যথা,—মুহম্মদ তৈয়্‌ব্, তইয়ব্ তায়েব্ বানানও করা হয়।

দবীর্ [ফা। কর্ম্মসচিব, লেখক]—অদ্‌-দিন, —খাস্।

দলীল্ [আ। প্রমাণ, যুক্তি]—অদ্‌-দিন।

দাউদ্, দাযূদ্ [আ। বাইবেলোক্ত ভাববাদি-বিশেষের নাম, the prophet David]—অর্‌রহ্‌মান,—খাঁ।

দাদ্ [ফা। দান, উপহার] সাধাঃ নামের প্রথমাংশের সহিত যুক্ত হয়। যথা,—খুঁদা-দাদ খাঁন, করীম্‌-দাদ খাঁ।

দাদার্ [ফা। ন্যায়বিধাতা, ন্যায়বান্ ঈশ্বর] —বখ্‌শ্।

দিন্ [আ। ধর্ম্ম]—মুহম্মদ্।

দিল্‌দার্ [ফা। প্রিয়তম, চিত্তহারী]—আলি।

দিলাবর্ [ফা। সাহসী]—আলি,—খাঁ,—হসেন্।

দিলীর্ [ফা—দিলের্ (সাহসী)]—খাঁ।

দীদার্ [ফা—দিদার্ (দৃশ্য) হইতে দীদার (সুদর্শন, সুন্দর), পরে উকার লোপ]—বখ্‌শ্।

নজ্‌ম্ [আ। নক্ষত্র]—অদ্‌-দিন।

নজ়র্ [আ। দৃষ্টি]—আলি।

নজিব্ [আ। মহানুভব, শ্লাঘ্য, শ্রেষ্ঠ]—অর্‌-রহ্‌মান্।

নই.ম্ [আ। বদান্য]—অদ্‌-দিন্।

নবাজ়্ (চলিতরূপ নওয়াজ, নেওয়াজ) [ফা। স্নিগ্ধকর, শান্তিকর, তুষ্টকারী] সাধাঃ নামের পর যুক্ত হয়। যথা—আলিনবাজ়্।

নস.র্ [আ। জয়, সহায়]—অদ্‌-দিন,—উল্লাহ্।

নস্.রৎ [আ। জয়, সহায়]—উল্লাহ্।

নসীম্ [আ। মৃদু স্নিগ্ধবায়ু, পরিমল]—অদ্‌-দিন্।

নাস.ীর্ [আ। রক্ষক, বন্ধু। বাং-গ্রা—নাছির (বঙ্গ-সাহিত্য-পরিচয়, পৃ—১৮৬০)]—অদ্‌-দিন্,—অহ্‌মদ্,—মুহম্মদ্।

নিজ.াম্ [আ। ব্যবস্থা, নিয়ম, শাস্তি আজ্ঞা] —অদ্‌-দিন্,—অদ্‌-দৌলা,—অল্‌-মুল্ক্ (সাম্রাজ্যের বিধানকর্ত্তা, সাম্রাজ্যপরিচালক)।

নিয়াজ়্ [ফা। দান, উৎসর্গ]—আলি,—মুহম্মদ,—হসেন্।

নিসা [আ। নারীজাতি, মহিলাগণ] নারী নামের সহিত যুক্ত হয়। যথা—জ়েব্‌-অন্‌-নিসা অর্থাৎ রমণীকুলের মধ্যে যিনি অলঙ্কার বা শোভাস্বরূপা।

নিস.ার্ [আ। বর্ষণ, উৎসর্গ করণ]—অহ্‌মদ, —হসেন্।

নূর্ [আ। আলোক, প্রভা। স্ত্রী, নূরী (=প্রভাবতী)]—অদ্‌-দিন্,—অল্‌-গনী,—অল্‌-হসন্,—অল্‌-হুদা,—অল্‌-হসেন্,—আলি, -ই-হসেন,—বখ্‌শ,—মুহম্মদ্।

পির, পীর্ [ফা—পির্ (সিদ্ধপুরুষ, পুণ্যাত্মা)] আলি,—বখ্‌শ্।

ফ.কীর্ [আ। ভিক্ষুক, সন্ন্যাসী]—উল্লাহ্।

ফ.খ.র্ [আ। গৌরব, গর্ব্ব, মহিমা]—অদ্‌-দিন,—উল্লাহ্।

ফ.জ.ল্ [আ। মহিমা, অনুগ্রহ]—অল্‌-করিম্,—অল্‌-হক্,—ই-আলি।

ফ.তহ্ [আ। জয়, সাহসী পুরুষ]—উল্লাহ্, —খাঁ।

ফ.য়্‌জ্. [আ। দান, কৃপা, মহিমা]—অল্‌-লাহ্,—অল্‌-হক্।

ফ.রিদ্ [আ। অতুলনীয়, মহামূল্য রত্ন, জনৈক মুসলমান সাধুর নাম]—অদ্‌-দিন,—বখ্‌শ্।

ফ.র্জ়ন্দ্ [আ। সন্তান]—আলি।

ফ.রু্খ্. [ফা। ভাগ্যবান, সুখী। গ্রা—ফারুখ্]—মুহম্মদ্। দ্রঃ—সিদ্দিকী (দ্রঃ) র ন্যায় ফারুখের বংশধরগণ "ফারু্খী পদবী ধারণ করেন। ইঁহারা শেখ্ সম্প্রদায়ভুক্ত।

ফি.দা [আ—প্রেমিক, পরের জন্য জীবন উৎসর্গকারী]—আলি,—হসেন্।

ব.আ.স.ৎ [আ—ব.আথ.ৎ (ধর্ম্মপ্রচার, mission)]—আলি,—উল্লাহ্।

বখ.তাবর্ [ফা। সৌভাগ্যবান্]—আলি।

বখ.শ্ [আ। দাতা]—আলি।

বজ়.ল্ [আ। দান]—অল্‌-করিম্,—অর্‌-রহীম্।

বদ্‌র্ [আ—পূর্ণিমার চন্দ্র]—অদ্‌-দিন,—অদ্‌-দুজাহ্ (দ্বিতীয়) অর্থাৎ দ্বিতীয় পূর্ণচন্দ্র।

বরকৎ [গ্রা—বরকৎ। আ। সৌভাগ্য, প্রাচুর্য্য, শ্রীবৃদ্ধি]—উল্লাহ্।

ব.শর্ [আ। মানব]—আলি।

বশির্ [আ। অনন্দ-সংবাদবাহী দূত]—অদ্‌-দিন।

বাকী [আ। দৃঢ়, স্থির]—আলি,—বিল্লাহ্ (বিল্‌-লাহ্—ঈশ্বরের নামে, by God)।

বানূ [ফা] সম্ভ্রান্তা মহিলা। প্র—বানূ বেগম।

মও্‌লা (মউলা, মওলা ও মৌলা রূপ চলিত) [ফা। ঈশ্বর, ভৃত্য]—বখ্‌শ্। নামের পরও যুক্ত হয়। প্র—গোলাম্ মও্‌লা।

মক্.সূদ্ [আ। উদ্দেশ্য, আদর্শ]—আলি।

মক.দুম্ [আ। প্রধান, নেতা]—আলি,—হসেন্।

মজ্.হর্ [আ। স্বরূপ, প্রকাশক]—অল্‌-হক্,—বেগ্,—মুই-দ্,—হসেন্।

মজীদ্ [আ—মজ্‌দ্ (গৌরব) হইতে, গৌরবান্বিত, মান্য] সাধাঃ নামের পর যুক্ত হয়। প্র—অব্দুল্ মজীদ্।

মন্‌জু.র্ [আ। প্রশংসিত, মনোনীত, হৃদ্য —আলি,—হসেন্।

মন্‌সূ.র্ [আ। সমৰ্দ্ধিত, অভিহিত]—আলি।

মম্‌তাজ়্ [আ। মনোনীত, প্রসিদ্ধ, যশস্বী] —অদ্‌-দৌলা,—অল্‌-দিন্,—ই-মহল্।

মশিয়ৎ, মুশায়্'য়ৎ [আ। নিষ্ঠা, আসক্তি] —উল্লাহ্।

মহ্‌তাব্ [ফা। চন্দ্র]—অদ্‌-দিন্।

মহ্‌দি [আ। পথপরিদর্শক, অধিনায়ক। বাং গ্রা—মাহাদি]—আলি,—হসেন্।

মহ.ফ.জ়্ [আ। সুরক্ষিত]—অল্‌-হক্, —আলি।

মহ্‌বুব্ [আ। দয়িত, বল্লভ, অমিয়]—অর্‌-রহ্‌মান,—আলি,—খাঁন,—খাঁ।

মহ.মুদ্ [আ। প্রশংসিত]—পুং নাম।

মহম্মদ্ [প্রা-আ—মুহম্মদু। আধু-আ-তে দু =দ (অন্ত্য উ লোপে)। বাং-অপভ্রংশে—মোহাম্মাদ, মোহাম্মদ (সা, প, প, ১৩২৩) মহামদ, মহমদা (বঙ্গ-সাহিত্য পরিচয়, পৃ৩৯৩)। মুহম্মদ্ শুদ্ধ কারণ আ—"মিম" বর্ণের উপর যে চিহ্ন থাকে তাহা উ, ঊ, ও এবং এই দুয়ের মধ্যবর্ত্তী উচ্চারণ প্রকাশ করে, তন্মধ্যে চতুর্থ উচ্চারণই শুদ্ধ বলিয়া, এবং ে। যোগ না করিয়া এবং চতুর্থের কোন চিহ্ন না থাকায়, "" যোগ করা হয়। এই "" রোমান u সদৃশ। এই হেতু লিপ্যন্তর পদ্ধতিগত রোমানে Muhammad লিখিত হয়]—অকবর,—অহ্‌সন,—আলি,—ইব্রাহীম,—ইস্‌মাইল্—ইস্‌হাক্,—ইস্রায়্‌ল,—খলীল,—খাঁন,—তকী,—ফারুখ্,—বখ্‌শ,—মুহ্‌সিন, —যুসফ্,—যুসুফ্,—লুক্‌মান,—স'য়িদ্।

মহ.ল্ [আ। প্রাসাদ, পদ, রাজমহিষী] স্ত্রী নামের সহিত যুক্ত হয়। যথা,—নূর-ই-মহল, জিন্নৎ-ই-মহল।

মা'বুদ্ [আ। পূজ্য, দেবতা]—আলি, গোলাম্ শব্দের পর যুক্ত হয়।

মা'শূক্. [আ। দয়িত, প্রিয়]—আলি।

মা'সূ.ম্ [আ। নিরীহ, শিশু, রক্ষিত]—আলি।
মুঅ.াজ.জ.ম্ [আ। মহৎ, সম্মানিত, পূজ্য] আলি,—হুসেন্।
মুই.ন্ [আ। সহায়]—অদ্-দিন্।
মুই.জ.জ. [আ। মান্য, মর্য্যাদাসম্পন্ন]—অদ্-দিন্।
মুক.দ্দস্ [আ। পবিত্র]—আলি।
মুকম্মল্ [গ্রা—মোকাম্মেল্। আ। পূর্ণ, অত্যুত্তম, শ্রেষ্ঠ]—খাঁ,—হুসেন্।
মুকর্রম্ [আ। সম্মানিত, মহৎ, যশস্বী]—আলি,—হুসেন্।
মুখ.তার [আ। নির্ব্বাচিত, মনোনীত] অহ্মদ—আলি।
মুখ.লিস্ [আ। শুদ্ধ, অকপট, অকপটবন্ধু]—অর্-রহ্মান্।
মুজ.ফ্.ফ.র্ [আ। বিজয়ী, ভাগ্যবান্]—হুসেন্।
মুত.ী [আ। বাধ্য, আদেশপালক] —অর্-রহ্মান্।
মুত্তকি. [আ। সংযত, অপ্রমত্ত, ধীর] নামের অংশ স্বরূপ পরে যুক্ত হয়। প্র—আলি মুত্তকি।
মুনীর্ [আ। উজ্জ্বল, জমকাল]—অদ্-দিন্,—অহ্মদ।
মুফ.ীজ. [আ। ফয়্জ্ (ঈশ্বরের অনুগ্রহ, দয়া) হইতে মুফ়ীজ্—যে ফয়্জ্ পৌছায়]—অদ্-দিন,—অল্-হুসেন্।
মুবারক্ [আ। ধন্য, ঈশ্বরের আশীর্ব্বাদভাজন, ভাগ্যবান্, সুখী]—আলি, —হুসেন্।
মুর্ত জ.া [আ। মনোনীত, প্রশংসিত,—খাঁ,—হুসেন্।
মুহিব্ব্ [আ। প্রেমিক, বন্ধু]—আলি।
মুহী [আ। জীবনদাতা, পুনরুজ্জীবিতকারী]—অদ্-দিন্।
মি'রাজ্ [আ। সোপান, উত্থান]—অদ—দিন।
মির্জ.া [ফা। রাজা, পারসীক, বা মুগল ভদ্রলোকের উপাধি, ভদ্রলোক]—বলী—মুহম্মদ।
মেহ.র্ [ফা। সূর্য্য]—অল্—নিসা (স্ত্রীনাম)।
মোমিন্ [আ। বিশ্বাসী ; গোঁড়া মুসলমান্] নামের অন্ত্য অংশ সহ যুক্ত হয়। প্র—মুহম্মদ্ মোমিন্।
য়ার্ [ফা। বন্ধু, সহায়, সহচর]—আলি,—মুহম্মদ্। নামের পরও যুক্ত হয়। যথা,—খুদা য়ার্ খাঁ, মুহম্মদ য়ার্ খাঁ।
রও.নক্ [আ। ঔজ্জ্বল্য, প্রভা]—আলি।
রও.শন্ [ফা—উজ্জ্বল, ভাস্বর]—আলি।

রজব্ [আ—মুসলমান বৎসরের ৭ম মাস]—আলি।
রজ.া [আ। সম্মতি, খুশী]—হ্সন্,—হুসেন্ নামের পরও যুক্ত হয় যথা,—মুহম্মদ্ রজা ; ত'াহির্—রজা।
রজ.জ.াক. [আ। অন্নদাতা, পাতা] সাধাঃ নামের পর ব্যবহার হয়। যথা,—অব্দুল্ রজ্জাক্।
রম্জ.ান্ [আ। আরবী বৎসরের নবম মাস]—আলি,—খাঁ। স্ত্রী, রম্জানী।
রয়্হন্, রিহান্, রেহান্ [আ। সুরভি তরু, তুলসী]—অদ্-দিন্ (পুংনাম)—খাতুন্ (স্ত্রীনাম)। তুল—পুং নাম—তুলসীচরণ, —দাস। স্ত্রীনাম—তুলসীমঞ্জরী।
রসুল্ [আ—শুভ সংবাদদাতা, দূত, পয়্গম্বর্ prophet] সাধাঃ নামের শেষাংশরূপে ব্যবহৃত হয় যথা,—শেখ্ রসুল, গোলাম রসুল, মুহম্মদ রসুল্।
রহ্মৎ [আ। ঈশ্বরের কৃপা, করুণা]—অল্-লাহ্ =রহ্মতুল্লা (ঈশ্বরের দয়া)।
রহ্মান্ [আ। সদয়, দয়ালু ঈশ্বর]—বখ্শ্। স্ত্রীনাম—রহ্মানী।
রহীম্ [আ—রহম্ (দয়া) হইতে। কৃপালু, সদয়]—দাদ্ খাঁ,—বখ্শ্।
রাজি.ক. [আ। ভর্ত্তা, পালনকর্ত্তা]—আলি।
রাজ.ী [আ। খুশী, তৃপ্ত, তুষ্ট]—অদ্-দিন্।
রাহৎ [আ। শান্তি, সুখ]—উল্লাহ্।
রিয়াজ. [আ—রওজ্হ্ (সমাধিমন্দির, উদ্যান) শব্দের বহুবচনে]—অদ্-দিন্।
রিয়াসৎ [আ। মহত্ত্ব, আভিজাত্য]—আলি, —উল্লাহ্।
রুকন্ [আ। স্তম্ভ]—অদ্-দিন্। গ্রা—রুকুনুদ্দিন্।
রুস্তম্ [ফা। পারস্যদেশীয় জগদ্বিখ্যাত বীর। তাঁহার নাম হইতে—মহাবীর, অতিশয় সাহসী] —খাঁ।
লতি.ফ. [আ। ছিপ্ছিপে, কোমল, সুন্দর, শোভন, হৃদ্য, উপাদেয়, অমিয়, ভব্য, সদয়, নম্র]—অর্-রহ্মান্।
লা'ল্ [ফা। উজ্জ্বল রত্ন, লালমণি]—মুহম্মদ —মিয়াঁ।
লুক.মান্ [আ। প্রসিদ্ধ নীতিমূলক গল্প-লেখকের নাম। তাহা হইতে জ্ঞানী ব্যক্তি। তুল—বিষ্ণুশর্ম্মা] প্রায় নামের শেষাংশ।
লুৎফ. [আ। উপাদেয়ত্ব, স্বাদুতা, সুকুমারতা, লাবণ্য]—অন্-নিসা (স্ত্রীনাম)। —অর্—রহ্মান্,—আলি (পুং নাম)।
বকিল্ [আ। দূত, প্রতিনিধি]—অদ্-দিন।

বজ.ীর্ [আ। রাজমন্ত্রী]—আলি,—খাঁ,—মুহম্মদ্।
বজীহ্ [আ। সুশ্রী, সৌম্য]—মুহম্মদ্।
বদূদ্ [আ। বান্ধব, স্নেহশীল, প্রেমিক] সাধাঃ পুং নামের শেষে যুক্ত হয়। প্র—অব্দুল্ বদূদ্।
বলি [আ। প্রভু, রাজা, অভিভাবক, বন্ধু, সিদ্ধপুরুষ, ভৃত্য, গোলাম]—মুহম্মদ্।
বসিম্ [আ—বস্ম্ (চিহ্নিত—ওস্মা (সুর্মা) দ্বারা) হইতে :—যাহার সুর্মা চিহ্নিতবৎ কৃষ্ণ-চক্ষু, চিহ্নিত, সুন্দর]—অদ্-দিন্। বাং-গ্রা—ওসিমদ্দি।
বাজিদ্ [আ—বজূদ্ (সৎ বা প্রকৃতবস্তু)—দানকারী অর্থে বাজিদ্]—আলি,—হুসেন্।
বাহিদ্ [আ। অতুলনীয়, অদ্বিতীয়, অল্লাহ্]—অদ্-দিন,—বখ্শ্।
বারসী [বারিস্ (উত্তরাধিকারী, প্রভু, রক্ষক) দ্রঃ] হাজী বারিস্ আলি সাহেবের প্রবর্ত্তিত সম্প্রদায়ভুক্ত লোক স্বীয় নামের পর বারসী শব্দ যোগ করিয়া থাকেন।
বিলায়ৎ [ফা। রাজ্য, অধিকার, বন্ধুত্ব, মিলন সিদ্ধত্ব, পীরত্ব]—আলি,—খাঁ,—হুসেন্।
শম্শের্ [ফা—তরবারি]—আলি। বিদ্রূপে —শম্শের্ বহাদুর্।
শম্স্ [আ। সূর্য্য]—অজ্-জোহা,—অদ্-দিন্ (গ্রা—শামসুদ্দিন্),—অল্—হুদা (গ্রা—শামসুলহোদা)।
শহাব্, শিহাব্ [আ—উজ্জ্বল তারা, উল্কা, অগ্নিশিখা]—অদ্-দিন।
শহামৎ [আ। মহাপ্রাণতা]—উল্লাহ,—খাঁ।
শাহ্ [ফা। রাজা, মহৎ, ফকিরদিগের উপাধি] —মুসলমান ফকির সম্প্রদায়ের লোকেরা নামের পর শাহ্ ব্যবহার করে, যথা—হমীদ শাহ্। রাজাদিগের নামের পূর্ব্বে যুক্ত হয় যথা,—শাহ্ আলম্। সাধারণ নামের পূর্ব্বে এবং পরেও যুক্ত হয় যথা,—শাহ মুহম্মদ, শাহ্ বাজ্ খাঁ। (শাহ্-বাজ্ =রাজ-শিকরে পাখী), বহাদুর্ শাহ্ ইত্যাদি।
শুজা'ৎ [ফা। সাহস]—আলি—হুসেন্।
শেখ. [আ—শ্রেষ্ঠ (শ্রদ্ধাস্পদ বৃদ্ধ, প্রধান, ধর্ম্মান্তর হইতে মুসলমান ধর্ম্ম গ্রহণকারীদিগের উপাধি]—মুহম্মদ্।
শের্ [ফা। সিংহ, ব্যাঘ্র]—আলি,—খাঁ,—শাহ্।
সখ.া [আ। বদান্যতা, মহত্ত্ব]—অদ্-দিন্।
সজ্জাদ্ [আ—সজ্দ্ (বেদি, মসজিদ্)]—করিম্,—হোসেন্।
স.না' [আ। সৃষ্টিকরণ, সৃজন]—উল্লাহ। বাং গ্রা —শোনা উল্লা।
স.ফ.দর্ [আ—স.ফ্ (সেনাদল) দর্ (ভেদকারী)—মহাবীর]—আলি,—খাঁ,—বখ্শ্।

স.বির্ [আ। ধীর]—অব্‌-রহ্‌মান্‌,—হুসেন্‌।
সরফ্‌.রাজ.্ [ফা। উন্নত]—আলি,—খাঁ,—হুসেন্‌।
সলিম্‌ [আ। নম্র, পূর্ণ, অমায়িক]—অদ্‌-দিন,—উল্লাহ্‌।
সা'আদৎ [আ—সা'দ্‌ (দ্রঃ) হইতে। সুখ, সৌভাগ্য]—আলি।
সা'দ্‌ [আ। শুভ, সদয়, সুখ, সৌভাগ্য]—।
সা'দৎ [আ। সুখ, সৌভাগ্য]—আলি,—হুসেন্‌।
স.াদিক.্ [আ। সত্য, বিশ্বস্ত, অপকট]—আলি,—হুসেন্‌
স.াবিৎ [আ। দৃঢ়, স্থির]—আলি।
সাহব্‌ [আ। ভদ্র, শিষ্ট, ভূষিত]—অদ্‌-দিন,—আলি।
সি.দ্দিক.্ [আ। সত্যনিষ্ঠ, ন্যায়বান্‌, অকপট বন্ধু, শাশ্বত সত্যের বিশ্বস্ত সাক্ষ্য]—অহ্‌মদ্‌। দ্রঃ—হজ্‌রৎ মুহম্মদ্‌ যখন সশরীরে ঈশ্বরের সান্নিধ্য লাভ করিয়া তাঁহার নিকট হইতে প্রত্যাবর্ত্তন করিয়াছিলেন, তখন তাঁহার প্রথম উত্তরাধিকারী সর্ব্বপ্রথমে হজ্‌রৎ অবূ বক্‌র্‌ তাঁহার কথায় বিশ্বাস করিয়া বলিয়াছিলেন "সি·দ্দিক্‌ য়া রসুলল্লাহ্‌" অর্থাৎ হে ঈশ্বরের রসুল (দূত) আপনি যাহা বলিতেছেন তাহা সত্য। তাহাতে হজ্‌রৎ মুহম্মদ তাঁহাকে "সিদ্দিক্‌" এই উপাধি দান করেন। সেই সূত্রে অবুবকরের বংশধরগণ "সি·দ্দিকী" নামে অভিহিত। ইঁহারা শেখ্‌ সম্প্রদায়ভুক্ত। প্র—অব্দুল্‌ গফ্‌ফূর্‌ সি·দ্দিকী"।
সিরাজ্‌ [আ। বাতি, সূর্য্য]—অদ্‌-দিন্‌,—অদ্‌-দৌলা (বাং অপভ্রংশে "সুরাজেরদৌলা" বঙ্গসাহিত্য-পরিচয়, পৃ ১৬৯৯)। স্ত্রী—সিরাজন্‌ (গ্রা—শিরাজী)।
সুভান্‌ [আ। প্রশংসাকরণ]—আলি। গ্রা—শোভান্‌। স্ত্রী—সুভানী (গ্রা—শোভানী)।
সুলেয়্‌মান্‌ [আ। দায়ুদের পুত্রের নাম। ইং Solomon] পুং নাম। বাং-গ্রা—সোলেমান্‌, ছোলেমান (বঙ্গসাহিত্য-পরিচয় পৃ, ১৬৮৩, ৪)।
সৈয়দ্‌ [আ। রাজা, হজ্‌রৎ মুহম্মদের কন্যা ফাতিমা বিবির গর্ভজাত সন্তানের বংশধরদিগের উপাধি]—অদ্‌-দিন্‌—আলি,—মহ্‌মুদ্‌,—মুহম্মদ,—স লার্‌,—হুসেন্‌।
হক.্ [আ। ন্যায্য, সত্য, ঈশ্বর]—দার্‌ খাঁ।
হবীব্‌ [আ। বন্ধু, প্রিয়তম]—অল্‌-মুগ্‌নী—উল্লাহ্‌।
হমীদ্‌ [আ—শ্লাঘ্য (আ—হম্‌দ্‌=প্রশংসা)। স্ত্রী, হমীদা]—অব্‌-রহ্‌মান,—উদ্দিন,—উল্লাহ্‌।
হয়্‌দর্‌ [আ। সিংহ। হজরৎ মুহম্মদের জামাতা আলির নামান্তর]—আলি,—খাঁ,—হুসেন্‌।
হ.য়্‌য়াৎ [আ। জীবন]—খাঁ।
হলীম্‌ [আ—বিনয়ী, অমায়িক। স্ত্রী, হলীমন্‌, হলীমা]।
হশ্‌মৎ [আ। মহিমা]—আলি,—উল্লাহ্‌।
হসন্‌ [আ—হস্ন্‌ (সৌন্দর্য্য) হইতে, সুশ্রী, সাধু, শিষ্ট]—আলি,—খাঁ।
হসীন্‌ [আ—হস্ন্‌ (সুন্দর) হইতে]—অদ্‌-দিন্‌। স্ত্রী, হসীনা।
হ.াফি.জ্‌.্ [আ। রক্ষাকর্ত্তা, মালিক, কোরান আদ্যোপান্ত কণ্ঠস্থকারী]—আলি,—মুহম্মদ্‌। [দ্রঃ—পারস্য কবি মুহম্মদ্‌ শম্‌সুদ্দিন্‌ এই নামে প্রসিদ্ধ।
হিদায়্‌ৎ [ফা। উপদেশ, পথপ্রদর্শন, ন্যায়-বিধান]—আলি—উল্লাহ্‌।
হি.রাসৎ [আ। যত্ন, রক্ষা, সাবধনতা]—অল্‌-লাহ্‌=হিরাসতুল্লাহ্‌।
হুদা [আ। পথ প্রদর্শন, সত্যপথ] সাধাঃ নামের শেষে যুক্ত হয়। যথা,—নূর্‌-অল-হুদা=নূরুল্‌-হুদা।
হুমায়ুন্‌ [ফা। পবিত্র, ভাগ্য, সুখী]—বখ্‌ৎ।
হুসেন [আ। হো এবং হু'র মধ্যবর্ত্তী উচ্চারণ, এইজন্য হুসেন ও হোসেন দুইরূপ বাং-য় চলিত। কিন্তু হুর মাথার স্বরচিহ্ন ইং—u বাং—লঘু উ সদৃশ। সেইজন্য ইং-তে Husain]—আলি,—বখ্‌শ্‌।

বাঙ্গালা কাব্য, ইতিহাস, পুরাণাদি গ্রন্থে উল্লিখিত প্রসিদ্ধ স্থানের উদাহরণসহ ভৌগোলিক সংস্থান।

অগ্রদ্বীপ (অগ্‌গ্রোদ্দিপ্‌) ভাগীরথী তীরবর্ত্তী বর্দ্ধমান জেলার কাল্‌না মহকুমার অন্তর্গত, কাটোয়ার দক্ষিণস্থ প্রসিদ্ধ গ্রাম
অঙ্গদেশ—গঙ্গা-সরযূ-সঙ্গমস্থলস্থ দেশ ; বিহার-প্রদেশ। (২) এক সময় মগধ রাজ্য বুঝাইত। শক্তিসঙ্গমতন্ত্র মতে বৈদ্যনাথ হইতে বর্ত্তমান শ্রীক্ষেত্র অর্থাৎ পুরী পর্য্যন্ত বুঝাইত। (৩) মতান্তরে আধুনিক ভাগলপুর ও মুঙ্গের জেলা।
অজয় (য়্‌) বীরভূম ও বর্দ্ধমান জেলার মধ্য দিয়া পূর্ব্বদিকে প্রবাহিত নদ। ইহা কাটোয়ার নিকট গঙ্গায় মিলিত।
অঞ্জনশৈল (ন্‌) রামায়ণোক্ত পর্ব্বতবিশেষ। (কিষ্কিন্ধ্যা, ৩৭)।
অনঙ্গাশ্রম (স্‌সম্‌) গঙ্গা-সরযূ-সঙ্গমস্থলে অবস্থিত আশ্রম।
অন্ধ্র—আন্ধ্রদেশ দ্রঃ।
অপরকাশি (র্‌) মির্জ্জাপুর অঞ্চল ? (ভারত-কোষ)।
অপরকুন্তী—শ্রীহট্ট ? (Col. Wilford)।
অমরনাথ (র্‌, থ্‌) কাশ্মীরের পূর্ব্বপ্রান্তে তুষারাবৃত গুহামধ্যস্থ শিবলিঙ্গ ও তীর্থ।
অবন্তী (বো) মালবরাজ বিক্রমের রাজধানী, শিপ্রা নদীতীরে স্থিত ; মালব দেশের প্রাচীন নাম ; উজ্জয়িনী।
অম্বর (র্‌) জয়পুর রাজ্যের অম্বর নগর ও তাহার সন্নিহিত হ্রদ।
অম্বিকাকাল্‌না (ও) বর্দ্ধমান জেলার অন্তর্গত গ্রাম। কালীভক্ত কমলাকান্তের জন্মস্থান।
অযোধ্যা (জো) কোশল রাজ্যের রাজধানী।
অরিষ্ট—লঙ্কার উপান্তস্থিত পর্ব্বত (রামাঃ)।
অর্ব্বুদ (দ্‌) আবু পর্ব্বত।
অশোকবন (ক্‌, ন্‌) লঙ্কায় রাবণের নন্দনের ন্যায় চিত্তহারী প্রমোদ-উদ্যান। ২। স্বর্গোদ্যানের ন্যায় মনোরম অযোধ্যার রাজোদ্যান।
অশ্বক্রান্ত [ভারতবর্ষ বিচার মতে] য়ুরোপখণ্ড ?
অসেচনক (শে,ক্‌) [ভারতবর্ষ বিচার মতে] এশিয়া মহাদেশ ; বিষ্ণুক্রান্ত ; Asia.
অস্তাচল (ল্‌) সুমেরুর ১০০০০ যোজন পশ্চিমস্থ কাল্পনিক পর্ব্বত। ইহা পৃথিবীর পশ্চিম সীমা বলিয়া পুরাণে উক্ত।
অহিচ্ছত্রা (ওহিচ্‌ছৎত্রা) উত্তর পঞ্চালের রাজা দ্রোণাচার্য্যের রাজধানী, বেরেলি জেলার অন্তর্গত রামনগর।

আঠারনালা—শ্রীক্ষেত্রের উত্তরস্থ ১৮টি জল প্রণালী। এক্ষণে চার পাঁচটি আছে (অ, ম)। রাজা ইন্দ্রদ্যুম্ন স্বীয় পুত্রগণকে এই স্থানে বলি দিয়াছিলেন (চৈ, ভা)।

আন্ধ্ দেশ বা রাজ্য—দ্রাবিড় দেশ; দক্ষিণ-ভারতের গোদাবরী ও কৃষ্ণা মতান্তরে কৃষ্ণা ও নর্ম্মদা নদীদ্বয়ের মধ্যবর্ত্তী ভূভাগ। খৃঃ পূঃ ২২০ হইতে ২৩৬ খৃঃ অব্দ পর্য্যন্ত ইহার অভ্যুদয় কাল।

আমাইপুরা—বর্দ্ধমান জেলার গ্রাম। চৈতন্য-মঙ্গলকার বৈঃ কবি জয়ানন্দের জন্মস্থান।

আমিলা—জাহানাবাদ হইতে মেদিনীপুরে যাইবার পথে চটি তাহার পর মোগলমারী। এখানে আমিলা সায়র নামে দীর্ঘিকা আছে। (অ, ম; ধ, ম, ঘনরাম)।

আমোদর (বৃ) মেদিনীপুর গড়মান্দারণের মধ্য দিয়া প্রবাহিতা নদী (কবিক)।

আমোর (বৃ) আমোদর (দ্রঃ) নদী (দুর্গেশ-নন্দিনী)।

আয়োরে [হি—আইও বা আয়ো রে] মথুরা জেলার অন্তর্গত গ্রাম। প্র—"কৃষ্ণে দেখি যায় গোপ আনন্দে বিহ্বল। আয়ো রে আয়ো রে বলি করে কোলাহল॥** আয়োরে বলিয়া যেথানে মিলিল। আয়োরে নামেতে গ্রাম সেখানে হইল।"—ব্রজপরিক্রমা।

আব্ড়া—মেদিনীপুর, ঘাটাল থানার অধীন গ্রাম। কবিকঙ্কণ মুকুন্দরাম তাঁহার জন্মস্থান দামুন্যা হইতে নবাবের অত্যাচারে এখানে পলাইয়া আসিয়া রাজা বাঁকুড়া দেবের শরণাপন্ন হন। এখানে তিনি চণ্ডীকাব্য রচনা করেন।

ইক্ষুমতী (মো) কুরুক্ষেত্রে ও সাঙ্কাশ্যা নগরীর মধ্য দিয়া প্রবাহিতা আধু কালী নদী। ইক্ষ্বাকু কুলের পৈতৃক নদী।

ইক্ষুসমুদ্র (শোমুদ্র) পূর্ব্বদিকে অবস্থিত সমুদ্র; ইহার মধ্যে ছায়াগ্রহ অসুরগণের বাস।

ইছানি, ইচ্ছানি—বর্দ্ধমান জেলার নগর, এখানে ধনপতি সদাগরের শ্বশুর লক্ষপতির বাস ছিল (কবিক, অ, ম)।

ইঞ্জাদ্রি (ইন্জাদ্দ্) সাতপুরা পর্ব্বতমালার সমান্তরস্থ পাহাড়।

ইণ্ডিয়া [India] প্রাচীন জম্বুদ্বীপের একাংশ; ভারতবর্ষ।

ইদ্রাকপুর (বৃ) নবাবী আমলে রঙ্গপুরের ঘোড়াঘাট এই নামে অভিহিত ও ৬০ পরগণায় বিভক্ত ছিল।

ইন্দ্রপুর, ইন্দ্রপুরী [শুদ্ধ—ইন্দাপুর] মানস সরোবরের উত্তর পর্ব্বতের পূর্ব্বদিকে অবস্থিত নগরী (সন্দেশাবলী)।

ইন্দ্রপ্রস্থ (প্রো) যুধিষ্ঠিরের রাজধানী। বর্ত্তমা দিল্লীর ১॥ ক্রোশ দূরে অবস্থিত ছিল।

ইন্দ্রাণী—বর্দ্ধমান জেলার প্রাচীন পরগণাবিশেষ ইহার অন্তর্গত সিঙ্গিগ্রামে অমর কবি কাশীরাম দাসের জন্মস্থান। পূর্ব্বে ইন্দ্রাণী বিশেষ প্রসিদ্ধ স্থান ছিল। প্রবাদে—"বার ঘাট তের হাট তিন চণ্ডী তিনেশ্বর: যে বলতে পারে তার ইন্দ্রাণীতে ঘর।" চৈতন্য ভাগবত, আইন-ই-আকবরী প্রভৃতি গ্রন্থেও ইহার উল্লেখ আছে। চণ্ডী কাব্যে আছে—"সম্মুখে ইন্দ্রাণী, ভুবন দুর্লভ জানি, দেব আইসে যাহার সদন।" "বাহিয়া অজয় নদী পাইলা ইন্দ্রাণী।"—কবিক।

ইরাইতী, ঐরাবতী (বো) পঞ্জাবস্থ রাভী নদীর সং-নাম।

ইলছোবা মোণ্ডলাই (ল্) হুগলীর অন্তঃ-পাতী পাণ্ডুয়ার নিকটস্থ গ্রাম। রামগতি ন্যায়-রত্নের জন্মস্থান।

ইলাবৃত—জম্বুদ্বীপের বর্ষবিশেষ। ইহার উত্তরে নীল, শ্বেত ও শৃঙ্গবান পর্ব্বত। দক্ষিণে নিষধ, হেমকূট ও হিমালয় এবং পশ্চিমে মাল্যবান ও পূর্ব্বে গন্ধমাদন এবং মধ্যস্থলে সুমেরু। অগ্নিধ্রের পুত্র ইলাবৃত এই বর্ষে রাজা ছিলেন। প্র—"ইলাবৃত দেশে ঘর"—কবিক।

ইষুজাত—য়ুরোপখণ্ড

ইস্তাম্বুল (ল্) তুরুষ্কদেশের রাজধানী; Constantinople.

উৎকল (ল্) প্রাচীন কলিঙ্গের দক্ষিণ ভাগ; ওড্র। ত্রিকলিঙ্গের এক কলিঙ্গ; উৎকলিঙ্গ। উৎকলিঙ্গ অপভ্রংশে উৎকল।

উচালন (ন্) জাহানাবাদ হইতে দক্ষিণাভি-মুখে মেদিনীপুরে যাইবার পথে মোগলমারীর পরবর্ত্তী গ্রাম (অ, ম; ধ, ম; ঘনরাম)।

উজানি—বর্দ্ধমান জেলার প্রসিদ্ধ নগর। ধনপতি সদাগরের ও তৎপুত্র শ্রীমন্ত সদাগরের জন্ম ও বাসস্থান (কবিক; অ, ম)।

উত্তর (বৃ) কৌশিকী নদীতীরস্থ পর্ব্বত (রামাঃ)।

উত্তরকুরু (বৃ) মধ্য এশিয়া (?)। মতান্তরে—সাইবিরিয়া (?) চৈত্ররথ দ্রঃ।

উত্তরসমুদ্র (বৃ, শো) উত্তরকুরুর পর উত্তর দিকে অবস্থিত সমুদ্র। সোমগিরি ইহার মধ্যে অবস্থিত।

উত্তরাপথ (প্) আর্য্যাবর্ত্ত।

উদয়গিরি (য়্) এই পর্ব্বত পৃথিবীর পূর্ব্ব সীমা বা পূর্ব্ব প্রথম দ্বার বলিয়া পুরাণে উক্ত। ইহার অন্য নাম পূর্ব্বদিক্। ২। ওড়িষার রাজধানী কটকের ১০ ক্রোশ দক্ষিণস্থ পর্ব্বত।

উদয়নালা, উধুয়ানালা (য়্) মুর্শিদাবাদের ৬২ ক্রোশ উত্তর পশ্চিমস্থিত নগর (সন্দেশাবলী)।

উরুবিল্ব (ল) [রূপান্তরে—উরুবিলা,—বিল্বা, —বেলয়] বুদ্ধগয়া বা বোধগয়া। এখানে সিদ্ধার্থ বুদ্ধত্ব লাভ করেন। হিন্দুতীর্থ গয়ার অনতিদূরে অবস্থিত।

উলা—কৃষ্ণ নগরের অন্তর্গত গ্রাম; বীরনগর। গঙ্গাভক্তিতরঙ্গিণী-প্রণেতা কবি দুর্গাদাস মুখোপাধ্যায়ের জন্মস্থান।

উলুশিয়াই—যশোহর বনগ্রামের কাগজপুকুর থানার অধীন গ্রাম। মধুকানের (মধুসূদন কিন্নরের) জন্মস্থান।

ঋক্ষ—গণ্ডোআনা রাজ্যের অন্তর্গত গিরিমালা।

ঋক্ষবান্—নর্ম্মদার নিকট অবস্থিত পর্ব্বত। ইহা গোলাঙ্গুলেশ্বর জাম্ববান্ ও বানরদিগের বসতিস্থান (রামাঃ)। চিন্দোয়ারা বিলাসপুর ও বালঘাটের অন্তর্গত পর্ব্বত।

ঋষভ (ভ্) ক্ষীরোদসাগরস্থিত ধবল পর্ব্বত। ২। দক্ষিণদিকে স্থিত বৃষাকার পর্ব্বত। ইহার পর পৃথিবীর দক্ষিণ সীমা যমের রাজধানী ও অন্ধকারাচ্ছন্ন পিতৃলোক। ৩। হিমালয় পর্ব্বতের শৃঙ্গবিশেষ।

ঋষ্যমূক (ক্) নীলগিরি ও পূর্ব্বঘাট গিরিমালার মধ্যস্থ ও কিষ্কিন্ধ্যার (বেলারি) সন্নিহিত পর্ব্বত। ইহা দণ্ডকারণ্যের সীমাভুক্ত ছিল। পম্পা দ্রঃ। (রামাঃ)।

একচক্রা (চক্রা) বীরভূম জেলার অন্তর্গত মল্লারপুর রেলষ্টেশনের নিকটবর্ত্তী গ্রাম। নিত্যানন্দদেবের পৈতৃক বাসস্থান। ২। বর্ত্তমান আরা নগর।

এলিচপুর (চ্, বৃ) দময়ন্তীর পিতৃরাজ্য বিদর্ভের প্রাচীন নগর; বর্ত্তমান বিরাড়।

এলিফ্যাণ্টা—বোম্বাই সহর হইতে ৪ ক্রোশ দূরে প্রায় ৩ ক্রোশ পরিধিযুক্ত দ্বীপ। ইহার এক পর্ব্বত গাত্রে প্রকাণ্ড হস্তিমূর্ত্তি ও তদুপরি আর এক হস্তিমূর্ত্তি খোদিত থাকায় নাম। প্রাচীন নাম "গিরিপুর"।

এশিয়া মাইনর (বৃ) ক্রৌঞ্চ দ্বীপ।

ওড্র—উৎকল; ওড়িষা।

ওষধি—হিমালয় ও ঋষভ পর্ব্বতের মধ্যে অবস্থিত সর্ব্বৌষধিপ্রদ পর্ব্বত; গন্ধমাদন (রামাঃ)।

কঙ্কণ, কোঙ্কণ প্রদেশ (ন্, প্রোদেশ্) দক্ষিণ ভারতে গোয়া হইতে খান্দেশ এবং সহ্যাদ্রি হইতে সাগর পর্য্যন্ত বিস্তৃত ভূভাগ। অধুনা বোম্বাই প্রেসিডেন্সীর অন্তর্গত।

কণিষ্কপুর (কোনিষ্কপুর্) কাশ্মীর শ্রীনগরের ৫ ক্রোশ দক্ষিণে "পীরপঞ্জল পথ" যাইবার পথে অবস্থিত নগর (কনিংহাম্)।

কনকশিল (ল্) জলোদ সমুদ্রের উত্তর তটবর্ত্তী স্বর্ণপ্রভ পর্ব্বত (রামাঃ)।

কনখল (ন, ল) হরিদ্বারের পার্শ্ববর্ত্তী নগরী, এখানে দক্ষযজ্ঞ হইয়াছিল।

কপিল নগর, কপিলবস্তু, কপিলবাস্তু (কো, ল)—শ্রাবস্তী দেশস্থ চন্দ্রহ্রদের নিকটস্থ নগর, বুদ্ধদেবের জন্মস্থান। ইহা নেপালের দক্ষিণ প্রান্তে অবস্থিত ছিল।

কম্বোজ, কাম্বোজ (জ) হিমালয়ের উত্তর পশ্চিম প্রান্তস্থ পার্ব্বত্য দেশ ; কারাকোরাম পর্ব্বত মালা। ২। মতান্তরে তিব্বত দেশ। ৩। বাল্মীকি ও তৎসাময়িক ভুবৃত্তান্তমতে ক্যাম্বে উপসাগর কূলস্থ দেশ।

করগ্রাম (মু) গোণ্ডরাজ্যের রাজধানী।

করূষ (কো, ষ) বিহারের অন্তর্গত বর্ত্তমান আরা জেলার কিয়দংশ। মলদ ও করূষ এই দুই জনপদ ফাহিয়েনের সময়ে মহারণ্য, য়ুআন্ চুআং এর সময় মহাসরঃ নামে উক্ত ছিল। ইহাই তাড়কার জঙ্গলের অন্তর্গত ছিল।

কর্ণগড় (ড়) বর্দ্ধমান জেলার অন্তর্গত গ্রাম। এখানে মল্লবিদ্যার বিশেষ চর্চ্চা হেতু মল্লভুমি বলিয়া খ্যাত ছিল (অ, ম)।

কর্ণপ্রয়াগ (প্রো, গ,) হিমালয়স্থিত নন্দা অলকানন্দা ও পিণ্ডারের সঙ্গমস্থল।

কর্ণসুবর্ণগড় (শু, ড়) মুর্শিদাবাদ জেলার অন্তর্গত গ্রাম ও দুর্গ। কানসোনা দ্রঃ।

কর্ণাট (ট) বর্ত্তমান কার্ণাটিক (দ্রঃ) উত্তর কর্ণাট দক্ষিণ গন্টুর সকার সীমান্ত হইতে পানার নদী পর্য্যন্ত এবং এখান হইতে কুমারিকা অন্তরীপ পর্য্যন্ত দক্ষিণ কর্ণাট। চালুক্য রাজ্য।

কর্ম্মনাশা—বেহার ও কাশীর মধ্যদিয়া প্রবাহিত ক্ষুদ্র নদী (সন্দেশাবলী)।

কলিকাতা (কো) [গ্রা কোলকাতা, কোলকেতা] ১৬৬০ অব্দে ভ্যানডেন্ ব্রুক্ সাহেব তাঁহার রচিত মানচিত্রে "Collecatte" (কোলিকটি) শব্দ ব্যবহার করেন। করাচি বন্দরের নিকট "কোলকোট" নগর, দক্ষিণ ভারতের Calicut, গঞ্জামের Kallikot (কল্লিকোট) নগর প্রভৃতির মূল অর্থ কোল=বন্দর, কোট=দুর্গ হইতে অনেকে অনুমান করেন "কোলকোট" হইতে "কলিকাতা" নামের উৎপত্তি। ১৮৬৬ অব্দে জব চার্ণক্ হুগলী হইতে জাহাজে করিয়া সুতানুটীতে আসিয়া তথাকার বন্দরে জাহাজ রাখেন কারণ উহা তখন "কোল" ছিল এবং গোবিন্দপুর ও সুতানুটীর মধ্যে গঙ্গার উপকূলে পুরাতন দুর্গ স্থাপিত হয় বলিয়া "কোলকোট" নাম। মতান্তরে এখানকার স্বাস্থ্য মন্দ ছিল বলিয়া য়ুরোপীয়েরা এস্থলকে "Golgotha" বলিত। "গলগোথা" অর্থে মাথার খুলি রাখিবার স্থান অর্থাৎ গোরস্থান। তাহার অপভ্রংশে "কোলকাতা"। মতান্তরে কালীঘাট বা কালীঘাটা ("কালীঘাটা এড়াইল বেণিয়ার বালা। কালীঘাটে গেল ডিঙ্গা অবসান বেলা"--কবিক) হইতে ইং উচ্চারণে কালকাটা। সাধুভাষায় কলিকাতা।

কলিঙ্গ (কো) বর্ত্তমান কলিঙ্গ-পত্তন ও তৎসন্নিহিত ভূভাগ। ইহার উত্তরে বৈতরণী, দক্ষিণে রাজমহেন্দ্রী, পশ্চিমে মহেন্দ্র পর্ব্বত এবং পূর্ব্বে বঙ্গোপসাগর। (২) টলেমির মতে গঙ্গাসাগরের সন্নিহিত দেশ সমূহ ; Calingae ; টলেমির ত্রিকলিঙ্গ—কলিঙ্গ, মধ্যকলিঙ্গ ও মহাকলিঙ্গ, ইহা ডাঃ রাজেন্দ্রলাল মিত্রের মতে কলিঙ্গ, মধ্যকলিঙ্গ এবং উৎকলিঙ্গ। (৩) উত্তর সরকার ; Northern Circars.

কলিঙ্গবন (কো, ন) কোচবিহার ও আসামের উত্তরে অবস্থিত দেশ। (২) ব্রহ্মপুত্র ও গঙ্গার মধ্যবর্ত্তী দেশ। (৩) মেদিনীপুর সন্নিহিত কাঁসাই ও ধামরা নদীর মধ্যবর্ত্তী দেশ। (১) ও (২) গোবিন্দচন্দ্র গীতোক্ত কলিঙ্গবন। ঘনরামের ধর্ম্মমঙ্গলে শেষোক্ত স্থানের উল্লেখ।

কলিন্দগিরি (কো) রামায়ণোক্ত পর্ব্বতবিশেষ (কিষ্কিন্ধ্যা, ৩৭)। ইহা হিমালয়ের শৃঙ্গবিশেষ, কারণ হিমালয়োদ্ভবা যমুনা এই পর্ব্বতজাতা বলিয়া "কালিন্দী"।

কাউগ্রাম (মৃ) ২৪ পরগণার গ্রামবিশেষ। বৈঃ কবি পরমেশ্বরদাসের জন্মস্থান।

কাঁকজোল—বর্ত্তমান রাজমহল প্রদেশের (নবাবী আমলে) এই নাম ছিল।

কাঁচড়াপাড়া (চ) ২৪পরগণার অন্তর্গত গ্রাম। কবি ঈশ্বরচন্দ্র গুপ্তের জন্মস্থান।

কাঁটালপাড়া (ল) ২৪পরগণার অন্তর্গত গ্রাম। সাহিত্যগুরু বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের জন্মস্থান।

কাঁদড়া (দ) বর্দ্ধমানের অন্তর্গত কাটোয়ার ১০ মাইল পশ্চিমস্থ গ্রাম। গোস্বামী নিত্যানন্দ শাখাভুক্ত কবি জ্ঞানদাসের জন্মস্থান।

কাছাড় (ড়) আসাম প্রদেশের অংশবিশেষ শিলচর, লক্ষ্মীপুর, জয়পুর, ডিমাপুর প্রভৃতি ইহার প্রধান নগর।

কাঞ্চনগড়িয়া (ন, গো) বৈঃ কবি রাধাবল্লভ দাসের জন্মস্থান।

কাঞ্চননগর (ন, র) বর্দ্ধমানের গ্রাম। কড়চা লেখক বৈঃ কবি গোবিন্দদাসের জন্মস্থান। ২। কাঞ্চনা দ্রঃ।

কাঞ্চনা—কানসোনা নগর। কর্ণ সুবর্ণগড় দ্রঃ। প্র—"কাঞ্চনা নামেতে নগর তাহে স্বর্ণের বেড়া।"—গোবিন্দ গীত।

কাঞ্চি, কাঞ্চী—দক্ষিণ ভারতের আর্কট বিভাগের অন্তর্গত দেশ ; মান্দ্রাজের দক্ষিণ পশ্চিমের দ্রাবিড় রাজ্যের প্রাচীন রাজধানী ; বর্ত্তমান কাঞ্জিবরম্।

কাটমাণ্ডু (ট) [সং—কাষ্ঠমণ্ডপ হইতে নেপালী "কাটমাড়োঁ" (গ্রা—হি—মঢ়িয়া = কুটীর, পত্রগৃহ) গুরু গোরক্ষনাথ এখানে অবস্থান করিতেন, তিনি রাজা পৃথীনারায়ণের মাকে এখানে মন্দির নির্ম্মাণ করাইয়া দিতে বলিলে একটী বৃক্ষের কাষ্ঠ হইতে মন্দির নির্ম্মিত হওয়ায় এই নাম] নেপালের রাজধানী।

কাণসোনা, কাণসোনাপুরী (শো) কাঞ্চনা ও কর্ণ সুবর্ণ-গড় দ্রঃ ; বাঙ্গালার প্রসিদ্ধ রাজা কর্ণসেন নির্ম্মিত পুরী।

কান্যকুব্জ—যুক্তপ্রদেশের ফতেগড় জেলার অন্তর্গত বর্ত্তমান কনৌজ। হিন্দু আমলে বহু বিস্তীর্ণ রাজ্য ছিল।

কাবেরী—কুর্গদেশস্থ ব্রহ্মগিরি হইতে উৎপন্ন হইয়া এবং কনক, হেমবতী, ভবানী, অমরাবতী প্রভৃতি নদীর সহিত মিলিয়া প্রায় ৮৩ ক্রোশ পথ অতিক্রম করতঃ বঙ্গোপসাগরে পতিতা নদী।

কাম্যকবন (ক, ন) কচ্ছ উপসাগরের নিকট গুজরাটের সরস্বতী নদী তীরবর্ত্তী রম্যকানন।

কামাখ্যা—আসাম, কামরূপের অন্তর্গত গৌহাটী নগরের দুই মাইল দক্ষিণ পার্ব্বত্য নগরী।

কাম্পিল্য—কুশনাভ-জামাতা ব্রহ্মদত্তের পুরী ; দক্ষিণ পঞ্জাবভুক্ত দেশ ; দক্ষিণ পঞ্চালের প্রাচীন রাজধানী কাম্পিল্যনগর।

কার্ণাটিক, কর্ণাটিক (ক) [Carnatic] দক্ষিণ ভারতের বিস্তীর্ণ প্রদেশ ; উত্তর সীমা দক্ষিণ-গন্টুর প্রদেশ ও গান্দিজামা নদী, দক্ষিণে কুমারিকা পর্য্যন্ত বিস্তৃত।

কাল (ল) উত্তরে সোমাশ্রমের সন্নিহিত স্বর্ণপ্রস্ত পর্ব্বত (রামাঃ)।

কালঞ্জর (র) বুন্দেলখণ্ডস্থ পাহাড়বিশেষ।

কালিন্দী—যমুনা নদী।

কালীকচ্ছ--ত্রিপুরা জেলার গ্রাম। দেওয়ান রামদুলাল নন্দীর জন্মস্থান।

কালসী—দেরাদুন জেলার অন্তর্গত গ্রামবিশেষ। অশোক অনুশাসনে উক্ত।

কিরাত—উত্তরে হিমালয়, পূর্ব্বে ভূটান ও পশ্চিমে নেপাল সীমামধ্যস্থ দেশ (সন্দেশাবলী)।

কিষ্কিন্ধ্যা—মহীশূরের উত্তরে কিষ্কিন্ধ পর্ব্বতস্থ কিষ্কিন্ধা বা কিষ্কিন্ধ্যা নামক গুহামধ্যস্থ নগরী ; বর্ত্তমান বেলারীর ৩০ ক্রোশ দূরে হাম্পি ও আনিগন্ধিতে কিষ্কিন্ধ্যাদি পর্ব্বত অবস্থিত।

কীকট—মগধদেশ (মেদিনীকোষ)।

কুঞ্জর (র) দক্ষিণ সমুদ্রের পারে স্থিত পর্ব্বত, ভোগবতীপুরী ও অগস্ত্যমুনির বাসস্থান এখানে ছিল (রামাঃ)।

কুটিকা—মহাভারতোক্ত নদীবিশেষ ; বর্ত্তমান গন্না নদী।

কুটিকাষ্টিকা—মহাভারতোক্ত নদীবিশেষ ; বর্ত্তমান কোহ্ নদী।

কুণ্ডিননগরী (ভিন্) বিদর্ভের রাজধানী।

কুন্তল (ল্) বিদর্ভ সন্নিহিত দেশ।

কুন্তী—কচ্ছ দেশ (Col. Wilford)।

কুন্তীভোজ (জ্) মধ্যভারতের অন্তর্গত উজ্জয়িনীর নিকটস্থ দেশ।

কুমারখালি (র্) নদীয়া জেলার গ্রাম। কাঙ্গাল হরিনাথ (হরিনাথ মজুমদার)। কাঙ্গাল ফিকিরচাঁদ, শিবচন্দ্র বিদ্যার্ণব প্রভৃতির জন্মস্থান।

কুমারদ্বীপ (র্) এমেরিকা ; স্বর্ণভূমি ; মাহেয় ; America.

কুমারহট্ট, কুমারহাটা [বহু সঙ্গতিসম্পন্ন কুম্ভকারের বাস হইতে নাম] ২৪ পরগণা জেলায় হালিসহরের অন্তঃপাতী গ্রাম। কবিরঞ্জন রামপ্রসাদ ও আজু গোস্বামীর জন্মস্থান।

কুমারিকা—ভারতবর্ষ। ২। ভারতের দক্ষিণ প্রান্তস্থ অন্তরীপ ; Cape Comorin.

কুরুক্ষেত্র—পঞ্জাবের অন্তর্গত থানেশ্বর ও তৎসন্নিহিত ভূভাগ।

কুরুজাঙ্গল (ল্) অযোধ্যা হইতে কেকয় যাইবার পথে অবস্থিত কানন ; থানেশ্বর ; কুরুক্ষেত্র। ২। মতান্তরে কুরুক্ষেত্র হইতে নেপালের কিয়দংশ পর্য্যন্ত ভূখণ্ড। ৩। কনিংহাম্ সাহেবের মতে বর্ত্তমান বেলুচিস্তান। খিলাতের ৩০ ক্রোশ দক্ষিণে ইহার রাজধানী ছিল, এক্ষণে বনভূমি।

কুলিয়া—নবদ্বীপের গ্রাম। বংশীশিক্ষা প্রভৃতি রচয়িতা বৈঃ কবি প্রেমদাসের জন্মস্থান।

কুলিয়াপাহাড় (ড়) নবদ্বীপের গ্রাম। বৈঃ কবি বংশীবদন দাসের জন্মস্থান। ২। বৈঃ কবি রামচন্দ্রদাস গোস্বামীর জন্মস্থান।

কুলীনগ্রাম (ন, ম্) বর্দ্ধমান জেলার গ্রাম। বৈঃ কবি পরমানন্দ সেনের নিবাসস্থান। ২। বৈঃ কবি রামানন্দ বসুর জন্মস্থান। ৩। বৈঃ কবি শিবানন্দ সেনের জন্মস্থান।

কুশ (শ্) সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ ; চীনসীমান্ত।

কুশপ্লব (প্লো) বিশালা জনপদের অন্তর্গত তপোবন (রামাঃ)।

কুশস্থল (ল্) কান্যকুব্জ দেশ।

কুশাবতী (বো) বিন্ধ্যপাদমূলে স্থাপিত রামপুত্র কুশের রাজধানী।

কুশী—নেপাল হইতে প্রবাহিতা গঙ্গার উপনদীবিশেষ।

কুস্তুনতুনিয়া—ইস্তাম্বুল দ্রঃ ; Constantinople.

কূর্ম্মাচল (ল্) হিমালয় ক্রোড়স্থ আধুনিক কুমায়ুন পার্ব্বত্যপ্রদেশ।

কৃষ্ণ—গোমতী তীরস্থ পর্ব্বত (রামাঃ)।

কৃষ্ণপুর (র্) বর্দ্ধমান জেলার অন্তর্গত খণ্ডঘোষ থানার অধীন গ্রাম। কবি ঘনরাম চক্রবর্ত্তীর জন্মস্থান। ইনি কবিকঙ্কণ মুকুন্দরামের পর ও ভারতচন্দ্রের পূর্ব্ববর্ত্তী।

কৃষ্ণবেণী—দক্ষিণ ভারতের কৃষ্ণা নদী।

কৃষ্ণা—মহাবালেশ্বর হইতে নির্গত হইয়া ইয়ার্লা, বর্ণা, ভীমা, তুঙ্গভদ্রা প্রভৃতি নদীর সহিত মিলিতা ও প্রায় ৪০০ ক্রোশ পথ অতিক্রম করিয়া বঙ্গোপসাগরে পতিতা নদী।

কেঁউটাপাঁইটা—বর্দ্ধমানের অন্তর্গত গ্রাম (কবিক)।

কেঙনাই (কং) [হি—"কেওঁ ন আই" (কেন আসেন নাই)] মথুরা জেলার অন্তর্গত গ্রাম। প্র—"এই আগে দেখহ কেঙনাই নামে গ্রাম। এথা রাই বিহনে ব্যাকুল ঘনশ্যাম॥ কেঙনা আই শ্রীকৃষ্ণ দূতীরে পুছয়। এহেতু কেঙনাই এবে কোনাই কহয়॥"—ব্রজপরিক্রমা।

কেজ্যা (কেজ্‌জ্যা) হুগলী জেলার ভাণ্ডাড়া গ্রামের নিকটস্থ গ্রাম। ২। বর্দ্ধমান জেলার মেমারির নিকটবর্ত্তী গ্রাম। ইহা বেহুলা নদী নামে একটী ক্ষুদ্র নদীর তীরে অবস্থিত, বেহুলা যখন লখিন্দরকে লইয়া এই স্থান দিয়া কলার মান্দাসে ভাসিয়া যাইতেছিল তখন গ্রামের লোক জিজ্ঞাসা করে "কে যায়?" তদবধি গ্রামের নাম কেজ্যা (মনসার ভাসান)।

কেকয় (য়) পঞ্জাবের উত্তর পশ্চিমাংশ শতদ্রু ও বিপাশা নদীদ্বয়ের মধ্যস্থ প্রদেশ।

কেদার (র্) গড়বাল প্রদেশের অন্তর্গত হিমালয়ের শৃঙ্গবিশেষ এবং মন্দাকিনী নদীতটস্থ তীর্থ।

কেন্দুবিল্ব [গ্রা—কেঁদুলী] বীরভূম জেলার গ্রাম। কবি জয়দেবের জন্মস্থান।

কেরল, কেরলপুর (ল, র্) মালাবার ইইতে কন্যাকুমারিকা পর্য্যন্ত বিস্তৃত ভূখণ্ড। কানাড়া ইহার অন্তর্গত।

কেশিনী—রামায়ণোক্ত নদীবিশেষ। লক্ষ্মণ সীতাকে বিসর্জ্জন দিয়া ফিরিবার কালে এই নদীর তটে বিশ্রাম করিয়াছিলেন (রামাঃ)।

কৈকালা—হুগলীর শ্রীরামপুর মহকুমার অন্তঃপাতী হরিপাল থানার অধীন গ্রাম। চন্দ্রনাথ বসুর জন্মস্থান।

কৈলাস (শ্) তিব্বতের অন্তর্গত পর্ব্বত। মানস সরোবর এই পর্ব্বতে অবস্থিত। সরয়ূ নদী এই সরোবর হইতে নির্গত।

কোগ্রাম (ম্) বর্দ্ধমান জেলার গ্রাম। বৈঃ কবি লোচনদাসের জন্মস্থান।

কোশল (ল্) কাশীর উত্তর সীমা হইতে হিমালয়ের পাদমূল পর্য্যন্ত সমস্ত অযোধ্যাপ্রদেশ। রামের রাজধানী অযোধ্যা দক্ষিণ কোশলে অবস্থিত এবং সরয়ূ নদীর উত্তর ভাগ উত্তর কোশল নামে খ্যাত ছিল। তাহার রাজধানী ছিল শ্রাবস্তী। বর্ত্তমান বলরামপুর প্রাচীন শ্রাবস্তীর দক্ষিণে অবস্থিত।

কৌশাম্বী—কুশাম্বরাজার পুরী। প্রয়াগের নিকট যমুনাকূলবর্ত্তী অতি প্রাচীন নগরী।

কৌশিকী—মগধের মধ্য দিয়া প্রবাহিতা ভাগীরথীর শাখা নদী।

ক্রৌঞ্চ—সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ ; এশিয়া মাইনর। ২। কৈলাসের উত্তরস্থ পর্ব্বতশৃঙ্গ। ৩। মতান্তরে গড়বালের অন্তর্গত "নিতি" অধিত্যকা।

ক্রৌঞ্চারণ্য (রো) দণ্ডকারণ্যের অন্তর্গত এবং জনস্থান ও মতঙ্গাশ্রমের মধ্যে স্থিত কানন।

ক্ষীরোদ (দ্) পুরাণোক্ত পূর্ব্ব সমুদ্র। শরৎমেঘবৎ শ্বেতবর্ণ। নারায়ণ শেষশয্যায় এই সমুদ্রে শয়ান থাকেন। অমৃতহেতু এই সমুদ্র সুরাসুর কর্ত্তৃক মন্থন করা হইয়াছিল।

খণ্ডগিরি—কটকের দশক্রোশ দক্ষিণে ভুবনেশ্বরের আড়াইক্রোশ পশ্চিমে অবস্থিত পর্ব্বত।

খণ্ডা—খাণ্ডোয়া : খান্দেশ ও নিমারের কিয়দংশ।

খশ (শ্) ইরাণ ; পারস্যাংশ (ভবিষ্যপুরাণ)। ২। খাসিয়া পর্ব্বতভূমি।

খাণ্ডব (ব্) [শুদ্ধ—খাণ্ডোবা] মধ্যপ্রদেশ ও বোম্বাই সীমান্তে স্থিত এবং খাণ্ডোয়া হইতে ভোশওয়াল পর্য্যন্ত বিস্তৃত অরণ্য। ২। দিল্লীর সন্নিহিত মহারণ্য। যাহা কৃষ্ণার্জ্জুন কর্ত্তৃক দগ্ধ হইয়াছিল।

খাণ্ডবপ্রস্থ, খাণ্ডবারণ্য (ব, ণ্যো) খাণ্ডব দ্রঃ।

খেতুরী—বৈষ্ণব পদকর্ত্তা নরোত্তম দাসের পিতা, রাজসাহীর রাজাকৃষ্ণানন্দের রাজধানী। ১৫০৪ শকে এখানে ইতিহাস প্রসিদ্ধ ৭ দিনব্যাপী বিরাট বৈষ্ণব সম্মিলন ও মহোৎসব হইয়াছিল।

গঙ্গা—হিমালয় পর্ব্বত হইতে উৎপন্না নদী হ্লাদিনী, পাবনী ও নলিনী গঙ্গার এই ত্রিধারা পশ্চিমবাহিনী এবং সুচক্ষু, সীতা ও সিন্ধু এই ত্রিধারা পূর্ব্ববাহিনী (রামাঃ)। সপ্তমধারা পাতালগামিনী। অলকানন্দা, ভাগীরথী, মন্দাকিনী, রামগঙ্গা, যমুনা, চম্বল (চর্ম্মণ্বতী), বেণা, বেটোয়া (বেত্রবতী), ধসনা, কেন, তমসা, গোমতী, ঘর্ঘরা (সরয়ূ ও অন্য ৪টি নদী) গণ্ডকী, শোণ, কুশী—এই সকল নদী গঙ্গায় মিলিত হইয়া পদ্মা, হুগলী, মাথাভাঙ্গা, মধুমতী ভাগীরথী, জলাঙ্গী, বুড়ি গঙ্গা প্রভৃতি বহুশাখায় বঙ্গোপসাগরে পতিত হইতেছে। হরিদ্বার

হইতে সাগরসঙ্গম পর্য্যন্ত হিন্দুর অধিকাংশ প্রধান তীর্থ এই নদীর উপকূলে অবস্থিত।

গঙ্গারাঢ়ী [গ্রীক ভৌগোলিকদিগের Gangaridae] পুণ্ড্র (বরেন্দ্র) সুহ্ম (রাঢ়) ও বঙ্গ (সমতট) বলিয়া অনুমিত।

গঙ্গোত্রি (গংগোৎত্রৃ) হিমালয় পর্ব্বতে বদরিনাথের উত্তরে গঙ্গার উৎপত্তি স্থান।

গড়মান্দারণ (ড়্, ন্) আমোদর নদতীরবর্ত্তী গ্রাম ও দুর্গ, মেদিনীপুর (দুর্গেশনন্দিনী)।

গণ্ডকী—নেপাল হইতে প্রবাহিতা গঙ্গার উপনদীবিশেষ।

গন্ধমাদন (ন্) মানস সরোবরের নিকটস্থ পর্ব্বত।

গাঙ্গুড় (ড়্) শাখা নদী। বর্দ্ধমান জেলার চাপাতলা, দুবরাজপুর ও নবখণ্ড গ্রামের নিকট দিয়া গাঙ্গুড়ের জল বাহিয়া বেহুলা কলার মান্দাসে ভাসিতে ভাসিতে বাঁকা দামোদর বা বাঁকা নদীতে গিয়া পড়েন (মনসামঙ্গল, ক্ষেমানন্দ)।

গান্ধার (র্) সিন্ধুনদের পশ্চিমতীর হইতে বর্ত্তমান কাবুল ও কান্দাহার পর্য্যন্ত বিস্তৃত প্রদেশ, প্রাচীন পুরুষপুর (Peshawar) ও তক্ষশিলা (Taxila) ইহার অন্তর্গত ছিল। গান্ধারের প্রাচীন রাজধানী ছিল পুষ্কলাবতী।

গিরিব্রজ (ব্রো) রাজগৃহ। গঙ্গা ও শোণ নদের সঙ্গমস্থলে প্রতিষ্ঠিত নগর : জরাসন্ধের সময় মগধের রাজধানী। ইহা বৈহার, বরাহ, বৃষভ, ঋষিগিরি ও চৈত্যক এই পঞ্চপর্ব্বত দ্বারা বেষ্টিত, ইহার চতুঃপার্শ্বস্থ প্রদেশের নাম ধর্ম্মারণ্য (বাল্মীকি ও তৎসাময়িক বৃত্তান্ত)। ২। কেকয়রাজ অশ্বপতির রাজধানী (রামাঃ)।

গিরিয়া—মুর্শিদাবাদের অন্তর্গত স্থান ভাগীরথীর পূর্ব্বপারে অবস্থিত। ১৭৪০ অব্দে এখানে বাঙ্গালার নবাব সরফরাজ খাঁর সহিত আলিবর্দ্দী খাঁর যুদ্ধ হয় এবং বিজয় লক্ষ্মী আলিবর্দ্দী খাঁকেই আশ্রয় করেন।

গির্ণার (র্) সৌরাষ্ট্রের (কাঠিয়াবাড়) অন্তর্গত জুনাগড় সন্নিহিত পাহাড় ; গিরিনগর : জৈনতীর্থ।

গুপ্তিপাড়া—হুগলী জেলার গ্রাম : সঙ্গীতবিশারদ কালী মির্জ্জার (কালিদাস চট্টোপাধ্যায়) জন্মস্থান।

গুর্জ্জর (র্) গুজরাত প্রদেশ। ২। বর্ত্তমান রাজপুতনার প্রাচীন নাম।

গুলিটা—হুগলী জেলার অন্তর্গত গ্রাম। কবিবর হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান।

গোকর্ণ—হিমালয়ের পার্ব্বত্য প্রদেশের অন্তর্গত প্রসিদ্ধ তীর্থবিশেষ। বর্ত্তমান "গোকরণ" তীর্থ। ২। উত্তর কর্ণাটস্থ নগর ও তীর্থবিশেষ। ৩। রামায়ণোক্ত পর্ব্বতবিশেষ। এখানে কেশরী বানর শম্বসাদন অসুরকে নিপাত করেন।

গোদাবরী (রী) নাসিক সন্নিহিত সহ্যপর্ব্বতশৃঙ্গ ত্রিম্বক হইতে নিঃসৃত এবং দারণা, কাছা, দেব, মরালগামিনী, প্রবরা, মূলা, ধর, দুধলা, পূর্ণা, প্রণীতা (মঞ্জীরা, পীনগঙ্গা, বরদা) বেণগঙ্গা, ইন্দ্রাবতী ও শবরী নদীর সহিত মিলিত হইয়া প্রায় ৪০০ ক্রোশ পথ অতিক্রম করত ভারত সাগরে পতিতা নদী।

গোপরাষ্ট্র (ষ্) দক্ষিণ কোঙ্কণদেশ।

গোপালপুর (ল্, র্) রাজসাহী জেলার গ্রাম। পদ্মাতীরে অবস্থিত। বৈষ্ণব কবি নরোত্তম দাসের জন্মস্থান।

গোপ্রতার (র্) অযোধ্যার রাজপুরী হইতে দেড় ক্রোশ দূরে সরযূ নদীর তীরস্থ তীর্থ ও ঘাট। মহাপ্রস্থানকালে রামচন্দ্র ও তাঁহার অনুগামিগণ এই ঘাটে আত্মবিসর্জ্জন করেন। হি-"গোপ্তার" ঘাট।

গোবিন্দপুর (র্) যেখানে Fort William দুর্গ অবস্থিত পূর্ব্বে তথায় "গোবিন্দজী"র মন্দির ছিল। এবং বর্ত্তমান চাঁদপাল ঘাটের পূর্ব্ব-দক্ষিণে গোবিন্দজীর নামে ১৬৪০ শতাব্দীর মধ্যকালে গোবিন্দপুর গ্রাম প্রতিষ্ঠিত হইয়াছিল। ১৭৫৭ অব্দ হইতে গোবিন্দপুরে বর্ত্তমান দুর্গের পত্তন আরম্ভ হয়।

গোমতী—অযোধ্যাবাহিনী নদী : বর্ত্তমান গুমতী।

গোমন্ত—কোঙ্কণ প্রদেশের গোয়া সন্নিহিত স্থান।

গৌড় (ড়) [সং—গুড+অ গৌড়। বঙ্গদেশ গুড়ের জন্য চিরবিখ্যাত। কনিংহাম সাহেব এই লিখিয়াছেন "The name of Gauda or Gaur is, I believe, derived from Guda or Gur, the common name of molasses, or raw sugar, for which this Province has always been famous" Cunningham's Archaeological Survey of India Reports, Vol. XV. সংস্কৃত অভিধানে নামান্তর -পুণ্ড্র, বারেন্দ্রী, নীবৃতি ; গৌরবপুর। ইতিহাস মতে হিন্দুরাজত্ব কালে বাঙ্গালাদেশ পঞ্চরাজ্যে বিভক্ত ছিল যথা,—(১) বরেন্দ্র, (২) বঙ্গ, (৩) মিথিলা, (৪) রাঢ় ও (৫) বকদ্বীপ, এবং এই সমগ্র ভূভাগ পঞ্চগৌড় রাজ্য নামে খ্যাত হইয়াছিল। মুসলমান রাজারা মগধ ও মিথিলা লইয়া সুবে বিহার এবং অঙ্গ ও গৌড় লইয়া "সুবে বাঙ্গালা" গঠন করেন ১৫৮২ খৃঃ অব্দে রাজা তোড়রমল্লের বন্দোবস্তে বাঙ্গালা ও উড়িষ্যায় ২৪ সরকার (জেলা) এবং ৭৮৭ পরগণা নির্দ্দিষ্ট হইয়াছিল। তন্মধ্যে একটি সরকার বা জেলা জিন্নতাবাদ (আ—জিন্নৎ = অলঙ্কার, শোভা, ফা—আবাদ = জনপদ) গৌড়ের নাম। আধুনিক মালদহের নিকট গৌড় নগরের ভগ্নাবশেষ দৃষ্ট হয়। ১৪ শতাব্দীর শেষভাগে বিদ্যাপতি লিখিয়া গিয়াছেন "চিরঞ্জীব রহু পঞ্চ গৌড়েশ্বর কবি বিদ্যাপতি ভণে।" রাজতরঙ্গিণীর কবি শিহ্লন ও গ্রীক ঐতিহাসিক টলেমী ও ষ্ট্রাবো, সেলিউকসের অভিযান বর্ণনায় উল্লেখ করিয়াছেন। ৭ম শতাব্দীর পরিব্রাজক যুয়ানচোয়াং গৌড় ভ্রমণ করেন। মহাভারতে উল্লেখ আছে। স্কন্দ পুরাণ মতে সারস্বত, কান্যকুব্জ, গৌড়, মিথিলা, উৎকল এই পঞ্চ গৌড়।

চক্রবান্—পশ্চিম সমুদ্রের চতুর্থাংশের পর অবস্থিত পৌরাণিক পর্ব্বত। বিশ্বকর্ম্মা এখানে সহস্র অরযুক্ত চক্র নির্ম্মাণ করেন বলিয়া নাম। পাঞ্চজন ও হয়গ্রীব দানবদ্বয়কে বধ করিয়া বিষ্ণু এখান হইতে পাঞ্চজন্য শঙ্খ ও ঐ চক্র আহরণ করেন (রামাঃ)।

চট্টল (ল্) [সং] চট্টগ্রাম। গ্রা—চাটগাঁ। নবাবী আমলের "ইসলামাবাদ"।

চন্দন (ন্) গোমতীতীরস্থ পর্ব্বত (রামাঃ)।

চন্দননগর (ন নগোর্) হুগলী জেলার অন্তর্গত গঙ্গাতীরবর্ত্তী নগর কবিওয়ালা নিত্যানন্দ বৈরাগীর জন্মস্থান।

চন্দ্রগিরি—সিন্ধুসাগরসঙ্গমে অবস্থিত শতশৃঙ্গ পর্ব্বত (রামাঃ)।

চন্দ্রভাগা—পঞ্জাবের বর্ত্তমান চিনাব নদী, মুলতান সহর ইহার তীরে অবস্থিত।

চন্দ্রশেখর—চট্টগ্রামস্থ পর্ব্বত ও তীর্থ।

চম্পকনগর, চম্পাই, চম্পানগর, চাঁপাইনগর (র্) বর্দ্ধমান জেলার অন্তর্গত মানকর রেল-ষ্টেশনের ২॥০ কোশ দক্ষিণে গাঙ্গুর নদীর উত্তরস্থ নগর। এখানে চাঁদসদাগরের বাস ছিল (মনসামঙ্গল, ক্ষ, ম)। দ্রঃ—Hunter's Statistical Account of Bengal গ্রন্থের "চাঁদনিয়া" নগরই মনসার ভাসান গ্রন্থের "চম্পক নগর"। বেভারিজ্ সাহেব এই নগর "চাঁদমোথা" বা "চাঁদমুখ" নামে অভিহিত করিয়াছেন (শিবচন্দ্র শীল কৃত টীকা, গোবিন্দচন্দ্র গীত)। ২। বর্দ্ধমানের প্রায় ষোল কোশ পশ্চিমে অবস্থিত গ্রাম। এখানে একটী মৃৎস্তূপ আছে। ঐস্থানে লখিন্দরের (লক্ষীন্দ্র) লৌহের বাসরগৃহ নির্ম্মিত হইয়াছিল বলিয়া প্রসিদ্ধি আছে।

চর্ম্মণ্বতী—বর্ত্তমান চম্বল নদী, গবালিয়র দুর্গ ইহার তীরে অবস্থিত।

চিত্রকূট (ট্) বান্দা জেলার অন্তর্গত পাহাড়বিশেষ। ইহা প্রয়াগের ভরদ্বাজ-আশ্রম হইতে পশ্চিমবাহিনী যমুনাতীর দিয়া দশক্রোশ যাইলে পাওয়া যায়। রামের বনবাসকালে এখানে

ভরতসমাগম ঘটে। তখন বাল্মীকি আশ্রম এইখানে ছিল (রামাঃ)।

চাপতা (প) হুগলী, ত্রিবেণীর নিকটবর্ত্তী গ্রাম। নিধু বাবুর (রামনিধি গুপ্ত) জন্মস্থান।

চুপি, চুপী—নবদ্বীপের দুই ক্রোশ দূরবর্ত্তী গ্রাম। অক্ষয়কুমার দত্তের জন্মস্থান। ২। বর্দ্ধমান, কালনার নিকটবর্ত্তী গ্রাম। দেওয়ান রঘুনাথ রায়ের জন্মস্থান।

চেদি—মধ্যপ্রদেশের প্রাচীন রাজ্য। নাগপুর, জব্বলপুর সন্নিহিত দেশ।

চৈত্ররথ (থ্) উত্তর কুরুদেশে গঙ্গা সরস্বতী সঙ্গমের নিকট কুবেরোদ্যান (রামাঃ)।

চোড়, চোল (ড়, ল্) দক্ষিণ ভারতের পূর্ব্ব প্রান্তস্থ ভূভাগ। ইহা বর্ত্তমান নেলোর হইতে পদুকোটার অন্তর্গত ছিল; চোড়মণ্ডল; দ্রাবিড় দেশ; Coromandal.

চৌবেড়িয়া—নদীয়া জেলার অন্তর্গত গ্রাম। দীনবন্ধু মিত্রের জন্মস্থান।

ছত্রপুর (র্) সেণ্ট্রাল ইণ্ডিয়ান এজেন্সীর অন্তর্গত বুঁদেলখণ্ডস্থ করদ রাজ্যবিশেষ।

ছত্রিশগড় (ছোৎত্তৃশ্‌গড়) মধ্যপ্রদেশের অন্তর্গত প্রদেশ। "রতনপুর" ও "ঝাড়খণ্ড" নামেও অভিহিত। রায়পুর, সম্বলপুর, বিলাস পুর ও গোদাবরী প্রদেশ ইহার অন্তর্গত।

জটিঙ্গ রামেশ্বর (র্) মহীশূরের অন্তর্গত চিতলদুর্গ জেলার গ্রামবিশেষ। অশোক লিপিতে উক্ত। এখানে রাবণকর্ত্তৃক জটায়ু-বধ হইয়াছিল।

জনকপুর (ক্, র্) দ্বারবঙ্গের ৩৫ মাইল উত্তরে সীতার জন্মস্থান।

জনকভূ, জনকভূমি (ক্) বরেন্দ্র ভূমি বঙ্গের পালরাজগণের জন্মভূমি [গৌড় রাজমালা]।

জনস্থান (স্থান্) দণ্ডকারণ্যের মনোরম অংশ। পঞ্চবটী ইহার অন্তর্গত। খর ও দূষণ নামক রাক্ষসদ্বয়ের আলয় ছিল। সাধাঃ-দণ্ডকারণ্যের নামান্তর।

জপ্সা—ঢাকা জেলার অন্তর্গত গ্রাম। রামগতি সেনের কন্যা এবং অযোধ্যারাম কবীন্দ্রের পত্নী কবি আনন্দময়ীর জন্মস্থান।

জম্বু (জো) সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ; ভারতবর্ষ।

জম্বুকোলা (জো) সিংহলের প্রাচীন বন্দর বিশেষ, বর্ত্তমান জাফ্‌নার নিকট ছিল।

জলোদ (দ্) পুরাণোক্ত পূর্ব্ব সমুদ্র। বড়বানল এই সমুদ্রের গর্ভে বিরাজ করে।

জাগুলিয়া—২৪ পরগণার অন্তর্গত গ্রাম কবি মনোমোহন বসুর জন্মস্থান।

জাঙ্গিপাড়া—হুগলী, কৃষ্ণনগরের নিকট গ্রাম গোবিন্দ অধিকারীর জন্মস্থান।

জালিম্‌সিংহের মাঠ—মুর্শিদাবাদ জেলার অন্তর্গত গিরিয়ার যুদ্ধক্ষেত্রে খামরার নিকট যথায় জমাদার বিজয় সিংহ নবাব সরফরাজ খাঁর মৃত্যুর পর তাঁহার শত্রু আলিবর্দ্দী খাঁর বহুসৈন্য নিহত করিয়া ভূতলশায়ী হন, তথায় তাঁহার নবমবর্ষীয় পুত্র জালিম সিংহ উন্মুক্ত-অসি হস্তে পিতার মৃতদেহ রক্ষা করিয়াছিলেন। কয়েক জন সৈনিক এই বালকের উপর অসি চালনা করিতে উদ্যত হইলে, নবাব আলিবর্দ্দী খাঁ সেই অপূর্ব্ব দৃশ্য দর্শনে মুগ্ধ হইয়া রাজপুত বালককে হত্যা করিতে নিষেধ করেন এবং তাঁহার পিতার দেহ সংকারের আদেশ দেন। অতঃপর এই স্থান "জালিম সিংহের মাঠ" বলিয়া খ্যাত হয়। (বাঙ্গালার ইতিহাস, নবাবী আমল)।

জাহাঙ্গীর নগর—নবাবী আমলে, "ঢাকা" এই নামে অভিহিত। ১৩ চাক্‌লার অন্যতম।

জাহ্নবী—গঙ্গানদী। হিন্দুর অধিকাংশ প্রধান তীর্থ এই নদীর তীরে অবস্থিত।

জেজাভুক্তি—বর্ত্তমান বুন্দেলখণ্ড।

জৌগড়—মান্দ্রাজের অন্তর্গত গঞ্জাম জেলার গ্রামবিশেষ; অশোক অনুশাসনে উল্লিখিত।

ঝামটপুর (ট্, র্) বর্দ্ধমান জেলায় কাটোয়ার নিকটবর্ত্তী গ্রাম। চৈতন্য চরিতামৃতকার বৈঃ কবি কৃষ্ণদাস কবিরাজের জন্মস্থান।

ঝিনাইদহ—যশোহর জেলার গ্রাম। সাধক পাগলা কানাইয়ের জন্মস্থান।

ঢেকুর (র্) গৌড়রাজ ধর্ম্মপালের সময় মেদিনীপুরের অন্তর্গত এবং অজয় নদের তীরবর্ত্তী সামন্ত রাজ্য। ঘনরামের ধর্ম্মমঙ্গলের নায়ক ইচ্ছা বা ইছাই ঘোষ তাহার অধীশ্বর। ময়না নগর তাঁহার রাজধানী ছিল।

তক্ষশীলা (তো) ভারতের উত্তর পশ্চিমে কাল্‌কা সরাইয়ের সন্নিহিত শাহ্‌দেরীর ধ্বংসাবশেষ মধ্যে স্থিত প্রাচীন নগরী। গান্ধারের প্রাচীন রাজধানী। দশরথাত্মজ ভরতের পুত্র তক্ষের রাজধানী। গ্রীক্—Taxila. এখানে জন্মেজয়ের সর্পযজ্ঞ হইয়াছিল।

তমলুক, তমোলুক—তমোলিপ্ত দ্রঃ।

তমসা (শা) সরযূ ও গোমতীর মধ্যস্থিত গঙ্গার শাখানদীবিশেষ। বর্ত্তমান টন্স্ নদী; R. Tons. এলাহাবাদ আজমগড় প্রভৃতি জেলার মধ্য দিয়া প্রবাহিত। ইহার তীরে মহর্ষি বাল্মীকির আশ্রম ছিল।

তমোলিপ্ত, তাম্রলিপ্ত, তামলিপ্তি—মেদিনীপুর জেলার অন্তর্গত প্রাচীন বন্দর ও সমৃদ্ধ নগর। মুসলমান রাজত্বকালে বাঙ্গালার নবাব মুর্শিদ্‌কুলী খাঁ কর্ত্তৃক প্রতিষ্ঠিত ২৫টি জমীদারী বিভাগের অন্যতম বিভাগ। "জালামুঠা, সুজামুঠা, মহিষাদল প্রভৃতি উড়িষ্যা হইতে খারিজা, চাক্‌লা হিজলীর অন্তর্গত জমিদারী"—বাঙ্গালার ইতিহাস, (নবাবী আমল)। সমুদ্র এক্ষণে তাম্রলিপ্ত হইতে বহু দূর দক্ষিণে সরিয়া গিয়াছে।

তাপ্তী—মূলতাই পর্ব্বত হইতে নির্গত হইয়া ২৩০ ক্রোশ পথ অতিক্রম করিয়া আরব সাগরে পতিতা নদী।

তাম্রপর্ণী (পো) মলয় পর্ব্বত হইতে নিঃসৃতা নদী। ২। প্রাচীন সিংহল।

তুর্ব্বসুস্থান (তুর্ব্বোশুস্থান্) আধুনিক তুর্কীস্থান বা তুরুস্ক। যযাতিপুত্র তুর্ব্বসু পিতা কর্ত্তৃক অভিশপ্ত ও বিতাড়িত হইয়া এই দেশের পত্তন করেন।

তেওতা—ঢাকা জেলার অন্তর্গত গ্রাম। রজনীকান্ত গুপ্তের জন্মস্থান।

—বর্ত্তমান তেউড়ী। গড় মান্দারণের গ্রাম (কবিক)।

তেলিয়াবুধরি—পদ্মাতীরস্থ গ্রাম। বৈষ্ণব পদকর্ত্তা কবি গোবিন্দদাস কবিরাজের বাসস্থান।

তোসালি (শা) প্রাচীন কলিঙ্গের রাজধানী। অশোক লিপিতে উক্ত।

ত্রিকলিঙ্গ—কলিঙ্গ দ্রঃ।

ত্রিকুট (ট্) লম্ব নামক পর্ব্বত। ইহার উপর লঙ্কা অবস্থিত (রামাঃ)।

ত্রিগর্ত্ত—পঞ্জাবের বর্ত্তমান জলন্ধর জেলা।

ত্রিবেণী—হুগলী জেলার সপ্তগ্রামের নিকটবর্ত্তী গঙ্গা, যমুনা, সরস্বতীর মুক্তবেণী তীর্থ। ত্রিবেণী গ্রাম। দুর্গামাহাত্ম্য (১৫৩১ শক)-লেখক কবি মাধবাচার্য্যের জন্মস্থান। ২। উত্তর বঙ্গের গ্রামবিশেষ। নেতা ধোবানীর পাট দ্রঃ।

ত্রিষষ্ঠী (ষো) ঢেকুর (দ্রঃ) রাজ্যের প্রাচীন নাম (ধ, ম, ঘনরাম)।

দক্ষিণ পাটল (দোক্‌খিন্ পাটল্) বর্দ্ধমান জেলার কাল্‌না মহকুমার অন্তর্গত অগ্রদ্বীপের দক্ষিণে ভাগীরথীতীরবর্ত্তী গ্রাম। বর্ত্তমান পাটলি বা পাটলা (মনসার ভাসান, ক্ষেমানন্দ)।

দণ্ডকারণ্য (রা) গোদাবরীতীরস্থ বিস্তীর্ণ অরণ্য; রামায়ণোক্ত জনস্থান, রামায়ণের যুগে ইহা গঙ্গার দক্ষিণ হইতে সমুদ্রোপকূল পর্য্যন্ত বিস্তৃত ছিল (রামাঃ)।

দরদ (দ্) [সং—গ্রন্থাদিতে] ভুটান।

দশার্ণ—শাল্বরাজার দেশ। বিল্‌সন্ ইহা টলেমী ও পেরিপ্লুসের "দশারিণ" বলিয়া মনে করেন। ছত্রিশগড় সন্নিহিত স্থান। বিদিশা ইহার রাজধানী (মেঘদূত)। আধুনিক

"মান্দাসোর"। ইহা চম্বল ও বেত্রবতী (আধুঃ বেটোয়া) নদীদ্বয়ের মধ্যবর্ত্তী দেশ (বাল্মীকি ও তৎসাময়িক ভূবৃত্তান্ত)।

দামুন্যা (দামুন্যা) বর্দ্ধমান জেলার রায়না থানার অধীন ও রত্নাপুতরঙ্গিণী নদী-তীরবর্ত্তী গ্রাম। কবিকঙ্কণ মুকুন্দরাম ও তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা কবিচন্দ্রের জন্মস্থান।

দামোদর (বৃ) বর্দ্ধমানের দক্ষিণে প্রবাহিত প্রসিদ্ধ নদী (অ, ম)।

দারুকেশ্বর—মেদিনীপুর জেলার নদী (কবিক)।

দেবগ্রাম (গ্) নদীয়া জেলার গ্রাম। বৈঃ কবি হরিবল্লভ দাসের জন্মস্থান।

দেবসখা (ব, শ) হিমালয়সন্নিহিত পর্ব্বত (রামাঃ)।

দ্রাবিড় (ড়্) কলিঙ্গ দেশের দক্ষিণ সীমা হইতে কুমারিকা পর্য্যন্ত বিস্তীর্ণ দক্ষিণ ভারত ভূমি

দ্রোণ—ক্ষীরোদসাগরে স্থিত পর্ব্বত (রামাঃ)।

দ্বারাবতী (বো) সাগরকূলবর্ত্তী মোক্ষদায়িকা পুরী। বর্ত্তমান দ্বারকা (গুজরাত)।

দ্বৈতবন (ন্) পঞ্জাবস্থ সরস্বতী নদীর তীরবর্ত্তী মহারণ্য।

দ্বৈপায়ন (ন, দ্) কুরুক্ষেত্রের সন্নিহিত হ্রদ।

ধর্ম্মারণ্য (রো) পঞ্চাল এবং উত্তর কোশলের মধ্যবর্ত্তী হিমালয়পাদমূলস্থ অরণ্য এবং অমূর্ত্ত-রজা কর্ত্তৃক স্থাপিত নগর (রামাঃ)। প্রাচীন ভূগোলমতে প্রাগ্‌জ্যোতিষপুর।

ধুলিয়াপুর (বৃ) খুলনাজেলার অন্তর্গত যশোহরের (প্রতাপাদিত্যের রাজধানী) নিকটস্থ গ্রাম। পঞ্চানন তর্করত্নের জন্মস্থান।

ধূম্রাচল (ল্) রামায়ণোক্ত পর্ব্বতবিশেষ (কিষ্কিন্ধ্যা ৩৭)।

নন্দন (নন্দন্)- স্বর্গোদ্যান; ইন্দ্রের উদ্যান (পুরাণ)।

নন্দীগ্রাম (ম্) অযোধ্যার ১ ক্রোশ পূর্ব্বে লক্ষ্ণৌ জেলার অন্তর্গত বর্ত্তমান নন্দগাঁও (রামাঃ)।

নবদ্বীপ (প্) [অপভ্রংশে—নদীয়া : গ্রা—নদে] বাঙ্গালা প্রেসিডেন্সী বিভাগের প্রসিদ্ধ জেলার প্রধান নগর (কলিকাতার ৩০ ক্রোশ দূরে) মধ্যযুগের হিন্দুর ধর্ম্ম ন্যায় দর্শনাদি শাস্ত্রের পীঠস্থান। চৈতন্যদেবের জন্মভূমি।

নয়াপাড়া—চট্টগ্রাম রাউজান থানার অধীন গ্রাম। কবি নবীনচন্দ্র সেনের জন্মস্থান।

নর্ম্মদা—অমরকণ্টক পর্ব্বত হইতে উৎপন্ন হইয়া প্রায় ৪০০ ক্রোশ পথ অতিক্রম করিয়া কাম্বে উপসাগরে পতিতা নদী।

নল (ল্, আহমদাবাদ প্রদেশস্থ হ্রদ।

নলিনী (নো) অমরাবতী (রামাঃ)।

নাগগিরি (গ্) মধ্যপ্রদেশস্থ নাগপুর বিভাগীয় গিরিমালা।

নাগপর্ব্বত (গ, ত্) কাশ্মীরের অন্তর্গত পর্ব্বতবিশেষ।

নাগপাহাড় (ড়্) রাজপুতানার অজ্‌মীঢ়ের অন্তর্গত ক্ষুদ্র পর্ব্বত।

নাগলোক (গ, ক্) গবালিয়র্ ও বুন্দেলখণ্ডের কিয়দংশ।

নান্নুর (বৃ) বীরভূম জেলার সাকুলিপুর থানার অধীন গ্রাম। বৈষ্ণব কবি চণ্ডীদাসের জন্মস্থান।

নারায়ণগড় (ন, ড়্) মেদিনীপুরের সীমান্ত গ্রাম। ইহা অতিক্রম করিয়া ও মহানদী পার হইয়া কটকে যাইবার পথ (অ, ম)।

নালন্দ—রাজগৃহের ৩॥ ক্রোশ উত্তরস্থ নগর।

নিকুম্ভিলা—সিংহলস্থ কলম্বো হইতে ৪০ মাইল দূরবর্ত্তী স্থান

নিছনি নগর (ছো) উজ্জয়িন্ (Hunter Statistical Account of Bengal.) নগরই "মনসার ভাসান" গ্রন্থে নিছাই বা নিছনি নগর বলিয়া উক্ত। এখানে চাঁদবেণের পুত্র লখিন্দরের পত্নী বেহুলার জন্মস্থান ছিল (ক্ষেমানন্দ, অ, ম)। বিজলী সাহেবের মতে এখানে চাঁদবেণের বাড়ী ছিল।

নিমতা (ন্) ২৪ পরগণার অন্তর্গত বেলঘরিয়ার অৰ্দ্ধক্রোশ দূরবর্ত্তী গ্রাম। কালিকামঙ্গল ও রায়মঙ্গল প্রণেতা কবি কৃষ্ণরাম দাসের জন্মস্থান।

নিষধ (ধ্) মধ্যভারতের অন্তর্গত জব্বলপুরের পূর্ব্ববর্ত্তী দেশ।

নীলাচল (ল্) নীলগিরি পর্ব্বত-শ্রেণী। ২। নীলগিরির প্রান্তপ্রদেশে প্রতিষ্ঠিত জগন্নাথপুরী শ্রীক্ষেত্র (জগন্নাথমঙ্গল, বাং উৎকল খণ্ড, অ, ম)।

নেড়াদেউল (ল্) বর্দ্ধমান হইতে মেদিনীপুর যাইবার পথে এই নামীয় একটী স্থান ও তথায় প্রতিষ্ঠিত মন্দির। ইহা মেদিনীপুরের সীমা নির্দ্দেশক। ভারতচন্দ্রের সময় মেদিনীপুর বাঙ্গালার সীমাভুক্ত ছিল এবং এই স্থান পার হইয়া উড়িষ্যার সীমায় যাইতে হইত (অ, ম)।

নেতা ধোবানীর পাট—কেতকাদাস, ক্ষেমানন্দের মনসার ভাসান গ্রন্থোক্ত "দক্ষিণ পাটন" (দ্রঃ)। গঙ্গাভক্তিতরঙ্গিণীর "পাটুলি" দ্রঃ। হণ্টার সাহেবের মতে করতোয়া তীরবর্ত্তী উত্তর বঙ্গের ত্রিবেণীতে, মতান্তরে সপ্তগ্রাম ত্রিবেণীতে অবস্থিত।

নৈমিষারণ্য (রো) লক্ষ্ণৌয়ের বায়ুকোণে ৪৫ মাইল দূরে গোমতীর বামতটে অবস্থিত, বর্থোলীর সন্নিহিত পুরাণপ্রসিদ্ধ অরণ্য। বর্ত্তমান নিমখার। এখানে রামের অশ্বমেধ যজ্ঞ হইয়াছিল।

পঞ্চগৌড়—বিন্ধ্যগিরির উত্তরস্থ সারস্বত, কান্যকুব্জ, গৌড়, মিথিলা, উৎকল।

পঞ্চদ্রাবিড় (ড়্) বিন্ধ্যগিরির দক্ষিণস্থ দ্রাবিড় (তামিল), কর্ণাট, গুজরাট, মহারাষ্ট্র, তৈলঙ্গ।

পঞ্চবটী (বো) মধ্যভারতের গোদাবরীতীরস্থ জনস্থানের মধ্যগত স্থান : বর্ত্তমান নাসিক।

পঞ্চশৈল—সুমেরুর দক্ষিণস্থ পর্ব্বতবিশেষ।

পঞ্চাল (ল্) গঙ্গার উভয় তীরে স্থাপিত রাজ্য। উত্তর উপকূল হইতে রোহিলখণ্ড ও সন্নিহিত অঞ্চল উত্তর পঞ্চাল। দক্ষিণ পঞ্চাল আধুনিক ফরক্কাবাদ অঞ্চল। মতান্তরে দক্ষিণ উপকূল হইতে আরম্ভ করিয়া দক্ষিণে গঙ্গা যমুনার মধ্যবর্ত্তী স্থানসমূহ (কনোজ, এটাবা প্রভৃতি অঞ্চল), যমুনার দক্ষিণ উপকূল হইতে চর্ম্মণ্বতী (চম্বল) নদী পর্য্যন্ত, নদীর পশ্চিম পারে রাজপুতানা ও পঞ্জাবের দক্ষিণাংশ পর্য্যন্ত। দক্ষিণ পঞ্চালের রাজধানী ছিল কাম্পিল্য নগর। দ্রোণাচার্য্যের অধিকৃত উত্তর পঞ্চালের রাজধানী।

পড়ান (ন্) বর্দ্ধমান জেলার গ্রাম। বৈঃ কবি রায়শেখরের জন্মস্থান।

পদ্মা—গঙ্গার শাখাবিশেষ, গঙ্গার সহিত গোয়ালন্দের নিকট ব্রহ্মপুত্র নদ মিলিত হইয়া পদ্মা নাম লইয়া পরে মেঘনার সহিত মিলিত হইয়া বঙ্গোপসাগরে পতিত হইতেছে।

পদ্মাচল (পদ্দাঁচল্) রামায়ণোক্ত পর্ব্বত-বিশেষ (কিষ্কিন্ধ্যা, ৩৯)।

পম্পা—দক্ষিণভারতের ঋষ্যমূক পর্ব্বতস্থ নদী। স্থির জল বলিয়া সরোবর নামে প্রসিদ্ধ। ইহার জল কার্ণাটিকদেশের মধ্য দিয়া প্রবাহিত। ত্রেতাযুগে ইহাও দণ্ডকারণ্যের অন্তর্ভুক্ত ছিল (রামাঃ আ, ৭৩)।

পরশুরামতীর্থ—শৃঙ্গবেরপুর হইতে নন্দিগ্রাম আসিবার পথে অবস্থিত তীর্থ (রামাঃ)।

পলাশী—মুর্শিদাবাদ হইতে ১৫ ক্রোশ দূরে বর্ত্তমান নদীয়া জেলার অন্তর্গত ভাগীরথীতীরে অবস্থিত ইতিহাসপ্রসিদ্ধ স্থান। ১৭৫৭ অব্দে ক্লাইব সাহেবের সহিত যুদ্ধে নবাব সিরাজ-উদ্দৌলার এখানে পরাজিত হওয়ায় ভারতে ইংরেজ রাজত্বের সূত্রপাত হয়।

পশ্চিম সমুদ্র (পোশ্চিম্ শোমুদ্দ্র) পশ্চিম দিকে অবস্থিত সমুদ্র। রাবণ ইহার এক দ্বীপে আসিয়া কপিল দেবের নিকট পরাস্ত হন।

পষ্কুল (ব্) [সং—নাম] কাবুল।

পাঞ্চালনগর (ল, বৃ) ফরক্কাবাদ জেলার কাম্পিল্য। পঞ্চাল দ্রঃ।

পাটলিপুত্র (টো, পুৎত্র)—ভারত-সম্রাট মৌর্য্য চন্দ্রগুপ্ত কর্ত্তৃক প্রতিষ্ঠিত সাম্রাজ্যের ও

প্রাচীন মগধের রাজধানী। খৃষ্ট-পূর্ব পঞ্চম শতাব্দীতে এই বিশাল নগরের প্রতিষ্ঠা হয়। বিম্বিসারের পুত্র অজাতশত্রু গঙ্গার পশ্চিমকূলে পাটলি নামক গ্রামে দুর্গ নির্ম্মাণ করেন তাঁহার পৌত্র উদয় তথায় এক নগর স্থাপিত করেন, উহাই পাটলিপুত্র এবং কুসুমপুর ও পুষ্পপুর নামে অভিহিত হয়। তখন উহা গঙ্গা ও শোণনদের সঙ্গমস্থলে ছিল, এক্ষণে সঙ্গমস্থল ১২ মাইল উত্তরে। আধুনিক পাটনা। বর্ত্তমান বাঁকীপুর তখন পাটলিপুত্রের অন্তর্গত ছিল।

পাটুলি [পাটলা, পাটলিও বলে] দক্ষিণ পাটল দ্রঃ (গঙ্গাভক্তিতরঙ্গিণী)।

পাণিহাটী—২৪ পরগণার অন্তর্গত গঙ্গাতীরবর্ত্তী বৈষ্ণবপ্রধান প্রসিদ্ধ গ্রাম।

পাণ্ডুগ্রাম (ম্) বর্দ্ধমান জেলার কাটোয়া হইতে কয়েক ক্রোশ দক্ষিণপশ্চিমস্থ গ্রাম। ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান।

পাণ্ডুয়া বসন্তপুর (শ্, র্) [গ্রা—পেঁড়ো বসন্তপুর] ভুরসুট পরগণাস্থ গ্রাম। কবি ভারতচন্দ্র রায় গুণাকরের জন্মস্থান।

পাণ্ড্য, পাণ্ড্যদেশ বা রাজ্য—প্রাচীন দ্রাবিড়ের দক্ষিণাংশ; দক্ষিণ ভারতের বর্ত্তমান মদুরা ও তিরুবল্লি জেলাদ্বয় ইহার অন্তর্গত ছিল। অশোক-অনুশাসনোক্ত তাম্রপর্ণী নদীতীরবর্ত্তী কোকৈ নগরী ইহার প্রাচীন রাজধানী, ৭৭ খৃঃঅব্দে প্লিনির সময় মদুরা রাজধানী ছিল।

পালাড়া—হুগলী জেলার অন্তর্গত ভদ্রেশ্বরের পশ্চিমে গ্রাম। পাঁচালীকার রসিকচন্দ্র রায়ের জন্মস্থান।

পারদ (দ্) [সং নাম] চীন; মহাচীন।

পারিপাত্র (পাৎত্র) [সং নাম] বিন্ধ্যগিরির উত্তর পশ্চিমাংশ।

পারিযাত্র (জাৎত্র) পশ্চিম সমুদ্রে স্থিত পর্ব্বত। ইহা জ্বলন্ত অগ্নির তুল্য ২৪ কোটি ঘোররূপ গন্ধর্ব্বের বাসস্থান (রামাঃ)।

পুণ্ড [সং নাম] মেদিনীপুর অঞ্চল।

পুণ্ড্র, পৌণ্ড্র—মহানন্দার পূর্ব্বতীর হইতে করতোয়ার পশ্চিমতীর পর্য্যন্ত বিস্তৃত ভূভাগ; বরেন্দ্র ভূমির পূর্ব্ব নাম। বঙ্গদেশ দ্রঃ।

পুরুষপুর (ষ্, ব্) পেশাবর্ বা পেশোর (Peshawar) এর প্রাচীন নাম।

পুরুষোত্তম (ম্) বৈতরণী ও ঋষিকুল্যা নদীর মধ্যবর্ত্তী তীর্থবিশেষ।

পুলিন্দ—নর্ম্মদা তীরবর্ত্তীস্থান। টলেমীর Pulindai.

পুষ্কর (র্) অজমীঢ় মারবারের অন্তর্গত হ্রদ ও তীর্থবিশেষ। ২। সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ; মঙ্গোলিয়া। মতান্তরে মঙ্গোলিয়া হইতে মালে উপদ্বীপ পর্য্যন্ত।

পুষ্কলাবতী (ক) গান্ধারের প্রাচীন রাজধানী। দাশরথি ভরতের পুত্র পুষ্কলের রাজধানী।

পুষ্পিতক (ক্) দক্ষিণ সমুদ্র পারস্থ পর্ব্বত (রামাঃ)।

পৌণ্ড্রবর্দ্ধন (ন্) মালদহ জেলার অন্তর্গত পাণ্ডুয়া।

প্রতিষ্ঠাননগরী (প্রো. ন্) গ্রীক ঐতিহাসিকদিগের পৈথানা (paithana); গোদাবরী তীরবর্ত্তী প্রাচীন নগরীবিশেষ।

প্রতিষ্টানপুর (প্রো, ন্, র্) বর্ত্তমান এলাহাবাদের পরপারবর্ত্তী গঙ্গার উপকূলস্থ প্রাচীন নগরী, বর্ত্তমান ঝুঁসী।

প্রয়াগ (গ্) এলাহাবাদ। গ্রা-হি-র অনুকরণে বাং-গ্রা 'পৈরাগ'।

প্রলম্বদেশ (শ্) রোহিলখণ্ডের পশ্চিমাংশ।

প্রস্রবণ (প্রোস্‌স্রোবন্) জনস্থানের মধ্যবর্ত্তী গোদাবরী নদীসন্নিহিত পর্ব্বত। রামের কুটীর ইহার নিকট ছিল। (রামাঃ)। ২। মাল্যবান পর্ব্বত।

প্রাগ্‌জ্যোতিষপুর (ষ্, র্) আসামের অংশবিশেষ; কামরূপ। প্রাচীন ভূগোলমতে ত্রিপুরা, কুমিল্লা প্রভৃতি অঞ্চল।

প্লক্ষ (প্লো) [সং নাম] সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ; মিডিয়া।

ফুলিয়া—নদীয়া জেলার অন্তর্গত, রাণাঘাট সন্নিহিত গ্রাম। কবি কৃত্তিবাসের জন্মস্থান।

বকদ্বীপ (প্) উত্তরে গঙ্গা, দক্ষিণে বঙ্গোপসাগর, পূর্ব্বে পদ্মা ও পশ্চিমে ভাগীরথী এই চতুঃসীমাবদ্ধ ভূভাগ। বৌদ্ধযুগে অপভ্রংশে "বকড়ী"—"বগড়ী"—"বগ্‌দি" (ইহার আদিম অধিবাসী বাগ্‌দী)। ইহার উত্তরভাগ বরেন্দ্রভূমির, মধ্য ও দক্ষিণভাগ বনভূমির, পূর্ব্বভাগ বঙ্গের ও পশ্চিমভাগ রাঢ়ের অন্তর্ভুক্ত ছিল।

বঙ্গ [বঙ্গদেশ দ্রঃ] সমতট।

বঙ্গদেশ, বাঙ্গালা—গৌড় ও বঙ্গের মিলিত রাজ্য। এই ভূভাগ করতোয়া এবং গঙ্গা দ্বারা বিভক্ত হইয়া পশ্চিমাংশ গৌড় ও পূর্ব্বাংশ বঙ্গদেশ নামে প্রসিদ্ধ ছিল। পুনরায় মোগল শাসনকালে মিলিত গৌড়বঙ্গ বাঙ্গালা নামে অভিহিত হয়। দীর্ঘতমা ঋষির ৫ পুত্র অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, ওড্র ও পুণ্ড্র স্ব স্ব নামে রাজ্য-স্থাপন করেন। তন্মধ্যে বঙ্গ এবং পুণ্ড্রের রাজ্য বর্ত্তমান বাঙ্গালা দেশের অন্তর্ভুক্ত। জেলা মালদহের অন্তর্গত পাণ্ডুয়া নগরের চতুষ্পার্শ্ববর্ত্তী স্থান পুণ্ড্রের অধিকৃত ছিল। পরে বরেন্দ্র-নামক জনৈক ক্ষত্রিয় পৌণ্ড্র রাজ্য জয় করিলে এই সমস্ত ভূভাগ বরেন্দ্র ভূমি নামে অভিহিত হয়। তিনি পুরাতন রাজধানী পৌণ্ড্রপট্টন ত্যাগ করিয়া গৌরব নগরে রাজধানী স্থাপন করেন পরে পৌণ্ড্রপট্টন পাণ্ডুয়া, গৌরব নগর গৌড় ও বরেন্দ্র ভূমি বারিন্দা নাম প্রাপ্ত হয় (বাঙ্গালার সামাজিক ইতিহাস, ১ম খণ্ড)। মুসলমান আমলের পর বঙ্গদেশ উত্তরে নেপাল ও ভুটান, দক্ষিণে গঞ্জাম ও বঙ্গোপসাগর, পূর্ব্বে ব্রহ্মদেশ এবং পশ্চিমে মধ্যপ্রদেশ ও সম্বলপুর, রিবা রাজ্য, বারাণসী, মির্জ্জাপুর, গাজীপুর গোরক্ষপুর এই চতুঃসীমায় আবদ্ধ হয়। অধুনা আসাম, ওড়িষ্যা ও বিহার প্রদেশ স্বতন্ত্র গঠিত হওয়ায় ইহার পরিসর পুনরায় সংকীর্ণ হইয়াছে।

বজ্রগিরি (বজ্‌জ্র) পশ্চিম সমুদ্রে স্থিত পর্ব্বত (রামাঃ)।

বজ্রযোগিনী (জো) ঢাকা জেলার বিক্রমপুর পরগণার অন্তঃপাতী গ্রাম। কবি আনন্দচন্দ্র মিত্রের জন্মস্থান।

বড়া, বহড়া—হুগলী, শ্রীরামপুর সন্নিহিত গ্রাম। প্রথম বাঙ্গালা সংবাদপত্র "বেঙ্গল গেজেটে"র সম্পাদক গঙ্গাধর ভট্টাচার্য্য ও পাঁচালীকার রসিকচন্দ্র রায়ের জন্মস্থান।

বৎসদেশ (শ্, শ্) এলাহাবাদের পশ্চিমে যমুনার উত্তর কূলে অবস্থিত রাজ্য। ২। বঙ্গোপসাগর কূলে অবস্থিত উদয়নের রাজ্য (রত্নাবলী)।

বৎসপত্তন (শ্, ন্) কৌশাম্বী।

বদনগঞ্জ (ন্) হুগলীর অন্তঃপাতী গ্রাম। বৈঃ কবি আউলিয়া মনোহরদাসের বাস ও সমাধি স্থান।

বদরিকাশ্রম (কাস্‌স্রোম্) কাশীর নিকটবর্ত্তী পৌরাণিক আশ্রমবিশেষ। ২। বদ্রীনাথ তীর্থ, অলকানন্দার পশ্চিমতীরে অবস্থিত, হিমালয়ের কুমায়ূঁ গড়বাল্ জেলায় মিলিত সীমান্তবর্ত্তী পর্ব্বতাংশ।

বধূসরা (শ) ভৃগুপত্নী পুলোমার নেত্রবারি হইতে উৎপন্ন মহাভারতোক্ত নদীবিশেষ।

বনগ্রাম (ন্, ম্) যশোহর জেলার মহকুমাবিশেষ। গ্রা—বনগাঁ।

বনপাড়া (ন্) কাটোয়ার উত্তরস্থ গ্রাম। বৈঃ পদকর্ত্তা কবি গোবিন্দদাস চক্রবর্ত্তীর জন্মস্থান।

বনায়ু—আরব। মতান্তরে পারস্য দেশ।

বরাহ—পশ্চিম সমুদ্রপারে স্থিত পর্ব্বত। এখানে প্রাগ্‌জ্যোতিষ নামে এক নগর আছে (রামাঃ)।

বরেন্দ্রভূমি—পৌণ্ড্র রাজ্যের পরবর্ত্তী নাম। উত্তরে কোচবিহার দক্ষিণে পদ্মা নদী, পূর্ব্বে চলন-বিল ও করতোয়া নদী এবং পশ্চিমে মিথিলা (ত্রিহুত)—এই চতুঃসীমান্তর্বর্ত্তী ভূভাগ। বঙ্গদেশ দ্রঃ। মহানন্দার পূর্ব্বতীর হইতে করতোয়ার পশ্চিমতীর পর্য্যন্ত বিস্তৃত ভূভাগ। অন্য নাম "জনকভূ" (গৌড়রাজমালা)।

বল্লভপুর (ভ্, র্) বাগোয়ান পরগণার অন্তর্গত গ্রাম, ভবানন্দ মজুমদারের বাস স্থান (অ, ম)।

বহেরা—নবাবী আমলে নদীয়া জেলা পরে ২৪ পরগণা অধুনা খুলনা জেলার অন্তর্গত গ্রাম। অশেষ-শাস্ত্রাধ্যাপক সুবিখ্যাত নৈয়ায়িক শশিজীবন তর্করত্ন ও জ্ঞানকীজীবন ন্যায়রত্নের জন্মস্থান।

বাঁকানদী—দামোদর নদের অংশবিশেষ। ইহা গোবিন্দপুর, বর্দ্ধমান, গাংপুর, দেপুর, কেয়ুয়া, আদমপুর, গোদাঘাট, নারিকেলডাঙ্গা, বৈদ্যপুর, পিঁড়াতলী, গহরপুর, ত্রিবেণী প্রভৃতির নিকট দিয়া প্রবাহিত। বেহুলা নখিন্দরকে লইয়া এই সকল গ্রাম ও নগরের নিকট দিয়া কলার মান্দাসে ভাসিতে ভাসিতে গিয়াছিলেন (ক্ষেমানন্দ)।

বাঁধমুঢ়া (ধ্) বর্দ্ধমান জেলায় কাটোয়ার ২॥ ক্রোশ দক্ষিণে গ্রাম। দাশরথি রায়ের জন্মস্থান।

বাঁশবেড়িয়া (শ্) হুগলী জেলার অন্তর্গত গ্রাম। শ্রীধর কথক ও ব্রাহ্মধর্ম্মপ্রচারক প্রতাপচন্দ্র মজুমদারের জন্মস্থান।

বাকুলিয়া—বর্দ্ধমান কালনার নিকটস্থ গ্রাম। কবি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান।

বাগোয়ান (ন্) নদীয়া জেলার অধীন পরগণা-বিশেষ।

বাটাজোড় (ড়্) বরিশাল জেলার গ্রাম। অশ্বিনীকুমার দত্তের জন্মস্থান।

বাড়েবাঁকা—নদীয়া, বাগোয়ানের নিকটবর্ত্তী গ্রাম। রসসাগর কৃষ্ণকান্ত ভাদুড়ীর জন্মস্থান।

বারণাবত (ত্) মহাভারতের যুগের এলাহাবাদ অঞ্চল।

বারাণসী—বরণা এবং অসি নদীদ্বয়ের মিলনস্থান বলিয়া নাম ; কাশী।

বালুকিনী—শৃঙ্গবেরপুর হইতে নন্দিগ্রামে আসিবার পথে নদীবিশেষ (রামাঃ)।

বাল্মীকি আশ্রম (আশ্রম্) কাণপুর সন্নিহিত বিঠুরের নিকট অবস্থিত। চিত্রকূট ও তমসা দ্রঃ।

বাহ্লীক (ক্) আফগানিস্থানের উত্তরপশ্চিমস্থ দেশ ; বল্খ (Balkh) হইতে হিরাট পর্য্যন্ত। ২। পঞ্জাবস্থ দেশবিশেষ।

বিতস্তা [সং নাম] পঞ্জাবস্থ পঞ্চ নদীর অন্যতম নদী ; ঝিলাম্।

বিদর্ভ—বর্ত্তমান বিরাড় ; the Berars ; প্রাচীন ভোজরাজ্য।

বিদিশা—শত্রুঘ্নপুত্র শত্রুঘাতীর নগরী। ভূপালপুরের পশ্চিমে বেত্রবতী নদীতীরে বর্ত্তমান ভিল্‌সা।

বিন্দুসরোবর (ব্) রামায়ণোক্ত সরোবরবিশেষ। ভগীরথের স্তবে তুষ্ট হইয়া শিব তাঁহার জটাজুট হইতে গঙ্গাকে এই সরোবর অভিমুখে নিঃসৃত করিয়া দেন (রামাঃ)।

বিন্ধ্য—কিষ্কিন্ধ্যার দক্ষিণস্থ সপ্তশৃঙ্গ পর্ব্বত বলিয়া উক্ত (রামায়ণ)। ২। যে শৈলশ্রেণী ভারতবর্ষকে উত্তর ও দক্ষিণ ভাগে বিভক্ত করে। মধ্যভারতের পর্ব্বতশ্রেণী।

বিপাশা [সং নাম] পঞ্জাবস্থ পঞ্চ নদের অন্যতম। R. Beas.

বিরাট (ট্) উত্তর বঙ্গের বগুড়া, দিনাজপুর, রঙ্গপুর অঞ্চল। মৎস্যদেশ দ্রঃ।

বিল্বগ্রাম (ম্) নদীয়া জেলার অন্তর্গত গ্রাম। পণ্ডিত মদনমোহন তর্কালঙ্কারের জন্মস্থান।

বিশালা—ইক্ষ্বাকুর বিশাল নামক পুত্রের পুরী, সিদ্ধাশ্রম হইতে মিথিলা যাইবার পথে গঙ্গার পরপারে অবস্থিত। ২। শিপ্রাতীরস্থ উজ্জয়িনীর নামান্তর ; অবন্তী।

বিষ্ণুক্রান্ত—এসিয়া মহাদেশ, অসেচনক ; Asia ?

বীরসিংহ (হ্) মেদিনীপুর জেলার অন্তর্গত গ্রাম। ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মস্থান।

বুড়ন (ন্) শ্রীহট্টের গ্রাম। বৈঃ কবি বাসুদেব ঘোষের জন্মস্থান।

বুন্দেলখণ্ড—চন্দেল্লরাজাদিগের রাজত্ব।

বুরঙ্গা—শ্রীহট্টের গ্রাম। বৈঃ কবি যদুনাথ দাসের জন্মস্থান।

বেদশ্রুতি (শ্রু) অযোধ্যা হইতে দণ্ডকারণ্য যাইবার পথে প্রবাহিতা নদী (রামাঃ)।

বেহুলা নদী (নো) হুগলি ও বর্দ্ধমান জেলার মধ্য দিয়া প্রবাহিত ক্ষুদ্রকায় নদী, ইহার তীরে বৈদ্যপুর (দ্রঃ), পিঁড়াতলী, নারিকেল ডাঙ্গা, কেজ্যা (দ্রঃ) প্রভৃতি গ্রাম। (মনসার ভাসান)।

বৈজয়ন্ত—মিথিলার রাজধানী, গৌতম আশ্রম ইহার নিকট ছিল। ২। দণ্ডকারণ্যের অন্তর্গত নগরবিশেষ, তিমিধ্বজ অসুরের রাজধানী।

বৈতরণী—উড়িষ্যায় প্রবাহিতা নদী।

বৈদ্যপুর (র্) হুগলী জেলার অন্তর্গত গণ্ডগ্রাম (মনসার ভাসান)।

বৈদ্যুত (ত্) দক্ষিণ সমুদ্র পারস্থ পর্ব্বত (রামাঃ)।

বৈরাট (ট্) রাজপুতানার জয়পুর রাজ্যের অন্তর্গত গ্রাম।

বৈশালী—প্রাচীন মগধরাজ্যের মহানগরীবিশেষ। বুদ্ধদেব দুঃখক্ষয়ের উপায় জানিবার জন্য এখানে আরাড়কালামের নিকট উপস্থিত হন এবং সিদ্ধকাম না হওয়ায় রাজগৃহে এবং তথা হইতে গয়া গমন করেন। "উবাসগদসাও" নামক বৌদ্ধগ্রন্থে বৈশালীর নামান্তর "বণিয়-গাম" (সং—বাণিজ গ্রাম)—গোবিন্দগীত, টীকা, শিবচন্দ্র শীল)।

ব্রজ (ব্রোজ) মথুরাসন্নিহিত গোকুল নামক গ্রাম।

ব্রহ্মকুণ্ড (ব্রো) আসাম প্রদেশস্থ হ্রদ।

ব্রহ্মগিরি (ব্রো) মহীশূরের অন্তর্গত চিতল দুর্গ জেলার গ্রামবিশেষ। অশোক লিপিতে উক্ত।

ব্রহ্মপুত্র (ব্রোম্‌হোপুৎত্র) তিব্বতে মানস সরোবর হ্রদ হইতে নিঃসৃত ও শাম্পু, দিহং, ছিবং, লোহিত, মনাস, গদাধর, শুর্ম্মা, ধর্লা, ধানেশ্রী, কপিল, বুড়ীগঙ্গার সহিত মিলিত হইয়া ১৮০০ ক্রোশ অতিক্রম করিবার পর মেঘনা নামে বঙ্গোপসাগরে পতিত নদ।

ব্রহ্মাবর্ত্ত (ব্রোম্‌হাবর্ত) সরস্বতী ও দৃষদ্বতী নদীদ্বয়ের মধ্যস্থ প্রদেশ।

ভট্টপল্লী (প্লো) [গ্রা—ভাটপাড়া] কলিকাতার প্রায় বিশ মাইল উত্তরস্থ প্রসিদ্ধ শাস্ত্রজ্ঞ পণ্ডিত-প্রধান গ্রাম। ভারতবিখ্যাত নৈয়ায়িক রাখাল-দাস ন্যায়রত্নের জন্মস্থান।

ভড়োচ, ভরোচ (চ্) ভৃগুকচ্ছ দ্রঃ।

ভরতপুর (ত্, র্) মুর্শিদাবাদের গ্রাম। বৈঃ কবি নয়নানন্দ দাসের বাসস্থান। ২। রাজপুতানার দেশী রাজ্যবিশেষ।

ভরদ্বাজাশ্রম (শ্রম্) প্রয়াগের গঙ্গাযমুনা সঙ্গমস্থলস্থ আশ্রম। অধুনা গঙ্গা আশ্রম হইতে বহু দূরে প্রবাহিতা।

ভরাকর (র্) ঢাকা জেলার বিক্রমপুর পরগণার অধীন গ্রাম। কালীপ্রসন্ন ঘোষের জন্মস্থান।

ভাজনঘাট (ন্, ট্) নদীয়া জেলার কৃষ্ণগঞ্জ থানার অধীন গ্রাম। স্বপ্নবিলাসাদি গ্রন্থ প্রণেতা কবি কৃষ্ণকমল গোস্বামীর জন্মস্থান।

ভাতশালা—বর্দ্ধমান জেলা পূর্ব্বস্থলী থানার অধীন গ্রাম। যাত্রাওয়ালা মতিলাল রায়ের জন্মস্থান।

ভাবড়া, ভাবতা (ব্, ব্) জয়পুর রাজ্যের বৈরাট গ্রামের সন্নিহিত গ্রাম। অশোক লিপিতে উক্ত।

ভূরশুট (ট্) যশোহর জেলার অন্তঃপাতী। বসন্তকুসুমার কাব্য রচয়িতা বৈঃ কবি বসন্তরায়ের জন্মস্থান।

ভুলুই—বাঁকুড়া জেলার মহিষাডা পরগণার অন্তর্গত গ্রাম। ভাষা রামায়ণ ও দুর্গাপঞ্চ-রাত্রি প্রণেতা কবি জগৎরাম রায়ের জন্মস্থান।

ভূষণা [গ্রা—ভূস্‌নো] জেলা যশোহরের অন্তর্গত রাজা সীতারাম রায়ের জমীদারী। নবাবী আমলে ১৩ চাক্‌লার অন্যতম। এবং মহম্মদ শাহী নামে উক্ত। ইহা ১৯ পরগণায় বিভক্ত ছিল। রাজা সীতারামের পর কিয়দংশ রাজসাহীর অন্তর্ভুক্ত হয়।

ভৃগুকচ্ছ—[প্রাকৃ—ভরুকচ্ছ ; ল্যা—Baraza ; গুজরাতী—ভড়োচ] গুজরাতের অন্তর্গত জনপদবিশেষ। প্রহ্লাদের পুরী এই স্থানে ছিল।

ভৃগুতুঙ্গ—রামায়ণোক্ত হিমালয়স্থ পর্ব্বতশৃঙ্গ। এখানে ঋচীক মুনির আশ্রম ছিল। রাজা অম্বরীষ শুনঃশেফকে এখানে ক্রয় করেন।

ভেলিয়া—দামুন্যার ১৮ মাইল দক্ষিণ পশ্চিমস্থ গ্রাম (কবিক)।

ভোগবতী (বো) নাগরাজ বাসুকির রাজধানী। সাগর পার দক্ষিণে কুঞ্জরাচলে অবস্থিত, পাতাল পুরী (রামাঃ)।

ভোজ (জ্) বিদর্ভ (Berar) ধারা বা ধারনগর ইহার প্রাচীন রাজধানী। মতান্তরে ধারা হইতে ভূপাল পর্য্যন্ত বিস্তৃত বিন্ধ্যপর্ব্বত-পাদমূলে স্থিত প্রদেশ।

মগধ (ধ্) আধুনিক বিহার। গিরিব্রজ ইহার সর্ব্ব প্রধান প্রাচীন নগরী। এবং রাজগৃহ ইহার প্রাচীন রাজধানী।

মঙ্গলকোট (মো, ল্, ট্) বর্দ্ধমান জেলার অন্তর্গত গ্রাম (অ, ম)।

মঙ্গোলিয়া [Mongolia] পুষ্কর দ্বীপ।

মতঙ্গাশ্রম (সৃগম্) পম্পা সরোবরের পশ্চিম তীরস্থিত মতঙ্গ মুনির আশ্রম।

মৎস্যদেশ (মোৎশদেশ) রাজপুতানার জয়পুর ও আলবার্ রাজ্য। মতান্তরে রঙ্গপুর, দিনাজপুর ও রাজসাহী অঞ্চল।

মদ্র (মদ্‌দ্র) পঞ্জাবের অংশবিশেষ; চন্দ্রভাগা ও ইরাবতী নদীদ্বয়ের মধ্যবর্ত্তী দেশ।

মধুকবন (ম্, ন্) অগস্ত্যাশ্রম ও পঞ্চবটীর মধ্যস্থিত দণ্ডকারণ্যের এক কানন।

মধুরা (মো) মধুদৈত্যের পুরী: মথুরা।

মন্দর (মো, র্) বিন্ধ্য পর্ব্বতের শৃঙ্গবিশেষ। ২। পুরাণোক্ত পূর্ব্বদিকের পর্ব্বত, ইহা দ্বারা সমুদ্র মন্থন করা হইয়াছিল।

মন্দাকিনী—ঋক্ষ পর্ব্বতোৎপন্না কামতা পাহাড়ের সন্নিহিতা নদী। ২। হিমালয় প্রদেশে গঙ্গা নদীর ত্রিধারার অন্যতম। অন্য দুই ধারা অলকানন্দা ও ভাগীরথী। ৩। পুরাণবর্ণিত আকাশগঙ্গা, ৮০,০০০ যোজন উর্দ্ধে অষ্টমকক্ষায় বায়ু এই নদীকে আদিত্য-পথে ধারণ করিয়া আছে। ৪। চিত্রকূট পর্ব্বতের তলবাহিনী নদী (রামাঃ আ, ৯৫)। ৫। নর্ম্মদা নদীর নামান্তর।

ময়নাগড় (য়্, ড্) মেদিনীপুর জেলাস্থিত দুর্গ ও গ্রাম। কবি ঘনরামের ধর্ম্মমঙ্গল গ্রন্থে কর্ণসেনের পুত্র লাউসেন ময়নাগড়ের রাজা। হান্টার সাহেবের মতে লাউসেন বীরভূমের জনৈক রাজা।

ময়নানগর (য়্, র্) মেদিনীপুরের অন্তর্গত নগর। ঘনরামের ধর্ম্মমঙ্গলের বীর নায়ক ইছাই ঘোষের রাজধানী। অজয় নদের তীরে এই নগর অবস্থিত। এখন ময়নানগরের ভগ্নাবশেষ বিদ্যমান।

মলদ (দ্) জনপদবিশেষ; করূষ দ্রঃ।

মলয়, মলয়াচল (য়্, চল্) নীলগিরি পর্ব্বত-শ্রেণীর শৃঙ্গবিশেষ: কাবেরী নদী ইহা হইতে উদ্ভূত। এখানে মহর্ষি অগস্ত্যের বাস ছিল।

মহম্মদপুর (দ, র্) ১৮শ শতাব্দীর প্রারম্ভে ভূষণার ভূস্বামী রাজা সীতারাম রায়ের স্থাপিত রাজধানী।

মহানদী (মো) মধ্যপ্রদেশের রায়পুর সন্নিহিত স্থানে উৎপন্না ওড়িস্যার মধ্য দিয়া প্রায় ২৬০ ক্রোশ পথ অতিক্রম করতঃ বঙ্গোপসাগরে পতিতা নদী। রাজধানী কটক ইহার তীরস্থ।

মহারাষ্ট্র—দক্ষিণ ভারতের প্রদেশবিশেষ। ইহার পূর্ব্বে বেণগঙ্গা ও হায়দ্রাবাদ, পশ্চিমে আরব সমুদ্র, দক্ষিণে হায়দ্রাবাদ ও গোয়া এবং উত্তরে সাতপুর পর্ব্বতমালা।

মহারুণ শৈল (ন্) রামায়ণোক্ত পর্ব্বতবিশেষ (কিষ্কিন্ধ্যা, ৩৭)।

মহাশৈল—রামায়ণোক্ত পর্ব্বতবিশেষ। (কিষ্কিন্ধ্যা, ৩৭)।

মহেন্দ্র—রামায়ণোক্ত দক্ষিণ সমুদ্রোপকূলে স্থিত পর্ব্বত। হনুমান এই পর্ব্বত হইতে লম্ফ দিয়া লঙ্কায় গিয়াছিলেন। ২। চিল্কাহ্রদের নিকট হইতে গণ্ডোয়ানা পর্য্যন্ত বিস্তৃত পর্ব্বতশ্রেণী।

মহেন্দ্রদ্বীপ (প্) ভারতের অংশবিশেষ। কলিঙ্গদেশ বলিয়া অনুমিত [রঘুবংশ, ৪। ৩৮—৪৩ শ্লোক]।

মাগধী—শোণনদের নামান্তর।

মাগুরা—যশোহরের অন্তঃপাতী ও কলিকাতার ৩৩ ক্রোশ দূরবর্ত্তী গ্রাম। শিশিরকুমার ঘোষের জন্মস্থান।

মাটিয়ারি, মেটেরি—নদীয়ার অন্তর্গত গ্রাম। ভাষা রামায়ণরচয়িতা রামমোহন বন্দ্যোপাধ্যায়ের জন্মস্থান।

মাড়ো—বর্দ্ধমান জেলার গ্রাম। রামরসায়ণ-প্রণেতা কবি রঘুনন্দন গোস্বামীর জন্মস্থান।

মানস (শ্) উত্তরস্থ পর্ব্বত। অনঙ্গদেবের তপস্যা স্থান (রামাঃ)। ২। হিমালয়ের উত্তর পারে তিব্বতের অন্তর্গত কৈলাসপর্ব্বতস্থ সরোবর; মানসরোবর।

মানসেরা—উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশের অন্তর্গত হাজারা জেলার গ্রামবিশেষ। অশোক অনুশাসনে উক্ত।

মায়া—সপ্ত মোক্ষদায়িকা পুরীর অন্যতম; হরিদ্বার।

মারবার, মাড়বার (ব্) রাজপুতানার যোধপুর রাজ্য।

মালব (ব্) মধ্যভারতের বর্ত্তমান মালব (Malwa) এবং তৎসন্নিহিত দেশ।

মালিনী—হিমালয় প্রদেশে প্রবাহিতা নদী। কণ্বমুনির আশ্রম ইহার তীরে অবস্থিত ছিল (মহাভারত)। ২। ভাগলপুরের অন্তর্গত চম্পানগরীর নামান্তর। ৩। অযোধ্যা হইতে কেকয় রাজ্যে গমনের পথে প্রবাহিতা নদী (রামাঃ)।

মালিহাটী—বীরভূম জেলার গ্রাম। বৈষ্ণব কবি যদুনন্দনদাসের জন্মস্থান।

মাল্যবতী (বো) চিত্রকূট পর্ব্বতে প্রবাহিতা নদী। এখানে অবস্থান কালে রামচন্দ্রের কুটীর ইহার উপকূলে ছিল (রামাঃ)।

মাল্যবান্—প্রস্রবণ পর্ব্বতের অনতিদূরে অবস্থিত পর্ব্বত। কিষ্কিন্ধ্যার সমীপবর্ত্তী বলিয়া রামায়ণে উক্ত। বোম্বাই প্রেসিডেন্সীর রত্নগিরি জেলায় অবস্থিত।

মাহিষক (ক্) মহীশূর: Mysore.

মাহিষ্মতী (ষ্ মো) নর্ম্মদাতীরস্থিত নগরী। বর্ত্তমান চুলিমহেশ্বর। কার্ত্তবীর্য্যার্জ্জুনের ও শিশুপালের রাজধানী।

মিথিলা [মিথি রাজার নাম হইতে] প্রাচীন বিদেহ। ইহা জরাসন্ধের রাজ্যভুক্ত ছিল। বৌদ্ধ সম্রাটদিগের সময় ইহা মগধ সাম্রাজ্যভুক্ত এবং পাল-উপাধিক করদ রাজগণ কর্ত্তৃক শাসিত ছিল। শেষ গৌড়রাজ বল্লালসেন সমগ্র মিথিলা দেশ স্বরাজ্যভুক্ত করেন। ইহার উত্তর সীমা নেপাল, দক্ষিণ সীমা গঙ্গা, পূর্ব্ব সীমা বরেন্দ্র ভূমি ও পশ্চিম সীমা নারায়ণী নদী। বিহার প্রদেশের অন্তর্গত বর্ত্তমান ত্রিহুত।

মিবার (র্) রাজপুতানার উদয়পুর রাজ্য।

মিশর (র্) [নোয়া (Noa)র পৌত্র মিজ্‌রেম্ (যিনি 'ইজিপ্টে'র স্থাপন কর্ত্তা) হইতে মিজর্—মিশর্। ইজিপ্টের আর এক আখ্যা মিশর (Wilson's Glossary).

মিশ্র (মিস্‌স্র) [সং নাম] মিশর; Egypt

মুরলা—কেরল (কাণাড়া) দেশস্থ বঙ্গোপসাগর-গামিনী নদী। The strip of land between the Western Ghats and the sea Kaveri. The principal rivers in t s tract are the Netravati the Saravati and the Kali Nadi which idered to be the same as the M ala referred to in Raghu 4. 55 and Uttar Ramcharita 3 and forms the principal river of Kerala" – V. S. Apte.

মেকল (ল) বর্ত্তমান মৈকাল পাহাড় সন্নিহিত স্থান।

মেড়পুর (ড়্ র্) অগ্রদ্বীপের নিকটবর্ত্তী গ্রাম। কবিরঞ্জন রামপ্রসাদের বাসস্থান। কুমারহট্ট (দ্রঃ) কবির মাতুলাশ্রম বলিয়া অনুমিত।

মৈনাক (ক্) রামায়ণোক্ত মহেন্দ্র পর্ব্বত ও লঙ্কার মধ্যে সাগর গর্ভে অবস্থিত পর্ব্বত।

মোগলমারী (গোল্) জাহানাবাদ হইতে মেদিনীপুরে যাইবার পথে আমিলার পরবর্তী গ্রাম (ধ. ম. ঘনরাম. অ. ম)।

যমুনা (জো) হিমালয় পর্বতের যামুনশৃঙ্গ বা কলিন্দ গিরি হইতে উৎপন্না ও প্রয়াগে গঙ্গার সহিত মিলিতা নদী।

যদুপুর (জো, র্) বরদা পরগণার অন্তর্গত গ্রাম কবি রামেশ্বর ভট্টাচার্য্যের পূর্ব্ব নিবাসস্থান পরে ইনি মেদিনীপুর কর্ণগড়ের রাজা যশোবন্ত সিংহের সভাসদ হইয়া উক্ত পরগণার অন্তর্গত অযোধ্যাগড় গ্রামে বাস করেন।

যাজপুর (জাজপুর) ওড়িষ্যা প্রদেশের কটক জেলার গ্রাম। যাত্রাওয়ালা গোপাল উড়ের জন্মস্থান।

যামুন (জামুন) কলিন্দগিরির নামান্তর ও যমুনার উৎপত্তি-পর্ব্বত।

যোফলাই—বীরভূম দুবরাজপুর থানার অন্তর্গত গ্রাম। বৈঃ কবি জগদানন্দের বাসস্থান।

রথক্রান্ত [ভারতবর্ষ বিচার মতে] আফ্রিকা মহাদেশ ; Africa ?

রমতি—মালদহ গৌড় নগরের সন্নিহিত ভাগীরথী তীরস্থ নগরবিশেষ, আইন আকবরীর রমৌতি (তুল—"রমৌতি মহল")। ঘনরামের ধর্ম্ম-মঙ্গলে "রামাবতী"।

রমণক উপদ্বীপ (ক্. উপদ্বীপ) [ভারতবর্ষ বিচার মতে] অষ্ট্রেলিয়া, Australasia.

রাধানগর (র্) জেঃ হুগলীর অন্তর্গত থানাকুল কৃষ্ণনগরের সন্নিহিত গ্রাম। রাজা রামমোহন রায়ের জন্মস্থান।

রাজগৃহ (গৃহ) কেকয় রাজ্যের রাজধানী।

রাঢ় (ঢ়) বঙ্গের যে অংশের উত্তরে গঙ্গা, দক্ষিণে ওড়িষ্যা, পূর্ব্বে ভাগীরথী এবং পশ্চিমে মগধ। অধুনা বাঙ্গালার যে অংশ গঙ্গার পশ্চিমে অবস্থিত। প্রাচীন নাম প্রাঠদেশ। বৌদ্ধযুগে অপভ্রংশে রাঠ = রাঢ়। বহুকাল মগধের অধীন ছিল। জরাসন্ধের রাজধানী পঙ্কুট ইহার অন্তর্গত ছিল। রাঢ়ের প্রাচীন নাম সুহ্ম।

রামগিরি (ম্) নাগপুর সন্নিহিত ও বিলাস পুরের ৬ মাইল উত্তর পশ্চিম কোণে অবস্থিত পাহাড় ; রামতেগ।

রামচন্দ্রপুর (ম্. র্) বর্দ্ধমান জেলার গ্রাম। রাজকৃষ্ণ রায়ের জন্মস্থান।

রামাবতী (বো) রমতি দ্রঃ।

রায়না (র্) বর্দ্ধমান জেলার গ্রাম। শ্রীধর্ম্মমঙ্গল-কার ঘনরাম চক্রবর্ত্তীর মাতুলালয় এই গ্রামে।

রাষ্ট্রকূট (ট্) দক্ষিণ ভারতের রাজত্ব।

রুম্মিনদেবী—বস্তী (U. P.) জেলার অন্তর্গত পাদেরিয়া গ্রামের সন্নিহিত গ্রাম। প্রাচীন নাম লুম্বিনী। বুদ্ধদেবের জন্মস্থান। অশোক অনুশাসনে উক্ত।

রূপনাথ (প্, থ্) জব্বলপুরের অন্তর্গত গ্রাম।

রৈবত, রৈবতক (ত্, ক্) বিন্ধ্যগিরির পশ্চিমে স্থিত পর্ব্বত, আধুনিক গির্ণার।

লবণ সমুদ্র (ন্. শো) পুরাণোক্ত দক্ষিণ সমুদ্র। ইহার শত যোজন দূরে লঙ্কাদ্বীপ অবস্থিত। মৈনাকপর্ব্বত ইহার মধ্যে অবস্থিত।

লম্ব—ত্রিকূট পর্ব্বত (রামাঃ)।

লাটদেশ (ট্, শ্) বর্ত্তমান গুজরাত।

লুম্বিনিবন—কপিলবাস্তু মহানগরমধ্যস্থ স্থান। ৫৫৭ খ্রীষ্ট পূর্ব্বাব্দে বুদ্ধদেব এই স্থানে ভূমিষ্ঠ হন।

লোকালোক (ক্) সপ্তদ্বীপা পৃথিবী ও সপ্ত সমুদ্র বেষ্টনকারী সীমান্তপর্ব্বত (রামাঃ)।

লোহিতসমুদ্র (ত, শো) পূর্ব্বদিকে অবস্থিত লোহিতবর্ণ জলপূর্ণ সমুদ্র।

লোহিত্য—ব্রহ্মপুত্র নদ।

শক্তিমান (শো) বিন্ধ্য পর্ব্বতের সন্নিহিত উত্তর ও পশ্চিমদিকের ঋক্ষবান্ এবং পূর্ব্বে মহেন্দ্র-গিরির সংযোজক শৈলশ্রেণী।

শতদ্রু (তদ্রু) পঞ্জাবস্থ পঞ্চনদের অন্যতম : সৎলজ্ ; Sutlej.

শম্ভল, সম্ভল (ল্) মুরাদাবাদের অন্তর্গত নগরবিশেষ। কল্কি অবতার এই স্থানে জন্ম গ্রহণ করিবেন বলিয়া পুরাণে উক্ত হইয়াছে।

শশস্থলী (স্থো) গঙ্গা যমুনার মধ্যবর্ত্তী প্রদেশ।

শাক, শাকদ্বীপ (ক্) সপ্ত দ্বীপান্তর্গত দ্বীপ : সাইথিয়া। ২। মহাভারতোক্ত মদ্রদেশান্তর্গত (পঞ্জাব) আপগা নদীতীরস্থ রাজধানী শাকল (Cunningham's Ancient G of India.)

শাকনাড়া (ক্) বর্দ্ধমান জেলার রায়না থানার অধীন গ্রাম। প্রেমচাঁদ তর্কবাগীশের জন্মস্থান।

শান্তিপুর (র্) নদীয়ার অন্তঃপাতী বৈষ্ণব-প্রধান নগর। অদ্বৈতাচার্য্য ও বিজয়কৃষ্ণ গোস্বামীর জন্মস্থান।

শালিখা [গ্রা—শালকে] হাবড়ার নিকটবর্ত্তী গ্রাম। কবি রামবসু ও বদন অধিকারীর জন্মস্থান।

শাল্মলী (ম্লো) সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ ; সীরিয়া। ২। অযোধ্যা হইতে কেকয় রাজ্যে যাইবার পথে প্রবাহিতা নদী।

শাম্ব—রাজপুতানার অংশবিশেষ।

শাহবাজগঢ়ী (গো) ভারতের উত্তর পশ্চিম সীমান্তপ্রদেশের যুসুফ্‌জাই নামক স্থানের সন্নিহিত গ্রাম। অশোক লিপিতে উক্ত।

শিবিরাজ্য—পঞ্জাবের অন্তর্গত বিতস্তানদী-তীরবর্ত্তী দেশ।

শিশির (র্) যবদ্বীপের পর পূর্ব্বদিকে অবস্থিত পর্ব্বত (রামাঃ)।

শুর্প্পা—শিপ্পাপুর

শূর (র্) সৌরাষ্ট্রের সন্নিহিত স্থান।

শূরসেন (শেন্) মথুরামণ্ডল।

শূর্প্পা—আসামের উপত্যকাবিশেষ।

শৃঙ্গবান—পুরাণোক্ত পর্ব্বতবিশেষ

শৃঙ্গবেরপুর (র্) প্রয়াগ হইতে ২২ মাইল উত্তর পশ্চিমে গঙ্গার উত্তরতটে স্থিত নিষাদরাজ গুহকের রাজধানী, আধুনিক শিঙ্গরুর বা সাঙ্গার

শেষনাগ (ষ্, গ্) কাশ্মীরের পার্ব্বত্য হ্রদ-বিশেষ।

শৈবল (ল্) দক্ষিণদিগ্‌বর্ত্তী পর্ব্বতবিশেষ। ইহার পাদদেশে সরোবরতীরে শম্বুকনামক শূদ্র তপস্যা করিতেছিল (রামাঃ)।

শৈলোদা—রামায়ণোক্ত উত্তর ভারতস্থ নদী-বিশেষ।

শোণ (ন্) মগধদেশ হইতে নিঃসৃত নদী, পূর্ব্বাভিমুখে প্রবাহিত হইয়া গঙ্গার সহিত মিলিত। ইহার অন্য নাম মাগধী। ২। পূর্ব্ব সমুদ্র পারে খরস্রোত রক্তবর্ণ-জল সিদ্ধচারণ-সেবিত নদ (রামাঃ)।

শৌবীর (র্) পঞ্জাবের অন্তর্গত রাজ্য।

শ্রাবস্তী (শ্রাবোস্তি) উত্তর কোশলে লবের পুরী।

শ্রীখণ্ড—বর্দ্ধমানের গ্রাম। বৈষ্ণব কবি বলরাম দাসের জন্মস্থান। ২। চণ্ডীদাসের আদি বাসভূমি। ৩। কবি জগদানন্দের জন্মস্থান। ৪। বৈঃ কবি নরহরিদাস এবং আত্মারামদাসের জন্মস্থান।

শ্রীকড়া—ঢাকা মাণিকগঞ্জ মহকুমার অন্তর্গত গ্রাম। কবি দীনেশচরণ বসুর জন্মস্থান।

শ্রীরঙ্গপত্তন (প্, ন্) মান্দ্রাজের অন্তর্গত সাগরকূলবর্ত্তী নগর ; Siringapatam.

শ্রীহট্ট—বঙ্গের সিলেট জেলার প্রধান নগর। কড়চা রচয়িতা বৈষ্ণব কবি মুরারি গুপ্তের জন্মস্থান।

শ্বেতগিরি—হিমালয়ের শৃঙ্গবিশেষ : ধবলগিরি

সংরোচন (শং ন্) গোমতীতীরবর্ত্তী পর্ব্বত (রামাঃ)।

সপ্তগ্রাম (শপ্‌তোগ্‌গ্রাম্) [গ্রা—সাতগাঁ] হুগলী জেলার অন্তর্গত ত্রিশবিঘা রেল ষ্টেশনের নিকটবর্ত্তী সরস্বতী নদীতীরস্থ প্রসিদ্ধ গ্রাম। ইহার সমৃদ্ধি ইতিহাসপ্রসিদ্ধ. ১৫৯২ অব্দে এই বাণিজ্য-বন্দর পাঠানগণ কর্ত্তৃক লুণ্ঠিত হয়। পরে সরস্বতীর স্রোত রুদ্ধ হওয়ায় খৃঃ ১৬৩২ অব্দে সপ্তগ্রাম ধ্বংসপ্রাপ্ত হয়।

সমতট (শ, ট্) বঙ্গের নামান্তর।

সমস্থলী (শ. স্থো) গঙ্গা যমুনার মধ্যবর্ত্তী প্রদেশ ; দোয়াব।

সম্বর, সামর (শম্বর্, শামর্) রাজপুতানাস্থ হ্রদ।

সরযূ (শরজ্) মানস সরোবর হইতে উৎপন্ন অযোধ্যা-প্রবাহিণী নদী।

সরস্বতী (শরশ্ শোতি) ব্রহ্মাবর্ত্তের নদীবিশেষ। কেকয়দেশ হইতে অযোধ্যা আসিতে পথে সীতা-সরস্বতী সঙ্গম ছিল (রামাঃ, অ, ৭১)।

সহ্যপর্ব্বত (শোহ্য্ঝ, ত্) পশ্চিমঘাট পর্ব্বত-শ্রেণী।

সাংকাশ্য (শাং) সুধন্বা রাজার পরে জনক ভ্রাতা কুশধ্বজের রাজ্য। দোয়াবের মধ্যবর্ত্তী মাইনপুরীর নিকট ইক্ষুমতী নদীতীরে ইহা অবস্থিত ছিল।

সাকেত (ত্) অযোধ্যার পূর্ব্ব নাম।

সাগরদাঁড়ি (শা, র্) যশোহর সহর হইতে ১৪ ক্রোশ দক্ষিণে কপোতাক্ষ নদীতীরস্থ গ্রাম। মাইকেল মধুসূদন দত্তের জন্মস্থান।

সাঙ্কাশ্যাপুরী (শা) মৈনপুরী সহরের সন্নিহিত কালীনদীতীরস্থ প্রাচীন নগরী।

সা-বন্দর (শা, র্) [Wilson's Glossary] ঢাকা নগরী।

সাবর্ণিমেরু (বো) গোমতীতীরস্থ পর্ব্বত (রামাঃ)।

সারনাথ (শার্নাথ) বারাণসীর ৪ মাইল উত্তরে বৌদ্ধধর্ম্ম প্রচারের প্রধান ক্ষেত্র : মৃগদাব।

সারসা (শার্শা) খুলনা সাতক্ষীরা মহকুমার অধীন গ্রাম। মালঞ্চ ও পাক্ষিক সমালোচ-কের সম্পাদক ঠাকুরদাস মুখোপাধ্যায়ের জন্মস্থান। ইহা কপোতাক্ষ নদীর তীরে, পর-পারে সাগরদাঁড়ি।

সাল্লেয় (শাল্লেয্) গোমতীতীরস্থ পর্ব্বত (রামাঃ)।

সাসেরাম্—বিহার শাহাবাদ জেলার রাজধানী পাটলীপুত্র সন্নিহিত গ্রাম। অশোক অনুশাসনে উক্ত।

সিঙ্গিগ্রাম (ম্) বর্দ্ধমান জেলার আধুনিক কাটোয়া মহকুমার ও প্রাচীন ইন্দ্রাণী পরগণাস্থ গ্রাম। কবি কাশীরামদাসের জন্মস্থান।

সিদ্ধপুর (শি, র্) মহীশূরের অন্তর্গত চিতলদুর্গ জেলার গ্রামবিশেষ। অশোক লিপিতে উক্ত।

সিদ্ধাশ্রম (শিদ্ধাস্স্রম্) বামনদেবের সিদ্ধি-লাভের স্থান : বর্ত্তমান বক্সর সন্নিহিত স্থান। ২। বিশ্বামিত্র ঋষির আশ্রম। প্রয়াগের নিকট ভোজকট নগরে স্থিত, উহা কৌশিকীনদী বেষ্টিত ছিল।

সিন্ধু (শি) বর্ত্তমান সিন্ধ্ প্রদেশের পশ্চিমাংশ : Sind. ২। সিন্ধুনদ : R. Indus. ইহা কৈলাস পর্ব্বতের মানস সরোবরের নিকট সিন-কা-বাব (সিংহ মুখ) নামক প্রস্রবণ হইতে উৎপন্ন এবং ১৮০২ মাইল পথ অতিক্রম করিয়া আরব সাগরে পতিত। শায়ক, কাবুল, স্বাত, সোহান, চৌকী, কুরম, লুনী, শতদ্রু, বিপাশা, ঐরাবতী, দেঘ, চন্দ্রভাগা ও বিতস্তার জল ইহাতে পতিত হইতেছে।

সিপ্রা (শিপ্ প্রা) নদী। ইহার তটে সন্দীপন মুনির আশ্রম ছিল—যথায় শ্রীকৃষ্ণ শিক্ষা লাভ করিয়াছিলেন।

সিলেট—শ্রীহট্ট (আসাম)।

সুদর্শন (শু, ন্) হিমালয় সন্নিহিত পর্ব্বত (রামাঃ)। ২। গোমতী-তীরবর্ত্তী পর্ব্বত (রামাঃ)।

সুদামন (ন্) পঞ্জাবস্থ বাহ্লীক প্রদেশের অন্তর্গত গিরিমালা।

সুপার্শ্ব (শু) খানদেশস্থ গিরিমালা।

সুবর্ণগিরি (শু) বর্ত্তমান সোনগির্। রাজ-গিরের সন্নিহিত পাহাড়।

সুবর্ণগ্রাম—সোণার গাঁ দ্রঃ।

সুবর্ণভূমি—উত্তর ব্রহ্মদেশ। পূর্ব্বে তথাকার খনিজ সুবর্ণ দক্ষিণবাহিনী ইরাবতী নদী দ্বারা দেশান্তরে প্রেরিত হইত বলিয়া উহার সুবর্ণদ্বীপ নাম ছিল (Asiatic Society's Journal Bengal 1872, p. 25).

সুবেল (ল্) লঙ্কাদ্বীপে স্থিত ২ যোজনব্যাপী পর্ব্বত ইহার শিখরে উঠিয়া রাম লঙ্কাপুরীর ঐশ্বর্য্য দেখিয়াছিলেন (রামাঃ)।

সুহ্ম (শুম্হ) বঙ্গের উত্তর পূর্ব্বস্থ দেশ ; বিলসন সাহেব মতে ত্রিপুরা ও আরাকান। প্রাচীন ভূগোল মতে নোয়াখালি, চট্টগ্রাম প্রভৃতি অঞ্চল।

সূতানুটী (শু) তন্তুবায়েরা কলিকাতার উত্তর-ভাগে আসিয়া বাস স্থাপন করত সূতার নুটী প্রস্তুতাদি কর্ম্ম করিত বলিয়া নাম। সপ্তদশ শতাব্দীর পূর্ব্বার্দ্ধে এই নামের উৎপত্তি। এই সকল সূতার নুটী ও বস্ত্র হাটখোলা বা সূতানুটী হাটে বিক্রয় করা হইত। পশ্চিমে নিমতলা ঘাট হইতে পূর্ব্বে খাল পর্য্যন্ত রেখা বর্ত্তমান কলিকাতার উত্তরভাগ পুরাতন সূতানুটীর স্থান নির্দ্দেশ করে।

সূর্য্যবান (শুর্জবান্) দক্ষিণ সমুদ্রপারস্থ পর্ব্বত (রামাঃ)।

সূর্য্যারিকা (শু) এফ্রিকা বা আফ্রিকা মহাদেশ ; Africa.

সেতুবন্ধ রামেশ্বর (শে) ভারতের দক্ষিণ প্রান্তস্থ মদুরা হইতে ৩০ ক্রোশ দূরে এই তীর্থ অবস্থিত, রামেশ্বর হইতে লঙ্কাদ্বীপ পর্য্যন্ত সাগর ও ভগ্ন সেতু ৬০ মাইল বিস্তীর্ণ। রামেশ্বর দ্বীপ এই সেতুর একাংশ।

সেনহাটী (ন্) খুলনা জেলার গ্রাম। সদ্ভাব-শতক প্রণেতা কবি কৃষ্ণচন্দ্র মজুমদারের জন্মস্থান।

সেরপুর (শেরপুর্) ময়মনসিং জেলার গ্রাম। মহামহোপাধ্যায় চন্দ্রকান্ত তর্কালঙ্কারের পৈতৃক বাসভূমি।

সোনগড় (শোনগড্) বড়োদা রাজ্যের প্রাচীন রাজধানী। অশোকলিপিতে উক্ত।

সোনার গাঁ—সুবর্ণগ্রাম, বিক্রমপুর।

সোপারা—বোম্বাই প্রদেশের ঠানা জেলার গ্রামবিশেষ, অশোক অনুশাসনে উক্ত।

সোমগিরি (শোম্) উত্তর সমুদ্রে অবস্থিত পর্ব্বত। পৃথিবীর কাল্পনিক উত্তরসীমা।

সোমাপা—পঞ্জাবের অন্তর্গত গ্রাম। অশোক লিপিতে উক্ত।

সৌবর্ণ (শো) মেঘপর্ব্বত (রামাঃ)।

সৌবীর (শো, র্) বর্ত্তমান রাজপুতানার দক্ষিণ ভাগস্থ রাজ্য।

সৌমনা (শো) উদয়গিরির শৃঙ্গবিশেষ (রামাঃ)।

সৌরাষ্ট্র (শৌ) বর্ত্তমান সুরাট।

স্যন্দিকা (শ্যা) অযোধ্যা হইতে দণ্ডকারণ্যে যাইবার পথে প্রবাহিতা নদী (রামাঃ)।

হরিনাভি—২৪ পরগণা জেলার অন্তর্গত গ্রাম। দুর্গামঙ্গল প্রভৃতি রচয়িতা কবি রামচন্দ্র মুখোপাধ্যায়ের জন্মস্থান। ২। রামনারায়ণ তর্করত্নের জন্মস্থান।

হরিয়ুপীয়া (হো) [বেদোক্ত নাম। ল্যা—Europa] য়ুরোপ।

হরিহরপুর (র্, র্) মেদিনীপুরের প্রায় আট ক্রোশ পূর্ব্বপশ্চিমস্থ গ্রাম। বৈষ্ণব কবি দুঃখী শ্যামদাসের জন্মস্থান।

হস্তিনাপুর (হো, র্) বর্ত্তমান দিল্লীর প্রায় ৬ মাইল পূর্ব্বে গঙ্গার দক্ষিণতটস্থ নগর।

হিঙ্গলাজ, হিঙ্গু—(জ্) করাচীর প্রায় ৯০ মাইল উত্তরে বেলুচিস্তানস্থিত তীর্থবিশেষ।

হিজলী (জ্) পুরী যাইবার পথে মেদিনীপুর জেলার গ্রামবিশেষ (কপালকুণ্ডলা)।

হিমবান—হিমালয়ের গৌরীশঙ্কর শৃঙ্গ : Mt. Everest.

হিমবৎপ্রভব (প্রোভব্) হিমালয়ের উত্তরস্থ শৃঙ্গবিশেষ (রামাঃ)।

হূন (ন্) [সং নাম] চীনের অন্তর্গত দেশ।

হেমকূট—হিমালয়ের শৃঙ্গবিশেষ ; কাঞ্চন শৃঙ্গ ; Kinchinjungha.

হৈমবতী (বো) শতদ্রু নদীর নামান্তর

বাঙ্গালা গ্রন্থাদিতে প্রচলিত সংক্ষেপ সমূহের অর্থ।

অঃ, অনঃ [ইং—Honourable, Hon'ble] মাননীয়।

অঃ, অনাঃ [ইং—Honorary] অবৈতনিক।

আঃ [পত্রাদিতে] আশীর্ব্বাদক। ২। [মহাজনী হিসাব পত্রাদিতে] আগামী বা আগাম : advance। প্র—আঃ টাকা।

আদাঃ—আদালত।

আর্, ই [ইং - Royal Engineer, R. E.] রয়েল ইঞ্জিনিয়রী পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রের উপাধি।

আশীর্লিঙ্ [ব্যাঃ পাণিঃ] আশীর্ব্বাদ অর্থে, ভবিষ্যৎ ; লোঙ্ : টী।

ঋ, রি [স্বঃ] ঋষভ।

এ, ডি [ল্যা—Anno Domini] খৃষ্টাব্দ।

এ,ডি, সি [ফ্রে—Aid-de Camp, A.D.C.] রাজা ও রাজ-প্রতিনিধিদিগের অনুচর। ফ্রে— "এদ্-দ্য-কঁ"র ইং বিকারে এডিকং।

এ, সি [ল্যা—Ante Christum] খ্রীষ্ট পূর্ব্ব ; বি, সি, দ্রঃ। ২। [ইং -After Christ] খৃষ্ট জন্মের পর।

এইচ্, পি ; এচ্, পি [ইং—Horse power, H. P.] অশ্ববল।

এক্‌স্‌মাস্ [ইং—Xmas, Christmas] যীশু খৃষ্টের জন্মদিন : বড়দিনের উৎসব।

এডিকং—এ, ডি, সি দ্রঃ।

এন্, বি [ল্যা—Nota Bene, N.B.] বিশেষ ভাবে দেখ ; দ্রষ্টব্য।

এফ্, এ ; এফে [ইং—First Arts] বিশ্ব-বিদ্যালয়ের পরীক্ষা ; এল এ দ্রঃ।

এফ্, আর, এ, এস্ [F. R. A. S.] "রয়্যাল্ অ্যাস্‌ট্রোনমিক্যাল সোসাইটী" নামক জ্যোতির্বিজ্ঞান-পরিষদের উপাধি।

এফ্, আর্, এস্ [ইং—Fellow of the Royal Society. F. R. S.] "রয়্যাল সোসাইটী নামক পরিষদের সদস্যের উপাধি।

এফ্, আর্, সি, পি [ইং—Fellow of the Royal College of Physicians. F. R. C. P.] "রয়্যাল্ কলেজ অভ্ ফিজিশিয়ান্‌স্ নামক চিকিৎসা পরিষদের সদস্যের ঐরূপ, **এফ্, আর, সি, এস্** —F. R. C. S. "রয়্যাল কলেজ্ অভ্ সার্জ্জন্‌স্" নামক অস্ত্রচিকিৎসা পরিষদের সদস্যপদের উপাধি।

এফ্, টি, এস্ [ইং—Fellow of the Theosophical society] থিওসফিক্যাল সোসাইটী নামক ধর্ম্মসভার সদস্য পদের উপাধি।

এম, আর্, এ, এস্ [ইং—member of the Royal Asiatic Society, M.R.A.S.] "রয়্যাল্ এশিয়াটিক্ সোসাইটী" নামক সভার সদস্যপদের উপাধি।

এম, এ [ইং—Master of Arts, M.A.] বিশ্ববিদ্যালয়ের দত্ত সাহিত্যে-কলা-পরীক্ষোত্তীর্ণ ছাত্রের উচ্চ উপাধি-বিশেষ। ২। অধীত-বিদ্য ; কলাভিজ্ঞ।

এম, ডি [ল্যা Medicinæ Doctor, M.D.] বিশ্ববিদ্যালয়দত্ত ডাক্তারীতে চরম পরীক্ষোত্তীর্ণের উপাধি।

এম্, পি [ইং—Member of Parliament, M. P.] পার্লিয়ামেণ্ট সভার সদস্য।

এম, বি [ল্যা—Medicinæ Baccalaureus M. B.] বিশ্বদ্যিালয়ের প্রদত্ত ডাক্তারী মধ্যমান পরীক্ষায় উত্তীর্ণের উপাধি।

এল, এ ; এলে [ইং—L. A] বিশ্ববিদ্যালয়ে এণ্ট্রান্স্ ও বি, এ'র মধ্যবর্ত্তী পরীক্ষা।

এল্, এম্, এস্ [ইং—Licentiate in Medicine and Surgery, L. M. S. ডাক্তারী পরীক্ষোত্তীর্ণ ছাত্রকে বিশ্ববিদ্যালয় কর্ত্তৃক প্রদত্ত চিকিৎসা ব্যবসায়ে অধিকারের সনন্দপ্রাপ্তিসূচক উপাধি।

এল, এল, ডি [ল্যা—Legum Doctor, L. L. D.] ডি, এল দ্রঃ।

এল, এল, বি [ল্যা—Legum Baccalaureus, L. L. B,] বিশ্ববিদ্যালয়দত্ত প্রথম আইন পরীক্ষায় উত্তীর্ণের উপাধি।

কলেঃ [ইং—Collector] কলেক্টর। ২। কালেক্টারী।

কিঃ—কিস্তী।

কী [ব্যাঃ মুগ্ধঃ] লট্ দ্রঃ।

কৃ—করা।

কে, সি, এস, আই [ইং K. C. S. I. Knight Commander of the Star of India.] গবর্ণমেণ্টপ্রদত্ত উচ্চ সম্মানজনক উপাধিবিশেষ।

কোং [ইং—Company.] কোম্পানী।

ক্যাণ্ট্যাব্ [ল্যা Cantabrigiensis সংক্ষে Cantab.] কেম্‌ব্রিজ বিশ্ববিদ্যালয় হইতে।

খঃ [হিসাব পত্রে] খরচ।

খী [ব্যাঃ মুগ্ধঃ] বিধিলিঙ্ দ্রঃ।

গ [ছন্দোগ্রন্থে] গুরু ; বর্ণের মাথায় (—) এই চিহ্ন।

গ, গা [স্বঃ] গান্ধার।

গী [ব্যাঃ মুগ্ধঃ] লোট্ দ্রঃ।

গুঃ [মহাজনী হিসাব পত্রে] গুজরৎ ; মার্ফৎ।

গুঃ খোদ—নিজে ; স্বয়ং।

ঘী [ব্যাঃ মুগ্ধঃ] লঙ্ দ্রঃ।

ঘে [ব্যাঃ মুগ্ধঃ] কর্ত্তৃবাচ্য।

চৌঃ—চৌধুরী। ২। চৌহদ্দী।

জঃ [হিসাব পত্রে] জমা।

জে [ব্যাঃ মুগ্ধঃ] অপাদানবাচ্য। ২। [হিসাব পত্রে] জের।

জে, পি [ইং—Justice of the Peace, J. P.] শান্তিরক্ষক।

টী [ব্যাঃ মুগ্ধঃ] লুঙ্ দ্রঃ।

ঠী [ব্যাঃ মুগ্ধঃ] লিট্ দ্রঃ।

ডাঃ [ইং—Doctor] ডাক্তার। ২। ডাকঘর (পোঃ দ্রঃ)।

ডি, এল [ইং—Doctor of Laws, D. L. বিশ্ববিদ্যালয়-দত্ত আইনের চরম পরীক্ষায় উত্তীর্ণের উচ্চ উপাধিবিশেষ।

ডি, এস্, সি [ইং—Doctor of Science, D. Sc.] বিশ্ববিদ্যালয় কর্ত্তৃক প্রদত্ত বিজ্ঞানের চরম পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রের উপাধি।

ডি, লিট্ [ইং—Doctor of Literature, D. Litt.] বিশ্ববিদ্যালয় প্রদত্ত সাহিত্যকলায় চরম পরীক্ষোত্তীর্ণের উপাধি।

ডী [ব্যাঃ মুগ্ধঃ] লৃট্ দ্রঃ।

টী [ব্যাঃ মুগ্ধঃ] আশীর্লিঙ্ দ্রঃ।

ঢে [ব্যাঃ মুগ্ধঃ] কর্ম্মবাচ্য।

তঃ, তপঃ—তপশীল। তফশীল দ্রঃ।

তমঃ—তমস্সুক।

তাং—তারিখ।

তী [ব্যাঃ মুগ্ধঃ] লুট্ দ্রঃ।

তে [ব্যাঃ মুগ্ধঃ] অধিকরণ বাচ্য।

ঘী [ব্যাঃ মুগ্ধঃ] লৃট্ দ্রঃ।

দং [জমিদারী মহাজনী হিঃ পত্রে] দরুন : বাবত। ২। [ফা—দরূদ্ শরীফ্ সংক্ষেপে দং বা দঃ (গৌরবার্থে)] হজ্রৎ মুহম্মদ্ সাহেবের নামের পর শ্রেষ্ঠ সম্মান ও ভক্তি-জ্ঞাপক এই সঙ্কেত লিখিত হয়।

দঃ [জমীদারী মহাজনী ও আদালতের কাগজপত্র প্রভৃতিতে] দস্তখত : সহি। ২। দলিল। ৩। দর, rate। ৪। দরখাস্ত। ৫। [ফা—"দরূদ্ শরীফ্" সংক্ষেপে দং বা দঃ(গৌরবার্থে) হজ্রৎ মুহম্মদ্ সাহেবের নামের পর তাঁহার প্রতি উচ্চ সম্মান ও ভক্তিজ্ঞাপক এই সঙ্কেত লিখিত হয়।

ধ, ধা [স্বঃ] ধৈবত।

ধে [ব্যাঃ মুগ্ধঃ] করণবাচ্য।

ধ্রুং, ধ্রুবং—ধ্রুবক : ধুয়া।

নং [ইং Number] নম্বর : No

নি [স্বঃ] নিষাদ, নিখাদ।

নিঃ [পত্রাদিতে] নিবেদক।

প [ছন্দোগ্রন্থে] প্লুত।

প, পা [স্বঃ] পঞ্চম।

পঃ [আদাঃ] পরগণা।

পি, এচ্, ডি ; ডি, পি [ইং—Doctor of Philosophy, ল্যা Philosophiæ Doctor D. P. ; Ph. D.] বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত দর্শনশাস্ত্রে চরম পরীক্ষোত্তীর্ণের উপাধি।

পি, এম্ [ইং—Post Master, P.M.] পোষ্ট মাষ্টার। পি, এম্, জি [P. M. G.] পোষ্ট্ মাষ্টার্ জেনারেল।

পি, এস্ [ল্যা—Post Scriptum, P. S.] পরে লিখিত : পুনশ্চ।

পি, টি, ও [ইং—Please turn over, P. T. O.] পাতা উণ্টান্ : পর পৃষ্ঠায় দেখুন।

ublic Works Department, P. W. D.] পাব্লিক্ ওয়ার্কস্ ডিপার্ট্মেণ্ট্ : সরকারী পূর্ত্ত বিভাগ।

পুং—পুনশ্চ। ২। পুংলিঙ্গ।

পুঃ, পুনঃ—পুনশ্চ। তুল—ইং Post Script.

প্যোড্ [ইং Paid] দত্ত-মূল্য : মাশুল-দেওয়া।

পোঃ, পোঃ অঃ [ইং—Post Office O.] পোষ্ট অফিস্ : ডাকঘর।

প্যারা [ইং—Paragraph] অনুচ্ছেদ।

প্রোঃ [ইং—Professor, Prof] প্রোফেসর ; অধ্যাপক।

ফী [আদাঃ। ইং—fee] আদালতের প্রাপ্য অর্থ। প্র—"ভিটা জমির জমীদারী ফী লাগে না"—দলীল

বঃ—বকলম।

বি—বিশেষ্য

বিং, বিণ—বিশেষণ।

বিঃ—বিশেষ। ২। [জমীদারী মহাজনী হিসাব পত্রে ফা—বমোজিব (অনুযায়ী)] বিমজ্জিম।

বি, এ : বিয়ে [ইং—B. A. Bachelor of Arts] বিশ্ববিদ্যালয়ের উপাধি-পরীক্ষাবিশেষ এবং উপাধি।

বি, এল [ইং—B. L.] বিশ্ব বিদ্যালয়-দত্ত আইনের উপাধিবিশেষ।

বি, এস্, সি [ইং—Bachelor of Science, B. Sc.] বিশ্ব বিদ্যালয়-কর্তৃক প্রদত্ত বিজ্ঞানের প্রথম পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রের উপাধি।

বিতং—বিস্তারিত বিবরণ : কৈফিয়ৎ।

বিধিলিঙ্ [ব্যাঃ পাণিঃ] বিধিবাচক, ভবিষ্যৎ : স্বী।

বি, সি [ইং—Before Christ B. C.] খ্রীষ্টপূর্ব্ব।

ভি, পি ; ভি, পি, পি ; ভিঃ, পিঃ [ইং—Value Payable Post, V. P. P.] মূল্য ডাক মার্ফৎ প্রাপ্তব্য।

ভে [ব্যাঃ মুগ্ধঃ] সম্প্রদান বাচ্য।

ম, মা [স্বঃ] মধ্যম।

মহঃ—মহকুমা।

মাং—মারফৎ।

মাঃ—মারফৎ। ২। মাশুল।

মিঃ, মিষ্টার [ইং mister, master,] বাবু : শ্রীযুক্ত।

মিস্ [ইং—miss] কুমারী।

মিসেস্ [ইং—missis, mistress] মুসম্মৎ ; শ্রীমতী।

মুঃ—মুন্সী।

মসার, মুঁসো, মশাই [ফ্রে— monsieur (মঁসিয়্য)] মিষ্টার ; বাবু : শ্রীযুক্ত। বহুবচনে মেসাই (messieurs)।

মোং—মোকাম।

মৌ, মৌঃ—মৌজা।

মৌঃ—মৌলবি,—বী [ইংরেজী অভিজ্ঞ মৌলবীর নামের বানান "মৌলভী"। আধু মুসলমান বাঙ্গালা লেখকগণের লেখায় এই পার্থক্য দৃষ্ট হয়] মুসলমান শাস্ত্রজ্ঞ পণ্ডিত।

রেঃ [ইং—Reverend. Rev.] রেভারেণ্ড ; খ্রীষ্টান যাজক বা পুরোহিতের নামের পূর্ব্বে ব্যবহৃত সম্মানসূচক শব্দ ; পূজ্যপাদ : শ্রীমৎ-স্বামী।

রোঃ—রোকড়। ২। রোক অর্থাৎ নগদ।

ল [ছন্দোগ্রন্থে] লঘু। ⏑ এই চিহ্ন।

লঙ্ [ব্যাঃ পাণিঃ] অদ্যতন অতীত : ঘী।

লট্ [ব্যাঃ পাণিঃ] বর্ত্তমান ; কী।

লিঙ্—বিধি অর্থে বিধিলিঙ্ (খী)। আশীর্ব্বাদার্থে আশীর্লিঙ্ (টী)।

লিট্ [ব্যাঃ পাণিঃ] পরোক্ষ অতীত : ঠী।

লুঙ্ [ব্যাঃ পাণিঃ] হ্যস্তন অতীত : টী।

লুট্ [ব্যাঃ পাণিঃ] অদ্যতন ভবিষ্যৎ ; ডী।

লৃঙ্ [ব্যাঃ পাণিঃ] ধাত্বর্থের অনিষ্পত্তিবাচক ভবিষ্যৎ ; থী।

লৃট্ [ব্যাঃ পাণিঃ] অনদ্যতন ভবিষ্যৎ ; তী।

লোঙ্ [সুপদ্ম মতে] আশীর্লিঙ্ দ্রঃ।

লোট্ [ব্যাঃ পাণিঃ] বর্ত্তমান, অনুজ্ঞা, প্রার্থনা, আশীর্ব্বাদ ; গী।

শ্রী [পত্রাদিতে] শ্রীমান্ : শ্রীযুক্ত। স্ত্রী,—শ্রীমতী।

স, সা [স্বঃ] ষড়জ।

সাং [আ—সাকিন্ (নিবাসী)] সাকিন।

সি, এস, আই [ইং C.S.I. Companion of the Star of India] গবর্ণমেণ্ট প্রদত্ত

স্বাঃ—স্বাক্ষর।

হ—হওয়া।

হিঃ—হিসাবে ; প্র—"কিস্তী খেলাপী সুদ শতকরা ১ টাকা হিঃ দিতে বাধ্য"—দলীল। ২। হিসাব।

বাঙ্গালা গ্রন্থ-পত্রাদিতে ব্যবহৃত কতিপয় চিহ্ন বা সঙ্কেতের অর্থ।

১ [স্বঃ] মাত্রাচিহ্নের মাথায় "আঘাত"-বোধক চিহ্ন।

২ যে পদের পর থাকে তাহার পুনরুক্তি নির্দ্দেশ করে। প্র— "তেজীয়া কুম ২ পঙ্ক অগৌর চন্দন।"—গোবিন্দচন্দ্র গীত (দুর্লভ মল্লিক)। কুম ২=কুমকুম (কুঙ্কুম)। তুল—আর ২=আর আর। শত ২—শত শত। অগ্র হইয়া আসিতেছে।

৬ [ব্যাঃ ছন্দঃ] গুরু চিহ্ন।

। [স্বঃ] স্বরের মাথায় এক দণ্ড—১ মাত্রা ; হ্রস্বমাত্র কাল। ২। [ব্যাঃ ছন্দঃ] স্বরের মাথায় হ্রস্ববোধক বা লঘু চিহ্ন।

।। [স্বঃ] স্বরের মাথায় দুই দণ্ড—২ মাত্রা। দীর্ঘমাত্র কাল। ২। [ব্যাঃ ছন্দঃ] স্বরের মাথায় দীর্ঘবোধক বা গুরু চিহ্ন।

।।। [স্বঃ] স্বরের মাথায় তিন দণ্ড—৩ মাত্রা : প্লুতমাত্র কাল। তিনের অধিক দণ্ডচিহ্নিত অধিক মাত্রা হইলেও প্লুত বুঝায়। ২। [ব্যাঃ ছন্দঃ] স্বরের মাথায় প্লুতবোধক।

্ (হসন্ত চিহ্ন) [স্বঃ] স্বরের মস্তকে নিম্ন সপ্তক বা খাদবোধক ; মন্দ্র বা উদারা সপ্তক।

´ (রেফ চিহ্ন) [পরিমা] ফুট। ২। [জ্যোঃ] কলা। প্র—১´। ৩। স্বরের মাথায় থাকিলে উচ্চ সপ্তক বোধক : তারা-সপ্তক বা তার।

″ (দ্বিরেফ চিহ্ন) [পরিমা]। ২। [জ্যোঃ] বিকলা। প্র—১″।

Ψ [স্বঃ] স্বরের মাথায় ⅓ মাত্রা অর্থাৎ তৃতীয়াংশ কালবোধক ত্রিশূল চিহ্ন।

↑ [স্বঃ] স্বরের মাথায় এক মাত্রায় তিন ভাগের দুইভাগ অর্থাৎ দুই তৃতীয়াংশ কালবোধক বাণ চিহ্ন।

P [স্বঃ] স্বরের মাথায় থাকিলে "কড়ি মধ্যম", মতান্তরে তীব্রস্বরবোধক পতাকা চিহ্ন।

Ṗ [স্বঃ] স্বরের মাথায় থাকিলে "তীব্র কড়ি" বুঝায়। মতান্তরে অতি তীব্র স্বরজ্ঞাপক সবিন্দু পতাকা চিহ্ন।

6 [স্বঃ] দণ্ডচিহ্নের উপর স্থাপ্য যতিচিহ্ন।

৬৯ [স্বঃ] সেতার বাদ্যে স্বরের মস্তকে স্পর্শ-জ্ঞাপক তুলক চিহ্ন।

৬৯ [স্বঃ] সেতার বাদ্যে স্পর্শকুন্তন চিহ্ন। ইহাতে স্পর্শের একটী সূক্ষ্ম স্বর ও কর্তন জন্য পূর্ব সারিকার আর একটি স্বর দ্রুত বুঝাইবে।

√ (১) [গণিতে] করণীচিহ্ন। (২) [ভাষাতত্ত্বে (ইউরোপীয় পুস্তকে। অধুনা বাংলায় প্রচলিত)] ধাতু। গম্ ধাতু = √গম্।

+ [স্বঃ] মাত্রা চিহ্নের মাথায় "সম" বোধক পতঙ্গ চিহ্ন। ২। [গণিতে] যোগের চিহ্ন, ধন চিহ্ন।

× [স্বঃ] স্বরের মাথায় ¼ মাত্রা (দ্রুতার্দ্ধ বা অনুদ্রুত বা অনুমাত্রা অর্থাৎ অর্দ্ধমাত্রার অর্দ্ধমাত্রাবোধক ডমরু চিহ্ন। ২। পাদমাত্র। ৩। [কাকপদ চিহ্ন, কাব্যালঙ্কারে] রচনা বা উদ্ধারের মধ্যে থাকিলে বুঝায় যে অংশবিশেষ পরিত্যক্ত হইয়াছে। ইহাকে বর্জন চিহ্নও বলে।

❋ [স্বঃ] স্বরের মাথায় এক মাত্রার ষোড়শাংশকাল স্থায়ী স্বরবোধক নক্ষত্র চিহ্ন। ইহার স্থলে ০ এই চিহ্ন দিবারও প্রথা আছে।

— [ছন্দঃ] গুরু চিহ্ন : গ দ্রঃ। ২। [গণিতে] ঋণ চিহ্ন : বিয়োগের চিহ্ন।

"—" [স্বঃ] স্বরের নিম্নে সন্নিবেশ্য আলচিহ্ন।

" " কিম্বা "..." [স্বঃ] মূর্চ্ছিত স্বরের নিম্নে সন্নিবেশ্য মূর্চ্ছনা চিহ্ন।

> [স্বঃ] বিক্ষেপ বোধক কোণ চিহ্ন। (২) ভাষাতত্ত্বে পদের পরিণতি জ্ঞাপক : সং—মধ্য > প্রাকৃত—মজ্ঝ > বাং—মাঝ।

< [স্বঃ] প্রক্ষেপ (বিক্ষেপ দ্রঃ) বোধক চিহ্ন। (২) ভাষাতত্ত্বে পদের উৎপত্তি জ্ঞাপক : যেমন লয় < লএ < লহে < লইই < লওতি < লভতে।

‿ [ব্যাঃ ছন্দঃ] স্বরের মাথায় লঘু-মাত্রাবোধক। অর্দ্ধচন্দ্র চিহ্ন।

◡̇ [স্বঃ] স্বরের মাথায় অর্দ্ধ মাত্রা (দ্রুত) কাল বা ব্যঞ্জন বা দ্রুতমাত্রা-বোধক অর্দ্ধচন্দ্র চিহ্ন।

৺ ঈশ্বর ; স্বর্গস্থ, পরলোকগত মৃত ব্যক্তির নামের পূর্বে লিখিত হয়।

⌒ [স্বঃ] গমক জ্ঞাপক গজকুম্ভ চিহ্ন।

‿ [স্বঃ] সংযোগালঙ্কার বা স্বরসংযোগ জ্ঞাপক ধনু চিহ্ন।

০ [স্বঃ] স্বরের মাথায় থাকিলে "তারা সপ্তক" বুঝায়। ২। স্বরের নিম্নে থাকিলে "উদারা সপ্তক" বুঝায়। ৩। স্বরের মাথায় ষোড়শাংশ মাত্রা। পরিবর্তে নক্ষত্র চিহ্ন (দ্রঃ)ও প্রচলিত আছে। ৪। তালের ফাঁকবোধক স্বরের মাথায় মাত্রা চিহ্ন। ৫। [জ্যোঃ] অংশ বা ডিগ্রি। প্র—১°।

0 [স্বঃ] স্বরের মাথায় এক মাত্রার অষ্টমাংশ কাল স্থায়ী স্বরবোধক যব চিহ্ন।

% [গণিতে] শতকরা ; per cent.

ₒ°ₒ [স্বঃ] গতের সম্পূর্ণতাজ্ঞাপক পদ্মচিহ্ন।

△ [স্বঃ] স্বরের মাথায় থাকিলে "কোমল" (ঋষভ, গান্ধার, ধৈবত বা নিষাদ) স্বরবোধক ত্রিকোণ চিহ্ন।

△̇ [স্বঃ] স্বরের মাথায় থাকিলে "অতি কোমল" স্বরজ্ঞাপক সবিন্দু ত্রিকোণ চিহ্ন।

◬ বৌদ্ধ তান্ত্রিক ত্রিকোণাকার যোনিযন্ত্র। যন্ত্রের এক কোণ হইতে বুদ্ধ, দ্বিতীয় কোণ হইতে ধর্ম্ম এবং তৃতীয় কোণ হইতে সঙ্ঘের উৎপত্তি। মধ্যস্থ বিন্দু আস্তিক বৌদ্ধদিগের মতে আদিবুদ্ধ এবং নাস্তিক বৌদ্ধদিগের মতে আদি-প্রজ্ঞা-বোধক চিহ্ন।

ꣳ (গজকুম্ভ চিহ্ন) ইহা বৈদিক সাহিত্যে স্থানবিশেষে অনুস্বরের রূপান্তর। ইহার উচ্চারণ "গুম্" ও "গম্" এর মাঝামাঝি।

প্রুফ সংশোধনে ব্যবহৃত সঙ্কেত ও সঙ্কেপ।

লাইনের বাম বা দক্ষিণ পার্শ্বের সাংকেতিক চিহ্নগুলি পৃথক্ করিবার রেখা। ২। অক্ষরের উপর দিয়া টানিয়া দিলে বুঝায় ধারে প্রদর্শিত ভুল সংশোধন করিয়া দাও। ৩। বর্ণদ্বয় বা পদদ্বয়ের মধ্যে এই রেখা টানিয়া ধারে # এই চিহ্ন লিখিলে বুঝায়, এখানে প্রয়োজনমত ফাঁক দাও।

/ বা ⟩ মাপের বাহিরে লাইন আসিয়া পড়িয়াছে সমান করিয়া দাও।

⊥ কাল দাগ তুলিয়া দাও অর্থাৎ ছাপ না উঠে এস্থান এমন চাপিয়া দাও।

—— অক্ষরের নিম্নে টানা থাকিলে বুঝায় ধারে যেরূপ ইঙ্গিত করা হইয়াছে সেইরূপ পরিবর্ত্তন করিয়া দাও।

/// বা = এই সমান্তরাল রেখাবদ্ধ অংশ উঁচু নীচু আছে সোজা করিয়া দাও। ইহার সঙ্কেত স্বরূপ প্রদর্শিতমত ধারে বাঁকা বাঁকা ৩টি রেখা টানা হয়।

অক্ষরের মাথায় বা উপর পার্শ্বে সংখ্যা, বর্ণ, নক্ষত্র, রেফ, চন্দ্রবিন্দু বা অন্য কোন চিহ্ন বসাইতে হইলে ধারে সেই চিহ্ন লিখিয়া তাহার নিম্নে এইরূপ রেখা দিতে হয় এবং যেখানে ঐ চিহ্ন বসাইতে হইবে তথায় √ এইরূপ চিহ্ন দিতে হয়। কিন্তু নিম্নে হসন্ত বা অন্য কোন চিহ্ন বা সংখ্যাদি বসাইতে হইলে তথায় কষি টানিয়া পার্শ্বে প্রয়োজনীয় চিহ্নাদি ⋎ এইরূপ অর্দ্ধচন্দ্র রেখার নিম্নে লিখিয়া দিতে হয়।

কাটিয়া দেওয়া অক্ষর বা শব্দ বা লাইনের নিম্নে এই চিহ্ন থাকিলে ও ধারে stet লিখিত থাকিলে বুঝায় এ অংশ কাটিবার পূর্ব্বে যেমন ছিল তেমনই রাখিয়া দাও।

শব্দ বা বর্ণের নিম্নে এই চিহ্ন দিয়া পার্শ্বে ante. এই সঙ্কেত লিখিলে "অ্যান্টিক্ টাইপে ছাপ" এই বুঝাইবে।

শব্দদ্বয়ের মধ্যের ফাঁকে থাকিলে বুঝায় অসমান ফাঁকের সামঞ্জস্য সাধন কর।

অক্ষরের পার্শ্বে বা শব্দের মধ্যে যেখানে থাকে, বুঝায় এইখানে পার্শ্বে লিখিত মত কিছু বসিবে।

× ভাঙ্গা বা বিকৃত হরফ বদলাইয়া দাও।

⊙ বিন্দু বসাইতে হইলে ধারে এইরূপ লিখিতে হয়।

/ একাধিক লাইনের শেষের শব্দগুলির পার্শে থাকিলে বুঝায় এই শব্দগুলি পরবর্ত্তী লাইনগুলির আরম্ভে হয়ত চালিয়া বসাইতে হইবে।

[যেখানে থাকে, বুঝায়, এই স্থান হইতে নূতন প্যারা কর। ২। বামদিকে টান।

] দক্ষিণ দিকে টান।

ঠেলিয়া উঠাও।

. . ঠেলিয়া নামাও।

বা ⊓ ঘেঁষ ঘেঁষ বসিয়াছে, মধ্যে ফাঁক রাখ।

ϑ হরফ উল্টা বসিয়াছে, পাল্টাইয়া দাও।

⁀ ফাঁক আছে যুড়িয়া দাও।

∾ অক্ষর বা শব্দের মধ্যে বসিলে বুঝায় রেখাবদ্ধ অংশের পরস্পর স্থান পরিবর্ত্তন করিতে হইবে।

২ এক প্যারার শেষ হইতে অন্য প্যারার আদি শব্দের সহিত এইরূপে যোগ করা থাকিলে বুঝায় এক সঙ্গে ছাপিয়া যাও, নূতন প্যারা করিও না।

□ এক এম কোয়াড পরিমাণ ফাঁক ছাড়।

Cap / [Capital] বড় ছাঁদের হরফ বসাও।

Centre / এই শব্দগুলি লাইনের মধ্যস্থলে বসাও।

d বা ₰ [delete] তুলিয়া দাও।

d l / [delete lead] দুই লাইনের মধ্যে কষি টানিয়া এই চিহ্ন ধারে লিখিলে বুঝায় লাইন দুটির মধ্যে বেশী ফাঁক আছে লেড তুলিয়া ফাঁক কমাইয়া দাও।

Ital / [Italics] হেলান ছাঁদের হরফ বসাও।

l. c. / [lower case] ছোট ছাঁদের হরপ বসাও।

l d / [lead] দুই লাইনের মধ্যে কষি টানিয়া এই চিহ্ন ধারে লিখিলে বুঝায় লাইন দুটির মধ্যে উপযুক্ত ফাঁক নাই লেড বসাইয়া ফাঁক করিয়া দাও।

N. P. / [new para সংক্ষেপে] নূতন প্যারা আরম্ভ কর।

Out / *see copy* / *out see copy* } এখানে ছাড় হইয়াছে, কাপি দ্রষ্টব্য

Qy বা ? এস্থান ঠিক আছে কিনা দ্রষ্টব্য।

Run on / টানিয়া যাও, নূতন প্যারা করিও না।

S. cap / [small capital] বড় ছাঁদের ছোট হরফ বসাও।

Stet / [... এই চিহ্ন দ্রঃ] যেমন ছিল তেমনি থাকিতে দাও।

tr / [transpose] চালিয়া অন্যত্র বসাও।

w. f. [wrong fount] ভিন্ন ছাঁদের হরফ তুলিয়া ঠিক হরফ বসাও।

ante. / [antique] অ্যান্টিক্ টাইপে ছাপা হইবে।

Rom / [Roman] রোমান্ টাইপে ছাপা হইবে।

প্রুফ সংশোধনের আদর্শ।

"ইতরের রসিকতা অশ্লীলতাপূর্ণ, লোকের বিরক্তিকর
জনক। কিন্তু যথেষ্ট রসিকতা ভদ্রের আমোদজনক, সুরুচিসঙ্গত ও
শিক্ষাপ্রদ। উহাতে অনেক সময় বিনয় এবং সৌজন্যের প্রকৃষ্ট পরিচয়
প্রাপ্ত হওয়া যায়। অনেকের ধারণা, পণ্ডিতগণ এবং সাধুশীল
ব্যক্তিগণ সর্ব্বদাই গম্ভীরভাবে থাকেন, হাস্য পরিহাস তাহাদিগকে স্পর্শ
করে না।

কিন্তু প্রকৃতপক্ষে তাহারা যেরূপ প্রফুল্ল চিত্ত, সরসবচনপ্রয়োগে
পটু দেখিতে পাওয়া যায় না। শিষ্ট পরিহাস শিক্ষা, বুদ্ধির তীক্ষ্ণতা,
উপস্থিত বুদ্ধি, মার্জ্জিত রুচি চিত্তের প্রসন্নতা প্রভৃতি কয়েকটি
সদ্‌গুণের উপর বহুলাংশে নির্ভর করে। সকলেই সেই জন্য সকল সময়ে
শিষ্ট পরিহাসকে চমৎকারজনক করিতে সমর্থ হন না। চরিত্র-গঠন।

Power and wealth are generally used by man as
instruments of oppression. if they were but used to
educate the people, there Would be no war at all
among (mankind.)

সংশোধনের পর।

"ইতরের রসিকতা অশ্লীলতাপূর্ণ, লোকের বিরক্তিকর এবং অপমান-
জনক। কিন্তু, ভদ্রের রসিকতা যথেষ্ট আমোদজনক, সুরুচিসঙ্গত ও
শিক্ষাপ্রদ। উহাতে অনেক সময় বিনয় এবং সৌজন্যের প্রকৃষ্ট পরিচয়
প্রাপ্ত হওয়া যায়। অনেকের ধারণা, পণ্ডিতগণ এবং সাধুশীল ব্যক্তিগণ
সর্ব্বদাই গম্ভীরভাবে থাকেন, হাস্য পরিহাস তাঁহাদিগকে স্পর্শ করে
না। কিন্তু প্রকৃতপক্ষে তাঁহারা যেরূপ প্রফুল্লচিত্ত, সরসবচনপ্রয়োগে
পটু এরূপ সচরাচর দেখিতে পাওয়া যায় না।

শিষ্ট পরিহাস শিক্ষা, বুদ্ধির তীক্ষ্ণতা, উপস্থিত বুদ্ধি, মার্জ্জিত রুচি ও
চিত্তের প্রসন্নতা প্রভৃতি কয়েকটি সদ্‌গুণের উপর বহুলাংশে নির্ভর
করে। সকলেই সেই জন্য সকল সময়ে শিষ্ট-পরিহাসকে চমৎকার-
জনক ও সকলের উপভোগ্য করিতে সমর্থ হন না।"—চরিত্র-গঠন।

Power and WEALTH are generally used by man as
instruments of oppression. If they were but used to
educate the people, there would be no war at all among
mankind.

মেট্রিক্ বা ফরাসী দশমিক পরিমাণ-প্রণালী
(THE METRIC OR FRENCH SYSTEM).

দ্রঃ—নিখুঁত গণনার বিশেষ সুবিধা হয় বলিয়া সমগ্র য়ুরোপ, আমেরিকা ও প্রায় সর্ব্বত্র উচ্চগণিত এবং বিজ্ঞানবিষয়ক গ্রন্থাদিতে এই প্রণালী ব্যবহৃত হইয়া থাকে। গ্রীক ভাষায়—metron (মেত্রন্) অর্থে মাত্রা ; metric (মেত্রিক) = মাত্রিক। ফরাসীতে এই শব্দ metre (মেত্র্) রূপে গৃহীত হইয়াছে ; ফরাসীতে রৈখিকমান নির্দ্দেশ করিবার জন্য 'মেত্র্' বা (ইংরেজী উচ্চারণে মীটর্), বর্গমানের জন্য are (আর্), ঘনমানের জন্য stere (স্তেয়ার), তরলমানের জন্য litre (লিত্র্, ইং—লিটর্) এবং গুরুত্বমানের জন্য gramme (গ্রাম) এই পদগুলির ব্যবহার হয়। ইহাদের পূর্ব্বে গ্রীক সংখ্যা-বাচক শব্দ deca (দেকা বা ডেকা) = ১০, hecto (হেক্টো) = ১০০, kilo (কিলো) = ১০০০, এবং myria (মিরিয়া) = ১০০০০ বসাইলে গণিত পরিমাণ বুঝায় ; এবং ল্যাটিন সংখ্যা-বাচক deci (দেসি) = ১০, centi (সেন্তি) = ১০০, milli (মিল্লি) = ১০০০ বসাইলে বিভক্ত অংশ বুঝায়।

(১) রৈখিকমান।

১ মীটর = ৩৯, ৩৭০৮ ইঞ্চি = প্রায় ৩ ফুট ৩ ইঞ্চি
১০ ,, = ১ ডেকামীটর
১০০ ,, = ১ হেক্টোমীটর = '০৬২১ মাইল
১০০০ ,, = ১ কিলোমীটর = '৬২১৪ ,,
০০০০ ,, = ১ মিরিয়ামীটর
১/১০ ,, = ১ ডেসিমীটর = ৩'৯৩৭ ইঞ্চি
১/১০০ ,, = ১ সেণ্টিমীটর = '৩৯৩৭ ,,
১/১০০০ ,, = ১ মিলিমীটর = '০৩৯৪ ,,

(২) বর্গমান।

১ আর্ = ১০ ডেসিআর = ১ বর্গডেকামীটর = ১০০ বর্গমীটর
১০ ,, = ১ ডেকার্ = = ৩'৯৫৪ পোল
১০ ডেকার্ = ১ হেক্টার্ = ১ বর্গহেক্টোমীটর
১০০ ,, = ১ হেক্টার্ = ২'৪৭১ একর
,, = ১ ডেসিআর্ = ১০ সেণ্টিআর্
,, = ১ সেণ্টিআর্ = ১ বর্গমীটর = ১'১৯৬ বর্গইয়াড

(৩) গুরুত্বমান।

১ গ্রাম্ = ১০ ডেসিগ্রাম = ১৫'৪৩২ গ্রেন
১০ ,, = ১ ডেকাগ্রাম = '৩৫৩ আউন্স (তরলমান)
১০০ ,, = ১০ ,, = ৩'৫২৭ = প্রায় সিকি পাউণ্ড
= ১ হেক্টোগ্রাম = ২'২০৪৬ পাউণ্ড (বাণিজ্য পাউণ্ড অপেক্ষা ১০, অধিক)
১০০০ ,, = ১০ ,,
= ১ কিলোগ্রাম
১০০০০ ,, = ১০ ,, = ১ মিরিয়াগ্রাম
১০০ ,, = ১০ ,, = ১ কুইণ্টাল—১'৯৭ হন্দর
১০০০ ,, = ১ মিলিয়ার = ১৯'৭ ,,
১/১০ ,, = ১ ডেসিগ্রাম = ১০ সেণ্টিগ্রাম = ১'৫৪৩ গ্রেণ
১/১০০ ,, = ১ সেণ্টিগ্রাম = ১০ মিলিগ্রাম
১/১০০০ ,, = ১ মিলিগ্রাম

(৪) তরলমাণ ও শুষ্কদ্রব্যের পরিমাণ।

১ লিটর্ = ১০ ডেসিলিটর = ১'৭৬ পাইণ্ট
১০ ,, = ১ ডেকালিটর = ২½ গ্যালন
১০ ,, = ১ হেক্টোলিটর
১০০ ,, = ১ হেক্টোলিটর = ২২'৩১ গ্যালন্
১০ ,, = ১ কিলোলিটর = ১ ঘনমীটর
১/১০ ,, = ১ ডেসিলিটর
১/১০০ ,, = ১ সেণ্টিলিটর
১০ ,, = ৬ ঘন ইঞ্চির কিছু বেশী
১/১০০০ ,, = ১ মিলিলিটর

(৫) মুদ্রা পরিমাণ।

৫ centime সাঁতীম্ = ১ sou সু (তাম্র মুদ্রা)
১০ ,, = ১ decime দেসীম্ = ২ সু
১০০ ,, = ১ franc ফ্রাঁ, ফ্রাঙ্ক্ = ৯½ পেনি (প্রায়)
১০০ ,, = প্রায় ৪ ইং পাউণ্ড

ইংরেজী পরিমাণের সহিত মেট্রিক পরিমাণের সমতা।

ইঞ্চি = ২৫'৩৯৯ মিলিমীটর
ফুট = ৩০'৪৭৯ সেণ্টিমীটর
ইয়াড = '৯১৪ মীটর
চেন = ২০'১১৬ ,,
ফার্লং = ২০১'১৬৪ ,,
মাইল = ১'৬০৯ কিলোমীটর
বর্গফুট = ৯'২৯ বর্গডেসিমীটর
একর্ = '৪০৫ হেক্টার্
বর্গমাইল = ২'৫৯৯ বর্গকিলোমীটর
গ্রেন = '০০৬৪ গ্রাম
আউন্স = ২৪১/৩ ,,
পাউণ্ড = ৪৫৪ ,, (তরল)
= ৩৭৩ ,, (শুষ্ক)
হন্দর (তরল) = ৫০'৪ কিলোমীটর
টন = ১০১৫ ,,
পাইণ্ট = ৫৬৪ লিটর
কোয়ার্ট = ১'১৩৬ ,,
গ্যালন্ = ৪'৫৪৩ ,,
পেক্ = ৯'০৮৭ ,,
বুশেল্ = ৩৬'৩৪৮ ,
কোয়ার্টার্ = ২'৯০৮ ,,
পাউণ্ড (মুদ্রা) = ২৫ ফ্রাঙ্ক ২২ সাঁতীম — প্রায় ২৫ ফ্রাঙ্ক
শিলিং = ১ ,, ২৬ ,, = ,, ১¼ ,,
পেনি = ১০ ,, = ১ ডিসীম্
হে-পেনি = ৫ ,, = ১ সু

মুদ্রা বিনিময়ের হার।

শিলিং (shilling)=শি (বার আনা)। পেনি (penny বা pence)=পে (এক আনা)।

ভারত	...	১ টাকা (rupee, রূপী)	=	১৬ আনা (৬৪ পয়সা)	=	১ শি ৪ পে = ১,
চীন	...	১ তেল্	=	১০০ কেণ্ডারিন্ বা ১০০০ ক্যাশ	=	৬ শি ৬ পে
জাপান	...	১ ইয়েন্	=	১০০ সেন	=	১১$\frac{৩}{৪}$ পে
তুরুস্ক		১ পাউণ্ড		১০০ পিয়াস্তর	=	১৮ শি $\frac{৩}{৪}$ পে
রুষিয়া	...	১ রুব্‌ল্	=	১০০ কোপেক		৩ শি ১$\frac{১}{২}$ পে
সিংহল	...	১ রূপী		১ সেণ্ট্	=	১ শি ৪ পে
		১ ফ্লোরিন্ বা গুল্ডেন্ (florin)	=	১০০ ক্রয়্‌ট্‌জার্ (Kreutzer)	=	১ শি ১১$\frac{১}{৪}$ পে
ইটালী	...	১ লিরা (lira)	=	১০০ চেন্তিসিমো (centismo)	=	৯$\frac{৩}{৪}$ পে (প্রায়)
য়ুনাইটেড্ স্‌টেট্‌স্ (আমেরিকা)		১ ডলার (dollar)	=	১০০ সেণ্ট (cent)	=	৪ শি ২ পে
কানাডা	...	১ ডলার	=	১০০ সেণ্ট্	=	"
গ্রীস্	...	১ দ্রাক্‌মা (drachma)	=	১০০ লেপ্‌টন (lepton)	=	"
জর্ম্মনি	...	১ মার্ক্ (mark)	=	১০০ ফেনিগ্ (pfennig)	=	১১$\frac{৩}{৪}$ পে
ডেনমার্ক্	...	১ ক্রোনে (krone)	=	১০০ অ্যরে (ore)		১ শি $\frac{৩}{৪}$ পে
নরওয়ে	...	১ ক্রোনে	=	১০০ অ্যরে	=	১ শি ১ পে
পোর্টুগাল্	...	১ মিলরীজ্		১০০০ রীজ্	=	৪ শি ৬ পে
ফ্রান্স্	...	১ ফ্রাঙ্ক্ ফ্রাঁ (franc)	=	১০০ সাঁতাম্ (centime)	=	৯$\frac{৩}{৫}$ পে (প্রায়)
বুল্‌গেরিয়া	...	১ লেভা	=	১০০ স্তোতিংকি (stotinki)	=	"
বেল্‌জিয়ম্	...	১ ফ্রাঙ্ক্	=	১০০ সাঁতীম	=	"
রুমানিয়া	...	লে (ley)	=	১০০ বাঞি (banyi)		
সর্বিয়া	...	দীনার (dinar)	=	১০০ পারা (para)		
সুইট্‌জার্লাণ্ড্	...	ফ্রাঙ্ক্	=	১০০ সাঁতীম্		
সুইডেন্	...	ক্রোনে	=	১০০ অ্যরে		১ শি ৩ পে
স্পেন্	...	পেসেতা	=	১০০ সেন্তেসিনো	=	৯$\frac{১}{২}$ পে (প্রায়)
হল্যাণ্ড্	...	১ ফ্লোরিন্	=	১০০ সেণ্ট্	=	১ শি ৮ পে

মূক-বধিরদিগের শিক্ষোপযোগী এবং কলিকাতা মূক-বধির বিদ্যালয়ে ব্যবহৃত

সাঙ্কেতিক বর্ণমালা।

স্বর বর্ণ।

ই ঈ উ ঊ ঋ এ ঐ ও ঔ

ব্যঞ্জন বর্ণ।

ক খ গ ঘ ঙ চ ছ জ ঝ ঞ

ট ঠ ড ঢ ণ ত থ দ

প ফ ব ভ ম র ল ব শ

ষ স হ ক্ষ ং য়

[দ্রঃ—"ঠারে কথা বলা অতি প্রাচীন কাল হইতে এ দেশে আছে, যথা—বররুচিঠার, কদম্বঠার, ফুলঠার ইত্যাদি। ঠারে কথা বলার ন্যায় অঙ্গুলি-সঙ্কেতে বর্ণ-বিন্যাস করারও প্রচলন আছে, যথা—

অহি-কলস-চক্র-টঙ্কান, তলয়-পবন-যব-শশি পরিমাণ।

আঙ্‌টি দেখাই অক্ষরাণ, চুট্‌কি ফুটাই মাত্রাবাখান॥

কিন্তু এই "অহি-কলস"-সঙ্কেতে বর্ণবিন্যাস করা ও সেই বিন্যস্ত বর্ণ বুঝা—উভয়ই কষ্টসাধ্য। ইহাতে অনেক সময়ও নষ্ট হয়।" "পাশ্চাত্য প্রদেশে অঙ্গুলি-সঞ্চালন-দ্বারা বর্ণ-বিন্যাস করিয়া মূক-বধিরদিগের শিক্ষা দেওয়া হইয়া থাকে এবং সাধারণেও ইহার ব্যবহার আছে। কলিকাতা মূক-বধির-বিদ্যালয়ের ছাত্রদিগের শিক্ষাকল্পে ইংরাজীর আদর্শে এই বর্ণমালা বিরচিত হইয়াছে।" "যে কোন হাতের পাঁচটি আঙ্গুলের বিভিন্ন সঙ্কেতে এক একটি অক্ষর প্রকাশ করিতে হয়। কলম দিয়া কাগজে লেখার ন্যায় এই বর্ণাবলী অঙ্গুলি-সঙ্কেতে শূন্যে বিন্যাস করিতে হয়।

যথা— ক + া = কা

এই সাঙ্কেতিক অক্ষর দ্বারা সংস্কৃতমূলক সকল ভাষাই লেখা যাইতে পারে।"—যামিনীনাথ বন্দ্যোপাধ্যায়]

বিদেশী নামের বাঙ্গালা লিপ্যন্তর।

(TRANSLITERATION)

V, W, Z, Zh প্রভৃতি কতকগুলি বিদেশীয় বর্ণের বাঙ্গালা রূপ নাই। বিন্দু বা অপর কোন বিশেষ চিহ্নযুক্ত বর্ণ উদ্ভাবন করিয়া তদ্দ্বারা বাঙ্গালায় উচ্চারণ প্রকাশের চেষ্টা করা উচিত। নূতন অক্ষরের অভাবে ইংরেজী ফুলস্টপের সাহায্যে অনায়াসে কার্যসিদ্ধি হইতে পারে, যেমন W = র ব্ বা ব. ; V = ভ. ; Z = জ বা জ. ; f = ফ বা ফ. ; Zh = ঝ ; ইত্যাদি। বর্ণসংযোগ স্থলে এই সকল বর্ণ আসিলে হসন্তের সাহায্যে সহজেই লেখা যাইতে পারে।

যে সকল ভাষা রোমান অক্ষরে লেখা হয়, তাহাদের বানান ও উচ্চারণ বিষয়ে একটা বাঁধাবাঁধি নিয়ম আছে। কিন্তু রোমান অক্ষর ব্যবহার করে না এরূপ ভাষার শব্দ (রুশ, চীনা, তামিল প্রভৃতি) রোমান লিপিতে যখন আনীত হয়, তখন কোথাও ইংরেজী, কোথাও জর্মান, কোথাও ফরাসী, কোথাও বা ডচ্ ভাষার উচ্চারণ ও বানান অনুসারে লিখিত হয়। এক্ষেত্রে সাধারণতঃ রোমান স্বরবর্ণগুলির ইটালীয় উচ্চারণই গৃহীত হইয়া থাকে—a, e, i, o, u = আ, এ, ই, ও, উ। ব্যঞ্জনবর্ণ সম্বন্ধে নির্দ্ধারিত নিয়ম না থাকিলেও প্রায়ই ইংরেজী, ফরাসী ও জর্মান,—এবং যবদ্বীপের ভাষা সম্বন্ধে ডচ্,—এই কয় য়ুরোপীয় ভাষার একটা রীতি ধরিয়া লেখা হয়। নিম্নে ভিন্ন ভিন্ন ভাষায় রোমান অক্ষরের যে উচ্চারণ-পার্থক্য দাঁড়াইয়াছে তাহা এবং কতকগুলি সাধারণ বৈদেশিক নামের বাঙ্গালা রূপ লেখা হইল। ইহার সাহায্যে নিম্ন-মুদ্রিত তালিকা-বহির্ভূত নাম বা শব্দ বঙ্গাক্ষরে কিরূপ লেখা উচিত তাহা ঠিক করিতে পারা যাইবে।

এই লিপ্যন্তর পদ্ধতিতে বাঙ্গালা ভাষায় এ, অ, আ, ক, খ প্রভৃতির পশ্চিম বঙ্গে যেরূপ উচ্চারণ দাঁড়াইয়া গিয়াছে সেই উচ্চারণই গৃহীত হইয়াছে। সংস্কৃত বর্ণমালার প্রাচীন উচ্চারণ কি ছিল বা হিন্দী প্রভৃতি ভাষায় কিরূপ আছে, তৎপ্রতি বিশেষ দৃষ্টি রাখা হয় নাই। বাহুল্য ভয়ে অনেক খুঁটিনাটি বিষয় (যেমন ফ্রেঞ্চের) পরিত্যক্ত হইল।

A, a—সাধারণতঃ 'আ' এই উচ্চারণই গ্রহণ করা উচিত, কারণ ইংরেজী ও দুই একটী ভাষা ভিন্ন প্রায় সর্ব্বত্রই aর উচ্চারণ 'আ', হ্রস্ব বা দীর্ঘ। ইং—a = 'অ' 'আ' 'এ' 'অ্যা' এবং u যোগে 'ও'। হঙ্গে ভাষায় a = 'অ', á = 'আ' ; Arany = অরণ্, Maurus Jokai মউরুশ্ য়োকই। আইস্ল্যাণ্ডের ভাষায় á = 'আউ'। বাং 'অ'কার ইং-তে a দিয়া লেখা উচিত। aa—'আ' দীর্ঘ, ইং, ডচ্ প্রভৃতিতে : Haarlem = হার্লেম্। গ্রীক, ল্যা ও প্রা-মিশরীয়ে aa = 'আআ' : Nausicaa = নাউসিকাআ, Aahmes আআহ্মেস্ ; ডে ও নর্ ভাষায় aa = 'অ' : Aalborg = অল্বর্গ। পোলিনেসীয় নামেও যুগ্মবর্ণ উচ্চারিত হয়। aai—ডচ্ ভাষায় 'আয়্'। ae—ইং, ডচ্, জর্ম্ম, ফ্রে প্রভৃতিতে 'এ' ; Raeburn = রে-ব্যর্ন্, Maeterlinck = মে-ত্যর্-লিংক্ ;—ল্যা 'আএ', 'আয়্' : Caesar = কায়্সার্, Achaea = আখায়া ; ইং ধরণে ল্যা পড়িলে ae = ঈ ; Caesar = সীজার্, Achaea = একীয়া। ah—জর্ম্ম ও ইং-তে দীর্ঘ 'আ' ; Hahneman = হানেমান্। ai—ফ্রে ও ইং-তে দীর্ঘ 'এ' ; Taine = তে-ন্। অন্যত্র 'আই' বা 'আয়', গ্রী, Gangaridai = গাঙ্গারিদাই, জর্ম্ম Kaiser = কাইজর্, জাপ Banzai = বান্জাই ; চীনা Yuan Shih Kai = য়ুআন্-শিঃ-খাই। ai—ফ্রে প্রভৃতিতে 'আ-ই'। am, an—ফ্রে 'আঁ' : Champagne = শাঁপাঞ্, Renan = রেনাঁ। ao—'আও', চীনা কথায় 'আউ' : Lao Tzu = লাউ-ৎস্। au—পোর্ত্ত্ কথার পদান্তে 'আউ' : ফ্রে—'ও'—Gautier = গোতিয়ে ; ইং-তে 'অ'—Aubrey = অব্রে ; জর্ম্ম ও অন্যান্য ভাষায় 'আউ' ; Kauffmann = কাউফ্-মান্, Breslau = ব্রেজ্লাউ ; ল্যা Ausonius = আউসোনিউস্ ; গ্রী Tauros = তাউরস্। aw—ইং-তে 'অ' ; Lawrence = লরেন্স্। ay—ফ্রে ও ইং-তে 'এ' ; Barclay = বার্ক্লে, Du Bellay = দ্যু-বেয়ো। æ—ল্যা, = ae—'আয়' ; আংগ্লো-স্যাকসনে æ = 'অ্যা' : Ælfred = অ্যালফ্রেড ; সিংহলী কথায় ae, æ = 'অ্যা'। å—সুই, ভাষায় 'অ' ; Åland = অলাণ্ড্। ä—স্কাণ্ডিনেভীয় ভাষাগুলিতে, জর্ম্ম-ভাষায় অ্যা-ঘেঁষা 'এ' (ae রূপেও লিখিত হয়) : Morgenländische = মর্গেন্লেণ্ডিশে : Auerstädt = আউঅর্স্টেট্। äu—জর্ম্ম-তে 'অয়্' ; Häuser = হয়্জর্।

B, b—প্রায় সর্ব্বত্রই 'ব'। আধু-গ্রীকে bর উচ্চারণ v = ভ হইয়া গিয়াছে : Benizelos = Venizelos. স্পে ভাষায় b বহুস্থলে, বিশেষতঃ স্বরদ্বয়ের মধ্যে থাকিলে v 'ভ.' সদৃশ উচ্চারিত হয় : Babieca = বাভি-একা, Barcelona = ভ.র্থে.লোনা। bj—স্কাণ্ডিনেভীয় ভাষাগুলিতে 'ব্য' : Bjornson = ব্যোর্ন্সন্, বিওর্ন্সন্, ব্যর্ন্সন্।

C, c—ল্যা, রোমান অক্ষরে লিখিত হিব্রু, গ্রী ও আসিরীয় ভাষায়, অ্যাং-স্যা, ওয়েলশ্, আইরিশ্ ও গেলিকে সর্ব্বত্রই, e, i এর পূর্ব্বেও, 'ক' ; Cicero = কিকেরো, Aceldama = আকেল্দামা, Thucydides = থুকিদিদেস্, Cimon = কিমোন্, Cyrus = কিরুস্, Celt = কেল্ট্, Cynewulf = কিনেব্লফ্, Caedmon = ক্যাড্মন্, Cymri = কিম্রি, Diancecht = দিয়ান্কেখ্ৎ। পোলীয় এবং স্লাভনীয় ভাষাগুলিতে cর উচ্চারণ সর্ব্বত্রই ts 'ৎস্', হঙ্গেরিয়ানেও 'ৎস্' ; Pilica = পিলিৎসা, Mickiewicz = মিৎস্কি-এভি-চ্, Palacky = পালাৎস্কি। সংস্কৃত পালি প্রভৃতি ভাষা রোমান অক্ষরে লিখিত হইলে সাধাঃ কেবল c দ্বারাই 'চ' (এবং ch দ্বারা 'ছ') নির্দ্দেশ করা হয়। ইং, ফ্রে, ডচ্, প্রা-স্পে, আমেরিকায় প্রচলিত স্পে ও পোর্ত্ত্-তে c যদি e, i এবং yএর পূর্ব্বে থাকে, তাহা হইলে রোমান s বা দন্ত্য 'স' রূপে, কিন্তু অন্যত্র 'ক' রূপে উচ্চারিত হয় ; আধু স্পে-তে e, i, yর পূর্ব্বস্থিত c থি. (ইং—thinএর 'th' স—ঘেঁষা 'থ')র মত উচ্চারিত হয় : Ciudad = থি.উধ.াধ্, Barcelona = ভ.র্থে.লোনা ; ইটালিয়ানে ci, ce 'চ' রূপে উচ্চারিত হয় ; da Vinci = দা ভি.নচি, Medici = মেদিচি, Guicciolí = গিচ্চোলি, Boccaccio = বোক্কাচ্চো ; ইটালিয়ানে cci = 'চ্চি, চ্চ' ; স্পে-তে cci = 'ক্থি.'। জর্ম্মান ও স্কাণ্ডিনেভীয় ভাষায় ce, ci = ze, zi = ts, 'ৎস্' বা 'ট্স্'। ch ল্যা ও গ্রীক কথার ল্যা রূপে ch = 'ক' 'খ' Achilles = আকিল্লেস্

(মূল গ্রী Akhilleus=আখিল্লেউস্)। আবু-গ্রী, জর্ম্ম, ডচ্, হঙ্গে, পোলীয়, বোহেমিয়ান, স্কাণ্ডিনেভীয় ভাষাগুলিতে chএর উচ্চারণ খ় (ভূমিকা দ্রঃ); Bach=বাখ়, Utrecht=উত্রেখ়্ট্, Czech=চেখ়্। স্কচ্ ভাষায় 'খ়': loch=লখ়্। ইটালিয়ানে ch='ক'; Bianchi=বিয়াঙ্কি, Caponsacchi=কাপনসাক্কি। ফ্রে ও পোর্ত্তু-তে ch='শ'; Chartres=শার্ত্র্, Charles=শার্ল্। প্রা-ফ্রে, প্রা-পোর্ত্তু, স্পে ও ইং-তে ch='চ'; Echegaray=এচেগারে, de la Mancha=দে-লা-মান্চা। চীনা ও জাপ ভাষায় 'চ' সাধাঃ ইং-র মত ch দ্বারা লিখিত হয়। ch'=chh, চীনা কথায়='ছ'; Ch'un Ch'iu=চুন-চিউ, Ssu-ma Ch'ien=স্সু-মা-ছিয়েন্। ck—ফ্রে, জর্ম্ম, ইং, ডচ্, স্কাণ্ডিনেভীয় প্রভৃতি ভাষায় 'ক'; Stockholm=স্টক্‌হোল্‌ম্, Innsbruck=ইন্‌স্‌ব্রুক্। পোলীয় প্রভৃতিতে যেখানে cর উচ্চারণ ts, সেখানে ck='ৎস্ক্'; Mickiewicz=মিৎস্কিএভি.চ্, Palacky পালাৎস্কি। cs—হঙ্গে-তে 'চ'; Csoma de Körös=চোমা দে ক্যো-র্যো-শ্, Mohács=মোহাচ্। cz—পোলীয় ও বোহেমিয়ানে 'চ'; Sienkiewicz=সিএন্‌কিএভি.চ্। হঙ্গে-তে cz='ৎস্'। ć—পোলিশে 'ৎস্য্'। č—স্লাভ-নীয় ভাষাগুলিতে 'চ'। ç—ফ্রেঞ্চে 'স'; সং—'শ' ও আ সো।শাদ-অক্ষর কখন কখন ç দ্বারা লিপ্যন্তরিত হয়।

D, d—সাধাঃ 'দ' ও 'ড'র মাঝামাঝি ধ্বনি; ইং-তে ও উত্তর য়ুরোপের ভাষাগুলিতে dকে বাং 'ড'র তুল্য ধরা যাইতে পারে; ফ্রে ও দক্ষিণ য়ুরোপের ভাষাগুলিতে এবং জাপানীতে d=দ। স্পে-তে 'দ', কিন্তু দুই স্বরের মধ্যে পড়িলে 'ধ.'; (ইং then thএর মত, অর্থাৎ ধ বা দ ও জ় (z) এর মাঝামাঝি) Valladolid=ভ.ল্লাধো.লিধ.; আধু গ্রীকে d=ধ.। dd—ওয়েলশে ধ.; Rhondda=হ্রন্ধ.া; Eisteddfod=আইস্তেধ্.ভ.দ্। dg—ইং-তে 'জ'; Bridges=ব্রিজেজ.। স্কাণ্ডিনেভীয় ও জর্ম্ম ভাষায় 'ড্‌গ'; Edgren=এড্‌গ্রেন্। dj—ইং। ফ্রে ও ডচে 'জ'; ডচ্ বানানে যবদ্বীপের নামে 'জ'; Adjoena=অর্জুন। জর্ম্ম, পোলীয় ও স্কাণ্ডিনেভীয় ভাষাগুলিতে 'ড্য' বা 'দ্য'। dh—সং 'ধ'; কখন কখন আ জাল্-অক্ষর এবং ইং thisএর 'th' ধ্বনি জানাইতে ব্যবহৃত হয়। dm, dn—রুশ কথায় 'দ্ম', 'দ্ন'; Dmitriev=দ্মিত্রিএভ., Dnieper=দ্নিএ-পার্। ds—হঙ্গে-তে 'জ'। dz 'দ্জ়্'; আধু গ্রী dz='জ'। dž—বোহেমীয় প্রভৃতিতে 'জ'। dź—পোলীয় 'জ'। ḍ—ভারতীয় ভাষার 'ড'; আ জো।আদ-অক্ষরের লিপ্যন্তর করিতেও ḍ ব্যবহৃত হয়।

E, e—ইং ছাড়া প্রায় সর্ব্বত্রই 'এ'। ফ্রে ও ইং-তে বহুস্থলে (পদের অন্তে) অনুচ্চারিত থাকে, কিন্তু আর সকল ভাষায় উচ্চারণ সকল স্থলেই হয়। গ্রী নামের অন্ত্য e='এ'; কিন্তু ইং উচ্চারণে 'ঈ' Here=হেরে; ইং=হীরী; গ্রীর এই অন্ত্য eর স্থলে বিকল্পে a 'আ' লেখা চলে। জর্ম্ম প্রভৃতিতে পদের অন্তে থাকিলে ঠিক এ হয় না বরং 'অ্য' (অস্পষ্ট হ্রস্ব আ)। পোর্ত্তুগীজে অন্ত্য e=ই, Padre=পাদ্রি। è—ফ্রেঞ্চে অ্যা-ঘেঁষা এ, 'এয়্যা'; Barrère=বার‍্যার্ (অনেকটা 'বারেয়্যার্' মত); rএর পূর্ব্বে থাকিলে ইং ও ফ্রে এবং কচিৎ জর্ম্মানেও eর এই উচ্চারণ হয়; Joubert=ঝুবেয়ার্, ইং there=দে-য়্যার। ea—'এআ', ইং-তে 'ঈ' বা 'এ'; গ্রী Thea=থেআ। eau—ফ্রে-তে 'ও'—Beau বো, Eau ও। ee—জর্ম্ম, ফ্রে, ডচ্ প্রভৃতিতে দীর্ঘ 'এ'; Beethoven=বেটোফেন্, Elysees=এলিজে; ইং-তে ee 'ঈ'। eh—জর্ম্মানে দীর্ঘ 'এ'; Kehr=কের্। ei—জর্ম্ম, ইং-তে 'আই'; Heine=হাইনে; ফ্রে—'অ্যা' 'এ'; Rheims=র‍্যাঁস্, Seine=স্যান্; অন্যত্র 'এই'। ej—জর্ম্ম, ও স্কাণ্ডিনেভীয় ভাষাগুলিতে 'এয়্'। em, en—ফ্রে—'আঁ'; Vive l'Empereur=ভীভ্ লাঁপ্‌র‍্যর্, Centime=সাঁতীম্, Temps=তাঁ। eo—'এও', ইং-তে 'ইও'। er—পদান্তে থাকিলে ইং, জর্ম্ম, প্রভৃতিতে 'অ্য' (অস্পষ্ট হ্রস্ব আ)। eu—ফ্রে ও ডচে 'অ্য'; Eugene=অ্যঝেন্ (ফ্রে), Empereur=আঁপ্র্যর্। জর্ম্ম-তে eu='অয়্', Eucken=অয়কেন্, Reuter=রয়টার্; ইং-তে 'ইউ'; গ্রী, ল্যা, প্রভৃতিতে 'এউ'; Eumenes=এউমেনেস্, Euripides=এউরিপিদেস্। ey—'এ'; স্কাণ্ডিনেভীয় ভাষায় 'আই' বা 'এই'; Eyjolf=এইয়োলফ্। ę—অ্যাঙ্গ্লোস্যাক্‌সনে 'এ', পোলীয়ে 'এঁ্য'।

F, f—সর্ব্বত্রই 'ফ'। ইং-তে পদান্তে v 'ভ.'। ওয়েলশ্ ভাষায় f v (ভ.), এর ফ ধ্বনি ff দ্বারা প্রকাশ করা হয়; Llanfair=থ্.লান্‌ভ.ায়্‌র্। fj—স্কাণ্ডিনেভীয় কথায় 'ফ্য'; Fjord=ফ্যোর্ড্, ফিওড্। fv—সুইডিশে v='ভ.'।

G, g—গ্রী, ল্যা, জর্ম্ম, ডচ্, পোলীয়, রুষ ও হঙ্গে ভাষায় সকল অবস্থায় 'গ'। য়ুরোপের বাহিরের অন্য ভাষার কথাতেও 'গ'। য়ুরোপে সকল ভাষাতেই g—a, o, u এই তিন স্বরের পূর্ব্বে='গ'; e, i (y) এর পূর্ব্বে থাকিলে উচ্চারণ ভিন্ন ভিন্ন ভাষায় পরিবর্ত্তিত হয়। ফ্রে পোর্ত্তু-তে ge, gi='ঝে., ঝি.' (=zh.); Gironde=ঝিরঁদ্। ইটালিয়ানে 'জ'; Gian জান্; ইং-তে 'জে' 'জি'; স্পে-তে ge, gi='খে., খি' বা 'হে., হি.'; সুইডিশে ge, gi, gä, gö, gy='য়'; Lagerlof=লায়েরলফ্। gh—সং ও ভারতীয় ভাষার 'ঘ'; আ-র ঘ.া ইন্-অক্ষর; ইটালিয়ান, ইং, ডচ্ প্রভৃতিতে 'গ'; Ghost=গোস্‌ট্; Alighieri=আলিগিএরি, Ghysbrecht=গাইজ্‌ব্রেখ়্‌ট্। gj—স্কাণ্ডিনেভীয় ভাষায় 'য়'; ডচ্, পোলীয়, হঙ্গে প্রভৃতিতে 'গ্য'। gl—ইটালিয়ানে 'তালব্য' ল, -degli=দেল্যি। gn—ইটালিয়ান ও ফ্রেঞ্চে—'ঞ'; Champagne=শাঁপাঞ্, Charlemagne=শার্লমাঞ্, Campagna=কাম্পাঞা, Bologna=বোলোঞা। gue, gui—ফ্রে, স্পে, ইটালিয়ান্ প্রভৃতিতে 'গে', 'গি'; Guise=গীজ়্; Guillotine=গিয়োতীন্। gy—স্কাণ্ডিনেভীয় কথায় 'য়'; হঙ্গে-তে দ্য ও জ এর মাঝামাঝি, 'জ্য'; Magyar=মাজ্যার; বর্ম্মী কথায় 'জ'; Thin-bun-gyee=থি.ন্-বুন্-জী।

H, h—'হ', কেবল পোলীয় ভাষায় 'খ়'। ফ্রে, পোর্ত্তু, স্পে ও ইটালিয়ান ভাষায় অনুচ্চারিত থাকে;— Hugo=য়ুগো, Honore'=ওনোরে, Bahia=বাইয়া। hj—সুই-তে 'য়'; Hjalmar=য়ালমার্। hk, hl, hp, ht—বর্ম্মী নামে যথাক্রমে 'খ' ল্হ, ফ, থ বা ঠ'; Hpoongi=ফুঙ্গী; Hlut-daw=ল্হুৎ-দ'। hs—চীনা, নামে খ় ও শ'র মাঝামাঝি, 'শ' (=খ়্শ্) লিখিলে চলিবে; দক্ষিণ চীনে Si-yu-ki সী-ইউ-কী, উত্তরে Hsi-yu-chi=শী-ইউ-চী; অথবা খ়্শি-ইউ-চী; তদ্রূপ Hiuen ও Hsuan। hv—স্কাণ্ডিনেভীয় শব্দে=w='ব'। ḥ—সং=ঃ; আ—'বড়ী হে.'=বাং 'হ.'।

I, i—সর্ব্বত্রই 'ই' বা 'ঈ'। ia—'ইআ'; 'ইয়া'। ie—'ইএ', 'ইয়ে'; ডচ্ ও জর্ম্ম-তে 'ঈ'; die=ডী, Liebig=লীবিগ্। ii—ল্যা ও পোলিনেসীয় ভাষায় 'ইই'; 'য়ি' চলিতে পারে; Horatii=হোরাতিই, Hawaii=হাবাইই, হাউআয়ি বা হাওআয়ি। ij—ডচ্ ভাষায় 'আই'; Nijmegen=নাইমেগেন্; ডচ্ ij অনেক স্থলে y রূপে লিখিত হয়। im, in—ফ্রে—'অ্যাঁ'; Guerin=গের‍্যাঁ।

J, j—ইং-তে 'জ'। জাপ, ভারতীয় কথার রোমান বানানে j = জ। ফ্রে ও পোর্ত্তু তে 'ঝ.' (zh); Jacques = ঝ.াক্, João = ঝো.আউঁ। চীনা কথায় j = ঝ. (zh); Chau-Ju-kua = চাউ-ঝ.কুআ। স্পে-তে j = খ; Badajos = বাধ.াখস্ (ব্যাডাজস্ নহে), Juan — খ.আন্। এতদ্ভিন্ন ল্যা, ইটালিয়ান, ডচ্, জর্ম্ম, স্কাণ্ডিনেভীয়, পোলীয়, বোহেমিয়ান, হঙ্গে-তে 'য়'; J lius = য়ুলিউস্, Filicaja = ফিলিকায়া, Joost-van-den-Vondel = য়োস্‌ট্ ভ.ান্-ডেন-ভ.ণ্ডেল্, Jacobi = য়াকোবি, ইয়াকোবি, Jonsson = য়োনস্‌সন্ ইত্যাদি। jh = সং 'ঝ'।

K, k—সর্ব্বত্রই 'ক'। গ্রীকে c নাই, গ্রীক k ল্যা ভাষায় c রূপে লিখিত হয়; Kimon বা Cimon, Thoukudides বা Thucydides. k'—চীনা কথায় 'খ'। গ্রী kh ল্যা-তে ch রূপে লিখিত হয়। kh—ভারতীয় 'খ'; আ 'খ' অনেক সময় kh এইরূপ সংযুক্তবর্ণ দ্বারা লিখিত হয়। kj—ডে ভাষায় 'ক্য', নর্ ও সুই ভাষায় 'চ'। kn—রুস্, জর্ম্ম, প্রভৃতিতে 'ক্ন'; knecht = ক্নেখ্‌ট্; Knyaz = ক্ন্যাজ্। kt—গ্রী-কে 'ক্ত'; Ktesias = ক্তেসিআস্, Ktesiphon = ক্তেসিফোন। ky—সুই ও বর্ম্মী-তে 'চ্য', 'চ', kyrka = চার্কা, kyaung — চ্যঙ্, Myitkyina — মিচিনা k—আ q — ক (ভূমিকা দ্রঃ)।

L, l—'ল'। lh—পোর্ত্তু-তে 'তালব্য ল' — ইটালিয়ান gl (দ্রঃ); ll—স্পে—তালব্য ল; llama — ল.ামা (অনেকটা 'ল্য়ামা'); ll ফ্রেঞ্চে সাধাঃ 'য়্য'; Marseilles = মার্সেয়্য়্, Ravillac — রাভি.য়্যাক্। ওয়েল্‌শে ll = থ.ল্ (thl); Llangollen — থ.লাংগোথ.লেন্। ly—হঙ্গে-তে 'ল্য' (তালব্য ল) Kiraly — কিরাল্য্।

M, m—'ম'। ফ্রেঞ্চে am, em — 'আঁ'; im = 'এ্যাঁ'; om = 'ওঁ', um — 'এ্যাঁ'; amme, emme, imme, omme — ইত্যাদিতে m উচ্চারিত হয়। পোর্ত্তু পদান্ত m = ঁ; Bom = বোঁ।

N, n—'ন'। ndt—জর্ম্ম ও ডচ্ নামের শেষে - ন্ট্; Wundt = ভুন্ট্। nj, ny—সাধাঃ 'ঞ'; Kemeny = কেমেঞ্ (হঙ্গে); ও আফ্রিকার নামে—Nyanza = ঞানজা, Kilima Njaro = কিলিমাঞারো, Bunyoro = বুঞোরো। ñ, ń—যথাক্রমে স্পে ও পোলীয়ে 'ঞ'; Coruña — কোরুঞা। ṇ—ভারতীয় বর্ণমালার 'ণ'।

O, o—'ও' (হ্রস্ব ও দীর্ঘ)। oa—ইং ভিন্ন অন্যত্র 'ওআ' = 'বা'। oe—জর্ম্মানে (= ö) 'এ্য'; Koeln, Köln ক্যলন্; ডচে 'উ, ঊ'; Boerhave — বুর্‌হাভে., Broekhuyzen — ব্রুকহয়্‌জেন্, যবদ্বীপে—Soekaboemi — সুকাবুমি—সুখভূমি; ল্যাটিনে 'ওয়্'; Oenone — ওয়্‌নোনে (ইং উচ্চারণে 'ঈ'; ঈনোনী)। oh—জর্ম্মানে — দীর্ঘ 'ও'। oi—ফ্রেঞ্চে 'ওআ,' 'বা'; Roi = রোআ; du Bois = দ্যু-বোআ; গ্রীকে 'অই,' 'ওই,' 'অয়্,' 'ওয়্'; Prasoi — প্রাসিওই। om, on—ফ্রে 'ওঁ,' পোর্ত্তু 'ওঁ'। oo—ইং-তে 'উ'; ডচ, জর্ম্ম প্রভৃতিতে 'ও'; Joost — য়োস্‌ট্। ou—ফ্রে ও পোর্ত্তু—'উ'; Oudenarde - উদেনার্দ্; ইং-তে—'আউ,' চীনা কথায় 'ওউ'; Chou = চৌ, চোউ। ow—জর্ম্ম ও স্লাভ্ ভাষাগুলিতে 'অভ্'; Buelow — বুলভ্, Suwarrow — সুভ.রভ্, Cracow = Krakow = ক্রাকভ্। ö—জর্ম্মানে oe, oe রূপেও লেখা হয়, উচ্চারণ 'এ্য'; Goethe, Goethe = গ্যাটে (গ্যা-টা)।

P, p—সর্ব্বত্রই 'প'। ph—গ্রী, ল্যা-তে 'ফ'; ইং, ফ্রে প্রভৃতিতে 'ফ'; বাং ফ = ph (f নহে)। p'—চীনা শব্দে 'ph' (ফ নহে); P'an Ku — ফান্-কু। pt—গ্রী ও প্রা মিসরীয়ে 'প্ত'; Ptolemaios = প্তোলেমায়স্ (ইং—Ptolemy), Ptah — প্তাহ্।

Q, q—'ক'। আ — ক় (ভূমিকা দ্রঃ)। qua, quo—ফ্রে-তে 'কা,' 'কো'। অন্যান্য ভাষায় 'কোআ,' 'কুও' (= ক্বো)। que, qui—ফ্রে, স্পে, পোর্ত্তু—'কে,' 'কি'। অন্যত্র 'কোএ' (ক্বে), 'কুই' (ক্বি)। qv—'ক্ব, ক্ভ.'।

R, r—'র'। ইং r একটু ড়কার-ঘেঁষা। rh—'র্হ,' 'হ্' বা 'হ্'; গ্রী পদের আদিতে r 'rh' রূপে লিখিত হয়। Rhein, Rhine = রাইন। rz—পোলীয় ভাষায় 'ঝ.' (= zh), Rzeszow — ঝে.শোভ্; কিন্তু অঘোষবর্ণ (যেমন p) র সঙ্গে থাকিলে rz = 'শ'; Przemysl = প্‌শেমিস্ল্, Przasnysz — প্‌শাস্নিশ্। ř—বোহেমিয়ানে 'zh (ঝ.)'।

S, s—প্রায় সর্ব্বত্রই দন্ত্য 'স', কেবল হঙ্গে-তে 'শ', Kossuth = কোশ্‌শুথ্; জর্ম্ম-তে 'জ', এবং ফ্রে, ইটালীয়, স্পে প্রভৃতিতে দুইস্বরের মধ্যবর্ত্তী হইলে 'জ়'। sce, sci—ল্যা, ল্যা-বানানে গ্রী নামে, এবং অ্যাং স্যাঃ-তে 'স্ক'; Scientia — স্কিএন্তিআ; ইটালিয়ানে 'শ'। sch—ল্যা ও গ্রীকে 'স্ক', 'স্খ'; ল্যা কথার ইং উচ্চারণে 'স্ক'; ফ্রে, জর্ম্ম ও সুই-তে 'শ'; Schubert — শু-বার্ট্, Schwarz = শ্‌ভ.ার্ট্স্; ডচে—'স্খ'; Schiedam = স্খীডাম্; Schreiner — স্খ্‌রাইনর্;—পদান্তে 'স'। sh—ইং প্রভৃতিতে 'শ', 'স'; জর্ম্মানে = zh = 'ঝ.'—রুষ নাম Shukowski = Zhukovski = ঝ়ুকোফ্‌স্কি। ইং sh বাং-য় 'স' লেখা ভুল; Shakespeare = শেক্‌স্‌পিয়র্ (সেক্সপীয়ার, সেক্সপীর নহে)। sj—সুই ও ডে-তে 'শ'। skä, ske, ski, skö, sky—নর্ ও সুই ভাষায় 'শ'। skj— নর্ ও সুই ভাষায় 'শ', ডে-তে 'স্ক্য'। st—'স্ত', 'স্ট'; ইংরেজী কথার st কে 'ষ্ট' (= sht) লেখা ঠিক নহে। stj—সুই-তে = 'শ'। sz—লিথুআনীয় ও পোলীয়—'শ'; হঙ্গে-তে কিন্তু sz = দন্ত্য 'স'—Liszt লিস্ত্। ś—পোলীয়ে—'শ্য'; সং—'শ'। ṣ—সং—'ষ'; আরবীর সে,আদ-অক্ষর অনেক সময়ে ṣ রূপে লিখিত হয়। ṡ = আরবীর সে, অক্ষর।

T, t—'ত' ও 'ট'র মাঝামাঝি ধ্বনি; d র মত, উত্তর য়ুরোপের ভাষায় t = ট; ফ্রে, ইটালিয়ান্, গ্রী, ল্যা, চীনা, জাপ, প্রভৃতিতে t = 'ত'। t' = th 'থ', চীনা কথায়—T'ang = থাং (ট্যাং, টেঙ্গ্ নহে)। tch—ফ্রে ও ইং-তে 'চ'। th—ল্যা, ও গ্রীকে 'থ'—Theodotos = থেওদোতস্; ফ্রে প্রভৃতিতে 'ত'; Bibliotheque = বিব্লিওতেক্, Thenardier — তেনার্দিয়ে; জর্ম্ম প্রভৃতিতে 'ত' বা 'ট'; Rothschild = রোট্‌শিল্ড্, Thal = টাল, Beethoven = বেটোফেন্। ইং-তে th এর উচ্চারণ স-ঘেঁষা থ = 'থ.' (ভূমিকা দ্রঃ), আ—র 'স.া' বা 'সে.' অক্ষরের মত; এইজন্য আ অক্ষরটী রোমান্ th দ্বারা অনেক সময় লিখিত হয়। বর্ম্মী নামে th = 'থ.'; Thibaw = থি.ব (বর্ম্মীরা লেখে 'সি', পড়ে 'থি.'); তামিল কথায় th = ত, থ, দ, ধ; Thamotharan = দামোদরন্, Mathavan = মাধবন্। tio (n)—ল্যা-তে 'তিও (ন্)'; De Imitatione Christi = দে ইমিতাতিওনে খ্রিস্তি; ইং—তে 'শ্য (ন্)', ফ্রেঞ্চে 'সিওঁ,

জর্ম্মানে 'ট্‌সিঅন'। tj—'ত্য', ডচে ও সুই-তে ও যবদ্বীপের কথায় 'চ'। ts—পূর্ব্ব বঙ্গের 'চ'র উচ্চারণের মত ধ্বনি। tsch—জর্ম্মানে 'ট্‌শ্' (ট্‌শ্ বা টচ্ছ্‌শ্ মিলিত উচ্চারণের মত), 'চ' (চ্ছ) : Deutsch=ডয়্‌ট্‌শ্, ডয়্‌চ্, Treitschke=ত্রাইচ্‌কে। ty—হঙ্গে-তে চ-ঘেঁষা 'ত্য'='চ' : Vörösmárty=ভ-র্য়োশ্‌মার্চ্। tz—জর্ম্মাণে 'ট্‌স্'। tzsch—জর্ম্মানে 'ট্‌শ্, চ' : Nietzsche=নীট্‌শে, নী-চ্য, নীচে। ṭ—সং 'ট'। ط 'তাএ' অক্ষর=ṭ ; ṭ—এইরূপেও অনেক সময় লিখিত হয় : ইহাকে বাং-র 'ত.' দ্বারা প্রকাশ করা যাইতে পারে। [tsj =চ, ডচে ; তদ্রূপ dsj =জ]।

U, u—সাধাঃ 'উ' 'ঊ'। ইং-তে ও ডচে 'অ্য', এবং অনেক সময় সুই-তেও অস্পষ্ট উচ্চারিত হয়। গ্রী নাম ল্যা বানানে লিখিলে গ্রী ou 'ওউ' ল্যাটিনে u রূপে এবং গ্রী u 'উ'কে y ('য়' বা 'ই') রূপে লিখিত হয় ; গ্রী Thoukudides=ল্যা, Thucydides, গ্রী, Aiskhulos=ল্যা, Aeschylus। ওয়েলশে u='ই'। ফ্রে u র উচ্চারণ 'ই' ও 'উ'র মাঝামাঝি (অর্থাৎ উ উচ্চারণের জন্য ওষ্ঠদ্বয় প্রলম্বিত করিয়া উ স্থলে ই উচ্চারণ করায় যে ধ্বনি হয়), 'য়ু' দ্বারা লেখা চলে : Hugo=য়ুগো (যেন ইু্‌গো), Du Bartas—দ্যু-বার্তা (Du=দ্যি=দ্যু)। ডচে অনেকস্থলে ফ্রেঞ্চের মত উচ্চারণ আসে। ua—'উআ'। ue—'উয়ে' ফ্রেঞ্চে 'য়ুএ'। জর্ম্মানে ue=ü, উচ্চারণ ফ্রে u র মত : Mueller=Muller=ম্যুল্যর্। ui—ডচে 'অয়্'। un—ফ্রেঞ্চে 'অ্যঁ' : Verdun=ভ্যার্দ্যঁ। uu—ডচে 'ঊ'। ü—ue দ্রঃ : জর্ম্ম, হঙ্গে, চীনা ও অন্যান্য ভাষায়। u—চীনা কথায় ইং her এর er মত, 'অ্য' ; Ssu-ma Ch'ien (অন্য বানানে Sze-ma Ts'ien) স্‌স্য-মা-ছিএন্ ; Lao Tzu (অন্য বানানে Lau Tsze)=লাউ-ৎস্য ; 'উ' লিখিলে চলিতে পারে।

V, v—ল্যা 'ব' (w) 'ভ,' (v)। জর্ম্মানে 'f' : Vaterland=ফাটর্‌-লান্ট্। অন্যত্র v='ব', 'ভ' ; Sven=স্‌ভেন্, স্বেন, Victor=ভিক্‌টর। ভারতীয় নামে v থাকিলে 'ব' দিয়া লেখা উচিত : Venkata=বেঙ্কট (ভেনকাটা নহে), Tinevelly=তিনেবল্লী, তিরুবল্লী (টিনেভেলী নহে) : Nigliva=নিগ্লীব (নিগ্লীভা নহে)।

W, w—ইং-তে 'ব'। জর্ম্মানে w=v=ভ : Weber=ভে-বর্, Windischmann=ভি-ডিশ্‌মান্। চীনা, জাপ্ কথায় w=ব (ওঅ)। wh—ইংরেজী—'হ্ব'। স্লাভ্ ভাষাগুলিতে w=v=f.

X, x—ল্যা ও গ্রীকে 'ক্স'। পোর্ত্তু 'শ'। স্পে-তে প্রাচীন উচ্চারণ ঐর মত='শ' : Don Quixote=দন কিশোতে, Truxillo—ত্রুশিল্যো : অধুনা 'x' স্থলে 'j' ব্যবহৃত হইতেছে, যথা—Don Quijote, Trujillo : অন্যত্র স্পে-তে xএর ল্যা উচ্চারণ পুনরায় দেখা দিয়াছে। ফ্রেঞ্চে x বহুস্থানে ss রূপে উচ্চারিত হয় : Bruxelles=ব্রুস্যল (Brussels)।

Y, y—এটি মূলে গ্রী অক্ষর। প্রাচীন যুগে এই অক্ষরের উচ্চারণ ছিল 'উ', 'ঊ', পরে এই y (উ) র উচ্চারণ গ্রীকেই ফ্রেঞ্চের u র মত (=য়ু) দাঁড়াইয়া যায় ; ল্যাটিনে এই ধ্বনি না থাকায়, ল্যা বর্ণমালায় y গৃহীত হয়, গ্রীক কথায় y থাকিলে ল্যাটিনে তাহাই লিখিত হইত : যেমন প্রা পারসীক নাম Kurush (কুরুষ্), গ্রী লিপিতে Kyros (প্রাচীন উচ্চারণে Kuros কুরস্, পরবর্ত্তী উচ্চারণে Kyros ক্যুরস্), ল্যা-তে এই নাম Cyrus রূপে লেখা হয় (উচ্চারণ ক্যুরস্ বা কিরুস্)। সাধাঃ য়ুরোপীয় ভাষাগুলিতে ইহার উচ্চারণ স্বর 'ই' বা ব্যঞ্জন 'য়'। ইং ও প্রাচীন ডচে y—'আই'। চীনা, জাপ ও ভারতীয় ভাষায় y='য়' 'ইঅ'।

Z, z—ল্যা, গ্রী, ইং, ফ্রে, ইটালিয়ান, রুষ, পোলীয়, হঙ্গে প্রভৃতিতে 'জ় (=জ)'। জর্ম্মানে='ts'='ৎস্', 'ট্‌স্' : Leipzig=লাইপ্‌ট্‌সিক্, লাইপ্‌ট্‌সিগ্। স্কাণ্ডিনেভীয় ভাষায় 'স'। স্পে-ভাষায় পদের অন্তে থাকিলে 'থ.' : San Juan de la Cruz=সান খুআন্ দেলা ক্রুথ., Nunez=নুঞেথ. ; পদের মধ্যে থাকিলে 'ধ.' : Mendoza=মেনধোধা, Sancho Panza=সানচো পানধা। zs—হঙ্গে 'ঝ.' ژ। Ż, ż—যথাক্রমে পোলীয় ও বোহেমীয়ে 'ঝ'। ẓ—আ ض জো়আদ : ẓ—আ ظ জো়াএ।

ø—নর্‌ ও ডে শব্দে=io—'য়ো' (ইও) : Fausbøll=ফাউস্‌বিওল্।

'—চীনা শব্দে ' ব্যঞ্জনধ্বনিকে মহাপ্রাণ করিয়া দেয় : K'ang=খাঙ্, P'ing=ফিঙ্, T'ang=থাঙ্, Ts'iu, Ch'iu=ৎস্‌হিউ, ছিউ।

[সঙ্কেতের অর্থ,—ঐ=ঐতিহাসিক। উ=উপন্যাসিক। ক=কবি। দা=দার্শনিক। দে=দেশ। দ্বী=দ্বীপ। ন=নদী। নঃ=নগর। নর্=নরওয়ের ভাষায়। পং=পণ্ডিত। পা=পাহাড়। পুং=পুরুষের। পৌ=পৌরাণিক। প্র=প্রদেশ। বী=বীর। বৈ=বৈজ্ঞানিক। ভা=ভাষা বৈজ্ঞানিক। ভ্র=ভ্রমণকারী। রা=রাজা। রো=রোমান। লে=লেখক বা লেখিকা। সে=সেনাপতি। স্ত্রী=স্ত্রীলোকের]

Aalborg ডেনীশ্—অল্‌বগ্। নঃ।

Aaron হিব—আরোন, ইং—অ্যারন, আ—হারুন। পুং নাম।

Abelard ফ্রে—আবেলার্। পং।

Aboukir মিসরীয়—আবকীর্। নঃ।

Achaia গ্রী—আখায়া। প্র।

Achaimenes আখায়্‌মেনেস্—হখামনিষ্ (প্রা-পারসীক রা-র প্রা-নাম)।

Achilles ল্যা—আকিলেস,—খি, ইং—অ্যাকিলীজ্ (মূল গ্রী—Akhilleus আখিল্লেউস্)। গ্রী, বী।

Achmet (মুসলমান নামের পুরাতন য়ুরোপীয় রূপ) অহ্‌মদ।

Ackermann জর্ম্ম—আক্যরমান্। নঃ।

Adelaide ইং—অ্যাডিলেড্। নঃ।

Aden আ—আদন্। ইং—এডেন্। নঃ।

Adrianople গ্রী—ইং—আদ্রিয়ানোপ্‌ল্। নঃ।

Aeneas ইং—ঈনিয়াস্, ল্যা—আয়্‌নেআস্, (মূল গ্রী—Aineas আয়্‌নেআস্)। বী।

Aeneid ইং—এনীড্, ঈনীইড্ (মূল ল্যা—Aeneis আয়্‌নেইস)। ল্যা কাব্য।

Aeschylus ইং—ঈস্কিলাস্, ইস্কাইলাস্ (ল্যা—আয়্‌স্কিলুস্, মূল-গ্রী—Aiskhulos আয়্‌স্‌খুলস্, আয়্‌স্‌খ্যুলস্)। ক।

Aesop ইং—ঈসপ্ (ল্যা—Aesopus আয়্‌সোপুস্, মূল গ্রী—Aisopos আয়্‌সোপস্)। পং।

Aetna—এট্‌না (ল্যা—Etna, মূল গ্রী—Aitna আয়্‌ত্না)। আগ্নেয় পা।

Agathokles গ্রী—আগাথোক্লেস্ (প্রা-ভারতীয় রূপ অগথুক্লেয়)। রা।

Agesilaos গ্রী—আগেসিলাওস্। রা।

Agrippa ল্যা—আগ্রিপ্পা। পদবী।
Ahmednagar—অহ্মদনগর। নঃ। [আমেদ নগর নহে]
Aigaia গ্রী—আইগায়া, ইং Aegea ঈজীয়া। প্র।
Aigues-mortes ফ্রে—এগ্-মর্ত্। নঃ।
Ailsa স্কচ্—এইল্জা, এল্জা। দ্বী।
Aix-la-chapelle ফ্রে—এ-লা-শাপেল্। নঃ। জর্ম্মান নাম Aachen আখেন্।
Ajaccio ইতা—আয়াচ্চো। কর্সিকা,নঃ।
Ajanta মঃ—অজিণ্ঠা। নিজামরাজ্যভুক্ত হায়দ্রাবাদের অন্তর্গত গুহাবলী। [অজন্তা, আজন্তা নহে]
Akesines আকেসিনেস্ (অশিক্নী বা চন্দ্রভাগা নদীর গ্রীক নাম)।
Akhenaten প্রা-মিসরীয় — আখেন্-আতন্। রা। অন্যরূপ Khuen Aten খু-এন আতন্।
Aland (বাল্টিক সাগর দ্বীপ) অলাণ্ড্।
Albany ইং—অল্বনি। নঃ।
Albert ফ্রে—আল্ব্যার্,—বেয়ার্। ইং—অ্যাল্বার্ট। পুং নাম।
Albrecht জর্ম্ম—আলব্রেখ্ট = Albert. পুং নাম।
Albuera স্পে—আল্ভু-এরা। নঃ।
Albuquerque পোর্ত্ত—আল্বুকেকে। সে।
Alcacer স্পে—আল্কাথের্। ন।
Alcester ইং—অল্স্টার্। নঃ।
Aleppo ইতা—আলেপ্পো, আ—হালব্। নঃ। [আলিপো নহে]
Alexandros গ্রী—আলেক্সান্দ্রস্। ফা রূপ—সিকন্দর; ল্যা—Alexander আলেক্সান্দের। রা। ইং—অ্যালেগ্জ্যাণ্ডর, ফ্রে. Alexandre আলেক্সাঁদ্র্। পুং নাম।
Algiers ফ্রে—আল্‌ঝিয়ের্। দে।
Algonquin (আমে) আলগনকিন্। জাতি।
Alkaios গ্রী—আল্কায়স্, ল্যা, ইং—Alcaeus, ক।
Alkibiades গ্রী—আল্কিবিয়াদেস্। সে। ল্যা, ইং—Alcibiades.
Alleghany (আমে) অ্যালেগ্যানী। পা।
Almondbury ইং—আম্বারি। নঃ।
Alnwick (স্কটল্যাণ্ড) অ্যানিক্। নঃ।
Alpes ফ্রে—আল্প্। পা।
Alptagin তুর্কী—অল্প্তগীন্। রা।
Alsace ফ্রে—আল্সাস্। প্র।
Alwar, Ulwar হি—অল্বার্। নঃ। [আলোয়ার নহে]
Amazon (ব্রাজিল) আমাজন্। ন।
Amboise ফ্রে—আঁম্বোআজ্। পুং নাম।
Amenhetep প্রা-মিসরীয়—আমেন-হেতেপ্। রা।
Amitrochades গ্রী—আমিত্রোখাদেস্। (= সং—অমিত্রঘাত, বিন্দুসার রাজার উপনাম)।
Amurath আমুরাত, তুরুষ্ক সুলতান। মুরাদ নামের পুরাতন ইউরোপীয় রূপ।
Anaximandros গ্রী—আনাক্সিমান্দ্রস্। দা।
André ফ্রে—আঁদ্রে | Andrea ইতা—আন্দ্রেআ | Andrew ইং—অ্যাণ্ড্রু। — পুং নাম।
Angkor (কম্বোজ) আংকোর। হিন্দু মন্দির।
Angouleme ফ্রে—আঁগুলেম্। নঃ।
Anstruther ইং—অ্যানস্ট্রাথার্, অ্যান্স্টার্। পদবী।
Antialkidas গ্রী—আন্তিআল্কিদাস্। পুং নাম।
Antiochos গ্রী—আন্তিওখস্ (ভারতীয় রূপ অংতিয়োক) বা।
Antipater গ্রী—আন্তিপাতের্। পুং নাম।
Antoine ফ্রে—আঁতোআন্। পুং নাম।
Antoinette ফ্রে—আঁতোআনেৎ। স্ত্রী-নাম।
Antonius Pius ল্যা—আন্তোনিউস্ পিউস্। রা।
Antwerp ফ্লেমীশ্—আন্ট্ বর্প্। নঃ।
Aphrodite গ্রী—আফ্রোদিতে,তা। দেবী।
Apollon গ্রী—আপোল্লোন্। দেব।
Appalachian আমে—আপালাচিয়ান্। পা।
Arachosia গ্রী—আরাখোসিয়া। দে।
Aranjuez স্পে—আরান্খু-এথ্। নঃ।
Arany হঙ্গে—অরন্য্। ক।
Archangel গ্রী—রুষ—আর্খাঙ্গেল্ নঃ। [আর্কেঞ্জেল নহে]
Archelaus ল্যা—আর্খেলাউস (মূল গ্রী Arkhelaos আর্খেলাওস্)। রা।
Archimedes গ্রী—আর্খিমেদেস্, আ রূপ আরশমীদ্। বৈ।
Archytas গ্রী—আর্খুতাস, আর্খিতাস। পুং নাম।
Ardennes ফ্রে—আর্দেন্। প্র।
Ares গ্রী—আরেস্। দেব।
Argentina (দঃ আমে) আর্খেন্তিনা। দে।
Argyll (স্কটল্যাণ্ড) আর্গাইল্। প্র।
Ariosto ইতা—আরিওস্তো। ক।
Aristophanes গ্রী—আরিস্তোফানেস্। ক।
Arnauld ফ্রে—আর্নো (আরনো)। পুং নাম।
Arras ফ্রে—আরা। নঃ।
Arrian গ্রী—আর্রিয়ান্। ঐ। (মূল Arrianos)।
Arsakes গ্রী—আর্সাকেস্। রা।
Artaxerxes আর্তাক্সের্ক্সেস্ (পারসীক রাজা অর্তখ্শথ্রের (= সং ঋতক্ষত্র) গ্রী—নাম)।
Artemis গ্রী—আর্তেমিস্। দেবী।
Artois ফ্রে—আর্তোআ। নঃ।
Asia গ্রী, ল্যা—আসিআ, আসিয়া, ইং—এশিয়া। [অর্থ—প্রাচ্যদেশ; এই শব্দের আদি গ্রীকরূপ, ও গ্রীক Ausos, Auos, Eos এবং সং—উষাঃ—এই শব্দগুলি দীপ্তিবাচক একই ধাতু হইতে উৎপন্ন বলিয়া বিবেচিত। তুলনীয়—Levant (ল্যা), Japan (মূল চীনা Jih-pen) = সূর্য্যোদয়ের দেশ]।
Asklepios গ্রী—আস্ক্লেপিঅস্। দেব।
Aspasia গ্রী—আস্পাসিয়া। স্ত্রীনাম।
Assakenoi গ্রী—আস্সাকেনয় (অশ্বক বা অস্সক জাতি)।
Astrakhan রুষ—আস্ত্রাখান্। নঃ।
Athanase ফ্রে—আতানাস্; ইতা—আতানাসে। পুং নাম।
Athenaeum ইং—অ্যাথিনিয়াম্। সাময়িক পত্র।
Athene,-a গ্রী—আথেনে, আথেনা। দেবী।
Athens অ্যাথেন্স্ (গ্রী, নঃ-র ইং নাম)।
Aucassin ফ্রে—ওকাস্যাঁ। পুং নাম।
Auchinleck (স্কটল্যাণ্ড) অ্যাক্লিক্, অ্যাফ্লিক্। নঃ।
Auerstaedt জর্ম্ম—আউঅর্-স্টেট্। নঃ।
Augsburg জর্ম্ম—আউগ্স্বুর্ক্ (র্গ্)। নঃ।
August ফ্রে—ওগ্যুস্ত্। জর্ম্ম—আউগুস্ট্। পুং নাম।
Augustus ল্যা—আউগুস্তুস্। ইং—অগস্টাস্ রা। পুং নাম।
Aurora ল্যা—আউরোরা, দেবী উষা।
Austerlitz জর্ম্ম—আউস্টর্লিট্স্। নঃ।
Auvaiyar তামিল, ঔবৈয়ার্। স্ত্রী, ক।
Ava বর্ম্মী—আবা। নঃ। [আভা নহে]
Avignon ফ্রে—আভিঞ্যঁ। নঃ।
Ayuthia (শ্যাম) অয়ুথিয়া = সং—অযোধ্যা। নঃ।
Azerbaijan ফা—আজরবৈজান্। নঃ।
Azov, Azof রুষ—আজভ্, আজফ্।
Bacchos গ্রী—বাক্খস্। দেব।
Badajoz স্পে—বাদাহস্, বাধাখথ। নঃ।

Baden জর্ম্ম—বাডেন, বাদেন্। নঃ।
Baden-Powell ইং—বেডন-পৌউএল। পদবী।
Bagehot ইং—ব্যাজট, ব্যাগট্। পদবী।
Baghdad ফা—বঘ্দাদ্। নঃ।
Bahawalpur (পঞ্জাব) বহাবলপুর্। প্র। [ভাওয়াল পুর নহে]
Bahmani (দক্ষিণাপথ) বাহ্মনী, বাহ্মনী। রাজবংশ। [বামনী নহে]
Bajazet তুর্কী—বয়াজীদ্। [বায়জীদ, বাইজিদ নহে]
Balaji মঃ—বালাজী। রাষ্ট্রপতি। [বলজী নহে]
Balcarres ইং—ব্যালক্যারিস্। পদবী।
Balfour ইং—ব্যাল্‌ফর্। পদবী।
Balzac ফ্রে—বালজাক্। ঔ।
Barbesieux ফ্রে—বার্বসিঅ্য। সে।
Barcelona স্পে—ভ়ার্থেলোনা। নঃ।
Bareilly হি—বরেলী। নঃ। [বেরিলী নহে]
Barere ফ্রে—বার্যার্। জননায়ক।
Baroda মঃ—বড়োদে, গুজরাতী—বড়োদা বড়োদ্‌রা, বডোদ্‌ড়া। নঃ। [বরদা বরোদা নহে]
Barras ফ্রে—বারা। জননায়ক।
Bartenstein জর্ম্ম—বার্টেন্‌স্টাইন্। সে।
Bartholomae জর্ম্ম—বার্টোলোমায়্। ভা।
Barygaza বারিগাজা, বারুগাজা (সং—ভৃগুকচ্ছ বা প্রাকৃত ভরুকচ্ছের গ্রী. নাম)। গুজরাতী—ভরোচ, ভড়োচ। নঃ।
Bassein বেসীন, বাসেইন্। নঃ। বর্ম্মী নাম পুথেইন্ বা পাত্তেইঙ্।
Bastille ফ্রে—বাস্তীল। কারাগার।
Batavia (যবদ্বীপ) বাতাবিয়া। ডচ্ নাম। নঃ।
Baudelaire ফ্রে—বোদল্যার্। ক।
Baudouin ফ্রে—বোদুয়্যাঁ। পুং নাম।
Bautzen জর্ম্ম—বাউট্‌সেন্। নঃ।
Bayonne ফ্রে—বেয়ন্। নঃ।
Bazaine ফ্রে—বাজেইন্। জননায়ক।
Beauchamp ইং—বীচাম্। পদবী।
Beaconsfield ইং—বীকানজ্‌ফীল্ড্। মন্ত্রী।
Beauharnais ফ্রে—বোআর্নে। পদবী।
Beaujeu ফ্রে—বো-ঝ্য। নঃ।
Beaulieu ইং—ব্যুলি, বোউলি। মূল ফ্রে—বোলিঅ্য। পদবী।
Beaumarchais ফ্রে—বোমার্শে। সে।
Beda অ্যাঙ্গ্‌লো-স্যাক্‌সন—বেডা। ঐ।
Beethoven জর্ম্ম—বেটোফেন। কলাবৎ।
Belgrad (সর্ব্বিয়া) বেলগ্রাদ। নঃ।
Bellingham ইং—বেলিঙ্গাম্। পদবী।
Belvoir ইং—বীভর্। প্রাসাদ।
Benoit ফ্রে—বেনোআ। পুং নাম।
Beowulf অ্যাঙ্গ্‌লো-স্যাক্‌সন — বেওবুল্‌ফ্। কাব্য।
Berar মঃ—বঽাড্। [বিরার, বেরার, বরার নহে]
Bergen নর—ব্যার্গেন্। নঃ।
Bergerac ফ্রে—ব্যার্ঝেরাক্। লে।
Berhampore (অঙ্গদেশ) ব্রহ্মপুর। নঃ। [বহরামপুর নহে]
Berkeley ইং—ব্যাক্‌লি। পদবী।
Berkshire ইং—ব্যাক্‌শার্। প্র।
Bernard,—din ফ্রে—ব্যার্নার্, ব্যার্নার্দ্যাঁ। পুং নাম।
Bernhard জর্ম্ম—বের্ণহার্ট্। পুংনাম।
Bernier ফ্রে—ব্যার্নিএ,—য়ে। ভ্র।
Berthe ফ্রে—ব্যার্ত্। স্ত্রী নাম।
Bessborough ইং—বেজ্‌বার্। নঃ।
Bethune ইং—বেথ্যুন্, বীটন্। পদবী।
Beyrout আ—বেরূৎ। নঃ।
Bhonsla মঃ ভোঁসলে, ভোনসে। পদবী। [ভুঁস্লা, ভোঁস্লা নহে]
Bianca ইতা—বিআঙ্কা। স্ত্রীনাম।
Bidar মঃ—বেদর্। নঃ। [বিদর নহে]
Bigelow ইং—বিগেলো। পদবী।
Billaud-Varennes ফ্রে—বিয়ো-ভ়ারেন্। জননায়ক।
Bjornsterne Bjornson বিওর্ন্‌স্টারনে বিওর্ন্‌সন। নরওয়ের ঔপন্যাসিক।
Blanc ফ্রে—ব্লাঁ। পা।
Blanche ফ্রে—ব্লাঁশ্। স্ত্রী নাম।
Blenheim জর্ম্ম—ব্লেন্‌হাইম, ইং—ব্লেনেম। গ্রাম।
Bloemfontein ডচ্—ব্লুম্‌ফন্‌টেইন (দঃ আফ্রিকা)। নঃ।
Blount ইং—ব্লান্ট্। পদবী।
Blücher জর্ম্ম—ব্ল্যুখের্। সে।
Boccaccio ইতা—বোকাচ্চো। ক।
Boehme জর্ম্ম—ব্যমে। ক।
Boerhave ডচ—বুর্হাভে। ক।
Böhtlingk জর্ম্ম—ব্যট্‌লিঙ্ক্। ভা।
Boiotia গ্রী—বোইওতিয়া। প্র। ইং—Boeotia বিওশিয়া।
Boleyn ইং—বুলিন, বুলেন। পদবী।
Bologna ইতা—বোলোঞা। নঃ।
Bombay মঃ—মুম্বঈ, মুম্বয়ী; বাঙ্গালায় বোম্বাই। (মুম্বা দেবীর নাম হইতে; মতান্তরে পোর্তু—bom baia = good bay উত্তম উপসাগর হইতে)।
Bonaparte ফ্রে—বোনাপার্ত্। } রা।
Buonaparte ইতা—বুওনাপার্তে। }
Bonnivet ফ্রে—বনিভে। সে।
Bopp জর্ম্ম—বোপ্। ভা।
Bordeaux ফ্রে—বর্দো। নঃ।
Borgia ইতা—বর্জিয়া। গোষ্ঠী।
Boroboedoer (যবদ্বীপ) বর-বুদুর্। মন্দির।
Bossuet ফ্রে—বস্যুয়ে। লে।
Botticelli ইতা—বোত্তিচেল্লি। চিত্রকর।
Boucicault ফ্রে, ইং—বুসিকো। পদবী।
Boufflers ফ্রে—বুফ্ল্যার্। সে।
Boughton ইং—বাউটন্, বট্যন্। পদবী।
Boulogne ফ্রে—বুলোঞ্। নঃ।
Bourbon ফ্রে—বুর্বঁ। নঃ।
Bourges ফ্রে—বুর্ঝ্। নঃ।
Bourgogne ফ্রে—বুর্গোঞ্। লে।
Bourke আইরীশ্—ব্যর্ক্। পদবী।
Bourmont ফ্রে—বুর্মঁ। সে।
Bradke জর্ম্ম—ব্রাট্‌কে। দাঃ।
Braganza স্পে—ব্রাগান্‌থা। দে।
Brata Joeda যবদ্বীপী—ব্রত বা ব্রাতা য়ুদা। (=ভারতযুদ্ধ, মহাভারতের যবদ্বীপী নাম)।
Breadalbane স্কচ্—ব্রিঅলবেন, ব্রিড্যালবেন্। পদবী।
Bremen জর্ম্ম—ব্রেমন্। নঃ।
Breslau জর্ম্ম—ব্রেজ্‌লাউ। নঃ।
Briçonnet ফ্রে—ব্রিসন্নে। মন্ত্রী।
Brieux ফ্রে—ব্রিঅ্য। লে।
Brihuega স্পে—ব্রিউএগা। নঃ।
Brougham ইং—ব্রুহাম্। পদবী।
Broughton ইং—ব্রটন্। পদবী।
Bruges ফ্লেমীশ্—ব্রুগেস্। নঃ।
Brugmann জর্ম্ম—ব্রুগ্‌মান্। ভা।
Brühl জর্ম্ম—ব্র্যুল্। পদবী।
Brünn জর্ম্ম—ব্র্যুন্। নঃ।
Brutus ল্যা—ব্রুতুস্, ব্রুতস্। বী।
Bruxelles (ইং—Brussels) ফ্রে—ব্র্যুসেল্। নঃ।
Buccleugh ইং—বক্লু। পদবী।
Buchan ইং—ব্যাকান। পদবী।
Bucharest রুমানীয়—বুখারেস্ত্। নঃ।
Buda-pest হঙ্গে—বুদা-পেশ্‌ৎ। নঃ।
Buenos Ayres (দঃআমে) বুএনস্ আয়রেস্। নঃ।
Bühler জর্ম্ম—ব্যুল্যার্। ভা।
Bülow জর্ম্ম—ব্যুলও, ভ়্। সে। মন্ত্রী।
Buluwayo (আফ্রিকা) বুলুওআইও। নঃ।
Bunyoro (আফ্রিকা) বুঞোরো। নঃ।
Bürger জর্ম্ম—ব্যুর্গার্। ক।
Burghley ইং—ব্যর্লি। পদবী।

Bussy ফ্রে—ব্যুসী। সে।
Bysshe ইং—বিশ্। পদবী।
Byzantium ল্যা—বিজ্যাণ্টিউম্ (মূল গ্রী—Buzantion)। নঃ।
Cadiz স্পে—কাদিস্, কাধিথ.। নঃ।
Cædmon অ্যাঙ্গ্লো-স্যাকসন—ক্যাড্‌মন। ক।
Caesar ল্যা—কায়্‌সার্, ইং—সীজার্, ইতা, Cesare চেজারে। পদবী, রাজার উপাধি।
Cairo ইং—কাইরো, কেরো, (আ—মূল অল্-কাহিরহ্) নঃ।
Caius ল্যা—কায়ুস্, কায়স্। পুং নাম।
Cajetan পোর্ত্—কায়েতান্; কায়েতান্। পুং নাম।
Calais ফ্রে—কালে। নঃ।
Calderon স্পে—কাল্‌দেরন্। ক।
Callaghan ইং—ক্যালাহান্। পদবী।
Calvin ফ্রে—কাল্‌ভ্যাঁ। ধর্মসংস্কারক।
Cambyses ল্যা—কাম্বিসেস্, গ্রী—Kambuses, মূল প্রা-পারসীক কম্বুজিয়। রা।
Camoes (Camoens) পোর্ত্—কামোইঁশ্। ক।
Campeggio ইতা—কাম্পেজ্জো। রোমান কাথলিক কার্ডিনাল।
Carducci ইতা—কার্দুচ্চি। ক।
Cartagena স্পে—কার্থাহেনা। নঃ।
Castlereagh ইং—কাসেলরী। মন্ত্রী।
Cato ল্যা—কাতো। পুং নাম।
Catullus ল্যা—কাতুল্লুস্। ক।
Cavour ইতা—কাভুর্। মন্ত্রী ও জননায়ক।
Cayenne (দঃ আমে) কায়েনে। নঃ।
Cettigne (Cetinje) (মন্টিনিগ্রো) চেত্তিঞে। নঃ।
Chalkis গ্রী—খাল্‌কিস্। প্র।
Chalukya চালুক্য। রাজবংশ। [চৌলুক্য নহে]
Champlain ইং—শ্যাম্‌প্‌লেন। পদবী।
Chandos ইং—শ্যানডস্। পদবী।
Chanson ফ্রে—শাঁসোঁ। গাথা।
Chapelain ফ্রে—শাপ্‌ল্যাঁ। ক।
Chares গ্রী—খারেস্। পুং নাম।
Charlemagne ফ্রে—শার্ল্‌মাঞ্, ইং—শার্লামেন। রা।
Charles ইং, চার্ল্‌স্, ফ্রে, শার্ল্। পুং নাম।
Charteris ইং—চার্টার্জ্। পদবী।
Chateaubriand ফ্রে—শাতোব্রিআঁ। লে।
Chatillon ফ্রে—শাতিয়ঁ। নঃ।
Cheirisophos গ্রী—খেইরিসোফস্। সে।
Chekhov (Tchecoff) রুষ—চেখভ্। ঔ।
Che-kiang চীনা—চে-কিয়াঙ্। প্র।
Chemnitz জর্ম্ম—খেম্‌নিট্‌স্। নঃ।
Chenier ফ্রে—শেনিয়ে। ক।
Chernishefski, Tschernischewski রুষ—চের্‌নিশেফ্‌স্কি। লে।
Chersonessos গ্রী—খের্সোনেস্‌সস্। দে।
Cheyne ইং—চেইনি। পদবী।
Chile (দঃ আমে) চিলে। দে।
Chios গ্রী—খিঅস্। দ্বীপ। [চায়া নহে]
Chisholm ইং—চিজম্। পদবী।
Chiswick ইং—চিজিক্। নঃ।
Chitore উদয়পুরের প্রাচীন রাজধানী, চিতোড। [চিতোর নহে]
Choiseul ফ্রে—শোআজ্যল; Duc de Choiseul মন্ত্রী।
Cholomondoley, Cholmeley ইং—চাম্‌লি। পদবী।
Chorus গ্রী, ল্যা—খোরস্। গায়কের দল।
Chosroes খোস্‌রোএস্ (ফা—খোস্‌রু'র গ্রী, রূপ)। রা।
Chretien ফ্রে—ক্রেতিআঁ। ক।
Christ (ইং) গ্রী—খ্রিস্তস্ (বাং খ্রীষ্ট)।
Chuang Tzu (Tsze) চীনা—চোআঙ্-ৎস্। দা।
Ch'un Ts'iu (Chun) চীনা—চুন্-ছিউ। ইতিহাস।
Chuquisaca (দঃ আমে) চুকিসাকা। দে।
Cicero ল্যা—কিকেরো, ইং—সিসিরো, ইতা—Cicerone চিচেরোনে ফ্রে—Ciceron সিসেরঁ। বো পং।
Cid el Campeador স্পে—থিদ্ (সিদ্)-এল্-কাম্পেআদর। বীর।
Cilicia গ্রী—কিলিকিয়া। দে।
Ciudad Rodrigo স্পে—থিউদাদ্-রোদ্রিগো। নঃ।
Cincinnatus ল্যা—কিঙ্কিন্নাতুস্। সে।
Cirencester ইং—সাইরেন্‌সেস্টার্, সিসেস্টার্, সিজেটার্, সিস্‌টার। নঃ।
Claverhouse ইং—ক্লেভ-হাউ্। পদবী।
Clearchus গ্রী—ক্লেআর্খস্। সে।
Clement ফ্রে—ক্লেমাঁ। পুং নাম।
Cleopatra গ্রী—ক্লেওপাত্রা। স্ত্রীনাম।
Clermont ফ্রে—ক্লার্-মঁ। সে।
Clough ইং—ক্লাফ্। পদবী।
Clugny ফ্রে—ক্ল্যুনি। জননায়ক।
Clytæmnestra ল্যা—ক্লিতায়্‌মনেস্ত্রা মূল গ্রী Klutaimestra ক্লুতাইমেস্ত্রা। পৌ স্ত্রী নাম।
Cnidos গ্রী—ক্নিদস্। দ্বী।
Cognac ফ্রে—কঞাক্। নঃ। মদ্য।
Coligny ফ্রে—কলিঞি। নৌ সে।
Colisaeum ল্যা—কোলিসায়ুম্। মল্লভূমি।
Cologne ফ্রে—কলোঞ্ (জর্ম্ম—Koeln কাল্‌ন্)। নঃ।
Combe ইং—কুম্। পদবী।
Concepcion (দঃ আমে) কনথেপ্‌থিঅন্, কনসেপ্‌সিঅন্। নঃ।
Condorcet ফ্রে—কঁদোর্সে। জননায়ক।
Conjeeveram কাঞ্চীপুরম্। তামিল উচ্চারণে কাঞ্চীব্‌রম্। নঃ। [কঞ্জীভরম্, —ভেরাম্ নহে]
Connaught (আয়র্ল্যাণ্ড্) কনট। প্র।
Constance ফ্রে—কঁস্তাঁস্। স্ত্রীনাম।
Coorg দেশী নাম কোডগু। (দ্রাবিড়ী)।
Copenhagen কোপ্‌ন্‌হায়ন্ (ডেনীশ্ নাম Kjobn Havn ক্যব্‌ন্-হাভ্‌ন্)।
Corcyra গ্রী—কর্কি(কু)রা। দ্বী।
Cordova স্পে—কর্দোভা। নঃ।
Coriolanus ল্যা—কোরিওলানুস্। সে।
Corneille ফ্রে—কর্নেয়্, —য়ি। ক।
Coruña স্পে—কোরুণা। নঃ।
Cosette ফ্রে—কোসেৎ। উপন্যাসের নায়িকা। [কসেটী নহে]
Couch ইং—কুচ্। পদবী।
Courthope ইং—কর্টোপ্। পদবী।
Couthon ফ্রে—কুতোঁ। জননায়ক।
Cowper ইং—কুপার্। ক।
Cracow স্লাভ্—ক্রাকভ্, —ও। নঃ।
Crete গ্রী—ক্রেতে, ইং—ক্রীট্। দ্বী।
Crassus ল্যা—ক্রাস্‌সুস্। সে।
Csoma de Körös হঙ্গে—চোমা দে-ক্যরোশ্। ভা, ভ্র।
Csongrád হঙ্গে—চোন্‌গ্রাদ। নঃ।
Ctesias গ্রী—ক্তেসিয়াস্। ভ্র।
Ctesiphon গ্রী—ক্তেসিফোন্। নঃ।
Curtius ল্যা—কুর্তিউস্, জর্ম্ম, কুর্টিউস্। ভা। পুং নাম।
Cuzco (দঃ আমে) কুস্কো। নঃ।
Cynewulf অ্যাঙ্গ্‌লো-স্যাক্সন্—কিনেবুল্‌ফ্। ক।
Cyrene ল্যা—কিরেনে, মূল গ্রী—Kurene কুরেনে। দে।
Cyrus ল্যা—কিরুস্, কিরস্, (গ্রী Kuros কুরস্, মূল প্রা-পারসীক কুরুষ্)। রা।
Czartoriski পোলীয়—চার্তোরিস্কি। জননায়ক।
Czech বোহিমীয়—চেখ্। জাতি।
Czernowitz স্লাভ্—চের্‌নোভিৎস্। নঃ।

Dachinabades গ্রী—দাখিনাবাদেস্ (সং—দক্ষিণাপথ)।
Dahlmann জর্ম্ম—ডাল্‌মান্। জননায়ক।
Dacia ল্যা—দাকিয়া। দে।
D'Aiguillon ফ্রে—দেগিয়ঁ। মন্ত্রী।
Daimyo জাপানী—দাইম্যো। শাসকপদবী।
Dalziel ইং—ডেইয়াল্। পদবী।
Damaji মঃ—দামাজী। রা। [দমজী নহে]
Damirike গ্রী—দামিরিকে (ভারতীয় প্র, তমিলকম্)।
Dante Alighieri ইতা—দান্তে আলিগিয়েরি। ক।
Danton ফ্রে—দাঁতঁ। জননায়ক।
Danube দান্যুব্ (Donau জর্ম্ম—ডোনাউ)। ন।
Darjeeling দার্জ্জিলিং। ভুটীয়া দো-জে-লিঙ (অর্থ—নির্জ্জনস্থল), বা দর্-গ্যৈ (=জে)-গ্লিঙ (ভারতীয় রেশমের স্থান) হইতে। সং—দুর্জ্জয় লিঙ্গ হইতে নহে।
Davare মঃ—দাভাড়ে। [দাবারি, দাবারিয়া নহে]
Decamerone ইতা—দেকামেরোনে। গল্পের বই।
Deimachos গ্রী—দেইমাখস্। পুং নাম।
Delaunay ফ্রে—দেলোনে। সে।
Delaware (উঃআমে) ডীলাওআ্যার। প্র।
Delhi দেহ্‌লী। নঃ। [দিল্লী প্রচলিত, কিন্তু ডিল্লি নহে]
Delphoi গ্রী—দেলফয়; ল্যা—Delphi দেলফি, ইং ডেল্‌ফি। নঃ।
Demeter গ্রী—দেমেতের্। দেবী।
Demetrios গ্রী—দেমেত্রিঅস্। পুং নাম।
Denain ফ্রে—দেন্যা। গ্রাম।
Denbigh ওয়েল্‌শ—ডেন্‌বী। নঃ।
Denis ফ্রে—দেনি। পুং নাম।
Deussen জর্ম্ম—ডয়্‌সেন্। দা, ভা।
Dhanaji মঃ—ধানাজী। পুং নাম। [ধনজী নহে]
Dhundu Panth মঃ—ধোণ্ডুপন্ত্। (সিপাহীবিদ্রোহ নায়ক নানাসাহেবের পদবী) [ধুন্দুপন্থ নহে]
Diana ল্যা—দিয়ানা। দেবী।
Diderot ফ্রে—দিদেরো। লে।
Dionysios গ্রী—দিওনুসিঅস্। দেব।
Divina Commedia ইতা—দিভি.না কোম্মেদিয়া। কাব্য।
Dmitri রুশ—দ্মিত্রি। পুং নাম।
Dniester স্লাভ—দ্‌নীস্তার্। ন।
Domitian ল্যা—দোমিতিয়ান্। রা।
Donauwörth জর্ম্ম—ডোনাউ-ভ.র্ট্। নঃ।
Donegal (আয়র্ল্যাণ্ড) ডনিগল্। প্র।
Donoghue স্কচ—ডানহু। পদবী
Don Quixote de la Mancha স্পে—দন-কিখোতে দে-লা-মাঞ্চা। নবন্যাসের পাত্র।
Douaumont ফ্রে—দুওমঁ। নঃ।
Doughty ইং—ডাউটী। পদবী।
Douro পোর্ত্ত—দুরো। ন।
Dovre Fjeld নর—ডোভ.রে-ফিএল্। পা।
Drogheda (আয়র্ল্যাণ্ড) ড্রহেডা। নঃ।
Drohobycz স্লাভ—দ্রোহোবিচ্। নঃ।
Drusus ল্যা—দ্রুসুস্। সে।
Dubois ফ্রে—দ্যু-বোআ। পদবী।
Du Chatelet ফ্রে—দ্যুশাতেলে। সে।
Dupleix ফ্রে—দ্যুপ্লে। সে।
Duquesne ফ্রে—দ্যু-কেন্। সে।
Dyerzhavin রুশ—দেয়র্‌ঝ.াভি.ন্। লে।
Echegaray স্পে—এচেগারে। লে।
Edinburgh (স্কটল্যাণ্ড) এডিন্‌বরা, এডিন্‌ব্রা। নঃ।
Eichendorff জর্ম্ম—আইখেন্‌ডর্ফ্। লে।
Eisteddfod ওয়েল্‌শ—আইস্তেধ.ভ.দ্। কবিসম্মিলনী।
Elburz ফা—অল্‌বুর্জ্। পা।
Elichpore মঃ। ইলিচ্‌পুর্। নঃ। [এলিচপুর নহে]
Elijah হিব্রু—এলিয়াহ্, ইং—ইলাইজা। তান্ত্রিক। পুং নাম।
Ellora মঃ—বেরুল্ [ইলোরা নহে]
Eos গ্রী—এওস্। উষা দেবী।
Ephor গ্রী—এফোর্। পৌরবৃদ্ধ।
Equador (দঃ আমে) একোআদর্। দে।
Erasmus গ্রী, ল্যা—এরাস্‌মস্। পং।
Erechtheion গ্রী—এরেখ্‌থেয়ন। অ্যাথেন্সের এক মন্দির।
Erh-Fao-Cheng চীনা—অ্যর্-ফাও-চেঙ্। জননায়ক।
Eronnaboas গ্রী—এরোন্নাবোআস্, (সং—হিরণ্যবাহ)। নঃ।
Erzeroum তুর্কী—অর্জ্‌রুম্। নঃ।
Etchmiazin আর্মানী—এচ্‌মিয়াজিন্। নঃ।
Etienne (=Stephen) ফ্রে—এতিয়েন্। পুং নাম।
Etruscan ইতা—এত্রুস্কান্ (টস্কানী দেশীয়)।
Eucken জর্ম্ম—অয়্‌কেন্। দা।
Eugen জর্ম্ম—অয়্‌গেন, অয়্‌গ্যন্।
Eugene ইং—ইউজীন, ফ্রে—অ্যঝে.ন্। পুং নাম।
Eumenes গ্রী—এউমেনেস্। পুং নাম। (সং—সুমনস্)।
Euphrates গ্রী—এউফ্রাতেস্। ন।
Euripides গ্রী—এউরিপিদেস্। ক।
Everest পৃথিবীর সর্ব্বোচ্চ পা। (ক্যাপ্‌টেন এভ.রেস্ট্ প্রথম জরীপ করিয়াছিলেন বলিয়া তাঁহার নাম হইতে)। •ভারতীয় নাম Gaurishankar গৌরীশঙ্কর ও Deodunga দেবডুঙ্গা (নেপালী হিন্দী—অর্থ Mount of God দেবগিরি)। গৌরীশঙ্কর নামই ব্যবহার করা উচিত।
Evoramonte ইতা—এভো.রামন্তে। নঃ।
Exmouth ইং—এক্‌স্‌মাথ্। নঃ।
Eylau জর্ম্ম—আইলাউ। নঃ।
Fa Hien (Hsien) চীনা—ফা-হিয়েন, ফা-শিয়েন্। ভ্র।
Farrukhabad উর্দ্দু—ফর্‌রোখ্-আবাদ্, ফর্‌র্খাবাদ্। নঃ। [ফরক্কাবাদ নহে]
Fausbjoll ডেনীশ—ফাউজ্‌বিওল্। ভা।
Faust জর্ম্ম—ফাউস্ট্। নাটকের নায়ক।
Favre ফ্রে—ফাভ.র্, ফাভ্র্। জননায়ক।
Felipe স্পে—ফেলিপে। পুং নাম।
Fenelon ফ্রে—ফেনেলঁ। পং।
Fichte জর্ম্ম—ফিখ্‌টে। দা।
Fildes ইং—ফাইল্‌ড্‌জ্। পদবী।
Fiorenza ইতা—ফিওরেনজা=Florence ফ্লরেন্স্। নঃ।
Flamen ল্যা—ফ্লামেন্। পুরোহিত।
Flaubert ফ্রে—ফ্লোবেয়ার্। লে।
Fontainebleau ফ্রে—ফঁতেন্-ব্লো। নঃ।
Foucher ফ্রে—ফুশে। ভা-পং।
Foulis ইং—ফাউল্‌জ্। পদবী।
Fouqué ফ্রে—ফুকে। সে। জর্ম্মান লে।
France ফ্রে—ফ্রাঁস্। দে।
Franche Comté ফ্রে, ফ্রাঁশ্ কঁতে। প্র।
Francisco Pizarro স্পে—ফ্রান্সিস্কো (ফ্রান্থিস্‌কো) পিসারো (পিথ.ারো)। সে।
François ফ্রে—ফ্রাঁসোআ। } পুং নাম।
Franz জর্ম্ম—ফ্রান্‌ট্‌স্। } পুং নাম।
Franke জর্ম্ম—ফ্রাঙ্কে। ভা।
Frau জর্ম্ম—ফ্রাউ। শ্রীমতী (বিবাহিতা)।
Fräulein জর্ম্ম—ফ্রয়্‌লাইন্। শ্রীমতী (অবিবাহিতা)।
Friedrich জর্ম্ম—ফ্রীড্‌রিখ্। পুং নাম।
Froude ইং—ফ্রুড্। পদবী।
Fulvia ল্যা—ফুল্‌ভি.য়া, ফুল্‌বিআ। স্ত্রীনাম।
Gabriele d' Annunzio ইতা—গাব্রিএলে দান্নুন্‌জিও। ক।
Gaekwar মঃ—গায়কোয়াড়্ [গুইকুমার, গুইকবাড় নহে]
Gaelic (জাতি ও ভাষা) গ্যালিক্ (Scotland) গেলিক্ (Ireland)।

Gairdner ইং—গার্ড্নার্। পদবী।
Galileo ইতা—গালিলেও। বৈ।
Gallia ল্যা—গালিআ। দে।
Galway (আয়র্লাণ্ড) গল্ওয়ে। প্র।
Gangaridai গ্রী—গাঙ্গারিদায়। পূর্ব্ব ভারতের জাতিবিশেষের নাম—গঙ্গাবংশী। (গঙ্গারাঢ়ীয় শব্দের গ্রী. রূপান্তর বলিয়া অনেকে অনুমান করেন)।
Garbe জর্ম্ম—গার্বে। ভা-পং।
Garhwal হি—গড়্বাল্। প্র। [গাড়োয়াল নহে]
Gautier ফ্রে—গোতিয়ে। ক. লে।
Ge, Gaia গ্রী—গে, গায়া। দেবী পৃথিবী।
Geddes ইং—গেডিজ্। পদবী।
Geikie ইং—গীকি। পদবী।
Gedrosia গ্রী—গেদ্রোসিয়া। দে।
Geoffrey ইং—জাফ্রি। পুংনাম।
Geoghegan ইং—গেইগান্। পদবী।
Georg জর্ম্ম—গেঅর্গ্।
George ইং—জর্জ্।
Georges ফ্রে—ঝর্ঝ্।
Giorgio ইতা—জোর্জো। পুংনাম।
Jorge স্পে—হোর্হে, খোর্খে।
(মূল গ্রী—গেওর্গিঅস্)।
Gerald,—rd ইং—জীরাল্ড, জীরাড্।
Gerard, Geraud ফ্রে—ঝেরার্, ঝেরো। নাম।
Gerhard জর্ম্ম—গেরহার্ট্
Germain ফ্রে—ঝ্যার্ম্যাঁ। পুং নাম।
Germanicus ল্যা—গের্মানিকুস্। সে। ইং—জার্ম্যানিকাস্।
Giaour (তুর্কী কথার ইংরেজী রূপ) জাউআর্। কাব্য।
Giotto ইতা—জোত্তো। চিত্রকর।
Gironde ফ্রে—ঝির‍ঁদ। রাজনৈতিক সম্প্রদায়।
Glamis স্কচ্—গ্লাম্স্। প্র।
Glaukos গ্রী—গ্লাউকস্। পুং নাম।
Gloucester ইং—গ্লস্টার্। প্র।
Goethe জর্ম্ম—গ্যটে, গেটে। ক. দা।
Golconda গোবল্কোণ্ডা। [গোলকুণ্ডা প্রচলিত]
Goldstücker জর্ম্ম—গোল্ড্‌স্ট্যুক্যার্। ভা।
Gontcharoff রুষ—গঞ্চারফ্। লে।
Gonzales পোর্ত্তু—গনজালিশ্। পুংনাম।
Görz জর্ম্ম—গ্যর্ট্স্। নঃ।
Goschen ইং—গোশেন্। পদবী।
Gough ইং—গফ্। পদবী।
Gracchus ল্যা—গ্রাক্খুস্,—খস্। জননায়ক।

Granada স্পে—গ্রানাদা, ধ্র। নঃ।
Greaves ইং—গ্রেভ্জ্। পদবী।
Greenwich ইং—গ্রীনিজ্। নঃ।
Greuze ফ্রে—গ্র্যজ্। চিত্রকর।
Grosvener ইং—গ্রোভ্নার্। পদবী।
Guadalquiver স্পে, গোআদাল্কিভ়র্। ন।
Guatemala (দঃ আমে) গোআতেমালা। দে।
Guayaquil (দঃ আমে) গোআয়াকিল। নঃ।
Guiana (দঃ আমে) গিয়ানা। দে।
Guildford ইং—গিল্ফ্যাড্। নঃ।
Guillaume ফ্রে—গিয়্যম্, Wilhelm জর্ম্ম—ভি়ল্হেল্ম্, Guglielmo ইতা—গুলিএল্মো, William ইং—বিলিয়ম্। পুং নাম।
Guise ফ্রে—গীজ্। নঃ।
Günther জর্ম্ম—গ্যুনটার্। পুংনাম।
Gustaf জর্ম্ম—গুস্টাফ্। পুং নাম।
Gutzkow জর্ম্ম—গুট্স্কভ্। ক।
Guy ফ্রে—গী, ইং—গাই। পুং নাম।
Guzerat গুজ—গুজরাথ, গুজরাত। [গুজরাট নহে]
Gwalior হি—গবালিয়র। নঃ। [গোয়ালিয়র নহে]
Gye ইং—গাই। পদবী।
Gylippus গ্রী—গি(গু)লিপ্পস্।
Gysbrecht van Amstel ডচ্—গাইজ্‌ব্রেখ্‌ট্ ভ্যান্-আম্‌স্টেল্। লে।
Hades গ্রী—হাদেস্ (প্রেতলোক)।
Hadramaut আ—হাদ্রামৌৎ। প্র।
Hadrian ল্যা—হাদ্রিয়ান্। রা।
Haeckel জর্ম্ম—হেকেল্। দা।
Hague ইং, Haag ডচ্, La Haye ফ্রে—হেগ্; হাগ্; লা-এ। নঃ।
Hahnemann জর্ম্ম—হানেমান। পদবী।
Haigh ইং—হেগ্। পদবী।
Halikarnassos গ্রী—হালিকার্নাস্সস্। নঃ।
Halle জর্ম্ম—হালে। নঃ।
Hammurabi,—rapaltu, Khammu বাবিলনীয়—হাম্মু-রাবি,-রাপালতু, খাম্মু। রা।
Hannibal ল্যা—হান্নিবাল্। কার্থাজ সে।
Hanoi (তঙ্‌কিঙ্) হা-নোই। নঃ।
Harcourt ইং—হার্কট্। পদবী।
Hasdrubal, ল্যা—হাস্‌দ্রুবাল্। কার্থাজ সে।
Hatshepsut প্রা-মিসরীয়—হাৎশেপ্সুৎ। রাণী।

Hauff জর্ম্ম—হাউফ্। ক।
Hauptmann, Gerhart জর্ম্ম—গের্হার্ট্ হাউপ্ট্‌মান্। লে।
Havre ফ্রে—আভ্র্। নঃ।
Hawaii (ওসেনিয়া) হাউআয়ি। দ্বী।
Hebe গ্রী—হেবে (দেবী)।
Hebert ফ্রে—এব্যার্। পদবী।
Hegemon গ্রী—হেগেমোন। প্রধান।
Heine জর্ম্ম—হাইনে। ক।
Hektor গ্রী—হেক্তোর্। বী।
Helios গ্রী—হেলিঅস্ (সূর্য্যদেব)।
Hellas গ্রী—হেল্লাস্। গ্রীস দেশের গ্রীক নাম।
Heloise ফ্রে—এলইজ্। স্ত্রী নাম।
Henri ফ্রে—আঁরি, Henry ইং—হেন্‌রী, Heinrich জর্ম্ম—হাইন্‌রিখ্, Enrique স্পে—এনরিকে। পুং নাম।
Henzada (বর্ম্মা) হেন্‌জাদা। সং—হংসবতী। নঃ।
Heracles গ্রী—হেরাক্লেস্, ল্যা-ইং—Hercules হের্কুলেস্। বী।
Here,-a গ্রী—হেরে, হেরা। দেবী।
Hermaios গ্রী—হের্মায়স্। পুং নাম।
Hermes গ্রী—হের্মেস্, হর্মেস্। দেব।
Hernan Cortes স্পে—এর্নান্ কোর্তেস্। সে।
Herr জর্ম্ম—হর্। শ্রীযুক্ত।
Herschell জর্ম্ম—হার্শেল। জ্যো পং।
Hertford ইং—হার্ফোর্ড্। নঃ।
Hesiod গ্রী—হেসিওদ। ক।
Hesse জর্ম্ম—হেস্‌সে। দে।
Heyse জর্ম্ম—হাইজে। ক।
Hieron গ্রী—হিএরোন্। রা।
Hispania ল্যা—হিস্‌পানিয়া। ইং—স্পেন। দে।
Hiuen Tsang চীনা—হিউএন্-ৎসাঙ্। উত্তর চীনা উচ্চারণে—Hsuan বা Yuan Chwang স্যুআন্ (বা য়ুআন্) চুআঙ্ (বা চোআঙ্)। ভ্র।
Hoche ফ্রে—ওশ্। সে।
Holkar মঃ—হোলকর। [হুলকার নহে] রা পদবী।
Holmes ইং—হোম্জ্। পদবী।
Homeros গ্রী—হোমেরস্। ক। ইং—Homer হোমর্।
Hopetoun ইং—হোপ্‌টন্। পদবী।
Hoplites গ্রী—হোপ্‌লিতেস্ (বর্ম্মাবৃত যোদ্ধা)।
Horace ইং—হরেস্, ফ্রে—ওরাস্। পুং নাম।
Horatius ল্যা—হোরাতিউস্। বী।
Hörnle জর্ম্ম—হ্যর্নলে। ভা।

Hough ইং—হফ্। পদবী।
Houghton ইং—হটন্। পদবী। (হফ্‌টন এবং হাউটন্ উচ্চারণও বাঙ্গালায় প্রচলিত আছে)।
Hue (আনাম) হুএ। নঃ।
Hugh ইং—হিউ। পুং নাম।
Hugo ফ্রে—য়ুগো, ইং—হিউগো। লে।
Huguenot ফ্রে—ও ইং—হিউগেনট্। ফরাসী প্রটেষ্টাণ্ট খ্রীষ্টান।
Huish ইং—হুইশ্। পদবী।
Hülshoff জর্ম্ম—হ্যল্‌স্‌হফ্। লে।
Hu-nan চীনা—হু-নান্। প্র।
Hunyades হঙ্গে—হুঞদেশ্। সে।
Hu-pe চীনা—হু-পে। প্র।
Huyghens ডচ্—হয়্‌গেন্স্। লে।
Hydraotes গ্রী—হি(হ)দ্রাওতেস্। ন। সং—ইরাবতী।
Hyphasis গ্রী—হি(হ)ফাসিস্। ন। সং—বিপাশা।
Hystaspes গ্রী. হি(হ)স্তাস্পেস্। ন। সং—বিতস্তা।
Iavones, Iones গ্রী—য়াবোনেস্, য়োনেস (Ion দ্রষ্টব্য)। যবন বা য়োন জাতি।
Ignatius ল্যা—ইগ্‌নাতিউস্। পোপ।
Illinois (উত্তর আমে) ইলিনোআ। প্র।
Indore মঃ—ইন্দুর্। নঃ। [ইন্দোর চলিত]
Innsbruck জর্ম্ম—ইন্‌স্‌ব্রুক্ (রুক)। প্র।
Ion গ্রী—য়োন্। এই নাম হইতে Ionia য়োনিয়া, ইওনিআ প্রদেশের নাম—যবন, য়োন।
Iowa (আমে) আইওবা। প্র।
Ipsilanti আধু. গ্রী—ইপ্সিলান্তি। সেনানায়ক।
Irkutsk রুষ—ইর্কুট্স্ক্। নঃ।
Iroquois (আমে) ইরোকোআ। জাতি।
Irrawadi (বর্ম্মা) ঐরাবতী। ন। [ইরাবতী নহে]
Isaac হিব্রু—ইসাহাক্। আ—ইসহাক্। ইং—আইজাক্। পুং নাম।
Isis গ্রী—ইসিস্ (মিসরীয় দেবী)।
Ispahan ফা—ইস্‌পহান্। নঃ।
Israel হিব্রু—ইস্রাএল্। জাতি।
I-Tsing চীনা—ঈ-ৎসিঙ্, ঈ-চিঙ্। ভ।
Ivan রুষ—ইভান্=ইং John.
Jacob হিব্রু—য়াকোব্। আ—য়াকুব্। ইং—জ্যাকব্। জর্ম্ম—য়াকব্। Giacomo ইতা—জাকোমো। পুং নাম।
Jacobin ফ্রে—ঝাকবাঁ। রাজনৈতিক সম্প্রদায়।

Jaen স্পে—হাএন, খা-। নঃ।
Jagellon ফ্রে—ঝাগেলোঁ, জর্ম্ম—য়াগেলন্। রাজবংশ।
Jaisalmer রাজস্থানী হি—জৈসলমের। নঃ। [যশল্মীর নহে]
Jakobi জর্ম্ম—য়াকোবি। ভা।
Jalaun বুন্দেলখণ্ডী হি—জালবন্, জালৌন। নঃ। [জ্যালোন নহে]
Janakoji Sindhia মঃ জনকোজী শিন্দে। রা। [জনকজী সিন্ধিয়া নহে]
Janus ল্যা—য়ানুস্। দেব।
Jardin ফ্রে—ঝার্দ্যাঁ। বাগান।
Jaroslavetz রুষ—য়ারোস্লাভেৎস্। নঃ।
Jason গ্রী—য়াসোন্। বী।
Jat পঞ্জাবী হি—জাঠ্। জাতি। [জাট নহে]
Jean Valjean ফ্রে—ঝাঁ ভালঝাঁ। উপন্যাসের পাত্র। [জীন ভলজীন নহে]
Jena জর্ম্ম—য়েনা। নঃ।
Jesus ল্যা—য়েসুস্, ইং—জীজস্, ইতা—Gesu জেসু, গ্রী—Iesous য়েসুস্, মূল-হিব্রু য়েশুআহ্, আরবী—ঈসা, ঈসা। বাং যীশু প্রচলিত।
Jhansi বুন্দেলখণ্ডী হি—ঝাঁসী। নঃ। [ঝানসী নহে]
Joachim জর্ম্ম—য়োআখিম্। ইং—জোআকিম্। পুং নাম।
Joffre ফ্রে—ঝোফ্র্, ঝোফ্র্। সে। [জোফার, জফরী নহে]
John ইং—জন্। Jean ফ্রে—ঝাঁ। Gian, Giovanni ইতা—জান্, জোভান্নি। Juan স্পে—হুআন, খুআন্ Joao পোর্ত্তু—ঝোআঁউ Johann, Hans জর্ম্ম—য়োহান্, হান্স্ Johannes ল্যা—য়োহানেস। মূল—হিব্রু য়োহান। পুং নাম।
Jolly জর্ম্ম—য়োলি। ভা।
Joost van-den Vondel ডচ্, য়োস্ট্ ভ্যান্-ডেন্-ভণ্ডেল্। ক।
Joseph হিব্রু—য়োসেফ্। আরবী, য়ুসুফ্। ইং, জোজেফ্। জর্ম্ম—য়োজেফ্। Giuseppe ইতা—জুজেপ্পে। Jose,-f স্পে—হোসে, হোজেফ্। Jose,-ze পোর্ত্তু—ঝোজি। পুং নাম।
Joubert ফ্রে—ঝুব্যার, ঝুবেয়ার্। দেশপতি। পদবী।
Juarez স্পে—হুআরেথ্, খুআ-। দেশপতি।
Jugurtha ল্যা—য়ুগুর্থা। রা।
Jules ফ্রে—ঝুল্। পুং নাম।
Julius ল্যা—য়ুলিউস্। পুং নাম।
Juno ল্যা—য়ুনো। দেবী।
Junot ফ্রে—ঝুনো। সে।

Juppiter ল্যা—য়ুপ্পিতের্=সং দ্যুপিতা। দেবরাজ
Justin ল্যা—য়ুস্তিনুস্, ইং—জস্টিন, ফ্রে ঝুস্ত্যাঁ। পুং নাম।
Kadphises গ্রী—কাদ্‌ফিসেস্। কুষাণ রা।
Kaegi জর্ম্ম—কেগি। ভা।
Kailwara মঃ—কৈলবাড়া। নঃ। [কৈলবারা নহে]
Kalat, Kelat বেলুচী—কলাৎ। নঃ।
Kalliope গ্রী—কাল্লিওপে। স্ত্রী নাম।
Kamban,-ar তামিল—কম্বন, কম্বার্। ক।
Kamerun (আফ্রি) কামেরুন্। পা।
Kamtschatka (সাইবিরিয়া) কাম্‌চাট্‌কা। প্র।
K'ang Hi (Hsi) চীনা—খাং-হী, -শী। রা। চীনা অভিধান।
Kant জর্ম্ম—কান্ট্। দা।
Karlsruhe জর্ম্ম—কার্লস্‌রুহে। নঃ।
Kathiawar গুজ—কাঠিয়াবাড়। প্র। [কাটিয়ার, কাটিবার নহে]
Kathmandu নেপালী হি—কাঠ্‌মাড়ো, -ডৌ। নঃ। [কাটামুণ্ডু নহে]
Katzbach জর্ম্ম—কাট্‌স্‌বাখ্। গ্রাম।
Keighlly ইং—কীথ্‌লি। পদবী।
Keightley ইং—কীট্‌লি। পদবী।
Keith ইং—কীথ্। পদবী।
Kemeny হঙ্গে—কেমেঞ। সে।
Kemenyi হঙ্গে—কেমেঞি। রা।
Keogh, Keough, Kehoe ইং—কিও। পদবী।
Ker ইং—কার্, কেয়ার। পদবী।
Keswick ইং—কেজিক্। পদবী। সং—কেশুয়িক—হেম বন্দ্যো। (বিবিধ কবিতা)।
Keynes ইং—কেইন্‌জ্। পদবী।
Khanderao মঃ—খণ্ডেরাও। রা [কুণ্ডীরাও নহে]
Kharkov রুষ—খারকভ্। নঃ।
Kiakhta মোঙ্গোল—কিয়াখ্‌তা। নঃ।
Kiao-Chau চীনা—কিয়াও-চাউ। নঃ।
Kieff,-v রুষ—কিএফ্, ভ্। নঃ।
Kiel জর্ম্ম—কীল। নঃ।
Kikuyu (আফ্রি) কিকুয়ু। নঃ।
Kilima Njaro (আফ্রি) কিলিমাঞ্জারো। পা।
Kinchenjunga পা। বাংলাতে কাঞ্চনজঙ্ঘা প্রচলিত। কিন্তু কথাটী সং—নহে। তিব্বতী বা ভুটীয়া—গঙ্-স্-ছেন্-মদ্‌জোদ্-লঙ্ (উচ্চারণে—কাঙ্-ছেন্-জ্য-ঙা, অর্থ—মহা তুষারময় পঞ্চ রত্নপেটিকা)। নিকটেই

Pandim পান্দিম্ শৃঙ্গ : এই কথার অর্থ—তেজো মূর্ত্তি)।

Kircudbright স্কচ্—কার্কুব্রী। নঃ।

Kirkby স্কচ্—ক্যর্‌বি। নঃ।

Kirkee মঃ—খিড়্‌কী। নঃ। [কির্কী নহে]

Knollys, Knowles ইং—নোল্‌জ্। পদবী।

Kojiki জাপানী—কোজিকি। পুরাণ গ্রন্থ।

Kolaba মঃ—কুলাবা। নঃ। [কোলাবা নহে]

Kolhapur মঃ—কোল্হাপুর। নঃ। [কলহাপুর নহে]

Kough ইং—কিও, কো। পদবী।

Koregaon মঃ—কোরে গাঁও। [কড়্‌গাঁ নহে]।

Kossuth হঙ্গে—কোশ্‌শুথ্। জননায়ক।

Kublai Khan (তাতার সম্রাট্) কুব্‌লাই-খান্।

Kuche, Kuchar (মধ্য এশিয়া) কুচে, কুচার। নঃ।

Küchler জর্ম্ম—ক্যুখ্‌লার্। পদবী।

Kuhn জর্ম্ম—কূন্। স্তা।

K'ung Fu-tsze (চীন) চীনা দার্শনিক, খুঙ্-ফু-ৎসে (ৎস্)। ল্যা Confucius কন্‌ফুসিউস্।

Kutch কচ্ছপ্রদেশ।

Kutchwa রাজপুত হি—কচ্ছ্‌বাহ [কুচোয়া নহে]

Kwang-si চীনা—কুআঙ্-সী। প্র।

Kwang-tung চীনা—কুআঙ্-তুঙ্। ইং Canton ক্যান্টন্ প্রদেশ।

La Bourdonnais ফ্রে—লা-বুর্দনে। নৌ-সে।

La Bruyère ফ্রে—লা-ব্রুয়্যার্। লে।

Ladakh তিব্বতী—লদগ্। প্র। [ল্যাডাক নহে]

Laertes গ্রী—লাএর্তেস্, ইং—লেয়ার্টীস্। পুং নাম।

Lagerlof সুইডীশ—লাগেরলফ্—Selma L. স্ত্রী ঔপন্যাসিক।

Laodike গ্রী—লাওদিকে। নঃ।

Laokoon গ্রী—লাওকোওন্। পুং নাম।

Lao Tzu (Lau Tsze) চীনা—লাউ-ৎস্। তাত্ত্বিক। ল্যা-তে Laocius, Laucius.

La Paz (আমে) লা পাস্,—থ্। নঃ।

La Rochefoucauld ফ্রে—লা-রোশ্‌ফুকো। সে।

Latium ল্যা—লাতিউম্। প্র।

Laube জর্ম্ম—লাউবে। দা।

Leibniz (tz) জর্ম্ম—লাইব্‌নিট্‌স্। দা।

Leipzig জর্ম্ম—লাইপ্‌ট্‌সিক্,—গ্। নঃ।

Leonidas গ্রী—লেওনিদাস্। রা।

Les Miserables ফ্রে—লে-মিজ়রাব্‌ল্। উপন্যাস।

Leucippos গ্রী—লেউকিপ্পস্। পুং নাম।

Leuthold জর্ম্ম—লয়্‌ৎহোল্ড্। দা।

Leyden ডচ্—লেডেন্। নঃ।

Liege (বেলজিয়ম) লিয়েজ্। নঃ।

Li Hung Chang চীনা—লী-হুঙ্-চাঙ্। মন্ত্রী, দূত।

Lisbon পোর্ত্ত—লিজ্‌বন্। নঃ।

Li Tai-Po চীনা—লী-তাই-পো। ক।

Loire ফ্রে—লোআর্। ন।

Lorraine ফ্রে—লরেন্। দে।

Louis ফ্রে—লুই, Lewis ইং—লিউইস্, Ludwig জর্ম্ম—লুড্‌ভিক্, Luigi ইতা—লুইজি। পুং নাম।

Lucio ইতা—লুচিও। পুং নাম।

Lucknow লখ্‌নৌ। নঃ। [লক্ষ্ণৌ নহে]

Lucretius ল্যা—লুক্রেতিউস্। ক।

Lucullus ল্যা—লুকুল্লুস্। পুং নাম।

Luneville ফ্রে—ল্যুনভিল্। নঃ।

Luther জর্ম্ম—লুটর, ইং—লুথার। সংস্কারক।

Lviv, Lwiw স্লাভ—ল্ভীভ্। Lemberg জর্ম্মান নাম লেমবার্গ্। নঃ।

Lycurgus ল্যা—লিকুর্গুস্,—গস্, মূল গ্রী—Lukourgos লুকোউর্গস্। দেশপতি ও ব্যবস্থাপক।

Macedonia গ্রী—মাকেদোনিয়া। দে।

Madame ফ্রে—মাদাম। শ্রীমতী (বিবাহিতা)।

Mademoiselle ফ্রে—মাদ্‌মোআজেল্। শ্রীমতী (অবিবাহিতা নারী)।

Madhu Rao, Madho Rao মঃ—মাধব রাও। চতুর্থ পেশ্‌বে [মধুরাও নহে]।

Madras তামিলে মদ্‌রাস্। মান্দ্রাজ প্রচলিত। ফা—মদ্‌রাসা হইতে? [মদ্রদেশ পঞ্জাবে]

Madrid স্পে—মাদ্রিদ্, মাধ্রিথ্। নঃ।

Madura সং মথুরা শব্দ, তামিল উচ্চারণ—মদুরৈ, মদুরৈ। নঃ। [ম্যাডুরা নহে]

Magas গ্রী—মাগাস্। রা। (প্রা-ভারতীয় রূপ মক)।

Magelhaes পোর্ত্ত—মাঝেল্যেইশ। ন। Magellan ম্যাজেলান প্রচলিত।

Magenta ইতা—মাজেন্তা। নঃ।

Magos, Magoi, গ্রী—মাগস্, মাগয়, ল্যা—Magi মাগি। পারসীক পুরোহিত-শ্রেণী।

Magyar হঙ্গে—মাজ্যার্। জাতি।

Mahdaji মঃ—মহদাজী, মহ্‌দাজী। [মাধাজী নহে]

Mahmud আ—মহ্‌মূদ্। [মামুদ নহে]

Malcherbe, Malesherbes, ফ্রে—মাল্‌-এর্‌ব্। লে।

Male Rao মঃ—মালেরাও। [মালীরাও নহে]

Malhaji মঃ—মালোজী, মাল্‌হাজী। [মলজী নহে]

Malhar Rao মঃ—মল্লার রাও। [মলহররাও নহে]

Malloi গ্রী—মাল্লয় (= মালব, মল্ল, মল্লজাতি)।

Malplaquet, Mau- ফ্রে—মাল্ (মো) প্লাকে। নঃ।

Mandalay বর্ম্মী—মান্দালে। [মন্দালয় নহে]।

Manucci ইতা—মানুচ্চি। ভ্র। [মেনুচী নহে]

Manyoshiu জাপ—মান্যোশিউ। কবিতা-গ্রন্থ।

Maratha মঃ—মরাঠা। [মহারাট্টা, মারহাট্টা নহে]

Marcellus ল্যা—মার্কেল্লুস্। সে।

Marcus Aurelius ল্যা—মার্কুস্ আউরেলিউস্। রা।

Maria ল্যা—মারিআ। স্ত্রীনাম।

Marie ফ্রে—মারি। পুং নাম।

Marignano ইতা—মারিঞ্ঞানো। নঃ।

Marius ল্যা—মারিউস্। সে।

Marius ফ্রে—মারিয়ুস্। উপন্যাসের পাত্র।

Marlborough ইং—মার্ল্‌ব্রো। সে।

Marseillaise ফ্রে—মারসেইয়েজ। ফ্রান্সের জাতীয় সঙ্গীত।

Marseilles ফ্রে—মারসেয়্য,-রি। নঃ।

Marwar মারবাড়। [মারবার নহে]

Massachusetts (আমে) ম্যাসাচুসেট্‌স্। প্র।

Masulipatam তেলুগু—মচলিপটনম্। নঃ।

Mattiuaja মিতানীয়—মত্তিবজ। রা।

Maues গ্রী—মাউএস (শক নামের গ্রীক রূপ)।

Maupassant ফ্রে—মোপাসাঁ। লে।

Maurus Jokai হঙ্গে—মউরুশ্ য়োকই। লে।

Mayence ফ্রে—মেয়াঁস্। নঃ।

Ma Twan-lin চীনা—মা-তোআন্-লিন্। ঐ।

Mavrocordato আধু-গ্রী—মাভ্‌রোকর্দাতো। জননায়ক।

Mazzini ইতা—মাৎসিনি। জননায়ক।

Media গ্রী—মেদিয়া, ইং—মিডীয়া। প্রা-পারসীক নাম—মদ। দে।
Medici ইতা—মেদিচি। গোষ্ঠী।
Meerut হি—মীরঠ্। নঃ। [মীরাট প্রচলিত]
Megasthenes গ্রী—মেগাস্থেনেস্। ন।
Meleagros গ্রী—মেলেআগ্রস্। ক।
Meng-Tzu (Tze) চীনা—মেঙ্-ৎস্। দা। ল্যা-তে Mencius মেন্সিউস্।
Mesopotamia গ্রী—মেসোপোতামিয়া। দে।
Messene গ্রী—মেস্‌সেনে। প্র।
Metchnikoff রুশগার—মেচ্‌নিকফ্। বৈ।
Metternich জর্ম্ম—মেটারনিগ্। মন্ত্রী।
Meung ফ্রে—ম্যঁ। নঃ, ক।
Meuse ফ্রে—ম্যজ্। ন।
Mewar মেবাড়। [মিবার, মেবার নহে]
Michelangelo ইতা—মিকেলাঞ্জেলো। চিত্রকর।
Michigan (আমে) মিশিগ্যান। নঃ।
Mickiewicz পোলীয়, মিৎস্‌কিয়েভিচ্। ক।
Miguel Cervantes de Saavedra স্পে—মিগেল্ সের্ভান্তেস্ দে সাভেদ্রা। লে।
Miltiades গ্রী—মিল্‌তিয়াদেস্। সে।
Milwaukee (আমে) মিলবকী। নঃ।
Mirabeau ফ্রে—মিরাবো। জননায়ক।
Missouri (আমে) মিসুরী। নঃ।
Mithradates গ্রী—মিথ্রাদাতেস্। ল্যা—Mithra। বা। সং—মিত্রদত্ত।
Moesia ল্যা—মোয় সিয়া। দে।
Moghilev রুশ—মোহিলেভ্। প্র।
Mohacz পোলীয়—মোহাচ্। নঃ।
Moltke জর্ম্ম—মোল্‌ট্‌কে। সে।
Mons (বেলজিয়ম) মঁ। নঃ।
Monsieur ফ্রে—মঁসিঅ্য,—ম্য। শ্রীযুক্ত।
Montesquieu ফ্রে—মঁতেস্কিঅ্য। লে।
Monte Video (দঃ আমে) মন্তে ভিদেও নঃ।
Montmorency ফ্রে—মঁ-মর্‌াসি। সে।
Mont Pensier ফ্রে—মঁ-পাঁসিয়ে (উক্ত স্থানের ভূস্বামী ও তাঁহার কুল নাম)।
Moreau ফ্রে—মোরো। সে।
Moscow রুশ—মস্কভ্, মস্কও, মস্কো। নঃ।
Moses ইং—মোজিস্। Moise ফ্রে, মইজ্। মূল হিব্রু—মোয়্‌শেহ্, আরবী মূসা। পুং নাম।
Motoori জাপানী—মোতোওরি। পুং নাম।
Mozambique (আফ্রি) মোজাম্বিকে। দ্বী।
Mucius Scaevola ল্যা—মুকিউস্ স্কায়্‌বোলা। বী।
Münchengratz জর্ম্ম—ম্যুন্‌খেন্‌গ্রাট্‌স্। নঃ।
Müller জর্ম্ম—ম্যুল্লার্। পদবী।
Murat ফ্রে—ম্যুরা। সে।
Musa, Mousa গ্রী—মুসা, মোউসা। দেবী। (ইং Muse মিউজ্)।
Mycenae গ্রী—মি(মু) কেনায়্। নঃ।
Myitkyina বর্ম্মী—মিচিনা। নঃ।
Mysore মৈসূর। মহীশূর নহে। প্র।
? মহেশ্বর বা মহিষাসুর হইতে।
Nabunaga জাপানী—নাবুনাগা। নাম।
Naevius ল্যা—নায়্‌বিউস্। ক।
Nagasaki জাপানী—নাগাসাকি, নাগা-সাকি। নঃ।
Nairobi (আফ্রি) নাইরোবি। নঃ।
Nana Furnavese মঃ—নানা ফড়্‌-নর্‌বীস্। মন্ত্রী। [নানা ফার্ণাভীজ নহে]।
Nantes ফ্রে—নাঁত্, নাঁস্ত্। নঃ।
Naples ইং—নেইপ্‌লজ্, ফ্রে—নাপ্ল্। নঃ।
Napoleon ফ্রে—নাপোলেওঁ। রা।
Narvar মঃ—নরবাড়্, নলবাড়্ [নরোবার নহে]
Nassau জর্ম্ম—নাস্‌সাউ। নঃ।
Natesan তামিল—নটেশন্ (নটেশ=শিব)। পুং নাম। [ন্যাটীস্যান্ নহে]
Nausikaa গ্রী—নাউসিকাআ। স্ত্রীনাম।
Neapolis গ্রী—নেআপোলিস্। নঃ।
Nebuchadrezzar আসিরীয়—নেবু-খাদ্‌রেজ্‌জার। বা।
Neerwinden ডচ্—নের্‌বিণ্ডেন্। নঃ।
Nejd আ—নজ্‌দ্। প্র।
Neptunus ল্যা—নেপ্‌তুনুস্। বরুণদেব।
Nero ল্যা—নেরো। রা।
Neuburg জর্ম্ম—নয়্‌বুর্গ। নঃ।
Ngan-hwei চীনা—ঙান্-হুএই। প্র।
Nibelungen Lied জর্ম্ম—নিবেলুঙ্গেন্ লীড্। কাব্য।
Nice ইতা—নিচে, ফ্রে—নীস্। নঃ।
Nicolete ফ্রে—নিকলেৎ। স্ত্রী নাম।
Nicomedes গ্রী—নিকোমেদেস্। পুং নাম।
Nietzsche জর্ম্ম—নীট্‌শে, নীচে। দা।
Nihongi জাপানী—নিহোনগী। পুরাণ।
Nijmegen ডচ্—নাইমেগেন্। নঃ।
Nijni Novgorod রুশ—নিঝ্‌নি-নভ্‌গরদ্। নঃ।
Nikaia গ্রী—নিকায়া (Nicaea)। নঃ।
Nikanor গ্রী—নিকানোর্। সে।
Nike,-a গ্রী—নিকে, নিকা=জয়াধিষ্ঠাত্রী দেবী।
Nile মিসরীয়—নীল। ন।
Nisaea গ্রী—নিসায়া। নঃ।
Noël ফ্রে—নোএল্। পুং নাম।
Novalis জর্ম্ম—নোফালিস্। ক।
Nyanza (আফ্রি) ঞান্‌জা। হ্রদ।
Nyasa (আফ্রি) ঞাসা। হ্রদ।
Octavianus ল্যা—ওক্তাবিয়ানুস্ ইং—অক্টেভিয়ান্। পুং নাম।
Odysseia গ্রী—ওদুস্‌সেয়া। মহাকাব্য। (ইং—অডিসী)।
Oidipous গ্রী—ওইদিপোউস্। রা।
Orange ফ্রে—ওরাঁঝ্। নঃ।
Orleans ফ্রে—অর্‌লেআঁ। নঃ।
Osiris গ্রী—ওসিরিস্। (মিসরীয় দেব)।
Othman আ—'ওথ মান্, ওস্‌মান। পুং নাম।
Oudenarde ফ্রে—উদেনার্দ। গ্রাম।
Oxydrakai গ্রী—ওক্‌সুদ্রাকায়্=ক্ষৌদ্রক জাতি।
Oxykanos গ্রী—ওক্ষু (ক্ষি) কানস্। রা।
Pachmarhi হি—পচ্‌মঢ়ী। পা। [পাঁচ-মারী নহে]
Padua ইতা—পাদুআ। নঃ।
Paithana গ্রী—পাইথানা। সং—প্রতিষ্ঠান নগরী। প্রাকৃতে পইট্‌ঠান।
Pan গ্রী—পান্। দেব।
Pandharpur পণ্ঢর্‌পুর্। নঃ। [পন্দহর পুর, পাণ্ডুরপুর নহে]।
Paris ফ্রে—পারি। ইং—প্যারিস। নঃ।
Paropanisadai গ্রী—পারোপানিসা-দায়্। পা।
Pausanias গ্রী—পাউসানিয়াস্। সে, ভ্র।
Peisistratos গ্রী—পেইসিস্ত্রাতস্। দেশ-পতি।
Peking চীনা—পে-কিঙ্। নঃ।
Pepys ইং—পেপ্স্। লে।
Perikles গ্রী—পেরিক্লেস্। দেশপতি।
Persepolis গ্রী—পর্সেপোলিস্। নঃ।
Peshawar পেশাবর্, পেশাওর্। পুস্‌তুতে পেষৌর্, পেখৌর্। [পেশোয়ার নহে]। নঃ। সং—নাম পুরুষপুর।
Peshwa মঃ—পেশ্‌বে। রাষ্ট্রপতি। [পেশবা নহে]
Petöfi হঙ্গে—পে-ত্যফি। ক।
Petrarca ইতা—পেত্রার্কা। ক।
Petrograd রুষ—পেট্রোগ্রাড্। নঃ।
Peukelaotis গ্রী—পেউকেলাওতিস্। সং—পুষ্কলাবতী। নঃ।

Pharaoh হিব্রু—ফারাওহ্, প্রা—ফিরৌন্। ইং—ফেরো। মূল প্রা-মিসরীয় Pa-ra পা-রা। রাজার পদবী।

Pheidias গ্রী—ফেইদিয়াস্। ভাস্কর।

Phoinikia গ্রী—ফোইনিকিয়া। (ল্যা Phoenicia ফোয়্নিকিয়া, ইং—ফিনিশিয়া)। দে।

Phraates গ্রী—ফ্রাআতেস্। রা।

Phrygia গ্রী—ফ্রু(ফ্রি)গিয়া (=ভৃগুদেশ)। দে।

Pilaji মঃ—পিলাজী। [পিলজী নহে]

Pindari মঃ—পেণ্ডারী। দস্যুসম্প্রদায়-বিশেষ। (পিণ্ডারী প্রচলিত)।

Pipli পিপ্পলি। নঃ। [পিপড়ী নহে]।

Plataia গ্রী—প্লাতায়া। নঃ।

Platon গ্রী—প্লাতোন। দা। ইং—প্লেটো। আরবীতে অফ্লাতূন।

Ploutarchos গ্রী—প্লোউতার্খস্ (প্লুতাক)। ঐ।

Polycleitos গ্রী—পোলি(লু)ক্লেইতস্। ভাস্কর।

Pompeii ল্যা—পোম্পেয়ি। নঃ।

Pompeius ল্যা—পোম্পেয়ুস্। সে।

Pondicherri তামিল নামের ফ্রে রূপ—পন্দিশেরি। তা—পুদুচ্চেরী। নঃ।

Pontius ল্যা—পোন্তিউস্। পুরোহিত। পুং নাম।

Poona মঃ—পুণে। সং—পুণ্যপত্তন। নঃ।

Poros গ্রী—পোরস্। সং—পুরু। রা।

Port Said পোর্ট সাইদ্। নঃ।

Poseidon গ্রী—পোসেইদোন্। বরুণদেব।

Prague (বোহিমিয়া) প্রাগ্। মূলরূপ Praha প্রাহা। নঃ।

Praxiteles গ্রী—প্রাক্সিতেলেস্। ভাস্কর।

Prometheus গ্রী—প্রোমেথেউস্। দেব।

Prudhomme ফ্রে—প্র্যুদম্। লে।

Przemysl পোলীয়—প্‌শেমিস্‌ল। নঃ। [জেমশীল, প্রেমশিলা নহে]

Psamthek প্রা-মি—প্সাম্‌থেক্। রা। গ্রীক রূপ Psammetikhos প্সাম্মেতিখস্।

Psyche গ্রী—প্সুখে, প্সিখে। দেবী। (ইং সাইকী)।

Ptolemaios গ্রী—প্তোলেমায়স্। (প্রা-ভারতীয় রূপ তুরময়)। রা।

Punt প্রা-মিসরীয়—পুন্ত্। দে। [পাণ্ট্ নহে]

Pushkin রুষ—পুশ্কিন্। ক। অন্য বানান Pouchquine.

Pyrrhus ল্যা—পির্‌হ্‌উস্, গ্রী, Purrhos পুর্‌হ্‌অস্। রা।

Pythagoras গ্রী—পি(পু)থাগোরাস্। দা।

Quebec (কানাডা) কেবেক (ফ্রে—উচ্চারণ), ইং—কুইবেক। নঃ।

Quesnai ফ্রে—কেস্‌নে। পং।

Quilimane (আফ্রি) কিলিমানে। নঃ।

Quilon কোল্লম্। ত্রিবাঙ্কুড়ের নঃ।

Quito (দঃ আমে) কিতো। নঃ।

Rabelais ফ্রে—রাব্লে। লে। [র‍্যাবিলেস নহে]

Racine ফ্রে—রাসীন্। ক।

Radetzky রুষ—রাডেট্‌স্‌কি। সে।

Radishtchef স্লাভ্‌—রাদিশ্চেফ্। লে।

Raghoba মঃ—রাঘোবা। [রাঘব নহে]

Rajahmundry রাজ মহেন্দ্রী। নঃ।

Rajwara রাজবাড়া। [রাজবারা, রাজো-য়ারা নহে]

Rameses, Ramessu গ্রী, প্রা মিসরীয়—রামেসেস্, রামেসসু। রা।

Raphael হিব্রু—রাফাএল। ইং—র‍্যাফেইল্।

Raffaele ইতা—রাফ্‌ফাএলে। পুংনাম।

Rathore মাড়বারী—রাঠোড। (রাঠোর প্রচলিত)।

Rattazzi ইতা—রাত্তাৎসি। মন্ত্রী।

Raupach জর্ম্ম—রাউপাখ্। ক।

Reginald ইং—রেজিনাল্ড্। Renaud ফ্রে—রেনো। পুং নাম।

Reichenbach জর্ম্ম—রাইখেন্‌বাখ্। নঃ।

Rejkjavik (আইস্‌ল্যাণ্ড) রেইচাভি.ক্। নঃ।

Rembrandt ডচ্—রেম্‌ব্রান্ট্। চিত্রকর।

Renaissance ফ্রে—রেনেসাঁস্। নবযুগ।

Rewah হি—রীবা, রেবা। নঃ।

Rhea গ্রী—রেআ। দেবী।

Rheims ফ্রে—রাঁস্। নঃ।

Rhein জর্ম্ম—রাইন। Rhine ফ্রে—রীন্। ন।

Rhone ফ্রে—রোন্। ন।

Richard ইং—রিচার্ড—জর্ম্ম—রিখার্ট, ফ্রে—রিশার্। পুংনাম।

Richelieu ফ্রে—রিশেলিঅ। মন্ত্রী।

Richter জর্ম্ম—রিখ্‌টার্। ক।

Rio de Janeiro (ব্রাজিল) রিউ-দে-ঝানিরু। নঃ।

Robespierre ফ্রে—রব্‌স্পিয়ের্। জন-নায়ক।

Ragocsky হঙ্গে—রগোচ্‌কি। জননায়ক।

Roland ফ্রে—রোলাঁ। বীর। পুং নাম।

Romagna ইতা—রোমাঞা। প্র।

Ronsard ফ্রে—রঁসার্। ক।

Röntgen জর্ম্ম—র‍্যন্‌ট্‌গেন্। বৈ। [রঞ্জন, রংটেন, রন্জেন নহে]

Roussillon ফ্রে—রুসিয়ঁ। প্র।

Roth জর্ম্ম—রোট্। ভা। [রথ নহে]

Rothschild জর্ম্ম—রোট্‌শিল্ড্। ইং—রথ্‌স্‌চাইল্ড্। মহাজন গোষ্ঠী।

Rotterdam ডচ—রটর্‌ডাম্। নঃ।

Roumania রুমানিয়া। দে।

Rousseau ফ্রে—রুসো। দা।

Ruckert জর্ম্ম—র‍্যুকার্ট্। ক।

Rustchuk স্লাভ্‌—রুশ্চুক্। নঃ।

Ruth হিব্রু—রূথ্, রুৎ। স্ত্রীনাম।

Ryu-kyu জাপানী—র‍্যু-ক্যু। দ্বী। অন্যনাম Lu chu লু-চু।

Ryswick ডচ্—রাইস্‌উইক্। নঃ।

Saar জর্ম্ম—জার্। ক।

Saarbruck জর্ম্ম—জার্‌ব্রুক্। নঃ।

Sabini ল্যা—সাবিনী (জাতি)।

Sabuktagin তুর্কী—সবুক্-তগীন্। রা।

Sachs জর্ম্ম—জাখ্‌স্। ক।

Saghalien রুষ—সাখালীন্। দ্বী।

Sainte-Beuve ফ্রে—সাঁৎ-ব্যভ্। লে।

Sakastene গ্রী—সাকাস্তেনে। সং—শক-স্থান। দে।

Samniti ল্যা—সাম্‌নিতী (জাতি)।

Sancho Panza স্পে—সাঞ্চো-পান্থা। নবন্যাসের পাত্র।

Sand ফ্রে—সাঁ। লে।

Sandraphagos গ্রী—সান্দ্রাফাগস্। সং—চন্দ্রভাগা। ন।

Sandrokoptos গ্রী—সান্দ্রোকোপ্তস্। সং—চন্দ্রগুপ্ত। রা।

Sandys ইং—স্যাণ্ড্‌স্। লে।

San Jose স্পে—সান-খোজে। নঃ।

Santiago (আমে) সান্তিয়াগো। নঃ।

Santaji মঃ—সান্তাজী। পুংনাম। [শান্তজী নহে]

Sappho গ্রী—সাপ্‌ফো। স্ত্রী ক। অন্যরূপ Psappha প্সাপ্‌ফা।

Saskatchewen (উঃ আমে) সাস্কা-চেওএন্। ন।

Satara মঃ—সাতারা। নঃ। [সিতারা, সেতারা নহে]

Satpura মঃ—সাতপুড়া। [সাতপুরা নহে]

Saturnus ল্যা—সাতুর্‌নুস্। দেব।

Savonarola ইতা—সাভোনারোলা। ধর্ম্ম সংস্কারক।

Schack জর্ম্ম—শাক্। ক।

Schlegel জর্ম্ম—শ্লেগেল। দা, ভা।

Schleswig জর্ম্ম—শ্লেজ্‌ভিক্, স্। প্র।

Schopenhauer জর্ম্ম—শোপেন্-হাউআর্। দা।

Schwab জর্ম্ম—শ্‌ভাব্‌। ক।
Scindiah, Sindia মঃ—শিন্দে। রা পদবী। [সিন্ধিয়া নহে]
Scipio ল্যা—স্কিপিও। সে।
Scythia গ্রী—স্কু(স্কি)থিয়া। শক দেশ।
Seine ফ্রে—স্যান্‌। ন।
Seistan ফা—সীস্তান্‌। প্র। শকস্থান।
Sejanus ল্যা—সেয়ানুস্‌। রাজ পার্ষদ।
Seleukos গ্রী—সেলেউকস্‌। রা। [সেলুকাস নহে]
Senart ফ্রে—সেনার্‌। ভা।
Senhor পোর্ত্ত, Señor স্পে—সেঞর্‌।
Seoul, Seul (কোরিয়া) সেউল্‌। নঃ।
Serajevo (বস্‌নিয়া) সেরায়েভো। নঃ।
Seringapatam ইং। দেশী নাম শ্রীরঙ্গপত্তন (ম্‌)। নঃ।
Servius ল্যা—সের্‌বিউস্‌, সর্‌বিউস্‌। রা।
Sevigné ফ্রে—সেভিঞে। লেখিকা।
Shah-Jahan ফা—শাহ্‌-জহান্‌। রা। [সাজাহান নহে]
Shambhoji মঃ—শাম্ভাজী। [শম্ভুজী নহে]
Shanghai চীনা—শাং-হাই। নঃ।
Shan-tung চীনা—শান্‌-তুং। প্র।
Shaushshattar মিতানীয়—সৌস্‌স-ত্তর্‌। রা। সং=সৌক্ষত্র?।
Shevchenko দঃ রুশ—শেভ্‌চেনকো। ক।
Shi King শী-কিঙ্‌ বা Shih Ching শিঃ-চিঙ্‌। প্রাচীন চীনা কবিতাগ্রন্থ।
Shiraz ফা—শিরাজ্‌। নঃ।
Shogun জাপানী—শোগুন্‌। শাসকপদবী।
Shutarna মিতানীয়—সুতর্ণ, সু—। রা।
Signor ইতা—সিঞর্‌। শ্রীযুক্ত।
Signora,-rina ইতা—সিঞোরা,-রিনা। শ্রীমতী।
Sikyon গ্রী—সিকি(কু)ওন্‌। নঃ।
Sioux (আমে) সিউ জাতি।
Sivaji মঃ—শিবাজী। রা। [শিবজী নহে]
Skylax গ্রী—স্কি(স্কু)লাক্স্‌। নৌ সে।
Slowacki পোলীয়—স্লোভাৎস্কি। ক।
Socrates গ্রী—সোক্রাতেস্‌, ইং—সক্রেটিজ্‌, আ—সোক্‌রাৎ। দা।
Soekaboemi (যবদ্বীপ) সুকাবমি। সং—সুখভূমি। প্র।
Soerakarta (যবদ্বীপ) সুরাকর্ত্তা। নঃ।
Soerabaja (যবদ্বীপ) সুরাবায়া। নঃ।
Sogdioi গ্রী—সোগ্‌দিওয়্‌। জাতি।
Sol ল্যা—সোল্‌। সূর্য্যদেব।
Song Yun চীনা—সোঙ্‌-য়ুন্‌। ভ্র।
Sophocles গ্রী—সোফোক্লেস্‌। ক।
Sophytes গ্রী—সোফি(ফু)তেস্‌। সং—সৌভূতি। রা।
Speijer জর্ম্ম—স্পাইয়র্‌। ভা।
Ssŭ-k'ung-tu চীনা—সস্‌-খুঙ্‌-তু। ক।
Staël ফ্রে—স্তাএল। লেখিকা।
Stockholm সুইড—স্টক্‌হোল্‌ম্‌। নঃ।
St. Quentin ফ্রে—স্যাঁ-কাঁত্যাঁ। নঃ।
Stuttgart জর্ম্ম—স্টুট্‌গার্ট্‌। নঃ।
Sudan (আফ্রি) সুদান্‌। দে।
Sudermann জর্ম্ম—জুডর্‌মান্‌। ক।
Sulla ল্যা, সুল্লা বা Sylla সিল্লা। দেশপতি।
Sun Yat-sen চীনা—সুন্‌-য়াৎ-সেন্‌। জননায়ক।
Surat মঃ—সুরত্‌। নঃ। [সুরাট নহে]
Sven Hedin সুইড—স্‌ভেন্‌-হেডিন্‌। ভ্র।
Swatow চীনা—সুআ-তৌ। নঃ।
Sylvain ফ্রে—সিল্‌ভ্যাঁ। পুং নাম।
Syracusa গ্রী—সি(সু)রাকুসা। নঃ।
Szechenyi হঙ্গে—সেশেঞি। লে।
Sze-chuan চীনা—সসে-চুআন। প্র।
Sze-Ma-Ts'ien (Ssu-Ma-Ch'ien) চীনা—সসে-মা-ছিয়েন্‌। ঐ।
Tabriz ফা—তাব্রিজ্‌। নঃ।
Tahiti (ওসে) তাহিতি। দ্বী।
Talanda মঃ—তলোঁদে। গ্রাম। [টালান্দা নহে]
Talikota (দক্ষিণাপথ) তালিকোট্‌। [টালিকট, তেলিকোট নহে]
Tallard ফ্রে—তালার্‌। সে।
Talleyrand ফ্রে—তালেরাঁ। মন্ত্রী।
Tamil তমিল্‌, তমিষ্‌, তমিরুর্‌, তমিয়্‌র্‌। এই কথার শেষের অক্ষর ভিন্ন ভিন্ন প্রদেশে বিভিন্নরূপে উচ্চারিত হয় (l, zh, r, y)। সং—দ্রবিড়, দ্রাবিড়, দ্রমিড়—তামিলে তিরমিড, পালি দমিল। শব্দটীতে আ-কার নাই (তমিল), কিন্তু তামিল বাঙ্গালায় চলিয়া গিয়াছে।
Tanganyika (আফ্রি) তাঙ্গান্যিকা। হ্রদ।
Tanjore তামিল—তঞ্জুবুর্‌, তঞ্জাউর্‌। [ট্যাঞ্জোর, তাঞ্জোর, তঞ্জোর নহে]
Tantia মঃ—তাত্যা। [তাঁতিয়া নহে]
Tanucci ইতা—তানুচ্চি। মন্ত্রী।
Taprobane গ্রী—তাপ্রোবানে। সং—তাম্রপর্ণী। লঙ্কাদ্বীপ।
Tarai, Terai হি—তরাই, তরাঈ। [টারাই, টেরাই নহে]
Tasso ইতা—তাস্‌সো। ক।
Tavernier ফ্রে—তাভ্যার্‌নিয়ে। ভ্র।
Tchelyuskin (সাইবিরিয়া) চেল্যুস্কিন্‌ অন্তরীপ।
Teheran ফা—তহরান্‌। নঃ।
Telemachos গ্রী—তেলেমাখস্‌। বী।
Telingana (দক্ষিণাপথ) তেলঙ্গণ। [তেলিঙ্গানা নহে]
Tell Amarna, Tell el Kebir, Tell Loh আ—তল্‌-অমরনা,-তল-কবীর,-লোহ্‌। গ্রামের নাম।
Telugu তেলুগু, তেলেঙ্গা, তৈলঙ্গ বা অন্ধ্র ভাষা ও অধিবাসী। [তেলেগু নহে]
Teniers ডচ্‌—টেনিয়র্স। চিত্রকর।
Tennessee (আমে) টেনেসী। প্র।
Teseide ইতা—তেসেইদে। কাব্য।
Teutones ল্যা—তেউতোনেস্‌, টিউটন জাতি।
Thebai গ্রী—থেবায়্‌ (ইং—Thebes থীব্‌জ্‌)। নঃ।
Theodor জর্ম্ম—টেওডোর্‌। পুং নাম।
Theophilos,—dotos গ্রী—থেওফিলস্‌,—দোতস্‌ (=দেবপ্রিয়, দেবদত্ত)। পুং নাম।
Thermopylai গ্রী—থের্মোপু(পি)লায়্‌। পা।
Theseus গ্রী—থেসেউস্‌। বী।
Thibaut (=Theobald) ফ্রে—তিবো। পুং নাম।
Thiers ফ্রে—তিয়ের্‌। ঐ।
Thothmes গ্রী—থোথ্‌মেস, মূল প্রা মিসরীয় Tehutimes তেহুতিমেস বা Dehutmose দেহুৎমোসে। রা।
Thoukudides গ্রী—থোউকুদিদেস্‌। ল্যা Thucydides থুকিদিদেস্‌। ঐ।
Thrakia গ্রী—থ্রাকিয়া (ইং—Thracia থ্রেশিয়া)। প্র।
Tien-tsin চীনা—তিয়েন্‌-ৎসিন্‌। নঃ।
Tigranes গ্রী—তিগ্রানেস্‌। আরমানী রা।
Timbuktu (আফ্রি) তিম্বুক্তু। নঃ।
Tinnevelly তামিল—তিরুনবেলী। নঃ। [টিনেভেলী নহে]
Tiruvalluvan,—ar তামিল—তিরু-বল্লুবন্‌,—বার্‌। ক।
Tissaphernes গ্রী—তিস্‌সাফার্নেস্‌, (পারসীক হইতে)। সে।
Titus ল্যা—তিতুস্‌। রা, পুং নাম।
Tocharoi গ্রী—তোখারয়্‌। জাতি।
Togo জাপানী—তোগো, তোগো। নৌসে।
Toulon ফ্রে—তুলঁ। নঃ।
Toulouse ফ্রে—তুলুজ্‌। নঃ।
Trajanus ল্যা—ত্রায়ানুস্‌। রা।
Travancore ত্রিবাঙ্কুড়। প্র।
Treitschke জর্ম্ম—ট্রাইট্‌শ্‌কে, ত্রাইচ্‌কে। দা।
Trichinopoly ত্রিশিরঃপল্লী। নঃ। [ত্রিচিন্নপল্লী, ট্রিচিনোপোলি নহে]

Trieste (অষ্ট্রিয়া) ত্রিয়েস্তে। নঃ।
Trondhjem নর—ট্রোনদিয়েম্। নঃ।
Truxillo (মেক্সিকো) ত্রুখিল্যো। নঃ।
Tsar, Tsesar রুশ., ৎসার, ৎসেসার। সম্রাট্। লাটি—Caesar (Cesar) হইতে।
Tsarevitch (-witsch) রুশ., ৎসারেভিচ্। রাজকুমার।
Tukojee Holkar মঃ—তুকোজী হোল্কর্। [তুকাজী হলকার নহে]
Tullus ল্যা—তুল্লুস। পুং নাম।
Tunis (উ আফ্রি) তুনিস। নঃ।
Turenne ফ্রে—ত্যুরেন্। সে।
Turgeniev রুশ—তুর্গেনিয়েভ্। ঔ। অন্য বানান—Tourguenieff
Turgot ফ্রে—ত্যুর্গো। দা।
Tushatta, Dush- মিতানীয়—তুশ্ (দুশ্) রত্ত। রা।
Tycho Brahe ডেনীশ—টিকো-ব্রাহে। বৈ।
Tyre ইং—টায়র্। গ্রীকরূপ Turos তুরস। নঃ।
Tyriaspes গ্রী. তু(তি)রিয়াস্পেস। পারসীক সে।
Tyrtaios গ্রী. তু(তি)র্তায়স। ক।
Uganda (আফ্রি) উগাণ্ডা। দে।
Uhlan জর্ম—উলান। সওয়ার সৈন্য।
Uhland জর্ম—উলাণ্ট্। ক।
Ulm জর্ম—উলম্। নঃ।
Ulrich জর্ম—উলরিখ্। পুং নাম।
Umbria ল্যা—উম্ব্রিয়া। প্র।
Upsala সুইড—উপ্সালা। নঃ।
Ural রুশ—উরাল্। পা।
Uranos, Ouranos গ্রী. ওউ (উ) রানস্। দেব=বৈদিক বরুণ।
Ursule ফ্রে—য়ুর্স্যুল্। স্ত্রী নাম।
Utrecht ডচ্—উত্রেখ্ট্। নঃ।
Valcourt ফ্রে—ভালকুর্। গ্রা।
Valencia স্পে—ভালেন্থিয়া। নঃ।
Valens ল্যা—বালেন্স্। রা।
Valentin ফ্রে—ভালাঁতাঁ। পুং নাম।
Valladolid স্পে—ভাল্যাদোলিদ্। নঃ।
Vellore তামিল—বেল্লূর্। [ভেলোর নহে] নঃ।
Valparaiso (দঃ আমে) ভাল্পারাইজো। নঃ।
Velazquez স্পে—ভেলাসকেস্, ভেলাথ্কেথ্। চিত্রকর।
Vemana তেলুগু—বেমাণ। ক। [ভিমানা নহে]
Venkata (দক্ষিণী নামে) বেঙ্কট। [ভেন্ক্যাটা নহে]

Venus ল্যা—বেনুস্ ইং—ভীনস্। দেবী।
Vercingetorix ল্যা—বের্কিঙ্গেতোরিক্স্। রা।
Verdun ফ্রে—ভ্যার্দ্যাঁ। নঃ।
Vergilius ল্যা—বের্গিলিউস, ইং—Virgil ভার্জিল। ক।
Vergniaud ফ্রে—ভ্যার্নিও। জননায়ক।
Verlaine ফ্রে—ভ্যার্লেন্। ক।
Versailles ফ্রে—ভ্যার্ (ভের্) সায়্, —স্থি। নঃ। [বর্ষেল নহে]
Villehardouin ফ্রে—ভিল্-আর্দুয়াঁ। ক।
Villeneuve ফ্রে—ভিল্ন্যভ্। পদবী।
Vincent ফ্রে—ভাঁসাঁ। পুং নাম।
Vincenzio Filicaja ইতা ভিঞ্চেন্জিও ফিলিকায়া। ক।
Vive l' Empereur ফ্রে—ভীভ্-লাঁপ্রর্। জয়ধ্বনি—'সম্রাট দীর্ঘজীবী হউন'।
Vive la France ফ্রে—ভীভ্-লা-ফ্রাঁস জয়ধ্বনি—'ফ্রান্স দীর্ঘজীবী হউক'।
Vizagapatam বিশাখাপত্তনম্। নঃ। [ভাইজাগাপাটাম নহে]
Vizianagram বিজয়নগরম। নঃ। [ভিজিয়ানা-গ্রাম নহে]
Volcanus ল্যা—বোল্কানুস। দেব।
Volga রুশ—ভোলগা। ন।
Volsci ল্যা—বোলস্কী। জাতি।
Voltaire ফ্রে—ভল্তেয়ার্। লে।
Vörösmárty হঙ্গে—ভোরোশ্মার্ত্যি, -মার্টি। ক।
Wackernagel জর্ম—ভাকের্নাগেল্। ভা।
Wagner জর্ম—ভাগ্নর্। ক।
Walcheren ডচ্—বাল্খেরেন। দ্বী।
Wallenstein জর্ম—ভালেনস্টাইন্। সে।
Walter von der Vogelweide জর্ম—ভাল্টর্ ফন্-ডার্-ফোগেলভাইডে। ক।
Wandewash মাদ্রাজী নঃ; বন্দীবাশ্।
Warangal তেলুগু—বরঙ্গল। নঃ। [ওয়ারেঙ্গাল নহে]
Wargaon মঃ—বড়্গাঁও। [ওয়ারগাম নহে]
Warsaw পোলীয়—ভার্সাভ্, ভারসাও। নঃ।
Weber জর্ম—ভেবর্। ভা।
Weimar জর্ম—ভাইমার। নঃ।
Westergaard ডেনীশ—ভেস্টারগার্ড্। ভা।

Wied জর্ম—ভীড্। নঃ।
Wieland জর্ম—ভীলাণ্ট্। ক।
Wiesbaden জর্ম—ভীস্বাডেন্। নঃ।
Windischgrätz জর্ম—ভিণ্ডিশ্-গ্রেট্স্। সে।
Winternitz জর্ম—ভিন্টার্নিট্স্। ভা।
Wolsey ইং—উলজি, বুল্জী। মন্ত্রী।
Würtemberg জর্ম—ভুর্টেম্বার্ক্, -গ্। দে।
Wu-tchang চীনা—বু-চাং। নঃ।
Wu Ting Fang চীনা—বু-তিঙ্-ফাঙ্। জননায়ক।
Wyoming (আমে) ওয়াইওমিং। দে।
Xandramos গ্রী—ক্সান্দ্রামস। সং—চন্দ্রমস্। রা।
Xanthippos গ্রী—ক্সান্থিপ্পস। পুং নাম।
Xavier স্পে—হাভিএর্, খাভিএর্। ধর্ম সংস্কারক। ইং—জেভিয়ার।
Xenophon গ্রী—ক্সেনোফোন্। ঐ।
Xerxes গ্রী—ক্সের্ক্সেস—পারসীক খ্শয়ার্ষ। রা।
Ximenes স্পে—খিমেনেস্। নঃ।
Yang-tsze-Kiang চীনা—ইয়াং-ৎজে-কিয়াং। ন।
Yemen আ—য়মন্। প্র।
Yenisei (সাইবিরিয়া) য়েনিসেই। নঃ।
Yun-nan চীনা—য়ুন্-নান। প্র।
Yuan Shih-K'ai চীনা—য়ুআন-শিঃ-খাই। দেশপতি।
Zanzibar (আফ্রি) জন্জিবার। ফার্সী জন্জ্-বার হইতে। নঃ।
Zend—পার্সীদের ধর্মগ্রন্থ অবেস্তার টীকা, অবেস্তার ভাষা (প্রাচীন পারসীক) অর্থে প্রযুক্ত—জন্দ্ (Zand)। [জেন্দ ঠিক নহে]
Zeno গ্রী—জেনো। দা।
Zeus গ্রী—জেউস্=সং—দ্যোঃ—দেবরাজ।
Zeuxis গ্রী—জেউক্সিস। চিত্রশিল্পী।
Zhukovski রুশ—ঝুকফ্স্কি। ক। অন্য বানান Joucofski, Shukowski.
Zoe গ্রী—জোঈ। স্ত্রী নাম।
Zoroaster গ্রী—জোরোআস্তের্। তাত্ত্বিক। মূল অবেস্তা Zarathushtra জরথুশ্ত্র (=সং—জরদ্-উষ্ট্র বা হরদ্-উষ্ট্র), আধুনিক ফার্সী জরদোস্ত, জরদুস্ত, জরতুস্ত।
Zrinyi হঙ্গে—জ্রিঞি। ক।
Zuider Zee ডচ্—জয়ডর্-জে। সাগর।
Zweibrücken জর্ম—ট্সভাইব্র্যুকেন্। নঃ।
Zwingli জর্ম—ট্সভিঙ্গলি। ধর্মসংস্কারক।

সংযোজন ও সংশোধন।

(সংযোজন)

পৃ ৪৬ "অনধিগত" শব্দের পর যোজ্য—

অনধীত [অন—অধীত] বিণ, অপঠিত।

পৃ ৫৫, "অনুপাল্য" শব্দের পর যোজ্য—

অনুপ্রাণিত (ওনুপ্‌ প্রানিত) [অনু (সম্যক্) প্রাণ—ইত (যুক্ত)। ইং—inspired শব্দের বঙ্গানুবাদ] বিণ, গৃহীত-শ্বাস। ২। দৈবজ্ঞান-বিশিষ্ট ; প্রত্যাদিষ্ট। ৩। আবিষ্ট : পূর্ণ। প্র—"স্বরচিত জীবনচরিতে এই সমস্ত রিপু-লাঞ্ছিত পশুভাবানুপ্রাণিত অংক বিশদভাবে লিপিবদ্ধ করিয়াছেন।"—অর্চনা, ১৩২৩। ৪। প্রোৎসাহিত · ভাবোত্তেজিত। প্র—"মাইকেল সেইভাবে অনুপ্রাণিত হয়ে কাব্যের ঐ অংশ লিখিয়াছিলেন।"—উদ্বোধন, ১৩১৫।

পৃ ১৯৬, "আর্হত" শব্দের পর যোজ্য—

আল (লো) ["অল্লা অব্বা চ অম্বা"—দেশী নামমালা, হেমচন্দ্র। প্রা-বাং] মাতা। প্র—"লক্ষ্মীক বুলিল দেবগণে ॥ আল রাধা পৃথিবীত কর অবতার। থির হউ সকল সংসার ॥ আল রাধা ॥"—শ্রী, কী। ২। [আলো দ্রঃ। অলা হইতে বাং-য় হাল, আল] ওলো।

পৃ ৩৩৬, "করণী" শব্দের ব্যুৎপত্তির পর যোজ্য—গঃ পরিঃ।

পৃ ৪৩৭ "কৌ" শব্দের পর যোজ্য—

কৌঁঅলী [সং কোমল+ঈ (স্ত্রী)] বিণ, কোমলাঙ্গী। ২। বি, স্ত্রী, কোমলাঙ্গী নারী ; সুন্দরী। প্র—"সিরিসি কুসুম কৌঅলী। অদভুত কনক পুতলী ॥"—শ্রী, কী।

পৃ ৫১৬, "গুরু" শব্দের অন্তর্গত সমস্তপদ-পর্য্যায়ে যোজ্য—

গুরুচণ্ডালী, গুরুচাণ্ডালী [পরি দ্রঃ] প্র—"এক সম্প্রদায় বলেন, সাধুভাষা ও চলিত ভাষার এরূপ সংমিশ্রণে গুরুচণ্ডালী দোষ হয়।"—ললিতকুমার বন্দ্যো।

পৃ ৫৬৭, "চানকান" শব্দের পর যোজ্য—

চান্‌কা [প্রাদে] বি, বাঁশের চাঁচ বা চেঁচাড়ি নির্ম্মিত খিলান আকৃতি মঞ্চ যাহা অবলম্বন করিয়া লতা বল্লরী উপরে উঠে ও মঞ্চকে সমাবৃত করে। ২। [চানকান দ্রঃ] সূর্য্যাতপে ফল ফাটিয়া বীজ বাহির হওয়া। ৩। অঙ্কুর হইতে চারা গাছ সতেজ হইয়া উঠা। ৪। [প্রাদে, উ-বঙ্গ] বিচালি পাটায় আছড়াইয়া ধান ঝাড়া। ৫। মুড়ির চাল ভাজিবার সময় কুঁচি দিয়া খোলা হইতে মুড়ি উঁছাইয়া লওয়া।

পৃ ৭১০ "তান" শব্দের ব্যুৎপত্তি স্থলে যোজ্য—তদ্‌ শব্দের ৬ষ্ঠীর বহুব তাণং হইতে তাণ, রূপান্তরে তাঁর (ণ=ডঁ—রঁ)—শ্রী, কী, ভাষা টীকা।

পৃ ৯৫৯ "পুকশ" শব্দের পর যোজ্য—

পুড়ি [গ্রা। ফুঙ্গি (দ্রঃ)—পুঙ্গি—পুড়ি] বি, বৌদ্ধসন্ন্যাসী। **পুড়ির পুত**—গ্রা, গালি। যাহার বিবাহ নিষেধ তাহার পুত্র অর্থাৎ ফুঙ্গির অবৈধ সংসর্গজাত পুত্র : জারজ।

পৃ ১০২৪, "প্রেরণ" শব্দের পর যোজ্য—

প্রেরণা [প্রেরণ দ্রঃ] বি, প্রত্যাদেশ ; ভাবাবেশ। প্র—"ভক্তিগদগদ হৃদয়ের অপূর্ব্ব প্রেরণায় অবশ হইয়া পূর্ণ উহাতে বলিয়া উঠিয়াছিল, আপনি ভগবান্‌—সাক্ষাৎ ঈশ্বর!" ২। আবেগ : প্রবৃত্তি : impulse প্র—"আরও কেহ কেহ আন্তরিক প্রেরণায় পূর্ণের মত ঐ প্রশ্নের ঐরূপ উত্তর দিয়াছে।"—শ্রীশ্রীরামকৃষ্ণলীলাপ্রসঙ্গ, উদ্বোধন, ১৩২৩।

পৃ ১০৪৩ "বংশী" শব্দে যোজ্য—

"পরস্পরের ব্যবধান ও প্রত্যেকের পরিমাণ অর্দ্ধাঙ্গুল, এইরূপ অষ্ট স্বরচ্ছিদ্রসমন্বিত, স্বর-চ্ছিদ্র হইতে দেড় অঙ্গুলি অন্তর অঙ্গুলি-পরিমিত মুখরন্ধ্র বিশিষ্ট এবং যথাক্রমে অঙ্গুলি-চতুষ্টয় ও অঙ্গুলিত্রয়-পরিমিত শিরোভাগ ও নিম্নদেশযুক্ত শুষির যন্ত্র"—শ্রী, কী, ভাষাটীকা।

পৃ ১১০৮, "বিজয়" শব্দের শেষে যোজ্য—

বিজয়-বেলা—ভাদ্র কৃষ্ণপক্ষীয় অষ্টমীর মহা-নিশায় রোহিণীচন্দ্র-যোগ-কাল—শ্রী, কী।

পৃ ১৪৮০ "দেশাত্মবোধ" শব্দের ব্যুৎপত্তি অংশে বন্ধনীর মধ্যে যোজ্য—

—এই শব্দ "সাহিত্য"-সম্পাদক শ্রীযুক্ত সুরেশচন্দ্র সমাজপতি মহাশয় কর্ত্তৃক উদ্ভাবিত।

পৃ ১৫৩৩, "দনু" শব্দের পর যোজ্য—

দানি, দানী—দানশীল বা দেবতার দান অর্থে। তুল—"ইদু"। প্রায় 'ন্দ' 'ন্দ্র' বা 'দন' সম্বলিত নামের আদরার্থক সংক্ষেপ। অতি আদরে 'দানু' (দ্রঃ)।

পৃ ১৫৩৫, "দানু" শব্দে "২। ইন্দ্রনারায়ণ" শব্দের পর যোজ্য—

"সুরেন্দ্র, ইন্দু প্রভৃতি"।

(সংশোধন)

শব্দ	পৃষ্ঠা	অশুদ্ধ	শুদ্ধ	শব্দ	পৃষ্ঠা	অশুদ্ধ	শুদ্ধ
অকরণ	৪	নাকরা	না করা	অক্রূর	৯	কুটীল	কুটিল
অকারান্ত	৬	(অকারনতো)	(অকারান্‌তো)	,,	,,	গান্ধারীব	গান্দিনীর
অকার্য্যচিন্তা	,,	৩। আকশ	৩। আকাশ	অক্ষ	১০	কুন্তি	কুন্তী
অকূল	৭	অকুল পারে	অকূল পারে	,,	,,	আবিভূর্ত	আবির্ভূত
,,	,,	মৈথিল-বাঙ্গলা	মৈথিল-বাঙ্গালা	অক্ষর	১১	মহন্দ্রনাথ	মহেন্দ্রনাথ
অকূলপাথার	৮	আকুল	আকূল	অক্ষরবিন্যাস	,,	(বিনস্তাস্)	(বিন্‌নাশ্‌)

শব্দ	পৃষ্ঠা	অশুদ্ধ	শুদ্ধ
অখ্যাতিবোধ	১৩	অমর্যাদা	অমর্য্যাদা
অগণন	,,	নন	নন্
অগূঢ়	১৫	অগুড়ভাব	অগূঢ়ভাব
অগ্নিজিহ্ব	১৬	(ওগ্নিজিঃভ)	(ওগ্নিজ্‌জিভ্‌)
অগ্নিজিহ্বা	,,	(ওগ্নিজিঃভা)	(ওগ্নিজ্‌জিভ্‌া)
অগ্নিমূর্ত্তি	১৭	অগ্নির	অগ্নিব
অগ্রাকর	১৯	আধিশ্রযাণিক	আধিশ্রয়ণিক
অগ্রবর্ত্তী	,,	সম্মুখস্থ	সম্মুখস্থ
অগ্রহায়ণ	২০	(অগ্‌গ্রোহাওন্)	(অগ্‌গ্রোহায়ন্)
অগ্রীয়গর্ভতন্ত্র	,,	উপরস্থিত	উপরিস্থিত
অঘোরপন্থী	২১	এবং আহাব	এবং যাহারা আহার
অঙ্কবিদ্যাব্যবসায়ী	২২	শিক্ষী	শিক্ষা
অঙ্গহীন	২৪	অসম্পূর্ণ	অসম্পূর্ণ
অনুমন্ত্রণ	৫৬	(অনুমোনত্রোন)	(ওনুমোনত্রোন্)
আকবরী	১৪২	(আপ্‌বর)	(অক্‌বর্)
আড়খেমটা	১৬০	[অদ্ধ	[সার্দ্ধ—অর্দ্ধ
আল্বা	১৯৭	[প্রাদে তামাক] বি,	[প্রাদে] বি. তামাক
আশমান	২০১	আস্‌মান	আসমান্
উজবক	২২৮	উজ্‌বক্	উজ্‌বক্
,,	,,	তাতারীদিগেব	তাতারদিগের
,,	,,	am ember	a member
উড়ন	২৩১	আচরণ	আবরণ
এর	২৯৫	[সংস্কৃত হইতে	[সংস্কৃত "কৃত" হইতে
এহন	২৯৭	এহেন	এহন
টুসটুস	৬৬৪	টপাস	টসাটস
ডাঙ্গা	৬৭৩	৩। [প্রা	৩। [প্রাদে
,,	,,	৫। [প্রা	৫। [প্রাদে
ঢোলাই	৬৮৬	ঢোলাই, ঢোয়াই	ঢোয়াই
তচ্ছরূপ	৬৯০	ফা	ফা
নাপিত	৮৪৪	[প্রা।	[প্রা, হি, নাই (প্রঃ)
পদ্যাবস্থা	৯১৭	(, ন)	(, ন্)
পৌরব	৯৮৪	পুরুবংশে	বিণ, পুরুবংশে
,,	,,	২।	২। বি, পুং,
,,	,,	২। বি, পুং	৩।
পৌবদেহিক	,,	বি,	বিণ,
প্রত্যাশ্বাসন	১০০১	(প্রোৎত্যাশাশন্)	(প্রোৎত্যাশ্‌শাশন্)
প্রত্যাসত্তি	,,	প্রত্যক্ষভূত	প্রত্যক্ষীভূত
প্রবাহী	১০০৫	প্রবাহিনী	প্রবাহিণী, প্রবাহিনী
প্রাচ্য	১০১৬	(বঙ্গ, শ্যাম	(ব্রহ্ম, শ্যাম
বহুমূত্র	১০৭২	(বহু	(বোহু
বেয়াজ	১১৫১	সং—ব্যাজ	সং—বৃদ্ধি
,,	,,	সাগরে	মাগয়ে
ব্যয়স্থান	১১৬১	[ব্যায়ের	[বায়ের
ব্রহ্মচারী	১১৬৪	ব্রহ্মচারি	ব্রহ্মচারী
ভণ্ডা	১১৬৬	দহিছে	দাহিছে
ভৃগুকচ্ছ	১৫৪৯	Bariza	Barigaza
মাঙ্গল্য	১২১৬	(মাংগবূল)	(মাংগোল্‌ল)
মৌরসী	১২৪৯	মৌরূসী	মৌরূস্
য	১২৫০ স্তম্ভ ১, ছত্র ২২	মত	মা ও
রড়	১২৭২	রড় (ড্) বি.	রড় (ড়্) [লড় প্রঃ] বি,
স	১৩৫৮,	সা-তে "ষ"	স্যা-তে "ষ."
		"ষ" ও "শ"র	"ষ" ও "স"র
	ছত্র ১৫	"শ" ও "চ"র	"স" ও "চ"র
সনাক্ত	১৩৭০	ফা—সনাক্ত	ফা—শিনাখ্‌ৎ
সাঁওতাল	১৩৯২	শেঁ	শাঁ
	১৫৪১	উদাহরণসহ	উচ্চারণসহ